বঙ্গীয় শব্দকোষ

দ্বিতীয় খণ্ড ॥ প-হ

বঙ্গীয় শব্দকোষ

দ্বিতীয় খণ্ড ॥ প-হ

শ্রীহরিচরণ বন্দ্যোপাধ্যায়

সাহিত্য অকাদেমী

নিউ দিল্লী

Bangiya Sabdakosh : A Bengali-Bengali Lexicon
compiled by the Late Haricharan Bandyopadhyaya.

Volume II : প ০ হ

খণ্ডশঃ প্রথম প্রকাশ ১৩৪০-১৩৫৩

সাহিত্য অকাদেমী
রবীন্দ্রভবন, ফিরোজ শাহ্ রোড, নিউ দিল্লী ১
রবীন্দ্র-সরোবর স্টেডিয়াম, ব্লক ৫ বি, কলিকাতা ২৯
১৫ ক্যাথিড্রেল গার্ডেন্স রোড, মাদ্রাজ ৩৪

মুদ্রাকর
শ্রীশৈলেন্দ্রনাথ গুহরায়
শ্রীসরস্বতী প্রেস লিমিটেড, ৩২ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলিকাতা ৯

সঙ্কেত-সূচী

গ্রন্থ

অ.কো অমরকোষ। চন্দ্রমোহন তর্করত্ন। সংস্কৃত। ১৮৮৬

অ.গু অশোকগুচ্ছ। দেবেন্দ্রনাথ সেন

অ.গ্র অমৃতগ্রন্থাবলী। প্রথম ভাগ। বসুমতী

অ.চি অভিধান-চিন্তামণি

অ.টী অমরকোষ-টীকা (দ্র 'অ.কো')

অত্রি অত্রিসংহিতা। বঙ্গবাসী। ১৩১০

অ.প অশ্বমেধপর্ব্ব। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১২

অ.রা অভিধান-রাজেন্দ্র। জৈন প্রাকৃত কোষ

অ.শী অনুশীলন। বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। বসুমতী। ১৩১১

আ.দু আলালের ঘরের দুলাল। দ্র 'অত্রি'

ঈ ঈশ্বরচন্দ্র গুপ্তের গ্রন্থাবলী। বসুমতী

উ.চ উত্তর-চরিত। বিদ্যাসাগর। সংস্কৃত

উ.মে উত্তরমেঘ—মেঘদূত

উশন উশনঃসংহিতা। দ্র 'অত্রি'

ঋতু ঋতুসংহার

ক.ক কবিকল্পদ্রুম। গুরুনাথ কাব্যতীর্থ -সম্পাদিত

ক.চ কবিকঙ্কণ-চণ্ডী। বঙ্গবাসী

কথা কথা। রবীন্দ্রনাথ ঠাকুর। ষষ্ঠ সংস্করণ

ক.ম কর্পূরমঞ্জরী। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০০

ক.সা কথাসরিৎসাগর। দ্বিতীয় সংস্করণ। শক ১৮২৫

কা কাহিনী। রবীন্দ্রনাথ ঠাকুর

কাদ কাদম্বরী। তারাশঙ্কর তর্করত্ন

কাত্যায়ন কাত্যায়ন-সংহিতা। দ্র 'অত্রি'

কা.প্র কাব্যপ্রকাশ। দ্বিতীয় সংস্করণ। ১৯০১

কি কিরাতার্জ্জুনীয়

কু.কে কুহু ও কেকা। সত্যেন্দ্রনাথ দত্ত

কু.স কুমারসম্ভব

কৃ কৃত্তিবাসী রামায়ণ। বঙ্গবাসী

কৃ.অ কৃত্তিবাসী রামায়ণ। অযোধ্যাকাণ্ড। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ

কৃ.উ কৃত্তিবাসী রামায়ণ। উত্তরকাণ্ড। দ্র 'কৃ.অ'

কৃ.চ কৃষ্ণচন্দ্র-চরিত। রাজীবলোচন মুখোপাধ্যায়

কৃ.স কৃষিসংগ্রহ। বঙ্গবাসী

গ গঙ্গামঙ্গল। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ

গণরত্ন গণরত্নমহোদধি

গ.স গল্পসপ্তক। রবীন্দ্রনাথ ঠাকুর

গান গান। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ

গি.তৃ গিরিশ-গ্রন্থাবলী। তৃতীয় ভাগ। বসুমতী

গি.দ্বি গিরিশ-গ্রন্থাবলী। দ্বিতীয় ভাগ। দ্র 'গি.তৃ'

গী গীতা

গী.গো গীতগোবিন্দ

গী.লি গীতাঞ্জলি। রবীন্দ্রনাথ ঠাকুর

গী.সা গীতসূত্রসার। দ্বিতীয় ভাগ। কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়। ১২৯৩

গো গোবিন্দদাস-পদাবলী। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫

গো.চ গোপীচন্দ্র। কলিকাতা বিশ্ববিদ্যালয়। ১৯২২

গো.বি গোরক্ষবিজয়। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৪

গো.রা রামায়ণ। By Gaspare Gorresio

ঘ ঘরে বাইরে। রবীন্দ্রনাথ ঠাকুর

চ চর্য্যাচর্য্য-বিনিশ্চয়। "বৌদ্ধ গান ও দোহা"। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩

চ.কা চয়নিকা। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ। ১৯১৮

চ.চ চমৎকারচন্দ্রিকা। বঙ্গবাসী। চৈতন্যাব্দ ৪৮১

চ.দা চণ্ডীদাস। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫

চ.বি চণ্ডিকা-বিজয়। রংপুর সাহিত্য-পরিষৎ। ১৩১৬

চ.সা চণ্ডীদাস। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬

চা.তৃ চারুপাঠ। তৃতীয় ভাগ। ৩৩শ সংস্করণ

চা.পূ চারিত্রপূজা। রবীন্দ্রনাথ ঠাকুর

চি.স চিঠিপত্রে সমাজচিত্র। দ্বিতীয় খণ্ড। পঞ্চানন মণ্ডল। বিশ্বভারতী। ১৩৫৯

চৈ চৈতন্যচন্দ্রোদয়। মহেশচন্দ্র শীল -প্রকাশিত

চৈ.চ চৈতন্যচরিতামৃত। বঙ্গবাসী। চৈতন্যাব্দ ৪৮১

চৈ.ভা চৈতন্যভাগবত। অতুলকৃষ্ণ গোস্বামি -সম্পাদিত। চৈতন্যাব্দ ৪১৪

চৈ.ম চৈতন্যমঙ্গল। বঙ্গবাসী। ১৩০৮

জ জগৎমঙ্গল। দ্র 'অত্রি'

জ.প জগদানন্দ-পদাবলী। কালিদাস নাথ -প্রকাশিত। ১৩০৬

জা জামাইবারিক। দীনবন্ধু মিত্র। সপ্তম সংস্করণ। ১৩০৪

জ্ঞা জ্ঞানদাস। রমণীমোহন মল্লিক -সম্পাদিত। ১৩০২

ত.বা তারানাথ তর্কবাচস্পতি -সঙ্কলিত "বাচস্পত্য" অভিধান

তা.ব তাজ্জব ব্যাপার। দ্র 'অ.গ্র'

তৈ তৈত্তিরীয়প্রাতিশাখ্য। কে. রঙ্গাচার্য্য -সম্পাদিত। ১৯০৬

দক্ষ দক্ষসংহিতা। দ্র 'অত্রি'

দশকুমার দশকুমারচরিত

দা দাশরথি রায়ের পাঁচালী। বঙ্গবাসী। ১৩০৯

দু দুর্গাপঞ্চরাত্রি। কাশীবিলাস বন্দ্যোপাধ্যায় -প্রকাশিত। ১৩০৮

দেশী দেশীনামমালা। হেমচন্দ্র সূরি

দো দোহাকোষ। দ্র 'চ'

ন নবীন চন্দ্রের গ্রন্থাবলী। হিতবাদী। ১৩১১

ন.ত নবীনতপস্বিনী। দ্র 'জা'। ১৩০৬

ন.প নবদ্বীপ-পরিক্রমা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬

ন.বি নরোত্তমবিলাস। গণেশচন্দ্র ঘোষ -প্রকাশিত। ১২৯৬

নী নীলদর্পণ। দ্র 'জা'

নৈ নৈষধচরিত। পাণ্ডুরঙ্গ জাবজী -প্রকাশিত

প.ক পদকল্পতরু। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ

প.কা পলাতকা। রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯১৮
পঞ্চ পঞ্চতন্ত্র। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০৬
প.তৃ পদ্যপাঠ। তৃতীয় ভাগ। ৪২শ সংস্করণ
প.ম পণ্ডিতমশাই। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। ১৩২১
প.র পদরত্নাবলী। শ্রীশচন্দ্র মজুমদার -সঙ্কলিত
পরাশর পরাশর-সংহিতা। দ্র 'অত্রি'
পা পাণিনি
পা.ঝো পাগলা ঝোরা। ললিতকুমার বন্দ্যোপাধ্যায়। ১৩২৮
পা.দ পাতঞ্জলদর্শন। পূর্ণচন্দ্র শর্ম্মা -সঙ্কলিত
পা.প্র পারিবারিক প্রবন্ধ। ভূদেব মুখোপাধ্যায়। ১৩০৬
পূ.মে পূর্ব্বমেঘ—মেঘদূত
পৈ প্রাকৃতপৈঙ্গল। এসিয়াটিক্ সোসাইটি। ১৯০২
পো.ম পোড়া-মহেশ্বর। দ্র 'জা'
প্রা.প্র প্রাকৃতপ্রকাশ। ই বি. কাউএল্ -সম্পাদিত। ১৮৫৩
প্রা.ম প্রাকৃতশব্দমহার্ণব। জৈন শ্বেতাম্বর সভ্য। ১৯২৩
প্রা.ল প্রাকৃতলক্ষণ। এসিয়াটিক্ সোসাইটি। ১৮৮০
প্রা.স প্রাকৃতসর্ব্বস্ব। এস্. পি. ভি. রঙ্গনাথস্বামি -প্রকাশিত। ১৯১২
ব বলরাম-দাস। রমণীমোহন মল্লিক -প্রকাশিত। ১৩০৬
ব.দ্বি বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। দ্বিতীয় খণ্ড। বসুমতী। ১৩১১
ব.প বঙ্গসাহিত্য-পরিচয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়। ১৯১৪
ব.প্র বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। প্রথম ভাগ। দ্র 'ব.দ্বি'
বসিষ্ঠ বসিষ্ঠসংহিতা। দ্র 'অত্রি'
ব.সু বঙ্গসুন্দরী। বিহারিলাল চক্রবর্ত্তী। ১৩০২
বা.দ বাসবদত্তা। মদনমোহন তর্কালঙ্কার। চতুর্থ সংস্করণ। ১২৯৮
বা.প্র বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য-বিষয়ক প্রস্তাব। রামগতি ন্যায়রত্ন। তৃতীয় সংস্করণ। ১৩১৭
বা.ভা বালভারত। রাজশেখর। (কাব্যমালা)
বা.ম বাইশ কবি মনসা। অমূল্যরতন বন্দ্যোপাধ্যায়-প্রকাশিত। ১৩২২
বিক্র বিক্রমোর্ব্বশীয়। শঙ্কর পাণ্ডুরঙ্গ পণ্ডিত -সম্পাদিত। ১৯০১
বি.প বিদ্যাপতি। কালীপ্রসন্ন কাব্যবিশারদ -সম্পাদিত। ১৩০৫
বি.পা বিষহরি ও পদ্মাবতীর পাঁচালী। দ্বিজ বংশীদাস -রচিত। ১৯০৮
বি.বু বিয়ে পাগলা বুড়ো। দ্র 'জা'
বি.মা বিদগ্ধমাধব। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০৩
বিষ্ণু বিষ্ণুসংহিতা। দ্র 'অত্রি'
বি.সা বিদ্যাপতি। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
বি.সু বিদ্যাসুন্দর। রামপ্রসাদ সেন। বঙ্গবাসী। ১৩১৩
বৃ.স বৃহৎসংহিতা। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ। ১৩১৭
বে বেণীসংহার
ব্যাস ব্যাসসংহিতা। দ্র 'অত্রি'
ব্র.প ব্রজপরিক্রমা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
ভ শ্রীমদ্ভাগবত। বঙ্গবাসী। ১৩১৫
ভ.গ্র ভক্তমালগ্রন্থ। বলাইচাঁদ গোস্বামি -সম্পাদিত। ১৩০৫
ভট্টি ভট্টিকাব্য
ভা.উ ভারতবর্ষীয় উপাসকসম্প্রদায়
ভা.চ ভারতচন্দ্র-গ্রন্থাবলী। বঙ্গবাসী। ১৩০৯
ম কাশীদাসী মহাভারত। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ
ম.গা ময়নামতীর গান। ঢাকা সাহিত্য-পরিষৎ। দ্বিতীয় সংস্করণ। ১৩২৭
ম.চ মহাবীরচরিত। জীবানন্দ -সম্পাদিত
মনু মনুসংহিতা। যোগেন্দ্রনাথ বিদ্যারত্ন -সংশোধিত
মন্দ্র মন্দ্র। দ্বিজেন্দ্রলাল রায়। দ্বিতীয় সংস্করণ
ম.পা মঙ্গলচণ্ডীপাঞ্চালিকা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩
ম.বি মহাভারত। বিজয় পণ্ডিত। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ
ম.ভা মনসার ভাসান। ক্ষেমানন্দ দাস। রামলাল শীল-প্রকাশিত। নবম সংস্করণ
ম.ম মনসামঙ্গল। বিজয়গুপ্ত। তৃতীয় সংস্করণ। ১৩১৮
মহা মহাভারত। বঙ্গবাসী। সংস্কৃত। শকাব্দ ১৮২১
মা মাইকেল-গ্রন্থাবলী। বঙ্গবাসী। ১৩০৭
মাঘ মাঘকাব্য—শিশুপালবধ
মা.মা মালতীমাধব। আর্, জি. ভাণ্ডারকর -সংশোধিত। ১৯০৫
মা.মি মালবিকাগ্নিমিত্র
মী মীনচেতন। ঢাকা সাহিত্য-পরিষৎ। ১৩২২
মু মুদ্রারাক্ষস। জীবানন্দ-প্রকাশিত
মৃ মৃচ্ছকটিক। জীবানন্দ-সম্পাদিত
মে মেঘনাদবধ। বেণীমাধব দে -প্রকাশিত। ১৩০৬
য যমালয়ে জীয়ন্ত মানুষ। দ্র 'জা'
যাজ্ঞ যাজ্ঞবল্ক্য-সংহিতা। দ্র 'অত্রি'
রঘু রঘুবংশ
রঙ্গ রঙ্গলাল-গ্রন্থাবলী। বসুমতী। ১৩১৮
রা রামায়ণ। কাশীনাথ পাণ্ডুরঙ্গ পরব -সংস্কৃত। শাক ১৮১০
রা.প রাসপঞ্চাধ্যায়। অতুলকৃষ্ণ গোস্বামি -প্রকাশিত। ১৩১০
রা.শে রায়শেখর-পদাবলী। নিত্যানন্দ দাস -সম্পাদিত। সংবৎ ১৯৫৮
রা.স রামেশ্বরী সত্যনারায়ণ। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫
লী লীলাবতী। দ্র 'জা'
লু.র লুপ্তরত্নোদ্ধার। কেদারনাথ বন্দ্যোপাধ্যায় -প্রকাশিত। ১৩০১
শ অভিজ্ঞানশকুন্তল। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর -সংস্কৃত। ১৮৮৯
শ.ক শব্দকল্পদ্রুম। বরদাপ্রসাদ বসু -প্রকাশিত। শকাব্দ ১৮০৮
শঙ্খ শঙ্খসংহিতা। দ্র 'অত্রি'
শি শিবায়ন। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ। ১৩১০
শিশু শিশু। রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯১৯
শু শুক্রনীতিসার। জীবানন্দ -প্রকাশিত
শূ শূন্যপুরাণ। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৪
শৃ শৃঙ্গারতিলক
শ্রী শ্রীধর্ম্মমঙ্গল। ঘনরাম। বঙ্গবাসী। ১৩০৮
শ্রী.কী শ্রীকৃষ্ণকীর্ত্তন। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩
শ্রী.ম শ্রীকৃষ্ণমঙ্গল। বঙ্গবাসী
শ্রী.মা শ্রীধর্ম্মমঙ্গল। মাণিক গাঙ্গুলি -বিরচিত। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১২
ষ ষড়্ভাষাচন্দ্রিকা। কমলাশঙ্কর ত্রিবেদী -সম্পাদিত। ১১১৬
স.এ সধবার একাদশী। দ্র 'জা'
স.শ সদ্ভাবশতক। অসিতকুমার গুহ -প্রকাশিত। ১৩১৯
স.স্ব সঙ্কল্প ও স্বদেশ। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ
সাংখ্য সাংখ্যকারিকা। পূর্ণচন্দ্র বেদান্তচুঞ্চু -সঙ্কলিত। ১৯০১
সা.দ সাহিত্যদর্পণ। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০২
সা.ম সারদামঙ্গল। বিহারিলাল চক্রবর্ত্তী -প্রণীত। ১৩০৭
সা.সা সাময়িক সাহিত্য। কেদারনাথ মজুমদার
সি সিদ্ধান্তকৌমুদী

সঙ্কেত-সূচী

সী	সীতার বনবাস। শিবরতন মিত্র -সম্পাদিত
সু.র	সুভাষিতরত্নভাণ্ডাগার
স্ব.প্র	স্বপ্নপ্রয়াণ। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। নবতম সংস্করণ
হ	হরিবংশ। সংস্কৃত
হারীত	হারীতসংহিতা। দ্র 'অত্রি'
হি	হিতোপদেশ। তারাকুমার কবিরত্ন -পরিশোধিত। সংবৎ ১২৪৫
হু	হুতোম প্যাঁচার নক্সা। বেণীমাধব বসু -প্রকাশিত। ১৩০২
হে	সিদ্ধহেমচন্দ্র। শঙ্কর পাণ্ডুরঙ্গ পণ্ডিত -সম্পাদিত। ১৯০০
হেম	হেমচন্দ্র-গ্রন্থাবলী। হিতবাদী। ১৩০৬

A.	The Practical Sanskrit-English Dictionary by V. S. Apte
C.G.	A Comparative Grammar of the Gaudian Languages
E.P.	Types of Early Bengali Prose, compiled by Siva Ratan Mitra
G.H.	A Grammar of the Hindi Language by S. H. Kellogg
H B	The History of the Bengali Language by Bijoy Chandra Majumdar
M.W.	A Sanskrit-English Dictionary by Monier-Williams
S.W.	Sanskrit-Woeterbuch by Otto Bohtlingk and Rudolph Roth

ব্যাকরণ

অক	অকর্ম্মক সংস্কৃত ধাতু
অদা	অদাদিগণীয় ধাতু
অপা	অপাদানবাচ্য
অব্য	বাঙলা অব্যয় ('ও' ইত্যাদি)
অর্ম্ম	অকর্ম্মক বাঙলা ধাতু
অলুক্	অলুক্‌সমাস
আ	আত্মনেপদী ধাতু
উ	উণাদি সূত্র
উ.ত	উপপদতৎপুরুষ
উপ.ত	উপমানতৎপুরুষ
উপ.স	উপমিতসমাস
উ.বহুব্রী	উত্তরপদলোপ বহুব্রীহি
উ.লো	উত্তরপদলোপ-তৎপুরুষ—শাকপার্থিবাদি
এক.দ্বন্দ্ব	একশেষদ্বন্দ্ব
একব(১ব)	প্রথমার একবচন
এক.স	একদেশিসমাস
ক	কর্ত্তৃবাচ্য
কর্ম্মধা	কর্ম্মধারয়সমাস
কা.ক্তি	বাঙলা কারকবিভক্তি, যেমন, 'কে' ইত্যাদি
ক্রি	ক্রিয়াপদ
ক্রি.ক্তি	বাঙলা ক্রিয়াবাচক বিভক্তি, যেমন, 'ই'—খাই, যাই ইত্যাদি
ক্রি.প্র	বাঙলা ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়; যেমন, 'অন'—ছাড়ন, দেখান; 'আ'—মারা, ধরা ইত্যাদি
ক্রি.বিং	ক্রিয়াবিশেষণ। বাঙলা শব্দ
ক্রি.বিণ	ক্রিয়াবিশেষণ। সংস্কৃত শব্দ
ক্র্যা	ক্র্যাদিগণীয় ধাতু
ক্লী	ক্লীবলিঙ্গ। সংস্কৃত শব্দ
চ.ত	চতুর্থী তৎপুরুষ
চু	চুরাদিগণীয় ধাতু
ঞ	উভয়পদী ধাতু
ণ	করণবাচ্য
তনা	তনাদিগণীয় ধাতু
ত.পু	তৎপুরুষ সমাস
তুদা	তুদাদিগণীয় ধাতু
তৃ.ত	তৃতীয়াতৎপুরুষ
দি	দিবাদিগণীয় ধাতু
দ্বি.ত	দ্বিতীয়াতৎপুরুষ
দ্বিব	নিত্যদ্বিবচন শব্দ
ধি	অধিকরণবাচ্য
ন.ত	নঞ্‌তৎপুরুষ
ন.বহুব্রী	নঞ্‌বহুব্রীহি
নি.স	নিত্যসমাস
প	পরস্মৈপদী ধাতু
প.ত	পঞ্চমীতৎপুরুষ
পুং	পুংলিঙ্গ সংস্কৃত শব্দ
পূ.বা	সংখ্যাপূরণ-বাচক সংস্কৃত শব্দ
পূর্ব্ব.ত	পূর্ব্বোত্তরকালবাচক তৎপুরুষ। (পা ২.১.৪৯)
পৃষো	পৃষোদরাদি
প্র	বাঙলা ধাতু ও শব্দের উত্তর বিহিত প্রত্যয়। যেমন, 'আ'—লিখা (লিখ+আ), তেলা (তেল+আ) ইত্যাদি
প্রা.স	প্রাদিসমাস
বহুব	নিত্যবহুবচন শব্দ
বহুব্রী	বহুব্রীহি সমাস
বি	বিশেষ্য। বাঙলা শব্দ
বিং	বিশেষণ। বাঙলা শব্দ
বিণ	বিশেষণ। সংস্কৃত শব্দ
ব্য	অব্যয়। সংস্কৃত শব্দ
ভা	ভাববাচ্য
ভ্বা	ভ্বাদিগণীয় ধাতু
রুধা	রুধাদিগণীয় ধাতু
র্ম্ম	কর্ম্মবাচ্য
ষ.ত	ষষ্ঠীতৎপুরুষ সমাস

সঙ্কেত-সূচী

স	সম্প্রদানবাচ্য	স.বিণ	সংখ্যাবাচক সংস্কৃত শব্দ
সক	সংস্কৃত সকর্ম্মক ধাতু	সর্ব্ব	সর্ব্বনাম
স.ত	সপ্তমীতৎপুরুষ সমাস	সর্ম্ম	সকর্ম্মক বাঙ্‌লা ধাতু
স.দ্ব	সমাহার-দ্বন্দ্ব সমাস	স্ত্রী	স্ত্রীলিঙ্গ। সংস্কৃত শব্দ
স.দ্বি	সমাহার-দ্বিগু সমাস	স্বা	স্বাদিগণীয় ধাতু
স.বিং	সংখ্যাবাচক বাঙ্‌লা শব্দ	হ্বা	হ্বাদিগণীয় ধাতু

ভাষা

অস	অসমীয়া ভাষা বা আসামী	ফা	ফারসী
আ	আরবীয় ভাষা বা আরবী	বা	বাঙ্‌লা
গু	গুজরাটী	মৈ	মৈথিলী
ঠ	মরাঠী	র্ক	তুর্কীয় ভাষা (Turkish)
ড়	ওড়ীয়া	লি	পালি
তা	তামিল বা দ্রবিড়ীয়	সং	সংস্কৃত
প	পঞ্জাবী	সি	সিন্ধুদেশীয় ভাষা বা সিন্ধী
প্রা	প্রাকৃত	হি	হিন্দী

A.S.	Anglo-Saxon	Gr.	Greek
Av.	Avesta	L.	Latin
E.	English	P.	Portuguese
F.	French	R.	Russian
Ger.	German	T.	Teutonic

সাঙ্কেতিক শব্দের অর্থ

অনু.শব্দ	অনুধ্বনিমূলক ঈষদ্‌বিকৃত শব্দ	দ্র	দ্রষ্টব্য
অপ্র	অপ্রচলিত, অর্থাৎ ঐ শব্দ, শব্দের অর্থ বা বানান আধুনিক বাঙ্‌লায় অপ্রচলিত	বিপ	বিপরীতার্থক শব্দ
ছান্দস	বেদে ব্যবহৃত শব্দ	বৈদিক	ব্রাহ্মণে আরণ্যকে ও উপনিষদে ব্যবহৃত শব্দ
তু	তুলনীয়	সর্থ	সমার্থক, একার্থক

চিহ্নসঙ্কেত

- * এই চিহ্নের পরবর্ত্তী প্রাকৃত শব্দ ভাষাতত্ত্বানুসারে কল্পিত, সাহিত্যে উহার প্রয়োগ নাই।
- >বা> এই চিহ্ন যে শব্দের পূর্ব্বে আছে, তাহা পূর্ব্ব শব্দ হইতে উৎপন্ন হইয়াছে, বুঝিতে হইবে। যথা, হস্ত>হত্থ>হাথ।
- ✓ ইহা ধাতুর চিহ্ন।
- ° (১) শূন্য শব্দের পূর্ব্বে বা শেষে, উপরে থাকিলে, মূল শব্দের বা মূলশব্দাংশের জ্ঞাপক। (২) কোন শব্দের শেষে নীচে শূন্য থাকিলে, উহা পদ্যের চরণের সমাপ্তিসূচক। যেমন, (১) মূল শব্দ 'অংশু' হইলে, 'অংশু-মালা'-স্থলে '°মালা'; এইরূপ 'বিবর্ত্তী' মূল হইলে, 'অংসবিবর্ত্তী'-স্থলে 'অংস°'; 'অঙ্গুলী'-স্থলে '°লী'। (২) "আইল নিষাদী যথা মেঘবরাসনে, বজ্রপাণি।"
- : যেখানে বাঙ্‌লা পুস্তকের এক পৃষ্ঠা হইতে দুই বা ততোধিক অংশ উদ্ধৃত হইয়াছে, সেই স্থলে উদ্ধৃতাংশের শেষে স্থিত এইরূপ বিন্দুদ্বয় প্রত্যেক বাক্যের সমাপ্তিসূচক। সংস্কৃত বাক্যে এরূপ স্থলে (;) আছে।
- ইহা অভিধানে ধৃত মূল শব্দের অর্থের প্রমাণার্থ উদ্ধৃতবাক্য-সূচক চিহ্ন।
- এই চিহ্ন শিষ্টপ্রয়োগ ও উদাহরণ -সূচক।

বঙ্গীয় শব্দকোষ

প

প[১] প-বর্গের প্রথম বর্ণ এবং একবিংশ ব্যঞ্জনবর্ণ (দ্র 'ক[১]')। প-বর্গের বর্ণের উচ্চারণকালে অধর (নিম্ন ওষ্ঠ) দ্বারা উত্তর (ঊর্দ্ধ) ওষ্ঠ স্পর্শ করিতে হয় (তৈ ২.৩৯), অর্থাৎ নাভি হইতে পবনপ্রেরিত বায়ু অধরোষ্ঠ দ্বারা উত্তরোষ্ঠে প্রতিহত করিতে হয়। সুতরাং, প-বর্গের অধরোষ্ঠ করণ, উত্তরোষ্ঠ স্থান। প-বগ ওষ্ঠ্য বর্ণ (পা ১.১.৯, সি)। বাঙ্‌লায়ও প-বর্গের উচ্চারণ এইরূপ।

প[২] বিণ [√পা+অ (ক)] **১** পালক, রক্ষক। "ক্ষিতি°, গো°, নৃ°, ভূমি°। **২** পানকারক। "অনেক°, দ্বি°, মদ্য°, সুরা°, সোম°। [সমাসে উত্তরপদ]—পুং [√পত্, √পা+অ (ড) -ক] **১** বায়ু। **২** পত্র। **৩** চরিত্র।

প[৩] বি স্বরগ্রামের 'পঞ্চম' স্বরের সংক্ষেপাক্ষর। "মাঘ ১.১০, মল্লিনাথ।

পইটা, -টে, পৈঠা, -ঠে বি [সং প্রতিষ্ঠা > পা পইট্‌ঠা > বা পৈঠা, পইটা] পিঁড়িতে পায়ের আধার ; পিঁড়ির ধাপ। "স্বর্গে ক'রে দিব পৈঠে।—কৃ ৩৫৯। বাঁধাঘাটের পইটে।—লী ১৪।

পইতা[১], **পৈতা** বি [সং পবিত্র > প্রা পইত্ত > বা পইতা, পৈতা] উপবীত। "পৈতা গো.চ ১৩৬ ; পইতা ১৬৩, ম ২০২ ; চৈ.ম ৫৬। কনকপইতা ক.চ ১২। পৈতা শ্রী ১৫৪ ; চৈ.চ ১২। নাগের পৈতা ভা.চ ৩৯। [পৈতাকাটা—টেকোয় পৈতার সূতা প্রস্তুত করা। পৈতা ছিঁড়িয়া শাপ দেওয়া—ব্রহ্মণের দোহাই দিয়া শাপ দেওয়া। "চৈ চ ৬২। পৈতা দেওয়া—উপনীত করা। °ধারী—উপনীত। পৈতে পুড়িয়ে ভগবান্ হওয়া—[ইহার মূল এইরূপ, —যাঁহারা দণ্ড ও কমণ্ডলু সঙ্গে লইয়া ভ্রমণ করেন, তাঁহাদের নাম দণ্ডী। * * *। দণ্ডগ্রহণ ব্যাপারটি শিষ্যের পুনর্জন্ম বলিয়া পরিগণিত হয়। …দণ্ডগ্রহণের সময়ে শিখা ও সূত্র অর্থাৎ যজ্ঞোপবীত পরিত্যাগ করিতে হয়। একটি গুবাকের সহিত সেই শিখা ও যজ্ঞোপবীত সংযোজিত এবং ঘৃত ও মৃত্তিকা দ্বারা বিলেপিত করিয়া যথাবিধানে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করা হয়। তাহা ভস্মীভূত হইলে, শিষ্য ভক্ষণ করেন। করিলে, তৎক্ষণাৎ নর-নারায়ণ হইয়া উঠেন। এই নিমিত্তই লোকে বলে 'পৈতে পুড়াইয়া ভগবান্ হয়' (ভা.উ, ২য় ভাগ)। গৌণার্থে, যাহারা উপবীত ধারণ করে মাত্র, তজ্জন্য কোন অনুষ্ঠান করে না, তাহাদেরই পক্ষে ইহা প্রযোজ্য।।]

পইতা[২] অর্ম্ম [সং প্রত্যয় > (স্বরাগমে) পতিয়য, -তিঅয় > পতিয়ায়, পইতায় > √পতিয়া, √পইতা ; মৈ √পতিআ ; অপ্র] প্রত্যয় করা। "কায় কয় এগিল কথা কায় আর পইতায় গো.চ ৮৬। কে কয় এ গুলা কথা কে আর পইতায় ব.প ৪৯।

পইথান বি [সং পাদ+স্থান > প্রা পায়+থান > বা (পাইথান) > °ন (য > ইঅ > ই) ; অপ্র] পদসন্নিহিত স্থান ; পাছতলা। বি 'সিতা(থা)ন'। "রাজার পইথানত বসিল : সিতানে পৈতানে রাজার বসিল গো.চ ১৩,-৪ ; ৭৭।

পইপই ক্রি.বিং [সং পদে পদে > প্রা পঅপ্‌পঅ (পৈ) > বা পয়পয় > °ই ; তু 'ফা, হি, ঠ 'পায়্'—পাদ] প্রতিপাদক্ষেপে, বার-বার, পুনঃ-পুনঃ। "পইপই ক'রে মানা ক'রে দিয়েছি, যেন একথা প্রকাশ না করে অ গ্র ১০৩।

পইল, -লা বিং [পহিল (দেশী—পা.ম) ; হি পহিল, -লা > °ল, -লা ; অপ ; তু 'তুইলা',—তৃতীয় (চ), দ্র 'পয়লা'] প্রথম। "পইলা নবানের তুস গো চ ১১৩, পইল সঞ্জাতে ৩০৫।

পইস সর্ম্ম [সং প্র+ √বিশ্ > প্রা √পইস ; পইসই, -ঈ(প্রবিশতি—চ) ; অপ্র] প্রবেশ করা। "পর ঘর পইসে শ্রী.কী ৪৮। পইসল বি.সা ১৭। [পইসই, -ঈ, -সন্তে, পইসি (প্রবিশতি)।—চ। দহে পইসওঁ—দহে ডুবি। "শ্রী কী ৩১৫।]

পউখ বি [সং পৌষ > বা পোখ > °খ, দ্র 'উ[১], খ[২]'] ; পৌষমাস। "পউখপবন।—গো ১৫০।

পউটি বি [সং প্রভুত > প্রা পহুত্ত > বা (পহুট্টি) °টি (?)] ধান্যাদির পরিমাণভেদ ; ১৬০ মণ। "চালু বায়ান্ন বউটি ক.চ ১৯১। এক ভৃঙ্গী খায় নিত্য বায়ান্ন পউটি।—জ ২৮।

পএজার বি [ফা পয়্‌জ়ার্] চটীজুতা ; জুতা। "নটি পাএর পএজার গো চ ২৫৯।

পএয়ার বি [পয়ার > °র] পয়ার ছন্দ। "রাগ পএয়ার ছন্দ ম.গা ৮ ; ১০ ; ১৬।

পওঁনঘরা বি [সং পবন > প্রা *পঅণ > বা (পওন) °ন+ঘর ; অপ্র] কুমারের পোয়ানঘর। "গো.চ ১৮১।

পং বি (জমিদারীতে) পরগনার সংক্ষেপাক্ষর।

পংক্তি স্ত্রী [দ্র 'পঙ্‌ক্তি'] **১** শ্রেণী, রাজি। "দন্ত° ক.চ ২৯১। ইন্দু° দু ৮ ; দন্ত° ৭৫, দৈত্য° ৮১। **২** সামাজিকভোজনে সমাজের লোকের শ্রেণী। "পংক্তি হৈতে তারে করিল বাহির ভ.গ্র ৫২।

পংশ্, -স্ সক [চু, প—পংশ(স)য়তি ; সেট্] নাশন। "পাংশু।

পঁইচে, -ছে, -উছি, -হুচী বি [তি পোহুংচী ; ঠ পোহংচী ; গু পহোংচী ; 'পহুঁচে' (জ্ঞা ১৯৫) ; সং 'পৃচ্ছ'—মূল] হাতের পোঁছার উপরে (মণিবন্ধে) পরিধেয় স্ত্রীভূষণবিশেষ। "পিতলের পঁইছে।—দা ৯৩৭ ; কাটা পঁইছে ১৬৩৩। আগে সাজে পঁউছি পশ্চাতে বাজুবন্ধ শি ১৬। পঁহুচী ব.প ১৮৯৮।

পঁইতে বিং ['প্রভাতীয়'—মূল, পৈঁয়াত্যা (চট্টগ্রাম)] প্রভাতে উঠে এমন (তারা) ; প্রভাতকালীন। [°তারা—প্রভাতের তারা।]

পঁই(য়)ত্রিশ স.বিং [সং পঞ্চত্রিংশৎ > লি পঞ্চতিংসতি ; প্রা পংচতীস ; হি পৈঁতীস ; ঠ পসতীস, গু পাংত্রীস] পঞ্চত্রিংশৎসংখ্যক। —ত্রিশ বি পঁয়ত্রিশ (৩৫) সংখ্যা।

পঁক্তি বি [সং পঙ্‌ক্তি > প্রা পংতি > °ক্তি ; অপ্র] শ্রেণী। "দুই পঁক্তি।—ম ১৮। মৌক্তিকের পঁক্তি শি ৩২ ; ১০৮।

পঁচাত্তর স.বিং [সং পঞ্চসপ্ততি > লি পঞ্চসপ্ততি ; প্রা পংচহত্তরি ; তি পছত্তর ; ঠ পংচ্যাহত্তর ; গু পংচাতোর] পঞ্চসপ্ততিসংখ্যক। —ত্তর বি পঁচাত্তর (৭৫) সংখ্যা।

পঁচানই, -নব্বই স.বিং [সং পঞ্চনবতি > লি পঞ্চনর র্‌তি; প্রা পংচণ(ন)উই ; হি পংচনৱে ; ঠ পংচ্যাণ্ণৱ ; গু পংচাণু] পঞ্চনবতি-সংখ্যক। —ই বি পঁচানই (৯৫) সংখ্যা।

পঁচাশী স.বিং [সং পঞ্চাশীতি > লি পঞ্চাসীতি ; প্রা পংচাসীই ; হি পচাসী ; ঠ পংচ্যাঐশী ; গু পংচাসী] পঞ্চাশীতিসংখ্যক। —শী বি পঁচাশী (৮৫) সংখ্যা।

পঁচিশ স.বিং [সং পঞ্চবিংশতি > লি পঞ্চৱীসই ; প্রা পংচৱীসই ; হি, মৈ পচীস ; ঠ পংচৱীস ; গু পচ্চীস] পঞ্চবিংশতিসংখ্যক। —শ বি পঁচিশ (২৫) সংখ্যা। —শা, -শে বি মাসের পঁচিশ তারিখ।

পঁথ বি [পন্থ > °থ] ১ পথ। "পৃথিবীতে গঙ্গাদেবী আইলা সেই পঁথে।—গ ১৬৪। ২ উপায়। "(পাতক ঘুচাইতে) তিন লোকে এক পঁথ হইল সুরেশ্বরী।—গ ১৯১।

পঁয়তাল্লিশ স.বিং [সং পঞ্চচত্বারিংশৎ > লি পঞ্চচত্তারী(লী)সতি ; প্রা পংচতালীস ; হি পৈংতালি(লী)স ; ঠ পংচেচাল়ীস ; গু পিস্তাল়ীস] পঞ্চচত্বারিংশৎসংখ্যক। —শ বি পঁয়তাল্লিশ (৪৫) সংখ্যা।

পঁয়ষট্টি, পৈঁষট্টি স.বিং [সং পঞ্চষষ্টি > লি পঞ্চসট্টি ; প্রা পংচসট্টি ; হি পৈংসঠ ; ঠ পাংসষ্ট ; গু পাংসেঠ] পঞ্চষষ্টিসংখ্যক। "পৈঁষটি সহস্র। —ম ৬২২। —টি বি পঁয়ষট্টি (৬৫) সংখ্যা।

পঁহু বি [সং প্রভু > প্রা পহু > বা পঁহু (˘ আগম) ; মৈ 'পহু, -হু'—স্বামী, প্রিয় ; বৈষ্ণবসাহিত্যে] ১ প্রভু, ইষ্টদেব, স্বামী। "°চরিত ন.প ১৪৬ ; পঁহুক বিবাহে ১৫১ ; ৩০৬ ; পঁহু মোর শ্রীগৌরাঙ্গরায় ৩০৭। চৈ.ভা ২৩। চৈ.ম ১। ২ প্রিয়, পিয়া, বঁধু। "(কুচ যুগ) ভাঙ্গি পড়ল জনি পঁহু দিল পাণি বি.প ১৪৮। অতি রসে গরগরি, কাঁপে পঁহু থরহরি।—ব ৯৭।

পঁহুছ, -ছা অর্ম্ম [সং প্র + √ভূ > অপভ্রংশ প্রা √পহুচ্চ (হে ৪.৩৯০) > বা (√পহুচ) °ছ, -ছা ; হি √পহুঁচ ; প √পহুংচ ; ঠ √পোহংচ ; গু √পহোংচ ; মৈ √পহু(হুঁ)চ ; সি √পহুচ ; ড় √পহুঞ্চ] উপস্থিত হওয়া ; গন্তব্য স্থান প্রাপ্ত হওয়া। [পঁহুছান—সর্ম 'পঁহুছ'। দ্র 'পৌঁছ'।]

পকেট বি [E. pocket] জামার থলি ; জেব। "ঝুল°, বুক° [°ঘড়ি—ছোট ঘড়ি (watch)। "ভু ১৮। °মার—যে পকেট মারে। °মারা—পকেট হইতে চুরি করা।]

পক্কণ পুং [পক্ (পচনীয়) কণ (ধান্যাদ্যংশ) যেখানে (অ.টী)] শবরালয়, ম্লেচ্ছালয়। "চণ্ডালস্য চ পক্কণে (মহা)।

পকৃখি বি [সং পক্ষী > লি পক্‌খী > বা °খি, পখি (গো.চ), পাখি, -খী] পাখী। "পক্‌খি চিনে ডাল গো.চ ১০০।

পক্তা (-ক্তৃ) বিণ [√পচ্ + তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ক্ত্রী] ১ পাককারী। ২ জারক। —ক্তা পুং ১ পাচক। ২ অগ্নি। —ক্তি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা ; ছান্দস] ১ পাক। "মনু ৩.৬৭ ; অন্ন° ৯.১১। ২ পরিপাক, ভুক্তান্নপচন। "যাজ্ঞ ৩.৭৭। ৩ পক্ব হওয়া ; পরিণতি, পরিপাক। "কালোঽপ্যাঙ্গীভবত্যত্র শস্যানামিব পক্তয়ে (রা)। মহা ৩.৩৫.১৯। ৪ [+ তি-ধি] পরিপাকস্থান। ৫ [+ তি-ণ] উদর্য্য তেজঃ (কুল্লুক), জঠরানল। "মনু ১২.১২০। ৬ গৌরব। —ক্ত্রিম বিণ [+ ত্রিম (ক্ত্রি, মপ্)] পাকনির্বৃত্ত। [পক্তিশূল (স্ত্রী) —পরিণামশূলরোগ।]

পক্ক বিণ [√পচ্ + ত (ক্ত)-কর্ম্ম (ত > ব) ; ছান্দস] ১ কৃতপাক, শৃত। বিপ 'আম'। "স্থালী°। অগ্নি° ভ ৭.১২.১৮। অন্নব্যঞ্জন পক্ক করিলেক ম.পা ৪০। ২ সূর্য্যতাপে কৃতপাক ; পরিণত। "°বিম্বাধরোষ্ঠী উ.মে ২১। সূর্য্য° ভ ৭.১২.১৮। °প্রেমফল চৈ.চ ৪৬। ৩ কন্দুপক্ব, ভাঁটিতে পোড়া। "পক্বেষ্টকা। °মৃত্তিকা মাঘ ১৩.৬৩, মল্লিনাথ। ৪ পরিণত (matured)। "পক্বা বুদ্ধিঃ (অ.টী)। বালেনাপক্ক-বুদ্ধিনা ভ ১.১৮.৪৭। ৫ দগ্ধ। "তপসা বিদ্যয়া পক্ককষায়ঃ ভ ৪.২৮.৩৮। ৬ জরাশুক্ল, পলিত। "°কেশ। পক্কাঃ কুন্তলরাজয়ঃ (S.W.)। ৭ জীর্ণ (খাদ্য)। ৮ বিনাশোন্মুখ। ৯ ভৃষ্ট, ভাজা। "ভ্রাষ্ট্র° (S.W.)। ১০ কথিত (দশমূলাদি)। ১১ নিপুণ (A.)। ১২ সপূয, পুঁজভরা (ব্রণ)। —ক্ক স্ত্রী [+ ত-ভা] পাক। "°কৃৎ। [°কৃৎ (পুং) —১ পাককারক। ২ 'ব্রণাদিপাককারক', নিম্ববৃক্ষ। °রস (পুং) —মদ্য। °বারি (স্ত্রী)—কাঞ্জিক।]

পক্কাধান স্ত্রী, **-শয়** পুং [ষ.ত] নাভির নিম্নস্থ জীর্ণখাদ্যের আধার। 'পকাশয়স্তধো নাভেঃ (বৈদ্যক)।

পক্কান্ন স্ত্রী [কর্ম্মধা] ১ কৃতপাক অন্ন ; ভক্তাদি। বিপ 'আমান্ন'। "মনু ৪.২২৩। মিষ্টান্ন পকান্নে তারে করাল্য ভোজন।—ম ২২৫। রাইর পকান্ন, আনিল তখন রা.শে ৯৩। মিষ্টান্ন নানা ভ.গ্র ২০২। ২ অপূপমোদকাদি। "মনু ৮.৩২৯। ৩ [হি, ঠ °ন্ন] ঘৃতপক্ব মিষ্ট খাদ্যবিশেষ। "পকান্ন সন্দেস ব.প ৫৬৮ ; ক্ষীরসার চিনিপাকে পকান্ন করিয়া (শ্রীরাধিকা আনে) ১৩০১। দা ৯৭৭।

পক্কেষ্টক বিণ [বহুব্রী] পক্কেষ্টকা-রচিত (ভিত্তিভাগ)। "তদত্র পক্কেষ্টকে পূর্ণকুম্ভ এব শোভতে।—মৃ ৩১২। —কা স্ত্রী [কর্ম্মধা] অগ্নিপক্ব ইষ্টকা ; পোড়া ইট। [°চিত (স্ত্রী)—পক্কেষ্টকারচিত গৃহ ; দালান, কোঠা। "পা ৬.৩.৬৫, কাশিকা। মরুতাকেণ শুধ্যন্তি পক্কেষ্ট-কচিতানি।—পরাশর ৭.৩৬।]

পক্ষ্ সক [ভ্বা, চু, প — পক্ষতি, পক্ষয়তি ; সেট্] পরিগ্রহ। —ক্ষ সক [অদন্ত চু—পক্ষয়তি ; সেট্] পরিগ্রহ (ক.ক)।

পক্ষ পুং [√পক্ষ্ + অ (অচ্)-ক (অ.টী) ; উ ৩.৬৯] ১ 'চন্দ্রকলা-হ্রাসবৃদ্ধিগ্রাহক' ; প্রতিপদাদি পঞ্চদশতিথিকাল ; পঞ্চদশ অহোরাত্র। "তমিস্র° রঘু ৬.৩৪। দুই পক্ষ চন্দ্রের ভা.চ ২২। ২ [+ অ (ঘঞ্) -কর্ম্ম ; ছান্দস] পতত্র, পত্র, পাখা। "(জটায়ুঃ) নখপক্ষমুখায়ুধঃ রা ৩.৫১.৩৫। পর্ব্বত° রঘু ৩.৪২ ; মহীধ্র° ৬০। মাঘ ২০.১১। প্রাবৃট্ এল মেলিয়া মেঘ-পক্ষ কু.কে ৬৩। ৩ বাণমূলস্থ পত্র। ৪ পার্শ্ব। "উভয়-পক্ষবিনীতনিদ্রাঃ (তুরঙ্গমাঃ). রঘু ৫.৭২। ৫ সৈন্যপার্শ্ব (wing)। ৬ বর্গ। "মিত্রারি° গী ১৪.২৫। বর° রঘু ৬.৮৬। শত্রু° হি ১৮৮। স্বপক্ষক্ষয়কারক।—পঞ্চ ৪.৩১। ৭ সাধ্য, সাধ্যার্থ, প্রতিপাদ্যবিষয়। "কু.স ৭.৩৩। মাঘ ২০.১০। পক্ষ প্রতিপক্ষ প্রভু করেন সদায় চৈ.ভা ৭২। ৮ সন্দিগ্ধসাধ্যবান্ পদার্থ, অর্থাৎ যে পদার্থে সাধ্যের সংশয় থাকে। যেমন, পর্ব্বতে সাধ্য বহ্নির সংশয় হেতু 'পর্ব্বত' পক্ষ। ৯ বিতর্কবিষয়দ্বয়ের একতর বিষয় (side)। "পূর্ব্ব এবাভবৎ পক্ষস্তস্মিন্নাভবদুত্তরঃ রঘু ৪.১০। অস্যার্থঃ, বিদ্যাপক্ষে ভা.চ ৫৬৫। ১০ উত্তর, উত্তরপক্ষ। ১১ সহায়। ১২ বল, সৈন্য। ১৩ পার্ষ্ণিগ্রহ (মেদিনী)। ১৪ সখা। ১৫ গৃহ, পার্শ্বগৃহ। ১৬ ভিত্তি। ১৭ দেহ, দেহাঙ্গ, দেহার্দ্ধ, অর্দ্ধমাত্র। "°ঘাত। ১৮ বলয়। ১৯ চুল্লীরন্ধ্র, উনুনের মুখ। ২০ রাজকুঞ্জর। ২১ সমূহ। 'পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ কচাৎ পরে (অ.কো)। "কেশ°। ২২ (ব্যবহারে) প্রতিবাদীর সম্মুখে লেখনীয় বাদীর নিবেদিত বিষয় ; ভাষা। "যাজ্ঞ ২.৬, মিতাক্ষরা। ২৩ বিরোধ। ২৪ (ব্যাকরণে) মূলসূত্রের সাধ্যবিষয়। "পা ৪.৪.৪৫। ২৫ (গণিতে) সমীকরণের একাংশ। ২৬ পক্ষানু-সারে দুই (২) সংখ্যা। ২৭ শুদ্ধি। ২৮ [পক্ষ + অ (অচ্)] 'পক্ষবান্', পক্ষী, পাখী। "গো.চ ৪৫২,-৯। পক্ষযোনি।—ম ১০৩২। নানাজাতি পক্ষ ক.চ ১২৭ ; °জাতি ১৩০। দু ৫৬। ভ.গ্র ১২৪। শুকপক্ষ চৈ.ম ৫৮। ২৯ পুচ্ছ। ৩০ (বাঙ্‌লায়) বিবাহের বার (time)। "কৃষ্ণ চন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময় ভা.চ ২২। বিবাহ তৃতীয় পক্ষে। সে কেবল পিণ্ডি রক্ষে॥—ন.ত ২৫। [°গম (বিণ)—পক্ষ দ্বার'

গন্তা ; উড্ডয়নগামী। "°মাঃ,···বভুবুঃ পর্ব্বতোত্তমাঃ গো.রা ৫.৫৬.৪৫। °গ্রহণ (ক্লী)—১ সাহায্যগ্রহণ। ২ (বাঙ্‌লায়) একতর পক্ষে যোগদান। °গ্রাহী (-হিন্) বিণ—পক্ষাবলম্বী। "গো.রা ২.৫৩.১৮। °ঘাত, °বধ, °ক্ষাঘাত (পুং)—দেহার্দ্ধের বা অবয়বের বিনাশ ; বাতরোগবিশেষ (hemiplegia)। °চ্ছিৎ (-দ্) বিণ পর্ব্বতপক্ষ-চ্ছেদক (ইন্দ্র)। "রঘু ১৩.৭। কু.স ১.২০। °দ্বার (ক্লী)—পার্শ্ব-দ্বার, খিড়কি, পাছদোর। °ধর (পুং)—১ 'পক্ষের ধারক' ; চন্দ্র। ২ পক্ষী। ৩ সহায়। °পুট (পুং) —পক্ষাবরণ। "কা.দ ৬। °বাদ (পুং)—পক্ষবিশেষের অভিমত। "মহা ৭.১৪১.৪০। °বাহন (পুং) —পক্ষ যাহার বাহন ; পক্ষী। °ভাগ (পুং)—পার্শ্বদেশ ; হস্তিপার্শ্ব। °মূল (ক্লী)—পক্ষের মূল ; প্রতিপদ্ তিথি। °সন্ধি (পুং)—পক্ষদ্বয়ের সংযোগকাল।] •

পক্ষক পুং [পক্ষ+ক (কন্) সাদৃশ্যে সংজ্ঞায়] ১ পক্ষসদৃশ দ্বার-বিশেষ ; পক্ষদ্বার, খিড়কি। ২ [+ক স্বার্থে] সহায়। ৩ পার্শ্ব। "°ব্যত্যয় মাঘ ১১.৭।

পক্ষতা স্ত্রী [পক্ষ+তা (তল্)] ১ পক্ষভাব, সহায়তা। ২ পক্ষ-পাতিতা। ৩ অনুমিতিকারণ (শ ক)।

পক্ষতি স্ত্রী [পক্ষ+তি] ১ পক্ষমূল, প্রতিপদ্ তিথি। "চন্দ্রলেখেব পক্ষতৌ ভট্টি ৪.১৬। ২ পক্ষিপক্ষমূল। "জটায়ু° উ.চ ৩.৪৪।

পক্ষ-পাকাড়ি বি ['°পাখ'—মূল, 'ল' স্বার্থে ; '°ড়ি' পদ্যে মিলের জন্য] পক্ষিজাতি, পক্ষী। "কত কত লেখা আছে পক্ষপাকাড়ি ব.প ৫০৫।

পক্ষপাত পুং [স.ত] ১ পক্ষে (অন্যায় সাহায্যে) অভিনিবেশ ; অন্যায়পূর্ব্বক পক্ষাবলম্বন। ২ পক্ষাবলম্বন। "কৃষ্ণ° ভ.গ্র ৪৪৭। ৩ স্নেহ, অনুগ্রহ। "কি ৩.১২। ৪ পরিচয়। "কি ৩.২১। ৫ [ষ.ত] পত্রস্খলন। ৬ [বহুব্রী] পক্ষের পতন যাহাতে ; পক্ষিজ্বরবিশেষ। "°তঃ পতঙ্গানাম্ (বিজয়রক্ষিত)। —পাতিতা স্ত্রী [°তিন্+তা (তল্)] ১ পক্ষপাতিভাব, অনুকূলবর্ত্তিতা, পক্ষগ্রাহিতা। "নৈ ২.৫২। ২ অন্যায় সাহায্যে অভিনিবেশ। —পাতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -তিনী] ১ পক্ষপাতযুক্ত, পক্ষাবলম্বী ; অন্যায়ভাবে অনুকূল। ২ প্রণয়বান্ ; আসক্ত, অনুরাগী। "ভাবভঙ্গির পক্ষপাতিনী। —কাদ ৫১ ; °তী ৫২। প্রতিপক্ষ-পক্ষের পক্ষপাতী পা.প্র ৭৪।

পক্ষবান্ (-বৎ) বিণ [পক্ষ+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] ১ পক্ষযুক্ত, সচ্ছদ। "সম্পাতিরপক্ষঃ পক্ষবানভূৎ গো.রা ৪.৬৩.৫ ; পক্ষবন্তঃ···শৈলাঃ ৫.৭.৪০। ২ মহাকুলোদ্ভব। "পক্ষবতীম্···ভার্য্যাম্ ···লভেৎ সঃ মহা ১৩.৫৭.৪৭।

পক্ষরাজ বি [সং পক্ষিরাজ ; অপ্র] ১ গরুড়। ২ পক্ষবান্ অশ্ববিশেষ। "পক্ষরাজ ঘোড়া শ্রী.মা ১১৯। বাজি পক্ষরাজ বা.দ ৫৯। ৩ পক্ষযুক্ত নৌকাবিশেষ। তু 'গরুৎমতী তরি'। °তরণী ব.প ১৩৯৭।

পক্ষসম পুং যেখানে সাধ্যের নিশ্চয় হয় নাই, কিন্তু হওয়া আবশ্যক, হওয়ার সম্ভাবনা আছে, তাহা 'পক্ষসম'। যেমন, ঘট অনিত্য, কার্য্যত্ব হেতু,—এখানে 'ঘট' পক্ষ, 'পট' প্রভৃতি পক্ষসম, কেন না, পট কার্য্যত্ব হেতু অনিত্য, ইহা প্রতিপাদ্য।

পক্ষান্ত পুং [ষ.ত] ১ 'পক্ষের শেষ তিথি', অমাবস্যা ; পূর্ণিমা ২ পক্ষাবসান।

পক্ষান্তর ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্য পক্ষ। ২ তর্কের অন্য দিক্ বা ভাগ। ৩ অন্য সম্ভাবনা বা অনুমান। [পক্ষান্তরে—১ পক্ষের মধ্যে। "অদ্য হইতে পক্ষান্তরে রাত্রিকালে এই মন্দিরমধ্যেই আমার সাক্ষাৎ পাইবে ব.প্র ৮। ২ অন্যপক্ষে, অপরদিকে। "যেমন এক পক্ষে কুটুম্বের সমীপে নীচ হইতে নাই, তেমনি পক্ষান্তরে কুটুম্বের নিকটে অহঙ্কার করিতেও নাই পা.প্র ৪২।]

পক্ষাপক্ষ বি স্বপক্ষ-বিপক্ষ। "পক্ষাপক্ষ-ভেদ নাই সত্যাচরণে। —বা.দ ২৫৫। [পক্ষাপক্ষ কহা—স্বপক্ষের অনুকূলে ও বিপক্ষের প্রতি-কূলে বলা। "সভাপতি হ'য়ে যদি পক্ষাপক্ষ কয়। ইন্দ্র আদি দেব হ'লে লক্ষ্মীভ্রষ্ট হয় ॥—বা.ম ৩৬৬।]

পক্ষাভাস পুং [বহুব্রী] ১ (ব্যবহারে) অপ্রসিদ্ধ নিরাবাধ নিরর্থ নিষ্প্রয়োজন অসাধ্য বা বিরুদ্ধ সাধ্য। "শু ৪.৫.১৩১। ২ অসৎপক্ষ, সদোষ পক্ষ।

পক্ষিণী স্ত্রী [পক্ষ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ আগামিবর্ত্তমান-দিনরূপপক্ষযুক্তা নিশা ; পূর্ব্বাপরদিবসদ্বয়-সহিত মধ্যস্থ রাত্রি। "মনু ৪.৯৭। ২ নিশাদ্বয়মধ্যবর্ত্তী দিবস (অ.টী)। ৩ পক্ষিজাতিস্ত্রী, বিহগী। "পাপিনি পক্ষিণি।—কৃ ৩২। শ্রী.ম ৫৭। কুররী পক্ষিণী ব. ১৪৫।

পক্ষিরাজ বি ১ পক্ষযুক্ত কাল্পনিক অশ্ববিশেষ। "ঘোড়া পক্ষিরাজ। —ম ৮৪৪। দা ৯২১। ঘোড়া দুটা···পক্ষিরাজের বংশ আ.দু ২৫। পক্ষিরাজ ঘোড়া কবির সৃষ্টি পা.প্র ১৪। ২ দ্রুতগামী অশ্ব। "দুই পক্ষিরাজ দেখ সাক্ষাতে তোমার ম.পা ৭৫।

পক্ষী[1] **(-ক্ষিন্)** বিণ পক্ষ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ক্ষিণী] পক্ষবান্। "যে পক্ষিণঃ (অদ্রিপতয়ঃ) মাঘ ৫.৩১।—ক্ষী পুং ১ বিহঙ্গ। "(উষাঃ) উৎপাতয়তি পক্ষিণঃ।—ঋগ্বেদ ১.৪৮.৫। [সমাসে পূর্ব্বপদ 'পক্ষি' —যেমন, 'পক্ষিপতি'।] [অরুণ ও শ্যেনী হইতে পক্ষীর উৎপত্তি (দ্র 'অগ্নিপুরাণ)।] ২ 'পুঙ্খপক্ষযুক্ত', বাণ। ৩ (বাঙ্‌লায়) পক্ষি-বিশেষের রবের অনুকারী মনুষ্য। "যুবকদল গোখুরী ঝকমারী ও পক্ষীর দলে বিভক্ত হলেন।—হু ৩৬ ; এখন আর পক্ষীর দল নাই ৬৩, -৪। | °পতি (পুং)—১ গরুড়। ২ সম্পাতি। "গো.রা ৪.৬১.৩। °রাট্ (-জ্), °রাজ (পুং)—"পক্ষিশ্রেষ্ঠ', গরুড। "°ট্ মহা ৩.১৪৬.৩৫। °রাজ ম ২৪। °পানীয়শালিকা (স্ত্রী)—পক্ষীর জলপানার্থ স্থান। °পুঙ্গব (পুং)—'পক্ষিশ্রেষ্ঠ', জটায়ু। °শালা (স্ত্রী)—১ পক্ষীর গৃহ ; চিড়িয়াখানা। "কাদ ২৯। ২ নীড়। °সিংহ (পুং)—পক্ষীন্দ্র, গরুড়। °স্বামী (-মিন্) পুং—পক্ষিপতি, গরুড়। "হি ২$\frac{২}{১}\frac{৪}{৫}\frac{৯}{০}$]।

পক্ষী[2] বি [পক্ষ+ঈ৬ ; তু 'ছাগ-ছাগী ; অপ্র] পক্ষিণী। "অনুশোচে পক্ষী যথা পক্ষের কারণে।—ম ৪৫৮। [°মারা—ব্যাধ। "চৌদিকে বেড়িল আসি যত পক্ষী-মারা ম.ভা ১৪।]

পক্ষীন্দ্র পুং [পক্ষী ইন্দ্রতুল্য, উপ.স] পক্ষিপতি। "ম ২৪। পক্ষীন্দ্র গরুড়।—মে ৩৯।

পক্ষ্ম (-ক্ষ্মন্) ক্লী [পক্ষ্+মন্ (মনিন্)-ক্ষ্ম,-১ব ; উ ৪.১৪৪] ১ নেত্রাবরক লোম ; অক্ষিলোম (eyelash)। "সলিলগুরুভিঃ পক্ষ্মভিঃ উ.মে ২৯। সিক্তপক্ষ্ম।—কথা ৩৭। ২ পদ্মাদির কেসর। ৩ সূত্রাদির সূক্ষ্মাংশ। ৪ পক্ষিপক্ষ। [°পঙ্‌ক্তি, °মালা (স্ত্রী)—পক্ষ্ম-রাজি। "°মালা কু.স ৩.৪৭। °ক্তি রঘু ২.১৯। °পাত (পুং)—নিমেষ। "রঘু ১১.৩৬।]

পক্ষ্মল বিণ [পক্ষ্মন্+ল (লচ্)] ১ শোভনপক্ষ্মযুক্ত, সুপক্ষ্মা। "পক্ষ্ম-লাক্ষী—শ ৩.২১। ২ লোমশ। "°রল্লকাঙ্গঃ মাঘ ৪.৬১।

পখরি বি [সং পুষ্করিণী > প্রা পুক্খরিণী > বা পুখরি > °রি ; অপ্র] পুখুর। "পখরিতে পানি নাহি।—মৌ ২৫। গো বি ৫৪।

পখাণ বি [সং পাষাণ ; হি, মৈ পখান] পাথর। "কির দঈ হৃদয় পখাণে বি.প ১২০।

প(পা)খাল বি [সং প্র+ √ক্ষালি—প্রা √পক্খাল— √পা(প)-খাল > °ল ; অপ্র] স্নান। "গো.বি ১১৮, টীকা।

পখুর বি [পুখরি > °র, দ্র 'পখরি' ; অপ্র] পুখুর। "শ্রী.মা ১৮৭। [°গাবান—পুখুরের গর্ভস্থান ; পুখুরের গাভ। "পুখুরগাবানে যেন চিলে তুলে মীন ক.চ ২৬৭।]

পগ বি [সং পদ ; হি, ঠ গু, মৈ পগ ; বৈষ্ণবসাহিত্যে] পদ। "তাল ধরত পগধরণে ন.প ১৮৮, -৯৩ ; পহুঁ-পগ ২১৭,-৯৮। কলধৌত পগ জ.প ৬।

পগম্বর বি [ফা পয়্‌গ়ম্বর্] ঈশ্বরের দূত ; ভবিষ্যদ্‌বক্তা। "(মুসলমান) জপে পীর-পগম্বরে ক.চ ৮৫।

পগার বি [সং প্রাকার >প্রা পাগার >বা °র ; হি °র] ১ দুর্গ, প্রাসাদ বা বাগ-বাগিচার সীমায় রক্ষার্থ প্রাচীর ; (গৌণার্থে) খাতের পার্শ্বস্থ মৃত্তিকাস্তূপ ; খানার পাড়। "পালিটা পাদপ আছে সেনের পগারে শ্রী.মা ৫৫। পগারে উগারে বাঁশ-ঝাড় স্ব.প্র ৯৮। ২ পগারের পরবর্ত্তী বিস্তৃত খাত ; চওড়া খানা। "পগার খন্দক খানা।—ক.চ ১১৬। ধুলার পগার দিল ধুলার প্রাচীর শি ১৭। আহা! পগার-পারে বঁধু যেত এগোনে গি.দ্বি ১০৫। পগার লাফাইয়া, কাদা ভাঙ্গিয়া উর্দ্ধশ্বাসে দুর্লভ ছোটে ব.প ৩৬০। [পগার পার হওয়া —(গৌণার্থে) বশের বহির্ভূত হওয়া ; হাতছাড়া হওয়া। "আঁচল খুলে একদাপটে পগার হলো পার।—হেম ৩৭৭।]

পঙার [সং প্রবাল >প্রা *পআল>বা (পআর) °র (সানুনাসিক উচ্চারণে ; তু 'পঙার' (২) ; মৈ পরার (?) ; বৈষ্ণবসাহিত্যে] ১ প্রবাল, পলা। "অধর সুরঙ্গ জনু নীরস পঙার বি.প ৬৫ ; অধর পঙার তুল (টীকা)। দুধক পরশে॰ পঙার ধবল ভেল (প.ক)। অধরে চোরায়সি সুরঙ্গ পঙার।—গো ৭১ ; (দশনজ্যোতি) পঙারক মাঝে গাঁথল গজমোতি ১৪৮। হেম মরকতে জনু জড়িত পঙার জ্ঞা ১১৬। ২ [সং প্রণাল >প্রা পণাল >বা (পণার) °র ; মৈ পনার] পয়োনালী। "টুটল গীমক মোহিত হার। রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পঙার॥—বি.প ৭৩ ; নয়নলোরে বহল পঙার ৬৫, টীকা।

পঙ্ক পুং, ক্লী [√পন্‌চ্ + অ (ঘঞ্)-র্ম্ম] ১ কর্দ্দম, পাঁক। "মনু ১০.১০৪। প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং মতম্।—হি ১.১৯১। রঘু ১৬.৩০। বিগততিমিরপঙ্কম্…বোম মাঘ ১১.২৬। পঙ্কেতে নামিলে পঙ্ক করি প্রাক্ষালন॥ পশ্চাতে যে দুঃখ হৈবে পঙ্ক ধুইবারে। আগে সেই সাধু জন না যায় পঙ্কেরে॥—ম ৩৭৯। শোণিতে বহএ নদী মাংসে হইল পঙ্ক অ.প ১৭। ২ (সাদৃশ্যে) দ্রব, রস। "যদন্তরং চন্দনবারিপঙ্কয়োঃ রা ৩.৪৭.৪৬। চন্দন°।—ঋতু ১.৬। কাশ্মীর°, কুঙ্কুম° (S.W.)। চন্দন° বি.প ১৯২। মৃগমদকুঙ্কুম°।—গো ৮৫। গরল উগারল মলয়জপঙ্ক ব.প ১০৮৩। ৩ পাপ। ৪ (বাঙ্‌লায়) অট্টালিকার ভিত্তিতে বা তলদেশে লেপনার্থ দৃঢ় কল্কবিশেষ (দ্র 'বজ্রলেপ', বৃহৎসংহিতা ৫৭.৪)। "পঙ্কের কাজ। [°কীর (পুং)—কোযষ্টিক পক্ষী। °জন্ম(-ন্মন্) ক্লী—পঙ্কজ, পদ্ম। °পট্ট (পুং)—পঙ্কঘন। "মাঘ ২০.৫০।]

পঙ্কজ ক্লী [পঙ্ক+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ 'পঙ্কজাত', পদ্ম। "পদ্মিন্যশ্চ সপঙ্কজাঃ গো.রা ৩.৬৮.১৮। নলিনীশ্চ সপঙ্কজাঃ মহা ১৩.৫৪.৩। শরৎপঙ্কজলক্ষণা রঘু ৪.১৪। বিকসন্মুখপঙ্কজা ভ ৯.১০.৩১। ভারতপঙ্কজ ফুটে যার দরশনেঃ ভারতপঙ্কজ-মধু—ম ২। পঙ্কজাস্য। —দু ১০। ২ (বাঙ্‌লায়) শ্রেষ্ঠ। "পঙ্কজ বান্ধবকুলে।—হেম ২৫৭। [°কোষ (পুং)—পদ্মমুকুল। "রঘু ৩.৮। °জন্মা (-ন্মন্) পুং—'বিষ্ণুর নাভিপদ্মজাত' ; পদ্মযোনি ব্রহ্মা। °নয়ন (বিণ)—কমলনেত্র, বিশালাক্ষ। "°নী ম ১২০। °নাভ (পুং)—পদ্মনাভ, বিষ্ণু। "রঘু ১৮.২০। ভ ১.৮.২২। °নেত্র (পুং)—'পঙ্কজবৎ প্রসন্ননেত্র', পুণ্ডরীকাক্ষ, বিষ্ণু। "ভ ১.৮২২।]

পঙ্কজাঙ্ঘ্রি পুং [বহুব্রী] ১ যাঁহার পদ পঙ্কজবৎ সুসেব্য বা পঙ্কজাঙ্কিত (শ্রীধর) ; বিষ্ণু। "ভ ১০.৫৯.২৬। ২ [উ.লো] কমলতুল্য কোমল পদ। "ম.পা ৫ ; ২৮।

পঙ্কজিনী[১] স্ত্রী [°জ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'পদ্মদেশ' পদ্মাকর, সরসী। ২ পঙ্কজলতা, পদ্মঝাড়। "অলিকুলম্…নলিনমুখান্তবিসর্পি পঙ্কজিন্যাঃ কি ১০.৩৩। তুহি পঙ্কজিনী মুহি ভাস্কর লো ভা.চ ৩৩২। ৩ [+ইন্ সমূহার্থে] পঙ্কজসমূহ।

পঙ্কজিনী[২] বিং [পঙ্কজ+ইনী ; অপ্র] পঙ্কজাতা। "ফুলরাণী কমলিনী যথা °নী, জরৎকারু তপস্বিনী হইল তেমন।—ন ১০১২।

পঙ্করুট্(হ্), -রুহ স্ত্রী [পঙ্ক+ √রুহ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স.ত ; 'পঙ্কেরুহ' (অলুক্)] 'পঙ্কজাত', পদ্ম। "পঙ্করুহাঙ্ঘ্রি ম.পা ১।

পঙ্কিল বিণ [পঙ্ক+ইল (ইলচ্)] ১ পঙ্কযুক্ত, কর্দ্দমময়, ঘোলা। "(মহী) মাংসমজ্জাস্থিপঙ্কিলা (মহা)। ২ (বাঙ্‌লায়) পাপযুক্ত, কলুষিত। "পঙ্কিল-পরাণ যত অসতী রমণী।—হেম ১২০ ; পঙ্কিল পরাণ যার ১২২। ৩ মলিন, কলঙ্কিত। বিশুদ্ধ পবিত্র মন…পঙ্কিল করিল কে রে দগ্ধ চিতা-অঙ্গারে?—হেম ২৯২।

পঙ্কী (ঙ্কিন্) বিণ [পঙ্ক+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ঙ্কিনী] পঙ্কযুক্ত। "(নদ্যঃ) মাংসশোণিতপঙ্কিন্যঃ (মহা)।

পঙ্কেশয় বিণ [অলুক্‌সমাস] পঙ্কবাসী (জলৌকাভেদ)। "সুশ্রুত ১.১৩.১৪।

পঙ্কোৎসব বি পুত্রের জন্মে কর্দ্দমে করণীয় মল্লযুদ্ধাদির উৎসববিশেষ (তু 'নন্দোৎসব', ভ ১০.৫.১৪)। "ম.পা ৩৬।

পঙ্‌ক্তি স্ত্রী [>পন্‌চ্+তি (ক্তিন্)-র্ম্ম ; তু 'পংক্তি ; বৈদিক] ১ সজাতীয় পদার্থের সান্তর স্থিতিবিশেষ ; শ্রেণী, বীথি। "সৈষা দেবতাভিঃ পঙ্‌ক্তির্ভবতি (শতপথব্রাহ্মণ)। পক্ষ্ম° রঘু ২.১৮ ; রাবণ-শিরঃপঙ্‌ক্তি ১২.৯৯। বক° জ ১। ২ সঙ্ঘ, সমূহ। "পুত্র° কু.স ৭.৪। ৩ ভোজনার্থ আসীন সজাতীয় ভোক্তৃগণ-শ্রেণী। "°দূষণ, °পাবন। ৪ [ছান্দস] দশাক্ষরপাদ ছন্দোভেদ। "ভ ৩.১২.৪৫। ৫ দশসংখ্যা। "°গ্রীব, °রথ। ৬ [পঞ্চন্+তি, টিলোপ নিপাতিত, পা ৫.১.৫৯] 'পঞ্চপরিমাণ', পঞ্চাক্ষরপাদ ছন্দঃ। ৭ (পঞ্চভূত সমষ্টি) পৃথিবী। ৮ [+তি-ণ] গৌরব। ৯ [+তি -ভা] পাক। তু 'পক্তি'। [°কণ্টক (পুং)—দ্র 'পঙ্‌ক্তিদূষক'। °গ্রীব (পুং)—দশগ্রীব, রাবণ। °দূষণ (ক্লী)—পঙ্‌ক্তিদোষজনক অঙ্গহীনতাদি। "অত্রি ৩৪৩। °ভোজন (বি)—সমাজে সজাতিশ্রেণীতে ভোজন। °রথ (পুং)—দশরথ। "রঘু ৯.৭৪।]

পঙ্‌ক্তিদূষক পুং [ষ.ত] 'একপঙ্‌ক্তিভোজনে পঙ্‌ক্তির দোষজনক', অপাঙ্‌ক্তেয় স্মৃতিনির্দ্দিষ্ট অপকৃষ্ট ব্রাহ্মণ। বিপ 'পঙ্‌ক্তিপাবন'। দ্র 'মনু ৩.১৫০-১৮২। বিষ্ণু. ৮২ অধ্যায়।]

পঙ্‌ক্তিপাবন পুং [ষ.ত] শ্রাদ্ধে ভোজনার্থ উপবিষ্ট বিপ্রগণের পঙ্‌ক্তির পবিত্রতাজনক স্মৃতিনির্দ্দিষ্ট ব্রাহ্মণ ; পাঙ্‌ক্তেয়। দ্র 'মনু ৩.১৮৪-১৮৬। বিষ্ণু ৮৩ অধ্যায়। বসিষ্ঠ, ৩ অধ্যায়।

পঙ্‌খ সর্থ 'পঙ্ক' (৪)।

পঙ্‌খা বি [সং 'পক্ষ'—মূল ; প্রা পংখ ; হি, ঠ পংখা ; গু পংখ ; মৈ পংখ, -খা ; অপ্র] ব্যজন, পাখা। "ভ.গ্র ১৬২।

পঙ্খি, -খী, পঁঙ্খী বি [সং পক্ষী (-ক্ষিন্) >প্রা পংখি, পঙ্‌খি >বা °খী, -খি ; হি, গু পংখী ; ঠ পংখ—পক্ষ ; অপ্র] ১ পাখী। "সারি শুয়া পঙ্খি গো.চ ১৯২,-৫, ২৬৪,-৫। চাতক পঙ্খী ব.প ১১০২। ২ সর্থ 'পক্ষী (৩)। "রূপচাঁদ পঙ্খী। পঙ্খীর দল। ৩ বিবাহাদি উৎসবে পক্ষীর আকারে নির্ম্মিত নৌকাবিশেষ। "ঘোড়াপঙ্খী, হাতীপঙ্খী, উটপঙ্খী ও ময়ূরপঙ্খীগুলির ওপরে বারোজন করে দাঁড়ি।—হু ১৫১। ৪ রাজা-প্রভৃতির পক্ষীর আকারে রচিত যানবিশেষ। "পুরঃসর কর্ণসেন পঙ্খীর (ধৃতপাঠ 'পক্ষীর') উপরে শ্রী.মা ২২৩।

পঙ্খ্যা বি [হি পঙ্খিয়া] দুর্বৃত্ত, ধূর্ত্ত। "পঙ্খ্যা বেটাদের সংখ্যা পাইনে কত।—দা ১৪২৯।

পঙ্গত বি [সং পঙ্‌ক্তি, হি পংগত, -তি] ভোজনকালে ভোক্তাদিগের পঙ্‌ক্তি। "পঙ্গতের মধ্যে ভ.গ্র ৩২৫।

পঙ্গপাল বি [সং পতঙ্গ > প্রা *পঅংগ > পঙ্গ + পাল] ১ পতঙ্গ-বিশেষের দল; বড় ফড়িঙ-বিশেষ; শলভ (locust)। "যেন-পঙ্গপালদল, ছাইল সকল স্থল।—রঙ্গ ১০২। [ইহারা দল বাঁধিয়া উড়িয়া আসে এবং শস্যাদি যাহাতে বসে, তাহা খাইয়া নিঃশেষ করে। দ্র 'ঈতি'। বস্তুতঃ 'পঙ্গপাল' নাম নহে, দলবদ্ধ থাকে বলিয়া ইহারা ঐ নামে খ্যাত।] ২ (সাদৃশ্যে) বহুলোকসমবায়, মহাজনতা।

পঙ্গু বিণ [√পণ্‌ + উ -ক, 'গ্‌' আগম (অ.টী); স্ত্রী -ঙ্গু (সি), -ঙ্গূ, -ঙ্গ্‌ (মুগ্ধবোধ)] জঙ্ঘাবিকল, পাদবিকল (নীলকণ্ঠ)। —ঙ্গু পুং ১ পঙ্গুজন। "মহা ৩.৩৩.৭। মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্‌ (যৎকৃপা) —গীতামঙ্গলাচরণ। (কৃপায় যাঁর) পঙ্গু লঙ্ঘে গিরি, বাচাল হয় মূক।—শ্রী ৩। মূক হোহিং বাচাল পংগু চঢ়হিং গিরিবর গহন (জাসু কৃপা)।—তুলসীদাস। ২ শনিগ্রহ।

পচ্‌ দ্বিক [ভ্বা, এ—পচতি, -তে; অনিট্‌] ১ পাক, রন্ধন। ২ পরিণাম, পরিণতাবস্থা। [পরি—পরিপাক, পরিণাম। বি—বিপাক, অন্যথাভূত পরিণাম।]

পচ অর্ম্ম [সং √পচ্‌ > লি, প্রা √পচ (পাক); হি √পচ; ফা √পসীদ্‌] পাকিয়া বিকৃত হওয়া, পূতিগন্ধ হওয়া; পচা। "কর্ণের নন্দনে তব নরকে পচন্ত অ.প ৪১। মড়া দিনে দিনে পচে ম.ভা ৫৩; (দ্রব্য) নাহি পচে ৬৬। —চা সর্ম্ম [পচ + আ] বিকৃত বা পূতিগন্ধ করা, পচান। [পচপচ—পচার মত। পচা²—সর্থ 'পচ'। পচান সর্থ 'পচা'। পঁচায়ত—পচায়। "পঙ্ক-বিহীন তনু, ভানু শুখায়ত, জলহি পচায়ত সোয়।—প.ক।]

পচক বিং [সং পাচক; অপ] জীর্ণীকারক, অগ্নিবর্দ্ধক। [অপচক-পচক—অজীর্ণদ্রব্যের পাচক। "(তাম্বুল) অপচক-পচক বি.পা ২১১।]

পচ(ছ)তা, পস্তা অর্ম্ম [সং পশ্চাত্তাপ > প্রা পচ্ছাতাব > বা (পচ্ছাতা) °তা, পস্তা; হি √পছতা; ঠ √পস্তার; গু √পস্তা; মৈ √পচ(ছ)তা] পশ্চাৎ তাপ করা; অনুতাপ করা। "ভক্তিরসে হীন মূঢ় পস্তায় পাছে ভ.গ্র ১১৫। দিল্লীকা লাড্ডু, যো খায়া, উহ্‌ ভি পস্তায়া, যো না খায়া, উহ্‌ ভি পস্তায়া।—অ গ্র ১০৫। [পছতান—অনুতাপ।]

পচতাব বি [পচ্ছাতাব > °ব, দ্র 'পচতা'] অনুতাপ। "অপনা মন পএ রহ পচতাব বি.সা ৫৫।

পচন বিণ [√পচ + অন (ল্যুট্‌)-ক; স্ত্রী -নী] ১ পাককারক। ২ [+ অন-ণ] পাকসাধন। —চন পুং অগ্নি। —চন ক্লী [+ অন -ভা] ১ পাক, রন্ধন। "নীবারমুষ্টি° উ.চ ১.২৫। ভ ৩.২৬.৪০। ২ পরিণতি (ripening, maturing)। ৩ পাকসাধন কাষ্ঠপাত্রাদি। —চনী স্ত্রী বন্যজম্বীর।

পচনী দ্র 'পচন'।

পচপচ '-চ্‌-চ্‌' বি [ধ্বন্যাত্মক; হি, ঠ °চ] পাঁকে চলিয়া যাওয়ার শব্দ।

পচলা বি পচা গোময়াদির সার। "পচলা শড়ায় গাছলা সারে।—খনা।

পচা¹ বিং [পচ + আ¹² ; পঁচা (ম.ম ১৩৬)] ১ যাহা পচিয়াছে; বিকৃত, পূতি, গলা। পাঁচ মাসের পচা মড়া ম.ভা ৫১। ২ অকিঞ্চিৎ-কর, ঘৃণার্হ। "তুই কাঠের ঠাকুর টাটে তুলে মিছে করিস পচা ভুর।—লু ৩০৪। —চা বি পচা দ্রব্য; সার। "পচা শড়ায় গাছলা সারে।—খনা। [°খসা, °গলা—পচিয়া স্খলিত; পচিয়া গলিত। পচা খেউড়—অত্যন্ত অশ্লীল খেউড়গান। "হু ২০১। °গন্ধ—পূতিগন্ধ, দুর্গন্ধ। "পচাগন্ধে ব্যস্ত হরি, উঠি গেলা ঘৃণা করি ভা.চ ২৯। পচাগরম—যে গরমে পচায়; বাষ্পভরা শ্রাবণ-ভাদ্রের গরম। পচা-ঘা —যে ঘা ভিতরে-ভিতরে পচে (gangrenous)।]

পচা² দ্র 'পচ'।

পচাল বি [সং উপা + √লম্ভ্‌ > প্রা √পচ্চার (হে ৪.১৫৬) > বা °ল (বিশেষ); পঁচাল (ম.ম ১১৭)] তিরস্কার, কটুকথা, কুৎসা। "যে হয় সমরে শূর না পাড়ে পচাল শ্রী.ম ১৪৯; মিছাই পচাল কেন পাড়সি দুজন ২৩৭। মহারাজ পচাল না পাড় ভ.গ্র ২৭৩। [পচাল পাড়া—উপালম্ভে পাতিত করা; কটুকথা বলা। তু 'তবোপালম্ভে পতিতোঽস্মি (মা.মি ১)।]

পচেলিম বিণ [√পচ্‌ + এলিম (কেলিমর্‌), কর্ম্মকর্ত্তৃবাচ্য] স্বয়ংপক্ব। "দদর্শ মালূরফলং পচেলিমম্‌ নৈ ১.৯৪। °ফলব্রীহি মনু ৪.১৭২, কুল্লুক।

পচ্চাত, -চ্ছাত অব্য [সং পশ্চাৎ > লি, প্রা পচ্ছা > বা °ত; °ত + এ⁶—°তে; অপ্র] পশ্চাৎ, পরে। "তার পচ্ছাত শুনিলেক পাতালের বালা গো.চ ১৪১। পচ্চাতে সাধিমু কায়া মী ২০।

পচ্চিম বিং [সং পশ্চিম > লি পচ্ছিম, প্রা পচ্চি(চ্ছি)ম > বা °ম; হি পচ্ছিম; অপ্র] পশ্চিমদিগ্‌বর্ত্তী। "পচ্চিম দুআর শূ ৪০; পচ্চিম ঘাট ১০৫।—ম বি পশ্চিমদিক্‌। "পচ্চিম গেলা শূ ২৮; পচ্চিমে সুবন্নদীপ ৮৬।

পছতা, পছতান দ্র 'পচতা'।

পছন্দ বিং [ফা পসন্দ্‌; হি, গু পসংদ; ঠ পসংত, -দ] মনোনীত, মনের মত, রুচির অনুরূপ। "কোনটাই শান্তির পছন্দ হইল না ব.ছি ১২২। —ছন্দ বি মনোনয়ন, রুচি। [°সই—মনের মত পছন্দ হওয়া; মনের মত হওয়া।]

পজ্ঝটিকা স্ত্রী মাত্রাবৃত্তবিশেষ। ইহার প্রতিচরণে ষোড়শমাত্রা, নবম মাত্রা গুরু এবং প্রতি দুই চরণে অন্ত্যযমক। "ষোড়শপজ্ঝটিকাভিরশেষঃ, শিষ্যাণাং কথিতোঽভ্যুপদেশঃ।—মোহমুদ্গর। রুণু রুণু ঝুনু ঝুনু ঘুঙুর বাজে। জঘনতটে মণি কাঞ্চী সুগাজে॥—বা.দ ২২৬।

পঞর বি [পঙার > °র; অপ্র] প্রবাল। "পুরট পঞর ব.প ৪০৪।

পঞান বি [সং প্রয়াণ > প্রা *পআণ > বা °ন; অপ্র] প্রস্থান। "বীর করিল পঞান চ.বি ৪০; ১৪২;

পঞ্চ্‌ (-পচি) সক ১ [ভ্বা, ঙ—পঞ্চতে; সেট্‌] ব্যক্তীকরণ। ২ [চু, প—পঞ্চয়তি; সেট্‌] বিস্তার।

পঞ্চ (-ঞ্চন্‌) স.বিণ [ফা পন্‌জ্‌; Av. panc-an; Gr peent; R. pyat] ১ পঞ্চসংখ্যক, পাঁচ। ২ বহু, পাঁচ জন। "স্নাতব্যং পঞ্চভিঃ সার্দ্ধং গন্তব্যং পঞ্চভিঃ সহ। ভোক্তব্য° পঞ্চভিঃ সার্দ্ধং ন দুঃখং পঞ্চভি সহ। °পরামর্শে শি ১০২। [সমাসে 'পঞ্চন্‌' > 'পঞ্চ'।] [°কপাল (বিণ)—পঞ্চ কপালে সংস্কৃত বা পক্ব (পুরোডাশাদি)। °কর্ম্ম (-র্ম্মন্‌) ক্লী ১ বমন রেচন নস্য নিরূহ অনুবাসন—এই পঞ্চ শারীরিক চিকিৎসা। ২ (বৈশেষিকে) উৎক্ষেপণ অবক্ষেপণ আকুঞ্চন প্রসারণ গমন—এই পঞ্চ কর্ম্ম। °কষায় (পুং)—১ জম্বু শাল্মলি বাট্যাল বকুল বদরী—এই পঞ্চদ্রব্যের বল্কলরস। ২ (বহুব) দেবীর মহাস্নানার্থ জম্বু-প্রভৃতি পঞ্চ-কষায়দ্রব্য। °কোণ (বিণ)—পঞ্চকোণযুক্ত (ক্ষেত্র, যন্ত্র)। °কোল (ক্লী)—পিপ্পলী পিপ্পলীমূল চব্য চিত্রক নাগরমুস্তক—এই পঞ্চদ্রব্যের পাচন। °কোষ (পুং, বহুব)—(বেদান্তে) পঞ্চ কোষতুল্য আচ্ছাদক অন্নময়াদি দেহাদি;—অন্নময়কোষ (দেহ), প্রাণময়কোষ (পঞ্চকর্মেন্দ্রিয়-সহিত পঞ্চপ্রাণ), মনোময়কোষ (পঞ্চজ্ঞানেন্দ্রিয়সহিত মন), বিজ্ঞান-ময়কোষ (পঞ্চজ্ঞানেন্দ্রিয়সহিত বুদ্ধি), আনন্দময়কোষ (আনন্দপ্রচুর কারণশরীর)। "শ্রী.ম ২৬৩। °ক্রোশী (স্ত্রী)—বারাণসী। °গব্য (ক্লী)—দধি দুগ্ধ ঘৃত গোময় গোমূত্র—এই পঞ্চ গোসম্বন্ধী দ্রব্য। "মনু ১১.১৬৬। চৈ.চ ৯১। °গুণ (বিণ)—পঞ্চগুণিত, পাঁচগুণ। (পুং, বহুব)—শব্দ স্পর্শ রূপ রস গন্ধ—এই পঞ্চ মহাভূতগুণ। °গুণী (স্ত্রী) —পৃথিবী। °গৌড় (বি)—সারস্বতপ্রদেশ কান্যকুব্জ গৌড় মিথিলা উৎকল—এই পঞ্চ দেশ। "°গৌড়েশ্বর বি.প ১৫। °তন্ত্র, -ন্ত্রক (ক্লী)—

মিত্র-ভেদাদি পঞ্চবিভাগযুক্ত বিষ্ণুশর্ম্মকৃত নীতিগ্রন্থ। "°ক।—পঞ্চ ৯/১০ (কথামুখ)। °তন্মাত্র (ক্লী)—পঞ্চসংখ্যক সূক্ষ্মমহাভূত; শব্দ স্পর্শ রূপ রস গন্ধ—এই পঞ্চ। "বি.পা ১২। °তিক্ত (ক্লী)—নিম্ব অমৃতা ইত্যাদি পঞ্চসংখ্যক তিক্তদ্রব্য (চক্রপাণিদত্ত)। °দেবতা (স্ত্রী, বহুব)—গণেশ সূর্য্য বিষ্ণু শিব দুর্গা—এই পঞ্চ। °নিম্ব (ক্লী)—নিম্বের পত্র পুষ্প ফল মূল ত্বক—এই পঞ্চ। °পদী (স্ত্রী)—পঞ্চপদবিক্ষেপ। "পঞ্চ ২.১২১। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—চতুর্দ্দশী অষ্টমী অমাবস্যা পূর্ণিমা রবি-সংক্রান্তি—এই পঞ্চ পর্ব্ব। °পুষ্প (ক্লী) আম্র চম্পক শমী পদ্ম করবীর—এই পঞ্চপুষ্পক। °প্রদীপ (ক্লী)—আরাত্রিকার্থ পঞ্চপ্রদীপযুক্ত নীরাজনদ্রব্যভেদ। °প্রাণ (পুং; বহুব) প্রাণ অপান উদান ব্যান সমান—এই পঞ্চ প্রাণবায়ু। °প্রাসাদ (পুং)—পঞ্চচূড় দেবগৃহ; পঞ্চরত্ন। °বাহু (পুং)—শিব। "হ ২৭৭.৪। °ভুজ (বিণ)—পঞ্চবাহু (ক্ষেত্র—pentagon)। °বৃত্ত (বিণ)—পঞ্চবেষ্টনযুক্ত। °ভূত (ক্লী, বহুব)—ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম—এই পঞ্চ মহাভূত। "অহঙ্কারাৎ পঞ্চভূতানি জজ্ঞিরে (শারদাতিলক)। °মকার (পুং)—(তন্ত্রে)—মদ্য মাংস মৎস্য মুদ্রা মৈথুন—এই মকারাদি পঞ্চতত্ত্ব। °মহাপাতক (ক্লী)—ব্রহ্মহত্যাদি পঞ্চ মহাপাপ। "ছান্দোগ্য ৫.১০.৯। মনু ১১.৫৫। °মহাযজ্ঞ (পুং) বেদপাঠাদি পঞ্চ যজ্ঞ। দ্র 'মহাযজ্ঞ'। °মুদ্রা (স্ত্রী)—আবাহনী স্থাপনী সন্নিধাপনী সম্বোধনী সম্মুখকরণী—এই পঞ্চবিধা মুদ্রা। °মুণ্ডী (বি)—তান্ত্রিকের পঞ্চনরমুণ্ডে রচিত সাধনবেদি। °যজ্ঞ (পুং, বহুব)—সর্ব 'পঞ্চমহাযজ্ঞ'। 'ব্রহ্মযজ্ঞো নৃযজ্ঞশ্চ দৈবযজ্ঞশ্চ সত্তম। পিতৃযজ্ঞো ভূতযজ্ঞঃ পঞ্চযজ্ঞাঃ প্রকীর্ত্তিতাঃ॥—পদ্মপুরাণ। মনু ৪.২১। °শঙ্খ ৫.৩। °যাম (পুং)—পঞ্চপ্রহরাত্মক দিবস। দ্র 'ত্রিযামা (১)। °রাশিক (পুং)—(গণিতে) পঞ্চরাশিসম্বন্ধী গণিতভেদ (লীলাবতী)। °লক্ষণ (ক্লী)—পুরাণ। দ্র 'পুরাণ'। °লবণ (ক্লী)—কাচক সৈন্ধব সামুদ্র বিড় সৌবর্চ্চল—এই পঞ্চ লবণ। °লোহ (ক্লী)—স্বর্ণ রজত তাম্র সীসক রঙ্গ—এই ধাতুপঞ্চক। °শস্য (ক্লী)—ধান্য মুদ্গ তিল যব শ্বেতসর্ষপ—এই শস্যপঞ্চক। "ম ১১১৪। °যুত ক্ষিতি শ্রী.ম ৫৩। °শাখ (পুং) যাহাতে পঞ্চ শাখারূপ অঙ্গুলি; পাণি (অ.কো)। °শিখ (পুং)—১ 'বিস্তৃত-শিখাকেশরযুক্ত'; কেশরী। ২ কপিল-দর্শনজ্ঞ মুনিভেদ। দ্র 'মহা ১৩.২১৮.৬-১২। সাংখ্য ২। °সট (বিণ)—পঞ্চজটযুক্ত। দ্র 'পাঁচচুলা'। "মহা ৩.২৭১.৮১।

পঞ্চক বিণ [পঞ্চন্+ক (কন্)] ১ পঞ্চ, পঞ্চপরিমাণ। "পঞ্চকাঃ শকুনয়ঃ পা ৫.১.৫৮, সি। ২ পঞ্চ দ্বারা ক্রীত। "পা ৫.১.২২। ৩ প্রতি শতে দেয় পঞ্চবৃদ্ধিযুক্ত (শতকরা পাঁচ টাকা সুদ সহিত)। "পঞ্চকঞ্চ শতম্ মনু ৮.১৪২। ৪ পঞ্চাংশযুক্ত, পঞ্চবেতনযুক্ত। "পা ৫.১.৫৬। —ক পুং পঞ্চের বর্গ বা সমবায়। "পা ৫.১.৬০, সি। —ক ক্লী ১ পঞ্চসংখ্যা। "যতি°, সাধন°, সুবর্ণশত°। ২ ধনিষ্ঠাদি পঞ্চনক্ষত্র। ৩ (বাঙলায়) গ্রামের পাঁচ জনের (অর্থাৎ গ্রামবাসীর) কৃত হিতার্থ নির্ণীত কোন পর্য্যায় বা পালা। "কালিকার ভোজ্য যার আছিল পঞ্চক। সেই সে জানিবে ইহা বকের অন্তক॥—ম ১৬৩। বার বৎসর অন্তে পঞ্চক একবার ম.বি ২৭। ৪ রাজা বা জমিদার মালিকানার চিহ্নস্বরূপ যে অত্যল্প 'করে জমি বিলি করেন, সেই কর। "পার্ব্বণী পঞ্চক যত (না লইব) ক.চ ৮৪। [পঞ্চকী জমি—অত্যল্প করের জমি—জাইগির আয়েমা ইত্যাদি।]

পঞ্চগ্রাস, -সি, -সী বি ['°সীয়'—মূল] ব্রাহ্মণাদির ভোজনে গণ্ডূষের পরে পঞ্চ প্রাণের নামে দেয় পঞ্চভাগ অন্ন। "গণ্ডূষ করিয়া প্রভু করে পঞ্চগ্রাসী শ্রী.ম ১৭১। পঞ্চগ্রাসী অন্ন বি.পা ২৬৫; °সি ২৯৬। °সি ম.ম ৯৮; পঞ্চগ্রাস করে সদাগর ম.ম ১৫২। তার লেখায় এই অন্ন নহে পঞ্চগ্রাস চৈ.চ ৮৫। পঞ্চগরাসি চৈ.ম ৬৯।

পঞ্চচত্বারিংশৎ স. বিণ [উ.লো; পূ.বা—°শতম, °শ (স্ত্রী -মী, শী)] পঞ্চাধিক চত্বারিংশৎ; পঁয়তাল্লিশ। —শৎ স্ত্রী পঁয়তাল্লিশ (৪৫) সংখ্যা।

পঞ্চজন পুং [প.ত] ১ পঞ্চ (পঞ্চভূত) হইতে জন (জাত); মনুষ্য ২ [কর্ম্মধা] (বহুব) দেবতা গন্ধর্ব্ব পিতৃগণ মনুষ্য সরীসৃপ। ৩ (বহুব) ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণ ও চণ্ডাল। ৪ শঙ্খরূপধর অসুরবিশেষ। "গো.রা ৪.৪৩.৩৪। [পঞ্চজন সংহ্লাদভার্য্যা কৃতির পুত্র। প্রভাসে মহাসমুদ্রে ইহার বাস ছিল। কৃষ্ণের গুরু সান্দীপনির পুত্র এই অসুর কর্ত্তৃক নিহত হয়। কৃষ্ণ গুরুর আদেশানুসারে গুরুপুত্র দক্ষিণা দিবার নিমিত্ত পঞ্চজনকে নিহত করেন এবং গুরুপুত্র না পাইয়া সংযমনীতে যমের নিকট হইতে গুরুপুত্র উদ্ধার করিয়া গুরুকে অর্পণ করেন। এই পঞ্চজনের অস্থিতে কৃষ্ণের 'পাঞ্চজন্য' শঙ্খ নির্ম্মিত হয়। দ্র 'ভ ১০.৪৫।] —জনী স্ত্রী [স.দ্বি] পঞ্চজনের সমাহার; জনপঞ্চক। —জনীন বিণ [°ন+ঈন (খ)] ব্রাহ্মণাদির হিতকর।

পঞ্চঝুটি বি পঞ্চঝুটি (শিখা) করিয়া বাঁধা শিশুর কেশ; শিখণ্ডক। "শিরে চুল আছে পঞ্চঝুটি।—কৃ ৬৪।

পঞ্চতত্ত্ব ক্লী [স.দ্বি] ১ সর্ব 'পঞ্চমকার'। ২ সর্ব 'পঞ্চভূত'। ৩ গুরুতত্ত্ব দেবতত্ত্ব মন্ত্রতত্ত্ব মনস্তত্ত্ব ধ্যানতত্ত্ব—এই পঞ্চ।

পঞ্চতপ পুং [পঞ্চ দ্বারা তপ (তপস্যাকারী), তৃ.ত] ১ সর্ব 'পঞ্চতপাঃ' (পুং)। "মহা ১৩.১৪২.৯। ২ (বাঙলায়) পঞ্চাগ্নিসাধ্য তপস্যা। "পঞ্চতপ করেন জ্বালিয়া পঞ্চানল ক.চ ২২। জ্যৈষ্ঠমাসে এইরূপে পঞ্চতপ করি ভা.চ ১৩৫।

পঞ্চতপাঃ (-পস্) বিণ [বহুব্রী] পঞ্চ দ্বারা যাঁহার তপঃ; গ্রীষ্মে চতুর্দ্দিকে অগ্নিচতুষ্টয়, উপরি সূর্য্যতাপ—এই পঞ্চাগ্নিসাধ্য যাঁহার তপস্যা (দ্র 'কু.স ৫.২৩); পঞ্চাগ্নিসাধ্যতপশ্চারী। "গ্রীষ্মে পঞ্চতপাস্তু স্যাৎ মনু ৬.২৩। গ্রীষ্মে পঞ্চতপা বীরঃ ভ ৪.২৩.৬। —পাঃ পুং পঞ্চাগ্নিতপশ্চারী তপস্বী। "পঞ্চমঃ পঞ্চতপসস্তপনো জাতবেদসাম্ মাঘ ২.৫১।

পঞ্চতা স্ত্রী, **-ত্ব** ক্লী [পঞ্চন্+তা (তল্), +ত্ব] ১ আরম্ভক পৃথিব্যাদি পঞ্চভূতের তদ্ভাবপ্রাপ্তি বা পৃথগ্‌ভাব। "পঞ্চধা সম্ভৃত কায়ো যদি পঞ্চত্বমাগতঃ (তত্র কা পরিদেবনা)।—শ.ক। ২ (উপচারে) মৃত্যু। "তেন তাড়নেন গর্দ্দভঃ পঞ্চত্বং গতঃ হি ২৩৬। (অশ্বঃ) প্রাপ পঞ্চতাম্ ক.সা ১০.১২৭। °তা ভ ৭.৮.৫২। ৩ পঞ্চভূতের ঐক্য দেহ। "ভ ১.১৫.৪১। ৪ পঞ্চের ভাব। "বেদের পঞ্চত্ব দিয়া ভারতপুরাণ (রচিয়াছ আপনি) ভা.চ ১৯৬। ৫ পঞ্চগুণতা, পাঁচগুণ। "মনু ৮.১৫১।

পঞ্চত্রিংশৎ স. বিণ [উ.লো; পূ.বা—°শতম, °শ (স্ত্রী -মী, -শী)] পঞ্চাধিক ত্রিংশৎ; পঁয়ত্রিশ।—শৎ স্ত্রী পঁয়ত্রিশ (৩৫) সংখ্যা।

পঞ্চদশ (-শন্) স.বিণ [উ.লো; পূ.বা—°শ (অকারান্ত); স্ত্রী -শী; ফা পান্‌জ্‌দহ্; চান্দস] ১ পঞ্চাধিক দশ; পনর। "মনু ১০.৩১। ২ পঞ্চদশের পূরণীভূত। "পঞ্চদশে বর্ষে গো.রা ২.৬২.২৩। ৩ [ন্° +অ (ড)] যাহাতে পঞ্চদশ অধিক; পনর বেশী। "পঞ্চদশং শতম্, সহস্রম্ (১১৫, ১০১৫) —দশ ক্লী (?) পঞ্চদশ-সংখ্যা। —দশী স্ত্রী পূর্ণিমা; অমাবস্যা। [°দশাহ (পুং)—পঞ্চদশ দিবস। "বৈশ্যঃ পঞ্চদশাহেন (শুধ্যতি) মনু ৫.৮৩।]

পঞ্চদীপ বি সর্ব 'পঞ্চপ্রদীপ'। "পঞ্চদীপ জ্বালি তেঁহ আরতি করিলা—গো ৪৩। ব.প ১৫২।

পঞ্চনখ পুং [বহুব্রী] ১ পঞ্চনখযুক্ত জন্তু। দ্র 'ভ ৩.১০.২৪। "ভক্ষ্যান্ পঞ্চনখেষাহুঃ মনু ৫.১৮। ২ হস্তী। ৩ কূর্ম্ম। ৪ ব্যাঘ্র। ৫ স্মৃতিবিহিত ভক্ষ্য পঞ্চনখ শশকাদি। 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ… শল্যকঃ শ্বাবিধো গোধা শশঃ কূর্ম্মশ্চ পঞ্চমঃ॥—রা ৪.১৭.৩৯। বিষ্ণু ৫১.৬। যাজ্ঞ ১.১৭৭। [মনুমতে শল্যকাদি পঞ্চ এবং গণ্ডার—এই ছয় পঞ্চনখ ভক্ষ্য

(মনু ৫.১৮)।]—নখী বি (সং °খ; তু 'গুণী') সর্থ 'পঞ্চনখ (৫)। "শশারু (শশক) গণ্ডার কূর্ম্ম গোধিকা শল্লকী। ভক্ষণীয় জন্তু পঞ্চ এই পঞ্চনখী॥ —কৃ ১৬১। ব.প ৪৯৮।

পঞ্চনদ পুং [পঞ্চ নদী যাহাতে, বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.৭৫] ১ শতদ্রু বিপাশা ইরাবতী চন্দ্রভাগা বিতস্তা—এই পঞ্চনদীযুক্ত দেশ; পঞ্জাব। ২ (বহুব) পঞ্চনদবাসিগণ। ৩ পঞ্চনদরাজগণ। "পঞ্চনদা নৃপাশ্চ।—মহা ৫.৪.১৯। —নদ ক্লী [স.দ্বি, সমাসান্ত 'অ' (অচ্)।১ পঞ্চনদীসমাহার। ২ তীর্থবিশেষ, কাশীর পঞ্চগঙ্গা। "পঞ্চনদং কৃৎস্নং বিচেতবাম্ গো.রা ৪.৪৩.২১। মহা ৩.৮২.৮৩।

পঞ্চনবতি স.বিণ [উ.লো; পু.বা—°বত, °তিতম (স্ত্রী -তী, -মী)] পঞ্চাধিক নবতি; তৎসংখ্যক, পঁচানব্বই। —বতি স্ত্রী পঁচানব্বই (৯৫) সংখ্যা।

পঞ্চপঞ্চাশ স.বিং সর্থ 'পঞ্চপঞ্চাশৎ'। "°শ ডোঙ্গা চৈ.চ ৮৪।

পঞ্চপঞ্চাশৎ স.বিণ [উ.লো; পু.বা—°শ, °শত্তম (স্ত্রী -মী, -মী)] পঞ্চাধিক পঞ্চাশৎ, তৎসংখ্যাক, পঞ্চান্ন। —শৎ স্ত্রী পঞ্চান্ন (৫৫) সংখ্যা।

পঞ্চপল্লব ক্লী [স.দ্বি] আম্র জম্বু কপিত্থ বীজপুর বিল্ব—এই পঞ্চ বৃক্ষের পল্লব। (বৈদিককার্য্যে) আম্র অশ্বত্থ বট উদুম্বর পর্কটী—এই পঞ্চ বৃক্ষের পল্লব। (তান্ত্রিকে) আম্রাদিত্রয় বকুল পনস—এই পঞ্চ বৃক্ষের পল্লব।

পঞ্চপাত্র ক্লী [স.দ্বি, স্ত্রীত্বাভাব] ১ পঞ্চপাত্রসমাহার। ২ অমাবস্যায় পঞ্চপাত্রে করণীয় পার্ব্বণবিধিক শ্রাদ্ধ। ৩ [হি °ত্র] (বাঙলায়) গেলাসের মত মুগ-চওড়া পূজাহ্ণিকে জলরক্ষার্থ ব্যবহার্য্য ধাতুপাত্রবিশেষ।

পঞ্চপিতা (-তৃ) পুং, বহুব [কর্ম্মধা] জনক শ্বশুর ভয়ত্রাতা অন্নদাতা বিদ্যাদাতা (উপনেতা)—এই পঞ্চ গুরুজন। 'অন্নদাতা ভয়ত্রাতা পত্নীতাতস্তথৈব চ। বিদ্যাদাতা জন্মদাতা পঞ্চৈতে পিতরঃ স্মৃতাঃ॥—ব্রহ্মবৈবর্ত্ত। [মতান্তরে, 'মন্ত্রদাতা' 'জ্যেষ্ঠভ্রাতা' লইয়া সপ্তপিতা।]

পঞ্চপিত্ত ক্লী [উ.লো] বরাহ ছাগ মহিষ মৎস্য ও ময়ূরের পিত্ত।

পঞ্চবংশী বি বাদ্যবিশেষ। "পঞ্চবংশী বাজে শ্রী.মা ৩৩।

পঞ্চবক্ত্র বিণ [বহুব্রী] পঞ্চমুখযুক্ত। "পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্ (মহেশম্ ধ্যায়েৎ)। অর্চ্চ হর পঞ্চবক্ত্র ম.পা ৯। পঞ্চবক্ত্র মহেশ্বর ন.প ৭৫। —বক্ত্র পুং ১ শিব। "দা ১৬৪। ২ পঞ্চমুখ রুদ্রাক্ষ। ৩ 'বিস্তৃতমুখ', পঞ্চাস্য, সিংহ।

পঞ্চবটী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অশ্বত্থ বট বিল্ব ধাত্রী অশোক—এই পঞ্চ বৃক্ষের সমাহার। ২ দণ্ডকারণ্যের অংশবিশেষ। "রা ৩.১৩.২২। রঘু ১২.৩১। এধা পঞ্চবট্যাং শূর্পণখা উ.চ ১২৳। °বনচর মধু।—মে ১১৬। এই পঞ্চবটী, এই শূর্পণখা সী ১০। [রাম এই বনভাগে সীতা ও লক্ষ্মণের সহিত বহুবর্ষ অবস্থান করেন। এই স্থানে লক্ষ্মণ শূর্পণখার নাসাকর্ণচ্ছেদন ও রাম যুদ্ধে খর-দূষণের সহিত বহু রাক্ষস-সেনা নিধন করেন। রাবণ মারীচের সাহায্যে এই স্থানে সীতা হরণ করে।]

পঞ্চবর্গ পুং [ষ.ত] ১ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। ২ পঞ্চের বর্গ বা সমবায়। ৩ পঞ্চযজ্ঞ। ৪ পঞ্চমহাভূত। ৫ রাজার কাপটিকাদি চারপঞ্চক ('মনু ৭.১৫৪, কুল্লূক)। "অনষ্টপঞ্চবর্গোঽহং লোকযাত্রাপ্রবর্ত্তকঃ গো.রা ২.১১৮.২৭।

পঞ্চবর্ণ ক্লী [বহুব্রী] যাহাতে মিশ্র পঞ্চ বর্ণ; পঞ্চবর্ণমিশ্র তণ্ডুলচূর্ণ (ত.বা)। [শুক্ল—শালিতণ্ডুলচূর্ণ। রক্ত—কুসুমসিন্দুরাদিজাত। পীত—হরিতালজাত। কৃষ্ণ—দগ্ধতণ্ডুল-কৃষ্ণদ্রব্যজাত। হরিত—বিল্বপত্রজাত।]

পঞ্চবাণ, -শর পুং [বহুব্রী] যাঁহার পঞ্চ বাণ; কামদেব। "°র কু.স ৭.৯২। পঞ্চশরে দগ্ধ করে' করেছ এ কি, সন্ন্যাসী, বিশ্বময় দিয়েছ তা'রে ছড়ায়ে।—চ.কা ২৬০। [সম্মোহনোন্মাদনৌ চ শোষণস্তাপনস্তথা। স্তম্ভনশ্চেতি কামস্য পঞ্চ বাণাঃ প্রকীর্ত্তিতাঃ॥—অ.টী। অরবিন্দমশোকঞ্চ চূতঞ্চ নবমল্লিকা। নীলোৎপলঞ্চ পঞ্চৈতে পঞ্চবাণস্য শায়কাঃ॥—শ ৬.৩ টীকা।)

পঞ্চবিংশতি স.বিণ [উ.লো); পু.বা—°শ, °তিতম (স্ত্রী -মী, -মী)] পঞ্চাধিক বিংশতি; পঁচিশ। —তি স্ত্রী পঁচিশ (২৫) সংখ্যা।

পঞ্চবিধপ্রকৃতি স্ত্রী [কর্ম্মধা] (রাজনীতিতে) দ্বাদশ প্রকৃতির অমাত্যরাষ্ট্রাদি পঞ্চ বিভাগ। দ্র 'মনু ৭.১৫৭, কুল্লূক।

পঞ্চভদ্র পুং [স.ত] হৃদয় পৃষ্ঠ মুখ পার্শ্বদ্বয়—এই পঞ্চাঙ্গে ভদ্র, অর্থাৎ পুষ্পাকারশুভচিহ্নযুক্ত; পঞ্চাঙ্গে পুষ্পচিহ্নিত অশ্ব। —ভদ্র ক্লী পাচনবিশেষ।

পঞ্চভৌতিক বিং [সং পাঞ্চ°] পঞ্চভূতঘটিত। "ম ১১৮৪।

পঞ্চম বিণ [পঞ্চন্+ম (মট্); স্ত্রী -মী] ১ পঞ্চের পূরণ। ২ রুচির ৩ দক্ষ। —ম পুং ১ স্বরসপ্তকের পঞ্চম স্বর 'পা'; কোকিলকূজিতানুকারী স্বরবিশেষ। "মাঘ ১১.১। পঞ্চম রাও ছাড়ে গো.চ ৭৫। পঞ্চম গায়েন...পিকগণ ক.চ ২০২। পঞ্চম গায়ে চরণে নূপুর শ্রী.মা ৯৬। কোকিলে পঞ্চম গায় ম.ম ৭। [নাভি বক্ষঃ হৃদয় কণ্ঠ মূর্দ্ধা—এই পাঁচ স্থানে ইহা বিচরণ করে এবং পঞ্চম স্থানপ্রাপ্তি হেতু 'পঞ্চম' কথিত হয়। ইহার চারি শ্রুতি, উচ্চারণজাতি পিকস্বর (কোকিলো রৌতি পঞ্চমম্)।] ২ রাগবিশেষ। "গী.গো ১.৪০। [ইহার সময় দিবা ২য় প্রহর, ঠাট কোমল রি, জাতি খাড়ব, প-বর্জ্জিত (গী.সা)।] ৩ বর্গের পঞ্চম অনুনাসিক বর্ণ। ৪ পঞ্চম ভাগ। ৫ (বাঙলায়) স্ত্রীলোকের পাদভূষণবিশেষ। (ইহা পঞ্চম পাদভূষণ?)। "চরণে...নূপুর পঞ্চম বি.পা ১৭৭। ভ.গ্র ৪৩০। পঞ্চম...বাজে ব.প ৭৮৮। দা ১৬৩২। দুইটি পঞ্চম মিষ্ট বটে,—সুরের পঞ্চম, আর আলতা পরা ছোট পায়ের গুজরী-পঞ্চম।—ব.প্র ৬০২। —ম ক্লী পঞ্চমকারের পঞ্চম 'মৈথুন'। —মী স্ত্রী ('ম+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ চন্দ্রের পঞ্চমকলার ক্রিয়োপলক্ষিত তিথি। ২ শারিশৃঙ্খলা, পাশার ছক। ৩ পঞ্চপতি দ্রৌপদী। ৪ (ব্যাকরণে) বিভক্তিবিশেষ। "পা ২.৩.২৮। [পঞ্চম অবস্থা—দশ দশার পঞ্চম দশা, অর্থাৎ মলিনাঙ্গতা, বৈবর্ণ্য। "বানর হাতাইয়া কৈল পঞ্চম অবস্থা।—কৃ ২৩৬।]

পঞ্চমপাতা বি সর্থ 'পঞ্চম পুং (৫)। "দা ৯৮১।

পঞ্চমুখ বিণ [বহুব্রী; স্ত্রী -খা, -খী] ১ পঞ্চমুখযুক্ত, পঞ্চবক্ত্র। "পূর্ব্বসহ পঞ্চমুখ হৈল মৃত্যুঞ্জয়।—ম ২২৮। পঞ্চমুখ পতি শি ৩২। ২ (বাঙলায়) পঞ্চবদন, বচনপটু; অতিবাচাল। "ভক্তের মহিমা কহিতে হয় পঞ্চমুখ চৈ.চ ১৬৮। কুকথায় পঞ্চমুখ ভা.চ ২৫৫। °—মুখ পুং ১ শিব। "পঞ্চ-মুখে পঞ্চমুখ কহেন উমারে।—মে ১১৯। ২ পঞ্চাগ্র বাণবিশেষ। ৩ 'বিস্তৃতমুখ', সিংহ। ৪ সিংহরাশি। ৫ রুদ্রাক্ষবিশেষ। —মুখী স্ত্রী ১ শিবপত্নী। ২ সিংহী। ৩ জবাপুষ্পবিশেষ।

পঞ্চরং বি ১ দাবা-খেলায় পরাজয়বিশেষ। "পঞ্চরং হয়ে কেহ, করিছেন উহু-উহু, বিপক্ষ করিছে নানা ব্যঙ্গ।—দা ৮৭৯। ২ নানা রঙ; রঙ-বিরঙ।

পঞ্চরত্ন ক্লী [স.দ্বি, স্ত্রীত্বাভাব] ১ স্বর্ণ হীরক নীলমণি পদ্মরাগ মুক্তা; (মতান্তরে) স্বর্ণ রৌপ্য মুক্তা রাজাবর্ত্ত প্রবাল—এই রত্নপঞ্চক। "ম ১১৭৩। ২ নীতিগর্ভ কবিতাপঞ্চকবিশেষ। ৩ পঞ্চচূড় দেবগৃহভেদ।

পঞ্চরাত্র ক্লী [পঞ্চ রাত্রির সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (অচ্)] ১ রাত্রিপঞ্চক। ২ [বহুব্রী] পঞ্চ রাত্র (জ্ঞান) যাহাতে; পঞ্চজ্ঞানসাধন গ্রন্থবিশেষ। 'রাত্রঞ্চ জ্ঞানবচনং জ্ঞানং পঞ্চবিধং স্মৃতম্। তেনেদং পঞ্চরাত্রঞ্চ প্রবদন্তি মনীষিণঃ॥

পঞ্চরী বি [পঞ্চম > °রী, তু 'গুজরী'; পদ্যে মিলের জন্য; অপ্র] সর্থ 'পঞ্চম পুং (৫)। "নূপুর পঞ্চরী ব.প ১৫১৯।

পঞ্চশত স. বিণ [উ.লো] পঞ্চবৃত্ত শত ; পঞ্চশতসংখ্যক। "পঞ্চশতেষু …ধনুঃষু ভ ৯.১৫.৩৩। —শত ক্লী পাঁচ শত পণাদি। "বৈশ্যে পঞ্চশতং দমঃ মনু ৮.৩৮৪। —শতী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] পঞ্চশতের সমাহার ; শতপঞ্চক। "পণ্ডিতানাং পঞ্চশতী। পঞ্চ ষ্টু (কথামুখ)।

পঞ্চশব্দ, -স্বর বি পঞ্চ বাদ্যের মিলিত শব্দ (দ্র পাঞ্চশব্দিক)। "পঞ্চশব্দে নানা বাদ্য বাজে মনোহর ম.ম ১৭৬ ; পঞ্চস্বরে বাদ্য বাজে ১৭৮,-৮০। —শব্দী,-স্বরা বি বাদ্যবিশেষ। "পঞ্চশব্দী বাদ্য বাজে গো.বি ১৯৩ ; ক.চ ২৩৫ ; চৈ.ভা ১১৪। পঞ্চস্বরা পাড়া বাজে শ্রী.মা ১৪০।

পঞ্চশব্দী দ্র 'পঞ্চশব্দ'।

পঞ্চশর দ্র 'পঞ্চবাণ'।

পঞ্চষ স.বিণ [পঞ্চ বা ষট্ বা, বহুব্রী, সমাসান্ত 'অ' (ডচ্) ; স্ত্রী -ষা] পঞ্চসংখ্যক বা ষট্সংখ্যক ; পাঁচ-ছয়টা।

পঞ্চষষ্টি স.বিণ [উ.লো ; পু.বা—°ষ্ট, °ষ্টিতম (স্ত্রী -ষ্টী, -মী)] পঞ্চাধিক ষষ্টি ; তৎসংখ্যক, পঁয়ষট্টি। "ম ৬২২। —ষষ্টি স্ত্রী পঁয়ষট্টি (৬৫) সংখ্যা।

পঞ্চসট বিণ [বহুব্রী] যাহার পঞ্চ সট (জট) ; যাহার কেশসন্নিবেশে মধ্যে মধ্যে পঞ্চ স্থানে ক্ষৌরবৎ মুণ্ডন (কামান) ; পাঁচচুলাযুক্ত। "দাসোঽহং মুচ্যতাং রাজন্ত্বয়া পঞ্চসটঃ কৃতঃ মহা ৩.২৭১.১৮।

পঞ্চসপ্ততি স.বিণ [উ.লো ; পু.বা—°ত, °তিতম (স্ত্রী তী, -মী)] পঞ্চাধিক সপ্ততি ; তৎসংখ্যক, পঁচাত্তর। —তি স্ত্রী পঁচাত্তর (৭৫) সংখ্যা।

পঞ্চসায়ক বি পঞ্চবাণ, কামদেব। "ব.প ১৫১১।

পঞ্চসুনা স্ত্রী, বহুব [কর্ম্মধা] গৃহস্থের পঞ্চ জীবহিংসাস্থান। 'পঞ্চ সূনা গৃহস্থস্য চুল্লী পেষণ্যুপস্করঃ। কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাস্তু বাহয়ন্॥—মনু ৩.৬৮।

পঞ্চস্বর, -স্বরা দ্র 'পঞ্চশব্দ'।

পঞ্চাইৎ, -য়ত বি [হি পংচায়ত ; ঠ পংচায়ত, -ঈৎ ; প পংচাইৎ ; তু সং পঞ্চৎ—পঞ্চপরিমাণ (বর্গ)] **১** বিবাদের বা মোকদ্দমার বিচারার্থে মনোনীত পাঁচজনের বা তদধিক লোকের বর্গ, সভা বা কমিটি। **২** পাঁচজনের সভা ; বৈঠক। "অমাবস্যার রাতে এমন পঞ্চাইত হ'ল, তিন ঘড়া সরাব চল্লো,…হরিয়া গেলে না ভ.গ্র ৩৮। [°য়তী (হি °য়তী)—পঞ্চায়তের কার্য্য।]

পঞ্চাগ্নি পুং, বহুব [কর্ম্মধা] **১** দক্ষিণ গার্হপত্য আহবনীয় পবন (আবসথ্য), পাবন (সভ্য)—এই পঞ্চ অগ্নি। 'পবনঃ পাবনস্ত্রেতা (পঞ্চাগ্নয়ঃ) মনু ৩.১০০। **২** উদরে গার্হপত্য, মধ্যে দক্ষিণ, মুখে আহবনীয়, মূর্দ্ধায় সত্য পর্ব্বা—এই শরীরস্থ পঞ্চ অগ্নি (গরুড়পুরাণ)। **৩** [বহুব্রী] (একব) অগ্নিহোত্রী। "মনু ৩.১৮৫। —গ্নি ক্লী [স.দ্বি] **১** অগ্নিপঞ্চক। **২** (বাঙলায়) পঞ্চাগ্নিসাধ্য তপস্যা ; পঞ্চতপ। "পঞ্চাগ্নি করিল বরষেক নৃপবর—ম ৭৬। ঊর্দ্ধপদ পঞ্চাগ্নি।—জ ২৭।

পঞ্চাঙ্গ বিণ [বহুব্রী ; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] **১** যাহার পঞ্চ অঙ্গ ; পঞ্চাবয়ব। 'বাহুভ্যাঞ্চৈব জানুভ্যাং শিরসা বচসা দৃশা। পঞ্চাঙ্গোঽয়ং প্রণামঃ স্যাৎ (তন্ত্রসার)॥ "°প্রণাম। **২** পঞ্চভাগযুক্ত। "°স্বস্ত্যয়ন। **৩** চিত্ত অক্ষি ভ্রূ হস্ত পাদ—এই পঞ্চ অঙ্গের চেষ্টাদিসাম্যসাধ্য (অভিনয়)। "মা.মি ১ষ্টু। —ঙ্গ পুং **১** অশ্ববিশেষ। দ্র 'পঞ্চভদ্র'। **২** হস্ত পদ মুখ—এই পঞ্চাবয়ব কচ্ছপ। —ঙ্গ ক্লী [স.দ্বি] **১** পঞ্চাবয়বের সমাহার। **২** বিভাগপঞ্চক। **৩** ত্বক্ পত্র পুষ্প ফল মূল—বৃক্ষের এই পঞ্চ অবয়ব। **৪** (জ্যোতিষে) বার তিথি নক্ষত্র যোগ করণ—এই পঞ্জিকাভাগ-পঞ্চক। **৫** (তন্ত্রসারে) জপ হোম তর্পণ অভিষেক বিপ্রভোজন—এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ। **৬** সহায় সাধনোপায় দেশকাল-বিভাগ বিনিপাতপ্রতীকার সিদ্ধি—এই পঞ্চ মন্ত্রাঙ্গ বা রাজনয়াঙ্গ। "মনু ৭.১৪৭, কুল্লুক। কি ১.১২, মল্লিনাথ। **৭** বারাদিপঞ্চকাত্মকপঞ্জিকা। দ্র (৪)। "চতুরঙ্গবলো রাজা জগতীং বশমানয়েৎ। অহং পঞ্চাঙ্গ-বলবানাকাশং বশমানয়ে॥—মু.র। [°শুদ্ধি (স্ত্রী)—বারতিথি-প্রভৃতির দোষরাহিত্য। °স্বস্ত্যয়ন (ক্লী)—সহস্রতুলসীপত্রদান, সহস্রদুর্গানাম-জপ, সহস্রমধুসূদননাম-জপ, চারিটি পার্থিবশিবলিঙ্গ-পূজা, পাঁচরূপ চণ্ডীপাঠ।]

পঞ্চাঙ্গুল বিণ [পঞ্চ অঙ্গুলি প্রমাণ যাহার (তদ্ধিতার্থ দ্বিগু)—°লি +মাত্রচ্, প্রত্যয়লোপ, সমাসান্ত 'অ' (অচ্)] পঞ্চাঙ্গুলিপ্রমাণ। —ল ক্লী [বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্)] অঙ্গুলিসদৃশাবয়ব ধান্যাদি-বিক্ষেপণকাষ্ঠ (সি)। —লি বিণ [বহুব্রী] পঞ্চাঙ্গুলিযুক্ত হস্ত।

পঞ্চাতপা স্ত্রী [পঞ্চ আতপ যাহাতে, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] পঞ্চাতপসাধ্য তপস্যা। দ্র 'পঞ্চতপাঃ'। "চর্য্যা,পঞ্চাতপা (শ.ক)।

পঞ্চানন বিণ [বহুব্রী] পঞ্চমুখযুক্ত। —নন পুং **১** শিব। "স্বামী ঘোষাল পঞ্চানন ক.চ ২৫৭। **২** 'বিস্তৃতমুখ', সিংহ। "ক.চ ৪৯ ; ৫০ ; রাজা পঞ্চানন ৫১। **৩** সিংহরাশি। **৪** রুদ্রাক্ষবিশেষ। **৫** (বাঙলায়) পণ্ডিতের উপাধি। "তর্ক°, ন্যায়°। মধ্যবর্ত্তী হইলা মদন পঞ্চানন ভা.চ ৩২৫। **৬** শিবের অবতারবিশেষ। "ভা.চ ৫০২।

পঞ্চানন্দ বি বালপীড়ক অপদেবতাবিশেষ। "হু ৮৯।

পঞ্চান্ন স.বিং [সং পঞ্চপঞ্চাশৎ >লি পঞ্চপণ্ণাসা, প্রা পংচাবন্ন, -ন্ন >বা °ন্ন ; হি, গু পংচাবন ; ঠ পংচাবন্ন] পঞ্চপঞ্চাশৎসংখ্যক। —ন্ন বি পঞ্চান্ন (৫৫) সংখ্যা।

পঞ্চাপ্সরঃ (-রস্) ক্লী [বহুব্রী] 'যাহাতে পঞ্চ অপ্সরা', সরো-বিশেষ। [ইহা মাণ্ডকর্ণি মুনির তপোবলে নির্ম্মিত। দেবগণ জলাশয়ে স্থিত মুনির কঠোর তপস্যায় উদ্বিগ্ন হইয়া তপোবিঘ্নার্থ প্রধান পঞ্চ অপ্সরা প্রেরণ করেন। মুনি সেই পঞ্চ অপ্সরার রূপে মোহিত হইয়া জলমধ্যে গৃহনির্ম্মাণপূর্ব্বক তাহাদিগের সহিত বাস করেন। অপ্সরোগণের ক্রীড়া-স্থান হেতু ঐ তড়াগ 'পঞ্চাপ্সরো'নামে প্রসিদ্ধ (রা ৩.১১.১১-১৯)।]

পঞ্চাবট পুং [পঞ্চবট্ট > °ট, নিপাতিত] পঞ্চবটী। "গো.রা ৩২০.৩৮।

পঞ্চামর্ত, -ম্রেত বি (গ্রাম্য) সর্থ 'পঞ্চামৃত'। "তবে হবেক গোঁসাই পঞ্চামর্তের আস শূ ১০৯ ; ব.প ১১২। পঞ্চাম্রেতে…তোমার ভোজন। —মী ২৯।

পঞ্চামৃত ক্লী [স.দ্বি] **১** দধি দুগ্ধ ঘৃত মধু শর্করা—এই পঞ্চ অমৃতবৎ দ্রব্যের সমাহার। 'দুগ্ধং সশর্করঞ্চৈব ঘৃতং দধি তথা মধু। "ম.পা ১৬৪, -৭৪। বা.ম ২৩৬। পঞ্চামৃতে স্নান চৈ.চ ৯১। [দেববিগ্রহের শোধনার্থ পঞ্চগব্যে ও পঞ্চামৃতে স্নানের বিধি আছে] **২** (বাঙলায়) গর্ভিণীর পঞ্চম মাসে পঞ্চামৃতপানরূপ লৌকিকসংস্কারবিশেষ। "পাঁচ মাসে পৃথ্বীপতি দিল পঞ্চামৃত শ্রী.মা ২২। পঞ্চমাসে পঞ্চামৃত ম.ম ২২।

পঞ্চাম্নায় পুং, বহুব [কর্ম্মধা] শিবের পঞ্চমুখ হইতে নির্গত আম্নায়তুল্য পঞ্চ তন্ত্রশাস্ত্র। 'মম পঞ্চমুখেভ্যশ্চ পঞ্চাম্নায়াঃ সমুদ্গতাঃ (কুলার্ণবতন্ত্র)।

পঞ্চাম্র ক্লী [স.দ্বি] এক অশ্বত্থ, এক নিম্ব, দুই চম্পক, তিন কেসর, সাত তাল, নয় নারিকেল—এই বৃক্ষপঞ্চক।

পঞ্চাম্ল ক্লী [স.দ্বি] কুল দাড়িম তেঁতুল অম্লবেতস মাতুলুঙ্গ—এই অম্লফলপঞ্চক।

পঞ্চায়ত, -তী দ্র 'পঞ্চাইৎ'।

পঞ্চাল পুং, বহুব [°ল+অ (অণ্), প্রত্যয়লোপ ; যে দেশের রক্ষণে মুদ্গল-প্রভৃতি 'পঞ্চ' রাজা 'অলম্' (সমর্থ), তাহা 'পঞ্চাল' (হ ৩২, ৬৬)] **১** পাঞ্চালক্ষত্রিয়গণের নিবাসস্থান জনপদ। "মনু ২.১৯। [ইহা দ্রুপদের রাজ্য। ভাগীরথীর উত্তর ও দক্ষিণ কূলে ইহা বহুদূর বিস্তৃত ছিল (মহা ১.১৩৭.৭০-৭৪)।] **২** পঞ্চালবাসী ক্ষত্রিয়গণ। **৩** পঞ্চাল-রাজগণ। "পা ৪.১.১৬৮, সি।

পঞ্চালি বি সর্থ 'পঞ্চালিকা (২)। "পঞ্চালি রচিয়া অ.প ৬৩।

পঞ্চালিকা স্ত্রী [°লী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ বস্ত্রপুত্রিকা, কানির পুতুল (মেদিনী); পুত্তলিকা। "কাঞ্চন° চৈ.চ ১২১। ২ গীতিবিশেষ (মেদিনী), পাঁচালী। "পঞ্চালিকা করিল প্রকাশ ক.চ ১০; ২০।—লী স্ত্রী ১ সর্থ 'পঞ্চালিকা (১)। ২ সর্থ 'পঞ্চালিকা (২)। "রচিল পঞ্চালী গ্রন্থ (দাশরথি)।—দা ৪। ৩ শারি-শৃঙ্খলা, পাশার ছক্।

পঞ্চালী দ্র 'পঞ্চালিকা'।

পঞ্চাশ স.বিং [সং পঞ্চাশৎ > লি পঞ্ঞাস, প্রা পণ্ণা, 'পন্না' (প্রা.ল); হি, মৈ, গু পচাস; ঠ পন্নাস] পঞ্চাশৎ-সংখ্যক।—শ বি ১ পঞ্চাশ (৫০) সংখ্যা। ২ (তাসখেলার) কোন রঙের সাতা হইতে টেক্কা পর্য্যন্ত পর-পর কোন চার খান তাস। [খেলায় পঞ্চাশ ফোটা দেখাইতে হয় বলিয়া ঐরূপ নাম।[[পঞ্চাশোর্দ্ধে বনং ব্রজেৎ—পঞ্চাশ বৎসর বয়স হইলে, গৃহাশ্রম ছাড়িয়া বনে যাইবে (বিশেষ ব্যাখ্যা, দ্র 'পা.প্র ২১০। ব.প্র ৬৩৯)।]

পঞ্চাশৎ স.বিণ [নিপাতিত, পা ৫.১.৫৯, দ্র 'তত্ত্ববোধিনী; পূ বা —°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী); ফা পন্জাহ্]] পঞ্চাশৎসংখ্যক, পঞ্চাশ।—শৎ স্ত্রী পঞ্চাশ (৫০) সংখ্যা।

পঞ্চাশিকা স্ত্রী [পঞ্চাশৎ+অক (ড্বুন্)+স্ত্রী আ (টাপ্), দ্র 'পা ৫.১.২৪] পঞ্চাশৎসংখ্যককবিতা। "চোর°।

পঞ্চাশী স.বিং [অপ্র] দ্র 'পঁচাশী'। "ম ৬২২।

পঞ্চাশীতি স.বিণ [উ.লো; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] পঞ্চাধিক অশীতি; তৎসংখ্যক, পঁচাশী।—তি স্ত্রী পঁচাশী (৮৫) সংখ্যা।

পঞ্চাস্য বিণ [বহুব্রী] পঞ্চমুখযুক্ত।—স্য ১ শিব। ২ 'বিস্তৃতমুখ', সিংহ। "ম ৭৮৬। ৩ সিংহরাশি। ৪ পঞ্চমুখ রুদ্রাক্ষ।

পঞ্চীকরণ ক্লী [পঞ্চন্+অভূততদ্ভাবে চ্বি (০)—পঞ্চী+ √কৃ+অন (ল্যুট্)-ভা] অপঞ্চাত্মক মহাভূতের পঞ্চাত্মকতাসম্পাদন; আকাশাদি পঞ্চভূত সমান দুই অংশে বিভক্ত করিয়া, ঐ দশ অংশের প্রথম পাঁচ অংশ পুনর্ব্বার সমান চার ভাগ করিয়া, ঐ চার ভাগের এক-এক ভাগ, স্ব স্ব অপর দ্বিতীয়াংশ ছাড়া অন্য চার-ভূতের অবশিষ্ট চার দ্বিতীয়াংশের প্রত্যেকের সহিত সংযোজন—'পঞ্চীকরণ'। 'দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চ তে॥ —বেদান্তসার।—কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পঞ্চীকরণে সংমিশ্রিত। "স্থূলভূতানি তু পঞ্চীকৃতানি (বেদান্তসার)।

পঞ্চেষু পুং [বহুব্রী] ১ 'পঞ্চশর', কামদেব। ২ [কর্ম্মধা] কামের পঞ্চবাণ। দ্র 'পঞ্চবাণ'।

পঞ্চোপচার পুং, বহুব [কর্ম্মধা] গন্ধাদি পঞ্চ পূজাদ্রব্য। 'গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য পঞ্চম। এই পঞ্চ উপচার… ॥—দু ১৩।

পঞ্জতখানা বি [?] কারাগার। "কয়েদ করিল নিয়া পঞ্জতখানাতে ভ.গ্র ৪২১।

পঞ্জন বি [?] "করে কর পঞ্জন ভার সম্ভারি গো ১৬৩।

পঞ্জনী বি [হি পৈংজনী] বলয়াকার কড়াই-ভরা স্ত্রীলোকের পাদভূষণ-বিশেষ। "জে হের পঞ্জনী…শেখর পরায় পায় রা.শে ৩২।

পঞ্জর পুং, ক্লী [√পঞ্জ্ রোধ+অর (অরন)-ণ (শ.ক)] ১ শরীরাস্থি-সমূহ, কঙ্কাল। ২ পার্শ্বাস্থি, পাঁজড়া।—র ক্লী ১ পিঞ্জর, খাঁচা। "(বিহগাঃ) পঞ্জরস্থাঃ রা ২.৬৫.৫। °স্থা উ.মে ২৪। ভুজপঞ্জরমধ্যবর্ত্তী। —পঞ্চ ১.২২০। অভয়পঞ্জর স্মর গোবিন্দের পদ।—ম ২০৫; নিরন্তর শরজালে গড়িব পঞ্জর ৮০৪। ক.চ ১৭৪। °পদাম্বুজে।—ম.পা ১৪। শরণ° শ্রী ২৯। ২ আধার, শয্যা। "শয়ানং শরপঞ্জরে।—ভ ১.১.২৫। ৩ কলিযুগ। ৪ গবীর নীরাজনবিধি। ৫ (বাঙলায়) আশ্রয়। "রাম সরল-পঞ্জর ব.প ৫৪১।—[পঞ্জরাখেট (পুং) মাছ ধরার পঞ্জরযন্ত্র; পোলো (ত্রিকাণ্ডশেষ)।]

পঞ্জা বি [ফা পন্জহ্; হি, ঠ পংজা; প পঞ্জা; প, সি পংজ (পঞ্চ); তু 'পঞ্চক'] ১ প্রসারিত পঞ্চাঙ্গুলির সহিত করতল; থাবা। ২ প্রসারিতাঙ্গুলি করতলের ছাপ। "°ফরমান। ৩ পায়ের বা জুতার অগ্রভাগ। ৪ পাঁচ ফোটার তাস। ৫ তাসখেলায় হারার চিহ্ন পাঁচ-ফোটার তাস। [°ফরমান—পাতসাহের পঞ্জার চিহ্নযুক্ত আজ্ঞাপত্র। "°ফরমানের নকল ভা.চ ৫২৩। পঞ্জা লড়া—পঞ্জার আঙুলে আঙুলে বেড় দিয়া দুই জনের পঞ্জার বল-পরীক্ষার কসরত।]

পঞ্জাব বি [ফা পন্জাব্ (ফা পন্জ্+আব্—সং পঞ্চ+অপ্)] ১ শতদ্রু-প্রভৃতি পঞ্চনদীবেষ্টিত দেশ। দ্র 'পঞ্চনদ'। [মহাভারতের মদ্র সিন্ধু গান্ধার এবং মনুসংহিতার ব্রহ্মর্ষি দেশ (মনু ২.১৯) পঞ্জাবের অন্তর্গত ছিল।] ২ পঞ্জাববাসী। "পঞ্জাব আজি গরজি উঠিল,—'অলখ নিরঞ্জন'!—কথা ৭২।—বী বিং [°ব+ঈ৭] পঞ্জাব-সম্বন্ধী, পঞ্জাবে জাত বা প্রচলিত। "পঞ্জাবী জুতা, ভাষা।

পঞ্জি, -ঞ্জী স্ত্রী [√পঞ্চ্+ই (ইন্)-র্ম্ম+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) —পঞ্চী, -ঞ্চী > পঞ্জী, -ঞ্জী, পৃষো, দ্র 'পঞ্জিকা (২)] ১ সূত্রকর্ত্তনার্থ তুলনালিকা; পাঁইজ। ২ [+ই-ণ] পঞ্জিকা। "(দৈবজ্ঞ) আইল লইয়া পঞ্জি-পুথি বি.পা ২৫৯। ৩ পাণিনীয় সূত্রবৃত্তিভেদ। "পঞ্জী টীকা চৈ.ভা ৫৬। পঞ্জী-টীকাতে প্রবীণ চৈ.চ ৫৬। [°কার, °কারক (পুং) —কায়স্থ।]

পঞ্জিকা স্ত্রী [পঞ্জি, -ঞ্জী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পঞ্জি (১)। ২ [√পঞ্চ্+অক (ণক)-ণ+স্ত্রী আ—পঞ্চিকা > °কা, পৃষো (অ.চি, টীকা)] বিষমপদ-বিমর্শিনী টীকাভেদ। 'টীকা নিরন্তরব্যাখ্যা পঞ্জিকা পদভঞ্জিকা (অ.চি)। "(পঢ়িল) রক্ষিত-পঞ্জিকা।—ক.চ ২১৪। ৩ গ্রন্থের সমস্তপদব্যাখ্যায়িকা (অ.টী)। ৪ কায়স্থের আয়ব্যয়লেখনার্থপত্র (অ.টী)। ৫ যমকৃত জীবের পাপপুণ্যের লিপি (A.)। ৬ বৃত্তান্ত, কথা। "চারিত্র° ম.চ ৪.৬২।

পঞ্জুড়ি, -ড়ী বি [পঞ্চ+জুড়ী; ঠ পংজডী] (দুই) জুড়ী লইয়া পাঁচ; অর্থাৎ দুই জুড়ি ও পোয়া; পাশাখেলায় পাঁচের দান। "ভবে আসা খেলতে পাশা, বড়ই আশা মনে ছিল। মিছে আশা, ভাঙ্গা দশা, প্রথমে পঞ্জুড়ি প'লো।—রামপ্রসাদ। ভবে এসে প্রথমেতে পাইলাম আমি পঞ্জুড়ি। —আ.দু ১৮৫। [প্রথমে পঞ্জুড়ি-পড়া—আরম্ভেই বে-পড়তা পড়া।]

পট্ সক [ভ্বা, প—পটতি; সেট্] গতি।—ট্ অক [চু, প —পাটয়তি; সেট্] ১ দীপ্তি। ২ (সক) ছেদন। "যাজ্ঞ ২.৯৪।—ট্ সক [অদন্ত চু, প—পটয়তি; সেট্] বেষ্টন। [উদ্—উৎপাটন।]

পট[১] পুং, ক্লী [পট্+অ (অচ্)-ণ] ১ 'বেষ্টনসাধন', বস্ত্র। "কার্পাসিকৈঃ পটৈঃ গো.রা ৫.৪৯.৫। মৃ ২.৯। পীত পট ব্র.প ১২৪। ভা.চ ১৪৬। ২ লেখনার্থ বা চিত্রীকরণার্থ কার্পাসিকবস্ত্র। "যাজ্ঞ ১.৩১৯। ৩ চিত্রার্থ কাষ্ঠাদি-পট্ট। ৪ চিত্রপট, ছবি। "দেখিতে ভবের শোভা আকাশের পটে।—হেম ১। আঁকা শিরে আকাশপট।—শিশু ১৪১। ৫ যবনিকা, পর্দ্দা।—ট পুং পিয়ালবৃক্ষ।—ট ক্লী ছদি, চাল, ছই। [°কর্ম্ম (-র্ম্মন্ ক্লী—বস্ত্রবয়ন-কার্য্য। °কার (পুং)—১ তন্তুবায়। ২ চিত্রকর, পটুয়া। °কুটী (স্ত্রী), °গৃহ (ক্লী), °বাপ, °ভূমি, -কা (বি) পটের বা ছবির পারিপার্শ্বিক বা সমীপবর্ত্তী স্থান; পশ্চাদ্বর্ত্তী বিষয় বা স্থান; (background)। °মণ্ডপ (পুং), °বেশ্ম (-শ্মন্) ক্লী—বস্ত্রগৃহ, তাঁবু। '°শ্মন্ মাঘ ১২.৬৩। °মণ্ডপ সী ৭৭। °গৃহ। —কাদ ৩৮। °তাল (পুং)—তালবিশেষ। °বাস (পুং)—১ বস্ত্রগৃহ। ২ শটী। ৩ বস্ত্রসুরভীকারকদ্রব্য। ৪ পিধান। "মাঘ ৬.৩৭। °বাসক (পুং)—সর্থ 'পটবাস (১-৩)।]

পট[২] '-ট্' বি [সং পটৎ ; হি পট ; ধ্বন্যাত্মক] ১ হঠাৎ জোরে ফাটার শব্দ। "পটকা পট করিয়া ফাটে। ২ বেত্রাদির আঘাতের শব্দ। "পট পট শব্দ।—রঙ্গ ১১১। ৩ স্থূলবৃষ্টিবিন্দুপাতের শব্দ। "শেষে পট পট। —হু হু! বৃষ্টি আসিল।—ব.দ্বি ৩৪। ৪ পাকাটি প্রভৃতি ভাঙার শব্দ। ৫ [হি পট ; তু 'চট'] ক্ষিপ্রতা। "পট ক'রে বলা। ৬ আকস্মিকভাব। "পট করে ম'রা।

পট[৩] অর্ম্ম [হি √পট] ১ দুই জনের মনে-মনে মিল হওয়া ; খাপ খাওয়া ; বনা। ২ রাজী হওয়া। ৩ লাভ বা প্রাপ্য হওয়া। "জানি ত ভদ্দর লোকদের নেলিয়ে দিয়ে কিছু পটে।—ঙ ১১০।—টা সর্ম্ম [°ট+আ[৮]] রাজী করা ; বশে আনা। [পটা[২]—সর্থ 'পট'। পটান সর্থ 'পটা'।]

পটক পুং [পট+ক (কন্) স্বার্থে] ১ পট, বস্ত্র। ২ পটবাস, শিবির। ৩ গ্রামার্দ্ধ, গ্রামাংশ, পাড়া।

পটকা[১] '-ট্' বি [ধ্বন্যাত্মক ; হি পটাকা] ১ যাহা 'পট' করিয়া ফাটে ; আতসবাজিবিশেষ (cracker)। ২ মাছের পেটের বায়ুর থলি ; পোঁটা (bladder)।

পটকা[২] অর্ম্ম [হি √পটক (সর্ম্ম) : ঠ পটকা—মড়কে হঠাৎ মৃত্যু ; তু—'সং √পত্] ধাক্কা খাইয়া পড়া ; পরাস্ত হওয়া ; দুর্ব্বল হওয়া ; রোগজীর্ণ হওয়া ; মরা। —কা সর্ম্ম ধাক্কা দিয়া ফেলা ; পাছড়ান, পরাস্ত করা ; দুর্ব্বল করা ; রোগে জীর্ণ করা। [পটকা—দুর্ব্বল। "রোগা°। পটকান (হি °কনা)—সর্থ 'পটকা'।]

পটচ্চর পুং [দ্র 'পাটচ্চর'] ১ চোর। ২ চোর-দেশ। "মহা ২.৩১.৪। ৩ [পট+চীর ?] জীর্ণবস্ত্র।

পটপট বি [পট[২] > °ট (দ্বিত্ব)] ক্রমাগত 'পট' শব্দ। —পটা ব্য পটপট-শব্দ। — পটি বি চাবুকের 'পটপট' শব্দ। "কোড়ার পটপটি ভা.চ ২৭১।

পটমঞ্জরী বি [সং পঠমঞ্জরী] রাগিণীবিশেষ। "গ ৩০। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট কোমল গ ও নি, জাতি সম্পূর্ণ।]

পটল[১] ক্লী [√পট্+অল (কলচ্)-র্ম্ম (অ.টী) ; তু 'পডল'—নীব্র, চালের ছাঁচ বা প্রান্ত (দেশী ৬.৫)] ১ 'তৃণাদিবেষ্টিত', ছদি, চাল। "পটলান্ত।—নু ৬.১৫] ২ আচ্ছাদন। ৩ নেত্ররোগভেদ, ছানি। ৪ চক্ষুরাবরণ, চোখের পাতা। ৫ পিটক, পেঁটরা, বাক্স। ৬ পরিচ্ছদ। ৭ তিলক। ৮ সমূহ, রাশি, পুঞ্জ। "ক্ষৌদ্র° রঘু ৪.৬৩। পটলেন রোচিষাম্ মাঘ ১.২১। মোহ° ভ ৩.৩৩.১। নীল° ; জলধর°।—হি ৩৬। জলধর°।—জ্ঞা ২০। পুলকপটলময় অঙ্গ।—গো ৩৬। প্রাচীর°। —হেম ২০৪। কিরণ° স্ব.প্র ৫১। জলধরপটলসংযোগে সী ১০। ৯ পরিজন। —ল পুং, ক্লী গ্রন্থবিভাগ, পরিচ্ছেদ। — টল পুং, -লী[১] স্ত্রী বৃক্ষ।—লী[২] স্ত্রী ছদি, চাল। [প(টো)ল তোলা—১ বাস তোলা ; মরা। "মন তোমারে আজ বাদে কাল ভবের পটল তুলতে হবে (বাউল)। ২ পলায়ন করা। "এদিকে গৌরীর গৌর পটল তুলেছে অ.গ্র ৮৯।]

পটল[২] বি [সং পটোল] ফলশাকবিশেষ। "শ্রী.মা ৬৩। শ্রী ১০৭। [প(টো)ল-চেরা চোখ—চেরা পটলের মত আয়ত চক্ষু।

পটলী[১], **পটলী**[২] দ্র 'পটল[১]'।

পটহ পুং, ক্লী [পটৎ+ √হা+অ (ক) -ক, নিপাতিত ; ধ্বন্যাত্মক (?)] ১ 'পট'-শব্দকারক', ঢক্কা, ঢাক। "সন্ধ্যাবলিপটহতা পু.মে ৩৪। ২ সমারম্ভ। ৩ হিংসন।

পটা[১], **পাটা** বি [সং পট্টক > প্রা *পট্টঅ > বা (পট্টা) °টা, পাটা] পট্ট, তক্তা। "মাড়মর (মর্ম্মর) পটা শূ ৫৯।

পটা[২] দ্র 'পট[৩]'।

পটাৎপটাৎ বি [ধ্বন্যাত্মক] বেত্রাঘাতের ক্রমাগত শব্দ। "বেতের পটাংপটাং।— হু ১২০।

পটাৎ, -শ বিং [সং পটৎ ; হি পটাক] সর্থ 'পট[২]'। "পটাৎ ক'রে ফাটা।

পটাপট ক্রি.বিং [ধ্বন্যাত্মক ; হি, ঠ পটাপট] ১ চাবুকের বা জুতার ক্রমাগত আঘাতের শব্দ। "পটাপট পটাপট চাবুক পড়িতেছে আ.দু ২৫। পটাপট জুতো।—হেম ৩৮৪। ২ [পট° > °ট (দ্বিত্ব) ; ভাবাত্মক] শীঘ্র-শীঘ্র, চটপট। "পটাপট প্রশ্নের উত্তর করা।

পটাল্লুকা স্ত্রী [পট+জলৌকা (?)] জলৌকা, পেটো জোঁক।

পটি[১], **-টী**[১] স্ত্রী [√পট্+ই (ইন্)-ণ+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; পট+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পট, বস্ত্র। "পটী একখানি।—কৃ ৯। ২ বস্ত্রভেদ, ক্যাম্বিস্। ৩ যবনিকা। "অপটীক্ষেপ। ৪ পটগৃহের বেষ্টন-বস্ত্র। ৫ বস্ত্রখণ্ড। "নির্ম্মোকপটী রঘু ১৬.১৭। পটি বান্ধি উরতে মৌনেতে পড়ি রহে ভ.গ্র ৩৪১। পটি ব.প ৬৯৫। তুমি বেদনা, আমি পটী দা ২১২৩। (বাঙলায়) কাগজের দীর্ঘ খণ্ড।

পটি[২], **-টী**[২] রি [সং পঙ্ক্তি > প্রা পত্তী (বি.মা ১.২৬) > বা (পট্টী) °টী, -টি ; হি 'পট্টী'—পঙ্ক্তি] ১ পণ্যদ্রব্যবিশেষের শ্রেণীবদ্ধ দোকান-সমূহ বা তৎসংসৃষ্ট স্থান। "কাপড়ীয়া°, লোহা°, সোনা°। ২ বারেন্দ্র-শ্রেণী ব্রাহ্মণের বিভাগবিশেষ। "বারেন্দ্রের পটী, রাঢ়ীরা মেল কয় (সম্বন্ধনির্ণয়)। ৩ গোলপাতার ১৮ পণ।

পটী[১] ; **পটী**[২] দ্র পটি[১] ; পটি[২]।

পটীয়ান্ (-য়স্) বিণ [পটু+ঈয়স্ (ঈয়সুন্)-১ব , স্ত্রী -য়সী] পটুতর।

পটীর ক্লী [√পট্+ঈর (ঈরন্)] চন্দন। "পটীর তিলক (প.ক)। ব ২৯।

পটু[১] বিণ [√পাটি (পটি)+উ-ক, উ ১.১৮ : √পট্+উ-ক (অ.টী)] ১ দক্ষ, নিপুণ। "রঘু ৯.৪৬। ২ চতুর। ৩ তীক্ষ্ণ। "রবিরপটুকরাবভাসী।—বৃহৎসংহিতা ৩২.৯। ৪ তীব্র, উগ্র। ৫ মধুর। "কুম্ভপূরণভবঃ পটুঃ…নিনদঃ রঘু ৯.৭৩। ৬ গম্ভীরনাদী। "°পটহধ্বনি রঘু ৯.৭১। ৭ দৃঢ়, দুরপনেয়। "উ.চ ৪.৩। ৮ সমর্থ। "°করণ পু মে ৫। ঋতু ১.২২। মাঘ ১৫.৪৩। ৯ নিষ্ঠুর। ১০ নীরোগ। ১১ ধূর্ত্ত। ১২ স্ফুট। ১৩ উদ্যোগী।—টু পুং ১ পটোল। ২ কারবেল্ল, করেলা।—টু ক্লী ১ পটোলপত্র। ২ ছত্রা। ৩ লবণ ; পাংশুলবণ।

পটু[২] বি [হি পট্টু ; ঠ পট্টু ; তু 'পট্ট'] লোমজাত বস্ত্রবিশেষ। "ভ.গ্র ৩১৩। বি.সু ১৯। পটু। শীতনাশে পটু।—রঙ্গ ৯।

পটুকা বি [সং পট্টিকা ; হি, পট(টু)কা ; ঠ পটকা] কোমরবন্ধ। "পটুকা ঘোড়ার নাড়ী ক.চ ১৬৮। দু ১০। শ্রী.মা ১৪ ; ১৩৯। পটুকা কোমরে বান্ধে ব.প ৪৩১ ; ৬৯৫। শ্রী ১২৮। কোমরে…পটুকা করু বন্দ রা.শে ৯৭। কটি আঁটি পটুকায় ভা.চ ৪৬৭। বি.সু ১১৪। রঙ্গ ২২।

পটুয়া বি [সং পটকার ; প'টো (গ্রাম্য)] ১ চিত্রকর জাতিবিশেষ। "ভা.চূ ২৭৩। ২ চিত্রকর। "আমাদেরি কোন সুপটু পটুয়া লীলায়িত তুলিকায়, আমাদের পট অক্ষয় ক'রে রেখেছে অজন্তায়।—কু.কে ১৬০।

পটোল পুং [√পট্+ওল (ওলচ্) -ক, উ ১.৬৬ ; √পট্ (পাটি) +ওল (অ.টী) ; হি পরবল ; ঠ পডবল. ; ড় পটোল.] তিক্তলতা-বিশেষ, পলতাশাক। "পিত্তং যদি শর্করয়া শাম্যতি কোঽর্থঃ পটোলেন। —পঞ্চ ১.৪০৯। চৈ.ভা ৪৩৫।—টোল ক্লী ১ ফলশাকবিশেষ। "পটোলং কফপিত্তাসৃগ্জ্বরকুষ্ঠব্রণাপহম্। ২ বস্ত্রবিশেষ।—লী স্ত্রী ঝিঙ্গা। [পটোলচেরা চোখ—দ্র ; পটল[২]। "ব.প্র ৩১৮। পটোল তোলা—দ্র 'পটল[১]'। "কাজেতে চম্পট, তুলিতে পটোল সতত যতন।—অমৃতলাল বসু। সকল জোটা-জোট করে, এখন পটোল তোলেন !—ন.ত ৭১।]

পট্ট পুং, ক্লী [√পট্+ত (ক্ত) ; তু 'সং পত্র > লি, প্রা পত্ত > পট্ট (?); তা, তেলেগু—'পট্টু'—রেশম, রেশমের কাপড় ; তু 'পত্তরঙ্গ' (দ্র 'পট্টরঙ্গ'—শ.ক)] ১ 'পত্রবৎ বিস্তৃত সমতল দ্রব্য' ; ফলক, পাটা, তখ্তা, প্লেট্। "বিন্যস্তঃ শিলাপট্টঃ গো.রা ২.১০৫.৬। শিলাপট্টবদ্ধ-

পর্য্যন্তবেদিকা মহা ২.৩.৩২। শিলাপট্টবিশালবক্ষাঃ রঘু ১৮.১৭। ত্রপুতাম্রসীস° (সুশ্রুত)। রুক্মপট্টকবাট ভ ৮.১৫.১৫। চিত্রের পুত্তলী যেন পট্টেত লিপিল ব.প ৬৪৪। **২** পীঠ, পীঁড়ি। **৩** রাজাদির শাসন-পত্র; পাট্টা, হুকুমনামা। দ্র 'যাজ্ঞ ১.৩১৯.,-২০। **৪** ফলক, ঢাল। **৫** পেষণপাষাণ, শিল। **৬** ব্রণাদির বন্ধনবস্ত্র; পট্টী। **৭** কৌষেয়, রেশম, পাট। "°বাসস্। পট্টাম্বর (পাঠান্তর) রা ১.৭৪.৪। পট্টনেত-বালিস চৈ.ভা ২০০; বসন পট্টময় শ্রী.মা ১৪। **৮** উষ্ণীষ, লোহিত-কৌষেয়োষ্ণীষ। **৯** উত্তরীয়, একপাটা, ওড়না। "নির্ম্মোক° (পাঠান্তর) রঘু ১৬.১৭। **১০** কৌষেয় বস্ত্র; বস্ত্র। "স্তন-শুক্লচীনপট্ট ভট্টি ১০.৬১। শ্রী ১৭২। **১১** সিংহাসন, রাজতখ্ত। "°মহিষী। **১২** কাষ্ঠাসন, চেয়ার, টুল্। **১৩** পত্রাকার খণ্ড; পাত। "জাম্বুনদ° রঘু ১৮.৪৪। **১৪** ঘন। "পঙ্ক° মাঘ ২০.৫০। **১৫** চতুষ্পথ। —ট্ট ক্লী নগর, পাটন। —ট্টী² স্ত্রী **১** ললাটভূষা। **২** অশ্বের বক্ষঃস্থলের বন্ধনরজ্জু; তলসারক। [°জ (ক্লী) —পট্টজাতবস্ত্র, রেশমী কাপড়। "মহা ২.৫১.২৬; ম ৩৪১। °দেবী, °মহিষী (স্ত্রী)—কৃতাভিষেকা রাজপত্নী; পাটরাণী। °বস্ত্র (ক্লী)—কৌষেয় বস্ত্র। °মহাদেবী (বি)—প্রধানরাজমহিষী। "শশাঙ্ক ১১৭। °রঙ্গ, °রঞ্জক,-ঞ্জনক (ক্লী)—বস্ত্রের রঞ্জক দ্রব্যবিশেষ; বকম (Cæsalpina sappan)। °শাক (পুং)—পাটশাক, নালিতা। 'পট্টশাকস্তু নাড়ীকঃ (ভাবপ্রকাশ)।]

পট্টক পুং [পট্ট+ক (কন্) স্বার্থে] **১** ধাতুময় রাজশাসনপত্র। **২** সর্ব 'পট্টিকা (২)। —ট্টক পুং, ক্লী ভূস্বামিপ্রদত্ত ভূমির অধিকারপত্র; পাট্টা।

পট্টজাত, -দ বি [অপ্র] রেশমের পটা বা ফিতা। "পৃষ্ঠে দোলে পট্টজাত শ্রী°৫৫। (বেণীর) মূলেতে…পট্টজাদ ব.প ১২৯১।

পট্টডোরী বি [অপ্র] পট্টসূত্র, ঘুনশি। "কটিতটে বন্ধ…পট্টডোরী চৈ.চ ১৫১,-৭৩।

পট্টন ক্লী, **-নী** স্ত্রী [√পট্+তন (তনন্)-র্ম্ম, নিপাতিত; তু 'সং পত্তন >প্রা পট্টণ (প্রা প্র ৩.২৩)] প্রধাননগর, নগর।

পট্টনায়ক বি উপাধিভেদ। "'ক গোপীনাথ চৈ.চ ২৪; ১৩৪।

পট্টনী দ্র 'পট্টন'।

পট্টপাড়ি বিং পট্টের পাড়িযুক্ত; রেশমী-পাড়। "চৈ.চ ৫৩।

পট্টশাটী বি পাটশাড়ী, রেশমী শাড়ী। "নিজলজ্জা-শ্যামপট্টশাটী পরিধান চৈ.চ ১১৭।

পট্টার্হা স্ত্রী [ষ.ত] 'সিংহাসনযোগ্যা', পট্টদেবী, পাটরানী।

পট্টি বি [তু 'সং পত্তি (ত্তি >ট্টি); অপ্র] পদাতিক সৈন্য। "যুঝিবেক পট্টি পট্টি জন।—ম ৭৩৪।

পট্টিকা স্ত্রী [পট্টক+স্ত্রী আ (টাপ্)] **১** পট্ট, ফলক। "নৈ ১৯.৬১। **২** বস্ত্রখণ্ড, চীর, পটি। "বক্ষৈকদেশাম্ বিপাট্য পট্টিকাম্ (কাদম্বরী)। ভ ৯.১১.২৮। **৩** ব্রণাদিবন্ধনবস্ত্রখণ্ড, পটি (bandage)।

পট্টিশ, -স, -ট্টীশ পুং [পট্টি, -ট্টী+√শো, √সো+অ (ক) —(ত.বা); 'পট্টিশ' (দেশী)—প্রা.ম] **১** বক্ষঃস্থলসমান বা হস্ত-প্রমাণ দ্বিমুখ অস্ত্রবিশেষ (শু)। "পট্টিশ গো.রা ১.৫৫.২২। পট্টীশ শু ৪.৭.২১৩। পট্টিশ দু ৮০। °স চ.বি ১০০। **২** (বাঙ্লায়) বাদ্যবিশেষ। "ভেরী শঙ্খ বাহিল পট্টিশ অগণন।—ম ৭৮৩। পট্টিশ মৃদঙ্গ বাজে।—জ ৩৯।

পট্টী¹ বি [পট্টীশ > °ট্টী] পট্টিশ। "ম ৭৯৩।

পট্টী² দ্র 'পট্ট'।

পট্টু বি [দ্র 'পটু²', পট্ট] সর্ব 'পটু²'।

পঠ্ সক [ভ্বা, প—পঠতি; সেট্] **১** পাঠ, পড়া। **২** কথন। "ভার্য্যা হি পরমো হ্যর্থঃ পুরুষস্যেহ পঠ্যতে (মহা)। ভ ২.১.২৬।

পঠ সর্ম্ম [সং √পঠ্ >লি,প্রা √পঠ] পাঠ করা; পড়া। "পঠএ বেদমন্ত্র: পঠে…তন্ত্র অ.প ১৩৯। পঠন্তি মঙ্গল।—গ ৩৮। দিল শাস্ত্র পঠিবার: পঠিয়া পণ্ডিত হৈল বি.পা ৯৭। মন্ত্র পঠিয়া ম.ম ২৭। পঠিতেই পত্রী নেত্র ভাসে অশ্রুজলে ন.বি ৪৭। —ঠা সর্ম্ম [পট+আ⁶] **১** পাঠ করান; পড়ান। "পত্র সকল পঠাইল অ.প ১৩১। **২** শিক্ষা করান; শিখান। "দ্রোণ দ্বিজ ধনুর্ব্বেদ পঠাইল ম বি ১৩। (তারে) পঠাইলাম স্নেহ করি দুহিতা যে হএ ব.প ৬১৬। [পঠি চাহসিয়া —আসিয়া পড়িয়া দেখ। "পত্র তুহ্মি পঠি চাহসিয়া অ.প ১১৫।]

পঠদ্দশা বি [পঠৎ+দশা] পঠতের (যে বিদ্যাশিক্ষা করিতেছে, তাহার) দশা; ছাত্রাবস্থা। "তাঁহার পঠদ্দশাতেই কলত্র গতাসু হইয়াছিল পা.প্র ১৩১; পিতৃঠাকুর আমার পঠদ্দশায় সর্ব্বদা বলিতেন 'ছাত্রাণামধ্যয়নং তপঃ' ১৬৫।

পঠন ক্লী [√পঠ্+অন (ল্যুট্)-ভা] পাঠ, আবৃত্তি। "পুরাণ°, শাস্ত্র°। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পাঠ্য, বাচনীয়। —ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** কৃতপাঠ, অধীত। **২** [বাঙ্লায়; অপ্র] অভিমন্ত্রিত, পড়া। "পঠিত মাটি ন.ত ৭। —তব্য বিণ [+তব্য -র্ম্ম] অধ্যেতব্য, পাঠ্য।

পঠমঞ্জরী স্ত্রী সর্ব 'পটমঞ্জরী'।

পড় অর্ম্ম [সং √পত্ >প্রা √পড >বা °ড়; হি, মৈ √পড়; ঠ, গু √পড] **১** পতিত হওয়া; পড়া। "কালনেমী পড়ে মধ্যস্থলে।—কৃ ৩২২। **২** আছাড় খাওয়া। "যে মাটিতে পড়ে লোক, উঠে তাই ধ'রে ন.ত ৩৮। **৩** ঝরা। "পড় লোচনে লোর বি.প ১৫২; ২০১। মুখ ব'য়ে পড়ে মূত্র।—কৃ ২৭২। শঙ্কর ঝাড়িল ঝুলি, চাল পড়ে কতগুলি ক.চ ৩০। রাশি রাশি কুসুম পড়েছে মে ১১২। **৪** সংঘটিত হওয়া; ঘটা। "পড়িল…আথান্তর কৃ.উ ১৬৯; ১৯৯। বাধা বিস্তর পড়িল ব.প ৩৪; পড়ে আথান্তর ৮২২। পড়ল অকাজ।—গো ৯৫। পড়িল বিরোধ চৈ.চ ১৮। অহর্নিশ পড়ে মহামার শি ২০। **৫** প্রণত হওয়া। "গুরুর চরণে বুড়ি ময়না পড়িল ভজিয়া গো.চ ৬৫। **৬** আঘাত করা; টন্টন্ করা। "কপালে টনক পড়ে চ.বি ১৭৭। **৭** আরব্ধ হওয়া। "এক্ষণে কাল যেরূপ পড়িয়াছে, তাহাতে আরও একটী নিয়ম রক্ষা করিলে ভাল হয় পা.প্র ১৭০। **৮** আশ্রিত হওয়া। "(শারদশশী) পদনখে প'ড়ে তার আছে কতগুলা ভা.চ ২৯০। **৯** প্রাপ্ত হওয়া। "লাফ দিয়া ইন্দ্রজিৎ পড়ে ভূমিতলে।—কৃ ৩১০। **১০** উড়িয়া অবতরণ করা; উড়িয়া বসা। "যে গাছে উঠিয়া পড়ে গৃধিনী শঙ্খিনী গো.চ ৩২০। নিষ্কাম পাদপে নাহি পড়ে পক্ষিগণ শ্রী.ম ১৪২। মাজুষে পড়িল গিয়া শ্বেতকাক হইয়া ম.ম ২০২; কাক দক্ষিণভাগে পড়ে ২০৩। পড়িত কাক।—দা ২০৫১। **১১** নিক্ষিপ্ত হওয়া। "বাণ পড়ে ঝাঁকে ঝাঁকে ক.চ ৫২। **১২** মুগ্ধ হওয়া। "দশরথ পড়িলেন কৈকেয়ী-মায়ায়।—কৃ ৯৫। **১৩** অভ্যন্তরগত হওয়া। "(লৌহভাঁটা) কূপমধ্যে পড়িল তাড়নে।—ম ১২৯। **১৪** বৃষ্ট হওয়া। "শিলা পড়ে তড়তড় ভা.চ ৪৫৪। **১৫** শয়িত হওয়া। "উত্তর শিয়রে ঢলে পড়েন দুই বীর।—কৃ ২৫৯। মুরুছি পড়ল ক্ষিতি ব.প ৩৯৯। **১৬** উদিত হওয়া; উঠা। "চিত্তে না পড়এ আন শ্রী.কী ৩২২। সদা মনে পড়ে সে সীতার গুণগ্রাম।—কৃ ১৪৬। বটপত্রে ভাসে হরি তাহে পড়ে মনে চ.বি ২৮। **১৭** মরা। "মেঘনাদ পড়ে রণে।—কৃ ৩১৩। সেনা লক্ষ লক্ষ পড়ে চ.বি ৪৬। **১৮** অবস্থিত হওয়া। "কাঙ্গে উপরে শোভে সুন্দরী গোয়ালী। নীল মেঘে যেহ্ন পড়এ বিজুলী।—শ্রী.কী ২৯২। **১৯** দণ্ডাদির আঘাত হওয়া। "চারিদিকে পড়ে ছাট।—কৃ ৩৬৬। চৌদিকে পড়ে ছাট।—ম ৩১৮। **২০** আঘাতপ্রাপ্ত হওয়া। "পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার ভা.চ ৩২২। **২১** অবতরণ করা। "(গঙ্গা) কৈলাস হইতে পড়ে পৃথিবী উপরে।—কৃ ১৯; ২০। **২২** স্বপদচ্যুত হওয়া। "ইন্দ্র পড়ে বৈষ্ণব না পড়ে কদাচনে।—জ ২৩। **২৩** স্খলিত হওয়া। "তাঁর পড়িলেক বীজ।

—কৃ ৬। ২৪ সঙ্গত উত্তর দিতে না পারা; ঠেকা। "যদ্যপি তাহারা তালিমী সাক্ষী হইত, তবে সেই সোয়ালেই পড়িত।—নী ৫৭। ২৫ সঙ্গত হওয়া। "সব নদী সাগরে পড়ে। ২৬ উৎপন্ন হওয়া। "ছাতা, পোকা, মরচা পড়া। ২৭ উপস্থিত হওয়া। "কাজ, পালা পড়া। ২৮ তদবস্থান্তর হওয়া। "ঠাণ্ডা, ঢিলা, নরম পড়া। ২৯ তৎপ্রসঙ্গ হওয়া। "পড়লো কথা সভার মাঝে। যার কথা, তার বুকে বাজে॥ ৩০ প্রযুক্ত হওয়া। "তার দৃষ্টি তারে গিয়া পড়ে।—কৃ ৪২। ৩১ হিসাবে প্রাপ্য হওয়া। দ্র 'পড়তা (১)। "মাস মাহিনা যার যত। দিন তার পড়ে কত॥—শুভঙ্কর। ৩২ অসমাপিকা ক্রিয়ার পরে ক্রিয়াসমাপ্তিসূচক। "বসিয়া, শুইয়া, হইয়া পড়া। [উড় পড়া—দ্র 'উড়্‌পড়া'। গাঁঠ পড়া—গ্রন্থিযুক্ত হওয়া। চর পড়া—পলিমাটি জমায় চড়া উঠা। "অতি বড় গাঙ্গ হইলে ঝাটে পড়ে চর ম.ম ১৯। চা'ল পড়া—ঢেকির আঘাতে চাউল ভাঙ্গিয়া যাওয়া। চোখ, নজর, পড়া—দৃষ্টি আকৃষ্ট হওয়া। জ্বরে পড়া—জ্বরাক্রান্ত হওয়া। ঝাঁট পড়া—ঝাঁটা পড়া বা দেওয়া। টাক পড়া—কেশহীনতা হওয়া। টাক-পড়া—দ্র 'টাক[১]'। টাকা জলে পড়া—টাকা বৃথা ব্যয়িত হওয়া। টাকা পড়া—ব্যবসায়ে টাকা আদায় না হওয়া। টান পড়া—দ্র 'টান[১]'। ডাক পড়া—১ শব্দ উঠা। "মার মার পড়ে ডাক ক.চ ৫২। ২ আহ্বান আসা। ডাকাত পড়া—ডাকাতে আক্রমণ করা। তাঁবু পড়া—তাঁবু সজ্জিত হওয়া। দাঁত পড়া—দন্ত স্খলিত হওয়া। দান পড়া—খেলায় ভাল দান আসা। দ্র 'দান[১] (১৪)। দায়ে পড়া—বিপন্ন হওয়া। ধরা পড়া—ধৃত হওয়া। ধরিয়া পড়া—সনির্ব্বন্ধভাবে আশ্রয় করা। ধার পড়া—ধাররূপে প্রাপ্য হওয়া। পাছে পড়া—পিছনে থাকা। পূজা পড়া—পূজা বন্ধ হওয়া। বাঁধা পড়া—বদ্ধ হওয়া। বাকী পড়া—বাকী থাকা। বাছুর পড়া—বাছুর গর্ভ-চ্যুত হওয়া। বাড়ি পড়া—যষ্টির বা কাঠির আঘাত হওয়া। "ঢাকে যেন পড়ে বাড়ি ক.চ ৫২। বাড়ি প'ড়ে থাকা—বাড়ি অব্যবহৃত থাকা। বাধা পড়া—বিঘ্ন ঘটা। "হাঁচি জেঠী না পড়িল বাধা।—ক.চ ১১৩। বেলা পড়া—বেলা কমিয়া আসা। ভ্রমে পড়া—ভ্রান্ত হওয়া; ভোলা। মূলে বাজ পড়া—মূলধন নষ্ট হওয়া। "আছুক লাভের কাজ, মূলে পড়িল বাজ শ্রী.ম ৬৪। রোদ পড়া—রৌদ্রের তেজ কমা। লোমাঞ্চপড়া—রোমোদ্গম হওয়া। "গায়ে মাংস উপজিল পড়িল লোমাঞ্চ ক.চ ১৮। সতীনে পড়া—সতীনের সঙ্গে বাস করা। "যে বিটী সতীনে পড়ে। ভিন্ন বিধি তারে গড়ে॥—প্রবচন। সাড়া পড়া—কোলাহল উত্থিত হওয়া।"বরযাত্রীর পড়ে সাড়া ক চ ৪৮। সুপাত্রে পড়া—(কন্যা) যোগ্য বরে সমর্পিত হওয়া। হাঁচি পড়া—হাঁচিরূপ বিঘ্ন ঘটা। হাতে পড়া—বশে আসা; আয়ত্ত হওয়া। "পড়িলি আমার হাতে যাবে যমদ্বার।—কৃ ২৫৩; ৩২২। হুলুই পড়া—হুলুধ্বনি হওয়া। "শূ ২২; ৭৮। পড়িআঁ, -ড়িলাহোঁ, -লোঁ (পড়িলাম), পড়িবি, -লী (পড়িল)।—শ্রী.কী। পড়িম (পড়িব)।—গো.চ। পৈল—পড়িল, মরিল। "চ.বি ১৬৪; ২৯৬।]

পড়[২], -ঢ় সর্ম্ম [সং √পঠ্ > প্রা √পট > বা °ঢ়, -ড়; হি, মৈ √পঢ়; ঠ, গু √পঢ; অস √পঢ্] ১ পাঠ করা; পড়া। "(শ্লোক) পঢ়েন নারদ।—ম ২। পড়ে সপ্তশতী ক.চ ৩৫; ২১৫। পড়ে ভক্তি-শ্লোক চৈ.ভা ১৫২। নানা মন্ত্র পঢ়েন চৈ.চ ৪৭। পত্র পড়ি বুঝিলা বিশেষ শ্রী ১৩১। ২ উচ্চারণ করা। "কেহ পঢ়ে স্বস্তিবাণী চৈ.ভা ৩০। ৩ অভ্যাস করা। "পড়িলেন রাম চতুঃশ্রুতি।—কৃ ৫৬। পড়ে মেঘদূত ক.চ ২১৫। পাণিনি পড়ে রায় শ্রী ৫১। ৪ অভিমন্ত্রিত করা, মন্ত্র-পাঠে শক্তিসম্পন্ন করা। "পড়িছে ইন্দুরমাটী: মন্ত্রে পড়ে মাটী শ্রী ২১৭। —ড়, -ঢ় অর্ম্ম বিদ্যাশিক্ষা করা। "পড়িতে পাঠান।—কৃ ৫৬। পড়ে সাধু সাবধানে ক চ ২১৫। সবে যে উদ্দেশ্যে পটি চৈ.ভা ১৫৩। —ড়া,[৪] -ঢ়া[১] সর্ম্ম [পড়, -ঢ়+আ[৮]; হি, অস √পঢ়া] ১ পাঠ করান; পড়ান। "মনমথ মন্ত্র, পঢ়াওল দুহুঁ জনে বি.প ১৪৩। পঢ়াইতে বৈসে চৈ.ভা ১৪৯; কৃষ্ণ যারে পঢ়ায়েন ১৫৩। ২ বিদ্যাশিক্ষা করান। "নিযুক্ত করিল গুরু পঢ়াবার তরে।—ম ৫৩৯। চৈ.ম ১৯৯। পুত্রে পড়ান যতনে শ্রী ৫০। ৩ অভ্যাস করান; শিখান। "অবহি মদন পঢ়ায়ব পাঠ বি.প ৮০। ৪ উপদেশ করা। "যে…পড়ায় মায়াবাদ চৈ.চ ১০৭। ৫ সংখ্যার অঙ্ক পড়া; গণনা করা। "কাণা কড়ি পড়িল পণ সাত ক.চ ১৫৭। [পড়ই, -ঢ়াই, -ঢ়াওল, -ঢ়ায়ত (পঙ্ক)। পড়া(ঢ়া)ন—সর্থ 'পড়া'। "নানা কাব্যরহস্য পঢ়ানে ভ.গ্র ১৫০। পড়ান শুনান—বিদ্যা-ভ্যাস করান ও গুরূপদেশ শুনান। "পড়ালে শুনালে শ্রী ৬৪।]

পড়তা বি [হি পড়ত, -তা] ১ মালের প্রত্যেকের হিসাবে তৈয়ার করা খরিদ করা, আনা ইত্যাদির খরচ; সর্ব্বসুদ্ধ মালের প্রত্যেকের দাম। "কড়া এক পড়তা পসারে নাহি পড়ে।—শ্রী.গ্র ৬৪। ২ মাথা পিছু প্রত্যেকের অংশ। ৩ সৌভাগ্যোদয়, সুসময়। "জয়কেতুরা ক্রমে পদ্ম-লোচনকে ফাঁপিয়ে তুল্লেন, পড়তাও ভাল চল্লো।—হু ১৪৩। ৪ খেলায় অভিমত দান পড়া। ৫ কোন বিষয়ের অনুকূল সময়। "সহরে যখন যে পড়তা পড়ে, শীগ্‌গির তার শেষ হয় না।—হু ৮৮।

পড়তি বি [হি °তী—পতিত জমি] ১ মালের যে অংশ নাড়া-চাড়ায় পড়ে। "ঝরতি°। ২ অবনতি। বিপ 'উঠতি'। [°বয়স—বার্দ্ধক্যাভি-মুখ বয়স। °বেলা—দিনের অবসানোন্মুখ সময়।]

পড়ন বি সর্থ 'পড়তা (১; ২)।

পড়ন্ত বিং [পড়[১] + অন্ত[৩]] যাহা পড়িতেছে; যাহার তেজ কমিতেছে। দ্র 'অন্ত[৩]'।

পড়পড়[১] '-ড়্‌-ড়্' বি [ধ্বন্যাত্মক; হি °ড়] বেগে নিক্ষিপ্ত দ্রুতগতি অস্ত্রের শব্দ। "পড়পড় করি দুর্গা শূল ছাড়ি দিল চ.বি ৯৩; গদা বোলে পড়পড় ৯৫; মহাগদা…বোলে পড়পড় ১৬৬; ২৩২; শেল বোলে পড়পড় ৩২৫।

পড়পড়[২] '-ড়ো-ড়ো' বিং [পড়[১] > °ড়] পড়ার মত; পতনোন্মুখ (গাছ, ঘর, বাড়ি)। "মাথার উপরে বাড়ি পড়-পড়।—রবীন্দ্র।

পড়শী দ্র 'পড়স'।

পড়স বি [সং প্রতিবেশ; হি পড়োস; ঠ পডোসা; গু পড়োশ, -স] নিকট, নিকটস্থ পড়শীর ঘর। "°নিবাসী ব্র.প ১৩৬। —ড়শী, -সি, -সী বি [সং প্রতিবেশী > প্রা *পডিএসী > বা (পড়েশী) °শী, -সী, -সি; হি পড়োসী; ঠ, গু পড়োশী, -সী; মৈ পরোসিআ] প্রতিবেশী। "পড়সী জীয়ল মাছে চ.দা ৫৪। °সী।—ম ৪০৪। °সি শ্রী.ম ৬৩। °সী শ্রী ১৫। °শী ভা.চ ২৭৯।

পড়সি, পড়সী দ্র 'পড়স'।

পড়া[১] বিং [পড়[১] + আ[১২]] ১ পতিত। "ঝড়ে পড়া আম। ২ স্থিত। "মাগে হুর তৃপান্তর চক পাশে পড়া শি ৭১। —ড়া বি [+আ[৬]] পতন। দ্র 'পড়[১]'। [পায়-পড়া—পদানত। "পায়পড়াকে পারা কঠিন। প'ড়ো বাড়ি, ভিটা—লোকের বাসহীন বাড়ি বা বাস্তু। প'ড়ো জমি—পতিত জমি।]

পড়া[২], -ঢ়া[২] বিং [পড়[২] + আ[১২]] ১ পঠিত, অধীত (বই)। ২ অভ্যস্ত, শিক্ষিত (বিষয়)। ৩ অভিমন্ত্রিত, মন্ত্রশক্তিযুক্ত। "পড়া মাটী শ্রী ৪৬; তৈল পড়া ৯৩। পড়া তৈল: পড়া ফুল: পড়া গন্ধ চুয়া: পড়া পাণ গুয়া ভা.চ ৫২৭। ৪ মানুষের কথার মত স্পষ্টবুলি বলে এমন (পাখী)। "পঢ়া শুয়া ভ.গ্র ৩৫২। —ড়া, -ঢ়া বি [°ড়, -ঢ়+আ[৬]] ১ পাঠ, আবৃত্তি। "করব শুধু পড়া-পড়া খেলা—শিশু ২৫। ২ অভিমন্ত্রণ। "চা'ল°, জল°। ৩ পাঠ্য বিষয়। "সেই পঢ়া চিন্তায়েন সভারে চৈ.ভা ১১০। ওরা পড়া করে।—শিশু ৬২। ৪ শিক্ষণীয় বিষয়মাত্র। "ভাল পড়া পেয়েছিল, ভাল পড়া পড়াইল ভা.চ ৩৪৩। [পড়া করা—পাঠ্য অভ্যাস করা। পড়া দেওয়া—পাঠ্যবিষয়ে শিক্ষার

পরীক্ষা দেওয়া। পড়া হওয়া—পাঠ অভ্যস্ত হওয়া। পড়া শুনা, —অধ্যয়ন ও গুরূপদেশশ্রবণ। (সমাসযুক্ত)' পড়া'—"জল-পড়া (পড়া জল) বা.ম ১০৬। চালপড়া : জলপড়া : মাচপড়া।—য ২৩।]

পড়া³, -ঢ়া³ বি [সং পটহ >প্রা পডহ >বা (পড়হ) পড়াহ, পঢ়া, -ড়া] ঢাক। "পড়া।—কৃ ২৫৬ ; ম ৭৯৩ ; শ্রী.ম ১৬৩ ; শ্রী.মা ১৩০ ; চৈ.ভা ১১৬। পঢ়া ক.চ ৩৯ ; ৪৮ ; ১২৪।

পড়া⁴ দ্র 'পড়²'।

পড়াপড় বি [ধ্বন্যাত্মক] বাঁশ ফাড়ার শব্দ। "আ.দ্রু ৭৭।

পড়াহ বি সর্থ 'পড়া³'। "ম ৭৩৫। চ.বি ৪১ ; ২৬৫। চৈ.ম ৫৪।

পড়িনাতি বি [প্র.নাতি >°তি ; অপ্র] নাতির পুত্র ; প্রপৌত্র। "রাক্ষসের ঈশ্বর ব্রহ্মার পড়িনাতি ব.প ৬৮২। ধ্রুব তুমি ব্রহ্মার পড়িনাতি (চৈ.ম)।

পড়িছা বি [সং প্রতীচ্ছক >প্রা *পডিচ্ছঅ (তু 'সং প্রতি+ √ইষ্ —প্রা পডিচ্ছ) >বা °ছা] তীর্থযাত্রীদিগের স্বচ্ছন্দ বাসা, স্বচ্ছন্দ প্রসাদ, স্বচ্ছন্দ বিগ্রহদর্শন করান ইত্যাদি বিষয়ের তত্ত্বাবধায়ক (দ্র চৈ.চ ১৪০,-৪১)। "চৈ.ম ১৯২। [°পাত্র—রাজকর্ম্মচারী পড়িছা। "চৈ.চ ১৪১,-৬।]

পড়িয়ান, প'ড়েন বি [প্রতিতান,প্রতিবাণি >পড়িয়ান, (পড়্যান) প'ড়েন ; হি বানা ; ঠ রাণা ; ড় পড়িআন] তানার সহিত তির্য্যগ্-ভাবে বোনা সুতা (woof)। "প'ড়েন দা ৫১১।

পড়িহারী বি [তু 'সং প্রতিহারী (স্ত্রী) >প্রা পডিহারী] দ্বারবান্। "চৈ.ভা ৩৭৯ ; ৪০৮।

পড়ু(ঢ়ু)য়া, প'ড়ো বি [হি পঢ়ৈয়া, -ঢ়েয়া] ছাত্র। "পড়ুয়া ক.চ ৮৭। পঢ়ুয়া চৈ.ভা ১৪৪,-৬ ; চৈ.চ ৩২,-৩ ; ৪২ ; ন.প ৩৬১। পড়ুয়া ভা.চ ২৬৭ ; প'ড়ো ২৮০ ; ৩৮৭ ; ৪১৩।

পড়োশিনী বি [পড়শী >ইনী ; হি পড়োসিন] প্রতিবেশিনী। "অনেক কালের পড়োশিনী প.কা ৬৫।

পড্যান বি [সং প্রতিমান >প্রা পডিমাণ >বা (পড়িআন) °ন] ওজন করার ভার—ভরি রতি ইত্যাদি ; বাটখারা। "বীর দিল অঙ্গুরী, …জোখে বেণে চড়্যায়া পড়্যান ক.চ ৭৪ ; ব.প ৩৪৯।

পঢ়, পঢ়া¹, ; পঢ়া² ; পঢ়া³ ; পঢ়ুয়া দ্র 'পড়², ; পড়া², পড়া³, পড়ুয়া।

পণ্ সক [ভ্বা, আ—পণতে, পণায়তি, -তে (পা ২.৩.৫৭, কাশিকা) ; সেট্] ১ ব্যবহার, ক্রয়বিক্রয়াদি। ২ স্তুতি। —ণ্ অক দ্যূত।

পণ¹ পুং [√পণ্+অ (অপ্)-ভা] ১ ব্যবহার, ক্রয়বিক্রয়াদি। "মহা ৩.৭.৯। সপণশ্চেদ্ বিবাদঃস্যাৎ যাজ্ঞ ১.১৮। ২ [+অ.-র্ম্ম] বিক্রয়ার্থ মূলকাদির পরিমিত বদ্ধ মুষ্টি বা আটি। "মূলক°, শাক°, (সি)। ৩ ক্রয়-বিক্রয়দ্রব্য। ৪ দ্যূতে পণনীয় দ্রব্য ; গ্লহ, বাজি। "দময়ন্ত্যাঃ পণঃ মহা ৩.৬১.৩। ম ৩৪৬। ৫ [+অ-ণ] কর্ষপরিমিত তাম্র। "মনু ৮.১৩৬। যাজ্ঞ ১.৩৬৫। ৬ সময় (agreement)। "সন্ধিং করোতু ভবতাং নৃপতিঃ পণেন।—বে ১.১৫। পণে জাতি কেবা চায় ভা.চ ৪১৮। ৭ অশীতি বরাটক ; কুড়ি গণ্ডা কড়ি ; তন্মূল্য, পণ, এক আনা। 'অশীতিভির্বরাটকৈঃ পণঃ। ৮ কার্ষাপণ। ৯ মূল্য। "ফেলে দিব পঞ্চ পরামর্শে পণ যত শি ১০২। ১০ ভৃতি, বেতন। ১১ ধন। ১২ [+অ-ধি] ক্রয্যশালা, বিপণি, দোকান। ১৩ গৃহ। ১৪ [+অ (অচ্)-ক] বিক্রেতা। ১৫ শৌণ্ডিক। ১৬ 'স্তবনীয়', বিষ্ণু (মহা)। ১৭ [পণ+অ (অচ্)] 'পণযুক্ত', দ্যূত, অক্ষক্রীড়া। ১৮ (বাঙলায়) বিবাহে কন্যাকে বা বরকে দেয় অর্থাদি। "আহরিয়া বর আনি, কহিয়া মধুর বাণী, পণ বিনা করে সমর্পণ ক.চ ১১৭। পণ গণ দান আদি নিলয় হইল ব.প ৯৩৯। পা.প্র ৯১। ১৯ কুড়ি গণ্ডা দ্রব্যমাত্র। "গণ্যে পণমূলে পাণ কিনে ক.চ ১৫৬। —ণন ক্লী [+অন(ল্যুট্)-ভা] সর্থ 'পণ (১)। [পণমূলে—পণ-দরে, পণ-হিসাবে। ধনুকভাঙ্গা পণ—দ্র 'ধনুক'।]

পণ² প্র [ছান্দস—'ত্বন', সং ত্ব >লি ত্তন, প্রা প্পণ (হে ৪.৪৩৭) >বা পণ, -ন, -ণা, -না ; হি পন, -না ; ঠ পণ, -ণা ; গু পণ ; প পুণ ; সি পণু,-ণো ; মৈ পন ; আ পন্—অহ্‌মক্‌পন্] তদ্ধর্ম্ম, তদ্ভাব। "প্রভু° অকিঞ্চন° শি ৬৮।

পণকীয়া, -নিকা বি [পণক+ঈয়া] (শুভঙ্করী) পণের নামতাবিশেষ। "মতিলাল…পণিকার শেষ অক্ষর বলিয়া ফাঁকি সিদ্ধান্ত করিত আ.দ্রু ৩।

পণব পুং [√পণ্+অ (ঘঞর্থে-ক)-ণ, 'ব' আগম (অ.টী) ; তু 'পণব'—পাঠান্তর ; 'প্রণব' (অ.কো, কোলব্রুক্-সম্পাদিত)] বাদ্য-বিশেষ, পাখোয়াজ (অ.টী) ; পটহ (ত.বা)। "রা ২.৩৯.৪১। "গী ১.১৩। শ্রী.ম ৭.১৩। চৈ ২৩২।

পণবন্ধ পুং [ষ.ত] ১ 'যদি তুমি ইহা কর, তবে তোমাকে ইহা দিব' —এইরূপ সময়করণ। ২ সন্ধি। "°মুখ রঘু ৮.২১। ৩ ফলসিদ্ধি। "রঘু ১০.৮৬।

পণা প্র সর্থ 'পণ²'। "বাগানি, বীরপণা তোর আমি মে ২৫১।

পণাঙ্গনা স্ত্রী [উ.লো] পণলভ্যা স্ত্রী : পণ্যস্ত্রী, বেশ্যা।

পণাপণ বি সর্থ 'পণ¹ (১৮)। "পণাপণ নাহি লয়, দানে কন্যা দিতে চায়।—ম.ভা ২৪। তার বিবাহের পণাপণ বা কি খরচ-পত্র বা কি করিয়াছে ব.প ১৬৮১ ; ১৮১৮।

পণিত বিণ [√পণ্+ত (ক্ত)-ক] কৃতপণ। "সপত্ন্যৌ পণিতে তদা মহা ১.২২.৩।—ণিত ক্লী [ত-ভা] পণ। "তে পণিতং কৃত্বা (জগ্মতুঃ) মহা ১.২২.৪। —ণিতা (-তৃ) পুং বিক্রেতা। "পণিতা ন জনারবৈরবৈং …অলিম্। নৈ ২.৯২।

পণিতা দ্র 'পণিত'।

পণী বি [সং পবন ; পন (কথা)] সর্থ 'পবন (পুং, ক্লী)। "কুম্ভকারের পণী শ্রী.কী ২৪৯।

পণ্ড বিণ [পণ্ড্ গতি+অ (অচ্)-ক ; উ ১.১১১] 'বিফলতাগচ্ছ', বিফল, ব্যর্থ। "পাণ্ডিত্যের পণ্ডতর্ক স.স্ব ৬৮। পণ্ড পূজা কু.কে ১১৮ ; পণ্ড শত পুর্ব্ব প্রতিজ্ঞা সে ১৯১। —ণ্ড পুং ক্লীব, নপুংসক। —ণ্ডা স্ত্রী তর্কসাহিত্যসিদ্ধান্তবেদান্তগামিনী বুদ্ধি (দ্র 'পণ্ডিত'—অ.টী) ; বুদ্ধি (মেদিনী), তত্ত্বানুগাবুদ্ধি (অ.চি)। "শু ৩.১৩৭।

পণ্ডা দ্র 'পণ্ড'।

পণ্ডিত বিণ [পণ্ডা+ইত (ইতচ্)] ১ সঞ্জাতপণ্ড, বুদ্ধিমান্। "অপণ্ডিতা গো.রা ২.৭.২। ২ কুশল, নিপুণ। "রতি° কু.স ৪.১৮। সংগ্রাম° ম ৯০২। তাণ্ডব° চৈ.ভা ৪১০। রমণ° শি ১০৯। পিনাক° ভা.চ ১৫৮। ৩ প্রগলভ। "মধুরালাপবিসর্পপণ্ডিতাম্ (কোকিলাম্) কু.স ৪.১৬। ৪ চতুর, বিদগ্ধ। —ণ্ডিত পুং ১ বিদ্বান্, বুধ। "পণ্ডিতোঽপি বরং শত্রুর্ন মূর্খো হিতকারকঃ।—পঞ্চ ১.৪৫০। ২ জ্ঞানী। "শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ গী ৫.১৮। ৩ শিব। ৪ সিহ্লক। ৫ (বাঙলায়) ব্রাহ্মণের উপাধি। "কৃত্তিবাস°। শ্রীবাস° ভ.গ্র ৩৭। ৬ ধর্ম্মের পুরোহিত। "শ্রী ৩৮ ; ২০৩। [পণ্ডিতবুদ্ধি (বিণ) —পণ্ডিতবুদ্ধিতুল্য যাহার বুদ্ধি ; বুদ্ধিমান্। "হি ১.১৭৯। °মণ্ডল (ক্লী), °সভা (স্ত্রী)—পণ্ডিতসমবায়। "°সভা।—হি ৪.৮৬ (কথারম্ভ)। °মানী (-নিন্), °ম্মন্য (বিণ)—১ যে আপনাকে পণ্ডিত মনে করে ; পাণ্ডিত্যাভিমানী। "°মানিনী গো.রা ৩.৫৫.২০। ভ ১০.২৫.৫। ২ ব্রহ্মবিদ্‌গণের বহুমাননীয় (শ্রীধর)। "ভ ১০.২৫.৫। পণ্ডিতের মান্য পাত্র, হয় পণ্ডিতমানী চৈ.চ ২৮৮। °বাদী (-দিন্) বিণ—যে পণ্ডিতের মত কথা বলে। "°বাদিনী।—পঞ্চ ১.৪২৩।

পণ্ডিতরত্নী দ্র 'উধো'।

পণ্ডিতানি বি [হি °নী ; অপ্র] পণ্ডিতের স্ত্রী। "গো.চ ১৩৪,-৬।

পণ্ডিতী বি [°ত+ঈ ; হি °তাঈ] পণ্ডিতের কর্ম্ম ; পাণ্ডিত্য। "বল দেখি রাজা, জানি তাহার পণ্ডিতী ব.প ৭৫২। [পণ্ডিতী ভাষা —পণ্ডিতের ভাষার মত সংস্কৃতবহুল বাংলাভাষা।]

পণ্য বিণ [√পণ্+য (যৎ)-র্ম্ম, পা ৩.১.১০১ ; স্ত্রী -ণ্যা] ব্যবহর্ত্তব্য, বিক্রেতব্য। "পণ্যা গৌঃ (সি) : °ভ্রাতৃবধঃ কপিঃ ভট্টি ৬.৫০। —ণ্য ক্লী ১ ক্রয়বিক্রয়ার্হ বস্তু; বিক্রেতব্য বস্তু; পণিতব্য। "রা ৭.১.১০০। মনু ১১.৬৩। সর্ব্বপণ্যবিচক্ষণাঃ মনু ৮.৩৯৮ ; ৪০১। বিপণিস্থপণ্যা (পুঃ) রঘু ১৬.৪১। তং জ্ঞানপণ্যং বণিজঃ বদন্তি মা.মি ১.১৭। °পরিপূর্ণ আপণশ্রেণী।—চারুপাঠ, ২য় ভাগ। ২ [+য-ধি] পণ্যবীথিকা, বিপণি, দোকান, হাট, বাজার। "(শুল্কঃ কারুহস্তঃ) পণ্যে যচ্চ প্রসারিতম্ মনু ৫.১২৯। ৩ [+য-ণ] মূল্য। "মহতা পুণ্যপণ্যেন ক্রীতেয়ং কায়নৌস্ত্বয়া। —ভর্তৃহরি। [°পতি (পুং)—বণিক্। °বীথিকা,-থী (স্ত্রী)—পণ্য-বিক্রয়স্থান, বিপণি, দোকান, হাট, বাজার, হাটখোলা। "মনু ৫.১২৯, কুল্লুক। °বীথিকার দীপমালা ব.প্র ৬১২,-৩। °শালা (স্ত্রী)—বিপণি। "প.তৃ ১৫। °যোষিৎ, °স্ত্রী, °ণ্যাঙ্গনা (স্ত্রী)—বেশ্যা। "°স্ত্রী পু.মে ২৫।]

পণ্যাজীব পুং [বহুব্রী] 'পণ্যবিক্রয়বৃত্তি', বণিক্, সওদাগর।

পত্ সক [ভ্বা, প—পততি; সেট্] ১ গতি। ২ (অক) পতন, ভ্রংশ। ৩ ঐশ্বর্য্য। —ত অক [অদন্ত চু, প—পতয়তি ; সেট্] ১ পতন। ২ ঐশ্বর্য্য। ৩ [দি, আ—পত্যতে ; সেট্] ঐশ্বর্য্য, ঈশ্বরীভাব (ক.ক)। [অনু—অনুপাত, অনুসরণ। "শ ১.৭। অব—অবপাত, অবতরণ। "কপোতাবপাত—হি ১৩/৪২/০। অভি—অভিমুখপতন। আ—আগমন, উপস্থিতি, ঘটন। "আপদামাপতন্তীনাম্।—হি ১.৩০। উদ্—উৎপতন, উড্ডয়ন ; উৎপাত। নি—১ নিপাত, অধঃপতন। ২ ঘটন। "হি ১.৩। প্র—প্রপাত, পতন। প্র-নি—প্রণিপাত। সম্-নি—সন্নিপাত, মেলন। সম্—মেলন।]

পতগ পুং [পত+ √গম্+অ (ড)-ক ; উ.ত] যে উড্ডীয়মান হইয়া যায় (অ.টী) ; পক্ষী। "মনু ৭.২৩। গৃধ্র°।—ম ১০৯৬। [°রাজ (পুং)—পক্ষি-রাজ, গরুড়। "ভ ২.৭.১৬। পতগেন্দ্র (পুং)—জটায়ু। "রা ৩.৫১.১।]

পতঙ্গ পুং [পত+ √গম্+অ (খচ্)-ক, বিকল্পে 'ডিৎ', পক্ষে 'পতঙ্গম', উ ১.১১৮ ; 'পতংগ'—পতনসমর্থ (ঋগ্বেদ ১.১১৮.৪)] ১ সর্থ 'পতগ'। "রা ২.২৮.২১। নৈ ১.১২৪। শ্রী ১৭৪। ২ সূর্য্য। "প্রভা পতঙ্গস্য রঘু ২.১৫। পতঙ্গস্যোদয়ে উ.চ ৬.১২। পতৎ° প্রতিমঃ মাঘ ১.১২। (বিষ্ণোঃ) চক্ষুরভূৎ পতঙ্গঃ ভ ২.১.৩০। শ্রী.মা ১৬৪। শ্রী ৪৮ ; ১৯১। ৩ শলভ, পঙ্গপাল, ফড়িঙ। "মনু ১.৪০। পতঙ্গবদ্ বহ্নিমুখং বিবিক্ষুঃ কু.স ৩.৬৪। ৪ অগ্নি ; মার্জ্জার ; শর (বৈজয়ন্তী)। ৫ শালিধান্যভেদ। —ঙ্গ ক্লী ১ পারদ। ২ চন্দনবিশেষ। ৩ [বাঙলায়; অপ্র] বাদুড়। "গো.বি ১৯৬। —ঙ্গম পুং [দ্র 'পতঙ্গ'] সর্থ 'পতঙ্গ' (১-৩)। —ঙ্গিনী বি [সং °ঙ্গী ; পদ্যে] শলভী। "যেই অগ্নি পতিতপাবন,...পতিতা এ পতঙ্গিনী তরে, সে কি হায়! কেবল দাহন? —ন ১১৩৬। [°কান্ত (পুং)—সূর্য্যকান্তমণি। "মাঘ ৪.১৬। °পাল (বি)—পঙ্গপাল। "হেম ২৯২। °ঙ্গান্বয় (পুং)—সূর্য্যবংশ। °ঙ্গান্বয়ভূষণ রঘু ১৮.২৭।]

পতঙ্গম দ্র 'পতঙ্গ'।

পতঙ্গিকা স্ত্রী [°ঙ্গ+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্রমক্ষিকা।

পতঞ্জলি পুং [পতন্ অঞ্জলি যাহাতে, বহুব্রী, শকন্ধ্বাদি ; মতান্তরে, গোনর্দ্দদেশে কোন ঋষির সন্ধ্যোপাসনসময়ে অঞ্জলি হইতে নির্গত, এই কিংবদন্তী হেতু 'অঞ্জলেঃ পতন্' > °লি (বালমনোরমা)।] ঋষিবিশেষ। [ইনি যোগদর্শনকারক ও পাণিনিসূত্রের ভাষ্যকার। ইনি অনন্তদেবের অবতার ; এই হেতু ভাষ্যগ্রন্থ 'মহাভাষ্যে'র অপর নাম 'ফণিভাষ্য'।]

পতত্র, -ত্র ক্লী [পতৎ+ √ত্রৈ+অ (ক)-ক, উ.ত ; √পত্ +অত্র (অত্রন্)-ণ (উ ১.১০৫) ; 'পতত্র'—গমনশীল (ঋগ্বেদ ১০.৮১.৩)] 'গমনসাধন, পক্ষিত্রাতা', পক্ষ, পত্র, পাখা। "°ত্র ভ ৮.১১.৩৪। বিচিত্রপতত্রধর (পদ্যপাঠ, ২য় ভাগ)। —ত্র পুং [°ত্র+অ (অচ্)] 'পক্ষবান্', পক্ষী। "পততি পতত্রে বিচলতি পত্রে শঙ্কিতভবদুপযানম্ গী.গো ৫.১০।

পতত্রী (-ত্রিন্), -ত্রী (-ত্রিন্) পুং [°ত্র, °ত্র+ইন্ (ইনি)-১ব] ১ 'পতত্রবান্', পক্ষী। "পতত্রিন্ রা ২.৯৩.১৭। কু.স ৫.৪। দয়িতা দ্বন্দ্বচরং পতত্রিণম্ (এতি) রঘু ৮.৬৫। আমার হৃদয়পতত্রী সবে এই লবঙ্গলতায় বসিতেছিল ব.প্র ২১২। ২ বাণ। ৩ অশ্ব। [°ত্রিকেতন (পুং)—গরুড়ধ্বজ, বিষ্ণু। °ত্রিরাজ (পুং) —গরুড়।]

পতত্রি পুং [√পত্+অত্রি (অত্রিন্)-ক, উ ৪.৬৯] পক্ষী। "পতত্রীণাঞ্চ গরুড়মিন্দ্রস্থে নাভ্যষিঞ্চত মহা ১.৩১.৩৫।

পতদ্গ্রহ পুং [ষ.ত] মুখপতিতদ্রব্যের গ্রাহক ; পিক্দানী।

পতন্ (-তৎ) পুং [পত্+অৎ (শতৃ)-ক-১ব] পক্ষী। "গরুড়ঃ পততাং মুখম্ মহা ২.৩৮.২৮। রঘু ১৩.১৯। ভট্টি ১০.৪।

পতন ক্লী [√পত্+অন (ল্যুট্)-ভা] ১ অধোগমন, পাত, পড়া। "ফলানাং পক্কানাং নান্যত্র পতনাদ্ ভয়ম্ রা ২.১.৫১৭। ২ গমন। "নিরয়ে চৈব পতনম্ মনু ৬.৬১। ৩ ভ্রংশ, চ্যুতি। ৪ অবনতি, ব্যসন। "পতনান্তাঃ সমুচ্ছ্রয়াঃ।—রা ২.১০৫.১৬। উত্থানে পতনে, মানুষ হইতে দাও তোমার সন্তানে স.স্ব ৫৬। ৫ উৎপতন, উড্ডয়ন। ৬ ধ্বংস, ক্ষয়, মৃত্যু। "আ দেহপতনাৎ মহা ১৩.২৬.৭১। সামান্যেতে ইন্দ্রজিৎ না হবে পতন কৃ ৩০৮। দৈবেতে পতন হব।—ম ৮১১ ; ৯৫০। মন্ত্রের সাধন কিংবা শরীরপাতন ভা.চ ২৬৪। এই ছয় কোটি দেহ তোমার জন্যে পতন করিব ব.প্র ৬১৭। ৭ গর্ভস্রাব। ৮ অস্তগমন। ৯ স্বধর্ম্মত্যাগ। ১০ (গণিতে) বিয়োগ। ১১ [+অন-ণ] পাপ। ১২ গ্রহপথ। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-ণ ; বাহুলকে] পতনসাধন, জাতিকর্ম্মহানিকর। "লাক্ষালবণতোয়ানি পতনীয়ানি বিক্রয়ে যাজ্ঞ ৩.৪০। —নীয় ক্লী পাতক।

পতনি, -ত্তনি বি ['উড়নী'র অনুকরণে পট্ট > পট্টনী > পত্তনী, -ত্তনি (?)] উত্তরীয়, উড়নী। "পত্তনি উরনি কলেবরে বি.পা ৮৭। পীত পতনি (প.ক)। ["পণ্ডুতি উড়ণি" বি.পা ২২১।]

পতপত বি [ধ্বন্যাত্মক] জলপ্রবাহের ধ্বনি। "তীরে ঠেকিয়া জল ...পতপত শব্দ করিতেছে ব.প্র ৩৭৮।

পতর বি [সং পত্র > (স্বরাগমে) °র ; হি °র] ধাতুর পত্র বা পাত।

পতাকা স্ত্রী [√পত্+আক-ণ+স্ত্রী আ (টাপ্), উ ৪.১৪ ; তু 'পটাকা' (ললিতবিস্তর)—'পট' মূল (?) ; ধ্বন্যাত্মক—'পত' 'পত' শব্দকারক (?)] ১ 'ভেদজ্ঞানসাধন', কেতন, বৈজয়ন্তী, ধ্বজ, নিশান। "পতাকাভিরলঙ্কৃতঃ (সেনায়াঃ পন্থাঃ) রা ২.৮০.১৩। (ভাগীরথী) বাতেরিতা পতাকেব মহা ৩.৯৯.৩১। ২ পতাকাদণ্ড। 'পতাকাধ্বজদণ্ডঃ। ৩ নৌকার বাতপট ; (পাল্—sail)। দ্র 'পতাকী' (২)। ৪ জয়-প্রদমন্ত্রাঙ্কিত কেতু। "ভ ১.১১.১৪। ৫ অঙ্ক, চিহ্ন। ৬ সৌভাগ্য। ৭ (নাটকে) নির্বহণপর্য্যন্ত স্থায়ী প্রাসঙ্গিক কর্ম্ম ; নাটকাঙ্গভেদ। "ব্যাপি প্রাসঙ্গিকং বৃত্তং পতাকা সা.দ ৬.৬৭। [°স্থান, -নক (ক্লী) —পতাকার অনুকূল কারণ ; কোন চিন্তিত প্রয়োজন তৎসধর্ম্মা অন্য প্রয়োজনে আগন্তুক (অপ্রাসঙ্গিক) ঘটনা কর্ত্তৃক সাধিত হইলে, 'পতাকা-স্থান' হয় (সা.দ ৬.৪৫)।]

পতাকিক বিণ [°কা+ইক (ঠন্)] পতাকাবান্ ; ধ্বজী। পা ৫.২.১১৬।

পতাকিনী স্ত্রী [পতাকা+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'পতাকা-বতী', চমূ, সেনা। "রঘু ৪.৮২। °পতি কি ১৪.২৭ —তাকী (-কিন্)

বিণ ১ পতাকাবান্, ধ্বজযুক্ত। "লঙ্কাং জগ্মুঃ পতাকিনীম্ গো.রা ৬.১৫.১৭ ; ৩১.৪। ২ পতাকা (পা'ল্)-যুক্ত ; পা'ল-খাটান। "নাবম্···পতাকিনীম্ মহা ১.১৪১.৫।—তাকী পুং ১ ধ্বজবাহক, ধ্বজী। "°কুল।—মে ৩০৮। ২ (জ্যোতিষে) জন্মলগ্নবিষয়ে ফলবিশেষসূচক চক্রভেদ।

পতি পুং [পা+অতি (ডতি)-ক ; ছান্দস] ১ পালক, রক্ষক। "ওষধী°। ২ অধিপতি, প্রভু, নায়ক। "পতিং পতীনাম্।—শ্বেতাশ্বতর ৬.৭। পৃথিব্যাঃ পতিঃ রা ১.৫৪.১১। অক্ষৌহিণী° মহা ৩.৫৩.৩। দশগ্রাম° মনু ৭.১১৫। ৩ অধিকারী, স্বামী। "ক্ষেত্র° হি ১৮৬। ৪ প্রধান, অধ্যক্ষ, শ্রেষ্ঠ। "গৃহ°। যত অশ্বপালের উপরে হবে পতি।—ম ৪৪৭। ৫ শাসক। ৬ ভর্ত্তা, স্বামী, বর। "°কুল, °ঘ্নী। প্রমদাঃ পতিবর্ত্মগাঃ কু.স ৪.৩৩। নারীণাং ভূষণং পতিঃ।—চাণক্য। পতিং দেহি।—ম ২১৫। বেদ-মত বিভা করে যে জন সে পতি ভা.চ ৬৯৮। ৭ গতি।—তি স্ত্রী স্বামিনী, কর্ত্রী। "পতিরিয়ং ব্রাহ্মণী গ্রামস্য পা ৪.১.৩৩, কাশিকা। [°কুল (ক্লী)—স্বামিগৃহ। "শ ৫.২৮। °ঘাতিনী (বিণ)—পতিনাশিনী।]

পতিংবরা স্ত্রী [পতি+√বৃ+অ (খচ্)-ক+স্ত্রী আ (টাপ্) ; উ.ত ; 'পতিম্বরা' অসাধু] স্বেচ্ছায় পতিবরণকারিকা কন্যা ; স্বয়ংবরা। "রঘু ৬.১০ ; ৬৭।

পতিঘ্ন বিণ [পতি+হন্+অ (টক্)-ক ; স্ত্রী -ঘ্নী] ১ পতিঘাতক। "পতিঘ্নীং ত্বামহং মন্যে রা ২.৩৫.৬। ২ পতিনাশসূচক। "পতিঘ্নী পাণিরেখা (সি)। ৩ পতিমরণসূচকলক্ষণবান্। "পতিঘ্নী স্ত্রী (সি)।

পতিঙ্গা বি [সং 'পতঙ্গ'—মূল ; হি প(ফ)তিংগা—শলভ] গ্রামে তেল-জলের আলোয় পাখীর আকারে টিনের পলিতাধারক।

পতিত বিণ [√পত্+ত (ক্ত)-ক ; নিপাতনে 'ই' (ইট্), পা ৬.৪.৫২, সি] ১ গত, প্রাপ্ত। "নরক° পা ২.১.২৪, কাশিকা। কূপ°। ২ ভ্রষ্ট, চ্যুত, স্খলিত। "স্বর্গ° পা ২.১.৩৮, সি। ৩ গলিত, ক্ষরিত। ৪ স্বধর্ম্মচ্যুত। ৫ পাতকাদিদোষান্বিত, শাস্ত্রাচারহীন ; অপাঙ্‌ক্তেয়। "মনু ৮.৩৮৯। ক্লীবে চ পতিতে পতৌ।—পরাশর ৪.২৬। ৬ কলুষিত, পাপী। "পতিতোদ্ধারিণি জাহ্নবি গঙ্গে (শঙ্করাচার্য্য)। আমা বহি জগতে পতিত নাহি আর চৈ.চ ৭৫ ; ১৭২। ৭ দানের অযোগ্য। "সাবিত্রী° মনু ২.৩৯ ; যাজ্ঞ ১.৩৮। ৮ [হি পড়তী] (বাঙলায়) আবাদ হয় না এমন (জমি) ; আচষা। "এমন মানব-জমি রইলো পতিত, আবাদ কল্লে ফলতো সোনা।—রামপ্রসাদ। ৯ ক্ষয়প্রাপ্ত, নষ্ট। "লাভের বাণিজ্যে আইল, আসল পতিত হৈল ব.প ২৯১।

পতিতপাবন বিং [ষ.ত ; স্ত্রী -নী] পাপীর পবিত্রতাকারক, অর্থাৎ পাপনাশক। "এই গঙ্গা লয়ে যাও পতিতপাবনী কৃ ১৮। পতিত-পাবনি···কালিকে ৩৪৭।—পাবন বি ১ পাপীর পবিত্রীকরণ ; পতিতোদ্ধার। "পতিতপাবন হেতু তোমার অবতার চৈ.চ ৭৫। ২ পতিতোদ্ধারক। "পতিতপাবন নাম কি গুণে ধরিবে।—কৃ ২৪১। এ দুই জনারে আমি উদ্ধার করিব। পতিতপাবন নাম তবে সে ধরিব॥—চৈ ১৩। ৩ পরমেশ্বর। "হায় পতিতপাবন! কেন নিরমিলে ধরা দুঃখের কারণ!—পাবনী বি দুর্গার নাম। "°নী নাম ম.পা ১০৮।

পতিতসাবিত্রীক বিণ [বহুব্রী ; সমাসান্ত 'ক' (কপ্)] যাহার সম্বন্ধে সাবিত্রী পতিতা, অর্থাৎ দানের অযোগ্যা ; অতিক্রান্ত বিহিত-কালের পরে উপনয়নহীন, অর্থাৎ গায়ত্রীতে অনধিকারী। "পতিত-সাবিত্রীক উদ্দালকব্রতং চরেৎ।—বসিষ্ঠ ১১।

পতিদণ্ডী বিং পতিঘাতিনী। "আমি হৈনু পতিদণ্ডী, বাসরে হইনু রাণ্ডী ম.ভা ৩৯।

পতিদেবতা, -দেবা বিণ [বহুব্রী] যাহার পতি দেবতাতুল্য পূজ্য, পতিব্রতা, সতী। "তমলভন্ত পতিং পতিদেবতাঃ (দুহিতরঃ) রঘু ৯.১৭। স্ত্রীণাঞ্চ পতিদেবতানাম্ ভ ৭.১১.২৫।—তা, -বা স্ত্রী পতিব্রতা স্ত্রী। "ধুরি স্থিতা ত্বং °দেবতানাম্ রঘু ১৪.৭৪।

পতিনী বি [পত্নী >(স্বরাগমে) °নী ; অপ্র] স্ত্রী। "পরের পতিনী সঙ্গে কথা নাই কোই ব.প ৩৯০।

পতিপ্রাণা বিণ, স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] যাহার পতি প্রাণতুল্য ; পতিজীবিতা, পতিব্রতা। "সা ভার্য্যা যা পতিপ্রাণা হি ১.২০৯। °ণা কামিনী সী ৪৩।—প্রাণা স্ত্রী পতিব্রতা স্ত্রী।

পতিবতী বিং [সং °বত্নী ; অপ্র] সধবা। "°তী নারী ম.পা ৭০।

পতিবত্নী বিণ, স্ত্রী [পতি+বৎ (বতুপ্) +স্ত্রী ঈ(ঙীপ্), ন্ (নুক্) আগম, নিপাতিত] ভর্ত্তৃমতী, সভর্ত্তৃকা, সধবা। "°ত্নীষু পত্নীষু রঘু ১৫.৩৫। ভট্টি ৪.২৩।—বত্নী স্ত্রী সভর্ত্তৃকা স্ত্রী।

পতিবন্ধু বি পতির জ্ঞাতি ও স্বজন। "°পালন রা.প ৭।

পতিব্রত ক্লী [কর্ম্মধা] পতির সহবাসরূপব্রত। "চিন্তয়ন্তী পতিব্রতম্ রা ২.২৭.১২। °সমাশ্রয়াৎ গো.রা ৪.২০.১৪। °গুণ মহা ১৩.২.৮২।—ব্রতা বিণ, স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] যাহার পতি ব্রতবৎ সদা উপাস্য (অ টী) ; যাহার পতিবিষয়ে নিয়ম (মল্লিনাথ) ; সতী, সাধ্বী। 'আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা। মৃতে ম্রিয়তে যা পত্যৌ সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা॥ "অনসূয়াং পতিব্রতাম্ (অভ্যবাদয়ৎ) রা ২.১১৭.১৯। রঘু ৯.১৬। সা ভার্য্যা যা পতিব্রতা।—হি ১.২০৯।—ব্রতা স্ত্রী সাধ্বী স্ত্রী।

পতিয়া, -য়ায় সর্ম্ম [সং প্রতি+ √ই >প্রা √পত্তিআ, -ত্তি -আঅ >বা (পতিআ) পতিয়া, -য়ায় ; (চ), হি—অভ, পতই √পতিয়া ; মৈ √পতিআ] প্রত্যয় করা ; বিশ্বাস করা। "কো পতিয়ায়ব স্বপন স্বরূপ বি.প ৪২ ; মঝু মনে নাহি পতিয়াই ১৭৩।

পৎকাষী (-ষিন্) বিণ [পাদ+ √কষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত, পাদ >পদ্] পাদকষণ (হিংসন)-শীল ; পদাতি। "(প্রাস্থাপীয়ৎ পুরুষান্) পৎকাষিণঃ ভট্টি ৩.৪।

পত্তন[১] ক্লী [√পত্+তন (তনন্)-র্ম্ম, উ ৩.১৫০ ; হি পট্টন ; ঠ পট্টণ, -ন] ১ নগর, পুর। "রা ৪.৪০.২৫। একো বাসঃ পত্তনে বা বনে বা (সু.র)। ২ মহাপুরী। ৩ রাজধানী। "ভ ৭.১.১৪। ৪ মৃদঙ্গ।

পত্তন[২] বি ['পত্তন'—মূল (?)] ১ প্রতিষ্ঠাভূমি, ভিত্তি। "করিল সহস্র (যোজন) তার গোড়ার পত্তন।—কৃ ১৮। দেখ গড়ের পত্তন চৈ.ম ১৭৯। ২ মূল, গোড়া। "পার্ব্বতী পত্তন পেয়ে প্রশ্ন কৈল তাকে শি ৮৮। ৩ আরম্ভ, উপক্রম। "যজ্ঞারম্ভ না হইতে যুদ্ধের পত্তন।—ম ১১৩০। প্রতিমা পত্তন করে গণেশ ভাবিয়া দু ৭। শুভক্ষণ দেখি কর ডিঙ্গার পত্তন বা.ম ১৪২। বি.পা ১৬১। ৪ ফসলের মুখ বা প্রথম। ৫ আকার, গড়ন। "কামশরাসন যেন ভ্রূভঙ্গ-পত্তন চৈ.ভা ৪২৪। ৬ শ্রী, শোভা। "দর্পণ আনিয়া দেখ মুখের পত্তন ম.ম ১২৯। [কোঁচার পত্তন—কোঁচান পট্ট ; বিলাসিতা, বাবুগিরী। "বাইরে কোঁচার পত্তন, ভিতরে ছুঁচোর কেত্তন।—হু ৪৩। নাম পত্তন করা—হিসাবের কাগজে নাম বসান।]

পত্তনী বি [হি °নী (?)] জমীদার জমিদারীর যে কোন অংশ নির্দ্ধারিত খাজনায় অগ্রের সহিত পুরুষানুক্রমে ভোগদখল করার সর্ত্তে চিরস্থায়ী বন্দোবস্ত করেন, তাহার নাম 'পত্তনী' বা 'পত্তনী তালুক'। [বর্দ্ধমানের রাজার জমিদারীতে প্রথমে পত্তনী-তালুকের সৃষ্টি হয়]। [°দার—পত্তনীর অধিকারী। দর°—পত্তনীদারের অধীন পত্তনী। সে°—দরপত্তনীদারের অধীন পত্তনী।]

পত্তর বি [সং পত্র >(বাঙ্‌লা উচ্চারণে) পৎত্র >(স্বরাগমে) পত্তর ; হি °র (ধাতুর চাদর) ; ঠ °র (চিঠি)] ১ পত্র কাগজ ; লিপি।

"কাগজ°, খাতা°, চিঠি°, দলিল°, হিসাব°। ২ পাতা। "সুগনা গাছেত জেন মেলএ পত্তর গো.বি ১৬২। ৩ [পাত্র > °র ; ঠ পত্তর (পাত্র)] আধার, পাত্র। "পিতল কাঁসার জিনিস° ; তৈজস°। [পত্তর করা—বিবাহে গণ-পণ ইত্যাদি স্থির করিয়া উভয়পক্ষের উপস্থিতিতে অঙ্গীকারপত্র লেখা।]

পত্তি পুং [√পদ্+তি (ক্তিন্)-ক, উ ৪.১৮২ ; ছান্দস] ১ পাদচারী যোধ ; পদাতি। "পত্তিং পদাতিম্ (অভাপতৎ) রঘু ৭.৩৭। ম ১২৬। অ.প ৫১। পত্তি পত্তি যুঝে।—শি ৫১। ২ বীর। —ত্তি স্ত্রী ১ চতুরঙ্গ সেনাবিশেষ। দ্র 'অক্ষৌহিণী'। ২ [+ক্তি -ভা] গতি, গমন। [°গণক (পুং)—পত্তিগণনাকারক। °সংহতি (স্ত্রী)—পদাতিসমূহ। °পাল (পুং)—পাঁচ বা ছয় জন পদাতির অধিপতি। "শু ২.১৪০।]

পত্র, -ত্র ক্লী [√পত্+ত্র (ষ্ট্রন্)-ক, উ ৪.১৫৮ ; 'পত্র' সাধু] ১ যাহা পড়ে ; পর্ণ, পাতা। "পত্রম্ পা ৩.২.১৮২, কাশিকা ; সি। পত্র গী ৯.২৬। পত্রশাকতৃণানাঞ্চ মনু ৭.১৩২। ২ পুষ্পদল, পাপড়ি। নীলোৎপলপত্রধারয়া।—শ ১.১৭। শত° ভ ৫.২.৮। পদ্মপত্র-যুগ্মনেত্র।—ম ১৯১। ৩ লেখনস্থান, পাতা, কাগজ। "ছোট বিপ্র কহে,—পত্র করহ লিখন। পুন যেন নাহি চলে এ সব বচন॥—চৈ.চ ৯৭। ৪ লিপি, চিঠি। "শ ৬১/১২। তাহারাও পত্রটত্র পাইতে ইচ্ছা করে।—আ.ভু ১৩১। ৫ পুস্তকের পাতা বা পৃষ্ঠা। "পত্রাঙ্ক। ৬ লেখ্য, দলিল। "দান°, বিক্রয়°। বিবাদেঽস্মিন্নিয়তে পত্রম্।—পঞ্চ ১.৪৩৬। ৭ ধাতুময় পত্রতুল্য দ্রব্য ; ধাতুর চাদর বা পাত। "সুবর্ণ°। ৮ তেজপত্র। ৯ মুখাদিতে চন্দনকস্তুরিকাদিকৃত পত্রাকৃতি রচনা। কালাগুরুদত্তপত্রা। রঘু ১৩.৫৫। রচয় কুচয়োঃ পত্রম্ গী গো ১২.১৫। বিচিত্রপত্রাবলী।...বদন উজ্জ্বল শ্রী.ম ১৬৪। ১০ ছুরিকাদির ফলক ; অস্ত্রের ফলা বা পাত। ১১ [+ত্র-ণ ; ছান্দস] 'উড্ডয়নসাধন', পক্ষিপক্ষ, পাখা। পঙ্কপত্রম-জিহ্মগম্ গো.রা ৩.৩৫.৮৭। কঙ্কপত্র রঘু ২.৩১। বাণৌ...শতপত্রপত্রৌ ভ ৫.২.৮। গাছের পল্লব নয়, অঙ্গে পত্র হয়।—ক.চ ১২৯। ১২ শরপক্ষ। ১৩ 'গমনসাধন', বাহন, অশ্বাদি। "শতপত্র।—ঋগ্বেদ ৭.৯৭.৭। পত্রপূর্ব্ব পা ৪.৩.১২২। মনু ৯.২১৯। রঘু ১৫.৪৮। ১৪ (বাঙলায়) বিবাহনির্ণয়পূর্ব্বক লিখিত অঙ্গীকারপত্র। "পত্রাদি লেখা পড়া হইতে কন্যাকর্ত্তা বাকদান করিলেন ব.প ১৬৮০। —ত্রক স্ত্রী ১ সর্থ 'পত্র (৯)'। "মৃগমদ° গী.গো ১২.১৮। পত্রক চিত্রক লেগ।—ব ৬১। ২ সর্থ 'পত্র'। [°নাড়িকা, °শিরা (স্ত্রী)—পাতার শিরা। °পাশ্যা (স্ত্রী)—পত্রাকার পাশ্যা (পাশা) ; স্বর্ণাদিকৃত ললাটভূষাবিশেষ। °পুট (পুং)—পত্ররচিত পাত্র ; পাতার ঠোঙা। "রঘু ২.৬৫। °বন্ধ (পুং)—সপত্রপুষ্পরচনাবিশেষ। °বাল (পুং)—কাণ্ডারীর হা'ল ; ক্ষেপণী (oar)। °বেষ্ট (পুং) স্বর্ণপত্রের বেষ্টনরচিত ভূষণ ; তাড়ঙ্ক। "রঘু ১৬.১৭। °শাক (পুং)—পত্ররূপশাক ; শাগ।] [পত্র করা—সর্থ 'পত্তর করা'। "না জেনে তত্ত্ব, করেছেন পত্র।—দা ১২৪। তুমি যদি কর,...আমি তাহারদিগকে আনিয়া পত্র করিয়া যাই ব.প ১৬৮০।]

পত্রবল্লরী, -বল্লী, -লতা স্ত্রী [ষ.ত] পত্ররচনার বল্লরীতুল্যা ; সর্থ 'পত্রভঙ্গ'। "গণ্ডেষু স্ফুটরচনাস্তপত্রবল্লী মাঘ ৮.৫৯। °লতা মাঘ ৮.৫৯, মল্লিনাথ।

পত্রবাহ পুং [পত্র+ √বহ্+অ (অণ্)-ক, উ.ত] ১ "পত্রবাহক", পক্ষী। "মাঘ ২৮.৭৩ ; ২০.২৫। ২ বাণ। ৩ লিপিবাহক।

পত্রবিশেষ, -ষক পুং [ষ.ত] পত্রাকাররচনা-বিশেষ ; সর্থ 'পত্রভঙ্গ'। "পত্রবিশেষাঙ্কিতে রঘু ৩.৫৫। °ষকেষু কু.স ৩.৩৩।

পত্রভঙ্গ পুং, **-ভঙ্গি, -ঙ্গী, -মঞ্জরী** স্ত্রী [উ.লো] পত্রাকার রচনা ; মুখাদিতে চন্দনকুঙ্কুমকস্তুরিকাদিরসে রচিত পত্রাকার চিত্রবিশেষ বা তিলক ; পত্রাবলী, পত্রলেখা। "কস্তূরীবরপত্রভঙ্গনিকরঃ।—শৃ ৭।

পত্ররথ পুং [বহুব্রী] পত্র (পক্ষ) যাহার রথতুল্য ; পক্ষী। "পত্ররথেশ্বর রা ৩.৫১.৫। নৈ ৩.৬ ; ৬৭। [পত্ররথেশ্বর (পুং)—'পক্ষিশ্রেষ্ঠ', জটায়ু। পত্ররথেন্দ্র (পুং)—'পক্ষিরাজ', গরুড়। পত্ররথেন্দ্রকেতু (পুং)—গরুড়ধ্বজ, বিষ্ণু। "রঘু ১৮.৩০।]

পত্ররেখা, -লেখা স্ত্রী [উ.লো] সর্থ 'পত্রভঙ্গ'। "রঘু ৬.৭২ ; ১৬.৬৭। মাঘ ৮.৫৬।

পত্রহারিকা, -রী স্ত্রী [ষ.ত ; পত্র+ √হৃ+অ (অণ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] পত্রবাহিকা দূতী। 'সন্দেশমাত্রং যা যূনোর্নয়েৎ সা পত্রহারিকা (উজ্জ্বলনীলমণি)।

পত্রাঙ্গ ক্লী [বহুব্রী ; পাঠান্তর—'পত্রঙ্গ, -ত্তঙ্গ', তু 'প্রা *পত্তংগ] ১ ভূর্জ্জপত্রবৃক্ষ। ২ রক্তচন্দন। ৩ পদ্মকাষ্ঠ।

পত্রাঙ্গুলি স্ত্রী [বহুব্রী] যে রচনায় পত্রাকার অঙ্গুলি ; সর্থ 'পত্রভঙ্গ' (অ.কো)।

পত্রাবলি, -লী স্ত্রী [ষ.ত] ১ পত্রশ্রেণী। ২ সর্থ 'পত্রভঙ্গ'।

পত্রারূঢ় বিণ [দ্বি.ত] পত্রে লিখিত (বিষয়)। "দেবঃ পত্রারূঢ়ং প্রত্যক্ষীকরোতু শ ৬২/১৩।

পত্রিক পুং [পত্র+ইক (ঠন্)] 'পত্রবান্', পক্ষী। "°ধ্বনি ভ ১০.১৩.৫। —ত্রিকা স্ত্রী ১ কদলীপত্রাদিযুক্তা নবপত্রিকা। ২ কর্পূরবিশেষ, পাতকর্পূর।

পত্রিকা, -ত্রী[২] স্ত্রী [পত্র+ঈ (ঙীষ্) ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ টাপ্)] ১ লিপি। "ইতঃ পত্রিকাং দর্শয় শ ৬২/১৩। ২ সর্থ 'পত্র (৩)।

পত্রী[১] **(-ত্রিন্)** বিণ [পত্র+ইন্ (ইনি)-২ব ; স্ত্রী-ত্রিণী] ১ পত্রবান্ (বৃক্ষ)। ২ পক্ষবান্। "রা ১.২.১২। ময়ূরপত্রিণা শরেণ রঘু ৩.৫৬। —ত্রী পুং ১ বৃক্ষ। ২ পক্ষী। "রঘু ১১.২৯। ৩ শ্যেন। ৪ বাণ। "রঘু ৩.৫৩, -৭। উ.চ ৩.৪৫। ৫ পর্ব্বত। তালবৃক্ষ। —ত্রিণী স্ত্রী পল্লব। [পত্রিপতি (পুং)—পক্ষিরাজ, গরুড়। "মাঘ ২০.৭৩।]

পত্রী[২] দ্র 'পত্রিকা'।

পত্নী স্ত্রী [পতি+স্ত্রী ঈ (ঙীপ্), 'ন্' আগম, যজ্ঞসংযোগে ; পতি—পতি-নী (স্ত্রীলিঙ্গ) > পত্নী (?), হি পতিনী, তু 'ভগিনী, ভগ্নী ; 'পত্নী'—পালয়িত্রী (ঋগ্বেদ ১.২২.৯ ; ১১)] ১ পতিকৃতযজ্ঞফলভোক্ত্রী, বেদবিধানে বিবাহিতা স্ত্রী (অ.টী) ; সধর্ম্মিণী, ভার্য্যা, জায়া। "(তস্য) পত্নী সুদক্ষিণা রঘু ১.৩১। ২ (উপচারে) পত্নীতুল্যা পাণিগ্রহণাদি-ধর্ম্মযুক্তা নারী। "বৃষলস্য পত্নী পা ৪.১.৩৪, সি। [°শালা (স্ত্রী) পত্ন্যধিষ্ঠিতা শালা ; যজ্ঞশালার পশ্চিমে স্থিত গৃহ। "ভ ৪.৪.১৪।]

পত্যএ বি [সং প্রত্যয় > °এ ; অপ্র] বিশ্বাস। "ম.গা ২৪।

পত্র দ্র 'পত্র' [পত্র পড়িতে পড়িতে পৌঁছিবে—পত্রপাঠ আসিবে : দ্র 'পত্রপাঠ'। "শ্রী ১৩০।]

পত্রপাঠ বি পত্র পড়া। "পত্রপাঠে চিত্ত উচাটন।—দা ৭৩৯। —পাঠ ক্রি.বিং পত্রপাঠের পরই ; পত্রপাঠানন্তর, তৎক্ষণাৎ, অবিলম্বে। 'পত্র-পাঠ পৌঁছিবে গোউড় নগর শ্রী.মা ১২০। পত্রপাঠ হেথা (চলিয়া আসিবে) ভ.গ্র ৩২৪। (শিক্ষা-গুরু) ডাকাইয়া পত্রপাঠ, ...যশোদা রাণী কন।—দা ১১১ ; যাত্রা করিস পত্রপাঠ ২১৩২। °মাত্র (ক্রি.বিং) —দ্র 'পত্রপাঠ'। "°মাত্র পেদ জন্মে মানসেত ম.পা ১২২।]

পত্রবল্লী স্ত্রী সর্থ 'পত্রবল্লরী'। "কস্তূরীর পত্রবল্লী ভ.গ্র ৪৬৬।

পত্রলেখা স্ত্রী সর্থ 'পত্রলেখা'। "কুঙ্কুমেরি পত্রলেখায়, বক্ষ রৈত ঢাকা ৩৩৯।

পত্রশেষ বি 'ভোজনপত্রস্থ ভুক্তাবশেষ'। "ন.প ৩৩৩।

পত্রহারিকা, -রী স্ত্রী সর্থ 'পত্রহারিকা'। 'পত্র লয়্যা কার্য্য করে পত্রহারী সেই ভা.চ ৬৯৮। "°হারী দূতী ভ.গ্র ৩৯২।

পত্রাবলি, -লী স্ত্রী সর্থ 'পত্রাবলি' (২)। "পত্রাবলী এক কুচে

ক.চ ২৪। পত্রাবলি ভ.গ্র ১৪৮ ; ৩৮৯। পত্রাবলী ব.প ৯০৯ ; পত্রা-বলী নিরমাণে ১১০৫ ; °লী ১২৯২।

পত্রিকা, -ত্রী স্ত্রী **১** সর্থ 'পত্রিকা' (১)। "পত্রীপাঠঃ সমাচারপত্রী ন.বি ১১০। **২** সর্থ 'পত্র (৩)। **৩** (বাঙ্‌লায়) সংবাদপত্র।

পত্রী দ্র 'পত্রিকা'।

পথ্ সক [ভ্বা, প—পথতি ; সেট্] গতি। —থ্ সক [চু, প—পথয়তি ; সেট্] গতি ; প্রক্ষেপ।

পথ পুং [√পথ্+অ (ঘঞর্থে ক)-ণ ; দ্র 'পথিন্'] **১** মার্গ। "নয়ন জলে পথ ভুলে, পথে বুঝি পতন ঘটে।—দা ৪১১। **২** (বাঙ্‌লায়) উপায়, গতি, বিধান, ব্যবস্থা। "চৈতন্য থাকিতে কর আপনার পথ। —কৃ ১৫১। ব.প ৫৩২। কহ তার পথ। —ম ৮৫৫। ডাকিলাম কত শত কপাল ছাড়া পথ নাই।—কুমার নরচন্দ্র রায়। প্রাণসংহারের পথ।—দা ৪১১। **৩** অধিকার, দাবী। "কৈলাসে যাবার পথ আজি হ'তে গেল।—চু ৫৬। **৪** দ্বার। [°কর (বি) —রাস্তা তৈয়ার বা মেরামত করার নিমিত্ত প্রজার দেয় কর (road-cess)। °খরচ (বি)— পাথেয়। °দর্শক (পুং)—যে পথ দেখায় (guide)। °প্রাজ্ঞ (সং পথিপ্রাজ্ঞ) বিং—যে পথের তত্ত্বজ্ঞ। "চৈ ১৬৬। পথপ্রাজ্ঞ নহ তুমি যাইবা কেমনে বি.সু ১২। °বিপথ (বি) সর্থ 'পথাপথ'। "ন.প ৩১৭। °ভ্রম (বি)—পথের ভ্রান্তি। "দা ৪১১। °ভ্রান্ত (বিং)—পথহারা।] [পথ ছাড়া বা দেওয়া—পথ হইতে সরিয়া যাইতে দেওয়া। পথ দেখা—(উপহাসে) প্রস্থান করা ; পলায়ন করা। "পথ দেখ,—দাঁড়িয়ে কেন পথে ?—দা ৪১০। পথ না দেখা—তাড়াতাড়িতে পলাইবার পথ ঠিক করিতে না পারা। "দ্বিজের কুবাণী, শুনিয়া বেণেনী, যাইতে না দেখে পথ ক.চ ২১৮। পথে আসা —ঠিক জায়গায় আসা ; কথিত বিষয় ঠিক বুঝা। "এখন পথে আসিয়াছ অ.শাঁ ২২। পথে কাঁটা পড়া—যাওয়ার পথ বা উপায় বন্ধ হওয়া। "হরিদ্রাগ্রামের পথে কাঁটা পড়িয়াছে।—ব.প্র ৩১৮। পথে বসান—ভিটাচ্যুত বা সর্ব্বস্বান্ত করা। "বাঞ্ছারাম ! পরিবারগুলোকে আবার পথে বসাইতে বসেছিস আ.দ্র ১৯৩। পথে হেগে চোকরাঙ্গানি —(গৌণার্থে) দোষ করিয়াও, নরম না হইয়া, গরম হওয়া। "হু ৭৬। পথের ভিখারী—গৃহশূন্য সর্ব্বস্বান্ত ভিক্ষাভোজী ; অতিদরিদ্র। "পথের ভিখারী হ'তে আরো দীনহীন চ.কা ৯৪।]

পথান বি [সং প্রস্থান >প্রা পথাণ>বা °ন ; অপ্র] গমন। "কৈলাস পথান শ্রী.মা ৩৪।

পথাপথ বি পথ ও অপথ। "°থ নাহি জ্ঞান ম ২০২ ; ৬০৪।

পথি বি [সং পথিন্ ; পদ্যে] **১** পথ। "(কে বলিবে) বিধাতার সেই পথি।—হেম ৯৮ ; নানা পথি ১০১। **২** [পথিন্—পথি (সপ্তমী-১ব)] পথে। "পথি ভীতি ন মানে বা.দ ৮৯।

পথিক পুং [পথিন্+অক (ষ্কন্) ; স্ত্রী -কী] **১** দেশান্তরগমনার্থ পথি-গামী ; অধ্বগ, পান্থ। "গো.রা ১.৫.১০। **২** [+অক (বুন্), পা ৫.২.৬৩] পথিকুশল, পথিপ্রাজ্ঞ। "ভট্টি ২.৪৩। —থিকা স্ত্রী কপিল-দ্রাক্ষা। [°জনযুবতি, °বনিতা (স্ত্রী)—প্রোষিতভর্ত্তৃকা। °তি শ ৬.৩। °তা পূ.মে ৮। °সংহতি, °সন্ততি (স্ত্রী), °সার্থ (পুং) —পথিকসমূহ। °কাশ্রয় (পুং)—পথিকগৃহ, সরাই।]

পথিদেয় ক্লী [স.ত] পথিবিষয়ে রাজাকে দেয় কর ; পথকর (হলায়ুধ)।

পথিন্ পুং [√পথ্+ইন্) (ইনি)-ণ (অ.টী) ; উ ৪.১২ ; 'পন্থাঃ (প্রথমা -১ব) ; পথিন্ >পথি (সমাসে পূর্ব্বপদ)—পথিদেয়, পথিপ্রাজ্ঞ ; (বাঙ্‌লায়) পথিমধ্যে ; পথিন্ >পথ (সমাসে উত্তরপদ)—আকাশ°, দক্ষিণাপথ, মহাপথ] মার্গ, পথ।

পথিনী বি [অপ্র] পথরোধিকা। "পথ ছাড় পথিনী ব.প ৩৯০।

পথিভয় বি [অপ্র] পথে দস্যু-প্রভৃতির ভয়। "ম ৫১।

পথী বি [পথ+ঈ৭ ; অপ্র] পথগামী। "তুমি যেই পথে যাবে সঙ্গে সেই পথী।—ম ৫৮৬।

পথুয়া বি [পথ+উয়া২ ; অপ্র] পথে পাইয়া আনীতা ; যে পরিণীতা নহে। "তোর মত নহি আমি পথুয়া ঢেমনী বি.পা ৮০।

পথেপড়া বি পথে পড়িয়া থাকে এমন ; গৃহশূন্য, লক্ষ্মীছাড়া, গালি। "পথেপড়া আঁটকুড়ির ছেলে।—জা ২১।

পথ্য বিণ [পথিন্+য (যৎ) ; স্ত্রী -থ্যা] **১** শাস্ত্রীয় পথ হইতে অনপেত (অপচ্যুত) ; হিত, শুভকর। "অপ্রিয়স্য চ পথ্যস্য বক্তা শ্রোতা চ দুর্লভঃ রা ৩.৩৭.২। মহা ২.৬৪.১৬। বাচস্তে পথ্যাঃ বি মা ৭.৫২। বসন্তে ভ্রমণ পথ্য বি.সু ৬২। **২** শাস্ত্রসম্মত। "পথ্যহিতবক্তৃ রা ৩.৪০.২। **৩** আয়ুষ্য, স্বাস্থ্যকর। "ব্যাধিতস্যৌষধং পথ্যম্।— হি ১.১৪। **৪** পথিভব, পথিস্থিত। "পা ৪.৩.৫৪। **৫** মার্গসাধু। —থ্য পুং হরীতকীবৃক্ষ। —থ্যা ক্লী **১** হিত, শুভ। "উত্তিষ্ঠমানস্তু পরো নোপেক্ষ্যঃ পথ্যমিচ্ছতা মাঘ ২.১০। **২** আরোগ্য, আরোগিতা। "মাঘ ২.১০। **৩** হিতবাক্য। **৪** স্বাস্থ্যকর দ্রব্য। "পথ্যাশিন্।—পঞ্চ ১৩২৩। [°ক্রিয়া (স্ত্রী)—পথ্যা-শন। "পঞ্চ ১৩২৩। °সেবী (-বিন্) বিং—পথ্যাশী। "পথ্যসেবী হওয়া একটি ব্রত পা.প্র ১৯৬।]

পথ্যাবক্ত্র স্ত্রী মাত্রাবৃত্তবিশেষ। [ইহার দ্বিতীয় ও চতুর্থ পাদে পঞ্চম ও সপ্তম লঘু এবং ষষ্ঠ গুরু বর্ণ, অর্থাৎ চতুর্থ বর্ণের পরে জ-গণ থাকে (ছন্দোমঞ্জরী)।]

পদ্ সক [দি, আ—পদ্যতে ; অনিট্] গতি ; প্রাপ্তি। —দ্ সক [ভ্বা, প—পদতি ; অনিট্] স্থৈর্য্য। "পদতি পর্ব্বতঃ।—(ক.ক)। —দ সক [অদন্ত চু, আ—পদয়তে, সেট্] গতি। [অনু, অভি—প্রাপ্তি। অভি-উপ—অনুগ্রহ। "কু.স ৪.২৫। আ—আপত্তি, তর্কোপন্যাস ; আপত্তি, আপৎপ্রাপ্তি। উদ্—উৎপত্তি। উপ—উপপত্তি, উপযোগ (গী ২.৩) ; সম্ভাবন (মনু ৯.১৩৮) ; সিদ্ধি (কু.স ৩.১৩) ; সঙ্গতি, প্রাপ্তি। নিস্—নিষ্পত্তি ; সিদ্ধি। প্র—প্রাপ্তি, গতি। প্রতি—স্বীকার, সিদ্ধি ; (ণিজন্ত) প্রতিপাদন, অনুভাবন (কু.স ৪.১)। বি—বিপত্তি। বি-আ—মরণ ; (ণিজন্ত) ব্যাপাদন, হনন। বি-উদ্—ব্যুৎপত্তি। বি-প্রতি —সংশয়, বিরোধ। সম্—সম্পত্তি, সম্যগ্‌বৃদ্ধি ; উৎপত্তি, (ণিজন্ত) সম্পাদন।]

পদ পুং [√পদ্+অ (অচ্)-ক] কিরণ। —দ ক্লী [+অ (ঘঞর্থে ক)-ণ ; পদ (পুং—"পাদে পুংস্যপি—অ.টী) ; Av. padha ; Gr. pous ; L. pes ; Lith. pada (sole)] **১** 'গমনসাধন', পাদ, চরণ। "বিষ্ণুঃ…ত্রেধা নিদধে পদম্।—ঋগ্বেদ ১.২২.১৭। পদং হি সর্ব্বত্র গুণৈ-র্নিধীয়তে রঘু ৩.৬২ ; ৯.৪। **২** পাদচিহ্ন, পদাঙ্ক, পাদন্যাস। "দ্বারে …পদপঙ্‌ক্তির্দৃশ্যতেঽভিনবা শ ৩.৪। পরপদাঙ্কিত মার্গে প.তৃ ৩৪। **৩** পাদক্ষেপ, পাদক্রম। "তন্বী স্থিতা কতিচিদেব পদানি গত্বা।—শ ২.১২। ন পদমেকং চলিতুং শক্নোতি।—পঞ্চ ১২২৩। রাই কয়ল আধ পদ পয়ান।—গো ১৫১। তিঁহো পদ কথ গেলা চৈ ৫৮। **৪** পাদাক্রান্তস্থান। "আত্মনঃ…পদং বিমানেন বিগাহমানঃ (সঃ) রঘু ১৩.১। **৫** পাদক্ষেপকাল, ক্ষণ। "হৃদোপগুহ্যার্হপদং পদে পদে ভ ১.২.১৮। **৬** [+অ-র্ম্ম] স্থান। "রতিবলয়পদাঙ্কে…কণ্ঠে কু.স ২.৬৪ ; ৫.৬৯। আকৃতিবিশেষে আদরঃ পদং করোতি।—মা.মি ১৩৪। আশ্রম° শ ১.১৫। পদ নাহি ধ্রুবের সমান।—ম ১০৩৫। তবে মোর পদ পাবে শ্রী.ম ৩০২। আশ্রম° চৈ ১৪৮। **৭** চিহ্ন, ক্ষত। "নখপদসুখান্ প্রাপ্য বর্ষাগ্রবিন্দূন্ পূ.মে ৩৫। **৮** স্থান, আশ্রম। "বাল্মীকি° রঘু ১৫.৪৫। **৯** আস্পদ। "সন্দেহপদেষু বস্তুষু শ ১.২০। পরিভব° পূ.মে ৫৪। **১০** স্থান, কারণ। "অবিবেকঃ পরমাপদাং পদম্ কি ২.৩০। সম্পদঃ পদমাপদাম্।

—হি ১.২২২। **১১** বিষয়। "ব্যবহারপদং হি তৎ—যাজ্ঞ ২.৫। ন বৈ শিশূনাং (বৃত্তম্) গুণদোষয়োঃ পদম্ ভ ৭.৫.৪৯। দান প্রতিগ্রহ ষট্ পদেতে ব্রাহ্মণ শ্রী.ম ২৯৮। **১২** বিষয়তা। "তপোবনপরিশ্রমস্য আস্পা পদম্ উপনীতঃ শ ১২৯/৭। **১৩** স্থান, নাম। "(ষঃ) পুত্রপদক্ষ লেভে। —২.৭.৯। **১৪** স্থান, বসতি। "শান্তে করিষ্যসি পদং পুনরাশ্রমেঽস্মিন্ শ ৪.২০। **১৫** অবকাশ। "তদলব্ধপদং হৃদি শোকঘনে রঘু ৮.৯১। **১৬** স্থান, অধিকার। "°কাঙ্ক্ষিণা কু.স ৩.৪। যান্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ঃ শ ৪.১৮; ১৯। মু ৫.১২। ব্রহ্মা বিষ্ণুপদং হরিঃ শিবপদং (বাঞ্ছতি), আশাবধিং কো গতঃ।—(সু.র)। তার পদ দেখি উঠে হৃদয়ে আগুনি রা.প ২১। পদের মত পদ পাই ত সে পদ ল'য়ে বিপদ্ সারি।—রামপ্রসাদ। **১৭** বস্তু। "পদমব্যয়ং তৎ গী ১৫.৫; ১৮.৫৬। অনপায়ি° রঘু ৮.১৭। কি ১.১৫। **১৮** বিভক্ত্যন্ত শব্দ। "সুপ্তিঙন্তং পদম্ পা ১.৪.১৪। **১৯** বাক্য, অন্বিতপদসমূহ। 'সা.দ ২.১। "উৎকণ্ঠাবিরচিতপদং উ.মে ৪২। **২০** শব্দ (মেদিনী)। **২১** ব্যাজ, ব্যপদেশ। "কোপ° মাঘ ৭.১৪। **২২** ব্যবসায়। **২৩** ত্রাণ। **২৪** শ্লোকচরণ। "অস্যাঃ পদানি রচয়স্যাঃ শ ৩.১১। চারু°, মধুর° ক.চ ৪৩। **২৫** উপদেশ। **২৬** প্রদেশ। **২৭** দ্যূতফলকস্থ কোষ্ঠ; পাশার ছকের কোঠা। "অষ্টাপদপদালেখ্যৈঃ গো রা ১.৫.১৪; রা ১ ৫.১৬। **২৮** (গণিতে) বর্গমূল। **২৯** (বাঙ্লায়) বৈষ্ণবভক্তরচিত গান। "°কর্ত্তা, পদাবলী। এক পদ বানাইয়া ভট্ট মহাশয়। শ্রীজীব গোস্বামিস্থানে আনন্দে পাঠায়॥—ভ.গ্র ৩৭৩। **৩০** সম্মানসূচক। "আদেশ পাইলে পদে জানাই সকল।—হেম ১৩৫। **৩১** ভিন্ন ভিন্ন ভোজ্য দ্রব্য—ব্যঞ্জনাদি। "ভোজের পদ। **৩২** কার্য্যাধিকার, চাকরী। "°ত্যাগ। [°কমল, °পঙ্কজ (ক্লী)—কমলতুল্য কোমল পদ। °ক্রম (পুং) পাদন্যাস, পাদচার। °গ (পুং)—'পদগামী', পদাতিক। °চ্ছেদ, °বিগ্রহ (পুং)—বাক্যের পদসমূহের বিশ্লেষ, পদবিভাগ। °গতি (স্ত্রী)—পাদচার, পদে গমন। "শ্রী.ম ২২৪। শ্রী ১৪৮। °পল্লব (পুং)—পল্লবতুল্য স্নিগ্ধপাটল পদ। "দেহি পদপল্লবমুদারম্ গী.গো ১০.৮। হেম ৩৭৭। °পাঠ (পুং)—উচ্চারণসহিত বেদের পদবিভাজক গ্রন্থবিশেষ। বিপ 'পদসংহিতা'। °ভ্রংশ (পুং)—অধিকারচ্যুতি, চাকরী হইতে ডিস্‌মিস্। °স্থ (বিণ)—উচ্চাধিকারস্থিত, বড় চাকরে। °স্থান (ক্লী)—পদচিহ্ন।]

পদ-উধ বি [পদায়ুধ > °ধ; সং চরণায়ুধ] 'পদপ্রহরণ', কুক্কুট। "চ.দা ৬৭।

পদক ক্লী [পদ+ক (কন্) স্বার্থে] পদ। —দক পুং **১** পদপাঠবেত্তা। **২** (বাঙ্লায়) বক্ষঃস্থলের ভূষণবিশেষ; তথ্‌তি। "ম ১২৬০। পদক 'মদন' নাম শোভিত সুবক্ষ ভ.গ্র ১৬৫। উরপর…পদক বিরাজ রা.শে ৯৭। **৩** বিষয়বিশেষে প্রতিষ্ঠার নিদর্শনস্বরূপ রৌপ্যাদির মুদ্রাবিশেষ (medal)। **৪** হারের মধ্যমণি। "হিয়ায় হীরার৹ হার মনোহর৹ তাহাতে পদক সাজে রা.শে ৩২।

পদছায়া বি [পদ্যে] পদাশ্রয়। "ক.চ ১০২।

পদন্যাস পুং [ষ.ত] **১** পদার্পণ, পদস্থাপন। **২** পদন্যাসচিহ্ন, পদাঙ্ক। **৩** বাক্যে পদবিন্যাস; পদরচনা। **৪** গোক্ষুরবৃক্ষ।

পদপঙ্‌ক্তি স্ত্রী [ষ.ত] **১** পদন্যাসপরম্পরা, পদাঙ্করাজি। "শ ৩.৪। **২** বিভক্ত্যন্তশব্দের পঙ্‌ক্তি; পদানুপূর্ব্বী। "কি ১০.১০।

পদবন্ধ বি **১** মিলিত সমসংখ্যক পদের প্রবন্ধ; ছন্দোবন্ধ। "তবাষ্টার্চ্চা পদবন্ধে রচিবারে চাহি ম.পা ১। **২** পয়ার। "বি.পা ৮৬,-৯; ১৬০,-২।

পদবি,-বী স্ত্রী [√পদ্+অবি-ণ, বিকল্পে স্ত্রী (ঙীষ্)—অ.টী] **১** মার্গ, পথ। "পদবীঃ কবীনাম্।—ঋগ্বেদ ৩.৫.১। অলক্ত্যাঙ্কাং পদবীম্ রঘু ৭.৭। শ ৪.১৪। পবনপদবী পু.মে ৮। যাই এই পদবীতে।—কু ১৫। **২** কর্ম্মমার্গ, অনুষ্ঠানপদ্ধতি। "পদবীম্…সংযমিনাং প্রপেদিরে রঘু ৮.১১। **৩** অধিকার, পদ। "রা ৩.২১.১৩। সাচিব্য°।—পঞ্চ ১২৬/৮; অমাত্য° ১২৮/২। **৪** দশা। "যৌবনপদবীমারূঢ়ঃ (পঞ্চ)। **৫** [বাঙ্লায়; অপ্র] পদপরিমিত স্থান। "ত্রিভুবন জোড়ে প্রভু-দ্বিপদ-পদবী চৈ.ম ৫১। **৬** উপাধি (title)। **৭** বংশসূচক শব্দ (surname)। **৮** গুণ-বিদ্যাজন্য উপনাম। "চৈ.ভা ১০৫। জগন্নাথ মিশ্রবর—পদবী 'পুরন্দর' চৈ.চ ৫১। 'লোকমান্য' তিলক। 'মহাত্মা' গন্ধী। 'ডাক্তার' রবীন্দ্রনাথ।

পদব্রজ বি পদে গমন; পাদচার। "পদব্রজে…পায়াছ বড় ক্লেশ। —ম ১২৭৫।

পদভঞ্জন ক্লী [ষ.ত] **১** পদব্যাখ্যানগ্রন্থ, নিরুক্ত। **২** গূঢ়ার্থব্যাখ্যা।

পদ(দু)ম বি [সং পদ্ম > লি পদুম; প্রা পদম (প্রা.ল ৩.৬৫, টীকা); হি পদ(দু)ম; পদমা (চ); বৈষ্ণবসাহিত্যে] **১** পদ্ম। "হৃদিপদম ভ.গ্র ১৭৬; করপদমে ৪৬৩; পদপদুমগন্ধ: পদপদুমরাগে চৈ.ম ৮; পদপদুমমধু ৯। করপদপদুমের গন্ধে প.র ৭৯।—দুমা বি **১** পদ্মা, লক্ষ্মী। "শ্রী.কী ৬; ৭। **২** (পদ্মাকার?) মিষ্টান্নবিশেষ। "রা শে ২২, টীকা। —দুমিনী বি [সং পদ্মিনী > লি পদুমিনী; প্রা পউমিনী; হি পদুমিনী] **১** পদ্ম। "চঞ্চরি পদু৹-মিনিক সদন সাজে জ.প ৩৫। পদুমিনী পাণি৹ পরশে পুলকায়িত গো ৮৯; বিকশিত পদুমিনী ২৩৯। চঞ্চরীকুল৹ পদুমিনী মুখ চুম্বিতা ব.প ১০৫২। বিকশিত পদুমিনী কোর।—ব ১৮৭। স্বর্ণ পদুমিনী৹ নাগরী রঙ্গিণী ভ.গ্র ৪৬৪। **২** পদ্মিনী নারী। "শ্রী.কী ১২। একে ধনি পদুমিনী বি.প ৬০। পদুমিনী পঞ্চম গাওত।—গো ৭৩; এ ধনি পদুমিনী ১২৪; রা.শে ১১৬।

পদরথ বি [অপ্র] পদরূপ যান; পদে অবস্থান। "পদরথে রণ কর না হএ উচিত অ.প ১৭। —রথী বি [অপ] পদাতি। "বৃসকেতু সমে গেল হইয়া পদরথী অ.প ২১। —রথী বিং পাদচারী। "(যৌবনাশ্ব) হইয়া পদরথী। যুধিষ্ঠির নৃপতিক করিল প্রণতি॥—অ.প ২৩; (ভীম) হাতে গদা হৈয়া জাএ হইআ পদরথী ৩৮। আপনে বেড়াইব আঙ্কি হইয়া পদরথী ব.প ৫৭৭।

পদলেহন বি 'পা চাটা'; অতি হীনভাবে খোসামোদ।

পদসংবাহন,-সেবা বি পদে হস্তাবমর্দ্দন; পায়ে হাত বুলান। "গোবিন্দ আইলা করিতে পদ-সংবাহন চৈ.চ ৩১৩।

পদা বি [সং পদাতি; অপ্র] পাদচারী সৈনিক। "ম ৫৫; ২৫৭; ৪৮৯। শ্রী.ম ২৩৩। ব.প ৬৭৬।

পদাঘাত পুং [তৃ ত] পাদপ্রহার, লাথি। "অশোককুঞ্জ উঠত ফুটে৹ প্রিয়ার পদাঘাতে চ কা ৩৩৭।

পদাঙ্ক পুং [ষ.ত] পদচিহ্ন (foot-print)। "সময়সাগর-তীরে৹ পদাঙ্ক অঙ্কিত ক'রে৹ আমরাও হব হে অমর।—হেম ২৪৭।

পদাত,-তি,-তিক পুং [পদ দ্বারা অত (গন্তা) তৃ.ত; পদ+ √অত্ +ই (ইন্)-ক; উ.ত; ক (কন্) স্বার্থে] **১** পাদচারী সৈনিক; পত্তি। "পত্তিঃ পদাতিম্ (অভ্যপতৎ)।—রঘু ৭.৩৭। কু.অ ২৪। পদাতি। —ম ১০১০। **২** পাদগামী, পেয়াদা, পাইক। "ডাক দিয়া বলিলেক পদাতির তরে ম.পা ৫৫। —দাতি বিণ পাদচারী। "রঘু ১৩.৬৬। উ চ ৫.১২। এতদাকর্ণ্য রাজা কোপাবিষ্টঃ পদাতিঃ…নিষ্ক্রান্তঃ।—পঞ্চ ৫৮/৫।

পদানুশাসন ক্লী [ষ.ত] শব্দানুশাসনগ্রন্থ; ব্যাকরণ।

পদান্তর ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] **১** অন্য পদ। **২** স্থানান্তর। "পদান্তরে স্থিতা। সদৃষ্টিক্ষেপম্।—শ ১২/৭। [শত পদান্তরে—এক শত পদ দূরে। "শতপদান্তরে গিয়া ধরিলেন কেশ ম.বি১৯৮।]

পদাবলী স্ত্রী [ষ.ত] সুপ্তিঙন্তপদরাজি। "মধুরকোমলকান্ত-পদাবলীং, শৃণু তদা জয়দেবসরস্বতীম্ গী.গো ১.৩।

পদাব্জ,-দাম্বুজ,-দাম্ভোজ,-দারবিন্দ ক্লী [উপ.স] পদ্মতুল্য কোমল পদ; চরণকমল। "°জ শ্রী.মা ৯৯; পদারবিন্দ ২১১ পদাম্বুজ ম.পা ১।

পদার্থ পুং [ষ.ত] ১ পদের অর্থ ; অভিধেয়। "অন্যতমো মুকুন্দাৎ কো নাম লোকে ভগবৎপদার্থঃ ভ ১.১৮.২১। ২ দ্রব্য, বস্তু। ৩ (ন্যায়ে) প্রমাণপ্রমেয়াদি ষোড়শবিধ। (বৈশেষিকে) দ্রব্যগুণকর্ম্মপ্রভৃতি সপ্তবিধ। (সাংখ্যে) প্রকৃতিমহদহঙ্কারাদি চতুর্বিংশতি ও পুরুষ—এই পঞ্চবিংশতি। (পাতঞ্জলে) সাংখ্যের পঞ্চবিংশতি ও ঈশ্বর—এই ষড়্‌বিংশতি। (বেদান্তে) চিৎ ও অচিৎ (আত্মা ও অনাত্মা)—এই দ্বিপ্রকার। ৪ (বাঙ্‌লায়) বাস্তবিক বা মূল জিনিস। "রাজপুত্র কহিলেন 'পালো কি?' দিগ্‌গজ কহিলেন, 'আতপ চাউল ঘৃতের পাক।' রাজপুত্র বুঝিলেন, পদার্থটা কি।—ব.প্র ৭৩। ৫ সার ; মনুষ্যত্ব। তু 'অপদার্থ'।

পদার্থন বি [পদার্থ > °ন, তু 'কদর্থন' ; অপ] সমাদর, আদর-যত্ন। "নানারূপে পদার্থন সমাধিয়ে করি চ.বি ৩৫৬,-৭।

পদার্পণ বি পদন্যাস ; আগমন (ভক্তিভাবে, শিষ্টাচারে)। "একবার হেথা পদার্পণ যদি হয় ভ.গ্র ২৫৫। প্রভু, তুমি০ পবিত্রিলা লঙ্কাপুরী ও পদ-অর্পণে।—মে ৪৯৬।

পদীপ বি [সং প্রদীপ > লি °প, প্রা পদীব ; কথ্যভাষা] প্রদীপ। "পদীপ সুচারু শূ ১০১।

পদুম, -মা, -মিনী দ্র 'পদম'।

পদ্দ বি [সং পদ্ম > বা °দ্দ (উচ্চারণানুসারে), অপ] পদ্ম, পদ্মাকৃতি চিহ্ন। "হাতে পদ্দ পাএ পদ্দ রাজার গো.চ ৫৭, ২০৯।

পদ্ধতি, -তী স্ত্রী [পাদ দ্বারা হতি (হননীয়), ষ.ত, পাদ > পদ্ (পা ৬.৩.৫৪), বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মার্গ, সরণি, পথ। 'ঈশ্বরা মলীমসামাদদতে ন পদ্ধতিম্ রঘু ৩.৪৬ ; মগ' ১১.৮৭, কবিপথম° ১৫.৩৩। পাষাণে রচিত কৈল পূজার পদ্ধতি ক.চ ৩৩। পশ্চিম পদ্ধতি শ্রী.মা ৮৪ ; ১৫০। পলাতে পদ্ধতি পড়ে বুলে শ্রী ১১৩ ; আকাশ° ২৪৬। ২ নিয়ম, বিধি। "দশকর্ম্ম°, দান°। বীরচারিত্র° উ.চ ৫২২। ৩ রেখা। "হল°। ৪ রাজি, পঙ্‌ক্তি। "রোম°। ৫ পঙ্‌ক্তিক্রম, পর্য্যায়। "তাহার (শিষ্যপ্রশিষ্যের) পদ্ধতি শুন ভ.গ্র ১৭১। ৬ প্রকার। "উপস্থানস্তোত্র° উ.চ ১$\frac{8}{5}$। ৭ শূদ্রের উপনাম—বসু ঘোষ ইত্যাদি। "বসুঘোষমিত্রাদিরূপা পদ্ধতি (উদ্বাহতত্ত্ব)। ৮ পদচিহ্ন। "দৃষ্টা…পাংশুপথে পদপদ্ধতী ক.সা ৯৮.২৫। তার পাছে পাছে দেখে রমণীপদ্ধতি শ্রী.মা ৯১। ৯ (বাঙ্‌লায়) পূজাদির বিধানগ্রন্থ। "পদ্ধতি লইয়া বৃহস্পতি সে দক্ষিণে।—হু ৬৩, ৯৩। পূজার পদ্ধতি ধরে পুরোধা শ্রী.মা ১৮৩।

পদ্ম পুং, ক্লী [√পদ্+ম (মন্)-ধি, উ ১.১৩৯] যাহাতে লক্ষ্মী যান (অ.টী) ; নলিন, কমল। "°বোধন গো.রা ২.৯৭.২। ভগবন্নাভ্যাঃ পদ্মঃ সমুত্থিতঃ মহা ৩.২৭১.৪৩। পাদপদ্ম পদ্মোপরি।—দু ৯০। —দ্ম পুং [পদ্ম+অ (অচ্) অস্ত্যর্থে] ১ 'পদ্মবান্', পদ্মচিহ্নযুক্ত হস্তী। ২ সর্পবিশেষ, 'পদ্মগোখুরা' (?)। ৩ দাশরথি, রাম। তু '(রামঃ) দশপদ্মবান্ গো.রা ৫.৩২.১১। ৪ কুবেরের নিধিবিশেষ। "শঙ্খপদ্মৌ চ দৃষ্ট্বা উ মে ১৯। জ্ঞা ৮০। পদ্মনন্দ কমণ্ডল ভা.চ ১৬০। ৫ রতিবন্ধবিশেষ। ৬ গুগ্‌গুলুবিশেষ। —দ্ম ক্লী ১ পদ্মমূল। ২ পদ্মকাষ্ঠ ওষধি। ৩ পদ্মাকৃতি ব্যূহবিশেষ। 'সর্মাবস্তৃতপরিমণ্ডলো মধ্যোপবিষ্টবিজিগীষুঃ পদ্মব্যূহঃ মনু ৭.১৮৮, টীকা। ৪ পদ্মাকার ভূষণবিশেষ। ৫ হস্তীর মুখাদিস্থ পদ্মসদৃশ চিহ্ন ; পদ্মক। ৬ শত নিখর্ব্ব বা দশ শঙ্খ সংখ্যা। "তিন পদ্মাযুত মাতঙ্গ।—ম ৩১৭ ; ৭৭৫। ৭ সীসক। ৮ (তন্ত্রে) ষট্‌চক্রের পদ্মাকার চক্র ; দেহস্থ নাড়ীচক্রভেদ (মেদিনী)। দ্র 'ষট্‌চক্র'। "ষোড়শদল হৃদিপদ্ম, পুষ্প করি সেই পদ্ম দা ২৭০। ৯ দেহস্থ গোল শ্বেত চিহ্ন ; পদ্মকাঁটা। ১০ (বাঙ্‌লায়) কমললতা। "°বন।—কৃ ১৪৬।
১ 'পদ্মযুক্তা', কমলা, লক্ষ্মী। "রঘু ৪.৫। ২ মনসা দেবী। দ্র 'পদ্মাবতী (১)। "ম.ম ৮। ৩ লবঙ্গ। ৪ (বাঙ্‌লায়) গৌরীর সখী পদ্মাবতী। "ক.চ ২৮,-৯। ৫ নদীবিশেষ। [°কন্দ (পুং)—পদ্মের গেঁড়। °কর্ণিকা (স্ত্রী)—পদ্মের বীজকোষ। °কলি (বি)—কমলকোরক, পদ্মের কুঁড়ি। "কুচ° বি.সু ৫৯। °কাষ্ঠ (ক্লী)—যাহার কাষ্ঠ পদ্মতুল্য সুরভি ; ওষধিভেদ। "ম ম ১৯৯। °কোশ (পুং)—পদ্মমুকুল। "চরণৌ তস্যাঃ পদ্মকোশসমপ্রভৌ রা ২.৬০.১৮। °জ, °জাত (পুং) নাভিপদ্মজাত ব্রহ্মা। °তন্তু (পুং)—মৃণাল। °দল (ক্লী)—কমলপত্র, পদ্মের পাপড়ি। "মৃগং পদ্মদলেক্ষণম্।—গো.রা ২.৬২.২০। °নিধি (পুং)—পদ্মনামক রত্নবিশেষ। "পঞ্চ ৫$\frac{3}{5}$। °প্রিয়া (স্ত্রী)—মনসা। °বন্ধু (পুং)—সূর্য্য ; ভ্রমর। °মালিনী (স্ত্রী)—লক্ষ্মী। °মুখ (বিণ)—পদ্মতুল্যমুখযুত ; প্রসন্নবদন। "°মুখী সীতা।—কৃ ১৪৬। °যোনি (পুং)—বিষ্ণুর নাভিপদ্মজাত ব্রহ্মা। "ভা.চ ২৯০। °রাগ (পুং)—কোকনদরাগবৎ লোহিত মণি ; লোহিতক (ruby)। "কু.স ৩.৫৩। °রেখা (স্ত্রী)—করতলস্থ পদ্মাকৃতি রেখা।]

পদ্ম-আঁখি বি [পদ্যে] ১ কমললোচন কৃষ্ণ। "পদ্ম-আঁখির পাদপদ্মে।—দা ২৭০। ২ রাম। "পদ্ম আঁখি আজ্ঞা দিলে পদ্মবনে আমি যাব (স্বর্ণলতা)।

পদ্মকর পুং [বহুব্রী] 'করধৃতকমল', বিষ্ণু। ২ পদ্মে যাহার কিরণহস্ত, সূর্য্য। ৩ [উ.লো] পদ্মতুল্য কোমল হস্ত। "মে ৭০। —করা স্ত্রী লক্ষ্মী। "ভ ৪.২০.২৭।

পদ্মকাঁটা বি [সং পদ্মিনীকণ্টক] খরস্পর্শ গোলচর্ম্মরোগভেদ।

পদ্মগন্ধ, -ন্ধি বিণ [পদ্মের তুল্য গন্ধ যাহার, বহুব্রী, সমাসে 'ই' (ইৎ), পা ৫.৪.১৩৭, বিকল্পে 'ই' (বোপদেব)] পদ্মতুল্যগন্ধযুক্ত, কমলগন্ধি। "পদ্মগন্ধি (মৃগম্) গো.রা ২.৬২.২০। —গন্ধা, ন্ধি ক্লী পদ্মকাষ্ঠ।

পদ্মগর্ভ পুং [বহুব্রী] ১ বিষ্ণুনাভিপদ্ম যাহার গর্ভ ; পদ্মযোনি, ব্রহ্মা। দ্র 'ভ ৯.১.৮-৯। ২ যাঁহার হৃৎপদ্ম গর্ভ ; বিষ্ণু। ৩ শিব। ৪ [ষ.ত] পদ্মমধ্য, কমলাভ্যন্তর।

পদ্মগোখুরা বি মস্তকে পদ্মচিহ্নযুক্ত গোখুরসর্প।

পদ্মচিনি বি পদ্মতুল্য শ্বেতশর্করাবিশেষ। "চৈ.চ ১৫৮ ; ৩১৪,-৪৭। রা.শে ২২। ব.প ১৫৮১।

পদ্মনাভ, -ভি পুং [পদ্ম নাভিতে যাহার অথবা পদ্মাকার নাভি যাঁহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্) ; বাহুলকে '°ভি'] বিষ্ণু।

পদ্মনাল ক্লী [ষ.ত] মৃণাল। "পদ্মযোনি পদ্মনালে ভাল পড়েছিল। ভুজ দেখি কাঁটা দিয়া জলে ডুবাইল॥—ভা.চ ২৯০।

পদ্মপত্র, -পর্ণ ক্লী [ষ.ত] ১ কমলদল। "নেত্রে…পদ্মপত্রনিভে মহা ৪.১৪.১৪। পদ্মপত্র যুগ্মনেত্র।—ম ১৯১। ২ পুষ্করমূল। —পত্র বি (বাঙ্‌লায়) পদ্মের পাতা। "সব্বদা চঞ্চল, পদ্মপত্র-জল।—কৃ ৩৫২। ভবের পদ্মপত্রে জল০ সদা করচি টলমল।—গান ১২৬।

পদ্মপলাশ ক্লী [ষ.ত] পদ্মপত্র। [°লোচন (পুং)—'পদ্মপত্রতুল্যনেত্র', বিষ্ণু। "ভ ৪.৮.২৩। দা ১৯৯২।

পদ্মপাণি পুং [বহুব্রী] ১ 'পদ্ম পাণিতে যাঁহার' ; বিষ্ণু। ২ ব্রহ্মা। ৩ 'পদ্মগতকিরণহস্ত', সূর্য্য। ৪ বুদ্ধদেব।

পদ্মপুরাণ ক্লী অষ্টাদশপুরাণান্তর্গত মহাপুরাণবিশেষ।

পদ্মবন্ধ পুং [বহুব্রী] যাহাতে পদ্মাকৃতি বর্ণপ্রবন্ধ ; শব্দালঙ্কারে চিত্রকাব্যবিশেষ। "সা.দ ১০.১৩।

পদ্মবাসা স্ত্রী [পদ্মে বাস যাঁহার, বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] পদ্মালয়া লক্ষ্মী ; পদ্মা।

পদ্মভব, -ভূ, -সম্ভব পুং [বহুব্রী] যাহার পদ্ম জন্মস্থান ; ব্রহ্মা। "পদ্মভব ভ ৫.২১.৩।

পদ্মরাজ বি ধান্যবিশেষ ও তাহার তণ্ডুল। "ভা.চ ৫৪৯।

পদ্মলাঞ্ছন পুং [বহুব্রী] ১ 'পদ্মচিহ্নযুক্ত', ব্রহ্মা। ২ কুবের। ৩ সূর্য্য। ৪ রাজা। —ঞ্ছনা স্ত্রী ১ লক্ষ্মী। ২ সরস্বতী। ৩ তারা।

পদ্মহস্ত পুং [বহুব্রী] ১ 'হস্তে পদ্ম যাঁহার' ; বিষ্ণু। ২ সর্থ 'পদ্মকর (২)। ৩ [উ.লো] পদ্মতুল্য কোমল হস্ত ; পাণিকমল। "কৃ ১২ ; ২৬৩। পদ্মহস্ত বুলান বদনে।—দু ৫৬। °যুগল শ্রী.মা ১৪৩। ম.পা ১৫২। —হস্তা স্ত্রী লক্ষ্মী।

পদ্মাকর পুং [পদ্মের আকর, ষ.ত] ১ সপদ্ম অগাধ জলাশয় ; তড়াগ। "বা.দ ১৮৬। অগাধ মহাজলাশয় (অ.টী)। ৩ জলাশয়মাত্র।

পদ্মাক্ষ বিণ [পদ্মতুল্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) ; স্ত্রী -ক্ষী] কমলদলনেত্র ; বিশালাক্ষ। "ম ৭৬৯। কেশববাসনা পদ্মাক্ষী।—মে ৩৫। —দ্মাক্ষ পুং পদ্মপলাশলোচন, বিষ্ণু। —দ্মাক্ষ ক্লী পদ্মের অক্ষিতুল্য ; পদ্মবীজ। —দ্মাক্ষী বি পদ্মনেত্রা, বিশালাক্ষী, সুন্দরী। "তব পুণ্যবলে পদ্মাক্ষি।—মে ৩০৪।

পদ্মাবতী স্ত্রী [পদ্ম+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্), সংজ্ঞায় দীর্ঘ, দ্র 'পা ৬.৩.১২০] ১ মনসাদেবী। "ম.ম ৩ ; পদ্মবনে উৎপত্তি, নাম থুইল পদ্মাবতী ৯। পাতালে জন্মিল সেই পদ্মবনে স্থিতি। এতেক হইল নাম জয় পদ্মাবতী ॥—বি.পা ৬৬। ২ পদ্মানদী। "পদ্ম মুনি লয়ে গেল নাম পদ্মাবতী।—কৃ ২১। চৈ.ভা ১০৩,-৪। চৈ.ম ৭৪,-৫। ৩ কবি জয়দেবের পত্নী। "°রমণকবিভাবতী গী.গো ১০.৯। ৪ চণ্ডীর সখী। "ক.চ ৭৪ ; ১৯৪।

পদ্মালয় পুং [বহুব্রী] পদ্ম যাঁহার আলয় ; পদ্মযোনি, ব্রহ্মা। —লয়া স্ত্রী ১ লক্ষ্মী। "কৃ ১৪৬। ২ লবঙ্গ।

পদ্মাসন পুং [বহুব্রী] ১ যাঁহার আসন পদ্ম ; কমলাসন, ব্রহ্মা। "ম ৯৫১। ২ শিব। তু 'পদ্মাসীনম্ (মহেশং ধ্যায়েৎ)। —সন ক্লী [উ.লো] ১ যোগীর আসনবিশেষ। "বদ্ধ°, মগ্ন°। [এই আসনে বাম ঊরুতে দক্ষিণ এবং দক্ষিণ ঊরুতে বাম পদ রাখিয়া, পৃষ্ঠে বিবর্ত্তিত বাম হস্তে বাম পদের এবং দক্ষিণ হস্তে দক্ষিণ পদের অঙ্গুষ্ঠ ধরিয়া, হৃদয়ে চিবুক সংলগ্ন করিয়া নাসাগ্র দেখিতে হয়।] ২ [কর্ম্মধা] পদ্মরূপ আসন। "°স্থায় পিতামহায় কু.স ৭.৮৬।

পদ্মিনী স্ত্রী [পদ্ম+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পদ্মযুক্তদেশ, পদ্মপূর্ণ সরোবরাদি। ২ সরোবর। ৩ পদ্মলতা, পদ্মঝাড়। "(বারি) আদায় পদ্মিনীপত্রৈঃ গো.রা ৩ ৭৬.১২। পদ্মিনীব সুতেয়ং তে হ্রদাদস্মাদ্ধ্রদং গতা মহা ১.১৯৫.১১। কু.স ৩.৭৬। শিশিরমথিতাং পদ্মিনীম্ উ.মে ২২। ৪ মৃণাল। ৫ পদ্ম। "পদ্মিনী মুদয়ে আঁখি চন্দ্রেরে দেখিলে ভা.চ ২২। ৬ পদ্মসমূহ। ৭ পদ্মগন্ধা স্ত্রীবিশেষ। 'ভবতি কমলনেত্রা নাসিকা ক্ষুদ্ররন্ধ্রা, অবিরলকুচযুগ্মা চারুকেশী কৃশাঙ্গী। মৃদুবচনসুশীলা গীত-বাদ্যানুরক্তা, সকলতনুসুবেশা পদ্মিনী পদ্মগন্ধা ॥—রসমঞ্জরী। "ভা.চ ৭২১,-২। ম ১২০৫। শ্রী মা ২০৯। ম.পা ১৩৬। দুহিতা পদ্মিনী শ্রী ১০। কৃষ্ণচন্দ্রে দেখিতে পদ্মিনী আঁখি মিলে ভা.চ ২২। রঙ্গ ৮৫। ৮ হস্তিনী। দ্র 'পদ্ম' ক্লী (৫)। ৯ (বাঙলায়) পদ্মাসীনা নারী ; কমলকামিনী। "নিবসে পদ্মিনী তায় ধরিয়া কুঞ্জর ক.চ ২৪১। [°কণ্টক (পুং)—চর্ম্মরোগবিশেষ, পদ্মকাঁটা। "সুশ্রুত ২.১৩.২। °কান্ত, °বল্লভ, °নীশ (পুং)—'পদ্মিনীর প্রিয়' ; সূর্য্য। °লতা (বি)—পদ্মলতা, পদ্মঝাড়। চৈ.চ ৩৪৬। °খণ্ড, °ষণ্ড (ক্লী)—পদ্মিনী-সমূহ, পদ্মের ঝাড়সকল। "°ষণ্ডমণ্ডিতং সরঃ।—পঞ্চ ৫$\frac{৭}{৭}$ $\frac{৬}{৭}$।]

পদ্মী (-দ্মিন্) পুং [পদ্ম+ইন্ (ইনি)-১ব] ১ 'পদ্মবান্', বিষ্ণু। ২ হস্তী।

পদ্মোদ্ভব পুং [বহুব্রী] 'পদ্ম যাঁহার জন্মস্থান', ব্রহ্মা। "মহা ১৩.৬.৪। —দ্ভবা স্ত্রী মনসা।

পদ্য বিণ [পদ+য (যৎ)] ১ 'যাহাতে পদচিহ্ন দৃশ্য', নাতিশুষ্ক। "পদ্যঃ কর্দ্দমঃ পা ৪.৪.৬৭। ২ পদহিতকর। ৩ পদবদ্ধ (শ্লোক)। —দ্য পুং 'পদজাত', শূদ্র। 'পদ্ভ্যাং শূদ্রো ব্যজায়ত (যজুর্ব্বেদ)। —দ্য ক্লী ১ ছন্দোবদ্ধ চতুষ্পদী ; কবিকৃতি, শ্লোক। 'ছন্দোবদ্ধপদং পদ্যম্ সা.দ ৬.৩১৪। ২ [বাঙলায় ; অপ্র] ছন্দোবদ্ধ তালের বোল। "সুপদ্য বাজে বাদ্য শ্রী ১৯ ; কত পদ্য বাদ্য বাজে ২৩ ; ৩৫ ; ৫৩। বাদ্য-পদ্য অতি মনোহর রা.শে ৯৭। —দ্যা স্ত্রী ১ হস্তত্রয়পরিমিত পথ (শু ১.২৬২) ; মার্গ, পথ। ২ স্তুতি। ৩ 'পদবেধকারক', শর্করা, কাঁকর। "পা ৪.৪.৮৩।

পন্ সক [ভ্বা, ঙ—পনতে, পনায়তি, -তে (ক.ক) ; সেট্] স্তুতি।

পনই বি পানাপুখুর। "দারুণ পনই জল ঃ পনইতে আরোপিল হাপ: পনই পরীক্ষা ক.চ ১৮২।

পনবাহা বি [পণ (পণ)+ফা 'বাহা'—দাম] ভূমিবিক্রয়ে পণমূল্য বা দাম। "একুইস টাকা শীর্কা পনবাহা E.P. 69.

পন(নে)র স.বিং [সং পঞ্চদশ >লি পণ্ণরস ; প্রা পণ্ণরহ (হে) >বা °র ; হি পংদরহ ; ঠ পংধরা ; গু পংদর ; পন্দর (গো.চ)] পঞ্চদশ-সংখ্যক। "পনের গো.চ ৫০৩। ভা.চ ২৯২। বয়স পনের বৎসরমাত্র ব.প্র ১৮২। —র বি পনর (১৫) সংখ্যা। —রই বি মাসের পনর তারিখ। দ্র 'আটই'।

পনস পুং [পন্+অস (অসচ্)-র্ম্ম, উ.ত ৩ ১১৭] ১ কাঁটাল গাছ। "রা ২.৯১.৩০ ; ৩ ১৫.১৮। ২ কণ্টক। —স ক্লী পনসফল, কাঁটাল। "নবপুলকবলিত তনু। শোহে কনক° জনু ॥—ন.প ২৮৪। চৈ ৫৯। —সা, -সিকা, -সী স্ত্রী কর্ণমধ্যজাত বাতকফহেতুক ব্রণরোগ (সুশ্রুত)। [পনসাস্থি (ক্লী)—পনসবীজ, কাঁটালের বীচি (সুশ্রুত)।]

পনা প্র ১ সর্থ 'পণ২। "নিঠুর°। ঠগ° ভ.গ্র ২২৭। অশান্ত° বি.সু ৫৯। ধূর্ত্ত° ভা.চ ৩৬৭। ২ [পোনা > °না] মাছের বাচ্চা। "শোলের পনা বি.পা ১৬৭।

পনি বি [E. pony] খর্ব্বাকার অশ্ববিশেষ ; টাট্টু। "শু ৮৬।

পনির বি [ফা পনীর্ ; ঠ পনের, -রী] লবণরসে রক্ষিত ছানাবিশেষ (cheese)।

পন্ত বি [পন্থ > °ন্ত] পথ। "মী ১২। ম.গা ১৫। গো.চ ৫৯।

পন্থ বি [সং পথিন্—পন্থাঃ (প্রথমা-১ব) >লি পংথ ; প্রা পংথ ; হি পন্থ ; ঠ পাংথ ; জাটু—'পংথ' ; পঁথ (চট্টগ্রাম) ; পংথ (অশোক-অনুশাসন) ; পন্থে] ১ পথ। "পন্থ-বিপন্থ নাহি মান বি.প ৮৯ ; ৯০ ; মাধবী° ৯৫। গো.চ ২৫। পন্থে ম.পা ৬৪। °গত ন.প ১৪০। চলইতে পন্থে।—গো ৬৩। চৈ.ম ২৯। পন্থ হেরত হরি প.র ৪২। পন্থ বিজন—গান ১৬২। ২ উপায়। "তরণের পন্থ ম.পা ৬৩। চোরিক পন্থ।—গো ১০৪। ৩ কর্ম্মমার্গ। "যথাশক্তি বর্ণিল জানিঞা সাধুপন্থ ভ.গ্র ৪৮৩। [পন্থক, -কি—পথের। "পন্থক চোর।—জ্ঞা ১৭৫। পন্থকি দুখ ব.প ১০৩৯। পন্থতে, -ন্থে—পথে। "শ্রী.কী ৮১,-২। °বিপথ, °বিপন্থ—পথ-বিপথ, পথাপথ। দ্র '(১)। পন্থ-বিপন্থ কছু লখই না পারিয়ে।—গো ২০৬। পন্থ-বিপথ নাহি মান।—জ্ঞা ১৯৪ ; ন.প ১৫১। পন্থে পন্থে—পথে পথে ; সকল পথে। "পন্থে পন্থে মঙ্গল দেখিল ম.পা ১২৮।]

পন্থা বি [দ্র 'পন্থ] পথ ; উপায়। "বক্রেশ্বর সাইতের পন্থায় আসিয়া মতিলালের মনযোগান কথা অনেক বলিল আ.দু ১৩৭। প্রণয়-পরিশোধের আর পন্থা কি ?—কাদ ৭০। দেখুন যদি কোন পন্থা থাকে।—নী ৮৮।

পন্থিক বি [লি পন্থিক ; প্রা পংথিঅ (প্রা.ম) ; হি পংথী ; ঠ পাথিক, পাংথিক ; বৈষ্ণবসাহিত্যে] পথিক। "রাধা নাম. কহই যদি পন্থিক. শুনইতে আকুল কান।—গো ২০৮ ; জ্ঞা ২১১ —স্থী বি [হি পংথী]

সম্প্রদায়বিশেষের বিহিতধর্ম্মপথাবলম্বী। "অঘোর°, কবীর°, দাদূ°, নানক°।

পন্থী দ্র 'পন্থিক'।

পন্নগ পুং [পন্ন+ √গম্+অ (ড)-ক, পা ৩.২.৪৮, সি ; অথবা, পদ্+ন+গম্+অ (ভরত) ; উ.ত] যে পন্ন (পতিতভাবে) যায় ; যে পদে যায় না ; সর্প, উরগ। "রা ২.৪৭.১৭। বিপ্রকৃতঃ পন্নগঃ ফণং কুরুতে।—শ ৬.৩০। ম ৪৫ ; ৬৪৮। স° মে ২৫২। —গ ক্লী ১ পদ্মকাষ্ঠ। ২ সীসক। —গী স্ত্রী [°গ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সর্পী। "নির্মুক্তেব হি পন্নগী রা ২.৪৩.২। ভ ৩ ১৯.১০। ২ মনসা। [°কেশর (পুং)—নাগকেশর। °গারি (পুং)—সর্পশত্রু, গরুড়। "শেষঃ শয্যা শয়নমুদধৌ বাহনং পন্নগারিঃ (সু র)। °গাশন (পুং)—'সর্পভক্ষক', গরুড়। "ম ৬৪৮। মে ৪৮।]

পন্‌পন্ বি [ধ্বন্যাত্মক] মশার ডাক। "(মশাগণ) লাখে লাখে ধেয়ে পাখে ডাকে পন্‌পন্ শি ৭৮।

পপাত সং, ক্রি [√পত্+অ (অতীত, ১ম পু -১ব)] পতিত হইল। "ধমকোতে তপোধন,...একেবারে ভূতলে পপাত ন ৯৫২।

পপিহ, -হা বি [হি পপীয়া ; 'পিয় পিয়'—মূল ; ধ্বন্যাত্মক ; দ্র 'পাপিয়া'] 'পিয়পিয় (পিউ পিউ)-রবকারী পক্ষী ; চাতক। "পপিহা দারুণ, পিউপিউ সুমরণ বি.সা ৪২৬ ; পিয় পিয় রটয় পপিহরা রে ৪৩০।

পবন পুং [পূ+অন (ল্যূট্)-ক] ১ 'পূতীকারক', বায়ু। "আস্য°, নিঃশ্বাস°। পবনঃ পবতামস্মি গী ১০.৩১। পবনশ্চানুকূলঃ পূ.মে ৯। নীতিমগ্ন° হি ৩.১৫২। ২ প্রাণবায়ু। ৩ শরীরস্থবায়ু। "°ব্যাধি। °প্রভবরোগ (সুশ্রুত)। ৪ বিষ্ণু। ৫ বায়ুদেবতা। "পবনস্য হ্রদে (স্নাত্বা বায়ুলোকে মহীয়তে) মহা ৩.৮৩.১০৫। পবনের জন্মভূমি : উনপঞ্চাশ পবন।—কু ৬৮ ; দেবতা পবন ১৯৫। °নন্দন।—মে ২৭। ৬ আবসথ্যাগ্নি। "মনু ৩.১৮৫, কুল্লূক। —ন ক্লী [+অন -ভা] ১ পবিত্রীকরণ ; শোধন। ২ নিস্তুষীকরণ। ৩ [+অন-ক] জল। ৪ [+অন -ণ] শোধনযন্ত্র, চালনী। —ন পুং, ক্লী [+অন -ধি] কুম্ভকারের আমমৃৎপাত্রপাকের স্থান ; পোয়ান (potter's kiln)। —নী স্ত্রী সম্মার্জ্জনী, ঝাঁটা। [°গমন (বিং)—বায়ুগতি, অতিশীঘ্রগামী। "অশ্ব পবনগমন।—ম ৮ ; রথ পবনগমন ৪২৭। °তনয়, °নন্দন, °সুত (পুং)—হনূমান্। "°ন কৃ ১ ; ম ১৯৬। °পথ (বি)—১ আকাশ। "মে ১০। ২ বায়ুসঞ্চারপথ। "আয়েষা...পবনপথ কক্ষবাতায়নে দাঁড়াইলেন ব.প্র ১০৫। °পদবী (স্ত্রী)—বায়ুপথ, আকাশ। "পূ.মে ৮। °বাহন (পুং)—অগ্নি। °বিজয় (পুং)—শুভাশুভসূচক শ্বাসবায়ুর বিজয়বিষয়কগ্রন্থ (গরুড়পুরাণ) °ব্যাধি (পুং)—১ বায়ুরোগ, বাতব্যাধি। ২ উদ্ধব। "মাঘ ২.১৫। °ভক্ষ (বি)—'বায়ুভোজী', সর্প। "পবনভক্ষের ভক্ষ ঘন ডাকে সেই বি.সু ৫৫।]

পবনাত্মজ পুং [ষ.ত] ১ 'পবনপুত্র', হনূমান্। ২ ভীম। ৩ বহ্নি। তু 'বায়োরগ্নিঃ (শ্রুতি)।

পবনাল পুং দেবধান্য, দেধান (ভাবপ্রকাশ)।

পবনালম্বী (-ম্বিন্) বিণ [পবন+আ- √লম্ব্+ইন্ (ণিনি)-ক -১ব] পবনাশ্রিত, বায়ুচালিত। "পবনালম্বিভির্মেঘৈঃ পরিক্ষিপ্তম্ মহা ৩.১০৮.৫।

পবনাশ, -শন পুং [পবন+ √অশ্+অ (অণ্)-ক ; উ.ত ; পবন অশন যাহার, বহুব্রী] 'বায়ুভক্ষ্য', সর্প।

পবনাশনাশ পুং [পবনাশন+ √অশ্+অ (অণ্)-ক ; উ.ত] ১ 'সর্পভক্ষক', গরুড়। ২ ময়ূর। "ভা.চ ৩২৪ ; বি.সু ৫৫।

পবমান পুং [√পূ+মান (শানচ্)-ক, পা ৩.২.১২৮] ১ পবন, বায়ু। "রঘু ৮.৯। ম ১২৫৯। ২ গার্হপত্যাগ্নি।

পবিত বিণ [√পূ+ত (ক্ত)-র্ম্ম, বিকল্পে 'ই' (ইট্), পক্ষে 'পূত', পা ৭.২.৫১] পবিত্রীকৃত, শোধিত। —বিত ক্লী মরিচ। —বিতা (-তৃ) বিণ [+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] পবিত্রীকর্ত্তা। "কুলশ্রিয়া যঃ পবিতাম্মদন্বয়ম্ নৈ ১৫.৬।

পবিতা দ্র 'পবিত'।

পবিত্র বিণ [√পূ+ইত্র-ণ ; পবি (বজ্র)+ √ত্রৈ+অ (ক)-ক (নীলকণ্ঠ)] ১ 'শুদ্ধিসাধন', পাপনাশক। ২ শুচি, পূত, শুদ্ধ। ৩ বজ্রবৎ জন্মমরণাদিদুঃখত্রাতা। "পবিত্রম্...গঙ্গাযমুনয়োঃ...সঙ্গমম্ মহা ৩.৮৭.১৮। ৪ ব্রতশৌচাদিদ্বারা শুদ্ধ। —ত্র পুং তিলবৃক্ষ। —ত্র ক্লী ১ শুদ্ধিকর বস্তু। "ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে গী ৪.৩৮। ২ পাবন তপস্যাদি বা যজ্ঞদানাদি। "(অহম্) পবিত্রম্ গী ৯.১৭। ৩ ঘৃতসংস্কারার্থ সাগ্র নির্গর্ভপ্রাদেশমাত্রপরিমাণ কুশপত্রদ্বয়। 'অনন্তর্গর্ভিণং সাগ্রং কৌশং দ্বিদলমেব চ। প্রাদেশমাত্রং বিজ্ঞেয়ং পবিত্রং যত্র কুত্রচিৎ॥—কাত্যায়ন ২.১০। ৪ শুদ্ধিকর কুশরচিত অনামিকাবেষ্টন বা কুশাঙ্গুরীয়কবিশেষ। "পা ৩.২.১৮৫। মনু ২.৭৫। ৫ যজ্ঞোপবীত, পইতা। ৬ কুশ। "পা ৩.২.১৮৫, কাশিকা। °পাণি যাজ্ঞ ১.২২৬। ৭ বর্ষণ, বৃষ্টি। ৮ তাম্র। ৯ জল। ১০ ঘৃত। ১১ মধু। ১২ ঘর্ষণ, মার্জ্জন। ১৩ ঋষি, বেদমন্ত্র (সি) ; মন্ত্র। "মনু ৩.২৫৬। ১৪ [+ইত্র-ক] দেবতা। "অগ্নিঃ পবিত্রং স মা পুনাতু পা ৩.২.১৮৬, সি। ১৫ বিষ্ণু। ১৬ শিব। ১৭ (বাংলায়) অশ্লীলতাহীন ভদ্রোচিত মিষ্ট। "ভালকর্ম্ম দেখিলে করেন প্রশংসন। মন না মানিলে করে পবিত্র ভর্ৎসন॥—চৈ.চ ১৪৮। —ত্রা স্ত্রী ১ তুলসী। ২ হরিদ্রা। [°ধান্য (ক্লী)—যব। °পারোপণ, -রোহণ (ক্লী)—উপবীতদান, পৈতা দেওয়া। "পবিত্রপারোপণকৃতে মম গৃহমাগম্যতাম্।—পঞ্চ ১ ২/৮ ৩/৮।] [পবিত্রিলা (তু 'সং √পবিত্রয় ক.সা ২.২৮)—পবিত্র করিলা। "পবিত্রিলা লঙ্কাপুরী ও পদ-অর্পণে!—মে ১৯৬।]

পবিত্রক পুং [°ত্র+ক (কন্) সংজ্ঞার্থে] ১ কুশ। ২ অশ্বত্থ। ৩ উডুম্বর। —ত্রক ক্লী ১ (ক্ষত্রিয়ের উপবীতসূত্র) শণসূত্র। ২ শণসূত্র-কৃত জাল।

পবিত্রা দ্র 'পবিত্র'।

পবিত্রিত বিণ [√পবিত্রি+ত (ক্ত)-র্ম্ম] পবিত্রীকৃত, শোধিত। "করি শান্ত শৈলানিল, পবিত্রিত।—ন ৭৮০।

পবীতক বি [সং উপ° ; অপ্র] উপবীত। "উরগ°ধারী ম.পা ৭।

পব্বত বি [সং পর্ব্বত > লি পব্বত, প্রা পর্‌বয > বা °ত] পর্ব্বত। "°তের চূড়া গো.চ ১১৬। [°জীরা—ধান্যবিশেষ। °ব.প ১১৬।]

পমেটম্ বি [E. pomatum ; L. pomum, because originally made from apples.] ১ চুলে মাখাব নিমিত্ত সাদা সুগন্ধি চর্ব্বির মত দ্রব্যবিশেষ। ২ স্ত্রীলোকের সখীত্বসূচক সম্বন্ধবিশেষ। "পা.প্র ৫০।

পম্প বি [E. pump] জল তোলার কল ; দমকল ; বোমা।

পম্পা স্ত্রী ১ ঋষ্যমূকপর্ব্বতের নিকটস্থ সরোবরবিশেষ। "রা ১.১ ৫৮ ; ৩.৭৫.১১। এষা পম্পা শিবজলা মহা ৩.২৮৭.৪৪। °সলিলানি রঘু ১৩ ৩০। এতৎ পম্পাভিধানং সরঃ উ.চ ১ ৩/৫। ভট্টি ৬.৭২। এই এ দিকে পম্পাসরোবর সী ১২।

পয়্ সক [ভ্বা, ঙ—পয়তে ; সেট্] গতি। "পয়স্।

পয়[1] বি [সং পয়স > লি, প্রা, হি—পয] ১ দুগ্ধ ; স্তনদুগ্ধ। "আলো স্তনে ক্ষরে কেন পয় বি.সু ৭৫। ২ জল। "°নিধি শ্রী.মা ১৮০। বা.দ ৯৫।

পয়[2], **-য়া** বি [অপয়া > পয়া (বৈপরীত্যে)] ভাগ্য, লক্ষণ। দ্র 'অপয়া'। "গৌরি! তোমার পয় মন্দ।—দা ৯৩২। [পয়মন্ত—সৌভাগ্যবতী, সুলক্ষণা। "ছোট বউ বড় পয়মন্ত।—নী ১৬।]

পয়ঃ (-য়স্) ক্লী [√পী (পান)+অস্ (অসুন্)-র্ম্ম (অ.টী), উ ৪.১৮৮ ; অথবা, √পয়্+অস্-ক ; 'পয়স্'—জল, ক্ষীর (ঋগ্বেদ ১.২২.১৪)] ১ 'যাহা পেয় ; নিম্নগামী', জল "(কঃ) পয়শ্চ নিম্নাভিমুখং

প্রতীপয়েৎ কু.স ৫.৫। ঘনোদরঃ প্রাক্ তদনন্তরং পয়ঃ শ ৭.৩০। পয়ঃ প্রতপ্ত।—রঙ্গ ১৯৬,-৭। **২** দুগ্ধ। "স্কন্দস্য মাতুঃ পয়সাং রসজ্ঞঃ রঘু ২.৩৬। বিষকুম্ভং পয়োমুখম্ হি ১.৭৮। পয়ঃপান চৈ.ভা'৩২০। **৩** বীর্য্য। [°পান (স্ত্রী)—**১** দুগ্ধপান। "হিং ৩.৪। **২** জলপান। °ফেন (পুং) —দুগ্ধফেন ; জলফেন। "°নিভা শয্যা ভ ৪.৯.৬১।]

পয়গ(গা)ম্বর, পেকাম্বর, -গম্বর, পৈ(প্যা)গম্বর বি [ফা পয়্‌গ.ম্বর্] **১** ঈশ্বরের দূত; ভবিষ্যদ্বক্তা (prophet)। "বিষ্ণু হৈলা পেকাম্বর শূ ১৪১। পয়গাম্বর ম.ম ৫৭। কেরামত দেখা যদি সখা পৈগম্বর রা.স ২২। পীর প্যাগম্বর।—জা ৩৫। **২** মাননীয়। "পেগম্বর জমিদার।—হেম ৩৮০।

পয়জার বি [ফা পয়্‌ জ়ার্] চটিজুতা। "মাথায় মার পয়জার পঞ্চাশ ব.প ৪৭৮। জা ৩১।

পয়দল বি [সং পদিক ; হি পৈদল ; ঠ পায়দল. (পাদদল)] পদাতিক সৈন্য। "হস্তি ঘোড়া পয়দল শূ ১৩৩। শ্রী.মা ২০৪। পয়দল কলবল ভা.চ ৪৫৮।

পয়দা বিং [ফা পয়্‌দা] জনিত, জাত ; নিৰ্ম্মিত, উৎপাদিত।

পয়ন বি [সং প্রয়াণ > প্রা পযাণ > বা °ন ; অপ্র] গমন, ছাড়িয়া যাওয়া। "পরান পয়নে যেন পাই দরশন শ্রী.মা ১৯৪।

পয়নালা বি [হি পৈনালা] জলনির্গমনপথ, নবদমা।

পয়পয় ; পয়মস্ত দ্র 'পইপই ; পয়³'।

পয়মাল বিং [ফা পামাল্] ধ্বংসপ্রাপ্ত, নষ্ট, সৰ্ব্বস্বান্ত। "বাদিয়ে ভারি গোলমাল, এবার হলি পয়মাল দা ২১৩২। —মাল বি **১** বিধ্বংস, বিনাশ। "পয়মাল হেত্যারে পাষাণ পেলে কাটে শ্রী.মা ১৮৭ ; পদাতি বারণ কেটে পয়মাল করে ২০৫। **২** সৰ্ব্বনাশ, সৰ্ব্বস্বান্ত। "বলে মা কি করলি কালি, একেবারে পয়মাল!—দা ৮ ; জান না আছে দায়মাল ?, একেবারে পয়মাল করিব ৫৭০ ; ফিরে দাও আমার মাল, পয়মাল যদ্যপি বাঞ্ছা নাই ২০৮৪।

পয়লা¹ ক্রি.বিং [প্রা পহিল্ল (পৈ ; দেশী—প্রা.ম) ; হি পহ(হি) লা ; গু পহেল ; পহিল (চ)] প্রথমে, আগে। "পয়লা পয়লা একটু দেশী রকম চাষ আরম্ভ কর দেখি অ.গ্র ১০৬। —লা বি ['১লা' (সংক্ষেপ)] মাসের প্রথম তারিখ। [পয়লা নম্বর—প্রথম সংখ্যা (উৎকর্ষাপকর্ষবিচারে)।]

পয়লা² বি [পলা > °লা ; অপ্র] প্রবাল। "গো.বি ১৬৩।

পয়সা বি [সং পাদ > প্রা পায়+সা (মৈ 'সন'—সম ?) ; হি, ঠ, গু, মৈ পৈসা ; ড় পইসা] **১** আনার পাদ (চতুর্থাংশ) ; তাম্রমুদ্রাবিশেষ। **২** ধন, টাকা। [পয়সার কাজ—ব্যয়সাধ্য কৰ্ম্ম। পয়সার লোক—ধনী। দু পয়সা করা—কিঞ্চিৎ ধনসঞ্চয় করা। দু পয়সা পাকা—কিঞ্চিৎ অর্থাগম হওয়া।]

পয়সি [পয়স+ই (সপ্তমী-১ব) ; সংস্কৃত পদ] জলে, নদীতীরে। "পয়সি প্রয়াগে, জাগ শত জাগই বি.প ৭।

পয়স্তা, -স্তি, পৈবস্তি বি [ফা পইরসত্] বন্যার পরে পলি পড়িলে বা নদীর স্রোতের পরিবর্ত্তন হইলে, যে চড়া পড়ে, তাহা আবাদের যোগ্য হইলে পয়স্তি হয়। "মাফিক গুজস্ত, পয়স্তা জমি ছাড়িয়া দিবা E.P. 65.

পয়স্য স্ত্রী [পয়স্+য (যৎ)] 'পয়োবিকার', দধিঘৃতাদি। —য়স্যা স্ত্রী আমিক্ষা, ছানা।

পয়স্যা দ্র 'পয়স্য'।

পয়স্বী (-স্বিন্) বিণ [পয়স্+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -স্বিনী] 'পয়োবিশিষ্ট, সদুগ্ধ ; সজল। "ধেনুং দদ্যাৎ পয়স্বিনীম্ মনু ১১.১৩৮। গো.রা ১.৭৪.২৯। পয়স্বিনীম্ (গঙ্গাম্) মহা ১৩.২৬.৮২। যাজ্ঞ ৩.৩০১। —স্বিনী স্ত্রী **১** দুগ্ধবতী গবী ; ধেনু। "প্রদক্ষিণীকৃত্য পয়স্বিনীং তাম্ রঘু ২.২১ ; ৫৪। **২** ছাগী। **৩** নদী। **৪** রাত্রি। **৫** দুগ্ধফেণী ; কাকোলী ; ক্ষীরকাকোলী।

পয়া দ্র 'পয়²'।

পয়াণ, -ন² বি [সং প্রয়াণ > প্রা পযাণ > বা °ণ, -ন ; হি °ন ; পদ্যে] **১** প্রস্থান, গমন। "কয়ল পয়ান বি.প ৮৯ ; যো দিন মাধব, পয়াণ করল ১৮৭। °ধ।—ম ৮৩৬ ; ৯৬২। সে পুরীত হরিস পয়ান। —গ ১৯ ; ২১ ; ৯৮। °ন শ্রী.মা ২০৬,-৭°। চৈ.ম ৪৬ ; ন.প ৬১। °ন ম.ম ১০১। **২** পতন। "ঘোর নরকে…পয়ান।—গ ৯৬। **৩** [সং প্রদান > প্রা পযাণ ; অপ্র] দান, প্রক্ষেপ। "জলের পয়ান পায়্যা গরম ত্যাল গর্জ্জিয়া উঠিল গো.চ ৯৫।

পয়ান¹ বি [সং পবন > প্রা *পঅ(য়)ণ > বা °ন ; 'পোয়ান, পন্' কথ্যভাষা] কুমারের ভাঁটা। "বা.দ ৪২।

পয়ান² দ্র 'পয়াণ'।

পয়ার বি [পদ+চার (?) ; ড় পয়ার ; 'পদবন্ধ' (বি.পা)] চার চরণে চৌদ্দ-অক্ষরের বাঙ্গলা মিত্রাক্ষর ছন্দোবিশেষ। দ্র 'থর্পছন্দ'। [পয়ারে বয়ার—পয়ার ছন্দের কবি (গালিতে)। "লী ৫১।]

পয়োঘন পুং [ষ.ত] জলের ঘন ; করকা, শিলা।

পয়োদ পুং [পয়স্+√দা+অ (ক)-ক ; উ.ত] **১** 'জলদাতা' মেঘ। "পু মে ৭। **২** মুস্তক, মুথা।

পয়োদ্ভব বি [অসাধু] দুগ্ধজাত, ঘৃত। "ম.পা ৬ ; ১০।

পয়োধর পুং [ষ.ত] **১** 'জলধারক', মেঘ। "কি ৪.২৪। °ধার শ্রী.মা ৮৩। **২** 'দুগ্ধধারক', স্ত্রীস্তন, স্তন। "পয়োধরোৎসেধ কু.স ৫.৮। ঋতু ১.৬। কি ৪.২৪। জিনে পয়োধরে হর ভা.চ ৩২১। **৩** গোস্তন। "পয়োধরীভূত-চতুঃসমুদ্রা রঘু ২.৩। **৪** নারিকেলফল। **৫** কশেরু, কেশুর। **৬** কোষকার, ইক্ষু। [°তট (স্ত্রী)—স্তনপরিসর। "°তটে হারং পুনর্যোজয় সা.দ ৩২১ ;।]

পয়োধারা স্ত্রী [ষ.ত] **১** জলধারা, পয়ঃপ্রবাহ। "°গৃহ। **২** দুগ্ধধারা। [°গৃহ (স্ত্রী)—সর্থ 'ধারাগৃহ'।]

পয়োধি, পয়োনিধি পুং [পয়স্+ √ধা,নি- √ধা+ই (কি)-ধি ; উ.ত] 'জলধারণস্থান', সমুদ্র। "পয়োধি ক.সা ২২.২০৫। °নিধি। —ঋতু ২.৭ ; নৈ ৪.৫০। (সৈন্যগণ) গর্জিতেছে লহরী কি রণ-পয়োধির? —ন ৫০০।

পয়োবহ বি [সং °বাহ] জলের বাহক ; মেঘ। "মে ১৭০। —বাহ পুং [পয়স্+ √বহ্+অ (অণ্)-ক ; উ.ত] মেঘ। "প্রাবৃষেণ্যং পয়োবাহম্ রঘু ১.৩৬।

পয়োব্রত বিণ [বহুব্রী] দুগ্ধপান যাহার নিয়ত আহার ; ক্ষীরাহার। "মনু ১১.১৪৫। ভ ৯.১.১৪। —ব্রত ক্লী [কৰ্ম্মধা] পয়ঃপানমাত্র ব্রত-ভেদ। "মথুরানাগরী যত, তাহা কৈল পয়োব্রত, বরজ রমণী অনাথ।—গো ২২৬।

পয়োমুক্ (-চ্) পুং [পয়স্+ √মুচ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত] **১** 'জলদাতা', জলদ, মেঘ। "রঘু ৩.৩। **২** মুস্তক।

পয়োরাশি পুং [বহুব্রী] যাহাতে জলরাশি ; সমুদ্র। "হি ২.১৪।

পয়োষ্ণী স্ত্রী বিন্ধ্যাচলনিঃসৃত নদীবিশেষ। "মহা ৩.৬১.২২।

পর¹ বিণ [√পৃ+অ (অচ্)-ক ; স্ত্রী -রা ; 'দিক্ দেশ কাল' অর্থে সৰ্ব্বনাম ; ছান্দস] **১** অন্য, ভিন্ন, পৃথক্, ইতর। "পরমাত্মেতি চাপুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ গী ১৩.২২ ; °দেহ ১৬.১৮। ম্লেচ্ছদেশস্ততঃ পরঃ মনু ২.২৩। **২** প্রকৃষ্ট, শ্রেষ্ঠ, উত্তম। "ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ গী ৩.৪২ ; শ্রদ্ধয়া পরয়োপেতাঃ ১২.২ ; ৭.৭। পরমের পর শি ৩৩। ন বিদ্যা সঙ্গীত-পর বি.সু ২। **৩** পরম, চরম। "পরা হি কাষ্ঠা তপসঃ কু.স ৫ ২৮। **৪** ব্যতিরিক্ত, বিলক্ষণ (শঙ্কর) ; অসংস্পৃষ্ট (শ্রীধর)। "নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ গী ৭.১৩ ; (তৎ) তমসঃ

পরমুচ্যতে ১৩.১৭। **৫** পূর্ব্ব, প্রাক্‌কালীন। "অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ গী ৪.৪। **৬** অনন্তরভাবী, অনন্তর। "বাল্যাৎ পরং সাথ বয়ঃ প্রপেদে কু.স ১.৩১। রঘু ৫.৬৩। **৭** দূর। **৮** অত্যন্ত। "অবিবেকঃ পরমাপদাং পদম্।—কি ২.৩০। **৯** প্রচণ্ড, তীব্র। "শান্তোঽস্য পরঃ স কোপঃ মহা ৩.১১৩.২০। **১০** উত্তর। "পরতোঽপি পরশ্চাসি কু.স ২.১৪। **১১** উচ্চৈঃ। "সোমাচ্চ পরমধ্যাস্মহে পদম্। কু.স ৬.১৯। **১২** অনাত্মীয়, পরকীয়। "অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেতসাম্।—হি ১.৭২। **১৩** অতিশয়িত, নিরন্তর। "পরঃ সন্নিকর্ষঃ সংহিতা পা ১.৪.১০৯। **১৪** প্রতিকূল। **১৫** উর্দ্ধ। "কাল ঔপনায়নিকঃ পরঃ যাজ্ঞ ১.৩৭। **১৬** অধিক। "রথান্...যোজয়িত্বা পরং শতম্ রা ২.৭০.২৯। কিমাশ্চর্য্যমতঃ পরম্ মহা ৩.৩১২.১১৬। ম ৫৮০। **১৭** (দর্শনে) উৎকৃষ্ট, অধিকদেশবৃত্তি। 'ভাষাপরিচ্ছেদ ৮। **১৮** সীমা-পরিচ্ছিন্ন। **১৯** পরপদসম্বন্ধী। "পরং লিঙ্গং স্বপ্রধানে দ্বন্দ্বে অ.কো ৪২ (লিঙ্গাদিসংগ্রহ)। **২০** তাৎপর্য্যার্থক। "পাণিশব্দো বাহুপর মনু ৮.২, কুল্লুক। **২১** তাৎপর্য্যগোচর। "বাসুদেবপরা বেদাঃ ভ ১.২.২৮।—র পুং **১** অন্য জন। "আত্মনশ্চ পরস্য চ গো.রা ৬.৯.১২। °পত্নী মনু ২.১২৯। °দার, °দ্রব্য।—হি ১.১৩। পর-চরচায়, যে থাকে সদায় চ.দা ৭৩। **২** শত্রু। "সংগ্রামে হন্যতে পরৈঃ মনু ৭.৯৪। কঃ পরঃ প্রিয়-বাদিনাম্ হি ২.১১। রঘু ৩.২১। পরদল ক.চ ২৪৩। পর-মনোরথ আজি পূরাও, সুরথি!—মে ৩০১। **৩** বৈদেশিক (A.)। **৪** অনাত্মীয় জন। "পিতা মাতা পর হয়, পর লয়ে ঘর শ্রী.মা ১৩১। পরঃ পরঃ সদা—মে ২০৫। পরের অন্তঃকরণমধ্যে প্রবেশ করিতে পারে, এমন কয়জন পর পৃথিবীতে জন্মিয়াছে?—ব.প্র ২০৯। **৫** উত্তম। "নাহং বেদ পরস্তুস্মিন্ ভ ২.৫.৬। **৬** বিষ্ণু। "ভ ১.১৮.৪২। **৭** শিব।—র স্ত্রী **১** ব্রহ্ম, পরমাত্মা। "রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে গী২.৫৯। **২** মোক্ষ। "পরমাপ্নোতি পূরুষঃ গী ৩.১৯ ; ১৩.৩৪। **৩** শব্দের গৌণার্থ। **৪** ব্যাপক-সামান্য। দ্র '(১৭)। **৫** পরা কোটি বা কাষ্ঠা। **৬** একমাত্র বস্তু বা বিষয়। "ধর্ম্ম° রা ১.৬.২। পরিচর্য্যা° রঘু ১.৯১। করুণা° চিন্তা° শুশ্রূষা° (S.W.)। এই দুই শ্লোক সাধারণভক্ত-পর ঃ স্ত্রীশূদ্রভক্ত-পর ভ.গ্র ৯৬। **৭** কারণ। "নারায়ণপরা বেদাঃ ; নারায়ণপরা লোকাঃ ভ ২.৫.১৫।—র ক্রি.বিণ **১** অধিক। "বত্মর্নঃ পরম্ (ন ব্যতীয়ুঃ প্রজাঃ) রঘু ১.১৭। **২** অনন্তর। "মত্তঃ পরম্ রঘু ১.৬৬। **৩** (বাঙ্‌লায়) পরে, পরবর্ত্তী কালে। "গেলে পর—সী ৪৫। সন্ধ্যার পর ব.প্র ১১৩। এত কালের পর বুঝি এ অন্ধকার পুরী আলো হইল ১৬৭। **৪** পশ্চাৎ, পিছে। [°কলত্র (স্ত্রী)—পরদার। 'বরং ক্লৈব্যং পুংসাং ন চ পরকলত্রাভি গমনম্।—হি ১.১৪৪। °কূট (বি)—শত্রুর কৌশল। "পরকূটে মৈল দধিমুখ নরপতি।—ম ১১৯৬। °গামী (-মিন্) বিণ—বিশেষ্যলিঙ্গক, বাচ্যলিঙ্গ। "অ.কো ৪৪ (লিঙ্গাদিসংগ্রহবর্গ)। °ছিদ্র (স্ত্রী)—পরদোষ। °জন (পুং)—নিঃসম্পর্ক জন ; অনাত্মীয়। বিপ 'স্বজন'। "গুণবান্ যদি, পরজন, গুণহীন স্বজন, তথাপি, নির্গুণ স্বজন' শ্রেয়ঃ।—মে ২০৫। °জাত (বিণ)—পর কর্ত্তৃক অন্নাদি দ্বারা সংবর্দ্ধিত (অ.কো)। °জায়ী (-য়িন্) বিণ—পরদারগামী, পারদারিক। "বিষ্ণু ৫.৪০। °জিত (বিণ)—শত্রুজিত। °তন্ত্র (বিণ)—যাহার সম্বন্ধে পর প্রধান (অ.টী) ; পরাধীন। বিপ 'স্বতন্ত্র'। "প্রেম° চৈ.চ ১৯৫। কাদ ৩। °দার (পুং)—পরস্ত্রী। "গো.রা ৫.১৪.৫৬। কৃ ২৫১। °দারিক (বিণ)—পরস্ত্রী-গামী। °দেশ (পুং)—স্বদেশভিন্ন দেশ ; বিদেশ। "পিয়া পরদেশ, হাম সহই না পার বি.প ১৭০। জ্ঞা ২৩৯। °দ্রোহ (বি)—পরহিংসা, পরাপকার। "ম ৫৫৪। চৈ.চ ৭৯। °দ্বেষী (-ষিন্) বিণ—পরদ্বেষকারী, খল। °নিপাত (পুং)—সমাসে পূর্ব্বশ্রুত শব্দের পরে উচ্চারণ। যেমন ; 'দন্তে'র রাজা—রাজ-'দন্ত'। °পক্ষ (পুং)—শত্রুপক্ষ। "হি ৩.৬০। ম ২৯৮। °পাকনিবৃত্ত (বিণ)—পরার্থে অন্নাদিপাক হইতে নিবৃত্ত ; পঞ্চ-যজ্ঞের অননুষ্ঠাতা (মিতাক্ষরা)। °পিণ্ড (পুং)—পরান্ন। "হি ১২৪৬। °পিণ্ডাদ (বিণ)—পরান্নভোজী। °পুরঞ্জয় (পুং)—শত্রুপুরজেতা, বীর। °প্রপৌত্র (পুং)—প্রপৌত্রপুত্র। °বশ, °বশ্য (বিণ)—পরাধীন। °বাদ (পুং)—পরাপবাদ। °বাদী (-দিন্) পুং—প্রত্যর্থী, উত্তরবাদী। °ব্রহ্ম (-হ্মন্) স্ত্রী—এক অদ্বিতীয় ব্রহ্ম। °ভাগ্যোপজীবী (-বিন্) বিণ—পরান্নজীবিক, পরগলগ্রহ। "হি ১.২৪। °স্ব (স্ত্রী)—পরধন। "রঘু ১.২৭।] [পরের কায—অন্যের কার্য্য ; পরবর্ত্তী কার্য্য। "পরের কাযটাই, পরের কাযে ধরি।—দা ৪১০। পরের ঘরে—(কন্যাসম্বন্ধে) পতিগৃহে। "(কুটিলা) কালি সে যাইবে পরের ঘরে রা.শে ১০১। পরের মুখে ঝাল খাওয়া—পরে খাইয়া বলিল, ইহা ঝাল, সুতরাং ইহা ঝাল—এইরূপ স্থির করা ; (গৌণার্থে) নিজে তত্ত্বতঃ কোন বিষয় না জানিয়া পরের কথানুসারে তদ্বিষয়ে সিদ্ধান্ত করা। "এ কর্ম্ম পরের মুখে ঝাল খাওয়া হয় না আ.দ্রু ১১।]

পর[২] '-র্' বি [সং প্রহর >প্রা পহর>বা °র ; হি, মৈ পহর ; ঠ পহার ; ফা পহর—রাত্রির চৌকী] তিন ঘণ্টা। "হাতে শর চারি পর ভ্রমি ক.চ ৭৪। রাত পর দুয়ের সময়।—জা ১২।

পর[৩] '-র্' বি [সং পর্ণ ; Av. parena (পত্র, পক্ষ) ; Pahlavi —'parr' ; ফা পর্] পক্ষ, পাখনা। তু 'পরী'।

পর[৪] '-র্' অব্য [সং উপরি >প্রা উররি ; হি, প, মৈ পর ; ঠ রর] উপরি। "কমলপর বি.প ১৬ ; তাপর ২৭ ; উরপর ৪৮। তাপর মঞ্জীর গঞ্জে ব.প ১১১৯। তথিপর।—ম ৪০০। অশ্বপর ক.চ ২৬৪। কর-অরবিন্দপর।—জ ৮ ; বৃষপর ২৯। গাছপর ব.প ৮৪০। তরুপর।—ব ১৮৫। শিরপর ভা.চ ৪৬১।—রে অব্য [উপরে > °রে] উপরি। "তথিপরে।—ম ২২৯ ; রথপরে ৭৩৭। চরণপরে ডারনু।—গো ২১৬। ঘাসের পরে ঃ ডালের পরে ময়ূর থাকে।—শিশু ৫৬।

পর[৫] '-র্' অব্য [সং প্র >প্রা পর >বা °র ; হি পর—পরতীত (প্রতীতি), পরবীন] 'প্র' উপসর্গ। "পরভু শূ ২। মাধব কঠিনহৃদয় পরবাসি°বি.প ১৯৫। °মাণ °লাপ।—জ্ঞা ২০৬; °কাশিত ২৩৯। °তেক (গো.চ)। পরবীণ শ্রী.ম ৮২। °চুর, °তর, °তেখ, °মান (শ্রী.কী)। [বৈষ্ণব-সাহিত্যে ভূরিপ্রয়োগ (দ্র 'প.ক')।]

পর[৬] সর্ম্ম [সং পরি- √ধা>প্রা √পরিহা>বা (√পহিরা,-র, তু 'পহি-রণ') √পহর, √পর ; হি √পহির, -হর ; গু √পেহর ; সি √পহর] **১** দেহে ধারণ করা ; পরা (বস্ত্র, ভূষণ)। "পরিবা বাকল —কৃ ৯৫। মণি তারে দিল পরিবাকে অ.প ১৩০। চরণে পরিল...নূপুর।—ম ৯৯৩। অলক তিলক পর মোহন কাজল ক.চ ১৫৪। **২** (অপ্র) লেপন করা। "অঙ্গে কেন পরিয়াছ ভস্ম গো.বি ২৬।—রা সর্ম্ম [পর+আ[৮]] **১** পরিধান করান। **২** আরোপণ করা। "ধনু টঙ্কা-রিলা, চাপে পরাইয়া গুণ।—মা ১৩৫। পরাইবি সে গলায় দাসত্ব-শৃঙ্খল?—ন ৫০৩। [পরা—**১** সর্থ 'পর৬'। **২** পরিহিত, ধৃত। "পীত বসন পরা বি.প ৪২। এক বস্ত্র পরা।—ম ৪৪১। পরা গুণবাস ক.চ ২৬১। জীর্ণচীর-পরা।—কথা ২৩। পরায়ব—পরাইব। "পরায়ব কাঁচলি বিবন্ধ।—ব ২০৭। পরান—সর্থ 'পরা'। ছুঁচে সূতা পরান—ছুঁচের ছেঁদায় সূতা ঢুকান।]

পরওয়ানা বি [ফা পররান] লিখিত আদেশ ; শাসনকর্ত্তার বা ক্ষমতাপন্ন ব্যক্তির আজ্ঞাপত্র। "রঙমহলের ভিতর প্রবেশ করিতে হইবে' পরওয়ানাখানা কোথায়?—ব.প ২৯৩ ; খাজনাখানার উপর বখ্‌শিশের পরওয়ানা হইল ৩০০।

পরঃশত বিণ [শত হইতে পর (অধিক), প.ত, 'স্' (সুট্) আগম, রাজদন্তাদি ; 'পরস্ (মুগ্ধবোধ, ৩৮১ সূত্র, টীকা)] শতাধিক, অসংখ্যাত।

"গজতাঃ পরঃশতাঃ মাঘ ১২.৫০। —শত ক্লী শতাধিকসংখ্যা। "পরঃ শতং গবাং (অ.টী)।

পরঃসহস্র বিণ [প.ত, দ্র 'পরঃশত'] সহস্রাধিক, বহু। "°স্রাঃ শরদঃ উ.চ ১.১৫। —সহস্র ক্লী সহস্রাধিকসংখ্যা।

পরক, -খ বি [সং পরীক্ষা > পরিক্‌খা > বা °খ, -ক ; হি, প, ড় পরখ ; ঠ, গু, সি—পারখ] ১ পরীক্ষা, তথ্যনির্ণয়। "পরখের হেতু কিছু কৌশল করয় ভ.গ্র ২২৭ ; ভজন আছয়ে কি না পরখ করিত ৩৫৩। ২ মুদ্রার বিশুদ্ধি পরীক্ষা। "পোদ্দার পরক করে কড়ি শ্রী.মা ১৯৫। [°সই—পরীক্ষায় উতরাইবার যোগ্য।]

পরক(কো)লা বি [ফা পর্‌কালা] কাচফলক।

পরকার বি [প্রকার > °র, দ্র 'পর[৫]' ; মৈ °র] উপায়। "শ্রী.কী ১২১। ব.প ১১২৯। হাতক লছিমী৹ চরণ পরে ডারনু৹ আর কি করব পরকার গো ২১৬। কীয়ে করব পরকার (প.ক)।

পরকাশ বি [প্রকাশ > °শ ; হি °স] ১ উদয়। "চন্দ্রহাস° ।—রঙ্গ ৭। ২ দৃষ্টিগোচরতা। "সকল গাত৹ দ্রকুল দৃঢঅতি৹ কতিহু নাহি পরকাশ বি.প ৮৫। —কাশ বিং প্রকটিত, আবির্ভূত। "জে দিন শ্রীনিবাস৹ হইব পরকাশ ।—গ ৩৫। [পরকাশয়ে—প্রকাশ পায়। "ন.প ১৫২।]

পরকিতা বি [পর[১]+কিতা[১]] ১ পরবর্ত্তী ভূমিখণ্ড। ২ অন্যের ভাগ। 'দ্র 'কিতা[১] (৪)।

পরকীয় বিণ [পর+ঈয় (ছ), ক্ (কুক্) আগম ; স্ত্রী -য়া] ১ পর-সম্বন্ধী, অন্যদীয়। "অর্থো হি কন্যা পরকীয় এব শ ৪.২২। ২ পরকৃত। "°নিপান মনু ৪.২০১। ৩ শত্রুসম্বন্ধী, প্রতিকূল। —য়া স্ত্রী ত্রিবিধ নায়িকার একতমা। 'সা.দ ৩.৫৬। ভা.চ ৬৬৭।

পরক্ষেত্র ক্লী [ষ.ত] ১ পরকীয় ভূমি। "মনু ৮.৩৪১। ২ পরাভার্য্যা। "মনু ৩.১৭৫। ৩ শরীরান্তর। "পা ৫.২.৯২।

পরখ সর্ম্ম [সং পরি+ √ঈক্ষ্ > প্রা √পরিক্‌খ > বা (√পরিখ) °খ ; হি √°খ] পরীক্ষা করা। "বিনি যে পরখি৹ সে রূপ দরশি৹ ভুলিনু পরের বোলে।—চ.দা ১০৫। পরখি পেখনু৹...তুহুঁ সে পাহুন জাতি।—গো ২৫০। কৃষ্ণ পরখিল প্রেম ব.প ৮৩৮।

পরগণা, -না বি [ফা পর্‌গনা ; হি °না ; মৈ প্রগন্না] এক অধিকারের অন্তর্গত গ্রামসমূহ। "পরগণে সড়িলা নাম ভ.গ্র ৩৬০। পরগণা ভা.চ ৫৪০। [পূর্ব্বে শত গ্রাম একজনের অধীন হইলে পরগনা হইত।]

পরগাছা বি ১ গাছের গায়ে জাত অন্য গাছ (parasite)। ২ (সাদৃশ্যে) হেয় বস্তু। "সংসার-অরণ্যে তুমি বৃক্ষপতি শাল ; দীনহীন বৃক্ষরুহা আমি পরগাছা!—অ.গু ৫৯।

পরঘর বি পতির গৃহ ; স্বামীর সংসার। "সাবাসি রে রমণীর হিয়ে। পরঘর করে যারা...॥—বা.দ ২৩৭। —ঘরী বিং ১ পরগৃহবাসী। "পরভাতী হ'য়ো, পরঘরী হ'য়ো না।—প্রবচন। ২ পতিগৃহবাসিনী।

পরচক্র ক্লী [ষ.ত] ১ শত্রুসৈন্য। "°সূদন ভ ৯.১৫.৩১। ম ২৯৯। ২ শত্রুরাষ্ট্র। ৩ শত্রুর কূটজাল।

পরচর্চ্চক বি পরকুৎসাকারী। "°কের গতি কভু নহে ভাল চৈ.ভা ২৪৯। —চর্চ্চা বি পরদোষালোচনা। "চ.দা ৭৬।

পরচর্চ্চা দ্র 'পরচর্চ্চক'।

পরচা বি [সং পরিচয় ; হি °চা] জরিপে জমি কর ভূস্বামী ইত্যাদির পরিচয়পত্র।

পরচুল, -লা বি অন্যের চুল ; কৃত্রিম কেশশ্মশ্রু প্রভৃতি (wig)। "পরচুল জটাভার ভস্ম কলেবরে ভা.চ ৩৪৬।

পরচিতেন বি কবির গানে চিতেনের পর অংশ। "লু.র ২৫।

পরচ্ছন্দ বিণ [বহুব্রী] যাহাতে পরের ছন্দ ; পরবশ, পরতন্ত্র। —চ্ছন্দ পুং [ষ.ত] পরাভিলাষ। [পরচ্ছন্দানুবর্ত্তী (-র্ত্তিন্) বিণ —পরাভিলাষানুগামী, দক্ষিণ।]

পরজ বি [সং পরজিকা] রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট কোমল রি ও ধ কড়ি ম, জাতি সম্পূর্ণ (গী. সা)।]

পরজা বি [সং প্রজা > °জা ; দ্র 'পর[৫]'] জন। "সে সংহার করে সকল পরজা অ.প ১২৭। সুখময় সকল পরজা চৈ.ম ২৪।

পরঞ্জয় বিণ [পর+ √জি+অ (খচ্)-ঙ্ ; উ.ত] শত্রুজেতা —ঞ্জয় পুং বরুণ।

পর(রো)টা বি [হি পরাঁঠা, -রাঠা] অল্প ঘিয়ে ভাজা পর্দ্দাযুক্ত তিনকোণা লুচিবিশেষ।

পরণ, -ন বি [পর[৬]+অন ; সং পরিধান ; তু 'পহিরণ'] পরিধান; ধারণ। "ইজার পরণে বা.ম ৮২। পরণে বান্ধান লোহা বা.প্র ১৯১। পরনের কৌপীন ব.প ১২৯। উড়নী পরনে চিত্রময় বি.পা ২৯০। পরন ম.ম ১৪৪ ; পরন কাপড় ২২১। পরণে ভালকাপড় ব.প্র ১২০।

পরণতি, -ণাম বি [দ্র 'পর[৫]'] প্রণতি। "পরণতি।—ম ৬৭৩। পরণাম বি.প ৫৭।

পরত[১] অব্য [সং °তঃ] অন্য দ্বারা। বিপ 'স্বত'। "কন্যারে বিশেষ তার কহিল পরত ভ.গ্র ৪২৩।

পরত[২] '-ত্' বি [পত্র > পতর > °ত ; হি °ত] স্তর, পর্দা। [পরতে পরতে—স্তরে স্তরে।]

পরতঃ(-তস্) বা [পর+তঃ (তসিল্) তৃতীয়াদিবিভক্তিস্থানে] ১ পর দ্বারা ; পর হইতে। ২ শত্রু হইতে। "যশস্তু রক্ষ্যং পরতো যশোধনৈঃ রঘু ৩.৪৮। ৩ অভ্যন্তরে, উর্দ্ধে। "যো বুদ্ধেঃ পরতস্তু সঃ গী ৩.৪২।

পরতাল বি [তি °ল (পরিতোলন)] পুনর্ব্বার মাপা ; ভুলভ্রান্তি দূর করার নিমিত্ত জমি আবার মাপা। "পরতাল জরিপ।

পরতীত বি [সং প্রতীতি ; হি °ত ; মৈ °তি ; দ্র 'পর[৫]'] বিশ্বাস। "মনের আগুন৹ জ্বলিছে দ্বিগুণ৹ কেবা পরতীত যায় ব.প ৯৭৯। হিয়ার ভিতর থুইতে নহে পরতীত।—ব ১৯৮।

পরতেক[১], -খ[১] বিং [সং প্রত্যক্ষ > বা (পরতক্‌খ) °খ, -ক ; হি পরতচ্ছ ; দ্র 'পর[৫]' ; অপ্র] ১ দৃষ্টিগোচর, আবির্ভূত। "(আবণা) মোর ভৈল পরতেখ শ্রী.কী ১৩৫। শ্রীনারদ গোসাঞি হইলা পরতেক চৈ.চ ৪২। তুমি সে কারণ-মূর্ত্তি হও পরতেক ব.প ১২৭৯। ২ মূর্ত্তিমান্। "অতি রূপবতী বিদ্যাধরী পরতেক ব.প ১২৮৩। —তেক, -খ ক্রি.বিং ১ প্রত্যক্ষভাবে, সুস্পষ্ট, ঠিক। "(যতেক দোষ) সভে দেখ পরতেখ। —ম ৩৩৫। চক্ষু যেন নীলোৎপল দেখিতে পরতেক ম.ম ৮৯। ২ প্রত্যক্ষভাবে, চোখে-চোখে। "অজ্ঞাত যে বৎসরেক, দেখা হলে পরতেক,, আর দ্বাদশ বৎসর বনবাস ম.বি ৫৫। ৩ স্বচক্ষে, স্বয়ং। "বিদর্ভ লইয়া যাব দেখ পরতেক ম.বি ১২৭ ; ২৬৯। ফিরিয়া জায়েন হেন দেখি পরতেক।—গ ১৫৫। পদ্মার নাগে মারে মোরে দেখ পরতেক ম.ম ১১১। ৪ এখনই, অবিলম্বে। "হিত বর দিব আমি৹ পরতেক, না ভাবিও মনে ম.বি ৫৩। [পাইনু পরতেক—প্রত্যক্ষ (সুস্পষ্ট) দেখিতে পাইলাম। "রাজার প্রমাই...পরতেক গো.চ ৪৫০।]

পরতেক[২], -খ[২] বিং [প্রত্যেক > °ক, -খ] প্রত্যেক, অর্থাৎ সবগুলি। "রাধা রাধা করি আখর এক। গদ গদ কই, না হয় পরতেক॥—জ্ঞা ২০৬। পীত বসন আদি বেশ ভূষণ। পরতেখে নন্দগৃহে পড়িছে দর্শন॥—শ্রী.ম ১৪৫।

পরতেখ[১] ; পরতেখ[২] দ্র 'পরতেক[১]' ; পরতেক[২]।

পরত্র বা [পর[১]+ত্র (ত্রল্)] ১ অন্যত্র। ২ পরবর্ত্তী কালে। ৩ পর-লোকে, লোকান্তরে। "রা ২.৪২.৮। সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে রঘু ১.৬৯। হি ১.১৪৯। [°ভীরু (বিণ)—পরলোকভীরু, ধার্ম্মিক।

পরত্ব ক্লী [পর^১ + ত্ব] ১ অন্যত্ব, পৃথগ্‌ভাব, প্রভেদ। ২ আনন্তর্য্য। ৩ শত্রুতা। ৪ অনাত্মীয়তা। ৫ (বৈশেষিকে) চতুর্ব্বিংশতি গুণের একতম। [দিক্‌কৃত দূরত্বাদি ও কালকৃত জ্যেষ্ঠত্বাদি ভেদে ইহা দ্বিবিধ।]

পরথাপ, -ব সর্ম্ম [সং প্র- √স্তু—প্রস্তাবয়্‌ (ণিজন্ত) > প্রা √পত্থার > ব্য °ব, -প] প্রস্তাব করা ; বর্ণনা করা ; বলা। "তোহারি মধুর গুণ কত পরথাপলুঁ।—জ্ঞা ২১৪। কত পরথাপল পিরিতিপসার প.ক। ৭০০। [পরথাই (বর্জলিয়া), -থাপলুঁ, -থাব, -থায় (বলে) ।—প.ক। পরথাব—প্রস্তাব। "জ্ঞা ৬৯। গো ২৪৭।]

পরদল বি শত্রুপক্ষ, বৈরীগণ। বিপ 'ঘরদল'। "বিনাশিব পরদল। —ম ৯৩৮। ক.চ ২০৩,-৪৩। বা.ম ১৮৮,-৯। বি.পা ৩৬৬। পরদলে রাজ্য লয় ম.ম ১২৪।

পরদা বি [ফা পর্দ্দ, -দা ; ঠ পড়দা] ১ যবনিকা, আবরণপট। (গৌণার্থে) অবরোধ। "°নিসীন ব.প্র ৩১৫। ২ অবগুণ্ঠন, ঘোমটা। ৩ বিনয়, নম্রতা, শিষ্টাচার। ৪ (সঙ্গীতে) সুর ; ষড়্‌জাদি সুর-জ্ঞাপক সেতার-প্রভৃতি তত-যন্ত্রের ধনুরাকার ধাতুখণ্ড। ৫ স্তর, পরত। "সাত পরদা কাপড়। [°নিসীন—দ্র 'পর্দ্দা'। চক্ষুর পরদা —চক্ষুসম্বন্ধী শিষ্টাচার ; চক্ষুলজ্জা। "তুই রাখাল হ'য়ে, চাইস রাজবস্ত্র, তোর চক্ষের পরদা নাই।—দা ৫৫১।]

পরদেশিয়া, -শী, -সী বি [°শ + ইয়া^২, ঈ^৭ ; °শী > °সী] ১ অন্য-দেশবাসী, বিদেশী। "পরদেসী জোগি গো.বি ৫৯ ; ৬১। (রক্তবস্ত্র) কোন পরদেশীকে দিব চৈ.চ ৩২৫। ২ প্রবাসী। "ভেলয় প্রাণ-প্রিয় পরদেশিয়া ব.প ১০৮৫। —দেশী বিং বিদেশে অবস্থিত। চিরপরবাসি, যতহুঁ পরদেশী, সব পুন নিজ ঘরে গেল।—জ্ঞা ২৩৯।

পরধর্ম্ম পুং [ষ.ত] ১ স্বীয়বর্ণাশ্রমবিহিতধর্ম্মভিন্ন ধর্ম্ম ; জাত্যন্তরবিহিত কর্ম্ম। "শ্রেয়ান্‌ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ গী ৩.৩৫। মনু ১০.৯৭। ২ [কর্ম্মধা] উৎকৃষ্টধর্ম্ম।

পরনারীচোর বি পরস্ত্রীহারক। "°র তুমি কৃ ৩৭১। ম.ম ১০।

পরন্তপ বিণ [পর + √তাপি + অ (খচ্‌)-ক, হ্রস্ব (পা ৬.৪.৯৪) ; উ.ত ; স্ত্রী -পা] পরতাপক, শত্রুতাপকারী, অরিন্দম। "রা ২.৩১.৩৫। গী ৪.২। রঘু ১৫.৭। ভট্টি ১.১। মে ৫১ ; পরন্তপ পার্থ ৮১। পরাক্রমে পরন্তপ।—ন ৪২৮।

পরন্তু অব্য [পরম্‌ + তু (একার্থক)] কিন্তু। "এখানে আনন্দ জয়, পরন্তু সম্প্রতি (কামরূপ-ভূপ বেটা দেয় মনস্তাপ) শ্রী ১৩০।

পরপদ ক্লী [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠস্থান। ২ মোক্ষ। ৩ [ষ.ত] পরস্থান।

পরপুরুষ পুং [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠ পুরুষ ; পুরুষোত্তম, বিষ্ণু। ২ অন্য-পুরুষ, উপনায়ক। "°স্পর্শমাত্র হি ১২৬৬৮। পরপুরুষেতে রতি ঘটে কেন তারে।—চ.দা ১২০। পরপুরুষ ছুইলে যে হয় আচরণ।—ম ৫৯৮। ছিলি পরপুরুষের সনে বি.পা ৮১। ভ.প্র ৩৪৮। পরপুরুষ চাহিতে তোমার এই ছলা ম.ম ১৫৮। ৩ (বাঙলায়) বংশের পরবর্ত্তী সন্তান—পুত্রাদি।

পরপুষ্ট বিণ [তৃ.ত] পরপালিত। —পুষ্ট পুং 'কাকীপালিত', কোকিল। —পুষ্টা স্ত্রী ১ কোকিলা। ২ বেশ্যা।

পরপূর্ব্বা স্ত্রী [পর (অন্য) পূর্ব্ব (ভর্ত্তা) যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্‌)] যে স্ত্রী সজাতি পতি ত্যাগ করিয়া উৎকৃষ্টজাতি পতি গ্রহণ করে। 'মনু ৫.১৬৩। যাজ্ঞ ১.২২৪। বিষ্ণু ২২.৪২।

পরবন্তা দ্র 'পরবান্‌'।

পরবশ বিণ [ষ.ত] পরাধীন। বিপ 'আত্মবশ'। "যদ্‌ যৎ পরবশং কর্ম্ম তত্তদ্‌ যত্নেন বর্জ্জয়েৎ মনু ৪.১৫৯ ; সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্ব-মাত্মবশং সুখম্‌ ১৬০।

পরবান্‌ (-বৎ) বিণ [পর + বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ পরাধীন। "জানে…সা বালা পরবতী শ ৩.১। রঘু ২.৫৬। ২ পরতন্ত্র, অভিভূত। "সাধ্বসেন পরবানস্মি উ.চ ৩৪৯৬। বয়ন্তু কেবলং পরবন্তো বিস্ময়েন ৫২১৯। সং…পরবানিব শরীরোপতাপেন মা.মা ৩৮। —বত্তা স্ত্রী পরতন্ত্রতা। "বিক্র ৫.১৭।

পরবাস বি [সং প্রবাস ; দ্র 'পর^৫'] বিদেশবাস, বিদেশ। "পতি পরবাসে, সতিনী ঘরে ক.চ ২০৯। দুয়ারের বাহির পরবাস প.ক ৮৩৯। —বাসী বিং প্রবাসী। "চির° জ্ঞা ২০৯।

পরবীণ, -ন বিং [সং প্রবীণ ; দ্র 'পর^৫', অপ্র] ১ কুশল, দক্ষ। "পরদ্রোহে পরবীণ চৈ.চ ৭৯ ; চৈ.ম ২৯। ২ প্রবণ। "(মিত্র),কেলিল হাথের ছাট প্রেমপরবীণ চৈ.ম ৫৫। ৩ শ্রেষ্ঠ, উত্তম। "সব গুণে হও পরবীন রা.শে ১১। ৪ বড়। "(ধরেন) কাতলা কমঠ পরবীণ শি ৮৫।

পরবীম দ্র 'পরবীণ'।

পরবীরঘ্ন, -বীরহা (-হন্‌) বিণ [°র + √হন্‌ + অ (ক), + ক্বিপ্‌ (০),-ক-১ব ; স্ত্রী -ঘ্না, -ঘ্নী] 'শত্রুবীরঘাতক', অরিন্দম। "°হা রা ৬.১০১.৪৪ ; °ঘ্ন ১০২.১। °হা মহা ৩.৫৯.৭ ; ভ ১.৭.২৯।

পরবেশ বি [সং প্রবেশ > °শ ; দ্র 'পর^৫' ; হি °শ] ১ প্রবেশ। "প্রেম লছিমি হিয়, ছোড়ল বুঝি অব, মান অলখি পরবেশ।—ব ১৭৪। ২ [অপ্র] সমাগম, আরম্ভ। "মধুমাস অপায় মাধব পরবেশ ক.চ ১৭৪। ছয় সাত আট মাস নয় পরবেশ ম.ম ৩২ [পরবেশই (প্রবেশ করে),-বেশউ,-শব,-শল,-শিয়া (প.ক)।]

পরবোধ সর্ম্ম [সং প্র- √ বোধি > প্রা √পবোধ ; হি,মৈ √পরবোধ] প্রবোধ দেওয়া ; বুঝান। "সকল সখী, পরবোধি কামিনী, আনি দিল পিয়া পাশ বি.প ৮৪ ; মাধব কত পরবোধব তোই ১৯৭। [পরবোধ (প্রবোধ),-বোধই,-ধঙ,-ধব,-ধয়ি,-ধয়ে,-ধল,-ধসি (প.ক)।]

পরব্যোম (-মন্‌) ক্লী [কর্ম্মধা] বিষ্ণুলোক। "চৈ.চ ২১১,-১৫ ; তার তলে পরব্যোম—বিষ্ণুলোক নাম ২১৭।

পরভাগ পুং [ষ.ত] ১ উৎকৃষ্টের ভাগ (ভাব) ; উৎকর্ষ, গুণোৎকর্ষ। "লব্ধপরভাগতয়া রঘু ৫.৭০। °লাভ কু.স ৭.১৭। গী.গো ১০.৭। ২ উৎকর্ষ, সুসম্পদ্‌। "দুরধিগমঃ পরভাগো যাবৎ পুরুষেণ সাহসং ন কৃতম্‌।—পঞ্চ ৫.৩৪। ৩ অন্যের অংশ। ৪ পশ্চিমাংশ (অ.চি)।

পরভৃৎ বিণ [পর + √ভৃ + ক্বিপ্‌ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] পরপোষক। "নৈবাভিপ্রাপাঃ পরভৃতঃ।—ভ ২.২.৫। —ভৃৎ পুং কাক। —ভৃৎ স্ত্রী [পর দ্বারা ভৃৎ (ভরণ) যাহার, বহুব্রী (মল্লিনাথ)] কোকিলা। "কু.স ৬২।

পরভৃত বিণ [তৃ.ত] পরপালিত, অন্যপুষ্ট। —ভৃত পুং কোকিল। "°বিরুত শ ৪.১০ ; ৫.২২। বি.প ১৯৬। ব.প ১৩২২। বি.সু ৬১। —ভৃতা স্ত্রী কোকিলা। "কু.স ৬.২। [°বধূ (বি)—কোকিলা। "বি.সু ২১।]

পরম্‌ ব্য ১ অনন্তর, পশ্চাৎ। "ততঃ পরম্‌ গো.রা ৩.৭৪.৭ ; রঘু ৩.৩৯। ২ কেবল। "নৈ ২.৫২। ৩ নিয়োগ। ৪ ক্ষেপ, নিন্দা। ৫ কিন্তু। "পরং বয়ং গ্রাম্যাঃ পশবোঽরণ্যচারিণাং বধ্যাঃ।—পঞ্চ ৪৩৬৮। ৬ অবশ্য। "সা.দ ৩২। ৭ অত্যন্ত। "পরং দুঃখিতোঽস্মি।—পঞ্চ ৯২২২২।

পরম বিণ [পর + √মা + অ (ক) -ক ; উ.ত ; সং পরতম > প্রা *পরঅম > °ম (?) ; ছান্দস ঢ] ১ উৎকৃষ্ট, প্রকৃষ্ট, উত্তম। "প্রমাণং পরমং শ্রুতিঃ মনু ২.১৩ ; প্রাপ্নোতি পরমাং গতিম্‌ ৪.১৪ ; ৬.৯৬। পরমায়ণ ভ ২.৬.২। ২ প্রধান। ৩ আদ্য, প্রথম। ৪ অত্যন্ত, অতিশয়িত। "বসিষ্ঠং পরমৌজসম্‌ রা ১.৫৪.৫। °শোভনা মহা ৩.৫৭.২৭। হিতৈষিণী সীতার পরমা তুমি সখি।—মে ১১৫। —রম ক্লী প্রধান। "শান্তিং নির্ব্বাণপরমাম্‌ গী ৬.১৫ ; মৎকর্ম্ম° ১২.১০ ; মৎ° ২০। নিশ্বাসপরমা মহা ৩.৫৪.২। স্বকার্য্য° মনু ৬.৯৬ [°কাষ্ঠা (বি)—পরা কাষ্ঠা, পরমোৎকর্ষ। "ভাবের পরমকাষ্ঠা চৈ.চ ১৪।

°গতি (স্ত্রী)—উত্তমগতি, মোক্ষ। °পদ (ক্লী)—পরমস্থান ; মোক্ষ। °পুরুষ (পুং) প্রধানপুরুষ, পুরুষোত্তম, বিষ্ণু। °পুরুষার্থ (বি)—উৎকৃষ্ট পুরুষপ্রয়োজন ; জীবের পরম প্রয়োজন। "ভগবানে ভক্তি—পরমপুরুষার্থ চৈ.চ ১২৯,-৯৯] [পরমা রূপসী, পরমা সুন্দরী—অতিরূপবতী নারী। "কৃ ৩০৯। পরমা সুন্দরী এই কাহার নন্দিনী ম ৫৫৯। পরমাসুন্দরী বা.ম ৮০ ; ম.ম ৯৯। পরমা রূপসী বা.দ ১১৪। পরমসুন্দরী কুমারী—কাদ ২। বিমলা যৌবনে পরমা সুন্দরী ছিলেন ব.প্র ১৩৫ কন্যা পরম-সুন্দরী হইবে ২১০। 'রূপসী' 'সুন্দরী' বিশেষণ হইলে, 'পরমরূপসী' 'পরমসুন্দরী' সাধু।]

পরমক বিণ [°ম+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -মিকা] পরম, উত্তম। "সিদ্ধিং পরমিকাং প্রাপ্তাঃ (দেবাঃ) মহা ৩.৮২.২৬।

পরমম্ ব্য ১ স্বীকার। "কু.স ৬.৩৫। ২ অনুজ্ঞা (ত.বা)।

পরমর্ষি পুং [কর্ম্মধা] ব্যাসাদি ঋষি। দ্র 'মৎস্যপুরাণ ১২০ অ.।

পরমহংস পুং ['পরম হংস (সোঽহং আত্মা) যাহার, বহুব্রী] ১ আত্মানাত্মবিবেকী (শ্রীধর) ; চতুর্ব্বিধ সন্ন্যাসীর একতম। 'কুটীচকো বহূদকো হংসশ্চৈব তৃতীয়কঃ। চতুর্থঃ পরমো হংসঃ… ॥—হারীত। "ভ ১.৮.২০। ২ পরমাত্মা (ত.বা)।

পরমাই, -উ, -ঞি [পরমায়ু > °ই,-উ (য়ু > ই+উ) ; অপ্র] আয়ু। "°ই ব.প ৩০ ; ক.চ ৯ ; ২২৬। °ঞি শ্রী.ম ১২৫। °উ ম.পা ৩৩ ; ৪০ ; °উ চৈ.ম ৫০ ; °ই ৫৭। °উ।—দা ৩৬০।

পরমাণ বি [প্রমাণ > °ণ ; দ্র 'পর৫'] ১ প্রমাতা, বিচারক। "লছিমা দেবী পরমাণে বি.প ১১,-৩। ২ নিদর্শন, সাক্ষী। "হের পাঞ্জী পরমাণে শ্রী.কী ৩৭। কাঠক মুরতি. ঐছে মুরছায়ত. গোবিন্দদাস পরমাণ।—গো ১০৪। ৩ সাক্ষ্য। "গোবিন্দদাস কহত পরমাণ।—গো ১০৫।

পরমাণু পুং [কর্ম্মধা] ১ পরম ক্ষুদ্রাংশ ; সূক্ষ্মসূক্ষ্মতররূপভাগ (যাজ্ঞ ৩.১০৪, মিতাক্ষরা) ; ত্রসরেণুর ত্রিংশত্তম ভাগ ; অণুর অর্দ্ধাংশ। 'জালান্তরগতে রশ্মৌ যৎ সূক্ষ্মং দৃশ্যতে রজঃ। তস্য ত্রিংশত্তমো ভাগঃ পরমাণুঃ স উচ্যতে ॥ যতোঽণুর্নাস্তি স পরমাণুঃ রঘু ১৫.২২, মল্লিনাথ। অণুর্দ্বৌ পরমাণু স্যাৎ ভ ৩.১১.৫। ২ সূর্য্য যৎপরিমাণ কালে পরমাণু-পরিমিত স্থান অতিক্রম করে, তাবৎকালবিশেষ। "ভ ৩.১১.৪।

পরমাত্মা (-ত্মন্) পুং [কর্ম্মধা ; তু '°মাত্তা (গো বি ১৪৬)] ১ পরব্রহ্ম, পরমেশ্বর। 'পরমাত্মা পরঃ ব্রহ্ম (ব্রহ্মবৈবর্ত্ত)। দ্র 'গী ১৫.১৭। "রঘু ৮.২২। ২ বিষ্ণু।

পরমাদ বি [সং প্রমাদ ; দ্র 'পর৫' ; পদ্যে] বিপদ, বিঘ্ন। "এ কি পরমাদ. দেয় পরিবাদ চ.দা ৭৩। এথা পরমাদ কেনি।—গ ৮৬। সাধিতে মনের সাধ, ঘটে যদি পরমাদ।—মাইকেল।

পরমানন্দ পুং [কর্ম্মধা] ১ সর্ব্বোৎকৃষ্ট আনন্দস্বরূপ ; পরমাত্মা। "বন্দে °মাধবম্ (গীতামঙ্গলাচরণ)। ২ পরমআনন্দজনক বা সুখহেতু। "দেবকী পরমানন্দং কৃষ্ণং বন্দে (গীতামঙ্গলাচরণ)।

পরমান্ন ক্লী [কর্ম্মধা] উৎকৃষ্ট দেবার্থ অন্ন ; দুগ্ধপকান্ন, পায়স। "ক.সা ১৬.৩৮। °সরোবর ভা.চ ১৪৪।

পরমায়ুঃ (-য়ুস্) ক্লী [কর্ম্মধা], পরম জীবিতকাল ; জীবিতকালের ঊর্দ্ধতম সংখ্যা। 'শতং বর্ষাণি বিংশত্যা নিশাভিঃ পঞ্চভিঃ সহ। পরমায়ুরিদং প্রোক্তং নরাণাং করিণামিহ ॥—শব্দমালা।

পরমার্থ পুং [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠ পদার্থ। ২ তত্ত্ব। "পরমার্থতো হরং ন বেৎসি নূনম্ কু.স ৫.৭৫। পরমার্থে বৈষ্ণবের সকল নির্ম্মল চৈ.ভা ৩৩৮। ৩ যাথার্থ্য, সত্যতা। "(উবাচ) পরমার্থতো বচঃ গো.রা ৩.৪৩.৩৪। পরিহাসবিজল্পিতং সখে পরমার্থতো ন গৃহ্যতাং বচঃ শ ২.১৮। °সুপ্ত।—মৃ ৩২৮। পরমার্থে সভার সন্তোষ বড় মনে চৈ.ভা ৪৪ ; ৬৫। ৪ পরম বস্তু ; পরমাত্মা। "সে সকল বস্তু, তুমি পরমার্থভূত ঃ তুমি পরমার্থ শ্রী.ম ২৬৩। ৫ অকৃত্রিম। "°মৎস্য রঘু ৭.৪০। ৬ পরমপুরুষার্থ, মোক্ষ। [°ভাই, °ভ্রাতা—পরমার্থ, অর্থাৎ এক গুরুর শিষ্যত্ব হেতু ভাই ; গুরুভাই। "দুই °ভাই ভ.গ্র ৩০৭। °ভ্রাতাগণসঙ্গে ৩২৪। °সম্বন্ধে—ধর্ম্মসম্বন্ধে। "(সামুলা) পরমার্থ সম্বন্ধে তোমার হল দিদি শ্রী ২৪।]

পরমেশ পুং [কর্ম্মধা] পরমেশ্বর, বিষ্ণু।

পরমেশ্বর পুং [কর্ম্মধা] ১ বিষ্ণু। "ঈশ্বরে পরমেশ্বরে হইল কি কথা চৈ.ভা ৪৮৬। ২ শিব। "পার্ব্বতী° রঘু ১.১ ; ২.৩৯। ৩ ব্রহ্মা। "রা ১.৫৭.৭। ৪ ইন্দ্র। ৫ অন্তর্যামী, পরমাত্মা। "সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্ (যঃ পশ্যতি) গী ১৩.২৭। ৬ চক্রবর্ত্তী রাজা। —শ্বরী স্ত্রী দুর্গা।

পরমেষ্ঠ পুং [পরম+ √স্থা+অ (ক)-ক, ষত্ব, অলুক্] 'সত্যলোকে স্থিত', ব্রহ্মা। —ষ্ঠী (-ষ্ঠিন্) পুং [+ইন্ (ইনি)-ক-১ব, কিৎ, অলুক্, উ৪.১০] ১ ব্রহ্মা। "মনু ১.৮০। শ্রী.মা ৮৮। ভা.চ ৬৫২। ২ 'দেবোত্তম', বিষ্ণু। "রঘু ১০.৩৩। ৩ পরমপুরুষ। "রঘু ১১.৮৬। ৪ শিব। "পরমেষ্টিপদ শি ৪। ৫ (তন্ত্রে) গুরুভেদ। ৬ অগ্নি। ৭ শালগ্রামভেদ।

পরম্পরা স্ত্রী [অব্যুৎপন্ন শব্দ, পা ৫.২.১০, সি] ১ অনুক্রম, পর্য্যায়। "°প্রাপ্ত গী ৪.২। কল্যাণ° রঘু ২.৫০। পুণ্য° হি ১২৮। ভা.চ ১০০। গুরু° সী ৭। মৃগ°।—কাদ ১৬। ২ পঙ্‌ক্তি, শ্রেণী। "সোপান° রঘু ৩.৬৯ ; রাজ° ৬.৫ ; কণ্ঠচ্ছেদ° ১২.১০০। মুনি° কু.স ৬.৪৯। ৩ অবিচ্ছিন্নধারা, সন্ততি। ৪ অন্বয়, বংশ। ৫ পৌত্রাদি ; প্রপৌত্রপুত্র। ৬ পরিপাটি। —রীণ বিণ [পরম্পরা+ঈন (খ), পা ৫.২.১০] পরপরতরানুভবকারী, ক্রমায়াত। "লক্ষ্মীং পরম্পরীণাম্ ভট্টি ৫.১৫। [°প্রাপ্ত (বিণ)—অনুক্রমাগত, ক্রমায়াত। °সম্বন্ধ (পুং)—অনুক্রম-সম্পর্ক। বিপ 'সাক্ষাদ্‌যোগ'।] [পরম্পরায়—ক্রমানুসারে, পর-পর। "পরম্পরায় তোমার কথা কাণেতে শুনিলাম ম.ম ১০৩।]

পরম্পরীণ দ্র 'পরম্পরা'।

পর(রো)য়ানা, পরানা বি সর্থ 'পরওয়ানা'। "পরোয়ানা পাঠাই।—শ্রী ১৪। পাত্র লিখে পরয়ানা ১৩০। পরানা দিলেক হাতে শ্রী.মা ১২০। পরোয়ানা ১৫৫,-৬১।

পরল বি [পরত২ > °ল] ১ পরত, পর্দ্দা। "সাত পরল কাপড়। ২ [দ্র 'পটল'] চাল, ছাঁচ। "পরলে পরলে যেন বেড়ায় সাপিনী (কৃ)।

পরলা বি [সং পটোল > প্রা পডোল > বা (পড়ল > পরল) °লা] পটোল। "শ্রী.কী ৩০৬।

পরলোক পুং [কর্ম্মধা] ১ অন্যলোক, লোকান্তর, স্বর্গাদি। "রা ৬.১০১.২০। °প্রবাসিন্ কু.স ৪.১০। হি ২.৩২। ২ (বাঙলায়) মৃত্যু। "এই ক্ষণে তোহোর হইলে পরলোক ম.পা ১৪৪। সূর্য্যমুখীর পিতৃ-পরলোকের পর ব.বি ১০। [°প্রাপ্তি, °গমন (বি)—°যান (ক্লী)—মৃত্যু। °বিধি (পুং)—পরলোকের বিধান ; পিণ্ডোদকাদি কর্ম্ম। "কু.স ৪.৩৮ ;] [পরলোকান্তে—মরণান্তে, মৃত্যুর পরে। "তাঁহার পরলোকান্তে…শৈলবতী এক আনা সম্পত্তিতে উত্তরাধিকারিণী হইবেন ব.প্র ২৫৫,-৮।]

পরশ[1] পুং [স্পর্শ > °শ, পৃষো, দ্র 'পরশ২'] স্পর্শমণি (ব্রহ্মবৈবর্ত্ত)।

পরশ[2] বি [সং স্পর্শ > প্রা পরস (পৈ) > বা °শ ; হি পরশ,-স ; মৈ °স ; °স (শ্রী.কী) ; তু 'স্পরশেন (৮.৫.৪২)] স্পর্শন। "পরশিতে না পারিল।—ম ৫৬৩। দরশ পরশ ঃ হিয়ার পরশ।—জ্ঞা ১৬১ ; পরশ বিদ্যু ২১৯। পরশ-রসলালসে প.ক ৪৩৪। শ্রবণে পরশ নহে মোর।—ব ২০৯। দেবীর পরশে ভা.চ ২৩৪। —রশ বি স্পর্শমণি। "পরশ পরশ-সম ভেল প.ক ৩৫৭। লোহা যেন হেম হয় পরশ-পরশে ভা.চ ২৩৪। °পরশে বা.দ ২৫৬।

পরশ³ সর্ম্ম [পরশ²>°শ; হি, মৈ √পরস; পদ্যে] স্পর্শ করা। "পরশিতে তরসি করহি কর ঠেলি ব.প ৮১; পরশিতে চরণ ১১৫। পীনকুচ…পরশব জ্ঞ.প ৭; পরশত ১৩৯। —রশা সর্ম্ম [°শ+আ‍ᵇ; হি √পরশ] স্পর্শ করান; ছোঁয়ান। "তুহুঁ সে গগন পরশাই। তৈখনে তেজলি তাই॥—প.ক ১৬৯৫; করে ধরি মুরলি, অধর পরশাওত ২৪৫১। [পরশই, -ত, -তি, -শব, -শবি, -শল, -শিতে, -শিহ (প.ক)। পরশিল (শ্রী.কী)।]

পরশ⁴, **-স**, **-রিশ**, **-স**, **-রোশ**, **-স** সর্ম্ম [সং পরি+ √বিষ্ >প্রা √পরিবেস >বা পরিশ, -স, পর(রো)শ, -স, হি √পর(রো) স; প—পরোস; গু—পীরস] অন্নাদি বণ্টন করা। "মৎস্য পরশ করিল ব.প ৪৫। পরিসএ জনকের ঝি শূ ১০৫। পরোসে রুক্মিণী। —ম ২৩৭; (অন্ন) পরোশে: পরশিল ৪০৩। (ক্ষীর খণ্ড কলা) পরশে লহনা ক.চ ১০২; পরসে রামা ১৫৮। গৃহিণী পরিশে অন্ন শ্রী.ম ২১৭। অন্ন পরশেন মাতা ভা.চ ১৪৩।

পরশন বি [পরশ³+অন; হি, মৈ °ন; পদ্যে] স্পর্শন, ছোঁয়া। "দরশন পরশন দ্বয় অনিবারে বি.প ৮০। কুচ কর পরশনে, চমকি উঠয়ে ধনি প.ক ১৮৯। লতা লজ্জাবতী যথা, মৃতপ্রায় পর-পরশনে। —রঙ্গ ৮৫।

পরশপাথর, -মণি, -মাণিক, -রতন বি [সং স্পর্শমণি; °মণি (পৈ)] মণিবিশেষ। "পরশরতন, গলায় গাঁথিয়া পরি চ.দা ১৪৬। কৃষ্ণভক্তি পরশরতন ভ.গ্র ৪১৮। পুরুষ পরশমণি, যারে ছোঁবে সেই ধনী ভা.চ ৩৫৩। °মণি, °মাণিক।—হেম ২৯০। °মাণিক।—কথা ৭০। ক্ষ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশপাথর চ.কা ৯৪। সে ত ছেলে নয়, পরশপাথর আ.দ্র ২৩।

পরশু¹ পুং [পর+ √শৃ+উ (কু)-ক, ডিৎ, উ ১.৩৩; ছান্দস, cf., Gr. pelekus—axe] কুঠার, টাঙি। "রা ১.৭৪.১৯। °মৃগবরাভীতিহস্তম্ (মহেশং ধ্যায়েৎ)। [°ধর (পুং)—১ 'পরশুধারক', পরশুরাম। ২ গণেশ। ৩ পরশুযোধ, পারশ্বধিক। [°ধারা (স্ত্রী)—কুঠার-তীক্ষ্ণতা। "রঘু ১১.৭৮।]

পরশু² বি [সং পরশ্বঃ; হি পরসোঁ] ১ আগামী দিনের পরদিন। "ম ২০৮। শ্রী.ম ১১১। বি.পা ৪২। ২ গত কল্যের পূর্ব্বদিন।

পরশুরাম পুং [উ.লো] পরশুধারী রাম; জামদগ্ন্য। [ইঁহার পিতা জমদগ্নি, মাতা রেণুকা। ইনি দশাবতারের একতম (গী.গো ১.১০)। পিতার আদেশে ইনি মাতার শিরশ্ছেদ করেন এবং প্রসন্ন পিতার নিকটে, মাতার পুনর্জীবন মাতৃবধপাপে মুক্তি যুদ্ধে অপ্রতিদ্বন্দ্বিতা ও দীর্ঘায়ু—এই চারি বর প্রাপ্ত হন। বলপূর্ব্বক সবৎসহোমধেনুহরণ হেতু দৃপ্ত কার্ত্তবীর্য্যার্জ্জুন ইঁহার হস্তে নিহত হন। কার্ত্তবীর্য্যের পুত্রগণ পিতৃবধে ক্রুদ্ধ হইয়া, জমদগ্নিকে বিনাশ করিলে, ইনি তাহাদিগকে নিহত করিয়া, একবিংশতি বার পৃথিবী নিঃক্ষত্রিয়া করেন এবং সমন্তপঞ্চকে পঞ্চ রুধির হ্রদে পিতৃগণের তর্পণ করেন। মহাযজ্ঞের দক্ষিণারূপে কশ্যপকে পৃথিবী দান করিয়া মহেন্দ্রপর্ব্বতে ইনি অবস্থান করেন। সীতাপরিণয়ের পরে অযোধ্যাগমনপথে রামচন্দ্র, ধনুর্গ্রহণচ্ছলে ইঁহার দেহস্থ বিষ্ণুতেজ হরণ করিয়া ইঁহাকে পরাজিত করেন (রঘু ১১.৬৭-৮৯)। দ্র 'রা ১.৭৫-৭৬ সর্গ। মহা ১.২.২-১১; ৩.১১৬-১১৭ অধ্যায়; ১২.৪৯তম অধ্যায়।]

পরশ্বঃ (-শ্বস্) ব্য [পর+শ্বস্] শ্বঃ (আগামী দিনের) পরদিন; পরশু। 'পরশ্বস্তৎপরেহহনি (অ.কো)।

পরশ্বধ পুং [পরশ্বন্+ √ধে+অ (ক)-ক (অ.টী), উ.ত; °শ্বধ (পাঠান্তর); 'পরশু+অধঃ'—মূল (?)] পরশু, কুঠার। "গো.রা ৫.২৪.৩২। রাম° রঘু ৬.৪২। শি ১৩। রঙ্গ ২২২।

পরস বি [পরশ²>°স; হি °স] ১ স্পর্শ। "গ ৩; ৪; ৫। ২ স্পর্শ, লেশ। "তাত নাহি গন্ধের পরসে শ্রী.কী ৪৬। [পরসে (হি √পরস) —স্পর্শ করে। "গ ৫৩। পরসি, -সিলেঁ (শ্রী.কী)।]

পরসঙ্গ বি [প্রসঙ্গ >°ঙ্গ, দ্র 'পর⁶'] ১ প্রস্তাব, আলাপ, কথা। "রস-পরসঙ্গে উঠয়ে মধু কাঁপ বি.প ৮২। রস-পরসঙ্গ শুনই সুখ পাব প.ক ৭৯। ২ কথাবার্ত্তা, কথোপকথন। "পরসঙ্গে রজনী অধিক ভৈ গেলি বি.প ১৩৬। ৩ গুণবর্ণনা, গুণের কথা, কাহিনী। "তুয়া পরসঙ্গে, অঙ্গ সব পুলকিত প.ক ১৫৬। পরসঙ্গে শুনিতে আপনি যায় কাণ চ.দা১২০।

পরস্তাৎ ব্য [পর+অস্তাৎ (অস্তাতি) প্রথমাদিস্থানে; ছান্দস] ১ পর, শ্রেষ্ঠ। ২ পর, অর্ব্বাচীন, পরে বর্ত্তমান। "(পুরুষম্) তমসঃ পরস্তাৎ। —গী ৮.৯। ৩ অত্যন্ত অগম্য। "যঃ পরস্তাদ্ যতীনাম্ মা.মি ১.১। ৪ পরে, অনন্তর। ৫ অবসানে, সমাপ্তিতে। "মনু ২.৭৪।

পরস্পর বিণ [পরস্+পর, কস্কাদি, পা ৮.১.১২, সি] অন্যোন্য, ইতরেতর। "(বনানি তোয়ানি চ) পরস্পরাম্…লক্ষ্মীমালোকয়াঞ্চক্রুঃ ভট্টি ২.৫। —স্পর সর্ব্ব অন্যোন্য। "°সমাগম রা ১.৪৮.১। পরস্পরাক্ষি-সাদৃশ্যম্ রঘু ১.৪০; পরস্পরস্যোপরি ৩.২৪। °প্রীতি °বিবাদ °সখা (S. W.)। ভূরি কৌতুক পরসপর ন.প ১৫৭। —স্পর ক্রি.বিণ অন্যোন্যভাবে। "°বিরুদ্ধানাং মনু ৭.১৫২; পরস্পরাদিনঃ স্তেনাঃ ১২.৫৯। বায়সশৃগালৌ পরস্পরং মন্ত্রয়তঃ।—পঞ্চ ১৩২।৩। যদুলোকঃ পরস্পরং কর্ণাকর্ণ্যকথয়ৎ (বিষ্ণুপুরাণ)। (নারী পুরুষ) পরসপর ভণ ন.প ১৬২। [°অক্ষিসাদৃশ্য (ক্লী)—পরস্পরের চক্ষুর সমতা। °আশ্রয় (বিণ) —অন্যোন্যবিষয়। 'বভূব যৎ প্রেম পরস্পরাশ্রয়ম্ রঘু ৩.২৪।]

পরস্মৈপদ ক্লী. **-ভাষা** স্ত্রী [অলুক্ (পা ৬.৩.৮)] পাণিনির লকারের মধ্যে প্রথম তিপ্তস্ঝি-প্রভৃতি নব লকারাদেশ। "শেষাৎ কর্ত্তরি পরস্মৈপদম্ পা ১.৩.৭৮। 'কুর্ব্বন্তি' এই পদ পরস্মৈপদ হয়। 'কৃষ্ণসুখনিমিত্ত ভজনে তাৎপর্য্য' কহয়॥ চৈ.চ ২৩৩।

পরা¹ ব্য উপসর্গবিশেষ।—১ প্রাতিলোম্য, প্রতিকূলতা। "°হত; পরাক্। ২ প্রাধান্য। ৩ গতি (A.)। "°গত। ৪ ধর্ষণ। "°দৃষ্ট। ৫ আভিমুখ্য। "°বৃত্ত। ৬ বিক্রম। "°ক্রান্ত। ৭ ভৃশ, অত্যন্ত। "°জিত। ৮ তিরস্কার। "°কৃত। ৯ প্রত্যাবৃত্তি। "পরাঙ্মুখ। ১০ ন্যূনীভাব। "°ভব। ১১ ভঙ্গ। ১২ অনাদর। ১৩ বধ। "°সন। ১৪ বিমোক্ষ, ত্যাগ।

পরা² স্ত্রী প্রথম বাগ্‌বৃত্তিবিশেষ। দ্র 'পশ্যন্তী'।

পরা³ দ্র 'পর৬'।

পরাক্ (-চ্) বিণ [পর+ √অন্চ্+ক্বিন্ (০)-ক-১ব; স্ত্রী -রাচী; সমাসে পূর্ব্বপদ—'পরাক্-মুখ', (পরাঙ্মুখ)] ১ প্রত্যাবৃত্ত, পরাবৃত্ত। "পরাঙ্মুখ। ২ পরাঙ্মুখ। "ব্যাজসুপ্তা পরাচী (স্ত্রী) মাঘ ১১.৯; ১৮.১৮। ৩ প্রতিকূলগামী। ৪ উর্দ্ধগামী (ছান্দোগ্যোপনিষৎ)।

পরাক পুং [পর অক (দুঃখ) যাহাতে, বহুব্রী] দ্বাদশাহোপবাস কৃচ্ছ্র-ব্রতবিশেষ। 'মনু ১১.২১৬। "উ.চ ৪৩।

পরাকরণ ক্লী [পরা+ √কৃ+অন (ল্যুট্)-ভা] অবক্ষেপ, অবহেলন, অবজ্ঞা। —কৃত বিং ১ অবজ্ঞাত, অপকৃষ্ট। "পরাকৃত তমোগুণ গুণের ভিতর চৈ.ম ৩০। ২ অধম। "উত্তম মধ্যম পরাকৃত জন্ম আছে। —গ ১৬৯। 'ত ভকত বলিয়ে তমোগুণী চৈ.ম ৩০।

পরাকাষ্ঠা বি ['পরা কাষ্ঠা' বা 'পরকাষ্ঠা' সাধু; সংস্কৃত অসমস্ত "পরা কাষ্ঠা'—পরা হি কাষ্ঠা তপসঃ (তপসঃ পরা কাষ্ঠা হি—কু.স ৫.২৮)] পরমোৎকর্ষ, একশেষ, চূড়ান্ত। "স্নেহের পরাকাষ্ঠা সী ৯৬। গুণের এরূপ পরাকাষ্ঠা ১০১। (বিদ্যাসাগরকৃত সংস্করণে অসমস্ত পদ —'পরা কাষ্ঠা' সী (ষড়্‌বিংশ সংস্করণ) ১১৬, -২১)। আনন্দের পরা-কাষ্ঠা।—কাদ ২২; আহ্লাদের পরাকাষ্ঠা ১৪৬ (১৯শ সংস্করণের পাঠ; ইহা তারাশঙ্কর-কৃত নহে)। কৃতঘ্নতার পরাকাষ্ঠা স.এ ৩।

পরাক্রম পুং [পরা+ √ক্রম্+অ (ঘঞ্)-ণ, বৃদ্ধ্যভাব] ১ 'যাহা দ্বারা অভিমুখগামী হয়'; শক্তি, বল সামর্থ্য। "সত্য° রা ১.১.১৯; বিষ্ণু° ৭৫.১৭; ৭৬.৩। ভীমো ভীমপরাক্রমঃ মহা ৩.৫৩.৫। ২ বিক্রম, অতিশক্তিতা (মেদিনী)। ৩ [+অ-ভা] উদ্যোগ। ৪ অভিযোগ (S.W.)। ৫ নিষ্ক্রান্তি, নির্গমন। ৬ গতি। "(রাঘবঃ) শরং চ প্রতিজগ্রাহ হন্তাল্লঘুপরাক্রমঃ রা ১.৭৬.৪। ক্ষণে সিংহ পরাক্রমে…যায় চৈ.ম ১০৪। ৭ প্রাণমাত্র (অ.টী)। ৮ বিষ্ণু। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক] ১ পরাক্রমবান্, বলবান্, সমর্থ। "পানীয়ার্থে পরাক্রান্তা যত্র তে ভ্রাতরো হতাঃ মহা ১৭.৩.১৯। ২ উদ্যোগী। ভর্ত্তুঃ কার্য্যে পরাক্রান্তঃ গো.রা ৪ ৫৪.৫। ৩ আক্রান্ত। "(অয়ম্) মম হেতোঃ পরাক্রান্তো গতঃ স্বর্গম্ গো.রা ৩.৭৩.৩১।

পরাগ পুং [পরা+ √গম্+অ (ড)-ক] ১ পুষ্পরজঃ, কুসুমরেণু। "স্ফুটপরাগপরাগতপঙ্কজম্ (বসন্তম্) মাঘ ৬.২। ২ রেণু, ধূলি। "প্রতাপোঽগ্রে ততঃ শব্দঃ পরাগস্তদনন্তরম্ (যযৌ) রঘু ৪.৩০। চলিছে প্রতাপ আগে…, পশ্চাতে শব্দ চলে…, চলিছে পরাগ পরে দৃষ্টিপথ রোধি।—মে ২৩৭। ৩ স্নানীয়দ্রব্য, কুঙ্কুমচূর্ণাদি। ৪ চূর্ণ। "কর্পূর-পরাগপাণ্ডুর মাঘ ১.৪। ৫ চন্দন। ৬ [+অ-ভা] উপরাগ, গ্রহণ। ৭ স্বচ্ছন্দগমন। [°কেশর (বি)—পুষ্পের পরাগযুক্ত পুংকেশর (stamen)।]

পরাগত বিণ [পরা+ √গম্+ত (ক্ত)-ক] ১ প্রত্যাবৃত্ত। ২ সমীপাগত, আগত। "অয়ং পরাগত এবাস্মি উ.চ ৫২/৮; পরাগতঃ প্রবীরঃ ৫২/৬। ৩ ব্যাপ্ত। দ্র 'পরাগ (১)। ৪ মৃত।

পরাঙ্মুখ বিণ [পরাক্ মুখ যাহার, বহুব্রী; স্ত্রী -খা, -খী] ১ প্রত্যাবৃত্ত-মুখ, বিমুখ। বিপ 'অভিমুখ'। "মহা ৩.৫৪.১৮। যুধ্যমানাঃ…স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ মনু ৭.৮৯। শয়নে পরাঙ্মুখীঃ (অবলাঃ) রঘু ১৯.৩৮। ২ বিমুখ, নিরপেক্ষ। "(সঃ) মর্ত্ত্যেষ্বাস্থাপরাঙ্মুখঃ রঘু ১০.৪৩। ৩ বিরক্ত। "রঘু ১২.১৩। ৪ কিঙ্কিদবিকল। "প্রায়েণ সামগ্র্যবিধৌ গুণানাং পরাঙ্মুখী বিশ্বসৃজঃ প্রবৃত্তিঃ কু.স ৩.২৮। ৫ বিচলিত। "ত্রীণ্যপরাঙ্মুখাণ্যপি পদানি উ.চ ৫.৩৫। ৬ পরিহারশীল। "বলিনাং হি পরপরিগ্রহসংশ্লেষপরাঙ্মুখী বৃত্তিঃ শ ৫.২৮। ৭ নিবৃত্তকুতা। "শাস্ত্র°, হিংসা°। আহারাদি° ক.সা ৬.১২০।

পরাচীন বিণ [পরাচ্+ঈন (খ)] ১ পরাগ্ভব, উত্তর, কালভব, পরবর্ত্তী। বিপ 'অর্বাচীন'। ২ বহির্ব্বর্ত্তী। "ভ ৫.২০.৩০। ৩ উপরি বর্ত্তমান। "ভ ৫.২০.৩৭। ৪ পরাঙ্মুখ। "পরাচীনৈরিন্দ্রিয়ৈঃ ভ ৩.৩২.২৮।

পরাজয় পুং [পরা+ √জি+অ (অচ্)-ভা] পরাভব। "মনু ৭.১৯৯। —জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ন্যূনীকৃত, পরাভূত।

পরাজি সর্ম্ম [সং পরা+ √জি>বা °জি] পরাজিত করা। "পরাজিয়া সেই বীর বিষম সমরে অ.প ৭; ১২২।

পরাণ বি [সং প্রাণ >প্রা পরাণ; হি, মৈ °ন; পদ্যে] ১ প্রাণ। "°নাশ ক.চ ১৮০। °পিয়া জ্ঞা ২৫২। °প্রহ্লাদ ভ.গ্র ১২৪। ২ মন। "তরুণীগণের পরাণ চোরা ন.প ১৫৯। দেখিতে পরাণে ত্রাস। —হেম ৯০। ৩ প্রাণশক্তি। "তোহ্মার পরাণে তর্থা জাই শ্রী.কী ১০১। —ণি, -ণী বি [°ণ+ই১১; তু 'প্রাণী'] ১ প্রাণ। "কঠিন পরাণি বি.প ১০৯। অথির পরাণি চ.দা ৭১। সম্বরিতে নারে ক্রোধ দহিছে পরাণি।—ম ৫৩০; বধিল °ণী ১১১০। জীবের পরাণি চ.বি ৭৫। জ্বলন্ত গরলে যেন পূরিল পরাণী।—হেম ১৭৩। ২ প্রাণাধার বক্ষঃস্থল। "যার (যে ব্রজের) ডাকে বিদরে পরাণী শ্রী.ম ৭৬। ৩ [প্রাণী> (স্বরাগমে) °ণী, -ণি প্রাণী, জীব। "শুনিতে…না রহে পরাণী ম.গা ৯। অখিল পরাণী ক.চ ২; ৭৭; চ.বি ৯। পরাণিগণ।—হেম ১১২,-৩; সে মহাপরাণী, নিক্ষেপে পরাণী ধরি ১১৮। ৪ জীবাত্মা। "পাপ ভুঞ্জএ পরাণি।—গ ৯৬। ৫ প্রাণশক্তি, সাহস। "মোর বিদ্যমানে তোর এতেক পরাণি চ.বি ১০০। [°পুতলি, -লী—১ প্রাণরূপ পুত্তলিকা; প্রাণ.। "হাসির হিলোলে মোর° পরাণ-পুতলি দোলে প.র ২৭। ২ প্রাণের প্রতিমা; প্রাণপ্রিয় জন। "বিদ্যা বলে পরাণ-পুতলি বটে মোর বি.সু ১১৫। ৩ প্রাণপ্রিয়া। "পরাণ-পুতলি…মরমে রহিল পশি চ.দা ২১। মোর পরাণ-পুতলী রাধা ভা.চ ৪২০।]

পরাণি, -ণী দ্র 'পরাণ'। ৬

পরাত্তমা বি [পর+আত্তমা] পরাত্মা। "গো.বি ২।

পরাৎপর পুং [পরাৎ পর, অলুক্] ১ 'পর হইতে পর; সর্ব্বোত্তম', পরমেশ্বর, পরমাত্মা। দ্র 'কঠোপনিষৎ ৩.১০-১১। "তুমি পরাৎপর। —দু ৬৫। ২ স্বপ্রকাশ। "ভ ৮.৩.৪। ৩ (বাঙ্লায়) ধর্ম্মদেব। "পশ্চিমে উদয় হতে পরাৎপর কন শ্রী.মা ২১৪। —পর বি পরতম, শ্রেষ্ঠ। "(হরিভক্তি) পরাৎপর রস ভ.গ্র ১১৯। পরাৎপরা তারা বা.দ ২৫১। —পরা স্ত্রী ১ দুর্গা। "কু ৩৫০। ২ কালী। "প্রভাকরপুত্র-পীড়া-হরা পরাৎপরা বি.সু ১২০।

পরাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] পরদেহ যাহার আত্মা; পরাধীন। "ভ ৬.১২.৭। —ত্মা পুং ১ 'দেহাদি যাহার আত্মা'; জীব। "মহা ৫.৪২.১৮। ২ [কর্ম্মধা] পরমাত্মা। "পরাত্মনি ব্রহ্মণি বাসুদেবে ভ ৯.৫.২৫।

পরাধিকার পুং [ষ.ত] অন্যের অধিকার; পরনিয়োগ। "পরাধি-কারচর্চ্চা।—হি ২২/৮।

পরাধি(ধী)নী বিং [°ধীন+ঈপ্; সং °ধীনা; বৈষ্ণবসাহিত্যে] পরতন্ত্রা, পরবশা। "একে হাম পরাধীনী চ.সা ১১৮। পরাধিনী। —জ্ঞা ১৫৫। ছার পরাধিনী।—ব ১৫৪,-৬৫। কন্যা আমি দৈবে পরাধিনী বি.পা ২৮৩।

পরাধীন বিণ [পরে অধি (স.ত)—পরাধি+ঈন(খ) স্বার্থে (পা ৫.৪.৭); অথবা ষ.ত] পরতন্ত্র, পরায়ত্ত।

পরান্ন বিণ [বহুব্রী] যাহার অন্ন পরায়ত্ত; পরান্নোপজীবী (অ.কো)। —রান্ন ক্লী [ষ.ত] অন্যস্বামিক ভক্তাদি; পরপিণ্ড, পরের ভাত। "°ভোজী।—হি ১.১৪৮। [°পরিপুষ্ট, °পুষ্ট (বিণ)—পরান্নপালিত। "°পুষ্টতা যাজ্ঞ ৩.২৪১।]

পরাপর বিণ [দ্বন্দ্ব] ১ পর ও অপর; উত্তমাধম; উচ্চনীচ। ২ প্রাচীন ও অর্ব্বাচীন। ৩ দূরাসন্ন (A.)। —পর ক্লী [স.দ্ব] ১ উৎকর্ষাপকর্ষ। "°প্রত্যয়নিশ্চিতার্থ গো.রা ৫.৪৮.৭। ২ (বাঙ্লায়) স্বজন-পরজন, শত্রুমিত্র। "নাহি পরাপরজ্ঞান যুঝে বিপরীত।—ম ২০৪; শ্রুতিমাত্র দেই দণ্ড নাহি পরাপর ৩২৩। এ বিপদে পরাপর নাহি ভাবি মনে।—মে ৩১৩। ৩ ভাল-মন্দ, শোভন-অশোভন। "(বিশ্বম্ভর) নাচয়ে বিহ্বল হই, নাহি পরাপর চৈ.ভা ২১১। [°গুরু পুং—(তন্ত্রে) পরমগুরু (মন্ত্রদাতা) হইতে শ্রেষ্ঠ গুরু; ভগবতী (শ.ক)।]

পরাবর বি [দ্বন্দ্ব] ১ উত্তমাধম, উচ্চনীচ। "পরাবরেষু ভূতেষু ব্রহ্মাণ্ড-স্থাবরাদিষু ভ ৭.৬.২০; °মতি ৯.২৭। ২ পূর্ব্বাপর। —বর পুং পর-পুরুষ পিত্রাদি এবং অবর পুরুষ পুত্রাদি। "মনু ১.১০৫। —বর ক্লী [স.দ্ব] ১ ঐহিক পারলৌকিক ধর্ম্মাধর্ম্ম। "মুনির্দৃষ্টপরাবরঃ রা ৩.১১.১৬। ২ উৎকর্ষাপকর্ষ। "দৃষ্টলোক° রা ২.৬২.৯; °প্রত্যয়-নিশ্চিতার্থ ৫.৫২.১৬। ৩ পূর্ব্বাপরবৃত্তান্ত। "শ্রোতুমিচ্ছামি সাবিত্রি ত্বং হি বেত্থ পরাবরম্ মহা ৩.২৯৭.৩৪। ৪ কারণ ও কার্য্য; পূর্ব্বজন্মকৃত কর্ম্ম ও ভাবী ফল। "ভ ১০.৮৫। ৫ অতীত ও অনাগত; ভূত-ভবিষ্য। "°জ্ঞঃ স ঋষিঃ ভ ১.৪.১৬; °বিত্তম ৪.১৩.২৪। ৬ সগুণনির্গুণ-ব্রহ্ম। "°বিদ্ ভ ১.১.৭। ৭ [দ্বন্দ্ব] উত্তমাধম ভূত; দেবদৈত্যাদি। "পরাব-রেষাং স্থানানাং কালেন ব্যত্যয়ো মহান্ ভ ৮.১০.৪৪।

পরাবর্ত্ত পুং [পরা+ √বৃৎ+অ (ঘঞ্)-ভা] ১ প্রত্যাবর্ত্তন।

২ [+ √বর্ত্তি+অ (অচ্) -ভা] পরিবর্ত্ত। ৩ বিনিময়।—বর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিবর্ত্তিত। ২ প্রত্যাবর্ত্তিত, প্রত্যানীত। —বৃত্ত বিণ [+ √বৃৎ+ত-ক] প্রত্যাবৃত্ত। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] প্রত্যাবর্ত্তন।

পরাবস্থ পুং [পরা অবস্থা যাহাতে, বহুব্রী] যাড়্গুণ্যের পূর্ণাবস্থাপন্ন ভগবদবতার—রাম নৃসিংহ কৃষ্ণ (লঘুভাগবত)।

পরাবৃত্ত, পরাবৃত্তি দ্র 'পরাবর্ত্ত'।

পরাভব পুং [পরা+ √ভূ+অ (অপ্)-ভা] ১ অভিভব, পরাজয়। "কু.স ২.২২। ২ তিরস্ক্রিয়া, ন্যক্কার (অ.টী)। ৩ বিপদ্। "যত্র রামঃ ...নাস্তি তত্র পরাভবঃ রা ২.৪৮.১৫। পরাভবোঽপ্যুৎসব এব মানিনাম্ কি ১.৪১। ৪ বিনাশ। ৫ তিরস্কার, অভিভব। "ভ ৫.১.১ ; ৫.৫। ৬ অবজ্ঞা, অবমান। "সন্তোষেণ বিনা পরাভবপদং প্রাপ্নোতি মূঢ়ো জনঃ (S.W.)। ৭ ধর্ষণ। "ধর্ম্মদার° গো.রা ৩.৫৭.৯। —ভূত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরাজিত। ২ তিরস্কৃত, অভিভূত।

পরামর্শ পুং [পরা+ √মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ যুক্তি। ২ বিবেচন, বিতর্ক। "নিঃশঙ্ক সপরামর্শম্ মা.মি ৪র্ত্ত। ৩ সংবাহন, অবমর্শ। "করতল° কলা উ.চ ৬.২৮। ৪ গ্রহণ, আকর্ষণ। "কেশ° মহা ৭.৩১.২৮। ৫ গ্রহণাকর্ষণাদি। "ধনুষোঽস্য পরামর্শাৎ রা ১.৭৬.১৭। ৬ আস্কন্দন, বিঘ্নোৎপাদন। "তপঃপরামর্শবিবৃদ্ধমন্যোঃ কু.স ৩.৭১। ৭ স্মৃতি। ৮ (ন্যায়ে) ব্যাপ্যের পক্ষধর্ম্মত্ববুদ্ধি, অর্থাৎ ব্যাপ্য ধূমাদিদর্শনে ব্যাপ্তি হেতু, ব্যাপ্য-ধূমাদিবান্ পর্ব্বতাদি-পক্ষে বহ্নিমত্ত্বাদিজ্ঞান ; ব্যাপ্যের পক্ষবৃত্তিতাজ্ঞান ; ব্যাপ্তিমূলক অনুমান। 'ব্যাপ্যস্য পক্ষধর্ম্মত্বধীঃ পরামর্শ উচ্যতে।—ভাষাপরিচ্ছেদ ৬৮। —মর্শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] যুক্তি ; বিবেচন।

পরামর্শন দ্র 'পরামর্শ'।

পরামাণি(নি)ক বি [প্রামাণিক > °ক] ১ যাহার কথা প্রমাণরূপে গ্রহণীয় ; গ্রামের প্রধান বা মোড়ল। "পরামাণিক বোলে শুন রাইয়ত প্রজা বচন মোর হিয়া গো.চ ৬। বুড়া পরামাণিক হ'য়ে থাকি নিজ ঘর ম.ম ৫৪ (দ্র 'তাহার প্রধান' ইত্যাদি, ৫৩ পৃষ্ঠা)। ২ [?] নাপিত। "°ণিক।—হু ১৫২।

পরামৃষ্ট বিণ [পরা+ √মৃশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপরামর্শ, বিবেচিত। ২ আকৃষ্ট, গৃহীত। ৩ আক্রান্ত। "হস্তিহস্তপরামৃষ্টামাকুলামিব পদ্মিনীম্ রা ৫.১৯.১৫ ; মহা ৩.৬৮.১৫। ৪ সম্বদ্ধ। "পা.দ ১.২৪।

পরায় বিং [সং প্রায় > (স্বরাগমে) °য় ; তু 'পারা'] তুল্য, সদৃশ। "(শোণিত) পিয়ে লহে অমিঞা পরায় চ.বি ২২৯। নাচে কালী পাগল পরায় ২৪৪ ; সাগর পরায় ২৪৬।

পরায়ণ বিণ [পর অয়ন যাহার, বহুব্রী, ণত্ব] ১ পরমাশ্রয়, একশরণ। "কামক্রোধ° গী ১৬.১২। মোহ° কু.স ৪.১। ২ তন্নিষ্ঠ। "অগ্নিহোত্র° মনু ৪.১০। নারায়ণ° ম ৫৩৯। ৩ আসক্ত, নিরত, তৎপর। "তত্ত্বজ্ঞান°। ৪ অভীষ্ট। —য়ণ ক্লী [কর্ম্মধা ; ছান্দস] ১ পরমাশ্রয়, পরমশরণ। "এক এব পতির্নার্য্যা যাবজ্জীবং পরায়ণম্ মহা ১.১০৪.৩৫। গী ৫.১৭। ভ ১.১১.৬। ২ শাশ্বতপ্রতিষ্ঠা। "স গতিঃ স পরায়ণম্ রা ২.৪৮.১৭। ৩ [ষ.ত] ব্রহ্মাদির আশ্রয় ; উত্তমের আশ্রয়। "অহঞ্চ তং যামি পরং পরায়ণম্ ভ ৮.২.৩২ ; নমঃ...পরায়ণায় ৩.১৫।

পরায়ত্ত বিণ [ষ.ত] পরাধীন, পরবশ। "রাজ্যভার গ্রহণ করিয়া নিতান্ত পরায়ত্ত হইয়াছি সী ৯৪।

পরায়ন বি [পর+অয়ন ; অসাধু] পরদেশ। "পতি পরায়নে গেল শ্রী.মা ২০৪।

পরার্থ বিণ [পরের নিমিত্ত ইহা ইতি, নি.স] পরনিমিত্তক। "°জীবন পা.প্র ১৩৪ ; °চিন্তাপূত ১৩৬। —রার্থ পুং [ষ.ত] ১ পরপ্রয়োজন। বিপ 'স্বার্থ'। "স্বার্থো যস্য পরার্থ এব স পুমানেকঃ সতামগ্রণীঃ (S.W.)। পরার্থৈকফলা গুণাঃ রঘু ১.২৯। °প্রবণতা পা.প্র ১৩৬। ২ পরধন। "°ভারবাহী।—হি ১.১৬৬। ৩ [কর্ম্মধা] অন্যাভিধেয়। —রার্থে ব্য পরের নিমিত্তে ; পরহিতার্থে। "ধনানি জীবিতঞ্চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ।—হি ৩.১০৩। —রার্থে ক্রি.বিং পরমার্থে, তত্ত্বতঃ। "জগত উদ্ধার হউ শুনি কৃষ্ণনাম। পরার্থে সে তোমরা সভার ধনপ্রাণ॥ —চৈ.ভা ২০৯।

পরার্দ্ধ পুং [কর্ম্মধা] ১ অপরাংশ, অপরখণ্ড। "যে পরার্দ্ধে হিমবতঃ ...নৃপাঃ মহা ২.৫২.৮। ২ শেষভাগ। "দিনস্য পূর্ব্বার্দ্ধপরার্দ্ধভিন্না (ছায়া)।—ভর্ত্তৃহরি। —রার্দ্ধ ক্লী [পরা+ √ঋধ্+অ (অচ্)-ক] 'অতিবৃদ্ধিপ্রাপ্ত' ; অষ্টাদশাঙ্ক, চরমসংখ্যা। "পারেপরার্দ্ধং গণিতং যদি স্যাৎ।—নৈ ৩.৪০। —র্দ্ধ্য বিণ [°র্দ্ধ+য (যৎ) ; স্ত্রী -র্দ্ধ্যা] পরাংশভব, শেষভাগস্থ। ২ চরমসংখ্যাভব। ৩ উৎকৃষ্ট, সর্ব্বোৎকৃষ্ট। "°জন্মনা রঘু ৩.২৭ ; মেনে পরার্দ্ধ্যমাত্মানম্ ১০.৬৪। ৪ শ্রেষ্ঠ। "পরার্দ্ধ্যানি (রত্নানি) মাঘ ৪.১১। ৫ প্রশস্ত। "°গতি রঘু ৮.২৭।

পরাশর পুং [পরা-আ+ √শাস্+অর (ডরন্)-ক (মহা ১.১৭৮.৩, নীলকণ্ঠ)] ঋষিবিশেষ। [ইঁহার পিতা শক্ত্রি, মাতা অদৃশ্যন্তী, পুত্র দ্বৈপায়ন ব্যাসদেব। শক্ত্রি, রাক্ষসত্বপ্রাপ্ত কল্মাষপাদ কর্ত্তৃক নিহত হন, এই হেতু ইনি রাক্ষসসত্রের অনুষ্ঠান করেন এবং অবশেষে পুলস্ত্য কর্ত্তৃক নিবারিত হন (মহা ১.৭৭.৮ ; ১৮১)। ইঁহার স্মৃতি 'পরাশরসংহিতা'।]

পরাসন ক্লী [পরা+ √অস্+অন (ল্যুট্)-ভা] মারণ (অ.কো)।

পরাসু বিণ [পরাগত অসু যাহার, বহুব্রী] বিগতপ্রাণ, মৃত। "পরাসুর্মৃগজীবনঃ মহা ৩.১৩.৩৮। রঘু ৯.৭৮ ; ১৫.৫৬।

পরাস্ত বিণ [পরা+ √অস্+ত (ক্ত)-র্ম্ম] ১ ত্যক্ত। "°বসুধা কি ৫.২৭। ২ নিরাকৃত, খণ্ডিত। "'অনলঙ্কৃতী পুনঃ ক্বাপি' ইতি যদুক্তং তদপি পরাস্তম্ সা.দ ১র্ত্ত। ৩ (বাঙ্লায়) পরাজিত। "পরাস্ত মেনেছে।—পদ্যপাঠ, ২য় ভাগ, ১৮।

পরাহ পুং [পর অহ (অহন্), কর্ম্মধা, সমাসান্ত 'অ' (টচ্)] পরদিন। "শ্রী.মা ১৭। [°হে—পরদিনে।]

পরাহত বিণ [পরা+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রতিহত, ব্যাহত "মৎপৌরুষ° গো.রা ২.২০.২৮। ২ ব্যাহত, বিরুদ্ধ। "সঙ্কুলক্লিষ্টে পরস্পরপরাহতে (অ.কো)। ৩ নিরস্ত, নিরাকৃত। ৪ আক্রান্ত।

পরাহ্ণ পুং [অহের পর, এক.স, অহন্ > অহ্ণ] দিনের পরভাগ ; অপরাহ্ণ। বিপ 'পূর্ব্বাহ্ণ, প্রাহ্ণ'।

পরি[1] ব্য উপসর্গবিশেষ।—১ সমন্তাৎ, চতুর্দিক। "°ক্রমা, °ব্রজ্যা। ২ ব্যাপ্তি। ৩ দোনকথন। "°বাদ। ৪ ভূষণ। "পরিষ্করোতি ; °কর্ম্ম। ৫ আশ্লেষ। "°ষঙ্গ। ৬ পূজন। "°চর্য্যা। ৭ বর্জন। "পরি ত্রিগর্ত্তেভ্যঃ পা ২.১.১২, কাশিকা। মনু ৩.১১৯। ৮ মর্য্যাদা, সীমা। "°চ্ছেদ। ৯ সর্ব্বতোভাব। "°ক্ষীব। ১০ শেষ। "°সীমা। ১১ লক্ষণ। "বৃক্ষং পরি বিদ্যোততে বিদ্যুৎ পা ১.৪.৯০। ১২ ইত্থম্ভাব। "ভক্তো বিষ্ণুং পরি (সি)। ১৩ ভাগ। "লক্ষ্মীর্হরিং পরি (সি)। ১৪ বীপ্সা। "বৃক্ষং বৃক্ষং পরি সিঞ্চতি (সি)। ১৫ আলিঙ্গন। "°রম্ভণ, °গ্রহ। ১৬ নিরসন। ১৭ অতিশয়। "°ক্ষীণ। ১৮ নিয়ম। "°পাটি, পর্য্যায়। ১৯ উপরি। "°ষিঞ্চতি পা ৫.৩.৯, তত্ত্ববোধিনী। ২০ ['পরি'—উপরিভাগে (ঋগ্বেদ ১.৪৯.৩)] উপরি, অধিক। "রথৈঃ পরিচতুর্দ্দশৈঃ মহা ৩.৯৩.২৮। ২১ শোক। "°দেবন। ২২ উপরম। ২৩ পূর্ণতা। "°বৎসর °চতুর্দ্দশ। ২৪ বিনিময়। "°ক্রয়, °দান। ২৫ নিষেধ (শ্রীধর)। "ভ ২.৬.৩৬। [ঘঞাদিপ্রত্যয় পরে 'পরি' > পরী—পরীবাদ, পরীতৎ।]

পরি[2] অব্য [পর° > °রি] সর্থ 'পর°'। "°বজ্ঞ, °সর (প.ক)।

পরিকম্প পুং [পরি+ √কম্প্+অ (ঘঞ্)-ভা] ১ মহাকম্প, প্রবলকম্প। ২ [+অ-ণ] ভয়।

পরিকর পুং [পরি+ √কৃ+অ (অপ্)-র্ম্ম] ১ পর্য্যঙ্ক। ২ কটিবন্ধ, কটিসূত্র, কক্ষ্যা। "বদ্ধা পরিকরং দৃঢ়ম্।—হ ৬৯.১। বদ্ধ° প.তৃ ৫। ৩ [+ √কৃ+অ (অচ্)-ক] পরিবার, পরিজন। "স° ।—পঞ্চ ১৩৩১। সব পুত্র পরিকরে।—গ ২৬ ; ৭৬। লড় লড় ঝাট কি বলিবে পরিকর শ্রী.ম ৬১। ৪ সমূহ। " রত্ন° ।—রঙ্গ ৩০। ৫ সহকারী। "°গণে চৈ.চ ৩২। ব্র.প ২২৪। শূরবীর পরিকর।—রঙ্গ ৬। ৬ [+অ (অপ্)-ভা] সমারম্ভ। ৭ বিবেক। ৮ [+অ-ধি] 'কটিবন্ধস্থান', কটি। । "বদ্ধো যুধি পরিকরঃ উ.চ ৫.১২। ৯ অর্থালঙ্কারবিশেষ। [প্রকৃতার্থপোষক বহুবিশেষণযুক্ত বিচিত্র বর্ণনাকে 'পরিকর' কহে (সা.দ ১০.৫৭)। "অঙ্গরাজ সেনাপতে দ্রোণোপহাসিন্ কর্ণ! রক্ষৈনং ভীমাদ্ দুঃশাসনম্।] ১১ (নাটকে) মুখসন্ধির অঙ্গবিশেষ (সা.দ ৬৮৩)।

পরিকর্ত্তা (-র্ত্তৃ) পুং [পরি+ √কৃ+তৃ (তৃচ্)-ক-১ব] জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহসংস্কারকর্ত্তা যাজক।

পরিকর্ম্মা (-র্ম্মন্) পুং [পরিগত কর্ম্ম যাহা কর্ত্তৃক, বহুব্রী] 'গৃহীত-সেবাকর্ম্মা', ভৃত্য, সেবক। —কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [পরি+ √কৃ+মন্ (মনিন্)-ভা] ১ কুঙ্কুমাদি দ্বারা শরীরের শোভা-ধান-সংস্কার; প্রসাধন। "কু.স ৪.১৯। ২ উদ্বর্ত্তনস্নান-প্রভৃতি কার্য্য। ৩ শরীরসংস্কারমাত্র। ৪ চিত্তের প্রসাধক বা শোধক কর্ম্ম—মৈত্রী করুণা মুদিতা উপেক্ষা। দ্র 'পা.দ ৩.২৩, ব্যাসভাষ্য। "মাঘ ৪.৫৫। —কর্ম্মী (-র্ম্মিন্) পুং [°র্ম্মন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ভৃত্য।

পরিকর্ম্মী দ্র 'পরিকর্ম্মা'।

পরিকল্কন ক্লী [পরি+ √কল্কি (কল্ক+ণিচ্)+অন (ল্যুট্)-ভা] দম্ভ, শাঠ্য। "পা ৭.৪.৯৭, সি, √চহ্ ১৬।

পরিকল্পন ক্লী, -না স্ত্রী [পরি+ √কল্পি+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] ১ পরিগ্রহ। "রূপপরিকল্পন রা ৫. ৪৬.১৪। ২ নির্দ্ধারণ, নিশ্চয়। ৩ রণসজ্জাবিশেষ। "মৃ ৭.১৫। ৪ করণ, বিধান। —কল্পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃত। "°সান্নিধ্য রঘু ৪.৬। ২ যোজিত। "°সত্ত্বযোগা শ ২.৯। ৩ সজ্জিত। "আসসাদ…শিষ্যবর্গ-পরিকল্পিতার্হণম্ (তপোবনম্) রঘু ১১.২৩। ৪ নিশ্চিত।

পরিকীর্ণ বিণ [পরি+ √কৄ+ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যাপ্ত। "(ভ্রমরৈঃ) পরিকীর্ণা পরিবাদিনী মুনেঃ রঘু ৮.৩৫। ২ বিক্ষিপ্ত।

পরিকীর্ত্তন ক্লী [পরি+ √কীর্ত্তি+অন (ল্যুট্)-ভা] ১ ঘোষণ। "(ক্ষরতি) দানঞ্চ পরিকীর্ত্তনাৎ মনু ৪.২৩৭। ২ কথন, বর্ণন। "বংশ° গো.রা ১.৪.২১। ৩ বংশকথন। "রাজর্ষেঃ পরিকীর্ত্তনম্ মহা১৪.৪.১। ৪ উচ্চারণ। —কীর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ঘোষিত। ২ কথিত, বর্ণিত। "গঙ্গায়াঃ প্রভবঃ…পরিকীর্ত্তিতঃ গো.রা ১.৪.২১।

পরিকৃত বিণ [পরি+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] পরিবেষ্টিত। "বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ (ন পশ্যতি) ভ. ৩.২৮.৩৭।

পরিক্থা বি [সং পরীক্ষা >প্রা পরিক্থা ; অপ্র] পরীক্ষা। "গো.চ ৮৩,-৪। [°থাক (পরীক্ষার), °থিয়া (গো.চ)।]

পরিক্রম পুং [পরি+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ চতুর্দ্দিকে ভ্রমণ ; পরিভ্রমণ। ২ গমন। "গগন° কি ১০.২। ৩ প্রদক্ষিণীকরণ। ৪ অনুষ্ঠানক্রম। "মনু ৩.২১৪। —ক্রমা বি [সং °ক্রম ; হি °ক্রমা]. ১ পরিভ্রমণ। "নবদ্বীপ-পরিক্রমা কহে নরহরি ন.প ৪২৪। °ফল ব্র.প ৪২ ; ব্রজ-পরিক্রমা কহে দাস নরহরি।—৩০৭। ভ.গ্র ১৮। ২ প্রদক্ষিণীকরণ। "গোবর্দ্ধন° চৈ.চ ১৮৯ ; তুলসী° ২৪২,-৭৫। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পর্য্যটিত ; প্রদক্ষিণীকৃত। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] পরিভ্রমণ। "ভ ৪.২৯.২১।

পরিক্রমা দ্র 'পরিক্রম'।

পরিক্রয়[১] পুং, -ক্রয়ণ ক্লী [পরি+ √ক্রী+অ (অচ্), +অন (ল্যুট্) -ভা] ১ বিনিময়। ২ বেতনগ্রহণপূর্ব্বক পরিমিতকাল কর্ম্মস্বীকরণ। "পরিক্রয়ণ পা ১.৪.৪৪। —ক্রীত বিণ[+ত(ক্ত)-র্ম্ম]স্বীকৃত। "ভট্টি ৮.৭৮।

পরিক্রয়[২] পুং [+অ-ণ] ১ বেতন। ২ সন্ধিবিশেষ। 'হি ৪.১২৬।

পরিক্রয়ণ দ্র 'পরিক্রয়[১]'।

পরিক্রান্ত, পরিক্রান্তি দ্র 'পরিক্রম'।

পরিক্রিয়া স্ত্রী [পরি+ √কৃ+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পরিখাপ্রাকারাদি দ্বারা পরিবেষ্টন। ২ পরিবেষ্টন।

পরিক্রীত দ্র 'পরিক্রয়'।

পরিক্ষয় পুং [পরি+ √ক্ষি+অ (অচ্)-ভা] ১ অতিক্ষয়। ২ নাশ। "দুঃখ° গো.রা ২.১৭.৩৬ ; ভাগ্য° ১৯.১৭। (শশিনঃ লেখা) কিরণ-পরিক্ষয়-ধূসরা কু.স ৪.৪৬। কি ১৬.৫৭। ৩ অভাব। "সন্তানস্য পরিক্ষয়ে মনু ৯.৫৯। ৪ তিরোভাব।

পরি(রী)ক্ষিৎ পুং [পরি+ √ক্ষি+ক্বিপ্ (০)-ক, দ্র 'মহা ১০.১৬.৩-৪। 'পরীক্ষিৎ'—দ্র 'ভ ১.১২.৩০] চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইঁহার পিতা অভিমন্যু, মাতা উত্তরা, পুত্র জনমেজয়। অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রে নিহত হইয়াও, কৃষ্ণের যোগপ্রভাবে ইনি পুনর্জ্জীবিত হন। ইনি কলির শাসনকর্ত্তা, স্বরাজ্য হইতে কলিপ্রভাব দূর করেন। একদা মৃগয়াক্লান্ত হইয়া ইনি শমীকের আশ্রমে প্রবেশপূর্ব্বক জল প্রার্থনা করেন এবং ধ্যানমগ্ন ঋষির উত্তর না পাইয়া, তাঁহার গলে মৃতসর্প লম্বিত করিয়া প্রত্যাবর্ত্তন করেন। শমীকসুত শৃঙ্গী পিতার অপমানে ক্রুদ্ধ হইয়া, 'সপ্তাহের মধ্যে পিতার অপমানকারীর তক্ষকদংশনে মৃত্যু হইবে' —এই অভিশাপ প্রদান করেন। ব্রহ্মশাপ অবগত হইয়া, ইনি অনশনে গঙ্গাতীরে অবস্থান করেন এবং শুকমুখে হরিকথাশ্রবণে পূতদেহ হইয়া সপ্তম দিবসে তক্ষকদংশনে দেহত্যাগ করেন।]

পরিক্ষিপ্ত বিণ [পরি+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিবেষ্টিত, পরিবৃত। "গঙ্গাস্রোতঃ পরিক্ষিপ্তম্ (ওষধিপ্রস্থম্)।—কু.স ৬.৩৮। বেতসপরিক্ষিপ্তে লতামণ্ডপে শ ৩১। ২ পরিখাদিবেষ্টিত, নিবৃত (অ.কো)। ৩ পরিব্যাপ্ত। ৪ পরিত্যক্ত। — ক্ষেপ পুং [+অ(ঘঞ্)-ভা] ১ পরিবেষ্টন। ২ পরিত্যাগ। ৩ [+অ-ণ] পরিবেষ্টনসাধন, পরিবেষ্ট, বেড়। "(মেনে) মহার্ণবপরিক্ষেপং লঙ্কায়াঃ পরিখালঘুম্ রঘু ১২.৬৬। ৪ 'জীবাত্মার বিষয়ে বিক্ষেপসাধন'; ইন্দ্রিয়। "একাদশপরিক্ষেপং মনঃ। —মহা ১৪.৩৬.২। —ক্ষেপক বিণ [+অক (বুঞ্) -ক] পরিবেষ্টনশীল।

পরিক্ষেপ, -ক্ষেপক দ্র 'পরিক্ষিপ্ত'।

পরিখ সর্ম্ম [সং পরি+ √ঈক্ষ্—পরীক্ষ্ >প্রা √পরিক্খ >বা °খ ; হি √পরিখ্ ; বৈষ্ণবসাহিত্যে] পরীক্ষা করা। "মুঝে কত পরিখসি আর বি.প ১৭১ ; কোই সখি পরিখই শ্বাস ১৮৯।

পরিখা স্ত্রী [পরি+ √খন্+অ (ড)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্), উ.ত, পা ৩.২.১০১, সি] 'পরিতঃ খাতা'; রাজধানী প্রভৃতির বেষ্টনখাত ; খেয়, গড়খাই। "রা ১.৫.১৩। মনু ৭.১৯৬। পরিখীকৃতসাগরাম্ (উর্ব্বীম্) রঘু ১.৩০। বহিছে পরিখারূপে বৈতরণী নদী।—মে ২৬৩। —খাত পুং [+ত (ক্ত)-র্ম্ম] ১ গর্ত্ত, খাত। "রথচরণনেমিকৃতাঃ পরিখাতাঃ ভ ৫.১.৩১ ; ১৬.২। ২ পরিখা।

পরিখাত দ্র 'পরিখা'।

পরিখেদ পুং [পরি+ √খিদ্+অ (ঘঞ্)-ভা] পরিশ্রম। "নিয়মিত° কু.স ১.৬০।

পরিগণন ক্লী, -না স্ত্রী [পরি+ √গণ+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] সম্যগ্‌ভাবে গণন ; সংখ্যান। "°ণনা পু.মে ২২। °ণন মনু ২.১২, কুল্লুক। —গণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সংখ্যাত।

পরিগত বিণ [পরি+ √গম্+ত (ক্ত)] ১ সংপ্রাপ্ত। "স্ত্রীপরিগতঃ সত্ত্বাৎ পরিভ্রশ্যতে।—হি ১.১৪৩। ২ জ্ঞাত, বিদিত। "প্রথমপরিগতার্থ রঘু ৭.৭১। পরিগতার্থ শ ৬৩/২২। ৩ ব্যাপ্ত। "লতাপরিগতদ্রুম গো.রা ৬.১৫.৫। বিশদপ্রভাপরিগতম্ (মুখং শক্রদিশঃ) মাঘ ৯.২৬। ৪ স্মৃত। ৫ পরিবেষ্টিত। "স বঙ্কদ্রুকূলকুথাদিভিঃ পরিগতঃ ভট্টি ১০.১। ৬ পরীত, পীড়িত। "ক্ষুধা°(মহা)। পরিগতঃ ক্ষুধা।—পঞ্চ ১.৫০। ৭ চেষ্টিত। ৮ গত। "সর্ব্বে পরিগীতা দেশাঃ রা ১.৬১.১৪। ৯ লব্ধ। ১০ [+ত -ক] সর্ব্বত্র প্রসারী। "নীললোহিতঃ…°শক্তিঃ শ ৭.৩৫। ১১ প্রাপ্ত। "°বেদন (S. W.)। পরিসরপরিগতযমুনা গী.গো ১.৩৪। ব.প ১৩৩৮। ১২ অতীত। "পরিগতে সংবৎসর।—রঙ্গ ১০৪। —গত ক্লী [+ত -ভা] লাভ, প্রাপ্তি।

পরিগৃহীত বিণ [পরি+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ গৃহীত; স্বীকৃত। "সী ৬৯। ২ পরিণীত। —গ্রহ পুং [+অ (অপ্)-ভা] ১ গ্রহণ। "আসনরজ্জু° রঘু ৯.৪৬। আসন° কু.স ৬.৫৩। ২ ধারণ। "কণ্ঠাশ্লেষ°।—পঞ্চ ৪.৭। ৩ স্বীকার। "রা ১.৪৫.৩৬। অর্ঘ্য° রঘু ১৩.৭০; মৌলি° ১৮.৩৮। সপুত্রা সীতার পরিগ্রহ সী ৬৯। ৪ পাণি-গ্রহণ, পরিণয়। "ক্ষত্রপরিগ্রহক্ষমা (ইয়ম্)।—শ ১.২০। °গ্রাহগৃহীতবুদ্ধি (বিষ্ণুপুরাণ)। ৫ প্রতিগ্রহ, লব্ধদ্রব্য। "রাজ্ঞঃ পরিগ্রহোঽয়ম্ শ ১২/২৭। ৬ অবগতি, বোধ। "অর্থ°। ৭ পরিবেষ্টন। ৮ বশীকরণ। ৯ সমষ্টি, যোগ। ১০ পরিধান, ধারণ (বস্ত্রাদি। ১১ অনুপ্রবেশ, সংক্রমণ। "অতিমাত্রভাস্বরত্বং পুষ্যতি ভানোঃ পরিগ্রহাদনলঃ মা.মি ১.১৩। ১২ অতিথিপূজন। ১৩ উপরাগ, গ্রহণ। ১৪ শাসন, দণ্ড। "সামদান° গো.রা ৪.২২.৬। ১৫ [+অ-র্ম্ম] পত্নী। "স° "রঘু ১.৯২, -৫; সপত্ন° ৯.১৪। কৃপা করি মোরে পরিগ্রহ কর নাথ চৈ.ভা ২৮৬। ১৬ পরিজন, পরিবার, পুত্রকলত্রাদি। "গী ১৮.৫৩। নিজ নিজ পরিগ্রহ শ্রী.ম ৩১৯। ১৭ অনুচর, অনুযায়িবর্গ। ১৮ পরিগ্রাহ্য বস্তু (অলঙ্কারাদি)। "অলঙ্কারম্…দিব্যপরিগ্রহম্ রঘু ১৫.৫৫। ১৯ বসন। "চীর° কু.স ৬.৯৩। ২০ স্ত্রী-প্রভৃতি বাহ্যবিষয়। "ত্যক্তসর্ব্ব° গী ৪.২১। ২১ রাহুগ্রস্ত সূর্য্য। ২২ সৈন্যপশ্চাদ্‌ভাগ। ২৩ পরিগৃহীত দেশ। "মুনেঃ স্থানপরিগ্রহোঽয়ম্ রঘু ১৩.৩৬। ২৪ শপথ। ২৫ [+অ-ণ] পরিমাণ। "ভৃত্যানাং চ পরিগ্রহম্ মনু ১০.১২৪। ২৬ মূল (root), আদি, কারণ। ২৭ [+অ-ধি] অন্তঃপুর, অবরোধ। ২৮ [+অ (অচ্) -ক] পাণিগ্রহীতা, স্বামী। ২৯ বিষ্ণু (মহা)। —গ্রহীতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] গ্রাহক। —গ্রহীতা পুং ১ পতি। "শ ৪.২২। ২ প্রতিগ্রহীতা। "মনু ৯.১৬৮, কুল্লুক।

পরিগ্রহ, -গ্রহীতা দ্র 'পরিগৃহীত'।

পরিঘ পুং [পরি+ √হন্+অ (অপ্)-ণ, √হন্ > ঘ (পা ৩.৩.৮৪)] ১ লৌহবদ্ধলগুড়, লৌহময়লগুড়, 'সর্বতঃ কণ্টকিত লোহদণ্ড' (নীলকণ্ঠ)। "মহা ১.১৯.১৭। রঘু ১২.৭৩। ম ২৪। ২ (সাদৃশ্যে) মুদ্গরমাত্র। ৩ শূল। ৪ অর্গল, হুড়কা। "ভুজং পরিঘসঙ্কাশম্ গো.রা ২.৬২.১৯। নগরপরিঘপ্রাংশু।—শ ২.১৫। ৫ প্রতিবন্ধ। "স্বর্গমার্গ° রঘু ১১.৮৮। ৬ (জ্যোতিষে) যোগবিশেষ। ৭ প্রসবকালে শিশুর তির্য্যগবস্থান-বিশেষ। ৮ মেঘপঙ্‌ক্তি। "সান্ধ্য ইব মেঘপরিঘঃ শ ৭১/২৫। ৯ গৃহ। ১০ কলস। ১১ কাচঘট। ১২ [+অ-ভা] পরিঘাত, পরিহনন। —ঘাতন ক্লী [+ √ঘাতি+অন (ল্যুট্)-ভা] ১ পরিহনন। ২ [+অন-ণ] আয়ুধবিশেষ, পরিঘাস্ত্র]

পরিঘট্টন ক্লী [পরি+ √ঘট্ট্+অন (ল্যুট্)-ভা] ১ সংঘর্ষণ। ২ সঞ্চালন। "মাসর্ত্তুদর্ব্বী° মহা ৩.৩১২.১১৮।

পরিচয় পুং [পরি+ √চি+অ (অচ্)-ভা] ১ বিশেষ জ্ঞান; পরিজ্ঞান। "শাস্ত্রাণাং পরিচয়ঃ (কাদম্বরী)। পাপ পুণ্য কার্য্যকালে সমান সরল, অনুশোচনাই মাত্র পরিচয়স্থল।—ন ৪৭৭। ২ অভ্যাস। "পরিচয়ং চললক্ষ্যনিপাতনে (করোত্যসৌ) রঘু ৯.৪৯। গর্ভাধানক্ষণ° পু.মে ৯। °স্থৈর্য্য মাঘ ২.৭৫। ৩ প্রণয়। "অনবগীতঃ পরিচয়ঃ উ.চ ২.২। ন পরিচয়ো মলিনাত্মনাং প্রধানম্ মাঘ ৭.৬১। নব পরিচয় পরিহর কোন অপরাধে বি.প ১১৪। নবপরিচয়, কালিয়া বঁধুর সনে।—চ.দা ৯। ৪ দীর্ঘসাহচর্য্য। "পরিচয়বিকাস উ.চ ৬.২৮।

পরিচর বিণ [পরি+ √চর্+অ (অচ্)-ক] পরিভ্রমণকারী। —চর পুং ১ পরিচারক, ভৃত্য। ২ যুদ্ধে পরপ্রহারাদি হইতে রথরক্ষক (অ.কো)। ৩ দেহরক্ষক (body-guard)। —চরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পরিভ্রমণ। ২ পরিচর্য্যা, সেবা। "দ্বিজাতি° মনু ৯.৩৩৫, কুল্লুক। —চর্য্যা স্ত্রী [+অ (শ)-ভা, য (যক্) নিপাতিত +স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.১০১, সি] ১ পূজা। "মাঘ ১.১৭। ২ সেবা, শুশ্রূষা। "পরিচর্য্যাপর রঘু ১.৯১। —চার পুং [+অ (ঘঞ্) -ভা] পরিচর্য্যা; সেবা। "মহা ৩.৯৭.১৪। —চারক পুং [+অক (ণ্বুল্)-ক] সেবক, ভৃত্য। "রা ২.৭৬.১৪। প্রতিমা° মনু ৩.১৫২, কুল্লুক। —চারিক পুং [°চার+ইক (ঠন্)] শুশ্রূষাকারী, সেবক। "মহা ১৩.১২৬.২৪। —চারিকা স্ত্রী দাসী। —চারিণী স্ত্রী [+ইন্ (ণিনি) -ক+স্ত্রী ঈ (ঙীপ্)] পরিচারিকা।

পরিচরণ, -চর্য্যা, -চার, -চারক, -চারিক, -চারিকা, -চারিণী দ্র 'পরিচর'।

পরিচালক বিং সর্ব্বত্র চালক, অর্থাৎ যে বস্তু নিজের মধ্য দিয়া বিদ্যুৎ-তাপাদি পরিচালিত করে (conductor)। "বিদ্যুৎ°। —চালক বি যে কাজ চালায়; প্রধানকর্ম্মচারী; অধ্যক্ষ। —চালন বি সর্ব্বত্র চালান বা প্রেরণ। —চালিত বিং সর্ব্বত্র চালিত।

পরিচিত বিণ [পরি+ √চি+ত (ক্ত) -র্ম্ম] ১ পরিচয়যুক্ত, পরিজ্ঞাত। "শশ্বৎ°বিবিক্তেন মনসা শ ৫.১০। আজন্ম°ব্যক্তি।—কাদ ৬৩। ২ অনুভূত। "স্পর্শঃ পুরা পরিচিতঃ উ.চ ৩.১২; চির° ৩২। ৩ সংসৃষ্ট, সংসর্গযুক্ত। "ছায়াদানাৎ ক্ষণপরিচিতঃ পু.মে ২৬।

পরিচিন্তক পুং [পরি+ √চিন্ত্+অক (ণ্বুল্)-ক] ১ প্রাজ্ঞ। "মহা ১২.৬.১। ২ উপাসক। "পরস্ত পরিচিন্তকাঃ ভ ৩.৩২.৮।

পরিচ্ছদ পুং [পরি+ √ছাদি+অ (ঘ)-ণ, সংজ্ঞায়, উপধাহ্রস্ব (পা ৬.৪.৯৬)] ১ আচ্ছাদন, আস্তরণ। "শয্যা…রুক্মপরিচ্ছদা ভ ৪.৯.৬১। ২ বসনাভরণাদি, বসন-ভূষণ। "মনু ৯.৭৮। কি ৭.৪০। ৩ পরিবার, পরিজন। "ভরতঃ সপরিচ্ছদঃ রা ২.৯২.১। "অসমেত° রঘু ৯.৭০। ৪ রাজার উপকরণ—ছত্রচামরাদি; করিতুরগকোষাদি। "রাজানঃ সপরিচ্ছদাঃ মনু ৭.৪০। সেনা পরিচ্ছদস্তস্য রঘু ১.১৯। ৫ উপকরণ। "অগ্নি° মনু ৬.৪। ৬ শয্যাগবাখাদি। "(তে) নির্ব্বাস্যাঃ সপরিচ্ছদাঃ মনু ৯.২৭৪। —চ্ছন্ন বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আচ্ছাদিত, আবৃত। "দ্বীপিচর্ম্মপরিচ্ছন্নঃ…গর্দ্দভঃ।—হি ৩.৯। ২ পরিবেষ্টিত। ৩ (বাঙ্‌লায়) পরিষ্কৃত, আবর্জ্জনাহীন। ৪ নির্ম্মল। "বসন ভূষণ… পরিচ্ছন্ন।—দ্বু ৪৭। ৫ উৎকৃষ্ট (অসাধু। "(পরমান্ন) অতি-পরিচ্ছন্ন।—দ্বু ৩৯।

পরিচ্ছন্ন দ্র 'পরিচ্ছদ'।

পরিচ্ছিত্তি স্ত্রী [পরি+ √ছিদ্+তি (ক্তিন্)-ভা] ১ অবধারণ। ২ অবধিকরণ। ৩ বিভাজন। —চ্ছিন্ন বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবধারিত, নির্ণীত, 'অবগাঢ়' (মল্লিনাথ)। "°প্রভাবর্দ্ধি কু.স ২.৫৮। পরিচ্ছিন্ন নাহি সন্ধ্যা-দিবস রজনী।—ক.চ ৮২; ২৩০। ২ নিয়মিত। "(বাচম্) অনুষ্টুপ্‌ছন্দসা পরিচ্ছিন্নাম্ উ.চ ২৪/৫। ৩ বিভক্ত। —চ্ছেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অবধারণ, নির্ণয়। "অপরিচ্ছেদাকুলং মে মনঃ শ ৫.৯। চেতনাচেতন তার নাহি পরিচ্ছেদ ক.চ ১৬২।

বি.পা ২১৭। ২ হিতাহিতনির্ণয়, সদসংপরিদেবনা। "কিং পাণ্ডিত্যং? —পরিচ্ছেদঃ; পরিচ্ছেদো পাণ্ডিত্যম্।—হি ১.১৫৬,-৭। ৩ বিভাজন, বিভাগ। ৪ [+অ -ণ] অবধি, সীমা। "ক্ষুধায় তৃষ্ণায় দুঃখ নাহি পরিচ্ছেদ ম.বি ১০২। এ সব লীলার কভু নাহি পরিচ্ছেদ চৈ.ভা ১১৭। ৫ ইয়ত্তা। "পরিচ্ছেদাতীতঃ (বিকারঃ) মা.মা ১.৩০। ৬ পরিমাণ। ৭ [+অ-র্ম্ম] সন্দর্ভবিভাগ, গ্রন্থের অংশ (chapter)। ৮ [লিপিপ্রমাদ?] পরিচ্ছদ। "ব.প ১৭৩৮। —চ্ছেদ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ অবধার্য্য, নির্ণেয়। "রঘু ১০.২৮। ২ পরিমেয়। "তুলাপরিচ্ছেদ্যানাং সুবর্ণরজতাদীনাম্ মনু ৮.৩২১, কুল্লুক। ৩ বিভাজ্য।

পরিচ্ছিন্ন, -চ্ছেদ, -চ্ছেদ্য দ্র 'পরিচ্ছিত্তি'।

পরিচ্যুতি স্ত্রী [পরি+ √চ্যু+তি (ক্তিন্)-ভা] পরিভ্রংশ, ক্ষরণ। "তৈললেশ° ক.সা ২৭.৫০।

পরিজন পুং [প্রা.স] ১ পরিগত জন; পরিগ্রহ, অনুযায়িবর্গ, সহচরগণ। "কুব্জা° গো.রা ২.৭৭.১৪। ২ পরিবারবর্গ, প্রতিপাল্য জন। "লহু লহু রমহ পরিজন পাশে বি.প ৭৬। নগর ত্যজিয়া গেলা লৈয়া পরিজন।—ম ৬৮৩। পরিজন পুষিব শ্রী.মা ১৮৮। চাষ চষ বারেক বর্ত্তুক পরিজনঃ নহে উদাসীন হও ছাড় পরিজন শি ৬৮। ৩ দাস, ভৃত্যবর্গ। "শ ২১/৮। পরিজনাঙ্গনারত রঘু ১৯.২৩। দয়া পরিজন প্রতি বি.সু ১৬৩। কাদ ১২৮। ৪ [বাঙ্‌লায়; অপ্র] স্ত্রী। "তাহার পরিজন ৺রাজু দেব্যা E.P. 52.

পরিজল্পিত ক্লী [পরি- √জল্প্+ত (ক্ত)-ভা] প্রভুর নির্দয়তা-শাঠ্যাদিপ্রদর্শনার্থ বিচক্ষণতাপূর্ণ ব্যঙ্গ্যোক্তি (উজ্জ্বলনীলমণি)।

পরিজ্ঞাত বিণ [পরি+ √জ্ঞা+ত (ক্ত)-র্ম্ম] প্রত্যভিজ্ঞাত, বিদিতস্বরূপ। "তপস্বিভিঃ কৈশ্চিৎ পরিজ্ঞাতোঽস্মি শ ২১/২২/৩।

পরিডীন, -নক ক্লী [পরি+ √ডী+ত (ক্ত)-ভা, ক (কন্) স্বার্থে] পক্ষীর চক্রাকারে উড্ডয়ন। দ্র 'মহা ৮.৪১.২৭-২৯।

পরিণত বিণ [পরি+ √নম্+ত (ক্ত)-ক। ১ সম্যক্ নত; সর্বতোনত। ২ পরিণতিপ্রাপ্ত, পরিপক্ক। "°ফলদ্যোতিভিঃ।—পূ.মে ১৮। ব.প ৭৮৫। ৩ বৃদ্ধ, পশ্চিম (বয়ঃ)। "পরিণতে বয়সি (কাদম্বরী)। পরিণত আনি যত নারি।—চৈ.ম ৪০। ৪ পূর্ণাবয়ব, পূর্ণতাপ্রাপ্ত। ৫ প্রস্ফুটিত। "°কঠোরপুষ্কর উ.চ ৬.১৩। ৬ পরিপাকপ্রাপ্ত। "পরিণতে যৎ স্নেহসারে স্থিতম্ (প্রেম)।—উ.চ ১.৩৯; °প্রজ্ঞ ৭.২০। ৭ সংবৃত্ত। "পরিণতঃ কায়বানস্ত্রবেদঃ উ.চ ৬.৯। ৮ সুনির্ম্মল, পরিস্ফুট। "°শরচ্চন্দ্রিকা উ.মে ৪৯। ৯ রূপবিশেষগত। "স্রোতোমূর্ত্ত্যা ভুবি পরিণতাং রন্তিদেবস্য কীর্ত্তিম্ পূ.মে ৪৫। ১০ দিবসাবসানকালীন, অস্তোন্মুখ। "°অরুণপ্রকাশঃ (রেণুঃ) শ ১.২৯। ১১ তির্য্যগ্দন্তপ্রহার (যে হস্তী তির্য্যগ্‌ভাবে দন্তাঘাত করে)। "°গজপ্রেক্ষণীয়ং পূ.মে ২। °দিক্‌করিকা মাঘ ৪.২৯। —ণত পুং তির্য্যগ্‌ঘাতী গজ (অ.চি)। —ণতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পরিণমন, নম্রীভাব। ২ পরিপক্কতা, পক্তি। ৩ পূর্ণতাপ্রাপ্তি, পূর্ণাবস্থা। ৪ পরিণাম, ফল। "°বিশুদ্ধি ম.চ ২.১৫; কল্যাণী পরিণতিঃ ৬.২৮। ৫ জরাবস্থা; পরিণাম, পরিবর্ত্তন। "অভবদ্ গতঃ পরিণতিম্ দিবসঃ মাঘ ৯.৩; ১১.১। ৬ শেষ। ৭ অবসান। ৮ খাদ্যপরিপাক, জীর্ণ। ৯ শেষফল, উপভোগ্যতা। "স চ (অর্থঃ) তব বচনেন °তিং গচ্ছতি।—পঞ্চ ১৪/৪ ৩৭/৮।

পরিণতি দ্র 'পরিণত'।

পরিণদ্ধ বিণ [পরি+ √নহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ বদ্ধ। ২ পরিরব্ধ, আশ্লিষ্ট। "তাম্বুলবল্লী°পূগা রঘু ৬.৬৪। ৩ ব্যাপ্ত। "শৈলেয়জাল °শিলাতল।—ঋতু ৬.২৫। ৪ বিশাল। "°কন্ধর রঘু ৩.৩৪। —ণাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বিস্তার, প্রসার, পরিসর। "স্তনযুগ° শ ১.১৯, টীকা। ২ বিশালতা, বৈপুল্য। অকৃশ°শালিন্ কি ১২.২০। ৩ বৃত্তপরিধি। —ণাহবান্ (-বৎ) বিণ [°ণাহ+বৎ (বতুপ্)-১ব] বিশাল, বিপুল, বিস্তৃত। —ণাহী (হিন্) বিণ [°ণাহ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -হিনী] পরিণাহবান্, বৈপুল্যযুক্ত। "পরিণাহি রূপম্ কু.স ১.৩৬।

পরিণমন ক্লী [পরি+ √নম্+অন (ল্যুট্) -ভা] পরিণতি, পরিবর্ত্তন, প্রকৃতির বিকার। —ণাম পুং [+অ (ঘঞ্) -ভা] ১ সর্থ 'পরিণমন'। "ভ ২.৫.১২। ২ পরিণতি, ফল। "অপ্রিয়স্য চ পথ্যস্য পরিণামঃ সুখাবহঃ।—হি ২.১৩৩। পঞ্চ ৪.৭৫। বহু দিনের অপরাধে পাইল পরিণাম চৈ.চ ২৭৩। ৩ পরিপাকাবস্থা, ফলকাল। যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্ গী ১৮.৩৭,-৮। °সুখে (ভেষজে) কি ২.৪। ৪ পরিপাক, পক্তি। "উপৈতি সস্যং °রম্যতা কি ৪.২২। ৫ শেষ, অবসান। "দিবসাঃ °রমণীয়াঃ শ ১.৩। ৬ বার্দ্ধক্য, জরাবস্থা। "রঘু ৮.১১। ৭ উপভোগ। "ভোঃ কর্ম্মন্, ময়াবশ্যং দেয়ং ব্যবসায়িনাম্। তস্য পরিণামস্তদায়ত্তঃ।—পঞ্চ ২১/১ ৫/৪ ০/১। ৮ অর্থালঙ্কারবিশেষ। [প্রস্তুত প্রয়োজনের সাধনরূপে প্রসিদ্ধ বস্তু আরোপবিষয়ের সহিত অভেদভাবে পরিণত হইয়া প্রকৃত বিষয়ের উপযোগী হইলে 'পরিণাম' হয় (সা.দ ১০.৩৪)।] [পরিণামদর্শী (-র্শিন্) বিণ—কর্ম্মের ফল যিনি দেখেন; কর্ম্মশেষদ্রষ্টা। "বি.সু ১১২। °দৃষ্টি (স্ত্রী)—পরিণামজ্ঞান। °পথ্য (বিণ)—শেষে হিতকর; পরিণামশুভ। °শূল (ক্লী)—ভুক্ত দ্রব্যের পরিপাকসময়ে জাত তীব্রবেদনাবিশেষ; শূলরোগবিশেষ। 'ভুক্তে জীর্য্যতি যচ্ছূলং তদেব পরিণামশূলম্ (মাধবকর)। পরিণামে—পরে, ভবিষ্যতে। "পরিণামে পশুপতি পাছে দেন খোঁটা শি ৮১।]

পরিণামবাদ পুং [কর্ম্মধা] বিকাররূপ বাদবিশেষ। [সতত্ত্ব-তোঽন্যথা প্রথা বিকার ইত্যুদীরিতঃ—বস্তুর সহিত যে অন্যরূপ জ্ঞান তাদৃশ (অর্থাৎ স্বরূপপ্রচ্যুত হইয়া কারণ যে কার্য্য জন্মায়, সেই) বিকার বা পরিণাম। দুগ্ধ বিকৃত হইয়া দধি হয়, দুগ্ধ কারণ দধি কার্য্য, বস্তুতঃ উভয়ে অভিন্ন, দুগ্ধের অবস্থান্তরমাত্র দধি; পূর্ব্বে কার্য্য দধি সূক্ষ্মরূপে কারণ দুগ্ধে ছিল, ব্যাপারবিশেষে কার্য্যে অভিব্যক্ত হইয়াছে মাত্র। এইরূপ ঈশ্বর অচিন্ত্যশক্তিতে জগদ্রূপে পরিণত হইয়া অভিব্যক্ত হন, কিন্তু তিনি অবিকার। সুতরাং জগৎ মিথ্যা বা নির্বস্তুক নহে। ইহা 'পরিণামবাদ'। 'অবিচিন্ত্যশক্তিযুক্ত শ্রীভগবান্। ইচ্ছায় জগতরূপে পায় পরিণাম॥ তথাপি অচিন্ত্যশক্ত্যে হয় অবিকারী। প্রাকৃত চিন্তামণি তাহে দৃষ্টান্ত যে ধরি॥—চৈ.চ ৩৫; ১০৪; ২৪৬।]

পরিণায়ক পুং [পরি+ √নী+অক (ণ্বুল্)-ক] পরিণেতা, স্বামী। "মাঘ ৯.৭৩।—ণীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ঊঢ়, বিবাহিত। "শ ৩.১৯। °পূর্ব্বা ৫১/৮৭। —ণেতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] সর্থ 'পরিণায়ক'। "রঘু ১.২৫। কু.স ৭.৩১। পরিণেতা পোড়া বাঙ্গারাম।—জা ৪২। —ণেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] পরিণয়ার্হ। "ধনুরারোপণপণ-পরিণেয়া দ্রৌপদী বা.ভা ১৮/৮ ০/১।

পরিণাহ, -হবান্, -হী দ্র 'পরিণদ্ধ'।

পরিণীত, -ণেতা, -ণেয় দ্র 'পরিণায়ক'।

পরিতঃ (-তস্) ব্য [পরি+তস্ (তসিল্)] ১ সর্ব্বত্র। "পরিতো দিগন্তান্ রঘু ৬.৯। কি ১.১৪। রক্ষাংসি বেদীং পরিতো নিরাস্থৎ ভট্টি ১.১২। ২ অভিমুখে। "চমরান্ পরিতঃ প্রবর্ত্তিতাশ্বঃ রঘু ৯.৬৬।

পরিতর্পণ বিণ [পরি+ √তৃপ্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] প্রীতিকর। "উ.চ ৩.১১। —তর্পণ ক্লী [+অন-ভা] প্রীণন।

পরি(রী)তাপ পুং [পরি+ √তপ্+অ (ঘঞ্) -ণ বাহুলকে দীর্ঘ] ১ অত্যন্ত তাপ; অত্যুষ্ণতা, সন্তাপ। "গুরু-পরিতাপানি… গাত্রাণি শ ৩.১৪। ২ দুঃখ। "রোগশোকপরিতাপ—হি ১.৪২। ৩ রৌদ্র-তাপ। "(পাদপঃ) শময়তি পরিতাপং ছায়য়া শ ৫.৭। ৪ শোক। ৫ ভয়। ৬ কম্প।

পরিতুষ্ট বিণ [পরি+ √তুষ্+ত (ক্ত)-ক] পরিতোষযুক্ত, সন্তুষ্ট। "মনসি চ 'তুষ্টে কোঽর্থবান্ কো দরিদ্রঃ।—ভর্তৃহরি। —তুষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] পরিতোষ, প্রীতি। —তোষ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সন্তোষ, হর্ষ। "আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্ শ ১.২। হি ১.২০০। ২ লোভবিরহজন্য চিত্তপ্রসাদ। "সম ইহ পরিতোষো নির্ব্বিশেষো বিশেষঃ।—ভর্তৃহরি। —তোষ বিং (অপ্র) পরিতুষ্ট। রাজা হয়্যা পরিতোষ, ক্ষেমিল সকল দোষ ক.চ ১০০। —তোষণ বিণ [+ √তোষি+অন (ল্যুট্)-ভা] প্রীণন, প্রীতীকরণ।

পরিতুষ্টি, -তোষ, -তোষণ দ্র 'পরিতুষ্ট'।

পরিত্যক্ত বিণ [পরি+ √ত্যজ্+ত (ক্ত)-র্ম] ১ বর্জ্জিত, বিহীন, বিরহিত। "ভোগৈঃ সংপরিত্যক্তং রামম্ ২.১০৪.১৭। তুষেণাপি পরিত্যক্তা ন প্ররোহন্তি তণ্ডুলাঃ।—হি ১.৩৬। গুণাঃ সংখ্যাপরিত্যক্তাঃ। —পঞ্চ ২.৬৬। ২ নিক্ষিপ্ত (বাণ)। —ত্যাগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বর্জ্জন, পরিহার, বিসর্জ্জন। "ন পরিত্যাগমর্হেয়ম্ রা ১.৫৩.১২। কৃতসীতা° রঘু ১৫.১। ২ দান, ত্যাগ। "পরিত্যাগাশ্চ নিঃসঙ্গা ভবন্তি হি মহাত্মনাম্।—হি ১.১৯৮। ৩ উপেক্ষা। "প্রাপণাৎ সর্ব্বকামানাং পরিত্যাগো বিশিষ্যতে মনু ২.৯৫। —ত্যাগী (-গিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক] পরিত্যাগশীল। "সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ গী ১২.১৬,-৭। —ত্যাজ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম] অবশ্যপরিহার্য্য। "গুরুদ্রুষ্টঃ পরিত্যাজ্যঃ গো.রা ২.৬২.৩৫।

পরিত্যাগ, -ত্যাগী, -ত্যাজ্য দ্র 'পরিত্যক্ত'।

পরিত্রাই, -হি ক্রি [সং পরিত্রায়স্ব > প্রা পরিত্তাহি (উ.চ ৩৫৯)। > বা °হি, -ই] পরিত্রাণ কর; রক্ষা কর। [পরিত্রাই, -হি করা, ডাকা—১ 'রক্ষা কর' বলিয়া চীৎকার করা। "কুজী পরিত্রাহি ডাকে। —কৃ ১১৩; পরিত্রাহি ডাকে পাপী। কুমির কামড়ে পাপী পরিত্রাই ডাকে। —ম ৪৮৮; পুনঃ পুনঃ ডাকে পরিত্রাই ৫১৬,-৫২। ডাকিল পরিত্রাই শ্রী.ম ২১। ঋষিগুলা পরিত্রাহি করে বি.পা ৮২,-৩। ২ উচ্চৈঃস্বরে ডাকা। "মজুষ চাপাও বলি ডাকে পরিত্রাহি।—ম.ম ২০৫; রহ রহ বলি শিব ডাকে পরিত্রাহি ২১৪,-৫। ডাকে পরিত্রাই শ্রী ৩১; °হি ২০৪। পরিত্রাহি কান্দে (অসাধু)—উচ্চৈঃস্বরে কাঁদে। "ম.ম ৯৮।]

পরিত্রাণ ক্লী [পরি+ √ত্রৈ+অন (ল্যুট্)-ভা] ১ হস্ত দ্বারা ঘাতকবারণ; মারণোদ্যতের নিষেধ (অ.টী); হস্তবারণ। ২ পরিরক্ষণ। "দাতা ভোগস্য পরিত্রাণস্য়থস্য চ গো.রা ২.৩৩.১৭। পরিত্রাণায় সাধূনাম্। —গী ৪.৮। ৩ [+অন-ক] পরিত্রাতা, রক্ষক। "প্রাপ্তে ভয়ে পরিত্রাণম্ (মিত্রম্)—পঞ্চ ২.১৯৩; পরিত্রাণমাসসাদ বনস্পতিম্ ৩.১৩৮। —ত্রাণ, -ত বিণ [+ত (ক্ত)-র্ম, বিকল্পে 'ত' > ন] পরিরক্ষিত। "রাঘবেণ পরিত্রাতঃ গো.রা ৬.৬.১০। —ত্রাতব্য বিণ [+তব্য-র্ম] রক্ষণীয়। —ত্রাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] রক্ষিতা, রক্ষক। "পরিত্রাতা জনস্যাস্য রা ২.৪১.৫। ভক্ত°।—ম ১০৬১।

পরিত্রাত, পরিত্রাতব্য,- ত্রাতা; পরিত্রাহি দ্র 'পরিত্রাণ; পরিত্রাই'।

পরিদংশিত বিণ [°শ+ইত (ইতচ্)] ধৃতসন্নাহ, সজ্জিত। "তাবুভৌ পরিদংশিতৌ মহা ১.১৩৬.৩৫।

পরিদর্শক বিং পর্য্যবেক্ষক, পরীক্ষক, বিচারক। —দর্শন বি পর্য্যবেক্ষণ, তত্ত্বাবধান, পরীক্ষা।

পরিদান ক্লী [পরি+ √দা+অন (ল্যুট্)-ভা] প্রতিদান, পরিবর্ত্ত, বিনিময়। —দায়ী (-য়িন্) পুং [+ইন্ (ণিনি)-ক-১ব] শাস্ত্রবিধি-পরিত্যাগপূর্ব্বক কন্যাদাতা; অকৃতবিবাহ জ্যেষ্ঠের কনিষ্ঠকে যে কন্যা দেয়। [এরূপ বিবাহে কনিষ্ঠ 'পরিবেত্তা', জ্যেষ্ঠ 'পরিবিন্ন', কন্যা 'পরিবেদনীয়া', দাতা 'পরিদায়ী', যাজক 'পরিকর্ত্তা'। সকলই পতিত (হারীত)।]

পরিদায়ী দ্র 'পরিদান'।

পরিদৃশ্যমান বিণ [পরি+ √দৃশ্+মান (শানচ্)-র্ম] যাহা স্পষ্ট দেখা যায়; সুস্পষ্ট। "এই নিত্য যজ্ঞের দেবতারা শরীরী, সাক্ষাৎ পরিদৃশ্যমান।—পা.প্র ১৯২। আমাদিগের দশা দেখ—আহারাভাবে উদর কৃশ। অস্থি পরিদৃশ্যমান ব.প্র ৬২৫।

পরিদেব পুং [পরি+ √দিব্+অ (ঘঞ্)-ভা] বিলাপ। "পরিদেবো মহানত্র শ্রুতো মে।—মহা ৭.৮৩.৫। —দেবক বিণ [+অক (বুঞ্)-ক] বিলাপশীল। "ভট্টি ৭.১৩। —দেবন ক্লী, -না স্ত্রী, -দেবিত ক্লী [+অন (ল্যুট্, যুচ্), +ত (ক্ত), -ভা, স্ত্রী আ (টাপ্)] বিলাপ। "অভিতপ্তানাং শুশ্রাব পরিদেবনাম্।—রা ৩.৫৭.১৫। তত্র কা পরিদেবনা গী ২.২৮। সীতাপরিদেবনান্ত রঘু ১৪.৮৩। পরিদেবিত ভ ৭.২৩৬। —দেবী (-বিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক-১ব] বিলাপশীল। "ভট্টি ৭.৭ [পরিদেবিতাক্ষর (ক্লী)—বিলাপ-বচন। "কু.স ৪.২৫।]

পরিদেবক, -দেবন, -দেবনা, -দেবিত, -দেবী দ্র 'পরিদেব'।

পরিদ্যুন বিণ [পরি+ √দিব্+ত (ক্ত)-ক] ক্ষীণ। "রা ৩.৬৬.১।

পরিধান ক্লী [পরি+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ দেহে বস্ত্রাদিধারণ; পরা। "পরিধানার্থ (চীর) রা ২.৩৭.৯। ব্যাঘ্রছাল পরিধানে ছিল বা.ম ৩৪। ২ [+অন-র্ম; ছান্দস] পরিধেয় বস্ত্র; নাভির অধোধৃত বস্ত্র; অধোংশুক, অন্তরীয়, বস্ত্র, পরার কাপড়। "পরিধানেন বাসসা মহা ৩.৬১.১৪। মাঘ ১.৬১। আত্তবিচিত্র° কি ৯.১। °বল্কল হি ১.১৬০, গগন° ভ ৫.৫২৮। একলি আছিল ঘরে হীনপরিধান বি.প ১৩৮। পরিধান বসন ম.গা ৪। পরিধান…বাকল।—গ ১১০। কৃ ১২৪। পরিতে না মিলে পরিধান।—ক.চ ১৪৩। পরিধান ছেঁড়া টেনা ম.ভা ৪৮। বি.পা ৩৬০। এক কৌপীন, নাহি দ্বিতীয় পরিধান চৈ.চ ৮৪। —ধানীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] পরিধেয়। —ধানীয় ক্লী পরিধান বস্ত্র। —ধায় পুং [+অ (ঘঞ্)-ধি] ১ নিতম্ব। ২ [+অ-ভা] পরিধান।—ধায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব] পরিধানকারী। "পট্টবস্ত্রপরিধায়িনী নারীরা আ.দু ২০৬।

পরিধায়, -ধায়ী দ্র 'পরিধান'।

পরিধি পুং [পরি+ √ধা+ই (কি)-ণ; তু 'পরিধি'—পরিতঃ নিহিত উদক; আবরক (ঋগ্বেদ ৩.৩৩.৬, ৪.১৮.৬; ১.৫২.৫)] ১ চন্দ্রসূর্য্যের উপরি রশ্মিমণ্ডল; চন্দ্রসূর্য্যের উৎপাতজাত রশ্মিমণ্ডল (অ.টী); পরিবেষ (misty halo)। "পরিধেমুক্ত ইবোষ্ণদীধিতিঃ রঘু ৮.৩০। শশি° নৈ ২.১০৮। দিবাকর পরিধি যেমতি, জ্বলিছে ফলকবর।—মে ৬৯। ২ রশ্মিমণ্ডল। ৩ বৃত্ত-প্রান্তরেখা। ৪ চক্রপ্রান্ত, নেমি। ৫ দিক্‌চক্র, দিঙ্মণ্ডল। "ধূমা দিশঃ পরিধয়ঃ ভ ১.১৪.১৫; ৮.১৫.১০। ৬ গোলকের পরিবেষ্টনবৃত্ত। ৭ বৃত্তাকার প্রান্তমাত্র; মণ্ডলবেষ্টনসূত্রমাত্র। ৮ বেষ্টন, বৃতি, বেড়া। ৯ যজ্ঞপশুবন্ধনার্থ নিখাত পলাশাদিশাখা। ১০ যজ্ঞাগ্নির বেষ্টন কাষ্ঠদণ্ড। ১১ বসন। "কনক° ভ ৮.৭.১৭। [°স্থ (পুং)—১ সেনান্তে স্থিত; যুদ্ধে রথীর রক্ষক (অ.টী); পরিচর। ২ রাজার বা সেনানীর সহচররক্ষক (aide-de-camp)। ৩ পরিচায়ক, রক্ষক।]

পরিধূপিত বিণ [পরি+ধূপ্+ত (ক্ত)-র্ম] সুরভীকৃত।

পরিধূসর বিণ [প্রা.স] ধূসরবর্ণগত, ঈষৎপাণ্ডু, মলিন। "বসনে পরিধূসরে বসানা শ ৭.২১। শ্যেনপক্ষ° রঘু ১১.৬০।

পরিধেয় বিণ [পরি+ √ধা+য (যৎ)-র্ম] পরিধানার্হ। —ধেয় ক্লী বসন, বস্ত্র।

পরিনাতি বি [সং প্রনপ্তা (-প্তৃ) > বা °তি, দ্র 'পর'[৫]; হি পনাতী, পরনাতী; ঠ পণতূ ('°তী'—স্ত্রীলিঙ্গ) ; ড় পণনাতি ; অস °তি ; অপ্র] নাতির ছেলে ; প্রনাতি। "রাক্ষসের ঈশ্বর ব্রহ্মার পরিনাতি। —ম ৩২২। শ্রী.ম ২১৩।

পরিনির্ব্বাণ ক্লী [প্রা.স] সম্যক্ নির্ব্বাণ ; মোক্ষ।

পরিনিষ্ঠা স্ত্রী [পরি -নি+ √স্থা+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পরিসমাপ্তি, পর্য্যবসান। ২ পরিপূর্ণতা, সম্পন্নতা, সমগ্রভাব। "নৈকত্র পরিনিষ্ঠাস্তি জ্ঞানস্য পুরুষে কচিৎ।—মহা ৩.৭২.৮। ৩ পরিসীমা। —নিষ্ঠিত বিণ [°ষ্ঠা+ইত (ইতচ্)] ১ সঞ্জাতপরিনিষ্ঠ, সুনিপুণ, প্রবীণ। ২ ধ্রুব, শাশ্বত। "তং বেদশাস্ত্র, পরিনিষ্ঠিত আশয় শ্রী.ম ৪।

পরিপক্ব বিণ [পরি+ √পচ্+ত (ক্ত)-ক] ১ পরিপাকপ্রাপ্ত, পরিণত, পাকা। °শালিঃ।—ঋতু ৪.১। ২ বুদ্ধিপরিপাকযুক্ত, প্রাজ্ঞ, বিচক্ষণ। ৩ পরিণত। "°বুদ্ধি। ৪ সুজীর্ণ (অন্নাদি)। ৫ [+ত-র্ম্ম] সংস্কৃত, শৃত, সিদ্ধ (খাদ্য) ; ভৃষ্ট ; ভাজা।

পরিপণ পুং [পরি+ √পণ্+অ (অপ্)-ভা] প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি। "সন্ধি°বস্তুপ্রতিপাদন।—মু ৫৲১/১০। —পণ ক্লী [+অ (ঘ) -ণ] মূলধন, পুঁজি। —পণন ক্লী [+অন (ল্যুট্) -ভা] পণরূপে দানাঙ্গীকার। "নন্দরাজ্য°।—মু ১৲১/২। —পণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অঙ্গীকৃত। "অনভিভাষণং ময়া তে °পণিতম্ মাঘ ৭.৯।

পরিপণন, -পণিত দ্র 'পরিপণ'।

পরিপতন ক্লী [পরি+ √পত্+অন (ল্যুট্)-ভা] ইতস্ততঃ উড্ডয়ন; পরিডীন। "°খেদ শ ৬৲১/৪।

পরিপন্তি বি [সং °পন্থী] রিপু। "°ন্তি...পঞ্চবাণ ব.প ১০১৭।

পরিপন্থিক পুং [°ন্থিন্+ক (কন্) স্বার্থে] অরি, শত্রু। "দুর্য্যোধনঃ ...রাজান্য পরিপন্থিকঃ মহা ১০.১৬.৩১।

পরিপন্থী (-ন্থিন্) পুং [পর্য্যবস্থাতৃ > °ন্থিন্ নিপাতিত, ছান্দস (পা ৫.২.৮৯), লোকে উপচারে ; পরি+ √পন্থ গতি+ইন্ (ণিনি) -ক-১ব (অ.টী)] ১ প্রতিপক্ষ, শত্রু। "গী ৩.৩৪। ২ বিরোধী, প্রতিকূল। "বিজয়মানস্য যেহস্য স্যুঃ পরিপন্থিনঃ মনু ৭.১০৭। সচ্ছাস্ত্র° ভ ৪.২.২৮। ৩ দুষ্ট। "নৃপঃ...হন্যাচ্চ °পন্থিনঃ মনু ৭.১১০।

পরি(রী)পাক পুং [পরি+ √পচ্+অ (ঘঞ্)-ভা ; বাহুলকে দীর্ঘ] ১ সম্যক্ পাক ; পরিণতি, পাকা (ripening)। ২ সম্পূর্ণ পচন ; সিদ্ধ হওয়া। "কেবলবহ্নিপক্বমাংসেন মৎস্যঃ পরিপাকমেতি (ভাবপ্রকাশ—শ.ক)। ৩ পরিণতি। "মাঘ ৪.৪৮। বুদ্ধির পরিপাক পা.প্র ৩। বয়সে আরও রসের পরিপাক ব.প্র ২১। ৪ কর্ম্মের ফল-দানোন্মুখত্ব। "পরিপাকমুপেয়ুষাম্ (তপসাম্) কু.স ৬.১০। পুণ্যপরি-পাকে হৈবে কৃষ্ণসঙ্গচর।—শ্রী.ম ৬। ধৃতরাষ্ট্রপুত্রের হইল কাল-পরিপাক ম.বি ২৪৫; আমার সনে যুদ্ধ পাইল কাল-পরিপাকে ২৭৬। ভ.গ্র ৩৩৬। ৫ পরিণাম, ফল। "সুকৃত°। দুষ্কর্ম্মণাং পরীপাকঃ (ম.চ)। ৬ জীর্ণতা, হজম। [দুঃখ পরিপাক করা—দুঃখ সহ্য করা। "সকল দুঃখ দু'টি ভাইয়ে করল পরিপাক, নিঃশঙ্ক নির্বাক্ প.কা ২৫।]

পরিপাটল বিণ [°ল+অ (অচ্)] পরিপাটলবান্, রক্ত। "পরি-পাটলাম্বুদল মাঘ ১৩.৪২। —পাটল পুং [প্রা.স] শুদ্ধ পাটলবর্ণ; লোহিতরাগ। "ধৌতরাগপরিপাটলাধরৈঃ রঘু ১৯.১০।

পরিপাটী, -টি স্ত্রী [পরি+ √পাটি+ই-ধি (পরি ভাগেন পাটনম্ অস্যাম্—অ.টী); বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'ভাগানুসারে গমন' ; আনু-পূর্ব্বী, অনুক্রম, ক্রম। "যৈছে পরিপাটী করে ভিক্ষা-নির্ব্বাহণ চৈ.চ ১০৭৮। ২ পঙ্ক্তি, শ্রেণী। "লঙ্কাভর্ত্তুর্বদনপরিপাটীষু ঘটনা সা.দ ৪৲১/৫। ৩ পদ্ধতি, রীতি, নিয়ম। "দানের করিল রাজা অতি পরিপাটী।—কৃ ৯। বৃন্দাবন-যাত্রার এ নহে পরিপাটী চৈ.চ ৭৬ ; অন্য কথা অন্য মন, বাহিরে অন্য আচরণ, এই সব শঠ-পরিপাটী চৈ.চ ৩৪২। ৪ (বাঙ্লায়) চাষ-কার-কিত, জমির পাট। "(চাষা) পরিপাটী করে মাটি (পদ্মমালা)। ৫ শুদ্ধি, সংস্কার। "যার যেমন মন তার তেমন ধন, মনের কর পরি-পাটী ব.প ১৫৩৮। ৬ গৃহপরিমার্জ্জন, ঘরের পাইট। "রন্ধন বাড়ন পরিপাটী ব.প ৭৭৭। ৭ বৈচিত্র্য অঙ্কননৈপুণ্য। "আলিপন পরিপাটী ক.চ ৪৭। ৮ চিত্তবৃত্তি। "কাহার শক্তি বুঝিতে পারে দেবের পরিপাটী ম.ম ৮। ৯ বাক্যকৌশল। "আগে পরিপাটী করি শেষে জীয়ান লথাই ম.ম ২১১। [পরিপাটি পরে—সুশোভন (ফিট-ফাট) করিয়া পরে। "পরিপাটি পরে নীল ধটিয়া ন.প ৩৮৫।]

পরিপাণ্ডু বিণ [প্রা.স] অতিপাণ্ডুবর্ণ। "পরিপাণ্ডুদুর্ব্বলকপোল উ.চ ৩.৪ ; ৫।

পরিপালন ক্লী [পরি+ √পালি+অন (ল্যুট্)-ভা] ১ পরিরক্ষণ, অভিরক্ষণ। "লব্ধ°বৃত্তি শ ৫.৬। প্রজানাং পরিপালনম্ যাজ্ঞ ১.১১৯। ২ পরিপোষণ, লালন। "অপত্যস্য জাতস্য পরিপালনম্ মনু ৯.২৭। ৩ কার্য্যে অনুষ্ঠান। "প্রতিজ্ঞা° রা ৬.১০১.৫১। আচার° (S.W.)। —পালয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] পরিরক্ষক, পরিত্রাতা ; পোষণকারক। —পালিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পরিরক্ষিত ; লালিত। —পাল্য বিণ [+য (যৎ)-র্ম্ম] পরিরক্ষণীয় ; ত্রাণার্হ। "প্রমাণানি...পরিপাল্যানি যত্নতঃ গো.রা ২.৬২.২৬। [°পালহ (প.ক)]

পরিপালয়িতা, -পালিত, -পাল্য দ্র 'পরিপালন'।

পরিপিঙ্গ বিণ [প্রা.স] সর্ব্বতঃ পিঙ্গলবর্ণ। "পরিপিঙ্গতোয়াম্ (গঙ্গাং) কু.স ১৩.২৭।

পরিপীড়ন ক্লী [পরি+ √পীড়ি+অন (ল্যুট্)-ভা] ১ নিষ্পেষণ, পরিমর্দ্দন। "তিল° (সুশ্রুত)। ২ বিবাধন, হিংসা, অপকার। "শক্তিঃ পরেষাং পরিপীড়নায় (খলস্য)।—সু.র।—পীড়া স্ত্রী [+অ (অঙ্)-ভা +স্ত্রী আ (টাপ্)] সর্ব 'পরিপীড়ন (২)। "মৎপরিপীড়ার্থ গো.রা ২. ১৯.১৩। [পরিপীড়সি—পীড়ন করিতেছ (প.ক)।]

পরিপীড়া দ্র 'পরিপীড়ন।'

পরিপুটন ক্লী [পরি+ √পুট্+অন (ল্যুট্)-ভা] ভেদন, ছাড়ান (peeling off)। "ত্বক্° (সুশ্রুত)।

পরিপূত বিণ [পরি+ √পূ+ত (ক্ত)-র্ম্ম] ১ পবিত্রীকৃত। "উৎপত্তি-পরিপূতা উ.চ ১.১৩। ২ নিস্তুষীকৃত, পরিষ্কৃত।

পরিপূর বিং [°পূর্ণ > °র] পরিপূর্ণ। "দীন দুরগত, জগত ভরি পরিপূর জ.প ৬৬। মদন দহন পরিপূর।—গো ১১৫। [পরিপূরব, -রল, -রহ (প.ক)।]

পরিপূরণ ক্লী [পরি+ √পূরি+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ পূরণ ; আপূরণ। ২ মুখমারুতে পূরণ ; ধ্মাপন। "ত্বক্সাররন্ধ্র° মাঘ ৪.৬১। —পূরিত, -পূর্ণ বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; তু '°পুন্ন', -ন্ন' (ব.প ১৬৮৫,-৬)] সম্যক্ পূর্ণ ; সম্পূর্ণ। "পরিপূর্ণ বিধু সুবিমল প.তৃ ৭। —পূর্ণতা স্ত্রী আভোগ (অ.কো)।

পরিপৃচ্ছা স্ত্রী, **-প্রশ্ন** পুং [পরি+ √প্রচ্ছ্+অ (অঙ্)+ন (নঙ্), -ভা, স্ত্রী আ (টাপ্)] জিজ্ঞাসা, সংপ্রশ্ন। "জাতিপরিপ্রশ্নে পা ২.১. ৬৩। তদ্ বিদ্ধি...পরিপ্রশ্নেন গী ৪.৩৪।

পরিপ্রশ্ন দ্র 'পরিপৃচ্ছা'।

পরিপ্রেপ্সু বিণ [পরি -প্র+ √আপ্+স (সন্)+উ-ক ; স্ত্রী -প্সূ] পরিপ্রাপ্তীচ্ছু, লাভেচ্ছু। "প্রাণযাত্রাং °প্সোঃ মহা ৩.৭০.১১।

পরিপ্লব বিণ [পরি+ √প্লু+অ (অচ্)-ক] ১ চঞ্চল, চপল। "মাঘ ১৪.৬৮। ২ স্পন্দমান। —প্লব পুং [+অপ্)-ভা] ১ জলাদির উপরিতরণ। ২ [+অ-ণ] নৌকা, উড়ুপ। "°গত গো.রা ১.৪৭.১৩। —প্লাবন বিং [+ √প্লাবি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] জলনিমজ্জন-

কারক (যে জল ডুবায়)। "কূলপরিপ্লাবনী গঙ্গার বেগ ব.প্র ১৫৬। —প্লুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্লাবিত, নিমজ্জিত। "মা ভূর্বাষ্প-পরিপ্লুতঃ রা ২.৩৪.৪৬। আবাং জহি ন যত্রোর্বী সলিলেন পরিপ্লুতা (চণ্ডী)। বাষ্পবারি°লোচন সী ৪৭; নয়নযুগল আনন্দাশ্রুজলে পরিপ্লুত ৬২। ২ প্লাপিত। "তোয়পরিপ্লুতাঙ্গ।—রা ২.৪৫.৩৩। ৩ সর্ব্বতঃ ব্যাপ্ত; ব্যাপ্ত। "শরৌঘেণ পরিপ্লুতঃ মহা ৭.৩.৪। ক্ষতজপরিপ্লুত ভ ১.৯.৩৮; আহ্লাদ° ২.৯.১৭। (পৃথিবী) নিত্য সুখে পরিপ্লুত। —হেম ২৯১। ৪ উপহত। "দুঃখমোহ° (রা)। শোকমোহ° (মহা)। দৈবরাজ° যাজ্ঞ ১.১৬৬। ৫ ক্ষুভিত। "অমর্ষপরিপ্লুতেন্দ্রিয় ভ ৩.১৯.৭। ৬ আর্দ্রীকৃত, বশীকৃত। "দেবঃ কৃপয়া পরিপ্লুতঃ ভ ৭.৯.৫। ৭ মৈথুনবেদনাযুক্ত। "পরিপ্লুতায়াং যোনৌ (মাধবকর)। —তা স্ত্রী মদিরা।

পরিপ্লবতা, -প্লাবন, -প্লুত দ্র 'পরিপ্লব'।

পরিফুল্ল বিণ [পরি+ √ফুল্ল্)+অ (অচ্) -ক] উৎফুল্ল। "প্রমোদপরিফুল্লচক্ষুস্ মাঘ ১৩.১৪।

পরিবৎসর পুং [প্রা.স] পরিপূর্ণ বৎসর; সংবৎসর। "দেব্যা শূন্যস্য জগতো দ্বাদশ পরিবৎসরাঃ উ.চ ৩.৩৪।

পরিবন্ধ বি [প্রবন্ধ > °বন্ধ, দ্র 'পরি২'] ১ প্রবন্ধ, সন্দর্ভ। "মুকুন্দ রচি পরিবন্ধ দেবের চরণে কহে ক.চ ২৯। ২ রচনাকৌশল। "নানা পরিবন্ধ করি বেঁধেছে কবরী শ্রী ৪০। ৩ বন্ধন। "আশ পরিবন্ধ।—ব ১৭২। ৪ বিবরণ, কাহিনী। "(বেহুলা) নিবেদয়ে শোক-পরিবন্ধে ম.ভা ৫৫।

পরিবর্জ্জন ক্লী [পরি+ √বৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ পরিত্যাগ, পরিহার। "গো.রা ৬.৮.১৪। মাংস° মনু ৫.৫৪। ২ [+অন-ণ] 'প্রাণত্যাগসাধন'; মারণ, বধ (অ.কো)। —বর্জ্জিত বিণ [+ √বর্জ্জি+ত (ক্ত)-র্ম্ম] পরিত্যক্ত, পরিহীণ।

পরি(রী)বর্ত্ত পুং [পরি+ √বৃৎ+অ (ঘঞ্)-ভা, বাহুলকে দীর্ঘ] ১ বিনিময়। "পরিবর্ত্তে কৃতে তাভ্যাং গর্ভাভ্যাম্ হ ৬০.২৭। দ্রব্যপরীবর্ত হি ২.১০২। কর্ষ° মনু ৯.২৯২, কুল্লুক। ২ আবর্ত্তন, ঘূর্ণন, পরিভ্রম। "অদ্রি°কষাণকণ্ঠু ভ ২.৭.১৩। ৩ অতিক্রম। "যুগশত° শ ৭.৩৪। ৪ পুনঃপুনঃ প্রাপ্তি। "ঋতুনাং পরিবর্ত্তেন প্রাণিনাং প্রাণসংক্ষয়ঃ রা ২.১০৫.২৫। ৫ অন্ত, শেষ। "যুগ°বায়ু মাঘ ১৭.১২। ৬ আবর্ত্ত, জন্মমরণাদ্যাবর্ত্তন। "ন যত্র ভূয়ঃ পরিবর্ত্ত উগ্রঃ ভ ১.৩.৩৯। ৭ আবৃত্তি। "যুগানাং পরিবর্ত্তেন (ত.বা)। ৮ [+অ-ধি] যুগান্তকাল, কল্পান্ত। ৯ গ্রন্থবিচ্ছেদ, অধ্যায়। ১০ (পরিবর্ত্তমানপর্ব্বতধারণ হেতু) কূর্ম্মরাজ। দ্র (২)। ১১ পরিবর্ত্তন, বদলান। "পার্শ্ব° বা.দ ১০৫। ১২ (বাঙলায়) বিবাহে কন্যাদান ও তৎপরিবর্ত্তে কন্যাগ্রহণ। "°বিয়ে। —বর্ত্তক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ পরিবর্ত্তকারক, বিনিময়কারী। ২ পর্য্যায়স্থিত, ক্রমায়াত। "ষড়্‌ভির্যামিকৈঃ °বর্ত্তকৈঃ।—শু ১.২২২। ৩ [+ √বর্ত্তি+অক (ণ্বুল্)-ক] পরিবর্ত্তয়িতা, পরিবর্ত্তনকারক। "যুগস্য পরিবর্ত্তকঃ মহা ৩.১৯০.৯৭। —বর্ত্তন ক্লী [+বৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ বিনিময়। ২ লুণ্ঠন, বিচেষ্টন। "শয্যা°চ্যুতৈঃ স্বকেশপুষ্পৈঃ কু.স ৫.১২। অঙ্কপরিবর্ত্তনোচিতা মাঘ ৪.৪৭। ৩ বিহার। "অঙ্কপরিবর্ত্তনোচিতে (উভে) রঘু ১৯.১৩। ৪ পরিভ্রম, আবর্ত্তন। "ভ ৩.২৮.২৭। ৫ বিপরিণাম (change)। "যুগস্য...সহস্রপরিবর্ত্তনাৎ মহা ৩.১৮৯.৪০। রূপস্য পরিবর্ত্তনম্ ক.সা ১২.৫০। —বর্ত্তিত বিণ [+ √বর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপরিবর্ত্তন। ২ আবর্ত্তিত, ঘূর্ণিত। ৩ নিবর্ত্তিত। "°বাহনঃ।—রঘু ৯.২৫। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক -ৰ; স্ত্রী -র্ত্তিনী] ১ পরিবর্ত্তনশীল, বিপরিণামী। "পরিবর্ত্তিনি সংসারে মৃতঃ কো বা ন জায়তে।—হি ১.১৪। ২ আবর্ত্তনকারী।

পরিবর্ত্তক, -বর্ত্তন, -বর্ত্তিত, -বর্ত্তী দ্র 'পরিবর্ত্ত'।

পরিবর্দ্ধন ক্লী [পরি+ √বৃধ্+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ বৃদ্ধি; উপচয়। ২ [+ √বর্দ্ধি+অন-ভা] বৃদ্ধিপ্রাপণ, বাড়ান। ৩ পরিপোষণ। —বর্দ্ধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ যাহা বাড়ান হইয়াছে; কৃতবর্দ্ধন। ২ পরিপুষ্ট।

পরিবর্হ পুং [পরি+ √বর্হ্+অ (ঘঞ্)-ণ] ১ পরিচ্ছদ। ২ রাজযোগ্য শ্বেতচামরচ্ছত্রাদি। ৩ যাত্রার উপযুক্ত পটবেশ্মাদি উপকরণজাত; উপকরণ। "চমূম্...°শোভিনীম্ রা ২.৮৩.২৬। বেশ্মানি...°বন্তি রঘু ১৪.১৫। —বর্হণ ক্লী [+অন (ল্যুট্)-ণ] ১ সর্থ 'পরিবর্হ'। ২ [+ √বৃহ্+অন্-ভা] আরাধন। "ভ ৫.৫.২৭।

পরিবর্হণ দ্র 'পরিবর্হ'।

পরিবহ পুং [পরি+ √বহ্+অ (অচ্) -ক] সপ্তবায়ুর অন্তর্গত ষষ্ঠ বায়ু। "বায়োরিমং পরিবহস্য বদন্তি মার্গম্ শ ৭.৬। [মন্দাকিনী ও সপ্তর্ষিমণ্ডল এই বায়ুপথে স্থিত।]

পরি(রী)বাদ পুং [পরি+ √বদ্+অ (ঘঞ্)-ভা, বাহুলকে দীর্ঘ] ১ পরদোষকথন। "মনু ৭.৪৭। [ইহা কামজ ব্যসনবিশেষ।] ২ অপবাদ। "পরিবাদ রা ২.৩৫.৩৩। পরীবাদনবাবতারঃ।—রঘু ৫.২৪। ৩ অবিদ্যমানদোষ-কথন। "গুরোর্যত্র পরীবাদো নিন্দা বাপি প্রবর্ত্ততে।—মনু ২.২০০। পরিবাদ ম ১০৯৭; বি.প ১৩৭; বা.ম ২৪৫। ৪ অবৈধ-প্রণয়জন্য অপবাদ; কলঙ্ক। "হসইতে কেহ জনি করে পরিবাদ বি.প ১০৭। দেয় পরিবাদ চ.দা ৭৩; কানু পরিবাদ : কালা পরিবাদ ৯৮। কানু পরিবাদে—জ্ঞা ১১। ডোমনী পরিবাদ ম.ম ১৩। —বাদন ক্লী [+ √বাদি+অন (ল্যুট্)-ণ] বীণাদিবাদনসাধন, ছড়ি। —বাদী (-দিন্) বিণ [+ √বদ্+ইন্ (ঘিনুণ্)-ক-২ব; স্ত্রী -দিনী] পরিবদনশীল, অপকারী। "মহা ৭.৭১.২৬।—বাদিনী স্ত্রী [°দিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সপ্ততন্ত্রীযুক্ত বীণাবিশেষ। "রঘু ৮.৩৫। মাঘ ৬.৯। ব.প ১১১৯। ২ (বাঙলায়) কলঙ্কিনী। "হরিপরিবাদিনী, রব রটালে কুটিলে।—দা ৩৭৮। [পরিবাদব (নিন্দা করিবে),-বাদসি (প.ক)।]

পরিবাদন, -বাদী, -বাদিনী দ্র 'পরিবাদ'।

পরিবাধা স্ত্রী [পরি+ √বাধ্+অ-ভা+আ (টাপ্)] গুরুক্লেশ, পরিপীড়া। "°পেলবৈরঙ্গৈঃ শ ৩.১৮।

পরি(রী)বাপ পুং [পরি+ √বপ্+অ (ঘঞ্)-ভা, বাহুলকে দীর্ঘ] ১ বপন, বীজপ্রক্ষেপণ। ২ মুণ্ডন, কেশচ্ছেদন। ৩ [+অ-ণ] পরিচ্ছদ, পরিধান (অ.টী)। ৪ [+অ-ধি] জলস্থান। —বাপণ ক্লী [+ √বাপি +অন (ল্যুট্)-ভা] মুণ্ডন। —বাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] মুণ্ডিত।

পরিবাপণ, -বাপিত দ্র 'পরিবাপ'।

পরি(রী)বার পুং [পরি+ √বৃ+অ (ঘঞ্)-ভা] ১ পরিজন, অনুচর। "স্বল্পপরীবার মহা ৩.৭৮.১। (যানম্) °শোভি।—রঘু ৬.১০। কপোতরাজঃ সপরিবারঃ।—হি ১ম্ব। (যুবতী) পুত্র পরিবার সঙ্গে।—গ ৭১,-২; গণ-পরিবারা ১৮৯। যষ্টি কোটি সারথি যার পরিবার।—ম ৬৯১। সৈন্যপরিবার অ.প ৬৩; ১৩৭। বৃক্ষ° চৈ.চ ৪০। ২ খড়্গকোশ, খাপ। ৩ [হি, মৈ °র] স্ত্রীপুত্রাদি, কুটুম্ব। "দারা পুত্র পরিবার, তুমি কার কে তোমার।—হেম ২৪৭। ৪ স্ত্রী, ভার্য্যা। "ম ১০৭২। অ.গ্র ৮১। —বারিত বিণ [+ √বারি+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিবৃত, বেষ্টিত। "জ্ঞাতিসহস্রেণ...পরিবারিতঃ রা ২.৮৪.১২। ২ পরিব্যাপ্ত। "শঙ্কুভিঃ...পরিবারিতঃ (পরিঘঃ) গো.রা ৩.৩২.১২।

পরিবারিত দ্র 'পরিবার'।

পরিবাস পুং [পরি+বস্+(ঘঞ্)-ভা] ১ বসতি, নিবাস, স্থিতি। "(নাগলোকে) পরিবাসঃ মহা ৫.১০২.১৫। গবাং চ পরিবাসেন ভূমিঃ শুধ্যতি মনু ৫.১২৪। ২ [√বাসি+অ (অচ্)-ণ] সৌরভ, সুবাস।

—বাস বি [অপ্র] পরিধেয় বাস ; বহির্ব্বাস। "রাজার পরিবাস সাজাইল গো.চ ১৬৩।

পরি(রী)বাহ পুং [পরি+ √বহ্ +অ (ঘঞ্)-ভা, বাহুলকে দীর্ঘ] ১ পরিতঃ জলের বাহ ; জলোচ্ছ্বাস ; জলোৎসেক। "রঘু ৮.৭৪। ভাদ্র-মাসে পরিপূর্ণ দেখি পরিবাহ।—প.তৃ ৬৮ ২ সমধিক জলের নিষ্কাসন ; জলনির্গম। "পুরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া উ.চ ৩.২৯। পরীবাহ ইবাম্ভসাম্।—হি ১.১৬৪। ৩ [+অ-ণ] জলনির্গমমার্গ। "মাঘ ১৬.৫১। ৪ অল্পপ্রবাহ, ক্ষুদ্রসরিৎ। "পরিবাহান্ বহুদকান্ (চক্রুঃ)। —রা ২.৮০.১১। ৫ প্রবাহ, স্রোতঃ। "রুধিরস্য পরীবাহান্ মহা ৭.৬৮.১৩। ৬ [+অ-র্ম্ম] রাজযোগ্যবস্ত্র। —বাহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -হিণী] প্রবাহস্রাবী। "আনন্দপরিবাহিণা চক্ষুষা শ ৪৯ ; রাগপরিবাহিণী গীতিঃ শ ৫২।

পরিবিত্ত, -ত্তি পু [পরি+ √বিদ্+ত (ক্ত),+তি (ক্তিন্), -ক] 'পরিবর্জ্জনপ্রাপ্ত' (অ.টী) ; কৃতদার কনিষ্ঠের অকৃতবিবাহ জ্যেষ্ঠভ্রাতা ; পরিবেত্তার জ্যেষ্ঠ। দ্র 'পরিবেত্তা'। "°ত্তি মহা ১২.৩৪.৪ ; মনু ১১.৬১। —বিন্দক পুং [+অক (ণ্বুল্)-ক, পৃষো] সর্থ 'পরিবেত্তা'। "যাজ্ঞ ১.২২৩ ; ৩.২৩৮। —বিন্ন পুং [+ত-ক] সর্থ 'পরিবিত্ত'।

পরিবিত্তি, -বিন্দক, -বিন্ন দ্র 'পরিবিত্ত'।

পরিবীত বিণ [পরি+ √ব্যে+ত (ক্ত)-র্ম্ম] পরিবেষ্টিত। "পরিবীত-মূর্ত্তি মাঘ ৩.৩৪।

পরিবৃংহিত বিণ [পরি+ √বৃংহ্ +ত (ক্ত) -ক] বৃদ্ধিপ্রাপ্ত, প্রচিত। "কি ১.১৫। —হিত ক্লী [+ত-ভা] হস্তিশব্দ, বৃংহণ।

পরিবৃঢ় পুং [পরি+ √বৃংহ্ +ত (ক্ত)-ক, নিপাতিত (পা ৭.২.২১)] প্রভু, অধীপ। "সুর° কু.স ১২.৬০। নৈ ৫.৪২।

পরিবৃত বিণ [পরি+ +বৃ √ত (ক্ত)-র্ম্ম] ১ পরিবেষ্টিত, পরিক্ষিপ্ত। "অক্ষৌহিণী° রা ১.৫১.২১। সেনা° রঘু ১.৩৭। ২ আবৃত। ৩ পরিব্যাপ্ত। —বৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] পরিবেষ্টন।

পরিবৃতি দ্র 'পরিবৃত'।

পরিবৃত্ত বিণ [পরি+ √বৃত্+ত (ক্ত)-ক] ১ ঘূর্ণিত। "°নেত্র গো.রা ২.৬৫.৪৬। ২ প্রত্যাবৃত্ত, পরাবৃত্ত, সম্মুখীভূত। "পরিবৃত্তার্দ্ধমুখী বিক্র ১.১৭। পরিবৃত্তা নিদ্রয়াক্ষা কিল স্ত্রী।—মাঘ ১১.৯। ৩ বিপর্য্যস্ত। "°ভাগ্যয়া ময়া ন দৃষ্টস্তনয়ঃ স্তনন্ধয়ঃ মা.মা ১০.৬। ৪ নির্বৃত্ত, সম্পন্ন। ৫ [প্রা.স] বৃত্তাকার, সুগোল। "°সুজাতবাহু (S.W.)। ৬ প্রত্যাবৃত্ত, উত্তরায়ণপ্রবৃত্ত। "পরিবৃত্তো হি…দিবাকরঃ মহা ১৩.১৬৭.২৬। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ঘূর্ণন। ২ প্রত্যাবর্ত্তন, সম্মুখীভাব। ৩ পরি-বর্ত্তন, বিপর্য্যাস। "স্থিতি°। ৪ বিনিময়। ৫ অবস্থিতি। ৬ নিবৃত্তি, নিবৃত্ত্যুন্মুখভাব। "মাঘ ১০.৯১। ৭ অর্থালঙ্কারবিশেষ। [সম ন্যূন বা অধিক বস্তুর পরিবৃত্তি বা বিনিময় হইলে, 'পরিবৃত্তি' হয় (সা.দ ১০.৮১)। "মনে মনে মনোমালা বদল করিয়া। ঘরে গেল দোঁহে দোঁহা হৃদয় লইয়া॥—ভা.চ ৩০৯]

পরিবৃত্তি দ্র 'পরিবৃত্ত'।

পরিবেত্তা (-ত্তৃ) পুং [পরি+ √বিদ্+তৃ(তৃচ্)-ক-১ব] যে ক্রমবিধিত্যাগপূর্ব্বক জায়া লাভ করে (অ.টী) ; অনূঢ়জ্যেষ্ঠের কৃতবিবাহ কনিষ্ঠ ভ্রাতা। 'মনু ৩.১৭১। দ্র 'পরিদায়ী'। "মহা ১২.৩৪.৪। পরিবেত্তারমাত্মানং মেনে স্বীকরণাদ্ ভুবঃ।—রঘু ১২.১৬। —বেদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব্বতঃ জ্ঞান বা স্থিতি। ২ জ্যেষ্ঠবর্জ্জনপূর্ব্বক কনিষ্ঠের দারগ্রহণ ; জ্যেষ্ঠের বিবাহের পূর্ব্বে কনিষ্ঠের বিবাহ। "মনু ১১.৬১। জাত্যন্ধে বধিরে মূকে ন দোষঃ পরিবেদনে।—পরাশর ৪.২৪। ৩ অগ্ন্যাধান। ৪ বিবাহ। —বেদনা স্ত্রী [+অন (যুচ্)+ স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.১০৭, সি] ১ বিচারণা, পরিজ্ঞান। "সদসৎ-পরিবেদনাবিহীন সী ৫১। ২ (বাঙলায়) ব্যথা, দরদ "ক্ষণমাত্র পরিচয় কা কস্য পরিবেদনা।—রামমোহন রায়। —বেদনীয়া স্ত্রী [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পরিবেত্তার ভার্য্যা। দ্র 'পরিবেত্তা'। —বেদিনী স্ত্রী [°বেদ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'পরিবেদনীয়া'।

পরিবেদন, -বেদনা, -বেদনীয়া, -বেদিনী দ্র 'পরিবেত্তা'।

পরিবেশ[১]**, -ষ**[১] পুং [পরি+ √বিশ্, √বিষ্ +অ (ঘঞ্),-ভা] ১ বেষ্টন, পরিবৃতি। ২ সর্থ 'পরিবেষণ'। "°বেষ বা.ম ২৫৪। ৩ [+অ -ণ] বেষ্টন। ৪ মণ্ডল। "স্বকিরণপরিবেষোদ্ভেদশূন্যাঃ প্রদীপাঃ রঘু ৫.৭৪ ; ৬.১৩। ৫ সূর্য্যের ও চন্দ্রের রশ্মিমণ্ডল ; উপসূর্য্যক, পরিধি। "রঘু ১১.৫৯। ৬ বৃত্তপ্রান্ত, পরিধি। —বেশ(ষ)ক পুং [+অক (ণ্বুল্)-ক] বিভাগপূর্ব্বক খাদ্যদাতা। —বেশি (ষি)কা স্ত্রী পরিবেষণকর্ত্রী। "°বেষিকা নৈ ১৬.১০৫। —বেশ(ষ)ণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ খাদ্যবিভাগপূর্ব্বক দান ; ভোজ্যবণ্টন। "পরিবেষণার্থম্ মনু ৩.২২৪, কুল্লূক ; অতিথিপরিবেশন ৯.৮৬, কুল্লূক। পরিবেশন।—ম ৫২৩ ; চৈ.চ ৮৫। পরিবেষণ ম.পা ৪০। ২ পরিবেষ্টন। ৩ সর্থ 'পরিবেশ[১] (৫)। "পরিবেশন গো.রা ৩.২৯.৪। সূর্য্যাচন্দ্রমসোর্ঘোরং দৃশ্যতে পরিবেশ(ষ)ণম্ মহা ৩.২২৩.১৭।

পরিবেশ[২]**, -ষ**[২]**, -স** সর্ম্ম সর্থ 'পরশ[৪]। "পরিবেসে দেবকী জননী অ.প ২৬। (প্রসাদ) আপনে পরিবেশে প্রভু চৈ.চ ৩১৮। অন্ন পরিবেষে বধূ বা.ম ২৩৫।

পরিবেষ[১]**, -ষক, -ষণ, ষিকা** দ্র 'পরিবেশ[১]।

পরিবেষ[২] দ্র 'পরিবেশ[২]।

পরিবেষ্টন ক্লী [পরি+ √বেষ্ট্ +অন (ল্যুট্)-ভা] ১ পরিবৃতি। ২ [+অন-ণ] পরিধি। ৩ আচ্ছাদন। ৪ পরিবেষ্টনসাধনদ্রব্য ; বন্ধন। "(যজ্ঞোপবীতম্) দষ্টস্য কীটভুজগৈঃ পরিবেষ্টনম্।—মৃ ৩.১৬। —বেষ্টিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] পরিবৃত, পরিব্যাপ্ত। "হুতাশার্চিঃ-পরিবেষ্টিতা (লঙ্কা) গো.রা ৫.৫০.২০।

পরিবেষ্টা (-ষ্টৃ) পুং [পরি+ √বিষ্ +তৃ (তৃচ্)-ক-১ব] পরিবেষণকর্ত্তা, পরিবেষক। "মরুতঃ পরিবেষ্টারঃ।—ঐতরেয়ব্রাহ্মণ ৮.২১ ; মহা ৭.৫৩.৪১ ; ভ ৯.২.২৮। °বেষ্টৃগণ পা.প্র ১৯৪।

পরিবোধ বি প্রবোধ। দ্র 'পরি[২]। "তারা তারে করে পরিবোধ শি ৫১। —বোধন বি প্রবোধন, সান্ত্বনা। "কাদ ১০৭।

পরিবোধন দ্র 'পরিবোধ'।

পরিব্যয় পুং [প্রা.স] সর্ব্ববিষয়ে ব্যয় ; সাকল্যে খরচ। "ভক্তঞ্চ সপরিব্যয়ম্ মনু ৭.১২৭।

পরিব্রজ্যা স্ত্রী [পরি+ √ব্রজ্+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ভ্রমণশীলত্ব। "মনু ১০.৫২। ২ পরিব্রাজকধর্ম্ম, ভিক্ষুধর্ম্ম। "স যুবাপি …পরিব্রজ্যামশিশ্রিয়ৎ ক.সা ২৮.১৮। ৩ তপস্যা।

পরিব্রাজ, -জক, -ব্রাট্ (-জ্) পুং [পরি+ √ব্রজ্+অ (ঘঞ্), +অক (ণ্বুল্),+ক্বিপ্ (০),-ক-১ব] যে গৃহস্থাশ্রমত্যাগপূর্ব্বক চতুর্থাশ্রমগত ; ভিক্ষু, মস্করী, সন্ন্যাসী।

পরিভব[১] পুং [পরি+ √ভূ+অ (অপ্)-ভা] পরাজয়, পরাভব।

পরিভব[২]**, -ভাব**[২] পুং [+অ (অপ্, ঘঞ্)-ভা, পা ৩.৩.৫৫] ১ অবজ্ঞান, অনাদর, বিমাননা। "গো.রা ২.১০.১৫। হি ১.১৪৩। উ.চ ৪.২৩। ২ তিরস্কার (ত.বা)। ৩ উপহাস। "রঘু ১২.৩৭। —ভবনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অবজ্ঞেয়। "মা.মি ১২৬। —ভাবন ক্লী [+ √ভাবি+অন (ল্যুট্)-ভা] বিশুদ্ধি। "পাংশুভস্মকরীষাণাং যথা বৈ রাশয়শ্চিতাঃ। সহসা বারিণা সিক্তা ন যান্তি পরিভাবনম্॥—মহা (S.W.)। —ভাবনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] পরিচিন্তন, বিমর্শন। —ভাবী (-বিন্) বিণ [+ √ভূ+ইন্ (ণিনি)

-ক -১ব ; স্ত্রী -বিনী] ১ পরিভবকারী, অবজ্ঞাতা, অবমন্তা। "আঃ অতিথিপরিভাবিনি!—শ ৪৺১। ২ দোষীকারক। "বৈদ্যযত্নপরিভাবিনং গদম্।—রঘু ১৯.৫৩। ৩ তিরস্কারক। "পরিভাবীণি তারাণাম্ (জলেজানি) ভট্টি ৬.৭৪। —ভূত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অবজ্ঞাত, অনাদৃত। "যাজ্ঞ ১.৭০। —ভূতি স্ত্রী [+ √ভূ+তি (ক্তিন্)-ভা] ১ অবজ্ঞা, অবমাননা। "মৌর্ব্যাৎ কথং নু পরিভূতিমিমাং সহেত।—মু ৪.১১। ২ পরাজয়। "ঋজুতা ন কস্য পরিভূতয়ে।—ক.সা ২৬.২৩৫। [°পদ (ক্লী)—অবজ্ঞাভাজন ; অবজ্ঞাস্থান। "°পদং যাতি কৃপণঃ।—হি ১.১৮৫। পরিভবাস্পদ (ক্লী)—পরাজয়বিষয়। "অরেঃ পরিভবাস্পদম্।—হি ৩.৫৪।]

পরিভাব[1] সর্ম্ম [সং পরি+ √ভাবি—ভাবয়্ > প্রা √পরিভাব > বা °ব ; অপ্র] পর্য্যালোচনা করা ; বিচার করা। "মনে পরিভাবি দেহ সরস শৃঙ্গার শ্রী.কী ৬৫। এহা পরিভাব মনে ৭১। [পরিভায়—পরিভাবে, বিচার করে (শ্রী.কী)।]

পরিভাব[2], **-বন, -না, -বী** দ্র 'পরিভব'২।

পরিভাষণ ক্লী [পরি+ √ভাষ্+অন্ (ল্যুট্)-ভা] ১ প্রজল্পন, আলাপন, সম্ভাষণ। ২ নিন্দাপূর্ব্বক দুর্ব্বচন ; তিরস্কার, ভর্ৎসনা। "মনু ৯.২৮৩। ৩ [+অন-র্ম্ম] নিয়ম। —ভাষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ভর্ৎসনীয়। "মনু ৯.২৮৩, কুল্লূক। —ভাষা স্ত্রী [+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্ব পরিভাষণ (১ ; ২)। ২ [+অ-র্ম্ম] শাস্ত্রকারের সংজ্ঞাবিশেষ (ত.বা) ; সংক্ষেপে গ্রন্থনির্ব্বাহার্থ সঙ্কেতবিশেষ ; অনিয়মনিবারক ন্যায়বিশেষ (মল্লিনাথ)। "ইকো গুণবৃদ্ধী ইত্যাদিকা পরিভাষা (ভাষ্যকার)। নখলু প্রতিহন্যতে কুতশ্চিৎ পরিভাষেব যদাজ্ঞা মাঘ ১৬.৮০। ৩ গ্রন্থের সঙ্কেতার্থ শব্দমালা (a list of abbreviation)।

পরিভাষা দ্র 'পরিভাষণ'।

পরিভুক্ত বিণ [পরি+ √ভুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতোপভোগ, উপভুক্ত। "°ভুক্তামিব স্রজম্ গো.রা ২.৬২.২৪। ২ কৃতসম্ভোগ, সম্ভুক্ত। "প্রিয়েণ পরিভুক্তমবেক্ষ্য গাত্রম্।—ঋতু ৪.১৬। ৩ নিষেবিত। "প্রিয়া-°মুক্তে লতাবলয়ে শ ৩৺২৺১। সুরবধূ°লতাগৃহ।—কি ৫.৫। ৪ ভুক্তোজ্ঝিত। "পরিভুক্তঞ্চ যাতযামম্ (অ.কো)। ৫ খাদিত। —ভোক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী-ক্ত্রী] ১ উপভোগকারী। ২ উপজীবক। "মনু ২.২০১। —ভোগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উপভোগ। ২ সম্ভোগ। "সৈন্য° রঘু ৪.৪৪ ; °দর্শিনীঃ ১৯.২৮, °মণ্ডনম্ ৩০।

পরিভূত, -তি ; পরিভোক্তা, -ভোগ দ্র 'পরিভব ; পরিভুক্ত'।

পরিভ্রংশ পুং, **-শন** ক্লী [পরি+ √ভ্রংশ্ + অ (ঘঞ্), +অন (ল্যুট্)-ভা] ১ পরিচ্যুতি, স্খলন। "নলস্য...রাজ্যাৎ পরিভ্রংশনম্।—পঞ্চ ২.২৫১। ২ ক্ষয়, নাশ। "শক্রপরিভ্রংশ।—হ ৯৬.১৩। —ভ্রষ্ট বিণ [+ত (ক্ত)-ক] ১ পরিচ্যুত, স্খলিত। "চতস্রুভ্যঃ পরিভ্রষ্টো গতিভ্যস্ত্বম্ গো.রা ২.৬২.৩৯। সাবিত্রী° মনু ১০.২০। °সৎকর্ম্মন্ ভ ৪.৭.৪৭। ২ পতিত।

পরিভ্রম পুং, **-ভ্রমণ** ক্লী [পরি+ √ভ্রম্+অ (ঘঞ্), +অন (ল্যুট্),-ভা] ১ পরিতঃ ভ্রমণ ; পরিভ্রমণ, পর্য্যটন। ২ বিবর্ত্তন, ঘূর্ণন। "রথচরণপরিভ্রমণ ভ ৫.৮.৯। °মণ কি ৪.১৬, মল্লিনাথ। —ভ্রামণ ক্লী [+ √ভ্রামি+অন-ভা] হস্তাদিতে গ্রহণপূর্ব্বক চতুর্দ্দিকে চালন ; মল্লযুদ্ধবিশেষ। "ভ ১০.৪৪.৪।

পরিভ্রষ্ট ; পরিভ্রামণ দ্র 'পরিভ্রংশ ; পরিভ্রম'।

পরিমণ্ডল বিণ [প্রা.স ; বৈদিক] ১ মণ্ডলপরিগত, বর্ত্তুলাকার, বৃত্তাকৃতি। "°লে চক্ষুষী গো.রা ৫.৫.২৩। পরিমণ্ডলঃ...ন্যগ্রোধইবোচ্চৌ মহা ৬.৫.১৩। ২ পরমাণুপরিমাণযুক্ত। —মণ্ডল ক্লী ১ গোলক (ball)। ২ ভূগোলক। ৩ বৃত্তক্ষেত্র। ৪ মণ্ডলাকার, গোলাকৃতি। "সমবিবৃত° (পদ্মব্যূহ) মনু ৭.১৮৮, কুল্লূক। সম বয় বেশ কেশ পরিমণ্ডল।—গো ১০। ৫ উচ্ছ্রায়-পরিণাহ। "ন্যগ্রোধ°।—মণ্ডলিত বিণ বর্ত্তুলীকৃত। "কি ৫.৪২।

পরিমন্থর বিণ [প্রা.স] অলস। "°রাঙিঃ (গতিভিঃ) মাঘ ৯.৭৮।

পরিমন্দ বিণ [প্রা.স] ১ অতিমন্দ, অতিমৃদু। ২ প্রশান্ত ; অর্থগ্রহণাসমর্থ। "°সূর্য্যনয়নো দিবসঃ মাঘ ৯.৩। ৩ অল্প, ঈষৎ। "°ভিন্নতিমিরৌঘজটং (গগন) মাঘ ৯.২৭। ৪ অতিমূঢ়।

পরিমর্দ্দ পুং [পরি+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ মর্দ্দন ; নিষ্পেষণ। ২ প্রমথন, পরিপীড়ন। "মহতা পরিমর্দ্দেন বশে চক্রে দুরাসদান্ মহা ২.২৭.২২। ৩ ঘর্ষণ। ৪ নাশন ; হিংসন।

পরিমল পুং [পরি+ √মল্ ধারণ+অ (ঘঞ্)-র্ম্ম, দীর্ঘাভাব (অ.টী) ; তু 'সং পরিমর্দ্দ > প্রা পরিমদ্দ,-ড্ড,-ল্ল] ১ চন্দনকুঙ্কুমাদি গন্ধদ্রব্যের বিমর্দ্দনোত্থিত জনমনোহর গন্ধ ; সৌরভ, সুগন্ধ। "রতিপরিমল পু.মে ২৫। মাধবিকা°ললিতে।—গী.গো ১.৩৩। মৃগমদনীলোৎপল-মিলনে যে পরিমল চৈ.চ ৭৯। কমলপদপরিমল।—মে ২৮ ; °সুধা ৪৯ ; °ময় বায়ু ১৪৯ ; °ধন ১৭২ ; আমোদি পথ ফুল-পরিমলে ১৯৪। পরিমলাকর ফুলে।—মা ৯৮। নিশ্বাস°।—চ.কা ৩৭৮। ২ কুঙ্কুম-চন্দনাদিমর্দ্দন (ত.বা)। ৩ [°ল+অ (অচ্) অস্ত্যর্থে] পরিমলযুক্ত গন্ধদ্রব্য (A.)। "দু ৩৮। ৩ পণ্ডিতসমূহ ৪ সম্ভোগ। তু 'পরিমর্দ্দ'। "°জামবাপ্য লক্ষ্মীম্ কি ১০.১। ৫ [বাঙলায় ; অসাধু] মধু। "রসালক পরিমলে ভ্রমর ভ্রমরী রহুঁ ভোর।—গো ১৮৬। উদক পরিমল (দেন রঘুবীর)—দু ২০। ধাইল অলি পরিমল-আশে।—মে ১৬৩। স্মৃতি-পরিমলমাখা সমুদয়।—হেম ৩১৯। পরিমললোভে অলি আসিয়া জুটিল। ৬ [অসাধু] বিমল, মনোহর। "পতাকা নিশান উড়ে পরিমল শোভা শ্রী.মা ১২৫ ; পরিমল-দন্তপাটী ১৮৪ ; পরিশোভা পরিমল পুরটের পেটি ১৯৭। ৭ অন্নবিশেষ (?)। "শেল পরিমল চাপ শ্রী ১৪১। [°সখা (বি)—গন্ধবাহক (বায়ু)। পরিমল সখা সমীর।—মে ১৮৪।]

পরি(রী)মাণ ক্লী [পরি+ √মা+অন (ল্যুট্)-ভা, বাহুলকে দীর্ঘ ; তু 'ঋরিমান'—পরিমাণ (ঋগ্বেদ ৮.৪২.১)] ১ পাত্র দ্বারা দ্রব্যের মান বা পরিচ্ছেদ ; মাপা। 'পরিমাণং পাত্রমানম্।—শু ২.৩৫২। ২ [+অন-ণ] পরিমাণ-সাধন পাত্র ; উচ্ছ্রায়বিস্তারযুক্ত কাষ্ঠাদিকৃত শস্যাদির পরিচ্ছেদক প্রস্থ-প্রভৃতি পাত্র। "প্রস্থং পরিমাণমস্য পা ৫.১.৫৭, সি। ৩ পরিচ্ছেদকমাত্র, পাষাণাদিভারবোধক দ্রব্য ; ভার (weight)। "মনু ৮.১৩৩। ৪ সংখ্যা। "পা ৫.১.৫৮, সি। মুগ্ধবোধ ৫০৭। শ্লোকানাং পরিমাণম্ গো.রা ১.৪.১১। অক্ষৌহিণ্যাঃ পরীমাণম্।—মহা ১.২.১৮। ৫ কালপরিচ্ছেদক কলাকাষ্ঠাদি। "স্বকাল° কু.স ২.৮। কল্পান্ত° (S.W.)। ৬ মাত্রাকাল। "জায়তে বর্ণ-বৈশেষ্যং পরীমাণাৎ।—তৈ ২৩.২। ৭ প্রমাণ, আকার। "(দদৃশে কেশবালয়ম্) অনির্দ্দেশ্য-পরিমাণম্।—বিষ্ণু ১.৩৮। [°ফল (বি)—দৈর্ঘ্যবিস্তারের গুণফল ; কালি। পরিমাণই (মাপে), -গহ্ (মাপ)।—চ ; দো।]

পরিমাপ বি ১ পরিমাণ, ঠিক মাপ। ২ আকার। "স্তনের পরিমাপ, ফুলের ভার স্ব.প্র ৪৩। ৩ জ্ঞানের পরিমাণ। "তব আদর্শ মহান্, আপনার পরিমাপে করি খান খান, রেখেছে ধুলিতে স.স্ব ৭১। ৪ ঠিক ওজন। "ইংরাজ নিজের আদর্শে পরিমাপ করিয়া আমাদিগকে যে সম্মান দিতেছেন, সে সম্মান হয় ত আমাদের পক্ষে একই কালে পরিহাস ও মৃত্যু।—রবীন্দ্র।

পরিমার্গ পুং [পরি+ √মৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ পরিমার্জ্জন, পরিশোধন। ২ স্পর্শ। "প্রিয়কর° মাঘ ৭.৭৫। —মার্গ্য, -মৃজ্য বিণ [+য (ণ্যৎ, ক্যপ্)-র্ম্ম] পরিমার্জ্জনীয়। —মার্জ্জন ক্লী [+অন (ল্যুট্) -ভা] সর্ব 'পরিমার্গ (১)।

পরিমার্গণ ক্লী [পরি+ √মার্গ্+অন (ল্যুট্)-ভা] সর্ব্বত্র অন্বেষণ। "সীতায়াঃ পরিমার্গণম গো.রা ৩.৭৮.১৯ ; মহা ৩.১৪৮.৩। —মার্গিতব্য বিণ [+তব্য-র্ম্ম] অন্বেষ্টব্য, অনুসন্ধেয়। "ততঃ পদং তৎ পরিমার্গিতব্যম্ গী ১৫.৪।

পরিমার্গিতব্য ; পরিমার্গ্য দ্র 'পরিমার্গণ ; পরিমার্গ'।

পরিমিত বিণ [পরি+ √মা+ত (ক্ত) -র্ম্ম] ১ কৃতপরিমাণ, হস্তভারাদি দ্বারা পরিচ্ছিন্ন ; মাপা। ২ যথার্হপরিমাণ। "°কথা উ.মে ২২। ৩ সংখ্যাযুক্ত। "দ্রবিণং পরিমিতমধিকব্যয়িনং জনমাকুলীকুরুতে। ৪ অল্প। "পরিমিতায়ুষ্ গো.রা ৩.৫৫.২০। —মিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পরিমাণ। ২ (বাঙলায়) ভূমিপরিমাণার্থ গণিতভেদ (mensuration)। [°কথ (বিণ)—মিতভাষী।]

পরিমিতি দ্র পরিমিত'।

পরিমুণ্ডা বি জগমোহনের যে স্থলে ভক্তগণ নৃত্য করেন, তাহাকে 'পরিমণ্ডল' বলে; পরিমণ্ডলের উৎকলদেশী অপভ্রংশ 'পরিমুণ্ডা' (কেদারনাথ ভক্তিবিনোদ)। "জগমোহন পরিমুণ্ডা যাও চৈ.চ ৩১৩। [°নৃত্য—পরিমুণ্ডায় ভক্তের নৃত্য। "চৈ.চ ৩১৪।]

পরিমূঢ় বিণ [পরি+ √মুহ্+ত (ক্ত) -ক] পরিমোহপ্রাপ্ত, বিষয়গ্রহণাসমর্থ। "পরিমূঢ়েন্দ্রিয়গণো বিকারঃ উ.চ ১.৩৫।

পরিমৃজ্য দ্র 'পরিমার্গ'।

পরিমৃদিত বিণ [পরি+ √মৃদ্+ত(ক্ত)-র্ম্ম] ১ নিষ্পিষ্ট, বিচূর্ণিত। ২ অবতাড়িত। "°মৃণালীদুর্ব্বলান্যঙ্গকানি উ.চ ১.২৪।

পরিমৃষ্ট বিণ [পরি+ √মৃশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপরামর্শ, সংস্পৃষ্ট। "°দেবলোক (মহেন্দ্র) ভট্টি ১০.৪৬। ২ ব্যাপ্ত। "কি ৬.২৩। ৩ [+ √মৃজ্+ত-র্ম্ম] পরিশোধিত।

পরিমেয় বিণ [পরি+ √মা+য (যৎ)-র্ম্ম] ১ পরিমাণার্হ, ভারাদিপরিচ্ছেদ্য। ২ সংখ্যেয়। "অ° মহা ৬.৫.১০। ৩ পরিমিত। "°পুরঃসর রঘু ১.৩৭।

পরিমোক্ষ পুং [প্রা.স] ১ মোচন। "গঙ্গায়াঃ পরিমোক্ষার্থম্ গো.রা ১.৪৫.৯। ব্যাধি° (সুশ্রুত)। ২ ভঙ্গ। "বিষাণ° রঘু ৯.৬২। ৩ নির্ব্বাণ, মোক্ষ। ৪ মলত্যাগ। "ভ ২.৬.৯।

পরিমোহন বিণ [পরি+ √মোহি+অন (ল্যুট্)-ভা] মোহজনক। "(স্পর্শঃ) মনসঃ পরিমোহণশ্চ।—উ.চ ৩.১২। —মোহণ ক্লী [+ √অন -ভা] মোহজনন, বিমোহন। "ত্রিজগতাং পরিমোহণায় ভা.চ ৬৪২। —মোহী (-হিন্) বিণ [+ √মুহ্+ইন্ (ঘিনুণ)-ক-১ব ; স্ত্রী -হিণী] পরিমোহশীল, মূঢ়। "ভবত্যপায়ে পরিমোহিণী মতিঃ কি ১৪.১৯।

পরিমোহী দ্র 'পরিমোহণ'।

পরিম্লান বিণ [পরি+ √ম্লৈ+ত (ক্ত)-ক] ১ হর্ষক্ষয়প্রাপ্ত, কান্তিহীন, বিবর্ণ। "°মুখারবিন্দা রঘু ১৪.৫০। °মুখাম্বুজ ভ ৪.৮.৬৬। ২ অপ্রফুল্ল, বিষণ্ণ। "বৃক্ষাঃ পরিম্লানাঃ রা ২.৬০.৪। ৩ মলিন। —ম্লান ক্লী [+অন-ভা] হর্ষক্ষয়, গ্লানি, অপ্রফুল্লতা, বিবর্ণভাব।

পরিয়ঙ্ক বি [সং পর্য্যঙ্ক >(স্বরাগমে) °ঙ্ক ; বৈষ্ণবসাহিত্যে] খট্বা, খাট, পালঙ। "কুসুমিত পরিয়ঙ্ক।—গো ১১৮; °ঙ্ক ২০৪। ব.প ১০৮০। কিশলয় ভরি পরিয়ঙ্ক ধি ১৮৫। কবিদন্ত° ভ.প্র ২৬৮।

পরিয়ন্ত বি [পর্য্যন্ত >(স্বরাগমে) °ন্ত] ১ অবধি, শেষ। "বেশ কৈছে হোয়ব, চূড় চরণ পরিয়ন্ত প.ক ৩০৩। ২ পরিণাম। "দিনে দিনে ক্ষীণ তনু,...না জানি কি ইহ পরিয়ন্ত বি.প ১৬৯।

পরিরক্ষণ ক্লী [পরি+ √রক্ষ্+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব্বথা রক্ষণ; নিয়মপূর্ব্বক রক্ষণ। "সদারশ্চ শক্তশ্চ পরিরক্ষণে গো.রা ৩.১৯.২১। সর্ব্বস্যাস্য...পরিরক্ষণম্ মনু ৭.২। ২ প্রতীক্ষণ। "সময়° কি ১.৪৫। —রক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সর্ব্বথা পালনীয়; অবেক্ষণীয়। "অঙ্কে স্থিতাপি যুবতিঃ পরিরক্ষণীয়া (শ.ক)। —রক্ষিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব] ১ পরিপালয়িতা। "রাজা লোকস্য °তা রা ১.৬.৪। ২ প্রবর্ত্তকরূপে রক্ষক। "ধর্ম্মস্য °তা রা ১.১.১৩। —রক্ষী (-ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ক্ষিণী] পরিরক্ষক। "স্বরাষ্ট্রপরিরক্ষিন্ ; স্বসৈন্যপরিরক্ষিন্ (মহা)।

পরিরক্ষণীয়, -রক্ষিতা, -রক্ষী দ্র 'পরিরক্ষণ'।

পরিরব্ধ বিণ [পরি+ √রভ্+ত (ক্ত)-র্ম্ম] অশ্লিষ্ট। "তমালশাখা শাখামৃগীততিঃ বি.মা ৬.৬০। —রম্ভ পুং, -রম্ভণ ক্লী [+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা, 'পরীরম্ভ' (বাহুলকে দীর্ঘ ঈকার)] আলিঙ্গন। "অশিথিল° উ.চ ১.২৪ ; ২৭। কুচকুম্ভনির্ভরপরীরম্ভামৃত গী.গো ৫.৭ ; হরিপরিরম্ভণ ৭.১৪। প্রিয়পরিরম্ভণে মোড়বি অঙ্গ বি.প ৫২ ; হঠ পরিরম্ভণ ৬১ ; °রম্ভ ১২৫। ঘন °ম্ভণ।—গো ৭৯ ; দৃঢ় °ণ ১৫৭ ; তনু °ণ ২৬৭। দৃঢ় °ণ জ্ঞা ৭৫। —রম্ভ পুং বাহুনিষ্পীড়ন, মল্লযুদ্ধবিশেষ। "ভ ১০.৪৪.৪। —রম্ভী (-ম্ভিন্) বিণ [°ম্ভ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ম্ভিণী, -নী] সংশ্লেষবান্। "কাঞ্চীকলাপপরিরম্ভিনিতম্ববিম্বম্ ভ ৩.২৮.২৪।

পরিরম্ভ, -রম্ভণ, -রম্ভী দ্র 'পরিরব্ধ'।

পরিলঘু বিণ [প্রা.স] ১ অতিদ্রুত। গুরুত্বদোষরহিত, পথ্য। "পরিলঘু পয়ঃ পূ.মে ১৩। ৩ স্বল্পপ্রমাণ, ক্ষুদ্র। "পরিলঘুরয়স্কাম্ভশকলঃ উ.চ ৪.২১। ৪ অকিঞ্চিৎকর। "পরিলঘূন্যক্ষরাণি উ.চ ৪২১২। ৫ স্বল্পভার, অত্যন্ত হালকা।

পরিলোপ পুং [পরি+ √লুপ্+অ (ঘঞ্)-ভা] সম্যক্ লোপ; পরিভ্রংশ। "আচার° মনু ১২.৩৩, কুল্লূক।

পরিলোলিত বিণ [পরি+ √লোলি+ত (ক্ত)-র্ম্ম] বিলোড়িত। "°স্রজঃ (ঊর্ম্ময়ঃ) কি ৮.৩৩।

পরিশঙ্কনীয় বিণ [পরি+ √শক্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সংশয়ার্হ। "আরাধিতোঽপি নৃপতিঃ পরিশঙ্কনীয়ঃ (শ.ক)। ভ ৩.১৫.৩২। —শঙ্কিত বিণ [+ত (ক্ত)-ক] ভীত, সন্ত্রস্ত। "(সঃ) তৃণবিন্দোঃ পরিশঙ্কিতঃ রঘু ৮.৭৯। —শঙ্কী (-ঙ্কিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] শঙ্কমান, শঙ্কিত। "দিতিঃ...অপত্যপরিশঙ্কিনী ভ ৩.১৭.২।

পরিশঙ্কিত, -শঙ্কী দ্র 'পরিশঙ্কনীয়'।

পরিশিষ্ট বিণ [পরি+ √শিষ্+ত (ক্ত)-র্ম্ম] অবশেষ। —শিষ্ট ক্লী গ্রন্থশেষে যোজনীয় গ্রন্থাংশ ; শেষগ্রন্থাংশ। "গৃহ্য°।

পরিশীলন ক্লী [পরি+ √শীল্+অন (ল্যুট্)-ভা] ১ সংসর্গ। "লবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে গী.গো ১.২৮। ২ বিকাসন। "বদনকমল° মিলিতমিহিরসমকুণ্ডল গী.গো ১১.২৮। ৩ সম্যক্ অভ্যাস; পর্য্যালোচনা। —শীলিত বিণ সম্যগভ্যস্ত।

পরিশুদ্ধ [পরি+ √শুধ্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ শুদ্ধিযুক্ত ; বিশুদ্ধ, পবিত্র। "°চেতস্ ভ ৪.৬.৫। ২ নির্ম্মল। —শুদ্ধি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ পরিশোধন, নিষ্কলুষভাব। "অগ্নি° উ.চ ৪২১৬। জানকীর অগ্নি°কাণ্ড সী ৬। ২ নৈর্ম্মল্য, মলহীনতা। —শোধ পুং, -শোধন ক্লী [+ √শোধি+অ (অচ্),+অন (ল্যুট্),-ভা] ১ পবিত্রীকরণ, শুচীকরণ। "আঃ কোঽয়মগ্নির্নাম অস্মৎপ্রসূতিপরিশোধনে উ.চ ৪২১৬। ২ পরিমার্জ্জন, পরিষ্করণ। ৩ ঋণাদিশোধন। "তৎ(ভৃতি)-পরিশোধনকাল মনু ৬.৪৫, কুল্লূক।

পরিশুদ্ধি, -শোধ, -শোধন দ্র 'পরিশুদ্ধ'।

পরিশূন্য বিণ [প্রা.স] ১ সম্যক্ রিক্ত। "পরিশূন্যং শয়নীয়মদ্য মে রঘু ৮.৬৬। ২ রহিত। "ইন্দ্রিয়ার্থ° রঘু ১৯.৬।

পরিশেষ বিণ [পরি+ √শিষ্+অ (অচ্)-ক] অবশিষ্ট। "অনুভাবসৌভাগ্যমাত্র° উ.চ ১৩১৬। °ষং চেষ্টিতম্ (বৃহৎসংহিতা)।

°শাস্ত্র (S.W.)। —শেষ পুং [+অ (ঘঞ্)-ভা; 'পরীশেষ' (বাহুলকে দীর্ঘ)] ১ অবশেষ। ২ (বাঙ্‌লায়) উপসংহার।

পরিশ্রম পুং [পরি+ √শ্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ আয়াস, খাটুনি। "°ক্লান্ত কি ৪.১৭; ৮.৭। ২ খেদ, অবসাদ। "অধ্ব° গো.রা ২.৩০.১২। রথক্ষোভ° রঘু ১.৫৮; সুরতসঙ্গ° ৯.৩৯। ৩ ব্যায়াম। —শ্রমী (-মিন্) বিং শ্রমশীল।

পরিশ্রমী দ্র 'পরিশ্রম'।

পরিষৎ (-দ্) স্ত্রী [পরি+ √সদ্+ক্বিপ্ (০) -ধি] ১ সভা, গোষ্ঠী। "গো.রা ২.১৩.১৬। সভাপরিষদো মধ্যে মহা ১.১৮.২। ২ সমাজ। "অভিরূপভূয়িষ্ঠা পরিষৎ শ ১২ঁ। ৩ দশের অন্যূন বেদজ্ঞ ন্যায়বিৎ ধর্ম্মশাস্ত্রজ্ঞ প্রভৃতির সভা। দ্র 'মনু ১২.১১১।

পরিষ্কার পুং [পরি+ √কৃ+অ (ঘঞ্)-ণ, ভূষণার্থে 'স্' (সুট্), ষত্ব, পা ৬.১.১৩৭] ১ হারাদি ভূষণ (অ.কো); ভূষণমাত্র। "হেম-পরিষ্কারৈর্যুক্তাঃ পরমবাজিভিঃ (রথাঃ) মহা ৫.৯৪.১৯। ২ [+অ-ভা] গুণান্তরাধান, সংস্কার। "নখলোম্নাং পরিষ্কারঃ (S.W.)। ৩ শোধন, শুদ্ধি। —ষ্কার বিং ১ পরিষ্কৃত, নির্ম্মল, সাফ। "সর্ব্বত্র পরিষ্কার-পরিচ্ছন্ন ব.প্র ৩৭৮। ২ স্বচ্ছ (জল)। ৩ মেঘশূন্য (আকাশ)। "চারিদিক্ পরিষ্কার, সকলই ধবলাকার (শরদ্বর্ণনা—পদ্যমালা)। ৪ নির্দ্দোষ, সুঠাম। "সেই প্রশস্ত পরিষ্কার চক্ষে তিলোত্তমা যখন দৃষ্টি করিতেন, তখন তাহাতে কিছুমাত্র কুটিলতা থাকিত না ব.প্র ১৬। ৫ জড়তাহীন, অকপট, সোজা (কথা)। ৬ সুন্দর, ফরসা (গাত্রের রঙ)। বিপ 'ময়লা'। ৭ সুশৃঙ্খল, পরিপাটিযুক্ত; নৈপুণ্যসূচক (কাজ; শিল্পকর্ম্ম)। —ষ্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতমার্জ্জনাদিসংস্কার; সংস্কৃত, শোধিত। ২ মন্ত্রাদিসংস্কৃত। "বেদিঃ পরিষ্কৃতা ভূমিঃ (অ.কো)। ৩ অলঙ্কৃত, ভূষিত। "খড়্গৌ হেমপরিষ্কৃতৌ রা ২.৩১.৩০। খগান্ জাত-রূপপরিষ্কৃতান্ মহা ৩.৫৩.১৯। পূগপোতৈঃ পরিষ্কৃতম্ ভ ৪.২১.৩। কি ৭.৪০। ৪ নির্ম্মল; উপাদেয়। "সুরাম্…সুপরিষ্কৃতাম্ মহা ৪.১৫.৭। ৫ চেষ্টিত। —ষ্কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সংস্কার, পরিমার্জ্জন, শোধন। —ষ্ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পরিষ্কৃতি'। ২ পরিচর্য্যা। "অগ্নি° মনু ২.৬৭। [পরিষ্কৃতভূমি (স্ত্রী) —বেদি।]

পরিষ্কৃত, -ষ্কৃতি, -ষ্ক্রিয়া দ্র 'পরিষ্কার'।

পরিস্তো(স্তো)ম পুং [পরি+ √স্তু+ম-র্ম্ম; ষত্ব, মতান্তরে 'পরি, উপসর্গপ্রতিরূপ, ষত্বাভাব (অ.টী)] ১ গজপৃষ্ঠস্থ আস্তরণ; চিত্রকম্বল; কুথ; ঝুল। পরিস্তোমৈশ্চ দন্তিনাম্ মহা ৬.৯৬.৬৮। ২ আস্তরণ। "কুমিরাগপরিস্তোমে…শয়নে রা ৪.২৩.১৪। ৩ সোমচমসাদি। "মহা ৫.১৪১.৪১।

পরিষ্ট বি ['পর্য্যুষিত'—মূল] জলে ভিজান (পান্তা) ভাত। "পরিষ্টে টাবার রস ক.চ ১৩৩।

পরিষ্বক্ত বিণ [পরি+ √ষ্বন্‌জ্+ত (ক্ত)-র্ম্ম] আলিঙ্গিত, আশ্লিষ্ট। "মহা ৩.১৫১.২। —ষ্বঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা] আলিঙ্গন। "উ.চ ৬.২১। —ষ্বঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] আলিঙ্গন। "পুত্রস্য পরিষ্বঞ্জনম্ পা ৩.৩.১১৬, কাশিকা।

পরিষ্বঙ্গ, -ষ্বঞ্জন দ্র 'পরিষ্বক্ত'।

পরিসংখ্যা স্ত্রী [পরি-সম্+ √খ্যা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সম্যক্ সংখ্যান; পরিগণনা। ২ (মীমাংসায়) বর্জ্জন-বুদ্ধিপূর্ব্বক বিশেষনির্দ্দেশ, অর্থাৎ অবৈধের প্রত্যাখ্যানপূর্ব্বক বৈধ বিষয়ে স্পষ্ট প্রবর্ত্তনা বা বিধিবিশেষ। যেমন, 'পঞ্চ পঞ্চনখ ভক্ষ্য,—ইহা দ্বারা গণ্ডারাদি পঞ্চনখ ভক্ষ্য, তদ্ভিন্ন পঞ্চনখ অভক্ষ্য, এই প্রবর্ত্তনা ও নিবর্ত্তনা স্পষ্ট নির্দ্দিষ্ট হইয়াছে এবং উহা তন্মাত্র বাক্যে ও অন্য বাক্যেও পাওয়া যায়। 'তত্র চান্যত্র প্রাপ্তৌ পরিসংখ্যেতি গীয়তে। ৩ অর্থালঙ্কারবিশেষ। [প্রশ্নব্যতিরেকে কথিত উপাদেয় বস্তু তৎসদৃশ অন্য বস্তুর ব্যাবর্ত্তক হইলে, 'পরিসংখ্যা' হয় (সা.দ ১০.৮১,-২)। কবিপ্রতিভোত্থিত হইলে 'পরিসংখ্যা' অলঙ্কার, অন্যথা ইহা দার্শনিক। দ্র (২)] ৪ [+অ-ণ] সংখ্যা। "বিদ্যা° রঘু ৫.২১। —খ্যাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পরি-গণিত। —খ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পরিগণনা। "প্রকৃতি° পা ৫.৩.২, কাশিকা। ২ বর্জ্জন (ব্যাবর্ত্তন)-পূর্ব্বক গণনা।

পরিসংখ্যাত, -খ্যান দ্র 'পরিসংখ্যা'।

পরিসন বি [সং পরিবেষণ; হি পরসনা; অপ্র] পরিবেষণ। "জননী …পরিসন করে।—ম ১৫৯; ৩০৭। শ্রী.ম ৩৪।

পরিসমাপ্ত বিণ [পরি-সম্+ √আপ্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ সমাপ্ত; নির্ব্বৃত্ত, সম্পন্ন। ২ প্রতিষ্ঠিত, স্থিতিপ্রাপ্ত। 'ত্বয়ি তু পরি-সমাপ্তং বন্ধুকৃত্যং প্রজানাম্ শ ৫.৮।

পরিসমূহন ক্লী [পরি-সম্+ √উহ্+অন (ল্যুট্)-ভা] ইতস্ততঃ বিক্ষিপ্ত অনলাবয়বের একীকরণ। "কাত্যায়ন ১৫.১৮।

পরিসর পুং [পরি+ √সৃ+অ (ঘ)-ধি] ১ গ্রামনদীনগরপর্ব্বতাদির উপান্তভূমি; পর্য্যন্তভাগ। "পরিসরবিষয় কি ৫.৩৮। নীল° উ চ ১২ঁ৬ঁ। পুরী° চৈ.ম ২৮। ব.প ১৩৩৮। ২ প্রদেশ। "স্তন°চ্ছিন্নসূত্রৈশ্চ হারৈঃ উ.মে ১১। ৩ পরিণাহ, বিস্তার। ৪ [+অ (অচ্)-ক] 'সর্ব্বত্র গামী'; দেবতা। ৫ মৃত্যু। ৬ বিধি, বিধান। —সর বিং ১ (বাঙ্‌লায়) বিস্তৃত, আয়ত। "পরিসর মঞ্চ—ম ১৮০; চৌদিকে অযুত ক্রোশ সভা °সর ৩২৫। °সর বাট শ্রী ৮২; °সর তরুতল ৮৬; °সর গণ ১৩৯। পরিসর অঙ্গন।—দু ৬। দশ যোজন দেহ তার আড়ে পরিসর চ.বি ২৪৯। ২ সুবিপুল, সুবিশাল। "পাপে পূরল, পৃথিবী পরিসর জ. ৬৭। পরিসর কানন শ্রী ২১১। ৩ (অসাধু) সমীপ, নিকট। "পরিসরে পাঠালেন প্রভু করতার শ্রী.মা ২২৪। —সারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনুণ্)-ক-১ব; স্ত্রী -রিণী] পরিসরণশীল, সর্ব্বতঃ ধাবনশীল। "পরিসারিণ্যো বিদ্যুতঃ ভট্টি ৭.৭।

পরিসর্প পুং [পরি+ √সৃপ্+অ (ঘঞ্)-ভা] ১ পরিবেষ্টন, পরি-জনাদিবেষ্টন। ২ পরিক্রমণ। —সর্পণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ পরিক্রমণ, পর্য্যটন। "দণ্ডকে পরিসর্পণম্ গো.রা ৬.৮১.১৫। ২ লক্ষ্যোদ্দেশে ধাবন। "পতগপতেঃ পরিসর্পণে চ তুল্যঃ।—মৃ ৩.২১। ৩ প্রসারণ। "ভ ১.১৫.৩৭।

পরিসারী দ্র 'পরিসর'।

পরিস্থিতি বি কোন বিষয়ে সর্ব্বাঙ্গীণ স্থিতি দশা বা অবস্থা।

পরিস্পন্দ পুং, **-স্পন্দন** ক্লী [পরি+ √স্পন্দ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্),-ভা] ১ সঞ্চলন, পরিকম্পন। ২ দিক্‌সংযোগ, উদয়াস্তগমন। "দিবাকরপরিস্পন্দ।—ভাষাপরিচ্ছেদ ১২৩। ৩ আক্রমণ। "(নায়ং প্রতিবলঃ…মম) সোঢ়ুং যুধি পরিস্পন্দম্ মহা ১.১৫৩.৮। ৪ পরিচর্য্যা। "অগ্নিহোত্র° মহা ১৩.১৪১.৫০,-৪। ৫ [+অ-ধি] পত্রাবল্যাদি-রচনা, প্রতিযত্ন (অ.কো)।

পরিস্ফুট বিণ [পরি+ √স্ফুট্+অ (অচ্)-ক, কুটাদি] ১ সম্যক্ স্ফুটিত; প্রস্ফুটিত, বিকসিত। ২ অভিব্যক্ত, সুস্পষ্ট। "নাতিপরিস্ফুট-শরীরলাবণ্যা শ ৫.১৩।

পরিস্ফুরণ ক্লী [পরি+ √স্ফুর্+অন (ল্যুট্)-ভা] সঞ্চলন, কম্পন। —স্ফুরিত বিণ [+ত (ক্ত)-ক] কম্পিত। "°গর্ভভরালসা উ.চ ৩.২৮।

পরিস্য(ষ্য)ন্দ পুং [পরি+ √স্যন্দ্+অ (ঘঞ্)-ভা] ক্ষরণ।

পরিস্রব পুং [পরি+ √স্রু+অ (অপ্)-ভা] ১ পরিক্ষরণ, প্রবাহ। "হিমবান্…বহুধাতুপরিস্রবঃ গো.রা ২.৯২.২৭। অম্বু °মহা ৭.১৪৬ ৪৯।

২ স্খলন, চ্যুতি। "গর্ভ° রা ১.৩৭.২৬। —হ্রুত বিণ [+ত (ক্ত)-ক] ক্ষরিত।

পরিহ সর্ম্ম [সং পরি+ √ধা > প্রা √পরিহা > বা °হ; মৈ √°হ —পরিহসি; বৈষ্ণবসাহিত্যে] পরিধান করা; ধারণ করা। "কঙ্কণ ন হি পরিহসি বি.প ১২০।

পরিহত বিণ [পরি+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] ব্যাহত। "শ ৫২২।

পরিহর সর্ম্ম [সং পরি+ √হৃ > লি, প্রা √পরিহর; হি, মৈ √°র; পদ্যে] ১ পরিত্যাগ করা। "পরিহর মনে কিছু না কর তরাস বি.প ৮১। লজ্জা পরিহরি।—কৃ ৩৬৫। কর্ম্ম পরিহরিলে শ্রী.ম ৭৪; পতি পরিহরিলে ৮৪; পরিহরিলেক আর জন ২৯৪। ২ ছাড়িয়া দেওয়া; যাইতে দেওয়া। "পরিহর এ সখি তোহে পরণাম। হাম নাহি যাওব সো পিয়া ঠাম॥—বি.প ৫৭। [পরিহর, -রহ, -রি, -রিলেঁ, -রিলোঁ (শ্রী.কী)। পরিহরহ (দো)। পরিহরি (পৈ)।]

পরিহরণ ক্লী [পরি+ √হৃ+অন (ল্যুট্)-ভা] পরিত্যাগ, পরিবর্জ্জন। "চণ্ডালপ্রতিগ্রহ°। —হর্ত্তব্য বিণ [+তব্য-র্ম্ম] ১ পরিত্যাজ্য, বর্জ্জনীয়। "বৈকৃত্যং পরিহর্ত্তব্যম্ গো.রা ৫.৮৫.২২। দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যঃ —হি ১.৯০। ২ অনুপরোধ্য। "যত্নতঃ পরিহর্ত্তব্যা বিষয়েষু তপস্বিনঃ ২.৯১.৭। —হার পুং [+অ (ঘঞ্),-ভা; 'পরী°', বাহুলকে দীর্ঘ; বৈদিক] ১ বর্জ্জন, ত্যাগ। "সুখং বা যদি বা দুঃখং ভূতানাং পর্য্যুপস্থিতম্। প্রাপ্তব্যমবশৈঃ সর্ব্বং পরিহারো ন বিদ্যতে॥—মহা (S.W.)। হিতাহিতপ্রাপ্তি° মনু ১.৯৭, কুল্লুক। বিহি পায়ে করি পরিহার বি.প ৯১। শ্রী.কী ৩৬৯। ২ নিরাস, অপনয়ন। "বিরোধ°। ৩ মোচন, মুক্তি। "শাপস্য পরিহারেণ ত্বং ত্রাতা ভবিষ্যসি।—হ ৯.৩৭। ৪ অবজ্ঞা, অনাদর। "পরিহার বাণী শ্রী.কী ১৯৬। ৫ অপবাদ, খণ্ডন। "পুণ্যলোকাভাব° মনু ৯.১০৬, কুল্লুক। ৬ [+অ-র্ম্ম] দেবব্রাহ্মণকে দেয় রাজার রণার্জ্জিত দ্রব্য। "মনু ৭.২০১। ৭ গ্রামের চারিদিকে পশুচারণার্থ শস্যবপনাদিরহিত চারিশত-হস্ত ভূমি। 'ধনুঃশতং পরীহারো গ্রামস্য স্যাৎ সমন্ততঃ মনু ৮.২৩৭। ৮ [+ √হারি+অ (অচ্)-ভা] দোষাদির উদ্ধারণ (ত.বা)। ৯ (বাঙ্লায়) ক্ষমাপ্রার্থনা; প্রসাদভিক্ষা। "পরিহার বোলে বনমালী শ্রী.কী ২৮৮। তোমার চরণে এই করোঁ পরিহার।—গ ১৬৩, -৮৯। দেবরাজে কহিবে আমার পরিহার। —কৃ ৩৬৩। ক.চ ৩৪; কণ্ঠেতে কুঠার, মাগে পরিহার ৯৩; ২৯১,-৯৪। যথা দৃষ্টং তথা লিখিতমিতি পরিহার শ্রী.ম ৩১১। পরিহার মাগে শ্রী ১৫; চৈ.ম ১৩৯; বি.পা ৩১১; শ্রী.মা ৮৯। করি পরিহার ম.ম ৫। দ্রৌপদী বলেন পরিহার তোমার সাক্ষাৎ। উচ্ছিষ্ট না খাইব পায়ে না দিব হাত॥—ম.বি ১৭০; ২৪১। মান তারে পরিহার ভা.চ ৩৫৩; ৫০২। বিনা রণে পরিহার মাগি।—মে ৯৪। [ভূরি প্রয়োগ]। ১০ সম্প্রদান। "পঞ্চ হরীতকী দিয়া পরিহার করে।—কৃ ৮০। —হার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ বর্জ্জনীয়, ত্যাজ্য, ত্যক্তব্য। ২ অবৈধত্ব হেতু বর্জ্জনীয়। "সপে ন পরিহার্য্যে বস্তুনি পৌরবাণাং মনঃ প্রবর্ত্ততে শ ২১। [পরিহার —পরিত্যাগ কর (শ্রী.কী)। পরিহার মানি—ক্ষমাপ্রার্থনা করি। "শি ১০১। পরিহারে—প্রসাদভিক্ষা করে। "দ্বিজ মাধব পরিহারে। —গ ১৩।]

পরিহর্ত্তব্য, -হার, -হার্য্য দ্র 'পরিহরণ'।

পরি(রী)হাস পুং [পরি+ √হস্+অ (ঘঞ্)-ভা, বাহুলকে দীর্ঘ] ক্রীড়াপ্রয়োজন ব্যবহারবিশেষ (রা.টীকা); নর্ম্ম; কৌতুক। "রা ২.৩২. ৩৫। °কথা রঘু ৯.৮। °বিজল্পিত শ ২.১৮। অয়ং ন খলু পরিহাসস্য বিষয়ঃ মা.মা ৯.৪৫। —হাসী বিং (বাঙ্লায়) পরিহাসসম্পর্কীয়। "শয্যাতোলা কড়ি মাঙ্গে পরিহাসী জন ক.চ ১২৫। —হাস্য বি [°হাস > °স্য (হাস্য শব্দের অনুকরণে)] (অসাধু) পরিহাস। "অঙ্গে অঙ্গে হেনরূপে পরিহাস্য করি।—অ.প ৩২। হাস্য পরিহাস্য শিব পার্ব্বতী সংহতি বি.পা ৫৪।

পরিহিত বিণ [পরি+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ ধৃত, কৃতপরিধান। ২ পরিবেষ্টিত। "(পরিখাভিশ্চ সর্ব্বতঃ) অধঃ পরিহিতামিব (লঙ্কাম্) গো.রা ৫.৯.১৫।

পরিহীণ বিণ [পরি+ √হা+ত (ক্ত)-র্ম্ম; ণত্ব, পা ৮.৪.২৯, কাশিকা] ১ পরিত্যক্ত, বিরহিত। "পুত্রৈরপত্যৈর্দারৈশ্চ পরিহীণঃ (ধৃতপাঠ—'°নঃ') গো.রা ৩.৭৩.৩২। শীতকরঃ কিরণৈঃ পরিহীণঃ —বৃহৎসংহিতা ৪.২৯। খাদপরিহীণস্বর্ণ প.ভৃ ৭১। ২ [+ত কর্ম্মকর্ত্তৃবাচ্যে] ক্ষয়প্রাপ্ত, নিষ্প্রভ। "বর্দ্ধমান°তেজসৌ (তৌ) রঘু ১১.৮২। ৩ [+ত-ক] বিগত। "°ভগবদনুগ্রহ ভ ৫.২৪.২৬।

পরিহৃত বিণ [পরি+ √হৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত। ২ নিরস্ত, প্রত্যাখ্যাত, খণ্ডিত। ৩ পরিবেষ্টিত। "ভ ৩.২৮.৩৭।

পরী বি [ফা পরী] ১ পর (পক্ষ)-যুক্ত অপ্সরাবিশেষ (fairy)। "লী ১১৫। ২ (সাদৃশ্যে) সুন্দরী স্ত্রী। [ডানা-কাটা পরী—দ্র 'ডানা'। °অস্ত্র—অস্ত্রবিশেষ। "দু ৭৮।]

পরীক্ষক বিণ [পরি+ √ঈক্ষ্+অক (ণ্বুল্)-ক] ১ সম্যক্ দ্রষ্টা; গুণদোষবিচারক, কারণিক, নির্দ্ধারয়িতা। "বহ্নিনা পরীক্ষকঃ স্বর্ণস্য স্বর্ণকারঃ (অ.টী)। পঞ্চ ১.৮৪। ২ (বাঙ্লায়) ছাত্রের বিদ্যাবিশেষের বিচারক (examiner)। —ক্ষণ ক্লী [অন (ল্যুট্)-ভা] পরিদর্শন, পরিজ্ঞান, তত্ত্বাবধারণ, তথ্যনির্ণয়। "গুণদোষ° মনু ১.১১৭। নিত্য° হি ২.১০৩। চৈ.চ ৭৭; ১৩৫; ২৪৪। —ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পরীক্ষণ'। "স্বালক্ষণ্য° মনু ৯.১৯। ২ শাস্ত্রোক্ত অগ্নিঘটাদি দ্বারা তথ্যনির্ণয়। দ্র 'বিষ্ণু ১০-১৪শ অধ্যায়'। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিদৃষ্ট, পরিজ্ঞাত, নির্ণীতগুণদোষ। ২ সর্থ 'পরিক্ষিৎ'।

পরীক্ষণ, -ক্ষা, -ক্ষিত দ্র 'পরীক্ষক'।

পরীক্ষিৎ দ্র 'পরিক্ষিৎ'।

পরীত বিণ [পরি+ √ই+ত (ক্ত)-ক] ১ পরিগত, পরিবৃত। "বিষবল্লীভিঃ পরীতেব মহৌষধিঃ রঘু ১২.৬১। পরীতং পরমর্ষিভিঃ ভ ১.৩.৪৩। ২ আক্রান্ত, আবিষ্ট। "কাম°, ক্ষুধাতৃট্°, মন্যু°। কোপ°-মানস।—কি ২.২৫। ৩ অভিব্যাপ্ত। "শোণিতপরীতাঙ্গ রা ১.২.১১; অশ্রুপরীতনেত্রা ২.৭৬.২৩। হুতবহপরীতং গৃহম্ শ ৫.১০। ৪ পরিগত, অতীত।

পরীপ্সা স্ত্রী [পরি+ √আপ্+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] প্রাপ্তীচ্ছা। —প্সু বিণ [[+উ-ক] প্রাপ্তীচ্ছু। "ত্বরিতাঃ সর্ব্বে প্রাণপরীপ্সবঃ ভ ৭.৭.৫।

পরীপ্সু দ্র 'পরীপ্সা'।

পরুষ বিণ [√পৃ+উষ্ (উষচ্)-ক, উ ৪.৭৫] ১ নিষ্ঠুর, দারুণ, রূক্ষ। "পরুষাক্ষরম্ রঘু ৯.৮। অধীরা পরুষোক্তিভিঃ সা.দ ৩.৬২। পরুষ বচনে কহিলা।—মে ২০৮। আমরা পুরুষ, পরুষ ব.সু ২২। ২ খরস্পর্শ, বন্ধুর, কর্কশ, খরখ'রে। বিপ 'মসৃণ'। ৩ রূক্ষাঙ্গ। "রা ১.৫৮.১০। ৪ রূক্ষদর্শন, আবর্জ্জনাপূর্ণ; অপরিষ্কৃত। "সম্মার্জ্জনবিহীনানি পরুষাণি (বাটানি) রা ২.৭১.৩৭। ৫ প্রবল, প্রচণ্ড। "°পবনবেগ।—ঋতু ১.২২। ৬ কর্ণকটু, শ্রুতিকঠোর, কর্ণজ্বর। "বজ্রপরুষস্বনং ধনুঃ রঘু ১১. ৪৬। শ্রবণ°গর্জ্জিতৈঃ পু.মে ৬১। ৭ কঠিন, দৃঢ়, কড়া। বিপ 'মৃদু'। ৮ অস্নিগ্ধ, কঠিনস্পর্শ, রূক্ষ। "শুদ্ধস্নানাৎ পরুষমলকম্ উ.মে ৩০। ৯ তিগ্ম, জ্বালাকর। "পরুষাভির্গ্রীষ্মবহ্নেঃ শিখাভিঃ।—ঋতু ২.২৭। ১০ নিষ্ঠুর, নির্দ্দয়। "পরুষ আচারে·প.ভৃ ৮৬। ১১ কর্ব্বুর, বিচিত্র। ১২ অকোমল, কঠোর। "পরুষ পরশে তারে ছুঁয়ো না ক,—পাপড়ি

পড়িবে টুটিয়া।—কু.কে ১৮৩। **১৩** খরস্পর্শ, কর্কশ। "পেলব যৌবন বাঁধি পরুষ বল্কলে স.স্ব ৬৯। —রুষ ক্লী নিষ্ঠুরবাক্য, কড়া কথা। [°অক্ষর (বিণ)—**১** নিষ্ঠুরাক্ষর। "রঘু ৯.৮। **২** নিষ্ঠুরবাক্, কটুভাষী। "সেবকঃ স্বামিনং দ্বেষ্টি···পরুষাক্ষরম্।—পঞ্চ ১.৫১। °ইতর (বিণ) —**১** স্নিগ্ধ। "পরুষেতরতারং (চক্ষুঃ) রঘু ৫.৬৮। **২** অপরুষ, কোমল, মৃদু। °উক্তি (স্ত্রী)—নিষ্ঠুরভাষা।]

পরুষ ক্লী কষায়াম্ল ফলবিশেষ ; ফলসা (ভাবপ্রকাশ)।

পরে ['পর'[১]—মূল ; অপ্র] **১** উপরে, অর্থাৎ ভিন্ন, ব্যতীত। "তুহ্মি পরে পাণ্ডবের গতি নাহি আন অ.প ১১৩। তুমি পরে মা মোর নাহিক সহায় ম.ম ১৪৩ ; ২০৩। **২** (পত্রে) অতঃপর, অনন্তর। "E.P. 143।

পরেত বিণ [পর (পরলোক) ইত (গত), দ্বি.ত (অ.কো ; পরা+√ই+ত (ক্ত)-ক (ত.বা)] পরলোকগত, মৃত, প্রেত। "°মণ্ডল। —হেম ৯৭। [°ভূমি (স্ত্রী), °বাস (পুং)—প্রেতভূমি, শ্মশান। "কু.স ৫.৬৮। °রাট্ (-জ্) পুং—প্রেতরাজ, যম। °আচরিত (বিণ) —প্রেতাধিষ্ঠিত। "পরেতাচরিতাং···দিশম্ রা ২.৬২.১৫।]

পরেতর পুং [পর হইতে ইতর, সুপ্সুপা] আত্মীয়। "কি ১.১৪।

পরেশ বি [পরশ[২] > °শ ; অপ্র] স্পর্শমণি। "দ্বু ৫২ ; °মণি ৫৫।

পরেশান বিং [ফা °ন্] ব্যাকুল, বিহ্বল। "ভা.চ ৭৩০।

পরোক্ষ বিণ [°ক্ষ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ক্ষা] অপ্রত্যক্ষ, অদৃষ্ট, অনন্মুভূতচর। "বৃতা ভূপতিভিঃ পরোক্ষৈঃ (ভোজ্যা) রঘু ৭.১৩। পরোক্ষার্থস্য দর্শনম্।—হি ১০ (কথারম্ভ)। মাঘ ৮.২৯। —ক্ষ পুং তপস্বী। —ক্ষ বা [অক্ষির পর, অব্যয়ীভাব, সমাসান্ত 'অ' (টচ্), নিপাতনে 'উ'-কারাদেশ (পা ৫.৪.১০৭, সি) ; পরস্+অক্ষ (মুগ্ধবোধ)] চক্ষুর অবিষয় ; অপ্রত্যক্ষজ্ঞান। "পরোক্ষে লিট্ পা ৩.২.১১৫। পরোক্ষে কার্য্যহন্তারম্। —হি ১.৭৮। [পরোক্ষে—অসাক্ষাতে। "খরে পরে হাসে পরোক্ষে, শরীরেতে বিদ্যা না থাকিলে।—দা ৬০৬। পরোক্ষেতে—অন্য দ্বারা। "আপনি যোগান হেন সম্ভব না হয়। পরোক্ষেতে দেন···॥—ভ.গ্র ১৯৪।]

পরোঢ়া স্ত্রী [পর কর্ত্তৃক ঊঢ়া, তৃ.ত] **১** অন্যপরিণীতা নারী ; পরস্ত্রী। **২** পরকীয়া নায়িকাভেদ। "সা.দ ৩.৬৬।

পরোপকার পুং [ষ.ত] অন্যের হিতসাধন। "পরোপকারায় সতাং বিভূতয়ঃ (সু.র)।

পরোপদেশ পুং [ষ.ত] অন্যের প্রতি হিতানুশাসন। "পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্।—হি ১.১০৭।

পরোয়া বি [ফা পর্‌ৱা] উদ্বেগ, চিন্তা, ভয়। "কুছ পরোয়া নেই।

পরোয়ানা দ্র 'পরয়ানা'।

পরোরজাঃ (-জস্) বিণ [রজঃ হইতে পরঃ, প.ত, রাজদন্তাদি,-১ব ; দ্র 'পরঃশত'] রজঃপারে প্রতিষ্ঠিত ; রজোগুণে অসংস্পৃষ্ট। "অয়ং ত্বাং পুনাতু দেবঃ পরোরজাঃ উ.চ ৪$\frac{২ ৭}{১ ১}$।

পরোশ, -স সর্থ দ্র 'পরশ[৪]।

পরোশন, -সন বি [°শ,-স+অন ; অপ্র] পরিবেষণ। "কাঁখে সুধাভাণ্ড করি করে পরোশন।—ম ১৮। লক্ষ্মীদেবী···করেন পরোসন। —অ ৭১।

পর্কটি, -টী স্ত্রী বৃক্ষবিশেষ, প্লক্ষ, পাকুড়। "°টী হি ১$\frac{৫ ৭}{৫ ৮}$।

পর্চিত বিং [পরিচিত > °ত ; তু 'হি পর্চা—পরিচয় ; অপ্র] পরিচিত। "চৈ.ভা ২৭২।

পর্জন্য পুং [√পৃষ্+অন্য-ক (ষ্ > জ্), উ ৩.১০৩ ; ছান্দস ; তু 'পর্য্যন্য' (গো.রা ৬.৩.৯ ; ৩১.৩২)] **১** শব্দায়মান মেঘ ; গর্জন্মেঘ। **২** মেঘশব্দ। **৩** মেঘ। "পর্জন্যাদন্নসম্ভবঃ গী ৩.১৪। রঘু ১৭.১৫। **৪** মেঘাধিপতি ইন্দ্র। **৫** বিষ্ণু। —ন্যা স্ত্রী দারুহরিদ্রা।

পর্জন্যা দ্র 'পর্জন্য'।

পর্ণ ক্লী [√পৄ+ন-ক, উ ৩.৬ ; √পর্ণি (হরিতীভাব)+অ (অচ্)-ক ; ছান্দস ; cf., Av. perena—full ; parena—leaf] **১** 'বৃক্ষপূরক', পত্র, দল, পাতা। "দ্রুম° কু.স ৫.২৮। সংশুষ্কপর্ণাঃ।—ঋতু ১.২২। **২** তাম্বূল, পান, খিলী। "দ্বু ৩৯ ; বাটা পূর্ণ পর্ণেতে ৬৯। ভ.গ্র ২৯০। **৩** পক্ষ, পাখনা। "সু°। **৪** বাণমূল-লগ্ন পক্ষ ; পুঙ্খ। **৫** পুষ্পপত্র, ফুলের পাপড়ি। "বিধ্বস্তপর্ণকমলা (নদী) মহা ৩.৬৮.১৫। পদ্ম°।—মে ১৮ ; ১১৩। —র্ণ পুং পলাশবৃক্ষ। [তু 'পলাশ'—পর্ণ]। [°কুটিকা, °কুটী (স্ত্রী)—পর্ণরচিত গৃহ ; উটজ, পর্ণশালা। °কৃচ্ছ্র (পুং)—পলাশাদি-পর্ণরসপান-সাধ্য ব্রতবিশেষ। "যাজ্ঞ ৩.৩১৬। °নর (পুং)—পলাশপত্রে রচিত পুত্তলিকা। দ্র 'কুশপুত্তলিকা'। °লতা (স্ত্রী)—পানগাছ, নাগবল্লী। °বীটিকা (স্ত্রী)—পানের বীড়ি ; খিলী। °মণি (পুং)—পর্ণবর্ণ অর্থাৎ হরিদ্বর্ণ মণি ; পান্না। °শয্যা (স্ত্রী)—পত্ররচিত শয়নস্থান। "রা ২.২৮.১১। °শালা (স্ত্রী)—সর্থ 'পর্ণকুটিকা'। "রা ২.৫৬.২০। রঘু ২.৯৫।]

পর্ণল বিণ [পর্ণ+ল (লচ্) অস্ত্যর্থে] পর্ণযুক্ত। "ভট্টি ৬.১৪৩।

পর্ণাহার বিণ [বহুব্রী] পত্রভোজী, পর্ণাশন। "গো.রা ৩.১০.২।

পর্দ্দ পুং [√পর্দ্ গুদরব+অ (ঘঞ্)-ভা] অপানত্যাগ, বাতকর্ম্ম।

পর্দ্দা বি সর্থ 'পরদা'। "রাজরাণী হৈয়া কেন পর্দ্দা ঘুচাইলা ভ.গ্র ৪১২। হিঁদুর পর্দ্দা ফাঁক।—হেম ৩৮৬। [°নশীন—যে মহিলা পর্দ্দার ভিতরে থাকেন, সাধারণের সম্মুখে বাহির হন না ; অবরোধবাসিনী। চোখের পর্দ্দা—নেত্রপল্লব।]

পর্পট পুং ওষধিবিশেষ, ক্ষেতপাঁপড়া।

পর্পটি স্ত্রী **১** পিষ্টকবিশেষ, পাঁপর। **২** ঔষধ-বিশেষ। **৩** সৌরাষ্ট্রমৃত্তিকা।

পর্ব্ব (-র্ব্বন্) ক্লী [√পৄ+বন্ (বনিপ্)-ক ; ছান্দস] **১** বংশাদিগ্রন্থি, বাঁশ বেত প্রভৃতির গাঁট। **২** গ্রন্থি। "শরৈঃ···আনতপর্ব্বভিঃ শ ৭.৩। শাখা···পত্র পর্ব্ব।—হেম ১০৪। **৩** দেহসন্ধি, অঙ্গুলী প্রভৃতির গাঁট। "অঙ্গুষ্ঠ°মাত্রাণাম্ মহা ১.১১৪.২০। (শঙ্খ) অনেক যতনে তিন পর্ব্ব হৈল পার শি ১০৫। **৪** অমাবস্যাপ্রতিপদের সন্ধি (মেদিনী) ; পঞ্চদশী-প্রতিপদের সন্ধি (শ.ক)। **৫** অষ্টমী চতুর্দ্দশী অমাবস্যা পূর্ণিমা ও রবিসংক্রান্তি এই পঞ্চ। 'চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা। পর্ব্বাণ্যে-তানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ॥ "পর্ব্ববর্জ্জং ব্রজেচ্চৈনাম্।—মনু ৩.৪৫। ভা.চ ২১৯,-২০ ; ৪০৫। **৬** পূর্ণিমা, অমাবস্যা। "বিবর্দ্ধমানঃ···সমুদ্র ইব পর্ব্বণি রা ১.৫৫.২০। শান্তিহোমাংশ্চ কুর্য্যাৎ পর্ব্বসু।—মনু ৪.১৫০। পর্ব্বাত্যয়ে রঘু ৭.৩৩। অপর্ব্বণি গ্রহকলুষেন্দুমণ্ডলা।—মা.মি ৪.১৬। **৭** পূর্ণিমায় ও অমাবস্যায় করণীয় যাগ ; পৌর্ণমাস, দর্শ। **৮** চন্দ্রগ্রহণ। **৯** বৎসরের বিশেষ কাল—বিষুবায়নকাল ইত্যাদি। **১০** অংশ, খণ্ড। **১১** গ্রন্থবিচ্ছেদ-স্থান, গ্রন্থাংশ। "(মহাভারতে) আদি° সভা°। **১২** উৎসব। "°দিন। পর্ব্ব রচি তাই মোরা তোরি তীরে মিলি বারম্বার কু.কে ৯১। **১৩** প্রস্তাব, অবসর। **১৪** ভঙ্গী, শিঁড়ির পৈঠা। "সোপান° রঘু ১৬.৪৬। **১৫** লক্ষণভেদ। **১৬** দর্শান্তপূর্ণিমান্ত-কাল। **১৭** (বাঙ্‌লায়) গ্রন্থিদ্বয়ের মধ্যস্থিতভাগ ; পাব। "অঙ্গুলীর পর্ব্ব, প্রায় হৈল খর্ব্ব।—ম ১০৮। **১৮** ব্যাপার, কাণ্ড। "শুন পর্ব্ব গর্ব্ব খর্ব্ব গর্ভবতী ঝি বি.সু ৭৮। শি ১০৭ ; পূর্ব্ব পর্ব্ব পড়ে গেল মনে ১১০। **১৯** বৃত্তান্ত। "কর্ণ সনে কৃষ্ণ কহেন পর্ব্বের কথন।—ম.নি ২৬৮। **২০** হুজুক, উদ্যোগ, আড়ম্বর। "পর্ব্ব ঘরে ঘরে : পর্ব্ব আজ ভারি।—হেম ৩৭৭। —র্ব্বক ক্লী [পর্ব্বন্+ক (কন্) সংজ্ঞার্থে] উরুসন্ধি, হাঁটু। [°কার (পুং)—শরকৃৎ, আয়ুধ-মাত্রকর্ত্তা। "মহা ৫.৩৫.৪৬। °কাল (পুং)—অমাবস্যা, পূর্ণিমা। গো.রা ৩.৪২.১২,-৩। °গামী (-মিন্) বিণ—পর্ব্বে স্ত্রী সম্ভোগকারী। °সন্ধি (পুং) —পঞ্চদশী এবং প্রতিপদের অন্ত্য ও আদ্য সার্দ্ধ দণ্ড চতুষ্টয় (অ.টী)।]

পর্ব্বণী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীষ্)] **১** পর্ব্ব, পূর্ণিমা ও অমাবস্যা। "মহা ১৩.১২৭.৭। **২** সন্ধি (সুশ্রুত)।

পর্ব্বত পুং [পর্ব্বন্+ত (তপ্) অস্ত্যর্থে, পা ৫.২.১২১, সি; √পৃ+অত (অতচ্)-ক, উ ৩.১১০ ; 'পর্বত'—শৈল, পর্ব্ববান্ মেঘ (ঋগ্বেদ ১.৩৯.৫ ; ৫৫.৩)] ১ 'পর্ব্বযুক্ত', গিরি, শৈল। "(কায়ম্) মহা°সংনিভম্ রা ১.১.৬৪। পরগুণপরমাণূং পর্ব্বতীকৃত্য—ভর্ত্তৃহরি। ২ ক্ষুদ্রগিরি। ৩ (সাদৃশ্যে) স্তূপ, রাশি। "পিষ্টক° ভা.চ ১৪৪। বড়লোক গরীব হলেও যা থাকে, তা অন্যের পর্ব্বত অ গ্র ১৯। ৪ কুল-পর্ব্বতের সংখ্যানুসারে সপ্ত (৭) সংখ্যা। ৫ বৃক্ষ। ৬ পাবদা মাছ। ৭ শাকবিশেষ। ৮ দেবর্ষিবিশেষ। দ্র 'মহা ১২.৩০শ অধ্যায়। [°কুমারী (বি)—গৌরী। "ম ৬২৩। °জ (বিণ)—গিরিজাত। °জা (স্ত্রী)—১ শৈলজা, গৌরী। "বি সু ১২৪। ২ নদী। °পতি, °রাট্ (-রাজ্), °রাজ (পুং)—১ গিরিরাজ, হিমালয়। "°রাজপুত্রী। ২ মহাশৈল। °বাসী (-সিন্) বিণ—গিরিবাসী। °সুতা (বি)—গৌরী। "পর্ব্বতসুতাবর ভা চ ১৫৮। °রাজেশ্বর (বি)—হিমালয়। "চ বি ১৮৮।]

পর্ব্বতীয় বিণ [°ত+ঈয় (ছ)] পর্ব্বতসম্বন্ধী, পর্ব্বতজাত, পার্ব্বতীয়, গিরিবাসী। "পর্ব্বতীয়ানি ফলানি। °তীয়ো মনুষ্যঃ (সি)।

পর্ব্বতেশ বি [ষ.ত] গিরিরাজ হিমালয়। "°পুত্রী বি.সু ১।

পর্ব্বভাগ পুং [ষ.ত] পর্ব্বাংশ ; মণিবন্ধ। করতলৈরাপর্ব্বভাগোত্থিতৈর্দত্তাস্তাভরণানি শ ৪.৫।

পর্ব্বাস্ফোট পুং [পর্ব্বের আস্ফোট, ষ.ত] অঙ্গুলিপর্ব্বস্ফোটন ; আঙুল মটকান। "শু ২.২১৯।

পর্ব্বাহ পুং [পর্ব্বের অহ, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] পর্ব্বদিন। "বিষ্ণুপর্ব্বাহে (গীতামাহাত্ম্য)।

পর্মিট বি [E. permit] মাল রপ্তানী বা ঝাড়াই করার নিমিত্ত কর্ত্তৃপক্ষের অনুমতিপত্র লওয়ার অফিস। "এখন যেখানে পর্মিট আছে, পূর্ব্বে তথায় গড় ছিল আ.দু ৪৬।

পর্য্যঙ্ক পুং [পরি+ √অঙ্ক্ গতি+অ (ঘঞ্)-র্ম্ম (অ.টী) ; অঙ্ককে পরিগত, প্রা.স (ত বা)] ১ মঞ্চ, খট্টা, পালঙ। "রা ২.৩২.৯। মধ্বা ৪.৪.১৪। ২ শিবিকা। ৩ [পরিসৃত অঙ্ক যাহাতে, বহুব্রী] যোগীর আসনবিশেষ ; বীরাসন। ৪ সর্থ 'অবসকথিকা (১)। ৫ যোগপট্ট। [°বন্ধ (পুং), °বন্ধন (ক্লী)—সর্থ 'পর্য্যঙ্ক (৩)। "°বন্ধস্থিরপূর্ব্বকায়ম্ কু স ৩.৪৫ ; ৫৮। পর্য্যঙ্কবন্ধন ভ.গ্র ২৯০।

পর্য্য(র্য্যা)টক বিং ['পর্য্যাটক' সাধু ; তু 'পর্য্যটন] পরিভ্রমণকারী। "ইংরাজ পর্য্যাটক পা.প্র ৪।

পর্য্যটন ক্লী [পরি+ √অট্+অন্ (ল্যুট্)-ভা] পরিভ্রমণ, পুনঃপুনঃ ভ্রমণ। "ভূমেঃ পর্য্যটনং পুণ্যাম্ ভ ৯.৭.১৭। নানা দেশ করি পর্য্যটন। —রঙ্গ ৮২। । —টিত বিণ [+ত (ক্ত)-ক, -র্ম্ম] পরিভ্রান্ত। পঞ্চ ১৩১৫। —টিত ক্লী [+ত-ভা] পর্য্যটন। "তৎ কিং পর্য্যটিতেন। —পঞ্চ ১৩১৫।

পর্য্যটন্ত ক্রি [সং °টন্তি ; দ্র 'অন্ত⁸] পর্য্যটন করেন। "পর্য্যটন্ত গগনে হরিষে শূলধর অ.প ৮৬।

পর্য্যটিত দ্র 'পর্য্যটন'।

পর্য্যন্ত বিণ [অন্তকে পরিগত, প্রা.স ; স্ত্রী -ন্তা] শেষসীমাগত। "পর্য্যন্তাং পৃথিবীং কৃৎস্নাম্।—হ ৩১৬১.১৯। —ন্ত পুং ১ প্রান্তভাগ, অবধি, শেষসীমা। "রক্তপর্য্যন্তে নেত্রে গো রা ৩.৫৫.১১। °বনং রঘু ১৩.৩৮। °সংস্থিত।—ঋতু ৩.৩। পর্য্যন্তো লভ্যতে ভূমেঃ।—পঞ্চ ১.১৩৬। মহাবিষ্ণুর নিশ্বাসের নাহিক পর্য্যন্ত চৈ.চ ২১৩। অগ্নিপরিশুদ্ধিকাণ্ড° সী ৬। ২ পরাকাষ্ঠা। "প্রসবঃ খলু প্রকর্ষপর্য্যন্তঃ স্নেহস্য উ.চ ৩১৫। ৩ পরিধি। ৪ পার্শ্বভাগ। "°সঞ্চারিতচামরস্য রঘু ১৮.৪৩। ৫ অবসান, অন্ত। "আপাতরম্যা বিষয়াঃ পর্য্যন্তপরিতাপিনঃ কি ১১.১২। ৬ অন্ত, পরিণাম। "অবিচার্য্য তু পর্য্যন্তম্ (কৃতং পাপম্) ক.সা ৪১.১১৪।

[°পর্ব্বত (পুং)—সীমাশৈল, মর্য্যাদাগিরি। °ভূ, °ভূমি (স্ত্রী)—গ্রামাদির প্রান্তভূমি ; পরিসর। °স্থ, °স্থিত (বিণ)—প্রান্তস্থ, সীমাবর্ত্তী। "গৃহে °স্থে (S.W.)।]

পর্য্যবসান ক্লী [পরি-অব+ √সো+অন (ল্যুট্)-ভা] ১ শেষাবধি, সমাপ্তি। "গোপিকার সুখ কৃষ্ণসুখে পর্য্যবসান।—চৈ.চ ১৮। ২ অর্থাবধারণ, নির্দ্ধারণ। —সিত বিণ [+ত (ক্ত)-ক] ১ পরিসমাপ্ত, নিঃশেষ। "পর্য্যবসিতং জীবিতপ্রয়োজনং রামস্য।—উ.চ ১৪৯। আমার জীবিতপ্রয়োজন পর্য্যবসিত হইয়াছে সী ২২। (ঔদাসীন্য) প্রকৃত অনাদরে °ত হয় পা প্র ৩৩। ২ অবধারিত।

পর্য্যবস্থা স্ত্রী, **-স্থান** ক্লী [পরি-অব+ √স্থা (অ), +অন (ল্যুট্) -ভা, স্ত্রী -আ (টাপ্)] ১ বিরোধ, প্রতিবন্ধ। ২ প্রতিপক্ষবাদ। —স্থাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] প্রতিরোধকারী, বিরোধী। "অন্তকঃ পর্য্যবস্থাতা জন্মিনঃ।—কি ১১.১৩। —স্থিত বিণ [+ত (ক্ত)-ক] বিরুদ্ধ, প্রতিবন্ধক। —স্থিত পুং 'সর্ব্বত্র স্থিত' ; বিষ্ণু।

পর্য্যবস্থান, -স্থাতা, -স্থিত দ্র 'পর্য্যবস্থা'।

পর্য্যবেক্ষক বিণ [পরি-অব+ √ঈক্ষ্ +অক (ণ্বুল্)-ক] পরীক্ষক, পরিদর্শক, তত্ত্বাবধায়ক। —বেক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] পরিদর্শন, তত্ত্বাবধান।

পর্য্যয় পুং [পরি+ √ই+অ (অচ্)-ভা] ১ শাস্ত্রানুসারে বা লোকব্যবহারানুসারে প্রাপ্ত বিষয়ের ত্যাগ (অ.টী) ; ব্যতিক্রম। ২ অবসর, অপগম। "ঋতু° মনু ১.৩০। ৩ পরিবর্ত্ত। "যুগ° ভ ১.৪.১৪। ৪ অতিক্রম, অতিপাত। "কালস্য পর্য্যয়ঃ রা ১.২২.১২। পা ৩.৩.৩৮, সি। —য়ণ ক্লী [+অন (ল্যুট্)-ক] অশ্বসজ্জা, জিন্।

পর্য্যয়ণ দ্র 'পর্য্যয়'।

পর্য্যশ্রু বিণ [অশ্রুকে পরিগত, প্রা.স] ১ পরিগতাশ্রুক, বাষ্পাবৃত। "কি ৩.৩৬। ২ হর্ষাশ্রুপরিগত, আনন্দাশ্রুপূরিত। "°নয়ন মহা ৩.১৫১.১৩। (সং) পর্য্যশ্রুরস্বজত রঘু ১৩.৭০।

পর্য্যসন ক্লী [পরি+ √অস্+অন (ল্যুট্)-ভা] ১ চতুর্দ্দিকে ক্ষেপণ। ২ অপসরাণ। ৩ দূরীকরণ। —র্য্যস্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সর্ব্বত্র ক্ষিপ্ত ; নিরস্ত। "ভ ৭.৭.২৬। ২ প্রসৃত, পরিব্যাপ্ত। "তাম্রৌষ্ঠ°রুচঃ স্মিতস্য কু.স ১.৪৪। ৩ স্রস্ত ; স্খলিত। "অংস°শিরস্ত্রজালম্ রঘু ৭.৬২। ৪ পতিত। "পর্য্যস্তাঃ পৃথিব্যামশ্রুবিন্দবঃ রঘু ১০.৭৫। ৫ ব্রীড়াবিভ্রান্ত। "°বিলোচনেন কু.স ৩.৬৮। ৬ পরিক্ষিপ্ত।

পর্য্যাকুল বিণ [প্রা.স] ১ সম্যক্ আকুল ; ব্যাকুল, বিহ্বল। "সর্ব্বত্র পর্য্যাকুলং জগৎ রা ২.৪১.১৭। হৃদয়ম্...পর্য্যাকুলম্।—ঋতু ৬.২১। ২ পরিপ্লুত। "বাষ্পপর্য্যাকুলেক্ষণ রা ১.৪.১৫ ; বাষ্প°মুখ ২.৩১.১৫। ৩ স্খলিত, গদগদ। "বাষ্পপর্য্যাকুলং বচঃ গো.রা ২.২৪.৪। ৪ বিক্ষিপ্ত, এলো। "পর্য্যাকুলাঃ মূর্দ্ধজাঃ শ ১.২৬। ৫ উচ্ছৃঙ্খল, প্রচণ্ড। "বাতাঃ পর্য্যাকুলাঃ মহা ৩.১৯০.৭৭। ৬ স্খলিতগতি। "পর্য্যাকুলত্বান্ মরুতাম্ কু.স ২.২৫। ৭ কষায়িত। "ক্রোধপর্য্যাকুলেক্ষণ মহা ১.১৮২.৬।

পর্য্যাচান্ত ক্লী [পরি-আ+ √চম্+ত (ক্ত)-র্ম্ম] একপঙ্ক্তিস্থ ব্রাহ্মণেরা যখন ভোজন করিতেছেন, সেই সময়ে পঙ্ক্তিস্থ কেহ যদি ব্রাহ্মণগণকে অবমান করিয়া, অর্থাৎ তাঁহাদিগকে ভোজন শেষ করিতে না দিয়া, আচমন করেন, তবে ব্রাহ্মণগণের সেই ভুজ্যমান অন্ন 'পর্য্যাচান্ত' (মনু ৪ ২১২, কুল্লুক)।

পর্য্যাণ ক্লী [পরি+ √যা+অন (ল্যুট্)-ক ; পৃষো ; সং পর্য্যয়ণ > প্রা *পল্লজ্জণ, -জ্জাণ > °ণ (?)] সর্থ 'পর্য্যয়ণ'। "পর্য্যাণাদিযুতস্য বাজিনঃ। —বৃহৎসংহিতা ৯৩.৬। পৃষ্ঠ হইতে পর্য্যাণ অপনীত হইলে, ইন্দ্রায়ুধ একবার ক্ষিতিতলে বিলুণ্ঠিত হইল।—কাদ ৪১।

পর্য্যাপ্ত বিণ [পরি+ √আপ+ত (ক্ত)-ক] প্রাপ্ত। ২ সম্পন্ন। "°সপ্তভুবনাভয়দক্ষিণ উ.চ ৫.৩৪। ৩ সমগ্র, সমস্ত। "°পুষ্পস্তবকস্তনাভ্যঃ

কু.স ৩.৩৯। যজ্ঞাঃ পর্য্যাপ্তদক্ষিণাঃ রঘু ১৭.১৭। ৪ পূর্ণ। “শশীব °কলঃ রঘু ৬.৪৪। °চন্দ্রেব শরত্রিযামা কু.স ৭.২৬। ৫ সমর্থ, পটু। “পর্য্যাপ্তম্ …বলম্ গী ১.১০। রঘু ১০.২৫। ৬ পর্য্যাপ্তিযুক্ত, প্রচুর, যথেষ্ট। —প্তি ক্রি.বিণ ১ প্রকাম, প্রভূত। “মণ্ডম্…পর্য্যাপ্তমাচামতি উ.চ ৪.১। ২ তৃপ্তভাবে, তৃপ্তিপূর্ব্বক। ৩ সমর্থভাবে। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ প্রাপ্তি। ২ সামর্থ্য। ৩ পূর্ণতা, সামগ্র্য। “°বচন পা ৩.৪.৬৬, সি। ধাতুরভূতনির্ম্মাণপর্য্যাপ্তি ক.সা ২৬.৪৭। ৪ তৃপ্তি। ৫ প্রকামতা। ৬ পরিত্রাণ, হস্তবারণ, অর্থাৎ হস্ত দ্বারা মারণোদ্যত ব্যক্তিকে নিবারণ করা। ৭ পদার্থের বিশিষ্ট বুদ্ধিনিয়ামক স্বরূপ সম্বন্ধবিশেষ ; পদার্থের স্বরূপগত ভেদ। ৮ যোগ্যত্ব।

পর্য্যাবিল বিণ [প্রা.স] পরিতঃ আবিল ; কর্দ্দমময়। “রঘু ৭.৪০।

পর্য্যায় পুং [পরি+ √ই+অ (ঘঞ্)-ভা, পা ৩.৩.৩৮] ১ আনুপূর্ব্ব্য, ক্রম, পরিপাটী। “মনু ৪.৮৭। °সেবাম্ কু.স ২.৩৬। ২ [+অ-ণ] প্রকার। ৩ নির্ম্মাণ। ৪ অবসর, প্রস্তাব। ৫ দ্রব্যধর্ম্ম। ৬ একার্থ-বোধকশব্দ-ক্রম। “পর্য্যায়ো মরণস্থায়ং নির্ধনত্বং শরীরিণাম্।—পঞ্চ ২.১০৬। হরিদ্রা-পর্য্যায়ে আছে রজনী আখ্যান ক.চ ১৫৮। ৭ সমান কুলভাব দানাদান ও বংশভাব হেতু সম্পর্কবিশেষ (কুলদীপিকা)। ৮ অর্থালঙ্কারবিশেষ। [এক বস্তু অনেক স্থলে বা অনেক বস্তু এক স্থলে ক্রমে হইলে বা করিলে, ‘পর্য্যায়’ অলঙ্কার হয় (সা.দ ১০.৮০)।] ৯ (বাঙ্‌লায়) স্থান, শ্রেণী। “পিতামহপর্য্যায়স্থ লোক পা.প্র ৭০। [°বচন, °শব্দ (পুং)—সমার্থক শব্দের বাচক শব্দ। “°ন পা ১.১.৬৮, কাশিকা। °শয়ন (ক্লী)—প্রহরিকগণের পর্য্যায়ানুসারে শয়ন ও জাগরণ। °সেবা (স্ত্রী)—ক্রমানুসারে পরিচর্য্যা ; ক্রমসেবা। “কু.স ২.৩৬।]

পর্য্যায়ান্ন ক্লী যে অন্ন বস্তুতঃ এক জনের, কিন্তু অন্যের বলিয়া প্রদত্ত। “যাজ্ঞ ১.১৬৭। [ইহা অভক্ষ্য।]

পর্য্যায়োক্ত ক্লী [বহুব্রী] অর্থালঙ্কারবিশেষ। [বর্ণনীয় বিষয় বাক্য-ভঙ্গি (উক্তিবৈচিত্র্যবিশেষ) দ্বারা স্ফুটরূপে প্রতীত হইলে, ‘পর্য্যায়োক্ত’ হয় (সা.দ ১০.৬১)।]

পর্য্যালোচন ক্লী, **-না** স্ত্রী [পরি-আ+ √লোচি+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] সম্যক্ বিবেচনা ; বিচারণা। —লোচিত বিণ [+ত (ক)-র্ম্ম] সম্যগ্‌বিচারিত।

পর্য্যাস পুং [পরি+ √অস্+অ (ঘঞ্)-ভা] ১ বৈপরীত্য, বিপর্য্যয়। ২ পরিবর্ত্ত। ৩ পতন। ৪ হনন।

পর্য্যুক্ষণ ক্লী [পরি+ √উক্ষ্+অন (ল্যুট্)-ভা] পরিষেচন, আর্দ্রীকরণ।

পর্য্যুৎসুক বিণ [প্রা.স] অত্যুৎসুক, উৎকণ্ঠিত। “কু.স ৪.২৮।

পর্য্যুদস্ত বিণ [পরি-উদ্+ √অস্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিতঃ উৎক্ষিপ্ত। ২ নিবারিত, নিষিদ্ধ। ৩ নিরাকৃত, প্রত্যাখ্যাত। —দাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিতঃ উৎক্ষেপণ। ২ নিবারণ, নিষেধ। ৩ (ব্যাকরণে) যে নঞ্-সমাসে বিধির প্রাধান্য এবং প্রতিষেধের অপ্রধানতা ও উত্তরপদের সহিত নঞের সম্বন্ধ, তাহা ‘পর্য্যুদাস’। ‘প্রধানত্বং বিধের্যত্র প্রতিষেধেঽপ্রধানতা। পর্য্যুদাসঃ স বিজ্ঞেয়ো যত্রোত্তরপদেন নঞ্॥ যেমন, ‘অত্রস্ত’ ‘অনাতুর’, অসক্ত’ ইত্যাদি রঘু, ১.২১।

পর্য্যুদাস দ্র ‘পর্য্যুদস্ত’।

পর্য্যুপাসীন বিণ [পরি-উপ+ √আস্+ঈন (শানচ্)-ক] অধ্যাসীন। “মনু ২.৭৫।

পর্য্যুষিত বিণ [পরি+ √বস্+ত (ক্ত)-ক] স্বকালপরিহারপূর্ব্বক উষিত ; স্বকালাতিক্রান্ত, দিনান্তরপক্ক, রাত্র্যন্তরিত, বাসি (অন্নাদি)। “গী ১৭.১০। যাজ্ঞ ১.১৬৭। °ত অন্ন।—ম ৯৪৪। ভা.চ ৪৭৩। ২ প্রতিজ্ঞাতকালাতিলঙ্ঘী, অর্থাৎ প্রতিজ্ঞাত কালে অকৃত। “°ষিতং বাক্যম্ মহা ৩.৭৩.১৩। ৩ (বাঙ্‌লায়) পূর্ব্বদিনে মৃত ; বাসি। “শব পর্য্যুষিত বি.সু ১৭৩।

পর্শমণি বি [পরশ২ >পর্শ ; অপ্র] স্পর্শমণি। “ভ.গ্র ২২২,-৫১।

পর্শু পুং [পরশু >°র্শু, পৃষো, উ ১.৩৩] ১ কুঠার। ২ আয়ুধ, যুদ্ধাস্ত্রমাত্র।—র্শু স্ত্রী [√পৃ+শু (শুচ্)-ক (অ টী) ; পার্শ্ব > (সম্প্রসারণে) পার্শু >°র্শু (?)] পার্শ্বাস্থি, পাঁশাড়ের হাড়। —র্শুকা স্ত্রী [°র্শু+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ ‘পর্শু (২)। [°পাণি (পুং)—১ গণেশ। ২ পরশুরাম। “ম.পা ৪।]

পর্শ্বধ পুং [পরশ্বধ >°ধ, পৃষো] পরশু।

পর্ষৎ (-দ্) স্ত্রী [পরিষদ্ >°দ্, পৃষো ; উ ১.১২৯] ১ পরিষদ্, সভা। ২ চারিজন বেদজ্ঞ ও ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণের বা ত্রৈবিদ্যগণের সমাজ। ‘চত্বারো বেদধর্ম্মজ্ঞাঃ পর্ষৎ ত্রৈবিদ্যমেব বা যাজ্ঞ ১.৯। “পরাশর ৮.৪ ; ৯। বসিষ্ঠ ৩। [°বল (পুং)—সভাসদ্। “ভট্টি ৪.১২।]

পল্ সক [ভ্বা প—পলতি ; সেট্] গতি।

পল[১] পুং [√পল্+অ (অচ্)-ক] ১ মাংস। “পলান্ন। মুক্তাফলায় করিণং হরিণং পলায় (হন্তি)। ২ কর্ষচতুষ্টয়, চার তোলা ; (বৈদ্যকে) আট তোলা। ‘পলং সুবর্ণাশ্চত্বারঃ মনু ৮.১৩৫। “শত পল সোণা ক.চ ১৮৩। ৩ দশ ধরণ বা শতমান। “যাজ্ঞ ১.৩৬৪। ৪ পলপরিমিত দ্রবদ্রব্য। ষট্‌পলানি পিবেদপঃ।—অত্রি ১২৩। ৫ দণ্ডের ষষ্টিতম অংশ ; অত্যল্পকাল। “না পূরিতে পল পূরিত কামনা।—হেম ১৩২। —ল পুং তুচ্ছ ধান্য ; পলাল।

পল[২] ‘-ল্’ বি [ফা ‘পহ্‌লূ’—পার্শ্ব] তল, পৃষ্ঠ। “তেপলীয়া বা °তেপ’লে কাচ। [°তোলা—তলবিশিষ্ট।]

পলক ‘-ক্’ বি [সং পল ; হি °ক] ১ সর্থ ‘পল[১] (৫)। “কি কর শ্বশুর মতিহীন। পলকে জীবন বার দিন॥—খনা। দুই এক পলকে মিলব বরনারী।—প.ক ৮৭। পঁহুছিব জীবনের অন্তিম পলকে। —রবীন্দ্র। ২ [ফা ‘পলক্’—পক্ষ্ম] চক্ষুর পাতা। “অন্তর-গ্লানি সংসার-ভার, পলক ফেলিতে কোথা একাকার।—রবীন্দ্র। ৩ চক্ষুর নিমেষকাল ; অত্যল্পকাল। “পলকে পলকে ঢেউ তুলিল।—গান ৬৯। পলকমধ্যে বর্শা আনিতেছি ব.প্র ৩৮ [°শূন্য—নির্নিমেষ (চক্ষু)। পলক পড়া —চক্ষুর পাতা পড়া ; নেত্রস্পন্দন। পলক ফেলা—চক্ষুর্নিমীলন। পলকে প্রলয়—অল্পক্ষণে প্রলয়কাণ্ড।]

পলকা ‘-ল্’ বিং [পড়[১]+ক (স্বার্থে) >°কা (?) ; ঠ ‘পল কা’ —পলায়নশীল ; ড় পল.খা] যাহা সহজে পড়ে (ভাঙ্গে) ; ভঙ্গপ্রবণ (fragile)। “আমের ডাল পলকা।

পলট সর্ম্ম [সং পরি+ √অস্—পর্য্যস্ >প্রা √পল্লট্ট (হে ৪.২০০) >বা পা(প)লট ; হি মৈ √°ট ; তু ‘সং পর্য্যস্ত >প্রা পল্লত্থ (হে)] ১ পর্য্যস্ত করা ; স্থিতি বিপরীত করা ; উলটান। “পলটি বৈসাওল কনক কটোরা বি.সা ২৪ ; ব.প ১০০৯। ২ প্রত্যাবর্ত্তন করা ; ফিরা। “পুন কাহে পালটি ন পৈঠলি পানী বি সা ৩৪১। —টা সর্ম্ম বেষ্টন করা ; বেড়া। “ধবল বস্ত্র নিল রাজা গলাতে পলটাইয়া গো.চ ৫৯। [পল্‌টিয়া (দো)।]

পলটন ‘-ল্-ন্’ বি [E. battalion ; হি, মৈ—°ন ; ঠ °ণ] ১ পদাতিক সৈন্যবিভাগ (প্রায় দুই শত পদাতিক)। ২ সৈন্যদল। ৩ (গৌণার্থে) উদ্দেশ্যবিশেষের সিদ্ধার্থ জনসমবায় ; দল।

প(পো)লতা ‘-ল্-’ বি [পটোল পাতা >°তা ; ‘পুলতা’ (বি.পা ১৬৬)] পটলের পাতা। “পোলতার পাতা ম.ম ৯৫।

পলব পুং [প্লব >(স্বরাগমে) °ব (?)] মাছ ধরার পোলো।

পলয়ার বি [হি পলয়ার] মাল বহার বড় নৌকা। “(যেমন) জল ছাড়া পলয়ার।…বিনে চিন্তামণি রাখাল তেমনি।—দা ৯৬।

পলল ক্লী [√পল্+অল (কলচ্)-র্ম (অ.টী) ; উ ১.১০৬] ১ মাংস, আমিষ। ২ পঙ্ক, পলি। "অধশ্চপললাবৃত গো.রা ৫.৮৭.২৬। এ প্লাবনে প্রসারিয়া পবিত্র পলল. সঞ্চারিবে নব শক্তি ন ১২১৪। ৩ তিলচূর্ণ। ৪ তিলচূর্ণ-পিষ্টক, তিলকুটা। "পললৌদন যাজ্ঞ ১,২৮৭। —লল পুং রাক্ষস।

পলসাই, -সাঁঞি বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। "°ই ক.চ ৮৬। °ঞি ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ পালু 'পলশাঁয়ী' গ্রামে বাস করেন, তজ্জন্য গ্রামানুসারে বংশধরগণের ঐ উপাধি।]

পল(লে)স্তারা বি [E. plaster] মিশ্রিত চুন বালি সুরকি ইত্যাদির লেপ।

পলা[১] বি [সং প্রবাল > প্র *পআল > বা (পালা) °লা] ১ সামুদ্রিক প্রাণিবিশেষের লোহিত পঞ্জর ; প্রবাল (corallium rubrum) "মোতি পলা ক.চ ৭৬। চ.বি ৩৫। হিঙ্গুলের পলা দুটি শি ১১০। ২ [সিং পল° ; হি °লা, -লী ; ঠ পল.া, -ল.ী ; 'টে' (মালদহ)] তৈলাদি তোলার নিমিত্ত হাথল-দেওয়া লোহার বাটিবিশেষ। ৩ [হি °লা ; দ্র 'পাল্লা'] পাল্লা, ধাড়া (scale)। "ঠাকুরের চারিগুণ সোণা চড়াইল। তথাপি ঠাকুরপলা নাহিক উঠিল ॥—ভ.গ্র ২৩৮। [°কাঁটি (বি)—পলার কণ্ঠী বা মালা ; (সাদৃশ্যে) পলার হস্তাভরণবিশেষ। "হাতমাদুলি পলাকাঁটি। —দা ১৪৮০ ; ১৬৩৩।]

পলা[২] অর্ম্ম [সং পরা+ √অয়্—পরা(লা)য় > লি √পলায় ; প্রা √পলায়, √'পলা' (পৈ) ; হি √পলা ; ঠ √পল ; মৈ √পরৈ] পলায়ন করা ; পালান। "রাজা সব যায় পলাইয়া।—কৃ ৫৯ ; ৬৭। পলাইবে ছাড়িয়া চাঁদেরে, রাহু।—মে ১১১। পথ ছাড়ি পলা।—ব.প. ১৬৬। [পলান—১ সর্থ 'পলা[২]'। ২ পলায়িত ব্যক্তি। "পলানের লাগ্য পাইল গো.চ ২৫। পলানিয়ে দায়—পলাইয়া যাওয়ার অপরাধ। "পলানিয়ে দায় খণ্ডে তথির কারণ শ্রী.ম ৬৩।]

প(পো)লাও বি [ফা প(পু)লাব ; হি পুলাব] মশলার কাথে মৎস্য বা মাংসের সহিত পাক-করা তণ্ডুল ; পলান্ন।

পলাকড়া, -ড়ী বি [হি পকৌড়া, -ড়ী] বেসন বা ডালের বড়ী। "(কিনে) শত মূল্যে পলাকড়া।—ক.চ ১৪৫ ; ঘৃতে পলাকড়া ভাজা ২৩৫। পটল…ভাজে আর পলাকড়ী শ্রী.মা ১০০।

পলাণ্ডু পুং [√পল্+আণ্ডু (অ.টী)] পেঁয়াজ। "মহা ১৩.৯১.৩৮। মনু ৫.৫। যাজ্ঞ ১.১৭৬।

পলাতক, -কা বিং [পলায়িতক > °ক] যে পলাইয়াছে (absconder)। "রাজা ত পলাতক ব.প্র ১৭৫। ললিত পলাতক। —কী ৯০। —কা বিং যে স্ত্রীলোক পলাইয়াছে। "সে বলিয়া উঠিল, 'তবে পলাতকা! আর কোথায় পলাবে?'—ব.প্র ৪৬।

পলাদ '-দ্' বি [ফা পোলাদ্—Damascus steel] চকমকীর লোহা। "চমক পর্থরে যেন পলাদ ঘসয়ে।—মী ৪৩।

পলান্ন ক্লী [উ.লো] সর্থ 'পলাও'। "সঘৃত পলান্নে পরিপূর্ণ রত্নহাতা ভা.চ ১৪৩।

পলায়ন ক্লী [পরা+ √অয়্+অন (ল্যুট্)-ভা] ভয়াদি হেতু প্রস্থান। "যুদ্ধে চাপ্যপলায়নম্ গী ১৮.৪৩। °স্থলানি রঘু ১৯.৩১। —য়মান বিণ [+মান (শানচ্)-ক] পলায়নপর। "তখন আমি…সদর্পে বদ্ধপরিকর হইয়া ঊর্দ্ধশ্বাসে পলায়মান ব.প্র ৬২৭। —য়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] পলায়নকারী। "সংগ্রামেষপলায়িনঃ মহা ২.১২.২১। —য়িত বিণ [+ত (ক্ত)-ক] কৃতপলায়ন, প্রদ্রুত, পরাঙ্মুখ।

পলায়ী দ্র 'পলায়ন'।

পলাল পুং, ক্লী [√পল্+আল (কালচ্)-অপা, উ ১.১১৭] শস্যহীন ধান্যনাল ; পোয়াল। "°ধূমসঙ্কাশং (কেতুং)। মনু ৫.১২২।

পলাশ বিণ [°শ+অ (অচ্) অস্ত্যর্থে] পলাশযুক্ত, হরিত। —লাশ পুং ১ 'প্রশস্তপত্রবান্', কিংশুকবৃক্ষ (Butea frondosa)। "°বন মাঘ ৬.২। ক.চ ৪১। ২ হরিদ্বর্ণ। ৩ মগধদেশ। ৪ [পল+ √অশ্+অ (অণ্)-ক ; উ.ত] 'মাংসাশী', রাক্ষস। —লাশ [তু 'প্লশ'—শাখা। "শত° ঋগ্বেদ ৩.৮.১১। ভ ৫.১৬.২৪] ১ [বৈদিক] পর্ণ, পত্র। "পরিশুষ্ক-পলাশানি বনানি রা ২.৫৯.৫। নবপলাশ-পলাশবন মাঘ ৬.২। ন ভেল যুগল পলাশা বি.সা ৪০২। ২ পলাশপুষ্প। বালেন্দুবক্রাণি…বভুঃ পলাশানি কু.স ৩.২৯। ৩ পুষ্পদল ; ফুলের পাপড়ি। "পদ্মপলাশাক্ষ (পাঠান্তর) রা ২.৯৯.৭। পদ্ম°লোচন ভ ৩.১৯.৬। ম্লানপলাশাক্ষ। —কি ১১.৪। পঙ্কজপলাশ জিনি নয়ন।—জ্ঞা ৪৭। —লাশী স্ত্রী (পলাশজাত) লাক্ষা। —লাশী (-শিন্) পুং [°শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -শিনী] 'পত্রবান্', বৃক্ষ ; ক্ষীরী বৃক্ষ।

পলাশী দ্র 'পলাশ'।

পলি বি [সং 'পল, -লিত'—পঙ্ক ; (তিব্বতী) 'পলি'—sediment] ঘোলা জলের থিতান মাটি (alluvium)। "আথল পলিএ শূ ১১৫। [পলি-পড়া জমি—পলি পড়ায় উর্ব্বর ভূমি।]

পলিত বিণ [°ত+অ (অচ্) অস্ত্যর্থে] পলিতযুক্ত, জরা হেতু শুক্ল। "পলিতং শিরঃ মনু ২.১৫৬। °মৌলি।—বে ৩.১৯। ম ৪১২। পলিত কেশ ব.প্র ২৬৫। —লিত ক্লী [√পল্+ত (ক্ত)-ভা (অ.টী) ; উ ৩.৯২ ; ছান্দস] ১ জরা হেতু কেশের শুক্লতা ; কেশধাবল্য, কেশপাক। "মনু ৬.২। °চ্ছদ্মনা রঘু ১২.২। হি ১.১১৭। মৌলৌ…°ধবলে বে ৩.১৮। ২ কর্দম। ৩ শিলাজতু। ৪ তাপ।

পলিতা বি [সং প্রদীপ্ত > প্রা পলিত্ত (প্রা.প্র) > বা (পলীত) °তা ; হি, প, পলীতা ; ঠ, মৈ °তা ; ড় পলিতা ; গু °ত ; আ ফ.লীত ; ফা পলীত] প্রদীপের বর্ত্তি ; সলিতা (wick)। "বন্দুকী…আইল পলিতা হাতে লৈয়া গো.চ ৩২৫। কামানে পলিতা দিয়া কাঁপাইল মাটী শ্রী.মা ১৪৭ ; রা.স ৩৫। (নয়ান বন্দুক) পলক পলিতা তাহে ব.প ২৯৯।

পলু বি [E. plow, plough] ১ বই বা কাগজের ধার সমান করিয়া কাটার দপ্তরীর যন্ত্রবিশেষ। ২ [পল্লব > পলু (?)] যে পোকা তুতের পল্লব খায় ; তুতপোকা (mulberry silk-worm)।

পলুই, পলো, পোলো বি [পলই (দিনাজপুর) ; পলো (ঢাকা)] সর্থ 'পলব'। "সাগর মাঝে কৈ মৎস্য মুড়লি পঙ্গু পলুই লইয়া ধায় ব.প ৪৮৫। পলো পো.ম ২২।

পলুটীগাই বি [হি 'পহলৌঠী'—প্রথমসূতি, প্রথমপ্রসব ; মৈ পহিলোঠ গাএ—যে গাইয়ের একটি বাছুর ; সং 'গৃষ্টি'] যে গাই প্রথম বিয়াইয়াছে ; একবিয়ানে গাই।

পলোয়া বি সর্থ 'পলয়ার'। "বি.পা ১৬২।

পল্যঙ্ক পুং [পর্য্যঙ্ক > °ঙ্ক] সর্থ 'পর্য্যঙ্ক'।

পল্যয়ন, পল্যাণ ক্লী [পর্য্যয়ণ > °ন ; পর্য্যাণ > °ণ] সর্থ 'পর্য্যয়ণ'। "পল্যাণ শু ২.১৩৬।

পল্ল পুং [তু 'পল্য'—ধান্যপলা (লাট্যায়ন ৮.৪.১৪)] স্থূলকুশূল, পালুই, মরাই।

পল্লব পুং, ক্লী [পৎ (পত্র), তাহার লব (অল্পতা)—অ.টী] ১ নব-পত্রাদিযুক্ত শাখাগ্রপর্ব্ব ; কিসলয়। "অধর°, ওষ্ঠ°, কর°, পাণি°। অঙ্ঘ্রি° ভ ৯.১১.৩৬। °রাগতাম্রা রঘু ২.১৫। কর° সী ৭। ২ নব-পত্রস্তবক (অ.টী)। ৩ পর্ব্বপত্রাদিসমবায় শাখা। ৪ শাখা। ৫ (সাদৃশ্যে) অলক্তকরাগ, আলতা। ৬ শৃঙ্গার। ৭ বলয়। ৮ বল। ৯ বিস্তার। তু 'বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ গী.গো ১.৪। ১০ চাপল। ১১ জাতিবিশেষ। তু 'পহ্লব'। "পল্লবান্ (পাঠান্তর) মহা ৩.৫১.২৪। ১২ [সং বল্লব] (বাঙলায়) গোপবিশেষ। "পল্লব গোপ ক.চ ৮৯। ১৩ নেত্রাবরণ, চক্ষুর পাতা। চক্ষু°প্রচ্ছায় চ.কা ১১৮। (চক্ষুর) পল্লব

দুখানি ব.প্র ১৬ ; তাহার (চক্ষুর) উপরিপল্লব ও অধঃপল্লবের সুন্দর বঙ্কভঙ্গী ৫২। চোখের পল্লব গ.স ৫১। —বক পুং ১ অশোকবৃক্ষ। ২ নবকিসলয়। ৩ মৎস্যবিশেষ। [°গ্রাহী (-হিন্) বিণ—১ স্বল্পবিষয়ক, অগভীর। "°হি পাণ্ডিত্যম্ হি ১.১৪৭। ২ (বাঙলায়) স্বল্পবিদ্যাবান্। "°হিতা। °পুট (পুং)—পল্লবকোশ। রঘু ১১.২৩।]

পল্লবক দ্র 'পল্লব'।

পল্লবিত বিণ [°ব+ইত (ইতচ্)] ১ 'জাতপল্লব', পল্লবযুক্ত। "নৈ ১.১১৮। ম.পা ৩১। ২ লাক্ষারাগযুক্ত। ৩ [√পল্লবি+ত (ক্ত)-র্ম] তত, বিস্তারিত। "যেন ত্রিবিধবীরেণ ত্রিধা পল্লবিতং যশঃ (S. W.)। —ত ক্লী [+ত-তা] বিস্তার। "অলং পল্লবিতেন।

পল্লবী (-বিন্) বিণ [°ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বিনী] পল্লবযুক্ত, কিসলয়বান্। "পল্লবিনী লতেব কু.স ৩.৫৪। পল্লবিশাখিগণ বা.দ ১১৬। —ল্লবী পুং বৃক্ষ।

পল্লি, -ল্লী স্ত্রী [√পল্ল্ গতি+ই (ইন্)-র্ম, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ক্ষুদ্রগ্রাম, গ্রামক। "আভীরপল্লী (অ.কো)। মৎপল্লী ক.সা ১০. ১৩৫। ২ গ্রামার্দ্ধ, গ্রামাংশ ; পাড়া। 'গ্রামার্দ্ধকং পল্লিসংজ্ঞম্।—শু ১.১৯৩। ৩ কুটী। ৪ গৃহ। ৫ নগরবিশেষ (রাজনির্ঘণ্ট)। ৬ লতা। তু 'বল্লী'। ৭ গৃহগোধিকা। —ল্লিকা স্ত্রী সর্থ 'পল্লী (১) [°গ্রাম —ক্ষুদ্রগ্রাম, পাড়া-গাঁ। বিপ 'গণ্ডগ্রাম' ।]

পল্বল ক্লী [√পল্+বল (বলচ্)-র্ম (অ.টী) ; ৪.১০৭] বর্ষায় অগাধজল গ্রীষ্মে অল্পজল জলাশয় ; অল্পসরঃ, ডোবা। "ঋ ২.২৭.১৭। মহা ৫.১৬.১০। পল্বলোত্তীর্ণবরাহযূথানি রঘু ২.১৭। শ ২.৬। কোল° নৈ ১.১১৭। শ্রী.মা ১৭৮। °নীরে বা.দ ৮৯।

পশ্, -ষ্, -স্ সক [ভ্বা.এ—পশতি,-তে ; সেট্] ১ গ্রন্থন। ২ পীড়ন। ৩ স্পর্শ। —শ সক [চু.প—পাশয়তি ; সেট্] ১ বন্ধন। ২ পীড়ন। ৩ স্পর্শ। ৪ গতি।

পশ, -স অর্ম [সং প্র+ √বিশ্ >বি √পবিস, প্রা √পই(রি)স >বা √পৈশ, -স, √পস,-স ; মৈ √পৈস ; পণ্ডে ; পস (অপ্র)] ১ প্রবেশ করা, ঢোকা। "মরমে (শ্যাম নাম) পশিল।—চ.দা ১। পচাগন্ধ নাসাতে পসিলাম (অর্থাৎ পসিল) শূ ২০। পসিয়া।—গ ১৬৭। পশে যদি কাকোদর গরুড়ের নীড়ে।—মে ২০০,-২৬। ২ অবগাহন করা ; নামা। "সরসী সলিলে। পসিলীক শীলে॥—রা.শে ৬৫। ৩ [অপ্র] প্রাপ্ত হওয়া ; লওয়া। "রামের চরণে গিয়া পশিল শরণ।—ম ৫৫৪ ; ৬৪৬। পশুক শরণ অ.প ১১৫ ; ব.প ৪০৭। ৪ উৎপতিত হওয়া ; উঠা। "উড়িতে উড়িতে গিয়া গগনে পশিল ম.পা ৬৭। ৫ [সং √দৃশ্—পশ্য >বা √পশ ; অপ্র] দেখা। "গালে গালমুচ্ছ. যেন দুই মেঘ পশি।—রঙ্গ ৮। [পসি,-সিঞা,-সিঞা, -সিলোঁ, -সু (পশুক)।—শ্রী.কী।]

পশব্য বিণ [পশু+য (যৎ)] ১ পশুর হিতকর। ঋগ্বেদ ৭.৯৮.৬। মহা ১.৬৩.৮। যাজ্ঞ ১.৩২১। ভ ৮.৫ ৪২। ২ পশুসম্বন্ধী, পশুসুলভ।

পশম বি [ফা পশম্ ; তু 'পশুরোম'] ১ মেষাদি পশুর লোম ; ঊর্ণা (wool)। ২ কেশ ; গাত্রলোম। [পশমী (ফা 'পশ্মীন্'—পশমী কাপড়)—পশম হইতে জাত (বস্ত্র)।]

পশর বি [অস পোহর >°র ; পঅর (চট্টগ্রাম) ; অপ্র] ১ দীপ্তি, আলোক। "আন্দারিয়া ঘরে জলে আপনে পশর।—ম.গা ১০ ; রাত্রি পোহাইয়া হৈল পুর্বেতে পশর ২২,-৩,-৫। গো.চ ৩১৬। ২ [প্রহরী >পহরী >পশরি, পশর] প্রহরী। "আশি হাজার সৈন্য দিমু শিয়রে পশর ম.গা ৭ ; গো.চ ৩২৮। —রি বি [দ্র (২)] প্রহরী। "মৈৎস্য পশরি যেন উদকে রাখিলা ঃ কচু পশরি ঃ ধান্য গোলা পশরি ম.গা ১১।

পশরি দ্র 'পশর'।

পশ(স)লা, -সালা [ঠ পহাল.] ধারাসার। "বৃষ্টির পশলা। —ম ৮৬৪। ছাড়য়ে খরশর, যেন মেঘে পানী পসালা ক.চ ১৫।

পশার, পসার[১] বি [প্রসার >°র] খ্যাতির প্রসার ; প্রতিপত্তি, সুনাম। "রসিকতার জন্য পশার ব.প্র ৩৭৬।

পশু পুং [√দৃশ্+উ (কু)-ক, দৃশ >পশ, উ ২.২৭ ; তু 'পশ্বে' —অশ্বমহিষাদিপশুভ্যঃ (ঋগ্বেদ ১.৪৩.২)] ১ যে সব অবিশেষে দেখে ; লোমলাঙ্গুলযুক্ত চতুষ্পদ প্রাণী ; সিংহাদি প্রাণী। ২ ইন্দ্রাদিকীটপর্য্যন্ত প্রাণী। দ্র 'পশুপতি'। ৩ কৃষিকার্য্যার্থ গো-মহিষাদি। "মনু ৯.৩২৬, -৭,-৮। ৪ প্রাণিমাত্র। ৫ যজ্ঞের বলি—ছাগাদি। 'যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। ৬ ছাগ। 'অনাদেশে পশুশ্ছাগঃ (মীমাংসা-দর্শন)। ৭ পশুসাধ্য যাগ। ৮ যজ্ঞোদুম্বর। ৯ প্রমথ। "°পতি। ১০ দেব। ১১ তান্ত্রিকসাধকবিশেষ। 'দুর্গাপূজাং বিষ্ণুপূজাং শিবপূজাঞ্চ নিত্যশঃ। অবশ্যং হি যঃ করোতি স পশুরুত্তমঃ স্মৃতঃ। "পশ্বাচার। ১২ ব্রহ্মতত্ত্বহীন কেবলযজ্ঞোপবীতধারণে গর্ব্বিত ব্রাহ্মণ। 'অত্রি ৩৭২। ১৩ সংসারাসক্ত জনের আত্মা। ১৪ অবিবেক জন ; মূঢ়। ১৫ সাহিত্যাদিরসহীন জন। 'সাহিত্যসঙ্গীতকলাবিহীনঃ সাক্ষাৎ পশুঃ (ভর্তৃহরি)। [°গায়ত্রী (স্ত্রী)—পশুর কর্ণে জপ্য গায়ত্রী,—পশু-পাশায় বিদ্মহে ইত্যাদি। °চর্য্যা (স্ত্রী)—স্বেচ্ছাচার। "ভ ৫.২৬.২৩। °প (বি)—গোপ। "°প্রেয়স ব ৬৭। °পাল, °পালক (পুং) —পশুরক্ষক, রাখাল। °পাশ (পুং)—যজ্ঞিয় পশুর বন্ধনরজ্জু। °প্রেরণ (ক্লী)—গবাদির চালন। °রাজ (পুং)—সিংহ।]

পশুধর্ম্ম পুং [ষ.ত] ১ পশুলক্ষণ। ২ মনুষ্যের পশুসম্বন্ধী ব্যবহার ; বিধবাবেদন, বিধবাবিবাহ। "মনু ৯.৬৬।

পশুপতি পুং [ষ.ত] ১ 'প্রমথনাথ, ইন্দ্রাদি কীটপর্য্যন্ত প্রাণীর পতি' (দ্র 'অ.টী') ; শিব। "পু.মে ৩৬। ২ শিবের যজমানমূর্ত্তি। 'পশু-পতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ। ৩ নেপালের শিবমূর্ত্তি। ৪ পশুস্বামী।

পশু(শু)রী বি ['পাঁচসেরী'—মূল ; হি পসেরী, পংসেরী ; ঠ পাংশে(সে)রী, পাং(পা)সরী] পাঁচ সের ভার ; পাঁচ সের চাউলাদির আধার। 'পাঁচ সেরে পশুরী হয় (শুভঙ্কর)।

পশ্চাৎ বা [অপর+আৎ (আতি) প্রথমাপঞ্চমীসপ্তম্যর্থে,' অপর'স্থানে 'পশ্চ', পা ৫.৩.৩৩, কাশিকা ; তু '(ছান্দস) পশ্চ+পঞ্চমী-১ব ; ফা 'পস্' —after] ১ অপরভাগ হইতে ; অপরভাগে। "পশ্চাদ্ রমণীয়ম্। পশ্চাদাগতঃ। পশ্চাদ্ দিশি বসতি (কাশিকা)। ২ অনন্তর, পরে। "আরো-পিতং যদ্ গিরিশেন পশ্চাৎ।—কু.স ১.৩৭। রঘু ৪.৩০। পু.মে ৩৬। ৩ পৃষ্ঠদেশে ; পেছনে। বিপ 'পুরঃ'। "ধাবতি পশ্চদাসংস্থিতং চেতঃ।—শ ১.৩০। ৪ অবশেষে, পরিণামে। "পশ্চাদ্ ভবতি সন্তাপো ব্রাহ্মণাং নকুলার্থতঃ।—পঞ্চ ৫.১৮। ৫ অপর দিক্ হইতে ; অপরদিকে। [°কৃত (বিণ)—অধরীকৃত, হীনীকৃত। "রঘু ১৭.১৮। কু.স ৭.২৮। °তাপ (পুং) —অনুশয়, অনুতাপ। °তাপী (-পিন্) বিণ—অনুতাপী। "অপশ্চাত্তাপী যাজ্ঞ ৩.২২১। °ভাগ (পুং)—অপরভাগ, পৃষ্ঠদেশ। "বৃহৎসংহিতা ৪.৪।]

পশ্চাতে ক্রি.বিং [°ৎ+এ° ; সং °ৎ] ১ পরে, অনন্তর। "তাহার পশ্চাতে গেলুম যমের ভুবন গো.বি ৪২। শি ৬৩। কাদ ২। ২ পেছনে, পশ্চাদ্ভাগে।

পশ্চার্দ্ধ পুং [অপর অর্দ্ধ, কর্ম্মধ্য ; দ্র 'পশ্চাৎ'] অপরাংশ, পশ্চাদ্-ভাগ। "পশ্চার্দ্ধেন প্রবিষ্টঃ...পূর্ব্বকায়ম্ শ ১.৭।

পশ্চিম বিণ [পশ্চাৎ+ইম (ডিমচ্) ; স্ত্রী -মা ; ফা 'পসীন্' —posterior] ১ পশ্চাদ্ভব, পশ্চাৎস্থিত। ২ অপর, সায়ংকালিক। "পূর্ব্বাং সন্ধ্যাং জপেৎ তিষ্ঠন্ পশ্চিমামাসীনঃ।—বিষ্ণু ২৮.৩। হারীত ৪.১৯। পশ্চিম সন্ধ্যা শি ৬৩। ৩ অন্তিম, চরম। "°মে যামে মনু ৭.১৪৫। পশ্চিমাদ্ যামিনীযামাৎ রঘু ১৭.১ ; পশ্চিমামাজ্ঞাম্ ৮। পশ্চিমঃ ...পাদপঙ্কজস্পর্শঃ উ.চ ১। °মার্দ্ধ কি ৯.৭৪। ৪ বৃদ্ধ। "পশ্চিমে

বয়সি রঘু ১৯.১। ৫ শেষ। "বেলামাসাদ্য পশ্চিমাম্ মহা ৩.৬৫.৫। ৬ অপরদিগ্‌বর্ত্তী, অপর। "আ সমুদ্রাৎ তু পশ্চিমাৎ মনু ২.২২। ৭ পশ্চিম-দিক্ হইতে প্রবাহিত "প্রবাতি পশ্চিমো বায়ুঃ রা ৩.১৬.১৫। —শ্চিমা[১] স্ত্রী পশ্চিমদিক্, প্রতীচী। [°ক্রতু (পুং)—'অন্ত্য যজ্ঞ'; অন্ত্যেষ্টিবিধি। "°ক্রতুবিদ্ রঘু ১৯.৫৪। °জন (পুং)—পাশ্চাত্ত্যজন। "বৃহৎসংহিতা ৫.৪২। °যামিনী (স্ত্রী)—রাত্রির পশ্চিমভাগ; রাত্রিশেষ। "গ্রীষ্মে °নিধুবনম্ ক.ম ৪.৩। °রাত্র (পুং)—সর্থ 'পশ্চিম-যামিনী'।]

পশ্চিমা[১] দ্র 'পশ্চিম'।

পশ্চিমা[২] বি [°ম+আ[১০]] পশ্চিমদেশবাসী, হিন্দুস্থানী। "পশ্চিমার খাইয়াছ ভাত চৈ.ভা ৩০১। পশ্চিমা সাধু দুইজন চৈ.চ ১৯৩। পশ্চিমার ঘরে ভা.চ ৪৮০।

পশ্চিমোত্তরা স্ত্রী [বহুব্রী] পশ্চিম ও উত্তরদিকের অন্তরাল দিক্; বায়ুকোণ। "দিশি °ত্তরস্যাম্।—বৃহৎসংহিতা ১৪.২২।

পশ্য সং, ক্রি [√দৃশ্+অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব; অপ্র] দেখ, দেখুন। "পশ্য পশ্য নরাধম দাসজ্ঞানে ম.পা ১২; পশ্য বা না পশ্য ১৩; ১৫৬। [পশ্যএ, -শ্যে—দেখে। "ধীরে পশ্যে চতুর্ভিত ম.পা ৪১; সাধু এ পশ্যএ জেন ভাসিছে সফরি ১৩১।]

পশ্যতোহর পুং [পশ্যন্তমনাদৃত্য হরতি ইতি (পশ্যতঃ+হর), অলুক্, পা ৬.৩.২১, সি] যে চক্ষুর গোচর (অর্থাৎ দেখাসাক্ষাৎ) চুরি করে; চৌরবিশেষ; স্বর্ণকারাদি। "নিবসে পশ্যতোহর,…নির্ম্মাণ করয়ে আভরণ ক.চ ৮৯।

পশ্যন্তী স্ত্রী [√দৃশ্+অৎ (শতৃ)+স্ত্রী ঈ (ঙীপ্), ন্ (নুম্) আগম] চতুর্ব্বিধ বাগ্‌বৃত্তির একতম—দ্যোতিতার্থ বাক্। [পরা (সূক্ষ্মা), পশ্যন্তী মধ্যমা বৈখরী—এই চতুর্বিধ বাগ্‌বৃত্তি। 'বৈখরী শব্দনিষ্পত্তির্মধ্যমা শ্রুতি-গোচরা। দ্যোতিতার্থা চ পশ্যন্তী সূক্ষ্মা বাগনপায়িনী॥—কু.স ২.১৭, মল্লিনাথ। দ্র 'সা.দ ২.২, টীকা। অনভিব্যক্তবর্ণা ধ্বনিমাত্ররূপা 'পরা'-নাম্নী ভাষা প্রথমা, যেমন অভিনব কুমারদের ভাষা। তদনন্তর অভিব্যক্ত-বর্ণমাত্রা। 'পশ্যন্তী' ভাষা দ্বিতীয়া, যেমন প্রাপ্তষৎকিঞ্চিদ্-বয়স্ক বালকবাণী। তৎপর পদমাত্রাত্মক 'মধ্যমা'-ভিধা তৃতীয়া ভাষা, যেমন পূর্ব্বোক্ত বালকাধিক কিঞ্চিদ্বয়স্ক শিশুভাসা। তার পর বাক্যরূপ 'বৈখরী'-নামধেয়া সকলশাস্ত্রস্বরূপা বিবিধ জ্ঞানপ্রকাশিকা সর্ব্বব্যবহার-প্রদর্শিকা চতুর্থী ভাষা, যেমন লৌকিক শাস্ত্রীয় ভাষা।—ব.প ১৭০০।]

পশ্বাচার পুং [ম.ত] পশুর (তন্ত্রোক্ত অধিকারিবিশেষের) আচার-বিশেষ। 'বেদোক্তেন যজেদ্ দেবীং কামসঙ্কল্পপূর্ব্বকম্। স এব বৈদিকাচার পশ্বাচার স উচ্যতে॥

পষ্ট[১] বিং [সং স্পষ্ট] ১ সুব্যক্ত, পরিস্ফুট। "বলে "নাম লেখা, পষ্ট যায় দেখা! স্ব.প্র ১০৭। ২ যথার্থ, ঠিক। "দুষ্ট লোক, পষ্ট কথা, কহিল বুড়ির কানে রা.শে ৬৮। —ষ্ট ক্রি.বিং ১ যথার্থ, অকপট, সরলভাবে। "পুন পষ্ট কহিলা তোমরা ঘরে যাহ ভ.গ্র ২৩৮। ২ বাস্তবিক। "'পষ্ট কোন কষ্ট নাই' কহে কবি স্ব.প্র ১১। [পষ্টাপষ্টি—সোজাসুজি, খোলাখুলি।]

পষ্ট[২] বিং [ফা পস্ত্; হি পস্ত; অপ্র] ১ শাসিত, জব্দ। "পষ্ট হ'য়ে পাটা লেপে মাহুত্তা পাতর শ্রী.মা ১১৩। ২ বিষণ্ন, দুঃখিত। "মেম্বার আনন্দ দেখে মামা হৈল পষ্ট শ্রী.মা ৯১৯।

পস; পসন্দ দ্র 'পশ; পছন্দ'।

পসরা বি [ঠ পসারা—দোকানের বাটখারা ইত্যাদির পাত্র; প্রসারিত দ্রব্য; ড় °রা; 'পসারা'—পণ্যদ্রব্য (চ)] ১ যাহাতে পণ্য সাজাইয়া রাখে; পণ্যভাজন। "ঘৃত দধি দুগ্ধে সাজাএগ পসরা।—গে' ৬৮। ঘৃত ঘোল দধি ছলে সাজিয়া পসরা শ্রী.ম ৬২; মাথায় পসরা ৬৭। পসরা চুপড়ি পাঁথি নিলেন ফুল্লরা ক.চ ৬৯। কি রয়েছে তব পসরায় চ.কা ২৬৭। ২ বিক্রয়ার্থ প্রসারিত পণ্য। "চলিলেন গোলাহাটের তুলিয়া পসরা ক.চ ৬৯। ৩ পণ্যপূর্ণ পাত্র। "পসরা করিয়া শিরে, নগরে নগরে ফিরে ক.চ ৮৯। লাখের পসরা তোর শ্রী.ম ৬৬। নামাও পসরা ভার চ.কা ২৬৯। ৪ পণ্যদ্রব্য। "(ফুল্লরা) কিনিতে বেচিতে ভাল জানয়ে পসরা ক.চ ৪৭; পসরা লুঠিয়া ভাঁড়ু ভরায় চুপড়ি ৯০। ৫ আধার। "(গোপের নারী) রসের পসরা গীত নাটে ভা.চ ২৮৫। ৬ দোকান। "যেথানে পসরা লোক তার কাছে কাছে ব.প ৮৪৪।

পসলা; পসার[১] দ্র 'পশলা; পশার'।

পসার[২] বি [পসরা>°র] ১ পণ্যভাজন, পণ্যপূর্ণ পাত্র। "দধি দুধে পসার সাজাঞা শ্রী.কী ৯। পসার সাজায়্যা চলে হাটে ক.চ ৮৯। দধি-পসার ভ.গ্র ৪৪২। তৈলের পসার বা.ম ৪১। দধির পসার ম.ম ৭০। ২ পণ্যদ্রব্য, পণ্যসম্ভার। "লুড়িঞা সব পসার, খাইবোঁ দধি তাহার শ্রী.কী ২৮। মাংসের পসার বেচে ক.চ ৪৬। পসারী পসার লুকায় ৯০। ৩ পণ্যের বিক্রয়স্থান; দোকান। "প্রেমের পসার ক.চ ৫। শ্রীধরের পসারেতে গিয়া চৈ.ভা ২২৪; আর কি পসার নাহি?—২২৫। মদন পাতিল যেন চান্দের পসার ব.প ৮৪৪। ৪ আধার। "নব নব রঙ্গিণী রসের পসার।—৮৮৪। ৫ প্রেমিকের প্রেমমূল্যে বিক্রয়ের পণ্য। "মীনে বোলে মালঞ্চেত পুষ্প নাহি য়ার। তোহ্মা সভারে লইয়া মুই দিবারে পসার॥—গো.বি ১৬২। [°পাতি—পণ্যপাত্র। "ম.ম ৭০।]

পসার[৩] সর্ম্ম [সং প্র+√সারি—সারয়্>লি √°র; হি, মৈ √°র; ঠ √পসর; গু √পস(সা)র; পদ্যে] ১ প্রসারিত করা; বিস্তারিত করা। "পক্ষ পসারিতে পাখ শ্রী ২৬। ২ দীর্ঘ করা; বাড়ান, ছড়ান। "হাথ পসারিলেক রাজা কৃ.উ ৪৫। হস্ত পসারিয়া আলিঙ্গিলা।—অ.প ১২২। পসারিয়া…পাণি ভ.গ্র ১২৪। পসারল পাণি।—ব ১৭৩। পসারিয়া পা।—শি ৩৩। সবার পানে যেথায় বাহু পসারো।—রবীন্দ্র। ৩ উন্মীলিত করা। "কটাক্ষ করয়ে বাম নয়ান পসারি ভ.গ্র ৩৯১। ৪ পাতিত করা। "খসত মণি যোজত, পন্থহি নয়ন পসারি।—জ্ঞা ২৩৭। ৫ বিযুক্ত করা; ফাঁক করা। "নব ঘন হেরি, পিয়াসে চাতকী, চঞ্চু পসারল আশে—চ.দা ১০৯। [পসারই, -রব, -রল, -রলি (প.ক)।]

পসারা; পসালা দ্র 'পসরা; পশলা'।

পসারি, -রী[১] বি [°র+ঈ[৭]; হি, °ঠ °রী] পসার-বিক্রেতা, বণিক্, দোকানী। "চ.দা ৩৬। পসারী পসার লুকায় ক.চ ৯০। পিশাচ পসারী শ্রী ১৬৭। পরিজন প্রেম পসারি গো ৮৯। পসারি বেড়িয়া (প.ক)। —রিণী, -রী[২] বি [পসার+ইনী] বিক্রেত্রী, বণিকিনী। "নিমিষ তেজিল পসারিণী প.ক ১১৪৬। পসারী গোপের নারী ভা.চ ২৮৫। ওগো পসারিণী…কি রয়েছে তব পসরায় চ.কা ২৬৭।

পসারী[১], **পসারী**[২] দ্র 'পসারি'।

পসাহন বি [সং প্রসাধন>প্রা °ণ] ভূষণাদি দ্বারা শরীরশোভা। "এ ধনি না কর পসাহন আন প.ক ১০৩৫।

পসুরী; পস্তা, -স্তান দ্র 'পশুরী; পচতা'।

পস্ত্য ক্লী [ছান্দস; 'বস্ত্য' (অ.কো)] গৃহ। "মাঘ ১৩.৬৩।

পস্পশ পুং ১ শাস্ত্রারম্ভসমর্থক উপোদ্‌ঘাতসন্দর্ভগ্রন্থ। "মাঘ ২.১১২। ২ মহাভাষ্যের প্রথমাহ্নিকের প্রথম অধ্যায়। [°প্রায় (বিণ)—তুচ্ছ-প্রায়। "কা.প্র ৭.২৫৮।]

পহর দ্র 'পর[২]'।

পহরা বি [ফা পহর্; হি °রা; ঠ পহারা; মৈ °র; °ড়া (শূ ১৭)] চৌকী (watch)। "ভ.গ্র ১২। —হরি, -রী বি [°র+ঈ[৭]; সং প্রহরী; হি °রী; ঠ পহারা; মৈ পহর] চৌকীদার, পাহারাদার, রক্ষক। "পহরি উন্দুর।—গো.বি ১২১। পাইক পহরি অ.প ৩৪। চন্দ্র পহরীকে পাড়িল

হকার শূ ৮১। দুরজননয়নপহরি প.ক ৩৬২। [পহরী পহরা—স্ত্রী ও পুরুষ চৌকীদার। দ্র 'আ'১৩। "ভা.চ ৩৮৬।]

পহরি, পহরী দ্র 'পহর'।

পহাবার বি পাশাখেলার দানবিশেষ। দ্র 'পোয়া'। "বাঙ্গারামেরই পহাবার, বক্রেশ্বরের আকুপাঁকু সার আ.চু ১৮৩।

পহির সর্ম্ম [সং পরি+ √ধা > প্রা > পরিহা > হি, প, মৈ √°র (বর্ণস্থানপরিবৃত্তি) : ৃগু, সি √পেহর; ড় √পহর, বৈষ্ণবসাহিত্যে] পরিধান করা; পরা। "পহিরল হার বি.প ১৩৫। পট্টবাস পহিরল। —গো ৩৮। পহিরে রঙ্গিন নীল সাড়ী জ.প ২২। পহিরল ব.প ১১১৯; রা.শে ৬৫। পহিরে বর-বসন বেশ ন.প ২৬৫,-৮। —হিরা সর্ম্ম [°র+আ৮; সং পরি+ √ধাপি > প্রা √পহিরার; হি √°রার] পরিধান করান; পরান।" (কিঙ্কিণী নূপুর) পহিরায়ব ব.প ১০৭৭। পহিরায়ব... মোতিম হার।—ব ২০৮। পহিরায়হ নীল নিচোল।—গো ১৩১। [পৌরি—পরিয়া। "গো.বি ১২৪। পৈরে (পহিরে > পইরে > °রে) —পরে। "ম.গা ২৫। পহিরই, -রব, -রল, -লি, -লুঁ, -রি (প.ক) ।]

পহিরণ বি [পহির+অন; সং পরিধান] ১ পরিধান। "পহিরণ বসন আনহি বি.প ৯৪। পহিরণ বাস।—জ ৬; ২২। ২ পরিচ্ছদ। "জরীর পহিরণ, সিপাহীগণ রণমাঝে ভা.চ ৪৬০। —রণ বিং পরিহিত, পিন্ধন। "পহিরণ পাট পীত।—জ ৫১। পহিরণ চীন বসন ন.প ১৮৮। —রাণ বিং পরিহিত। "পীতাম্বর পহিরাণ (প.ক)।

পহিরা; পহিরাণ দ্র 'পহির; পহিরণ'।

পহিল, -লা, -লে বিং [দ্র 'পইল'] ১ প্রথম। "পহিলা রণে পড়িল কোটাল ক.চ ২৬২। পহিলে রজনী-অভিসার।—ব.প ১০৭৭। পহিল পরিচয় (প.ক)। পহিল বিলাস।—গো ১৫১। ২ নব। "পহিল যৌবনরসে শ্রী.ম ১১৭। পহিল যৌবন ব.প ৮৩৭। —লা বি মাসের প্রথম দিন। —ল, -লে ক্রি.বিং [°ল+এ৫; হি °ল, পহলে] প্রথমে, সব-আগে। "(পয়োধর) পহিল বদরী সম পুন নবরঙ্গ।—বি.প ৩২; ৩৩। পহিলে লাগিল মীঠ চ.দা ১০৮। [পহিলহি—প্রথমে। "ব.প ১১১৯।]

পহিলাল বি [পরিহাল > °ল (ভ্রমে)] রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের গ্রামানুসারে উপাধি। "ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ বটু পরিহাল গ্রামে বাস করিয়াছিলেন বলিয়া তদীয় বংশধরগণের ঐ উপাধি (সম্বন্ধ-নির্ণয়)।]

পহু, -হুঁ বি [দ্র 'পঁহু'] ১ প্রভু, স্বামী। "(নাচত) নবদ্বীপচাঁদ পহু মোর।—গো ৩৭। বিশ্বম্ভর পহুঁ চৈ.ম ৮১। ২ প্রিয়, পিয়া, বঁধু। "দিনে একবার পহু লিহে মোর নাম বি.প ১৬২। পহুঁ পরিণতি নাহি মান।—গো ২০৫। ঠৈলই পহুঁ পাণি।—জ্ঞা ৬৯। পহুঁ পরদেশ তেজব জ.প ৫। [পহুঁবর—মহাপ্রভু, চৈতন্যদেব। "ন.প ৩৮৪।]

পহুঁছ, -ছা, -ছান দ্র 'পঁহুছ'।

পহুক্ষা বি [পরীক্ষা > °ক্ষা ('হ' আগমে 'পরি' > পহ্‌রি > পহু); অপ্র] পরীক্ষা। "আর এক পহুক্ষা দিয়া বুঝিমু সত্তর ম.গা ২১।

পহুণামে [পরিণামে > °মে, দ্র 'পহুক্ষা'; অপ্র] পরে। "অখনে না বুঝ রাজা বুঝিবা পহুণামে ম.গা ২।

পহু সর্ম্ম [হি পহর > ('অ'-লোপে) °হু; বৈষ্ণবসাহিত্যে] পরিধান করা। "সব খাই পহ্রি তবে করে পলায়নে: পহ্রিবার বেলে চৈ.ভা ৪৩। (নূপুর) শিরে পহ্রি ব্রজনারী: উর্দ্ধবাস অধো পহ্রে রা.প ৩। পহ্রি অলঙ্কার ম.পা ১১৫। [পহ্রতে (পহরিতে > °তে, রি > ঋ) —পরিতে। "ম.গা ২৫]।

পহ্ল(হ্ল)ব পুং, বহুব ম্লেচ্ছজাতিবিশেষ; প্রাচীন পারসিকজাতি-বিশেষ। [সগররাজ বসিষ্ঠের আদেশে ইহাদিগকে শ্মশ্রুধারী করিয়া বেদের ও মন্ত্রোচ্চারণের অধিকারচ্যুত করেন; তদবধি ইহারা 'ম্লেচ্ছ' নামে অভিহিত হয় (হ ১৪শ অধ্যায়)। রামায়ণের মতে, ইহারা শবলার হুম্বারব হইতে এবং মহাভারতের বর্ণনানুসারে ইহারা নন্দিনীর পুচ্ছ হইতে উৎপন্ন হয় (রা ১.৫৪শ সর্গ। মহা ১.১৭৫.৩৬। ম ১৭১)। মনুমতে, 'পহ্লব' ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয় (মনু ১০.৪৪)।]

পা১ সক ১ [স্থা, প—পিবতি, অনিট্; (ণিজন্ত) পায়ি—পায়য়তি, -তে] পান। ২ [অদা, প—পাতি; অনিট্; (ণিজন্ত), পালি —পালয়তি, -তে] পালন, রক্ষণ। "পাহি চু ৪৪; ৯১।

পা২ বি [সং পাদ > প্রা পায, *পাঅ > বা পা; ফা 'পা'—পা-অন্দাজ., পা-বন্দ্; হি—পা, পাব়, -যঁ; ঠ, গু পায। মৈ পাএ; পাও (কোচবিহার, ঢাকা)] ১ উরুসন্ধি হইতে পাএর পাতা পর্য্যন্ত অবয়ব; ঠেং (leg)। "বাড়াতে নারি পা।—শ্রী ৬৬। বিষম বাজিল পায়ে। —ন ৪৯৯। ২ জানু হইতে পদের নিম্নাংশ। "পায়ে ধরি কি জানি কুমীরে যাবে লয়ে ভা.চ ২৫৫। ৩ পায়ের পাতা; চরণ (foot)। "কেন ধরবি রামের পায়।—কৃ ২৫১। ডুমুনির পা-তলে শ্রী.মা ৫৭। দুজনের, ঘুচিল কর্ম্মের ফের, মিলাইল বামনের পায় পায় ভা.চ ৭৪১। ৪ পূজাসূচক, গৌরবার্থক। "হাড়িপা গো.চ ৬১,-২; গুরু° ২১১,-২৬। বলি তব পাএ ব.প ১১২। নিবেদন কৈলুঁ রাঙ্গা পায় ক.চ ৯০। কহিনু তোমার পায় শ্রী.ম ১৬৩। (পাঠাইল) দেখিতে তোমার পা।—রা.শে ১০। দোষ গুণ সকলি প্রমাণ ঐ পা।—শ্রী ২০০। ৫ পাদবিক্ষেপস্থান (step)। "যদি দেখ মাকুন্দ চোপা। এক পাও না বাড়াও বাপা॥—খনা। ৬ পদচিহ্ন। ৭ পদক্ষেপ। "পায় পায় পেয়ে পত্র-সাড়া শ্রী ৮৮। ভা.চ ৩৯৩। [পা না উঠা—গমনে ইচ্ছা না হওয়া। "প্রবেশকালে প্রফুল্লের মার পা উঠে না ব.প্র ৩৪০; -৮৪। পা পিছলান, সরা—পিছলে পদ স্খলিত হওয়া। "পা পিছলে যাইতে পারে আ.চু ৫০। পা ফেলা—পদন্যাস করা। পা বাড়ান—পদক্ষেপ করা; যাওয়া। "তোমার ভরসা করি বাড়ায়েছি পা শ্রী.মা ১৬৪। শ্রী ৬৬। পা বাড়ায় কভু কি তেমন বনে সচেতন কেহ?—স্ব.প্র ১০৭। পা লাগা—অনেকক্ষণ দাঁড়াইয়া থাকায় পা অসাড় হওয়া। "মাথায় পসরা লাগিল পাঁ। —শ্রী.ম ৬৭। পায় ঠেলা—অবহেলা করা। "অনায়াসে পার ঠেলিবারে পায়।—কা ১৪৩। পায় তেল দেওয়া—খোসামোদ করা। পায় ধরা, পড়া—কাতরতা প্রকাশার্থ পদস্পর্শ করা। "পায় পড়ি করিলাম বহু স্তুতিবাদ কৃ ১৫৫। পায়-পড়া দ্র 'পায়'। পায় পায়—প্রতিপদে। পায় পায় যোরা—সঙ্গে সঙ্গে ফেরা। পায় পায় বিপদ্—প্রতিপদক্ষেপে বিপদ্; সতত বিপদ্। পায় পায় যাওয়া—ধীর পদক্ষেপে চলা। "পায় পায় যায়, কাঁপে কার ডরে ভা.চ ৩৯৩। পায় পায় লাগা—দুর্ব্বলতা হেতু গমনে পা জড়াইয়া যাওয়া। পায়ের ধূলা পড়া—১ অনুগ্রহপূর্ব্বক পদার্পণ করা। "আমাদের কি এমন ভাগ্য হইবে যে আপনার পায়ের ধূলা আমাদের বাড়ীতে পড়িবে?—ব.প্র ২৩৫। পায়ের পাতা—পায়ের পত্রবৎ চওড়া অংশ (foot)। পাঅ (পাদ), পাএ, -এত, -এর (শ্রী.কী)।]

পা৩ বি সর্ব 'প'৩। "সা রি গা মা পা ধা নি। দ্র 'পঞ্চম'।

পা৪ সর্ম্ম [সং প্র+ √আপ্—প্রাপ্ > প্রা √পাব (পৈ) > বা পা; হি √পা; ঠ, মৈ √পাব়; প √পাউ; গু পাম; সি পাই] ১ প্রাপ্ত হওয়া; পাওয়া। "পরাণ পায়ব হাম পিয়া দরশনে বি.প ১৬১। পরাণ পাওল।—জ্ঞা ১১৩। পাওল...সুখ প.র ৭। ২ লাভ করা; উপার্জ্জন করা। "সে বছরে ফাঁকা, পেনু (পাইনু) কিছু টাকা, করিয়া দালাল-গিরি কা ৮। ৩ শিক্ষা করা। "বিদ্যা পাঞা নাহি করে গুরুর সেবন কৃ.উ ৭৬। ৪ ভোগ করা। "কেরোয়ালের ঘা পায় ক.চ ২০০। অতএ পাওসি অব দুখ।—জ্ঞা ২২৭। পাবা অপমান ম.ম ৮৯। আমি আপন দোষে দুঃখ পাই বাসনা অনুগামী।—রবীন্দ্র। ৫ প্রাপ্ত

হওয়া ; পহুঁছান। "সদাগর পাইল কালীঘাট ক.চ ১৯৬। শ্রী ৭১। পাইল পিড়তলী ম.ভা ৫৩। ৬ অধিরোহণ করা। "অর্ক পেলো (পাইল) অস্তাচল।—শ্রী.মা ৫৫। ৭ আবিষ্ট করা ; অধিকৃত করা। "না জানি কি দেবতা দানবে তারে পাইল জ্ঞা ৫। ৮ বোধগম্য হওয়া ; বুঝিতে পারা। "(লীলা) বিশ্বাসে পাইয়ে, তর্কে হয় বহু দূর চৈ.চ ১২২। ৯ ব্যাপ্ত করা। "বিন্ধ্যাবলী দেখসিয়ে, অখিল ব্রহ্মাণ্ড দিয়ে, পায় পায় পায় না ভা.চ ৭৪০। ১০ করা। "শেষটা রক্ষার চেষ্টা পাই। —ভা ২১২৫। —অর্থ অনুভূত হওয়া। "ক্ষুধা, ঘুম, শীত পাওয়া। [পাই—১ পায়। "পরশ না পাই।—জ্ঞা ২০। ২ পাইয়া। আজ্ঞা পাই শ্রী.ম ১২৮। শাপ পাই ম.পা ২। পাইয়া বসা—সম্পূর্ণ অধিকার করা। "জড়ধর্ম্ম···ছেলেকে একেবারে পাইয়া বইসে পা.প্র ৬৮। পাওলু —পাইলাম। "বি.প ১২৪। পাওসি—পাইতেছ, ভোগ করিতেছ। 'দ্র পা৪ (৪)। পামু—পাইলাম। "আমি যেই তেঁই পামু ভা.চ ২৮৬। পাবথু—পাইয়াছে। "বি.প ১২৪। পাবা মাত্র—পাওয়ামাত্র। "কৃ.চ ৭৫। পামু—পাইব। "মুক্তি প্রসাদ পামু চৈ.চ ৮৫। পায়ল, -লি—পাইল। "পায়লি রতন জ্ঞা ২১৭ ; পায়ল হেম ২১৮। দয়া পায়ল।—ব ৩। পায়া—পাইয়া। "অন্বেষণ না পায়া।—কৃ.চ ৪ ; পত্র পায়া ৫২। পালি—পাইলি। "শালী কোথা পালি চোর ভা.চ ৩৯৪। ঠিক পাওয়া —নির্দ্ধারণ করা। "ব.প্র ১৭৫। পাঅবোঁ, -আঁ, -ই, -ইআঁ, -ইঞা, -ইবোঁ, -লোঁ, -এ, -ওঁ (শ্রী.কী)। পাইয়ে, -উ (পাউক), -ওই (পায়)), -ওবে, -ওয়ে, -ওল, -ওলুঁ (প.ক)।]

পাই বি [সং পাদ > প্রা পায় > বা °ই (য় > ইঅ > ই) ; হি —পাঈ] ১ আনার চতুর্থাংশ ; পয়সা। ২ আনার দ্বাদশাংশ পয়সা-বিশেষ। "একটি পাই পাইনে।—দা ৭৪৭। ৩ সমবেত কর্ম্মিগণের কর্ম্মের নিজ অংশ। [°কম—এক-পয়সা কম, পৌনে (আনা)।]

পাইক বি [সং পদাতি > প্রা পাইক্ক (হে) > বা °ক ; ফা পইক্ ; ঠ পাঈক] ১ পদাতিক সৈন্য। "দশ কোটি পাইক।—ম ১১৭৩। ম্ম.প ৩৪। ধায় পাইক ক.চ ৯৬। রাজ° ব.প ৩২৭। পাইক প্রহরী ম.বি ৮৩। পেয়াদা পাইক ম.ম ৫৫। পাইকে পাইকে পাঁচে বি.পা ৩৬৬। ২ দূত, চর। "ভগ্ন° কৃ ২৯৩ ; ব.প ৩২৭। পাইক পাঠাইয়া দেও ম.ম ৫৬ ; ৬৪। ৩ সেবক, ভৃত্য। "জাগ জাগ ওহে যত পাইক প্রহরী।—বা.ম ৩২৩। কেতুর পাইক : কর্ম্মকার পাইকে ব.প ৩২৭। ৪ নৌকার দাঁড়ী। "ঘাটে লাগাইয়া (ডিঙ্গা) পাইকে গায় সারি ম.ম ২৩২। বাহে ডিঙ্গা ভথ পাইক লোকে ম.পা ১১১,-৩১। ৫ মজুর। "পাইক খাটিছে তার পাছে ম.ম ১৫০,-৬৮ ; পাইক মাথায় সব বোঝা ১৭৩। ৬ অনুচর। ব্রাহ্মণ°, যোগী° ব.প ৩২৮। ৭ চৌকিদার। "উচ্চরবে পাইক যাবে হেঁকে, গ্রামের শূন্য বাটে চ.কা ৪২০। ৮ পেয়াদা, পাক্। "পাইক পদাতিক শ্রী ১৫।

পাইকড় বি পাকুড় গাছ। "বট আর পাইকড় ব.প ৭৫।

পাইকশাল, পাইঘর, -শাল বি [সং রাজী (-জিন্) > প্রা রাই > বা পাই ; পাইশাল > পাইকশাল] বাজিশাল, আস্তাবল। "ঘোড়ার পাইকশালে ম.ম ২০১। পাইঘর ম.গা ৫ ; ১৯ ; পাইশাল ৬ ; ব.প ১০৬।

পাইকস্তা বি [ফা পায়্‌কাশ্‌ত্] ১ অন্যগ্রামবাসী প্রজাকে প্রদত্ত ভূমি। ২ পাইকস্তার প্রজা। "আমি খোদকস্তা পাইকস্তা শুনতে চাইনে আ.দু ১৬৩। [পাইকস্তা প্রজা—যে প্রজা এক জমিদারের অধীনে থাকিয়া অন্য জমিদারের জমি চাষ করে।]

পাইকার বি [ফা পাইকার্] যে মহাজনের কাছে মাল কিনিয়া একেবারে অধিক বিক্রয় করে (Whlesale-dealer)। "°খরিদদার। [পাইকারী দর—পাইকার মাল যে দরে কেনে।]

পাই(য়)খানা বি [ফা পায়্‌খ়ানা, পইখ়ানা ; তু 'উৎসর্গার্থং গৃহান্ কুর্য্যাৎ (শু ১.২২৫)] ১ মলত্যাগের ঘর ; সেদখানা (latrine)। ২ (সাদৃশ্যে) আবর্জ্জনাদি-পূর্ণ স্থান।

পাইচারি, -লি বি [সং পাদচার > প্রা পায়চার (প্রা.ম) > পায়-চারি, -লি > °রি, -লি] পাদচারে ভ্রমণ ; হাঁটা, বেড়ান। "পাইচালি স.এ ৩৫।

পাইট, পাট৩ বি [পাটী > পাইট, পাট ; ড় পাইট ; (তেলেগু) 'পাঁইটি'—কর্ম্ম ; (কোলভাষা) 'পাইটী', কর্ম্ম ; 'পাট'—(চ)] ১ সংসারের জিনিস-পত্রের সুশৃঙ্খলা বা যথাস্থানে সাজান-গোছান। "পাইট করি মরিব, দুজনে দিবে গালি ক.চ ১৪৩। লজ্জা পেয়ে মেয়ে যত ধেয়ে করে পাট শ্রী ৪৮। ২ ক্ষেতের চাষ-কারকিত। "তাতে বাতে পাইট পেয়ে লেগে আইল গড় শি ৭৫ ; পাইট বয়ে গেলে কৃষি হ'য়ে হৈল কি : পাইটগুলি ৮০। ৩ ভাঁজ। "(বস্ত্র) পাইট করিয়া তাহে পদ্মফুল লিখে ম.ম ২১০। ৪ স্তবক, থাক। "ধনে জনে চৌদ্দ নাও ভরিয়াছে পাটে পাট ম.ম ২৩২। ৫ নৌকার দাঁড়ী বা মাল্লা। "নাইয়া পাইট কলকলি ক.চ ১৮৯ ; নায়্যা পাইট গীত পায় ২২৮,-৪২। [পাট ভাঙা—কাপড়ের ভাঁজ ভাঙা। পাটভাঙ্গা—ধোবভাঙ্গা। "ধুতি-খানি সেই দিন মাত্র পাটভাঙ্গা হয়েছিল হু ১৬২।]

পাইটকা বি [পাটিকা > °কা ; অপ্র] পাটকেল। "ইটা দিয়া পাইটকা দিয়া পাটকেলায় খুব ব.প ১৪১৮।

পাইন, পান৩ বি [সং পায়না (?)] ১ ধাতুদ্রব্য জোড়ার নিমিত্ত মিশ্র ধাতুবিশেষ (metallic cement) ; solder ; ঝা'ল। [সোনার পান—সোনা এক আনা, রূপা ও তামা এক রতি। রূপার পান—রূপা এক আনা, কাঁসা বা পিতল এক রতি।] ২ হিন্দুর উপাধি। [পান-মরা—সোনা ও রূপা গলাইলে পান বাহির হওয়ায় যে অংশ বাদ যায়।]

পাউই বি [বাউই > °ই (?)] ক্ষুদ্রপক্ষিবিশেষ। "কৃ ৪৫৯।

পাউখ, পাউস১ বি [সং প্রাবৃষ্ > প্রা পাউস ; ষ > খ (দ্র 'খ২') : হি পারস ; ঠ পাউস ; মৈ পাওস] বর্ষাকাল। "নবীন পাউসের মীন মরণ না জানে চ.সা ১৫৬। পাপ পাউখ প.ক ৯২৭। [পাউসে মাছ (মালদহ)—যে মাছ বর্ষার জলে উজায়, কই ইত্যাদি।]

পাউডার বি [E. powder] ১ মুখে গায়ে মাথার চূর্ণ অঙ্গরাগ-বিশেষ। ২ গুঁড়া ঔষধ।

পাউড়ি, পাবড়া, -বুড়ি বি [সং পর্ব্ব > প্রা পব্‌ব > বা পাব > পাবড়া, -বুড়ি, -উড়ি] পর্ব্বযুক্ত বাঁশের বা কাঠের খাট মুগুর ; খেটে। "লোহার পাবড়ি মারে অগ্র নাহি কিরে।—কৃ ৩১১। খাইবে বাঁশি পাউড়ির বাড়ি ক.চ ১৬৬ ; মাথা ভাঙ্গিব পাছে মারিয়া পাবুড়ি ২১৬।

পাউণ্ড বি [E. pound] ১ ইংরাজী ওজন (প্রায় আধ সের)। ২ ['পণ্ড' (গ্রাম্য)] গো-মহিষাদি আটকাইবার ঘর ; খোঁয়াড়।

পা(পাঁ)উরুটি বি [P. 'pao'—bread ; F. 'pain' (প্যাঁ) —bread, 'roti',—toasted ; ঠ পাংর] তন্দুরে পাক-করা ময়দার ফুলা রুটি (loaf)। "পাঁউরুটি।—হু ১৪২ ; ব.দ্বি ৬১২ ; অ.গ্র ১২৩।

পাউস১ দ্র 'পাউখ'।

পাউস২ [সং পাংশু > প্রা পাংসু > বা (পাঁসু > পাউস) °স ; অপ্র] আঁতুড়ঘরের পাঁশ ইত্যাদি। "পাচ দিনে পাঁচোটে পাউস বিসর্জ্জন ক.চ ৪৫।

পাও বি [প্রা পাঅ—পাও (প্রথমা-১ব), দ্র 'পা২' ; অপ্র] পাদ। "গো.চ ৪। কদলি দিল পাও।—মী ১৬ ; গো.বি ৮০। পাও কাটা অ.প ৭৬। ক.চ ৬। বা.ম ৩১। চ.বি ৫৮। রূপার খাটে পাও ম.ম ২। যুগল পাও ম.পা ৬২। [পাও চাপে—পদসংবাহন করে। "গো.বি ১৭৩। পাও নাহি চলে—পা উঠে না ; যাইতে ইচ্ছা হয় না। "গো.বি ৭১। পাও বাড়াইল—পদক্ষেপ করিল। "ম.ম ১২০।]

পাওজামা বি [ফা পাজামা] ঢিলা ইজারবিশেষ (trousers)। "ব প ২১৬।

পাওন বি [পা২ + ওন , অপ্র] প্রাপ্তি, পাওয়া। "পাওন বেগ্নি প.ক ২৮৯৩। বিচিত্র খেলাত পাওনেনে ব প ১৬৮৪। —না বিং [সং প্রাপণীয় , হি পানা] প্রাপ্য। "আপনার যাহা যথার্থ পাওনা আ হু ২১১। দেবীসিংহের পাওনা প্রায় পঞ্চাশ হাজার টাকা ব প্র ৩৭৬। [পাওনা-গণ্ডা—প্রাপ্য অর্থাদি। "আমাদের বেটা ন্যায্য পাওনা-গণ্ডা তাও ত জান ?—ব প্র ৪২৮। পাওনাওয়ালা, -দার—যে অন্তের নিকটে ধারের টাকা পায়, যাহার টাকা প্রাপ্য। "°ওয়ালারা আসিয়া মতিলালকে ঘেরিয়া বসিল।—আ হু ১৫১। পাওনাদার।—হু ১৪০। পাওনা-থোওনা—প্রাপ্তি, অর্থাদিলাভ। "ভাল মেয়ে খোঁজা কর্ত্তব্য, তার পর পাওনা-থোওনা হয়, বড় ভাল আ হু ৭১।]

পাওয়া১ বি [পা৪ + ওয়া] প্রাপ্তি, লাভ। "সব চাওয়া সব পাওয়া। —গান ৯৫। —য়া বিং [সং প্রাপ্ত > প্রা পাব (পৈ)] প্রাপ্ত, লব্ধ। [°থোওয়া, °থোয়া—প্রাপ্তি, অর্থাদিলাভ। "মাধববাবু যোত্রাপন্ন লোক …দশ টাকা পাওয়া-থোওয়া হইতে পারিবে আ হু ৭১।]

পাওয়া২ সর্ম্ম [পা৪ + ওয়া] প্রাপ্ত করান , পাওয়ান। "লুঠিয়া ইন্দ্রিয়-গ্রাম পাওয়াইল ভ্রম শি ৬৪।

পাওল ক্রি [পা২ + ওল২ , মৈ পাওল , তু 'স' প্রাপ্ত > প্রা পাবল (পৈ)] ১ পাইল, লইল। কোটিক গৌরব পাওল নিতম্ব ব প ৪১, ৭৪ , পাওল প্রাণ ৯৬। ২ অনুভব করিল। কানুর সঙ্গের, অঙ্গের সৌরভ, ননদী পাইল আসি।—জ্ঞা ৮৫। ৩ পাইলাম। "সজনি পাওল পিরীতি ওর চ দা ৮৫।

পাংশ(স)ন বিণ [√পংশ্‌, -স্‌ + অন (ল্যুট্‌)-ক + অ (অণ্‌) স্বার্থে, স্ত্রী -নী] ১ নাশন, দূষক। 'কুলপাংসনী।—বা ২ ৩০ ৭, ৪৮ ২২, পাংসন ৮২ ১৪। ২ অপসদ, অধম। 'পঞ্চ ব্রহ্মবলম্‌ ক্ষত্রিয়পাংসন রা ১ ৫৬ ৪। বাক্ষসপাংসন মহা ১ ১৫৩ ৩৩।

পাংশব পুং [পাংশু + অ (অণ)] 'পাংশুবিকার', পাঙাক্ষুন।

পাংশু, -সু পু [√পংশ, -স্‌ + উ (কু)-ক, দীর্ঘ, উ ১ ২৮ , ছান্দস] ১ 'শোভানাশক', ধুলি, রেণু। "পাংসু রা ২ ৮০ ৯ , ১৮। পাংশুসমূহনে মনু ৪ ১০২। খুরন্যাসপবিত্রপাংশুম্‌ (মার্গম্‌) রঘু ২ ২। ম পা ৫২,-৫। ২ দূষণ , কলঙ্ক। "°লা। ৩ শস্যার্থ চিরসঞ্চিত গোময়াদি , সার। ৪ কর্পূরবিশেষ। ৫ (বাঙ্‌লায়) ভস্ম, পাঁশ, ছাই। 'অগ্নি-অংশু যেন পাংশুজালে আচ্ছাদিত।—ম ১৯১। [°কুল (ক্লী)—অনামা শাসন-পত্র (যে পাট্টা কাহারও নামে প্রদত্ত নহে)। °ক্ষার, °জ (ক্লী)—পাংশু-লবণ, পাঙাক্ষুন। °পটল (ক্লী)—ধুলিরাশি।]

পাংশু(সু)র, -ল বিণ [°শু(সু) + র] পাংশুযুক্ত, ধুলিপূর্ণ। "সমূচমস্য পাংসুরে(লে)।—ঋগ্বেদ ১ ২২ ১৭।

পাংশু(সু)ল বিণ [°শু (সু) + ল (লচ্‌) ১ সর্থ 'পাংশুর'। "ধুসরপাংশুল মাঠ চ কা ২৮৬। ২ ধুলিব্যাপ্ত, ধুলামাখা। "মহীপতন-পাংশুল রা ২ ৪৫ ২৭। ৩ পাপযুক্ত, পাতকী। "পবস্ত্রীস্পর্শপাংশুল শ ৫ ২৯। ৪ দূষক। "কুল°।—ল পুং ১ শিব। ২ পাপী। ৩ পুংশ্চল, লম্পট। ৪ শিবের খট্টাঙ্গাস্ত্র। —লা স্ত্রী ১ পুংশ্চলী, অসতী। "অপাংশু-লানাং ধুরি কীর্ত্তনীয়া রঘু ২ ২। ২ রজস্বলা। ৩ পৃথিবী। ৪ কেতকী।

পাঁইজ, পাঁজ বি [সং পঞ্জি > প্রা *পংজি > বা (পাঁজি) °ইজ, °জ] সূতা কাটার নিমিত্ত নলের মত জড়ান তুলা। "সিমূলের তুলা নিছে এ পাঁইজ তৈয়ার করিয়া গো চ ৯০। বাঁ হাতে পাঁজের গোছা শ্রী ২১৭। পাঁজ কই?—ব প্র ৩৩৯। [পাঁজ কাটা—পাঁজ হইতে সূতা প্রস্তুত করা।]

পাঁইজোড়, -র বি [হি পাঁই (পাদ) + জোড় , ফা পায়্‌ জেব্‌] পা-জোড়া নূপুরের মত স্ত্রীভূষণবিশেষ। "পায়ে পাঁইজোর ব.প ১৫১৯।

পাঁইট্‌, পাঁট্‌ বি [E. pint] প্রায় দেড়-পোয়া পরিমাণ।

পাঁউরুটি দ্র 'পাউরুটি'।

পাঁওদল বি [হি পৈদল , দ্র 'পয়দল' , অপ্র] পদাতিক সৈন্য। "°লে ধায় গাজিয়া শ্রী মা ১২৭। চলিল…পাঁওদল শ্রী ২১৯।

পাঁক বি [সং পঙ্ক > প্রা পংক > বা °ক , হি, মৈ পাঁক , ঠ, গু পংক, প্যাঁক (ঢাকা)] কাদা, পচা কাদা। "ওসব কথা পুঁতে রাখ পাঁকে শ্রী ৫৯ , ও দুঃখ পুতেছি সব পাঁকে ৬৭। [পেঁকো—১ পঙ্কসম্বন্ধী, পচা। "কুঠেল সব সাহেবজাদা…পেঁকো গন্ধ গায়—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ সর্থ 'পাঁকুই'।]

পাঁক(কু)ই বি ['পঙ্কক্ষতি'—মূল (?) , পেঁকো (গ্রাম্য)] পঙ্কজন্য পায়ের আঙুলের গলিতে ক্ষত। "ভাদ্র মাসের পাঁকুই।—ক চ ২৬, পাঁকই ১১৯।

পাঁকাল বি [সং পঙ্কগড়ক] পঙ্কমধ্যস্থিত ফিতার মত মৎস্যবিশেষ (Mastacembelus pancalus)।

পাঁখি বি [সং পক্ষ > প্রা পংখ > বা পাঁখ + ই১১ , মৈ ° খি] পক্ষ, ডানা। "(ভমরা) পইসল পাঁখি পসারি বি সা ১৭।

পাঁচ১ স বিং [পঞ্চন্‌ > প্রা পংচ > বা '°চ' , হি মৈ পাঁচ ; ঠ পংচ , প পঞ্জা] ১ পঞ্চসংখ্যক। "তিন জনে যার মুখ পাঁচ হাতে খায় শি ৩২। ২ পঞ্চগুণিত, পাঁচ গুণ। "পাঁচ পাঁচে পঁচিশ। ৩ কতিপয়, কতকগুলি। 'পাড়ার পাঁচ জন আসিয়া বলিল ব প্র ৩৫২। ৪ নানাপ্রকার। "লোকে পাঁচ কথা বলে—একঘরে করবে বলে ব প্র ৩৪২। —চ বি ১ পাঁচ (৫) সংখ্যা। 'দ্র (২)। ২ জনসাধারণ, সকল লোক। "রটেছে ত কথা পাঁচের কানে—কা ৮৭। [°কথা—১ নানাপ্রকার নিন্দার কথা 'দ্র(৪)। ২ নানাপ্রকার প্রসঙ্গ , নানা ভাল-মন্দ কথা। °খান—নানাপ্রকারে অতিরঞ্জিত , নানান-খান। "প্রবন্ধ করিয়া কথা পাঁচখান করে শ্রী মা ১৮০ °খুপী (পঞ্চস্তূপী > °পী)—শিশুর মাথার পঞ্চ চুড়া, কাকপক্ষ। 'তিন ঝুটি মাথে, পাঁচখুপী তাথে চৈ ম ৪৬। °নরী, -লী—পঞ্চযষ্টিক হার। "পাঁচনরী হার।—দা ৯৮১। °লীহার।—কা ১২৩। °পীর—নৌকার মাঝির উপাস্য বদর গাজি ইত্যাদি পঞ্চ মুসলমান সাধু। °ফল—বহেড়া, হরীতকী, আমলকী, সুপারি, জায়ফল। °ফোড়ন—জীরা, কালজীরা, মেথি, রাঁধুনি, মৌরী—এই পাঁচ রকম রান্নার মশলা। °বাণ পঞ্চশর, মদন। "ব প ৮৪৪। রা.শে ৭৮। °ভাজা—চিঁড়া মুড়ি ইত্যাদি পাঁচ রকম ভাজা দ্রব্য। 'শ্রী ৪৭। °ভূত—পাঁচ জন , সাধারণ। "পাঁচভূতে শুধু ঠকিয়ে খাবে।—কা ৮৫। °মিশালি—নানা দ্রব্যের মিশ্রণযুক্ত। °রঙা—নানারঙ্গযুক্ত, বিচিত্র। "°ঙা ছাপ স্ব প্র ২১০। °হাতিয়ার—ঢাল, তলোয়ার, তীর, ধনুক, বরশা—এই পাঁচ প্রকার। "°ধরা।—রঙ্গ ৭। পাঁচফুলে সাজি—(গৌণার্থে) ভাল মন্দ নানা লোকের সমবায়ে সজ্জা। পাঁচ লোকে মানা—সাধারণে সম্মান করা। "পর্ব্বতরাজার পুত্রী পাঁচ লোকে মানে শি ১৭। বুক পাঁচ হাত হওয়া—উৎসাহে বক্ষঃ স্ফীত হওয়া , বিশেষ উৎসাহিত হওয়া। বিন্দুমাধবের নামে…বুকখানি পাঁচ-হাত হয়।—নী ১৮। পাঁচাপাঁচি—পাঁচ জনের মিলিত শব্দ , কোলাহল, চেঁচামেঁচি। "জাগাইতে রাজারে করিল পাঁচাপাঁচি।—কৃ ১৬৮।]

পাঁচ২ সর্ম্ম [সং √পঞ্চ্‌—বিস্তার , অপ্র] ১ আলোচনা করা। "দেবী মনে মনে পাঁচে ম ম ১০,-৩ , ২১ , মনে মনে পাঁচি ১৫০,-৯৫। ২ [পেঁচ > পাঁচ] বিচিত্র কৌশলে আবর্ত্তিত করা , ঘুরান। "পাইকে পাইকে ঢাল পাঁচে বি পা ১৬৪। ৩ বেষ্টন করা , ব্যাপ্ত করা , বেড়া। "শরীর পাঁচিয়া সবে ঔষধ বসায় ভা চ ৩৮৫। [পাঁচা করা—কাহারও দোষ অতিরঞ্জিত করিয়া আলোচনা করা। কথার পাঁচাপাঁচি—বাক্য-প্রয়োগ কৌশল, বাগ্‌বৈদগ্ধ্য। "এইরূপে দুজনে কথার পাঁচাপাঁচি

ভা.চ ৩২২। পাঁচে (অপ্র)—সঙ্কেত জানায়। "পানীয় বার্ত্তা জানিতে রাজা শুক সারণ পাঁচে কৃ.উ ৪৫।]

পাঁচই বি মাসের পঞ্চম দিন বা পাঁচ তারিখ। দ্র 'আটই'।

পাঁচচুলা, -ল্যা বি ['পঞ্চচূড়া'—মূল] পঞ্চশিখা। "লঘু ডেকে নাপিত করায় পাঁচচুল্যা শ্রী.ম ১৩৯; পাঁচচুলা করিয়া মাথায় চালে ঘোল ১৪০। পাঁচচুলা ক'রে পেঁচ দিল গোটা দশ।—শ্রী ১৫; ৬৪; ২৩৩। পঞ্চশিখা (কাকপক্ষ) শিশুর মস্তকস্থ পঞ্চ কেশগুচ্ছ, সুতরাং ইহা শিশুত্বসূচক; অন্যের পক্ষে ইহা শিশুর ন্যায় কাণ্ডজ্ঞানহীনের চিহ্ন, অতএব অপমানসূচক। "পাঁচ ঠাই ভাঁড়ুর মাথায় রাখে চুলি ক.চ ১০৯।]

পাঁচ(চো)ট বি [পাঁচরাত > °ট] শিশুর জন্মের পাঁচ দিনে করণীয় জাতকর্ম্মবিশেষ। "পাঁচদিনে পাঁচোটে পাউস বিসর্জ্জন ক.চ ৪৫। শ্রী.ম ২০।

পাঁ(পা)চড়া বি [পচা+পারা > পচরা > °ড়া; পচড়া (দিনাজপুর); পাঁচড়, -ড়া (ঢাকা)] পচা ক্ষতবিশেষ; খোস। "পাঁচড়ায় আকন্দের আটা (দিবে)।—দা ৩৬৩।

পাঁচন[১] বি [সং পাচন] ১ ধাতুদোষনাশক গাছগাছড়ার কাথ। ২ (সাদৃশ্যে) ব্যঞ্জনবিশেষ। "জ্বর পিত্ত আদি নাশ করার কারণ। কাঁচা কলা দিয়া রান্ধে সুগন্ধা পাঁচন॥—ম.ম ৯৫।

পাঁচন[২], **-নি, -নী** বি [সং প্রাজন > প্রা পচ্চন (প্রা.স) > বা (পাচন) °ন+ই[১১]; পাঞ্জন (বাঁকুড়া); পাজন (শ্রীহট্ট); পান্‌ঠি (পাঁচনলাঠি—দিনাজপুর, নদীয়া)] ১ গো-প্রভৃতির তাড়নদণ্ড। "সুনার পাঁচন বাড়ী শূ ১০৯। কাঁচন পাঁচনি: বাঁকুয়া পাঁচনি।—জ্ঞা ৩৩। °নি ব.প ১১৪৩। ঘন ফিরায় পাঁচনি ন.প ৩২৯। তাঁর হাতেতে পাঁচনবাড়ী।—দা ৭০০। ২ অশ্বতাড়নদণ্ড, চাবুক। "সারথির কেড়ে লয় হাতের পাঁচনী।—কৃ ২৭১। হাথেতে পাঁচনি লয়্যা হইল সারথী।—ম ৯০৪; ১১৮৮। [পাঁচনবাড়ি—পাঁচনদণ্ড, পাঁচন।]

পাঁচপাঁচি বিং [°চ+ই[৮]] পাঁচজনের (সাধারণের) মত; মাঝারি-গোছ, চলনসই। "একটি °চি মেয়ে দেখলাম ন.ত ৩২।

পাঁচালি, -লী বি [সং পাঞ্চালী] পাঞ্চালী রীতিতে রচিত (?) গীতবিশেষ। ['পাঁচালী'র এই অর্থই যদি ঠিক হয়, তাহা হইলে সেই গীতপ্রবন্ধ কি প্রকার ছিল এবং বাঙলাভাষায় প্রথমে তাহা কিরূপে গৃহীত হইয়াছিল, তাহা নির্দ্ধারণের উপায় নাই। কাশীদাসী মহাভারতে যে 'পাঁচালীর গাঁথা' (ম ২৮; ৪৯), 'পাঁচালী প্রবন্ধ' (ম ৫৫; ৭২) আছে, তাহা পয়ারছন্দ। গদাধর দাসের 'জগৎমঙ্গল' কাব্যে 'পাঁচালি ছন্দ' (৫), 'পাঁচালির মতে' (২০, ৮৭) বলিয়া যে উল্লেখ আছে, তাহাও ঐ পয়ার ছন্দেরই কথা। কবিকঙ্কণ, পয়ার ত্রিপদী উভয় ছন্দেরই গীত 'পাঁচালী' 'পঞ্চালিকা' (১৪; ২০,-৭; ৩৩; ৪৯; ৫৯) বলিয়া উল্লেখ করিয়াছেন। দাশুরায়ের পাঁচালীর প্রবন্ধ ঠিক পয়ার বা ত্রিপদী নহে, ইহা ছড়া।]

পাঁচি(চী)র, -ল বি [সং প্রাচীর > বা °র, -ল] প্রাচীর। "পাঁচির কৃ.উ ১১; শ্রী.মা ৪৫। পাঁচীর ব.প ১৩৬২।

পাঁচুটে বি সর্থ 'পাঁচট'। "পাঁচুটের দিন।—দা ১৩১৫।

পাঁজ দ্র 'পাইজ'।

পাঁজড়, -ড়া, -জর, -রা বি [সং পঞ্জর > প্রা পংজর > বা পাঁজর, -রা, -ড়, -ড়া; হি, মৈ পাঁজর; ঠ পংজরা] ১ দেহপার্শ্ব, পার্শ্বাস্থি (rib)। "পাঁজর ভাঙ্গিল বলে ক.চ ৫৩। ২ বক্ষের অস্থিময় আকৃতি; বুকের খাঁচা। "পাঁজর কাটিয়ে, বিঁধিলে বাণ যে মার চ.দা ১৫; পাঁজর ধসিয়া গেল ৫৯; জ্ঞা ১৮০। ৩ অস্থিময় দেহ; কঙ্কাল। "দেখ দুন্দুভি-পাঁজর।—কৃ ১৫৭।

পাঁজর, -রা দ্র 'পাঁজড়'।

পাঁজা[১], **পাজা** বি [ফা পজ়াৱা] ইট পোড়ানর ভাঁটা; পাকার্থ সজ্জিত ইষ্টকরাশি। "কুম্ভার পোড়ায় পাঁজা ক.চ ৭৯।

পাঁজা[২] বি [পঞ্জা > °জা] ১ হস্তপ্রসারপূর্ব্বক পঞ্জায় পঞ্জায় যোগ করিয়া দেহ বেষ্টন করা বা জড়ান। "পাঁজা করি চন্দ্রকেতু ধরিল সত্বর ভা.চ ৩৯৩। ২ পাঁজায় যতটা ধরে, তৎপরিমাণ দ্রব্য। "এক পাঁজা এলুয়া খেড়।—গো.চ ৩৬। ৩ [হি পাঁজী] পদাতিক। "মাকী পাঁজা চোংদার শ্রী.ম ২২৩। [পাঁজ পেঁজে ধরা—পাঁজা করিয়া ধরা। "যদি যদি চোর হয়…। প্রবেশিব পাতাল ধরিব পাঁজ পেঁজে॥—ব.প ৩৯৯। পাঁজাকোলা—পাঁজারূপ কোল, অর্থাৎ পাঁজা। "(আমাকে) °লা ক'রে নিয়ে ঘরে পৌঁছে দিক অ.গ্র ১৫।]

পাঁজি, -জী বি [সং পঞ্জি, -ঞ্জী > প্রা *পংজি, -জী > বা °জি, -জী] ১ ব্যাকরণের বৃত্তিগ্রন্থবিশেষ। "সূত্র বৃত্তি পাঁজী টীকা।—চৈ.ভা ৭৩; চৈ.চ ৫০; পাঁজিটীকা ৩২৭। ২ পঞ্জিকা। "কক্ষতলে পাঁজিপুথি।—কৃ ৩৫১। [মুখে মাত্র পাঁজি—কেবল বাগাড়ম্বর; মুখপঞ্জিকা। "লিখন পড়ন না জানে মুখে মাত্র পাঁজি ম.ম ১১১।]

পাঁটা, -ঠা বি [লি পট্‌ঠা (পুষ্ট)—জোয়ান (বলদ মহিষ বকরা); প পট্‌ঠ; অস পাঠা; ড় পাঠা (স্ত্রীলিঙ্গে—'পাঠী'); পাণ্ডা, (স্ত্রীলিঙ্গ) 'পাণ্ডী' (চট্টগ্রাম)—"পাণ্ডারে কাড়ে পাণ্ডীয়ে হাসে।] ১ ছাগলের পুংশাবক; জোয়ান ছাগশাবক; ছাগ। "ধওলা পাঁঠা ব.প ৩০। পাঁটা ছেঁড়াছিঁড়ি।—জা ১২। ২ পাঁঠার মাংস বা মাংসের ব্যঞ্জন। "পাকাম করে খান না পাঁটা।—দা ২৪৩। পাঁটা হ'ত রুটি লুচির সঙ্গে প.ক ৪০। ৩ (সাদৃশ্যে) মূর্খ; গালি। —টী, -ঠি বি [°টা, -ঠা+ঈ[৬]] ছাগলের স্ত্রীশাবক; ছাগী। "পাঁঠী ক.চ ১৬৪। [পাঁটী-বেচা—যে পণ লইয়া কন্যার বিবাহ দেয়; কন্যাবিক্রয়ী (গালিতে)। "কোন পুরুষে আমরা শুন পাঁটী-বেচা নই ব.প ১৪৩২।]

পাঁড় বিং ['পাণ্ডু'—মূল] পাণ্ডুবর্ণযুক্ত, অর্থাৎ পাকা। "পাঁড়শসা (শসা পাকিলে পীতবর্ণ হয়)। [পাঁড় মাতাল—পাকা মাতাল।]

পাঁড়ে বি [সং পণ্ডিত; হি °ড়ে] হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধি। "রামদীন পাঁড়ে, বেড়ায় লাঠি ঘাড়ে ব.দ্বি ৬৮।

পাঁতর বি [সং প্রান্তর > প্রা *পংতর > বা °র] প্রান্তর। "শ্রী.কী ৪৩। পাঁতর মা (মাহ) ভেল আতর বারি।—গো ১৩৪; বিষধর ভরল দুতর পথ পাঁতর ১৩৬।

পাঁতি[১] বি [সং পঙ্‌ক্তি > প্রা পন্তি, পংতি (হে ১.২৫), পংতী (পৈ ১.৪৯, টীকা) > বা °তি, -তী; হি, মৈ পাঁতি] ১ শ্রেণী। "সুধাকর পাঁতি বি.প ৪৪। দশন কাঁতি, মুকুতা পাঁতি।—চ.দা ২১। দশন মুকুতা° ক.চ ৮। দশন° চ.বি ১৮৪। তারক° ব.প ১৩২২। অলি° ১৩৫৯। মোতিম পাঁতি।—জ্ঞা ১৪১। দন্ত° ভা.চ ৪৪; ২৯০; ভ্রমর° ৩০৪। ২ সমূহ। "আলক পাঁতি শ্রী.কী ১২। নিকুঞ্জ ভরল কুমুদপাঁতি।—গো ১৪১। ঝলকই তরুকুল কিশলয়পাঁতি।—ব ১১২। ৩ ভোজনে উপবিষ্ট স্বজাতিশ্রেণী বা স্বগণশ্রেণী। "জাতি পাঁতি কুল ধর্ম্ম বড়াঈ।—তুলসীদাস। জাতি পাঁতি (ধিক) ভ.গ্র ৫৩; ২৪৪। জাতিকুলপাঁতি চৈ.চ ৪৬; (প্রভু) পাঁতি পাঁতি করি ভক্তগণে বসাইল ১৫৮। ৪ বিচারবচন-পঙ্‌ক্তি। "ভুলায় তর্কের পাঁতি দন্তপাঁতি তার ভা.চ ২৯০। ৫ বাক্যপ্রয়োগক্রম। "সভামাঝে বসিয়া কথার দেখ পাঁতি ক.চ ১০২। ৬ ক্রমপ্রয়োগ। "প্রথম চরণে পঞ্চ ত-কারের পাঁতি চৈ.চ ৫৯। ৭ বক্তব্যবিষয়ক্রম। "কহসি কাহিনী ভুলসি পাঁতি রা.শে ১২। ৮ [মৈ পাঁতি] হার। "স্বর্ণের পাঁতি বিশাখা (রাধিকার কণ্ঠে দিল) ব.প ১২৯৩। —তিয়া বি [সং পঙ্‌ক্তি > প্রা পংতিয় (প্রা.ম) > বা °য়া] ১ শ্রেণী। "বিজুরি পাঁতিয়া বি.প ১৭২। মঞ্জু রদন পাঁতিয়া।—ব ২৭। ২ সমূহ। "নদই বিহগ পাঁতিয়া।—ব ১১৩। পুলক পাঁতিয়া।—গো ২৯। —তী বি ১ শ্রেণী। "দশনের পাঁতী শ্রী.কী ৪৮; মুকুতা পাঁতী ২৬৯। ২ সমূহ। "কাল আলক পাঁতী শ্রী.কী ৯৩।

[পাঁতি পাঁতি—সারি সারি। "নক্ষত্র…পাঁতি পাঁতি ব.প ১৩০৭। ক.চ ৩৩। পাঁতে—পঙ্‌ক্তিক্রমে। "লিখই মৃগমদ-চিত্রক পাঁতে ব.প ১০৩৯।]

পাঁতি² বি [সং পত্রী > প্রা পত্তী, *পংতী > বা পাতী, -তি > পাঁতী, হি পাতি,-তী] ১ পত্র, চিঠি। "লেখত পাঁতি।—গো ১১৯। পিরীতিক পাঁতি ২০৫। পাঁতি-লেখা ভা চ ৪০৬। বা দ ১৬৬। ২ চাঁদার তালিকা। ৩ ঔষধের তালিকা। ৪ ব্যবস্থাপত্র।

পাঁতিয়া, পাঁতী দ্র 'পাঁতি¹'।

পাঁ(পা)থার বি [সং পাত্র > বা (স্বরাগমে) পাতর > পা(পাঁ)থার, অথবা, সং প্রস্তার > প্রা পৎথার, *পংথার > পাথার,-°র, ড় পন্থার] ১ নদী-প্রভৃতির বিস্তার, পাতা। "কেহ ডিঙ্গাইতে চাহে সাগর পাঁথার শ্রী ম ১০৯। ২ সাগর। "শ্যাম বঁধু রসের পাথার।—ব ৯৯।

পাঁ(পা)দাড় বি [ড় পন্দাড] ঘরের পশ্চাদ্‌ভাগ, কানাচ। "পাঁদাড়ে ঘুমায় চোব শ্রী ২১৭। ছটকিয়া পড়িল পাঁদাড়ে স্ব প্র ৯৯। কেরাণীর নাবী যত পাঁদাড়ে ফোঁপায়।—হেম ৩৮৭। শান্তিপুবের ডুরে…পাঁদাড়ে গড়াগড়ি যেতে লাগলো।—হু ৬৬।

পাঁপড়, -ড়² বি [সং পর্পট > প্রা পপ্‌পড > বা পা(পাঁ)পড়, -র, হি পাপড়, ঠ, ও পাপড] নুন মরিচ জীরা ইত্যাদি মসলাব সহিত মিশ্রিত বাটা মুগ কলাই প্রভৃতিব পাতলা রুটিবিশেষ। "পাঁপড়।—কৃ ৩৭২,-৬। [পাঁপড়ী খযেব—চেপ্টা পাটা খদিরবিশেষ, পাটা-খয়ের।]

পাঁপড়ি বি° [হি পাপড] রুটির মত পাত। 'গঙ্গামৃত্তিকা আনি বস্ত্রেতে ছানিয়া। পাঁপড়ি করিয়া লৈল গন্ধদ্রব্য দিয়া চৈ চ ৩১২।

পাঁপর¹ বি [E. pauper, (গ্রাম্য)] নিঃস্ব ব্যক্তি। [পাঁপরেব মোকদ্দমা—সরকারী ব্যয়ে নিঃস্বব্যক্তির মোকদ্দমা।]

পাঁপর² দ্র 'পাঁপড়'।

পাঁ(পা)ব বি [স° পর্ব্ব (-র্ব্বন্) > প্রা পব্ব > বা পা(পাঁ)ব] ১ গ্রন্থি, গাঁঠ। 'পাবে পাবে ভাঙ্গি যেন পড়ে সর্ব্ব গা শ্রী ম ১৩১। তুমি মন পাবে ?—হরির পাবে পাবে, সকলি কুয়ের সৃষ্টি।—দা ৭৭৩। ২ গ্রন্থিদ্বয়ের মধ্যবর্ত্তী অংশ। "এক পাব বেত।—য ২৬। আকেব পাব, কঞ্চির পাঁব।

পাঁয়জোর বি সর্থ 'পাইজোড়'। "দা ১৪৮০, ১৬৩২।

পাঁশ বি [সং পাংশু > প্রা পাংসু, হি পাঁস] ছাই। [°কুঁড়—পাংশু-কুণ্ড, ছাইগাদা। পাঁশুটীয়া,-টে—পাংশুবর্ণযুক্ত, ধুসর।]

পাক¹ বিণ [পাক + অ (অচ্) অস্ত্যর্থে] পাকযুক্ত, পরিণত। —ক পুং [√পচ্ + অ (ঘঞ্)-ভা] ১ পচন, ক্লেদন। 'শৃতং পাকে পা ৬ ১ ২৭। পাকে ক্ষীরাজ্যপয়সা' শৃতম্ (অ কো)। °প্রাপ্তে ব্রণিতে (সুশ্রুত)। ২ রন্ধন। "পুনঃ পাকং কৃত্বা।—মনু ৩ ১০৮, কুল্লুক। ব্যঞ্জনের পাক। —ক চ ১২০। [ভর্জন, তলন (স্নেহদ্রব্যে), স্বেদ (ছেকা), পচন (জলে), ক্বথন (সিদ্ধ করা), তান্দুব (বদ্ধমুখপাকযন্ত্রে), পুটপাক (ঊর্দ্ধাধঃ অগ্নিতাপে)—এই সাতপ্রকার পাক।] ৩ দহন, পোড়ান। "নৈব শুধ্যেত পুনঃ পাকেন মৃন্ময়ম্ মনু ৫ ১২৩। ৪ ভুক্তপরিপাক, জীর্ণীভাব। ৫ পরিণতি, পরিণাম, ফল। "পাকাভিমুখস্য…দৈবস্য উ চ ৭.৪। নিজকর্ম্ম°।—পঞ্চ ১৪০৩। কুমন্ত্র° ভ ১৩৩১৩। দৈবের পাকে।—ক চ ৬৬, ১০৯। সেই পাকে মরে পাপ শ্রী ম ১১২। পিরীতির পাকে।—জ্ঞা ১৭১। অধোগতি অজ্ঞানের পাকে ভা চ ১৫৫, ৩৩৯। ৬ পক্কতা (ripeness)। "ওষধ্যঃ ফলপাকান্তাঃ মনু ১ ৪৬, অ.কো। ফলমভিমুখপাকম্ বিক্র ৪ ১৩। ৭ জরাজন্য কেশশুক্লতা, পলিত। "°শুভ্র ব.প ৩৬৯। ৮ সিদ্ধি, চরিতার্থতা। "পাকাভিমুখৈঃ রঘু ১৭ ৪০। ৯ স্ফোটকাদির পরিণতি (suppuration)। ১০ রাষ্ট্রাদিভঙ্গ, রাষ্ট্রবিপ্লব। ১১ ভীতি। ১২ [+ অ, কর্ম্মকর্ত্তৃবাচে] ফল, শস্য, ধান্য। "নীবারপাকাদি রঘু ৫.৯। ১৩ বিস্ফোটক। ১৪ [+ অ-র্ম্ম] অন্ন। "একপাকেন বসতাম্ মনু ৯.১১১, কুল্লুক। ১৫ [+ অ-ধি] পাকপাত্র, স্থালী প্রভৃতি। ১৬ [+ অ-ণ] 'পাকসাধন', অগ্নি। ১৭ [√পা পান + ক (কন্)-ক, উ ৩ ৩৪, তু 'পাক'—শিশু, অজ্ঞ (ঋগ্বেদ ১.৩১.১৪)] শিশু, শাবক। ১৮ পেচক। ১৯ দৈত্য-বিশেষ। "°শাসন। ২০ (বাঙ্‌লায়) হেতু, কারণ। "শোকসিন্ধু মাঝেতে পড়িনু পাকে তার—ম ৪৩১, কাল পাইলে প্রাণিগণ মরে নানা পাকে ১০০০। কতেক ইন্দুর, ধায় দুরদুর, গণার মুষার°পাকে ক চ ৩১। ভবন ত্যজিনু সেই পাকে ৬৪, ১৪৩। লজ্জায় না গেল সাধু দিবসের পাকে।—ম ভা ২০। তেঁই পাকে বলি চল শ্বশুরের ঘর ভা.চ ৪৪৯। ২১ দৈবদুর্বিপাক, দুর্ভাগ্য। "গিরিবর বলে আমি এই পাকে মরি বা ম ২০০। ঘুচায়ে দীনের পাক, অন্ন ব্যঞ্জন আদি শাক, অন্নদা রান্ধেন নিজ করে।—দা ১৩৭৩, তাঁর কপালে এত পাক, তোমার ঘরে এসে পাক, করেন সেই ব্রহ্মাণ্ডেশ্বরী ১৩৭৫। ২২ দোষ। "প্রাণ লও মিছা পাকে বি সু ৮১। ২৩ বিপদ্। "ঠেকিলে বিষম পাকে, কি কারণে আইলে তুমি হেথা।—ক চ ৬৬। আমারে পড়িল পাক। —দু ৫৬। [°পাত্র, °ভাণ্ড (ক্লী)—রন্ধনপাত্র, স্থালী প্রভৃতি। °পুটী (স্ত্রী)—কুমারের পোয়ান, পবন। °ভাণ্ডার (বি)—পাকার্থদ্রব্যের ভাঁড়ার। 'চৈ ৯৩। °শালা (স্ত্রী)—রন্ধনগৃহ, রসবতী। 'চৈ ১৭০। °শাসন (পুং)—পাকদৈত্যের শাসক, ইন্দ্র। "কু স ২৬৩। ম পা ২১, ৬৫। °শাসনি (পুং) —'ইন্দ্রপুত্র', জয়ন্ত, অর্জ্জুন, বালী। °স্থান (ক্লী)—সর্থ 'পাকশালা'। °স্থলী (বি)—১ উদরে ভুক্তদ্রব্যের পরিপাকস্থান, আমাশয় (stomach)। ২ পাকপাত্র স্থালী প্রভৃতি। "ম ৫১৮। °স্পর্শ (বি)—বিবাহের পরে বরের বাড়ীতে বর-বধূর পিতার জ্ঞাতি-কুটুম্বদিগের সহিত বধূস্পৃষ্ট অন্নাদিভোজনরূপ সমাজসমন্বয়ার্থ আচারবিশেষ, বউভাত। "ব প্র ৩৪১, ৪৩১। °স্থালী (বি) —পাকপাত্র।]

পাক² বি [হি পাগ (পাগড়ী)—মূল (?)] ১ (পাগের সাদৃশ্যে?) আবর্ত্ত, ঘূর্ণন। "বৃক্ষ ধরি দিল তিন পাক।—কৃ ২৫৭। ঘুরণিয়া ঝড়ে ডিঙ্গা দেয় ঘন পাক ক চ ১৯৮। বি পা ২৩১। চক্রাবর্ত্তে দেয় পাক ম ভা ১০। শিশু ৭৯। দে চড়কীর পাক।—গি দ্বি ১০৪। ২ জলাবর্ত্ত, জলের ঘূর্ণি। "জলের পাক ব প ২৪৭। নদীর পাকে : ঘুরনা পাকে বি পা ২৩১। বিশাল পাক বা ম ২২৩। পদ্মার পাকে।—ম.ম ১৩৯। তবণী পড়েছে পাকে।—ব ১৩৫। বিষম ঘুরণ পাক গি দ্বি ১০৪। ৩ চক্রাকাব গতি। 'বাণ খায়্যা দুঃশাসন ঘুরে ঘন পাকে।—ম ৮৬৬। কেহ পড়ে ঘন পাকে বা ম ৪২। ৪ প্রদক্ষিণীকরণ। "বেদী তিন পাক দিয়া, পার্ব্বতী শঙ্কর নিয়া, বসায় পশ্চিম পূর্ব্ব মুখে। —বা ম ৩৫। সাত পাক আছে বাকী।—দা ২৬১। ৫ ষড়্‌যন্ত্র, চক্রান্ত। "তব্বা দেহ এক লাখ, ঘুচাই সকল পাক।—ক চ ১৮২। ৬ কৌশল, কর্ম্মতন্ত্র। "কাহার শকতি বুঝিতে পারে দেবতার পাক ম ম ২২০। ৭ বেষ্টন, বেড়। "সুবর্ণে বান্ধিব ঠোঁট দিয়া রূপা পাক ম ভা ৪৩। শতপাকে ঘেরি পরাও মোরে।—কা ৩১। জড়ায়ে…সুনিবিড় পাকে কু কে ২৫। ৮ পেঁচ। "জিলিপির পাক। ৯ গড়াগড়ি। "আই আই কবি এয়ো হেসে পাক যায়।—শি ২৬, ৭৬। ১০ লাঙ্গলের কালরেখার বেড় বা ঘুর। "পাঁচ পাঁচ কুড়া তাব পড়ে যায় পাকে শি ৭৫। ১১ কৌশল, উপায়। "যত দেখ এ সকল পলাবার পাক।—চৈ ভা ১৬৭। তাহার পাকে পাইল মনি হারান ধন ম ম ৩১। ১২ অধিকার, আয়ত্ততা, হাত। "পলাইলে কোথা মোর এড়াইবে পাক।—চৈ ভা ৭৮। ১৩ প্রকার, ঘটনাচক্র। "কোন পাকে সেই পত্রী আইল প্রভুস্থানে চৈ.চ ৪৭। পাছে কোন পাকে শচী কবেন

গ্রথণ।—চৈ ৬৬। ১৪ বিঘ্ন, বিভ্রাট। "অনেক জ্বালেতে পাকে পাক পড়ে।—দা ৭৮৩। ১৫ দড়ীর বুনন (twisting)। [°চক্র—ষড়্‌যন্ত্র, কলকৌশল; কার্য্যগতিক। পাকচক্র খেলা—কূটকৌশল করা। "°চক্র খেলি, আইল...সে নাগিনী ক্ষ.প্র ১৯৬। পাক দিয়া—ঘুরাইয়া। "গো.চ ১৪৫। পাক পাড়া—ঘূর্ণিত হওয়া। "শুড়্যারে পাক পাড়ে বি.পা ২৩১। °মোড়া—বেড়, ফের। "পাগড়ি বান্ধে পাকমোড়া দিয়া গো.চ ১৩৯। °সাঁড়াশি—সোনা-রূপার তার পাক দেওয়ার যন্ত্রবিশেষ (pliers)। পাক লাগা—ঘুর লাগা। পাকে পাকে—সুযোগমতে। "হতভাগারা দেখে তাকিয়ে, পাকে পাকে লাগে গিয়ে।—দা ২০৪১।]

পাক[৩] বি [সং পক্ষ > লি, প্রা পক্‌খ > বা পাখ, -ক; হি পাঁখ; ঠ, গু পাংখ; মৈ পাঁখি; পাইখ (চট্টগ্রাম); অপ্র] ১ পক্ষ, ডানা। "°ছাট, °শাট, °সাট। দিগদিগন্তের গাছ আনে পাকে টেনে—কৃ ২৬৩। ২ (অপ্র) তুলাদণ্ডের এক পক্ষ বা পার্শ্ব। "এক পাকে তুলিয়া দিল পোস্তের দানা। আর এক পাকে বসিল...মএনা॥—গো.চ ১২৯,-৩০। —কা[৪] বি পক্ষ। পাকাএ মারলে সাত গো.চ ২৬৫; পাকাত মাইল্ল সাত ২৬৬।

পাক[৪] অর্ম্ম [পাক[১] > °ক; হি √পক; গু √পাক] ১ পক্ব হওয়া; পাকা। "গাছের পাকিলে পত্র কুড়াইয়া লৈব শ্রী.ম ২৯৮। ২ ফোড়া পুঁজে ভরিয়া যাওয়া। ৩ (খেলায়) ঘুঁটি সব ঘর ঘুরিয়া নিজের ঘরে আসা। [পাকিয়া—পাক করিয়া। "গো.চ ৩০২। হাত পাকা—কোন কার্য্যে হাতকুশল বা অভ্যস্ত হওয়া]

পাকছাট, -শাট, -সাট, পাখশা(সা)ট বি [দ্র 'পাক[৩]; ছাট > শাট, সাট] পাখার আঘাত; পক্ষতাড়ন। "পাকছাট মারএ অ.প ৮৭। মারে পাখসাট।—কৃ ১৪২; পাখসাটে পর্ব্বত...যায় উড়ে ২৬৩। পাখসাটে।—ম ২২,-৩; পাখসাটে পুরাইলা ধুলায় গগন: পাখসাটে সকলি ভাঙ্গিল ২৫। পাখশাট দিয়া পক্ষী উড়িল। —ব.প ৫৫৩; (চাতকিনী) পাখছাট দিয়া নৃত্য করয়ে ১৪৯৭। উড়া কৈল পাখসাট দিয়া বি.পা ৩২৮,-৯। পাকশাটে পক্ষী তারে উড়ায় আকাশে বা.ম ২২৫। পাখসাট শ্রী.ম ৫৪। শুক পাকসাট দিয়া, সারিকারে খেদাইয়া ভা.চ ৪২৪। পাকশাট মারি কেহ খেদাইছে দূরে, সমলোভী জীবে।—মে ১৫।

পাকজ ক্লী [পাক+ √জন্‌+অ (ড)-ক; উ.ত] কাচলবণ।

পাকড়[১] বি [পাককর > °র; হি °কল] ফোড়া-পাকার ঔষধ।

পাকড়[২] সর্ম্ম [সং প্র+ √কৃষ্‌ (কর্ষ্‌) > লি প্রা √পকড্‌ঢ > বা '(পকড়) °ড়; হি, মৈ √পকড়; ঠ, গু √পকড] ১ দৃঢ়ভাবে ধরা বা গ্রহণ করা। "চরণ পাকড়ি গড়ি যায়।—ব ১৭৪। কণ্ঠ পাকড়ি ধরিল আঁকড়ি।—কথা ১৭৪। চ.কা ৪২২। ২ বন্দি করা। "কাঁটাল সহিত তারে পাকড়িয়া আনে ভ.গ্র ৩০২। ৩ ধরা, করা। "গাবুরাক দেখি খসম পাকড়িবে গো.চ ৭২।

পাকড়ী বি ['°ড়'—মূল] গুচ্ছ, থোকা। "ম ১২৫৭। ক.চ ১২৩। "গুয়ার পাকড়ী ম.ম ১২০।

পাকতঃ ক্রি.বিং [পাক+তঃ; অপ্র] প্রকারান্তরে, ভঙ্গ্যন্তরে। "চির-কৌমার ব্রতের অধিকারী কেহই নাই—আমি পাকতঃ এই ভাবই ব্যক্ত করিতেছি পা.প্র ১৩৭।

পাকতেল বি ঔষধের সহিত পক্ব কবিরাজী তৈল। "পাকতেলে চুল পেকেছে বয়স কোথা গ্যাছে ক.চ ২৬।

পাকনা বি [পাক-নাই (নাভি) > °না; তু 'আবর্ত্তনাভি'] নদীর আবর্ত্তরূপ নাভি; নদীর পাক বা আবর্ত্ত।

পাকনাড়া, -লাড়া বি ১ হাতের নড়া ধরিয়া পাক বা ঘূর্ণন। "পাত্র ধ'রে পাকনাড়া অমনি গমন শ্রী.মা ২২২। ঘাড়েতে ধরিয়া মারে আরো পাকলাড়া ম.ম ১৪৯। পাকনাড়া দিয়া তার ছিঁড়িলেক মাথা ব.প ১২৪। ঘাড় ধরে দেয় পাকনাড়া বি.সু ১০০। কোপে দেই পাকনাড়া শি ১৪। ২ ঘুর। "(বাঘার) লেজে ধরি দিল পাকনাড়া ক.চ ৫৩।

পাকপক্ষণ বি [°ক+°শ; অপ্র] পাকস্পর্শ। "বিপা ৩১১,-৭৩।

পাকম বি [পাক[৩]+ম (মন্ত্র); অপ্র] পেখম। "সা.ম ৫০।

পাকযজ্ঞ পুং [উ.লো] পাকসাধ্য যজ্ঞ; ব্রহ্মযজ্ঞ ভিন্ন বৈশ্বদেবহোম বলিকর্ম্ম নিত্যশ্রাদ্ধ অতিথিভোজন—এই চারিপ্রকার মহাযজ্ঞ। "মনু ২.৮৬; ১৪৩। —যজ্ঞিক পুং [°জ্ঞ+ইক (ঠন্‌)] পাকযজ্ঞকর্ত্তা।

পাকড়িগুয়া বি [পাকড়ী > পাকরি] গুচ্ছবদ্ধ গুয়া; শুকনা সুপারির থোকা। "ম.ম ১২৯।

পাকল পুং [পাক+ √লা+অ (ক)-ক; উ.ত] ১ অগ্নি। ২ (আবর্ত্তযুক্ত?) বায়ু। ৩ হস্তিজ্বর। "বা.ভা ১.৭। —কল ক্লী কুষ্ঠ ওষধি; কুড়। —কল বিং ১ (বাঙ্গলায়) অগ্নিবর্ণ, রোষরক্ত। "রাবণ কহিছে চক্ষু করিয়া পাকল।—কৃ ৩১৭। ম ১১৪৯। ক.চ ১৪২; ২৪৪। দৃষ্টি পাকল।—চৈ ২৬। পাকল দৃষ্টিতে ব.প ৫০৬; আঁখি পাকল করি ৭৭৮। ভা.চ ৪১৩। ২ [হি, মৈ °ল] পাকা। "গাছের পাকল পত্র শ্রী.ম ২৯৮। পাকল তেল জম্বু ফল সহকার প.ক ২১৮৯। —কল বি পুষ্পবৃক্ষবিশেষ। "ভা.চ ১২৬। [পাকলিয়া—পাকল বা রোষরক্ত করিয়া। "°লিয়া চোখ চ.কা ৮৬।]

পাকশাট, -সাট; পাকস্পর্শ দ্র 'পাকছাট; পাক[১]।

পাকা[১] বিং [সং পক্ব > লি, প্রা পক্ক > বা (পাক) > পাকা; হি, ঠ, প পকা; গু পক্কু; সি পাক; অস পকা] ১ পক্ব, পরিণত (ফল, পাতা)। ২ পোড়ান (ইট)। বিপ 'আমা'। "পাকা হাঁড়ী বা.ম ১৪৬। ৩ ঠিক ৮০ সিক্কা পরিমিত; পাকি (ওজন, সের)। বিপ 'কাঁচা, -চি'। ৪ যাহা মেকি নয়; বিশুদ্ধ, খাঁটি (সোনা)। "তোমার কথায় টাকা, লয়ে গেনু জানি পাকা, তামা বলি ফিরে দিল সাটে ভা.চ ২৮৫। ৫ পূর্ণ, পুরা। "পাকা এক মণ। ৬ ঠিক, ভ্রমরহিত। "কাণ্ডটা বুঝেছি পাকা, উঠেছে তোর মরণ পাখা দা ৮০৮। রমা পাকারকম বুঝিল ব.প্র ৪৫৭। ৭ স্থির, ঠিক, অনড় (কথা)। "মুঙ্গেরের সঙ্গে অমুর সম্বন্ধ পাকা হইয়াছে গ.স ৯২। ৮ পরিণত, অভিজ্ঞতাসম্পন্ন। "ভাল তলোয়ার যেমন বাঁকা, তেমনি বক্র বুদ্ধি পাকা।—কা ১০৪। ৯ ইট পাথর ইত্যাদি দ্বারা রচিত (ঘর, বাড়ী, মেঝে, রাস্তা)। "পাকা কুটীর ভ.গ্র ৪২০। ১০ টিকসই, চিরস্থায়ী (কাজ)। "যদি পাকা করি, পাকিয়ে ডুরি, বাঁধ আমারে শক্ত।—দা ২৫৭। ১১ নিপুণ, চতুর, ঝানু (গিন্নী, চোর, লোক)। ১২ জরাশুভ্র, পলিত (চুল)। "পাকা গোঁপ পাকা দাড়ি ভা.চ ১৫১। ১৩ অগ্নিপক্ব, সিদ্ধ। "মৎস্য মাংস কাঁচা পাকা ভা.চ ৪৯৬; ১৪ অধিকবয়স্ক। "কচি পাঁঠা পাকা মেষ। ১৫ ভাল-ছাঁদ-যুক্ত, সুচন্ত (অক্ষর, লেখা)। [°কাঠ—সারবান্‌ বা শক্ত কাঠ। °খাতা—খশড়া পরিষ্কার করিয়া যে বাঁধা খাতায় জমাখরচ লেখা হয়। °গাঁথনি—চুন সুরকি দিয়া ইট গাঁথা। °ঘুঁটি—খেলার যে ঘুঁটি সব ঘর ঘুরিয়া নিজের ঘরে আসার মত হইয়াছে। "পাকা-ঘুঁটি নাহক পার কাঁচাতে।—দা ১১৬। °চামড়া—চাপে খাঁটি-করা চামড়া। °চাল—কূট চাল; কুটিল ব্যবহার। "বক-অবতার, পাকা চালে চলেন ক্ষ.প্র ১০০। °চিটে—খাঁটি বা নির্জ্জল চিটাগুড়। °ছিট—যে ছিটের রঙ্ মজবুত, ধোপে উঠে না। °ছেলে—যে বয়সে ছেলে; কিন্তু কাজে কথায় বুড়া; জেঠা ছেলে। °দলীল—আইন-অনুসারে লিখিত দলীল। °পাক—বিষম বিপদ্‌। "°পাকে ফেলে,...চৌদ্দ পাক দিচ্ছ।—দা ২৬১। °পাকি—সুব্যবস্থিত, সুদৃঢ়, স্থায়ী। "মম সঙ্গে সম্বন্ধ হইল পাকাপাকি ব.প ৯৫৫। °পান—পুরান পান। "চৈ.ভা ২০০। °পোক্ত—সুনিপুণ; প্রবীণ; স্থায়ী, মজবুত। °ফলার—লুচি-সন্দেশের ফলার। "পেটুকের

ঠিজা, দশে পাঁচে পাকা কলায় ঘটে।—দা ৮০৬। °কোড়া—পুঁজ-ভরা কোড়া। °মাছ—যে মাছের মাংস শক্ত। °মাটি—যে মাটি দৃঢ়, বৃষ্টিতে ধসে না। °মাল—সারবান্ খাদ্য। °রঙ—যে রঙ ধোপে উঠে না বা ম্লান হয় না। °রোকড়—রোকড় হইতে উঠাইয়া যে খাতায় আরও পরিষ্কার করিয়া জমা খরচ লেখা হয়। °সাধ—গর্ভিণীর লুচী মিষ্টান্ন ইত্যাদির সাধ। °সির্ণি—বাতাসা ইত্যাদির সত্যপীরের সির্ণি। "সির্ণি কৈল কাঁচা পাকা ভা.চ°৩১। °হাড়—পরিণতিপ্রাপ্ত অস্থি; বুড়াহাড়। °হাত—কর্ম্মকুশল লোকের হাতের কাজ। পাকা দেখা—পাত্র-পাত্রীকে শেষ বারে দেখিয়া আশীর্ব্বাদ করিয়া বিবাহ পাকা (স্থির) করা।]

পাকা[২] সর্ম্ম [পাক[৪]+আ[৯] ; হি √পকা] ১ পক্ব করা ; পাকান (ফল)। ২ কার্য্যপটু করা। "হাত পাকান। ৩ (অপ্র) রন্ধন করা। "পক্কন (পাকন ?) পাকায়ে দিবে কে।—বা.ম ৮৭। ৪ পাকা করা ; ঠিক করা। "থাকর সঙ্গে ব্যাপারখানা কি বল দেখি? তোমার ভৈরবী পাকাচ্চ ?—গি.দ্বি ১১১। ৫ শুভ্র বা পলিত করা। "এ কর্ম্মে পাকালাম দাড়ি শ্রী.মা ৪৪। ৬ (খেলায়) ঘুঁটি সব ঘর ঘুরাইয়া নিজের ঘরে আনিয়া তোলা। "প্রায় ঘরে উঠি, পাকায়ে ঘুঁটি, কাঁচা খেলাটি খেললে।—দা ২৪। [পাকান[১]—সর্থ 'পাকা[২]। পাকানী—যে স্ত্রীলোক পাকায় ; পাচিকা। "ম.ম ৬২।]

পাকা[৩] সর্ম্ম [পাক[২]+আ[৯] ; অস √পকা] ১ আবর্ত্তিত করা ; ঘূরান। "ঝারি পাকাইয়া ফেলিল ব.প ৩৪। চক্ষু পাকাইয়া কৃ ৪৩৬। ম ৮১৪। শ্রী.ম ২৮। বৃদ্ধাঙ্গুলী মহাদেব পাকায় সঘন বা.ম ৩১। দু-চক্ষু পাকায় ৩৫ ; পাকাইল দুই চক্ষু ভাঙ্গে কালঘুম ১০৬ ; হেমতাল পাকাইয়া দিলেন ফিরাণ ১০৯,-১৫ ; লেজ পাকাইয়া পড়ে ৩৪৭। পাকায়া মারিল গদা ম.বি ২৮৪ ; চক্র মারে পাকাইয়া ৩০৬। আঁখি পাকাইয়া বলিল ম.ম ১৯১। জাঠি শেল লৈয়া কেহ খাণ্ডা পাকায় বি.পা ২০৩,-৪৫। ২ পাক দিয়া রচনা করা। "সেথানে পাকাল জটা আটা মেখে চুলে কৃ ২৭৯। ৩ পাক দিয়া জড়ান (to twist)। "দড়ি পাকান। [পাকান[২]—১ সর্থ 'পাকা[৩]। ২ আবর্ত্তজনিত। "লাঙ্গুল-পাকান উচ্চ গদি।—জা ৫। ৩ পাক-দেওয়া (দড়ি)। পাকানা —জড়িত। "হার···রতনে পাকানা শূ ৬৮।]

পাকা[৪] দ্র 'পাক[৩]।

পাকাগার পুং, ক্লী [ষ.ত] পাকশালা, রান্নাঘর।

পাকান[১] ; **পাকান**[২] দ্র 'পাকা[২] ; পাকা[৩]।

পাকাভিমুখ বিণ [স.ত] ফলোন্মুখীভূত (দৈব)। "উ.চ ৭.৪।

পাকাম বি [পাকা+আম[৩]] ১ জ্যেঠাম। "পাখা নেড়ে পাকাম করিস পাখি!—দা ৮০৮। ২ গোঁড়াম। "পাকাম করে খান না পাঁটা।—দা ২৪৩।

পাকারি পুং [ষ.ত] পাকদৈত্যের শত্রু ; ইন্দ্র।

পাকি বিং [পাকা+ই[১১] ; হি পক্কা—'পক্কী' (স্ত্রীলিঙ্গ)] পাকা, পূরা, প্রামাণিক (ওজন)। বিপ 'কাঁচি'। [পাকি সের—৮০ সিক্কার বা তোলার পরিমাণ। পাকিমালা—তেলে পাকা গলার মালা। "পাকি মালা গলে ভা.চ ২৭৯।]

পাকিল বিং [পাক+ইল[২]] জাত-পাক, পক্ক। দ্র 'ইল[২]। পাকিল খাজুর জাম দেখিতে সুন্দর শ্রী.ম ৫৭।

পাকুড়, -ড়ি বি [সং পর্কটি, -টী > প্রা *পক্কডি, -ডী > বা (পাকড়ি) °ড়ি, -ড় ; তু 'পাক(কু)র (গো.চ) ; হি পাকড়, -র] অশ্বত্থ-জাতীয় বৃক্ষবিশেষ (Ficus infetoria)। "°ড়ি শ্রী.ম ৮২ ; শ্রী ৬১।

পাকোয়ান বি [হি পকবান] পকান্ন, ঘৃতে পক্ব খাদ্য—লুচি কচুরী ইত্যাদি। "°ন করি নিজ হস্তে ভিন্ন ভিন্ন ভ.গ্র ৪১২।

পাক্যালা বি [পাইক+আলা[৪] ?] বিক্রম। "বীরের পাক্যালা দেখি চিন্তিত ঈশ্বরী ক.চ ৫৭ ; বীরের পাক্যাল দেখি ৯৯।

পাক্ষিক বিণ [পক্ষ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ পক্ষসম্বন্ধী, পক্ষগত। ২ বৈকল্পিক। ৩ সংশয়ের এককোটিভব ; সংশয়কোটিসম্বন্ধী। ৪ [+ইক (ঠঞ্)] পক্ষকালনির্বর্ত্তনীয়, পক্ষসাধ্য, পক্ষভব। —ক্ষিক পুং ১ বিকল্প। ২ [+পক্ষিন্ ইক (ঠক্) 'হন্তা' অর্থে, পা ৪.৪.৩৫] পক্ষিহন্তা, শাকুনিক, ব্যাধ।

পাখ বি [দ্র 'পাক[৩]] ১ পক্ষ, ডানা। "পাখে পাখা দিয়া, বাঁধিল টানিয়া চ.দা ৯১। ম ১৯। ২ পক্ষী। "কিরাতে ধরিল পাখে চ.দা ৯১। [°মরা, °মারা—ব্যাধ।]

পাখছাট দ্র 'পাকছাট'।

পাখড়া, -র বি [সং প্রক্খর, -ক্ষর ; পক্খর (দেশী—প্রা.ম), পক্খরা (দেশী ৬.১০—অশ্বকবচ > বা পাখরা, -র, -ড়া : হি, ঠ পাখর] ১ অশ্বের কবচ। "ক.চ ৯৬। গায়ে ঢাকা পাখড়া শ্রী ১৭০। ২ (সাদৃশ্যে) আবরণমাত্র। "(ঢেঁকির) পাখর পরায়ে দিল পুরাতন চাটা শি ৭৬।

পাখণ্ড পুং [পা (ত্রয়ীধর্ম্ম)+ √খণ্ড্+অ (অণ্)-ক ; উ.ত ; তু 'পাষণ্ড' (ষ > খ, দ্র 'খ[২]) ; হি, ঠ পাখংড] পাষণ্ড। দ্র 'সা.দ ৬.১৫৬, টিপ্পনী'। "মা মা ৫.২৪। —খণ্ড ক্লী নরশিরঃকপালাদি-শ্রুতিবাহ্যলিঙ্গ-ধারণ (মিতাক্ষরা)।—খণ্ডী (-ণ্ডিন্) পুং [°ণ্ড+ইন্ (ইনি)-১ব; তু 'পাষণ্ডী'; হি, ঠ পাখংডী] পাখণ্ডবান্, নরশিরঃকপালাদিধারী। "যাজ্ঞ ৩.৬।

পাখণ্ডী(-ণ্ডিন্) দ্র 'পাখণ্ড'।

পাখনা বি [পাখ+না (?)] ১ পক্ষ ; পালক (feather)। "ফিরোজা রং আকাশ হেথা মেঘের কুচি তায়, গরুড় যেন স্বর্গপথে পাখনা ঝেড়ে যায়।—কু কে ১১১। ২ মাছের ডানা (fin)।

পাখয়াজ, -খাজু বি [দ্র 'পাখোয়াজ'] ১ মৃদঙ্গবিশেষ। "পাখয়াজ গো.চ ৪০৪,-৮২। পাখাজু ক.চ ২৪২। ২ খোল। "মন্দিরা পাখাজু ব প ৮৬৬।

পাখর[১] দ্র 'পাখড়া'।

পাখর[২] বি [অস পাখরা] বিচিত্রবর্ণ। "অণ্ডির পাখর শ্রী.মা ১৬৪। (সেন) প্রবেশে যেখানে বাজী রঙীর পাখর শ্রী ১২৪। —রিয়া বিং [°র+ইয়া[২]] পাখর অর্থাৎ অশ্বকবচ দ্বারা আচ্ছাদিত। "পাখরিয়া ঘোড়া ক.চ ৯৫ ; ব.প ৪১৩।

পাখর[৩] বি [অস পখরা—কুষ্ঠাক্রান্ত] শ্বেতকুষ্ঠ।

পাখলানী বি [পাখালন > পাখলান > °নী] ১ প্রক্ষালন। "তাহা দিয়া সূর্য্যাইর মুখ-পাখলানী ব.প ১৬৫। ২ প্রক্ষালনার্থ জল। "ঢাল ঢাল মুখপাখলানী ব প ১৬৫।

পাখশাট, -সাট দ্র 'পাকছাট'।

পাখা বি [পাখ > °খা ; হি, ঠ, গু পংখ] ১ পক্ষ, ডানা (wings)। "পিপীড়ার পাখা ওঠে মরিবার তরে।—ক চ ৬৯। দ্র 'পাখ' (১)। ২ পালক (feather)। "এক গুটি পাখা দিব তোমার কারণঃ এক পাখা ঠোঁটে উপারিয়া (দিল ফেলাইয়া)।—ম ১৯। ৩ [হি, ঠ পংখা ; গু পংখ] (পক্ষসাদৃশ্যে) ব্যজন। "টানা°, হাত°। দণ্ড পাখার বাও ব.প ৪৮। ৪ [দ্র 'আকা'] উনান। "দু°, দো°। ৫ মাসের পক্ষ। "আষাঢ় নবমী শুকল পাখা।—খনা। [পাখা উঠা—পক্ষোদ্গম হওয়া। "কৃ ১৮৮]।

পাখানি বি [পাকা[৩] > পাকানি > °নি ; অপ্র] জলের পাকে ঘূর্ণন ; ঘূর্ণি। "পাখানি খেয়ে প্রাণ হল শেষ শ্রী মা ১৭৪।

পাখাল সর্ম্ম [সং প্র+ √ক্ষালি—ক্ষালয্ > প্রা √পক্খাল > বা °ল ; হি √পখাল ; ঠ √পাখল্ ; গু, ড় √পখাল্ ; অস √পখাল ; তু 'পাখলিয়া (গো.চ ৮৪)] প্রক্ষালন করা ; ধোওয়া। "পাখালিলে অঙ্গ গো.চ ৩৬২। পাখালি চরণে শূ ৩২। পাখালিলাম।—মী ৩২। কর্পটি পাখালি গো.বি ৩৮ ; ১৮২। দ্রব্য পাখালিল ম ৪৫৪। হস্ত পাখালিয়া বা.ম ৪৬। চৈ.ভা ৩০৮। চাউল পাখালে ম.ম ১৮৮।

[পাখাল—১ প্রক্ষালন। "মড়া করিল পাখাল।—বি.পা ৩২৩। ২ নিঃশেষ। "করিব তোমায় সংসার পাখাল ম.ম ৯২; আজি হৈতে করিব তার বংশের পাখাল ১১১।]

পাখি[1], **-খী** বি [সং পক্ষী (-ক্ষিন্) > লি পক্‌খী, প্রা পক্‌খি > বা পাখি, -খী; হি পখেরূ; ঠ পাখেরূ] ১ পক্ষী। "পাখি জাতি নহোঁ। —শ্রী.কী ৮১; পাখি বসিতে তরুপাতে চলনে। তোহ্মার গতি শক্তিআ রচয়ে শয়নে॥—২০২ (তু 'গী.গো ৫.১০); পাখী ৩৯৩। অঙ্গ-ছটা আটা তার, আখি-পাখী তাহাতে মজিল ব.প ১১২৫। ২ [পাখ+ই[11]; অপ্র] পাখ, পালক। "বগুলার পাখি গো.বি ১০৯। —খিনী বি [পাখী+ইনী; অপ্র] পক্ষিণী। "ম.ম ৭। —খী বি (অপ্র) পক্ষিণী "কোকিলা পাখী : চক্রু পাখী ম.ম ৭। [পাখীমারা—দুর্ব্বল পক্ষীর ঘাতক (অ-পৌরুষসূচক)। "এক টিপুনে ঘাস মারা, লোকে বলবে পাখীমারা।—দা ৮১৩। ২ ব্যাধ।]

পাখি[2] বি [E. spoke] ১ চাকার নাভিসংলগ্ন আড়কাঠ; আরা। ২ চরকার আড়কাঠ। ৩ ঢেরার তির্য্যক্ কাষ্ঠখণ্ডদ্বয়। ৪ খড়খড়ীর চেপ্‌টা আড়কাঠ।

পাখী দ্র 'পাখি[1]'।

পাখুড়া বি ['সং প্রগণ্ড; হি পখৌড়া; 'পাখরো (কথ্যভাষা)] স্কন্ধসন্ধি; কনুইর উপর হইতে কক্ষ পর্য্যন্ত অংশ; উপর হাত।

পাখুরা বিং প্রখর (?)। "পাখুরা কুঠার শ্রী ৬১।

পাখোয়াজ বি [সং পক্ষাতোদ্য > প্রা পক্‌খাউজ্জ (ক.ম ১$\frac{1}{8}$) > বা (পাখাউজ) পাখাজু, -খয়াজ, °জ; হি পখাউ(র)জ; ঠ পখরাজ (পক্ষবাদ্য ?)] মৃদঙ্গবিশেষ। [পাখোয়াজী (হি পখারজী, ঠ পখরাজী)—পাখোয়াজবাদক।]

পাগ বি [হি, মৈ পাগ; তু 'সং পাক'—আবর্ত্ত] ১ উষ্ণীষ, পাগড়ী। "কার শিরে নাহি পাগ।—ম ৬৫১। ক.চ ২৪৬। শ্রী.ম ২১৬। পাগে ছিল পরয়ানা শ্রী.মা ৫৯; কত ছন্দ পাগে ১৯৩। ২ মুকুট। "চেদীর ঈশ্বর লৈয়া পাগ যোগাইল।—ম ৩০৭। [°ধারী—মুকুটধারী, রাজা। "ওহে পাগধারী, পাসরেছ নবীন কিশোরী চ.দা ১৪২। পেগের বড়াই —পাগের বড়াই; মোড়লের গৌরব। "মেগের হাতে রাঁড়া রুলি পেগের বড়াই খালি।—হেম ৩৮০।]

পাগড়ি, -ড়ী বি [হি পাগড়ী] উষ্ণীষ। "মতির পাগড়ি।—কৃ ২৮০। পাগড়ী।—দা ৫৬। মাতায় পাগড়ি 'ও'টা।—জা ৫৭।

পাগল বিণ [অর্ব্বাচীন সংস্কৃত; পাকল > °ল (?); হি °ল] ১ উন্মত্ত, বাতুল। "পাগলায়াঙ্গহীনায় (যঃ স্বকন্যাং দদাতি)।—ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, প্রকৃতিখণ্ড, ১৪ (শ.ক)। ২ (বাঙ্‌লায়) বিষয়জ্ঞানহীন, না-সমঝ। "বাসনার বশে মন অবিরত, ধায় দশ দিশে পাগলের মত।—রবীন্দ্র। ৩ অবোধ, দুরন্ত (শিশু—আদরে)। ৪ অস্থির, চঞ্চল। "নয়ন পাগল হল না দেখিয়া তোমা শ্রী.মা ১৭৩। ৫ উচ্ছৃঙ্খল, অশান্ত। "পাগল নদী উঠে জেগে।—গান ৮১। ৬ (অসাধু) পাকল, রোষরক্ত। "পাগল আঁখি করিয়া তাহারে বিষহরি চায় : অকারণে পাগল আঁখি ১১০। ৭ বিমূঢ়। "(মানব) বিস্ময়ে পাগল।—হেম ১১৬। ৮ প্রেমবিহ্বল, ভাবে ভোলা অথবা আত্মহারা। "আমার পাগল বাবা, পাগলী আমার মা।—গি.খি ১০৮। ৯ শোকোন্মত্ত। "পাগল শিব প্রমথেশ।—হেম ৩৩৬। —গলা বিং [°ল+আ[11]; হি পগলা] ১ উন্মত্ত, ক্ষেপা। ২ দুরন্ত, অবুঝ (শিশু—আদরে)। —গলা[1] বি ভাববিহ্বল শিব। "পাগলার চৌদ্দ পাগলীর আট। এই নিয়ে কাল কাট॥—খনা। —গলী বিং [°ল+ঈ[3]; হি পগলী] ১ মত্তা; জ্ঞানহারা। "কালী সময় পাগলী চ.বি ২৪০। (শচী) ধায় উন্মত্ত পাগলী চৈ.ম ১১০। ভ.প্র ৫৩। ২ প্রেম-বিহ্বলা। "ভালে সে নাগরী, হয়েছে পাগলী চ.দা ৩। —গলী বি ১ দুর্গা। "দ্র 'পাগলা' (বি)। ২ অবুঝ বা দুরন্ত মেয়ে (আদরে)।

পাগলা[1] দ্র 'পাগল'। —লাই বি [°লা+আই[৫]] পাগলাভাব, দুরন্তপনা, দৌরাত্ম্য। "পাগলাই না করিহ, মা ছাড়াইয় ঝুঁঠ চৈ.চ ৮৫। [°গারদ (হি °লখানা)—পাগলের অবরোধগৃহ (lunatic asylum)। "ম ৮। পাগলাটে—পাগলের মত।]

পাগলা[2] সর্ম্ম [হি √পাগুরা; ড় √পাকুল; অস √পাগুল—রোমন্থন করা] দন্তহীন মাড়ি দিয়া চিবান। "বুড়া খাও পাগলায়। [পাগ(খ)-লান—সর্থ 'পাগলা[2]'।]

পাগলিনী বি [°ল+ইনী] উন্মত্ত; জ্ঞানহারা। "কভু কাঁদে, কভু গায়, যেন পাগলিনী প্রায়।—মা ১৬২।

পাগলী দ্র 'পাগল'।

পাগুরি বি [পামর > °রি; অপ্র] রেশমী উত্তরীয়। "সাল পাগুরি ভ.প্র ৩১৩।

পাঙা, -ঙ্গা বি ['পঙ্ক' মূল; হি পাঁগা] ১ সামুদ্রিক লবণ। ২ পাংশুক্ষার।

পাঙা(ঙ্গা)শ, -স বি [সং পিঙ্গাশ, -স্য; 'পাগাস' (শি ৮৫)] শল্কহীন চেপ্টা মৎস্যবিশেষ (Pangasius buchanani)। "পাঙ্গাস ভা.চ ১২৬। —শ বিং [সং পিশঙ্গ] পিঙ্গল, কেঁকাশে।

পাঙ্কা, পাঙ্খা বি [দ্র 'পাখা (৩); অপ্র] ব্যজন। "জমের বেটা ...পাঙ্খা ঢুলায় গো.চ ৬৯; পাঙ্কা ২১৩।

পাঙ্‌ক্ত, -ক্তেয়, -ক্ত্য বিণ [পঙ্‌ক্তি+অ (অণ্), +এয় (ঢক্), +য (ষ্যঞ্)] পঙ্‌ক্তিভোজনার্হ ব্রাহ্মণ। "অপাঙ্‌ক্তদান মনু ৩.১৬৯; অপাঙ্‌ক্তেয় ১৭০; অপাঙ্‌ক্ত্য ১৭৬, -৮৬।

পাঙ্‌খি বি [দ্র 'পঙ্‌খি'; অপ্র] পাখী। "গো.চ ৬৭।

পাচক বিণ [√পচ্+অক (ণ্বুল্)-ক] ১ পাককারক। ২ জীর্ণতা-কারক। —চক পুং ১ সূপকার। ২ অগ্নি। —চক ক্লী অন্নাদিপাক-কারক পিত্ত; পিত্তরস। —চিকা স্ত্রী পাককর্ত্রী।

পাচড়া দ্র 'পাঁচড়া'।

পাচতি বি [?] ধাই, দাই। °কিঙ্করী...আনিল পাচতি ক.চ ১১৩।

পাচন[1] বিণ [√পচ্+ই (ণিচ্)-অন্ (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ বিক্লেদ-কারক, পাকজনক। ২ পাচক, জারক। ৩ পূষজনক। —চন পুং ১ অগ্নি। ২ অম্লরস। ৩ রক্ত, এরণ্ড। —চন ক্লী [+অন-ভা] ১ পাক। ২ পাপক্ষয়কর প্রায়শ্চিত্ত। ৩ দোষনাশক ঔষধ-কাথ; পাঁচন। "তিন দিনে নিদয়ার সুপথ্য পাচন ক.চ ৪৫; ১১৩। বৌমা ক্ষীরির হাত হইতে বড়ী পাচন কাড়িয়া লইয়া...ফেলিয়া দিল ব.প্র ২৯০। ৪ স্ফোটকাদিপাক-জনক ঔষধ; পাকড়। —চনী স্ত্রী 'পরিপাক-কারিণী', হরীতকী।

পাচন[2] বি ১ সর্থ 'পাঁচন[2]'। ২ [প্রাজন > °ন ?] প্রেরণ। "সমবল চারিদিকে করিল পাচন চ.বি ১৪২।

পাচনি বি [°ন+ই[11]] সর্থ 'পাঁচন[2] (২)। "হাথে পাচনি করি রথ চালয়ে কৃ.উ ২৬৬।

পাচনী দ্র 'পাচন[1]'।

পাচলা বি[অপ্র] পাঁচালী। "সঙ্গিত পাচলা করি প্রচারিয়া দিল গো.বি ১৫৩।

পাচার বি [প্রচাল > °র (?)] ১ গোপনে অন্যত্র চালান বা সরান; লুকাইয়া চালান। "যাহাদের (রসিকতা জন্য) পশার নাই, তাহারা চোরাই মাল পাচার করিবার চেষ্টায় রহিল ব.প্র ৩৭৬। ২ নিঃশেষ, সাবাড়। "সকলেরই একমাত্র উদ্দেশ্য, খরিদ্দারের চোখে ধুলা দিয়া রদি মাল পাচার করিবে ব.প্র ৬১২।

পা-চারি, -চালি বি [সং পাদচার] পদে গমন; ভ্রমণ। কাঁধের পরে তুলে তারে' ক'রে বেড়াই পা-চারি।—শিশু ১০৩।

পাচেলা বি (?)। "কাণিয়ে পাইলে পাচেলা দেখাই বি.পা ২৪৫।

পাচ্য বিণ [√পচ্+য (ণ্যৎ)-র্ম্ম] অবশ্য-পচনীয়।

পাছ বি [সং পশ্চাৎ > প্রা পচ্ছ > বা পাছ, -চ; হি পীছে; অস

পাচ; তু 'পাচত' (গো.চ ৯৯)] পশ্চাদ্ভাগ, পৃষ্ঠদেশ। "বেগে পাছ যায় ব.প ৭৮৬। [°দুআর, °দেউড়ি, °দ্বার—বাড়ীর পিছনের দরজা, পক্ষদ্বার, খিড়কি; পা'ছ-দোর। "°দুআর গো.চ ৭৪; °দেউড়ি ২৮৪। °দ্বার বা.ম ১৮৯; ম.ম ৭৬। পাছ করা (সং পৃষ্ঠতঃ কৃ) —অতিক্রম করা। পাছত—পশ্চাৎ। "শ্রী.কী ২৫৫। °তলা—বিছানার পাএর দিক্; ঢেঁকির পদাঘাতের স্থান। পাছ দেওয়া—পিছন ফিরান। "বিদায় হইয়া বেহুলা চলিলা পাছ দিয়া বি.পা ৩৬৯। পাছ নেওয়া —অনুসরণ করা। পাছ লাগা—১ অনুসরণ করা। ২ বিরুদ্ধে লাগা; অনিষ্ট চেষ্টা করা। পাওছাইয়া—পাছে সরিয়া; পিছাইয়া। "বিরিখ জাএছে পাওছাইয়া গো.চ ২১১। পেছিলা—পাছের, (পূর্ব্বের ধার)। "মাছের পেছিলা বাকী ব.প ৩৪৯।]

পাছকুড় বি পাঁশকুড়া, ছাইগাদা। "°ডে কুকুর ঘুমায় ব.প ৪৭৪।

পাছড়, -ড়া[১], -রা বি [সং প্রচ্ছদ > প্রা পচ্ছদ, -য় > বা (পাচ্ছদ) °ড়, -ড়া, -রা (দ > ড়)] ১ প্রচ্ছদপট, বস্ত্রবিশেষ। "পরিদান সোনার পাছরা ম.গা ৪। °ড়া।—মী ১১। পিন্দে পাটের পাছড় ব.প ২৯। লোকের পিধন পাটের পাছড়া।—গো.বি ৫৪। °ড়া গো.চ ২। ২ আস্তরণ, আবরণ, চাদর। "পাতে নেতের পাছড়া।—কৃ ২৬০, পাড়িল পথে নেতের পাছড়া ৩৬৫। আচ্ছাদন দিল তায় (শয্যায়) পাটের পাছড়া শ্রী ৪০। ৩ [পাছেড়া (গো.চ)] গাত্রবস্ত্র, উত্তরীয়। "গাএ দেখি পাটের পাছড়া মী ১১; ব.প ৪৯৩; ক চ ১৮৭। পাটেব পাছড়া গায় বি.পা ১৯৫। শালেব পাছড়া (শ্রী)।—ছুড়া, -ড়ি[১], -ড়ী বি আস্তরণ। "তাব উপব পড়িয়াছে নেতেব পাছুড়ি ব.প ৪৯২। পাটের পাছুড়া দিল সকল শরীরে।—কৃ ৮০। পাটের পাছুড়ী বান্ধে পৃষ্ঠে বা.ম ৪৫।—ছোড়া বি [ঠ পসোডী] বস্ত্রবিশেষ, চট (?)। "বান্ধিয়া বাঁশের আগে পাটের পাছোড়া ক.চ ১৮৩।

পাছড়া[১] সর্ম্ম সর্ব 'পাছাড়[২]' (৩)। [পাছড়া-পাছড়ি—পরস্পর চিৎপাত করিয়া ফেলা। "পাড়াপাড়ি পাছড়া-পাছড়ি শ্রী ৬৮।]

পাছড়া[২] দ্র 'পাছড়'।

পাছা বি [সং পশ্চাৎ > প্রা পচ্ছা > বা °ছা] ১ পশ্চাদ্ভাগ, নৌকার পিছন। "নৌকাগুলির পাছা ফিরে গ্যাল।—হু ১৭৩। ২ স্ত্রীকটির পশ্চাদ্ভাগ; নিতম্ব (women's buttocks)। "°পাড়। °পেড়ে শাড়ী।—জা ২২। ৩ কটিপ্রোথ, পোঁদ (buttocks)। ৪ গুহ্যদ্বার। "পাছা গলা। ৫ (অপ্র) পথ। "গো.চ ৯। [পাছা—পশ্চাৎ, পরে। "মুঞি মুধাইল পাছা চৈ.ম ১৯৬। পাছায়ে—পিছাইয়া। "শ্রী ২২৬।]

পাছাড়[১] বি ['পশ্চাৎ (পশ্চা)-পাত'—মূল (?), হি পছাড়] ১ পশ্চাৎ পতন; চিৎপাত, আছাড়। "সদাগর শানে পাছাড় খায় ম.ম ২০১। হাটিতে পাছাড় খায় ব প ১৫০২। পাছাড়ে পড়িয়া রাক্ষস গেল যমঘর ম.বি ২৫। ২ উৎক্ষেপপূর্ব্বক প্রতিঘাত; আছাড়। "(ঘোড়ার ছাও) লেজেতে ধরিয়া তোলে মারিতে পাছাড় ম ম ৫৯। ভীম তারে ধরিয়া পাছাড় মারিলেক ম বি ১৫৪।

পাছাড়[২] সর্ম্ম [পাছাড়[১] > °ড; হি √পাছাড়] ১ চিৎপাত করিয়া ফেলা। "কোপ করে কত জন কিলায় পাছাড়ে।—শ্রী.মা ৮৮; পাছাড়িয়া বুকে বসে ১২৮। কে কারে আছাড়ে, কে কারে পাছাড়ে। —ভা.চ ৭৩। ২ আছাড় দেওয়া। "দিক্করী তুলিয়া পাছাড়ে ক.চ ৩৭। পাছাড়িয়া ভূমিতে ধরি ছুই করে ম.বি ১৫৪। বান্দী ধরিয়া পাছাড়ে ভা.চ ৪৯৭। ৩ (কুস্তিতে) চিৎপাত করিয়া ফেলা। "কাছাড়ে পাছাড়ে ভূমে ছাড়ে সিংহনাদ শ্রী ৫২; পাছাড়ি ভূমে যায় গড়াগড়ি ৬৮।

পাছাড়ি, পাছুড়ি[২] বি [পাছা > °ড়ি; তু 'আগা(ও)ড়ি'; হি প ছাড়ী] পশ্চাদ্ভাগ, পিছন। "আগুড়ি পাছুড়ি দড়ি ঘুঁড়ীর এলায় শ্রী ১৭০; আগাড়ি পাছাড়ি দড়ি ঘুঁড়ীর এলায় ২৪০। [পাছাড়ি দড়ি —ঘুড়ীর পিছনের পায়ে বাঁধা দড়ি।]

পাছি ক্রি.বিং [পাছ > °ছি, হি পাছী] পশ্চাৎ, পিছে বা পরে, যদি (সংশয়ে)। মা গো জলে নানা হিংস্রক জন্তু আছে কি জানি পাছি পদে দংশন করে কৃ.চ ১৪।—ছিলা বিং [হি পাছিল] পশ্চাদ্বর্ত্তী, নিম্নভাগস্থ। বিপ 'আগিলে'। "পাছিলা ধড় দিলে সগগে উড়াইয়া গো চ ২৮৮।

পাছু ক্রি.বিং [পাছ > °ছু; হি, মৈ পাছু] ১ পিছে, পরে। "বিরচিত পাছু বাট শূ ১০৪। প্রথমে উদয়গিরি, পাছু অস্তশিখরী ক.চ°১০। উদ্র হয়েছে বেলা খেলা কর পাছু শ্রী.মা ২৭।২ পশ্চাদ্ভাগে, পিছনে। "আমি পাছু পাছু যাই শ্রী.মা ৮০। রাম চলে পাছু পাছু।—ব প ৮২৬।—ছু বি পশ্চাদ্ভাগ, পরবর্ত্তী ফল বা পরিণাম। "পাছু না গুনিলী আছিদরী।—শ্রী.কী ৩৭৪। কুবুদ্ধি ধরিল মোর পাছু না গণিলুম অ.প ১০৭। পাছু না গণিয়া কৈল তোমার স্মরণ ম ১০৪। পাছু না গণিল প্রভু চৈ.ম ১৪। [°টান—পশ্চাদ্ভাগের টান, অর্থাৎ পুত্রকলত্রাদিজন্য স্নেহ-মমতার আকর্ষণ। "যাহাদিগের কোন পাছুটান নাই, তাহাদিগের অপেক্ষা পুত্রকলত্রবান্ ব্যক্তির সহস্রগুণে সাবধানতা এবং পরিণামদর্শিতা সমুদ্ভূত হইবে পা.প্র ৯৯। °পানে, পাছুতে—পশ্চাৎ, পিছনে। "°পানে চাই চ.বি ২৫৩। °বাটে—পিছনের পথে; পৃষ্ঠদেশে। "জন পাঁচ ছয় বীর আস্তা ধরে পাছুবাটে ব.প ৫৩৬। °মোড়া—পৃষ্ঠভাগে হস্তদ্বয় মোটনপূর্ব্বক, অর্থাৎ হাত মোড়া দিয়া। "উত্তরীয় বসনে বান্ধিল পাছুমোড়া শ্রী.মা ২১৬।]

পাছুআন, -য়ান বিং [আগুআন > °আন, -য়ান (বৈপরীত্যে); হি 'পছিআনা'—পশ্চাদ্গমন; মৈ 'পছুআড়'—পশ্চাদ্বর্ত্তী] ১ পশ্চাদ্গামী, পরবর্ত্তী। "তের জন দলুই চলিল পাছুআন।—শ্রী.মা ১৫৮। ২ পশ্চাদ্গত, পলায়নপর। "রথ লৈয়া সারথি হইল পাছুআন।—ম ৬৪০।—আন ক্রি.বিং ১ পশ্চাদ্ভাগে, পৃষ্ঠদেশে। "গজে গজে মহাযুদ্ধ তার পাছুআন।—ম ৮৩১। ভাঙরি কাটায়া তার গিয়া পাছুআন শ্রী.ম ৬৫। ২ পরে। "তাহা দেখি ব্যাধের হৈল রাগ পাছুআন শ্রী.ম ২২৭।

পাছুড় সর্ম্ম [হি √পছোড়, প্রা 'ছূচ' (ক্ষিপ্ত—হে)] কুলায় করিয়া অসারাংশ ক্ষেপণ করা বা ঝাড়া; কুলাঝাড়া করা।

পাছুড়া, পাছুড়ি[১], -ড়ী দ্র 'পাছড়'।

পাছুড়ি[২] দ্র 'পাছাড়ি'।

পাছে ক্রি.বিং [পাছ+এ[৫]; হি °ছে; পাছেঁ, -ছেঁত (শ্রী.কী)] ১ পশ্চাতে, পিছনে। বিপ 'আগে'। "সোআমির পাছে পাছে মএনা জাএছে চলিয়া গো.চ ৪৬। ২ পরে। "তার পাছে যমল আর্জুন পাঠাযিল শ্রী.কী ৫। পাছে যা করে গোঁসাই ক চ ২৮০। চৈ.চ ৮৫। জাগাত দেহ, চলি যাও পাছে চৈ ৫১। বা.ম ২২৫। ৩ পরে, বিলম্বে। "অ-সকাল হয় পাছে, পেতে চাই নাথ।—শ্রী ১৬৪। ৪ পিছে, অর্থাৎ উভয়ের সম্পর্কবিষয়ে। "কোপেতে ব্যাকুল তুমি পাছে নহে চাও। উচিত সম্বন্ধে তুমি হও সতা যাও ম.ম ১৭। ৫ নিকটে, কাছে। "হীবা নিদয়ারে বলে, কি হইয়াছে পুত্র কোলে?—তার পাছে বলয়ে নিদয়া ক.চ ৪৬। ৬ পরে, পরবর্ত্তী কালে। "না বুঝিয়া কর কর্ম্ম দুঃখ পাইবা পাছে ম.ম ১৭। ৭ পিছনে, সঙ্গে সঙ্গে। "পদ্মা তোমার পাছে বৈরী আছে সর্ব্বক্ষণ ম.ম ১১৯। ৮ পরে যদি, যদি (সংশয়ে, ভয়ে)। "বালিকে মারিয়া দৈত্য পাছে মোরে মারে।—কৃ ১৫৫। আপন উচিত ধন ছাড়ি দেহ পাছে।—ম ২২। চৈ.ভা ২০৬,-৮। পাছে দেন খোঁটা শি ৮১; ধন্দ কর পাছে ৮৫। চরণরাজীব-রাজে, মনঃশিলা পাছে বাজে ভা.চ ৬৭।

পাজলা, -জাল বি [সং প্রজ্বালা; অপ্র] ধুপপাত্র, ধুপতী, ধুনাচি। "সুগন্ধি চন্দন কাষ্ঠে জ্বালহ পাজলা।—কৃ ৩৭৯। কঠোর করিয়া কেহ জ্বালায় পাজলা শ্রী ২১২। হেতাল কাটিল পাজাল জ্বালিল ম.ম ২৩৬।

পাজা[১] দ্র 'পাঁজা'।

পাজা[২] (গৌণার্থে) রাশি। "তোমার পাজায় পাজায় চুল গো.চ ২৫৮।

পাজামা বি সর্থ 'পাওজামা'। "ব.প ১৭৩৮।

পাজি, -জী বি [ফা পাজী ; হি, ঠ পাজী] নীচ, ক্ষুদ্রচেতাঃ, দুর্ব্বৃত্ত, নচ্ছার। "হুকুমে আনাব ধরে সে বা কোন পাজি শ্রী ১৪ ; পাজী ১৫৫। এ সেই হরা পাজির কারসাজি।—ব.প্র ২৭৬। [পাজীর পা-ঝাড়া —যে পাজীর পা হইতে ঝাড়িয়া-ফেলা ; পাজীর পায়েও যাহার স্থান নাই ; অত্যন্ত পাজী।]

পাঞ্চজন্য পুং [পঞ্চজন+য (ঞ্য), পা ৪.৩.৫৮, সি] 'পঞ্চজনভব', পঞ্চজনদৈত্যের অস্থিজাত বিষ্ণুর শঙ্খ। দ্র 'পঞ্চজন'। পাঞ্চজন্যং হৃষীকেশঃ (দধ্মৌ) গী ১.১৫। মাঘ ৩.২১। পাঞ্চজন্য আপনি বাজান হৃষীকেশ। —ম ৮৫২ ; ৯২৩। [°ধর (পুং)—বিষ্ণু।]

পাঞ্চভৌতিক বিণ [পঞ্চভূত+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ পঞ্চভূতসম্বন্ধী, পঞ্চভূতভব। "আদানাং পাঞ্চভৌতিকম্ যজ্ঞ ৩.১৭৫। ২ পঞ্চভূতাত্মক, আকাশাদিভূতজাত। "ধাতবঃ পাঞ্চভৌতিকাঃ মহা ৬.৫.১১। পাঞ্চভৌতিকঃ (দেহঃ) ভ ১.৬.২৯।

পাঞ্চশব্দিক ক্লী [পঞ্চশব্দ+ইক (ঠক্)] 'পঞ্চবাদ্যশব্দনির্বৃত্ত', অঙ্গজাদি পঞ্চপ্রকার বাদ্য। [অঙ্গজ চর্ম্মজ তন্ত্রজ কাংস্যজ ও ফুৎকৃত—এই পঞ্চ বাদ্য (স্কন্দপুরাণ, রেবাখণ্ড)।]

পাঞ্চাল বিণ [পঞ্চাল+অ (অণ্) ; স্ত্রী -লী] পঞ্চালদেশে স্থিত বা জাত। —ল পুং [+অ স্বার্থে] ১ পঞ্চালবাসী ক্ষত্রিয়গণ। "মহা ৩.৮০.২০। °প্রধান।—ম ১৮৪ ; শুনহ পাঞ্চাল ১৮৯। ২ পঞ্চালাধ্যুষিত দেশ। "(সোঽধ্যবসৎ) দক্ষিণাংশ্চাপি পাঞ্চালান্ মহা ১.১৩৮.৭৪। ৩ [+অ (অঞ্)] পঞ্চালরাজ (সি)। —লিকা স্ত্রী [°লী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ পুত্তলিকা, পুতুল। "দন্ত° মা.মা ১০.৫। ২ (বাঙলায়) পাঁচালী। "ম.পা ১ ; ৩। —লী স্ত্রী ১ 'পঞ্চালভবা', দ্রৌপদী। ২ পুত্তলিকা। ৩ রীতি(পদবন্ধ)-বিশেষ। [ইহাতে বৈদর্ভী ও গৌড়ী রীতির ব্যঞ্জক বর্ণ থাকে না এবং পাঁচ বা ছয় পদের সমস্তপদ থাকে (সা.দ ৯.৪)। এই রীতি পঞ্চালকবিগণের সম্মত ও তদ্দেশে প্রচলিত।] ৪ (বাঙলায়) পাচালী। পাঞ্চালী প্রবন্ধ অনুসারে গ ৫।

পাঞ্চালিকা, পাঞ্চালী দ্র 'পাঞ্চাল'।

পাঞ্জর বি [সং পঞ্জর] ১ দেহের পার্শ্বাস্থি ; পাঁজড়া। "বত্রিস পাঞ্জর গো.চ ২৮৯। পাঞ্জর দহিল কালঘুণে ম.গা ২০। তোর পাঞ্জর করিতাম গুঁড়া ম.ম ১৪৭ ; লখাইর পাঞ্জর ২১৬। ২ দেহ। "যত রূপ তত বেশ, ভাবিতে পাঞ্জর শেষ।—জ্ঞা ১১। ৩ বুক। "দেখিয়া পাঞ্জর কাটে বি.পা ৩০১। ৪ দস্তানা (?)। তু 'পাঞ্জা'। "হাতেতে পাঞ্জর বি.পা ১৫৬।

পাঞ্জা বি ১ সর্থ 'পঞ্জা (২)। "যোধপুরী বেগমের পাঞ্জাটা আমার কাছে আছে। সেই পাঞ্জা তুমি লইয়া যাও।—ব.দ্বি ৩৪২। ২ (অপ্র) সাহস, ভরসা। "দিলে বড় পাঞ্জা করি, হাতেত তুলিয়া দৈলু আসা ব.প ২১৬। [°ঝাড়—পাঁচ ডালের ঝাড়। "হু ১৫১।]

পাঞ্জার বি [পাঞ্জর > °র ; অপ্র] ১ সর্থ 'পাঞ্জর (১)। "এ সব কথা তুলিলে পাঞ্জারে বিন্ধে ঘুন গো.চ ৭১। ২ বুক, হৃদয়। "থাকিল এখানা দুক্‌খ মোর পাঞ্জারের ভিতর গো.চ ১৭২ ; ২০২।

পাঞ্জি বি [পঞ্জী > পাঞ্জি ; অপ্র] জীবের ধর্ম্মাধর্ম্মের বিবরণলিপি। "(চিত্রগুপ্ত) পাঞ্জি দেখি বিচারিয়া বলেন কারণ—জ ৮৩।

পাট[১] বি [সং পট্ট > লি, প্রা পট্ট > বা °ট ; হি পাট ; ঠ 'পাঁট' —পীঠ] ১ রেশম। "পাট-নেতাবাস ক.চ ৪১ ; পাটের শাড়ী ৬১ ; ৭৫। পাট পাটাম্বর বি.পা ২৩৫,-৫৮ ; বা.ম ২১৪। পাটের রজ্জু দু ১৪। পাটক ডোর।—ব ৬৭। কালা পাট গলে দোলে।—জ্ঞা ১৯। ২ পট্টবস্ত্র। "নেত পাট দিয়া সর্ব্ব ঘর আচ্ছাদনে ব.প ৮৬৩। পাট ভোট নেতধড়ী শ্রী.ম ২২৩। ৩ শণসূত্র, শণবস্ত্র। "পাট-শণ বন্ধনে, ধবল চামর পাব ক.চ ১৯ ; ২০৪,-২৩। সেই নায় ভরে সাধু পাট আর ভুটা ম.ম ১২১ ; পঙ্কক পাটের ঝুনিঃ পাটের ঝুনিঃ পাটের বস্তা ১৩০। ৪ [ড় ঝুটপট ; E. jute ; তু 'পট্টশাক' —পাটশাক (ভাবপ্রকাশ)] কোষ্টাগাছ, কোষ্টার আঁশ। "°টাকুর। শ্রী.কী ১৬৮। ৫ কাষ্ঠফলক, পাটা, তখ্‌তা। "পাটের নাজ শ্রী.কী ১৫৮। খাটে কর পাট ঃ পাটকর্ম্ম বা.ম ১৩৪। শূলাকৃতি লৌহে পাট করি একত্তর।—ম.পা ১২৪। ৬ ধোবার কাপড় কাচার তখ্‌তা। "ধোপার পাটেত নিয়া তাহারে থুইল।—গো.বি ১৮৪। সোণার পাট ব.প ২৯৫। সুবর্ণের পাটে ম.ভা ৫৪। ৭ ফলকমাত্র। "(জৌয়ের) ষোল পাট ক.চ ১৮৩। ৮ পীঠ, কাষ্ঠাসন, পীঁড়ি। "খাট পাট সিঙ্গাসন।—ম.গা ১৭। খাট পাট রত্নসিংহাসন কৃ.অ ১৩। ছাড়ে খাট পাট।—কৃ ৩৭৫। খাট পাট সিংহাসন।—ম ৯৬৭। পাটে চরি রূপবতী, প্রদক্ষিণ করে পতি ক.চ ৪৮ ; ১২৪। বসিল দিব্য পাটে ম.ম ৯৬। ৯ সিংহাসন, গদী। "শ্রী.কী ১০৭। পাটে কংস নরবর শ্রী.ম ৬৩। এসে ব'স পাটে শ্রী ১২৯। রামচন্দ্র পাটে রাজা হইলা। —দু ১০৫। সিঁথার সিন্দূর মনমথ পাট।—জ্ঞা ১০৭। ১০ রাজধানী, নগর, রাজ্য। "নন্দীগ্রামে পাট করি কর রাজকার্য্য।—কৃ ১২১। পাট সিংহাসন সব তোমার বিফল অ.প ৬১। সুরিক্ষার পাট শ্রী.মা ৬০ ; ৯১। বীরসিংহ তার পাট ভা.চ ২৬২ ; ৪২৬। ১১ (সিংহাসনসাদৃশ্যে) উদয়াচল, অস্তাচল। "রাত্রিমধ্যে ভারতে উদয় দেহ পাটে শ্রী ১০৮। দিনকর পাটে বসে।—রঙ্গ ২৮। সূর্য্য নামে পাটে।—শিশু ৪১। সূর্য্য যায় পাটে।—চ.কা ২৬৯। ১২ দেবতার সাধুর বা ভক্তের অধিষ্ঠিত বা পীঠবিশিষ্ট স্থান। "দুর্ব্বাসার পাট শ্রী ৩৩। চৌষট্টি যোগিনী পাট ভা.চ ১২০। দেবানন্দের পাট। ১৩ মঞ্চ। "সুনার পাটেত বেসাতির বৈসএ হাট শূ ৩৮,-৯। ১৪ মৃত্তিকাফলক। "যুগ্মপাট। —ম ৪০৬। ১৫ শিবের গাজনে সন্ন্যাসীর ঝাপ খাওয়ার কাঁটা-বসান কাষ্ঠফলক। ১৬ জোড়ার একটা ; পাটি ; পাল্লা। "পাদুকা দুই পাট। —কৃ ৩৮০। কপাটের একপাট। ১৭ কূপের বৃত্তাকার মৃত্তিকাফলক। ১৮ দেয়ালের এক ভাগ বা দিক্। "এমন প্রাচীর দিল হৈল চারি পাট ক.চ ৭৯। ১৯ ঘরের একদিকের চাল। "চারি হালা খড়ে বিশাই ছাইল চারি পাট।—ক.চ ৭৯। ২০ প্রাচীর, বেষ্টন। "(ধেনুগণ) ভাঙ্গিয়া সৈন্যপাট বেগে হইল বাহির।—ম ৬৩৬। ২১ যানির গাছে তির্য্যক্-সংলগ্ন তখ্‌তা (যাহাতে চালক বসে)। ২২ শণসূত্রের থলিয়া ; গুন, ছালা। "লইয়া টাকার পাট, চলে বীর গোলাহাট ক.চ ৭৫। পাটে ভরি নিল খই ১২২, কড়ি চাই পাটে পাট ১৭৪। [°কাঠি —পাটগাছের কাঠি ; পাকাঠি। °গোড়তালী—নৌকার পাটে গোড়ালির আঘাতে তাল। "মুখে সারি গায় রঙ্গে পাটগোড়তালি শ্রী.ম ৬৯। °টাকুর—পাটের দড়ি কাটার টাকুর। °থোপ, -পা—ভূষণার্থ রেশমের লম্বমান গুচ্ছ। "লম্বিত বিচিত্র পাটথোপ ক.চ ১২৮,-৯২। ঝাঁপা পাটথোপা।—শি ১৬। °ধড়া—পট্টবস্ত্র। "বা.ম ১৮৮। চৈ.ম ৫৫। °ফুল—পাটে গ্রথিত কুসুমের কবরীভূষাবিশেষ। "°ফুলে কিবা বেণী বিজড়িত।—রঙ্গ ২০৬। °ভাঙ্গা—ধোব্ ভাঙ্গা। °মহল—রাজার অন্তঃপুর। "গো.চ ১৯৪। °মহারাণী, °রাণী—কৃতাভিষেকা রাজ্ঞী ; বড়রাণী। "পাটমহারাণী হৈল সুরুচি চৈ.ম ১৩৪ ; °রাণী ১৩৭। এক পাটরাণী ভা.চ ২৮৯। ছোট মাগ পাটরাণী।—জা ১৬। °মাতা —পাটরাণী-মা। "দমা দেবী °মাতা ক.চ ১৪১। °শাক—১ তিক্ত পাটের পাতা ; নালতা। ২ পাটের পাতা। °শাড়ী—রেশমের শাড়ী। "ক.চ ১১২। চৈ.ম ৩৭। °শাল, °সাল—১ রাজসভা। "পাটসাল। —শূ ৪৫,-৬। ২ বৈঠকখানা। "হেনকালে সাধু আসি বৈসে পাটশালে

ক.চ ১৫৩ ; পাটশালে, সখা সঙ্গে পাশা খেলে ১৭৪। °সন্ন্যাসী—শিবের গাজনের প্রধান সন্ন্যাসী। °হস্তি, -স্তী, °হাতী—রাজার হাতী। "°হস্তি গো.চ ১৮। °হাতী শ্রী ১১৭,-২০ ; °স্তী ১২৩। °স্তী শ্রী.ম্রা ১০৭,-১১। পাট পাট—ছালা-ছালা, প্রচুর। পাটে বসা—অস্তমিত হওয়া। দ্র 'পাট' (১১)। পাটের দোলা—কাষ্ঠফলকে রচিত দোলা ; শিবিকাবিশেষ (?)। "চড়িয়া পাটের দোলা ক.চ ১১৫। পাটের পোয়াতী—বহু সন্তানের প্রসূতি। "প্রথম পোয়াতীর বুক, পাটের পোয়াতীর মুখ।—অর্থাৎ প্রথম পোয়াতীর স্তন ও পাটের পোয়াতীর মুখ দেখিলে বুঝা যায়।]

পাট[২] বি [সং পাটক] গ্রামের একাংশ ; পাড়া। [°পড়সি, -সী, -রশী (তু 'পরপরশি'—বি.পা ২৯১)—পাড়াপড়সী, প্রতিবেশী। "°সি ক.চ ৩১। °শী ব.প ২৭৮।]

পাট[৩] দ্র 'পাইট'।

পাটআর বি [দ্র 'পাটোয়ার'[১]] সারি। "চান্দের গোচরে আসি দিল পাটআর বি পা ২৫৫। [পাটোয়ার দিল—সারি দিল, অর্থাৎ উপস্থিত হইল।]

পাটক বিণ [√পাটি+অক (ণ্বুল)-ক] ছেদক ; নিবাসক। "অহং তমো ঘনীভূতমহমেব চ পাটকঃ।—হ ১৭৩.১৩।—টক পুং [অ (অচ্) -র্দ্ধ+ক (কন্) স্বার্থে] ১ গ্রামের একদেশ ; গ্রামার্দ্ধ, পাড়া। ২ ['পট্ট'—মূল ?] ঘাটের সোপানাবলী। ৩ অক্ষাদিচালন। ৪ রোধঃ, কূল, তীর। ৫ [ধ্বন্যাত্মক ?] বাদ্যবিশেষ।—টন[৩] ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ছেদন। "কাষ্ঠময়ানাং পাটনম্।—মৃ ৩⅔। ২ বিদারণ, চেরা। "°ক্রিয়া—সুশ্রুত ১.১৭২০। বক্ষঃপাটন ভ ৭.৮.৪৭। নখক্রকচ° বা ভা ২.৫২। ৩ (বাঙ্‌লায়) ছেদক তীক্ষ্ণ বাণবিশেষ। "বুক পসারিতে কালু ছাড়িল পাটন।—শ্রী ১৯১। [পাটনকাঁড়—সর্থ 'পাটন (৩)'। "কাটিল পাটনকাঁড়ে শাবীব বন্ধন ক.চ ১২৭।]

পাটকিলা, -লে বিং পাটকেলের মত রঙ-বিশিষ্ট ; পীত। "(গোরু) কত কালো পাটকিলে শাদা।—শিশু ৭৯।

পাটকেল বি [পাটিকা > °ল] ইষ্টকখণ্ড, লোষ্ট্র, নুড়ি, ঢিল। "সিন্দুর-অভাবে পবে পাটকেল গুঁড়ি শ্রী ১০২। কোশল-বিভায়…কৌশল্যা পটুতরা, সুতরাং হীবা পাটকেলটি খাইল।—ব.ছি ৩৮। [পাটকেলায়—পাটকেল মারে। দ্র 'পাইটকা'।]

পাটচ্চর পুং [পাটয়ংশ্চরতি (পাটয়ৎ+চর), পৃষো, পটচ্চরোঽপি (অ.টী)] চৌর। "কুসুমরস° শ ৬⅖।

পাটন[১] দ্র 'পাটক'।

পাটন[২] বি [সং পট্টন ; হি °ন ; 'পাঠন' (বা.ম১৮২,-৭, ম পা ১০৬, -১২,-১৪)] ১ নগর। "অমর পাটনে গো.বি ১৩৮। গউড় পাটন।—ক.চ ১৩১ ; পাটনে লোক ২০৪ ; অন্বেষণে চলিব পাটন ২২৫। ভ.গ্র ২৩৫। ২ রাজ্য, দেশ। "নারীর পাটন এই।—মী ৫। পঞ্চ প্রহরের পথ গোধার পাটন বি পা ৩৩৫। ৩ পাটনে বাণিজ্যার্থ যাত্রা। "এবার পাটনে গেলে হারাইব জীব : মাঘ মাসের পাটন ম.ম ১১৯ ; ২১৭। তোমার বাপে পূর্ব্বে করিত পাটন বি.পা ১৬৩। [উত্তর পাটন—নগরের উত্তরে স্থিত বধস্থান। "উত্তর পাটনে নিয়া তারে দেহ বুলি গো.বি ৭৫। দক্ষিণ পাটন—১ নগরের দক্ষিণে স্থিত বধস্থান। "দক্ষিণ পাটনে নিয়া তারে পালাএ মারি গো.বি ৫৯। ২ ভারতের দক্ষিণে বাণিজ্যসমৃদ্ধ নগর (সিংহলের রাজা শালবানের রাজধানী)। "যায় সাধু দক্ষিণ পাটন।—ক.চ ২২৫।]

পাটন[৩] দ্র 'পাটক'।

পাটনি, -নী, -টুনি, -নী বি [°ন+ই[৮], ঈ[১] (?) ; হি পট(টৌ)নী ; প—'পত্তন'—পারঘাট] ১ যে পাটনের নদীতে পার করে (?) ; খেয়ারী, ঘাটমাঝী। "পাটনী করিয়া পার গেল ভব জিনে।—কৃ ৬৯। পাটনি নগরে বৈসে,…পার করি লয় রাজকর ক.চ ৮৯। পাটনি বি.পা ৬০। ঈশ্বরী পাটুনী অ.চ ২৫৪। আড়খেয়ার পাটুনী হু ১৭৭। ২ (অপ্র) শ্মশানঘাটের করগ্রাহক। "পাটনীর বেশ রাজা ধরিল তখন।—কৃ ১০ ; ঘাটের পাটনী ১২। [°ঘাটা—পাটনীর পারঘাট। °চোবা নৌকা—পাটনীর ব্যবহারে জীর্ণ নৌকা।]

পাটব ক্লী [পটু+অ (অণ্)] ১ পটুভাব, নৈপুণ্য, দক্ষতা। "পাটবং সংস্কৃতোক্তিষু।—হি ২ (অবতরণিকা)। ২ আরোগ্য।—বিক বিণ [°ব +ইক (ঠন্)] পাটবযুক্ত, পটু।

পাটয়ার বি [দ্র 'পাটোয়ার'] ১ বস্ত্রাবরণ, বস্ত্রবেষ্টন। "চারিদিকে দেবগণ দিলা পাটোয়ার ম.ম ২১৯। ২ [পট্টধার ?] যূপকাষ্ঠ। "উনকোটি নাগে ধরে রথের পাটোয়ার ম.ম ২। ৩ [?] যাত্রা। "অষ্ট নাগ লইয়া পদ্মা করে পাটোয়ার ম.ম ১০২।

পাটল বিণ [°ল+অ (অচ্) অস্ত্যর্থে] ১ পাটলবর্ণযুক্ত, শ্বেতরক্ত, পাটকিলে। ২ অরুণ। "পল্লবস্নিগ্ধপাটলা (ধেনুঃ) রঘু ১.৮৩ ; ২.২৯ ; °গণ্ডলেখম্ ৭.২৭। °পাণিজাঙ্কিতমুরঃ গী.গো ১২.১৪।—টল পুং [√পাটি+অল (কলচ্)-ক (অ.টী)] ১ পাটলবৃক্ষ। "গো.রা ৩.১৭. ১১। ২ শ্বেতরক্ত বর্ণ ; আরুণ্য, পাটলকুসুমবর্ণ, পাটকিলে রঙ। "কপোলপাটলাদেশিম্ রঘু ৪.৬৮।—টল ক্লী [°লা+অ (অণ্)] ১ পাটলাপুষ্প, পারুলফুল। "°সংসর্গসুরভিবনবাতাঃ শ ১.৩। নব° রঘু ১৬.৫২। পাটল তুণ বি.প ৯৬। পাটল-পাত ব.প ১০১৮। ২ (তৎ-সাদৃশ্যে) আশুধান্যবিশেষ। ৩ কুঙ্কুম।—টলা স্ত্রী ১ পুষ্পবৃক্ষবিশেষ, পাটলি, পারুলগাছ (Bignonia suaveolens)। ২ পাটলিপুষ্প। ৩ রক্তলোধ্র। ৪ দুর্গা। "বামভাগে সুরঙ্গ পাটলা বা.ম ৫।

পাটলা দ্র 'পাটল'।

পাটলি স্ত্রী ১ পাটলবৃক্ষ, পারুলগাছ। "ম ১২৫৭। ২ পাটলিকুসুম। "°পটলকুতস্মরতূণ গী.গো ১.৩১। [°পুত্র, °পুর (স্ত্রী)—প্রাচীন নগরবিশেষ ; কুসুমপুর। "°পুর রঘু ৬.২৪, মল্লিনাথ। °পুত্র।—পঞ্চ ৫⅔ ; হি ⅙ (কথারম্ভ)। [ইহা মগধের রাজধানী এবং শোণগঙ্গা-সঙ্গমে অবস্থিত ছিল। ইহা আধুনিক 'পাটনা'। 'পাটলিক' (ক.সা ২.৪৫)। 'কুসুমপুর' (মু ২), 'পুষ্পপুর' (রঘু ৬.২৪) ইহার নামান্তর।]

পাটলোপল পুং [কর্ম্মধা] পাটলবর্ণ মণি ; পদ্মরাগ।

পাটা বি [পাট[১] > °টা ; সং পট্ট,-ট্টক ; হি 'পাটা'—পীঠ] ১ কাষ্ঠফলক, তখ্‌তা "°তন। ২ পুথির কাঠাবরণ। "শিষ্যগণ পলাএ পুথির পাটা মাথে ব.প ২৫৫। ৩ ধোবার পাট। ৪ হাটে বেচিবার নিমিত্ত মাছ তুলিয়া রাখার কাষ্ঠফলক। "পাটা-পাড়ি হাটে ব'সে মাছ বেচিব আমি।—শি ৮৪। ৫ [ঠ পাটা] শিলাপট্ট, শিল। "পোলা বোগী পাইলে পাটাতে তুলি বাটে।—মী ১২ ; গো.বি ৬০। পাটায় ছেচিয়া নেয় পোলতার পাতা ম.ম ৯৫। ৬ চওড়া কোমরের অলঙ্কারবিশেষ। "শিরীষের গুটি নব পোভা পাইল পাটা শি ৭৬। ৭ [হি পট্টা] পট্টসদৃশ কটিবন্ধ। "কক্ষ°, কোমর°। স্বর্ণ°।—কৃ ৩৪৫। ৮ ঘানির চালকের আসন তির্য্যক্‌কাষ্ঠফলক। ৯ রাজমিস্ত্রীর পলস্তারা ঘষার কাষ্ঠফলক। ১০ পট্টবৎ গলার আভরণবিশেষ। "সেই দেশের লোকে চলে গলায় দিয়া পাটা শু.ম ১২৩। গলে পাটা শোভে চ.বি ১। ১১ নাকের উভয় পার্শ্বের আবরণ বা পাতা। "এই ভাবিতে ভাবিতে রাধারাণীর আবার নাকের পাটা কাঁপিয়া উঠিল।—ব.গ্র ৫৬৯। ১২ বক্ষ। "এক°, দো°। ১৩ দেওয়াল। "প্রবালের পাটা ভ.গ্র ৪৪০। ১৪ পট্ট-সদৃশ বক্ষঃস্থল। "কবাটবিশাল পাটা ক.চ ৫৩ ; ২১২। ১৫ পট্টবৎ ললাটাস্থি। "কাটা ললাটের পাটা।—রঙ্গ ১। ১৬ শিবের গাজনে সন্ন্যাসীর উপবীতাকার উত্তরীয়। ১৭ সর্থ 'যোগপাটা (২)। "গলে পাটা। ম ১২৫৩। কবিরাজ-পাটা গলে ক.চ ২৭। গলে পাটা, ভালে

কোঁটা রা.শে ৬৮। **১৮** শণের সুতা। "আসি মন পাটা গো.রা ৮০। **১৯** [সং পাট,-ক] বিস্তার, চওড়াই। "বিপুল বুকের পাটা।—জ ৫১। বেড়েছে বুকের পাটা ব.প ৮৩১। **২০** [সং পাত্র; ঠ পাট] নদীপ্রভৃতির বিস্তার; পাতা। "অর্ণবে না দিও ডিঙ্গী, পাটা যার শতেক যোজন ক.চ ১৮৯। **২১** [সং পট্টক] সর্ব 'পট্টক (পুং, স্ত্রী)। [°কৃমি—ফিতাকৃমি (tape-worm)। °তন—১ নৌকায় বসার পট্টনির্ম্মিততল বা তথ্‌তার মঞ্চ (deck) °বুক—নির্ভীক। "চোর পাটাবুক শ্রী.কী ৪৮। ২ তথ্‌তার মেঝে। °বুকী—অতিসাহসিকী নারী; নির্ভীকা। "শ্রী.কী ২৭। "মোরে দেখি পাটাবুকী না করিল.ভয় রা.শে ৫৩। বা.ম ২৭৫। °শেয়ালা—ফিতার মত শৈবালবিশেষ। °সেলামী—পাটা লওয়ার সময়ে জমিদারের সম্মানার্থ দেয় অর্থ। বুকের পাটা—১ বক্ষঃস্থলের বিস্তার। ২ (গৌণার্থে) সাহস (বিস্তৃত বক্ষঃ বীর্য্যসাহস-সূচক)। দ্র 'পাটা (১৯)। বেটীর এমনি বুকের পাটা জটের বুকে পা-টা দিলে।—রামপ্রসাদ।]

পাটাজি বি [পাটা-জ+ই১১] পাটার মত চওড়া জমাট গুড়; গুড়ের তথ্‌তী।

পাটি১, -টী৩ বি [পাটী > °টি,-টী; হি পাটী] ১ পরিপাটি, শৃঙ্খলাপূর্ব্বক সংসারের কাজকর্ম্ম; পা'ট। "সারাদিন করি সারা সংসারের পাটি।—শি ৯৩। ২ নির্ম্মাণপরিপাটি, রচনাকৌশল। "শঙ্খের উপর যে এমন করে পাটি।—শি ১০০। ৩ [সং 'পট্টিকা'—নলপট্টিকা; হি পাটী; (মুণ্ডারি) 'পাটি'—leaf-mat।] বেতির মাদুরবিশেষ। "টাটির উপর পাটি বিছাও গো চ ২৫১,-২। নাগের পাটি ব.প ২৯৮। গঙ্গাজলী পাটী ক চ ২০৪। পাতাইল পাটী শ্রী ৪০। পাটির উপর সারি পাতিল বিশাখা রা.শে ৭৪। ৪ মাদুর। "তুমি রোগী আমি পাটি দা ২১২৩। বিছায়া লোহিত পাটী, পাঁচ বেরি করয়ে নমাজ।—ক.চ ৮৫। ৫ তালপাতার বা খেজুরপাতায় চেটা। "পসরা চুপড়ী পাটি লইল ফুল্লরা।—ব প ৩৪২। ৬ [সং পট্টি] কোমরবন্ধ, নীবি। "তাহার উপরে সোনার পাটি।—জ্ঞা ১৯৫। ৭ [সং পট্টিকা; হি পাটী] পাট, তথ্‌তা। "গজালে গাঁথিল পাটী।—ক.চ ২২২। ৮ ['পট্ট' মূল] পাটের থলিযা, ছালা, গুন। "যব পাটি পাটি আনে।—কৃ ২৮৩। ৯ [পাতি > টি,-টী] পঙ্‌ক্তি, শ্রেণী। "দুপাটী দশন কৃ.উ ৮৫; ম ২১৮। ১০ পঙ্‌ক্তি, রেখা। "চিকুরের পাটি পাটি ব.প ৫০০। ১১ সমূহ। "ইচ্ছা করে কিল মেরে তোর সেই ইন্দ্রিয়ের পাটিকে পাটি ভেঙ্গে দিই।—ব.প্র ৪০৫। ১২ শ্রেণীবদ্ধ বসতি; পটী। "চৌদিকে কোঁচের পাটী ক.চ ৩৩। [°ঝাঁটি—ঝাঁট-পাট। "ঘরের পাটি শ্রী.ম ২৭। পাট্যে—পাটিতে, চাবকারকিতে। "শি ৮০।]

পাটি২ বি [পাট১+ই১১] ১ সর্ব 'পাট১ (১৬)। ২ [পাট১+ই৯] পাশকফলক, পাশাটি। "ধরিল পাশার পাটি: রাই ফেলে পাটি: সুপটে না পড়ে পাটি: উঠাইয়া ফেলে পাটি রা শে ৭৪।

পাটিকা বি [পাট১—মূল; তু 'সং পট্টিকা'] ইট। "পড়িলে পাটিকাখান সেও না হয় তল গো.চ ১১১,-৬,-৯।

পাটি(টী)কাল, -কেল বি [পাটিকা+ল স্বার্থে] ইষ্টক। "কপালে দিলেক তুলি পাটীকাল-গুঁড়ি শ্রী মা ৯৪; কেহ মারে পাটিকাল, কেহ মারে ঢেলা ২০৫। স্বর্ণ-পাটিকেলে মঠ চিতার উপরে—মে ৩১৭। পাটিকেলে হর্ম্ম্যপট।—হেম ৩৫৮। [ইটলি পাকাল—'ইটলি পাটিকাল' হইবে?—মুদ্রাপ্রমাদ (?) 'দ্র 'ইটলি']

পাটিখান বি [পাটিকা+খান; অপ্র] ইষ্টকখণ্ড, ইষ্টক। "চারি ঘাট বান্ধিল কণক পাটিখানে চ বি ১৩৯; ২২০।

পাটিত বিণ [√পাটি+ত (ক্ত)-র্ম্ম] ১ ছিন্ন, বিভক্ত। "পাটিতোঽয়ং দ্বিধাঃ পূর্ব্বমেকদেহঃ স্বয়ম্ভুবা।—ব্যাস ২.১৩। ২ চিত্রপট…পাটিত করিও।—কাদ ১১৮। ৩ ভিন্ন। "ভিত্তিমু মরা মিশি পাটিতাসু।—মৃ ৩.১৪। ৪ ক্ষত। "দর্ভপাটিততলেন পাণিনা রঘু ১১.৩১। ৫ বিদারিত। "তেন (দর্ভেণ) পাটিতজিহ্বাস্তে (নাগাঃ) ক.সা ২২.২০০। ৬ উৎপাটিত।

পাটী১ স্ত্রী [√পট্‌+ই (ইন্‌)-ভা (পাটি)+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্‌)] ১ অনুক্রম, পরিপাটি। ২ স্পষ্টক্রম। [°গণিত (স্ত্রী)—সঙ্কলনব্যবকলনগুণনভাগাদিক্রমযুক্ত গণিত (লীলাবতী-টীকা); গণিতবিশেষ (Arithmetic)।]

পাটী২ বি [হি, ঠ °টা] ১ কাষ্ঠফলক, তথ্‌তার টুকরা, ঘরের পা'ড়। "শিলে শাণায়ে বাসি, পাটা চাঁচে রাশি রাশি ক.চ ২২১। ২ [হি, মৈ °টী] জলে বা তেলে সীঁতির দুই পাশে চুলের পরিপাটি বা সংস্কারবিশেষ। "দুসন্ধ্যা চিরণী ধরি পাড়ে মোহন পাটী (ক.চ)। [পেটে পেড়ে—পাটী পড়িয়া; কেশসংস্কার করিয়া। "পাকা কেশে পেটে পেড়ে করে পরিপাটী শ্রী.মা ৯৪।]

পাটী৩ দ্র 'পাটি১।

পাটুয়া বি [পাট১+উয়া২] পাটের মত বিস্তৃত কলাগাছের খোলা, বাকল বা পেটো। "কলার পাটুয়াখোলা: আঠি পেলেন পাটুয়াতে চৈ.চ ৩৩৬। [পাটুয়া না—পাট বোঝাই দেওয়ার নৌকা; বড় নৌকা। "নাভি গভীর যেন পাটুয়া নায়ের ভরা (কৃ)।]

পাটুলী বি [সং পাটলি] পাটলিপুষ্প। "কৃ ৩৪৯।

পাটেশ্বরী বি [পাট+ঈশ্বরী] পাটরাণী, মহিষী, বড়রাণী। "রাজ° গো.বি ৯৭। প্রধান পাটেশ্বরী।—ম ৬৮; মুখ্য পাটেশ্বরী ৬৯৩। সুদেষ্ণা পাটেশ্বরী ম বি ২১২; সৈরিন্ধ্রী পাটেশ্বরী ২২১। পাটেশ্বরী লহনা ম.পা ৯৪। পাটেশ্বরী কৌশল্যা।—মে ২৯২।

পাটোয়ার১ বি ['পাটবার' > °র (?)] ১ 'বস্ত্রাবরণ (?); প্রাচীর। "ভাঙ্গি লঙ্কা পাটোয়ার, রাবণেরে ধরি আনি চুলে।—ম ১০৪০। ২ বেষ্টন, বেড়। "চারি দ্বারে রহে নাগ দিয়ে পাটোয়ার বা.ম ৭৭; চতুর্দ্দিকে পাটোয়ার যত সৈন্য ২৬৩; লক্ষীন্দর পাশে রহে দিয়া পাটোয়ার ২৭৬; ৩০৪,-৫,-৩৪। নারীগণে…দিল পাটোয়ার বি.প ২০৫,-৭৭। ৩ সারি, কাতার। "দেখিবার নারী সবে দিল পাটোয়ার বি পা ২৮৬। ৪ জনশ্রেণী, জনতা। "ঘাটে ঘাটে পাটোয়ার বি পা ৩২৮। ৫ [?] যাত্রা। তু 'পাটয়ার'। উনকোটি নাগ লইয়া দিলা পাটোয়ার ম ম ২২। [ভাঙ্গে পাটোয়ার—বুক চাপড়ায় (?)। "কান্দিয়া আকুল লখাই ভাঙ্গে পাটোয়ার ম.ম ২২৯।]

পাটোয়ার২ বি [°য়ারী > °র] ১ নিপুণ, কুশল। "ধাইল ধানুকী পাটোয়ার চ.বি ৪২; ৭৭, ১৬১। ২ চতুর, ধূর্ত্ত। —রি, -রী বি [হি, প, মৈ পাটয়ারী; 'পাটওয়ারি' (য ৪)] যে কর্ম্মচারী প্রজার জমিজমার পরিষ্কার হিসাব-কিতাব রাখেন। [°য়ারীগিরী (হি পট্বারগরী) —পাটোয়ারীর কাজ ও পদ। °য়ারী বুদ্ধি—হিসাবী বুদ্ধি, কর্ম্মকুশল বুদ্ধি।]

পাট্টা বি [সং পট্টক] ১ সর্ব 'পাটা (২১)। "শি ৭১। ২ কাষ্ঠফলক, পাট। "তোমারে দেখিয়া মোর পাট্টা হেন বুক গো.বি ১১৬। [পাট্টা হেন—উৎসাহে বা আনন্দে পাটার মত প্রশস্ত।]

পাঠ পুং [√পঠ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ পঠন, পড়া। "পাঠে গেয়ে চ মধুরম্ গো রা ৩১.৩.৪৪। অষ্টমী তিথি কাল পাঠ নাই ম.ম ৯৫। ২ পুনঃ পুনঃ উচ্চারণ; অভ্যাস, আবৃত্তি। ৩ স্বাধ্যায়, ব্রহ্মযজ্ঞ (অ.কো)। ৪ [+অ-র্ম্ম] পাঠ্য, মূলগ্রন্থ (text)। "ঋগ্বেদ°, যথা°, সূত্র°, °অন্তর, °ভেদ। আগন্তুকঃ পাঠঃ; প্রাচীনপাঠঃ কু.স ৬.৪৬, মল্লিনাথ। ৫ [√পাঠি+অ (অচ্‌)-ভা] পাঠনা, অধ্যাপনা। ৬ (বাঙ্‌লায়) পত্রের আরম্ভে সম্পর্কানুসারে আশীর্ব্বাদাদিসূচক বাক্য—'শ্রীচরণকমলেষু' ইত্যাদি। —ঠক বিণ [+অক (ণ্বুল)-ক; স্ত্রী—ঠিকা] পাঠকর্ত্তা। —ঠক পুং ১ ছাত্র, শিষ্য। ২ পুরাণাদিবাচক। "পৌরাণিক পাঠকাদি।—ম ১৩০। পাঠক বন্দন করে পুথি ক.চ ১৭৭। ৩ [√পাঠি+অক

-ক] অধ্যাপক, উপাধ্যায়। "ধর্ম্ম" মনু ১২.১১১ ; ক.সা ২৮.৮। ৪ ধর্ম্মভাপক, উপদেষ্টা। ৫ [হি পাঠক] ব্রাহ্মণের উপাধিবিশেষ। "মিশ্রী পাঠক কৃ.উ ২৬৩। পাঠকেন্দ্র গদাধর ভা.চ ২৩। আমার নাম স্তবামী পাঠক ব.প্র ৩৬৩। —ঠন ক্লী. -না স্ত্রী [√পাঠি+অন (ল্যুট্, ল্যু)-ভা, স্ত্রী আ (টাপ্)] অধ্যাপনা। —ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অধ্যাপিত, শিক্ষিত। "মাতা শত্রুঃ পিতা বৈরী যেন বালো ন পাঠিতঃ। —চাণক্য। —ঠী (-ঠিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] পাঠক। [পাঠচ্ছেদ (পুং)—পাঠবিরাম। °নিশ্চয় (পুং)—মূলগ্রন্থনিরূপণ। °ভূ, °শালা (স্ত্রী)—পাঠস্থান, বিদ্যালয়।]

পাঠক, -ঠন, -ঠনা দ্র 'পাঠ'।

পাঠা সর্ম্ম [সং প্র+ √স্থাপি (-পয়্) > লি √পট্‌ঠাপে, প্রা √পট্‌ঠাঅ, -ব > বা °ঠা ; হি √পঠা , ঠ √পাঠর : সি √পঠ ; মৈ √পঠাব] প্রস্থাপিত করা ; প্রেরণ করা ; পাঠান। "সন্দেশ না পাঠায়সি, কৈছে জীবয়ে ব্রজবালা বি প ১৭৭। তাহারে পাঠাও—কৃ ২৪৭। [পাঠান —সর্ম্ম 'পাঠা'। পাঠিল—পাঠাইল। "চ.বি ১৮৯ ; ২২৪। পাঠাআ, -ইআ, -লোঁ, -বোঁ, -ওঁ, -য়িআঁ, -য়িলেঁ, -লোঁ (শ্রী.কী)।]

পাঠান বি [পশ্‌তো…'পুখ্‌তানা'; হি পাঠান] ১ আফগানিস্তান ও ভারতের সীমান্তপ্রদেশ পঞ্জাব রোহিলখণ্ড প্রভৃতির অধিবাসী মুসলমানজাতিবিশেষ। "জানিলাম যে জাতিতে পাঠান,—কে তুমি ব.প্র ৪১। ২ পাঠানজাতীয় পুরুষ। "পলকে সে পাঠানের মুণ্ড গেল খসি। —কথা ৯২। ["পায়ে পাঠান হইল (ম ১৭১)—মূল মহাভারতে এরূপ বর্ণনা নাই (দ্র 'মহা ১.১.৭৬.৩৬-৩৯)।]

পাঠান্তর ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্য পাঠ ; পৃথক্ পাঠ। ২ [বাঙ্‌লায় ; অপ্র] বিরোধ, শত্রুতা। "সে রামের সনে দুষ্ট তোর পাঠান্তর।—কৃ ২৫৩। শঙ্করেব সহিত তোমার পাঠান্তর ব.প ১২৭। ৩ প্রভেদ। "সুমেরু সবিধা হয় যত পাঠান্তর।—ম ৬০।

পাঠিত, -ঠী দ্র 'পাঠ'।

পাঠীন পুং ১ মৎস্যবিশেষ ; বোয়াল। "মনু ৫.১৬। প্রাচীন পাঠীন শি ২১ ; ৮৫। ২ গুগ্‌গুলুবৃক্ষ। ৩ পাঠক।

পাঠ্য বিণ [√পঠ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ পঠনীয়, অধ্যেতব্য। "অপাঠ্য সব পাঠ্য কেতাব চ.কা ৩২৮। ২ গেয়। "পাঠ্যজাতি রা ৭.৯৪.২। —ঠ্য স্ত্রী [+য-ভা] পাঠ্য। "রা ১.৪.৮। [°জাতি (স্ত্রী)—গেয়ের ষড্‌জাদিস্বর।]

পাড়[১] বি [সং পার ; পাহাড় (গো.চ ; মুরশিদাবাদ) > °ড় ; তু 'সং প্রাকার > প্রা পার (প্রা.ম) ; মৈ পাড়ি—edge] ১ নদী-প্রভৃতির তীর ; তট, কূল। "উত্তর পাড়ে।—মী ১২ ; ২৫। ম.ম ৩৩। ২ প্রান্ত, ধার। "যজ্ঞকুণ্ড পাড়ে ব.প ৭৪৭। ৩ উচ্চস্থান। "উঠিয়া পর্ব্বতপাড়ে ক.চ ৫৭। ৪ [পাট[১] > °ড়] সর্ম্ম 'পাট[১]' (১৭)। ৫ [পাদ > পাড > পাড়] ঢেঁকী উঠানর নিমিত্ত ঢেঁকির পিছনে পদাঘাত। "দুই ভগিনী ঢেঁকিতে পাড় দিতেছে ব.প্র ৬২৭। —ড় বিং ['পাড়[২]—মূল] পাতিত, নীচু। "বাটাদিতে ঘা দিয়ে চাল করিল পাড় ম.ম ১৭১।

পাড়[২] সর্ম্ম [সং √পাতি—পাতয়্ > প্রা √পাড (হে ৪.২২) > বা পাড় ; হি √পাড়] ১ পাতিত করা ; পাড়া, ফেলা। "স্বর্ণপাটা ভূমে কাটি পাড়।—কৃ ৩৪৫। (বাণ) কাটি পাড়ে।—ম ৬২০। বৃক্ষ পাড়ে। —গ ১৪৯। ২ শায়িত করা ; শোয়াইয়া ফেলা। "সারথির কেশে ধরি ভূমিতলে পাড়ে।—ম ৬১০। অন্তেন্তেরে…পাড়ে উঠানেতে ব.প ২০০। জটে ধরি ভাটে পাড়ি।—শ্রী ১৫। চ.বি ২৫০। ৩ আকর্ষণপূর্ব্বক নামান ; হিঁচড়াইয়া আনা। "মঞ্চে হৈতে পাড়ি কংসে ক.চ ৬২ খট্টার হতে জট্টার ধরে পাড়িব।—ব.প ৫৩৫। ৪ নামান। "খেঁচি ঝাঁপি পাড়ে ভ.প্র ৫৮। হাঁড়ি পাড়ি দেখে ভা.চ ২৩৩। ৫ নিহিত ব স্থাপিত করা। "ভূমে হাঁটু পাড়ি, ছিল বাণ ছাড়ি ভা.চ ৬২। ৬ পাতিত করা ; পাতা। "পাটা পাড়ি হাটে ব'সে মাছ বেচিব আমি শি ৮৪। ৭ সংঘটিত করা ; ঘটান। "মিথ্যা কথা কহি বেটা পাড় মহাধন্দ ক.চ ১০৯ ; প্রমাদ পাড়িবে বিধি ১৩৭। ভা.চ ৩৬৮। ৮ তদবস্থাপ্রাপ্ত করা। "কার বোলে সীতাকে বাপু পাড় আথান্তরে কৃ.উ ২৭২। আমারে সঙ্কটে পাড়ে।—চৈ ১৪৩। ৯ বিনাশ করা ; মারা। "কামড়ে পাড়ে হাতী শ্রী ১৬৬। কাটি পাড় এহি দুষ্ট নারী চ.বি ২২৬। ১০ নিক্ষেপ করা। "আপনার মাথে সে আপনি পাড়ে বাজ চৈ.চ ১৯৪। নিজ মাথে বজর পাড়িনু ন.প ৩৯০। ১১ প্রস্তুত করা। "ত্রিশূল্যার পত্রেতে পাড়িয়া আন কালি ক.চ ১৩৬। কাজল পাড়িয়া…দেন আঁখে ন.প ৯৩। ১২ পাতিত করা ; পাতা, বিছান, ছড়ান। "শেজ পাড়া। খাট পাড় শ্রী.কী ১৮১। ১৩ বৃন্তচ্যুত করা। "পাড়ি পক্ব আম্র বহু কৃষ্ণে সমর্পিল ন.প ২১১। ১৪ অবতারণা করা ; তোলা। "পাড়ি…তার কথা অ.গু ১০৫। পেসকার…সপক্ষীয় কথা সকল পাড়িতে আরম্ভ করিল আ.দু ১৬৭। কথাটা কি আবার পাড়ব?—ব.প্র ৩৬৯ ; ইনি যদি কথাটা না পাড়েন ৫৬৯। ১৫ আরম্ভ করা। "দুই দলে খুনাখুনি পাড়ে ক চ ১৩৪। —ড়া[২] সর্ম্ম [পাড়+আ[৮]] পাতিত করান ; পাড়াম ইত্যাদি। [এঁটো পাড়া—উচ্ছিষ্ট তুলিয়া ফেলা বা পরিষ্কার করা। গারি, গালি পাড়া—গালি দেওয়া। "হাম পাড়ব গারি বি.প ৭৬। ক.চ ৬৫। চৈ.ভা ৭৮। গালি পাড়ে ম.ম ২৮। ঘুম পাড়ান—নিদ্রিত করা। ঘুম পাড়ি স্থাওঁ—ঘুমাইয়া লই। "গো.চ ২১২। ডাক পাড়া—ডাক ছাড়া ; উচ্চস্বরে ডাকা। "ডাক পাড়ে ঘনে ঘন ক.চ ৮০। ম.ম ২৮। নকুল বলি কান্দে ডাক পাড়ি ব.প ৭০৯। ডিম পাড়া—অণ্ড প্রসব করা। নাম পাড়ান—নাম প্রচার করা। "তবে নাম পাড়ায়িলেঁ আজ্ঞে আবালি সতী শ্রী.কী ৩৫৭। নাম পাড়াইও চাসা গো.চ ২৪০। পচাল পাড়া—বিবাদ করা। "শ্রী.ম ১৪৯। পাড় পাড়্—মার্ মার্। "বোলে পাড় পাড় চ.বি ২৩২। পাড়ে বাটে—পথে দস্যুবৃত্তি করে, বাটপাড়ী করে। "শ্রী.কী ১৪৮। লাজে পাড়া—লজ্জিত করা। "বানর-রাজ কেন পাড় লাজে।—ব প ৪৯৯। পাড়া[৩]—১ সর্ম্ম 'পাড়[২]'। ২ পাতিত। "পাড়া ফল ব.প ২১৮। পাড়ান—সর্ম্ম 'পাড়া[২]'। ঘুমপাড়াম, -নী—দ্র 'ঘুম'।]

পা'ড় বি [পাট > °ড়] ১ খুঁটির মাথায় স্থাপিত চালের আধার কাঠের বা বাঁশের দণ্ড। ২ [সং 'পট্টী'—মূল ; হি পাড় , মৈ পাড়ি ; নাড়ি (ঢাকা)] কাপড়ের প্রান্তস্থ পট্টী (border)। ৩ [সং পাটী > প্রা *পাডী > বা °ড়] খেলার পর্য্যায় ক্রম বা বার। ৪ খেলার পা'ড়ে রাখা পণ বা বাজি। "করিল পা'ড় শত তোলা সোণা : সহস্রেক পা'ড় : মুঞ জিনিয়াছোঁ পা'ড় শ্রী.ম ১৯৬।

পাড়ন বি [পাড়[২]+অন ; সং পাতন > প্রা পাডণ (হে)] ১ পাতন, স্থাপন। ২ (ছেদনার্থে) অস্ত্রপাতন বা অস্ত্রাঘাত। "কুড়ারী বাসি পাড়ন ক.চ ২২১। ৩ যাহা পাড়া যায় ; আস্তরণ, চাদর ইত্যাদি। "ওড়ন"। ৪ যাহাতে পাড়া যায় , আধার, পাটাতন। "তামার ওড়ন তামার পাড়ন শূ ১৩৭। এর (পেটের) তেতালা গুদোম ; ফল মূল যাবে পাড়ন দিতে।—ন.ত ৬৬। ৫ ঢেঁকীর গড়কাট (নদীয়া)।

পাড়া[১] বি [সং পাটক > প্রা *পাডঅ, -অ > বা °ড়া ; হি পাড়া ; ঠ পাড়া ; গু, সি পাড] ১ গ্রামের অংশ, পল্লী, মহল্লা (quarter)। "এক পাড়া শ্রী.মা ১১২। পাড়ায় পাড়ায় কেঁদে বেড়ান সে কত : পাড়ায় পাড়ায় পিটিতে ধবল।—হেম ৩৮৭। বিভেরস্থ পাড়ায় চ.কা ৩২৬। ২ বিভাগ, মহল (ward)। "পাইয়া বীরের সাড়া, প্রবেশে ভিতর পাড়া ব.প ৩৪৭। ৩ পাড়ার অধিবাসী। "নাচে চণ্ডালপাড়া।—কৃ ৩৭৬। ভাজিয়া আইল পাড়া ক.চ ২৫। হুজুকেতে হারিলে কেঁদে পাড়া করে

জড়—হেম ৩৯০। ৪ প্রতিবেশিভাব ; পড়শীভাব। "চোর ধাউর সঙ্গে (গুরু) করিআছ পাড়া গো.বি ১২৩। ৫ (অপ্র) বাসস্থান, বাড়ী। "রাম গেল বনে ভরত মাতুলের পাড়া।—কৃ ৪৫৭। [°কুঁদুলী—যে মেয়ে পাড়ার লোকের সঙ্গে কোঁদল করে ; কলহ মেয়ে। °গাঁ—পাড়ার মত গাঁ ; ছোটগ্রাম ; পল্লীগ্রাম। °গেঁয়ে—পল্লীগ্রামবাসী (নিন্দায়)। °চলানী—যে নিজ কুকর্ম্মে পাড়ার লোক চলায় বা হাসায়। "তুই যেমন পাড়াচলানী দা ৩৩৩। °পড়শী, -সী—পাড়াবাসী, প্রতিবাসী। "°সী চৈ.চ ৫৪ ; ভ.গ্র ৩২৬ ; শ্রী.মা ৩৮। পাড়া ঝেঁটিয়ে আসা—পাড়ার সমস্ত লোক আসা। "ঐ আসচেন ঝেঁটিয়ে পাড়া।—কা ৮১।]

পাড়া[2], **পাড়া**[3] দ্র 'পাড়'[2]।

পাড়াপাড়ি বি [পাড়[2]-আ+পাড়[2]-ই] মল্লযুদ্ধে জয়েচ্ছায় পরস্পরকে পাতিত করা বা পাড়িয়া ফেলা। "ধরাধরি পাড়াপাড়ি শ্রী ৬৮। ২ পুনঃপুনঃ পাড়া বা পাতা ; তোলাপাড়া। "ঘুচিল শেজি পাড়াপাড়ি ভা.চ ৫৩২। ৩ বলপূর্ব্বক ধরিয়া পরস্পরকে পাড়িয়া ফেলা বা পাছড়ান। "(রাম কানু) ফেলে দিল ধন। ভাঁড়ে ভাটে কাড়াকাড়ি, পাড়াপাড়ি চড়াচড়ি রা.শে ৯৮।

পাড়ি, -ড়ী বি [সং পার ; হি পারি ; মৈ পাড়ি ; তু 'পাড়'[1]] ১ নদী-প্রভৃতির তীর ; জলাশয়ের তট। "পুকুরের উচ্চ পাড়িটার উপর দাঁড়াইয়া…গাভীর ঘাস খাওয়া দেখিতেছিলাম গ.স ৫১। ২ [পাড়ী (চ)] নদী-প্রভৃতির পরপারে উত্তরণ। ৩ উভয় পারের মধ্যস্থ নদী-প্রভৃতির বিস্তার বা পাতা। ৪ সর্থ 'পা'ড় (১)। "পাঁচ পাড়ি চারি খুঁটি ক.চ ১৩২। ৫ [পাটি>পাড়ি] পাড়ন, আস্তরণ, চাদর। তুলি পাড়ি পাছুড়ি শীতের নিবারণ ক.চ ৬৯, পর্য্যঙ্ক তুলি পাড়ি ১৬৩। [পাড়ি জমান—অন্য পারে লইয়া জমা করা বা উত্তীর্ণ করা। পাড়ি দেওয়া —১ নদী-প্রভৃতির পাতা উত্তীর্ণ হওয়া। "নিকটয়ে তট যবে, যতনে কাণ্ডারী দিয়া পাড়ী জলারণো—মে ২৮৪। ২ পারে যাওয়ার নিমিত্ত নৌকা ছাড়া। "কুবাতাসে দিয়ে পাড়ি, হাবুডুবু খেয়ে মরি।—দেওয়ান রঘুনাথ। ৩ পার করা। "কত খেয়া তরী দেয় পাড়ি।—শিশু ৭৮। ৪ পার হইয়া উত্তীর্ণ হওয়া। "রেঙ্গুনে তা'র দিতে হবে পাড়ি প.ক ৭।]

পাড়োয়ান বি সর্থ 'পাতয়ান (১)। "পাড়োয়ানে না ছোঁয় পানী ম.ম ১৪০।

পাণ[1] পুং [√পণ্+অ (ঘঞ্)-ভা] ১ পণন, ব্যবহার, ব্যবসায়। ২ [+অ-র্ম] সময়, পণ। "মহা ৩.৭৮.৬। ৩ [+অ -ণ] হস্ত।

পাণ[2] বি[সং পর্ণ>লি, প্রা পণ্ণ (পত্র)>বা পাণ,-ন ; হি,ঠ, গু,মৈ পান ; প পন্না ; সি পন্নু] তাম্বুললতা, তাম্বুল। "শঙ্করে মারিতে বাণ, লইলে ইন্দ্রের পাণ ক.চ ২১ ; ৩৬,-৮ ; ১৩৩। পাণ গুয়া ম ম ১৩৭। দ্র 'পান'[2] [°দান —পানের পাত্র বা বাটা ; তাম্বুলকরঙ্ক। "স্বর্ণ° ব.প ১৫০৭।]

পাণি[1] পুং [√পণ্+ই (ইণ্)-ণ, উ ৪ ১৩২ ; ছান্দস] ১ 'ব্যবহার-সাধন', মণিবন্ধাবধি অঙ্গুলিপ্রান্ত পর্য্যন্ত হস্তাংশ ; শয়। "পাণাবামলকং যথা রা ১.৩.৬। °পাত্র।—পঞ্চ ৫.১৫। পাণিপুরান্নভোজন যাজ্ঞ ৩.৩১৯। থোরি পয়োধর না পূরব পাণি বি.প ৭৭। পাণি পাতি প্রবাহের পয় পিয়ে চাষা।—রঙ্গ ৫। ২ কর, হস্ত। "চক্র°, দণ্ড°, শূল°। অপাণিপাদ।—মুণ্ডকোপনিষৎ ১.১.৬। উদ্ধৃতে দক্ষিণে পাণৌ মনু ২.৬৩ ; ব্যত্যস্ত° ৭২। রঘু ৩.৬৮। ম.পা ১৫১। —ণি [+ই-ধি] ১ পণ্যবীথী। ২ হট্ট, হাট। [°গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী)—যাহাতে পাণিগ্রহণ আছে ; বিবাহ। "°গ্রহণকাল গো.রা ৩.৩.৮। °ণ রঘু ৭.২৯। °হ ক.সা ১৮.২১৯। °গ্রহণিক (বিণ)—পাণিগ্রহণসম্বন্ধী, বৈবাহিক। "°কা মন্ত্রাঃ মনু ৮.২২৬,-৭। °গ্রহীতা (-তৃ) পুং—ভর্ত্তা, স্বামী। °গ্রাহ (পুং)—পাণিগ্রাহক, ভর্ত্তা। "মনু ৫.১৪৮। °ঘাত (পুং) —করতাড়ন, মুষ্ট্যাঘাত ; ঘুসি। °জ (পুং)—পাণিজাত, নখ। "পাণিজাঙ্কিতমূরঃ গী.গো ১২.১৩। °তল (ক্লী)—করতাল, হাতের চেটো। °ধর্ম্ম (পুং)—পাণিসাধ্য ধর্ম্ম ; বিবাহ। "মহা ১.৮১.২০। °পল্লব (পুং)—১ পল্লবসদৃশ আতাম্র করতল। ২ পাণির পল্লবতুল্য অঙ্গুলি। °পাত্র (বিণ)—পাণি পানপাত্র যাহার ; পাণিপুটে জলাদিপায়ী। "পঞ্চ ৫.১৫। °পাদ (বিণ)—করচরণবিশিষ্ট। "সর্ব্বতঃ পাণিপাদং তৎ গী ১৩.১৩। °পাদ (ক্লী)—করচরণ। °পীড়ন (ক্লী)—১ পাণিগ্রহণ, বিবাহ। °পীড়নবিধি কু.স ৮.১। ২ করমর্দ্দন। °পুট (বি) —করপুট। 'পাণিপুটে (সুরথ বলেন)—ছু ৪৯ ; ৫০। চ.বি ৯। °প্রদান (ক্লী)—বিবাহ। "°কালে রা ২.১১৮.৮। °বন্ধ (পুং)—বিবাহ। °বাদ, -দক (পুং)—১ পাণিবাদনশীল, মৃদঙ্গাদি বিনা পাণি দ্বারা মৃদঙ্গাদিশব্দকারক (অ.টী), হস্ততাড়ক। "°বাদক রা ২.৬৫.৪। ২ পাণিশব্দ, করতালি। °মুক্ত (ক্লী)—পাণি দ্বারা ক্ষেপণীয় আয়ুধ ; অস্ত্র, বর্শা ইত্যাদি। °স্বনিক (পুং)—সর্থ 'পাণিবাদক'। "মহা ৭.৮০.২।]

পাণি[2], **-ণী** বি [সং পানীয় >লি পানীয়, প্রা পাণিঅ >বা পাণি, -ণী ; হি পানী ; ঠ, গু পাণী ; মৈ পানি ; ড় পাণি] ১ জল। "যৌবন বাধে পাণির ফোটা শ্রী.কী ৬৫ ; দুধে দেয়ি পাণী ৮২,-৩। আহার পাণি নিদ্রা রহিত।—চৈ.ভা ৩৫২। কাদাপাণি খেয়ে শি ৬৮ ; ৮২। ২ রস, লালা। "শ্রী.কী ১৫৩,-৬৪। লোমাঞ্চিত কলেবর মুখে নাহি পাণি ম.বি ১৯৭। [পাণিকাক—পানকৌড়ি। "°কাক পাণিকাকী ভা.চ ১২৫। পাণি-ফুটি—নৌকাচ্ছিদ্রে উত্থিত জল।]

পাণিগৃহিত্রী বি [সং °গ্রহীতৃ >°ত্রী (স্ত্রীলিঙ্গে, ভ্রমে), °গ্রহীত্রী (সাধু) ; অপ্র] ভার্য্যা। "দৌহিত্রীকে জগৎসিংহের পাণিগৃহিত্রী করিলেন ব.প্র ১০৩।

পাণিগৃহীতী স্ত্রী [পাণি গৃহীত যে স্ত্রীর, বহুব্রী, স্ত্রী ঈ (ঙীষ্), ভার্য্যার্থে ; অন্যত্র '°গৃহীতা', পা ৪.১.৫২, সি] বেদবিধানে ঊঢ়া (অ টী) ; পত্নী।

পাণিনি পুং [পণিন্+অ (অণ্) অপত্যার্থে—'পাণিন' (প্রকৃতি-ভাব)+ই (ইঞ্) যুবা অপত্যার্থে, পা ৬.৪.১৬৫, সি] ১ পাণিনের যুবা অপত্য ; প্রসিদ্ধ বৈয়াকরণ মুনিবিশেষ। "পঞ্চ ২.৩৬। [ইঁহার মাতা দাক্ষী, বাসস্থান শালাতুর গ্রাম। এইজন্য ইহার নাম 'দাক্ষেয়', 'শালাতুরীয়' (অ.চি)। নন্দের শাসনকালে বর্ষ পণ্ডিতের নিকটে ইনি বিদ্যাভ্যাস করেন। ইঁহার ব্যাকরণ 'পাণিনীয় অষ্টাধ্যায়ী'। ইহা সূত্র-পাঠ গণপাঠ ধাতুপাঠ লিঙ্গানুশাসন—এই চারি ভাগে বিভক্ত। কাত্যায়ন ব্যাড়ি ইঁহার সতীর্থ (ক.সা ২য় তরঙ্গ)।] ২ (লক্ষণায়) পাণিনিকৃত ব্যাকরণ। "পাণিনি পড়ে রায় শ্রী ৫১।

পাণিনীয় বিণ [°নি+ঈয় (ছ), পা ২.৪.৫৮, সি] ১ পাণিনিসম্বন্ধী। ২ পাণিনিপ্রোক্ত। ৩ পাণিনি কর্ত্তৃক উপজ্ঞাত (উপদেশ বিনা জ্ঞাত)। —নীয় পুং পাণিনিপ্রোক্তব্যাকরণের অধ্যেতা বা বেদিতা ; পাণিনি ব্যাকরণবিৎ। "অকৃতব্যূহাঃ পাণিনীয়াঃ পা ১.৩.১১, সি। —নীয় ক্লী পাণিনিপ্রোক্ত অষ্টাধ্যায়ী ব্যাকরণ। "মাঘ ১৯.৭৫।

পাণিন্ধম বিণ [পাণি+ √ধ্মা+অ (খশ্)-ধি, নিপাতিত] ১ সর্পাদিভয় হেতু যে স্থানে পাণিশব্দ করিতে হয় ; অন্ধকারাচ্ছাবৃত। "°ন্ধমোঽধ্বা পা ৩.২.৩৭, সি। ২ [+অ-ক] পাণিবাদক।

পাণি(ণী)শঙ্খ বি শঙ্খবিশেষ। "জগন্নাথের পাণিশঙ্খ বাজিলা চৈ.চ ৩৩০। পানীশঙ্খধ্বনি চৈ ১০২।

পাণ্টালুন বি [E. pantaloon] কোমর হইতে পা-পর্য্যন্ত-ঝুল ঢিলা পুরুষের পা-জামাবিশেষ। "পা.প্র ১৫৮।

পাণ্ডব[1] বিণ [°ব+অ (অণ্)] পাণ্ডবসম্বন্ধী, পাণ্ডবপক্ষীয়। "পাণ্ডবী সেনা মহা ৬.৭৫.২৭। —ণ্ডব পুং [পাণ্ডু+অ (অণ্) অপত্যসামান্যে, পা ৪.১.১১৪] ১ পাণ্ডুরাজক্ষেত্রে ধর্ম্মাদিজাত যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতা।

°গী ১.১। পাণ্ডবের জন্মকথা।—ম ১১৯; পাণ্ডব অর্জ্জুনে ৬৩২। ২ অর্জ্জুন। "গী ১.১৪। [°বন্ধু, °সারথি (বি)—শ্রীকৃষ্ণ। "ম ৫১৬। °বর্জ্জিত (বিং)—বনবাসকালে পাণ্ডবের গমনবর্জ্জিত (দেশ)। "যে যে দেশে পাণ্ডবের নহিল গমন। সে সে দেশ পাণ্ডববর্জ্জিত বিজ্ঞে কন॥—ন.প ৬৯।]

পাণ্ডব[2] বিং [সং পাণ্ডু ; গ্রাম্য] পাণ্ডুবর্ণযুক্ত। "পাণ্ডব গায় ম.ম ৩২। [°রোগ—পাণ্ডুরোগ (গ্রাম্য)।]

পাণ্ডবীয় বিণ [°ব+ঈয় (ছ)] পাণ্ডবসম্বন্ধী। "পরিক্লেশান্ পাণ্ডবীয়ান্ প্রকীর্ত্তয়ন্ মহা ৫.৬.১৫।

পাণ্ডবেয় পুং [পাণ্ডু+এয় (ঢক্)] ১ পাণ্ডুর অপত্যগণ ; যুধিষ্ঠিরাদি। "মহা ১.১.১৫৪। ২ পাণ্ডুর পুত্রপৌত্রাদি। "পাণ্ডবেয়ানাং যুক্তমার্ত্তাভয়ং বচঃ ভ ১.১৭.১৭।

পাণ্ডর বিণ [°র+অ (অচ্) অস্ত্যর্থে] ১ পাণ্ডরবর্ণযুক্ত, রক্তপীত (অ.টী)। "আপাণ্ডরীভূতমুখচ্ছবি কু.স ৩.৩৩। ব.প ২৪৯। ২ শ্বেত। "°দন্তানাং কুঞ্জরাণাম্ গো.রা ২.১০৮.৯। উচ্চৈঃশ্রবাঃ…চন্দ্রপাণ্ডরঃ ভ ৮.৮.২। —ণ্ডর পুং ১ রক্তপীতবর্ণ। ২ শ্বেতবর্ণ। ৩ মরুবকবৃক্ষ। —ণ্ডর স্ত্রী ১ কুন্দপুষ্প। ২ গৈরিক।

পাণ্ডা বি [সং পণ্ডিত, হি প°ডা, ঠ পাংড়া] ১ তীর্থস্থানের পুরোহিত ; পূজারী। ২ (গৌণার্থে) প্রধান উদ্যোগী ; গোঁড়া, সরদার, মোড়ল। "পাণ্ডা-রূপী গুণ্ডাদিগের হার কু কে ১৩৯। দলাদলির পাণ্ডারা পা.প্র ২০৯।

পাণ্ডিত্য ক্লী [পণ্ডিত+য (ষ্যঞ্), বৈদিক] ১ পণ্ডিতভাব, বিদ্যাবত্তা প্রাজ্ঞতা। 'সর্ব্ববিদ্যাধিকত্বং যৎ পাণ্ডিত্যং তদুদাহৃতম্। "কিন্তু তুমি অর্থ কৈলে পাণ্ডিত্যপ্রতিভায় চৈ চ ১০৫। ২ পণ্ডিতকর্ম্ম, কর্ত্তব্যাকর্ত্তব্য-বিবেক, সিদ্ধান্ত। "কিং পাণ্ডিত্যম্?—পরিচ্ছেদঃ।—হি ১.১৫৬। ৩ কুশলতা, নৈপুণ্য। "পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্ হি ১.১০৭।

পাণ্ডু বিণ [পাণ্ডু+মৎ (মতুপ্), প্রত্যয়লোপ, পা ১.৪.১৯, সি] ১ পাণ্ডুবর্ণবান্, পাণ্ডুর, শ্বেতপীত। "অপহৃতপাণ্ডুপর্ণ।—শ ৪.১২। মুখেন…লোধ্রপাণ্ডুনা রঘু ৩.২। উ চ ৩.২২। চম্পা আজি পাণ্ডু হাসি হাসে কু.কে ৪০। ২ শ্বেত। —পাণ্ডু পুং [√পণ্ড্ গতি+উ (কু)-ক, দীর্ঘ, উ ১.৩৮] ১ শ্বেতপীতমিশ্র বর্ণ ; হরিণ ; ফেঁকাশে রঙ। "পাণ্ডুস্তু পীতভাগার্দ্ধঃ কেতকীধূলিসন্নিভঃ। ২ শ্বেতবর্ণ। ৩ শ্বেত হস্তী। ৪ রোগবিশেষ, ন্যাবা (jaundice)। [বাত পিত্ত কফ সন্নিপাত মৃত্তিকাভক্ষণ—এই পঞ্চবিধ ইহার নিদান।] ৫ চন্দ্রবংশীয় নৃপবিশেষ। [বিচিত্রবীর্য্যের পত্নী অম্বালিকার গর্ভে ব্যাসের ঔরসে ইঁহার জন্ম। অম্বালিকা ব্যাসকে দেখিয়া পাণ্ডুবর্ণা হইয়াছিলেন, এই হেতু ইনি 'পাণ্ডু'। ইঁহার পত্নী কুন্তী মাদ্রী, পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডব। মুনিশাপে স্ত্রীসহবাসে বঞ্চিত হইয়া ইনি তপস্যার্থ শতশৃঙ্গ-পর্ব্বতে বাস করেন এবং মাদ্রীর সহিত সহবাসে মুনিশাপে ইঁহার প্রাণান্ত হয়।] ৬ (জন্যজনক-ভাবলক্ষণে) পাণ্ডুপুত্রগণ। "পাণ্ডুনাং মধ্যগো বীরঃ (ঘটোৎকচঃ) মহা ৩.১৪৫.৮। ৭ (বহুব) দেশভেদ। দ্র 'পাণ্ড্য'। ৮ নাগবিশেষ। [°কম্বল (পুং)—রাজাস্তরণ কম্বলবিশেষ ; শাল। °তরু (পুং)—ধববৃক্ষ। °পতি (বি)—পাণ্ডবগণের পতি যুধিষ্ঠির। "ম ৭৫৭। °বংশপতি (বি)—যুধিষ্ঠির। "ম ৬৬৮। °ভূম (পুং)—শ্বেতভূমিদেশ, খড়িমাটির দেশ। °মৃত্তিকা (স্ত্রী)—খটিকা। °রাগ (পুং)—পাণ্ডুবর্ণ। °রোগ (পুং)—সর্থ 'পাণ্ডু (৪)।]

পাণ্ডুক পুং [পাণ্ডু+ক (কন্) স্বার্থে] ১ পাণ্ডুবর্ণ। ২ সর্থ 'পাণ্ডু' (৪)। —ণ্ডুকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি)-১ব [পাণ্ডুরোগ-যুক্ত, পাণ্ডুরোগী।

পাণ্ডুবিজয় বি [(উৎকলদেশে) 'পহাণ্ডি' (পাদহিণ্ডন?) >পাণ্ডু +বিজয় (উৎসব)] জগন্নাথদেবের পাদচারে গমনের, অর্থাৎ জগন্নাথ-দেবের পট্টডুরী ধরিয়া ক্রমে ক্রমে এক তুলী হইতে অন্য তুলীতে লইয়া যাওয়ার উৎসববিশেষ (দ্র 'চৈ.চ ১৫১,-৬৪)। "চৈ.ভা ৩৯৭।

পাণ্ডুয়া বিং [সং পাণ্ডুক >প্রা পংডুষ >বা °য়া] পাণ্ডুবর্ণযুক্ত, শ্বেত। [পাণ্ডুয়া কুমড়া—শ্বেত কুষ্মাণ্ড ; পাকা চালকুমড়া। "পড়িলেন দক্ষ যেন পাণ্ডুয়া কুমড়া ব.প ১২৭।]

পাণ্ডুর বিণ [পাণ্ডু+র অস্ত্যর্থে ; স্ত্রী -রা] ১ পাণ্ডুবর্ণবান্, শ্বেতপীত, ফেঁকাশে। "ছবিঃ পাণ্ডুরা শ ৩.৬। মুখেন…শরপাণ্ডুরেণ রঘু ১৩.২৬। সোনার বরণ দেহ। পাণ্ডুর হৈ গেল সেহ॥—জ্ঞা ২৪০। উদর ডাগর বড় বরণ পাণ্ডুর বি.সু ৭২। ২ শ্বেত। "পাণ্ডুরস্তাতপত্রস্য রা ২.২.৭। উচ্চৈঃশ্রবাঃ…চন্দ্রপাণ্ডুরঃ (পাঠান্তর) ভ ৮.৮.২। —ণ্ডুর পুং ১ শ্বেত-পীতবর্ণ, পাণ্ডুবর্ণ, ফেঁকাশে রঙ। ২ কামলা রোগ। —ণ্ডুর স্ত্রী ধবল-কুষ্ঠ, শ্বিত্র। [পাণ্ডুরেক্ষু (পুং)—শ্বেতেক্ষু, খলীআক।]

পাণ্ডুরিত বিং [°র+ইত (ইতচ্)] জাতপাণ্ডুরবর্ণ, বিবর্ণ, ফেঁকাশে। "পাণ্ডুরিত হবে গণ্ড ব.প ১৪৯২।

পাণ্ডুলিপি বি প্রথমে লিখিত বিষয় ; মুসাবিদা (draft)। দ্র 'পাণ্ডুলেখ'।

পাণ্ডুলেখ পুং, **-লেখ্য** ক্লী (ব্যবহারে) পূর্ব্বপক্ষলেখনভেদ, মুসাবিদা। [অর্থী (পূর্ব্বপক্ষ, বাদী) সহজভাবে (অর্থাৎ ভয়াদি বিনা) যাহা বলিবে, প্রাড়্বিবাক প্রথমে তাহা 'পাণ্ডুলেখ' (খটিকালেখনী?) দ্বারা ভূমিতে বা ফলকে লেখাইবেন, পরে তাহা শোধন করিয়া (অর্থাৎ অধিকাংশ ছাটিয়া ন্যূনাংশ পূরণ করিয়া) পত্রে লেখাইবেন। এই 'পাণ্ডুলেখ'-লিখিত বিষয় 'পাণ্ডুলেখ, -লেখ্য', এবং গৌণার্থে, প্রথমে কালিতে লিখিত ন্যূনাধিক্যযুক্ত পুস্তকপ্রবন্ধাদির বিষয়ও 'পাণ্ডুলেখ' বা 'পাণ্ডুলিপি'। 'পূর্ব্বপক্ষং স্বভাবোক্তং প্রাড়্বিবাকোঽভিলেখয়েৎ। পাণ্ডুলেখেন ফলকে ততঃ পত্রে বিশোধিতম্॥ বৃহস্পতি—'অধিকান্ শাতয়েদর্থান্ ন্যূনাংশ্চ পরিপূরয়েৎ। ভূমৌ নিবেশয়েৎ তাবদ্ যাবদর্থো বিনিশ্চিতঃ॥ ব্যাস—'পাণ্ডুলেখেন ফলকে ভূমৌ বা প্রথমং লিখেৎ। ন্যূনাধিকং তু সংশোধ্য পশ্চাৎ পত্রে নিবেশয়েৎ॥]

পাণ্ডুসোপাক পুং বৈদেহীর গর্ভে চণ্ডালজাত, বেণুব্যবহারজীবী সঙ্কীর্ণজাতিবিশেষ। 'মনু ১০.৩৭।

পাণ্ড্য পুং [পাণ্ডু+য (ড্যণ্) 'তদ্রাজ' অর্থে, পা ৪.১.১৬৮, সি] পাণ্ডুজনপদের রাজা। "রঘু ৪.৪৯ ; ৬.৬০।

পাত[1] পুং [পত্+অ (ঘঞ্)-ভা] ১ পতন, পড়া। "ন মমার চ পাতেন মহা ১.১৭৬.৪৬। অভিজ্ঞাশ্ছেদপাতানাং ক্রিয়ন্তে নন্দনদ্রুমাঃ কু.স ২.৪১। ২ ভ্রংশ, চ্যুতি, স্খলন। "রেতঃপাত মনু ৫.৬৩, কুল্লুক। 'বি.পা ৫২। ৩ বর্ষণ। "জল°, তোয়°, হিম°। বৃষ্টি° রঘু ১১.৯২। ৪ আঘাত। "ইষু°, কুলিশ°, খড়্গ°, বাণ°, শূল°। ৫ স্রাব, ক্ষারণ। "অসৃক্°, রুধির°। ৬ নিমজ্জন। "পাতায নরকার্ণবে ক.সা ৪৯.৫৫। ৭ নিমীলন। "পক্ষ্ম° রঘু ১১.৩৬। ৮ সংঘটন। "বিপৎ°। ৯ পঞ্চম ও ষষ্ঠ মাসে গর্ভনাশ। 'পাতঃ পঞ্চমষষ্ঠয়োঃ।—পরাশর ৩.১৮। ১০ নাশ ক্ষয়। "শরীর° কু স ৩ ৪৪। ম.পা ৬। সৃজন পালন পুন পাত।—ম ৪০৭। রাক্ষস° ক.চ ১৯৩। হিন্দ্যাগর্ব্ব° চৈ.ভা ৯৩। ১১ অবপাত, অবতরণ। "শ্যেন° মহা ৩.১৩৩.২৬। ১২ [√পাতি+অ (অচ্)-ভা] পাতন, ক্ষেপ। "কটাক্ষ°, দৃক্°, দৃষ্টি°, লোচন°। চরণ°।—পঞ্চ ৪ ৯। ১৩ অবরোপণ, নামান। "শক্র° যাজ্ঞ ১ ১৪৭। ১৪ [+অ-ক] রাহু। ১৫ [অ-ধি] গ্রহগণের কক্ষের ছেদস্থান (node)। "ক্রান্তি°। ১৬ (বাঙ্লায়) পতন, তেজোহানি। "খদ্যোত উদয়ে যদি চন্দ্র হয় পাত।—কৃ ২৫০। ১৭ অত্যয়, অতিক্রম। "বৎসর হ'লে পাত শ্রী.মা ১২। ১৮ মরণ। "রাজার পাত ম.বি ৭।

পাত[2] বি [সং পত্র >লি, প্রা পত্ত >বা পাত ; হি, মৈ পাত ; ঠ পাত—অস্ত্রের ফলা ; প পত্ত ; গু পাতরু ; সি পত] ১ পাতা (leaf)। "তরুগণ ঢেকে পাতে পাতে শ্রী.ম ৭০। নারীর মন ভৃণপাত চৈ.চ ২১৯। ২ ভোজনার্থ কদলী-প্রভৃতির পত্র ; ভোজনপাত্র,—থালা ইত্যাদি। "ব্যঞ্জন কেমনে দিব পাতে।—কৃ ৩৮৩। শার্দ্দুলঝম্পনে সবে আগুলিল পাত।—শি ৩৩। আন দুই পাত চৈ.চ ৮৫। একবার পাতের কাছে বসো ব.প্র ২৭। ৩ পত্রিকা (letter)। "যাবকচিত্র, চরণপর লেখই, মদনপরাজয়-পাত।—গো ১২০,-৬৮। ৪ ফুলের পাপড়ি (petal)। "কোকনদ সহস্রেক পাত।—কৃ ৩৪৯। নৃপ-আসন নব পাটল-পাত ব.প ১০১৮। ৫ চাদর (sheet)। "উপরে লোহার পাত ম.ম ১৯১। ৬ পৃষ্ঠ, তলদেশ। "(লিখিল) চিত্র বিয়নির পাতে ব.প ২৮২,-৩। ৭ পুস্তকের পত্র ; পৃষ্ঠা (leaf, page)। ৮ রোগবিশেষ। "যকৃৎ প্লীহা-পাতে।—দা ৩৬০। পীলে পাত স.এ ২। [°কুঁড়ি—পাতাযুক্ত কুঁড়ি ; নূতন মুকুল। °ক্ষীর—ক্ষীরের পাত। °তাড়ি—শিশুর লিখিবার তালপাতার গোছা। "আ.দু ৩। °ফল—কদলী, কলা। °বেচা—যে জীবিকার্থ পাত বেচে। "গো.চ ২। °বেত—বেতের পাতলা ছোটা ; বেতি। "শ্রী ১২৬। পাত করা—খাওয়ার নিমিত্ত পাতা পাড়া; ধোওয়া ইত্যাদি। "গি.দ্বি ১০৯। একপাত আঙলা—পাতে বা কাগজে জড়ান আমলা ইত্যাদি মশলা। "দুই দুই পণে বেচে আঙলা একপাত ক.চ ১৭৫।]

পাত[3] সর্ম্ম [সং √পাতি—পাতয়] ১ পাতিত করা ; বিস্তৃত করা ; বিছান (জাল, ফাঁদ, মাদুর)। "বসন পাতিল গুণবতী।—ম ৫৬৩। পাতিলেন অঞ্চল খুল্লনা ব.প ৩৫৮। ২ ধারণার্থ স্থাপন করা। "পাতিলেন মস্তক দেবেশ।—কৃ ২০। ম ৬০২। ঐরাবত পাতিলেক মাথা।—গ ১৬০। মুখ পাতে চ.বি ২৩৩। হান বাণ পাতি দিমু বুক বা.ম ৪৩। ৩ দেবতার অধিষ্ঠানার্থ স্থাপন করা। "ঘট পাতে ব্রাহ্মণে ম.ম ১৬৪। ৪ বিস্তার করা ; অবতারণ করা। "রাবণ ছলে মায়া পাতে কৃ ২৪৯। মায়া পাতে কৈলুঁ নদী ক.চ ৩৩। মায়া পাতিয়া ম.ম ১৩। মায়া ছল পাতি চ.বি ২১১। পাতিল কিছু রঙ্গ চৈ.চ ৩৩। পাতিল মায়াজাল।—মে ১৭৩। ৫ আবৃত করা ; বিছান। "পাতে নেতের বসন : পারিজাত পুষ্প পাতে।—কৃ ৩৭০। ৬ চারিদিকে সাজাইয়া রাখা। "পসার পাতি ভাণ্ড থুইল ম.ম ৭০। ৭ প্রতিষ্ঠিত করা ; বসান। "বিশাই পাতিল সাল।—শূ ১৩৬। কামারে পাতিল শাল ক.চ ১৮২। (ময়রা) সন্দেশের দোকান পাতিয়া…বিক্রয় করিতেছে ব.প্র ৬১৫। ৮ উন্মুখ করা ; নিয়োগ করা। "কেহে পাতসি কানে শ্রী.কী ৭৪। 'বোল বোল' বলি প্রভু পাতে নিজ কাণ চৈ.চ ১৬৪। কাণ পাতি রহে ভ.গ্র ৫৩। কাণ পাতি শুন শ্রী ১৯৪। মৃগশিশুসম পাতিল কান চ.কা ৩১৪। বৈটকখানায় কাণ পাতা ভার আ.দু ২১। ৯ বসান। "কারখানা পাতিল শালে শ্রী ৬২। পাতিল প্রেতের হাট পিশাচ ১৬৭ ; দোকান পাতিল কর্ম্মী ১৮২। ১০ সংঘটিত করা ; ঘটান, বাধান। "কেনে মাও পাতহ জঞ্জাল বা.ম ৩৭৫। আর কি পাতে জঞ্জাল শ্রী.ম ৬৯। চণ্ডী পাতে আথান্তর ম.ম ১৭। আহারে বিঘ্ন পাতিলে ম.বি ২৩। কুবজীয়ে পাতিল প্রমাদ ব.প ১৮২২। কলহ পাতিলে বেটা বা.ম ৩৬২। ১১ নিক্ষেপ করা। "দৃষ্টি পাতি চাহে ম.ম ৪২। ১২ স্থাপিত করা। "পাতসি সম্বন্ধ শ্রী.কী ৫৩। ১৩ নিবিষ্ট করা। "যদি না পলায়্যা যাহ তবে পাতি মন শ্রী.ম ১৪৯। মন পাতিল গমনে ১৫৫। দশ বার বলিলাম না পাতিলা চিত ম.ম ২২৭। ১৪ প্রস্তাব করা ; পাড়া। "আন বুলিতেঁ আন পাতসি কথা শ্রী.কী ৭৬। ১৫ উদ্ভাবন করা। "তোহোর আন্তরে, চতুর কাহ্নাঞি, পাতএ আশেষ বুধী শ্রী.কী ৩০২। ১৬ বিস্তৃত বা প্রসারিত করা। "হাতে আছে অঙ্গুরী দেখহ কর পাতি ম.ম ১৫৪। ১৭ সূত্রপাত করা ; আরম্ভ করা। "খেড়ি পাতিলা তথাই শ্রী.ম ১১২। [আড়িপাতা—আড়ে (আড়ালে) থাকিয়া কিছু দেখা বা শোনা (প্রায়ই নবদম্পতিসম্বন্ধে)। "আড়ালে আসিয়া আড়ি পাতি রহে।—বি.সু ৫৮। উনান পাতা—উনান করা। "সপ্ত পাতিবে উনান শ্রী.মা ৯৯। খড়ি পাতা—(দ্র 'গতডি কাঠিনী' ইত্যাদি—হি ১৫, কথারম্ভ)—গণনার্থ খড়ি দ্বারা অঙ্কপাত করা। "খড়ি পাতি, গণিয়া গণনে, নিবেদিলা হাসি সখী—মে ৫৫। জানু পাতা—ভূতলে জানু নিহিত করা ; আঁটু পেড়ে বসা। "ন ৮৯৪। দই পাতা—অম্লযোগে দুধ বসান। পাত পাড়া বা পাতা—ভোজনার্থ পাত পাড়া। "তোমার বাড়ী কেউ পাতে না পাত।—দা ১৫৬৮। হাত পাতা—১ কোলে লওয়ার নিমিত্ত হাত বাড়ান। "কেন হাত পাত আর কোলে লবে কায়।—দু ৯৯। ২ গ্রহণার্থ হাত বাড়ান। "(ময়রাগণ) সন্দেশ গতাইয়া দিয়া, হাত পাতিতেছে ব.প্র ৬১৫।]

পাতক পু, ক্লী [√পাতি+অক (ণ্বুল্)-ক] 'নরকে পাতয়িতা' ; দুরিত, কলুষ, পাপ। "মনু ৮.৮৮। রঘু ৯.৮২। অস্ত দগ্ধোদরস্যার্থে কঃ কুর্য্যাৎ পাতকং মহৎ।—হি ১.৭০। [অতিপাতক মহাপাতক উপপাতক অনুপাতক জাতিভ্রংশকর সঙ্করীকরণ পাত্রীকরণ মলাবহ প্রকীর্ণক ভেদে পাতক নববিধ। দ্র 'বিষ্ণু ৩৩.৩-৫ ; ৩৪শ-৪২শ অধ্যায়।] —তকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কিনী] পাপী। "ছু সূনে যবনী, পাতকিনী !—কা ৫৪।

পাতকুয়া, -কো বি [পাটকুয়া >°য়া] মাটির পাটে পাশবাঁধা ছোট কুয়া। "পাতকো।—হু ৮৬। [পাতকো-তলা—পাতকোর পার্শ্বস্থ স্থান। "হু ১৬৩।]

পাতখাড়ু বি লোহার পাতের স্ত্রীকরভূষণবিশেষ ; খাড়ু, লোহা।

পাতখোলা বি ১ মাটির পোড়া পাতলা খোলা (পাত্র)। "পাতখোলা মুখশুদ্ধি ব.প ৪৮২। কিন পাতখোলে : দেই পাতখোলে চৈ.ভা ২২৫। ২ গর্ভিণীর দোহদ পাতলা খুরীর মত খোলা। "পাতখোলা খেলে পরে, পোলা কোলে পায় রে (অ.গ্র)।

পাতঞ্জল বিণ [পতঞ্জলি+অ (অণ্)] পতঞ্জলিপ্রোক্ত। "পাতঞ্জল মহাভাষ্যে কৃতভূরিপরিশ্রমঃ। —ল ক্লী পতঞ্জলিকৃত যোগশাস্ত্র ; যোগদর্শন। "পাতঞ্জলে মাথায় অঞ্জলি বান্ধে হা'রে ভা.চ ৩২৬। [ইহা সমাধি সাধন বিভূতি কৈবল্য—এই চারি পাদে বিভক্ত। সাংখ্য ও পাতঞ্জলের পদার্থ-বিভাগ এক, কেবল ঈশ্বরতত্ত্ব অতিরিক্ত। ইহা সাংখ্যের পরিশিষ্ট, সেই হেতু ইহার আসল নাম 'সাংখ্য-প্রবচন'। যোগে আত্মদর্শন ও কৈবল্যলাভ, ইহার উদ্দেশ্য। যোগের বিস্তৃত বিবরণ হেতু ইহা যোগশাস্ত্র।]

পাতড়া বি [পত্র >পতর >°ড়া]। খাদ্যসহিত পত্র ; একপাত খাবার (অবজ্ঞায়)। "কত ব্রাহ্মণপণ্ডিত…আসিয়া পাতড়া মারিবে ব.প্র ৬১৭। ২ নৌকার দাঁড়ের পাতা। ৩ লিখিত বিষয়বিশেষের পত্রসমূহ বা তালিকা। [কবিরাজী পাতড়া—কবিরাজের মুষ্টিযোগের তালিকা-পত্র। "E. P. 144.]

পাত-দত '-ত্-ত্' বি শিশুর লিখিবার তালপাতা ও দোয়াত। [পাত দত তোলা—(গৌণার্থে) প্রস্থানের উদ্যোগ করা (শিশুরা ছুটির আগে পাত-দত তোলে)। "পাত-দত তোল, আমার সঙ্গে তীর্থে যেতে হবে।—জা ৫৭।]

পাতন[1] বিণ [√পাতি+অন (ল্যু)-ক ; স্ত্রী -নী (গৌরাদি)] পাতনকারক, নাশক। "(নৃপতিঃ) পাতনঃ শত্রুসঙ্ঘানাম্ মহা ১.১৭১ ১ ; ৭.৩.৬। —তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অধঃপ্রাপণ ; অধো-নয়ন। "(শুচিঃ) শকুনিঃ ফলপাতনে।—মনু ৫.১৩০। পাতনং গিরি শৃঙ্গেভ্যঃ ভ ৩.৩০.২৭। ২ নিক্ষেপ। "অক্ষ' পা ৮.২.৪৯, কাশিকা ৩ স্রাবণ, স্বস্থানভ্রংশন। "গর্ভস্য পাতনে যাজ্ঞ ২.২৮০। ৪ আঘাত।

"পাতক পাতনম্ মনু ৭.৫১। —তিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ অধোনীত, অবপতিত। ২ পাতিত। "(গুরুম্) পাতিতং সব্যসাচিনা মহা ৭.৩.২। ৩ (বাঙ্লায়) স্থাপিত। "পাতিত পুরটপীঠে পুরহর বসে শি ৩২, ১০৭। —তিত্য ক্লী [পতিত+য (ষ্যঞ্)] পতিতভাব। মহাপাতকানাং পাতিত্যহেতুনাম্ মনু ১০ ৯২, ১১ ১৫৭, কুল্লুক।

পাতন² বি [পাত³+অন] ১ স্থাপন। "শুভক্ষণ বুঝি কৈল দাণ্ডার পাতনে শ্রী কী ১৪০। ২ নৌকায় আরোহীর বসার পাতের বা তথ্তার পাটাতন। "চন্দন কাঠের না সুন্দর পাতন শ্রী ম ৬৯। ৩ অঙ্কপাত। "দাগ সারি থাব আগে করিবে পাতন।—শুভঙ্কর।

পাতনকাঁড় বি [পাটনকাঁড় > °ড়] সর্থ 'পাটন³ (৩)। "ক চ ৪৭।

পাতনা বি সর্থ 'পাতান (১)। "ধান্যরাশি মাপি যৈছে পাতনা সহিতে। পাছে পাতনা উড়াইয়ে সংস্কার করিতে॥—চৈ চ ৪৭।

পাতয়ান, -ল, -পাতোয়ান, -য়াল বি [সং পত্রয়াল, পাত্রপাল > প্রা *পত্তয়াল > বা °য়াল, °যান, হি পত্‌রার, পতবাল (চ)] ১ পাটের বড় হা'ল, কাঁড়াবীর হাতের হা'ল, পাতা হা'ল। "কাডারি না হইলে (দড়) পাতোয়াল খোসে।—গো বি ১২৩। কাণ্ডারি নাহিক দড পাতোয়ান খসে।—মী ২৩। ২ হা'ল। 'উপারিয়া ছুগা-বাড়ি পাতযান মুচোরে বি পা ২৩৫। পাতয়াল ঝোকা-বাড়ি ব প ২২০।

পাতর¹ বি [সং পাত্র > (স্বরাগমে) °র, অপ্র] মন্ত্রী, সচিব। "কর্পূর পাতর শ্রী মা ৬৪, ৭৮, মাহুত্যা পাতর ১১১, বীবর পাতর ১৩৭,-৪৫।

পাতর² বি [সং প্রস্তর > লি, প্রা পথর > বা পাথ(ত)র, হি, ঠ, গু পথব, মৈ পাথব, ড় পথর] ১ পাষাণ। "গো চ ১১১,-৬। ২ করকা, শিল। "ব্যাল হ্যান পাতর গো চ ২৩৪,-৫। [পাতরে পাঁচ কিল —(গৌণার্থে) বিশেষ সুবিধাব বিষয়। 'বি বু ৩৮। লী ৪৪। পাতুরে কাল—পাথরের মত কাল, নিবিড়কৃষ্ণ। "যেরূপ কৃষ্ণবর্ণ ··পাতুরে কাল বলি ব.প্র ১১৬।]

পাতল বিং [পত্তল (সূক্ষ্ম, কৃশ—দেশী ৬ ১৪) > °ল, তু 'সং পত্র > প্রা পত্তল (হে ২ ১৭৩), হি, মৈ পাতর, অপ্র] ১ সূক্ষ্ম, পাতলা। "অঙ্গহি লাগল পাতল চীব বি প ১৩৯। তনু তনু লাগল পাতল চীর।—গো ৬৬। ২ লঘু, হালকা। "সোলা হৈতে পাতল বুড়া হৈল ম গা ১৮। মএনা সর্ব্বাঙ্গে পাতল গো চ ১২৯,-৩৪। তুলা হইতে পাতল চৈ.ভা ২১১। যৌবন পাতল কব জ্ঞা ১৩৮। ৩ লঘু, অর্থাৎ শুষ্ক। "পাতল সুন্দরবের কাষ্ঠ ম ম ৯৫। —তল বি পাতলা মৃৎপাত্রবিশেষ, পাতিল হাঁড়ি। 'পাতল মৃৎপাত্রে সন্ধানাদি নিল ভবি চৈ চ ৩১২। —তলা বি° [°ল > °লা, হি পতলা, ঠ পাতল, মৈ পাতরি, ড় পতলা] ১ কৃশ, রোগা (গড়ন)। ২ সূক্ষ্ম (fine—কাপড)। বিপ 'পুরু'। ৩ তরল। বিপ 'ঘন'। ৪ পুরু বা মোটা নয় (thin)। "পাতলা কাগজ, তথ্তা। ৫ লঘু, হালকা। বিপ 'ভারী'। ৬ বিরল, ফাঁক-ফাঁক। বিপ 'ঘন'। "পাতলা চুল, বসতি, বুননি। কোল পাতলা ডাগর গুছি: ঘন সরিষা পাতলা বাই।—খনা। ৭ তীক্ষ্ণ (sharp)। "পাতলা ধার। [পাতলা ঘুম—যে ঘুম অল্পেই ভাঙ্গে, সজাগ ঘুম। পাতলা দুধ—অল্প জ্বাল-দেওয়া দুধ। পাতলা ফিন ফিনে—অতিসূক্ষ্ম (কাপড়)।]

পাতশা, -শাহ বি সর্থ 'পাৎশা'। "ভা চ ৪৭৬,-৮।

পাতা¹ (**-তৃ**) বিণ [√পা+তৃ-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ পালয়িতা, রক্ষক। "পৃথিবীর পাতা।—কৃ ৯৪। ২ পানকর্ত্তা। "ঋগ্বেদ ১ ১৮০ ২, সায়ণ।

পাতা² বি [সং পত্র, -ত্রক > প্রা পত্ত, -ত্তঅ, 'পত্তা (পৈ ২.৯৩) > বা °তা, হি, মৈ পত্তা] ১ বৃক্ষপত্র। ২ ভোজনার্থ আধার কদলী-প্রভৃতির পত্র। ৩ ফুলের পাপড়ি। "চক্ষু কমলের পাতা।—ম ১০। (লোচন রাতা) সিন্দুরে মণ্ডিত বনি পঙ্কজ-পাতা ব প ১০১০। ৪ চক্ষুর আবরণ (eye-lid)। "নেত্র-পাতা অনিমিখ।—হেম ১০৬, মুদিল নয়ন-পাতা ১১৪। ৫ পুস্তকের পত্র (leaf)। ৬ পাতার মত বস্তুমাত্র। "দাএর, দাঁড়ের, পাএর, হা'লের পাতা। ৭ [স° পাত্র > প্রা পত্ত > বা (পত্তা) °তা] নদীর খাত বা বিস্তার (bed)। [পাতা-চাপা কপাল—সহজে সুফলদাতা ভাগ্য। বিপ 'পাথর-চাপা কপাল'। "ওদের পাতাচাপা কপাল, সময়বিশেষে মাটিমুটটা °ধরিলে সোণামুটা হইয়া পড়ে আ দু ১৫৯। °সিজ—মনসাসিজ। "ক চ ৭৭।]

পাতা³ বি [পাত³+আ⁶] বিস্তৃত করা, বিছান ইত্যাদি। দ্র 'পাত³। —তা বিং [+আ¹²] পাতিত, প্রসারিত, বিস্তারিত। "বেদীর উপব বড় পুরু গালিচা পাতা ব প্র ৩৯৯। গদিব উপব সুচুনি পাতা। —জ্ঞা ৩২।

পাতা⁴ সর্ম [পাত³+আ⁸] ১ পাতিত করান, বিস্তৃত কবান। 'পাতাইল পাটী শ্রী ৪০। ২ স্থাপিত করান। "ঘরে তারে পাতাইব শাল শি ৯৪। ৩ [পাতিয়া > °তা, অপ্র] আশ্বাসবাক্যে প্রত্যয় করাইয়া বুঝাইয়া রাখা, আশ্বাসে শান্ত কবিয়া রাখা। "বাপনেওট ছেলে আমি নারিব পাতাতে।—শি ৭৩। ৪ প্রত্যয় করান। "বলে পরের তনয়ে না কি পাতাইব মন।—শ্রী মা ৪২। [পাতান—সর্থ 'পাতা⁴। পাতান কাকা—কৃত্রিম সম্পর্কে কাকা। "হ ১৬৭। পাতান স্বজনতা—সখীত্বাদিজন্য আত্মীয়তা। "একপ্রকার পাতান···স্বজনতা আছে পা.প্র ৪৯। পাতানে মাসী—কৃত্রিম সম্পর্কে মাসী। "স এ ১৯। সই পাতান—সখীত্ব স্থাপন করা, সই বলা।]

পাতাড় বি [সং পত্র > (স্বরাগমে) পতর > (পাতার) °ড, গু পাতক] পত্রশাক। [শাক পাতাড়—মূলাদি শাক ও পত্রশাক। "শাক পাতাড়ে বিলক্ষণ টান।—হেম ৩৯০।]

পাতান বি [পাতা²+ধান] ১ পাতার মত চেপ্টা ধান, চিটাধান। ২ পথ (?)। "পাতান উজ্জ্বল কৈল মতি নিরমলে ব প ১২৮৪। ●

পাতাপাতি ক্রি বি° [পাত³-আ+পাত³-ই] ১ পাতিতভাবে, চিৎপাতভাবে অর্থাৎ চিত করিয়া। "(হাথী) শুণ্ড বাড়াইযা কৃষ্ণে ধরে পাতাপাতি শ্রী ম ১২৮। ২ [পাতি¹ > °তি] পাতি-পাতি, সারি-সাবি। "(জরাসন্ধ) আসিয়া মথুরাপুরী বেড়ে পাতাপাতি শ্রী ম ১৫০। ৩ (?) "নিদ্রা তার ভাঙ্গে পাতাপাতি শ্রী ম ১৫১। ৪ কাছাকাছি। "সেই নাগ আসে পাতাপাতি ম ম ১৮১।

পাতামল বি চেপ্টা মলবিশেষ (?)। পায়ে পরে পাতামল ব প ৩৮৬। বা প্র ১৯১। শি ১৬।

পাতাল ক্লী [√পত্+আল (আলঙ্)-ধি, উ ১ ১১৪, পাদ+তল, পৃষো (?), তু 'পাতালং পাদতলতঃ (ভ ২ ৫.৪১)] ১ 'পাপ হেতু পতনস্থান', সপ্ত অধোভুবনের সপ্তম নিম্নতম ভুবন। "গো রা ৬ ১৬ ২৯। থাতে পাতালতোঽপি জলমেতি।—পঞ্চ ৫ ২৯। সপ্ত পাতালেতে থাকি শুনে বসুমতী।—কৃ ৪৯১। ডুবেছি না ডুবতে আছি, পাতাল কতদূরে দেখি ব প ১৬২৮। [অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল পাতাল—এই সপ্ত অধোভুবন। দ্র 'লোক (১)। ম ৯৪৯।] ২ অধোভুবন, নাগলোক। "ভুজঙ্গপিহিতদ্বারং পাতালম্ রঘু ১৮০। ৩ পাতালবৎ সন্তোনাশক। 'মহা ১৩ ৩৮ ২৯। ৪ বিবর, গর্ত্ত। 'আগুনে বিচালি জ্বালিয়া সেই সক সিঁড়ীতে পাতালে নামিল ব প্র ৩৫৮। ৫ (পাতালবৎ সাগরগর্ভস্থ ?) বড়বানল। ৬ (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ স্থান। —তাল পুং ১ ঔষধপাকার্থ যন্ত্রবিশেষ। 'ঊর্দ্ধ্বমাপস্তলে বহ্নির্মধ্যে তু রসসংগ্রহঃ। পাতালযন্ত্রমেতৎ···॥ ২ বৃহস্পতি-গ্রহের বৎসর। [°গঙ্গা (স্ত্রী)—পাতালস্থা গঙ্গা, ভোগবতী। °নিলয়,

'নিবাস, °বাসী (-সিন্) (পুং)—'যাহার পাতাল বাসস্থান'; দৈত্য; নাগ, সর্প।]

পাতাহাল বি [দ্র 'পাতয়ান'] পাটার (তখ্তার) বড় হাল, কাঁড়ারীর হাল। "পাতাহালে নাহি ছোঁয় পানী ম.ম ১৩৮।

পাতি১ বি [সং পঙ্ক্তি > প্রা পন্তী (বি.মা ১.২৬) > বা পাতী, -তি] ১ পঙ্ক্তি, শ্রেণী। "দ্র ভ্রমরপাতি।—গ ৭; দশন মুকুতাপাতি ৫৮। নখ° চ.বি ১৮৬। ২ সমূহ। "ফুলের পাতি।—শূ ২৩। তৃণ° ক.চ ১৩৫। ৩ পাশার বিন্দুপঙ্ক্তি-অনুসারে দান। "ডাক দিয়া সদাগর পাতি ফেলে দশ ক.চ ১৬৭। ৪ খেলাবিশেষ, বাঘবন্দি খেলা। "পাতি খেলে বাঘ চালি।—ক.চ ২১৫। [এই খেলায় বাঘ ও ঘুঁটি, খেলার ঘরের রেখানুসারে চালিতে হয়।] ৫ [দ্র 'পাঁতি২] পত্রিকা, পত্র (letter)। "সদাগর পড়ে পাতি ক.চ ১৬৩,-৪; লিখিয়া পাতি ১৭৯। লিখন পাতি (পাঠ করেন) শ্রী.মা ২০৯। শ্রী ১৪; ২১,-৩। পড়ে মনসার পাতি ম.ম ১৪৩। পাতি পড়ে বিচক্ষণা বি.হ্ ৩৯। ৬ [পাত২+ই১১] সর্থ 'পাত২ (৫)। "আগুনে পুড়িয়া লোহা করিলেক পাতি ম.ম ১৬৮; লোহার পাতি ১৬৯। ৭ মাদুরের উপাদান তৃণবিশেষ। "পাতির মাদুর। ৮ পাতার মত পাতলা বাঁশের বেতি। [পাতি পাতি—১ সারি-সারি, শ্রেণীবদ্ধ। "পতাকা দেখয়ে পাতি পাতি।—মী ১১। ২ পঙ্ক্তিক্রমে, ক্রমান্বয়ে, একে একে, তন্ন-তন্ন। "পাতি পাতি করিয়া চাহেন।—কৃ ১৪৬। হনুমান্ আসিলে ডিঙ্গা উঠে পাতি পাতি ম.ম ২২৩। পাতি পাতি করি (ধ্যান করে) বা.ম ৩৭। খুঁজি পাতি পাতি না পেলে বাছার ব.হ্ ২১। সা.ম ৫৭। ৩ পঙ্ক্তিক্রমে, ছত্রে-ছত্রে, পর-পর। "কালামুখি! সব, এখনি বাবারে, দিব কয়ে পাতিপাতি।—ন ১১২৪। পাতি, -তির, -য়া—পত্র (প.ক)।]

পাতি২ বিং [পাত২+ই৮; ড় 'পাতি'—ছোট; অস 'পাতি'—সামান্য, ছোট, নিকৃষ্ট; পেতি (পূর্ব্ববঙ্গ)—°কৌয়া, °মেকুর, P. pato] ১ পাতসম্বন্ধী, পাতের মত; পাতলা। ২ সামান্য, নিকৃষ্ট। ৩ ছোট। [°এঁড়ে—অল্পবয়স্ক এঁড়ে বাছুর। °কাক—ক্ষুদ্র কাকবিশেষ। বিপ 'দাঁড়কাক'। °চোর (তু 'সং পাটচ্চর)—কাপড় ঘটী বাটি ইত্যাদির চোর; ছেঁচড়া-চোর। বিপ 'সিঁধেল চোর'। °ঝিনুক—একপ্রকার পাতলা ছোট ঝিনুক। বিপ 'গোঁড়াঝিনুক'। °ডাল—ছোট সরু ডাল; ফিকড়ি ডাল। °নেড়ে—আভিজাত্যহীন সাধারণ মুসলমান। "মা৩২৭। °নেবু—পাতার মত খোশাপাতলা ছোট একপ্রকার নেবু। বিপ 'কাগজী'। °মাতাল—ধেনো মদের মাতাল। বিপ 'পাকা মাতাল'। "ব্যাটা পাতি মাতাল, খুব মাতাল হয়েছে। ব্রাণ্ডি পান পাকা লোকের কাজ স.এ ২৬। °মৌড়—বিবাহে কন্যার মাথার ছোট মুকুট; সীঁতি-মৌড়। °শিয়াল—সাধারণ শিয়াল। বিপ 'বড়শিয়াল'—বাঘ [ফা শের্ (বাঘ)]>'শেল'; 'শেল' (গ্রাম্য)—শৃগাল; এই একবর্ণ শব্দদ্বয়ের সাম্য ইহার মূল)। °হাঁস—একজাতীয় ছোট হাঁস। বিপ 'রাজহাঁস']

পাতিআ অর্ম্ম [দ্র 'পতিয়া'] বিশ্বাস করা। "তা শুণি কে বা পাতি-আএ শ্রী.কী ১০৭,-২২। —তিআ [সর্ম্ম] শান্ত করা। "ছুলি ছুলি (বনমালী) পাতিআর হাথ চাপড়ি শ্রী ম ২৬। [পাতিআ(য়া)ন (হি 'পাতিয়ানা'—বিশ্বাস করা)—সান্ত্বনা, সান্ত্বনাবাক্য। "ভুয়েরে বাল্মীকি মুনি দেন পাতিআন।—কৃ ৪৯২। ভদ্রা বলে যত কহ মন পাতিয়ান।—ম ২৩৪; ৬৬৪।]

পাতিজান বি [পাতিয়ান > °ন; অপ্র] 'প্রত্যয় জন্মান'; আশ্বাস বাক্যে বুঝান; সান্ত্বনা। "নাহিক দোসর জন দিতে পাতিজান ব.প ৬৫৩।

পাতিত, -ত্য দ্র 'পাতন'।

পাতিব্রত্য ক্লী [পতিব্রতা+য (ষ্যঞ্)] পতিব্রতাধর্ম্ম, সতীধর্ম্ম। "ভ ৯.৩.১৭।

পাতিয়া, -য়ায় অর্ম্ম [দ্র 'পতিয়া'] সর্থ 'পতিয়া'। "মাথে দিলাম, কঙ্কন পাতিয়ায়ব ব.প ১৩৫০। এমন কথায় পাতিয়ায় কোন জন ক.চ ১০২। [পাতিয়াই (প্রত্যয়), -য়াই, -য়াওয়ে (প্রত্যয় করে), -য়াওব (প্রত্যয় করিবে)।—প.ক। পাতিয়া গেল—প্রতীত হইল। "পাতিয়া গেল মন ম.ম ৬।

পাতিয়ারা বি [হি পাতিয়ারা] প্রত্যয়, বিশ্বাস। "সাধু বলে যেই চোর নাহি পাতিয়ারা। দেখয়ে সকল লোক আপনারা পারা।—ক.চ ২৪৪।

পাতিল, -লী বি [সং পাত্রী > (স্বরাগমে) পাতরী > পাতিলী অথবা, পাতল > °ল, °লী (?); সং পাতলী (মেদিনী); হি 'পতীল, -লা' —পাতলা, 'পতীলী'—ডেকচী; ঠ পাতলেঁ, -লী; °ল (ঢাকা) —মালসা; পাইলা (ময়মনসিং), '°ল' (চট্টগ্রাম)—হাঁড়ি] ১ পাতলা মাটির হাঁড়ীবিশেষ; হাঁড়ী। "গরম পাতিলত জেমন দরশন তৈল গো.চ ৯১। পাতিলী ভিতরে দেখে কৃ.উ ৫। °ল ব.প ৩০; নগোটা পাতিলী ২২১। পাতিল ভুখিয়া যেন কুমারে গড়ে শরা ম.ম ১৭৭। কাঁচা পাতিলে বি.পা ২৬৩। ২ পাতিল-পরিমিত অন্ন। "দুতিন পাতিলে হয় উদর পুরণ বি.পা ১২৯।

পাতী (-তিন্) বিণ [√পত্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -তিনী] ১ পতনশীল, ভ্রংশনশীল। "(আশাবন্ধঃ) সদ্যঃপাতি প্রণয়ি হৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি পু.মে ১০। শব্দপাতিনমিষুম্ রঘু ৯.৭৩। ২ গামী। "বিষমেষেকপাতিনম্ (ভর্ত্তারম্)।—মহা ১.৭৪ ৪৫। ৩ অবতরণকারী। "একপাতী চ চক্রাঙ্গঃ (মহা)। ৪ [√পাতি+ইন্-ক-১ব] পাতন-শীল। "(অনিলে) রূক্ষে খগপাতিনি।—বৃহৎসংহিতা ৩০.৬। ৫ নিঃসারণ-কারী। "রেতঃপাতিন্ মনু ৫.৬৩, কুল্লুক। [সমাসে উত্তরপদ]। —তুক বিণ [+উক (উকঞ্)-ক] সর্থ 'পাতী (১)। —তুক পুং প্রপাত।

পাতুক দ্র 'পাতী'।

পাতুনি বি [পাতনীয় > °নি] বিছানায় পাতাব কাপড়; আস্তরণ। "আরতি তোষণি, তাহাতে (পালঙ্কে) পাতুনি রা.শে ১৯।

পাত্তর বি [সং পাত্র > (স্বরাগমে) পাতর > °র] ১ ভাজন, আধার। ২ লোক। ৩ মন্ত্রী। "তোক করিব পাত্তর গো.চ ১৩৮,-৪৬। গৌড়ের পাত্তর শ্রী.মা ১৪। শ্রী ১৬; ১৮২; পাপিষ্ঠ পাত্তর ২১৬। ৪ অমাত্য, সভাসদ্। "রাজার হেমাই পাত্তর গো.চ ৫৭।

পাত্তা বি [সং বার্ত্তা; হি পতা; ঠ পত্তা, গু পত্ত] সংবাদ, খবর; অনুসন্ধান, খোঁজ, উদ্দেশ, ঠিকানা। "পাত্তা পাওয়া।

পাত্যর বি [পথর > পাথর > °র, দ্র 'পাতর২; অপ্র] ১ পাথর। "হিয়াখানী পাত্যরে বান্দিয়া ম.গা ১১। ২ [প্রান্তর > °র; অপ্র] মাঠ। "পাত্যরে পাইব তোরে ত্রিকাল কুকুরে ম.গা ১৬। ফেলাবে দক্ষিণ পাত্যরে গো.চ ৩৫৪।

পাত্যা অর্ম্ম [পাতিয়া > °ত্যা] প্রত্যয়যুক্ত বা প্রতীত হওয়া; জাত-বিশ্বাস হওয়া। "আমার বচনে যদি না পাত্যায় মন ম ৪৮। —ত্যা সর্ম্ম প্রতীত করা; শান্ত করা; বুঝান। "কি দিয়া পাত্যাবে তারে।—ম ১০২৬,-৭; কি দিয়া পাত্যাব মন ১০৩৭। [পাত্যাত্যে (অপ্র) —পাত্যাইতে, প্রতীত করিতে; বুঝাইতে। "রামকে পাত্যাত্যে তুমি যাবে ব.প ৫২০। পাত্যাবারে (অপ্র)—সর্থ 'পাত্যাত্যে'। "যাই রাম পাত্যাবারে ব.প ৫১৯,-২০।]

পাত্যারা বি [পাতিয়ারা > °রা] প্রত্যয়। "আত্মশক্তি মোর মনে নাহিক পাত্যারা ক.চ ৭১।

পাত্র পুং, ক্লী [√পা+ত্র (ষ্ট্রন্)-ক, উ ৪.১৫৮; ছান্দস] ১ 'আধেয়-রক্ষক', আধার, ভাজন। "অতৈজসানি পাত্রাণি মনু ৬.৫৩। দারু°, বর্ত্তি° ৫৪। ২ ভাণ্ড, কলশ। ৩ ভোজনযোগ্য আধার; ভোজ্যাধার,

অমত্র। "পাত্রেসমিত। ৪ যজ্ঞিয় দ্রব্যাদি। ৫ পূর্ণভাজন (মেদিনী)। ৬ তীরদ্বয়ান্তর, তীরদ্বয়মধ্যস্থ জলাধারস্থান, নদীখাত, পাতার। "দূর-পারাম্ (শত্রুম্) গো.রা ২ ৭৩.২। ৭ যোগ্য, শক্ত (মেদিনী)। "বিনয়াদ্ যাতি পাত্রতাম্।—হি ৬ (অবতরণিকা)। আপাত্রঃ পাত্রতাং যাতি যত্র পাত্রো ন বিদ্যতে।—উজ্জ্বল। ৮ ষড়ঙ্গবিদ্বেদ-পারগ, তপঃশ্রুতাদিসম্পন্ন ব্রাহ্মণ। "গী ১৭ ২০,-২। ৯ বিদ্যাদিসম্পন্ন দানার্হ ব্রাহ্মণ। "পাত্রভূতোঽসি মে বিপ্র গো.রা ১.২১ ১৮। ১০ শ্রুতা-ধ্যয়নশমদমাদিসম্পন্ন অনুষ্ঠানবান্ ব্রাহ্মণ। "যাজ্ঞ ১.২০০। ১১ রাজমন্ত্রী। "গো.চ ৫১। পাত্র মিত্র শ্রী ১৪। রাজপাত্র চৈ.চ ৯৩, ১৭৬। পাত্র-মিত্র-আদি. সভাসদ। —মে ৪। ১২ (নাটকে) নায়কাদি অভিনেতা, কুশীলব। "প্রতিপাত্রমাধীয়তাং যত্নঃ।—শ ১$\frac{২}{২}$। °প্রবেশ সা দ ৬ ৩৫। ১৩ আঢকপরিমাণ, চারিপ্রস্থ। '(চতুঃপ্রস্থমাঢকম্) পাত্রং তদেব বিজ্ঞেয়ম্। ১৪ [+অ-ণ] পানভাজন। "পাণিপাত্র—পঞ্চ ৫ ১৫। ১৫ (বাঙ্লায়) রাজাদির পত্রলেখক, পত্রনবিশ। "নবাব সাহেব …পাত্রকে আজ্ঞা করিলেন…আর এক পত্র লিখহ কৃ.চ ৬১। ১৬ কন্যাদানযোগ্য বর। ১৭ হিন্দুর উপাধি। —ত্রী স্ত্রী [°ত্র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ আধার, ভাজন। "দিব্যপায়সপূর্ণাং পাত্রীম্।—রা ১ ১৬.১৫। ২ দুর্গা। "মহা ৪ ৬ ১০। ৩ (বাঙ্লায়) বিবাহযোগ্যা কন্যা। [°পাল (পুং)—১ বৃহৎ ক্ষেপণি, বড় হা'ল (oar)। ২ তুলা-দণ্ড, তুলাধট। °সংস্কার (পুং)—মৃত্তিকাজলাদি দ্বারা পাত্রমার্জ্জন, পাত্রশোধন। (কন্যা) পাত্রস্থ করা—(কন্যা) যোগ্য বরে সম্প্রদান করা।

পাত্রসাৎ ব্য [পাত্র+সাৎ (সাতি)] যোগ্যপাত্রাধীন। "পাত্রসাৎ করিয়া সর্ব্বস্ব আপনার (চলিলেন) চৈ ভা ১০০।

পাত্রাপাত্র বি যোগ্যাযোগ্য পাত্র, পাত্রবিচার। "প্রণয়ের পাত্রাপাত্র নাই। সকলকেই ভাল বাসিবে।—ব প ১৫৬।

পাত্রিক বিণ [পাত্র+ইক (ঠঞ্)] পাত্রপরিমিত। —ত্রিক ক্লী, -কী স্ত্রী পাত্র, আধার, বাটি, ডিশ্।

পাত্রী দ্র 'পাত্র'।

পাত্রীকৃত বিণ [পাত্র+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+ত (ক্ত)-র্ম্ম] পাত্রগুণান্বিত। 'পাত্রীকৃতাত্মা গুরুসেবনেন রঘু ১৮ ৩০।

পাত্রীয় ক্লী [°ত্র+ঈয় (ছ)] 'পাত্রে সাধু', যজ্ঞদ্রব্য।

পাত্রেসমিত বিণ [পাত্রে সমিত, ক্ষেপে নিপাতিত, পা ২ ১.৪৮] ১ যে পাত্রে (ভোজনকালে) সমিত (মিলিত), যে কেবল ভোজনের সময়ে আসে, কার্য্যকালে আসে না, কেবল ভোজনে সন্নিহিত অনু-জীবী। "স পাত্রেসমিতোঽন্যত্র ভোজনান্ মিলিতো ন যঃ (ত্রিকাণ্ডশেষ)॥ "বৃতস্থং পাত্রেসমিতৈঃ।—ভট্টি ৫ ১০। ২ পাপিবিশেষ। 'নিধায় হৃদয়ে পাপং যঃ পরং শংসতি স্বয়ম্ (স্বকম্?)। স পাত্রেসমিতোঽথ স্যাৎ॥ —শ ক। [°তি—সর্থ 'পাত্রেসমিত'। "ব প ১৭১৬।]

পাৎ(ত)শা, -সা, -সাহা বি [ফা পাদ্শাহ্] সম্রাট্, রাজা, বাদশাহ। "পাৎশা চৈ চ ১৯৫। পাৎসা ভ.গ্র ১৪, ৩১৮, পাৎসা: পাৎসাহা ৩৫৩। পাতশা খেতাব ভা চ ১৭, পাতসা ৪৭৮। [পাতসা-ভোগ—ধান্যবিশেষ। "শি ১১৩। পাতশাহী (ফা পাদ্শাহী)—১ রাজকীয়, সম্রাট্প্রদত্ত। "°হী শিরপা ভা.চ ২৬। ২ সাম্রাজ্য।]

পাথঃ (-থস্) ক্লী [√পা+অস্ (অসুন্),-ক-১ব, থ্ (থুট্) আগম. উ ৪.২০৪] 'ভূতপালক', জল। "দুষ্টসকলপাথস্ ক.সা ২৭ ১২২। [°জ (পাথোজ) ক্লী—১ 'জলজাত', পদ্ম। "পাথোজাস্য নৈ ১৯.২৭। ২ শঙ্খ। °দ, °ধর (পুং)—জলধর, মেঘ। °ধি, °নিধি (পুং)—সমুদ্র।

পাথর১ বি [দ্র 'পাতর২'] ১ পাষাণ। "কৃ ২৪৮। পয়োধর-পাথর হিয়ে দেহ ভারি বি.প ১০২। ২ পাথরের থালা। "ক চ ২১০। ৩ চুনি পান্না ইত্যাদি মণি। "রত্ন প্রবাল পাথর।—ম ১০৮৪। ৪ করকা, শিল। "পাথর পড়িতে লাগিল ব.প ৬৯; পাথর ঝরিবে ১৩৬৩। চৈতেতে থর থর। বৈশাখে ঝড় পাথর॥—খনা। [পাথর চাপা কপাল—যে ভাগ্য সহজে প্রসন্ন হয় না। বিপ 'পাতাচাপা কপাল'। °বসান—মণিখচিত (আঙুটি)। পাথরে কোপ মারা —বৃথা কার্য্য করা; বিফল অনুষ্ঠান। "আ.দু ৮৭।]

পাথর২ বি সর্থ 'পাথার (৩)। "যো তরি আওল পাথর পন্থ—গো ২০৪। ['পাথ্যর'—"মরদান পাথ্যরে (ম.গা ৫)।]

পাথরি(রী)য়া, -থুরে বিং [°র+ইয়া২, ঈয়া, এ৭] ১ প্রস্তর-সম্বন্ধী, প্রস্তরনির্ম্মিত, পাথরের (বাটি, রাস্তা)। ২ প্রস্তরমিশ্রিত (মাটি)। ৩ প্রস্তরবিকারজাত। "চুণ পাথরিয়া ভা চ ৩২৯। [পাথুরে কয়লা—পাথরের মত শক্ত কয়লাবিশেষ। পাথুরে কাল—সর্থ 'পাতুরে কাল১ (দ্র 'পাতর২)।]

পাথ(থু)রী বি [°র+ঈ৭] ১ পাথরের ছোট থালা। ২ [সং অশ্মরী, হি পাথরী] সর্থ 'অশ্মরী' (calculus)। ৩ পাথরের ব্যবসায়ী। "পাথুরী বা দ ১৮৭।

পাথার বি ১ সর্থ 'পাঁথার১। "সাগর-পাথার—কৃ ১৯২। নদীর পাথারে ভ গ্র ১৭২। সুখ-সাগর-পাথার চৈ.ম ১৭০। গরজন দুকূল পাথার।—জ্ঞা ১৩৫। ২ সাগর। "বিপদ পাথারে গো চ ৪৩৫। খলের কথায়, পাথারে সাঁতারি, উঠিতে নারিনু ভিতে চ.দা ৫০। চারি ভিতে করিল পাথার। —গ ১৬৪। আনন্দপাথার।—দু ৯৮। মাঝপাথার জলে তৃণ হেন ভাসি।—জ্ঞা ১৫৮। রসের পাথারে: রূপের পাথারে (প.ক)। গোকুলনগর ও-না রসের পাথার ন প ২৯০। নদী হৈল পাথার শি ৯৫। চিঠির ভেলায় প্রবাস-পাথারে পার ক'রে নাও, ভাই।—কু কে ১১৫, আঁধার-পাথারে ১৫২। ৩ [পাঁতর > পাথ(থা)র] প্রান্তর, মাঠ। "হেম-ঘট পাইয়া পাথারে। চোয়ার মন সাত পাঁচ করে॥—প ক।

পাথালি বিং [প্রা পথারী—শয্যা (দেশী ৬.৬৯) > পাথারী, -লী, গু পথারী] শয্যায় পার্শ্বশয়িত বা কাত। "কোলে করি পুত্র, পাথালী হইয়া, শুতিলা শচী-ঠাকুরাণী চৈ.ম ৩৮। [°কোলা—শয্যার অত কোলে শায়িত, শয্যায় শোয়ার মত চিৎপাত করিয়া প্রসারিত দুই হাতের উপরে শায়িত। "করিয়া °কোলা ল'য়ে গেল দূরে কৃ ২৬৯, করিয়া °কোলা তুলিল লক্ষ্মণে ২৭৩।]

পাথি বি [সং পাত্রী > প্রা পত্তী > বা পাতী, -তি -থি] পাত্র, ঝুড়ি, চুপড়ি। "আঁট্যা পোড় কাচকলা, নানা সজ্জ ভর্যা আনে পাথি ক চ ৪৯। কেহ সাথি, ল'যে পাথি, থদি রম্ভা ভরি বা.দ ১৮১।

পাথেয় ক্লী [পথিন্+এয় (ঢক্), তু 'পাহেজ্জ'—পাথেয় (দেশী ৬ ২৪)] ১ 'পথিসাধু', পথে আহারোপযোগী দ্রব্য, পথে ব্যয়িতব্য ধন বা পথ-খরচ, শম্বল। "দ্রৌপদীবাক্যপাথেয়ো ভীমঃ মহা ৩.১৪৬.৩৬। কিশলয়দলপাথেয়বন্তঃ (রাজহংসাঃ) পূ মে ১১। কি ৩ ৩৭। শীলৈক-পাথেয়া ক.সা ২১ ১১৬। আমার আঙটি আপনি পাথেয় জন্য চাহিয়া লইয়াছিলেন।—ব.প্র ১১০। ২ ভোগ্য। "কুশলেতরপাথেয় ভ ৩ ৩০.৩১।

পাথোজ, পাথোদ, পাথোধি দ্র 'পাথঃ'।

পাদ১ পুং [√পদ্+অ (ঘঞ্)-ণ, উপমানবাচক ও সংখ্যাবাচক শব্দ ও 'সু' উপসর্গের পরবর্ত্তী 'পাদ' > পাদ্ (পা ৫.৪ ১৩৮,-৪০); যথা —ব্যাঘ্রপাদ্, চতুষ্পাদ্, সুপাদ্।] ১ 'গমনসাধন', চরণ, পা। "রা ১.১.৩৪। আর্দ্র° মনু ৪ ৭৬, প্রৌঢ়° ১১২। তয়োর্জগৃহতুঃ পাদান্।—রঘু ১ ৫৭। উপানদ্গূঢ়পাদ হি ১.১৫১। ২ (বহুব) গৌরবসূচক, পূজ্যবাচী। "রাম-পাদপ্রসাদক রা ১.১ ৩৪। দেব°, স্বামি°।—পঞ্চ ১$\frac{৩}{১}$$\frac{২}{৪}$। তাতপাদ উ চ ১ ১৯। দেবীপাদ বি মা ৭$\frac{৫}{২}$। উপাধ্যায়° বা.ভা ১$\frac{২}{২}$। প্রভুপাদ চৈ চ ১৩৩। [সমাসে উত্তরপদ] ৩ (সাদৃশ্যে) খট্টাদির অবয়বভেদ; পায়া। "মণিবিক্রমপাদানাং পর্য্যঙ্কাণাম্ (মহা)। ৪ বৃক্ষ-

মূল, শিকড়। "পাদপ। ৫ বস্তু, পাম। "সহস্র° মহা ৫.১৪৩.৩০। ৬ মন্ত্রের ও শ্লোকের চতুর্থাংশ; শ্লোকের চরণ। "°বদ্ধ রা ১.২.১৮। বিজ্ঞেয়মক্ষরং গুরু পাদান্তস্থং বিকল্পেন।—শ্রুতবোধ ২। ৭ চতুর্থাংশ, সিকিভাগ, পোয়া। "পশুঃ সপাদং পণমর্হতি।—মনু ৮.২৪১; পাদার্দ্ধ ৪০৪। পাদবশিষ্ট (সুশ্রুত)। চতুষ্পাদ পুণ্য পূর্ণঃ ত্রি°; দ্বি°, পাদৈক।—ম ১০৮৩। ৮ গ্রন্থের অধ্যায়াদির চতুর্থাংশ। "সপাদ-সপ্তাধ্যায়ীং প্রতি ত্রিপাদ্যসিদ্ধা পা ৮.২.১, সি। ৯ অবয়বমাত্র। "মনু ২.৭৭। চতুষ্পাদ্ ব্যবহারোঽয়ম্ যাজ্ঞ ২.৮। ১০ বৈদ্য রোগী ঔষধ পরিচারক—চিকিৎসার এই চারি অঙ্গ। "সুশ্রুত ১.৩৪.১৪। ১১ মূল-পর্ব্বতের অন্তে চতুর্দ্দিকে স্থিত ক্ষুদ্রপর্ব্বত; প্রত্যন্তপর্ব্বত। "(রেবাম্) বিন্ধ্যপাদে বিশীর্ণাম্ পূ.মে ১৯। শ ৬.১৭। ১২ বৃত্তের চতুর্থাংশ। ১৩ পাদপরিমাণ—দ্বাদশাঙ্গুলি। ১৪ কিরণ, রশ্মি। "মরীচিনঃ পাদান্ মহা ৫.৩৭.২। চন্দ্র° কু.স ১.৬০। উ.মে ৯। রঘু ১৬.৫৩। উষ্ণরুচি° মাঘ ৯.৩৪। এণাঙ্ক° ক.ম ৩.২৮। ১৫ (বাঙ্লায়) পাদক্ষেপপরিমিত স্থান (step)। "পাদ দুই গিয়া পুনঃ দাণ্ডাইল ফিরে।—কৃ ৩৫৬। পাদমেকং ন গচ্ছতি, বৃন্দাবন পরিহরি হরি।—দা ৭৫। [°কটক (পুং)—পাদের কটকতুল্য; নূপুর, হংসক। °কৃচ্ছ্র (পুং)—প্রায়শ্চিত্ত-বিশেষ। "গরুড়পুরাণ ১০৫.৬৫। °ক্ষেপ (পুং)—পাদন্যাস, পা-ফেলা। °গ্রন্থি (পুং)—গুল্ফ, ঘুটিকা। °গ্রহণ (ক্লী)—পাদাভিবন্দন, পাদস্পর্শপূর্ব্বক অভিবাদন। "মনু ২.২১৭। কু.স ৭.২৭। °চংক্র-মণ (বি)—পাদক্ষেপপূর্ব্বক গমন। "ন.প ৯৬। °চাপল্য (ক্লী)—লঙ্ঘনোৎপ্লবনাদি। "যাজ্ঞ ১.১১২। °চার (পুং)—পাদক্ষেপে গমন; পা-চারি। "রা ২.৫৬.১২। পূ.মে ৬০। °চারী (-রিন্) পুং ১ পাদ-গামী। ২ পদাতি। °জ (পুং)—'পাদজাত', শূদ্র। 'পদ্ভ্যাং শূদ্রোঽ-জায়ত। "কর্ম্ম কথিতং পাদজস্য চ।—হারীত ৭.১৬। °জল (ক্লী)—১ যাহার চতুর্থাংশ জল; তক্র। 'তক্রম্...পাদাম্বু (অ.কো)। ২ পাদোদক। "চৈ.চ ৩৩৬। °তল (ক্লী)—পাদের তলদেশ বা নিম্নভাগ। "পাতালং পাদতলতঃ ভ ২.৫.৪১। °ত্রা (স্ত্রী), °ত্রাণ (ক্লী)—'পাদত্রাণসাধন', পাদুকা। °দেশ (বি)—পর্ব্বতের মূলদেশ। "সী ১০। °দাহ (পুং)—বাতব্যাধিভেদ (সুশ্রুত)। °ন্যাস (পুং)—চরণনিক্ষেপ। "°ন্যাসৈঃ ক্বণিতরশনা পূ.মে ৩৫। °পঙ্কজ, °পদ্ম (ক্লী)—পদ্মবৎ কোমল পদ; চরণকমল। "°পঙ্কজস্পর্শ ভ.চ ১৪/৫ ৯/৯। °পদ্ধতি (স্ত্রী)—পাদচিহ্ন, পদাঙ্ক। "তস্য °পদ্ধতিমন্বেষয়ন্ (পঞ্চ)। °পাশ (পুং)—অশ্বের পাদবন্ধনরজ্জু। °পীঠ (পুং, ক্লী)—পাদস্থাপনার্থ পীঠ; পাদাসন। "রঘু ১৭.২৮। আমি থাকি পাদপীঠতলে।—কথা ১৩। ধরা পাদপীঠ কু.কে ৯৮। °পূরণ (ক্লী)—শ্লোকপাদের বর্ণসংখ্যাপূরণ। "তু হি চ স্ম হ বৈ পাদপূরণে (অ.কো)। °প্রণাম (পুং)—সাষ্টাঙ্গপাত প্রণতি। °প্রতিষ্ঠান (ক্লী)—পাদপীঠ। °প্রহার (পুং)—পদাঘাত, লাথি। "সা.দ ১০৩/৩। °বন্দন (ক্লী)—পাদগ্রহণপূর্ব্বক প্রণতি। °বন্ধন (ক্লী)—১ গোমহিষাদির পাদবন্ধন বা পাদবন্ধনার্থ রজ্জু (ছাঁদনদড়ি)। ২ শৃঙ্খল, বেড়ি। °ভাগ (পুং)—চতুর্থাংশ, সিকি। °রজঃ (-জস্) ক্লী—চরণধূলি। "°রজোঽভিষেক ভ ৭.৫.৩২। °শৈল (পুং)—দ্র 'পাদ (১১)। °শোথ (পুং)—পাদের শোথরোগ। °শৌচ (ক্লী)—পাদ-প্রক্ষালনোদক। "ভ ১.১৯.১৩। °সংবাহন (বি)—পাদসেবন, পাদ-পরিচর্য্যা। "চৈ.চ ২৫। ব্র.প ১২৫। °সেবন (ক্লী), °সেবা (স্ত্রী)—পাদপরিচর্য্যা। "ভ ৭.৫.২৩। [ইহা নবলক্ষণা ভক্তির একতম] °স্ফোট (পুং)—কুষ্ঠবিশেষ। °হত (বিণ)—পাদ দ্বারা আহত। [পাদধুলো দেওয়া—পদার্পণ করা (সম্ভ্রমে); অনুগ্রহপূর্ব্বক উপস্থিত হওয়া (উপহাসে)। "খুড়ো ফলার মাত্রেই পাদধুলো দ্যান।—হু ১২১।]

পাদ[2] '-দ্' বি [সং পর্দ্দ > প্রা *পদ্দ > বা °দ; হি, ঠ °দ; ড় পাড; E. fart; পাদ্দ (গো.চ)] বাতকর্ম্ম। [°কুড়াপোক—দুর্গন্ধযুক্ত কীটবিশেষ; পেদোপোকা। "পাদকুড়া পোক যেন পদ্মফুল মাঝে শি ২৮। পাদা—অপান ত্যাগ করা।]

পাদপ পুং [পাদ+√পা+অ (ক)-ক; উ.ত] ১ 'মূল দ্বারা রস-পায়ী', বৃক্ষ। "গো.রা ৫.১৬.২২। নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে।—হি ১.৭১। শ ৫.৭। ২ 'পাদরক্ষক', পাদপীঠ।—দপা স্ত্রী পাদুকা। [°খণ্ড (পুং, ক্লী)—বৃক্ষসমূহ। °রুহা (স্ত্রী)—বন্দাক, পরগাছা।]

পাদপা দ্র 'পাদপ'।

পাদমূল ক্লী [ষ.ত] ১ পায়ের অধোভাগ; পাদতল; পার্ষ্ণি, গোড়ালি। ২ পাদসমীপ। "(সা) জগাম...পাদমূলং মহাত্মনঃ রা ১.৫৪.৬; সা পাদমূলে...নিপপাত ২.৭৮.২৫। ৩ চরণপ্রান্ত (গৌরবার্থক)। "দেবপাদ-মূলমাগতাহম্ (কাদম্বরী)। ৪ পর্ব্বতের পাদদেশ। "হিমবৎ° ক.সা ১.২৭।

পাদশঃ (-শস্) ব্য [পাদ+শঃ (শস্)] পাদে পাদে; অংশশঃ। "আয়ুর্হ্রসতি পাদশঃ মনু ১.৮৩।

পাদাঘাত পুং [তৃ.ত] পাদপ্রহার। "উ.মে ১৭, মল্লিনাথ।

পাদাঙ্গদ ক্লী [ষ.ত] পাদের অঙ্গদতুল্য; নূপুর। "শ্রী.মা ৪৯।

পাদাঙ্গুষ্ঠ পুং [ষ.ত] পাদের বৃদ্ধাঙ্গুলি।—ষ্ঠিকা স্ত্রী [°ষ্ঠ+ইক (ঠন্)+স্ত্রী আ (টাপ্)] পাদাঙ্গুষ্ঠের ভূষণ; আঙট্।

পাদাত পুং [পদাতি+অ (অণ্) স্বার্থে] ১ পদাতি। "হস্ত্যশ্বরথ-পাদাত রা ১.৭৪.৪। অনন্তরথপাদাত মহা ৬.৬৩.৪। ২ পদাতিসমূহ। "সাদিনামন্তরে স্থাপ্যং পাদাতম্ (মহা)।

পাদান বি [ফা পা+দান্; হি পারদান] ১ যাহাতে পা দিয়া গাড়ী ইত্যাদিতে উঠিতে হয় (foot-board)। ২ পাদপীঠ।

পাদানুধ্যাত বিণ [বহুব্রী] যাহার পাদ অনুধ্যান; পাদধ্যাননিরত। "পিতৃদেব°।

পাদাবনেজন, -বসেচন ক্লী [ষ.ত] পাদপ্রক্ষালন।

পাদাম্বু ক্লী [বহুব্রী] যাহাতে সিকি জল; তক্র, সিকি-জল ঘোল (অ.কো)।

পাদাম্ভঃ (-ম্ভস্) ক্লী [ষ.ত] পাদপ্রক্ষালনজল। "যাজ্ঞ ১.১৫৪।

পাদারবিন্দ ক্লী [উপ.স] পদ্মবৎ কোমল পদ; চরণকমল।

পাদার্ঘ্য ক্লী [ষ.ত] ১ পাদপূজার্থ উপচার। ২ চরণামৃত। "বিষ্ণু-পাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি (গঙ্গাস্নানমন্ত্র)।

পাদার্দ্ধ ক্লী [ষ.ত] চতুর্থাংশের অর্দ্ধ; অষ্টমভাগ। "মনু ৮.৪০৪।

পাদাসন ক্লী [ষ.ত] পাদস্থাপনের পীঠ; পাদপীঠ।

পাদাস্ফালন ক্লী [ষ.ত] পাদসঞ্চালন, পাদবিক্ষেপ। "হি ১১৭/৫৮৬।

পাদিক বিণ [°দ+ইক (ঠক্)] ১ পাদপরিমাণ, চতুর্থাংশিক, সিকি। "মনু ৩,১। ২ চতুর্থাংশবৃত্তিজীবী।

পাদী (-দিন্) পুং [পাদ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ 'পাদযুক্ত', নক্রকূর্ম্মমকরশিশুমারাদি জলজন্তুগণ (ভাবপ্রকাশ)। ২ চতুর্থাংশগ্রাহক। "চতুর্থাংশাশ্চ পাদিনঃ মনু ৮.২১০।

পাদুকা স্ত্রী [পাদু+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), হ্রস্ব] ১ কাষ্ঠাদিরচিত পাদত্রাণ; খড়ম। "রা ২.৯১.৭৬, টীকা। ভট্টি ৩.৫৬। ২ চর্ম্মময় পাদত্রাণ, উপানহ্, জুতা।—দূ স্ত্রী [√পদ্+উ-ণ, বৃদ্ধি, উ ১.৮৫] 'সুখে গমনসাধন'; পাদুকা, জুতা, খড়ম। [°কার (পুং)—চর্ম্মকার, চামার।]

পাদূ দ্র 'পাদুকা'।

পাদোদক ক্লী [উ.লো] পাদপ্রক্ষালনার্থ জল; চরণামৃত। "বিপ্র-পাদোদকপান চৈ.ভা ১৩১।

পাদোন বিং [তৃ.ত] পাদ দ্বারা ঊন; পাদন্যূন; পৌনে।

পাদ্ম ক্লী [পদ্ম+অ (অণ্)] ১ পদ্মসম্বন্ধী, ব্রহ্মার দিনরূপ কল্প-

বিশেষ। দ্র ˚ভ ৩.১১.৩৪—১৬। "পাদ্মং কল্পমথো শৃণু ভ ২.১০.৪১। ২ তৎকল্পবিষয়ক পদ্মপুরাণ।

পাদ্য ক্লী [পাদ+য (যৎ)] পাদশৌচার্থ বারি ; পা-ধোওয়ার জল। "ম.পা ১৭৩। —দ্যা স্ত্রী, বহুব পাদশৌচার্থ অপ্। "পাদ্যাঃ পাদ্যাঃ পাদ্যাঃ প্রতিগৃহ্যন্তাম্ (বিবাহে অর্হণীয়প্রশ্ন)।

পাদ্রি বি [P. padre ; E. padree ; তু 'সং পিতৃ] খ্রীষ্টধর্ম্মাবলম্বীর ধর্ম্মযাজক বা পুরোহিত।

পান[1] ক্লী [√পা+অন (ল্যুট্)-ভা] ১ দ্রবদ্রব্যের গলাধঃকরণ ; জলাদিনিগরণ। "অথর্ব্ববেদ ৫.২৯.৮। পয়ঃপানং।—হি ৩.৪। সুরা˚ মনু ৯.২৩৭। দেহি মুখকমলমধুপানম্।—গী.গো ১০.২। অধর˚, উদক˚ বক্ত্র˚ (S.W.)। পানার্থোদক।—হু ৯৪। দেহি মধুপীযূষপান বা.দ ১১১। ২ মদ্যপান। "মনু ৭.৫০ ; ৯.১৩। ˚সুপ্ত ক.সা ২৮.২৮। ৩ রক্ষণ। ৪ [+অন-র্ম্ম] পেয়দ্রব্যমাত্র, জলাদি। "মিষ্ট অন্ন পান।—ম ৬৭২। যোগায় অন্ন পান ক.চ ১৩৩। ৫ [+অন-ধি] পানভাজন, পানপাত্র। ৬ অস্ত্রের তীক্ষ্ণতাসম্পাদনব্যাপারভেদ ; পান দেওয়া। তু 'পায়না'। ৭ (বাঙ্‌লায়) এক বার পানের বা সেবনের যোগ্য ঔষধ ; একমাত্রা ঔষধ (dose)। "পান দুই রসাসিন্দু দিতে হবে আ.দু ৯৭। ৮ মাদকধূম-সেবন। "ধূম˚। —ন পুং [+অন -অপা] ১ শৌণ্ডিক। ২ [+অন-ক] নিঃশ্বাস। [˚গোষ্ঠিকা (স্ত্রী) —১ মদ্যাদিপানসভা, মদ্যপানচক্র, আপান। ২ ভৈরবীচক্র। ˚প (বিণ)—সুরাপায়ী। "মহা ৩.৪৩.৬। ˚পাত্র (ক্লী)—মদ্যপানপাত্র, চষক। ˚বণিক্ (-জ্) পুং—শৌণ্ডিক। ˚ভাজন, ˚ভাণ্ড (ক্লী)—মদ্যাদিপানপাত্র, কংস। ˚ভূ, ˚ভূমি (স্ত্রী)—সুরাপানস্থান, পানগৃহ। "˚ভূমি গো.রা ২.১২৫.১১ ; ৫.১৪.৩৯। রঘু ৭.৪৯। পানভূ ক.সা ২১.১০। ˚মণ্ডল (ক্লী)—সর্থ 'পানগোষ্ঠিকা'। "ক.সা ৩৬.৬৭। ˚শৌণ্ড (বিণ)—সুরাপাননিপুণ। "পা ৬.২.২, কাশিকা।]

পান[2] বি ১ সর্থ 'পাণ[2]। "বাটার পান খাও ম.গা ১২,-৭। ২ সাজা পান ; বিড়া, খীলি। "পূর্ণিত পানে পুরট-সাপুড়া শ্রী ৪০। পানের পিকে রেঙ্গেছে নয়ন ভা.চ ৩৬৫। ৩ তাম্বূলরাগ। "বানরমুখে কি শোভয়ে পান বি.প ১৩৩। [পূর্ব্বকালে কোন ব্যক্তিকে কোন কার্য্যে নিয়োগ করার সময়ে 'পান, পান ফুল, গুয়া পান' দিয়া বরণ করার প্রথা ছিল। দ্বিতীয়তঃ, কার্য্যের উল্লেখপূর্ব্বক সভামধ্যে পান রাখা হইত, কার্য্যদক্ষ ব্যক্তি সেই পান উঠাইয়া লইয়া কার্য্য স্বীকার করিত। "ততো মন্ত্রিবচনাদ্ আহূয় তাম্বূলং দত্ত্বা তদ্বর্ত্তনং দত্তবান্ (হিতোপদেশ—বীরবরকথা)। "যুঝিতে আরতি কৈল দিয়া গুয়া পান।—কৃ ২৮৭। পান ফুল দিয়া হাথে,…পঠিবারে দিল যে পিঞ্জর ক.চ ১৩৩। পান ফুল পাইয়া…লোহার মাঞ্জস গড়িবার বি.পা ২৬৯। বা.ম ৩৮৭। পান ফুল দিয়া বলে সাধ প্রয়োজন।—শ্রী ৬৭ ; এত বলি সভামাঝে পাত্র এড়ে পান।…হেন কালে ইন্দে মেটে উঠাইল পান॥—২১৬। মদনে ডাকিয়া, সুরপতি দিল পান ভা.চ ৬১। কবিকঙ্কণে, কালকেতুর পান দিয়া ব্রাহ্মণগণকে বাসার্থ আহ্বান করার বিষয় বর্ণিত আছে। "পাইয়া বীরের পাণ, বৈসে যত কুলস্থান, বীরের নগরে বিপ্রগণ (ক.চ ৮৬)। 'বাইশকবি-মনসা'য় সসম্মান বিদায়কালে 'গুয়া পান' দেওয়ার প্রথা দেখা যায়। "আমার বিদায় গুয়া পান : গুয়া পান দিল সাধু রাখিবারে মান বা.ম ২৬৭। এখনও বিবাহাদি মঙ্গলকার্য্যে পান সুপারি তেল দিয়া প্রতিবেশীকে নিমন্ত্রণ করার প্রথা আছে। পান ফুল নিল উপহার—পান ফুল লইয়া বিবাহসম্বন্ধ স্বীকার করিল। "ম.গা ৯। গো.চ ৩৩৩।] [পান থেকে চুন খসা—(গৌণার্থে) সামান্য অপরাধ হওয়া। "পান থেকে চুন খসিলে হটাৎ, একেবারে আর রক্ষে নাই ব.সু ৫৯। পান বন্দি—পান লইয়া মস্তকে ধারণ করিয়া, অর্থাৎ সম্মান-প্রদর্শনপূর্ব্বক কার্য্য স্বীকার করিয়া। "পান বন্দি প্রণতি করিয়া গেল মাল শ্রী ৬৭। পানের বাটা—পানের সজ্জা ; পানের ডাবর, মশলার বাটি ইত্যাদি।]

পান[3] দ্র 'পাইন'।

পানই বি [সং উপানহ্ > প্রা পাণহা > বা (পানহি) ˚ই ; হি পনহিয়া, -হী ; ঠ পায়তণ (পাদত্রাণ) ; ড় পনহাই] জুতা। "মোজা পানই জিন ক.চ ৯০। বাধা পানই হাতে থুইয়, বুঝিয়া যোগাবে রাজা পায় প.র ১০।

পানক ক্লী [পান+ক (কন্) স্বার্থে] অম্লমধুর পেয়বিশেষ ; সরবৎ, পানা। "মহা ১৫.১.২১। মনু ৩.২৩৬, কুল্লুক। পানকং মদ্যং মৃণ্ময়েষু প্রদাপয়েৎ।—সুশ্রুত ১.৪৬.৫০৩ ; ৫০৪।

পানকর্পূর বি পাতায় কর্পূরের গন্ধযুক্ত গুল্মবিশেষ।

পানকাঁটা, -ফুল বি কাঁটাযুক্ত রৌপ্যাদির ফুল-দেওয়া পানের আকারে কেশের রৌপ্যাদির অলঙ্কারবিশেষ।

পানকৌড়ি বি ['অম্বুকুক্কুটিকা' (সুশ্রুত ১.৪৬.১০৬) ; পানকাউড়ি (গো.চ)] কাল কুক্কুটতুল্য জলচরপক্ষিবিশেষ (ইহারা জলে সাঁতার দেয় ও ডুব দিয়া মাছ ধরে)। "গো.চ ১৯৪।

পানতা, -ন্ত, -ন্তা, -ন্থা বি ['পানীভাত' > ˚তা (?) ; পানিভাতে ঘি (চট্টগ্রাম)] বাসি ভিজা ভাত। "নও হাড়ি পানতা গো.চ ২৬৭। পান্ত ওদনে ক.চ ৪৩। পান্তা যে আমানি ম.ভা ১৮। পান্থা ভাত ম.ম ৯৫।

পানতুয়া বি [?] ঘৃতপক্ক রসপূর্ণ ছানার মিষ্টান্নবিশেষ।

পান-পানী বি পেয় শরবত ইত্যাদি ও জল। "পানপানীর আয়েব ভা.চ ৪৭৯,-৮০ ; পান-পানীর আয়েব আ.দু ৫২।

পানযোগানী বি [পানজোগানী (গো.চ)] যে পান যোগায় ; তাম্বূলকরঙ্কবাহিনী। "ম.গা ৫।

পানশি, -সী বি [E. pinace ; হি পনসোঈ] তথ্‌তার পাটাতন-দেওয়া সওয়ারী নৌকাবিশেষ। "ব.প ১৭৩৮। ব্রজেশ্বর আপনার পানসী ডাকিল ব.প্র ৪১০।

পানশে, -সা '-ন্-' বিং [পানীয়স্বাদ > ˚সা, হি পনসা] জলের মত স্বাদযুক্ত ; বিস্বাদ, জ'লো (insipid)। "কতকগুলি আম কাঁচামিটে আছে—পাকিলে পানশে ব.প্র ৫৮১।

পানস ক্লী [পনস+অ (অণ্)] 'পনসবিকার', পনসরসজাত মদ্য। "মনু ১১.৯, কুল্লুক।

পানসা ; পানসী দ্র 'পানশে ; পানশি'।

পানা[1] বি [সং পানক > প্রা *পাণঅ > বা ˚না ; হি পান, -ন্না] ১ অম্লমধুর পেয়বিশেষ ; শরবত। "˚পরসাদ : ˚পান চৈ.ম ১৬৩। ২ পেয়দ্রব্য। "রুধিরের পানা।—ম ১০০৫ ; ক.চ ১৬ ; চ.বি ২৫৪। শোণিতের পানা ব.প ৬৬১।

পানা[2] বি [সং বারিপর্ণী—পর্ণী > প্রা পন্নী > বা পানা (?) ; ড় দল.] শৈবাল, শেওলা। "কলঙ্ক-পানায়, সদা লাগে গায় চ.দা ৫৪। ˚পুষ্করিণী আ.গু ১০৮। ˚পচা জল ন.ত ১০।

পানা[3] বিং [পারা > পালা > ˚ন্না (?)] প্রায়, তুল্য, মত। "চাঁদপানা মুখ। নাটাপানা চোখ (দ্র 'নাটা')। কুলোপানা কান।

পানা[4] প্র [পনা > ˚না; গ্রাম্য] সর্থ 'পণ[2]। "ন্যাকা˚। স্বাদু˚ ক.চ ২৩৫।

পানা[5] অর্ম্ম [সং প্র-√স্নু > প্রা √পণ্হঅ > বা ˚না ; হি √পেন্হা (অর্ম্ম) ; ঠ √পান্হ (সর্ম্ম)] দোহনকালে গো-প্রভৃতির স্তনে দুধ নামা। —না সর্ম্ম ১ গো-প্রভৃতির স্তনে দুধ নামান। ˚বাছুর না পানালে দুধ পেতে কোথা ?—লী ৬। ২ (গৌণার্থে) যোগাড় করা। "নকুলেশ্বর।—ওহে, অটল নাকি মদ ধরেছে ? নিমে।—পানায়, খায় না।—স.এ ১। [পানান—গাইএর পালানে দুধ নামা।]

পানা৺ সর্ব [সং পায়না >বা (পানা) > °না] পায়না দ্বারা অস্ত্র তীক্ষ্ণ করা ; পান্‌দান। [পানি(নী)অল—পানাইল। "সাত নারিকেল জলে দাগানি পানিঅল।—শূ ১১১। পানীঅল ব.প ১১৪।]

পানাগার পুং, ক্লী [ষ.ত] সুরাপানগৃহ, পানগোষ্ঠিকা। "মহা ১.১৪০.৬৪।

পানাত্যয় পুং [উ.লো] মদ্যপানজন্য রোগবিশেষ (সুশ্রুত)।

পানাহি বি সর্থ 'পানই'। "পানাহি দিল পায় ।—মী ৯।

পানি, -নী বি [দ্র 'পাণি২'] ১ জল। "তীর্থ বারাণসীর পানি —শূ ২৪ ; ৬৯। পানী কৃ.উ ৫৯ ; অন্ন পানি ৭৬। পানী ।—কৃ ২০.৩। মন্দাকিনী পানী ।—ম ২৪৪। জোয়ারের পানী, নারীর যৌবন চ.দা ১৪১। তিলক পানী ব.প ৩৪৩। পানি সাইবারে ন.প ১২৬ ; পানি সাই ১২৭। পানি ফোঁটা ভা.চ ৪০৭। ২ বৃষ্টিজল। "যেন মেঘে পানী পসালা ক.চ ১৫। ৩ চক্ষুর জল। "চক্ষে বহে পানী—ম ২৪৬। নয়নে ঝরয়ে মাত্র পানী চৈ.ম ১৩৯। নয়নের পানী ম.ম ১০৯। ৪ [হি পানী] মণির চমক ; কান্তি, আব। [°আমলা (সং পানীয়ামলক) —ত্রিদোষজ্বরনাশক বৃক্ষবিশেষ। °কাল—জলজ শাকবিশেষের ফুল। "(তোলে) পানীকাল ক.চ ৩৯। °কচু—জলজাত কচুবিশেষ ; সোলাকচু (!)। "ম.ম ৯৫ ; ১৪৪। °তর—জলচর পক্ষিবিশেষ। "পানিতর ভা.চ ১২৬। °তোলা (অপ্র)—গাত্রমার্জ্জনবস্ত্র, গামোছা। "পানিতোলা চৈ.ভা ৯১। পানি(নী)তোলা ন.প ১৫০ ; ২৭২। °ফল—জলজফল, পানফল, শিঙ্‌ড়। "ক.চ ১৫৬। পানীফল চৈ.চ ৩৪৭। °বসন্ত—পানবসন্ত, জলবসন্ত (chicken-pox)। °শঙ্খ —সর্থ 'পাণিশঙ্খ'। °শালা (সং পানীয়শালা)—জলসত্রগৃহ। "পানী-শালা সব হেমময় ব.প ১২৮৩। °শিয়লী—জলজশাকবিশেষের ফুল। "ক.চ ৩৯।]

পানি(নী)কৌড়ি, -ড়ী বি [সং পানীয়কাক ; ঠ পাণকোংরডী (পানীয়কুক্কুট) ; পানিকাউর (নাটোর)] সর্থ 'পানকৌড়ি'। "পানিকৌড়ি, -ড়ী গো.চ ৩৮ ; ১৯৪।

পানীয় বিণ [√পা+অনীয় (অনীয়র্)-র্ম] ১ পেয় (জলাদি)। ২ রক্ষণীয়। —নীয় ক্লী ১ জল। "মহা ৩.৬৫.৭। হি ১.৮৯। ২ পেয়-দ্রব্যমাত্র, সরবত, পানা। [°কাক (পুং), °কাকিকা (স্ত্রী)—জল-চর কাকতুল্য পক্ষী ; পানকৌড়ি। "°কাকো মদ্গুঃ স্যাৎ।—রভস। °নকুল (পুং)—উদ্বিড়াল। °শালা, °শালিকা (ঠ পাণঘর) স্ত্রী —পথিকের পানার্থ জলাদির গৃহ ; প্রপা, জলসত্রগৃহ। পানীয়ামলক (ক্লী)—বৃক্ষবিশেষ, পানীআমলা।]

পানীসার বি [পানীয়+আসার >পানীয়াসার > °র] ১ মন্ত্রো-চ্চারণপূর্ব্বক জলধারাপাত ; জলসার। ২ জলধারাপাত। "কুচযুগ-কলসে করবি পানিসার।—গো ১৬৩।

পানুই বি সর্থ 'পানই'। "কৃষ্ণসার পানুই চাহি একজুড়ি কৃ.অ ৪।

পানে ক্রি.বিং [সং প্রবণ >প্রা *পঅণ >বা পান, -নে (?)] ১ তদভি-মুখে, দিকে। "পাছু পানে চায় ক.চ ৫৩। চারি পানে চায় শ্রী.মা ৪১। শ্রী ৬২ ; ২৫১। চাহে চারি পানে ন.প ৩৯ ; ৩৯৬। শিয়পানে ভ.গ্র ৩২৫। ২ (অপ্র) প্রতি। "(প্রভু) মোর পানে কর অবধান। —গ ১১৩। ৩ দিকে, পাশে। "সীতাকে দেখিতে আইসে রাক্ষস বানর চারি পানে ব.প ৫০৫। বারভুঞা মোকাম করিল চারিপানে। —শ্রী ১৫৬।

পানোড়া বি [পানৌদন > °ড়া (?) ; অপ্র] একজনের ভোজনযোগ্য অন্নপানাদিসহিত পাত্র। "এক পানোড়া আনহ ভ.গ্র ৩২৫।

পান্ত, -ন্তা, -ন্থা দ্র 'পানতা'।

পান্তি বি [পান-বিত্তি (বৃত্তি) > °ন্তি ; পানাতি (দিনাজপুর)] তাম্বুলবিক্রয়জীবী জাতির উপাধি। "পান বেচে খায় কৃষ্ণ পান্তি তাঁরে দিলে জমিদারী ।—রামপ্রসাদ।

পান্তী বি [দ্র 'পাঁতি১' ; অপ্র] শ্রেণী, সমূহ। "চন্দ্র সম নখর পান্তী শ্রী.কী ৬ ; কনক চম্পক কুসুম পান্তী ২২৬।

পান্থ পুং [পথিন্+অ (ণ), পথিন্ >পন্থ, পা ৫.১.৭৬] ১ 'নিত্য পথিগামী' ; পরিভ্রমণকারী, পর্য্যটক। "পান্থো ভিক্ষাং যাচতে (কাশিকা)। ২ অধ্বগ, পথিক (অ.কো)। "ইমা বৈ তব পান্থস্য পালয়ন্ত ধনঞ্জয় মহা ৩.৩৭.৩৩। হি ১$\frac{৪}{৫}$। ৩ সূর্য্য। ৪ বিয়োগী (ত.বা), বিরহী। ৫ [হি পংথ ; অপ্র] (বাঙ্‌লায়) পথ, তট। "গোপাল পান্থেতে থাকি, লক্ষ্মীন্দরে কহে ডাকি বা.ম ২৬৭। [°নিবাস (বি)—সর্থ 'পান্থশালা'। °শালা (স্ত্রী)—পথিকের বিশ্রামার্থ গৃহ ; পথিকাবাস, ধরমশালা। "পান্থশালা ততঃ কার্য্যা সুগুপ্তা সুজলালয়া। —শু ১.২৫৭।]

পান্দাড় বি [দ্র 'পাঁদাড়'] (গৌণার্থে) আবর্জ্জনাময় স্থান ; ঘৃণা-জনকস্থান। "আজি ঘর কালি কি পান্দাড় ভাব প্রভু বি.সু ৬২ ।

পান্না১ বি [সং পর্ণ >প্রা পণ্ণ >বা পন্ন (?) ; হি, ঠ পন্না] পত্রবৎ হরিদ্বর্ণ মণিবিশেষ ; মরকত (emerald)। "অমন পালিস পান্না পান না রজনী প.তৃ ৭১।

পান্না২ বি [সং পারণ >বা পারণা >(পার্ণা) পান্না, হি পারণা] ব্রতোপবাসের পরে ভোজন ; ব্রতান্তভোজন। [উপোসের কেউ নয়, পান্নার গোঁসাই—দুঃখের ভাগী নয়, সুখভোগের ঠাকুর।]

পান্সে বি ['পানীভাসা >পান্‌সা, -সে (?)] ১ অল্পেই যে চোখ জলে ভাসে ; যে চোখে অল্প কারণেই জল পড়ে। "বাবুরামবাবুকে দেখাইবার জন্য পান্সে চোখে একটু একটু মায়াকান্না কাঁদিতে লাগিলেন।—আ.হু ৬১। ২ যে দাঁতের গোড়া নরম, অল্পেই রক্ত পড়ে। ৩ সর্থ 'পানশে'। [চোখ পান্সে আসা—চোখ জলে ভেসে আসা।]

পাপ বিণ [পাপ+অ (অচ্) অস্ত্যর্থে ; ছান্দস ; স্ত্রী -পা] ১ পাপবান্, পাপী, পাপকারী। "তে পাপাঃ রা ১.২৮.২০। পাপেভ্যঃ সর্ব্বেভ্যঃ গী ৪.৩৬। তে পাপা যান্ত্যধোগতিম্ মনু ৩.৫২। পাপোঽহং পাপ-কর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ। মার এই শিশু পাপ।—ম ৫৪১। ২ ক্রূর, নৃশংস (অ.চি)। ৩ অশুভ। "বিবাহ করিলে পাপকালে। —ক.চ ১৬২। পাপ রাশি পাপ গ্রহ পাপ তিথি তারা ভা.চ ৪০৫। ৪ নীচ, অপকৃষ্ট। "পাপাং যোনিং পাপকৃতো ব্রজন্তি মহা ১.৯০.১৯। ৫ হিংস্র, অপকারক, দুরাত্মা। "পিছলিয়া যায় পাপ (জোঁক) ছিঁড়ে ছাড়ে নাই।—শি ৮১। ৬ গর্হ্য, নিন্দনীয়। ৭ সরোষ। "পাপেন… চক্ষুষা ভ ৭.৮.৪। ৮ পাপকর্ম্মারব্ধ-শরীর। "কৈকেয়ী পাপা রা ২.৪৯.৫। ৯ (বাঙ্‌লায়) ধিক্কৃত, পোড়া (গালিতে)। "অঞ্জনে, রঞ্জি তোরে, পাপচক্ষুঃ, হানিতাম হাসি, চৌদিকে কটাক্ষশর।—মে ২৭৬। ১০ অনিষ্টাশঙ্কী। "না মানে প্রবোধ পাপ মায়ের পরাণ শ্রী৭০। —প ক্লী [√পা+প-অপা, উ ৩.২৩ ; ছান্দস] ১ যাহা হইতে আত্মা রক্ষিত হয় ; নরকহেতু দুরদৃষ্ট ; পাতক, কলুষ। "রঘু ১২.১৯। ওহে অপাপপুরুষ, দীনহীন আমি এসেছি পাপের কূলে।—রবীন্দ্র। ২ অশুচিতশ্রবণজদোষ (টীকা)। "শান্তং পাপম্ রা ২.৭৪.২২। শ ৫$\frac{২}{৫}$। ৩ অনিষ্ট, অপকার। ৪ (বাঙ্‌লায়) জ্বালা, বিপদ, ছাই (বিরক্তিতে)। "কি পাপ! সে কথা আমিই তোমাকে বলিয়া দিয়া-ছিলাম ব.প্র ১২০। [°কর, °কারী (-রিন্) বিণ—পাপাচারী, পাপী। "°কারিণি!—ভা.চ ৩৭০। পাপকারিন্ পিশাচ মদন!—কাদ ৬২। °কর্ম্মা (-র্ম্মন্) বিণ—পাপকারী। "মনু ৯.৩১০। °কৃৎ (বিণ)—কৃত-পাপ ; পাপকারী (শ্রীধর)। "গী ৪.৩৬। °ক্ষয় (পুং)—পাপনাশ। °ঘ্ন (বিণ)—পাপক্ষয়কর। "সর্ব্বপাপঘ্ন দেব দিবাকর।—ম ১৪৬২।

°চর্য্য (পুং)—পাপী ; দৈত্য, রাক্ষস। °দৃষ্টি (বিণ)—ক্রূরদৃষ্টি। °তিথি (বিণ)—অশুভতিথি। “ভা.চ ৪০৫। °ধী (বিণ)—পাপবুদ্ধি, দুর্ধী, দুরাত্মা। °নিশ্চয়, °বিনিশ্চয় (বিণ)—পাপসঙ্কল্প, ক্রূরমতি। “রা ২.৭৩.১৮। °বিনিশ্চয় গো.রা. ৬.৮১.৮। °পতি (পুং)—উপপতি। °বুদ্ধি (বিণ)—পাপমতি, দুরাত্মা। °ভাক্ (-জ্) বিণ—পাপযুক্ত, পাপী। “কু.স ৮.৫৩। °মিত্র (ক্লী)—কপটমিত্র, দুষ্টবন্ধু। °যোনি (বিণ)—পাপজন্মা, নিকৃষ্টজন্মা, অন্ত্যজ। “গী ৯.৩২। (স্ত্রী) নিকৃষ্টজন্ম, নীচজাতি। °রাশি (বিণ)—অশুভরাশি। °শমন (বিণ)—পাপক্ষয়কর। °সঙ্কল্প (বিণ)—সর্থ ‘পাপনিশ্চয়’। (পুং) দুষ্টবুদ্ধি, দুর্মতি।]

পাপকুয়া বি পাপকূপ, নরককুণ্ড। “ভুঞ্জাএ পাপকুয়া গ ৯৬।

পাপগ্রহ পুং [কর্ম্মধা] ১ অশুভগ্রহ, ক্রূরগ্রহ। বিপ ‘সৌম্যগ্রহ’। “ভা.চ ৪০৫। ২ মঙ্গল ; রাহু ; শনি। ৩ মঙ্গলাদিযুত বুধ। ৪ রবি। ৫ অর্দ্ধোনচন্দ্র ; ন্যূন চন্দ্রার্দ্ধ।

পাপড় বি সর্থ ‘পাঁপড়’। “ঘিয়ড় পাপড় ভা.চ ৫৪৮।

পাপড়ি বি [হি পখড়ী (পক্ষাকৃতি (?) ; ঠ পাকলী ; গু ; পাংখডী ; ড় পাখুড়ী ; ‘পাখ’—মূল (?)] পুষ্পের পক্ষাকৃতি অবয়ব ; ফুলের দল (petal)। “চাঁপার পাপড়ী দিয়া গড়িল অঙ্গুলী ভা.চ ২৯৬। আমার মনের কামিনী-পাপড়ি।—গান ১৯৮। তুমি আমি…ছিলাম আলিঙ্গনে, ফুল জনমে ;—ছিলাম যখন পাপড়ি-ঘেরা সিংহাসনে কু.কে ২৩। [°ভাঙ্গা—অবয়বহীন ; অসম্পূর্ণ, ছাড়া-ছাড়া। “পাপড়ি-ভাঙ্গা ইংরাজি গৎ পা.প্র ১৬৩। গল্প পাপড়ি-ভাঙা করা—গল্পের পরের কথা আগে বলিয়া গল্প অঙ্গহীন করা।]

পাপনাশন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] পাপনাশক, পাপঘ্ন। —ন পুং ১ শিব। ২ বিষ্ণু। —ন ক্লী প্রায়শ্চিত্ত।

পাপপুরুষ পুং [কর্ম্মধা] ১ পাপী জন। ২ পাপরূপ পুরুষ ; পুরুষাকৃতি বা মূর্ত্ত পাপ। [ইহার ব্রহ্মহত্যা শিরঃ, স্বর্ণস্তেয় ভুজ, সুরাপান হৃদয়, গুরুতল্প কটি, উপপাতক রোম। ইহা কজ্জলবর্ণ, বামপার্শ্বে স্থিত (তন্ত্রসার)।]

পাপরোগ পুং [উ.লো] ১ পাপজন্য কুষ্ঠাদিরোগ। “মনু ৫.১৬৪। ২ মসূরীরোগ, বসন্ত। —রোগী (-গিন্) বিণ পাপরোগবান্, কুষ্ঠী, কুষ্ঠাদিযুক্ত। “মনু ৩.১৫৯ ; ৯.৭৯।

পাপর্দ্ধি স্ত্রী [বহুব্রী] যাহাতে পাপের ঋদ্ধি (বৃদ্ধি) ; মৃগয়া (পঙ্ক)।

পাপহা (-হন্) বিণ [পাপ+ √হন্+ক্বিপ্ (০)-ক-১ব ; স্ত্রী -ঘ্নী] পাপনাশক। “দণ্ডশ্চরতি পাপহা মনু ৭.২৫। °হা পাবক ম ২৯৯।

পাপাধম [স.ত] পাপগণে অধম ; পাপিষ্ঠ। “পঞ্চ ১৩২৩।

পাপানুবন্ধী (-ন্ধিন্) বিণ [পাপ+অনু- √বন্ধ্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত ; স্ত্রী -ন্ধিনী] পাপকর্ম্মনিরত। “রা ২.৪৯.৫।

পাপাপনুত্তি স্ত্রী [ষ.ত] পাপনির্হরণ, পাপক্ষয়। “মনু ১১.১৪০।

পাপাহ পুং [পাপ অহ (অহন্), কর্ম্মধা, ‘অ’ (টচ্)] অশুভদিন।

পাপিয়া¹ বিং [সং পাপীয়ান্ ; বৈষ্ণবসাহিত্যে] পাপী, দারুণ। “পাপিয়া শাঙন মাস। বিরহী জীবনে নৈরাশ ॥—গো ২৩৭।

পাপি(পী)য়া², -হা বি [দ্র ‘পপিহ ; সং রাপি(পী)হ ; প্রা রপ্পীহা—রপ্পীহা পিউ পিউ ভণন্তি (সং বপ্পীহা (চাতক) প্রিয় প্রিয় ভণিত্বা (ষ, Appendix 170)] সর্থ ‘পপিহ’। “পাপিয়া দারুণ, পিউ পিউ সোঙরণ বি.প ১৬৬। পাপিহা…সতত পিউ পিউ রাবিয়া।—গো ২৩৬ ; পাপিয়া পিউ পিউ ভাষ ২৫০। পাপীয়া ব.প ১.৫৩। দ্র ‘পিউ পিউ’।

পাপিষ্ঠ বিণ [পাপিন্+ইষ্ঠ (ইষ্ঠন্)] ১ পাপিতম, অতিপাপী। ২ ক্রূরতম, অতিদুষ্ট। “শুন রে পাপিষ্ঠা হের শমন-ভগিনী শ্রী.ম ২০৮। ৩ [বাঙ্গলায় অপ্র] ; নিদারুণ, প্রচণ্ড। “পাপিষ্ঠ তৃষ্ণায়, প্রাণ ফাটি যায়।—ম ৫৭৬। পাপিষ্ঠ জ্যৈষ্ঠমাসে প্রচণ্ডতপন ক.চ ৬৮। ৪ মারাত্মক, হিংস্র। “দারুণ পাপিষ্ঠ পশু, ব্যাঘ্র সর্প যত কিছু ম ৭১৪।

পাপী(-পিন্) বিণ [পাপ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -পিনী] পাপবান্, পাতকী ; দুরাত্মা। “গো.রা ৬.৮১.৮। প্রীত পুণ্যবানে, কলহ পাপিনে।—দু ৪৪। —পী পুং পাতকী জন। [পাপিনী রাত্তি—ক্লেশকরী রাত্রি ; পাপ বা পোড়া রাত (নিন্দায়)। “কোন বিহি সিরজিল পাপিনী রাতি বি.প ৭৪।]

পাপীয় বি [সং পাপীয়স্ ; বৈষ্ণবসাহিত্যে] অতিপাপ, নিদারুণ। “পাপীয় পিরীতি, এতহুঁ না সমুঝিয়ে।—গো ১৮৪।

পাপীয়া দ্র ‘পাপিয়া²।

পাপীয়ান্ (-য়স্) বিণ [পাপিন্+ঈয়স্ (ঈয়সুন)-১ব ; স্ত্রী -য়সী] পাপিতর ; অতিক্রূর, দুরাত্মা। “লভ্যতে খলু পাপীয়ান্ নরঃ সুপ্রিয়বাগিহ মহা ২.৬৪.১৬। আঃ পাপীয়াংস্তং যঃ স্বামিকার্য্যোপেক্ষাং করোষি হি ২৩২৩। পাপীয়সি, আমারে বধিতে তব আশা।—কৃ ৯৩। এ পাপীয়সী শূর্পণখা নহে সী ১১। আঃ পাপীয়সি…মহাশ্বেতে!—কাদ ৬২।

পাপোষ¹ -স¹ বি [‘পা-পোছা’—মূল] পায়ের ধুলা ইত্যাদি পোছার নারিকেল-ছোবড়ার আস্তরণ (door-mat)। “দ্বারের কাছে পাপোস পাতা লী ৪২।

পাপোষ², -স² বি [ফা পা-পোশ্] জুতা। “আকটে পাপোস মারে হাড় করে গুঁড়া বি.সু ৭৯। চাপকান পাজামা পাপোষ ব.প ১৭০৮।

পাপোস¹ ; পাপোস² দ্র পাপোষ¹ ; পাপোষ²।

পাপ্মা (-প্মন্) পুং [√পা+মন্ (মনিন্) অপা-১ব, ‘প্’ (পুক্) আগম, উ ৪.১৫০ ; পাপিমা (-মন্) >পাপ্মা (-মন্)—ই-লোপ (?) ; ছান্দস] ১ পাপ, কলুষ। “মনু ৬.৮৫। ময়া গৃহীতনামানঃ স্পৃষ্টা ইব পাপ্মনা উ.চ ১.৪৮। ২ সর্ব্বপাপমূল, পাপাচার। “মহাপাপ্মা গী ৩.৩৭ ; পাপ্মানং প্রজহি হ্যেনম্ ৪১। ৩ দুষ্কৃত।

পাব দ্র ‘পাঁব’।

পাবক বিণ [√পূ+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -বিকা ; ছান্দস] শোধক, পূতীকারক। “পরম পাবক,…মৃত্যু।—কা ৪৯। —বক পুং ১ অগ্নি। “প্রদীপ্তৈরিব পাবকৈঃ রা ২.৫৪.২৩। নৈনং দহতি পাবকঃ গী ২.২৩। জয় রবীন্দুপাবক, ত্রিনেত্রকারক ভা.চ ১৫৭। [পাবক সপ্তবিংশতি—অঙ্গিরাঃ, দক্ষিণাগ্নি গার্হপত্য আহবনীয় ইত্যাদি (দ্র ‘মহা ২.৭.২১, নীলকণ্ঠ।] ২ অগ্নিদেব। ৩ অষ্টবসুর একতম। বসূনাং পাবকশ্চাস্মি।—গী ১০.২৩। ৪ বৈদ্যুতাগ্নি। ‘বৈদ্যুতঃ পাবকঃ স্মৃতঃ (কূর্ম্মপুরাণ)। ৫ অগ্নিসংখ্যানুসারে তিন (৩) এই সংখ্যা। ৬ চিত্রক ; রক্তচিত্রক। ৭ ভল্লাতক। ৮ বিড়ঙ্গ। ৯ (সাদৃশ্যে) কুসুম্ভ। ১০ সদাচার। ১১ শোধয়িতৃনর (অ.চি)। ১২ স্বাহাপুত্র। ‘ভ ৪.১.৫৯। —বকী স্ত্রী অগ্নিপত্নী।

পাবকি পুং [°ক+ই (ইঞ্)] ‘পাবকের অপত্য ; কার্ত্তিকেয়। “দ্বিতীয় ইব পাবকিঃ মহা ৩.৩৯.২৬। পূ.মে ৪৪।

পাবকী দ্র ‘পাবক’।

পাবদা বি [সং পর্ব্বত >প্রা পব্বদ >বা °দা] মৎস্যবিশেষ।

পাবন বিণ [√পাবি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] পবিত্রীকারক, শোধয়িতা। “পাবনম্ (আখ্যানম্) গো.রা ১.৪৫.৫৭। গী ১৮.৫। ভগবতী কলা ভুবনপাবনী।—ভ ৬.১৫.৩। পাদাঃ…গৌরীগুরোঃ পাবনাঃ শ ৬.১৭। পাবনীম্…সন্ততিম্ রঘু ১৯.৫৩ ; কু.স ৫.১৭। কুলের পাবনী সীতা কৃ.উ ২৭২। ভুবন°।—গ ৬, ১৮৪ ; °নী ১৯৫। ভুবন° ব.প ৭৯৪,-৫ ; ন.প ৩৮০। °ম শ্রী.ম ২১৪ ; ব.সু ২২, °নী ২৭। —বন পুং ১ পাবক, অগ্নি। ২ বিষ্ণু। ৩ ব্যাস। ৪ সিদ্ধ। ৫ সিহ্লক। —বন ক্লী ১ জল। ২ গোময়। ৩ রুদ্রাক্ষ। ৪ প্রায়শ্চিত্ত। ৫ তিলক, সম্প্রদায়চিহ্ন। ৬ চিত্রক। ৭ [+অন-ণ] পবিত্রীকরণোপায়, শোধন। “কৃচ্ছ্রম্…অস্তাঃ পাবনং স্মৃতম্ মনু ১১.১৭৮। কিমন্তাঃ পাবনান্তরৈঃ

উ.চ ১.১৪। অন্ত পাবন দ্বারা পূত সী ৩। ৮ [+অন-ভা] শোধন, পবিত্রীকরণ। "মন্তে মৎপাবনায়ৈব প্রস্থানং ভবতামিহ কু.স ৬.৬১। —বনী স্ত্রী ১ তুলসী। ২ গঙ্গা। ৩ গবী। ৪ হরীতকী।

পাবনি বি [তু 'মারুতি'] পবনপুত্র হনুমান। "মে ৮৭।

পাবনী দ্র 'পাবন'।

পাবর পুং [দ্বাপর (দ্বাপর) > বাপর > °র (?)] বিন্দুদ্বয়যুক্ত পাশকতল, অর্থাৎ পাশার যে পিঠে দুই বিন্দু থাকে; পাশকপাতন (দান)-বিশেষ। "°পতনাচ্চ শোণিতশরীরঃ।—মৃ ২.৮।

পাবিত বিণ [√পূ+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] পবিত্রীকৃত। "পবিত্রৈঃ শৈব পাবিতঃ মনু ২.৭৫। কু.স ৫.৩৭।

পাম(-মন্) ক্লী, **-মা** স্ত্রী [√পা+মন্ (মনিন্)-অপা-১ব, উ ৪.১৪৪; °ন্+স্ত্রী আ (ডাপ্), পা৪.১.১৩; 'পামন্' (পুং)—"পামানম্ (ছান্দোগ্য ৪.১.৮)] বিচর্চ্চিকা, কচ্ছু, খোস, চুলকানি। [°ঘ্ন (পুং) —'পামনাশক', গন্ধক। °ঘ্নী (স্ত্রী)—কটুকা।]

পামঘ্ন,-ঘ্নী দ্র 'পাম'।

পামন বিণ [°ন্+অ (অচ্) অস্ত্যর্থে] পামবান্, কচ্ছুর, খ'সো।

পামর বিণ [পাপ্মন্+ √রা+অ (ক)-ক, পৃষো; উ.ত (অ.টী)] ১ প্রাকৃত, নীচ, ইতর। "ব ৩। ২ খল। ৩ মূর্খ। ইথে যে পামর সেই করএ সংশয় ব্র.প ৭০। ৪ [পামন্+র] পামরোগযুক্ত, খ'সো (scabby—A.)।

পামরি, -রী বি [সং প্রাবর; হি, ঠ, গু °রী] রেশমী বস্ত্রবিশেষ; রেশমী উত্তরীয়; দোপাট্টা। "নিহালী পামরী ক.চ ১২০; বসিল পণ্ডিত-ঘটা, সগোল্লাদ পামরী কম্বলে ১২২; বিষ্ণুদত্ত আইল গায়ে পামরী আঁচলা ১৭৫। °রি শ্রী.মা ১৯৩। পামরী পটুকা শ্রী ৪৪।

পামা দ্র 'পাম'।

পায় বি [দ্র 'পা২'; অপ্র] পা। "পায় পোড়ে খরতর রবির কিরণ ক.চ ৬৮। (তব) পায় যে জন করে পূজা।—দু ৬৫। [°চারী, °চালি —সর্থ 'পাইচারি'। "ধীরে পায়চালি করি স্ব.প্র ৬৯। উঠোনেতে °করছিনু পায়চারী প.কা ৫৯। °জামা—সর্থ 'পাজামা'। "চুড়িদার পায়জামা।—হু ৪০। °দল—১ সর্থ 'পয়দল'। "ক.চ ১০০। ব.প ৩১৯; ১৪৮৪। ২ পদব্রজে। "একদিন পায়দল সন্ন্যাসী লইয়া। কাছিমের বাড়ী গাজি যায় মোকামিয়া॥—ব.প ১৮৫৬। °পড়া —পদাবনত, পায়ধরা। "মহাশয়, পায়-পড়ারে পারা ভার ন.ত ১০।]

পায়ক বিণ [√পা+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] পানকারক।

পায়খানা; পায়চারী,-জামা দ্র 'পাইখানা; পায়'।

পায়তাবা বি [ফা পাএতাবা; হি °বা] পাদত্রাণ, মোজা। "রঙ্গ ৯।

পায়না স্ত্রী [√পা+ই (ণিচ্)+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] 'পান করান'; অস্ত্রতীক্ষ্ণীকরণার্থ ব্যাপারবিশেষ; পা'ন দেওয়া; পানান। [পায়না ত্রিবিধ ;—শর শল্য অস্থিচ্ছেদনাস্ত্রের পায়না ক্ষারে, মাংসের ছেদন ভেদন ও উৎপাটনের অস্ত্রের পায়না জলে, শিরাবেধন ও স্নায়ুচ্ছেদনের অস্ত্রের পায়না তৈলে হয় (সুশ্রুত ১.৮.৯)।] —য়িত ক্লী [+ত (ক্ত)-ভা] সর্থ 'পায়না'। "ক্ষার°, জল°, তৈল° (সুশ্রুত)।

পায়(ই)নাপোল বি সূক্ষ্মবস্ত্রবিশেষ। "পায়নাপোলের চাপকান। হু ৪; পাইনাপোলের চাপকান ৮৩।

পায়রা বি [সং পারাবত > প্রা পারাবয়, -রাব > °রা; ঠ পারবা] কবুতর। "পায়রা উড়ায় সদাগর ক.চ ১১৫; ব.প ৩২১। —য়রী বি [°রা+ঈ৬] পারাবতী। "ক.চ ১১৫,-৬। ব.প ৩২১। [°খুপী —পায়রার খোপের মত সমচতুষ্কোণ সেলাই। °চাঁদা, °তেলী—লোনা-তৈলাঢ্য মৎস্যবিশেষ। °মটর—পায়রার খাদ্য ছোট মটরবিশেষ। °রস —ধান্যবিশেষ। "ভা.চ ৫৫০।]

পায়স বিণ [পয়স্+অ (অণ্); স্ত্রী -সী] পয়োবিকার, দুগ্ধকৃত (চরু)। —স পুং, ক্লী ১ সংস্কৃত অন্ন; দুগ্ধপক্বান্ন, পরমান্ন। "অতণ্ড-তণ্ডুলো ধৌতঃ পরিভৃষ্টো ঘৃতেন চ। খণ্ডযুক্তেন দুগ্ধেন পাচিতঃ পায়সো ভবেৎ॥—পাকরাজেশ্বর। "নষ্টঃ পায়সকর্দ্দমাঃ রা ২.৯১.৪১। মহা ২.১.১৯। ক্ষীরতণ্ডুলমিশ্র অন্ন (কুল্লুক)। "দিব্যপায়সসম্পূর্ণাং পাত্রীম্ রা ১.১৬.১৫। মনু ৫.৭। —য়স ক্লী [+অ স্বার্থে] দুগ্ধ। [পায়সান্ন—পায়স। "ম ৭২৭।]

পায়া বি [ফা পায; দ্র 'পা২'] ১ খাট চৌকি ইত্যাদির পায়ের মত খুঁটি; খুরা। ২ পদ, পদমর্য্যাদা, মর্য্যাদা। "উচ্চপায়া নেটিভদের। —হেম ৩৮১। [পায়াভারি—নিজ পদের গর্ব্ব বা গুমর। "বটে শালা আসল বদমায়েস, সে আমার কথা রাখবে! বরং বলতে গেলে পায়াভারি করে বসবে!—অ.গ্র। পায়াভারী লোক—পদমর্য্যাদাগর্ব্ব ব্যক্তি।]

পায়িত দ্র 'পায়না'।

পায়ু পুং [√পা+উ (উণ্)-ক, উ ১.১] মলদ্বার, গুহ্য।

পার১ সক [অদন্ত চু.প—পারয়তি; সেট্] তীরকর্ম্মসমাপ্তি।

পার২ ক্লী [√পার+অ (অচ্)-ধি; পর+অ (অণ্) স্বার্থে (অ.টী); Av. 'pāra'—side; end; 'পার'—পারভূত উদয়াদ্রি (ঋগ্বেদ ১.৪৬.১১)] ১ 'নদীকর্ম্মসমাপ্তিস্থান', পরতীর। "পারমিবার্ণবস্য।—হি ১.২১৮। নাদান্তেস্ত পরং পারং ন জানাতি সরস্বতী। অদ্যাপি মজ্জনভয়াৎ তুম্বী বহতি বক্ষসি॥—সঙ্গীতদর্পণ। মথুরার পার।—শ্রী.কী ১৪৫। ২ প্রান্তভাগ, শেষাবধি। "দৃষ্টপারাঃ (বিদ্যাঃ) রঘু১৮.৫০। সকলকলা°; সকলশাস্ত্র°।—পঞ্চ১/৩ (কথামুখ); অনন্তপারং কিল শব্দশাস্ত্রম্ ৯। দক্ষতৃণ দিগন্তের পারে চ.কা ২৯৫। ৩ কর্ম্মসমাপ্তি। "ন বাচা দুর্গমঃ পারঃ কার্য্যাণাম্ গো.রা ৬.৬৭.১০; কার্য্যাণাং কর্ম্মণা পারং যো গচ্ছতি স বুদ্ধিমান্ ১১। ৪ তদতীত স্থান। "স হি দেবঃ পরং জ্যোতিস্তমঃ পারে ব্যবস্থিতম্ কু.স ২.৫৮। ৫ (বাঙলায়) পরিত্রাণ, উদ্ধার। "নরক হইতে তার কভু পার নয় ম ৪১৯। পরকালে পুত্র বিনে পার নাহি দেখি শ্রী.মা ১৯। [পার করা—পারে লওয়া। "শ্রী.কী ১৪৫। পার পাওয়া—১ সীমা বা প্রান্ত পাওয়া। ২ উত্তীর্ণ হওয়া। "গোলাম কবুল পার পায় ভা.চ ৪৭৭। পার হওয়া—১ পারে উত্তীর্ণ হওয়া। ২ প্রতিকারে সমর্থ হওয়া। "কোন বুদ্ধি করিলে ইহাতে হব পার।—ম ১৫৯। ৩ (ভেদপূর্ব্বক) অপর পার্শ্বে বাহির হওয়া। "সপ্ত তাল ভেদ করি বাণ হৈল পার।—কৃ ১৫৮। পারিলোঁ—উত্তীর্ণ হইলাম। "পারিলোঁ যমুনা নীরে শ্রী.কী ২৯৫। পেরন—পার হওয়া। পেরুতে—পার হইতে। "শ্রী ১৮৬। পেরুল—উত্তীর্ণ হইল; অতিক্রম করিল। "পেরুল গৌড়ের গড়।—শ্রী ১৫৬; ১৬৯; পেরুল সুরধুনী ১৭৩।]

পার৩ বি [সং প্রহার > প্রা পহার > °র] ঢেঁকী তোলায় নিমিত্ত ঢেকীর পাছতলায় পদপ্রহার। "সোঁউরি করতার, দখিন পদে পার শূ ৭৯। ঢেঁকীর উপরে উঠি ঘন দেই পার ব.প ১৩৬৯।

পার৪ সর্ক [সং √পারি—পারয়্ > প্রা √পার; হি, মৈ √পার] ১ করিতে সমর্থ হওয়া। "রাম যা পারে করুক।—কৃ ২৫০। ২ শাসন করিতে, জব্দ করিতে বা আঁটিতে সমর্থ হওয়া। "সকলের মূল কালা তারে না পারিবে চ.দা ৯০। পায়-পড়ারে পারা ভার ন.ত ১০। —র (অর্ক) সমর্থ হওয়া। "যে দেখি ধনুকখান পারি কি না পারি।—কৃ ৬০। রঙ্গ কে বুঝিতে পারে চ.দা ২৯। কহই না পারি।—ব ১০০। পারা৩ —সর্থ 'পার৪'। দ্র '(২)। পারিবোঁ, পারো,-রোঁ (পারি)।—শ্রী.কী। পারিম, পারোঁ (গো.চ)।]

পারক বিণ [√পৃ+অক (ণ্বুল্)-ক] ১ পূর্ত্তিকারক। ২ পালক। ৩ প্রীতিকারক। ৪ (বাঙলায়) যে পার করে; উদ্ধারকর্ত্তা, ত্রাতা। "ব্রহ্মজ্ঞানে পারক আমি রুদ্রেতে শঙ্কর শ্রী.ম ২৯৩। কৃষ্ণনাম পারক হয়ে—করে প্রেমদান চৈ.চ ২৭৬।

পারক্য বিণ [পর+য (ষ্যঞ্), ক (কুক্) আগম] ১ পরকীয়।

"বরং স্বধর্মো বিগুণো ন পারক্যঃ স্বনুষ্ঠিতঃ মনু ১০.৯৭। (কঃ) স্বীয়ঃ পারক্য এব বা।—ভ ৭.২.৬০। ২ শত্রুসম্বন্ধী। ৩ পরলোকহিত।

পারগ বিণ [পার+ √গম্+অ (ড)-ক ; উ.ত] ১ পরতীরগামী। "পাঞ্চালী পাণ্ডুপুত্রাণাং নৌ রেষা পারগান্তবৎ মহা ২.৭২.৩ ; ৪.১৫.২১। ২ পারগত। "সীতাবিরহপারগঃ (শোকসাগরঃ) রা ২.৫৯.২৮। ৩ কর্ম্মসমাপ্তিগামী। ৪ কোন বিষয়ের পারগত; অভিজ্ঞ, বিশারদ। "বেদ-মন্ত্রপারগ রা ১.৫.২৩। °বেদ° মনু ২.১৪৮। পারগ শাস্ত্রের।—ম ৮১৪। বেদ° অ.প ১৩৮। পারগ সভাই শ্রী.মা ৮৩। ৫ (বাঙ্লায়) সমর্থ।

পারগত বিণ [দ্বি.ত] ১ পারপ্রাপ্ত, উত্তীর্ণ। ২ অবধিপ্রাপ্ত। ৩ বিষয়-বিশেষসমাপ্তিগত, অভিজ্ঞ, নিপুণ। "বেদশাস্ত্রে পারগত অ.প ৭। —গতি স্ত্রী, —গমন ক্লী [স.ত] পারে উত্তরণ। "সমুদ্রপারগমন।—গো.রা ৫.৭০.১৮। —গামী (-মিন্) বিণ [পার+ √গম্+ইন (ণিনি)-ক -১ম ; উ.ত] পরলোকহিত (কর্ম্ম)। "মহা ১৩.৩৪.১৮।

পারঘাটা বি পার হওয়ার ঘাট ; খেয়াঘাট। "তুমি পারঘাটার রসমই ব.প্র ১৪৭।

পারণ ক্লী [√পার+অন (ল্যুট্)-ভা] ১ কর্ম্মসমাপ্তি, সমাপ্তি। "দ্বাদশ্যাং পারণং প্রতি ভ ৯.৪.৩৮। ২ সমাপ্তি, পালন। "প্রতিজ্ঞায়াশ্চ পারণম্ মহা ৭.৭৯.২১। ৩ ব্রতান্তভোজন, পারণা। "শ্রী.মা ২৭। —ণা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'পারণ (৩)। "শোণিত° রঘু ২.৩৯ ; ৫৫ ; ৬০। কু.স ৫.২২। ম ১০৬৬। পারণার বেলা।—গ ২০২। বি.পা ৩৭৯। শ্রী ৭৮। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম] ১ অনুষ্ঠেয়, চরণীয়। "অপারণীয়তপঃশ্রিয়া ভ ৯.৬.৪৫। ২ সাধ্য, করণীয়। "যৎ তে কৃতং কর্ম্ম ন পারণীয়ম্ মহা ৪.৬৭.১১। ৩ অতি-ক্রমণীয়। "তেঽস্থরনাথা অপারণীয়াঃ ভ ৮.১৭.১৬।

পারতন্ত্র্য ক্লী [পরতন্ত্র+য (ষ্যঞ্)] পরতন্ত্রভাব, পরাধীনতা, বশত্ব। "মহা ৫.৪৫.১০। ভ ৩.২৬.৭। পারতন্ত্র্যাৎ পরং দুঃখং ন স্বাতন্ত্র্যাৎ পরং সুখম্। অপ্রবাসী গৃহী নিত্যং স্বতন্ত্রঃ সুখমেধতে ॥—শু ৩.৩২১।

পারৎপক্ষে ক্রি.বিং [পারয়ৎ > °ৎ+পক্ষে] যে পারে, তাহার পক্ষে ; সমর্থপক্ষে, সম্ভবস্থলে, অর্থাৎ পারিলে, সম্ভব হইলে। "সেই জন্য পারৎপক্ষে তাহাকে (ছেলেকে) লইয়া যাইতে চাহিতাম না গ.স ৬১ ; পারৎপক্ষে সুবোধ কোনো দিন আমার কাছে কাঁদে না ১০৭।

পারত্রিক বিণ [পরত্র+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ পরত্রভব, পরলোক-সম্বন্ধী। বিপ 'ঐহিক'। "ঐহিকপারত্রিকদণ্ড মনু ৭.১৮, কুল্লুক। ২ পরলোকহিতকর। "পারত্রিক কর্ম্ম।—ম ১০১৫। —ত্র্য বিণ [+য (ষ্যঞ্)] ১ পরলোকহিত। "মহা ১৩.১৬২.৬৩। ২ পরলোক-ফল। "পারত্র্যং যদ্ যদাচরেৎ মনু ২.২৩৬।

পারদ বিণ [পার+ √দা+অ (ক)-ক ; উ.ত] পারদাতা। —রদ পুং ১ 'রোগের পারদাতা' ; রসভেদ, পারা। ২ ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয়। "মনু ১০.৪৪। —রদা বি পারদাত্রী, উদ্ধারকর্ত্রী। "(অন্নদা) ভবজলনিধিপারদা ভা.চ ৫১৯।

পারদর্শক বিণ [ষ.ত] 'পারদর্শয়িতা', উদ্ধারক। "অপারে ভগবান্ পারদর্শকঃ।—ভ ১.১৩.৩৯। —দর্শন বিণ পারদর্শক ; সর্ব্বজ্ঞ। "মরীচিপ্রমুখাঃ…পারদর্শনাঃ ভ ৯.৪.৫৮।

পারদর্শী (-র্শিন্) বিং [সং পারদৃশ্বা] দৃষ্টপার, অভিজ্ঞ, কুশল। [°র্শিতা—অভিজ্ঞতা, নৈপুণ্য।]

পারদারিক বিণ [পরদার+ইক (ঠক্)] পরদারগামী, লম্পট। "মহা ৫.৩৫.৪৬। —দার্য্য ক্লী [+য (ষ্যঞ্)] পরদারসেবন, পরস্ত্রীগমন। "মনু ১২.৬০। যাজ্ঞ ৩.২৩৫। দক্ষ ৩.১০।

পারদার্য্য দ্র 'পারদারিক'।

পারদৃশ্বা (-শ্বন্) বিণ [পার+ √দৃশ্+বন্ (ক্বনিপ্) অতীতে, -ক-১ব ; উ.ত ; স্ত্রী -শ্বরী] দৃষ্টপার, পারগত ; অভিজ্ঞ। "বিদ্যানাং পারদৃশ্বনঃ (তস্য) রঘু ১.২৩ ; ৪.২৪।

পারদেশ্য বিণ [পরদেশ+য (ষ্যঞ্)] ১ পরদেশাগত, পরদেশ হইতে প্রাপ্ত (পণ্য)। "যাজ্ঞ ২.২৫৫। ২ পরদেশভব।

পারমহংস বিণ [পরমহংস+অ (অণ্) ; স্ত্রী -সী] ১ পরমহংসের প্রাপ্য। "পারমহংসম্…জ্ঞানম্ ভ ১২.১৩.১৮। ২ পরমহংসপ্রোক্ত। "পারমহংস্যাং সংহিতায়াম্ (ভাগবতে অধ্যায়শেষে)।

পারমার্থিক বিণ [পরমার্থ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ পরমার্থ-সম্বন্ধী, তথ্যান্বেষী ; তাত্ত্বিক। "একস্য কর্ম্ম সংবীক্ষ্য করোত্যন্যোঽপি গর্হিতম্। গতানুগতিকো লোকো ন লোকঃ পারমার্থিকঃ ॥—পঞ্চ ১.৩৭৩। চা.পু ৬০। ২ বস্তুতঃ আগত ; স্বাভাবিক। ৩ পরলোকশ্রেয়ঃ-সাধন (কর্ম্ম)। ৪ যথার্থ, বাস্তবিক। "সত্তা ত্রিবিধা পারমার্থিকী ব্যাবহারিকী প্রাতীতিকী চ।—বেদান্তসার।

পারম্পরীণ বিণ [পরম্পরা+ঈন (খঞ্)] পরম্পরাগত, ক্রমাগত। —ম্পর্য্য ক্লী [+য (ষ্যঞ্) স্বার্থে] পরম্পরা, ক্রম। "মহা ৬.১২০.২৯। আচারঃ পারম্পর্য্যক্রমাগতঃ মনু ২.১৮। [পারম্পর্য্যোপদেশ (পুং) —উপদেশপরম্পরা (অ.কো)।]

পারলোক্য, -লৌকিক বিণ [পরলোক+য (ষ্যঞ্), +ইক (ঠক্) ; স্ত্রী -ক্যা, -কী] ১ পরলোকসম্বন্ধী, পরলোকহিতকর। "পারলোক্যঞ্চ কার্য্যম্ মহা ৫.৭.১২ ; ধর্ম্ম একো মনুষ্যাণাং সহায়ঃ পার-লৌকিকঃ ১৩.১১১.১৬। ২ স্বর্গলোকভব। "নৈ ৫.৯২। —কিক ক্লী পারলৌকিককার্য্য।

পারশ, -স বি [হি পর(রো)সনা ; দ্র 'পরশ[৪]] অন্নব্যঞ্জনাদি বণ্টন ; পরিবেষণ। "রন্ন দিলে পারশ করিয়া গো.চ ৫৬ ; অন্ন নিল …পারস করিয়া ২৯৩। [পারশিয়া—পরিবেশন করিয়া গো.চ ৮৪।]

পারশব বিণ [পরশু+অ (অণ্)] পরশুসম্বন্ধী। —শব পুং [পারয়ন্নেব (জীবন্নেব) শবতুল্যঃ—পারশবঃ (মনু ৯.১৭৮)] ১ পরিণীতা শূদ্রায় ব্রাহ্মণ হইতে জাত পুত্র ; নিষাদ। 'যং ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎ-পাদয়েৎ সুতঃ। স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ ॥—মনু ৯.১৭৮। শূদ্র্যাং নিষাদো জাতঃ পারশবোঽপি বা।—যাজ্ঞ ১.৯১। ২ লৌহ।

পারশী(সি)ক পুং ১ পারস্যদেশ। ২ পারস্যদেশজাত ঘোটক।—সীক পুং ১ সর্থ 'পারশীক'। ২ পারস্যদেশবাসিগণ। ৩ পারস্যরাজগণ। "রঘু ৪.৬০।

পারশ্বধিক পুং [পরশ্বধ+ইক (ঠক্)] পরশ্বধপ্রহরণ যোধ ; পরশুযোধ। "°রাম ভট্টি ৫.৭৮।

পারস দ্র 'পারশ'।

পারসী বি [ফা পার্সী] ১ পারস্যদেশীয় ভাষা। ২ জরথুস্ত্র-পন্থী অগ্ন্যুপাসক প্রাচীন পারসীক জাতিবিশেষ। [°শাড়ী—পারসী মহিলার পরিধেয় রেশমী শাটীবিশেষ।]

পারসিক, -সীক দ্র 'পারশীক'।

পারস্ত্রৈণেয় পুং [পরস্ত্রী+এয় (ঢক্), ইন্ (ইনঙ্) আদেশ ; উভয়পদবৃদ্ধি] পরস্ত্রীজাত পুত্র ; জারজ। "পা ৪.১.১২৬।

পারা[১] বি [সং পারদ > প্রা পারঅ, *পারঅ > °রা ; হি, ঠ, প, ড় পারা ; গু পার] পারদ। "তরঙ্গ*পারার পারা।—হেম ২৪৪।

পারা[২] বিং [প্রায় > (স্বরাগমে) পরায় > পরা > °রা ; ফা 'রার্' —সদৃশ (সমাসে)—শাহ্‌রার্] ১ মত, তুল্য, সদৃশ। "দুঃখিনী মোর পারা ক.চ ২৬ ; আপনার পারা ২৪৪। তার পারা ত্রিভুবনে দেখিনে বর্ব্বর শ্রী.মা ৫০। উনমত পারা ন.প ১৫৮। বিরানার পারা।—শি ১০৭। মা তোর অভয় পদ চিন্তা করে, আমি হলেম পাগল পারা।—রামপ্রসাদ। তরঙ্গ পারার পারা।—হেম ২৪৪। ২ মত, অভিমত। "আমার মনের পারা পুত্র গজানন।—দু ২৫। ৩ সদৃশ, তুল্যরূপ, তুল্যাকৃতি। "চাঁদপারা

বেটা শ্রী ৪২ ; নাটাপারা ছুটা আঁখি ৮২। সোণাপারা দে (অর্থাৎ দেহ)।—শি ২২ ; পুড়ি পারা মস্তক পাবক পারা আঁখি ৯১। —রা বি [অভি'প্রায়' >পারা] অভিপ্রায়। "হেন বুঝি, পারা তোর নিবে বাসঘর ক.চ ১৪৫ ; বুঝি পারা যাহ বাসঘরে ১৬০। —রা ক্রি.বিং ১ অনুমানার্থক—বুঝি, বোধ হয়, যেন। রাহু তোর কেশপাশ, আইসে করিতে গ্রাস, পুণ্যের সময় হইল পারা ।—ক.চ ১৫৩। দৈব অপুঘাত হৈয়াছে পারা বি.প ১৫০। খঞ্জন কমলে দেখিলা পারা।—জ্ঞা ১৪৯। বিরোধ পারা কৈল কার সনে।—ম ২০৭। সেবক-তারা, মামটি পারা, আজ হ'ত্যে গেল তবে।—ছু ২৪। পাসুরেছ পারা শ্রী.মা ২৩ ; থেতে পারা ডাকিছেন ৫৬ ; এল পারা গোপাল ৮৩। মনে নাই পড়ে পারা শ্রী ২৯ ; ২৫৭। শিবের সংবাদ কিছু শুন নাই পারা। —শি ২২ ; ৮৩। ভা.চ ৪০৫। ২ নিশ্চিত, ঠিক। "সিঙ্গাদার যদ্যপি সিঙ্গায় দেয় ফুক। পারা জেল্যা পাবকে পোড়াব তার মুখ ॥—শ্রী.মা ১৮৭। ৩ প্রায়। "বুঝি হারা পুন তা'রা, কহে সারা হও পারা বি.সু ৪০। ৪ সম্ভবতঃ, খুব সম্ভব। "শরস্তম্ভ বিদ্যা জান হেন বুঝি পারা ক.চ ৭১। বুঝি পারা বিধাতা বিরূপ এত দিনে শ্রী.মা ১৯৫ ; বুঝি পারা ছেড়ে যাবে বিপদ-সময় ২০৭। কান্দিতেছ, মারিল কে হেন বুঝি পারা ভ.প্র ১৯৪।

পারা[৩] দ্র 'পার[১]'।

পারান বি [পার[১] +আ[৯] — √পারা+অন] পারে নয়ন ; পার করা। —রানী বিং [°ন+ঈ[৭]] পারানসম্বন্ধী, খেয়াসম্বন্ধী, খেয়ার। "তার মনটা পারানী (ধৃতপাঠ 'পারাণি') নৌকার মত…যাওয়াত কচ্ছিল। —জা ৪৯। —রানী বি খেয়ার কড়ি।

পারানী দ্র 'পারান'।

পারাপার পুং [পার ও অপার (দ্বন্দ্ব)—°র+অ (অচ্) অস্ত্যর্থে (ত.বা)] 'পারাপারযুক্ত', সমুদ্র। —পার ক্লী ১ পার ও অপার ; তটদ্বয়, উভয়তীর। "অগাধ সলিল বহে নাহি পারাপার।—ম ৯৪২। ২ (বাঙ্লায়) সীমা, অবধি। "নাহি জলের পারাপার।—গ ২০১। ৩ পরিমাণ। "শ্রীফলপত্র নাহি পারাপার চ.বি ১১৬। ৪ সংখ্যা। "(সেনা) চলে নাহি পারাপার চ.বি ১৩১। [পারাপার হওয়া—পার হওয়া। "সৈন্য সামন্ত সব হইল পারাপারে কৃ.অ ৩১। পারাপারের পথ—নদীপার হওয়ার পথ ; যে পথে পার আছে। "পারাপারের পথ, বাটী যাই আ.ছু ৪৪।]

পারাবত [পার+আ √পত্+অ (অচ্)-ক, °পত >°বত, পৃষো (অ.টী)] 'বেগে আপাতী' ; কপোত। "মহা ১৩.১০৪.১১৪। সুপ্ত° পু.মে ৩৮। [°পদী (স্ত্রী)—নয়াফটকিলতা ; কাকজঙ্ঘা।]

পারাবার পুং [পার+আ- √বৃ+অ (অণ্)-ক ; উ.ত (অ.টী)] ১ সমুদ্র। ২ [বাঙ্লায় ; সাদৃশ্যে] অসীম আধার। "মাটির মাঝে প্রাণের খেলা,—মাটিই প্রাণের পারাবার কু.কে ৯০। —বার ক্লী [পার ও অবার, দ্বন্দ্ব] তটদ্বয়।

পারায়ণ ক্লী [পারে অয়ন, স.ত] ১ পারে গমন ; পারপ্রাপ্তি। ২ আদি হইতে অন্ত পর্য্যন্ত অবিচ্ছেদে বেদাধ্যয়ন (পা ৫.১.৭২, তত্ত্ববোধিনী)। "যাজ্ঞবল্ক্যো ব্রহ্মপারায়ণং জগৌ উ.চ ৪.৯। ৩ গ্রন্থাদির আদ্যাবধি অন্তপর্য্যন্ত পাঠ। "ইহা শুনে যেই জন, কিম্বা করে পারায়ণ, ভবমুক্ত হয় সেই কৃতী ।—কৃ ৫৩। ৪ পুরাণসম্পূর্ণ গ্রন্থপাঠ। "ভাগবত°। ৫ সাকল্য (অ.কো)।

পারাশর বিণ [পরাশর+অ (অণ্)] পরাশরপ্রোক্ত। "কলৌ পারাশরী স্মৃতিঃ (ত.বা)। —শর পুং পরাশরস্মৃতিগ্রন্থ। "কলৌ পারাশরঃ স্মৃতঃ।—পরাশর ১.২৩। —শরি পুং [+ই (ইঞ্)] ১ 'পরাশরসম্বন্ধী', শুকদেব। ২ ব্যাসদেব (শ.ক)। —শর্য্য পুং [+য (যঞ্), অনন্তরাপত্যে গোত্রত্বোপচারে অপত্যার্থ (পা ৪.৩.১১১, তত্ত্ববোধিনী)] পরাশরপুত্র ব্যাসদেব। "বে ১২। —শরী (-রিন্) পুং [পারাশর্য্য+ইন (ণিনি), পা ৪.৩.১১০] পারাশর্য্যপ্রোক্তভিক্ষুসূত্রাধ্যেতা ; ভিক্ষু, মস্করী (অ.কো)।

পারি(রী)ক্ষিত পুং [পরি(রী) ক্ষিৎ+অ (অণ্)] পরিক্ষিৎপুত্র জনমেজয়। "পারীক্ষিত মহা ১.১.১০ ; পারিক্ষিত ৩.১১৮.২।

পারিখ বিণ [পরিখা+অ (অণ্)] পরিখাবেষ্টিত (দুর্গ)। "পরিতস্তু মহাখাতং পারিখং দুর্গমেব তৎ শু ৪.৬.২।

পারিজাত, -জাতক পুং [পারী (সমুদ্র) হইতে জাত (পারিন্ +জাত), প.ত ; ক (কন্) স্বার্থে ; 'পারে জাতো বিষ্ণুপদ্যাঃ (গঙ্গায়াঃ) 'পারিজাতে'তি শব্দিতঃ (হ ১২৬.৬৮)] ১ পঞ্চ দেবতরুর একতম সুরতরু। [সমুদ্রমন্থনে সমুদ্র হইতে ইহার উৎপত্তি। ইহা চতুর্দ্দশ রত্নের একতম (মহা ১.১৮। ভ ৮.৮)। ইন্দ্র ইহা নন্দনে রোপণ করেন। কৃষ্ণ সত্যভামার প্রার্থনায় ইহা দ্বারকায় আনয়ন করেন (হ ১৩৪শ অধ্যায়। ম ২৩৬০)।] ২ পারিভদ্র। —জাত ক্লী ১ পারিজাতপুষ্প। ২ পারিভদ্রপুষ্প। "কৃ ৩৪৯।

পারিণায্য ক্লী [পরিণয়+য (যঞ্)] পরিণয়লব্ধ ধনাদি ; যৌতুক। "মাতুঃ পারিণায্যং স্ত্রিয়ো বিভাজেরন্ ।—বসিষ্ঠ।

পারিণাহ্য ক্লী [পরিণাহ+য (ষ্যঞ্)] শয্যাসনকুণ্ডকটাহাদি গৃহোপকরণ ; ঘরের আশবাব। "পারিণাহ্যস্য বেক্ষণে মনু ৯.১১।

পারিতোষিক, -তোষ্য ক্লী [পরিতোষ+ইক (ঠঞ্), +য(যঞ্)] পরিতোষপ্রয়োজনক, পরিতোষহেতুক দেয় ধনাদি। 'সেবাশৌর্য্যাদিসন্তুষ্টৈর্দত্তং (যৎ) তৎ পারিতোষিকম্ ।—শু ২.৩৪২। "প্রদদৌ পারিতোষিকম্ ক.সা ১২.৯। পারিতোষ্য ।—শু ২.৩৪০।

পারিপাট্য ক্লী [পরিপাটি+য (ষ্যঞ্) স্বার্থে] ১ পরিপাটি। "রত্নাভরণ° ব.প্র ৫। ২ সুনিয়ম, সুব্যবস্থা। "তোমার বাড়ীতে রন্ধনের বড় পারিপাট্য পা.প্র ৩৬।

পারিপা(যা)ত্র পুং কুলপর্ব্বতবিশেষ। দ্র 'কুলগিরি'।

পারিপার্শ্ব ক্লী [পরি°+অ (অণ্)] পরিপার্শ্বসমূহ, পরিজনগণ। "°পার্শ্ব গদং বীরমস্তান্ (কৃত্বা) হ ১৫১.৬৪ ।—পার্শ্বিক পুং [+ইক (ঠক্)] ১ পরিপার্শ্বস্থিত, সহচর, পরিজন। "এবমুক্ত…রাক্ষসান্ "°পার্শ্বিকান্ গো.রা ৬.২১.১৭। মাঠরঃ পিঙ্গলো দণ্ডশ্চণ্ডাংশোঃ পারিপার্শ্বিকাঃ (অ.কো)। ২ পরিচারক, সেবক। —পার্শ্বক, -র্শ্বিক পুং সূত্রধারের অনুচর নটবিশেষ। 'তস্যানুচরঃ পারিপার্শ্বকঃ (সা.দ টীকা) পার্শ্বস্থঃ °পার্শ্বিকঃ (অ.চি)। "°পার্শ্বিক সা.দ ৬.৩১ ; চৈ ৪০।

পারিপার্শ্বক, -র্শ্বিক দ্র 'পারিপার্শ্ব'।

পারিপ্লব বিণ [পরিপ্লব+অ (অণ্) স্বার্থে] ১ তরল। "ননন্দ °নেত্রয়া (তয়া) নৃপঃ রঘু ৩.১১। °সারস ১৩.৩০ ; ১৬.৬১। ২ চঞ্চল। "উৎপথৈর্মম মনঃ পারিপ্লবং ধাবতি উ.চ ৪.২২। ৩ অধীর, অধৈর্য্যপূর্ণ। "দগ্ধহৃদয় কোঽয়মাকস্মিকস্তে পারিপ্লবো বিকারঃ উ.চ ৬ষ্ঠাঙ্ক। —প্লব পুং ১ সম্ভ্রম ; শিবিকাদিরূপ যানভেদ (রা. টীকা)। "°গতাশ্চাপি দেবতাস্তত্র বিষ্ঠিতাঃ ।—রা ১.৪৩.১৯। ২ জলপক্ষী (রা. টীকা)। "পারিপ্লবণতৈর্জুষ্টা (নদী) রা ৪.২৭.২৩। ৩ নৌকা (A.)। —প্লব ক্লী [+অ ভাবার্থে] ১ চাঞ্চল্য (A.)। "°ঘুরা মা.মা ৪.৩। ২ তারল্য। "(মৃণালিনী) আনন্দপারিপ্লববিবশা হইয়া বসনে অশ্রুস্রুতি আবৃতি করিয়া চলিলেন ব.প্র ১৭৯।

পারিবর্হ পুং [পরিবর্হ+অ (অণ্) স্বার্থে] ১ বিবাহে প্রদেয় বসন ভূষণ গৃহোপকরণাদি। "ভ ৩.২২.২৩। ২ ভূষণপরিচ্ছেদাদি। "মহা ২.৮.৩৭।

পারিবিত্ত্য ক্লী [পরিবিত্তি+য (ষ্যঞ্)] পরিবিত্তিভাব, কৃতবিবাহ কনিষ্ঠভ্রাতার জ্যেষ্ঠের বিবাহরাহিত্য। "যাজ্ঞ ৩.২৩৫।

পারিভদ্র পুং [পরিভদ্র (প্রা.স)+অ (অণ্) স্বার্থে] ১ পরিভদ্র, পালতা-মাদার গাছ। ২ দেবদারু। ৩ সরলবৃক্ষ। ৪ নিম্ববৃক্ষ।

পারিভাষিক বিণ [পরিভাষা+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] পরিভাষা হইতে আগত ; পরিভাষা বা আধুনিক সঙ্কেত দ্বারা অর্থবোধক (শব্দ)।

পারিমিত্য ক্লী [পরিমিত+য (ষ্যঞ্)] পরিমিতভাব, অল্পতা। "সা.দ ৩.১৮।

পারিযাত্র, -ত্রক, -ত্রিক পুং [°যাত্র+ইক (ঠক্) স্বার্থে] কুলশৈলবিশেষ ; সূর্য্যবংশীয়রাজবিশেষ। "রঘু ১৮.১৬। ভ ৯.১২.২।

পারিয়াল বি [পারিহাল >°ল] রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের উপাধি বা গাঁই। "ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ বটু পারিহাল গ্রামে বাস করেন ; সেই হেতু তদীয় সন্তানগণের 'পারিয়াল' বা 'পারিহাই' উপাধি বা গাঁই।]

পারিষদ বিণ [পরিষদ্+অ (ষঞ্) ; স্ত্রী -দী] ১ পরিষৎসম্বন্ধী। "পা ৪.৩.১২৩। ২ [+অ (ণ)] পরিষদে সাধু। "পা ৪.৪.১০১। —ষদ পুং ১ সভাসদ্, সভ্য। "মহা ৩.৭০.৪। ২ রাজপরিজন, রাজসহচর। "°মণ্ডলীমধ্যে ব.প ৯১। ৩ সহচর, স্বগণ, দল। "সঙ্গে পারিষদ ক.চ ৩। চৈ.ভা ২০৯। প্রিয় °বৃন্দ ন.প ১৯৩ ; ৪০০। —ষদ্য বিণ [+য (ণ্য)] পরিষদে সাধু। "পা ৪.৪.১০১।

পারিহাই বি সর্থ 'পারিয়াল'। "ক.চ ৮৬।

পারিহাস্য বিণ [পরিহাস+য (ষঞ্)] পরিহাসসম্বন্ধী, পরিহাসপূর্ব্বক কৃত। "পারিহাস্যম্ (বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরম্) ভ ৬.২.১৪।

পারীণ বিণ [পার+ঈন (খ)] ১ পারগামী। "পা ৫.২.১১। ত্রিবর্গ° ভট্টি ২.৪৬। ২ [+ঈন শেষে, পা ৪.২.৯৩] পারগ। ৩ কর্ম্মসমাপ্তিকারক।

পারীন্দ্র পুং [পারি (পশু) ইন্দ্রতুল্য, উপ.স] 'পশুশ্রেষ্ঠ', সিংহ। "°শাবক (সু.র)।

পারুল বি [সং পাটল >প্রা পাডল >বা (পারল) °ল ; ঠ পাডল.] পাটলবৃক্ষ, পাটলপুষ্প। "(ফুটেছে) পারুল রজনীগন্ধা।—কথা ৩২। রাঙা-বসন পারুলদিদি।—শিশু ৮৮।

পারুষ্য ক্লী [পরুষ+য (ষ্যঞ্)] ১ পরুষভাব, নিষ্ঠুরতা। ২ নিষ্ঠুরবচন, দুর্বাক্য, অপ্রিয়ভাষা। "গী ১৬.৪। মনু ১২.৬। ৩ নীরসতা, শ্রুতিকঠোরতা, কটুতা। "বাক্° মনু ৭.৫১ ; ৮.২৭৮। ৪ তাড়ন। "দণ্ড° মনু ৭.৪৮। ৫ কর্কশতা, বন্ধুরত্ব। "ত্বক্° (সুশ্রুত)। ৬ কাঠিন্য। ৭ নিন্দা। "ভ ৫.১.২৩।

পারোক্ষ্য ক্লী [পরোক্ষ+য (ষ্যঞ্)] পরোক্ষভাব, অন্তব্যপদেশ। "এতদধ্যাত্মং পারোক্ষ্যেণ প্রদর্শিতম্ ভ ৪.২৮.৬৫।

পার্জ্জন্য বিণ [পর্জ্জন্য+অ (অণ্) ; ছান্দস] পর্জ্জন্যসম্বন্ধী পর্জ্জন্যদেবতাক (অস্ত্র)। "পার্জ্জন্যেনাস্তজদ্ ঘনান্ মহা ১.১৩৫.১৯। আগ্নেয়ে পার্জ্জন্য বারে শি ৫৭।

পার্থ পুং [পৃথা+অ (অণ্), পা ৪.১.১২১, সি] ১ 'পৃথাসম্বন্ধী', যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডব। "তে চাপি সর্ব্বান্ প্রতিপূজ্য পার্থান্ মহা ৩.১১৮.২১। পার্থ ধনঞ্জয় অ.প ৮২। ২ যুধিষ্ঠির। "মহা ১৩.২৬৭.৪। মাঘ ২.১। ৩ ভীমসেন। "যদি তেঽহং প্রিয়া পার্থ বহুনীমান্যপাহর মহা ৩.১৪৬.৭। ৪ অর্জ্জুন। "গী ১.২৫-২৬। ৫ পৃথিবীপতি, রাজা। ৬ অর্জ্জুনবৃক্ষ। [°জ (বি)—'পার্থজাত', অভিমন্যু। "ম ৮৪২। °সারথি (পুং)—শ্রীকৃষ্ণ।]

পার্থক্য ক্লী [পৃথক্+য (ষ্যঞ্)] পৃথগ্‌ভাগ, ভেদ।

পার্থিব বিণ [পৃথিবী+অ (ঞ, অঞ্) ; স্ত্রী -বা, -বী] ১ 'পৃথিবীবিকার,' মৃন্ময়। "বিনা মালূরপত্রেণ নার্চ্চয়েৎ পার্থিবং শিবম্। —ম.পা ৭। পরাণ পুত্তলি বিনা পার্থিব যেমন শি ৯৩। ২ [+অ (অণ্)] পৃথিবীসম্বন্ধী। "মধুমৎ পার্থিবং রজঃ (ঋগ্বেদ)। রজঃ পার্থিবম্ রঘু ১৩.৬৪। ৩ পৃথিবীজাত। "ত্রেধর ত্রিঃ পার্থিবানি...দত্তম্। —ঋগ্বেদ ১.৩৪.৬। ৪ পৃথিবীস্থিত, ভূমিভব। "পার্থিবেভ্যঃ (সত্ত্বেভ্যঃ) গো.রা ২.২৫.৩৫। (উৎপাতান্) পার্থিবান্ মহা ২.৪৬.৯। ৫ পৃথিবীসম্বন্ধী, অর্থাৎ পঙ্কজাদিগন্ধজন্য। "অনিলঃ পার্থিবমাশ্রিতো গুণম্ ভ ৬.৪.৩৪। —র্থিব পুং ১ পৃথিবীর ঈশ্বর ; রাজা। "রা ১.৫৩.৯। মনু ২.১৩৯। ২ পৃথ্বীপতি কশ্যপ। "মহা ৩.১১৮.২। ৩ 'পৃথিবীসংযোগজাত', শরীর। ৪ পৃথিবীবাসী। —র্থিব ক্লী ১ মৃন্ময় দ্রব্য —ঘটশরাবাদি। ২ তগরপুষ্প। —র্থিবী স্ত্রী ১ পৃথিবীকন্যা সীতা। "রঘু ১১.৫৪। ২ লক্ষ্মী। [°সুত (পুং)—রাজপুত্র। °সুতা (স্ত্রী) রাজকন্যা।]

পার্থিবাকর্ষণ ক্লী পৃথিবীসম্বন্ধী আকর্ষণ ; পৃথিবীর অভিমুখে বস্তুর আকর্ষণ (দ্র 'হিন্দুশাস্ত্র', পঞ্চম ভাগ, ষড়্‌দর্শন, ৩৬ পৃষ্ঠ, টীকা)।

পার্ব্বণ বিণ [পর্ব্বন্+অ (অণ্) ; স্ত্রী -ণী] পর্ব্বভব, অমাবস্যাদিসম্বন্ধী। "পার্ব্বণৌ শশিদিবাকরৌ রঘু ১১.৮২। পার্ব্বণেন্দু ক.সা ৩৫.১১৪। শরৎপার্ব্বণচন্দ্রাভং সুধাপূর্ণাননং তব।—ব্রহ্মবৈবর্ত্ত। —র্ব্বণ ক্লী ১ 'পর্ব্বে করণীয়' ; অমাবস্যানিমিত্তক শ্রাদ্ধ। 'অমাবাস্যাং যৎ ক্রিয়তে তৎ পার্ব্বণমুদাহৃতম্। ক্রিয়তে বা পর্ব্বণি যৎ তৎ পার্ব্বণমিতি স্থিতিঃ॥ —ভবিষ্যপুরাণ। ২ (বাঙ্‌লায়) পূর্ণিমার চন্দ্র। "শারদ পার্ব্বণ, -শীধুধরানন ভা.চ ২৮৯। ৩ যজ্ঞ ; উৎসব, পর্ব্ব। "নিজ স্থানে গেল সবে পার্ব্বণ করিয়া শ্রী.ম ৭৫। পার্ব্বণাদি করে বি.সু ১৪৫। দীপাবলী. অম্বিকার পীঠতলে শারদ পার্ব্বণে।—মে ১৪৬। [°শ্রাদ্ধ (ক্লী) —সর্থ 'পার্ব্বণ (১)। "হি ৪২৯/৮৯।]

পার্ব্বণী বি [°ণ+ঈ৭] পার্ব্বণে (পর্ব্বে) দেয় পারিতোষিক —ধনাদি। "দুর্গোৎসবের পার্ব্বণী।—হু ২৬।

পার্ব্বত বিণ [পর্ব্বত+অ (অণ্) ; স্ত্রী -তী] ১ পর্ব্বতভব, গিরিস্থিত। "পার্ব্বতমুদকম্ পা ৪.২.১৪৪, কাশিকা। প্রতিশ্রয়ার্থং সেবেত পার্ব্বতীম্...গুহাম্।—মহা ১৪.৪৬.২৬। ২ পর্ব্বতজাত। "পার্ব্বতানি ফলানি (কাশিকা)। অনন্ত পার্ব্বতী নদী।—ন ৯২৯। —র্ব্বত পুং মহানিম্ব, ঘোড়ানিম। —র্ব্বতী স্ত্রী [+ই (ইঞ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পর্ব্বতের অপত্য স্ত্রী (অ.টী) ; গৌরী, হৈমবতী, উমা, দুর্গা। "কু.স ১.২৬। পার্ব্বতী পর্ব্বতজাতা ক.চ ২৫৩। ২ গোপালপুত্রিকা। ৩ দ্রৌপদী। ৪ পর্ব্বতসম্ভূতা নদী। ৫ শল্লকী। ৬ ধাতকী। ৭ সৌরাষ্ট্রমৃত্তিকা। ৮ [বাঙ্‌লায় ; অপ্র] পর্ব্বতবাসিনী। "পার্ব্বতী যুবতী : পার্ব্বতী দল।—মা ১২৮। [পার্ব্বতীনন্দন (পুং)—১ স্কন্দ, কার্ত্তিকেয়। ২ গণেশ। পার্ব্বতীপরমেশ্বর (পুং)—পার্ব্বতী ও শিব। "রঘু ১.১।]

পার্ব্বতিয়া বি [পার্ব্বতীয় >°য়া ; অপ্র] পর্ব্বতজাত, পাহাড়ীয়া। "পার্ব্বতিয়া অশ্ব ক.চ ২৬৪।

পার্ব্বতীয় বিণ [পর্ব্বত+ঈয় (ছ)—পর্ব্বতীয়+অ (অণ্) স্বার্থে] ১ পর্ব্বতজাত, পর্ব্বতোদ্ভব। "পার্ব্বতীয়ৈস্তুরঙ্গমৈঃ রা ২.৭১.১৪। পার্ব্বতীয় ঘোড়া।—কৃ ২৫৬ ; ক.চ ২২৪। পার্ব্বতীয় অজা।—হেম ১৭। পার্ব্বতীয় নদী।—ন ৫০৭। ২ পর্ব্বতবাসী। "দ্রৌপদেয়াঃ ...পার্ব্বতীয়ান্ মহারথান্ (সমন্বয়ান্)।—মহা ২.৪৫.৪৯। পার্ব্বতীয়ৈর্গণৈঃ সহ রঘু ৪.৭৭। ৩ পর্ব্বতভব, গিরিস্থিত। "পার্ব্বতীয় বারি ব.প্র ১৬১।

পার্ব্বত্য বিণ [সং °তীয়] পর্ব্বতজাত। "°ত্য টাঙ্গন ক.চ ২২৩।

পার্য্যমাণে [°ণ+এ৫ ; √পার্+যান (শানচ্)-র্য্য—°মাণ] কর্ম্মসমাপ্তিসমর্থে, অর্থাৎ পারিলে। "যাহা সঞ্চিত হইল, পার্য্যমাণে তাহা ভাঙ্গিয়া খরচ করিও না পা.প্র ১৭৭।

পার্শব পুং [পশু´+অ (অণ্)] 'পশু´প্রহরণ', পশু´ধারিযোধ।

পার্শ্ব বিণ [°র্শ্ব+অ (অচ্) অস্ত্যর্থে] পার্শ্ববর্তী, আসন্ন, সন্নিহিত। —র্শ্ব পুং, ক্লী [√স্পৃশ্+শ্ব (শ্বণ্)-র্শ্ব, √স্পৃশ্ >পৃ, উ ৪.২৭ ; 'পার্শ্ব'+অ (অচ্) অস্ত্যর্থে (অ.টী) ; দ্র 'পার্শ্ব' ক্লী (২) ; ছান্দস] ১ 'যাহা স্পৃষ্ট হয়', 'পর্শু সমূহবান্', কক্ষের অধোদেশ ; পাশ। "সুষাপৈ-কেন পার্শ্বেন দিবসানেকবিংশতিম্ মহা ১৩.৫২.৩৪। ২ পার্শ্বসন্নিহিত দেশ। "ন মে পার্শ্বে কিঞ্চিৎ ক্ষণমপি ন দূরে রথজবাৎ।—শ ১.৯। ৩ তল ; পৃষ্ঠ। "তিলকো গণ্ডপার্শ্বে নিবেশিতঃ গো.রা ৫.৩৭.৫। সুপার্শ্বম্…ধনুঃ মহা ৪.৪৩.৮ ; সুপার্শ্বাম্…গদাম্ ৫.৫১.২৪। ৪ সমীপ, নিকট। "শিষ্যমাহ স্থিতং পার্শ্বে রা ১.২.৪। ৫ প্রস্থ, সানু। "হিমবৎ-পার্শ্বে গো.রা ১.৩৬.১০। ৬ স্থালী-প্রভৃতির গাত্র (পাশ)। "পিঠরং কথদতিমাত্রং নিজপার্শ্বানেব দহতিতরাম্ (পঞ্চ)। —র্শ্ব পুং পার্শ্বনাথ, জিন। —র্শ্ব ক্লী ১ (তির্য্যগবস্থানে পার্শ্বের অনৃজুতাসাধর্ম্ম্যে) অনৃজু বা কুটিল উপায় (দ্র 'তত্ত্বোধিনী')। "পা ৫.২.৭৫। ২ [পর্শু+অ (ণস্) সমূহার্থে, পা ৬.১.১২৭, তত্ত্ববোধিনী] পর্শু (পার্শ্বাস্থি)-সমূহ। —র্শ্বক পুং ১ পার্শ্বাস্থি। "যাজ্ঞ ৩.৮৯। ২ পার্শ্ব। ৩ শঠ, বঞ্চক (অ.চি)। [°গ (বিণ) পার্শ্বগত, সন্নিকৃষ্ট ; (পুং) পার্শ্বস্থ পুরুষ। "রঘু ১১.৪৩। °গত (বিণ)—সর্থ 'পার্শ্বগ'। "হি ১.৬০। °চর (পুং)—'পার্শ্ববর্ত্তী', অনুচর। "রঘু ৯.৭২। ম.পা ২৯। °দ (তু 'পার্ষদ') পুং—পার্শ্বচর। °নাথ (পুং)—জৈনবৃত্তার্হদ্‌বিশেষ। °ভঙ্গ (পুং)—পার্শ্ববেদনা। °ভাগ হস্তি-প্রভৃতির পার্শ্ব ; পার্শ্বদেশ। °শয় (বিণ)—১ পার্শ্বদ্বয় দ্বারা ক্রমে শায়ী ; যে দুই পাশে কা'ত হ'য়ে শোয়। "পা ৩.২.১৫, সি। ২ পার্শ্বে শায়ী। °শূল (পুং) শূলরোগভেদ (সুশ্রুত)। °স্থ বিণ—পার্শ্বস্থিত ; সন্নিহিত। (পুং) ১ পার্শ্বস্থিত নট ; পারিপার্শ্বিক (অ.চি)। ২ সহচর।]

পার্শ্বপরিবর্ত্ত বি সর্থ 'পার্শ্বপরিবর্ত্তন (২)। "জ ৫৭।

পার্শ্বপরিবর্ত্তন ক্লী [ষ.ত] ১ যে পার্শ্বে শয়ন, সেই পার্শ্বের পরিবর্ত্তন, অর্থাৎ উন্নয়ন ; পাশফেরা, পাশমোড়া। ২ ভাদ্রশুক্লৈকাদশীতে শ্রীহরির পার্শ্বপরিবর্ত্তনরূপ উৎসব।

পার্শ্ববর্ত্তী (-র্ত্তিন্) বিণ [পার্শ্ব+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -র্ত্তিনী] ১ পার্শ্বস্থ, পার্শ্বচর। ২ সমীপস্থ, সন্নিকৃষ্ট। —বর্ত্তী পুং ১ সহচর, সখা। "কু.স ৪.২৯। ২ অনুচর, কিঙ্কর। "ভূতেশ্বরপার্শ্ববর্ত্তিন্ রঘু ২.৪৬।

পার্শ্বানুচর পুং [উ.লো] পার্শ্ববর্ত্তী জন ; পার্শ্বচর। "রঘু ২.৯।

পার্শ্বায়াত বিণ [দ্বি.ত] পার্শ্বগত, সমীপাগত। "ক.সা ৪৫.২১১।

পার্শ্বাস্থি ক্লী [ষ.ত] দেহের পার্শ্বস্থ অস্থি ; পর্শুক, পাঁজর।

পার্শ্বৈকাদশী স্ত্রী [উ.লো] শ্রীহরির পার্শ্বপরিবর্ত্তনৈকাদশী।

পার্ষত বিণ [পৃষত+অ (অণ্) ; স্ত্রী -তী]। ১ পৃষতসম্বন্ধী। ২ চিত্র-মৃগসম্বন্ধী (মাংস)। —র্ষত পুং ১ পৃষতের পুত্র দ্রুপদ। ২ ধৃষ্টদ্যুম্ন। "মহা ৭.১৯০.৩১। —র্ষতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] দ্রৌপদী। "মহা ৩.৩.৮৪। ম ২১২ ; ১২৪৯। —র্ষত ক্লী চিত্রমৃগমাংস। "মনু ৩.২৬৯। যাজ্ঞ ১.২৫৮।

পার্ষতী দ্র 'পার্ষত'।

পার্ষদ পুং [পর্ষদ্+অ (অণ্) ; তু 'পারিষদ ('ই' লোপ)] ১ পর্ষদে সাধু ; পারিষদ, সভ্য। "ভ ৩.১৬.২। ২ পরিজন, সহচর, গণ। "°প্রধান চৈ.চ ৩২৫। চৈ.ভা ২০৮। চৈ ১৪৪। —র্ষদ্য পুং [তু 'পারিষদ্য'] সর্থ 'পার্ষদ'।

পার্ষদ্য দ্র 'পার্ষদ'।

পার্ষ্ণি পুং, স্ত্রী [√পৃষ্+নি-র্ষ্ণি, নিপাতিত, উ ৪.৫২ ; Av. pāshṇa ; ফা পাশ্‌না ; Gr. ferse ; L. pernix] ১ গুল্‌ফের অধোভাগ ; গোড়ালি (heel)। ২ পৃষ্ঠ, পৃষ্ঠদেশ। "শুন্ধ° রঘু ৪.২৬। ৩ সৈন্যপৃষ্ঠ। ৪ জিগীষা। —র্ষ্ণি স্ত্রী ১ উন্মদস্ত্রী, কোপনা। ২ কুন্তী। [°গ্রহ (পুং) —পর্ষ্ণির গ্রাহক ; অনুচর। "ভ ৮.২.২৮। °গ্রহণ (ক্লী)—সৈন্যপৃষ্ঠদেশে আক্রমণ। °ঘাত (পুং)—চরণতলাঘাত। "ক্ষিতিং বিধুন্বন্নিব পার্ষ্ণি-ঘাতৈঃ কি ১৭.৫০। °ত্র (ক্লী)—পৃষ্ঠরক্ষিসেনা। °ভাগ (পুং)—পার্ষ্ণি-দেশ। "কু.স ১.১১। °সারথি (পুং)—চক্ররক্ষ (নীলকণ্ঠ)। "মহা ১.১৩৮.৫২ ; ৫.১৫৪.১৪ ; ৬.৮৪.২৩]

পার্ষ্ণিগ্রাহ পুং [পার্ষ্ণি+√গ্রহ্+অ (অণ্)-ক ; উ.ত] ১ পৃষ্ঠস্থ শত্রু। ২ শত্রু-রাজার প্রতিকূলে নির্গত বিজিগীষুর পৃষ্ঠবর্ত্তী রাজা, যে বিজিগীষুর দেশাক্রমণাদি করে (কুল্লুক) ; অথবা যে শত্রুহিতার্থ বিজিগীষুর পৃষ্ঠে থাকে (অ.টী)। "মনু ৭.২০৭। ৩ পৃষ্ঠতঃ সহায়। "শত্রুপার্ষ্ণিগ্রাহেণ বিষ্ণুনা ভ ৬.১৮.২৩।

পাল্ সক [চু.প—পালয়তি ; সেট্] পালন, রক্ষণ।

পাল[1] পুং [পাল্+অ (অচ্)-ক] ১ পালক, রক্ষক। "দিশাং পালম্ গো.রা ১.৪২.১৫। ২ রাজা। "ভ ১.১৮.৩৩। শ্রী.মা ১৮। ৩ পশু-রক্ষক, রাখাল। "মনু ৮.২৩২,-৩,-৫। যাজ্ঞ ২.১৬৬। ৪ গোপ। "ভ ২.৭.২৮। ৫ পতদ্‌গ্রহ, পিকদান। ৬ [+অ (অণ্)-ক] পালক, ত্রাতা। "অবনি°, অশ্ব°, গো°, দ্বার°, নৃ°, পশু°, মহী°, লোক° [সমাসে উত্তরপদ]। ৭ [+অ (অচ্)-র্থ ; তু 'তা পল'—বহু (H.B. 248)] পালিত গো-মহিষাদিযূথ। "মনু ৮.২৩৫। বিষ্ণু ৫.১৩৬। কৃ ১০০। শ্রী.ম ৫৬। ব.প ৮১২। ৮ (বাঙ্‌লায়) হিন্দুর উপাধি। "কৃষ্ণদাস পাল। ৯ বন্যপশুযূথ। "মৃগ পালে পাল, শার্দ্দূল রাখাল ভা.চ ৯৭। ১০ (অবজ্ঞায়) দল। "আমি…কন্যাযাত্রীদিগের পালে মিশিয়া গেলুম আ.দু ১১৮। এক পাল বরাখুরে মোসাহেব।—হু ৩৪। রাণীর পাল।—জা ৩২। একপাল স্ত্রীলোক ব.দ্বি ২৮৭। ১১ [হি পাল] গো-প্রভৃতি পশুর সঙ্গম। "°গ্রহণ, °ঝাড়া। [°গ্রহণ (অপ্র) —গর্ভধারণ করা। "আমার এ পৈতৃক গো অতি প্রাচীনা…পাল-গ্রহণ কখন করেন না ব.প ১৭০৪। °ঝাড়া। (অবজ্ঞায়)—বন্ধ্যা। "পালঝাড়া রাণী।—জা ৩২। 'পালঝাড়া' গো-প্রভৃতিসম্বন্ধেই প্রযোজ্য।]

পাল[2] 'পা'ল্' বি [পাট[1] >(পাড়) °ল (?) ; হি °ল ; ড় পাল ; ঠ পাল—কাপড়ের দুচালা তাঁবু ; ফা বাল—পক্ষ, পাখা ; তা টপ্‌পল —নৌকা] ১ নৌকাদির মাস্তুলে বদ্ধ বায়ুরোধক প্রসারিত পট। "ভেঙ্গে গেল ভক্তির হাল, ছিঁড়ে গেল শ্রদ্ধার পাল।—দেওয়ান রঘুনাথ রায়। ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া।—গান ৯৫। এরূপ ফুৎকার বায়ুমাত্রে আমরা গবর্ণমেণ্টের পলিসির পালকে এক ইঞ্চিও ফিরাইতে পারিব না।—রবীন্দ্র। ২ শামিয়ানা, চাঁদোয়া। 'পাল টাঙান'। [পাল খাটান বা তোলা—মাস্তুলে পাল টানান। পালভরা জাহাজ—পালের বায়ুবেগভরে চালিত জাহাজ। "পালভরা জাহাজের মত ঠমকে ঠমকে …রোহিণী সুন্দরী…আসিতেছিল ব.প্র ২৬৬।]

পাল[3], -ল্য 'পাল্' বি [সং পর্য্যায় > প্রা পল্লাঅ > বা (পাল্ল) °ল্য, -ল] পালাগানে প্রধান গায়কের সহকারী গায়ক ; দোহার। "দুই পাল্যের কন্ধে দিয়া দুই পাও ক.চ ৬। [পেলেদের—দোহারদের। "চণ্ডীর গানের পেলেদের মতন চেহারা।—হু ১৩।]

পাল[4] সর্ম্ম [সং √পাল—পালয্ > প্রা °ল ; হি √পাল ; গু √পাল] ১ পালন করা ; রক্ষা করা। "অর্জ্জুনেহ সর্ব্ব সৈন্য পালিব আপনে অ.প ৪৬। ২ প্রতিপালন করা ; পোষা। "পুত্রের সমান পালে সমস্ত প্রজারে।—কৃ ২৭। তোমারি গেহে পালিছ স্নেহে।—রবীন্দ্র। ৩ পূরণ করা ; কার্য্যে পরিণত করা। "পিতৃসত্য পালিয়া শোধয়ে পিতৃধার কৃ ১০২। তান ইচ্ছা পালি চৈ.ভা ৩৫০। যেই ইহা পালিহ পাছে ব.প ৯১৫। পাল…দেবাবেশ।—মে ১৭৯। ৪ শাসন করা। "সাবধান হইয়া পালিহ পিতৃরাজ্য।—কৃ ১২১। ৫ যত্ন করিয়া রাখা। "খায় দায় না পালে হাণ্ডী ব.প ৭। ৬ তিথিজন্য নিয়ম রক্ষা করা। "আমাবেস্যা পালিও পূর্ণিমা প্রতিপদ ম.গা ১। অমাবস্যা পালিয়, সংক্রান্তি পালিয় গো.বি ১৮৬। [পালা[6] ১ সর্থ 'পাল[4]। ২ পালিত। "বাপের পালা চাকর শ্রী.মা ১৫৪। পালিল, -বোঁ, -লো (শ্রী.কী)।]

পালাই বি [সং পালি—সেতু ; হি পাল—উঁচা কিনারা ; cf., E. pile] ১ (পালিসাদৃশ্যে) সতৃণ ধান্যের (ধান যুক্ত বিচালির) স্তূপ ; ধানের গাদা। "মুড়াগিরি পর্ব্বত জুড়িয়া পালই দিআ শূ ১১১ ; ব.প ১১৫। ২ [?] ঢেঁকুর শাক। "বি.পা ১৬৬ ; ব.প ২২১। [পালোএতে —পালইয়ে, ধানের রা'শে। "শূ ১১২। ব.প ১১৫।]

পালং[১], **-ঙ**[২], **-ঙ্গ** বি [সং পালঙ্ক ; হি পালক ; ঠ পালক, -খ ; অস পালং] শাকবিশেষ (Spinach)।

পালং[২] বি পর্য্যঙ্ক। "গো.চ ৪৮৯। [পালম-পাতা মল—পালমপাতার নক্শা-কাটা মল।]

পালক[১] বিণ [√পাল্‌+অক (ণুল্‌)-ক ; স্ত্রী -লিকা[২]] ১ রক্ষক, ত্রাতা। "সুরলোক° ভ ৩.১৭.২৬। ফেরুপালপালিকে (দেবি) ভা.চ ৪২৭। তুমি ভূলোক-ভবলোক-গোলোক-পালক, খালক-পালক নও হে।—দা ১৬৭। ২ (বাঙলায়) ধারক। "কামবিশিখপালিকা বা.দ ১৩৮। —লক পুং ১ রক্ষাকর্ত্তা। "প্রজানাং পালকাঃ সর্ব্বে মহা ১৩.১৪.৩৯৯। ২ অশ্বরক্ষক, সইস। ৩ চিত্রকবৃক্ষ।

পালক[২] (-ক্‌) বি [পর[৩] >পরক >°ক (?)] পাখীর ডানার অংশ বা পাখনা। "পালকের আভা ক.চ ১২৭। [পালকে জোলকে —(গৌণার্থে) নানান লেটায় বা ঝঞ্ঝাটে। "মকদ্দমা করে করে কেবল পালকে জোলকে জড়িয়ে পড়ছি আ.দ্রু ১০৯।]

পালকাপ্য পুং মুনিবিশেষ। [ইনি প্রথমে হস্তিতত্ত্ববিদ্যা প্রকাশ করেন। ইঁহার অন্য নাম 'করেণুভূ' (অ.চি)।] —কাপ্য ক্লী হস্তিতত্ত্ব-বিদ্যা, করিবিজ্ঞান।

পালকি, -কী '-ল্‌-' বি [হি পালকী ; ঠ পালকী, -খী ; অস °কী ; মুণ্ডারি -'°কী' ; P. palanquim ; F., E. palanquin ; —তা 'palakai'—plank] শিবিকা, ডুলীবিশেষ। "°কী গো.চ ৪৯ ; °কি ৪০৫। °কি ভ.প্র ৩২৭। °কী কু.কে ৩০।

পালঙ[১], **-ঙ্ক**[৩], **-ঙ্কি, -ঙ্গ**[১] বি [সং পর্য্যঙ্ক > লি পল্লঙ্ক ; প্রা পলংক (প্রা.ল) >বা পালঙ্ক, -ঙ্গ, -ঙ ; হি, ঠ, গু, মৈ পলংগ ; প পলংঘ ; সি পলংগু ; ড় পলংক ; অস পালোঙ্গ ; ফা 'পলংগ'—বাঘ] কারু-কার্য্যযুক্ত অধিক লম্বা-চওড়া খাট। "পালঙ্ক, -ঙ্কি, -ঙ্গ গো.চ ৮ ; ৯২ ; ১৩৬। খাট পালঙ্গ গো.বি ১৬৪। পালঙ্ক।—কৃ ৯৯। খাট পালঙ্গ ক.চ ৭৬। পালঙ্গ।—শ্রী ৪০। ফুলের পালঙ্গে বা.ম ১০২। সোণার পালঙ্গ ম.ম ১৭৩। [°পোশ—আস্তরণ, চাদর।]

পালঙ[২] দ্র 'পালং[১]'।

পালঙ্ক[১] পুং, **-ঙ্কী**[১] স্ত্রী, **-ঙ্ক্য** ক্লী পালঙশাক। "পালঙ্ক্য (সুশ্রুত)।

পালঙ্ক[২] ক্লী, **পালঙ্কী**[২] স্ত্রী গন্ধদ্রব্য, কুন্দুরু।

পালঙ্ক[৩] দ্র 'পালঙ[১]'। [পালঙ্কপোষ (ফা পোশ্‌)—পালঙ্কের আচ্ছাদন ; চাদরঢাকা পালঙ্ক। "দা ২০২৭। পালঙ্কে—পালকিতে অপ্র)। "বি.প্র ১৯৫।]

পালঙ্কি দ্র 'পালঙ[১]'।

পালঙ্কী[১] ; **পালঙ্কী**[২] দ্র 'পালঙ্ক[১]' ; পালঙ্ক[২]।

পালঙ্কী[৩] স্ত্রী [পালকী >°ঙ্কী (সাধুভাষা), অসাধু] শিবিকা। °সোয়ার শ্রী.ম ১৬৯ ; ২২৩।

পালঙ্গ[১] দ্র 'পালঙ[১]'।

পালঙ্গ[২] [সং °ঙ্ক[১]] পালঙশাক। "ক.চ ৩০।

পালট[১] বি [হি 'পানী'—মূল (?)] দীপ্তি। "রত্নের পালট জিনি পালকের আভা ক.চ ১২৭।

পালট[২] বিং [সং পর্য্যস্ত >প্রা পল্লট্ট (হে ২.৬৮) >বা °ট ; হি, প পলটা (বি) ; ঠ পালট (বি), পালথ—upside down] বিপর্য্যস্ত, বিপরীত, অধোমুখ। "উলট°। —টা[১] বি ১ প্রত্যুত্তর। "(রমণী) পালটা গেয়ে (চল্লো খোলা চুলে)।—হেম ৩৮১। ২ কবি বা তরজা গানে প্রতিপক্ষের উত্তর। [পালটা জবাব—প্রত্যুত্তর।]

পালট[৩] অর্ম্ম [সং পরি- √অস্‌ >প্রা √পলোট্ট (প্রা.ল) >বা (√পলট) °ট ; হি, ড় √পলট ; ঠ √পালট] ১ বিপরীতমুখ বা পরাবৃত্ত হওয়া ; মুখ ফিরান ; পশ্চাতে ফেরা। "পদ আধ যায় পিয়া চায় পালটিয়া চ.দা ৭৮। ২ বিপরীতমুখ হওয়া ; ফেরা। "(জালিয়ি) পীঠ দেই হসি পালটি বৈঠব জ.প ৭। ৩ [সং প্রত্যা- √গম্‌ >প্রা পলোট্ট (হে) >°ট] ফেরা। "পুন কাহে পালটি না পৈঠলি পাখি বি.প ১৪০। সরবস লেই. পালটি পুন বিছলি প.ক ২০০। পালট্যা ছেদনে চলে শ্রী.মা ৫৫। ৪ বিপর্য্যস্ত বা অধোমুখ হওয়া ; উলটান। "কুচ-কুম্ভ পালটল বয়না। রস-অমিয়া জনু ঢারল ময়না॥—প.ক ১০৭৮। —ট, -টা[২] সর্ম্ম [অস √°টা] ১ বিপর্য্যস্ত করা ; উলটান। "পালটি বৈঠায়ল কনক কটোরা বি.প ২২। ২ পরাবর্ত্তিত করা ; ফিরান, ঘুরান। "চুম্বন বেরি বদন পালটাই রা.শে ৮০। করে কর বারি বয়ন পালটাব : চৌঙকি পাদ পালটায় প.ক ২২১। এখনি আনিব সুধা চক্ষু পালটিতে।—ম ২১। আঁখি পালটিতে শ্রী.মা ৫৪। চক্ষু পালটিঞা তবে গর্জ্জিএ উঠিল ব.প ৮৮২। নয়ন না পালটিতে হবে অন্তর্হিত। —ম ৪২৫। ৩ [সং পরি- √বর্ত্তি >প্রা √পলট্ট (পৈ ১.৫১) >বা °ট ; ঠ √পালট] পরিবর্ত্তন করা ; বদলান। "সাধু পালটে অম্বর ক.চ ১৬৯। বিপরীত অম্বর, পালটি পিন্ধারব।—ব ২০৮। [পালটান—সর্ম 'পালটা'।]

পালটা[১], **পালটা**[২], **-টান** দ্র 'পালট[২] ; পালট[৩]।

পালটি, -টী বি [°টা+ই[৮], ঈ[৭]] 'পালটাসম্বন্ধী', বিবাহে যে বরে কন্যাদানাদানে কুলমর্য্যাদা রক্ষা হয় ; সমানকুলমর্য্যাদাপন্ন। "আদান প্রদানে খ্যাত ত্রিকুলে পালটি ভা.চ ২৩। এই ঠাকুরাণীটী সৎকুলীনের মেয়ে—ওঁর বাপ আমাদেরই পালটী ব.প্র ৪২৭। [পালটিঘর—সমান-কুলমর্য্যাদাপন্ন বংশ। "তুমি আমার বাপের পালটি ঘর ব.প্র ৪২৪।]

পালট্যা, -লিটা, -লিতা বি [সং পারিভদ্র >প্রা ফালিহদ্দ] বৃক্ষবিশেষ (Indian coral tree)। "পালট্যা, পালিটা শ্রী.মা ৫৫। পালিতা শ্রী ৩১১।

পালধি, -ধী বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের উপাধি (গাঁই)। "পালধিবংশেতে জাত ক.চ ৩৬। পালধী ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্ব-পুরুষ রাম পালধিগ্রামে বাস করেন ; তদনুসারে তাঁহার বংশীয়েরা 'পালধি'। কবিকঙ্কণে—"ব্রাহ্মণ পালিতে তারে বুদ্ধি দিল বিধি। এই হেতু কুলসৃষ্টি হইল পালধি॥—ক.চ ১২।]

পালন বিণ [√পাল্‌+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -নী] ১ পালয়িতা, পালক। ২ [+অন-ণ] পালনসাধন, প্রতিষ্ঠাপক। "পালনীঃ প্রজাসু বৃত্তিম্‌ কি ১.১। —লন ক্লী ১ সদ্যঃপ্রসূতা ধেনুর দুগ্ধ। ২ [+অন-ভা] রক্ষণ, ত্রাণ। "ক জটাঃ ক চ পালনম্‌ রা ২.১০৬.১৮। মনু ৭.৮৮ ; প্রজা° ৯.২৫৩। লব্ধ° রঘু ১৯.৩। সর্গপালন-সংহারসমর্থ ক.সা ৩৬.৪১। নীলাচলে চলেন পথে পালন করিয়া চৈ.চ ৪২ ; ১৭৩। ৩ চৌরাদি হইতে ধনাদিরক্ষণ। "অর্থস্য...পালনে (দুঃখম্‌) মহা ৩.২.৪৩। ৪ পোষণ, ভরণ। "এইরূপে (পুত্র) পঞ্চবর্ষ করিয়া পালন। —দ্বারকানাথ অধিকারী। ৫ অনুষ্ঠান, করণ। "পিতুর্নিদেশপালনে রা ২.২৪.১। আচার°, প্রতিজ্ঞা°৯(মহা)। —লনা বি(অপ্র) পালন, রক্ষণ। "ম.পা ৬৪। —লনীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-র্ম্ম] ১ রক্ষণীয়। ২ পোষণীয়, ভরণীয়। "কুমারঃ পালনীয়স্তে গো.রা ৬.১০৪.২৫। ৩ অনুষ্ঠেয়, কার্য্য। —লয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্‌)-ক-১ব ; স্ত্রী -য়িত্রী] পালক, রক্ষক। "পালয়িতুঃ প্রজানাম্‌ রঘু ২.৭০ ; ৮.৩২।

পালপার্ব্বণ বি পালা ও পার্ব্বণ ; উৎসবাদি। "°ণে বেণী বাজায় চড়ান।—হু ৩৭ ; °ণে...তম্ব-তাবাস চলতো ৬৯।

পালা[১] বি সর্ম 'পালই'। "আশধানের পালা।—নী ৬।

পালা[২] বি [সং পল্লব > প্রা পল্লঅ (বি.মা ৬ষ্ঠ) > বা (পল্লা) °লা ; হি পালব ; ঠ পালা ; ড় পাল.] সপত্র ক্ষুদ্র শাখা। "স্তূপাকার পালা শ্রী ২৫৪,-৬।

পালা[৩] বি [পেলা[২] > °লা ; অপ্র] ঘরের আশ্রয় ; খুঁটী। "গো.বি ১০৮ ; ভাঙ্গিআ পড়িল ঘর ঘুনে খাইল পালা ১১০। মী ২১।

পালা[৪] বি [সং পর্য্যায় > প্রা পল্লাঅ > বা (পল্লা) °লা ; ঠ, গু, ড় পাল.ী ; অস পালী] ১ পর্য্যায়, পরম্পরা। "পালাক্রমে ছয় ঋতুর উদয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ কার্য্যার্থ নির্ণীত সময়পরম্পরা ; বার, সময় (turn)। ৩ পর্য্যায়ানুসারে রচিত মঙ্গলকাব্যের গেয় বিষয় বা গান। "মঙ্গলবারের পালা আরম্ভ ক.চ ৭ ; স্থাপনা পালা সমাপ্ত ২৮ ; দিবাপালা ঃ নিশাপালা ৭৩। ভা.চ ১৪৯।

পালা[৫] অর্ম্ম ১ সর্থ 'পলা[২]। "পালাইল ভীমা শূ ১১২। গেল পালাইয়া গো.চ ২৫। না পালাব আমি।—কৃ ৩। না পালাহ রণে চ.বি ৫৪। পালাই পালাই সদাই মন ব.সু ৪৮। ২ [√পেলা > °লা ; অপ্র] নিক্ষেপ করা ; ফেলা। "ম্রেতা (মৃত) জোগি নিয়া পালাইল কদলি গো.বি ৫৯। ৩ অসমাপিকা ক্রিয়ার পরে ক্রিয়াসমাপ্তিসূচক। "নিয়া তারে পালাএ মারি ঃ জোগি সব পালাইল মারি গো.বি ৫৯। [পালাই পালাই করা—অতিষ্ঠ হইয়া পড়া। পালান—সর্থ 'পালা[৫] (১)। পলাইআ, -ইলেঁ, -লাউ, -উক, -লাএ, -লাসী (শ্রী.কী)। পালালু পালেয়া (গো.চ)।]

পালা[৬] দ্র 'পাল[৪]।

পালান[১] বি [সং পর্য্যাণ > প্রা পল্লাণ > বা °ন ; হি পলান ; ঠ °ণ ; ফা পালান্] আরোহণার্থ বা ভারবহনার্থ অশ্বাদির পৃষ্ঠে বদ্ধ গদি। "পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘছাল ক.চ ১৮। [পালানে 'ঞ' —পিঠে পালানের মত বক্ররেখাযুক্ত 'ঞ' বর্ণ।]

পালান[২] বি [তা 'পাল্', তেলেগু—'পালু'—দুগ্ধ (H.B. 65)] স্ত্রীগোমহিষাদির স্তন (udder)। "অ.গু ১০৬। [মউ পালান—ছোট পালান (কিন্তু অধিক দুগ্ধযুক্ত)। মাস পালান—মাংসল (বড়) পালান (কিন্তু অল্প দুগ্ধযুক্ত)।]

পালাশ বিণ [পলাশ+অ (অঞ্) ; স্ত্রী -শী] ১ 'পলাশবিকার', পলাশনির্ম্মিত। "(যূপাঃ) পালাশাঃ গো.রা ২.১৩.২২। বৈল্বপালাশৌ (দণ্ডৌ) মনু ২.৪৫। ২ 'পলাশাবয়ব', পলাশসম্বন্ধী। "°কুসুমাভমুখঃ শুকঃ (S.W.)। ৩ [+অ (অণ্)] 'পত্রসম্বন্ধী', হরিদ্বর্ণযুক্ত, হরিৎ (অ.কো)। —লাশ পুং হরিদ্বর্ণ। [°খণ্ড (পুং)—মগধদেশ।]

পালি[১], **-লী**[২] স্ত্রী [√পাল্+ই (ইচ্)-র্ম্ম, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)। —অ.টী] ১ কর্ণলতা, কানের পাতা। "গুণঃ শ্রবণপালিঃ গী.গো ৩.১৩। ২ অস্ত্রের কোণ ; কোটি। ৩ প্রান্ত। "কপোলপালিদোলায়িত-শ্রবণকুণ্ডল (S.W.)। যুগলপালী মহা ৭.১৯০.৩০। ৪ গৃহাদিকোণ (অ.চি)। ৫ অঙ্ক, চিহ্ন। ৬ [+ই-ণ] সেতু, আলি। ৭ ছাত্রাদিকে দেয় বৃত্তি। ৮ [+ই-ধি অঙ্ক, উৎসঙ্গ, ক্রোড়। ৯ প্রস্থ, পরিমাণবিশেষ। ১০ প্রদেশ। ১১ যূকা, উকুন। ১২ জাতশ্মশ্রু স্ত্রী। ১৩ [তু 'সং পঙ্‌ক্তি > প্রা পালি (ক.ম ১.১০)] পঙ্‌ক্তি। "বিপুলপুলক° গী.গো ৬.১০। ১৪ ['পালি'—ধান মাপার পাত্র (দেশী—প্রা.ম) ; ঠ 'পায়লী'—চার সের পরিমাণ ; দ্র '(৯)] (বাঙ্‌লায়) ধান্যাদি মাপার বেতের পাত্র-বিশেষ (প্রায় /২॥ সের)। —পল্লী[৩] স্ত্রী স্থালী।

পালি[২] বি [পালা[৪] > °লি] সর্থ 'পালা[৪] (২)। "আজ রাতে কার পালি আছে রে ঝিমন ?—অ.গ্র ৪২। [পালি গান—পালার গান ; দোহারের গান। "বাঁশী বাজায়িল যবেঁ কাহ্নে। কোকিল কৈল পালি গানে ॥—শ্রী.কী ৩৭৪। পালি গান—পালিগায়ন, মূলগায়কের পরে যাহারা সেই পদ গান করে ; দোহার। "প্রথম সম্প্রদায় কৈল স্বরূপ-প্রধান। আর পঞ্চজন দিল তার পালিগান ॥—চৈ.চ ১৫১।]

পালি[৩] বি [পালি[১] (১৩)—মূল (?)] প্রাচীন মাগধী প্রাকৃতভাষাবিশেষ (ইহা বুদ্ধদেবের উপদেশের ভাষা)। [পালিপিঙ্গল—পিঙ্গলকৃত প্রাকৃত-পৈঙ্গল। "(পড়ল) পালিপিঙ্গল জ.প ৭৩।]

পালিকা[১] স্ত্রী [পালি[১]+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পালি[১] (১)। ২ অস্ত্রাগ্র, কোটি। ৩ দধ্যাদিছেদনী (butter-knife)।

পালিকা[২] দ্র 'পালক[১]।

পালিত বিণ [√পাল্+ত (ক্ত)-র্ম্ম] ১ রক্ষিত। "প্রজা ধর্ম্মেণ পালিতাঃ রা ১.৫৮.২০। দ্বারকাং কৃষ্ণপালিতাম্ ভ ১০.৬২.২০। ২ অনুষ্ঠিত, কৃত। "°সঙ্গর রঘু ১৩.৬৫। ৩ কৃতপোষণ, লালিত —ত বি (বাঙ্‌লায়) কায়স্থের উপাধি।

পালিত্য ক্লী [পলিত+য (ষ্যঞ্)] পলিতভাব, জরাজন্য কেশের শুক্লতা বা চুল পাকা।

পালিশ, -স বি [E. polish] মসৃণতা ; উজ্জ্বলতা, দীপ্তি। "গিল্টি কাজে পালিস করা হু ৭৬। [পালিস করা—মসৃণীকরণ।]

পালী[১] (**-লিন্**) বিণ [√পাল্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -লিনী] পালক, রক্ষিতা। "ত্বং হরেঃ শক্তির্হি পালিনী।—ভ ৩.২২.৫০। সুরপালিনী।—দা ২৩৬।

পালী[২], **পালী**[৩] দ্র 'পালি[১]।

পালো বি [পলি > পালো ?] ১ শুঁঠী পানীফল ইত্যাদির পলিপড়া শোধিত চূর্ণ ; শ্বেতসার (starch)। ২ পোলাও (ব্রাহ্মণপণ্ডিতের মুখে উচ্চারণে বিকৃত)। "পালো কি ?' দিগ্‌গজ কহিলেন, 'আতপ চাউল ঘৃতের পাক' ব.প্র ৭৩।

পালোয়ান বি [ফা পহ্‌লবান্ ; হি পহলবান ; ঠ পৈলবান ; গু পহেলবান ; তু 'সং পহ্লব'] ১ কুশ্‌তীবাজ, মল্ল। ২ হৃষ্টপুষ্ট বলবান্ পুরুষ। —য়ানী বি [ফা °নী ; হি. °নী] ১ কুশ্‌তী লড়া। ২ মল্লব্যবসায়ে অভ্যাস বা নৈপুণ্য।

পাল্লা বি [ফা 'পল্ল'—ধট ; হি, ঠ পল্লা ; গু পল্লু] ১ তুলাদণ্ডের প্রান্তে লম্বিত আধার ; ধট, ধাড়া (scale-pan)। "দাঁড়ী°। ২ কপাট, দ্বারপট্ট (panel)। "খিড়কীর পাল্লা।—রঙ্গ ১১১। ৩ দূর, ব্যবধান। ৪ গৃহাদির দৈর্ঘ্য। ৫ বস্ত্রপ্রান্ত, আঁচল। ৬ অধিকার, আয়ত্ততা, হাত। "আমার পাল্লায় কত লাঠিয়াল আছে, খবর রাখ ?—ব.প্র ৩১২। ৭ গোলা-গুলির বেগের দূরত্ব বা সীমা। "বন্দুকের পাল্লা। ৮ প্রতি-যোগিতা। "শঙ্খচিলের সঙ্গে যেচে—পাল্লা দিয়ে মেঘ চলেছে ! —কু.কে ৩৫। ৯ তরফ, পক্ষ। "(জমিদার) সেই অবধি কিছু দৌরাত্ম্য করে না—সে ভাল জানে যে আপনি আমার পাল্লায় আছেন আ.হু ১৭৬। [পাল্লা-পাল্লি—পরস্পর প্রতিযোগিতা বা স্পর্দ্ধা। পাল্লায় পড়া —হাতে পড়া। "কাল এক বুড়া পড়েছিল মোর পালে (পাল্লায়) শি ৯৪। (অনেককে) ঘাগিগোচের পাল্লায় পড়ে শেষে সর্ব্বস্বান্ত হয়ে বাড়ি যেতে হয়।—হু ১৩। 'কখনো'র পাল্লায় পড়া—কচিৎ-কদাচিৎ দৃষ্টিগোচর হওয়া ; প্রায় রহিত হওয়া। "আজ্ঞা, হুজুর, উঁচুগদি, কার্ত্তিকের মত বাউরি চুল…জলস্তম্ভ আর ভূমিকম্পের মত 'কখনো'র পাল্লায় পড়েছে। —হু ৩৪। পাল্লাভারী—বহুপোষ্য, বহুপরিবার।]

পাশ[১] পুং [√পশ্+অ (ঘঞ্)-ণ ; ছান্দস] ১ 'বন্ধনসাধন', বন্ধন, রজ্জু। "বি মুমোক্তু পাশান্।—ঋগ্বেদ ১.২৪.১৩। বাহুপাশেন বদ্ধা গো.রা ৪.১৬.৪৪। ধর্ম্ম° রা ১.১.২৩। আশাপাশ গী ১৬.১২। বাহু° রঘু ৬.৮৪। জীবন বন্ধন আশ-পাশ বি.প ১৯৩। ২ বিহগাদিবন্ধন, জাল, ফাঁদ। "প্রবিবেশ বিনাশায় মৃগঃ পাশমিবাবুধঃ গো.রা ২.৯.১৯। °বদ্ধ হি ১.৫১। ৩ বন্ধনরজ্জু। "ব্রততিবলয়াসঙ্গসঞ্জাত° শ ১.২৯। মায়া° ম ৫৬৪ ; ম.পা ১৬৯। ৪ রজ্জুরূপ আয়ুধবিশেষ। "পাশাঙ্ক-মালিকাম্ভোজসৃণি (লক্ষ্মীধ্যান)। প ২৩। হু ৮৯। [ইহার পরিমাণ দশ হস্ত। ইহা বৃত্ত ও করসুখকর। কার্পাস মুঞ্জ অর্ক স্নায়ু চর্ম্মরজ্জু বা অন্য কোন সুদৃঢ় রজ্জু দ্বারা ইহা নির্ম্মিত। ইহার স্থান কক্ষ। বাম হস্তে

ধরিয়া দক্ষিণ হস্তে উঠাইয়া কুণ্ডলাকৃতি করিয়া ঘুরাইয়া শত্রুর মাথার উপরে নিক্ষেপ করিতে হয় (আগ্নেয়ধনুর্ব্বেদ)। পাশের প্রান্ত নাগ-মুখাকৃতি হইলে 'নাগপাশ' হয়। দ্র 'শু ৪.৭.২১৬।] ৫ কুবেরের অস্ত্র। "কূ.স ২.২১। বরুণ° ম ৪২৭। ৬ সমূহ। দ্র 'পক্ষ (২১)। ৭ শোভন। "কর্ণ° উ.চ ৬.২৭। ৮ কুৎসিতার্থে তদ্ধিত। "ছাত্র°, ভিষক্° পা ৫.৩.৪৭। [°ধর, °পাণি, °ভৃৎ (বিণ)—পাশাস্ত্রধারী (যোধ)। (পুং)—পাশী, বরুণ। "°ভৃৎ রঘু ২.৯। °বদ্ধ (বিণ)—রজ্জু-বদ্ধ; জালবদ্ধ। "হি ১৪৪/১। °বন্ধ (পুং), °বন্ধন (ক্লী)—জাল-বন্ধন। "°বন্ধ হি ১.৫১। °বন্ধন ভ ৯.১৬.৩১। °বন্ধক (পুং)—পাশে বন্ধনকারক; ব্যাধ। "পঞ্চ ৩.২১০। °হস্ত (বিণ)—বন্ধনরজ্জুধারী। "°হস্ত (পুরুষ) মহা ৩.২৯৬.৯। °হস্ত (মৃত্যু) ক.সা ৪৫.৯৩। °হস্ত (পুং)—'পাশাস্ত্রধর', বরুণ।]

পাশ[২] বি [সং পার্শ্ব > লি পস্‌স, প্রা পাস > বা °শ ; হি, ঠ, মৈ, সি পাস ; পাস্‌সা ; গু পাহু ; ড় পাথ (পক্ষ)] ১ পার্শ্বদেশ ; শরীরের দক্ষিণ ও বাম ভাগ। "পাশ ফিরি শোয় বীর।—কৃ ২৭৬ ; উঠরে লক্ষ্মণ ভাই রক্তে ডুবে পাশে ৩১৮। ২ দেহপার্শ্ব, অর্থাৎ কুচমূল। "ফুলের পেঁড়ুয়া ধরয়ে লুকিয়া, সঘনে দেখায় পাশ চ.সা ৯। ৩ নিকট, সমীপ, কাছ। "যব পিয়ে ধরি বলে লেয় নিজ পাশ বি.প ৫২ ; পরিজন পাশ ৭৬। গেলা শঙ্করের পাশ ক.চ ৩৬ ; বীরপাশে ৬৯ ; নৃপতির পাশ ১২৭। চল বন্ধুজন-পাশ ব.প ৩৪২। সভা-পাশ আজ্ঞা লঞা চৈ.চ ৭৬ ; আইপাশ ১৪৩। চৈ.ম ৭৬। চললি ধনি পাশ।—ব ১৯৪। ৪ অন্তরাল, আড়াল। "কপাটের, পর্দ্দার পাশ। ৫ ভাগ, দিক্। "এক পাশে চাপ গিয়া ম.বি ১৮৭। [°কথা—১ অপ্রাসঙ্গিক বিষয়। "শুন কথা মন দিয়া, পাশ-কথা পাশরিয়া চৈ.ম ১২৫। ২ সত্যভ্রষ্ট, অর্থাৎ মিথ্যা কথা। "সব রয়েছে তোমার পাশ, পাশ-কথা বল না ধনি! তুমি—দা ২০৮৫। °কোদাল—ছোট-হাতল হাত-কোদাল। °খালি—খালের পাশের ছোট খাল। °খেপলা—সর্থ 'ক্ষেপলা'। °পড়সী—পার্শ্বস্থ প্রতিবেশী। "ক.চ ১২ ; ৪৫। °পকেট—জামার পাশের পকেট ; ঝুলপকেট। °বালিশ—কোল-বালিশ। °মোড়া—১ নিদ্রায় পাশ ফেরা। "°মোড়া দিতে লখিন্দর ম.ভা ৩৮। °মোড়া দিয়া তবে শ্রীহরি উঠিল।—দা ৩৩৮। ২ শ্রীহরির পার্শ্ব-পরিবর্ত্তন-একাদশী। "শয়ন উত্থান পাশমোড়া। তার ও-দিকে ভীমা ছোঁড়া॥—খনা। পাশ কাটা—পাশে বা আড়ালে যাওয়া। "রাত্রি ত শেষ হইল…এখন আমি পাশ কাটিয়া একটু শুই ব.প্র ১৮০। পাশ কাটান—পরিহার করা ; এড়ান। "রাজা কিছুতেই ধরা দেন না, …কোন মতে পাশ কাটাইয়া চিত্তবিশ্রামে পলায়ন করেন ব.প ৫১৮। পাশ কাটিয়া যাওয়া—পাশ দিয়া যাওয়া। পাশ দেওয়া—১ পাশ দিয়া যাওয়ার পথ দেওয়া। ২ তাসখেলায় রঙের অভাবে বে-রঙ তাস দেওয়া। দ্র 'পাষ'। পাশ ফেরা—শয়নে পার্শ্বপরিবর্ত্তন ; পাশ মোড়া। উলটিয়া পাশ দেওয়া—শিশুর কা'ত হইয়া শোওয়ার চেষ্টা করা। "দুই তিন যায় মাস, উলটিয়া দেই পাশ ক.চ ২১২।]

পাশ[৩] বি [E. pass] প্রবেশের অভিজ্ঞান-পত্র বা টিকিট। "বিনা পাশে যাবার যো নাই জা ৩০। [পাশ করা—পরীক্ষোত্তীর্ণ হওয়া। পাশকরা ছেলে—পরীক্ষোত্তীর্ণ পাত্র (বিবাহে)।]

পাশক পুং [√পশ্‌+অ (ঘঞ্)-ণ+ক (কন্) স্বার্থে (অ.টী) ; তু 'সং প্রাসক > লি পাসক] 'বন্ধনসাধন', অক্ষ, পাশা। [দ্র 'অক্ষ (১৭)।]

পাশটান বি দধিমন্থনরজ্জুর আকর্ষণ। "ঘন পাশ-টান, ঘর্ম্মমুখী কুচ দোলে ব.প ৭৭৯।

পাশব বিণ [পশু+অ (অণ্) ; স্ত্রী -বী] পশুসম্বন্ধী। "মাংসং বহু চ পাশবম্ মহা ৩.৭৫.১১। পাশব কার্য্যগুলির পাশবত্ব পা.প্র ৩০। —শব ক্লী পশুসমূহ।

পাশ(স)র, -সরা সর্ম্ম [সং অপ- √স্মৃ > প্রা √পস্‌সর (প্রা.প্র, Appendix A, 15) > বা √পাসর, -শর ; হি √বিসার (বি-√স্মৃ) ; ঠ, গু √বিসর ; সি বিসির ; ড় √পসোর] ভুলিয়া যাওয়া ; ভোলা। "আমাক পাসরিবু গো.চ ১৮৫,-৬। পাসরেছ রাই-মুখ-ইন্দু চ.দা ১৪২। পাসরিতে নারে…শোক ক.চ ২৯১। পাসরে আপনা শ্রী.ম ৫১। (তোরে) পাশরিব কার মুখ হেরি ম.পা ১৬৩। পাশরি-লাম শোক ম.ম ১৮১। প্রেম…নারি পাসরিতে চ.বি ১৬। অন্ত রস সব পাসরায় চৈ.চ ৩৩৯। পাশ কথা পাশরিয়া চৈ.ম ১২৫। —স্বর সর্ম্ম সর্থ 'পাশর'। "রয়েছি পাস্থরে শ্রী.মা ২৩ ; না পাস্থর সথাগণ ২৫ ; পাস্থরেছে পূর্ণ ভাব ১৫৭। [পাশরন—বিস্মরণ। "শ্রী.ম ১৪৩। পাসরো —ভুলি। "ঝীয়ে পাসরো কেমনে।—ক.চ ২৯১। পাসোরি—'ভুলিয়া। "দু ৭২। পাসরিলি, -লেঁ, -রে (শ্রী.কী)। পাসরএ, -রি, -রিবু (গো.চ)।]

পাশ(স)লি, -লী, -শুলি, -লী, -স্থুলি, মুলি বি [সং পাষক] পাদাঙ্গুলিভূষণবিশেষ। "পাসলী গো.চ ৪৫৮ ; পাশলী ৪৮৮। পাসলী শ্রী.কী ১৩৪। পাশুলি।—কৃ ১০৩ ; পায়ের পাশুলি ১৪০ ; পাসলি ১১২। পাশুলী।—ম ১২৬০। পাসলি ক.চ ১১২ ; পাশুলি ১৪০ ; পাশলি ১৫৯। পাশুলি ব.প ১৭৪,-৮৭। পাষুলি ২৮৮ ; পাস্থলি ১৩৬০। পদাঙ্গুলী পাশুলিতে…শোভিত।—দু ৮ ; ৮৯। পাদাগ্রে পাস্থলি শ্রী ৯৩। পাশুলি চৈ.চ ৫৩। পায় দিল পাতামল পাস্থলির পাঁতি শি ১৬।

পাশা[১] বি [সং পাশক > প্রা *পাসঅ > বা (পাসা) °শা ; হি পাসা ; ঠ ফাসা ; গু পাস ; পাসা (গো.চ)] অক্ষ। "ম ৩৪৬। ক.চ ২৮। [°খেড়ি—অক্ষক্রীড়া। "ম.বি ৫৪। °শারি, °সারি—পাশা ও ঘুঁটি। "খেলে পাশাসারি।—কৃ ২৮৪ ; ম ৫৯৩ ; শকুনির বশে ছিল সেই পাশা-শারি ৯৬০। বেছে লব…পাশাসারি ক.চ ১৬৮। পাশা পড়া —(গৌণার্থে) সৌভাগ্যোদয় হওয়া। "এখন তোমার পড়িল পাশা, গড়ায়ে নিও ঝুমকো থাসা।—দা ৯৮১।]

পাশা[২] বি [সং পাষক > মাগধী প্রা *পাশঅ > বা °শা] কর্ণভূষণ-বিশেষ। "কান পাশা ব.প ১৫১২। থাসা পাশা।—দা ১৬৩৩।

পাশা[৩] বি [ফা পাদ্‌পাহ্] তুর্কী সরদারের উপাধি।

পাশা[৪] বি [পাশ[১] > °শা] কোদালের হাতল ঢুকানর পাশবৎ লৌহ-বলয়। —শি, শী[২] বি [পাশ[১] + ই[১১]] ১ সর্থ পাশা[৪]। "মুনির গায়েতে মারে কোদালের পাশি।—কৃ ১৪। ২ [সং পাশিকা > মাগধী প্রা *পাশিআ > বা °শি, -শী] লাঙ্গলের ফালের মাথা আঁটার নিমিত্ত বাঁকা লোহার পাত-প্রেক (‾)। "পাঁচ মোণে পাশী শি ৭১ ; পাশী মেরে পরাইল ফাল ৭২।

পাশাটী, -ষ্টি, -ষ্টী বি [পাশা+পাটী[২] > °টী, (পাশটী) °ষ্টী, -ষ্টি] পাশা। "পাশাটী ফেলিল।—ম ৩৪৭। পাষ্টী যবি বুকে ক.চ ২৯। পাষ্টি ম.বি ২১৪। ব্যসনের পাষ্টী ঘুঁটি।—হেম ১০৫।

পাশাপাশি বিং [পাশ[২]-আ+পাশ[২]-ই] পার্শ্বস্থ, কাছাকাছি।

পাশি দ্র 'পাশা[৪]।

পাশিক বিণ [পাশ+ইক (ঠক্)] পাশাস্ত্রপ্রহরণ, পাশধারী (যোধ)। —শিক পুং [+ইক (ঠন্) জালিক, ব্যাধ। "বৃহৎসংহিতা ১৫.২২।

পাশিকা স্ত্রী [পাশ[১]+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'পাশি (২)। দ্র 'পাশা[৬]। "কৃ.স ২৫,-৬।

পাশিত বিণ [√পশ্‌ (চুরাদি)+ত (ক্ত)-র্ম্ম] বদ্ধ। "দামনীপাশ-পাশিত হ ৬৬.২৩।

পাশী[১] (-শিন্) বিণ [পাশ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] পাশবান্, পাশাস্ত্রবান্। "প্রচেতা পাশী।—মা ১৫২। —শী পুং ১ বরুণ। "জলেশ পাশী।—মে ২৩। মা ১২২। ২ যম। ৩ [তু 'পাশী'—বাধক (ঋগ্বেদ ৯.৭৩.৪)] ব্যাধ।

পাশী[২] দ্র 'পাশা[৪]।

পাশুপত বিণ [পশুপতি+অ (অণ্); স্ত্রী -তী] ১ পশুপতিদেবতাক (অস্ত্র, হবিরাদি)। "মহা ৩.৪০.৮। অস্ত্র পাশুপত—ম ৪২৬। ২ পশুপতিসম্বন্ধী। "°ব্রত।—কাদ ৪২। —পত পুং পাশুপতধর্ম্মাবলম্বী, শৈব। "চৈ ১২৪। —পত ক্লী ১ শিবোপদিষ্ট তন্ত্রবিশেষ। ২ (পশুপতিপ্রিয়) বকপুষ্প। [পাশুপতাস্ত্র (ক্লী)—পশুপতিদেবতাক অস্ত্রবিশেষ। অর্জ্জুন শিবারাধনায় এই অস্ত্র লাভ করেন (মহা ৩.৪০। ম ৩২৬)।]

পাশুপাল্য ক্লী [পশুপাল+য (ষ্যঞ্)] পশুপালকর্ম্ম, পশুপালন, বৈশ্যধর্ম্ম। "বৈশ্যস্য...ধর্ম্মঃ পাশুপাল্যম্।—মহা ১৩.১৪১.৫৪। যাজ্ঞ ১.১১৯।

পাশুলি, পাশুলী দ্র 'পাশলি'।

পাশোয়ার বি [পাশা-ওয়ার > °র] পাশাখেলায় নিপুণ। "মোর সম নাহি পাশোয়ার ম.বি ৪৮; কঙ্ক নাম...হই পাশোয়ার ১৬৩।

পাশ্চাত্য, -ত্ত্য বিণ [পশ্চাৎ+ত্য (ত্যক্); স্ত্রী -ত্যা, -ত্ত্যা; °ত্ত্য (সাধু)] ১ পশ্চাদ্ভব, পশ্চাৎস্থিত বা জাত। ২ পশ্চিমদেশভব। "রঘু ৪.৬২। ৩ পশ্চিম, অন্তিম। "°প্রহরে দিবসস্য (S.W.)। ৪ পরবর্ত্তী। [পাশ্চাত্যবৈদিক—কতকগুলি বৈদিক পশ্চিম ও দ্রাবিড়াদি দেশ হইতে পূর্ব্ব দেশে আগমন করেন বলিয়াই হউক, অথবা দাক্ষিণাত্যদিগের পশ্চাতে আসিয়াছিলেন বলিয়াই হউক, ইঁহাদিগকে সকলে পাশ্চাত্য কহিত, তদনুসারে ইঁহারা পাশ্চাত্য বৈদিক সংজ্ঞা পাইলেন (সম্বন্ধনির্ণয়)।]

পাষ বি তাসখেলায় বে-রঙ তাস। দ্র 'পাশ[২]। "মিছে বকিস কেন? হাতে রঙ না থাকে, পাষ দে যা।—মা ৩৪৮।

পাষক পুং [√পষ্+অক (ণ্বুল্)-ক] পাদাভরণবিশেষ, পাযুলি। "রত্নপাষকষট্‌কৈশ্চ বিরাজিতপদাঙ্গুলৈঃ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।

পাষণ্ড বিণ [°ণ্ড+অ (অচ্) অস্ত্যর্থে] ১ 'পাপচিহ্নবান্', বেদবিরুদ্ধাচারবান্ সর্ব্ববর্ণচিহ্নধারী; বেদব্যবহার-বাহ্য সর্ব্বাশ্রমচিহ্নধারী (অ.টী); সর্ব্বলিঙ্গী। 'নানাব্রতধরা নানাবেশাঃ পাষণ্ডিনো মতাঃ (ভরত)। ২ অধার্ম্মিক, নাস্তিক। "মহা ২.৩১.৭০। পাষণ্ড নাহিক দেশে তাঁহার কারণ।—ম ১১৯৮। °দলনবানা—নিত্যানন্দরায় চৈ.চ ১১। পাষণ্ড নাস্তিক চ.কা ৮৬। —ষণ্ড পুং, ক্লী [তু 'সং পাপষণ্ড >প্রা *পাঅসংড >পাসংড > °ণ্ড (পাষণ্ডো মধ্যমূর্দ্ধন্যো নিপাতিতঃ (অ.টী);—যানি রূপাণি জগৃহে ইন্দ্রো হয়জিহীর্ষয়া। তানি 'পাপস্য ষণ্ডানি' (পাপষণ্ডানি), লিঙ্গং ষণ্ডমিহোচ্যতে॥—ইন্দ্র পৃথুর অশ্বমেধের অশ্বহরণেচ্ছায় যে যে রূপ গ্রহণ করিয়াছিলেন, তাহা পাপের ষণ্ড, অর্থাৎ চিহ্ন ('পাপষণ্ড')।—ভ ৪.১৯.২৩।] ১ 'পাপচিহ্ন', বেদবাহ্যরক্তপটমৌণ্ড্যাদিব্রতচর্য্যা; শ্রুতিস্মৃতিবাহ্যব্রত (কুল্লুক)। "পাষণ্ডমাশ্রিতানাম্ (যোষিতাম্) মনু ৫.৯০; °ণ্ড ৯.২২৫। যাজ্ঞ ১.১৩০। পাষণ্ডেষু মতির্নৃণাম্ ভ ৪.১৯.২৪। ২ জৈনবৌদ্ধকাপালিকাদি (শ্রীধর)। দ্র 'পাষণ্ডী (১)। "ভ ৪.১৯.২৫। ৩ অধর্ম্ম, পাপ। "সে কথা শুনিলে খণ্ডে অন্তর-পাষণ্ড চৈ.ভা ২০৮।—ষণ্ডী (-ণ্ডিন্) পুং [°ণ্ড+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ বেদবাহ্যব্রতলিঙ্গধারী শাক্যভিক্ষুক্ষপণকাদি (কুল্লুক)। দ্র 'পাষণ্ড (২)। "মনু ৪.৩০; পাষণ্ডিগণ ৬১। [দ্র 'পাষণ্ডিলক্ষণ, পাদ্মোত্তরখণ্ড, ৪২শ অধ্যায়। পাষণ্ডিনিন্দা, বিষ্ণুপুরাণ ৩.১৮.৯৬-১০৩।] ২ অধার্ম্মিক। ৩ বেদনিন্দক, বেদাচারহীন কাপালিকাদি। "না কহিও পাষণ্ডীরে বেদহিংসা করে শ্রী.ম ৩০২। পাষণ্ডী পলায় চৈ.চ ৮১১। পাষণ্ডীর গণ ১২৩; চৈ.ভা ২০৯। ন.প ১৬৮। ৪ [বাঙ্‌লায়; অপ্র] নিদারুণ, নিষ্ঠুর। "পাপকর্ম্মের ফলে বিধাতা পাষণ্ডী ম.ম ১৯৮।

পাষাণ[১] পুং [√পিষ্+আন (আনচ্)-ক, পৃষো; ফা 'ফ.সান্'—শাণ] ১ প্রস্তর, শিলাখণ্ড। "গো রা ৫.৬১.১১। নিকষ° হি ২.৭৯। °মুরতি। —কথা ১২০। ২ (বাঙ্‌লায়) করকা, শিল (hail-stone)। "করিয়া গড়গড় বড় বড় পাষাণ পড়ে শি ৯১। ৩ হিমালয়, গিরিরাজ। "না মরে পাষাণবাপ দিল হেন বরে।—ভা.চ ২৫৫। পাষাণের মেয়ে পাষাণী, না বুঝে মা বলেছি মা!—গান ২৪। ওমা যাহা ইচ্ছা তাহাই কর মা, তুমি গো পাষাণের বেটী।—রামপ্রসাদ। পাষাণী পাষাণের মেয়ে গি.দ্বি ১০৮। —ষাণী স্ত্রী ১ তুলামান-শিলাখণ্ড, পাথরের বাঁটখারা। ২ (বাঙ্‌লায়) গিরিরাজপত্নী মেনকা। "গা তোল, গা তোল, বাঁধ মা কুন্তল, ঐ এলো পাষাণী, তোর ঈশানী (আগমনী গান)। ৩ কঠিনহৃদয়া গিরিসুতা। দ্র 'পাষাণ (৩)। ৪ পাষাণময়ী নারী। "তোমার সহিত যে সাক্ষাৎ হইল না, এ ক্লেশও পাষাণীর ন্যায় সহ্য করিতেছি ব.প্র ৯৮। —ণী বিং পাষাণহৃদয়া, নিষ্ঠুরা। "কন ঈশানী, জানি মা! তোমার নাম পাষাণী, কাজে পাষাণী আজ কেন মা! হ'লে।—দা ১৬৫৮। [°দারক, °দারণ (পুং) প্রস্তরচ্ছেদক 'অস্ত্র'; টঙ্ক। °ভেদন (পুং)—বৃক্ষবিশেষ, হাড়জোড়া, পাথরকুচি (?)। °হৃদয় (বিণ)—কঠিনহৃদয়, নিষ্ঠুর।] [পাষাণবাপ —পিতা গিরিরাজ; (পক্ষান্তরে) নিষ্ঠুরহৃদয় পিতা। দ্র পাষাণ (৩)।]

পাষাণ[২], **-সান**[২] বি [ফা পাসন্‌গ্; হি, ঠ পাসংগ; প পাসন্‌গ্; ড় পাসঙ্গ] তুলার সাম্যার্থ ধটে (ধাড়ায়) স্থাপিত ভার (make-weight)। [পাসান ভাঙা—তুলার সাম্যাবস্থাকরণ।]

পাষাণবুকো বিং ১ যাহার বুক পাষাণের মত কঠিন; দয়ালেশহীন। "আমি আয়ান পাষাণবুকো আমায় বলিস মেয়েমুখো।—দা ২০০। ২ যাহার বুক পাষাণময়; দৃঢ়বক্ষাঃ। "°বুকো অলপেয়ে, এখনো যে বুক ফেটে মলো না।—দা ৭৯৫।

পাষাণী; পাযুলি; পাষ্টি, -ষ্টী দ্র 'পাষাণ; পাশলি; পাশাটী'।

পাস বি [দ্র 'পাশ[২]; অপ্র] ১ পার্শ্ব, নিকট। "কাহারো পাস্ নাহি জাওঁ শ্রী.কী ৬৪; ২১৬। মাগি বর শঙ্করের পাস।—মী ৭। গো.বি ২১; ১২৮। ২ দিক্। "চারি পাস চাহোঁ শ্রী.কী ৭৮; ১৪৫। ৩ [সং পাশ[১] > লি, প্রা °স; অপ্র] পাশাস্ত্র। "ম ৮১১। [°কথা—অপ্রাসঙ্গিক কথা; বাজে কথা। "বল্লাম কত রসাভাষে, পাসকথা তোমার পাশে। —দা ৬২৯।]

পাস(স্থ)র; পাসলি, -লী, -স্থুলি দ্র 'পাশর; পাশলি'।

পাসান[১] বি [সং পাষাণ > লি, প্রা °ণ; অপ্র] প্রস্তর। "গো.চ ৪৫;

পাসান[২] দ্র 'পাষাণ[১]।

পাহাড় বি [সং পাষাণ >প্রা পাহাণ (প্রা.ল ৩ ১৪; হে) >বা °ড় (ণ >ড়, দ্র 'ণ[১]); হি, মৈ, ড় পহাড়; ঠ, গু পহাড] ১ পাষাণস্তূপ, ক্ষুদ্র পর্ব্বত। "গো.চ ২১৯। চৌদিকে পাহাড় শ্রী ১২। ২ (সাদৃশ্যে) পুষ্করিণীর উচ্চ তীর; পাড়। "পোখরি পাহাড়ে তুলিও ঘর ব.প ৬। চারিখান পাহাড় কৈল যেন মহীধর ক.চ ৩৩। —ড়ী, -ড়ীয়া বিং [°ড়+ঈ[৭], ঈয়া; °ড়ে (কথ্যভাষা); হি পহাড়িয়া, -ড়ী; ঠ পাহডী গু পহাডী; মৈ পহড়িআ] পাহাড়-সম্বন্ধী, পাহাড়ে স্থিত বা জাত (জাতি, নদী)। —ড়ী বি রাগিণীবিশেষ। "শাশুড়ী নাগিনী, ননদী বাঘিনী, রাধার কান্নার সুর পাহাড়ী রাগিণী।—রাজকৃষ্ণ রায়। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট দুই নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।] [°তল, -লী (হি তলী)—পাহাড়ের তলদেশ; তরাই।]

পাহাড়ী দ্র 'পাহাড়'।

পাহারা বি [পহরা > °রা ১ সর্থ 'পহরা (১)। ২ হিফাজাত। ৩ নজরবন্দী। [°ওয়ালা, পাহার-ওয়ালা, -ওলা (হি পহরে ৱালা) —চৌকিদার, প্রহরী। "পাগ্‌ড়ী পরে' পাহার-ওলা যায়।—শিশু ২৯। পাহারা-ওয়ালা বলিল, 'কে যায়?'—ব.দ্বি ১৪২। পাহারা দেওয়া (হি পহরা দেনা)—চৌকী দেওয়া। পাহারা বদলান (হি পহরা বদলনা) —অন্য প্রহরী নিযুক্ত হওয়া বা করা।]

পাহি, -হিরা বি ['পাহাড়ী'—মূল.?] রাগবিশেষ। "পাহি।—গ ৯২; ১৮১। পাহিরা ম.পা ১১০।

পাহুন বি [সং প্রাঘুণ > প্রা পাহুণ > বা °ন ; হি পাহুনা, ঠ পাহুণা] ১ অতিথি। "সুপহু অধিক দিনে, পাহুন আএল মথাই বি.সা ৮৮৩ ; উপনত পাহুন রিতুপতি ৪৮৮। ২ অতিথি, অর্থাৎ প্রবাসী। "কান্ত পাহুন, কাম দারুণ, সঘনে খর শর হন্তিয়া বি.প ১৭২। ৩ [সং পাষাণ > প্রা পাহাণ > হি, মৈ পাহান > বা °ন] পাষাণ, (সাদৃশ্যে) কঠিনহৃদয়, নিষ্ঠুর। "পাহুন পুতলি, পরখি পয়ে পেখলু, পর পীড়ন নাহি জান।—গো ২০৫। পরখি পেখলু, পুরুষ পুরুষোত্তম, তুহুঁ সে পাহনজাতি।—২৫০।

পাহুয়াই বি [অপ্র] সর্থ 'পামই'। "°ই দিল পাএে গো.বি ৪৫।

পাহ্নি বি [পানি > (হ-আগমে) °নি ; অপ্র] জল। "গ ৯৭।

পি, পী সর্ম [সং √পা— √পিব, √পী > লি √পিব, -র, প্রা √পিঅ > বা √পি, √পী ; Av. √pi ; হি √পী ; ঠ √পি ; মৈ √পি, √পী] ১ পান করা। "পানি পীয়ে পিছে জাতি বিচারি বি.প ১৮০। না পিয়ে নীর চ.দা ২৭। পানি পিয়ে।—গো.চ ৪৩৯। অগস্ত্য সমুদ্র পীবে।—ম ৪৬৭। রক্ত পীল ক.চ ৫ ; মধু পিলে ১৪৪। মকরন্দ পীএ ম.পা ৬৮ ; পীয়ে ১০৮। মধু পীলে।—ব.প ৩৬০ ; পীয়ে শোণিতের পানা ৬৬১। কাদম্বরী পীয়ে চৈ.ভা ১৮৪। পিয়ে লহে চ.বি ২২৯। পিয়ে মকরন্দ ম.ম ৫ ; পিল চক্রু পাখী ৭ ; পীতে পারি ৭৫ ; পানী আন পী।—১১১। পিলা জল চৈ.চ ৪২ ; স্তনদুগ্ধ পিব ৫৪। পিতেছেন চৈ ১৭। দুগ্ধ পিও ভ.গ্র ২৩৯। ২ পান করা ; উপভোগ করা। "(বেণু) পুরুষাধর পিঞা পিঞা ঃ বলে পিঙ তোমার ধন ঃ পিমু নিরন্তর চৈ.চ ৩৩৯ ; অমৃত পীলে ৩৫৭। ৩ অতিস্পৃহাপূর্ব্বক বা সতৃষ্ণভাবে দেখা। "গাঢ়াসক্ত্যে পিয়ে কৃষ্ণের বদনকমল চৈ.চ ১৫০। পীয়ে রূপ না যায় পিয়াস শ্রী.ম ৫৪ ; নয়ন ভরিয়া রূপ পীয়ে ১২৭,-৯। তু 'নেত্রৈঃ পপুস্তৃপ্তিমনাপ্নুবদ্ভিঃ (রঘু ২.৭৩)। ৪ তিরোহিত করা ; নাশ করা। "(মুকুতার ঝারা) অন্ধকার পিয়া যেন দীপ্ত করে তারা চ.বি ৩৭। [পিএ —পান করে। "গ ৩১। পীএ, পীওঁ (পান করি)।—শ্রী.কী। পিও (মৈ পিঅ, -অহ)—পান কর। পিঙ—পান করি। পিঞা, -য়া—পান করিয়া। পিব, -বে, -মু, -য়ে, -ল, লা, -লে ; পীবে, -য়ে, -ল, -লে, দ্র 'পি (১-৪)। পীয়ব, -য়লুঁ (প.ক)। পেম—পান করিব। "ম.ম ৭৫।]

পিআ সর্ম [পি+আ৮ ; হি √পিআ ; মৈ √পিআর] পান করান বা করিতে দেওয়া। "মিলিয়া বাছুরি সব পিআয় তখন শ্রী.মা ২৭।

পিআল বি [সং প্রিয়াল > °ল] বৃক্ষবিশেষ ; তৎপুষ্প। "শূ ২৯।

পিআসল বিং [°স+ল ; হি °সা] পিপাসাযুক্ত, তৃষিত। "দুঅও পিআসল পীবএ নীর বি.সা ৩৬০।

পিউ বি [সং প্রিয় > প্রা পিঅ > বা (পিও) °উ ; হি 'পিউ'—পতি] প্রিয়, বঁধু। "পিউ যব (আওব) জ.প ৫ ; অধর পিবি পিউ ৮।

পিউড়ি বি [সং পীত > প্রা পীঅল > বা (পিঅলি) °লি, -ড়ি] গোরোচনা। —উলি বি পীতবর্ণ পুষ্পবিশেষ। "বা.দ ২৪।

পিউপিউ, পিয়পিয়, পিয়ুপিয়ু, পীয়োপীয়ো বি [ধ্বন্যাত্মক] পাপিয়ার (চাতকের) ডাক। "পপিহা দারুণ, পিউপিউ সুমরণ বি.সা ৪২৬ ; বি.প ১৬৬। পিয়পিয় রটয় পাপিহরা রে বি.সা ৪৩০। চাতক পিউপিউ ফুর।—গো ৮০ ; চাতক পিয়ুপিয়ু বোল ২৩৩ ; পাপিহা পাখির, পিয়া সে পীড়িত, সতত পিউপিউ রাবিয়া ২৩৬ ; °উ ভাষ ২৫০। চাতক °উ নাদ।—জ্ঞা ২৩১। পীয়ো পীয়ো রব ব.প ১৪৯৭। (চাতক) পিউপিউ ডাকে চৈ.ম ৬। তু—'বপ্পীহা' পিউপিউ ভণতি (হে ৪.৩৮৩)। দ্র 'পাপিয়া' [পিয়পিয়—পিউপিউ ; প্রিয়প্রিয়।]

পিউলি দ্র 'পিউড়ি'।

পিউষ, -স বি [সং পীযূষ > প্রা পীউস > °স, -ষ ; অপ্র] অমৃত। "রামনাম" ম.পা ৭৬ ; ১১৩ ; পিউষ ৮৪ ; পিউস ৮৯।

পিওন্ বি [P. peão ; E. peon] আরদালি ; যে পত্র বিলি করে।

পিং পিং বি [ধ্বন্যাত্মক] বেণুধ্বনি। "শ্রী.ম ৯৮।

পিঁজ সর্ম [সং √পিঞ্জ্—হিংসা] তুলার বীজ ছাড়াইয়া আঁশ পরিষ্কার বা পৃথক্ করা ; পেঁজা।

পিঁজ(জি)রা বি [সং পিঞ্জর ; হি পিঁজরা ; ঠ পিংজরা ; মৈ পিংজরা] খাঁচা। "পিঁজিরা ভ.গ্র ২২৪ ; ৪১৩। [°পোল (হি পিঁজরা-পোল)—পশুশালা, গোশালা]

পিঁ(পীঁ)ড়া১, -ড়ে বি [সং পিণ্ড > প্রা পিংড > বা °ড়া, -ড়ে ; (মুণ্ডারি) 'পিন্‌ড়া'—বারাণ্ডা] বারাণ্ডা, দাওয়া, হাতনে। "ডানি বামে দুই পীঁড়া।—ক.চ ৫ ; পিঁড়া বান্ধে দিয়া শিলা ৭৯। পিঁড়া—শ্রী ৪৬। পিঁড়ার উপরে, সুখদ আসন করি রা.শে ৯৩। উঁচু পিঁড়া হৈতে বুড়া পড়ি বলে রাম শি ৯৪। পীঁড়ার উপর ন.প ২০০। পিঁড়েয় বসি কাঁদচে বিবি।—জা ৩৬।

পিঁ(পীঁ)ড়া২, -ড়ি২, -ড়ে, পীড়া, -ড়ি বি [সং পীঠ > প্রা পীঢ > বা পীঢ়া, -ঢ়ি > পী(পি)ড়া, -ড়ি, '৺' আগম, তু 'পিঁড়া১ ; হি পীঢ়া ; ঠ পিঢে ; মৈ পিঢ়ি, পীঢ়া] ১ পীঠ, কাষ্ঠাসন। "মারয়ে পীড়ার বাড়ি ক.চ ২৬ ; দিলেন পীঁড়া পানী ৪৩ ; পিঁড়ি ১২০,-২। পীড়ি শূ ২৬ ; চৈ.চ ৮৫। জল পীড়া ম.ভা ৬। পীঁড়ার উপরে ন.প ১৯৯। পীড়া শি ২৮। জামাইবাবু যেমন পীঁড়েয় পা দিয়ে বসতে যাবেন, অমনি পীঁড়ে গড়িয়ে গ্যালো।—হু ৭০। ২ আসন। স্থানে স্থানে বসায়েছে রত্নময় পীড়ি।—কৃ ৪৪৩। ৩ চন্দনপাটা। "বিসকর্ম্মা নির্ম্মাইল পীড়ি শূ ২৬। [জল পীড়ির দায় থাক—পা ধোওয়ার জল ও বসার আসন দূরে থাক। "জলপীড়ির দায় থাক সম্ভাষ না পায় ক.চ ৪।]

পিঁড়ি১, -ড়ী বি [সং পিণ্ডি, -ণ্ডী > প্রা পিংডি, -ডী > বা °ড়ি, -ড়ী] ১ প্রতিমাস্থাপনার্থ মাটির বা ইঁটের বেদি। "দোল°। ২ উপবেশনার্থ বেদী। "তাঁর তলে পিঁড়ি বাঁধা পরম চিক্কণ (চৈ.চ)।

পিঁড়ি২ দ্র 'পিঁড়া২'।

পিঁধ সর্ম [পিন্ধ > °ধ ; দ্র 'পিন'] ১ পরিধান করা ; ধারণ করা। "পিঁধিয়া পাগড়ী পরিল জোড়া শ্রী.মা ৭৩ ; ১২৭। ২ ধারণ করা ; মাখা। "পিঁধিয়া বিভূতি, মাজল মূরতি চ.দা ৩৮। —ধা সর্ম [পিঁধ +আ৮ ; হি √পহনা] পরিধান করান ; পরান। "রক্তপ্রান্ত শুক্লবাস পিঁধাঅল ন.প ১৫০। [পিঁ(পীঁ)ধন—পরিধান, পরিহিত বস্ত্র। "হিরণ পিঁধন চ.দা ১০। পীঁধন পীয়ল বাস গো ১০৬।]

পিঁপড়া, -ড়ে, পিপীড়া বি [সং পিপীলিকা > প্রা পিপীলিআ > বা (পিপীলা) পিপীড়া, -ড়া ; ড় পিপুড়ি ; পিকড়া (গো.চ) ; তু 'পিপ্‌পড়া'—ঊর্ণা-পিপীলিকা (দেশী ৬.৪৮)] কীটবিশেষ। "পিপীড়ার পাখা উঠে মরিবার তরে।—ক.চ ৬৯। পিঁপড়ের পাখা কেবল মরতে।—কা ১১০। তু 'কলির্বলবতা সার্দ্ধং কীটপক্ষোদ্গমো যথা।—হি ৩.৫০। [পিঁপীড়াবাঁক—ধান্যবিশেষ। "শি ১১৩।]

পিঁপুল, পিপুল২ বি [পিপ্পলী ; হি পীপল] ছোট একপ্রকার লতা (Piper longum) ও তাহার শুণ্ডাকার লম্বা ফল (long piper)। [°পাতা—পিঁপুলের পাতার মত কর্ণাভরণবিশেষ। "উপর কানে প'রো পিঁপুলপাতা।—দা ৯৮১ ; ১৪৮১।]

পি(পেঁ)য়াজ, পঁ্যাজ বি [ফা পযাজ. ; হি প্যাজ ; মৈ পেআজ ; পিয়াজি (গো.চ) ; সং পলাণ্ডু] কন্দবিশেষ (onion)। [°কলি—পিয়াজের কলিকাযুক্ত নাল। প্যাঁজ পয়জার দুইই হওয়া—(গৌণার্থে) মা'র ও গালাগালি খাওয়া। "কেমন তোরাপ, প্যাঁজ পয়জার দুই তো হলো।—লী ৩০।]

পিক১ পুং [পি+ √কৈ শব্দ+অ (ক)-ক ; '°ক' (শুক্লযজুর্বেদ ২৪.৩৯) ; ধ্বন্যাত্মক (?)] কোকিল। "কাকঃ কৃষ্ণঃ পিকঃ কৃষ্ণঃ কো ভেদঃ পিককাকয়োঃ। বসন্তসময়ে প্রাপ্তে কাকঃ কাকঃ পিকঃ পিকঃ॥ —সু.র। কলোত্তালাঃ পিকানাং গিরঃ।—গী.গো ১.৪৮। পিকবর-রব।

—ঐ ১২০। —কী স্ত্রী কোকিলা। [°বন্ধু, °বল্লভ, °রাগ (পুং) —আম্রবৃক্ষ। °বান্ধব (পুং)—বসন্তকাল। °সীমন্তিনী (বি) —কোকিলা। "বি.স্থ ৫৭। পিকাঙ্গনা (স্ত্রী)—কোকিলা।]

পি(পী)ক[2] '-ক্' বি [ধ্বন্যাত্মক ; হি পীক ; ঠ পিং(পীক) ; ড় পিচ] ১ 'পিক' বা 'পিচ' শব্দে নির্গত চর্ব্বিত পানের রস। "সদা কার্য্য পীকদানির পীকাদি ডারিতে।—ভ.গ্র ৩২৩। তোমারি পানের পিকে রেঙ্গেছে নয়ন ভা.চ ৩৬৫। ২ ছেপ। [°দানি, -নী (হি পীকদান ; ঠ পীকদাণী, -নী ; গু, মৈ পিকদানী)—পিক ফেলার পাত্র ; প্রতিগ্রাহ। "পিকদানিতে টাকা রাখিয়া বাক্সের ভিতর ছেপ না ফেলি ব.প্র ২২৩,-৮১। বর্দ্ধিতরোষা কমলমণি…কালি পিকদানিতে ঢালিয়া ফেলিয়া দিল ব.দ্বি ২৩।]

পিঙল বিং [পিঙ্গল > °ল] পীত। "পিঙল বরণ বসন খানি চ.দা ৭০। পরিধান পিঙল বসন।—জ্ঞা ৪৬। সজল জলদ শ্যাম ধাম, পিঙল বসন দামিনী।—ব ১৩৩ ; জ্ঞা ১২৬।

পিঙ্গ বিণ [পিঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ঙ্গা ; 'পিঙ্গা'—পিঙ্গবর্ণা (ঋগ্বেদ ৮.৬৯.৯)] ১ পিঙ্গলবর্ণবান্, পিঙ্গল, নীলপীত, পাঙাশ। "অতিপিঙ্গেন (নয়নেন) গো.রা ৩.৭৪.১৬। °তারম্ (বিলোচনম্) কু.স ৭.৩৩। অস্তাচলার্থী…দিনমণিঃ পক্বনারঙ্গপিঙ্গঃ ক.ম ২.৫০। পিঙ্গ জটা।—ম ২৪৬ ; রক্তহীন শরীর দেখিয়ে পিঙ্গরঙ্গ ৩৩৯। তরঙ্গ পিঙ্গে (গঙ্গার গমন)।—হু ১৬। ২ স্বর্ণবর্ণ। "রঘু ১২.৭১। —ঙ্গ পুং [√পিঙ্গ্+অ (ঘঞ্)-ণ] ১ দীপশিখাভবর্ণ, পিঙ্গলবর্ণ, নীলপীতবর্ণ, কপিল। 'পিঙ্গো দীপশিখাভঃ স্যাৎ। ২ মূষিক। ৩ মহিষ। —ঙ্গ ক্লী হরিতাল। —ঙ্গা স্ত্রী ১ গোরোচনা। ২ হিঙ্গু। ৩ হরিদ্রা। ৪ কুঙ্কুম। ৫ বংশরোচনা। ৬ চণ্ডিকা। [পিঙ্গ-আঁখি (বি)—পিঙ্গাক্ষ, অগ্নি। "ম ২৯৯। °জট (পুং)—শিব। °সার (পুং)—হরিতাল। °স্ফটিক (পুং)—গোমেদ মণি।]

পিঙ্গল বিণ [পিঙ্গ+ল (লচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা, -লী (গৌরাদি) ; ছান্দস] সর্থ 'পিঙ্গ'। "কনক°, মধু°। সুগ্রীবো হেমপিঙ্গলঃ রা ১.১. ৬৮। বহ্নি° ভট্টি ৯.৪০। পিঙ্গল জটা ক.চ ৮৭। মেঘে সায়াহ্নের পিঙ্গল আভাস চ.কা ২৮৬। আকাশ পিঙ্গল।—কু.কে ৪০। উষার পিঙ্গল মূর্ত্তি ব.প্র ১৬৫। —ল পুং ১ নীলপীতমিশ্রবর্ণ, কপিশ পিশঙ্গ। ২ অগ্নি। ৩ কপি। ৪ নকুল। ৫ ক্ষুদ্রোলূক। ৬ কুবেরনিধিভেদ। ৭ রুদ্রভেদ। ৮ প্রাকৃতভাষায় ছন্দোগ্রন্থরচয়িতা পিঙ্গল নাগ। "নাগঃ স পিঙ্গলো জয়তি পৈ ১.১। ছন্দোজ্ঞাননিধিং জঘান মকরো বেলাতটে পিঙ্গলম্।—পঞ্চ ২.৩৬। ৯ (বাঙ্লায়) পিঙ্গলকৃত ছন্দোগ্রন্থ। "নানাছন্দ পড়িল পিঙ্গল ক.চ ২১৫। শ্রী.মা ৪৩। —ল ক্লী ১ পিত্তল। ২ হরিতাল। —লা স্ত্রী ১ দক্ষিণদিগ্গজের স্ত্রী। ২ কর্ণিকা। ৩ (তন্ত্রে) নাড়ীভেদ। "গো.বি ১৩৮। বি.পা ৩৫৯। [ইহা দক্ষিণ পার্শ্বে স্থিত, দক্ষিণ নাসার সহিত সংযুক্ত। ইহাতে সূর্য্য অবস্থিত। ৪ রাজরীতি, পিত্তলভেদ। ৫ বেশ্যাবিশেষ। দ্র 'বিবরণ ভ ১১.৮.২২-৪৪। [°লৌহ (ক্লী) —পিত্তল। পিঙ্গলাক্ষ (পুং)—শিব।] [পিঙ্গলিয়া (°ল+ইয়া[2]) —পিঙ্গলবর্ণযুক্ত। 'পিঙ্গলিয়া মেঘে তথা বহেত শোণিত চ.বি ২০৫।]

পিঙ্গলা দ্র 'পিঙ্গল'।

পিঙ্গা দ্র 'পিঙ্গ'।

পিঙ্গাক্ষ বিণ [পিঙ্গ অক্ষি যাহা৲র, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) ; স্ত্রী -ক্ষী] পিঙ্গলনেত্রযুক্ত। —ঙ্গাক্ষ পুং ১ শিব। ২ অগ্নি।

পিঙ্গাশ, -স্য পুং 'পিঙ্গলবর্ণব্যাপ্ত, পিঙ্গলমুখ', পাঙাশমাছ।

পিচ্ বি [E. pitch] ১ আলকাতরা হইতে জাত কৃষ্ণবর্ণ কঠিন দ্রব্য-বিশেষ। ২ [E. peach] ফলবৃক্ষবিশেষ ও তৎফল। ৩ সর্থ 'পিক[2]'।

পিচকারি, -রী বি [হি, ঠ, গু, °রী] ১ জলাদি তরলদ্রব্য বেগে নিঃসারিত করার যন্ত্রবিশেষ (syringe)। [জলাদি বেগে 'পিচ' শব্দে বাহির হয় বলিয়া ঐরূপ নাম] "চুয়া চন্দন ভরি পিচকারী জ্ঞা ১৪৪। ২ পিচকারীমুখে বেগে নির্গত জলাদির ধারা। "অশ্রু পিচকারিপ্রায় ভ.গ্র ১১। [পিচকারী ছোড়া, দেওয়া, মারা, লাগান, হানা—পিচকারী-নির্গত জলাদির ধারা বেগে লাগান। "পিচকারী মারে শ্যামে গোপিনী সকল।—ব ১৩১। মেঘের বুকে কিরণ-নারী পিচকারী হানে কু.কে ১১২।]

পিচ(ছ)পা, পেচপাও বিং [পি(পে)ছু+পা > °পা, °ও] 'পশ্চাৎ-পদ', পরাঙ্মুখ, অপারগ। "আমি বাবা তাতে পেচপাও নই।—হু ১৬৮। ওর মা যদি আপনার মেয়ে হয়, তা হলেও পিচ-পা নই বি.বু ১১।

পিচপিচ বি [ধ্বন্যাত্মক ; ঠ °চ] ক্রমাগত ছেপ ফেলার শব্দ।

পিচবোর্ড্ বি [E. paste-board] জমান মোটা কাগজ।

পিচ(ছ)মোড়া বিং পিছে দুই হাত মোড়া দিয়া কৃতবন্ধন। "ঠকচাচাকে পিচমোড়া করিয়া বাঁধিয়া…লইয়া আসিতেছে আ.দু ১৫৭।

পিচাশ, -স বি [সং পিশাচ > °শ (বর্ণস্থিতিপরিবৃত্তি) ; 'পিছাশ' (ম.গা ২৭) ; অপ্র] পিশাচ। "°শ শ্রী.ম ২২ ; চ.বি ৩৪৪। °স শ্রী.মা ১৪৮। —চাশী বি পিশাচী। "শ্রী ১৬৬।

পিচিণ্ড পুং, ক্লী উদর।

পিচিণ্ডিকা স্ত্রী পিণ্ডিকা, পায়ের ডিম।

পিচু পুং ১ কার্পাসতূলা, তুলা। "সংছাদ্য পিচুনা সিতেন (সুশ্রুত)। ২ কুষ্ঠবিশেষ। ৩ কর্ষপরিমাণ। [°মন্দ, °মর্দ্দ (পুং)—'কুষ্ঠনাশক', নিম্ব। "°মর্দ্দ।—ম ৪০৩।]

পিচুটি বি [সং 'পিচ্চট'—মূল ; সং দূষিকা] নেত্রমল।

পিচ্চট পুং ১ নেত্ররোগবিশেষ। —ট ক্লী ১ বঙ্গ। ২ সীসক।

পিচ্ছ পুং [√পিচ্ছ্ বাধ+অ (অচ্) -ক ; অপি+ √ছো+অ (ড) -র্ম (অ.টী) ; সং পশ্চাৎ > প্রা পচ্ছ, চ্ছা > পিচ্ছ, -চ্ছা (?)] 'বাধক', 'পশ্চাদ্‌বর্ত্তী অবয়ব' ; লাঙ্গূল, লেজ। —চ্ছ ক্লী ১ ময়ূরপুচ্ছ, শিখণ্ড। "ময়ূর° মহা ৪.৬.৮ ; ধ্বজেন শিখিপিচ্ছানাম্ ১৪। মাঘ ৪.৫০। শিখিপিচ্ছচূড় শ্রী.ম ৯৯। শিখি° চৈ.চ ৬৮। ২ পুচ্ছমাত্র। "(হংসাঃ) ষণ্মাসে ষণ্মাসে পিচ্ছমেকৈকং পরিত্যজন্তি।—পঞ্চ ৩১/৩৩/৭। ৩ চূড়া। ৪ শরপক্ষ। —চ্ছা স্ত্রী ১ (সাদৃশ্যে ?) কদলীপুষ্প, মোচা। ২ পূগ। ৩ ছটা। ৪ কোষ, আবরণ। ৫ চোলিকা। ৬ বর্ম্ম। ৭ পিণ্ডিকা, পায়ের ডিম। ৮ শিংশপা। ৯ পঙ্‌ক্তি। ১০ অশ্বের পাদরোগ। ১১ [√পিচ্ছ্ নিঃসরণ+অ-ক] শাল্মলীনির্য্যাস। ১২ (সাদৃশ্যে) ভক্তমণ্ড, ভাতের মাড়। ১৩ ফণিলালা, সাপের নাল। ১৪ কোকিলা।

পিচ্ছল বিণ [তু 'পিচ্ছিল'] পিছল (slimy)।

পিচ্ছিকা স্ত্রী [পিচ্ছ+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ঐন্দ্রজালিকের ময়ূরপুচ্ছময় চামরবিশেষ। "°হস্ত ; পিচ্ছিকাং ভ্রাময়িত্বা।—রত্নাবলী ৪১/২।

পিচ্ছিল বিণ [পিচ্ছা+ইল (ইলচ্) অস্ত্যর্থে] ১ পিচ্ছাবান্, মণ্ডযুক্ত, ফেন্‌সা। "নবৌদনানি পিচ্ছিলানি চ দধীনি।—ছন্দোমঞ্জরী। ২ স্নিগ্ধ-সরস, পিছল, তেলা। "উৎকণ্ঠিতাসি তরলে ! ন হি ন হি সখি পিচ্ছিলঃ (পাঠান্তর—'পিচ্ছলঃ') পন্থাঃ সা.দ ১০৩/৮। হেম ১০৭। —ল ক্লী ১ মণ্ডযুক্তভক্ত, মাড়ভাত। ২ সরসব্যঞ্জনাদি ; স্নিগ্ধসূপাদি। ৩ সরযুক্ত-দধি। —লা স্ত্রী ১ শিংশপা ২ শাল্মলী। ৩ অতসী। ৪ কচু। [°ত্বক্ (-চ্) পুং নাগরঙ্গ। °সার (পুং)—মোচরস।]

পিছ বি [সং পিচ্ছ > °ছ (পদ্যে)] পুচ্ছ। "যার পিছে চাঁদছাঁদ ডাকিলেক সেই ভা.চ ৩২৫।

পি(পে)ছন বি [সং পশ্চাৎ ; Av. passna ; প পিচ্ছোন ; হি পীছা ; ঠ পিছাডা ; মৈ পি(পী)ছা] পশ্চাদ্‌ভাগ, পৃষ্ঠদেশ। "°দিক্। পেছন থেকে পাইওনিয়ার্ হাঁকচে হাওলাদারি।—হেম ৩৮৩। [পিছনে —পশ্চাদ্‌ভাগে। "পিছনেতে ছিল দাসী কা ১০৯। পিছনে—পশ্চাদ্-ভাগে। "আমাদের বাটীর পিছনেই বাগান ছিল ব.প্র ১১৩।

পেছন ফেরা—পশ্চাদ্‌ভাগে খোরা। পেছ(ছো)নে—পশ্চাদ্‌ভাগে, পরে। "পেছোনে মাজভরা ঘোরা গাড়ী চল্লো।—হ ৩। এর পেছনে...ইংরিজি বাজনা ১৫২। পেছনে লাগা—অনুসরণ করা, বিরুদ্ধে ছিদ্রান্বেষণ করা।]

পিছুপা ; পিছুমোড়া দ্র 'পিচ-পা, পিচমোড়া'।

পিছল[১] বিং [সং পিচ্ছ(চ্ছি)ল : হি ফিসলহা, মৈ পিচ্ছড] পিচ্ছিল, তেলা। "গাগরি বারি, ঢারি করি পিছল, চলত হি অঙ্গুলি ঝাপি। —গো ১৩৭। পঙ্ক-পিছল পথ ব.প ১০৩৮। প্রেমে পিছল পথ প র ৪৫। পিছল করিল অঙ্গে মেখে তৈল গুলা।—শ্রী মা ৪০। —লিনী বিং পিচ্ছিলা। "পিছলিনী শিলা ব্র প ১০২।

পিছল[২], **-লা** অর্ম [°ল[১]+আ[৫] > °লা,-ল, হি √ফিসল] ১ পিচ্ছিলতা হেতু স্খলিত হওয়া, তেলা জায়গায় সরিয়া যাওয়া। "ধরিতে না পারে শিশু পিছলিয়া পড়ে।—কৃ ৩৩৯, ম ১০৪৩। (বসিয়া পর্বত উপরে) পিছলি নামএ ব্র প ১০২। সুচিকণ শুভ্র কায়, মাছি পিছলিয়া যায় সা ম ৪৯। ২ তৃপ্ত হইয়া পরাঙ্মুখ হওয়া বা ফিরা। 'রূপ দেখি না পিছলে আঁখি ব প ২৫৮। ৩ প্রতিহত হওয়া। "খিল ভূমি চাসে যেন লাঙ্গল পিছলে বা ম ২৩২। [পিছলান—সর্থ 'পিছল'।]

পিছলা ; পিছলিনী দ্র 'পিছল[২], পিছল[১]'।

পিছা[১] বি [সং পিচ্ছিকা > প্রা *পিচ্ছিআ > বা °ছা, হি পীছী] ঝাঁটা, বাডন। "হাতে করিয়া পিছা কান্দে কোদাল লই।—মী ৪। মাথায় মারি পিছা ম ম ৫৭।

পিছা[২] বি [দ্র 'পাছা', হি পীছা, মৈ পিছা] ১ পশ্চাদ্‌ভাগ। 'বাজার জমে পিছা নৈল গো চ ৮। ২ ভাবী ফল, পরিণাম। 'নাহি গণে আগা পিছা, যাব যায় খড়গাছা, প্রণামেতে আমারে গুঁতায় বি সু ৮৫। [পিছান—পরাঙ্মুখ হওয়া, অগ্রসর না হওয়া। পিছা নৈল—অনুসরণ করিল। পেচিয়েছে (পিছাইয়াছে)—কাজে ভরা ভর দেয় নাই। 'বাজারা ছেলে দেগে পেচিয়েছে।—লী ৫৭।]

পিছাড়ি, -ড়ী বি [পিছা[২] > °ড়ি, হি °ডী, ঠ °ডী] ১ পশ্চাদ্‌ভাগ। ২ ঘোড়ার পিছনের পায়ে বাঁধা দড়ি। "°ডি দড়ি ঘুঁটীর গলায় শ্রী ২৪০। [হি °ডি মারা (°ডী মারনা)—চা'ট মারা।]

পিছারে ক্রি বি° [তি পিছারী+এ[৫]] পিছনে। ঠাটি বহুল বাই নাহি আগুসারে। হেন মুরতি জনি না চল পিছারে।—বি প ৬২।

পিছিলা বি° [হি পিছিলা] ১ পশ্চাদ্‌বর্তী, পূর্বকার, পুরাতন। 'মাসের পিছিলা ধার ধার দেড়ে বুড়ি ক চ ৭৪। ২ পরবর্তী, পরের। মো যদি সিনাও, আগিলা ঘাটে, পিছিলা ঘাটে সে নাহ প ক ৬৭৯।

পিছু ক্রি বি° [হি পিছু] ১ পশ্চাৎ, পরে। পিছু বান্ধিলেন জল শি ৮১, -৬, দাস দাসী সকলে সকল দিয়া পিছু (পাইল রাণী) ১০৮। ২ পিছনে। "পিছু কেন ডাক ভা চ ১৭৪। [পিছু পিছু—পিছনে পিছনে, সঙ্গে সঙ্গে। "বুড়িটী আসিবে পিছু পিছু শি ৭৮, বুল পিছু পিছু ৮৩। আমি পিছু পিছু গেলাম ব প্র ৬৪৩। পিছু ভিতে—পশ্চাতে। 'ব প ৫১৩। °মোড়া—সর্থ 'পিচমোড়া'। 'সাধু বান্ধে পিছুমোড়া ক চ ২৪৯। বসনে বান্ধিল পিছুমোড়া শি ১৪। জন পিছু—প্রত্যেকের পাছে, লোক প্রতি।]

পিছে ক্রি বি [পিছা+এ[৫], হি পীছে, পিছে, গু পাছু] ১ পশ্চাদ্ভাগে পিছনে। "আগে চড়ে হস্তির মাহুত পিছে চড়ে রাজা গো চ ৭৮। আগে পিছে...চলিল দাসীগণ।—ম ১১৮০। আগে হ'তে পিছে ভাল যদি ডাকে মায়।—খনা। ২ ভবিষ্যতে, পরিণামে। "বুঝিয়া উচিত বল, পিছে যেন নহে ফল শ্রী.ম ৬৬। ৩ পরে। "শ্বেত ফেনরাশি পড়িছে পিছে।—হেম ২৪৩। ৪ অনুপস্থিতিতে, পরোক্ষে, আড়ালে। ৫ প্রত্যেকে, ফি (per)। "হাল পিছে এক তঙ্কা ক.চ ৮৪। তু 'হি আদমী পীছে (per head)।]

পিছোড়া বি [হি পিছোড়] পশ্চাদ্‌গামী লোক, অনুচর। "চারি বৈষ্ণব চারি পিছোড়া সঙ্গে রাখিল চৈ.চ ৩১৮।

পিঞ্ছ বি [সং পিচ্ছ > প্রা *পিংছ > বা °ছ] ১ ময়ূরপুচ্ছ। "মুকুট—গো ১১৫,-৫৪। ইন্দ্রধনু পিঞ্ছতত্তি চৈ.চ ২১৯। ২ ময়ূরপুচ্ছচূড়া। "কুন্তল পিঞ্ছে চরণ নিরমঞ্চল।—গো ২০৬।

পিঞ্জ্‌ অক [অদা, আ—পিঙ্‌ক্তে, সেট্‌] ১ বর্ণ, পিঙ্গলবর্ণীভাব। "পিঙ্‌ক্তে চক্ষুঃ (ক ক)। ২ অব্যক্তশব্দ। —প্প্‌ সক [চু, প—পিঞ্জয়তি, সেট্‌] ১ হিংসা। ২ দান। —প্প্‌ অক ১ নিবাস। ২ দীপ্তি। ৩ বল।

পিঞ্জ পুং [√পিঞ্জ্‌+অ (অচ্‌)-ভা] বধ, বিনাশ। —প্প্‌ স্ত্রী [+অ -ণ] শক্তি। —প্পন স্ত্রী [+অন (ল্যুট্‌)-ভা] ১ তুলক্ফোটন, °তুলা পেঁজা। ২ [+অন-ণ] তুলক্ফোটন যন্ত্র, তুল ধোনার ধনু।

পিঞ্জর বিণ [°র+অ (অচ্‌) অস্ত্যর্থে, স্ত্রী -রা] 'পিঞ্জরবর্ণবান্‌', পীত, গৌর। 'কিরণকেসরভাস্বর° (উদয়াচলকেসরী) মহা ৭১৮৩৪৭। চামীকর° রঘু ১৮৪০। কুসুমবাণ° (পয়োধর)।—ঋতু ৫৯। উল্কা-পিঞ্জর (আকাশ)।—বৃহৎসংহিতা। স্নানধৌতকুঙ্কুমপিঞ্জরাম্‌ (সরযূম্‌) ভট্টি ২২১৩। —ঞ্জর স্ত্রী [√পিঞ্জ্‌+অর-ক, উ ৩১৩১] ১ স্বর্ণ। ২ হরিতাল। ৩ নাগকেশর। ৪ [+অর-ঘি] বিহঙ্গাদির বন্ধনস্থান, খাঁচা। '(শ্যাম শুকপাখী) হৃদয়-পিঞ্জরে, রাখিল সাদরে চ সা ৩০৮। (মানস-শুকপাখী) আয রে আমি তোবে হেমবিনির্মিত, প্রেম-পিঞ্জরেতে রাখি।—দা ২২৮০। [মূলানুসারে 'পিঞ্জর', মুখ্যার্থে 'স্বর্ণময়', পরে গৌণার্থে 'লৌহময়', বোধ হয়। কবিকঙ্কণে স্বর্ণপিঞ্জরের বর্ণনা আছে।] ৫ কায়াস্থিসমূহ, কঙ্কাল, পার্শ্বাস্থিসমূহ। "পিঞ্জরের অস্থি সকল বহির্গত।—কাদ ১২। —ঞ্জর পুং ১ পীতবর্ণ। ২ পীত অশ্ববিশেষ।

পিঞ্জল দ্র 'পিঞ্জ'।

পিঞ্জরা বি [সং °র > °রা, হি পিঞ্জরা] ১ পিঞ্জর। "পিঞ্জরায়, বন-বিহঙ্গরা গায়।—ন ১১৯২। ২ অবরোধস্থান। "ওমরাও সিংহ স্ত্রীলোকেরদিগকে পিঞ্জরায়কএদ করিয়া প্রাণে চালান করিলেন ব প ১৬৯৩। —ঞ্জিরা বি [অপ্র] পিঞ্জর। 'ব প ৭৫। গো.চ ১৯৪।

পিঞ্জা, -ঞ্জিকা স্ত্রী তুলনালিকা, তুলার পাঁ'জ।

পিঞ্জিরা দ্র 'পিঞ্জর'।

পিট্‌ অক [ভ্বা, -প—পেটতি, সেট্‌] ১ সংহতি। ২ ধ্বনি।

পিট[১] পুং [√পিট্‌+অ(ক)-ধি] ১ পেটক, পেঁটরা, চুপড়ি। ২ কণ্ডোল, ডোল (অ টী)। —ট স্ত্রী চাল (roof)।

পিট[২], **-ঠ, পীট, -ঠ** বি [সং পৃষ্ঠ > লি, প্রা পিট্‌ঠ > বা পীঠ, -ট, পিঠ,-ট, তি, গু, মৈ পীঠ, ঠ পাঠ (প্রা পট্‌ঠ), প পিট্‌ঠ, ড় পিঠ, সি পুঠি (পা পুট্‌ঠ), পিড (চট্টগ্রাম)] ১ পৃষ্ঠ। "পসান...পিঠে ফ্যালাইয়া দিল গো চ ২৩৬,-৬৬। কূর্মের পিঠী শূ ৯৯, ১০৩। গরুড়ের পিঠে ক চ ৫। পট্ট-আবরণ পিঠে।—মে ১৯৩। ২ পৃষ্ঠদেশ, পশ্চাদ্‌ভাগ। 'তহি্‌ রতি চীট পীঠ বহু চোরি : পীঠ আলিঙ্গনে কত সুখ পাব বি প ১৪০। ৩ তলদেশ (surface)। "পাতার উলটা সোজা পিঠ। ৪ পাশ (side)। উলটি পালটি দিহ পীট ব প ৫। গুএর এপিঠ, আর ওপিঠ, দ্র ('গু[১]')। [পিঠ-ডাঁড়া—মেরুদণ্ড, পৃষ্ঠবংশ। "ভা চ ২১০। পিঠ-পিঠ—পিঠে-পিঠে, পিছনে-পিছনে। যদি দয়া নাহি কর যাব পিঠপিঠ।—ব প ১১৫৫। পিঠ-বোকচা—পিঠে বাঁধিয়া বহনযোগ্য ভার। পিট(ঠ)মোড়া—পিঠে হাত মুড়িয়া কৃতবন্ধন। "দড়ী দিয়া বান্ধে পিঠমোড়া ম ম ১৫৪। কাপড় দিয়া বান্ধে পিটমোড়া বি সু ১০০। পীঠ-পাত—নৌকার পীঠের ভিতর দিকে সংলগ্ন আড়কাঠ (?)। "ব প ২২০। পিটে ফেলা—পিঠে রাখা, অনাদর করা। 'প্রিয় ধান্ত পোতা পেলে পিটে ফেলে পাছে শি ৮১। পীঠ করি—পীঠে (পশ্চাতে) করিয়া, পিছনে রাখিয়া। "উর মোড়ি বৈঠনু হরি করি পীঠ।—বি.প ১৩৯। ফিরিয়া চলিলা ধনী শ্যাম করি পীঠ।—ব ৯৯। পীঠ দিয়া থাকা—পীঠ ফিরাইয়া থাকা। 'ক্রোধে কান্তা যদি কান্তে পীঠ দিয়া থাকে। জড়াইয়া

ধরে তারে জলদের ডাকে ভা.চ ৪৪৭। পীঠ দেওয়া—১ পীঠ ফিরান। "পীঠ দেই হসি পালটি বৈঠব।—জ্ঞ.প ৭। ২ পৃষ্ঠপ্রদর্শন করা; পালান। "শৈশব সকলি চমকি দিল পীঠ বি.প ৩৩। ৩ পিঠে চড়িতে দেওয়া। "অর্ব্বাচীন অন্ত জনে পীঠ নাই দি শ্রী.মা ১১৩। পিঠ নেওয়া—পিঠে চড়া। "শ্রী.মা ১১৩।]

পিট[3] বি [প্রা √পিট্ট—পিট্টই (তাড়য়তি—পৈ); সং √পিট্ট > —পেটা] তাসখেলায় একবার তাড়িত বা নিক্ষিপ্ত তাস। "মর! ও ক্ষে আমাদের পিট্ তুই বিবি দিলি কেন?—মা ৩৪৮। [তাস পেটা—তাস খেলা (নিন্দায়)।]

পিট[4], **-টা** সর্ম্ম [সং √পিট্ট—পিট্টয় > প্রা √পিট্ট > বা °ট, -টা; হি √পীট; ঠ, প, সি √পিট; গু √পি(পী)ট; তু 'সং √পীড়্'] ১ তাড়না করা; মারা, পেটা। "জটে ধরি ভাটে পাড়ি পিটে।—শ্রী ১৫। তারে আমি এই ছড়ি দিয়া যে পিটিব ভ.গ্র ৩৩৭। ২ আঘাত করা। "নিয়াই উপরে রেখে পিটে ধুম-ধাম শ্রী.মা ১৪৩। চপ্ চপ্ পিটে শি ৭১। ৩ আঘাতে সংহত বা নিরেট করা। "ঘরের দেয়াল, মেজে পিটান। ৪ [হি √পিটনা] ধ্বনিত করা; বাজান। "ঢোল পেটা। [পিটন—প্রহার। পি(পে)টা—সর্থ 'পিট'। পি(পে)টান—সর্থ 'পিট'।]

পিটক পুং, ক্লী [পিট[1] + ক (কন্) স্বার্থে; তু 'তা √পিড্—ধারণ (Caldwell)] ১ মঞ্জুষা, পেটক, পেঁটরা। "সশূর্প° মহা ৫.১৫৪.৭। ২ ফলমূলাদ্যাহরণযোগ্যা বংশপেটী (রা. টীকা)। "খনিত্রপিটকাধর রা ২.৩১.২৫; ৩৭.৫। ৩ আধার, ভাজন। "ত্রিপিটক, বিনয়পিটক। ৪ [তু 'পিড়ক, -কা'] বিস্ফোট, ফোড়া। —টকা স্ত্রী বিস্ফোটক।

পিটকা দ্র 'পিটক'।

পিটন, -নি বি [পিট[4] + অন; তু 'পীড়ন'] প্রহার, মার। —টনা বি ঘরের মেজে ছাদ ইত্যাদি পিটানর মুগুর; কোপা।

পিটনা, পিটনি দ্র 'পিটন'।

পিটপিট বি [ঠ °ট—pettish chiding] কর্কশ তিরস্কার; খিট-খিট। —পিটে বিং [°ট + এ[7]; ঠ °ট্যা] রূক্ষপ্রকৃতি, খিটখিটে। "বেচারাম বাবু…অল্প পিটপিটে আ.হু ১৬। মিটমিটে প্রদীপ, পিটপিটে ভাতার অসহ্য।—প্রবচন।

পিটা(ঠা)লি[1], **-লী, -টুলি, -ঠাল** বি [সং পিষ্ট > প্রা পিট্‌ঠ > বা পিঠ, -ট + লি (স্বার্থে); ঠ 'পীঠ'—চূর্ণ; মৈ 'পিঠার'—চালগুঁড়ার কাই] পিষ্ট তণ্ডুল; ভিজা আতপচা'লের গুঁড়া বা গুঁড়ার কাই। "অঙ্গেতে পিঠালি দিল কৃ ৭৭। পিঠালি গন্ধ কৈল উদ্বর্ত্তনে—ম ২২০। পিটালী ক.চ ১৫৫; বেসার পিঠালী ১৫৭; পিঠালীর একুশ পুতলী ১৭১। পিঠালি আণ্ডলা শ্রী.ম ১৩৫। পিঠাল ম.পা ৮৮। পিঠালী ম.ম ২৫; ১৬৫।

পিটালি[2] বি [পীঠল (প.ক)] (সাদা-কাঠ) ভুরকুণ্ডাগাছ (Trewia nudiflora)।

পিট্ট্ সক [চু, ঞ—পিট্টয়তি, -তে; সেট্] কুট্টনবিশেষ, কুট্টন দ্বারা অধঃপ্রবেশন, পেটা (ত.বা)।

পিট্ট সর্ম্ম [সং √পিট্ট—পিট্টয় > প্রা √পিট্ট: অপ্র] তাড়না করা; তাড়া করা। "জমক নিগায় পিট্টিয়া গো.চ ১৭; ১১২।

পিট্টান বি [সং প্রস্থান > লি, পট্‌ঠান, প্রা পট্‌ঠাণ > বা (পট্টান) °ন] প্রস্থান, পলায়ন। "(মতিলাল) কখন বা পথিকদিগকে ইট পাটকেল মারিয়া পিট্টান দিতেছে আ.হু ১৩। এমন সময়ে তাহারা (ছোঁড়ারা) দৌড়িয়া পিট্টান দিল।—টেকচাঁদ। [পিট্টান দেওয়া—পলায়ন।]

পিঠ্ সক [ভ্বা, প—পেঠতি; সেট্] ১ বধ। ২ (অক) ক্লেশ।

পিঠ, পিঠ-ভাঁড়া, পিঠ-পিঠ, পিঠ-বোকচা, পিঠমোড়া দ্র 'পিট[2]'।

পিঠর পুং, ক্লী [√পিঠ্ + অর (করন্)-ধি] ১ 'তণ্ডুলাদিহিংসাস্থান', স্থালী, হাঁড়ি। "পিঠরাণ্যাসনানি মহা ১৪.৪.২৬। পিঠরং জলদতিমাত্রং নিজ-পার্শ্বানেব দহতিতরাম্।—পঞ্চ ১.৩৫৩; পূর্ণে…জঠরপিঠরে ৫.৯১। ২ অট্টালিকাগাত্রলগ্ন পিঠরাকৃতি গৃহ। —ঠর ক্লী [+ অর-ণ] ১ মন্থন-দণ্ড, মউনী। ২ [+ অর-র্ম্ম] মুস্তা। —ঠরী স্ত্রী স্থালী। "জঠরপিঠরী দুষ্পূরেয়ম্ (S.W)।

পিঠরী দ্র 'পিঠর'।

পি(পী)ঠা[1] বি [সং পিষ্টক > প্রা *পিট্ঠঅ > বা (পিট্‌ঠা) পী(পি)-ঠা; পিটে, -ঠে (কথ্যভাষা); হি পীঠা; ঠ পীঠ] চাল-গুঁড়া ডাল-বাটা গুড় নারিকেল ইত্যাদির মিশ্রণে কৃত মিষ্টান্নবিশেষ। "পীঠা বেচিয়া নাম ধরাল্য পীঠারি ক.চ ৮৬; ১৩৩। পিঠা ভা.চ ৫৪৮। [পিটে—"পিটে পুলি পেটে যেন ছিটে-গুলী ফোটে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। পিঠা-পানা—পিষ্টক ও শরবৎ। "চৈ.ভা ৩৯৯; চৈ.চ ১০০,-৪৩।]

পিঠা[2] বি [অপ্র] পৃষ্ঠ। "°ঠা পেতে দিল পক্ষ করিতে আসন শূ ৫।

পিঠাপিঠি বিং [পিঠ-আ + পিঠ-ই; পিঠো° (কথ্যভাষা)] পিঠে-পিঠে, অর্থাৎ পর-পর জাত; ক্রমিক। "°ঠি চার ছেলে। —পিঠী ক্রি.বিং পিঠে-পিঠে, পিছনে-পিছনে। "(রুক্মী) পিঠা-পিঠী ধায় নিজ অক্ষৌহিণী লয়্যা শ্রী.ম ১৬৬।

পিড়ক পুং, **-কা** স্ত্রী [√পীড় + অক (ণ্বুল্)-ক, স্ত্রী আ (টাপ্) ক্ষিপকাদি; পৃষো; তু 'পিটক, -কা'] বিস্ফোট (সুশ্রুত)।

পিড়া[1] বি [পিঁড়া[1] > °ড়া] সর্থ 'পিঁড়া[1]'। "শূ ৫৮,-৯। উছল পিড়া গো.চ ৩০১। ব.প ৯০৪। ঘরের পিড়া ন.প ১০৪।

পিড়া[2], **-ড়ি** বি [দ্র 'পিঁড়া[2]'] পীঠ। 'পিড়া চৈ.চ ১৯৩। পিড়ি রা.শে ২৬, ম.পা ৮৯।

পিড়ি দ্র 'পিড়া[2]'।

পিড়িং বি [সং পৃক্কা] বর্ষার শাকবিশেষ (Trigonella corniculata)।

পিড়িংপিড়িং বি [ধ্বন্যাত্মক] সেতারাদির তারের মৃদু শব্দ। "কেহ বা সেতার লইয়া পিড়িংপিড়িং করেন আ.হু ১২।

পিড়ী বি সর্থ 'পিঁড়ি (১)'। "ঘট স্থাপে পিড়ীর উপর ম.ম ১০২।

পিণাক বি [দ্র 'পিনাকী'] তত বাদ্যবিশেষ। "পিনাস পিণাক ভাল (বাজত) জ.প ১৩৪। পিণাক বা.ম ৮৪। ব ১৩৪। সা.ম ৪৭।

পিণ্ড্(-ণ্ডি) সক [ভ্বা, আ—পিণ্ডতে; —চু.প পিণ্ডয়তি; সেট্] পিণ্ডীকরণ।

পিণ্ড বিণ [√পিণ্ড্ + অ (ঘঞ্)-র্ম্ম] পিণ্ডীকৃত, সংহত, ঘন, নিবিড়। —ণ্ড পুং, ক্লী ১ সংহত বৃত্তাকার দ্রব্য; গোল, ডেলা (lump)। 'ঊর্ণা°', পিশিত°, মাংস°, শকৃৎ°। "ঋগ্বেদ ১.১৬২.১৯। অয়ঃপিণ্ড মহা ৩.২.২৫। ২ শ্রাদ্ধে পিতৃ-প্রভৃতিকে দেয় বিল্বাকার অন্নাদি; নিবাপ। "মনু ৩.২১৫,-৬। °বিচ্ছেদদর্শিনঃ রঘু ১.৬৬। ৩ আহার, অন্ন। "ভর্ত্তুঃ-পিণ্ডস্য নির্ব্বেশং কর্ত্তুমিচ্ছামি গো.রা ৩.৩৩.২৫। পর°।—হি ১২৪৪। ৪ কবল, গ্রাস। "একৈকং হ্রাসয়েৎ পিণ্ডম্ মনু ১১.২১৭,-৯। পিণ্ডমিবা-মিষস্য রঘু ২.৫৯। হস্তি° (পঞ্চ)। ৫ আজীবন, আজীব, জীবিকা। "গো রা ৪.১৯.২৬। ৬ ভিক্ষান্ন। "°পাতবেলা।—মা.মা ২। ৭ মাংস। ৮ দেহ, শরীর। "পিণ্ডগ্রহণ (S.W.)। পিণ্ডেষনাস্থা খলু ভৌতিকেষু রঘু ২.৫৭। (মহাগজ) চরণ চাপনে চূর্ণ করে কারো পিণ্ড।—ছু ৮৭। ৯ পিণ্ডিকা, জঙ্ঘাপশ্চাদ্‌ভাগ, পায়ের ডিম (the calf of the leg)। "পৃষ্ঠপিণ্ডাদ্যবয়ব মা.মা ৫.১৬। ১০ দেহৈকদেশ। "দ্বৌ চাস্য পিণ্ডাবধরেণ কণ্ঠাদজাতরোমৌ।—মহা ৩.১১২.৩। ১১ গৃহৈকদেশ, পিঁড়া, বারাণ্ডা, হাৎনা। ১২ দ্বারপ্রকোষ্ঠ, অলিন্দ। ১৩ ভ্রূণের প্রথম অবস্থা। ১৪ গজকুম্ভ। ১৫ সিহ্লক। ১৬ ওড্রপুষ্প। ১৭ দ্রব্যমাত্র। ১৮ বৃন্দ, সমূহ, রাশি। "অয়স্ময়ৈরগ্নিপিণ্ডৈঃ সন্দংশৈঃ।—ভ ৫.২৬.১৯। পুরুষা-স্তমঃপিণ্ডা ইব ত্রয়ঃ।—ক.সা ৪.৮১। ১৯ (গণিতে) যোগফল। ২০ (জ্যোতিষে) বৃত্তের চতুর্থাংশের চতুর্বিংশভাগ (৩°-৪৫´)।

২১ (জ্যামিতিতে) বেধ, ঘনত্ব (thickness)। ২২ গোল বোতাম। ২৩ গন্ধরস। ২৪ বেদি, পিঁড়ি। "বিন্দুর পিণ্ড: গোলপিণ্ড ক.চ ৭৯। —ণ্ড ক্লী ১ বল। ২ অয়ঃ, লৌহ। "প্রচণ্ড উত্তাপে পিণ্ড, হায় রে, গলিল! —মে ১৯৭। ৩ নবনীত। ৪ সৈন্ত। —ণ্ডক পুং, ক্লী [°ণ্ড+ক (কন্) স্বার্থে] ১ পিণ্ড, গোলক। "প্রকিরন্তি শকৃৎপিণ্ডকান্ উ.চ ৪.২৩। ২ কবল। ৩ সর্থ 'পিণ্ড (৯)। ৪ সিহ্লক। ৫ পিণ্ডমূল, গাজর। —ণ্ডক পুং ১ পিণ্ডালু। ২ পিশাচ, ভূতবিশেষ। ৩ বিস্ফোটক। "গণ্ডস্ত উপরি পিণ্ডকঃ সংবৃত্তঃ।—শ ২৳। [°কন্দ (পুং)—পিণ্ডালু, চুপড়িআলু। °খর্জুর (পুং), °খর্জুরিকা, -রী (স্ত্রী)—পিণ্ডীখেজুর। "°র চৈ.চ ১৫৮। °জীবী (-বিন্) বিং—পরান্নভোজী। "ম ৬০৩। °দাতা (-তৃ)—পিণ্ডদানকর্তা, শ্রাদ্ধাধিকারী। "যাজ্ঞ ২.১৩০। °নির্বপণ (ক্লী) —পিণ্ডদান। °পাত (পুং)—ভিক্ষান্নদান। দ্র 'পিণ্ড (৬)। °পুষ্প (ক্লী)—পদ্ম; অশোক; জবা; তগর। °বিচ্ছেদ (পুং)—পিণ্ডদান-বিচ্ছেদ, পিণ্ডাভাব। "রঘু ১.৬৬। °ভাক্ (-জ্) পুং—'পিণ্ডভাগী', পিতা পিতামহ প্রপিতামহ—এই পুরুষত্রয়। 'পিত্রাদ্যাঃ (ত্রয়ঃ) পিণ্ডভাজঃ স্যুঃ।—শাতাতপ ৬৫। দ্র 'অশ্রুমুখ'। "শ ৬২৪। °ভৃতি (স্ত্রী) পিণ্ডার্থ ভৃতি, ভক্তার্থবৃত্তি। "গো.রা ২.২৬.৩৭। °মুস্তা (স্ত্রী)—নাগর-মুস্তা। °মূল (ক্লী)—গর্জর, গাজর। °লেপ (পুং) > পিণ্ডদানের পরে হস্তলগ্ন পিণ্ডাংশ। দ্র 'লেপভুক্'। °লোপ (পুং)—সর্থ 'পিণ্ডবিচ্ছেদ'। °সম্বন্ধ (পুং)—১ শ্রাদ্ধে পিণ্ডদানসম্বন্ধ। "মনু ৫.৬০, কুল্লুক। ২ দেহের সহিত সম্বন্ধ। °সম্বন্ধী (-ন্ধিন্) বিণ—পিণ্ডভাগী (পিত্রাদি পুরুষত্রয়)। "মনু ৫ ৬০, কুল্লুক।]

পিণ্ডক দ্র 'পিণ্ড'।

পিণ্ডদ বিণ [পিণ্ড+ √দা+অ(ক)-ক, উত] ১ শ্রাদ্ধে পিণ্ডদানকর্তা (পুত্রাদি)। 'পিণ্ডদঃ…এবাং পূর্বাভাবে পরঃ পরঃ (পুত্রঃ) যাজ্ঞ ২. ১৩৫। °দঃ সুতঃ মহা ৩.২২৯ ১২। ২ অন্নদাতা। "অনাথ°। —দ পুং ১ প্রভু, স্বামী। ২ পিণ্ডদাতা পুত্রাদি। পিণ্ডদঃ সপ্তমস্তেষাম্ মনু ৫ ৬০, কুল্লুক। —দা স্ত্রী 'দেহকর্ত্রী', মাতা। "মহা ৩ ২১৮.৯।

পিণ্ডা স্ত্রী [পিণ্ড+স্ত্রী আ (টাপ্)] ১ পিণ্ডায়স, ইস্পাত। ২ কস্তুরী-ভেদ। ৩ [সং পিণ্ড] (বাঙলায়) পিঁড়া, বারাণ্ডা। "গৃহপিণ্ডা চৈ চ ১২৭; ২৫৮, ৩৪৭। ৪ বেদি। "চৈ.চ ৩১৮।

পিণ্ডায়স ক্লী [পিণ্ড অয়স্, কর্মধা, সমাসান্ত 'অ' (অচ্)] সংহত লৌহ, তীক্ষ্ণায়স, ইস্পাত।

পিণ্ডার পুং [পিণ্ড+ √ঋ+অ (অণ্)-ক; উত] ১ 'পিণ্ডগ্রাহক,' ভিক্ষুক, ক্ষপণক। ২ গোপালক, মহিষরক্ষক। ৩ বিকঙ্কত, বইচগাছ।

পিণ্ডালু পুং পিণ্ডাকৃতি আলু; চুপড়ি-আলু।

পিণ্ডাশ, -শী (-শিন্) পুং [পিণ্ড+ √অশ্+অ (অণ্).+ ইন্ (ণিনি), -ক-১ব; উত] পরপিণ্ডভোজী, ভিক্ষু।

পিণ্ডাশী (-শিন্) দ্র 'পিণ্ডাশ'।

পিণ্ডি, -ণ্ডী স্ত্রী [√পিণ্ড্+ই (ইন্)-ক, উ ৪.১১৭; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পিণ্ড, ডেলা। "ভক্ত°। ২ পিণ্ডিকা। ৩ চক্রমধ্যস্থ কাষ্ঠপিণ্ড; রথচক্রনাভি (অ.টী), নাভি (nave)। ৪ পীঠ, পীঁড়ি। ৫ খর্জুরবিশেষ, ছোহারা। প্রতিমাদির আধার; দেবতাপীঠিকা, বেদি, পিঁড়ী। 'চারি চৌয়ি চতুঃশালা, মাঝে পিণ্ডি কাঁচ-ঢালা ক চ ৭৯। °ণ্ডি চৈ.চ ২৪২; তুলসী লেপাপিণ্ডির উপর ২৭৫। ৭ অশোকবৃক্ষ। ৮ অলাবু। —ণ্ডিকা স্ত্রী [°ণ্ডি, -ণ্ডী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পিণ্ডি (১-৪)। ২ সর্থ 'পিণ্ড (৯)। "বিকটোদ্বদ্ধপিণ্ডিক মহা ১.১৫৫.৩৩। চরক ১.৭.৫। ৩ পীঠ, বেদি। ৪ লিঙ্গপীঠ, গৌরীপট্ট। —ণ্ডি বি [সং পিণ্ড] ১ সর্থ 'পিণ্ড(২)। "পিণ্ডি দেওয়া। ২ [সং পিণ্ড] দেহ। "পিণ্ডি কাঁচা গো চ ৭০। [পিণ্ডি চটকান—গালিবিশেষ।]

পিণ্ডিকা দ্র 'পিণ্ডি'।

পিণ্ডিকোদ্বেষ্টন ক্লী [ষ.ত] পায়ের ডিমে খাল ধরা। "চরক ১.৭.৫।

পিণ্ডিত বিণ [√পিণ্ড্+ত (ক্ত)-র্ম] ১ সংহত, পিণ্ডীকৃত, ঘন। "আক্রমম্…পিণ্ডিতক্রমম্ গো.রা ২.৯৮.২২। মজ্জা শিরোমধ্যে পিণ্ডিত-স্নেহঃ।—মনু ৫ ১৩৫, কুল্লুক। ২ গণিত। ৩ গুণিত। "কৃতং সকৃদ্-দ্বিত্রিপিণ্ডিতম্।—বৃহৎসংহিতা ৬৮.৬৩। ৪ একীকৃত। "অক্ষৌহিণ্যঃ …পিণ্ডিতাষ্টাদশৈব মহা ১.২.২৮। ৫ মিশ্রিত, মিলিত। ৬ নিষ্কর্ষ-পূর্বক সংগৃহীত; নিকৃষ্ট। "এষ পিণ্ডিতার্থঃ মা.মি ১২৳। —ত পুং তুরুষ্কনামক গন্ধদ্রব্য।

পিণ্ডিরা বি [পিণ্ডিপারা > °রা (?)] পিণ্ডিতুল্য ঘণ্ট-ব্যঞ্জন (?)। "ডুমুরের ফলে কিছু রাষ্মাছে পিণ্ডিরা ক চ ১৪২।

পিণ্ডী দ্র 'পিণ্ডি'। [°শূর (পুং)—পিণ্ডীতেই বীর; কেবল ভোজনে নিপুণ (যুদ্ধাদিতে অসমর্থ) জন। "রাক্ষসান্…°শূরান্ ভট্টি ৫.৮৫। তু 'গুহার ময়ূর, খাইতে বড় শূর ক.চ ৩১।

পিণ্যাক[১] পুং, ক্লী [পিষ্+আক -র্ম, নিপাতিত, উ ৪.১৫] ১ আকৃষ্ট-তৈল তিল; তিলকল্ক, তিলের খ'ল। "শ্রেয়স্তৈলং চ পিণ্যাকাৎ (মহা); পঞ্চ ৩.৯৮। মনু ১১.৯৩। ভ ৫.৯.১১। ভ.গ্র ২৮৯। ২ অনিঃসারিততৈল পেষণপূর্বক চূর্ণীকৃত ইঙ্গুদীবীজ (রা টীকা)। "ইঙ্গুদি° রা ২.১০৩.২০; ঐঙ্গুদম্…পিণ্যাকম্ ২৯। ৩ তৈলকল্কমাত্র। ৪ হিঙ্গু। "যাজ্ঞ ৩ ৩৮। ৫ সিহ্লক, শিলারস। ৬ বাহ্লীক, জাফরান। ৭ সরলরস (শ.ক)।

পিণ্যাক[২] বি [কপিনাস > °ক (?), অপ্র] বাদ্যবিশেষ। "পিণ্যাক ভুরঙ্গ।—দ্রু ১০৩।

পিত, -তঃ, -তা বি [সং পিতৃ > পিতঃ (সম্বোধন-১ব); পদ্যে] হে জনক। হে পিতৃবৎ পূজ্য। "হে পিতঃ।—মে ১০৯। পিত। মুছে ফেল শোক হৃদয়ের।—ন ১২৪৭। হে পিতা, হে দেব, দূর করে' দাও, যত পাপ যত দোষ।—রবীন্দ্র।

পিতরি '-ত্-' বি [সং পিতৃ (পিত্-ঋ) > (পিতৃরি) > °রি, দ্র 'ঋ'[১] অপ্র] পিতা। "দেব-ঋষি-পিতরি-তর্পণে শ্রী.ম ২১৯।

পিতরিশূর পুং [পাত্রেসমিতাদি, অলুক্] পিতৃবিষয়েই বীর (অন্যত্র নহে), ভীরু (নিন্দার্থে প্রয়োগ)।

পিতল বি [সং পিত্তল > প্রা পিত্তল > বা (পীতল) °ল; হি পীতল; ঠ, গু পিতল, মৈ °র] ১ তামা ও দস্তার মিশ্র ধাতুবিশেষ (brass)। ২ পিতলের থালা ঘটী ইত্যাদি পাত্র। "বামনপণ্ডিতের ঘরে পিতল-কাঁসার অভাব থাকে না।

পিতা (-তৃ) পুং [√পা+তৃ (তৃচ্)-ক-১ব, নিপাতিত, উ ২.৯৬; ছান্দস, Av. pitar, ফা পিদর্ (তু 'ছান্দস—মাতরা 'পিতরা' পা ৬.৩.৩৩), G, L. pater, Teutonic—fadar, Kelt—fathir, Danish, Swedish—fader, A.S. fæder, E. father; সমাসে পূর্বপদ 'পিতৃ'—পিতৃকর্ম, পিতৃগণ ইত্যাদি] ১ 'পালক', জনক। "পিতরঞ্চ দৃশেয়ম্।—ঋগ্বেদ ১.২৪.১। আচার্য্যাণাং শতং পিতা মনু ২ ১৪৫। রঘু ১ ২৪। পিতা স্বর্গ পিতা ধর্ম্ম জপ তপ পিতা ক.চ ২২৪। পিতা স্বর্গ পিতা ধর্ম্ম পিতা কল্পতরু শ্রী.মা ৫৮। ২ জনয়িতা। "পিতাহমস্য জগতঃ গী ৯ ১৭। ৩ শিক্ষারক্ষণাদি হেতু পিতৃস্থাপন্ন জন; পোষক। 'স পিতা যস্ত পোষকঃ রঘু ১.২৪, মল্লিনাথ। "রঘু ১.২৪। তেনাস লোকঃ পিতৃমান্ বিনেত্রা ১৪.২৩। শরীরসংবর্দ্ধনাদিভিঃ তাত কাশ্যপঃ অস্যাঃ পিতা শ ১২৳। ৪ ধর্মতঃ পিতৃবৎ পূজ্য। "মনু ২.১৫০। ৫ মন্ত্রদাতা। 'পিতা ভবতি মন্ত্রদঃ মনু ২.১৫৩। দ্র 'পঞ্চ পিতা'। ৬ [এক. দ্বন্দ্ব] (দ্বিব) পিতা ও মাতা। "জগতঃ পিতরৌ বন্দে পার্বতীপরমেশ্বরৌ রঘু ১.১। ৭ (বহুব) গৌণ পিতৃব্যাদি। "গী ১.২৬। মনু ২.১৫১, যেনাস্য পিতরো যাতাঃ ৪.১৭৮। ভ ১.১৩.৩১। ৮ পিতৃ-

পিতামহাদি পূর্ব্বপুরুষগণ। "ঋ ১.৪১.২ ; ৬ ; ৮ ; ১২ । মনু ৩.৮১ । পিতৃণাং মুমুচে স বন্ধনাৎ রঘু ৩.২০। ধৌতাশ্রুশেষমুদকং পিতরঃ পিবন্তি শ ৬.২৫ । (নন্দন) মোহোর যতেক পিতৃ,…করিবে উদ্ধার ॥—ম ৩৭ , কপিলকোপে দগ্ধ পিতৃগণ ৪৭০ । **৯** পিতামহাদি। "ভ ১.১২.৩১ । **১০** চন্দ্রলোকস্থ সপ্তপিতৃগণ—বৈরাজ অগ্নিষাত্ত বর্হিষদ্ সুকাল হবিষ্মান্ সুস্বধা সোমপ (হ, ১৮শ অধ্যায়) ; (মতান্তরে) কব্যবাল অনল সোম যম অর্য্যমা আগ্নিষাত্ত বর্হিষদ্ সোমপ—সপ্ত পিতৃদেবতা (বায়ুপুরাণ)। দ্র 'মহা ২.১১.৪৬-৪৭ । মনু ৩.১৯৫-১৯৭ । "পঞ্চদশ লক্ষ শ্লোক পিতৃগণ শুনে।—ম ২ । **১১** শ্রাদ্ধোদ্দেশ্যে প্রাপ্তপিতৃলোকক (ত.বা)। 'পিতরঃ শ্রাদ্ধদেবতাঃ। **১২** দ্র 'পিত'। [°কর্ম্ম (-র্ম্মন্), °কার্য্য (ক্লী), °ক্রিয়া (স্ত্রী)—পিতৃগণোদ্দেশ্যক কর্ম্ম ; শ্রাদ্ধতর্পণাদি। "পিতৃকর্ম্ম মনু ২.২৫২ । পিতৃক্রিয়া চৈ.চ ৫৭ । °কানন (ক্লী), °গৃহ—পিতৃগণের কাননতুল্য, গৃহতুল্য ; শ্মশান। "°কানন রঘু ১১.১৬ । °গণ (পুং)—সর্থ 'পিতা (৮-১০)। "ম.পা ১১৩ । °তিথি (স্ত্রী), °দিন (ক্লী)—পিতৃপ্রিয় তিথি, দিন ; অমাবস্যা। °দান (ক্লী)—পিতার উদ্দেশ্যে পিণ্ডাদিদান ; নিবাপ। °দায় (পুং) —বিভাজ্য পৈতৃক ধনাদি ; রিক্থ। °দেবতা (স্ত্রী, বহুব)—যাঁহারা পিতৃগণ ও দেবতা : কব্যবালাদি পিতৃগণ। দ্র 'পিতা (১০)। °পতি (পুং)—'সপ্ত পিতৃগণের মধ্যে শ্রেষ্ঠ' ; যম, শ্রাদ্ধদেব (দ্র 'হ, ১৮শ অধ্যায়)। °পদ (ক্লী)—দিব্যপিতৃলোক ; পিতৃচরণ। °পিতা (-তৃ) পুং—পিতামহ (অ.কো)। °পিতামহ (পুং)—পিতা ও পিতামহ। "(কন্যাসম্প্রদানকালে) °মহপূর্ব্ব-বাক্য শি ২৮। °পৈতামহ (বিণ) —পিতৃপিতামহ হইতে আগত ; পৈতৃক। "রাজ্যম্…পিতৃপৈতামহম্ রা ১.৭৯.৫ ; °মহং স্থানম্।—পঞ্চ ১.৩৯৬। °প্রসূ, °সূ (স্ত্রী) —'পিতৃপ্রসবিত্রী', পিতামহী ; কব্যবালাদির মাতা সায়ংসন্ধ্যা (অ.কো)। °বন (ক্লী), °বসতি (স্ত্রী), °মন্দির (ক্লী)—শ্মশান। °মেধ (পুং) —অন্ত্যেষ্টি। "মনু ৫.৬৫ । °যজ্ঞ (পুং)—পিতৃগণের যজ্ঞ , অন্নাদি বা ɩ.ল দ্বারা পিতৃতর্পণ। 'পিতৃযজ্ঞস্তু তর্পণম্ মনু ৩.৭০ ; ১২২ । ম ৭৪০। °রাট্ (-জ্), °রাজ (পুং)—পিতৃগণের রাজা ; পিতৃপতি, যম। °লোক (পুং)—দিব্য পিতৃগণের অধ্যুষিত লোক (দ্র 'হ, ১৮শ অধ্যায়) ।]

পিতাড়ী বি রাঢ়ীয় কাশ্যপগোত্র পীতমুণ্ডীগ্রামবাসী কৌতুকের বংশীয় ব্রাহ্মণগণ (?)। "ব.প ৩১৫।

পিতামহ পুং [পিতৃ+আমহ (ডামহচ্) 'পিতার পিতা' অর্থে, পা ৪.২.৩৬ ; পিতা+মহ—তু 'মহে পিত্রে (মহতে পালয়িত্রে—সায়ণ, ঋগ্বেদ ১.৭১.৫৫ ; 'পিতামো' (কথ্যভাষা)—বাপ-পিতামোর নামে। —হেম ৩৮৬।] **১** পিতার পিতা ; পিতৃপিতা, ঠাকুরদাদা। "অথর্ব্ব-বেদ ৫.৫.১ । অহমস্য জগতঃ…পিতামহঃ গী ৯.১৭ । মম পূর্ব্বপিতামহাঃ মহা ৪.১.১ । মনু ৩.২২১ । পিতৃ° ম ৪৮ ; পূর্ব্বপিতামহগণ ৫৮৫ । **২** কব্যবালাদি পিতৃগণের পিতা (দ্র 'পিতা ১০), ব্রহ্মা। 'ত্বং পিতৃণামপি পিতা কু স ২.১৪ । রা ১.৩৭.৯ । পিতামহ দিলা মোরে অন্নপূর্ণা নাম ভা.চ ২৫৪ । **৩** জনক (কুল্লুক)। "লোক° রা ১.২.২৭ , ৫৭.৪ । সর্ব্বলোক° মনু ১.৯ । **৪** পিতার পিতৃবৎ পূজ্য। "কুরুবৃদ্ধঃ পিতামহঃ গী ১.১২ । **৫** (বহুব) পিতামহাদি পূর্ব্বপুরুষ। "(জরৎকারুঃ) অটমানঃ…ষান্ দদর্শ পিতামহান্ মহা ১.১৩ ১৫ । ম ৩৪১ , কোন কোন কর্ম্ম কৈলা পিতামহগণ ১১০৯ ; °উপাখ্যান ১২৪৬ । [বোধ হয় 'পূর্ব্বপিতামহ' হইতে ভ্রমে 'পিতামহ'।] বসেন এ দেশে…ইক্ষ্বাকু, মান্ধাতা, নহুষ প্রভৃতি…। অগ্রসরি পিতামহে পূজ, মহাবাহু !—মে ২৯১ ।

পিতুঃস্বসাপুত্রী বি ["°সৃপুত্রী' সাধু , অপ্র] পিসীর কন্যা। "°পুত্রী তার বয়সে প্রবীণা শ্রী.মা ১৯ ।

পিতুলা বিং ['°লে' (কথ্য)] পিত্তলনির্মিত। "°থাল ম.ম ১৩১ ।

পিতৃঋণ বি [পদ্যে] পিতৃগণের ঋণ। দ্র 'ঋণ (৩)। 'পিতৃঋণে পার হব পিণ্ডদান দিয়া।—ম ১১২ ; ১০৫৫ ।

পিতৃকল্প বিণ [পিতৃ+কল্প (কল্পপ্)] পিতৃতুল্য। —কল্প পুং [ষ.ত] পিতৃগণসম্বন্ধী বিধি ; শ্রাদ্ধাদিকর্ম্ম। "হ ২২.৮ ।

পিতৃতর্পণ ক্লী [ষ.ত] **১** জলদানরূপ পিতৃগণের তৃপ্তিজনক ব্যাপার। **২** 'পিতৃতৃপ্তিসাধন', পিতৃযজ্ঞনামক নিত্যশ্রাদ্ধ। "মনু ৩.৭৪ । **৩** পিতৃ-তীর্থ। **৪** তিল।

পিতৃতাত বি পিতার পিতা ; পিতামহ। "ভ.গ্র ১৪২ ।

পিতৃতীর্থ ক্লী [উ.লো] **১** পিতৃপ্রিয়তীর্থ ; গয়া। "পিতৃতীর্থং গয়া নাম (মৎস্যপুরাণ, ২২শ অধ্যায়)। **২** অঙ্গুষ্ঠতর্জ্জনীর মধ্যস্থান। 'অন্ত-রঙ্গুষ্ঠদেশিন্যোঃ পিতৃণাং তীর্থম্।—উশনা ২.১৬ ।

পিতৃদেব বিণ [বহুব্রী] পিতা যাহার দেববৎ পূজ্য ; দেববুদ্ধিতে পিতৃ-পূজক। "°বো ভব।—তৈত্তিরীয় ১১.২ । —দেব পুং [কর্ম্মধা] **১** দেববৎ পূজ্য পিতা। **২** সর্থ 'পিতৃদেবতা'। দ্র 'পিতা'।

পিতৃদৈবত বিণ [°দেবতা+অ (অণ্)] **১** পিতৃদেবতাসম্বন্ধী, পিতৃ-গণের ও দেবগণের সম্বন্ধী। "°কর্ম্মণি (পশবো হিংস্যাঃ)।—বিষ্ণু ৫১.৬৪ । **২** দিব্যপিতৃগণদেবতাক। —বত ক্লী মঘানক্ষত্র। —বত্য ক্লী (+য(যৎ)] পিতৃদেবতাগণের উদ্দেশ্যে অষ্টকায় কৃত যজ্ঞ।

পিতৃপক্ষ পুং [উ.লো] **১** পিতৃপ্রিয় পক্ষ ; গৌণাশ্বিনকৃষ্ণপক্ষ, প্রেত-পক্ষ। **২** [ষ ত] পিতৃকুলজাত জন। "°ক্ষঃ প্রভুঃ স্ত্রিয়াঃ (নারদ)। "পিতৃপক্ষে সপ্ত গোত্র ত্যজিব বিচারি।—বি.পা ২৫৭ । **৩** শ্রাদ্ধে পিতৃপিতামহপ্রপিতামহ।

পিতৃবন্ধু, -বান্ধব পুং [ষ ত] **১** পিতামহ ও পিতামহীর ভগিনীর পুত্র ও পিতার মাতুলপুত্র। 'পিতুঃ পিতুঃ স্বসুঃ পুত্রাঃ পিতুর্মাতুঃ স্বসুঃ সুতঃ। পিতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ ॥—উদ্বাহতত্ত্ব। **২** (বাঙ্‌লায়) পিতার আত্মীয়স্বজন। "তিলোত্তমার পিতৃবন্ধু ও অনেকে…আসিয়া আমোদ-আহ্লাদ করিলেন ব.প্র ১০৩।

পিতৃব্য পুং [পিতৃ+ব্য (ব্যৎ) 'পিতৃভ্রাতা' অর্থে, পা ৪.২.৩৬] **১** 'পিতৃভ্রাতা', জ্যেষ্ঠতাত। "অস্মাকং পিতৃব্যপুত্রাঃ শতং সন্তি বা.ভা ১১/৮। **২** খুল্লতাত। "মনু ২ ১৩০ । °হন্তৃ ভ ৭৫.৩৫ । **৩** পিতার ভ্রাতৃসদৃশ মিত্রাদি। "পিতৃব্যোঽয়ং তব স্নানার্থং নদ্যাং যাস্যতি, তদ্ গম্যতাম্।—পঞ্চ ১ ৭৭৭/৪৪৫ ।

পিতৃব্রত বিণ [বহুব্রী] পিতৃগণে যাহার ব্রত ; শ্রাদ্ধাদিক্রিয়াপর, পিতৃ-ভক্ত। "পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ গী ৯.২৫ । —ব্রত ক্লী [ষ.ত] 'পিতৃপূজা', শ্রাদ্ধাদি পিতৃকার্য্য।

পিতৃমাতৃবৃত্তান্ত বি [দ্বন্দ্ব ; ষ.ত] জনকজননীর বিবরণ। "নিজ° সী ৬৩। —মাতৃসম বিং [তৃ ত] জনকজননী-সদৃশ। "°সম গুরু নাহি ত্রিভুবনে শ্রী.মা ৭ । —মাতৃসেবা বি [ষ.ত] জনকজননীর পরিচর্য্যা। "দেবপিতৃমাতৃ-সেবা।—গ ৯৭ । —মাতৃহীন বিং [তৃ.ত] জনকজননী-বিরহিত। "পিতৃমাতৃহীন পুত্রে পালিবেন পিতা।—মা ১০২।

পিতৃমান্ (-মৎ) বিণ [পিতৃ+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী] **১** পিতৃযুক্ত, সপিতৃক। "ময়া চ পিতৃমান্ পুত্রঃ সুমহাত্মা দুরাত্মনা গো.রা ২.১০.১০। **২** জীবৎপিতৃক। "পিতৃমত্যঃ স্ম ভগবন্ ন স্বচ্ছন্দচরা বয়ম্ গো.রা ১.৩৫.২৬। **৩** পুত্রবৎসল-পিতৃক। "স তেন পিত্রা পিতৃমান্ বভূব রঘু ১৮.১১ । **৪** পিতৃসদৃশনিয়ামকবান্। "তেনাস লোকঃ পিতৃ-মান্ বিনেত্রা রঘু ১৪.২৩।

পিতৃযাণ, -ন ক্লী [ষ.ত ; সংজ্ঞায় ণত্ব ; °ন (ক্ষুভ্নাদি) ; °ণ (অথর্ব্ব ১৮.৪.১)] পিতৃগণের চন্দ্রলোকে গমনমার্গ ; আবৃত্তিফল ধূমাদিমার্গ। "°যাণপথ মহা ৩.২.৭৬। °যান যাজ্ঞ ৩.১৮৪ ; ভ ৪.২৯.১৩।

অজানা আঁধারে কু.কে ১৫০। [যজ্ঞ বেদপাঠ দান ও তপস্যা পিতৃযাণপথে অবস্থিত, অর্থাৎ পিতৃযাণের অনুকূল অনুষ্ঠান (মহা ৩.২.৭৬; যাজ্ঞ ৩.১৮৪)। গৃহস্থগণ গ্রামে ইষ্ট পূর্ত্ত ও দানাদির অনুষ্ঠান করিয়া পরলোকে ধূমাদিদেবতাক্রমে পিতৃলোক ও তৎপরে চন্দ্রলোক প্রাপ্ত হন এবং কর্ম্মক্ষয়পর্য্যন্ত চন্দ্রলোকে বাস করিয়া পুনর্ব্বার পৃথিবীতে নিবৃত্ত হন (দ্র 'ছান্দোগ্য ৫.১০.৩-৬। গী ৮.২৫)। তন্ত্রমতে, ইড়া পিতৃযাণ।]

পিতৃষ্বসা (-স্বৃ) স্ত্রী [ষ.ত; অলুকপক্ষে 'পিতুঃস্ব(স্ব)সা'] পিতৃভগিনী, পিসী। "মহা ২.২.৩। মনু ২.১৩১। পিতুঃস্বসা।—ম ২০৮; °স্বসা ৭১৫।—স্বস্রীয় পুং [°স্বৃ+ঈয় (ছ)] 'পিতৃষ্বসৃসম্বন্ধী', পিতৃষ্বসৃপুত্র, পিসীর ছেলে। "মহা ১.১১১.২।

পিতৃসদ্ম (-স্মন্) ক্লী [ষ.ত] পিতৃগৃহ, শ্মশান। "ত্রিলোকনাথঃ পিতৃসদ্মগোচরঃ কু.স ৫.৭৭।

পিতৃস্থান, -নীয় বিণ [পিতৃতুল্য স্থান যাঁহার, বহুব্রী; °ন+ঈয় (ছ) বিকল্পে, পা ৫.৪.১০] পিতৃতুল্য, পিতৃবৎপূজ্য।

পিতৃহা (-হন্) বিণ [পিতৃ+ √হন্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত; স্ত্রী -ঘ্নী] পিতৃহন্তা।

পিতৃহূ পুং [পিতৃ+ √হ্বে+ক্বিপ্ (০)-ণ] যাহা দ্বারা পিতৃগণ কর্ত্তৃক আহূত হয়; দক্ষিণ কর্ণ। 'পিতৃহূর্দক্ষিণঃ কর্ণ উত্তরো দেবহূঃ স্মৃতঃ ভ ৪.২৯.১২। "ভ ৪.২৫.৫০। [শ্রবণকালে বলাধিক্য হেতু দক্ষিণকর্ণ প্রথম প্রবৃত্ত হয়; শাস্ত্রেও কর্ম্মকাণ্ড প্রথম শ্রোতব্য। এই সাম্য হেতু অনুষ্ঠাতা কর্ম্মানুষ্ঠানে পিতৃগণ কর্ত্তৃক আহূত হইয়া পিতৃলোকের পিতৃযাণ প্রাপ্ত হন (ভ ৪.২৫.৫০, শ্রীধর)।]

পিত্ত পুং [অপি+ √দা+ত (ক্ত)-ক (অ.টী); °ত্ত (অথর্ব্ব ১.২৪.১)] ১ 'রোগদায়ক', দেহস্থ ধাতুবিশেষ, মায়ু (pile)। "শরীরস্থ যথা (যুদ্ধম্) রাজন্ বাতপিত্তকফৈস্ত্রিভিঃ মহা ৬.৮৪.৪১। ২ তেজঃ। 'পিত্তাত্তু দর্শনং পক্তিমৌষ্ণ্যং রূপং প্রকাশিতাম্ (আত্মা গৃহ্লাতি) যাজ্ঞ ৩.৭৭। [°কোষ (পুং)—পিত্তরসাধার। °ঘ্ন (বিণ)—পিত্তনাশক। "°ঘ্নং ঘৃতম্ (সি)। °ঘ্নী (স্ত্রী)—গুড়ূচী। °জ্বর (পুং)—পিত্তকোপজন্য জ্বর। °প্রকৃতি (বিণ)—পিত্তপ্রধানস্বভাব, কোপন। °প্রকোপ (পুং)—পিত্তদোষ। °রক্ত (ক্লী)—পিত্তসংসৃষ্ট রক্ত; রক্তপিত্তরোগ (plethora)। °শমন (বিণ)—পিত্তদোষনাশক। পিত্তাতীসার (পুং) —পিত্তনিমিত্তক অতীসার। পিত্তাভিষ্যন্দ (পুং) পিত্তজন্য নেত্রজলক্ষরণরূপ রোগ। পিত্তারি (পুং)—পিত্তনাশক—পর্পট, লাক্ষা, বর্ব্বর। পিত্তোপহত (বিণ)—পিত্তকোপযুক্ত। "পশ্যতি পিত্তোপহতঃ শশিশুভ্রং শঙ্খমপি পীতম্ (কা.প্র)।]

পিত্তয় বি [গ্রাম্য; অপ্র] প্রত্যয়। "শ্রী.মা ১১২।

পিত্তল বিণ [পিত্ত+ল (লচ্) অস্ত্যর্থে, বহুত্বে] পিত্তবহুল, প্রচুরপিত্তবান্। —ত্তল ক্লী ১ 'পিত্তবর্ণবান্', উপধাতুভেদ, রীতি, পিতল। পিত্তলং তাম্ররঙ্গজম্।—শু ৪.২.৮৯। ২ ভূর্জ্জপত্র।

পিত্তি বি [সং পিত্ত; তু 'প্রা পিত্তিঅ (পৈত্তিক); হি পিত্তি (পিত্তজন্যরোগ)] পিত্ত। [°রক্ষা—১ খাদ্যদানে পিত্ত শান্ত করা। "খেলে হয় পিত্তিরক্ষা।—দা ৯৩৬। ২ (গৌণার্থে) উপভোগে অসমর্থের উত্তেজনাশান্তিমাত্র। "বিবাহ তৃতীয় পক্ষে। সে কেবল পিত্তিরক্ষে।—ন.ত ২৫। °রক্ষিণী—তৃতীয় পক্ষের স্ত্রী। "তৃতীয় পক্ষের পিত্তিরক্ষিণীর শাসন। —অ.গ্র ৩৪। °রুক্ষী—পিত্তপ্রধান, কোপন। "°রুক্ষী ধাত। পিত্তি চৌয়ান, দগ্ধ হওয়া—অতিক্ষুধার খাদ্যাভাবে পিত্তে পাকাশয় জীর্ণ হওয়া। পিত্তি পড়া—ক্ষরিত পিত্তের পাকাশয়ে আসা ও খাদ্যাভাবে পাকাশয় জীর্ণ করা। পিত্তি রক্ষা করা—ক্ষুধার খাদ্যদানে পিত্তকার্য্য রক্ষা করা।]

পিত্তেশ বি [গ্রাম্য] প্রত্যাশা। "পরামাণিকের পো,…কিছু পাওয়ার পিত্তেশ রাখ ত?—বি.বু ৩৩।

পিত্যাবধি ক্রি.বিং [প্রত্যহ+অবধি; অপ্র] প্রত্যহ। "পিত্যাবধি যোগায় ওজন শ্রী.ম ৯২।

পিত্যাহিতে ক্রি [অপ্র] প্রত্যয় করিতে। "পাত্রের বচন শুনি পিত্যাহিতে এল শ্রী.মা ২০৫।

পিত্র্য বিণ [পিতৃ+য (যৎ); ছান্দস] ১ পিতৃসম্বন্ধী। "পিত্র্যং ধনম্ মনু ৯.১০৫। ২ পিতৃদত্ত। "অলঙ্কারম্…পিত্র্যম্ মনু ৯.৯২। ৩ পিতৃপ্রিয়। "পিত্র্যং ব্রতম্ মহা ৩.৮১.১৩। পিতৃতর্পণং পিত্র্যঃ (মুষ্ঠঃ)। —বিষ্ণু ৫৯.২৪। ৪ পিতা হইতে আগত; পৈতৃক "সিংহাসনং পিত্র্যম্ রঘু ৪.৪; পিত্র্যং সচিবম্। ৭.৩৬ পিত্র্যং রিক্‌থম্ শ ৬২৪। —ত্র্য পুং ১ 'পিতৃপ্রিয়', মাষ। ২ জ্যেষ্ঠ ভ্রাতা। —ত্র্য ক্লী ১ শ্রাদ্ধাদি। "মনু ৩.১৮; ২৩২-২৪৬। ২ মধু। ৩ 'পিতৃদেবতাক', মঘানক্ষত্র। ৪ পিতৃতীর্থ। "তর্জ্জনীমূলে পিত্র্যম্।—বিষ্ণু ৬২.৪। শঙ্খ ৯.২। —ত্র্যা স্ত্রী পূর্ণিমা; অমাবস্যা।

পিত্র্যা দ্র 'পিত্র্য'।

পিথিবি, -বী [সং পৃথিবী > °বী (পৃ > প্রি > পি, দ্র 'ঋ'১); অপ্র] পৃথিবী। 'পিথিবি শূ ১০৯। পিথিবী ব.প ১১৩।

পিদ্দিম বি [কথ্য; পদীম (ময়মনসিং)] প্রদীপ। "(মেয়েরা বর) বরণডালা…পিদ্দিম দিয়ে বরণ কল্লেন।—হু ১৫৩।

পিধ সর্ম্ম [পিন্ধ > °ধ; দ্র 'পিন'; বৈষ্ণবসাহিত্যে] পরিধান করা। "পীত বসন হে জুবতি পিধি লেহ বি.সা ১৪৫। [পিধন—১ সর্থ 'পিধ'। ২ পরিহিত বস্ত্র। "পিধন পাটের পাছড়া গো.বি ৫৪]

পিধন দ্র 'পিধ'।

পিধাতব্য বিণ [অপি+ √ধা+তব্য-র্ম্ম; অপি > পি] তিরোধাতব্য, আচ্ছাদনীয়। "(গুরোর্যত্র পরীবাদঃ প্রবর্ত্ততে) কর্ণৌ তত্র পিধাতব্যৌ মনু ২.২০০। —ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আচ্ছাদন। "ঋগুণ° মাঘ ৮.৫০। ইচ্ছার পিধান চৈ.চ ২৩৬। ২ [+অন-ণ] 'আচ্ছাদনসাধন', আবরণ, ঢাকনী (lid)। "পাত্রং সপিধানম্ মহা ৪.১৫.১৬। মৃৎকুম্ভবালুকারন্ধ্রপিধান সা.দ ৩১৪৩। ৩ খড়্গাধার, কোষ। "°নে অসিবর।—মে ২৪; ১৯৬। —ধায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক] আচ্ছাদয়িতা, আবরক।

পিধান, -য়ক দ্র 'পিধাতব্য'।

পিন্ বি [E. pin] ১ আলপিন। ২ ছোট খীল। "°খাড়ু। [°খাড়ু—পিন-লাগান বা খীলান-করা খাড়ু। সেফ্‌টি°—বস্ত্রাদি আটকাইবার আগা-ঢাকা পিন।]

পি(পী)ন সর্ম্ম [সং অপি- √নহ্ < পি- √নহ্ (তু 'কবচং পিনহ্য—ভট্টি ৩.৪৭) > বা °ন; হি √পিন্‌হা; মৈ √পেন্‌হ; ড় √পিন্ধ (পিন্ধ)] পরিধান করা; ধারণ করা। "পীন পীতিম বাস জ.প ১০; পীন পীতবসন সাজ ১৬। পিনহ ঝটিত কুসুম সাজ, পিনহ নীল আঙিয়া।—গান ১০৫। মোর দেল বড় চায় যে জরি জর পিনে…রেশ্‌মির বিচে ফিরি আ.হু ১০৯।

পিনদ্ধ বিণ [অপি+ √নহ্+ত (ক্ত)-র্ম্ম, অপি > পি; ছান্দস] ১ বদ্ধ, আমুক্ত। "অতিপিনদ্ধেন বল্কলেন শ ১২৩। °ভোগি (বপুঃ) কু.স ৫.৭৮। ২ আচ্ছাদিত, আবৃত। "পিনদ্ধাং ধূমজালেন প্রভাম্ গো.রা ৫ ১৮.৪। কুসুমমিব পিনদ্ধং পাণ্ডুপত্রোদরেণ শ ১.১৮, টীকা। ৩ ধৃত, পরিহিত। "°কম্বু মহা ৪.২.২৭। ৪ সমর্পিত, ন্যস্ত। "রত্নাকরমালা হরিণা পিনদ্ধা।—শ ৭.২। ৫ পরিধাপিত। "তেন রাজর্ষিণা …অঙ্গুরীয়কং স্মরণীয়মিতি স্বয়ং পিনদ্ধম্ শ ৪২।

পিনাক১ পুং, ক্লী [অপিহত নাক (স্বর্গ) যাহা কর্ত্তৃক, বহুব্রী, অপিহত > পি (অ.টী); √পা রক্ষণ+আক-ক, √পা > পি, 'ন্' (নুম্), উ ৪.১৫; ছান্দস] ১ 'যাহা ত্রিপুরদাহে স্বর্গও আবৃত করিয়াছিল'; শিবধনুঃ, অজগব। "পিনাকমিব রুদ্রস্য মহা ৬.৬৩.১৮। পিনাক ধনু।

—ম ৪২৫। °টঙ্কার ব.প ৭০৩। মে ৯১; ২৬৬। ২ শিবশূল। 'শূলমপি শঙ্করস্যৈব (স্বামী)। দ্র 'মহা ১২.২৮৯.১৭-১৮, নীলকণ্ঠ। ৩ শূল। "একঃ শক্তিপিনাকধৃক্ মহা ৫.১৫৪.১৭। ৪ ধনুঃ (A.)। "(রাম) করেন বাণ পিনাকে সংযোগ।—দা ১৩৪২; ভুরু কামের পিনাক ২১০২। ৫ যষ্টি; ধূলিবর্ষ (A.)।—কী¹ স্ত্রী ['পিণাকী'—তন্তবাদ্য-বিশেষ (দ্র 'সঙ্গীতশাস্ত্র-প্রবেশিকা'—সৌরীন্দ্রমোহন ঠাকুর)] বাদ্য-বিশেষ (Wilson)। [°গোপ্তা (-গুপ্), °ধৃক্ (-ধৃ), °ধৃৎ, °ভৃৎ, °পাণি (পুং)—শিব। "°গোপ্ত্রে মহা ৩.৩৯.৭৮। °ধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ (শিবপূজা)। °পি কু.স ৩.১০।]

পিনাক² '-ক্' বি [কপিনাস > পিনাস, -নাক ('নাস'-স্থানে একার্থক 'নাক'); দ্র 'পিনাকী¹'] (কপিনাসাকৃতি?) তত বাদ্যবিশেষ। তু 'পিণাক'। "বাজয়ে পিনাক।—ছু ১৩। বাজে পিনাক ব.প ২৫৯; পিনাক…বাদ্য ৫৮৩; পিনাক রায় ১১১৭। ম.পা ৩১। —কিনী বি সর্থ 'পিনাক²'। তু 'পিনাকী¹'। "°নী দণ্ড বাজে চ.বি ৪২। —নাস¹ বি সর্থ 'পিনাক²'। "বিশাল পিনাস (বাজত)—ব ১৩৪। মুরজ পিনাস। —জ্ঞা ১১৫।

পিনাকিনী; পিনাকী¹ দ্র 'পিনাক²; পিনাক¹'।

পিনাকী² (-কিন্) বিণ [°ক+ইন (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -কিনী] পিনাকবান্, শূলধারী। "(কুরুযোধবরাঃ) পিনাকিনঃ (পাঠান্তর) মহা ৬.১৮.৯। —নাকী পুং ১ শূলী, শিব। "গো.রা ২.১৩৫.২৮। শ ১.৬। মে ২৬৪। ২ রুদ্রবিশেষ। 'মহা ১.৬৬.২। [মহাভারতে 'পিনাকিম্' (২.৪৬.১৪), দ্বিতীয়ান্ত, তু 'লি দণ্ডিং'।]

পিনাশ, -নাস², -নীস, -নেস বি [E. pinnace] নৌকাবিশেষ। "বাবুরা…পিনেস ও ভাউলে ভাড়া করে সং দেখতে যেতেন।—হু ৩৩; পিনেস ১৬২; একখানি পিনাশ নোঙ্গোর করে বসেছেন ১৭৪। পিনীস পানসী ব.প ১৭৩৮।

পিনাস¹; পিনাস², -নীস, -নেস দ্র 'পিনাক²; পিনাশ'।

পিন্ধ, -ন্দ সর্ম [সং পি (অপি)+ √ধা > প্রা √পিংধ (পৈ) > বা °ন্ধ, -ন্দ; অথবা পিন+ √ধা > প্রা √পিণিধা > বা (√পিন্‌ধা) পিন্‌ধা > °ন্ধ, -ন্দ; দ্র 'পিন'] ১ আবৃত করা; পরিধান করা। "পিন্দে পাটের পাছড়া গো.চ ২। পিন্দিবারে দিলা প্রভু মেঘনীল শাড়ী।—ম.গা ৯। বস্ত্র তুই পিন্ধিস আমার।—ম ৬৪। পিন্ধে ছাল বা.ম ৩১। কাপড় পিন্দে।—ম.ম ৭০; একখান কাছিয়া পিন্ধে ১৩০। শঙ্খ পেন্ধে হাতে ব.প ২৯৭; নূপুর পিন্ধি নাচে ৮৬৮। কর্পটী পিন্ধিয়া বি.পা ২৪০; পিন্দিয়া যাই ২৮৭। ২ ধারণ করা। "পিন্ধিল সোনার মুকুতা।—গো.চ ১০৩; পিন্ধে থোপা ১০৪, -৫; পিন্দিলে মুক্তা ২৫৩। (মুণ্ড) গলে পিন্ধিবার তরে নিল ত্রিনয়ন অ.প ৮০, -৬। —ন্দা, -ন্ধা সর্ম [°ন্দ, -ন্ধ+আ⁸] পরিধান করান; পরান। "পাএতে পিন্দাইলে রাজা সোনার নেপুর ম.পা ৯। বসন পিন্ধায়ব। —ব ২০৭; বিপরীত অম্বর, পালটি পিন্ধায়ব ২০৮। পিন্ধায়ল মোতিম হার।—রা.পে ১৪। [পিন্ধা—পরিহিত, পরা। "নাংটি পিন্ধা হবে শুরু ধুতি পিন্ধা শিস (শিষ্য)।—গো.চ ৬৯। পিন্ধায়ব—পরাইব। পিন্ধায়ল —পরাইল। পিন্ধিআঁ, -লেঁ, -লোঁ, -বোঁ (শ্রী.কী)।]

পিন্দ(ন্ধ)ন বিং [পিন্দ, -ন্ধ+অন] পরিহিত। "পিন্দন ধড়া গো.চ ৪৮০। পিন্ধন বস্ত্র।—ম ৩৫৫; পিন্ধন একবাসে ৩৭৬; ১০৮৫। পিন্ধন বাঘের ছালা ম.ম ১১। পিন্ধন বসন বা.ম ২১৩। এক খানি বস্ত্র পিন্ধন বি.পা ২৪০। পিন্ধনবাস ভা.চ ৩৩১। —ন্ধন বি ১ পরিহিত বস্ত্র। "শিবের পিন্ধন বাঘছাল বি.পা ৩৯। পিন্ধন হইল গাছের বাকল ম.বি ৫৯। চর্ব্বিত চর্ব্বণে…শোভিত পিন্ধনধার চ.দা ১৮। পীত পিন্ধন প.র ৩৬। ২ পরিধান, পরন। "পিন্ধনে বাঘছালা বা.ম ৩০; পাটধড়া পিন্ধনেতে ১৮৮; পিন্ধনে কপীন ২৩৭। [পিন্ধনপিধান—পরিহিত গাত্রাবরণ; কাঁচুলি। "কত বা কৌশল সব পিন্ধন পিধানে।—ময় ৩৬।]

পিপ(পু)লপাতা বি পিপুলের পাতার আকারে কর্ণালঙ্কার। "উপর কাণে পিপুলপাতা ব.প ১৪৩; পিপুলপাতা ১৮৯৮।

পিপলিয়াশোল বি বৃহৎ শকুলমৎস্যবিশেষ। "ম.ম ১৪৫।

পিপা, -পে বি [P. pipa; হি পীপা; ঠ পীপ] বড় ঢোলের মত কাঠের বা লোহার তৈলাদিপাত্র (cask)।

পিপারমেণ্ট্‌ বি [E. peppermint] পিপারমিণ্ট গাছের চোয়ান আরক।

পিপাসা স্ত্রী [√পা+স (সন্)- √পিপাস+অ-ভা+স্ত্রী আ (টাপ্); বৈদিক] পানেচ্ছা, তৃষ্ণা, তৃষা। "নির্ঝরিণী বহিছে কোন্ পিপাসা? —চ.কা ২৬১। নয়ন°।—রবীন্দ্র। —সিত বিণ [°সা+ইত (ইতচ্)] সঞ্জাতপিপাস, তৃষিত। "ক্ষুৎপিপাসিত মনু ৮.৯৩। চিরদিন পিপাসিত করিয়া প্রয়াস।—কু ১৪৬। মিলনপিপাসিত আসবে যব সখি। —রবীন্দ্র। —পাসু বিণ [+উ-ক; স্ত্রী -সু] পানেচ্ছু। "গো.রা ৫.১৯.১৫।

পিপীতকী স্ত্রী পিপীতকব্রাহ্মণ-প্রবর্ত্তিত বৈশাখ-শুক্লদ্বাদশী।

পিপীল, -লক, -লিক পুং **-লিকা, -লী** স্ত্রী [√পীড়—মূল (?); তু 'পিপ্‌পড়া' (দেশী ৬.৪৮)] পিঁপড়া। °ল।—ঋগ্বেদ ১০.১৬.৬। °কা।—অথর্ব্ব ৭.৫৬.৭; মহা ১.৭৪.৫৫; °ল ৭.৮.২৮; °লক ১৩.১১১.৭৯। °লিক ভ ৭.৩.২২। [পিপীলিকামধ্য (পুং) —চান্দ্রায়ণবিশেষ। "মনু ১১.২১৭, কুল্লুক। দ্র 'চান্দ্রায়ণ'।]

পিপীলা, -লি বি সর্থ 'পিপীল'। "পিপীলা পালক বাঁধে মরিবার তরে শ্রী.মা ১০৫। পিপীলির শ্রেণী।—হেম ৫০।

পিপীলাঞি বি রাঢ়ীয় বাৎস্যগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধিবিশেষ। "ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ধীর পিপ্পলী (পিপ্‌লাই) গ্রামে বাস করেন; তদনুসারে ঐরূপ গাঁই]

পিপুল¹ বি [সং পিপ্পল; হি পীপল; ঠ পিংপল; মৈ পীপর] অশ্বথ-বৃক্ষ। "শ্রী ১১৩।

পিপুল² দ্র 'পিঁপুল'।

পিপ্পল পুং [ছান্দস] ১ অশ্বত্থবৃক্ষ। "মহা ২.২১.৮। পিপ্পলোপস্থ ভ ১.৬.১৬। ২ বন্ধনশূন্য পক্ষী। —ল ক্লী ১ পিপ্পলফল। "(সুপর্ণঃ) পিপ্পলং স্বাদ্বত্তি।—ঋগ্বেদ ১.১৬৪.২০। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তি। —মুণ্ডকোপনিষৎ ৩.১.১। ২ (গৌণার্থে) বিষয়সুখ। "ত্যক্ত° ভ ৩.৪.৮। ৩ (পিপ্পলসাদৃশ্যে?) স্তনবৃন্ত, চুচুক। ৪ (পিপ্পলপত্রসাদৃশ্যে?) বস্ত্রখণ্ডভেদ (the sleeve of a jacket)। —লি, -লী স্ত্রী [ফা পি(ফি)ল্‌পি(ফি)ল্; Gr. peperi; L. peper; A.S. pipor; E. pepper] ১ কণা, পিঁপুলগাছ। "পিপ্পলীবন গো.রা ৩.১৫.৪১। পিপ্পলীমূল (সুশ্রুত)। ২ পিপ্পলীফল। "অর্দ্ধপিপ্পলী পা ২.২.২, সি। পিপ্পলীলবণ গো.রা ৩.৭৬.২৪। [পিপ্পলীঘৃত (ক্লী)—ঘৃতভেদ (চক্রদত্ত)। পিপ্পল্যাদ্য (ক্লী)—তৈলবিশেষ (চক্রদত্ত)।]

পিপ্পলাই, -প্‌লাই বি সর্থ 'পিপীলাঞি'। "পিপ্‌লাই বৈসে পূর্ব্ব-গাঁই ক.চ ৮৬। কমলাকর পিপ্পলাই চৈ.চ ৪৬।

পিপ্পলি, পিপ্পলী দ্র 'পিপ্পল'।

পিপ্লু পুং [অপি+ √প্লু+উ (ডু)-ক] রক্ততিলাকৃতি লাঞ্ছন (নীলকণ্ঠ); জড়ুল (pimple)। "মহা ৩.১৯.৫।

পি(পী)ব সর্ম [দ্র 'পি'; বৈষ্ণবসাহিত্যে] ১ পান করা। "পিবয়ে অধর-সুধা চ.দা ৮৯। অধর পিবি পিউ জ.প ৮; অধর সুধারস, পিবইতে ৩১। অলিকুল মধু পীবি পীবি।—গো ৯২; অধরমধু পীবই ১৫৪; সুধারস পীবি পীবি, দুহুঁক পীরিতি-উনমাদ ১০৮। সুধারস পিবি পিবি। —জ্ঞা ৭৩। (চকোর) পিবই অমিয়ারাশি চৈ.ম ২৭। মধু পিবি

মধুকরী মধুকর যোল।—ব ১০১। (অমৃতের ধায়) পিব পিব করে মন ব.প ১১২১। অধররস পিবই রা.শে ১৩। ২ সতৃষ্ণনয়নে দেখা। "নয়ন অঞ্জলি ভরি, আন আন পীবইতে চাহ।—গো ১০৮। সে রূপ-মাধুরী, পিবি পিবি নেত্র ভরি, শ্লাঘ্য করে জন্ম তনু মন চৈ.চ ২১৯। ৩ সাধ মিটাইয়া শোনা। "মুরলি নিশান, শ্রবণ ভরি পীবই।—গো ১৯৬। [পিব—পান করিব। দ্র '(১)। পি(পী)বি (মৈ)—পান করিয়া। পিবই, -ইতে, -অউ (প.ক)।]

পিয়১, **-য়া**১ বি [সং প্রিয় > লি পিয়; প্রা পিঅ; হি পিয়, -য়া; মৈ পি (পী) আ] দয়িত, পতি; বঁধু। "যব পিয়ে পরশয়ে ঠেলবি পাণি: পিয় পরিরম্ভণে বি.প ৫২; পিয়-রূপ ব.প ৭৮৭। পিয়া ঠাম ৫৭; পিয়া পথ: পিয়া পাশ ১৬৫। পিয়া চায় পালটিয়া চ.দা ৭৮। পিয় হিয়।—ব ৬৬। পিয়া গুণ।—জ্ঞা ২২৯। পিয়া হিয় মাহ প.র ৫০। পিয়ার বেশ ভ.গ্র ৩৮৭। দারুণ পিয়া শ্রী.ম ১৪৩। —য়া বি [সং প্রিয়া > লি পিয়া, প্রা পিআ] দয়িতা, প্রেয়সী। "কি কারণে কৈলা পিয়া বিরস বদন ম.পা ৯৩।

পিয়২ সর্ম্ম [প্রা √পিঅ > °য়, দ্র 'পি'] পান করা। "চির ধরি পিয়ব অধর রস হামরা: পিয়ত হি মকরন্দে: পিয়য়ে (প.ক)। —য়া২ সর্ম্ম [পিয়+আ৮; হি √পিয়া; মৈ √পিআর] ১ পান করান। "প্রেম-সুধা পিয়াইব।—ন.প ৭০; পিয়ায়েন স্তন ৯৩। স্তন্য পিয়াইতে রা.প ২। পিয়াইল স্তন চৈ.চ ৫৪। ব্র.প ২০৬। হের দেখ ধবলী পিয়ায় ব.প ১১১৪। দুগ্ধ পিয়াইতে।—ব ৪৯। (শ্যামা মাকে) শোণিত পিয়াও।—গান ৮। ২ উপভোগ করান। "প্রেমে রতন ধন, দোঁহে দুহুঁ পিয়াওল।—গো ১০। পুরুষে করে আকর্ষণ, আপনা পিয়াইতে মন: (তোমার অধর) তারে (অর্থাৎ বেণুরে) আপনা পিয়ায় নিরন্তর চৈ.চ ৩৩৯। [পিওবে—পিয়াইবে, বাছুরকে দুধ খাওয়াইবে (উপহাসে)। "ডেকে ডেকে যমুনাদিদির গলা কাঠ হইয়া গিয়াছে; একবার পিওবে।—ব.দ্বি ৪২৭।

পিয়ড়ী বি [(?); 'বিয়ড়ী' (চৈ.চ ১৫৮)] খাদ্যবিশেষ (?)। "পিয়ড়ী কদম্বা, তিলা রা.শে ৫১।

পিয়ন ; পিয়পিয় দ্র 'পিওন; পিউপিউ'।

পিয়ল বিং [সং পীত > প্রা পীঅল > বা °ল; হি পীয়র, পীলা; গু পীলু] পীত। "পিয়ল পাটের ধটি।—ব ৭।

পিয়া১ ; **পিয়া**২ দ্র 'পিয়১ ; পিয়২'।

পি(পে)য়াদা বি [ফা পিয়াদহ্; তু 'প্যাদা' (বা.ম ৮৬)] ১ জমিদারের পত্রাদিবাহক; তৈনিতি। ২ সরকারের কর্ম্মচারিবিশেষ। "হাকিম হয়ে হুকুম দাও পেয়াদা হয়ে মার।—কৃ ২৪১। পেয়াদা ম.ম ৫৪; কাজির পেয়াদা ৫৫। এক আসামী ছয়টা পেয়াদা।—রামপ্রসাদ। ৩ পিয়ন। "পেয়াদাটা সবার চিঠি গেল রেখে।—শিশু ৩৪।

পিয়ানো হি [E. piano] তারের বাদ্যবিশেষ।

পিয়ার, প্যার বিং [সং প্রিয়তর > প্রা পিআর (প্রা.ম) > বা °র > প্যার; হি প্যার; ঠ প্যার, -রা; মৈ পিআর] প্রিয়। —র, —র বি [হি প্যার] প্রীতি, স্নেহ, আদর। "বহু প্যার কিয়া, গজবাজী দিয়া ভা.চ ৪৩৫। —রা বিং [হি 'পিয়ারা'—প্রিয়] প্রিয়। "'ডিয়ার'-টাও একটু ইয়ার-ঘেঁষা, 'পিয়ারা' সে করবে ওদের খাটো কু.কে ৭২। —রী, —রী বিং [প্রা পিআরী (প্রিয়তরা, প্রিয়া—পৈ); হি প্যারী; মৈ পিআরি] প্রিয়া, দয়িতা। পুরব পিয়ারী, নারী হাম আছনু বি.প ১৬৭। —রী, —রী বি ১ প্রিয়া রাধিকা। "প্যারীজী ভ.গ্র ২; ৩৬। প্রাণ পিয়ারী—ব ১২৪; প্যারী ১৬৬। কোথা হে পিয়ারী, এস হে বাঁশীর ডাকে।—রাজকৃষ্ণ রায়। ২ প্রিয়া, দয়িতা। "মেরি পিয়ারী! আবার কি! এর উপর…কটাক্ষ!—ব.প্র ৯২।

পিয়ারা বি [P. pera; L. pirum; F. poire; A.S. pera; E. pear; পায়েরত (বৈদ্যক); হি অমরুৎ; ঠ পেরূ; আমসভরি (ঢাকা)] ফলতরুবিশেষ; পিয়ারাফল।

পিয়াল পুং [√পীয়্+আল (কালন্)-ক, উ ৩.৭৬। তু 'সং প্রিয়াল > প্রা পিআল (শূ ২৯); সং পীতসাল > প্রা *পীঅহাল, -আল > পীআল > °ল (?),—'পীতসালকে'…'পিয়াল' ইতি খ্যাতে (অ.টী)] বৃক্ষবিশেষ, রাজাদন (Buchanania latifolia)। "গো.রা ৩.১৭.৮। পিয়ালদ্রুম কু.স ৩.৩১। —য়াল ক্লী পিয়ালফল, চিরোঞ্জি। "°বীজ, (সুশ্রুত)।

পি(পে)য়ালা বি [ফা প্যালহ্; হি, ঠ প্যালা] পানপাত্র, কটোরা, বাটি (cup)। "দিব্যচক্ষু হৈল দুই, কৃষ্ণরূপ-পানের পিয়ালা ভ.গ্র ২০২। মদিরা কিবা, পেয়ালায় ঢালা অ.গু ৫৪। পেয়ালা করা চা।—হু ১৪। পিয়ালা! আহা! দে পিয়ালা!—ব.প্র ৯২। ঠুন্ ঠুন্ পেয়ালা ক্যায়া রং বেদম্: পিও পিয়ালা (অ.গ্র)।

পিয়াশা(সা)ল লি [সং পীতসাল > প্রা *পীঅ(য)সাল; হি পিয়া-সাল] বৃক্ষবিশেষ (Pterocarpus marsupium)। "পিয়াশাল বা.ম ১০৮; ব.প ১৪৩০।

পিয়াস বি [সং পিপাসা > প্রা °স, *°সা; হি পিয়াস, প্যাস; ঠ প্যাস (কৃষ্ণে প্যাস হৈল—ব্র.প ১৪৪); মৈ পিআস; °স (কোচবিহার)] ১ পিপাসা। "পিয়াসে হরিণ যেন পড়য়ে সঙ্কটে চ.দা ৯০; নীরলোভে মৃগী, পিয়াসে ধাইতে, ব্যাধ শর দিল বুকে: নবঘন হেরি, পিয়াসে চাতকী, চঞ্চু প্রসারল আশে ১০৯; পিয়াস লাগিয়া, জলদ সেবিনু, বজর পড়িয়া গেল ১১০; জ্ঞা ১৭৯। কৃষ্ণাদ্ভুত বলাহক, মোর নেত্র-চাতক, না দেখি পিয়াসে মরি যায় চৈ.চ ৩৩৩। ২ অভিলাষ, প্রবল ইচ্ছা। "সুধাসিন্ধু ত্যজি খারে পিয়াস বি.সা ২২৮। ইহাতে নাহিক দেব পিয়াস আমার।—ম ৭৫৮। পীয়ে রূপ না যায় পিয়াস শ্রী.ম ৫৪। পুন দরশন লাগি পিয়াস নয়নে চৈ.ম। —সা বি [হি °সা] ১ পিপাসা। "মেঘ বিনা চাতকের কে খণ্ডাবে পিয়াসা ম.পা ৬৫। ২ প্রবল ইচ্ছা। "বিকচ নলিনে, যমুনা-পুলিনে, বহুত পিয়াসা রে।—ব.প্র ১১৬। —সিত বিং [°স+ইত] পিপাসিত। "পিয়াসিত গোপিনী প্রাণ।—রবীন্দ্র। —সী বিং [°স+ঈ৭] পিপাসাযুক্ত, অভিলাষী। "মধু-পিয়াসী চ.কা ৩৬৪; আমি সুদূরের পিয়াসী ৩৮১। [পিয়াসত—পিপাসায়। "দিবোঁ তোরে পিয়াসত পাণী শ্রী.কী ১৭২।]

পির বি সর্থ 'পীর'। "পির পয়গম্বর গো.চ ৫৭। —রান২ বি [ফা পীরান্] পীরের সেবার্থ প্রদত্ত ভূমি; পীরত্র। "ব্রহ্মত্তর পিরান…জে আছে E.P. 95.

পিরান১, **-রাহন** বি [ফা পহরাহন্] ১ লম্বা ঢিলা জামাবিশেষ। "পিরান গো.চ ১৪৮। পিরাহন ব.প ১৭৯৩।

পিরান২ দ্র 'পির'।

পিরিজ বি [P. 'pires'—saucer] রেকাবি, ডিশ্।

পিরিত, -রীত, পীরিত বি [সং প্রীতি > বা (স্বরাগমে) পিরীতি, -রীত, -রিতি, -ত; হি পিরীতা (প্রীত); মৈ পিরিতি, -রীতি, -তী] ১ প্রীতি, আনন্দ। "পাইআ আপন প্রিয়া পরম পিরীত।—গ ১৯৭। অন্যোন্যে কহে কথা মনের পীরিত।—ম ১২২৪। পরম পীরিত লাভ ব.প ৪৭৯; ৭৮৭। পীরিত ম.বি ১৪৮। কাট মাথা ঝট হও প্রভুর পিরীত শ্রী মা ২১১। ২ প্রণয়। ৩ শুদ্ধ পরকীয়াভাব, কামগন্ধহীন প্রেম। "তোহারি বচনে যদি করব পিরীত হাম শিশুমতি তাহে অপযশভীত॥—বি প ৫৬। ব্রজে পরকীয়াভাব শুদ্ধ শ্রীকৃষ্ণেতে। লোক বেদধর্ম্ম ছাড়ি মজিলা পিরীতে॥—ভ.গ্র ৩৭৮। ৪ অবৈধ প্রণয়। ৫ ভক্তি, অনুরাগ। "দেবীর…পীরিত শূ ৪২,-৩। শ্রীধর্ম্ম পিরিতে হরি বল বন্ধুজন শ্রী.ম ১৮৫। ৬ একাগ্রতা, নিষ্ঠা। "(অদিতি) তপ করে পরম পিরীত গ ২৭; ১০৮। —রিতি, -রীত, পীরিতি বি ১ সর্থ

'পিরিত (১)। "বড়ই পিরিতি মাতার কুসুম পরিতে ক.চ ৫। রাধা-মাত্র জানে ইহা, ও রস পিরিতি পাঞা চৈ.ম ৮। এ কাননে, পাইসু, সরমা সই, পরম পিরীতি।—মে ১১৫। ২ প্রণয়, ভালবাসা। "ভাইব সাগরে তোমা করিব পিরীতি।—গ ১৪৮। বড়র পিরীতি বালির বাঁধ ভা.চ ৩০০। ৩ সর্থ 'পিরিত' (৩)। "পিরীতি পিরীতি, সব জন কহে, পিরীতি সহজ কথা। বিরিখের ফল, নহে ত পিরীতি, নাহি মিলে যথা তথা॥—চ.দা ১২৮। কৈতব পিরিতি চৈ.ম ১৫। ৪ অবৈধ প্রণয়। "এমন পীরিতি প্রাণ জানিলে কি করে ব.প ১৫৩৯। ৫ অনুরাগ, ভক্তি। "'বাপ!' বলি শ্রীবাসেরে করয়ে পিরিতি চৈ.ভা ২৪১। বৈষ্ণবে পিরীতি ভ.গ্র ২২১। মোর হাতে ধরি কহে পীরিতি-বিশেষে চৈ.চ ১৩৮। ৬ স্নেহ। "তোমার পিরিতি মনে ভাবিয়া ভাবিয়া। মরি যাব বাপ! হের তোমা না দেখিয়া॥—চৈ.ম ৭৪। ৭ আসক্তি, একাগ্রতা। "পরাপর নাহি জ্ঞান সংগ্রামে পীরিতি।—ম ৭৬৯। [পিরীতি-অঞ্জন—প্রেমাঞ্জন। "চ.দা ১২৮। °আরতি—প্রেমানুরক্তি। "পিরীতি-আরতি, কভু না করিব, শয়ন স্বপন মনে চ.দা ১০৬। °নগর—প্রেমাধিকার। "°নগরে, বসতি ত্যজিয়া, রহিব গহন বনে চ.দা ১১১। °পসার—প্রেমের বাণিজ্য। "°পসার, লইয়া ব্যভার, দেখি যে জগতময়।—চ.দা ১০৬। °পাগল—প্রেমে মাতোয়ারা। "°পাগল হঞা নাচে গোরারায়।—চৈ.ম ১১০। °বেয়াধি—প্রেমজ্বর। "°বেয়াধি, ছাড়িলে না ছাড়ে চ.দা ১১১। °রতন—প্রেমনিধি। "°রতন, লভিল সে জন চ.দা ১২৮। চৈ.ম ১১০।]

পিরিলি, -লী বি যবনদূষিত ব্রাহ্মণবিশেষ। "তিন পুরুষে পিরিলি।—দা ৫৩১। পিরিলীর বাড়ীর বিদেয়।—হু ১৮৬। [নবদ্বীপের নিকটে পিরল্যা গ্রামের যবনকর্তৃক দূষিত নবদ্বীপবাসী ব্রাহ্মণ (ব.প ১১৬৪,-৫)। মতান্তরে, যশোরের শাসনকর্তা পীরালির সংসর্গে দূষিত ব্রাহ্মণ।]

পিল[১] বি [সং পীলু; ফা পীল্] ১ হস্তী। ২ দাবাখেলার গজ। [°খানা, °ঘর—হস্তিশালা, বারী। "°খানা গো.চ ১৯৪। ব.প ১৭৫। ম.ম ২০১। °ঘর ম.গা ৫।]

পিল[২], **-লে, পীল** বি [লি 'পিল্লক'—শিশু, শাবক; 'পেল্ল'—শিশু, শাবক (দেশী—প্রা.ম); হি 'পিল্লা'—কুক্কুরশাবক; ঠ 'পীল'—শাবক; ড় পিলা—বালক; তা 'পিল্লাই', তেলেগু—'পিল্লা'—ছেলে] ১ শিশু, বালক। "ছেলেপিলে। ২ শাবক। "পায়রার, মুরগীর পিল। স্থানে স্থানে কাকের ও সালিকের বাসা…পিলে চিঁ চিঁ করিতেছে আ.দু ১৪৫। [পীল-ইয়ার—অল্পবয়স্ক ইয়ার। "পীল-ইয়ার ছোকরারা উড়তে শিখছে।—হু ৬।]

পিল[৩] বি [E. pill] ঔষধাদির বড়ি।

পিল[৪] বি [পিপীল > পিল?] পিপীলিকার মত কৃত শ্রেণী; সা'র। "বরজে পানগাছের পিল। [পিলপিল—শ্রেণীবদ্ধভাব, সা'র, দল। "নানাপ্রকার বদমায়েশ লোক ঐ স্থানে পিলপিল করিয়া আসিত আ.দু ১০৮।]

পিলপা '-ল্‌-' বি [ফা পীল্ পায়া—হাতির পা; পীলপায়া (বাঁকুড়া)] (হাতীর পাএর মত) স্থূল স্তম্ভ; মোটা থাম।

পিলসুজ বি [ফা প(ফ.)তীল্‌"সোজ্.] প্রদীপের আধার পিতলের দেরকোবিশেষ।

পিলীহা বি [সং প্লীহা > প্রা পিলিহা, পদ্যে] প্লীহা। "ক.চ ৯০।

পিলু[১] পুং বৃক্ষবিশেষ (সুশ্রুত)। "রা.শে ১১৩। —লু বি [সং পীলু] হস্তী। "পীলু পুণ্ডরীক-ছাল শ্রী.মা ৪।

পিলু[২] বি রাগিণীবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট কোমল ধ ও গ, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

পিশ্ অক [তুদা-প—পিশতি; সেট্] অবয়ব। —শ্ সক দীপন।

পিশঙ্গ বিণ [°ঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী (ঙি), -ঙ্গী (কাশিকা)] পিঙ্গলবর্ণবান্, পিঙ্গল, পদ্মরেণুতুল্য। "পিশঙ্গৈঃ…অশ্বৈঃ।—ঋগ্বেদ ১.৮৮.২। পিশঙ্গমৌঞ্জী মাঘ ১.৬। শিখাঃ পিশঙ্গীঃ কলয়ন্ত বিভ্রতী কি ৪.৩৬। কুমুদ্বতীরেণুপিশঙ্গবিগ্রহম্ ভট্টি ২.৬। কনককিঙ্কিণ্ক-পিশঙ্গবাসস্ ভ ২.২.৯। সন্ধ্যা° পূর্ব্বাদ্রিশৃঙ্গ ক.সা ১.১৮। —শঙ্গ পুং [পিঙ্গ > পিশঙ্গ, পুষো (অ টী)] পিঙ্গলবর্ণ, পদ্মরেণুতুল্য বর্ণ। —শঙ্গক পুং বিষ্ণু। —শঙ্গী (-ঙ্গিন্) বিণ [পিশঙ্গ+ইন্ (ইনি)-১ব] সর্থ 'পিশঙ্গ'।

পিশঙ্গক, পিশঙ্গী দ্র 'পিশঙ্গ'।

পিশাচ পুং [পিশিত+√অশ্+অ (অণ্)-ক, পুষো, উ.ত; 'পিশিতাশ', পিশাচ (পা ৭.৩.১০৯, কাশিকা); স্ত্রী -চী] ১ দেবযোনিবিশেষ, অশুচিমরুদেশনিবাসী (কুল্লুক)। "অথর্ব্ব ৪.২০.৬। মনু ১.৩৭। উন্মাক° ভ ৫.১৪.৭। ২ প্রেত। —চিকা, -চী স্ত্রী [°চ+স্ত্রী ঈ (ঙীপ্)] পিশাচ-স্ত্রীজাতি। "আশাপিশাচিকা, ধনপিশাচিকা, -চী (S.W.)। পিশাচী ভা.চ ৪৩। [মনুমতে, ইহারা তমোগুণ-নির্মিত্ত জন্মান্তরে উত্তমগতিপ্রাপ্ত জীব (১২.৪৪)।] °চর্য্যা (স্ত্রী) —মায়া। "ভ ৩.১৪.২৯। °বাধা (স্ত্রী)—পিশাচকৃত উপঘাত; পিশাচাবেশ। °বৃক্ষ (পুং)—শাখোট, শাওড়াগাছ। °ভাষা (স্ত্রী)—প্রাকৃত-ভাষাভেদ, পৈশাচী। "ক.সা ৭.২৭। °সভ (ক্লী)—পিশাচগণের সভা বা সভাগৃহ (pandemonium)।

পিশাচিকা, -চী দ্র 'পিশাচ'।

পিশাচিনী বি [°চ+ইনী; পদ্যে] পিশাচী; দুর্বৃত্তা। "কা ৬০।

পিশাশ বি [পিসী+শাশ; পিসোস (মালদহ)] পিসশাশুড়ী।

পিশিত ক্লী [√পিশ্+ইত (ইতচ্)-ক, উ ৩.৯৫] মাংস, আমিষ। "অথর্ব্ব ৫.১৯.৫। মৎস্য° (সুশ্রুত)। শ্রী.মা ২৪; ২৫; ২৬। সা.দ ২৩৯। —শিতা স্ত্রী জটামাংসী। [°ভুক্ (-জ্) পুং—'মাংসভোজী', পিশাচ; রাক্ষস; বৃক। °তাশন (পুং)—১ রাক্ষস। "শ ৩.২৩। ২ পিশাচ। °তাশী (-শিন্) পুং—১ 'মাংসভোজী', রাক্ষস। ২ পিশাচ। "গো.রা ৫.১১.৮।

পিশিতা দ্র 'পিশিত'।

পিশুন বিণ [√পিশ্+উন (উনক্)-ক (অ.টী); উ ৩.৫৫] ১ যে গূঢ়ভাবে কুমন্ত্রণা দেয়; পরস্পরভেদশীল, কর্ণেজপ, কানভাঙানী। ২ পর-দোষখ্যাপক। "যাজ্ঞ ১.১৬৫। ৩ খল, দুর্জন। "মনু ৩.১৬১। পিশুন-বচন বি.প ১৮০। মনমথ পিশুন কয়ল জীউ অন্ত।—জ্ঞা ২৩৫। ৪ নীচ, ক্ষুদ্র। ৫ সূচক। "অগ্নিপিশুনৈঃ (ধূমৈঃ) রঘু ১.৫৩। ক্ষত্র-নিধন° পু.মে ৪৮। বিনাশ° মাঘ ১.৭৫। —শুন পুং ১ খল জন; কপট। "শিপীতে শত্রুঃ পিশুনেভ্যো বধম্।—ঋগ্বেদ ৭.১০৪.২০। বরং প্রাণত্যাগো ন চ পিশুনবাক্যেষ্বভিরুচিঃ।—হি ১.১৪৪। পূতিনাসঃ পিশুনঃ।—বিষ্ণু ৪৫.৭। ২ নারদ। ৩ কাক।—শুন ক্লী 'দীপয়িতা', কুঙ্কুম। [°বচন, °বাক্য (ক্লী)—খলবাক্য, কপটবচন।]

পিষ্ সক [রুধা, প—পিনষ্টি; অনিট্] ১ পেষণ, সঞ্চূর্ণন। ২ ঘর্ষণ। ৩ হিংসন। [নি, বি-নি—নিষ্পেষণ।]

পিষ সর্ম্ম [সং √পিষ্ > প্রা √পিস; হি √পিস (অর্ম্ম), √পিসা (সর্ম্ম); ঠ √পিস; 'পিসন্তি' (ম.বি ১৯১)] ১ পেষণ করা; গুঁড়া করা। "গদাএ পিষিয়া তাক পাঠাইমু যমঘর জ.প ১১২। ২ ছিন্ন-বিছিন্ন করা; ছেঁড়া। "(সবে) তীক্ষ্ণ দন্তে পিষি পিষি নিক্ষেপে জঠরে।—হেম ১২৩। ৩ বাটিয়া ফেলা। ৪ ঘর্ষণ করা; ঘষা। "পিষিয়া বিজ্জদার ম.পা ৮। [ধৃত পাঠ 'পিশিয়া'] —ষ অর্ম্ম পিষ্ট হওয়া; পিষিয়া যাওয়া। [পেষা—সর্থ 'পিষ'। পেষান—চূর্ণ করান; গুঁড়া করান।]

পিষ্ট[১] বিণ [√পিষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপেষণ, চূর্ণিত। "অথর্ব্ব ১২.২.৫৩। ২ ঘৃষ্ট, দলিত।—ষ্ট ক্লী ১ চূর্ণিত দ্রব্যমাত্র। ২ গোধূমচূর্ণ,

সমিতা, ময়দা, আটা। "পিষ্টোদক মহা ১.১৩১.৫৪। পিষ্টাদ।—ভ ৬.৬.৪৩। অন্নাদষ্টগুণং পিষ্টং পিষ্টাদষ্টগুণং পয়ঃ—বৈদ্যক। ৩ সীসক। —ষ্টক পুং [পিষ্ট+ক (কন্) সংজ্ঞার্থে] ১ পিষ্টবিকারবিশেষ, গোধূমচূর্ণবিকার, অপূপ, পিঠা। "পা ৪.৩.১৪৭, সি। ম.পা ৭২। দ্র ৪৩। ২ তণ্ডুলচূর্ণবিকারবিশেষ, চালের পিঠা। ৩ রোটিকা। ৪ নেত্ররোগভেদ। —ষ্টক স্ত্রী তিলচূর্ণ। [°পচন (ক্লী)—পিষ্টপাক-পাত্র, কটাহাদি, পিঠের খোলা। °পশু (পুং)—পিষ্টরচিত পশুপ্রতিকৃতি। "মনু ৫.৩৭। °পূর (পুং)—ঘৃতপূর, ঘিওর। °পেষ (পুং), °পেষণ (ক্লী)—চূর্ণিতদ্রব্যের চূর্ণন; অনর্থকক্রিয়া। "মাঘ ১.৪০, মল্লিনাথ। নৈ ২.৬১, টীকা। দ্র °°ণ-ন্যায়'। °ভুক্ (-জ্)—পিষ্টভোজী। "ভ ৪.৭.৪। °ময় (বিণ)—পিষ্টবিকার, পিষ্টরচিত। "মনু ৫.৫৩, কুল্লূক। °সৌরভ (ক্লী)—চন্দন।]

পিষ্ট২, **-ষ্ঠ** বি [সং পৃষ্ঠ > প্রা পিট্ঠ > বা °ষ্ঠ, -ষ্ট (অর্দ্ধতৎসম); অপ্র] পৃষ্ঠ। "পিষ্টের উপর ম.গা ৯। পিষ্ঠভাগে।—মী ১। পিষ্ট গো বি ১১; ১৮৭, পিষ্ঠ ৭৯; গো.চ ৬১।

পিষ্টক দ্র 'পিষ্ট'১।

পিষ্টিত বিং [সং পিষ্ট, তু 'বেষ্টিত'] চূর্ণিত, দলিত। "পিষ্টিত কিংশুক যেন শকুনির অঙ্গ।—ম ৭৫৫।

পিষ্ঠ দ্র 'পিষ্ট'২।

পিসা, -সে বি [সং পিতৃষসা > প্রা পিউচ্ছা, -চ্ছী (প্রা.ম), পিউসিমা (অ রা) > পিসি, -সী > পিসা, -সে (পুংলিঙ্গে); তু 'মামী—মামা'; অস পেহা] পিসীর স্বামী। "মামাপিসাদি গোপগণ চৈ চ ১৭১। পিসা ভা.চ ২৩। —সি, -সী বি [অস পেহী] পিতার ভগিনী। "পিসীর নন্দন শ্রী.মা ২২১। পিসী ভা চ ৩৮৩; মে ৮৫। পিসি।—হ ১৬০। [পিসাত, -সতুত—পিসীর সম্পর্কীয় (ভাই, বোন)। পিসশ্বশুর —'পিসা-শ্বশুর', স্বামীর বা স্ত্রীর পিসা। পিসশাশুড়ী—'পিসী-শাশুড়ী', স্বামীব বা স্ত্রীর পিসী।]

পিস্সু বি [ফা পশ্শ; হি পিস্সূ] ক্ষুদ্রমক্ষিকাবিশেষ (flea)।

পিস্তল বি [P. pistola; E. pistol] ছোটবন্দুকবিশেষ।

পিহিত বিণ [অপি+ √ধা+ত (ক্ত)-র্ম্ম, অপি > পি] ১ অবরুদ্ধ, অপবারিত। "ভুজঙ্গ° দ্বারং পাতালম্ রঘু ১.৮০। গোপান্ বিলেষু পিহিতান্ ভ ২.৭.৩১। ২ আচ্ছন্ন, সমাবৃত। "ধ্বজেন পিহিতাঃ সর্ব্বা দিশঃ মহা ৪.৪৬ ১৮। ৩ আপ্লুতনেত্র। "বাষ্পেণ পিহিতম্ (জনম্) রা ২.৪৫.১২।

পিহ্রতি বি [পিরিতি > °তি ('হ' আগমে), 'রি (ঋ) > হৃ; অপ্র] প্রণয়। "আগে তিতা পাছে মিঠা জান এ পিহ্রতি ম গা ২। গো.চ৩১৬।

পী সক [দি, আ—পীয়তে; অনিট্] ১ পান। ২ দ্র 'পি'।

পীউস বি [সং পীযূষ > প্রা পীউস > বা °স; অপ্র] অমৃত। "এই পীউস ভক্ষিলে সে মরে ম.পা ৯৪; রস° ৯৯।

পীঁজ(জি)র বি [সং পিঞ্জর > প্রা পিংজর > বা °র; হি পিঁজরা; অপ্র] খাঁচা। "নয়নে নয়নে, নয়ন পীঁজরে৹ রাখয়ে আপন কাছে চ.দা ১০৬। পীঁজিরায় পোষা কত পের বি.মু ১৭।

পীঁড়া১; **পীঁড়া**২, **-ড়ি, -ড়ে; পীক; পীট** দ্র 'পিঁড়া'১; 'পিঁড়া'২; পিক২; পিট২।

পীঠ পুং, ক্লী [√পিঠ্+অ (ক)-ক, পৃষো, দীর্ঘ (অ.টী)] ১ 'উপবিষ্টের প্রশমনাশক'; আসনবিশেষ, পীঁড়ি। "পীঠে কার্ষ্ণারসে চৈব নিষন্নম্।—রা ২.৬৯.১৩; ৮১.১১। ২ পাদন্যাসনাধার, পাদাসন। "মনু ৪.৮৪। ৩ ব্রতীর আসন; কুশাসনাদি, বিষ্টর। "পীঠচ্ছত্রোপানহম্।—মুগ্ধবোধ ৩২৩। ৪ দেববিগ্রহস্থাপনাধারপিণ্ডিকা। ৫ (তন্ত্রসারে) দেবতাপূজাঙ্গে হৃদয়রূপ আধার। ৬ বিষ্ণুচক্রে ছিন্ন সতীদেহের অবয়বখণ্ডের পতন হেতু তীর্থভূত একপঞ্চাশৎসংখ্যক স্থান। দ্র 'তন্ত্রচূড়ামণি। ভা.চ ৫১-৫৫ পৃষ্ঠ।] ৭ (জ্যামিতিতে) বৃত্তখণ্ডের পরিপূরক অংশ। [°কেলি (পুং)—সর্থ 'পীঠমর্দ্দ'। °গ (পুং)—পঙ্গু। °নায়িকা (স্ত্রী)—দুর্গোৎসবে দুর্গার প্রতিনিধি চতুর্দ্দশবর্ষা বালিকা। °ন্যাস (পুং)—পীঠদেবতা আধারশক্তি-প্রভৃতির প্রণবাদি উচ্চারণপূর্ব্বক হৃদয়ে ন্যাসভেদ। °ভূ (স্ত্রী)—প্রাকারসমীপস্থ ভূমি; বপ্র। °মর্দ্দ (পুং) —১ নায়কসহায়বিশেষ; যেমন রামচন্দ্রের সুগ্রীব। "সা.দ ৩.৩৯। ২ কুপিতস্ত্রীপ্রসাদক (রসমঞ্জরী)। দ্র 'ভা.চ ৭০৮।]

পীঠ২; **পীঠা** দ্র 'পিটা'২; পিঠা'১।

পীঠি বি [সং পীঠিকা] পীঠ, চৌকি। "আনিয়া উচল পীঠি, তদুপরি উদুখল সারে শ্রী.মা ২৮।

পীঠিকা স্ত্রী [পীঠক+স্ত্রী আ (টাপ্)] ১ পীঠ, পীঁড়ি। ২ আধারভূমি, তলদেশ। ৩ পুস্তকের বিভাগ। "পূর্ব্ব°, উত্তর°।

পীড়্ সক [চু, প—পীড়য়তি; সেট্] ১ বাধ, পীড়ন। ২ বিলোড়ন। "পীড়য়তি স্তনং কামী (ক.ক)। [আ—আপীড়ন, ভূষণ। উদ্—উৎপীড়ন; হনন। নিস্—নিষ্পীড়ন। "বস্ত্রনিষ্পীড়ন।]

পীড়্ সর্ম্ম [সং √পীড্—পীড়য্ > প্রা √পীড > বা °ড়; হি √পেড়; ঠ, গু √পীড] পীড়ন করা; আহত করা। "জলে তারে ডুবাইল পীড়িয়া মরমে ব.প্র ১১৭। বেদনায় পীড়িয়া চ.কা ২২৩।

পীড়ক বিণ [√পীড়্+অক (ণ্বুল্)-ক] পীড়য়িতা, বাধক। "প্রজা°। —ড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বাধন, ব্যথন, দুঃখজনন। ২ শত্রুকৃত পীড়া; শস্যসম্পন্ন দেশের শত্রুকৃত পীড়া; অবমর্দ্দ (অ.টী)। ৩ বিলোড়ন, মর্দ্দন, পেষণ। "(বিধেহি) নিবিড়স্তনপীড়নানি গী.গো ১০.১১] ৪ আঘাত, তাড়ন। "রাবণস্ত...ভুজয়োঃ পীড়নেন গো.রা ৫.১৫.২৯। ৫ গ্রাস। "শশিদিবাকরয়োর্গ্রহপীড়নম্।—হি ১.৫২। ৬ গ্রহণ। "পাণি°। ৭ শস্যাদিমর্দ্দন, শস্য মাড়া] ৮ চাপ দেওয়া; টেপা। "গর্ভোহভিঘাতবিষমাশনপীড়নাদ্যৈঃ (পততি)।—মাধবকর। ৯ [+অন-ক] মরকাদি। "মনু ৯.২৯৯। ১০ [+অন-ণ] পীড়নদ্রব্য (সুশ্রুত)। —ড়া স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ আর্ত্তি, ব্যথা, ক্লেশ। "বিষনিমিত্তা (পীড়া) মহা ৩.৬৬.১৯। চক্ষুঃপীড়া।—হি ১২ (কথারম্ভ)। আর যুবতী বলে পতি পীড়ার সদন ক.চ ২৬। ২ বাধা, উপদ্রব। "আশ্রম° রঘু ১.৩৭। ৩ ক্ষয়, ক্ষতি। "অগ্নিকাং পীড়াম্ মনু ৭.১৬৯। গী ১৭.১৯। ৪ হিংসা। "ধর্ম্ম° মহা ১৩.৯৪.১০। ৫ উপপ্লব, গ্রহপীড়ন। ৬ বেদনা। "দাতব্যমন্নং বিবিধং সংকৃত্য ন তু পীড়য়া।—গো.রা ১.১২.১২। ৭ [+অ-ণ] দুঃখ। "অসহ্যপীড়ম্...ঋণমন্ত্যম্ রঘু ১.৬১। ৮ রোগ, রুজা (বৈদ্যকরত্নমালা)। ৯ কৃপা। ১০ শিরোমালা। তু 'আপীড়'। ১১ সরলবৃক্ষ। —ড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বাধিত, ব্যথিত, ক্লেশিত। "হৃদয়° মহা ৩.৫৭.২। ক্ষুদ্ব্যাধি° মনু ৪.৬৭। ২ বিলোড়িত, মর্দ্দিত। ৩ যন্ত্রিত। ৪ গৃহীত। "পার্শির্বাল্যে বালেন পীড়িতঃ উ.চ ৭৫। ৫ দষ্ট। "দশনপীড়িতাধরা রঘু ১৯.৩৫। ৬ নিষ্পীড়িত, সংমর্দ্দিত। "সকৃৎ কিং পীড়িতং স্নানবস্ত্রং মুঞ্চেদ্ বহুদকম্।—হি ২.১০৫। ৭ উপপ্লুত। ৮ [পীড়া+ইত (ইতচ্)] সঞ্জাতপীড়, রোগযুক্ত। —ড়িত ক্লী [+ত-ভা] ১ পীড়ন। ২ রতিবন্ধবিশেষ। ৩ (তন্ত্রে) মন্ত্রভেদ। [পীড়াকর, কৃৎ (বিণ)—পীড়াজনক। "°কর যাজ্ঞ ২.২১৮।]

পীড়ন, পীড়া, -ড়াকর, -ড়াকৃৎ, -ড়িত দ্র 'পীড়ক'।

পীড়াপীড়ি বি [পীড় -আ+পীড় -ই] ১ অতিশয় পীড়ন। ২ সনির্ব্বন্ধ অনুরোধ। "রমা সীতারামকে পীড়াপীড়ি করিয়া ধরিল ব.প্র ৪৫৭; চন্দ্রচূড়ের পীড়াপীড়ি-সত্ত্বেও গঙ্গারাম দুর্গরক্ষার কোন চেষ্টা করেন নাই ৪৯৭।

পীড়ি বি [দ্র পিঁড়া২] মঞ্চ, বেদি। "দোলের পীড়ি ব.প ৯০৮।

পীত বিণ [√পা+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপান। "°সোমপূর্ব্ব মনু ১১.৮। অর্দ্ধপীতস্তনম্ (সিংহশিশুম্) ।—শ ১.১৪। পীতাম্ভস রঘু ১.৮৯। °শোণিত (খড়্গলতা) ক.সা ৫০.৫। পীতরক্তহাসিকে ভা.চ ৪২৭। পীতাবশিষ্ট নির্জ্জল দুগ্ধ ব.প্র ৬০৩। ২ শোষিত। "রবিপীত-জলা (নদী) ।—কু.স ৪.৪৪। ৩ [পীত+অ (অচ্) অস্ত্যর্থে] পীতবান্, কৃতপান। পীতপ্রতিবদ্ধবৎসাম্ (ধেনুম্) রঘু ২.১। ৪ কৃত-জলসেক। "শ ৪.৯। ৫ পীতবর্ণবান্, পিঙ্গল। "°মাঞ্জিষ্ঠবর্ণা রা ২.৯৪.৫। °বসনবনমালী গী.গো ১.৪০। °ধড়া ।—মে ৭৭। প্রদীপের পীত আলোক জ্বালা কা ৩১। —ত পুং [√পী+ত-র্ম্ম (অ.টী) ; পিত্ত > পীত (?) দ্র 'ভাষাপরিচ্ছেদ' ১৩১] ১ বর্ণবিশেষ, গৌর, হরিদ্রারঙ্গ। ২ কুসুম্ভ। ৩ পীতমণিবিশেষ (topaz)। ৪ গোমূত্রজাত পীতবর্ণ। —ত ক্লী ১ হরিতাল। ২ হরিচন্দন। ৩ স্বর্ণ ।—তা স্ত্রী ১ হরিদ্রা। ২ দারুহরিদ্রা। ৩ গোরোচনা। ৪ অতিবিষা। ৫ প্রিয়ঙ্গু। [°কদলী (স্ত্রী)—স্বর্ণ-কদলী। °কাষ্ঠ, °গন্ধ (ক্লী)—পীতচন্দন। °তণ্ডুল (পুং)—কঙ্গুনী, কাঙ্নীধান। °দারু (ক্লী)—দেবদারু ; সরলবৃক্ষ। °বাসাঃ(-সস্) পুং—পীতাম্বর, শ্রীকৃষ্ণ। °মণি (পুং)—পুষ্পরাগ (topaz)। °মুদ্গ (পুং)—সোনামুগ। °যূথী (স্ত্রী)—স্বর্ণযূথী। °রাগ (পুং)—পীতবর্ণ ; (ক্লী) কিঞ্জল্ক। °সার (পুং)—১ গোমেদমণি। ২ নিম্ববৃক্ষ। ৩ (ক্লী) হরিচন্দন। °শাল, °সালক (পুং)—যাহার সার পীত ; অসনবৃক্ষ, পীয়াল (অ.টী) ।]

পীতক বিণ [পীত+ক (কন্)] ১ পীত, হরিদ্রাভ। ২ পীতবর্ণে রঞ্জিত (বস্ত্রাদি)। —তক পুং ১ পীতবর্ণ। ২ অশোকবৃক্ষ। —তক ক্লী ১ হরিতাল। ২ পিত্তল। ৩ কুঙ্কুম। ৪ মধু। ৫ হরিচন্দন। ৬ মাক্ষিক। ৭ পীতসাল।

পীতবাস বি [সং °বাসস্ ; হি °স] 'পীতাম্বর', শ্রীকৃষ্ণ। "শ্রী.মা ১২৪। কাজ কি বাসে, কাজ কেবল সেই °সে—দা ২৭২।

পীত(তি)ম বিং [সং পীতিমা > পীতিম > পীতম] পীতবর্ণ, পীত। পীতিম চীর রা.শে ২ ; ৪। পীতিম বাস জ.প ১০। পীতিম বসনে সবহঁ তনু ঝাঁপি প.ক ২৫১৩। [পীতিম কলপ—পীতবর্ণসদৃশ। "পীতিম কলপ পটী জ.প ৭১।]

পীতল পুং [পীত+ √লা+অ (ক)-ক ; উ.ত] পীতবর্ণযুক্ত', পীত-বর্ণ। —তল, -লক ক্লী পিত্তল। "ক.চ ১৬৮।

পীতা দ্র 'পীত'।

পীতাম্বর পুং ['পীত অম্বর যাঁহার' বহুব্রী] ১ 'পীতবসন', শ্রীকৃষ্ণ। "গী.গো ১২.২৫। পীতাম্বরে, পীতাম্বরী, পরাইছে ত্বরা করি দা ৪৬২। মে ৭৭। ২ শৈলূষ, নট। ৩ সন্ন্যাসী। —ম্বর ক্লী [কর্ম্মধা] পীতবস্ত্র। "°ধারী বি.পা ২১। °ধর চৈ.চ ৩৪৩। —ম্বরী বি [তু 'নীলাম্বরী'] পীতবসন। দ্র 'পীতাম্বর (১)।

পীতি পুং [√পা+তি (তিক্)-ক (অ.টী)] 'ঘৃতাদিপায়ী', ঘোটক। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পান। "সোমস্য পীতয়ে।—ঋগ্বেদ ১.১৬.৩। ২ [+তি-ধি] শুণ্ডা, পানগৃহ। —তী (-তিন্) পুং [°ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; তু 'পীঈ'—তুরগ (দেশী ৬৫১)] সর্থ 'পীতি' (পুং)।

পীতিম ; পীতী দ্র 'পিতম ; পীতি'।

পীন বিণ [√প্যায়্+ত (ক্ত)-ক, স্বাঙ্গে নিত্য সম্প্রসারণ দীর্ঘ ; √প্যায়্ > পী, ত > ন, অস্বাঙ্গে 'প্যান, পীন' (পা ৬.১.২৮) ; স্ত্রী-না] ১ স্থূল, উপচিতমাংস, মাংসল। "°শ্রোণিপয়োধরা মহা ৩.৬৩.৩২ ; °হ্রস্বশিরোধর ১৪৬.৭৬। পীনোরুজঘনস্থলী।—বিষ্ণু ১.২৩। পীনোন্নতস্তন।—বিক্র ৫.১৫। পীনাংস ভ ৪.২১.১৫। পয়োধর ভৈগেল পীন বি.প ৩৩। °পয়োধর।—ম ৪৪৯। পীন কঠিন অঙ্গ দরশায় ছলে ক.চ ১৬৩। পীন গুরু দেহে শ্রী.ম ১০৭। °স্তনী।—হু ১০ ; মে ১০৪। ২ স্থূল। "°মসৃণসুকুমারঃ (চন্দ্রচন্দননিস্যন্দঃ) উ.চ ৬.১৩। ৩ বৃদ্ধিপ্রাপ্ত, বিশাল। "হৃদয় সুপীন চৈ.ভা ১৭৯ ; ন.প ২৪৩। মাঝ হি ক্ষীণ পীন উর।—গো ৮৩। ৪ বিশাল, আয়ত। "পীনে শিলাতলে মহা ৩.১৪৬.৭৪। ৫ বৃত্ত, পরিণত। "পীনায়তভুজ ভ ৪.২১.১৫। ৬ প্রচুর। "প্যানঃ-পীনঃ স্বেদঃ (সি)। [°বক্ষাঃ (-ক্ষস্) বিণ—বিশালোরস্ক, ব্যূঢ়োরস্ক।]

পীনস পুং [পীন+ √সো+অ (ক)—ক ; উ.ত] 'স্থূলতানাশক', নাসিকারোগভেদ, প্রতিশ্যায়। —সী (-সিন্) বিণ পীনসরোগী।

পীনোধ্নী স্ত্রী [পীন উধস্ যাহার, বহুব্রী, স্ত্রী-ঈ (ঙীষ্), অন (অনঙ্) আগম ; তু 'পীনোধসম্ (নন্দিনীম্) মহা ১.১৭৫.১৪] স্থূলক্ষীরাশয়া বা স্থূলাপীনা ধেনু।

পীবর বিণ [√পীব্ স্থৌল্য+বর (ষ্বরচ্)-ক, উ ৩.১ ; স্ত্রী -রী] ১ স্থূল, উপচিতাবয়ব, মোটা। "স (মার্জ্জারঃ) পীবরঃ (জায়তে) মহা ৫.১৫৯.৩১। ২ স্থূল, উপচিতমাংস, মাংসল। "নিতান্তপীবরং (স্তনদ্বয়ম্) রঘু ৩.৮ ; পীবরাংসং ৫.৬৫। রত্নাবলী কুচযুগমাঝে পীবর।—নে ৯০। °স্তনী।—মা ১২৪। কর্ণাভরণ পীবরাংসসংসক্ত ব.প্র ৪০ ; কর্ণাভরণস্পর্শপ্রার্থী পীবরাংস ৫২। ৩ বৃত্ত, পরিণত। "পীবর ভুজ গ ২১২। পীবর বাহুযুগল।—কাদ ৬৭। ৪ বিশাল, আয়ত। "পীবর বুক।—ন ৯২২। পীবরোন্নত বক্ষঃ ব.প্র ৫৩। ৫ [বাঙ্লায় ; অপ্র] বিশাল, দূরপ্রসারী। "(কল্পতরু) স্থাবর পীবর শ্রী.ম ৮১। [°স্তনী (স্ত্রী)—পীনস্তনী নারী। পীবরোরু (স্ত্রী)—স্থূলোরু নারী। "কু.স ৮.৩৬।]

পীয়ল বিং [সং পীত > প্রা পীঅল (হে) > বা °ল] পীত। °ল বাস।—গো ১০৬। —লী বি পীতপুষ্পবিশেষ। "ভা.চ ১১৬।

পীয়লী দ্র 'পীয়ল'।

পীয়ূষ ক্লী [পীয়্ প্রীণন+উষ (উষন্)-ক, উ ৪.৭৬ ; √পী+যূষ (যূষন্)-র্ম্ম (অ.টী) ; 'পীয়ূষ'—রসভূত পয়ঃ (ঋগ্বেদ ২.১৩.১)] অমৃত, সুধা। "পিবতোঽচ্যুতপীযূষম্ ভ ২.৮.২৬। চ.বি ১০৪। পুণ্য-পীযূষ-স্তন্যবাহিনী (জাহ্নবী) ।—গান ২২০। —যূষ পুং, ক্লী ১ নব-প্রসূতা গবীর সপ্তদিবসাবধি ক্ষীর (মেদিনী) ; অভিনব পয়ঃ (শ.ক)। ২ দুগ্ধ (শ.ক)। "°পূর্ণকুচকুম্ভযুগ ।—ভা.চ ৬১৪। পীযূষপূরিত স্তন।—দ্বারকানাথ অধিকারী। ৩ [বাঙ্লায় ; অপ্র] মধু। "বচন বলিল যেন পদ্মের পীযূষ ব.প ৩৯৬। [°গ্রন্থিল (বি)—অমৃতের গ্রন্থিতুল্য খাদ্যবিশেষ। "চৈ.চ ৩৪৭। °বর্ষ, °রুচি (পুং)—'অমৃতবর্ষক ; অমৃত-কিরণ', চন্দ্র ; কর্পূর।]

পীযূষী বি পীযূষরসময় পিষ্টকবিশেষ। "ভা.চ ৫৪৮।

পীর বি [ফা পীর্] মুসলমান সিদ্ধ সাধু পুরুষ। "আসান°, মানিক°। চৈ.চ ১৯৩। সত্য° রা.স ১। [°পয়গম্বর, °প্যাগম্বর—পীর ও পয়গম্বর। "°প্যাগম্বর।—জা ৩৫। পীরোত্তর, -রত্র—পীরের সেবার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।]

পীরিত, -তি দ্র 'পিরিত'।

পীল বি [দ্র 'পিল'] ১ হস্তী। ২ দাবাখেলার গজ। "ও রে অতঃপরে কোণের ঘরে পীলের কিস্তে মাৎ হইল ব.প ১৫৩৪। [°খানা—দ্র 'পিল'। পীলড়ি—দাবাখেলায় হারবিশেষ। ইহাতে রাজা গজের চারিদিকে ঘুরে।]

পীলা, -লে বি [সং প্লীহা > বা (স্বরাগমে) পিলীহা > °লা ; হি পিলঈ ; ঠ 'পী'] প্লীহা। "পীলে পাত স.এ ২। [পীলে চমকান—অতিভীত হওয়া। পীলেজ্বর—প্লীহাবৃদ্ধিজন্য জ্বর।]

পীলু পুং [√পীল্ স্তম্ভন+উ (কু)-ক, উ ১.৩৭ ; তু 'ফা পীল—হস্তী ; ভাটাস্ত 'পীলু' শব্দস্য বৃক্ষে আর্য্যপ্রসিদ্ধির্গজে তু ম্লেচ্ছপ্রসিদ্ধিরিত্যা-শ্রিত্য বাজহ ; (উণাদি-তত্ত্ববোধিনী) ।] ১ হস্তী। ২ পরমাণু। ৩ বাণ। ৪ পুষ্প। ৫ (হস্তিপাদসাদৃশ্যে ?) তালকাণ্ড। ৬ [প্রা √পীল

(√পীড়্)—মূল ?] কৃমি। ৭ কোঙ্কণদেশখ্যাত গুড়ফলবৃক্ষ (Salvadora persica)। [ইহার কাঠ ঈষৎ পীত ; পীত > প্রা 'পীঅল'—মূল কি ?] —লু ক্লী পীলু ফল। "চৈ.চ ৩২৫, -৪৭। [°পর্ণী (স্ত্রী)—মূর্ব্বালতা।]

পীড়েপীড়ে বি [ধনাত্মক] দ্র 'খুড়া-খুড়া'।

পু(পুঁ)ই বি [সং পূতিকা > প্রা *পূইআ (তু 'পোইআ, পোঈ' —'বল্লীবিশেষ'—দেশী ৬.৬৩) ; হি পোঈ] শাকলতাবিশেষ (Basella alba)। "পুইশাক ক.চ৩৯১।

পুইজ বি [সং পূয় ; অপ্র] পুঁজ। "কণ্ঠে গলে পুইজ।—মী ২১।

পুং পুং [সং পুমস্ > 'পুম্' > পুং ; স্বরের ঠিক পূর্ব্বস্থ বর্গের প্রথম দ্বিতীয় বর্ণ পরে 'পুম্স্' > পুংস্ (সমাসে পূর্ব্বপদ) ; যথা, পুংক্ষীর, পুংগব, পুংদাস, পুংস্কোকিল, পুংশ্চলী] পুরুষ। [°যোগ (পুং)—১ (ব্যাকরণে) পুরুষের সহিত যোগ ; পুরুষযোগ। "পা ৪ ১.৪৮। আচার্য্যানী তু পুংযোগে (অ.কো)। ২ পুরুষসহবাস। °বত্ন (ক্লী)—পুরুষশ্রেষ্ঠ। "রাশি (পুং)—বিষম রাশি—মেষ-মিথুন-সিংহাদি। °রূপ (ক্লী) পুরুষাকৃতি। °বৎ (ব্য)—পুংলিঙ্গশব্দতুল্য। "পা ৬.৩ ৪২। °বদ্ভাব (পু)—পুংলিঙ্গশব্দতুল্য আকৃতি। °বৎস (পুং)—পুরুষবৎস, পুংশাবক। °শ্চিহ্ন (ক্লী)—পুরুষচিহ্ন, শিশ্ন।]

পুংলিঙ্গ বিণ [ঊ. বহুব্রী] যাহার পুংলিঙ্গতুল্য লিঙ্গ, পুংস্বযুক্ত (শব্দ)। —লিঙ্গ পুং (ব্যাকরণে) পুংস্ববোধক শব্দ। লিঙ্গ ক্লী [ষ.ত] ১ পুংশ্চিহ্ন, শিশ্ন। ২ শব্দের পুংস্ববোধকতা।

পুংশ্চল পুং [পুমান্ চল কর্ম্মধা, বাজদন্তাদি] পরস্ত্রীগামী পুরুষ, ব্যভিচারী। '(ললাটোপস্থতাভিঃ রেখাভিঃ) বিচ্ছিন্নাভিশ্চ পুংশ্চলাঃ। —গরুড়পুরাণ ৫৫.৭৭। —লী স্ত্রী [পুমান্ (পতি) হইতে চলী, প.ত] অসতী কুলটা ; পতিচঞ্চলা (শ্রীধর), ইন্দ্রিয়চপলা (মেধাতিথি)। "মনু ৪ ২১১। হি ১ ১২০। ভ ৫.২৪.১৬। [পুংশ্চলীয় (পুং)—পুংশ্চলী-পুত্র।]

পুংসবন বিণ [ষ.ত] পুত্রের প্রসবসাধন, পুত্রোৎপত্তিকারণ। "ভ ৪.১৩ ৩৮ ; পীতং পুংসবনং জলম্ ৯.৬.২৮। পুংসবন জল ছিল মুখেতে চালিল।—কৃ ৬। —সব পুং, -সবন ক্লী পুত্রোৎপত্তিকারণ গর্ভিণীর সংস্কারভেদ। "রঘু ৩.১০। [গর্ভস্পন্দনের পূর্ব্বে, অথবা দ্বিতীয় বা তৃতীয় মাসে ইহা অনুষ্ঠেয়। 'স্পন্দনাৎ পুংসবনম্।—বিষ্ণু ২৭.২ ; যাজ্ঞ ১.১১। তৃতীয়ে মাসি পুংসবঃ।—ব্যাস ১.১৬। মাসি দ্বিতীয়ে বা তৃতীয়ে পুংসবনম্।—মল্লিনাথ-ধৃত পারস্কর।] —সবন ক্লী গর্ভ। "ভ ৫.২৪.১৫।

পুংস্কোকিল পুং [পুমান্ কোকিল, কর্ম্মধা] পুরুষকোকিল। "পুংস্কোকিলস্তেব তন্ত্র বাণী মহা ৩ ১১২ ৭। কু.স ৩.৩২।

পুংস্ত্ব ক্লী [পুমস্+ত্ব] ১ পুরুষভাব, পুরুষাকৃতি। "পা ৫.১.১২০, সি। মন্থনে মোহিনী হ'য়ে, গোকুলে পুংস্ত্ব পেয়ে, মুরলী বাজালে তরুতলে শি ৩। ২ পুরুষত্ব, বীর্য্য, শুক্র। "(বয়ঃ) যত্নাৎ পরীক্ষিতঃ পুংস্ত্বে যাজ্ঞ ১.৫৫। ৩ (ব্যাকরণে) পুংলিঙ্গতা।

পুঃ অব্য [E. pooh] অবজ্ঞা, অবহেলা। "পুঃ তুমি ত ভারি কাউয়ার্ড হে !—মা ৩৪৪। পুঃ ! পাঁচ শত সিপাহী লইয়া তোমাদের জন দুই-চারি লোকের কাছে বিপদ্ ! —ব.প্র ৪১৭।

পুঁছ, পুছ[২] সর্ম্ম [সং প্র+√উঞ্ছ্—প্রোঞ্ছ্ > লি √পুঞ্ছ ; প্রা √পুংছ ; √পু (পুং)স (হে ৪.১০৫)—পুসউ মৃহং (গাথাসপ্তশতী ৭.৮১) > বা °ছ ; হি √পোঁছ ; ঠ √পুস ; মৈ √পোছ ; ড় √পোছ] ১ মার্জ্জন করা ; বস্ত্রাদি দ্বারা ঘসিয়া পরিষ্কার করা ; পোঁছা (to wipe)। "পুছিয়া ফেলিল...সিন্দুর গো.চ ৩৮৩। অশ্রু-জল...পোঁছে।—দু ৫৯। সর্ব্বত্র পুছিল জলঃ মন্দিরাদি মার্জ্জিয়া পুছিল চৈ ২২৭। সখী পুছে লোচনের জল।—শি ৫৫। ২ ঘসিয়া বিলুপ্ত করা (to efface)। [পুঁ (পোঁ) ছা—সর্ম্ম 'পুঁছ'।]

পুঁজ, পুজ, পুঁয বি [সং পূয়] স্ফোটকাদির ঘন বিকৃত রক্ত। "কর্ণের পড়ে পুজ গো.বি ১০৯। রক্ত পুঁয স্রবিতেছে ; রক্ত পুঁয ফেলি দেহ।—কৃ ৪১।

পুঁজি, -জী বি [সং পুঞ্জ, -ঞ্জি ; হি পূঁজী ; ঠ, জাটু 'পূংজী' ; 'পুঁজ' —পুঞ্জ (দিনাজপুর)] ১ রাশি, সঞ্চিত ধন। "বেড়াই খুঁজি করিতে পুঁজি, সোনারূপার ঢেলা।—শিশু ১৭। ২ ব্যবসায়ে মূলধন (capital)। "পুঁজি মারা যাওয়া। ৩ [ড় পুঞ্জা] গণ্ডা, চারিটা। "পুঁজিমূলে নারিকল, কুল করঞ্জা পানীফল (কিনিল) ক.চ ১৫৬ ; খরসোলা পুঁজী দশ ১৫৮। ৪ ভাণ্ডার, সঞ্চিতদ্রব্য। ৫ [ঠ পূংজী] বিদ্যা-বুদ্ধির বা কল-কৌশলের ভাণ্ডার। [°পাটা (°পাত্র ; ড় পাণ্টি) —পুঁজির আধার ; পুঁজি। "যাদের নাহি পুঁজিপাটা, গিয়ে বেলেঘাটা, বাড়ীর পাটা বেচে, পেটে খেলে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। তোর পুঁজিপাটা ঐ গলা, আমার পুঁজিপাটা এই আফিঙ্গের ডেলা ব.প্র ৬০৩।

পুঁটলি, -লী বি [সং পোট্টলী ; হি পোটলী ; গু পোটলী ; 'পট্টল' —গাঁঠরী (দেশী—প্রা.ম)] ১ ছোট বোচকা ; বুচকি, গাঁঠরি। "জরির ফালির যে পুঁটলি ভ.গ্র ৩৫২। ২ (সাদৃশ্যে) অক্ষরের গোল অবয়বাংশ। "গলায় পুঁটলি 'ত'। কোণে পুঁটলি 'ম'। দু-পুঁটলির 'শ'। —টুলী বি শাঁখারি কাঁসারি তাম্বুলী গন্ধবণিক্ ও কুরী এই পাঁচ জাতি। দ্র 'নবশাক' (সম্বন্ধনির্ণয়)।

পুঁ(পু)টা, -ঠী বি [সং প্রোষ্ঠী > প্রা *পুট্ঠী, *পুংঠী > বা °ঠী, -টী ; মৈ পোঠী] ক্ষুদ্র মৎস্যবিশেষ। "পুঠী মৎস্য ভাজা দিল ভাল খোলাকুচি শি ১৭। [পুঁটি (টা) মাছের প্রাণ—১ (সাদৃশ্যে) অল্প প্রাণশক্তি ; তুসক প্রাণ। ২ অল্প মূলধনের ব্যবসায়। "তেলওয়ালা কাঠওয়ালা সন্দেশ-ওয়ালা—তাহারাও কাঁদিতে কাঁদিতে কহিতেছে...আমাদের পুঁটিমাছের প্রাণ—এমন করিলে আমরা কেমন করে বাঁচিতে পারি?—আ.দু ২৭।]

পুঁটুলী দ্র 'পুঁটলি'।

পুঁটে বিং ['পুঁটা'—মূল ; সি 'পুটু'—পুত্র] ছোট, কনিষ্ঠ। "পুঁটে ছেলে, মেয়ে।—টে বি ১ সূচীর ছিদ্র। ২ [সং 'পুটিত'—মূল ; পুটিয়া (দিনাজপুর)] চক্রের প্রান্তে পুটিত (সংলগ্ন) বক্র কাঠবেষ্টন বা পরিধিকাষ্ঠ। ৩ বালা ইত্যাদির মুখে লাগান মুদো। "(জলতরঙ্গী) কাটা মুখ রাণাঘেটে পুঁটে।—দা ১৬৩২ ; ঘোড়া ঝাঁপা আর বকুলে পুঁটে ১৬৩৩।

পুঁড়, পুঁড়া[২], **-ড়ুয়া** বি [সং পুণ্ড্র > প্রা পুংড > বা °ড়, ড়া ; পুঁড় +উয়া[২]] 'পুণ্ড্রদেশবাসী', কৃষিজীবী জাতিবিশেষ। "এখানে আছিল এক পুঁড়ুয়া গোয়াল। কৃষিকর্ম্ম করে পুঁড়া বিহান সকাল।—চৈ.ম ১৭০,-৭১। —ড়ি বি ইক্ষুবিশেষ।

পুঁ(পু)ড়া[১] বি [সং পুটিকা > প্রা পুডিআ > বা (পুডা) °ড়া ; হি পুড়িয়া ; ঠ পুডা ; ড় ওলি.আ] ১ আধার, পাত্র। "পুড়া ভেঙ্গে গুঁড়া সিদ্ধি ফাকি ক'রে খাও।—শি ৩১ ; নগরের ভিতরে ভাজিয়া দিল পুড়া ৭৭। ২ ধান্যবীজরক্ষার্থ খড়ের গোল আধারবিশেষ। "বিছন পুড়া ক.চ ৮৫। পুড়া পারা মস্তক শ্রী.মা ৬৮ ; ২০১। পুঁড়া পারা পেট শ্রী ২১৬। (সে কুণ্ডলাকৃতি কুঁজে) পুড়া পুটলির প্রায় শি ২৮ ; গৃহস্থের পুড়া ৬৫ ; পর্ব্বত-প্রমাণ পুড়া ৭৬। স্বেদ দেওয়ার পুঁটলি (?)। "অহর্নিশ স্বেদ দেয় হাতে লইয়া পুড়া ম.ম ৭৯।

পুঁড়া[২] দ্র 'পুঁড়'।

পুঁতি, -থি[২] বি [হি, ঠ পোত ; তু 'পোত্তী'—কাচ (দেশী ৬.৬০)] কাচের ক্ষুদ্র সচ্ছিদ্র গুলী বা গুলীর মালা। "দুর্গার প্রদীপ পুঁতি ক.চ ১২৩। পুঁতি দোমতি শ্রী ৫৫ ; পুঁথি হার ১২৮। জাল কাল পুঁতি-জ্যোতি রা.শে ৩১। (গলা ছুটা) পুঁতি বেড়ে সেজেছে সুন্দর শি ১১০।

পুঁথি[১], **-থী, পুথি, -থী** বি [সং পুস্তিকা > প্রা পুত্থিআ, *-আ > বা

পুথি,-থী ; হি, প, ঠ, গু, মৈ সি, ড় পোথী ; অস পুথি,-থী] ১ (প্রায়ই প্রাচীন) হস্তলিখিত পুস্তক। "পাঁজি পুথি।—কৃ ৩৫৬। কল্পতরুসম পুথি।—ম ৮১৯। পুথি খুঙ্গি ক.চ ২। কি পুঁথি পঢ়াও চৈ.ভা ৮০,-২ ; ৯৭। পুথি চৈ.ম ১৩০। ২ গ্রন্থ, পুস্তক। "সে সব বলতে গেলে পুঁথী বেড়ে যায়।—হু ২২। ৩ সন্দর্ভ। "রচিলাম দ্রোণপর্ব্ব পুঁথি।—ম ৮৯৬। [°পত্তর, -পত্র—বই-খাতাপত্র। "লুকুয়েছি মা, পুঁথিপত্তর যত।—শিশু ৫৪ ; ইস্কুলের ছেলে, পুঁথিপত্র কাঁখে ৬১।]

পুঁথি[2] দ্র 'পুঁতি'।

পুঁয়ে বি [ভুঁয়ে > °য়ে ?] কেঁচোর মত সর্পবিশেষ (ইহারা মাটির মধ্যে থাকে)। "পুঁয়ে হেলে চিতি বোড়া ভা.চ ১২৯।

পুকু(খু)র, পুখরি, -রী লি [সং পুষ্কর, পুষ্করিণী > প্রা পু(পো)-ক্খর, -রিণী > বা পু(পো)খ(ক)র > °র, °রি,-রী ; হি, ঠ পোখর ; ড় পোখরি ; অস পুখুঁরি,-রী ; পৈর (চট্টগ্রাম)] পুষ্করিণী। "পুকুর গো.চ ৭৬। পুখরী শূ ১০৭,-৮। পুখরি।—ম ৯২৩। পুখরি-আড়া ক.চ ৬। পুখরীর পাড় ৭৩। [পুকুর-কালি—পুষ্করিণীর পরিমাণফল ; তৎফল-জ্ঞাপক নিয়ম (শুভঙ্কর)।]

পুক্কশ, ষ, -স বিণ অধম (অ.কো)। —শ, -ষ, -স পুং [তু পুল্কস (শত-পথব্রাহ্মণ ১৪.৭.১.২২ ; বৃহদারণ্যক ৪.৩.২২) ; পৌল্কস (শুক্লযজুর্ব্বেদ ৩০.১৭ ; শতপথব্রাহ্মণ) ; পুক্কণ (হারাবলী) ; পুক্কশ,-ষ,-স (S.W.)] ১ শূদ্রাগর্ভে নিষাদজাত (মনু ১০.১৮), বা ক্ষত্রিয়াগর্ভে বৈশ্যজাত (বসিষ্ঠ ১৮ ; বিষ্ণু ১৬.৫) সঙ্কীর্ণ জাতিবিশেষ। "°স যাজ্ঞ ৩.২০৭ ; ভ ২.৪.১৮। ২ চণ্ডাল। —শী, -ষী, সী স্ত্রী ১ পুক্কশজাতি-স্ত্রী। "°সী মনু ১০.৩৮। ২ নীলী।

পুখরি, -রী, -খুর দ্র 'পুকুর'।

পুঙ্খ পুং, ক্লী [পুমস্ + √খন্ + অ (ড)-ক] বাণমূল, কর্ত্তরী। "রুক্ম° (বাণ) গো.রা ৬.৩৪.২৪ ; মহা ৮.৩.২০। সায়ক° রঘু ২.৩১ ; ৩.৬৪। স্বর্ণ° (শর) ভ ৪.১১.৩। আপাঙ্গ° ২৫.২৫। [বোধ হয়, সং পক্ষ > *প্রা পংখ > (পঙ্খ) পুঙ্খ : 'পুচ্ছ' সংসর্গ হেতু 'বাণমূল'।]

পুঙ্খানুপুঙ্খ ক্রি.বিণ [পুঙ্খের অনু পুঙ্খ যাহাতে, বহুব্রী] ১ এক শরের পুঙ্খে সংলগ্ন অন্য শরের পুঙ্খ যেরূপে হয়, তদ্‌ভাবে ; পুঙ্খলগ্নপুঙ্খ-ভাবে। "(শরজালৈঃ) পুঙ্খানুপুঙ্খং পতিতৈঃ ভ ৬.১০.২৪। ২ পরম্পরা-ভাবে, নিরন্তর। "ধীরো ন মুহ্যতি মুকুন্দনিবিষ্টচেতাঃ, পুঙ্খানুপুঙ্খ-বিষয়েক্ষণতৎপরোঽপি ভ.প্র ২৯৫। [°রূপে—পরপর-ভাবে, ক্রমশঃ, ক্রমিক। "খরচপত্রের °রূপে হিসাব রাখা পা.প্র ১৭০।]

পুঙ্খিত বিণ [পুঙ্খ+ইত (ইতচ্)] পুঙ্খযুক্ত। "°শিলীমুখ ক.ম ৪$\frac{১}{৯}$। °শরো মদনঃ।—অমরু ৬৯।

পুঙ্গব পুং [পুমান্ গো, কর্ম্মধা, সমাসান্ত 'অ' (অচ্)] ১ পুরুষ-গো ; বৃষ। "°কেতু। ২ মহাবৃষভ। ৩ ঋষভৌষধ। ৪ শ্রেষ্ঠার্থ। ক্ষত্রিয়°, দ্বিজ°, নর°, বানর°, বারণ°, মনুজ°। মুনি° রা ১.১.১। সমাসে উত্তরপদ] [°কেতু (পুং)—'বৃষধ্বজ', শিব। "কু.স ৭.৭৭।]

পুঙ্গি অশ্লীল গালিবিশেষ। "পুংঙ্গির পুং "কেডা!—স.এ ২৫। তু 'কুক্ষী'।

পুচ্ছ পুং, ক্লী [√পুচ্ছ্ প্রমাদ, লঘ+অ (অচ্)-ক (অ.টী ; (ছান্দস) পশ্চ > প্রা পচ্ছ > পুশ্চ ? Av.'pussa'—a crown,] ১ পশ্চাৎ-প্রদেশ, লাঙ্গুল। "অথর্ব্ব ৭.৫৬.৬। পুচ্ছ কাটা গেল কালী আড়াই আঙুল ম.ভা ৩৮। ২ লোমযুক্ত লাঙ্গুল। "শুনঃ পুচ্ছমিব ব্যর্থং পাণ্ডিত্যং ধর্ম্মবর্জ্জিতম্।—পঞ্চ ৩.৯৬। পুচ্ছাগ্র হি ১$\frac{২}{১}$$\frac{২}{৮}$। পশ্চাৎ পুচ্ছং বহতি বিপুলম্ উ.চ ৪.২৭। ৩ কলাপ, শিখণ্ড। ৪ শেষভাগমাত্র (A.)। ৫ [বাঙলায় ; অপ্র] হস্তের শেষভাগ ; পৌঁছা। "তাহার হাতের পুচ্ছ অতি সুলক্ষণ ম.ম ৪১। [°কণ্টক (পুং)—বৃশ্চিক।]

পুছ[1] সর্ম্ম [সং √প্রচ্ছ্ > লি, প্রা √পুচ্ছ > বা (√পুছ) °ছ ; হি, মৈ √পুছ ; ঠ √পুস ; ড় √পচার] ১ জিজ্ঞাসা করা। "জোখি তো পুছমি।—চ ১৯। শরীরের ভেদ গুরুক লাগিল পুছিবার গো.চ ৪৯৯। কি পুছসি রে সখি বি.প ২১৩,-৪। কর্ণেরে পুছিল।—ম ২৫৩ ; পুছেন ৭৩৬। গ ১০৪। মোরে কেন পুছ, তুমি পুছ আপন মন।—চৈ.চ ৭৫। ২ [হি √পুছ ; ঠ √পুস্] সম্মান করা ; গ্রাহ্য করা ; মানা। [পুছ (সং পৃচ্ছ)—জিজ্ঞাসা কর। পুছইতে—পুছিতে (প.ক)। পুছমো (সং পৃচ্ছামঃ)—জিজ্ঞাসা করি। "বি.প ৬৮। পুছসি (সং পৃচ্ছসি)—জিজ্ঞাসা করিতেছ। পুছা—১ সর্থ 'পুছ'। ২ [সং পৃচ্ছা] জিজ্ঞাসা। "ব.প ৮৩। পুচ্ছ, -চ্ছই, -চ্ছতু, -চ্ছসি, -চ্ছহ, -চ্ছি (চ)। পুছন্তি, -ছহ, -ছিআঁ, -ছিউ, -ছিঞা, -ছিতেঁ, -ছিব, -বোঁ (শ্রী.কী)।]

পুছ[2] দ্র 'পুঁছ'।

পুছা দ্র 'পুছ[1]'।

পুছারি বি [মৈ পুছারি] জিজ্ঞাসা। "জানসি তব কাহে করসি পুছারি বি.প ৬৮।

পুঞ্জ পুং [পুমস্ + √জি + অ (ড)-ক (অ.টী)] ১ 'উচ্চতায় পুরুষ-জয়ী' ; ধান্যাদিরাশি, স্তূপ। "পাংশু°, রজঃ°। (কুসুম) ফুটল সজনি পুঞ্জে পুঞ্জে।—ভানুসিংহ ঠাকুর। ২ সমূহ, চয়। "ক্ষীরোদবেলেব সফেন-পুঞ্জা কু.স ৭.২৬। অঞ্জন°, তমঃ°, তিমির°, তেজঃ°, শ্রী° (S.W.)। —ঞ্জি স্ত্রী ১ সর্থ 'পুঞ্জ'। ২ (বাঙলায়) ব্যবসায়ে মূলধন। "পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল শি ৬৯। [°পুঞ্জীভূত—রাশিভূত, মহাস্তূপী-ভূত। "°ত জড়ের জঞ্জাল স.স্ব ৭৬।]

পুঞ্জি দ্র 'পুঞ্জ'।

পুঞ্জিত বিণ [পুঞ্জ+ইত (ইতচ্)] সঞ্জাতপুঞ্জ, রাশীভূত, উপচিত। "কুঞ্জপুঞ্জিততমঃশ্যামৈঃ (জৃম্ভকৈঃ) উ.চ ৫.১৪।

পুট্ সক [তু, প—পুটতি ; সেট্] সংশ্লেষণ। —ট্ সক [চু, প—পোটয়তি ; সেট্] ১ চূর্ণীকরণ। ২ (অক) দীপ্তি।

পুট[1] পুং, ক্লী [√পুট্ + অ (ক)-ক ; cf., E. pot] ১ পাত্র, আধার, শরাবাদি। "কৃতাঞ্জলি° গো.রা ১.৯.৬০। পর্ণ° ২.৫৬.৩০। ওষ্ঠ° মহা ১.২.৩৯২। মনু ৬.২৮। পত্র° রঘু ২.৬৫। কিশলয়° উ.মে ৪৬। শ্রোত্র° ভ. ২.২.৩৭। চঞ্চু° (S.W.)। সুগন্ধি কাষ্ঠের পুট।—হেম ৮০। ২ কোশ। "ভিন্নপল্লব° রঘু ৯.৬৮ ; ১১.২৩ ; অভিন্ন° ১৭.১২। ৩ অঙ্কুরকোশ, মুছি। ৪ পত্রাদিরচিত পানপাত্র। ৫ রন্ধ্র, ছিদ্র। "নাসা°, নাসিকা°। স্ফুরদধরনাসাপুট (S.W.)। ৬ চক্ষুরাবরণ। "°ভেদ। ৭ আবরণ, পিধান। "দশনৈঃ ক্ষতাধরপুটঃ গী.গো ১২.১১। ৮ অশ্বখুর। —ট পুং ১ সম্পুট, করণ্ডক, ঝাঁপি। ২ [+অ (ঘঞর্থে ক)-ভা] সংশ্লেষ, সংযোগ। ৩ চূর্ণ, ভঙ্গ। "ভ্রুকুটীপুটসূচিতম্ (মুখম্) গো.রা ২.১০৫.৪১। ভ্রুকুটিপুটাকুটিল মহা ৭.৪৭.৪০। ৪ উর্দ্ধাধোভাবে স্থাপিত মৃত্তিকাদির কপালদ্বয়ে নির্ম্মিত ঔষধপাকপাত্রভেদ। "°পাক। —ট ক্লী ১ জাতীফল। ২ সর্থ 'পুট' পুং (৪)। —টী স্ত্রী ১ পত্রাদিরচিত পাত্র। ২ আচ্ছাদন। ৩ সংশ্লেষ ৪ কৌপীন। [°কর (বিং)—কৃতকরপুট, কৃতাঞ্জলিপুট। "°করে করি নতি শ্রী.মা ৪ ; প্রণমিল হয়ে °কর ২৩। রায় গুণাকর, কহে °কর ভা.চ ৮৫। °পাক (পুং)—পুটে পাক ; মৃত্তিকাদিরুদ্ধমুখ পাত্রে ঔষধাদির সন্তাপন। "°পাকপ্রতিকাশো রামস্য করুণো রসঃ উ. ৩.১।

পুট[2] '-ট্' বি [E. pit] কাঁধের শিরদাঁড়া হইতে হাতের সন্ধি পর্য্যন্ত অংশ (দরজির ভাষা)।

পুটক ক্লী, -টিকা স্ত্রী [পুট+ক (কন্) সংজ্ঞার্থে+স্ত্রী আ (টাপ্)] বীজধান্যের আধারবিশেষ ; পুঁড়া। "কু.স ৩৩।

পুটকিত বিং [°ক+ইত (ইতচ্)] সঞ্জাতপুটক, পুটাকারপ্রাপ্ত। "পুটকিত শিরজট ভা.চ ৪৫২।

পুটকিনী স্ত্রী [°ক+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'পুটকবতী', পদ্মিনী ; পদ্মসমূহ।

পুটপাণি বিং কৃতকরপুট, কৃতাঞ্জলিপুট। "পুন আল পুটপাণি প্রভু বয়ানয় শ্রী.মা ২৭। বলে পুটপাণি শ্রী ৫২ ; ১৯৫। —পাণি বি পুটাকৃতি পাণি ; অঞ্জলিপুট। "কোপ লোপ করি পুটপাণিতে—দু ২৬। চায় গৌহে করি পুটপাণি বা.দ ৮৩।

পুটপুটে বিং [পুঁটে >°টে (দ্বিত্ব)] ছোটো-ছোটো। "ফুটফুটে তার দাঁত ক'খানি, পুটপুটে তার ঠোঁট।—শিশু ১০০।

পুটভেদ পুং [পুট+ √ভিদ্+অ (অণ্)-ক ; উ.ত] ১ 'সংশ্লেষ-ভেদক', বক্র, নদীর বাঁক। ২ নদীচক্র, আবর্ত্ত। ৩ [ব.ত] আবরণের বিঘটন ; চক্ষু-রুন্মীলন। "উ.চ ৬.৩। ৪ আতোদ্য, বাদ্য। ৫ সর্থ 'পুট-ভেদন'। —ভেদন ক্লী [তৃ.ত] প্রকোষ্ঠ দ্বারা ভিন্ন (অ.টী) ; নগর, পত্তন। "মাঘ ১৩.২৬।

পুটলি, -টুলী বি সর্থ 'পুঁটলি'। "ক্ষুদের পুটুলী শ্রী.ম ২৪৪। পুটলির প্রায় পড়্যা থাকে সেজে শি ২৮।

পুটহাত বি সর্থ 'পুটপাণি'। "করিয়া পুটহাথ, আরাধে জগন্নাথ ক.চ ২৮৩।

পুটাঞ্জলি বিং কৃতাঞ্জলিপুট। "°ঞ্জলি হয়্যা স্তুতি করে শ্রী.ম ২২৯। কহে পুটাঞ্জলি হঞা ব.প ৫৩৭। ম.ভা ৭৭। °পাণি বি.সু ১৪১,-৪৯,-৫৭। —ঞ্জলি বি পুটাকার অঞ্জলি ; অঞ্জলিপুট। "পুটাঞ্জলি করি স্তুতি করে।—ম ১০৮৬। করি পুটাঞ্জলি ম.ম ৬৩।

পুটি বি ষোল কুড়ি। "শোল পুটি জ্ঞান গো চ ৯, বান পুটি কুচনি ৩৬; আড়াই পুটি অমর মন্ত্র ২৯৩,-৭।

পুটিকা স্ত্রী [পুটি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ মঞ্জুষা, করণ্ডক, কৌটা, ডিবা। কর্পূরপুটিকা।—পঞ্চ ৫।১১। সোণার পুটিকা ভ.গ্র ৭৭। পুটিকার পুজার দ্রব্য দেখাহ চৈ ৫১।

পুটী দ্র 'পুট'১।

পুটুল্যা বিং ['পুট'—মূল] চক্ষুর আবরণ (পাতা) নিমীলনকারক ; অর্থাৎ গাঢ় (নিদ্রা)। 'ধরিল পুটুল্যা ঘুম তাহার (বুড়ীর) লোচনে ব.প ৪৭৩।

পু(পো)ড় অর্ম্ম [সং √পুট (দীপ্তি) >°ড় (?), অথবা সং প্রুষ্ট >প্রা *পুট্‌ঠ >বা (পুট) °ড় ? √পোল ; ড় √পুড়] ১ দগ্ধ হওয়া ; পোড়া। "বন পোড়ে শ্রী.কী ২৯৪ ; মরোঁ অনলে পুড়িআঁ ৩.৫। ছোট বড় পুড়িয়া মরিল।—কৃ ২১৭। ম ২৬৭। ২ তাপে জ্বলিত হওয়া। "পায় পোড়ে খরতর রবির কিরণ ; ক.চ ৬৮। বিরহী জনের পোড়ে গা ১৪৪। ৩ অতিবাধিত হওয়া। "মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী শ্রী.কী ২৯৪। মী ১২। রাত্রি দিন পোড়ে মন সোয়াস্থি না পাঙ চৈ.চ ৮৬। প্রাণ পোড়ে চ.বি ১৬। ম.ম ৩৩। করিল যতেক কেলি পোড়ে বাপ মায় শ্রী.ম ১৪০। ঐ গুণে পুড়্যা মরি না পুড়ি আগুনে ব.প ৮৪৭। অন্তর, পোড়য়ে নিরন্তর।—জ্ঞা ১৬৬। ৪ কাম-পীড়িত হওয়া "পরনারী দেখে কেন পুড়ে উঠে মন বা.ম ৫৩। ৫ কলঙ্কে মলিন হওয়া। "ঋষিপত্নী চুরি করি পুড়িয়াছে মুখ।—ন ১০১০। ৬ জঠরানলে পীড়িত হওয়া। "দিনান্তে অভুক্ত মুনি পোড়ে কলেবর।—কৃ ৭। আমার পোড়য়ে অঙ্গ উদর দহনে ক.চ ১৬৬। ৭ জ্বলিত হওয়া ; জ্বলা। "বিষে পোড়ে সর্ব্ব গা।—ম.ম ১৯৪। —ড় সর্ম্ম [√পুড় >°ড় ; অপ্র] ১ দগ্ধ করা। "পুড়িয়া (পুড়াইয়া) ঝাড়িয়া করিলেন ভস্মরাশি চৈ.ভা ৩৯৩। ২ পীড়িত বা ব্যথিত করা। "এহি ত বৃন্দাবন বড়ায়ি, পুড়িআঁ মারে শ্রী.কী ৩৫১। পর্ব্বতের বেটি মোকে পুড়িলেক জন্ম শি ৮০। ৩ লবণাধিক্যে দাহজনক করা। "(ব্যঞ্জন) কতকে না দিহু লোণ, পুড়ি কত করিয়াছে ছালী বা.ম ২৮৮। —ড়া সর্ম্ম [°ড়+আ৮] ১ দগ্ধ করা ; পোড়ান। "(বাণী) চায় চীর করি বা পোড়াইব শ্রী.কী ৩২৫। অগ্নিতে তার পোড়ায় কুন্তল।—কৃ ২১৭। মৎস্য পোড়াইল।—ম ৪০০। পাবকে পোড়ায় শ্রী.মা ১৪৩। ২ কিরণে সন্তপ্ত করা। "সুরুজ, পোড়াআঁ মারে শ্রী.কী ৩৩৮। ৩ অতিব্যথিত করা। "দুই এক হৈয়া, পোড়াইল হিয়া চ.দা ৫৯। ৪ জ্বলিত বা দাহযুক্ত করা ; জ্বালান। "কালবিষের ঘায়ে পোড়ায় শরীর ম.ম ১৯৪। [পোড়া১—সর্থ 'পুড়' ।]

পু(পো)ড়ন, -নি, -নী বি [পু(পো)ড়+অন+ই১১] জ্বলন, জ্বালা, দাহ। "মণের পোড়নী শ্রী.কী ৩৪২ ; বিরহ পোড়নী ৩৪৩ ; দুগুণ পোড়নি ৩৫৯। পরাণ পোড়নি চ.দা ৫৬। মনের পোড়নি জ্ঞা ১৬৭। পুড়নি রৈল মনে।—শ্রী ২৩৬। হিয়ার পোড়নি।—ব ১৫৪ ; হিয়ার পুড়নি ১৬৫। হিয়ার পোড়নে কান্দে।—চৈ.ম ১৪৪। —ড়ানী বি পোড়নি। "দ্বিগুণ পোড়ানী ম.ম ৫৮।

পুড়া দ্র 'পুঁড়া'১। [°শূর—দেবতাবিশেষ। "ভা.চ ৫০২।]

পুড়ি বি সর্থ 'পুঁড়া'১ (২)। 'পুড়িপারা মস্তক শি ৯১।

পুণ বি [সং পুণ্য >প্রা পুণ,-ণ্ণ >বা (পুণ) °ণ, পুন ; হি পুন ; বৈষ্ণবসাহিত্যে ; পুন্ন (চ)] পুণ্য, ধর্ম্ম, সুকর্ম্ম। "ফেরি আওলি তুহু পুরবক পুণে ('পুনে'—বি.সা ১১৫)।—বি.প ৬৬। পুণফল তোরি।—গো ১৩৮, ৯৭ ; ২০৪। [°বত—পুণ্যবান্ (প.ক)। °বতী—পুণ্যবতী। "গো ২৫০। পু(পু)ণভাগ—পুণ্যভাগ্য ; শুভাদৃষ্ট। "শুন …নিজ পুণভাগ জ্ঞা ২৪। কি কহব মাধব তুয়া পুণভাগ ব ৭৯।

পু(পু)ণমি, পুনিম, পু(পু)নমি বি [সং পূর্ণিমা >প্রা পুণ্ণিমা >বা (পূর্ণিমা) °ম ; °মি (তু 'অটমি—অষ্টমী) ; পুনমি, -মী (শ্রী.কী) ; হি পুনিউঁ ; বৈষ্ণবসাহিত্যে] পূর্ণিমা। "শরদ পুণিম শশী বি.প ১৬ ; পুনমিক ইন্দু ১৫৫ ; পুণমিক চাঁদ ১৭৭। পুণমিক চাঁদ।—গো ১০০। পুণিম ইন্দু।—ব ৬২ ; পুনমিক চাঁদ ৭০ ; পুণমিক রাতি ১০১। পুণিম নিশি ন.প ৮৯ ; পুণিম চান্দের ঘটা ১৫০। পুনমিক চান্দ রা.প ৩২। পুণমি, -ণিম (প.ক)।

পুণি অব্য [সং পুনর্ >প্রা পুণ, -ণ্] পুনঃ। "শ্রী.কী ৩১১।

পুণ্ড পুং [তু 'সং পুণ্ড্র >প্রা পুংড] সর্থ 'পুণ্ড্র'।

পুণ্ডরীক ক্লী [√পুণ্ড্‌ ভূষণ+ঈক (ঈকক্)-ক (অ.টী) ; উ ৪.২০ ; বৈদিক] ১ জলের ভূষয়িতা ; শ্বেতপদ্ম। "পুণ্ডরীকাতপত্রঃ (ঋতুঃ) রঘু ৪.১৭। ২ পদ্মমাত্র। "তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেবমক্ষিণী।—ছান্দোগ্য ১৬৭। বিকসতি হি পতঙ্গস্যোদয়ে পুণ্ডরীকম্ উ.চ ৬.২.১২ ; ২৯। পুণ্ডরীক নয়নযুগল শ্রী.ম ১৪। পুণ্ডরীকের মুখপুণ্ডরীক।—কাদ ৫১। ৩ পদ্মপত্র। "পুণ্ডরীকবিশালাক্ষ রা ২.৮৭.২। ৪ শ্বেতচ্ছত্র। ৫ মহাকুষ্ঠবিশেষ। ৬ ভেষজবিশেষ। —রীক পুং ১ শ্বেতবর্ণ। ২ অগ্নিকোণস্থ শ্বেত দিগ্‌গজ। "দ্বিপানামিব পুণ্ডরীকঃ রঘু ১৮.৮। (পরিধান) পিলুপুণ্ডরীক ছাল শ্রী.মা ৪। ৩ ব্যাঘ্রবিশেষ। ৪ রাজিল-সর্প। ৫ ধান্যভেদ। ৬ আম্রভেদ। ৭ সূর্য্যবংশীয়নৃপবিশেষ। "রঘু ১৮.৮। ৮ নাগবিশেষ। ৯ কমণ্ডলু। ১০ গজজ্বর। ১১ ইক্ষুবিশেষ। ১২ তিলক (A)। তু 'পুণ্ড্রক'। [°প্লব (পুং)—জলচরপক্ষিভেদ (সুশ্রুত)]

পুণ্ডরীকাক্ষ পুং [পুণ্ডরীকতুল্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত ['অ' (ষচ্) ; °রীক+ √অক্ষ্+অ (অণ্)-ক ; উ.ত] 'পদ্মসদৃশ সততপ্রফুল্লনেত্র ; হৃৎপুণ্ডরীকব্যাপক' ; বিষ্ণু। "রঘু ১৮.৮। কৃ ২৯১। ম ৬২৬। —কাক্ষ ক্লী চক্ষুষ্য ওষধিভেদ।

পুণ্ডী বি [পুণ্ডরীক >°ণ্ডী ; অপ্র] নাগভেদ। "শ্রী.ম ১১১।

পুণ্ড্র পুং [√পুণ্ড্ মর্দ্দন+র (রক্)-র্ম্ম, উ ২.১৩] ১ পুঁড়ি আক। ২ (বহুব) দেশবিশেষ ; তদ্দেশবাসিগণ। ৩ (পুণ্ড্র-সাদৃশ্যে) তিলক। "উর্দ্ধ°, ত্রি°। ৪ অতিমুক্তক, মাধবী। ৫ অধ-দেহস্থচিহ্নভেদ। ৬ শ্বেতপদ্ম। ৭ কৃমি। —ণ্ড্রক পুং [°ণ্ড্র+ক (কন্) স্বার্থে] ১ 'পুণ্ড্র' (১ ; ৩-৫)। ২ পুণ্ড্রদেশনৃপতি। "মহা ২.৪.২৪। ৩ জাতিবিশেষ, পুঁড়া।

পুণ্য বিণ [√পু+উক্ত (ডুণ্য)-ক (অটী); √পু+য (যৎ) ৭, (ণুক্), উ ৫.১৫ ; ঋগ্বেদ ২.৪৩.২] ১ পাবন, পবিত্র, পাপহর। "রা ১.৬১.১০। (সংবাদম্) কেশবার্জ্জুনয়োঃ পুণ্যম্।—গী ১৮.৭৬। পুণ্যং যায়াঃ···ধাম চণ্ডীশ্বরস্থ পু.মে ৩৩। পুণ্যশব্দো মুনিরিতি শ ২.১৪। ভট্টি ১.৪। °তোয়া নদী প.তৃ ৪৯। (জাহ্নবী) °পীযূষস্তন্তবাহিনী।—গান ২২১। ২ চারু, সুস্বর, শোভন। ৩ প্রশস্ত, শুভ। "ক তদ্বিধত্বং ক চ পুণ্যলক্ষণা কু.স ৫.৭৩। ৪ সুরভি। "পুণ্যো গন্ধঃ পৃথিব্যাম্ গী ৭.৯। পুণ্য বায়ু চ.বি ৩২৯। ৫ পুণ্যযোনি, সদাচার, সুকৃতী। "ব্রাহ্মণাঃ পুণ্যাঃ গী ৯.৩। ৬ নির্ম্মল। "°শ্রীক উ.চ ৪.১৯। ৭ শোভনকর্ম্মান্বিত ; ধার্ম্মিক। ৮ শুভাদৃষ্টবান্, ভাগ্যবান্। —ণ্য ক্লী ১ ধর্ম্ম, সুকৃত, শুভাদৃষ্ট, শাস্ত্রবিহিত কর্ম্ম। "লোকান্তরসুখং পুণ্যম্ রঘু ১.৬৯। অপুণ্য ভ ৭.৫.৪১। কুরু পুণ্যমহোরাত্রম্।—হি ৩.২৪। ২ পুণ্যফল। "(তে) ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি গী ৯.২১। ৩ (জ্যোতিষে) লগ্নাবধিক নবম স্থান (ত বা)। —ণ্য পুং মেষ কর্কট তুলা মকর রাশি (ত.বা)। —ণ্যা স্ত্রী তুলসী। [°কাল (পুং)—শুভকাল। °কীর্ত্তন (পুং)—'পবিত্রনামকীর্ত্তন', বিষ্ণু, (ক্লী) পুণ্যকথন। °কীর্ত্তি (বিণ)—পূতযশাঃ, পুণ্যশ্লোক। "ভট্টি ১ ৫। °কৃৎ (বিণ)—১ অশ্বমেধাদিযাজী। "প্রাপ্য পুণ্যকৃতাং লোকান্ গী ৬.৪১। ২ কৃতপুণ্য। "ভট্টি ৫.৬৮। °ক্ষেত্র (ক্লী)—১ আর্য্যাবর্ত্ত। ২ তীর্থস্থান। °তীর্থ (ক্লী)—পবিত্রতীর্থ। "রঘু ১১.৮৭। °দ (বিং)—পুণ্যদাতা, পুণ্যজনক। "পুণ্যদা নদীর নীর শ্রী ৩৪। পুণ্যদা পূর্ণিমা প.তৃ ৬। °পরম্পরা—সৌভাগ্যপরম্পরা, সুকর্ম্মসন্তান। "হি $১\frac{২}{১}\frac{৬}{৫}$। °ফল (ক্লী)—সুকর্ম্মপরিণাম, স্বর্গাদি। "মনু ৫.৫৩। °ভাক্ (-জ্) বিণ—পুণ্যবান। °ভূ, °ভূমি (স্ত্রী)—পুণ্যক্ষেত্র, আর্য্যাবর্ত্ত। °যোগ (পুং)—শুভাদৃষ্টের যোগ ; সৌভাগ্যোদয়। °রাত্র (পুং)—শুভরাত্রি, ধর্ম্মানুষ্ঠানরাত্রি। °লোক (পুং)—১ ধার্ম্মিকজন। ২ পুণ্যপ্রাপ্য লোক ; স্বর্গ। °শকুন (ক্লী)—শুভনিমিত্ত, সুলক্ষণ।]

পুণ্যক ক্লী [পুণ্য+ক (কন্)] ১ সুকৃত, ধর্ম্ম। ২ পুণ্যার্থ উপবাসাদি ব্রত। ৩ ব্রতবিশেষ। —ণ্যক পুং বিষ্ণু। [°ব্রত (ক্লী)—ব্রতবিশেষ। 'ব্রহ্মবৈবর্ত্ত, ৩য়, ৪র্থ অধ্যায়।]

পুণ্যকর্ম্ম (-র্ম্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ম্মা] ১ যাহার পুণ্য কর্ম্ম, সুকৃতী, পুণ্যকারী। ২ অগ্নিহোত্রাদিকর্ম্মবান্। "গী ৬ ৭১। —কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] পুণ্যজনক কার্য্য ; যজ্ঞাদি, সুকৃত।

পুণ্যগন্ধ পুং [বহুব্রী] ১ চম্পকবৃক্ষ। ২ [কর্ম্মধা] সুরভিগন্ধ। —গন্ধী (-ন্ধিন্) বিণ [°ন্ধ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] পবিত্রগন্ধবান্, সৌরভযুক্ত। "স ভাত্যুত্তমপুণ্যগন্ধী মহা ৩.১১২.৮।

পুণ্যগৃহ ক্লী [উলো] বিপ্রাদ্যর্থ পুণ্যসম্পাদক গৃহ (রা.টীকা)। "(নারাজকে জনপদে কারয়ন্তি) পুণ্যগৃহাণি রা ২.৬৭.১২।

পুণ্যজন পুং [কর্ম্মধা] ১ পুণ্যোৎপাদকতপঃশীল (নীলকণ্ঠ)। "মহা ১.৭৫.৪। ২ (বিকল্পলক্ষণা) পাপী জন। ৩ রাক্ষস। ৪ যক্ষ। [°জনেশ্বর (পুং)—যক্ষপতি, কুবের। "রঘু ৯.৬।]

পুণ্যদর্শন বিণ [বহুব্রী] যাহার দর্শন পুণ্যজনক ; পূতদর্শন (দেবপ্রতিমাদি)। "রঘু ১ ৮৬। —র্শন পুং চাষপক্ষী।

পুণ্যবন্ত বিং [পুণ্য+বন্ত] পুণ্যবান্। "শ্রী ৯৮।

পুণ্যবান্ (-বৎ) বিণ [পুণ্য+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ পুণ্যযুক্ত, সুকৃতী, ধন্য। ২ ভাগ্যবান্।

পুণ্যশ্লোক বিণ [বহুব্রী ; স্ত্রী -কা] যাঁহার শ্লোক (যশোগাথা বা কীর্ত্তি) পুণ্যজনক ; পূতযশাঃ। "রাজর্ষীন্ পুণ্যশ্লোকান্ ভ ১.১২ ১৮। নল পুণ্যশ্লোক রাজা ব.প ৯২২। —শ্লোক পুং ১ নলরাজ। "°দিদৃক্ষয়া মনু ৩.৭৩.১৬। ম ৪৪৫,-৯। ২ যুধিষ্ঠির। ৩ জনার্দ্দন। —শ্লোকা স্ত্রী ১ বৈদেহী। 'পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ। পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥ ২ দ্রৌপদী।

পুণ্যা দ্র 'পুণ্য'।

পুণ্যানুভাব বিণ [পুণ্য অনুভাব যাঁহার, বহুব্রী] পবিত্রভাব। "পুণ্যানুভাবোঽপ্যসৌ উ.চ ৪.২২।

পুণ্যারণ্য বি ধর্ম্মারণ্য, তপোবন। "(ত্রিলোচনা) পুণ্যারণ্যে রহে একাকিনী শি ২১।

পুণ্যাহ ক্লী [পুণ্য অহ (অহন্), কর্ম্মধা, 'অ' (টচ্)] ১ পুণ্যদিন, শুভদিন। "শতপথব্রাহ্মণ ২.১.২.১৯। °ঘোষ। অস্তৈব পুণ্যাহম্। মহা ১.১৯৮.৫। পুণ্যাহ হইব আজি চ.বি ২৭। ২ (বাঙ্লায়) জমিদারের নববর্ষের শুভ প্রথম দিন, যে দিন নববর্ষের খাজনা আদায় আরম্ভ হয় ; পুণ্যে (প্রায়ই আষাঢ়েই পুণ্যে হয়)। "শুভ পুণ্যাহ। শুভ দিনে পুণ্যাহ করিল বিচারিয়া ভা চ ৫৪১। [°ঘোষ (পুং)—'পুণ্যাহ'-শব্দোচ্চারণ। "গো.রা ২ ৫.৮। °বাচন (ক্লী)—'পুণ্যাহ'-শব্দের বিপ্র দ্বারা পাঠ বা উচ্চারণ। "পা ৫.১.১১১, কাশিকা।]

পুণ্যে বি ১ সর্থ 'পুণ্যাহ (২), (গৌণার্থে) আরম্ভ। "(ধনী) নূতন তালুক কিনে, ব্রহ্মাস্ত্র দিয়ে টান,···মহাপুণ্যের পুণ্যে করেন সেই দিনে।—দা ৮ ; প্রায় বন্দ ইরসাল, পুণ্যের বিলেতে পলাতকা ২১৩২। ২ শুভ অনুষ্ঠানদিন। "ওরে মন। তোর মন্ত্রণা বা কি,···সকলি বাকী— পুণ্যের নাই পুণ্যে।—দা ৯০৮। [পুণ্যে করা—(গৌণার্থে) কোন বিষয় আরম্ভ করা।]

পুণ্যোদয় পুং [ষ.ত] সৌভাগ্যোদয়, শুভাদৃষ্টযোগ। "হি $১\frac{২}{১}\frac{৬}{৫}$।

পুৎ ক্লী নরকবিশেষ। দ্র 'পুত্র'। "নরকং পুদিতি খ্যাতম্।—হ ২৬৪. ৩০। মহাপুন্নরক।—ম ১০৪৮। —ৎ ব্য কুৎসা।

পু(পূ)ত১ বি [সং পুত্র > প্রা, পা পুত্ত > বা (পূত) °ত ; হি, ঠ, গু, জাটু—'পূত' ; মৈ পুত—পুতহু (পুত্রবধূ), 'পুত' (অশোক-অনুশাসন), পুত (শ্রী.কী)] ১ পুত্র। "নান্দের পুতে শ্রী.কী ১০৮ ; নান্দের পুত ৩০৯। আঁতে পুতে ভাল চাষ অভাবে সোদর শি ৭৩। স্ত্রী পুত চৈ.চ ৩৪৫। ২ পুত্র বা তদ্বৎস্নেহপাত্র। "ধরত মোর পুত পাণ। কৃ ২৪৮। পালাবেক বানর বেটা ধর্ত্ত মোর পুত ব.প ৫৩৫। —তা বি ১ পুত্র, বৎস, পুত্রবৎ শিশু। "খাও জোগি হেন থোটা না বলিও পুতা গো.বি ১১৭। গ্রাম গর্ভিণী ফলে যুতা। তিন দিয়া হর পুতা॥—খনা। ২ (সস্নেহ সম্বোধনে) বাছা, বাবা। "মথুরার পথ পুতা কহিআঁ দেহ তুম্হি শ্রী.কী ১১। ৩ [সং শিলাপুত্র,—'পুত্র' > °তা] নোড়া। "গো.চ ১১৬,-৯। —তী বি [সং পৌত্রী > প্রা *পোত্তী > বা (পোতী) পুতী ; হি পোতী ; ঠ পোতী (পুত্রী)] পৌত্রী। "নাতি°। [পুত কাটিয়া গালি—পুত্রের মৃত্যুকামনা করিয়া গালি। °খাগী (সং পুত্রজগ্ধী)—মায়ের প্রতি গালিবিশেষ।]

পু(পো)ত২ সর্ম্ম [সং √পুথ্ (হিংসা)—মূল ? অথবা, সং প্রোথ (গর্ত্ত) > পোথ > °ত ?; হি √তোপ (প্রোত > পোত > তোপ ?) ; ঠ √পুর ; ড় √পোত ; তা √পোতৈ—পোতা] ১ গর্ত্তে নিহিত করা ; পোতা। "চেয়াড়ে খুড়িয়া পোতে সপ্ত ঘড়া ধন (ক.চ)। পুত নাহি ফুলা ধান্যগুলি শি ৮১। পাদলায় অশ্ব হস্তী পুতিছে ভা.চ ৪৫। ২ রোপণ করা। "হাত বিশে করি ফাঁক। আম কাঁটাল পুতে রাখ॥ ফাগুনে এটে। পোত কেটে॥—খনা [পোতন—নিখনন, পোতা। "চারি থান করি মোরে করিও পোতন ম.ম ৮৬; এই চাঁপাতলে অস্থি করিলাম পোতন ২২৫। পোতা—সর্থ 'পুত'। পোতা গেলে—প্রোথিত হইলে। "শি ৮১।]

পুতকী বি বালিকা (?)। "পুতকীর দুধে সিন্ধু উথলিল পর্ব্বত ভাসিয়া যায় ব.প ৪৮৪।

পুততী বিং [অপ্র] পুত্রবতী। "ঐ যুবতী ঐ পুততী উহারি সে বেটা ক.চ ২১৮।

পুত্তর বি [পুত্র >(স্বরাগমে) °র] পুত্র। "কহে কর্পূর °রে শ্রী ৭১।

পুত্তলি, -লী, বি [সং পুত্রিকা >প্রা পুত্তলিয়া, -লী (প্রা.ম) >বা (পুতলি, -লী) °লি, -লী ; হি পুতলী, পুতরী] ১ মৃত্তিকাদিরচিত শিশুর খেলনা ; পুতুল। "সোণার পুতলি।—কৃ ১৪৬। অমৃত পুতলি প.ক ৯৫ ; ১৮৭। ২ চিত্রমূর্ত্তি, ছবি ; প্রতিমূর্ত্তি। "চিত্রের পুতলী।—ম ৬৭০। পটের পুতলি শ্রী.ম ১২০। চীত-পুতলী (প ক)। ৩ (সাদৃশ্যে) বুকের অস্থিপঞ্জর। "জরজর কৈল মোর হিয়ার পুতলি জ্ঞা ১৮৫। হিয়ার পুতলি দোলে প.র ৫৫। ৪ [হি পুতলী] চক্ষুর তারা অর্থাৎ কৃষ্ণমণ্ডল। "ভ্রমর সমান তার নয়ন পুতলি।—অ.প ৬৭। ও মোর দুলালি, আঁখির পুতলী রা.শে ৮৭। [পরাণ পুতলি—প্রাণরূপ পুত্তলী, অর্থাৎ প্রাণ। "ঝুরিয়া ঝুরিয়া কান্দে পরাণ পুতলি প.র ৬০। হৃদয় পুতলি, -লী—প্রাণের প্রতিমূর্ত্তি, অর্থাৎ প্রাণ। "হৃদয় পুতলি বি প ৪৯, বি সা ৫৩।]

পুতা, -তী দ্র 'পুত১'।

পুতি বি ১ সর্থ 'পুত্তি'। "দেখাও খুলে বউ-বিনলো পুতি।—হেম ৩৮৫। ২ সর্থ 'পুঁথি'। মাণিক পীরের পুতি ব প্র ৭২।

পুতু-পুতু বি [পুত+ড৭] ১ 'পুত! পুত!' বলিযা পুত্রাদির প্রতি অতিস্নেহপ্রকাশ। দ্র 'আতুআতু'। ২ (গৌণার্থে) শরীরের প্রতি বিশেষ মমতা। "পথ্যসেবীদিগকে যে নিতান্ত পুতু-পুতু করিয়া থাইতে হয়,...তাহা নহে পা.প্র ১৯৭।

পুতুল, -লী বি [সং পুত্র >প্রা পুত্তল্ল >বা °ল, পুতলী >°লী] ১ সর্থ 'পুত্তলি (১)। "পুতুলের বিযা ভা.চ ৫৯। ২ মূর্ত্তি। 'উমা সোণাব পুতুল ভা.চ ৮১। পর্ব্বতদুহিতা সবে কনকপুতুলী।—মা ১২৮। ৩ প্রতিমূর্ত্তি। "দস্যুগণ পরশে প্রভুব নারীগণ। পাষাণ-পুতুলী হৈল ত্যজিয়া জীবন॥—ম ১২৪৪। [পুতুল খেলা—বালিকার পুতুল লইযা বাল্যক্রীডা। °নাচ—উৎসবাদিতে পুতুলের নৃত্যরূপ তামাশা। ইহাতে মানুষ পুতুল নাচাইয়া পৌরাণিক বা সাংসারিক বিষয়ের অভিনয় করে। °পূজা—পৌত্তলিকতা।]

পুত্তল, -লক পুং [পুত্ত (গতি)+ √লা+অ (ক)-ক, তু 'সং পুত্রক >প্রা পুত্তলয়] ১ পত্রবস্ত্রশিলামৃত্তিকাদিরচিত প্রতিমূর্ত্তি। "বেলা দুই প্রহর...গোবিন্দলাল সেইখানে সেই ভগ্নপুত্তলপদতলে।—ব.প্র ৩৩৪। ২ বালিকার মৃত্তিকাদিকৃত ক্রীড়নক : পুতুল। "সেই বৃদ্ধ শিশুদল, সমস্ত বিশ্বের আজি খেলার পুত্তল স.স্ব ৭২। ৩ দেবতাবিগ্রহ, প্রতিমা। ৪ পর্ণনর। দ্র 'কুশপুত্তলিকা'। "পুত্তলদহন (S.W.)। —লিকা, -লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্), ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), তু 'সং পুত্রিকা >প্রা পুত্তলিয়া] ১ সর্থ 'পুত্তল (১)। "পুত্তলিকা ভণতি (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ননীর পুত্তলী সীতা।—কৃ ৩০৭। ২ সর্থ 'পুত্তল (২)। "পুত্তলিকার চক্ষু আছে, দেখিতে পায় না।—বিদ্যাসাগর। [প্রাণের পুত্তলী—প্রাণের প্রতিমূর্ত্তি, অর্থাৎ প্রাণ। "প্রাণের পুত্তলী যাদু আয় কোলে আয় বা ম ৩৭।]

পুত্তলি বি [সং পুত্রিকা >প্রা পুত্তলিযা >বা °লি] পুতুল। "মৃত্তিকার হরগৌরী পুত্তলি গড়িয়া ভা চ ৫৮।

পুত্তলিকা, পুত্তলী দ্র 'পুত্তল'।

পুত্তিকা স্ত্রী [পুৎ (শব্দবিশেষ)+ √তন্+অ (ড)-ক+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)।—অ.টী, তু 'তা পুত্তু—উঁই] ১ ক্ষুদ্রমক্ষিকা, পতঙ্গিকা (অ.কো)। ২ পিপীলিকাবিশেষ। "ধর্ম্মং শনৈঃ সঞ্চিনুয়াৎ বল্মীকমিব পুত্তিকাঃ মনু ৪.২৩৮। পুত্তিকা নানাপ্রকার।—চারুপাঠ, ২য় ভাগ।

পুত্তুর বি [পুত্র >(স্বরাগমে) পুত্তর >°র ; তু 'পুত্র' (মী ৮ ; ৯)] পুত্র। "রাজ°।—শিশু ৫৩। [°সন্তান—ছেলে, বেটা। "সম্বৎসরের মধ্যে পুত্তুর সন্তান হোক্।—হু ১৪২।]

পুত্র, -ত্র পুং [পুৎ+ √ত্রৈ+অ (ক)-ক, √পূ+ত্র (ক্ত্র)-ক হ্রস্ব, উ ১.১৬৪ ; 'পুত্র' (এক-তকার)—ঋগ্বেদ, Av. puthra] ১ 'পুৎ-নাম নরক হইতে পিতার ত্রাতা, স্ববংশ-শুদ্ধিকারক' ; সুত, তনয়। 'স (পিতা) যত্তনেন কিঞ্চিদক্ষয়াঽকৃতং ভবতি তস্মাদেনং সর্বস্মাৎ পুত্রো মুক্তি তস্মাৎ পুত্রো নাম।—বৃহদারণ্যক ১.৫.১৭। পুন্নাম্নো নরকাদ্ যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ পিতৄন্ যঃ পাতি সর্ব্বতঃ॥—রা ২.১০৭ ১২ ; মহা ১.৭৪.৩৯, ১৫৯.৫, মনু ৯ ১৩৮, বিষ্ণু ১৫ ৪৩। "শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ।—ঋগ্বেদ ১০.১৩.১। °শোকাতুর রা ১.১.৩২। পুৎ-ত্র পুত্র ন ত ২৫। [ঔরস ক্ষেত্রজ দত্ত কৃত্রিম গূঢ়োৎপন্ন অপবিদ্ধ কানীন সাহোঢ় ক্রীত পৌনর্ভব স্বয়ংদত্ত শৌদ্র ভেদে পুত্র দ্বাদশবিধ। ইহাদের প্রথম ছয়টি দায়াদবান্ধব, অন্য ছয়টি অদায়াদবান্ধব। 'মনু ৯.১৫৮-১৭৮। মহা ১ ১২০ ৩২-৩৪, নীলকণ্ঠ। বিষ্ণু ১৫.১-২৭।] ২ পুত্র ও পুত্রবৎস্নেহভাজন। "গী ১.২৬, ৩৩। ৩ বৎস, তাত। "পুত্রোপভুক্ত রঘু ২.৬৫। পুত্র,...লুপ্ত-বিবেকোঽসি বি মা ৭১/২। ৪ তজ্জাতি ক্ষুদ্রবস্তু। "অসি°, শিলা°। ৫ শিশু, শাবক। "পুত্রাদিনী সর্পিণী পা ৮ ৪.৪৮, বালমনোরমা। ৬ (জ্যোতিষে) লগ্নাবধিক পঞ্চম স্থান। —ত্র, -ত্র পুং দ্বিব [এক. দ্বন্দ্ব] পুত্র ও দুহিতা। "°পঙ্ক্তৌ কু.স ৭.৪। —ত্রী১, -ত্রী স্ত্রী [°ত্র, °ত্র+স্ত্রী ঈ (ঙীন্), পা ৪ ১.৭৩, তত্ত্ববোধিনী] ১ সুতা, কন্যা। "পুত্রি প্রদানকালস্তে মহা ৩ ২৯২ ৩২। পুত্রি! শীঘ্রগতি যাহ চ.চ ১১। ২ [হি পুতরী] পুত্তলিকা, পুতুল। ৩ (বাঙ্লায) পুত্রীসদৃশী স্নেহপাত্রী। "অগ্নিগৃহে যাও, পুত্রি, ডাক পুরোহিতে।—কা ২৭। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী —পুত্রের জাতকর্ম্ম। "মহা ৫.১৯৩ ৩। °কাম (বিণ)—পুত্রাভিলাষী। "ঋগ্বেদ ১০.১৮৩.১। °কাম্যা (স্ত্রী)—আপনার পুত্রেচ্ছা। "রঘু ১.৩৫। °কৃতক (পুং)—কৃতপুত্রক, অর্থাৎ পুত্ররূপে পরিগৃহীত। "পুত্রকৃতকঃ ...মৃগঃ শ ৪ ১৪। °জগ্ধী (স্ত্রী)—পুত্রভক্ষণকারিণী, পুতখাগী (আক্রোশে)। °জাত (বিণ)—জাতপুত্র। °জীব (পুং)—'গর্ভজীবয়িতা', জীয়াপুতা-গাছ। °পৌত্রীণ (বিণ)—পুত্রপৌত্রপর্য্যন্তগামী। "লক্ষ্মীম্...পুত্র-পৌত্রীণতাং নয়।—ভট্টি ৫.১৫। °বধু (স্ত্রী)—স্নুষা। °সূ (স্ত্রী) —পুত্রপ্রসবকারিণী। °হা (-হন্) বিং—পুত্রঘাতী। "পুত্রহা সৌমিত্রি-শূরে।—মে ২৪৮। মা ১১৭।]

পুত্রক পুং [পুত্র+ক (কন্), বৈদিক] ১ পুত্র। "মিথি° রা ১ ৭১ ৪। ভ ৩.১২.৫। ২ অনুকম্পিত পুত্র। "মুনি° রা ১ ৬২.২০। ৩ পুত্রতুল্য স্নেহপাত্র। ৪ বৎস, তাত। "অলাভেন তথাস্বস্য পরিতপ্যামি পুত্রক মহা ৩.১০৭ ৪৭। ৫ অনুকম্পিত জন। ৬ পাঞ্চালিকা, পুতুল। "কৃত্রিম° কু স ১.২৯। ৭ শরভ। ৮ পতঙ্গ।

পুত্রহানী (-নিন্) বিং [সং পুত্রঘ্ন, অসাধু] পুত্রহননকারী, পুত্রঘাতক। "পুত্রহানী শত্রু যে দুর্ম্মতি।—মে ২২১।

পুত্রাচার্য্য বিণ [বহুব্রী] পুত্র যাহার আচার্য্য, পুত্রাধ্যাপিত পিতা। "মনু ৩.১৬০।

পুত্রিকা স্ত্রী [পুত্রক+স্ত্রী আ (টাপ্)] ১ সুতা, কন্যা। ২ এই কন্যার পুত্র আমারও পুত্র হইবে (অর্থাৎ পুত্রকার্য্য শ্রাদ্ধাদি করিবে), এই বলিয়া প্রদত্তা কন্যা। 'অপুত্রোঽনেন বিধিনা সুতাং কুর্ব্বীত পুত্রিকাম্। যদপত্যং ভবেদস্যাং তন্মম স্যাৎ স্বধাকরঃ॥—মনু ৯.১২৭। বিষ্ণু ১৫.৫। বশিষ্ঠ ১৭। ৩ পুত্রিকাবিধিতে অভিসন্ধিমাত্রে (মনে মনে) কৃতা অবিবাহিতা ভ্রাতৃহীনা কন্যা। 'পুত্রিকাবিধিনা প্রতিপাদিতাপি ভ্রাতৃ-বিহীনা পুত্রিকৈব।—বিষ্ণু ১৫.৬। মনু ৯.১৩৬। "°ধর্ম্ম স্তু ৪.১.২। ৪ তজ্জাতি ক্ষুদ্রবস্তু। "অসি°, খড়্গ°। ৫ [°ত্র+ক (কন্) 'কৃত্রিম' অর্থে (নৈ টীকা)] কৃত্রিমপুত্রী, পুত্তলিকা। "নৈ ১৬.১০৪। ক.সা ২৯.১৮। ৬ যাবকতুল, আলতা-পাত। [°প্রসূ (স্ত্রী)—কন্যাপ্রসূতি, মেয়ের মা। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—ঝিউপতি, জামাতা।]

পুত্রিকাপুত্র, -সুত পুং [ষ.ত] কন্যার পুত্র; দৌহিত্র। —সুত পুং পুত্রিকার পুত্র। দ্র 'পুত্রিকা (২); অথবা, পুত্রিকারূপ সুত। "যাজ্ঞ ২.১২৮, মিতাক্ষরা।

পুত্রিণী; পুত্রী[1] দ্র 'পুত্রী[2]; পুত্র'।

পুত্রী[2] **(-ত্রিন্)** বিণ [পুত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী,-ত্রিণী] ১ পুত্রবান্। "(আস লোকঃ) তেনৈব শোকাপনুদেন পুত্রী রঘু ১৪.২৩; ১৮.৩০। তোর পুত্রে পুত্রী আচ্ছি ব.প ৩৫৮। ২ সৎপুত্রবান্। "স্নেহাঃ পিতেব ধুরি পুত্রিণাম্ রঘু ১.৯১। —ত্রিণী স্ত্রী পুত্রবতী জননী; ছেলের মা। "অনুব্রতাং সাত্তিকামাং পুত্রিণীং ত্যক্তবান্ কথম্ মহা ৩.৭৬.১৩।

পুত্রীকৃত বিণ [পুত্র+চ্বি (০)+√কৃ+ত(ক্ত)-র্ম] পুত্ররূপে স্বীকৃত। "পুত্রীকৃতোঽসৌ বৃষভধ্বজেন রঘু ২.৩৬।

পুত্রীয়, -ত্র্য বিণ [পুত্র+ঈয় (ছ),+য (যৎ), তন্নিমিত্ত সংযোগ, পা ৫.১.৪০; স্ত্রী-য়া,-ত্র্যা] ১ পুত্রনিমিত্ত (মল্লিনাথ), পুত্রপ্রাপ্তিকারণ-ভূত (রা.টীকা)। "ইষ্টিং তেঽহং করিষ্যামি পুত্রীয়াম্ রা ১.১৫.২; ৩; পায়সম্...পুত্রীয়ম্ ১৬.২৬। পুত্রীয়ম্ (অংশাবতরণম্) মহা ১.৬৭.১৬৩। পুত্রীয়ামিষ্টিম্ রঘু ১০.৪। ২ পুত্রসম্বন্ধী।

পুত্রেষ্টি, -ষ্টিকা স্ত্রী [উ.লো; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] পুত্রনিমিত্ত ইষ্টি; পুত্রলাভার্থ অনুষ্ঠেয় যজ্ঞভেদ (আশ্বলায়নশ্রৌতসূত্র)। "পুত্র-ইষ্টি...করহ রাজন্।—ম ৬৭৩; ম.বি ৩০।

পুথি, -থী, পুথিপত্তর, -পত্র দ্র 'পুঁথি'।

পুদীনা বি [ফা পোদীনা; ঠ পুদিনা, -দানা] চাটনির সুগন্ধি শাক-বিশেষ (Mentha viridis)।

পুদ্গল, বিণ সুন্দরাকার; রূপাদিবিশিষ্ট। —ল পুং [পুৎ+গল —পূরণাদ্গলনাৎ দেহে পুদ্গলাঃ পরমাণবঃ (বিষ্ণুপুরাণ-টীকা —শ্রীধর); পুতি+গল > °ল (?)] ১ পরমাণু; দেহ। ২ (বৌদ্ধমতে) অণুকাদিপদার্থভেদ।

পুন[1] বি সর্থ 'পুণ'। "শ্রী.কী ৩২৫। [°মতী, পুনে (শ্রী.কী)।]

পুন[2] ক্রি.বি [সং পুনর্ >লি পুন, প্রা পুণ, -ণু; হি পুনি; ঠ পুন; মৈ পুন; পুন (চ)] ১ দ্বিতীয় বার, আবার। "পুন গেলি বকুলের তলে শ্রী.কী ৩৮৯। পুন হেরি বি.প ৪৮। (অধর) পুন পিওয়াব রে।—জ.প ৮; শ্রবণে পিবি পুন,...জীবন পাওল রে ৯। পুন দেখে ত্রিভঙ্গিম চৈ.ভা ৮৮। পুন জিজ্ঞাসিলে যদি পুন ইহা পড়ে ভা.চ ৩২৪। ২ কিন্তু, পক্ষান্তরে। "তেহোঁ পুন নিত্য সুপ্রসন্ন সর্ব্বরীতে চৈ.ভা ৯৩; পরম মন্ডপ, পুন বোলায় ব্রাহ্মণ ২৫২। এ সখি বিহরয়ে কো পুন এহ।—প.ক ১৫০। ও পুন রূপ নহে, জগমানসশশ কন্দ।—গো ৭৫। বরমিহ গঙ্গাতীরে শরট করট। ন পুন গঙ্গার দূরে ভূপতি প্রকট॥ —ভা.চ ৪৪১। [পুন পুন—বার বার। "রাখবি রস জনু পুন পুন আও বি.প ৫৫। শঠপন পুন পুন প.র ৫৬। পুনবার, -বেরি (প.ক)।]

পুনঃ (-নর্) ব্য ১ অপ্রথম, দ্বিতীয় বার, আবার। "জরন্তঃ পুনর্যুবানং চক্রথুঃ।—ঋগ্বেদ ১.১১৭.১৩। শিষ্যাঃ...জগুঃ শ্লোকমিমং পুনঃ রা ১.২.৩৯। বটুঃ পুনর্বিবক্ষুঃ কু.স ৫.৮৩। পুনরিব শিশুর্ভূতো বৎসঃ স রঘুনন্দনঃ উ.চ ৪.১৯। পুন কহিল রাবণ—মে ১১। ২ ভেদ, বিশেষ। "ভ্রাতুঃ পুনর্দীর্ঘো ভবান্ (অ.টী)। ৩ অবধারণ, নিশ্চয়। "বিপ্রঃ-পুনঃ পূজ্যতমো মতো মে (অ.টী)। ৪ অধিকার। ৫ পক্ষান্তর। "ভীমস্তু রাজ্ঞঃ স দত্তা বীরবাহোরহং পুনঃ মহা ৩.৬৯.১৫। রঘু ১২.৪৭। মম পুনঃ মন্দভাগিন্যাঃ দৃশ্যমানম্ অপি সর্ব্বম্ এব এতৎ নাস্তি উ.চ ৩ ২/৩। দলিত অঞ্জন পুনঃ রঞ্জিত কবরী ব.প ৮২৯। ৬ প্রত্যাবর্ত্তন। "যদি পঞ্চদশে বর্ষে রাঘবঃ পুনরেষ্যতি রা ২.৬১.১১। মনু ২.১২০। ন গজদন্তঃ পুনরেতি কূপম্।—পঞ্চ ৪.১৬। [°সংস্কার (পুং)—১ গো-মাংসাদিভক্ষণে প্রায়শ্চিত্তার্থ দ্বিতীয় উপনয়নসংস্কার। ২ (বাঙলায়) জীর্ণদ্রব্যের পুনর্নবীকরণ; মেরামত করা। °সন্ধান (ক্লী)—পুনঃ-সংযোজন।]

পুনঃপুন অব্য [সং পুনঃ পুনঃ >লি পুনপ্পুন, প্রা পুণপুণ >বা °ন; হি পুনি পুনি] বার-বার। "ম ২১০,-১৩; পুনঃপুন বিলাপয়েঃ পুনঃপুন...বুঝাল্য ১০২২। চৈ.ভা ৪২; ৪১৪। পুনঃপুন কহে জ.গ্র ২৭০।

পুনঃপুনঃ ব্য [বীপ্সার্থে দ্বিত্ব] মুহুঃ, অভীক্ষ্ণ, অসকৃৎ, বার-বার। "পুনঃপুনঃ সুতনিষিদ্ধচাপলম্ (অশ্বম্) রঘু ৩.৪২। ঝাঁকারিল পুনঃ-পুনঃ।—ম ১৮৩; ৯৮২। কুসুমে পুনঃপুনঃ, ভ্রমর গুন গুন ভা.চ ১৪১। পুনঃপুনঃ গঠে শি ৩০। পা.প্র ১৬৩।

পুনঃপুনা স্ত্রী বিহারের নদীবিশেষ, পুনপুনা।

পুনকেশক্র বি [পুন[2] > °কে?] পুনঃপুনঃ শত্রুতাকারী, অর্থাৎ ক্ষুদ্রশত্রু। "এক বেটা পুনকেশক্র নাম শক্রঘ্ন।—দা ১৪৪৩।

পুনরপি ব্য [পুনর্+অপি] পুনঃ, আবার। "পুনরপি বলে ম ২১; ৭৭২। (তপোধন) পুনরপি কিছু কহিবারে কৈল মন।—ক.চ ২৩। ম.পা ৯৩। শ্রী.মা ২১৯। পুনরপি পড়ে চৈ.চ ৭৯।

পুনরাগত বিণ [সুপ্সুপা] ১ প্রত্যাবৃত্ত। ২ পুনর্ব্বার আগত। "পুনরাগতো মৃগঃ...পার্শ্বৈর্বদ্ধঃ।—হি ১ ২৫/২৬।

পুনরাগম পুং, **-গমন** ক্লী [কর্ম্মধা] দ্বিতীয়বার আগমন; প্রত্যা-বর্ত্তন। "তাত পুনরাগমনায় চ (গচ্ছস্ব) রা ২,৩৪.৩১। ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ (চার্ব্বাক)।

পুনরাচমনী বি [°নীয় > °নী] দ্বিতীয় বার আচমনীয়। "দু ৬৬।

পুনরাত্তদূষণ বি [সং সমাপ্তপুনরাত্ততা] (অলঙ্কারে) বাক্যগত দোষবিশেষ। "'বিভবতি' ক্রিয়ায় বাক্যসাঙ্গ, পুন বিশেষণ—। 'অদ্ভুত-গুণা' এই পুনরাত্তদূষণ॥—চৈ চ ৫৯। [বাক্য সমাপ্ত হইলেও, যদি পুনর্ব্বার শব্দ বা বাক্য গৃহীত হয়, তাহা হইলে, 'সমাপ্তপুনরাত্ততা' দোষ হয় (সা.দ ৭.৬)।]

পুনরাধান ক্লী [কর্ম্মধা] শ্রৌতস্মার্ত্তাগ্নির পুনঃস্থাপন বা দ্বিতীয়াধান। "মনু ৫.১৬৮।

পুনরাবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [পুনর্+আ √বৃৎ+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -র্ত্তিনী] পুনরাবর্ত্তনস্বভাব, প্রত্যাবর্ত্তনশীল। "আ ব্রহ্মভুবনা-ল্লোকাঃ পুনরাবর্ত্তিনঃ গী ৮.১৬।

পুনরায় ক্রি.বি: [সং পুনরপি >প্রা পুণরাবি (প্রা.ম) >বা (°রাই) °য় (?)] পুনর্ব্বার। "কেন কাঁদি পুনরায়?—হেম ২৫৫।

পুনরুক্ত বিণ [সুপ্সুপা] ১ পুনঃকথিত, দ্বিতীয় বার কথিত। "(বচঃ পুনরুক্তং ব্রবীমি ত্বাম্ গো.রা ২.১২১.৫। পুনরুক্তেন কিং তেন ভাষিতেন মহা ৫.২.১.৯; পুনরুক্তং বক্ষ্যামি যৎ কার্য্যম্ ১৩৯.২১। রঘু ২.৬৮। চৈ.চ ৫৯। ২ পুনঃশাস্ত্রবিহিত। "°জন্মন্। —ক্ত ক্লী ১ পুনঃকথন, কথিত-কথন। ২ পুনঃকথিত বিষয়। "°বাদিন্। ৩ শব্দের ও অর্থের পুনঃকথন। 'শব্দার্থয়োঃ পুনর্ব্বচনং পুনরুক্তমন্যত্রানুবাদাৎ' (গোতম)। ৪ দ্বিতীয়বার প্রয়োগ। [°জন্মা (-ন্মন্) পুং—যাহার জন্ম পুনঃশাস্ত্রবিহিত; ব্রাহ্মণ। °বাদী (-দিন্)—পুনঃকথিতবিষয়ের বক্তা। "সখীস্নেহঃ মাং পুনরুক্তবাদিনীং করোতি শ ৩ ১/২। °প্রায় (বিং)—পুনরুক্ততুল্য। "°প্রায় ভাসে, নহে পুনরুক্ত চৈ.চ ৫৯। °ভূত (বিণ)—দ্বিরুক্তসদৃশ। "আশাগুমস্তং পুনরুক্তভূতম্ রঘু ৫.৩৪।]

পুনরুক্তবদাভাস পুং [বহুব্রী] 'যাহাতে পুনরুক্তবৎ আভাস'; শব্দালঙ্কারবিশেষ। [ইহাতে ভিন্নাকৃতি শব্দের অর্থ আপাততঃ পুনরুক্তবৎ প্রতীয়মান হয়, কিন্তু তাৎপর্য্যাবধারণে ঐ সকল শব্দের অর্থ ভিন্ন হয় (সা.দ ১০.২)। "'শ্রীলক্ষ্মী' শব্দে পুনরুক্তবদাভাস চৈ.চ ৫৯।]

পুনরুক্তি স্ত্রী [কর্ম্মধা] ১ দ্বিতীয়বার উক্তি; কথিত-কথন। "°পরিহার

রঘু ৮.২৮, কুল্লুক। রঘু ২.৬৮, মল্লিনাথ। ২ পুনরুক্তাখ্যদোষ। "বিক্র ৫.১৫।

পুনরুপাগম পুং [কর্ম্মধা] পুনরাগমন। "উ চ ২ ১৩।

পুনরূঢ়া স্ত্রী [সুপ্সুপা] পুনঃপরিণীতা, পুনর্ভূ।

পুনর্জন্ম (-জন্মন্) ক্লী [কর্ম্মধা] পুনরুৎপত্তি। "গী ৮.১৬। °দিন। —শঙ্ক ৪২১/২। পাণ্ডবকুলের আজ হইল পুনর্জন্ম।—ম ৫২০।

পুনর্নব পুং [সুপ্সুপা, ক্ষুভ্নাদি] 'ছিন্ন হইলেও পুনঃ নূতন', নখ। —নবা স্ত্রী শাকভেদ (Boerhaavia-repens)।

পুনর্নবা দ্র 'পুননব'।

পুনর্বসু পুং [পুনব্+ √বস্+উ-ক] ১ 'ক্ষেত্রজ্ঞরূপে পুনঃ পুনঃ দেহবাসী', বিষ্ণু। ২ শিব। ৩ কাত্যায়নমুনি। ৪ লোকবিশেষ। ৫ [বেদে একবচন ও দ্বিবচন, লোকে দ্বিবচন, পা ১.২ ৬১] সপ্তবিংশতি নক্ষত্রের সপ্তম নক্ষত্র। "গাং গতাবিব দিবঃ পুনর্বসূ (তৌ) রঘু ১১ ৩৬। ক চ ১২৩। [ইহাতে দুইটি তারা। ইহার দেবতা অদিতি। ইহাতে জন্মিলে নর প্রভুতমিত্র শাস্ত্রজ্ঞ সদ্রত্নাভিলাষী দাতা প্রবাসী বাজশ্রীক হয়।]

পুনর্ব্বিবাহ পুং [কর্ম্মধা] ১ দ্বিতীয়বাব বিবাহ। ২ (বাঙলায়) গর্ভাধান, দ্বিতীয় বিবাহ। 'ধনপতির °হ ক চ ১৭১। হ ৭১।

পুনর্ব্বিভা, -ব্বিয়া নি সর্থ 'পুনর্ব্বিবাহ (২)। "পুনর্ব্বিযা ভা.চ ৩৬৬, ৪০৬। পুনর্ব্বিভা বি সু ৬৯।

পুনর্ভব বিণ [সুপ্সুপা] ভূয়োজাত, পুনরুৎপন্ন। —র্ভব পুং ১ নখ। "অনন্তচরণাপাঙ্গচারিণী মনোহারিণী। পুনর্ভবচ্ছেদকরী গঙ্গেব নখরঞ্জনী॥ —উদ্ভট। ২ [কর্ম্মধা] পুনর্জন্ম। "°ক্লেশভয় কু স ৩৫। শ ৭৩৫। ইথে কেন নিন্দ মৃত্যু আর পুনর্ভব ভ.গ্র ১১৫।

পুনর্ভূ স্ত্রী [পুনব+ √ভূ+ক্বিপ (০)-ক, ডত] ১ যে নারী পুনর্ব্বার জায়া হয়, অন্যপূর্ব্বাবিশেষ। [অন্যপূর্ব্বা দ্বিবিধা—পুনর্ভূ, স্বৈরিণী। পুনর্ভূ আবার দ্বিবিধ—ক্ষতা, অক্ষতা।—'ক্ষতা' সংস্কারের (বিবাহের) পূর্ব্বে পুরুষসম্বন্ধদূষিতা, 'অক্ষতা' সংস্কারদূষিতা, অর্থাৎ বিবাহের পরে পরপুরুষসম্বন্ধদূষিতা (যাজ্ঞ ১ ৬৭, মিতাক্ষরা)।] ২ যে নারী বাগ্দানের স্বামী ত্যাগ করিয়া অন্যের সহবাসে থাকে ও তৎপরিবারের অন্তর্গত হয়, যে নারী ক্লীব পতিত বা উন্মত্ত পতিকে ত্যাগ করিয়া অন্য পতি গ্রহণ করে বা এক স্বামীর মরণে অন্য স্বামী আশ্রয় করে (বসিষ্ঠ ১৭)।

পুনশ্চ [পুনঃ+চ] ১ পুনঃ, পুনর্ব্বার। "পুনশ্চ তোমারে বড় দেখি হৃষ্ট পুষ্ট।—ম ৬৮, পুনশ্চ চেতন পায্যা ৮৮৫, পুনশ্চ তারে কন নারায়ণ ১০১৯। পুনশ্চ বলিলেন বা ম ৭। ২ (পত্রে) পত্ররচনার শেষে পুনর্বক্তব্য বিষয়ের প্রারম্ভে প্রযোজ্য শব্দ (postscript)। "পুনশ্চ, আর এক কথা—পাপ বিদায় করিতে পারিলেই বাঁচি ব দ্বি ২১। [পুনশ্চয় (°শ্চ+য়৬, অপ্র)—পুনর্ব্বারে। "পুনশ্চয় হবেক দরশন ব প ৪৬৬।]

পুনি, -নী, -নু ক্রি.বি [দ্র 'পুন২, মৈ পুনি, -নু, ড পুণি] ১ পুনর্ব্বার। "চৈতন্য পাইযা পুনি কৈল নিরক্ষণ গো বি ২। (ধনী) বৈঠলি পুনু তব বি.সা ৩৭৬। বিলসিতে মন, হইল মরমে পুনি চ দা ৬৫। স্নান করাইয়া পুনি বি.পা ৪৮। চেযে দেখ পুনু ব প ৮১৬। ২ পক্ষান্তরে, কিন্তু। "শরীরে না সহে পুনি ব.প ৫৮০, একখানি পাশা পুনি হাতের উলটে। হস্তবেগে পড়ে গিয়ে কক্ষের কপটে॥ —৬০৯। তাহার মায়ায় পুনি সভে বিমোহিতে চৈ ভা ৯৩, ১২৪। ৩ (অপ্র) এখন। "কি হেতু আসিছি আজ্ঞি চিন্তা কর পুনি ব প ৫৭৯। ৪ পরে। "প্রণাম করিয়া পুনি বলিল বচন ব.প ১৩৩৬,-৭। হাড়াইলে ঢেপুয়া পুনি না চাহিত যার ম.গা ৪। [পুনি পুনি—পুনঃ পুনঃ; বার বার। "নিবেদন পুনি পুনি।—মী ১৮। অ.প ৩। বাজে পুনি পুনি বা ম ৮৪। ম পা ৫। গো বি ৯২। ব.প ৫৭৭। পুনিহ (পুনঃ > °হ)—পুনঃ। "রাজা পুনিহ পুছন্ত অ প ৭।]

পুনীত বিং [হি °ত, মৈ °তা, তু 'সং √পূ—পুনাতি, অপ্র] পবিত্র, সাধু। "কুমুদ কুমুদাক্ষ প্রভু বিনীত পুনীত ভ গ্র ৪৮।

পুনীহি সং, ক্রি [√পূ+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষ ১ব)] পবিত্র কর বা করুন। "পুনীহি ভারত ভা.চ ১৫৮।

পুন্নাগ পুং [নাগতুল্য, উপ স] ১ পুরুষশ্রেষ্ঠ। ২ শ্বেতহস্তী। ৩ জাতীফল। ৪ শ্বেতপদ্ম। ৫ [তু 'তা পোন্—স্বর্ণ] পুষ্পবৃক্ষবিশেষ (Rottleria tinctoria)। "পুন্নাগৈশ্চ সুপুষ্পিতৈঃ (উপশোভিতাং পম্পাম্) বা ৩.৭৫.২৩।

পুন্নামা (-মন্) বিণ [পুং নাম যাহার, বহুব্রী, -১ব] 'পুৎ'-নামক (নরক)। "পুন্নাম্নো নরকাৎ...ত্রায়তে রা ২.১০৭.১২। মনু ৯.১৩৮। [পুন্নামনরক (স্ত্রী)—নরকবিশেষ। "ম ১১৪৮।]

পুপ্প বি [সং পুষ্প > লি, প্রা পুপ্ফ, মৈ পুহপ, পুহপ, -হুপ (প ক); অপ্র] ফুল। "শূ ৭৮।

পুপ্ফুস পুং ['পুপ্পস, ফুপ্ফস (S W.), পুপ্ফস, ফোপ্ফস (দেশী প্রা ম)] ১ হৃদয়মধ্যস্থ শ্বাসযন্ত্র, ক্লোম, ফুসফুস্, ফোপড়া, ফুলকা। ২ (সাদৃশ্য) পদ্মবীজাধার, বীজকোষ।

পু(পূ)ব, -র্ব্ব বি [সং পূর্ব্ব > লি পুব্ব, প্রা পুর্‌ব > বা পুব্ব, পূ(পু)ব, মৈ পুব] পূর্ব্ব দিক। "পূব্বর ঘাট শূ ১০৪। পুবের সুরুজ শ্রী কী ৭৮। পূবে ঘণ্টেশ্বর ম ম ৪। পূব হাঁস, পশ্চিমে বাঁশ, দক্ষিণ ছেড়ে, উত্তর বেড়ে, বাড়ী কর গে ভেড়ের ভেড়ে।—অ প্র ১৫৭। [পূবে—পূর্ব্বদিক্‌সম্বন্ধী (বাতাস)।]

পুমপত্য ক্লী [পুমান অপত্য, কর্ম্মধা] পুংসন্তান, পুত্র।

পুমর্থ পুং [পুম্ (পুমান্)+অর্থ, ষ ত] চতুর্ব্বিধ পুরুষার্থ। ২ পুরুষপ্রয়োজন।

পুমান্ (-মস্) পুং [√পা+উমস্ (ডুমসুন্)-ক-১ব, উ ৪ ১৭৭, ছান্দস] ১ পুরুষ। "পুমান্ পুংসোঽধিকে শুক্রে।—মনু ৩.৪৯। বামভাগে নারী হৈল দক্ষিণে পুমান্ ক.চ ৯। সঙ্গে অন্য পুমানের, কে বঞ্চিবে দিন চির ম পা ৪৭, অন্য পুমানাঙ্গ ১০১, পুমান্ বর দারুণ হয়ে ১৭০। ২ পুত্র। দ্র '(১)। ৩ জন, লোক। "বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ গী ২ ৭১। ভ ৮ ২৪ ৪৮। ৪ মনুষ্যজাতি, শিষ্টজন, সুর (মল্লিনাথ)। '(শৈলম্) বন্দ্যোঃ পুংসা রঘুপতিপদৈর্‌ঙ্কিতং মেখলাসু পূ মে ১২। ৫ পুরুষপদবাচ্য, যথার্থ পুরুষ। "যস্যার্থঃ স পুমান্ লোকে।—হি ১ ১৩৩। ৬ (কোশে) পুংলিঙ্গ। "বা পুংসি পদ্মম্ (অ কো)। ৭ পুংলিঙ্গ শব্দ। "পুমান্ পাপ্মা (অ কো)। ৮ পরমেশ্বর। "নানেব ভাতি বিশ্বাত্মা ভূতেষু চ তথা পুমান্ ভ ১ ২.৩২। ৯ (সাংখ্যে) পুরুষ। "সৃজতীশ আশ্রয়ং প্রধানপুংভ্যাম্।—ভ ৭.১ ১১। ১০ মনুষ্য। বিপ 'দেব'। "যৎ ত্বং ভজসি কল্যাণি পুমাংসং দেবসন্নিধৌ মভা ৩ ৫৭ ৩১। ১১ অনুচর, ভৃত্য (A)।

পুয়া[১] বি [সং পূপ > প্রা*পূঅ, 'পূয়' (দেশী ৬ ১৮) > বা °য়া, হি পূআ] অপূপ, পিষ্টক। 'পুরি পুয়া রা শে ৫১।

পু(পো)য়া[২] বি [সং পাদ > প্রা পয > বা (পয়া) পু(পো)য়া, 'প' (কথ্য)] ১ ঢেকীর পদতুল্য মৃত্তিকানিখাত কাষ্ঠস্তম্ভ। "পুয়া হৈল পুরাতন শি ৭৬। পোয়া ভা.চ ৭৯। ২ সর্থ 'পোআ'। "তত আধ পুয়া ধর থাকে যত মণ।—শুভঙ্কর।

পুর্ স্ত্রী [পূ+ক্বিপ্ (০)-র্ম, 'পূঃ' (১ব)] ১ পুর, নগর। "ঋগ্বেদ ১ ১৮৯.২। রঘু ১৬.২৩। ভট্টি ১ ১০। ২ দেহ। "ঋগ্বেদ ১০.৯০ ৫। ৩ দুর্গ।

পুর[১] বিণ [√পূ+অ (ঘঞর্থে-ক)-র্ম] পূর্ণ, প্রচুর (ভ.বা)। —রা স্ত্রী

১ 'লোকাদিপূর্ণ', প্রাসাদযুক্ত পরিখাবেষ্টিত একক্রোশ বা ততোধিক দীর্ঘ স্থান ; হট্টাদিবিশিষ্টস্থান (ভ ৪.১৮.৩১, শ্রীধর) ; নগর। "ঋগ্বেদ ১৫৩.৭। পুরবর রা ১.৬৬। মনু ৭.৭০। অরি° রঘু ১৫৯। ভ ৪.১৮.৩২। অরুপুরে।—মে ১১৮। ২ গৃহ। "অন্তঃপুর। ৩ দেহ। "নবদ্বারে পুরে।—শ্বেতাশ্বতর ৩.১৮ ; গী ৫.১৩। ৪ পাটলিপুত্র। ৫ রাজধানী। "ভ ১.৬ ১১। পুরং মযোনঃ ভট্টি ১.৬। ৬ গৃহোপরিস্থ গৃহ। ৭ বহুগ্রামীয়ব্যবহারস্থান (শ.ক)। ৮ অন্তঃপুর (SW.)। "আপনারা ভাগ্যবানের পুরস্ত্রী ব.প্র ৫। ৯ সমূহ। "নারী° মহা ১৩.১০৩.১০। ১০ ভাণ্ডাগার। ১১ ধান্যাদিচয় ; রাশি (ত.বা)। ১২ ময়রচিত অসুরনগর। "ত্রিপুর, পুরারাতি। ১৩ পুষ্পাদির দলাবৃত্তি (calyx)। ১৪ নাগরমুস্তা। ১৫ চর্ম্ম। —র পুং [√পুর্ অগ্রগমন+অ (ক)-ক] গুগ্‌গুলু। [°কোট্ট (পুং)—পুরদুর্গ। "পুরকোট্টপাল।—পঞ্চ ৫২৬। °জিৎ (পুং)—'ত্রিপুরজয়ী', শিব। °দেবতা (স্ত্রী)—পুরের অধিষ্ঠাত্রী দেবতা। °দ্বার (ক্লী)—পুরপ্রবেশদ্বার ; গোমুখ। °দ্বিট্ (ষ্) পুং—'পুরদ্বেষী', শিব। °পাল, -লক (পুং)—নগররক্ষক, পুরাধ্যক্ষ। "°পাল ভ ৪.২৮.১৩ ; °পালক ৬.১৮ ১৮। °বাসী (-সিন্) বিণ পুরে বাসকারী ; নাগরিক। "মহা ৩ ৫৯.১৭। কথা ১। °বাস্তু (ক্লী)—পুরপ্রতিষ্ঠাভূমি। °ভিৎ (-দ্) পুং—'পুরভেদক', শিব। °মথন (পুং)—'পুরনাশক', শিব। "ক চ ৪০। °মার্গ (পুং)—নগরের পথ ; পুরবর্ত্ম। "রঘু ১১.৩। °রক্ষ, -ক্ষক, -ক্ষী (-ক্ষিন্) পুং—সর্থ 'পুরপাল'। "°রক্ষী ক.সা ১৩, ১৬৯। °রিপু (পুং)—'ত্রিপুরারি', শিব। °শাসন (পুং)—শিব। "কু স ৭.৩০। °হর (বি)—'পুরনাশক', শিব। "শি ১০৭। বাদ ৯৮। °হা (-হন্) পুং—১ সর্থ 'পুরহর'। "ভ ৭.১০.৬৯। ২ 'শত্রুপুরনাশক', বিষ্ণু।]

পুর[২] '-র্' বি [সং পুট > প্রা পুড > বা (পুড়) °র ; হি পুড়া, -ড়ী ; ঠ পুড] আবরণ, বেষ্টন, বেড় (fold)। "কন্থারে বেড়িল সভে করি লক্ষ পুর।—ম ১৭ ; শত পুর করিয়া বেড়িল ৯৫ ; শত পুর ২১০। যে পাতলা কাপড় প'রে রইচি, দুপুর ক'রে না দিলে কারো সুমুখে যাবার যো নাই।—লী ১৪।

পু(পূ)র[৩] সর্ম্ম [সং √পূরি—পূরয় > প্রা √পুর, √পু (পূ)র (পৈ) ; হি, অস √পূর ; ঠ, গু, মৈ √পু (পূ) র] ১ পূর্ণ করা ; ভরা। "যজ্ঞকণ্ড পূরি পূরি মৃতিছে ভা চ ৪৫। মুখ পূরে মুগকর্পূরপূগে ৩৪৫। ২ প্রবেশ করান ; ঢুকান। "কমলাকান্তকে সাক্ষীর কাটরায় পূরিয়া দিল ব প্র ৬৪৩। ৩ ব্যাপ্ত করা। "গন্ধে পূরিল আকাশ অ.প ৬০। বিষ্ঠা মূত্রে সেই ঘর পূরে শ্রী.ম ২৮। ক্ষীণ তনু মনু পুলকে পূরব জ প ৭। পুলকে পূরিল অঙ্গ ভা.চ ২৫৮। কলেবর পুলকে পূরিল স.শ ৮৪। ৪ মুখমারুতে পূর্ণ বা আধ্মাত করা ; ফুঁ দিয়া বাজান (to blow)। "পূরিঞা কাহ্নাঞি তাহাতে (বাঁশীতে) ওঁকার শ্রী.কী ২৯৩ ; ৩১০। কেহ পূরে বাঁশী।—কৃ ৪৫। পূরে শঙ্খ।—ম ৬৩৯ ; ৯২৩। পূরে মন্দ বেণু শ্রী.ম ৫৮ ; শিঙ্গা বেণু পূরি ১০৫। বেণু পূরে ব.প ৭৮৩। পূরিহ মোহনবেণু প র ৯। তু 'পূরয়ন্ কীচকরন্ধ্রভাগান্ কু.স ১৮। বেণূন্ পুপূরিরে ভট্টি ১৪.২। ৫ পূর্ণ করা, অর্থাৎ যোগ করা। "খালি ছাগলা বৃষে চাপে। মিথুনে পূ'রিয়া বেদা। সিংহে বসু কর কি ব'সে। আর সব পূরিবে দশে॥—খনা। ৬ পূরণ করা ; গুণ করা। "আসলে পূরিয়া তাহা যত ফল হয়। টাকা হারে সুদ তত শুভঙ্কর কয়॥ ৭ সফল করা ; সিদ্ধ করা। "পূরে মোর আশ শ্রী কী ৫৮। পূর অভিলাষ : পূর মনস্কাম শ্রী ১ : ২। পূরহ আশা।—হু ২। ম.ম ১৪৫। ৮ কার্য্যে পরিণত করা। "কৈতবে বারি সঙ্গীজন সঙ্গ। অহ অভিসার পূর রতিরঙ্গ॥—বি.সা ১৯১। ৯ উচ্চারণ করা ; করা। "ওঁকার পূরি'া শিব করিল আলাপ।—গ ১০ ; ১১। (মহিষাসুর) সিংহনাদ পূরে চ.বি ৫০ ; ৭৯ ; পূরিল টঙ্কার ৮৮। পাখী সুস্বর নাদ পূ'র ব প ৭৫৮। ১০ আকর্ষণ করা। "আকর্ণ পূরিয়া বাণ বিন্ধে।—ম ১১৫৩। আকর্ণ পূরিয়া, সন্ধান করিলা ভা.চ ৬২। তু 'বাণ কর্ণ পূরি (আকর্ণপর্য্যন্তমাকৃষ্য—টীকা) ছত্তগ্রণ।—পৈ ২.১৭৩। ১১ (লক্ষ্য) ঠিক করা। "ইন্দ্রজিত পূরিল সন্ধান।—কৃ ২৫৭ ; লক্ষণ বাণ পূরিতে সন্ধান ২৭১ ; বাণ মারে পূরিয়া সন্ধান ২৯২। চ.বি ২৪৯। —য়,—র অর্ম্ম [হি, ঠ √পূর] ১ পূর্ণ হওয়া ; ভরা। "খোরি পয়োধর না পূরব পাণি বি.প ৭৭। সাত পাঁচ মনে করি প্রেমেতে পূরিল ভা.চ ২৫৮। খাল বিল পুখুর পূরিল (পদ্মমালা)। ২ সিদ্ধ বা চরিতার্থ হওয়া ; সফল হওয়া। "পূরিবে কাহ্নের আশে শ্রী.কী ২৭৯। পূরতি মনোরথ।—গো ১৩৯। মনোরথ পূরল ন.প ৩৮৭। তবহুঁ মনোরথ পূর প.ক ৪৫। ৩ পরিণত বা পরিপুষ্ট হওয়া (ফল)। ৪ ন্যূন বা ক্ষয়প্রাপ্ত অংশ পূর্ণ হওয়া। "হৃদয়ক্ষত ক্রমে পূরিয়া উঠিতে লাগিল ব.প্র ২১৩। [পূরা, পূরা, পোরা—সর্থ 'পূর'। পূরল—পূর্ণ করিল। "পূরল তরুণ করুণ মেহ ন.প ২৬৩। পূরে তাল—করতলবাদ্যে তাল দেয়। "সঙ্গ মহালঙ্গ দুই দূতে পূরে তাল গো.বি ৯৪। পূরত (পূর্ণ কর), পূরাঞা, -রিঞা, -রিবোঁ, -রুক (শ্রী.কী)। পূরতি, -রব, -রল, -রলুঁ (প.ক)।]

পুরঃ (-রস্) বা [পূর্ব্ব+অস্ (অসি) প্রথমা-পঞ্চমী-সপ্তমী-স্থানে, পূর্ব্ব > পুর্ ; ছান্দস] ১ পূর্ব্ব দিক্, দেশ বা কাল। ২ পূর্ব্ব দিক্ দেশ বা কাল হইতে। ৩ পূর্ব্ব দিকে দেশে বা কালে। ৪ অগ্রতঃ, সম্মুখে। বিপ 'পশ্চাৎ'। "তস্থ...পুরঃ রঘু ১.৫৯ ; পুরঃ পশ্যসি দেবদারুম্ ২.৩৬। গচ্ছতি পুরঃ শরীরং ধাবতি পশ্চাদসংস্থিতং চেতঃ শ ১.৩২। ৫ প্রাক্, প্রথমকালে। "তব প্রসাদস্য পুরস্তু সম্পদঃ শ ৭.৩০।

পুরঃপাক বিণ [বহুব্রী] যাহার ফল পুরোবর্ত্তী ; প্রত্যাসন্নফল, অবিলম্বিতফল। "আশীর্ভি...পুরঃপাকাভিঃ কু.স ৬ ৯০।

পুরঃপ্রহর্ত্তা (-র্ত্তৃ) বিণ [স.ত] সৈন্যপুরোভাগে প্রহারকারক বা যোদ্ধা। "পৌলস্ত্য এষ সমরেষু পুরঃপ্রহর্ত্তা রঘু ১৩.৭২।

পুরঃফল বিণ [বহুব্রী] সর্থ 'পুরঃপাক'। "প্রসাদচিহ্নানি পুরঃফলানি রঘু ২.২২।

পুরঃসর বিণ [পুরস্+ √সৃ+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী ; 'পুরস্-সর' (সি)] ১ অগ্রগ, পুরোগামী। "রা ২.২৬.১৭। অরুণপুরঃসরঃ ...অর্কঃ শ ৪.২। শ্রী.মা ৮২ ; পুরঃসর কর্ণসেন পক্ষীর উপরে ২২৩। ২ পূর্ব্বক। "প্রিয়াখ্যান° গো.রা ১.১০.৩১ ; (বাক্) পুষ্পবৃষ্টিপুরঃসরা ৩.৪.১৫। যত্নপুরঃসরে।—ম ৭২০। (পত্রে) বিনয়°, সম্মান°। ভক্তি° ম.ম ২ ; ১০২। [সমাসে উত্তরপদ]। —সর পুং পরিচর, পরিগ্রহ। "পরিমেয়° রঘু ১.৩৭।

পুরঞ্জন পুং [পুর+জনি+অ (খচ্)-ক, বাহুলকে ; উ.ত ;] 'দেহ-জনয়িতা', পুরুষ। "ভ ৪.২৯.২। —ঞ্জনী স্ত্রী বুদ্ধি।

পুরঞ্জয় বিণ [পুর+ √জি+অ (খচ্)-ক ; উ.ত] শত্রুপুরজেতা। —ঞ্জয় পুং সূর্য্যবংশীয় নৃপবিশেষ। দ্র 'ককুৎস্থ'।

পুরট ক্লী [?] সুবর্ণ। "ভ ৩.১৫.২৯। °সুন্দরদ্যুতি বি.মা ১.২ ; চৈ.চ ১। °মুকুট ক.চ ৮। °পদক শ্রী.মা ৪৫ ; °নূপুর ৪৭ ; ৮৫। °পদ্ম শ্রী ৪০ ; °টাড় ৯০। °পদ্মমালা ২০৩ ; °পটুকা ২৪০। °পীঠ শি ১০ ; পাতিত পুরটপীঠে পুরহর বসে ১০৭।

পুরতঃ (-তস্) বা [পূর্ব্ব+অতস্ (অতসুচ্) সপ্তমীস্থানে, পূর্ব্ব > পুর ; দ্র 'পা ৫.৩.৩৯, তত্ত্ববোধিনী] ১ পূর্ব্ব দিকে দেশে বা কালে। ২ পূর্ব্বভাগে, অগ্রতঃ। বিপ 'পশ্চাৎ'। "সমর্থা যে চ দ্রষ্টারঃ পুরতস্ত প্রতস্থিরে।—রা ২.৮০.৩। পশ্যামি তামিত ইতঃ পুরতঃ পশ্চাৎ মা.মা ১.৪০। ৩ সমীপে। "পুরতো নতিম্ (কৃত্বা স জগাদ) ক.সা ৯.৭৯। ৪ আদিতে, প্রথমে। "ইয়ঞ্চ তেহন্যা পুরতো বিড়ম্বনা কু.স ৫.৭০।

[পুরস্তঃ কৃত্বা—আগে করিয়া। "(সচিবাঃ) তত্তনুঃ পুরস্তঃ কৃত্বা নির্জগ্মুঃ রা ১.৬৭.৩।]

পুরন্ত বি [পুর৩+অন্ত৩] পরিপূর্ণ, বিশুদ্ধ। "কোথা পাবে সেই পুরন্ত সুখ (কুবেরের সখা ?) অ.শু ১২৫।

পুরন্দর পুং [পুর+দারি+অ (খচ্)-ক, হ্রস্ব ; উ.ত ; 'পুরন্দর' —শত্রুপুরদারয়িতা, অসুরপুরদারয়িতা (ঋগ্বেদ ১.১০২.৭ ; ১০৯.৮)] ১ 'শত্রুপুরদারক', ইন্দ্র। "°শ্রী রঘু ২.৭৪। পুরন্দর যার যেন দিল ঐরাবতে।—কৃ ২৪৯। ম ২৯৪। ২ 'ত্রিপুরদারক', শিব। ৩ বিষ্ণু। ৪ ইন্দ্রদেবতাক জ্যেষ্ঠা নক্ষত্র। ৫ (বাঙ্লায়) ইন্দ্রতুল্য রাজা। "(শ্রীরঘুনাথ) ব্রাহ্মণভূমের পুরন্দর ক.চ ৩৪ ; ৪৩। —ন্দর ক্লী চবিক, চই। —ন্দরা স্ত্রী গঙ্গা।

পুরন্দরা দ্র 'পুরন্দর'।

পুরন্ধি, -ন্ধ্রী স্ত্রী [পুর+ √ধৃ+ই (কি)-ক, 'ম্' (মুম্) আগম (অ.টী), স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'গৃহজনধারিণী', পুত্রাদিমতী গৃহাধিকৃতা নারী (অ.টী), কুটুম্বিনী, পতিপুত্রবতী নারী (মল্লিনাথ)। "°ন্ধ্রি রঘু ৭.২৮ ; প্রায়েণৈবংবিধে কার্য্যে পুরন্ধ্রীণাং প্রগল্‌ভতা কু.স ৬.৩২ ; পুরন্ধ্রিবর্গ ৭.২। উ.চ ৪.১২। পুরন্ধ্রীর প্রগল্‌ভতা বিবাহেতে বাড়ে শি ১৯। ২ স্ত্রী-মাত্র। "(চপলা) পুরন্ধ্রীণাং প্রজ্ঞা।—ম ২.৭। ৩ পূজ্যা গৃহকর্ত্রী।

পুরন্ধ্রী দ্র 'পুরন্ধি'।

পুরবী সর্থ 'পূরবী'।

পুরশ্চরণ ক্লী [স ত] ১ অগ্রে আচরণ। ২ (তন্ত্রে) স্বীয় ইষ্টদেবতার মন্ত্র-সিদ্ধার্থ ইষ্টদেবতাপূজাপূর্ব্বক মন্ত্রজপ-হোমতর্পণাভিষেক-ব্রাহ্মণভোজন-রূপ পঞ্চাঙ্গসাধনা ; পুরস্ক্রিয়া। "কৃষ্ণমন্ত্রে করাইল দুই পুরশ্চরণ চৈ.চ ১৯৪। [যেমন জীবহীন দেহী সর্ব্বকর্ম্মে অক্ষম, সেইরূপ পুরশ্চরণহীন মন্ত্র সিদ্ধিপ্রদানে অসমর্থ।] —শ্চর্য্যা বি সর্থ 'পুরশ্চরণ'। "দীক্ষা-পুরশ্চর্য্যাবিধি চৈ.চ ১৬৭।

পুরশ্চর্য্যা দ্র 'পুরশ্চরণ'।

পুরস্কর সর্ম্ম [সং পুরস্+ √কৃ (প্রা √কর) ; অপ্র] সম্মান বা পূজা করা। "আপনে চৈতন্য পাঠাইল দামোদরে। পুরস্করি অদ্বৈত আনিবার তরে॥—চৈ ১৪৪।

পুরস্করণ ক্লী [পুরস্+ √কৃ+অন (ল্যুট্)-ভা] সম্মাননা, পূজন। —স্করণীয়, -স্কার্য্য বিণ [+অনীয় (অনীয়র্), +য (ণ্যৎ), -র্ম্ম] ১ অগ্রে করণীয়। "ত্বং হি ভোজ্যো পুরস্কার্য্যঃ মহা ৫.১৫৯.৬৭। ২ সম্মান-নীয়, পূজ্য। ৩ আদরণীয়। "তমাহস্তং পুরস্কার্য্যঃ সদৃশস্তস্য সৈনিকঃ। —হি ২.৮৩। —স্কার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অগ্রে করণ। "ব্রহ্মঘোষ° মহা ৩.১.৪৫। ২ সম্মান, পূজা। বিপ 'তিরস্কার'। "দান-মান° গো.রা ২.৮০.১১। ৩ স্বীকার। ৪ অভিশাপ। ৫ অরিগ্রহণ, আক্রমণ। ৬ সেক, সেচন। ৭ (বাঙ্লায়) পারিতোষিক (reward)। ৮ সমাদর। "তিরস্কার পুরস্কার হিত ইচ্ছা থেকে।—পদ্যপাঠ, ১ম ভাগ। —স্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অগ্রে কৃত ; আধিপত্যে নিয়োজিত। "মহানসে ত্বং ভব মে পুরস্কৃতঃ মহা ৪.৮.১২। ২ পূজিত, সংকৃত, সমাদৃত। "পুরস্কৃতঃ সতাম্ রঘু ৩.৪১। দর্শনেনৈব ভবতীনাং পুরস্কৃতোঽস্মি শ ১২/১২। ৩ স্বীকৃত। ৪ অভিশপ্ত। ৫ অরিগৃহীত, আক্রান্ত। ৬ সিক্ত। "সীতাং মন্ত্রোদকপুরস্কৃতাম্ রা ১০.৭৩.২৯। ৭ পূত, পবিত্রীকৃত। "বিধিমন্ত্রপুরস্কৃতম্ (হবিঃ) রা ১.৭৩.২৪। ৮ অবলম্বিত। "°মধ্যমক্রমঃ রঘু ৮.৯। —স্ক্রিয়া স্ত্রী [+অ(শ)-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'পুরস্কার'। ২ পুরশ্চরণ।

পুরস্তাৎ ব্য [পূর্ব্ব+অস্তাৎ (অস্তাতি), প্রথমা-পঞ্চমী-সপ্তমী-স্থানে, পূর্ব্ব >পুর্ ; ছান্দস] ১ পূর্ব্ব দিক্ দেশ বা কাল। ২ পূর্ব্ব দিক্ দেশ বা কাল হইতে। ৩ পূর্ব্ব দিকে। "উৎ পুরস্তাৎ সূর্য্য এতি।—ঋগ্বেদ ১.১৯১.৮। ৪ পূর্ব্বকালে, পুরা। "(পুরী সুপরিরক্ষিতা) যথা পুরস্তান্ মন্থুনা রা ১.৬.২০। ৫ প্রথমে। "পুরস্তাদধীতে (অ.টী)। ৬ অগ্রে। "আহত্যাঃ পুরস্তাৎ।—অথর্ব্ব ১২.১.১৩। রঘু ২.৪৪। (প্রসাধনম্) স্তবং পুরস্তাৎ পুরশাসনস্য কু.স ৭.৩০। উ.মে ৪২। ৭ পুরোভাগে, অগ্রভাগে। বিপ 'পশ্চাৎ'। "অভ্যুন্নতা পুরস্তাৎ (পদপঙ্‌ক্তিঃ) শ ৩.৪।

পুরা[1] ব্য [সং পূর্ব্ব >প্রা পুরব (হে ৪.২৭০) >(পুরঅ) °রা (?) ; ছান্দস] ১ চিরাতীত কালে ; পূর্ব্বকালে। "ঋগ্বেদ ১.৩৯.৭। শ ৭.৩। পুরা শত্রুমুপস্থায়...যাস্ততঃ রঘু ১.৭৫। ২ সদ্যঃ, তৎক্ষণাৎ। "আলোকে তে নিপততি পুরা উ.মে ২৪। ৩ চিরন্তন ; ভূত (অ.টী)। ৪ ভাবী কালে ; ভবিষ্যৎকালে। "পুরা সপ্তদ্বীপাং জয়তি বসুধামতিরথঃ শ. ৭.৩৩ ৫ নিকট, ভবিষ্যদাসত্তি (কাশিকা)। "পা ৮.১.৪২। ৬ প্রবন্ধ, বাক্য-রচনা, পুরাণাদি (অ.টী)। "°বিৎ। [°কথা (স্ত্রী)—পূর্ব্ববৃত্ত, প্রাচীন-কথা। "ভ ৩.১৩.৫০। °কল্প (পুং)—১ পূর্ব্বকল্প, যুগান্তর। "মনু ৯.২২৭। পুরা কল্পক্ষয়ে বৃত্তে জাতং জলময়ং জগৎ ক.সা ২.১০। ২ অর্থবাদ-বিশেষ (গোতম)। °কৃত (বিণ)—পূর্ব্বকৃত, ইহ জন্মে বা জন্মান্তরে কৃত (পাপ, পুণ্য)। °কৃত (ক্লী)—জন্মান্তরকৃত দুষ্কৃত। "শ ৭২/৫।]

পুরা[2] স্ত্রী ১ পূর্ব্বদিক্ [দ্র 'পুরা[1]']। ২ গন্ধদ্রব্যভেদ।

পু(পূ)রা[৩] সর্ম্ম [পু(পূ)র৩+আ৮] ১ পূর্ণ করা ; সফল বা চরিতার্থ করা। "জীবন রহিলে পুরাইহ কাম বি.প ৭৩। পুরাতে জায়ার সাধ, কিনিল পাটের জাদ ক.চ ৭৬। ২ পূর্ণ করা ; ভরা। "কনয়া কলস, বিশে পুরাইয়া, উপরে দুধক পুর ব.প ১০৬। ৩ প্রশমিত করা ; মিটান। "কাম-ক্ষুধা পুরাইল দোঁহে অবিরামে।—মে ২৮০। ৪ পূর্ণ করান ; ভরান। [পু(পূ)রান—সর্থ 'পুরা৩'।

পুরাকথা, -কল্প, -কৃত দ্র 'পুরা[1]'।

পুরাণ বিণ [পুরা ভবম্ ইতি পুরা+তন (ট্যুল), নিপাতনে 'ত'-লোপ, ণত্ব (অ.টী) ; সং পুরাতন >প্রা পুরাঅণ >°ণ (?) ; স্ত্রী -ণা, -ণী] ১ পুরাভব, পুরাতন, চিরন্তন। বিপ 'নূতন'। "পুনঃ পুনর্জায়মানা পুরাণী (উষাঃ)।—ঋগ্বেদ ১.৯২.১০। (আশ্রমম্) পুরাণং নির্জনম্। —রা ১.৪৮.১১। পুরাণপত্র রঘু ৩.৭। পুরাণস্য কবেঃ কু.স ২.১৭। ২ আদিম। "আত্মনঃ পুরাণশ্বশুরম্...সবিতারম্ উ.চ ৬১/৪। ৩ চিরন্তন, অনাদিসিদ্ধ। "(পুরুষম্) পুরাণম্ গী ৮.৯ ; ১১.৩৮ ; প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাণী ১৫.৪। ৪ পুরা, অর্থাৎ আকাশাদিসৃষ্টির পূর্ব্বেও নব। "শাশ্বতো-ঽয়ং পুরাণঃ গী ২.২০। ৫ প্রাচীন। "পুরাণরাজর্ষির্জনকঃ উ.চ ৪১/২। ৬ পূর্ব্ব। "°শোভাম্ রঘু ১৬.৪২। ৭ বাসিত, পর্য্যুষিত। "°সীধুং রঘু ১৬.৫২। —রাণ পুং শিব। —রাণ ক্লী ১ ব্যাসাদিরচিত সর্গাদি-পঞ্চলক্ষণ শাস্ত্রবিশেষ। 'সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ। বংশানু-চরিতঞ্চৈব পুরাণং পঞ্চলক্ষণম্॥ "অথর্ব্ববেদ ১১.৭.২৪। শতপথব্রাহ্মণ ১১.৫৯.৮। ২ পুরাণকথা, প্রাচীনবৃত্ত। ৩ (রৌপ্যসম্বন্ধে) ষোড়শ রূপ্যমাষক। "মনু ৮.১৩৬। —রাণ পুং, ক্লী ১ অশীতিবরাটক, পণ। ২ কার্ষাপণ। [°গ (পুং)—১ পুরাণগায়ক, পুরাণপাঠক। ২ ব্রহ্মা। °পুরুষ (পুং)—১ আদিপুরুষ, বিষ্ণু। ২ বৃদ্ধ পুরুষ। °মূর্ত্তি (স্ত্রী) —অমানুষস্বরূপ। "মাঘ ১.৩৫।]

পুরাতন বিণ [পুরা+তন (ট্যু, তুট্) ; স্ত্রী -নী] ১ পুরাভব, চিরন্তন, পুরাণ। বিপ 'নূতন'। "নবং বস্ত্রং নবং ছত্রং নব্যা স্ত্রী নূতনং গৃহম্। সর্ব্বত্র নূতনং শস্তং সেবকান্নে পুরাতনে॥—সু.র। ২ পূর্ব্ব, অনাদিগুরু-পরম্পরাগত। "যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ গী ৪.৩। ৩ প্রাচীন, পুরাণ। "পুরাতনাঃ...ধাতারঃ কু.স ৬.৯। ৪ অনাদি। "পুরাতনেন...বিষ্ণুনা মহা ৩.১৪২.১৭। রঘু ১১.৮৫। মাঘ ১.৩৩। ৫ [বাঙ্লায় ; অপ্র] প্রাচীন, বৃদ্ধ। "পক্ষী পুরাতন।—ম ৫৫৩। পুরাতন দেখি হরে, কুঁচনী অসম্বরে, কুচযোগে না দেই বসন ক.চ ২৭। পুরাতন লোকের কথা মান্য।—দা

৫৮৪। ৬ যাহা পূর্ব্ব বৎসরের বা তাহার পূর্ব্ব-পূর্ব্ব বৎসরের। "পুরাতন চেলে বাড়ে অন্ন: পুরাতন কুষ্মাণ্ড-খণ্ড: পুরাতন জ্বরে পায় পথ্য: পুরাতন ঘৃত: পুরাতন তেঁতুল: পুরাতন সিদ্ধি।—দা ৫৮৪। ৭ যাহা পূর্ব্বকালের। "পুরাতন টাকার রূপা খাঁটি।—দা ৫৮৪। ৮ চিরকালে সংঘটিত। "পুরাতন পিরীত ভাঙ্গিলে যায় হে গড়া দা ৫৮৪।

পুরাবিৎ (-দ্) বিণ [পুরা+ √বিদ্+ক্বিপ্ (০)-ক -১ব ; উ.ত] পুরাতত্ত্বাভিজ্ঞ, পুরাণজ্ঞ, পুরাণবেদী। "বদন্ত্যপর্ণেতি চ তাং পুরাবিদঃ কু.স ৫.২৮ ; ৬.৯। মাঘ ১৩৩।

পুরাবৃত্ত বিণ [স.ত] পূর্ব্বে সংঘটিত, পুরাভব, প্রাচীন। "°বৃত্তাঃ কথাঃ মহা ৩.১৮৩.৪৬। —বৃত্ত ক্লী ১ পূর্ব্বতনবৃত্তান্ত। "শ্রূয়তাং চ পুরাবৃত্তং কৌশিকস্য গো রা ১.৫২.১৬। ২ পুরাবৃত্তোপনিবদ্ধপ্রায় ইতিহাস ; ভারতাদিগ্রন্থ (অ.টী)।

পুরারাতি, পুরারি পুং [ষ.ত] 'ত্রিপুরের শত্রু' ; শিব। "°রাতি ক.সা ৪৪.২২। পুরারি কু.স ৫.৫৪ ; বি.সু ১১৩।

পুরি[১], -রী[১] স্ত্রী [√পৄ+ই-র্ম, কিৎ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পুরী। "°রী রা ১.৫.৬। রঘু ১৩০। ২ 'তত্ত্বপূর্ণ', সন্ন্যাসীর উপাধিভেদ। দ্র 'গিরি' (৬)। "বিষ্ণুপুরী কেশবপুরী পুরী কৃষ্ণানন্দ।—চৈ.চ ৩৯ ; ৯০। পুরী ব.প ১০৯৩। —রী স্ত্রী ১ দেহ। ২ উড়িষ্যাস্থ পুণ্যক্ষেত্রবিশেষ।

পুরি[২], -রী[২] বি [সং পূরিকা ; হি পূরী ; মৈ পূড়ী] ১ পুর-দেওয়া পিষ্টকবিশেষ ; ডালপুরী (?)। "নানান মিষ্টান্ন…লুচি পুরী ভ.গ্র ২৭২ ; পিষ্টক-আদি পুরি ৪১৬। ২ লুচি। "পুরি পুয়া রাপে ৫১। পীযূষী পুরী পুলী ভা.চ ৫৪৮।

পুরিয়া বি [সং 'পুটক'—পুটিকা > প্রা *পুডিযা > °য়া ; হি পুড়িয়া ; ঠ পুড়ী] পাতা বা কাগজের পুটিকা বা মোড়া ; ঔষধের এক মাত্রার মোড়া।

পুরী[১], পুরী[২] দ্র 'পুরি[১]', পুরি[২]।

পুরীষ ক্লী [√পৄ+ঈষ (ঈষন্)-ক, কিৎ, উ ৪.২৭ ; '°ষ'—সর্ব্ব-কামপূরক উদক (সায়ণ, ঋগ্বেদ ১.১৬৩.১) ; মল (শতপথব্রাহ্মণ)] বিষ্ঠা, মল। "গোশ্চ পুরীষে পা ৪.৩.১৪৫। মনু ৫.১৩৮। পুরীষোৎসর্গ—হি ৩৪/৩। ম ১১। [°নিগ্রহণ (ক্লী)—মলস্তম্ভন, বিষ্ঠানিরোধ। পুরীষাধান (ক্লী)—দেহস্থ মলাশয়। 'পুরীষোৎসর্গ (পুং)—মলত্যাগ।]

পুরু[১] বিণ [√পৄ+উ-ক, কিৎ, উ ১.২৪ ; স্ত্রী -রু, -র্ব্বী ; 'পুরু'—বহু (ঋগ্বেদ ৬.২৪.৪) ; cf., Gr. polus—much] প্রভূত, প্রচুর। "নৈ ১৯.৫। —রু পুং ১ 'পুষ্পপুরক', পরাগ। ২ চন্দ্রবংশীয় নৃপতি-বিশেষ। [ইঁহার পিতা যযাতি, মাতা শর্ম্মিষ্ঠা। শুক্রশাপে অকালজরা-গ্রস্ত পিতার প্রার্থনায় জরাবিনিময়ে স্বীয় যৌবন দান করিলে, পিতা প্রীত হইয়া ইঁহাকে রাজ্যাধিকার-বর প্রদান করেন। ইনি কৌরবপাণ্ডবের পূর্ব্বপুরুষ এবং ইঁহারই নামানুসারে চন্দ্রবংশীয়েরা 'পৌরব' নামে খ্যাত (মহা ১.৮৩-৮৫তম অধ্যায়)।] [°জিৎ (পুং)—১ বিষ্ণু। ২ কুন্তি-ভোজরাজের ভ্রাতা, অর্জ্জুনের মাতুল (মহা ৮.৬.২২)। "গী ১.৫। °ভুজ (বি)—বহুভুজ সামুদ্রিক প্রাণিবিশেষ (চারুপাঠ, ১ম ভাগ)।]

পুরু[২] বি [পুর[২] > °রু] বেড়, পরদা, স্তর। "বেনাবনে বার পুরু বিছাল বসন শ্রী ৪৭। —রু বিং [সং পুরু[১]] স্থূল, মোটা (কাগজ, কাপড়, ঠোঁট)।

পুরুখ বি [সং পুরুষ (ষ > খ, দ্র 'খ') ; হি °খ] পুরুষ, পুরুষজাতি। "পরখি পেখলু, পুরুখ পুরুষোত্তম, তুহুঁসে পাহুন জাতি—গো ২৫০। নারী পুরুষ দুহুঁ, লখই না পারই।—জ্ঞা ১৯৮। পুরুখ স্তিরি চৈ.ম ২৪। [°বর, °মণি, °রতন (বি)—পুরুষশ্রেষ্ঠ। "°মণি ব.প ১০৪১ ; °বর ১০৪৩। °ন জ্ঞা ২৩১। কু°—অরসিক পুরুষ। "স্বপনে হি শুতল কুপুরুখসঙ্গ বি.প ১৩৩। সু°—রসিক পুরুষ। "বড়ি সুপুরুখ বলি আওল ধাই বি.প ১৩৩। উহ সুপুরুখ বিদগধ ব.প ১০৪২। সুপুরুখ-প্রেমক ঐছন রীতি চৈ.চ ১১৮।]

পুরুট বি [সং পুরট ; অপ্র] স্বর্ণ। "চ.বি ১৮৬ ; ২৫৭।

পুরুত বি [সং পুরোধাঃ, -রোহিত] পুরোহিত। "দা ৫৬। বা.ম ১৮২। [°গিরী (হি পুরোহিতাঈ)—পৌরোহিত্য। °ঠাকুর—পুরুতঠাকুর। °ঠাক(কু)রুণ (হি পুরোহিতানী)—পুরোহিতপত্নী। "°ঠাকুরুণ।—শ্রী ১২।]

পুরুব বি [সং পূর্ব্ব > প্রা পুরব (হে ৪.২৭০ ; অ.রা), পুরুব (প্রা.ম) ; হি পুরুব] ১ পূর্ব্বকাল। "পুরুবহিঁ শচি-সুত…পেখলুঁ (প.ক)। ২ পূর্ব্ব দিক্। "পুরুব-অরুণ ভালে।—শ্রী ১৮৩। [পুরুবে—আগে। "পুরুবে…বর দিয়াছে মহেশে চ.বি ২৭৭।]

পুরুল বি [সং পটোল > প্রা পডোল > বা (পড়ুল) °ল ; অপ্র] পটল-জাতীয় ধুঁদুল। "পুরুলের ছোট বড় ঘাটা শি ৭৬।

পুরুষ পুং [√পুর্ অগ্রগমন, বা √পৄ+উষ (কুষন্), উ ৪.৭৪ ; অ.টী ; ছান্দস] ১ মনুষ্যসামান্য, মানব, মানুষ। "নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে গী ৩.৪। পুরুষাধিরাজ রঘু ২.৪১। ২ পুমান্, নর। বিপ 'স্ত্রী, নারী'। "দ্বিধা কৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোঽভবৎ। অর্দ্ধেন নারী…॥—মনু ১.৩২। অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ।—হি ১.১৩৬। না করিলে মোর তোষ পুরুষের কাজ।—ম ৬২৮। ৩ প্রতিনিধি, অধিকৃত, কার্য্যকারক, কর্ম্মচারী। "রাজপুরুষং মামবগচ্ছত শ ১২/২। ধর্ম্মাধিকরণাধিষ্ঠিত° । পঞ্চ ১৪/৩৬। ৪ জন, লোক। "বাক্যেয়মানয়ামাস পুরুষৈরাপ্তকারিভিঃ মহা ৩.৬০.১১ ; মৃগয়িষ্যন্তি…পুরুষা মম ৬৫.৬৫। °বধ বা.ম ১৩৭। ৫ ভর্ত্তা, ভর্ত্তৃ-প্রভৃতি। "পুরুষস্য স্ত্রিয়াশ্চৈব (ধর্ম্মান্ বক্ষ্যামি) মনু ৯.১ ; অস্বতন্ত্রাঃ স্ত্রিয়ঃ কার্য্যাঃ পুরুষৈঃ স্বৈঃ ২। ৬ পৌরুষবান্ যোধ। "নিষ্পত্য যুধি যুধ্যস্ব নৃশংস পুরুষো ভব গো.রা ৬.১৬.৮০। ৭ পুরুষপ্রমাণ, অর্থাৎ পঞ্চ অরত্নি পরিমাণ। 'পঞ্চারত্নি পুরুষঃ (তত্ত্ববোধিনী)। পুরুষশব্দেনাত্রোর্দ্ধ্ব-বাহুঃ পুরুষো জ্ঞেয়ঃ, স চ বিংশত্যধিকমঙ্গুলিশতং ভবতি (বৃহৎসংহিতা ৫৪.৬, টীকা)। "দ্বিপুরুষী দ্বিপুরুষা বা পরিখা পা ৪.১.২৪, সি। ৮ (ব্যাকরণে) অস্মদাদিভেদে তিঙ্‌বিভক্তির তিন-তিনটির সংজ্ঞাবিশেষ। "প্রথম°, মধ্যম°, উত্তম° পা ১.৪.১০১। ৯ (জ্যোতিষে) মেষমিথুনাদি বিষম রাশি। ১০ রবি মঙ্গল ও বৃহস্পতি গ্রহ। 'ভৌমার্কজীবাঃ পুরুষাঃ। ১১ বংশের সন্তানপরম্পরা (generation)। "সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে মনু ৫.৬০। পুরু হৈতে অনেক পুরুষ গেল।—ম ৬২৮। আরড়া উচিত ভূমি, পুরুষে পুরুষে স্বামী ক চ ১৪১। তার কোনো পুরুষে কখন যা না খাইল ভ.গ্র ৪১৬। ১২ পুন্নাগবৃক্ষ। ১৩ সর্থ 'পুরুষক'। ১৪ [পুর, পুরু+ √শী+অ (ড)-ক, পৃষো ;—শেতে জীব-রূপেণ পুরেষু পুরুষোঽসৌ (ভ ৭.১৪.৩৭) ; পুরমাক্রম্য সকলং শেতে যস্মান্ মহাপ্রভুঃ। তস্মাৎ পুরুষ…॥—বিষ্ণু ৯৭.১৫ ; পুরসংজ্ঞে শরীরে-ঽস্মিন্ শয়নাৎ পুরুষো হরিঃ (শঙ্করবিজয়)। দীর্ঘাদি 'পুরুষ' (অ.টী)] 'দেহে জীবরূপে শায়ী' ; ক্ষেত্রজ্ঞ, আত্মা। ১৫ আদিত্যান্তর্গত হিরণ্যগর্ভ (শঙ্কর) ; সূর্য্যমণ্ডলমধ্যস্থ বিরাট্ (শ্রীধর) ; সর্ব্বদেবতাত্মা হিরণ্যগর্ভ (নীলকণ্ঠ)। "গী ৮.৪। সহস্রশীর্ষা পুরুষঃ (পুরুষসূক্ত)।—শুক্লযজুর্ব্বেদ ৩১.১। অবতার সব—পুরুষের কলা অংশ।—চৈ.চ ৭। ১৬ (সাংখ্য-দর্শনে) প্রকৃতিবিকার-বহির্ভূত পঞ্চবিংশতিতম তত্ত্ব ; পুরুষপদবাচ্য বিজ্ঞানঘন (মল্লিনাথ)। দ্র 'গী ১৩.১৯-২৩। "মাঘ ১.৩৩। ১৭ ব্রহ্মা। 'তদ্বিসৃষ্টঃ স পুরুষো লোকে ব্রহ্মেতি কীর্ত্ত্যতে মনু ১.১১। ১৮ বিষ্ণু। ১৯ শিব। ২০ কনীনিকা, চক্ষুর তারা। —রুষী স্ত্রী [°ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] নারী, স্ত্রী। "ভ ৪.২৪.১৭। [°কুঞ্জর (পুং)—পুরুষশ্রেষ্ঠ। °ক্ষেত্র (ক্লী)—সর্থ 'পুরুষ (৯)। বিপ 'স্ত্রীক্ষেত্র'। °গ্রহ (পুং) —সর্থ 'পুরুষ (১০)। °জ্ঞান (ক্লী)—পুরুষবিশেষজ্ঞতা, অর্থাৎ দৃষ্টিমাত্রে পুরুষস্বভাবজ্ঞানের শক্তি। "মনু ৭.২১১। °নাগ, °পুঙ্গব, °পুণ্ডরীক (পুং)—পুরুষশ্রেষ্ঠ, মহাপুরুষ। °নাথ (পুং)—রাজা ; নায়ক। °বর (পুং)—বিষ্ণু। °বাহ (পুং)—১ বিষ্ণুবাহক, গরুড়।

"ভ ৫.২৪.২৯। ২ নরবাহন, কুবের। °ব্যাঘ্র, °শার্দ্দূল, °সিংহ (পুং)—সর্থ 'পুরুষনাগ'; মহাশূর। "°ব্যাঘ্র গী ১৮.৪। উদ্যোগিনং পুরুষসিংহম্।—হি ৩১ (কথারম্ভ)। °রাশি (পুং)—সর্থ 'পুংরাশি'। দ্র 'পুং'। °সূক্ত (ক্লী)—'সহস্রশীর্ষঃ' ইত্যাদি পুরুষসম্বন্ধী ঋগ্বেদীয় সূক্ত (hymn)। "পড়িয়া পুরুষসূক্ত করায়েন স্নান চৈ.ভা ২১৯।] [পুরুষের কান কাটা—বুদ্ধিবলে পুরুষকে পরাজিত বা অপদস্থ করা। "পুরুষের কান কাটে ধরে শক্তি হীরা বি.সু ৩৭।]

পুরুষক পুং, ক্লী [°ষ+ক (কন্) সংজ্ঞার্থে] অশ্বের পুরুষবৎ অবস্থানবিশেষ, অর্থাৎ পেছনের পায়ে ভর দিয়া আগের পা উঁচু করিয়া পুরুষের মত ঘোড়ার দণ্ডায়মান অবস্থা; ঘোড়ার শির-পা করা। দ্র 'মাঘ ৫.৫৬, টীকা।

পুরুষকার পুং [ষ.ত; ঠ °ষপণা] ১ পুরুষচেষ্টিত, পৌরুষ, উদ্যোগ। "°কারেণ বিনা দৈবং ন সিধ্যতি।—হি ৩২ (কথারম্ভ)। পঞ্চ ৫.২৯; ৩০। কি ৫.৫২। ম ৩৩৮। ২ পুরুষব্যাপার। "মনু ৮.২৩২।

পুরুষকেশরী (-রিন্) পুং [উপ.স] ১ পুরুষ কেশরীতুল্য; পুরুষশ্রেষ্ঠ। ২ [কর্ম্মধা] 'যিনি পুরুষ ও কেশরী'; নরসিংহকলেবর বিষ্ণু, নৃসিংহাবতার। "শ ৭.৩।

পুরুষডাকিনী বি পুরুষসম্ভোগে অতিস্পৃহাবতী-স্ত্রী; কামাতুরা ব্যভিচারিণী। "শুনিয়া না শুনে কাণে পুরুষডাকিনী শ্রী ৯৮।

পুরুষত্ব ক্লী [°ষ+ত্ব] ১ পুরুষভাব, পৌরুষ। ২ পুরুষাকৃতি। "মহা ১৩.১২.২৫। ৩ রেতোবত্তা (virility)। [°হানি (বি)—রেতোহীনতা, ক্লীবতা (impotency)।]

পুরুষপাগলী বি পরপুরুষসহবাসার্থ উন্মত্তা; অতিকামুকী। "পুরুষপাগলী তবু মতি দিস পাপে শ্রী ৯৫।

পুরুষবেভার বি স্ত্রীসহবাস। "সভে মোর সহ করে পুরুষবেভার। সবে অপমান তুমি করিলে আমার॥—ম ৬.৯।

পুরুষব্যবহার বি স্বামিসহবাস। "পুরুষব্যবহার নহে কালরাত্রিত বি.পা ৩১১।

পুরুষমাত্র বিণ [°ষ+মাত্র (মাত্রচ্); স্ত্রী -ত্রী] পুরুষপ্রমাণ।

পুরুষমানী (-নিন্) বিণ [°ষ+ √মন্+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত] পুরুষম্মন্য, শূরাভিমানী। "রা ২.২৩.৩৫। মহা ৫.১৭৭.১২।

পুরুষমেধ পুং [ষ.ত] ১ পুরুষহিংসা, নরহত্যা। "ভ ৫.২৬.৩১। ২ [বহুব্রী] যজ্ঞবিশেষ। "শতপথব্রাহ্মণ ১৩.৬ ১.১।

পুরুষরতন বি [পদ্যে] সর্থ 'পুরুষর্ষভ'। "কৃ ১০।

পুরুষর্ষভ পুং [পুরুষ ঋষভতুল্য, উপ.স] পুরুষশ্রেষ্ঠ, মহাপুরুষ।

পুরুষাঙ্গ ক্লী [উ.লো] পুরুষচিহ্ন অঙ্গ; শিশ্ন।

পুরুষাদ পুং [°ষ+ √অদ্+অ (অণ্)-ক উ.ত] ১ নরখাদক, রাক্ষস। "°দী…যক্ষি ত্বম্ গো.রা ১.২৮.১১। ভ ৫.২৬.১৩। ২ নরখাদক জাতিবিশেষ (cannibal)। "মহা ২.৩১.৬৭। —খাদক পুং [ষ.ত] পুরুষখাদক, রাক্ষস। "মহা ১.১৫৪.১০; ১৬৩.২৩,-৫।

পুরুষাধিকার পুং [ষ.ত] যোগ্যপুরুষগণনাপ্রস্তাব। "সংসৎসু জাতে পুরুষাধিকারে কি ৩.৫১।

পুরুষানুক্রমিক বিং পুরুষানুক্রমগত, পুরুষপরম্পরাপ্রাপ্ত। "উৎকর্ষের পুরুষানুক্রমিক সংক্রমণ পা.প্র ১৩৮।

পুরুষায়ুষ ক্লী [পুরুষের আয়ুঃ, ষ.ত, 'অচ্' প্রত্যয়ান্ত নিপাতিত, পা ৫.৪.৭৭] পুরুষের জীবিতকাল; বর্ষশত। "°জীবিন্যঃ (প্রজাঃ) রঘু ১.৬৩। ভট্টি ৪.২০।

পুরুষার্থ পুং [ষ.ত] ১ পুরুষের অভীষ্ট প্রয়োজন; ধর্ম্মার্থকামমোক্ষ—চতুর্ব্বর্গ; স্বর্গাদি (কুল্লুক)। 'ধর্ম্মার্থকামমোক্ষাশ্চ পুরুষার্থা উদাহৃতাঃ (অগ্নিপুরাণ)। "°প্রয়োজন মনু ৭.১০০। ২ (বৈষ্ণবমতে) ভক্তি, কৃষ্ণপ্রেম। "পঞ্চম পুরুষার্থ কৃষ্ণপ্রেম প্রয়োজন ভ.গ্র ২৮৫। ভগবানে ভক্তি পরম পুরুষার্থ হয় চৈ.চ ১০৪। ৩ পুরুষকার, পৌরুষ। "গো.রা ৫.২.৩৫। দৈবং পুরুষকারেণ কো বক্তুমিতুমর্হতি। দৈবমেব পরং মন্যে পুরুষার্থো নিরর্থকঃ॥—মহা ৩.১৭৯.২৭। নিরর্থক °র্থ কর্‌হ ব্যাখ্যান।—ম ৮৬৫।

পুরুষাশন, -শী (-শিন্) পুং [বহুব্রী; °ষ+ √অশ্+ইন্ (ণিনি) -ক -১ব; উ.ত] নরভোজী, রাক্ষস। "°ন ভট্টি ৯.৭৬।

পুরুষাশী (-শিন্) দ্র 'পুরুষাশন'।

পুরুষেন্দ্র পুং [ষ.ত] মানবের প্রভু; নরেন্দ্র। "মহা ১.২০৪.২৩।

পুরুষোত্তম পুং [ষ.ত; দ্র 'পা ২.২.১০, তত্ত্ববোধিনী] ১ পুরুষসমূহের মধ্যে উত্তম; পুরুষশ্রেষ্ঠ। "সার্দ্ধং যমাভ্যাং পুরুষোত্তমাভ্যাম্ মহা ১.১৮৮.২৬। অধীশ্বরাৎ…পুরুষোত্তমাৎ নৈ ২.১। ২ [আত্মার মধ্যে উত্তম (আত্মসু উত্তমঃ) স.ত, সংজ্ঞায় নি.স (পা ২.১.৪৪, তত্ত্ববোধিনী); পুরুষের মধ্যে উত্তম ষ.ত;—(পুরুষাঃ আত্মানস্তেষামুত্তমঃ, পরমাত্মরূপত্বাৎ, নির্দ্ধারণহেতুত্রয়সংবিধানাভাবাৎ ষষ্ঠ্যা সমাসঃ, অথবা (উত্তমঃ পুরুষঃ) পরনিপাতি।—অ.টী); উত্তমঃ পুরুষঃ (গী—আনন্দগিরি); পুরুষেষূত্তমঃ (মল্লিনাথ)] বিষ্ণু, নারায়ণ, হরি। 'যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ। অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ॥—গী ১৫.১৮। রা ৪.৪০ ৫৮। হরির্যথৈকঃ পুরুষোত্তমঃ স্মৃতঃ রঘু ৩.৪৯। ৩ পুরুষোত্তমাধিষ্ঠিত উৎকলখণ্ডের একদেশ। [ইহা পীঠস্থানবিশেষ। এই স্থানে ভগবতী বিমলা বিরাজিতা। 'বিমলা পুরুষোত্তমে (দেবীভাগবত, ৭.৩০.৬৪)।]

পুরুষ্টু, -ষ্টু বিং [সং পুষ্ট] ১ পুষ্টিপ্রাপ্ত, পরিণত (ফল) ২ পরিপক্ক। "কাঁচা বয়সে তত পুরুষ্টু হওনি তো? অ.গ্র ১৪৫।

পুরুহুত বিণ [বহুব্রী] 'বহুনামা, বহুনামধারী। "ভ ৮.১.১৩। —হুত পুং [বহুব্রী] 'যজ্ঞে যাঁহার ভূয়িষ্ঠ আহ্বান' (অ টী); ইন্দ্র। "°ভাসঃ রঘু ১৬.৫। ম ২৯৪; ৪৫১। ম.ভা ৬। [°ধ্বজ (পুং)—ইন্দ্রধ্বজ। "রঘু ৪.৩। °মুখ্য (বিণ)—ইন্দ্রাদি। "কু.স ৭.৪৫।]

পুরূরবা (-বস্) পুং [পুরু+ √রু+অস্ (অসি)-ক,-১ব, নিপাতিত, উ ৪.২৩২; '°বস্' (ঋগ্বেদ ১.৩১.৪)] ১ যিনি পুরুপর্ব্বতে জন্মিয়া রব করিয়াছিলেন (পর্ব্বতশ্চ পুরুর্নাম যত্র জাতঃ পুরূরবাঃ।—মহা ৩.৯০.২২); চন্দ্রবংশের আদি রাজা। "রা ৩.৪৮.১৮। বিক্র ১ম। [ইঁহার পিতা চন্দ্রসুত বুধ, মাতা ইলা। ব্রহ্মশাপগ্রস্তা উর্ব্বশী গুণমুগ্ধা হইয়া মানুষীরূপে ইঁহাকে পতিত্বে বরণ ও বহুবর্ষ একত্র যাপন করেন। রাজার সহিত উর্ব্বশীর নিয়ম ছিল যে, তিনি রাজার নগ্নাবস্থা দেখিবেন না এবং তাঁহার শয্যাপার্শ্বে দুইটি মেষ বদ্ধ থাকিবে। নিয়মভঙ্গে তিনি রাজভবন ত্যাগ করিবেন। গন্ধর্ব্বগণ ইহা জানিতে পারিয়া, রাত্রিতে মেষদ্বয় অপহরণ করিলে, রাজা উর্ব্বশীর কথায় নগ্নাবস্থায়ই মেষের অনুসরণ করেন; উর্ব্বশীও নিয়মভঙ্গে অন্তর্হিতা হন। রাজা মেষ লইয়া প্রত্যাবর্ত্তন করিয়া উর্ব্বশীর অদর্শনে শোকাকুল হইলেন এবং পৃথিবী পর্য্যটন করিয়া অবশেষে কুরুক্ষেত্রে তাঁহাকে দেখিতে পাইলেন। উর্ব্বশীর গর্ভে পুরূরবার অমা-প্রভৃতি সাত পুত্র জন্মে (হ, ২৬শ অধ্যায়। ভ ৯.১.৩৫; ১৪.১৫।] ২ বিশ্বদেবভেদ। [বোধ হয়, ঋগ্বেদের পুরূরবাঃ অগ্নির প্রসাদে 'বিশ্বদেবত্ব' লাভ করিয়াছিলেন (১.৩১.৪)। ইনি পার্ব্বণে যজনীয় শ্রাদ্ধদেব। 'পুরূরবা মার্দ্রবাশ্চ পার্ব্বণে সমুদাহৃতৌ (শ্রাদ্ধতত্ত্ব)।]

পুরোগ বিণ [পুরস্+ √গম্+অ (ড)-ক; উ.ত] ১ অগ্রগামী, অগ্রসর। "কু.স ৭.৪০। ২ প্রধান, শ্রেষ্ঠ। "চাপভৃতাং পুরোগঃ রঘু ৬.৫৫; ১৭.১৩। ৩ পুরোগত, অগ্রস্থিত। "গো রা ৪.২২.৫। ৪ পূর্ব্বগ, পূর্ব্ব। 'প্রীতিপুরোগেণ চক্ষুষা (মহা—S.W.)। —গত বিণ [দ্বি.ত] অগ্রগত, পুরোবর্ত্তী। "রঘু ৫.৭৩.; ১১.৭০। —গতি স্ত্রী [স ত] অগ্র-

গমন, অগ্রযান। —গম বিণ [স.ত] ১ অগ্রে গন্তা, পুরোগামী, প্রমুখ। "দেবা ইন্দ্রপুরোগমাঃ গো.রা ১.১৮৫; মহা ৩.৫৬.২০। ২ প্রধান, অধ্যক্ষ। "গোপালানাং পুরোগমম্ মহা ৪.১৯.৩৬। —গামী (-মিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -মিনী] সর্ব 'পুরোগ'।

পুরোডাশ, -শ পুং [পুরস্ + √দাশ্ দান + ঘিন্ (০), + অ (ঘঞ্) -র্ম, দ > ড, পা ৩.২.৭১ ; ৮.২.৬৭] ১ 'যাহা পুরঃ দত্ত হয়'; যবচূর্ণ-কৃত (?) যজ্ঞিয় পিষ্টকভেদ ; হবির্ভেদ (অ.টী)। "°শ গো.রা ২.৬২. ২৬ ; মনু ৬.১১ ; যাজ্ঞ ৩.২৮৬। ২ হুতশেষ। ৩ হবির্মাত্র। ৪ সোম-রস। পিষ্টকের চমসী (চামচ্)। ৫ পুরোডাশসহচরিত মন্ত্র। "পা ৪.৩.৭০, সি। —ডাশ্য বিণ [°শ + য (যৎ)] পুরোডাশহিত। "ভট্টি ৫.১২।

পুরোধা বি [সং °ধাঃ ; হি, ঠ °ধা] পুরোহিত। "ম ১০১৪। ক.চ ২১১। চ.বি ৩৮৬। শ্রী.মা ১৭ ; ১৮৫।

পুরোধাঃ (-ধস্) পুং [পুরস্ + √ধা + অস্ (অসি)-র্ম-১ব, কিং, উ ৪.২৩০ ; তু "°ধ" (প্রা পুরোহ—পুরোধস্)—"সপুরোধমুখ্যাঃ (বিপ্রাঃ), মহা ৩.১৩৩.১৫] 'পুরঃ স্থাপনীয়' (তু 'পুরোধাঃ প্রথমং শ্রেষ্ঠঃ সর্বেভ্যঃ—শু ২.৭৪) ; পুরোহিত। "পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্ গী ১০.২৪। রঘু ৩.১৮।

পুরোবর্তী (-র্তিন্) বিণ [পুরস্ + √বৃৎ + ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত ; স্ত্রী -র্তিনী] অগ্রস্থিত, সম্মুখস্থ।

পুরোবাত পুং [উ.লো] সম্মুখবায়ু ; অনুকূলবাত। "রঘু ১৮.৩৮।

পুরোভাগ বিণ [°গ + অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -গা] ১ অগ্র-ভাগবান্। ২ ধৃষ্ট। ৩ অনুচিতপ্রবর্তী, দুষ্টচরিত্র। "কিং পুরোভাগে স্বাতন্ত্র্যমবলম্বসে শ ৫$\frac{২}{৭}$। —ভাগ পুং [কর্মধা] ১ পূর্বভাগ। "প্রায়ঃ সমানবিদ্যাঃ পরস্পরযশঃপুরোভাগাঃ মা.মা (S.W.)। পট-মণ্ডপমণ্ডলীর পুরোভাগে।—সী ৭৭। ২ ধৃষ্টতা। —ভাগী (-গিন্) বিণ [°গ + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -গিণী, -নী] ১ সর্ব 'পুরোভাগ (১)। ২ গুণত্যাগপূর্বক দোষমাত্রগ্রাহী ; দোষৈকদৃক্।

পুরোহিত বিণ [স.ত ; "°ত'—পূর্বভাগে অবস্থিত (ঋগ্বেদ ১ ১.১)] অগ্রে ধৃত বা স্থাপিত। —হিত পুং সর্ব দৃষ্টাদৃষ্টার্থ কর্মে দানমানসৎ-কারে আত্মসম্বদ্ধ (মিতাক্ষরা) ; পুরোধাঃ। "রা ২.৯০.২। মনু ৭.৭৮। [পুরোহিতকরণে দ্রষ্টব্য 'যাজ্ঞ ১.৩১৩। মহা ১.১৭৪.১৩-১৫ ; ১২.৭৩.১। রঘু ১.৫৯, মল্লিনাথ।]

পুর্য্যষ্টক ক্লী [ষ.ত, রাজদন্তাদি] সূক্ষ্ম পঞ্চভূত ইন্দ্রিয় মন বুদ্ধি বাসনা কর্ম বায়ু অবিদ্যা—এই অষ্টকের লিঙ্গদেহ। "মনু ১.৫৬, কুল্লুক।

পুল্ অক [ভ্বা, তুদা, প—পোলতি, পুলতি ; সেট্] মহত্ত্ব, বিশালতা। "বিপুল। —ল্ অক [চু, প—পোলয়তি ; সেট্] উচ্চীভাব (উচ্চ হওয়া)। "পুলক, পুলিন।

পুল '-ল্' বি [ফা পুল্ ; হি পুল ; ঠ পুল] সেতু, সাঁকো। [°বন্দি —সেতুনির্মাণ। "নদী নালার উপর…পুলবন্দি ব.প ১৬৮৭।]

পুলক পুং [√পুল্ + অ (ক)-ক (কন্) সংজ্ঞার্থে] ১ রোমাঞ্চ, রোমোদ্ভেদ। "পুলকাঙ্কুর, পুলকাঙ্কিত, পুলকোদ্গম। নির্ভিন্ন° ভ ১.৬.১৮। পুলকাবলি গী.গো ৭.১৪। পুলকে কদম্বপুষ্প অঙ্গ।—ম ২৭৯। তনু মনু পুলকে পূরব জ.প ৭। অঙ্কুর পুলক চৈ.চ ১৮৬ ; পুলক যেন শিমলীর তরু ৩১৩। সর্বাঙ্গ পুলক ঢাকা পনসের পারা। —চৈ ৫৯। কদম্ব কেশর জিনি একটি পুলক চৈ.ম ৫৬। পুলক মুকুল ভরু অঙ্গে।—ব ২৪। পুলক দিল গায়ে প.কা ১৬। (তুমি) এস অঙ্গে পুলকময় পরশে।—রবীন্দ্র। ২ প্রস্তরবিশেষ। ৩ মণিদোষ-ভেদ, খণ্ড। ৪ গজান্নপিণ্ড, হস্তীর অন্ন পিণ্ড। ৫ হরিতাল। ৬ শরীরের অন্তর্ভব ও বহির্ভব কৃমি (অ.চি)। ৭ পানক, পেয়ালা। ৮ সর্ষপভেদ। ৯ অসম্পূর্ণতণ্ডুলযুক্ত ধান্য। "মহা ১৩.৯১.৩৮। ১০ [বাঙ্লায়] (পুলকের কারণভূত) হর্ষ। "পুলকে পূর্ণিত হরি অভিষেক গণি শ্রী.ম ৭৯। গোলোকপুলকদাতা কমলার পতি।—রঙ্গ ২০৬। পুলকে পলকহীন নয়ন প.ড ৫৮। মানস-সরসে রস-পুলকে…ঢেউ তুলিল। —গান ৬৯। শিহরিল কলেবর পুলকে পূরিল।—স.শ ৮৪। ১১ রোমাঞ্চ-রূপ কদম্বকেশর। "ব্যথিয়ে উঠে নীপের বন, পুলকভরা ফুলে।—রবীন্দ্র। —ক ক্লী পর্বতীয়মৃত্তিকাভেদ। [°কুল (ক্লী)—রোমাঞ্চ-রাজি। "ভ ৫.৭.১২। °ঘটা (বি)—পুলকসমূহ। "ন.প ৩৯৪। °বলিত (বিং)—রোমাঞ্চব্যাপ্ত, পুলকপূর্ণ। "ন.প ৩৯৪,-৫। °পটলী, °মণ্ডল (বি)—পুলকাবলি। "°লী ক.চ ৩৪। °ল চৈ ১৩। °মণ্ডিত (বিং)—পুলকশোভিত, রোমাঞ্চবিরাজিত। "°মণ্ডিতগণ্ড—কু ১০৮।] [পুলকিয়া—পুলকিত হইয়া। "অঙ্গ পুলকিয়া উঠে চ.বি ২২১। পুলকিত—পুলকিত হইল। "রঙ্গ ২০৮। পুলকে—পুলকিত হয়। "কদলীর রূপ দেখি, মিনের পুলকে আঁখি মী ৫।]

পুলকপাঁতি, -তিয়া বি পুলকপঙ্‌ক্তি, রোমাঞ্চরাজি। "নীপকুসুম পুলকপাঁতি : পুলকপাঁতিয়া ন.প ২৬৪।

পুলকাঙ্কুর পুং [ষ.ত] 'পুলকোদ্গম', রোমপ্ররোহ। "সকুলতনুঃ °ঙ্কুরেণ বি.মা ৬.৩০। (স্পর্শেন) °কাঙ্কুরাঃ ক.ম ৪.২০।

পুলকায়িত বিং [পুলক > √°য় > °ত ; তু 'সং √দোলায় > °য়িত] পুলকিত। "পদ্মিনীপাণি-পরশে পুলকায়িত।—গো ৮৯ ; পুলকায়িতদেহা ১১৮।

পুলকিত বিণ [°ক + ইত (ইতচ্)] ১ সঞ্জাতপুলক, রোমাঞ্চিত। "(গিরিম্) পুলকিতমিব…কদম্বৈঃ পু.মে ২৫। পুলকিতম্ (কুচকলসম্) গী.গো ১২.৫। °তনু।—পক্ক ১$\frac{২৮}{৮৪}$। পুলকিত তনু—মী ১৮। ২ (বাঙ্লায়) হর্ষিত, আনন্দিত। "পুলকিত মীননাথে, দেখি রূপ সহসাতে।—মী ৫। অন্তঃকরণ আহ্লাদে পুলকিত হইল।—কাদ ১২। [জ্যোৎস্না°—কৌমুদীহাস্যপূর্ণ।]

পুলকী (-কিন্) বিণ [পুলক + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কিনী] ১ পুলকবান্, পুলকিত। ২ (বাঙ্লায়) সাত্ত্বিক-রোমাঞ্চযুক্ত। "একু সন্দেহ, শীতে কিয়ে ভীতহি, পুলকিনী কাঁপই রাই প.ক ১০১ ; গো ১৫৫। —কী পুং ধারাকদম্ব।

পুলটিশ, -স বি E. poultice ; হি °টিস ; সং উপনাহ] ফোড়া ইত্যাদির জন্য পুরু প্রলেপ।

পুলস্তি, -স্ত্য পুং সপ্তর্ষির অন্যতম ঋষিবিশেষ। [ইনি ব্রহ্মার কর্ণজাত। কর্দমকন্যা হবির্ভূ ইঁহার পত্নী এবং অগস্ত্য বিশ্রবাঃ পুত্র। রামায়ণে, বিশ্রবাঃ তৃণবিন্দুদুহিতার গর্ভজাত পুলস্ত্যপুত্র (ভ ৩.১২ ; ৪.১। রা ৭.২)।]

পুলহ পুং সপ্তর্ষির অন্যতম ঋষিবিশেষ। [ইনি ব্রহ্মার নাভিজাত। কর্দমসুতা গতি ইঁহার পত্নী এবং কর্মশ্রেষ্ঠ বরীয়ান্ ও সহিষ্ণু ইঁহার পুত্রত্রয় (ভ ৩.১২ ; ৪.১।]

পুলা বি [সং পুলক > প্রা *পুলঅ > বা (পুলা) °লা ; হি পুলা ; ঠ পুলা ; জাটু—পুলী] খড়ের বা তৃণের বড় আঁটি বা মোট।

পু(পূ)লাক পুং, ক্লী [√পুল্ + আক (ক) ; পৃষো] ১ তুচ্ছধান্য, শস্য-হীন ধান্য, আগড়া, পাতনা। "পুলাকাইব ধান্যানাম্ মনু ১০.১২৫। পুলাকা ইব ধান্যেষু।—পক্ক ৩.৯৭। ২ ভক্তসিক্থ ; অন্নগুড়িকা। "স্থালীপুলাকন্যায় (অ.টী)। ৩ সংক্ষেপ।

পুলায়িত ক্লী [পুল + অয়িত ; তৃ.ত ; cf., E. polo] অশ্বের 'পুলা'-গতিতে গমন ; অশ্বের দ্রুতগতি (gallop)। "মাঘ ৫.১০।

পুলি, -লী বি [সং পু(পো)লিকা ; তু 'প্রা পোলিআ (দেশী—সং 'পৌলিকা', প্রা.ম)—খাদ্যবিশেষ ; ঠ পোলী, ভা পুলি] নারিকেলের পুর-দেওয়া পিষ্টকবিশেষ। "জামাই-পুলী চুষপুলী চন্দ্রপুলী আর।

গোটাপুলী, মিঠাপুলী অনেক প্রকার।—বি.পা ২৯৭। পুলী : আজা-পুলী জ্ঞা.চ ৫১৮।

পুলিন পুং, ক্লী [√পুল্+ইন (ইনন্)-ক, উ ২.৫৩ ; অর্দ্ধর্চাদি] ১ তোয়োত্থিত (জল হইতে উত্থিত) দ্বীপ (অ.টী) ; চর, চড়া। "অস্তি সমুদ্রান্তরে রম্যো পুলিনপ্রদেশেহম্বুদগৃহম্।—পঞ্চ ৪/১২। ২ তীর, তট। "(নদীম্) কটিৎ পুলিনশালিনীম্ রা ২.৯৫.৯। ভ্রাতৃজায়াঃ পুলিনেষ্ববতার্যা রঘু ১৪.৫২। কালিন্দ্যাঃ পুলিনেষু।—বে ১.২। যমুনা-পুলিনবনে গী.গো ৭.২২। [°বতী (স্ত্রী)—'প্রশস্ততটা', নদী।]

পুলিনভোজন বি যমুনাতীরে সখাবেষ্টিত শ্রীকৃষ্ণের বন্যাদিভোজন। "পুলিনভোজনে যেন কৃষ্ণ মধ্যস্থানে। চৌদিকের সখা কহে,—চাহে আমা পানে।—চৈ.চ ১৪৪,-৯ ; ২৯১।

পুলিন্দ পুং [√পুল্+ইন্দ (কিন্দচ্)-ক, উ ৪.৮৫] ১ অসভ্য ম্লেচ্ছজাতিবিশেষ (অ.টী) ; চণ্ডালভেদ। "মহা ১.১৭৫.৩৮। ভ ২.৪.১৮। চৈ.চ ১৯৯। ভ.প্র ১৪০। [পুলিন্দের উৎপত্তিকথা—দ্র 'বামনপুরাণ, ৭৩তম অধ্যায়।] ২ তজ্জাতীয় লোক। "পঞ্চ ২/১২।

পুলিন্দা বি [সং √পুল্ · হি পুলিন্দা] বাণ্ডিল, মোট। "পুলিন্দার মধ্যে যাবেন নাহি ?—হাপাইবেন তো।—স.এ ৫৮।

পুলিশ্, -স্ [E. Police ; Gr. polis—a city ; তু 'সং পুরী ; লি, প্রা পুরিস (পুরুষ) ; হি °স] গ্রামনগরাদির শান্তিরক্ষার্থ সরকারী বিভাগ ; পুলিশে নিযুক্ত সিপাহী ও কর্ম্মচারিগণ। "পুলিস্-ইন্‌স্পেক্টর।—য ৩।

পুলোম, -মা(-মন্) পুং দনুগর্ভজাত কশ্যপপুত্র দানববিশেষ (হ, ৩য় অধ্যায়) "পৌলোম্যাঃ পিতরং দৃষ্ট্বা পুলোমমিব বাসব" গো.রা ৪.৩৯ ৭। পুলোমা ভ ৬.৬.২১। [পুলোমার কন্যা শচী। ইন্দ্র শচীকে বিবাহ করিয়া পুলোমাকে নিহত করেন (হ ২০.১৩৭)। [পুলোমজা, পুলোম-নন্দিনী (স্ত্রী)—পুলোমকন্যা শচী। "°মজা।—ম ১০১৯ ; ক.চ ১১০। °নন্দিনী মে ৪৪। °জিৎ, °দ্বিট্ (-ষ্), °ভিৎ (-দ্) পুং —ইন্দ্র।]

পুষ্ সক [ভ্বা, ক্র্যা, প—পোষতি, পুষ্ণাতি ; সেট্] পোষণ, ভরণ, বর্দ্ধন।—ষ্ অক [ভ্বা, ক্র্যা] পুষ্টি (ত.বা)।—ষ্ সক [দি,প—পুষ্যতি, সেট্] ১ পোষণ, উপচয়, বর্দ্ধন "সূর্য্যাপায়ে ন খলু কমলং পুষ্যতি স্বামভিখ্যাম্ উমে ১৯। ২ ভজন, আশ্রয়। "মনু ৯.৩৭।—ষ্ সক [চু, প—পোষয়তি ; সেট্] ধারণ ; পোষণ। "ভৃত্যাংশ্চ যঃ পোষয়তীপ্সিতৈর্ধনৈঃ (ক.ক)।

পু(পো)ষ সর্ক [সং √পুষ্ >লি, প্রা √পোস ; হি, মৈ √পোস ; ঠ √পোষ] ১ পালন করা ; রক্ষা করা ; পোষা। "(মাতা) স্তন দিয়া পোষে।—কৃ ৯৭। আমারে পুষিল রাধা।—ম ৭২০। পরিজন পোষে চাষী শি ৬৮। ঘরে পোষে চোর ভা.চ ৩১৫। ২ বর্দ্ধিত করা ; বাড়ান। "সেই সুখে কৃষ্ণসুখ পোষে চৈ.চ ১৮। ৩ বশ করা ; অনুকূল করা। "লক্ষ্মী পোষি চাষী করে সবাকারে তাজা শি ৬৮।

পুষ্কর পুং [√পুষ্+কর (করন্)-ক, কিৎ, উ ৪.৪] ১ জলাশয়। ২ সপ্তদ্বীপের একতম। "ভ ৫.২০.২৯। ৩ রোগভেদ। ৪ নাগভেদ। ৫ নলরাজের ভ্রাতা। ৬ পুষ্করদ্বীপস্থ পর্ব্বতভেদ। ৭ বরুণপুত্র। ৮ মেঘনায়কভেদ। "পূ.মে ৬। কু.স ২.৫০। পুষ্করা দুষ্করজলাঃ।—ক.চ ৮১। ম.ভা ১০। ৯ বাদ্যবিশেষ। ১০ ক্রূরবার-ভদ্রাতিথি-ত্রিপাদনক্ষত্র-ঘটিত অশুভযোগভেদ। ১১ সূর্য্য। ১২ কৃষ্ণ। ১৩ শিব। ১৪ সারসপক্ষী।—র ক্লী ১ জল। "ক.চ ২২। ২ পদ্ম, সিতপদ্ম (রা টীকা)। "হস্তে পদ্মঃ পুষ্করমাবিবেশ।—অথর্ব্ব ১২.১.২৪। রা ২.৯৫.১৪। "পত্রনেত্র রঘু ১৮.৩। চরণ° শ্রী.মা ২৭,-৮। ৩ হস্তি-শুণ্ডাগ্র। "°ব্যাধোরসতৈঃ (অম্বুবর্ষৈঃ) মাঘ ৫.৩০। পুষ্করাগ্র।—পঞ্চ ১/১২৪। কৃষ্ণ-মত্তকরিবর, চঞ্চল কর-পুষ্কর, গোপীগণ-করিণীর সঙ্গ চৈ.চ ৩৪৬। ৪ 'শব্দপোষক', আকাশ। "চিত্রা ফর্কবিশদতোয়-মুরসা স্যান্নির্জ্জলং পুষ্করম্ (শ.ক)। ৫ বাদ্যভাণ্ডমুখ, তূর্য্যবক্ত্র। "তূর্য্যৈরাহতপুষ্করৈঃ রঘু ১৭.১১ ; প্রহত° ১৯.১৪। ৬ পদ্মকন্দক। ৭ পদ্মকোষ। ৮ কাণ্ড, বাণ। ৯ যুদ্ধ। ১০ কুষ্ঠৌষধ। "°মূল। ১১ আজমীরস্থ তীর্থবিশেষ। "রা ১.৬১.৩। ১২ ব্রহ্মকৃত সরোজ। 'মহা ৩.৮৯.১৬। ১৩ পিঞ্জর ; নৃত্যশাস্ত্র (A.)। [°নাভ (পুং)—পদ্মনাভ, বিষ্ণু। "ভ ৪.১২.২২। °পত্র, °পর্ণ (ক্লী)—পদ্মপত্র। °মালী (-লিন্) বিণ—পদ্মমালাধারী। "মহা ৩.১৬৬.১৩। °মূল (ক্লী)—কুষ্ঠৌষধ। °লোচন, পুষ্করাক্ষ (পুং)—'কমললোচন', পুণ্ডরীকাক্ষ, বিষ্ণু, কৃষ্ণ। "°ন ভ ১.১০.৩০।]

পুষ্করাহ্ব, -হ্বয় পুং [বহুব্রী] 'পুষ্করনামক', সারস।

পুষ্করেক্ষণ পুং [বহুব্রী] পদ্মনেত্র ; বিষ্ণু। "মহা ৩.১০২.২১।

পুষ্করিণী স্ত্রী [°র+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'পুষ্করস্থান', জলস্থান, জলাশয়ভেদ, পুখুর। 'শতহস্তা ভবেদ্ বাপী দ্বিগুণা পুষ্করিণ্যপি। ২ জলাশয়মাত্র। ৩ পদ্মিনী, পদ্মলতা। ৪ স্থলপদ্মিনী। ৫ পদ্মসমূহ। ৬ পুষ্করমূল।

পুষ্কর্ণী বি [সং পুষ্করিণী > °র্ণী (ই-লোপ) ; কথ্য ; পুষ্কনি (গো.চ ২) ; পুষ্কর্ণি (মী ১১ ; গো.বি ৫৬), -র্ণী (ম.গা ৪) ; অপ্র] পুখুর। "ম ২৮১। ভ.প্র ২০৮,-১৯। দা ৩৩৩ ; ১৬৯৭। কৃ.কে ১১৬।

পুষ্কল বিণ [পুষ্ক+ল (লচ্) অস্ত্যর্থে ; √পুষ্+কল (কলন্)-ক, কিৎ, উ ৪.৫] ১ প্রচুর, প্রভূত, বহু। "তপ আস্থায় পুষ্কলম্—মহা ৩.৩১০। লভতে...অপমানঞ্চ পুষ্কলম্।—পঞ্চ ১.৬৭। আহারো মম পুষ্কলঃ।—হি ১.৮৫। গুরুশুশ্রূষয়া বিদ্যা পুষ্কলেন ধনেন বা (সু র)। ২ শ্রেষ্ঠ। ৩ সম্পূর্ণ, পরিপূর্ণ। "স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ গী ১১.২১। ৪ মহান্, অতিশয়িত। "খ্যাতিমিচ্ছতি পুষ্কলাম্ মনু ১২.৩৭। ৫ উপচিত। ৬ উৎকৃষ্ট। "বিধানম্...পুরস্ত পুষ্কলম্ গো.চ ৬.১২.২২। লোকানাপ্নোতি পুষ্কলান্ মনু ৮.৮১। যাজ্ঞ ১.২১৩। ৭ সমর্থ। "শরীরং পুরুষং যাবন্ন বিপদ্যেত পুষ্কলম্ ভ ৭.৬.৫। ৮ তুমুল, মহান্। "শৃঙ্খ...তূর্য্যশব্দঞ্চ পুষ্কলম্ মহা ৩.১৬৮.৫৯ ; শঙ্খশব্দাশ্চ ভেরীশব্দাশ্চ পুষ্কলাঃ ৪.৪৬.১২।—ল পুং [তু 'পুষ্কর'] বাদ্যবিশেষ।—ল ক্লী ১ গ্রাস-চতুষ্টয়মাত্র অন্ন (কূর্ম্মপুরাণ)। ২ অষ্টকুঞ্চিকা পরিমাণ। 'কুঞ্চয়ো-ঽষ্টৌ চ পুষ্কলম্।

পুষ্ক(ষ্ক)লক পুং ১ গন্ধমৃগ, খট্টাশ। "সীম্নি পুষ্কলকো হতঃ ('পুষ্কলকঃ'—কাশিকা) পা ২.৩.৩৬, সি। ২ কীলক। ৩ ক্ষপণক।

পুষ্ট বিণ [√পুষ্+ত (ক্ত)-র্ম] ১ কৃতপোষণ, অন্নাদি-সংবর্দ্ধিত, পালিত। "ধ্বাঙ্ক্ষ°, পর°। চির° রা ২.৫৩.২০। ২ [+ত-ক] স্থূল। "পুষ্টাঙ্গ। —হি ১/৮৪। নারীসোহাগে নাড়ী তোমার পুষ্ট।—দা ৪৫৭। ৩ প্রচুর। "শ্রিয়ং পুষ্টাম্ মনু ৪.২৩১। ৪ ধনাদিসমৃদ্ধ। "মনু ৭.১৭১। ৫ দারিদ্র্য-কৃশতা-রহিত। "লোকস্তুষ্ট পুষ্টঃ রা ১.১.৯০। ৬ পরিণতিপ্রাপ্ত, পূর্ণতাগত। "পশুপতি পাব পতি পুণ্য করি পুষ্ট শি ২২। কান্তি হবে পুষ্ট।—দা ৭০৭। ৭ উচ্চৈঃ, তার। "হৃষ্টপুষ্টস্বরৈস্তত্র...ভাষিতৈঃ হ ২৫৭.২৪। ৮ পরিস্ফুট, বিশদ। "শ্রুতিভিষ্টাপুষ্টার্থ সা.দ ১/২। —ষ্ট ক্লী [+ত-ভা] পোষণ।—ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পোষণ, অন্নাদিসংবর্দ্ধন, পালন। ২ বৃদ্ধি, অভিবৃদ্ধি (সায়ণ)। "পুষ্টির্ন রণবা।—ঋগ্বেদ ১.৬৫.৬। রঘু ১৮.৩২। কৃষ্ণমাধুর্য্যের পুষ্টি।—চৈ.চ ১৮। ভজন° চৈ.ম ৫০। ৩ দেহোপচয়, স্থূলতা। "অনেকভোজনভক্ষ্যা দত্তিঃ পুষ্টিঃ নীয়তে (পঞ্চ)। ৪ সম্পন্নতা, সম্পত্তি। "বৈশ্যস্য পুষ্টিসংযুক্তম্ (নামধেয়ম্) মনু ২.৩২। ৫ পরিণতি, পূর্ণতা। ৬ বীজের অঙ্কুর-কাণ্ডাদ্যবস্থা। "ন চ যোনিগুণান্ কাংশ্চিদ্ বীজং পুষ্যতি পুষ্টিষু মনু ৯.৩৭। ৭ ষোড়শ-মাতৃকার অন্যতমা। ৮ গণেশ-স্ত্রী। "°কাম।

৯ [+তি-ণ] অশ্বগন্ধা। [পুষ্টিকর (বিণ)—পুষ্টিজনক। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—অভ্যুদয়ার্থ বিহিত কর্ম্ম। “°কর্ম্মবিধান মহা ১৩.১৪১.৭৭। °কান্ত (পুং)—গণেশ। °কাম (বিণ)—সমৃদ্ধীচ্ছু, অভ্যুদয়কামী। “ভ ২.৩.৫। °বর্দ্ধন (বিণ)—সম্পদ্‌বর্দ্ধয়িতা। “ঋগ্বেদ ১.৯২.১২।]

পুষ্প্ অক [দি, প—পুষ্প্যতি ; সেট্] বিকসন, বিকাস। “শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদাঃ (ভ.বা)।

পুষ্প ক্লী [√পুষ্প্+অ (অচ্)-ক ; তু ‘পুষ্প’ (গো.চ ৫৩ ; ৮২)] ১ কুসুম। “অথর্ব্ব ১০.৮.৩৪। রা ১.৫১.২৩। °ব্যজন ব.প্র ৯১। ২ স্ত্রীরজঃ। “°বতী। ৩ পুষ্পরাগমণি (topaz)। “রা ২.৯৪.৬। ৪ চক্ষুরোগভেদ, ফুলী। ৫ পুষ্পকরথ। —ষ্প পুং [+অ (ঘঞ্) -ভা] বিকাস। [°করণ্ডক (ক্লী)—১ অবন্তিস্থ শিবোদ্যান। ২ পুষ্প-চয়নপাত্র, সাজি। “কাদ ৯১। °কাল (পুং)—বসন্তকাল ; স্ত্রীরজঃ-কাল। °কাসীস (ক্লী)—হিরাকস। °কেতন, °কেতু °ধ্বজ (পুং)—কামদেব। °ক্ষেপণী (বি)—ফুলের তোড়া। “কেহ অন্তের প্রতি পুষ্পক্ষেপণী প্রেরণ করিতেছে ব.প্র ৯১। °চাপ (পুং)—১ পুষ্প যাহার ধনুঃ ; কামদেব। ২ পুষ্পরূপ ধনুঃ ; কুসুমশরাসন। “রঘু ১১.৪৫। পুষ্পচাপ হরে দাপ ভ্রূদ্বয়-ভঙ্গিমা।—ম ১৫। °জ (ক্লী)—‘পুষ্পজাত’, পুষ্পমধু। °ঝারা (বি)—ফুলের ঝারা। দ্র ‘ঝারা (২)। “ম ১১৩৬। শি ১০৯। °দাম (-মন্) ক্লী—১ পুষ্পমালা। ২ ছন্দোভেদ। “°দ্রব, °নির্য্যাস (পুং)—পুষ্পরস, মকরন্দ। °পত্রী (-ত্রিন্) পুং—‘পুষ্পবাণ’, কাম। “কু.স ৪.২৯। °পাত্র (বি)—পুষ্পের আধার। “কোশা কুশি পুষ্পপাত্র বা.দ ১৯২। পুষ্পপাত্র বৃন্দাবন।—ন ৮৫২। °পুট (পুং)—পুষ্পের বহিঃকোষ ; বাহ্যপুষ্পগর্ভ (calyx)। °পুর (ক্লী)—কুসুম-পুর, পাটলিপুত্র। “রঘু ৬.২৪। °প্রচয় (পুং)—চৌর্য্যপূর্ব্বক পুষ্পচয়ন (সি)। °প্রস্তার (পুং)—পুষ্পাস্তরণ শয্যা। °ফেলাফেলি (বি)—বিবাহে বর-কন্যার পরস্পরের প্রতি পুষ্পবর্ষণরূপ আচার। “চৈ.ভা ১১৫। °বড়ু (বি) পুষ্পচয়নকারী ব্রাহ্মণ। “শূ ২৯। °বর্ষ, °বর্ষণ (ক্লী), °বৃষ্টি (স্ত্রী)—কুসুমাসার। “°বৃষ্টি রঘু ২.৬০ ; ১২.৯৪ ; °বর্ষ ১২.১০২। °বাটিকা, -টী (স্ত্রী)—পুষ্পোদ্যান। “°বাটী ন.প ১৯১। °বাটিকা কৃ ৭। °বাড়ী (বি)—সর্থ ‘পুষ্পবাটী। “ম.ম ৩ ; ৬। °বাণ পুং—কামদেব। °বৃক্ষ (পুং)—পুষ্পপ্রধান বৃক্ষ ; ফুলগাছ। “রোপিত° রঘু ৬.৭। °বেণী, °মালা (স্ত্রী)—পুষ্পের বেণীতুল্য ; পুষ্পদাম। “গো.রা ৩.৬৮.৪০,-১। °ভঙ্গ (পুং)—পুষ্পসম্মর্দ্দ। “মহা ৩.৭৭.৭। °ভব, °রস (পুং)—পুষ্পমধু। °মাস (পুং)—চৈত্র ; বসন্তকাল। °রজঃ (-জস্) ক্লী, °রেণু (পুং)—পরাগ। “°রেণু রঘু ১.৩৮। °রথ (পুং)—১ লীলা-গমনপ্রয়োজন রথ (যুদ্ধার্থ নয়) ; বিহারার্থ রথ। “রা ২.২৬.১৫। ২ (বাঙ্‌লায়) পুষ্পক। “পুষ্পরথে গোরক বিদ্যাধর গো চ ৩৭ ; ৯৩। (মহাপাপী) পুষ্পরথে গেলেক স্বর্গেতে ম.পা ১২৯। °রাগ, °রাজ (পুং)—মণিবিশেষ, পোখরাজ (topaz)। “°রাগ রঘু ১৮.৩২। °রাজ (বি)—দিব্যপুষ্প, পারিজাত। “ম ২৩৭। °লিট্ (-হ্) পুং—‘পুষ্প-মধুলেহক’, ভ্রমর। °শর, °শরাসন (পুং)—পুষ্পধনুঃ, কাম। “°শর ভা.চ ৬৩। °সময় (পুং)—বসন্তকাল। °সাজী (বি)—ফুলের সাজী। “বা.ম ৩৮৮। °সায়ক (পুং)—পুষ্পবাণ, কাম। °সার, °স্বেদ (পুং)—পুষ্পমধু। °হাস (পুং)—১ পুষ্পবিকাস। ২ বিষ্ণু। °হীনা (স্ত্রী)—১ উডুম্বর। ২ রজোহীননারী।]

পুষ্পক ক্লী [√পুষ্প+ক (কন্) স্বার্থে] ১ পুষ্প। ২ নেত্ররোগভেদ। ৩ [+ক তুল্যার্থে] কুবেরবিমান। “রা ১.১.৮৬। রঘু ১০.৪৬ ; ১৩.৪০। কৃ ৩৭৩। বাঁশের মাচাটি তার (কুষ্মাণ্ডের) পুষ্পক বিমান।—রবীন্দ্র। [রাবণ কুবেরকে পরাজিত করিয়া পুষ্পক গ্রহণ করেন (রা ৭.১৫)।] ৪ রত্নকঙ্কণ। ৫ রসাঞ্জন। ৬ রীতিপুষ্প। ৭ মৃত্তিকার অগ্নিপাত্র।

পুষ্পদন্ত পুং [বহুব্রী] ১ পুষ্পতুল্যশুভ্রদন্ত’, বায়ুকোণস্থ দিগ্‌গজ। “ক.চ ৮১। ২ বিদ্যাধরবিশেষ। [ইনি প্রত্যহ প্রত্যূষে কাশীধামে আসিয়া রাজোদ্যানে পুষ্প হরণ করিয়া বিশ্বেশ্বরের পূজা করিতেন। ‘কোন স্বর্গীয় ব্যক্তিই পুষ্প হরণ করে’, জানিয়া রাজা উদ্যানে শিবনির্ম্মাল্য বিল্ব-পত্র বিক্ষিপ্ত করিয়া রাখেন। পুষ্পচয়নকালে অন্ধকারে নির্ম্মাল্য চরণ-পৃষ্ট হওয়ায়, ইঁহার আকাশগমন নষ্ট হয়। তখন অপরাধভঞ্জনার্থ শিবমহিমার স্তব করেন। হরিহর-ভেদে পাছে অনিষ্ট হয়, এই আশঙ্কায় ইনি এই স্তবে উভয়েরই স্তব করেন। প্রথম পদ ‘মহিম্নঃ’ বলিয়া, ইহা ‘মহিম্নঃ স্তবঃ’ নামে খ্যাত।] ৩ জিনভেদ।

পুষ্পধনুঃ (-নুস্), -ধন্বা (-ন্বন্) পুং [পুষ্প ধনুঃ যাহার, বহুব্রী, সংজ্ঞায় বিকল্পে ‘অন্’ (অনঙ্) আদেশে ধনুস্ > ধন্বন্, ধন্বন্ > °ন্বা (১বা)] ‘কুসুম-চাপ’, কামদেব। “°ধন্বা কু.স ২.৬৪। °ধনুঃ মাঘ ৯.৪১। °ধন্বা ম.পা ৯৩।

পুষ্পন্ধয় পুং [তু ‘স্তনন্ধয়’, পা ৩.২.২৯] ‘পুষ্পরসপায়ী’, ভ্রমর।

পুষ্পবান্ (-বৎ) বিণ [পুষ্প+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] পুষ্পযুক্ত, পুষ্পিত। রা ২.৯৪.১০। °বতীম্…বনমালাম্ গো.রা ৫.৪.২। —বতী স্ত্রী রজস্বলা।

পুষ্পলাব, -বী (-বিন্) পুং [পুষ্প+√লূ+অ (অণ্),+ইন্ (ণিনি),-ক-১ব ; উ.ত] ১ ‘পুষ্পচয়নকারী’, মালাকার। —লাবী স্ত্রী [°লাব+স্ত্রী ঈ (ঙীপ্)] মালাকার-স্ত্রী। ২পুষ্পাবচায়িকা স্ত্রী। “পূ.মে ২৬।

পুষ্পলাবী (-বিন্) দ্র ‘পুষ্পলাব’।

পুষ্পাকর পুং [ষ.ত] ‘পুষ্পযোনি’, চৈত্রমাস, বসন্ত। “বিক্র ১.৮।

পুষ্পাগম পুং [বহুব্রী] পুষ্পাবির্ভাবকাল, বসন্ত।

পুষ্পাজীব পুং [পুষ্প আজীব যাহার, বহুব্রী] ‘পুষ্পব্যবসায়বৃত্তি’, মালাকার। —জীবী (-বিন্) পুং [পুষ্প+আ-√জীব্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত] পুষ্পব্যবসায়জীবী, মালাকার।

পুষ্পাজীবী (-বিন্) দ্র ‘পুষ্পাজীব’।

পুষ্পাঞ্জন ক্লী [ষ.ত] নেত্ররোগবিশেষের অঞ্জন ; রীতিপুষ্প।

পুষ্পায়ুধ পুং [বহুব্রী] ‘পুষ্পশর’, কামদেব। “গী.গো ১০.১৪।

পুষ্পারণ্য বি পুষ্পবন। “চৈ.চ ১৫৪।

পুষ্পাসব ক্লী [ষ.ত] পুষ্পমধু। “গো.রা ৪ ১৪.৪৪।

পুষ্পাসার পুং [ষ.ত] কুসুমবর্ষ. পুষ্পসম্পাত। “পূ.মে ৪৩।

পুষ্পিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ দন্তমল। ২ লিঙ্গমল। ৩ গ্রন্থাধ্যায়সমাপ্তিতে তৎপ্রতিপাদ্যবিষয়ক গ্রন্থাংশ।

পুষ্পিণী স্ত্রী [পুষ্পিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] পুষ্পবতী, রজস্বলা। “শ্রী.ম ৫৭। —ষ্পী (-ষ্পিন্) বিণ [পুষ্প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ পুষ্পবান্, পুষ্পিত। “মনু ১.৪৭। ২ অর্থবাদবহুল। “গিরঃ শ্রুতায়াঃ পুষ্পিণ্যাঃ ভ ৪.২.২৫।

পুষ্পী (-ষ্পিন্) দ্র ‘পুষ্পিণী’।

পুষ্পিত বিণ [পুষ্প+ইত (ইতচ্)] ১ সঞ্জাতপুষ্প, কুসুমিত। “রা ২.৫৪.৪। পুষ্পিতাংশ্চ নগোত্তমান্ মহা ৩.২৯৫.৩১। বনস্থলীঃ…পুষ্পিতাঃ রঘু ১৫.৮। ২ শ্রূয়মাণরমণীয়, আপাতরমণীয়। “পুষ্পিতাং বাচম্ গী ২.৪২। ৩ পুষ্পাকারচিহ্নযুক্ত। “(হয়ঃ) পঙ্কজস্রস্ত হৃৎপৃষ্ঠমুখপার্শ্বেষু পুষ্পিতঃ (অ.টী)। ৪ [√পুষ্প্+ত (ক্ত)-ক] বিকসিত। ৫ বিচিত্র। —তা স্ত্রী রজস্বলা। “তাবৎ পুরুষে ভয়, যাবৎ পুষ্পিতা নয় ক.চ ১১৭। [পুষ্পিতাগ্রা (স্ত্রী)—ছন্দোবিশেষ। ইহার প্রথম ও তৃতীয় চরণে দ্বাদশ, দ্বিতীয় ও চতুর্থ চরণে ত্রয়োদশ অক্ষর। ‘অযুজি নযুগরেফতো, যুজি চ নজৌ জরগাশ্চ পুষ্পিতাগ্রা (ছন্দোমঞ্জরী)।]

পুষ্পেষু পুং [বহুব্রী] পুষ্প ইষু যাহার ; পুষ্পশর, কাম। পুষ্পেষুশরঘাত-রসজ্ঞতা ক.সা ৭.১৬।

পুষ্পোৎসব বি স্ত্রীলোকের প্রথম রজোদর্শনে করণীয় উৎসব ; দ্বিতীয় বিবাহ।

পুষ্য পুং [√পুষ্‌+য (ক্যপ্)-ধি, পা ৩.১.১১৬] ১ যাহাতে অর্থপুষ্টি ; অশ্বিন্যাদি নক্ষত্রের অষ্টম নক্ষত্র। "মনু ৪.৯৬। [ইহা বাণাকৃতি একতারক। ইহাতে জন্মিলে, নর প্রসন্নগাত্র মাতৃপিতৃভক্ত স্বধর্ম্মনিষ্ঠ সম্মানিত স্বর্ণবাহনাঢ্য হয়। বৃহস্পতি ইহার দেবতা।] ২ পৌষমাস। ৩ কলিযুগ। ৪ সূর্য্যবংশীয় নৃপবিশেষ। "রঘু ১৮.৩২। —ষ্যা স্ত্রী সর্থ 'পুষ্য' (১)। [°রথ (পুং)—পুষ্যবৎ সুখসাধন রথ (অ.টী) ; দ্র 'পুষ্পরথ'। "মাঘ ৩.২২। °স্নান (ক্লী)—পুষ্যনক্ষত্রযুক্তকালে শাস্ত্রবিধানে রাজার অভিষেকভেদ ; পুষ্যাভিষেক। দ্র 'বৃহৎসংহিতা, ৪৮শ অধ্যায়।]

পুষ্যা দ্র 'পুষ্য'।

পুষ্যাভিষেক পুং [স.ত] সর্থ 'পুষ্যস্নান'। "নৃপতির পুষ্যাভিষেকের কাল হল শ্রী.মা ১৪।

পুষ্যি বি [সং পোষ্য >প্রা *পুস্‌স] পালনীয় পরিবারবর্গ। "কু°। [°এঁড়ে—পোষ্যপুত্র (গালিতে)। "যার অন্তঃকরণে কিছুমাত্র স্নেহরস আছে, সে কখন ঔরসজাত মেয়ে থাকতে পুঁষ্যি এঁড়ে গ্রহণ করে না। —দী ৫৬। °পুত্তুর, °পুত্র—পোষ্যপুত্র। "বীরকৃষ্ণ দাঁ কেবল চাঁদ দাঁর পুষ্যিপুত্তুর।—হু ২৫। আপনার ঠাকুর পুষ্যিপুত্র নিয়েচেন কি ?—দী ৪৬।]

পুস সর্ম্ম [পুষ >°স ; অপ্র] পালন করা ; পোষা। "চল তুক্ষি আহ্মার বাড়ি, পুসিমু জত্তন করি গো.বি ৬৪। পুসিবার না পেরায় শালা গেইছে উদাসিন হৈয়া গো.চ ২৯৯। [পুসানিয়া (অপ্র)—পোষণীয়, পোষা। "পুসানিয়া নেউল ময়ূর বি.পা ৩০২।]

পুসি বি [E. pussy ; Tamil 'pussi ; Afghan 'pusha'—a cat ; Lith. 'puz'—the call for a cat] বিড়ালের আদরের নাম।

পুসিদা বি [ফা 'পোশীদগী'—গুপ্ত ; হি 'পোশীদা'—গুপ্ত] গোপন। "মতিলাল একেবারে ভয়ভাঙ্গা হইল—বাপকে পুসিদা করা ক্রমে ক্রমে ঘুচিয়া গেল আ.দু ৬৫।

পুস্করিনি, -ণি, -ণী দ্র 'পুষ্করিণী'।

পুস্ত্‌ সক [চু, প—পুস্তয়তি ; সেট্ ; তু 'বস্ত্‌'] ১ বন্ধন। ২ আদর ; অনাদর।

পুস্ত ক্লী [√পুস্ত্‌+অ (ঘঞ্‌)-র্ম্ম] ১ লেপনাদি ক্রিয়া ; কাষ্ঠপুত্রিকাদি-নির্ম্মাণ-ক্রিয়া (অ টী) ; মৃত্তিকা কাষ্ঠ বস্ত্র চর্ম্ম লোহ বা রত্ন দ্বারা কৃত শিল্পকর্ম্ম (অ.টী)। "চিত্রপুস্তাদিকোবিদ ক.সা ৩৪.১৭২। ২ গ্রন্থ, পুথি। —স্তক পুং, ক্লী [পুস্ত+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'পুস্ত (২)। "°শ্রী। (অর্চ্চয়েৎ) সংহিতাপুস্তকান্।—হ ৩২৩.৭৬। বৃহৎসংহিতা ৫৮.৩৮। ২ হিসাবের খাতা বা নথি। "কৌটলীয় অর্থশাস্ত্র, ২৫শ প্রকরণ। —স্তিকা বি পুস্তক। "স্মৃতিশাস্ত্রাদি…পুস্তিকা ম.পা ২২০। [°কর্ম্মা (-র্ম্মন্) পুং—পুস্তকর্ম্মকর্ত্তা ; লেপনাদিশিল্পী। পুস্তকাগার (বি)—গ্রন্থালয়, লাইব্রেরি।]

পুস্তান বি [ফা পুশ্‌ত্‌ ; ঠ 'পুস্তনী'—সাহায্য] অবলম্বন, সহায়। "পশ্চিমে পাঠান আদি যাহার পুস্তান শ্রী ২১৮।

পুহ(হু)প বি [সং পুষ্প >(স্বরাগমে) পুষপ >পুসপ >°প ; হি, মৈ পুহুপ ; বৈষ্ণবসাহিত্যে] পুষ্প। "পুহপমালা বি.প ১৪। মাদন-পুহপহি, প্রকট বল্লি তরু প.ক।

পু(পো)হা অর্ম্ম [সং প্র-√ভা >প্রা *√পহা >বা পো(পু)-হা ; তু 'সং প্রভা >প্রা পহা ; হি প(পো)হ ; ঠ পহাট (প্রভাত) ; গু পোহা ; ভা—√পো (to go) ; 'প্র(প্রো)ভাও, প্রোহাও' (গো.চ)] ১ প্রভাযুক্ত, অর্থাৎ প্রভাত হওয়া ; পোহান। "না পোহায় রজনী। —কৃ ৩২৮। পাইবে ইহার শান্তি পুহাইলে রজনী ব.প ১৩৯১। রাতি নাহি পোহাইতে ছুঘড়ী বাজায়।—ভা.চ ৪০৯। উঠ, বৎস, পোহাইল রাতি।—মে ১৪৯। —হা সর্ম্ম ১ প্রভাত করা ; যাপন করা ; কাটান। "রাতি মোঁ প্রদীপ জালিআঁ পোহাওঁ শ্রী.কী ৯২। কাঁন্দিয়া…পোহায় রজনী।—কৃ ১০৮,-৯। বিবাহের রাত্রি যাহা পোহাইও কুশলে ম.ম ১৭৩। রজনী পোহায়ল জাগি।—গো ১৭৯। ২ (তাপ) সেবন বা ভোগ করা। "দুই পাখা মেলিয়া পোহায় তথা খরা।—কৃ ১৮৮। পোহাই হুতাশন ব.প ৩২৩,-৩৬ ; খরা পোহায় রাজা ৪৯৩। শরতের শস্যক্ষেত্র নত শস্যভারে, রৌদ্র পোহাইছে চ.কা ১০৬। ৩ (দুঃখাদির) তাপ ভোগ করা বা সহা। "দ্বারী হের যত, কেহ না বিঘ্ন পোহায়। —হেম ৫৪। [পোহান—সর্থ 'পুহা'। পোহাইল, -ইবোঁ, -হাওঁ (শ্রী.কী)।]

পূ সক [ভ্বা, দি, ঙ ; ক্র্যা, ঞ—পবতে, পূয়তে ; পুনাতি, -নীতে। সেট্] পবিত্রীকরণ, শোধন। "পুনীহি ভারত ভা.চ ১৫৮। —অক বিনাশ। "পূনা যবাঃ পা ৮.২.৪৪, কাশিকা। [উদ্—উৎপবন, দ্রবদ্রব্য-শোধন।]

পূগ পুং [√পূ+গ (গক্)-ণ, উ ১.১২৩ ; তা পাক্কু] ১ গুবাকবৃক্ষ, সুপারীগাছ। "বেলাতটেনৈব ফলবৎপূগমালিনা রঘু ৪.৪৪। তাম্বুলবল্লী-পরিণদ্ধ° ৬.৬৪ ; °মালম্ ১৩.১৭। ২ [বৈদিক] সমূহ, নিচয়, রাশি। "বর্হিণ° রা ২.৫৫.৩৩। অক্ষ° মহা ৩.৩৪.৪। গুণ° মাঘ ৯.৬৪। অধর্ম্ম° ভ ১.১৭.৩২ ; বর্ষ° ৩.১৭.২৫। ৩ বহু, বৃন্দ। "যাজয়ন্তি চ যে পূগান্ মনু ৩.১৫১। ৪ ভাব, প্রকৃতি। ৫ কণ্টকিবৃক্ষ। —গ ক্লী ১ পূগফল, সুপারী। "কুচযুগ সমপূগ।—ম ২০৩ ; ১০৭৫। কর্পূর° ভা.চ ৩৪৫। গোলাপপূগকর্পূরপূর্ণতাম্বুল ব.প্র ২১। ২ পূগাদিমিশ্রিত চর্ব্বিত তাম্বুল। [°পাত্র, °পীঠ (ক্লী)—পতদ্‌গ্রহ, পিকদানী। °পোত (পুং)—বালগুবাকবৃক্ষ, সুপারীর চারা। "ভ ৪.৯.৫৪। °ফল (ক্লী) —গুবাক, সুপারী।]

পূছ সর্ম্ম সর্থ 'পুছ'। [পূছই, -ছব, -ছমো, -ছল, -ছুঁ, -ছিয়ে (প.ক)।]

পূজ্‌ সক [চু,প—পূজয়তি ; সেট্] ১ পূজা, অর্চ্চনা। ২ সম্মান ; প্রশংসা। "রা ১.২.১। অপূপূজন্ বিষ্টরপাদ্যমাল্যৈঃ ভট্টি ২.২৬।

পূজ সর্ম্ম [সং √পূজ্ ; হি, মৈ √পূজ ; ঠ, গু √পু(পূ)জ] ১ অর্চ্চনা করা। "ফল পুষ্প দেখি পূজিবে দেবতা : পূজ শূলপাণি।—ম ৬২৩। পূজিল শঙ্করে ম.ভা ১৭। ২ সম্মান করা ; আদর করা। "সুধর্ম্মা নৃপতি আসি পূজিল বিশেষ।—ম ২৯৬। দুঃখীরে পূঁজিলে লাগে। —হেম ১৫৬। ৩ সম্মানপূর্ব্বক গ্রহণ করা ; মানা। "লক্ষ্মণ বলেন সত্য তব কথা পূঁজি কৃ ৯৭। [পূজল, পূজসি (প.ক)।]

পূজক বিণ [√পূজ্‌+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -জিকা] ১ অর্চ্চয়িতা, পূজাকারী। "দেব°। দেবদ্বিজপূজিকা মহা ১৩.১১.১১। ২ সম্মানয়িতা। "গুরু°, পূজিত°। মনু ৭.৮২। —জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পূজা, অর্চ্চনা। "দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজন গী ১৭.১৪। দেবতানাঞ্চ পূজনম্ মনু ৪.১৫২। দেবতা-পূজন।—কৃ ৯৬। ২ সম্মাননা, সমাদর, সৎকার ; সেবা। "নৃযজ্ঞোঽতিথিপূজনম্ মনু ৩.৭০ ; ১০৬। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অর্চ্চনীয় ; সম্মাননীয়, সৎকার্য্য। "রাজংস্ত্বমতিথিশ্রেষ্ঠঃ পূজনীয়ঃ রা ১.৫২.১৪। —য়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ সর্থ 'পূজক'। ২ [+তৃ (তৃচ্) শীলার্থে] পূজনশীল। "লিঙ্গং পূজয়িতা মহা ১৩.১৬১.১৬। —জা স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অর্চ্চনা, সপর্য্যা। "(রামে মম মাতা) বক্ষ্যেরুপাহরৎ পূজাম্ রা ১.৫১.৫। ২ সম্মাননা, সৎকার। "তস্য পূজা বিধাতব্যা সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ।—হি ১.৬২। গুণাঃ পূজাস্থানং গুণিষু উ.চ ৪.১১। ৩ (বাঙ্গলায়) পূজাদ্রব্য, পুরস্কার। "আও আন মোর পূজা, কয়্যা দিব প্রকার সকল ক.চ ৮৫। —জিত বিণ

[+ত (ক্ত)-র্ম] ১ অর্চ্চিত, কৃতপূজন। "রা ১.১.৫৮ ; ৮৪ ; অপি মে গুরুণা রামঃ পূজিতঃ ১.৫১.৮। ২ সম্মানিত, সৎকৃত। "মন্ত্রিণো মন্ত্রপূজিতাঃ রা ১.১১৩.২। বাগেষা ব্রহ্মপূজিতা মনু ৮.৮১। ভট্টি ৪.১। ৩ প্রাপার্থ খ্যাত। পূজিতং হ্যশনং নিত্যং বলমূর্জ্জঞ্চ যচ্ছতি মনু ২.৫৫। ৪ প্রশস্ত, শুভ। "হস্তী...সর্বলক্ষণপূজিতঃ রা ২.২৬.১৬। পাদৌ পূজিত-লক্ষণৌ ৩.১৪৪.২০। ৫ অভিমত। "তাং পুরীং দেবগন্ধর্ব্বপূজিতাম্ (S.W.)। —জ্য বিণ [+য (যৎ)-র্ম] ১ অর্চ্চনীয়, পূজার্হ। "ত্বমস্য পূজ্যঃ গী ১১.৪৩। ২ মাননীয়, সৎকার্য্য। "পূজ্যঃ সর্ব্বধনুষ্মতাম্ —মহা ১.১.১২৬। ৩ আদরণীয়। "মনু ৩.৫৫,-৯। —জ্য পুং ১ মাননীয়-মাত্র। "°পূজ্যাব্যতিক্রমঃ রঘু ১.৭৯। ২ শ্বশুর। [পূজ্যাকর (বিণ) —পূজক। "পূজ্যাকরৌ করৌ।—পঞ্চ ৫.১৩।]

পূজন, -নীয়, -য়িতা, -জ্য, -জ্যাকর দ্র 'পূজক'।

পূজাপান বি কার্য্যার্থ আদেশসূচক সমাদরপূর্ব্বক দেয় তাম্বুল। তু 'আজ্ঞাপান'। "পূজাপান দিয়া দেবী পাঠাইল তারে ম.ভা ৩৫।

পূজারি, -রী, -জুরী বি [পূজাকারী > °জারী ; হি, মৈ পূজারী ; ঠ পূজারা, -রী ; ড় পূজারী ; নেপালী—পূজাহারি] দেবালয় পূজার্থ নিযুক্ত ব্রাহ্মণ ; দেবল। "পূজারি ভ.গ্র ২৫ ; পূজারী ৩৬ ; ন.বি ২৫ ; চৈ চ ৯২। পূজারি ব্রাহ্মণ আ.দ্রু ৫। পূজুরী দাদাঠাকুর।—হু ৩৬।

পূজার্হ বিণ [পূজা+ √অর্হ্ +অ (অচ্)-ক ; উ.ত ; স্ত্রী -র্হা] পূজাযোগ্য, সম্মানার্হ। "মনু ৯.২৬।

পূজিত, পূজ্য দ্র 'পূজক'।

পূজ্যতমতমোত্তর বিং [অপ্র] অতীব পূজ্যতমের শ্রেষ্ঠ ; অতিপূজ্য ; "পূজ্যের পূজ্যতমতমোত্তরের ভ.গ্র ১১১।

পূজ্যবান্ বিং [তু 'বিদ্যা—বিদ্যাবান্ : অসাধু ; অপ্র] সর্থ 'পূজ্যমান্ (২)। "কেবল আপনদেশে রাজা পূজ্যবান্ ব.প ১৩৭৩ ; কেবা সর্ব্বত্র পূজ্যবান্ ?—১৩৭৬।

পূজ্যমান বিণ [√পূজ্ +মান (শানচ্)-র্ম] ১ পূজনীয়, মাননীয়। "পা ২.১.৬২। ২ [বাঙ্লায় ; অপ্র] পূজ্য, পূজিত। "দেব° ।—ম ১০৫৫। সেই যজ্ঞে পূজ্যমান যতেক দেবতা শ্রী ১৩৪। তাঁর প্রিয়তম যেই সেই পূজ্যমান ভ.গ্র ৭০। .

পূণ বি [সং পুণ্য > প্রা পুণ্ণ > বা পূণ ; বৈষ্ণবসাহিত্যে] পুণ্য, সৌভাগ্য। "বিদগধ নাহ না হয় বিনি পূণ প.ক ৬৩০। [°ভাগ—পুণ্যভাগ্য ; সৌভাগ্য। "কি কহব মাধব তুয়া °ভাগ।—ব ৭৯।]

পূণমি, -ণিম, -নমি দ্র 'পুণমি'।

পূণ্ণ বিং [সং পূর্ণ > প্রা পুণ্ণ] পূর্ণ, ভরা। "পূণ্ণ কলসে শ্রী কী ৩২১।

পূত বিণ [√পূ+ত (ক্ত)-র্ম] ১ পবিত্রীকৃত, পবিত্র। "সত্যপূতাং বদেদ্ বাচং মনঃপূতং সমাচরেৎ মনু ৬.৪৬। ২ শোধিত, শুদ্ধ। "(সুতা ইমে) পূতাসঃ।—ঋগ্বেদ ১.৩.৪। দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং জলং পিবেৎ মনু ৬ ৪৬। ৩ মেধ্য। ৪ প্রযত (অ.কো)। ৫ অপনীতবুস, আগড়ারহিত। ৬ ব্রতাদি-শোধিত. নিষ্কলুষ। —ত পুং ১ শঙ্খ। ২ শ্বেতকুশ। —ত ক্লী সত্য। —তা স্ত্রী দূর্ব্বা। [°ক্রতু (পুং)—ইন্দ্র। °গন্ধ (পুং)—বর্ব্বর, বাবুই তুলসী। °ধান্য (ক্লী)—তিল। °পাপ (বিণ)—শোধিতপাপ। "গী ৯.২৫।]

পূতনা স্ত্রী ১ কামচারিণী বালঘাতিনী রাক্ষসীবিশেষ। "°বকনাশন ভা. চ ১৬০। [কংসপ্রেরিত পূতনা স্তনে কালকূট মাখাইয়া স্তন্যপানচ্ছলে কৃষ্ণকে বধ করিতে গোকুলে গিয়াছিল। কৃষ্ণ জানিতে পারিয়া স্তন্য-পানচ্ছলে বিষসহিত প্রাণবায়ু পান করিয়া রাক্ষসীর প্রাণসংহার করেন (ভ ১০.৬)।] ২ বালগ্রহভেদ। 'সুশ্রুত ৬.৩২। ৩ অহিপূতনা-নামক বালরোগভেদ। ৪ বালমাতৃকাভেদ (চক্রপাণিদত্ত)। [°সূদন, °হা (-হন্), পূতনারি (পুং)—পূতনা-নাশক কৃষ্ণ।]

পূতা দ্র 'পূত'।

পূতাত্মা(-ত্মন্) বিণ [বহুব্রী] ১ শুদ্ধচিত্ত। —ত্মা পুং বিষ্ণু।

পূতাম্বর (বি)—পবিত্রবস্ত্র, পট্টবস্ত্র। "ম.পা ৬১ ; ১০৭।

পূতি বিণ [√পূয়্ +তি (ক্তিন্)-ণ] দুর্গন্ধবিশিষ্ট। বিপ 'সুরভি'। "গী ১৭.১০। —তি স্ত্রী দুর্গন্ধ, পচাগন্ধ। —তি ক্লী পূয়, পুঁজ। [°করঞ্জ (পুং)—করঞ্জভেদ, নাটাকরমচা। °কর্ণক (পুং)—কর্ণরোগ-ভেদ। °কাষ্ঠ (ক্লী)—পাবনার্থ কাষ্ঠ ; দেবদারু। °নস্য (পুং) —নাসারোগভেদ। °বক্ত্র (বিণ)—যাহার মুখ পূতি ; দুর্গন্ধমুখযুক্ত। "°বক্ত্রশ্চ সূচকঃ যাজ্ঞ ৩.২১১ ; বিষ্ণু ৪৫.৮। °বাত (পুং)—অধোবায়ু। "ভ ৫.৫.৩০। °মৃত্তিকা (ক্লী)—নরকভেদ। "মনু ৪.৮৯। যাজ্ঞ ৩.২২২।]

পূতিক পুং ১ পূতিকরঞ্জ। ২ বিষ্ঠা। —কা স্ত্রী ১ শাকভেদ, পুঁইশাক। "পূতিকা ব্রহ্মঘাতিকা (স্মৃতি)। ২ কীটভেদ, গাঁধীপোকা। "পূতিকা ইব পক্ষিষু।—পঞ্চ ৩.৯৭।

পূতিকা দ্র 'পূতিক'।

পূতিগন্ধ পুং [কর্ম্মধা] ১ কুৎসিতগন্ধ, মদ্যাদিগন্ধ। "মনু ৪.১০৭। যাজ্ঞ ১.১৫০। ২ ইঙ্গুদীবৃক্ষ। —গন্ধ ক্লী রক্ত। —গন্ধি বিণ [বহুব্রী, সমাসান্ত 'ই'] দুর্গন্ধযুক্ত।

পূতিতুণ্ড বি বাৎস্যগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "ক.চ ৮৬। [ছান্দড়ের পুত্র শঙ্কর পূতিতুণ্ড গ্রামে বাস করেন ; সেই হেতু তাঁহার সন্তানগণের ঐ গাঁই।]

পূৎকৃত ক্লী পূৎকার, ক্লেশজন্য ঘননিশ্বাস। "পূতনাপূৎকৃতানাং কর্ত্তারঃ (কেলয়ঃ কালিয়ারেঃ) বা.ভা ১.৫৮।

পূপ পুং [√পূ+প-ক (অ.টী)] অপূপ, পিষ্টক। "গো.রা ১.৫৪.৩। বিবিধ সামগ্রী পূপাদয় ন.বি ১৪৮। —পলা, -পলিকা, -পালী, -পিকা স্ত্রী পোলিকা, পূলীপিঠা। [°শালা (স্ত্রী)—অপূপবিক্রয়শালা। "মনু ৯.২৬৪।]

পূপলা, -পলিকা, -পালী, -পিকা ; পূব, পূবে, পূব্ব দ্র 'পূপ ; পূব'।

পূয় অক [ভ্বা, ঙ—পূয়তে ; সেট্] ১ ভেদ, বিশরণ। ২ দুর্গন্ধ। "পূয়ম্।

পূয় ক্লী [√পূয়্ +অ (অচ্)-ক] ব্রণাদিনির্গত রক্তবিকার ; পুঁজ। "মহা ৩.১৯৯.৫৯। °শোণিত মনু ৩.১৮০। °গন্ধ শ্রী.ম ২১০। [°রক্ত (পুং)—নাসারোগভেদ (সুশ্রুত)। পূয়ারি (পুং)—নিম্ববৃক্ষ। পূয়ালস (পুং)—সন্ধিরোগভেদ (সুশ্রুত)।]

পূর্ সক [দি, ঙ ; চু.প—পূর্য্যতে ; পূরয়তি ; সেট্] ১ পূরণ ; বর্দ্ধন। ২ আপ্যায়ন, প্রীণন। "পিতৄন্ পূরয়তি শ্রাদ্ধে পূর্য্যন্তে পিতর-স্তঞ্চ (কবিরহস্য)। [আ,প্র, সম্—সম্যক্ পূরণ ; সম্পূরণ।]

পূর[১] বিণ [√পূর্+অ (অণ্)-ক] পূরক, পূর্ত্তিকারক। "পাণিপূরান্ন-ভোজন যাজ্ঞ ৩.৩৯০। [সমাসে উত্তরপদ] —র পুং [+অ (অচ্)-ক] ১ জলরাশি, জলৌঘ। "মহাদধেঃ পূর ইবেন্দুদর্শনাৎ রঘু ৩.১৭। ২ জল-বৃদ্ধি। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া উ.চ ৩.২৯। ৩ প্রবাহ। "সলিল°।—পঞ্চ ২.৪৪। স্বেদাম্বু° গী.গো ১.২৬। বাষ্পাম্বু° ক.সা ২৫.২৫৮। ৪ বীজপূরবৃক্ষ। ৫ খাদ্যবিশেষ, পিষ্টকভেদ : "ফল-নির্ব্যূহসংসিদ্ধৈঃ পূরৈঃ গো.রা ২.১০০.৬৪। ৬ [+অ-ভা] পূরণ, পূর্ত্তি। "খাত° ভ ৬.৯৭। ৭ তৈলাদিসেক। "অতৈলপূরাঃ সুরতপ্রদীপাঃ কু.স ১.১০। ৮ ব্রণশুদ্ধি, ব্রণপরিষ্করণ। ৯ বাহ্যবায়ুর অন্তঃপ্রবেশন ; পূরক। "পূরককুম্ভকরেচক ভ ৩.২৮.৯। —রক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] ১ পূর্ত্তিকারক, পূরয়িতা। "পরিশ্রাণাক পূরকম্ (বিবাসয়েৎ) মনু ৯.২৮৯। কুক্ষিম্ভরিঃ স্বোদরপূরকে (অ.কো)। ২ সফলতাপাদক, চরিতার্থতাকারক। "গণেশানো ভক্তচিন্তিতপূরকঃ মহা ১.১.৭৫। —রক পুং [পূর+ক (কন্) স্বার্থে] ১ বীজপূরবৃক্ষ। ২ সর্থ 'পূর (৯)।

'নাসিকাকৃষ্ট উচ্ছ্বাসো ধ্যাতুঃ পূরক উচ্যতে। ৩ অশৌচকালে দেয় আতিবাহিকদেহনাশপূর্ব্বক প্রেতদেহপূরক পিণ্ড ; পূরকপিণ্ড বা দশপিণ্ড। "দশপিণ্ড পুরক পার্ব্বতী দিল দান শ্রী ১৯৯। ৪ (গণিতে) গুণক অঙ্ক (multiplier)। —রণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ সর্ব 'পূরক (১)। ২ [+অন-ণ] সংখ্যাপূরণসাধন। "পূরণী···সংখ্যা কি ৩.৫১। —রণ পুং ১ সেতু, বাঁধ। ২ বিষ্ণুতৈল। ৩ সমুদ্র। —রণ স্ত্রী ১ পূরকপিণ্ড। ২ পটারম্ভক সূত্র ; বাপতন্ত, তাঁতের তানা (warp)। ৩ [+অন-ভা] পূর্ত্তি। "সাগর ক্ষাপি পূরণম্ রা ১.৪৫.২। কুম্ভ° রঘু ৯.৭৩। ৪ কার্য্যতঃ সম্পাদন ; পরিপালন, সিদ্ধিকরণ। "অভিলাষ° (S.W.)। প্রতিজ্ঞা° ম ৮৯৬। নিজ বাঞ্ছা করিল পূরণ চৈ.চ ১৯। ৫ বৃষ্টি। ৬ ধনুর্গুণাকর্ষণ। "(ধনুষঃ) পূরণে বা ১.৬৭.১৪। মহা ১৬.৮.১৭। ৭ (গণিতে) গুণন। —রণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সংখ্যার পূরণসাধনী সংখ্যা ; পূরণবাচক স্ত্রীলিঙ্গশব্দ। "সংজ্ঞাপূরণ্যোশ্চ পা ৬.৩.৩৮। ২ 'ঋতাদিপূরণসাধনী', শাল্মলি। —রয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -য়িত্রী] পূরক। —য়িতা পুং বিষ্ণু। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ পূর্ণ। "জলপূরিতমণ্ডলম্ গো.রা ২.১১১.৩২। শরপূরিতবক্ত্ররন্ধ্রান্ রঘু ৯.৬৩। (শ্রবণম্) গুণপূগপূরিতম্ মাঘ ৯.৬৪। ২ পরিব্যাপ্ত। ৩ তুমুলীকৃত। "স শব্দঃ পূরিতঃ (ভূতসত্ত্বৈম্ দাধুতৈঃ)—মহা ১০.৮.৯০। ৪ আকৃষ্ট। "আকর্ণপূরিতং শরম্ গো.রা ৬.৬৭.২৮। [পূরকপিণ্ড (বি)—দশপিণ্ড। দ্র 'পূরক (৩)।]

পুর² বিং [সং পূর > প্রা পুর (পূর্ণ—প্রা.ম) > বা °র ; হি পুর, -রা ; প পুরা ; ঠ পুরা ; গু পু(প্)র ; সি পুর] ১ পূর্ণ। "ভর°, রস°। শ্রীমাধবপুরী কৃষ্ণপ্রেমপুর চৈ.চ ৩৯ঃ কান্তসেবাসুখ-পুর ৩৫৫। হৃদয় তোহার পুর হউক ভ.প্র ৪৭২। ২ পূর্ণ, চরিতার্থ, সিদ্ধ। "না হোয়ব তোমার মনোরথ পুর বি.প ৭৫। ৩ পুরা, সমস্ত, ষোল-আনা। "বাদসাহ···পুর সরঞ্জামে গৌড়ে গতি করিলেন ব.প ১৬৮৮। ৪ যথাস্থানে বিন্যস্ত বা সজ্জিত। "কেশ ভূষণ তোর সব ছিল পুর। অলকা তিলকা মিটি গেলহি দূর॥—বি.প ৬৮। —পুর ক্রি.বিং পূর্ণভাবে, সম্পূর্ণরূপে। "(রোহিণী) কনক থারি ভরি পুর। বিবিধ মিটাই, ক্ষীর দধি শাকর, দেয়ল কারয়া প্রচুর॥—গো ৯। —র বি ১ পিঠার ভিতরের পূরক পদার্থ ; ছাঁই। "ক্ষীর খণ্ড ছানা ননী পুর শ্রী ১০৭। উপলের পুর ম.ম ১৪৫। শুদ্ধপ্রেমানন্দভাব মাধুর্য্যের পুর ভ.প্র ১৪৪। চৈতন্যচরিত ঘনদুগ্ধপুর চৈ.চ ১২২। ২ পাত্রের মুখপূরক দ্রব্য বা লেপ। "কনয়া কলস, বিথে পুরাইয়া, উপরে চুধক পুর বি.প ১০৬।

পুর³ দ্র 'পুর³'। —রা² সর্ধ ['র > আ'] ১ পূর্ণ করা : ভরতি করা। "কুণ্ড পুরাইতে যবে করিনু মনন। তখনি পুরালে পূর্ণ হইত সে পণ॥ —কৃ ৩৫৯। ২ সফল করা ; সিদ্ধ করা। "তোমাদের পুরাই অবিলম্বে অভিলাষ।—দা ১৪৪৩। [পুরান—সর্থ 'পুরা'।]

পূরক দ্র 'পূর¹'।

পূরক-পিণ্ড দ্র 'পূর¹'।]

পুরণ¹ বিং [সং পূর্ণ > (স্বরাগমে) °ণ ; হি পুরন] ১ পূর্ণ, ভরা। "প্রথম বয়স তোর জৌবণ পুরণ গো.বি ৯৬,-৭। ২ পূর্ণ। "পুরণ আহুতি ভা চ ৪৪৭।

পূরণ², পূরণী দ্র 'পূর¹'।

পুরন্ত বিং [পুর³+অন্ত] ১ পূর্ণ, ভরা (কলসী)। ২ মাংসল, পীন। "(গোট) পুরন্ত পাছায় চুড়ন্ত লাগাবে দেখতে দা ৯৮১।

পুরব বিং [দ্র 'পূরব' ; হি পুরব ; মৈ পু(পূ)রব ; পঞ্জে] ১ পূর্ব্ব। "পুরবক যত গুণ বি.প ১৭০ ; পুরব সিনেহ ১৮৯। ২ প্রাক্তন, পূর্ব্বজন্মের। "পুরবক ভাগি বি.প ৭১। [পুর:ব—পূর্ব্বে, আগে। "পুরবে দিয়াছ প্রেম জগতে যাচিয়া প.ক ১১৬।]

পূরবী বিং [হি পূর্বী (পূর্ব্বীয়)] সন্ধ্যার পূর্ব্বে গেয় রাগবিশেষ। [(মতান্তরে) ইহার সময় দিবা ৪র্থ প্রহর, ঠাট কোমল রি, ধ ও দুই ম, জাতি সম্পূর্ণ (গী সা)।]

পুরা¹ বিং [পুর² > °রা ; দ্র 'পুর²'] ১ পরিপূর্ণ, ভরা। "জলে পুরা গাড়ু ঘটী ক.চ ১৫৯। ২ জোকে পূর্ণ ; ভরতি। "দেয়ানে বসিলা রাম সভাখণ্ড পুরা।—কৃ ৪৪৫। ৩ সম্পূর্ণ, অন্তের অংশরহিত। "(কোন সামগ্রীতে) তোমার ভগিনীরই পুরা অধিকার ব.দ্বি ৯। ৪ যাহা কম বা বেশী নয় ; অন্যূনাধিক, ঠিক। "সের-পোয়া-আদিক ওজন করি যত। ইহার এমতি গুণ পুরা হয় তত।—ভ.প্র ৩২৫। ৫ সমগ্র, গোটা। ৬ সম্পূর্ণ, রীতিমত। "বস্ত্র পুরা মাত্রা চ.কা ৩২৭। ৭ হৃষ্টপুষ্ট ও জোয়ান। "পুরা মর্দ্দ। ৮ সম্পূর্ণ, অধিক। "পুরা যবে রাত্রি ঘ.প্র ১৮৬। ৯ আসন্নপ্রসবা। "পুরা পোয়াতী। [পুরাপুরি—সম্পূর্ণভাবে। "আজ কাল দেশী ও বিলাতী কোন নিয়মই পুরাপুরি খাটে না চা.পু ১৯।]

পুরা², পুরান দ্র 'পুরা³'।

পুরি, -রী বি [পুর²+ঈ¹ ; হি পুরী] রুটির মত পুর-দেওয়া পিষ্টকবিশেষ ; কচুরীবিশেষ। "ঘৃতপক লুচি পুরি শ্রী ১০৭। লুচি পুরী রা.শে ২২। পুরী কচোরী ব.প ১৫১৯।

পূরিকা স্ত্রী পিষ্টকভেদ, কচুরী (শ.ক)। "মহা ৭.৬২.৭। [লুণ আদা হিঙ, বাটা মাষকলাইএ সহিত মিশাইয়া ময়দার পুলীতে (ঠোসে) পূরিয়া তেলে (বা ঘৃতে) ভাজিলে পূরিকা হয় (ভাবপ্রকাশ)] —লিকা স্ত্রী পূপভেদ, পুলীপিঠা।

পূরিত ; পুরী দ্র 'পূর¹ ; পুরি'।

পুরুব বিং [মৈ পুরুব ; দ্র 'পূরব'] ১ পূর্ব্ব, প্রাক্তন। "পুরুব জন্ম শ্রী.ম ১৫। ২ পূর্ব্বে কথিত ; আগের। "পুরুব রহস্য কথা পাসরিলে কেনে চৈ.ম ১৯১। [পুরুবে—পূর্ব্বকালে, আগে। "পুরুবে শুনিল যেন নন্দের কুমার চৈ.ভা ৫৩। পুরুবে—অগ্রে। "পুরুবে···পাঠাইল পান শ্রী.কী ২৭৩,-৮০।]

পুরুষ পুং [পুরুষ > °ষ, দীর্ঘাদি (অ.টী)] পুরুষ। গী ৩.১৯ ; পাপং চরতি পুরুষঃ ৩৬। গোষ্ঠীপুরুষ।—হি ১.১২০।

পোঁআর, পোআল বি [পঙার > °র ; পআল > °ল ; অপ্র] প্রবাল। "ওষ্ঠ আধর যেহ্ন যমজ পোঁআর শ্রী.কী ৬ ; আধরে আধর দিল, বিম্ব পোআলে এক হৈল ২৩০। ওষ্ঠ অধর যেহ্ন যমজ পোঁআর ব.প ৯৬৪।

পোঁচ, -ছ বি [সং পুস্ত >প্রা পুত্থ >*পুংছ > °ছ, -চ ; হি পুচারা] ১ পাতলা লেপ, লেপনকর্ম্ম, লেপা। "গোবরের, চুনের পোঁছ। ২ লিপ্ত করিয়া বা ঘষিয়া কাটায় অস্ত্রের আঘাত। "করাতের, কাত্তিয়ার পোঁছ। ভোতা ক্ষুর দিয়া তার মাথে দিল পোঁচ বা ম ২৩১। ৩ [পুঁছ > °ছ] পোঁছ। "ঝাড়"। [পোঁচান—পোঁচ দেওয়া।]

পোঁচা, -ছা বি [সং পুচ্ছ >প্রা পুংছ (হে ২.২৬)> °ছা, -চা ; হি পুঁছ, মৈ পোঁছ ; ফিঁচা (দিনাজপুর) ; পিছে (কুষ্টিয়া)] ১ মাছের পুচ্ছভাগ বা নেজা। "না ছাড়ে কড়ির পোঁটা পোঁচা বোঁচা দেড়ে ভা চ ৭৩৮। ২ [সং হস্তপুচ্ছ] হাতের কবজি হইতে শেষাংশ ; হাতের পোঁছা।

পোঁটলা বি [সং পোটলিকা ; হি পোটলা ; তু 'টোপলা'] বড় গাঁঠরী বা বোঁচকা। "কাগজের পোঁটলা আ.হু ১০৪। [°পুঁটুলী ('টোপলা, টুপলী'—দিনাজপুর)—ছোট-বড় গাঁঠরী।]

পোঁটা বি [ধ্বন্যাত্মক] ১ মাছের লম্বা ফুসফুস বা ফুলকা (ইহা চাপিলে 'পট' করিয়া ফাটে, তজ্জন্য 'পোটা') , নাড়িভুঁড়ি। 'কৈ মাছের পোটা মুড়া ক.চ ১৫২। সফরীর পেট চিরি যার করে পোটা শ্রী মা ৩৮। ২ [হি পোংটা] (সাদৃশ্যে ?) গাঢ় কফ। [পোঁটা গালা—নাড়িভুঁড়ি গালা ; নিপীড়িত করা। "খোটা দিয়ে পোঁটা গালা।]

পোঁতা বিং [পোতা > °ত্তা, 'চন্দ্রবিন্দু' আগম] ভূমিনিখাত। "পোঁতা ধন চৈ ভা ৪৯। চৈ.চ ১২১।

পোঁদ বি [সং পর্দ > প্রা *পদ্দ, পংদ > বা (পঁদ) °দ (?)] ১ পর্দত্যাগ-স্থান, গুহ্যদ্বার। ২ পশ্চাদ্ভাগ, পিছন। ৩ [হি পেংদা] কলসী ইত্যাদির তলভাগ। ৪ পাছা। 'নেঙটাপোঁদা। তু 'পোন্দত নাই ত্যেনা (চট্টগ্রাম)। [পোঁদ টিপলে শাল রয় না—(গৌণার্থে) স্বল্প প্রতীকারে মহাবিপদ্ প্রতিহত হয় না। পোঁদে লাগা—পশ্চাতে শত্রুতা করা। °পিছেলি—পোঁদে (অর্থাৎ বসিয়া) সরিয়া খেলা। 'পোঁদপিছেলি খেলিলেন সঙ্গে সখাগণ। পর্ব্বতে তাহার চিহ্ন অদ্যাপি দর্শন॥—ভ গ্র ৪৫১।]

পোক, -কা বি [সং পুলক (অ চি) ড °ক, °ক (যশোহর, ঢাকা] কীট, কৃমি। 'ছাবপোকা, শুয়াপোকা। পোকা জোঁকে খাইবেক।—মী ২৯। তসরের পোক।—ম ৫৬৫। ভীমরুল পোক ম ম ১৪৮, অনেক দিনের মড়া গায় আছে পোক ২০৮। ক্ষুদ্র পোক চৈ ম ১৯৭। পাদবুড়া পোক শি ২৮। [পোকান—পোকা পড়া। পোকামাকড—পোকা ও মাকড়, কীটপতঙ্গাদি।]

পোক্ত বিং [ফা পুখ তহ্] ১ শক্ত, দৃঢ, মজবুত। ২ নিপুণ, পটু। "ভোজনে পোক্ত।—দা ৫৪১। [পাকা° —একার্থক।]

পোখ বি [সং পুঙ্খ] শরপুঙ্খ। ঔডহ ধনুষি গুণ কাজব বেগ। মারতি বহত পোখ-অবসেখ॥—বি সা ১৮।

পোখরাজ বি [স পুষ্পরাগ, -জ , হি পু(পো)খরাজ] মণিবিশেষ (topaz)। ইহা প্রায়ই পীত, নীলাভও হয়।]

পোখরী বি সর্থ 'পুকুর'। 'নিয়ড় পোখরী দূরে যায় ব প ৮।

পোগণ্ড বিণ [অপকৃষ্টং গচ্ছতি পোগণ্ড, পৃষো (অ টী) , অপোগণ্ড > °ণ্ড (?)] ১ বিকলাঙ্গ, স্বভাবহীনাঙ্গযুক্ত। ২ অধিকাঙ্গ (অ টী)। —গণ্ড পুং যাহার বয়স ষষ্ঠ বর্ষ হইতে দশম বর্ষ পর্যান্ত, তত্তদ্বয়স্ক বালক।

পোঙা, -ঙ্গা বি [লি 'পোংগা'—চোঙা] গুহ্যদ্বার (অশ্লীল)।

পোচ বি সর্থ 'পোঁচ (২)। 'খুবের পোচ বি পা ২৪১।

পোছন বি [পুছ+অন] মার্জ্জন, পোঁছা। নির্জ্জল °ন শ্রী ম ৪১।

পোট '-ট্' [হি °ট] ১ মেল, মিশামিশি ভাব। সেই বুড়ার সঙ্গে আমি খুব পোট ক'রে লিছি অ গ্র ১২৫। ২ গাড়ীর চক্ররেখার পথ। ৩ [পুট > °ট] বড়শীর সূত্রবন্ধনস্থান বা পুঁটে। বর্সির পোট গো চ ৭৭,-৯।

পোটলিকা, -ট্টলিকা, -লী স্ত্রী [পোটল (দেশী—প্রা ম)] সংশ্লিষ্ট বস্ত্রাদি, বড় গাঁঠরী, পোঁটলা। —টলি, -লী বি [সং পোট্টলী] পুঁটলী। '°লী শ্রী কী ৬৪, °লী ৩৬৫। সকল্ম °লীভরা ক চ ১২২।

পোটা স্ত্রী [√পুট্+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] স্ত্রীপুরুষ-লক্ষণা নারী। "পা ২ ১ ৬৫।

পোড়¹ বি [পুড় > °ড] দাহ, ভাঁটায় বা পোয়ানে পাক। "আমা°, থর°।

পোড়² দ্র 'পুড'।

পোড়ন, পোড়নি, পোড়নী দ্র 'পুড়ন'।

পোড়া¹ দ্র 'পুড়'।

পোড়া² বিং [পুড়+আ¹²] ১ দগ্ধ, ভস্মীভূত। "লেজ পোড়া।—কৃ ২১৫ ; হবে মুখ পোড়া ২১৮। পোড়া মৎস্য—ম ৪০০। সর্বে পোড়া ব প ৬৩৩। পোড়া মাছে জামীরের রস ক চ ২০৯। °কাঠ।—দা ৪৯। ২ দগ্ধ নিরামিষ ব্যঞ্জনবিশেষ। "ভাতেপোড়া। পোড়া খেয়ে, পোড়ার মুখে যা খাও, তাই ভাল লাগে—প্রবচন। ৩ হত, মন্দ, খারাপ। "থাকতে নয়ন দেখলে না মন, কেবল তোমার কপাল পোড়া।—রামপ্রসাদ। পোড়া কপালের তরে, যাই নাই বাপ-ঘরে শি ৮৬। পড়েছে আমারি পোড়া অদৃষ্টে।—কা ৮১। ৪ নিন্দার্থক। "পোড়া আঁখি : পোড়া বুকে।—মা ৯৪, পোড়া লেখনী ৯৬। কাক বা সতীন পোড়া।—দা ৪৫৯, পোড়া পুরুষের কারখানা ২০৪১। পোড়া পেট (সং দগ্ধোদর) ব প ১৪৩৫। পোড়া মনে ভ্রান্তি নাই।—হেম ১৩৭। পরিণেতা পোড়া বাঙ্গারাম।—জা ৪২। পোড়া নিদ্রাও এমন। —ন ১০১১। পোড়া ঘুম আর এল না।—লী ১১৬। পোড়া সিন্দুক কুড়ুল দে ভাঙ্গা গেল না গি ছি ১২৮। —ড়া বি [+আ⁶] দাহ, জ্বলন। 'হয়েছে কপাল পোড়া, পোড়ার উপর দৃষ্টিপোড়া, একি পোড়া।—এত দেও জ্বালা।—দা ৭৭১। [°কপালী—হতভাগিনী, গালি। "বলুক দেখি, কোন পোড়া-কপালী।—দা ২০৯৩। °কপালীর ঘরে থাকতে না পারিস, মাম লেখা গে ন ত ১২। জা ২২। °কপালে—হতভাগা, গালি। "সদা থেম সান্দশে, পোড়াকপালে তিনি।—দা ৩৩, কপালেতে আগুণ জ্বেলে, আপনি হয়েছে পোড়াকপালে ৯৩৩। °ঘা—দাহজন্য ক্ষত। 'পোড়াখায় নুনের ছিটা। °মুখ—১ দগ্ধমুখ, কালমুখ। '(হনু।) ফরসা হবে পোড়ামুখ।—দা ৮০৭। ২ গালি। '(শশী।) তুই পোড়ামুখ।—ন ১০১০। °মুখী—গালি। 'কিনি পোড়ামুখী।—কা ১০৯। পোড়া কপাল—নিন্দার্থক। "পোড়া কপাল অমন খেদের। ন ত ৩। পোড়া গেল—দাহপ্রাপ্ত হইল, পুড়িল। "পোড়া গেল পাখ।—কৃ ২৮৭। অঙ্গ গেল পোড়া শি ৬৫। পোড়ারবাঁদর—হনুমান্, গালি। 'বলি ও পোড়ারবাঁদর।—জা ২৬। পোড়ারমুখ -মুখো—গালি। 'পোড়ারমুখোদের হ'তে এই হ'ল।—দা ১৯৬৬। °মুখ, মরে যাও —জা ২৩, °মুখো ড্যাকরা : °মুখে বাক্যি হবে গিয়েছে।—২৬। পোড়ারমুখী—গালি, সস্নেহ গালি। "পোড়ারমুখী, চোখের মাথা খেয়েছ ?—ব ছি ২৫। ও প্রফুল্ল—ও পোড়ারমুখী ব.প্র ৩৩৯, পোড়ার-মুখী নয়ান বলিল, 'দিদি, কাল রাত্রি কোথায় শুইয়া ছিলি ?—৩৫১। °মখী রঙ্গ নিয়েই আছেন।—জা ৫৫।]

পোণ, -ন² বি [সং পণ , তু 'পোয়ন (ম গা ৮)] কুড়িগণ্ডা। 'পোন গো চ ৩২২। পোণ শ্রী কী ৩৬৯ ক চ ৪৬।

পোত¹ পুং [√পূ+ত (তন)-ক, উ ৩৮৬, প্রা পুত্ত (পুত্র) > °ত (?)] ১ শিশু, বালক। 'বীর° উচ ৫২। ২ শাবক। কলহংস°, নাগ°, পক্ষি°, বৃষ°, শার্দ্দূল°। ৩ বালবৃক্ষ, চারাগাছ, পো। "শাল° মহা ১ ১৫২ ১৭। চূত° ভ ৩ ২১ ৪২, পূগ° ৪ ৯ ৫৪। দ্রুম°, শাক° (SW)। ৪ ভ্রূণ, কলল। ৫ দশবর্ষীয় হস্তী। ৬ গৃহস্থান, বেশ্মভূমি, পোতা, ভিটা। ৭ সমুদ্রযান, বহিত্র, জাহাজ, নৌকা। তু 'পোত্র'। '[ভগ্ন° (বণিজ) মহা ৭ ৭০ ৪৬। হি ২⅟₅ ⁰⁄₀। ভবসিন্ধু° ভ ৩ ২১ ১৪। ৮ বস্ত্র। তু 'পোত্র'। —তী স্ত্রী স্ত্রী শাবক। [°জ (পুং)—যে পোতরূপে জন্মে, হস্তিঘোটকাদি। °ধারী (-রিন্) পুং—পোতস্বামী। °প্লব (পুং)—পোত দ্বারা পারগামী, পোতগামী, নৌকাগামী। "বৃহৎসংহিতা ১০ ১০। °বণিক্ (-জ্) পুং—পোতের বণিক, সমুদ্রব্যবহারী, সাংযাত্রিক। 'হি ২⅟₅ ⁰⁄₀। °বাহ (পুং) —নৌকাবাহক, কর্ণধার, নিয়ামক (অ কো)। °ভঙ্গ (পুং)—পোত-ধ্বংস, নৌকাবানচাল, নৌকাডুবি। 'ক সা ২৬ ১১৯।]

পোত² বি [পুত² > °ত] ১ ভূমতে নিখনন, পোতা। ২ খুটি ইত্যাদির ভূমিতে নিখাত অংশ। —তন বি [পুত² + অন] সর্থ 'পোত (১)। "চারিখান করিয়া মোরে করিও পোতন ম ম ৮৩, অস্থি করিলাম পোতন ২২৫। —তা² বি [+আ⁶] সর্থ 'পোত² (১)। —তা বিং ভূমিতে নিখাত, প্রোথিত। 'গো চ ৪১৩,-৮।

পোত[৩] দ্র 'পুত[২]'।

পোতক পুং [°ত+ক (কন্) স্বার্থে] ১ শিশু। "ক্ষত্রিয়° উ.চ ৬২১/২। ২ শাবক। "মৃগ° গো.রা ৩.৬৭.৬। কপোত°, মর্কট° (S.W.)। ৩ বাস্তবৃক্ষ, চারাগাছ। "চূত° (দশকুমার)। সহকার° ।—কাদ ১১৭। **—তকী** স্ত্রী পুতিকা।

পোতদার বি [পোত[১] +দার] যে নৌবাণিজ্য করে; পোতবণিক্, বেনে। "কীরের শুনিয়া বাণী, হাস্তে বলে বাণ্যানী, ঘরেতে নাহিক পোতদার ক.চ ৭৪।

পোতন দ্র 'পোত[২]'।

পোতমাঝি বি সর্থ 'পোতামাঝি'। "পাত্রে গিয়া এ তত্ত্ব কহিল পোতমাঝি শ্রী ২৫৫; প্রমাণ পোতমাঝি ২৫৬।

পোতলি বি [পুতলি >°লি; অপ্র] পুতুল। "ননীব পোতলি।—গ ১০; ১৪।

পোতা[১] বি [সং পৌত্র >প্রা পোত্ত >বা পোতা] ১ পৌত্র। "ক.চ ২১৬। ২ [সং পোত] গৃহভূমি। "পাষাণে রচিত কৈল পোতা ক.চ ৩৩; প্রবালে রচিত পোতা শ্রী.ম ১৭১। ৩ [পোথা >°তা] বড় পুঁথি। "পোতার ভিতরে সার, রামায়ণ অবতার কৃ.অ ১২, ২৪। অ.প ৪৬। ৪ [সং পোত] পারের নৌকা। "দিবা জ্ঞান দিয়া গুরু সাক্ষাতে দিল পোতা ম.গা ১; গো.চ ৩১০।

পোতা[২] দ্র 'পোত[২]'।

পোতাঘর বি [দ্র 'পোতামাজী'] কারাগার। "মেনে ধবে পোতাঘর প্রবেশ করায় শ্রী.মা ৮৮; পোতাঘরে পড়ে সেন প্রলয় ব মন ৮৯; ৯১।

পোতাধান ক্লী [ষ.ত] ক্ষুদ্রাণ্ডমৎস্যসজ্যাত (অ কো); মাছের পোনার ঝাঁক।

পোতামাজী, -ঝি বি 'পোতের নাবিক'; (গৌণার্থে, সাদৃশ্যে) কারারক্ষক বলবান্ ব্যক্তি। "দশ বিশ পোতামাঝি বীরে লয়ে যায় ক চ ১০২; °মাঝিগণ ১০৬; ২০৮। লাউসেনে বন্দীশালে নিল পোতামাজী ধ.প ৪৬২। ['পোতামাঝি', পোতের কর্ণধারের ন্যায় কারার রক্ষক। ইহারা ধনু অসি টাঙ্গী ইত্যাদি লইয়া কারার দ্বার রক্ষা করিত এবং রাজাজ্ঞায় বন্দীকে কারায় আনিয়া রুদ্ধ করিয়া রাখিত (ক.চ ১০৫)। পোতামাঝির অধিকারস্থান কারাগার—'পোতাঘর'।]

পোতিক বি [হি, ঠ পোত] পুঁতি। "মণিময় হার, পোতিক মাণিক যত চ.দা ৩৬।

পোতী দ্র 'পোত[১]'।

পোত্র ক্লী [√পূ+ত্র (ষ্ট্রন্)-ণ] ১ শূকরের মুখাগ্র। ২ লাঙ্গলের মুখাগ্র। ৩ সমুদ্রযান, নৌকা, জাহাজ। ৪ বজ্র। — ত্রী (-ত্রিন্) পুং [°ত্র+ইন্ (ইনি)-১ব] 'পোত্রবান্', শূকর।

পোত্রী (-ত্রিন্) দ্র 'পোত্র'

পোথা বি [সং পুস্তক >প্রা পোত্থঅ >বা (পোথা) °থা (হে ১.১১৬) হি, ঠ °থা] বড় পুঁথি; পুঁথি। "বাল্মীকি রচিল পোথা কৃ অ ১১। (ভারত) ব্যাসবিরচিত পোথা।—ম ৩৫৬। জৈমিনিভারত পোথা ধ.প ৬৩৩; গোবিন্দ-মঙ্গল পোথা ৭৯১। পোথা পটি চৈ.ম ৪৫, টীকা।

পোদ বি [?] কৃষিজীবী হিন্দুজাতিবিশেষ। "দেবতার পোদবৃত্তি বড়ই লঘুতা শি ৬৮। ভা.চ ২৭৩।

পোদ্দার বি [ফা পোদ্দার্; হি পোতদার, পোদ্দার] মুদ্রাপরীক্ষক; যে রাজপুরুষ খাজনা ইত্যাদির টাকা পরীক্ষা করে। "পোদ্দার হইল যম, টাকা আড়াই আনা কম ক.চ ৬। পত্তনের পোদ্দার পরক করে কড়ি শ্রী.মা ১৯৫। পোদ্দার আমার পতি ভা.চ ৪০৭। ২ যে বাঁটা লইয়া নোট ভাঙাইয়া দেয় বা সোনা রূপা কষিয়া বন্ধক রাখে অথবা কিনে। **—দ্দারী** বি পোদ্দারের কাজ বা পদ। [পরের ধনে পোদ্দারী—(গৌণার্থে) পরের বিষয়ে দোষ-গুণের বিচার (আপনার বিষয়ে নহে)।]

পোন[১], **পৌনে** বিং [সং পাদোন >প্রা *পাঙণ; হি পৌন, -নে; প পৌণিআ] সিকি-কম, বার-আনা-রকম। "পোন খুঁটি। পোন খামা। পোন পয়সা। তিন কড়া পৌনে এক গণ্ডা। পৌনে দু-টাকা। পৌনে দু-শ।

পোন[২] দ্র 'পোণ'।

পোনা বি [সং পোতাধান >প্রা *পোআঁহাম >বা (পোহান) °না; ঢ় পহনা; পোহান (মেদিনীপুর); তা 'আপ্‌পন'—বালক] ১ মৎস্য-পোত, মাছের ছানা। "শকুল মাছেব পোনা ক.চ ২০৯। পোলের পোনা বি পা ১৬৭; ধ.প ৪৮৫। ২ রুই কাতলা ইত্যাদি বড মাছ (যাগার পোনা পুকরে বড হয়)। "পোনা মৎস্য বি.পা ১৬৭। পোনা পুঁটি অথবা চেলা।—চেম ৩৮৭।

পোন্দব, -ন্দ্র স.বিং ['পন্দর' (গো চ ৫১): অপ্র] পনব। "খাজনা পোন্দব গণ্ডা গো চ ৩। পোন্দ্র অক্ষৌহিণী চ.বি ২৬২।

পোপান, -না বি [পো[১] +'পান'—তা 'আপপন' (বালক)—মূল ?] পোলাপান ছেলে-পিলে শিশুগণ। "পোপানকে সাটে—ব ৯। পোপানাবে তর্জ্জিলা সে যায় শ্রী.মা ২৭।

পো-মশায় বি যিনি সম্পর্কে পুত্র ও পূজনীয়: প্রপিতামহ।

পোমেটম বি [E. pomatum] চুলে মাখার সুগন্ধি চর্ব্বির মত দ্রব্যবিশেষ।

পোয়া[১]; **পোয়া**[২]; **পোয়াতী**; **পোয়ান**; **পোয়াবার** দ্র 'পো[১]; পো[২]; পোআতি; পয়ন; পো[২]।

পোয়াল বি [সং পল[১], পলাল] শস্যহীন ধান্যনাল। "পোয়ালে জড়ায়্যা তাবে দেই কাদাজল ক.চ ১৭০। মত্তহস্তী পোযালেতে বান্ধা যায় নাত্রি ভ.গ্র ৪০৯। দিচ্ছে চাল পোযাল-গুচ্ছি ক.কে ৩২। [°কড় —পোযালেব কূট (বাশি); পল-গাদা। "পোয়ালকড সমান হনুমান্ তোলে ঢেলা।—ক.চ ৭৯। °বিড়া—ধান্যবিশেষ। "ভা.চ ৫৪৯।]

পোলা বি [পো[১] +ল (স্বার্থে) ?; পূর্ব্ববঙ্গ] ১ ছেলে। "মাউগ পোলা ম.ম ৫৯। ২ পুত্রসন্তান। "এ পাতপোলা খেলে পরে, পোলা কোলে পায় রে।—অ.গ্র। [পোলা যোগী—বালকযোগী, অল্পবয়স্ক-যোগী। "পোলা যোগী পাইলে পাটাতে তুলি বাটে।—মী ১২; গো.বি ৬০। পোলাবধূ—পুত্রবধূ। "ম.গা ১৯। পোলাপাইন, -পান—শিশুগণ, বালকেরা। "নাগরিয়া পোলাপাইনে টানাটানি লৈল: নগরিয়া পোলা-পানে দিলেন দুগ্ধ কলা ম গা ২৩।]

পোলাও বি [ফা পুলাব্, পলাব্; তু 'সং পুলাক'] মাংস বা মাছের সহিত আকনীতে সিদ্ধ ঘৃতপক্ব ভাত; পলান্ন, মাংসৌদন।

পোলাকরী বি সর্থ 'পলাকড়া'। "ম.ম ১৪৫।

পোলিকালী স্ত্রী পিষ্টকবিশেষ, পুরিকা।

পোলিন্দ পুং [পোত+অলিন্দ ?] নৌকাবয়বভেদ (অ.চি)।

পোলো[১] দ্র 'পলুই'।

পোলো[২] [E. polo] হকির মত ইংরাজী বল্‌খেলাবিশেষ।

পোশ বি [ফা পোশ্] ১ আচ্ছাদন, আবরণ। "বালা°, তথতা°। ২ পোশাক। [খোরপোশ—খোরাক-পোশাক, গ্রাসাচ্ছাদন।]

পোশা(ষা,সা)ক বি [ফা পোশাক্; পুসাগ (E. P. III)] পরিচ্ছদ, জামা কোট্ ইত্যাদি। "ছেলেদের পোষাক বেণেবাবু...স্বহস্তেই সেলাই করেন।—হ ৩১। [°পরিচ্ছদ—একার্থক।]

পোশা(ষা)কী বিং [°ক+ঈ[৭]] ১ পোশাকের যোগ্য; সময়বিশেষে ভদ্রসমাজে ব্যবহার্য্য (বস্ত্রাদি)। বিপ 'আটপরীয়া, -পৌরে'। ২ পোশাক-প্রিয়, বিলাসী। [পোষাকী ব্রাহ্ম—যাঁহারা ব্রাহ্মোৎসববিশেষে যোগ দেন। "১১ই মাঘ দেবেন্দ্রনাথ ঠাকুরের বাড়িতে...একটা অন্নক্ষেত্র

হয়…ঐ দিন…চণ্ডীমণ্ডপে ব্রাহ্ম ধরে না, কিন্তু প্রতি বুধবারে উপাসনার সময়…জন দশ বারোকে…দেখতে পাই; বাকিরা কোথায়? তাঁরা বোধ হয় পোষাকী ব্রাহ্ম!—হু ১১৭।]

পোষ[1] পুং [√পুষ্ + (ঘঞ্)-ভা; তু 'পোষ'—বৰ্দ্ধমান (ঋগ্বেদ ১১৩] ১ পোষণ, পালন। "ভ ৩৩০১০, কুটুম্ব° ৩২, অহেরিব পয়ঃপোষঃ ৪.১৪.১০। গর্ভধারণপোষাভ্যাং তেন মাতা গরীয়সী (S.W.)। ২ বৃদ্ধি, উপচয়। "ভক্তিধর্ম্ম° চৈ.চ ৬১। ৩ অভ্যুদয়, সমৃদ্ধি। "তৎকালসম্পোষ (S.W.)। —বক বিণ [+অক (ণুল্)-ক, স্ত্রী -ষিকা] ১ পোষণকর্ত্তা, পালক। "পক্ষিণাং পোষকঃ মনু ৩.১৬২। স পিতা যস্ত পোষকঃ (SW)। ২ (বাংলায়) আনুকূল্যকারক, সমর্থক। "পিতৃভক্তির অপেক্ষা মাতৃভক্তির প্রাধান্য উচ্ছৃঙ্খল ব্যবহারের পোষক।—পা.প্র ৭৪। —ষণ বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী- ণী] সর্থ 'পোবক'। "পক্ষ°। —ণ ক্লী [+অন-ভা] ১ পালন। "অস্মৎ-পোষণজা চিন্তা মহা ৩২.১০। ২ রক্ষণ। "গৃহ° ক.সা ২.৫৫। ৩ অনুগ্রহ। "পোষণং তদনুগ্রহঃ ভ ২.১০.১। —ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পালনীয়। [পোষকতা—সমর্থন, আনুকূল্য। পোষ মানা—পালন হেতু বশ হওয়া। "সাপিনী বাঘিনী সতা পোষ নাহি মানে (ক.চ)।]

পোষ[2]**; পোষক, -কতা, -ষণ, -নীয়** দ্র 'পুষ, পোষ'।

পোষণি(ণী)য়া, -ষানিয়া বিং [°ণ+ঈয়া] পালিত, পোষা। "পোষণিয়া পাখী।—কৃ ২৮৭, ম ৫৩৮। পোষানিয়া কঙ্ক: °য়া ময়ূর: °য়া নেউল ম ম ১৭২, তাব স্বামী পোষণীয়া গাধা ১৭৭।

পোষা[1] বিং [পোষ[2]+আ[12]] পালিত। —ষা বি সর্থ 'পুষ'।

পোষা[2] অস্ [পোষ[1]+আ[9]] ১ প্রয়োজনানুরূপ সুবিধা হওয়া, কুলান। ২ বনিবনাও হওয়া, বনা। "ভাই, তোমাবও পোষাল না, আমারও পোষাল না গি দ্বি ১০৩। [পোষান—সর্থ 'পোসা[2]'।]

পোষিত বিণ [√পোষি+ত (ক্ত)-স্ম] পালিত। "পোষিত গরু বাছুর পা.প্র ৬০।

পোষিতা (-তৃ), -ষী (-ষিন্) বিণ [√পুষ্+তৃ (তৃচ্), +ইন্ (ণিনি),-ক-১ব, স্ত্রী -ত্রী, -ষিণী] পোষক, পালক। "পক্ষিণাং পোষিতা মনু ৩.১৬২, কুল্লুক। স্বপুত্রপোষিণী ক সা ১৪ ৫১।

পোষ্ট বি [E post] ডাক। [°বাবু, °মাষ্টাব—ডাকমুন্সী। "°বাবু, °মাষ্টার ব প্র ৩১২। °আপিস—ডাকঘব। "ব প্র ৩১২।]

পোষ্টা (-ষ্টৃ) বিণ [√পুষ্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ষ্ট্রী] পোষক, পালক। "মুক্তি যাব পোষ্টা আছে।—চৈ ভা ৪৪৮। আমার পোষ্টা রায় হয় পিতা চৈ চ ২৫২। [পোষ্টাবর—১ পরমপ্রতিপালক। "পোষ্য হ'য়ে পোষ্টাবরে করিলি নির্ম্মূল শ্রী ৮৪। ২ মনিবকে পত্র লেখার পাঠ।]

পোষ্টাই বি [হি পুষ্টঈ] ১ দেহপুষ্টির ঔষধ, বলবীর্য্যবর্দ্ধক ঔষধ। "অনেকগুলা কবিরাজ রাজবাড়ীতে চাকুরী করে, তত কর্ম্ম নাই, সচরাচর ভৃত্যবর্গকে মসলা খাওয়াইয়া এবং পরিচারিকাকে পোষ্টাই দিয়া কালাতিপাত করে ব প্র ৫১৩। ২ [ঠ পুষ্টাঈ] স্থূলতা, পুষ্টি।

পোষ্য বিণ [√পুষ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ পোষণীয়, পালনীয়। "শতং হরীণাং যুব পোষ্যাণাম্।—ঋগ্বেদ ৪.৪৮.৫। ২ অবশ্যপোষণীয় (মাতৃ-পিতৃ-প্রভৃতি)। [°বর্গ (পুং)—অবশ্যপোষ্যগণ। 'পিতা মাতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ। অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গ উদাহৃতঃ॥ —দক্ষ ২.২৯, ৩০। °মঙ্গল (বি)—সূতিকাশৌচের পরে শিশুর মঙ্গলার্থ তীর্থজলে স্নান। "গ ৩৭।

পোষ্যপুত্র পুং [কর্ম্মধা] ১ পোষণাদি হেতু পুত্রভাপন্ন শিশু (যেমন কৃত্তিকাগণের কার্ত্তিকের—ব্রহ্মবৈবর্ত্ত)। ২ দত্তকপুত্র।

পোস্ত, -স্তা[1] বি [ফা পোস্ত্, হি 'পোস্ত', সং খসতিল] ১ অহিফেন-ফলের বীজ (poppy-seed)। "পোস্তদানা। পোস্তার হোলা ম.ভা ১১। ২ অহিফেনের গাছ (poppy-head)।

পোস্তা[1] দ্র 'পোস্ত'।

পোস্তা[2] [ফা পুশ্তহ্] দেয়াল ইত্যাদি মজবুত করার নিমিত্ত গোড়ায় গাঁথা ঠেস (buttress)।

পোহ বি [সং পোত > প্রা পোঅ > °হ (হ-আগম), অপ্র] পুত্র। "নন্দের পোহো শ্রী.কী ৩৬৯। ম.ম ৬০।

পোহা, পোহান; পোহাবারো দ্র 'পুহা, পো[2]'।

পৌংশ্চলেয় পুং [পুংশ্চলী+এয় (ঢক্)] পুংশ্চলীর অপত্য।

পৌংস্ন বিণ [পুমস্+স্ন (স্নঞ্), স্ত্রী -স্নী] ১ পুরুষসম্বন্ধী, পৌরুষ। "পৌংস্নং বপুঃ ভ ৩.১৫ ৪৫। ২ পুরুষার্হ। "ভট্টি ৫.৯১। —স্ন ক্লী পুংত্ব।

পৌঁছ, -ছা অস্ [পঁহুছ, -ছা] উপস্থিত হওয়া। "বাজা তোড়ল…দুই মাসে বানাবসেব সবহর্দে পৌঁছিলেন ব প ১৬৮৭। [পৌঁছ(ছা)ন—সর্থ 'পৌঁছা'। পৌঁছসমাচার, পৌঁছাসংবাদ—পৌঁছানর খবর। "°চার ভ.গ্র ৩৫২। স্বত্ব পৌঁছান—স্বত্ব অর্পণ।]

পৌখ বি [পৌষ > °খ, দ্র 'খ'[1], বৈষ্ণবসাহিত্যে] পৌষমাস। "গো ২৩৮; ব.প ১০৫৪। —খনি, -লি, -লী বিং পৌষমাসসম্বন্ধী। "°লী রজনী।—গো ১২৯। °নি রজনী প র ৪৯। °লি প.ক ৩২৬]

পৌগণ্ড বিণ [পোগণ্ড+অ (অণ্), স্ত্রী -ণ্ডী] পোগণ্ডভব, পোগণ্ড-কালসম্বন্ধী। "হ্রস্বং পৌগণ্ডম্ ভ ৩৩১.২৮। —গণ্ড, -ণ্ডক ক্লী পোগণ্ডাবস্থা—পঞ্চমাব্দ হইতে দশমাব্দপর্য্যন্ত বয়োদশাভেদ। 'কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি ভ ১০.১২.৩৭, শ্রীধর। "কৌমার কাল গেলে, পৌগণ্ড আসিয়া মিলে গ ৪০। চৈ চ ৮, ১৫।

পৌগণ্ডক দ্র 'পৌগণ্ড'।

পৌছি বি [অপ্র] সর্থ 'পঁইচে'। "ব প ১৮৭৪।

পৌটি, -টী বি সর্থ 'পউটি'। "আঘণে পৌটি।—খনা, ব প ১১। ধান্য লক্ষ পৌটী।—ম ২৪৫। বায়ার পৌটি ভোজনে।—ঙ্গা ৩৮৫।

পৌণ্ড্র পুং [পুণ্ড্র+অ (অণ্)] ১ পুণ্ড্র ইক্ষু, পুঁড়ি আঁখ। ২ তিলক। "ত্রিপুণ্ড্র। ৩ ভীমের শঙ্খ। "গী ১.১৫। ৪ (বহুব) দেশবিশেষ। ৫ পৌণ্ড্ররাজগণ। ৬ পৌণ্ড্রদেশবাসিগণ। "সার্দ্ধং পৌণ্ড্রৈঃ (নির্যযৌ)।—হ ১১৭.৫২। [বসিষ্ঠধেনু নন্দিনীর পার্শ্ব হইতে ইহাদের উৎপত্তি। '(অসৃজৎ পার্শ্বতঃ) পৌণ্ড্রান্ মহা ১.১৭৫.৩৭। দ্র 'পৌণ্ড্রক (২)।] —ণ্ড্রক পুং [°ণ্ড্র+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'পৌণ্ড্র (১)'। "সুশ্রুত ১.৪৫.১৩৮। ২ ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত পৌণ্ড্রদেশীয় ক্ষত্রিয়। 'মনু ১০ ৪৪। ৩ বৈশ্য হইতে শৌণ্ডিকার গর্ভে জাত সঙ্কীর্ণজাতিবিশেষ, পুঁড়া (ব্রহ্মবৈবর্ত্ত) —ণ্ড্রিক পুং সর্থ 'পৌণ্ড্র' (১)। [°বর্দ্ধন (পুং)—১ দেশবিশেষ, বিহারের একাংশ। ২ নগরভেদ। "প্রাপ্তঃ…পুরং পৌণ্ড্রবর্দ্ধনম্ ক.সা ১৯.২১।

পৌণ্ড্রক, পৌণ্ড্রিক দ্র 'পৌণ্ড্র'।

পৌতিনাসিক্য ক্লী [পুতিনাসিক+য (ষ্যঞ্)] দুর্গন্ধনাসত্ব, পিনসরোগযুক্তত্ব। "মনু ১১.৫০।

পৌত্তলিক বি পুত্তলিকাপূজক, প্রতিমাপূজক (idaloter)।

পৌত্তিক ক্লী [পুত্তিকা+অ (অণ্)] পুত্তিকামক্ষিকাকৃতমধু। [মধু অষ্টবিধ—পৌত্তিকং ভ্রামরং ক্ষৌদ্রং মাক্ষিকং ছাত্রমেব চ। আর্ঘ্যমৌদ্দালকং দালমিত্যষ্টৌ মধুজাতয়ঃ॥—সুশ্রুত ১ ৪৫.১১৯।]

পৌতুর বি [সং পৌত্র > (স্বরাগমে) °র, কথ্য] পৌত্র। "হু ১২; ১৫০। —রী বি পৌত্রী। "হু ১৫০।

পৌত্র, -ত্র বিণ [পুত্র, -ত্র+অ (অণ্); স্ত্রী -ত্রী] ১ পুত্রসম্বন্ধী, পুত্রলাভার্থ। "পৌত্রীমিষ্টিম্ রা ১.৩৫.১। ২ পুত্রপক্ষীয়। "সৈন্যং পৌত্রম্ মহা ৬.৬১.৫। —ত্র, ত্র পুং [+অণ্ অপত্যার্থে] ১ পুত্রের পুত্র,

নপ্তা, নাতি। "পুত্রঃপৌত্র রা ১ ১ ৯৯। °বধূ শি ৬০। ২ পৌত্রকার্য্য-করণ হেতু পুত্রিকাপুত্র। "মনু ৯.১৩৬, কুল্লুক। —ত্রি(ত্রি)কেয় পুং [পুত্রি(ত্রি)কা+এয় (ঢক্)] পুত্রিকাপুত্র। 'পৌত্রিকেযবান্ মাতামহঃ মনু ৯.১৩৬, কুল্লুক। —ত্রী, -ত্রী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্)] পুত্রের কন্যা, নাতিনী। —ত্রী, -ত্রী, (-ত্রি(ত্রি)ন্) বিণ [°ত্র -ত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ পৌত্রবান্। ২ পুত্রিকাপুত্রবান্। "মনু ৯ ১৩৬।

পৌনঃপুনিক [পুনঃপুনব্+ইক (ঠঞ্), টিলোপ] পুনঃপুনর্ভব, নিত্য-সংঘটিত। —পুন্য ক্লী [+য (ষ্যঞ্)] পুনঃপুনর্ভাব, আভীক্ষ্য, নিত্যত্ব।

পৌনরুক্ত, -ক্ত্য ক্লী [পুনরুক্ত+অ (অণ),+য (ষ্যঞ্)] ১ পুনরুক্তভাব, পুনর্ব্বার উক্তি। "তুমি আমাব অত্যন্ত প্রিয, এ কথা বলা পৌনরুক্ত।—কাদ ৯৫। পৌনরুক্তের বাহুল্য পা প্র ১৬৫। ২ আধিক্য, দ্বৈগুণ্য। দ্র 'অভিব্যক্ত (২)। "বৈরূপ্যপৌনরুক্ত্যেন বঘু ১২ ৪০।

পৌনর্ভব বিণ [পুনর্ভূ+অ (অণ্), স্ত্রী -বী] ১ পুনর্ভূসম্বন্ধী, পুনর্ভূ-জাত। "(সুতঃ) পৌনর্ভবঃ মহা ১ ১২০.৩৩। °র্ভবে দ্বিজে মনু ৩ ১৮১। ২ পুনর্ভূ কর্ত্তৃক আশ্রিত। "পৌনর্ভবেণ ভর্ত্রা মনু ৯ ১৭৬। —র্ভব পুং [+অ অপত্যার্থে] পুনর্ভূর পুত্র, বিধবা বা পতিপরিত্যক্তা স্ত্রী স্বেচ্ছায় অন্যের ভার্য্যা হইযা যে পুত্র উৎপাদন করে। 'মনু ৯.১৭৬। [ইহা দ্বাদশ পুত্রের একতম।]

পৌনে দ্র 'পোন[১]।

পৌর[১] বিণ [পুর+অ (অণ্); স্ত্রী -রী] পুরসম্বন্ধী, পুরজাত, পুরবাসী। "°জন রা ১ ১৩.১৩, মহা ৩.৫৯.১১। পৌরাঙ্গনা পু মে ২৭। —র পুং পুরজন। "পৌরৈরনুগতঃ রা ১ ১.২৮। রঘু ৬৮০। °গণ সী ১৭। —রী স্ত্রী রাজভবনে ভৃত্যের কথ্যভাষাভেদ (S W)। [°কন্যা (স্ত্রী)—পুরবাসিনী কন্যা, পুরতরুণী। "রঘু ২ ১০। °কার্য্য (ক্লী)—পুরবাসিসম্বন্ধী বিচার্য্যবিষয। "যৎ প্রত্যবেক্ষিতং °কার্য্যমার্য্যেণ শ ৬২/১১। °জনপদ (পুং)—পুরজনপদবাসী। "উ চ ৪২/১১।]

পৌর[২] বিণ [পুরস্+অ (অণ্)] ১ পূর্ব্বদিগ্ভব। "রবি…পৌরঃ পূর্ব্বে।—বৃহৎসংহিতা ১৭.৬। ২ পূর্ব্বদেশকাল-ভব।

পৌরব বিণ [পুরু+অ (অণ্), স্ত্রী -বী] পুরুষসম্বন্ধী। "পৌরবো বংশঃ মহা ১.৭৫.৫৬, পৌরবেণ…বয়সা ৮৫.১। —ব পুং [+অ গোত্রাপত্যার্থে] ১ পুরুর গোত্রাপত্য—পৌত্রাদি। ২ দুষ্মন্ত। "পৌরবে বসুমতীং শাসতি শ ১ ২২। ৩ যুধিষ্ঠিরাদি। "ময, মণিময় সভা, ইন্দ্র-প্রস্থে যাহা, স্বহস্তে গড়িলা তুমি তুষিতে পৌরবে?—মে ৫। ৪ দেশ-ভেদ। বৃহৎসংহিতা ১৪.২৭। ৫ তদ্দেশবাসিগণ। ৬ তদ্দেশনৃপগণ।

পৌরষ, -স বি [সং পৌরুষ, তু 'ঔরস', অপ্র] ১ পুরুষত্ব, পরাক্রম, বীরত্ব। "নীচ জনে জিনিলে কি হইবে পৌরষ।—কৃ ৬১। পৌরষ নাহিক ইথে আমা সবাকার।—ম ৫০৯। দাদার পৌরষ হল দরবারে রাজার শ্রী মা ১১৪। কত্র মারিবেন ক্ষুদ্র পাখী, তাতে তোমার পৌরষ বা কি?—দা ৮১০। ২ পুরুষোচিত কার্য্যজন্য খ্যাতি। "নাচিয়া গাহিযা খাইতে কিসের পৌরষ গো বি ৯৬। অখিলভুবনপতি যার এত বশ। ইহার অধিক আর কি আছে °ষ॥—ম ৫৬৮।

পৌরস্ত্য বি [পুরস্+ত্য (ত্যক্); স্ত্রী -স্ত্যা] ১ পূর্ব্বদিগ্ভব, প্রাচ্য। "পৌরস্ত্যান…জনপদান্ রঘু ৪ ৩৪। পঞ্চ দ্বারস্তু পৌরস্ত্যাঃ ভ ৪.২৫.৪৬। ২ পুরোভব, অগ্রবর্ত্তী। —স্ত্য পুং গৌড়বাসিগণ। "কাব্যাদর্শ ১.৮৩।

পৌরহিত্য বি [সং পৌরো° ; অপ্র] পুরোহিতকর্ম্ম। "হু ৬, ১৩।

পৌরাণ বিণ [পুরাণ+অ (অণ্), স্ত্রী -ণী] ১ পুরাণসম্বন্ধী, পুরা-প্রোক্ত, প্রাচীন। "ধর্ম্মম্…পৌরাণমনুবর্ত্তসে গো রা ২.১৮.২৩। পৌরাণং ত্রিপুরস্য নিপাতনম্ মহা ১.২.২৭১। ২ পুরাণপঠিত। "শ্লোকশ্চায়ম্ …পৌরাণঃ গো.রা ২ ৬১ ৯। —ণিক বিণ [+ইক (ঠক), স্ত্রী -কী] ১ পুরাণবিৎ। "সৌতিঃ পৌরাণিকঃ ১.১ ১। ২ পুরাণাধ্যেতা। ৩ পুরাণ-পঠিত, পুরাণধৃত, প্রাচীন। ৪ শিল্পাগমবেত্তা। "মহা ১.৫১.১৫। —ণিক পুং পুরাণজ্ঞ, পুরাণবৃত্তজ্ঞ, পুরাণকথক। 'সাহিত্যশাস্ত্রনিপুণঃ সঙ্গীতজ্ঞশ্চ সুস্বরঃ। সর্গাদিপঞ্চকজ্ঞাতা স বৈ পৌরাণিকঃ স্মৃত॥—শু ২.১৭৯। "প.দু ৬৬। [পৌরাণিক নফর (অপ্র)—পুরাতন বা বৃদ্ধ ভৃত্য। "ম.ম ১৬১।]

পৌরী দ্র 'পৌর[১]।

পৌরুষ বিণ [পুরুষ+অ (অণ্), স্ত্রী -ষী ; বৈদিক] ১ পুরুষ-সম্বন্ধী। "পৌরুষং সূক্তম্ মনু ১১ ২৫২। ২ পুরুষকৃত। "এষ ঈশকৃতো বীর সম্বন্ধো নো, ন পৌরুষঃ ভ ৯ ১৮.২১। ৩ পুরুষরূপ। "শরীরং পৌরুষম্ ভ ৭৬৫, পৌরুষীং তনুম্ ৮.১২.৩৭। ৪ পুরুষকর্ত্তব্য। "এতাবান্ পৌরুষো ধর্ম্মো যদার্ত্তানমুকম্পতে ভ ৪.২৭.২৬। ৫ মনুষ্য-সদৃশ। "জগৃহে পৌরুষং রূপং ভগবান্ মহদাদিভিঃ ভ ১.৩ ১। ৬ ঐশ্বরিক, ঐশ। "প্রভাব পৌরুষং প্রাহুঃ কালমেকে ভ ৩.২৬ ১৬। ৭ পুরুষোচিত, বীরোচিত। ৮ পুরুষমানপরিমিত, পুরুষপ্রমাণ। দ্র 'পুরুষ ক্লী (৭)। "°ষং জলম্, °ষী যষ্টিঃ, °ষঃ কূপঃ (অ.টী)। ৯ (বাঙ্লায) পুরুষ-মানুষের মত। "চলন ফেরন এ সকলও পৌরুষ ব.দ্বি ১৫। —ষ পুং পুরুষবাহুভাব। "মনু ৮.৪০৪। —ষ ক্লী ১ পুরুষত্ব, পুরুষভাব। ২ উদ্যম, উদ্যোগ। "দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা।—হি ৩১ (কথারম্ভ)। ৩ শৌর্য্যবীর্য্যাদি পুরুষগুণ, বল, পরাক্রম। "°হতং দৈবম্ রা ২ ২৩ ১৯। মহা ১৩ ১১ ১৫। (অহম্) পৌরুষং নৃষু গী ৭.৮। পতিম্…অপ্র্য-পৌরুষম্ রঘু ৮ ২৮। ৪ ইহলোকে স্বয়ংকৃত কর্ম্মের প্রত্যক্ষ ফল। বিপ 'দৈব'। 'মহা ৩.৩২.১৮। "দৈবমেব পরং মন্যে পৌরুষং তু নিরর্থকম্ রা ১ ৫৮.২২। ৫ ভোগশক্তি। "বঘু ৮ ২৮। ৬ উদ্যম (শ্রীধর)। "গী ৭৮। ৭ তেজঃ, বীর্য্য। ৮ শিশ্ন। ৯ ঊর্দ্ধবাহু বিস্তৃতপাণি মনুষ্যের পরিমাণ। ১০ [বাঙ্লায়, অপ্র] সম্মান। "ভারিব পৌরুষ শ্রী ১৫৪।

পৌরুষেয় বিণ [পুরুষ+এয় (ঢক), পা ৫.১ ১০ ; স্ত্রী -য়ী] পুরুষকৃত, মানবরচিত। "°ষেযঃ গ্রন্থঃ (কাশিকা)। পৌরুষেযঃ…ব্যাধিঃ মহা ৫.৭২ ৬৫। অপৌরুষেয় বেদের রক্ষা।—বিদ্যাসাগর। —ষেয় পুং ১ পুরুষবর। ২ পুরুষসমূহ। "পৌরুষেযবৃত মাঘ ২ ৪। ৩ পুরুষবিকার।

পৌরুহূত বিণ [পুরুহূত+অ (অণ্), স্ত্রী -তী] ইন্দ্রসম্বন্ধী, ঐন্দ্র। "°হূতে চ বজ্রে শ ২.১৫। —হূতী বি অন্নপূর্ণার ঐন্দ্রশক্তিসম্ভূতা নাযিকা, ঐন্দ্রী শক্তি। "ভা চ ৫০১।

পৌরুহূতী দ্র 'পৌরুহূত'।

পৌরোভাগ্য ক্লী [পুরোভাগিন্+য (ষ্যঞ্), টিলোপ] ১ পুরো-ভাগিভাব, দোষৈকদর্শীর কর্ম্ম। "রঘু ১২ ২২। অহিতাচরণ। "কিমিদ-মনুষ্ঠিতং পৌরোভাগ্যম্ শ ৬২/১১।

পৌরোহিত্য ক্লী [পুরোহিত+য (যক্)] পুরোহিতকর্ম্ম। "তং পুত্রং জনমেজয়ঃ পৌরোহিত্যায় বব্রে মহা ১ ৩ ১৪।

পৌর্ণমাস বিণ [পূর্ণমাসী+অ (অণ)] পৌর্ণমাসীভব, পৌর্ণমাসী-সম্বন্ধী। "পৌর্ণমাসীমিব নিশাম্ গো রা ৫.২১,১৪, মহা ৩.৬৮.১৪। —মাস পুং পূর্ণিমাবিহিত যাগভেদ।—"মনু ৪ ২৫। —মাস ক্লী পূর্ণিমাদিন। —মাসী স্ত্রী (পূর্ণমাস+অ স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ্), পা৪.২ ২২, তত্ত্ব-বোধিনী, ৭.৩ ২৩, সি, পূর্ণ মাঃ (চন্দ্র) > পূর্ণমাস+অ+স্ত্রী ঈ, পা ৪ ২ ২১, কাশিকা)] 'যে তিথিতে মাস পূর্ণ, পূর্ণচন্দ্রসম্বন্ধিনী'; পূর্ণিমা।

পৌর্ত্তিক বিণ (পূর্ত্ত+ইক্ (ঠক্), স্ত্রী -কী) ১ পূর্ত্তসম্বন্ধী। ২ বহির্ব্বেদিদানসম্বন্ধী, বহির্ব্বেদিক। "মনু ৩.১৭৮, ৪ ২২৭।

পৌর্ব্বদেহিক বিণ [পূর্ব্বদেহ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] পূর্ব্বদেহভব ; পূর্ব্ব-দেহপ্রাপ্ত, প্রাক্তন। "তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্ গী ৬ ৪৩।

পৌর্ব্বাপর্য্য ক্লী [পূর্ব্বাপর+য (ষ্যঞ্)] পূর্ব্বাপরভাব, পূর্ব্বাপরত্ব। "°প্রশ্ন।—ঋগ্বেদ ১.১৮৫.১, সায়ণ। পৌর্ব্বাপর্য্যালোচনা মনু ৩.৫৩, কুল্লুক।

পৌর্ব্বাহ্নিক বিণ [পূর্ব্বাহ্ন+ইক (ঠঞ্), স্ত্রী -কী] পূর্ব্বাহ্নভব, প্রাতঃকালিক। "কৃতপৌর্ব্বাহ্নিকক্রিয় রা ১.৩১.৩। পৌর্ব্বাহ্নিকীঃ ক্রিয়াঃ মহা ৩.২৯৫.১০।

পৌর্ব্বিক বিণ [পূর্ব্ব+ইক্ (ঠঞ্); স্ত্রী -কী] পূর্ব্বকালভব, প্রাক্তন। "জাতিং স্মরতি পৌর্ব্বিকীম্, মনু ৪.১৪৮,-৯।

পৌলস্তী দ্র 'পৌলস্ত্য'।

পৌলস্ত্য পুং [পুলস্তি+য (ষ্ণ্য)] ১ পুলস্তির গোত্রাপত্য বা পৌত্রাদি। ২ কুবের। ৩ রাবণ। "°বধ রা ১.৪.৭। °তুলিতস্য রঘু ৪.৮০; °শত্রোঃ ১২.১০২। ৪ বিভীষণ। "রঘু ১৩.৭২। ৫ কুম্ভকর্ণ। —স্তী স্ত্রী শূর্পণখা। —স্ত্যের বি [সং °স্ত্য] রাবণ। "মে ২০৬।

পৌলোম পুং [পুলোমন্+অ (অণ্), টিলোপ পা ৬.৪.১৭০, তু 'তে পৌলোমানঃ (মহা ১.১.১৬৪)] পুলোমার অপত্য। "ভ ৬.৬,৩১; ৩৪.৩৫। —মী স্ত্রী [°ম+স্ত্রী ঈ (ঙীপ্)] পুলোমকন্যা শচী। "রা ৪.৫৯.৬,৭। পৌলোমী, অনন্ত-যৌবনা।—মে ১৪৫। °বল্লভ। —হেম ১৭৯। [পৌলমীপতি, -মীশ (পুং)—ইন্দ্র।]

পৌষ বিণ [পুষ্য+অ (অণ্), স্ত্রী -ষী] পুষ্যনক্ষত্রযুক্ত, পুষ্যসমীপস্থ চন্দ্রযুক্ত। "পৌষমহঃ। পৌষী রাত্রিঃ পা ৪.২.৩, সি। —ষী পুং [পৌষী+অ] পৌষী পৌর্ণমাসী যাহাতে, পৌষমাস। —ষী স্ত্রী পুষ্যযুক্তা পৌর্ণমাসী। "পৌষ্যান্তিথৌ রঘু ১৮.৩২। [পৌষীকৃত্য—পৌষ-পার্ব্বণ। "শি ১১২।]

পৌষ্টিক বিণ [পুষ্টি+ইক (ঠঞ্)] পুষ্টিসাধনে হিত; ধনজনাদি-বৃদ্ধিকর। "মহা ১৩.১৭.১৬। —ক ক্লী পুষ্টিসাধন কর্ম্মভেদ।

পৌষ্ণ ক্লী [পূষন্+অ (অণ্), উপধালোপ] পূষদেবতাক রেবতী-নক্ষত্র। "চৈ ১৯০।

পৌষ্প বিণ [পুষ্প+অ (অণ্); স্ত্রী -ষ্পী] পুষ্পসম্বন্ধী, কুসুমরচিত। "পৌষ্পীম্…মালাম্ গো.বা ৪.৪১.২৬। —ষ্পী স্ত্রী ১ কুসুমপুর, পাটলি-পুত্র। ২ পুষ্পজাত সুরা।

পৌষ্পী দ্র 'পৌষ্প'।

প্যাংটা বি (?) আবদার। "থো মএনা তোর প্যাংটা এক দিক কবিয়া গো.চ ১৫।

প্যাঁচ; প্যাঁচা; প্যাট; প্যাটেরা; প্যাদা দ্র 'পেঁচ, পেঁচা; পেট[২]; পেঁটরা, পিয়াদা'।

প্যান দ্র 'পীন'।

প্যায়ন ক্লী [√প্যায়্+অন (ল্যুট্)-ভা] বৃদ্ধি, স্ফীতি।

প্যানপ্যান বি [ধ্বন্যাত্মক] কান্নার শব্দ। "প্যানপ্যান কোরে কাঁদে নি কভু ব.সু ৩৯। সেই কাঁদাকাটি … প্যানপ্যান ব.প্র ৪৫৮।

প্যায়্ অক [ভ্বা, আ—প্যায়তে, সেট্] বৃদ্ধি। [আ—১ স্ফীতি। "ভট্টি ৫.৫৬। ২ (ণিচ্) প্রীণন। দ্র 'আপ্যায়িত'।]

প্যার, -রী; প্যারেড দ্র 'পিয়ার; পেরেড'

প্র ব্য [প্রা 'প'—√পণম্ (প্র- √নম্); হি 'পর'—পরকাস (তু 'পরকাশ, পরচায়'—বৈষ্ণবসাহিত্যে); বা 'প' (বৈষ্ণবসাহিত্যে) —পনময়ে, পয়ান; Gr., L. pro—before] উপসর্গবিশেষ: ১ গতি (অগ্রে, সম্মুখে, সমন্তাৎ)। "প্রাক্, °কাশ, °কীর্ণ °রোহ। সময়ে প্রক্রমিল অ.প্র ৭৯। ২ আরম্ভ। "°ক্রম। ৩ প্রকর্ষ। "°জ্ঞা। ৪ ভৃশ, অত্যন্ত, প্রচুর। "°ঘাত, °চণ্ড, °জ্বলিত, °বাক্, °মত্ত। ৫ প্রগত। "°পিতামহ। ৬ সর্ব্বতোভাব। "°গতি, °শান্ত। ৭ আদি-কর্ম্ম, প্রাথম্য। "অন্নপ্রাশন; °ডীন। ৮ খ্যাতি। ৯ উৎপত্তি। "°ভব। ১০ শক্তি। "°ভব। ১১ ঈশ। "°ভু। ১২ শেষ, সমাপ্তি। "°ভুক্ত। ১৩ শুদ্ধি। "প্রসন্নং জলম্। ১৪ পূজা। "প্রাঞ্জলি। ১৫ পতন। "°পর্ণ। ১৬ উন্নতি। "°পদ। ১৭ বিয়োগ। "প্রোষিত। ১৮ খ্যাতি। ১৯ ব্যবহার। ২০ ইচ্ছা। "প্রার্থনা। ২১ তৃপ্তি। "°ভুক্ত। ২২ দৈর্ঘ্য। ২৩ বৈপরীত্য। "°স্মৃত। ২৪ পুরা। "°তন, °ত্ন। ২৫ প্রজ্ঞাত। "°কট।

প্রকট বিণ [প্র+ √কট্+অ (অচ্)-ক, প্র+কট (কটচ্) স্বার্থে, পা ৫.২.২৯; স্ত্রী -টা] ১ প্রজ্ঞাতভাবে গোচর; স্পষ্ট, প্রকাশ। "প্রকটং মৃদু নাম জল্পতঃ মাঘ ১৬.১৯। প্রকটঃ সোঽস্ত ক.সা ১২.১৯০। প্রকট আছিল মূর্ত্তি।—দু ৩৭। নিশানাথ সমীপে প্রকট দিনমণি ব.প ১৩৬০। কৈতবপিরীতি এবে হইল প্রকট চৈ.ম ১৫। তাঁহাই প্রকট কৈল বৈকুণ্ঠ চৈ.চ ২৪, ১৬০। ত্রয়ী শক্তি ত্রিস্বরূপে প্রপঞ্চে প্রকট চ.কা ৮৮। পা.প্র ১১২; ২০৬। শীর্ণশরীর প্রকটকণ্ঠাস্থি ব.প্র ৩০৯। ২ নয়নগোচর, দৃষ্ট, আবির্ভূত। "গোপাল প্রকট হৈল দেশে শব্দ হৈল চৈ.চ ৯১, গোপাল প্রকট ৯২। যাহার হুঙ্কারে প্রকট গোরা ন.প ৪০১। ৩ প্রপঞ্চগোচর, জগতের দৃষ্টিবিষয়ীভূত। "করিব প্রকটলীলা স্বগণসহিত ন.প ১৭। [প্রকট অপ্রকট ভেদে লীলা দ্বিবিধ। শ্রীকৃষ্ণ অনন্ত প্রকাশের মধ্যে কোনও প্রকাশে স্বপরিবারের সহিত জগতে আবির্ভূত হইয়া লীলা করেন। প্রপঞ্চের গোচর হইলে লীলা প্রকট এবং অগোচর হইলে লীলা অপ্রকট হয়। গোকুলে মথুরায় দ্বারকায় লীলা প্রকট (লঘুভাগবতামৃত)। "(ধন্য বৃন্দাবন) যাহাতে করেন কৃষ্ণ প্রকট বিহার ব.প ৮১৯।] ৪ (বাংলায়) বিখ্যাত, প্রথিত। "ন পুন গঙ্গার দূরে ভূপতি প্রকট ভা.চ ৪৪১। ৫ (অপ্র) প্রকার, কৌশল। "ভাল বব নিলে র করিয়া প্রকট।—মী ৭। —কটন ক্লী [+অ ল্যুট্)-ভা] ২ কাশ। "তাঁহা এক ঐশ্বর্য্য হৈল প্রকটন চৈ.চ ১৪৪। উপন্যাসলেখক অন্তর্বিষয়ের প্রকটনে যত্নবান্ হইবেন ব.প্র ৪৯৩। —কটিত বিণ [+ত (ক্ত)-ক] প্রকাশিত, ব্যক্ত, পরিস্ফুট। "প্রাবৃট্দিনান্তশোভা প্রকটিত ব.প্র ১০৯। —কটীকরণ ক্লী [প্রকট+চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] ব্যক্তীকরণ, প্রকাশন। "গাঢানুরাগ° চৈ.চ ২৬৮। [প্রকটত—প্রকাশ পায়। "ন.প ১৫২। প্রকটাই (সং প্রকটয্য)—প্রকট (প্রকাশ) করিয়া। "আপনারে প্রকটাই ধর্ম্ম-কর্ম্ম করে চৈ.ভা ১২৬। প্রকটে—প্রকাশভাবে, সুস্পষ্ট। "(সবাকার) প্রকটে নিকটে আছে (সে)।—দু ৬০।]

প্রকটন, -টিত, -টীকরণ, -টে দ্র 'প্রকট'।

প্রকত বিং [সং প্রকৃত (কৃত >প্রা কত—হে); গ্রাম্য] যথার্থ, বাস্তবিক। "আমরা প্রকত কলাব-দাস।—হ ১১৬।

প্রকম্প পুং [প্র+ √কম্প্ অ (ঘঞ্)-ভা] প্রবল কম্প, বেপথু, স্পন্দন। "গাত্র° রা ৩.৪৭.৪৯। শিরঃ° মাঘ ১৩.৪২। —কম্পন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'প্রকম্প'। "পল্লবনপ্রকম্পন।—রঙ্গ ১৯। —কম্পন পুং [+ √কম্পি অন-ক] ১ 'প্রকম্পয়িতা', বায়ু। "মাঘ ১.৬১। ২ নবকন্দে। ৩ রাক্ষসভেদ। —কম্পী (-ম্পিন্) বিণ [+ √কম্প্ ইন্ (ণিন)-ক-১ব; স্ত্রী -ম্পিনী] প্রকম্পযুক্ত।

প্রকর পুং [প্র+ √কৃ+অ(অপ্)]-ভা ১ সমূহ, চয়, নিকর। "কুসুম° গো রা ২৫৬১৪। উৎপলদল° রঘু ৯৫৬। পুষ্প° কু স ৫.৬৮। ২ [+অ-র্ম্ম] প্রকীর্ণ পুষ্পাদি। —কর ক্লী [+অ (অচ্)-ক] অগুরু। —করী স্ত্রী (+ √কৃ+অ (অপ্)-ধি+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ নাট্যাঙ্গবিশেষ। 'সা দ ৬.৬৮। [শাকুন্তলে ষষ্ঠাঙ্কে, 'ততঃ প্রবিশতি' ইত্যাদি 'নেপথ্যে' ইত্যন্ত প্রকরী।) ২ চত্বরভূমি। ৩ চতুষ্পথ (A)।

প্রকরণ ক্লী [প্র+ √কৃ+অন (ল্যুট্)-ভা] ১ প্রকৃষ্টরূপে করণ বা সাধন। ২ বর্ণনা। ৩ (+অন-র্ম্ম) প্রস্তাব, প্রসঙ্গ। ৪ বৃত্তান্ত। "ব্যূহ ভেদিবারে তুমি জান প্রকরণ —ম ৮৩৩। ৫ প্রবন্ধ, গ্রন্থ। "কতমৎ প্রকরণমাশ্রিত্য এনমারাধয়াম: শ১ ½। ৬ বিষয়। "এতৎপ্রকরণং রাজন অধিকৃত্য (পতিব্রতানাং ধর্ম্ম শৃণু) মহা ৩.২০৪.২১। ৭ একার্থাবচ্ছিন্ন

সূত্রসমূহ ; গ্রন্থসন্ধি, পাদ। "কারক°, তদ্ধিত°, সন্ধি°। সাংখ্য ৭২। ৮ [+অন-খি] রূপকবিশেষ। [ইহার বর্ণনীয় নায়কচরিত লোক-চরিতমাত্রপ্রসিদ্ধ, অতএব কবিকল্পিত, পুরাণাদিপ্রসিদ্ধ নহে ; অঙ্গী-শৃঙ্গার, নায়ক বিপ্র অমাত্য বা বণিক্, নায়িকা কুলজা বেশ্যা (সা.দ ৬.২২৪,-৬)।] —করণী স্ত্রী উপরূপকভেদ। [ইহার নায়ক বণিক্-প্রভৃতি, নায়িকা সদ্বংশজাতা (সা.দ ৬.৩০৬)।]

প্রকরণী ; প্রকরী দ্র 'প্রকরণ , প্রকর'।

প্রকর্ষ পুং [প্র+ √কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ উৎকর্ষ, আধিক্য। "বপুঃ-প্রকর্ষাদজয়দ্ গুরুং রঘুঃ। —রঘু ৩.৩৪। বর্ণ° কু স ৩.২৮। °গতেন দীর্ঘশোকসন্তানেন।—উ চ ৩২। ২ তীক্ষ্ণতা। "মতি° হি ৪২। ৩ বৈশিষ্ট্য। —কর্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রকর্ষ। ২ আকর্ষণ। ৩ দূরে নোদন বা পাতন। "মহা ১.১৯০.২৫। —কর্ষী (-র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] আকর্ষণকারী। "অম্বাপীড়প্রকর্ষিন্ মহা ৬ ৫৯.১৭]

প্রকর্ষণ, প্রকর্ষী দ্র 'প্রকর্ষ'।

প্রকল্পনা স্ত্রী [প্র+ √কল্পি+অন্ (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] নির্ণয়, নির্দ্ধারণ। "অংশ° মনু ৮.২১১। —ল্পিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ নির্দ্ধারিত, নির্দিষ্ট। ২ কৃত। —ল্প্য বিণ [+য (যৎ)-র্ম্ম] নির্ণেয়, নির্দ্ধার্য। "প্রকল্প্যা তস্য তৈর্বৃত্তিঃ মনু ১০.১২৪।

প্রকাণ্ড পুং, ক্লী [প্রা স] ১ প্রকৃষ্ট কাণ্ড, বৃক্ষের মূল হইতে শাখাবধি অংশ; কাণ্ড গুঁড়ি। "মনু ১.৪৮, কুল্লূক। ২ শাখা। "দন্ত° কু.স ১৫ ১০। —কাণ্ড ক্লী প্রশংসাবাচক। "গো° পা ২ ১.৬৬। মন্ত্রি° (S.W.)। [সমাসে উত্তরপদ]। —কাণ্ড বিং ১ (কাণ্ডসাদৃশ্যে) বিশাল, বৃহৎ। "প্রকাণ্ড শরীর তার।—কৃ ২৪৮। ব্রহ্মাণ্ড কি প্রকাণ্ড চা ভূ ১১১। ২ প্রশংসনীয়। "প্রকাণ্ড যুঝার চ বি ১০০। —ণ্ডক পুং প্রশংসাবাচক। "রসঃপ্রকাণ্ডকো ভটি ৫৬।

প্রকাম বিণ [প্রা.স] ১ 'কামপ্রগত', পর্য্যাপ্ত, যথেপ্সিত। ২ অত্যন্ত। "°বিস্তারফলং রঘু ২.১১। —কাম ক্রি বিণ অত্যন্ত, অতীব। "প্রকামা-লোকনীয়তা কু.স ২.২৪। —কামম্ ব্য অত্যর্থ। "শ ৪ ২২। [°ভুক (-জ্) বিণ—পর্য্যাপ্তভোজী। "রঘু ১.৬৬।]

প্রকার পুং [প্র+ √কৃ+অ (ঘঞ্)-ভা] ১ ভেদ, বিশেষ। "উত্তম প্রসাদ—প্রকার যার নানা চৈ.চ ৩১৭। দুঃখ বিবিধপ্রকার শ্রী ২১৬। ২ বিধা। "নানা°। ৩ সাদৃশ্য। "প্রকারে গুণবচনস্য পা ৮.১.১২। ৪ আবাধমাবিশেষ। "দৈবং প্রকারৈরবিবাধাতে রা ২.৩০ ৩৩। ৫ বিশিষ্ট-জ্ঞান, বিশেষভাবে ভাসমান পদার্থ। ৬ (বাঙ্‌লায়) প্রবন্ধ, কৌশল, ফিকির। "সজনি, কিয়ে করব পরকার বি.প ১৬৫। যাও গৃহে, পাঠাইব কবিবা প্রকার।—ম ৫৯৬ ; ৯৫৫। ভূপে প্রকারে বুঝান শ্রী ১২৪। স্বরূপগোসাঞি সৃজিল প্রকার চৈ.চ ৩২৪। [প্রকার-প্রবন্ধ—একার্থক। "করিতাম প্রকার-প্রবন্ধ ক.চ ১৩৭ , ম বি ৮৮। ম ম ১৮৩।]

প্রকাশ[১] বিণ [প্র+ √কাশ্+অ (অচ্)-ক , স্ত্রী -শা] ১ প্রদীপ্ত, সমুজ্জ্বল। "বাসাংসি চ প্রকাশানি গো বা ৫.৫৫.১০। রূপে ত্রিভুবন পরকাশ ভা চ ৭। ২ আলোকযুক্ত, আলোকিত। "প্রকাশশ্চাপ্রকাশশ্চ লোকালোক ইবাচলঃ রঘু ১.৬৮। ৩ প্রকট। "নাহং প্রকাশঃ সর্ব্বস্য গী ৭.২৫। °বঞ্চক মনু ৯ ২৫৭। ৪ প্রকটীভূত। "নয়েৎ সীমাং সুপ্রকাশেষু সেতুষু মনু ৮.২৪৫। ৫ স্ফুট, স্পষ্ট। "নয়ন্তি...গভীরমর্থং কতিচিৎ প্রকাশতাম্ কি ১৪.৪। ৬ বিজ্ঞাত, বিদিত। "রা ১.২.৩৪। °ক্রয়শোধিত মনু ৮ ২০২। প্রতিগ্রহঃ প্রকাশঃ স্যাৎ যাজ্ঞ ২.১৭৯। ৭ প্রসিদ্ধ, প্রথিত। "জগৎ° (যশঃ) রঘু ৩.৪৮ ; শ্রুতপ্রকাশং যশসা প্রকাশঃ (প্রত্যুজ্জগাম) ৫.২। ৮ অনাবৃত, অগূঢ়। "প্রচ্ছন্নং বা প্রকাশং বা সর্ব্বমগ্নিরুদীক্ষতে গো.রা ৬.১০৩,১১। ৯ নির্বৃক। "বিপিনানি প্রকাশানি...চকার সঃ।—রঘু ৪.৩১। ১০ প্রকাশমান, দীপ্যমান। "যা সৌরাজ্যপ্রকাশাভির্বভৌ পৌরবিভূতিভিঃ রঘু ১৫.২৯। ১১ (নাট্যে) সর্ব্বশ্রাব্য। বিপ 'আত্মগত, স্বগত'। 'সর্ব্বশ্রাব্যং (বস্তু তৎ) প্রকাশং স্যাৎ সা.দ ৬.১৩৭। "প্রকাশম্। সা তত্রভবতী কিমা-খ্যস্য রাজর্ষেঃ পত্নী শ ৭২। ১২ প্রস্ফুটিত। "প্রকাশ পঙ্কজে পড়ে অলিরাজে ম.পা ৯৫। —কাশ ক্রি.বিণ ১ স্ফুটভাবে, স্পষ্ট। "প্রকাশং নাভ্যুদৈক্ষত রা ২.৪০.৪০। প্রকাশং ক্রুদ্ধো—হি ১৪। ২ সমক্ষ। "স হন্তব্যঃ প্রকাশম্ মনু ৮ ১৯৩। —কাশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ব্যক্তি, প্রকটন। ২ বিকাশ, প্রসার। ৩ [+অ-ণ] রৌদ্র, আতপ, কিরণ। ৪ প্রভা, দীপ্তি। "(ব্যঞ্জনাভ্যাম্) চন্দ্রহংসপ্রকাশাভ্যাম্ রা ২ ২৬ ১১। অর্কপ্রকাশা (সভা) মহা ২.৮৩। হিমক্লিষ্টপ্রকাশানি জ্যোতীংষি কু স ২.১৯। চন্দ্রের সদৃশ দেখি তোমার প্রকাশ।—ম ১২৭৭। দশনপাঁতি-প্রকাশ ভা.চ ৯। ৫ কান্তি। "তনু°। রঘু ৩.২। ৬ আলোক। "অপ্রকাশাম্ নিশাম্ রা ২.১১৪.২। আর কত পথ গেলে পাইব প্রকাশ।—কৃ ১৮২। দেবীর আজ্ঞাএ মেঘে কবিল প্রকাশ।—ম.পা ১৩১। ৭ শব্দাদিজ্ঞান। "গী ১৪.১১। ৮ বিবেক। "অ° গী ১৪.১৩। ৯ সত্ত্বকার্য্য। "গী ১৪.২২। ১০ প্রসিদ্ধি। "কাশ্যপঃ শাশ্বতে ব্রহ্মণি স্থিত ইতি প্রকাশঃ।—শ ১২। ১১ অনাবৃত প্রদেশ। "প্রকাশং নির্গতস্তাবদবলোকয়ামি।—শ ৪২। ১২ অশ্বের দেহের উপরিভাগের চিক্কণতা (A.)। ১৩ একই সময়ে অনেক স্থানে একরূপের তৎস্বরূপে প্রকটতা (লঘুভাগবতামৃত)। 'একই বিগ্রহ যদি হয় বহুরূপ।...ইহাকে কহিয়ে কৃষ্ণের মুখ্য প্রকাশ॥—চৈ চ ৩। ১৪ [+অ-খি। সুবর্ণদর্পণ। ১৫ অধ্যায়, পরিচ্ছেদ। ১৬ ব্যাখ্যাগ্রন্থ। "কাব্য°। ১৭ (বাঙ্‌লায়) আবির্ভাব। "প্রভুর প্রকাশ।—গ ৩৪। ১৮ দৃষ্টিগোচরতা। "(চারিপাশে) থাকহ ঘোড়াব কেন না থাকে প্রকাশ অ প ৩২। ১৯ অবকাশ, পথ। "চলিবারে নাহিক প্রকাশ।—গ ১৫২। প্রবেশিতে...না পাইল প্রকাশ বি পা ৭১৩। ২০ প্রচার। "গুপ্তকথাপ্রকাশ। ২১ উদয়। "সূর্য্যের প্রকাশ।—কৃ ১১৫। ২২ পুস্তকাদির মুদ্রাঙ্কণ ও বিক্রয়ার্থ ব্যবস্থা। "গ্রন্থ°, শাস্ত্র°। ২৩ আবির্ভাব। "শরতের সুপ্রকাশে, বরষা-বিক্রম নাশে স.শ ৪৪। —কাশ ক্লী কাংস্য। —কাশক বিণ [+ √কাশি+অক (ণ্বুল্)-ক , স্ত্রী -শিকা] ১ প্রকাশকারক, দীপক, দ্যোতক। "লোক°। পর° মনু ১.৭৭, কুল্লূক। সকলভুবন°।—সী ৩৭। ২ প্রকটয়িতা, স্ফুটীকারক। ৩ দ্যোতক, ভাস্বর। "সত্ত্বম্ ...প্রকাশকম্ গী ১৪.৬। মনু ১.৭৭, কুল্লূক। ৪ তেজস্বী। "তে ব্রাহ্মণা ইতঃ প্রেত্য ব্রহ্মলোকে প্রকাশকাঃ মহা ৫.৪২.২৭। ৫ ব্যঞ্জক, সূচক, ব্যাখ্যাতা। "শব্দশক্তিপ্রকাশিকা। —কাশক পুং ১ সূর্য্য। ২ (বাঙ্‌লায়) পুস্তকাদিপ্রকাশকারক (publisher)। —কাশন বিণ [+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -নী] দ্যোতক, দীপন। "প্রকাশনাস্ত্র ক.সা ৪৮.৪৫। —কাশন ক্লী [+অন-ভা] ১ দীপন, উদ্ভাসন। "রবেরবিষয়ে কিং ন প্রদীপস্য প্রকাশনম্।—হি ২.৭৮। ২ প্রকটন, স্ফুটীকরণ। ৩ ব্যঞ্জন। "প্রণয়° মাঘ ৯.৫৫। ৪ ঘোষণা। ৫ খ্যাপন, ভেদ, কথন। "এই বাত কাহা না করিবে প্রকাশন চৈ চ ১২৫। —কাশন পুং বিষ্ণু। —কাশিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ দ্যোতিত, দীপিত, উদ্ভাসিত। ২ প্রকটিত। ৩ আবিষ্কৃত। "পুরাণপূর্ণচন্দ্রেণ শ্রুতিজ্যোৎস্না প্রকাশিতা মহা ১.১.৮৬। ৪ প্রচারিত। "(কথাপ্রবিভাগঃ) প্রণীতো ন প্রকাশিতঃ উ.চ ৪৩। ৫ (বাঙ্‌লায়) মুদ্রাঙ্কণপূর্ব্বক সাধারণে প্রচারিত (published)। ৬ [+ √কাশ +ত-ক] প্রকাশযুত, স্ফুট, প্রকট, ব্যক্ত, স্পষ্ট। ৭ (বাঙ্‌লায়) উদিত। —কাশ্য বিণ [+ √কাশি+য (যৎ)-র্ম্ম] ১ প্রকাশনীয়, প্রকাশের যোগ্য। "রোদনের কারণ যদি প্রকাশ্য হয়, তবে আমায় নিকট প্রকাশ কর ব.প্র ৮৯। ২ (বাঙ্‌লায়) সকলের গম্য (স্থান) [প্রকাশ্যা

(-শক্)—১ 'প্রকাশবত্তম,' বিষ্ণু। ২ সূর্য্য। প্রকাশে—প্রকাশভাবে, অনাবৃতভাবে, স্পষ্ট। "জীবনে যা চিরদিন র'য়ে গেছে আভাসে, প্রভাতের আলোকে যা ফোটে নাই প্রকাশে গী.লি ১৬৯। প্রকাশ্যে—খোলাখুলি, স্পষ্ট, সর্ব্বসমক্ষে।]

প্রকাশ² অর্ম্ম [সং প্র-√কাশ্ > লি পকাস] ১ দৃষ্টিগোচর হওয়া; পরিস্ফুট হওয়া। "সূর্য্যের উদয় জন্য সংসার প্রকাশে: প্রকাশে ভুবন। —কৃ ৩২৯। উদিত হওয়া। "দিবা নিশি রবি শশী প্রকাশি গগনে। ভুবন উজ্জ্বল করে…।—স.শ ৩৪। তারকা প্রকাশে প.ভূ ৯। —কাশ সর্ম্ম [সং প্র-√কাশি > প্রা √পকাশ] ১ প্রকাশ করা; ব্যক্ত করা। "কার্য্য-অনুরূপ প্রভু প্রকাশয়ে শক্তি চৈ.চ ১৫২। চাঞ্চল্য প্রকাশিব ম.প ৫৬। প্রকাশি স্বীয় স্বরূপ স.শ ১০৫। ২ উন্মীলিত করা। "দুই চক্ষু প্রকাশিল ভাঙ্গে কাল ঘুম বা.ম ৩৭৮। আঁখি প্রকাশিয়া হেরি ম.পা ১৩৬। প্রকাশি নয়নাম্বুজ।—রঙ্গ ১০২। ৩ আলোকিত করা। "নানা অলঙ্কার সাজে, প্রকাশে ভুবন চতুর্দ্দশ ভা.চ ১৫। ৪ প্রচার করা। "প্রকাশিয়া পূজা কৈলা অনন্ত মহিমা ভা.চ ২৬। [চক্ষু প্রকাশিয়া—চোখ রাঙাইয়া। "চক্ষু প্রকাশিয়া ভারু কম্পে ম.পা ৫৫।]

প্রকাশক, -শন, -শাত্মা, -শিত, -শ্য দ্র 'প্রকাশ'।

প্রকীর্ণ বিণ [প্র+√কৄ+ত (ক্ত)-র্ম্ম] ১ বিক্ষিপ্ত, ব্যস্ত। "°কুসুমোৎকরা বা ২৭৭। ২ অসঙ্গত, অসম্বদ্ধ। "মাঘ ২৭৩। ৩ পর্য্যাকুল, শিথিলবদ্ধ। "প্রকীর্ণাম্বরমূর্দ্ধজ মহা ৩২১.২৪। °কেশ ভ ৭.২৩০। ৪ বিশৃঙ্খল। ৫ প্রসৃত। "জবাৎ প্রকীর্ণৈর্বভিতঃ প্রকীর্ণকৈঃ মাঘ ১২ ১৭। ৬ ব্যভিচারদূষিত। "°মৈথুনা যে চ কীবা জায়ন্তি তে নরাঃ মহা ১৩ ১৪৫ ৫৩। ৭ মিশ্রিত, নানাজাতীয়। "°কাণ্ড (ভট্টি), °বর্গ। ৮ অনুক্তপ্রায়শ্চিত্ত। "°পাতক বিষ্ণু ৪২ ২। —কীর্ণ পুং পূতিকঞ্জ। —কীর্ণ স্ত্রী ১ গ্রন্থবিচ্ছেদ, অধ্যায়। ২ [+ত-ভা] বিক্ষেপ। ৩ মিশ্রণ। ৪ বিস্তার। —কীর্ণক পুং [°র্ণ+ক (কন্) সংজ্ঞার্থে] তুরঙ্গম। —কীর্ণক স্ত্রী ১ চামর। "শ্বেত° গো.রা ৬.৮৬৯। মাঘ ১২ ১৭। ২ অনুক্তপ্রায়শ্চিত্ত পাতক। 'যদনুক্তং তৎ প্রকীর্ণকম্।—বিষ্ণু ৪২ ১।

প্রকীর্ণক দ্র 'প্রকীর্ণ'।

প্রকীর্ত্তন স্ত্রী [প্র+√কীর্ত্তি+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক কথন; কথন। ২ উদ্‌ঘোষণ। ৩ প্রশংসন, গুণস্তুতি। "পতগপতেঃ প্রকীর্ত্তনাৎ মহা ১৩৪.২৬। —কীর্ত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা, নিপাতিত, দ্র 'কীর্ত্তি'] ১ সর্থ 'প্রকীর্ত্তন (১-৩)। ২ মাহাত্ম্যকীর্ত্তন, নামসঙ্কীর্ত্তন। "গী ১১.৩৬। —কীর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, অভিহিত। "প্রত্যাগেব প্রয়াগাচ্চ মধ্যদেশঃ প্রকীর্ত্তিতঃ মনু ২.২১। ২ উক্ত, উপদিষ্ট। "এষা ধর্ম্মস্য বো যোনিঃ সমাসেন প্রকীর্ত্তিতা মনু ২.২৫। ৩ বিহিত। "(স্ত্রীধনে) দদ্যে তদূর্দ্ধং প্রকীর্ত্তিতম্ যাজ্ঞ ২ ১৫১।

প্রকুপিত বিণ [প্র+√কুপ্+ত- ক] ১ অতিক্রুদ্ধ, ক্রুদ্ধ। "ভগবাংশ্চন্দ্রো ময়ি প্রকুপিতঃ (পক্ষ)। ২ দোষান্বিত (ধাতুত্রয়)। "মহা ১৪ ১৭.২১। —কোপিত¹ বিণ [+√কোপি+ত-র্ম্ম] ক্রোধিত, জনিতকোপ। "অহম্…বায়সেন প্রকোপিতা গো.রা ৫.৩৬.৪১। সাধোঃ প্রকোপিতস্য।—হি ১ ৮৭।

প্রকৃত বিণ [প্র+কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকৃষ্টভাবে কৃত; প্রচুর প্রস্তুত। "°বচনে মরট্ পা ৫ ৪.২১। ২ প্রকৃষ্টভাবে কৃত; সজ্জিত। "প্রকৃতম্ (অন্নম্) মাঘ ৫.৬০। ৩ প্রক্রান্ত, আরব্ধ। "°জপবিধি মাঘ ১১.৪২। ৪ প্রকরণপ্রাপ্ত, তদ্বিষয়গত। ৫ ঈপ্সিত, যথার্থ। "দ্যৌ দ্যৌ প্রকৃতার্থং গময়তঃ। ৬ অধিকৃত। ৭ প্রস্তুত, বর্ণনীয়। "প্রকৃতার্থপ্রতিপাদকবাক্য কা.প্র ১০.৯৭, বৃত্তি। ৮ প্রকৃতিসিদ্ধ, স্বাভাবিক, সহজ। "অর্পিতপ্রকৃতকান্তিভির্মুখৈঃ রঘু ১৯.১০। ৯ বাস্তবিক, তাত্ত্বিক, সত্য। "হলধর…জাল-জালিয়াতে প্রকৃত গুণ্ডর। —হু ২০৩। ১০ আদিম, মৌলিক। —কৃত পুং পিত্রাদি। "প্রকৃতেভ্যঃ অধোচ্যতাম্ যাজ্ঞ ১.২৫৩। —কৃত স্ত্রী ১ প্রস্তুত বিষয়। "যাতু কিমনেন প্রকৃতমেবানুসরামঃ। ২ উপমেয়। "প্রকৃতং নিবিধ্যান্ত-স্থাপনং স্যাদপহ্নুতিঃ সা.দ ১০ ১০.৩৬। [°পক্ষে—যথার্থপক্ষে, তত্ত্বতঃ, বস্তুতঃ। °প্রস্তাব (বি)—যথার্থ বিষয়। °প্রস্তাবে—যথার্থকথনে, প্রকৃতপক্ষে। তিনিই ইংরাজিবিদ্যাকে প্রকৃতভাবে স্বদেশের ক্ষেত্রে বদ্ধমূল করিয়া রোপণ করিয়া গেলেন চা.পু ৪৫।]

প্রকৃতি স্ত্রী [প্র+√কৃতি (ক্তিচ্)-ক] ১ (সাংখ্যে) যে পুরুষ-ভোগার্থ শব্দাদিকার্য্য করে (অ টী); সত্ত্বাদিগুণত্রয়ের সাম্যাবস্থা (অ টী)। [ইহা অনাদি। মহদহঙ্কারাদি তত্ত্ব ইহার বিকার। সত্ত্বাদি প্রকৃতিসম্ভূত। বীজ হইতে বৃক্ষবৎ প্রকৃতি হইতে বিশ্ব ব্যক্ত হইয়াছে। কার্য্যকারণের কর্তৃত্বে প্রকৃতি হেতু (গী ১৩.১৯, ২০; ১৪ ৩-৫।] ২ পঞ্চভূত মন বুদ্ধি অহঙ্কার—এই অষ্টবিধা অপরা প্রকৃতি। "গী ৭.৪। ৩ আকাশাদি পঞ্চভূত। ৪ উপাদান-করণ। বিপ 'বিকৃতি'। "তদর্থং বিকৃতেঃ প্রকৃতৌ পা ৫.১ ১২। ৫ আদিকারণ। ৬ হেতু, কারণ, নিমিত্তকারণ। জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ পা ১.৪.৩০। ৭ মূল। "(পৈশাচ্যাঃ) প্রকৃতিঃ শৌরসেনী প্রা.প্র ১০.২। ৮ স্বভাব, নিসর্গ (nature)। "প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ।—হি ১.১৬। প্রকৃত্যা যদ্ বক্রম্।—শ ১৯। সুপ্রকৃতি স শ ৮৪, °সুন্দরী ৮৭। ৯ স্বভাবধর্ম্ম। "শৈত্যং হি যৎ সা প্রকৃতির্জলস্য রঘু ৫ ৫৪। মরণং প্রকৃতিঃ শরীরিণাম্ ৮ ৮৭। স্বপুচ্ছঃ প্রকৃতিং গতঃ।—হি ২ ১৩৬। ১০ শীল, চরিত্র। "প্রকৃত্যা চারু। ১১ রূপ। ১২ স্বরূপ। ১৩ শক্তি। ১৪ পরমাত্মা। ১৫ যোনি। ১৬ প্রধান। "°পুরুষ পু মে ৬। ১৭ আধার। "সর্ব্ববীজ° শ ১.১। ১৮ জন্তু। ১৯ যোষিৎ, নারী। "°সম্ভাষণ: দারবী প্রকৃতি হরে মুনে-রপি মন চৈ.চ ১৬৭; প্রকৃতিদর্শন ২৬৮। ২০ মাতা। ২১ লিঙ্গ। ২২ গুহ্য। ২৩ শিল্পী। ২৪ আদর্শ। ২৫ মায়া। তু 'প্রকৃতি (১)। "প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।—গী ৯.১০। ২৬ (ব্যাকরণে) শব্দ ও ধাতু ('নিরুক্তা প্রকৃতির্দ্বেধা নাম ধাতুপ্রভেদঃ। "°পরিসংখ্যানি পা ৫ ৩.২, কাশিকা। ২৭ মধ্যমাদি চতুর্বিধ মূলপ্রকৃতি, অরিভূমির অগ্রবর্ত্তী মিত্রাদি ও পশ্চাদ্‌বর্ত্তী পার্ষ্ণিগ্রাহাদি অষ্টবিধ শাখাপ্রকৃতি, ইহাদের প্রত্যেকের অমাত্যাদি পঞ্চবিধ দ্রব্যপ্রকৃতি—সর্ব্বসমুদ্ধ দ্বিসপ্ততি (১২+৬০) প্রকৃতি। দ্র 'মনু ৭.১৫৫-১৫৭, কুল্লূক। ২৮ স্বামা-মাত্যাদি সপ্তরাজাঙ্গ। 'স্বাম্যমাত্যসুহৃৎকোষরাষ্ট্রদুর্গবলানি (অ কো)। মনু ৯.২৯৪। বিষ্ণু ৩.১৮। "শ ৭.৩৫। রঘু ৮.১০। ২৯ ধর্ম্মাধ্যক্ষ ধনাধ্যক্ষ কোষাধ্যক্ষ ভূপতি দূত পুরোধাঃ দৈবজ্ঞ—এই সপ্ত (শ.ক)। ৩০ পুরোধাঃ প্রতিনিধি প্রধান সচিব মন্ত্রী প্রাড়্‌বিবাক পণ্ডিত সুমন্ত্রক অমাত্য দূত—এই দশ (শু ২.৬৯-৭০)। ৩১ অমাত্য। "রঘু ১২.১২। ৩২ পৌরশ্রেণী, পৌরগণ (অ কো)। ৩৩ প্রজা। "রঘু ৮.১৮। ৩৪ (গণিতে) মান। ৩৫ একবিংশত্যক্ষরপাদ ছন্দো-ভেদ। [°কৃপণ (বিণ) স্বভাবতঃ বিচারসমর্থ; স্বভাবদীন। "কামার্ত্তা হি প্রকৃতিকৃপণাঃ পূ.মে ৫। °জ (বিণ)—১ স্বভাবজাত, সহজ। ২ (সাংখ্যে) প্রধানজাত। "°জৈঃ…গুণৈঃ গী ১৮.৪০। °পুত্র (বি)—ঔরসপুত্র। শিবানন্দের °গ্রু চৈ.চ ৩২০। °পুরুষ (পুং)—প্রধান-পুরুষ। "জানামি ত্বাং প্রকৃতিপুরুষম্ পূ.মে ৬। °বিকৃতি (স্ত্রী) —যাহা প্রকৃতি ও বিকৃতি, মহৎ অহঙ্কার পঞ্চ তন্মাত্র—এই সপ্ত। 'সাংখ্য ৩। °মণ্ডল (স্ত্রী)—প্রজাগণ; জানপদগণ। "রঘু ৯.২। °রঞ্জন (স্ত্রী)—প্রজারঞ্জন। "রাজা প্রকৃতিরঞ্জনাৎ রঘু ৪ ১২। °লয় (পুং)—প্রলয়, কল্পান্ত। °সিদ্ধ (বিণ)—স্বভাবজাত, সহজ। "হি ১.৩২।]

প্রকৃতিমান্ (-মৎ) বিণ [°তি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ম; স্ত্রী

-মতী] ১ সত্ত্বপ্রকৃতি, সাত্ত্বিক। "°মান্ (বসিষ্ঠঃ) রা ২.৭৭.২১। ২ স্বাভাবিক, সহজ। "ন তে °মান্ বর্ণঃ মহা ৪.১৭.১৮।

প্রকৃতিস্থ বিণ [°তি+ √স্থা+অ (ক)-ক, উ.ত] ১ স্বভাবস্থিত, অবিকৃত। "মহা ১৩.১৪০.৩৮,-৯। ২ স্বাভাবিক। ৩ সুস্থ, নীরোগ। ৪ আহার্য্যশোভাহীন, নগ্ন। ৫ (বাংলায়) ক্রোধাদির উত্তেজনাহীন; শান্ত, ধাতুস্থ।

প্রকৃষ্ট বিণ [প্র+ √কৃষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমুখাকৃষ্ট, সন্নিকৃষ্ট। বিপ °বিপ্রকৃষ্ট'। "ঈষৎপ্রকৃষ্টাবকারে তৈ ২.১৫। ২ প্রকর্ষযুক্ত, উত্তম, মুখ্য, প্রধান, শ্রেষ্ঠ। "প্রকৃষ্টান্ প্রেষ্যান্ গো.রা ৫.৫২.২৪। °বোধ ৬.১ ৪৬। ৩ অতীব তুষ্ট। "প্রকৃষ্টা মন্ত্রেত...প্রকৃতীঃ মনু ৭.১৭০। প.তৃ ৫৫। ৪ দীর্ঘ। "পা ৫.১ ১০৮। গত্বা প্রকৃষ্টমধ্বানম্ মহা ৩.৬৪.১১১।

প্রক্লৃপ্ত বিণ [√কৢপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতায়োজন, সম্মেলিত। "ভট্টি ২.২৯। ২ প্রস্তুত।

প্রকোপ পুং [প্র+ √কুপ্+অ (ঘঞ্)-ভা] ১ অতিরোষ, মহাক্রোধ। "মহা ৩.৬১ ১৮। উপদেশো হি মূর্খাণাং প্রকোপায়—হি ৩.৪। ২ সংক্ষোভ। "সর্ব্বলোকপ্রকোপ মনু ৭ ২৪। ৩ কফাদির দোষাধিক্য। "কফবাত° (সুশ্রুত)। ৪ (বাংলায়) প্রবলতা, আধিক্য। "জ্বরের °প। —কোপণ, -ন ক্লী [+অন (ল্যুট্)-ভা, বিকল্পে ণত্ব, পা ৮.৪.৩১] সর্থ 'প্রকোপ (৩)। "বাত°, শ্লেষ্ম° (সুশ্রুত)।

প্রকোপিত১ দ্র 'প্রকুপিত'।

প্রকোপিত২ বিণ (বাংলায়) জাতপ্রকোপ, অতিকুপিত। "গ ২।

প্রকোষ্ঠ পুং [প্র+ √কুষ্+থ (থন্)-ব ।, উ ২.৪] ১ যাহা হইতে করাভরণ নিকৃষ্ট হয় (অ টী), মণিবন্ধ হইতে কফোণির (কনুএর) অধোভাগ। "কনকবলয়ভ্রংশরিক্ত° পূ.মে ২। রঘু ৩.৫৯। প্রকোষ্ঠে সে অক্ষমালা।—চৈ ৪২। শ্রী.মা ১২৯। প্রকোষ্ঠে...ফুলভূষণ। —ন ৮৯২। প্রকোষ্ঠে হীরকমণ্ডিত চুড় ব.প্র ৫, প্রকোষ্ঠে রত্নবলয় ১৭। ২ বহির্দ্বারপিণ্ডক। "প ৩.৩ ৭৯, সি। ৩ কক্ষ, কক্ষাভ্যন্তর (মেদিনী), ঘর। "প্রকোষ্ঠ তিনেক সীতা অনুব্রজি যায় কৃ ৯৪, এক প্রকোষ্ঠের বহিঃ রহেন লক্ষ্মণ ৯৫। —কোষ্ঠক পুং [°ষ্ঠ+ক (কন্) স্বার্থে] কক্ষ, গৃহ। "তদঙ্গনদ্বারবর° কু.স ৬ ১৫।

প্রকোষ্ঠক দ্র 'প্রকোষ্ঠ'।

প্রক্রম পুং [প্র+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা] ১ উপক্রম, আরম্ভ। ২ ক্রম, পরম্পরা। "প্রাচীনপ্রক্রমেণ জিতা দিশঃ ক.সা ১৮.৬৩, ১৯ ৫৫। ৩ অবসর। ৪ আকাঙ্ক্ষিতপ্রকার প্রস্তাব। "ভগ্নপ্রক্রমতা। ৫ পাদক্ষেপ। —ক্রম পুং [+অ-র্ম্ম] ১ আরব্ধ বিষয়। ২ ত্রিপাদসংক্রমপাদবিন্যাস, অর্থাৎ তিন বার পায় পায় লাগাইয়া পদক্ষেপ। 'সংসক্তপদবিন্যাসস্ত্রিপদঃ প্রক্রমঃ স্মৃতঃ।—কাত্যায়ন ২৮ ৫। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আরম্ভ। ২ গমন, পাদক্ষেপ। "পদক্ষিণ° রঘু ৭.২৪, কু স ৭.৭৯। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আরব্ধ। "ভট্টি ৪ ১৪। ২ প্রকরণস্থ, প্রকরণপ্রাপ্ত। ৩ গত, প্রস্থিত (A.)। —ক্রান্ত ক্লী [+ত-ভা] আরম্ভ। [ভগ্নপ্রক্রমতা (স্ত্রী)—বাক্যগত দোষভেদ। 'সা.দ. ৭ ৭।]

প্রক্রিয়া স্ত্রী [প্র+ √কৃ+অ (শ)-র্ম্ম] ১ নৃপাদির চামরব্যজনাদি প্রতিপত্তি; অধিকার (অ.কো) ২ প্রকরণ। ৩ [+অ-ভা] শব্দসাধন। ৪ [প্রা স] প্রকৃষ্ট কর্ম্ম। "মহা ১২ ১১১.৫৯। ৫ (বাংলায়) কার্য্যবিশেষার্থ তদনুকূল অনুষ্ঠানবিশেষ। "তান্ত্রিক প্রক্রিয়া।

প্রক্ব(ক্বা)ণ পুং [প্র+ √ক্বণ্+অ (অপ্, ঘঞ্)-ভা] বীণারব।

প্রক্ষরণ ক্লী [প্র+ √ক্ষর্+অন (ল্যুট্)-ভা] স্রাব। "ক্ষীর°।

প্রক্ষাল সর্ম্ম [সং প্র+ √ক্ষালি—ক্ষালয়্] ১ প্রক্ষালিত করা; ধোওয়া। "দেহ প্রক্ষালিয়া ম.পা ১১৬। ২ স্নান করান। "বীরগণে ধরিয়া প্রক্ষালি (দেবীকে দেই ডালি) বা.ম ১৯২।

প্রক্ষালক বিণ [প্র+ √ক্ষালি+অক (ণ্বুল্)-ক] প্রক্ষালনকারক ধাবক। "চেল° গো.রা ২.৩২.২১। —ক্ষালন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পরিমার্জ্জন, পরিশোধন। "দোষ-প্রক্ষালন ম ১০০৮। ২ ধাবন, ধোওয়া। "পাণি°, পাদ°, মাংস°। প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরম্।—হি ১.১৯১। চৈ.চ ১৪৮। পাদপ্রক্ষালন পানী চৈ.ম ১১১। ৩ সঙ্কলন, চ্যুতি। "স্তনচন্দনানাং প্রক্ষালনাৎ রঘু ৬.৪৮। ৪ [+অন-ণ] 'ধাবনসাধন', ধাবনার্থ জল। ৫ প্রক্ষালনসাধন, পাবন। "ইদম্ .. অশেষপাপানাং প্রক্ষালনম্ ভ ৬ ১৩.২২। —ক্ষালিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিমার্জ্জিত, শোধিত। ২ ধৌত, গোক্ষিত।

প্রক্ষালন, প্রক্ষালিত দ্র 'প্রক্ষালক'।

প্রক্ষিপ্ত বিণ [প+ √ক্ষিপ্ ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমুখক্ষিপ্ত, বিসৃষ্ট। ২ নিবেশিত, অন্তর্নিহিত। "°শ্লোক। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্) -ভা] ১ অভিমুখক্ষেপ, নিক্ষেপ। "মৃৎ° মনু ৫.১২৫। রজঃপ্রক্ষেপ ভ ৫.৫ ৩০। ২ অর্পণ। ৩ বহুদ্রব্যমধ্যে অল্পদ্রব্যের অল্পাংশনিবেশন। ৪ গ্রন্থে শ্লোকাদিনিবেশন। ৫ সঞ্চালন, প্রসারণ। "বাহুতে, বাহুর প্রক্ষেপে সৌকুমার্য্য ব.প ১৪১। ৬ [+অ-র্ম্ম] ঔষধাদিতে ক্ষেপণীয় দ্রব্য। ৭ গোষ্ঠব্যবসায়ে প্রত্যেকের মূলধন। ৮ [+অ-ধি] শকটের পাদধানী। —ক্ষেপণ ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'প্রক্ষেপ (১-৫)। ২ নিরূপণ, নির্দ্ধারণ। "অর্থ° যাজ্ঞ ২.২৬৪। —ক্ষেপ্তব্য বিণ [+তব্য-র্ম্ম] নিক্ষেপণীয়।

প্রক্ষেপ, -পণ, -ক্ষেপ্তব্য দ্র 'প্রক্ষিপ্ত'।

প্রক্ষ্বেড়ন পুং [প্র+ √ক্ষ্বিড়্+অন (ল্যুট্)-ক] ১ 'অব্যক্তশব্দকারক', নারাচাস্ত্র। "যাজ্ঞ ১.১৮৯। °ধাবী।—মে ৩৩, ১৯১। হেম ১৫৯। ২ কোলাহল।

প্রখর বিণ [প্রা.স] ১ প্রকৃষ্টখর, প্রচণ্ড। "প্রখর ভানুর করে প্রবল পিপাসা।—রঞ্জ ৫। ২ সুতীক্ষ্ণ, তীব্র, কটু। ৩ কর্কশ, বন্ধুর। ৪ (বাংলায়) কোপন, রাগী। "(কিন্মীর) প্রখর বড়।—ম.বি ৫৭। প্রখরা দেখিয়া পরিত্যাগ দিল পতি ৯৩। —খর পুং অশ্বতর।

প্রখ্য বিণ [প্র+ √খ্যা+অ (ক)-ক, স্ত্রী -খ্যা] ১ সংবাদী, তুল্য, সদৃশ। "কুঞ্জরপ্রখ্যা বানরাঃ গো.রা ৬.১৬.২০। ফেন° যাজ্ঞ ৩.১০। বিস্ফূর্জথুপ্রখ্যং নিনাদম্ ভট্টি ৫.৫৩। [সমাসে উত্তরপদ]। ২ স্বচ্ছ। "আদর্শতলে প্রখ্যে পশ্যত্যাত্মানমাত্মনি মহা ১২.২০৪.৮। —খ্যা স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কথন। "দোষ° (S.W.)। ২ [+অ -ণ] সাদৃশ্য, সমতা। "মহাগিরিসমপ্রখ্যম্ (হস্তিনম্) মহা ১২৯ ৩২। আত্মন° ভট্টি ৪ ২৬। ৩ প্রখ্যাতি, কীর্ত্তি। —খ্যাত [বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকৃষ্ট কথিত; প্রসিদ্ধ, বিখ্যাত। "°বলবীর্য্য গো.রা ৩.২৩.৩৯। প্রখ্যাতপ্রণয় গী.গো ৮.১০। °বংশ সা.দ ৬.৯। ২ বিশিষ্ট, অর্থাৎ রাজযোগ্য ও রাজক্রেয় (হস্ত্যাদি ভাণ্ড)। "°ভাণ্ড মনু ৮.৩৯৯। —খ্যাতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রসিদ্ধি; কীর্ত্তি, যশঃ। "অ° মহা ৯.৪.২। ২ প্রশংসা। —খ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সবিস্তর কথন; বর্ণন। "জনককুল° (S.W.)। ২ প্রতীতি। "পা ১.২.৫৪। —খ্যাপন ক্লী [+ √খ্যাপি +অন -ভা] ১ বিঘোষণ, প্রকীর্ত্তন। ২ নিবেদন; কথন। "বালিবধ° গো.রা ৪.১০ (সর্গশেষ)। ৩ প্রকাশন। "স্বসৌভাগ্য° চৈ.চ ৮০।

প্রখ্যা, -খ্যাত, -খ্যাতি, -খ্যান, -খ্যাপন দ্র 'প্রখ্য'।

প্রগণ্ড পুং [প্রা.স] 'গণ্ড (গ্রন্থি)-প্রগত', কফোণির ঊর্দ্ধস্থিত কক্ষপর্য্যন্ত ভুজাংশ; হাতের নলা। —ণ্ডী স্ত্রী [°ণ্ড+স্ত্রী ঈ (ঙীষ্)] দুর্গপ্রাকারভিত্তিতে শূরগণের উপবেশনস্থান; বহিঃপ্রাকার "মহা ১৩.৬৯.৪৩, নীলকণ্ঠ।

প্রগণ্ডী দ্র 'প্রগণ্ড'।

প্রগত বিণ [প্র+ √গম্+ত (ক্ত)-ক] প্রস্থিত, প্রয়াত। —তি বি উৎকর্ষাভিমুখে গতি ; ক্রমোন্নতি (progress)। —গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্রয়াণ।

প্রগতি দ্র 'প্রগত'।

প্রগল্ভ বিণ [প্র+ √গল্ভ্+অ (অচ্)-ক] ১ প্রতিভান্বিত, প্রত্যুৎপন্নমতি। "প্রজ্ঞা প্রগলভং কুরুতে মনুষ্যম্ মহা ১২.৬৮.৫৮। ২ সগর্ব্ব, সাহঙ্কার। "প্রগল্ভম্…মৃগাধিরাজস্য বচো নিশম্য রঘু ২.৪১। ৩ বাগ্মী। "রঘু ৬২০। হি ৩.২০। ৪ প্রৌঢ়, বাগ্মিতাযুক্ত, সুবিচারিত। "প্রগল্ভবাক্ (কশ্চিজ্ জটিলঃ) কু.স ৫.৩০। ৫ তরুণ। "প্রগল্ভেঽপি বয়সি কু.স ১.৫১। °বয়সী রমণী ব.প্র ১৬, প্রগল্ভযৌবনা কামিনী ২১ ; প্রগল্ভ বয়সের দুর্লভ গাম্ভীর্য্য ১৪২। ৬ অতিনিপুণ, সুপণ্ডিত, চতুর। "ধীরা কলাপ্রগল্ভা স্যাৎ সা.দ ৩.৬৭। ৭ কার্য্যাকার্য্যাব-ধারণক্ষম। "সা বালা বয়মপ্রগল্ভমনসঃ সা.দ ১০.৬৯। ৮ ধৃষ্ট, দুর্বি-নীত। "ত্বামপ্রগল্ভৈর্বিরুতৈর্যাচন্ত ইব পক্ষিণঃ গো.রা ২.৪৩.৩৪। —গল্ভ পুং বাগ্মী। "প্রগল্ভঃ স্যাদনিষ্টুরঃ।—হি ৩ ১০৫। —গল্ভতা স্ত্রী [°ভ+তা (তল্)] ১ প্রগল্ভভাব, চতুরতা, পাণ্ডিত্য। "প্রায়েণৈ-বংবিধে কার্য্যে পুরন্ধ্রীণাং প্রগল্ভতা কু.স ৬.৩২। পুরন্ধ্রীর প্রগল্ভতা বিবাহেতে বাড়ে শি ১৯। ২ গর্ব্বিতভাব। ৩ ধৃষ্টতা, অশিষ্টতা। —গল্ভা স্ত্রী ১ ধৃষ্টা বা দুর্বিনীতা স্ত্রী। ২ নায়িকাবিশেষ। 'স্মরান্ধা গাঢ়তারুণ্যা সমস্তরতকোবিদা। ভাবোন্নতা দরব্রীড়া প্রগল্ভাক্রান্ত-নায়কা॥—সা.দ ৩.৬০। ভা.চ ৬৭৩। ৩ দুর্গা। ৪ (বাংলায়) স্পষ্টবাদিনী। "এতেক চিন্তিয়া নন্দসুত-অনুগতি। বড়ই প্রগল্ভা হইল সে বরযুবতী॥ —শ্রী.ম ৮৮। —গল্ভিত বিণ [+ত (ক্ত)-ক] গর্ব্বিত, ধৃষ্ট। [প্রগল্ভে —সগর্ব্বে। "কেহ উত্তরিছে প্রগল্ভে।—মে ১৯৪।]

প্রগল্ভা দ্র 'প্রগলভ'।

প্রগাঢ় বিণ [প্র+ √গাহ্+ত (ক্ত)-ক] ১ ভৃশ, অত্যন্ত, সর্ম্মাধিক। "প্রগাঢ়ম্…হস্তলাঘবম্ মহা ৬.৭৪.২। ২ দৃঢ়। ৩ কৃচ্ছ্র, কষ্টসাধ্য। ৪ নিবিড়, ঘন। "স্নেহ°, লবণ°, গুড়প্রগাঢ়ঃ পয়ঃ (সুশ্রুত)। ৫ (বাংলায়) গভীর (নিদ্রা, পাণ্ডিত্য)। —গাঢ় ক্লী কষ্টসাধ্য প্রায়শ্চিত্ত, কৃচ্ছ্র।

প্রগাতা (-তৃ) পুং [প্র+ √গৈ+তৃ (তৃচ্)-ক -১ব] উত্তমগায়ক। "মহা ৩.২৩৯.৮। —গীত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] উচ্চৈর্গীত।

প্রগুণ বিণ [বহুব্রী] ১ 'প্রকৃষ্টগুণ', উৎকৃষ্টগুণান্বিত। "শ্রমজয়াৎ প্রগুণাঞ্চ করোত্যসৌ (তনুম্) রঘু ৯.৪৯। ২ ঋজু, অকপট। ৩ অবক্র, সরল (দণ্ডাদি)। ৪ দক্ষ (ত.বা)। ৫ উৎকৃষ্ট। "(এষা) °গুণমাণিক্য-মঞ্জুষা ক.ম ৪$\frac{২}{১}\frac{৮}{৮}$। —ণিত বিণ [√প্রগুণি+ত (ক্ত)-র্ম্ম] সজ্জীকৃত। "°বস্ত্র।—পঞ্চ ৪$\frac{২}{১}\frac{২}{}$। [প্রগুণীকৃত (বিণ)—'প্রকৃষ্টগুণীকৃত', সজ্জী-কৃত। "কর্পটানি বহুমূল্যানি প্রগুণীকৃতানি।—পঞ্চ ৫$\frac{২}{১}\frac{৪}{৫}$।]

প্রগৃহ্য ক্লী [প্র+ √গ্রহ্+য (ক্যপ্)-র্ম্ম, পা ৩.১.১১৯] (ব্যাকরণে) স্বরসন্ধিরহিত পদ। "পা ১.১.১১।

প্রগে ব্য [তু 'ফা পগ.াহ্—প্রভাত] প্রভাতে, প্রাতঃ। "নাতিপ্রগে মনু ৪.৬২। মাঘ ১২.১।

প্রগ্রহ পুং [প্র+ √গ্রহ্+অ (অপ্)-ভা] ১ প্রকৃষ্টগ্রহণ, নিয়মন, বশ। "ন হি মে মুচ্যতে কশ্চিৎ কথঞ্চিৎ প্রগ্রহং গতঃ মহা ৩.১৭৯.১৬। ২ বন্ধন। "সাঞ্জলিপ্রগ্রহা মহা ১৩.১৪০.৩৬। ৩ অনুগ্রহ। "মহা ৩.১০.১৬। ৪ (মল্লশাস্ত্রে) শত্রুর উত্তানপাতনার্থ পাদাকর্ষণ (নীলকণ্ঠ)। "মহা ২.২৩.২৩। ৫ বন্দীকরণ, অবরোধ। ৬ ইন্দ্রিয়নিগ্রহ। "ব্যর্থো হি কেবলং তস্য প্রগ্রহঃ।—হ ২৭১.৭৮। ৭ ধারণ। "সর্ব্বে কবচ-প্রগ্রহে রতাঃ।—হ ২৮৫.৪। ৮ গ্রহণের প্রারম্ভ। ৯ বিনয়ন, শিক্ষণ (পশুসম্বন্ধে)। ১০ [+অ-র্ম্ম] বন্দী। ১১ অবলম্বন, শরণ। "নৃপেষথ প্রনষ্টেষু জগত্যপ্রগ্রহাঃ প্রজাঃ (হ—শ.ক)। ১২ কিরণ। ১৩ [+অ-ণ] অশ্বরশ্মি, বল্গা। "মনঃ প্রগ্রহম্ (বিদ্ধি)।—কঠোপনিষৎ ৩.৩। ধৃতাঃ প্রগ্রহাঃ শ ১$\frac{১}{১}\frac{৪}{৫}$। ১৪ যোক্ত্র, যোত। ১৫ তুলাসূত্র (যাহা ধরিয়া তুলার দণ্ড উন্নীত হয়)। ১৬ ভুজ। ১৭ কশা, চাবুক (A.)। ১৮ [+অ-ক] বিষ্ণু। ১৯ নায়ক, নেতা। ২০ কর্ণিকারবৃক্ষ। —গ্রহণ বিণ [+অন (ল্যুট্)-ক] গ্রাহক। "শ্রব° মহা ৫.৩৫.৪৮। —গ্রহণ ক্লী [+অন -ভা] ১ গ্রহণ, ধারণ। ২ অবরোধ। —গ্রাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ গ্রহণ। "পাত্র° পা ৩.৩.৪৬, কাশিকা। ২ [+অ-ণ] রশ্মি, বল্গা। ৩ সর্থ 'প্রগ্রহ (১৫)। "ভট্টি ৭.৪৯।

প্রগ্রাহ দ্র 'প্রগ্রহ'।

প্রঘ(ঘা)ণ পুং [প্র+ √হন্+(অপ্)-র্ম্ম, বৃদ্ধি নিপাতনে, পা ৩.৩ ৭৯] ১ গৃহপ্রবেশে যাহা প্রকৃষ্টপদাহত হয়, বাহ্য দ্বারপ্রকোষ্ঠ (সি) ; অলিন্দ (অ.কো)। "ভট্টি ৭ ১২। ২ গৃহমধ্যস্থ শয্যার্থপিণ্ডিকা। ৩ [+অ-ণ] লৌহমুদ্গর।

প্রঘাত পুং [প্র+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ প্রহনন, প্রচণ্ডঘাত। "ঝটিকাপ্রঘাত ব.প্র ১০০, তরঙ্গমালার প্রঘাতে ৬৪২। ২ [+অ-(ধ] যুদ্ধ।

প্রঘুণ পুং [তু 'সং প্রঘূর্ণ > প্রা *প্রঘুন্ন] অতিথি (অ.চি)।

প্রঘূর্ণ পুং [প্র+ √ঘূর্ণ্+অ (অচ্)-ক] । সর্থ 'প্রঘুণ'।

প্রঘোষ পুং [প্র+ √ঘুষ্+অ (ঘঞ্)-ভা] মহাধ্বনি, কোলাহল।

প্রচণ্ড বিণ [প্র+ √চণ্ড্+অ (অচ্)-ক] ১ অতিকোপন। ২ প্রবল। ৩ তীব্র, ভীষণ। "°মন্যু ভ ৩.১৮.৯। ৪ দুর্বহ, দুর্ভর। ৫ দুর্দ্ধর্ষ, দুর্জয়। "রাক্ষসানীকমত্যপ্রচণ্ডম্ (রা)। ৬ তীব্র, তীক্ষ্ণ, প্রখর। "°সূর্য্য।—ঋতু ১.১ ; ১০। তেজঃ প্রচণ্ডম্ ভ ১.৭.২১। ৭ তুঙ্গ, উন্নত। "°ঘোণ মহা ৩ ২৬৯.৭। ৮ দুঃসহ। "শক্তিং সমরপ্রচণ্ডাম্ গো রা ৬.৩৬.৮৩। পুষ্পায়ুধম্…প্রচণ্ডশরকার্ম্মুকম্ (উপশাময়) মহা ১.১৭২ ১৭। ৯ প্রতাপী। ১০ কঠোর (তপঃ)। ১১ দারুণ, উগ্র। ১২ [বাংলায় ; অপ্র] অজেয়। "নিজ নিজ শাস্ত্রে সভে উদ্গ্রাহে প্রচণ্ড চৈ.চ ১২৩। ১৩ একান্তনিষ্ঠ, অত্যধিক। তু 'ভয়ানক'। "দামোদর পণ্ডিত-শাখা প্রেমেতে প্রচণ্ড চৈ চ ৪১। ১৪ অত্যধিক। "শেষে অনুগ্রহ কৈলা পরম প্রচণ্ড চৈ.ভা ১১। —চণ্ড পুং শ্বেতকরবীর। —চণ্ডা স্ত্রী দুর্গার অষ্টনায়িকার একতমা। দ্র 'অষ্টনায়িকা'। [°ঘোণ (বিণ)—তুঙ্গনাসক। 'দ্র (৭)। °ণ্ডাতপ (পুং)—প্রখরতাপ। "শৃ ৯।]

প্রচণ্ডা দ্র 'প্রচণ্ড'।

প্রচয় পুং [প্র+ √চি+অ (অচ্)-ভা, পা ৩ ৩.৪০] ১ যষ্ট্যাদি দ্বারা ফলপুষ্পের চয়ন। তু 'প্রচায়'। "বৃক্ষশিখরে ফলপ্রচয়ং করোতি (কাশিকা)। পদ্মচয়° শ্রী.মা ৭৮। ২ চৌর্য্যপূর্ব্বক পুষ্পাদির চয়ন। 'পুষ্পপ্রচয়ঃ চৌর্য্যেণ (সি)। ৩ সমূহ, নিচয়। "ভিন্নাঞ্জন°।—ঋতু ৩.৫। সিতারবিন্দ° ভট্টি ২.১৮। ৪ উপচয়, বৃদ্ধি। ৫ শিথিলাখ্য সংযোগ। 'ভাষাপরিচ্ছেদ ১১২। —চয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] রাশীকরণ। "ফল° (পারস্করগৃহ্যসূত্র)। —চায় পুং [+অ (ঘঞ্)-ভা] হস্তাদান, অর্থাৎ হস্ত দ্বারা পুষ্পাদিগ্রহণ। "পুষ্প°, ফল° (কাশিকা)

প্রচায় দ্র 'প্রচয়'।

প্রচর পুং [প্র+ √চর্+অ (অপ্)-ণ] মার্গ, পথ। —চরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] গমন, প্রয়াণ। —চরিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃত। "মনু ১০ ১০০। ২ [+ত -ক] প্রচলিত, গত। [প্রচরিল—সঞ্চরিত বা সম্পৃক্ত হইল। "পাপের প্রসঙ্গ নাহি ধর্ম্মে প্রচরিল।—ম ৫১।]

প্রচরদ্রূপ বিং [°রৎ+রূপ] প্রচারবিশিষ্ট, প্রচলিত। "(ইহার প্রমাণ) প্রচরদ্রূপ সর্ব্বলোকে ভ গ্র ১৯৪।

প্রচল বিণ [প্র+ √চল্+অ (অচ্)-ক] ১ প্রকৃষ্টচল, সঞ্চলিত, বিকম্পিত। ২ চঞ্চল, বিচলিত। "°মানস মহা ১.১১২.৭। প্রচলৈর্বি-লোচনৈঃ কু.স ৫.৩৫। ৩ প্রচলিত। —চলন ক্লী [+অন (ল্যুট্)-ভা]

১ সঞ্চলন, প্রকম্পন। ২ গমন, সবেগগতি। ৩ ভ্রংশ, চ্যুতি। ৪ (বাঙলায়) ব্যবহার, চলন (currency)। ৫ প্রবর্ত্তন, চালান (নিয়মাদি)। —চলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ সর্থ 'প্রচল (১)। ২ প্রস্থিত, গত। "তৎ সরঃ প্রচলিতঃ (পঞ্চ)। ৩ চ্যুত, ভ্রষ্ট। ৪ ক্ষুভিত। "দৃষ্টি প্রচলিতা মহা ৪.৬১.৯। মন্যুপ্রচলিতেন্দ্রিয়ঃ (দৈত্যো গদয়া জঘন্নিকরিম্) ভ ৩.১৮.১৪। ৫ (বাঙলায়) ব্যবহারসিদ্ধ, চলতি (ভাষা, মুদ্রা—current)। ৬ প্রবর্ত্তিত।

প্রচলন, -চলিত দ্র 'প্রচল'।

প্রচলাকী (-কিন্) পুং [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'শিখণ্ডবান্', ময়ূর। "প্রচলাকিনাম্…কূজিতৈঃ উ.চ ২.২৮।

প্রচার পুং [প্র+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ প্রচরণ, পর্য্যটন, পরিভ্রমণ। "°সময় মহা ৩.১১.৩৩। শান্তমৃগ° কু.স ৩ ৪২। ২ গমন, আগমন। "দণ্ডকারণ্যে° উ চ ২৪/৫। ৩ চেষ্টিত, কার্য্য। "অন্তঃপুর° মনু ৭.১৫৩,-৪,-৫। ৪ প্রকাশ। "যাবত এ সব কথা না হয় প্রচার।—কৃ ৯৭। তাহার দক্ষিণে কোটি তীর্থের প্রচার চৈ.ম ১৭৯। নামের প্রচার চৈ চ ২৭৯,-৮০। (এ সকল কথা) প্রচার কিছু করিলেন না কৃ চ ৩৮। ৫ প্রচলন। ৬ তত্ত্ব। "প্রচারজ্ঞশ্চ কর্ম্মণাম্ রা ৫.৩৫.১২। ৭ [+অ-ধি] গো-প্রভৃতির চরণস্থান; গোচর। "গো.রা ৬.৭ ৩৫। গবাং প্রচারেষু মহা ১.৪০.১৭। ৮ [+অ-ণ] গবাদির প্রচারমার্গ; গোপথ। "মনু ৯.২১৯। ৯ (বাঙলায) গতাগতি, যাতায়াত। "বিশেষে ঠাকুরের তাহাঁ সেবক প্রচার চৈ চ ২৮০। —চারক বিং প্রচারকারী (preacher) "ধর্ম্ম°। —চারণ ক্লী [+ √চারি+অন (ল্যুট্)-ভা] ১ প্রকাশন। ২ অধ্যাপন। "আচরণ° নৈ ১.৪। ৩ [বাঙলায়; অপ্র] প্রচারিত, প্রকাশিত। "যুদ্ধ না কবিব না হইব প্রচারণ।—ম ১০৪১। —চারিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] প্রকাশিত, ঘোষিত। —চারী (-রিন) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ প্রচারয়িতা, প্রকাশক। "গুণপ্রচারিণী বুদ্ধিঃ (মহা)। মনু ৯.২৬৬, কুল্লুক। ২ (+ √চর্+ইন্] গামী। দূরপ্রচারি (গাঙ্গং বারি)।—গঙ্গাষ্টক। [প্রচারি—প্রকাশ করিয়া। "বাম অঙ্গ নৃত্য গুড (তুমি) বলিলে প্রচারি।—দ্বু ২২।]

প্রচারক, -রণ, -রিত, -রী দ্র 'প্রচার'।

প্রচিকীর্ষু বিণ [প্র+ √কৃ+স (সন্)+উ.ক; স্ত্রী -র্ষু] প্রতিকারেচ্ছু। "ভ ৪.১০.১০।

প্রচিত বিণ [প্র+ √চি+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতপ্রচয, রাশীকৃত (পুষ্পফলাদি)। ২ ব্যাপ্ত। "চিতাসহস্র° (মহা)। ঐক্ষিষ্ট পুষ্পিঃ প্রচিতান্ স গোষ্ঠান্ ভট্টি ২.১৪। ৩ অনুদাত্ত (স্বর)।

প্রচিত্র বিং [অপ্র] বিচিত্র, অতিশোভন। "প্রতি চিত্র প্রচিত্র শ্রী.মা ১৫৬; প্রচিত্র অম্বর ১৭৫; কাঁচলি প্রচিত্র ১৯৩।

প্রচুর বিণ [প্রগতা চুরা (চৌর্য্য) যাহা হইতে (অ.টী), বহুব্রী] ১ প্রভূত, বহুল, ভূরি। বিপ 'অল্প'। "বনে °পাদপে গো.রা ২.৩৮.৩৮। °চন্দন।—ঋতু ২.২১। চৌর° ভ ১.১৮.৪৩। ঊর্ণা° পঞ্চ ৫৪/৫। ২ বিস্তীর্ণ, বিশাল। "°পুরন্দরধনু গী.গো ২.৪। ৩ প্রবল, তীব্র। "কালঃ °মন্মথঃ গো.রা ৩.৭৯.৩। ৪ অধিক। "প্রচুর পাঠঃ পা ৫.২.২৯, তত্ত্ববোধিনী। ৫ [বাঙলায়; অপ্র] বড়। "পৃথক্ প্রণামেতে প্রচুর হবে গ্রন্থ।—দ্বু ৩। [প্রচুরীকৃত (বিণ)—বহুলীকৃত।]

প্রচেতা বি [পদ্যে] সর্থ 'প্রচেতাঃ (১)। "হেম ১২৯।

প্রচেতাঃ (-তস্) বিণ [প্রকৃষ্ট চেতঃ যাহার, বহুব্রী, -১ব; '°তাঃ' প্রকৃষ্টজ্ঞান (ঋগ্বেদ ১.৪৩.১); স্ত্রী -তাঃ] প্রকৃষ্টহৃদয়, মহামনাঃ, উদার। "অপ্রচেতস্ মহা ৩.১৯৬.২০। —চেতাঃ পুং ১ বরুণ। "রঘু ১.৮০। পাশঃ প্রচেতসঃ কু.স ২.২১। মা ১৬৭। মে ১৭। ২ প্রজাপতিবিশেষ। "মনু ১.৩৫। ৩ (বহুব) প্রাচীনবর্হির দশ পুত্র। "ভ ৪.২৪.১৩; ১৬; ১৯।

প্রচেষ্টা বি ১ প্রকৃষ্টচেষ্টা, বিশেষ প্রয়াস। ২ উদ্দেশ্যসাধনার্থ সমবেত চেষ্টা বা সমবেতভাবে আন্দোলন (movement)।

প্রচোদন ক্লী [প্র+ √চোদি+অন (ল্যুট্)-ভা] ১ প্রেরণ, প্রস্থাপন। "নরেন্দ্রাণাম্…প্রচোদনে মহা ৫.৪.১০। ২ নিয়োজন। "বাক্°-গো.রা ৪.২১.১৬। —চোদিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ প্রেরিত, প্রোষিত। "অ° মনু ২.১৯১। রঘু ১.৯। মাঘ ১৭.৩৫। ২ নিয়োজিত। ৩ প্রতিপাদিত। —"রা ১.১৪.৩০।

প্রচ্ছ্ দ্বিক [তুদা, প—পৃচ্ছতি; অনিট্] ১ পৃচ্ছা, জিজ্ঞাসা, প্রশ্ন। ২ অনুযোগ। [আ—আমন্ত্রণ, প্রস্থানকালে সম্ভাষণ।]

প্রচ্ছক বিণ [√প্রচ্ছ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -চ্ছিকা] জিজ্ঞাসু, অনুসন্ধায়ী। "সুপশয়নপ্রচ্ছিকা শ ৪৩/৪। প্রচ্ছক ভ ১০.১.১৬।

প্রচ্ছদ পুং [প্র+ √ছাদি+অ (ঘ)-ণ, সংজ্ঞার্থে, হ্রস্ব] আস্তরণপট, শয্যাবরণ। "রঘু ১৯.২২। [°পট (পুং)—১ শয্যাবরণবস্ত্র, বিছানার চাদর। "স্ত্রিয়াঃ সর্ব্বাবস্থং কথয়তি রতং প্রচ্ছদপটঃ সা.দ ৩৫/১। ২ প্রাবরণবস্ত্র, পাছুড়ি (অ.কো)।

প্রচ্ছন্ন বিণ [প্র+ √ছাদি+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাবৃত, সুগুপ্ত। "স চ প্রচ্ছন্নো ভূত্বা স্থিতঃ।—হি ১৪/৫। ২ গূঢ, গুপ্ত। "°বেশে সী ১৭। ৩ নিভৃত, বিবিক্ত। —ন্ন ক্লী ১ অন্তর্দ্বার, প্রকোষ্ঠদ্বার। ২ গৃহাভ্যন্তর (অ.টী)। ৩ জালকদ্বার, জানালা। [°গুপ্ত (বিণ)—গূঢভাবে রক্ষিত। "বিত্তা…প্রচ্ছন্নগুপ্তং ধনম্ (সু র)। °তস্কর (পুং)—গূঢ়চৌর, কিতব নর্ত্তক গায়ক ইত্যাদি। "মনু ৯.২২৬।

প্রচ্ছর্দ্দন ক্লী [প্র+ √ছর্দ্দ্+অন (ল্যুট)-ভা] বমন। —র্দ্দিকা স্ত্রী [+অক (ণ্বুল্)-ধি, বোগাখ্যায়] বমনরোগ।

প্রচ্ছর্দ্দিকা দ্র 'প্রচ্ছর্দ্দন'।

প্রচ্ছাদক বিণ [প্র+ √ছাদি+অক (ণ্বুল্)-ক] আবরক। "তমঃ° (সুশ্রুত)। —চ্ছাদন বিণ [+অন (ল্যুট)-ক] আবরক। "পিপ্লুপ্রচ্ছাদনং মলম্ মহা ৩.৬৯.১০। —চ্ছাদন ক্লী [+অন-ভা] ১ আবরণ। ২ গোপন, গূহন। "আকার°। আত্ম° মহা ১.১৯০ ১৮। ৩ [+অন-ণ] প্রাবরণ, উত্তরীয়; বস্ত্র। "বল্কলকৃতকৌপীনমাত্র° (তপস্বিন্)।—পঞ্চ। —চ্ছাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আবৃত, গূঢ; গুপ্ত।

প্রচ্ছাদন, -চ্ছাদিত দ্র 'প্রচ্ছাদক'।

প্রচ্ছায় ক্লী [প্রকৃষ্ট ছায়া যেখানে, বহুব্রী] 'ঘনচ্ছায়াযুক্ত', ছায়াপ্রধানস্থান। "কদম্বস্য প্রচ্ছাযে নিষসাদ (হ)। °সুলভনিদ্র (দিবস) শ ১৩। —য় বিং ঘনচ্ছায়াস্থিত। "প্রচ্ছায় সঘন -পল্লবশয়নতলে চ কা ২১১। —য় বি প্রচ্ছাদ, আচ্ছাদন। "দুটি চক্ষু পল্লব-প্রচ্ছায় রেখো মোর মুখপানে চ কা ১১৮।

প্রচ্যবন ক্লী [প্র+ √চ্যু+অন (ল্যুট্)-ভা] ১ প্রক্ষরণ। ২ চ্যুতি, ভ্রংশ। "রাষ্ট্রাৎ প্রচ্যবনম্ মহা ৪ ২১.৬। —চ্যুত বিণ [+ত (ক্ত)-ক] ১ প্রক্ষরিত। ২ ভ্রষ্ট। —চ্যুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ভ্রংশ পতন। "প্রচ্যুতিশঙ্কা।

প্রচ্যুতি দ্র 'প্রচ্যবন'।

প্রজন পুং [প্র+ √জন্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ প্রথমগর্ভগ্রহণ। "পা ৩ ৩.৭১। ২ গর্ভধারণ; সন্ততি (নীলকণ্ঠ)। "অপ্রমোদাৎ পুনঃ পুংসঃ প্রজনঃ ন প্রবর্ত্ততে মহা ১৩ ৪৬.৪; মনু ৩.৬১, ৯.৯৬। ৩ সর্থ 'উপসর (১—অ.কো)। ৪ উৎপত্তি। ৫ [+ √জনি+অ (অচ্) -ভা] প্রজনন, উৎপাদন। "মনু ৯.৬১; ১২১। ৬ [+অ-ণ] উপস্থ। "মনু ১২.১২১। ৭ [+অ (অচ)-ক] প্রজনয়িতা, অপত্যজনয়িতা। "প্রজনশ্চাস্মি কন্দর্পঃ গী ১০.২৮। ৮ প্রবর্দ্ধক। "(যঃ) ঈশো নগানাং প্রজনঃ ভ ৮.৫.৩৪। —জনন বিণ [+ √জনি+অন (ল্যুট্)-ক] প্রজনয়িতা, উৎপাদক। —জনন ক্লী [+অন-ভা] ১ উৎপাদন। "(অহম্) হীনঃ প্রজননাৎ স্বয়ম্ মহা ১.১২০.৩৭। ২ প্রসব, গর্ভমোচন।

৩ প্রসবকর্ম, ধাত্রীকর্ম। "(স্ত্রিয়ঃ) °কুশলাঃ।—সুশ্রুত ৩.১০.৩। ৪ [অন-ণ] লিঙ্গ। ৫ যোনি। ৬ [+ √জন্‌+অন-ভা] উৎপত্তি, জন্ম। "ভ ৪.১.২৭। ৭ সর্ব 'উপসর (১)'।

প্রজননম দ্র 'প্রজন'।

প্রজবন বিণ [প্র+ √জু+অন (ল্যুট্)-ক] প্রকৃষ্টবেগবান্, বেগগামী। "°বাজিন্ উ.চ ৫.১। —জবী (-বিন্) বিণ [°ব+ইন্ (ইনি)-১ব] প্রজববান্, অতিবেগবান্। "প্রজবিনঃ (শরাঃ) ক.সা ৫০.৪।

প্রজল্প পুং [প্র+ √জল্প্‌+অ (ঘঞ্)-ভা] ১ প্রকৃষ্টকথন। ২ বহুভাষণ। —জল্পন ক্লী [+অন (ল্যুট্)-ভা সর্ব 'প্রজল্প'।

প্রজল্পন দ্র 'প্রজল্প'।

প্রজা স্ত্রী [প্র+ √জন্‌+অ (ড)-ক+স্ত্রী আ (টাপ্), পা ৩.২.৯৯, (বহুব্রীহিতে নঞ্ সু দুস্—ইহাদের পরে) 'প্রজা' > 'প্রজস্'—অপ্রজাঃ ইত্যাদি] ১ সন্ততি, অপত্য, পুত্রাদি। "প্রং জায়েমহি রুদ্র প্রজাভিঃ।—ঋগ্বেদ ২.৩৩.১। রা ২.৪৫.৫। মনু ৩.৪২। গী ১০.৬। রঘু ১.৭; সপ্রজাঃ প্রজাঃ ৪.৩। কোলে তার নাই পজা ক চ ১১০। ২ জন, প্রকৃতি, রাইয়ত (subject)। "প্রজানাং পরিরক্ষিতা গো.বা ১৬.৪। রঘু ১২৪। ৩ লোক। "সঙ্করস্য চ কর্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ গী ৩.২৪। রঘু ১৪৪০। দেখিল আপন প্রজা বিনাশে বিপক্ষ শ্রী.ম ২৩৬। ৪ জন্মী, প্রাণিমাত্র। "প্রজাসংক্ষেপসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ মহা ৩১৫৫২৭। ৫ পুত্রসম স্নেহপাত্র। "(বয়ম্) অনুকম্প্যাঃ প্রজা হি বঃ ভ ১০.৪৮.২৯। [°কাম (বিণ)—পুত্রার্থী। "মহা ৩.৫৩৫। °কার (পুং) প্রজাস্রষ্টা, বিধাতা। °তন্ত্র (পুং)—সন্তানপরম্পরা, সন্তানগণ। °তন্ত্র (বি)—জনগণের প্রতিনিধি কর্তৃক পরিচালিত রাজ্যশাসন (democracy)। °তীর্থ (ক্লী)—পুত্রোৎপত্তিপুণ্যকাল। "ভ ১.১২.১৪। °ধব (বি)—প্রজার পতি; রাজা। "ম.পা ১৩৪। °নাথ, °প, °পাল (পুং)—লোকপালক, রাজা। "°নাথ রঘু ২৪৮, ম.পা ৫২, ৩,-৫। °নিষেক (পুং) —গর্ভ। "রঘু ১৪.৬০। °বৃদ্ধি (স্ত্রী)—সন্তানবাহুল্য, বংশবিস্তার। °রঞ্জন (বি)—প্রজার সন্তোষজনন; ন্যায্যপ্রজাপালন। "°রঞ্জনসম্ভৃত নির্মল কীর্তি সী ৪। °লোপ (পুং)—সন্ততাভাব, পুত্রাভাব। "°লোপনিমীলিত রঘু ১.৬৮।]

প্রজাগর পুং [প্র+ √জাগৃ+অ (অপ্)-ভা] ১ প্রকৃষ্ট জাগরণ, নিদ্রাক্ষয়, স্বপ্নাভাব। "শ ৬.২২। ২ সাবধানতা, অপ্রমত্তভাব। ৩ [+অ (অচ্)-ক] 'নিত্যপ্রবুদ্ধ', বিষ্ণু।

প্রজাত বিণ [প্র+ √জন+ত (ক্ত)-ক] সম্যক্ জাত, উৎপন্ন। —জাতা স্ত্রী [+ √জন্ গর্ভবিমোক্ষণ+ত-ক (অ.টী)] 'কৃতগর্ভবিমোক্ষণা', প্রসূতা, আসন্নপ্রসূতা (অ.টী)। —জাতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উৎপত্তি, পুত্রোৎপত্তি। "ভ ৩.১৪.২২, ৪.১৩.৩৫। ২ প্রজা, সন্তান। "ভ ২.৬.৮।

প্রজাতা, প্রজাতি দ্র 'প্রজাত'।

প্রজাপতি পুং [ষ.ত] ১ জনগণের পতি, ব্রহ্মা। "°সম রা ১.১.১৩। ২ ব্রহ্মার তপস্যাজাত মরীচি অত্রি অঙ্গিরাঃ পুলস্ত্য পুলহ ক্রতু প্রচেতাঃ বসিষ্ঠ ভৃগু নারদ—এই দশ জন (মনু ১৩৫); (মতান্তরে) প্রচেতার পরিবর্তে দক্ষ প্রভৃতি দশ জন (ভ ৩.১২.২১), ব্রহ্মা স্থাণু মনু ইত্যাদি একবিংশতি জন (মহা, মোক্ষধর্মপর্ব) ৩ দক্ষ। "ক.চ ১৩। ৪ স্রষ্টা। ৫ সূর্য। ৬ বহ্নি। ৭ বিষ্ণু। "ত্ত 'প্রাজাপত্য (৩)'। ৮ মনু। 'মনু ১০.৭৮। ৯ রাজা। ১০ জামাতা। ১১ বজ্র। ১২ (বাংলায়) পতঙ্গবিশেষ। "প্রজাপতি আদি কত শত পতঙ্গম।—হরিশ্চন্দ্র মিত্র। [°পতি (পুং) —প্রজাপতিশ্রেষ্ঠ, দক্ষ। "ভ ৩.২০.৯; ৪.৭.৫৫।]

প্রজাপোষ বি সন্তানপোষণ, পরিবার প্রতিপালন।

প্রজাবান(-বৎ) বিণ [প্রজা+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ প্রজাযুক্ত, পুত্রবান্। "পুত্রাঃ প্রজাবন্তঃ মহা ১.১.৪৪। মনু ৩.২৬৩। সা ভার্যা যা প্রজাবতী।—হি ১.২০৯। ২ প্রকৃতিযুক্ত (রাজা)। —বতী স্ত্রী, বিণ পুত্রবতী।

প্রজেশ্বর পুং [ষ.ত] ১ প্রজাগণের পতি; রাজা। "রঘু ৩.৬৮; ৫.৩২। ২ প্রজাপতি, ব্রহ্মা।

প্রজ্ঞ বিণ [প্র+ √জ্ঞা+অ (ক)-ক, স্ত্রী -জ্ঞা] প্রজ্ঞাযুক্ত, প্রাজ্ঞ, জ্ঞানী। —জ্ঞা স্ত্রী ১ বিদুষী, পণ্ডিতা। ২ [+অ (অঙ্)-ণ+স্ত্রী আ (টাপ্), বৈদিক] বুদ্ধি, মতি। "আকারসদৃশপ্রজ্ঞঃ প্রজ্ঞয়া সদৃশাগমঃ রঘু ১.১৫। শ্রী.মা ৩৮। ৩ সরস্বতী।

প্রজ্ঞপ্তি স্ত্রী [প্র+ √জ্ঞপি+তি (ক্তিন্)-ভা, দ্র 'পা ৭.২.২৭] ১ জ্ঞাপন। "আস্য° ভ ৩.২৫.১। ২ নিবেদন। ৩ [+তি-ণ] সঙ্কেত। ৪ বুদ্ধি (অ চি)।

প্রজ্ঞা দ্র 'প্রজ্ঞ'।

প্রজ্ঞাচক্ষুঃ (-ক্ষুস্) বিণ [বহুব্রী, স্ত্রী-ক্ষুঃ] ১ জ্ঞাননেত্র, জ্ঞানদ্বারা সর্বার্থদর্শক। "মহা ১.১.১৪৯। ২ অন্ধ। "°ক্ষু…আজমীঢঃ ভ ১ ১৩.২৯। —চক্ষুঃ পুং ধৃতরাষ্ট্র। —চক্ষুঃ ক্লী [কর্মধা] জ্ঞানরূপ নেত্র।

প্রজ্ঞাত বিণ [প্র+ √জ্ঞা+ত (ক্ত)-র্ম] ১ সম্যক্ বিদিত; অবগত। ২ প্রখ্যাত, প্রসিদ্ধ। ৩ মহাপ্রমাণ দ্বারা জ্ঞাত; বিশাল। "প্রজ্ঞাতাংশ্চ বনস্পতীন্ মনু ৪.৩৯। —জ্ঞান বিণ [বহুব্রী] 'প্রকৃষ্টজ্ঞান', পণ্ডিত। —জ্ঞান ক্লী [+ √জ্ঞা+অন (ল্যুট্)-ভা] ১ সম্যগ্‌বোধ; অবগতি। ২ [+অন-ণ] বুদ্ধি, মতি। ৩ চিহ্ন।

প্রজ্ঞাবাদ পুং [ষ.ত] পণ্ডিতের বাক্য। "গী ২.১১।

প্রজ্ঞাবান্ (বৎ) বিণ [প্রজ্ঞা+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -বতী] মতিমান্, জ্ঞানী, পণ্ডিত। "শ্রী.মা ১০৭। বি.সু ২।

প্রজ্বলন ক্লী [প্র+ √জ্বল্‌+অন (ল্যুট্)-ভা] প্রদীপন, দীপ্তি। "অ-হুতাশ°। —বৃহৎসংহিতা ৯৭১০। —জ্বলিত বিণ [+ত (ক্ত) -ক] প্রদীপ্ত, সমুজ্জ্বল। —জ্বালিত বিণ [প্র+ √জ্বালি+ত (ক্ত)-র্ম] প্রদীপিত। "প্রজ্বালিতো জ্ঞানময়প্রদীপঃ (গী)।

প্রডীন ক্লী [প্র+ √ডী+ত (ক্ত)-ভা] পক্ষিগতিভেদ। দ্র 'ডীন'। "ভ্রমরও …প্রডীন সমাডীন-প্রভৃতি বহুবিধ কৌশল দেখাইতে লাগিল ব প্র ৬৩৫।

প্রণত বিণ [প্র+ √নম্‌+ত (ক্ত)-ক] ১ অতিনত, অবনত। "তৃণানি…প্রণতানি হি ২.৮৭। কমলাকান্ত আভূমিপ্রণত সেলাম করিয়া…বলিল ব.প্র ৬৪৮। ২ প্রহ্ব, বিনীত। "মহা ৩.২৯৪.১১। ৩ নম্রীভূত। "মনু ১১ ১৯৬। প্রণতাশেষসামন্তঃ স্যাদধীশ্বরঃ (অ.কো)। ৪ [+ত-র্ম] নমস্কৃত। —ণতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রণমন, নতভাব। "মহাপ্রভুর উপর লোকের প্রণতি দেখিয়া (সুখী হৈলা) চৈ চ ২৫২। ২ বিনীতভাব, নম্রতা। "শাধি নঃ প্রণতিস্থিতাম্ মহা '২.২৪৩৫। রঘু ১১.৮৯। ৩ প্রণিপাত, নমস্কার। "প্রশ্নান" রঘু ৪৮৮। শ্রী ২১। —ণন্তব্য বিণ [+তব্য-র্ম] প্রণম্য, নমস্কার্য। "বিশ্বামিত্রঃ …বৎসাভ্যাং প্রণন্তব্যঃ ম.চ ১১৫। —ণমিত বিণ [+ √নমি+ত (ক্ত)-র্ম] কারিতনমন, অবনমিত। "°শিরস্। —ণম্য বিণ [+ √নম্‌+য (যৎ)-র্ম] নমস্কার্য, পূজ্য। "প্রণম্য প্রিয়বর প্রাণেশ্বর (শিশুবোধক)।

প্রণতি দ্র 'প্রণত'।

প্রণদিত বিণ [প্র+ √নদ্‌+ত (ক্ত)-ক] ১ নর্দিত, ধ্বনিত। ২ শিঞ্জিত। "°হংসকভূষণা মাঘ ৭২৩। ৩ গুঞ্জিত। "প্রণদিতালিকুল মাঘ ৯.৭১।

প্রণন্তব্য দ্র 'প্রণত'।

প্রণব পুং [প্র+ √নু+অ (অপ্)-ণ] ১ যাহা দ্বারা বেদ স্তুত বা প্রারব্ধ (তৈ ১৮.১, ব্যাখ্যা); ওঙ্কার। "মনু ২.৭৪। রঘু ১.১১। প্রণব…ঈশ্বরের মূর্তি চৈ.চ ১০৪। ২ বাদ্যবিশেষ পণব।

প্রণম সর্ম [সং প্র+ √নম > প্রা √পণম] প্রণাম করা। "প্রণমিয়া পাটুনী কহিছে ভা.চ ২৫৭ প্রণমহুঁ, প্রণমহো, -উঁ—প্রণাম করি।

"°হো গণপতি। —গ ১; বা.ম ১; ম পা ১। °হোঁ শিব চ.বি ৭। পহুঁ পুনঃ-পুনঃ প্রণমহুঁ বিস্থ ১। প্রণমামি (সং)—প্রণাম করি। "°মি পদদ্বন্দ্বে। —দু ৪৩; বা.ম ১।]

প্রণমিত, -ণম্য দ্র 'প্রণত'।

প্রণয় পুং [প্র+ √নী+অ (অচ্)-ভা] ১ যাচ্ঞা, প্রার্থনা। "রঘু ২.৫৮। প্রণয়বচন পূ.মে ২৮। বনদেবতার প্রণয়পরিগ্রহ। —কাদ ৪৯, °ভঙ্গজন্য পাপ ৬০। ২ বিশ্বাস। ৩ প্রসব (মেদিনী)। ৪ প্রশ্রয় (অ কো)। ৫ নির্ব্বাণ। ৬ পরিচয়। "°বিমুখ। ৭ [+অ-ণ] প্রেম, স্নেহ, স্নেহনিমিত্ত বিশ্রম্ভ (শঙ্কর), সৌহৃদ। "গী ১১.৪১। মুনিসুতাপ্রণয়স্মৃতি।—শ ৬.৮। প্রণয়াগ্রদূত রঘু ৬.১২। ব্যাধি-প্রতীকারে প্রধান ঔষধ প্রণয় ব.প্র ১০২। ৮ স্নেহজন্য প্রসাদ। "প্রণয়ো বিপ্র শিরসা ধার্য্যতে ময়া।—মৃ ১.৪৫। °স্পৃশ্ মা.মা ৫.৭। [°কলহ (পুং)—প্রেমাতিশয়জন্য দম্পতিকলহ। "উ.মে ৪। °কুপিত (বিণ)—প্রেমাতিশয় হেতু কুপিত। "উ.মে ৪৪। °কোপ, °রোষ (পুং)—প্রেমজন্য কোপ। "°কোপভৃৎ মাঘ ৬.৩৮। °রোষ চৈ.চ ১৭৭। °কোন্দল (বি)—প্রণয়কলহ। "ভ.গ্র ৪৬৬। °গর্ভ (বিং)—প্রেমপূরিত, সস্নেহ। "°বচন সী ৫৫। °বিহৃতি (স্ত্রী), °ভঙ্গ (পুং)—প্রার্থনাবৈফল্য। "ভবতা °ভঙ্গো ন কার্য্যঃ (বিষ্ণুপুরাণ)। °বচন (ক্লী)—প্রার্থনাবাক্য। "পূ.মে ২৮। °বিমুখ (বিণ)—পরিচয়-পরাঙ্মুখ। "পূ মে ২৭।]

প্রণয়ন ক্লী [প্র+ √নী+অন (ল্যুট্)-ভা] ১ প্রাপণ। ২ উদ্ধরণ। "প্রণয়না-দাহবনীয়ঃ প্রাণঃ। —প্রশ্নোপনিষৎ ৪.৩। ৩ করণ, বিধান। "অপরাধিষু দণ্ডপ্রণয়নম্ মনু ৭.২০, কুল্লুক, ৮.২৭৭। ৪ সৃষ্টি। "সর্গশেষ° কু.স ৬.৯। ৫ রচনা, গ্রন্থন। "কোষ°। ৬ প্রকর্ষভাবে উহন; কল্পন (মিতাক্ষরা), বিতর্কণ। "দণ্ডপ্রণয়নং কার্য্যং বর্ণজাত্যুত্তরাধরৈঃ যাজ্ঞ ২.৯।

প্রণয়বান্ (-বৎ) বিণ [°য়+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ প্রেমবান্, সস্নেহ। "সা হি প্রণয়বত্যাসীৎ সপত্ন্যোঃ রঘু ১০.৫৭। ২ অনুরক্ত। "জাতঃ সখে প্রণয়বান্ মৃগতৃষ্ণিকায়াম্ শ ৬.১৬। ৩ সবিশ্বাস, বিশ্রব্ধ। —বান্ পুং প্রিয়। "মাঘ ৮.৪৩।

প্রণয়াপরাধ পুং [উ.লো] প্রণয়গত (প্রণয়বিরোধজন্য) অপরাধ। —রাধী (-ধিন) বিণ [সুপ্‌সুপা] প্রার্থনা হেতু অপরাধী। "কন্দর্প-প্রণয়াপরাধিষু ('°পরাধিষু' পাঠান্তর) কু.স ৫.৩৫।

প্রণয়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব, স্ত্রী-য়িনী] ১ প্রণয়বান্, প্রেমযুক্ত। "প্রণয়ি হৃদয়ম্ পূ.মে ১০। প্রণয়িনঃ সুহৃদো নিবাসম্ ভ ৯১০.৮। ২ অনুরক্ত। "স্তনপ্রণয়িভিঃ...এণশাবৈঃ রঘু ৯.৫৫। যূথী যূথীকৃতমধুপগানপ্রণয়িনী বি মা ৭.১। ৩ প্রার্থনাবান্, প্রার্থী। "কণ্ঠাশ্লেষপ্রণয়িনি জনে পূ.মে ৩। ৪ সৌহৃদবান্, মিত্রতাপন্ন। ৫ প্রিয়। —য়ী (-য়িন্) পুং ১ পতি, স্বামী। ২ প্রিয়তম। "(নয়ন-সলিলং যোষিতাম্) শান্তিং নেয়ং প্রণয়িভিঃ পূ.মে ৩৯। ৩ অর্থী, যাচক। "প্রণয়িপ্রিয়ত্ব কু.স ৩.৬৬। ৪ সহচর। "কৃতোঽঙ্কস্থপ্রণয়ী ত্বয়া কয়ঃ কু স ৫.১১। ৫ সুহৃৎ। —য়িনী [+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ভার্য্যা। "গো.রা ৩.৫৩৬। ২ (বাঙলায়) অনুরক্তা নারী। "দিগ্‌গজের হৃদ্বোধ হইল যে প্রণয়িনী আসিয়াছেন ব.প্র ২৭।

প্রণষ্ট বিণ [প্র+ √নশ্+ত (ক্ত)-ক; 'প্রনষ্ট' সাধু (পা ৮.৪.৩৬); তু 'প্রণাশ'] নাশপ্রাপ্ত। "প্রণষ্টবলিকর্ম্মেজ্যামন্ত্র রা ২.৩৩.২০। প্রণষ্ট বস্তুর অন্বেষণ।—কাদ ১১২।

প্রণাদ পুং [প্র+ √নদ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রকৃষ্ট নাদ; মহা-ধ্বনি, তারশব্দ, হুঙ্কার। "প্রণাদেন ধরা (চচাল) মহা ৩.১০১.১৩। ২ মহানাদ, গর্জ্জন। "সিংহ° গো.রা ৬.৭৯.১০। ৩ মহাবাদ্যধ্বনি। "তূর্য্য°, শঙ্খ° (হ)। ৪ উচ্চৈঃকূজিত। "বিহগ° মহা ১৩.১৪.৫৩। মত্তক্রৌঞ্চ° (হ)। ৫ জনাক্রোশ, কোলাহল। "রা ২.৩৮.২। ৬ অনুরাগজন্মা জনপ্রবাদ (অ.টী)। ৭ কর্ণরোগভেদ, কর্ণনাদ (সুশ্রুত)।

প্রণাম[১] পুং [প্র+ √নম্+অ (ঘঞ্)-ভা] ১ প্রণতি, নমন, নম্রীভাব। ২ স্বাপকর্ষবোধক শিরঃকরাদিসংযোগব্যাপার; প্রণিপাত, নমস্কার। "সাষ্টাঙ্গ°। (উমা চকার) মূর্ধ্না প্রণামম্ কু.স ৩.৬২। [অভিবাদন পঞ্চাঙ্গ অষ্টাঙ্গ করশিরঃসংযোগ ভেদে প্রণাম চতুর্ব্বিধ।] [প্রণাম হওয়া (প্রাদ্ধা)—প্রণত হওয়া; প্রণতি করা। "অষ্টাঙ্গে প্রণাম হৈআ বোলে।—গ ৮৮। আপনাকে প্রণাম হই ব.প্র ১২৪। চন্দ্রেম তবে, প্রণাম হই অ.গ্র ৬৫। প্রণামা (সং °মাঃ)—অসংখ্যপ্রণিপাত (পত্রে)। "প্রণামা শতসহস্র ব.প্র ৩২৯।]

প্রণাম[২] বি [অসাধু] প্রাণায়াম। "গ ১০৮।

প্রণাম[৩] সর্ম্ম [প্রণাম[১] > °ম; অপ্র] প্রণাম করা। "প্রণামিয়ে গো.বি ১; প্রণামিল ৯৩। প্রণামিয়া অ.প ১৫।

প্রণামি, -মী বি [°ম+ইঙ, ঈ৭] ১ দেবতাদির প্রণামকালে দেয় অর্থাদি। "গুরু°, ঠাকুর°। রাগী পূর্ণিমার প্রণামি।—হু ২৬। কত দেশ-বিদেশী ...মায়ের চরণে প্রণামি দিবে ব.প্র ৬১৭। ২ রাজা বা রাজপ্রতিনিধিকে সম্মানার্থ দেয় অর্থাদি। "প্রজাগণ প্রণামি দিলেক বহু কড়ি শ্রী ২১।

প্রণায্য বিণ [প্র+ √নী+য (ণ্যৎ)-র্ম্ম] ১ অসম্মত, প্রীত্যনর্হ। "প্রণায্যশ্চৌরঃ (সি)। ভট্টি ৬.৬৬। ২ বিরক্ত (সি)।

প্রণাল পুং, **-লিকা, -লী** স্ত্রী [প্র+ √নল্+অ (ঘঞ্)-র্ম্ম; স্ত্রী ঈ (ঙীষ্); ক (কন্)+স্ত্রী আ (টাপ্); তু 'প্রণাড়ী' (শতপথ-ব্রাহ্মণ), 'প্রণাড়ী'—স্বারমাত্র (দায়ভাগ—ত.বা); প্রণাড়ী > °লী] ১ প্রাসাদাদির জলনির্গমমার্গ; পয়োনালী "বাস্পজন্ বাষ্পং প্রণালীব নবোদকম্ রা ২.৬২.১০। বাষ্পং প্রণালীভির্বিবোৎসৃজন্তি (মৃ)। ঘর ধুই প্রণালিকায় জল ছাড়ি দিল।—চৈ.চ ১৪৭, -৮। ২ (বাঙলায়) কার্য্যের নিয়মপরম্পরা, পদ্ধতি, ধারা। "কার্য্য°। ৩ (ভূগোলে) দুই বৃহৎ জলভাগের সংযোজক নালীবৎ সঙ্কীর্ণ জলভাগ (strait)।

প্রণাশ পুং [প্র+ √নশ্+অ (ঘঞ্)-ভা, ণত্ব; বৈদিক] ১ বিধ্বংস, ক্ষয়, হানি। "সর্ব্বং (কিঞ্চিৎম্) প্রণাশমুপগচ্ছতু।—বৃহৎসংহিতা ৪৮.৫৩। ২ শান্তি, প্রশমন। "ক্ষুৎপ্রণাশ (পঞ্চ)। ৩ বিপ্রয়োগ। "দারপ্রণাশ গো.বা ৩.৭০.১৪। লঙ্ক°।—পঞ্চ ৫৮। ৪ মৃত্যু, বিয়োগ। "ভর্তুঃ প্রণাশাৎ রঘু ১৪.১। ৫ অদর্শন। "প্রণাশঃ প্রহিতস্য পত্রিণঃ কি ১৪.৯। —শন বিণ [+ √নাশি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ বিনাশক, সংহারক, নিবারক। "আশ্বমেধিকং সর্ব্বপাপপ্রণাশনম্। —মহা ১২.৭৭। লক্ষ্মীকান্ত সকলকলুষ° শি ৪২। ২ বিধ্বংসক, ক্ষয়কর। "এসঃ...কীর্ত্তিবংশপ্রণাশনঃ মহা ১.১৪১.৬। —শন ক্লী [+অন -ভা] ১ বধ, হনন। "প্রণাশনায়...বিদ্বিষঃ রঘু ৩.৬০। ২ [বাঙলায়; অসাধু] প্রণাশ। "সর্ব্বপাপপ্রণাশন হয় যাহা শুনি শি ৪৩৭। —শী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] প্রণাশক, ক্ষয়কর। "(গঙ্গা) সরিতাং শ্রেষ্ঠা সর্ব্বপাপপ্রণাশিনী রা ১.৪৩.৩৪।

প্রণাশন, প্রণাশী দ্র 'প্রণাশ'।

প্রণিধান ক্লী [প্র-নি+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ সংস্থাপন। ২ অভি-নিবেশ, চিত্তৈকাগ্রতা। "রঘু ১.৭৪; ৮.১৯। ৩ প্রয়োগ, অভিযোগ। "ক্ষারৌষধ°, শস্ত্র° (সুশ্রুত)। ৪ প্রযত্ন। ৫ প্রবেশন। ৬ অর্পণ, কর্ম্ম-ফলত্যাগ। "পা.দ ২১। ৭ সমাধি। "°যোগ্য রঘু ৮.১৯। ৮ ভক্তি-বিশেষ। "ঈশ্বরপ্রণিধানাদ্ বা পা.দ ১.২৩। —ণিধি পুং [+ √ধা+ই (কি) -ধি] ১ চর, গূঢ়পুরুষ। "গো.রা ১.৪.১০৩। মনু ৭.১৫৩। কু.স ৩.৬। ২ অনুচর। ৩ [+ই-ভা] প্রণিধান, অবধান। ৪ যাচন, প্রার্থনা।

প্রণিধি 'প্রণিধান'।

প্রণিপাত পুং [প্র-নি+ √পত+অ (ঘঞ্)-ভা] ১ প্রকর্ষভাবে নীচৈঃ পতন দীর্ঘনমস্কার (শঙ্কর), দণ্ডবৎ পতনপূর্ব্বক নমস্করণ। "তদ্ বিদ্ধি প্রণিপাতেন গী ৪.৩৪। ২ প্রণাম, নমস্কার। "রা ১.৩৬.৯।

রচিত° শ্রী.গো ১১ ২। [°পুরঃসর, °পূর্ব্ব, °পূর্ব্বক (বিণ)—প্রণতি পূর্ব্বক। "°পূর্ব্ব কু.স ৩.৬১। °প্রতীকার (বিণ)—প্রণতি যাহার প্রতিবিধান, প্রণতিপ্রতিকার্য্য। "°প্রতীকারঃ সংরম্ভো হি মহাত্মনাম্ রঘু ৪ ৬৪।] [প্রণিপাত হওয়া (অপ্র)—প্রণতি করা। "°পাত হই ঃ °পাত হইলা পুরন্দর শ্রী মা ৪৭।]

প্রণিহিত বিণ [প্র-নি+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ সংস্থাপিত, নিহিত, ন্যস্ত। "মন্দোঃস্থ মা প্রণিহিতম্ ভ ১.১৫ ১৬। ২ প্রযুক্ত। "°হিতমপি চক্ষুঃ উ.চ ৫.১৩। ৩ প্রযুক্ত, অবচারিত। "তির্য্যক্‌প্রণিহিতে শস্ত্রে (সুশ্রুত)। ৪ বিহিত। "বেদপ্রণিহিতো ধর্ম্মঃ ভ ৬ ১ ৪০। ৫ দত্ত, অর্পিত। "(সীতাম্) ভর্ত্তৃপ্রণিহিতেক্ষণাম্ রঘু ১৫ ৮৪। ৬ প্রসারিত। "°ভুজং উ.মে ৪৫। ৭ প্রাপ্ত, প্রকরণপ্রাপ্ত (অ টী)। ৮ সমাহিত। "কিঞ্চি প্রণিহিতং ধর্ম্মে তাপসম্ গো রা ২ ৪৭ ২১। ৯ সাবধানভূত। "মনু ১.২৬৯। ১০ অবহিত। "প্রণিহিতঃ স্বার্থে ভট্টি ৯ ৯০। ১১ অভিনিবেশিত। ১২ নিশ্চল। "মনসি সম্যক্ প্রণিহিতে ভ ১ ৭ ৪। ১৩ প্রতিজ্ঞাত। "প্রণিহিতকার্থম্।—মনু ৮ ৫৪। ১৪ [+ত-ক] সমেত, মিলিত। "প্রণিহিতাঃ সর্ব্বা বানর্য্যঃ (চুক্রুশুঃ) রা ৪ ২৫ ৩৪।

প্রণী বিণ [প্র+ √নী+ক্বিপ্ (০)-ক-১ব, 'প্রণী'—প্রণীয়মান (ঋগ্বেদ ৩ ৩৮ ২)] প্রণেতা, কারক, প্রবর্ত্তক। "তিথি° ভট্টি ৫.৬৫। —ণীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপিত। "তমঃ প্রণীতমশিবেন পিত্রা।—ঋগ্বেদ ১ ১১৭ ১৭। ভবান্ প্রণীতো দৃগ্‌গোচরতাং দৃশাম্ ভ ৭ ২ ৩৩, ব্রহ্মাদযো যেন বশং প্রণীতাঃ ৮ ৭, ৯ ১৬। ২ শিক্ষিত। "বানরেন্দ্রেণ প্রণীতেন (বলেন) রা ২ ৯৭ ৩১। ৩ প্রাপিত, দত্ত। "বুদ্ধিঃ প্রণীতা যেনেয়ম্ বা ২ ২২ ১৪। কাকপ্রণীতেন হুতাশনেন। —পঞ্চ ৩ ১। ৪ ক্ষিপ্ত। ৫ নিবেশিত। ৬ উক্ত, বিহিত। "স এব ধর্ম্মো মনুনা প্রণীতঃ রঘু ১৪ ৬৭। ৭ কৃত, রচিত, গ্রথিত। 'উত্তরং রামচরিতং তৎপ্রণীতম্ উ চ ১ ২। ৮ পাঠিত, অধ্যাপিত। "ন মৎপ্রণীতং ন পরপ্রণীতং সুতো বদত্যেষ ভ ৭ ৫ ২৮। ৯ নিবদ্ধ। "ভবৎপ্রণীতমাচারম্ কু স ৬ ৩২।—ণীত পুং মন্ত্রসংস্কৃত বহ্নি। —ণীত ক্লী সংস্কৃত ব্যঞ্জনাদি। —ণীতা স্ত্রী যজ্ঞিযপাত্রভেদ। —ণেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী, "°তা'—প্রাপয়িতা (ঋগ্বেদ ২ ৯ ২)] ১ স্রষ্টা, নির্ম্মাতা। "প্রজাপতির্ভুবনস্য প্রণেতা মহা ১ ১৯৭ ৩। জগৎপ্রণেতা (হরিঃ—হ)। ২ নায়ক, অধ্যক্ষ। "এতে সেনাপ্রণেতারঃ মহা ৫ ১৫১ ৫। ৩ বচয়িতা, নিবন্ধকর্ত্তা। 'সর্ব্বশাস্ত্র°। ৪ শিক্ষয়িতা। —ণেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ প্রাপণীয়। ২ বশ্য। ৩ কৃতলৌকিকসংস্কার (ত বা)।

প্রণীত, প্রণীতা দ্র 'প্রণী'।

প্রণুত বিণ [প্র+ √নু+ত (ক্ত)-র্ম্ম,] অভিষ্টুত, স্তুত। "কু স ১৩ ৩১।

প্রণুত্ত, -ণুন্ন বিণ [প্র+ √নুদ্+ত (ক্ত)-র্ম্ম, ত>ন (বিকল্পে)] ১ প্রেরিত, প্রক্ষিপ্ত। "পাণ্ডুসুতপ্রণুন্নাঃ শিলীমুখাঃ।—কি ১৭.১২। ২ নিরস্ত, তিরস্কৃত। "মাঘ ৯.৭১। ৩ বিদ্রাবিত (routed)। "এতেন বাণেন হি শম্বরস্য দৈত্যস্য সৈন্যং সহসা প্রণুন্নম্ মহা ৩ ১২০.১৩। —ণোদিত বিণ [+ √নোদি+ত (ক্ত)-র্ম্ম] প্রেরিত, প্রবর্ত্তিত। "রঘু ১.৯। তথ্যজ্ঞান-প্রণোদিত।—পা প্র ১৩৬। —ণোদ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] প্রত্যাখ্যেয়। "অপ্রণোদ্যোঽতিথিঃ সায়ম্ মনু ৩.১০৫।

প্রণেতা, -ণেয়, প্রণোদিত, -ণোদ্য দ্র 'প্রণী, প্রণুত্ত'।

প্রততি স্ত্রী [প্র+ √তন্+তি (ক্তিন্)-ভা] ১ বিস্তার। ২ লতা।

প্রতনু বিণ [প্রা.স, স্ত্রী -নু, -ন্বী] ১ অতিক্ষীণ। ২ সূক্ষ্ম। "°বিরলৈঃ ...কুণ্ডলৈঃ উ.চ ১২০। ৩ স্বল্প, স্তোক। "প্রতনুসলিলা (সিন্ধুঃ) পূ.মে ২৯। তব সুচরিতমঙ্গুলীয় নূনং প্রতনু শ ৬ ১১। মাঘ ১৬.৬১।

প্রতর পুং, -তরণ ক্লী [প্র+তৃ+অ (অপ্),+অন (ল্যুট্), -ভা] তরণ, পার হওয়া। "জলপ্রতরণে মহা ৪ ৬ ২১। গো° রঘু ১৫.১০১।

প্রতল ক্লী [প্রা স] 'প্রকৃষ্টতল', পাতালবিশেষ। —তল পুং [প্রসৃত তল যাহাতে, বহুব্রী] বিস্তৃতাঙ্গুলি করতল, চপেট।

প্রতান ক্লী [প্র+ √তন+অ (ঘঞ্)-ভা] ১ বিস্তার, প্রসার। "রশ্মিপ্রতানৈর্নির্বর্ত্তিরলঙ্কৃতম্ (পুরম্) ক সা ৩৫ ১৫৩। ২ [+অ-ণ, পা ৩ ১ ১৪০] শাখাপত্রপ্রচয়। 'প্রতানিনী। ৩ লতার কুটিলতন্তু বা আঁকড়া। "লতাপ্রতানবলয় শ ৭ ২১। লতাপ্রতানোদ্‌গ্রথিতৈঃ স কেশৈঃ রঘু ২ ৮। ৪ [প্রতান+অ (অচ) অস্ত্যর্থে] প্রতানযুক্ত অলাবু-প্রভৃতি। ৫ কাণ্ডপ্ররোহহীন সরলবাহী সারিবাদি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২৩২। ৬ বায়ুরোগভেদ। —তানিনী স্ত্রী [প্রতানিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] বিস্তৃতা লতা। —তানী (-নিন্) বিণ [প্রতান+ইন্ (ইনি)-১ব] প্রতানযুক্ত, শাখাপত্রচয়বান্। "লতা প্রতানিনী বীরুৎ (অ কো)।

প্রতান্ত বিণ [প্র+ √তন্+ত (ক্ত)-ক] অতিম্লান, ম্লান। "চিন্তা-জাগরণপ্রতান্ত-নয়ন শ ৬.৬।

প্রতাপ পুং [প্র+ √তপ্+অ (ঘঞ্)-ভা] ১ সন্তাপজনন। "প্রতাপাৎ তপনো যথা রঘু ৪ ১২। ২ [+অ-ণ] তেজঃ, কিরণ। "অস্ত্র°, শর° (মহা)। °ক্ষতিশীতলাঃ কু স ২ ২৪। দিনেশপ্রতাপে নিশানাথ সাজে ভা.চ ৪২, প্রৌঢ়প্রতাপমদনানল ৬১৫। ৩ রাজার কোষ-দণ্ড-জাত তেজঃ, প্রভাব। "°যুক্ত মনু ৯ ৩১০। রঘু ৪ ৩০। প্রতাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাসিয়া ভা চ ১৯। ৪ পৌরুষ, বীর্য্য। "°বান্ রা ১ ১ ১১। প্রতাপস্তস্য ভানোশ্চ যুগপদ্ ব্যানশে দিশঃ রঘু ৪ ১৫। বাহুপ্রতাপার্জ্জিত হি ১ ১০৫। ৫ আতপ। দ্র '(৪)। ৬ অর্কবৃক্ষ। ৭ (বাংলায়) প্রতাপাদিত্য। "প্রতাপদিনকর সাজে ভা চ ৪৬১। —তাপন বিণ [+ √তাপি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] সন্তাপক, পীড়ক। 'শত্রুপক্ষ° গো বা ১ ৩০ ১৬। পররাষ্ট্র° (মহা)। —প্রতাপন পুং কুম্ভীপাক। —তাপন ক্লী [+অন-ভা] ১ পীড়ন। ২ দাহ। "মহা ১৩ ৬৫ ১৪।

প্রতাপন দ্র 'প্রতাপ'।

প্রতাপী (-পিন্) বিণ [°প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ প্রতাপবান, প্রভাবশালী। ২ তেজস্বী। ৩ বীর্য্যবান্।

প্রতারক বিণ [প্র+ √তারি+অক (ণ্বুল্)-ক] বঞ্চক, শঠ। —তারণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বঞ্চন। ২ প্রতরণ, উত্তরণ। "°ণং সমুদ্রস্য গো রা ১ ৩ ২৮। —রণা স্ত্রী [+যুচ) +স্ত্রী আ (টাপ)] বঞ্চনা। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] বঞ্চিত।

প্রতি ব্য উপসর্গবিশেষ,—১ প্রতিনিধি, তুল্য। "ত্বং সহস্রাণি...প্রতি। —ঋগ্বেদ ২ ১ ৮। প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি (সি)। ভট্টি ৮ ৮৯। ২ প্রতি-দান, বিনিময়। "তিলেভ্যঃ প্রতি যচ্ছতি মাষান্ (সি)। ৩ বীপ্সা। "বৃক্ষং বৃক্ষং প্রতি সিঞ্চতি (সি)। °বন, °স্থান, °তরুমূল।—কৃ ১৪৬। °মঞ্চে।—ম ৪০৮। °জনপাশে চৈ চ ১৪৭। ৪ বিষয়বিষয়ি-ভাব। "ভক্তো বিষ্ণুং প্রতি (সি)। ৫ ভাগ। "লক্ষ্মীর্হরিং প্রতি (সি)। ৬ মাত্রা, লেশ, অল্প। "শাকস্য লেশঃ, শাকপ্রতি পা ২ ১. ৯, সি। ৭ ক্ষেপ, নিন্দা। "°গিরি। ৮ নিশ্চয়। ৯ ব্যাবৃত্তি। "প্রত্যাগত। ১০ সমাপ্তি। ১১ ত্যাগ। ১২ সাদৃশ্য। "°কৃতি, °মূর্ত্তি, °রূপ। অথ লোক তথা বৈসে প্রতি নারায়ণ।—গ ৫। ১৩ প্রশস্তি। ১৪ বিরোধ। "প্রত্যর্থী, °কূল, °পক্ষ। ১৫ সমাধি (দুর্গাদাস)। ১৬ আভিমুখ্য। "প্রত্যগ্নি, °বাত মনু ৪ ৫২। ১৭ লক্ষ্যীকরণ। "অগ্রভুক্ত° গিরিং প্রতি রা ২ ৫৫ ১। হর প্রতি প্রিয়ভাবে কন হৈমবতী। ১৮ স্বরূপবচন। "ফাল্গুনং বাথ চৈত্রং বা মাসৌ প্রতি মনু ৭.১৮২। ১৯ নিকট, সামীপ্য। "সমাসেদুস্ততো গঙ্গাং শৃঙ্গবেরং পুরং প্রতি (রা)। সিংহ প্রাত শৃগালের নাহি ভারিত্থার।—কৃ ২৫২। কথঞ্চিত সভা-প্রতি হইলা বিদায় চৈ.ভা ১৪৩। ২০ বিষয়। "ধর্ম্মং প্রতি

বিমুখতা শ ৫.১৮। ২১ হিংসা। "প্রতিহন্তি। ২২ অঙ্গীকার। "°জ্ঞা। ২৩ ব্যাধি। "°শ্যায়। ২৪ ব্যাপ্তি। "প্রতিকীর্ণং পাংশুভিঃ। ২৫ বারণ। "°ষিদ্ধ, °ষেধ। [সংস্কৃতে 'গৃহং গৃহং প্রতি' ইত্যাদির অনুকরণে প্রাচীন বাঙ্লায় প্রয়োগ দেখা যায়।—"প্রতি ঘরে ঘরে (ক.চ ১২, ৮০ ; ম.পা ১৬২) ; প্রতি ঘাটে ঘাটে : প্রতি নায় নায় (বা.ম ৯৬ ; ৩৮৬) ; প্রতি ঠাঞি ঠাঞি (চৈ.ভা ৫৬), প্রতি ঘরে ঘরে॰(৩২৪) ; প্রতি গ্রামে গ্রামে (ন.প ৪০০) ; প্রতি দিনে দিনে (চৈ চ ৩৩২) ; প্রতি ঘরে ঘরে (জ্ঞা ২৩৩) ; প্রতি বর্ণে বর্ণে (বি.সু ১৪৬) ইত্যাদি। আধুনিক বাঙলায়—"প্রতি ক্ষণে ক্ষণে (হেম ৩২৫), প্রতি জনে জনে (৩৪৩)। প্রতি কালনিশি—প্রত্যেক অমাবস্যায়। "পশ্চিম উদয় দিবপ্রতি °নিশি শ্রী.ম ১৮৩। নিত্যপ্রতি—প্রত্যহ। "ম গা ৩ ; ১১ ; ২২। সর্ব্বপ্রতি—সকলকে। "সর্ব্বপ্রতি দিএ ব.প ৬২২। রঘুনাথের প্রতি—রামের প্রীতির নিমিত্ত। "রঘু° …হরি বল বন্ধুজন কৃ.অ ১১।]

প্রতি-আশ বি [পদ্যে, অপ্র] প্রত্যাশা। "কানু মিলব প্রতি-আশ।—ব ১৬০,-১। [°শে—প্রত্যাশায়। "বিড়াল বসিছে °আশে গো.বি ১৮৭। ফুল্লরা আছে মোর প্রতি-আশে ক.চ ৫৯, ২৫১।]

প্রতিকণ্ঠ ব্য [অব্যয়ীভাব] কণ্ঠসামীপ্য, উপকণ্ঠ।

প্রতিকর্ত্তা (-র্ত্তৃ) বিণ [প্রতি+ √কৃ+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী-র্ত্রী] প্রতিবিধানকর্ত্তা।

প্রতিকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [প্রতি+কৃ √+মন্ (মনিন্)-র্ম্ম] ১ স্বর্ণ-চন্দনাদিকৃত শরীরশোভা ; প্রসাধন, কৃত্রিমভূষা। "তস্যাঃ শরীরে প্রতিকর্ম্ম চক্রুঃ কু.স ৭.৬। কৃতনবপ্রতিকর্ম্মকাম্য মাঘ ৫.২৭। ২ [প্রা স] প্রতিকূলকর্ম্ম, প্রতীকার।

প্রতিকর্ষ পুং [প্রতি+কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ সমাকর্ষণ। ২ অন্বয়ার্থ পূর্ব্বপ্রাপ্ত পদাদির গ্রহণ।

প্রতিকায় পুং [প্রা.স] ১ প্রতিরূপ কায ; প্রতিমূর্ত্তি। ২ প্রতিকূল জন ; প্রতিপক্ষ। "কি ১৩.২৮, ১৪.১৭। ৩ প্রতিকূল বস্তু ; শরব্য, লক্ষ্য।

প্রতি(তী)কার পুং [প্রতি+ √কৃ+অ (ঘঞ্)-ভা, ঘঞাদিতে বিকল্পে দীর্ঘ] ১ প্রতিবিধান, প্রতিক্রিয়া। "আপৎপ্রতীকার, ভয়°, শক্য° হি ২$\frac{৭}{৮}\frac{৯}{৯}$। ২ কৃতাপকারের অনুরূপ অপকারকরণ ; বৈর-নির্য্যাতন, প্রতিহিংসা। ৩ শোধন। ৪ রোগাদির চিকিৎসা। "°বিধানম্ রঘু ৮.৪০। ৫ উপকারের বিনিময়ে উপকারের আশায় কৃত সন্ধি। "অয়ং চাপি প্রতীকারো রামসুগ্রীবয়োরিব।—হি ৪.১২০। —তিকার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ প্রতিবিধেয়। ২ শোধনীয়। ৩ চিকিৎসনীয়।

প্রতি(তী)কাশ বিণ [প্রতি+ √কাশ্+অ (অচ্)-ক, বিকল্পে দীর্ঘ, স্ত্রী -শা] তুল্য, সদৃশ। "অর্করশ্মিপ্রতীকাশ।—রা ২ ৯৯.২১। নবমেঘপ্রতীকাশ মহা ২.৩.২৫। পুটপাক° উ চ ৩১। [নিত্যসমাসে উত্তরপদ]।

প্রতিকিতব পুং [প্রা.স] দ্যূতকারের প্রতিকূল দ্যূতকার।

প্রতিকূল বিণ [কূলের প্রতীক, প্রা স, প্রতি+ √কূল্ আবরণ +অ (ক)-ক (অ.টী)] ১ কূলের বিপরীত, প্রতীপ, অপসব্য, বাম। বিপ 'অনুকূল'। "প্রতিকূলে গতে দৈবে গো.রা ৬.৮.১৫। প্রতিকূলদৈবাৎ রঘু ৬ ৫৮। শ ১$\frac{২}{১}\frac{৭}{৪}$। ২ বিরুদ্ধপক্ষাবলম্বী, বিপক্ষ। ৩ অশুভ। ৪ কর্ণকঠোর, শ্রুতিকটু। "প্রতিকূলশব্দা কু.স ১.৪৫। ৫ বিরোধী। ৬ বিপরীতদিক্‌সঞ্চারী। "মরুতঃ প্রতিকূলঃ…ববৌ গো.রা ৩.৩০.৩১। —কূল ক্লী বিপরীতাচরণ। "প্রতিকূলেষু চ স্থিতান্ মনু ৯.২৭৫। [°কারী (-রিন্) বিণ—বিরুদ্ধাচারী। °দর্শন (বিণ) —অশুভদর্শন। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—বিরোধী। °বচন (ক্লী), °বাদ (পুং)—প্রতিবাদ, বিপরীতোক্তি। °বাদী (-দিন্), °ভাষী (-ষিন্) বিণ—প্রতিবাদী, বিরুদ্ধভাষী।]

প্রতিকৃত বিণ [প্রতি+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] প্রতিবিহিত। —কৃত ক্লী [+ত-ভা] প্রতিকার। "রঘু ১২.৯৪। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রতিবিধান, প্রতিক্রিয়া। "শত্রু°। ২ বৈরশোধন, বৈরনির্য্যাতন। "কৃতে প্রতিকৃতিং কুর্য্যাৎ।—পঞ্চ ৫.৮০। ৩ [ক্তি-র্ম্ম] প্রতিরূপ, প্রতিমা, প্রতিমূর্ত্তি। "পা ৫.৩.৯৬। °সগঃ রঘু ১৪.৮৭। হিরণ্ময়ী সীতা প্রতিকৃতি সী ৬৮। ৪ আলেখ্য, চিত্র। "°দর্শনৈঃ প্রিয়ায়াঃ রঘু ৮.৯২। ৫ প্রতিনিধি। ৬ সাদৃশ্য। —ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ প্রতিকার। ২ নিবারণ, উচ্ছেদ। "অহেতুঃ পক্ষপাতো যস্তস্য নাস্তি প্রতিক্রিয়া উ.চ ৫.১৭। ৩ [+অ-ণ] দোষপ্রশমনোপায়। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া উ.চ ৩.২৯।

প্রতিক্রিয়া দ্র 'প্রতিকৃত'।

প্রতিক্ষণ ব্য [অব্যয়ীভাব] ক্ষণে ক্ষণে ; পুনঃপুনঃ। "কু.স ৫.১০।

প্রতিক্ষিপ্ত বিণ [প্রতি+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রেরিত। ২ বারিত, প্রতিহত। ৩ বাধিত। ৪ তিরস্কৃত। ৫ আহ্বানপূর্ব্বক প্রেরিত (অ.টী)। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রেরণ। ২ তিরস্কার। ৩ নিরাস, প্রত্যাখ্যান। "নাস্তিকপক্ষ°।

প্রতিক্ষেপ দ্র 'প্রতিক্ষিপ্ত'।

প্রতিগত বিণ [প্রতি+ √গম্+ত (ক্ত)-ক] প্রত্যাগত, পরাবৃত্ত। —গত ক্লী [+ত -ভা] ১ প্রত্যাবর্ত্তন। ২ পক্ষীর গতিবিশেষ। "মহা ৮.৪১.২৯।

প্রতিগৃহীত বিণ [প্রতি+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ স্বীকৃত, গৃহীত। "ত্বমস্যয়া পুত্র ইতি প্রতিগৃহীতঃ শ ২.১৭। ২ পরিণীত। —গ্রহ পুং [+অ (অপ্)-ভা] ১ স্বীকার, গ্রহণ। "দক্ষিণা°। ২ বিধিবদ্ দেয় দ্রব্যের গ্রহণ ; অদৃষ্টপ্রয়োজন-দত্ত দ্রব্যের গ্রহণ। "লোভাৎ কৃত্বা প্রতিগ্রহম্ মনু ৩.১৭৯। °প্রাপ্তহেমন ক.সা ৬.৫১। প্রতি-গ্রহ মহাপাপ।—কৃ ২৩০। বসুমতী প্রতিগ্রহ অ.প ১৪০। [ইহা ব্রাহ্মণের ষট্‌কর্ম্মের একতম (মনু ১.৮৮, যাজ্ঞ ১.১১৮)।] ৩ মঙ্গলা-চারপূর্ব্বক দর্শনস্পর্শন। "বধূ° রা ১.৭৭.১১। ৪ পরিণয়। ৫ [+অ -র্ম্ম] প্রতিগৃহীত দ্রব্য। "°ধন। মাঘ ১৪.৩৫। ৬ [+অ (অচ্)-ক] পতদ্‌গ্রহ, পিক্‌দানী। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্বীকার। ২ দানগ্রহণ। —গ্রহীতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] প্রতি-গ্রাহক, প্রতিগ্রহণকারী। "রা ১.৭৩.১২। মনু ৩.১৪৩। —গ্রাহ পুং [+অ (অচ্)-ক] ১ প্রতিগ্রহকারক। ২ পতদ্‌গ্রহ। —গ্রাহী (-হিন্) বিণ [+ইনু (ণিনি)-ক-১ব ; স্ত্রী -হিণী] সর্থ 'প্রতিগ্রহীত'।

প্রতিগ্রহ, -গ্রহণ, -গ্রহীতা, -গ্রাহ, -গ্রাহী দ্র 'প্রতিগৃহীত'।

প্রতিঘ পুং [প্রতি+ √হন্+অ (ড)-ক, পৃষো] ১ প্রতিঘাতক, শত্রু। ২ [+অ-ভা] প্রতিঘাত। ৩ প্রতিবন্ধ। "অ° মনু ১২.২৮। নিষ্প্রতিঘেন চক্ষুষা রঘু ৮.৭৮। ৪ [+অ-ক] রোষ, ক্রোধ। "মাঘ ১৫.৫৩। প্রতিঘ-অন্ধ।—মে ২৩৭। ৫ মূর্চ্ছা।

প্রতিঘাত পুং [প্রতি+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ প্রতীকূল ঘাত ; প্রতিহনন, প্রতিহতি। "তেষাং তু প্রতিঘাতার্থম্।—রা ১.৪১.৩। প্রতিঘাতোত্থিতার্চ্চিষা কু.স ২.৪৯। ভাগীরথী…চন্দ্রকর-প্রতিঘাতে উজ্জ্বলতরঙ্গিণী ব.প্র ১৩৩। ২ বিনাশ। "পুংস্তস্য প্রতিঘাতকৃৎ যাজ্ঞ ২.২৩৯। ৩ মোক্ষ, মোচন। "সর্ব্বেষামেব শাপানাং প্রতিঘাতো হি বিদ্যতে মহা ১.৩৭.৪। —ঘাতন ক্লী [+ই (ণিচ্)+অন (ল্যুট্) -ভা] মারণ, বধ। —ঘাতী (-তিন্) বিণ [+ √হন্+ইন্ (ণিনি) -ক-১ব] ১ প্রতিঘাতকারী, প্রতিহন্তা। "চন্দ্রকর-প্রতিঘাতী জ্যোৎস্নোজ্জ্বল বৃক্ষপত্র।—ব.প ১৩৩। ২ বিঘ্নকারী। "ক্রতু° উ.চ ৪.২৯।

৩ বিরোধী, প্রতিকূল, সোপদ্রব। "কি ৬২১। ৪ অক্ষতাজনক। "নেত্রপ্রতিঘাতিনীং প্রভাম্ কু.স ৫.২০। ৫ নিরাসক, নিবারক। "অনর্থপ্রতিঘাতিন্ (দশকুমার)।

প্রতিঘাতন, -ঘাতী দ্র 'প্রতিঘাত'।

প্রতিচন্দ্র পুং [প্রা স] প্রতিবিম্বিত চন্দ্র, চন্দ্রবিম্ব। "(বরুণাবাসম্) °সমাকুলম্ গো.রা ৫.৭৪ ২৯।

প্রতিচিকীর্ষা স্ত্রী [প্রতি+ √কৃ+স (সন্)+অ-ভা+স্ত্রী -আ (টাপ্)] প্রতিকারেচ্ছা, বৈরশোধনেচ্ছা। "মহা ১ ১৬৭.৩। ভ ৯.১০ ২০।

প্রতিচ্ছন্দ, -ন্দক পুং [প্রতি+ √ছন্দ্+অ, অক (অচ, ণুল্)-ক] ১ প্রতিরূপ, প্রতিমূর্ত্তি। "রক্ষঃশিরঃ° (SW.)। ২ প্রতিনিধি। 'গিরিপ্রতিচ্ছন্দ মাঘ ১২ ২৯। পুত্রপ্রতিচ্ছন্দক মনু ৯ ১৮০, কুল্লুক। ৩ নির্বিশেষভাব। "স্বর্গপ্রতিচ্ছন্দ।—হ ৮৯ ১৭।

প্রতিচ্ছায়া স্ত্রী [প্রা স] ১ ছায়ার (কান্তির) প্রতিবিম্ব (অ টী), প্রতিমা, প্রতিকৃতি। "হ ১৫৩ ২৯। ২ প্রতিনিধি।

প্রতিজিহ্বা স্ত্রী [প্রা স] তালুমূলস্থ ক্ষুদ্রজিহ্বা, আলজিব।

প্রতিজ্ঞা স্ত্রী [প্রতি+ √জ্ঞা+অ (অঙ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অঙ্গীকার, প্রতিশ্রুতি। "প্রতিজ্ঞাং ষণ্ঢকোঽস্মীতি করিষ্যামি মহা ৪ ২ ২৫। ২ (ন্যায়ে) সাধ্যনির্দ্দেশ, অর্থাৎ যাহা সিদ্ধ করিতে হইবে, তাহার উল্লেখ বা তদ্বোধক শব্দসমূহের প্রয়োগ, যেমন, 'পর্ব্বতো বহ্নিমান্'। [ইহা পঞ্চাঙ্গ ন্যায়ের অবয়বভেদ।] ৩ [+অ-র্ম্ম] প্রতিজ্ঞাত বিষয়। 'প্রতিজ্ঞা° হাতুমিচ্ছসি রা ১ ২১ ২, প্রতিজ্ঞান্তে ২ ৩৪ ২৯। ৪ (ব্যবহারে) ভাষা, পক্ষ, আর্জি। —জ্ঞাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অঙ্গীকৃত, প্রতিশ্রুত। 'প্রতিজ্ঞাতো ন এষ বরঃ। —শতপথব্রাহ্মণ ১৪ ৯ ১ ৮। প্রতিজ্ঞাত° প্রতিজ্ঞা রা ২ ১০৯ ২৫। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্রতিজ্ঞা। "মনু ১ ৬৮, কুল্লুক। [°পত্র (ক্লী)—১ (ব্যবহারে) ভাষাপত্র। ২ (বাঙ্লায়) একরার-নামা। °বিরোধ (পুং)—(ন্যায়ে) নিগ্রহস্থানভেদ।]

প্রতিজ্ঞান দ্র 'প্রতিজ্ঞা'।

প্রতিদর্শন ক্লী [প্রতি+ √দৃশ্+অন (ল্যুট্)-র্ম্ম] ১ প্রতিদৃষ্ট, প্রতিরূপ। "মহী তত্র দারুণপ্রতিদর্শনা মহা ৭ ৮৮ ৩৩। ২ (বাঙলায়) দর্শনের বিনিময়ে দর্শন। "প্রতিদর্শনের সময়, অর্থাৎ ভিজিট রিটারণের কাল উপস্থিত হলে খোঁড়া হন।—জা ৬।

প্রতিদান ক্লী [প্রতি+ √দা+অন (ল্যুট্)-ভা] ১ তুল্যরূপদান, বিনিময়। "পা ১.৪ ৯২। ন প্রিয়াদানস্য প্রতিদানমিদ° শরীরম্ (দশকুমার)। তিনি প্রতিদান না পাইয়া প্রীতি দান করিতে পারেন কি না।—পা প্র ১৩৭। ২ ন্যস্ত (গচ্ছিত)-দ্রব্যের প্রত্যর্পণ, ন্যাসার্পণ, গচ্ছিত ফিরাইয়া দেওয়া।

প্রতিদিন, -দিবস ব্য [অব্যয়ীভাব] দিনে দিনে, প্রত্যহ। "প্রতিদিবসং যাতি লয়ম্।—পঞ্চ ৫ ৪।

প্রতিদেয় বিণ [প্রতি+ √দা+য (যৎ)-র্ম্ম] প্রত্যর্পণীয়। "প্রতি-দেয়ং তথৈব তৎ যাজ্ঞ ২.৬৬। —দেয় ক্লী যে দ্রব্য কিনিয়া দুষ্কৃত-বুদ্ধিতে সেই দিনই অবিকৃতভাবে তাহা প্রত্যর্পিত হয়।

প্রতিদ্বন্দ্ব ক্লী [প্রা.স] ১ প্রতিরূপ দ্বন্দ্ব, তুল্যযুদ্ধ। ২ প্রতিস্পর্দ্ধা। "দ্ব° রা ২ ১০৭ ৮। —দ্বন্দ্ব পুং [°দ্ব+অ (অচ) অস্ত্যর্থে] স্পর্দ্ধাবান্, প্রতিপক্ষ, শত্রু। "দ্ব° ভ ৭৩১। —দ্বন্দ্বী (-দ্বিন্) বিণ [°দ্ব+ইন্ (ইনি)-১ম] ১ প্রতিকূলবর্ত্তী। "প্রতিদ্বন্দ্বিনি পাণ্ডবা'স্ত্র। —কি ১৬.২৯] ২ প্রতিস্পর্দ্ধী। "কিসলয়োদ্ভেদ° শ ৪ ৫। —দ্বন্দ্বী পুং ১ সর্ব 'প্রতিদ্বন্দ্ব' (পুং)। ২ প্রতিযোধ, যোধ। "তুল্যপ্রতিদ্বন্দ্বী বভূব যুদ্ধম্ রঘু ৭.৩৭

প্রতিধ্বনি পুং [প্রা স] প্রতিরূপ শব্দ, প্রতিনাদ, অনুরসিত। "পার্শ্ববর্ত্তী লোকের মুখে প্রভুবাক্যের প্রতিধ্বনি হইতে থাকে।—কাদ ৩৫। —ধ্বনিত বিং প্রতিধ্বনিযুক্ত। —ধ্বান পুং [প্রতি+ √ধ্বন্+অ (ঘঞ্)-ভা] প্রতিধ্বনি। "হি ৩.৩৫।

প্রতিধ্বান দ্র 'প্রতিধ্বনি'।

প্রতিনব বিণ [প্রা স] নবত্বপ্রতিগত, প্রত্যগ্র, অভিনব। "প্রতিনব-জবাপুষ্পরক্তং পু মে ৩৬।

প্রতিনাদ পুং [প্রতি+ √নদ্+অ (ঘঞ্)-ভা] প্রতিধ্বনি। "°পূরিতদিগন্তর মাঘ ১৩.২৭। —নাদিত বিণ [+ √নাদি+ত-র্ম্ম] প্রতিধ্বনিত। "মাঘ ১৩.২৫।

প্রতিনায়ক পুং [প্রা স] প্রতিকূলনায়ক—রাবণাদি। 'সা.দ ৩ ১০১।

প্রতিনিতি ক্রি বিং (অসাধু) প্রত্যহ। "পঞ্চাত্রেতে প্রতিনিতি তোমার ভোজন।—মী ২৯।

প্রতিনিধি পুং [প্রতি+নি+ √ধা+ই (কি)-র্ম্ম] ১ যে সদৃশভাবে নিহিত, প্রতিকৃতি, প্রতিরূপ। "বিগ্রহেণ মদনস্য চারুণা সোঽভবৎ প্রতিনিধিঃ রঘু ১১ ১৩। কি ৫৩। ২ সদৃশ, স্বরূপ। "সুতাং তদীযা° সুরভেঃ কৃত্বা প্রতিনিধিম্ রঘু ১ ৮১।

প্রতিনিবর্ত্তন ক্লী [প্রতি-নি+ √বৃৎ+অন (ল্যুট)-ভা] ১ অভীষ্ট হইতে নিবৃত্তি, বিরতি। ২ [+বর্ত্তি+অন-ভা] নিবারণ। —বৃত্ত বিণ [+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ প্রত্যাবৃত্ত, পুনরাগত। ২ নিবৃত্ত, বিরত। 'গত্বৈব পুনঃ প্রতিনিবৃত্তঃ শ ১ ২৫।

প্রতিনিয়ত বিণ [প্রতি-নি+ √যম্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিয়মপূর্ব্বক নিরূপিত, ব্যবস্থাপিত। "°বেতনগ্রহণপূর্ব্বকমধ্যাপনম্ মনু ১১ ৬৩, কুল্লুক। ২ স্বাধিষ্ঠিত, স্বকীয়। "°দেশ মনু ১ ১১৮, কুল্লুক। ৩ (বাঙ্লায়) নিরন্তর, সর্ব্বদা। "জনমণ্ডলের কর্ম্মের মধ্যে প্রতিনিয়ত আহার ব প্র ৫০৩।

প্রতিনির্দ্দেশ পুং [প্রতি-নির+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] পুনরভিধান, পুনঃকথন। —নির্দ্দেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] পুনরভি-ধানযোগ্য, সহজে অর্থপ্রতীতির নিমিত্ত পুনরভিধেয় (পদ)। "উদেতি সবিতা তাম্রস্তাম্র এবাস্তমেতি চ।—সা দ ৭ ৭। [এখানে পুনঃকথিত 'তাম্র' পদ প্রতিনির্দ্দেশ্য।]

প্রতিপক্ষ পুং [প্রা স] ১ প্রতিকূল পক্ষ, বিপক্ষ, শত্রু। "°প্রবীর ক সা ৪৭ ৫৫। ২ বিরোধ, প্রতিকূলতা। "দোষপ্রতিপক্ষে গুণা উক্তাঃ মনু ৭ ৩১, কুল্লুক। ৩ (ব্যবহারে) প্রত্যর্থী, প্রতিবাদী।

প্রতিপণ পুং [প্রা স] সদৃশপণ, তুল্যমূল্য। 'অথর্ব্ববেদ ৩ ১৫ ৪। কর্ণঃ স্বয়° প্রতিপণোঽস্য ধনঞ্জয়স্য বা ভা ২ ৩০। —পাণ পুং [প্রতি + √পণ+অ (ঘঞ)-র্ম্ম] প্রতিরূপ পণ, পণনীয় দ্রব্য, গ্রহ, বাজি। "প্রতিপাণোঽস্তি কস্তব মহা ৩ ৬১ ২, ৭৮ ৭।

প্রতিপত্তি স্ত্রী [প্রতি+ √পদ্+তি (ক্তিন্)-ভা] ১ সম্প্রাপ্তি, প্রাপ্তি। 'চন্দ্রলোক°, ব্রহ্মলোক°, স্বর্গ°। ২ জ্ঞান, বোধ। "বাগর্থ° রঘু ১ ১। গন্ধস্য প্রতিপত্তিঃ ভ ৩ ৬ ১৪,-৬। ৩ প্রবোধ, 'চিৎ' (ত্রিকাণ্ডশেষ)। ৪ প্রবৃত্তি। "মনস্বিনীনা° প্রতিপত্তিরীদৃশী কু স ৫. ৪২। ৫ অনুষ্ঠান। "°পরাঙ্মুখী ভট্টি ৮ ৯৫। ৬ অনুসন্ধান। "প্রস্তুত° রঘু ১৫ ৭৫। ৭ পদপ্রাপ্তি। ৮ গৌরব, সংস্কার। '(মাতৃষু) স নির্ব্বিশেষপ্রতিপত্তিরাসীৎ।—রঘু ১৪ ২২। শ ৪ ১৭, ৭১। মাঘ ৩৮'। ৯ নিশ্চয়। "(তে) ব্যবসায়ঃ প্রতিপত্তিনিষ্ঠুরঃ রঘু ৮ ৬৫। ১০ কর্ত্তব্যজ্ঞান। "প্রতিপত্তি° চ কৃচ্ছ্রেষু মহা ১ ১০৩ ৬। বিষাদলুপ্ত° রঘু ৩ ৪০। ১১ অধ্যবসায়। 'কৈকেয্যাঃ প্রতিপত্তির্হি কথ° স্যান মম বেদনে রা ২ ২২ ১৬। ১২ [+তি-র্ম্ম] প্রগল্ভতা, গর্ব্ব। ১৩ কলশূন্য কর্ম্মাঙ্গবিশেষ, যেমন, পূজিত প্রতিমাদির জলে নিক্ষেপ,

হুতশেষ দ্রব্যের অগ্নিতে নিক্ষেপ। ১৪ প্রবৃত্তি, বার্তা। "কিয়চ্চিরেণার্য্য-পুত্রঃ প্রতিপত্তিং লাপ্স্যতি শ ৩২১২। ১৫ (বাঙলায়) প্রতিষ্ঠা, সম্মান। "°শালী, পসার°। [°দক্ষ, °বিশারদ (বিণ)—অনুষ্ঠান-কুশল। "°দ মহা ১.২২৭.১৬। °পটহ (পুং)—গৌরবার্থ বাদ্যবিশেষ, নাগরা। °পরাঙ্মুখ (বিণ)—অনুষ্ঠানবিমুখ। "ভট্টি ৮ ৯৫।]

প্রতিপথ বিণ [পথকে প্রতিগত, প্রা স, সমাসান্ত 'অ'] মার্গানুসারী। "°গতি কু.স ৩ ৭৬।

প্রতিপদ্, -দা স্ত্রী [প্রতি+ √পদ্+ক্বিপ্ (০)-ণ, স্ত্রী-আ (টাপ্), °পৎ (১ব)] ১ 'মাসপক্ষাদির আরম্ভ যাহাতে'; পক্ষের প্রথম তিথি; পক্ষতি। "প্রতিপচ্চন্দ্রদর্শন রা ২ ১১২.২০। °চন্দ্রনিভ রঘু ৮ ৬৫। °চন্দ্র কি ২.১১। ২ দগড়বাদ্য। ৩ [+ক্বিপ্-ভা] আরম্ভ। ৪ জ্ঞান, প্রতিপত্তি। —পন্ন বিণ [+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ প্রাপ্ত, লব্ধ। "শাপাবসানে প্রতিপন্নমূর্ত্তেঃ (পঞ্চশবস্তু) কু স ৭.৯২। সম্ভাব-প্রতিপন্ন (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ২ অবগত, জ্ঞাত। "কু স ৪.৩৩। ৩ অঙ্গীকৃত, স্বীকৃত। "তথেতি প্রতিপন্নায়…নৃপায় রঘু ১৫.৯৩। নির্ব্বাহঃ °বস্তুষু।—মু ২.১৮। ৪ অনুষ্ঠিত। ৫ আবদ্ধ। ৬ (বাঙলায়) প্রতিপত্তিযুক্ত, সম্মানিত। "(ভবানন্দ) যাতায়াত করিতেং বঙ্গাধি-কারির নিকট প্রতিপন্ন হইলেন কু.চ ৬। —পাদক বিণ [+ √পাদি +অক (ণ্বুল্)-ক, স্ত্রী-িদকা] ১ বোধক, জ্ঞাপক। "জ্যোতিঃ-প্রতিপাদকঃ মহা ২ ৫.৪২। তৎপ্রতিপাদকং গ্রন্থম্ মনু ১.৫৮, কুল্লুক। ২ অনুষ্ঠাতা, সম্পাদক। ৩ দাতা। "তীর্থে চাপ্রতিপাদকঃ (মহা)। —পাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বোধন, জ্ঞাপন। ২ দান, ত্যাগ। "দত্তস্যাপ্রতিপাদনম্ মনু ৮.২১৪, কুল্লুক। সন্ধিপরিপণবস্তু°।—মু ৫১৭। ৩ স্থাপন। "সুগ্রীব° রা ১ ২ ২৪। ৪ প্রাপণ, বেধ, ভেদন। "লঙ্কা° গো রা ৬ ৬৯.৩৩। ৫ সম্পাদন। ৬ আরম্ভ। "ত্রেতাবিমোক্ষ-সময়ে দ্বাপরপ্রতিপাদনে (মহা)। ৭ প্রাপ্তি। "সীতায়াঃ প্রতিপাদনম্ গো রা ৩ ৭৬.১। —পাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ দত্ত, সমর্পিত। "সত্যবতী নাম ঋচীকে প্রতিপাদিতা গো.রা ১ ৩৬.৭। মাঘ ৩.৩৬। ২ সম্পাদিত, সাধিত। ৩ নির্দ্ধারিত, শোধিত। "বৈবেহস্মিন্ প্রতি-পাদিতে গো রা ৪ ১২.২০] ৪ প্রাপিত। "অযশঃ…ত্বয়াহং প্রতি-পাদিতঃ রা ২.৭৪ ৬। স মূর্নির্ঘোবনম্ প্রতিপাদিতঃ মহা ১.২.১৭১। ৫ প্রাপ্ত। "মহা ১.১.৭০। ৬ কৃত। "যত্নেন প্রতিপাদিতা মুখরয়ো-র্মঞ্জীরয়োর্মুক্ততা সা দ ৩২২। ৭ (বাঙলায়) প্রমাণীকৃত, নির্ণীত। —পাদয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী-ত্রী] ১ দাতা। ২ প্রাপয়িতা। ৩ কারক। —পাদ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ বোধনীয়। ২ দেয়। ৩ সাধ্য, করণীয়। "যত্ন° পা ১ ২,৫৩, কাশিকা। ৪ প্রমাণবিষয়ীভূত। "সকলে হরিরে করে নিজপ্রতিপাদ্য শ্রী.ম ২৬২।

প্রতিপদ ব্য [অব্যয়ীভাব] ১ পদে পদে, প্রতিক্ষণ। "প্রতি-পদমিদমপি নিগদতি গী গো ৪.৭। বচো বৈদেহীতি প্রতিপদমুদশ্রু প্রলপিতম্ সা দ ৪২১২। যাও বৎস! প্রতিপদে বিজয় লাভ কর ব.প্র ১১২। ২ স্থানে স্থানে, প্রতিস্থানে। "সা দ ৪২১২। [°বিধানা ষষ্ঠী —ধাতুযোগে কর্ম্মাদি সুবন্তপদে বিহিতা ষষ্ঠী। "পা ২.২ ১০, সি। °পদোক্ত—পদোচ্চারণপূর্ব্বক বিহিত। "°পদোক্তস্য দিক্সমাসস্য গ্রহণাৎ পা ১.১.১৮, বালমনোরমা।]

প্রতিপদা দ্র 'প্রতিপদ্'।

প্রতিপন্ন; প্রতিপাণ দ্র 'প্রতিপদ্; প্রতিপণ'।

প্রতিপাত্র ব্য [অব্যয়ীভাব] পাত্রে পাত্রে, প্রতিকুশীলব। "শ ১২।

প্রতিপাদক, -দন, -দয়িতা, -দিত, -দ্য দ্র 'প্রতিপদ্'।

প্রতিপালক বিণ [প্রতি+ √পালি+অক (ণ্বুল্)-ক] প্রতি-পালনকারী, রক্ষক। —পালন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ রক্ষণ, পোষণ। "সর্ব্বথা সুকরং মিত্রং দুষ্করং প্রতিপালনম্।—রা ৪.৩২.৭। শরণাগত°।—দু ৬১,-৫। ২ কার্য্যতঃ অনুষ্ঠান, অনুবর্ত্তন। "নিদেশ° রা ২.১০৫ ৪২। সময়°, বাক্য° (মহা)। —পালয়িতব্য বিণ [+তব্য -র্ম্ম] ১ পালনীয়, রক্ষণীয়। ২ প্রতীক্ষণীয়। "°তব্যস্তে জন্মকালোহস্য মহা ১.১৬.২১। —পালিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পালিত, রক্ষিত। ২ কার্য্যতঃ অনুষ্ঠিত। —পালী (-লিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] পালক। "(ষষ্টিম্) শিষ্টানাং প্রতিপালিনীম্ মহা ১.৬৩.১৭। বিশ্ব-প্রতিপালিনী।—দু ৯১। —পাল্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ পালনীয়; পোষ্য। ২ অপেক্ষণীয়। "প্রতিপাল্যাবসরঃ প্রস্তাবঃ শ ৭২১৩।

প্রতিপালন,- লয়িতব্য, -লিত, -লী, -ল্য দ্র 'প্রতিপালক'।

প্রতিপুরুষ পুং [প্রা স] ১ প্রতিরূপ জন, স্বসমানপুরুষ। "ভ ৪. ৪২। ২ প্রতিনিধি। ৩ সিঁধ কাটার পরে, গৃহস্থ জাগরিত কি না, ইহা জানিতে চোরে যে মানুষের প্রতিমূর্ত্তি সিঁধ দিয়া ঘরে ঢুকায় (A)। "প্রতিপুরুষং নিবেশয়ামি।—মৃ ৩২১৮। —পুরুষ ব্য [অব্যয়ীভাব] প্রতিজন।

প্রতিপুস্তক পুং [প্রা স] প্রতিরূপ পুস্তক, আদর্শপুস্তক। "আদর্শঃ …টীকাপ্রতিপুস্তকযোঃ (মেদিনী)।

প্রতিপূজক বিণ [প্রতি+ √পূজি+অক (ণ্বুল্)-ক] প্রতি-পূজয়িতা, সম্মানয়িতা। "সর্জ্জন° রা ১.৩২ ১, ব্রাহ্মণ° ২ ১.১৫। —পূজন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সম্মাননা, পূজা। "অতিথীনাম্ …প্রতিপূজনম্ রা ২.২৮.১৪। ২ পূজকের পূজা। —পূজিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পূজিত, সম্মানিত। "মনু ৩.৫৮।

প্রতিপূজন, -পূজিত দ্র 'প্রতিপূজক'।

প্রতিপোষক বিং সমর্থক, সহায়। "মূর্খ তিন জন। যে আত্ম-রক্ষায় যত্নহীন, যে সেই যত্নহীনতার প্রতিপোষক, আর যে আত্মবুদ্ধির অতীত বিষয়ে বাক্যব্যয় করে।—ব প্র ১২৮। [প্রতিপোষে—প্রতি-পালন করে। "বৈশ্যজাতি (পবিজন) প্রতিপোষে বাণিজ্য করিয়া। —ব প ১৪৯৩।]

প্রতিপ্রণাম পুং [প্রতি-প্র+ √নম্+অ (ঘঞ্)-ভা] প্রতিনমস্কার।

প্রতিপ্রদান ক্লী [প্রতি-প্র+ √দা+অন (ল্যুট্)-ভা] ১ প্রত্যর্পণ। "মম প্রতিপ্রদানং হি রাবণস্য ন রোচতে।—গো রা ৫.৩৫.১১, ৬.২.৩। ২ দান, সম্প্রদান। "°প্রদানং সীতায়া রামে কর্ত্তুং কিলেচ্ছতি গো.রা ১.৭০ ১৭। ৩ বিনিময়ে দান, প্রতিদান।

প্রতিপ্রয়াণ ক্লী [প্রতি-প্র+ √যা+অন (ল্যুট্)-ভা] প্রতিগমন, প্রত্যাবর্ত্তন। "গো.রা ৫.৫১ ২৬। —প্রযাত বিণ [+ত (ক্ত)-ক] প্রতিপ্রস্থিত, প্রতিগত। "রঘু ১৪.১৯।

প্রতিপ্রসব পুং [প্রতি-প্র+সূ+অ (অপ্)-ভা] নিষিদ্ধের পুনঃ-প্রাপ্তি বা পুনর্বিধান। "পা ২ ২ ৯, সি। মনু ২ ১৮৯, কুল্লুক।—প্রসূত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পুনরভ্যনুজ্ঞাত। "পা ৪.৬.৩৭, সি।

প্রতিপ্রস্থান ক্লী [প্রতি-প্র+ √স্থা+অন (ল্যুট্)-ভা] প্রতি-পক্ষাশ্রয়, পরপক্ষাবলম্বন।

প্রতিপ্রহার পুং [প্রতি-প্র+ √হৃ+অ (ঘঞ্)-ভা] প্রতিঘাত। "প্রতিপ্রহারাক্ষম বধূ ৭ ৪৭।

প্রতিপ্রিয় ক্লী [প্রা স] প্রতিরূপ প্রিয়, প্রত্যুপকার। "প্রতিপ্রিয়ং চেদ্ভবতো ন কুর্য্যাম্ রঘু ৫.৫৬।

প্রতিফল ক্লী [প্রতি+ √ফল্+অ (অচ্)-ক] ১ প্রতিবিম্ব। "প্রতিফলমালোক্য স্বীয়মিন্দোঃ কলায়াম্ (রসমঞ্জরী)। ২ কৃত কুকর্ম্মের অনুরূপ প্রতীকার, দুষ্পরিণাম। "কালি রণে পাবি তুই প্রতিফল তার।—ন ৪৮৫। —ফলন ক্লী [+অন (ল্যুট্)-ভা]

প্রতিবিম্বন, সদৃশভাব। "বিম্বপ্রতিফলনল্লাভ (আনন্দলহরী)। —ফলিত বিণ [+ত (ক্ত)-ক] প্রতিবিম্বিত।

প্রতিফলন, -ফলিত দ্র 'প্রতিফল'।

প্রতিবক্তব্য বিণ [প্রতি+ √বচ্+তব্য-র্ম] প্রতিবচনীয়, বাদী প্রতি কথনীয়। "উত্তরে প্রতিবক্তব্যো রা ১.২২.১৬। —বচঃ (-চস্), —বচন ক্লী [প্রা.স] ১ প্রতিরূপ বাক্য, প্রতিবাক্য, উত্তর। "°বচঃ গো.রা ৪.৯.২১। মহা ৩.৭৪.২২। প্রত্যয়প্রতিবচন শ ৫২/১৫। ২ প্রতিধ্বনি। ৩ বিরুদ্ধবাক্য। [°বচনীকৃত—উত্তরীকৃত। "শ ৪.১০।]

প্রতিবচঃ, -বচন দ্র 'প্রতিবক্তব্য'।

প্রতিবদ্ধ বিণ [প্রতি+ √বন্ধ্+ত (ক্ত)-র্ম] ১ পুনর্বদ্ধ, প্রতিরুদ্ধ। "°বৎসা রঘু ২.১। ২ প্রতিবন্ধযুক্ত, নিরুদ্ধ, ব্যাহত। "°প্রসর কু স ৩ ১২, মল্লিনাথ। ৩ প্রতিনিয়মে প্রবর্ত্তিত, বিধানানুসারে প্রযুক্ত। "রসান্তরেষু °রাগম্ (প্রযোগম্) কু স ৭ ৯১। ৪ প্রত্যাপ্ত। 'কুরুবিন্দ-°মধ্য মাঘ ৯.৮। ৫ নিবারিত। "আশাপ্রতিবদ্ধচিত্ত (পঞ্চ)। ৬ প্রতিহত, হত (অকো)। ৭ খচিত, অনুবিদ্ধ। 'দীপ্তাঙ্গদযুগ-প্রতিবদ্ধ-মহাভুজ (মহা)। ৮ কৃতবন্ধন, বদ্ধ। "স্থূলাম্রপ্রতিবদ্ধ (সুশ্রুত)। —বন্ধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রতিষ্টম্ভ, প্রতিরোধ। ২ বিঘ্ন, ব্যাঘাত। "তপঃপ্রতিবন্ধমন্যুনা (প্রণয়ান্বিণা) রঘু ৮ ৮০। ৩ অবরোধ। ৪ (দর্শনে) নিত্য সম্বন্ধ, ব্যাপ্তি। ৫ প্রতিষেধ, "স্থির° শ ২৫/৪। —বন্ধক বিণ [+অক (ণ্বুল) ক, স্ত্রী -ন্ধিকা] ১ প্রতিবন্ধকারক, প্রতিরোধক। '°ভুবিত্তাভাব মনু ৮.৩১৮, কুল্লুক। ২ বিঘ্নকারক, বাধক। 'শ্রেয়ঃপ্রতিবন্ধক। —বন্ধক পুং শাখা। —বন্ধী (-ন্ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] সর্থ 'প্রতিবন্ধক'। 'সুখ°।

প্রতিবনিতা স্ত্রী [প্রা স] প্রতিকূলা স্ত্রী, সপত্নী। "প্রতিবনিতা-কটাক্ষভার মাঘ ৮.৫৪।

প্রতিবন্ধ, -বন্ধক, -বন্ধী দ্র 'প্রতিবদ্ধ'।

প্রতিবর্ণ ক্রি বি বর্ণে বর্ণে, অক্ষরে অক্ষরে। 'শ্রী ২৪৬।

প্রতিবল বিণ [বহুব্রী] ১ প্রতিরূপবল, তুল্যবল। "সুবাঃ…ন মে প্রতিবলা যুধি গো বা ৩ ৪৮ ৬। মহা ৪.২১ ২৬। ২ সমর্থ। —বল ক্লী [প্রা স] ১ প্রতিপক্ষসেনা। "অস্ত্রজ্বালাবলীঢ-প্রতিবলজলধেঃ। —বে ৩ ৬। ২ সামর্থ্য।

প্রতিবসথ পুং [প্রতি+ √বস্+অথ (অথচ্)-ধি] গ্রাম।

প্রতিবস্তু ক্লী [প্রা স] ১ প্রতিরূপ বস্তু, তুল্যরূপ বস্তু। ২ প্রত্যর্থ, তুল্যাভিধেয়। '°বস্তূপমা [প্রতিবস্তূপমা (স্ত্রী)—অর্থালঙ্কারবিশেষ। [ইহাতে উভয় বাক্যের সাম্য (উপমানোপমেয়ভাব) প্রণিধান দ্বারা বোধগম্য হয় এবং ফলিতার্থে এক সামান্য ধর্ম্ম পুনরুক্তিবারণার্থ পৃথগ্-রূপে বিন্যস্ত হয় (সা ১০.৫০)।]

প্রতিবাক্ (চ্) স্ত্রী [প্রা স] ১ প্রতিবচন, উত্তর। "মাঘ ১৬.২৫। ২ প্রতিকূল বাক্য, নিন্দাবাদ। ৩ পরস্পরনিন্দা ও স্বপ্রশংসা। "মহা ৫.৭২.৭১। —বাক্য ক্লী [প্রা স] সর্থ 'প্রতিবাক্ (১)। "°ক্যং বদস্ব মহা ৩ ৬৯ ৩৯, ৭৪.৪। ম.ব ১২১। শ্রী.মা ১০৩।

প্রতিবাক্য দ্র 'প্রতিবাক্'।

প্রতিবাত পুং [প্রা.স] প্রতিগত বায়ু, অভিমুখীভূত বায়ু। বিপ 'অনুবাত'। "প্রতিবাতে…নাসীত গুরুণা সহ মনু ২.২০৩। —বাত ব্য [অব্যয়ীভাব] বাতাভিমুখ, বায়ুপ্রবাহের অভিমুখে। "বাতি গন্ধঃ সুমনসাং প্রতিবাতং কথঞ্চন গো রা ২.৬১.১৯। °তং প্রজ্ঞা নশ্যতি স্নেহতঃ মনু ৪.৫২। কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য শ ১.৩০। প্রতি-বাতং ন হি ঘনঃ কদাচিদুপসর্পতি।—পঞ্চ ৩.২২

প্রতিবাদ পুং [প্রতি+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রতিকূলবচন, বিরুদ্ধবাদ। "প.তু ৭। ২ প্রত্যাখ্যান। "উপস্থিতস্য কামস্য প্রতিবাদো ন বিদ্যতে মহা ৫ ৩৯.৪৫। উদ্যতস্য হি কামস্য প্রতিবাদো ন শস্যতে ভ ৩ ২২ ১২। ৩ প্রতিবচন, উত্তর। —বাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -দিনী] ১ প্রতিকূলবাদী, বিরুদ্ধবক্তা। ২ প্রত্যাখ্যাতা। ৩ উত্তরদাতা। —বাদী পুং ১ (ব্যবহারে) বাদীর বিরোধী পক্ষ, প্রতিপক্ষ, প্রত্যর্থী (defendant)। "যাজ্ঞ ২.৭৫। ২ বিরোধী, শত্রু।

প্রতিবাদী দ্র 'প্রতিবাদ'।

প্রতিবাধক বিণ [প্রতি+ √বাধ্+অক (ণ্বুল্)-ক] পীড়ক। "সজ্জন° রা ১ ৬৮ ২১। —বাধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নিপীড়ন। "ভ ৫.২৪ ২০।

প্রতিবাধন দ্র 'প্রতিবাধক'।

প্রতিবারণ ক্লী [প্রতি+ √বারি+অন (ল্যুট্)-ভা] নিবারণ। "পুরুষৈঃ…সমর্থৈঃ প্রতিবারণে মহা ৩ ১৫.১০, ১৩৫ ২৯।

প্রতিবাসর ব্য [অব্যয়ীভাব] প্রতিদিন। "গঙ্গাষ্টক ৫।

প্রতিবাসী (-সিন্) বিণ [প্রতি+ √বস্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] আসন্নগৃহবাসী, প্রতিবেশী, পড়সী। "°বাসী বন্ধু গুরুজন (পদ্যপাঠ ১ম)। প্রতিবাসিনী যত গৃহস্থ নারী।—দা ৯৭৯।

প্রতিবিধা স্ত্রী [প্রতি-বি+ √ধা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] প্রতিবিধান, প্রতিকার। "অয়ং ত্বপ্রতিবিধঃ উ চ ৩ ৪৪। —বিধান ক্লী [+অন (ল্যুট)-ভা] ১ সর্থ 'প্রতিবিধা'। ২ অনুরূপ বিধান। 'ক্ষেম° মনু ৭ ১২৭, কুল্লুক। ৩ প্রতিক্রিয়া, প্রতিঘাত। "তেষাং প্রতিবিধানার্থং গৃহীত্বা ব্রজ কার্ম্মুকম্ গো রা ১.৪৩ ৩। —বিধি পুং [+ই (কি)-ভা] প্রতিবিধান। "তং° ভ ৭ ৯.১৯, ৮.১০.৫৩। —বিধেয় বিণ [+য (যৎ)-র্ম] প্রতিকার্য্য। "কিমত্র প্রতিবিধেয়ম্ শ ২১/২৪।

প্রতিবিধান, -বিধি দ্র 'প্রতিবিধা'।

প্রতিবিধিৎসা স্ত্রী [প্রতি-বি+ √ধা+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] প্রতিবিধানেচ্ছা, প্রতিচিকীর্ষা। [প্রতিবিধিৎসিতে (অপ্র) —প্রতিবিধান করিবার ইচ্ছায়। "পুত্রের মৃত্যু প্রতিবিধিৎসিতে। —মা ১১৭।]

প্রতিবিম্ব ক্লী [বিম্বের প্রতিনিধি (অ.টী) ; প্রতিরূপ বিম্ব, প্রা.স] ১ মৃত্তিকাদিনির্ম্মিত প্রতিমা (অ.টী), প্রতিকৃতি। ২ প্রতিচ্ছায়া। "প্রতিবিম্বমিবাদর্শে মহা ১.১.২৬০। জ্যোতিষাং প্রতিবিম্বানি কু স ৬. ৪২। —বিম্বন ক্লী [√প্রতিবিম্ব (নামধাতু) +অন (ল্যুট্)-ভা] ১ প্রতিবিম্বকরণ, প্রতিফলন, অনুকরণ। ২ প্রণিধানগম্য সাম্যভাব। "দৃষ্টান্তস্তু সধর্ম্মস্য বস্তুনঃ প্রতিবিম্বনম্ সা দ ১০.৫১। —বিম্বিত বিণ [বিম্ব+ইত (ইতচ্)] জাতপ্রতিবিম্ব, প্রতিফলিত (মুখাদি)।

প্রতিবিম্বন, -বিম্বিত দ্র 'প্রতিবিম্ব'।

প্রতিবীর পুং [প্রা স] প্রতিকূল বীর, প্রতিযোধ। "ভ ৮ ১৯৫। —বীর্য্য ক্লী [প্রা স] প্রতিকূল বীরত্ব, প্রতিদ্বন্দ্বিতা। "রামেণাপ্রতি-বীর্য্যেণ গো.বা ৪ ৩৫ ৪, ৩৮.১৩। অপ্রতিবীর্য্য-পৌরুষ মহা ৭ ৪৯.২১।

প্রতিবীর্য্য দ্র 'প্রতিবীর'।

প্রতিবুদ্ধ বিণ [প্রতি+ √বুধ্+ত (ক্ত)-ক] ১ জাগরিত। "রা ২. ৬৩ ১। মনু ১.৭৪। ২ প্রস্ফুটিত। "অপ্রতিবুদ্ধোঽপি চূতপ্রসবঃ শ ৬৪/৪। ৩ [+ত -র্ম] জ্ঞাত।

প্রতিবেদন বি বিজ্ঞাপন, বিজ্ঞাপনপত্র, রিপোর্ট।

প্রতিবেশ পুং [প্রতিগত বেশ (বেশ্ম), প্রা.স] স্বগৃহাভিমুখ বেশ্ম ; স্বগৃহপার্শ্বস্থ গৃহ (যাজ্ঞ ২.২৬৩, মিতাক্ষরা) ; প্রত্যাসন্ন প্রতিবাসিগৃহ।

—বেশী (-শিন্) বিণ [°বেশ+ইন্ (ইনি)-১ম , স্ত্রী -শিনী] প্রত্যাসন্নগৃহী, প্রতিবাসী। "দৃষ্টিঃ হে প্রতিবেশিনি…অস্মদ্গৃহে দাস্যসি সা.দ ৪ $^{\circ}$ ।

প্রতিবেশী দ্র 'প্রতিবেশ'।

প্রতিবেশ্ম(-শ্মন্) ক্লী [প্রা.স] প্রত্যাসন্ন গৃহ, পড়সীর বাড়ী।

প্রতিবৈর ক্লী [প্রা.স] প্রতিকৃত শক্রতা; বৈরশোধন। "প্রতিবৈরং চিকীর্ষন্তো গোমু গৃধ্না মহাবলাঃ মহা ৪.৩০.২৬।

প্রতিবোধ পুং [প্রতি+ √বুধ্+অ (ঘঞ্)-ভা] ১ জাগরণ। ২ জ্ঞান, সংজ্ঞা, চেতনা। "রঘু ৮.৫৪। ৩ বুদ্ধিশক্তি। "°বতী শ ৫. ২২। ৪ স্মরণ। "সম্মোহঃ খলু বিস্ময়নীয়ো ন প্রতিবোধঃ শ ৬. $^{\circ}$। —বোধক বিণ [+ √বোধি+অক (-ণ্বুল্)-ক] জাগরয়িতা। "বন্দিনঃ…°কাঃ গো.রা ২.৬৭.৩। —বোধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ জাগরণ, জাগান। "°মঙ্গল গো.রা ২.১১.২০। ২ ফলোন্মুখীকরণ। "কালেন কর্ম্মপ্রতিবোধনেন ভ ৩.৮.১৪। ৩ শিক্ষণ, উপদেশন। ৪ [+ √বুধ্+অন-ভা] প্রতিবোধ, জ্ঞান। "ততঃ প্রতিবোধনং ভবতি। —পক্ষ ১ । (কথামুখ)। —বোধিত বিণ [+ √বোধি+ত (ক্ত)-র্ম্ম] ১ জাগরিত। "জ্যাস্বনপ্রতিবোধিত গো.রা ১.২৯.৬। ২ স্মারিত।

প্রতিবোধক, -বোধন, -বোধিত দ্র 'প্রতিবোধ'।

প্রতিব্যূহ পুং [প্রা.স] প্রতিকূল ব্যূহ। "মহা ৬.৫০.৪১। প্রতিব্যূহ করি ঝাট কর নিবারণ: °ব্যূহ…বিপক্ষবিজয়।—ম ৯০৫।

প্রতিভট পুং [প্রা.স] প্রতিযোধ, প্রতিবীর।

প্রতিভয় বিণ [প্রা.স] ভয়প্রতিগত, ভয়ঙ্কর, ভীষণ। "প্রতিভয়েঽরণ্যো গো.রা ২.২৮.৩০। বনং প্রতিভয়ম্ মহা ৩.৬৪ ১। প্রতিভয়ং ববাশিরে (শিবাঃ) রঘু ১১.৬১।

প্রতিভা স্ত্রী [প্রতি+ √ভা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দীপ্তি, প্রভা। "নিষ্প্রতিভ। প্রভাতে চন্দ্রান্তের ন্যায় সে রূপের প্রতিভা এ বয়সেও ছিল ব.প্র ১৩। ২ [+অ-ণ] বুদ্ধি। ৩ নব-নবোন্মেষশালিনী প্রজ্ঞা (কদ্র); প্রত্যুৎপন্নমতিত্ব (অ.টী)। "সপ্রতিভ গো.রা ৫.৮১.৪৬। সী ৬২। সরলতাকে ঢাকিয়া প্রতিভা উদিত হইল ব.প্র ১৪২। মহাপ্রতিভাপূর্ণ দুই পুরুষমূর্ত্তি শোভিত ব.ম্বি ১৫৩। —ভাত বিণ [+ত (ক্ত)-ক] ১ দীপ্তিযুক্ত, প্রদীপ্ত। ২ বুদ্ধিতে ভাসমান বা প্রকাশ। "আত্মরূপে আমি প্রতিভাত সর্ব্বভূতে।—ম ১০৫০। ৩ প্রতিবিম্বিত, প্রতিফলিত। "স্ত্রী পুরুষের দুইটী হৃদয় দুই খানি নির্ম্মল দর্পণের ন্যায় পরস্পর সম্মুখীন হইয়া অবস্থিত—এ উহার এবং ও ইহার অন্তর্ভূত ভাব সকল…প্রতিভাত করিতে থাকে পা.প্র ২২। —ভাতি বি প্রতিপ্রভা, প্রতিফলিত দীপ্তি। "সে আভার প্রতিভাতি।—হেম ১০৬। প্রতিভাতি রবিকর, বস্ত্র অস্ত্র করে ঝলমল।—ন ১০৩৮। —ভান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অবসরো-চিত উত্তরস্ফুরণশক্তি (মল্লিনাথ); প্রত্যুৎপন্নমতিত্ব। "°বান্ রা ১.১. ১৫। মাঘ ১৬.১। দূতঃ স্যাৎ প্রতিভানবান্।—হি ৩২০। ২ [+অন -ভা] দীপ্তি। [°ভাম্বিত, °মুখ (বিণ)—প্রগল্ভ, প্রত্যুৎপন্নমতি।]

প্রতিভাত, -ভাতি, -ভান দ্র 'প্রতিভা'।

প্রতিভাস পুং [প্রতি+ √ভাস্+অ (ঘঞ্)-ভা] ১ প্রকাশ, আবির্ভাব। ২ উপলব্ধি। ৩ বিভ্রম।

প্রতিভিন্ন বিণ [প্রতি+ √ভিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিদ্ধ। ২ বিশেষিত। "°শোভম্ কু.স ৭.৭। ৩ সঙ্গত। "চন্দ্রেণ নিত্যং প্রতিভিন্নমৌলেঃ (হরস্য) কু.স ৭.৩৫। ৪ বিশ্লিষ্ট, বিভক্ত। —ভেদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বেধন, ভেদ। ২ চক্ষুরাদির উৎপাটন। ৩ বিভাজন। পুং [প্রতি+ √ভূ+কিপ্ (০)-ক, পা ৩.২.১৭৯] ধনিক ও অধমর্ণের মধ্যে যিনি থাকেন (কাশিকা); লগ্নক, জামিন। "দর্শন°, প্রাত্যয়িক°, দান° মনু ৮.১৬২, কুল্লুক। যাজ্ঞ ২.৫৪,-৫।

প্রতিভেদন দ্র 'প্রতিভিন্ন'।

প্রতিম বিণ [প্রতি+ √মা+অ (ক)-ক] সদৃশ, নিভ, সঙ্কাশ। "দেবপ্রতিম। রতিপ্রতিমা প্রমীলা।—মে ১৭০; জলদপ্রতিমস্বনে ১৯৯। [সমাসে উত্তরপদ]। —মা স্ত্রী [+অ (অঙ্)-ভা] ১ সাদৃশ্য। ২ অনুকরণ। ৩ [+অ-ণ ; "মা'—জ্ঞবতা (ঋগ্বেদ ১০.১৩০.৩)] শিলাদিকৃত সদৃশরূপ; প্রতিরূপ; প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি। "গো.রা ৬.১১. ২৮। আয়সীং প্রতিমাম্ মহা ১.২.৩১৩। তোমারই প্রতিমা গড়ি মন্দিরে মন্দিরে ব.ম্বি ৯৭। রমার প্রতিমা প.ভূ ৩৭। [প্রতিমা অষ্টবিধ—'শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতী। মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা স্মৃতা॥—ভ ১১.২৭.১২। দ্র 'শু ৪.৪.৭২।] ৪ প্রতিবিম্ব। "°শশাঙ্কম্ রঘু ৭.৬৪; বালার্ক° ১২.১০০। কু.স ৭.৩৬। ৫ গজদন্তবন্ধ। —মান ক্লী [+অন (ল্যুট্)-ণ; "ন'—প্রতিনিধি (ঋগ্বেদ ১.৫২.১৩)] ১ প্রতিমা। ২ প্রতিবিম্ব। ৩ চিত্র; আদর্শ। ৪ গজদন্তদ্বয়ের মধ্য। "পৃথু° মাঘ ৫.৩৬। ৫ গজকুম্ভের অধোভাগ। ৬ পরিমাণার্থ প্রস্থদ্রোণাদি। "মনু ৮.৪০৩। [ধৃতপাঠ 'প্রতীমান'] ৭ পরিমাণার্থ মৃৎপাষাণাদি খণ্ড। "মনু ৯.২৫৭, কুল্লুক। যাজ্ঞ ২.১০২। বিষ্ণু ১০.৫। ৮ দৃষ্টান্ত। "ভ ৭.৪.৩৫। ৯ সাদৃশ্য। "ঋগ্বেদ ১.৩২.৭। —মিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উপমিত, তুলিত।

প্রতিমল্ল পুং [প্রা.স] প্রতিকূলমল্ল, প্রতিযোধ। "ক.সা ২৫.১২০।

প্রতিমা, -মান, -মিত দ্র 'প্রতিম'।

প্রতিমুক্ত বিণ [প্রতি+ √মুচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিহিত, ধৃত (আভরণাদি)। "রঙ্গ ২১৭। ২ পরিত্যক্ত, বিসৃষ্ট। "গৃহীত° রঘু ৪.৪৩। ৩ প্রত্যর্পিত। "রঘু ১৬.৫৯। —মোচন ক্লী [+অন-ভা] ১ পরিত্যাগ। ২ নির্যাতন, শোধন। "বৈর° রঘু ১৪.৪১।

প্রতিমুখ ক্লী [প্রা.স] ১ 'মুখসদৃশ', (নাটকে) পঞ্চসন্ধির দ্বিতীয় সন্ধি। [ইহাতে মুখসন্ধিতে নিবেশিত ফলপ্রধান উপায়ের কিঞ্চিৎ লক্ষ্য বীজের উদ্দেশরূপ উদ্ভেদ থাকে (সা.দ ৬,৭৭,-৮)।] ২ প্রতিবিম্ব। "ভ ৭.৯.১১। —মুখ ব্য [অব্যয়ীভাব] অভিমুখ। "প্রতিমুখাগতে মনু ৮.২১৯। —মুখ বিণ [বহুব্রী] প্রত্যাবৃত্তমুখ, প্রতিকূল। "গো.রা ৪.২৭.৭।

প্রতিমূর্ত্তি স্ত্রী [প্রা.স] প্রতিরূপমূর্ত্তি, প্রতিকৃতি, প্রতিমা। '(পতি) প্রতিমূর্ত্তি হৈয়া পুত্র জন্ময়ে উদরে।—ম ৫৯।

প্রতিমোচন দ্র 'প্রতিমুক্ত'।

প্রতিযত্ন পুং [প্রতি+ √যত্+ন-ভা] ১ প্রযত্ন, প্রচেষ্টা। ২ বাঞ্ছা, লিপ্সা। ৩ উপগ্রহ, বন্দিগ্রহণাদি (অ.টী)। ৪ সংস্কার, গুণান্তরাধান। "পা ৬.১.১৩৯। সুগন্ধিতামপ্রতিযত্নপূর্ব্বাম্ মাঘ ৩.৫৪। ৫ নিগ্রহ। ৬ প্রতিগ্রহ (S.W.)। ৭ রচনা।

প্রতিযাতন ক্লী [প্রতি+ √যাতি+অন (ল্যুট্)-ভা] নির্যাতন, শুদ্ধি। "বৈর° মহা (S.W.)। —যাতনা স্ত্রী [+অন (যুচ্)-র্ম্ম +স্ত্রী আ (টাপ্)] 'প্রতিমা', প্রতিকৃতি। "যোষিৎ° রঘু ১৬.১৭। যা (পুং) পৃথিব্যাঃ প্রতিযাতনেব মাঘ ৩.৩৪।

প্রতিযাতনা দ্র 'প্রতিযাতন'।

প্রতিযুদ্ধ ক্লী [প্রা.স] প্রতিকূলযুদ্ধ। "হ ১০১.১৫।

প্রতিযুবতী স্ত্রী [প্রা.স] প্রতিকূলা যুবতী; সপত্নী। "মাঘ ৭.৪৫; ৫৮।

২ পুষ্পিত। "প্রফুল্লিত পুষ্পবন।—ম ৪৮৭। বৃক্ষলতা প্রফুল্লিত সেই ধ্বনি শুনি চৈ.চ ১৮২; প্রফুল্লিত বৃক্ষবল্লী ৩৫১। ৩ পুলকিত, হৃষ্ট। "প্রফুল্লিত···মধুকরচয় ভ.গ্র ৪৪০। ধরণি অধিক উল্লাহে প্রফুল্লিত নপ ১৩০। প্রফুল্লিত প্রাণে।—হেম ৭০, রুদ্রপীড় প্রফুল্লিত ১৪৮। ৪ হর্ষবিকশিত। "সঘনে পুলক যেন শিমলীর তরু। কভু প্রফুল্লিত অঙ্গ, কভু হয় সরু।—চৈ.চ ৩১৩। ৫ প্রভাময়, সমুজ্জ্বল। "তারাগণ প্রফুল্লিত হৈল আকাশ ব.প ৮১৯। ৬ প্রসন্ন, হাস্যময়। "প্রফুল্লিত দুই গণ্ড ক চ ৯৩।

প্রবক্তব্য বিণ [প্র+ √বচ্+তব্য-র্ম্ম] ব্যাখ্যাতব্য। "মনু ১.১০৩। —বক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী-ক্ত্রী] ১ সাধুবক্তা, বচনপটু, বাগ্মী। ২ বেদার্থব্যাখ্যাতা, বেদার্থোপদেশক। "মনু ৩.১৮৬, ৪.১৬২। অপ্রবক্তারমাচার্য্যম্ (জহ্যাৎ)—পঞ্চ ৩.৭২। ৩ উপদেশক, ব্যাখ্যাতা। "সর্ব্বশাস্ত্র° । প্রবক্তা ধর্ম্মকার্য্যেষু বসিষ্ঠঃ গো.রা ২.৭২.১৪। ৪ পুনঃ পুনঃ বক্তা। "রাজ্ঞোঽনিষ্টপ্রবক্তারম্ (বিবাসয়েৎ) যাজ্ঞ ২.৩০৫।

প্রবক্তা দ্র 'প্রবক্তব্য'।

প্রবচন ক্লী [প্র+ √বচ্+অন (ল্যুট্)-ভা] ১ প্রকৃষ্টবচন, সদালাপ। "প্রবচনে মান্দ্যাম্ (যাসাম্)।—পঞ্চ ১১০২। ২ উপদেশ। ৩ ব্যাখ্যান। ৪ বেদাধ্যয়ন। "নায়মাত্মা প্রবচনেন লভ্যঃ।—কঠোপনিষৎ ২.২৩। ৫ নির্ণয়। "ধর্ম্ম° উ চ ৫.২৩। ৬ [+অন-র্ম্ম] বেদ। "অনূচানঃ প্রবচনে সাঙ্গোঽধীতী (অ কো)। ৭ [+অন-ণ] 'বেদার্থ যাহা দ্বারা উক্ত হয়' (কুল্লুক), বেদাঙ্গ। "সর্ব্ব° মনু ৩১৮৪। ৮ আগম, ধর্ম্মগ্রন্থ। —বচনীয় বিণ [+অনীয় (অনীযর)-র্ম্ম] ১ প্রকৃষ্টভাবে কথনীয়, অর্থানুসন্ধানপূর্ব্বক বাচ্য বা ব্যাখ্যেয়। "প্রবচনীযো গুরুণা স্বাধ্যায়ঃ পা ৩৪.৬৮, কাশিকা। ২ [+অনীয়-ক, নিপাতিত] প্রবক্তা, ব্যাখ্যাতা। "প্রবচনীয়ো গুরুস্বাধ্যায়স্য (কাশিকা)। ৩ [+অনীয-ক, ভূতে বাহুলকে (বালমনোরমা)] প্রোক্তবান্। "কর্ম্মপ্রবচনীযাঃ পা ১.৪.৮৩।

প্রবচনীয় দ্র 'প্রবচন'।

প্রবঞ্চক বি [সং বঞ্চক, তু 'প্রতারক'] প্রতারক, শঠ, ধূর্ত্ত। —বঞ্চনা বি [সং বঞ্চনা] প্রতারণা। —বঞ্চিত বিং [সং বঞ্চিত] প্রতারিত। [প্রবঞ্চিয়া—প্রতারিত করিয়া। "প্রবঞ্চিযা পাঠাইল বনে ম বি ২৩৪।]

প্রবঞ্চনা, -বঞ্চিত দ্র 'প্রবঞ্চক'।

প্রবণ বিণ [√প্রু+অন (ল্যুট্)-ণ (অটী); তু 'প্লবন'] ১ ক্রমনিম্ন, অবনত, ঢালু। "প্রাগুদক্প্রবণে দেশে গো.রা ২১০৮২৩। দক্ষিণাপ্রবণং (দেশং) মনু ৩২০৬। ২ উন্মুখ। 'ফলসম্পৎ° কি ২.৮, ভৃত্যৈক° ৩.১৯। ৩ পর। "প্রণতিপ্রবণান্ বিহায় নঃ।—কি ২.৪৪। বিস্রম্ভ° মু ৫২১। প্রাণত্রাণপ্রবণমতি (ভর্ত্তৃহরি)। শ্রবণপ্রবণ, গহ্বরভরন, সামান্য শব্দটিতেও নহেক বধির স্ব প্র ১৪৪। ৪ পরবশ। "কন্দর্পপ্রবণমনাঃ (অপরা) মাঘ ৮৩৫। পশুধর্ম্ম° পা.প্র ২৮। ৫প্রহ্ব, নম্র। "গী.গো ৩১০। ৬ ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত। ৭ প্রগুণ, উদার। ৮ অভিমুখ। "(স রাজসূয়ম্) আহর্ত্তুং প্রবণং চক্রে মনঃ মহা ২.১৩৫। তপসা তৎপ্রবণীকৃতো হরঃ কু.স ৪.৪২। ৯ স্নিগ্ধ, স্নেহযুক্ত। ১০ আসক্ত। ১১ আরত। ১২ প্লুত। —বণ পুং চতুষ্পথ। —বণ ক্লী ১ উদর। ২ ক্রমনিম্নভূমি, নিম্নপ্রদেশ। "অপামিব প্রবণে।—ঋগ্বেদ ১৪৯১। ৩ পর্ব্বতপার্শ্ব। ৪ অতট (steep descent)।

প্রবত্ত বিং [তু 'প্রা পয়ত্ত (প্রবৃত্ত), অপ্র] প্রবৃত্ত। "তিনিও মুহুরিগিরি কার্য্যে পবত্ত হইলেন ব.প ১৬৮৩,-৪।

প্রবন্ধ পুং [প্র+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রকৃষ্ট বন্ধন, সম্বন্ধ, সংযোগ। "পর্ত্তনাড়ি° (সুশ্রুত)। ২ অবিচ্ছেদ, সাতত্য, অবিরাম। "অতিপ্রবন্ধপ্রহিতাস্ত্রবৃষ্টিভিঃ রঘু ৩.৫৮, ক্রিয়া° ৬.২৩। ধনু: °ধ্বনিতম্ কি ১৬.২০। ৩ কাব্যাদিগ্রন্থন, রচনা। ৪ [+অ-ণ] উপায়, কুটিলনয়। "কপট° হি ১২১৩। করিতাম প্রকার প্রবন্ধ ক চ ১৩৭। ৫ [+অ-র্ম্ম] ৬ গ্রথিতবস্তু, সন্দর্ভ, গ্রন্থ, প্রকরণ। "অনুজ্ঝিতার্থসম্বন্ধঃ প্রবন্ধো দুরুদাহরঃ মাঘ ২৭৩। নির্দ্দিষ্টগুণং প্রবন্ধম্ মা.মা ১১। পাঁচালীপ্রবন্ধে কাশীদাস বিরচিল।—ম ৫৫। ৭ (বাংলায়) বাক্যবিন্যাসপ্রকার, বাক্যকৌশল। "চাতুরীপ্রবন্ধে (কহে কাণ-কথা) ক.চ ৮৫। কপটপ্রবন্ধ ১০৯, ম.ম ৬। প্রবন্ধে রাজার বুঝানায় ব.প ৫৩৭। সাত্তাইল বচনপ্রবন্ধে বি.পা ৫৮। প্রবন্ধকরিয়া কহে চৈ.ম ৬৩। প্রবন্ধ করিয়া বাক্য কহিবে চৈ ৬১। ৮ চাতুরী, চালাকী। "নানা প্রবন্ধ করে শ্রী.মা ১১০। ৯ স্ত্রী-আচাররূপ আভিচারিক কার্য্য। "(মহারাণী) অশেষ প্রবন্ধ করে।—শ্রী.মা ১৩৩। প্রচুর প্রবন্ধ কৈল পার্ব্বতীর মা।—শি ২৬। ১০ কুমন্ত্রণা। "কেবা পাতি দিখে মোরে করিয়া প্রবন্ধ ক.চ ১৩৮। ১১ আত্মগোপনরূপ চাতুরী। "প্রবন্ধ করিয়া রাজা কহিতে লাগিল।—কৃ ১০। ১২ কৌশল, ফিকির। "(সে) প্রবন্ধ করিয়া যদি রাখিবারে পাবে ব.প ৮৭৩। ১৩ প্রকার, ভঙ্গি। "অঙ্গুলি হেলায় রামা অশেষ প্রবন্ধে।—শি ২৬। ১৪ প্রাকারপরিখাদি রক্ষণোপায়। "দেখিয়া মুরহর, প্রবন্ধ সব তার, উপায় সৃজিল হেলাএ শ্রী ম ১৮৫। ১৫ বন্ধন। "(লাউসেনে) প্রচুর প্রবন্ধে কৈল পাতালে দাখিল শ্রী মা ১৬৪। ১৬ সন্ধিস্থল, জোড়। "(মালী) গজালের খিল হানে প্রবন্ধে প্রবন্ধে বা.ম ৩২৯। ১৭ দল। "প্রবন্ধে কাটে অসুরের সেনা চ বি ৪৭, ৮২। ১৮ প্রকার। 'আঁচড়িল কেশপাশ নানা পরবন্ধে ক চ ১৫৪। ১৯ তালের বোল। "সুঘড়শিরোমণি° নাচত কহই প্রবন্ধ প.ক ১০৭২। —বন্ধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বন্ধন। "শ্রী মা ১০৩। [°কল্পনা (স্ত্রী)—স্তোকসত্যা কথা (অ টী)। °বর্ষ (পুং)—অবিচ্ছেদবৃষ্টিপাত। "বৃহৎসংহিতা ৪৬৪০।]

প্রবন্ধন দ্র 'প্রবন্ধ'।

প্রবয়ণ ক্লী [প্র+ √অজ+অন (ল্যুট্)-ণ, √অজ্ > বী পা ২.৪ ৫৭] প্রাজন, প্রতোদ, চাবুক। "মাঘ ১৩১৯।

প্রবয়াঃ (-য়স্) বিণ [বহুব্রী] 'প্রগতবয়স্ক', বৃদ্ধ, স্থবির। "রঘু ৮. ১৮। কেহপ্যেতে প্রবয়সস্তাং দিদৃক্ষবঃ উ চ ৪২১।

প্রবর বিণ [প্রা.স] ১ প্রকৃষ্টবর, শ্রেষ্ঠ, প্রধান। "প্রবরং দ্বিজানাম্ রা ২৩১৩৭। শঙ্খ° মহা ২৩.২১। নৃপতি° ম ৪৬। ২ মহান্, অতিশয়। "প্রবরো বিনোদঃ।—মৃ ৩.৩। ৩ উৎকৃষ্ট। "প্রবরাসু চ যোনিষু মনু ১০.২৭। ৪ প্রখ্যাত, প্রথিত। "°বংশজ (হ)। ৫ অভীষ্ট, অভিলষিত। "প্রবরো বরঃ গো.রা ১.৪৪.১৮। ৬ জ্যেষ্ঠ। "শতজিৎপ্রবরং পুত্রশতং ভ ৫.১৫.১৫। —বর পুং [প্র+ √বৃ+অ (অপ্)-ণ, পা ৩.৩.৫৪] ১ আচ্ছাদন, উত্তরীয়, প্রাবরণ। ২ গোত্র; গোত্রপ্রবর্ত্তক মুনিভেদ। যথা, শাণ্ডিল্যগোত্রস্য প্রবরাঃ শাণ্ডিল্যাসিতদেবলাঃ। ৩ পূর্ব্বপুরুষ। ৪ অপত্যগণ। ৫ যাগারম্ভে অগ্নির প্রতি আমন্ত্রণবিশেষ। —বরা স্ত্রী অগুরু। [°জন (পুং)—শ্রেষ্ঠপুরুষ। °মূর্দ্ধজ (বিণ)—সুকেশ।]

প্রবর্গ, -র্গ্য পুং [প্র+ √বৃজ+অ (ঘঞ্), +য (ণ্যৎ),-খি] হোমাগ্নি। "প্রবর্গ্যাবর্ত্তভূষণ।—হ ৪৪৩৪, বিষ্ণু ১.৮।

প্রবর্ত্ত[১] বিং [সং প্রবৃত্ত, তু 'প্রবর্ত্তক', অপ্র] ১ প্রবৃত্ত। "অধর্ম্মে প্রবর্ত্ত হৈলে।—ম ২০৩; ৭০৮। ভ.গ্র ৭৭। দা ৭২; সাধুনিন্দায় ···প্রবর্ত্ত ৭৩। বি.মৃ ৬৪, বরদা প্রবর্ত্তা বরদানে ২৪০। পালন করিতে প্রবর্ত্ত কৃ.চ ৪। ২ প্রাপ্ত। "(গর্ভ) দুই তিন চারি পাঁচ মাসেতে প্রবর্ত্ত বি.মৃ ৬৯। ৩ আসক্ত। "পরদারে···প্রবর্ত্ত শ্রী.মা ৫০। —র্ত্ত বি [সং প্রবর্ত্তন, -না] প্রবর্ত্তনা, নিয়োজন। "লোকপ্রবর্ত্ত হেতু কলপ্রভৃতি শ্রী.ম ২; প্রবর্ত্তনিবর্ত্ত···ভূমি ৫২।

প্রবর্ত্তং সর্ম [সং প্র+ √বর্ত্তি (প্রবর্ত্তয়) > বা °র্ত্ত] প্রবর্ত্তিত করা, আরম্ভ করা। "খেলা···কেবা প্রবর্ত্তিল।—ম ৩৪১, প্রবর্ত্তিল কপাট-দেবল ৩৪৫। —বর্ত্তা সর্ম [°র্ত্ত+আ] সর্থ 'প্রবর্ত্ত'। "যুগধর্ম্ম প্রবর্ত্তাইমু নাম-সঙ্কীর্ত্তন চৈ চ ৯, যে কীর্ত্তন প্রবর্ত্তাইল কভু শুনি নাই ৬৬।

প্রবর্ত্তক বিণ [প্র+ √বর্ত্তি+অক (ণ্বুল্)-ক] ১ প্রবর্ত্তয়িতা, সংস্থাপক, "লোকযাত্রা° গো রা ২ ১১৮ ২৭। ধর্ম্ম° যাজ্ঞ ৩ ১৮৬। ২ নিয়োজয়িতা, প্রযোজক, প্রেরয়িতা। "মনো বিদ্যাৎ প্রবর্ত্তকম্ মনু ১২ ৪। ৩ আরম্ভক, প্রণেতা। "ধন্বন্তরিঃ·· আয়ুর্ব্বেদপ্রবর্ত্তকঃ ভ ৯ ১৭ ৪। ৪ প্রবৃত্তিজনক। 'চোদনেতি ক্রিয়ায়াঃ প্রবর্ত্তক' বচনম্ (মীমাংসাদর্শন)। —বর্ত্তক পুং ১ প্রতিষ্ঠাকর্ত্তা। ২ প্রযোজক কর্ত্তা। —বর্ত্তক ক্লী (নাট্যে) পাত্রপ্রবেশকারক প্রস্তাবনাবিশেষ (সা দ ৬ ৩৭)। চৈ চ ২৫৯। —বর্ত্তন ক্লী [+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ প্রবৃত্তি, রতি। বিপ 'নিবর্ত্তন'। "সর্ব্বত্রৈব° যিচারে ন ভোজনেঽপি প্রবর্ত্তনম্। —হি ১ ২২। ২ সংঘটন। 'দ্বন্দ্বযুদ্ধ° গো রা ১ ৪ ১০৭। ৩ [+ √বর্ত্তি +অন-ভা] নিয়োজন, প্রেরণ। "মনো হি হেতুঃ সর্ব্বেষামিন্দ্রিয়াণা° প্রবর্ত্তনে গো বা ৫ ১৪ ৬০। ৪ সংস্থাপন। ৫ আরম্ভণ। "মহাযন্ত্র° মনু ১১ ৬৪। —বর্ত্তনা স্ত্রী [+অন (যুচ) ভা+স্ত্রী আ (টাপ্)] প্রেরণা। বিপ 'নিবর্ত্তনা। 'নৈ ২ ৬১। —বর্ত্তয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ) -ক-১ব স্ত্রী -ত্রী] ১ প্রেরয়িতা, নিয়োজয়িতা। ২ কারয়িতা। 'যঃ কর্ম্মসু পবর্ত্তয়িতা মনু ১২ ১২, কুল্লুক। ৩ সংস্থাপয়িতা। 'চাতু-র্ব্বর্ণ্য°। ৪ আরম্ভক। সেতোঃ প্রবর্ত্তয়িতা। —বর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পেরিত, প্রযোজিত। ২ সংস্থাপিত। ৩ প্রধাবিত, সঞ্চালিত। "চমরী° পরিতঃ প্রবর্ত্তিতাশ্বঃ রঘু ৯ ৬৬। ৪ উৎপাদিত। '°দীপ ইব প্রদীপাৎ রঘু ৫ ৩৭। ৫ প্রচারিত। 'প্রবর্ত্তিতবীভৎসকি°-বদন্তীক উ চ ৪ ১/১। ৬ কৃত। 'গোভিঃ প্রবর্ত্তিতে তীর্থে মনু ১১ ১৯৭। ৭ আবর্ত্তমান (নীলকণ্ঠ)। 'গী ৩ ১৬। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ √বৃৎ+ইন (ণিনি)-ক-১ব] ১ বাহী। গঙ্গেবোর্দ্ধপ্রবর্ত্তিনী রঘু ১০ ৩৭। ২ প্রবহমাণ। "প্রস্রবেণ বৎসালোকপ্রবর্ত্তিনা রঘু ১ ৮৪। ৩ প্রবৃত্ত। প্রকৃতি পুরুষার্থপ্রবর্ত্তিনীম্ কু স ২ ১৩। রঘু ১১ ৭। ৪ [+ √বর্ত্তি+ইন্-ক-১ব] প্রবর্ত্তক। "সাংখ্যযোগ° (মহা)। ৫ প্রেরয়িতা, নিযোজক। 'তৌ· সর্ব্বকার্য্যপ্রবর্ত্তিনৌ মহা ২ ১০ ২৫।

প্রবর্ত্তন, -র্ত্তয়িতা, -র্ত্তিত, -র্ত্তী দ্র 'প্রবর্ত্তক'।

প্রবর্ষ পুং, **-র্ষণ** ক্লী [প্র+ √বৃষ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা] প্রচুর বর্ষণ, ধারাসার। 'প্রবর্ষণে সুরেন্দ্রস্য মহা ৩ ১১০ ৪৪। —বর্ষী (র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] প্রবর্ষণকারী, প্রচুর-বর্ষী। "শোণিততোয়° গো রা ২ ৩৩.১১।

প্রবল বিণ [বহুব্রী] ১ প্রকৃষ্টবল, মহাবল, বলাধিক। 'প্রবলস্ত বিদ্বিষঃ রঘু ৩ ৬০। ২ বেগবান, প্রচণ্ড। "°পবনবেগ।—ঋতু ১ ২৪। ৩ তীব্র, দুঃসহ। "প্রবলাম্···বেদনাম্ রঘু ৮ ৫০। ৪ অত্যর্থ, নিরন্তর। "°রুদিত উ মে ২৩। °তমসামেবম্প্রায়াঃ শুভেষু হি বৃত্তয়ঃ শ ৭ ২৪। ৫ প্রধান। "পিত্ত°, বাত°, শ্লেষ্ম° (সুশ্রুত)। পত্নী ধর্ম্মার্থকামানা° কারণ° প্রবলম্ (মার্কণ্ডেয়পুরাণ)। অবয়বের মধ্যে নাসিকা প্রবল ব প্র ২৪। ৬ প্রচুর। "°তোয় (দেশ)। ৭ মহান্। "°চিন্তা। ৮ বলবত্তর। "ভ ৮ ৮ ৪০। ৯ গুরু, অত্যাবশ্যক। ১০ (বাঙ্লায়) অবশ্যপালনীয়। "স্বতন্ত্র ঈশ্বর তাঁর আজ্ঞা সে প্রবল চৈ চ ৯৩। ১১ বহুবলযুক্ত, বহুসৈন্যবিশিষ্ট। "যদি পাঠান-সেনা প্রবল না হইয়া অল্পসংখ্যক হইত, তবে (তিনি)···স্থির হইয়া গোপনীয় স্থানে থাকিতেন ব.প্র ২০। —বল পুং [প্র+ √বল্+অ (অচ্)-ক; ত্রু 'প্রবাল'] পল্লব। —বল ক্লী [প্রা স] প্রকৃষ্ট বল, সর্ব্বাতি-শায়িশক্তি। "(সুদর্শনম্) প্রবলবৎ মহা ১ ১৯ ২২।

প্রবসন ক্লী [প্র+ √বস্+অন (ল্যুট্)-ভা] প্রবাস। "পত্যুঃ ···প্রবসনং নাশস্য হেতুঃ স্ত্রিয়াঃ।—হি ১ ১২০। —বসিত বিণ [+ত (ক্ত), 'প্রোষিত' সাধু] প্রবাসগত। "ভর্ত্তরি প্রবসিতেঽ-প্রতিকর্ম্মক্রিয়া।—বিক্রু ২৫ ৯। —বসিত ক্লী [+ত -ভা] দূরদেশ-গমন। "বিপ্রবসিত ভ ১ ৬ ২।

প্রবহ বিণ [প্র+ √বহ্+অ (অচ্)-ক] প্রবাহী, বাহক। "অনেক-গন্ধ° (গন্ধমাদন) গো বা ৫ ১৭ ১৮। মেদোবসাসৃক্প্রবহাম (নদীম্) মহা ৪ ৬২ ১৯। —বহ পুং ১ বায়ু। ২ বায়ুবিশেষ। "যস্মাজ্জ্যোতীংষি বহতি প্রবহস্তেন স স্মৃতঃ (সিদ্ধান্তশিরোমণি)। দ্র 'শ ৭ ১/৬, টীকা। ৩ [+অ (ঘঞর্থে 'ক')] নগর হইতে বহির্গমন। —বহণ ক্লী [+অন (ল্যুট্)-ণ] ১ স্ত্রীবহনার্থ ক্ষুদ্ররথ, স্ত্রীরত্নবহনার্থ বস্ত্রাচ্ছাদিত মনুষ্যবাহ্য যানভেদ (অ টী), কর্ণীরথ। "প্রবহণাধিরূঢ়শ্চেটঃ।—মৃ ৬ ১/১, ৭ ১/৪। ২ যানমাত্র। ৩ পোত। ক সা ১৩ ১৮০। °ভঙ্গ। —রত্নাবলী ১ ১/৪। ৪ [+অন -ভা] প্রবাহ, নদীর গতি। "দামোদর নদী কলকল রবে প্রবহণ করে ব প্র ১৬। —বহমাণ বিং [—বহমান,—°ণ, 'প্রবহৎ' সাধু] ১ (বাংলায়) যাহা প্রবাহিত হইতেছে। ২ সঞ্চরিত। 'কুশাগ্রে পবহমাণ জীবাত্মা বিদ্যুৎ চ কা ৮৮। —বাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পবৃত্তি। ২ জলাদিস্রোতঃ। "অশ্রুপ্রবাহ, রক্ত-প্রবাহ। বাষ্পনানা° প্রবাহঃ (মহা)। সরিৎ° রঘু ৫.৪৬, সপ্তচ্ছদক্ষীর-কটু° ৪৮, স্তিমিত° ১৩ ৪৮। জীবনপ্রবাহ বহি কালসিন্ধু পানে যায় (মা)। ৩ উৎক্ষিপ্ত জলধারা। 'তিময়ঃ বিতন্বন্তি জলপ্রবাহান্ রঘু ১৩ ১০। ৪ সন্ততি, পরম্পরা, অবিচ্ছেদ। ভব° ভ ১ ৮ ৩৬, বচসাং প্রবাহৈঃ ৭ ৯ ৮। ৫ আহরণ। "জনপদ° পরদেশপ্রবাহেণ···নিবেশয়েৎ রঘু ১৫ ২৯, মল্লিনাথ। ৬ ব্যবহার। ৭ [প্রা স] প্রকৃষ্টবাহ, উত্তমাশ্ব। ৮ (বাঙ্লায়) লোকের অবিচ্ছিন্ন যাতায়াত, জনস্রোতঃ। "সে বিরললোকপবাহ গ্রাম্যপথমাত্র ব প্র ১৩৪। —বাহক বিণ [+অক (ণ্বুল)-ক] প্রকৃষ্ট বাহক। —হিকা স্ত্রী [°হক+স্ত্রী আ (টাপ্)] গ্রহণীরোগ। —বাহিণী, -নী বি [দ্র 'প্রবাহী', '°নী' অসাধু] নদী। 'স্রোতোহীন প্রবাহিনী।—মে ২৬৯। 'প্রবাহিণি, তব তীরে নগরী যে সব (পদ্যপাঠ, ২য় ভাগ)। —বাহিত বিং প্রবাহযুক্ত, স্রোতস্বান্। —বাহী (-হিন্) বিণ [+ইন (ণিনি)-ক-১ব, স্ত্রী -হিণী, -নী, -ণী (সাধু)] ১ প্রকৃষ্ট বাহক। "হয়া° সাধুপ্রবাহিণঃ মহা ৭ ৮৫ ১৭। ২ পবাহযুত, স্রোতস্বান্। "(গঙ্গা) মহাবেগপ্রবাহিনী গো রা ১ ৪৫, ২৭। (নদীম্) পরলোকপ্রবাহিণীম্ ('°হিনীম্'—পাঠান্তর) মহা ৪ ৬১ ২০। যমুনে, তুমি আছ প্রবাহিণী প তৃ ৪৯। তুমি প্রবাহিণী রবে ৬৯।

প্রবহণ, প্রবহমাণ দ্র 'প্রবহ'।

প্রবাক্ (-চ্) বিণ [বহুব্রী] পকৃষ্টবাক, প্রগলভবাক, যুক্তিযুক্তবাক্য-বক্তা। 'মাঘ ২ ২৫। মৃ ৩ ১৬। —বাচ্য বিণ [প্র+ √বচ+য (ণ্যৎ)-র্ম্ম] অবশ্যকথনীয, বিজ্ঞাপনীয়। 'ইতি প্রবাচ্যো মধুসূদন-স্তুয়া।—হ ১২৯ ৪৮।

প্রবাণী স্ত্রী [প্র+ √বে+অন (ল্যুট)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'বয়ন-সাধনী', তন্তুবায়শলাকা, মাকু। "পা ৫ ৪ ১৬০, সি।

প্রবাত বিণ [বহুব্রী] প্রকৃষ্টবাতযুক্ত, মৃদুসুরভিশীতলপবনযুত। "অহো °সুভগোঽয়মুদ্দেশঃ শ ৩ ১/৪। —বাত পুং [প্রা স] প্রকৃষ্টবায়ু, মৃদুসুরভিশীতল পবন। —বাত ক্লী পভূতবাত স্থল, প্রচুরবায়ু প্রদেশ। "(দেবী) প্রাবেপত···প্রবাতে কদলী যথা।—মহা ৫ ১৪ ২। °নীলোৎ-পল কু স ১ ৪৬। প্রবাতমিব পুষ্পাণামধঃপাতৈককারণম্ ক সা ১৭. ১৩৫; °দীপচপলাঃ (স্ত্রিয়ঃ) ২২.৪০। [°শয়ন (ক্লী)—প্রভূত-

বাতবিশিষ্ট শয্যাগৃহ। "°শয়নে দেবী নিষণ্ণা (তিষ্ঠতি), প্রবাতশয়নমার্গ মা মি ৪৪।]

প্রবাদ পুং [প্র+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ পরম্পরকথোপকথন, সম্ভাষ। ২ পরস্পরাভিঘাত, অন্যোন্যস্পর্দ্ধা। "ইত্থংপ্রবাদং যুধি সংপ্রহারম্ ভট্টি ২ ৩৬। ৩ লোকাপবাদ, লোকনিন্দা। "এব তে জীবিতাবধিঃ প্রবাদ° উ চ ১৪। ৪ [+অ-র্ম্ম] পরম্পরাগত বাক্য, প্রসিদ্ধ লোকবাদ, কিংবদন্তী, জনশ্রুতি। 'সত্যশ্চাত্র প্রবাদোঽয়° লৌকিকঃ রা ২ ৩৫ ১৮। মহা ৪ ২২ ৯। —বাদক বিণ [+অক (ণ্বুল্)-ক] বাদক। 'বেণু° হ ৬৫ ৫। —বাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনুণ) -ক-১ব] ১ বক্তা। "অসমীক্ষ্য প্রবাদিনী (মহা)। ২ অপবাদী, নিন্দক। 'সদা প্রবাদী ব্রাহ্মণেষু মহা ১৩ ৭৩ ১৪। ৩ রবকারী। "মৃগা ঘোরপ্রবাদিনঃ মহা ৪ ৪৬ ২৬।

প্রবাদক, -বাদী দ্র 'প্রবাদ'।

প্রবাধক বিণ [প্র+ √বাধ্+অক (ণ্বুল্)-ক] প্রপীড়ক।

প্রবাপী (-পিন্) বিণ [প্র+ √বপ+ইন্ (ণিনি)-ক-১ব] বীজবপনকারী। "পরক্ষেত্র° মনু ৯ ৪৯, ৫১।

প্রবার পুং [প্র+ √বৃ+অ (ঘঞ্)-ণ] আচ্ছাদন, বস্ত্র।

প্রবারণ ক্লী [প্র+ √বারি+অন (ল্যুট্)-ভা] ১ প্রতিষেধ, নিবারণ। ২ [+অন-ণ] কাম্যদান, ঈপ্সিতপ্রদান। 'প্রবারণস্তু বালানা° পূর্ব্ব° কার্য্যম্ মহা ৫ ৭ ১৭।

প্রবাল পুং, ক্লী [প্র+ √বল+অ (ণ)-ক] ১ অঙ্কুর, কিসলয়, নবপল্লব। 'ক্ষীরবৃক্ষ° গো রা ২ ১২ ৭। বিষয়° গী ১৫ ২। °শোভা রঘু ৬ ১২। দূর্ব্বা° কু স ৭ ১। °ভঙ্গ কি ৮ ২১। অধরোষ্ঠ° (পঙ্ক)। পদ° ভ ৮ ১২ ১৯। ২ বিদ্রুম, পলা। "°মণি গো রা ৮ ৪৯ ৪, ২১। ৩ (সাদৃশ্যে?) বীণাদণ্ড। [°কীট (বি)—সামুদ্রিক কীটবিশেষ। প্রবাল (পলা) এই কীটের পঞ্জর (দ্র 'চারুপাঠ, দ্বিতীয় ভাগ)। °পদ্ম (ক্লী)—কোকনদ (সুশ্রুত)। °ভস্ম (স্মন্) ক্লী—প্রবালক্ষার।]

প্রবাস পুং [প্র+ √বস্+অ (ঘঞ্)-ভা] ১ গৃহ হইতে পস্থিতের দেশান্তরে বাস, দেশান্তরস্থিতি, বিদেশবাস। "বেদঃ প্রবাসং জগাম মহা ১ ৩৮৪। ইষ্টপ্রবাসজনিত।—শ ৪ ৩। দীর্ঘ প্রবাসপ্রয়াস উ চ ২৪। অপ্রবাস।—ম ৫৮১। খেয়ার তন্থর তরী প্রবাসসাগরে ভা চ ২৬৪। ২ বনবাস। 'প্রবাসার্থেঽস্তি দুর্বচৈঃ রা ২ ২২ ১৮, ৪৭৪। প্রবাসে সময়ঃ কৃতঃ মহা ৫ ১ ১০। রাম° ভট্টি ৩ ৭। ৩ বিয়োগ। 'প্রবাসেঽপ্যাশ্বাসং ন খলু ন করোতি প্রিয়জনঃ উ চ ৬ ১৮। ৪ চতুর্ব্বিধ বিপ্রলম্ভের একতম। 'সা দ ৩ ১৮৭, ২৩৪। বিপ্রলম্ভ চতুর্ব্বিধ—পূর্ব্বরাগ, মান। প্রবাসাখ্য, আর প্রেমবৈচিত্ত্য-আখ্যান॥—চৈ চ ২৩০। ভা চ ৭১২। বাসন ক্লী [+ √বাসি+অন (ল্যুট্)-ভা] ১ বিদেশবাসন, নির্ব্বাসন। 'রামপ্রবাসন গো রা ১ ১ ৩৬। সীতা° উ চ ২ ১০। ২ পুর হইতে বহিঃপ্রস্থাপন। "পুরাৎ তস্য প্রবাসনম্ ক সা ২৪ ২১৪। ৩ বধ, হিংসা। মনু ৯ ২৪২। —বাসিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] নির্ব্বাসিত, রাজ্য হইতে নিঃসারিত। 'রাজ্ঞা প্রবাসিতঃ রা ১ ৭০ ২৯। —বাসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনুণ)-ক-১ব, পা ৩ ২ ১৪৫] প্রবাসশীল, বিদেশবাসী, দেশান্তরস্থিত, প্রোষিত। 'অপ্রবাসী।—মহা ৩ ৩১৩ ১১৫। ঋতু ২ ১২। পরলোকনবপ্রবাসিনঃ (তব) কু স ৪ ১০। ম পা ১২২। [°স্থ (বিণ)—প্রোষিত। "°স্থকলত্র রঘু ১৬ ৪।]

প্রবাসন, -সিত, -সী; প্রবাহ, -হক, -হিণী, -হিত, -হিনী, -হী দ্র 'প্রবাস, প্রবহ'।

প্রবিদারণ ক্লী [প্র-বি+ √দারি+অন (ল্যুট্)-ভা] ১ অবদারণ, অবখণ্ডন, বিভেদন। ২ [+অন-ধি] যুদ্ধ।

প্রবিদ্ধ বিণ [প্র+ √ব্যধ্+ত (ক্ত)-র্ম্ম] নিরস্ত। "রা ২.৭১,৪০।

প্রবিষ্ট বিণ [প্র+ √বিশ্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ কৃতপ্রবেশ, অন্তর্গত। "পশ্চার্দ্ধেন প্রবিষ্টঃ...পূর্ব্বকায়ম্ শ ১ ৭। ২ গত। "জল°।—পঙ্ক ৫৪। সরঃ স্নাতুং প্রবিষ্ট°।—হি ১৪। ৩ সমাপ্ত। "লিখিতার্থে প্রবিষ্টে লিখিত° পাটায়ৎ।—বিষ্ণু ৬ ২৫। —বিষ্টক ক্লী রঙ্গপ্রবেশদ্বার।

প্রবিষ্টক দ্র 'প্রবিষ্ট'।

প্রবীণ বিণ [প্রকৃষ্টা বীণা যাহার (অর্থ), বহুব্রী, প্র+বীণি+অ (অচ)-ক] ১ 'বীণাবাদনে প্রকৃষ্ট', প্রকৃষ্টবীণ, (গৌণার্থে) নিপুণ, অভিজ্ঞ, কুশল, পণ্ডিত। 'বিশ্বাবসুপ্রাগ্রহরৈঃ প্রবীণৈঃ সঙ্গীয়মানত্রিপুরাবদানঃ কু স ৭ ৪৮ (প্রবীণৈঃ—প্রকৃষ্টবীণৈঃ, নিপুণৈর্ব্বা —মল্লিনাথ)। রণেত প্রবীণ চ বি ১৫২। বালকদিগের এইরূপ প্রবীণতা (বীণাকুশলতা, নৈপুণ্য) দেখিয়া সকলে চমৎকৃত হইলেন স, ৮৮। ২ (বাঙলায়) বিষয়বুদ্ধিসম্পন্ন, কাণ্ডজ্ঞানসম্পন্ন। "বালক তুমি না হও প্রবীণ।—ম ৫৮১। ৩ বয়োবৃদ্ধ, প্রাচীন। "প্রবীণা প্রবীণা পাড়াপড়সির মেয়ে শ্রী মা ৩৮। যার মনে রস নাই, সে চিরকাল প্রবীণ, যার রস আছে, সে চিরকাল নবীন ব প্র ২০। ৪ বয়স্থ, বড় (grown up)। 'ছাও আগে সাঁতারিয়া, তপোবন পুষি তারে করিল প্রবীণ সি পা ৯৬। বৃদ্ধ, বুড়া। "ধনের লোভে কখনই মোর প্রবীণ রাজাকে দিতে পারবো না।—ন ত ৮। ৬ বৃহৎ, বড়। '(জালে) পড়িল প্রবীণ মৎস্য।—ম ৯১। কমঠ পরবীণ শি ৮৫। ৭ শ্রেষ্ঠ, মান্য। 'তুমি বিদ্যাধনাদিপ্রবীণ চৈ চ ৯৫। ৮ সমধিক। '(সুমেরু) সকল পর্ব্বত জিনি গুণ উচ্চেত পবীণ কৃ ভ ৩। (চম্পক) কেহ ছোট কেহ বড় গন্ধে পরবীণ শ্রী ম ৮২, দেবকীর হবিষ প্রবীণ ১৬৮। ৯ প্রবল, প্রধান। '(অসুর) এক রূপে দিনে দিনে হইবে প্রবীণ চ বি ১৩৬। বলবীর্য্যে নন্দসুত বড়ই প্রবীণ শ্রী মা ১৫৪। ১০ পূর্ণ। বিবাহ সময় ভৈল যৌবন প্রবীণ বি পা ২০৭। ১১ প্রধান, কর্ত্তা। 'সবার সমান বেশ সবে শিশুমতি। বিরাজে তাহার মধ্যে প্রবীণা পার্ব্বতী॥ —শি ১°।

প্রবীর বিণ [প্রা স] ১ প্রকৃষ্টবীর (ঋগ্বেদ ১০ ১০৩ ৫), (গৌণার্থে) উত্তম, শ্রেষ্ঠ। "পুরুষ°, বৃষ্ণি° (মহা)। কুরু° গী ১১ ৪৮। —বীর পুং প্রকৃষ্ট বীর, মহাবীর, সুভট। হতপ্রবীরাম্ চমূম্।—বা ২ ১১৪ ৬। প্রবীরাঃ সহসা নিবৃত্তাঃ মহা ৩ ১৫৪ ২১। রঘু°।—রঘু ১৪ ২৯। উ চ ৫৪। ২ নীলধ্বজপুত্র। ম ১১৩৭। মা ১১৭।

প্রবুদ্ধ বিণ [প্র+ √বুধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ জ্ঞাত। ২ [+ত-ক] বিকসিত, পফুল্ল। °পুণ্ডরীকাক্ষ° রঘু ১০ ৯। ৩ জাগরিত। "ভট্টি ৪ ১৪। হি ১৪। ৪ [°জ্ঞ+অ (অচ)] প্রবোধযুত, পণ্ডিত, নিপুণ। 'পঙ্ক ১৮ (কথামুখ)। —বোধ[২] পুং [+অ (ঘঞ্)-ভা] ১ জ্ঞান। প্রণিত° রঘু ৫ ৬৫। ২ প্রকৃষ্টজ্ঞান, তত্ত্বজ্ঞান। 'রঘু ১০ ৭১। ৩ জাগরণ। 'অপবোধায় সুষাপ গৃধ্রচ্ছায়ে বরূথিনী রঘু ১২ ৫০। চির° শ ৬৪। প্রবোধ করিয়া যথা গায় শ্রী ম ১৫৯। ৪ মোহাপগমে জ্ঞান। "গো রা ১ ৪ ১১৪। মোহাদভূৎ কষ্টতরঃ প্রবোধঃ রঘু ১৪ ৫৬। ৫ বিকাস, প্রস্ফুটন। ৬ [+ √বোধি+অ (অচ্)-ভা] প্রবোধন, সান্ত্বনা, সমাশ্বাসন।—বোধক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ জাগরয়িতা। ২ উত্তেজক। "কামরতি°।—ঋতু ৫ ১০। —বোধক পুং বৈতালিক। —বোধন বিণ [+অন (ল্যুট্)-ক স্ত্রী -নী] সর্থ 'প্রবোধক। —বোধন ক্লী [+অন -ভা] ১ জাগরণ, জাগান। "কৃষ্ণ° চৈ চ ২৪৪। ২ বোধসম্পাদন, বিনয়ন, শিক্ষণ। 'বাল°।—পঙ্ক ১৮ (কথামুখ)। ৩ উদ্দীপন। ৪ সমাশ্বাসন, সান্ত্বনা। "কেমনে করিব প্রবোধন ক.চ ২৯৩। ৫ [+ √বুধ্+অন -ভা] জাগরণ, জাগা। ৬ যথার্থজ্ঞান, তত্ত্বজ্ঞান। ৭ মোহাপগম। "জনক° উ.চ ৬ ৪১। ৮ উদ্দীপন। "কামরতি° (পাঠান্তর)।—ঋতু ৫ ১০। ৯ ন্যূনগন্ধ চন্দনাদির প্রযত্নবিশেষ দ্বারা পুনঃ সৌগন্ধ্যোৎপাদন; অনুবোধ। —বোধনী

স্ত্রী উত্থানৈকাদশী। —বোধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ জাগরিত। ২ বিনীত, শিক্ষিত। ৩ সমাশ্বাসিত।

প্রবৃত্ত বিণ [প্র+ √বৃৎ+ত(ক্ত)-ক] ১ প্রবৃত্তিযুক্ত, চেষ্টিত, ব্যাপৃত। "লোকান্ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ গী ১১৩২। মাঘ ১৪০। ২ আরব্ধ। "শোকার্ত্তস্য প্রবৃত্তো মে শ্লোকো ভবতু।—বা ১২.১৮, ৩১। অচির-প্রবৃত্তম্ ··গ্রীষ্মসময়ম্ শ ১৳। প্রবৃত্তাঃ···কথাঃ ভ ৩২০৫। আকুঞ্চন-বিস্ফারণ-প্রবৃত্ত···নাসা বংশ ১৪১। ৩ বর্ত্তমান। "কাল· প্রবৃত্তমাশ্রিত্য সুত্রধৃগ যত্র বর্ণয়েৎ সা দ ৬৩৭। ৪ উৎপন্ন। "অনুগ্রহং সংস্মরণপ্রবৃত্তম্ কু স ৩৩। ৫ সংঘটিত। ৬ প্রকৃষ্টবৃত্ত, বৃত্তাকার। —বৃত্ত পুং বৃত্তাকার ভূষণ। "অথর্ব্ব ১৫২১। —বৃত্ত স্ত্রী [+ত -ভা] ১ প্রবৃত্তি। ২ স্বর্গাদিসুখপ্রাপক সংসারপ্রবৃত্তিহেতুক বৈদিক কর্ম্ম। বিপ 'নিবৃত্ত'। "মনু ১২ ৮৮। [°চক্র (বিণ)—অপতিহতাদেশ। "যাজ্ঞ ১২৬৬।]

প্রবৃত্তি স্ত্রী [প্র+ √বৃৎ+তি (ক্তিন্)-ভা] ১ প্রবর্ত্তন, চেষ্টা। "প্রবৃত্তিঃ কুল কর্ত্তব্যা।—চি ১২০। ২ স্বাভাবিক ধর্ম্ম। বিপ 'নিবৃত্তি'। "প্রবৃত্তিরেষা ভূতানা· নিবৃত্তিস্তু মহাফলা মনু ৫৫৬। ৩ প্রবণতা। "অন্তঃকরণপ্রবৃত্তয়ঃ শ ১২০। ৪ ব্যাপার, চেষ্টা। "ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ গী ১১৩১, ১৬৭। কলুষ° রঘু ১৪৭৩। কু স ৬২৬। ৫ উৎপত্তি। 'যতঃ প্রবৃত্তির্ভূতানাম্ গী ১৮৪৬। রঘু ১৪৩৯। ৬ অব-তরণ, রূপপরিগ্রহ। 'ধর্ম্মসংরক্ষণার্থৈব প্রবৃত্তির্ভুবি শার্ঙ্গিণঃ রঘু ১৫৪। ৭ আবির্ভাব। 'রঘু ১১৪৩। ৮ উদ্যম। 'গী ১৪১৩। ৯ আগম, আরম্ভ। শুক্লস্য পক্ষস্য প্রবৃত্তৌ চন্দ্রমাঃ শনৈঃ (বর্দ্ধতে) মহা ১২৩০১৬। মধুপবৃত্তিম্ কু স ৩৩৪। ১০ বৈখরীপ্রভৃতি চতুর্ব্বিধবাগবৃত্তি। 'কু স ২১৭। দ্র 'পশ্যন্তী'। ১১ ইন্দ্রিয়ের স্বস্ববিষয়ে সঞ্চার। ১২ (ন্যায়ে) কায়মনোবাক্যে বৈধাবৈধ কার্য্যে প্রযত্নবিশেষ। ১৩ সূত্রের প্রয়োগ-যোগ্যতা। ১৪ প্রবাহ, অবিচ্ছেদ গতি। ১৫ [+তি-ণ] দৈব, ভাগ্য। ১৬ হস্তিমদ। ১৭ শব্দের অর্থবোধনশক্তি। ১৮ [+তি-খি (অটী)] বার্ত্তা, বৃত্তান্ত, সংবাদ। "প্রবৃত্তি° পতিলভ্য সীতা কাকুৎস্থয়ো° গো রা ৩৬৩২৯। মহা ১২২১০। পু মে ৪। হনুমৎকথিত° রঘু ১৩৬৪। জিজ্ঞাসেন গৌরাঙ্গের প্রবৃত্তি জানিতে।—চৈ ৬০। ১৯ যজ্ঞাদি। "মহা ১১২৫৮। ২০ অবন্তী-প্রভৃতি পুণ্যদেশ। [°জ্ঞ (পুং)—বৃত্তান্তাভিজ্ঞ, চর। °নিমিত্ত (ক্লী)—বুদ্ধিগ্রাহ্যত্ব, শব্দসমূহের বোধনশক্তির নিমিত্ত। তুল্যে প্রবৃত্তিনিমিত্তে পা ৬৩৩৪, সি। °মার্গ (পুং)—স্বর্গাদিসুখপ্রাপক সংসারপ্রবৃত্তিহেতুক বৈদিককর্ম্ম। "প্রবৃত্তিনিবৃত্তিমার্গ-ভেদ চৈ চ ৬৪।]

প্রবৃদ্ধ বিণ [প্র+ √বৃধ+ত(ক্ত)-ক] ১ প্রকৃষ্টভাবে বৃদ্ধিপ্রাপ্ত (ঋগ্বেদ ৪১৮১), বৃদ্ধিপ্রাপ্ত, প্রৌঢ়। ২ উচ্ছ্রিত, উত্তুঙ্গ। "°শিখর গিরিম্ বা ২৫৬১০। প্রবৃদ্ধোর্ম্মিঃ রঘু ৫৬১। ৩ পীনত্বপ্রাপ্ত, পীবর। "স্তনদ্বয়ম্ ···প্রবৃদ্ধম্ কু স ১৪০। ৪ প্রসারপ্রাপ্ত, প্রসৃত। "°ধ্বজিনীরজাংসি রঘু ৭৪০। ৫ মহান্ অত্যুগ্র। "কালোঽস্মি···প্রবৃদ্ধঃ গী ১১৩২। ৬ বলাধিক, প্রবল। ৭ অত্যধিক। "°তৃষ্ণা।—ঋতু ১১৫। ৮ অতি-বৃদ্ধ। ৯ বিশাল, বৃহৎ। "প্রবৃদ্ধানাঞ্চ বৃক্ষাণাম্।—মহা ১২৬৯৪২। ১০ মহাকায়। "(কির্ম্মীর) প্রবৃদ্ধ ম বি ৫৭।—বৃদ্ধি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অতিবৃদ্ধি। "শ্মশ্রু° রঘু ১৩৭১। ২ উপচয়। 'প্রবৃদ্ধৌ হীয়তে চন্দ্রঃ।—রঘু ১৭৭১। ৩ প্রসার, বিস্তার। "(কুলমাপ) প্রবৃদ্ধিম্ (S W)।

প্রবেক বিণ [প্র+ √বিচ্+অ (ঘঞ্)-র্ম্ম] 'সম্যক্ পৃথককৃত', প্রধান, উত্তম। "বস্ত্র°, হয়°। যান° রা ২৯২.৩৬। °নিক্রাভরণা ভ ২৯১১। —বেক পুং সমূহ (টীকা)। "মণি° মহা ৫.১২।

প্রবেগ পুং [প্রা স] অতিবেগ। "বাণ° গো রা ৩৩১২৫।

প্রবেণি, -ণী স্ত্রী [প্র+ √বেণ্+ই (ইন্)-ক+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কেশরচনাবিশেষ, বেণি। "(যমুনাদ্) ভূমেঃ প্রবেণীম্ রঘু ১৫.৩০। ২ নদীপ্রবাহ, স্রোতঃ। ৩ হস্তিপৃষ্ঠস্থ চিত্রকম্বল, কুথ। "মহা ১৫২৭.১৩। ৪ আস্তরণ, পালান। "মনু ৪.৭২, কুল্লুক।

প্রবেদন ক্লী [প্র+ √বেদি+অন (ল্যুট্)-ভা] বিজ্ঞাপন, আবিষ্করণ। "কামপ্রবেদন পা ৩৩১৫৩। কচ্চিৎ কামপ্রবেদনে (অ কো)। —বেদী (-দিন্) বিণ [+ √বিদ্+ইন্ (ণিনি)-ক -১ব] পরিজ্ঞাতা, নিপুণ। "নানাকর্ম্ম° মনু ৯২৬৭।

প্রবেদী দ্র 'প্রবেদন'।

প্রবেরিত বিণ [প্র+ √বেরি চালন (ক ক)+ত(ক্ত)-র্ম্ম] প্রচালিত, প্রেরিত। '(চিচ্ছেদ তা· শক্তিম্) ভীমবাহুপ্রবেরিতাম্।—মহা ৬ ১১৯৩০।

প্রবেশ[1] পুং [প্র+ √বিশ্+অ (ঘঞ্)-ভা] ১ অন্তর্গমন, ঢোকা। "লঙ্কা° রা ১৩২৯। পুর° কু স ৩৬০। ২ প্রবেশকাল। "(দুন্দুভি-নিঃস্বনাঃ) আসন্ প্রবেশে পার্থানাম্।—মহা ১১১২০। ৩ (নাট্যে) রঙ্গে আবির্ভাব। "পাত্রস্য প্রবেশঃ সা দ ৬৩৭। ৪ সূর্য্যের রাশি-সংক্রমণ। ৫ প্রবৃত্তি, আগম। 'সন্ধ্যা রজনীদিনয়োঃ প্রবেশনিষ্কাসৌ (হলায়ুধ)। বরিষা পরবেশ বি প ১৬৬। সন্ধ্যার প্রবেশে চৈ ভা ১২৫। ৬ [+অ-ণ] অন্তর্গমনপথ, দ্বার। "(সভাম্) সুপ্রবেশাম্ মহা ২৪৯ ৪৯। হি ৩৫৬। বেশ্মবিল° ক সা ৪৬২৪৬। পুরী সব সাজাইছে প্রবেশ নিগম বি পা ২৮০। ৭ [+অ (অচ)-ক] আয়। "নিক্ষেপ°। —পঞ্চ ১৳৳। —বেশক বিণ [+অক (ণ্বুল্)-ক] প্রবেশকারী। —বেশক পুং ১ (নাট্যে) অঙ্কদ্বয়ান্তর্গত সূচ্যাঙ্কবিশেষ। 'সা দ ৬৫৭। ২ (বাঙলায়) গ্রন্থের ভূমিকা। —বেশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রবেশ। অন্তপুরে প্রবেশন।—দা ১১৯৩। ২ [+অন-ণ] সিংহদ্বার, তোরণ। ৩ [+ √বেশি+অন-ভা] প্রবেশসম্পাদন, ঢোকান। "আশ্বাসিয়া সৈন্য রণে কৈল প্রবেশন।—ম ৭৭৪। —বেশিকা বি ১ প্রবেশার্থ পরীক্ষা, পরীক্ষার্থ প্রথমপুস্তক। ২ প্রবেশার্থ দেয় অর্থ (ফি)। —বেশিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] কারিতপ্রবেশ, অন্তর্নীত। —বেশী (-শিন্) বিণ [+ √বিশ্+ইন (ণিনি)-ক -১ব] প্রবেশক। "তিয্যগ্যানি° (মহা)। হে প্রবেশি,· প্রবেশ এ দেশে।—মে ২৬৬। —বেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ প্রবেশনার্হ। '(বলম্) অপ্রবেশ্য° সুরৈরপি মহা ৭১৩৮২। ২ [+ √বেশি+য (যৎ)-র্ম্ম] প্রবেশয়িতব্য। "ন প্রবেশ্যো বৃহন্নলা মহা ৪৬৮৫৪। পুত্রজন্ম° রঘু ১০৭৬। —বেষ্টব্য বিণ [+ √বিশ্+তব্য-র্ম্ম] প্রবেশনীয়। গো রা ৪৯৮০। মনু ৯৩০৬। —বেষ্টা (-ষ্টৃ) বিণ [+ √বিশ্ +তৃ(তৃচ)-ক-১ব] প্রবেশক। 'স্থুলশরীর (বেদান্তসার)। দেবই বা কি মূর্ত্তি, প্রবেষ্টা · দেখিতে পাইলেন না। —ব প্র ৪। [প্রবেশ হইলা (অপ্র)—প্রবিষ্ট হইল। "চৈ ভা ৩৮৬। প্রবেশে—আরম্ভে। পুরুষ হইলা বাজা আর মাস প্রবেশে কু উ ২১১।]

প্রবেশ[2] অর্ম্ম [প্রবেশ[1] >°শ ঠ √প্রবেশ, পদ্যে] ১ প্রবেশ করা, ঢোকা। তাঁরা প্রবেশিল বন।—ম ৫৯০। প্রবেশিল গড়।—কু ২৪৯। নিজগণ প্রবেশি চৈ চ ১১০। পাবশয়ে গেড়ে ভা চ ৭৩৮। প্রবেশেন ··চিতোর নগরে।—রঙ্গ ৮২। অভ্যন্তরে প্রবেশিয়া।—কাদ ১২, ৩২, ৫১, ৮০। ২ অবতরণ করা, নামা। "গঙ্গায় পবেশি পার্থ করায় তর্পণ।—ম ২৩০। ৩ পবৃত্ত হওয়া, আরব্ধ হওয়া। "পঞ্চ বর্ষ প্রাবশিয়া সপ্ত মাস গেল।—ম ৪৮৪। আষাঢ় মাস গেল পরে প্রবেশে শ্রাবণ।—জ ৫৭। দিবস গেল প্রবেশে তামসী শ্রী ৪০।

প্রবেশক, -শন, -শিত, -শী, -শ্য দ্র 'প্রবেশ[1]'।

প্রবেষ্ট পুং [প্র+ √বেষ্ট +অ (ঘঞ্)-ণ] ১ বাহু। "প্রবেষ্ট দুখানি শ্রী মা ১৩। ২ বাহুর নিম্নভাগ, পকোষ্ঠ। ৩ হস্তিদন্তমাংস, হাতীর মাড়ি। ৪ বেষ্টন, বেড়। "দন্তপ্রবেষ্ট মাঘ ১৮৪৭। ৫ [+ √অ -র্ম্ম] হস্তিপৃষ্ঠস্থল।

প্রবোধ[1] সর্ম্ম [সং প্রবোধ >°ধ, সং প্র+ √বোধি—বোধয় >প্রা √পবোধ, হি, ঠ √প্রবোধ, পদ্যে] ১ প্রবোধ দেওয়া, শান্ত করা,

বুঝান। "কার সাধ্য প্রবোধিয়া ফিরায় রাবণে।—কৃ ৩১৫। বিষ্ণুপ্রিয়ার প্রভু যত্নে প্রবোধয় ন.প ৬৬৩। প্রবোধিয়া ব.প ২৬১। প্রবোধিয়া দিলা বর ভা.চ ২৩৭। ২ জাগরিত করা। "(বাল সহচব) প্রবোধে বিশাল চারু সানে ব প ৭৮২।

প্রবোধ², **-ধক**, **-ধন**, **-ধনী**, **-ধিত** দ্র 'প্রবুদ্ধ'।

প্রবোধবাড়ি বি অশ্বাদিতাড়নার্থ যষ্টি, কশা, পাঁচনবাড়ি। "ন ১৭২; ফেলাহ প্রবোধবাড়ি ছাড় কড়িয়ালি ২৬০।

প্রব্যথিত বিণ [প্র+ √ব্যথ্‌+ত(ক্ত)-ক] ১ অতিব্যথাপ্রাপ্ত, পীড়াযুক্ত। ২ অতিভীত, প্রচলিত, ব্যাকুল। "লোকাঃ প্রব্যথিতাঃ গী ১১.২৩। ভয়েন চ প্রব্যথিতং মনঃ ৪৫।

প্রব্রজন ক্লী [প্র+ √ব্রজ্‌+অন (ল্যুট্‌)-ভা] গৃহস্থাশ্রমত্যাগপূর্ব্বক গমন ; সন্ন্যাসগ্রহণ, সন্ন্যাস। —ব্রজিত বিণ [+ত (ক্ত)-ক] ১ গত। "রামে বনং প্রব্রজিতে রা ২.৪১.১২। ২ গৃহীতসন্ন্যাস। "নষ্টে মৃতে প্রব্রজিতে (পত্যৌ)।—পরাশর ৪.২৬। —ব্রজিত পুং ১ সন্ন্যাসী। "যাজ্ঞ ২.২৩৮। ২ বুদ্ধভিক্ষুশিষ্য, শ্রমণ। —ব্রজিত ক্লী [+ত -ভা] প্রব্রজন। অলং প্রব্রজিতেনেহ ভদ্রে।—মহা ৫.১৭৬.৫। —ব্রজিতা স্ত্রী ১ সন্ন্যাসিনী, তাপসী। "যাজ্ঞ ২.২৯৬। ২ জটামাংসী। —ব্রজ্যা ক্লী [+য (ক্যপ্‌)-ভা] সর্থ 'প্রব্রজন'। "(কো হি) প্রব্রজ্যায়ৈব দীব্যেতে।—মহা ৪.১৮.১১। —ব্রজ্যা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্‌)] সর্থ 'প্রব্রজন'। "মনু ৫.৮৯। কু.স ৬.৬ (প্রব্রজ্যাশব্দেন বানপ্রস্থাশ্রমো লক্ষ্যতে—মল্লিনাথ)। —ব্রাজন ক্লী [+ √ব্রাজি+অন (ল্যুট্‌)-ভা] পুর হইতে বহিষ্করণ ; নির্ব্বাসন, বিবাসন। "পুত্র° গো.রা ২.৬১.৩। রাম° রা ২.৫৯.৩০। —ব্রাজিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্‌)] তাপসী। —ব্রাজিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম নির্ব্বাসিত। "মিথ্যা° রা২.৪৮.২৮। [প্রব্রজ্যাবসিত (বিণ)—সন্ন্যাসভ্রষ্ট।]

প্রব্রাজন, **-ব্রাজিকা** দ্র 'প্রব্রজন'।

প্রভঞ্জন বিণ [প্র+ √ভন্‌জ্‌+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -নী] 'প্রভঙ্গকারক', নাশক, হারক। "সর্ব্বদর্পপ্রভঞ্জন মহা ১.১২৩.১৩। —ভঞ্জন পুং ১ বায়ু ; প্রচণ্ডবায়ু, বাত্যা। "গো.রা ৪.৩১.১৩। তৃণানি নোন্মূলয়তি প্রভঞ্জনঃ।—হি ২.৮৭। °বৈরী তুমি।—মে ১৭ ; ২৪১। মা ৩৫৬। প্রভঞ্জন সহ সিন্ধু দুর্নিবার গতি।—ন ৪৩১। ২ (বাঙ্‌লায়) পবনদেব। "কুবের প্রভঞ্জন (আইলা) ক.চ ৩৭। ধিক্ দেব প্রভঞ্জনে।—মে ২৬। প্রভঞ্জন, বায়ুকুল-ঈশ্বর।—মা ১৩৭।

প্রভব পুং [প্র+ √ভূ+অ (অপ্‌)-ভা] ১ জন্ম, উৎপত্তি। "সংকল্পপ্রভবান্‌ কামান্‌ গী ৬.১৪। লক্ষ্যা° কু.স ৫.৮১। ২ [+অ-ণ] পরাক্রম, প্রভাব। ৩ [+অ-অপা] উৎপত্তিস্থান, কারণ, মূল। "অহম্‌ কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ।—গী ৭.৬ ; স্বভাবপ্রভবগুণ ১৮.৪১। সূর্য্যপ্রভবো বংশঃ রঘু ১.২। রত্ন° কু.স ১.৩ ; ৫.৭৭। অনন্তরত্নপ্রভব নগাধিরাজ ব.প্র ২১৫। ৪ জনক। "দশরথ° রঘু ১৩.৭৫। ৫ নিধি, নিধান। "অদ্ভুতৈক° কু.স ৭.৩৬। ৬ আদ্যোপলব্ধিস্থান, প্রথমপ্রকাশস্থান। "পা ১.৪.৩০। হিমবান্‌ গঙ্গাপ্রভবঃ। বাল্মীকিঃ শ্লোকপ্রভবঃ (অ.টী)। ৭ বিষ্ণু। —ভবিতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্‌)-ক-১ব] প্রভু, অধিপতি। "ক্ষমা প্রভবিতুর্ভূষণম্‌ (S.W.)। —বিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্‌)-ক] ১ প্রভাবশীল, পরাক্রান্ত। "বিষ্ণুনা প্রভবিষ্ণুনা রা ১.৪৫.৪৩ ; মহা ৩.৮২.৭৫, ৮৩.৪৪। ভ ২.৪.১৮। ২ প্রভবনশীল, উৎপত্তিশীল। "গী ১৩.১৬। ৩ স্বামী, প্রভু। "বিনিয়োগপ্রসাদা হি কিঙ্করাঃ প্রভবিষ্ণুষু কু.স ৬.৬। যৎ প্রভবিষ্ণবে রোচতে শ ২২। ৪ অধিকারী। "ন ভ্রাতা নৈব চ সুতো ন পিতা ভ্রাতরো ন চ। আদানে বা বিসর্গে বা স্ত্রীধনে প্রভবিষ্ণবঃ॥—দায়ভাগ।

প্রভবিতা, **প্রভবিষ্ণু** দ্র 'প্রভব'।

প্রভা স্ত্রী [প্র+ √ভা+অ (অঙ্‌)-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ দীপ্তি, প্রকাশ। "যে মূর্ত্তি সৌন্দর্য্যপ্রভা-প্রাচুর্য্যে মন প্রদীপ্ত করে ব.প্র ১৬। ২ [+অ -ণ] 'দীপ্তিসাধনী', কিরণ, তেজঃ। "প্রভেব বিবস্বতঃ রা ২.৩৯.১৮। প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ গী ৭.৮। প্রভা পতঙ্গস্য রঘু ২.১৫। চন্দ্র সূর্য্য অনল জিনিয়া প্রভা যার ভা.চ ১৪২। ৩ কান্তি। "নখ° রঘু ২.৩১ ; রত্নাঙ্গুলীয়° ৬.১৮। প্রভা আ গ্রামময়ী, তমোময় ধামে যেন —মে ১১২। ৪ করচ্ছটা। ৫ [+অ (ক)-ক] কুবেরপুরী। ৬ দুর্গা। 'সূর্য্যবিম্বে প্রভা নাম (মৎস্যপুরাণ)। ৭ সূর্য্যপত্নী। ৮ অপ্সরোভেদ। [°কর বিং—(বাঙ্‌লায়) দীপ্তিকারক। "প্রভাকর, সুমেরু-নগেন্দ্র যথা। —মা ১৩৭। °কীট (পুং)—খদ্যোত। °তরল (বিণ)—দীপ্তিসমুজ্জ্বল। "°তরলং জ্যোতিঃ শ ১.২৩। °পল্লবিত (বিণ)—প্রভা হেতু সঞ্জাতপল্লব। "বিক্র ৫.৩। °প্রবোহ (পুং)—তেজোঽঙ্কুর, কান্তিচ্ছটা। "সামন্তশিখামণীনাং প্রভাপ্ররোহাঃ রঘু ৬.৩৩। °মণ্ডল (ক্লী) —দ্যুতিবিম্ব, কান্তিজাল। "স্ফুরৎপ্রভামণ্ডলম্‌ (অস্ত্রম্‌) রঘু ৩.৬০, ১৪.১৪। কু.স ১.২৪।]

প্রভাকর পুং [প্রভা+ √কৃ+অ (ট)-ক ; উ.ত] 'দীপ্তিকারক', সূর্য্য। "গো.রা ২.১২৫.৭। রঘু ১০.৭৪। °প্রভা শ্রী.মা ১৫। ২ অগ্নি। ৩ চন্দ্র। ৪ সমুদ্র। ৫ অর্কবৃক্ষ। ৬ শিব। ৭ মীমাংসাকারবিশেষ। [°পুত্র, °সুত, প্রভাকরাত্মজ (বি)—সূর্য্যপুত্র, যম। "°জ ম.পা ১৫৭। °পুত্র বি.সু ১২০। °সুত দা ২০।]

প্রভাত বিণ [প্রকৃষ্ট ভাত যাহাতে, বহুব্রী] ভাতিযুক্ত, দীপ্তিবিশিষ্ট। "প্রভাতায়াং তু শর্ব্বর্য্যাম্‌ রা ১.২৩১, ৩৫.১ ; মহা ৩.২.১। কি এক বিমল ভাতি, প্রভাত করেছে রাতি সা.ম ৬৪। বিভাবরী হইল প্রভাত। —হেম ২৩০। রাত্রি প্রভাত হইয়াছে ব.ধি ৯৮। —ভাত ক্লী ১ প্রাতঃকাল। "প্রভাতে বিমলে।—রা ১.২৪.১। হন্ত প্রভাতম্‌ শ ৪২। °কল্প রঘু ৩.২। প্রসন্ন নবীন, জাগিল প্রভাত।—কথা ১৬। ২ (অপ্র) অবসান। "আমার কার্য্য করিব বরিলা প্রভাতে ব.প ৫০১। তিনি বর্ষাপ্রভাতে…রাজসন্নিধানে উপস্থিত হইবেন ব.প্র ৯। [প্র(প্রো)ভাও (অপ্র)—প্রভাত হও। "গো.চ ৮০; ২৮৬। প্রভাতয়ে (অপ্র)—প্রভাত হয় ; পোহায়। "বিজয়া দশমী যবে…প্রভাতয়ে গৌড়গৃহে।—মে ২৯। প্রভাতিল—প্রভান্বিত করিল। "সে কিরণে প্রভাতিল…ভীম শোভাময়, অপূর্ব্ব অমরব্যূহ।—হেম ২৩০।]

প্রভাতী বিং [°ত+ঈ¹] প্রাতঃকালীন। "°সঙ্গীত।—মে ৫০।

প্রভাব পুং [প্রা.স] ১ 'প্রকৃষ্ট ভাব' ; রাজার কোষদণ্ডজাত তেজঃ, অনুভাব। "রা ১.৮.১। °মাত্রৈকনৃদেবচিহ্নঃ (অয়ম্‌)—প্রভাবমাত্রেতে চিনি রাজা বটে এই।—চৈ ১৫৬। ২ তেজঃ। "প্রতিমাপ্রভাবে যত দেবঋষিগণ (হয়ে অচেতন) ভা.চ ১৪২। ৩ সামর্থ্য, শক্তি। "মেঘস্যপ্রভাবস্য রা ২.২৩.৩৭। অপ্রতিম° গী ১১.৪৩। মনু ১.৮৪। কু.স ৭.৩৬। ৪ দেবশক্তি, তপোবল। "গিরিশ° রঘু ২.৪১ ; ঋষি° ৬২। ৫ প্রতাপ। "প্রভাবঃ প্রভবিষ্যতি রা ২.২৩.৩৭। ৬ বিক্রম। ৭ মহিমা। "°স্তম্ভিতচ্ছায়ম্‌…বনস্পতিম্‌ রঘু ১২.২১। ৮ শান্তি (মেদিনী)। [°জ (বিণ)—কোষদণ্ডজাততেজোজন্য ; প্রতাপজাত।]

প্রভাবন বিণ [প্র+ √ভাবি+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -নী] উৎপাদক, জনক। "(সবিতা) সর্ব্বলোক° (মহা)।

প্রভাবান্‌ (-বৎ) বিণ [প্রভা+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -বতী] প্রভাযুক্ত, দীপ্ত, উজ্জ্বল ; কান্তিমান্‌। "চন্দ্রাভেব প্রভাবতী (হ)। প্রভাবতী সেই ধারা।—হেম ৯৮। —বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্‌)] ১ বজ্রনাভকন্যা প্রদ্যুম্নপত্নী (হ ১৫২তম অধ্যায়)। ২ গণদেবতা-বীণা। ৩ ছন্দোভেদ। 'শ্রুতবোধ ৩২।

প্রভাবতী দ্র 'প্রভাবান্‌'।

প্রভাবী (-বিন্‌) বিণ [°ব+ইন্‌ (ইনি)-১ব] মহানুভাব। "জাতমজং কুলে মনোঃ প্রভাবিনম্‌ (জানন্‌) মাঘ ১.৬৭।

প্রভাস পুং [প্র+ √ভাস্+অ (অচ্)-ক] ১ দীপ্তি, তেজঃ, কান্তি। ২ বসুবিশেষ। ৩ (জৈন) গণধিপতিভেদ। —ভাস পুং, ক্লী তীর্থবিশেষ, সোমতীর্থ। "গো.রা ৪.৪৩.৬। প্রভাসের মহাসিন্ধু।—ন ১৩২৮। —ভাসিত বিণ [°স+ইত (ইতচ্)] ১ জাতপ্রভাস, দীপ্ত, সমুজ্জ্বল। "প্রভাসিতমিবাকাশম্ মহা ৪.৫৬.১৭। প্রদীপ্ত কৌমুদীতে…নীলাম্বু অধিকতর প্রভাসিত হইতেছিল ব.প্র ১৬০। ২ (বাঙলায়) প্রতিফলিত। "তাঁহাদিগের উচ্চ প্রাতঃসূর্য্যের রশ্মিরাশি প্রভাসিত হইল ব.ধি ৯৯। ৩ বিরাজিত। "দন্তশ্রেণীপ্রভাসিত…বদনমণ্ডল ব.প্র ৪৫৭।

প্রভিন্ন বিণ [প্র+ √ভিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পকৃষ্টভিন্ন, বিভক্ত, ছিন্ন। "(গ্রন্থয়ঃ) প্রভিন্নাঃ স্রবন্তি (সুশ্রুত)। ২ প্রমার্জ্জিত, শাণালীঢ। "°বৈদূর্য্যনিভৈস্তৃণাঙ্কুরৈঃ।—ঋতু ২.৫। ৩ বিদলিত। "প্রভিন্নাঞ্জনরাশি।—ঋতু ২.২। ৪ বিকসিত। "°কমলোদর (সা.দ)। ৫ মদস্রাবী। "মহা ৩.১৪৬.১১। °দিগ্‌বারণ কু.স ৫.৮০। প্রভিন্ন বন্য গজ যেন চলে চৈ ৭১। —ভিন্ন পুং মত্তহস্তী।

প্রভু বিণ [প্র+ √ভূ+উ+(ডু) -ক, স্ত্রী -ভু, -ভ্বী ; প্রভ্বী—প্রকৃষ্টভাবে ভবিত্রী (ঋগ্বেদ ১.১৮৮.৫)] ১ সমর্থ, শক্ত। "প্রভুরগ্নিঃ প্রতপনে ভূমিরাবপনে প্রভুঃ মহা ১.৮৮.১৩। নাস্তকোঽপি প্রভুঃ প্রহর্তুম্ রঘু ২.৬২। ২ সদৃশ, তুল্যবল। "দৈত্যেভ্যো হরিঃ প্রভুঃ (সি)। ৩ ঈশ্বর (কুল্লুক), শ্রেষ্ঠ। "বর্ণানাং ব্রাহ্মণঃ প্রভুঃ মনু ১০.৩। ৪ নিগ্রহানুগ্রহসমর্থ। "কব প্রভু এ পাপীব পাপ-বিমোচন।—কৃ ৩৩৮। —ভু পুং ১ স্বামী, অধিপতি, সম্রাট্। "°শব্দশেষম্ রঘু ৫.২২। প্রভুর্বুভূর্ভুবনত্রয়স্য মাঘ ১.৪৯। ২ স্বামী, নিয়ন্তা, অন্তর্যামী। "(অহম্) ভর্ত্তা প্রভুঃ গী ৯.১৮। ৩ ফলদাতা। "অহং হি সব্বযজ্ঞানাম্…প্রভুরেব গী ৯.২৪। ৪ অধিকারী, স্বামী। পিত্র্যস্য বসুনঃ প্রভুঃ মনু ৯.১৬৩। সব্বস্য জগতঃ প্রভুঃ যাজ্ঞ ২.৩৪। ৫ বিষ্ণু। ৬ শিব। "রঘু ২.৪২, মল্লিনাথ। ৭ ইন্দ্র। "রঘু ৩.৬৫। ৮ প্রজাপতি, ব্রহ্মা। "মনু ১.২৮; ৩২। ৯ অগ্নি। ১০ সূর্য্য। ১১ পাবদ। ১২ (বাঙলায়) ইষ্টদেবতা। "সুখে দুঃখে ভক্ত সনে, না থাকে সে প্রভু কেনে—দু ৫৮। প্রভু, তোমা লাগি আঁখি জাগে গী.লি ১৬১। ১৩ পতি। "কৃ ২০৯। সতাসতী নাহি প্রভু তুমি মোর সতা ক চ ৬৯। (নয়নে পানের পিক) দর্পণে দেখহ প্রভু! ভা চ ৩৬৪, ৪৪৯। বি.সু ৬১,-২। যৌবনে রক্ষক প্রভু শি ১০১। ১৪ স্বামী, মনিব। 'পরশুরাম-পরাভব প্রভু রামের ঠাঁই।—কৃ ২৫১। প্রভুব দুর্গ শত্রুর করে, ছাড়িব না এ জীবনে। —কথা ১২১,-২। ১৫ চৈতন্যদেব। "প্রভু কহে,—এহো হয়, আগে কহ আর চৈ.চ ১১৪। ১৬ বৈষ্ণবগুরু। "(শ্রীরূপাদি) এই ছয় প্রভুর করি চরণ বন্দন E. P. 12.।

প্রভুপণ বি [পণা > পণ] ১ পত্নীতে স্বামীর অধিকার। "(নরপতির) কৃষ্ণার উপরে কিবা প্রভুপণ আছে।—ম ৩৫৪। ২ আধিপত্য। "ত্রৈলোক্যের উপরে যাঁহার প্রভুপণ।—ম ৪৩৬।

প্রভুপাদ বি ১ বৈষ্ণবগুরুর সম্মানসূচক শব্দ। ২ চৈতন্যদেব। "চৈ.চ ১৩৩।

প্রভূত বিণ [প্র+ √ভূ+ত (ক্ত)-ক, বৈদিক] ১ 'প্রকৃষ্টজাত', প্রচুর, ভূরি। "প্রভূতম্…অন্নম্ গো.রা ১.১৩.১৫। প্রভূত বচন শ্রী মা ৮। ২ বহু, অনেক। "°বর্ষ, °নাগাশ্বরথ। ৩ সমধিক। "°বয়স্। ৪ নানা। "°রূপ। ৫ উদ্‌গত, দীর্ঘ। ৬ উন্নত। ৭ ভূত, জাত। ৮ বিশাল। "দ্রোণীপ্রভূতমুদরম্ (সুশ্রুত)। [°ক্রান্ত (ক্লী)—অতিক্রমণ। "কিং °ক্রান্তেন (পঞ্চ)। °বয়াঃ (-য়স্) বিণ—অধিকবয়স্ক।]

প্রভৃতি স্ত্রী [প্র+ √ভৃ+তি (ক্তিন্)-ভা ; ছান্দস ; দ্র 'পভৃতি (ব.প ১৬৮২)] আরম্ভ, প্রমুখ, আদি। "অপত্যং পৌত্রপ্রভৃতি গোত্রম্ পা ৪.১.১৬২। জন্মপ্রভৃতি গো.রা ১.৯.২০। বিশ্বাবসুপ্রভৃতিভিগন্ধর্বৈঃ মহা ৩.৪৩.৮। কাশ্যপবামদেবপ্রভৃতি মহর্ষিবর্গ সী ৬৫। [সমাসে উত্তরপদ]। —ভৃতি ব্য আরম্ভার্থ, থেকে, হইতে। "বাল্যাৎ প্রভৃতি গো.রা ১.১৯.২১। কু.স ৩.২৬।

প্রভেদ পুং [প্র+ √ভিদ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রকৃষ্ট ভেদ ; বিভাগ। "চাতুর্ব্বর্ণ্য° (মহা)। ২ ছেদ। "গ্রন্থি°। ৩ ভঙ্গ। "মর্য্যাদায়াঃ প্রভেদে যাজ্ঞ ২.১৫৮। ৪ স্ফুটন। "কট° রঘু ৩.৩৭। ৫ [+অ -ণ] প্রকার, বিশেষ। —ভেদন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ভেদকারক, ছেদক, বেধক। "পরকায়প্রভেদন (খড়্গ) মহা ৪ ৪২.১৭।

প্রভেদন দ্র 'প্রভেদ'।

প্রভ্রংশী (-শিন্) বিণ [প্র+ √ভ্রন্শ্+ইন্ (ণিনি)-ক-১ব] ভ্রষ্ট, চ্যুত। "শিবীষপ্রসবাবতংসাঃ প্রভ্রংশিনঃ রঘু ১৬.৬১। —ভ্রষ্ট বিণ [+ত (ক্ত)-ক] ভ্রষ্ট, বিচ্যুত। "মাঘ ৮.৪৯। —ষ্টক ক্লী [°ষ্ট +ক (কন্) সংজ্ঞার্থে] শিখালম্বী (চূড়া হইতে লম্বমান) মাল্য।

প্রভ্রষ্টক দ্র 'প্রভ্রংশী'।

প্রমত্ত বিণ [প্র+ √মদ্+ত (ক্ত)-ক] ১ প্রমাদযুক্ত, অনবহিত, অমনোযোগী। "গো.রা ১.২৫.১৩। স্বাধিকার° পু মে ১। °সচিবস্থ নরাধিপস্য।—হি ২ ১০৭। ভ ১.৭.৩৬। ২ ব্যসনাসক্ত, দ্যূতাদিপ্রমাদবান্। "মনু ৯.৭৮। রঘু ১৯ ৪৮। ৩ শীলসংরক্ষণরহিত। "মনু ৩.৩৪। ৪ অজিতেন্দ্রিয়। "ভ ৫ ২৭। ৫ সুরাপানাদি হেতু অতিবিচেতন, মাতাল। "শ ৪.১। ৬ সন্ধ্যাদিহীন (ত বা)। ৭ মদমত্ত (হস্তী)।

প্রমথ পুং [প্র+ √মথ্+অ (অচ্)-ক] ১ শিবপারিষদ। "প্রমথানাং গণৈঃ মহা ১৩ ১৪.৩৮৯। কু.স ৭.৯৫। ২ ঘোটক। —মথন বিণ [+অন (ল্যুট্)-ক : স্ত্রী -নী] পীড়ক। "(দ্রৌপদী) চিত্তপ্রমথনী মহা ১.৬৭.১৫৯।—মথন ক্লী [+অন-ভা] ১ পীডন, বেশন। ২ বিলোড়ন। ৩ বধ। "বালি° রা ১.৩.১৪। —মথা স্ত্রী হরীতকী। —মথিত বিণ [+ √মথ্,,√মন্থ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিলোড়িত। ২ পীড়িত। "বর্ষাবারিরাশি-প্রমথিতা পরিপূর্ণা স্রোতস্বতী ব.প্র ৪৫৩। —মথী (-থিন্) বিণ [+ √মথ্+ইন্ (ইনি, বাহুলকে)-ক-১ব] পীড়য়িতা, বিদারী। "চেতসঃ প্রমথিনীমুমুচ্য বধ্যস্রজম্।—মু ২.২১। [°নাথ, °পতি, প্রমথাধিপ, প্রমথেশ (পুং)—শিব। "প্রমথেশ বি.সু ১২৩,-৩৩।]

প্রমথন, প্রমথা, -মথিত, -মথী দ্র 'প্রমথ'।

প্রমদ বিণ [প্র+ √মদ্+অ (অচ্)-ক] ১ প্রকৃষ্টমদযুক্ত, মত্ত, উন্মত্ত। "°বর্হিণেষু (কৃত্রিমাদ্রিষু) রঘু ১৯.৩৭। প্রমদ প্রমথ সঙ্গিয়া ভা.চ ৭৫। ২ [+অ (অপ্)-ভা] হর্ষ, প্রীতি। "মাঘ ৩ ৫৪। গজ সাপটে প্রমদে, মুদ্গার।—মে ১৯৩। ৩ [+অ-ণ] ধুস্তুরফল। ৪ দৈত্যভেদ (হ)। —মদা স্ত্রী [প্রকৃষ্ট মদ যাহার (অ.টী), বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] ১ 'রূপসৌভাগ্যজনিতমদযুতা', উত্তম স্ত্রী। "রঘু ৯.৩১। ২ নারী। "কু.স ৪.১২। °জনবিশ্বাসঃ।—হি ১ ১৪১। পঞ্চ ১.৩৬। প্রমদা প্র-মদা ভট্টি ১০.৯। মে ৩৬। ৩ চতুর্দ্দশাক্ষরপাদ ছন্দোবিশেষ। ৪ (বাঙলায়) স্ত্রী, পত্নী। "গিরিশ-প্রমদা বি.সু ৫১। [°কানন, °বন, প্রমদাকানন, প্রমদাবন (ক্লী)—অবরোধসহিত রাজার বিহারার্থ উদ্যান ; রাজার অন্তঃপুরোচিত বন। "প্রমদবনভূমি শ ৬১/২। °বন। —কাদ ৬১। প্রমদামিষ (ক্লী)—স্ত্রীরূপ ভোগ্যবস্তু। "রঘু ৭.৩১।]

প্রমদা, -দাকানন, -দাবন, -দামিষ দ্র 'প্রমদ'।

প্রমনাঃ (-নস্) বিণ [প্রহৃষ্ট মনঃ যাহার, বহুব্রী] হৃষ্টচিত্ত, হৃষ্ট, তুষ্ট। "নাতিপ্রমনাঃ রঘু ৩.৬৭। মাঘ ১৩ ১৪।

প্রমন্যু বিণ [প্রা.স] 'মন্যুপ্রগত', কৃতবৈর, জাতক্রোধ। "প্রমন্যবঃ প্রাগপি কোশলেন্দ্রে (নৃপাঃ) রঘু ৭.৩৪।

প্রমা স্ত্রী [প্র+ √মা+অ (অঙ্)-ভা] ১ যথার্থানুভব, সত্যজ্ঞান, ভ্রমভিন্নজ্ঞান। 'ভাষাপরিচ্ছেদ ১৩৪। ২ [+অ-ণ ; 'প্রমা'—প্রমাণ, ইয়ত্তা (ঋগ্বেদ ১০.১৩০.৩)] প্রমাণ। "প্রত্যক্ষাদিপ্রমাসিদ্ধবিরুদ্ধার্থা-

ত্তিধায়িনঃ। বেদান্তা যদি শাস্ত্রাণি বৌদ্ধৈঃ কিমপরাধ্যতে ।—প্রবোধ-চন্দ্রোদয়। [অপ্রমায় প্রতি দোষ কারণ ; প্রমায় প্রতি গুণ কারণ। (বিশেষবিবরণার্থ দ্রষ্টব্য 'ভাষাপরিচ্ছেদ', ১৩১-১৩৪)।]

প্রমাই বি [পরমায়ু > °ই] আয়ু। "এ বার বৎসর বাড়উক প্রমাই গো.বি ৫১। গো.চ ৩৯৮। কৃ ৯৩ ; ৩০১। চ.চ ৯।

প্রমাণ ক্লী [প্র+ √মা+অন (ল্যুট্)-ণ] **১** 'প্রকৃষ্টমানসাধন', বস্তুর দৈর্ঘ্যাদির ঈয়ত্তাপরিচ্ছেদক মান (যেমন, বস্ত্রের দৈর্ঘ্যে হস্তাদি, জলের গভীরতায় জানু প্রমাণ)। 'আয়ামস্তু প্রমাণং স্যাৎ পা ৫.১.১৯, তত্ত্ববোধিনী। **২** পরিচ্ছেদকমাত্র, পরিমাণমাত্র। "প্রমাণে দ্বয়সজ্-দঘ্নঞ্ মাত্রচঃ পা ৫.২.৩৭। মনু ৮.৩২। দেবতাপ্রমাণে শতসহস্রবৎসর। —ম ১০৫৯। (বরাহ) পর্ব্বতপ্রমাণ উচ্চ ন.প ৩৮। (ডিঙ্গা) আড়ে গড়ে বিংশতিপ্রমাণ ক.চ ২২২। **৩** উন্মান, ওজন। "চতুঃসৌবর্ণিকো নিষ্কো বিজ্ঞেয়স্তু প্রমাণতঃ মনু ৮.১৩৮। **৪** মাত্রা, আকৃতি। "কলভ-প্রমাণঃ (মেঘঃ) রঘু ১৮.৩৮ ; অল্পপ্রমাণে (মণৌ) ৪২। গজ পর্ব্বত-প্রমাণে।—জ ৬৪। **৫** দৃষ্টান্ত, নিদর্শন। "স যৎ প্রমাণং কুরুতে লোক-স্তদনুবর্ত্ততে।—গী ৩.২১। স্বামিভক্তানা° প্রমাণে মু ২.২২। **৬** প্রমা-রূপজ্ঞান, যথার্থজ্ঞানের উপায়। "(ব্যাখ্যান) বুঝ দেখি বিচারিয়া, হয় কি প্রমাণ চৈ.ভা ৪০৫। [প্রমাণবিষয়ে মতভেদ,—'প্রত্যক্ষ' (চার্ব্বাক), 'প্রত্যক্ষ, অনুমান' (কণাদ, বৌদ্ধ), 'পূর্ব্বোক্ত দুই ও শব্দ (সাংখ্য, পাতঞ্জল), 'পূর্ব্বোক্ত তিন ও উপমান (ন্যায়), পূর্ব্বোক্ত চার ও অর্থাপত্তি (প্রভাকর), 'পূর্ব্বোক্ত পাঁচ ও অভাব (ভট্ট, বেদান্তী), 'পূর্ব্বোক্ত ছয়, সম্ভব ও ঐতিহ্য (পৌরাণিক)।] **৭** যথার্থ-জ্ঞানের উপায় লেখ্যসাক্ষিপ্রভৃতি। 'প্রমাণং লিখিতং ভুক্তিঃ সাক্ষিণ-শ্চেতি কীর্ত্তিতম্ যাজ্ঞ ২.২২। "গোবিন্দ প্রমাণ যত অপমান পাবে শ্রী ১৩০। **৮** হেতু। **৯** শাস্ত্র। "°দৃষ্ট, °কুশল। প্রমাণ প্রয়োগে পূজা পণ্ডিত প্রকাশে শ্রী ২০৩। **১০** মর্য্যাদা ; সীমা। **১১** ইয়ত্তা। **১২** বিধি, বিধান। "পূজার সামগ্রী নিল আগম প্রমাণ শ্রী.মা ১৬৬। **১৩** (গণিতে) ত্রৈরাশিকের প্রথম রাশি (first term)। **১৪** স্বরমাত্রা। "পা ১.১.৫০, কাশিকা। **১৫** জ্ঞানসাধন। "তস্মা-চ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ গী ১৬ ২৪। **১৬** প্রমার করণ (শ.ক)। "বেদান্তো নাম উপনিষৎপ্রমাণম্ (বেদান্তসার)। **১৭** সত্যবাদী ; নিত্য ; একতা (রভস)। **১৮** [+অন -ক] প্রমাতা, কর্ত্তব্যপরিচ্ছেদক, সদসদ্‌বিচারক। "শ্রুত্বা প্রমাণং ভবতী মহা ৩.৭০. ১৩। ধর্ম্মং জিজ্ঞাসমানানাং প্রমাণং পরমং শ্রুতিঃ মনু ২.১৩। তদত্র আর্য্যমিশ্রাঃ প্রমাণম্ মা.মি ১২/৬। তদত্র স্বামী প্রমাণম্—পঞ্চ ১২/২ ৪/৪ ৮/৯। রাজা শিবসিংহ লছিমা পরমাণে বি.প ৪১। দোষগুণ সকলি প্রমাণে ঐ পা শ্রী ২০০। যাত্রা করিব আমি আছে সে প্রমাণ শি ৬০। **১৯** সন্দেহনিরাসক, সংশয়চ্ছেদক। "সতাং হি সন্দেহপদেষু বস্তুষু প্রমাণমন্তঃকরণপ্রবৃত্তয়ঃ শ ১.২০। **২০** বিষ্ণু। **২১** (বাঙ্‌লায়) যথার্থ, সত্য। "সকল বৈভব ভোগ করিয়ে প্রমাণ।—ম ৩৩৯। **২২** পুরা মাপের (বস্ত্রাদি)। "প্রমাণ ধুতি, শাড়ী। **২৩** প্রশস্ত, বড়। "প্রমাণকুটীর তথা কৈল দুর্য্যোধন।—ম ১২৪। প্রমাণ করিয়া বাড়ী কৈল ভদ্রাসন বি.পা ১০২। **২৪** যথাবিধি পরিমাণবিশিষ্ট। "প্রমাণ করিয়া, রুদ্রাক্ষ গ্রথিয়া, ধারণা কর নাভির উর্দ্ধেতে ম.পা ৭। **২৫** (অপ্র) শাসনবাক্য, আদেশ। "দূতে পাইল যদি রাজার প্রমাণ গো.চ ৩৭৬। —মাণী স্ত্রী প্রধান। "স্ত্রী প্রমাণী যস্য স স্ত্রীপ্রমাণঃ পা ৫.৪.১১৬, সি। ['প্রমাণ' নিত্যক্লীবলিঙ্গ একবচনান্ত, কচিৎ স্ত্রীলিঙ্গ।] [°কোটি (স্ত্রী)—প্রমাণবিষয়। °দৃষ্ট (বিণ)—শাস্ত্র-বিহিত। °পত্র (ক্লী)—প্রমাণার্থ লেখ্য, দলিল ইত্যাদি। "পা.প্র ৮৬। °পথ (পুং)—**১** প্রমাণের উপায়। **২** (বাঙ্‌লায়) প্রশস্ত পথ ; রাস্তা। "গোসাঞি! প্রমাণ পথ ছাড়ি কেন আইলা?—চৈ.চ ২৪১। °পুরুষ (পুং)—বিচারক, মধ্যস্থ। °বচন (ক্লী)—শাস্ত্রবাক্য। °শাস্ত্র (ক্লী)—সন্দেহনিরাসক শাস্ত্র ; ধর্ম্মগ্রন্থ। "হি ১৪/৬। °সিদ্ধ (বিং) —হেতুবিশেষ দ্বারা প্রতিপন্ন। "সীতা আত্মশুদ্ধচারিতা প্রমাণ-সিদ্ধ করিলে রাম তাঁহাকে গ্রহণ করিবেন সী ৯৪। °সূত্র (ক্লী) —মানরজ্জু।]

প্রমাণাধিক [প.ত] স্বাভাবিক মান হইতে প্রবলতর, অস্বাভাবিক। "শ্বাসঃ প্রমাণাধিকঃ শ ১.২৬।

প্রমাণানুরূপ বিণ [ষ.ত] পরিমাণসদৃশ। "স্বপ্রমাণানুরূপৈঃ সেচনঘটৈঃ শ ১২/৬।

প্রমাণী দ্র 'প্রমাণ'।

প্রমাতা (-তৃ) বিণ প্র+ √মা+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] **১** প্রমাজ্ঞানকর্ত্তা। **২** সর্থ 'প্রমাণ' (১৮)। **৩** রাজপুরুষবিশেষ। 'প্রমাতা, উপরিক, দাসাপরাধিক···প্রভৃতি ব.প্র ১২৬।

প্রমাতামহ পুং [প্রা.স] প্রগত মাতামহ ; মাতামহপিতা। —মহী স্ত্রী [°হ+স্ত্রী ঈ (ঙীষ্)] প্রমাতামহপত্নী।

প্রমাথ পুং [প্র+ √মথ্+অ (ঘঞ্)-ভা] **১** প্রমথন, প্রপীড়ন। "পন্নগস্য প্রমাথে মহা ১৩.১.২৬। **২** বলপূর্ব্বক হরণ। "দ্রৌপদী°। **৩** ভূমিতে নিপাতপূর্ব্বক পেষণ। 'নিপাত্য পেষণং ভূমৌ প্রমাথঃ মহা ৪.১৩.২৭, নীলকণ্ঠ। **৪** বিলোড়ন, মন্থন। **৫** ঔদ্ধত্যনিবারণ, নিয়মন। "সৈনিকানাং প্রমাথেন উ.চ ৫.৩২। **৬** নাশ, ধ্বংস। **৭** [+অ (ণ)-ক] (বহুব) প্রমথগণ। —মাথী (-থিন্) বিণ [+ইন্ (ণিনুণ্)-ক-১ব] **১** প্রপীড়ক, অতিপীড়াজনক, ব্যথয়িতা। "অরি° মহা ৪ ১১.৩। কন্যা হৃদয়প্রমাথিনী মা.মি ৩.২। **২** উন্মূলন-শীল। "কি ৩.১৪। **৩** প্রমথনশীল, বিক্ষোভক, বিক্ষেপক। "ইন্দ্রি-য়ার্থৈঃ···চিত্তপ্রমাথিভিঃ রা ১.১.৪। ইন্দ্রিয়াণি প্রমাথিনী গী ২.৬০, মনঃ প্রমাথি ৬.৩৪। **৪** বিলোড়ক, আন্দোলয়িতা। "মরুত···ধ্বজ-তরুপ্রমাথিনঃ রঘু ১১.৫৮। **৫** পণ্ডয়িতা, ছেদক। "কি ১৭.৩১। **৬** নাশক। —মাথী পুং বৃহস্পতিগ্রহের বর্ষভেদ।

প্রমাথী দ্র 'প্রমাথ'।

প্রমাদ পুং [প্র+ √মদ্+অ (ঘঞ)-ভা, '°দ'—প্রকৃষ্টভাবে মদ-কর (ঋগ্বেদ ৮.২.১৮)] **১** শক্তের কর্ত্তব্যাকরণ ; অনবধানতা, অমনোযোগ। "গী ১৪ ৯। মনু ১২.৩৩। পঞ্চ ১.৪০। চৈ.চ ৭। **২** কার্য্যাকার্য্যবিবেকরাহিত্য। "গী ১৪.১৩। **৩** চিত্তবিক্ষেপ। "গী ১১.৪১। **৪** অনিষ্টাপাত, বিপৎসংঘটন। "প্রমাদঃ প্রমাদঃ উ.চ ৬/৬। না চিন্ত প্রমাদে অ.প ৯। রাজা করিবে প্রমাদ।—ম ৫০৩,-১২। চু ৫৫। **৫** বুদ্ধিবিপর্য্যয়, ধৈর্য্যচ্যুতি। "পদে পদে মহান্তি প্রমাদস্থানানি উ.চ ৩.২। —মাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনুণ্)-ক-১ব] প্রমাদ-শীল, অনবধান, প্রমত্ত। "অ° গো.রা ২.১৩.২। অধিকৃতঃ প্রমাদী (ত্যাজ্যঃ)।—পঞ্চ ১.৪৫৮।

প্রমাদিয়া বিং [°দ+ইয়া[২] ; অপ্র] প্রমাদযুক্ত, বিপজ্জনক। "ঠেকেছিলুঁ প্রমাদিয়া দায় ব.প ১৩৭১।

প্রমাদী দ্র 'প্রমাদ'।

প্রমাপণ ক্লী [প্র+ √মী+ই (ণিচ্)— √মাপি+অন (ল্যুট্)-ভা] বধ, হিংসা। "মনু ১১.১৪১। পুরুষস্ত্রী° যাজ্ঞ ২.২৮০। —মাপী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] হিংসক, ঘাতক। "অপত্য-প্রমাপিণী যাজ্ঞ ২.২৮২।

প্রমাপী দ্র 'প্রমাপণ'।

প্রমিত বিণ [প্র+ √মা+ত (ক্ত)-র্ম] **১** পরিমিত ; অল্প। "প্রমিতাক্ষরো মাঘ ১৬.৮০। অপ্রমিত কুরুসৈন্য।—ম ৬৩৬। **২** জ্ঞাত।

৩ প্রথমাবধারিত। —মিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পরিমাণ। ২ [+তি -ণ] প্রমাজ্ঞান।

প্রমিতি দ্র 'প্রমিত'।

প্রমীত বিণ [প্র+ √মী+ত (ক্ত)-র্ম্ম] ১ হিংসিত, যাগার্থমারিত (পশু)। ২ মৃত। "মনু ৩.২৪৫ ; °পতিকা ম.৬৮। °পিতৃক।—অত্রি ৩৫১।

প্রমীলা স্ত্রী [প্র+ √মীল্+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অত্যন্ত শ্রমাদি হেতু সর্ব্বাঙ্গনিমীলন ; নিদ্রার আদিতে ও অন্তে আলস্য (অ.টী) ; তন্দ্রী। ২ নারীদেশের কর্ত্রী বীরাঙ্গনাবিশেষ। [পাণ্ডবের অশ্বমেধের অশ্ব এই দেশে আবদ্ধ হইলে, অর্জ্জুনের সহিত প্রমীলার সাক্ষাৎকার হয় ও পরে বিবাহ হয় (ম ১১৬৮। মে ৮১)।] ৩ ইন্দ্রজিতের পত্নী। 'ইন্দ্রজিৎ—প্রমীলা সুন্দরী পত্নী তাঁর।—মে ৮৭।

প্রমুখ বিণ [প্রকৃষ্ট মুখ (আরম্ভ) যাহার (অ.টী), বহুব্রী, মুখকে প্রগত, প্রা স] ১ প্রথম, আদি। "বসিষ্ঠপ্রমুখৈর্দ্বিজৈঃ রা ১.১.৩৩ ; ৮.১০। বাসুকিপ্রমুখাঃ (ভুজঙ্গাঃ) কু.স ২.৩৮। ২ পূর্ব্ব। "প্রীতিপ্রমুখবচনম্ পূ.মে ৪। ৩ প্রধান, শ্রেষ্ঠ। ৪ মান্য। —মুখ পুং ১ পুন্নাগবৃক্ষ। ২ সমূহ। —মুখ ক্লী [প্রা.স] ১ অগ্র, সম্মুখ। "গো বা ৬.৭৬ ২৭ ; কৌশল্যাং প্রমুখে কৃত্বা ১১১.১৭। যেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ গী ২.৫। মাঘ ২০.২৫। ২ বদন। "মাঘ ২০ ২৫।

প্রমুখতঃ (-তস্) অব্য [°খ+তঃ (তসি)] প্রমুখে, অগ্রে। "যুক্তং প্রমুখতঃ স্থাতুম্ গো বা ৬ ৩৩ ২৩। ভীষ্মদ্রোণ° গী ১ ২৫।

প্রমুখাৎ অব্য [°খ+আৎ (পঞ্চমী-১ব), অস °খাৎ] মুখ হইতে, মুখে, নিকটে। "পিতার প্রমুখাৎ শ্রবণ করিয়াছি।—সী ৬১। মানসিংহ পুত্রপ্রমুখাৎ অবগত হইলেন ব.প্র ১০।

প্রমুদিত বিণ [প্র+ √মুদ্+ত (ক্ত)-ক] ১ প্রীত, হৃষ্ট। "নারী সঙ্গে সদা প্রমুদিত।—ত্রু ৬০। ২ (বাঙ্লায়) বিকসিত। "পদ্মবন প্রমুদিত ভা.চ ৩৩৭। —মুদিনী বিং [সং প্রমোদিনী, অপ্র] প্রমোদযুক্তা, হৃষ্টা, বিকসিতা। "কুমুদিনী প্রমুদিনী হিমাংশুমিলনে বা.দ ৯৫।

প্রমৃত বিণ [প্র+ √মৃ+ত (ক্ত)-ক] ১ মৃত। "প্রমৃতে ময়ি···পুত্রদারাদি নংক্ষ্যতি।—মহা ৩.১৩১ ১০। ২ অন্তরিত। —মৃত ক্লী [+ত -ভা] (ভূমিগতবহুপ্রাণিমরণনিমিত্ত বহুদুঃখজনক প্রকৃষ্টমৃত্যুতুল্য) কর্ষণ, চাষ। 'প্রমৃতং কর্ষণং মনু ৪.৫ ; ভ ৭.১১.১৯।

প্রমৃষ্ট বিণ [প্র+ √মৃজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ শোধিত, প্রক্ষালিত। ২ পরিষ্কৃত, মার্জ্জিত। ৩ নিরস্ত, নিরাকৃত। "অযশঃ প্রমৃষ্টম্ রঘু ৬.৪১ ; শরৎপ্রমৃষ্টাম্বুধর ৪৪। ৪ পরিহৃত। "দোষাঃ সর্ব্বে নিদাঘাবধিনা প্রমৃষ্টাঃ রঘু ১৬.৫২।

প্রমেয় বিণ [প্র+ √মা+য (যৎ)-র্ম্ম] ১ পরিমাণার্হ, পরিমেয়। ২ পরিচ্ছেদ্য। "অপ্রমেয় বাৎসল্য সী ৯৩। ৩ অল্প, ক্ষুদ্র। "°রচন গী গো ১৪। ৪ অবধার্য্য। ৫ সামান্য, সাধারণ। "ভ্রাতৃভিরপ্রমেয়ৈঃ মহা ১ ১.১৫৯ ; গাণ্ডিবমপ্রমেয়ম্ ১৮০। ৬ প্রমাজ্ঞানবিষয়ক, প্রমাজ্ঞেয়। "শুদ্ধচৈতন্যং প্রমেয়ম্ (বেদান্তসার)।

প্রমেহ পুং [প্র+ √মিহ্+অ (ঘঞ্)-ণ] মূত্ররোগভেদ।

প্রমোচন বিণ [প্র+ √মোচি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] মোচয়িতা, নাশন। 'তীর্থং সর্ব্বপাপপ্রমোচন মহা ৩.৮৩.১৩৭।

প্রমোদ পুং [প্র+ √মুদ্+অ (ঘঞ্)-ভা] ১ অতিহর্ষ, প্রহর্ষ। "মনু ৩.৬১। রঘু ৩.১৯। প্রমোদক্লান্ত।—কথা ৫২। ২ [+অ-ণ] প্রকৃষ্ট বা বিশেষ গন্ধ। "ভ ২.৬.২। ৩ [+অ -খি] (সাংখ্যে) মুখ্য সিদ্ধিভেদ। —মোদন বিণ [+ √মোদি+অন (ল্যুট্)-ক] প্রমোদজনক, হর্ষকারক। —মোদন ক্লী [+অন-ভা] হর্ষজনন। —মোদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ হর্ষিত, জনিতহর্ষ। ২ [√মুদ্+ত, গুণ] প্রহৃষ্ট ; বিকসিত। "(কুমুদের দাম) প্রদোষেতে প্রমোদিত প.তৃ ৩৪।

প্রমোদন, -মোদিত দ্র 'প্রমোদ'।

প্রযত বিণ [প্র+ √যম্+ত (ক্ত)-ক] ১ সংযত, সংযমী। "রঘু ৮.১১। ২ নিয়মনিরত, নিয়মানুবর্ত্তী। "মনু ২.১৮৩। °পরিগ্রহদ্বিতীয়ঃ রঘু ১.৯৫। কু.স ১.৫৮। ৩ পবিত্র। ৪ অপ্রমত্ত, অবহিত।

প্রযত্ন পুং [প্র+ √যত্+ন (নঙ্)-ভা] ১ প্রকৃষ্ট যত্ন, প্রয়াস। ২ ফললাভার্থ অতিত্বরান্বিত ব্যাপার। 'সা দ ৬.৭২। ৩ সনির্ব্বন্ধ চেষ্টা ; অধ্যবসায়। ৪ অবধান। "মনু ৭.৬৮। কৃতপ্রযত্নোঽপি গৃহে প্রণশ্যতি।—পঞ্চ ১.২০। ৫ (ন্যায়ে) প্রবৃত্তি, নিবৃত্তি, জীবনকারণ —এই ত্রিবিধ। ৬ (ব্যাকরণে) স্পৃষ্টতাদি বর্ণগুণ (কাশিকা)। 'পা ১.১.৯।

প্রযাতা দ্র 'প্রয়াত'।

প্রয়াগ পুং [প্রকৃষ্ট যাগ যেখানে বা যাহার, বহুব্রী] ১ গঙ্গাযমুনা-সরস্বতীর সঙ্গমস্থ তীর্থভেদ। "মনু ২.২১। ২ ইন্দ্র। ৩ [প্রা স] প্রকৃষ্ট যজ্ঞ।

প্রয়াণ ক্লী [প্র+ √যা+অন (ল্যুট)-ভা ; '°ণ'—গমন (ঋগ্বেদ ৪.৪৬.৭)] ১ প্রস্থান, গমন। 'প্রয়াণাভিমুখায় (তস্মৈ) রঘু ৫ ২৯। ২ পুরাদি হইতে বহির্গমন। ৩ যাত্রা। "মার্গম্···ত্বৎপ্রয়াণানুরূপম্ পূ.মে ১৩। কু.স ৩.৪৩। ৪ যুদ্ধযাত্রা। "রঘু ৬.৩৩ ; ১৬.২৬। ৫ উৎক্রমণ, বহির্গমন। "প্রাণ°। ৬ মরণ। "°কালে গী ৭.৩০। ৭ উৎপতন, উড্ডয়ন। "উদ্‌ঘাটিতনবদ্বারে পঞ্জরে বিহগোঽনিলঃ। যত্তিষ্ঠতি তদাশ্চর্য্যং প্রয়াণে বিস্ময়ঃ কুতঃ॥—উদ্ভট। [°কাল, °সময় (পুং) —মরণকাল। "°কাল গী ৭.৩০ ; °সময় ৮.২ ; ১০। °পটহ (পুং) —যাত্রাকালে বাদনীয় ঢক্কা। °ভঙ্গ (পুং)—যাত্রাবিরতি।]

প্রয়াত বিণ [প্র+ √যা+ত (ক্ত)-ক] ১ প্রস্থিত, গত। "প্রয়াতে তু মহারণ্যম্···রাঘবে রা ২.৪০.১৮। ২ মৃত। "গী ৮.২৩। ৩ অতীত, গত। "প্রয়াতাঃ সপ্ত বাসরাঃ ক.সা ৪.২৩। ৪ উড্ডীয়মান। "সোঽপশ্যদ্ধংসযুগলং প্রয়াতং গগনে ক.সা ৩.২৭। —য়াত পুং ভৃগু। তু 'প্রপাত'। —য়াত ক্লী [+ত -ভা] প্রকৃষ্টগমন ; গমন। "সবিভ্রম° মাঘ ৭.২৩। জিতকলহংসগতি প্রয়াতম্ কি ১০.৬০। —যাতৃ (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব] গামী। "আরুহ্য বিহগে লক্ষং যোজনানাং প্রযাতরি ক.সা ১২.১৪৭।

প্রয়াম পুং [প্র+ √যম্+অ (ঘঞ্)-ভা] ১ সংযম, নিগ্রহ। ২ দৈর্ঘ্য। "°ণয় কি ৩.৪৩।

প্রয়াস পুং [প্র+ √যস্+অ (ঘঞ্)-ভা] ১ প্রযত্ন, প্রচেষ্টা। "পক্ষীন্দ্র° রঘু ১২.৫৩। অলম্···প্রয়াসেন ক.সা ৩৭.১৪৫। ২ পরিশ্রম। ৩ ক্লেশ। ৪ (বাঙ্লায়) অভিলাষ। "চিরদিন পিপাসিত করিয়া প্রয়াস। চন্দ্রকলাভ্রমে রাহু করিল কি গ্রাস॥ কৃ ১৪৬।

প্রযুক্ত বিণ [প্র+ √যুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকৃষ্টযোগযুত, সংযুক্ত। "যানেন গোভিঃ শ্বেতৈঃ প্রযুক্তেন (S.W.)। গোপ্রযুক্তপ্রদানে মহা ১৩.৭১.৫০। ২ অনুষ্ঠিত, কৃত। "°পাণিগ্রহণোপচারৈঃ কু স ৭.৮৬ ; কালপ্রযুক্তা···বিজ্ঞাপনা ৯৩। রঘু ১৩.৮। ক্রৌর্য্যম্···ত্বয়ি প্রযুক্তম্ শ ৭২২২। ৩ রচিত। "(বলিত্রয়ম্) সোপানমিব প্রযুক্তম্ কু.স ১.৩৯। ৪ প্রেরিত, প্রহিত। "°নাগপ্রণিধিঃ কু.স ৩.৬। রঘু ২.৩৪। লবপ্রযুক্তবারুণাস্ত্র উ.চ ৬৫। ৫ প্রবর্ত্তিত। "কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পুরুষঃ গী ৩.৩৬। ৬ প্রেরিত, সঞ্চালিত। "মরুৎপ্রযুক্তাঃ (বাললতাঃ) রঘু ২.১০। ৭ উচ্চারিত। "সুস্বরেণ সুবক্ত্রেণ প্রযুক্তং ব্রহ্ম (শিক্ষা)। গিরং নম্বৎপ্রবোধপ্রযুক্তাম্ রঘু ৫.৭৪। ক্ষেমপ্রযুক্তং বচঃ ক.সা ৩৪.১৯৫। ৮ কুসীদার্থ দত্ত ; সুদে-দেওয়া। "মনু ৮.৪৯। প্রযুক্তম্···ধনম্ যাজ্ঞ ২.৪৫। ৯ কৃতপ্রয়োগ, ব্যবহৃত (শব্দ, used)। ১০ অভিনীত। ১১ উপেত, অন্বিত। "গুণপ্রযুক্তাঃ পরমর্ম্মভেদিনঃ

শয়া ইবাবংশভবা ভবন্তি (উদ্ভট)। ১২ (বাঙ্‌লায়) তন্নিবন্ধন, সেই-হেতু। তু 'প্রযুক্ত (১)। "আসা অবনীতে সেই প্রযুক্ত দা ১২২৮। বারসপুরীমজুর্গঞ্জ-প্রযুক্ত ন্যক্কার ব.প ১৭১৬; দুর্ভিক্ষ হইল, তৎপ্রযুক্ত ঐ অযাচক ব্রাহ্মণের বড় অপ্রতুল হইল ১৭১৭; এ প্রযুক্ত আমার কর্ম্ম হইতে ছাড়াইল ১৭৩৫। এই প্রযুক্ত দুই তিন আশ্চর্য্য গমন মাত্র প্রকাশ করি: তৎপ্রযুক্ত অদৃশ্য পৃথিবী।—রামমোহন রায়। শৈশব প্রযুক্ত…ভয়েরই পরতন্ত্র হইলাম।—কা.দ ৮; স্ত্রীস্বভাবসুলভক্ষুদ্রতা-প্রযুক্ত ৬৮; লজ্জা° ৮৮। —যুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রয়োগ। "°বিশেষ, বিধি°। ২ [প্রা স] প্রকৃষ্ট যুক্তি। —যোক্তব্য বিণ [+তব্য -র্ম্ম] ১ সংযোজনীয়। ২ উচ্চার্য্য, কথনীয়। "বচস্তত্র প্রযোক্তব্যং যত্রোক্তং লভতে ফলম্।—পঞ্চ ১.৩৪। ৩ অভিনেয়। "মালবিকাগ্নিমিত্রং নাম নাটকং…প্রযোক্তব্যম্ মা.মি ১২/২। —যোক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ক্ত্রী] ১ প্রয়োগকর্ত্তা, প্রযোজক। ২ অস্ত্রপ্রয়োগী। "(জৃম্ভকাঃ) প্রযোক্তৃবিজয়াবহাঃ গো.রা ১.৩১.১১। রঘু ৫.৫৭। ৩ অনুষ্ঠাতা। "বিশ্বজিতঃ প্রযোক্তা রঘু ৬.৭৬। ৪ প্রবর্ত্তক, প্রবর্ত্তয়িতা। "পবদারপ্রযোক্তৃ মহা ১৩.২৩.৬১। স চ কুলপতিরাদ্যশ্ছন্দসাং যঃ প্রযোক্তা উ.চ ৩.৪৮। —যোক্তা পুং ১ ঋণদানার্থ ধনপ্রয়োগকর্ত্তা; উত্তমর্ণ। ২ অভিনয়ার্থপ্রকাশক নাট্যাচার্য্য। "রঘু ১৯.৩৬। —য়োগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রকৃষ্টযোগ; সংযোগ। ২ উচ্চারণ। ৩ অনুষ্ঠান। "নৃত্যপ্রয়োগ-রহিতান্ (শিখিনঃ) ঋতু ৩.১৩। মা.ন ১১.৬। ভক্তি° ভ ৭.৭.৩৬। ৪ শব্দগুম্ফন, শব্দযোজনা, ব্যবহার (use)। "অল্প°, ভূরি°। নিমিত্ত-পর্য্যায়° পা ২.৩.২৭, সি। ৫ বৃদ্ধ্যর্থ ঋণদান; ব্যবহার। "মনু ১০.১১৫। ধনধান্য°।—চাণক্য। ৬ অভিনয়। "প্রয়োগনিপুণৈঃ রঘু ১৯.৩৬। °বিষয়ে মা.মি ১.৫; °প্রধানং হি নাট্যশাস্ত্রম্ ১২/৫। ৭ নিয়োগ। "দত্তপ্রয়োগশ্চাস্মি দেবেন মা.মি ১২/৩। ৮ অস্ত্রাদি-মোচন; প্রেরণ। বিপ 'সংহার'। "ইষু° রঘু ২.৪২; °সংহারবিভক্ত-মন্ত্রম্ (অস্ত্রম্) ৫.৫৭। ৯ কার্য্যে উপযোগ; কাজে লাগান। ১০ [+অ-র্ম্ম] বৃদ্ধ্যর্থ প্রযুক্ত ধন; মূলধন। ১১ শাস্ত্রবচন। ১২ নিদর্শন। "দদৃশুঃ…প্রয়োগং খড়্গচর্ম্মণোঃ মহা ১.১৩৪.৩১। ১৩ ঔষধাদি দ্বারা বশীকরণাদি কর্ম্ম; মূলকর্ম্ম, বশীকরণ। "বটিকায় কার যশ, কেহ প্রয়োগের বশ ক.চ ৮৮। ১৪ উদাহরণ। ১৫ কারণ (A.)।

প্রযুক্তি, -যোক্তব্য, -ক্তা, -য়োগ দ্র 'প্রযুক্ত'।

প্রয়োগবিজ্ঞান ক্লী [ষ.ত] অভিনয়নৈপুণ্য। "শ ১.২।

প্রয়োগাতিশয় পুং [ষ.ত] প্রস্তাবনাভেদ। 'সা.দ ৬.৩৬।

প্রযোজক বিণ [প্র+√যুজ্+অক (ণ্বুল্)-ক] নিকৃষ্ট ভৃত্যাদির প্রেরক বা প্রবর্ত্তয়িতা। —যোজক পুং ১ (ব্যাকরণে) ণিজন্ত ধাতুর কর্ত্তার প্রেরক। "তৎপ্রযোজকো হেতুশ্চ পা ১.৪.৫৫। ২ নিয়োগ-কর্ত্তা। ৩ ঋণার্থ ধনপ্রযোক্তা; উত্তমর্ণ। "যাজ্ঞ ২.৬৩। ৪ প্রণেতা। "ধর্ম্মশাস্ত্রপ্রযোজক যাজ্ঞ ১.৫। ৫ বিধিপ্রবর্ত্তক, নিয়মকর্ত্তা।—য়োজন ক্লী [+অন (ল্যুট্)-র্ম্ম] ১ 'প্রবৃত্তিনিষ্পাদিত' (বালমনোরমা), ফল। "পা ৫.১.১০৯, সি। পুরুষার্থ° মনু ৭.১০০। নিত্যাদীনাং বুদ্ধিশুদ্ধিঃ পরং প্রয়োজনম্ (বেদান্তসার)। অভিধেয়-নাম—ভক্তি, প্রেম—প্রয়োজন চৈ.চ ২০৬,-২৮। ২ [+অন-ণ] 'প্রবর্ত্তনসাধন', হেতু, কারণ। "নিষ্প্রয়োজনবান্ধব গো.রা ৬.৮২.৪৫। পুত্রপ্রয়োজনা দারাঃ পুত্রঃ পিণ্ডপ্রয়োজনঃ (সু.র)। ৩ প্রবর্ত্তক। "ভাবস্তত্র প্রয়োজনম্ যাজ্ঞ ৩.১৩৩। ৪ কর্ম্ম, কার্য্য। "প্রতিপন্ন° গো.রা ৫.৮.২০। প্রয়োজনাপেক্ষিতা কু.স ৩.১। করহ পিতার প্রয়োজন ক.চ ১৭৪। দু ১। শুভ প্রয়োজন ম.ম ১৬০; চৈ.ম ৮০। পাক° চৈ.চ ১২৭। খেয়া-নৌকা গজেন্দ্রগমনে যাইতেছে—পরের প্রয়োজনে, ব.খি ৩। ৫ [বাঙলায়; অপ্র] ক্ষৌরকর্ম্ম। "চুল দাড়ি বাড়া কেনে না কর প্রয়োজন বি.পা ২৪১; প্রয়োজন করাইল নাপিত আনাইয়া ২৪২,-৫২। —য়োজনীয় বিং [°ন+ঈয়] আবশ্যক, দরকারী। যোজ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম, শক্যার্থে] ১ 'প্রয়োগশক্য', নিয়োজ্য (ভৃত্যাদি)। ২ প্রযোক্তব্য, উচ্চার্য্য। "বাক্ চৈব মধুরা শ্লক্ষ্ণা প্রযোজ্যা ধর্ম্মমিচ্ছতা মনু ২.১৫৯। ৩ কর্ত্তব্য। "প্রযোজ্যম্…ন প্রতিষেধ-রৌক্ষ্যম্ রঘু ৫.৫৮। ৪ প্রয়োগার্হ (শব্দ)। —যোজ্য পুং ১ ভৃত্য। ২ (ব্যাকরণে) ণিজন্তধাতুর প্রবর্ত্তনীয় অর্থাৎ অণিজন্ত অবস্থার কর্ত্তা। "ণিজন্তাত্ প্রযোজ্যে প্রত্যয়ঃ পা ৭.১.৬৯, সি। —যোজ্য ক্লী মূলধন।

প্রয়োজন, -জনীয়, -যোজ্য দ্র 'প্রযোজক'।

প্ররূঢ় বিণ [প্র+রুহ্+ত (ক্ত)-ক] ১ উৎপন্ন, জাত। "নাভি-প্ররূঢ়াম্বুরুহ রঘু ১৩.৬। শ ৭.১৯। তীরপ্ররূঢ় নবীন দূর্ব্বা—কাদ ৪১। ২ সুজাত, প্রবৃদ্ধ। "°শাল্যংশু।—ঋতু ৫.১। ৩ বদ্ধমূল, দৃঢ়মূল। "ভুবি…প্ররূঢ়া…লতা ক.সা ১১.২৩। ৪ দীর্ঘ। "°কেশশ্মশ্রুনখ-রোমন্ (পঞ্চ)। ৫ সুদৃঢ়, নিশ্চল। "°ভাবো ভগবতি ভ ৪.১৩.১। ৬ অত্যর্থ উৎপন্ন। "°স্মরযৌবনা সা.দ ৩.৫৯।

প্ররোচন বিণ [প্র+√রোচি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] প্রীতিকর। "যুক্তিং প্ররোচনীম্ ক.সা ১৭.১২৪। —রোচন ক্লী [+অন-ভা] রুচিসম্পাদন, প্রীতিজনন। —রোচনা স্ত্রী [+অ (যুচ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'প্ররোচন' (ক্লী)। ২ (নাট্যে) প্রোৎসাহনার্থ অনুকূলবর্ণনারূপ প্রস্তাবনাঙ্গবিশেষ। 'সা.দ ৬.১০৬। "রায় কহে—'প্ররোচনাদি কহ দেখি শুনি চৈ.চ ২৫৯।

প্রাচী স্ত্রী [প্র+ √অনচ্+ক্বিন্ (০)-ঙি (অ টী) ; তু 'প্রাচী' (বিণ)—প্রাচীঃ ককুভম্ (ঋগ্বেদ ৭.৯৯.২)] যে দিকে সূর্য্যোদয় হয় ; পূর্ব্বদিক্। বিপ 'প্রতীচী'। তনয়ম্...প্রাচীবার্কং প্রসূয়...ন ত্বং বৎসে শুচং গণয়িষ্যসি শ ৪.১৯। রঘু ৪.২৮। [°মূল (ক্লী)—উদয়গিরি-প্রান্ত। "উ.মে ২৮।]

প্রাচীন বিণ [প্রাচ্+ঈন (খ) স্বার্থে, পা ৫.৪.৮ ; '°ন'—পূর্ব্ব-মুখাপন্ন (ঋগ্বেদ ৭.৭.৩)] ১ পূর্ব্বদিগ্ভব, পূর্ব্বদিক্স্থ। ২ পূর্ব্বকাল-ভব, পৌর্ব্বকালিক। বিপ 'অর্ব্বাচীন'। ৩ পূর্ব্বজন্মভব, প্রাক্তন। "°পুণ্য মনু ৫.৯৪, কুল্লূক। ৪ পুরাতন। "°গাথা। আখড়াঘর হয়েছে প্রাচীন শ্রী.মা ৪৩। ও গো প্রাচীন বট?—শিশু ১৪২। তরু অতিশয় প্রাচীন।—কাদ ৫। ৫ পূর্ব্বদেশভব। ৬ (বাঙ্লায়) বৃদ্ধ। "গ্রন্থকার প্রাচীন—লিখিতে লজ্জা নাই ব.প্র ৩৫০। ৭ (অপ্র) প্রবীণ, নিপুণ। "শুম্ভ সমরে প্রাচীন চ.বি ৬২৭। —চীনা স্ত্রী ১ রাস্না ; আক্নাদি। ২ (বাঙ্লায়) বৃদ্ধা। [°কল্প (পুং)—পূর্ব্বকল্প। °বর্হিঃ (-র্হিস্) পুং—১ যাহার কুশসংস্তর পূর্ব্বাগ্র, ইন্দ্র। "রঘু ৪.২৮। ২ মহারাজ-বিশেষ। 'মহা ১২.২০৮.৬। ভ ৪.২৪.১৩। °মূল (বিণ)—প্রাগগ্র। "প্রাচীনমূলেষু কুশেষু ভ ১.১৯.১৭।]

প্রাচীনা দ্র 'প্রাচীন'।

প্রাচীনাবীত, -তক বিণ [বহুব্রী] যাহার আবীত (উপবীত) প্রাচীন, বিপরীতোপবীতক। "প্রাচীনাবীতকঃ পিত্রাম্...হোময়েৎ। —উশন ৫.৪১। —বীত ক্লী [কর্ম্মধা] দক্ষিণস্কন্ধস্থিত ও বামস্কন্ধা বলম্বী উপবীত। —বীতী (-তিন) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব] প্রাচীনাবীতযুক্ত। '(উদ্ধৃত) সব্যে প্রাচীন আবীতী মনু ২.৬৩। প্রাচীনাবীতিনা ৩.২৭৯।

প্রাচীর ক্লী [প্রা-আ+ √চি+র-ণ, উ ২.২৫] ১ দুর্গার্থ নগরাদির সর্ব্বত্র ইষ্টকাদিকৃত বেষ্টনী, দুর্গার্থ নগরাদির প্রান্তভাগে বেণুকণ্টক-বেত্রাদিময়ী বেষ্টনী (অ.টী) ; বৃতি। "মনু ৪.৭৩, কুল্লূক, কৃ ২৫৪। ২ (উপচারে) মৃন্ময়াদি-বেষ্টন ; পাচীল। "ওই যেন চিত্রিত প্রাচীর (সৈন্যদল)।—ন ৫০০।

প্রাচুর্য্য ক্লী [প্রচুর+য (ষ্যঞ্)] প্রচুরভাব, বাহুল্য, বিস্তর। "শ্রুয়তাং মানবো বংশঃ প্রাচুর্য্যেণ ভ ৯.১.৭।

প্রাচেতস পুং [প্রচেতস্+অ (অণ্)] ১ প্রচেতার অপত্য, বাল্মীকি। তু 'মৈত্রাবরুণি'। "রঘু ১৫.৬৩, ৭০। উ.চ ৬২১৭। ২ দক্ষ। 'মহা ১.১.৩৩ ; ৭৫.৫। ভ ৬.৪.১৭। ৩ বরুণপুত্র। —তাঃ (-তস্) পুং বহুব প্রাচীনবর্হীরাজের দশ পুত্র। 'মহা ১২.২০৮.৬।

প্রাচ্য বিণ [প্রাচ্+য (যৎ)] ১ পূর্ব্ব দিকে দেশে বা কালে ভব।

বিপ 'প্রতীচ্য'। ২ পূর্ব্বদেশীয় ; পৌর্ব্বকালিক। ৩ পুরাণ, প্রাচীন। "প্রাচ্যঃ প্রাচেতসো মুনিঃ বা.ভা ১.১৫। —চ্য পুং বহুব ১ প্রাচ্যদেশ, প্রাগ্‌দেশ। ২ প্রাগ্‌দেশবাসিগণ, পূর্ব্বদেশীয়গণ। "প্রাচ্যাঃ…কৃতাঃ করপ্রদাঃ মহা ৩.২৩৬.৩। ৩ প্রাচীনগণ।

প্রাজক পুং [প্র+ √অজ্‌+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক] 'অশ্ব-প্রাজয়িতা', সারথি, সূত। "মনু ৮.২৯৩। —জন ক্লী [+অন (ল্যুট্) -ভা] 'অশ্বাদিচালন-সাধন', তোত্র, তোদন, পাঁচন, চাবুক।

প্রাজন দ্র 'প্রাজক'।

প্রাজাপত্য বিণ [প্রজাপতি+য (যৎ) ১ প্রজাপতিসম্বন্ধী। ২ প্রজাপতিদেবতাক। "মনু ১১.৩৮। ৩ প্রজাপতি (বিষ্ণু)-প্রেরিত। "প্রাজাপত্যং নরং বিদ্ধি মাম্ রা ১.১৬.১৬,-৮। সন্তানোৎপাদনে তুমি নিজের 'প্রাজাপত্য' শক্তি অনুভব করিলে পা.প্র ৩০। —পত্য পুং ১ প্রজাপতিসম্বন্ধী, ব্রহ্মপুত্র। "প্রাজাপত্যাস্তপস্বিনঃ কু.স ৬.৩৪। ২ প্রজাপতিসম্বন্ধী পুরুষ। "প্রাজাপত্যোপনীতং তদন্নম্ রঘু ১০.৫২। ৩ অষ্টবিধ বিবাহের একতম। [এই বিবাহে, 'তোমরা উভয়ে মিলিত হইয়া ধর্ম্মানুষ্ঠান কর' এই বলিয়া যথাবিধি অর্চ্চনাপূর্ব্বক কন্যাদান করিতে হয়। 'মনু ৩.৩০। যাজ্ঞ ১.৬০।] ৪ প্রজাপতির যজ্ঞস্থান—প্রয়াগ। 'প্রজাপতের্যজ্ঞ আসীৎ প্রয়াগে মহা ১.৫৫.১। ৫ পৌষের কৃষ্ণাষ্টমী। ৬ দ্বাদশদিবসসাধ্য প্রায়শ্চিত্তভেদ। 'মনু ১১.১০৬ ; ২১২। —পত্য ক্লী ১ প্রজাপতিদেবতাক রোহিণীনক্ষত্র। ২ কনিষ্ঠাঙ্গুলির মূলদেশরূপ-তীর্থ। 'বিষ্ণু ৬২.১। উশন ২.১৭। ৩ প্রজাপতিলোক। —পত্যা স্ত্রী চতুর্থাশ্রমীর অনুষ্ঠেয় সর্ব্বদক্ষিণা প্রজাপতিদেবতাকা ইষ্টি। 'মনু ৬.৩৮। যাজ্ঞ ৩.৫৬।

প্রাজাপত্যা দ্র 'প্রাজাপত্য'।

প্রাজিতা (-তৃ) পুং [প্র+ √অজ্‌+তৃ(তৃচ্)-ক-১ব, অন্তর্ভাবিত-ণ্যর্থ] সর্থ 'প্রাজক'। "মাঘ ১৮.৭।

প্রাজ্ঞ বিণ [প্রজ্ঞা+অ (ণ) ; স্ত্রী -জ্ঞা] ১ প্রজ্ঞাবান্, বুদ্ধিমান্, জ্ঞানী। "মনু ৩.১১। ২ [প্রজ্ঞ+অ (অণ্) স্বার্থে ; স্ত্রী -জ্ঞী] বিজ্ঞ, জ্ঞাতা। "মনু ২ ১২৩। ৩ দক্ষ, নিপুণ। —জ্ঞ পুং ১ পণ্ডিত, তত্ত্ববিৎ। "মহা° রা ২.৪.৩। °পূজন গী ১৭.১৪। ২ রাজশুক, শুক-বিশেষ। ৩ [প্রা.স] প্রকর্ষভাবে অজ্ঞ ; অল্পজ্ঞ জীব (বেদান্তসার)। —জ্ঞা স্ত্রী বুদ্ধিমতী নারী। —জ্ঞী স্ত্রী প্রাজ্ঞপত্নী।

প্রাজ্ঞী দ্র 'প্রাজ্ঞ'।

প্রাজ্য বিণ [প্র+ √অনজ্‌+য (ক্যপ্)-র্ম ; প্র (প্রভূত)+আজ্য (?)] ১ প্রভূত, প্রচুর, বহু। "°দক্ষিণ (মহা)। °বৃষ্টি শ ৭.৩৪। °বিক্রমাঃ কু স ২.১৮। ২ বিশাল। "প্রাজ্যং রাজ্যম্ (A.)।

প্রাঞ্জল বিণ [প্র+ √অন্‌জ্‌+অল (অলচ্)-ক] ১ সরল, অবক্র, ঋজু। "কুব্জকঃ প্রাঞ্জলতাং গতঃ (পঞ্চ)। ২ অকুটিল, অমায়িক। ৩ সুবোধ, সুগম (ভাষা)। "ব.দ্বি ৬২৮। ৪ (বাঙ্‌লায়) মধুর, মনোহর। "প্রকৃতির প্রাঞ্জল মূরতি।—হেম ২৫৫।

প্রাঞ্জলি বিণ [বহুব্রী] প্রবদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলিপুট। "রা ১.২.২৪। গী ১১.২১। কু.স ২.৬৪।

প্রাড়্‌বিবাক পুং [√প্রচ্ছ্‌+ক্বিপ্ (০)-ক—প্রাট্ ; বি+ √বচ্ +অ (ঘঞ্)-ক—বিবাক ; প্রাট্‌বিবাক, কর্ম্মধা] ১ ব্যবহারের (ঋণদায়বিভাগাদির) দ্রষ্টা প্রশ্নকারী (অ টী) ; যিনি বিবাদবিষয় অর্থী ও প্রত্যর্থীকে জিজ্ঞাসা করিয়া সভ্যগণের সহিত মিলিতভাবে বিচার করেন (যাজ্ঞ ২.৩, মিতাক্ষরা) ; ব্যবহারদ্রষ্টা (অ কো) ; লোকশাস্ত্রনয়জ্ঞ (শু ২.৮৫) ; রাজাধিকৃত ব্রাহ্মণ (কুল্লুক)। "মনু ৮.৭৯। ২ নৃপ।

প্রাণ পুং [প্র+ √অন্‌+অ (ঘঞ্)-ভা। ১ জীবন। ২ [+অ -ণ] 'জীবনসাধন', অনিল, বায়ু। ৩ হৃন্মারুত, প্রাণবায়ু। "অন্ন°, মহা° পা ৮.২.২, সি। অপানে জুহ্বতি প্রাণম্ গী ৪.২৯। ৪ (বহুব) দেহস্থ পঞ্চবৃত্তিক প্রাণাপানাদি বায়ু ; তদাত্মক জীবন ; অসু। "প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা।—হি ১.১১ ; ১১৮ ; কোষঃ কোষবতঃ প্রাণাঃ প্রাণাঃ প্রাণা ন ভূপতেঃ ২.৯১। [দেহে ভিন্ন স্থান ও ক্রিয়া হেতু, (১) হৃদয়স্থ বায়ু 'প্রাণ', (২) গুহ্যস্থ বায়ু 'অপান', (৩) নাভিস্থ বায়ু 'সমান', (৪) কণ্ঠস্থ বায়ু 'উদান', (৫) সর্ব্বশরীরস্থ বায়ু 'ব্যান' নামে অভিহিত। ইহাদের কার্য্য যথাক্রমে 'অন্নপ্রবেশন' 'মূত্রাদিত্যাগ' 'অন্নবিপাচন' 'ভাষণাদি' 'নিমেষাদি' (অ.টী)। কেহ কেহ বলেন, দেহে নাগ কূর্ম্ম কৃকর দেবদত্ত ধনঞ্জয়—এই পঞ্চ বায়ু আছে ; যথাক্রমে উদ্গিরণ নিমীলনাদি ক্ষুধা জৃম্ভণ পোষণ—ইহাদের কার্য্য। কিন্তু মতভেদে ইহারা প্রাণাদিরই অন্তর্ভূত (বেদান্তসার)। 'প্রাণ', প্রাণাদিবায়ুর ব্যাপারসমবায় হেতু সতত বহুবচন।] ৫ সমষ্ট্যু-পহিত চৈতন্য ; সূত্রাত্মা, হিরণ্যগর্ভ (বেদান্তসার)। ৬ জীবিত। "প্রাণঃ স্ফুরতি উ.চ ৬.৩২। ৭ (বহুব) চক্ষুরাদি ইন্দ্রিয়গণ। "মনু ৪.১৪৩। ভ ১.৬.৩১। ৮ কাব্যের আত্মা ; কাব্যজীবন-রস। ৯ শ্বাসপরিমিত কাল। "নিমেষ মুহূর্ত্ত দণ্ড প্রাণ আদি করি।—ম ৫৬১। ১০ প্রাণতুল্য জীবনসাধনবস্তু। দ্র '(৪)। ১১ বল, শক্তি। "দণ্ডং চিক্ষেপ সর্ব্বপ্রাণেন রা ২.৩২.৩৭। দধ্মৌ চ শঙ্খম্…সর্ব্বপ্রাণেন মহা ৩.১৪৬.৬১। °কর, °হর।—চাণক্য। হিন্দুর হয় এত বড় প্রাণ! —ম.ম ৫৬। ক্ষুদ্রপ্রাণ খঞ্জনী ব.প্র ১৫। ১২ বেগবত্তা। "অল্পবলপ্রাণাঃ হয়াঃ মহা ৩.৭১.১৫। ১৩ পরমাত্মা ; আত্মা, পুরুষ। ১৪ বোল (gum-myrrh)। ১৫ ব্রহ্মা। ১৬ বিষ্ণু। ১৭ বসুভেদ। ১৮ (বাঙ্‌লায়) মানসশক্তি ; সাহস। "হেন প্রাণ নাহি কারো, —করিব কথন চৈ.ভা ২৭২। ১৯ প্রাণপ্রিয়া নায়িকা। "মোরে প্রাণ বলে ডাক, অন্যের নিকটে থাক ভা.চ ৬৭৫। তোমারই তুলনা তুমিই প্রাণ ব প ১৫৪৩। [°কর (বিণ)—বলকর। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী —প্রাণাদি পঞ্চ বায়ুর কর্ম্ম। দ্র '(৪)। "গী ৪.২৭। °ঘ্ন (বিণ)—প্রাণ-নাশক। °চ্ছিৎ(-দ্) বিণ—প্রাণাপহারী। "মাঘ ৩.১৪। °চ্ছেদ (পুং) —প্রাণনাশ। °ত্রাণ (ক্লী)—প্রাণরক্ষা। °দক্ষিণা (স্ত্রী)—প্রাণরূপা দক্ষিণা। "দেহি মে °দক্ষিণাম্ ক.সা ৪৯.১১৬। °দাতা (-তৃ) পুং —প্রাণরক্ষক, পিতৃবিশেষ। "মহা ১.৭২.১৫। °দ্যূত (ক্লী)—জীবনার্থ যুদ্ধ। "মহা ৪.৫৮.৬০। °ধন (বি)—প্রাণতুল্যপ্রিয় বস্তু। "তোমরা তার প্রাণধন শ্রী.মা ৪৬। গোপিকার প্রাণধন জ.প ৭। °ধারণ (ক্লী)—প্রাণরক্ষা। "°ধারণমাত্রাশন।—পঞ্চ ৫ $\frac{১}{১}\frac{৪}{৫}$। °নিগ্রহ (পুং) —শ্বাসনিরোধ ; প্রাণায়াম। °পতি (পুং)—১ আধ্যাত্মিক ইন্দ্রিয়-গণের মধ্য ; প্রাণ। "মহা ৩.২৬৮.৪। ২ প্রাণপ্রিয় স্বামী ; নায়ক। "তুমি মোর প্রাণপতি, কথন করিলা রতি।—ভা.চ ৬৭৫। °পরি-ক্রয় (পুং)—প্রাণমূল্য। °পরিগ্রহ (পুং)—প্রাণধারণ। °প্রতিষ্ঠা (বি)—প্রতিমায় মন্ত্রশক্তিতে প্রাণসঞ্চার। °পাত (বি)—প্রাণক্ষয়, প্রাণপণ। "মনোহর প্রাণপাত করিয়া বন্ধুর কার্য্য করিতেন ব.প্র ২১৬। °পুরুষ (বি)—জীবাত্মা। "বিষে আচ্ছাদিল °পুরুষ ম.ম ২০। °প্রতিম (বিং)—প্রাণতুল্য প্রিয়। °প্রদ, °দায়ক, °দায়ী (-য়িন্) বিণ—প্রাণরক্ষক। °প্রয়াণ (ক্লী)—প্রাণবহির্গমন, মৃত্যু। °প্রিয় (পুং) —প্রাণতুল্য দয়িত ; পতি। °বাধ (পুং)—প্রাণবিনাশ। "মনু ৪.৫১। °ভূত (বিণ)—প্রাণসদৃশ। "প্রাণিনাং প্রাণভূতঃ।—ঋতু ২.২৮। °মূল্য (ক্লী)—প্রাণরূপ মূল্য ; প্রাণার্ঘ। "ক্রীণন্তি স্ম প্রাণমূল্যৈর্যশাংসি মাঘ ১৮.১৫। °বল্লভ (বিণ)—প্রাণপ্রিয়। "°ভা।—পঞ্চ ১.৮। °বি-প্রয়োগ, °বিপ্লব (পুং)—প্রাণনাশ। °ব্যয় (পুং), °মোক্ষণ (ক্লী) —প্রাণত্যাগ। "হি ১.৪৭। °যম (পুং)—প্রাণায়াম। °যাত্রা (স্ত্রী) —১ প্রাণধারণোপায়, আজীব। "মহা ৩.৬১.১৮। ২ জীবন। "রা ১.

৫৩.১৩। °যাত্রিক (বিণ)—প্রাণস্থিতিসম্বন্ধী। "°যাত্র মনু ৬.৫৭। °যোনি (স্ত্রী)—প্রাণমূল, বায়ু (হ)। °রন্ধ্র (পুং)—নাসাপথ। "ভ ৮.১৯.১০। °শরীর (পুং)—প্রাণস্বরূপ, পরমেশ্বর। °সংযম (পুং)—প্রাণায়াম। °সংশয় (পুং), °সঙ্কট (স্ত্রী)—প্রাণক্ষয়কর ব্যাপার; মহাবিপদ্। "ভ ৮.১৯.৪৩। °সম্মিত (বিণ)—প্রাণতুল্য। °সার (বিণ)—বলস্থিরাংশ, বলমাত্রশেষ। "শ ২.৪। °হর (বিণ)—প্রাণনাশক; বলনাশক। °হারক, °হারী (-রিন্) বিণ—প্রাণনাশক। "প্রাণহারিন্ গো.রা ৬.১৯.১।] [প্রাণ উড়া—প্রাণবায়ু বহির্গত হওয়া। "চিন্তায় পরাণ উড়ে শ্রী.ম ১৩২। প্রাণ জুড়ান—মন প্রীত হওয়া। প্রাণ তুলরাম খেলারাম করা—ভয়াদিতে হৃৎপিণ্ড তোলপাড় করা, দ্রুতস্পন্দিত বা বহির্গতপ্রায় হওয়া। "আমার এদিকে প্রাণ কচ্ছে তুলরাম খেলারাম গি.থি ৯৯। প্রাণ ধড় ফড় করা—ভয়াদিতে হৃৎপিণ্ড দ্রুত স্পন্দিত হওয়া। প্রাণ হাতে করা—অতিভয়ে বহির্গত-প্রায় প্রাণ অতিকষ্টে রক্ষা করা। "হাতে প্রাণ করিয়া পারাল্য সেতুবন্ধ ব.প ৪৭২। তরিল তরণীগতি হাতে প্রাণ ক'রে শ্রী ১৬৪। পরের বাড়ীতে যাওয়া প্রাণ হাতে ক'রে ন.ত ১০।]

প্রাণদ বিণ [প্রাণ+√দা+অ (ক)-ক; উ.ত] প্রাণদাতা, প্রাণরক্ষক। "কিমাশ্চর্য্যং ক্ষাবদেশে প্রাণদা যমদূতিকা।—উদ্ভট।—দ পুং ১ বিষ্ণু। ২ জীবন্তীবৃক্ষ। —দ ক্লী ১ রক্ত। ২ জল। —দা স্ত্রী হরীতকী।

প্রাণদা দ্র 'প্রাণদ'।

প্রাণন ক্লী [প্র+√অন্+অন (ল্যুট্)-ভা] ১ জীবন, প্রাণধারণ। ২ [+√আনি+অন-ভা] জীবন, বাঁচান। "ভ ৩,২৬.৪৩।

প্রাণনাথ পুং [ষ ত] ১ পতি। "স্বী…ন্নিয়তি প্রাণনাথম্ মাঘ ১১.৯। কৃ ৯৮। ভা.চ ৩৯৯। ২ প্রিয়। "সা.দ ৩.৮২। ৩ (বাঙলায়) প্রাণপ্রিয় (সখা, ইষ্টদেব)। "(ধনঞ্জয়) কৃষ্ণদেহ দেখেন তথায়।—ম ১২৪১। নিজ প্রাণনাথ দেখি শ্রীবাসপণ্ডিত চৈ.ভা ৪৪৫। দেখি প্রাণনাথে ব্রহ্মা হইল বিহ্বল ন প ১৬। ৪ প্রাণপ্রিয় বঁধু। "(বঁধু) জনমে জনমে, প্রাণনাথ হৈও তুমি।—চ.সা ৩২.১।

প্রাণপণ বিং যাহাতে প্রাণত্যাগপর্য্যন্ত পণ, অতিকঠোর। "আমরা প্রাণপণ পরিশ্রমে চাষবাস করিব আদ্র ১৬২। —পণ বি প্রাণত্যাগ-পর্য্যন্ত সঙ্কল্প।

প্রাণবান্ (-বৎ) বিণ [প্রাণ+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ প্রাণযুক্ত, সপ্রাণ; প্রাণধারণক্ষম। "যয়া প্রাণিনঃ প্রাণবন্তঃ।—শ ১.১। ২ বলবান্। "কেচিৎ কৃশাঃ প্রাণবন্তঃ (সুশ্রুত)।

প্রাণভৃৎ বিণ [প্রাণ+√ভৃ+ক্বিপ্ (০)-ক; উ.ত] ১ প্রাণপোষক। ২ প্রাণধারী, প্রাণী। "প্রাণভৃজ্জাতি পা ৫ ১.১২৯।—ভৃৎ পুং [বৈদিক] ১ প্রাণিমাত্র। "মনু ৮.২৯৫। অন্তর্গতঃ প্রাণভৃতাং হি বেদ (ভবান্) রঘু ২.৪৩। ২ মানব। "ধনাশা জীবিতাশা চ গুর্ব্বী প্রাণভৃতাং সদা।—হি ১.১১৮। ৩ বিষ্ণু।

প্রাণময় বিণ [প্রাণ+ময় (ময়ট্)] ক্রিয়াশক্তিমান্, কার্য্যরূপ। "°কোষ (বেদান্তসার)।

প্রাণশক্তি ক্রি বিং প্রাণপণশক্তি, যথাশক্তি। "প্রাণশক্তি বাহে ডিঙ্গা বি.পা ১৮৬; °ক্তি দিলেক কামড় ২০০। °ক্তি হানে বা ম ৪২,-৩। °ক্তি এড়ে…প্রহরণ চ.বি ২৩২,-৪৯। °ক্তি টানিলে না ছিঁড়ে ম.ম ১৩০,-৪২; °ক্তি বিপরীত ডাকি ১৯৪। [°শক্ত্যে—প্রাণপণশক্তিতে। "°শক্ত্যে চেকিতান করিল সমর।—ম ৮০৫।]

প্রাণাতিপাত পুং [ষ.ত] প্রাণনাশ। "°নিরত রা ১.৫৯.২১।

প্রাণাত্যয় পুং [ষ.ত] প্রাণপ্রয়াণ, প্রাণনাশ। "মহা ১.৮২.১৬।

প্রাণাধিক বিণ [প.ত] ১ প্রাণাপেক্ষা অধিক; প্রাণপ্রিয়তর (ভ্রাতা পুত্র প্রভৃতি)। "ভক্ত মোর প্রাণাধিক ধন।—দু ৫৬। চৈ.চ ১০৮। (রাণী কন) প্রাণাধিকের প্রাণাধিক, গণেশ আমার দা ১৬৫৯। ২ বলাধিক, বলবত্তর। —ধিকা স্ত্রী 'প্রাণপ্রিয়তরা', পত্নী। "প্রাণাধিকাং…ন হি বিস্মরামি ভা.চ ৬১৫। [প্রাণাধিকপ্রিয় (বিণ)—প্রাণাপেক্ষা প্রিয়। "ক.সা ৩৯.৪।]

প্রাণাধিনাথ পুং [ষ.ত] প্রাণের অধিনাথ; পতি।

প্রাণান্ত পুং [ষ.ত] প্রাণনাশ, মরণ। "মনু ৮.৩৫৯। —ন্তিক বিণ [°ন্ত+ইক (ঠঞ্)] ১ প্রাণান্তপ্রয়োজনক, মরণফলক, সাংঘাতিক। "°ন্তিকং দণ্ডম্ গো রা ৪.২৮.৩২। মনু ৮ ৩৭৯। ২ প্রাণপণপূর্ব্বক, অতিকঠোর। "প্রাণান্তিক যুদ্ধ অ.প ৮৩। প্রাণান্তিক পরিশ্রম আদ্র ২৩। —ন্তিক ক্লী প্রাণান্তরূপপ্রায়শ্চিত্ত। "মতিপূর্ব্বমনির্দ্দেশ্যং প্রাণান্তিকমিতি স্থিতিঃ মনু ১১.১৪৭।

প্রাণান্তিক দ্র 'প্রাণান্ত'।

প্রাণাবাধ পুং [ষ.ত] প্রাণপীড়াকর কর্ম্ম। "মনু ৪.৫৪।

প্রাণায়ন ক্লী [ষ.ত] প্রাণাশ্রয়, ইন্দ্রিয়। "°বিঘাত ভ ৪.২৯.৭১।

প্রাণায়াম পুং [ষ.ত] প্রাণের (শ্বাসপ্রশ্বাসের) নিরোধ, যোগাঙ্গ-বিশেষ। 'শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিরোধঃ প্রাণায়ামঃ পা.দ ২ ৪৯। "বিষ্ণু ৫৫ ৯। শঙ্খ ৭.১৩। শি ২৫।

প্রাণি, -ণী[২] বি [অপ্র] ১ প্রাণ, জীবন। "প্রাণি নাহি ধড়ে গো চ ৩৫৯,-৬৫। °ণী ম.গা ৮। °ণি গো.বি ৪৩। ম.পা ১। কেমন করিছে প্রাণী চ.দা ৬৬। রাখিয়াছি প্রাণী।—কৃ ২৪৩। °ণী ম ১১৫১। ন.প ২৯৪। পাণী দেখিলে ছাড়ে প্রাণী।—দা ৫২৩। ২ জীবাত্মা। "নীলাম্বরের প্রাণী রাখি নিদয়ার কুঠরে ম.পা ৩৫। [প্রাচীন বাঙলায় ভূরিপ্রয়োগ]

প্রাণী[১] **(-ণিন্)** বিণ [প্রাণ+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ণিনী] প্রাণবান্। "মনু ১.২২। —ণী পুং ১ জন্মী, চেতন। "পু মে ৫। ২ মনুষ্য। "কদা প্রাণিসহস্রাণি রাজমার্গে মমাত্মজৌ (লাজৈরবকরিষ্যন্তি) রা ১৪৩.১৩। ৩ কীটাদি। "মনু ১৯৬। ৪ জীব, জন্তুমাত্র। "শ ১ ১। [সমাসে পূর্ব্বপদ 'প্রাণিন্'>°ণি] [°জাত (স্ত্রী)—প্রাণিসমূহ। °দ্যূত (ক্লী)—মল্লমেষমহিষাদি দ্বারা করণীয় ক্রীড়া, সমাহ্বয়। "যাজ্ঞ ২.২০৬।]

প্রাণী[২] দ্র 'পাণি'।

প্রাণেশ, -শ্বর পুং [ষ ত] ১ প্রাণনাথ, পতি। "অহং পাণেশ্বরে মন্মথঃ শৃ ১। °শ সা দ ৩১৬৮। °র ম গা ২৬,-৯। ২ বায়ু। ৩ (বাঙলায়) প্রাণের অধিদেবতা, প্রাণপ্রিয়তম। "শুন, ওস্‌মান, আবার বলি, এই বন্দী আমার প্রাণেশ্বর ব.প ৯০। ৪ ভক্তের ইষ্ট-দেবতা। "অঙ্গে তোমার পরশ, লগ্ন হয়ে রহিয়াছে রজনী দিবস, প্রাণেশ্বর। স.স্ব ৩৪, বাসনারে খর্ব্ব করি দাও, হে পাণেশ।—৩৭।

প্রাত ক্রি.বিং [সং প্রাতর্ >লি পাত, প্রা পাদ, হি, ঠ °ত] প্রভাতে, সকালে। "প্রাত হি দোহন করত যদুচাঁদ।—গো ৫। [°ক্রিয়া (অপ্র) বি—প্রাতঃকৃত্য শৌচাদি। "অ.প ১২। প্রাতে—প্রাতঃকালে। "চৈ চ ৭৬, ১৪১। ভ গ্র ২১৭। ন.প ১৪০। তুমি অতি প্রাতে প্রস্তুত হইয়া আমার নিকট আসিবা কৃ চ ৪১। কালি প্রাতে আর আমাকে দেখিতে পাইবেন না ব.প্র ১২৪।

প্রাতঃ (-তর্) ব্য [উ ৫৫৯। Cf., Ger. fruo, früh] ১ প্রাতঃকালে। "প্রাতা রত্নং…গোজি।—ঋগ্বেদ ২.১৮.১। রা ২.৬৫. ১। রঘু ১.৯০। ২ প্রাতঃকাল। "সায়ং প্রাতঃ (কালঃ পুনরায়াতঃ)—মোহমুদ্গার। প্রাতঃ রমণীয়ম্ পা ২.৩.৭, সি। প্রাতঃ-দিননাথ—ম ১৫। ৩ পূর্ব্বাহ্ণ। "মনু ৪.৬২। বিষ্ণু ৬৮.৪৮। [°কর্ম্ম (-র্ম্মন্), °কৃত্য (ক্লী)—প্রাতঃকালে কর্ত্তব্য কার্য্য—শৌচস্নানাদি। "°কৃত্য

—ম ৬৬৮ ; ৭১৭। °কাল (পুং)—প্রভাত। °ক্রিয়া (বি)—প্রাতঃকৃত্য। "ম ১১০৪। ম.পা ৩০। ম.ম ৭৯। °স্নাত (বিং)—কৃত-প্রাতঃস্নান। "তাপসবালক...প্রাতঃস্নাত।—কথা ১৭। °স্নান (ক্লী) —প্রাতঃকালে কর্ত্তব্য স্নান। "দক্ষ ২.৬। ম ৭৩০। °স্নায়ী (-য়িন্) বিণ —প্রাতঃস্নানশীল। "দক্ষ ২.১০,-২। °স্মরণীয় (বিণ)—প্রভাতে স্মরণার্হ বা কীর্ত্তনীয় (দেবাদি, পুণ্যচরিত)। "এ সুকীর্ত্তি তব, প্রাতঃস্মরণীয় নিত্য হবে।—হেম ১৮৩ ; (মহাজন) হয়েছেন প্রাতঃস্মরণীয় ২৪৭।]

প্রাতঃপ্রণাম বি প্রাতঃকালে করণীয় প্রণাম ; (গৌণার্থে) দিবসে ও রাত্রিতে করণীয় প্রণাম। দ্র 'প্রাতর্ব্বাক্য'। "ঠাকুরুণদিদি, প্রাতঃপ্রণাম ব.ছি ১২৮।

প্রাতঃসন্ধ্যা স্ত্রী [কর্ম্মধা] ১ প্রাতঃকালরূপ সন্ধ্যা ; সূর্য্যোদয়ের প্রথমে অরুণোদয়কাল ; সূর্য্যোদয়ের পূর্ব্বে দণ্ডচতুষ্টয়কাল ; প্রভাতের পূর্ব্বভাগ। 'সূর্য্যোদয়াচ্চ প্রথমং যদা স্যাদরুণোদয়ঃ। প্রাতঃসন্ধ্যা তদোদেতি ...॥—কালিকাপুরাণ। ২ প্রাতঃকালকর্ত্তব্য বৈদিকতান্ত্রিক উপাসনা।

প্রাতর বি [সং °র্] প্রাতঃকাল। "প্রাতর-অরুণ সন্তাপ জ.প ১। (বদন) প্রাতর-ধূসরশশধর-কাঁতি প.ক ১০৯১।

প্রাতরর্ক বি প্রাতঃসূর্য। "প্রাতরর্কের আভা ব.প ৩৭০।

প্রাতরশন ক্লী, **-রাশ** পুং [ষ.ত] প্রভাতে ভোজন ; প্রাতঃকালিক ভোজন। "প্রাতরাশ রা ৫.২২.৯ ; (তৌ) সপ্রাতরাশৌ ভ ১০.১১. ৪৫। °রাশ ভট্টি ৮.৯৮। পা.প্র ১৯৭।

প্রাতরাশিত বিণ [স.ত] প্রাতঃ অর্থাৎ পূর্ব্বাহ্নে ভোজনে অতিতৃপ্ত। "মনু ৪.৬২। বিষ্ণু ৬.৪৮।

প্রাতরুত্থান বি প্রভাতে শয্যাত্যাগ।

প্রাতর্ব্বাক্য বি প্রাতঃকালের প্রণামে মঙ্গলপ্রার্থনার বাক্য ; (গৌণার্থে) আশীর্ব্বাদমাত্র ; (বিপরীতার্থে) অমঙ্গল প্রার্থনার বাক্য ; অভিশাপবাক্য। "বেঁচে থাকুক প্রাতর্ব্বাক্যে।—দা ৮১। (যম) তোমাকে যেন প্রাতর্ব্বাক্যে কখনও না ভোলে ব.ছি ৩৮। [প্রাতঃকাল প্রণামের প্রশস্ত সময় ; তখন মন প্রশান্ত ও পবিত্র থাকে, আশীর্ব্বাদ যেমন ফলে, অভিশাপও সেইরূপ সফল হয়, ইহা সাধারণের বিশ্বাস। এই হেতু লোকে দিনের 'প্রণাম' এবং রাত্রির 'প্রণাম'কেও 'প্রাতঃপ্রণাম' বলে, প্রণম্য 'প্রাতর্জ্জয়োঽস্তু', 'প্রাতর্ব্বাক্য' বলিয়া আশীর্ব্বাদ করেন।]

প্রাতর্ভোজন ক্লী [স.ত] সর্থ 'প্রাতরশন'।

প্রাতস্তরাম্ ব্য [প্রাতর্+তর (তরপ্)+আম্ (আমু), পা ৫.৪. ১১] অতিপ্রভাতে। "ভট্টি ৪.১৪।

প্রাতিকূলিক বিণ [প্রতিকূল+ইক (ঠক্) ; স্ত্রী -কী] প্রতিকূলবর্ত্তী। "আঃ প্রাতিকূলিকঃ সংবৃত্তঃ ম.চ ৫৫৬। —কূল্য ক্লী [°ল+য (ষ্যঞ্)] প্রতিকূলভাব, বিপক্ষতা।

প্রাতিকূল্য দ্র 'প্রাতিকূলিক'।

প্রাতিপদিক ক্লী (ব্যাকরণে) নাম, শব্দ। "পা ১.২.৪৫।

প্রাতিবেশ্য পুং [প্রতিবেশ+য (ষ্যঞ্) ভবার্থে—প্রতিবেশ্য+অ (অণ্) স্বার্থে] প্রতিবেশভব, নিরন্তরগৃহবাসী, পরবর্ত্তী প্রতিবেশী। "মহা ৭.৭১.৩৫। মনু ৮.৩৯২। ব্রাহ্মণ° যাজ্ঞ ২.২৬৩।

প্রাতিভ ক্লী [প্রতিভা+অ (অণ্)] প্রতিভা। "মাঘ ১০.১২।

প্রাতিভাব্য ক্লী [প্রতিভূ+য (ষ্যঞ্)] ১ প্রতিভূভাব, বিশ্বাসার্থ পুরুষান্তরের সহিত সময়। "যাজ্ঞ ২.৫৩,-৪। ২ প্রতিভূত্ব হেতু দেয় ধন। "মনু ৮.১৫৯।

প্রাতিলোম্য বিণ [প্রতিলোম+য (ষ্যঞ্)] প্রতিলোমভব। "প্রাতিলোম্যেঽপি জন্মনি মনু ১০.১৩। —লোম্য ক্লী ১ প্রতিলোমভাব, ব্যুৎক্রম, বিপরীতক্রম। "মনু ১০.১৬। যাজ্ঞ ২.২৮৯,-৯০। ২ প্রতিকূলতা, বিপর্য্যয়।

প্রাতিশাখ্য ক্লী [প্রতিশাখ+য (ঞ্য), পা ৪.৩.৫৯] 'প্রতিশাখভব', বৈদিকব্যাকরণভেদ। "ক.সা ২.৩৮। [ঋগ্বেদের শাকলশাখার এক, যজুর্ব্বেদের দুই, অথর্ব্ববেদের এক—এই চারি প্রাতিশাখ্য।]

প্রাত্যয়িক পুং [প্রত্যয়+ইক (ঠঞ্)] 'আমার প্রত্যয়ে ইহাকে ধন দেন, বঞ্চিত হইবেন না'—এইরূপে প্রত্যয়সম্বন্ধে প্রতিভূ। "যাজ্ঞ ২.৫৫।

প্রাত্যহিক বিণ [প্রত্যহ+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] প্রত্যহভব, নৈত্যিক, নিত্যকর্ত্তব্য। "মনু ৯.৮৬, কুল্লুক। প্রাত্যহিক নিয়মানুসারে ব.প্র ২৮৪।

প্রাথমিক বিণ [প্রথম+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] ১ প্রথমভব, আদিম। "বিধেঃ প্রাথমিকাৎ মনু ১১.২৩৩, কুল্লুক। ২ বেদাদির প্রথম অধ্যেতা। —থম্য ক্লী [+য (ষ্যঞ্)] প্রথমত্ব, আদিমত্ব। "°প্রাপ্তি মনু ১.৭৪, কুল্লুক।

প্রাথম্য দ্র 'প্রাথমিক'।

প্রাদুঃ (-দুস্) ব্য ১ নাম। "বিংশোর্দণ প্রাদুর্ভাবাঃ (অ.টী)। ২ প্রাকাশ্য, প্রাদুর্ভাব। "প্রাদুরাস রঘু ১১.১৫। ৩ সম্ভাব্য, সম্ভব। ৪ প্রবৃত্তি।

প্রাদুর্ভাব পুং [প্রাদুস্+√ভূ+অ (ঘঞ্)-ভা] ১ প্রকাশতা, প্রাকট্য, আবির্ভাব। বিপ 'তিরোভাব'। "শব্দ° পা ২.১.৬। রোগ° (সুশ্রুত)। বি মা ৭.২৬। ২ (বাংলায়) প্রবল প্রবৃত্তি। "সেকালে পারসী পড়ার প্রাদুর্ভাব ছিল ব.প ১৭৬৮। ৩ সমধিক প্রচলন ; বিশেষ প্রচার। "ইংলণ্ডীয় ভাষারও যেরূপ প্রাদুর্ভাব...তাহাতে স্বদেশীয় ভাষাপ্রতি বীতরাগ বোধ হইতেছে ব.প ১৭৯২। —র্ভূত বিণ [+ত(ক্ত)-ক] প্রকাশিত। —দুষ্কৃত বিণ [+√কৃ+ত-র্ম্ম] প্রকটীকৃত, প্রজ্বালিত। "প্রাদুষ্কৃতাগ্নি।

প্রাদুষ্কৃত দ্র 'প্রাদুর্ভাব'।

প্রাদেশ পুং [প্র+√দিশ্+অ (ঘঞ্)-ণ (অ.টী), দীর্ঘ] ১ তর্জ্জনীসহিত বিস্তৃতাঙ্গুষ্ঠরূপ পরিমাণ। "°মাত্রাঃ...তপোধনাঃ গো.রা ৪.৪০.৬১। °প্রমাণ কুশ ভ.প্র ৬৫। লোম প্রাদেশপ্রমাণ স্ত্রী ৮২। ২ দেশমাত্র।

প্রাদেশিক বিণ [প্রদেশ+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ প্রদেশভব, স্থানীয়, দেশগত। ২ ঐকদেশিক, জীবাত্মসম্বন্ধী। "'তত্ত্বমসি' জীবহেতু প্রাদেশিক বাক্য। প্রণব না মানি তারে কহে 'মহাবাক্য'॥—চৈ.চ ১০৪।

প্রাধানিক বিণ [প্রধান+ইক (ঠঞ্)] ১ প্রধান, মুখ্য। "ভ ৬.৬.২৯। ২ (সাংখ্যে) প্রকৃতিসম্বন্ধী। —ধান্য ক্লী [+য (ষ্যঞ্)] ১ প্রধানভাব, শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ। "মহা ৫.৬.১৩। ভ ২.৬.৪৬। ২ সংক্ষেপ, সমাস। বিপ 'বিস্তর'। "গী ১০.১৯। ৩ আধিপত্য, প্রভুত্ব।

প্রাধান্য দ্র 'প্রাধানিক'।

প্রাধ্বম্ ব্য ১ আনুকূল্য। "পা ১.৪.৭৮, কাশিকা। রঘু ১৩.৪৩। ২ বন্ধন। "মহা ৩.১৬২.২৮। ৩ নম্রতা।

প্রান্ত পুং [প্রা.স] ১ প্রকৃষ্ট অন্ত ; শেষ সীমা ; অবধি। "°সংকীর্ণদর্ভ শ ৪.৮। °লগ্ন।—ঋতু ১.২৫। ২ পার্শ্ব। "কু.স ৩.৪৩। ৩ বস্ত্রপ্রান্ত, পাড়। "রক্ত° বাস চৈ.ম ৬৬। ন.প ৪৩ ; ১২৮। ৪ অগ্রভাগ। "দণ্ড°। ৫ বয়োদশার শেষ। "যৌবন°। ৬ শকটাদির পশ্চাদ্ভাগ। ৭ কোণ। "নয়ন°। প্রান্তাবোষ্ঠস্য সৃক্কণী (অ.কো)। [°দুর্গ (ক্লী)—নৃপাশ্রয়স্থান দুর্গভেদ। °পাল—সীমান্তরক্ষক রাজপুরুষভেদ। "ব.প্র ১২৬। °বিরস (বিণ)—শেষনীরস। "বিষয়জ-রসাঃ °বিরসাঃ (পক)। °ভূমি (স্ত্রী)—প্রান্তদেশ।]

প্রান্তর ক্লী [প্রকৃষ্ট অন্তর যেখানে, বহুব্রী] ১ দূর শূন্যপথ, ছায়া-জলাদিহীন মার্গ। ২ দূর শূন্যভূভাগ, তেপান্তর মাঠ। "°বৃক্ষত্রয়।—হি ৪৫৬। ৩ বন। ৪ কোটর।

প্রাপক বিণ [প্র+√আপ্+অক (ণ্বুল্)-ক] ১ লম্ভক, লাভকারক।

২ ব্যাপক। ৩ [+ √আপি+অক-ক] প্রাপয়িতা, বিধায়ক। "অপ্রাপ্তপ্রাপকো বিধিঃ।—দুর্গাদাস। ৪ জনক, কারক। "অধিকায়ুঃপ্রাপকধর্ম্ম।—মনু ১.৮৪, কুল্লুক। —পণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ নয়ন। ২ [+ √আপ্+অন-ভা] প্রাপ্তি। "প্রাপণাৎ সর্ব্বকামানাম্ মনু ২.৯৫। সাধুবরপ্রাপণ-মনন—রঙ্গ ১৪। —পণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ প্রাপ্য, লভ্য। "তখন ভ্রমর অপ্রাপণীয়া ব.প্র ৩৩২। ২ [+ √আপি+অনীয়-র্ম্ম] প্রাপয়িতব্য, বাহ্য। "পু.মে ৫। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নীত। ২ আবেদিত। "মনু ৮ ৪৩।

প্রাপণিক পুং [প্র-আ+ √পণ্+ইক (কিকন্)-ক, উ ২.৪১ ; °ণ+ইক (ঠক্)—মল্লিনাথ] পণ্যবিক্রেতা, বণিক্। "মাঘ ৪.১১।

প্রাপণীয়, -পিত দ্র 'প্রাপক'।

প্রাপ্ত বিণ [প্র+ √আপ্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ লব্ধ, আসাদিত। "°জীবন। ২ গত, আপন্ন। "সুপ° পা ২.১.২৪। বয়সি প্রাপ্তে মহা ২ ৫৩.১১। করপ্রাপ্তেঽপ্যর্থে।—হি ১ ১৫৫। ৩ আগত, উপস্থিত। "কালে প্রাপ্তঃ (অতিথিঃ) মনু ৩.১০৫। শত্রৌ প্রাপ্তে।—পঞ্চ ১.১১২। অয়ে কুমারলক্ষ্মণঃ প্রাপ্তঃ উ চ ১২/৬। ৪ সংপ্রাপ্ত, সমবেত। "মনু ৮.৭৯। ৫ উৎপন্ন। "মনু ১১.১২৩। ৬ যোগ্য। "প্রাপ্তকাল। ৭ প্রণিহিত, প্রকরণপাপ্ত, স্থাপিত (অ টী)। "ইতি গন্থে প্রাপ্তে পা ৮ ৪.২, সি। —প্তব্য বিণ [+তব্য-র্ম্ম] প্রাপ্য, লব্ধব্য। "আদেশঃ ...প্রাপ্তব্য বা ২.২৯ ১০। প্রাপ্তব্যমর্থং লভতে মনুষ্যঃ।—পঞ্চ ২.১১২। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ লাভ, অধিগম। "অপত্য° মনু ৯.১০৩। সুরালয়° রঘু ১৬.৩৪। পরমপদ° শ্রী ২০৩। ২ উপস্থিতি। "ঋষ্যমূকগিরি° গো.রা ১ ৪ ৬১। ৩ উদয়। ৪ ধনাদিবৃদ্ধি। ৫ সাক্ষাৎকার। ৬ সংযোগ। "ভ ৩ ২৬.৩৭। ৭ (নাট্যে) লক্ষণবিশেষ। 'সা.দ ৬ ১৮২। ৮ [+তি-র্ম্ম] আয়, লাভ। "ভোজনাচ্ছাদনাভ্যধিকা প্রাপ্তিঃ পঞ্চ ২ ১/১ ৪/৪ ৩/১। ৯ ভাগ্য, দৈব। ১০ [+তি-ণ] অষ্টসিদ্ধির একতম [ইহাতে সিদ্ধ জন অঙ্গুল্যগ্রে চন্দ্র স্পর্শ করে (পা.দ ৩.৪৬)।] —প্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ লভ্য। "হস্ত° গো.রা ৩ ১৬.৬। ২ গম্য, বোধ্য। "তাঁহার অবয়ব পাঠকমহাশয়ের ধ্যানপ্রাপ্য করিতে চাহি ব.প্র ৫২। [°জীবন (বিণ)—জীবনপ্রাপ্ত। °জীবিক (বিণ)—জীবিকাপ্রাপ্ত। °দোষ (বিণ)—দোষান্বিত, অপরাধী। "পঞ্চ ২.১২৩। °প্রসব (বিণ)—আসন্নপ্রসবকাল। "উ.চ ৭.২। °রূপ (বিণ)—মনোহর। °ব্যবহার (বিণ)—ব্যবহারোচিত বয়ঃপ্রাপ্ত, সাবালগ্। "কুমার লক্ষ্মণ নহে °ব্যবহার।—রঙ্গ ৮৪। °শ্রী (বিণ)—লব্ধোদয়, প্রাপ্তসম্পদ্। "কু.স ২.৫৫। °সম (পুং)—(ন্যায়ে) সদোষ প্রত্যুত্তরভেদ। প্রাপ্তিপত্র (ক্লী)—বেতনাদির প্রাপ্তিজ্ঞাপক লেখ্য ; রসিদ। "শু ৪.৭.৩৮৯।]

প্রাপ্তব্য, প্রাপ্তি, প্রাপ্তিপত্র, প্রাপ্য দ্র 'প্রাপ্ত'।

প্রাবরণ বিণ [প্র-আ+বৃ+অন (ল্যুট্)-ক] 'প্রচ্ছাদক', তিরস্কারক। "শশিপ্রভা° মহা ২.১০.২। —বরণ ক্লী [+অন-ণ] ১ আচ্ছাদনবস্ত্র। "স্তন° যাজ্ঞ ২.২৮৭। ২ উত্তরীয়। ৩ [+অন-ভা] আচ্ছাদন। —বার পুং [+অ (ঘঞ্)-ণ] ১ উত্তরীয়। ২ বস্ত্রবিশেষ। ["মহা ২.৪৯.৯ ; ৩.৩.৫১। —বারক পুং [+অক (ণ্বুল্)-ক] উত্তরীয়। "মৃ ৮.২২। —বারিক পুং [প্রাবার+ইক (ঠক্)] উত্তরীয়বিক্রেতা।

প্রাবল্য ক্লী [প্রবল+য (ষ্যঞ্)] প্রবলভাব, তীব্রতা, প্রচণ্ডতা।

প্রাবার, -বারক, -বারিক দ্র 'প্রাবরণ'।

প্রাবীণ্য ক্লী [প্রবীণ+য (ষ্যঞ্)] ১ প্রবীণভাব, নৈপুণ্য, দক্ষতা। "রঘু ১৫.৩৮। ২ অভিজ্ঞতা। "আবিষ্কৃতং কথাপ্রাবীণ্যং কুমারেণ উ.চ ৪২/৬। ৩ (বাঙ্লায়) প্রবলতা। "ঔৎসুক্যের প্রাবীণ্যে চৈ.চ ৩৪৩।

(ষ্) স্ত্রী [প্র+ √বৃষ্+ক্বিপ্ (০)-ধি, -১ব, দীর্ঘ, ছান্দস ; তু 'প্রাবিট (প ক)] বর্ষাকাল, শ্রাবণ ও ভাদ্র মাস। "রঘু ৬.৫১। °সময়ে জ্ঞা ১৩৫। প্রাবৃট্ আকাশে।—মন্দ্র ৭৯। প্রাবৃট্ এল মেলিয়া মেঘ-পক্ষ কু.কে ৬৬। °সম্ভৃত নবদূর্ব্বাদল ব প্র ৫, °দিনান্তশোভা ১০৯। [°কাল (পুং)—বর্ষাকাল। "স.শ ৮৪।]

প্রাবৃত বিণ [প্র-আ+ √বৃ+ত (ক্ত)-র্ম্ম] সমাবৃত, আচ্ছাদিত।

প্রাবৃষা স্ত্রী [প্রাবৃষ্+স্ত্রী আ (টাপ্) ; দ্র 'দিশা'] প্রাবৃট্।

প্রাবৃষেণ্য বিণ [প্রাবৃষ্+এণ্য] প্রাবৃড্জাত, বর্ষাজাত। "রঘু ১.৩৬। —ষেণ্য পুং ১ কদম্ব। ২ কুটজ।

প্রাবেশিক বিণ [প্রবেশ+ইক (ঠক)] প্রবেশকালসম্বন্ধী, রঙ্গে প্রবেশকালে গেয়। "প্রাবেশিকী ধ্রুবা গীয়তে বা ভা ১২/৮।

প্রাভঞ্জনি পুং [প্রভঞ্জন+ই (ইঞ্] ১ প্রভঞ্জনের অপত্য ; হনূমান্। "শ্রী.মা ৩২ ; ৪২,-৫ ; ১৬৫। ২ ভীম।

প্রাভবত্য ক্লী [প্রভবৎ+য (ষ্যঞ্)] পভবদ্ভাব, প্রভুত্ব। "মনু ৮.৪১২।

প্রাভববৈভব পুং [দ্বন্দ্ব] ভগবানের দ্বিবিধ রূপ। "°ব রূপে দ্বিবিধ প্রকাশে চৈ চ ২০৮ [শক্তিপ্রকাশের তারতম্য হেতু 'প্রাভব', 'বৈভব' রূপ। মোহিনীব্যাসাদি প্রাভব এবং কূর্ম্ম-মৎস্যাদি বৈভব অবতার (লঘুভাগবত)।]

প্রাভৃত, -তক ক্লী [প্র-আ+ √ভৃ+ত (ক্ত)-র্ম্ম, ক (কন) স্বার্থে] উৎকোচ, উপহার, ভেট। "সপ্রাভৃতক মা মি ৫২/৫।

প্রামাণিক বিণ [প্রমাণ+ইক (ঠক) ; স্ত্রী -কী] ১ প্রমাণ হইতে আগত, প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধ। ২ প্রমাণগ্রন্থমূলক, শাস্ত্রসিদ্ধ। 'কু.স ৩.১৪, মল্লিনাথ। ৩ প্রমাণকর্ত্তা। ৪ মর্য্যাদার্হ। ৫ শাস্ত্রজ্ঞ। "আমার উপদেষ্টা তুমি প্রামাণিক আর্য্য চৈ চ ২৮১। ৬ পরিচ্ছেদক, বিচারনিপুণ। "প্রামাণিক বানর সনে না করিলে যুকতি ব.প ৪৯৭। ৭ হৈতুক, হেতুসঙ্গত। ৮ প্রমাণরূপে গ্রাহ্য, বিজ্ঞ, প্রবীণ। "প্রামাণিক পঢ়ুয়ার গণ চৈ.ভা ৫৬,-৭। হাস্য কর প্রামাণিক হঞা ?— চৈ চ ২০৫। চৈ ৯০। উপানন্দ নামে ছিল এক প্রামাণিক শ্রী ম ৩৫। —ণিক পুং ১ নৈয়ায়িক, তার্কিক। ২ (বাঙ্লায়) তিলিসমাজের প্রধানব্যক্তি (সম্বন্ধনির্ণয়)।

প্রামাণিক্য বিং [°ক > °ক্য, তু 'মাণিক্য', অপ] বিজ্ঞ, পণ্ডিত। "বৃদ্ধ প্রামাণিক্য যত জ্ঞাতি বি.পা ২৬৬ ; ৩৭০।

প্রামাণ্য ক্লী [°ণ+য (ষ্যঞ্)] প্রমাণভাব, প্রমাণসাধনত্ব। 'বেদ° মনু ২.৮। যাজ্ঞ ২.৩০। শ্রী.মা ১১।

প্রামাদিক বিণ [প্রমাদ+ইক (ঠক)] পমাদযুক্ত, অনবধানকৃত, ভ্রমাত্মক। "প্রামাদিকঃ পাঠঃ কু স ৫ ১৩, মল্লিনাথ।

প্রায় পুং [প্র+ √ই+অ (অচ্), + √অয্+অ (ঘঞ্), ভা] ১ প্রয়াণ, মৃত্যু। ২ অনশনমৃত্যু। ৩ [+অ-ণ] ক্রিয়াপরিত্যাগপূর্ব্বক অভোজন (অ.টী), অনশনদীক্ষা (বা.টী), মরণার্থ অনশন। "প্রায়মিহাসিষ্যে রা ২.২১.২৭। রঘু ৮.৯৪। ৪ ভূমা, বাহুল্য, পাচুর্য্য। "তৃণপ্রায় (দেশ) গো রা ৩ ১৫ ৪১। স্বর্গে গতপ্রায়ে মহা ৪ ১৪ ৪। আর্য্যপ্রায় (দেশ) মনু ৭.৬৯। কষ্টপ্রায়ং শরীরম্ উ চ ১৪/৪ ; প্রিয়প্রায়া বৃত্তিঃ ২.২ ; কমলামোদ° (বনানিল) ৩ ২৪। রথ প্রস্তুতপ্রায় সী ৩৩। ৫ [+অ-র্ম্ম] বয়ঃ, দশা (অ.চি)। "অষ্টাদশবর্ষপ্রায় পরম রূপসী বা.দ ১১৪। ৬ পাপ ; তপঃ। দ্র 'প্রায়শ্চিত্ত'। ৭ তুল্য। "তৃণ°, মৃত°। অমৃতপ্রায়াণি...ফলানি।—পঞ্চ ৫২/৫। জ্যোৎস্না° উ চ ১.২০। কনকলতার প্রায় জনক দুহিতা।—কৃ ১৪৭। ৮ (বাঙ্লায়) অবধারণবাহুল্য, বিশেষ সম্ভাবনা (অর্থাৎ বুঝি, বোধ হয়)। তু 'পারা'। "তক্ষকদংশনে পিতা মরিলেন প্রায়।—ম ৪১, কণ্টক কুটিল প্রায় ২৩৪,

৫০৮ ; দেবকন্যা হবে প্রায় ৫৯২। শ্রী.মা ৪, ১২ ; প্রলয় হইল প্রায় ১৫, ৩২। ৯ কিছু-কম। "প্রায় একশত টাকা। [°গত (বিণ) —মরণার্থ অনশনাবস্থিত। "মহা ১.১.২০১। °দর্শন (স্ত্রী)—ভূরি-প্রয়োগদর্শন। "পা ২ ৩.২৭।]

প্রায়ঃ(-য়স্) ব্য ১ বাহুল্য। "কু স ৩১, প্রায়ঃ প্রত্যয়মাধত্তে স্বগুণেষূত্তমাদরঃ ৬.২০। হি ২.১০৪। ২ তপঃ, ব্রত (ত.বা)]

প্রায়গত বিণ [দ্বি ত] দ্র 'প্রায়'। "মহা ১.১.২০১।

প্রায়ণ ক্লী [প+ √অয়্+অন (ল্যুট্)-ভা] ১ যুদ্ধে বা অনশনে প্রাণ-ত্যাগ। "মনু ৯.৩২৩। ২ পায়ণ, মরণ।

প্রায়শঃ(-শস্) ব্য [পায়+শস্] বহুলভাবে। "পু.মে ১০।

প্রায়শ্চিত্ত ক্লী,**-শ্চিত্তি** স্ত্রী [প্রায়ের চিত্ত চিত্তি যাহা দ্বারা বহুব্রী, স্(সুট্) আগম, পা ৬.১.১৫৭] ১ 'যাহা দ্বারা পাপের বিশোধন; যাহাতে তপস্যার নিশ্চয়', পাপক্ষয়নিশ্চয়যুক্ত তপোভেদ; পাপ-ক্ষয়সাধন চান্দ্রায়ণাদি (বেদান্তসার)। 'প্রায় পাপং বিজানীয়াচ্চিত্তং তস্য বিশোধনম্ (তত্ত্ববোধিনী)। পায়ো নাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপো নিশ্চয়সংযুক্তং প্রায়শ্চিত্তমিতি স্মৃতম্। ২ পাপ-শোধনার্থ কর্ম্মমাত্র। "সে অপবাধের শাস্তি না হ'লে ত মিটবে না।…প্রায়শ্চিত্ত আমাকে দিয়েই হবে।—রবীন্দ্র।

প্রায়শ্চিত্তি দ্র 'প্রায়শ্চিত্ত'।

প্রায়শ্চিত্তী (-ত্তিন্) বিণ [°ত্ত+ইন্ (ইনি)-১ব] প্রায়শ্চিত্তার্হ। "অত্রি২৭০, ৩৫ : । —শ্চিত্তীয় বিণ [+ঈয় (ছ)] প্রায়শ্চিত্তার্হ। "°যতা মনু ১১.৪৭।

প্রায়ান্ধকার বিং ['অন্ধকারপায়' সাধু] প্রায় তিমিরময়। "°কার নদীহৃদয়ে নৈশ সমীরণ…বহিতে লাগিল ব.প্র ১৩০।

প্রায়িক বিণ [পায়+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] পায়ভব, বহুল।

প্রাযোজ্য বিণ [প্র-আ+ √যোজি+য (যৎ)-র্ম্ম] প্রয়োজনার্হ (দ্রব্য —পণ্ডিতের পুস্তকাদি)। "°জ্যং ন বিভজ্যতে (দায়ভাগ)।

প্রায়োপবিষ্ট বিণ [সুপ্‌সুপা] প্রায়ার্থ আসীন ; মৃত্যুপর্য্যন্ত অনশনে উপবিষ্ট। "ভ ১ ৩.৪৩, ৪ ১০। —বেশ পুং, —বেশন ক্লী [উ.লো] অনশনে মরণার্থ উপবেশন ; মরণপর্য্যন্ত অনশনাবস্থান। "°ন রা ১.৩. ২৬, ৪.৫৩.১৩, রঘু ৮.৯৪। পঞ্চ ৪২৬। °শ ভ ১ ১৯.৭। —য়োপ-বেশী (-শিন্) বিণ [সুপ্‌সুপা] প্রায়ার্থ উপবেশনকারী ; মরণার্থ অনশনে অবস্থানকারী। "মহা ১৩.৭.১৬। —যোপেত বিণ [দ্বি ত] সর্ব 'প্রায়গত'। "মহা ১৪.৮০.৪০।

প্রায়োপবেশ, -শী, -য়োপেত দ্র 'পায়োপবিষ্ট'।

প্রারব্ধ বিণ [প্র-আ+ √রভ্+ত (ক্ত)-র্ম্ম] সম্যক্ আরব্ধ ; প্রক্রান্ত। "রঘু ১৪.৭। —রব্ধ ক্লী ১ আরব্ধকার্য। ২ দেহাদ্যারম্ভক অদৃষ্টভেদ, ভাগ্য। "প্রারব্ধং ভুঞ্জতঃ (গীতামাহাত্ম্য)। পারব্ধ পাপ ব্র প ৭। আপন পারব্ধে বসি বারাণসীস্থানে চৈ.চ ১৮৩ ; ২৮৯। —রম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা, ম্ (মুম্) আগম] ১ আরম্ভ, আদি। "দিবসং শারদমিব °স্থদর্শনম্ রঘু ১০.৯। °সুন্দ্মাঃ (গুণাঃ) ১৮.৪৯। ২ [+অ-র্ম্ম] কর্ম্ম। "°ত্যাগ (শ.ক)।৮ ৩ সামান্যোপায়প্রয়োগ। "ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ।—রঘু ১.২০। ৪ [পকৃষ্ট আরম্ভ (যোগ) যাহার, বহুব্রী] যোগী। "রঘু ১০.৯। —রম্ভণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্রক্রম, আরম্ভ।

প্রারম্ভ, -রম্ভণ দ্র 'প্রারব্ধ'।

প্রারিপ্সিত বিণ [প্র-আ+ √রভ্+স (সন্)— √প্রারিপ্স+ত (ক্ত)-র্ম্ম] আরম্ভার্থ ঈপ্সিত। "°পরিসমাপ্তি সাদ ১২।

প্রার্থ সর্ম্ম [সং প্র+ √অর্থ, পদ্যে] প্রার্থনা করা। "নিজ অংশ প্রার্থিলাম।—ম ১০২১। যে কার্য্য প্রার্থয় ন প ৭৫, মঙ্গল প্রার্থয়ে জনে জনে ১০৫। প্রার্থন্তু প.ক ৩০৭৭।

প্রার্থক বিণ [প্র+ √অর্থ+অক (ণ্বুল্)-ক] যাচক। "অ° মনু ৩.২৭, কুল্লুক। —র্থন ক্লী [+অন (ল্যুট্)-ভা] যাচ্‌ঞা। "অর্থপ্রার্থনশঙ্কা (মু.র)। —র্থনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ যাচ্‌ঞা। "প্রার্থনাভঙ্গভয়। ২ লাভাভিলাষ। "বর° শ ১২১৬ ; উৎসর্পিণী খলু মহতাং প্রার্থনা ৭২৮। ৩ অভিলাষ। "অন্মৎ° শ ৪২৮। ৪ অভিযান। "রঘু ৯.৫৬, মল্লিনাথ। ৫ [+অন-র্ম্ম] মনোরথ, কাম। "°সিদ্ধি রঘু ১.৪২ ; °বত ১০.১৮। —র্থনীয় বিণ [+অনীয় (অনীয়র্-র্ম্ম] যাচনীয় ; বাঞ্ছনীয়। —র্থয়িতব্য বিণ [তব্য-র্ম্ম] যাচিতব্য, প্রার্থনার্হ। "কু স ৫.৪৬। সী ৩। —র্থয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী] যাচক ; অভিলাষী। "লভতে বা প্রার্থয়িতা ন বা শ্রিয়ম্ শ ৩.১১। নাস্তি প্রার্থয়িতা নরঃ।—পঞ্চ ১৪৯। —র্থিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ যাচিত, অভীষ্ট। "প্রার্থিতদুর্লভঃ কু.স ৫.৪৬। ২ অভিযাত, অভিদ্রুত। "রঘু ৯.৫৬। ৩ অভিচিত। —র্থী (-র্থিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্থিনী] ১ যাচক। ২ প্রার্থনাশীল। "কবিযশঃপ্রার্থী রঘু ১.৩। —র্থ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] প্রার্থনীয়। "ভ ১.১৬.৩০।

প্রার্থন, -নীয়, -র্থয়িতব্য -য়িতা, -র্থিত দ্র 'প্রার্থক'।

প্রার্থিতা বিণ [সং প্রার্থয়িত্রী ; অসাধু] প্রার্থিনী। "আমি তাঁহার নিকট আর একবার সাক্ষাতের প্রার্থিতা ব.প্র ৩১।

প্রার্থী, প্রার্থ্য দ্র 'প্রার্থক'।

প্রালব্ধ ক্লী [প্র-আ+ √লভ্+ত (ক্ত)-র্ম্ম, তু 'প্রারব্ধ'] অদৃষ্ট। "ধিক্ প্রালব্ধম্ (গীতামাহাত্ম্য)।

প্রালম্ব বিণ [প্র-আ+ √লম্ব্+অ (অচ্)-ক] প্রকৃষ্টলম্বমান, প্রলম্ব-মান। "°দ্বিগুণিতচামব।—বে ২.২৮। —লম্ব ক্লী কণ্ঠ হইতে ঋজু-লম্বমান মাল্যবিশেষ। "রঘু ৬.১৪। —লম্ব পুং মুক্তালঙ্কারভেদ। —লম্বিকা স্ত্রী স্বর্ণময় লম্বমান গ্রীবাভরণ (অ কো)।

প্রালম্বিকা দ্র 'প্রালম্ব'।

প্রালেয় বিণ [প্রলয়+অ (অণ্), পা ৭৩.২] হিমালয় হইতে আগত। "প্রালেয়মুদকম্ (কাশিকা)। —লেয় ক্লী হিম, তুষার, নীহার। "°য়াংশুঃ পু.মে ৩৯। [°বর্ষ (পুং)—হিমপাত। °ভূধর, °শৈল (পুং)—হিমালয়। "°শৈল ক.সা ৩৭.২২। প্রালেয়াংশু (পুং) —হিমাংশু, চন্দ্র। "মাঘ ৯৮৭। প্রালেয়াদ্রি (পুং)—হিমালয়। "পু.মে ৫৭। প্রালেয়াবততি (স্ত্রী)—হিমসংহতি, হিমানী। "প্রালেয়াবততি-ম্লানপলাশাব্জ কি ১১.৪।]

প্রাশ পুং [প্র+ √অশ্+অ (ঘঞ্)-ভা] ১ ভোজন ; পান। "ঘৃত° মনু ১৯.১৪৪। ২ [+অ-র্ম্ম] খাদ্য, পেয়। "চ্যবন°। অমৃত° মহা ৫.১০৪২৮। —শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ভোজন ; পান। "রেতোবিণ্‌মূত্র° যাজ্ঞ ৩৩০৬। তৎ° ভ ৬.১৪. ৩০। ২ [+অন-র্ম্ম] খাদ্য, পেয়। "অমৃত° রা ১ ১৭.৫। ৩ প্রথম-ভোজন। "অন্ন°। ৪ [+ √আশি+অন-ভা] ভোজন, খাওয়ান ; পায়ন, পান করান। "প্রাশনম্…সুবর্ণমধুসর্পিষাম্ মনু ২.২৯ ; অন্ন° ৩৪। —শনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ভক্ষণীয় ; পানীয়। —শনীয় ক্লী পানীয় গঙ্গোদকাদি। "রা ২ ৬৫.৯। —শিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ভক্ষিত ; পীত। —শিত ক্লী পিতৃযজ্ঞাখ্য নিত্যশ্রাদ্ধ ; পিতৃতর্পণ। "মনু ৭৩,-৪। —শিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব] ভক্ষয়িতা। "হবিষঃ…নিয়ন্তং প্রাশিতা মহা ২.৩৭.২৭। —শী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ভোজী ; পায়ী। "অমৃত° গো.রা ১.৪৮.৯। মখভাগ° ; বায়ুভু° (হ)।

প্রাশন, -নীয় দ্র 'প্রাশ'।

প্রাশস্ত্য ক্লী [প্রশস্ত+য (ষ্যঞ্)] প্রশস্তভাব, শ্রেষ্ঠতা, উৎকর্ষ। "প্রতিলোম° মনু ১০.২৮, কুল্লুক। কু স ৩.৪৪, মল্লিনাথ।

প্রাশিত্ত, -শিত্তা, -শী দ্র 'প্রাশ'।

প্রাশ্চিত্ত বি [অসাধু] প্রায়শ্চিত্ত। "অ ১২ ; °ত্ত করিব ৪৯।

প্রাশ্নিক পুং [প্রশ্ন+ইক (ঠক্)] 'প্রশ্নে সাধু'; বাদিপ্রতিবাদীর প্রতি প্রশ্নপূর্ব্বক বিবাদনির্ণেতা; মধ্যস্থ। "রা ৩.২৭.৪। দেব এব নৌ ম্নিশেষজ্ঞঃ প্রাশ্নিকঃ মা.মি ১২/৩; °পদম্ (অধ্যাসনীয়্) ১২/৬।

প্রাস পুং [প্র+ √অস্+অ (ঘঞ্)-র্ম্ম] ক্ষেপণীয় অস্ত্রবিশেষ; কুন্তাস্ত্র, কোঁচ (?)। "নপরপ্রাসযোধিনঃ মহা ৬.১৮.১৭। শু ৪.৭.২১৫। কি ১৬.৪। —সক পুং ১ প্রাসাস্ত্র। ২ পাশক (অ.চি)।

প্রাসক দ্র 'প্রাস'।

প্রাসঙ্গ পুং [প্র-আ+ √সন্জ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ বৎসের (বাছুরের) দমনকালে কণ্ঠে আসক্ত কাষ্ঠ। "পা ৪.৪.৭৬। ২ যুগকাষ্ঠ] "সপ্রাসঙ্গং চ শকটম্ মহা ১৩.৬৪.১৯।

প্রাসঙ্গিক বিণ [প্রসঙ্গ+ইক (ঠক্)] ১ প্রসঙ্গাগত, আনুষঙ্গিক। "প্রাসঙ্গিকীনাং বিষয়ঃ কথানাম্ উ চ ২.৬। মনু ১.৫৭, কুল্লুক। °কী কথা ক.সা ৪২.৫৩। ২ সংশ্লিষ্ট, সম্বদ্ধ। ৩ প্রকৃতিসঙ্গকৃত। "প্রাসঙ্গিকৈঃ কর্ম্মদোষৈঃ ভ ৩.২৭.৩।

প্রাসাদ পুং [প্র+ √সদ্+অ (ঘঞ্)-ধি, কৃত্রিমে উপসর্গদীর্ঘ; তু 'প্রসাদ'] ১ ত্রিভূমিকগৃহ। "°হর্ম্ম্যা রা ২.৩৩.৩ ; হর্ম্ম্য° ২.৫১.২১। °গত মহা ৩ ১৪.৪৯। ২ উপবিগৃহাদিব ভূমি (মেধাতিথি)। "মনু ২ ২০৪। ৩ দেবগৃহ, দেবাযতন। "উ.মে ১। প্রতিমা° চৈ.ভা ৪২৬। জ ৫৭। ৪ বৃহৎ অট্টালিকামাত্র। "°শ্চাশ্চ শিখিনঃ মহা ৩.২২.৬। [°তল, °পৃষ্ঠ (ক্লী)—প্রাসাদেব উপরিভূমি। "°পৃষ্ঠ হি ৪৭/৪৮ (কথামুখ)। °শৃঙ্গ (ক্লী)—সৌধচূড়া, দেবগৃহাগ্র।]

প্রাসিক পুং [প্রাস+ইক (ঠক্)] 'প্রাসপ্রহরণ', কুন্তযোধ।

প্রাস্ত বিণ [প্র+ √অস্+ত (ক্ত)-র্ম্ম] সম্যক্ ক্ষিপ্ত ; প্রদত্ত। "প্রাস্তাহুতি মহা ১২.২৬২.১১। মনু ৩.৭৬।

প্রাস্থানিক বিণ [প্রস্থান+ইক (ঠক্)] ১ প্রস্থানকালভব ; যাত্রাকালোচিত। "রঘু ২ ৭০। ২ যাত্রাসম্বন্ধী (দধিশঙ্খাদি)।

প্রাহুণ, -ণক, -ণিক পুং [তু 'প্রাঘুণ, -ণিক (ঘ>হ—হে)] অতিথি। "°ণ ক.সা ৪৫.২৬৯, °ণক ২৭২, °ণিকা ২৬৭ (S.W.)।

প্রাহ্ণ পুং [প্রথম অহ (অ.টী), অহের প্রাবস্ত, প্রা.স ; সমাসান্ত 'অ' (অচ্), ণত্ব] পূর্ব্বতম দিনভাগ, দিবসপ্রারম্ভকাল, পূর্ব্বাহ্ণ। "ভ ৭. ১৫.৫৪। সী ১০। [প্রাহ্ণেতন (বিণ)—পৌর্ব্বাহ্ণিক।]

প্রাহ্লাদি পুং [প্রহ্লাদ+ই (ইঞ্)] ১ প্রহ্লাদের পুত্র—বিরোচন। 'বিরোচনস্তু প্রাহ্লাদিঃ ভ ৬ ১৮ ১৬। ২ প্রহ্লাদের গোত্রোদ্ভব—পৌত্রাদি। "প্রাহ্লাদি...বাতাপিঃ মহা ৩ ৯৯.৩০।

প্রিবিকৌন্সিল বি [E.Privy council] রাজার ব্যক্তিগত মন্ত্রসভা। "প্রিবিকৌন্সিলের ডিক্রীর কথা ব.প্র ৫৭২।

প্রিয় বিণ [√প্রী+অ (ক)-ক] ১ প্রীণয়িতা (সায়ণ), অভীষ্ট। "ঋগ্বেদ ২.৪.৩। যথাপ্রিয়ম্...তপাস্তু রা ১.৫২ ১৯। ২ দয়িত, বল্লভ। "ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীৎ রঘু ১.২৮। কুর্ব্বন্নপি ব্যলীকানি যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ।—হি ২ ১৩০,-১। যদি প্রিয়া বটে তোমার গৌরী।—চু ২৭। ৩ অভিমত, প্রীতিকর। "তামূচতুস্তে প্রিয়মপ্যমিথ্যা রঘু ১৪.৬। প্রিয়মপি তথ্যমাহ...প্রিয়ংবদা ১২/৮; °মণ্ডনা ৪.৯। লোকানুরাগপ্রিয়তা সী ৪৪। ৪ সহজপ্রীতিমান্, অনুরাগী। "তং ব্রজন্তং প্রিয়ো ভ্রাতা লক্ষ্মণোঽনুজগাম রা ১.১.২৫। —য় পুং ১ পতি, ভর্ত্তা। "প্রিয়ঙ্করো মে প্রিয়ঃ রঘু ১৪.৪৮। প্রিয়েষু সৌভাগ্যফলা হি চারুতা কু.স ৫.১। পূ.মে ২৮। প্রিয়া প্রিয়সঙ্গহীনা, প্রিয় প্রিয়াসঙ্গ বিনা, নাহি জীয়ে চৈ.চ ১৫৫। °বিতরণ শি ৫৪। ২ প্রিয়জন; সুহৃৎ। "গুরু° রঘু ৩.২৯। °সঙ্গম। ৩ জামাতা। "মনু ৩. ১১৯। ৪ প্রীতিবিষয়। "ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ গী ৯.২৯। ভ ১. ৯ ২০। ৫ মৃগবিশেষ। —য় ক্লী ১ প্রিয়কার্য্য। "প্রকৃতিপ্রিয়কাম্যা রা ১.১.২০। প্রিয়চিকীর্ষু গী ১.২৩। পূ.মে ২২। ২ প্রিয় বাক্য, কার্য্য, বার্ত্তা বা বিষয়। "রামায় প্রিয়মাখ্যাতুম্ রা ১.১.৭৭। রঘু ১২. ৯১। প্রিয়মাচরিতং লতে—বিক্র ১ ১৬। সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ। ৩ চাটুবাদ। "°শতৈরনুরুধ্য মুগ্ধাম্ উ.চ ৩.২৬। —য়া[১] স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্); cf., Old Saxon—fri ; A.S. freo´—wife] ১ ভার্য্যা; দয়িতা, নায়িকা। "°মুখং কিম্পুরুষশ্চুচুম্বে কু.স ৩.৩৮। প্রিয়ে,...মুঞ্চ ময়ি মানমনিদানম্ গী গো ১০.২। দ্র 'প্রিয় পুং (১)। ২ তির্য্যক্‌স্ত্রীজাতি। "(মধু দ্বিরেফঃ) পপৌ প্রিয়াং স্বামনুবর্ত্তমানঃ কু স ৩.৩৬। ৩ মদিরা। ৪ মল্লিকা। —য়ক পুং ১ চিত্রমৃগ। "মাঘ ৪.৩২। ২ ভ্রমর। ৩ কুঙ্কুম। ৪ প্রিয়ঙ্গু। ৫ পীতসাল। ৬ ধারাকদম্ব। —য়ক ক্লী পীতসালপুষ্প। "মাঘ ৮.২৮। [°কাম (বিণ) —প্রিয়চিকীর্ষু, হিতৈষী। "মহা ৩.১৪৬ ৯। °কাম (পুং)—প্রিয়বিষয়। "রা ২ ৫২.২৪। °কার, °কৃৎ (বিণ)—প্রিয়কার্য্যকারক, পরিতোষক। "°কৃত্তম গী ১৮ ৬৯। °গুড় (বিণ)—গুড়প্রিয়। °চিকীর্ষু (বিণ)—প্রিয়করণেচ্ছু, হিতৈষী। °দর্শন (বিণ)—মধুরদর্শন, সৌম্য। "রঘু ১.৪৭। °না চ মদনক্লিষ্টেয়ম্ শ ৩ ৬। কু স ৭. ৮৫। °দর্শন (ক্লী)—প্রিয়জনের দর্শন। "অমৃতং °নম্।—পঞ্চ ১. ১৩২। °প্রায় (বিণ)—অতিপ্রীতিকর। "উ.চ ২.২। °বাক্ (-চ্) স্ত্রী, °বাদ (পুং)—মধুরবাক্য, মিষ্টকথা। "°বাক্ হি ১ ১৭৩। °ভাব (পুং)—প্রিয়তা, প্রেম। "উ.চ ৬.৩১। °মণ্ডন (বিণ)—ভূষণপ্রিয়। "শ ৪.৯। °সমাগম (পুং)—প্রিয়জনসংযোগ। °সাল (পুং)—অসনবৃক্ষ, পিয়সাল, পিয়াল (Terminalia tomentosa)। °সুহৃৎ (-দ্) পুং—প্রিয়বন্ধু। "হি ১৪/৪৮। °স্পর্শসুখ (ক্লী)—পতিস্পর্শজনিত সুখ। "উ চ ৩.৪২। °স্বপ্ন (বিণ)—নিদ্রাপ্রিয়। "রঘু ১২.৮১। °হিত (বিণ)—প্রিয় ও হিতকর। "গী ১৭ ১৫।]

প্রিয়ংবদ বিণ [প্রিয়+ √বদ্+অ (খচ্)-ক, উ.ত ; স্ত্রী -দা] ১ মধুরভাষী, প্রিয়বাদী। "কু স ৫.২৮। প্রিযংবদ মিত্র চা তৃ ২৫। ২ সত্যপ্রিয়বাদী। —বদা স্ত্রী ১ শকুন্তলাসখী। ২ দ্বাদশাক্ষরপাদ ছন্দোভেদ।

প্রিয়ক দ্র 'প্রিয়'।

প্রিয়কাম্যা স্ত্রী [√প্রিয়কাম্য+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] নিজপ্রিয়কামনা, নিজ প্রিয়বিষয়ের করণেচ্ছা। "প্রকৃতি° রা ১.১ ২০। গোবিন্দ° মহা ১.১৯৯.১৯।

প্রিয়ঙ্কর বিণ [প্রিয়+ √কৃ+অ (খচ্)-ক, উ.ত, স্ত্রী -রা, -রী] প্রিয়কারী, হিতকর। "রঘু ১৪.৪৮। ভট্টি ৫.৭৭। জীব° প.ক ৭। —ঙ্করী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] শ্বেতকণ্টকারী ; অশ্বগন্ধা।

প্রিয়ঙ্করী দ্র 'প্রিয়ঙ্কর'।

প্রিয়ঙ্গু স্ত্রী ['প্রিয়+অঙ্গ' > °ঙ্গ (শকন্ধ্বাদি?)] ১ লতাবিশেষ, শ্যামা। "°কলিকাশ্যাম ম পা ৪। [স্ত্রীস্পর্শে ইহা বিকসিত হয়; স্ত্রীস্পর্শ ইহার দোহদ (উ মে ১৭, মল্লিনাথ)।] ২ পিপ্পলী। ৩ রাজিকা। ৪ কঙ্গু।

প্রিয়জন বি [অপ্র ; গ্রাম্য] প্রযোজন। "চ.বি ১৫।

প্রিয়তম বিণ [প্রিয়+তম (তমপ্)] অতিপ্রিয়। —তম পুং পতি। "মাঘ ৬.৫৭। —তমা স্ত্রী পত্নী।

প্রিয়বাদী (-দিন্) বিণ [প্রিয়+ √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -দিনী] ১ মধুরভাষী। "সুলভাঃ পুরুষা রাজন্ সততং প্রিয়বাদিনঃ (রা) ; পঞ্চ ২.১৬৯। °দিনী রা ২.২৭.১। ২ চাটুকার।

প্রিয়ম্বদ বিং [সং প্রিয়ংবদ ; অসাধু] প্রিয়ভাষী। "প্রিয়ম্বদ একজন

পাঠাই পাক্ষাল।—ম ২২৩; °বদ দূত ৬৬৮,-৭১,-২। ব প ৬৩০৮। °বদা…দুহিতা ম.বি ১২০। উত্তরিল °বদা।—মে ১১৭।

প্রিয়সখ পুং [প্রিয় সখা (কর্ম্মধা), সমাসান্ত 'অ' (টচ্)] ১ প্রিয়-বন্ধু। "পূ.মে ১২। ২ [ষ.ত] প্রিয়জনের সখা। —সখী স্ত্রী [°খ +স্ত্রী ঈ (ঙীষ্)] ১ প্রিয়সখের পত্নী। ২ [কর্ম্মধা] প্রিয়া সখী বা সহকারী।

প্রিয়সি[1], -সী বি [সং প্রেয়সী > পা পীঅসী (হে) ; অপ্র] ১ পত্নী। "আমার পিয়সী গঙ্গা চৈ ৮১। °সি শ্রী মা ১৮৩। প্রিয়সি! যদি ধত্তে পার,…শাস্তি দেব ন.ত ৬৮। ২ প্রিয়তমা। "প্রিয়সি নাগরী সঙ্গে শ্রী.ম ১৪৪।

প্রিয়সি[2] [সং প্রিয়ঃ+অসি > প্রিয়োঽসি > °সি ; অপ্র] পিয় হও। "সত্যভামার প্রিয়সি বলি সর্ব্বলোকে জানে শ্রী.ম ২৮৩। প্রিয়সি। প্রিয়সি আমায় বলে বা.দ ১০৯।

প্রিয়া[1] দ্র 'প্রিয়'।

প্রিয়া[2] [পিয় > °য়া ; অপ , তু 'পিয়া'] পতি। "ভিক্ষা মাগিয়া প্রিয়া রান্ধি দিব ভাত ম.গা ৮ ; ৯। [°জী—প্যারীজী। "ভ.গ্র ৪৪৯।]

প্রিয়ার্হ বিণ [প্রিয়+ √অর্হ্+অ (অচ্)-ক ; উ.ত , স্ত্রী -র্হা] প্রিয়বচনযোগ্য, প্রিয়বাদার্হ। "রঘু ১৪.৬।

প্রিয়াল পুং [√প্রী+আল (কালন্)—অ টী , প্রিয়সাল > °ল (?)] পিয়ালবৃক্ষ। "রা ২.৯৪.৮।

প্রিয়োত্তম বিং [অসাধু] পিয়তম। "°ম ভ্রাতৃষ্পুত্র ব প ১৬৯৮।

প্রিয়োপভোগ পুং [ষ ত] পতিসম্ভোগ। "°গচিহ্নেষু রঘু ১২.২২।

প্রী সক [ভ্বা.উ—প্রয়তি, -তে , অনিট্] প্রীণন, তর্পণ (ক ক)। —অক [দি, আ—প্রীয়তে ; অনিট্] প্রীতি, প্রীতিভাব। "যঃ প্রীয়তে প্রণয়িষু (ক.ক)। —সক [দি, আ] কান্তি , ইচ্ছা। —সক [ক্র্যা, এ—প্রীণাতি, -ণীতে , অনিট্] ১ প্রীতীকরণ, তর্পণ। ২ (অক) প্রীতিভাব। "প্রভুঃ প্রীণাতু বিশ্বভুক (ক ক)। —সক [চু.প—প্রায়-য়তি, প্রীণয়তি (ক.ক) , সেট্] তর্পণ।

প্রীণন বিণ [√প্রী+ই (ণিচ্)— √প্রীণি+অন (ল্যুট্)-ক] তর্পয়িতা, তৃপ্তিকর। —ণন ক্লী [+অন-ভা] তর্পণ, তোষণ, তৃপ্তিজনন। "ইন্দ্রিয়° মহা ৫.২৭ ১৩। ভ ৫ ৮ ৯। —ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] তর্পিত। "যস্মিন্ (হরৌ)…প্রীণিতে প্রীণিতং জগৎ।

প্রীত[1] বিণ [√প্রী+ত (ক্ত)-ক] ১ প্রীতিযুক্ত, হৃষ্ট। "পরম° বা ১. ১.৪৩। রঘু ১.৮১ , প্রীতাস্মি ২.৬৩। মোরে প্রীত কৈলে সকল কাল ভাল শ্রী ৫৯। ২ [+ত-র্ম্ম] প্রীণিত, তোষিত। "তৎপানেন যদি প্রীতঃ পিতামহ মহা ১.২০৯,১৯।

প্রীত[2] বি [সং প্রীতি , হি, ঠ °ত] ১ প্রীতি। "বিড়াল পাইয়া প্রীত পাইল সুন্দরী।—ম ৭২৭। দুর্গে পূজা লেহ প্রীতে দু ১৩। সর্ব্ব জগতের প্রীত হইব ইহানে চৈ.ভা ২৬। ২ প্রেম, পিরীত। "ভ্রমরা সমান, আছে কত জন, মধুলোভে করে প্রীত চ দা ১২২। [প্রীত বাসা —ভালবাসা। "বড় প্রীত বাসে তানে বৈষ্ণব সকল চৈ.ভা ৮০ , ২০০। প্রীতে—প্রীতিতে, প্রসাদার্থ। "দেবী প্রীতে (পূজিলা শ্রীরাম) দু ২। হরপ্রীতে হরি বল শি ১১৪।]

প্রীতি স্ত্রী [√প্রী+তি (ক্তিন্)-ভা] ১ হর্ষ , আনন্দ। "রঘু ২.৫১। প্রীত্যৈ সজ্জনভাষিতং প্রভবতি।—হি ১ ৯৮। ২ তৃপ্তি। ৩ আমোদ। ৪ [+তি-ণ] প্রেম, প্রণয়। "দশরথপ্রীতেরনৃণম্ (গৃধ্রম্) রঘু ১২.৫৪। °বিশ্রম্ভভাজন।—হি ১.২২৩। ৫ ইষ্টদর্শনজন্য সুখ। ৬ (জ্যোতিষে) যোগবিশেষ। [ইহাতে জন্মিলে লোক, অবোগ সুখী বিনোদী বিত্ত-প্রিয় ও দাতা হয়।] ৭ (সঙ্গীতে) শ্রুতিবিশেষ। [°দত্ত (ক্লী) —বিবাহে পাদবন্দনকালে শ্বশুর ও শ্বশ্রূ কর্ত্তৃক বধূকে দত্ত ধনাদি (মিতাক্ষরা)। °দান (ক্লী)—আনন্দজনন। "রঘু ১৫.৬৮। °দায় (ক্লী)—প্রীতিহেতু দেয় দ্রব্য। "আভরণম্…প্রীতিদায়ম্।—গো.রা ২.৬.৩০। °প্রমুখ (বিণ)—প্রীতিপূর্ব্বক, প্রণয়পুরঃসরঃ। "°প্রমুখবচনং (ব্যাজহার)পূ.মে ৪। °যুক্ (-জ্) বিণ—প্রীতিযুক্ত, স্নিগ্ধ। "কি ১.১০। °রসায়ন (ক্লী)—প্রীতিজনক অমৃতময় ঔষধ। "মিত্রং °রসায়নং নয়নয়োঃ —হি ১.২২৪। °স্নিগ্ধ (বিণ)—প্রেমরসার্দ্র। "°স্নিগ্ধৈঃ…লোচনৈঃ পূ.মে ১৬।]

প্রীত্যঙ্কুর বি প্রেমাঙ্কুর, প্রেমোদ্গম। "আসক্তি হৈতে কৃষ্ণে জন্মে প্রীত্যঙ্কুর চৈ.চ ২২৮।

প্রীত্যাভাস বি বহিঃপ্রতীয়মান প্রেম। "(প্রভু) আচার্য্যসম্বন্ধে বাহ্যে করে প্রীত্যাভাস চৈ চ ২৬৬।

প্রীয়মাণ বিণ [√প্রী+মান (শানচ্)-র্ম্ম] তোষণীয়। "সর্ব্বদেবতার মাঝে প্রীয়মাণ সম ভ গ্র ২৯৯।

প্রুষ্ সক [ভ্বা, প—প্রোষতি ; সেট্] দাহ, ভস্মীকরণ। —ষ্ সক [ক্র্যা, প—প্রুষ্ণাতি ; সেট্] ১ সেচন। ২ পূরণ। ৩ সেবন। ৪ মোচন। —ষ্ অক [ক্র্যা, প] আর্দ্রীভাব (ক.ক)।

প্রেক্ষক বিণ [প্র+ঈক্ষ্+অক (ণ্বুল্)-ক] দর্শক। "প্রেক্ষকো জনঃ বা ২.৫৪.২৫। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ দর্শন, দৃষ্টি। "মনু ২.১৭৯। চকিতহরিণীপ্রেক্ষণা (যা) উ.মে ২১। ২ [+অন-ণ] চক্ষুঃ। "চকিতহরিণীপ্রেক্ষণে দৃষ্টিপাতং উ.মে ৪১। ৩ [+অন-ধি] নাট্যা-ভিনয়। "প্রেক্ষণাবসানে—বিক্র ৩৭। ৪ নৃত্যাদিস্থান। "মনু ৯.২৬৪। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ দর্শনীয়। "পূ.মে ২ ; কনককদলী° উ.মে ১৬। ২ দর্শনার্হ, মনোহর। "(পক্ষিণঃ) প্রেক্ষ-ণীয়াঃ গো.রা ৪.৪৮.১০। —ণীয়ক ক্লী [°য়+ক (কন্) সংজ্ঞার্থে] নাটকাদিতে আহার্য্যক বস্তু ; দৃশ্য। "মাঘ ১০.৮২। —ক্ষা স্ত্রী [+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দর্শন, অবলোকন। "°লব ভ ৩.১৬.৭। ২ বিচারণা, পর্য্যালোচনা, মন্ত্রণা। "প্রেক্ষাগার। ৩ [+অ-র্ম্ম] নৃত্য। ৪ দৃশ্য। ৫ শোভা। "ভ ৩৮.২৪। ৬ [+অ-ণ] প্রজ্ঞা, বুদ্ধি। ৭ [+অ-ধি] নৃত্যাদিস্থান, রঙ্গ। "মনু ৯.৮৪। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] দৃষ্ট, অবলোকিত। —ক্ষিত ক্লী [+ত-ভা] অবলোকন। "পূ.মে ৪০। —ক্ষী (-ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ দর্শক। ২ দৃষ্টিপাতকারী। "মৃগপ্রেক্ষিণি!—রঘু ১৩.১৮। ৩ প্রতীক্ষাকারী। "রামস্যান্তরপ্রেক্ষী রাবণঃ গো.রা ৩.৫২.১৩। —ক্ষ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] দর্শনীয়, দৃশ্য। "অতিশয়° রঘু ১৭.২৫।

প্রেক্ষণ, -ণীয়, -ণীয়ক দ্র 'প্রেক্ষক'।

প্রেক্ষা দ্র 'প্রেক্ষক'। [°কারী (-রিন্) বিণ—বুদ্ধিপূর্ব্বক কার্য্য-কারী ; বিমৃশ্যকারী। "°কারী যাতি পদং মুক্তমপায়ৈঃ কি ১৮.২৮।] প্রেক্ষাগার (পুং, ক্লী), °গৃহ (ক্লী)—১ মন্ত্রভবন। ২ অবস্থানপূর্ব্বক দর্শনার্থ গৃহ। "হ ৮.১৩,-৫। °পূর্ব্ব (বিণ)—বুদ্ধিপূর্ব্বক, বিচার-পূর্ব্বক।

প্রেক্ষিত, -ক্ষী, -ক্ষ্য দ্র 'প্রেক্ষক'।

প্রেঙ্খ পুং [প্র+ √ইঙ্খ্+অ (ঘঞ্)-ভা] আন্দোলন, কম্পন। "ভ ২.৯.১৩। —ঙ্খণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'প্রেঙ্খ'। ২ উপরূপকভেদ। "সা.দ ৬.৪। —ঙ্খা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'প্রেঙ্খ'। ২ অশ্বগতিভেদ। ৩ [+অ-ণ] দোলা। "ভ ১০. ৪৪.১৫।

প্রেঙ্খা দ্র 'প্রেঙ্খ'।

প্রেত বিণ [প্র+ √ই+ত (ক্ত)-ক] প্রয়াত, মৃত। "আচার্য্যে …প্রেতে মনু ২.২৪৭। —ত পুং ১ মৃতজন। "রঘু ৮.৮১৩। ২ ভূত-বিশেষ। "গী ১৭.৪। ৩ নরকস্থ প্রাণিবিশেষ। "মনু ১২.৭১,-২।

৪ পিতৃলোকস্থ পিতা। "মনু ৩.১২৭, কুল্লুক। ৫ আতিবাহিক-দেহোত্তর জায়মান দেহভেদ। [°কর্ম্ম (-র্ম্মন্), °কার্য্য, °কৃত্য (ক্লী), °কৃত্যা (স্ত্রী)—প্রেতোদ্দেশে কর্ত্তব্য দাহাদি সপিণ্ডনান্ত কর্ম্ম ; পিত্র্যাপকারার্থ ক্রিয়া (কুল্লুক)। "°কৃত্য রা ২.৭৬.৩। °কার্য্য গো.রা ২.৪৮.১৮। °কৃত্যা মনু ৩.১২৭। °কর্ম্ম ম ৩৪ ; ৬৭৫। °কায় (পুং) —শব। °ক্রিয়া(বি)—সর্থ 'প্রেতকর্ম্ম'। "মে ৩০৬। °গত (বিণ) —প্রেতাত্মপ্রাপ্ত, মৃত। "গো.রা ৪.৩০.২২। °গৃহ (ক্লী)—শ্মশান। °তর্পণ (ক্লী)—প্রেতোদ্দেশে বর্ষপর্য্যন্ত কর্ত্তব্য জলদানক্রিয়া। "ম ১০১৫। °দেশ (বি)—প্রেতপুর, যমপুর। "মে ২৬০। °দেহ (পুং) —সপিণ্ডন-পর্য্যন্ত মৃতের প্রেতশরীর। [পরে 'ভোগদেহ'।] °ধূম (পুং)—চিতাধূম। "মনু ৪.৬৯। যাজ্ঞ ১.১৩৯। °নদী (স্ত্রী)—বৈতরণী। °নাথ, °পতি (পুং)—যমরাজ। "°পতি—ম ৩০৯। °নির্হারক (পুং)—ধনগ্রহণপূর্ব্বক শববাহনাদিকারক। "মনু ৩.১৬৬। °পক্ষ (পুং)—প্রেতপ্রিয় পক্ষ ; পিতৃপক্ষ। °পিণ্ড (পুং)—পূরকপিণ্ড। °পুর (ক্লী), °পুরী (স্ত্রী)—যমালয়। "°পুর—মে ২৬১ ; °পুরী ২৯৭। °প্রসাধন (ক্লী)—পুষ্পাদি দ্বারা শবমণ্ডন। °বন (ক্লী), °ভূমি (স্ত্রী)—শ্মশান। °মেধ (পুং)—অন্ত্যেষ্টিক্রিয়া। °রাজ (পুং) যমরাজ। °লোক (পুং)—যমপুর। °শরীর (ক্লী)—দ্র 'প্রেতদেহ'। °শিলা (স্ত্রী)—পিত্রাদি ও বান্ধবাদির পিণ্ডদানে প্রেতত্বমোচনার্থ গয়াস্থ শিলাবিশেষ। °শুদ্ধি (স্ত্রী)—মৃত হইলে কালবিশেষে শুদ্ধি ; সপিণ্ডের মরণনিমিত্ত ও অসপিণ্ডের দহনবহননিমিত্ত অশৌচের কালবিশেষের অপগম। "মনু ৫.৫৭ ; ১০০। °শ্রাদ্ধ (ক্লী)—আদ্যশ্রাদ্ধাদি-সপিণ্ডনপর্য্যন্ত প্রেতোদ্দেশ্যক ষোড়শ শ্রাদ্ধ (আদ্যশ্রাদ্ধ+দ্বাদশ মাসিক +ষাণ্মাসিকদ্বয়+সপিণ্ডীকরণ)।]

প্রেতাধিপ, -পতি পুং [ষ.ত] যমরাজ।

প্রেতান্ন ক্লী মরণাশৌচযুক্তের অন্ন ; মৃতকান্ন। "মনু ৪.২১৭।

প্রেতিনী বি [প্রেত+ইনী] প্রেত-স্ত্রীজাতি। "ব.প্র ১৩৪।

প্রেত্য ব্য লোকান্তরে। "গী ১৭.২৮। মনু ২.৯ ; ১৪৬।

প্রেপ্সু বিণ [প্র+ √আপ্ + স (সন্) √প্রেপ্স+উ-ক] ঔ লিপ্সু। "অন্তর° গো.রা ৪.৫.৩ উদয়° মহা ১.২.৩৮। অফলপ্রেপ্সু গী ১৮.২৩।

প্রেম(-মন্) ক্লী [প্রিয়+ইমন্ (ইমনিচ্)-১ব, প্রিয়>প্র] ১ প্রিয়-ভাব, সৌহার্দ্দ, স্নেহ, ভালবাসা। "পুত্র° পু.মে ৪৪। প্রেমের পথ নম্রতার পথ।—রবীন্দ্র। ২ ভ্রাতৃবাৎসল্য। "কি ৩.৩৩। ৩ যুবক-যুবতীর ধ্বংসরহিতভাববন্ধন (দ্র 'ভ.গ্র ৪০০) ; অনুরাগ, প্রণয়। "প্রেম পরম্পরাশ্রয়ম্ রঘু ৩.২৪ ; ১৯.২০। অকৃত্রিম প্রেম কি পরম পদার্থ সী ১৭। প্রেমাকাঙ্ক্ষিণী ব.প্র ৯০,-৮। ৪ বিয়োগাসহিষ্ণুতা। "প্রেম-রাশীভবন্তি উ.মে ৫১। ৫ হর্ষ। ৬ নর্ম্ম। ৭ (বৈষ্ণবমতে) কৃষ্ণের ইন্দ্রিয়প্রীতির ইচ্ছা। 'কৃষ্ণেন্দ্রিয়প্রীতি-ইচ্ছা ধরে প্রেম নাম চৈ.চ ১৭। "চৈ.চ ১৬। ৮ গাঢ় রতি বা অনুরাগ। 'রতি গাঢ় হৈলে তার প্রেম নাম কয় চৈ.চ ২০০। "°মহামহোৎসব চৈ.ম ১১১। চৈ.চ ১৮৬। —মা (-মন্) পুং ১ সর্থ 'প্রেম (১)। ২ নর্ম্ম। ৩ সর্থ 'প্রেম (৮)। "কৃষ্ণ° "চৈ.চ ১৮৬। (গোরা) অপরূপ প্রেমার বিনোদে চৈ.ম ৯৬; প্রেমা-আনন্দ-লহরী ১১১; প্রেমায় ছাড়িতে না পারি ১৫৭। প্রেমায় বিহ্বল ন.প ২১০। [°চিন্তামণি (বি)—প্রেমরূপচিন্তামণি। "°চিন্তামণির প্রভু ধনী চৈ.চ ৮২। °নাট (বি)—প্রেমাবেশে নৃত্য। "প্রভুর প্রেমনাট চৈ.চ ৯৪। °বন্ধ (পুং), °বন্ধন (ক্লী)—প্রণয়বন্ধন, গাঢ়ানুরাগ। "দু-সতীনে প্রেমবন্ধ ব.প ৩৫৩। °বিশ্বাসভূমি (স্ত্রী)—প্রণয়বিশ্বাস-ভাজন। "হি ১৫৯। °বৈচিত্ত্য (ক্লী)—প্রিয়ের সন্নিকর্ষেও প্রেমোৎকর্ষস্বভাবে বিশ্লেষবুদ্ধি হেতু নায়িকার আর্ত্তি। দ্র 'ভ.গ্র ৪০৫। °ভক্তি (স্ত্রী)—শ্রীকৃষ্ণে প্রেম হেতু অনন্যমমতা বা একান্তমমতা। °মুগ্ধা (বিং)—প্রেম হেতু মোহিতা বা বিবেকমূঢ়া। "পেমমুগ্ধা রামা তীরু, গঞ্জিয়া বলেন শারী শুকে ব.প ৩৫৮।]

প্রেমদা বি [তু 'সং প্রমদা' ; অপ্র] 'প্রেমদাত্রী', রমণী, স্ত্রী। "বা.দ ৪০। ধন জন কি °দা, কিছুই সন্তোষ কর নহে—হেম ৩২৩।

প্রেমবান্ (-বৎ) বিণ [প্রেমন্+বৎ (বতুপ্)-১ব] 'প্রণয়ী, স্নিগ্ধ, অনুরাগী'। "সেই সতী প্রেমবতী, প্রেমবান্ সেই পতি, বিয়োগে যে বাঞ্ছে প্রিয়হিতে চৈ.চ ১৫৫। —বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রণয়িনী, প্রিয়া, দয়িতা। "প্রেমবতী প্রেম লাগি জীউ তেজত—গো ১৭৪। চৈ.চ ১৫৫।

প্রেমবৈচিত্ত্য ক্লী [উ.লো] প্রেমহেতুক চিত্তবিকার ; প্রেমের উৎকর্ষ হেতু প্রিয়ের নিকটেও বিশ্লেষবুদ্ধিহেতুক নায়িকার আর্ত্তি বা করুণ বিলাপ। 'উজ্জ্বলনীলমণি, ভ.গ্র ৪০৫। ভা.চ ৭১২। "প্রেমবৈচিত্ত্য শ্রীদশমে মহিষীগণে চৈ.চ ২৩০।

প্রেমা দ্র 'প্রেম'।

প্রেমারা বি [P. primeiro] তাসের খেলাবিশেষ। [এই খেলায়, ৫২ খান তাসের চার রঙের আটা নয় দশ—এই তিন খান করিয়া বার খান বাদ যায়, চল্লিশ খান তাসে প্রেমারা খেলা হয়। ইহাতে টেক্কায় ১৬, দুরিতে ১২, তিরিতে ১৩, চৌকায় ১৪, পঞ্জায় ১৫, ছক্কায় ১৮ ও সাতায় ২১ ফোটা ধরে। সাহেব বিবি গোলামে 'ফ্রিক্র' হয় ; ফিক্রর ১০ ফোটা। যে তাস দেয়, তাহাকে 'গাড্ডেল' বলে ; গাড্ডেলের ডাহিনে যে থাকে, তাহার নাম 'মাউ', মাউএর এক ফোটা বৃদ্ধি হয়। খেলার দানের নাম—(১) মাছ—সাতা ছক্কা টেক্কা ; (২) কাতুর —সাতা ছক্কা পঞ্জা ; (৩) ত্রেশ—সাতা ছক্কা চৌকা ; (৪) দোশ —সাতা ছক্কা তিরি ; (৫) উ —সাতা ছক্কা দুরি ; (৬) কোরোন্তা —সাতা ছক্কা ফিক্র। সকল দানেই তাস এক রঙেরই হইবে। চার রঙের চার খান তাস হইলে 'প্রেমারা' ও এক রঙের চারখান তাস হইলে 'ফ্রুশ্' হয়। ফ্রুশ্ সকলের বড় দান ; মাছ প্রভৃতি মোটা দান, মাছ সকলের বড় দান। তদ্ভিন্ন 'সাতাজফিক্র' (সাতা টেক্কা ফিক্র), 'অতিকোরোন্তা' (কোরোন্তার এক ফোটা কম) ইত্যাদি ফোটার ন্যূনাতানুসারে ছোট ছোট দান আছে। চার বা তিন জনে এই খেলা হয়। সাতা ছক্কা হাতে আসিলে 'খেলা' বলিতে হয় ; ইহাকে 'ইপ্সিত' বলে।]

প্রেমিক বিং [সং 'প্রেমি' ; তু 'রসিক'] প্রেমপ্রবণ, প্রণয়ী। "আমার এ প্রেমের তরি, প্রেমিক বিনা নেই নে কারে। যে জন প্রেম জানে না, চড়তে মানা, ডোবে তরি একটু ভারে॥—গান।

প্রেমী (-মিন্) বিণ [প্রেমন্+ইন্ (ইনি)-১ব] ১ প্রেমবান্, প্রণয়ী। ২ গাঢ়ানুরাগী। "রায় প্রেমী চৈ.চ ১১৬ ; প্রেমী ভক্ত ২৭৮।

প্রেয় বি [সং প্রেয়স্>লি পেয্‌য, প্রা, হি, ঠ পেয] প্রিয়, ইন্দ্রিয়প্রীতিকর ঐহিক সুখকর বিষয়। "অবশ্য বাছিতে হবে শ্রেয় আর প্রেয় স্ব.প্র ২০। ঘোর সঙ্কটের সময় একদিন তাঁহার সম্মুখে একই কালে শ্রেয়ের পথ ও প্রেয়ের পথ উদ্‌ঘাটিত হইয়াছিল চা.পু ৯১।

প্রেয়স বিং [সং °স্ ; বৈষ্ণবসাহিত্যে] প্রিয়। "পণ্ডপ° জ.প ৬৭।

প্রেয়ান্ (-য়স্) বিণ [প্রিয়+ঈয়স্ (ঈয়সুন্)-১ব , স্ত্রী -য়সী] প্রিয়তর, অতিপ্রিয়, প্রিয়। "দৃষ্টে জনে প্রেয়সি উ.চ ৪.৮। সত্যভামা হইতে প্রেয়সী তোমারে আমি মানি।—ম ২৩৬। চৈ.চ ১৮৮। পঁহু প্রেয়সী ছবি ন.প ১৫৮। কৃষ্ণের প্রেয়সী তেঁহো ভ.গ্র ৪২০। মৌখিকে প্রেয়সী তোরা।—দা ৭৬৯। প্রেয়সী নারী—হেম ১৩২। প্রেয়সী মহিষী।—সী ৭৩। কতলু খাঁর প্রেয়সী হইয়া বসিয়াছ ব.প্র ৯২। —য়ঃ ক্লী অভ্যুদয়সাধন কর্ম্ম। বিপ 'শ্রেয়ঃ'। কঠোপনিষৎ ২.১।

—য়সী স্ত্রী প্রিয়া, দয়িতা; ভার্য্যা। "অয়ি মোর জীবনের প্রথম প্রেয়সী চ.কা ১১৯।

প্রের সর্ম্ম [সং প্র+ √ঈরি (ঈরয়)>প্রা৲ পের] প্রেরণ করা; পাঠান। "নানা ছলে কৃষ্ণে প্রেরি সঙ্গম করায় চৈ চ ১১৯। প্রের রাঘবেন্দ্র শূরে কৃতান্তনগরে।—মে ২৬০।

প্রেরক বিণ [প্র+ √ঈরি+অক (ণ্বুল)-ক] প্রবর্ত্তক, প্রযোজক; প্রস্থাপক। "মনঃ…প্রেরকং তত্র তত্র হ ২৭৯ ২৪। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রবর্ত্তন, প্রযোজনা। ২ প্রস্থাপন। ৩ কার্য্যে ভৃত্যাদির নিয়োগ; প্রেষণ। ৪ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়ের অধিষ্ঠাতৃত্ব। "যাজ্ঞ ৩.৭৩। ৫ প্রক্ষেপ। "বিফলপ্রেরণা চূর্ণমুষ্টিঃ উ মে ৭। —রণা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'প্রেরণ'। "তাঁহার প্রেরণায় তাঁরে অত্যাগ্রহ করে চৈ চ ৩৩। —রয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব] প্রেরক। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রবর্ত্তিত। ২ প্রেষিত, প্রস্থাপিত। "নপুংসকমিতি জ্ঞাত্বা প্রিয়ায়ৈ প্রেরিতং মনঃ। মনস্তত্রৈব রমতে হতাঃ পাণিনিনা বয়ম্॥—শ ক। ৩ কার্য্যে নিযোজিত।

প্রেরণ, -ণা, -রয়িতা, -রিত দ্র 'প্রেরক'।

প্রেষণ ক্লী [প্র+ √ইষ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ প্রেরণ, প্রবর্ত্তন, নিয়োগ। "প্রেষণং বায়ুপুত্রস্য বা ১.৩ ৩৮। জানীয়াৎ, প্রেষণে ভৃত্যান্।—চাণক্য। ২ প্রেষ্যত্ব, পরিচর্য্যা। "মহা ১.৭৬.২৫। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রেরিত। "°বামলোচনা শ ১.২১, টীকা। ২ নিযুক্ত, প্রবর্ত্তিত। "শ্রী মা ২৬, পূতনাকে করিল প্রেষিত ৩৫।

প্রেষ(ষি)ণী বি [প্রেষণীয়া>°ণী (?), সং প্রেষ্য] পরিচারিকা। "প্রেষণী চলিয়া গেল রাণীর বচনে ব.প ৭২৩। পেষিণী লোকের কেন এত অহঙ্কার।—ম ৫৯৬।

প্রেষ্ঠ বিণ [প্রিয়+ইষ্ঠ(ইষ্ঠন্), প্রিয়>প্র] প্রিয়তম, অতিপ্রিয়। "কৃষ্ণ° চৈ.চ ২২৭। °মধ্যে ভ.গ্র ৪৯, ৭৯; পরম প্রেষ্ঠা প্রেয়সী ৪৬২।

প্রেষ্য বিণ [প্র+ √ঈষ্ গতি+ই (ণিচ্)+য(যৎ)-স্ম] প্রেষণীয়, প্রেরণীয়। "কন্যা হি তত্র ন প্রেষ্যা ক সা ১২.৩। —ষ্য পুং দাস। "রা ১.৩৩. ২। রাজ° মহা ৩.৭৩.৩০। °নারী মনু ৩.৯। —ষ্যা স্ত্রী দাসী। "স্ত্রিয়ঃ …সপ্রেষ্যাঃ মহা ১.১৩৪.১৫। [°জন (পুং)—কর্ম্মকরজন, ভৃত্যগণ। "মনু ৭.১২৫। °ভাব (পুং)—দাস্য, চাকরী। °বধূ (স্ত্রী)—ভৃত্য-স্ত্রী। °বর্গ (পুং)—দাসগণ।]

প্রেস সর্ম্ম [সং প্র+ √এষি (এষয়্)>প্রা √পেস, অপ্র] প্রেরণ করা, অর্থাৎ দেওয়া। "(দুর্গে!) পঙ্কজাঙ্ঘ্রি অঙ্গে মোর প্রেস একবার ম.পা ২৮; ৬০।

প্রৈষ পুং [প্র+ √ইষ্+অ (ঘঞ্)-ণ; বৃদ্ধি] ১ বিধি। "পা ৩.৩. ১৬৩। ২ আজ্ঞাবচন। "মভা ২.৫৭৩। —ষ্য পুং [+ √ইষ্+ই (ণিচ্)+য (যৎ)-র্ম্ম] দাস। "নৃপতি° গো রা ২ ৮৩ ১৯, °জন ২২। °ভাব কু.স ৬ ৫৮। —ষ্যা স্ত্রী দাসী। "মনু ৮ ৩৬৩।

প্রৈষ্য দ্র 'প্রৈষ'।

প্রোক্ত বিণ [প্র+ √বচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত। "এষ তূদ্দেশতঃ °ক্তঃ গী ১০.৪০; ১৬.৬। ২ প্রকৃষ্টভাবে উক্ত। "পাণিনিনা প্রোক্তং পাণিনীয়ম্ পা ৪.৩.১০১, সি। (ধর্ম্মান্) গুরুপ্রোক্তান্ ভ ৩.২২.১৯। —ক্ত ক্লী কথিত বিষয়। "°কারী ভ ৯.১৮.৪৪।

প্রোক্ষণ ক্লী [প্র+উক্ষ+অন(ল্যুট্)-ভা] ১ সেচন, আসেচন। "মনু ৫.১১৫,-১৮,-২২। ২ যজ্ঞিয় পশুর গাত্রে সমন্ত্রক জলসেচন। ৩ যজ্ঞার্থ পশুহনন। ৪ বধ। ৫ শ্রাদ্ধোচিতসংস্কার। "ভ ৯.৬৮। —ক্ষিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ সিক্ত। ২ যজ্ঞার্থ মন্ত্রসংস্কৃত। "প্রোক্ষিতং ভক্ষয়েন্ মাংসম্ মনু ৫ ২৭।

প্রোচ্চ বিং প্রকৃষ্ট উচ্চ; অত্যুচ্চ। "প্রোচ্চপর্ব্বতশিখর।—রাজ ২২১।

প্রোজ্জ্বলিত বিং উদ্দীপ্ত, প্রজ্বলিত। "°ত গৃহচয়।—রাজ ২২২।

প্রোজ্ঝিত বিণ [প্র+ √উজ্ঝ্+ত (ক্ত)-র্ম্ম] প্রকৃষ্টভাবে ত্যক্ত; পরিত্যক্ত। "ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবঃ ভ ১.১.২।

প্রোঞ্ছন ক্লী [প্র+ √উঞ্ছ্+অন (ল্যুট্)-ভা] মার্জ্জন, পরিষ্করণ, পোঁছা। "উচ্ছিষ্ট° মনু ২.২৪১, কুল্লুক।

প্রোত বিণ [প্র+ √বে+ত (ক্ত)-র্ম্ম, এ সম্প্রসারণ] ১ প্রকৃষ্টভাবে উত; স্যূত, গ্রথিত। "শল্য° রঘু ৯.৭৫; °মুখ ১৩.১৩। °ঘনে বিষাণে কু.স ৭.৪৯। ২ বিদ্ধ। "বিপ্রঃ প্রোতরাধারহস্তঃ বা.ভা ১.৮৭। ৩ আরোপিত। "সঃ…শূলে প্রোতঃ মহা ১.১০৭.১২। —ত ক্লী বস্ত্র।

প্রোৎকণ্ঠ বিণ [প্রা.স] প্রকৃষ্ট উৎকণ্ঠ; মুক্তকণ্ঠ। "ভ ৭.৭.৩৪।

প্রোত্থিত বিণ [প্রা.স] প্রকৃষ্ট উত্থিত; নির্গত। "সমাচিতা প্রোত্থিত-কন্দলীদলৈঃ (ক্ষিতিঃ)।—ঋতু ২.৫।

প্রোৎফুল্ল বিণ [প্রা.স] ১ প্রকৃষ্ট উৎফুল্ল; বিকসিত। "°পঙ্কজবনাং (নলিনীম্) ঋতু ৩.১০। ২ হর্ষবিকসিত। "°নয়ন মহা ১.১৬০.৮।

প্রোথ্ অক [ভ্বা, উভ—প্রোথতি, -তে; সেট্] ১ পরিপূর্ণতা। ২ সামর্থ্য।

প্রোথ বিণ [√প্রু গতি+থ (থক্)-ক, উ-২.১২] প্রস্থিত। "বৃক্ষান্ত-মুদকান্তং চ প্রিয়ং প্রোথমনুব্রজেৎ। —থ পুং, ক্লী [√প্রোথ্+অ (অচ্)-ক] ১ অশ্বনাসিকা। "মাঘ ১১.১১। ২ শূকরনাসিকা। —থ পুং ১ কটি। ২ স্ত্রীগর্ভ। ৩ গর্ত্ত।

বড়¹ বিং ['ব্রড্ড'—মহান্‌ (দেশী ৭২৯), তু 'সং ব্রড্র (ভড্ড > ড্র—সাধুভাষা), তু 'উড্র > উড্ড, বড় (পৈ), হি বড়া, ঠ বডা, মৈ বড়, তু 'কা বব্‌ত্‌র—বৃহত্তর] ১ বৃহৎ। "পড়ে বড় ঘরের চাল। —কৃ ২১৭। ২ দীর্ঘ, লম্বা। "প্রমাণ যুক্তির চেয়ে বড়। ৩ উচ্চ। 'বড় ঝড় বড় গাছ বই লাগে না ব প ১৫৭৮। বড় গাছে বড় ঝড় দা ৫৮৮। ৪ প্রা°শু, লম্বা, ঢেঙা। 'মাথায় বড়। ৫ বৃদ্ধিপ্রাপ্ত। ৬ বয়োধিক। "বয়সে বাপের বড় ভা চ ৩৮। ৭ জ্যেষ্ঠ। "বড় দিদি, ভাই। ৮ প্রধান, হেড। "বড় বাবু, সাহেব। বড়র বড়, বাবার বাবা আছে। ৯ উচ্চপদস্থ। "বড় কর্ম্মচারী। ১০ শ্রেষ্ঠ, অনুপম। "রসের নাগর বড় কালা চ দা ৮। ১১ দীর্ঘকালব্যাপী। "দিন ছোট রাত বড় (পদ্মমালা)। ১২ বিস্তৃত, প্রসর। "বড় ক্ষেত, ময়দান, মাঠ। ১৩ সমৃদ্ধ, ধনী, রাজা-রাজড়া। "বড় বলি বিশ্বনাথে বেটি দিল বাপ শি ৩৪। বড় ঘরে মেয়ে দিলে এই দশাই ঘটে।—মা ৩২৩। বড় বাড়ীতে ফুল যোগান বড় দায় ব প্র ১৯৩। ১৪ কৌলিন্যে উচ্চ, অভিজাত, সম্ভ্রান্ত। "কন্যার বিবাহ সমান ঘরেই দিবে—ছোটতে ত যাবেই না।—কিন্তু বড়র দিকে বড় বাড়াবাড়ি করিবে না পা প্র ৯৪। ১৫ বহুগোষ্ঠী। "বড় পরিবার। ১৬ অতিশয়, অনুপম। "রাজপুত্র বট বাছা রূপ বড় বটে। বিচারে জিনিতে পার তবে বড় ঘটে।—ভা চ ২৯২। ১৭ সুশোভন, বেশ। 'দ্র (১৬)। ১৮ উত্তম, ভাল। "দড়বড় দড়বড়, অশ্বচালনায় দড়, ছোট বড় জানা নাহি যায়।—রঙ্গ ৬। ১৯ অধিক, শ্রেষ্ঠ। "হনুমান্‌ হইতে অঙ্গদ বীর বড়।—কৃ ২৪৭। ২০ সঙ্গতিপন্ন, গোছাল। "বড় বড় গৃহস্থের টুটিল সম্বল ক চ ৬৮। ২১ মানী, পূজ্য। "দেশান্তরী মারিয়া কি হৈবা তুমি বড়?—চৈ ভা ২৫৫। বড় হ'বে ছোট হলে অপমান।—দা ৫৮৮। ২২ উদার, মহত্ত্বসূচক। "বড় কথা, নজর, প্রাণ, ভাব, মন। ২৩ গৌরবিত। 'বড়ুয়ার ঝিয়ারী, বড় নাম ধরি চ দা ৭৩। ২৪ অভিতার, অত্যুচ্চ। "বড় ডাক শুনি কেহ পরাণ ত্যাজিল চ বি ৩১৪। ২৫ দুষ্কর, অতি-কষ্টসাধ্য। 'কায়ক্লেশ করি কর্ম্ম করিয়াছ বড় শি ৩৯। ২৬ স্পর্দ্ধিত, গর্ব্বিত। "ছাওয়াল বলেন পক্ষী কহ বড় কথা বা ম ১৫, ৪১, ৩৬২। ২৭ অতিগুরু, অত্যাবশ্যক। "পাছে তুমি তাহার কলধ্বনিতে মুগ্ধ হইয়া বড় কাজ ভুলিয়া যাও, এইজন্যে তোমাকে কিছুদিনের জন্য মনঃপীড়া দিতেছি ব প্র ১১২। ২৮ বিশেষ। "নারীর লাবণ্য জন্য ভয় নয় বড় শ্রী ৯১। ২৯ অতিরিক্ত, বাড়াবাড়ি। "বড় পিরীতি বড় ভাল নয়।—দা ৫৮৮। ৩০ প্রচণ্ড। দ্র (৩)। ৩১ শ্রেয়ান্‌, শ্রেয়স্কর। 'পরকাল হৈতে এ কাল নহে বড় ব প ১৩৫৫। ৩২ একান্ত। "যাইতে ছোটর ঘরে বড় মনোরথ ভা চ ৫৩০। ৩৩ অত্যন্ত, সমধিক। "বড়ই অপযশ ম ম ২৯। বড় দর্প।—দা ৫৮৮। ৩৪ অনুচিত, অশোভন। "গঙ্গা বলে চণ্ডী রহ, বড় কথা কত কহ ম.ম ১৮। ৩৫ বহু, অনেক। "রাম বড় গুণের সাগর ক চ ৩। ৩৬ অসম্ভব। "বড় আশা ছোটতে সাজে না (পদ্মমালা)। ৩৭ নিপুণ, বিখ্যাত। "বড় যোদ্ধা শুম্ভ আর নিশুম্ভ।—দা ৫৮৮। ৩৮ সমারোহযুক্ত। "বড় যজ্ঞে দক্ষ রাজা পান বড় কষ্ট দা ৫৮৮। ৩৯ তীব্র। "বড় শোক।—দা ৫৮৮। —ড় ক্রি বিং ১ অত্যন্ত। "কজ্জিরায় বড়

ছুরবার ক চ ৭০। বড়ই বড় ছুক্কর।—দা ৫৮৮। ২ বিশেষ। "ভাল নেই বড় রাণীর মেজাজ।—কা ১২৯। আমার বাপের আমার শ্বশুরের সঙ্গে বড় বনে না ব প্র ৩৪৪, কথাটার আর বড় উচ্চবাচ্য হইল না ৪০২, তা বড় লক্ষ্য করি নাই ৫৩২। দ্র '(১৪)। ৩ বেশ, উত্তম। "দ্র (১৬)। ৪ সাধারণভাবে। "মন সে বড় কেউ-কেটা নয়, মনের নিজের মর্জ্জি আছে কু কে ৭৫। ৫ সচরাচর, সহজে। "এখন ভাল লোহা বড় পাওয়া যায় না ব প্র ৪৪৮। ৬ বাক্যালঙ্কার। "তা যাই হোক, এখন যে বড় দেখা দিলে?—ব প্র ২২৪। ৭ নিতান্ত, একেবারে। "বুঝাইলে না বুঝ বড়ই অশক্য ম ম ১১৭। ৮ প্রায়। "সাধ করে বড় যাই না আ দু ৪১। —ড বি ১ ধনী লোক, রাজা-রাজড়া লোক। "বড়র ঝী ম ম ১৯৪,-৭। বড়র বহুবী ব প ৩৪৩। বড়র পিরীতি বালির বাঁধ ভা চ ৩০০। ২ মহৎ, প্রধান, শ্রেষ্ঠ। 'বড়র বড় দায়, তাতে কি বড়ত্ব যায় ব প ১৫৭৮। ৩ মহত্ত্ব, শ্রেষ্ঠতা, বড়ত্ব। "বড় গাছে বড় ঝড়, বড়ই বড় ছুদ্দব।—দা ৮৫৫। ৪ বড় সতীন। 'বড় কৈলা বাদহাটা আগুলিযা পথ ভা চ ৫৩০। [আদালত—প্রধান বিচারালয় (Supreme court)। °ঠাকুব—ভাশুর। "নী ৩৩। °ঠাকুরঝি—১ বড় ননদ। ২ বড় শালী। তুমি হবে বড় ঠাকুরঝি বি বু ৩০। °দিন—খৃষ্টের জন্মদিন, ২৫শে ডিসেম্বর। 'খৃষ্টের জন্মদিন বড়দিন নাম।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। °মা, °মাতা—১ বড় বিমাতা। ২ প্রভুর বড় স্ত্রী। "বড়-মা ক চ ১৫৩, বড়-মাতা ২২৫। বড়-মা ভা চ ৫৩২। °রাণী—পাটরাণী। বড় লাট—গভর্নর্ জেনারল্ (Viceroy)।] [বড় একটা—১ বিশেষ কিছু। নিজের নিমিত্ত বড় একটা নয় পা প্র ৩৮। সে শঙ্কাও বড় একটা কাব না ১৪২। ২ প্রায়। "চাকরদিগের গায়ে হাত বড় একটা তুলেন না পা প ৬৩। বড় কথা—১ স্পর্দ্ধার কথা, বড়াই। দ্র '(২৬)। ২ দুষ্কর বিষয়। "কোন বড় কথা হেতু করিব ভণ্ডন।—ম ৬২৫। বড় ক'রে কথা বলা—চেঁচিয়ে বলা। ব প ১৭৬৮। বড় খাওয়া—অমিত ভোজন করা। বড় খেয়ে বাম হস্ত বুলাইলা পেটে শি ১৭। বড় গলা করে বলা—সগর্ব্বে চেঁচিয়ে বলা। বড় ছোট বলা—উত্তম অধম বলিযা বিচার করা, নিন্দা করা। "একালে যে বৈষ্ণবেরে 'বড়' 'ছোট' বোলে চৈ ভা ৩'৮। বড় জোর—খুব বেশী। 'প্রস্থে বড় জোর আধ হাত তিন আঙ্গুল ব প্র ২৪। বড় মুখ ক'রে বলা—সগর্ব্বে বা সপ্রতিভভাবে বলা। বড় যুত—খুব সুবিধা। বড় লাগা—১ বেগে আঘাত করা। ২ মর্ম্মে আঘাত করা। ৩ যথাশক্তি বাদ সাধা। বড় সময় পাওয়া—খুব সুযোগ পাওয়া। বড়হি—বড়ই। বড়হি কতুক গো বি ১২০। অতিবড় বৃদ্ধ—অত্যন্ত বৃদ্ধ, সর্ব্বজ্যেষ্ঠ। ভা চ ২৫৫।]

বড়়[2] '-ড়্' বি [সং বট > প্রা বড, হি বড়,-র, ঠ, গু বড, প বড়, মৈ বড়, ড় বরগাছ] ১ বটগাছ। "জ ১৪। ২ [হি বরহা] খড়ের (বিচালির) মোটা দড়ী। "মড়াযের বড় ক চ ৫০। খড়ের বড়: খড়-বড় ভ.গ্র ২৯৭। গলায় বড় শ্রী মা ৫৭, গলায় বড়ের মালা ১০৫, -৯, ২০৫। ['গলায় বড়ের মালা'—অপমানসূচক।]

বড়়[3] '-ড়্' বি [শঢ > °ড, দ্র 'আবোড'] মুখ, গোঁযার। "দস্যু বিটল বড় নাহি করে ভয় ম ভা ১৭।

বড়কট্টাই বি বৃথা আত্মশ্লাঘাপ্রকাশ। "°ই-ভাড়ামো-নকল-ঠাট্টা-বটকৈরাভাবের গালাগালি একাদিক্রমে চলিযাছে আ দু ১৪৭।

বড়বড় বি [ধ্বন্যাত্মক, হি √বড়বড়া, ঠ √বটবট, সং—বি-√লপ্ > প্রা √বড়বড়] অস্ফুটভাষণের শব্দ, বৃথা বকবক করা।

বড়বা + স্ত্রী [বল+ব অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্), ল > ড (অ টী), ছান্দস] ১ ঘোটকী। "ভ ৯১২৬। মে ৯৬। ২ বড়বারূপিণী সূর্য্যপত্নী সংজ্ঞা। [বিশ্বকর্ম্মার কন্যা সংজ্ঞা সূর্য্যতেজ সহিতে না পারিযা স্বীয় মূর্ত্তি ছায়াকে স্বস্থানে রাখিয়া পিতৃগৃহে গমন করেন। এবং পিতার ভর্ৎসনায় বড়বারূপে উত্তরকুরুতে অবস্থান করেন। ছায়ার মনু ও শনৈশ্চর নামে দুই পুত্র জন্মিলে, ছায়া সংজ্ঞার পুত্র শ্রাদ্ধদেব ও যম এবং কন্যা যমুনার প্রতি তাদৃশ স্নেহপ্রকাশ না করায়, শ্রাদ্ধদেব ছায়াকে পদাঘাত করিতে উদ্যত হন এবং ছায়া, 'পদ স্খলিত হউক' বলিয়া শাপ প্রদান করেন। সূর্য্য ইহা জানিয়া, সমাধিবলে সমস্ত বিষয় অবগত হইলেন এবং অশ্বরূপে উত্তরকুরুতে সংজ্ঞার সহিত সঙ্গত হইলে অশ্বিনীকুমারদ্বয়ের উৎপত্তি হয় (হ, ৯ম অধ্যায়)। ভাগবতমতে, বড়বা সূর্য্যের তৃতীয় পত্নী, অশ্বিনীকুমারদ্বয় ইঁহার পুত্র (৮ ১৩ ৯, ১০)। ৩ অশ্বিনী নক্ষত্র। ৪ দাসী, গৃহদাসী। ৫ বেশ্যা। ৬ দ্বিজপত্নী। [°ভৃত (পুং)—পঞ্চদশ দাসের একতম। দ্র 'দাস (১)। °সুত (পুং, দ্বিব)—অশ্বিনীকুমারদ্বয়।]

বড়বাগ্নি, -বানল + পুং [উ লো] বড়বামুখস্থ অগ্নি, ঔর্ব্বানল। দ্র 'ঔর্ব্ব'। "ঋতে সমুদ্রাদন্যঃ কো বিভর্ত্তি °লম্।—পঞ্চ ৫ ৩৫।

বড়বানল দ্র 'বড়বাগ্নি'।

বড়-বাপ বি ১ পিতামহ। 'তোর বড়বাপ ছিল, অকালে লুটায়্যা মৈল ক চ ১০৮। মোর বাপ বড়বাপ চৈ ম ১৩৫, টীকা। ২ বাপের জ্যেঠা খুড়া ইত্যাদি। 'বাপের মাতুল যে সম্বন্ধে বড়বাপ।—কৃ ২২০।

বড়বামুখ + স্ত্রী [ষ ত] অশ্বামুখ। 'মহা ৭২০১ ১১৬। —মুখ পুং ১ বড়বানল। ২ শিব। "মহা ১৩ ১৭ ৫৬।

বড়(ল)ভি, -ভী + স্ত্রী [√বল আচ্ছাদন+অভি-র্ম—বলভি, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)—(ত বা)] ১ ছাদনার্থ (চালের নিমিত্ত) ধারণক বক্র করিযা প্রদত্ত কাষ্ঠ (অ টী), গোপানসী। ২ আচ্ছাদন (মল্লিনাথ)। 'ভবনবলভৌ পু মে ৩৮। বলভি-আরূঢ়শিখি শ্রী ম ২১৬। ৩ পটলাধার বংশপঞ্জর, চালের আধার-কাটাম। ৪ প্রাসাদোপরিস্থ গৃহ, চন্দ্রশালা, চিলেঘর। ৫ গৃহচূড়া, মূদনি (ত বা)।

বড়মানুষ বি ধনী, রাজা-রাজড়া লোক। —ষি, -ষী বি ধনীর চালচলন। বিষয়ের অর্দ্ধেক অংশ দিতে গেলে বড়মানুষি করা হইবে না আ দু ১৩৯। —মানুষী বিং [°ষ+ঈ৭] ধনীর মত। "বড়মানুষী কেতা।—হু ১৪৮।

বড়শী বি [সং বড়িশী] ছিপের সূতায বদ্ধ বক্র লৌহকণ্টক। "জলের সফরী, আহার করিতে, বড়শী লাগিল মুখে চ দা ১০৯। ক চ ৫৬। (বড়শী বায়—বড়শীতে মাছ ধরে। "ম ম ২০৬।]

বড়া[1] বিং [হি বড়া ঠ বড়া] ১ মহাবল ও রণকুশল। 'বীর বড়া বড়া চ বি ৪৩, ২০৬, দৈত্য ধরে বড়া বড়া ২১১। ২ বৃহৎ। "শেল বড়া বড়া চ বি ১৬৬। —ড়া বি ধনী, মানী ব্যক্তি। "বড়ার বহুআরী আচ্ছে শ্রী কী ৪৩,-৫। বড়ার বহুরী আমি বড়ার ঝিয়ারী ব প ১১৪০। [বড়ারি—ধনীরই। "বড়ারি ঝিয়ারী বট বা শে ১১।]

বড়া[2] বিং বটক √প্রা বড়অ > বা °ড়া, হি বড়া, তু 'সং বড়া] ডাল-ইত্যাদির পিষ্টকবিশেষ। "কলা°, কাঞ্জি°, ছানা°, ডাল°, রস°। ডিমের বড়া ভা চ ৫৪৭,-৮।

বড়াই[1] বি [বড়১+আই৫, হি বড়াই, ঠ বড়া(ঢা)ঈ, প বড়াঈ, গু বড়াই] ১ মহত্ত্ব, গৌরব। "পরের বড়াই করে অপরাধী কিসে। যার বড়াই করে তারে মারিতে আইসে॥—কৃ ২১৫। ২ প্রাধান্য, শ্রেষ্ঠত্ব। "জ্ঞান কর্ম্ম নিন্দি করে ভক্তির বড়াই (চৈ চ)। ৩ মহত্ত্ব, বিশেষ ক্ষমতা। "মরা প্রভু জিয়াইতে এ কোন বড়াই বা ম ৩২৮,-৩১। ৪ গর্ব্ব, আত্মশ্লাঘা, গুমর। "ছাড় গঙ্গা আপন বড়াই ক চ ৮১। গ ১৭৯। বা ম ৩৯৬। বিস্তর বড়াই করিল শ্রী ম ২৮৫। ম বি ২৬১। ম.ম ১২। ৫ গর্ব্বের কথা। "মহাদেবের মিত হইল বড়াই শুনাইতে: বড়াই শুনাইলি কৃ উ ৩৪। ৬ খ্যাতি, সুনাম। "ইন্দ্রের নাটোয়া দ্বারে, অপমান পাইয়া ফিরে, হইব কেনে তোমার বড়াই।—শ্রী ১৮, গো বি ৯১। দাতা ব'লে তাঁর বড় যে বড়াই।—কা ১৪৩। ৭ সমারোহ,

দম্ভ। "জেবীপুজা করে এক বড়াই করিয়া ভ.গ্র ২৬৮। ৮ প্রতাব। "মায়ার বড়াই চৈ.ভা ৯৩। ৯ আধিপত্য। "সে সব জনার কাছে বেত্তার বড়াই শ্রী ১০০। ১০ মান, মর্য্যাদা। "দিয়া মণিদাম, বড়াই বঢ়ায়া ভা.চ ৪৩৫। —ড়াক্রি বি [দ্র 'ক্রি'] মহিমা, মহত্ব, শ্রেষ্ঠত্ব। "অবে ত 'অদ্বৈত-সিংহ' আমার বড়াক্রি। বৈকুণ্ঠ-বল্লভ যদি দেখাও এথাক্রি॥—চৈ ভা ১৮, বড়াক্রি করি গাইব ২৫৮।

বড়াই² বি [বড়+আই¹, বড়ায়ি (শ্রী.কী), তু 'বড়ি-মাই,'] মাতামহী, ব্রজের বৃদ্ধাবিশেষ—যশোদার মা পাটলার সহচরী, যশোদার ধাই, কৃষ্ণের আই (ভ গ্র ১৪১)। "বড়াই পাঠায়্যা কড়ি আনহ সত্বর শ্রী ম ৬৩। নিত্যানন্দ হইবেন বড়াই চৈ.ভা ২৮৩। ম পা ৬৮। [°বুড়ি —১ বৃদ্ধা বড়াই। "শ্রী ম ৬৫। ২ অতিবৃদ্ধা নারী। "হাত পাও কাঁপে বুড়ী, কোথাব বড়াই-বুড়ী ক.চ ২৬২। বড়াই শাশুড়ী—বড় আই-শাশুড়ী। "বা ম ২৭৮।]

বড়াল বি [বটব্যাল > °ল] ১ সর্থ 'বটব্যাল'। "বড়াল কুলমাল ক চ ৮৬। ২ [বড়া > °ল] স্বর্ণবণিকেব উপাধি।

বড়ি¹, -ড়ী¹ বিং [বড+ই¹°] ১ বৃদ্ধা, বুডী। "বডি মা।—জ্ঞা ১৩৬, বড়ি মাই ১৫৩। ২ [+ই¹¹] বড, অত্যন্ত। "বড়ি সুপুরুষ বিপ ১৩৩। এ বড়ি মবম ধন্দ চ দা ৭৫। তোঁ আবালী বড়ী শ্রী কী ৩৭। বড়ি…বেণা প র ৩৩। বডি বিনোদিযা চূড়ার টালনি ব প ১১১৭। বডি উল্লাস।—ব ৯০। ক্লেশ পায় বড়ি চ বি ২৪। বড়ি কোড়ী রা স ১০। [বড়ি-মা, বডি-মাই—বডাই।]

বড়ি², -ড়ী² বি [স° বটী > প্রা বডী > বা °ডী, -ডি, হি বডী] ১ বাটা ডাল-কুমডাব বটিকাকাব খাদ্যবিশেষ। "কুসুমবডী ক চ ৪২। ফুলবড়ী ভা চ ৫৪৭। ২ ছোট বড়া। 'খণ্ডে বড়ি ফেলিল ভাজিযা ক চ ১৫৭। ৩ ঔষধেব গুলি।

বড়িশ + ক্লী, -শী স্ত্রী [বলি+√শো+অ (ড)-ক (অ টী)] মৎস্যবেধন, বডশি (fish-hook)। "বডিশামিষ গো বা ৩ ৫৭ ৭। নিগীর্ণ° বড়িশম্ মহা ১ ২৮ ১০। চিডবডিশ ভ ৪ ২৮.৩৪। বা দ ১৪০।

বড়ী¹ ; বড়ী² দ্র 'বড়ি¹, বডি²।

বড়ু বি [স° বটু > প্রা বডু > বা °ডু; ড 'বডু'—মন্দিবপবিচারক] ১ ব্রহ্মচারী। 'আমি ত বামন বড়ু হইত ব্রাহ্মণ।—গ ৪৬। ২ (গৌণার্থে) ব্রাহ্মণ, দ্বিজ। "কহে বড়ু চণ্ডীদাসে চ দা ৮, ২৭, ১৫৪। ৩ মন্দিবপরিচাবক, পূজারী। 'পুষ্প তুল বড়ু শ ২৮,-৯। [কেহ কেহ বলেন 'বড়ু' চণ্ডীদাসের উপাধি। তাহা হইলে, 'দ্বিজ' 'পূজারী' হইতে ক্রমে 'বড়ু উপাধি হইয়াছে।]

বড়ুআই, -য়াই বি [বড়ুয়া+ই¹°] বড়ুয়ার-ভাব, বড মানুষের ভাব, গর্ব্ব, অভিমান। "অভিসরু, ইথে যদি কক বড়ুআই। গোবিন্দদাস বচন হিয়ে নাই॥—গো ২০৪। অভিসর ইথে জানি কব বড়ুয়াই প ক ৫৭৭।

বড়ুয়া¹ বি [বড়¹ > °য়া, অস 'বকয়া'—সম্ভ্রমসূচক উপাধি, বড়ুআ (গো.চ)] সম্রান্ত ব্যক্তি, মানী, বডলোক। "একে কুলনারী, কুল আছে বৈরী, তাহে বড়ুয়ার বধু চ দা ১১, বড়ুয়ার ঝিয়ারী,…তাতে বড়ুয়ার বৌ ৭৬। বড়ুয়ার ঝি।—জ্ঞা ৮৫।

বড়ুয়া² বি [স° বটুক > প্রা বডুঅ > বা (বড়ুআ) °য়া] ১ বালক। "কালকার বড়ুয়া জগা, ঐছে গর্ব্ব কৈল চৈ চ ২৮১। ২ [দ্র 'বড়ু'] পূজারী। "বামন বড়ুয়া চৈ ৫০।

ব'ড়ে বি [সং বটিকা > প্রা *বডিআ, -য়া > বা °ড়ে, দ্র 'এ⁸'] ১ বটিকাকার দাবার গুঁটি। "এবার ব'ড়ের, ঘর ক'রে ভর, মন্ত্রীটি বিপাকে ম'লো।—রামপ্রসাদ। [ব'ডে টেপা—১ দাবা খেলা। "ব'ড়ে টিপে…নিষ্কর্ম্মা লোকেরা যে হুজুক তুলবে, তা বড় বিচিত্র নয়।—হু ৭৯। ২ ব'ড়ের চাল। "বিষ্ণুপুরে বিলের দেখ ব'ডে টেপার গুণ। —হেম ৩৫৮।]

বড্ডু বিং [দ্র 'বড়¹, 'বড্ডি' (গ্রাম্য)—যোরে বড্ডি ভাল বাসতো (নী ১৯)] বড়, অত্যন্ত। "হাবার মা, তুই বড্ড হাবা জা ১০।

বড্রু + বিণ [√বদ্+র (রক)-ক, দ > ড (অ.টী), দ্র 'বড়¹] বিপুল, বৃহৎ।

বণ্ + অক [ভ্বা, প—বণতি, সেট্] শব্দ। "বাণ।

বণিক্ (-জ্) + পুং [√বণ্+ইজ্ (ইজি)-ক, উ ১৭০, তু 'বণিজে'—বাণিজ্যং কুর্বতে (ঋগ্বেদ ১,১১২ ১১)] ১ ক্রয়বিক্রয়-ব্যবহারী নৈগম, সওদাগর। "রা ১ ৫ ১৪। মনু ৭ ১২৭। [বণিক্ পঞ্চবিধ—গান্ধিকঃ শাঙ্খিকশ্চৈব কাংস্যকো মণিকারকঃ। সুবর্ণ-জীবিকশ্চ…॥—পরাশরপদ্ধতি।] ২ বৈশ্য। ৩ (জ্যোতিষে) করণ-বিশেষ, বণিজকরণ। ৪ তুলারাশি। —ক স্ত্রী [+ইজ্-ভা] বাণিজ্য। "মনু ১০ ৭৯। [°কটক, °সার্থ (পুং)—বণিকসমূহ। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ক্রিয়া (স্ত্রী)—ক্রযবিক্রয়কার্য্য]

বণিকিনী বি [°ক+ইনী] বণিকস্ত্রী, বেণেনী। "চ.দা ৪৩।

বণিক্পথ + পুং [বণিকের পন্থা, ষ ত, সমাসান্ত 'অ'] ১ বণিকের জীবিকাপথ, বাণিজ্য, স্থলপথবাণিজ্য। "মাগধানাং °থঃ মনু ১০. ৪৭। ২ আপণ, হাট। 'মাঘ ৪ ৩৮। ৩ (বাঙ্লায়, অপ্র) রাজপথ। 'শ্রী ম ১২৬।

বণিক্য বি [°ক > °ক্য, তু 'বণিজ্—বাণিজ্য', অপ্র] বণিক্। "°কুমার ব প ১৮০, গন্ধ° ২৪৮। বণিক্যের মাইয়া বি পা ২০৫, গন্ধ° ২১১,-৫৭। [°রায়—বণিগ্রাজ, বণিক্পতি। "বি পা ৩২৫।]

বণিগ্গ্রাম + পুং [ষ ত] বণিকসমিতি, সওদাগরী সভা।

বণিগ্জন + পুং [কর্ম্মধা] বণিক, সওদাগব, বণিকসমূহ।

বণিগ্বৃত্তি + স্ত্রী, -ভাব পুং [ষ ত] বাণিজ্য।

বণিঙ্মার্গ + পুং [ষ.ত] বণিগবৃত্তি, ব্যবসায়।

বণিজ + পুং [তু 'সং বণিজ > প্রা বণিজ] বণিক্।

বণিজি বি [°জ > °জি, অপ্র] বণিক। "বি সু ১৮।

বণিজ্য + ক্লী [°জ+য (পা ৫ ১ ১২৬, কাশিকা)] বণিগ্ভাব, বাণিজ্য। —জ্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] বাণিজ্য। "মহা ৩ ১৫০ ৩০।

বণিজ্যা দ্র 'বণিজ্য'।

বণ্ট্ + (-টি) সক [ভ্বা, চু, প—বণ্টতি, বণ্টয়তি, সেট্] বিভাজন, বণ্টন। "জ্ঞাতিভির্বণ্ট্যতে নৈব চৌরেণাপি ন নীয়তে। দানেনৈব ক্ষয়ং যাতি বিদ্যারত্নং মহাধনম্॥—সু ব।

বণ্ট + পুং [√বণ্ট্+অ (ঘঞ)-ভা] ১ বিভাজন, বাঁটা। ২ [তু 'স° বন্ত > প্রা বংট] দাত্রাদির মুষ্টিধার্য্য স্থান, বাঁট। —ণ্টক বিণ [+অক (ণ্বুল)-ক] বিভাজক। —ণ্টন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'বণ্ট (১)। "উত্তরাধিকার° চা পূ ৩১।

বণ্ঠ বিণ [তু 'বণ্ঠ'—অবিবাহিত (দেশী ৭৮৩)] ১ অবিবাহিত। ২ ['রণ্ঠ'—খণ্ড (দেশী ৭৮৩)] (গৌণার্থে) খর্ব্ব, বেঁঠে। ৩ ['বণ্ট'—মূল ?] (বাঁট-দেওয়া ?) কুন্ত অস্ত্র।

বণ্ড + বিণ [উ ১ ১১৩, দ্র 'বণ্ঠ'] ১ অবিবাহিত। ২ খণ্ডিতলাঙ্গূলাদি, হস্তাদিবিকল, বেঁড়ে। ৩ [তু 'পণ্ড'] অনাবৃতমেঢ্র, নপুংসক। ৪ শিশ্ন। "°কুরুণ্ডাদি।—চ ৩৭, টীকা।

বৎ + প্র, ব্য [সং বতি > বৎ, পা ৫ ১ ১১৫] সাদৃশ্য। "পিতৃ°" মাতৃ°, লোষ্ট্র°। তদ্বৎ ত্রৈলোক্য আছিল লক্ষ্মী বিনু।—ম ১০। সরিষায় বৎ শিরে ক্ষিতি।—জ ১৩। এই চিত্রদর্শনে জনস্থানবৃত্তান্ত বর্ত্তমানবৎ বোধ হইতেছে সী ১১।

বত + ব্য ১ খেদ। "অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্ গী ১

৪৪। নৃশংসং বত বৈদর্ভী কর্ত্তুকামা মহা ৩৭১৫। ২ অনুকম্পা। "ক বত হরিণকামাং জীবিতঞ্চাতিলোলম্ শ ১.১০। ৩ সন্তোষ। "বত লব্ধং ধনং ময়া (অটী)। ৪ বিস্ময়। "অহো বতাসি স্পৃহণীয়বীর্য্যঃ কু.স ৩.২০। ৫ সম্বোধন। "এহি বত মহাবাহো (অ.টী)। ত্যজত মানমলং বত বিগ্রহৈঃ রঘু ৯ ৪৭। ৬ হর্ষ। ৭ নিন্দা।

বতংস + পুং [অবতংস > °স] ১ কর্ণাবতংস, কর্ণভূষাভেদ। "°কুসুম মার্ষ ১০ ৬৭। কপোলবিলোল° গী গো ২ ২। ২ শিরোভূষণ, শেখর। "চন্দ্রক-চারুবতংস প ক ২৪৩১। ৩ ভূষণমাত্র।

বত্ত অর্থ [স° √বৃৎ > প্রা √বত্ত] থাকা, বাঁচা। "মইল কি বত্তিল ছেইল্যা না গ্যালাম পবরে গো চ ২৭৯,-৮৭। [বেঁচেব'ত্তে থাকা —বাঁচিযা থাকা।]

বত্রিশ স বি° [স° দ্বাত্রিংশৎ > লি বত্তিংসতি, প্রা বত্তি(ত্তী)স, হি, ঠ বত্তীস, প বত্তী, গু বত্রীশ, সি বটোহ, ড় বত্তিরিশ, বত্যিস (ম পা ৫)] দ্বাত্রিংশৎসংখ্যক। —শা, -শে বি মাসের দ্বাত্রিংশত্তম দিন বা তারিখ। [°লক্ষণ—সর্থ 'দ্বাত্রিংশল্লক্ষণ'। "°ণ মহাপুরুষভূষণ চৈ চ ৫৪। °ণ ধার গায ম ম ১৯২। °সিংহাসন—কালিদাসকৃত দ্বাত্রিংশৎ-পুত্তলিকার বঙ্গানুবাদ-পুস্তক।]

বত্রিশা দ্র 'বত্রিশ'। [°কলা—দ্বাত্রিংশৎপত্র (?) কদলীবিশেষ। "°কলার এক আজটিযা পাত চৈ চ ১৭০।]

বৎস + পুং [√বদ্+স-ক, উ ৩ ৬২] ১ গবাদিশিশু, তর্ণক, বাছুর। "গাবো বৎসৈর্বিযুতাঃ।—ঋগ্বেদ ৫ ৩০ ১০। বদ্ধবৎসা (ধেনুঃ) বা ২. ৪০ ৪৩। পীতপ্রতিবদ্ধবৎসাম্ (ধেনুম্) রঘু ২ ১। কু স ১২। বাঘকে বৎসের তুল্য বাসি শ্রী মা ৭৪। ভ গ্র ১৮২। ধেনু বৎসপ্রযুক্ত সম্মুখে। —বি শু ১১। তুমি আমার বৈতরণীর নবীন বৎস।—ব.প্র ৬০০। ২ পশুশিশুমাত্র। ৩ পুত্রাদি, পুত্রবৎ স্নেহভাজন, বাছা। 'অতি-গম্ভীরাকৃতিবয়ং বয়স্যো বৎসস্য উ চ ৬$\frac{৬}{৯}$, বৎস লব সংস্ত্রিযতামস্ত্রম্ ৬$\frac{১}{৫}$$\frac{৪}{}$। বৎস দুঃশাসন, মুঞ্চ মুঞ্চ কেশপাশম্ বা ভা ২$\frac{২}{৮}$$\frac{২}{}$। বৎস। এদিকে এ কে চিত্রিত বহিয়াছে?—সী ৮। ৪ অপত্য, সন্তান। "জীব-বৎসা, মৃতবৎসা। ৫ বৎসব। ৬ দেশবিশেষ। 'বৎস ইতি খ্যাতো দেশঃ ক সা ৯ ৪। ৭ কুটজবৃক্ষ। —স ক্লী 'সামর্থ্যপ্রকাশক', বক্ষঃ। —সা স্ত্রী ১ স্ত্রীজাতি গবাদিশিশু, বকনা বাছুর। ২ কন্যাদি, কন্যাসদৃশী স্নেহপাত্রী। "উ চ ৩ ৪২, কৌশল্যা।—হা বৎসে জানকি।—৪$\frac{২}{১}$$\frac{৫}{৬}$। [°কাম (বিণ)—সন্তানেচ্ছু। °দন্ত (পুং)—বৎসদন্তের ন্যায় দন্তযুক্ত অস্ত্রভেদ। "গো.রা ৬ ২০.২৭। মহা ৫.১৪১.৩৮। অ প ১৬। °নাভ (পুং)—স্থাবরবিষভেদ, মিঠাবিষ। °পত্তন (ক্লী)—কৌশাম্বী নগরী। "ক.সা ৯ ৫। °পাল, °পালক (পুং)—বৎসরক্ষক (কৃষ্ণ, বলরাম)। "ভ ১০ ১১ ৩৭।]

বৎসক + পুং [বৎস+ √ক (কন্) স্বার্থে] ১ বৎস, পশুশাবক। "সুরভি ধাইল যেন বৎসকের তবে।—ম ১১৬৫। ২ সন্তান, অপত্য। ৩ কুটজবৃক্ষ। —সক ক্লী কাসীস। [°বীজ (ক্লী)—ইন্দ্রযব।]

বৎসতর + পুং [বৎস+তর (ষ্টরচ) অল্পার্থে, স্ত্রী -রী] বয়োত্তর-প্রাপ্ত বৎস, দ্বিতীয়বয়ঃপ্রাপ্ত গোশিশু, দোয়ানে-বাছুর, দম্য। "পা ৫ ৩.৯১। —তরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ)] ১ স্ত্রীজাতি বৎসতর, দোয়ানে-বকনা। "উ ক ৪$\frac{২}{}$। ২ বৃষোৎসর্গে বৃষপত্নীরূপে কল্পিতা ত্রিবর্ষবয়স্কা গোবৎসা।

বৎসপদ বি বৎসের পদচিহ্নপরিমিত জল। তু 'গোষ্পদ'। "মহাপাপী হয়ে যদি রাম নাম লয়। সংসারসমুদ্র তার বৎসপদ হয়।—কৃ ২। সে সংসার-অব্ধি তরে বৎসপদপ্রায় চৈ.ভা ৪১৬।

বৎসর + পুং [√বস্+সর (সরন্)-ঘি, স্ > ৎ, উ ৩ ৭১, ছান্দস] দ্বাদশমাসাত্মক কাল; বর্ষ।

বৎসল + বিণ [বৎস+ল (লচ্) কামবান্ অর্থে, পা ৫.২.৯৮] ১ স্নেহযুক্ত, স্নেহবান্, স্নিগ্ধ। "ভক্ত° (মাঘ)। বৎসলা লোপামুদ্রা উ.চ ২$\frac{২}{}$$\frac{৭}{৮}$, সুতমিব মনসা ত্বাং বৎসলেন স্মরামি ৩.১৯। সেবকবৎসলা ম পা ২। ২ প্রণয়বান্, প্রেমবান্। "সদ্বৎসলঃ রঘু ২.৬৯। বৎসলয়া সীতাদেব্যা উ চ ৩$\frac{২}{১}$$\frac{৩}{৬}$। পাণ্ডব° অ.প ২৩। সে মিত্রে কি কার্য্য যেই শত্রুর বৎসল।—ম ৬৩১। ৩ কৃপালু। "ভাগবতবৎসলতা ভ ৫.৩.২। —ল পুং বসবিশেষ, বাৎসল্যরস। 'সা দ ৩২৫১। "যশোদা বৎসলে স্মৃতা (ত বা)। — ল ক্লী স্নেহ, প্রেম।

বদ্ + দ্বিক [ভ্বা,প—বদতি, সেট্] ১ কথন। ২ [ভ্বা, ও—বদতে; সেট্] জ্ঞান যত্ন ইত্যাদি (পা ১ ৩ ৪৭)। [অনু—অনুবাদ। অপ —অপবাদ। অভি—(ণিজন্ত) অভিবাদন। পরি—পরীবাদ, নিন্দা। প্র—প্রবাদ, কীর্ত্তন। প্রতি—প্রতিবাদ, প্রতিবচন। বি—বিবাদ। বি-প্র—বিবোধোক্তি। বি-সম্—বিসংবাদ। সম্—সংবাদ, সাদৃশ্য, সম্ভাষা। বদ (ণিজন্ত)—বাদন। 'ভট্টি ৩ ৩৪। বদ—বল। "দ্র 'বদ[১]'। বদতি—বলে, বলেন। "অর্জ্জুন বদতি ব প ৭০০: সঞ্জয় বদতি ১৩২৮।]

বদ[১] সর্ম [সং √বদ্ > লি, প্র > বদ, হি √বদ] ১ বলা। 'পিতৃ-পিতামহের নাম বদ পঞ্চানন ম পা ২০। ২ উচ্চারণ করা। "দুর্গা দুর্গা বদ জীব ম পা ১৯, বদ বদ বামনাম ৩৫, বদযে দুর্গা দুর্গেতি বাণী ৫৪। [বদ, বদত (বলে)।—প ক।]

বদ[২] '-দ্' বি° [ফা বদ্, cf, E bad] ১ মন্দ, দুষ্ট। "°লোক। ২ অরসিক। '°ইয়ার। ৩ অসম্পূর্ণ। "°হজম। ৪ বিশ্রী। "°চেহারা। ৫ নিন্দিত, কলঙ্কিত। "°নাম। ৬ দূষিত। "°রক্ত। ৭ হীন, শোচনীয়। "°হাল। ৮ ম্লান, মলিন। "°রঙ্। ৯ কুৎসিত, কটু। "°জবান। ১০ তীব্র, প্রচণ্ড। "°রাগী। ১১ রূক্ষ, কোপন। '°মেজাজ। ১২ গর্হিত, মন্দ। °খেয়াল। ১৩ অযোগ্য, অননুরূপ। "°চাল। ১৪ অশুভ, কু। "°নজর। [°ইযার—অরসিক ইয়ার। "লী ৪১। °কাম—কুকর্ম্ম। "ভা চ ৩৯২। °খত (ফা বদ্ খত্ —অস্পষ্ট লেখা)—কুৎসিত, বিশ্রী। °খোই (ফা বদ্ খো ঈ)—বদ স্বভাব, একগুঁযেমি। °জাত—নীচ, দুষ্ট, বদমাশ। 'আ দু ৬, ১৬৯। ব প্র ২৭৭। °জাতি,-তী (ফা বদ্ জাতী)—দুষ্টামি, নীচতা, বদমাশী। "আগাগোড়া…বদজাতি আ দু ১৭২। দেখিলে বদজাতি?—ব প্র ২৭৭। °নাম—দুর্নাম। 'ভা চ ৩৯২। °বখ্ত—হতভাগা। "এই গঙ্গারাম বদবখ্ত।—ব প্র ৪৪৬। °মাইস, °মায়েশ, °মাশ (ফা বদ্+আ ম'আশ্, হি বদমাশ)—দুর্বৃত্ত, দুরাত্মা, দুষ্ট। "বদমায়েশ লোক আ.দু ১০৮। °মাইসি, °মায়িসী, -য়েশি (হি বদমাশী)—শঠতা, দুষ্টামি। "°মাইসির—ফাঁদ পাতা।—হ ৭৬, °সী ১৪৪। °য়েশি ব.প্র ৬৪৫। °মেজাজ (ফা—বদ্ মিজাজ্)—কোপন, রাগী। °মেজাজী (ফা বদ্মিজাজী)—কোপন স্বভাব, রূক্ষভাব। °রঙ, -ঙ—বিবর্ণ, ম্লান, বেরঙ, (তাসে) বঙ-ভিন্ন কাগজ। "গিন্নী…বদরঙ্গ চালাইতে লাগিলেন ব প্র ৩৪৩। °রসিক—বে-রসিক। °রাগী—অতিকোপন, প্রচণ্ড। "দা ২০০৩। °হজম, -মী (ফা বদ্ হজ্মী)—অজীর্ণ।]

বদজাত দ্র 'বদ[২]'।

বদন + ক্লী [√বদ্+অন (ল্যুট্)-ণ, আ 'বদন'—দেহ, বৈদিক] ১ 'কথনসাধন', বক্ত্র, মুখ। "বদনৈর্মধুগন্ধিভিঃ গো.রা ১.৯.৩৬। গী ১১ ৩০। °মদিরা উ.মে ১৭। বদন মেলিলা কৃষ্ণ শ্রী ম ২৮। ২ মুখ-মণ্ডল (face)। "আবৃতং বদনং বস্ত্রেণ—রা ২.২৬.১০। বিবৃত্তবদনা শ ২ ১২। °সুধাকর সী ১৬। ৩ অগ্রভাগ। "শৃগালবদনান্ (বাণান্) গো রা ৬.৭৯.৬৯। জাম্বব°, অঙ্কুশ° (যন্ত্র)।—সুশ্রুত ১.৭.১০। ৪ (বীজগণিতে) শ্রেঢ়ীর প্রথম রাশি। ৫ (জ্যামিতিতে) ত্রিভুজের

শীর্ষভাগ (vertex)। ৬ [+অন-ভা] কথন। [°কঞ্জ, °পঙ্কজ (ক্লী) —পদ্মবৎপ্রসন্ন মুখ ; মুখকমল। "°জ।—ম ১৫। °চন্দ্রমা, °সুধাকর (বি)—সৌম্যমুখ, মুখচন্দ্র। "°মা নপ ৪২। °পবন (পুং)—মুখ-মারুত। "মাঘ ১৫.৭২। °বাত (বি)—গালবাত। "দু ২৪। °মদিরা (স্ত্রী)—গণ্ডূষমদ্য, মুখামৃত। "উ.মে ১৭। °শ্যামিকা (স্ত্রী)—মুখ-বৈবর্ণ্য ; মুখরোগবিশেষ।]

বদ্‌না বি [সং বর্দ্ধনী ; হি বধনা] মাটির বা ধাতুর মুখচোঁড়া গাড়ু-বিশেষ (প্রায়ই মুসলমানেরা ব্যবহার করেন)। "দা ২০৭২।

বদনাসব † পুং [ষ.ত] মুখমদ্য, বদনমদিরা। "রঘু ৯.৩০।

বদর[১] † পুং [√বদ্ স্থৈর্য্য+অর (অরচ্)-ক (অ টা)] ১ কোলি-বৃক্ষ, কুলগাছ। ২ কার্পাসবীজ। —র ক্লী ১ বদরফুল, কুল্। "রা ২.১০৩.২৯। ম ৯৪৭। ২ শৃগালকোলি, শেযাকুল। ৩ কার্পাসফল। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ)] ১ কোলিবৃক্ষ। "রা ২৫৫৮। ২ কপিকচ্ছু। [°পাচন (ক্লী)—তীর্থবিশেষ। "মহা ৯ ৪৮শ অধ্যায়। ম ৯৪৭। °বল্লী (স্ত্রী)—ভূমিস্থিত বদরীলতা।]

বদর[২] '-র্' বি পাঁচ পীরের একতম (পাঁচ পীর নদী ও সমুদ্রের দেবতা)। "(তোমায) বদর বলে নায়ের মাঝি।—রামপ্রসাদ।

বদরিকা † স্ত্রী [°রী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ)] ১ কোলিবৃক্ষ। ২ বদরীফল। "হি ১ ৯৫। ৩ ব্যাসাশ্রম। [বদরিকা-শ্রম (পুং)—ব্যাসাশ্রম।]

বদরী † দ্র 'বদর[১]'। [°তপোবন (ক্লী)—বদরিকাশ্রম। "কি ১২ ৩৩। °নাথ (পু)—বদরিকাশ্রমস্থ মন্দির। °নারায়ণ (পুং) —নারায়ণাধিষ্ঠিত বদরিকাতীর্থ।]

বদল[১] বি [আ বদল্] পরিবর্ত্তন, বিনিময় (exchange)। "সোয়ামির বদল দিনু টাঙ্গন গো চ ১৪,-৫। অধরবিম্বক জুতি, দশন মাণিক-পাঁতি, দুঁহেতে বদল করে ছবি ক চ ৮। ম ম ১২৩, পাকরির বদলে বাজা দিলেন মাণিক ১২৯। কাড়িমু তোমার বুক মৃদঙ্গ বদলে চৈ চ ৬৫।

বদল[২], **-লা** সর্ম [বদল >°লা, -ল, দ্র আ৮, হি √বদলা, ঠ √বদল] বদল করা, বিনিময় করা, পরিবর্ত্তন করা। "সোনার তোমরা হৈল জম কায়া বদলিয়া গো চ ২৩,-৬, মহলানী রূপ হইল মুরত বদলাইয়া ৩২। গজমুক্তা দিবা বদলিয়া বা ম ২০৯। ধন দিয়া লহ বদলিয়া ম ম ১২৮। [বদলান—সর্থ 'বদল[২]'। বদলাবদলি (ঠ °লী)—পরস্পর বিনিময় ; অদলবদল। বদলাইয়া, -লিমু (বদলাইব)। —গো চ।]

বদলা, বদলান দ্র 'বদল[২]'।

বদলি, -লী বি [হি বদলী] ১ বদল, পরিবর্ত্তন। ২ প্রতিনিধি। ৩ বিনিময়ে প্রাপ্য দ্রব্য। "সুবর্ণের সিংহাসন ইহার বদলী বি পা ২১৯। ৪ পরিবর্ত্তনপূর্ব্বক ভৃত্যের অন্তকর্ম্মস্থানে নিয়োগ। —লি, -লী ক্রি.বিং বিনিময়ে, পরিবর্ত্তে। "তার বদলী ছয় মাস পাল খায গো চ ২ ; জল ··· বদলি সাত জনে কিলায় ২৬২। —লী বিং অন্য কর্ম্মস্থানে নিযুক্ত। "বদলী হওয়া।

বদলী দ্র 'বদলি'।

বদস্তুর ক্রি.বিং [ফা বদস্তুর্] দস্তুরমত, বিধিমত। "কাননগো দপ্তর সাবেক বদস্তুর আমাদের খুড়া মহাশয়ের ব.প ১৬৯১।

বদান্য † বিণ [√বদ্+আন্য-ক, উ ৩ ১০৪] ১ যিনি 'দেও' বলেন, দানশৌণ্ড, বহুদাতা। "রা ১.৬০ ২। রঘু ৫২৪। ২ মধুরভাষী, প্রিয়বাদী।

বদাবদ † বিণ [√বদ্+অ (অচ্)-ক, দ্বিত্ব, আ (আক্) আগম, পা ৩.১.১০৪, সি] বক্তা, বহুবিশিষ্ট বক্তা (অ টা)। —বদ বি [বাঙলায় ; অপ্র] বকাবকি, বচসা, বিতণ্ডা। "যত্ন নিয়ে···বদাবদ শ্রী.মা ১০২, বদাবদে বিবাদ বড়ই হইল শেষে ১২৪,-৩০। বদাবদে যুদ্ধের উদ্যম উপস্থিত শি ৬৪। রা স ৪।

বদাবদি বি [হি, ঠ বদবদী, অপ্র] সর্থ 'বদাবদ'। "প্রিয়সঙ্গে বদা-বদি হাথাহাথি করি ভ গ্র ৩৯৫।

বদাম † ক্লী ফলভেদ, বাদাম (ভাবপ্রকাশ)।

বদাল † পুং মৎস্যবিশেষ, বোয়াল মাছ।

বদি † ব্য [হি বদী, ফা 'বদী'—অহিত, মুণ্ডারি 'বদি'—শত্রুতা, অহিতেচ্ছা] কৃষ্ণপক্ষ। "পা ১ ১ ৩৭, তত্ত্ববোধিনী।

বদিয়াতী বি [আ বিদা'ত্] অত্যাচার, উপদ্রব। "এত বদিয়াতী কব্‌লে লোক টেঁকতে পারবে কেন ?—গি ঘি ৭৩।

বদ্দি বি [সং বৈদ্য >বা (বইদ) বদ্দি] ১ বৈদ্যজাতি। ২ চিকিৎ-সক। "হাতুড়ে বদ্দি।—দা ৩০।

বদ্ধ § বিণ [√বন্ধ্+ত (ক্ত)-র্ম] ১ সিত, কৃতবন্ধন, নিয়ন্ত্রিত। "দ্রুপদেষু বদ্ধঃ।—ঋগ্বেদ ১ ২৪ ১৩। জাল° হি ১[illegible]। দৃঢ়বন্ধন° ১[illegible]। ২ গ্রথিত। বদ্ধা···যা শিখা উ মে ৩১। ৩ অর্পিত। "স্তনদ্বন্দ্বে বদ্ধদৃষ্টিঃ শ ১ ৭, ৪ গৃহীত, বন্দীকৃত। "শতাদ্ বদ্ধঃ পা ২.৩ ২৪। ঘোরে বদ্ধনাগারে বদ্ধঃ (মু)। ৫ ধৃত, গৃহীত। "শরীরবদ্ধঃ প্রথমাশ্রমঃ কু স ৫ ৩০। ৬ নিবদ্ধ। "বদ্ধঃ···অসির্বেন ভট্টি ৪.২৬। ৭ জনিত। "ভট্টি ১৩২। ৮ কৃত। "অঞ্জলি ময়া বদ্ধঃ গো রা ৪.৬ ১২। মৈনাকমম্ভোনিধিবদ্ধসখ্যাম্ কু স ১ ২০। ছায়াবদ্ধকদম্বকং মৃগকুলম্ শ ২ ৬। বদ্ধোর্ম্মি (সলিল) কি ৮ ৫৭। ৯ পরিহিত, ধৃত। "°গোধাঙ্গুলিত্রাণ রা ১ ২২ ৯, মহা ১ ২২৫ ১৮। ১০ উদ্ভিন্ন। "ক্ষণ-বদ্ধকুট্মলকদম্ব উ চ ৬ ১৭। ১১ আকৃষ্ট। "রাগবদ্ধচিত্তবৃত্তি শ ১[illegible]। ১২ রচিত, গ্রথিত। "শ্লোক এবায়ং বদ্ধঃ (ত্বয়া)।—রা ১ ২.৩১। ১৩ অনুবিদ্ধ, খচিত। [°কক্ষ, -ক্ষ্য (বিণ)—বদ্ধপরিকর, কোমর-বাঁধা। °কদম্বক (বিণ)—সম্মিলিতগণ, সমবেত। "শ ২ ৬। °কেসর (বিণ)—জনিতকেসর। °কোশ (বিণ)—মুকুলিত। "°কোশে (অরবিন্দে) রঘু ৬ ৬৬। °গ্রহ (বিণ)—অত্যাগ্রহযুক্ত, সনির্ব্বন্ধ। °চিত্ত (বিণ)—আকৃষ্টচিত্ত। °তূণীর (বিণ)—ধৃততূণ। °দৃষ্টি, °নেত্র (বিণ)—অর্পিতনেত্র। °নিষ্যন্দ (বিণ)—নিরুদ্ধস্রাব, রুদ্ধধার। °নেপথ্য (বিণ)—কৃতনেপথ্যবিধান, কৃতপ্রসাধন। °পদ্মাসন (বিণ) —ঊরুদ্বয়ে স্থাপিতোত্তানচরণ (যাজ্ঞ ৩ ১৯৮, মিতাক্ষরা)। °পরিকর (বিণ)—ধৃতকটিবন্ধ, কৃতোদ্যোগ, সজ্জিত। "প ভূ ৫। "(আমি) বদ্ধপরিকর হইয়া ঊর্দ্ধশ্বাসে পলায়মান ব.প্র ৬২৭। °প্রতিজ্ঞ (বিণ) —কৃতপ্রতিজ্ঞ। °বৈর (বিণ)—চিরক্রূঢ়বিরোধ, চিরশত্রুতাপন্ন। "শ .২ ১৫। °ভাব (বিণ)—বিরূঢ়প্রণয়, স্থিরসৌহৃদ। °ভূমি (স্ত্রী) —গৃহার্থরচিত তলদেশ। °মণ্ডল (বিণ)—বৃত্তাকার। °মুষ্টি (বিণ) —কৃতমুষ্টি, কৃপণ। °মূল (বিণ)—রূঢ়মূল, দৃঢ়মূল। "°মূলস্য··· বৈরতরোঃ মাঘ ২ ৩৮। °মন্যু (বিণ)—রুদ্ধরোষ। °মৌন (বিণ) —কৃতমৌন, নিঃশব্দ। "রঘু ১৩ ২৩। °রাগ (বিণ)—জনিতানুরাগ, সমনুরক্ত। পঞ্চ ১ ১৩৬। শিখ (বিণ)—গ্রথিতশিখ, কৃতচূড়। °স্নেহ (বিণ)—কৃতস্নেহ, প্রণয়বান্।]

বদ্ধকালা বিং একেবারে কালা, সম্পূর্ণবধির।

বদ্ধপাগল বি বাঁধিয়া রাখার মত পাগল, সম্পূর্ণ উন্মত্ত।

বদ্ধলেঠেল বিং পাকা লাঠিয়াল বা দাঙ্গাবাজ। "দা ৫৪১।

বদ্ধাঞ্জলিপুট § বিণ [বহুব্রী] কৃতাঞ্জলিপুট। "রা ১ ৬৮ ৩।

বদ্ধানুরাগ § বিণ [বহুব্রী] কৃতানুরাগ, জাতসৌহৃদ।

বদ্ধানুশয় § বিণ [বহুব্রী] কৃতানুতাপ, অনুতপ্ত।

ব-দ্বীপ বি নদীর সাগরসঙ্গমে জাত ত্রিকোণ দ্বীপ (delta)।

বধ্ § সক [ভ্বা, ঙ—বধতে ; সেট্] ১ বন্ধন। "ভট্টি ৬.৪১। ২ নিন্দা (ক.ক)। ৩ ভ্বা, প—বধতি, সেট্] বধ (ক.ক) "বধক।—ধ অক [(সনন্ত) বীভৎসতে, সেট্] চিত্তবিকার।

বধ[১] + পুং [√হন্+অ (অপ্)-ভা, হন্ > বধ্, পা ৩.৩.৭৬ ; 'বধ' —হন্তা (ঋগ্বেদ ১.১০১.৪)] ১ হনন, হিংসা, মারণ। "বালিবধ রা ১.১.৬২। গোব্রাহ্মণমনুষ্য° হি ১ঈ। ২ বধোপায়। "স হন্তব্যঃ... বিবিধৈর্বধৈঃ মনু ৮.১৯৩, যাজ্ঞ ২.২৭২। ৩ (গণিতে) পূরণ ; গুণফল। ৪ [√বধ্+অ (অচ্)-ক] পক্ষাঘাতরোগ। ৫ বধজন্যপাপ। "°নির্ণেক। বধ দিব তোমার উপবে বা.ম ১০৫। —ধক বিণ [+অক (ণ্বুল্)-ক, পা ৩.১.১৩৩, সি] হিংসক, হন্তা। "দ্বিজাতি°, গুরুস্ত্রী° (মহা)। —ধক পুং ১ ঘাতক, জল্লাদ। "ক.সা ৩.৪৩। ২ ব্যাধি ; মৃত্যু। [°কর্ম্মাধিকারী (বিন্) পুং—ঘাতক। °কাম (বিণ) —বধেচ্ছু, মারণেচ্ছু, জিঘাংসু। °জীবী (বিন্) পুং—'প্রাণিবধজীবিক', ব্যাধ। "যাজ্ঞ ১ ১৬৪। °দণ্ড (পুং)—তাড়নাদি ও অঙ্গচ্ছেদরূপ দণ্ড। "মনু ৮ ১২৯,-৩০। °নিগ্রহ (পুং)—প্রাণদণ্ড। °নির্ণেক (পুং)—বধজন্য পাপশুদ্ধি, বধপাপক্ষয়। "মনু ১১ ১৪০। °ভূমি, °স্থলী (স্ত্রী), °স্থান (ক্লী)—অপরাধীর প্রাণদণ্ডস্থান, বধ্যভূমি, মশান।]

বধ[২] সর্ম্ম [সং √বধ্ > °ধ] বধ করা। "বধওঁ ব্রাহ্মণ শ্রীকী ১১, রাবণ বধিলোঁ ১০১। কাহার বধিব প্রাণ।—কৃ ১৬২। মে ৬।

বধক দ্র 'বধ[১]'।

বধার্হ + বিণ [বধ+অর্হ্+অ (অচ্)-ক, উ ত] বধ্য।

বধির § বিণ [√বধ্+ইর (কিরচ্)-র্ম্ম (অ টী), উ ১.৫২, 'বধিব' প্রতিবদ্ধ (ঋগ্বেদ ৪ ২৩৮)] 'শ্রবণাভাবে পীড়নীয়', শ্রবণশক্তিহীন, কালা। "বধিরাঃ (ধনুষস্তস্য শব্দেন) গো.রা ৩ ৪.৪৬। মনু ১১ ৫৩। বিনয়° প.তৃ ১৯।

বধিরীকৃত § বিণ [°র+চ্বি (০)—বধিরী+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] শ্রুতিবিকলীকৃত। "দুন্দুভিধ্বনিভিঃ...°শ্রুতেঃ মাঘ ১৩.৩।

বধু + স্ত্রী—বধূ, স্ত্রী (দ্র 'মল্লিনাথ')। "°কুসুমবিমর্দ মাঘ ১১.২৮।

বধূ + স্ত্রী [√বহ্+উ-র্ম্ম, হ্ > ধ্ (উ—১৮৫), বন্ধ্+উ (উঙ্) -ক, ন্-লোপ (অ.টী)] ১ 'ভর্ত্তা কর্ত্তৃক ঊঢা', 'যে যুবকের মন বাঁধে', নবোঢা, বিয়ের ক'নে। "বধূবর শ ৫ ১৫। °দুকূলং কু.স ৫ ৬৭। রঘু ৭ ৪। ভ ১০ ৫৩ ১২। ২ জায়া, ভার্য্যা, পত্নী। "ত্রিলোচন° কু স ৬.৮৯। রঘু ১.৯০। বনচর° পু মে ১৯। বণিকপুত্র° হি ১ঈ। ম গা ২৫। বড়ুয়ার বধু চ দা ১১। বণিকের বধূগণ ম পা ১৭১। হর° বি স্ব ৪৭, শি ৩২, পববধুগমনে ১০১। ৩ পুত্রবধু, স্নুষা। "রঘু ১ ৬৫। তেষাং বধূস্ত্বমসি উ চ ১ ৯। ম ১২২। ম পা ১৭৮। রঘু° মে ১২৬। রাজকুলের বধু সী ৩, অভিনব° ৭। ৪ পুত্রবধূসদৃশী নারীমাত্র। ৫ ভ্রাতৃজায়া। "ভ ৭.২.২০। এই বধু শ্রুতকীর্ত্তি সী ৭। ৬ স্ত্রী, নারী, সীমন্তিনী। "জনপদ° পূ মে ১৬, ৪৭। বিরহতিমিরে ব্রজবধু সব আঁধ শ্রী ম ৮৯। ৭ পশু-প্রভৃতির স্ত্রীজাতিমাত্র। "গজ°, পিক°, ব্যাঘ্র°, মৃগ°। বধ্বা সার্দ্ধং পয়সি বিহরন্ উ চ ৩.৬। কলহংসবধূ কি ১০.৬০। সঙ্গে তোর বধু ক.চ ১৪৪, মধুকর সনে বধু ২৪০। পরভৃত° বি.স্ব ২১, মধুকর° ৫৬। [°কাল (পুং)—পরিণয়কাল। "গো.রা ৫.৬৭ ৪। °গৃহপ্রবেশ (পুং)—নববধূর পতিগৃহে প্রথম-গমনরূপ সংস্কারভেদ, দ্বিরাগমন। °জন (পুং)—নারীমাত্র। "মাঘ ৩ ৫২। °ধন (ক্লী)—স্ত্রীধন। °পক্ষ (পুং)—বধূর আত্মীয়-স্বজন, কন্যাযাত্র। °প্রবেশ (পুং)—সর্থ 'বধূগৃহপ্রবেশ'। °বন্ধু (পুং)—স্ত্রীর স্বজনগণ। "শ ৪.১৭। °বর (পুং, দ্বিব, ক্লী)—বধূ ও বর ; নবদম্পতি, বর-ক'নে। "°বরৌ রঘু ৭.২০। °বরম্ শ ৫.১৫। °সংযান (ক্লী)—নারীবহনার্থ শকট, বধূযান। °সব (বি)—সর্থ 'বধূসরা'। "ম ৪৭২। °সরা (স্ত্রী)—ভৃগুপত্নী পুলোমার অশ্রুজাতা নদী। "মহা ১.৬.৮.। তু 'নদীং' 'বধূসর'-কৃতাহ্বয়াম্ মহা ৩ ৯৯.৬৮।]

বধূটী + স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.১.২০, সি] ১ অল্পবয়স্কা স্ত্রী ; যুবতী। "গোপবধূটীদুকূলচৌর (ভাষাপরিচ্ছেদ)। ২ পুত্রভার্য্যা (শ.ক)।

বধৈষী (-ষিন্) + বিণ [বধ+ √ইষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] বধেচ্ছু, জিঘাংসু। "মহা ৩ ১৬৮.৭৯।

বধ্য + বিণ [বধ+য (যৎ) ; ছান্দস] ১ বধার্হ, বধযোগ্য। "অবধ্য গো.রা ১ ১৪.২২। বধ্য জনের ছাড় আশ ক.চ ২৬০। ২ [হন্+য -র্ম্ম] হননীয়, বধ্য, বিনাশ্য। "যজ্ঞার্থং ব্রাহ্মণৈর্বধ্যাঃ প্রশস্তা মৃগপক্ষিণঃ মনু ৫.২২। আমি কাব বধ্য নহি।—ম ৭২২। ৩ উচ্ছেদ্য। —ধ্য পুং শত্রু, বলি। —ধ্য ক্লী,—ধ্যা স্ত্রী [+য-ভা, স্ত্রী আ (টাপ্)] বধ, বিনাশ। "ব্রহ্মবধ্যাত্মবধ্যা বা মহা ১.১৬১.৬,৭, ব্রহ্মবধ্যা ১৭.৩.১১। গববধ্যাকৃৎ।—অত্রি ২১৮। [°ঘাতক, °ঘ্ন (বিণ)—বধ্য চোরাদির শিরশ্ছেদাদিকার্য্যকারক। "বধ্যঘ্ন।—মহা ১৩.৪৮ ১১। °ডিণ্ডিম, °পটহ (পুং)—বধ্যের বধকালে বাদনীয় ঢক্কা। °পট (পুং)—বধকালে বধ্যের পরিধেয় রক্তবস্ত্র। °পাল (পুং)—বধ্যরক্ষক, কারাধ্যক্ষ (gaoler)। °ভূ, °ভূমি, °স্থলী (স্ত্রী), °স্থল, °স্থান (ক্লী)—বধ্যের বধস্থান, মশান। "বধ্যভূ ক.সা ৫ ১৬ ; °ভূমি ৮৮.৩৩। °মালা, °স্রক্ (জ্) স্ত্রী—বধ্যের পরিধেয় মাল্য। "°মালা (মৃ)। বধ্যস্রক্ মৃ ২ ২১। °শিলা (স্ত্রী)—বধ্যের বিনাশার্থ শিলাপট্ট, বধ্যস্থান। "ক.সা ২২ ২০৯। পঞ্চ ১ঈ।]

বধ্র § ক্লী, -ধ্রী স্ত্রী [√বন্ধ্+র (রক্)-ণ, স্ত্রী ঈ (ঙীষ্)] চর্ম্মরজ্জু। "ন তাং বধ্রী পরিণহেচ্ছতচর্ম্মা মহা ১.৩০.২৩।

বন্ + সক [ভ্বা, প—বনতি, সেট্] ১ সেবা, সম্ভক্তি। ২ (অক) শব্দ। ৩ [দ্বিক, তনা, ঙ—বনুতে, সেট্] যাচন। ৪ [চু, ভ্বা, প—বানয়তি, বনতি, সেট্] উপকার, শ্রদ্ধা, আঘাত। ৫ (অক) উপতাপ।

বন[১] + ক্লী [বন্+অ (ঘ)-র্ম্ম, ছান্দস, Av. vana (tree)] ১ 'মুনি-প্রভৃতি-সেবিত', স্বতঃসিদ্ধবৃক্ষসমূহ (শ্রীধর), অরণ্য, কানন, বিপিন। "ঋগ্বেদ ১.৬৫ ৮। রা ১ ১.২৪। ভুজতরুবন পূ.মে ৩৬। একো বাসঃ পত্তনে বা বনে বা।—ভর্তৃহরি। বনান্যুপবনানি।—ভ ১ ৬.১১, দৃপ্তক্ষত্রবনচ্ছিদ্ ১০.৪০.২০। বৈজয়ন্তীস্রজ-বন।—জ ১। ভুজবনচ্ছেদন (বেতাল-পঞ্চবিংশতি)। ২ পদ্ম-প্রভৃতির সমূহ বা সমবায়। "ইক্ষু°, ইষিকা°, কমল°, দূর্ব্বা°, শরবণ। কুমুদবনপ্রতিপন্ননিদ্রম্ (আসীৎ) রঘু ৬ ৮৬। পদ্ম° ১৬ ১৬। ৩ একজাতি-বৃক্ষসমূহ। "খদিরবণ, পনসবন, শিরীষবণ,-ন পা ৮ ৪ ৫, ৬। আম্রবণ।—রা ২.৬৩.৮। নারিকেলবন চৈ চ ১৫৬। ৪ জল। "ঋগ্বেদ ১.৫৪ ১। বনৌঘ মাঘ ৬.৭৩। নেত্রযুগ মীন॰ দেখিয়া হরিণ॰ লাজে দুহে গেল বন (জল, অরণ্য)।—ম ১৮৩। গজ প্রবেশিল বনতলে ক.চ ২০৭। ম পা ৬, ৯ ; বনপতন ১০ ; বনপাত ৪৭, বননিবারণ ৯৫। অর্ণবের বনে ১১০। [ছান্দস 'বন', সাদৃশ্য হেতু মেঘ, পরে তত্র স্থিত 'জল' (?)] ৫ সন্ন্যাসীর উপাধিভেদ। দ্র 'গিরি (৬)। ৬ (বাঙ্লায়) বনসদৃশ। "গৃহিণী দুজন, ঘর হৈল বন ক চ ৩১। চিরদিনে নখ দাড়ি হয্যা ছিল বন শ্রী ম ১৩৫। —নী[২] স্ত্রী বন, কৃত্রিমবন। "কেলীবনীয়ম্ সা.দ ১ঈ। [°কর (বি)—রাজার বনবিভাগের রাজস্ব। °করী (-রিন্), কুঞ্জর, °গজ (পুং)—বন্যহস্তী। "°গজমদৈঃ পু.মে ২০। °কুঞ্জর ভ ৪.৬.৩০। °কপোত, °পারাবত (পুং) —বন্য কপোততুল্য পক্ষী ; ঘুঘু। "°ত।—রজ ১৯১। °কার্পাসী —বন্য কার্পাস। °কুসুম (ক্লী)—বনজাতপুষ্প, বনফুল। "°কুসুমভূষণ। °খণ্ড (ক্লী)—বনভাগ। "বনখণ্ডস্য পার্শ্বতঃ গো.রা ৩.১৫.৪৩। °গব (পুং)—গবয়, বনগোরু। °গহন (ক্লী)—বনমধ্যে দুর্গম দেশ ; গম্ভীর

বনভাগ।" "পক ১।৩।৩। °গাহন (স্ত্রী)—বনপ্রবেশ। "শ ২।৫। °গ্রাহী (-হিন্) বিণ—মৃগের পলায়ননিবারণার্থ বনবেষ্টনকারী। "নিবর্ত্তয়…বনগ্রাহিণঃ।—শ ২।৪। °চন্দন (ক্লী)—অগুরু, দেবদারু। °চন্দ্রিকা, °জ্যোৎস্না (স্ত্রী)—বনের চন্দ্রিকাতুল্যা শোভাকরী, মল্লিকা। "°জ্যোৎস্না শ ১।১২। °চর্য্যা (স্ত্রী)—বনপর্য্যটন, বনবাস। "°চর্য্যা ন তে ক্ষমা গো রা ২ ২৮.৩১। °চারী (-রিন্) বিণ—বনবাসী। "রা ২ ২১ ৩১। °চ্ছিৎ (-দ্) বিণ—বনচ্ছেদক, বনভঙ্গকারক। "বামরস্ত বনচ্ছিদঃ ভট্টি ৯ ৯৮। °দাব (বি)—বনবহ্নি, দাবানল। "গো ২৫৩। °দাহ (বিণ)—বনদাহক। "°দাহাগ্নি রা ২ ৮৫.১৭। °দুর্গ (ক্লী)—বৃক্ষকণ্টকিগুল্মলতাদিব্যাপ্ত দুর্গম স্থান, বাক্ষদুর্গ। °দেব (বি)—বনের অধিষ্ঠাতৃদেব। "নিন্দিছেন বনদেব তোমায়—মা ৯৪। °দেবতা (স্ত্রী)—বনের অধিষ্ঠাত্রী দেবী। "গো রা ১ ৩৪.১৩। রঘু ২ ১২। °দেবী (বি)—সর্থ 'বনদেবতা'। "শুনিতাম বনবীণা বনদেবী-করে।—মে ১১৮। মা ৯৪। °দ্বিপ (পুং)—বনগজ। 'ক সা ১১৪। °ধারা (স্ত্রী)—তরুশ্রেণী, বীথি। °ধেনু (স্ত্রী)—গবয়ী। °পতি (পুং)—অরণ্য-রাজ, ব্যাঘ্র। "মহা ৩.৬৪ ৩৫। °পর্ব্ব(-র্ব্বন্) ক্লী—মহাভারতের তৃতীয় পর্ব্ব। °পাদপ (পুং)—বন্যবৃক্ষ। "°সমূহ সী ১০। °পাল, °পালক (পুং)—বনরক্ষক। "°পাল গো রা ৫ ৩৯ ৩। °প্রস্থ (পুং)—বনৈক-দেশ। দ্র 'বানপ্রস্থ'। °প্রিয় (পুং)—কোকিল। "বনপ্রিয় জিনি ভাষা ক চ ৯। ব প ৮৩৭। ভা চ ৬৮৩। রঙ্গ ১৯১। °বর্হিণ (পুং) বনময়ূর। 'রঘু ১৬ ১৪। °বহ্নি (পুং)—দাবানল। °বাত (পুং)—বনানিল। "শ ১ ৩। °বাস (পুং)—বনে বসতি, তপোবনবাস। "°বাসবন্ধু শ ৪ ১০। °বীজক (পুং)—বন্যজম্বীবভেদ। °ব্রীহি (পুং)—নীবার। °ভবন (বি)—তপোবনের পর্ণশালা। 'প্রথম প্রচারিত তব বনভবনে. জ্ঞানধর্ম্ম।—গান ২২১। °ভূ °ভূমি (স্ত্রী)—বনস্থল। "°ভূ গী গো ১ ১। °ভোজন (বি)—বনে বন্ধনপূর্ব্বক ভোজন, চড়ুইভাতি (picnic)। °মক্ষিকা (স্ত্রী)—দংশ, ডাঁশ। °মল্লিকা, °মল্লী (স্ত্রী)—বনজাত মল্লিকালতা, কাঠমল্লিকা। °মানুষ (পুং)—বন্যমনুষ্যবিশেষ (orang-utang)। °মুক (-চ) বিণ—জলবর্ষী। "বনমুচে নমুচেবরযে রঘু ৯ ২২। °মৃগ (পুং)—বন্যহরিণ। 'গো রা ৩.৪৯ ৪৫। °যাত্রা (বি)—ব্রজমণ্ডলস্থবনদর্শনার্থ যাত্রা। "চৈ চ ৯৫। °রাজি, -জী (স্ত্রী)—বনপঙক্তি। '°রাজি রঘু ১ ৩৮, তালীবনরাজি-নীলা (বেলা) ১৩ ১৫। °রাজিরাজিন মাঘ ১২ ২৯। °লক্ষ্মী (স্ত্রী)—কানন-শ্রী। °লতা (স্ত্রী)—বনজাতা অর্থাৎ অযত্নসম্ভূতা লতা। "শ ১ ১৬। °লেখা (স্ত্রী)—বনরেখা, বনশ্রেণী। °স্থ (বিণ)—বনস্থিত, বনগত। "বা ২ ৩৮ ১৫। °স্থলী (স্ত্রী)—অকৃত্রিম বনস্থল, বনভূমি। "কু.স ৩.২৯। ঋতু ২ ৯। মে ২১, °স্থলী কুসুমকুন্তলা ৫৮, ১০৪।]

বন[২] বি [বইন > °ন] ভগিনী। "বনের বন-ঝি শ্রী মা ৯৪।

বন[৩] অর্দ্ধ [সং √রন্, হি √বন, ঠ রন, ড √বনিরা] ১ একমত হওয়া, মনের মিল হওয়া। "চণ্ডীদাস কয়. কত ঠাঁই হয়. যাহাতে যাহাতে বনে চ.দা ৪৬। আমার আপনার সঙ্গে আর আমার বনিল না। আর কি লেখা হয়?—ব.প্র ৬৪২। ২ একরূপ হওয়া, মেলা। "যে হেতুক অস্ত অস্ত সম্প্রদায় সনে। ব্যবহার আহার পরমার্থে নাহি বনে।—ভ গ্র ৩১৯। [°না[২]—সর্থ 'বন[৩]'।)

বনআরি বি [সং বনমালী, হি বনরারী, 'বনওয়ারি, -নয়ারি' (প ক)] কৃষ্ণ। "যমুনাকূলে. নীপহুঁ মূলে. লুঠত °রি ব প ১১৩৩।

বনকপোতিনী বি [°ত+ইনী, পদ্যে] বনকপোত-স্ত্রী, স্ত্রীজাতি ঘুঘু। "বাণবিদ্ধ বনকপোতিনী।—ন ১১৩৭।

বনগরু, -গোরু বি [সং বনগব] ১ বন্য গোবিশেষ, গবয়। "বনগরু ক চ ৫৩। বনগোরু শ্রী ৬৪। ২ (সাদৃশ্যে) অতিমূর্খ।

বনগাঁ বি বনরূপ গ্রাম, (গৌণার্থে) বন্যপশুবৎ অশিক্ষিতের গ্রাম। [বনগাঁয় শেয়াল রাজা—বনে শিয়াল রাজার মত, অশিক্ষিত দলের প্রধান। "দেখলেই চেনা যায় যে, ইনি একজন বনগাঁর শেয়াল রাজা।—হ ১৩। [পঞ্চতন্ত্রের চণ্ডরব শৃগালের বনে সিংহাদির উপরে আধিপত্য করা, ইহার মূল।]

বনগোচর + বিণ [বহুব্রী] ১ যাহার বন ইন্দ্রিয়বিষয়, বনচারী, বনবাসী। "রা ২ ৩০ ১৪। মনু ৮ ২৫৯। ২ বারিচর। "ভ ৩ ১৮ ২। —গোচর পুং ১ ব্যাধ। "কি ১৩ ১০। ২ বনবাসী জন, আরণ্যক। —গোচর ক্লী বনব্যাপ্তস্থল, বন।

বনচর + বিণ [বন+ √চর+অ(ট)-ক, বাহুলকে অলুক—'বনেচর', উ ত] বনচারী, বনবাসী। "রা ২ ২৮ ১৭। ,পঞ্চবটীবন-চর মধু নিরবধি।—মে ১১৬। —চর পুং ১ বনবাসী জন। "°বধূ পু মে ১৯] কি ৬ ২৯। ২ কিরাত। "কি ১ ১। ৩ বন্যপশু।

বনচাঁড়াল বি [সং চণ্ডালিকা] ওষধিবিশেষ।

বনচালিতা বি বন্য চালিতাগাছ। "ক চ ৭৮।

বনজ + বিণ [বন+ √জন্+অ (ড)-ক, উ ত] ১ বনজাত, আরণ্য (বৃক্ষাদি)। "রা ২ ৫৪ ৭। ২ জলজাত। —জ পুং ১ হস্তী। ২ মুস্তক। ৩ বনশূরণ, বন্যজম্বীর। —জ ক্লী অম্বুজ, পদ্ম। "বন-জাক্ষ রঘু ৫ ৭৩। বনজায়তেক্ষণা কি ৮ ২। বনজের অঙ্কুরি ম পা ১৩২, বনজাঙ্ঘ্রি ১৩৯। —জা স্ত্রী ১ অশ্বগন্ধা। ২ মিশ্রেয়া, মৌরি।

বনজা দ্র 'বনজ'।

বনপুঁই বি বন্যপূতিকাশাক। "ক চ ৫০। দা ৩৬৩।

বনফ্শা বি [ফা বনফ্শহ্] হকিমী ঔষধের বকালবিশেষ।

বনবন (-ন্-ন্) বি [ধ্বন্যাত্মক] লাঠি-প্রভৃতির দ্রুত ঘূর্ণনের শব্দ। 'বনবন ভাঁজে ভল্ল।—রঙ্গ ২৩, তরবার ঘোরে বনবন ৪২।

বনবরা বি বন্যবরাহ। "ক চ ৩৫।

বনবাইগুন বি বন্যবার্ত্তাকুবিশেষ, আমবেগুন। 'ক.চ ৭৭।

বনবাদাড় বি গাছপালা ও নিবিড় জঙ্গল। "(অট্টালিকা) আঁধারিয়া আছয়ে বন-বাদাড় স্ব প্র ৯৮। গান ১৮।

বনবাসী (-সিন্) + বিণ [বন+ √বস্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] বনে কৃতবাস, বনস্থিত। 'রা ১ ৬১ ১। মনু ৭ ২৭। —বাসী পুং ১ বনবাসী জন। ২ তাপস, বানপ্রস্থ। ৩ বনভৌষধ।

বনভোজন বি বনে (গৃহভিন্ন স্থানে) বন্ধু-প্রভৃতির সহিত আমোদ-পূর্ব্বক ভোজন, চড়ুইভাতি (picnic)। "ন প ৩৩২। শি ৯৭।

বনমাল + পু [°লা+অ (অচ) অস্ত্যর্থে] বনমালাবান্, কৃষ্ণ। ."°লায় বৈ নমঃ।—হ ১৮৪ ৪৯। —মালা স্ত্রী [উ লো] ১ বনপুষ্পমালা। গো রা ৫ ৪ ২। রঘু ৯ ৫১। বনমালা নগরে বান্ধিল।—ম ১১২৯। ক চ ৯০। ২ কৃষ্ণের গলে আজানুলম্বিত মালা। 'আজানুলম্বিনী মালা সর্ব্বর্তুকুসুমোজ্জ্বলা। মধ্যে স্থূলকদম্বাঢ্যা বনমালেতি কীর্ত্তিতা॥ "ম ১৭। [বনমালাধর (বিণ)—বনমালাধারী (কৃষ্ণ)।]

বনমালা দ্র 'বনমাল'।

বনমালী[১] **(-লিন্)** + বিণ [°লা+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -লিনী] বনমালাধর। 'বনমালী (নীলবাসাঃ) মহা ১ ২২০ ২০। °মালী হলী রামঃ ৩ ১১৯ ৪। (হরিঃ) বনমালী ভ ৪ ৭ ২১। —মালী পুং কৃষ্ণ। 'বসতি বনে বনমালী গী গো ৫ ৯, ৭ ৩১। —মালিনী স্ত্রী ১ দ্বারকা-পুরী। ২ কৃষ্ণশক্তি। [বনমালিয়া (°মালা+ইয়া[২])—কৃষ্ণ। "আর কি নাচে লো. তমালের তলে. বনমালিয়া মা ১৫৯।]

বনমালী[২] বি [সং বনমল্লী] বন্যমল্লিকা। "শ্রী.ম ৮২।

বনমালিনী দ্র 'বনমালী[১]'।

বনসোণা, -ণা বি ১ স্বর্ণবর্ণ বনপুষ্পবিশেষ প.ক ১৩৮৯। গুঞ্জমালা তাহে বনসোণা।—জ্ঞা ১৪৭। ২ বন্যবৃক্ষবিশেষ। "শ্রী ২১১।

বনস্পতি + পুং [বনের পতি, ষ.ত ; স্ (সুট্) আগম, পারস্করাদি, "°তি'—বৃক্ষ (ঋগ্বেদ ১.২৮.৬)] ১ বনের পতিতুল্য ; যাহার ফুল হয় না, ফল হয়, তাদৃশ বৃক্ষ—অশ্বত্থপনসাদি। 'অপুষ্পাঃ ফলবন্তো যে তে বনস্পতয়ঃ স্মৃতাঃ।—মনু ১.৪৭। ২ বৃক্ষমাত্র। "মনু ৮.২৮৫। কু.স ৩.৭৯। ভট্টি ২.১। ৩ সোমলতা। ৪ বটবৃক্ষ (শ.ক)। ৫ যূপ"। "পশবঃ সবনস্পতয়ঃ ভ ২.৬.২৪।

বনা১, বানা সর্ম্ম [সং √বর্ণি,—বর্ণয় > প্রা √বন্ন > বা বানা, বনা ; হি, মৈ √বনা, ঠ, গু √বনার] ১ নির্ম্মাণ করা ; গড়ান। "কে বানাইল হেন রূপখানি চ.দা ৬৯। দেবীর মণ্ডপ বানাইবে স্ফটিকেতে হু ৬ ; ৭ ; ৮, কার্ত্তিকে বনায় ১০। বানাইতে মন্দির ভ.গ্র ২২৩। দেউল দেহ বানাই ভা.চ ১২২। ২ রচনা করা ; সাজান। "সহচরি মেলি বনায়ত বেশ বি প ৫৭। কে বা বানাইল এ না বিবাহের বেশ ন.প ১৫৩, বনি বেশ বিশেষ উজ্জোর ৩৩৯। কামিনী বনি বেশ বিমল ব্র.প ১৭৩। ৩ তাদৃশ বেশধারী করা, তদাকারে সাজান। "আমারে ফিকিরে ফকীর বানায়ে ব'সে আছ রাজকুমারী।—রামপ্রসাদ। ৪ মূর্ত্তিমান্ করা। "আদমীতে বনাইয়া জীউ দেয় যারে। ভাব দেখি সে কি তারে তরাবারে পারে?—ভা.চ ৪৮০। ৫ সংস্কার করা। "অলকা তিলক দেই, সীঁথি বনায়ই।—গো ২। ৬ বর্ণন করা। "দ্বিজ ভারত কবিবর, বনায় উঁহি পর, প্রতাপ-দিনকর সাজে ভা চ ৪৬১। ৭ তদ্রূপে পরিণত করা। "বোকা বানান। ৮ খণ্ড খণ্ড করা, কোটা। "ডাকিনী যোগিনী ছুটা, তরকারী বানায়ে খাব।—রামপ্রসাদ। ৯ অতিরঞ্জিত করা ; বাড়ান। "এক মে হজার লাখ মৈ কহা বনায়কে ভা.চ ৪৩৬। ১০ রচনা করা। "লায়নে চলে মশান ভারতী বনায়কে ভা চ ৪৩৭। ১১ মিথ্যা রচনা কবা, গড়ান (to fabricate)। [বনান, বানান—১ সর্থ 'বনা১। ২ (হি বনানা) রচনা। 'চাক ভুরু অরু, মাঝে সিন্দুব, -রেখ ঐছে বনান জ প ২০। ৩ বিন্যাস। "কি করব বেশ বনান।—ব ১১০। ৪ নির্ম্মাণ। "মন্দিরবানানে ভ.গ্র ২২৩। বনানি —রচনা। "বেশ-বনানি।—গো ১৮৭। বনি১—১ বেশ বনাইয়া ; সাজিয়া। "সুন্দরী রাধা আওয়ে বনি। —গো ৯০, ১২৬, আওয়ে কুসুমে বনি রাই ১৪৬। ধনী বনি আওল। জ্ঞা ১৩২। ব ১৩৩। ২ সজ্জিত। "ধনি ধনি ধনি বনি অভিসারে ব.প ১১০০। ধনি ধনি বনি নব নাগর কান।—গো ৯০। ৩ রচিত। "ধনী সিন্দুর বিন্দু ললাট বনি।—গো ৯৪। বনিয়া—সাজিয়া। "অরুণ কিরণ অম্বর বনিয়া।—ব ১৫।]

বনা২ দ্র 'বন৩'।

বনাত বি [হি, ঠ, গু বনাত] পশমী বস্ত্রবিশেষ।

বনানি দ্র 'বনা১'।

বনানী বি [বন—°নী, তু 'অরণ্যানী'] মহাবন। "বনানীর ছায়ে।—কা ৪২। কথা ৪৪। কুসুমিত বনানী প.কা ১৭৬।

বনান্ত + পুং [ষ.ত] ১ বনশেষ, বনপ্রান্ত। "বনান্তৈশ্চ কাননৈশ্চৈব শোভিতাম্ (ভূমিম্) মহা ৩.১৬৩.৫। ২ বনস্বরূপ, বন। "(মৃগযূথানি) বিচরন্তি বনান্তেষু রা ২.৫৪.৪২। রঘু ২.১৯ ; নৌ সজ্জতয়োর্বনান্তে ৫৮। ঋতু ১,২২। °সঙ্গীতসখীঃ কু.স ৫ ৫৬। °ভূ কি ৬.১৭। রম্যো বনান্তঃ উ.চ ২ ২৪। বনান্ত আছে যিরি স্ব.প্র ২৪।

বনান্তঃ (-ন্তর্) + ব্য [বনে অন্তঃ, স.ত] বনমধ্যে, বনে। "শিশ্যে বনান্তঃ রা ২.৩০.১৪। বনান্তঃস্থ ক.সা ৪৩.৩।

বনান্তর + ক্লী [অন্য বন, নি.স] ১ অন্য বন, কাননান্তর। "রঘু ১.৪৯। ২ [ষ.ত] বনমধ্য। "রা ২.৯২.২৩। প্রবিবেশ বনান্তরম্ ক.সা ৪২.৭। লুকাইল তেমন জানকী বনান্তরে কৃ ১৪৭।

বনাম [ব৮+নাম] ১ অন্য নামে ; ওরফে (alias)। ২ প্রতিদ্বন্দ্বি-ভাবে, বিরুদ্ধে (versus)।

বনায়ু + পুং দেশবিশেষ, পারস্য (?)। তু 'পারসীকা বনায়ুজাঃ (হলায়ুধ)। "কাম্বোজবনায়ুবাহ্লিক মহা ৮.৭.১১। [°জ (বিণ) —বনায়ুদেশজাত। "(হয়োত্তমৈঃ) বনায়ুজৈঃ রা ১.৬ ২২। °জ (পুং) —বনায়ুজ ঘোটক। °দেশ্য (বিণ)—বনায়ুদেশভব, বনায়ুজ। "বনায়ু-দেশ্যাঃ (বাহাঃ) রঘু ৫.৭৩।

বনালি, -লী + স্ত্রী [ষ.ত] বনরাজি, বনসমূহ।

বনাশ্রম + পুং [উ.লো] ১ বনসম্বন্ধী আশ্রম ; বানপ্রস্থাশ্রম। ২ [বহুব্রী] বানপ্রস্থ। ৩ (বাঙ্লায়) বনস্থ বাসস্থান। "যবে পাপী আমারে ধরিল, বনাশ্রমে।—মে ১১৪। —শ্রমী (-মিন্) পুং [°ম+ইন্ (ইনি)-১ব] বানপ্রস্থ, তাপস। "ভ ১১.১৮.৭।

বনি১, -নিয়া দ্র 'বনা১'।

বনি২, -নী বি [দ্র 'বইন'] ভগিনী। "বনী ব.প ২৬৬, ৪১৭। [বনি-পো—ভগিনীর পুত্র। "°ভুলানী ভা চ ৩৪০]

বনিকা + স্ত্রী [বনী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] বনী, প্রমদবন (রা.টীকা)। "সীতাম্…অশোকবনিকাং গতাম্।—রা ১.১.৭৩। অশোক° ভ ৯.১০.৩০।

বনিত + বিণ [√বন্+ইত (ইতচ্)-র্ম্ম (অ.টী)] সেবিত ; যাচিত, প্রার্থিত। —তা স্ত্রী [°ত+স্ত্রী আ (টাপ্)] ১ জাতানুরাগা বা অনুরক্তা স্ত্রী, দয়িতা, প্রিয়া। ২ যোষিৎ, নারী। "নাক° কি ৫.২৭। গুপ্ত কথা ব্যক্ত হব বনিতাবদনে।—ম ১০১৬, ১১১৭ ; সসৈন্যে বনিতা হও আমার বচনে ১১৬৯। ৩ বধূ, ভার্য্যা। "রা ২.৯৪ ২৫, ২৭। পথিক° পূ.মে ৮। রঘু ২.১৯। কুমুদিনী° মাঘ ৯.৩৪। রথাঙ্গনাম° কি ৬৮।

বনিতা দ্র 'বনিত'।

বনিদী, ব(বু)নিয়াদি, ব(বু)নিয়াদী, বনেদি, -দী বিং [বনিয়াদ+ঈ৭] ১ মূলগত, পুরুষানুক্রমিক, বহুপুরুষে। "বেচারাম বাবু…বুনিয়াদি বড় মানুষ আ হু ১৬। বনিদী বড় মানুষ।—হু ৫২। বনিয়াদি রাজাকে রাজকীয় নেশায় টলাইতে পারে না।—রবীন্দ্র। ২ প্রতিষ্ঠাপন্ন, গৌরবান্বিত (ঘর, বংশ)। [বনিয়াদী ব্যক্তি—প্রতিষ্ঠাপন্ন বংশের লোক। "বিনে কখন বনিয়াদি ব্যক্তি, শরীরে হয় কি দান-শক্তি?—দা ৯১৯। বনেদি বুড়ো —অতিবৃদ্ধ। "ঘুনধরা বনেদি বুড়ো শিরে ত্যাড়া টুপী।—হেম ৩৭৮।]

বনিবনাও বি [সং √°ন্, হি 'বনার'—ঐক্য] মনের মিল। "মুচ্ছুদ্দীর সঙ্গে সাহেবদের…বনিবনাও না হওয়ায় মুচ্ছুদ্দী কর্ম্ম ছেড়ে দিলেন।—হু ১৪২।

ব(বু)নিয়াদ, ব'নেদ বি [ফা বুন্যাদ্ ; হি বুনিযাদ্ ; ঠ বুনিযাদ্, বুনাদ্ ; Av. ''buna—foundation] ১ ভিত্তি, গৃহের প্রতিষ্ঠা-ভূমি। ২ মূল, আদি, গোড়া (origin)। "যে না জানে বনেদ তোর তারে ক'স তুঁ।—শ্রী ১৮০। মকদ্দমার বনিয়াদটা পেকড়ে পেঁজিয়ে ফেলা যাউক আ.হু ৩৩।

বনিয়াদি, বনিয়াদী দ্র 'বনিদী'।

বনী১ (-নিন্) + পুং [বন+ইন্ (ইনি)-১ব] বানপ্রস্থ, তৃতীয়াশ্রমী। "গৃহী ভূত্বা বনী ভবেৎ, বনী ভূত্বা প্রব্রজেৎ মনু ৬.৩৮, কুল্লুক।

বনী২ দ্র 'বন১'।

বনীয়ক + পুং [√বন্+ঈয়ক-ক (অ.টী) যাচক। "মাঘ ১৪.৩৮।

বনেচর + বিণ [দ্র 'বনচর'] বনবাসী। "তরতশ্চ…বনেচরঃ রা ২.৩৭.২৭। —চর পুং ১ কিরাত। "কু.স ১.১০। কি ১.১। ২ বান-প্রস্থ। ৩ বনবাসী। ৪ বন্যপশু।

ব'নেদ ; বনেদি, -দী দ্র 'বনিয়াদ, বনিদী'।

বনেচরী বি বৃন্দাবনেশ্বরী, বৃন্দা। "ব ১০৩।

বনোদ্দেশ + পুং [বত] বনের একভাগ। "হি ১২/৩।

বনৈকদেশ + [বত] বনভাগ। "রমণীয়ে °শে রা ২.৫৬ ৯।

বনৌকাঃ (-কস্) + বিণ [বন ওকঃ যাহার, বহুব্রী, ১ব, স্ত্রী -কাঃ] বনবাসী, বনচর। "বনৌকসোঽপি সন্তো লৌকিকজ্ঞা বয়ম্ শ ৩/২১। ভ ৫.১৯.৭। —কাঃ পুং ১ বানপ্রস্থ, তাপস। "গো রা "২.১০৮.৪০। ২ কিরাতাদি। ৩ বন্যপশু। ৪ পক্ষী। "ভ ৫ ১৯.২৭। ৫ বানর।

বন্ত প্র [সং বৎ (মতুপ্) > প্রা বন্ত (প্রা.প্র), হি, ঠ বংত—বল°, ভাগ্য°] 'তাহার বা তাহাতে আছে' এই অর্থে প্রত্যয়। "রস° বি প ২২৩। তেজো° ম ৪১৭, ভাগ্য° ৫১২, জ্ঞান° ৫৯৫। কীর্ত্তি° গো বি ৮৫। রূপ° ম বি ১২, লজ্জা°, ধৃতি°, দয়া° ২৫৩। কুল° ম পা ৫৫।

বন্দ্ + সক [ভ্বা, ঙ—বন্দতে, সেট্] ১ অভিবাদন, নমস্কার। "বন্দে মাতরম্ ব বি ৯৭। ২ স্তুতি।

বন্দ১ সর্ম্ম [সং √বন্দ্ > লি √বন্দ, প্রা বংদ] ১ বন্দনা করা, প্রণাম, পূজা, স্তব বা সম্মান করা। "বন্দিলাম·· নিরঞ্জন ম ভা ৮। ২ সভক্তি বা সম্মানপূর্ব্বক গ্রহণ করা। "পান পাটা বন্দি কিছু বলে কর্ণসেন শ্রী ২০, ধর্ম্মের আদেশ কর্ম্মী বন্দি সমাদরে ৬২। [বন্দ, -ন্দঁ, -ন্দো, -ন্দোঁ—বন্দনা করি। "বন্দোঁ ক চ ৫। বন্দঁ, বন্দ। —জ ৪। বন্দ মাতা সরস্বতী ব প ১৩৮৩। চৈ চ ২। বন্দো মাতা সুরধুনী (গঙ্গার বন্দনা)। বন্দন্ত—বন্দনা করেন। 'কনিষ্ঠ সোদব তিনে তাহানে বন্দন্ত অ প ২২। বন্দম—বন্দনা করি। দ্র 'অম'। "ম ম ১৬। বন্দয়, -য়ে—পূজা করে, সম্মান করে। "বন্দয়ে নৃপ বরাবরে ক চ ৩৪। বসু হেতু বসুন্ধবা তাহারে বন্দয় ভা চ ২৯৭। বন্দি৩—১ বন্দন করিয়া "ক চ ৫। ২ বন্দনা করি। "হংসে ব্রহ্মা বন্দি ম ভা ৮। বন্দিআঁ, -এ্যা, -য়া—বন্দনা করিয়া। 'বন্দিআঁ, -এ্যা (শ্রী কী)। °য়া ম ভা ৫। বন্দিনু, -লুঁ, -ন্দিলাম—বন্দনা কবিলাম। '°নু, -লুঁ ক চ ৫, ৬। °লাম ম ভা ৮। বন্দিব—বন্দনা করিব। "ক চ ৫। বন্দিয়ে—বন্দনা করি। "বুড়ীর বন্দিয়ে চরণ ক চ ৫। বন্দে—১ বন্দনা করে। "(তাঁব) দেব মানব বন্দে চরণ।—ববীন্দ্র। ২ স্তব গান করে। "মধুকর ঘিবি ঘিরি বন্দে।—গান ৬৯। ৩ (সংস্কৃতে ক্রিয়াপদ) বন্দনা করি। 'বন্দে প্রভু ভূতনাথ ক চ ১।]

বন্দ২ বিং [ফা বন্দ্, তু 'বন্ধ'] ১ বদ্ধ, অবরুদ্ধ (shut in)। "ঘরে বন্দ হওয়া। ২ রুদ্ধ, আটক (stopped)। "পথ বন্দ। ৩ চাবি বা তালা দিয়া আটকান (ঘর, বাক্স, সিন্দুক)। ৪ যাহার কার্য্য স্থগিত হইয়াছে (closed)। "ইস্কুল, কলেজ, কাছারি, কল বন্দ হওয়া। ৫ কপাটরুদ্ধ (shut up)। "জানালা, দরজা বন্দ হওয়া। ৬ নিবারিত। "বমি বন্দ হওয়া। ৭ বাক্যরহিত (silent)। "মুখ বন্দ হওয়া। ৮ প্রচাররহিত (সংবাদপত্রাদি)। —ন্দ বি [ফা বন্দ্] ১ বাঁধনের ফিতা বা কাপড়ের পট্টী। "কাঁচুলীর, জামার বন্দ। ২ অবরোধ। "পথ বন্দ করা। ৩ কার্য্যবিরাম, ছুটি। 'গ্রীষ্মের, পূজার বন্দ। ৪ ভূমিখণ্ড। "এক বন্দে ১০ বিঘা জমি। ৫ ঘরের দৈর্ঘ্য ও প্রস্থের পরিমাণসমষ্টি। "সাতাইশ বন্দে (অর্থাৎ ১৮+৯, বা ১৭+১০) বিশাই ধরিলেন সূতা ক চ ৩৩, সাতানই বন্দে বিশাই টাজাইল দড়ি ১৮৩। [বন্দে (অপ্র)—প্রকারে। "কত বন্দে চবণ নাচায় শ্রী.মা ৪২। বন্দে ছন্দে—ফিতা-প্রভৃতি দ্বারা স্বচ্ছাদে। "বন্দে ছন্দে বান্ধে খোপা ম.ম ৭০। বন্দে বন্দে—জমির খণ্ডে খণ্ডে।]

বন্দক১ + বিণ [√বন্দ্ + অক (ণ্বুল্)-ক] বন্দনাকারক, স্তাবক। —ন্দন স্ত্রী [+ অন (ল্যুট্)-ভা] ১ প্রণাম, অভিবাদন, নমস্কার। "মনু ২.২১৬। [ইহা নবলক্ষণা বা ষোড়শলক্ষণা ভক্তির একতম লক্ষণ (ভ ৭.৫ ২৩। হরিভক্তিবিলাস, ১১শ বিলাস)।] ২ আসনাদি ষোড়শপূজোপচারের একতম (আহ্নিকতত্ত্ব)। "পূজয়ামাস তং দেবং পাদ্যার্ঘ্যাসনবন্দনৈঃ রা ১.২.২৫। ৩ স্তবন। ৪ পাদস্পর্শপূর্ব্বক প্রণতি। ৫ স্ফোটকবিশেষ। —না স্ত্রী [+ অন (যুচ্)-ভা + স্ত্রী আ (টাপ্), পা ৩৩ ১০৭, সি] ১ সর্থ 'বন্দন (১, ৩)। "ম.ম ১৬। হোম-ভস্মকৃত তিলক (শ.ক)। —নী স্ত্রী [°ন + স্ত্রী ঈ (ঙীষ্)] বন্দন, নতি (মেদিনী)।

বন্দক২ বি বন্ধকের দ্রব্য। "কেমন আনিছ বন্দক এথা আন চাই: হেন বন্দক না লইব ম গা ২৭। —কী বি (অপ্র) বন্দুকধারী। "ম গা ৬।

বন্দকী দ্র 'বন্দক২।

বন্দগী বি [ফা বংদগী] প্রণাম, সেলাম। "বন্দঁগী করিবে বান্দা (মাথা) জমিনে ঠুকিয়া ভা চ ৪৮০।

বন্দন + দ্র 'বন্দক১। [°বার (বি)—সম্মানার্থ সভাগৃহ। "বাঁধিল বন্দনবাব।—রঙ্গ ১১। °মালা (স্ত্রী)—১ বন্দনার্থমালাশোভিত তোরণ। ২ বন্দনার্থ মালা, উৎসবাদিতে কদলীস্তম্ভযুক্ত দ্বারদেশে বদ্ধ আম্রপত্ররচিতমালা (হরিভক্তিবিলাস ১৩)। "বদ্ধ° ।—পঞ্চ ৪/২২। °মালিকা (স্ত্রী)—বহির্দ্বারে বদ্ধ মঙ্গলমালা (অ চি)।]

বন্দনা, বন্দনী দ্র 'বন্দক'।

বন্দনীয় + বিণ [√বন্দ্ + অনীয (অনীয়র্)-র্ম্ম] ১ অভিবাদ্য, প্রণম্য। "রা ২ ৫৮ ১৫। ২ পূজ্য, মান্য। ৩ স্তবনীয়। —য়া স্ত্রী গোরোচনা।

বন্দনীয়া দ্র 'বন্দনীয়'।

বন্দর বি [ফা বন্দব] ১ সমুদ্রের বা নদীর তীরস্থ জাহাজ নৌকা বাঁধার স্থান (port)। ২ বাণিজ্যস্থান।

বন্দা১ + বৃক্ষোপরিজাত বৃক্ষ, পরগাছা, বাঁদরা।

বন্দা২ বি [ফা বন্দহ] ১ দাস, ক্রীতদাস। 'বন্দগী করিবে বন্দা (মাথা) জমীনে ঠুকিয়া ভা চ ৪৮০। ২ লোক। "কত কেরামৎ জান রে বন্দা, কত কেরামত জান।—জা ৩৬। [না-ছোড় বন্দা—নির্ব্বন্ধ-শীল লোক।]

বন্দি১, **-ন্দী**১ + স্ত্রী [বন্দ্ + ই (ইন্)-ক, উ ৪ ১১৭, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ), তু 'ফা বন্দী'—কয়েদী] ১ 'বন্দনাকারী', অবরুদ্ধ পুরুষ বা স্ত্রী, কারারুদ্ধ জন, কয়েদী। "বন্দীমিব জয়শ্রিয়ম্ কু স ২.৫২, স্বর° ৬১। বন্দী ম ম ৪। তিনিও যেমন দুর্গমধ্যে বন্দী, আমিও তেমন বন্দীমাত্র ব প্র ৮৩। ২ স্তুতিপাঠক। "সূতমাগধবন্দীনাম্।—হ ১১৩ ৫১। সূতমাগধবন্দি রচই নবচরিতচয় ন প ১১৪। ৩ [+ ই -ণ] গ্রহ, পণ। "ভ ৬ ১ ২২। ৪ [বাঙ্লায়, অপ্র] বন্ধক। "প্রভুর ত্রিশূল নন্দী, বাণ্যা ঘরে থুয়্যা বন্দী, কুচিলা গাঁজাই নিল ধার ক.চ "২৬। [°গ্রাহ (পুং)—দস্যু, ডাকাত। "যাজ্ঞ ২ ২৭৬। পরাশর ১০ ১৭। °পাল (পুং)—বন্দিরক্ষক, কারাধ্যক্ষ। °শাল (ক্লী), °শালা, -লিকা (স্ত্রী)—বন্দিগৃহ, কারা, জেল। "°শাল ক চ ২৮৯, চৈ চ ২০২। °শাল।—কথা ৩৫, °শালা ৩৮। °সহবাস (বি) —বন্দির সহিত একত্র বাস। "নিশীথে একাকিনী বন্দিসহবাস নবাবপুত্রীব পক্ষে উত্তম ব প্র ৮৯। °স্ত্রী (স্ত্রী)—বন্দিজাতি স্ত্রী। "মনু ১০ ৪৮, কুল্লুক।]

বন্দি২, **-ন্দী**২ বিং ['বন্দি১, -ন্দী—মূল] ১ অবরুদ্ধ, আটক। "আপনি হইল বন্দি লক্ষ্মণের তরে।—কৃ ৩২৩। বন্দি থাকি, চল শ্রী মা ৯৬, চৌষাট করে বন্দি ১৪৭। তাহে বন্দী জীবগণ ভ.প্র ১১১। ২ বদ্ধ। "দুই ভুজ···বন্দি নাগপাশে—দু ৮। ৩ কুম্ভকযোগে রুদ্ধ। "পবন রামল কর বাউ কর বন্দি গো বি ১৭৮। ৪ ধৃত। "পায় মোজা দিয়া তারা কড়ি বন্দী কৈল ক চ ২০০। ৫ বন্দিতুল্য

বন্দীভূত। "জার গুণে বনে পশু বন্দী কৃ.উ ২৮০। ৬ প্রতিজ্ঞাবদ্ধ। "সত্যে বন্দী থাকিলে নরকে হয় বাস ব.প ১৩৫৫। [জবান° —মোকদ্দমায় বাদি-প্রভৃতির কথিত বিষয়ের লেখন ; ভাষা। জমা° —ভূমির করনির্দ্ধারণার্থ শুভঙ্করী নিয়ম। পুল°—সেতুনির্ম্মাণ।]

বন্দি[3] দ্র 'বন্দ[1]'।

বন্দিঘাটীগাঁই বিং বন্দ্যঘটগ্রামীয়, 'বন্দ্যোপাধ্যায়' উপাধিযুক্ত। দ্র 'বন্দ্য'। "সুন্দরামল বন্দিঘাটীগাঁই ন.প ৪০৪।

বন্দিত + বিণ [√বন্দ্ +ত (ক্ত)-র্ম্ম] স্তুত, পূজিত। "পা ৫ ৪. ১৫৭, কাশিকা। কারুণ্য-নীর সভার বন্দিত।—গ ১৮। দু ৬১। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] বন্দনীয়, পূজ্য। "রা ২ ২৬ ৩০।

বন্দিনী[1] বিং [বন্দি[1]+ইনী] ১ বন্দীকৃতা স্ত্রী, বন্দী।

বন্দিনী[2] দ্র 'বন্দী[3]'।

বন্দি(ন্দু)য়ান বি [হি বংদীয়ান্] বন্দী, কয়েদী। "ব প ৭৪১। বন্দুয়ানের আহ্লাদ যে দিন পাযের বেড়ি কাটে।—দা ৫৩১, তোমাকে বন্দুয়ান৹ ক'রে মাটি কাটাব রাস্তায ২০৮৭।

বন্দিশ, -স বি [ফা বন্দিশ্, অপ্র] উষ্ণীষ, পাগ। "পট্টাম্বরের বন্দিস মাথায় বি.পা ১৯৫, রঙ্গিল বন্দিশ ২৮১। °স ব প ২৩২।

বন্দী[1] ; **বন্দী**[2] দ্র 'বন্দি[1]', বন্দি[2]।

বন্দী[3] (**-ন্দিন্**) + বিণ [√বন্দ্ +ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী-ন্দিনী[2]] পূজয়িতা, স্তাবক। "অনন্তবন্দিনঃ (বিশ্বগুরোঃ) কু স ৬.৮৩। —ন্দী পুং ১ বীর্য্যাদিবর্দ্ধনস্তুতিপাঠক (অ.টী), স্তুতিপাঠক। "রঘু ৪ ৬। রঙ্গ ২০। [ইহারা ক্ষত্রিয় হইতে শূদ্রার গর্ভে জাত সঙ্কীর্ণ জাতি। (A.)।] ২ প্রস্তাবসদৃশ স্তুতিপাঠক। 'বন্দিনঃ···প্রস্তাবসদৃশোক্তয়ঃ ভ ১১. ২১, শ্রীধর। ৩ ভৃত্য। "সুরবন্দিনঃ (দিবং যযুঃ) ভ ১১ ৪ ১৫। [স্তাবক অর্থে 'বন্দী', স্ত্রীলিঙ্গে বিশেষণ 'বন্দিনী' (বহুব্রীহি-সমাসে উত্তরপদ)—জহ্নু কন্যা বিবুধবন্দিনী (বিবুধ যাহার বন্দী, অর্থাৎ ভৃত্য সেই জহ্নু কন্যা)।—দু ১৭, মববন্দিনী ৬১। চরাচর° ম ম ২৩৬। ত্রৈলোক্য° বি সু ১১। সুর° ভা চ ১৭৯। সুরনর° দা ১২৭, সুরবর° ১৩০, ত্রিদেব° ২০৬,-৭, ভানুশশীর বন্দিনী (অর্থাৎ ভানুশশিবন্দিনী) ২৫১। জগৎ° ।—বঙ্গ ৩০।]

বন্দীকৃত + বিণ [বন্দি[1]+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] অবরুদ্ধ। "বন্দীকৃতাং প্রিয়ম্ কু স ২.৫২, মল্লিনাথ।

বন্দুক বি [র্ক বন্দূক] আগ্নেয়াস্ত্রবিশেষ। "গো চ ৪৯, ৫৪। —কি, —কী বি [র্ক বন্দূক্চী] বন্দুকের যোদ্ধা, গোলন্দাজ। "বন্দুকি গো চ ৩২৫। বন্দুকী শ্রী ১৫, ১৬৫, ২১৪, শ্রী.মা ১৪১, ব প ৪৭৬। [°চি—সর্থ 'বন্দুকী'। "বি.পা ২৭৭, ৩০১।]

বন্দুকি, বন্দুকী দ্র 'বন্দুক'।

বন্দেজ বি [ফা বনদিশ্, হি, জাটু—বংধেজ'—ব্যবস্থা, ড় বন্দেজ] নিয়ম, শৃঙ্খলা, ব্যবস্থা।

বন্দোবস্ত বি [ফা বন্দোবস্ত্] ১ নির্দ্ধারণ, ব্যবস্থা (settlement)। "কাক ক দিনত্র জমাট বন্দোবস্ত হু ১৭৮। ২ জমির বিলিব্যবস্থা। "বন্দোবস্তের পরওয়ানা E.P 66, 79 ৩ নিয়ম, শৃঙ্খলা। "করি বন্দোবস্ত, বসিল সমস্ত, কুলীন কাঁযস্থ কত শ্রী ১২।

বন্দ্য + বিণ [√বন্দ্ +য (ণ্যৎ)-র্ম্ম] ১ বন্দনীয়, প্রণম্য, পূজ্য। "বন্দ্যৌ পাদৌ বা ২ ৫৮.১৫। রঘু ১৩ ৭৮। ব্রহ্মার বন্দ্য চৈ.ভা ৪৮২। জগত বন্দ্য।—দু ৩। পিতা মোর কুল বন্দ্য ক.চ ২৫৯। বন্দ্যাভাবে চৈ চ ২৮৮। বন্দ্যবংশ ভা.চ ২৫৪। ২ আরাধনীয়। "পূ মে ১২। —ন্দ্য বি ১ (বাঙ্লায়) বন্দ্যোপাধ্যায়, বাঁড়ুয্যে। "চাটুতি বন্দ্য ক চ ৮৬, কুলে বন্দ্য ২৫৯। 'বংশ ভা চ ২৫৪। ২ বন্দ্যঘট গ্রাম। [ইহার অন্য নাম 'বাঁড়র' (বঙ্গের জাতীয় ইতিহাস ১১১ পৃষ্ঠ।) 'বন্দ্যঘাট' হইতে 'বাড়র, বন্দ্য'। শাণ্ডিল্যগোত্র রাঢীয় ভট্টনারায়ণপুত্র বরাহ এই গ্রামে বাস করেন। ইনি আদি 'বন্দ্য' বা 'বন্দ্যঘটী' (আদৌ বন্দ্যো বরাহঃ স্যাৎ—সম্বন্ধনির্ণয়, ২৩ পৃষ্ঠ, টীকা। আদ্যো (বরাহঃ) বন্দ্যঘটী খ্যাতঃ (বঙ্গের জাতীয় ইতিহাস ১১৭ পৃষ্ঠ, টীকা)। এই হেতু তদীয় বংশীয়েরা 'বন্দ্য' 'বন্দ্যঘটী' 'বন্দ্যোপাধ্যায়' উপাধিতে পরিচিত।]

বন্দ্যঘটি, -টী, বন্দ্যোঘটি বি [বন্দ্যঘটীয় > °টী, -টি ; বন্দ্যো°, তু 'বন্দোপাধ্যায়'] বন্দ্যোপাধ্যায়। দ্র 'বন্দ্য'। "নারায়ণসুত৹ ...বন্দ্যঘটি ক চ ১৩৬। বন্দ্যঘটী ব.প ৩১৫। কৃষ্ণরাম বন্দ্যোঘটি শি ১১৪।

বন্দ্যবংশ বি [কর্ম্মধা] ১ পূজ্যকুল। "বন্দ্যবংশে জন্ম স্বামী ক.চ ৬৩। পরমকুলীন স্বামী বন্দ্যবংশ খ্যাত ভা.চ ২৫৪। ২ বন্দ্য বরাহের বংশ, বন্দ্যোপাধ্যায-কুল। দ্র '(১)।

বন্দ্যোপাধ্যায় বি বন্দ্যগ্রামবাসী ও উপাধ্যায়, রাঢীয় ব্রাহ্মণের উপাধি। দ্র 'বন্দ্য'।

বন্ধ্ + সক [ক্র্যা, প—বধ্নাতি, অনিট] ১ বন্ধন। ২ [চু, প —বন্ধয়তি, সেট্] বন্ধন। [অনু—অনুবন্ধ, অনুবর্ত্তন, অনুগমন। "হি ১ ৯৬। আ—বন্ধন। নি—নিবন্ধ, রচনা, গ্রন্থন, নিরোধ। নির্ —নির্ব্বন্ধ, আগ্রহ। প্র—প্রবন্ধ, গ্রন্থন, কাল্পনিক কথন। প্রতি —প্রতিবন্ধ, নিরোধ। "রঘু ১.৮০। সম্—সম্বন্ধ, সংসর্গ।]

বর্ণ[1] + পুং [√বর্ণ্‌+অ (অচ্)-ণ] ১ 'রঞ্জনসাধন', রঞ্জকদ্রব্য, রঙ্গ, রাগ, শুক্লাদি। "কৃষ্ণং চ বর্ণমরুণং চ সং ধুঃ।—ঋগ্বেদ ১.৭৪.৭। বর্ণমাত্রেণ কৃষ্ণঃ পূ.মে ৪৯। ২ কান্তি, ছায়া। "শার্ঙ্গিণো বর্ণচৌরে (চুরি) পূ.মে ৪৬। রঘু ৮.৪২। ৩ ব্রাহ্মণাদি। "স° মনু ৩.১২; ১০.৪। বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ হি ১ ১১২। কিবা নাম কোন বর্ণ ন ১২৫৫। °গুরু ব্রাহ্মণেতে দু ১; ৫০। ৪ (জ্যোতিষে) বিপ্রাদি। "বিপ্র°, ক্ষত্রিয়°, বৈশ্য°, শূদ্র°। ৫ (সঙ্গীতে) ষড়্‌জাদির সংক্ষেপাক্ষর —স ঋ ইত্যাদি। ৬ গীতক্রম। "উপাত্তবর্ণে চরিতে পিনাকিনঃ কু.স ৫.৫৬। ৭ তালভেদ। ৮ যশঃ। "লব্ধবর্ণ। ৯ গুণ, উৎকর্ষ। "রাজা প্রজারঞ্জনলব্ধবর্ণঃ রঘু ৬.২১। ১০ স্তুতি, স্তব। ১১ ব্রত। ১২ অঙ্গরাগ। ১৩ (বীজগণিতে) অজ্ঞাতরাশি। ১৪ গুণ, ধর্ম্ম। ১৫ সুবর্ণ, স্বর্ণ। ১৬ চিত্র। ১৭ হস্তীর চিত্রকম্বল; কুথ, হাওদা। —র্ণ পুং, ক্লী ১ অক্ষর, শব্দাংশ (syllable)। "বর্ণপরিচয়। মাধুর্য্য-ব্যঞ্জকৈর্বর্ণৈ রচনা সা.দ ৯.২। ২ রূপ। ৩ বিলেপন, চন্দন। ৪ ভেদ, প্রকার। "সার্ব্ববর্ণিকমন্নাদ্যম্ মনু ৩.২৪৪। নানা বর্ণে চারি বৈনে সাজন করিয়া ম.গা ২৫। পিষ্টক নানাবর্ণ জ ৬৬। [°কূপিকা (স্ত্রী) —রঙ্গপাত্র; মস্যাধার। °জ্যেষ্ঠ (পুং)—ব্রাহ্মণ। °তুলি, -লিকা, -লী (স্ত্রী)—চিত্রকরের তুলি; লেখনী। °দূষক (বিণ)—জাতিভেদনাশক। "মনু ১০.৬১। °দেবতা (স্ত্রী)—অক্ষরাধিষ্ঠাত্রী দেবতা। °দ্বিজ (বি) —ইতরজাতির যাজক ব্রাহ্মণ; বর্ণের ব্রাহ্মণ। "ক.চ ৮৭। °ধর্ম্ম (পুং)—দ্বিজাদির শাস্ত্রদৃষ্টকর্ম্ম। °পাত (পুং)—উচ্চারণে বর্ণস্খলন। °পাত্র (ক্লী)—চিত্রকরের বর্ণাধার; রঙের বাক্স। °প্রকর্ষ (পুং) —বর্ণোৎকর্ষ, বর্ণবৈশিষ্ট্য। °বিপর্য্যয় (পুং)—শব্দে বর্ণস্থানপরিবর্ত্তন। "সিংহো বর্ণবিপর্য্যয়াৎ পা ৬.৩.১০৯, সি। °বৃত্ত (ক্লী)—বর্ণসংখ্যানুসারী ছন্দঃ, অর্থাৎ যে ছন্দে পাদে বর্ণসংখ্যা নিয়মিত; অনুষ্টুভ্ ইন্দ্রবজ্রা ইত্যাদি। °ব্যবস্থিতি (স্ত্রী)—বর্ণগত কর্ম্মবিধি। °মাতৃকা (স্ত্রী) —সরস্বতী। °মাত্র (ক্লী)—কেবল বর্ণ; বর্ণই। "পূ.মে ৪৯। °মালা (স্ত্রী)—১ অক্ষরশ্রেণী, বর্ণসমূহ (alphabet)। ২ (বাঙ্‌লায়) মাতৃকাবর্ণসমূহ। "কেহ…জপে বর্ণমালা শ্রী ২১২। °বর্ত্তি, -র্ত্তিকা (স্ত্রী) —লেখনী; তুলি। °শ্রেষ্ঠ (পুং)—ব্রাহ্মণ। "গো.রা ১.৬.২০। °সংযোগ (পুং)—সবর্ণ স্ত্রীপুরুষের বৈবাহিক সম্বন্ধ; সবর্ণবিবাহ। °সংসর্গ (পুং) —সজাতীয়ের সহিত পরিণয়াদি সম্বন্ধ। "মনু ৮.১৭২। °সমাম্নায় (পুং)—বর্ণসঙ্ঘাত, বর্ণসমুদায়। "ভ ৭.১৫.৫৩। °স্থান (ক্লী)—বর্ণের উচ্চারণস্থান কণ্ঠ-প্রভৃতি। °হীন (বিণ)—অপাঙ্‌ক্তেয়, পতিত।] [বর্ণ চুরি করা—জাতি. অপলাপ করা; জাত ভাঁড়ান। "কোন রাজ্যে আছিলা সভে বর্ণ করি চুরি ম.বি ২২০। বর্ণের ব্রাহ্মণ—সর্থ 'বর্ণদ্বিজ'।

বর্ণ[2] সর্ম্ম [সং √বর্ণ্—বর্ণয়্>প্রা √বন্ন>বা °র্ণ] ১ বর্ণনা করা; বিবৃত করা; সবিস্তর বলা বা লেখা। "বিহরএ যৈছে তাহা বর্ণিব কেমনে ন.প ৪৭। শ্রীবাস বর্ণেন বৃন্দাবনলীলা-রসে: বৃন্দাবনমাধুর্য্য বর্ণিল চৈ.চ ৬৭। ২ রূপগুণ ব্যাখ্যা করা। "কৃষ্ণকে তেহোঁ বর্ণে নিজ সুখে চৈ.চ ১০।

বর্ণক + বিণ [বর্ণ্‌+অক (ণুল্)-ক; স্ত্রী -র্ণিকা] ১ বর্ণয়িতা। ২ রঞ্জক। —ক পুং ১ চারণ। ২ [বর্ণ[1]+ক(কন্) স্বার্থে] অভিনেতার পরিচ্ছদ; ছদ্মবেশ। "বর্ণকৈশ্ছাদিতঃ (ভরতনাট্যশাস্ত্র)। —ক ক্লী ১ বর্ণ, রাগ। "বর্ণকভেদ শ্রী ১৮২। ২ বিলেপন, লেপদ্রব্য। "পিষ্টতমাল-বর্ণকনিভ মৃ ৫.৪৬। ৩ চন্দনাদি। "ভট্টি ১৯.১১। ৪ হরিতাল। ৫ গ্রন্থভেদ, অধ্যায়। —র্ণকা স্ত্রী প্রাবরণভেদ। "পা ৭.৩.৪৫, কাশিকা। —র্ণিকা স্ত্রী ১ সর্থ 'বর্ণক' পুং (২)। "°পরিগ্রহ (মা.মা) শীঘ্র কর বর্ণিকা গ্রহণ চৈ ৪১। ২ নীলিকাদি বর্ণ। ৩ চিত্রকর্ম্মরঞ্জনার্থ চিত্রপটোপরি প্রযোজ্য লেপবিশেষ। "শ ৬.১৫। ৪ লেখনী; তুলিকা। ৫ কঠিনী। ৬ মসী।

বর্ণকা দ্র 'বর্ণক'।

বর্ণচোরা বিং ১ যে ফল পাকিলে, বাহিরে বর্ণ প্রকাশ পায় না; পাকে অস্ফুটবর্ণ (ফল); (গৌণার্থে) কপট। "সর্ব্বঘটে অধিষ্ঠান, বর্ণচোরা আম।—হেম ২৭৯। এঁরা বর্ণচোরা আঁব, এঁদের চেনা ভার হু ১১। ২ (অপ্র) বিবর্ণ, মলিন। "ফলা অসি বসন ভূষণ ধন লুটি। বর্ণচোরা করে চোরে ধরে আন ঝাটি॥—শ্রী ১১৯।

বর্ণন + ক্লী [√বর্ণ্‌+অন (ল্যুট্)-ভা] ১ সবিস্তর কথন; বিবৃতি, ব্যাখ্যান। "অযোধ্যা° গো রা ১ ৪.১২। কৃষ্ণগুণ° ভ ১০.৭৪.৩০। বর্ণনে না যায়।—ম ৫৯২। ২ প্রশংসন। "অমাত্য° গো.রা ১.৪.১২। ৩ লেখন। ৪ শুক্লাদিবর্ণক্রিয়া, রঞ্জন, রঙান। —না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কথন। "কাব্যং লোকোত্তরবর্ণনা-নিপুণকবিকর্ম্ম।—কা.প্র ১স্ত। ২ ব্যঞ্জনা দ্বারা জ্ঞাপন। "সা.দ ১০.৯৪। ৩ প্রশংসা, গুণকথন। ৪ [সং ভাষা] (বাঙ্‌লায়) মোকদ্দমায় বাদীর অভিযোগের কারণনির্দ্দেশ। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] বর্ণনাযোগ্য, ব্যাখ্যেয়, কথনীয়। "ভ ৩.২২ ৩৯। —র্ণিত বিণ [+ত(ক্ত) -র্ম্ম] ১ সবিস্তর কথিত; ব্যাখ্যাত। "(এতৎ তে…মনোশ্চরিতম্) বর্ণিতম্ ভ ৩.২২.৩৯। ২ স্তুত। ৩ রূপান্তরাপাদিত। [বর্ণনা করা —বর্ণ অর্থাৎ রূপ দেওয়া; মূর্ত্তিমান্ করা; বানান। "তাঁহারে বর্ণনা করে হেন ভাব কার।—দু ১০।]

বর্ণপরিচয় + পুং [ষ.ত] ১ (সঙ্গীতে) ষড়্‌জ ঋষভ ইত্যাদি স্বরের পরিচয়; রাগাভ্যাস। "তত্রভবতী হংসপদিকা °য়ং করোতি শ ৫স্ত। ২ (বাঙ্‌লায়) স্বরব্যঞ্জনের পরিচয়; বর্ণজ্ঞান। ৩ (গৌণার্থে) বিষয়বিশেষের সূত্রপাত। "আমাদের এই প্রকার অধঃপতন হবে না ক্যান? আমরা হামা দিতে আরম্ভ করেই ঝুমঝুমী চুষী ও শোলার পাখীতে বর্ণপরিচয় করে থাকি।—হু ২০২।

বর্ণ-বিবর্ণ বিং [অপ্র] রঙ্‌-বেরঙ্‌, নানাবর্ণবিশিষ্ট; নানাপ্রকার। "ঘোড়া সাজে °র্ণ চ.বি ১৪৭; সেনা সাজে °র্ণ ১৫৭।

বর্ণসঙ্কর + পুং [ষ.ত] ১ মিশ্রণ; বর্ণসঙ্ঘাত। "চিত্রেষু বর্ণসঙ্করঃ (কাদম্বরী)। ২ অক্ষরমিশ্রণ। বর্ণের স্খলিতোচ্চারণ। "অবর্ণসঙ্করৈঃ (পুস্তকৈঃ) মাঘ ১৪ ৩৭। ৩ [সুপ্‌সুপা] বর্ণে সঙ্কীর্ণ; বিপ্রাদি বর্ণের ব্যভিচারাদি হেতু মিশ্রণজাত জাতি; বিপ্রাদি হইতে প্রতিলোমজাত ও অনুলোমজাত জাতি—সূতমাগধাদি। (মনু ১০.২৫,-৬)। "জায়ন্তে বর্ণসঙ্করাঃ গী' ১.৪০। °রক্ষণার্থে।—বিষ্ণু ৩.২৯। মাঘ ১৪.৩৭। [ব্রাহ্মণাদি বর্ণের অন্যোন্যস্ত্রীগমন, সগোত্রাদি অবিবাহ্যস্ত্রীর সহিত বিবাহ ও উপনয়নাদি স্বকর্ম্মত্যাগ হেতু বর্ণসঙ্করজাতি উৎপন্ন হয় (মনু ১০.২৪)।] [°কারক (বিণ)—বর্ণসঙ্করজনক; সঙ্কীর্ণজাতিহেতুভূত। "দোষৈঃ …°কৈঃ গী ১.৪২।]

বর্ণা সর্ম্ম [বর্ণ[2] >বর্ণা; অপ্র] বর্ণনা করা। "ভাটে পড়ে রায়বার যশ বর্ণাইয়া ভা.চ ৪৫৯। —র্ণা অর্ম্ম গুণ বর্ণনা করা। "চৌত্রিশ অক্ষরে বর্ণাইয়া কৈলা স্তব ভা.চ ২০। তারাগুণ বদনে গায়, বতনে জকার বর্ণাইয়া।—দা ১৩১১।

বর্ণাপেত + বিণ [প.ত] বর্ণ হইতে বহিভূ্ত; সঙ্করজাত। "বর্ণাপেত-মবিজ্ঞাতং নরম্ মনু ১০.৫৭।

বর্ণাশ্রম + পুং [দ্বন্দ্ব] ব্রাহ্মণাদি বর্ণ ও ব্রহ্মচর্য্যাদি আশ্রম। "°ধর্ম্ম রঘু ৫.১৯। বর্ণাশ্রমেতর বাজ ১.১।

বর্ণিক বি [বণিক্ > °ক ; অপ্র] বণিক্। "হ.পা ৬৭ ; ৯৮ ; ১৭১। বর্ণিক পাড়া বা.ম ১৫০ ; গন্ধর্ব বর্ণিক ২৫২। ঐ ২১৫। —কা বি [অপ্র] বণিক্। "বা.ম ৯৩ ; ১৮৩,-৫,-৯২।

বর্ণিকা† দ্র 'বর্ণক'। [°পরিগ্রহ (পুং)—বেষধারণ।]

বর্ণী (-র্ণিন্) + বিণ [বর্ণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ণিনী] বর্ণবান্ রূপবান্। "কুমারো দেববর্ণিনৌ রা ২.৯৯.২৪।—র্ণী পুং ১ ব্রহ্মচারী। "পা ৫.২.১৩৪। রঘু ৫.১৯। কু.স ৫.৫২। কি ১.১। ২ (ব্রহ্মচর্য্যে অধিকারী) ব্রাহ্মণাদি। "পা ৫.২.১৩৪, কাশিকা। ৩ চিত্রকর। ৪ লেখক। "পলাশশরবর্ণিনাম্ (মহা—S W.)।

বর্ত্ত অর্ম [সং √বৃৎ—বর্ত্তন > °র্ত্ত ; প্রা √বত্ত , হি √বর্ত্ত] ১ অবস্থিতি করা ; থাকা। "এ চারি স্বভাব কৃষ্ণচন্দ্রে একা বর্ত্তে ভ.গ্র ৩৭৫ ; মুক্তাপ্রগলভা-গুণ যাহাতে বর্ত্তয় ৩৮৩। ২ প্রাণধারণ করা ; বাঁচা। "কেহে বর্ত্তি আইলে ছার অ.প ৩৭। ধনুক ভাঙ্গিলে বর্ত্তিব কেমনে চৈ.চ ২৪২। চাষ চষ বারেক, বর্ত্তুক পরিজন শি ৬৮। যতদিন আমি রয়েছি বর্ত্তে।—কা ২৭। ৩ নিরুদ্বেগ হওয়া ; আশ্বস্ত হওয়া ; কৃতার্থ হওয়া ; বাঁচা। "সম্প্রতি চাষের শস্য সব লও তুমি। বাগ্মিনী বলে তবে বর্ত্তিলাম আমি।—শি ৮৬। গদাধর ভাবে আমি বর্ত্তি পলাইলে (চৈ.ভা)। —র্ত্তা অর্ম [বর্ত্ত > বর্ত্তা] ১ সর্থ 'বর্ত্ত (২)। "ছেলের নামে পোয়াতি বর্ত্তায় চিরকাল।—দা ১০২৩। ২ উত্তরাধিকারিত্বে স্থিত হওয়া, অর্শান। "স্ত্রীধন মেয়েতে বর্ত্তায়। [বত্তান—সর্থ 'বর্ত্ত'। বেঁচে বর্ত্তে বা বত্তে থাকা—বেঁচে থাকা।]

বর্ত্তক † বিণ [√বৃৎ+অক (ণ্বুল্)-ক , স্ত্রী -র্ত্তিকা] শুশ্রূষাপর। "গুরু° রা ২.৯৮.১।—ক পুং ১ পক্ষিবিশেষ, ভারুই। "°র্বার্ত্তা—হি ৩২৫/৫৬। ২ অশ্বখুর। —ক ক্লী লৌহবিশেষ। —কা স্ত্রী সর্থ 'বর্ত্তক'।—র্ত্তন [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ বর্ত্তিষ্ণু, স্থিতিশীল। ২ [√বর্ত্তি+অন-ক] বর্ত্তয়িতা, পালক। "ত্রৈলোক্য° ভ ৩ ১১.২৭। —ন পুং বামন (মেদিনী)। —ন ক্লী [√বৃৎ+অন-ভা] ১ বৃত্তি, স্থিতি। "গৃহমগুন° ভ ৭.১১.২৬। ২ প্রাণধারণ। ৩ স্বচ্ছন্দ-সঞ্চার, যথেচ্ছভ্রমণ। "স্মরসি···আবযোর্বর্ত্তনানি উ.চ ১.২৬। ৪ আবর্ত্তন। ৫ পেষণ, বাটা। ৬ [+অন-ণ] জীবিকা, বৃত্তি, বেতন। "হি ১.৪৭ ; কিং তে বর্ত্তনম্ ৩২৫/৫৬। রাজার বর্ত্তন খায় চৈ.চ ৩০৯ ; দ্বিগুণ বর্ত্তন ৩১০। ৭ বর্ত্তুল ; পিণ্ড, গুলি। "আমলকী-বর্ত্তন চ.দা ৪৩। —নী স্ত্রী ১ তুল-নালা, তুলার পাঁজ। ২ তর্কুপিণ্ড।

বর্ত্তন † দ্র 'বর্ত্তক'। [°বিনিয়োগ (পুং)—বেতনব্যয়। "°বিনিয়োগশ্চ রাজ্ঞা সুনিভৃতং নিরূপিতঃ হি ৩২৫/৫৬।]

বর্ত্তনার্থী (-র্থিন্) + বিণ [°ন+ √অর্থ+ইন্ (ণিনি)-ক -১ব , উ.ত] বেতনার্থী, চাকরীর প্রার্থী। "অহং °র্থী রাজপুত্রঃ হি ৩২৫/৫৬।

বর্ত্তনী দ্র 'বর্ত্তক'।

বর্ত্তমান + বিণ [√বৃৎ+মান (শানচ্)-ক] ১ বিদ্যমান। "যেন সেই সময় বর্ত্তমান রহিয়াছে সী ৭। ২ জীবিত, আধুনিক। "°কবেঃ কালিদাসস্য কৃতৌ মা.মি ১২। ৩ জীবনধারী। "ফলমূলবারিভির্বর্ত্তমানা (কাদম্বরী)। —মান পুং আরব্ধ কার্য্যের পরিসমাপ্তিপর্য্যন্ত কালভেদ। 'আরব্ধপরিসমাপ্তির্বর্ত্তমানঃ (দুর্গাদাস)। "সময়ের সার বর্ত্তমান।—হেম ২৪৭। [°বৎ (ব্য)—১ বর্ত্তমানকালতুল্য। "বর্ত্তমান-সামীপ্যে °বদ্ বা পা ৩.৩.১৩১। ২ বিদ্যমানসদৃশ। "এই চিত্রদর্শনে অনম্বানবৃত্তান্ত °বৎ বোধ হইতেছে।—সী ১১। °সামীপ্য (ক্লী) —বর্ত্তমানের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী অতীতকাল বা পরবর্ত্তী ভবিষ্যৎকাল। "পা ৩.৩.১৩১, সি।] [বর্ত্তমানে—১ বিদ্যমানে, সম্মুখে। "পাছে হয় হেমের পাত্রের °নে শ্রী.মা ১৯১। ২ জীবিতে। "পিতা °নে তাঁর নাহি অধিকার।—ন ৭৯।]

বর্ত্তা, বর্ত্তান দ্র 'বর্ত্ত'।

বর্ত্তি, -র্ত্তী + স্ত্রী [√বৃৎ+ই (ইন্)-ক+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ১ লেখ, দলিলপত্রাদি (যাহা বাণ্ডিল করা থাকে)। ২ দীপদশা, পলিতা, বাতি। "বর্ত্তী মহা ৪.২২.২২। ৩ দীপ, অভিমন্ত্রিতদীপ। "সাধক°।—পঞ্চ ৫৪/২৪। ঘৃতবর্ত্তি ভ ৫.১১.৮। ৪ নয়নাঞ্জন। ৫ শলাকা। "ইয়মমৃতবর্ত্তির্নয়নয়োঃ উ.চ ১.৩৮। ৬ রেখা, লেখা। "ধূম° (হ)। ৭ গাত্রানুলেপনী। ৮ ভেষজনির্ম্মাণ। ৯ (বাঙলায়) বাতি (candle)।

বর্ত্তিক + পুং ১ পক্ষিভেদ, বটের। ২ বর্ত্তক, ভারুই পাখী। —কা স্ত্রী ১ সর্থ 'বর্ত্তিক (১)। ২ [বর্ত্তি+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] বর্ত্তি, পলিতা, বাতি। "যোগ°। ৩ শলাকা, তুলিকা। "অঙ্গুলি-ক্ষরণসন্নবর্ত্তিকঃ রঘু ১৯.১৯। ৪ চিত্রভাণ্ড, বর্ণপাত্র। "গচ্ছ বর্ত্তিকাং তাবদানয় শ ৬২/১৩। ৫ দীর্ঘযষ্টি (নীলকণ্ঠ)। "পলাশ° মহা ১.৩১.৮। ৬ রাগ, রঙ্গ (A.)।

বর্ত্তিকা + দ্র 'বর্ত্তিক'। [°করণ্ডক (ক্লী)—চিত্রভাণ্ড। "বর্ত্তিকা-করণ্ডকং গৃহীত্বা ইতোমুখং প্রস্থিতা অস্মি শ ৬২/১৩।]

বর্ত্তিত + বিণ [√বর্ত্তি+ত (ক্ত)-র্ম] ১ পালিত। "নিজচক্র° ভ ১.১৩.১১। ২ নিষ্পাদিত, অনুষ্ঠিত। "মৃগৈর্বর্ত্তিতরোমন্থম্ (আশ্রমম্) রঘু ১.৫২। ৩ পিণ্ডীকৃত, পিণ্ডাকারে নির্ম্মিত। "মোদকাংশ্চ সুবর্ত্তিতান্ গো.রা ১.৯.৩৭। ৪ নির্ম্মিত। "সুবর্ত্তিতম্ (জালম্) মহা ১৩.৫০ ১৭। ৫ নীত, যাপিত। "কয়া বৃত্ত্যা বর্ত্তিতং তে পরং বয়ঃ ভ ১.৬.৩। —র্ত্তিতব্য বিণ [√বৃৎ+তব্য-ভা] ১ স্থাতব্য, ব্যবহর্ত্তব্য। "নাস্মি সংপ্রতি বক্তব্যা °ব্যং যথা রা ২.২৭.১০ ; ১১২.১৯। মে সুতয়োঃ কুন্তি °ব্যং স্বপুত্রবৎ মহা ১.১২৫.২৮। ২ বস্তব্য। "মম-চ্ছত্রচ্ছায়ায়াং···বাপদৈর্বর্ত্তিতব্যম্।—পঞ্চ ১২/২৮ ।

বর্ত্তিষ্ণু + বিণ [√বৃৎ+ইষ্ণু(ইষ্ণুচ্)-ক] বর্ত্তনশীল। "ভট্টি ৫.১।

বর্ত্তী (-র্ত্তিন্) + বিণ [বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ত্তিনী] ১ বর্ত্তনশীল, স্থিতিশীল। "নরেষন্যায়বর্ত্তিষু মনু ৭.১৬। ২ স্থিত। কৈকেয়ীবশ° রা ২.২৩.১২। সমীপ°।—ঋতু ১.১৬। কৃতান্তান্তিক-বর্ত্তিজীবিতম্ ভ ৮ ২২.১১। ৩ জীবী। "কষ্ট···ক্লেশবর্ত্তিনঃ ক সা ৫৩ ১৪। [সমাসে উত্তরপদ]

বর্ত্তুল + বিণ [√বৃৎ+উল (উলচ্)-ক , 'বৃত্ততুল' মূল (?)] বৃত্তসদৃশ, নিস্তল, বৃত্ত, গোল। "অয়ং দ্বীপঃ···সমবর্ত্তুলো যথা পুষ্করপত্রম্ ভ ৫.১৬৫। —ল পুং কলায়বিশেষ, মটোর। —ল ক্লী নিস্তলদ্রব্য, বৃত্ত, বাঁটুল। —লা তর্কুপিণ্ড, টেকোর বাঁটুল।

বর্ত্তুলা দ্র 'বর্ত্তুল'।

বর্ত্ম (-র্ত্মন্) + ক্লী [√বৃৎ+মন (মনিন্)-ধি,-১ব] ১ মার্গ, সরণি, পথ। "ঋগ্বেদ ১.৮৫.৩। রঘু ২ ২০। কি ১৪.১৪। আকাশ° হি ৪১/৬। শ্রী.মা ৭১ ; ১০২। ২ আচারপদ্ধতি, কর্ম্মমার্গ। "ধর্ম্মিষ্ঠে বর্ত্মনি স্থিতঃ রা ২ ২৬.১। মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ গী ৩.২৩। রঘু ১.১৭। ৩ নেত্রচ্ছদ। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—পূর্ত্তকার্য্য।]

বর্দ্ধ্ + সক [চু,প—বর্দ্ধয়তি ; সেট্] ১ ছেদন। ২ পূরণ।

বর্দ্ধক + বিণ [√বর্দ্ধ্+অক (ণ্বুল্)-ক] ১ ছেদক। "শ্মশ্রু°। ২ পূরক। ৩ [√বর্দ্ধি+অক] বৃদ্ধিকারক, বর্দ্ধয়িতা। "অগ্নি°। —ক পুং ১ 'কাষ্ঠাদিচ্ছেদক', সূত্রধর, ছুতার। "গো.রা ১.১২.৬। ২ ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটি। —কি পুং [√বর্দ্ধ্+ই-ক, 'অক্' আগম (অ.টী)] সূত্রধার। "রা ১.১৩.৭ ; ২.৮০.২। ম.ম ১১৮। —কী (-কিন্) পুং [বর্দ্ধক (ছেদন)+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] সূত্রধর। "গো.রা ২.৮৭.২।

বর্দ্ধকি, -কী দ্র 'বর্দ্ধক'।

বর্দ্ধন + বিণ [√বর্দ্ধি+অন (ল্যু)-ক ; স্ত্রী -না] ১ বৃদ্ধিকারক, বর্দ্ধয়িতা। "ঋগ্বেদ ৩ ৩২.১২। কৌশল্যানন্দ° রা ১ ১.১৭ ; কৌশল্যা-প্রীতি° ৭.৩৮.১৮। কীর্ত্তি°, মান°, সন্তান°, হর্ষ°, ছন্দস্য° (S.W.)। ২ হর্ষজনক, আনন্দন। "কেকয়° রা ৭.৩৮ ১৩। মনোনয়ন° ভ ৩. ২৮.১৬। ৩ অভ্যুদয়কারক। "ইক্ষ্বাকুকুল° রা ১ ৪২.২২। ৪ [√বৃধ্ +অন (যুচ্)-ক ; স্ত্রী -না] বর্দ্ধনশীল, বর্দ্ধিষ্ণু। —ন পুং [+অন (ল্যুট্)-ক] দন্তোপরি-জাত দন্ত, গজদাঁত। —ন ক্লী [+অন-ভা] ১ বৃদ্ধি, উপচয়। "বর্দ্ধনং যশসঃ রা ২.৭৪ ৩০। মাংসশোণিত° (মহা)। ২ অভ্যুদয়, সমৃদ্ধি। ৩ বৃদ্ধিকরণ, বাড়ান। ৪ হর্ষোৎপাদন, উৎ-সাহন। ৫ [√বর্দ্ধ্+অন] ছেদন। "নাভি° মনু ২.২৯। ৬ পুরণ। —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'আবর্জ্জনাচ্ছেদক', সম্মার্জ্জনী, ঝাঁটা, বাড়ন। ২ শবযান (bier)। ৩ ঘটী। ৪ সনালপাত্রভেদ, বদনা।

বর্দ্ধনী দ্র 'বর্দ্ধন'।

বর্দ্ধমান + বিণ [√বৃধ্+মান (শানচ্)-ক] বৃদ্ধিশীল। "বর্দ্ধমানো মহাস্নেহঃ হি ২ ১। —মান পুং ১ দেশভেদ। "বৃহৎসংহিতা ১৪.৭। ২ নগরবিশেষ। "বর্দ্ধমানং নাম নগরম্।—পঞ্চ ১ই৪ই। °পুর ক.সা ২৪.১৯। ৩ পূর্ব্বদিকের দিক্করী। ৪ প্রশ্নভেদ, প্রহেলিকা। ৫ শরাব। ৬ এরণ্ড। ৭ নারঙ্গবৃক্ষ।

বর্দ্ধয়িতা (-তৃ) + বিণ [√বর্দ্ধি+তৃ (-তৃচ্)-ক-১ব] বর্দ্ধক, পালক। "কন্যাবর্দ্ধয়িতৃ ক সা ৬১.২৬৫।

বর্দ্ধাপন + ক্লী নাড়ীচ্ছেদনকর্ম্মাঙ্গ সংস্কারভেদ (তিথ্যাদিতত্ত্ব)।

বর্দ্ধিত + বিণ [√বর্দ্ধ্+ত(ক্ত)-র্ম্ম] ১ পূরিত। "মনু ৩.২২৪। ২ ছিন্ন। ৩ [√বর্দ্ধি+ত (ক্ত)-র্ম্ম] কৃতবর্দ্ধন। "ভ ৪.২৩.১। ৪ (বাঙলায়) বৃদ্ধিপ্রাপ্ত। "নাসিকারন্ধ্র বর্দ্ধিতায়তন হইয়া কম্পিত হইতেছিল ব.প্র ৫৭।

বর্দ্ধিষ্ঠ বিং ['বর্দ্ধিষ্ণু' মূল, অপ্র] ১ বৃদ্ধিপ্রাপ্ত, বড়। "ক্রমেতে বর্দ্ধিষ্ঠ হয় যেন চন্দ্রকলা ভ.গ্র ১৮২। ক্রমে ক্রমে বর্দ্ধিষ্ঠ হইয়া কল হৈল ৪১৪। ২ প্রগাঢ়। "ক্রমে ক্রমে হৈল তাহে পিবীতি বর্দ্ধিষ্ঠ ভ.গ্র ২১৯। ৩ সঙ্গতিপন্ন, সমৃদ্ধ। "গ্রামের বর্দ্ধিষ্ঠ গৃহস্থ।

বর্দ্ধিষ্ণু + [√বৃধ্+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] ১ বর্দ্ধনশীল। ২ মায়ায় মহাপ্রাণোদ্ভাবনশীল। "ভটি ৫ ১। ৩ অভ্যুদয়শীল।

বর্দ্ধ্র + ক্লী, -র্দ্ধ্রিকা, -র্দ্ধ্রী স্ত্রী [√বৃধ্+র (রন্)-ক ; স্ত্রী ঈ (ঙীস্)+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] 'বৃদ্ধিশীল', চর্ম্মরজ্জু। দ্র 'বধ্র (৩)'। "মাঘ ২০.৫০।

বর্ব্বট ‡ পুং [√বর্ব্ব্ গতি+অট (অটন্)-ক] রাজমাষ, বরবটী-কল। —টী স্ত্রী রাজমাসলতা (Cow-pea)]

বর্ব্বটী দ্র 'বর্ব্বট'।

বর্ব্বণা § স্ত্রী [ধ্বন্যাত্মক] নীলমক্ষিকা, ভনভনে মাছি।

বর্ব্বর § পুং [√বৃ+বর (বরচ্)-ক, উ ২ ১২৩ ; cf., G. barbaros ; L barbarus ; E. barbarian] ১ (বহুব) অনার্য্য-জাতি। "(সাগবকুক্ষিস্থান্) বর্ব্বরান্।—মহা ২.৩২.১৭। ২ অনার্য্য-দেশ (Wilson)। ৩ নীচজন ; পামর, অসভ্য। "শীঘ্র ডাকি আন্ হেতা তোর সীতানাথে।°বর্ব্বর!—মে ৮৬। ৪ মূঢ়, মূর্খ, কাণ্ডজ্ঞানহীন। "শুনু রে বর্ব্বর।—হি ২৩ই। ম.পা ১৫২। ম ম ৮৬। চাঁদ! তুমি কেবল বর্ব্বর বা.ম ৩২৮। কি বলিতে কিবা বলি বুড়ালে বর্ব্বর শি ৯৩ ; বুড়া বর্ব্বরের পারা ৯৫। ৫ [তু 'ফা বব্‌র্—সিংহ (সিংহকেশর)] কুটিলকেশ, বাবরিচুল। ৬ কাল বাবুইতুলসী। ৭ ব্রাহ্মণযষ্টিকা। ৮ নৃত্যভেদ। ৯ মৎস্যভেদ। —র ক্লী পীতচন্দন। —রতা স্ত্রী [°র+তা (তল্)] বর্ব্বরভাব, নীচতা, অসভ্যতা, চাষাম। "হেন সহবাসে, হে পিতৃব্য! বর্ব্বরতা কেন না শিখিবে?—মে ২০৫। —রী স্ত্রী বাবুই-তুলসী। "শ্রী.র ৮২। —রীক পুং [উ ৪.১৯] ১ বাবরীচুল। ২ বাবুই-তুলসী। ৩ মহাকাল।

বর্ব্বরী, §. **-রীক** দ্র 'বর্ব্বর'।

বর্ব্বূর + পুং বৃক্ষবিশেষ, বাবলাগাছ (Acacia arabica)।

বর্ম্ম (-র্ম্মন্) + ক্লী [√বৃ+মন্ (মনিন্)-ক-১ব] ১ 'দেহাবরক', কবচ, সন্নাহ, সাঁজোয়া। "ঋগ্বেদ ১.৩১ ১৫। গো.রা ৩.৩০.২৭। রঘু ৪ ৫৬। স্বহৃদয়মর্ম্মণি বর্ম্ম করোতি সজলনলিনীদলজালম্ গী.গো ৪.৩। ২ বৃক্ষত্বক্। —র্ম্মা (-র্ম্মন্) পুং ক্ষত্রিয়ের উপাধি। 'স্যাদ্ বর্ম্মান্তং ক্ষত্রিয়স্য (শাতাতপ)। মনু ২.৩২, কুল্লূক।

বর্ম্মি + পুং ['বর্ম্মিন্' মূল (?)] মৎস্যভেদ ; বাইনমাছ।

বর্ম্মিত + বিণ [বর্ম্মন্+ইত (ইতচ্)] বর্ম্মাচ্ছন্ন। "গো.রা ২.৯১.১৫।

বর্ম্মী (-র্ম্মিন্) + বিণ [বর্ম্মন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কবচ-ভৃৎ, বর্ম্মধারী। "ত্রিশচ্ছতং বর্ম্মিণঃ।—ঋগ্বেদ ৬.২৭.৬। বর্ম্মিণো বিবুধাঃ মহা ১.৩২.১২।

বর্ম্মুষ + পুং মৎস্যবিশেষ, বাণ্ডষমাছ (?) (চব্বিশপরগণা)।

বর্য্য + বিণ [√বর১+য (যৎ)-র্ম্ম] ১ ঈপ্সনীয়, বরেণ্য, প্রধান, মুখ্য। "মুনি° ভ ১.৫.৯। নর°, নরদেব°, বিপ্র° (S.W.)। সর্ব্বশক্তি° চৈ.চ ১৫ ; সাধু° ২৪২। দ্বিজ° চৈ.ম ১৭৭। ভক্ত° ন.বি ৯০। তীর্থ° ন.প ৩২। ২ শ্রেষ্ঠ। "পুর° রা ২.১১১.১৮। করেণু° কি ৭.২০। রথ°, মন্ত্র° (S.W.)। —র্য্যা স্ত্রী [+য+স্ত্রী আ (টাপ্), নিপাতিত, পা ৩ ১.১০১] স্বয়ংবরা কন্যা (অ.কো)।

বর্য্যা দ্র 'বর্য্য'।

বর্শা বি সর্থ 'বরশা'। "°ফলক—কথা ৭৫। শাণিত °র্শা ব.প্র ৩৮,-৯।

বর্ষ১ + পুং, ক্লী [√বৃষ্+অ (অচ্)-ভা, পা ৩.৩.৫৬ ; অর্দ্ধর্চ্চাদি] ১ মেঘবারিপাত, বর্ষণ, বৃষ্টি। "ঋগ্বেদ ৫.৫৮.৭। অহং বর্ষং নিগৃহ্ণামি গী ৯.১৯। বিদ্যুৎস্তনিত° মনু ৪ ১০৩। (প্রাপ্য) বর্ষাগ্রবিন্দুন্ পু.মে ৩৫। পানীয়° হি ৩ই। ২ বর্ষবৎ অবিরলপাত। "নারাচ°, লাজ°। শর°, শস্ত্র° রা ২.২৫ ৩৩, ক্রম°, শিলা° ৩৪। পুষ্প° রঘু ১২.১০২। ৩ [+অ-ধি] বৎসর। "°গণ মনু ১২.৫৪। °ভোগ্য পু.মে ১। ৪ জম্বুদ্বীপের নব অংশ—ইলাবৃত-প্রভৃতি। দ্র 'জম্বুখণ্ড'। ৫ জম্বুদ্বীপ। ৬ ভারত। "ভারত°। ৭ [+অ (অচ্)-ক] মেঘ। —র্ষক বিণ [+অক (ণ্বুল্)-ক] বর্ষণকারক। [°কর (পুং)—'বৃষ্টিকারক', মেঘ। °গিরি, °পর্ব্বত (পুং)—জম্বুদ্বীপের নববর্ষের সীমাসূচক পর্ব্বত। °ত্র, °ত্রাণ (ক্লী)—'বৃষ্টিত্রাতা', ছত্র। °পাত (পুং)—বৃষ্টিপাত। °প্রতিবন্ধ (পুং)—বৃষ্টিবিঘাত, অনাবৃষ্টি। °প্রবেশ (পুং)—নব-বর্ষাবস্ত। °শত (ক্লী)—শতাব্দী। °শতী (-তিন্)—শতবর্ষবয়স্ক।]

বর্ষ২ সর্থ [সং √বৃষ্—বর্ষ১ > °র্ষ] বর্ষণ করা। "ঝম ঝম রবে হর্ষে বর্ষে নব নীর স.শ ৮৫। —র্ষ অর্থ বৃষ্টিপাত করা। "বরিষার কালে যেন বর্ষে জলধর।—ম ৭৫৪,-৬৭ ; ৮১০। বিনা বাতাসে বর্ষে তুলা কোথা রাখবি ধান।—খনা।

বর্ষণ + বিণ [√বৃষ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] বর্ষক, বৃষ্টিকারক। "পাংশুবর্ষণঃ (বায়ুঃ) ভ ১০.৭৯ ১। —ণ ক্লী [+অন-ভা] ১ বৃষ্টি, মেঘাম্বুপাত। "নিঃশব্দবর্ষণমিবাম্বুধরস্য (S.W.)। হেমচন্দ্রের মুখকান্তি বর্ষণোন্মুখ মেঘবৎ হইল ব.প্র ১১১। ২ নিষেক। "বর্ষণাদ্ বৃষভঃ। —নিরুক্ত ৯.২২। ৩ সেচন। ৪ বৃষ্টিবৎ অবিরলপাত। "রক্তৌঘ° ক.সা ৪৬,১৪৬ ; অঙ্গার° ১০১.১২৭। ৫ ভূরিদান। "অপাত্র° (S.W.)। দ্রব্য° (A.)। ৬ অস্ত্রভেদ। "গো.রা ১.৩০.১৪।

বর্ষধর + পুং [ষ.ত] 'রেতোবর্ষণধারক', সর্থ 'বর্ষবর' (S.W.)

বর্ষবর + পুং [ষ ত] 'রেতঃসেকবারক', অন্তঃপুররক্ষক, শণ্ড, খোজা। "রা ২.৬৫.৭। গো.রা ২.১৭.২। হ ৫৮.৬।

বর্ষা[১] + স্ত্রী, বহুব [বর্ষ[১] + অ (অচ্) অস্ত্যর্থে + স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] ১ 'বর্ষযুক্ত কাল', ঋতুভেদ, প্রাবৃট্। "°রাত্রি গো.রা ১.৩. ১৮। °প্রভঞ্জন ভট্টি ৭.১। ২ (একব) বর্ষণ, বৃষ্টি। "অবর্ষা মহা ১৩.৯৪.৩৩। বর্ষানিমিত্ত, বর্ষাপ্রশ্ন (S.W.)। [°ভব (বিণ) —বর্ষাজাত। °ভূ (পুং)—ইন্দ্রগোপকীট।]

বর্ষা[২] অর্ম [বর্ষ[২] > °র্ষা] বর্ষণ করা। [যত গর্জ্জায়, তত বর্ষায় না (প্রবচন)—(গৌণার্থে) মুখে যত, কাজে তত নয়।]

বর্ষাকালিক +, **-লীন** বিণ [°ল+ইক (ঠন্), +ঈন (খ), তু 'পা ৪.৩.১১] বর্ষাকালসম্বন্ধী (M.W.)।

বর্ষাগম + পুং [ষ ত] বর্ষাবির্ভাব, বর্ষারম্ভ।

বর্ষাতী বি ['বর্ষাত্র' মূল (?), হি বরসাতী, মৈ 'বরিসাত'—বর্ষা-ঋতু] বৃষ্টি হইতে দেহরক্ষক একপ্রকার ঢিলা জামা।

বর্ষাবসান +, **-সায়** পুং [বহুব্রী] যখন বর্ষার শেষ, শরৎ।

বর্ষাভূ দ্র 'বর্ষা[১]'।

বর্ষাম্বু +, **-ম্ভঃ (-ম্ভস্)** ক্লী [ষ ত] বর্ষণজল, বৃষ্টিজল।

বর্ষিষ্ঠ + বিণ [√বৃদ্ধ+ইষ্ঠ (ইষ্ঠন)] বৃদ্ধতম, অতিবৃদ্ধ।

বর্ষী (-র্ষিন্) + বিণ [√বৃষ্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্ষিণী] ১ বর্ষণশীল, বৃষ্টিকারক। "কবকাসার°, শোণিত°, সীকর° (S W)। যথর্ত্তু° মহা ১ ১০৯ ২। বহুধার° ।—ঋতু ২ ৩। বাষ্পশীকর° কু স ২ ৪২। পঙ্ক ১ ৩০১। ২ ভূবিদানকর্ত্তা। "দাতা সংপাত্রবর্ষী স্যাৎ হি ৩ ১৯৫। অপাত্র°, অস্থান° (S W)। ৩ অবিরতনিক্ষেপশীল। "শিলা° রঘু ৪ ৪০, বাণ° ১২ ৫০। [সমাসে উত্তরপদ]

বর্ষীয় + বিণ [বর্ষ[১]+ঈয (ছ)] বর্ষসম্বন্ধী, তদ্বর্ষবয়স্ক। "ত্রি°, পঞ্চ°, দশ°।

বর্ষীয়ান্(-য়স্) ‡ বিণ [বৃদ্ধ+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -যসী, ছান্দস] ১ বৃদ্ধতর, জ্যায়ান। ২ অতিবৃদ্ধ। 'বর্ষীযান্ নবতেঃ পরম্। "বর্ষীযান্ রাজা ব.প্র ১২৬। পলিতকেশা বর্ষীয়সী ব.দ্বি ১৪। ৩ বৃদ্ধতর, অত্যধিক (শ্রীধর)। "বর্ষীয়ান্ মদনুগ্রহঃ ভ ৩ ৯ ৩৪। ৪ উচ্ছূন, পুষ্ট। "আসীদ্ বর্ষীযসী মহী ভ ১০ ২০ ৭।

বর্ষুক + [√বৃষ্+উক (উকঞ্)-ক, স্ত্রী -কা, ছান্দস] বর্ষণশীল। "বর্ষুকস্য···অম্বুদস্য মাঘ ১৪ ৪৬। দ্যৌর্বর্ষুকা পুষ্পচযং বভূব ভট্টি ২.৩৭, ৭ ১৮। [বর্ষুকাব্দ, বর্ষুকাম্বুদ (পুং)—বর্ষণশীলমেঘ, জলো মেঘ।]

বর্ষোপল + পুং [ষ.ত] বর্ষণের শিলা, করকা, শিল, পাথর।

বর্ষ্ম (-র্ষ্মন্) ‡ ক্লী [√বৃষ্+মন্ (মনিন্)-ক -১ব] ১ 'শুক্রবর্ষক', দেহ। "মহা ৩ ১৪৯ ৯। ২ অতিসুন্দরাকৃতি। ৩ প্রমাণ, ইয়ত্তা। "গজবর্ষ্ম কিরাতেভ্যঃ শশংসুর্দেবদারবঃ রঘু ৪ ৭৬। ৪ প্রকার (রত্নকোষ)। ৫ বর্ষীয়ান্, কালানবচ্ছিন্ন। "নমো (ভগবতে) বর্ষ্মণে ভ ৫ ১৮ ৩০।

বর্হ্ + অক [ভ্বা, ঙ—বর্হতে ; সেট্] শ্রেষ্ঠতা, উৎকর্ষ। —র্হ্ সক ১ কথন। ২ আচ্ছাদন। ৩ হিংসা। —র্হ্ সক [চু, প—বর্হযতি, সেট্] বধ। —র্হ্ অক [চু, প] দীপ্তি।

বর্হ + পুং, ক্লী [√বর্হ্+অ (অচ্)-ক] ১ ময়ূরপুচ্ছ, ময়ূরপুচ্ছস্থ পক্ষ। "মবোৎকাহতশেষবর্হাঃ ক্রীড়াময়ূরাঃ রঘু ১৬ ১৪। পূ মে ৪৩। ভিন্নশিখণ্ডি° কু.স ১ ১৫। বিলোলবর্হাবতংস।—গো ৭৬। ময়ূরের বর্হ কু কে ৪১। ২ পক্ষিপুচ্ছ। ৩ দল, পত্র। কেতক° রঘু ৬ ১৭। —র্হণ বিণ [+অন (ল্যুট্)-ক] হিংসক, নাশক। "মূল°। [°চন্দ্রক (পুং), °নেত্র (ক্লী) —ময়ূরপুচ্ছস্থ চন্দ্রাকারচিহ্ন, চন্দ্রক।]

বর্হা বি [সং বর্হ ; তু 'বরিহা'] ময়ূরপুচ্ছপক্ষ। "চৈ ভা ৪৮৭।

বর্হিঃ(-র্হিস্) ‡ পুং [√বর্হ্+ইস্ (ইসি)-ক] ১ 'দীপক', অগ্নি। ২ চিত্রক, চিতাগাছ।—র্হিঃ পুং, ক্লী কুশ। "ঋগ্বেদ ৩.৪৪। বয়ম্যানীয় বর্হীংষি রা ২.৮৭.২০। কু স ১ ৬০। বর্হিষাং স্তোমম্ মু ৩ ১৫। —র্হিঃ ক্লী কুশাস্তরণ।

বর্হিণ + পুং [বর্হ+ইন (ইনচ্) অস্ত্যর্থে, পা ৫.২ ১২১, সি, তু 'বর্হিন্'] 'বর্হবান্', ময়ূর। "রা ২ ৫২.৩, °পুগনাদিত ৫৫.৩৩। মনু ১২.৬৫। উন্মুখবর্হিণানি (বনানি) রঘু ২ ১৭, বনবর্হিণত্বম্ ১৬ ১৪, প্রমদ° ১৯.৩৭। [°বাহন, °যান (পুং)—কার্ত্তিকেয়।]

বর্হির্মুখ ‡ পুং [বহুব্রী] 'অগ্নিমুখ', দেবতা।

বর্হিষৎ (-ষদ্) ‡ পুং, বহুব [বর্হিস্+ √সদ্+ক্বিপ্ (০)-ক -১ব, পৃষো, উ ত] 'কুশাসনাসীন', পিতৃগণবিশেষ। "মনু ৩ ১৯৬,-৯৯। ভ ৪ ১.৬২।

বর্হিষ্মান্(-ষ্মৎ) ‡ বিণ [বর্হিস্+মৎ (মতুপ্)-১ব] 'বর্হির্যুক্ত', সকুশ। "মনু ৩.২০৮। —ষ্মান্ পুং যজমান।

বর্হী(-র্হিন্) ‡ পুং [বর্হ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] 'বর্হবান', ময়ূর। "রা ২ ৬৩ ১৬। ঋতু ২ ৬।

বল্ § সক [ভ্বা, প—বলতি, সেট্] ১ সমৃদ্ধিপ্রতিবোধ। ২ জীবন। ৩ [ভ্বা, ঙ—বলতে, সেট্] দান। ৪ হিংসা, বধ (ক ক)। ৫ নিরূপণ। —ল্ সক [চু, ঙ—বালয়তে, সেট্] নিরূপণ। —ল্ অক [চু, ঞ—বলয়তি, -তে (ঘটাদি), সেট্] জীবন (ত বা)। —ল্ + সক [ভ্বা, ঙ—বলতে, সেট্] সংবরণ, আচ্ছাদন। —ল্ অক [ভ্বা, প—বলতি] ১ সঞ্চরণ। গী গো ৬.৩। ২ বৃদ্ধি। "বলদবোধাং রাধাম্···উচে গী গো ১ ২৭। [সম্ সংবলন, মিশ্রণ। আ—আবলন, ঈষৎ সঞ্চরণ।]

বল[১] § বিণ [বল+অ (অচ্) অস্ত্যর্থে] বলবান্, সমর্থ। —ল পুং ১ বলরাম। "ভ ১০ ১৩ ৩৯, ৪১ ২৯। [৭ইরূপ—ব্যাস, হনূ ভদ্রা, সত্যা (সত্যভামা—ভ ১ ১৪ ৩৭), ভামা (সত্যভামা—পা ৫ ৩ ৮৩), রাম (পরশুরাম), গণ (গণপতি, তু 'গণা'), কেশব (নাগকেশর) ধূম (ধূমকেতু) ইত্যাদি। দ্র 'পা ৫ ৩ ৮৩, সি, কি ১ ২৪, —মল্লিনাথ।] ২ অসুরবিশেষ। "বলবৃত্রহা, °সূদন। [ইহার মাতা অনায়ুষা এবং ভ্রাতা বৃত্র (হ ২৪০ ৩১, ২৪১ ২৪)।] ৩ [√বল+অ (অচ)-ক] বরুণবৃক্ষ। ৪ কাক। —বল ক্লী ১ সৈন্য, চমূ। "গী ১ ১০। ষড়বিধ° বলম্ রঘু ৪ ২৬। কুরুবল ম ৪৬০। সুরবলদল মে ৩২, বামাবলদল ৮৫। ২ [+অ (অপ্)-ণ] দেহজসামর্থ্য, শক্তি। "পূজিতং হ্যশনং নিত্যং বলমূর্জ্জঞ্চ যচ্ছতি মনু ২.৫৫। ৩ উচ্চারণশক্তি। ৪ দাহশক্তি। "জাতবলো বহ্নিঃ মনু ১২ ১০১। ৫ ভারসহিষ্ণুতা। "কথমল্পবলপ্রাণা বক্ষ্যন্তীমে হয়া মম মহা ৩ ৭১ ১৫। ৬ বেগ, জব। ৭ প্রভাব। "তপোবলহৃত রা ১ ৬০ ১, ৬৪ ১৩। ৮ শুক্র। ৯ রক্ত। ১০ দেহ। ১১ বলাৎকার। "মনু ৮ ৪৯। ১২ দেহস্থৌল্য। ১৩ অস্থি। ১৪ পল্লব। ১৫ গন্ধরস। ১৬ বিদ্যাদি দশবিধ কার্য্যসাধনোপায। 'বিদ্যাভিজনমিত্রাণি বুদ্ধিসত্ত্ববলানি চ। তপঃসহায়বীর্য্যাণি দৈবঞ্চ দশমং বলম্ ॥—আপদ্ধর্ম্মপর্ব্ব। ১৭ কার্য্যসাধনে উপায়মাত্র 'অবলস্য বলং রাজা বালস্য রুদিতং বলম্। বলং মূর্খস্য মৌনং তু তস্করস্যানৃতং বলম্ ॥ —লা[১] স্ত্রী ১ ক্ষুধাতৃষ্ণাদিনাশক বিদ্যাভেদ। দ্র 'অতিবল'। "রঘু ১১ ৯ ২ বাট্যালক, বেঁড়েলা গাছ। [°কর, কৃৎ° (বিণ)—শক্তিজনক, বলবর্দ্ধক। °ক্ষোভ (পুং)—সেনাবিদ্রোহ। °চক্র (ক্লী)—১ সেনা-সমূহ। "মহা ২.২৯ ২। ২ শক্তিমণ্ডল, রাজ্য। °জ্যেষ্ঠ (বিণ)—বল-বত্তম। °ভদ্র (পুং)—বলরাম। °ভিদ্ (-দ), °নাশন, °নিষূদন (পুং)—ইন্দ্র। দ্র 'ইন্দ্র'। °নিগ্রহ (পুং)—শক্তিহরণ। °পতি (পুং) —সেনাপতি, ইন্দ্র। °প্রদ (বিণ)—শক্তিজনক (সুশ্রুত)। °বর্দ্ধন (বিণ)—শক্তিবৃদ্ধিকর। °বিন্যাস (পুং)—যুদ্ধে সৈন্যসংস্থাপন, ব্যূহ (অ.কো)। দ্র 'মনু ৭ ১৮৭-১৯১। °বীর (বি)—বলদেব। "ন.প

১৭৩। °বৃত্তি (বি)—বলপূর্ব্বক উপভোগ ; বলাৎকার। "ক.চ ২২। °বৃত্রহা (-হন্) পুং—'বলবৃত্রনাশক', ইন্দ্র। "মহা ৩.১১০.২৪। °ভিৎ (পুং)—'বলদৈত্যভেদক', ইন্দ্র। "°সখো দুষ্মন্ত : শ ২-১-৪। °ভৃৎ (বিণ)—বলবান্, পরাক্রান্ত। °মুখ্য (পুং)—সেনাপতি। °সূদন (পুং)—'বলদৈত্যনাশক', ইন্দ্র। "রা ১.৪৭.৮। °স্থ (পুং)—'সেনাস্থিত', সৈন্য। "রা ২.৯১.৬৪। °হা (-হন্), °হন্তা (-হৃ) পুং—'বলদৈত্য-ঘাতক', ইন্দ্র। °হা (-হন্) বিণ—পরবলঘাতক। "°হা (হলায়ুধঃ) হ ১১১.৪৭।] [°ক্রমে—বলপূর্ব্বক। "যেখানে শুনেন সুন্দরী স্ত্রী আছে তাহা বলক্রমে গ্রহণ করেন কৃ চ ৪৬।]

বল[২] বি [E ball] ক্রীড়ার্থ গোলক, কন্দুক, গেঁড়ু। ২ সাহেব-মেমের নাচের মজলিশ্। "°নাচ।

বল[৩] সর্ম্ম [বোল >বল] ১ কথায় প্রকাশ করা ; কহা, বলা। "কি বলিতে কিবা বলি।—শি ৯৩। ২ উচ্চারণ করা। "মা মা বলিয়া রাম···ডাকে।—কৃ ৯৬। বামাগণ বলে হরি! হরি!—ভা চ ৪০২। আ.দু ৩। ৩ সুরে উচ্চারণ করা। "কোন রন্ধ্রে বাধা বলে ডাকে আমার নাম।—জ্ঞা ১০৮। ৪ উপদেশ করা : শিখান। "মুক্রি যদি বলি, পাসর কানু, মন সে না লয় আন।—গো ১৮২। আপনাবা এক জপে আরে বলে আর ভা.চ ৪৮০। ৫ আদেশ করা। "বল্ রাজা, কর্ব্ব কি বল।—গান ৩। ৬ অভিপ্রায়রূপে প্রকাশ করা। "যা বলিলি তা করিতে মুস্কিল কি আছে।—কৃ ২৫০। আর রামা বলে, সই! এক্ষ বরং সুখ ভা চ ৪০৩। ৭ জানান। "সখি, কি আব বলিব তোরে চ দা ১১১। ৮ জপ করা। "কালিয়া কালিয়া, বলিয়া বলিয়া, জনমে কি ফল পানু।—চ.সা ১৫৯। ৯ নিমিত্তরূপে উল্লেখ করা। "খাজনা বলিয়া যত টাকা খাতকে চাহিয়াছে।—নী ৭৩। ১০ বিশেষ অনুরোধ করা। "নৈলে তোরে বেঁচে থাকতে সাধ করে কি বলি।—কৃ ২৫১। ১১ তন্নামে অভিহিত করা। "পিরীতি বলিয়া, এ তিন আখর, সিরজিল কোন ধাতা—চ.দা ৯৬ ; ১১১। ভুজঙ্গ বলিয়া যোগপাটা ক.চ ১। মুগ্ধা বলি তারে যার অঙ্কুর যৌবন ভা.চ ৬৬৮। ১২ তদ্রূপ মনে করা। "নিজ দাসী বলি বাঁশী শিখাহ আমারে।—জ্ঞা ১০৯। দেবী বলি দেই গাছে ঘড়ায় সিন্দুর ভা চ ৪৮০। ১৩ নাম করিয়া উল্লেখ করা। "যত যত সূর্য্যবংশে রাজা জন্মেছিল। বল দেখি স্ত্রীর বাক্যে কে হেন করিল।—কৃ ৯৬। ১৪ নিরূপণ করা, স্থির করা। "তেঁই পার্থ বলি ইহা লয় মোর মনে।—ম ১৯২। ১৫ নির্দ্দেশ করা। "আগে ভাল বল যারে, পিছে মন্দ বল তারে ভা.চ ৩৬২। ১৬ জিজ্ঞাসা করা। "মুনিগণ বৈল কহ ইহার কারণ।—ম ৭। সাড়া পেয়ে হীরা বলে, কি শুনিতে পাই ভা চ ৩৬৩। ১৭ উত্তর করা। "সৌতি বলে অবধান কর।—ম ৮। সুন্দর বলেন, শুকে দাড়িম খায়াই ভা চ ৩৬৩। ১৮ আপত্তি করা। "যদি বল সীতা বনে পাবে নানা দুখ।—কৃ ৯৮। ১৯ উপমানভাবে বর্ণনা করা। "কে বলে শারদ শশী সে মুখের তুলা ভা.চ ২৯০,-১। ২০ প্রয়োগ করা। "গুরুজনকে অসম্মানের কথা বলা বড় অন্যায়। ২১ সঙ্গত বলিয়া স্বীকার করা। "আমি বলি, তাস খেলা বেশ!—পদ্মমালা। ২২ বিশ্বাসপূর্ব্বক স্বীকার করা। "উভ চোটে কেটে বলে খাইল গোঁসাই ভা.চ ৪৭৯। ২৩ সিদ্ধান্ত করা। "কেহ বলে, ভূত প্রেত হবি, কেহ বলে তুই স্বর্গে যাবি।—রামপ্রসাদ। ২৪ অনুরোধ করা। "তেঁই পাকে বলি চল শ্বশুরের ঘর ভা.চ ৪৪৯। ২৫ অভিযোগরূপে জানান। "বাপারে বলিয়া শিখাব কালি ভা.চ ২৯৮। ২৬ প্রচার করা। "লোকে বলবে এই বেটাকে বেঁধেছিল বালি।—কৃ ২৫১। ২৭ কড়া কথা শুনান। "লোককে বলে হয় না, নিজের ছিদ্র দেখতে হয়। ২৮ দেখাইয়া দেওয়া। "নেত্র নাসা মুখ কেবা বলহ নিমাই ন.প ৯৫। ২৯ দৃষ্টান্ত-স্বরূপে নির্দ্দেশ করা। "বলে, নৌকা ডিঙ্গে চাইনে আমি আজে যদি পাই। গঙ্গাজলে সাঁতার দিয়ে শ্বশুর বাড়ী যাই।—জা ৪০। ৩০ বাজনার উচ্চারণ করা। 'কাঁহা সাধ কাঁহা' সাধ বাদলে সে বলে মী ২৯। ডুমু ডুমু বলিয়া ডম্বুর বাজে ম.ম ২২। সেতারখানি, বলিছে কি ও ডাগর বাণী!—কু কে ৬৫। —ল অক ১ বাদ্যের বোল বলা ; বাজা। "অকস্মাৎ রোহিণীর তবলা বেসুরা বলিল ব.গ্র ৩১৫। ২ অনুকরণে কথা বলা ; পড়া। "টিয়া চন্দনা, ময়না স্পষ্ট বলে। [বলই—১ বলে। "গো ২৫৮। ২ শব্দ করে। "বলই সব আভরণ প.ক ১০৪২। বল করে—বল-পূর্ব্বক উপভোগ করে। "পাছে তোমায় বল করে ম.ম ৮। বল কি! —শ্রবণপূর্ব্বক বিস্ময়-প্রকাশে। বলত, বল না—বল (নির্ব্বন্ধে ; উপরোধে)। বল দেখি—বল শুনি। "বল দেখি ভাই কি হয় মলে? —রামপ্রসাদ। বলা[৪]—১ সর্থ 'বল[৩]'। ২ কথিত, উক্ত। বলা কহা —১ অনুরোধ-উপরোধ করা। "তুমি ব'লে ক'য়ে কম জম করিয়া দিতে পার না?—আ.দু ১০। ২ উপদেশ দেওয়া, বুঝান। ৩ কথাবার্ত্তা। বলা যায়—১ বর্ণনা করা যায়। ২ বলা হয়, অর্থাৎ বলিয়াছিলাম। "এমন দিনে তারে বলা যায়।—গান ৮৭। বলিতে, ব'লতে কি— বলিবার বাধা কি, অর্থাৎ নিঃসংশয়ে বলা যায়। "বৎস! বলিতে কি, যদি অন্তঃসত্ত্বা না হইতাম, এই মুহূর্ত্তেই···প্রাণত্যাগ করিতাম সী ৪৪। বল্‌তে কি, আমাদের হরিভদ্দর খুড়ো একরকম সবলোট-গোছের ভদ্দর লোক।—হু ১২১। বলি বলি করা—বলার উপক্রম করা। বলিয়া উঠা —১ বলিয়া শেষ করা। ২ বলা, কহা। "বাস গেহে বৈঠলি, বন্দিভবন বলি উঠই গো ২৫৮। বলিয়ে কহিয়ে (হি কহইয়া) —বলিতে-কহিতে পটু, বাক্‌পটু। ব'লে—মনে করিয়া, অর্থাৎ সেই হেতু। "দোষ দেখেই বকেছি, তা ব'লে রাগ করা ঠিক না। বৈল, -লা —বলিল। "বৈল ম ৬৩, ক.চ ৬৪ ; বৈলা ৩১। বৈলে—বলিলে। "ম ৪। এলেন বলে—আগত বলা যায়, অর্থাৎ আগতপ্রায়। "(তিনি) আবার এখনি এলেন ব'লে।—মা ২২০। কথায় বলে—প্রবচনে কথিত হয়। "কথায় বলে, যেমন হাঁড়ি, তেমনি শরা। কন্যা ব'লে কন্যা নয় —সাধারণভাবে যাহাকে কন্যা বলে, সেরূপ কন্যা নয়, অর্থাৎ অসাধারণ কন্যা। "কন্যা ব'লে কন্যা নয়, ত্রৈলোক্যমোহিনী ব.প ৮৩৩। বড় বলি বোলয়ে—অসাধারণ পুরুষ বলিয়া ব্যাখ্যা করে। "বড় বলি বোলয়ে অবোধ গোপগণে।—ম ৩৩১। হনুমান্ ব'লে—হনুমান্ নামে অভিহিত। "হনুমান্ ব'লে বটে একটি পুত্র ছিল ব.প ৫২১।]

বল[৪] অর্ম্ম [সং √বল্ ; হি √বলক] বৃদ্ধি পাওয়া ; বাড়া। [বুক বল্যাছে—বুক (সাহস) বাড়িয়াছে। "হনুমানকে বাঁধ্যা বেটার বুক বল্যাছে বটে ব প ৫৩৫।]

বলই, -এ বি [সং বলয়] বালা। "°এ শ্রী.কী ৩৩৫। করময়কত বলই প.ক ১৭২১। —ইত বিং [সং বলয়িত, (য়ি >ই)] বলয়া-কারে পরিবৃত, বেষ্টিত। "বকুল রঞ্জন, বল্লী বলইত।—গো ৭৬।

বলক বি [দ্র 'বল[৩]' ; ড় বল.ক] স্ফীতি, ফাঁপা। [বলক উঠা—জ্বালে দুগ্ধাদি ফাঁপিয়া উঠা। বলকা দুধ—বলক-ওঠা দুধ।]

বলক্ষ † বিণ [অব+ √লক্ষ্ +অ (অচ্)-র্ম্ম, অ-লোপ (অ.টী) ; তু 'পলক্ষ'—শ্বেত (শুক্লযজুর্ব্বেদ ২৪ ৪)] ধবল, সিত। "বিরলক্ষ" মাঘ ৬.৩৪। °বরণ কেশ শ্রী ৮, বলক্ষ পক্ষে ২৪। —ক্ষ পুং শ্বেতবর্ণ। [°গু (পুং)—'শ্বেতকিরণ', চন্দ্র। "কাব্যাদর্শ ১.৪৫।]

বলগণ্ডিভোগ বি বলরামের ভোগ (?)। "বলগণ্ডিভোগের প্রসাদ উত্তম অনন্ত চৈ.চ ১৫৮।

বলজ § বিণ [বল+ √জন্+অ (ড)-ক ; উ.ত] বলজাত। —জ ক্লী ১ ক্ষেত্র। ২ শস্য, শস্যরাশি। ৩ যুদ্ধ। —জ পুং ধান্যরাশি। "কর্ষকেণ বলজান্ পুপূষতা মাঘ ১৪.৭। —জা স্ত্রী রজ্জু। তু 'বজ্জা'।

বলজ্জা দ্র 'বলজ'।

বলদ[১] § বিণ [বল+ √দা+অ (ক)-ক ; উ ত] বলদাতা, বলকর। —দ পুং ১ পৌষ্টিককর্ম্মাঙ্গভূত অগ্নি। 'দুর্ব্বলানাং তু ভূতানাম্‌ন্ যঃ সম্প্রযচ্ছতি। তমগ্নিং বলদং প্রাহুঃ·· ।—মহা ৩.২২০ ১০। ২ বৃষভ। দ্র 'বলদ[২]। "ক সা ৩৭ ১৫৩, বলদীভূত ১৫৪। ৩ জীবক ওষধি। —দা স্ত্রী অশ্বগন্ধা।

বলদ[২] বি ['বলদ্দ' (দেশী—প্রা ম), 'সং বলীবর্দ্দ >প্রা *বলীঅদ্দ >বলদ্দ (?)] ১ বৃষ। "যে বুড়া বলদ আছে ভা চ ৭২। ২ বৃষণহীন বৃষ, দামড়া, হেলে বা গাড়ী-টানা গোরু। ৩ ভারবাহী গোরু। "বলদে বাহিয়া নাম বলায় মুকেরি ক চ ৮৬। [বলদে (°দ+এ[৭], মালদহ —'বোলডা')—যে বলদে পণ্য লইয়া ব্যবসায় করে। "বলদেরা গোরু লইয়া চলিয়াছে আ হু ৩১ ।]

বলদা ; বলদে দ্র 'বলদ[১], বলদ[২]।

বলদেব § পুং [উ লো] ১ বলাধিক দেব, বলরাম। "(মেঘাঃ) °পটপ্রকাশাঃ (মৃ)। ২ (বাঙ্‌লায়) বলের দেবতা। "জ্ঞানদেব নারায়ণ, বলদেব ধনঞ্জয় ।—ন ১৩২০।

বলন[১] § ক্লী [√বল+অন (ল্যুট্)-ভা] ১ সংবরণ। ২ সঙ্করণ। ৩ কুটিলগতি, ভঙ্গি, সঞ্চালন। "অপাঙ্গ°, সবিভ্রমাঙ্গ°, ভুজলতাক্ষেপ° (S W)। ৪ বৃদ্ধি। —না স্ত্রী উন্নতি, ঊর্দ্ধগতি (?)। 'বৃহৎসংহিতা ৫ ১৮।

বলন[২] বি ১ বৃদ্ধি, বাড়তি। দ্র 'বলন[১] (৪)। "বর্ষায় পাটের বলন হয়। ২ [বল্[২]+অন] কথন, বলা। "(বক্রেশ্বর) জল উঁচু-নীচু বলনে শিরোমণি আ হু ৪১।

বলন[৩], **-নি, -নী** বি [?] নির্ম্মাণপরিপাটী, গঠন, গড়ন। "ভুরুর বলনী, কামধনু জিনি চ দা ৭। ভুজ-বলনি।—ম ৬১৮। মুখের বলনি।—জ্ঞা ১৮৫, উরুর বলনি ২৯৫। °ন ন প ২৮৮। রূপের বলনি চৈ ম ৯৬। প্রতি-অঙ্গ-বলনী ব্র প ১৭১, ২১২। বাহুর বলনি প ব ৩৩। সুবলনি ভা চ ২৯১, মাজার বলন ৩২৩। বিপুল নিতম্ব বলনা।—গ ৫৯। বাহুর বলন।—দু ৭৪। দন্তের বলন শ্রী মা ৭৪, কুচের বলন ৮৩। বাহুর বলনি বি পা ২৮৫। কোঁচার বলনী ব প ৯৮৬। সে বলন।—হেম ৪। বাহুর বলনি ব প্র ১২১।

বলনা ; বলনি, -নী দ্র 'বলন[১], বলন[৩]।

বলবৎ[১] § ব্য ১ অত্যন্ত, সম্যক। "বলবৎতর্পিতশ্চাহম্ রা ২ ৯২ ৫। শ ১২, বলবদস্বস্থশরীরা শকুন্তলা দৃশ্যতে ৩½, বলবদুৎকণ্ঠিতোঽস্মি ৫½। ২ দৃঢ়। "বলবন্ নিগৃহ্য কু স ৩ ৬৯।

বলবৎ[২] বিং [সং °ৎ (বাঙ্‌লায় ইহা সকল লিঙ্গেই একরূপ)] ১ প্রবল, প্রধান। "বলবৎ কারণ, দোষ। ২ কার্য্যকর, বহাল (in force)। "আমি যে দান করিয়াছি, তাহা সিদ্ধ। তাহা এখনও বলবৎ।—ব প্র ৩২৯। ৩ সবল, দৃঢ়, স্থায়ী। "যেরূপে প্রণয়টী বলবৎ হয়, তাহার উপায় কর পা প্র ৫৩।

বলবন্ত বিং [বল+বন্ত, সং বলবৎ >প্রা বলবংত, হি °বংত] ১ বলবান্। "বলবন্ত পক্ষিবাজ : মহা° অ প ৮৬। মহা° ম বি ২৪। ২ ধর্ম্মবলযুক্ত। "ধর্ম্মেতে ধার্ম্মিক বলবন্ত।—ম ৪৯৭। ৩ দৈবশক্তিমান্। "দৈত্যকেশরী, প্রজাপতিবরে বলবন্ত শ্রী.ম ২৬৯।

বলবান্ (-বৎ) § বিণ [বল+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -বতী] ১ বলবিশিষ্ট, শক্তিমান্। "অবলবন্তঃ গো.রা ২ ৬১.২৫। বলং বলবতামস্মি গী ৭ ১১। চ বি ২০০, ২১৯। ২ বেগবান্, প্রবল। "(আকাশাৎ) বলবান্ জায়তে বায়ুঃ মনু ১.১৬। ৩ অতিশায়ী, প্রভবিষ্ণু, সর্ব্বাতিরিক্ত। "বিধিরহো বলবানিতি মে মতিঃ।—হি ১ ৫২। ৪ নিয়মনে অশক্য, দুর্নিগ্রহ। "(মনঃ) প্রমাথি বলবদ্ দৃঢ়ম্ গী ৬.৩৪। বলবানিন্দ্রিয়গ্রামঃ মনু ২ ২১৫। ৫ গুরুতর। "লোকাপবাদো বলবান্ মতো মে রঘু ১৪.৪০। ৬ নিবিড়, সান্দ্র, ঘন। "বলবানন্ধকারঃ।—মৃ ১½। ৭ সেনাসহিত, সসৈন্য। "বলবৎ তর্পিতশ্চাহং বলবান্ ভগবংস্ত্বয়া রা ২ ৯২ ৫। —বৎ ক্রি.বিণ অত্যন্ত। দ্র 'বলবান্ (৭)।

বলভি §, **-ভী** দ্র 'বড়ভি'।

বলয় § পুং, ক্লী [√বল্+অয় (কয়ন্)-ক, উ ৪.৯৯, তু'তা √বল্ —to surround (H B 246)] ১ 'আচ্ছাদক', স্বর্ণাদিকৃত প্রকোষ্ঠভূষণ, কটক, বালা। "রা ২ ৩২.৫। বলয়ৈশ্ছাদয়িষ্যামি বাহু কৃতকিণৌ।—মহা ৪.২ ২৬। কনকবলয়ভ্রংশরিক্তপ্রকোষ্ঠঃ পূ.মে ২। দু ২। ২ কঙ্কণ। "মাঘ ৯ ৮। ৩ (সাদৃশ্যে) মণ্ডল। "ব্রততি° শ ১ ২৯, লতা° ৩½, লতাপ্রতান° ৭.১১, জ্যোতির্লেখাবলয়ি···বর্হম্ পূ মে ৪৪। ধনুর্বলয় মাঘ ৬ ২৭, দিগ্বলয় ৯ ৮। ৪ বেষ্টন। "বেলাবপ্রবলয়াম্ (উর্ব্বীম্) রঘু ১ ৩০। ৫ বেষ্টনভূমি। ৬ কটিভূষণ। ৭ গোল। ৮ বেলা, সমুদ্রতীর। ৯ গলরোগভেদ (ভাবপ্রকাশ)। ১০ দণ্ডব্যূহবিশেষ। —য় ক্লী গোল অস্থিবিশেষ।

বলয়া বি [বলয >°য়া, অপ্র] বলয়, বালা। "অঙ্গুরী বলয়া বি প ৫০। গ ৭। অঙ্গদ বলযা হৈল ভুজঙ্গমগণ ক চ ২৫। বি পা ৪৪। ভ প্র ৪৪০। শ্রী ম ৯৯।

বলয়িত § বিণ [বলয়+ই (ণিচ্)— √বলয়ি+ত (ক্ত)-কর্ম্ম] ১ বলয়াকারে ধৃত, বেষ্টিত। "ভুজপল্লববলযিত-বল্লবযুবতিসহস্রম্ (হরিম্) গী গো ২ ৫। ২ আশ্লিষ্ট। "উ চ ৪ ২৯। "নববলয়িতা তরুব্রততীর মত অ গু ৬০। ৩ [°য়+ইত (ইতচ)] বলয়াকারগত, বৃত্তাকৃতি। "বলয়িত জল ছলক ব্র প ৬২।

বলয়ী (-য়িন্) § বিণ [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -য়িনী] বলয়বান্। "হস্তে মাঙ্গল্যোর্ণাবলয়িনি রঘু ১৬ ৮৭।

বলরাম § পুং [কর্ম্মধা] বলাধিক্য হেতু 'বল', লোকরমণ হেতু 'রাম' (ভ ১০ ২ ১৩, ৮ ১২), কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা। [ইঁহার পিতা বসুদেব, মাতা রোহিণী। ইনি অনন্তাবতার, মতান্তরে বিষ্ণুর দশ অবতারের অন্যতম। ইনি দেবকীর সপ্তম গর্ভ, যোগমায়া গর্ভসঙ্কর্ষণ করিয়া রোহিণীর উদরে ইঁহাকে স্থাপিত করেন। সঙ্কর্ষণ হেতু ইঁহার নাম 'সঙ্কর্ষণ' (ভ ১০ ২ ৬-১৩)। শৈশবে গোকুলে ইনি ধেনুক প্রলম্ব অসুর নিহত করেন। ইঁহার পরিধান নীলবসন, আয়ুধ হল, এই হেতু ইনি 'নীলাম্বর' 'হলী' 'হলায়ুধ'। ইঁহার প্রিয়মদিরা কাদম্বরী 'হলিপ্রিয়া' নামে খ্যাত। জলক্রীড়ার্থ আহূতা যমুনা ইঁহাকে অবজ্ঞা করিলে, ইনি হলাগ্রে কালিন্দীকে নিগৃহীত করেন, সেই হেতু ইনি 'কালিন্দীভেদন' (ভ ১০ ৬৫ ২৫-২৯)। কুরুযুদ্ধে ইনি কোন পক্ষ অবলম্বন করেন নাই, কিন্তু কৃষ্ণকে কৌরবপক্ষ আশ্রয় করিতে বলেন, কৃষ্ণ তাহা না করায়, ইনি ক্রুদ্ধ হইয়া তীর্থযাত্রা করেন (মহা ৯ ৩৫ ১১-১৩)। মতান্তরে, সৌতিবরে ব্রহ্মহত্যাপাপমোচনার্থ ইনি ব্যাসোপদেশে তীর্থ পর্য্যটন করেন (ম ৯৪০,-৪১)। শিষ্য ভীম ও দুর্য্যোধনের গদাযুদ্ধ দেখিবার নিমিত্ত ইনি তীর্থপর্য্যটনান্তে দ্বৈপায়নহ্রদের তীরে উপস্থিত হন (মহা ৯ ৩৪ ১-৩)। মৌষলপর্ব্বে, যদুবংশ ধ্বংসপ্রাপ্ত হইলে, ইনি যোগে তনুত্যাগ করেন।]

বলা[১] § দ্র 'বল[১]।

বলা[২] বি ক্ষুপভেদ, বালিয়াড়া।

বলা[৩] সর্ম্ম [বল[২]+আ[৮]] ১ কথায় প্রকাশ করান, বলান। "বটবৃক্ষ আনি সাক্ষী বলাহ দৈত্যারি কৃ.অ ৩৩। ২ (সেইরূপে বা নামে) অভিহিত করান। "ভণ্ডনা করিয়া লোকে বলাহ বৈরাগী ম ১৬, আপনারে ধর্ম্মজ্ঞ বলাসি : ব্রহ্মচারী আপনাকে বলাইস লোকে ৩৩১। রাম জপি বৈষ্ণবী বলাইয়ে পার্ব্বতী।—দু ৯৬। ধর্ম্মপাটা ধরি ধূর্ত্ত

বলায় ধার্মিক শ্রী ২০৩। বলদে বাহিয়া নাম বলায় মুকেরি ক.চ ৮৬। ৩ (সেইরূপে) বলা। "বে মোর নকর নয়, নকর বলায় শি ৯৪।
[বলান—সর্থ 'বলা'।]

বলা[৪] দ্র 'বল[৩]'।

বলাই বি [বল[১] > °ই, দ্র ,আই[৪]] বলরাম।

বলাক ‡ পুং [√বল্+আক (আকন্)-ক, উ ৪ ১৪] বক। 'উণাদি ৪—বলাকস্ত বকো মতঃ (টীকা) "সংবর্ত ১৪৪। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষুদ্র বক, বিসকণ্ঠিকা, কালীবক (অ.টী)। "মনু ৫. ১৪; ১১.১৩৬। ২ বকপত্নী (শুক্লযজুর্বেদ), বকাঙ্গনা। "শুক্লযজুর্বেদ ২৪.২২। পূ.মে ৯। ৩ বকপঙ্ক্তি। "গো.রা ৩.৭৬.১৪। বলাকাঙ্গ-ভূষণান্ (ঘনান্)।—হ ৬৭.২০। শ্রেণীভূতাঃ…বলাকাঃ পূ.মে ২২। ৪ কামুকী স্ত্রী। ৫ (বাঙ্‌লায়) বক; শ্বেতবক। "(ওড়না) উড়িছে ধবলা বলাকা হেন ব.সু ৪১। হংস° চ.কা ৪৭০।

বলাকা দ্র 'বলাক'।

বলাকিনী বি [সং °কা] বকপঙ্‌ক্তি। "(উজর হার উর) মিলিত বলাকিনী ব.প ১০৭৫। সুরপতি ধনু কি শিখণ্ডক চূড়ে। মালতী মুরই বলাকিনী উড়ে॥—গো ৮২।

বলাকী (-কিন্) † বিণ [°কা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -কিনী] বলাকাবতী, বকপঙ্‌ক্তিযুত। "কালিকেব নিবিড়া বলাকিনী রঘু ১১ ১০। বলাকিনী নীলপয়োদরাজী কু.স ৭.৩৯।

বলাৎ § ব্য [বল+ √অত+ক্বিপ্] হঠাৎ (ত.বা), বলপূর্বক। "°কার, °কৃত।

বলাৎকার § পুং [বলাৎ কার, তৃ.ত] ১ বল দ্বারা করণ; হঠ, প্রসভ, বলপ্রয়োগ। "°কচগ্রহৈঃ রঘু ১০.৪৭। প্রক্রীড়িতুং সিংহশিশুং বলাৎকারেণ কর্ষতি।—শ ৭.১৪। আমা বিদ্যমানেতে করিবে বলাৎ-কার।—ম ১৯৩। বলাৎকারে আনিমু সে ঘোটক অ.প ৮। (সে ধ্বনি) বলাৎকারে আনে ধরি চৈ.চ ২১১,-৭৭,-৮১; ৩০১। চৈ ৫২। ২ অন্যায়, অত্যাচার। ৩ ঋণীকে স্বগৃহে আনিয়া তাড়নাদি দ্বারা ঋণ দেওয়ান (ইহা ঋণ আদায়ের পঞ্চম উপায়)। "মনু ৭.৪৯, কুল্লুক। ৪ (বাঙ্‌লায়) বলপূর্বক সতীত্বনাশ (rape)। "কৃ ৭; ২৫২। ভ.গ্র ২৬৫।—কৃত বিণ পরবশীকৃত, পরবশ। "ক্রোধবেগ° মহা ১.৪১.১১; ৩.১২২.২৪; দৈব° ৬.৫৯.৩৯। নিসর্গেণ বলাৎকৃত ভ ৫.১০.৫।

বলাধান বি বলধারণ, বলসঞ্চার। "সী ৯৬।

বলাধিক § বিণ [স.ত] ১ বলে অধিক; বলবত্তর। "গো.রা ২.৬১. ২৫। ২ [বাঙ্‌লায়; অসাধু] সেনাপতি। "ম.ম ১৭২।

বলাধিকরণ § ক্লী [ষ.ত] সেনার অধিকার; সৈনাপত্য। —ণী বি [অসাধু] সেনাপতি। "ম.ম ১৭২।

বলাধ্যক্ষ § পুং [ষ.ত] দশ সেনাপতির অধ্যক্ষ; সেনানায়ক। "মনু ৭.১৭৯, কুল্লুক।

বলানুজ পুং [ষ.ত] বলরামের অনুজ; কৃষ্ণ। "গো ২৫৯।

বলাবল § ক্লী [বল ও অবল, দ্বন্দ্ব, বিকল্পে স.দ্বন্দ্ব (পা ২.৪.১৩)] ১ সামর্থ্য ও অসামর্থ্য; ন্যূনাধিক ভাব, তারতম্য। "(তে) সুতীক্ষ্ণ-দণ্ডাঃ সংপ্রেক্ষ্য পুরুষস্য বলাবলম্ রা ১.৭.১৩। শক্ত্যাদীনাং বলাবলম্ রঘু ১৭.৫৯। ২ উৎকর্ষাপকর্ষ। "অর্থ্য° মনু ৯.৩২৯। সময় এব করোতি বলাবলম্…শরীরিণাম্ মাঘ ৬.৪৪। ৩ (বাঙ্‌লায়) ন্যূনাধিক-ভাব। "বলাবল…বুঝিবারে।—ম ৩৬৩। দুহুক দুহু বলাবল বুঝহ বি.সা ৩৬০। অবজ্ঞা করিতে বুঝি বলাবল ম.বি ২৪৫। ৪ বলপ্রয়োগ, বলাৎকার। "ডাকা চুরি বলাবল নাহি কদাচার বি.পা ১৮২। সত্যবান্ রাজার লোক নাহি বলাবল ম.ম ২২৪। ৫ বল। "বাণ বাহু° লীলায় যে হরে শি ৪৪।

বলাবলেপ § পুং [উ.লো] বলজন্য দর্প; বলগর্ব।

বলাহক ‡ পুং [বারিবাহক > °ক, পৃষো] ১ মেঘ। "°জোল-বিতন্তরাগাম্ (অকালসন্ধ্যাম্) কু.স ১.৪। গগন বলাহকে ছাড়ল রে বি.সা ৪৭৯। কৃষ্ণাদ্ভুত বলাহক, মোর নেত্র-চাতক চৈ.চ ৩৩৩। শ্রী.মা ১৫৫,-৬। শি ২১; ৩৫; লহ লহ করে পত্র বলাহক যেন ৭৫। ২ মুস্তক। ৩ (সাদৃশ্যে?) পর্বত। ৪ কৃষ্ণের রথাশ্ববিশেষ। 'অশ্বৈঃ শৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ ভ ১০. ৫৩.৫। শি ৪৭। ৫ প্রলয়ের সপ্ত মেঘের একতম।

বলি[১] § পুং [√বল্+ই (ইন্)-র্ম, উ ৪.১১৭] ১ 'দেয়', রাজগ্রাহ্য অর্থাদি, ধান্যাদির ষড়্ভাগাদিক কর (কুল্লুক); কর, ভাগধেয়। "মনু ৭.৮০; ৮.৩০৭। রঘু ১.১৮। ২ উপহার, উপচার, পূজোপহার। "মনু ৩.৮৭। নীবার° শ ৪২১। চন্দন কুসুম, নৈবেদ্য কৌষিকবস্ত্র আদি বলি।—মে ৭৫। ৩ পঞ্চযজ্ঞের একতম—ভূতযজ্ঞ। 'বলির্ভৌতঃ (যজ্ঞঃ) মনু ৩.৭০, ৮১। ৪ পূজা। "অবচিতবলিপুষ্পা (সা)। —কু.স ১.৬০। উপচিতবলিং পূ.মে ৫৫। বলিব্যাকুলা উ.মে ২৪। বলিক্ষম্ রঘু ১০.৪৪। ৫ দেবোদ্দেশে উপকল্পিত ছাগাদি পশু। 'নরশ্ছাগস্তথা মেষো মহিষঃ শশকস্তথা। শল্লকী শূকরশ্চৈব বলয়ঃ পরি-কীর্তিতাঃ॥ "ম.পা ১৭৬,-৬৮। পেয়েছি বলি সরেস।—গান ৮। ৬ হতচ্ছাগাদি বলির রক্ত ও শিরঃ। ৭ চামরদণ্ড। "রত্নচ্ছায়াখচিত-বলিভিশ্চামরৈঃ পূ.মে ৩৫। ৮ দৈত্যরাজবিশেষ। [ইনি প্রহ্লাদের পৌত্র, বিরোচনের পুত্র এবং বাণের পিতা। ইনি বাহুবলে ত্রিভুবন অধিকার করিলে, বিষ্ণু ইন্দ্রাদির প্রার্থনায় অদিতিগর্ভে বামনরূপে অবতীর্ণ হন এবং ইঁহার নিকটে গমনপূর্বক ত্রিপাদভূমি প্রার্থনা করিয়া, পাদদ্বয়ে স্বর্গ ও মর্ত্য ব্যাপ্ত করেন ও তৃতীয় পাদ বলির মস্তকে স্থাপনপূর্বক ইঁহাকে পাতালে প্রেরণ করেন (গী.গো ১.৯; ভট্টি ২৩৯)। ইনি সপ্ত চিরজীবীর একতম। মহাভারতে শান্তিপর্বে 'বলিবাসবসংবাদে' ইঁহার পাণ্ডিত্যের বিশেষ পরিচয় পাওয়া যায়] [°কর্ম (-র্মন্) ক্লী—ভূতবলিরূপ যজ্ঞ। "মনু ৩.৮১। °ছিট্ (-ষ্), °ধ্বংসী (-সিন্), °নিষূদন (পুং)—বিষ্ণু। °পুষ্ট, °ভুক্ (-জ্), °ভোজন (পুং)—কাক। °বেশ্ম (-শ্মন্), °মন্দির, °সদ্ম (-দ্মন্) ক্লী—বলির গৃহ, পাতাল। °ব্যাকুল (বিণ)—দেবতারাধনে ব্যাপৃত। "উ.মে ২৪। °ভৃৎ (বিণ)—করদাতা।]

বলি[২], **-লী**[২] ‡ স্ত্রী [√বল্+ই (ইন্)-ক, উ ৪.১১৭; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ জরা হেতু শ্লথ চর্ম; ত্বক্‌তরঙ্গ। "বলীপলিতম্ মনু ৬২। ২ শ্লথচর্মমাত্র। °মুখ। ৩ উদরের শ্লথচর্ম; উদরাবয়ব। "°ত্রয়ং চারু বভার বালা কু.স ১.৩৯। °বলগূদর ভ ১.১৯.২১। ৪ গৃহদারুবিশেষ, পাড়। ৫ গুহ্যস্থ অঙ্কুরাকার মাংসপিণ্ড; গুদাঙ্কুর। ৬ শরীরে চন্দনাদিকৃত রেখা। [°মুখ (পুং)—যাহার মুখে বলি; বানর।]

বলি[৩] বি [সং বলি[১]] সর্থ নিছনি[২]। "হাম বলি জাঙ তুয়া মুখচন্দ্র প.ক ৪৬; তুয়া মুখ বলি যাই ৫৭১।

বলি[৪] বি [বলয় > °লি; অপ্র] কানবালা। "কনকনাগে কৈল কর্ণের চাকি বলি ব.প ১৭৪; পরে নাঘা কর্ণে বলি ২৮৭।

বলি[৫] অব্য [প্রা 'বলে—সম্ভাষণ (প্রা.প্র ৯.১২)] সম্বোধনসূচক অব্যয়। "বলি, ও আমার গোপাল-বালা তোল মুখানি।—গান ১৭১। বলি, আর্য্যপুত্র ভাল আছেন ত?—সী ৩৭। বলি, এতকাল ত এ সব ছিল না ব.প্র ৫১১।

বলিকা বি [বলি[২] > °কা] তরঙ্গিত ভঙ্গি। "কুণ্ডল° ব ৬১।

বলিচক্র বি বীরমণ্ডল, বলিসভা। "রঙ্গ ২০।

বলিত[১] † বিণ [√বল্+ত (ক্ত)-ক] ১ সঞ্চলিত, চলিত।

২ উচ্ছ্বাসিত। "প্রিয়পরিরম্ভণরভসবলিতমিব (কুচকলসম্)।—গী.গো ১.২৫। ৩ প্রত্যাবৃত্ত। "বলিতকন্ধরমাননম্ মা মা ১ ২৯। পৃষ্ঠতো যাবদ্ বীক্ষতে বলিতাননঃ ক সা ৩৯.১৪১, বলিতাপাঙ্গাম্...দৃশম্ ১০৪ ৩১। ৪ [+ক্ত-র্ম্ম] সংবৃত, পরিবেষ্টিত। "(কেশের ঝুটা) মালতী-বলিত ন.প ২৯০, কুন্তল বলিত কেতকী ২৯৬, কণ্ঠে বলিত বনমাল ৩৫৩। ৫ (বাঙলায়) যুক্ত। "বিকচ বাঙ্কুলী৹-বলিত বারিজ৹-বদন।—গো ৭৬। বলিত ললিত বনমাল ৮৩। পদতল তাল৹-বলিত মণিমঞ্জীর ন.প ৩৮৭। ৬ মিশ্রিত। "অগুরু বলিত৹ ললিত অনুলেপন ব প ১০৮২।

বলিত² ‡ বিণ [বলি² + ইত (ইতচ্)] ১ সঞ্জাতবলি, বলিযুক্ত, বলিমান্। "বলিতাপাঙ্গলোচন কি ১১.৪। ত্রিবলিবলিতনাভী ক ম ২.২৪। ত্রিবলি বলিত সুনাভি ন.প ১৭১। ত্রিবলি° (মধ্যদেশ) বা দ ৭৪। ২ তরঙ্গিত, কোদালে-কুড়ালে (মেঘ)। "(ভুজগৈঃ অম্বুবাহৈঃ) °জঠরপৃষ্ঠমাত্রদৃষ্টৈঃ।—বৃহৎসংহিতা ২৪ ১৩। ৩ সঙ্কোচিত। "রমণী-বদনে চুম্বনবলিতাধরে গী গো ৭ ২২। ৪ চন্দনাদিরেখাঙ্কিত। "অলকা-বলিত মুখ।—জ্ঞা ৮। ৫ (বাঙলায়) বঙ্কুর, পুলকবঙ্কুর। "পুলকে বলিত হেমতনু।—গো ২৭। করত বিজয় বিবাহে ভুমরবৃন্দ বলিত ন.প ১৫১।

বলিত³ বিং [বলন³ > °ত] বলনযুক্ত, গঠনবিশিষ্ট, (গৌণার্থে) তৎ-সদৃশ। "বিকসিত সরসিজ বলিত নয়ান।—গ ৩৭, মৃণাল বলিত ভুজে ৫৯। সুবলিত বলিত (মুরতি) প ক ২০৬১। —ত বি বলন, গঠন। 'জঘন বলিত চারু রামরম্ভা জিনি ব প ৫৬৭। [অলকাবলিত —অলকাবলিযুক্ত। 'অলকাবলিত মুখ প ক ১২০।]

বলিদান † ক্লী [ব ত] ১ দেবোদ্দেশে যথাবিধি পূজোপহারদান। ২ দেবোদ্দেশে সঙ্কল্পপূর্ব্বক ছাগাদিঘাতন। 'বলিদানেন সততং জয়ে-চ্ছত্রূন্ নৃপান্ নৃপঃ (কালিকাপুরাণ)। বলিদান দিবে রাজা আর দুই নর। —কৃ ৩৩৬। (ছাগ মেষ) দিল বলিদান ক চ ৩৪। মেষ ছাগল মহিষাদি, কাজ কি রে তোর °নে।—রামপ্রসাদ। ৩ ভূতবলিদান।

বলি(লী)বর্দ্দ ‡ পুং [বলি, -লী + √বৃধ্ + অ (অচ্)-ক, পৃষো (অ টী), বৈদিক] ১ বলির সহিত বৃদ্ধিপ্রাপ্ত, বৃষভ। রা ২ ৭৪ ২৩। ২ শ্রেষ্ঠার্থ। (সমাসে উত্তরপদ)

বলিমান্ (-মৎ) ‡ বিণ [বলি + মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -মতী] বলিযুক্ত, বলিত। 'কি ১১ ৪ মল্লিনাথ। —মান্ § —পূজাযুক্ত। "রঘু ১৪ ১৫।

বলিষ্ঠ § বিণ [বলবৎ + ইষ্ঠ (ইষ্ঠন্), বলবৎ > বল, বৈদিক] বল-বত্তম, অতিবলবান। "রঘু ১৭ ৫৯।

বলিসা বি [সং বালিশ > °সা, অপ্র] শিশুর পীড়া, কচিছেলের অসুখ। "বলিসাতে বনপুঁয়ের মূল।—দা ৩৬৩।

বলিহারি বি° [হি °রী—প্রেমভক্তিশ্রদ্ধাদি হেতু আত্মোৎসর্গ] ১ চমৎকারজনক, অনির্ব্বচনীয়। "বিদ্যাপতি কৌতুক বলিহারী বি.প ৪১। ২ বাহবা, বেশ। "বেঢল ব্রজবধূ৹-বৃন্দ বিমোহিত৹ বোলত বলি বলিহারি।—গো ১৬। বলিহারি সুবেদারি সুসভ্য কেতায়। —হেম ৩৭৭। ৩ চমৎকৃত, মোহিত। "ওরূপ বলিহারি বলরাম দাস। —ব ১০১। উদ্ধব দাস °রি—প ক ৫৬৭। —হারি বি ১ প্রেমাদি হেতু আত্মোৎসর্গ। "শ্রীমান্ বিল্বমঙ্গল ঠাকুরের বলিহারি ভ গ্র ১৯৮। ২ চমৎকারিত্ব। "বালাই লইয়া মরি, গ্রিহার গুণের বলিহারি ভ গ্র ৮২। কত মাত করে রতি বলিহারি তার ভা চ ৪১০। [বলিহারি যাই, যাঙ (হি °রী জাঙ)—১ নিছনি যাই, বালাই লইয়া মরি। "তোমার পীরিতক যাঙ বলিহারি বি প ২০৮। গোবিন্দদাস কহে যাঙ বলিহারি।—গো ৩৫। গোরার রূপের যাঙ বলিহারি জ.প ১। জ্ঞা ৯৯। কি আশ্চর্য্য শোভাময় যাই বলিহারি স শ ৩৭। ২ প্রসাদনার্থ আত্মোৎসর্গ করি। "(ঠাকুর) তুলিয়া খাও, বলিহারি যাই ভ গ্র ২০৫।]

বলী¹ **(-লিন্)** § বিণ [বল + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -লিনী] বলবান্, বলান্বিত। "সোমেনাদিত্যা বলিনঃ।—ঋগ্বেদ ১০ ৮৫ ২। মহা ৩ ৫৩ ১। —লী পুং ১ বলরাম। ২ মহিষ। ৩ বৃষ। [বলীন্দ্র (বিং) —বলিশ্রেষ্ঠ, মহাবল। "বলীন্দ্র...হনু।—মে ৮৭।]

বলী² দ্র 'বলি²।

বলীক § ক্লী [√বল্ + ঈক (কীকন্)-ক, উ ৪ ২৫] পটলপ্রান্ত, চালের ছাঁচ। "মাঘ ৩ ৫৩।

বলীবর্দ্দ ; বলীমুখ দ্র 'বলিবর্দ্দ, বলি²।

বলীয়ান্ (-য়স্) § বিণ [বলবৎ + ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী] ১ বলবত্তর, অত্যন্ত বলবান্। ২ অতিপ্রবল, অতিপরাক্রান্ত। "নৃপেণাতি-বলীয়সা ক সা ১৫ ১১।

বলোৎকট § বিণ [সুপ্সুপা] বলে উৎকট, অতিবলী। 'ন বধ্যতে হ্যবিশ্বস্তো দুর্ব্বলোঽপি বলোৎকটৈঃ।—পঞ্চ ২ ৪৬।

বলৌঘ § পু [ষ ত] বলসমূহ, সেনাসজ্ঘ। "মাঘ ৫ ২।

বল্ক¹ † পুং, ক্লী [√বল্ + ক (কক্)-ক, উ ৩ ৪২, cf, E bark, বৈদিক] ১ 'আচ্ছাদক', তরুত্বক, বল্কল। "দ্রুম°, শণ° (বা)। তরুবল্কবাসসাং রঘু ৮ ১১। °বাসস্ কি ১ ৫৫। বল্ক পবিধান—ম ১৩৩, ৩৬৯। শ্রী ম ২৭৩। °ধারী ব প ৪৮৩। ২ শল্ক, মাছের আঁইষ। ৩ খণ্ড। —ল্ক পুং পট্টিকালোধ্র। —ল্কক বি বল্ক, খোশা। "নাহিক বল্কক অষ্ঠি ন প ২১১। [°দ্রুম (পুং)—ভূর্জ্জবৃক্ষ।]

বল্ক² বি° [E bulky] বিপুল। "বল্ক ফাঁপা পেট।—হেম ৩৭৯।

বল্কক দ্র 'বল্ক¹।

বল্কল † পুং, ক্লী [√বল্ + কল (কলন)-ক] ১ বৃক্ষত্বক্। ২ বৃক্ষত্বঙ্-নির্ম্মিত বসন, তাপসের পরিধেয় বস্ত্র। "মুনেস্তস্য বল্কলম্ রা ১ ২ ৭, °ধারিন্ ২ ২৪ ৩৭। শ ১ ১৮। হৈম° কু.স ৬ ৬। যাজ্ঞ ২ ১৮৩। ৩ [বাঙলায়, অপ্র] ফলের খোশা। "আম্র বল্কল সহিতে ব প ১৩০০। অষ্ঠ্যংশ° চৈ চ ৬৩। —ল ক্লী দারুচিনি। —লা স্ত্রী শিলাবল্কা। [°সংবীত (বিণ)—বল্কলাচ্ছাদিত, ধৃতবল্কল।]

বল্কলা দ্র 'বল্কল'।

বল্কলী (-লিন্) † বিণ [°ল + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -লিনী] বল্কলবান্, ধৃতবল্কল। 'মহা ১ ১১৯ ৩২। সা °লী (শরীরং বভার) রঘু ১৪ ৮২।

বল্গ্ † সক [ভ্বা প—বল্গতি, সেট্] ১ গতি। ২ (অক) প্লুতগতি।

বল্গ অর্ম্ম [সং √বল্গ্ > প্রা √বগ্‌গ] ১ বিরক্ত হইয়া বকা বা কটু বলা, কটু মন্তব্য করা। "যার যেন-মত ইচ্ছা বল্গিয়া মরয় চৈ ভা ১৬৬, বল্গিয়া মরয়ে যত পাষণ্ডীর গণ ২০৯। ন প ২৩৬। ২ নিজ ধর্ম্মমত অভ্রান্ত বলিয়া বিতণ্ডা করা। "কৃষ্ণ-নাম কৃষ্ণ-গুণ কেহো নাহি কয়। অহঙ্কার করি সব বল্গিয়া মরয়॥—চৈ ১২৪। ৩ অভীষ্ট-প্রতিবন্ধ হেতু অশান্ত হওয়া। "দ্বার বন্ধ, কীর্ত্তনে না যাইতে পারিয়া। কত শত লোক এথা মরয়ে বল্গিয়া॥—ন প ২৫৯।

বল্গন † ক্লী [√বল্গ + অন (ল্যুট্)-ভা] প্লুতগতি, অশ্বের গতিভেদ (galloping)। "°চঞ্চলকুণ্ডলঃ রঘু ৯ ৫১। —ল্গা স্ত্রী [+ অ (ঘঞ্)-ণ + স্ত্রী আ (টাপ্)] অশ্বমুখস্থ রজ্জু, রশ্মি, লাগাম "সবল্গাপাণয়ঃ (তুরঙ্গিণঃ) মাঘ ১২ ৬। —ল্গিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম ১ উৎপ্লুত। "পত্তিভির্বল্গিতাশ্বৈঃ।—হ ৯২ ১৮। ২ [+ ক্ত-কর্ত্ত] চলিত, নর্ত্তিত। "°ভ্রূ ভ ১০ ৩৫ ২, কাব্যাদর্শ ২.৭৩। ৩ উল্লম্ফন-যুক্ত। "°বৎস।—বৃহৎসংহিতা ৪৮ ১১। ৪ রমণীয়। "°কণ্ঠ কোকিল

—ভ ১০.৯০.২১ ।—ল্গিত ক্লী [+ত-ভা] ১ গতি। "ক্রীড়ন্ত্যঃ প্লুত-বল্গিতৈঃ গো.রা ১.৯.১৩। ২ ধাবন। "মাঘ ২.২৭। ভট্টি ৬.১০৬। ৩ প্লুতগতি, লম্ফন। ৪ প্রচলন। "মকরকুণ্ডল° ভ ৩.২৮.২৯।

বল্‌গা দ্র 'বল্‌গন'।

বল্‌গাহরিণ বি হিমপ্রধান উত্তরমেরুদেশে বরফের উপরে চক্রহীন গাড়ী (sledge) টানার হরিণবিশেষ (rein-deer)।

বল্‌গিত দ্র 'বল্‌গন'।

বল্গু + বিণ [√বল্‌+উ, গ্ (গুক্) আগম, উ ১.২০] ১ রুচির (সায়ণ), মনোজ্ঞ, মনোহর, সুন্দর। "ঋগ্বেদ ৬ ৬২ ৫। বদনং বল্গু রা ২.২৬.১০। রঘু ৫ ৬৮। ২ মধুর, শ্রুতিসুখকর। "রা ২.৫৬.২ ; °বচসো রণাঙ্গা-হ্বয়না দ্বিজাঃ ৯৫.১১। °বাক্‌ রঘু ১৯.১৩। ৩ সার। "অ° ভট্টি ১২ ৬৬। —ল্গু পুং ছাগ। —ল্গুক ক্লী চন্দন।

বল্গুক দ্র 'বল্গু'।

বল্‌তা বি [সং বরটা] দংশককীটভেদ। "বি.পা ৩০৬।

বল্মিক, -কি + পুং, ক্লী সর্ব 'বল্মীক'।

বল্মিকি দ্র 'বল্মিক'।

বল্মী + স্ত্রী [তু 'বম্রী'—উপজিহ্বিকা (ঋগ্বেদ ৪.১৯.৯)] কীটবিশেষ, উই। [°কূট (ক্লী)—বল্মীকৃত মৃৎস্তূপ, উইঢিপি।]

বল্মীক + পু, ক্লী [√বল্‌+কীক (ক্রীকন্)-ক, ম্ (মুক্) আগম, উ ৪.২৫ ; তু 'বল্মী'] ১ বল্মীকৃত মৃত্তিকাস্তূপ ; বামলর, উইঢিবি (ant-hill), কৃমিকৃতমৃত্তিকাচয় (কুল্লুক)। "°শবলেব ভূঃ। —গো বা ৫.৮৩ ৯। °মাত্র (অচল) মহা ২.৪১.৯। মনু ৪.৪৬। °তৃণকীচক ভ ৭.৩.১৫ ।-বল্মীকাগ্রাৎ (প্রভবতি) পু.মে ১৫। কু ৪। ম ৩৩১,-৪৩। ২ মূষিককৃত মৃত্তিকাচয়। "(গৃহম্) মূষিকৈঃ কৃতবল্মীকম্ ক.সা ২.৪৯। —ক পুং ১ (সাদৃশ্যে) গ্রীবাদিতে ত্রিদোষজ গ্রন্থিরূপ রোগবিশেষ। ২ বাল্মীকি মুনি। [°জন্মা (-ন্মন্), °ভব বিণ—বল্মীকজাত। "°জন্মা জয়তি (মুনিঃ) বা.ভা ১.১৫। (পুং) বাল্মীকি। °কাগ্র। (ক্লী) —বল্মীকাগ্রবিবর। "পূ.মে ১৫।]

বল্য § [বল+য (যৎ)] বলার্থ হিত ; বলকর, বলসাধন। —ল্য ক্লী শুক্র। —ল্যা স্ত্রী অশ্বগন্ধা ; অতিবলা।

বল্যা দ্র 'বল্য'।

বল্ল্ + সক [ভ্বা, ঙ—বল্লতে ; সেট্] সংবরণ, আচ্ছাদন।

বল্ল + পুং গুঞ্জাত্রয় পরিমাণ (লীলাবতী) ; (বৈদ্যকে) গুঞ্জাদ্বয় পরিমাণ।

বল্লকী + স্ত্রী [√বল্ল্‌+অক (কন্)-ক+স্ত্রী ঈ (ঙীষ্)] বীণা। "মহা ১৩.৭৯.২৬। রঘু ১৯.১৩। °গুণ মাঘ ১.৯। বাণী বল্লকী যেমন শি ১১০। ভাষা বল্লকী সমান ব.প ৫৪৬।

বল্লব + পুং [বল্ল (সংবরণ)+ব অস্ত্যর্থে (অ.টী)] ১ গোপ। "মাঘ ১১.৮। °যুবতীসহস্র গী.গো ২ ৫। °রাজ-কিশোর।—ব ১৮২। °বালক বা.দ ৪। ২ বিরাটগৃহে গুপ্তাকার পাচক ভীম। "মহা ৪.২.১। ম ৫৯০। ৩ পাচক। —বী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] গোপী। "কি ৪.১৭। মাঘ ১২.৩৯। কত বল্লবী বল্লবে চৈ.ম ৯২।

বল্লভ + বিণ [√বল্ল্‌+অভ (অভচ্)-ক, উ ৩ ১২৫] ১ দয়িত, প্রিয়। "অঙ্গনা°, গুণ°, প্রাণ°, রাজ°। পিতৃণাং বল্লভা জ্যেষ্ঠাঃ রা ১.৬৩.২০। পতিবল্লভা (S.W.)। ত্রৈলোক্য° ম ২। বহু° কান।—গো ২২২। চৈ চ ২০। গোপ° ভা.চ ১৬০। পল্লব° বানরপাতি বা দ ৮৯। ২ (বাঙ্‌লায়) অনুকূল, হিতকর। "সপ্তোঘৃত সপ্তোদধি রসেব বল্লভ ভা.চ ৪৪৮। —ভ পুং ১ প্রিয়, [illegible] জন। "স ভবেৎ রাজবল্লভঃ।—পঞ্চ ১.৫৪। —হৈমবতীসুত, [illegible]কুলবল্লভ মা ১৪০। ২ পতি। "উমা° (S.W.)। পত্র দিল বল্লভের করে ক.চ ১৬৩। ৩ অধ্যক্ষ। ৪ সুলক্ষণ অশ্ব। ৫ অগুরুভেদ। ৬ বল্লভাচার্য্য। —ভা স্ত্রী প্রিয়া, দয়িতা, প্রেয়সী, পত্নী। "বহুবল্লভা রাজানঃ শ্রূয়ন্তে শ ৩.২৩। বল্লায়ুধ° ভ ১.১৪.৩৭। বল্লভালোকন মাঘ ১১.৩৩। সো বহুবল্লভ, তোহারি পরশ বিন্দু, দগধল মদন-হুতাশে।—জ্ঞা ২১৯। (সরস্বতী) বিষ্ণুর বল্লভা শ্রী.মা ৫। [°পাল (পুং)—অশ্বপাল।]

বল্লভাচার্য্য + পুং ১ বৈষ্ণবসম্প্রদায়বিশেষের প্রতিষ্ঠাতা। [ইনি ১৪৭৯ খৃষ্টাব্দে চম্পারণ্য বনে জন্মগ্রহণ করেন। বিজয়নগররাজ কৃষ্ণদেবের সভায় ইনি শৈবদিগকে তর্কে পরাজিত করিয়া বৈষ্ণবদিগের অধিনায়ক হন। ইঁহার রচিত বেদান্ত, মীমাংসা ও ভাগবতের টীকা সুবিখ্যাত। ইনি শুদ্ধদ্বৈতবাদের প্রবর্ত্তক। ইঁহার মতবাদীরা 'মহারাজ' নামে অভিহিত।] ২ চৈতন্যদেবের পত্নী লক্ষ্মীদেবীর পিতা (চৈ.ভা ৭৩)।

বল্লম বি [হি, ঠ বল্লম ; তু 'ভল্ল' ; বহলম্ (বাঁকুড়া)] সূক্ষ্মাগ্র ফলাযুক্ত অস্ত্রবিশেষ ; বরশা।

বল্লর + ক্লী [√বল্ল্‌+অর (অরন্)-ক] ১ মঞ্জরী। ২ নিকুঞ্জ। —রি, -রী স্ত্রী [+অরি -ক ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মঞ্জরী, বউল। "শয্যা লতাবল্লরী (S.W.)। °রী।—বৃহৎসংহিতা ৫৫.২১। ব্রততীবল্লরী-জটা।—হেম ৩৫৮। ২ লতা। "সংশ্রয়ক্রমে গজভগ্নে পতনায় বল্লরী কু.স ৪.৩১। গোরীতনু-বল্লরী।—ব ১২২। কিবা কাননবল্লরী, গল বেঢ়ি বান্ধই।—ব.প্র ১৫২। ৩ কুঞ্চিত কেশ। ৪ চিত্রক-মূল। ৫ মেথিকা।

বল্লরি, বল্লরী দ্র 'বল্লর'।

বল্লা বি [সং বরলা ; °ল্লা (নাটোর, চব্বিশপরগনা), বরলা, বল্লা (ঢাকা)] ১ বোলতা। "বল্লার চাক। ২ [হি বল্লা—দণ্ড] শত্রু। "পদ্মার গেল বল্লা বা.ম ৮৭।

বল্লি, -ল্লী + স্ত্রী [√বল্ল্‌+ই (ইন্)-ক, উ ৪.১১৭ ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; তা 'ৱল্লী (√ৱল্‌—কৌটিল্য)—লতা (Caldwell)] ব্রততি, লতা। "রা ২.৮০.৬। বল্লী বেষ্টয়তে বৃক্ষম্ মহা ১২.১৮৪.১৩। বিদ্যুদ্°, ভ্রূচাপ° (S.W.)। দোর্বল্লি গী.গো ১০.১১। সা মারবল্লীব (কন্যকা) ক.সা ৭২.২৮৬। বাহুবল্লী।—সী ১৫। —ল্লী স্ত্রী ১ কৈবর্ত্তিকা, মুস্তা। ২ চব্য, চই। ৩ বিদারী সারিবা গুড়ূচী ইত্যাদি (সুশ্রুত)। "মনু ১.৪৮। [°বদরী (স্ত্রী)—ভূবদরী।]

বল্লী দ্র 'বল্লি'।

বল্লুর ক্লী + [√বল্ল্‌+উর (উরচ্), উ ৪.৯০] শুষ্ক মাংস, আতপাদিতে শুষ্ক মাংস। "মনু ৫.১৩। যাজ্ঞ ১.১৭৫।

বল্বজ + পুং তৃণবিশেষ, বাবুইঘাস (অ.টী)। "মনু ২.৪৩।

বশ্ + সক [অদা, প—বষ্টি ; সেট্] কান্তি, ইচ্ছা।

বশ + বিণ [বশ্+অ (অচ্) অস্ত্যর্থে] ১ আয়ত্ত, অধীন। "মৃত্যু°, শোক°, স্ত্রী°। সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখম্ মনু ৪.১৬০। ইহা ধরি দ্রৌপদী বশ কৈল নাথ ক.চ ১৩৬। ২ নির্দেশবর্ত্তী। —শ পুং, ক্লী [√বশ্+অ (অপ্)-ভা] ১ ইচ্ছা, স্পৃহা। ২ আয়ত্ততা, অধীনতা। "বাক্যবশং গতঃ রা ২.২১.২ ; কার্য্য° ৬৮.১৪। তয়োর্ন বশমাগচ্ছেৎ গী ৩ ৩৪। (স্ত্রী) বাল্যে পিতুর্বশে তিষ্ঠেৎ মনু ৫.১৪৮। ৩ প্রভুত্ব, প্রভুভাব। ৪ আজ্ঞা (নীলকণ্ঠ)। "বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা গী ২.৬১। ৫ (বাঙ্‌লায়) প্রভাব, শক্তি। ঔষধের বশে …স্বামী ধুলা ঝাড়ে মুখে ক.চ ১৩৬। —শা স্ত্রী ১ বন্ধ্যা [illegible]। "ঋগ্বেদ ২.৭.৫। পা ২.১,৬৫। ২ বন্ধ্যা স্ত্রী। "মনু ৮.২৮।

বশংবদ + বিণ [বশ+√বদ্+অ (খচ্), ম্ (মুম্) আগম ; উ.ত ; স্ত্রী -দা ; 'বশম্বদ' অসাধু] ১ 'আমি বশ' ইহা যে বলে ; বশীভূত, আয়ত্ত। "মন্মথ°, লোভ°, (S.W.)। গুরুপ্রহর্ষবশংবদবদনম্ (হরিম্) গী.গো ১২.২৪। ২ যে বশকর অর্থাৎ মধুর বলে (মল্লিনাথ) ; মধুরভাষী। "বশংবদত্বাৎ (ইষ্ট আসীৎ) রঘু ১৮.১৩।

বশকর + বিণ [ষ.ত] বশীকারক। "(বিদ্যা) সভাবশকরী (S.W.)।

বশক্রিয়া স্ত্রী [ব.ত] মণিমন্ত্রাদি দ্বারা বশীকরণ (অ.টী)।

বশগ + বিণ [বশ + √গম্ + অ (ড)-ক ; উ.ত] বশগত, বশবর্ত্তী। "জ্যেষ্ঠ° রা ২.৪০.৬। কাম° ভ ৩.২৪.৩৮। আশ্চর্য্যবশগঃ ক.সা ২২.২৩৩।

বশত ক্রি.বিং [বশ + ত] সর্থ 'বশতঃ'। [বশতই—বশেই। "পরিবর্ত্তন বশতই : থর্ব্বতা বশতই পা.প্র ৭০।]

বশতঃ (-তস্) + ব্য [বশ + তস্ (তসি)] বশ হেতু ; আয়ত্ততা হেতু ; বশে। "দৈবদুর্ব্বিপাক° সী ২০। প্রয়োজন° ব.প্র ২৫৫।

বশতা + স্ত্রী [বশ + তা (তল্)] বশভাব, অধীনতা। [বশ(স)তাপন্ন (বিং)—বশতাপ্রাপ্ত, বশগত। "বশতাপন্ন ব.প ১৭১৩। বসতাপন্ন কু.চ ৬৮।]

বশবর্ত্তী (-র্ত্তিন্) + বিণ [বশ + বৃৎ + ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -র্ত্তিনী) বশস্থিত, অধীন। "কৈকেয়ীবশবর্ত্তিন্ রা ২.২৩.১২।

বশা দ্র 'বশ'।

বশাৎ + [বশ + আৎ (পঞ্চমী-১ব) ; অপ্র] সর্থ 'বশতঃ'। উন্মাদের সাজ, কি হল দৈববশাৎ বা.র ৩৭।

বশানুগ + বিণ [বশ + অনু- √গম্ + অ (ড)-ক ; উ.ত] সর্থ 'বশগ'। "সীতা ভর্ত্তৃবশানুগা গো.রা ২.১৩.১৯। মহা ১৩.১.৫১।

বশিতা + স্ত্রী, -ত্ব ক্লী [বশিন্ + তা (তল্), + ত্ব] ১ বশিভাব. আয়ত্ততা, অধীনতা। "ন রাজা তু বশিত্বেন (স্বয়ং কর্ম্মাণি কুর্ব্বীত) মনু ৮.৪৩, কুল্লূক। ২ ইন্দ্রিয়সংযম। ৩ যোগীর অষ্টসিদ্ধির একতমসিদ্ধি। "যোগী মদ্ধর্ম্মা বশিতামিয়াৎ ভ ১১.১৫.১৬। [ইহাতে ভূত ও ভৌতিক পদার্থ যোগীর বশ হয় (পা.দ ৩.৪৬)।]

বশিষ্ঠ + পুং [বশিন্ + ইষ্ঠ (ইষ্ঠন্)] 'অতিশয় বশী'. জিতেন্দ্রিয় ; ঋষিবিশেষ। 'কামক্রোধাবুভৌ যস্ত চরণৌ সংববাহতুঃ। ইন্দ্রিয়াণাং বশকরো বশিষ্ঠ ইতি চোচ্যতে॥—মহা ১.১৭৪.৬। দ্র 'বসিষ্ঠ'। [ইনি মিত্রাবরুণের পুত্র, এই হেতু নাম 'মৈত্রাবরুণি'। মহাভারতে (১.১৭৪.৫) ইনি ব্রহ্মার মানসপুত্র ; ভাগবতে (৩.১২.২৩) ইতি স্বয়ম্ভুর প্রাণ হইতে উৎপন্ন ; মনুসংহিতায় (১.৩৫) বিরাট্ পুরুষ মনুর তপস্যাসৃষ্ট দশ প্রজাপতির একতম ; হরিবংশে (১.৪১) ইনি স্বয়ম্ভু ব্রহ্মার সপ্ত মানসপুত্রের একতম ; পুরাণান্তরে, ইনি সপ্তর্ষির অন্যতম। ইনি ধর্ম্ম-শাস্ত্রকারগণের একতম। ঋগ্বেদের সপ্তম মণ্ডলের ও অন্য ঋকেরও ইনি ঋষি। সুরভিসুতা শবলা (নন্দিনী) ইঁহার হোমধেনু। রামায়ণে (১.৫৩-৫৭ সর্গ), শবলার নিমিত্ত ইঁহার সহিত বিশ্বামিত্রের যে বিবাদ বর্ণন আছে, তাহাতে ইঁহার তপঃপ্রভাব সুস্পষ্ট প্রতীয়মান হয়। ইনি সূর্য্য-বংশের কুলগুরু ও কুলপুরোহিত। অরুন্ধতী ইঁহার পত্নী, পরাশর পিতা, শক্তি ইঁহার পুত্র। ইঁহারই কৃপায় শক্তিশাপে রাক্ষসযোনিগত ইক্ষ্বাকু-বংশীয় রাজা সৌদাস শাপমুক্ত হন (মহা ১.১৭৬,-৭)। রামচন্দ্রের নিকটে ইনি যে রামায়ণ কীর্ত্তন করেন, তাহা 'যোগবাশিষ্ঠ' নামে খ্যাত।]

বশী (-শিন্) + বিণ [বশ + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -শিনী] ১ 'ইন্দ্রিয়বশবান্', জিতেন্দ্রিয়। "বশী বশিষ্ঠঃ রঘু ১.৭০। কু.স ৪.৪৩। ২ অ-পরাধীন (সায়ণ), স্বতন্ত্র, স্বাধীন। "ঋগ্বেদ ১.১০১.৪। রা ১.৬. ২। যাজ্ঞ ৩.৬৯। ৩ সমর্থ। "রঘু ১৮.১৩।

বশীকর + বিণ [বশ + চ্বি (০)—বশী + √কৃ + অ (অচ্)-ক ; স্ত্রী -রা] বশীকারক। "জগত্রয়° (S.W.)। শশিকর, রমণের বশী-কর বা.দ ৩৯। —করণ ক্লী [+ অন (ল্যুট্)-ভা] ১ আয়ত্তীকরণ, পরতন্ত্রীকরণ। "জগত্রয়°, নৃপ° (S.W.)। ২ মণিমন্ত্রাদিবলে আয়ত্তীকরণ। "বশীকরণ-ঔষধ ক.চ ১২৩। প্রেয়সী° তন্ত্রমন্ত্র।—কাদ ৯১। ৩ [+ অন-ণ] বশীকরণোপায়। "দদৌ মন্ত্রম্…বশীকরণম্ গো.রা ১.৩১-৪। (সরুষি নৃপে স্তুতিবচনম্) অ-মন্ত্রতন্ত্রং বশীকরণম্। —পঞ্চ ১.৭৬। একৈকমেব হি বশীকরণং গরীয়ঃ মা.মা ৬.১৭। —কৃত বিণ [+ ত (ক্ত)-র্ম] আয়ত্তীকৃত। "মহা ৪,১৬.৬। বি.মা ৭.৫৭। —কৃতি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] ১ বশীকরণ। ২ [+ তি-ণ] বশীকরণোপায়। "ক্ষমা বশীকৃতির্লোকে মহা ৫.৩৩.৫৪। —ভূত বিণ [+ ত(ক্ত)-ক] আয়ত্তীভূত।

বশীকরণ †, **-কৃত, -কৃতি, -ভূত** দ্র 'বশীকর'।

বশীন্দ্র + পুং [উপ.স] শ্রেষ্ঠ বশী ; অতিজিতেন্দ্রিয়। "বশীন্দ্রদুষ্করৈঃ নবভক্তিদামভিঃ বি.মা ৭.৫৭।

বশ্য + বিণ [বশ + য (যৎ)] ১ বশে স্থিত ; বশগত, আয়ত্ত। "(মনঃ) সমাধিবশ্যম্ কু.স ৩.৫০। কি ১.৩৩। হইনু তোমার বশ্য ক্ষম অ.প ৫৮। ২ বশীভূত, অধীন। "(ইন্দ্রিয়ৈঃ) আত্মবশ্যৈঃ গী ২.৬৪। ৩ বশ-গত, বশবর্ত্তী, জিত। "বশ্যাত্মন্ গী ৬.৩৬ ; ৪ অনুকূল। "ভার্য্যেব বশ্যা রা ২.২১.৫৭। ৫ আদেশবর্ত্তী, বচনকর। —শ্য পুং ভৃত্য, অনুজীবী। —শ্যা স্ত্রী বশগা কামিনী। "যং ব্রহ্মাণমিয়ং দেবী বাগ্ বশ্যেবানুবর্ত্ততে উ.চ ১.২।

বশ্যা দ্র 'বশ্য'।

বশ্যতা + স্ত্রী [বশ্য + তা (তল্)] বশ্যভাব, অধীনতা। "চৈ.ম ১৮৫।

বষট্ + ব্য দেবোদ্দেশে হবিস্ত্যাগমন্ত্র। "ইন্দ্রায় বষট্। [হোতা হোম-মন্ত্রের শেষে ইহা উচ্চারণ করিলে, অধ্বর্য্যু অগ্নিতে হবিস্ত্যাগ করেন।] [°কার (পুং)—১ 'বষট্' এই শব্দোচ্চারণ। "শ্রী.ম ১৪৪। ২ দেবোদ্দেশ্যকযজ্ঞ। °কৃত (বিণ)—বষট্ মন্ত্রে প্রদত্ত ; হুত। "°কৃতা যবাগূঃ। °কৃতং হবিঃ (অ.টী)।]

বষ্কয়ণী †, **-য়িণী** স্ত্রী [বষ্কয় + ন, + ইন্ (ইনি), অস্ত্যর্থে-১ব, স্ত্রী ঈ (ঙীষ্, ঙীপ্)] প্রৌঢ়বৎসযুক্তা বা চিরসূতা গবী। "পা ২.১.৬৫।

বষ্টু(ষ্টু)ম বি [সং বৈষ্ণব > বৈষ্টব > বইষ্টব > °ম (ণ > ট), দ্র 'ণ১'] বৈষ্ণব। "বষ্টুম তন্ত্র।—হু ৫৫। —মী বৈষ্ণবী।

বস্ + অক [ভ্বা, প—বসতি ; অনিট্] নিবাস। —স্ সক [অদা, ও—বস্তে ; সেট্] ১ আচ্ছাদন, পরিধান। ২ [অদন্ত, চু, প —বসয়তি ; সেট্] বাস করান। —স্ অক [দি, প—বস্যতি ; সেট্] ১ স্তম্ভ, নম্রতারহিতীভাব (ক.ক)। ২ [চু, প—বাসয়তি ; সেট্] প্রীতি, স্নেহ [ক.ক)। —স্ সক [চু, প—বাসয়তি] ১ ছেদ। ২ অপহরণ। ৩ বধ। [বস্ (নিবাসার্থ)—অধি, অনু, উপ, আ —অধিষ্ঠান, আবাস। "পা ১.৪.৪৮। উপ—উপবাস। "বনে উপবসতি। নি—নিবাস। নির্—(ণিজন্ত) নির্ব্বাসন। প্র—প্রবাস, বিদেশাবস্থান। প্রতি—নিবাস। বি—(ণিজন্ত) নির্ব্বাসন। "ভট্টি ৪.৩৫। বস্ (আচ্ছাদন)—নি, বি—পরিধান।]

বস[১] বি [সং বয়স্ ; হি বৈস ; অপ্র] বয়ঃক্রম। "বসের কালে গো.বি ২৬ ; ৬০,-৫ ; ৯৬,-৭। বসের গো.চ ১০ ; বসতে ৩৬।

বস[২], **ব্যস্** বিং [ফা বস্] পর্য্যাপ্ত, প্রচুর। "মাথায় ঝাঁটার মুড়া মারে গণ্ডা দশ। পবিত্র হইল অঙ্গ পাত্র বলে—'বস'॥—শ্রী.মা ২০৬। আজ থেকে খতম—ব্যস্ গি.দ্বি ১০৩।

বস[৩] **অর্ম্ম** [সং √বস্ > লি, প্রা √বস ; হি, মৈ √বস ; ঠ, গু, ড় √বস] ১ বাস করা। "সুরপুরে বসে শ্রী.কী ৬৬ ; নগর মাঝে বসে। ২৬৪। কুম্ভকারের বাড়ীত বসেন ম.বি ৩০। ২ অবস্থান করা ; থাকা। "হরি…গোপী মাঝে বসই বি.প ১০৭। তোমা হৈতে উচ্চেতে বসিব।—ম ২৬ ; দিব্য গৃহ বসিবার দেন প্রতিজনে ১২২৮। চতুঃষষ্টি কলা বসয় গুণের নিধি ব.প ৬২৯। [বস, -সই, -উ, -সন্ত, -ন্তে (চ ; দো)।]

বস[৪] **অর্ম্ম** [উপ √বিশ্ > প্রা √উবইস > বা (√বইস) √বৈস, °স ; হি, ঠ, ড় √বস] ১ উপবেশন করা (to sit down)। "বসিলা মায়ের বাড়ে নামাইয়া পদ ভা.চ ২০৫। ২ আড়, গোড়ালি বা

পাছায় ভর দিয়া অথবা জঙ্ঘা পাতিয়া বসা (to sit)। "যে খানেতে বসিয়াছে রাই চ.দা ৩২। উঠে ব'সে গিরিবর,...গৌরীরে লইয়া কোলে ক'রে (কহিছে)।—রামপ্রসাদ। ৩ (পক্ষীর) পায়ে ডাল-ইত্যাদি ধরিয়া অবস্থিত হওয়া (to perch)। "কোথায় থাইব বসি ভাবে (গরুড়) : (গরুড়) ডালেতে বসিল—ম ২৩। শিখী যথা (যে দাঁড়ে) কেকাভাষী, সন্ধ্যাকালে বসে আসি।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। ৪ বসিয়া অপেক্ষা করা। "বেতন লাগিয়া বসিয়া আছে চ.দা ৩৪। কর বা না কর পার কূলে আছি ব'সে।—কৃ ১৮১। ৫ বিশ্রামার্থ বসা ; জিরান। "দাঁড়ালে দণ্ড, ব'সলে কোশ। পথে বলে আর আমার কি দোষ॥ কাজ ক'রে বসি। শত্রু মেরে হাসি॥—প্রবচন। ৬ স্থির হইয়া থাকা। "সেই যেখানে জগৎ ছিল এককালে, সেইখানে আছে বসিয়া স.স্ব ১০। ৭ অবস্থিত হওয়া ; থাকা। "নয়নত বসএ মদনে শ্রী.কী ২৭৪। লঙ্কার বাণিজ্য বসি বাকড়ির কোণে শি ৬৮। ম ম ২৮। ৮ বেকার হইয়া থাকা। "চাকুরীটুকু গিয়েছে, এখন তিনি ব'সে আছেন। ৯ নিবিষ্ট বা নিরত হওয়া। "খেলায় বসা। কাজে মন বসা। ১০ নিযুক্ত হওয়া। "কাল থেকে তিনি কাজে বসবেন। ১১ দমিয়া বা নামিয়া যাওয়া (to sink)। "বর্ষায় কোটার ভিত বসে। ১২ দৃঢ় স্থাপিত হওয়া। "চৌকিটা ভাল বসে না। ১৩ জমাট হওয়া ; আঁট বাঁধা। "ঘন দুধে দই ভাল বসে। বুকে সর্দ্দি বসা। ১৪ স্বরভঙ্গ হওয়া। "আওয়াজ, গলা বসা। ১৫ তলায় জমা, থিতান (to settle to the bottom)। "তেলের কা'ট বসা। ১৬ পরিশ্রম না করা। "বসি বহু পাই তো কি কাজ পরিশ্রমে শি ৭৭। ১৭ প্রতিষ্ঠিত হওয়া। "গ্রাম, বাজার, মেলা, হাট বসা। ১৮ কার্য্য আরম্ভ হওয়া। "ইস্কুল, সভা, বাজার, হাট বসা। ১৯ স্থির থাকা অর্থাৎ উল্টাইয়া না পড়া। "সমতলে ঘড়া বসে, কলসী বসে না। ২০ কার্য্যে অভ্যস্ত হওয়া বা পাকিয়া যাওয়া। "কাজ কত্তে কত্তে হাত বসে। ২১ সুসংশ্লিষ্ট হওয়া ; থাপে থাপে লাগা। "জোড়ে তথতা বসা। ২২ অন্য কর্ম্ম ত্যাগ করা। "আমি বসে বসে কুন্দকে উঠ বস করান মক্‌শ করাই ব.ঘি ৩৭। ২৩ নিষ্কর্ম্মা থাকা। "বাড়া ব্যয় কর বুড়া বসে পাছে রয় শি ৩৪। ২৪ সর্ব্বস্বান্ত হওয়া। "ব্যবসা-পড়তায় যেমন ফাঁপে, বে-পড়তায় তেমনি বসে যায়। ২৫ ছন্দে অক্ষর বিন্যস্ত হওয়া। "পয়ারে প্রথম চরণে আট লাইন বসে। ২৬ অসমাপিকা ক্রিয়ার পরে সমাপ্তিসূচক। আগুণ দেখে বসলি বেঁকে দা ৮২১। এই কৌশলেই বুঝি...কতলু খাঁর প্রেয়সী হইয়া বসিয়াছে?—ব.প্র ৯২। [বসা নাক—চেপটা নাক। বসিঞাঁ, -এঁ্া, -সিত্তেঁ, -সিলোঁ (শ্রী.কী)। বসিছন্ত, -ছেন্ত, -ছেন (অ.প ২২ ; ১০৯)। ব'সে খাওয়া—উপার্জ্জন না করিয়া সঞ্চিত অর্থ ব্যয় করা। "বসিয়া খাইতে ফুরাইল ধন ম.ম ১১৯। বসে খেতে বাঁচে নাই সাগরের বালি শি ৬৮। ব'সে পড়া—হতাশ হইয়া স্তব্ধ হওয়া। ব'সে যাওয়া—১ হেয় হওয়া। "(শ্যামের বামে ব'সে) জন্মের মত গেলি ব'সে।—দা ৮২২। ২ সর্থ 'বসে পড়া'। বস্তা—বসিয়া, অর্থাৎ বিনা করে বাস করিয়া। "ময়না...বস্তা...খায় ব.প ৪৬০। দাগ বসা—দাগ লাগা। "সারা দিন পিটে, শূর্লে দাগ বসে নাই শি ৭১। নাড়ী বসা—নাড়ী নিষ্পন্দ হওয়া। "নারীকে দেখে মানে ব'সে, যায় ভ্রমরার নাড়ী ব'সে দা ২১২৪। মানে বসা—মান করা। "দা ২১২৪।]

বস[৫] অর্ম্ম [পশ, -স > °স] ১ প্রবিষ্ট হওয়া, পুঁতিয়া যাওয়া ; ঢোকা। "কাঠে পেরেক, কাদায় পা, মাটিতে গোঁজ বসা। ২ কোটর-গত হওয়া। "চোখ বসা। ৩ শুষিয়া যাওয়া। "গায়ে জল, তেল, মাইএ দুধ বসা। ৪ পাঁথা-প্রভৃতি আঁটিয়া যাওয়া। "ব'সে গেল বাই করে কড়ার যেমন শি ১০৬। ৫ সংহত হওয়া। "কাপড়, তুলা, মাটি চাপে বসে। [কোড়া বসা—কোড়া ভিতরে ঢোকা, অর্থাৎ শরীরে মিলিয়া যাওয়া। রগ বসা—রগ ভিতরে ঢোকা বা তোবড়ান।]

বসত বি [বসতি > °ত] বাস বাসস্থান। "পর্ব্বতে হৈল প্রধান বসত শ্রী.ম ১৭ ; ১৬৬। বনে বসত আমার ব.প ৫৩৯। গোঠে ছিল বসত শ্রী ১৭৩। বাড়ি বানাইয়া বসত করি E.P. 37. [°বাটী—বাসগৃহ। "রাজার বসত-বাটী শ্রী ১২। বসত বাস—বসতি। "ব.প ১৬৮৪।]

বসতি † স্ত্রী [√বস্+অতি-ভা, উ ৪.৬০] ১ বাস, অবস্থান। "অধ্যাক্রান্তা বসতিরমুনা শ ২.১৪। পূ মে ১। কৃ ৮। ক.চ ৫১। ব্রজ° দা ১৫৪। ২ [+অতি-ধি] নিকেতন, ভবন। "স রাজবসতিং বসেৎ মহা ৪.৪.৩৮। জীবিতেশবসতিং জগাম সা রঘু ১১.২০। কু.স ৪.১১। ৩ স্থান। "অলকাম্...বসতিং বহুসম্পাদাম্ কু.স ৬.৩৭। রঘু ১১.৩৩। পূ মে ৭। ৪ লোকের বাসস্থান ; বস্তী। "দ্বারকার বসতি : বসতি লোকেতে পূর্ণ সব।—ম ১২২৮। ৫ [বৈদিক] যামিনী। "(তিস্রঃ) বসতীরুষিত্বা রঘু ৭.৩৩ ; ১৫.১১। ৬ শিবির। ৭ গন্তব্য স্থান। "বসতিমনুজানাতু নো ভবান্ রা ২.৫৪.৩৭। ৮ আধার, আশয়। "ধর্ম্মৈক° ক সা ৬৭.৩৭। শৌর্য্যশৃঙ্গার° (S.W.)। [°দ্রুম (পুং) —নিবাসবৃক্ষ। "রঘু ১২.১৪।]

বসন † ক্লী [√বস্+অন (ল্যুট্)-ভা] ১ ছাদন, আবরণ। ২ [+অন -ণ] 'ছাদনসাধন', বস্ত্র ; পরিধান, অন্তরীয় ; উত্তরীয়। "বিহায় বসনে রা ২.৩৭.৮। বসনে পরিধূসরে বসানা শ ৭.২১। ৩ আবরণ। "পুরেয়ং বসনার্ণবা রা ৭.১১.১৬। সমুদ্রবসনা চোর্ব্বী শ ৩.১৬। —না স্ত্রী স্ত্রীকটিভূষণ, মেখলা। তু 'রসনা'। [°সদ্ম (-দ্মন্) ক্লী—বস্ত্রগৃহ, পটবাস, তাম্বু।]

বসনা † দ্র 'বসন'।

বসন্ত † পুং [√বস্+অন্ত (ঝচ্)-ধি, উ ৩.১২৮] ১ 'যাহাতে কামের বাস' (অ.টী), ষষ্ঠ ঋতু—চৈত্র ও বৈশাখ, (মতান্তরে) ফাল্গুন ও চৈত্র। 'বসন্তঃ কুম্ভমীনয়োঃ। দ্র 'ঋতু (১)। "বসন্তোঽস্যাসীদাজ্যম্।—ঋগ্বেদ ১০.৯০.৬। রা ১.১২.১। বসন্তোদারসময়ে শ ১২৩। বিহরতি হরিরিহ সরসবসন্তে গী গো ১.২৮। ২ কামসখ। "সুহৃদঃ পশ্য বসন্ত কিং স্থিতম্ কু.স ৪.২৭। ৩ অতিসাররোগ। ৪ বিদূষকের উপাধি। ৫ রাগ-বিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট কোমল রি ও দুই ম, জাতি খাড়ব।] ৬ [সং মসূরিকা ; বসন্ত (A.)] (বাঙ্গলায়) চর্ম্মরোগবিশেষ। [বসন্তে প্রাদুর্ভাব হেতু এই নাম (?)।] [°কুসুমাকর (পুং)—রসায়নাধিকারে ঔষধভেদ। °ঘোষ (পুং)—কোকিল। °জা (স্ত্রী)—'বসন্তজাতা', মাধবী। °পঞ্চমী (স্ত্রী)—মাঘের শুক্ল-পঞ্চমী ; শ্রীপঞ্চমী। °বন্ধু, °সখ (পুং)—কামদেব। °ব্রণ (ক্লী) —বসন্তরোগ। °মহোৎসব (পুং)—সর্থ 'বসন্তোৎসব। °লক্ষ্মী, °শ্রী (স্ত্রী)—বসন্তশোভা। "°লক্ষ্মী মাঘ ১.৬৬। °সহায় (পুং)—কামদেব।]

বসন্তকা'ট বি [°কাটা (কুষ্ঠিয়া)] বসন্তরোগের চিহ্ন।

বসন্তকোকিল বি ১ বসন্তের কোকিল। "°ল ভাষা (কাব্যনির্ণয়)। ২ গায়ে শ্বেতবিন্দুযুক্ত কোকিলবিশেষ ; কোকিল (?)।

বসন্ততিলক ক্লী [ষ.ত] বসন্তের তিলকতুল্য ; তিলকুসুম। "ফুল্লং °কম্ তিলকং বনাল্যাঃ (ছন্দোমঞ্জরী)। তিলক ক্লী, -কা স্ত্রী চতুর্দ্দশাক্ষর-পাদ ছন্দোভেদ। "জ্ঞেয়া °কা তভজা জগৌ গঃ।

বসন্তদূত † পুং [ষ.ত] ১ 'বসন্তজ্ঞাপক', কোকিল। ২ আম্রবৃক্ষ। ৩ চৈত্রমাস। ৪ পঞ্চমরাগ হিন্দোল। —দূতী স্ত্রী ১ কোকিলা। ২ মাধবী। ৩ পাটলী।

বসন্তবউ বি বউ-কথা-ক পাখী (?)। "শ্রী ৫৬।

বসন্তলতা বি মাধবী। "সন্ধ্যাসমীরণকম্পিতা °তা ব.প্র ১৬।

বসন্তসখা বি [সং °খ] কোকিল। "মে ৭৮।

বসন্তী বি [ভ+ঈপ্] ১ পীত বর্ণ ; হলদে রঙ। ২ বসন্তী রঙের শাড়ী। "বসন্তী চুনরী ব.প ১৫২১। [°বোলতা—পীতবর্ণ বোলতা। "হু ১৪৫।]

বসন্তোৎসব + পুং [ষ.ত] ১ বসন্তে চৈত্রপূর্ণিমায় করণীয় উৎসব। "কিং নিষিদ্ধঃ ভর্ত্রা বসন্তোৎসবঃ প্রতিবিদ্ধঃ শ ৬ষ্ঠ। মা.মি ১১২। °বাসর ক.সা ৪.৪৯। ২ ফাল্গুনী পূর্ণিমায় করণীয় উৎসব ; দোলযাত্রা, হোলী।

বসবাস বি [হি বসবাস] ১ বাসস্থান। "বসবাস…কিশোরচক গ্রাম ব.শ ১৩৮৭। ২ [হি বসবাস] বসতি, বাস। "বসবাস করিতে থাকহ (দলীলে)। ৩ [সং বেসবার ; অপ্র] রান্নার মশলা সরিষা। "চিতলের কোল ভাজে °স মাখি ব.প ২২২।

বসমাতা বি [অপ্র] বসুমতী। "গো.চ ৯২ ; ১১৮।

বসহা বি [সং বৃষভ >প্রা বসভ, -হ >°হা ; হি, মৈ °হ] বৃষভ, ষাঁড়। "বি.প ২২৪ ; বসহা ধুরন্ধর ২২৫।

বসা[1] + স্ত্রী [√বস+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] ১ 'দেহবাসী', দেহস্থ মাংস হইতে জাত ধাতুবিশেষ, মেদঃ, চর্ব্বি। দ্র 'ধাতু'। "°হোম (কৃষ্ণযজুর্বেদ)। গো.রা ২.৮৩.৬। ২ তৈলময়পদার্থমাত্র। [°গন্ধী (-ন্ধিন্) বিং—বসাগন্ধবান্। "রঘু ১৫ ১৬। °মেহ (পুং)—মূত্ররোগবিশেষ।]

বসা[2] বিং [বস[৫]+আ[১২]] ১ কোটরপ্রবিষ্ট (চক্ষু)। "চক্ষু বসা। —দা ১৮১। বসা চক্।—লী ১। ২ দমা, তোবড়ান (রগ)।

বসা[3] সর্ম্ম [বস[৩]+আ[৮]] বাস করান ; অবস্থিত করা। [বসান[১] ১—সর্থ 'বসা[৩]'। ২ (বিং) বাস-করান।]

বসা[4] সর্ম্ম [বস[৪]+আ[৮]] ১ উপবেশন করান ; বসান। "তাঁর বাম ভিতে, লৈয়া বসায়ল মোরে জ্ঞা ৬০। চৈ.ম ১৩। ২ স্থাপিত করা। "শর বসাইল চাপে।—ম ২০১। বিসাই বসান সান শ্রী.মা ১৪৩। ৩ সংলগ্ন করা ; লাগান। "বিস্তারি পাষাণে কেবা, রতন বসাইল রে চ.দা ৫। (অলঙ্কার) রাংতা বসায়ে করে স্বর্ণ সমতুল শ্রী.মা ৯৪। ৪ প্রতিষ্ঠিত করা। "বসান নগর ক.চ ৮১। ৫ জমান (দই)। ৬ লাগান, মারা (কিল, চড়)। ৭ যোজনা করা। "আখর বসান। [বসান[২]—১ সর্থ 'বসা[৪]'। ২ স্থাপিত। ৩ খচিত। "হীরে বসান টুপি।—হু ১২। নাম বসান—নাম লেখান।]

বসা[5] সর্ম্ম [বস[৫]+আ[৮]] ১ প্রবিষ্ট করান, ঢুকান। "কোপ, দাঁত, দাড় বসান। পায়ে চাপি রথবর, বসায়েন ভূমিপর।—ম ৯১৬। বাম পাশে বসাইল হীরাধার কাতি শ্রী ২৪৯। ২ শোষান। "গায়ে জল, তেল বসান। [বসান[৩]—১ সর্থ 'বসা[৫]'। ২ (বিং) লাগান। "ব.প্র ৫৭০। ফোড়া বসান—ঔষধ দ্বারা ফোড়া উঠিতে না দেওয়া।]

বসান[1] ; **বসান**[2] ; **বসান**[3] দ্র 'বসা[৩] ; বসা[৪] ; বসা[৫]।

বসিষ্ঠ + পুং [বসুমৎ+ইষ্ঠ (ইষ্ঠন্) ; ছান্দস] বসুমদ্‌গণের (অণিমাদিপ্রাপ্ত মহাযোগিগণের) মধ্যে শ্রেষ্ঠ (দ্র 'মহা ১৩.৯৩.৮৮, নীলকণ্ঠ) ; বশিষ্ঠ। "রা ১.৫৭.২১। ভ ৪.১.৩৯।

বসু + পুং [√বস+উ-ক (অ.টী)] ১ 'দিব্যস্থানবাসী', অষ্ট গণদেবতাভেদ। 'ধরো ধ্রুবশ্চ সোমশ্চ বিষ্ণুশ্চৈবানিলোঽনলঃ। প্রত্যূষশ্চ প্রভাসশ্চ বসবোঽষ্টৌ ক্রমাৎ স্মৃতাঃ॥ [বসুগণের নামভেদার্থ দ্রষ্টব্য—'মহা ১.৬৬.১৮। অ.টী।] "বসূনাং পাবকশ্চাস্মি গী ১০.২৩। মহা ৬.৩৪.২৩। [বসুগণ বশিষ্ঠধেনু নন্দিনীকে হরণ করিয়া, বশিষ্ঠশাপে গঙ্গার গর্ভে শান্তনুর পুত্ররূপে জন্মগ্রহণ করেন। ভীষ্ম এই বসুগণের একতম (মহা ১.৯৮তম অধ্যায়। ম ৮৬,-৭)।] ২ (বসুগণের সংখ্যানুসারে) আট (৮) সংখ্যা। "বসুপণ…কড়ি ব.প ৯১৩,-৪। বসু দণ্ডে শ্রী.মা ১৪৭। ম.পা ৭৯। ৩ [√বস্ দীপ্তি+উ-ক ; ছান্দস] সূর্য্য। ৪ বহ্নি। ৫ রশ্মি, কিরণ। "শিথিল" কি ১.৪৬। বসুহীন হৈল রবি করি বিতরণ (কাব্যনির্ণয়)। ৬ যোক্ত্র, জোত। ৭ রাজা। ৮ কুবের। ৯ বিষ্ণু (মহা)। ১০ শিব (মহা)। ১১ চেদিরাজ উপরিচর। 'মহা ১.৬৩.২। ভ ৯.২২.৬। "বসুরে পূজা করি ক.চ ২৪ ; ২৮৩। দ্র 'বসুধারা'। ১২ মৎস্যবিশেষ, কালবাউস (?)। ১৩ বকবৃক্ষ। ১৪ কুলীন কায়স্থের উপাধিবিশেষ। "ক.চ ৮৮। ১৫ গঙ্গার ধারাবিশেষ। তু 'বসোর্ধারা (২)। "কৃ ১৯। ১৬ (বাঙ্গলায়) বসুদেব। তু 'বল' (পুং)। "ম ১২৩৬। °সুত ব.প ৮৩৩। দা ২৯। —সু ক্লী [+উ-ণ] ১ রত্ন, মণি। ২ ধন। "রঘু ৮.৩১। দিগম্বরত্বেন নিবেদিতং বসু কু.স ৫.৭২। শিথিল" কি ১.৪৬। মণি রত্ন বসু অ.প ৯২। ক.চ ২৬০ ; °নাশে শ্রী.ম ২৯৯। শ্রী ২৫৪। বৃষ্টি কৈল বসু শি ৩৫ ; ৭৭। ভা.চ ২৯৭। ৩ স্বর্ণ। ৪ জল। ৫ লবণভেদ, শ্যাম। —সু স্ত্রী ; ক্লী বৃদ্ধিনামক ঔষধ।

বসুজ, -জা, বোসজা বি ['বোসজা' (কথ্য)] বসুবংশজাত ব্যক্তি। "বসুজা ব.প ১৬৭৯। বোসজা মহাশয়।—হু ৫৪ ; ৫৫। বসুজপত্নী ব.দ্বি ৩৯৫।

বসুদ বিণ [বসু+ √দা+অ (ক)-ক ; উ.ত] বসুদাতা, ধনদাতা। "বসুদৈব বসুন্ধরা।—মহা ৫.৩৮.২৬। —দ পুং ধনদ, কুবের।

বসুদেব + পুং [ষ.ত] 'রত্নাধিপতি' ; যাদববিশেষ। [ইঁহার পিতা যদুবংশীয় শূর, মাতা ভোজসুতা মহিষী (হ ৩৪শ অধ্যায়), পত্নী দেবকী, পুত্র কৃষ্ণ। পৃথা বা কুন্তী ইঁহার সহোদরা। দ্র 'কংস'।] —দেব, -দৈবত ক্লী [বহুব্রী] বসুদেবতাক ধনিষ্ঠ নক্ষত্র।

বসুধা + [বসু+ √ধা+অ (ক)+স্ত্রী আ (টাপ্) ; উ ত] ১ 'বসুধারিণী', পৃথিবী। "°বল রা ১.৩.৩৯। শ ৭.৩৩। দুগ্ধা বসূনি বসুধা…যেন ভ ২.৭.৯। বসুধার ভার।—মে ৫৫। বসুধা বেষ্টিত যার কীর্ত্তি-মেখলায়। —রঙ্গ ৮২। ২ দেশ, স্থান। "ধর্ম্মারণ্যসন্নিহিতবসুধা হি ২২১৮। ৩ ভূমি, ভূতল। "সমীক্ষ্য বসুধাং চরেৎ মনু ৬.৬৮। বসুধালিঙ্গনধূসরস্তনী কু.স ৪.৪। ৪ পঞ্চভূতের একতম 'ক্ষিতি'। ৫ লক্ষ্মী। ৬ বসুধাবাসী, জন। "বসুধা বসুনা লোকে বন্দতে মন্দজাতিজম্। —ভা চ ২৯৭। [°তল (ক্লী)—ভূতল। °ধর (পুং)—ভূধর, পর্ব্বত। °ধাতা (-তৃ) °ধিপ, °নায়ক °পতি, °পাল (পুং)—ভূপতি, রাজা। বসুধালিঙ্গন (°ধা+আলি°) ক্লী—বসুধাশ্লেষণ, ক্ষিতিলুণ্ঠন। "কু.স ৪ ৪।]

বসুধারা + স্ত্রী [ষ.ত] ১ ধনের ধারা ; ধনাগম। "হি ২.১০৫। ২ [উ.লো] বসুপ্রিয়া ধারা ; আভ্যুদয়িকে চেদিরাজ বসুর উদ্দেশ্যে গৃহভিত্তিতে কর্ত্তব্য ঘৃতধারা। 'কুড্যলগ্নাং বসোর্ধারাং সপ্তধারাং ঘৃতেন তু। কারয়েৎ পঞ্চধারাং বা নাতিনীচং ন চোচ্ছ্রিতাম্॥—কাত্যায়ন ১.১৫। ঘৃত দিয়া সাত ডোরা, কাঁথে দিল বসুধারা ক.চ ২৪ ; ১২৩। বসুধারার মত ফোঁটা ফোঁটা পড়ে আ.দু ৫৬। [অন্তরিক্ষচারী রাজা উপরিচর দেব-ব্রাহ্মণ-বিবাদে দেবপক্ষ গ্রহণ করায়, ব্রাহ্মণশাপে আকাশগতিহীন ও ভূবিবর-গত হইলে, দেবগণ তাঁহার ক্ষুৎপিপাসাবারণার্থ যজ্ঞে বিপ্রদত্ত বসুধারাপান বিধান করেন। এই বসুর ঘৃতধারা 'বসুধারা (বসোর্ধারা) নামে প্রসিদ্ধ (মহা ১২.৩৩৭তম অধ্যায়)।] ৩ [বহুব্রী] 'রত্নধারাযুক্ত', কুবেরপুরী।

বসুধারী (-রিন্) + বিণ [বসু+ √ধৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ রত্নধারক। "ন তে মহি ভয়ং কার্য্যং ভয়ার্ত্তে বসুধারিণি মহা ৩.১৪৩.৪৩। ২ [বাঙলায় ; অপ্র] ধনাধিকারী রাজা। "ম ৯৭১। —ধারিণী স্ত্রী বসুধা, পৃথিবী।

বসুধারিণী দ্র 'বসুধারী'।

বসুনাথ বি [অপ্র] ধনাধিকারী, রাজা। "শ্রী.মা ২৭।

বসুন্ধরা + স্ত্রী [বসু+ √ধৃ+অ (খচ্)-ক+স্ত্রী আ (টাপ্), ম্ (মুম্) আগম ; ; উ.ত] ১ 'ধনধারিণী', বসুধা, পৃথিবী। "রা ২.১১০. ৪। রঘু ৪.৭। বসুন্ধরা বসুন্ধরা বসুন্ধরা চলে ভা.চ ২২৪। ২ দেশ, স্থান। ৩ ভূমি, ভূতল। "বসুন্ধরায়াং পতিতাং পুষ্পমালাম্ গো.রা ৩.৬৮.৪০। বসুন্ধরা···উপ্তবীজা শ ৬২৪। ৪ (লক্ষণায়) বসুন্ধরাবাসী জন। "বসু হেতু বসুন্ধরা তাহারে বন্দয় ভা.চ ২৯৭।

বসুন্ধরাধর + বিণ [ষ.ত] পৃথিবীর ধারক। "°র, বাসুকিরে কর স্থির মে ৫৫। —ধর পুং বাসুকি। "মহা ৭.১১৩.৪৬।

বসুন্ধরামর বি [তু 'ভূদেব' ; অপ্র] ব্রাহ্মণ। "ম.পা ১৬৫।

বসুপতি + পুং [ষ ত] ১ ধনেশ্বর', কুবের। ২ কিরণের অধিপতি, সূর্য্য। ৩ [বাঙ্লায়, অপ্র] রাজা। "শ্রী.মা ১৭ ; ৫৪।

বসুমতী দ্র 'বসুমান্'।

বসুমাই, -মাতা বি [°মতী > °ই ; অপ্র] মাতা পৃথিবী। "বসু-মাতা মাই গো.চ ২২৯। দেবী বসুমাই শূ ১২।

বসুমান্ (-মৎ) + বিণ [বসু+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] ১ ধনবান্, ধনরত্নাদিযুক্ত। "বেশ্মানি বসুমন্তি গো বা ২.৮৬.৩। ইল্বলো বসুমান্ মহা ৩.৯৮ ১৯। —মতী স্ত্রী ১ 'স্বর্ণবান্', পৃথিবী (দ্র 'মহা ১৩.৮৫.৭৯)। "গো.রা ১.৪১.২১। বসুমত্যা হি নৃপাঃ কলত্রিণঃ রঘু ৮.৮৩। ২ দেশ, স্থান। ৩ ভূমি। "পদ্ভ্যাং স্পৃশেদ্ বসুমতীং যদি সা (S.W.)। সূচ্যগ্র-খননে যত উঠে বসুমতী।—কৃ ৯। ৪ (বাঙ্লায়) বসুমতীর অধিষ্ঠাত্রী দেবী। "সপ্ত পাতালেতে থাকি শুনে বসুমতী।—কৃ ৪৯১।

বসুষেণ + পুং 'কুণ্ডলকবচাদিবদ্ধ', কর্ণ। 'মহা ১.১১১.২৪।

বসোর্ধারা + স্ত্রী [অলুক্] ১ পাত্রবিশেষ, যাহা দ্বারা হূয়মান ঘৃতদ্রব্য সন্ততধারারূপে ক্ষরিত হয় (নীলকণ্ঠ)। "মহা ১.২২৩.৭২। ২ সর্থ 'বসুধারা (২)। "মহা ১২.৩৩৭.২৫,-৬। ৩ মন্দাকিনী। দ্র 'বসু (১৫)। "মহা ১৩.৮০.৫।

বস্কির বি [অপ্র] বকশীস, পুরস্কার। "শ্রী মা ১৫৮,-৯।

বস্ত + পুং [√বস্ত, অর্দ্দন+অ (অচ্)-র্ম (অ.টী)] ছাগ। "শুক্ল-যজুর্ব্বেদ ১৪.৯। মনু ১১.১৩৯। যাজ্ঞ ৩.২৬৭। মহা ১৮৪.২২। °মুখ ভ ৪.২.২৩।

বস্তব্য + বিণ [√বস্+তব্য-ভা] স্থাতব্য। "রা ২.১০১.২৩। মহা ৪. ১.১৫। [তু 'অজ্ঞাতবাসো বস্তব্যঃ (মহা ৩.৪৬.৪৮)।]

বস্তা বি [ফা বস্ত—বাণ্ডিল বাঁধার কাপড় ; বাণ্ডিল ; হি, ঠ বস্তা —বেঠন] ১ বাণ্ডিল, গাঁট (bale)। "বস্তা বস্তা ব্যবস্থা অ.গ্র ১০৯। ২ থলিয়া, ছালা। ৩ বস্তার ভরা দ্রব্য। "বস্তা বস্তা চাল। [°পচা —যাহা বহুদিন বস্তায় থাকিয়া নষ্ট হইয়াছে।]

বস্তি[1] + পুং, স্ত্রী [√বস্+তি-ধি, উ ৪.১৭৯] ১ মূত্রাদিস্থান, নাভির অধোভাগ (abdomen)। ২ [ছান্দস] মূত্রাশয়পুট (bladder)। ৩ [Cf., L. vesica ; Ger. wanast, Wanst] মৃগাদির মূত্রাশয়রচিত ঔষধদানার্থ যন্ত্রবিশেষ ; পিচকারী (injection-syringe)। ৪ [+তি-ক] দশাসূত্র। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—বস্তিশোধন-কার্য্য, পিচকারী দ্বারা বস্তিশোধন। °কোশ (পুং)—মূত্রাশয়পুট। °শিরঃ (-রস্) ক্লী—পিচকাবীর মাথা বা নল।]

বস্তি[2] বি [সং বসতি, হি বস্তী] ১ বসতি, বাসস্থান, পল্লী, গ্রাম। ২ নিম্নশ্রেণীর জঘন্য অপরিষ্কৃত বাসস্থান (slum)।

বস্তু + ক্লী [√বস্+তু (তুন্)-ক, উ ১.৭৬] ১ যাহা বাস্তবিক, কল্পিত বা ভ্রমাত্মক নহে ; সত্যপদার্থ। "অসর্পভূতে রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ (বেদান্তসার)। ২ দ্রব্য, পদার্থ। "অবস্তুনির্বন্ধপরে কু.স ৫.৬৬। কিং বস্তু···গুরবে প্রদেয়ম্।—রঘু ৫.১৮। ৩ বিষয়। "সন্দেহ-পদেষু বস্তুষু শ ১.২০ ; দর্শনীয়ং বস্তু ; ন পরিহার্য্যে বস্তুনি পৌরবাণাং মনঃ প্রবর্ত্ততে ২ঠু। পরিহাসবস্তু।—পঞ্চ ৩.২৪৪। ৪ গ্রন্থবিষয়। "কালিদাসগ্রথিতবস্তু শ ১ঽ। মা মি ১ঽ। ৫ নির্ম্মাণদ্রব্য, উপকরণ। ৬ সার, মূলদ্রব্য। ৭ তাৎপর্য্য, নিষ্কর্ষ, মর্ম্ম। ৮ পাত্রভূত, যোগ্যপাত্র। "ক্রিয়া হি বস্তূপহিতা প্রসীদতি রঘু ৩.২৯। ৯ সচ্চিদানন্দ অদ্বয় ব্রহ্ম (বেদান্তসার)। "যচ্চাপি সর্ব্বগং বস্তু মহা ১.১.৭০। বস্তুবিষয়ে হয় 'বস্তু'জ্ঞান চৈ.চ ১০২। ১০ [+তু-ধি] প্রবন্ধনায়ক। "°নির্দ্দেশ। কাব্যাদর্শ ১.১৪। [°জাত (ক্লী)—বস্তুসমূহ, দ্রব্যচয়। °তন্ত্র (বিণ) —পদার্থবিষয়ক। °ধর্ম্ম (পুং)—দ্রব্যগুণ, বস্তুগতকার্য্যবিশেষ। °বিচার (পুং)—বস্তুর প্রকৃতিগত ভেদনির্ণয় ; বস্তুবিবেক। °বিবর্ত্ত (পুং)—অজ্ঞানাদি হেতু অবস্তু প্রপঞ্চের বস্তুমাত্রত্ব, অর্থাৎ মিথ্যা জগৎপ্রপঞ্চে সত্যবস্তুবোধ (বেদান্তসার)। °ভাব (পুং)—বস্তুত্ব, যাথার্থ্য। °ভেদ (পুং)—বস্তুর তত্ত্বতঃ পার্থক্য। "ভ ৮.১২.৮। °মাত্র (ক্লী) —১ সকল দ্রব্য, বস্তুসামান্য। ২ কেবল বস্তু।]

বস্তুজ্ঞান + বি অসাধারণ বস্তু বলিয়া বোধ। "মোর বজ্রক বেটার নাহিক বস্তুজ্ঞান চ.বি ৬২, ৮৩, ১৩২।

বস্তুত অব্য [সং °তঃ] পরমার্থে, বাস্তবিক। "হেম হৈতে বস্তুত কুণ্ডল ভিন্ন নয় ক.চ ৯। বস্তুত তুমি নিগুর্ণা।—দু ৫৩।

বস্তুতঃ(-তস্) + ব্য [বস্তু+তঃ (তসি)] ১ বস্তু-অনুসারে ; তত্ত্বতঃ, পবমার্থতঃ, বাস্তবিক। "যদ্যপি বস্তুতঃ প্রভুর নাহি কিছু ভয়। তথাপি লৌকিকলীলা—লোকচেষ্টাময়॥—চৈ.চ ৭৬। পা.প্র ৮২ ; বস্তুতঃ ধর্ম্ম-শাস্ত্রানুসারে ইহাই (ভোজনই) নিত্য যাজ্ঞ ১৯২। ২ কার্য্যতঃ, কার্য্যানু-সাবে [বস্তুতস্তু—কিন্তু বস্তুতঃ। "বস্তুতস্তু ঈশ্বর, তাহাতে এই লীলা চৈ চ ৬৫।]

বস্তুনির্দ্দেশ + পুং [ষ.ত] ১ মহাকাব্যে বর্ণনীয় নায়কের নামতঃ কথন। "সা.দ ৬.৩১৯। কাব্যাদর্শ ১.১৪। চৈ.চ ২। ২ বিষয়ের ক্রমিক নির্দ্দেশ, বিষয়সূচী।

বস্তূপমা + স্ত্রী অর্থালঙ্কারবিশেষ। [ইহাতে উপমান ও উপমেয়ের সাধারণ ধর্ম্ম অনুক্ত থাকে, উহা প্রণিধানগম্য। যথা, রাজীবমিব তে বক্ত্রম্ (কাব্যাদর্শ ২.১৬)।]

বস্ত্র + ক্লী [√বস্+ত্র (ষ্ট্রন্)-ণ, উ ৪.১৫৮ ; 'বস্ত্র'—আচ্ছাদক (ঋগ্বেদ ১.২৬.১)] ১ 'আচ্ছাদনসাধন', বসন, বাস। "রা ২.৩২.১৬। ২ পবিচ্ছদ। [°কোশ (ক্লী)—বস্ত্রাধার, কাপড়ের থলিয়া। °গৃহ (ক্লী)—পটমণ্ডপ, তাম্বু। "ম ৫০৩। °গুপ্ত (বিং)—বস্ত্রাচ্ছাদিত। "°গুপ্ত দোলা চৈ.চ ৫৩। °নির্ণেজক (পুং)—'বস্ত্রশোধক', রজক। °প (পুং)—কৌষেয়াদি বস্ত্রের মূল্যপরিমাণবেত্তা। "শু ২.১৫৩। °পূত (বিণ)—বস্ত্রশোধিত, কাপড়ে ছাঁকা। "°পূতং জলং পিবেৎ মনু ৬.৪৬। °বন্ধ (পুং)—বস্ত্রবন্ধন। "স্ত্রীকটিবস্ত্রবন্ধে নীবী (অ.কো)। °বেশ্ম (-শ্মন্) ক্লী—বস্ত্রগৃহ, তাম্বু। °যোনি (স্ত্রী)—বস্ত্রকাবণ, অর্থাৎ ত্বক্ (ক্ষুমাদি), ফল (কার্পাস), কৃমি (তসরপোকা) ও রোম (পশম)। —অ.কো। °রঞ্জন (ক্লী)—কুসুম্ভ। °সংবীত (বিণ)—বস্ত্রাচ্ছাদিত।]

বস্ত্রাবকর্ত্ত + পুং [ষ.ত] বস্ত্রের অবকৃত্তাংশ, বস্ত্রখণ্ড। "বস্ত্রাবকর্ত্তেন সংবীতা মহা ৩.৬২.২২।

বস্ত্রার্দ্ধ + পুং [ষ.ত] বস্ত্রাংশ, বস্ত্রখণ্ড। "মহা ৩.৬২.১৬।

বস্বো(স্বৌ)কসারা + স্ত্রী [ষ.ত] ১ ধনস্থানসমূহের শ্রেষ্ঠা; অলকা। "বস্বোকসারা রা ২.৯৪.২৬ ; রঘু ১৬.১০। বস্বোকসারা মহা ৭.৬৫.১৫। ২ ইন্দ্রনগরী। "বস্বৌ' রঘু ১৬.১০, মল্লিনাথ।

বহ্ + দ্বিক [ভ্বা, এ—বহতি, -তে ; অনিট্] ১ বাহন, প্রাপণ। "বহতি ভারম্ (সি)। ২ ধারণ। "তং জনমসত্যসন্ধম্···বহুধে কথং বহসি।—হি ১.৮০। —হ্, অক ১ স্যন্দন। "নদী বহতি, স্যন্দত ইত্যর্থঃ

(সি)। ২ বায়ুগতি। "মন্দং বহতি মারুতঃ (রা)। বহতি মলয়-সমীরে গী.গো ৫.২। [অতি—(ণিজন্ত) অতিবাহন, যাপন। "রঘু ৯.৭০। আ—আবহন, অর্জ্জন, উৎপাদন। "ধান্তং শাকঞ্চ বাসাংসি গুরবে (দত্ত্বা) প্রীতিমাবহেৎ মনু ২.২৪৬। উদ্—উদ্বাহ, বিবাহ ; ধারণ। "নোদ্বহেৎ কপিলাং কন্তাম্ মনু ৩.৮। উদ্বাহন্ পরিষম্ ভট্টি ৯.৭। প্র—প্রবাহ। "প্রাবহন্নন্তঃ ভট্টি ১৭.৬৩। বি—বিবাহ। সম্—(ণিজন্ত) সংবাহন, অঙ্গমর্দ্দন। "সংবাহয়ামি চরণৌ (শ)।]

বহ[১] † বিণ [√বহ্ + অ (অচ্)-ক ; স্ত্রী -হা] ১ বাহক, প্রাপক। "সর্ব্বগন্ধবহঃ (বায়ুঃ) মনু ১.৭৬। লতাপুষ্পবহে (অন্তসি) রঘু ১৬.৫৪। শব্দবহ আকাশ।—মে ১৭২। ২ ধারক। "প্রসন্নাম্বুবহাঃ… সরিতঃ গো.রা ৪.১৩.৫। যোগক্ষেমবহে…পাদুকে রা ২.১১৫.১৪। স্রোতোবহা মালিনী শ ৬ ১৮। ৩ বাচক। 'ন তা নদীশব্দবহা গর্ত্তাস্তাঃ পরিকীর্ত্তিতাঃ মনু ৪.২০৩, কুল্লূক। ৪ অনুষ্ঠাতা, কারক। "আর্য্যের আজ্ঞাবহ সী ৩৯। ৫ প্রবাহী, নিঃস্যন্দী। "রণভূমিবহাম্ (নদীম্) মহা ৭.২০.৪১। [সমাসে উত্তরপদ]—হ পুং ১ ঘোটক। ২ বায়ু। ৩ স্রোতঃ। ৪ [+ অ (ঘ)-ণ] স্কন্ধ। "৩.৩.১১৯, সি।

বহ[২] সর্ম্ম [সং √বহ্ > লি, প্রা √বহ > বা °হ ; ঠ √বহ ; বহংতি, -হই, -হিআ (দো ; চ)] ১ বহন করা ; বহা। "কালো ছাগ …বহিছে রাক্ষস।—কৃ ৩০৩। ২ বহিয়া আনা। "আকাশ বহিলা, প্রমীলার আরাধনা কৈলাস-সদনে।—মে ১৭২। ৩ ধারণ করা। "সিদ্ধ প্রেমরাগ সদা এক রস বহে ভ.গ্র ১৭৭। ৪ আশ্রয় করা। "লতা গাছ বহিয়া উঠে। ৫ ব্যাপ্ত করা ; ঢাকা। "সোণার দাপনী লয়ে সব অঙ্গ বহি।—কৃ ২৮৩। ৬ প্লাবিত করা ; ভাসান। "বয়ান বহিয়ে পড়ে নয়নের নীর।—কৃ ৩০৩। জিহ্বা…বহি বহি রক্ত পড়ে চ বি ২৪৪। ৭ অতিক্রম করা, ধবিয়া চলা। "রাম পথ বহেন ভূতলে।—কৃ ১০১ ; বহিতে না পারে বাট যত চতুর্দ্দোলী ৩৬৬ ; ভূমে বাট বহ ৩৭৭ তু 'বাহ্যতে (গম্যতে) রাজপথঃ শিবাভিঃ রঘু ১৬ ১২। ৮ অতিক্রম করা, ছাড়িয়া যাওয়া, পেরোন। "ডানি বামে কত গ্রামে বহে মহামতি শ্রী ১৫৬। ৯ উল্লঙ্ঘন করা, পার হওয়া। "তোমারে (ফল্গুনদীরে) বহিআ যাবে কুকুর শৃগাল কৃ অ ৩৩। ১০ লাঙ্গল টানা। "বাঘে আর বলদে কি বহে নাহি ভাল শি ৭০।—হ অর্ম্ম [হি, মৈ √বহ] ১ প্রবাহিত হওয়া (to flow)। ("সেই রস-পান) উছলিয়ে বহি যায় চ দা ১৫০। অন্তঃশীলা তুমি বহিঅ কৃ.অ ৩৩। বহিল রুধির।—ম ১৩, রক্ত যায় বৈয়া ১২৩। নয়ানে বহয়ে ধারা ভ.গ্র ১৭৭। বহিছে…বৈতরণী।—মে ২৬৩। বহিবে জীবন-স্রোত প.তৃ ৪৪। ২ প্রবাহিত বা সঞ্চরিত হওয়া (to blow)। "রণে ঝড় বয়ে যায়।—কৃ ৩৩৯। ঘন শ্বাস বহে।—ম ১৩। ঝটাপট ঝগড়া বহিয়া যায় ঝড় শি ৭৭। শোকের ঝড় বহিল।—মে ১৯। ৩ অতীত হওয়া। "বহল সগর নিশ বি.প ১১৯ ; কান্নু কান্নু করিয়া জনম বহি গেলা ১৭০। সন্ধ্যা…যাবে কি বহিয়া।—ম ৩৫। বয়স বহিল শ্রী.মা ১৯। বহি গেল বিক্রি শ্রী.ম ৬৪। লগ্ন যাইবে বহিয়া বা.ম ৩৫। যৌবন বহিয়া গেল ভা চ ৪০৯। বয়ন বহিয়া যাইবার জো হইল গ স ৫৬। ৪ পথে অগ্রসর হওয়া। "কথো দূরে বহি প্রভু তারে আলিঙ্গিয়া (বিদায় করেন) চৈ.চ ১১০। ৫ নিম্নাভিমুখ হওয়া। "হেটে বহে জাল ম.ম ১৬২। [বহই—অতীত হইয়া। "দিবস বহই সব যাব বি প ১০৪। বহ, -হএ, -হসি, -হিআঁ, -বোঁ, -লোঁ (শ্রী.কী)। বহত, -হন্তি, -হিলে (প.ক)। বহ বহ ('দহ দহ'—মূল ?)—প্রজ্বলিত অগ্নির শব্দ। "বহ বহ করিয়া আনল উঠিল জ্বলিয়া গো.চ ৪৮। বহা[২]—১ সর্থ 'বহ[২]'। ২ বাহক। "দুলিচা" ব.প ২৫৪। বহে গড়াগড়ি (অসাধু)—গড়াগড়ি যায়। "কেহ বহে °ড়ি ম.ম ১৭০,-৩। ব'য়ে যাওয়া—১ সময় অতীত হওয়া। "আমার সুতোহাট গেল ব'য়ে।—দা ৫৫৩। ২ (তু হি বহ বহ গয়া)—চরিত্রহীন হওয়া ; বিগড়ান। ৩ ক্ষতি হওয়া। "তুমি না গেলে, আমার কি ব'য়ে যাবে ? শরীর বহা—শরীর কার্য্যক্ষম থাকা।]

বহ[৩] দ্র 'ব'[৭]।

বহ(হে)ড়া বি [সং বিভীতক > প্রা বহেডঅ (হে ১.৮৮) > বা °ড়া ; হি, প বহেড়া ; ঠ বেহ(হে)ডা ; ড় বাহাডা] ১ বিভীতকবৃক্ষ (Terminalia belerica)। ২ বিভীতকফল। "বহেড়া।—ম ৪৪৩, ১২৫৭, বহড়া ১২১৭ ; ক.চ ১৯১।

বহতা বিং [সং 'বহৎ'—মূল ; হি বহতী—বহতী নদী ; কথ্য] প্রবাহযুক্তা, স্রোতস্বতী। "বহতা নদী।

বহন † বিণ [√বহ্ + অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] বাহক, প্রাপক। "বিমান" ক.সা ৪৩.২৪২।—ন ক্লী [+ অন-ভা] ১ প্রাপণ, স্থানান্তরে নয়ন, বহা। "বহনাজ্ঞব্যবাহনঃ (অসি) মহা ২.৩১.৪২। ২ ধারণ। "দুঃখভার" (S.W.)। দুর্ব্বহ রাজ্যভারবহনক্লেশ সী ২৬। ৩ [+ অন -ণ] পোত, তরণী। "ক.সা ২৫.৪৫ ; ২৬.৭ ; ১২৩। ৪ যান, শকট।—নীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রাপণীয়, বাহ্য। [°ভঙ্গ (পুং)—পোতভঙ্গ।। "ক.সা ২৫.২৮।]

বহমান † বিণ [বহ্ + মান (শানচ্)-ক] ১ প্রবাহিত। "প.তৃ ৭০। ২ [বাঙ্‌লায়) বর্ত্তমান। "আ-বহমানকাল।

বহর বি [আ 'বহর্'—সাগর] ১ সাগরের নৌকা ; বড় নৌকা, ভড় ; নৌশ্রেণী (fleet)। ২ বিস্তার, ওসার। "কাপড়ের, মাদুরের বহর। ৩ গভীরতা। "(ডাক্তারেরা) ফোড়াকে carbuncular abscess এই গালভরা নামে অভিহিত করিয়া বিদ্যার বহর জাহির করিবেন পা.ঝো ১৭১। [হাতে বহরে—লম্বায় চওড়ায় ; দেহের দৈর্ঘ্যে ও বিস্তারে।]

বহরি বি [দ্র 'বউড়ী'] বধূ, স্ত্রী। "বহরির ঘর গো.বি ২১।

বহরী বি [হি, ঠ বহরী] একজাতীয় বাজ। "বা.ম ১১৮। ভা.চ ১২৭।

বহল[১] † বিণ [√বংহ্ বৃদ্ধি + অল (কলচ্)-ক] ১ বৃদ্ধিপ্রাপ্ত, প্রচুর, ভূরি। "অস্যাঃ স্পর্শঃ…বহলশ্চন্দনরসঃ উ.চ ১.৩৮। °রাগজবাধর মাঘ ৬.৪৬। ২ সাতিশয়, অত্যন্ত। "ধবলবহলমুগ্ধা…দৃষ্টিঃ উ চ ৩.২৩। ৩ সান্দ্র, নিবিড়। "°পাটলধাতুরাগ মাঘ ৫.২১ ; বহলানুরাগকুরুবিন্দদল ৯.৮। ৪ স্থূল। "বহলোত্তুঙ্গলাঙ্গুল মা.মা ৩⅘। —লা পুং ইক্ষুভেদ।

বহ(হা)ল[২] বিং [ফা বহাল্] ১ অপরিবর্ত্তিত, বজায়। "খারিজ মুহুব্বাই বহাল আছে E.P. 50 ; 51, বহল 64. ২ পুনঃ প্রবর্ত্তিত। "এক্ষণে সাবেক বরাদ্দ বহাল হইবার সম্পূর্ণ সম্ভাবনা আ.দু ১৪২। ৩ পুনর্নিযুক্ত ; নিযুক্ত। "কাজে বহাল করা। ৪ সমৃদ্ধ, উন্নতিদশাপন্ন। "সহল দিলে কি মহল বহাল থাকে।—দা ২১৩২। ৫ সুস্থ, প্রসন্ন, ভাল। "বহাল তবীয়ত। —লী বি [ফা বহালী] পুনর্নিয়োগ।—লী বিং নিয়োগসম্বন্ধী।

বহলা দ্র 'বহল'[১]।

বহস্ বি [আ বহ্স্] তর্কবিতর্ক, বাদ, পক্ষ-খণ্ডনস্থাপন।

বহা[১] সর্ম্ম [বহ[২] + আ[৮] ; সং √বাহি—হয় > প্রা √বহার] ১ বহন করান ; বহান। "আহ্মাক বহাএ দধি ভার শ্রী.কী ১৬৮। মাছ বহাইব মাথে শি ৮৪। ২ প্রবেশ করান ; ঢুকান, চালান। "যে খানে শুঁচী না জাএ। তথাঁ বাটিআ বহাএ॥—শ্রী.কী ২৬। ৩ [হি বহা] প্রবাহিত করা। "নদ নদী বহাইল ক্ষত্রিয়রুধিরে ব.প ৮৯০। [বহাঅ,-হায়িআঁ, -য়িলেঁ,-লোঁ (শ্রী.কী)। বহান—সর্থ 'বহা']

বহা[২] ; **বহাল, বহালী** দ্র 'বহ[২] ; বহল[২]।

বহি[১] বিং [বই[১] > °হি ('হ'-আগম) ; 'বহী' (শ্রী.কী)] ১ ব্যতীত.

ভিন্ন, ছাড়া। "ইহা বহি…আর নাহি চাই।—ম ৮১৭। ইহা বহি নাহি আন ক.চ ৪ ; তোমা বহি ১৫২। দোষ বহি গুণ কারো না করে কথন চৈ.ভা ১৭। আমা বহি জগতে পতিত নাহি আর চৈ চ ৭৫ ; ইহা বহি মহাভাগ্য আমি পাব কোথা ২৮৫। চৈ ম ২২। ম.পা ৭ ; ২৮। আমি বহি…পুত্র নাহি ব.প ৩৭৭। তোমা বহি নারী নাহি চ.বি ১৯২। ২ ব্যতীতে, গতে, পরে। "দিন দুই চারি বহি মিলব মুরারি বি.প ১৬২, টীকা। তিন সন বহি দিহ কব ক চ ৮৪ ; ১০০। চাতুর্ম্মাস্য বহি গৌড়ে বৈষ্ণব চলিলা চৈ.চ ২৫৮, চারিমাস বহি ২৬৩ ; বৎসর বহি ২৮২,-৯৫। চৈ ম ১৩,-৯।

বহি² সর্ব্ব [হি রহ] ঐ, উহা (পূর্ব্বোক্ত বিষয়ের নির্দ্দেশে)। "কত না যতনে কত অদভুত, বিহি বহি তোহে দেল বি.প ১২।

বহিঃ (-হিস্) ‡ ব্য ১ বাহ্যে, বহির্দেশে, বাহিরে। বিপ 'অন্তর্'। "বহির্বেদেঃ (শতপথব্রাহ্মণ)। জনপদাদ্ বহিঃ রা ২.৫৩.২। রঘু ৮.১৪। অন্তে…বহিরেব মনোহরাঃ হি ১.৯৫। পঞ্চ ৪.৫৩। অন্তর্বহির্যদি হরিস্তপসা ততঃ কিম্।—পঞ্চরাত্র ১ ২ ৬ ; চৈ.ম ৯৪। ২ বাহ্য। "মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ মনু ১০.৪৫। ৩ বিরোধী। "মনু ৮.১৬৪। ৪ অনাবৃতদেশ। "পা ১.১ ৩৬, তত্ত্ববোধিনী। [°সংস্থ (বিণ) —বহির্দেশস্থ, বাহ্য। বহিঃ(হি)স্থ, বহিঃ(হি)স্থিত (বিণ)—বাহ্য।]

বহিত্র † ক্লী [√বহ্+ইত্র-ণ, উ ৪.১৭১ ; তু 'বোহিত্থ'—প্রবহণ (দেশী ৬ ৯৬)] তরী, নৌকা, পোত। "বিহিতবহিত্রচরিত্রম্ গী.গো ১.৫। মনু ৩.১৫৮, কুল্লুক। ম ভা ৬৭। প.তৃ ৪। [°ভঙ্গ (পুং)—পোতভঙ্গ।]

বহিন,-নী দ্র 'বইন'।

বহিরঙ্গ ‡ বিণ [°ঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে] বহিরঙ্গসম্বন্ধী, বাহ্য। —ঙ্গ ক্লী [বহুব্রী] ১ (ব্যাকরণে) যাহার অঙ্গ প্রকৃতির বহিঃস্থ ; প্রত্যয়াশ্রিত কার্য্য, অর্থাৎ প্রত্যয়নিমিত্তক প্রকৃতির অবয়বাদিকার্য্য। 'মুগ্ধবোধ ২১, দুর্গাদাস। বিপ 'অন্তরঙ্গ'। ২ অনাত্মীয়, পর। ৩ [উ.লো] বহিঃস্থ অঙ্গ ; বহিরবয়ব, বাহ্যভাগ। ৪ যজ্ঞাদির বহিরঙ্গভূত পূর্ব্বকার্য্য।

বহিরিন্দ্রিয় ‡ ক্লী [উ.লো] দেহের বহিঃস্থ ইন্দ্রিয়—চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয় ও হস্তাদি কর্ম্মেন্দ্রিয়। বিপ 'অন্তরিন্দ্রিয়'।

বহির্গমন ‡ ক্লী [স ত] নির্গমন, নিষ্ক্রমণ।

বহির্জ্জগৎ বি বহিঃস্থ দৃশ্যমান জগৎ। বিপ 'অন্তর্জ্জগৎ'। "পর কেবল °গতের কর্ত্তা—অন্তর্জ্জগতে আমি একা কর্ত্তা ব.প. ২১২।

বহির্দ্দেশ ‡ পুং [উ লো] ১ গ্রামাদির বহিঃস্থিত স্থান বা বহির্ভাগ। ২ (বাঙ্লায়) মলত্যাগার্থ বাটীর বহির্ভূত স্থান। "হাথেতে ভৃঙ্গার করি বহির্দ্দেশে যায়।—ম ১০৫৭।

বহির্দ্বার ‡ ক্লী [উ.লো] বহিঃস্থ দ্বার ; তোরণ (অ কো)।

বহির্ব্বাস বি [সং °সস্] কৌপীনের উপরি পরিধেয় বস্ত্র। বিপ 'অন্তর্ব্বাস'। "কৌপীন বহির্ব্বাস পরাইল চৈ.চ ১৯৭। ন.প ৫২ ; কটিতে কৌপীন ডোর রাঙ্গা বহির্ব্বাস ভা.চ ৩৪৯।

বহির্ভূত ‡ বিণ [বহিস্+ভূত ; সুপ্সুপা] ১ বহিঃস্থিত। "গ্রাম° পা ৩ ১.১১৯, সি। ২ নির্গত, নিঃসৃত।

বহির্ম্মুখ ‡ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা, -খী] ১পরাঙ্মুখ, বিমুখ। ২ বাহ্যবিষয়াসক্ত, বিষয়নিমগ্ন। "কিন্তু সর্ব্ব লোক দেখি কৃষ্ণবহির্ম্মুখ চৈ.চ ৫১ ; °জন ১০২। ৩ আসক্তিহীন।

বহিশ্চর ‡ বিণ [বহিস্+ √চর্+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] বহিঃস্থিত, বাহ্য। "(সঃ) বহিশ্চর ইব প্রাণঃ রা ২.১.১৯ ; (লক্ষ্মণঃ) প্রাণো বহিশ্চরঃ ৩.৩৪.১৪। °রাঃ প্রাণাঃ (দশকুমার)।

বহিষ্করণ ‡ ক্লী [বহিস্+করণ { √কৃ+অন (ল্যুট্)-ভা }, সুপ্সুপা] ১ বহির্নয়ন, নিঃসারণ। ২ [উ.লো] বহিরিন্দ্রিয়। বিপ 'অন্তঃকরণ'। —কার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] অপনেয়, নিঃসার্য্য। "মনু ২.১১ ; স শূদ্রবদ্ বহিষ্কার্য্যঃ ১০৩। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম]—নিঃসারিত, বর্জ্জিত (কুল্লুক)। "সর্ব্বধর্ম্মবহিষ্কৃত মনু ৯.২৩৮। -কৃতি, -ক্রিয়া স্ত্রী [+তি (ক্তিন্),+অ (শ),-ভা স্ত্রী আ (টাপ্)] সর্থ 'বহিষ্করণ (১)।

বহিষ্ঠ ‡, **বহিষ্ঠিত** দ্র 'বহিঃ'।

বহু¹ § বিণ [√বংহ্+উ (কু)-ক, উ ১.৩০ ; স্ত্রী -হু, -হ্বী] ১ ত্রিপ্রভৃতিসংখ্যান্বিত, অনেক। "বহ্বী।—ঋগ্বেদ ১.১৮৮.৫। °বক্ত্রনেত্র ; °বাহূদরপাদ গী ১১.২৩ ; ৩৮। বহ্ব্যো রাজর্ষিকন্যকাঃ শ ৩.১৯। ২ একাধিক। "মালোপমা যদেকস্যোপমানং বহু দৃশ্যতে সা.দ ১০.২৬। ৩ (ব্যাকরণে) দ্ব্যধিক, দুইএর অধিক। "°বচন। 'বহ্বচ্' পা ৪.১.৫৬। ৪ প্রভূত, প্রচুর, বিপুল, ভূরি (পরিমাণে)। "বহোঃ সুপাৎ পা ৫ ৩.২, কাশিকা। বহুনা কিং প্রলাপেন।—রা ১.৫৩.২৫। বহু সুস্রাব শোণিতম্ গো.রা ৩.৩৫.৪৮। দিবা হৈল বহু তৃণ জল নাহি খায়।—ম ৮৫৭। ৫ [বাঙ্লায়] দূব, অধিক। "না চলিতে বহু পথ শিহরে মানব।—হেম ১২২। —হু ক্লী ১ প্রভূত, প্রচুর। বিপ 'অল্প'। "মনু ২.১৪৯। বহ্বপি স্বেচ্ছয়া কামং প্রকীর্ণমভিধীয়তে মাঘ ২ ৭৩। ২ বাহুল্য। "কিং বহুনা শ ২৳। —হু ক্রি বিণ ১ সম্যক্, সাধু। "বহু মন্যমানঃ।—ঋগ্বেদ ১০.৩৪ ১৩। রামঃ…অরাতিং বহ্বমন্যত রঘু ১২ ৮৯। ২ সাতিশয়, প্রচুর। "বিলপ্য করুণং বহু মহা ৩.৬২.২৮। [°কর (বিণ)—বহুকার্য্যকারক। "সতাং বহুকরঃ ভট্টি ৫.৭৮। °ক্ষম (বিণ)—বহুসহনশীল, বহুক্তিসহ। "কু.স ৫.৪০। °ক্ষীরা (বিণ) —প্রচুরদুগ্ধবতী। "গবাং কৃষ্ণা °রা (সি)। °তন্ত্রীক (বিণ)—বহুতন্ত্রযুক্ত, অনেক তার-দেওয়া। "°কা বীণা (সি)। °তৃণ (ক্লী) —ঈষদসমাপ্ততৃণ, তৃণকল্প। "°ণং নরঃ মাঘ ২ ৫০। °দক্ষিণ (বিণ) —ভূরিদক্ষিণাযুক্ত। °দর্শী (-র্শিন্), °দৃশ্বা (-শ্বন্) বিণ—বহুদর্শনজ্ঞানসম্পন্ন। "°শ্বা হি ৩৫৫/৬। °দোষ (বিণ)—বহুদোষযুক্ত, নানাদোষান্বিত। "°ষা হি শর্ব্বরী।—মৃ ১.৫৮। °প্রেয়সী (বিণ)—বহুবল্লভ। °বচন (ক্লী)—বহুত্ববাচকবিভক্তিবিশেষ। °বল্লভ (বিণ) —বহুপ্রিয়, বহুপ্রেয়সী। "বয়স্ত বহুবল্লভা রাজানঃ শ্রূয়ন্তে শ ৩১৫/১৬। তুহুঁ বহুবল্লভ।—ব ১৭২। সো বহুবল্লভ প.ক ৪৭৪। °বার (ক্রি. বিণ)—অনেকবার, পুনঃ পুনঃ। °বিস্তর (বিণ)—বহুপ্রকার, সবিশেষ। "অনুনীতাস্মি রামেণ গচ্ছতা °রম্ গো রা ২.৬১.২৮। °ব্যয়ী (-য়িন্) বিণ—অমিতব্যয়ী। °ভাষী (-ষিন্) বিণ—বাচাল। °ভূমিক (বিণ)—বহুতল (গৃহ)। °ভোজী (-জিন্) বিণ—বহ্বাশী, প্রচুরভোজনশীল। °মত (বিণ)—বহুগুণ হেতু অভিমত ; বহুমানভাজন। "গী ২ ৩৫। ভর্ত্তুঃ বহুমতা ভব শ ৪৪/৫। °মতি (স্ত্রী)—সম্মাননা। "কি ৭.১৫। °মান (পুং)—গৌরবাতিশয়, গৌরব, সমাদর। "°পূর্ব্বা কু.স ৫.৩১। মা.মি ১২/৩। °পুরঃসর হি ৪৭/৪৮ (কথারম্ভ)। °মায় (বিণ)—ভূরিমায়াযুক্ত, অতিকপট। "পঞ্চ ১.৩৫০। °মুখ (বিণ) —অনেকবিধ, নানাপ্রকার। "বহুমুখং অনুরাগম্।—শ ৬৳। লোকাৎ °মুখাৎ ভ ৯.১১.১০। °যাজক (বিণ)—বহু যজমানের যাজনশীল। "মনু ৩.১৫১, কুল্লুক। °রাশিক (পুং)—(গণিতে) মিশ্র সমানুপাত, অর্থাৎ যে অঙ্কে কতকগুলি সম্মিলিত অনুপাতের সহিত অন্য একটি অনুপাতের সমতা থাকে। °রোমা (-মন্) বিণ—ভূরিলোমা, লোমশ। °শাখ (বিণ)—১ বহুভেদ। "গী ২.৪১। ২ বহুবিটপ। °স্পৃক্ (-শ্) বিণ—ব্যাপী। "মাঘ ২.৭৮। °স্বামিক (বিণ)—বহুপ্রভু।] [বহু সানন্দিল (অপ্র)—অত্যন্ত সানন্দ (আনন্দিত) হইল। "অ.প ১১।]

বহু², -হুঁ, -হু বি [দ্র 'বউ'] ১ ভার্য্যা। "গোয়ালের বহু ঝি শ্রী.কী

৩১। বহু তোমায় নাহি থায় ভাত ক.চ ১০৮। বহু বেটা লোকের বাহির করি আনে ভ.গ্র ২৪৮। একত্রে বসিলা বাম পাশে করি বহু চৈ.ম ৬৯। ২ পুত্রবধূ। "দশরথের বহু কৃ.উ ২৮০। শ্রী.কী ৯২। গান্ধারী আনিবে বহুগণ।—ম ৩০৫। জটিলার বহু।—আ ১৪৬। ৩ ভ্রাতৃবধূ। "মাসির চরণে, কহিল যতনে, গোপতে আনিবা বহুঁ রা শে ১০। ৪ বধূ, স্ত্রী, নারী। "কুলবহু হৈয়া কত আসিব সমাজে কৃ.উ ২৭৩। যহ কহে মুঞি হৈনু নিশ্চয় তোমারি ভ.গ্র ৩২৩। কুলের বহু প.র ৮০।

বহুআরী, -য়ারী বি ['ঝিয়ারী'র অনুকরণে বহুরী > °রী; দ্র 'বউড়ী'] পুত্রবধূ। "রাজার ঝিয়ারী তুমি রাজার বহুয়ারী কৃ.অ ১৬। দশরথের বহুয়ারী।—কৃ ৪৪৯। তোমার ঝিয়ারী হৈল তার বহুয়ারী ম ভা ২৩।

বহুগুষ্টি বি [বহু গোষ্ঠী > °ষ্ঠী, -ষ্টি] বহু পরিবার বা পোষ্য। "বহু-গুষ্টি নিবন্ধন কিঞ্চিত দৈন্য দশায় পড়তে হয়েছিলো হু ১৩৮।

বহুড়ি, -ড়ী, -হুরি, -রী, -হুরী বি [দ্র 'বউড়ী'] ১ ভার্য্যা। "বড়ার বহুরী আমি।—ব প ১১৪০। কার বহুড়ি বাসন মাজে? —কু.কে ৩২৭। ২ পুত্রবধূ। "জটিলা শাশ, কুকরি তহি বোলত, বহুরি বেরি কাহে থাড়ি বি.প ১৪২। শাশুড়ী বহুড়ী শ্রী ২৩২। ৩ বধূমাত্র, বউ। "ঝিয়ারী বহুরী সব সব আসিয়া তখন (যুড়িল ক্রন্দন) কৃ ৮২। (লক্ষ্মী) আজ হৈতে…কুলের বহুরী চৈ.ম ৭০। কোণের বহুড়ী ভা.চ ৭৯। ৪ বধূ, স্ত্রীলোক। "নফরের হাথে থাণ্ডা, বহুড়ী জনের ভাণ্ডা, পরিণামে বড় পায় দুখ ক.চ ৮৫।

বহুড়ী দ্র 'বহুড়ি'।

বহুৎ, -ত বিং [সং প্রভূত > প্রা বহুত্ত (হে ১.১৩৩), বহুত্ত (বহুতর —পৈ) > বা °ত, হি, ঠ, প, গু, মৈ বহুত] ১ প্রচুর, ভূরি। "(ভট্টাচার্য্য) প্রসাদ বহুত আনিল চৈ.চ ১০৬; চৈতন্যগণ করে বহুত ভক্ষণ ৩৩৪। প্রাণীবৃদ্ধি হইল বহুত ক চ ৯। ২ অসংখ্য, অনেক। "নতি করে বহুত শ্রী.মা ১৩। বহুত চিহ্ন বি য়ু ১৯। বহুত প্রণাম চ.চ ১৬। ৩ অত্যন্ত, অতিশয়। "করিল বহুত যত্ন ক.চ ১৪১। বহুত বিনতি ব.প ২৯৭। ৪ বহুপ্রকার, নানাবিধ। "খাইবা বহুৎ বস্ত যত মনে লয় ম.ম ২০৭। ৫ অনেক (বিষয়, কথা)। "এ সখি বহুত কয়ল হিয় মাহ বি প ১৮৫। নিন্দা করি বলিল বহুত।—ম ৩৩১। ৬ বিপুল, বিশাল। "অনুমানে বুঝি ভাই বহুত বাহিনী।—ম ৫০০। —ত ক্রি.বিং ১ অতিশয়, খুব। ভীষ্মবীর কর্ণকে বহুত প্রশংসিল।—ম ৮১৯। বহুত গম্ভীর।—গ ১১০। শাখা বহুত বাড়িল চৈ.চ ৪৩। বহুত বুঝা আ দু ৯২; মুই…বহুত খোস ১৩১। ২ অনেক প্রকারে; নানা-ভাবে। "যুধিষ্ঠির ভীমেরে বহুত বুঝাইল ব.প ৮৮৩। তাঁর বাণী-শিক্ষা তারে নাচাই বহুত চৈ.চ ৩৫৭।

বহুতর § বিণ [বহু+তর (তরপ্)] ১ ভূয়ান্। ২ বহু, প্রভূত, প্রচুর। "(অগ্নিঃ) বহুতর ইব জাতঃ।—ঋতু ১.২৩। দুঃখ পাইছে বহুতর অ.প ৭। বা.ম ১৭০। ধন বহুতর চ.বি ১৬। ৩ অনেক, বহু। "কিং স্বিদ্ বহুতরং তৃণাৎ?—মহা ৩ ৩১২.৫৯। °প্রকারকষ্টো জীবলোকঃ উ.চ ৩৫১। গাবী বহুতর।—ম ৫৮৭। নদ নদী বহুতর অ.প ১২.-৩। সৈন্য বহুতর বা.ম ৮৩,-৪; ১৪৩,-৭। রথ বহুতর ব.প ৬৬০; ৯২৮। ভা.চ ৪৫০,-৬; ৪৬১,-২। বহুতর স্থান চা.তু ৮৩। ৪ নানাপ্রকার। "যৌতুক বহুতর বা.ম ৮০। তন্ত্র মন্ত্র বহুতর ভা চ ১১৯, (ভবানন্দ) মঙ্গল দেখেন বহুতর ৪৬৬। ৫ (অসাধু) অত্যুচ্চ, প্রচণ্ড। "প্রতি-কূল বায়ু হৈল শব্দ বহুতর অ.প ১৪। ৬ (অসাধু) তুমুল, অতি-ভীষণ। "কর্ণের সংহতি হইল সংগ্রাম বহুতর ম.বি ১৫৭। —তর ক্রি.বিং অত্যন্ত। "অন্তরে মানয়ে বহুতর ভীত।—ব ১৭১। —তর বি অনেক কথা। "এইরূপ কত্তপ কহিল বহুতর: মুনি কহে বহুতর।—ম ৬৬৭।

বহুতিথ § বিণ [বহু+অ (ডট্), তিথ (তিথুক্) আগম, পা ৫.২. ৫২; স্ত্রী -থী] ১ 'বহুর পূরণ'; অনেকসংখ্যক, বহু। "কালে বহুতিথে মহা ৩.৩৫.২। ২ বহুকাল। "ব্রহ্মাদয়ো বহুতিথং (তপঃ সমচরন্) ভ ১.১৬.৩৩।

বহুধা § ব্য [বহু+ধা (ধাচ্); °ধা (ঋগ্বেদ ১.১৬৪.৪৬)] বহুপ্রকারে; বহুরূপে। "বহুধা…জনাঃ (বিলপন্তি) রা ২.৪৭.১২। গী ৯.১৫; ঋষিভির্বহুধা গীতম্ ১৩.৪। আত্মানং বহুধা দর্শয়ানম্ মহা ১.১.১৭৬।

বহুনিষ্ঠ বিং [অসাধু] অতিধর্মনিষ্ঠ। "রাম °ষ্ঠ অ.প ৩।

বহুবিধ বিণ [বহু বিধা যাহার, বহুব্রী] নানাপ্রকার, বিবিধ, নানারূপ। "যজ্ঞৈর্বহুবিধৈঃ রা ১.৫৮.২০। গী ৪.৩২। ভা.চ ৬২৮।

বহুবিধি বিং [অসাধু] বহুবিধ। "°ধি যত্ন গ ১১। ম বি ২৫৯।

বহুব্রীহি § বিণ [বহুব্রী] যাহার বহু শস্য; বহুধান্যাদিসম্পন্ন। "তৎপুরুষ, কর্ম্মধারয় যেনাহং স্যাং বহুব্রীহিঃ (সু র)।—ব্রীহি পুং (ব্যাকরণে) সমাসবিশেষ। [সমস্যমান পদ হইতে অন্য পদের অর্থে, দুই বা ততোধিক প্রথমান্ত পদের যে বিকল্পে সমাস হয়, তাহা বহুব্রীহি। যেমন, 'পীত' 'অম্বর' যাঁহার, তিনি 'পীতাম্বর' হরি; 'পীতাম্বর' শব্দ সমস্যমানপদভিন্ন 'হরি'কে বুঝাইতেছে।]

বহুভক্ষ, -ক্ষক বিং ভূরিভোজী। "°ক্ষ ভীমসেন অ.প ১১।

বহুমূত্র বি [সং °ত্র (বিণ)] মূত্ররোগবিশেষ (diabetes)।

বহুরি, বহুরী দ্র 'বহুড়ি'।

বহুরূপ বিণ [বহুব্রী] ১ নানামূর্ত্তি। ২ বিচিত্রদুঃখফল (কুলূক), বিবিধ। "°রূপেণ কর্ম্মহেতুনা মনু ১.৪৯। —রূপ পুং ১ শিব। "মহা ৭.২০১.১২৭। ২ বিষ্ণু। ৩ মূর্দ্ধা। ৪ কৃকলাস, বহুরূপী। —রূপা স্ত্রী দুর্গা।

বহুরূপা দ্র 'বহুরূপ'।

বহুরূপী (-পিন্) বি [সং °প] ১ 'বহুরূপধারী', কৃকলাস। "°পী শ্যামল কি নীলবর্ণ হয় (পদ্যপাঠ)। ২ বহুরূপধারী মানুষ।

বহুল § বিণ [বহু+√লা গ্রহণ+অ (ক)-ক; উত] ১ বহুতর (সায়ণ)। "বহুলা ন উর্ব্বী।—ঋগ্বেদ ১.১৮৯.২। ২ প্রচুর; প্রভূত, ভূরি। "দিব্যস্ত্রীগীতবহুলো মারুতঃ মহা ১৩.১৪.৫৩। আর বার আন বোলে খাইয়া বহুল চৈ.ভা ২১৬। ৩ অনেক, বহু। "কুমারীবহুলাঃ স্ত্রিয়ঃ রা ২.৬৫.৯। ক্রিয়াবিশেষবহুলাম্ (বাচম্) গী ২.৪৩। গ্রামে …ব্যাধিবহুলে মনু ৪.৬০। ক্লেশবহুল হি ১.১৯৪। বহুল করে কাম ম.গা ৪, ২৭। বহুল প্রমাদ অ.প ৭। দুঃখ পাইবে বহুল ম ২১; সঙ্গে তপস্বী বহুল ৩৮৫। ম.বি ২৪, ৩৫। কটক বহুল বি.পা ২৫৫। ৪ মহান্, বিশাল। "দানপঙ্কপূতবহুলশরীর মাঘ ১১.৭। ৫ বহুপ্রকার। "বহুলা ভূমিঃ মহা ২ ১৫.৪। শাস্তাইল মুনি বহুল বচনে অ.প ৫। গেলে চলি মধু,…পাইয়া বহুল ক্লেশ।—হেম ২৫৭। ৬ সান্দ্র, নিবিড়। "বহুলাঞ্জনপঙ্কপট।—মাঘ ২০.৫০। ৭ কৃষ্ণবর্ণযুক্ত। ৮ (বাঙ্‌লায়) বৃহৎ, বড় (voluminous)। "গ্রন্থ বহুল হএ তাকে না লেখিল অ.প ৫৭। পুস্তক বহুল হয় তাহা না লিখিল ম.বি ২২৪। —ল পুং ১ কৃষ্ণ-পক্ষ। "কু.স ৪.১৩; বহুলাবসানে ৭.৮। বহুলে তারার করে উজ্জ্বল-ধরণী।—মে ১৬৮। ২ কৃষ্ণবর্ণ। ৩ অগ্নি। —লা স্ত্রী আকাশ। —লা স্ত্রী ১ (বহুব) কৃত্তিকা নক্ষত্র। "পা ৪.৩.৩৪। ২ মথুরামণ্ডলে দ্বাদশ বনের একতম। "চৈ.চ ১৮৬। চৈ.ম ১১৬। ভ গ্র ৪৪৫। [বহুল বিস্তর (অপ্র)—বহুবিস্তর, সুপ্রচুর। "ম বি ২১২।]

বহুলা দ্র 'বহুল'।

বহুলী বিং ['বহুল' সাধু; 'বহুলীভবন্তি' (হি ১.২১৮) হইতে 'বহুলী'; অসাধু] বহু, অনেক। "একবার অনর্থের একটা ক্ষুদ্র ছিদ্র বেরুলে ক্রমে বহুলী হয়ে পড়ে।—হু ১৩৬।

বহুলীভাব § পুং [বহুল+চ্বি (০)+ √ভূ+অ (ঘঞ্)-ভা ; গতিসমাস] ভূরীভাব, বিপুলীভাব। —ভূত বিণ [+ত (ক্ত)-ক] ১ বিপুলীভূত। ২ সর্ব্বতঃ প্রচারিত। "বহুলীভূতমেতৎ কিং ন কথ্যতে শ ৬৪/১।

বহুশঃ (-শস্) § ব্য [বহু+শঃ (শসি) বহু (কারকবিভক্ত্যর্থে)। "বহূনি দদাতি বহুশঃ (সি)। বহুভির্দদাতি বহুশঃ (কাশিকা)।

বহুশ্রুত § বিণ [বহুব্রী] ১ বহুশ্রুতিজ্ঞানসম্পন্ন, বেদবিৎ। "অ° রা ১.৬.১৪। মনু ৮.৩৫০। বসিষ্ঠ ৩। ২ মহাপ্রাজ্ঞ, সুপণ্ডিত। "হি ১.২৫।

বহুরী দ্র 'বহুড়ি'।

বহেড়া ; বহেস দ্র 'বহড়া, বএস'।

বহ্নি † পুং [√বহ্+নি-ক, উ ৪.৫১ ; 'বহ্নি'—বোঢা (ঋগ্বেদ ১.১৪. ৬)] ১ দেবার্থ হুতবাহক, যজ্ঞাগ্নি, অগ্নিত্রয়। ২ অনল। "অমৃতং শিশিরে বহ্নিঃ।—চাণক্য। শীতে সুধাসম বহ্নি।—বি সু ৬২। ৩ অগ্নি-দেবতা। ৪ দেহস্থ পাচকরস ; পরিপাকশক্তি। ৫ (তন্ত্রে) অগ্নিবীজ 'রং'। ৬ তিন (৩) সংখ্যা। ৭ (বহ্নিবৎ দাহক) চিত্রক। ৮ ভল্লাতক। ৯ নিম্বুক। ১০ বহ্নিদেবতাক কৃত্তিকানক্ষত্র। [°কর, °দীপক (বিণ)—পরিপাকশক্তিবর্দ্ধক। °কুণ্ড (ক্লী)—যজ্ঞাগ্নিকুণ্ড। °কোণ (পুং)—বহ্নির অধিষ্ঠিত কোণ, অগ্নিকোণ। "°কোণং গতো ভানুঃ শীতাং সঙ্কুচিতং দিনম্। বৈশ্বানরো নরক্রোড়ে রাজন্ শীতস্য কা কথা॥—উদ্ভট। °কোপ (পুং)—অগ্নিদাহ। °গর্ভা (স্ত্রী) —শমী। °গৃহ (ক্লী), °শালা (স্ত্রী)—অগ্নিত্রয়ের গৃহ, অগ্নিশরণ। °জ্বালা (স্ত্রী)—১ অগ্নিশিখা। "পঞ্চ ৫২/৬। ২ ধাতকীবৃক্ষ। °দাহ (পুং)—অগ্নিকৃত দহন ; আগুনে পোড়া। "পঞ্চ ৫.৭৫। °প্রিয়া, °বধূ (স্ত্রী)—স্বাহাদেবী। °বাণী (বি)—তোমাগ্নির অব্যর্থ বাণী। "সেই °বাণী আজি…কোন্ মন্ত্রে উচ্ছ্বাসিছে মেঘধূম্ররূপে।—স স্ব ৯২। °ভোগ্য (ক্লী)—ঘৃত। °ভোজ্য (বিণ)—বহ্নির ভক্ষ্য, অগ্ন্যুদ্দীপক। "°ভোজ্যদ্রব্য।—পঞ্চ ১/৪৬২। °সংস্কার (পুং)—শবদাহ। "ক.সা ৭৩.৪০৭। °সখ (পুং), °সখা (বি)—বায়ু। "বহ্নিসখা ম.পা ১৩০।]

বহ্নিবীজ † ক্লী [উপো] ১ বহ্নিদেবতাক বীজ ; রং-মন্ত্র। ২ [ষ.ত] বহ্নিবীর্য্য, স্বর্ণ। [নৃত্যপরা বন্তাকে দেখিয়া বহ্নির স্খলিতবীর্য্য স্বর্ণরূপে পরিণত হয়। এই হেতু বহ্নি 'হিরণ্যরেতাঃ' (ব্রহ্মবৈবর্ত্ত)।]

বহ্বলে বি [বিহ্বল > °লে] কাণ্ডজ্ঞানহীন লোক। "ব.প ১৭৩৯।

বহ্বারম্ভ § পুং [কর্ম্মধা] ১ বহু আরম্ভ ; আড়ম্বরযুক্ত প্রারম্ভভাগ। "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া॥—উদ্ভট। বহ্বারম্ভে হয় বা লঘু ক্রিয়ে।—দা ৯৩৯। ২ (বাঙলায়) মহাড়ম্বর, অতিসমারোহ। "সুমেরু সমান উচ্চ অতি বহ্বারম্ভ।—দা ৭৪৬।

বহ্বাশী (-শিন্) § বিণ [বহু+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] বহুভোজনশীল ; ভূরিভোজী। "°শী (স্বা)।—চাণক্য।

বহ্বৃচ § পুং [বহু+ঋচ ; বহুব্রী, ঋচ্ > ঋচ, সমাসান্ত 'অ', পা ৫ ৪.৭৪] বহু ঋকের অধ্যেতা ঋগ্বেদী। "ভোজয়েচ্ছ্রাদ্ধে বহ্বৃচম্ মনু ৩.১৪৫। ভ ১.৪১। —চ ক্লী ঋগ্বেদ। সংহিতাং বহ্বৃচাখ্যাম্ ভ ১২.৬.৫২।

বা১ † ব্য ১ বিকল্প, অথবা। "যবৈর্বা ব্রীহিভির্বা যজেত (ত.বা)। কর বা না কর পার কূলে আছি বসে।—কৃ ১৮১। অন্ত বান্ধবতাস্তে বা নিতান্ত মরণ বি.সু ১৭৮। অদৃষ্টকেই বা কেন দোষি? আমার অদৃষ্ট মন্দ নয়।—ব.প্র ৩৬। ২ সমুচ্চয়ে, এবং। "কু.স ২.৬০। কি ১০.৬০। ভ ২.৩.২১। কত শত অশ্বারোহী কত বা ধানুকী।—কৃ ৭৭। ৩ বিতর্ক। "পরিবর্ত্তিনি সংসারে মৃতঃ কো বা ন জায়তে।—হি ১১ (কথারম্ভ)। আলগোছে এমত বা রাখিলে কেমতে চৈ.ভা ৩৫১। পরিণামে কেবা বা কাহার চৈ.ম ১৪০। কেবা চাহে সম্পদ্ ক.চ ১০৩। জগৎসিংহই বা বীরেন্দ্রসিংহের কন্যাকে বিবাহ করিবে কেন?—ব.প্র ১৯। ৪ কটাক্ষ। "ভ ১.১.২। ৫ নিশ্চয়, অবধারণ। "(যুয়ম্) সুবোধনং বা ন গুণৈরতীতাঃ কি ৩.১৩ ; ১৩.৬৬। তবে বা পাপীর মুখে রাম নাম আইসে।—কৃ ৪। যদি বা খেলিবে, হারিলে কি দিবে ক.চ ২৮। খত বা নাকে লিখিব ভা.চ ৩৯৭। ৬ উপমান। "জাতাং মন্যে শিশিরমথিতাং পদ্মিনীং বাস্তুরূপাম্ উ.মে ২২। রঘু ১২.৫১। ৭ কেবল। ৮ পাদপূরণ। "যে বা বল শত্রুর মধ্যে আমি একেশ্বর ম.বি ২৫৯। তীর তারা উল্কাপাত শীঘ্রগামী যে বা। বেগ শিখিবারে বেগে সঙ্গে যাবে কেবা॥—ভা.চ ২৬৫ ; ইহার ঘটক কে বা ৩৭০। ৯ বাক্যালঙ্কার। "কিবা গর্ভগোড় যাদু চৈ.ভা ৩৫.১। কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪। অবিচারে দান দিলেন নাই বা।—কা ৯০।

বা২ † অক [অদা, প—বাতি ; অনিট্] গতি, বায়ুগতি। "বাতি মারুতঃ গো.রা ১.১৪.১৭ ; বাতি গন্ধঃ সুমনসাং প্রতিবাতং কথঞ্চন ২.৬১.১৯। [নির্—নির্ব্বাণ।]

বা৩ বি [সং বাত > প্রা বাঅ (হে) > বা 'বা' ; হি বায় ; প্রায় বৈষ্ণবসাহিত্যে] ১ বাতাস। "না লব তাহার বা চ.দা ৫৭। সে পদ শীতল বা লাগুক কলেবরে চৈ.ম ২। ২ ব্যজনজন্য বায়ুসঞ্চার। "বসন নেই ঘনঘন কর বা বি প ৬৯। চামরের বা ক.চ ৫১। স্বামীকে করে বা বা.ম ২৯৬। ৩ বায়ুপ্রবাহ। "বিধির ঘটন, আসিয়া পবন, উপজিল বহু বা।—জ্ঞা ১৩৭। দেআ মেলিল বিষম বা শ্রী.ম ৬৭। বিনা বায় ম.ম ২০২। ৪ মৃদু-বায়ুসঞ্চার। "পিয়া গিরিনীব বা বি প ২১০। মাঝা বাএ হালে শ্রী.কী ৩৪। টল টল করে জল মন্দ মন্দ বায় ভা.চ ২৭৪।

বা৪ অব্য [ফা বাহ্] প্রশংসার্থক, বেশ। "ঐ নটী নাচে বা শ্রী ম ৯। [বা মজা (ফা বা মজ.)—সুন্দর!]

বা৫ সক [সং √বাদি—বাদয় > প্রা. বাঅ > বা √বা, √বাহ (হ-আগম)] বাদিত করা ; বাজান। "পাইক শিঙ্গা বায় ক.চ ৯৫। কেহো নাচে, গায়, বায় রে চৈ.ভা ২৪ ; শৃঙ্গ বাইতে বাইতে ৬৪। বায়নে মৃদঙ্গ বায় শ্রী.ম ২২০। চ.বি ২৩৪। বংশী বায় ন.প ৫২, বাদকবৃন্দ বায়ত বাদ্য ১৭৮, ২৪৮। —অর্ম্ম বাদিত হওয়া ; বাজা। "মৃদঙ্গ মন্দিরা বায় ক.চ ৫৭। [বাইয়ি (সং—বাদয়তি)—বাজায়। "বাইয়ি মোহন বংশ জ্ঞা ৩৮। বাএ—বাজায়। "বাএ মী ২০ ; ব প ৮৩৮। বাএ নিজ যন্ত্র ন.প ২০। বাওই, বাওত—বাজায়। "বাওত বংশ।—গো ৭৬। বাওই রণ বাজন দ্বিজকুল ব ১০০। বাইয়া, বাওব, বাওয়ে (প.ক)। বাআ, বাইআ, বা এ (শ্রী.কী)।]

বা৬ সর্ম্ম [বাহ° > বা] ১ নৌকাদি চালিত করা ; বাওয়া। ২ অতিক্রম করা ; ধরিয়া চলা। "সুনার জাঙ্গালে পথ বাঅ।—শূ ৪০। ৩ প্লাবিত করা ; ভাসান। "বুক বাঞা পড়ে ধারা নয়নের জলে চৈ.ম ১৫০। ধারা বহে মুখ বুক বাইয়া রা.শে ৪১। ৪ আরোহণ করা। "গাছ বাওয়া। [বাওয়া২—চালান। "তরণী বাওয়া।—গান ৯৫। দাঁড়, বৈঠা বাওয়া। বাওয়াইয়া—চালিত করাইয়া ; চালাইয়া। "ম.ম ২২৯,-৫। বাওয়াইল—চালাইল। "ম.ম ১২০,-১ ; ২০১ ; ব.প ৪০১। বায়্যা—বাহিয়া। "পথ বায়্যা যান ব.প ৭৪৪।]

বা৭ সর্ম্ম [বা২ > বা] বাতাস দিয়া প্রজ্বলিত করা। "হুতাশনে বায়, ধরি বাঁহাতে হাতিলা শ্রী ৬২।

বা৮ প্র [ইবা২ > বা] সর্ব 'ইবা২'। "পশ্চাতে যাবারে আমি করিব লিখন।—ম ৬৯৮। যাবামাত্র।—জ ৭৩। ইহা পাবার উপায় চৈ.চ ১১৮। আপনে আমার ঘরে যাবা যোগ্য নহে ভ.প্র ২৫০ ; লবামাত্র ৩০৬। আসবামাত্র।—হু ১৬৩

বাগ্* দ্র 'ব৭'।

বাজ বি [দ্র 'বা°' ; অপ্র] বাতাস। "চামরের বাজ শূ ৭৭। বিউনীর বাজ ব.প ১১৫।

বাজন বি [সং বাতিগণ ; অপ্র] বেগুন। "শূ ১১২।

বাই১ বি [সং ব্রাতিক >প্রা ব্রাইঅ >বা °ই ; হি, ঠ বাঈ ; গু, সি বাই] ১ বায়ুপ্রকোপ। "সদাই হাকার উঠে, নাহি জানি কফ পিত্ত বাই ক.চ ২০৯। ভাবিয়া জন্মিল মোর বাই বি.সু ৬৯। ২ বায়ুরোগ, ছিট। "কাম°, শুচি°। শ্রী.কী ১০৮। চৈ.ভা ১৬১ ; এ গুলার হইল কি বাই : মহা বাই ১৬৬। ৩ ব্যসনে অত্যাসক্তি, অতিসখ (craze, hobby)। "বিবাহ হইল বাই বি.সু ৯। শিকার করিবার বাই হইয়াছিল পা.প্র ১২৬। ৪ বায়ুধাতু (windy humour)। ৫ বায়ু। "গো.চ ৫০০ ; বাইর পাক ৫০১।

বাই২ বি [বাহু >°ই] হাত, এক হাতে পরার মত শাঁখার সেট। "দিল শঙ্খ দুহ বাই।—কৃ ৩৬৫। শঙ্খ দুটী বাই শি ৮৯, উজাইল বাই ১০৪,-৫ ; বসে গেল বাই ১০৬। [দশবাই চণ্ডী—দশবাহু দুর্গা (কোপনা নারীর উপমায়)]

বাই৩ বি [হি বাঈ ; ঠ বাঈ—মা, বড়বোন, তু 'মাঈ'] ১ মাতৃতুল্যা নারী ; মহিলার সম্মানসূচক শব্দ। "মীবা°, রমা°, লক্ষ্মী°। গো.চ ১৪ ; ৩০১। ২ জ্যেষ্ঠা ভগিনী (ত্রিপুরা)। ৩ মা (নারীর সম্বোধনে)। "লবন বেচি বাই গো.চ ২১৯,-৩০। ৪ বেশ্যার নামের সহিত প্রযোজ্য শব্দ ; পেশাদার নর্তকী ও গায়িকা। "°নাচ। বাইজানের ভেড়ুয়া।—হু ১৩। [বাইয়ানা নাচ—বাইএর মত নাচ। "হু ৫৫।]

বাইগুন, বাগন, -গুন, -গ্যণ বি [সং বাতিগণ, -ঙ্গণ ; হি বৈগন ; বাইঙ্গন (ময়মনসিং), বাইগন (ঢাকা)] ফলশাকবিশেষ। "মূল বাগ্যণ ক.চ ৪৪, বাগুন ১৫৬, বাইগুন ১৫৭। বাগন বিচি শূ ১১৪।

বাইচ১, **-ছ, বা'চ** বি ['বহিত্র' মূল (?), প 'বাচ'—পবিশ্রম] ১ উৎসবাদিতে প্রতিযোগিতামূলক নৌকাচালনক্রীড়া (boat-race)। "খেলাইয়া বাইচ সুখ আস্বাদন কৈল ভ.গ্র ১৭১। স্নানযাত্রার বড় ধুম ছিল…গঙ্গায় বাচখ্যালা হতো।—হু ১৬২। ২ নৌকা-চালন, বাওয়া। "বিনে বায় বিনা বাইছে চলুক কলার মাজুষ ম.ম ২০২।

বাইচ২, **-জ** বি [বাজি >°জ, -চ, অপ্র] বাজি। "বাইজ বাজনায় পাটত লইয়া গেল গো.চ ৩০৯ ; নানা শব্দ বাইচ ৩১০।

বাইছ ; বাইজ দ্র 'বাইচ১ ; বাইচ২'।

বাইতি বি [সং 'বাদিত্র'—বাদিত্রিক >প্র *বাইত্তিঅ >বা বাইতি] ১ বাদিত্রবাদক জাতিবিশেষ। "দেবতার স্থানে বাদ্য বাজাউক বাইতি।—কৃ ৩৭৮। বাইতি নিবসে পুরে, নানাজাতি বাদ্য করে ক.চ ৮৯ ; বাইতি লয় তোলা ২৩৫। ঢাক বাজাইয়া আগে চলিলা বাইতি শ্রী.মা ৩৪। শ্রী ২৫৭। ভা.চ ২৭৩। ২ বাইতিজাতীয় পুরুষ। "°বনিতা ব.প ৪৪৮। —তিনী বি [°তি+নী] বাইতির স্ত্রী। "শ্রী ২৭৫।

বাইন১, **বা'নি** বি [সং রশ্মি >প্রা *রম্মি >বা (বামি >বাইম) °ন, °নি ; বা'ন (কথ্যভাষা), হি বাম ; ঠ ব্রাংর, বাইম (দিনাজপুর) ; বাম (মালদহ)] পঙ্কবাসী সর্পাকৃতি মৎস্যবিশেষ। "°ন গো.চ ২১৮ ; ম.ম ৯৬। বানি ভা.চ ১২৬ ; শি ৮৫।

বাইন২, **বা'ন** বি [সং বাণি (বয়ন) >বাইন, বা'ন] ১ নৌকার দুই তখতার সন্ধি বা জোড়ের মুখ। "বাইন শক্ত হইলে বাছা নৌকায় না লয় পানি গো.চ ৪৫১। বাইনে বাইনে রাঙ্গঝাল বি.পা ১৬২। ২ একজাতীয় বাদার গাছ (ইহার কাঠের আঁশ পরদায় পরদায় সাজান)। "°কাঠ। [বা'ন-চাল—চলিত (ভিন্ন)-সন্ধি (wrecked), ভগ্ন (নৌকা)। "তরি হ'ল বা'নচাল (শ্যামাসঙ্গীত)। বা'নের মুখ—সন্ধিস্থল।]

বাইন৩, **বায়না** বি [ফা বহান্] আবদার। "মতিলাল…আদর পাইয়া সর্ব্বদাই বাইন করিত আ.দু ২।

বাইনানী বি [বাণিয়া >°না+নী] বেণের স্ত্রী। "ম.পা ৭৬।

বাইবেল বি [E. Bible] খৃষ্টধর্ম্মবিষয়ক গ্রন্থ।

বাইর বিং [অপ্র] বাহির। "গো.চ ২৮৫। [বাইরায়—উচ্চারিত হয়। "রাজার মুখে বাইরায় রাম ব.প ৫২৬। বাইরে—১ বহির্ভাগে। ২ সদরে। ৩ বাহ্যদৃষ্টে, বহিরাকৃতিতে।]

বাইশ, -স২ স.বিং [সং দ্বাবিংশতি >লি ব্রাবীসতি ; প্রা বারীস, 'বাইস' (পৈ) ; হি বাঈস ; ঠ বারীস ; প বাঈ ; গু বারীশ ; সি বাবীহ ; ড় বাইশ] দ্বাবিংশতিসংখ্যক। "বাইস কালো নাও গো.চ ১৯৩। —শ বি বাইশ (২২) সংখ্যা। —শী বিং [হি বাঈসী] বাইশ হাজার। "বাইশী লস্কর সঙ্গে ভা.চ ২৬১। [বাইশে—মাসের বাইশ তারিখ।]

বাইশী, বাইশে দ্র 'বাইশ'।

বাইস১ বি [E. vice] যে যন্ত্রে অস্ত্রাদি চাপিয়া ধরিয়া উকা দেয় ; পাক-সাঁড়াশি। "°ম্যান্।

বাইস২ দ্র 'বাইশ'।

বাইসিকেল বি [E. bicycle] দ্বিচক্র যান বা শকটবিশেষ।

বাউ১ বি [সং বায়ু >প্রা রাউ, বাউ (গো.বি ১৪০ ; অ.প ৩৭) ; হি বারউ ; প, সি ব্রাউ ; ঠ ব্রার ; ড় ব্রাঅ ; অপ্র] ১ বায়ু। "বাউ পান করি।—মী ১। °বেগ রথ অ.প ২৮,-৯ ; °গতি ৩৪ ; ৫১ ; ম.পা ৬৭। ২ বায়ুদেবতা। "বাকল হরিয়া নিল বাউ বি.পা ২৪১। চ.বি ২১ ; বাউ-অস্ত্র ১৬৬। ৩ বায়ু-ধাতু। "ঘোড়া বন্ধ করি রাখ বাউ ভর দিয়া।—মী ৩১। ৪ বায়ুরোগ, ছিট। "সেই বাউ জান জাইব ছাড়িয়া।—মী ৩১। ৫ বায়ুপ্রবাহ, ঝড়। "ঘোরতর বাউ করোক পবনে ম.পা ১১০ ; মহা বাউ ১১১ ; বাউ বৃষ্টি ১৩৮। ৬ অপান বায়ু। "বাউর ঠেলায়ে দেবী বাহিরে পড়িল।—মী ৭। [বাউএ—বায়ুতে। "(চামর) বাউএ ঢুলায় ম.পা ১৭৭। °গতি, °বেগ—দ্রুতগামী। °ভর—বায়ুবেগাশ্রয়। "বাউভর করি চলে বীর চ.বি ২০৬। বায়ুতে (অপ্র)—বায়ুবেগে, সত্বর। "ঘোড়া সাজয় বাউতে চ.বি ১৪৮।]

বাউ২ বি [বাহু >°উ ; অপ্র] ১ কনুই হইতে হস্তের ঊর্দ্ধভাগ। "হাত গিলতে গিলতে বাউ গিলেছে।—প্রবচন। ২ (অপ্র) বাউটী। "মনের মতন হলি পরে বাউ পরাতি পারি।—নী ১৯। ৩ সর্থ 'বাই২'। "দুই বাউ শঙ্খ ম.ম ৯৭ ; ব.প ১৯৯। [বাউতি—বাহুতে, বাহু দ্বারা, হাত দিয়া। "বলবতী বাউতি রায়ের ধরে করে শ্রী ১৭২।

বাউই বি বাবুই পাখী। "কৃ ৪৫৯।

বাউক, -ক্কা বি [সং বিহঙ্গিকা] ভারবহনার্থ বংশাদির দণ্ড ; বাঁক। "সিকিয়া বাউকা গো.চ ৬৪ ; বাউক ৭৬।

বাউক্কা দ্র 'বাউক'।

বাউট, -টা বি [সং বাগট] দ্রুতগামী হরিণবিশেষ। "বাউটা হরিণ শ্রী মা ৯১। বাউট বি.সু ১৭।

বাউটা দ্র 'বাউট'।

বাউটি, -টী, বাহুটি, -টী বি [বাহুপট্টী >বাহটী, -টি, বাউটি, -টী ; ড় ব্রাহটি ; বাহুঠী (শ্রী.কী)] বাহুর (উপর হাতের) পট্টিকাকার ভূষণবিশেষ। "অঙ্গুলক আঙ্গুটি, সো ভেল বাহুটি বি.প ১৯৭। রত্নের বাউটী বি.পা ৪৯ ; বাহুটী করে ৮৭। সুবর্ণের বাউটী হাতে ম.ম ৩৭ ; ৯৯। বাউটী।—দা ১৬৩৩। একটু একটু নথ ও বাউটি নাড়া দিয়া…গৃহিণী বলিলেন ব.প্র ৩৪৩।

বাউটী দ্র 'বাউটি'।

বাউড়ি বি ['পাপড়ি' মূল (?)] অতিরঞ্জিত বা সাজান কথা। "বড় সে ধাউড়ি, কথার বাউড়ি, কোণেতে বসিয়া তোলে রা.শে ৩৯।

বাউড়িছুট বি বাউটিছুট, অর্থাৎ বাউটির সহিত পরিধেয় গহনা—রতনচুর যবদানা মরদানা নারিকেলফুল তাবিজ জশম ইত্যাদির একপ্রস্থ গহনা।

বাউতি বি [বাহু+(?)] একপ্রকার জাল (ইহা খেপনা জালের মত। নদীতে পাতা থাকে, স্রোতে মাছ গিয়া পড়ে)। "আমার নাম সুন্দরে জেলে, ধরি মাছ বাউতি জালে।—হ ৫০।

বাউনি বি [বিউনী (বেণী) >বাউনি ; বাঁউড়ি (বীরভূম)] পৌষ-সংক্রান্তির পূর্ব্ব দিনে খড়ের (বিচালির) বেণী করিয়া গৃহের দ্রব্য ও চাষের উপকরণ লাঙ্গলাদি বেড় দিয়া বাঁধার উৎসববিশেষ। [কোথাও নূতন আতপ চাউল হাঁড়িতে পুরিয়া হাঁড়ি ও গৃহদ্রব্য খড় দিয়া বাঁধার প্রথা আছে; কোথাও সংক্ষেপে ঘরের দেয়ালের বাহিরে চারিদিকে পিঠালি গোলার বেড় বা চাউলের গুঁড়া ছড়াইয়া দেওয়ার পদ্ধতি আছে। ধান চাল লক্ষ্মীর দ্রব্য ; সুতরাং 'লক্ষ্মী বাঁধিয়া রাখাই' ঐ সকল প্রথার উদ্দেশ্য বোধ হয়। এই উৎসবে প্রত্যেক গৃহস্থ নানা-প্রকার পিঠা প্রস্তুত করে। "ইহা পিঠার পার্ব্বণ বা পৌষপার্ব্বণ।] [বাউনি বাঁধা—খড়ের বেণী দিয়া বা পূর্ব্বোক্ত প্রকারে পিঠালির বেড় দিয়া লক্ষ্মী বাঁধা। "পৌষমাসে বাউনি বাঁধা ঘরে ঘরে পিটে (ছড়া)। উনুনে আউনি করি বাউনি বাঁধিয়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

বাউয়াস দ্র 'বাউস[২]'।

বাউর, -রা বিং [সং ব্যাতুল > প্রা বাউল > বা °র, -রা; হি বাবর, -রা ; ঠ বাবর, -ল.া, গু বায়ল ; সি রাংরিব ; ড় বাউলা, মৈ বৌরাহ] বায়ুরোগগ্রস্ত, পাগল। "তোহারি বিরহ,-বেদনে বাউর, সুন্দর মাধব মোর বি.প ১০৩। বৈসৃটম রাজাগ নিগায় বাউরা করিয়া গো.চ ১৯৯। বাঙ্কৎ বাউরা হ্যায়।—নী ৩০। —রি[৩], -রী[২] বিং উন্মত্তা, পাগলী। "সোণার নাতিনি,...হইলা বাউরী পারা চ.দা ১১; বাউরী ৬৬। (ব্রজবনিতা) বিচারই বাউরি।—গো ২৫৯। বাউরী জনু ভেলী গোরী।—ব ৭২, ১২৫। বাডরী সম কত করু পরলাপ।—জ্ঞা ২০৩। করি আগে বাউবী, নাচায় জগত নারী চৈ.চ ৩৫১। মনমথে না করি বাউরি ন.প ২৮৮।

বাউরা দ্র 'বাউর'।

বাউরি[১] বিং [সং বর্ব্বর, -রীক] কোঁকড়া (চুল)। "কার্ত্তিকের মত বাউরি চুল।—হু ৩৪।

বাউরি[২], -রী[১] বি [বাগুরিক > °রি (?)] হিন্দুজাতিবিশেষ। "বাউরী যোগায় দোলা ক.চ ৪৮। বাউবী শ্রী ৭৯। [দ্র 'শূ '৩৸৶০ (মুখবন্ধ)]

বাউরি[৩] দ্র 'বাউর'।

বাউরী[১] ; বাউরী[২] দ্র 'বাউরি[২] ; বাউর'।

বাউল বিং [দ্র 'বাউর', জাটু—'বৌলা'] ১ উন্মত্ত, পাগল। ("কন্যা দেখি-দ্বিজ কিবা) বাউল হইল।—ম ১৯১। বিয়োগে সমুদ্র হল বাউলের মত শ্রী.মা ১২৫। (উমা) বাউলের করে দিল বিধাতা ব.প ১৪২, কুঞ্জর বাউল হইয়া...ছুটে ৯৭৮। দ্র ৭৬। ২ [সং ব্যাকুল >প্রা রাউল] বিহ্বল, কাতর। "বিষাদে বাউল মন চৈ.চ ৩৪৩। মধু গুড়-লোভিত বাউল চিত। বন্ধক দেওই যজ্ঞোপবীত॥—গো ৪৬। ৩ প্রেমে বিহ্বল বা আত্মহারা ; মহাপ্রেমিক। "কহিবার যোগ্য নহে, তথাপি বাউলে কহে চৈ.চ ৮০ ; দশেন্দ্রির শিষ্য করি, মহাবাউল নাম ধরি,...করি গমন ৩২৯, বাউলকে কহিও—লোকে হইল বাউল ৩৪৮। —ল বি ১ চৈতন্য সম্প্রদায়ের শাখাবিশেষ। [ইহারা মহাপ্রভুকে সম্প্রদায়ের প্রবর্ত্তক বলে। ইহাদের মতে পরম দেবতা শ্রীরাধাকৃষ্ণ। চন্দ্র, সূর্য্য, অগ্নি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, গোলক, বৈকুণ্ঠ, বৃন্দাবন—সমুদায়ই দেহের মধ্যে রহিয়াছে, এজন্য ইহাদের 'মত', 'দেহতত্ত্ব' বলিয়া প্রসিদ্ধ। প্রকৃতিসাধনাই ইহাদের প্রধান সাধন। ইহারা তিলক মালা ডোর কৌপীন বহির্ব্বাস ধারণ করে। ইহারা শ্মশ্রু গুম্ফ রাখে, কেশ উন্নত করিয়া চূড়াকারে বাঁধে। পরস্পরের সাক্ষাৎকারে 'দণ্ডবৎ' বলিয়া নমস্কার করে। ইহাদের কেহ কেহ 'ক্ষেপা' উপাধি পাইয়া থাকে (ভা.উ, ১৭১ পৃষ্ঠ)।] ২ বাউল সম্প্রদায়ের ভক্ত। "কিঞ্চিৎ প্রান্তভাগে দুই এক জন বাউল থাকিত।—আ.দু ১৪৬। ৩ বাউলের গান। —লি[২], -লিনী বিং [°ল+ই[১]°, ইনী] উন্মত্তা, পাগলিনী। "(যাজ্ঞসেনী) মুক্তকেশে বাউলিনী ব.প ৭২২,-৩ ; (ধনী) বাউলী যেন ৮২২। তারিণী বাউলি পারা।—দু ৭৭। বাউলি বিকল, অনঙ্গে করল রা.পে ৩০। —লী[১] বিং [°ল+ঈ[৬]] মুগ্ধস্বভাবা, ক্ষেপী (আদরে)। "তেঁহো কহে—বাউলী! কেনে মরিস কান্দিয়া?—চৈ.চ ৩১৯। [বাউলায়—সঞ্চালিত বা আস্ফালিত করে। "গগনে তুলিয়া লেজ ঘন বাউলায় শ্রী.ম ১০৭।]

বাউলি[১], -লী[২] বি [বাউটি, -টী > °ড়ি, -ড়ী > °লি, -লী] বাউটী। "পরিল...বিচিত্র বাউলী শ্রী ৯৩।

বাউলি[২] দ্র 'বাউল'।

বাউলী[১] ; বাউলী[২] দ্র 'বাউল ; বাউলি[১]'।

বাউলিয়া বিং [সং ব্যাকুলিত >প্রা রাউলিঅ >বা °য়া] সর্থ 'বাউল' বিং (৩)। "বাউলিয়া-বিশ্বাসেরে না দিবে আসিতে : বাউলিয়া! ঐছে কাহে কর চৈ.চ ৪৮।

বাউস[১] বি [সং রাগুস, -ষুষ (M W.)] বৃহৎ মৎস্যবিশেষ। "সৌল বাউস গো.চ ১০৬।

বাউস[২], বাওয়াস বি [লাবুকোষ' মূল (?); 'বাওস, বস' (নামান্তর)] শস্যহীন শুষ্ক অলাবুকোষ। "°য়াস ভাঙ্গিয়া তান পলায়েন চৈ ভা ১০৯। বাউস বদলে সুবর্ণ কলস লইল ম.ম ১৩১।

বাএন বি [সং বাদন >প্রা রাষণ > °ন (য় >ইঅ >এ)] বাদক। "গাএন বাএন শূ ৬৯, ৭০, ব.প ৪৬৮।

বাও বি [বাউ[১] >বাও ; অপ্র] ১ বাত্যা, ঝড়। "বাও নহে বাতাস নহে তরু কেনে হেলে ব.প ২৮৮। ২ ব্যজনাদিজন্য বায়ু। "চওরের বাও ম গা ১১। চোওরে...করে বাও গো.বি ১৬৪। লইয়া চামর, ...বাও কর‍্যাছে ম.পা ২৪ ; ৯৩। অঞ্চলের বাও বা ম ৩৮২। ব্যজনীর বাও ম.ভা ৭২। শ্রী ৪২। ম.ম ২। ৩ শ্বাস। "নাহি বহে বাও' ম ম ৯৮। [°ছক্কারে, °সক্কারে—বায়ুগতিতে, সত্বর। "°ছক্কারে গ্যাল গো.চ ১২ ; ২৩৩ ; °সক্কারে...আসিয়া ১২১।]

বাওঁ বিং [সং বাম ; অপ্র] বাম। "বাওঁ উরাত গো.চ ২৭৪। বাওঁ উরু ব প ৬৬ ; বাওঁ উড়াত ফাড়িল ৭৬।

বাওটা বি সর্থ 'বাউট'। "বারশিঙ্গা বাওটাদি ভা.চ ১২৮।

বাওন বি [বামন > °ন] ব্রাহ্মণ। "°নের মাইয়া ব.প ১৬৪।

বাওয়া[১] বি [হি, ঠ বাবা] সাধু বা ফকীরের প্রযোজ্য সম্বোধন-শব্দ ; বাবা, বৎস। "কপটে করুণাময় দ্বিজে কয়,—'বাওয়া। মৈ খুব ফকীর হুঙ লেগা মেরা দুওয়া॥—রা.স ১০ ; ১১।

বাওয়া[২] দ্র 'বা[৬]'।

বাওয়াজি বি [°য়া+জি] বাবাজী। "তাঁহারা সকল কর্ম্মেই বাওয়াজিকে বাওয়াজি—তরকারিকে তরকারী আ.দু ১৩৫।

বাওয়াস দ্র 'বাউস[২]'।

বাওরি বি [বাউর > °র+ঈ[৮] > °রী, -রি] উন্মত্ততা, মত্ততাজনক বা দুর্জ্জয় মান। "এতহি পরাভব, শুনইতে তছু যব, অবহুঁ না বাওরি দূর ব.প ১০৮০।

বাংলা দ্র 'বাঙ্গালা'

বাংশিক † পুং [বংশ+ইক (ঠক্)] 'বংশবাদনশিল্পী' ; বংশীবাদক।

বাঃ[১] (র্) † স্ত্রী [√বারি (চুরাদি √বৃ)+ক্বিপ্ (০)-ক-১ব] 'আবরক', বারি, জল। "শিববার্বিগাহ্য —ভ ৪.১২.১৭।

বাঃ[২] (বস্) বিণ [√বস্+ক্বিপ্ (০)-ক-১ব] পরিধায়ী, ধারী। "প্রেতচীবরবসা (তন্না) রঘু ১১.১৬। [সমাসে উত্তরপদ]

বাঃ[৩] অব্য ১ সর্থ 'বা[৪]'। "বাঃ! কি নরম বিছানা পা!—মা ৩৩১। ২ বিস্ময়সূচক। "বাঃ—এও ত বড় মজা, বাহবা!—গান ১৩। ৩ উপহাসসহিত বিস্ময়। "বাঃ—বাঃ! কর্ত্তাবাবুর কি বুদ্ধি!—মা ৩০১।

বাঁ, বাঙ, -এঞ বিং [সং বাম ; হি বাঁয় ; 'বাঙ, -এ (অপ্র) ; বাওঁ (গো.চ)] ১ বাম। "বাঙভাগে বামনিতম্বিনী ক.চ ৫৭। বাঁ হাতে প্যাজের গোচা শ্রী ২১৭। ২ বামদিকে স্থিত। "সোনালিয়া নবগাঁ, তাহা ত করিল বাঁ ক.চ ২২৭। —বাঁ বি বাম দিক্। "হাসা হতে কাঁদা ভাল যদি কাঁদে বাঁয়।—খনা। বিষ চলে বাঁয়ে ম.ম ২২০। উদ্ধব সাত্যকি ডাহিন বাঙএ শ্রী.ম ২২০। দাদার ভরসায় বাঁয়ে ছুরি আ.ছু ১৫১। [বাঁ-কান-মোচড়া 'থ'—'থ'-অক্ষরের বর্ণনা। ডাইনে আনতে বাঁয়ে কুলায় না—খরচের আঁকে আনতে জমার আঁকে কুলায় না, অর্থাৎ জমা কম, খরচ বেশী। বাঙএ, -এঞা, বাঁয়ে (গো.চ)।]

বাঁউড়ী বি সর্থ 'বাউটি'। "°পরা গোলগাল হাত ব.প্র ৪২৪।

বাঁও বি [সং ব্যাম ; 'বৈঁউ' (কথ্যভাষা)] ব্যামের পরিমাণ; চা'র হাত। "এক বাঁও লম্বা। বিশ বাঁও জল।

বাঁওড় বি [বাঁধ-ওড় (?)] বদ্ধস্রোত নদীর অংশ।

বাঁওন বি [সং বামন >অপভ্রংশ প্রা বাম্বঁণ >বা °ন ; হি বৌনা ; প বৌণা] ১ হ্রস্বাকৃতি পুরুষ, বেঁটে মানুষ। "কথা না দেখিল, বাঁওন হাথে, তাল তরু ফল পায় শ্রী কী ১৮২। ২ [বামন (ব্রাহ্মণ) >°ন] ব্রাহ্মণ। "°ভোজন। —নী বি ব্রাহ্মণী]

বাঁক[১] বিং [সং বঙ্ক >প্রা বংক >বা °ক, হি, মৈ বাক ; ঠ বাংক] বক্র, বাঁকা। "°নল, °মল। —ক বি ১ বক্রতা। "কুঁদের মুখে থাকে না বাঁক।—দা ১০৩৮। ২ নদীর মোড, নদীর এক মোড় হইতে অন্ত মোড় পর্য্যন্ত অংশ। "বাঁকে বাঁকে বাহিয়া যায় বা.ম ৯৬। ম.ম ১২১, ২২৬। ৩ নৌকাব ভিতর-তলে সংলগ্ন বক্র কাষ্ঠখণ্ড। "লাগাইল বাঁক গুড়া বা ম ১৪৬। ৪ [ঠ বাংকা] বাদ্যভেদ, কাহাল। "জাঁক করি বাঁক বাজে।—দা ৭৬৩। ৫ [হি বাঁক] একপ্রকার ছোট বাঁকা ছুরী। "শত শত বাঁকা, বাঁক কটাব বিবাজে ভা চ ৪৯১। ৬ বাঁকমল। "ব.প ১৫১৯। ৭ সর্থ 'বাউক'। [°চুর °চোর—ধান্য-বিশেষ। "°চুর শূ ১১৫ ; শি ১১৩। °চোর ব.প ১১৭। °তুলসী—ধান্যবিশেষ, 'গন্ধতুলসী'। "শূ ১১৩। °নল—স্বর্ণকারের বক্রমুখ নলবিশেষ। °পাতামল, °মল—তরঙ্গাকৃতি বাঁকা মলবিশেষ। তু 'রজতের মল বঙ্ক চৈ.চ ৫৩। "°পাতামল গো.চ ৪৮৮। °শালি, °সাল—শালিধান্যবিশেষ। "°সাল শূ ১১৫। °শালি শি ১১৩।]০

বাঁক[২] বি [ফা বাঙ্গ্ ; হি বাঁগ] মোরগের ডাক। [গাজি সাহেবের মোরগ, পেটে গেলেও বাঁক দেয়—(গৌণার্থে) যাহা আত্মসাৎ করিয়া ছাপান যায় না, তাহারই দৃষ্টান্ত।]

বাঁক[৩] অর্ম্ম [বাঁক[১] >°ক ; ঠ √বাংক) ১ বক্র হওয়া; বাঁকিয়া যাওয়া। ২ নত হওয়া ; হেলিয়া পড়া। "সহকার নদী'পরে পড়েছে বাঁকিয়া স.শ ৮৩, -৪। ৩ কুটিল হওয়া ; অপ্রসন্ন বা প্রতিকূল হওয়া। —কা সর্ম্ম [বাঁক+আ[৮] ; হি √বাঁক] বক্র করা বাঁকান। [বাঁকা[২]—সর্থ বাঁক[৩]। 'বাঁকএ—বাঁকা হইয়া। "ব.প ২৯৭। বাঁকান—সর্থ 'বাঁকা'। বেঁকে চুরে—বাঁকিয়া চূর্ণ হইয়া ; বক্র-অতিবক্র হইয়া ; ঘুরিয়া ফিরিয়া। "নদী হেসে যায় বেঁকে চুরে।—শিশু ৭৩। বেঁকে দাঁড়ান—১ ঘাড় ফিরাইয়া দাঁড়ান। "(হরিণ) হঠাৎ আপন ছায়া দেখে, চমকে দাঁড়ায় বেঁকে প.ক ২। ২ প্রতিকূল হওয়া। "(ছেলের দল) দাঁড়ায় বেঁকে নিন্দা শুনে অনর্গল কু.কে ১৫৫। বেঁকে বসা—প্রতিকূল হওয়া। মুখ বাঁকান—বিরক্তির সহিত মুখ ফিরান ; বিরক্তি প্রকাশ করা।]

বাঁক(কু)ই বি ধান্যবিশেষ। "শূ ১১৪, -৫।

বাঁকা[১] বিং [বাঁক >°কা ; হি বাঁকা ; জাটু—'বাংকা'] ১ বক্র। "বাঁকা কাঁকাল গলা বাঁকা হাত পাও ব.প ২১১। ভা.চ ৪৯১। ২ বিকৃত, অস্বাভাবিক। "নাক মুখ চক্ষু বাঁকা বাঁকা কাড়ে রাও ব.প ২১১। ৩ প্রতিকূল, প্রতিদ্বন্দী। "সরল প্রতি সোজা হন বাঁকা প্রতি বাঁকা।—কৃ ৪১১। স্বামীরে মোর বিধি কৈল বাঁকা ব.প ৩৮৪। ৪ তির্য্যক্, কুটিল, কটাক্ষযুক্ত। "বাঁকা চাহনিতে।—ব ৬। নয়ন বাঁকা গি দ্বি ৬০। ৫ আনত, হেলা। "বাঁকা শিখিপাখা গি.দ্বি ৩০। ৬ ভঙ্গিযুক্ত। "বাঁকা ঠাম। ৭ ক্রূর, কুটিল। "বুদ্ধি বড় বাঁকা শ্রী.মা ৮০। ৮ অপ্রসন্ন, বেজার। বাঁকা মুখে কথা কহে চোথা ভা.চ ২৮৪। মুখ কর নাহি বাঁকা শি ১০৬। ৯ গর্হিত, অসঙ্গত। "বলে কর্ম্ম বাঁকা হৈল শাঁখা হৈল যম শি ১০৬। ১০ টেরচা (slant)। "বাঁকা সীঁতি। ১১ ছলপূর্ণ, পেঁচাল। "যার আছে টাকা। তার কথা বাঁকা বাঁকা॥—প্রবচন। ১২ কুটিলগতি। "তরঙ্গ চলে আঁকাবাঁকা।—হেম ৩১৬। বাঁকা জল করিছে খেলা চ.কা ৮০। ১৩ প্রতিকূল, মন্দ। "(মোর শাঁথায়) কুলবধূ বঞ্চিত কপাল যার বাঁকা শি ৯৯। —কা বি ত্রিভঙ্গরূপ কৃষ্ণ। "মুরলী সরল হয়ে, বাঁকার মুখেতে র'য়ে, শিখিয়াছে বাঁকার স্বভাব চ.দা ৮৯। [মুখ বাঁকা করা—মুখ ফিরান বা হেট করা। "লাজে মুখ বাঁকা করে শি ৫৪।]

বাঁকা[২] দ্র 'বাঁক[৩]'।

বাঁকারি বি ['বাকল' মূল] বাঁশের ছালযুক্ত অংশ ; বাতা, চটা। "আড়া বাঁকারি খোঁটা খুঁটি ব.প্র ৪০৪।

বাঁকি[১] বি [বাঁক[১]+ই[১১]] বাঁকমল। "মল বাঁকি ক.চ ২১২।

বাঁকি[২], -কী বিং [বাকি, -কী >°কি, -কী] অবশিষ্ট। "শুভঙ্করী ফাঁকি। চৌত্রিশের তিন শ গেলে কত থাকে বাঁকি॥

বাঁকি[৩] বি [বাঁক[১]+ই[৮]] বাঁকা কাঁকুড় ; বাঙ্গী। "বা.ম ১৯১।

বাঁকী দ্র 'বাঁকি[২]'।

বাঁকুই দ্র 'বাঁকই'।

বাঁকুয়া বিং [বাঁক[১]+উয়া[২]] বাঁকযুক্ত, বাঁকা। 'বাঁকুয়া পাঁচনি হাতে।—জ্ঞা ৩৩। —য়া বি ১ বাঁকা পাঁচনি। "বিনোদ বাঁকুয়া হাতে।—জ্ঞা ৪৮। ২ ভারবহনার্থ বাঁক। "ব.প ১৪১৮।

বাঁচ[১] অর্ম্ম [সং √বঞ্চ্ >প্রা √বংচ >বা °চ ; হি √বচ ; ঠ √বাংচ ; মৈ √বাঁচ] ১ বঞ্চনা করা। "মিললি মুগধি সঞে গুরুজনে বাঁচি : দুরজন-নয়ন্-পহরি কত বাঁচি প.ক ৩৬২। ২ রক্ষিত হওয়া। "এই নিয়ম-প্রতিপালন অভ্যস্ত হইলে অনেক অতিরিক্ত খরচ বাঁচিয়া যায় পা প্র ৬০। ৩ রক্ষা পাওয়া, বিপদে না পড়া। "কুম্ভকর্ণ-গৃহ বাঁচে গাছের আওড়ে কৃ ২১৭। ৪ প্রাণধারণ করা ; জীবিত থাকা। •"রোপিয়া প্রেমের বীজ, অঙ্কুরে মোড়লি, বাঁচব কোন উপাই বি.প ১৮২। বাঁচান বাঁচি মারেন মরি, বল ভাই ধন্য হরি গী.লি ১৮। ৫ পুনর্জ্জীবিত হওয়া। "লখাই বাঁচিল দেখে যত দেবগণ ম.ভা ৬১। ৬ নিরুদ্বেগ বা আশ্বাসিত হওয়া। "এ কঠিন কাজের ভার মা লইবেন। ব্রজেশ্বর বাঁচিল।—ব প্র ৪৩১। শারদা।—বাঁচলে ? হেমচাঁদ। —বাঁচলাম।—জী ৪১। ৭ সজীবতাপ্রাপ্ত হওয়া ; সুস্থ হওয়া। "এ নরক হ'তে উদ্ধার হ'তে পাল্লে বাঁচি! ন.ত ৮১। ৮ উদ্বৃত্ত হওয়া ; শেষ থাকা। "ব'সে খেতে বাঁচে নাই বারিধির বালি শি ৬৮। অন্যের বাটীতে নিমন্ত্রিত হইলে দেখি, দ্রব্যাদি পাতে যথেষ্ট নষ্ট হয়, অথবা ভাণ্ডারে বাঁচে পা.প্র ৩৭। ৯ যথার্থ মনুষ্যজীবন ধারণ করা। "[illegible] যে জন বিমুখ, বৃহৎ জগৎ হতে, সে কখনো শেখে নি বাঁচিতে স.ব [illegible]। —চা সর্ম্ম [বাঁচ+আ[৮] ; হি √বচা, মৈ √বচাব] ১ প্রাণধারণ করান ; রাখা। "দ্র বাঁচ[১] (৪)। ২ পুনর্জ্জীবিত করা। "মনসা বসিলা মধ্যে লখাই বাঁচাইতে ম.ভা ৬০। ৩ রক্ষা করা ; বিপদ্ হইতে ত্রাণ করা।

"দেখিব হিন্দুর ভূত বাঁচায় কেমনে ভা.চ ৪৮৫। বাঁচাও, করুণাময়, ভিখারী রাখবে!—মে ২৫৯। চাচা আপন বাঁচা—হু ১২০। তোমায় আমিই বাঁচাব ম ত ৭৫। ৪ নিরুদ্বেগ বা সুস্থ করা। "বাঁচাও হিতাশী মাসি! উপায় বলিবা ভা চ ৩৩৮। ৫ নির্দোষ রাখা। "বাঁচাইয়া সাগার সাক্ষাতে হয় শুন শি ৮৪। ৬ সজীব বা তাজা রাখা। "রোগী বাঁচিয়ে চিকিৎসা করা। ৭ উদ্বৃত্ত বা অবশিষ্ট রাখা। "জিনিস বাঁচান। ৮ বাধিত হইতে না দেওয়া। "টাকা বাঁচান। ৯ লঙ্ঘন না করা। "আইন বাঁচিয়ে চলা। ১০ বিচারপূর্ব্বক রক্ষা করা। "এই দুই দিক্ বাঁচাইয়া দান করিবে অ.নী ৮৮। ১১ নষ্ট হইতে না দেওয়া। "বাঁচাইলে চক্র আব আপনার শূলে শি ৬৯। [বাঁচা—১ প্রাণধারণ করা। "বিদ্যা বলে এ রোগে বাঁচা সংশয় বি.সু ৭৫। ২ সর্থ 'বাঁচ'১। বাঁচান—বিপদে রক্ষা করা। "আমার বাপকে বাঁচান আমার প্রথম কাজ ব.প্র ৩৭৬।]

বাঁচ২ সর্ম্ম [সং √বচ্—√বাচি; হি √বাঁচ, ঠ √বাচ] পাঠ করা; পড়া। "রাজপুত্র পত্র বাঁচি পুছি ভেদ ভা চ ৪৩৬।

বাঁচন বি [বাঁচ+অন] ১ প্রাণধারণ। "আই আজ্ঞায় তব বাঁচন মরণ ব.প ১৫৩। বাঁচনাপেক্ষা দা ৮৫২, মরণ বাঁচন তার কথায় ১২০০। বক্র কটাক্ষিলে আর নাহিক বাঁচন স্ব.প্র ১৭১। মরণবাঁচন-মেলার মাঝে, ওই রে শুভ শঙ্খ বাজে কু কে ৬৬। ২ পুনর্জীবনপ্রাপ্তি। "ঔষধ আনিয়া দিলে বাঁচন নিশ্চয় ম ম ৮৩। ৩ নির্ব্বিঘ্নতা, রক্ষা। "এখন রাজ্যের পীড়াপীড়িতে তা'রা আপনার বাঁচান জন্য একটা রচে-মচে বলচে ব প্র ৫২৪।

বাঁচা দ্র 'বাঁচ'১।

বাঁচাও, -চোয়া বি [হি বচাব] ১ রক্ষা, নিষ্কৃতি, এড়ান। ২ আমোদপ্রমোদজন্য সজীবতা। "যদি প্রাচীন খুড়া জেঠা থাকে তবেই বাঁচোয়া, কারণ সম্পর্কে ঠাট্টা চলে আ দু ৯৪।

বাঁচোয়া দ্র 'বাঁচাও'।

বাঁজা বি [সং বন্ধ্যা > প্রা বংঝা > বা বাঁঝা, -জা; হি বাঁঝ, ঠ বাংঝ, -ঝ, প বংঝা, গু বাংঝ; সি বাংঝ, ড বাংঝ, মৈ বাঁঝী, বাঝা (ম.ম ৬৯); বাঞ্জা (গো চ ৭৪)] ১ যে স্ত্রীর সন্তান হয় না, বন্ধ্যা স্ত্রী (barren)। "নিবেট বাঁজা।—ভা ৭। তিনি (মালতী) বাঁজা ম.ত ৬৪। ২ অফল, রাড়া (গাছ)।—জী বি ['জা>'জী, দ্র 'আ'১৩] বন্ধ্যা। "হ্যদে বাঁজি, তুই মোরে না ঘাঁটা ক চ ১৩৯।

বাঁজী দ্র 'বাঁজা'।

বাঁঝ বিং [সং বন্ধ্য>প্রা বংঝ (হে)>বা 'ঝ; বৈষ্ণবসাহিত্যে] অফল, রাড়া। "সুরতরু বাঁঝ কি ছান্দে বি.প ১৭৪।—ঝা বি [দ্র 'বাঁজা'] বন্ধ্যা নারী। "আঁধা বাঁঝা রোগী কুড়ী চান করেন জলে শূ ১০৭।—ঝি,-ঝিয়া,-ঝী বি ['ঝা > 'ঝী (দ্র 'আ'১৩), 'ঝি, (স্বরাগমে) 'য়া] ১ বন্ধ্যা নারী। "পাপমতি বাঁঝী ক চ ১৪২; সাধু ভেটিবারে বাঁঝী যায় ১৫৯। আকাট বাঁঝিয়া প্রসব হইল ছেলে ব.প ৪৮৫। ২ বন্ধ্যা পশু-স্ত্রীজাতি। "বাঁঝি ছাগলী ব.প ৯।

বাঁঝা, বাঁঝি, বাঁঝিয়া, বাঁঝী দ্র 'বাঁঝ'।

বাঁট১**, বাট**৩ বি [বাট২ > 'ট] ১ বিভাগ। "এক বাট কৈল ধনে: একবাট ঠাকুর: এক বাটে মালা ভ গ্র ৩২২। দোয়া চারি হৈল বাট ক.চ ২৯। কালনেমীর লঙ্কার বাঁটের মত ব প ১৭১৪। ২ [সং বৃন্ত >'ট] অস্ত্রের মুষ্টিধৃত অংশ; হাতল। "দেখি তলোওয়ার চিনি নানা দেশী বাট ব.প ১৪৯৪। বাঁট দিয়া কোদালে শি ৭২। ৩ ছত্রের ধারণদণ্ড। ৪ [তু 'বেণ্ট' (চ ৫১)] গাভী প্রভৃতির স্তনের বোঁটা।

বাঁট২ সর্ম্ম [সিং √বণ্ট্ >প্রা *√বংট >বা 'ট; হি, মৈ √বাঁট; ঠ √বাংট] ১ বণ্টন করা; ভাগ করা। "যে জনা জানয়ে, সেই সে জীয়ায়, মরণ বাঁটিয়া লেই: বাঁটিলে মরণ, জীয়ে দুইজন চ.দা ১৫২। বাঁটিয়া লহ রে পঞ্চ ভ্রাতা।—ম ২০৭; ২১০; ৫২৩; ৬৩০। বেঁটে দিব সুধা শ্রী.মা ১২৬। শ্রী ১৬৭; ২০২। (রত্ন) বাঁটি সত্তে দিল ব.প ৬৬৪। চৈ.চ ১৫১। বড় ঝঞ্ঝাট মাইমে বাঁটিতে।—কা ১২৭। ২ [বাট৪ > 'ট; অপ্র] পেষণ করা; বাটা। "সিদ্ধি বাঁটি দিতে কন মোরে: শিব প্রীতে বাঁটিয়ে বিজয়া।—হু ৫৬। [বাঁটা২—সর্থ 'বাঁট'২। "আগে হাঁটা দই বাঁটা। প্রদীপ উশকান পাঁটা কাটা॥ কাণ্ডারী ভাঁড়ারী রাধনী বামন। বশ পায় না এই কজন॥—প্রবচন। বাঁটাবাঁটি—ভাগাভাগি। "মেলানিভার করে বাঁটাবাঁটি।—শি ১৮। বাঁটায়নু—ভাগ করিলাম। "বি.প ২১৭।]

বাঁ(বা)টখারা বি [বটখরা, রাট; ঠ বাট] ওজন করার নিমিত্ত লৌহ-প্রস্তরাদির নির্দ্দিষ্ট ভাব। "বাটপারা তার এক শালগ্রাম হল ভ.গ্র ৩২৫।

বাঁটা১**, বাটা,**৩ **বাট্টা** বি [সং বার্ত্তা>প্রা বট্টা>'ট্টা, 'টা; হি, প, ঠ বট্টা; সি বট্টা; গু বটার; ড বটা] ১ ব্যবহারে বা লেন-দেনে প্রাপ্য মূল্য অপেক্ষা যাহা-কিছু কম; দালালী, দস্তুরী, ধরাট (discount, brokerage)। ২ টাকা বা নোট ভাঙাইবার সময়ে যাহা-কিছু বাদ যায়। "বাটা বাদে পাইলাম আড়কাট নয় বি.সু ৩৬। [বট্ট (দেশী —প্রা ম)] হানি, লোকসান। "ভয় পান পাছে লাগে বাট্টা আ.দু ১১৯। ৪ হানিজনক কার্য্য, অপবাদ, কলঙ্ক। "স্বামীকে কহয়ে, তুমি আমার ছাওয়ালে। শিশু যে করিয়া বাঁটা দিলে জাতিকুলে॥—ভ.গ্র ২৪৪। ['বাঁ(বা)টাকষা—টাকার বাঁটা বাহির করার শুভঙ্করী নিয়ম।]

বাঁটা২ দ্র 'বাঁট'২।

বাঁ(বা)টালি বি [হি টাকী (টঙ্ক); ঠ টাংকী; ড় বটালি] ছুতারের অস্ত্রবিশেষ (chisel)। "বাটালি ম ম ১৭১। [কোর'—বক্রমুখ বাঁটালি।]

বাঁ(বা)টুল বি [সং বর্ত্তুল >প্রা বট্টুল, *বংটুল >বা বা(বাঁ)টুল; ঠ বাটোল।] লৌহাদির গুলি। "গেলার বাঁটুল: লোহার···বাঁটুল: বাঁটুল ধনুগুণে যুড়ি।—কৃ ৩২৫। বিহঙ্গ বাটুলে বিন্ধে ক.চ ৪৩। বাটুল শ্রী.মা ২২; বাঁটুল ২৩। গুলতাই বাঁটুল শ্রী ২৬। বিচ্ছেদ বাঁটুল বি.বু ৪২। ['মুক্তা—বর্ত্তুলবৎ গোলমুক্তা (ম.ম)।]

বাঁ(বা)টোয়ারা বি [হি বট্‌বারা] বণ্টন, ভাগ। "ভাগ"। বাটোয়ারা E.P. 74

বাঁড়রি, -রী বি [বন্দ্যঘটী >'রী, -রি] বন্দ্যোপাধ্যায়। "বাঁড়রি ভা চ ১৩।—ড়ুয্যা বি বন্দ্যোপাধ্যায়। "ভা.চ ২৪।

বাঁড়রী, বাঁড়ুয্যা দ্র 'বাঁড়রি'।

বাঁদ(ধ)নদার বি [বাঁধন' >বাঁদন'] যে গান বাঁধে; গীতরচয়িতা "এক দলে দাদাঠাকুর বাঁদনদার।—হু ৪৮।

বাঁদর বি [সং বানর; হি, ঠ বংদর] ১ বানর। ২ গালিবিশেষ "সেটা নেহাৎ বাঁদর।—কা ৮৮।—রী বি ['র+ঈ৬] ১ বানরী। ২ স্ত্রীলোকের প্রতি গালিবিশেষ। "পোড়ারমুখী—বাঁদরী মরুক —ব.প্র ২৮৩। [বাঁদুরে—বানরের মত (বুদ্ধি)।]

বাঁদরা বি [সং বন্দাক] পরগাছা (parasite)।

বাঁদরী দ্র 'বাঁদর'।

বাঁদা, -ধা৪ বিং বিবাহে কন্যাদানাদান-বিষয়ে নির্দ্দিষ্ট (ঘর)। "আমাদের বাঁদা ঘর, আমরা আসল কুলীনের ছেলে।—জী ৫।

বাঁদী বি [ফা বন্দী, হি বাঁদী, ঠ বাংদী; তু 'সং বন্দী—যুদ্ধে বন্দীকৃত নারী বিজেতার গৃহে দাসী হইতেন (দ্র 'কাদ ৩৩); 'বংধ'—ভৃত্য (দেশী ৬৮৮)] ১ বন্দী-পরিচারিকা; ক্রীতদাসী। "পরদার পাপ বলি বাঁদী রাখে নাই ভা.চ ৪৮০। ২ পরিচারিকা, দাসী। "যিনি (যে গৃহিণী) বাঁদী এবং বিবি উভয়ই হইতে পারেন, তিনিই লক্ষ্মী পা.প্র ৬১। [বাঁদীর বাচ্চা (হি বাঁদীকা বেটা; তু 'সং দাস্যাঃ পুত্রঃ) —অতিতুচ্ছ, গালিবিশেষ।]

বাঁদুড়ে দ্র 'বাঁদর'।

বাঁদু(ধু)লি, -লী বি [সং বন্ধুলি >প্রা *বংধুলি >বা °লি, -লী] রক্তবর্ণ পুষ্পবিশেষ। "অধরহি বাঁধুলি রঙ্গ।—গো ১০৩। জিনিয়া বাঁদুলী ফুল অধর সুন্দর ম ম ৭০।

বাঁধ[১] বি [সং বন্ধ >প্রা বংধ >বা °ধ, ফা বন্দ্, হি, মৈ বঁাধ, ঠ বাংধ] ১ জলরোধার্থ আলি, সেতু। "বাব বাঁধ দিয়ে শ্রী.মা ১২৩। বাঁধ বাঁধি বিধুমুখী সেঁচে ফেলে পর।—শি ৮১। বড়র পিরীতি বালির বাঁধ ভা চ ৩০০। বাঁধ...নাহি মানে।—হেম ৩১৬৭ ২ বন্ধন। "শিলাকুল বাঁধা, দৃঢ়বাঁধে।—মে ১৭। ৩ সেতু দ্বারা কৃত জলাশয় (বীরভূম)। ৪ জামার বন্ধনসূত্র।

বাঁধ[২] সর্ম্ম [সং √বন্ধ্ >লি √বন্ধ, প্রা √বংধ >বা °ধ, হি, মৈ √বঁাধ, ঠ, গু √বাংধ] ১ দড়ি ইত্যাদি দ্বারা বন্ধন করা, বাঁধা। "ঘরপোড়াকে এনে দিবি হাথে গলে বেঁধে।—কৃ ২৫০। আমায় মা যশোদা বাঁধে সখি।—দা ২৫৬। বীতংসে কেবা বাঁধে কেশরীবে। —মা ১০২। মে ১৭। ২ জড়াইয়া ধরা। "মোর বাপ তোর কোন বাপকে বেঁধেছিল লেজে।—কৃ ২৪৯। ৩ সংহত করা, নিয়ন্ত্রিত কবা। "চাল, বেড়া বাঁধা। ৪ রচনা করা। "গান বাঁধা। ৫ নির্ম্মাণ করা। "ধর্ম্মের বাঁধহ সেতু ভা চ ৩৯৭। কপোত কপোতী যথা উচ্চবৃক্ষ-চূড়ে, বাঁধি নীড়, থাকে সুখে।—মে ১১৫। কত পাখী বাঁধে আসি, বাসা।—মা ৩৫৬। ৬ বন্দি করা। "আনিবে বাঁধিয়া, বিভীষণে।—মে ১১১, ২৫৬। ৭ সেতুবন্ধ করা। "ক্ষেত্র বাঁধিবারে বহু করিল যতন।—ম ৬৯। ৮ রুদ্ধগতি করা, আটকান। "গাড়ী, নৌকা বাঁধা। ৯ ঠাট শুদ্ধ করা। 'সেতারখানি নূতন বেঁধে তোলো গী লি ৭৬। [বাঁধাবাঁধি—ধরাবাঁধা, পাকাপাকি, কড়াক্কড়। কোমর বাঁধা—কার্য্যার্থ উদ্যোগী হওযা। গোড়া বাঁধা—মূলে গলদ না রাখা, গোড়া পাকা কবা। চুল বাঁধা—কেশসংস্কার করা। জমাট বাঁধা —সংহত হওযা। জোট, দল বাঁধা—যূথবদ্ধ বা দলবদ্ধ হওযা। থেহাবাঁধা —স্থিবতা রক্ষা কবা, ধৈর্য্য ধরা। "কুটিল কটাক্ষ,-বিশিখে তনু জবজর, জীবনে না বাঁধই থেহা।—গো ১০২। দানা বাঁধা—জমাট হওয়া। "গুড়ে দানা বাঁধা। ধৈরয বাঁধা—ধৈর্য্য ধরা। "শোভা হেরি কেবা ধৈবয বাঁধে ন প ৩৫৪। প্রাণ নাহি বাঁধে (অপ্র)—প্রাণ থাকে না। "শ্রী মা ১২৫। বুক বাঁধা—ধৈর্য্য ধবা, সাহস করা। "বুক বাঁধ বিপত্তে শ্রী ২০৭। কে বল বাঁধিয়া বুক দাঁড়াবে সমরে—ন ৪১৯।]

বাঁধন বি [বাঁধ[২]+অন] ১ সর্থ 'বাঁধ[২]। ২ রচনা। "দ্র 'বাঁদনদার'। ৩ বন্ধন। "আমার লাজের বাঁধন সাজের বাঁধন, খসে' গেল। —গান ৭৪। সময় হয়েছে নিকট, এখন, বাঁধন ছিঁড়িতে হবে স স্ব ২০। মুকতি চেয়ে বাঁধন মিঠা।—শিশু ১৫। ৪ নির্ম্মাণ, গঠন। "দেহের বাঁধন। —নি বি [°ন+ই[১১]] ১ বিন্যাসপ্রণালী। "কথার বাঁধনি। ২ [সং বন্ধনী] বন্ধনরজ্জু। "ধটি কটির বাঁধনি।—জ্ঞা ৪২। ছিঁড়ে ফেলে দেরে, নিজ হাতে বাঁধা বাঁধনি চ.কা ৩২৪। ৩ ভক্তিডোর। "যদি বাঁধনি না ক'রে, বাঁধো আমারে, তবে দিয়ে যাই ফাঁকি।—দা ২৫৭। [বাঁধনবাধাহারা—বন্ধনরূপবাধা-হীন, সম্পূর্ণ মুক্ত। "খোকা যে ছিল বাঁধনবাধা-হারা।—শিশু ১৫।]

বাঁধনদার ; বাঁধনি দ্র 'বাঁদনদার, বাঁধন'।

বাঁধা[১] বি [বাঁধ[২]+আ[৬]] সর্থ 'বাঁধ[২]। —ধা বিং [+আ[১২]] ১ বদ্ধ, নিয়ন্ত্রিত। "ভাসিছে জলে শিলাকুল, বাঁধা, দৃঢ় বাঁধে।—মে ১৭। ২ জড়িত। "জটায় বাঁধা ফটিকের মালা শ্রী মা ১১। ৩ রচিত (গান, পালা)। ৪ নির্ম্মিত, কৃত। "দশ বছরের বাঁধা বাঁধ ভাঙ্গিয়া, চোখের জলের স্রোত ছুটিল ব.প্র ৪০৭। [বাঁধা আধুলি—গোটা আধুলি। "স্ব ৪। বাঁধা-খেগো বয়েল—যে বলদ ঘরে বাঁধা থাকিয়া খায়, মাঠে চরে না। "জ্ঞা ৩৯। বাঁধা গোরু—যে গোরু বাঁধা থাকে, কখনও ছাড়া পায় না। বাঁধা বই—বাইণ্ডিং-করা বই। "ভাল বাঁধা বইগুলি চাই (পদ্যমালা)। বাঁধা ঘাট—পাকা ঘাট। "লী ১৪। বাঁধ ছাঁদ—বাঁধ ও সুছাঁদকব : শোভন করিয়া রচনাকর। "টেনে টুনে বাঁধ ছাঁদ খোঁপা খানি গো ভা চ ৫২৬। বাঁধা ছাঁদা—পথ-চলার মত সাজ-সজ্জা করা। "(সাতক'ড়ে!) বাঁধা ছাঁদা রেতের মধ্যে চুকো দা ৯৩৯। বাঁধা থাকা —বদ্ধ অবস্থায় থাকা। "মাকে ধন্য ক'রে, পুণ্য-ডোরে, আমি আপনি বাঁধা থাকি।—দা ২৫৬। বাঁধা পডা—বন্ধনপ্রাপ্ত হওয়া ; বদ্ধ হওয়া। "নূতন ক'রে পড়ব বাঁধা দেশের মায়া-মন্তরে কু.কে ১৫৩। বাঁধা মশা —মশারির মধ্যে আটকা-পড়া মশা। বাঁধা মক্কেল—নিজের নির্দ্ধারিত মক্কেল। বাঁধা মাহিনা—নির্দ্ধারিত বেতন। বাঁধা রাস্তা—পাকা বাস্তা। বাঁধা রোসনাই—দুই ধারে সজ্জিত আলোকশ্রেণী। "বাঁধা রোসনাই আলো সব কি গেল ফেঁসে?—হেম ৩৮৬। বাঁধা হুঁকা—রূপায় পাতে ঢাকা হুঁকা। হীরা-বাঁধা ধার—হীরার মত দৃঢ় ধার, সুতীক্ষ্ণ। "কালমুখী হীরা-বাঁধা ধার শ্রী ৬১, ২১১।

বাঁধা[২] বি [সং বন্ধক >প্র *বংধঅ >বা বাঁধা] ঋণের পরিবর্ত্তে রক্ষিত দ্রব্য। "গহনা বাঁধা রাখা।

বাঁধা[৩] সর্ম্ম [বাঁধ[১]+আ[৮]] বদ্ধ করান ইত্যাদি। [বাঁধান—১ সর্থ 'বাঁধা[৩]। ২ পাকা-কবান। "ঘাট প্রস্তরে বাঁধান শ্রী মা ৮১। বৃক্ষ...বাঁধান পাথরে ব প ৭৬৮। দাঁত বাঁধান—দাঁত প্রস্তুত করাইযা বদ্ধ করা বা লাগান।]

বাঁধা[৪] দ্র 'বাঁদা'

বাঁধিপোতা বি রঙের ডোরায চৌকা ঘব বাঁধিয়া পোত অর্থাৎ বোনা একপ্রকার পাতলা কাপড়।

বাঁধুলি দ্র 'বাঁদুলি'।

বাঁয়া বি [হি 'বঁায়াঁ, বায়াঁ'—বাম] কোলে রাখিয়া বাম হস্তে বাদনীয় বাদ্যবিশেষ, ডুগী। তব্‌লা বাঁযা কোলেতে টেনে, বাজে ভরপুর চ কা ৭৭। বাঁয়ার সঙ্গত।—হু ৫৪, ১৭২, ঢেউগুলি তব্‌লা বাঁয়ার কাজ কচ্চে।—হু ১৭৪।

বাঁশ, -স বি [সং বংশ >লি, পা বংস >বা °স, -শ, হি, মৈ বঁাস, ঠ বাংসা, গু বাংস, ড় বাউঁশ, বাঁস (অপ্র)] ১ বংশ, বেণু। "বাঁসর আকুডসি হাতে বাসর ফুলসাজি শূ ৩১। বাঁশেব ঝাড় স শ ৮৪। ২ বাঁশের ধনুক। "যৌতুকের বাঁশে দিল মুগরার চড়া ক.চ ৫১। ৩ দশ হাত পরিমাণ। 'এক বাঁশ জল। ৪ বংশী। "কাহ্ন বাএ বাঁশে শ্রী কী ৩০৬,-১২। [°গজাল—ধান্যবিশেষ। "ভা চ ৫৪৯। °ফুল —ধান্যবিশেষ। "ভা চ ৫৪৯। °মতী (হি বঁাসী)—ধান্যবিশেষ। "শূ ১১৪। ব প ১১৭। বাঁশের চেয়ে কঞ্চি দড়—(গৌণার্থে) বাপের চেয়ে ছেলে কড়া।]

বাঁশই বি [বাঁশ+মৈ] বাঁশের শিঁড়ি।

বাঁশগাড়ি বি নৌকাবাঁধা বা মাছ ধরার নিমিত্ত নদীর তীরে বাঁশ গাড়িলে, জমিদারকে যে কর দিতে হয়, তাহা বাঁশগাডি বা খুঁটিগাড়ি। 'সেলামী বাঁশগাড়ি,...নাহি লব গুজরাটবাসে ক চ ৮৪।

বাঁশপাতা বি [সং বংশক, ড় বাউঁশপত্তী] ১ বাঁশের পাতার মত চেপটা মাছ (Ailia colia)। ২ পক্ষিবিশেষ (Indian bee-eater)। "শ্রী ৫৬।

বাঁশবন বি বাঁশের ঝাড। [বাঁশবনে ডোম কানা—ডোম বাঁশঝাড়ে গেলে ভাল মন্দ বাঁশ স্থির করিতে পারে না ; অভিজ্ঞও একপ্রকার দ্রব্যের উৎকর্ষাপকর্ষ-নির্ণয়ে অসমর্থ হয়।]

বাঁশরী বি [সং বংশ, -শী, হি বঁাসলী, -সুরী, ঠ বাংস(সু)রী, গু বাংসলী, মৈ বঁাসুলী] ১ কৃষ্ণের বংশী, মুরলী। "°স্বরলহরী—মে ৫। বাঁশরী বাজাতে চাই বাঁশরী বাজিল কই?—গান ১০২। ২ বাঁশী। "বাজিল বাঁশরী বীণা।—মে ১৫৬।

বাঁশী বি [সং বংশী ; 'বাশি' (গো.চ)] ১ বাঁশের শুষির বাদ্যবিশেষ ; বেণু। "মে ১০২। ঐ বুঝি বাঁশী বাজে, বনমাঝে, কি মনমাঝে। —গান ১৮০। ২ [হি বাঁসা] নাকের উপরের হাড়।

বাঁহুক বি সর্থ 'বাউক'। "শ্রী.কী ১৬৮,-৯।

বাক্(-চ্) † স্ত্রী [√বচ্+ক্বিপ্ (০)-র্ম্ম, উ ২.৫৭] ১ বাণী, বাক্য, বচন। "ঋগ্বেদ ১.১৬৪.৩৪। বাক্ চৈব মধুরা শ্লক্ষ্ণা প্রযোজ্যা মনু ২.১৫৯। বাচমাদদে রঘু ১.৫৯ ; মনুষ্যবাচা (নিজগাদ সিংহঃ) ২.৩৩ ; শুকস্তে মঞ্জুবাক্ (অনুবদতি) ৫.৭৪। অশরীরিণী বাক্ উ.চ ২½। °মকরন্দে বা.দ ৫৬। ২ শব্দ (word)। "বাগর্থপ্রতিপত্তয়ে রঘু ১.১। ৩ শব্দ, রব, চিৎকার, কূজন। "পরবাচো মৃগা দ্বিজাঃ মহা ৩.১৫৫.৫। বাক্কৃতে রাসভো হতঃ।—পঞ্চ ৪.৪৯। ৪ ভাষা। "ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ মনু ১০.৪৫। ৫ বিদ্যা। "বাগীশং কু.স ২.৩। ৬ সার্থক পদসমূহ ; বাক্য (sentence)। ৭ প্রবন্ধ, সন্দর্ভ। "কৃতবাগ্দ্বারে বংশেঽস্মিন্ রঘু ১.৪। ৮ কথিত বিষয়। "লৌকিকানাং হি সাধুনামর্থং বাগনুবর্ত্ততে উ.চ ১.১০। ৯ কিংবদন্তী। ১০ সরস্বতী। ১১ প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা। "অনৃতবাক্ গো.রা ২.৬১.৭। ১২ [+ক্বিপ্-ণ] বাগিন্দ্রিয়। "মনু ১২.১২১।

বাক[১] † পুং [√বচ্+অ (ঘঞ্) -ভা] ১ কথন, উচ্চারণ। "নমোবাকং প্রশাস্মহে উ চ ১ ১] ২ [+অ-র্ম্ম] মন্ত্র। "মহা ১৩ ৪৭.২৬।

বাক[২] বি [সং বাক্, অপ্র] বাক্য। 'স্তুতি°' অ.প ৩০ ; প্রত্যুত্তর বাক ৪৮, রাজার বাক ৫০। কটু বাক শ্রী মা ৬৫।

বাকড়া বি [বাকল > °ড়া] ১ খোলা, খোশা। ২ (?)। "ম.ভা ৩১। [°গুয়া, °গুবাক—বাকলসহিত গুয়া ; খোশাশুদ্ধ সুপারি। "বাকড়া-গুবাক লাগি লইলেক লাগ শ্রী ম ১৬৯। বরপক্ষের নিকট হইতে কন্যাপক্ষীয়ের 'বাকড়াগুআ' লওয়া দেশীয় আচারবিশেষ।]

বাকম বি [ধ্বন্যাত্মক] পায়রার রব। "গো চ ১৭৭।

বাকল বি [সং বল্কল > লি, প্র বক্কল > বা °ল, হি বকলা, বক্কল, মৈ বখোড়া ; cf., E bark] ১ গাছের ছাল, বল্কলবসন। "বাকল আনিয়া দিল।—কৃ ১০২। শ্রী ৬৩। ভ.গ্র ৮০। ২ ফলের খোশা বা ছিলকা। "কলার বাকল বা.ম ২৩১, বি.পা ২১৬,-৪০, ম.ম ১৪৬,-৭। ৩ (অপ্র) পত্র। "কলার বাকল হেন পদ্মার প্রাণ কাঁপে ম.ম ১৩৩। —লা বি নারিকেলের মালা। "বাকলা ঘুচাযে দিল শঙ্খবর্ণাকৃতি ব.প ১৩০০।

বাকলা দ্র 'বাকল'।

বাকস বি সর্থ 'বাসক'। "ক.চ ৭৭। ভা.চ ১২৭। দা ৩৬২।

বাকি, -কী বিং [আ বাকী] ১ অবশিষ্ট (remaining)। "কেবল নর্ত্তন বাকি বাদন-সংযুত।—হেম ১৩৫। বাকি আছে একখানি শঙ্কিত মিলন চ.কা ১১৯। ২ অনাদায়, প্রাপ্য (unrealized)। "বাকী খাজনা, টাকা। —কি,-কী বি ১ শেষ (balance, remainder)। ২ অবশিষ্ট প্রাপ্য অর্থ। "মাংসের পেছিলা বাকী ধারি দেড বুড়ি ব.প ৩৪৯। [°জায়—বাকীখাজনার তালিকা। °দার (ফা বাকী+দার্)—যাহার খাজনা বাকী আছে এরূপ প্রজা। "কাছারির কর্ম্মচারীরা বাকি-দারের ঘরবাড়ী লুট করে ব.প ৩৭৪।]

বাকী দ্র 'বাকি'।

বাকুচী † স্ত্রী ওষধিভেদ, সোমরাজী, হাকুচ।

বাকুড়ি, -ল বি ['বাসকুল' মূল (?) ; হি বখরী, বাখর ; ড় বাকুল ; [illegible]ল (বাঁকুড়া)] প্রাচীরবেষ্টিত আঙিনা ; বাড়ী। "(বালা) ধরিতে ধরিতে যায় বাকুড়ি বাকুড়ি ক.চ ৪৫। লঙ্কার বাণিজ্য বসি বাকুড়ির কোণে শি ৬৮। এবাড় কি পূজাড় সময় বাকুলে বাওলাচ হবে? —আ.চু ৫২।

বাকুল দ্র 'বাকুড়ি'।

বাকোপবাক † ক্লী [স.দ্ব] উক্তিপ্রত্যুক্তি (সা.দ)।

বাকোবাক্য † ক্লী [বাক ও বাক্য, স.দ্ব, পৃষো ; বৈদিক] ১ অনুবাক ও প্রশ্নোত্তররূপ বেদবাক্য (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.৪৫। ২ তর্কশাস্ত্র। "ছান্দোগ্য ৭.১.২ ; ৪। ৩ উক্তিপ্রত্যুক্তি, প্রশ্নোত্তর। "চৈ.ভা ১৩১ ; বাকোবাক্য কৈলা প্রভু শিখাইলা ধর্ম্ম ২৯৩ ; কৃষ্ণকথা° ৪১০।

বাক্চপল † বিণ [স.ত] বহুগর্হ্যবাদী, বহুনিন্দাকারী। "ন স্যাদ্ বাক্চপলঃ মনু ৪.১৭৭।

বাক্চাপল্য † ক্লী [ষ.ত] অনৃতাদিভাষণ। "যাজ্ঞ ১.১১২।

বাক্চাতুরী বি ১ কূটবাক্যপ্রয়োগ, উপহাসবাক্য। "°রীতে আর নাহি প্রয়োজন।—ম ৩৬২। ২ বাক্পটুতা। "ঘাটে এসে আর °রীতে কাজ নাই আ.চু ১১৭। ৩ বাক্যকৌশল, কথার কায়দা।

বাক্ছল † ক্লী [ষ.ত] ১ 'শব্দসম্বন্ধী ছল', (ন্যায়ে) বক্তার অভিপ্রায় বুঝিয়াও তদুচ্চারিত শব্দের অভিপ্রেতার্থবিরোধী অর্থান্তরকল্পনা ; বাক্য-ব্যাজ, কথার ফেরফার। যেমন,—একজন বলিল, এ ব্যক্তি নবকম্বল-ধারী। অন্যে উত্তর করিল, 'কই ইহার ৯ খান কম্বল? এখানে 'নব' শব্দ 'নবসংখ্যক' অর্থে বাক্ছল। "চৈ.চ ৯৬। বাক্ছলে সুন্দর উড়ায় উপহাসে ভা.চ ৪১৭। ২ (বাঙ্লায়) বাক্কলহ, বিবাদ। "এইরূপে দুইজনে বাড়িছে বাক্ছল ভা.চ ১০০।

বাক্দত্ত বিং [বাগ্° (সাধু)] বিধিপূর্ব্বক বাক্যমাত্রে দানে কৃতসঙ্কল্প (বর)। "স্ত্রীবাজি°। বাক্দত্ত পতি তোর।—কা ৫৫। —দত্তা বিং [সং বাগ্দত্তা] বিধিপূর্ব্বক বাক্যমাত্রে দানে কৃতসঙ্কল্পা (কন্যা)। "এই তাঁর বাক্দত্তা বধূ।—কা ৫৯। —দান বি [বাগ্° (সাধু)] প্রতিশ্রুতি। "ন ৯৪৯।

বাক্পতি † পুং [ষ.ত] ১ পটুত্ব হেতু বাক্যের পতি ; বাগীশ, বৃহস্পতি। ২ বৃহস্পতিগ্রহ। "রা ১ ১৮.৯।

বাক্পটু † বিণ [ষ.ত] বাক্যপ্রয়োগকুশল, বাগ্মী। "সদসি বাক্পটুতা। —হি ১.৩২।

বাক্পারুষ্য † ক্লী [ষ ত] বাক্যের কঠোরতা ; পরুষভাষা, আক্রোশাদি। [ইহা ব্যসনবিশেষ। "মনু ৭.৪৮।]

বাক্বাণী বি [বাগ্° (সন্ধিতে) ; অসাধু] সরস্বতী। "দা ১২৮।

বাক্বাদিনী বি [বাগ্° (সাধু)] যিনি বাক্য বলান ; সরস্বতী। "দা ৯৯৬।

বাক্বিতণ্ডা বি [বাগ্° সাধু] বাক্কলহ, বাদানুবাদ। "হু ৮৭।

বাক্য † ক্লী [√বচ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ কথিত বিষয় ; কথা। "প্রহৃষ্টো বাক্যমব্রবীৎ রা ১.১.৬ ; মাঘ ২.২৪। ২ ভাষা। "বন্ধু° ভ. ৪.২৬.২৩। ৩ সাক্ষ্য। "মনু ৮.১০৮। ৪ যোগ্যতা আকাঙ্ক্ষা ও আসক্তিযুক্ত পদ-সমূহ (sentence)। 'সা.দ ২.১। ৫ আজ্ঞা। "গুরু°। ৬ কূজিত, পক্ষিরব। "বয়াংসি সাধুবাক্যানি।—হ ৯০.৩৬। ৭ (বাঙ্লায়) মন্ত্র। "ধৌম্য পুরোহিত করে বাক্য উচ্চারণ।—ম ১০১৪,-৫। বীর দেয় বাক্য পড়ি ম.চ ৮৭। কন্যাসম্প্রদানকালে কহে গিরিরায়। পিতৃপিতামহপূর্ব্ব বাক্য হতে চায়।—শি ২৮। [°কর (বিং)—বচনকর, আজ্ঞাবহ। °গর্ভিত (ক্লী)—গর্ভিত বাক্য ; বাক্যের অন্তর্গত অপ্রধান বাক্য (parenthesis)। °গ্রহ (পুং)—বাক্যনিরোধ, বাক্যস্তম্ভরোগ (সুশ্রুত)। °পদীয় (ক্লী)—ভর্তৃহরিকৃত ব্যাকরণ। °দণ্ড (বি)—বাক্য দ্বারা শাসন ; তিরস্কার। "চৈ.ভা ৩১৩। চৈ.চ ৪১। °দান (বি)—প্রতিশ্রুতি, কথা দেওয়া। "চৈ ৮৯। °বিশারদ (বিণ)—বাক্যপ্রয়োগকুশল, বাগ্মী। °যুদ্ধ (বি)—বাক্কলহ, বিবাদ। "ম ৭৩৪। °শেষ (পুং)—বাক্যের অবশিষ্ট বা পূরণীয় অংশ (elliptical sentence)।] [বাক্যের ডোঙা—বাক্সর্ব্বস্ব, কথায় ভট্টাচার্য্যি।]

বাক্যদত্ত বিং যে কথা দিয়াছে ; কৃতাঙ্গীকার। "শ্রী.মা ১২৯।

বাক্যনবাব, বাক্যবাজ বি যাহার কথার অভাব নাই ; বাক্যবাগীশ, কেবল বচনে পটু। "বাহির হইল এক বাক্যবাজ স্ব.প্র ২০৯। বাক্যনবাব (রবীন্দ্র)।

বাক্যপাত্র বি অধিবাসে সঙ্কল্পপাত্র। "বামেতে বাক্যপাত্র, তাহাতে দর্ভপত্র, ত্রিকোণ-উপরি স্থাপন।—ছু ১৫।

বাক্যবাণ বি বাক্যরূপ বাণ ; মর্ম্মচ্ছেদী বাক্য। "অকারণে বাক্যবাণে আমারে পোড়াও।—ম ৪২১। দা ১২৮৫।

বাক্যব্যয় বি বাক্যকথন, বাক্যোচ্চারণ, কথা বলা। "শ্রী.মা ৮১। মে ১৮৬। বাক্যব্যয় আর কেন অকারণ?—মা ১০২। সমভিব্যাহারী নিঃশব্দে…আসিতেছেন, বাক্যব্যয়ও নাই ব প্র ৩০ ; যে আত্মবুদ্ধির অতীত বিষয়ে বাক্যব্যয় করে, সে মূর্খ ১২৮।

বাক্যসিদ্ধ বিং বাক্যবিষয়ে সিদ্ধিপ্রাপ্ত, যাঁহার বাক্য অব্যর্থ ; বাক্‌সিদ্ধ। "তোমার মঙ্গল বাঞ্ছে বাক্যসিদ্ধ হয় চৈ.চ ৭৫।

বাক্যস্ফুরণ, -স্ফূর্ত্তি বি বাক্যনিঃসরণ, কথা বাহির হওয়া। "আয়েষা পুনঃ পুনঃ পানীয়াভিষিঞ্চন করিতে লাগিলেন, কিন্তু আর বাক্যস্ফুরণ দুর্ঘট হইল।—ব.প্র ৯৫।

বাক্যহঠ বি বাক্যযুদ্ধ, বাক্‌কলহ। "ভ গ্র ১৮৭।

বাক্যালঙ্কার † পুং [ষ.ত] বাক্যের ভূষণস্বরূপ শব্দ। "নিষেধবাক্যালঙ্কারজিজ্ঞাসানুনয়ে খলু (অ.কো)।

বাক্যালাপ † পুং [ষ.ত] বাক্যের কথন, সম্ভাষা। "প তৃ ৫৬।

বাক্‌রোধ বি [সং বাগ্‌রোধ] কথনশক্তিবোধ, বাক্যবন্ধ। —রোধ বিং [অপ্র] মৌনী। "অধোমুখে রহে কাম হয্যা বাক্‌রোধ।—ম ১১৩৩।

বাক্‌শক্তি বি ১ বাক্যকথনের ক্ষমতা, কথা বলার শক্তি। "°বিবর্হিত (পদ্মপাঠ, দ্বিতীয় ভাগ)। বাক্‌শক্তির অভাবে।—ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ২ (অপ্র) বর্ণনার শক্তি। "শ্রী ১।

বাক্‌শর † পুং, -**শল্য** ক্লী [কর্ম্মধা] বাক্যরূপ বাণ বা শল্য, মর্ম্মচ্ছেদক বাক্য। "°রৈ্যারভিতাড়িতঃ গো.রা ২.৬৩.১। গুরুদারবাক্‌শরৈর্ভিন্নেন…হৃদয়েন ভ ৪.১২.৪১।

বাক্‌স, বাস্‌ক বি [E box ; হি, ঠ বাকস, মৈ বকস] ঢাকনীওয়ালা ধাতুকাষ্ঠাদির পেটিকা। "ক্যাশ°, হাত°, °বন্দী। বাক্সের মধ্যে : সুদ্ধু বাক্স।—হু ৮০।

বাক্‌সংযম † পুং [ষ ত] বাক্যনিগ্রহ, মিতভাষিতা।

বাক্‌সনা বি [সং বঙ্গসেনক] বকফুল। "বাঘা আইসে মুখ মেলি, বাক্‌সনা ফুল দুটা দাড়া ক.চ ৫৩।

বাক্‌সিদ্ধ † বিণ [স.ত] সর্থ 'বাক্যসিদ্ধ'। "বড় বেটা বাক্‌সিদ্ধ, যে বলে সে হয় শি ৯৪। বাক্‌সিদ্ধ, যারে যা বলেন সিদ্ধ হয় রা.স ২৫। ব.প ১৭১৫।

বাখর বি [বাকল > °র] ১ চাউল হইতে মদ করার কিণ্ব (ferment)। [ইহা গাছের বাকলে থাকে।] ২ ['বক্‌থার'—গুদাম (দেশী—প্রা ম) ; হি বখার] গুদাম। "বাখর ভরিয়া লৈবা পেয়াজ রসুন বি.পা ১৬৪।

বাখান[১] বি [সং ব্যাখ্যান্ > প্রা বক্‌খাণ, বখাণ > বা ন° ; হি, মৈ বখান ; ঠ বাখাণ ; বক্‌খণ, বখান (দো ; চ)] ১ ব্যাখ্যা, বিবৃতি। "চারি বেদ করন্তি বাখান।—প ৩৯। নানা তন্ত্র করয়ে বাখান চৈ.চ ৮৮। শ্লোক° ব.প ১৩৪৬। চৈ.ম ১৯ ; যোগের বাখান ৪৯। ২ প্রশংসা। "দূর বেটা চর আর না কর বাখান।—কৃ ২৩৯। করেন ন. বারাণসী এই পুরী।—গ ১৭১। ৩ উৎকর্ষ, শ্রেষ্ঠতা। "রূপে গুণে কুলে শীলে সকল বাখান।—ম ২৫১। শাম আন্ত করি চারি বাখান চ.বি ১১১। বেদান্ত° ভা.চ ১৫১। ৪ দোষের কথা ; অখ্যাতি, নিন্দা। "তোর মোর হৈবে কাহাঞি বড়রি বাখান শ্রী.কী ৯৪। নটার বাখান ব.প ৭৩। শুন তার কুলের বাখান।—ক.চ ১১৭। ৫ কটুকথা, গালি। "দিলেন বাকডাণ্ডআ শুনিয়া বাখান শ্রী.ম ১৩৯। ৬ প্রশংসা, বর্ণনা। "রূপের বাখান ম.পা ৭১। ৭ বৃত্তান্ত, বিবরণ। "গড়ল চন্দ্রের কথা শুনহ বাখান : শুয়ার বাখান ম.ম ১৭৫। ৮ মাহাত্ম্যবর্ণন। "গঙ্গা দেবী দেবের প্রধান। কেহ তার না জানে বাখান।—গ ১১৫। ৯ বচসা। "আজ্ঞ সমে রাধা তোঞ না কর বাখান শ্রী.কী ১১৬। —নি, -নী বি [°ন+ই, ঈ (পদ্যে মিলের জন্য)] প্রশংসা। "চারি নারী মধ্যে কাহার বাখানী ম.গা ৩। সর্ব্ব রাজ্য হোতে এই রাজ্যের বাখানি গো.বি ৫৫।

বাখান[২] সর্ম্ম [বাখান[১] > °ন ; হি √বখান : প √ব(ব)খাণ ; ঠ √বাখাণ ; সি, গু √বখাণ ; বক্‌খাণ, -ণই, -.ণে, -খাণী (দো ; চ)] ১ ব্যাখ্যা করা ; তত্ত্বার্থ প্রকাশ করা, বুঝান। "পঞ্চাধ্যায়ী পণ্ডিত বাখানে : বাখানয়ে, -নহ, -নিবে ব.প ১২০০। তান কাকি বাখানিতে নারে কোন জনে চৈ.ভা ৫১ ; পাঁজী বৃত্তি…বাখানিয়ে ৭৮। বাখানহ চৈ.ম ২০, বাখানেন ১৫০। ২ প্রশংসা করা ; ভাল বলা। "কিসকে বাখানে কাহ্ন মোর দুঈ তনে শ্রী.কী ৪১। তারা কন্যাকে বাখানে ক চ ৪৭। চৈ.চ ৬০। বাখানি, বীরপণা তোর আমি।—মে ২৫১। বুদ্ধিরে বাখানে।—শিশু ১৫০। ৩ বর্ণনা করা ; সবিশেষ বলা। "অনুরাগ বাখানিতে, তিলে তিলে নূতন হোয় বি প ২১৪। পর নারী কিসক বাখানী শ্রী.কী ৬৯। চারি বেদে তোমারে বাখানি ক.চ ১৭। ৪ অভিহিত করা। "তিন ক্রান্তি বট বাখানি (শুভঙ্কর)। ৫ নিন্দা করা ; গালি দেওয়া]

বাখানি, বাখানী দ্র 'বাখান[১]'।

বাখার বি [দ্র 'বাখর (২)] ভাণ্ডার। "দুধের বাখার চ.সা ৬০।

বাখারি বি ১ সর্থ 'বাঁখারি'। "শূ ৫৯। ২ শামুকের চূন।

বাগ[১], **-ঘ** বি [সং ব্যাঘ্র > লি ব্যগ্‌ঘ ; প্রা বগ্‌ঘ > বা বাঘ, -গ ; হি. প, ড়, মৈ বাঘ, ঠ, গু বাঘ ; সি বাঘু, সিংহলী—'বগ'] বাঘ। "বাগের নাকান গো চ ৭৪, বাঘ ৭১। মাষ্টার যেন বাগ বিবেচনা হচ্ছে!—হু ৮১। —গিনী, -ঘিনী বি [বাগ, -ঘ+ইনী : হি বাঘনী, বাঘিন ; ঠ বাঘীণ ; বাগিনি (গো চ)] ১ ব্যাঘ্রী। "ডম্বুর হারায়ে যেন ফুকরে বাঘিনী।—কৃ ১৭। বাঘিনী ক.চ ৫৫ ; শ্রী ৭৪। মে ১১১। ২ ব্যাঘ্রীসদৃশী হিংস্রনারী ; প্রচণ্ডা স্ত্রী। "বাঘিনী সতা (ক চ)। চাহিলা মারিয়া মোরে বরিতে বাঘিনী, রঘুবরে!—মে ১২১। ঘরজামায়ের এক বাঘিনী, আমার দুটী।—জা ১৫। [তেনার নামে বাগে গরুতে জল খায়—তাঁহার এরূপ প্রতাপ যে, নাম শুনিলেই, খাদক হিংস্র ব্যাঘ্র হিংসা ত্যাগ করিয়া খাদ্য গোরুর সহিত একত্র শান্তভাবে জল খায়। "আ.ছু ৭২। বাঘের ঘরে ঘোগের বাসা—দ্র 'ঘোগ'।]

বাগ[২] বি [সং বাক্, -গ ; তু 'বাগ্‌দত্তা'] ১ বাক্য। "বলে বাগ যোগ্য শ্রী.মা ১৯। ২ শব্দ। "ঢক ঢক করি ঢেঁকি উঠাইল বাগ শি ৭৭।

বাগ[৩] বি [সং বল্গা > প্রা বগ্‌গা > বা (বাগা) °গ, হি বাগ, বাগা ; ঠ বাগ] ১ লাগাম। "শূ ৬। আপনি ঘোড়ার বাগ ধরিয়াছে হরিষে শ্রী.ম ১৮৪। ২ (গৌণার্থে) অঙ্কুশঘাতজন্য বশ ; আয়ত্ততা। "উৎকট্ট হইল হাতী বাগ নাহি মানে শ্রী.মা ১০৭ ; বলে ছলে বাগে পেলে পরাব ত্রিশূল ১৩১। বাগে পেলে ছাড়িব না।—ব ২। ৩ প্রণালী, ব্যবস্থা। "কাজের বাগ। ৪ শাসনবাক্য, উপদেশ। "বাগ মানা।

বাগ[৪] বি [ভাগ > °গ] ১ (অপ্র) অংশ। "তিন বাগের [illegible] গো.চ ১২৫। ২ ভাগ, স্থলাংশ। "অচল দেখা যায়,…নিকট বাগে স্ব.প্র ৩৯। ৩ দিক্। "যে বাগে পড়য়ে জল সেই বাগে ছাতা শ্রী ২১০। যে বাগে মেঘ করে বরিষণ ব.প ৪৩২। কিন্তু না দেখিতে পায় (ভুদ)

গেছে কোন-বাগে স্ব.প্র ১৪৩। সাতটি তারা চেয়ে আছে, সাতটি চাঁপার বাগে।—শিশু ৯২।

বাগ[৫] বি [ফা বগা.হ্] সুবিধা, সুযোগ। "বাগ পেয়ে বাঘটাকে চোটায় শ্রী.মা ৭৭। হানিবারে···বাগ নাহি পায় ব.প ৪৩৫। বিবি পালাবার বাগ পেলে কি কেউ তা ছাড়ে?—মা ৩৪৮।

বাগ[৬] বি [ফা ব্রাগ্.হ্.; হি, ঠ বাগ] উদ্যান, বাগান। "নারিকল বাগে যায় গো.চ ৩৭১। ম.ম ১৯৯। E.P. 60. [°বাগিচা—বাগান ও ছোট বাগান। "ভ.গ্র ২৩৫। আ.দু ১।

বাগড়া বি [হি 'বগড়া'—শাঠ্য] ব্যাঘাত, প্রতিবন্ধক। "সৎকর্ম্মে বাগড়া দিয়ে ভাঙ্গামঙ্গলচণ্ডী হওয়া আ দু ১৩০। [হাত-বাগড়াবাগড়ি—হাত ছিনাইয়া লওয়ার চেষ্টা। "মতিলাল হাত-বাগড়াবাগড়ি করিতে আরম্ভ করিল আ দু ২৪, ৩৮।]

বাগডোর বি [হি বাগডোর; ঠ বাগদোর] ১ লাগাম। "শ্রী.মা ১৫৬; ঘোড়ার ফিরায় বাগডোব ২০৩। বাগডোর খেঁচিতে পঞ্জন যেন ফিরে শ্রী ১২৫। ২ বৃষের মুখরজ্জু। "(বৃকোদর বৃষ) শিবের সম্মুখে দিল বাগডোর ধরি শি ৮৭।

বাগপহারক † পুং [ষ ত] অননুজ্ঞাতাধ্যায়ী (গুরুর অনুমতি বিনা অধ্যয়নকারী) ও পুস্তকাপহারী (মিতাক্ষরা)। "মনু ১১.৫১; যাজ্ঞ ৩.২১০।

বাগর্থ † পুং [দ্বন্দ্ব] শব্দ-শব্দার্থ। "°প্রতিপত্তয়ে রঘু ১.১। এক প্রাণ দুই ভাই—বাগর্থ যেমতি।—মা ১৫০।

বাগসি † পুং [কর্ম্মধা] বাক্যরূপ অসি, বাক্‌খড়্গ। "কি ১৪ ১২।

বাগা[১] সর্ম্ম [বাগ[৩] > অ[৯]] বাগে আনা; আয়ত্ত করা, বশে আনা। "এক মিনিটে বাগিয়ে (বাগাইয়া) কেমন লাগিয়ে দিলে হুক—হেম ৩৮৬। রাস-গুচ্ছ বাগাইয়া ধরি স্ব.প্র ৩। [কাজ বাগান—১ কৌশলে কাজ আয়ত্ত করা বা আদায় করা। ২ চাকরী যোগাড় করা। খিদে বাগান—খিদে করা। "চিল্লে খিদে বাগিয়ে নেয় গি.ছি ৮৪। ঘোড়া বাগান—ঘোড়া বল্গা দ্বারা আয়ত্ত করা বা বশে আনা। তেড়ি বাগান—ইচ্ছামত তির্য্যক্ সিঁথি ফিরান। রাশ বাগান—রাশ আয়ত্ত করিয়া ধরা। "দুই হাতে তার রাশ বাগাইনু রে।—গান ৭৬। সিঁথি বাগান—ইচ্ছানুরূপ সিঁথি কাটা। "দাঁড়াও এখন, আধ ঘণ্টা ধ'রে সিঁথি বাগান হোক অ গ্র ৮১।]

বাগা[২] বি [(?)] ব্যঞ্জনবিশেষ। "দোলমা বাগা ভা.চ ৫৪৮।

বাগাড়ম্বর † পুং [ষ.ত] বাক্যের ঘটা; বাগ্‌জাল। "মাঘ ২ ২৭, মল্লিনাথ। পা.প্র ৯২।

বাগাত বি [ফা বাগ া'ত্] বাগান। "°ত ১ কীতা E P. 72; 95.

বাগাত্মা (-ত্মন্) † বিণ [বাক্ আত্মা যাহাব, বহুব্রী] শব্দস্বরূপ। "বাগাত্মনি ব্রহ্মণি উ চ ২১/৬।

বাগান[১] বি [ফা বাগ্‌হ্‌বান্—উদ্যানপাল] ১ উদ্যান। "°বাড়ী। ২ জঙ্গল। —নি[১] বি [°ন+ই[৮]] উদ্যানরক্ষক। "ম.ম ৬৬।

বাগান[২],**-ল** বি য গোরু বাগায় বা বশে রাখে; রাখাল। "দশ লক্ষ বাগানে বাগানি করে যার ব.প ৭২২। —নি[২], -লি বি [°ন, -ল+ই[৮]] ১ বাগালের কাজ; রাখালী। দ্র 'বাগান[২]'। ২ বাগালের প্রাপ্য অর্থাদি। "তোর মাতা বাগালি সাধিত ঘরে ঘরে ব.প ৪৩৪।

বাগানি[১]; **বাগানি**[২], **বাগাল**, **বাগালি** দ্র 'বাগান[১]', বাগান[২]।

বাগিচা বি [ফা বাগ্.হইচ; হি বাগীচা, বাগুচা (গো.চ)] ছোট বাগান; বাগান। "বাগ°। পুষ্করিণী বাগিচা ভ গ্র ২৪০।

বাগী বি [হি, ড় বাঘী; দেশী (?)] উপদংশ রোগীর কুঁচকিফোলা রোগবিশেষ।

বাগীশ † পুং [বাক্+ঈশ; ষ.ত] ১ 'বাক্‌পতি, বৃহস্পতি। "বাগীশাদ্যাঃ সুমনসঃ (সায়ণ)। ২ শোভনোদ্দামবাগীক (অ.টী), বাগ্মী। "মাঘ ২ ২৫। ৩ বিদ্যাসমূহের পতি; ব্রহ্মা। "কু.স ২.৩। ৪ বৃহস্পতিগ্রহ। ৫ বৃহস্পতিদেবতাক পুষ্যনক্ষত্র। ৬ পণ্ডিত (উপাধিতে)। "আগম°, ন্যায়°, সিদ্ধান্ত°। —শা স্ত্রী সরস্বতী। "ভ ১.১.১, শ্রীধরটীকামুখ।

বাগীশা দ্র 'বাগীশ'।

বাগীশ্বর † পুং [ষ.ত] সর্থ 'বাগীশ' (১-৩)। —শ্বরী স্ত্রী ১ সরস্বতী। "রসনায় আসন পাতিলা বাগীশ্বরী।—মা ১৪৪। ২ (বাঙ্গলায়) রাগিণীবিশেষ, বাগেশ্রী। "ব.প্র ৩৭৯।

বাগীশ্বরী দ্র 'বাগীশ্বর'।

বাগুড়ি, -লা বি ['বাকল'—মূল] কলাগাছের দীর্ঘ গোটা পাত। "জানকী কাঁপেন যেন কলার বাগুড়ি।—কৃ ১৪১। কলার বাগুলা যেন কম্পিত কেশর ক.চ ৫১।

বাগু(গো)য়ান বি [দ্র 'বাগান[১]'] উদ্যান। "বাগুয়ান বি.পা ১০৩। বাগোয়ান বা.ম ১০৮।

বাগুরা † স্ত্রী [√বা গতি+র (রক্), -ক, 'গু' অন্তাদেশ (অ.টী) +স্ত্রী আ (টাপ্); তালপাতার যে পট্টবৎ গোড়াকে 'বাগুলা' (বাকল) বলে, তাহার চোঁচে (আঁশে) ফাঁশ করিয়া ফাঁদ করে। বোধ হয়, এই 'বাগুলা', 'বাগুরা' শব্দের মূল।] ১ মৃগবন্ধনার্থ জাল-বিশেষ, পাশ, ফাঁদ। "(সীতা) সংপ্রেক্ষ্য চীরং সংত্রস্তা পৃষতী বাগুবামিব রা ২.৩৭.৯। শ্রী.মা ৬৬। মৃগবন্ধনের বাগুরা।—কাদ ১৪১। ২ বাগুরাতুল্য বন্ধনসাধন দ্রব্য। "বল্লকী স্মবকথা রহঃ প্রজো বর্গ এব মদনস্য বাগুরা।—বৃহৎসংহিতা ৭৬.২। [°বন্ধ (পুং)—পাশবন্ধন। "°বন্ধজীবন (মহা)। °বৃত্তি (বিণ)—পাশবন্ধন দ্বাবা মৃগাদিবধজীবী। "মনু ১০.৩২।]

বাগুরিক † পুং [বাগুরা+ইক (ঠক্)] বাগুরাজীবী, জালিক। "খগণিবাগুরিকৈঃ রঘু ৯.৫৩।

বাগুলা দ্র 'বাগুড়ি'।

বাগুস † পুং মৎস্যবিশেষ, বাউস বা বাঁওস মাছ।

বাগোয়া বি ['বাগুলা'—মূল, দ্র 'বাগুরা'] তালপাতার ডাটা; তালপাতা। "বাগোয়ার বেড়া দেছি ছানি কলার পাত বি.প ৩৩৪।

বাগোয়ান দ্র 'বাগুয়ান'।

বাগ্‌গুদ † পুং [বহুব্রী] বাক্ (মুখ) যাহার বিষ্ঠাত্যাগস্থান, বাদুড়। "°দো গুড়ং (হৃত্বা ভবতি) মনু ১২ ৬৪। বিষ্ণু ৪৪.৩০।

বাগ্‌জাল † ক্লী [ষ.ত] বাগাড়ম্বর, বাক্যঘটা। "মাঘ ২.২৭।

বাগ্‌দণ্ড † পুং [তৃ.ত] ১ বাক্য দ্বারা দণ্ড; বাঙ্‌নির্ভর্ৎসন, তিরস্কার। "মনু ৮.১২৯। যাজ্ঞ ১.৩৬৭। ২ [ষ.ত] বাক্যের দমন; বাক্‌সংযম, বাক্যনিয়ন্ত্রণ। "মনু ১২.১০। ৩ [দ্বন্দ্ব] বাক্য ও দণ্ড। "বাগ্‌দণ্ডজঞ্চ পারুষ্যম্ মনু ৭.৪৮।

বাগ্‌দত্তা † স্ত্রী [তৃ.ত] যথাবিধি বাক্য দ্বারা সম্প্রদানে কৃতসঙ্কল্পা কন্যা। "°ত্তানাং বিবাহসঙ্কল্পিতাদর্ব্বাক্ মরণে মনু ৫.৭২, কুল্লুক।

বাগ্‌দান † ক্লী [তৃ.ত] বাক্য দ্বারা যথাবিধি কন্যাদান; কন্যাদান-প্রতিশ্রুতি। "°পর্য্যন্ত মনু ৫.৭২, কুল্লুক। রঙ্গ ২৭।

বাগ্‌দি বি [(?)] মৎস্যব্যবসায়ী জাতিবিশেষ। "বাগ্‌দির সাঁগা আছে শি ৮৪। [কবিকঙ্কণের বর্ণনায় 'বাগ্‌দি' পদাতিক অস্ত্রযোদ্ধা (বাগ্‌দি নিবসে পুরে, নানা অস্ত্র ধরি করে, দশ বিশ পাইক করি সঙ্গে—ক.চ ৮৯)।] —দিনী বি [°দি+নী] বাগদির স্ত্রী। "বিমোহিনী বাগ্‌দিনী হৈল অবহেলে শি ৮১, -২।

বাগ্‌দেবতা, -দেবী † স্ত্রী [ষ.ত] বাক্যের অধিষ্ঠাত্রী দেবী, সরস্বতী। "বাগ্‌দেবতা সা.দ ১১/৫। °দেবী ব.প ১৩৭৫।

বাগ্দৈবত্য † বিণ [°দেবতা+য (স্বঞ্)] বাগদেবতাসম্বন্ধী, বাগ্দেবতাক। "বাগ্দৈবত্যৈশ্চরুভিঃ মনু ৮ ১০৫।

বাগ্দোষ † পুং [ষত] ১ বাক্যদোষ, কর্কশবচন। ২ [কর্মধা] চিৎকাররূপ দোষ। "বাগ্দোষাদ্ গর্দ্দভো হতঃ।—হি ৩ ৯।

বাগ্বজ্র † পুং [উপ.স] ১ বজ্রসদৃশ বাক্য, মর্মঘাতী বাক্য। "অহহ তীব্রসংবেগো বাগ্বজ্রঃ উ চ ১২৬। ২ শাপ। "ভ ১ ১৮৩৬। বাগ্বজ্র দিল মুনিবর ক চ ১৭।

বাগ্বাণ † পুং [কর্মধা] বাক্যরূপ শর। "°শৈঃ…বিদ্ধঃ ভ ৪ ৯ ২৯।

বাগ্বাদিনী বি সর্ব 'বাকবাদিনী'। "চ সা ৩৩২। বা ম ২। (রঙ্গিনী) তুমি বাগবাদিনী ব প ৯৯৭।

বাগ্বিদগ্ধ † বিণ বাক্যপ্রয়োগকুশল, বাকপটু। "°ধা বয়োধিকা …কহিলেন, যুবরাজ। না জানিয়া অপরাধ করিয়াছি ব.প্র ৬।

বাগ্বিভব † পুং [ষত] বাণীপ্রসার, বচনপ্রপঞ্চ। "তনু° রঘু ১ ৯। বাগ্বিভবাতিবৃত্তবৈচিত্র্য মা মা ১ ২৬।

বাগ্বৈদগ্ধ † বি বাকপটুতা, বাগ্মিতা। "বিমলার °গ্ধ ব প্র ১৩।

বাগ্ব্যবহার † পুং [ষত] বাক্যপ্রয়োগ। 'কিমত্র বাগ্ব্যবহারেণ মা মি ১২৬।

বাগ্মিতা † স্ত্রী [বাগ্মিন্+তা (তল)] বাগ্মিভাব, পণ্ডিততা। "মিত° চ সারং চ বচো হি বাগ্মিতা।—নৈ ৯ ৮।

বাগ্মী (-গ্মিন্) † বিণ [বাচ+গ্মিন (গ্মিনি) অস্ত্যর্থে প্রশংসায়-১ব, স্ত্রী -গ্মিনী, 'বাগগ্মী' দ্বিগকাবপাঠ, পা ৫ ২ ১২৪, তত্ত্ববোধিনী, 'বাগ্মী' নিপাতিত, মুগ্ধবোধ, ৪৪৮ সূত্র। বাগবিন (অথর্ববেদ ৫ ২০ ১১)] ১ প্রশস্তবাক, বাকপটু। ২ হেতুযুক্তিচতুর (শ্রীধর)। 'ভ ৪ ১৯ ২৫। —গ্মী পুং ১ বাকপটুজন, প্রশস্তবাক্যবক্তা, বাবদূক (মল্লিনাথ)। "বাগজাল° বাগ্মিনঃ মাঘ ২ ২৭। কি ১৪ ৬। ২ বৃহস্পতি। ৩ বিষ্ণু (মহা)।

বাগ্যত † বিণ [স ত] বাক্যবিষয়ে সংযত, সংযতবাক, মৌনী। "রা ২ ৬৪, ৮৭ ১৯। —যমন ক্লী [ষত] বাক্যনিয়ন্ত্রণ, মৌন।

বাগযমন দ্র 'বাগ্যত'।

বাগ্যুদ্ধ + ক্লী [তৃত] বাক্য দ্বারা যুদ্ধ, বাককলহ, বচসা। 'ম ৩৯৫; আগে বাগ্যুদ্ধ শেষে করে অস্ত্রাঘাত ৯৪৬।

বাগ্রোধ † পুং [ষত] বাকশক্তিরোধ, বাগ্বন্ধন।

বাঘ দ্র 'বাগ১'। [°-আঁকড়া—অক্ষোটবৃক্ষ। °ছড়ি, °ছাল,—ব্যাঘ্রচর্ম। 'পরিধান বাঘছড়ি।—ম ১৬। বাঘছাল শ্রী ২৭, ভা চ ৮১, ৪৪৫। °ডাশা—জন্তুবিশেষ। °জাল—বাঘধরার জাল। 'ক চ ১৩৭। °থাবা —বাঘের থাবার মত বৈষ্ণবের ছাবা। "সব্বাঙ্গে শোভিতছাবা, কলি মৃগ বাঘথাবা ভা চ ১৫১। °নখ—১ ব্যাঘ্রনখের বক্ষোভূষণবিশেষ। "বুকে শোভে বাঘনখে ক চ ৪৬। ২ ব্যাঘ্রনখাকৃতি অস্ত্রবিশেষ। "হেথা বাঘনখে অঙ্গুলী সাজে—রঙ্গ ১০১। °লেঙ্গুড়ে ঢাক—টোয়ে বাঁধা ঢাক। "দা ৭৬৩। °হাথা—বাঘের হাথার (থাবার) মত হাতকড়িবিশেষ। 'হাথে বাঘহাথা দিল ক চ ১০১,-২।]

বাঘা বি [বাঘ+আ১৩] বড় বাঘ। "বাঘা বুলে ধাযা।—ক চ ৩১, ৫১,-৩। শ্রী ৮১। [°-আড়—কালবেথাযুক্ত আড়মাছ। বাঘা কুকুর —বাঘের মত ভীষণ কুকুর। বাঘা তেঁতুল—অত্যন্ত টক তেঁতুল। "যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল।—প্রবচন। বাঘা হামা —পায়ের ও হাতের তলে ভর দিয়া শিশুর চলা।]

বাঘাম্বর বি ব্যাঘ্রচর্মবসন। "অর্দ্ধ বাঘাম্বর কটি।—ম ১৭। —রা বি বাঘাম্বরশিবের শক্তি চণ্ডী। "কৃ ৩৫০।

বাঘাম্বরা দ্র 'বাঘাম্বর'।

বাঘিনী দ্র 'বাগ১'।

বাঘী বি [সং ব্যাঘ্রী > প্রা বগ্ঘী > বা °ঘী] সর্ব 'বাঘিনী'। "রূপী বাঘী শ্রী ৭৫।

বাঙ, বাঙভাগ দ্র 'বাঁ'।

বাঙন বি [সং বামন] ১ বামন অবতার। 'বাঙনে (বন্দে) ক চ ৫। ২ খর্বাকৃতি জন। "জনু বাঙন করে ধরব সুধাকরে—গো ৫৯। [বাঙন নারিকল—ছোট নারিকেল (?) 'কাঁদি বাঁধি নিল বাঙন নারিকল ক চ ২২৩।]

বাঙা(ঙ্গা)ল বি [প্রতীহাররাজ ভোজের সাগরতালের শিলালিপিতে 'ধর্মপাল'কে 'বঙ্গপতি' এবং তাঁহার সেনাগণকে 'বাঙ্গালী' (বঙ্গাল) বলা হইয়াছে (গৌড়রাজমালা ২১ পৃষ্ঠা)। প্রথম রাজেন্দ্রচোলদেবের তিরুমলয় পর্বতের লিপিতে 'বঙ্গালদেশ' {Vangala-desh, where the rain-wind never stopped—ডাক্তার হুলজ্ (Hulzsch)-কৃত ইংরাজী অনুবাদ} পাওয়া যায়। 'বঙ্গাল' হইতে 'বাঙ্গাল', 'বাঙ্গালা', সহজেই হয়। তাঞ্জোরে একাদশ শতাব্দীতে উৎকীর্ণ প্রশস্তিতে 'বঙ্গলম্' পদ দেখা যায়। বঙ্গ+আল > বঙ্গাল > বাঙ্গাল। (দেশ)—আকবরের সাম্রাজ্য যে দ্বাদশ সুবায় বিভক্ত হয়, বাঙ্গালা তাহাদের একতম। উড়িষ্যা এই সুবার অন্তর্গত ছিল। ইহার পূর্ব্বে সমুদ্র, উত্তরে ও দক্ষিণে পর্বতশ্রেণী, পশ্চিমে সুবা বিহার। ইহা হিন্দুস্তানের পূর্ব্বসীমান্তবিভাগ। সংস্কৃত 'বঙ্গ' ইহার মূল শব্দ। নিম্নভূমিতে পর্ব্বতের পাদদেশে রাজগণ যে সকল মৃত্তিকার 'আলি' দিয়াছিলেন, 'আল' সেই আলিরই অপভ্রংশাকৃতি (Ayeen Akbery, Vol II, Part I,—The Soobah of Bengal)। মতান্তরে, 'বঙ্গ+অলম্' (দ্রবিড়ীয় ধাতু 'রা'—to possess) —'বঙ্গাল' (বঙ্গদেশ), 'বাঙ্গাল, -লী' (দ্র 'বঙ্গ')। প্রাকৃত পৈঙ্গলে, 'বংগলা' (বংগলা ভংগলা—রঙ্গা ভগ্গাঃ—২ ১২৮) শব্দ 'বঙ্গবাসী' অর্থে প্রযুক্ত হইয়াছে।] ১ পূর্ববঙ্গের অধিবাসী। "কান্দে রে বাঙ্গাল ভাই বাফোই বাফোই।—ক চ ১৯৮, ২০৮, কাণ্ডার বাঙ্গাল ২৯৪। ম ভা ১১। বাঙ্গাল চৈ ভা ১০৭, স এ ২৫। ২ পূর্ববঙ্গীয় মুসলমান। "গো চ ৩। [বাঙ্গালে—বাঙ্গাল সম্বন্ধী। "বাঙ্গালে গোঁসা।—হেম ৩৮০।]

বাঙা(ঙ্গা)লি, -লী বি [বাঙ্গালা+ঈ১, হি, ঠ মৈ বংগালী, বঙ্গালী, বঙ্গালিকা (টীকা)।—চ] ১ বঙ্গ যাহার স্বদেশ ও যে বঙ্গভাষাভাষী, বঙ্গদেশবাসী। 'বাঙ্গালিরা কত ভাল পশ্চিমার ঘরে ভা চ ৪৮০। সাধে কি বাঙ্গালী মোয়া চির-পরাধীন?—ন ৪২০। বাঙ্গালি।—হ ৮৮। ২ পৌরুষহীন বঙ্গবাসী। "সাত কোটি সন্তানেরে, হে মুগ্ধজননি। রেখেছ বাঙালী ক'রে মানুষ কর নি?—স ম ৫৬। বাঙালীর পণ…সত্য হউক হে ভগবান্।—গান ২৪৬। গঙ্গপত এদেশীয় নাম নহে, অথচ দেখিতেছি, ও ব্যক্তি বাঙ্গালী ব প্র ৭১।

বাঙ্ক বি [বঙ্ক২ > °ঙ্ক] বক্র, প্রতিকূল। "বাঙ্ক বিধাতা বি সা ২৩৫।

বাঙুআ, -য়া বি সর্ব 'বাউঙ্ক'। "গো চ ৬৭, ২৬০,-১।

বাঙ্গাটুনি বি [সং 'বঙ্গ' (বেগুনগাছ) > বাঙ্গা] বেগুনগাছে যাহার বাসা, সেইরূপ, অর্থাৎ অতিক্ষুদ্র টুনিপাখী। "চৈ চ ৩৫৫।

বাঙ্গাল দ্র 'বাঙাল'।

বাঙ্গালব্যাঙ্ক বি [E Bank of Bengal] গভর্ণমেন্টের ব্যাঙ্ক। 'ও গোক যদি তোর হয়, তবে বাঙ্গালব্যাঙ্কের টাকাও আমার ব প্র ৬৪৯।

বাঙ্গালা, বাঙ্লা, বাংলা বি [দ্র 'বাঙাল'। বেঙ্গালা (Bengala) নামে এক পর্টুগিজ-বণিক বাঙ্গালা দেশে বুড়ীগঙ্গার তীরে বাণিজ্য করিতে আসেন। তাঁহার নামানুসারে উহা 'বেঙ্গল' নামে কথিত হয়, উহা হইতে প্রদেশের নাম 'বাঙ্গালা' হয় (প্রবাসী—মাঘ, ১৩২৮, ৫২২ পৃষ্ঠ)।] ১ বঙ্গদেশ। "গিয়া ছিলা বাঙ্গালায়, কেমন দেখিলা সেই দেশ ভা চ ৪৭৬,-৭। আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি। —গান ২২৭, বাংলার মাটি ২৪৬। ইংরেজ তখন বাঙ্গালার দেওয়ান

ব.বি ৯৬। ২ বঙ্গভাষা। "'এলেম'কে বাঙ্গালায় বিদ্যা কহে ব.প্র ৭১; সন্ন্যাসী যে ভাষায় কথা কহিত, তাহার…এক আনা বাঙ্গালা ২৩০। ৩ ধনুরাকৃতি চুয়াযুক্ত খড়ে-ছাওয়া দোচালা ঘর। "ময়নার বাঙ্গালায় ব.প ৮৩। বসিয়াছে সিদ্ধা হাড়ি বাঙ্গালার ঘরে ম গা ২৩। বাঙ্গালার নাটমন্দির গো.চ ৬৭; বাংলা ১৮০। [ঝড়বৃষ্টিবহুল পূর্ব্ববঙ্গে এইরূপ ঘর বিশেষ আবশ্যক। পশ্চিমবঙ্গে এইরূপ দেয়ালের ঘর পূর্ব্বে দেখা যাইত, এক্ষণে দোচালা ঘরমাত্র বাঙ্‌লা ঘর। কোন কোন স্থলে চারচালা বা আটচালা ঘরকেও বাঙ্‌লা (bungalow) বলে। 'ডাক-বাঙ্‌লা'য় নামমাত্রে 'বাঙ্‌লা'র স্মৃতি রহিয়াছে।] [বাঙ্গালা গুয়া—বাঙ্‌লাদেশের গুয়া। "ব.প ৩২। বাঙ্‌লা করে বলা—ভাষা কথায় সোজা করে বলা।]

বাঙ্গালি, বাঙ্গালী; বাঙ্গালে দ্র 'বাঙালি; বাঙাল'।

বাঙ্গি বি সং বিহঙ্গিকা; হি,ঠ বহংগী; ড বাহাঙ্গী; সি ব্ঙিগু] ১ ভারযষ্টি, বাঁক। ২ ['ভঙ্গ'—মূল?] ফুটি। "বাঙ্গি পিরা বি.পা ১৬৩; ২১৭। ['ডাক—বাঁকে বহার ডাক; পার্শেল।]

বাঙ্‌নিষ্ঠা † স্ত্রী [স ত] বাক্যপালনে দৃঢ়তা; বাক্যে একান্তনিশ্চয়। "সত্যাচার, বাঙ্‌নিষ্ঠা…প্রভৃতি কঠোর সদ্‌গুণ পা.প্র ১৫১।

বাঙ্‌নিষ্পত্তি † স্ত্রী [ব.ত] বাক্যনিঃসরণ, বাক্যোচ্চারণ। "আশ্‌মানি …কহিল, 'থাও'। ব্রাহ্মণের বাঙ্‌নিষ্পত্তি নাই ব.প্র ২৭; 'অ্যা অ্যা, তা তা তা তা'—বাঙ্‌নিষ্পত্তি হইয়া উঠিল না ২৯।

বাঙ্মধুর † বিণ [স.ত] বাক্যবিষয়ে মধুর; মিষ্টভাষী। "স্বামী বাঙ্মধুরো বিষহৃদয়ো ময়া জ্ঞায়তে।—হি ২২৪২৬।

বাঙ্মনঃ (-নস্) † ক্লী, দ্বিব [দ্বন্দ্ব; তু '°নস'] বাক্য ও মনঃ। "কঠোপনিষৎ ৩.১৩। মনু ২ ১৬০। °নোগোচর চৈ.চ ২৭১।

বাঙ্মনস † ক্লী, দ্বিব [দ্বন্দ্ব, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.৭৭] বাক্য ও মনঃ; বচন ও ধ্যান। "অবাঙ্মনসগোচর।

বাঙ্ময় † বিণ [বাচ্+ময় (ময়ট্); স্ত্রী -য়ী; বৈদিক] ১ বাগবয়ব, বাক্যস্বরূপ। ২ বাগ্‌রূপ-দেবমূর্ত্তি। "বাঙ্ময়ী কন্যা।—রা ৭.১৭.৯। ৩ বাক্‌কৃত, বাচিক। "°য়ং তপঃ গী ১৭.১৫। মনু ১২.৬। —য় ক্লী শব্দজাত, শব্দসমূহ। "বাঙ্ময়েন সরস্বতী তন্মিথুনং নুনাব কু.স ৭.৯০। রঘু ৩.২৮। —য়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ] বাগ্‌দেবী।

বাঙ্ময়ী দ্র 'বাঙ্ময়'।

বাঙ্মুখ † ক্লী [ব.ত] বচনোপক্রম, বাক্যারম্ভ, উপন্যাস (অ কো)।

বাঙ্‌লা; বা'চ দ্র 'বাঙ্গালা; বাইচ'।

বাচ¹ † পুং মৎস্যভেদী, বাচা মাছ। "বাচো বাচামগোচরঃ (উদ্ভট)।

বাচ² বি [সং বাচ্; অপ্র] কথা। "ম.পা ১৬,-৮, ২৯; ১১২

বাচংযম † বিণ [বাচ্+যম্+অ (খচ্) -ক, ব্রতার্থে, 'অম্' নিপাতিত; বৈদিক] ব্রতার্থ মৌনী; মৌনব্রতী। "রঘু ১৩.৪৪।

বাচক † বিণ [√বচ্+অক (ণ্বুল)-ক; স্ত্রী -চিকা] ১ কথক, বক্তা। "(দূতঃ) যথার্থজ্ঞ হি বাচকঃ।—হি ৩.১৬। ২ সাক্ষাৎ সঙ্কেতিত জাতি-প্রভৃতি অর্থের প্রতিপাদক; অভিধাবৃত্তি দ্বারা বোধক (শব্দভেদ)। "কা.প্র ২.৭। ৩ বাধক, সূচক। "পূরণ°, সংখ্যা°। —ক পুং ১ কথক। ২ দূত। "ম.বি ১৩৭। ৩ প্রকৃতিপ্রত্যয় দ্বারা অর্থবোধক; শব্দ (অ.কো)। ৪ [√বাচি+অক -ক] পুরাণাদিপাঠক। "রা ৭ ১১১.৭। —ক ক্লী বাক্য। "বস্তু° ভ ৪.২৫.৩১। —চন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ পঠন, পাঠ। "পুণ্যাহ°, শান্তি°, স্বস্তি°। ২ কথন। [বাচন করুন —বলুন। "তিনি সবিশেষ বাচন করুন ব.প্র ১২৭।]

বাচন দ্র 'বাচক'।

বাচনিক † বিণ [বচন+ইক (ঠক্); স্ত্রী -কী] বচন দ্বারা নির্বৃত্ত; বাক্যনিষ্পাদিত, বাক্যকৃত (পাপাদি)। "বাচনিক বিবাদে আসল কথা প্রকাশ পাইত ব.প্র ২৯৫।

বাচ(ছ)বিচার বি ১ বাছা ও বিচারণা; বিচারপূর্ব্বক কর্ত্তব্যনির্ণয়। "কানা খোঁড়া নুলো যে আসে মরতে, বাচবিচার কি হবে না করতে? —কা ৮৬। ২ দ্রব্যের ভাল মন্দ বিচার; আচারের বৈধাবৈধ-বিচার। "এঁটোর বাচ° তাদৃশ করি নে।—জী ৮৫।

বাচস্পতি † পুং [বাচঃ+পতি, বিসর্গস্থানে 'স্', পা ৮.৩.৫৩; ষ.ত, অলুক্] ১ বাক্যের পতি; বৃহস্পতি। "রা ২.১.১৭। ২ বাগ্মী। ৩ পুষ্যনক্ষত্র। ৪ পণ্ডিতের উপাধি। —ত্য ক্লী [°তি+য (ষ্যঞ্)] বাচস্পতিভাব, বাগ্মিতা। "মাঘ ২.৩০; হি ৩.৯০।

বাচস্পত্য দ্র 'বাচস্পতি'।

বাচা¹ † স্ত্রী [বাচ্+আ (আপ্), পা ১.৪.৮২, সি; তু 'সং রাচ্ > প্রা রাআ (প্রা.প্র ৪.৭) রায়া (প্রা.ম)] বাক্, বাক্য। "ব্রাহ্মণেন শুচীভূয় তিস্রভির্বাচাভিঃ স্বস্ত্রীবিতার্দ্ধং দত্তম্।—পঞ্চ ৩৪৬।

বাচা² বি [সং বাচ] ১ বাচামাছ। "বাচার করিল ঝোল ভা.চ ৫৪৭। ২ সর্থ 'বাচ্চা'। ৩ [হি রাচা] প্রতিজ্ঞা, করার। "কত ঠাই বাচা বান্ধে করিয়া মানান শ্রী ২৩।

বাচা³ সর্ম [হি √রচা; ঠ √বচার; দ্র 'বাঁচ, -চা] রক্ষা করা; বজায় রাখা। "পূর্ব্বদ্বার বাচাইয়া: বাচায়্যা উত্তর দ্বারে ব.প ৩৮২,-৩। প্যারীজীর পক্ষ হৈয়া মানাদি বাচান ভ.প্র ১৫৪।

বাচাট † বিণ [বাচ্+আট (আটচ্), বহুভাষী অর্থে; 'ঠ চারট'] ১ কুৎসিতবহুভাষী, বহুভাষী, জল্পাক, বকাট। "অরে বাচাট! —বে ৩৪২৬। বাচাটে! রাবণো হৃহম্ ভট্টি ৫.২৩। ২ বহুপরুষভাষী। "ন বাচাটাম্ (কন্যামুদ্বহেৎ) মনু ৩.৮। বিষ্ণু ২৪.১৬।

বাচারম্ভ বি ['বাচারম্ভণ' (ছান্দোগ্য ৬.১.৭)] বাগালম্বন, বাক্যের আলম্বনভূত দ্রব্য। "°ভ নামমাত্র বিকার অতথ্য। ঘটাদির অবশেষ মৃত্তিকাই সত্য।—শ্রী.ম ২৬২। দ্র 'ছান্দোগ্য' ৬.৪-৬।

বাচাল † বিণ [বাচ্+আল (আলচ্); তু 'তা আল (প্রত্যয়) —possessing] ১ সর্থ 'বাচাট (১)। "মাঘ ১.৪০। ২ শাস্ত্রযোনি। "ভ ১০.২৫.৫। 'বাচাল' কহিয়ে—বেদপ্রবর্ত্তক ধন্য চৈ.চ ২৮৮। ৩ বিকত্থন। ৪ কলরবপূর্ণ, মুখরিত। "কিঙ্কিণীজালবাচালাম্ (লঙ্কাম্) গো.রা ৫.৯.৫৯।

বাচি বি [অপ্র] সর্থ 'বাইচ'। "বাচি খেলাইতে যায় ব.প ৩৮৩।

বাচিক † বিণ [বাচ্+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ বাক্যদ্বারা নির্বৃত্ত; বাক্‌কৃত, বাঙ্ময়। "পারুষ্যে দণ্ডবাচিকে মনু ৮.৬; ১২.৯। সা.দ ৬.২। ২ বাক্যদ্বারা নিবেদিত; বাচনিক; মৌখিক। —ক ক্লী [+ইক, ব্যাহৃতার্থ বাক্যে স্বার্থে, পা ৫.৪.৩৫] ১ ব্যাহৃতার্থ বাক্য, অর্থাৎ অন্যের কথিতার্থ বিষয়ের কথন; সন্দেশবাক্, মুখে বার্ত্তাকথন। "নির্দ্ধারিতেঽর্থে লেখেন খলূক্ত্বা খলু বাচিকম্ মাঘ ২.৭০। আমার বাচিক-প্রতিবাক্য পাইয়া। পর্ণাদ…কহিল আসিয়া। ম.বি ১৩৭। ২ জপযজ্ঞবিশেষ। "হারীত ৪.৪২। ['পত্র (ক্লী)—সন্দেশপত্র, লিপি। °হারক (পুং) —১ সন্দেশহর, দূত। ২ পত্র, লেখ।]

বাচোযুক্তি † স্ত্রী [ষ.ত; অলুক্] ১ বাক্যের উপন্যাস বা পরিপাটি (অ টী); বাক্যনৈর্ম্মল্য। ২ বাক্যযোগ, বচনরচন। "যত্র খল্বিয়ং বাচোযুক্তিঃ মা.ম ১৪৬। ['পটু (বিণ)—বাগ্মী।]

বাচ্চা, -চ্ছা বি [সং বৎস > লি, প্রা বচ্ছ > বা (বচ্ছা) বাচ্ছা, -চ্চা, বাছা; ফা বচ্চা; হি বচ্চা, -চ্ছা, বাছা; প, ঠ বচ্চা; গু বচ্চু; সি বাচ; মৈ বাচ্চা, -চ্ছা] ১ শিশু। "কাচ্চা বাচ্চা। ২ শাবক, ছানা। "বাচ্ছা ভ.প্র ১৯৭; ২২৭। ধেনু সব বাচ্ছা লঞা কোলে (কান্দিছে) ব.প ৮৪৭।

বাচ্ছা দ্র 'বাচ্চা'।

বাচ্য † বিণ [√বচ্+য (ণ্যৎ)-র্ম, কুত্বাভাব] ১ কথনীয়, বক্তব্য। "ভরতঃ কুশলং বাচ্যঃ রা ২.৫৮.২১। অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি

ত্তবাহিতাঃ গী ২.৩৬। শক্রোরপি গুণা বাচ্যাঃ (সু.র)। রঘু ১৪.৬১। শ ৪.১৭। ২ অভিধাবৃত্তি-বোধ্য। "সা দ ২.৩। ৩ দুষ্ট, নিন্দ্য। "স বাচ্যঃ ভ ১০.৭২.২০। ৪ কুৎসিত, হীন। ৫ প্রশস্ত। "অহো বাচ্য-মহোপীতমবিষয়ম্ গো.রা ১.৩.৬০। —চ্য স্ত্রী [+য-ভা] ১ কথন। ২ প্রতিপাদন। ৩ দূষণ, নিন্দা, অপবাদ। "°দর্শনাৎ রঘু ৮.৭২। শ ৫.১৫। মাঘ ৩.৫৮। ৪ অভিধাবৃত্তিবোধ্য অর্থ, শব্দার্থ। ৫ (ব্যাকরণে) বাক্যে ক্রিয়ার সহিত প্রধানভাবে অন্বিত কর্ত্তৃপ্রভৃতিপদ। কর্ত্তৃ°, কর্ম্ম°, করণ°। ৬ (কোষে) বিশেষ্য। "বাচ্যবৎ, বাচ্যলিঙ্গক। [°লিঙ্গ, °লিঙ্গক (বিণ)—বিশেষ্যলিঙ্গানুসারী অর্থাৎ বিশেষণ। "চলনম্...কম্প্রে তু বাচ্যলিঙ্গকম্ (মেদিনী)।]

বাচ্যতা † স্ত্রী [বাচ্য+তা (তল্)] বাচ্যভাব, বচনীয়তা, নিন্দ্যত্ব। "হি ৩.১৩২। পঞ্চ ১.১৭২।

বাচ্যার্থ † পুং [কর্ম্মধা] অভিধাবৃত্তিবোধিত অর্থ; শব্দার্থ।

বাছ সর্ম্ম [সং বি-√অস্—ব্যস্ >প্রা *√বস (বছ) °ছ (?); হি √বীছ; প √বঁছন; সি বির্ছে (সং √বিচ্?); ড় √বাছ] ১ অপকৃষ্ট দ্রব্যাদি পৃথক্ করা; নির্ব্বাচন করা; বাছা (to select)। "বাছিয়া কটক তুমি লহ: বাছিয়া বানর লহ রণেতে প্রধান।—কৃ ২৪৫। বা.ম ৮৮। ২ আবর্জ্জনা হইতে পৃথক্ করা। "খই বাছা। ৩ অশুভ-বোধে ত্যাগ করা। "সাপে যারে কামড়ায়, ওঝা গিয়া ঝাড়ে তায়, তাহে কি অষ্টমী আদি বাছে?—ভা.চ ২২০। কাল বেলা কেহ নাহি বাছে বা.দ ১২৭। [বাছপড়া—বাছার সময়ে পরিত্যক্ত; অপকৃষ্ট, খারাব। বাছা²—১ সর্ম 'বাছ'। ২ নির্ব্বাচিত; পরিষ্কৃত। "বাছা লোক; বাছা খই। ৩ উত্তম, সেরা। "(ঘৃত) সাজায়্যা সুরঙ্গ নিল বাছা ক.চ ১২২। বাছা-বাছা, বাছের বাছ—১ সারের সার, অত্যুৎকৃষ্ট। "সব বাছের বাছ।—কৃ ২৪৫। বাছের বাছ পাঠাইব সুন্দরী ম.বি ৩৭। ২ সকলের সেরা। "জীয়ন্ত মানুষ তারা গিলে বাছের বাছ ক.চ ২৬৭। বাছা বাছা জনকত হিন্দুস্থানী ব.প্র ৪৯০।

বাছন বি [বাছ+অন] নির্ব্বাচন, বাছা। "°দার। —নি² বি [°ন+ই¹¹] বাছন। "অস্ত্রশস্ত্র করিয়া বাছনি।—ম ৬৭৬। মাসী, ভাল মন্দ কিবা করহ বাছনি ভা.চ ২৮৫। মেম্বর বাছনি।—হেম ৩৭৯। [°দার—নির্ব্বাচক (voter)। "হেম ৩৭৯।]

বাছনি¹ বি [বাছাধন >°ন+ই¹¹] ১ বাছাধন, জাদুমণি। "আরে মোর বাছনি কানাই চ.সা ২৪৫। পরাণ বাছনি মোর প.র ১। বেসাতি কড়ীর লেখা বুঝহ বাছনি ভা.চ ২৮৫। কেমনে বিদায় তোরে করি রে বাছনি!—মে ১৬৫। ২ বৎসে, বাছা। "আ মোর বাছনি, সত্যহি কাহিনী, কহবি নিকটে মোহেরি রা.শে ৯, টীকা; ১০১।

বাছনি² দ্র 'বাছন'।

বাছপড়া; বাছবিচার দ্র 'বাছ; বাচবিচার'।

বাছা¹ বি [দ্র 'বাচ্চা'] ১ বৎস, তাত (সস্নেহ সম্বোধনে)। "(রাণী) বাছা বাছা বলি, ব্যাকুলি চলিলা হেঁকে শ্রী ৩২। ওরে বাছা তোরে মহাতুষ্ট হইলাম আমি শি ৪৫। ওরে বাছা ব্যাস ভা.চ ২০৩। ২ পুত্র। "শ্রী ২৮; ব্যাকুলিরে বাছা দেহ দান ২৯; ৩০; ৪৮। ভূপতির বাছা ৩৭। ৩ কন্যা। "প্রাণনাথে পাঠাইলা পর্ব্বতের বাছা শি ৭৩। ৪ ছেলে (অনুকম্পায়)। "লোকে হবে জানাজানি, আমা লয়ে টানাটানি, মজাইবে পরের বাছার ভা.চ ৩১১। ৫ পুত্রবধূ। "বাছা সব হল অনাথিনী শ্রী.মা ১৩২। [°ধন—জাদুমণি। "নৃপ বলে নাচ নাচ নাচ বাছাধন শ্রী.মা ৪৩। বাছা রে!—অনুকম্পাপ্রকাশে) বাপ রে! "বাছা রে! বালাই থাক দূর ভা.চ ২৮৮।]

বাছা² দ্র 'বাছ'।

বাছাই বি [বাছা >°ই] বাছার কাজ; নির্ব্বাচন, মনোনয়ন। "ফিমেল বাছাই হয় যদি কখন।—হেম ৩৮১। সদস্য নিতান্ত অধিক হইয়া উঠিতে থাকিলে, বাছাই করা দুঃসাধ্য হয় (চা.পু)। [বাছাই-করা—নির্ব্বাচিত, মনোনীত। "বাছাই-করা মেম্বরেরা কাউন্সেলে জড়।—হেম ৩৮১।]

বাছান বি পাটাতন। "বেয়াল পাটর বাছান শূ ৫৮।

বাছাল, -লো বিং [বাছা+ল°] ১ নির্ব্বাচিত, অভিমত, পছন্দসই। "কেবল আহার ও গুটিকত বাছালো বাছালো আচারে তাঁরা ইংরেজদের স্লেচমাত্র করে নিয়েচেন।—হু ৯০। ২ খ্যাতনামা, নামজাদা। "বাছালো বাছালো ভুঁড়ে ভুঁড়ে ভটচায্যি।—হু ১৫২।

বাছুনি বি [বাছনি >°নি] ১ বাছাধন, জাদুমণি (পুরুষ, স্ত্রী)। "ও মোর বাছুনি ধনী,...ক্ষণেক বিশ্রাম কর সুখে রা.শে ৩৪। কাহার বাছুনি রে নিছুনি লয়ে মরি ভা.চ ২৭৯। ২ বাছন+ই¹¹ >বাছনি >°নি] নির্ব্বাচন। "বাছুনির বাহাদুরী দেখাব তখন।—হেম ৩৮১।

বাছুর, -রি বি [সং বৎসতর >প্রা বচ্ছদর, *বচ্ছঅর >বা (বাছর) °র, -রি; হি বাছরা, -রূ; ঠ বছরা, -রী, রাসরূ; ড় বাছুরী; অস বাছুরু; জাটু—'বাছ্ড়া'] গোবৎস (পুরুষ, স্ত্রী)। "বাছুর হারায়ে বনে ব্যগ্র যেন গাই (স্ত্রী)। মিলিয়া বাছুরি সব পিয়ায় তখন শ্রী.ম ২৭। বাছুরি চরাব প.র ৬; ব ৪৪। বাছুরি না করে পয়ঃপান ব.প ৭৯। [বাছুরে গোরু—অল্পবয়স্ক গোরু।]

বাছুরি দ্র 'বাছুর'।

বাজ¹ পুং [√বজ্+অ (ঘঞ্)-ভা।] ১ বেগ। তু 'বাজী'। [+অ-ণ] পক্ষ। "ভ ৪.৭.১৯। ৩ শরপক্ষ। "বিচিত্রবাজৈঃ...শিলী-মুখৈঃ ভ ১০.৫৯.১৬।

বাজ² বি [সং বজ্র >পা বজ্জ >°জ; চট্টগ্রাম 'ঠাডার' (Cf., E. thunder)] বজ্র। "মুণ্ডে যেন পড়ি গেল বাজ শ্রী.ম ১১৫। ভিক্ষায় পড়ুক বাজ শ্রী.মা ৭১। কুলের মাথায় বাজ ভা.চ ৩০৫; ৩৪৫; সে ভয়ে পড়িল বাজ ৬৬৯। [°পড়া—বজ্রাহত। "বাজপড়া বৃক্ষ শ্রী ১২৫; ২৫৪।]

বাজ³ বি [সং বাদ্য >লি, প্রা বজ্জ >বা °জ; হি, ঠ বাজা; অপ্র] বাদ্যযন্ত্র। "নানা বাজ উতরোল বাজএ শূ ১০৫। বিচিত্র বাহে বাজ অ.প ৮৮।

বাজ⁴ বি [ফা বাজ্] শ্যেন, শিকরে পাখী (hawk)। "বি.পা ১৫৬। গো.চ ৩৪। ভা.চ ৪৯২। পক্ষিরাজ বাজ।—মা ১২৩। [°পতি—শ্যেনবর। "ধায় বাজপতি, অম্বরে।—মে ২৪৮।]

বাজ⁵ [ফা বাজ্.] কারক, আসক্ত, প্রিয়। "দাগা°, দাঙ্গা°, ধড়ি°, মামলা°।

বাজ⁶ অর্ম্ম [প্রা √বজ্জ (বজ্জই বীণা—হে ৪.৪০৬) >°জ; হি √বাজ; ঠ √বাজ; বাজঅ, -ই,-এ (চ)] ১ বাদিত হওয়া; বাজা। "কঙ্কণ বাজ বি.প ১৪৮; ২১৬। গো.চ ৪৯। নূপুর হ'য়ে চরণে বাজিব।—কৃ ১৮১। (নূপুর) বাজে ক.চ ১৫১। বাদ্যভাণ্ড বাজি আছে চ.বি ৬২। বাজে গাল: শিঙ্গা বাজে ভা.চ ১১০। ২ ধ্বনিত হওয়া। "সপ্ত সুর বাজত জ্ঞা ১২৬। সে হাসি কমলমণির কর্ণে কি মধুর বাজিল!—ব.প্র ২৩। বনস্থলী প্রতিধ্বনিত করিয়া গীত বাজিল।—ব.বি ৯১। ৩ (অ.প্র) পরম্পরে কথিত হওয়া। "ঠাকুর উলূকে দুহে বাজিল যে কথা শূ ১৪। ৪ [বাধ >°জ] প্রতিহত হওয়া। "পদের তালুকাভাগে বাজিল বাটুল।—কৃ ৩২৫। ললাটে প্রাচীর বাজি পড়িল।—ম ৩৩৭। পদাঘাত বাজে কালীর মস্তক উপর ম.ভা ৩৮। ৫ আঘাত করা; ব্যথা দেওয়া; লাগা। "কোমল শরীরে কি কঙ্কাল বাজ্যাছিল ব.প ৭৫১। তার বোল বাজিয়াছে বজ্র হেন বুকে।—ম ৬৬। ইন্দ্রের হৃদয়ে বাজে শাল ক.চ ২২; ৬৭। বাজিল

বচনবাণ শ্রী ১০৬। বাজিল দূতের কথা শি ৫৫। পরস্পরে বাধা নাহি বাজে ব.মু ১৫। ৬ ব্যথা লাগা। "যাকে চলতে বাজে, সে কেন সাজে, জগন্নাথ দেখতে দা ২৫৭। ৭ বদ্ধ হওয়া; আটক হওয়া। "আহারের লোভে বাজিছে ভেগিনী রে গো.বি ১৮৭। (জালে) না বাজিল মৎস্য: (জালে) বাজিল সুবর্ণ ঘট ম.ম ১০১। ৮ আরম্ভ হওয়া; বাধা। "যুদ্ধ বাজে আরবার।—কৃ ৩৫৭। বাজে আনন্দ-কন্দল চৈ.ভা ৪৮৭। বাজিল বিবাদ ম.ম ২০৭। এয়োগণে বাজিল কন্দল ভা.চ ৮০। —জা সর্ম্ম [বাজ+আ^৮; হি √বজা; ঠ √বজার] ১ বাদিত করা; বাজান। "বাজাও বাজনা।—কৃ ২৮৮। বাজাওত অঙ্গ (মধুমঙ্গল) গো ৬৪। মাদল বাজায় গো.বি ১৮৭। বাজাএ মৃদঙ্গ ম.পা ১৩৪,-৭৫। ২ বদ্ধ করা; আটকান, বাধান। "মন পক্ষি হইয়া মীনেরে লাছাত বাজাএ গো.বি ১৩৭। গোদে বাজাইয়া আনিল বাইশ মণ মাটি ম.ম ২০৫,-৭। ৩ তর্কে লাগান। "অন্যোহন্যে বাজায়েন আনন্দ-ইচ্ছায় চৈ.ভা ৪৮৭। [বাজা^২—সর্থ 'বাজ^৬। বাজান—সর্থ 'বাজা'। বাজাইয়া দেখা—১ টাকা ঝুনাইয়া পরীক্ষা করা। ২ প্রশ্ন দ্বারা বিদ্যাবুদ্ধি পরীক্ষা করা। কানে বাজা—শ্রুতিকটু হওযা। ঢাক বাজান—(গৌণার্থে) সাধারণে প্রকাশ করা। নাম বাজান—সুনাম জাহির করা। প্রাণে বাজা—মর্ম্মে আঘাত করা। লাঠি বাজা—লাঠির আঘাতের মত ক্লেশকর হওয়া। "যার কর্ম্ম তারে সাজে, অন্যজনে লাঠি বাজে ভা.চ ৩৪৩। আসি বাজিল—উপস্থিত হইল; লাগিল। "যাত্রা আসি বাজিল 'ওঢ়নষষ্ঠী' নাম চৈ.ভা ৫১৭।]

বাজখাঁই বি খাদের বা চাপাগলার অস্বাভাবিক স্বরবিশেষ [বাজ বাহাদুর এই পদ্ধতির প্রণেতা। বাজ বাহাদুর ১৬০০ খৃষ্টশতাব্দীতে মালআ প্রদেশে রাজ্য করিতেন (গী.সা, টীকা)।]

বাজন বিং যাহা বাজে; বাদ্যকারী। "বাজন নূপুর।—কৃ ১৮১; ম ৯৯৩; ব.প ২৮৮; শ্রী.ম ১৬২; চৈ ৯২; দা ১৬৩২। বাজন নূপুর পায় প.ক ১৪৯। —ন বি [বাজ^৬+অন] ১ বাদ্যধ্বনি। "দেবলোকে ব্রহ্মলোকে আনন্দ বাজন।—গ ৬৫। গীত বাজন চৈ.ভা ৩৩৪; বাজন শুনিতে ৩৩৫। ২ বাদন, বাজান। "মুরলী বাজন চৈ ৪৪। ৩ ভূষণধ্বনি। "কিঙ্কিণী-বাজন রা.প ৪০। ৪ [হি বাজন] বাদ্য। "রণ বাজন বাজে বি.প ২১৬। আনন্দবাজন ব.প ৫৬২। বাওই রণ বাজন দ্বিজকুল।—ব ১০০। দেবের বাজন রা.প ৩৮। [°ঘুণ্টি—ঘুমুর। "পাঁয়জোরেতে বাজন ঘুণ্টি বাজে।—দা ১৬৩২। °দার—বাদক। "ব.প ১৩৮২। °মল—ঝাঁঝমল। দ্র 'ঝাঁজ^১। °যন্ত্র—বাদ্যযন্ত্র। "°যন্ত্র হৃদয়ে করি নেল বি.প ৯৪।]

বাজনা বি [বাজন >°না] ১ বাদ্যধ্বনি। "বাদ্যের বাজনা শুনি।—ম ১১৬১। বাজনা নৃত্য গীত শ্রী.মা ৩৫; ২১৮। শ্রী ১৮। বাঁশীর বাজনা।—কা ১১৯। ২ বাদ্যযন্ত্র। "রামজয় বাজাও বাজনা—কৃ ২৮৮। বাজায় বাজনা।—ম ৪৯৯। বাজে আনন্দ বাজনা ব.প ৫৬৪; ১৩৮২। বাজুক বাজনা।—দ্রু ৬। —নি বি ভূষণধ্বনি। "নূপুর-রণরনি বাজনি রে প.ক ২০।

বাজনি দ্র 'বাজনা'।

বাজনিঞা, -নি(নী)য়া বিঁ [°ন+ইয়া, ঈয়া^২; হি বজনিযা, -হা; মৈ বজনিআ] বাদনশিল্পী, বাদ্যকর। "আন বাজনিয়া বি.পা ২৫৪; ৩২২। নট বাজনিঞা চৈ.ভা ৭৬; বাজনিয়া ১১১।

বাজনিয়া, বাজনীয়া দ্র 'বাজনিঞা'।

বাজপেয় † পুং, ক্লী [বাজ (ঘৃত) পেয় যাহাতে, বহুব্রী] যে যজ্ঞে ঘৃত বা পৈষ্টীসুরা (অ.টী) পেয়; শ্রৌত যজ্ঞবিশেষ। —পেয়ী (-য়িন্) পুং [°য়+ইন্ (ইনি) -১ব] বাজপেয়যজ্ঞকর্ত্তা; বাজপেয়িবংশীয়গণ।

বাজপেয়ী দ্র 'বাজপেয়'।

বাজবহরি, -রী বি [আ বহরী; হি, ঠ বহরী] বাজপাখী। "বাজ-বহরি বন্দি করে বি.পা ১৫৬।

বাজরা^১ বি [বাজার >°রা (?)] বাজারে বেচার জিনিসের বড় ঝুড়ি। "বেগুন বাজরা বাজরা আনচে।—হু ৯।

বাজরা^২ দ্র 'বজরা'।

বাজসনি † পুং [বাজের (অন্নের) সহিত সনি (দান) যাহার (মহীধর), বহুব্রী] সূর্য্য। —সনেয় পুং [°নি+এয় (ঢক্)] বাজসনির অপত্য (মহীধর) বা শিষ্য; যাজ্ঞবল্ক্য। —সনেয়ী (-য়িন্) পুং [°য়+ইন্ (ইনি)-১ব) ১ বাজসনেয়প্রোক্তযজুর্ব্বেদশাখাবিশেষবেত্তা; শুক্ল-যজুর্ব্বেদী। ২ শুক্লযজুঃপ্রবর্ত্তক যাজ্ঞবল্ক্য।

বাজসনেয়, বাজসনেয়ী দ্র 'বাজসনি'।

বাজসনেয়িসংহিতা † স্ত্রী [ষ.ত] যাজ্ঞবল্ক্যের বা শুক্লযজুর্ব্বেদি-গণের সংহিতা; শুক্লযজুর্ব্বেদ। [যাজ্ঞবল্ক্য সূর্য্যকে স্তবে প্রসন্ন করিয়া, তাঁহার নিকটে অন্যের অবিজ্ঞাত যজুঃসমূহ প্রাপ্ত হন এবং কাণ্বমাধ্যন্দিন-প্রভৃতি পঞ্চদশ শিষ্যকে যজুঃসমূহ অধ্যয়ন করান। শিষ্যগণের সংখ্যানু-সারে যজুর্গণ প্রথমে পঞ্চদশ শাখায় এবং শিষ্যানুশিষ্যক্রমে পরে বহু শাখায় বিভক্ত হয়। এই শাখাসমূহের মধ্যে মাধ্যন্দিনলব্ধ শাখা বিশেষ প্রচলিত ও 'মাধ্যন্দিন' নামে খ্যাত। এই যজুর্গণ শুক্ল অর্থাৎ শুদ্ধ বলিয়া, শুক্লযজুর্ব্বেদসংহিতা নামে কথিত (ভ ১২.৬.৬৬-৮০)।]

বাজা^১ সর্ম্ম [হি √বজা; ঠ √বজার] সম্পাদন করা; করা। "সাহেব কাছারি প্রবেশ করিবামাত্রই সকলে...সেলাম বাজাইল আ.হু ১০৫। তবলজী ও শারীঙ্গেরা বড় রকমের সেলাম বাজালে।—হু ৬২। [কাম বাজান—কার্য্যোদ্ধার করা; কার্য্য সিদ্ধ করা।]

বাজা^২ দ্র 'বাজ^৬।

বাজার বি [ফা বাজ.ার্; Pahlavi—vācār] ১ যেখানে প্রত্যহ যথাসময়ে বেচা-কেনা হয়; ক্রয়বিক্রয়-স্থান। "ফুলের বাজার-হাট স্ব.প্র ৫৪। ২ পর্ব্বাদিতে বেচা-কেনার স্থান। "আড়ঙের, চড়কের, রথের বাজার। ৩ যেখানে অনেক দোকান ও বেচা-কেনা হয; গঞ্জ। ৪ পণ্যের বাজার-দব। "বাজার ওঠা, পড়া। ৫ রাশি। "পুষ্পের বাজার পড় ব.প ১১৬৬,-৯। ৬ স্থান, আড্ডা। "ব্যাঙের বাজার।—হেম ৩৭৮। [°খরচ—বাজারে খরচের টাকা। °দর—বাজারে প্রচলিত দর। °বেসাতি—বাজারে দ্রব্যক্রয়। "বাজারবেসাতি করি মালিনী আনিল ভা.চ ২৮৭। °ভাব—বাজারে যে রোগের উৎপত্তি; ওলাউঠা। বাজার করা—বাজারে জিনিস কেনা। বাজার তেজ, বাজার গরম—দর চড়া। বাজার নরম বা মন্দা যাওয়া—বাজার-দর কমা। বাজার বসা—বাজারে কেনা-বেচা আরম্ভ হওয়া।]

বাজারি, -রী, -রু বি [°র+ঈ^৭; বাজ.ারী; হি °রী, -রূ] বাজারের দোকানী বা ক্রেতা। "°রী ব.প ৪৭৪। °রি শ্রী ৪৫; °রু ২১৭। —রে বিং ১ বাজারের ক্রেতা। ২ সাধারণের উপভোগ্যা (বেশ্যা)। "সে এখন বাজারে হয়ে পড়েছে।—মা ৩২৫।

বাজারী, বাজারু, বাজারে দ্র 'বাজারি'।

বাজি, বাজী^৩ বি [ফা বাজী] ১ কৌতুক, তামাশা, মজা। "°কর। ২ ইন্দ্রজাল, মায়া, ভেল্কী। "হরিল সকল ধন করি হার্ষ বাজি।—মী ২৩। বিষম ধর্ম্মের বাজি বুঝে কোন জন শ্রী.মা ৮৩। শয়তানে বাজী দিল না পেয়ে কেরোণ ভা.চ ৪৭৯; ভুলাইল বামণ তোমারে বাজী দিয়া ৪৮১; শয়তান-বাজী ৪৮৩। ৩ কৌতুকজনক অগ্নিক্রীড়া (fireworks)। "আতস°, তুবড়ী°। ৪ খেলায় পণ (bet)। "বাজী রাখা। ৫ আদি হইতে শেষ পর্য্যন্ত পূরা একবার খেলা; খেলার পা'ড়। "এবার বাজী ভোর হলো।—রামপ্রসাদ। ভোর হয়ে যায় বাজি।—দা ৮৭৮। [°খেলা—পণের খেলা। "মা ১২৬। সুখের

°খেলা।—দা ৫০৫। বাজী ফেলা—পণ রাখা। বাজী ভোর—বাজী শেষ। °মাৎ—খেলায় পরাজয়। "'কিস্তি'দানে, এক তাড়াতে কল্লে বাজিমাৎ।—হেম ৩৮৫।]

বাজিনী দ্র 'বাজী[১]'।

বাজিপাল বি অশ্বরক্ষক, সইস। "ব.প ৩২৬।

বাজিমেধ † পুং [বহুব্রী] যে যজ্ঞে বাজিহিংসা আছে; অশ্বমেধ। "রা ১.৮.২। যাজ্ঞ ১.১৮১। ম ৪৮।

বাজিশাল † ক্লী, -লা স্ত্রী [ষ.ত, বিকল্পে ক্লীবলিঙ্গ] অশ্বশালা, মন্দুরা। "বাজিবারণশালা রা ১.১২.১৩। °লা, °ল শ্রী ১২৪।

বাজিশালা দ্র 'বাজিশাল'।

বাজী[১] (-জিন্) † বিণ [বাজ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ বেগবান্, দ্রুত। ২ পক্ষবান্। "বাজিনশ্চ শরাঃ মাঘ ১৯.৬২। —জী পুং ১ অশ্ব। "রা ১.৫৪.১২। বাজিভূমি কি ১৩.৫৫। আত্র্পৃষ্ঠাঃ ক্রিয়ন্তাং বাজিনঃ। —শ ১/৪ ১/৫। থামে বান্ধা বাজী ভা.চ ২৭২। বি.সু ১৫। মে ৬৭। দা ৫০৫। ২ সাত (৭) সংখ্যা। —জিনী স্ত্রী [বাজিন্+ঈ(ঙীপ্)] ঘোটকী।

বাজী[২] বি [বাজ[৫]+ঈ[৮]] কার্য্য, ধর্ম্ম। "দাগা° (দাগাবাজ+ঈ)। [ছেলামবাজি—সেলামে পটুতা। "হেম ৩৮৬।]

বাজী[৩] দ্র 'বাজি'।

বাজীকর[১], -করণ † বিণ [বাজিন্+চ্বি (০)—বাজী+ √কৃ+অ (অচ্), +অন (ল্যুট্),-ক] যাহা আবাজীকে বাজী করে, অর্থাৎ সুরতে অসমর্থকে সমর্থ করে; শুক্রবৃদ্ধিকর, বীর্য্যজনক, কামবর্দ্ধক (দ্রব্য)। 'যদ্ দ্রব্যং পুরুষং কুর্য্যাদ্ বাজিবৎ সুরতক্ষমম্। তদ্ বাজীকরমাখ্যাতম্…। —কর, -করণ ক্লী শুক্রবর্দ্ধক দ্রব্য। —করণ ক্লী শুক্রবর্দ্ধক দ্রব্যে কামোদ্রেক। —ক্রিয়া স্ত্রী [+য (যক্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'বাজীকরণ (ক্লী)।

বাজীকর[২] বি [ফা বাজ়ীগর্] ঐন্দ্রজালিক, জাদুকর; কৌতুক-প্রদর্শক; দড়াবাজীকর (rope-dancer)। "ভা.চ ৩৪৮। —করনী বি [ফা বাজ়ীগরনী] স্ত্রী-বাজীকর।

বাজীকরণ, বাজীকরনী; বাজীক্রিয়া দ্র 'বাজীকর[১], বাজীকর[২]; বাজীকর[১]'।

বাজু বি [ফা বাজ়ু; হি, ঠ বাজু; Av bāzu; Pahlavi—bāzak] ১ বাহু, উপর-হাত, হাত। "গো.চ ২৬৫। ব.প ৭৫, পাখী দুইটা বাজুত পড়িল ৭৬। ২ [জাটু—'বাজু] চৌকাঠের দীর্ঘ পার্শ্ব-কাষ্ঠ; দ্বারবাহু (jamb)। ৩ [ঠ বাজু] খাট-প্রভৃতির পার্শ্বের দীর্ঘ কাষ্ঠখণ্ড (side-pole)। "খাটের এক বাজু ব.প্র ১৭। ব.দ্বি ৭৮। ৪ [ফা বাজ়ুবন্দ্; হি বাজু] উপর-হাতের গহনাবিশেষ; বাজুবন্দ। গো.চ ৪৫৬। ভ.প্র ১৬৪।

বাজুবন, -বন্দ, -বন্ধ বি [ফা বাজ়ু বন্দ্; হি, ঠ, মৈ বাজুবংদ] উপর-হাতে পরার গহনাবিশেষ। "°ন্দ গো.চ ১৩৬। (বাহুযুগে) বাজুবন্দ বি.পা ৪৯। °বন্ধ শ্রী.মা ৪৪; °বন্দ ১০৬; ১৩৭; ব.প ৮২৯। বাজুবন ম.পা ৯১।

বাজুবন্দ, বাজুবন্ধ দ্র 'বাজুবন'।

বাজুমল বি বাজুবন্দ। "বাজুমল তার বাহুপরি ব.প ৩৭১। বাজুমল তার বাহোপরি ম.পা ৪২, বাহুমূলে বাজুমল ৭১।

বাজে বিং [আ বাজে.; প বাঝ; সি বাঝু] ১ অপ্রাসঙ্গিক। "বাজে কথা। ২ হিসাবের বহির্ভূত; হিসাব-ছাড়া। "বাজে আদায়, টাকা, জমি। যমসম ধরিতে পরের বাজে জমা ভা.চ ৪০৮। ৩ অনির্দ্দিষ্ট, আকস্মিক। "বাজে খরচ। ৪ অকর্ম্মণ্য, অকেজো, অনাবশ্যক। "বাজে কাগজ। ৫ অপর সাধারণ। "বাজে লোক। ৬ ভিন্ন, তা-ছাড়া। "খোষাল করিল যত বাজে বীরগণে।—শ্রী ১৭২। ৭ অসার, অমূলক। "বাজে কথা। ৮ সাধারণ, সামান্য, ছোট-খাট। "কাটকে আটক যত বাজে দায়-ধরা ভা.চ ২৭১।

বাজেয়াপ্ত, -য়াফ্ত বিং [ফা বাজ়্. যাফ্ত্; বাজাপ্ত (কথ্যভাষা)] মালিক বা সরকার কর্ত্তৃক পুনরধিকৃত; সনদ বা দলীলের অভাবে মালিক কর্ত্তৃক অধিকৃত (confiscated)। "অনেক লাখেরাজদারের জমি বাজেয়াফ্ত হওয়াতে ও তাহাদিগের সনন্দ না থাকাতে, তাহারা কেবল আনাগোনা করিয়া…প্রস্থান করিল আ.দু ১৬১। —য়াপ্তী বি বাজেয়াপ্ত জমি। "E.P. 64. [বাজেয়াপ্ত ব্রহ্মত্তর—সনন্দ অভাবে মালিক কর্ত্তৃক অধিকৃত ব্রহ্মত্তর।]

বাঝ অক [সং √বাধ্ >বা °ঝ (?); অপ্র] ১ আরম্ভ হওয়া; বাধা। "বাঝিল সমর।—অ.প ৪৬। ২ আঘাত করা; লাগা। "(বাণ) মাথে নির্ভরে বাঝিল চ.বি ৮০; বাঝয়ে বাণ দৈত্যগণমুণ্ডে ৮১, বুকে বাঝে বাণ ৮৪,-৮; ১৬৪। ৩ প্রতিঘাত করা। "গমনে উঝট বাঝে নখে চ.বি ১৭৭। ৪ সংলগ্ন হওয়া; লাগা। "পিষ্টেতে বাঝিল আঠা ঝুলি গো.বি ১৮৭। ৫ [বাজ[৬] >°ঝ; অ.প্র] বাদিত হওয়া। "বাদ্য বাঝে অ.প ৩১। —ঝা সর্ম্ম [বাজা >°ঝা] বাদিত করা; বাজান। "দুন্দুভি বাঝায় অ.প ৩০।

বাঝা, -ঞ্জা; বাঞ্জে, -ঞ্জো দ্র 'বাঁজা; বাঁ'।

বাঞ্চৎ বি অশ্লীল গালিবিশেষ। "বাঞ্চৎ বড়া মামলাবাজ—নী ১২; ১৫, বাঞ্চতের হাবামজাদকি ছেড়েছে ৩০।

বাঞ্ছ্ † (বাছি) সক [ভ্বা, প—বাঞ্ছতি; সেট্] বাঞ্ছা, ইচ্ছা।

বাঞ্ছ সর্ম্ম [সং √বাঞ্ছ্; হি √বাংছ] বাঞ্ছা করা, ইচ্ছা করা। "বাঞ্ছে সেই পদ।—ম ৩৪১। বাঞ্ছিএ…মঙ্গল ম.পা ১০৭। নরক বাঞ্ছয়ে চৈ.চ ১০৭; যাঁর পতিব্রতা-ধর্ম্ম বাঞ্ছে অরুন্ধতী ১১৮।

বাঞ্ছন † ক্লী [√বাঞ্ছ্+অন (ল্যুট্)-ভা] বাঞ্ছা, অভিলাষ। —না বি [অপ্র] বাঞ্ছা। "ম.পা ১২১। সকল বাঞ্ছনা চ.কা ৯৭। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম) অভিলষণীয়, কাম্য।

বাঞ্ছনা, বাঞ্ছনীয় দ্র 'বাঞ্ছন'।

বাঞ্ছা † স্ত্রী [√বাঞ্ছ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ইচ্ছা, অভিলাষ, আকাঙ্ক্ষা। "বাঞ্ছা সজ্জনসঙ্গমে (সু.ব)। মদনবাঞ্ছা।—মে ৫৯; রাঘববাঞ্ছা ১১১, কুমুদ° ২৪৯। —ঞ্ছিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অভিলষিত, ইষ্ট, ঈপ্সিত। "রাজ্যং প্রাপ্য হি বাঞ্ছিতম্ গো.রা ২.৭৮ ২২। —ত ক্লী ১ অভীষ্টবিষয়, ইষ্টার্থ। "দিশতু…বাঞ্ছিতানি।—ঋতু ২.২৮। প্রসীদ…বাঞ্ছিতং কর্ত্তুম্ ভ ৪.৩.১৪। ২ [+ত-ভা] বাঞ্ছা। "অমোঘ° ভ ৩.৪.২৯। [°কল্পতরু (বি)—বাঞ্ছিত বিষয়ের দানে কল্পতরুতুল্য; সর্ব্বাভীষ্টদাতা (কৃষ্ণ, শিব, অন্নপূর্ণা)। "°তরু নাম সকলে ঘুষিবে।—ম ১০৩৫। ঈশ্বর তুমি °তরু শ্রী.মা ৩৭। শ্রী ৫১। বিশ্বনাথ °তরু শি ১১। °তরু আমি ভা.চ ৫০০। (কলিকালে) মাগ হয়েছেন °তরু।—দা ১৬১৯। °ত্রয় (বি)—'শ্রীরাধার প্রণয়মহিমা কীদৃশ' ইত্যাদিরূপ ত্রিবিধ বাঞ্ছা। দ্র 'চৈ.চ ১.৬ শ্লোক'। "ন.প ১৮। °রাম (বি)—সাধারণ ব্যক্তি। "(কলিকালে) বাপ হয়েছেন বাঞ্ছারাম দা ১৬১৯।]

বাট[১] † বিণ [বট+অ (অণ্)] বটবিকার, বটকাষ্ঠরচিত (দণ্ড)। "ক্ষত্রিয়ো বাটখাদিরৌ (দণ্ডৌ অর্হতি) মনু ২.৪৫।

বাট[২] † পুং, ক্লী [√বট্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ বেষ্টিতভূমি, বৃতিস্থান। ২ পরিখাবেষ্টিত ভূভাগ (অ.টী)। ৩ মণ্ডপ, গৃহ। "যজ্ঞ° রা ১.৫০.১; ৭.৯৬.১। হয়মেধবাট ভ ৮.১৮.২৩। ৪ নিবাস। "ঋষিবাটাশ্চ দৃশ্যন্তে রা ১.৫.৪। ৫ শস্যাদিক্ষেত্র। "কণ্টকি°, ইক্ষু° (S.W.)। নিবদ্ধ-বাটস্থ শালেঃ ক.সা ৩৪.২০৩। শি ৭১। ৬ বেশ্মভূমি, বাস্তু, ভিটা।

৭ উদ্যান। ৮ শস্যভেদ। —টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্ব 'বাট২ (১;২)। ২ [তু 'বর্ত্তি'—গৃহ (ঋগ্বেদ ১.৩৪.৪)] মণ্ডপ, গৃহ। ৩ বাস্তু। ৪ উদ্যান, পুগপুষ্পাদি-বাটিকা (শ্রীধর)। "ভ ১.৬.১১। ৫ নির্জনবাস্তু (অভিসারস্থান)। "সা.দ ৩.৮০। ৬ [হি, মৈ বাটী] (বাঙলায়) তৈজসপাত্রবিশেষ, কটোরা। "স্বর্ণময় বাটী।—কৃ ১১৯। ক.চ ১৫৮। শ্রী.মা ১৪৭। [বাটী চালা—অপহৃত দ্রব্য বাহির করার নিমিত্ত মন্ত্রবলে হস্তধৃত বাটী চালান।]

বাট৩ পুং [তু 'সং র্বত্মর্ন্ >প্রা বট্ট; 'বট্টা' (দেশী ৭,৩১)—পথ; হি, ঠ, মৈ বাট; বাট (চ)] ১ মার্গ, পথ, রাস্তা। "বিঘিনি বিথারিত বাট বি.প ৯০। সকণ্টক বাট।—গো ১৩০। রাজা হ'য়ে বিভীষণ ভূমে বহে বাট।—কৃ ৩৬৬; ভূমে বাট বহ ৩৭৭। বহু বাট ক.চ ৩৩; ক্রোশেক বাট ২৬৮। বাটপাংশু ম.পা ১১৭। ঘাট বাট—রজ ১০২। ২ (বাঙলায়) ছিদ্রপথ, ফাঁক। "সেই বাটে সূর্য্যের কিরণে ঘর আলা শ্রী ৪৮।

বাট৪ সর্ম [সং উদ্বর্তন >প্রা উব্বট্টণ—'বট্ট' >বাট (?)। তু আয়সীষু চ বট্টান্তে শিলাসু (বিষ্ণু ৪৩.৩৯); হি √বাট; ঠ, গু √বাট] শিলাপট্টে পেষণ করা; পেষা, বাটা। "কাস্মিক্কে মুখে বাটিহ প্রভাতে ক.চ ১৩৬। [বাটনা—পিষ্ট রন্ধনের মশলা—মরিচ সরিষা ইত্যাদি। "শ্রী.মা ৩৮। বাটনা বাটা—রন্ধনের মশলা পেষা। "বাটনা কে বাটিবে ব.প ১৭১১। পা.প্র ১৫৯,-৯৮। বাটা৪—১ সর্ব 'বাট৪'। ২ পিষ্ট। "(হরিদ্রা) বেশ বাটা হয় নাই পা.প্র ১৬১। ৩ পিষ্ট দ্রব্য বা মশলা। "মরিচ বাটা।—দা ৩৬৩। ধনে বাটা।—হেম ৩৯০। হরিদ্রা বাটা পা.প্র ১৬১।]

বাট৫ সর্ম [বাঁট২ >°ট; ঠ √বাট] ভাগ করা; "বাটিয়া সবে …খায় ম.বি ১৭২। (কাক) আহার বাটিয়া খায়।—জ্ঞা ২৪৭। [বাটা৫—সর্ব 'বাট৫'।]

বাট৬ দ্র 'বাট১'।

বাটআরি বি [হি বটপারী; বটরারী; অপ্র] বাটপাড়ের কাজ, দস্যুবৃত্তি, বলাৎকার। "পরনারী পথে পায়্যা কর বাটআরি শ্রী ম ৬৪।

বাটওয়ার, -টোআড়, -টোয়ার বি [হি বাটপার] বাটপাড়, দস্যু, লুঠেরা। "°ড় শ্রী.কী ৫৯। সেই পথে বাটওয়ার বৈসে অনুদিন ব.প ১৩১৪। তুহুঁ সতি বৃন্দাবন বাটোয়ার।—ব ১১৯। এই পথ বাটোয়ার (মারি ডারিয়াছে)।—চৈ.চ ১৯২। —আড়ী, -য়ারি বি [°ড়, -র+ঈ৭] বাটপাড়ী, দস্যুবৃত্তি। "°ড়ী শ্রী.কী ৮৫। °রি প.ক ১৩৮৭। —টোয়ারী বি স্ত্রী-দস্যু। "প.ক ১৩৯১।

বাটধান পুং ব্রাহ্মণীর গর্ভজাত ব্রাত্য ব্রাহ্মণের সন্তান। "মহা ২.৫১.৬। মনু ১০.২১।

বাটন বি [বাট৫+অন; অপ্র] বণ্টন, বিভাগ। "তাহা করিলা বাটনে কৃ.অ ১৭।

বাটনা দ্র 'বাট৪'।

বাটপাড়, -র বি [বাট৩+পাড়; হি বটপাড়; ঠ, গু বাটপাড়] যে বাটে পড়ে; পথে আক্রমণপূর্ব্বক সর্ব্বস্বলুণ্ঠনকারী; দস্যু, লুঠেরা। "(মোর নাতি) নহে খণ্ড বাটপার।—ক.চ ২৫৯। °ড় চৈ.চ ১৯৩; ৩২৪; চৈ ৮৬। যে বুঝি চোরের ধন বাটপাড়ে লয় ভা.চ ৩৫৩; বা.দ ২৩৪। চোরা ধন বাটপাড়ে লয়।—হেম ৩৭। —পাড়ি, -ড়ী বি [°ড়+ঈ৮, ঈ৭; দ্র 'বাটআরি'; ঠ বাটমার] ১ বাটপাড়ের কাজ; দস্যুবৃত্তি, ডাকাতি। "বাটপাড়ি করে।—চৈ ১৩। ২ বলাৎকার, নারীধর্ষণ। "পাইয়া আমার নারী, পথে কর বাটপাড়ী বা.ম ৩৮৬। ৩ ধূর্ত্ততা, দুষ্টামি। "বিদায় করিয়া বাটে বাটপাড়ি কেন শি ৯৫। ৪ বলপূর্ব্বক অপহরণ; ডাকাতি। "বৌঠান তোমার পানের বাটায় বাটপাড়ির কোন লক্ষণ দেখলে?—গল্পগুচ্ছ।

বাটপাড়ি, বাটপাড়ী দ্র 'বাটপাড়'।

বাটলা, -টুলা বি [বাটুল >বাটুলা,-টলা; ঠ বাটলা] বাটুলের মত কলাই; মটর কলাই। "মুগ বাটলা ব.প ১১২। বাটলা চণক ক.চ ১৯১; বাটুলা ২৪৬। বরবটী বাটুলা ভা.চ ৪৯৬।

বাটলোই বি [হি বটলোঈ; প বটলো; মৈ বট্] পাকের নিমিত্ত বর্তুলাকার মুখ-চওড়া পিতলের পাত্রবিশেষ।

বাটা১ বি ['বট্ট'—পেয়ালা (দেশী—প্রা.ম); হি, মৈ বট্টা; গু বাটা] ১ বড় বাটী; বড় পাত্র। "বাটা ভরি ধন দিমু গো.বি ৮৫। থাল ঝারি বাটা বাটী।—ম ১০৬২। (খৈ সন্দেশ) বাটা ভরি দিয়া যৈল —'খাও ত বসিয়া চৈ.চ ৫৪। ২ থালা। "সোনার বাটাএ ভিক্ষা সাজাইল গো.চ ১৯৬। সোণার বাটা বাটী কৃ.উ ৫৩। ৩ জামাই-ষষ্ঠীতে জামাতাকে দেয় আম্রাদি ফলে পূর্ণ থালা। "ছেলে দেখিবারে যাব, বাটা নিতে নয়।—দীনবন্ধু মিত্র। ৪ মুখামুখি-লাগান বাটীর জোড়; তাম্বুলাধার, ডিবা। "পানের বাটা ধরিয়া আইল খেতুআ গো.চ ৫৭। বসি খান পান এক বাটা ম.গা ১০; বাটার পান খাও ১৭। বাটাত কবিষা নিল কর্পূর তাম্বুল শূ ৩২; ৮০। সোণার বাটা।—কৃ ১১৮। হাতে তাম্বুলের বাটা ক.চ ১৬১। তাম্বুলের বাটা জোর বি.পা ২১৯। বাটা ভরে পান দিব গাল পুরে খেও।—ঘুমপাড়ানী গান। ৫ বাটী, পেয়ালা। "সুবর্ণ বাটাএ দিল গেলাপ বানাইয়া গো.চ ৩৫৬, -৭। [°জোড়া মুখ, °পানা মুখ—বাটার মত গোলমুখ। বিপ 'আবদীর্ঘ মুখ'। "(নথ) বাটাপানা মুখে দিবে ঝলক।—দা ৯৮১। °বুক (পাটাবুকা?)—দুঃসাহসিক। "বাটাবুকা পাপে কেকরী কৃ.অ ৮।]

বাটা২ বি মৎস্যবিশেষ (Cirrhina reba)। "ভা.চ ১২৬।

বাটা৩; বাটা৪; বাটা৫; বাটাওল; বাটালি দ্র 'বাঁটা; বাট৪; বাট৫; বটোরল্; বাঁটালি'।

বাটিআ বি [বৃত্তক (?)] টাকুরে কাটা বৃত্তাকারে জড়ান দড়ি; বেটে। "যে থানে শুঁচী না জাএ। তথা বাটিআ বহাএ।—শ্রী.কী ২৬।

বাটিকা † স্ত্রী [বাটি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)]। ১ বাটী, বাস্তুভূমি। ২ উদ্যান, বীথী। "বৃক্ষ° শ ১২১৬। পুষ্প° ভ.গ্র ১৬৫। ৩ কুটীর, কুটী।

বাটিয়া বি [বাঠিয়া (বি.প ১৭৮)] বাট, পথ। "বি.সা ৪৫৪।

বাটী দ্র 'বাট২'।

বাটুয়া, বেটে বিং [বটুয়া >°য়া, °টে] খর্ব্বাকৃতি, বেঁটে। "বাটুয়া কুকুর: বেটে শ্রী ২০৯।

বাটুল; বাটুলা; বাটোয়ার; বাটোয়ারা দ্র 'বাঁটুল; বাটলা; বাটওয়ার; বাঁটোয়ারা'।

বাড়১ বি [সং বাট >প্রা বাড; হি বাড়; ঠ বাড; গু বাড; নেপালী 'বার'] ১ বেষ্টন, বেড়া, ঘেরা। "চারি ভিতে স্বর্ণ বাড় ক.চ ১৫১; জোয়ার ভাঁটা দেখিয়া লোহার দিল বাড় ২০০। মন বিগড়ে গেলে লোহার বাড় দিলেও থামে না আ.দু ৬৪। ২ দেয়াল, ভিত। "পাথরের চারি বাড় শ্রী.ম ১৭১। চালে খড় বাড়ে মাটী শ্লোক পড়ি সারে। —ভা.চ ৪১০। ৩ মাছ ঘেরার নিমিত্ত বাঁশের একপ্রকার বেড়া; বাগদির পাটা। "বার পুতে বলিল বিস্তর মৎস্য আছে শি ৮১। ৪ নৌকার পার্শ্ব বা ডালি। "বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ। —ভা.চ ২৫৫। ৫ বাণের মূলে পার্শ্বদেশে বদ্ধ পক্ষ; শরপুঙ্খ। "ধবল পাখার বাড়, জোড়ে চৌখণ্ডিয়া কাঁড় ক.চ ৯৬। ৬ দেহের ভগ্নাস্থি যথাস্থানে রাখার নিমিত্ত পার্শ্বে বদ্ধ পাতলা তখতা। "বাড় বাঁধা।

বাড়২ বি [সং বৃদ্ধি >প্রা বড্ডি >বা (বাঢ়ি,-ড়ি) বাঢ়,-ড়; হি বাঢ়] ১ বৃদ্ধি। "গাছের, দেহের বাড়। ২ প্রবলতা। "রোগের বাড়। ৩ আস্পর্দ্ধা। "কালকেতু বড় বাড়, নিত্য কোঁড়ে ডোব গাড় ক.চ ৫৫।

৪ প্রভুত্ববৃদ্ধি, প্রভাব। "বাবু দিন কত বড় বাড় বেড়েছিলেন, আজ একে চাবুক মারেন, আজ ওকে পাঠান ঠেকিয়ে জুতো মারেন।—হু ১০১। ৫ অভ্যুদয়, উন্নতি। "বাড়ের মুখে বুঝে-সুঝে কাজ করা উচিত। ৬ চালচলনে বাড়াবাড়ি। "বেশি বাড় হলে পতন ঘটেই।—কা ১৩৫। ৭ নদীর পাতা-বৃদ্ধি। "নদীর বাড়। [বাড় বাড়া—স্পর্দ্ধিত হওয়া।]

বাড়[৩], -ঢ়[২] অর্ম্ম [সং √বৃধ্ >লি, প্রা √বড্ঢ >বা বাঢ, -ড় ; হি, মৈ ব(বো) ঢ; ঠ √ব্রাঢ়] ১ বৃদ্ধি পাওয়া; বাড়া (মাত্রায়, সংখ্যায়, আকারে)। "দিনে দিনে চান্দ কলাসম বাঢ়ি বি.প ৪৯; বাঢ়য়ে মান ১১৫। (পিরীতি) তিলে তিলে বাঢ়ি যায় চ.দা ৭৯। বাঢ়ল রতিরস।—গো ২৪। লালস বাঢ়ল।—জ্ঞা ২। বাঢল আনন্দ ন.প ৩৫৩। বাঢে সুখ : বাঢ়ুক পরমাই ক.চ ৯। বাঢ়ে শাখাগণ চৈ.চ ৪৫। ২ বয়ঃপ্রাপ্ত হওয়া ; বয়সে বাড়া। "এইমত বামন বাড়েন।—গ ৩৭। হিমালয়ে বাঢেন চণ্ডিকা ক.চ ১৯। বাড়ে পুত্র নখিন্দর ম ভা ২২। ৩ স্থূল, পীন বা গুরু হওয়া। "বাঢ়ল নিতম্ব বি.প ৩৩ ; (কুচ) বাঢ়য়ে ৩৪। সুমিত্রার উদর বাড়িল বি.পা ২০৮। ৪ লম্বা হওয়া। "যৈছনে বাঢ়ত মৃণালক সুত বি প ৫৩। ৫ উদ্রিক্ত বা উত্তেজিত হওয়া। "বাঢল মদন বি.প ৮০। ৬ তীব্র বা প্রচণ্ড হওয়া। "বাঢত বিরহক বাধা।—বি.প ১৬০। তৃষ্ণা বাঢ়ে নিরন্তরে চৈ.চ ১৭। ব্যথা বাঢে ক.চ ৪৪। ৭ পরিণতিপ্রাপ্ত হওয়া। "দাস্যবতি রাগপর্য্যন্ত ক্রমেত বাঢ়য় চৈ.চ ২৩০। ৮ পূর্ণ হওয়া। "বাঢ়িলে যৌবন তোহে দিব দান বি.প ৭৬। ৯ উথলান। "বলকে দুধ বাড়ে। ১০ নির্বন্ধাতিশয় প্রকাশ করা। "এহো বাঢে অহো বাঢ়ে, আমারে সঙ্কটে পাড়ে।—চৈ ১৪৩। ১১ উদ্বৃত্ত হওযা। "ক্রিয়াকর্ম্মে জিনিস বাড়া। ১২ সমৃদ্ধ হওয়া। "ধনে জনে বাড়ে যেবা আমারে পুজয় বা.ম ৯১। [বাড়া[৪]—সর্থ 'বাড়[৩]। কথায় কথা বাড়ে—উত্তরপ্রত্যুত্তরে নানা কথা আসে। "বি.সু ৭৭। বাঢই, -ঢব (প ক)।]

বাড়[৪], -ঢ়[৩] সর্ম্ম [বাট[৫] > °ড়, -ঢ ; ঠ, গু √ব্রাঢ] ১ ভোজনার্থ অন্ন-ব্যঞ্জনাদি বাঁটা বা ভাগ কবা ; বাড়া। "দুই ভাগ করি কৃষ্ণ বাড়হ (পাঠান্তর—'বাঁটহ') তাহাকে।—ম ২১০। ২ অন্নাদি পরিবেষণ করা। "রান্ধিয়া বাঢিয়া কাঁকাইলে হৈল বাত ক.চ ২৯ ; নাহি রান্ধে নাহি বাঢ়ে ১৫৭। কে রান্ধে কে বাড়ে ভা.চ ১১০। [বাড়া[৫]—সর্থ 'বাড়[৪]।]

বাড়[৫] সর্ম্ম [সং √বর্দ্ধি—বর্দ্ধয্ >প্রা √বড্ঢ (প্রা.ম) >বা °ড় ; গু √ব্রাঢ] ১ ছেদন করা ; কাটা, সংস্কার করা (to mend)। "কলম বাড়া। ২ বিচ্ছিন্ন করা; ছাড়ান। "বিকল হইয়া উঠে (জোঁক) বাড় বাড় করে শি ৮১। ৩ ছাড়িয়া দেওয়া। "সদন্তেরে বান্ধি মারে করে বাড় বাড় শি ১৫ , ৬৫। [বাড়া[৬]—সর্থ 'বাড়[৫]। গোয়াল বাড়ান —গোয়াল পরিষ্কার করা।]

বাড়[৬] সর্ম্ম [বাড়[১] > °ড়] বেষ্টন করা ; বেড়া, ঘেরা। "এখানে এতটা ছাড়, ওখানে এতটা বাড় অ.গ্র ১৫৭।

বাড়ই বি [সং বর্দ্ধকি >লি বড্ঢই >বা বাঢ়(ড়)ই ; হি বঢ়ঈ ; ঠ ব্রঢঈ ; প বড্ঢি ; সি, গু ব্রাঢ ; ড় বঢাই] ১ সূত্রধর, ছুতার। ২ ঘরামী (বীরভূম)।

বাড়তী বি [হি বঢ়তী ; ঠ ব্রঢতী] সংখ্যায় বা পরিমাণে বৃদ্ধি।

বাড়ন[১] বি [সং বর্দ্ধনী >প্রা বড্ঢণী (অ.রা) >বা বাঢ(ড়)নী >°ন ; হি বাড়নি] ঝাঁটা ; খড়ের ঝাঁটা, কোঁস্তা।

বাড়ন[২] বি [বাড়[৪]+অন] অন্নাদিবণ্টন, অন্নাদিপরিবেষণ। "রন্ধন বাড়ন পরিপাটী ব.প ৭৭৭।

বাড়(ড়া)ন্ত বিং [বাড়[৩]+অন্ত[৩] ; হি বঢ়ন্ত ; ঠ বাঢল.] যাহা বাড়ে ; বৃদ্ধিশীল। "বাড়ন্ত গড়ন। [চাল বাড়(ড়া)ন্ত—অর্থাৎ চাউল নাই। [চাউল লক্ষ্মীর দ্রব্য, 'চাউল নাই' বলিলে 'লক্ষ্মী নাই' বুঝায় বলিয়া, গৃহস্থে ঐরূপে শুভবাক্যে উহা প্রকাশ করে।]

বাড়ব ‡ বিণ [বড়বা+অ (অণ্) ; স্ত্রী -বী] বড়বাসম্বন্ধী। —ব পুং ১ বড়বানল। দ্র 'ঔর্ব্ব'। ২ বড়বায় (ব্রাহ্মণীতে) জাত , ব্রাহ্মণ (অ.কো)। —ব স্ত্রী বড়বাগণ, অশ্বসমূহ।

বাড়বাগ্নি, -বানল ‡ পুং [কর্ম্মধা] বড়বানল। "°গ্নি মাঘ ১১.৪৫। °ল।—জ্ঞা ১৮৫ ; অ.প ১৫। °গ্নিশিখা।—মে ৮৪। বিচ্ছেদ-বাড়বানল যদি তাহে না থাকিতো ব.প ১৫৪৬। [বাড়ব-আনলকুণ্ড, বাড়ব-আনলতীর্থ—চন্দ্রনাথতীর্থ। "ম.পা ৬ ; ৭।]

বাড়বাড়া বি বড়বড়-শব্দ, অস্পষ্টভাষা (?)। "কিঙ্কর কোটাল বলে করে বাড়বাড়া শ্রী.মা ১০৮ ; ১৭৩।

বাড়া[১] বিং [বাড়[৩]+আ[১২]] ১ অধিক, বেশী। "ধিক্ তোরে কি বলিব বাড়া বা ম ১২৫। বাড়া সমাদর শ্রী.মা ১৮ ; প্রীত নাই বাড়া ২৪ ; মাহিনা বাড়া পায় ১৫৬। আমার ভাব বাড়া।—শ্রী ১৮৪ , দুষ্টের প্রভাব বাড়া ২৬২। ক্ষমহ বাড়া কি কব বি.সু ৩৯ ; ৮৭। ২ অধিক, অমিত। "বাড়া ব্যয় কর, বুড়া বসে পাছে রয় শি ৩৪। ৩ অনন্য-সুলভ। "সাঙ্গালির সঙ্গে কিন্তু সুখ পাবে বাড়া শি ৮৪। ৪ অধিক উপাদেয়। "খাসা গোল্লা…খাবে,—তার বাড়া কি আছে।—দা ২০৫৯। ৫ গণনায় অধিক। "মামীর বয়স বাড়া শি ৮৩। বিত্তর বয়স যার বাড়া শ্রী ২৩। ৬ অনেক, বহু। "হাত নাড়া দিয়া বাড়া কথা নাহি কই শি ৮৯। বচন ঘুচাও বাড়া বাড়া শ্রী ৩০। ৭ গভীর। "ভোজন করহ রায় রাত নয় বাড়া শ্রী ১০৯। ৮ সুচারু, ভাল। "আজ মৃত্যু না হইবে বাড়া বা.ম ১৫৬। ৯ তদপেক্ষা মহত্তর ; বড়। "মাএর বাড়া গুরুতরা পৃথিবীতে নাই ব.প ১৩৪৭। ১০ মহা, বড়। "দেখি রায় অমঙ্গল বাড়া শ্রী ১৩৩। ১১ সর্ব্বাপেক্ষা অধিক। "বাড়া অনুতাপ বন্দা শ্বশুর শাশুড়ী ব.প ৪৬৭। ১২ শ্রেষ্ঠ, অধিক আদরণীয়। "সেই যে চটি—দেশী চটী—বুটের বাড়া ধন!—কু.কে ১৩৮। ১৩ পর। "আল দিবে বাড়া শ্রী মা ৩৮। ১৪ অপ্রাসঙ্গিক, বাজে (কথা)। —ড়া বি ১ অধিক কাল। 'মাসের হইলে বাড়া সবার বিনাশ।—কৃ ১৭৭। ২ অনুচিত বা কটু বাক্য। "কোপ না করিহ রাজা না কহিও বাড়া। —কৃ ৩৪৩। [বাড়ার ভাগ—বেশীর ভাগ ; বাহুল্যমাত্র, নিষ্প্রয়োজন। "ঝঞ্ঝাটেতে হয় না আসা,…বাড়ার ভাগ আমাকে কেবল বলা। —দা ৮১। বাড়া-বাড়া—কিছু-বেশী। "বাড়া-বাড়া আধ খুঁচি চা'ল (স্ত্রীভাষায়)।]

বাড়া[২] বিং [বাড়[৪]+আ[১২]] ভোজনার্থ কৃতবণ্টন বা ভাগ-করিয়া-দেওয়া (অন্নাদি)। "বাড়া ভাত। —ড়া বি [+আ[৬]] অন্নাদিবণ্টন, পরিবেষণ। "রান্ধা-বাড়া পরিশ্রম ব.প ১৩৬৪। [বাড়া ভাতে কুটুম্ব—ভোগের সময়ে আত্মীয় (কাজের সময়ে নয়)। বাড়া ভাতে ছাই—(গৌণার্থে) অভীষ্ট বিষয়ে সর্ব্বনাশের হেতু। "বাড়া ভাতে ছাই, তব বাড়া ভাতে ছাই। ধরেছে নীলের যম আর রক্ষা নাই।—নী ১৬।]

বাড়া[৩], -ঢ়া[১] সর্ম্ম [বাড়[৩], -ঢ+আ[৮] , সং √বর্দ্ধয় >প্রা √বড্ঢ, বড্ঢর ; হি √বঢ়া ; ঠ √ব্রঢরি ; মৈ √বঢ়ার] ১ বৃদ্ধি করা ; অধিক করা ; বাড়ান (মাত্রায়, সংখ্যায়, আকারে)। "বাঢ়ায়লু আশ বি.প ১১৮ , কানুক প্রেম বাঢ়াই ১৮৩। হামারি গৌরব তুহুঁ বাঢ়ায়লি চ.দা ১৪৪। বাঢ়াইল তনু।—ম ১৭১ ; বাড়াইল অঙ্গ ৪৬৫। বাড়াই …তনু অ প ১৩। গোত্র বাঢাউক কৃষ্ণ চৈ.ভা ১৪২ ; মহিম বাঢ়ায় ২৭৮ ; কৃষ্ণ বাঢ়ায়েন…ভক্ত-জয় ৫১৩। বাঢ়াইলু।—ব ১৫৩ ; বাঢ়ায়সি ১৭৪। ২ দীর্ঘ বা লম্বা করা। "বাড়াইয়া দিল লেজ। —কৃ ২১৬। ৩ প্রসারিত করা। "অবহি মদন বাঢ়ায়ল দীঠ বি.প ৩৩। হাত বাড়াইল চাঁদে (চ.দা)। হাথ বাড়াইল ভ.গ্র ২১৫। বাড়ায়েছি চাঁদে হাত হইয়া বামন শ্রী.মা ২ ; শি ২২। যর যে ছাড়ায়, হাত সে বাড়ায়, সেই ত ঘরে লবে।—রবীন্দ্র। ৪ নিঃসারিত করা। "স্কন্ধদেশ

এরূপ উচ্চ, বোধ হয় যেন, একেবারে পৃথিবীর চতুর্দ্দিক্ অবলোকন করিবার আশয়ে মুখ বাড়াইতেছে।—কাদ ৫। ৫ .বিস্তার করা; প্রচার করা। "বাড়াব তোমার যশ ক.চ ৩৩। ৬ পর্য্যাপ্ত করা। "রোহিণী দেবী, করত পরিবেশন, রসবতী দেও ত বাড়াই গো ৯। ৭ গৌরবিত করা। "ভক্ত বাড়ায়েন গৌরচন্দ্র চৈ ভা ২৭৮। চৈ.চ ২৫২। ৮ অযথা গৌরবিত বা অতিরঞ্জিত করা। "বাড়াইয়া বলা। ৯ প্রসন্ন করা। "কিমত সেবনে, ত্রিপুরমথনে, দৈত্য বাড়াইল কিসে চ.বি ৬৮। ১০ পূজা করা। "(নাগগণে) দিয়া বস্ত্র অলঙ্কার, বাড়াইয়া থুইল পদ্মবনে ম.ম ৭। ১১ প্রশ্রয় দেওয়া। ১২ প্রত্যুদ্গমনপূর্ব্বক অভ্যর্থনা করা। "বাড়াইয়া আনহ কৃষ্ণ ম বি ২৪৯। আপনে চলিল রাজা বাড়ি আনিবার।—অ.প ৩১। বাঢ়িয়া (বাঢ়াইয়া) আনিল সাধু ম.পা ১৬৭,-৭২। ১৩ তৎসম্পন্ন করা। "ধনে, কুলে, শীলে বাড়ান। ১৪ তীব্র করা। "দুঃখ, যন্ত্রণা বাড়ান। ১৫ প্রগর করা। "বাড়াইল জ্বাল ম.ম ১৬২,-৩। ১৬ নির্ব্বাণ করা। "প্রদীপ বাড়ান। —ড়া অর্দ্ধ আস্পর্দ্ধা বা প্রশ্রয় পাওয়া। "তোমার যে মামার শাসন নেই, তাই ত তিনি এত বাড়ান অ.প্র ২৬। [বাড়া(ঢা)ন—সর্থ 'বাড়া৩'। অঙ্ক বাঢান—রাজস্বের পরিমাণ বাড়ান। "অঙ্ক নাহি বাঢাইব পুরে ক.চ ৮৪। আগ বাড়ান—সর্থ 'বাড়া৩ (১২)। পা বাড়ান—গমনার্থ পাদক্ষেপ করা; যাত্রা করা। "যদি বাড়াই পা। আলাইয়া পড়ে সকল গা॥ ক.চ ৪৪। করালবদনী বলি বাড়াইল পা।—বি.সু ১১৩। বাঢায়িঞা, য়িলেঁ, -লোঁ -ঢাসি, -ঢ়িলাহোঁ (শ্রী.কী)। বাঢাই, -ঢাওল, -ঢাঞা, -ঢায়বি, -য়লি, -লুঁ, -য়সি, -ঢাহ (প.ক)। আগু বারি নিল—প্রত্যুদ্গমনপূর্ব্বক লইল। "ম.গা ২১।]

বাড়া৪; বাড়া৫; বাড়া৬ দ্র 'বাড়৩'; বাড়৪; বাড়৫।

বাড়াবাড়ি বি [বাড়৩-আ+বাড়৩-ই] ১ অতিবৃদ্ধি, অতিমাত্রা, আধিক্য। "বিয়া রাত্রে বেহায়া বড় না বাড়াবাড়ি বি.সু ৬২। তিন দিন আদর বাড়াবাড়ি।—দা ৪৫২। কাঁথা হলে চলে, নিয়ে গেল লুই। আছে সেটা শেষে চোরের ভাগ্যে, এ যে বাড়াবাড়ি।—কা ৮৫। ২ প্রাধান্য, আধিপত্য, প্রভুত্ব। "সে যদি আগে নৈল, সেই ত রাণী হৈল, তবে ত বড় বাড়াবাড়ি ভা.চ ৫৩১। ৩ বড় আস্পর্দ্ধা। ৪ চালচলনের অতিবৃদ্ধি।

বাড়ি১ বি [সং বৃদ্ধি >প্রা বড্ঢি >বা বাড়ি, -ড়ি; হি বাঢ়ী] ১ বৃদ্ধি, সুদ। "ঋণ বাড়ি নাহি দেও (ক.চ)। ২ ধান্যের সুদস্বরূপ ধান্য। "ধান্য দিয়া না লইবে বাড়ি ক চ ৮৫। ৩ রাজার প্রাপ্য শস্যের অনাদায়ে প্রজার নিকটে প্রাপ্য সুদ-শস্য। "খন্দে নাহি নিব বাড়ি ক.চ ৮৪। —ঢ়ি বি [মৈ 'বাঢ়ি'—বন্যা] বৃদ্ধি, আধিক্য, তারতম্য। "দুই মূর্ত্তি সম ঘাটি বাড়ি নাহি ইথি।—চৈ ৪৭। [বাড়ি ক'রে আনা—বাড়ি স্বীকার করিয়া আনা। "বীজ বাড়ি করে আন শি ৬৯।

বাড়ি২ বি [বাড়১+ই৮ (?)] ১ 'বাড়ের খাম্বা'; দণ্ড, লগুড়, লাঠী। "মারয়ে লোহার ব.ড়ি।—ম ১০৫৫। হাতে বাড়ি করি (রাণী ধায়) শ্রী.ম ২৯। লাঙ্গল-বাড়িতে তাড়িছে সবে দু ৮৬। তোমায় উঠাঞাছে বাড়ি ব.প ৫০৩; বাড়ির চটাচাটি ৫০৬। বাড়ি মারিয়া তোর পাঞ্জর করতাম গুঁড়া ম.ম ১৪৭। মারিতে তুলে বাড়ি।—শি ১০৬। ২ অশ্বাদিচালনার্থ যষ্টি; চাবুক, পাঁচন। "প্রবোধ বাড়িঃ বাড়ি নিল।—ম ২৬০। ৩ ঢক্কাদিবাদনার্থ দণ্ড বা কাঠি। "দামামায় বাড়ি দেহ।—ম ১১৬১। ৪ [তু 'বারি' (গো.বি ৭৪)] দণ্ডের আঘাত। "ভাঙ্গিল দশন, ...মারিয়া ধ্রুবের বাড়ি ক.চ ১৫; মারে ধনুকের বাড়ি ৫২; খাইবে বাঁঝি পাউড়ির বাড়ি ১৬৬। ধ্রুবের মারে বাড়ি শি ১৫। মারে গদাবাড়ি ব.প ৮৩২। [বাড়িয়া—বাড়ির আঘাত করিয়া। "বাড়িয়া ভাঙ্গিবে তোর মাথা চ.লা ১২। বাড়াবাড়ি—বারংবার বাড়ির আঘাত। "°ড়ির শব্দ ব.প ৫০৬।]

বাড়ি৩, -ড়ী বি [সং বাটিকা, বাটী (উদ্যান) >প্রা বাড়িআ, -ডী; বা °ড়ি, -ড়ী; 'বাডী'—বৃতি (দেশী ৭.৪৩); হি 'বাড়ী'—উদ্যান; ঠ, গু 'বাডো'—ঘেরা জায়গা; মৈ 'বাড়ী'—উদ্যান; তা, তেলেগু রিড়ু] ১ উদ্যান সহিত গৃহ; ভিটাসুদ্ধ বা বাগিচাসুদ্ধ ঘর। "(মোর) ছয় জামাই ছয় চেড়ী, এই হেতু সাত বাড়িঃ প্রজা লয় ঘর বাড়ী: এক সমুদায় গৃহ বাড়ী ক.চ ৮৫। ঐ দেখা যায় বাড়ী আমার, চারদিকে মালঞ্চে ঘেরা ব.প ১৬২৬। বাড়ী-ঘর দেখিতেছিলাম ব.প্র ৩৪৫। ২ গৃহ, ঘর। "কাঁচা°, কোঠা°, পাকা°, বাগান°। ৩ উদ্যান, বাগিচা। "পুষ্প° ম.ম ৫, গোসাঞি যাবে পুষ্পবাড়ী ৬; চান্দর গুয়াবাড়ীঃ নন্দনবাড়ী ৬৬। ৪ বাড়ীর অংশ; মহল। "বার°, রান্না°, সদর°। [বাড়ীওলা—বাড়ীর অধিকারী। "°লা মেসো গি.ঘি ১০৪। বাড়ীওলী—বাড়ীর অধিকারিণী। "°লী মাসী গি.ঘি ১০৪। খ্যাড়বাড়ি —খড়বন, উলুবন। "গো.চ ৪১।]

বাড়ী দ্র 'বাড়ি'।

বাড়্যো বি সর্থ 'বাঁড়রি'। "বাঁড়্যো লক্ষ্মণ ব.প ৭৫৪।

বাঢ়১ ‡ বিণ [√বাহ্+ত (ক্ত) -ক, নিপাতিত] ভৃশ। "মাঘ ৯.৭৭। —ঢম্ ব্য ১ সত্য। "রঘু ১৯.৫২। ২ প্রতিজ্ঞা। ৩ স্বীকার।

বাঢ়২, বাঢ়৩, দ্র 'বাড়৩'; বাড়৪;

বাঢ়ম্ দ্র 'বাঢ়১'।

বাঢ়া১ দ্র বাড়া৩।

বাঢ়া২ বিং [বাঢ়২+আ১২] অধিক, অসাধারণ। "গুণ শীল রূপে বাঢ়া, যেন সে শালের কোঁড়া ক.চ ৪৬।

বাঢ়ি দ্র 'বাড়ি১'।

বাণ১ ‡ পুং [√বণ্+অ (ঘঞ্)-ক, বাহুলকে (অ.টী)] ১ শর। "যত্র বাণাঃ সংপতন্তি।—ঋগ্বেদ ৬.৭৫.১৭। "বর্ষিণং (রামং) রঘু ১২.৫০। যো যোগো ভগবদ্বাণঃ ভ ৩.২৫.২৯। ভবানীবাণী বাণ শি ৩৩। ২ বাণাবয়ব, পুঙ্খ। ৩ (কামের শরসংখ্যানুসারে) পাঁচ (৫) সংখ্যা। "নন্দসিন্ধুরবাণেন্দু (১৫৮৯)-সংখ্যে সংবৎসরে বি.মা ৭ (গ্রন্থসমাপ্তি)। বাণ চতুর্গুণ করি করিবাম গ্রাস ম.পা ৮৭। বাণের পৃষ্ঠে দিয়ে বাণ। পেটের ছেলে গণে আন॥—খনা। বাণ দুন শির যার।—জ্ঞা ২৩১। ৪ (সাদৃশ্যে) গোস্তন। "এক বাণের দুগ্ধ ম.ম ৩৪,-৫। ৫ অগ্নি। ৬ ['বাণ'—শততন্ত্রীকা বীণা (ঋগ্বেদ ১.৮৫.১০)] বীণাবিশেষ (কুল্লুক)। "°শব্দ মনু ৪.১১৩। ৭ দৈত্যরাজবিশেষ। [ইনি বলির পুত্র। ইঁহার রাজধানী শোণিতপুর। ইনি শৈব; শিব বাণপুরী রক্ষা করিতেন। ইনি অনিরুদ্ধকে বন্দি করিলে, কৃষ্ণের সহিত ইঁহার যে যুদ্ধ হয়, তাহাতে ইনি পরাজিত হন। দ্র ('অনিরুদ্ধ'।] ৮ কাদম্বরীহর্ষচরিত-প্রণেতা কবি বাণভট্ট। [ইনি সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে জীবিত ছিলেন।] ৯ [বাঙলায়; সাদৃশ্যে] বেগে রক্তস্রাব। "কপালে কঙ্কণ হানে, অধীর রুধিরবাণে ভা.চ ৩৯৮। ১০ আভিচারিক মন্ত্রবিশেষ। "পদ্মাবতী বাণ মারে, সব শিষ্য ঢলি পড়ে ব.প ২৯২। ১১ চড়কে সন্ন্যাসীর ব্যবহার্য্য বাণসদৃশ লৌহশলাকা। "ছ ১। —ণ পুং, -ণা স্ত্রী নীলঝিণ্টি। "বিকচবাণদলাবলি মাঘ ৬.৪৬। —ণা২ স্ত্রী বাণমূল। [°গোচর, °পথ (পুং)—বাণবিষয়, বাণপাত। °পথবর্ত্তী শ ১১৬৳। °তৃণ (স্ত্রী)—শরতৃণ। °পাণি (বিণ)—শরকর, ধৃতশর। °পুর (স্ত্রী)—শোণিতপুর। দ্র 'বাণ (৭)। °বর্ষণ (ক্লী)—শরবৃষ্টি, অবিরলশরপাত। °বর্ষী (-র্ষিন্) বিণ—শরবর্ষণশীল। "রঘু ১২.৫০। °বার (পুং)—'শরঘাতনিবারক', বর্ম্ম। °মুক্তি (স্ত্রী), °মোক্ষণ (স্ত্রী) —শরত্যাগ, বাণক্ষেপ। °লিঙ্গ (স্ত্রী)—বাণপূজিত শিবলিঙ্গ; নর্ম্মদা-

তীর্থপ্রাপ্ত শিলাময় শিবলিঙ্গ।] [বাণ-কাড়া দুধ—গোস্তন হইতে সদ্যোনিঃসারিত দুগ্ধ, ধারোষ্ণ দুগ্ধ। বাণ ফোঁড়া—চড়কে সন্ন্যাসীর জিহ্বাদি বাণ দিয়া ফোঁড়া। "হু ১২। বাণ মারা—আভিচারিক মন্ত্র প্রয়োগ করা। বাণ-মারা—অভিচারকার্য্যকারক। "মন্ত্র এক শেখ' সে ...বাণ-মারা স্ব প্র ২০৯।]

বাণ[২], **-ন**[২] বি [সং বন্যা, হি বান] ১ বর্ষার জলরাশি; জলপ্লাবন (flood)। "বাদল গেল শুকাইল বাণ শ্রী মা ১৭৯। বর্ষা হইলে কুঁড়ায় ভাঙ্গা যায় বাণ ক চ ১৮। তাম্বুতে এল বান ভা চ ৪৫৫। ভাসে প্রেমবানে ভ প্র ৩০৯। আমে ধান। তেঁতুলে বাণ॥—খনা। ২ পর্ব্বে সমুদ্রের উচ্ছ্বসিত জলরাশি, নদীর জলবৃদ্ধি। "যেহু নদীকের বাণে শ্রী.কী ১০৯। গঙ্গাজল কূপজলে বএ জাঅ বান শূ ৮৩। বেড়ে গেল বাণ শ্রী ১৩২,-৭৯। আইল প্রচণ্ড বাণ।—সুরধুনীকাব্য। মরা গাঙে বান এসেছে।—গান ২৩৩। [বান ডাকা—শব্দপূর্ব্বক বান আসা।]

বাণ[৩], **-ন**[৩] বি [সং বর্ণ > লি, প্রা বণ্ণ > বা বাণ, -ন, হি বান, ঠ রাণ, বৈষ্ণবসাহিত্যে] বর্ণ, রঙ। "জাহের বানচিহ্ন কব ণ জাণী।—চ ৪৫। নাথবান কনক।—গো ৩২,-৮, কাঞ্চন দশবান ৭৪, আপন পবশ দেহ. হেম ধরব নিজ বাণ ১৯৫। কসিতবান সোনা ব প ৩২৮। লাখবাণ সোণা চৈ ম ৮১। দশবাণ কাঁচা সোনা শ্রী ৪৯।

বাণা[১], **-না**[২] বি [তা 'বা-না'—flag (H B 65), বৈষ্ণবসাহিত্যে] পতাকা, ধ্বজা। "কলিমর্দ্দন বান্ধে বানা চৈ ভা ২৩, পতিতপাবন ধন্ড বানা ২৬৭। পতিত-পাবন যাব বানা।—গো ৩৩। পতিতপাবন বাণা যায়।—জ ৩। ছত্র আড়াঙ্গি বানা বি পা ২৭৮। সোনার বিচিত্র বানা ম ম ২৩২। হাতে ধরে লাল বাণা ব প ৩২৬, নানা বর্ণে বানা ৬৭২। উড়ে সর্পবাণা ভা চ ৪৩।

বাণা[২] দ্র 'বাণ[১]।

বাণাসন ‡ ক্লী [ষ ত] ১ 'বাণের ক্ষেপক', শরাসন, চাপ। "গো.রা ৩ ৬৯ ১৫। ২ জ্যা, ধনুর্গুণ।

বাণি[১] † স্ত্রী [√বে+নি-ভা, সংজ্ঞায় ণত্ব (অ টী)] ১ বয়ন, বোনা। ২ [+নি-ণ] 'বয়নসাধন', বাপদণ্ড, বেমা।

বাণি[২], **-ণী** † [√বণ্ শব্দ+অ (ঘঞ্), +ই (ইণ্)-র্ম বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ উক্তি, বাক্য, বচন, ভাবতী। "কবেঃ...বাণীম্ উ চ ৭ ২০। বাণী অরূপা ভ ৭ ৪ ২৪। বাণীমশবীবাম্ ক সা ৩০ ৫২। সেনাপতি 'রণ' বাণি যার চ বি ৭৭। বাণী-কৃপা বিণা বাণী-বিহীন সুবাদি।—দা ১। দিকে দিকে কত বাণী।—গান ১৭৬। ২ রব, কূজিত। "(মৃগপক্ষিণাম্) বাণীম্।—রা ২ ৭১ ২৭। বীণাবাণী স্বরীশ্বরী।—মে ৫৩, ৮৮। ৩ সরস্বতী। "বাণীপুত্রগণ পাশে।—হেম ২৫৬। দ্র (১)। ৪ [বাঙলায় অপ্র] কথা, বৃত্তান্ত। "চারি জাতি নারীর বাণী তোমারে বুঝাই।—ম গা ৩। ৫ বার্ত্তা, সংবাদ। "গৌড়ে না পাঠালে বাণী, শুনি তাপে রঞ্জাবাণী শ্রী ৪৩।

বাণিজ † পুং [বণিজ্+অ (অণ্) স্বার্থে] বণিক্। "অশ্ব°, গো°, কশ্মীর°।—জক পুং [°জ+ক (কন্) স্বার্থে] বণিক, বণিগবৃত্তি-জীবী। "মনু ৩ ১৮১।—জিক পুং [বণিজ+ইক (ঠক্) স্বার্থে] বাণিজ্যজীবী, বণিক্। "মনু ৮ ১০২।—জ্য ক্লী, -জ্যা স্ত্রী [+য (ষ্যঞ্) +স্ত্রী আ (টাপ্), পা ৫ ১.১২৬, সি] বণিক্‌কর্ম্ম, ব্যবসায়। "নানা-বাণিজ্যশোভিতা (পুরী) রা ৭ ৭০ ১১। সত্যানৃতন্তু বাণিজ্যম্ মনু ৪ ৬। °জ্যা ক.সা ৪৩ ৭৭। বাণিজ্যে লক্ষ্মীর বাস (বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ) ভা চ ১০৫, শি ৬৮।

বাণিজক, বাণিজিক, বাণিজ্য, বাণিজ্যা দ্র 'বাণিজ'।

বাণিনী † স্ত্রী [√বণ্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ নর্ত্তকী। ২ মত্তাঙ্গনা, মত্তা। "রঘু ৬.৭৫। ৩ বিদগ্ধবনিতা, ছেকা।

বাণিয়া, -ণ্যা, বেণিয়া, -ণে, -ণ্যা বি [স° বাণিজ > প্রা *বাণিজ্জ > বা (বাণিআ) বাণিয়া, -ণ্যা, বেণিয়া, -ণ্যা, -ণে, হি ব(ব)নিয়া, প বণিযান, মৈ বনিআ, ব্যাস্তা (চট্টগ্রাম)] ১ বণিগ্-জাতি, বণিক, সদাগর। "বাণ্যা: বেণে ক.চ ৭৪,-৫, কুলে দত্ত বেণ্যা ২১৬, বেণিয়ার বালা ২২৭। সায় বেণের ঝি।—ম ভা ৩৮। শ্রীমন্ত বাণিয়া ম পা ১৪০। বাণিয়া চৈ.চ ২৫২। বেণে মণি গন্ধ সোণা ভা চ ২৭৩। ২ শঙ্খবণিক্, শাঁখারি। "হাঁটু দুটি আঁটিয়া আটক করে বেণে শি ১০৫।

বাণিয়ানী, -ণ্যানী, বেণানী, -ণেনী, -ণ্যানী বি [বাণিয়া+আনী[২] > °য়ানী > °নী, বেণে, -ণ্যা+নী, 'বানানী' (ম ম ১৯৬), বাস্তানী (ম পা ৯৬), হি বণিয়াইন, বানিন] বণিকের স্ত্রী। "বেণ্যানী চ দা ৪৫, ক চ ১৩৪। অমলা বাণ্যানী ব প ২৬১,-৭৫। বেণানী: বাণিয়ানী ম ম ১৪৫। বেণ্যানী বা ম ১৭৫, বেণেনী ২৭০, ৩৩১, ম ভা ৩২,৩৯, শি ৩১।

বাণী দ্র 'বাণি[২]।

বাণেশ্বর † পু° [ষ ত] বাণাসুরের ইষ্টদেবতা শিব, শিবলিঙ্গ ("বাণে বব দিয়া বাণেশ্বব অভিধান শি ২৩।

বাণ্ডিল বি [E bundle] ১ একসঙ্গে বদ্ধ দ্রব্যসমূহ, গুচ্ছ, গোছা। "এক বাণ্ডিল ছড়ি, দেশলাই, পেন। ২ বর্ত্তুলবৎ জড়ান সূত্রাদি। "সূতাব বাণ্ডিল। ৩ চূর্ণদ্রব্যেব প্যাক্। "সিঁদূরের বাণ্ডিল। ৪ পুলিন্দা, তাড়া (roll)। "কাগজেব বাণ্ডিল।

বাণ্যা; বাণ্যানী দ্র 'বাণিযা, বাণিযানী'।

বাত[১] † বিণ [√বা+ত(ক্ত)-ক] প্রবাহিত। "মারুতে বাতি (নাধীয়ীত) মনু ৪ ১২২।—ত পু° ১ সমীরণ, বায়ু। "বাতো বি বাতি।—ঋগ্বেদ ১ ২৮ ৬। রা ২ ২৮ ১৮। শিপ্রা° পূ মে ৩১। দূরে রহবি জনু বাত বিভঙ্গ বি প ৫৫। ২ পবনদেব। ৩ দেহস্থ ধাতুবিশেষ। "বহুবাতকফ (S W)। ৪ বাতজন্য রোগভেদ (Rheumatism)। "রান্ধিয়া বাঢ়িয়া কাঁকাইলে হৈল বাত ক চ ২৯। বাতে বাঁকা সর্ব্ব অঙ্গ ভা চ ২১০। ৫ ধৃষ্টনাযক। ৬ (বাঙলায়) শৈত্য, ঠাণ্ডা। "তাত সয় ত বাত সয় না।—প্রবচন। ৭ (অপ্র) বায়ুপ্রবাহ। "রাবণের ভয়ে বাত না বহে পবন।—কৃ ৩৫৫। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—আপানক্রিয়া। "বাতকর্ম্ম প্রমুক্তি (শ ক)। কৃ ১২৯। °কোপন (বিণ)—দেহস্থ বায়ুর কোপজনক, বায়ুর বৃদ্ধিকর। °গুল্ম (পুং)—বাতজন্য গুল্মরোগভেদ। °গ্রস্ত (বিণ)—বায়ুবোগাক্রান্ত। °ঘ্ন (বিণ)—বাতরোগনাশক। °জ (বিণ)—বাতজন্য, বায়ুজাত। °জব (বিণ)—বায়ুতুল্য বেগবান্, বায়ু-গতি। °জ্বর (পু°)—বাতজন্য জ্বর, বায়ুকোপজ জ্বর। °তূল (ক্লী) —বায়ুতে উড্ডীয়মান তূলা, ইন্দ্রতূল, বুড়ীর সূতা। °পাট (পুং) —বায়ুরোধক বস্ত্র, নৌকাদির পা'ল (sail)। 'মুক্তে প্রবহণে চলবাত-পটধ্বজে ক সা ১০১ ১৭৪। °প্রমী (পু°, স্ত্রী)—দ্রুতগামী মৃগবিশেষ, বাতমৃগ। °ব্যাধি (পু°)—দেহস্থবাতভেদে জাত ব্যাধি বাতরোগ। °মৃগ (পুং)—সর্থ 'বাতপ্রমী' (অ কো)। °রক্ত, °শোণিত (ক্লী) —বায়ুদূষিতরক্ত-জন্য বাতরোগভেদ। "দা ৩৬৩। °রংহাঃ (-হস্) বিণ —বায়ুবেগবিশিষ্ট, মহাবেগ। "°বংহা বৃকোদরঃ মহা ৩ ১৪৬ ৩৭। °শীর্ষ (ক্লী)—বায়ুর শীর্ষতুল্য, বস্তি। °শূল (ক্লী)—বাতহেতুক তীব্রবেদনা (colic)। °শ্লেষ্মা (-ষ্মন্) পু°—দেহস্থ বায়ু ও শ্লেষ্মা ধাতু। "°শ্লেষ্মাজ্বর। °সহ (বিণ)—বায়ুবেগসহনশীল (নৌকা)। "মহা ১ ১৪১ ৫। °হত (বিণ)—বায়ুবেগতাড়িত, বাতাহত। °হব (বিণ)—বায়ুনাশক, বাতঘ্ন।]

বাত[২] '-ত্' বি [সং বার্ত্তা, হি, ঠ, মৈ বাত, অপ্র] ১ বাক্য। "মুখে না আইসে বাত ম গা ১৭। স্থির হইয়া কতক্ষণে কহিলেক

বাত ম.বি ৪। নিঃসরে নাহি বাত চৈ.ম ৬১। ২ কথা, বিষয়। "আর এক বাত মাহে তোহ্মারে বুঝাই ম.গা ৭। খুধার বেদনা রাত,...মাও বিনে না জান্ত অঙ্গে অ.প ২৬। কহে কোন বাত?—চৈ.চ ৭৮। শুনি এহি সব বাত ব.প ৬১৪; স্বরূপ কহ বাত ৭৪০। এ বাত শুনে মোর দেলে বড় চোট লেগেছে আ.দু ৯২। ৩ বার্ত্তা, সংবাদ, খবর। "ঘরে বসে পুছে বাত। তার ভাগ্যে হা ভাত॥—ব.প ১৩; পুছে বাত ৮৩৭। ৪ কথা। "তুমি হয় ঘড়ী বল যে হাতে বহুত কাম, এতনা বাতে কি মোদের পেটের জ্বালা যায়!—আ.দু ১০৯। ৫ কথিত বিষয়। "এই বাত কাঁহা না করিবে প্রকাশন চৈ.চ ১২৫। ভেল আন বাত শ্রী.ম ১৪৯। ৬ বক্তব্য বিষয়। "তোমার সাতে মোর থোড়া বাৎ আছে।—মা ৩২৯। ৭ বৃত্তান্ত, বিবরণ। "উঠিয়া গঙ্গা জ্বলাতে (জ্বলাকে) পুছে বাত অ.প ৫৮। কত দিনে পিয়া মোর পুছব বাত বি.প ১৮৫। শুনিতে তোহারি বাত, পুলকে ভরয়ে গাত চ.দা ২৭। চৈ.চ ১৬৮। বাত পুছে গোপীগণে রা.প ২৪। ৮ ব্যাপার। "কি কহব রে সখি রজনী কি বাত বি.প ৬৬। ৯ কথা, উত্তর। "কানুক ঐছন বাত। শুনি সখী অবনত মাথ॥—জ্ঞা ২৫। ১০ পূর্ব্ব পক্ষ; প্রশ্ন। "একদিন যদি উপরি পড়ে আমার বাত। তবে সুখে হয়...॥ —চৈ.চ ৩০২। ১১ [সং—বার্ত্তা (কৃষি), হি বাতর (হিন্দীশব্দসাগর); ড় 'বতুয়া'—সিক্ত] ক্ষেত্রের সরসভাব বা কর্ষণোপযোগী অবস্থা, জো। "তাতে বাতে পাইট পেয়ে লেগে আইল গড় শি ৭৫। [বাত(ৎ)চিত, বাৎচিৎ (হি বাতচীত; ঠ বাতচিত)—কথোপকথন, কথাবার্ত্তা, গল্পসল্প। "কি বাৎচিত।—মা ২৬৯। বাৎচিৎ।—রঙ্গ ১২। বাতচিত পিচু হবে আ.দু ১১৪; মুই বি তোমার সাতে বাতচিত করতে বহুত খোস ১৩১। কিয়া বাৎ! (হি ক্যা বাত হৈ!)—সর্থ 'কেয়াবাৎ'। "কিয়া বাৎ!—সাবাস!—মা ৩৪৬,-৭।]

বাতপ্রেরকযন্ত্র † ক্লী [ষ.ত; কর্ম্মধা] অভিমতবায়ুসঞ্চারক যন্ত্র। "শু ১.২৪৯।

বাতমজ † বিণ [বাত+ √অজ্+অ (খশ্) -ক, ম্ (মুম্) আগম; উ.ত] বাতাভিমুখগামী। "°জা মৃগাঃ (সি)। ভট্টি ২.১৭।

বাতরথ † পুং [বহুব্রী] ১ বায়ু যাহার রথবৎ প্রাপক; বায়ুযান। "বাতরথঃ...গন্ধঃ ভ ৩.২৯.২০। ২ মেঘ।

বাতল † বিণ [বাত+ √লা+অ (ক)-ক; উ.ত] ১ বাতযুক্ত, স্ফীত, ফাঁপা। ২ (বাঙ্লায়) বায়ুরোগগ্রস্ত। "বাতল হয়িলোঁ মো তোহ্মার দোষে শ্রী.কী ২৪৪।

বাতলা সর্ম্ম [হি √বতলা] ১ হৃদয়ঙ্গম করা; বুঝান। ২ নির্দ্দেশ করা; দেখান। —তা[২] সর্ম্ম [হি √বতা] সর্থ 'বাতলা (২)। "বাতাওগে বি.সু ১০০। [বাতলান—সর্থ 'বাতলা'।]

বাতা[১] বি [(?); মৈ 'বত্তী'—বরগা] বাঁশের চটা। "চাল বাতা ক.চ ৮৪; গজদন্তের বাতা ১২২। টাঙ্গে চালের বাতায় ব.প ৪৬৩।

বাতা[২] দ্র 'বাতলা'।

বাতাতিসার † পুং [উ.লো] বায়ুদোষজন্ত অতিসার।

বাতাপি † পুং অসুরবিশেষ। দ্র 'ইল্বল'। [°দ্বিট্ (-ষ্), °সূদন, °হা(-হন্) পুং—'বাতাপিনাশক', অগস্ত্য। দ্র 'অগস্ত্য'।]

বাতাবি বি [যবদ্বীপের রাজধানী 'বটেভিয়া' (Batavia) হইতে '°বি'] বড় লেবুবিশেষ (Citrus decumana)। [প্রায় দুই শত বৎসর ইহা এ দেশে আনীত হইয়াছে।]

বাতাভিহত বিং [তৃ.ত] সর্থ 'বাতাহত'। "°তা কদলী সী ৪২।

বাতাম, -ম্র † ফলবৃক্ষবিশেষ, বাদামগাছ।

বাতাম্র দ্র 'বাতাম'।

বাতায়ন † ক্লী [ষ.ত; তু 'লি রাতাপান'] ১ 'বায়ুর পথ'; গবাক্ষ, জানালা। "°গতা রা ২.৫৭.১৫। °বিমান মহা ৫.১১৮.১৯। প্রাসাদ-বাতায়ন-সংশ্রিতানাং রঘু ৬.২৪। জাল° মাঘ ১১.৫০। °তল বি.সু ৪৫। হৈমনিকেতন°।—মে ৩২। কথা ৫। ২ দ্বারপ্রকোষ্ঠ।

বাতালি, -লী † স্ত্রী [ষ.ত] বাতসমূহ, বাত্যা, ঝটিকা।

বাতালী দ্র 'বাতালি'।

বাতাস বি [সং বাত; হি বতাস; মৈ বসাত; 'বাসাত' (গ্রাম্য)] ১ বায়ু। "রসের মুরতি সে,...বাতাসে পাষাণ হয় পানি।—ব ১৫৩। গমনে বাতাস ভা চ ২৬৪; বাতাসে পাতিয়া ফাঁদ কন্দল ভেজায় ২৭৯। ২ বায়ুপ্রবাহ, ঝড়। "বিষম বাতাসে ধুলা লাগে তার গায়।—কৃ ৩৪০। ৩ (গৌণার্থে) সংস্পর্শলেশ, সম্পর্কমাত্র, অত্যল্প সংস্রব। "সুখী লোক আমার বাতাস নাহি থাকে ভা চ ২২৬। ৪ মৃদু বায়ু-প্রবাহ (breeze)। [বাতাসে উঠা—ঝড় বহা। বাতাস করা—পাখার বাতাস দেওয়া। বাতাস খাওয়া—বায়ু উপভোগ করা। বাতাস লাগা —শিশুর দেহে দূষিতবায়ুস্পর্শ হওয়া। বাতাসে ফাঁদ পেতে চাঁদ ধরা ...অত্যন্ত অসম্ভব কার্য্য করা। "ভা.চ ২৮৩।]

বাতাসা বি [বাতাস+আ[১২], হি, ঠ বতাসা] চিনির ফাঁপা মিষ্ট-দ্রব্যবিশেষ। "ফুল°, বড়°। [বাতসা কাটা—বাতাসা করা।]

বাতাহত † বিণ [তৃ.ত] ১ বায়ুপ্রবাহে বিনাশিত। "বসন্তবাতাহতেব শিশিরশ্রীঃ।—পঞ্চ ৫.৪। ২ বায়ুবেগতাড়িত। "প্রচণ্ডবাতাহত লতা সী ১০০। ৩ বাতরোগাক্রান্ত। —হতি স্ত্রী [ষ.ত] বায়ুর আঘাত। "প্রভাতবাতাহতিকম্পিতাকৃতি ভট্টি ২.৬।

বাতাহতি দ্র 'বাতাহত'।

বাতাহার † বিণ [বহুব্রী] বায়ুভক্ষ্য, বাতাশন। "ম ৩৮৮।

বাতি বি [সং বর্ত্তি >প্রা বত্তি >বা বাতি; হি, ঠ, গু বত্তী; মৈ রাতী] ১ দীপ। "জ্বালিবেক বাতি কৃ ৫২। আন্ধারের বাতি ক.চ ১১৪; ১৬৩। ঘৃতবাতি।—চৈ.ম ৭১। ভ গ্র ৪২০। রতন বাতি।—ব ৫৮। মোমের বাতি স.শ ১৩০। মলিন হয়েছে বাতি।—গান ১৬৭। ২ মোমের শলাকাকার দীপ (candle)। "ঝাড় লণ্ঠন বাতির আলো, কাজ কি রে তোর সে রোশনে।—রামপ্রসাদ। ৩ পলিতা (wick)। ৪ বাতির মত শলা। "গন্ধকের, গালার বাতি। ৫ [মৈ 'বত্তী'—a thin piece of wood] লম্বা সরু কাষ্ঠখণ্ড; কচা। "শালের বাতি। —তি বিং [বত্তি (যশোহর); বাতি, -তিক (ত্রিপুরা)] পরিপুষ্ট, পাকিবার মত (ফল)। "বাতি আম, কাঁটাল, পেঁপে, পেয়ারা। [ফল পরিপুষ্ট হইলে বাতির মত নিটোল গা হয়।] [°দান—দীপাধার, পিলসুজ। বাতি জল—অল্প জল (?)। "কামদ ধান বুলেন পরভু জেবা বাতি জল হঅ শূ ১১৪। কুলে বা বংশে বাতি দেওয়া—১ বংশ প্রকাশমান রাখা; কুলস্থিতি রক্ষা করা। "এক জন না রাখিব বংশে দিতে বাতি।—কৃ ২৭৪,-৮৭। কুরুকুলে বাতি দিতে না রাখিব আর।—ম ৭১৬। শ্রী ২৯। ২ যশোভাতিতে উজ্জ্বল করা। "দুই কুলে দিয়া বাতি, জীবন ত্যজিল সতী ক.চ ৪২।]

বাতিক † বিণ [বাত+ইক (ঠক্)] ১ 'বাত হইতে আগত'; দেহস্থ-বাতজন্ত (রোগ)। ২ বাতের শমন বা কোপন; বায়ুধাতুর শান্তিকর বা বর্দ্ধক। "পা ৫.১.৩৮। ৩ বাতরোগোপহতচেতাঃ, উচিতভাষণা-নভিজ্ঞ (নীলকণ্ঠ); চাটুকার। "মহা ৩.২৫৬.৩। —ক পুং বায়ু-কোপজন্ত রোগভেদ; বাতব্যাধি, বায়ুরোগ। —ক ক্লী ১ বায়ুবৃদ্ধি, বায়ুপ্রকোপ। "বাতিক স্বভাবে কিছু চঞ্চল প্রকৃতি ভ.গ্র ৩২৫। সে বাতিকের ঘটনা।—দা ৩০; বাসনা-বাতিক,...ঘুচাই তার যতনে ৩৬৫। তুমি বাতিকের গুণে গাছ কয় চুল পাকাইয়া ব্যঙ্গ করিবার পরওয়ানা হাসিল করিয়াছ।—ব.বি ৮। ২ পাগলামি, বাই। "কামাখ্যাবাবু মনে মনে ভাবিলেন, 'ইহা একটা বাতিক' ব.প্র ৫৭২। [°গ্রস্ত

—বায়ুরোগগ্রস্ত, ক্ষিপ্ত। "কৃষ্ণগোবিন্দ বাতিকগ্রস্তের ন্যায় সেই সকল স্থানে অনুসন্ধান করিতে লাগিল ব.প্র ৩৫৯।]

বাতিঙ্গণ, -ঙ্গন, -ঙ্গুণ, -ঙ্গুন † পুং বার্তাকু, বেগুনগাছ।

বাতিল বিং [আ বাতিল্] অগ্রাহ্য, পরিত্যক্ত, নামঞ্জুর। "বিক্রয়ের সত্তাধিকার...আর কেহ দাওা করে শে বাতিল E.P. 46; 96

বাতু(তূ)ল † বিণ [বাত+ল (লচ্), উ (উঙ্), পা ৫.২.৯৭; 'বাতূল' (দ্বিরূপকোষ)] ১ বাতরোগযুক্ত, বেতো। ২ বায়ুরোগগ্রস্ত, উন্মত্ত, পাগল। "বাতুল।—হি ২.২৫। বিপ্র হইলে বাতুল।—ম ১৯১, ৬৩২। বাতুল চৈ.চ ২৩৩। ভা.চ ৩৯। কথায় কথায় বল বাতুল।—দা ২১৭। ৩ [+উল, পা ৫.২ ১২১] বাতাসহ (অকো)। ৪ (বাঙ্লায়) বিরক্ত। "কহিল বিপ্র হইয়া বাতুল।—কৃ ১০।—ল পুং বাতসমূহ,বাত্যা।—তুলী বিং [সং °লা; অপ্র] উন্মত্তা, পাগলী। "মানুষী বাতুলী।—ম ৪৪৪। [কেবল বাতুল—সম্পূর্ণ উন্মত্ত। "ভা.চ ৮১।]

বাতুলি † পুং [Cf., E. bat] বাদুড়।

বাতুলী, বাতূল দ্র 'বাতুল'।

বাতেরিত † বিণ [বাত কর্তৃক ঈরিত, তৃ ত] পবনকম্পিত, বায়ুচালিত। "বাতেরিতোৎপলদলপ্রকবৈঃ রঘু ৯ ৫৬।

বাত্তকি বি [সং বার্তাকু, অপ্র] বেগুন। "গো.চ ২৬০,-৭৬।

বাত্যা † স্ত্রী [বাত+য+স্ত্রী আ (টাপ্)] বাতসমূহ, ঝটিকা। "রঘু ১১.১৬। বাতানীকঃ (বায়ুঃ) ভ ৩.১৭.৫। বি পা ২৩৭। মা ১২৩; বাত্যা দলে তরুদলে ১৫২। মহা°।—হেম ১৬৫। ব.প্র ১২৮। সংসারবাত্যায় আমি ঘূর্ণ্যমান ধুলিকণা ৬২০। °পীড়িত ব দ্বি ১৩৮। [°চক্র (ক্লী)—বাত্যাবর্ত্ত।]

বাত্রা বি [অপ্র] বার্তা, সংবাদ। "এনে দেয় বাত্রা শ্রী.মা ২০৭।

বাৎসল্য † পুং [বৎসল+য (ষ্যঞ্) স্বার্থে] রসবিশেষ। "°শান্তৌ তু রসৌ (ত্রিকাণ্ডশেষ)। "পঞ্চবিধরস—শান্ত দাস্ত সখ্য বাৎসল্য (মধুর) চৈ.চ ২৩০।—ল্য ক্লী [বৎসল+য (ষ্যঞ্)] ১ বৎসলভাব, পুত্রাদিতে স্নেহ। "পুত্র° কু স ৫.১৪। প্রজা° (S.W)। আশ্রিত° হি ১৫৫/১। ২ অনুরাগ, প্রণয়। 'ভ্রাতৃ' রা ২.১১৫.৩৫। পতি° রঘু ১৫.৯৮। ভার্য্যা° (S.W.)।

বাৎস্যায়ন † পুং [°স্য+আয়ন (ফক)] ১ বাৎস্যের গোত্রাপত্য; কামসূত্রকার মুনিবিশেষ। ২ ন্যায়ভাষ্যকার।—ন ক্লী বাৎস্যায়নকৃত কামশাস্ত্র। "পঞ্চ ৮/১ (কথামুখ)।

বাথান বি [বাসস্থান > প্রা *বাহত্থাণ > বা °ন (?); হি, মৈ বথান; বাতান (গো চ)] ১ গো-প্রভৃতির রক্ষাস্থান; গোষ্ঠ, গোগৃহ। "ক.চ ৮৯। একই বাথানে আছে ষোল শত গাই।—ম.ম ৭৪। (মহিষ) খাইয়াছি লক্ষ লক্ষ,...বনেতে বাথানে ব প ১৩৬৭; গাভীর বাথানে ১৪০৩। গোপের বাথানে চৈ.চ ২৯৩। বাথানে ছিলেন নন্দ।—দা ১৩৭; বাথানে যার থানা ৫০৯; বাথানে তাঁর চতুষ্পাঠী ৭০০। গরুর বাথান কু.কে ৩১। ২ আশ্রয়স্থান, আড্ডা। "পাখীর, বকের, বাদুড়ের, বেঙের বাথান।

বাথানি(নী)য়া বি [°ন+ইয়া², ঈয়া] বাথানে স্থিত গাভী, অর্থাৎ বাথানের ষণ্ডমাত্রের উপভোগ্য গাভী। "দ্রুপদনন্দিনী ছিল বাথানিয়া গাই। যার পতি বলিত্ত পাণ্ডব পঞ্চ ভাই।—ব.প ৩৯১। (মদনে মোহিত ছুঁড়ি) ষাঁড় চাহি বুলে যেন বাথানিয়া গাই ক.চ ২১৮। আরজীর আটি করিয়াদীগণ সঙ্গে। বাথানিয়া গাই মত ফিরে অঙ্গভঙ্গে।—ভা চ ৪০৩।

বাথুয়া বি [সং বাস্তুক > প্রা বত্থুআ > বা (বথ্‌আ) বাথুয়া; হি বথুআ; ঠ বথরা; বেতো (কথ্যভাষা)] শাকবিশেষ "বাথুয়া ঠনঠনি ক.চ ৪৩; ২০৮। বাথুয়া ম.ম ১৪৫।

বাদ¹ † বিণ [√বাদি+অ (অণ্)-ক] বাদয়িতা, বাদক। "বীণা° (S.W.)। ভেরীশঙ্খ° মহা ৬.১ ৩২। [সমাসে উত্তরপদ] —দ পুং [√বদ্+অ (ঘঞ্)-ভা] ১ কথন, ভাষণ। "অমৃত°, অসত্য°। বাদেষ্বচনীয়েষু মনু ৮.২৬৯। ২ কীর্ত্তন। "গুণ°। ৩ ধ্বনি। "গীতং শঙ্খবাদানুবাদি (S.W.)। ঘণ্টাবাদ।—হি ২৮/১। জয় জয় বাদ।—ম ৭৩৪। জয় বাদ বা.ম ৮৪। 'চলহ চলহ' বাদে (বেণু নাদে) শ্রী.ম ৪৬। ৪ কূজন। "শকুনি° (S.W.)। ৫ নিন্দা, অপবাদ। "মহান্ বাদঃ রা ৭.৪৫.১১। চর্ম্মরত্নস্তেয়° (দশকুমার)। বধুর বাদ ম.গা ১৯। চুরী বাদ শ্রী.কী ২২৫। কন্যার আছে বাদ।—ম ৬৬০। লোকবাদ খণ্ডাবারে ক.চ ৬৫; নানা বাদ দেয় ৯০। ছু ৫৩। চোর° বি.সু ৩৭। ছাওয়ালের বাদে শি ১৭। ৬ বিবাদ। "তয়োর্ব্রাহ্মণয়োর্বাদঃ রা ৭ ৫৩.১৫। সীমা° মনু ৮.২৫৩। কাহ্ন...লাগিল বাদে শ্রী.কী ৪২। চৈ ভা ১১৫,-৬। চৈ.চ ২৬। মোর সনে বাদ ভ.গ্র ২০৫। বাদ কিবা ফল অ.প ১০৯। ৭ দোষ। "এই লাগি লোকের অর্থ করিয়াছে বাদ চৈ চ ৫৯। কর্ম্মদোষে মরে স্বামী মোরে দেয় বাদ।—ম.ম ২১৪। তাতে দিয়ে বাদ।—হু ৫৫। ৮ শাস্ত্রার্থবিপ্রতিপত্তিবিষয়ে সাধনদূষণাদির উপন্যাস (মেধাতিথি)। "মনু ৬.৫০। ৯ জল্প-বিতণ্ডা (মিতাক্ষরা)। "প্রহ্লাদেন সমং চক্রে বাদম্ রা ৭.২৩ ৬৬, টীকা। যাজ্ঞ ৩.২৯১। শাস্ত্র-বাদে সমস্ত করিয়া পরাজএ ম.পা ১২০। ১০ তত্ত্বনির্ণয়ে কথাপ্রসঙ্গ, অর্থাৎ তত্ত্বনির্ণয়াভিপ্রায়ে পক্ষদ্বয়ের প্রমাণ-বিন্যাসখণ্ডন-রূপ কথা-প্রসঙ্গ। 'বাদস্তত্ত্ববিবেদিষোঃ (কথা)। "বাদঃ প্রবদতামহম্।—গী ১০.৩২। বাদে বাদে জায়তে তত্ত্ববোধঃ (সু র)। ১১ [+অ-র্থ] কথা, বাক্য, শব্দ। "অবাচ্যবাদান্ বহূন্ বদিষ্যন্তি গী ২.৩৬; বেদবাদরত ৪২। মা বদ কৈতববাদম্ গী.গো ৮.২। ১২ উক্তি। "সাম° মাঘ ২.৫৫। ১৩ কথা, কীর্ত্তি। "জায়দগ্ন্যস্তাপি দমনঃ সরাজেতি কোঽয়মুচ্চৈর্বাদঃ।—উ.চ ৫৩/১। ১৪ কথা, আখ্যান। "শকুন্তলাদীন্ ইতিহাসবাদান্ মা.মা ৩.৩। ১৫ প্রতিপাদনপূর্ব্বক নির্ণীত বিষয় বা সিদ্ধান্ত, মত। "অনীশ্বর°, নাস্তিক°, পরিণাম°, বিবর্ত্ত°। ১৬ অভিযোগ। তু 'বাদী'। ১৭ জনশ্রুতি, লোকবার্ত্তা (A.)। "বীরের ধনের বাদ ক.চ ৯৯। ১৮ প্রতিবচন (A.)। ১৯ (বাঙ্লায়) বৈর, শত্রুতা। 'নাথ দরশ সুখে বিহি কৈল বাদ।—বি.প ১৮৪। ক.চ ১৯৩; বাদের প্রকার: বাদের সুসার .৯৪। ২০ যুদ্ধ। "মম সনে বাদে আয়ু শেষ হল তোর।—বা.ম ৪১। ২১ আড়ি। "জানিতে না বলে বাঁঝি সতীনের বাদে ক.চ ২১৮। [বাদ পরিবাদ—বিবাদ ও নিন্দা। "কেহ কাকে বোলিবেক বাদ পরিবাদ গো.চ ৩২৩। বাদ-বিসম্বাদ—যুদ্ধ-কলহ, ঝগড়া-বিবাদ। "°দ তার সঙ্গে কর পাছে।—কৃ ৩১৯। ম.ভা ৭৭। দা ২২০। বাদ সাধা—বাদের প্রতিশোধ লওয়া; বৈরসাধন করা। "কি জানি রাক্ষসগণে সাধিলেক বাদ।—কৃ ১৪৬। শ্রী ১৫৭। বাদের উদ্ধার—বৈরশোধন, বাদ সাধা। "চান্দর বাদের উদ্ধার ম ম ৮৮; ২১৮।

বাদ² বি [সং অপবাদ—'বাদ'] ১ বাধ, নিষেধ, বারণ। "সঙ্কীর্ত্তনবাদ যৈছে না হয় নদীয়ায় চৈ.চ ৬৬। (কাজি) করিল কীর্ত্তনবাদ ন.প ২০৮। ২ [ঠ বাদ] বাধা, বিঘ্ন। "(সভারে) স্বচ্ছন্দে দর্শন করাইহ, যেন নহে বাদ চৈ.চ ১৪১। ৩ [ঠ বাধ; মুণ্ডারি 'বাদ' —বিয়োগ করা; ছাড়া] (গণিতে) বিয়োগ। "দশ মণে এক মণ, বাদ দেও বাছাধন (নৌকাকালি)।—শুভঙ্কর। —দ বিং [হি বাদ] বিযুক্ত, ছাড়া। "নেত্র পঞ্চ বাদ শ্রী মা ১৭৩। বাকী কৌড়ি বাদ চৈ.চ ৩১০। [বাদ দেওয়া—বিয়োগ করা। বাদে²—বাদ গেলে, অর্থাৎ ছাড়া। "বাটা বাদে তত সিকা শুভঙ্কর কর (বাটাকষা)। বাদবাকী (ঠ বাদবাকী)—বাদে অবশিষ্ট। "তুই বাদবাকী টাকা কবে দিবি,

বল্ দেখি ?—মা ৩২৪। খরচ খরচা বাদে—ব্যয় ভিন্ন। "আ.চ্ছ ১৬২। বাদ-দোহা (বাদ-দশাহ)—প্রসবের পরে দশ দিন বাদে গাভী-দোহন (চব্বিশপরগনা)।]

বাদ[৩] বি (ফা বর্‌বাদ—'বাদ'; হি বাদ] ১ নষ্ট, অসমাপ্ত, পণ্ড। "ঘোড়া ধরি লই জাএ বজ্র হএ বাদ অ.প ৯০। ২ বিফল, ব্যর্থ। "ব্রহ্ম-মন্যু-আশীর্ব্বাদ, কালে ফলে, হয় না বাদ।—দা ৭।

বাদ[৪] বি [ফা বাদ্; তু 'সং বাত'] বায়ু। "গো.চ ৪৫২।

বাদ[৫], **-দে**[৩] ক্রি-বিং [আ বাদ্] অনন্তর, পরে, ব্যতীতে, গেলে। "এক বৎসর বাদে গো.চ ৫২। তিন দিন বাদে তথা দ্বিজ ভদ্রশীল। নিদ্রাভঙ্গ হৈয়া দ্বারে ঘুচাইল খিল॥—ম ১০৫৭। দেড় প্রহর আছে বেলা আড়াই প্রহর বাদে বি.পা ৬০ ; কালি পরশু বাদে ২৬৮।

বাদক + বিণ [√বাদি+অক (ণ্বুল্)-ক] বাদয়িতা, বাদ্যকর। "তূর্য্যাণি বাদকাঃ সমবাদয়ন্ মহা ১.১৮৮.২৪। বাদ্য° ভ ১০.৫৩.৪৩। ন.প ১৫৫। বিষাণ° ভা.চ ১৫৭ ; বেণু° ১৬০। —দন পুং [+অন (ল্যুট্)-ক] বাদক। "রা ১.১৮.১৯। —দন ক্লী [+অন-ভা] ১ বাদ্য, বাজান। "বীণা° (অ.কো) ; ভাণ্ড° মনু ১০.৪৯। যাজ্ঞ ৩.১১৫। হেম ১৩৫। প তৃ ১৫। ২ [+অন-র্ম্ম] বাদ্যযন্ত্র, বীণাদি। "মনু ২.১৭৮। চারি দিক্ যুড়ি বাজিল বাদন।—হেম ২৫০। —দিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ ভাষিত। ২ ধ্বনিত। "দুন্দুভয়ো নেদুর্দেবগন্ধর্ব্ববাদিতাঃ ভ ১.৯.৪৫। —ত ক্লী [+ত-ভা] বাদন। "গীতবাদিত।—ছান্দোগ্য ৮.২.৮।

বাদন দ্র 'বাদক'।

বাদবিৎ(দ্) + বিণ [বাদ+ √বিদ্+ক্বিপ্ (০) -ক, উত] বাদজ্ঞ, জল্পবিতণ্ডাকুশল। "°দা (বন্দিনা) মহা ৩.১৩২.১৫।

বাদবিবাদ, -বিসংবাদ + পুং [দ্বন্দ্ব] উক্তিপ্রত্যুক্তি, বাদপ্রতিবাদ।

বাদযুদ্ধ + ক্লী [উ লো] শাস্ত্রার্থবিষয়ক কলহ। "মনু ১২.৪৬।

বাদর[১] ‡ বিণ [বদর+অ (অণ্)] বদরবিকার, বদরজাত। —র ক্লী বদরফল, কোলি, কুল।

বাদর[২], **-ল** বি [রদ্দল'—দুর্দ্দিন (দেশী ৭৩৫), হি 'বাদর, -ল, —মেঘ, ঠ 'রাদল'—ঝড় ; মৈ 'বাদর'—মেঘ ; মুণ্ডারি 'বাদর' —মেঘাচ্ছন্ন, ভাদ্রমাস, ভাদ্র >(স্বরাগমে) ভাদর >°র (?)] ১ বর্ষাকাল। "বাদব ডরে শশী বেকত না হোই বি প ৮০ ; এ ভরা বাদর, মাহ ভাদর ১৭২। আজু জসে বাদর নিশি প.ব ৪৫। নয়নের জলধারে কারিল বাদল।—চৈ ৫৮। মেঘেতে গর্জ্জন যেন করিছে বাদল। —ম ৭৯৩। মাদল বাজায় যেন বাদল-গর্জ্জন দু ১৩। মত্ত বাদল মেঘের ভেরী প.কা ৭০। ২ বর্ষা, ধারাসারবৃষ্টি, মুষলধারে বর্ষণ। "ভাদরে বাদর মন্দ গো ২৩৭। ভাদর বাদব জ্ঞা ১৬৩। বৃন্দাবন ধরি, রসের বাদর করি রা.শে ১৫। জিনি ভাদব রস-বাদর জ প ৩৭। বাড়ে অঘোব বাদল শ্রী ২০৪। বাদল ছাড়ে ভা চ ৩৩৪। বাদল বামুন বান। দক্ষিণা পেলে যান॥—পনা। ছাড়ল বাদল দক্ষিণবাতে বা.দ ২২৬। বাদল ঝরঝরে।—গান ৮৭। —লা বি ১ সর্ব 'বাদল'। ২ [হি বাদলা] সোনার বা রূপার জরির তার। [বাদলমালা—বনমালা (?)। "শূ ৬১। বাদলি—বাদলের মত জল-ভরা হইয়া। "শুনিতে শুনিতে আঁখি উঠিল বাদলি স্ব.প্র ৬২।

বাদরায়ণ + পুং [বদরী+আয়ন (ফক্)] 'বদরীভব, বদরিকাশ্রমস্থ', ব্যাসদেব। "ভ ১.১.৭, ৭.১। —ণ ক্লী বাদরায়ণসূত্র, বেদান্ত। "তত্ত্বন্ত বাদরায়ণে প্রমাণে লিখন ভা.চ ৩৩৬। —ণি পুং [°ণ+ই (ইঞ্)] ১ বাদরায়ণের অপত্য ; শুকদেব। "ভ ১.৭.১১। ২ [+ই স্বার্থে] ব্যাসদেব। "অভাললোচনঃ শম্ভুর্ভগবান্ বাদরায়ণিঃ। [°ণসূত্র (ক্লী) —বেদান্ত।]

বাদল, বাদলমালা, বাদলা, বাদলি দ্র 'বাদর'।

বাদশা, -শাহ্ বি [ফা বাদ্‌শাহ্] মুসলমান সম্রাট্। "বাদশা উাঁরে দেখিতে চান।—কথা ৮০ ; বাদশাহের অনুচর ৮১। °শাহ্ ব.খ্রি ৩০২। —শাই, -হী বিং [°হ+ঈ° ; ফা বাদশাহী] সম্রাট্‌সম্বন্ধী। "°হী রঙমহলে ব.খ্রি ৩০২। —ই, -হী বি বাদশাহের পদ। [বাদশাজাদা (ফা পাদ্‌শাহ্‌জাদ)—বাদশাহের পুত্র। "সেলাম কর বাদশাহজাদে। —কথা ৮১। (এস্থলে 'বাদশা' সাধু)। বাদশাজাদী (ফা °জাদী) —বাদশাহের কন্যা।]

বাদশাই, বাদশাহী দ্র 'বাদশা'।

বাদহাটা বি ১ কোন হাট ভাঙার উদ্দেশ্যে বসান হাট। ২ (গৌণার্থে) বাধা, বিঘ্ন। "বড় কৈলা বাদহাটা আগুলিয়া পথ ভা চ ৫৩০। যদি কোন বদ্‌লোকটা, দেয় ইহাতে বাদহাটা দা ১৯৬২।

বাদা বি [আ 'বাদিয়্'—বন] জলপ্রায় জঙ্গলময় নোনা দেশ। [°কাঠ—বাদার সুঁদুর গরান ইত্যাদি কাঠ। °চিংড়ি—বাদায় নোনা চিংড়ি ; বাগদাচিংড়ি।]

বাদানুবাদ + পুং [দ্বন্দ্ব] উক্তি-প্রত্যুক্তি, বাদ-প্রতিবাদ ; তর্ক-বিতর্ক। "বল্ দেখি ভাই কি হয় ম'লে, এই বাদানুবাদ করে সকলে। —রামপ্রসাদ।

বাদাবাদ বি লড়ালড়ি। "°বাদে…বাজিল ঘোর রণ শ্রী.মা ৭৬। —বাদি ক্রি-বিং [বাদ[১] -আ+বাদ -ই] পরস্পর বাদপূর্ব্বক ; আড়া-আড়ি। "বাদাবাদি বায বাদ্য বাদক দোহার ন.প ১৫৫।

বাদাম[১] বি [ফা বাদাম্ ; তু 'সং বাতাম (চরক ; ভাবপ্রকাশ)] ১ বৃক্ষবিশেষ (Prunus amygdalus)। ২ বাদামফল (almond)। —মী বিং [°ম+ঈ° , ফা বাদামী] ১ বাদামের খোষার মত ; পীতাভলাল (রঙ)। ২ বাদামের সদৃশ ; অণ্ডাকার। "বাদামী সেলাই।

বাদাম[২] বি [ফা বাদ্‌বান্ ; সং বাতপট] পা'ল (sail)। "দুখান তরি, নিমক ভরি, বাদাম তুলি না চলিল।—ব প ১৫৩৪। (চলিলা) অকূলে বাদাম তুলি বায়ুভরে।—হেম ৩৬ ; বাদাম উড়িল ১৫০।

বাদি বি [সং বাদ্য >(স্বরাগমে) বাদিয় >°দি ; অপ্র] বাদ্য। "বাজয়ে বিবিধ বাদি শ্রী.ম ১৯ ; ৯৭।

বাদিত দ্র 'বাদক'।

বাদিত্র + ক্লী [√বাদি+ইত্র (ণিত্র)-র্ম্ম, উ ৪.১৭০] ১ 'বাদনীয় যন্ত্র'; বাদ্য, মৃদঙ্গাদি। "°নির্ঘোষ রা ২.৬১.৬। ২ [+ইত্র-ভা] বাদন, বাজনা। "গীতসংস্তুতিবাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ (প্রজাঃ) ভ ৩.২২.২৮। ন গাত্রনখবক্ত্রবাদিত্রং কুর্য্যাৎ (সুশ্রুত)। স্বর্গীয় বাদিত্র দূরে শুনিনু। —মে ১৭৯।

বাদিয়া, -দ্যা, বেদিয়া, -দে বি [বাদ্য >(স্বরাগমে) বাদিয় >°য়া, -দ্যা (?), বাদিআ' (শ্রী.কী)] নীচজাতিবিশেষ। [ইহারা বাদ্য বাজাইয়া বাজী করে, সাপ খেলায়, ঝাড়-ফুক করে, গাছ-গাছড়ার বিষনাশক ঔষধ জানে ও বুজরুক দেখায়।] "বাদিয়া গো.চ ৪৭০। বাদিয়ার বেশ ধরি, বেড়ায় সে বাড়ী বাড়ী চ.দা ৩০। বাদিয়ার বাজি যেন।—ম ৮৫১। বাদিয়ায় পো।—ক.চ ২৫ ; সাপের ঝাঁটুলি আনে খুঁজি বাদ্যা ঘরে ১২৩। সাপের বেদিয়া বা ম ৩৩। বেদে বাজীকর ভা.চ ৩৪৮। [বেদে চেনে সাপের হাঁচি—(গৌণার্থে) যে যে-বিষয়ের তত্ত্বজ্ঞ, সে তাহার সকল লক্ষণই বুঝে।]

বাদী (-দিন্) + বিণ [√বদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী-দিনী] ১ বচনশীল, বক্তা, কথয়িতা, ভাষী। "প্রিয়°, মঞ্জু°, মিথ্যা°, সত্য°। নান্যদস্তীতি বাদিনঃ গী ২.৪২। তবাস্মীতি চ বাদিনম্।—মহা ৩.১৮.১৩। মনু ৭.৯১। ২ ভাষমাণ। "ইতি বাদিন এবাস্য রঘু ১.৮২ ; ১১.৬৯।

৩ কথক (মল্লিনাথ)। "রঘু ১২.৯২। মাঘ ২০ ১১। ৪ বাচক। "বাদ্যাঃ পুরুষবাদিনঃ রা ৭.৮৭.১৩। —দী পুং ১ অভিযোগকারী, অর্থী, ফরিয়াদী। "বাদিপ্রতিবাদিসমীপগ যাজ্ঞ ২ ৭৫। ২ বিবাদকারী, শত্রু, বিপক্ষ। °মু ৫ ১০। ঘরে মোর বাদী, শাশুড়ী ননদী চ দা ৭৬। কায়কের আদি, যত স্বরবাদী।—ম ১২৬৮। (কর্ণ-আদি) বাদী শ্রী ম ২১৩। (কাল) বড় সুখে, বড় রূপে বাদী।—রঙ্গ ১১৪। ৩ মতবাদ-প্রবর্ত্তক, সম্প্রদায়গুরু। ৪ (সঙ্গীতে) যে রাগে যে সুর রাজার মত, প্রধান সুর (key-note)। 'স্বামিবদ্ বদনাদ্ বাদী। সঙ্গীতরত্নাকর।

বাদীয়া বি সর্থ 'বাদিয়া'। "বাদীয়ার বাজি ব প ৬৯০।

বাদুড় বি [সং বাতুলি, ঠ বটুরী, ড় বাদুড়া, E bat, 'বাদুড়, -ব, -ল' (গোচ)] চর্ম্মপক্ষবিশিষ্ট স্তন্যপায়ী প্রাণিবিশেষ (Pteropus medius)।

বাদুয়া বি° [বাদ১+উয়া২, অপ্র] ১ বাদপটু, কলহপ্রিয়, শত্রু। "নাগের বাদুয়ার ঠাঁই বেহুলা দিল বিয়া ম ম ২০৩,-৪,-৫। সাপের বাদুয়া ব প ২৯১। ২ খল। "এ'কে ত বাদুয়া ভীমরুল তায় আজ্ঞা পায় ম ম ৫৮।

বাদুর্ব্বাদ বি [বাদাবাদ >°দ, তু 'কাকুর্ব্বাদ, অপ্র] বাদানুবাদ, বচসা। 'সুগ্রীব কহিল যত ছিল বাদুর্ব্বাদ চ বি ১৯৮।

বাদে১ ক্রি বি° [বাবদ >বাবদে >°দে (?)] নিমিত্তে। "কার বাদে জল ভবি নি জাও গো চ ২৩, কি বাদে আসিলেন ৫০, এই বাদে° লোক সন্ন্যাসে পাঠাইব ৭০। শ্রীবাসেব বাদ হৈল দেশের উৎসাদ চৈ ভা ১৬৬। সর্ব্বনাশ হল পাশা বাদে বা ম ৩৩৯।

বাদে২ ; বাদে৩ দ্র 'বাদ২, বাদ৫।

বাদ্য † ক্লী [√বাদি+য (যৎ)-র্ম্ম, '°দ্য' পুং (বা ২ ৮১ ২)] ১ বাদনীয় যন্ত্র, বীণাকাংস্যবংশীমুরজাদি চতুর্ব্বিধ বাদন-যন্ত্র, বাদিত্র। "বল্লকী°, বীণা°, বেণু°, মুরজ°, শঙ্খ°। ২ [+য-ভা] বাদ্যধ্বনি। "বারিমৃদঙ্গ° রঘু ১৬ ৬৪। বদন°, বগল°।—দু ২৪। গাল° ম ভা ১৭। বাদ্য করে বাদ্যকর কিঙ্কিণী কঙ্কণ ভা চ ৩২৮। [°কর, °ধর (পুং) —বাদক। '°ধর ভ ১০ ১২ ৩৪। °কর ভা চ ৩২৮। °ভাণ্ড (ক্লী) —'বাদনীয় পাত্র', মুরজমৃদঙ্গাদি, বাদিত্র। "পুষ্করম্ ..বাদ্যভাণ্ডমুখে (অ কো)। বাদ্যভাণ্ড সাত অক্ষৌহিণী—কৃ ২৮০। চৈ ভা ১১৫। চ বি ৬২, ৯০। ম বি ৩২। রা স ৩৫।

বাদ্যপুর বি° [অপ্র] ধ্বনিপূর্ণ, গম্ভীরনাদী। 'বাদ্যপুর দামামাতে ঘন কাঠি দিহ।—দু ১৮।

বাদ্যা দ্র 'বাদিয়া'।

বাদ্যোদ্যম বি বাদ্যাড়ম্বর, বাদ্যসমূহধ্বনি। "(মদন) বাদ্যোদ্যম করিলেক আনন্দিত হৈয়া।—ম ১২০০। বা দ ১৮১। °কোলাহল। —হেম ১৪। কৃ চ ২২, নানাজাতীয় যন্ত্র লইযা যাত্রীরা বাদ্যোদ্যম করিবেক ৩১। আ দু ৫৮।

বাধ্ ‡ সক [ভ্বা, ঙ—বাধতে, সেট্] ব্যাঘাত, প্রতিবন্ধ, পীডন। [আ—দমন। প্র—পরিপীড়ন। "ভট্টি ১২ ২।]

বাধ১ পুং, **-ধা১** ‡ স্ত্রী [√বাধ্+অ (ঘঞ), +অ, -ভা, স্ত্রী আ (টাপ্), 'বাধ'—সংগ্রাম (ঋগ্বেদ ৬ ৫০ ৪)] ১ পীড়া, সন্তাপ। "মদনবাধাং নিরূপ্য শ ৩২৬। অন্নবাধ যাজ্ঞ ২ ১৫৯। উরজ দরশি মনবাধা বি প ১৩২, বিরহক বাধা ১৬০, হৃদযে রহল বাধা ২০৩। তাহে কেন না পড়িল বাধা চ দা ৭। স্মরণে হরয়ে ভববাধ।—ম ৩০২। ২ প্রতিবন্ধ, ব্যাঘাত, বিঘ্ন। "যস্ত কোপো মহাবাধঃ প্রসাদশ্চ মহাফলঃ মহা ৪ ৪ ৩৪। কর্ম্মবাধ শ্রী ম ২০৫। বিষ্ণুভক্তি হয় তার বাধ চৈ.ভা ১৭৮, কার্য্য° ৪৮৬। হঠ রস না করহ বাধা।—জ্ঞা ২১২। তাহে দিল বাঁধ চৈ.ম ১২১। ৩ পীড়া, অভিভবনিবন্ধন আবেগ। "ভ্রমরবাধাং রূপয়তি।—শ ১২৬। ৪ প্রত্যাখ্যান, খণ্ডন, নিরাস। ৫ (ন্যায়ে) সাধ্যাভাববান্ জ্ঞান, হেত্বাভাসভেদ। 'ভাষাপরিচ্ছেদ ৭৭। —ধক বিণ [+অক (ণুল্)-ক] ১ পীড়ক, সন্তাপক। "শত্রু° (কার্ম্মুক)—রা। ২ ব্যাহন্তা, প্রতিবন্ধক, বিঘ্নকর। "ন কার্য্য° ধর্ম্ম-বাধকম্ (মহা)। নাহি দেখি ইহাতে বাধক।—কৃ ৭৪,-৬। ম ৪৫, সাধু কর্ম্মে আছয়ে বাধক বহুতর ১১৩০। সাধকে বাধক নাই শ্রী ৫৭। ভক্তি° চৈ চ ২৩৫। কে হবে বাধক ব প ১৩৭৩। ৩ নিরাকর্ত্তা, খণ্ডয়িতা, অপবাদক। —ধক২ পুং ঋতুকালে সন্তানজননশক্তিরোধক স্ত্রীরোগবিশেষ। —ধন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] পীড়ক। "শত্রু° (হ)। —ধন ক্লী [+অন-ভা] ১ পীড়ন, সন্তাপন। "সাধু বাধনমপি রমণীয়মস্যাঃ শ (SW)। ২ প্রতিঘাত, ব্যাঘাত। ৩ নিরসন, খণ্ডন। ৪ প্রতিষেধ।

বাধ২ সম্ম [সং বাধ্ >লি, প্রা √বাধ, হি, ঠ √বাধ] ১ ব্যাহত করা, বন্ধ করা। 'তাহাকে তালাক দিব—কীর্ত্তন না বাধিবে চৈ চ ৬৬। ২ পীড়িত করা। "না জানি কি ব্যাধি মরমে বাধিল। —গো ৯৯। চৈ ৮, কভু না বাধিবে তোমা বিষয়-তরঙ্গ ১১১। ক্ষুধা তৃষ্ণা নাহি বাধে চৈ চ ৯২, কৃষ্ণবিয়োগ বাধয়ে ২৮৮। ৩ বোধ করা। 'ঐমনি চলিযা যায়, কেহ নাহি বাধে তায় ভ গ্র ১১০। কেহ না বাধিছে কাহারও গমন। চলেছে অয়ন কাটি।—হেম ১১৪। —ধ অক ১ বন্ধ হওয়া, আটকান, বাধা। "লাজে বাধে, নৈলে কৈতে পারি ভা চ ৩৪২। ২ আবদ্ধ হওযা, লাগা। "প্রভুব আদেশে বীরের ধর্ম্মে. বিরোধ বাধিল আজ।—কথা ১২০। —ধা সর্ম্ম [°ধ>আ৮] বন্ধ করা, আটকান। [বাধ-বাধ, বাধো-বাধো—অল্প অস্ফুটভাব। "যেন বাধো-বাধো। ক্রমে সামালিষা ব্যথা, ফুটি কহে বাণী স্ব প্র ১৪৫। কথা বাধ-বাধ করিবে পা প্র ১৮। কথা কহিতে বাধ-বাধ করে ব প্র ৫৬৬। বাধা২—সর্থ 'বাধ২। বাধান—সর্থ 'বাধা২।]

বাধ৩ সর্ম্ম [বাঁধ২ >°ধ, অপ্র] বন্ধ করা, রচনা করা। "কবরী যে বাধিল মস্তকে গো বি ২৫, ঝারি বাধে কেস ১৭৩। [শিবেত বাধিয়া —শিরোধার্য্য কবিয়া। গোর্থের বচন কন্যা শিরেত বাধিয়া গো বি ৩৮।]

বাধক১ বি [সং বার্দ্ধক] বার্দ্ধক্য। '°ক কালেত গো বি ১৩৮।

বাধক২, বাধন, বাধা১ ; বাধা২ দ্র 'বাধ১, বাধ২।

বাধা৩ বি ['বন্ধ'—মূল] খড়মের মত বাঁধা কাষ্ঠপাদুকাবিশেষ। 'চরণের বাধা।—ব ৫১। চৈ ম ১৮১। পায়ে বাধা।—দা ৫৬, ভক্তের বাধা ১৬০। [°পানই (বদ্ধ উপানহ)—বাধা। 'বাধাপানই (বুঝিয়া যোগাবে রাঙ্গা পায়) প র ১০।]

বাধাই বি [হি বধাঈ (বৃদ্ধি, উৎসব)] উৎসব। "আনন্দবাধাই ক চ ৩৪। শ্রী ৪২। মঙ্গল বাধাই চৈ ম ৬৮।

বাধিত † বিণ [>বাধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পীডিত, সন্তাপিত। "দৈব° দু ৪৯। ২ ব্যাহত, বিঘ্নিত। ৩ নিরাকৃত, খণ্ডিত। ৪ নিরুদ্ধ, নিষিদ্ধ, বারিত। 'অবাধিতস্থান মনু ৪ ৫, কুল্লুক। ৫ (ন্যায়ে) বিসংবাদী, বিরুদ্ধার্থ (হেত্বাভাস)। ৬ (বাঙলায়) বাধাযুক্ত, বদ্ধ, বশীকৃত, বশ। "বাধিত করিয়া তারে মধুর বচনে। কাঞ্চনের বাটী দিল কাঁচা দুগ্ধপানে॥ —ম ভা ৩৬। ৭ অনুগৃহীত। "অনুগ্রহপূর্ব্বক আনন্দমঠকে 'ঐতিহাসিক উপন্যাস' বিবেচনা না করিলে বড বাধিত হইব ব প্র ৩৩৮ (বিজ্ঞাপন)।

বাধ্য ‡ বিণ [√বাধ+য (ণ্যৎ) -র্ম্ম] ১ পীড়নীয়। কোন দেব হেন. যে বিপদে বাধ্য নয়।—দু ৫৭। ২ নিরাকরণীয়। ৩ ব্যাহত, অপ্রবৃত্ত। "°রেতস্ মনু ৯ ৭৯, কুল্লুক। ৪ বাধনীয়, নিবর্ত্ত্য। "'স্বয়ং ভগবানের কৃষ্ণত্ব' হৈল বাধ্য চৈ চ ৭। ৫ বশীকৃত, বশ, আয়ত্তাধীন। "নাহং স্মারেচিবস্তুনাঃ স্ত্রীবাধ্যঃ (মার্কণ্ডেয়পুরাণ)। রাজপুরে রৈল বাধ্য হইয়া

রাজার ম.পা ১৭৪। আমি বড় বাধ্য আছি বর যাচ্ঞা কর। —কৃ.চ ১৪। এই নিত্য যজ্ঞের দেবতাগণ শরীরী···সন্তোষাসন্তোষ-প্রকাশে সক্ষম ও বাধ্য পা.প্র ১৯২। পৌরজন সকলেই তাঁহার বাধ্য ছিল ব.প্র ১৩।

বাধ্যবাধক ‡ বিণ [দ্বন্দ্ব] ১ পীড্যপীড়ক। "°তা। ২ (বাঙ্‌লায়) বশ্যবশীকারক। দোঁহে বশীভূত হন দৃঢ়° ভ.গ্র ১৪৭। —বাধকতা স্ত্রী [°ক+তা (তল্)] ১ পীড্যপীড়কভাব, জেয়জেতৃভাব। "(ভগবান্) স্বমায়াগুণমাবিশ্য বাধ্যবাধকতাং গতঃ ভ ৭.১.৬। ২ (বাঙ্‌লায়) বশ্য-বশীকারকভাব।

বান[১] † স্ত্রী [√বে+অন (ল্যুট্)-ভা] ১ বয়ন, স্যূতিকর্ম্ম। ২ চতুঃ-ষষ্টি কলার একতমা। ৩ [বন+অ (অণ্)] বনসমূহ। "ভ্রমরা বিচরন্ত্যেতে পুষ্পবানকলস্বনাঃ গো.রা ২.৫৬.১৩।

বান[২] ; **বান**[৩] ; **বা'ন**[১] ; **বা'ন**[২] দ্র 'বাণ[২] ; বাণ[৩] ; বাইন[১] ; বাইন[২]।

বানকে বিং [দ্র 'বাইন[৬]] যে বাহানা করে ; আবদারে। 'সকল লোক বলিত ঐ বানকে ছেলেটার জ্বালায় ঘুমান ভার আ.দু ৩।

বা'নচাল দ্র 'বাইন[২]।

বানপ্রস্থ † পুং [বনপ্রস্থ+অ (অণ্)] ১ 'বনৈকদেশে ভব', তৃতীয়া-শ্রমী দ্বিজাতি ; বৈখানস। "রা ২.৬৪.২৩] [গৃহস্থ পক্ককেশ শিথিল-চর্ম্মা হইলে ও পৌত্রের মুখাবলোকন করিলে, স্ত্রীকে লইয়া বা পুত্রহস্তে স্ত্রীকে সমর্পণ করিয়া বানপ্রস্থ হইবেন এবং বন্যফলমূলাদি ভক্ষণ করিয়া ঈশ্বরারাধনা করিবেন। দ্র 'মনু ৬.১-৩২।] ২ তপস্বী। ৩ মধুকবৃক্ষ।

বানর † পুং [বান+ √রা গ্রহণ+অ (ক) ; উ.ত ; বন+ √রম্+অ (ড)-ক—বনর+অ (অণ্) স্বার্থে ; উ.ত] 'বনফলগ্রাহী', 'বনে রমণ-কারী' ; মর্কট, কপি। "রা ১.১.৫৮। বানর কণ্ঠে কি মোতিম মাল বি.প ১৩৩। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] বানর-স্ত্রীজাতি, মর্কটী। [°কেতন (পুং)—কপিধ্বজ, অর্জ্জুন। "°কেতন মহা ১৪.৮১.২৯। °কেতু (পুং)—১ অর্জ্জুন। "মহা ৫.১৩৮.৮। ২ বানরচিহ্নিত ধ্বজ। "মহা ৫.১৪২.৩। °ধ্বজ (পুং)—১ অর্জ্জুন। ২ কপিচিহ্নধ্বজ। "ম ৬৩১। °প্রিয়ফল (স্ত্রী)—কদলী। "হি ২৮৮/৮৯।]

বানরমুখ, -মুয়া বি [°মুখ > °মুহা > °য়া ; অপ্র] বানরতুল্যমুখ। "°মুখ নন্দী।—কৃ ২৭৫। স্বামী···°মুয়া ম.ম ১৭৭।

বানস্পত্য † বিণ [বনস্পতি+য (ণ্য), পা ৪ ১ ৮৫] বনস্পতিসম্বন্ধী, বনস্পতিজাত। "বানস্পত্যম্···যদ্দ্রব্যম্ মহা ৩.১২১.৪। —ত্য পুং পুষ্পজাতফলবিশিষ্ট আম্রাদি বৃক্ষ (অ.কো)। —ত্য স্ত্রী [+য সমূহার্থে] বনস্পতিসমূহ (কাশিকা)।

বানা[১] সর্ম্ম [সং √বর্ণি—বর্ণয়্ >প্রা √বন্ন,-ন্ন (হে) >বা (বান) °না ; হি, মৈ √বনা ; ঠ √বনারি ; গু √বনার] ১ নির্ম্মাণ করা ; গড়া। "পুতুল বানাইল গো.চ ৪৩০। (রঙ্গনাথালয়) সুন্দর করিয়া বানাইবে : বানাইতে মন্দির···চলিলা ভ.গ্র ২২৩। ২ আকৃতিবিশিষ্ট করা। ৩ রচনা করা। "জটাজুট লানাইলা বিনাইয়া কেশ ভা চ ৪৪৫। ৪ রচনা করা ; লেখা। "পুথি বানাইয়া ভা.চ ৪৮০। ৫ কল্পনা করা ; মনে গড়ান। ৬ রন্ধনের উপযোগী করিয়া কোটা। "ডাকিনী যোগিনী দুটা তরকারী বানায়ে খাব।—রামপ্রসাদ। ৭ তত্তুল্য করা। "বোকা, জেড়া বানান। [বানান[২]—১ সর্থ 'বানা'। ২ নির্ম্মিত, রচিত ; কল্পিত, মিথ্যা (fabricated)। [হাজামত বানায় (হি হজামত বনানা) —ক্ষৌরকর্ম্ম করে।]

বানা[২] দ্র 'বাণা[১]।

বানান[১] '-ন্' বি [সং বর্ণন>প্রা বণ্ণণ >বা (বাণণ) °ন] ১ শব্দের অক্ষরবর্ণনা বা বর্ণবিশ্লেষণ। ২ শব্দের বর্ণবিশ্লেষণপূর্ব্বক যুক্তাক্ষরের পাঠ। "ক খ আঠার ফলা বানান প্রভৃতি।—কৃ ৫৭।

বানান[২] দ্র 'বানা[১]।

বানারসি বি (অপ্র] বারাণসী। "গো.চ ৭৭,-৮।

বানি, -নী বি [হি বন্নী (দেশী—হিন্দীশব্দসাগর) ; তু 'বাণি[১]] বানানর-ব্যয় ; পারিশ্রমিক, মজুরী। "হাজার টাকা দিব আমি দর্জির ঘরের বানি গো.চ ১৮১। লক্ষ মুদ্রা দিল সাধু পিঞ্জরের বানী ক.চ ১৫১।

বানিয়া বি সর্থ 'বাণিয়া'। "ম.গা ১৭। গো.চ ১০৭,-২৭।

বানী দ্র 'বানি'।

বানীর † পুং [√বন্+ঈর (ঈরণ্)-ক (অ.টী)] 'জলাশ্রিত', নদী-তীর সমীপস্থবেতসবৃক্ষভেদ, বঞ্জুল, জলবেতস। "গো.রা ৩.১৭.৭। °ফল-মালিনী (নর্ম্মদা) মহা ৩৮৯.২। পূ.মে ৪১। °গৃহেষু (সুপ্তঃ) রঘু ১৩.৩৫। যমুনাতীরবানীরনিকুঞ্জ গী.গো ৪.১।

বানেয় † বিণ [বন+এয় (ঢক্) ; স্ত্রী -য়ী] ১ বনভব, বনস্থিত, বনবাসী। "(ঋষ্যশৃঙ্গম্ আনয়স্ব) বানেয়ম্ মহা ৩.১১০.৪৭। ২ বনজাত, বন্য। "বানেয়ম্···অগ্নতে ভক্ষ্যম্ গো.রা ৫.৩৪.১১। —নেয় স্ত্রী

বান্ত † বিণ [√বম্+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্গীর্ণ, বমিত। "°বৃষ্টি পূ.মে ২০। ২ বন্ধবিশ্লেষ হেতু উদ্গীর্ণ ; নিঃসারিত। "উদ্বেষ্টনবান্তমাল্যঃ (কেশপাশঃ) রঘু ৭.৬। ৩ [+ত-ক] কৃতবমন। "মনু ৫.১৪৪। —ন্ত স্ত্রী উদ্গীর্ণ দ্রব্য ; ভুক্তোদ্গীর্ণ ভক্তাদি। "বান্তাশিন্ মনু ৩.১০৯ ; ৪.১৩২।

বান্তাশী (-শিন্) † বিণ [বান্ত+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -শিনী] উদ্গীর্ণদ্রব্যভোজী। "মনু ৩.১০৯। ভ ৭.১৫.৩৬। ভ.গ্র ৪১৮। —শী পুং বান্তভোজী পিশাচবিশেষ। তু 'অজীর্ণ ভোজন-দ্রব্য···সুখাদ্য।—মে ২৬৭।

বান্তি † স্ত্রী [বম্+তি (ক্তিন্)-ভা] ১ বমন, উদ্গিরণ। "(জোঁক) রক্ত বান্তি করি মৈল শি ৮১। ২ নিঃসারণ। ৩ [বাঙ্‌লায় ; অপ্র] বান্ত দ্রব্য ; উদ্গীর্ণ খাদ্য। "বান্তি খাই।—ম ১০৯৪।

বান্দা[১] বি ১ ক্রীতদাস। "বাঁদীর মত আনব বেছে, বনের বান্দা বাজার থেকে কু.কে ৭৬। ২ সেবক, দাস। "হুজুর যেন ইয়াদ থাকে বান্দার দোহাই।—হেম ৩৮০। ৩ (শিষ্টভাষায়) আমি, এ-জন। —ন্দি, -ন্দী বি [দ্র 'বাঁদী'] ক্রীতদাসী, পরিচারিকা। "এক শত বান্দি পাইল ব্যাবারের কারনে গো.চ ৫৩। মরিল দুলাল বান্দী ম.ম ৬১,-২। বান্দী ভা চ ৪৯৫,-৭।

বান্দা[২] বি [বান্ধা > °ন্দা ; অপ্র] বন্ধক। "ছেইলাক বান্দা থুই গো.চ ২৩৮ ; বান্দা থ্যাও বান্দা থ্যাও ২৩৯।

বান্ধ[১] বি [দ্র 'বাঁধ[২]] ১ জলরোধার্থ মাটির বাঁধ ; সেতু, আ'ল। "দস্তেতে খনিয়া মাটী বান্ধে লৈয়া ফেলে : বান্ধের উপর।—ম ৩৯। বালির বান্ধেতে ৭৮৬। বান্ধ ভাঙ্গে চৈ ৬২। [বান্ধ-আলি—আলি-বাঁধ, আ'ল। "শি ৭৪।] ২ [বন্ধ > °ন্ধ] বন্ধন। "গো.চ ৯১।

বান্ধ[২], **-ন্ধা** বি সর্থ 'বন্ধক[১] (৮)। "°ন্ধা শ্রী কী ১০৬ ; °ন্ধ ১৪৮। বংশী বান্ধা রাখিয়া ভ.গ্র ৪৪৮। বান্ধা দিয়া···চরকা শ্রী ১৫২।

বান্ধ[৩] সর্ম্ম [দ্র 'বাঁধ[২]] ১ বন্ধন করা ; বাঁধা। "দৃঢ় করি বান্ধবি নীবিহক বন্ধ বি.প ৫৫। হাতে পায়ে বান্ধে।—কৃ ২৫৯। আমারে বান্ধিতে চাহে।—ম ৭১৯। পৃথক্ পৃথক্ বান্ধি চৈ.চ ৩১২। ২ সংযোগ করা। "তব ভয় পাইয়া বান্ধিয়া আছি পাণি ম.পা ১১৮। গুণে গুণে বান্ধল মদন পাঁচ বাণ।—ব ১৭২। ৩ সংযত করা। "দৃঢ় করি চুল বান্ধি।—কৃ ১০০। তাহো (কেশ) নাহি বান্ধে চৈ.ভা ১৪৩। ৪ বাঁধ দিয়া আটকান। "জল বান্ধি রাখ গিয়া।—ম ৩৯। জল বান্ধি রাখে ব.প ৮১৮। ৫ রোধ করা ; বন্ধ করা। "কুক্কুরের বান্ধিলেক রা।

—ম ১৬৩। ৬ বন্দী করা। "বান্ধিয়া আনিতে তার, রাজা মানসিংহে পাঠাইলা ভা.চ ২৬১। ৭ ইষ্টকাদি দ্বারা পাকা করা। "বান্ধিল পশ্চিম ঘাট শূ ১০৪। ৮ অবরোধ করা। "উরকারাগারে বান্ধি রাখ দিন রাত্তি বি.প ১০২। চোর বান্ধিলাও নিজ কোলে চৈ.ভা ২৭৪। ৯ বশ করা। "শাশুড়ী ননদী, ঔষধেতে বান্ধি ক.চ ১৩৬। ১০ খেলার দানের নিমিত্ত সাজান বা বাঁধা। "দ্বিপাচারি বান্ধে পাশা করিয়া হুসক ক.চ ১৬৭। ১১ নির্ম্মাণ করা। "লোহার বান্ধিমু ঘর ম.গা ৭। ১২ দৃঢ় ধারণ করা। "কলিমর্দ্দন বান্ধে বানা চৈ.ভা ২৩। ১৩ তথতা সংযোগ করিয়া প্রস্তুত করা; গড়ান। "কহ ডিঙ্গা বান্ধিবার: বান্ধিব ডিঙ্গা মনের সন্তোষে বি.পা ১৬০। ১৪ পাকাইয়া প্রস্তুত করা। "নাড়ু বান্ধিয়াছে চিনিপাক করিয়া চৈ.চ ৩১২। ১৫ আকৃষ্ট করা। "নৃত্য-গীত হুলাহুলি চিত্ত মহে বান্ধে ম.ম ১৯৭। —ন্ধ অর্দ্ধ [বাধ২ > °ন্ধ, অপ্র] আরম্ভ হওয়া; লাগা। "বান্ধিল বিবোধ শ্রী.মা ১৭৩। [বান্ধা৪—সর্থ 'বান্ধ৩'। বান্ধিয়া ছান্দিয়া—বাঁধিয়া ছাঁদিয়া, আটকাইয়া। "কত কাল রাখিমু যৌবন বান্ধিয়া ছান্দিয়া ব.প ৫০। জল উচ্ছাল বান্ধে—জল উচ্ছলিত হয়। "দুই কূল বাহিঞা জল উচ্ছাল বান্ধে কৃ উ ৪৫। থেহ নাহি বান্ধই স্থৈর্য্য বাঁধে না; ধৈর্য্য ধরে না। "ব ২২। বচন বান্ধিলেক শিরে—আজ্ঞা বন্দনাপূর্ব্বক শিরে ধারণ করিল, অর্থাৎ ভক্তিপূর্ব্বক গ্রহণ করিল। "শিবের বচন মুনি বান্ধিলেক শিরে ম ম ২৩। রক্ত বান্ধিয়া উঠে ফেনা—রক্ত ফেনিল হইয়া উঠে। "কৃ উ ১০৮। বান্ধসি, -ন্ধিআঁ, -এঁ1, -লেঁ1, -ন্ধো (শ্রী.কী)। বান্ধই, -উ, -ন্ধত, -ন্ধল, -লি, -লুঁ (প.ক)।]

বান্ধন বি [বান্ধ৩+অন] ১ বাঁধন, গ্রন্থি। "বান্ধন খসাআঁ রাধা পেলা আভরণ শ্রী.কী ১৫৯। ২ বন্ধনরজ্জু। "বান্ধন তোর পিতার ঘাড়ে দ্যাও গো চ ৯১। —নি বি [°ন+ই১১, বান্ধুনি (চ বি ১৩৮)] বাঁধন। "রজতের গুণা দিযা লযাছে বান্ধনি চ.বি ৩৬; ২০১।

বান্ধনি দ্র 'বান্ধন'।

বান্ধব § পুং [বন্ধু+অ (অণ্) স্বার্থে] ১ বন্ধু, জ্ঞাতি। "ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্ গী ১ ৩৬। শ ৪.১৭। ঘরের বান্ধবগণ ব.প ৯১৪। কা ১৫৫। ২ পিত্রাদি সপিণ্ড। "মনু ৫ ৭০। ৩ ভ্রাতা। ৪ মাতুলাদি। ৫ মিত্র, সুহৃৎ। "যস্যার্থাস্তস্য বান্ধবাঃ হি ১ ১৩৩। ধনেভ্যঃ পরো বান্ধবো নাস্তি লোকে (সু.র)। ৬ সাদৃশ্যার্থে। "বন্ধুকদ্যুতিবান্ধবোঽয়মধরঃ গী.গো ১০.১৪। [°জন (পুং)—জ্ঞাতিজন। "মৃ ১ ৩৬।]

বান্ধবান বি [বান্ধবানী > °ন (পুংলিঙ্গ); অপ্র] বন্ধু, বঁধু। "বান্ধবান ও বান্ধবানী।...বসয়ে কানাই রাধারমণী॥—শ্রী.ম ৮৭। —বানী বি [°ব+আনী, দ্র 'আনি৩'] স্ত্রী-বন্ধু, বঁধুনী।

বান্ধব্য § ক্লী [°ব+য (ষ্যঞ্)] বান্ধবভাব, জ্ঞাতিত্ব।

বান্ধা১ বিং [বান্ধ৩+আ১২] ১ বদ্ধ, বাঁধা। "গর্ব্বশালে মত্ত হাতি, বান্ধা ছিল দিবা রাতি জ.প ৯। তার মাঝে হিয়ার পুতলি রইল বান্ধা।—জ্ঞা ৯। প্রাণ তোমায় ঠাঞি বান্ধা ব.প ৮৪৭। থামে বান্ধা বাজী ভা.চ ২৭২। ২ ইষ্টকাদি দ্বারা বদ্ধ; পাকা। "°ঘাট চৈ.চ ১৬৮। ভা.চ ২৭৩। ৩ সংলগ্ন, লাগান। "দুটা লাউ বান্ধা কান্ধে কাঠ এক খান ভা.চ ৬০। ৪ রৌপ্যাদির পাতে মোড়া। "পিত্তল বান্ধা কেহ বা রূপা বান্ধা কেহ সোনা বান্ধা হুঁকাতে...তামাক খাইতে আরম্ভ করিলেন ব.প ১৭৩৯। —ন্ধা বি ১ (অপ্র) বাধা। "হাটিতে না পারে চান্দ পারে পড়ে বান্ধা ম.ম ১৪৭,-৮। ২ (অপ্র) নির্ব্বন্ধ, অত্যাগ্রহ। "চান্দ পুজিবারে পদ্মা ধরি আছে বান্ধা বি.পা ৩৫৬। [বান্ধা গেল—বন্ধন প্রাপ্ত হইল; সেতু বদ্ধ হইল। "বান্ধা গেল সাগর—কৃ ২৩৬। বান্ধা গেলে—অবরুদ্ধ হইলে। "(বাপ) ঘট-লঙ্ঘনের ফলে, বান্ধা গেলে বন্দীশালে ক.চ ২৮১। বান্ধা পড়া—বদ্ধ হওয়া। "দুজনে পড়িল বান্ধা দুজনের মনে ভা.চ ৩০৯।]

বান্ধা২ সর্দ্ধ [বান্ধ৩+আ৮] বদ্ধ করান; বন্দি করান, বাঁধান। "(চোর) আপনি পলায়্যা গেল মোরে বান্ধাইয়া: আমারে বান্ধাই ভ.গ্র ৩০২। [বান্ধান—সর্থ 'বান্ধা২'। বান্ধান লোহা—সোনার পাতে মোড়া লোহার খাড়ু। "°ন লোহা সকলের হাতে বা.প্র ১৯১।]

বান্ধা৩; বান্ধা৪ দ্র 'বান্ধ২; বান্ধ৩'।

বান্ধান; বান্ধুনি দ্র 'বান্ধা২; বান্ধন'।

বান্ধুলি বি [সং বন্ধুলি] বাঁধুলি ফুল। "°বরণ ওষ্ঠাধর।—ম ৩৫৭। °বন্ধু, অধরে...মৃদু হাস।—গো ৯০। ফুটল °লি প.ক ৮০।

বান্যানী দ্র 'বাণিয়ানী'।

বাপ১ † পুং [√বপ্+অ (ঘঞ্)-ভা] ১ বপন, বীজবিকিরণ। ২ মুণ্ডন, কেশচ্ছেদন। "কৃত° মনু ১১.১০৯। ৩ তন্তুবপন (ত বা); বয়ন। "°দণ্ড। ৪ [+অ-র্ম্ম] বীজ। "বাপঃ ক্ষেত্রে ন নশ্যতি (মহা)। ৫ [+অ-ধি] বপনস্থান, ক্ষেত্র। "পা ৫.১.৪৫। [°দণ্ড. (পুং)—তন্তুবপনদণ্ড, বেমা; (মতান্তরে) সানা (অ.টী)।]

বাপ২ বি [সং বপ্র > প্রা বপ্প > বা প° ; আ, হি, ঠ, গু, মৈ, ভূ, অস 'বাপ'; রাপ (চ); তু 'বপ্প'—বলবান্ (দেশী ৭৮৩), Gr. pappas., L. pappas—a tutor, E., papa] ১ পিতা। "গো চ ৩১। গ ২০। কৃ অ ৯। সকল বাপের কথা: যোগী বাপটা।—কৃ ২৪৯। ক চ ১২। এ বাপ, ও বাপ, ওই বাপ আর।—ন ১১২৪। ২ পিতৃবৎ পূজ্য। "তুমি মোর বাপ ভা.চ ২৮১। ৩ প্রভু, অধিপতি, রাজা। "শুন বাপ। সভারই একই ঈশ্বর চৈ.ভা ১২০। ৪ দীক্ষাগুরু। "গুরু বাপ মীননাথ গো.বি ১০১। ৫ বিশ্বপিতা, ভগবান্। "প্রসন্ন হৈয়োক বাপ জগত-নিবাস ব.প ১৩৩০। ৬ ভক্ত-পুত্রাদির প্রতি সস্নেহ সম্বোধনপদ; তাত, বৎস, বাছা। "শুন মোর বাপ—ম ১০৩৫। অভয়া বলেন, বাপ শুনহ ক চ ১৯৮। শ্রী ১৩০। ৭ [প্রা 'রাপ'—বিস্ময় (প্রা.ম)] "রাক্ষসেরা বলে বাপ এটা, এত কেহ—কৃ ২৪৯। ৮ ভয়ে, বিপদে। "হতাশে হুঁটরে কেহ বলে, বাপ বাপ শ্রী ১৪০। উচ্চৈঃস্বরে ডাকে পদ্মা ব'লে বাপ বাপ।—ম ম ১৭। ৯ বিপজ্জনক বিষয়ের নিবারণে। "ও ছেলেটি গোকুলের পাপ, ঘুচিয়ে দিলে বাপ বাপ!—দা ৩৪৯। [°কালি, °কালিয়া—বাপের কালের; পৈতৃক, পূর্ব্বপুরুষীয়। "°য়া কোদাল গো চ ৮৮, °য়া বল্লম ৯৭, °য়া খুর ১৫৭, °য়া পাগলা হস্তির বন্দন ৩০৩। °লি ধন ক.চ ৭৬। °ঘর—পিতৃগৃহ। "ক.চ ১৩। ভা.চ ১০৫। শি ১০১। °দাদা (হি °দা; ঠ °দে)—পিতৃপিতামহ, পূর্ব্বপুরুষগণ। "গোসাঞি তরাবে তোর বাপদাদা সহ ভ.গ্র ১৪। °দাদার কথা ম ম ৫৬। °দাদার ভিটে মা ৩২৩। °দায়—বাপসম্পর্ক। "সোআমিক °দায় দিয়া গো চ ২৩৩। °ধন—বাছাধন (সস্নেহ সম্বোধনে)। "তোমাকে অদেয় কিছু নাহি বাছাধন!—শ্রী ৬০। শ্রী.মা ৩৫। ব প ৬৬২। শি ৭১। বাপধন! ...বালাই যাক দূর ভা.চ ২৮৮। °পিতামো—পিতৃপিতামহ। "°মোর নাম অ.গ্র ৮২। °বয়সি—বাপের মত যাহার বয়স; বৃদ্ধ, অযোগ্য (গালি)। "°সি ভাতার।—জা ২১। °বেটা—পিতা-পুত্র। "°বেটায় চাই। তার অভাবে সোদব ভাই॥—খনা। বাপ তুলিয়া গালি—বাপের উল্লেখ করিয়া গালি। "ম.ম ২৮। বাপের কলা খাও—অশ্লীল গালি-বিশেষ। "খাও হে বাপের কলা দিয়া ঝোলা গুড় বি সু ১২৯। বাপের কালে, জন্মে (ঠ বাপজন্মাংত)—বাপের সময় হইতে আজ পর্য্যন্ত। "এমন বয়াটে ছেলে বাপের কালে দেখিনি।—দী ৫৪। বাপের কালেরা (অপ্র)—বাপের সময়ের লোকেরা। "তোমার বাপের কালেরা সব ছিল ধনী ম.গা ৪। বাপের কুপুত্র—বাপেরও প্রতি যাহার পুত্রোচিত ভক্তি নাই; অতিদুর্বিনীত। "সে শালা বাপের কুপুত্র (অ.গ্র)। বাপের ঠাকুর—অতি আদরের পাত্র। "বাপের ঠাকুর দুলালিয়া শ্রী ৫০।

তুমি মোর…বাপের ঠাকুর ভা.চ ২৮১। বাপের বিয়ে দেখান —বিমাতার ভয় দেখান (স্পর্দ্ধাসূচনায়)। বাপের বেটা—যোগ্য পিতার যোগ্য পুত্র। কার বাপে রাখে—অর্থাৎ কাহারও বাপ রক্ষা করিতে পারিবে না। "মারিব গন্ধর্ব্ব সব কার বাপে রাখি।—কৃ ৩২৪। কার বাপে জিনে!—পুত্রের কথা দূরে থাক, কাহার বাবাও জিনিতে পারিবে না। "ধন্বন্তরি থাকিতে চান্দ কাহার বাপে জিনে ম ম ৬৯।]

বাপদণ্ড দ্র 'বাপ১'।

বাপা বি [বাপ২ > °পা; ফা পাপা, হি, মৈ বপ্পা, রপা (চ), তু 'বাপ্পা'—বাপ্পারাও, E papa] ১ পিতা। "বাপা মোর দিবেন রাজ্যখণ্ড কৃ.অ ৮; ২৯। ম ৬৩। ক চ ১২। ম.বি ২১৫। শ্রী.মা ১২২। ভা.চ ৪১; ৬০। তত্ত্ব ভুলে গেলে বাপা শি ১১। ২ বিশ্বপিতা, শিব। "বজ্র আন বাপা রে ভাঙ্গিয়া করি গুঁড়া শি ৭২। ৩ পুত্র (সস্নেহ সম্বোধনে)। "ভ্রাতৃভেদ হৈলে বাপা হয় সর্ব্বনাশ।—ম ৩৪১। ক চ ২১৯,-২৪। বাপা লম্বোদর।—দু ৩২। ভা চ ৫৩০। ৪ বৎস, বাছা, বাবা (পুত্রবৎ স্নেহপাত্রে, ভক্তে)। "সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল ক.চ ৭৪, ১৯৮। যদি দেখ মাকুন্দ ধোপা। এক পা না যেও বাপা॥—খনা। নয়ন মিলহ বাপা।—দু ৫৬। শ্রী.ম ১২৩। এ তোর মাসীরে বাপা. কোন কর্ম্ম নাহি ছাপা ভা.চ ২৮৩। ৫ জামাতার সম্বোধনে। "শুন বাপা মহাশয়।—ভা চ ৪৩৮। [°জী, °জীউ (দ্র 'জিউ')—প্রিয় বৎস; আদরসূচক। °ঠাকুর—পিতৃবৎ পূজ্য ব্রাহ্মণ। "ঐ স্ত্রীলোক (ঠাকুরদাসকে) জিজ্ঞাসা করিলেন, বাপাঠাকুর, দাঁড়াইয়া আছ কেন?—চা পু ৩২,-৩। °ধন—পুত্রের প্রতি সস্নেহ সম্বোধনে। "শ্রী মা ১০৮।]

বাপান্ত বি [ঠ বাপাংত ('বাপা'—সপ্তমী বিভক্তিতে)—মূল (?)] বাপের বিষয়ে, অর্থাৎ 'বাপ'-উল্লেখে গালি। "যে বেটা বাপান্ত কল্লে, সে মুটোর ভেতর এলো ন.ত ৬০।

বাপি, -পী † স্ত্রী [√বপ্+ই (ইঞ্)-ধি, উ ৪.১২৪, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ যাহাতে পদ্মাদি উপ্ত হয; আয়তচতুরস্রখাত (অ টী); দীর্ঘিকা। ২ শতহস্তদীর্ঘ জলাশয়, (মতান্তরে) দ্রোণের দশগুণ (১৬০ হস্ত) দীর্ঘ জলাশয়। "শতহস্তা ভবেদ্ বাপী (অ টী)। দ্রোণাদ্ দশগুণা বাপী (শ ক)। "বাপীসম তড়াগ।—ম ৪৪৩। ৩ জলাশয়মাত্র। "বাপী যাহে জ্ঞানবাপী ভা.চ ১২০।

বাপী দ্র 'বাপি'।

বাপীহ † পুং [ধ্বন্যাত্মক] চাতক, পাপিয়া।

বাপু বি [বাপ > °পু, হি বাপু, ঠ বাপু, 'রাপুড়ী'—বাপু (আদরে—চ)] ১ পিতা। "বাপুরে আগেতে গিয়া কর নিবেদন অ.প ১০৮। কালকেতু বোলে বাপু বৈস এই স্থান ম.পা ৬৭,-৯। ২ পুত্র, বৎস। "মৈনামতী বোলে বাপু কি বুঝিছ মনে ম গা ৭। কোন দুঃখে কান্দ বাপু কৃ ১৯। দাসপুত্র হৈলে বাপু তুমিঃ বুঝিয়া থাইবে বাপু।—ম ২১। ক চ ২২৪। কোথা যাবে বাপু শ্রী মা ২৫। অপমান ত্যাগ বাপু ম পা ১২২। হোর আসিছে বাপু, হাউ দুরন্ত রে চৈ ম ৩৮। ৩ পুত্রবৎ স্নেহভাজন, বৎস, বাছা। "দেখ বাপু কর্ম্মের ফল কৃ.উ ২৭৪। বাপু পবন-কোঙর ব প ৫১৩। তোরে ভার দিনু বাপু ক.চ ৩২; ৭৪। শ্রী ১৩০। তুমি বসন্তের কোকিল, বেশ লোক। …যখন দারুণ শীতে…কম্প লাগে, তখন কোথায় থাক, বাপু?—ব প্র ৬০১। ৪ পুত্রবৎ শিষ্য। "বাপু না কর জঞ্জাল গো বি ১০৫। সঞ্জীবনীমন্ত্র বাপু দিতেছি তোমারে।—ম ৬৩। বাপু?…তোমার নূতন উপাধি আবশ্যক ব.প্র ২৪। ৫ পিতৃবৎ গুরু। "অএ বাপু চিননি আমারে।—মী ১৭,-৯; ২৫। রাএ বাপু কর অবধান গো বি ৮৮। ৬ পিতৃবৎ রাজা। "হে যুধিষ্ঠির বাপু যাছ কোন ঠাই ব.প ৭০৮। [বাপু বাছা করা—পুত্রবৎ সস্নেহ বাক্য বলা। বাপু বাপু—বাবা বাবা! (ভয়ে)। "বাপু বাপু! এখনি পরাণ গিয়েছিল বি.সু ১০৩।]

বাপুলি, -লী বি রাঢীয় বাৎস্যগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "বাপুলী ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ মহাযশা বাপুলি-গ্রামে বাস করেন, সেই হেতু এই উপাধিতে পরিচিত।]

বাপুলী দ্র 'বাপুলি'।

বাপ্(ফ্)তা বি [ফা বাফ্তহ্; তু 'সং বাপ'; হি রাফ্তা; ঠ রাপ্‌তা; F. taffetas; E taffeta] একপ্রকার রেশমী কাপড়। [ইহার তানা পাটের, পড়িয়ান কাপাসের।]

বাপ্পাই অব্য [বাপ্পা+আই (?)] বাবারে মারে! (ভয়ে)। "উঠি লড় দিল তারা বাপ্পাই বলিয়া বি.পা ২৪০।

বাফ(ফো)ই অব্য [বাপ+হায় (?), হি—হৈ হৈ (হায় হায়—alas!) বাপৈ (ম ভা ১১); বাপৈ (কোচবিহার—সম্বোধনে)] বাপ রে! বাবা রে! (বিষাদে)। "কান্দেরে বাঙ্গাল ভাই বাফোই বাফোই ক চ ১৯৮; বাফই বাফই ২৪৯।

বাফোই দ্র 'বাফই'।

বাফ্‌তা দ্র 'বাপ্‌তা'।

বাব বি [আ বাব্] বিষয়, বিভাগ, প্রকার, রকম, হিসাবের তর। "সেলামি বাঁশগাড়ি, নানা বাবে যত কড়ি, না লইব গুজরাটবাসে ক চ ৮৪। বাব করে সকল বেচিয়া লয় রাজা শি ৬৮। নানা প্রকার বাব ব প ১৫১৩। আ.দু ৭৪।

বাবত, -দ, -বুদ বি [আ বাবত্] বিষয়। —ত, -দ ক্রি বিং নিমিত্তে, কারণে, দরুন। "কোন বাবত গুজব না করিবে E.P. 51,-8; 60। [বাবুদ-শাবুদ—বিশেষ বিশেষ বিষয়। "বাবুদ-শাবুদ শেষের বেলা করিব লেখা যোখা ব.প ১৪৩৪।]

বাবদ দ্র 'বাবত'।

বাবদূক বিণ [√বদ্+য (যঙ্—লুক্)—বাবদ্+উক (উকঞ্)-ক] ১ পুনঃপুনবদনশীল, বহুভাষী (অ টী)। ২ বক্তা, বাগ্মী। "বিদ্বৎসু বাবদূকতা (সুভুষণম্) গু ৩.২৩৬। সু° ভ.প্র ৩৭৫।

বাবরী বি [সং 'বর্ব্বরীক', 'বব্বরী'—কেশরচনা (দেশী ৬.৯০); হি, ঠ বাবরী, তু 'ফা ববর্—সিংহ] লম্বা কোঁকড়া চুল।

বাবরুচি, বাবুর্চ্চি বি [র্ক বারবচী] মুসলমান পাচক। শ্মশ্রুমান্ বাবুর্চিটী দ্বিতীয় দ্রৌপদী ব খি ১২৬। [বাবরুচিখানা—বাবুর্চ্চির রান্নাঘর। "ভা.চ ৪৯৭।]

বাবলা১ বি [সং বর্ব্বুর, মৈ বব্বূর, ড় বব্বূর] বাবলাগাছ।

বাবলা২ বি [দ্র 'বাউর'] ভূতযোনিবিশেষ। "বাতাসে বাবলা ভূত উড়াইল তুব শি ৭৫।

বাবা বি [বাপা > °বা, হি, ঠ, গু, মৈ বাবা, প বাবল, র্ক রাবা, ফা আব; দ্র 'বাপ২'] ১ পিতা। "কোথায় বাবা!—নী ৫১। ২ পিতৃতুল্য পূজ্য ব্যক্তি। "না বাবা! তোমায় দিব…অলঙ্কার রাশি রাশি।—ন ১১২৩। ৩ ভয়ে পিতৃসম্বোধন। "জান যায়…মাফ কর বাবা আ দু ৭৭। ও সাহেব, তুমি মোর বাবা।—নী ৫১। দোহাই খাঁ বাবা! আমায় মের না বাবা!—ব.প্র ৭২। ৪ পুত্র বা পুত্রবৎ স্নেহপাত্র; বৎস, বাছা। "কহেন শঙ্কর,…আজি চল মোর বাবা ভা.চ ৬৪। ৫ সাদর সবিনয় সম্বোধনপদ। "কর বাবা, ক্রস কর! —আমি অগাধ সমুদ্র পড়িয়া আছি।—ব প্র ৬৪৯; দড়ি ছেঁড় কেন, বাবা!—৬৫০। ৬ বৈষ্ণব সাধু সন্ন্যাসীর প্রতি আদরসূচক পদ। "বাবা, তুমি আমার গুরু গি খি ১৩৭। ৭ পিতৃবৎ ইষ্টদেব। "আমার পাগল বাবা, পাগলী আমার মা।—গি.খি ১০৮। ৮ পালিত পশুর প্রতি সস্নেহ সম্বোধনপদ। "ভাল মোর বাবা (ব্যাঘ্রশাবকের প্রতি) শ্রী ৭৫;

জীয় জীয় বাবা রে এরাকী (অশ্বের প্রতি) ১২৪। ৯ মাতালের ইয়ার-প্রভৃতির প্রতি সম্বোধনপদ। "সাবাস ! বেঁচে থাক বাবা। জীতা রও বাবা !—মা ৩৪৬। কি বাবা নিরামিষ ব'সে রয়েচ যে ?—নী ৯৬ কাপড় ছেড়ে আসি বাবা স এ ৭০। ১০ আতিশয্যসূচক (নিন্দার্থে) "ঘোড়া ছুটা বেটো ঘোড়ার বাবা আ হু ২৫। তিনি বড় রাণীর বাবা। —জা ১৮। যখন সে আমায় ভাল বাসত, আমি তাকে ভাল বাসতেম, তখন বিবাহের বাবা হয়েছিল ন.ত ২৩। ১১ আনন্দপ্রকাশে। "সুমিন্দি যে ঘাটা মাস্তি লেগেচে, বাবা !—নী ২৬। ১২ স্পর্দ্ধাপ্রকাশ। "দেখ দেখি বাবা, কার বাঁদর ভাল খেলে !—নী ৪২। [°ঠাকুর—পূজ্য ব্রাহ্মণ। বাবা রে !—ভয়ে, বিস্ময়ে, শোকে, কাতরতায়। °কালিয়া —বাবার সময়ের ; পৈতৃক। "বাবাকালিয়া নাপিত গো.চ ১৫৩।]

বাবাজী[1], **-জীউ** বি সর্থ 'বাপাজী'। দ্র 'বাপা'।

বাবাজী[2] বি [মৈ বাবাজী] সাধু-সন্ন্যাসী ও বৈষ্ণবের প্রতি আদর-সূচক শব্দ। "বাবাজী প্রকাণ্ড দেড়ে।—দা ২০৯০। জ্ঞানানন্দ বাবাজী। —হু ২১৫। বাবাজি, আপনি বৈষ্ণবকুল-তিলক।—জা ৪৮।

বাবু বি [বাপু > °বু, হি, ঠ, গু, মৈ বাব্দ ; ড বাব (বাৎসল্যে), (মুণ্ডারি) বাব্—গ্রামাধ্যক্ষের ছোট ভাই] ১ (অপ্র) পিতা। "পদ্মা বলে বাবু তুমি সংসারের সার (ম.ম)। ২ (অপ্র) পুত্র। "তু যে মহাগুরু সেবা করিলাহু বাবু ব.প ৯০,-১। ৩ প্রভু, মনিব। "ভৃত্যের নিকট 'বাবু' অর্থে প্রভু বুঝাইবে ব ছি ৬১৩। ৪ পুত্রবৎ স্নেহপাত্র, বৎস, বাবা। "বেণীবাবু জিজ্ঞাসা করিলেন, 'বাবু কোথায় গিয়েছিলে ?' —আ হু ১৫। ৫ [E. Mr] ভদ্রলোকের নামের পরে প্রযোজ্য সম্ভ্রম-সূচক শব্দ। "বেণীবাবু, এ ছেলেটী কে ?—আ.হু ১৪। ৬ বিলাসী যুবক। "বেণীবাবু বলিলেন, 'ঐ আসছে রে বাবু, চুপ কর।—আ হু ১৪। ৭ গৃহস্বামী, কর্ত্তা। "বাবু কোথায় ?—বাড়ী আছেন ? ৮ জমিদার ; ধনী। "নির্ধনদিগের নিকটে 'বাবু' শব্দে অপেক্ষাকৃত ধনী বুঝাইবে ব.ছি ৬১৩। ৯ দপ্তরের কর্ম্মচারী ; আমলা, কেরাণী। "বড়°, হেড়°। ব.ছি ৬১৩। ১০ মহাশয়। "যা, এখন দাদাবাবুকে প্রণাম করিয়া আয় ব.ছি ৮। ১১ ভাগ্যবানের সন্তান। "ভাগ্যবান লোকের সন্তানদিগকে বাবু বলিতে হয় ব.প ১৭৩৫। ১২ স্ত্রী কর্ত্তৃক স্বামীর পরিবর্ত্তে প্রযোজ্য শব্দ। ১৩ ভদ্রলোকমাত্র। [°গিরী, °য়ানা, -নী—বিলাসিতা, বড়-মানষী, আমীরী চালচলন। °ভেয়ে—বাবুর দল, বাবুসম্প্রদায়। "কয়েকজন বাবুভেয়ে…ধর ধর শব্দে চলিয়াছে আ হু ১১৫। °লোক —বাবু, ধনী ; বাবুসম্প্রদায়, বাবুরা।]

বাবুই[1], **বায়ই** বি [হি বয়া ('বয়ন' মূল), ঠ রাযা, ড় বাআ, বালুই (চব্বিশপরগনা, বালু > °ই ?)] ক্ষুদ্রপক্ষিবিশেষ (Tailor-bird)। "দিবসে বায়ই রাখে !—ম ১০৩৬। বাবুই ভেজে থাকতে বাসা।—দা ৫৬। ঘর থাকতে কি ভিজবে বাবুই !—কা ১৩৭। [বাবুই-বাসা—বাবুইএর বাসা। "শি ৭৬। ঘর থাক্‌তে বাবুই ভেজা—বাবুই বৃষ্টিতে বাসায় থাকে না, বাহিরে থাকিয়া ভিজে ; (গৌণার্থে) কষ্টপ্রতিকারের উপায় থাকিতেও কষ্ট পাওয়া ; কপালের ভোগ এড়ান যায় না।]

বাবুই[2] বি [হি বাবব ; ড় সবাই] ১ দৃঢ় দীর্ঘ তৃণবিশেষ (**Ischæmum angustifolium**)। "°দড়ী। [ইহাতে দড়ী ও কাগজ প্রস্তুত হয়।] ২ [সং বাবয়] তুলসীবিশেষ।

বাবুদ, বাবুদ-শাবুদ ; বাবুর্চ্চি দ্র 'বাবত ; বাবরুচি'।

বাম † বিণ [√বা+ম (মন্)-ক, উ ১.১৩৯ ; স্ত্রী -মা] ১ 'অশুভসূচক', প্রতিকূল, বিরোধী। বিপ 'দক্ষিণ'। "ভট্টি ৬.১৭। বিধি নহে যদি বামা।—বি.প ১১৩। বিধাতা বাম।—ম ৫৬৪। পতি মোর বাম ভা.চ ২৫৪। বামদেব বাম বি.হু ১১৪। মে ৪০। ২ প্রতীপ, বিপরীত। ৩ পরাঙ্মুখ। "মদনবিকারা রতৌ বামা (কথিতা মুগ্ধা) সা.দ ৩.৫৮। 'বামা' এক গোপীগণ : গাঢ়প্রেমভারে তেঁহো নিরন্তর বামা চৈ.চ ১৬১। ৪ বিপরীতাচারী, প্রতিকূলাচারী। "যুবতয়ো বামাঃ কুলস্যাধয়ঃ শ ৪.১৮। ৫ বক্র, দুর্ব্বার। "°শীলা হি জন্তবঃ।—কি ১০.২৪। ৬ ক্রূর। ৭ অনৃজু, তির্য্যক্। ৮ বামভাগস্থ। "বামশ্চায়ং নদতি…চাতকঃ পূ.মে ৯। ক্ষণে বামা গতি শ্রী.ম ২২৮। ৯ দেহের বামভাগস্থ। "বামভুজ রা ২.৯২.২২। বামনেত্রা রঘু ৭.৮। বামপাদাভিলাষী উ.মে ১৭। বাম গণ্ডপানি ভা.চ ৫২। ১০ অধম। ১১ [তু 'বাম'—বননীয়, সংভজনীয়, সেবনীয় (ঋগ্বেদ ১.১৬৪ ১)] সুন্দর, বল্গু, চারু, মনোজ্ঞ। "বামোরু (সি)। বামলোচনা ; বামনয়না (S.W.)। °স্বভাবা ভ ১.৭.৪২। —ম পুং ১ বামদেব, শিব। "ভা.চ ২৫৪। ২ কামদেব। ৩ রুদ্র। ৪ বরুণ। ৫ পয়োধর। ৬ সব্যহস্ত। ৭ বামভাগ। "(তিত্তিরিঃ কুররঃ ক্রৌঞ্চঃ) বামে তু শুভশংসী (শ.ক—'যাত্রা' শব্দে)। বামে সর্প দেখিলেন।—কৃ ১৪৫। ৮ (তন্ত্রে) মদ্যাদিপানরূপ আচার, বামাচার। —ম ক্লী ১ দুর্দৈব। ২ ধন। ৩ বাস্তুক। —ম পুং, ক্লী বাম দিক্। —মা[2] স্ত্রী [°ম+স্ত্রী আ (টাপ্), 'বামী'—স্ত্রী (দেশী ৭.৫৩)] ১ স্ত্রীমাত্র, নারী। "°স্বর ভা.চ ২৫৫। ২ সুন্দরী নারী (A.)। "সাক্ষাদমৃতমথ বামাধরসুধা (ভামিনীবিলাস)। পরাক্রমে ভীমা বামা। —মে ৯৬। ৩ গৌরী। ৪ লক্ষ্মী। ৫ সরস্বতী। —মী স্ত্রী [°ম+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বড়বা। "°শতবাহিতার্থং রঘু ৫ ৩২। বড়বা বামী-ঈশ্বরী মে ৯৬। ২ গর্দ্দভী। ৩ শৃগালী। ৪ করভী। ৫ গর্দ্দভাশ্বসঙ্করজা (নীলকণ্ঠ), অশ্বতরী। "মহা ২.৫১.৪। [°দৃক্ (-শ্), °দৃষ্টি (স্ত্রী) —'চারুনেত্রা', সুন্দরী স্ত্রী। °নয়না, °নেত্রা, °ভ্রূ, °লোচনা (স্ত্রী)—সর্থ 'বামদৃক্'। "বামভ্রূ।—পঞ্চ ১.১৪৭। °লোচনা রঘু ১৯.১৩। °মার্গ (পুং)—(তন্ত্রে) বামাচার। °শীল (বিণ)—বক্রস্বভাব। "কি ১১.২৪। (পুং)—কামদেব। °স্বভাব (বিণ)—শোভনচরিত্র। দ্র 'বাম বিণ (১১)।]

বামণ, -ন[2] বি [সং ব্রাহ্মণ > প্রা বম্ভণ (হে), রম্হণ (প্রা.প্র ৩৮), রংভণ (প্রা.ল ২.১০) > বা °ণ, -ন, হি বম্হন, বাভন ; ঠ বামণ, মৈ বাভন, সি বাভণু, তু 'বাবন (গো চ)] ব্রাহ্মণ। "°ন গো.চ ৪৬, ভা.চ ৬০, °ণ ৪৭৯। বাদল বামন বান। দক্ষিণা পেলে যান।—খনা। —ণী, -নী[1] বি ব্রাহ্মণী। "আমি বামণের মেয়ে বটে…কিন্তু নই।—ব প্র ৩৬৭। [বামন গেল ঘর। নাঙল তুলে ধর॥—প্রভু অবিদ্যমানে ভৃত্যের কার্য্যে অবহেলা।]

বামতা † স্ত্রী [বাম+তা (তল্)] বামভাব, প্রতিকূলতা, বক্রতা। "রাধার কুটিল প্রেম হইল বামতা চৈ চ ১১৫।

বামদেব † পুং [কর্ম্মধা] ১ সুন্দর বা লোকাচারপ্রতীপ দেব (অ.টী) ; শিব। "ম ১২৪৬। বামদেব-নামে, নাথ, সদা কাঁপি আমি।—মে ৬৭। ২ বসিষ্ঠপুত্র। "কৃ ৬২। ৩ (বাঙ্‌লায়) প্রতিকূল দেব। "শিব শিব শিব নাম, সবে বলে শিবধাম, বামদেব আমার কপালে ভা.চ ৬৬।

বামন[1] বিণ [বাম+√নী+অ (ড)-ক (অ টী), '°ন'—সঙ্কুচিতাবয়ব (শুক্লযজুর্ব্বেদ ১৬৩০), স্ত্রী -না] ১ হ্রস্বাকৃতি, খর্ব্ব। "ছলবামনম্ (হরিম্) মাঘ ১৩.১২। বামন দেখিয়া নাম থুইল বামন।—গ ৩৮, বামন ব্রাহ্মণ ৪৬। শ্রীবামনদেব যবে অঁবামন হৈলা ভ.প্র ৭৩। ২ অল্প, ক্ষীণ। "বামনার্চ্চিরিব দীপভাজনম্ রঘু ১৯.৫১। ৩ নম্র। "বিনয়° মাঘ ১৩.১২। ৪ ন্যূনপরিমাণ, অল্পমান। "নৈ ২২.৫৭। —ন পুং ১ বিষ্ণুর পঞ্চম অবতার। "কেশব ধৃতবামনরূপ গী.গো ১ ৯। [এই অবতারে বিষ্ণু, ইন্দ্রের কনিষ্ঠ 'উপেন্দ্র' নামে অভিহিত হন। দ্র 'বলি[1] (৮)।] ২ খর্ব্ব, হ্রস্ব পুরুষ। "রঘু ১.৩, ১০.৬০। বাড়ায়েছি চাঁদে হাত হইয়া বামন শ্রী মা ২ ; শ্রী ৯৬ ; শি ২২। দা ৭। ৩ বিষ্ণু। ভা.চ ৬ ; শঙ্কর-ভূত বামন ১৬০। ৪ দক্ষিণদিকের দিগ্‌গজ। "ক.চ ৮১। ৫ হ্রস্ব অশ্ব বা

খণ্ড। ৬ কাশিকাবৃত্তিকার পণ্ডিতবিশেষ। —ন ক্লী ১ তীর্থভেদ। ২ বামনপুরাণ। —না² স্ত্রী অপ্সরোভেদ। "রা ২.৯১.৪৭। —নী² স্ত্রী [+ন+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হ্রস্বাকৃতি নারী। ২ যোনিরোগবিশেষ। [°দ্বাদশী (স্ত্রী)—চৈত্রশুক্লদ্বাদশী। "চৈ.চ ২৪৪। °পুরাণ (ক্লী)—পুরাণবিশেষ।] [বামন হ'য়ে চাঁদে হাত—বামনের হাতে চাঁদ ধরার ন্যায়, দুর্লভবস্তুলাভে অযোগ্যের লোভ। "কি বলব বৌ-ঠাকরুণ, বামন হয়ে চাঁদে হাত! —ব.প্র ২৭৪।]

বামন² দ্র 'বামণ'। [°হাটি (সং ব্রহ্মযষ্টি, ব্রাহ্মণযষ্টিকা; ড় বামণঝাটি, 'বামযষ্টি'—ফরিদপুর)—ওষধিবিশেষ।]

বামনা¹ বি [°ন+আ¹¹] ব্রাহ্মণ (অনাদরে)। "সভে আনিবেন এই বামনার স্থানে চৈ.ভা ১৫৮। কুশাকাটা বামনা কিসের পাড়ে ডাক ম.ম ২৮। এ শ্রীবাস বামনার ঘরে ন.প ২৪৫।

বামনা² দ্র 'বামন¹'।

বামনী¹; বামনী² দ্র 'বামণ; বামন¹'।

বামপথি, -থী বিং তান্ত্রিকবামপথাবলম্বী, বামাচারী শাক্ত। "স্বামী হৈল বামপথি ক চ ১৪; বামপথী হইয়া করিস কার পূজা ১৯৩, (জায়া) নিত্য পূজে মহামায়া, বামপথী হয়ে স্বতন্তর ২৯০। বামপথি সন্ন্যাসী মদিরা পান করে চৈ ভা ২৯৫।

বামপথী দ্র 'বামপথি'।

বামবাজ বি [ফা রাম্—গম্ভীরধ্বনি ঢাক] 'বাম'-বাদক, ঢাকী। "ব.প ২৫৪।

বামলুর † পুং [দেশ্য (দ্র. Appendix 177)] বল্মীক।

বামা¹ বিং [বাম > °মা] অধম। "তিরী বামা জাতী শ্রী.কী ১২৯।

বামা² দ্র 'বাম'।

বামাঙ্গিনী বি [°ঙ্গী (সাধু); পদ্যে] সুন্দরী। "স্ব প্র ৬৫।

বামাচার † পুং [কর্ম্মধা] বিপরীত (বেদবিরোধী) আচার, তান্ত্রিকের শক্তিপূজাপ্রকরণবিশেষ। 'পঞ্চতত্ত্বং খপুষ্পঞ্চ পূজয়েৎ কুলযোষিতম্। বামাচারো ভবেৎ তত্র বামা ভূত্বা যজেৎ পরাম্॥ "হেম ২৯১। —চারী (-রিন্) পুং [°র+ইন্ (ইনি)-১ব] বামাচারাবলম্বী শাক্ত; বামপথী।

বামাচারী দ্র 'বামাচার'।

বামাবর্ত্ত † বিণ [স.ত] বামভাগে আবৃত্তিযুক্ত; বামদিগাবর্ত্তী। —বর্ত্ত পুং বামভাগে আবর্ত্তন; বাঁদিকে ফেরা।

বামাম্বুজ বি [অপ্র] কমলেকামিনী; "ম.পা ১৪১।

বামী দ্র 'বাম'।

বামুন বি ব্রাহ্মণ। "আব সে বামন! বামুন নাই।—দা ১৮২৯।

বামেতর † বিণ [বহুব্রী] যাহা হইতে বাম ইতর; দক্ষিণ, সব্যেতর। "রঘু ২.৩১; ৬.৬৮। বামেতর নয়ন।—মে ২০৭,-১৫।

বামোরু † স্ত্রী [বাম উরু যাহার, বহুব্রী, স্ত্রী উ (উঙ্)] 'শোভনোরু'; সুন্দরী। "গো রা ২.১০৫.২২। রঘু ৮.৫৭। মাঘ ৮.২৪।

বাম্য † ক্লী [বাম+য (ষ্যঞ্)] বামভাব, প্রতিকূলতা, বক্রতা। "প্রচ্ছন্ন-মান-বামা চৈ চ ১১৭; °স্বভাব ১৬১; ৩০২।

বায়¹ বি [প্রা রায়; দ্র 'বা³'; অপ্র] ১ বায়ু। "ধায়ে বায়ে যেন রেণু ক.চ ৫০। বায় হেলে শ্রী.মা ৮২'। বসন্তের বায় ব প ৮৩২। ম.ম ২২০। বায়ে লড়ে দাঁত ভা.চ ৫৯; ৮১। ২ ব্যঞ্জনবায়ু। "বায় করে সত্যভামা। —শ্রীকর নন্দী।

বায়² বি ['রায়'—গন্ধ (দেশী ৭.৫৩); ফা 'ব্'; হি, ঠ বোয়] গন্ধ।

বায়ই দ্র 'বাবুই¹'।

বায়দণ্ড † পুং [ষ.ত] সর্ব 'বাপদণ্ড'।

বায়ন¹, -নক † ক্লী পিষ্টকবিশেষ। "অধ্যাত্মরামায়ণ ১.৩.৫৪,-৫। [উৎসবাদিতে ইহা দেবতাকে উপচাররূপে প্রদত্ত হয়]

বায়ন² '-ন্' বি [সং বাদন > প্রা বায়ণ > °ন] বাদক, বাজকর। "গায়নে বায়নে ক.চ ৩১৪। বায়নে মৃদঙ্গ বায় শ্রী.ম ২২০। চৈ.ম ১১৩। ভা.চ ১১৯।

বায়নক দ্র 'বায়ন¹'।

বায়নক্কা বি [বচনক্রম (?)] ক্রমিক বিবরণ; সবিস্তর বৃত্তান্ত।

বায়না¹, বাহা(হে)না বি [ফা বহানহ্; হি, ঠ, মৈ বহানা] কোন বিষয়ের নিমিত্ত বিশেষ আগ্রহ বা নির্বন্ধ; ছল-ছুতা। "ক্রমে ক্রমে তুমি নানা বাহেনা করহ ত.প্র ২১। ভিখ নেবে তবু কতই বায়না।—কা ১৪০।

বায়না² বি [আ রাআনহ্; হি রায়ন] মূল্য ভাড়া ইত্যাদি স্থির করিয়া দত্ত মূল্যাদির কিয়দংশ (earnest money)। "মালির ঘরের গড়ন নয় জে বায়না পাঠাব গো.চ ১৮৭, টীকা। যদি কারো বায়না পাই, টাকাটায় বড় চৌদ্দ পাই।—দা ১১৭। খেমটাওয়ালিদের বায়না দিতে আছে আ.চু ১৪০। E P. 79. [°পত্র—বায়না লইয়া দত্ত অঙ্গীকারপত্র।]

বায়ব † বিণ [বায়ু+অ (অণ্); স্ত্রী -বী] বায়ুসম্বন্ধী; বায়ুকোণ-সম্বন্ধী; বায়ুদেবতাক। "বায়ব (কোণ) চ.বি ১১৩। —বী স্ত্রী বায়ু-কোণ। —বীয় বিণ [+ঈয় (ছ)] ১ বায়ুসম্বন্ধী। "যাজ্ঞ ৩.১০৪। ২ বায়ু-চর, খেচর। —ব্য বিণ [+য (যৎ); ছান্দস] ১ বায়ুসম্বন্ধী। ২ বায়ু-দেবতাক। "যাজ্ঞ ৩.২৮৬। —ব্যা ক্লী ১ বায়ুদেবতাধিষ্ঠিত কোণ; বায়ু-কোণ। "°স্থ।—বৃহৎসংহিতা ৫.৮৬। দু ১০। জ ৪১। ২ স্বাতিনক্ষত্র। "বৃহৎসংহিতা ৭৯। ৩ অস্ত্রবিশেষ। "রা ১.৫৬.১০। ম ২৬৯; ১১৫৫। ৪ বায়ুপুরাণ। ৫ গোরজঃকৃত বা রজঃকৃত স্নানবিশেষ। '(স্নানম্) বায়ব্যং গোরজঃকৃতম্ (মনু)। বায়ব্যং রজসা কৃতম্।—পরাশর ১২.১০।

বায়বী, বায়বীয়, বায়ব্য দ্র 'বায়ব'।

বায়স † পুং [বয়স্+অ (অণ) স্বার্থে] ১ কাক। "রা ৩৪৭.৪৭। ২ অগুরু বৃক্ষ। ৩ শ্রীবাস, টার্পিন। —সী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কাকী। "হি ২১³/₄। ২ কাকতুণ্ডী; কাকমাচী। [বায়সান্তক (পুং)—পেচক।]

বায়ান্ন, -হান্ন স.বিং [সং দ্বিপঞ্চাশৎ > লি দ্বিপঞ্চাসা, প্রা বাবণ, -ন্ন (পৈ),-ন্ন > বা °ন্ন, হি বাবন; ঠ বাবন, -ন্ন; গু বাবন্; প বৰংজা; সি বারংজাহ; ড় বাঅন] দ্বিপঞ্চাশৎসংখ্যক। "বাহান্ন কোটি বাঘ গো.চ ২০৪। —ন্ন বি বায়ান্ন (৫২) সংখ্যা। [যাঁহা বায়ান্ন তাঁহা তিপ্পান্ন—এক নরঘাতক বায়ান্নটা নরহত্যা করিয়া পাপক্ষয়ার্থ এক ঘাটের ধারে কৃষ্ণবর্ণ চাঁদোয়া টানাইয়া তাহার নীচে প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিল। এই সময়ে এক দুর্বৃত্ত ঐ ঘাটে এক রমণীর সতীত্বনাশের চেষ্টা করিতেছে দেখিয়া, ঐ ঘাতক,'বায়ান্নটা মারিয়াছি, না হয় আর একটাই মারিলাম,' এই ভাবিয়া ঐ দুর্বৃত্তের নিকটে গিয়া ক্রোধে, 'যাঁহা বায়ান্ন,তাঁহা তিপ্পান্ন' বলিয়া এমনই আঘাত করিল যে, তাহাতেই সে পঞ্চত্বপ্রাপ্ত হইল এবং সতীরও ধর্ম্মরক্ষা হইল। ঐ ঘাতক পরে স্বস্থানে আসিয়া দেখিল, চাঁদোয়া শ্বেতবর্ণ হইয়াছে। গৌণার্থে, অত্যল্পের নিমিত্ত কর্ত্তব্য কর্ম্মে পশ্চাৎপদ হওয়া অনুচিত।]

বায়ু † পুং [√বা+উ (উণ্)-ক, উ ১.১; ছান্দস] ১ সমীরণ, বাত, পবন। বায়ুর্বিধুনয়তি চম্পকপুষ্পরেণূন্ (কবিরহস্য)। [ভূতল হইতে উপর্য্যুপরি সপ্ত বায়ুমার্গে সপ্ত বায়ুপ্রবাহ—প্রবহ আবহ উদ্বহ সংবহ বিবহ পরিবহ পরাবহ (মহা ১২ ৩২৮.৩৬-৫২)। দ্র 'শ ৭.৬, টীকা। ২ বায়ুদেবতা, পবনদেব। "গাথা বায়ুগীতাঃ।—মনু ৯.৪২। কু ৪৪১। ৩ পঞ্চ স্থূলভূতের স্পর্শগুণ একতম ভূত। "(আকাশাৎ) জায়তে বায়ুঃ মনু ১.৭৬। ৪ দেহস্থ প্রাণাদি পঞ্চ। 'বায়বঃ প্রাণাপানব্যানোদানসমানাঃ। কেচিত্তু নাগকূর্ম্মকৃকরদেবদত্তধনঞ্জয়াখ্যাঃ পঞ্চান্যে বায়বঃ সন্তীত্যাহুঃ। —বেদান্তসার। ৫ উত্তরপশ্চিমকোণের দিক্পাল। ৬ শরীরস্থ ধাতুবিশেষ;

খাত। "°ধাতু। ৭ বায়ু দূষিত ধাতু। ৮ শ্বাস। ৯ বায়ুবীজ 'য'। ১০ (বহুব) মরুদ্গণ। ১১ (জ্যোতিষে) দিবসের অষ্ট ভাগের চতুর্থভাগ। ১২ (বাঙ্‌লায়) বায়ুকোপ, বাতিক, বাই। "ঘুচিল সকল বায়ু প্রভুর ইচ্ছায় চৈ ভা ৪২। বায়ুতে পাকিয়া চুল হৈল শণনুড়ি ভা চ ২১১। [°কোণ (পুং)—উত্তরপশ্চিম দিক্। °কোষ (পুং)—পুপ্‌ফুস, ফুসফুস। °গতি (বিণ)—বায়ুগতিতুল্য-গতি, অতিদ্রুতগামী, অতিলঘু। °গোচর (পুং)—বায়ুর বিষয়ীভূত স্থান, বায়ুপ্রবাহ-সীমা। °গ্রস্ত (বিণ)—শরীর-বায়ু কর্ত্তৃক আক্রান্ত, বায়ুরোগী। °জ (বি)—বায়ুজাত, হনূমান্। "গরজে বায়ুজ ধ্বজে।—মা ১০৯। °জাত, °তনয়, °নন্দন (পুং)—'বায়ু-পুত্র', হনূমান্, ভীমসেন। °দেব (পুং)—১ বায়ুদেবতাক স্বাতিনক্ষত্র। ২ (বাঙ্‌লায়) পবনদেব। "মে ১৭৪। °পঙ্কক (ক্লী)—দ্র 'বায়ু (৪)। °পতি (বি)—পবনদেব। "মে ৭১। °পথ (পুং)—আকাশ। "গো রা ৪.৬০৮, ২০। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—আকাশ। °বাট (বি)—বায়ু-প্রবেশপথ। "ব প ৩৮২। °বাহিনী (স্ত্রী)—বায়ুসঞ্চারিণী শিরা। °বীজ (বি)—বায়ুদেবতাক বীজমন্ত্র 'য'। 'শি ৮৫। °ভক্ষ, °ভক্ষক (পুং) —'পবনাশন', সর্প, মুনি। °ভক্ষণ (পুং)—সর্থ 'বায়ুভক্ষ'। (ক্লী) বাতাহার, উপবাস। °সখ, °সখি (পুং)—বায়ুর সখা, বায়ু যাহার সখা, অগ্নি। °সখা (সং বায়ুসখ)—বি অগ্নি। 'বায়ুসখা শিখী।—ম ২৯৯। মে ১৭৪। মা ১৩৯। °সুত, °সূনু (পুং)—সর্থ 'বায়ুজাত'।]

বায়েন বি [অপ্র] সর্থ 'বায়ন'। "ছু ১। শ্রী ৩৪, ২০৩,-১২,-৩৯।

বার[1] + বিণ [√বারি+অ (অচ্)-ক] ১ ক্রূর, কুটিল (মেদিনী)। ২ নিবারক। "বাণ°। —র পুং [+অ-ভা] ১ বারণ, প্রতিষেধ। ২ 'স্রোতোবারক', নদীর বিপরীততীর, পার। ৩ বাসর। "রবি°, সোম°। সুরতবাররাত্রিষু রঘু ১৯ ১৮। ৪ ক্ষণ, সময়, পর্য্যায়, কাল, পালা (turn)। 'বৃদ্ধশশকস্ত বারঃ সমায়াতঃ।—হি ২১২২৫। ৫ [ফা বার্] সময় (time)। "ত্রি°, বহু°, ভূরি°, °ত্রয়। বারং বারং ময়ৈতস্য মত্তাপরাধঃ সোঢ়ঃ।—হি ২১১২৯০, ৩১৪২৫। তিন সপ্ত বার ম ৫১। ৬ অবসর, প্রস্তাব (occasion)। ৭ [√বৃ+অ-ণ (অ টী)] সঙ্ঘাত, সমূহ, নিচয়। 'বেশ্যা°, বাণ°, °স্ত্রী। খবারং সমাস্থায় বা ২ ৮০ ৫। ৮ আবরণ, আচ্ছাদন। ৯ [তু 'সং দ্বার>প্রা দুব্বার, বার (হে ২.১১২), গু বার] দ্বার। —র ক্লী ১ [তু 'সং বার্] জলরাশি। "রাত্রি দিন ব্যাপৃত হইয়া করে বার শি ৭৫। ২ বিশেষ পুণ্য তিথি। "°ব্রত। কবে কোনবার।—কা ১১৩। ৩ (বাঙ্‌লায়) মৃত্যুতিথির দিন। [°নারী (স্ত্রী)—বারস্ত্রী, বেশ্যা। "ক সা ৭৩ ১৩৭] °নিতম্বিনী (বি)—বেশ্যা। "ক চ ৫৭। °বধূ, °বনিতা, °বিলাসিনী, °যুবতি, -তী, °যোষিৎ, °রামা, °স্ত্রী (স্ত্রী)—বেশ্যা। "°বধূ মাঘ ১১.২০, ক.চ ৬৬, শি ৩৬। স এ ৪৩,-৪। °তি (দশকুমার)। °ষিৎ রঘু ৩ ১৯। °স্ত্রী (অ কো)। °মুখ্যা (স্ত্রী)—গুণাতিশয্য হেতু সম্মানিতা বেশ্যা (অ টী), বেশ্যাশ্রেষ্ঠা। "রা ১ ১০.৭। ভ ১.১১.২০।] [বার বার (ফা বার্‌হা, উর্দু—'বার্ বার্')—পুনঃপুনঃ, বহুবার। বারে বার, বারে বারে —পুনঃপুন। "শ্রী.কী ৪২, ১৮৬। বারে বার—পুনঃপুন। "এই মত মাতা মোরে কহে বারে বার।—ম ৬২৫। বারে বারে—প্রতিবারে। "বারে বারে রণে তুমি দৈত্যজয়ী (শ্যামাসঙ্গীত)। বার পাওয়া—কথাবার্ত্তার অবসর। "গন্ধরাজ পাত্র ভাল, কিন্তু বড় দেমাগ, প্রায় তাঁহার বার পাওয়া যায় না ব প্র ৬০৯। বার হওয়া—অবসর বা সুযোগ হওয়া।]

বার[2] বি [বারি > °র, অপ্র] সর্থ 'বারি[1] স্ত্রী (৫)। "তবে সে পূজিব আমি মনসার বার ব.প ২৮৪।

বার[3] বিং [সং বাহ্য >লি, প্রা বাহির >বা (বাইর) °র] ১ বাহ্য, বহিঃস্থ, বাহিরের। "°চোর। ২ সদর। "°বাড়ী। ৩ বহির্ভূত, ছাড়া। "দুনিয়ার বার। ৪ নিঃসারিত, বহিষ্কৃত। "বাড়ী থেকে বার করা। ৫ নির্গত। "ঘর থেকে বার হওয়া। —র বি ১ বহির্ভাগ, উপরিভাগ। বিপ 'ভিতর'। ২ বহির্দ্দেশ, গৃহের বহির্ভাগ। "পণ্ডিত বারে দিল পাও গো.চ ১৩৭। [বার করা—১ ম্রিয়মাণ ব্যক্তিকে ঘরের বাহিরে আনা। ২ নিঃসারিত করা। "কেহ বলে জটা হৈতে বার কর জল ভা.চ ১১১। ৩ অসদভিপ্রায়ে স্ত্রীলোককে ঘরের বাহির করিয়া অন্যত্র লইয়া যাওয়া। "আমি কি তোমার ছোট বনকে বিয়ে করিচি, না বার করিচি?—ন ত ৬৯। ৪ নূতন দ্রব্যের ব্যবহার আরম্ভ করা। "নূতন যোটনা কুড়া দিয়াছে বিশাই। আজ…বার কর তাই॥—ভা চ ৮৬। বারমুখো—পরস্ত্রী-রসিক (পুরুষ)। বারাত—বাহিরে। "বি পা ২৯৬। বারায়, বারাল (গো চ)। বার্যা—বাহির হইয়া। "ব প ৫৩৭। কাজের বার—অকর্ম্মণ্য।]

বার[4] 'র্' বি [ফা বার্, হি বার] ১ সভা, রাজসভা, দরবার। "বার দিয়া বাহ রাজা।—ম ৪১৩। রত্ন সিংহাসনে বার দিল জুগপতি শূ ১২৯। ওথা বার দিয়াছেন শিখরে কেশরী ক.চ ৫০, ১০১। (রাজা) বার দিয়া বারামে বসেছে শ্রী মা ৮৮। ভা চ ৪১১। ২ আড়ম্বরপূর্ব্বক উপবেশন। "কুণ্ডলী করিয়া লেজ বসিল সভাতে। পুরন্দর বার যেন দিল ঐরাবতে॥—কৃ ২৪৯। মল্লরাজা সাজিল মাতঙ্গে দিয়া বার শ্রী.মা ১৮৭। ৩ সিংহাসনে উপবেশন। "প্রভাতে করিয়া সভা রাজা দিল বার ক চ ১০৫। ৪ প্রবেশের আদেশ। "জয় করি লাউসেন আইল কামরূপ। শুনিয়া বার দিল ভূপ॥—শ্রী ১৪৮। ৫ আদেশ, অনুমতি। ৬ ভার, মোট, বোঝা। "°বরদারী। —র বিং [অপ্র] সুখাসীন। "বার হয়ে লাউসেন বসে তার তলে শ্রী মা ৮৪। [বার দেওয়া—দরবার করা। "শ্রী মা ১৩৭।]

বার[5] -রো স বিং [সং দ্বাদশ >লি বারস, প্রা বারহ। (প্রা প্র ২ ১৪) > বা °র, -রো, হি মৈ বারহ, ঠ বারা, প বারাং, গু বার, বারংহং, ড় বার, 'বারহ' (শ্রী.কী)] দ্বাদশসংখ্যক। "বার বছর হৈল গো চ ১। তিন জনে বার মুখ পাঁচ হাতে খায় শি ৩২। পৃথিবীর বারো-আনা ভাগ ইতর।—ঘ ১৫৩। —র বি বার (১২) সংখ্যা। —রই বি [দ্র 'আটই'] মাসের দ্বাদশ দিন। [বার হাত কাঁকুড়ের তের হাত বিচি—অস্বাভাবিক বিষয়।]

বার[6] সর্ম [সং √বারি—বারয়্ >প্রা √বার >বা °র, হি √বার] ১ নিবারণ করা, নিষেধ করা। "ধনি বারই অঞ্চল ঝাঁপি লয়ে ভা চ ৩৩১। ২ প্রশমিত করা, সংযত করা। "পথত বারহ মন নান্দের নন্দন শ্রী কী ২৫১। "চিত কত বারিব, ঋতুপতি নব পরবেশ ব.প ১০৫১। ৩ নিবাকৃত করা, সংহার করা। "যে অস্ত্রে যে অস্ত্র বারে। —ম ২৭০। ব্রহ্মাস্ত্রে ব্রহ্মাস্ত্র বারে: আগ্নেয়ে পার্জ্জন্য বারে শি ৫৭। ৪ প্রতিহত করা, বাধা দেওয়া। "বিক্রমে তরঙ্গ বারে পাড়ে পড়ে নীর শ্রী ৯০। ৫ মন্ত্রবলে দ্রব্যের স্বাভাবিক শক্তি রোধ করা। " 'বারিলে' (পাঠান্তর) অনল হয় পানী ক চ ১৮২। ৬ আবৃত করা, ঢাকা। "মৃগমদ উরজে যতনে চীরে বারি।—জ্ঞা ১০১। [বারা[2]—সর্থ 'বার[6]] পিটে বারা—মন্ত্রবলে অগ্নির তেজ রোধ করিয়া পিষ্টক নষ্ট করা। (বারিঞা, -রে (শ্রী.কী)। বারই, -উ, -বত, -রব, -রল (প.ক)।]

বার-ওয়ারি, বারো-ইয়ারি, -এয়ারি, বারোয়ারী বি [বার[1] +ফা 'যাররী'—সাহায্য, বন্ধুত্ব] সমূহের বা সকলের সাহায্যে বা বন্ধুত্বে অনুষ্ঠিত পূজা ও উৎসব। "বারো-এয়ারির জন্য, দুর্ভিক্ষ-পীড়া-নিবারণের জন্য গৃহস্থকে…কিছু না কিছু দান করিতে হয় পা.প্র ৫৮। বার-ওয়ারি পূজা আ হু ১৬। বারোইয়ারির অধ্যক্ষ।—হু ২৬। [হুতোমে বারোয়ারীর মূল এইরূপ :—'বার জনে একত্র হয়ে কালী বা অন্য দেবতার পূজা করার প্রথা মড়ক হইতেই সৃষ্টি হয়—ক্রমে সেই

অবধি 'মা' ভক্তি ও শ্রদ্ধার অনুরোধে ইয়ারদলে গিয়ে পড়েন। মহাজন, গোলদার, দোকানদার ও হেটোরাই বারোইয়ারি পূজার প্রধান উদ্যোগী (হু ২৬)।] [°তলা—বারোয়ারীর স্থান।]

বারংবার, বারম্বার ক্রি.বিং [সং বারং বারম্] পুনঃ পুনঃ, বার বার। "বুড়া বলে বারম্বার শি ১০২। বারম্বার আবর্ত্তিয়া মুখে, নব ছন্দ।—কা ৪২। (অজানা বেদনা) উদিত হইতেছে বারংবার চ.কা ১১৪ ; কহিতেছে বারম্বার, স্নেহের প্রলাপবাণী ২১২।

বারক † বিণ [√বারি+অক (ণ্বুল্)-ক] নিবারক, রোধক। —রক পুং ১ প্রতিবন্ধক, বিঘ্ন। ২ নিয়ামক। ৩ অশ্বভেদ ; অশ্বগতিভেদ। —রণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] নিবারক, রোধক] "(যুবা) মত্তবারণ° মহা ৩.১৪৬.২৯। সিতাতপ° রঘু ৯.১৫। (ভটগণ) বিপক্ষ° শ্রী.ম ১৬৫। —রণ পুং 'শত্রুবারক', হস্তী। "মত্ত° মহা ৩.১৪৬.২৯। কু.স ৫.৭০। যেন দু বারণ, বারণী কারণ, যুঝয়ে পর্ব্বত মাঝে।—ম ২৯১ ; ৪৭৬। °ঈশ্বর।—মা ১৪০। °যূথ।—মে ২৪। —রণ পুং, ক্লী 'শরনিবারক', বাণবার, বর্ম্ম। —রণ ক্লী ১ হস্তবারণ, অঙ্গুলিত্রাণ। ২ বিঘ্ন। ৩ [+অন-ভা] নিবারণ, নিষেধ। "মদমত্তবারণ-বারণ হবে কিসে বি.সু ৪৬ ; বারণ…না মানে ৪৭। মাতৃহস্তে ঔষধ° দা ৩৭৫। ৪ নিয়মন, নিগ্রহ। "ইন্দ্রিয়° চৈ.চ ৮৫। ৫ নিরোধ। ৬ প্রশমন। "(ক্ষুধা তৃষ্ণা) শ্যামরূপ নিরখিয়া করিব বারণ।—কু ৯৯। ৭ [+অন-ণ] নিরোধোপায়, নিগ্রহসাধন।

বারকোশ,-ষ বি [সং বার্ক্ষ (বার্কৃষ) > °ষ (?) ; ফা 'বার্কশ্' —যান] কাঠের গোল চওড়া পাত্রবিশেষ ; কাঠের থালা। "বারকোষ বদলে পিতুলা থাল লইল ম.ম ১৩১। বারকোশের মত চোক ব.প্র ৫২৪।

বারকোষ দ্র 'বারকোশ'।

বারক্ষেত্র বি 'ক্ষেত্রের (তীর্থের) বহির্ভূত' (?) ; অপদেবতাগণ-বিশেষ। "বা.ম ২২৬ ; °গণ ২২৭ ; ৩৮১ ; ৪০৩।

বারচোর বি বাহিরের চোর, যে চোর পরিবারের অন্তর্গত নহে। "বার চোর রাখা যায়। ঘর চোর রাখা দায়॥—প্রবচন।

বারণ † দ্র 'বারক'। [বারণ-ঈশ্বর—গজযূথ-পতি। "মা ১৪০। °কর (পুং)—'হস্তিহস্ত', শুণ্ড। °শালা (স্ত্রী)—গজগৃহ, বারী।]

বারণানন † পুং [উ বহুব্রী] 'গজমুখ', গণেশ। "ক.সা ৬৭.১।

বারণাবত † পুং, ক্লী নগরবিশেষ [দুর্য্যোধন এই নগরে জতুগৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন। ইহা গঙ্গাতীরে ছিল। ইহা বর্ত্তমান প্রয়াগ।]

বারণারি বি [ষ ত] হস্তীর শত্রু ; সিংহ ; "°গতি।—মে ১২৩। বধে যথা বারণারি বারণ-ঈশ্বরে।—মা ১৪০।

বারণীয় † বিণ [√বারি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ নিবার্য্য, প্রতি-ষেধনীয়। ২ রোধনীয়, রক্ষণীয়। "অয়মন্যাত্র কেদারখণ্ডে নিঃসরমাণ-মুদকমবারণীয়ং সংরোদ্ধুম্ মহা ১.৩ ২৯।

বারতা বি [সং বার্ত্তা >(স্বরাগমে) °তা ; হি বারতা] ১ বার্ত্তা, সংবাদ। "আল্য মুনি বারতা পাইয়া কৃ.উ ২৫১। মে ৬ ; ২০৮। ২ বিষয়, কথা। "মনুকে কহিলা ব্রহ্মা সৃষ্টির বারতা ক.চ ১০।

বারদিগর ক্রি.বিং [বার+ফা 'দিগ.র্'—অন্য] অন্য বার ; পুনর্ব্বার, আর (আদালতে)।

বারদোয়ারী বি [হি বারহদরী (ফা 'দর্'—দ্বার)] বারদরজা-ওয়ালা, অর্থাৎ খোলা বৈঠকখানা। "এখন চল, তোমার কোথায় বারদোয়ারী-টোয়ারী আছে নাকি ?—অ.প্র ৪২।

বারফটকা বিং [বার-ফটক > °কা (?)] পারদারিক, বেশ্যাসক্ত, লম্পট। "বারফটকা বাবুরা ঘরমুখ হয়েচে।—হু ৮ ; বারফটকারা বেরুলেন ১২৪।

বারফট্টাই বি বাহিরে ফুটানি ; মুখেই বড় বড় কথা বলা, কার্য্যকালে ফক্কিকার ; বৃথা বাগাড়ম্বর।

বারবরদারী বি [ফা বার্বর্দারী—গাড়ীভাড়া] জিনিসপত্র বহার ব্যয় ; মুটে-ভাড়া যান-বাহনের ব্যয়।

বারবাণ † পুং, ক্লী [বাণের বার, ষ.ত, রাজদন্তাদি (অ.টী)] 'শরনিবারক', বর্ম্ম, কবচ। "যোধ° রঘু ৪.৫৫। রঙ্গ ২১৭।

বারবেলা † স্ত্রী [ষ.ত] রবি-প্রভৃতি বারের বর্জ্জনীয় কাল বা যামার্দ্ধ-বিশেষ। "ভা.চ ৪০৫। বা.দ ১২৮। [রবিবারে ৪র্থ ৫ম, সোমে ২য় ৭ম, মঙ্গলে ২য় ৬ষ্ঠ, বুধে ৩য় ৫ম, গুরুবারে ৭ম ৮ম, শুক্রবারে ৩য় ৪র্থ, শনি-বারে ১ম ৬ষ্ঠ ৮ম যামার্দ্ধ বারবেলা।]

বারব্রত † ক্লী [দ্বন্দ্ব] পুণ্যাতিথিযুক্ত দিন ও ব্রত। "°ব্রতানি (S.W.)। বারব্রত বিস্তব করিনু যজ্ঞ যাগ শ্রী.মা ১৯। ম.ভা ২৬। [°বরত—সর্থ 'বারব্রত'। "শূ ২।]

বারভূঁয়া, -য়ে, -ভূঞে বি [ভুঁইয়া > °য়া, -য়ে, ভূঞে] গৌড়ে-শ্বরের অধীন বার জন সামন্তরাজ। "বারভূয়া বেষ্টিত বসেছে নৃপবর শ্রী ১৪ ; °ঞে ১৬৪ ; °য়ে ২৫৫। [বারভূয়াগণ—১ বিক্রমপুরের কেদার রায়, ২ ভাওয়ালের খাজল গাজী, ৩ খিজিরপুরের ঈশা খাঁ, ৪ সাতৈলের রাজা রামকৃষ্ণ, ৫ চাঁদ প্রতাপের চাঁদ গাজী, ৬ যশোহরের প্রতাপাদিত্য, ৭ ভূষণার মুকুন্দ রায়, ৮ চন্দ্রদ্বীপের কন্দর্পনারায়ণ রায়, ৯ ভুলুয়ার লক্ষ্মণ মাণিক্য, ১০ পুঁটীয়ার রাজা, ১১ তাহিরপুরের রাজা, ১২ দিনাজ-পুরের রাজা। শেষ তিনজনের সম্বন্ধে মতভেদ আছে।]

বারভূত বি দুর্বৃত্ত লোক ; চোর-বদমাসেরা। "কেবল বাড়ীটা পড়িয়া আছে, তাহারও কবাট চৌকাট পর্য্যন্ত বারভূতে লইয়া গিয়াছে ব.প্র ৩২৮।

বারমতি বি [বার৬+মতি (অস্ত্যর্থে 'মৎ' > মতী > মতি), অথবা মোতি > 'মতি'—মৌক্তিক (?)] ১ যে পূজায় বার দিন আছে, বা দ্বাদশ তিথিরূপ, দিনরূপ বা পূজারূপ মতি অর্থাৎ বিভাগ আছে ; বার তিথিতে দিনে বা বিভাগে সমাপ্ত ধর্ম্মঠাকুরের পূজা। "বারমতি গীত শূ ৯৯ ; ১৩৮। অনাদি মঙ্গল বারমতি শ্রী.মা ৪ ; °তি পূজা ১৭৯। দ্বিধা হৈল বারমতি ধর্ম্মের পূজায় ব.প ৪৫৮। [ধর্ম্মের পূজা, মানতের পূজা, শুক্লপক্ষের তৃতীয়া তিথি হইতে আরম্ভ করিয়া চতুর্দ্দশী পর্য্যন্ত দ্বাদশ দিবস চলিত। দ্বাদশ জনে সন্ন্যাসী হইত। উৎসবের নাম গৃহভরণ বা 'বারমতি' গৃহভরণ (ধর্ম্মপূজাবিধান)। মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গলে, ধর্ম্ম-পূজার ব্যবস্থায় বার বৎসরে পুত্রবলিদান (২১), বার আমিনী (২৯ ; ৫৭), বার ভক্ত (৫৭ ; ১৮৪), বার দিন (৯ ; ১৮৯ ; ২১৯), ও বার দণ্ড রাত্রি (১০১), এবং দেবমানে বার বৎসরের পরে লাউসেনের বৈকুণ্ঠে প্রত্যাগমন (৩৭ ; ২২৪), ও ইছাঘোষ-বধ পর্য্যন্ত পূজার বার বিভাগ (২২৫) —সর্ব্বদাই 'বার' শব্দের উল্লেখ আছে। শূন্যপুরাণেও 'বার মাসে বার ফুল', 'বার আদিত্ত' 'বার ভাই' (৭৬), 'দ্বাদশ ভকত আমিনী' (৭৮), দেখা যায়। সুতরাং, 'বার' হইতে 'বারমতি' হওয়া সুসঙ্গত ; মতান্তরে ধৃত 'ব্রহ্মাতি' মূল বলিয়া বোধ হয় না। ঘনরামের শ্রীধর্ম্মমঙ্গল, 'বার্ম্মতি' (২০৩,-৬২,-৩,-৫) শব্দ 'বারমতি'রই অপভ্রংশ।] ২ [হি 'বার' (বালক)+মতি] শিশুমতি, অবোধ। "ধর্ম্মপদরজে মধুলুব্ধ বারমতি। শ্রীজুত রামাই গাএ মধুর ভারতী॥—শূ ৭। ৩ ধর্ম্ম (?)। "সুপ্রসন্ন বারমতি শূ ৩৪।

বারমাসি, -সী, -স্যা, -মেসে বিং [°মাস+ই৮, ঈ৭, এ৭ ; হি বারহমাসী ; ঠ বারমাশী] ১ বারমাসসম্বন্ধী, যাহা বারমাস জন্মে (ফল)। "বারমাসি বেগুণ ম.ম ৯৬। বারমেসে কদলী কাঁটাল আম্রফল শ্রী ১৭৯। ২ যে গাছে বারমাস ফল হয় ; সদাফল। "রোপিল বেগুণ বার-মাসি বা.ম ১৪৬। লাগায় বেগুণ বারমাসী বি.পা ১৬৩। —সি, -স্যা

বি [হি বারহমাসা] বার মাসের বর্ণনা। "°সি শূ ৬৯। °স্তা ক.চ ১৬৪। [বারমাসীর বর্ণনার বিষয় নানাপ্রকার। শূন্যপুরাণে গম্ভ 'বারমাসি'তে (৬৯), প্রত্যেক মাসের রাশি পূজা ও বরদানের বর্ণনা। কবিকঙ্কণে, ফুল্লরার বারমাস্যা (৬৮) দরিদ্রের বারমাসের দুঃখবর্ণনা ; খুল্লনার বারমাস্যা (১৬৪) সপত্নীর বার মাসের তীব্র হিংসার চিত্র। ভারতচন্দ্রে 'বারমাস-বর্ণন' (৪৪৬) বার মাসের নানাবিধ আমোদ-আহ্লাদ ও সুখ-বিলাসের কথা। বৈষ্ণবসাহিত্যে, গোবিন্দদাসের বারমাসের বর্ণনায় বিরহিণীর উদ্দীপনভাবের দ্বাদশ চিত্র চিত্রিত (গো ২৩৭)।]

বারমুখী বি [হি বার°] বেশ্যা। "ভ.গ্র ১৪০।

বারয়িতা (-তৃ) † বিণ [√বারি+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] নিবারক, রোধক। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] নিবার্য্য, রোধনীয়। "মহা ১.৯৮.৩।

বারশিঙ্গা বি [হি বারহসিংগা] দ্বাদশশৃঙ্গশাখা-যুক্ত হরিণবিশেষ (Cervus duvaucell)। "ক.চ ৫৪। ভা.চ ১২৮। [ভাগবতে (৫.২৬.১১), 'রুরু'—ভারশৃঙ্গাখ্য সত্ত্ব (শ্রীধর)। 'ভারশৃঙ্গ' কি 'বারশৃঙ্গ' (?)।]

বারা[১] অর্ম্ম [বার[৪]+আ[৯] ; অপ্র] ১ বাহির হওয়া। "গজ বারাইল তথা হইতে কানন।—ম ২৩। বারাল্য সুন্দরী রামা ক.চ ১৮৬। ব্রাহ্মণী বারায় রা.স ১৮। গাঢে থাকি বারাইল চেঙ্গ।—শি ৭৫। বারাইয়া প.ক ৮৪৪। ২ অঙ্কুরিত হওয়া। "বীজ বারাইল ঘন শি ৭৫। ৩ প্রস্থান করা, যাত্রা করা। "বারাইল নববধূ গিরিজা (শি)। [বারাল্য—বাহির হইল।]

বারা[২] দ্র 'বার[৬]'।

বারাংনিধি † পুং [অলুক্] বারিসমূহের আধার ; সমুদ্র। "লহরিকা লাবণ্যবারাংনিধেঃ সা.দ ১০ উ৬। বদান্যতা° ।—য ১৭।

বারা(রি)ক বি [E. barrack ; হি বারিক] ১ সৈন্যের বাসার্থ শ্রেণীবদ্ধ গৃহসমূহ ; ছাউনী। "বারাকপুর ; গোরাবারিক। ২ (সাদৃশ্যে) গৃহশ্রেণী। "আমি আজ দশ দিন জামাইবারিকের বরোগা গুণচি। —জা ৩০।

বারাঙ্গনা † স্ত্রী [ষ.ত] জনসমূহের স্ত্রী ; বেশ্যা। "ক.সা ২১.৭। নৃত্য করে বারাঙ্গনা।—ম ১০।

বারাণ, -ল বি [সং 'বারণ'—মূল (?)] অশ্বরক্ষক, সইস। "বান্ধিয়া বাজীর সাজ বারাণ যোগায শ্রী ১৩১,-৭৭ ; তুলিয়া বাজীর পিঠে বাঁধিল বারাল ২৩৬ ; বারালে হুকুম দিল সাজ কর ঘুঁড়ী ২৪০।

বারাণসী † স্ত্রী [বরণা ও অসি (দ্বন্দ্ব)—বরণাসী+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্), পৃষো] ১ বরণা ও অসী নদীর মধ্যস্থা নগরী ; কাশী। "পুণ্যভূমি বারাণসী, বেষ্টিত বরণা-অসি ভা.চ ১১৯। ২ কাশীর ক্ষৌমবস্ত্রবিশেষ। "বারাণসীর খসখসানি।—হেম ৩৮৬। বারাণসী চেলী অ.গু ২২। তোকে নূতন বারাণসী পরাইয়া সং দেখিতে পাঠাইয়া দিব ব.খি ২৭।

বারাণ্ডা, -ন্দা বি [সং বরণ্ড ; ফা বরামদহ্ ; P. varanda ; Spanish—'baranda' ; Maly—'barandah' ; E. veranda] গৃহদ্বারের সম্মুখস্থ পিণ্ড ; পিঁড়ে, হাতনে। "°ণ্ডা।—হেম ৩৮৭।

বারান্তর, -রে ক্রি.বিং অন্য বার ; পুনর্ব্বার, আবার। "বারান্তরে না করিহ এতেক সাহস ম.বি ১৫২ ; ১৯২।

বারামে [বার[২]+হি মেঁ] দরবারে। "বারামে বসেছে বসুপতি শ্রী.মা ১৭ ; ৮৮ ; ১১৯,-৩১,-৩৭।

বারান্দা দ্র 'বারাণ্ডা'।

বারাল দ্র 'বারাণ'।

বারাহ † বিণ [বরাহ+অ (অণ), স্ত্রী -হী] ১ বরাহসম্বন্ধী। "°শার্শ্বৈর্মাংসৈঃ যাজ্ঞ ১.২৫৯। ২ বরাহচর্ম্মকৃত (উপানৎ)। ৩ বরাহমিহিররচিত (গ্রন্থ)। —হ পুং ১ বিষ্ণুর বরাহাবতার। ২ বরাহাবতারকল্প। —হী স্ত্রী [°হ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বরাহাবতারবিষ্ণু-শক্তি। ২ যোগিনীভেদ। "বারাহী খেটকধরা ক.চ ২৫৭। ৩ পৃথিবী। তু 'গী.গো ১.৭। ৪ তীর্থভেদ।

বারাহী দ্র 'বারাহ'।

বারি[১] † ক্লী [√বারি+ই (ইঞ্)-ক, উ ৪.১২৪] ১ 'তৃষ্ণাবারক', সলিল, জল। "রা ২.৩০.২৪। ন বার্য্যঞ্জলিনা পিবেৎ মনু ৪.৬৩। ২ বৃষ্টিজল। "°দ। বারিজনয়নযুগে, বহে বারি যেন মেঘে।—ম ২৭৯। ৩ (সাদৃশ্যে) দ্রবদ্রব্য। —রি, -রী[২] স্ত্রী [+ই-ণ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'বারণসাধন', হস্তিবন্ধনার্থ রজ্জু ; গজবন্ধনী। "বারি বিনা মত্ত হস্তী বান্ধিলা গৌরাঙ্গ চৈ ১০৫। ২ [+ই-ধি] 'বন্যগজবন্ধনস্থান', গজবন্ধনী, খেদা। "রঘু ৫.৪৫। মাঘ ১৮.৫৬। ৩ গজগৃহ, হস্তিশালা। "মে ২৪। ৪ জলাধার, কলসী, ঘট। ৫ [তু 'আ বারী—দেবতা] (বাঙ্লায়) দেবতার অধিষ্ঠানভূত মৃত্তিকাদির কলস বা ঘট। "সুবর্ণের বারি।—গ ৬১। শুভক্ষণে বারিসংস্থাপন ক.চ ৭ ; ১৯৩। ভাঙ্গিতে মনসাবারি ম ভা ১৫। ধাতুময়ী মোর বারি প্রতিষ্ঠা করিয়া ভা.চ ১৪৮। [°কোষ (পুং)—শপথকরণার্থ অঞ্জলিমিত মন্ত্রপূতজল। "ক.সা ১১৯.৩৯। °গর্ভ (পুং)—'জলমধ্য', মেঘ। °দুর্গ (ক্লী)—অগাধজলবেষ্টিত দুর্গ ; অব্দুর্গ। °ধর (পুং)—জলধর, মেঘ। "বিক্র ৪.৩। °ধানী (স্ত্রী) —জলাধার। "ক.সা ২৭.৯১। °ধারা (স্ত্রী) —বৃষ্টিপাত। "ক.সা ৯.৮৯। °নাথ (পুং)—১ 'জলপতি', বরুণ। ২ সমুদ্র। "মে ৭১। °নিধি (পুং)—'জলের আধার' ; সমুদ্র। "ক.সা ২৫.৩৩। °প (পুং)—জলাধিপ, বরুণ। "মহা ১৩.১৫৪.২৮। °পথ (পুং)—জলপথ, সমুদ্রাদি। "পা ৫.১.৭৭, কাশিকা। °পথিক (পুং) —জলপথগামী (পা)। °পর্ণী (স্ত্রী)—কুম্ভিকা, পানা। °পূর (পুং) —জলৌঘ। °প্রবাহ (পুং)—নির্ঝর, প্রস্রবণ। °বহ (বিণ)—জলবাহক। "শিববারিবহাং নদীম্ রা ২.৪৯ ৯। °বারণ (পুং)—জলহস্তী। °বাহ (পুং)—'জলবাহক', মেঘ। °বাহক (বিণ)—জলহারক। "পঞ্চ ২ ১৪৯। °বাহন (পুং)—'জলবাহক', মেঘ। °বিহার (পুং)—জলক্রীড়া। "রঘু ৬.৪৮। °মুক্ (-চ্) পুং—'জলমোচক', মেঘ। "রঘু ৪. ৮৬। °যন্ত্র (ক্লী)—জলোৎক্ষেপণার্থ যন্ত্র ; কৃত্রিম ফোয়ারা। "ভ্রান্তিমদবারিযন্ত্রম্ মা মি ২.১২। °রাশি (পুং)—১ জলসমূহ, জলৌঘ। "রঘু ৫ ৪৬। মে ১১৮। ২ সমুদ্র। "°রাশিজল ক সা ৫৬.৪২২। °রুহ (ক্লী)—'বারিজাত', পদ্ম। "কি ৫ ১৩। °সম্ভব (বিণ)—জলজাত। "গো.রা ৫.৬৭.৯। °স্থ (বিণ)—১ জলপ্রতিবিম্বিত (আদিত্য)। "মনু ৪.৩৭। ২ জলস্থিত।]

বারি[২] বি [বালী > °রি ; বৈষ্ণবসাহিত্যে] বালিকা, নবযুবতী। "খিণতনু বারি, ডারি হিযে ঘুমল প.ক ২৪৭৬।

বারি[৩] বিং [বার[৪]+ই[১১] ; অপ্র] ১ বহিস্থিত, বাহ্য, বাহির। "বারি গড়ে দিয়া থানা ক.চ ৯৩। ২ নির্গত, নিষ্ক্রান্ত। "বারি হয়্যা ঠাকুরাণী দেখ গো ব.প ২৮১। যাও বারি হয়ে শি ৯২। ৩ খলিত, চ্যুত। "শব্দ শুনি গর্ভের 'বালক' হয় বারি শ্রী ৭৯। ৪ নিঃসৃত, উচ্চারিত। "হেন কথা মুখে বারি হৈল তোর ব.প ৪৩৩। ৫ সর্থ 'বাড়ি[২] (৪)।

বারিক[১] দ্র 'বারাক'।

বারিক[২] [ড় '°ক'—নাপিত] উপাধিবিশেষ।

বারিচর † বিণ [বারি+ √চর্+অ(ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] জলচর। "খগৈর্বারিচরৈর্বৃতম্ (সরঃ) গো রা ৪.৪৪.৪২। —চর পুং ১ মৎস্য। ২ মৎস্যমূর্ত্তি বিষ্ণু। "ভ ৬.৯.২৩। ৩ জলচরমাত্র। ৪ বক। "স বারিচর মোদতে মহা ৩.৩১২.১১৫। ম ৫৮১।

বারিজ † বিণ [বারি+ √জন্+অ(ড)-ক ; উ.ত] জলজাত। —জ পুং ১ শঙ্খ। "মাঘ ১৫.৭২। ২ পাঞ্চজন্যশঙ্খ। "(মধুসূদনঃ) বারিজং পূরয়ামাস রা ৭.৭.২৩। ৩ শম্বুক। ৪ মীন ; পদ্মাদি (নীলকণ্ঠ)। "মহা ১.৮১ ১৫। —জ পুং, ক্লী পদ্ম। 'বারিজঃ শঙ্খপদ্ময়োঃ (বিশ্ব)। "মাঘ ৪ ৬৬। °নয়নযুগে।—ম ২৭৯। বারিজের ঘুজ্যুক ম.পা ১৩২। °নয়ন ন.প ৩৫৪। —জ ক্লী দ্রোণীলবণ।

বারিত † বিণ [√বারি+ত(ক্ত)-র্ম] ১ নিষিদ্ধ। ২ ব্যাহত, রুদ্ধ। "বিলয়েন বারিতপ্রসরঃ শ ১ ২৫।

বারিদ † বিণ [বারি+ √দা+অ (ক)-ক ; উ.ত] জলদাতা। "মনু ৪.২২৯। অম্বুর তপন-তাপে যদি জারব, কি করব বারিদ মেহে বি.প ১৭৩। —দ পুং ১ মেঘ। "°গর্জিত। ২ মুস্তক।

বারিধি † পুং [বারি+ √ধা+ই (কি)-ধি ; উ.ত] ১ 'জলধারণ-স্থান', সমুদ্র। "আবারিধি মণ্ডলং ভুবঃ কি ১.২৩। °সুতা গী.গো ১২.২৬। ২ সমুদ্রসংখ্যানুসারে চার (৪) সংখ্যা।

বারী[১] (**-রিন্**) † বিণ [√বারি+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -রিণী] বারক, নিবারক, হারক। "নরকবারিণী।—কৃ ৩৫১। বিপদ° দা ১৪২; ত্রিতাপ° ৯৪২। রিপুদলবারিণীং মাতরম্ (বন্দে) ব ছি ৯৭।

বারী[২] দ্র 'বারি[১]'।

বারীন্দ্র বি [ষ.ত] ১ 'জলাধিপতি', বরুণ। "°মহিষি।—মে ২৭। ২ সমুদ্র। "মে ১৮।—ন্দ্রাণী বি [বারীন্দ্র+আনী, দ্র 'আনি[৩]'] বারীন্দ্র-পত্নী, বরুণমহিষী। "মে ২৯।

বারীশ † পুং [বারির ঈশ, ষ.ত] ১ জলাধিপ। "বারীশ পাশী।—মে ১৩৪। বারীশ বরুণ।—হেম ২৩১। ২ সমুদ্র। "গর্জ্জিলা বারীশ রোষে।—মে ২৫ ; ১১২। ৩ বরুণ।

বারুই বি [সং বারুজী ; দ্র 'নবশায়ক'] তাম্বুলব্যবসায়ী নবশায়কভেদ ; বারুজীয়া। "বারুই নিবসে পুরে, বরজ নির্ম্মাণ করে ক.চ ৮৯ ; ২৬৪। শ্রী ১৩। মে ২১।

বারুণ † বিণ [বরুণ+অ (অণ্), স্ত্রী -ণী ; ছান্দস] ১ বরুণ সম্বন্ধী। "পাশৈর্বধ্যেত বারুণৈঃ মনু ৮.৮২। ভ ৮.২১.২৬। ২ বরুণদেবতাক। "ন্যগ্রোধো বারুণো বৃক্ষঃ (গোভিল)। বারুণং পাশম্ রা ১.৫৬৮। ৩ বরুণাধিষ্ঠিত (দিক্)। "অভিগুচ্ছ দিশং…বারুণীম্ গো রা ৪.৪৩.৪। বারুণদিকেতে অশ্ব চালাইয়া যায় বা দ ৯৪। ৪ সমুদ্রসম্বন্ধী, সামুদ্রিক। ৫ [বারুণী+অ] বারুণীদিক্সম্বন্ধী, প্রতীচ্য। —ণ পুং ১ জলচরপ্রাণী, মৎস্য। ২ ভারতের খণ্ডবিশেষ (শ.ক)। —ণ ক্লী ১ জল। ২ জলে অবগাহনপূর্ব্বক স্নান। 'অবগাহং তু বারুণম্ (স্নানম্)—পরাশর ১২.১০। ৩ বরুণদেবতাক শতভিষানক্ষত্র। ৪ উপপুরাণভেদ। —ণি পুং [+ই (ইঞ্)] ১ 'বরুণের অপত্য' ; অগস্ত্য। "মহা ৩.১০৫.১। ২ বশিষ্ঠ। "মহা ১.৯৯.৭। ৩ ভৃগু। 'ভৃগুর্হ বৈ বারুণিঃ (শতপথ-ব্রাহ্মণ—শ.ক)। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বরুণসম্বন্ধিনী, 'সমুদ্রজাতা', সুরা। 'সুরা দেবী সমুৎপন্না মহা ১.১৮.৩৫। "°মদ কু.স ৪.১২। হিং ১১। অধরে বারুণী।—ম ৬৫০। 'বারুণী বারুণী' প্রভু ডাকে চৈ.ভা ১৮৪। ন.প্র ২৪৫। খাওয়াইল বারুণে বারুণী শ্রী ১২২। °মত্ত শি ৩৬। ২ অন্নময়ী বা পৈষ্টী সুরা। "ভ ১.১৫.২৩। °মদিরা ভাঁড়।—ম ১২৩৩। ৩ পানসাদি নববিধমদ্য। "মনু ১১.১৪৭। ৪ মদিরাধিষ্ঠাত্রী দেবী (শ্রীধর)। "বিষ্ণুপুরাণ ১.৯.৯৩। ৫ বরুণপত্নী, 'বরুণানী : মাধ্বী' (নীলকণ্ঠ)। "°বল্লভ। বস্তামাস্তে স বরুণো, বারুণ্যা চ সমন্বিতঃ মহা ২.৯.৬। বারুণী রূপসী।—মে ২৫,-৭,৯। ৬ বরুণদেবতাক শতভিষানক্ষত্র। ৭ বরুণাধিষ্ঠিত পশ্চিম দিক্। "নৈ ৪.৬০। °বহুসেবন (কাব্যনির্ণয়—শ্লেষালঙ্কার)। ৮ বরুণের শক্তি (Female Energy)। [ইনি বরুণের স্ত্রী বা কন্যা, সমুদ্রমন্থনজাতা ও সুরার অধিদেবতা।—তৈত্তিরীয় আরণ্যক (M.W.)।] ৯ শত-ভিষানক্ষত্রাযুক্তা চৈত্রকৃষ্ণত্রয়োদশী তিথি। "°স্নান। [এই তিথি শনিবারে হইলে 'মহাবারুণী' এবং শুভযোগযুক্তা শনিবারে হইলে 'মহা-মহাবারুণী' হয়।] ১০ গণ্ডদূর্ব্বা ; দূর্ব্বা ; ইন্দ্রবারুণী। ১১ নদীভেদ। "গো.রা ২.৭০.১২। [বারুণীবল্লভ (পুং)—বরুণ (শব্দমালা)। বারুণীশ (পুং)—লক্ষ্মীপতি, বিষ্ণু। "নারদপঞ্চরাত্র ৪.৩.১২৭।]

বারুণা বি [অপ্র] বাড়ন, কাঁটা। "°পার বাড়ি ব.প ৫৯।

বারুণি, -ণী, -ণীবল্লভ, -ণীশ † দ্র 'বারুণ'।

বারুদ বি [ফা রারুত্ ; হি, ঠ বারু(রু)দ, দারু ; ড় দারু] অগ্ন্যুৎ-পাদক বিদারক চূর্ণবিশেষ। "°খানা। °কণিক-রাশি মা ১৫২।

বারেক ক্রি.বিং [বার+এক[২]] একবার। "শ্রী.কী ২৩। বারেক করুণা কুরু : বারেক…হও সুপ্রসন্ন ম.পা ১। বারেক হেরিতে সে চিত্র-করে। বাসনা আমার মানস করে॥—স.শ ১০৩। [°মাত্র—একবারই। "কৃষ্ণকান্ত বারেকমাত্র হরিকে ডাকিয়া…ঝিমাইতে লাগিলেন ব.প্র ২৬৩। °মাত্রও—একবারও। "'শ্রী' ভিন্ন বলিয়া সীতারাম একবার-মাত্রও ভাবিতে পারিলেন না ব.প্র ৫০৯। বারেক দুবার—একবার কি দুই বার। "বারেক দুবার গিয়েছিলাম।—জা ৬।

বারেন্দ্র পুং, ক্লী, **-ন্দ্রী** † স্ত্রী সর্থ 'বরেন্দ্র'। —ন্দ্র পুং বরেন্দ্রভূমি-নিবাসী ব্রাহ্মণবিভাগ-বিশেষ।

বারেন্দ্রী দ্র 'বারেন্দ্র'।

বারোইয়ারি, -এয়ারি দ্র 'বার-ওয়ারি'।

বারোভূঁইয়া বি সর্থ 'বারভূঁয়া'। "বারোভূঁইয়াকে বশে আনিতে কিছু টাকা খরচ হইয়াছিল ব.প্র ৫১৮।

বারোয়াঁ বি [হি বরবা] রাগিণীবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট দুই গ, দুই নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

বারোয়ারী দ্র 'বার-ওয়ারি'।

বার্ক্ষ † বিণ [বৃক্ষ+অ (অণ্) ; স্ত্রী -ক্ষী] ১ বৃক্ষবিকার, কাষ্ঠময়। "মুষলোলূখলে বার্ক্ষে (ভবতঃ)।—কাত্যায়ন ১৫.১৬। ২ বৃক্ষজাত (কবক)। "মনু ৬.১৪, কুল্লুক। ৩ মহাবৃক্ষ-কণ্টকিপ্রভৃতি-পরিব্যাপ্ত (দুর্গ)। "দুর্গং বার্ক্ষম্ মনু ৭.৭০।

বার্ণিক † পুং [বর্ণ+ইক (ঠঞ্)] বর্ণলেখনশিল্পী ; লেখক।

বার্ণিশ বি [E. varnish] চকচকে করার নিমিত্ত মিশ্রিত ধুনা-প্রভৃতির লেপ।

বার্ত্ত † বিণ [বৃত্তি+অ (ণ) অস্ত্যর্থে, পা ৫.২.১০১, কাশিকা] বৃত্তিমান্, বৃত্তিশালী (ত.বা)। —র্ত্ত ক্লী ১ স্বাস্থ্য, সুস্থতা। "সর্ব্বত্র নো বার্ত্তমবেহি রঘু ৫.১৩। ২ পাটব, নৈপুণ্য। "কি ১৩.৩৪। ৩ আরোগ্য। ৪ ভব্য, শুভ। ৫ অনাময়। —র্ত্তা স্ত্রী [°র্ত্ত+স্ত্রী আ (টাপ্)] ১ বৃত্তি, কৃষিবাণিজ্যপশুপালনাদি (কুল্লুক)। "মনু ৭.৪৩। রঘু ১৬.২। ভ ৩.১২.৪২। বার্ত্তা চারিপ্রকারে প্রথমে কৃষি দিয়ে—শ্রী.ম ৭৪। ২ অর্থোপার্জ্জন ও অনর্থবারণোপায়। "শু ১.১৫৪। ৩ জীবিকা। "°পতি ভ ৪.১৭.১১। ৪ বার্ত্তাকু। ৫ জনশ্রুতি, কিংবদন্তী (অ.কো)। "মহা ৩.৩১৩.১১৮। কিবা বার্ত্তা—ম ৫৮০। ৬ বৃত্তান্ত, প্রবৃত্তি। "মাঘ ১৩.১। বার্ত্তাং কোঽপি ন পৃচ্ছতি গেহে (মোহমুদ্গর)। বার্ত্তা এক মনে পড়ি গেলা ভ.গ্র ১৮৮। ম.ম ১৭১। কহিল…বার্ত্তা বার্ত্তাবহ।—মে ৩০১। ৭ কথা। "উত্তমঃশ্লোকবার্ত্তা ভ ২.৩.১৭। ৮ দুর্গা। 'পশ্বাদিপালনাদ্ দেবী কৃষিকর্ম্মাত্তকারণাৎ। বর্ত্তনাদ্ ধারণাদ্ বাপি বার্ত্তা সৈব প্রগীয়তে।—দেবীপুরাণ।

বার্ত্তকী † বি [সং বার্ত্তাকু] বেগুন। "বিচিয়া °কী ব.প ৭৩।

বার্ত্তন বি [অপ্র] নিমন্ত্রণ-বার্ত্তা। "দেশে দেশে পাঠায় বার্ত্তন ক.চ ১২৩ ; রাত্রি দিনে আইসে বার্ত্তন নাম শুনে ১৭৫।

বার্তা † দ্র 'বার্ত'। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—বার্তারূপকর্ম্ম, কৃষি-গোপালনাদি বৈশ্যকর্ম্ম। দ্র 'মনু ১০.৮০। °পতি (পুং)—জীবিকার পতি; বৃত্তিদাতা। "বার্তাপতিত্বং কিল লোকপালঃ ভ ৪.১৭.১১। °মূল (বিণ)—বাণিজ্যমূলক, ব্যবসায়হেতুক। °বহ, °হর °হর্ত্তা (-র্ত্তৃ), °হার, °হারী (-রিন্) (পুং)—বৃত্তান্তবাহক, দূত। "°হর্ত্তা ভ ৪ ৯.৩৮। °বহ।—মে ৩০১,-২। °বৃত্তি (পুং)—বৈশ্য। °হারিণী (স্ত্রী)—দূতী।]

বার্তাক † পুং, **-কী** স্ত্রী, **-কী (-কিন্)**, পুং, **-কু** পুং, স্ত্রী বেগুনগাছ। —ক ক্লী বেগুন (ফল)। —কী স্ত্রী বৃহতী।

বার্তাকী, বার্তাকু দ্র 'বার্তাক'।

বার্তানুজীবী (-বিন্) † পুং [বার্তা+অনু+ √জীব্+ইন্ (ণিনি) -ক ১ব; উ.ত] কৃষিগোরক্ষাদিজীবিক বৈশ্য (কামন্দক)।

বার্তারম্ভ † পুং [কর্ম্মধা] কৃষিবাণিজ্যাদি পশুপালনাদি ধনোপার্জ্জনোপায়। "মনু ৭.৪৩।

বার্ত্তিক † বিণ [বৃত্তি+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ বৃত্তিবিষয়ে সাধু; সূত্রবৃত্তিনিপুণ। ২ কৃষিপ্রভৃতিকুশল, বৃত্তিকর্ম্মপটু। ৩ বৃত্তির অধ্যেতা বা বেত্তা। ৪ বৃত্তিসম্বন্ধী। ৫ [বার্তা+ইক] বার্তাহরণে নিযুক্ত; বার্তাহারী (চর)। —ক পুং ১ বৈশ্য; বণিক্। ২ বার্তাহর, চর, দূত। ৩ [বার্তা+ইক] 'আরোগ্যে সাধু'; বৈদ্য, বিষবৈদ্য। ৪ বর্ত্তিক পক্ষী; বটের। —ক ক্লী ১ (ব্যাকরণে, দর্শনে) গ্রন্থসূত্রের বিবৃতিবিষয়ে যাহা সাধু; উক্ত, অনুক্ত, অসম্যক্ উক্ত বা দুরূহ বিষয়ের বিশদীকরণার্থ ব্যাখ্যাগ্রন্থ; পরিপূরক গ্রন্থ। 'উক্তানুক্তদুরুক্তার্থচিন্তাকারি তু বার্ত্তিকম্ (অ.চি)। "তন্ত্র°, যোগ°, শ্লোক°। ২ কাত্যায়নকৃত পাণিনিসূত্রের ব্যাখ্যানগ্রন্থ। [°কার (পুং)—কাত্যায়ন।]

বার্ত্রঘ্ন † বিণ [বৃত্রহন্+অ (অণ্); স্ত্রী -ঘ্নী] বৃত্রহসম্বন্ধী, ঐন্দ্র। "°লিঙ্গৈঃ...মন্ত্রৈঃ ভ ৬.১২.৩৪। —ঘ্ন পুং বৃত্রহার অপত্য; অর্জ্জুন। "কি ১৫.১।

বার্দ্দল † পুং [দ্র 'বাদল'] দুর্দ্দিন, বাদল।

বার্দ্ধক † ক্লী [বৃদ্ধ+অক (বুঞ্), পা ৭.১.১, সি] ১ বৃদ্ধসমূহ, বৃদ্ধসঙ্ঘাত। "মহর্ষি° নৈ ১.৭৭। ব.প ২৫৭। ২ বৃদ্ধভাব, বার্দ্ধক্য। "°শোভি বল্কলম্ কু.স ৫.৪৪। রঘু ১.৮। হি ১.১২০। অ.প ৯২; বার্দ্ধক সময় ৯৪। ঘুচিল বার্দ্ধক শ্রী.ম ১৩৫। ৩ বৃদ্ধকর্ম্ম। —ক্য ক্লী [বার্দ্ধক +য (ষ্যঞ্) স্বার্থে] বৃদ্ধভাব। "বার্দ্ধক্যে দুর্ব্বুদ্ধি রাজা। —কৃ ৯৭।

বার্দ্ধক্য দ্র 'বার্দ্ধক'।

বার্দ্ধুষ, -ষি, -ষিক, -ষী (-ষিন্) † পুং [বৃদ্ধ+অ (অণ্)+ই (ইণ্—অ.টী), +ইক (ঠক্), 'বৃদ্ধি'-স্থানে 'বৃধুষি' (কাশিকা), পা ৪.৪.৩০; +ইন্ (ইনি), 'বার্দ্ধুষ' নিপাতিত] ১ বৃদ্ধ্যাজীব, সুদখোর। "°ষিক মহা ১৩.৯০.৬, দত্তমপ্রতিষ্ঠং চ বার্দ্ধুষে ১৪; °ষিন্ ১০১.১৪। দত্তমপ্রতিষ্ঠন্তু বার্দ্ধুষৌ মনু ৩.১৮০; ৪.২২৪। °ষি যাজ্ঞ ১.১৩২, -৬১। ২ ধান্যের বৃদ্ধিগ্রাহী; বাড়িখোর। "বার্দ্ধুষ, বার্দ্ধুষি, বার্দ্ধুষিক বসিষ্ঠ ২।

বার্দ্ধুষি, বার্দ্ধুষিক দ্র 'বার্দ্ধুষ'।

বার্দ্ধুষী দ্র 'বার্দ্ধুষ'।

বার্দ্ধুষ্য † ক্লী [°ষ, -ষি+য (ষ্যঞ্)] ১ বার্দ্ধুষিভাব, বৃদ্ধিজীবন, অর্থাৎ সুদে জীবনধারণ। "মনু ১১.৬২। ২ নিষিদ্ধবৃদ্ধ্যুপজীবী (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.১৬১।

বার্দ্ধ্রীণস † পুং [বাধ্রী নাসিকা যাহার, বহুব্রী, নাসিকা >নস] ১ 'চর্ম্মতুল্যনাসিক', গণ্ডক। ২ বৃদ্ধ শ্বেতচ্ছাগ। "যাজ্ঞ ১.২৬০।

বার্য্য † বিণ [√বারি+য (যৎ)-র্ম্ম] বারণীয়, নিবার্য্য। "(শরঃ) কৃতান্ত ইব চাবার্য্যঃ গো.রা ৬.৯২.৫৭। নাস্মি বার্য্যা মহা ৫.১৮৯.৬। —র্য্য ক্লী [+য-ণ] প্রাকার। "রা ১.৭০.৩।

বার্য্যালয় † স্ত্রী [ষ.ত] বারির স্থান; জলাশয়। "ভ ১২.২.৬।

বার্য্যোকাঃ (-কস্) † পুং [বারি ওকঃ যাহার, বহুব্রী] জলৌকাঃ। "মনু ৭.১২৯।

বার্লি বি [E. barley] রোগীর পথ্য যবচূর্ণ।

বার্ষদংশ ‡ বিণ [বৃষদংশ+অ (অণ্)] বৃষদংশসম্বন্ধী, বিড়াললোম-জাত। "বার্ষদংশান্ (প্রাবারান্) মহা ২.৫১.৩।

বার্ষপার্ব্বণী ‡ স্ত্রী [বৃষপর্ব্বন্+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] বৃষপর্ব্বার অপত্য স্ত্রী; বৃষপর্ব্বকন্যা। "শর্ম্মিষ্ঠা বার্ষপার্ব্বণী।—মহা ১.৭৮.৩৩; ভ ৯.১৮.৩৩।

বার্ষিক ‡ বিণ [বর্ষ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ বর্ষভব, বাৎসরিক। "সর্ব্ববার্ষিকপর্ব্বসু ভ ১১.১১.৩৭। ২ বর্ষে দেয় (ঋণ)। "পা ৪.৩.৪৭। ৩ বর্ষ ব্যাপিয়া যাহা হইয়াছে বা হইবে। "পা ৫.১.৮০। ৪ বর্ষজীবন-পর্য্যাপ্ত, অর্থাৎ বর্ষপর্য্যন্ত জীবনধারণে পর্য্যাপ্ত (অন্নাদি)। "(ভক্ত-মিচ্ছনম্) সংচিন্ত্যং বার্ষিকম্ মহা ১৩.৯৩ ৬৮। যস্যান্নং বার্ষিকম্ ভবেৎ যাজ্ঞ ১.১২৪। ৫ [বর্ষা+ইক (ঠক্), পা ৪.৩.১৮] বর্ষাভব, বর্ষাস্থিত। "বার্ষিকান্ মাসান্ গো.রা ১.১.৭৩। ৬ বর্ষাকালিক। "°কী রাত্রিঃ রা ৭.৬৬.১৩। ৭ বর্ষাভব, বর্ষানিমিত্ত। "বার্ষিকং সংজহারেন্দ্রো ধনুঃ রঘু ৪.১৬। ৮ (বাঙ্লায়) প্রতিবর্ষে দেয় অর্থাদি। "বার্ষিক-খেগো বিদ্যাভূষণ বিপক্ষতা কচ্চে বি বু ৩২।

বার্ষ্ণেয় † [বৃষ্ণি+এয় (ঢক্)] ১ বৃষ্ণিসম্বন্ধী, বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়। ২ কৃষ্ণ। "গী ১.৪০; ৩ ৩৬। ৩ বলরামের সারথি। "মহা ৩.৬০.২১।

বার্হদ্রথ ‡ পুং [বৃহদ্রথ+অ (অণ্) শৈষিক] বৃহদ্রথের অপত্য; জরাসন্ধ। "গদা প্রহারিল বার্হদ্রথ।—ম ২৮৭।

বার্হস্পত্য ‡ বিণ [বৃহস্পতি+য (ণ্য), পা ৪.১.৮৫] বৃহস্পতিসম্বন্ধী। "°চাণক্যমতবিদ্।—পঞ্চ ৫৯২। —ত্য পুং ১ বৃহস্পতিপ্রোক্ত শাস্ত্রের অধ্যেতা বা বেত্তা। ২ নাস্তিক। 'বার্হস্পত্যস্তু নাস্তিকঃ (অ.চি)। ৩ চার্ব্বাক। ৪ ভরদ্বাজগোত্রের প্রবর মুনিবিশেষ।—ত্য ক্লী ১ বৃহস্পতি-প্রোক্ত শাস্ত্র বা অর্থশাস্ত্র। "মনু ৪.১৯, কুল্লুক। ২ বৃহস্পতিদেবতাক পুষ্যনক্ষত্র।

বাল § বিণ [√বল্+অ (ণ)-ক; স্ত্রী -লা] ১ অচিরজাত, শিশু (infant)। "বালাপত্যরক্ষার্থ হি ৪১২৮। বাল ভুজঙ্গ বি.প ৬৪। ২ ষোড়শবর্ষাবধিবয়স্ক। "বালয়া বা যুবত্যা...যোষিতা মনু ৫.১৪৭। ৩ (সাদৃশ্যে) মূর্খ, অজ্ঞ। "গো.রা ২.৬৫.৬। ৪ অচিরপ্রসূত (বৎস)। "উৎসুকবালবৎসো (ধেনুঃ) রঘু ২.৪৫। ৫ অচিরপ্ররূঢ়, নব। "°লতাঃ রঘু ২.১০; আশ্রমবালবৃক্ষান্ ১৪.৭৮। ৬ সদ্যঃপ্রস্ফুটিত, প্রত্যগ্র, অভিনব। "°কুন্দানুবিদ্ধং উ মে ২। ৭ প্রথমোদিত, তরুণ। "°সূর্য্য। বালাতপঃ মনু ৪.৬৯, রঘু ৬.৬০; বালার্কপ্রতিমা ১২.১০০। বালার্ক-সিন্দূরফোঁটা স.শ ১১৯। ৮ নবোদিত, কলামাত্র। "বালেন্দুবক্রাণি (পলাশানি) কু.স ৩.২৯। °চন্দ্রমাঃ রঘু ৩.২২। ৯ নিত্যনূতন (নীলকণ্ঠ)। "বালা চ রাজপুত্রী মহা ৪.৩.১৬। ১০ অনুদ্দীপ্ত, মৃদু। "বালোঽপ্যগ্নির্দহতি স্পৃশ্যমানঃ মহা ৩.১৩৩.৭। ১১ ক্ষুদ্র। "°মূষিকা। ১২ অভিনব, কোমল। "°মৃণাল (সুশ্রুত)। —ল পুং ১ অর্ভক, শিশু। "বালাদপি সুভাষিতম্ (গ্রাহ্যম্) মনু ২ ২৩.৯। অমৃতং বাল-ভাষিতম্ (চাণক্য)। ২ ষোড়শবর্ষপর্য্যন্ত প্রথমবয়স্ক জন। 'আ ষোড়শাদ্ ভবেদ্ বালঃ (স্মৃতি)। "জ্ঞানবৃদ্ধো বয়োবালঃ রা ২.৪৫ ৮। ৩ অপ্রাপ্ত-ব্যবহার, নাবালগ। "°ধনং মনু ৮.১৪৯। ৪ অজ্ঞজন, মূর্খ। 'অজ্ঞো ভবতি বৈ বালঃ মনু ২.১৫৩। সাংখ্যযোগৌ পৃথগ্ বালাঃ প্রবদন্তি। —গী ৫.৪। ৫ অশ্বশাবক। ৬ পঞ্চবর্ষবয়স্ক হস্তিশিশু। 'পঞ্চবর্ষো গজো বালঃ (অ.চি)। "ভ ৯ ১০.৬। ৭ চিকুর, কুন্তল, কেশ। "সিন্দূর চাঁচর বালে ম ১৮৩। শ্বেত° ভ.গ্র ২২৯। ৮ পুচ্ছলোম। "°প্রিয়ত্বং (শিথিলং

কুর্দ্যুঃ) কু.স. ১.৪৮। ৯ [তু 'বায়'—অশ্বপুচ্ছ, মেষলোম (ঋগ্বেদ ২.৪.৪ ; ৮.২.২)] অশ্বের বা হস্তীর লাঙ্গুল। ১০ (সাদৃশ্যে) শণাদির তন্তু বা আঁশ। "ন শাণবালৈঃ (গাবঃ নিবন্ধনীয়ঃ) ।—পরাশর ৯.৩৩। ১১ মৎস্যবিশেষ, বেলেমাছ (?) । —লা° স্ত্রী ১ বালিকা, কন্যামাত্র। "কো বিহি নিরমিল বালা বি.প ৯। ২ বালিকাত্ব হেতু কার্য্যা-ধারণাক্ষমা নারী। "সা বালা বয়মপ্রগল্ভমনসঃ সা.দ ১০৪৪। বালা রমণী—রমণে নাহি সুখ বি.প ৬৪। ৩ ষোড়শবর্ষা স্ত্রী ; নব যুবতী। "সা বালা পরবর্তী উ.মে ২২। বালে, নাথ, বিমুঞ্চ মানিনি রুষম্ সা.দ ৩৬১। বালা স্ত্রী প্রাণদা প্রোক্তা (রতিমঞ্জরী) । মাধব যাইঞা পেখহ বালা বি.প ১৯২। তোমার মোহিনী বালা, শিক্ষা করে ডাইনী কলা ক.চ ১৯২। ৪ পঞ্চবর্ষা স্ত্রী। 'পঞ্চবর্ষা স্মৃতা বালা।—হারীত (শ.ক)। ৫ ঊনদ্বিবর্ষা কন্যা (শ.ক) । ৬ একবর্ষা গবী (প্রায়শ্চিত্ত-তত্ত্ব) । ৭ ঘৃতকুমারী ; হরিদ্রা। ৮ মল্লিকাবিশেষ। ৯ (বাঙ্লায়) ষোড়শী মহাবিদ্যা। "ভা.চ ৪৩১। [°কদলী (স্ত্রী)—কদলীপোত, কলার চারা। °কাণ্ড (ক্লী)—রামের বালচরিতবিষয়ক রামায়ণের আদিকাণ্ড। °কৃষ্ণ (পুং)—বালকরূপ কৃষ্ণ। °ক্রীড়নক (ক্লী) —বালকের ক্রীড়াবিশেষ। "হরিণাক্রীডিতং নাম °কম্ (হ) । °গজ (পুং)—করিশাবক, করভ। °গ্রহ (পুং)—বালঘাতক স্কন্দপূতনাদি গ্রহ। দ্র 'মহা ৩.২২৯.২৬-২৮। সুশ্রুত ৬.২৮-৩৪শ অধ্যায়। °ঘ্ন (বিণ)—বালকহন্তা। "মনু ১১.১৯১। °চরিত (ক্লী)—বাল-চরিতাত্মক বালকাণ্ড। "উ চ ৬৩১। °চর্য্যা (স্ত্রী)—বালকচরিত, শৈশবকার্য্যকলাপ। "গো.রা ১৪.৩০। °চূত (পুং)—সহকারপোত, আমের চারা। "রঘু ১৩.৪। °তন্ত্র (ক্লী)—শিশুচিকিৎসাশাস্ত্র, কুমারভৃত্যা। °ধন (ক্লী)—অপ্রাপ্তব্যবহারবয়স্কের (নাবালগের) ধন। "মনু ৮ ১৪৯। °পাদপ (পুং)—বৃক্ষপোত, চারা গাছ। "শ ১২৫। °বৎস (বিণ)—শিশুপুত্রক। "মহা ৩.২৯৩.৯ ; (পুং)—অচিরজাত শাবক। দ্র 'বাল' বিণ (৪)। °বনিতা (স্ত্রী)—বালা স্ত্রী। °বিধবা (স্ত্রী)—বালা বিধবা ; বাল্যে পতিহীনা। °বৈধব্য (ক্লী)—বাল-বিধবাভাব ; বাল্যে পতিহীনতা। °দগ্ধানাং কুলস্ত্রীণাম্ (স্মৃ র)। °ব্যজন (ক্লী)—চমরীপুচ্ছজাত ব্যজন ; চামর। "কু.স ১.১৩। সিত° রঘু ৯ ১৬। °ভার (পুং)—কেশসমূহ, লোমরাজি। "পূ.মে ৫৩। °ভাব (পুং)—১ বালকত্ব ; বাল্য। ২ অনবধান। "মনু ৮.১১৮। °ভোগ (পুং) —প্রভাতে অভ্যঙ্গস্নানের পরে জগন্নাথের প্রথম ভোগ। "°লীলা চৈ ১০৩। °মতি (বিণ)—বালকবুদ্ধি, অবিবেক। °মন্দার-বৃক্ষ (পুং)—শিশুপারিজাত। "উ মে ১৪। °মূষিকা (স্ত্রী)—ক্ষুদ্র-মূষিকা, গিরিকা, নেঙটি। °মৃগ (পুং)—হরিণশিশু। °মৃণাল (পুং, ক্লী)—কোমল মৃণাল ; কচি মোলাম। °রণ্ডা (স্ত্রী)—বালবিধবা। "ক.ম ৩৯। °লতা (স্ত্রী)—নবীনবল্লরী। "রঘু ২.১০। °লীলা (স্ত্রী) —বাল্যক্রীড়া। °সন্ধ্যা (স্ত্রী)—সন্ধ্যার প্রাক্‌কাল ; সন্ধ্যামুখ। °সূর্য্য (পুং)—১ উদিতমাত্র সূর্য্য ; নবারুণ। "মাঘ ১১.৪৭। বালসূর্য্যসম। —কৃ ৮০ ; ৪৭৮। ২ বৈদূর্য্যমণি। °হস্ত (পুং)—কেশসমূহ। দ্র 'পক্ষ (২১)।

বালক § বিণ [বাল+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -লিকা] ১ অল্পবয়স্ক, অতএব কর্ত্তব্যবিমূঢ়। "বালক তাহার পুত্র ক্রোধে দিল শাপ।—ম ৩২। ২ অচিরজাত, শিশু। "বালক অজাতপক্ষ এ চারি নন্দন।—ম ২৭২। ৩ মূর্খ। —ক পুং ১ শিশু। "যখন বালক ছিলে পিতা ছিনু আমি। এখন বালক আমি পিতা হৈলা তুমি॥—কৃ ৩। ২ ষোড়শবর্ষবয়স্ক জন। ৩ পঞ্চবর্ষ হস্তী। "মাঘ ৫.৪৭। ৪ শাবক। "পঞ্চ ১২২৮; বক° ১৪৩৯। কুরঙ্গ° ম ৭৯০। ৫ কেশ। ৬ অঙ্গুরীয়ক ; বলয় (মেদিনী)। ৭ (বাঙ্লায়) পুত্র, শিশুপুত্র। "শিবানন্দের বালক নাম চৈতন্যদাস চৈ.চ ১৭৪। শি ৩১ ; বাপের বাটীতে যাই বালকের সাথে ৯০। ব্রজাদি বালক যায়,…সেই তারা।—দা ১৬৬০।

বালকচন্দ, -দ্র, -দ্রিমা বি [সং বালচন্দ্র, -দ্রমা] নবোদিত শশি-কলা। "হিয়ার উপর, শম্ভু পূজিত, বেড়িয়া বালকচন্দ বি.প ১১৩। বালকচন্দ্রিমা-অঙ্গ বাড়ে দিনে দিন ব.প ১৩১৫। (পদে) বালকচন্দ্র ধরা।—দা ১৬৬০।

বালকভানু বি তরুণ সূর্য্য ; বালার্ক। "পদতল…°ভানু জিনি।—দা ৮৭,-৮, পদতলে বালকভানু ১৬৬০।

বাল(লি)খিল্য + পুং মুনিগণবিশেষ। [ইঁহারা অঙ্গুষ্ঠপরিমিত, ষষ্টি-সহস্রসংখ্যক ও চতুর্ব্বিধ বনবাসীর একতম। নব অন্ন পাইলে, ইঁহারা পূর্ব্বসঞ্চিত অন্ন ত্যাগ করেন। ব্রহ্মার পুত্র ক্রতুর ভার্য্যা ক্রিয়ার গর্ভে ইঁহাদের জন্ম। "মহা ১.৩১.৮। ভা ৩.১২.৪৩; ৪.১.৩৮ ; ম ২৩।]

বালচন্দ্র, -চন্দ্রমা(-মস্) § পুং [কর্ম্মধা] নবোদিত কলামাত্র চন্দ্র। "রঘু ৩.২২। গোরোচন তিলক চূড়ে, বালচন্দ্র বেঢ়ল, রমণীমন মধুকর মান।—গো ৮৩। [অবালচন্দ্র—পূর্ণচন্দ্র। "সীতাবালচন্দ্রনিভাননা রা ২.৬০.১০।]

বালতি১, -তী বি [বালপুত্রী (?)] শিশুপুত্রবতী বিধবা ; অনাথা দরিদ্র বিধবা। [°পোতা—বালতির ছেলে। "কত বেটা বালতিপোতা …কারবারের হেপায় আঙুল হইয়া গেল।—আ.ছু ১৪০। বালতির ভাড়া—বালতির বৃত্তি বা জীবনোপায়স্বরূপ। "হাপুতীর পুত মোর বালতীর ভাড়া ক চ ২১৭। রাঁড়ী-বালতী—বালপুত্রবতী বিধবা ; অনাথা। "বল, রাঁড়ী-বালতী দুঃখী লোক পেলে বলতে হয়!—অ.গ্র ৭৩।]

বালতি২ বি [P. balde ; E. balty (Campos) ; হি, ঠ বালটী ; গু বালদী] টিনের বা পিতলের হাতোল-দেওয়া মুখ-চওড়া জলপাত্র-বিশেষ (bucket)।

বালতী দ্র 'বালতি১।

বালতৃণ § ক্লী [কর্ম্মধা] নবতৃণ, শষ্প। "রঘু ২.২৬, মল্লিনাথ।

বালধি § পুং [বাল+ √ধা+ই (কি)-ধি ; উ.ত] পুচ্ছ। "কি ১২. ৪৭। অসুরে ধরে বালধি যতনে।—দ্রু ৮৪।

বালপাশ্যা § স্ত্রী [°পাশ+য (যৎ)+স্ত্রী আ (টাপ্)] কেশসমূহে অর্থাৎ সীমন্তে ধারণীয় স্বর্ণাদিকৃত পট্টিকা (অ.টী) ; সীঁতি।

বালব + পুং (জ্যোতিষে) একাদশকরণান্তর্গত দ্বিতীয় করণ।

বালবাচ্চা বি [গু বাল.বচ্চা] একপরিবারের শিশুগণ।

বালরবি বি তরুণ সূর্য্য। "অতিবালরবি-ছবি জ.প ৪।

বালশা, -সা বি [সং 'বালিশ'—মূল] বালকের (শিশুর) রোগের ঔষধ। "বালশার বদলে বেটা, সালসা নিয়ে গেল।—দা ২০৬১। [√বালশা, -সা—শিশুর রোগাক্রান্ত হওয়া। "দ্বিতীয় জামাই।—হয়েছিল কি ? প্রথম জামাই—বালসেছিলেন (বালসাইয়াছিলেন) জা ৩০। বালশান, -সান—সর্থ ' √বালশা'।]

বালসা দ্র 'বালশা'।

বালা১ বিং [সং বলয়, বালক > প্রা *বলঅ, বালঅ > বা °লা ; হি বালা ; ঠ বালী—কুণ্ডল] করাভরণবিশেষ।

বালা২ বি [সং বাল > প্রা বালা (পৈ) ; হি, জাটু—বালা ; পদ্যে] অচিরোদিত, তরুণ। "দেহের বরণ যেন বালা দিননাথ চৈ.ম ১২২। —লা বি [ঠ বাল.1] ১ সদ্যোজাত শিশু ; নবকুমার। "(প্রসবিল) সুন্দর বালা।—ম ৩৮। ২ শিশু। "শুয়ে নিদ্রা যায় বালা করয়ে দেহালাঃ খেলে ব্যাধবালা : ধায় বালা দিয়া হামাগুড়ি ক.চ ৪৫। ৩ বালক। "বালা নীলাম্বর, অঞ্জলি করিয়া দিল পাণ ক.চ ৩৮। ৪ পুত্র। "নব-

দীপে উত্তরিল বেণিয়ার বালা ক.চ ১৯৫। বালা লখীন্দর বি পা ২৮৫, ৩৭৭। লখীন্দর বালা ম.ম ১৮৫। **৫** যুবা। "না পেয়ে বাঘের লাগ আউসেন বালা শ্রী মা ৭৫। **৬** পুত্রবৎ স্নেহপাত্র শিবের গাজনের সন্ন্যাসী বা ভক্ত। "শিব শিব বলিযা বালা ডাকেন ঘনে ঘন।—ব প ১৬৯। [বালা খাটা—গাজনে শিবমন্দিরের চতুর্দ্দিকে উচ্চৈঃস্বরে শিবনামগান-পূর্ব্বক বালার উদ্দণ্ডনৃত্যাদি করা।]

বালা[৩] বি [সং বলা] ক্ষুপবিশেষ। "ভা চ ১২৭।

বালা[৪] বি [অপ্র] বালুকা। "সাগরেব বালা গো চ ৫৯, ২১০।

বালা[৫] দ্র 'বাল'।

বালা-আঁচলা বি গাজনে বালার পরিধেয় (?) আঁচলার মত না-ধুতি না-শাড়ী ছোট কাপড়। দ্র 'বালা[২] (৬)। "ধুতিও নয়, সাডীও নয, বালা-আঁচলা বলে।—দা ২০৭১।

বালাই বি [আ বলা, ঠ বলাঈ, প বলা, ড বলাই, অস বিলাই] **১** সঙ্কট, অশুভ, দুর্দ্দৈব। "ম'রি তোমাব বালাই লয়্যা ক চ ১৫২। বালাই লইয়া আমি মবি ভ গ্র ৮১, ৪১২। আহা মরে যাই, লইয়া বালাই ভা চ ২৭৬, ৪০২। শি ১০২। **২** শত্রু, সঙ্কটজনক বিষয়। "পতির বালাই দুষ্টা নারী: তক্ষকের বালাই গরুড: ভেকের বালাই সর্প। —দা ২০৬৬। **৩** অপকর্ষজনক বস্তু। "(মবি) রূপেব গুণের বালাই লইয়া চৈ ম ৬। বেশের বালাই লইযা মরি ন প ১৫০। **৪** প্রতিবন্ধক, বিঘ্ন। 'ভিক্ষুকের বালাই লজ্জা।—দা ২০৬৬। **৫** আপৎস্বরূপ। "সকলের বালাই পব।—দা ২০৬৬। **৬** হেয় দ্রব্য। "আপনি মাখেন ছাই, আমারে কহেন তাই, কেবা বালাই ছাই মাখিবে ভা চ ১০০। [বালাই লইয়া মরা—প্রিয়েব বালাই গ্রহণ করিয়া মরা, প্রিযকে নিরাপদ্ করা।]

বালাখানা বি [ফা বালাখানা] 'উচ্চ ঘব', উপরের ঘর, দোতলা। "বালাখানায় মছলন্দে বসি সদাগব ব প ১৪৮৩। বালাখানা বেহুলার টঙ্গি বি পা ২৯৭। বারমুখী ··বালাখানা হৈতে (লাগিলা দেখিতে) ভ গ্র ২৪০। নৌবত বাজিছে বালাখানাব উপর ভা চ ২৭০। বালাখানায শুতে পায়।—দা ৪৯৯ ২১০২।

বালা(লু)ঞ্চি বি [বাল+(?)] অশ্বের পুচ্ছলোম। 'জবাফুলটি বালুঞ্চি দিযে তার নখের সঙ্গে লাগান ছিল।—হ ১৩৬।

বালাতপ § পু [কর্ম্মধা] বালসূর্য্যকর, অচিরোদিত সূর্য্যকিরণ। "ঋতু ৪ ১৩। °সেবাঞ্চ (বর্জ্জয়েৎ)।—বিষ্ণু ৭১ ৪৬।

বালাদিত্য + পুং [কর্ম্মধা] তরুণ সূর্য্য। "°সমদ্যুতি মহা ১৪৮৮।

বালাধাত বি [বালা[২]+ধাতু] বালকের বাতাদি ধাতু। "বালাধেতে (ধাতে, ধাতুতে) স্বর্ণপটপটী।—দা ৩৬২।

বালাপত্য § ক্লী [কর্ম্মধা] **১** শিশুসন্তান। "°রক্ষার্থং হি ৪ ৯৯/৮৬। **২** অচিরপ্রসূত শাবক। "বকানাং বালাপত্যানি।—হি ৪ ১/২৭।

বালাপোশ বি [ফা 'বালাপোশ'—লেপ] তুলা-ভরা শীতের গাত্র-বস্ত্রবিশেষ।

বালাবলা বি ষোড়শবর্ষা নারী, ষোড়শী মহাবিদ্যা। "ভা চ ৪৩১।

বালাভোলা বিং [তু 'আলাভোলা'] বালকতুল্য অজ্ঞ ও বিষয়জ্ঞান-হীন, অবোধ ও কাণ্ডজ্ঞানশূন্য। "স্বামী °লা শ্রী ২০।

বালাম বি চাউল আনার নৌকাবিশেষ, বাখবগঞ্জ বরিশাল প্রভৃতি দেশ হইতে বালামে আনীত চাউলবিশেষ।

বালারুণ § পুং [কর্ম্মধা] অচিরোদিত সূর্য্য, বালার্ক। "রঘু ৭ ৪২। রাগেণ বালারুণকোমলেন কু.স ৩.৩০। জ প ৩৫।

বালার্ক § পুং [কর্ম্মধা] সর্থ 'বালারুণ'। "বালার্কপ্রতিমা রঘু ১২. ১০০। (উষে।) বালার্ক-সিন্দূরকৌটা কে তোমার শিরে দিল স.শ ১১৯। ইনি (জগদ্ধাত্রী) বালার্কবর্ণাভা ব ঘি ৯৯।

বালি[১] § পুং [বাল+ই (ইঞ্)] 'কেশে জাত', সর্থ 'বালী'।

বালি[২] বি [দ্র 'বালু'] বালুকা। "°বৃন্দ।—মে ১৪। চাঁদা দিতে চাঁদি কাটে মানের গুড়ে বালি।—হেম ৩৮৬। [কারও শাগে বালি, কারও দুধে চিনি—(শ্লেষার্থে) কাহারও দুঃখের উপর দুঃখ, কাহারও সুখের উপর সুখ। চক্ষুর বালি—চক্ষুতে পতিত বালিকণার ন্যায় যাহার দর্শন চক্ষুর পীড়াকর। "ছিলাঙ চক্ষুর তারা আজি হৈলাঙ বালি ব প ১৬৫৭। মানের গুড়ে বালি—মান-ইজ্জৎ নষ্ট।]

বালি[৩], -লী বি [বাল+ঈ৬ > °লী, -লি, সং বালা, -লিকা, হি বালী] **১** বালিকা, নবযুবতী। "বালি-বিলাসিনী, আকুল কান বি প ১১, করে ঠেলি ঠেলি বালি। আলিকুল আনলি রা শে ১১৭। হস্তে করি নিল বালি দর্পণ বসনখানি ব প ২৮৬। নাচে বেহুলা বালী ম ম ১২২। **২** রসকলানভিজ্ঞা বালিকা। "মুঞি অতি বালী, সো আরত নাহ বি প ৭৩। **৩** কন্যা। "বসন্তকালে বাথে ছেলী, লক্ষপতির বালি ব প ৩৩২।

বালিআড়,-ড়ি বি বালুকাময় নদীর আড় বা উচ্চতীর।

বালি-আড়ং বি তাকিয়া (?)। 'তোমাব বিছানার যে বড় বাহার, গদিব উপর সুচুনি পাতা, বালি-আড়ং।—জা ৫২।

বালিখোলা বি আগুনে তপ্ত বালির তাপে কলায় ইত্যাদি ভাজার খোলাহাঁড়ী। বিপ 'কাঠখোলা'।

বালি(লী)ঘট বি বালুকাপূর্ণ কলস। [বালিঘট করিযা মবা—গলায় বালিঘট বাঁধিয়া ডুবিয়া মরা। "আসিযা তোমার নীরে, বালীঘট করি মরে ক চ ৮০।]

বালি(লী)ঘড়ী বি বালুকাপূর্ণ ঘটীযন্ত্রবিশেষ (sand-glass)। "ঘড়ীয়াল দুই পাশে হাতে বালীঘডী ভা চ ৪১১।

বালিবন্ধ, -বান্ধ বি বালির সেতু বা বাঁধ। "বালিবান্ধে কি করিবে নদী বন্যাজলে।—ম ৬৩৭। সহজে প্লাবন যথা ভাঙে ভীমাঘাতে, বালিবন্ধ। —মে ২৪৩। বালিবন্ধে সৌধ, হায়, কেন নির্ম্মাইনু। —মা ১৫১।

বালিয়া বি মৎস্যবিশেষ, বেলেমাছ। 'গো চ ১০৬।

বালিশ[১] + বিণ [বলি (পরদত্তোপহার) + √শো+অ (ক)-ক —'বলিশ'+অ (অণ্) স্বার্থে (অ টী)] **১** অজ্ঞ, মূঢ, মূর্খ। "রা ১ ৫৮.৫। মনু ৩ ১৭৬। মু ১ ৩। **২** শিশু। **৩** শিশুবৎ নিবভিমান (শ্রীধর)। "ভ ১০ ২৫ ৫। 'বালিশ' (কহিয়ে)—তথাপি শিশুপ্রায় গর্ব্বশূন্য চৈ চ ২২৮। —শ পুং শিশু। —শ ক্লী [বালিন্ (মস্তক)+ √শী+অ (ড) -ধি, দ্র 'বালিশ[২]] 'মস্তকের শয়নস্থান', উপধান। [°মতি (বিণ) —মূঢমতি। 'ভ ৮ ১৯ ১৮।]

বালিশ[২] '-শ্' বি [Av barezis, ফা বালিশ্, তু 'সং °শ'] উপধান। "পিরীতি বালিশে আলিস ত্যজিব চ দা ১২৮। বালিশে আলিস রাখি নৃপ ভাসি যায়।—ম ৪০৬, তুলার বালিশ ম ম ১৯৬। বালিশতলে চ কা ৩২৯।

বালিহংস, -হাঁস বি [বারি > বালি, সং কাদম্ব] হংসবিশেষ, বা'লহাঁস। [ইহারা জলচর, স্থলচর নহে।] "বালিহংস গো চ ১০৭। বালিহাঁসেরা শ্রেণী বেঁধে চলো।—তু ১৭৩।

বালী (-লিন্) § পুং [বাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কপিরাজ-বিশেষ। [ইঁহার রাজধানী কিষ্কিন্ধ্যা, মহিষী তাবা, পুত্র অঙ্গদ, কনিষ্ঠ ভ্রাতা সুগ্রীব। রমণীবিশেষের বালে (কেশে) পতিত ইন্দ্রের বীর্য্য হইতে জন্ম হেতু, ইঁহার নাম 'বালী' (রা ৭ ৩৭শ সর্গ, ১ ৩৭, টীকা)। ইনি মহাবীর ছিলেন। মহাসুর 'মায়াবী' ও 'দুন্দুভি' ইঁহার সহিত যুদ্ধে নিহত হয়। দিগ্বিজয়ী রাবণও ইঁহাব নিকটে পরাজয় স্বীকার করিয়াছিলেন। ইনি রামচন্দ্র কর্ত্তৃক নিহত হন (রা ৪ ১০-১১শ সর্গ, ১৬শ সর্গ।]

বালু বি [সং বালুকা >প্রা বালুআ >বা °লু; হি বালু; ঠ, গু বালু; সি বারী ; মৈ বালু, -লু ; ফু বালি ; অস বালি] বালি। "তপ্ত-বালুতে পা পোড়ে চৈ.চ ২৮০।

বালুকা ‡ স্ত্রী [√বল্+উক (উকণ্)-ক +স্ত্রী আ (টাপ্)] ১ সিকতা, বালি। "বিচিত্রবালুকাজলা" রা ২.৫৫.৩১। ২ চূর্ণ, গুঁড়া। ৩ কর্পূর। ৪ কর্কটী। [°গড় (পুং)—মৎস্যভেদ, বেলেমাছ। °ময় (বিণ)—বালুকা-প্রচুর, বালুকারচিত। °স্বেদ (পুং)—তপ্ত বালুকা দ্বারা তাপন।]

বালুকাযন্ত্র ‡ ক্লী [ষ.ত] ১ ঔষধপাকার্থ যন্ত্রবিশেষ। [আধ হাত গভীর ভাঁড়ে একটি কূপিকা রাখিতে হয়। কূপিকা কণ্ঠপর্য্যন্ত বালিতে ঢাকা থাকে। বালির তাপে কূপিকার মধ্যস্থিত ঔষধের পাক হয়। ইহা বালুকাযন্ত্র।] ২ কালজ্ঞাপনার্থ যন্ত্রভেদ; বালিঘড়ি। [ইহার মধ্যে সূত্রাকার বালুকা থাকে (ত.বা) ।]

বালুচর বি মুরশিদাবাদের অন্তর্গত গ্রামবিশেষ। "রায় মজুমদার নিবেদন করিলেন মহারাজ এ স্থানের নাম বালুচর। গঙ্গার তীরে গ্রাম পত্তন হইয়াছে কৃ.চ ৮। [বালুচরে—বালুচরের উৎকৃষ্ট রেশমী চেলি। "দা ২৪৭।]

বালুচরে দ্র 'বালুচর'।

বালুঞ্চি দ্র 'বালাঞ্চি'।

বালেন্দু § পুং [কর্ম্মধা] নবোদিত বা কলামাত্র চন্দ্র। "°মুকুট মহা ১৩.১৪.২৫৩। °বক্রাণি (পলাশানি) কু.স ৩.২৯। তিলোত্তমাও রূপে আলো করিতেন—সে বালেন্দু-জ্যোতির ন্যায় ব.প্র ৫২।

বালেয় ‡ বিণ [বলি+এয় (ঢক্), পা ৫ ১ ১৩] বলির নিমিত্ত হিত; উপহারযোগ্য, পূজাযোগ্য। "বীজঞ্চ বালেয়ম্ রঘু ১৪.৭৭।

বাল্মীক, -কি † পুং [বল্মীক+অ (অণ্), +ই (ইঞ্)] 'বল্মীকভব', মহর্ষিবিশেষ। "বাল্মীকাশ্রম রা ৭.৭১.৩। কূজন্তং রাম-রামেতি মধুরং মধুরাক্ষরম্। আরুহ্য কবিতাশাখাং বন্দে বাল্মীকি-কোকিলম্॥—রা ১.১.১, রামায়ণতিলক। °ক ব.প ৫৪৯। °কি। —মে ১০৮। [ইনি প্রচেতার দশম পুত্র (রা ৭.৯৬.১৮)। কৃত্তিবাস-মতে ইনি চ্যবনের পুত্র (কৃ ৩), মতান্তরে, ভৃগুবংশীয় মুনিবিশেষ (ত্রিকাণ্ডশেষ—শ.ক)। ইনি দেবর্ষি নারদের মুখে রামচরিত শ্রবণ করিয়া স্নানার্থ তমসাতীরে গমন করেন এবং তীরবনে পর্য্যটন করিতে করিতে ব্যাধনিহত ক্রৌঞ্চকে দেখেন ও ক্রৌঞ্চীর কাতর রব শ্রবণ করেন। অতঃপর ইঁহার মুখে অতর্কিতভাবে 'মা নিষাদ প্রতিষ্ঠাম্' ইত্যাদি অনুষ্টুপ্‌ছন্দের শ্লোক উচ্চারিত হয়। ইহাই প্রথম শ্লোক। ব্রহ্মার উপদেশে ইনি সমস্ত রামচরিত বর্ণনা করেন। এই হেতু, ইনি 'আদিকবি', 'কবিগুরু' ইত্যাদি নামে অভিহিত। দ্র 'রা ১.১.১ —২য় সর্গ। কৃত্তিবাসী-রামায়ণে, রত্নাকর দস্যু, বল্মীক হইতে জন্ম হেতু 'বাল্মীকি' নামে খ্যাত হন। অধ্যাত্মরামায়ণের অযোধ্যাকাণ্ডে ষষ্ঠাধ্যায়ে 'বাল্মীকি' নামের এইরূপই নিরুক্তি আছে। নির্ব্বাসিতা সীতাদেবী ইঁহারই তপোবনে আশ্রয়প্রাপ্তা হন এবং যথাকালে যমজ সন্তান প্রসব করেন। পরে রামচন্দ্রের অশ্বমেধযজ্ঞে ইনি অযোধ্যায় গমন করিয়া রামচন্দ্রকে সপুত্র সীতা প্রত্যর্পণ করেন।]

বাল্মীকি দ্র 'বাল্মীক'।

বাল্য § ক্লী [বাল+য (যক্), পা ৫.১.১২৮] ১ বালভাব, শিশুত্ব, শৈশব। "গো.রা ৬.১০১.১৮। (স্ত্রী) বাল্যে পিতুর্বশে তিষ্ঠেৎ মনু ৫. ১৪৮। কু.স ১.২৯। ২ বালভাব, অবিমৃশ্যকারিতা। "রাজ্ঞঃ পুনর্বাল্য-মুপেয়ুষঃ রা ২.২১.৭। ৩ অজ্ঞান, অবিবেকতা। "ন চাপি জননীং বাল্যাৎ ত্বং বিগর্হিতুমর্হসি রা ২.১০১.১৭। ৪ অল্পতনুত্ব, কলামাত্রতা। "বাল্যাদনাবিষ্কৃতলাঞ্ছনেন (চন্দ্রেণ) কু.স ৭.৩৫।

বাল্যভোগ বি বালকের প্রাতর্ভোজন। "তোর মত তিন লক্ষি, বানরের পেট বাল্যভোগেই ভরে।—দা ৮০৭।

বাল্লক বি [গ্রাম্য; তু 'বাল্য'] বালক। "সোনার চেপুয়া দৈয়া বাল্লকে খেলাইত ম.গা ৪।

বাল্হক, বাল্হিক, বাল্হীক[১], **বাহ্লিক**[১], **বাহ্লীক**[১] § পুং বাল্হক (Balkh) দেশের রাজা। "বাহ্লীকপুঙ্গব মহা ১.১১৩.৩। বাহ্লীকনন্দন।—ম ১২৩৬। ২ বাল্হকদেশবাসিগণ। ৩ বাল্হকদেশজাত অশ্ব। —ক ক্লী কুঙ্কুম। —কী স্ত্রী বাল্হকরাজ-কন্যা, মাদ্রী। [বাহ্লীকনন্দন (বি)—বাহ্লীকরাজপুত্র সোমদত্ত।]

বাল্হি, বাহ্লি § পুং দেশবিশেষ (Balkh)। "বাহ্লিজৈঃ (হয়ৈঃ) গো.রা ১.৬.২৪। [°জ (পুং)—বাল্হিজাত অশ্ব।]

বাল্হিক দ্র 'বাল্হক'।

বাল্হীক[১] দ্র 'বাল্হক'।

বাল্হীক[২], **বাহ্লীক**[২] পুং (বহব) দেশবিশেষ। 'পঞ্চানাং সিন্ধু-ষষ্ঠানাং নদীনাং যত্র সঙ্গমঃ। বাহ্লীকা নাম তে দেশাঃ॥ মহা ৫.৩৯.৮০, নীলকণ্ঠ। [বাল্হীকভাষা (স্ত্রী)—প্রাকৃতভাষাভেদ। "সা.দ ৬.১৬২।]

বা'শ্, -স্ † অক [দি, ঙ—বাশ্যতে; সেট্] শব্দ, পশুপক্ষিরব। "বাশ্যতে পক্ষী (ক.ক)। —শ্ সক [দি, ঞ (ভট্টি-টীকা)—বাশ্যতি, -তে, সেট্] আহ্বান। "উদ্বাশ্যমানং পিতরম্ ভট্টি ৩ ৩২।

বা'শ, -স † বিণ [সং বাশী, -সি -সী] সর্থ 'বাশী'।

বাশক † বিণ [√বাশ্+অক (ণ্বুল্)-ক] শব্দকারক, কূজনকারী। "নানাবাশককঙ্কপক্ষিরুচির (মৃ—S W.)। —শন বিণ [+অন (ল্যুট্)-ক] সর্থ 'বাশক'। "ভট্টি ৬.৭৩। —শন ক্লী [+অন-ভা] শব্দকরণ, রব, কূজন, গুঞ্জন। —শিত ক্লী [+ত (ক্ত)-ভা] রব, কূজিত। "বাশিতং শকুনেরিব।—মহা ৯.৩১.৫৩। —শি(সি)তা স্ত্রী [°ত+স্ত্রী আ (টাপ্)] ১ ঋতুমতী গবী। "অভিক্রন্দন্ন্ বৃষভো বাশিতা-মিব (বাসিতামিব)।—অথর্ব্ববেদ ৫.২০.২। বাসিতার্থে যথা বৃষৌ রা ৭.৩২.৫২। ভ ১০.৪৬.৯। °সঙ্গহেতু বি.মা ৬.৪। ২ করিণী। "যথা নাগৌ বাসিতার্থে রা ৭.৩২.৫২।

বাশন, বাশিত, বাশিতা দ্র 'বাশক'।

বাশি(সি)ষ্ঠ † বিণ [বশি(সি)ষ্ঠ+অ (অণ্)] বশিষ্ঠসম্বন্ধী; বশিষ্ঠ-প্রোক্ত; বশিষ্ঠদৃষ্ট (সূক্ত)। —ষ্ঠ পুং ১ বশিষ্ঠের অপত্য; বশিষ্ঠপুত্র। "বাসিষ্ঠ পা ৪ ১.১১৪। বাসিষ্ঠ রা ১.৫৯.১২; ১৬। শক্ত্রিণা…বাশিষ্ঠেন মহা ১.১৮২.৫। ২ বশিষ্ঠের পৌত্রাদি; ব্যাস। "নমো বৈ ব্রহ্মবিধয়ে বাশিষ্ঠায় নমো নমঃ।—গীতামঙ্গলাচরণ। —ষ্ঠ ক্লী ১ যোগবাশিষ্ঠ-রামায়ণ। "মুক্তিশ্রেষ্ঠ করি কৈল বাশিষ্ঠব্যাখ্যান চৈ.চ ৪৮। ২ উপপুরাণভেদ। ৩ বশিষ্ঠদৃষ্ট সূক্ত। "মনু ১..২৫০। ৪ তীর্থবিশেষ। "মহা ৩.৮৪.৪৮। —ষ্ঠী স্ত্রী গোমতী নদী। "মহা ৩.৮৪.৪৮।

বাশিষ্ঠী দ্র 'বাশিষ্ঠ'।

বাশী † স্ত্রী [√বাশ্ শব্দে, শব্দয়ত্যাক্রন্দয়তি শত্রুননয়া (সায়ণ)] তক্ষণ-সাধন কুঠার (সায়ণ); কুঠারভেদ, বা'শ। বাশীমেকো বিভর্ত্তি হস্তে। —ঋগ্বেদ ৮.২৯.৩। —শী,-সী[৫] স্ত্রী কাষ্ঠপ্রচ্ছন্ন শস্ত্র (নীলকণ্ঠ)। "মহা ৫.১৫৪.৮।

বাশুলি, -লী, -স্থলি, -লী বি ['বিশালাক্ষী'—মূল (?)] ১ বিশা-লাক্ষী দেবী। "বাশুলী নিকটে, চণ্ডীদাসে রটে চ দা ৪৩; কহে চণ্ডী-দাসে, বাস্থলী আদেশে ৫৮। বাশুলীর প্রতিদ্বন্দী, দ্বাদশ বৎসর বন্দী, বিশালাক্ষী কৈল অপমান ক.চ ১১৭। ২ কামাখ্যাদেবী। "নতুবা কাণ্ডুর গড়ে এসহ সত্বরে। বাস্থলি বিদায় দেন ফিরে এস ঘরে॥—শ্রী ১৩০। ৩ অভয়া। "অভয়া-আশীষে বাঘা উভ উভ লোকে।…বাঘা বলে বাস্থলি বাড়ায়ে দিল ভেট॥—শ্রী ৮০; ১৫৮। ৪ চণ্ডী, ভবানী, ভদ্রকালী। "চিত্তমধ্যে চণ্ডীর চরণ ধ্যান করে। বিমুক্ত হইল ঘার বাশুলির বরে॥—শ্রী.মা ৪০; মাগে বাস্থলিকে বর ৯৯; ১০০।

[অনেকের মত, 'বিশালাক্ষী' হইতে 'বাশুলী' শব্দ উৎপন্ন। আমার বোধ হয়, সং বাগীশ্বরী > প্রা বাএসরী (প্রা.ম) > বা (বাসরী) 'বাসুলী' হইয়াছে। 'বাগীশ্বরী'—সরস্বতী ; চণ্ডীদাসের 'বাসুলী' বীণাপাণি দেবীমূর্ত্তি। 'বিশালাক্ষী' হইতে তদ্ভব 'বাশুলী' শব্দ কষ্ট-কল্পিত।]

বাষট্টি স.বিং [সং দ্বি(দ্বা)ষষ্টি > লি দ্বি(দ্বা)সট্‌ঠি, প্রা বাসট্‌ঠি (প্রা.ম), -ট্টি, -ট্‌ঠি (পৈ) > বা °ট্টি ; হি বাসঠ ; ঠ বাসট, -ষ্ট ; প বাহঠ, গু বাসঠ ; সি বাহঠি ; ড় বাষঠি ; অস °ট্টি] দ্বিষষ্টিসংখ্যক। "বাষট্টি নাজীর সাজে ম.গা ৬। —ট্টি বি বাষট্টি (৬২) সংখ্যা।

বাষ্প, ‑ষ্প ‡ পুং, ক্লী [√বাধ্‌+ষ-ক, নিপাতিত, উ ২.২৮ ; [Lithuanian—'kwahas'] ১ উষ্ম, ভাপ (vapour, steam)। ২ নেত্র-নীর, অশ্রু (বাষ্প অশ্রুর পূর্ব্বাবস্থা—'বাষ্পো নামাশ্রুণঃ পূর্ব্বাবস্থা —(S.W.)। "স্তম্ভিতবাষ্পবৃত্তি শ ৪.৬। শাখারস° রঘু ৮.৭০। পু.মে ১২। বাষ্প-ছলছল আঁখি চৈ.ম ৩৪। নয়ন° স.স্ব ১০। ৩ ধূমবর্ণ। "রঘু ১৩.২৯। ৪ লৌহ। ৫ (বাঙ্‌লায়) বাষ্পে যেমন অগ্নির অনুমান, সেইরূপ কোন বিষয়েব অনুমাপক ঈষৎ প্রসঙ্গ, অণুমাত্র, আভাসমাত্র। "আমি এ কথার বাষ্পও জানি না।—আ.দু ১১৪। যদি তোমা হইতে এ কথার বাষ্পমাত্র প্রকাশ পায়, তবে তোমার জীবন সংশয় ব.প্র ২৬০। [°কণ্ঠ (বিণ)—অশ্রুরুদ্ধস্বর, অশ্রুগদ্‌গদ। "°কণ্ঠা বা ২.৭৬ ১৪। °কল (বিণ) —বাষ্প হেতু অস্ফুটস্বর ; অশ্রুরুদ্ধ। বাষ্পকলয়া বাচা মহা ৩.৫৯.১৪। °গদ্‌গদ (বিং)—সর্থ 'বাষ্পকণ্ঠ'। °দুর্দ্দিন (বিণ)—অশ্রুবর্ষণদুর্দ্দিন, বাষ্পপরিপূরিত। "°দুর্দ্দিনাক্ষ। °পর্য্যাকুল, °পিহিত (বিণ)—অশ্রুপরি-পূরিত। "°কুলেক্ষণ রা ১ ৪ ১৫। °তলোচন (S.W.)। °পীড়িত (বিং) অশ্রুপর্য্যাকুল। "মৃণালিনী °লোচনে···কহিলেন ব প্র ১১৭। °পূর (পুং) —অশ্রুপ্রবাহ। "মা.মা ১.৩৫। °পোত (বি)—ষ্টিমার। °প্রসর (পুং) —অশ্রুনির্গম। "°প্রসরকলুষাং (দৃষ্টিং) শ ৬ ৯। °বারি (বি)—অশ্রুজল। "°বিসর্জ্জন সী ৪৪, °বিমোচন ৮৯। °বিক্লব (বিণ)—অশ্রুরুদ্ধকণ্ঠ। "ন কিঞ্চনোবাচ স বাষ্পবিক্লবঃ ভ ৪.২০ ২১। °বৃষ্টি (স্ত্রী)—অশ্রুবর্ষণ, অবিরল অশ্রুপাত। "রঘু ১৬ ৪৪। °মোক্ষ (পুং), °মোচন (ক্লী) —অশ্রুপাত। °যান, °রথ (বি)—বাষ্পচালিত শকট, বেলগাড়ী। °সন্দিগ্ধ (বিণ)—অশ্রুগদ্‌গদ। "বাষ্পসন্দিগ্ধয়া বাচা মহা ৩ ৭৪.২৪।]

বাষ্পাকুল ‡ বিণ [সুপ্‌সুপা] বাষ্প হেতু অস্পষ্ট, অশ্রুরুদ্ধ। "বাষ্পা-কুলাং (পাঠান্তর 'বাষ্পাকুলাম্‌') বাচম্‌ মহা ৩.৫৬.১৮।

বাষ্পাবিল ‡ বিণ [সুপ্‌সুপা] বাষ্প হেতু আবিল, অশ্রুকলুষ।

বাষ্পাম্বু, ‑ষ্পাম্ভঃ(‑ম্ভস্‌) ‡ ক্লী [কর্ম্মধা] অশ্রুসলিল। "হর্ষবাষ্পাম্বু ক.সা ১৮.৩৬৯। বাষ্পাম্ভঃপরিপতন উ চ ১.৩১।

বাষ্পাম্ভঃ দ্র 'বাষ্পাম্বু'।

বাষ্পাসার ‡ পুং [ষ.ত] অশ্রুবর্ষণ, ভূরিবাষ্পপাত।

বাস[১] † সক [অদন্ত চু, প—বাসয়তি ; সেট্‌] গুণান্তরাধান, সুরভী-করণ। "ছেদে চন্দনতরুর্বাসয়তি মুখং কুঠাবস্ত (হি)।

বাস[২] † পুং [√বস্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ বসতি। "স্বর্গে···বাসঃ রা ২. ২৭.২১। নরকে···বাসঃ গী ১.৪৩। সৌধ° রঘু ১৯.২। দা ২৬২,-৭২। ২ অবস্থান, স্থিতি। "বাসায় কালে যযতুর্বনস্পতিম্‌ রা ২.৫২.১০২। অজ্ঞাতবাসং হ্যবসৎ মহা ৩.৬৭.১৯। ৩ [+অ-ধি] বাসস্থান, ভবন, গৃহ। "দৃষ্টস্তে ব্রাহ্মণানাং চ বাসাঃ গো.রা ১.৫১.৪। স্ববাসমরবিন্দবনম্‌ ভ ১. ১৬.৩০। হর্ম্ম্যাদি ধনিনাং বাসঃ (অ.কো)। চল নিজ বাস শ্রী.কী ৩৬৪। শ্মশানবাসেতে বাস।—দা ২৬২ ; সে থাকে যার হৃদয়-বাসে, সে কি বাসে বাস করে ২৭২। কীর্ত্তিবাস—মে ১০৯। ৪ শয়নমন্দির বাসগৃহ। "°সজ্জা। ৫ বাসনা (নীলকণ্ঠ)। "ভুক্তজ্ঞাভোগবাসেন শ্রোণি-সূত্রেণ মহা ৪.৬.১৩। ৬ (বাঙ্‌লায়) বরকন্যার বাসগৃহ ; বাসর। "বর কন্যা বাসে নিল শ্রী.মা ১৩৩। [°গৃহ, °বেশ্ম(-শ্মন্‌) (ক্লী)—শয়নমন্দির, গর্ভাগার। "উ.চ ১.৭। শূন্যং বাসগৃহং বিলোক্য সা.দ ১১৬ ; °বেশ্মন্‌ ৩. ৮৫। °গেহ (বি)—সর্থ 'বাসগৃহ'। "বাসিত বিশদ বাসগেহে বৈঠলি। —গো ২৫৮। °ভবন, °মন্দির, °সদন (ক্লী)—বাসের গৃহ, আবাস, বাড়ী। °ভূমি (স্ত্রী)—বাসস্থান। "হি ১৫/৫। °যষ্টি (স্ত্রী)—পক্ষীর অবস্থানার্থ দণ্ড ; পাখীর দাঁড়। "কাঞ্চনী °যষ্টি উ.মে ১৮। °সজ্জা (স্ত্রী)—সর্থ 'বাসকসজ্জা'। "আমা দেখি বাসসজ্জা হৈলা ভা.চ ৫৩৭।] [বাস বাঁধা—অবস্থান করা ; তিষ্ঠান।]

বাস[৩] † পুং [√বস্‌+অ (ঘঞ্‌)-ণ] 'আচ্ছাদনসাধন', বস্ত্র, পরিচ্ছদ। "ধনি ! মম ভক্ত কৃত্তিবাস, ক'রে বাসনা পীতবাস, বাস নাহি পরে। —দা ১৬২ ; কাজ কি বাসে ২৭২।

বাস[৪] † পুং [√বাস্‌+অ (অচ্‌)-ণ] 'সুরভীকরণ-সাধন', সৌরভ, সুগন্ধ, গন্ধ। "পট°, বস্ত্র°, মুখ°। তোর মুখে দুধ বাস শ্রী.কী ৯৫। সু° প.তু ৫৮। ২ (বাঙ্‌লায়) গন্ধ, লেশ। "পাইয়া ধনের বাস,···ধায় বেগে থড়কীর পথে ক.চ ৭৪। [°যোগ (পুং)—যাহাতে সুগন্ধের যোগ ; নানা-গন্ধদ্রব্যের চূর্ণ, চূর্ণভেদ (অ.কো)।]

বাস[৫] সর্ম্ম [সং √বস্‌—স্নেহ ; বাসসি, -সিঅ (চ, দো)] ১ স্নেহ করা ; ভালবাসা। "(রাধারে) পরাণ অধিক বাসে চ.দা ৭৪। প্রভু বোলে, 'আমাবে কি বাসহ শ্রীধর' চৈ.ভা ৮৯। (তোমারে) পশুপতি অনুতুল্য বাসুন কেবল শি ২৩। ২ বোধ করা, অনুভব করা। "এ বোল বুলিতেঁ কাহ্নাঞিঁ মুখে লাজ বাস শ্রী.কী ৯৫। গ ৭৭। ভুজগর্ব্বে কৈল হেন বাসি।—ম ৩২৯। কহিতে বাসি যে লাজ ক.চ ৯০ ; ১৬১। চিত্তে কেনে না বাসোঁ প্রকাশ চৈ.ভা ২৭৩। তুমি প্রভু প্রেমরাশি, জগজনে হেন বাসি চৈ.ম ১৪০। ন প ১৫৩। ভরপুরা যৌবন উদাসে বাসি শূন্য ভা.চ ৪০৩। (বারাণসী) স্বর্গ হেন বাসি শি ৬৩। ৩ মনে করা, ভাবা। "নিমিখ অন্তর হৈলে কত যুগ বাসে ব.প ৮১৭। তুমি বাস ভিন।—দু ২৬ ; দাসী বাসি আমা সবে উমা কর মনে ১০২। ৪ ইচ্ছা করা ; চাওয়া। "নিরখিতে নয়নে হৃদয়ে কেন বাসি চৈ.ম ৩৫। আছুক আনের কথা মুক্তি নাহি বাসে শ্রী.ম ২৫৩। ৫ প্রিয় বোধ করা। "এবে কৃষ্ণ বিনু আর কিছু নাহি বাসে চৈ.ভা ১৪৯। চৈ.ম ১৩। ৬ অভিমত বা ভাল বোধ কবা। "রাধার বোল বাসিল গোপালে। হাসিযা ভর দিল কেরো-য়ালে॥—শ্রী.ম ৭০ ; মনে নাহি বাসে তার এ সব বচন ৭২। —স অর্ম্ম ১ প্রিয় বোধ হওয়া ; ভাল লাগা। "হিংসা বহি নাহি কবি জগতের লোকে। দেবকর্ম্ম পিতৃকর্ম্ম নাহি বাসোঁ মোকে॥—চৈ.ভা ১১৫। ২ সঙ্গত বোধ হওযা। "পার হইয়া না দেব কড়ি তোমার মনে বাসে ম.ম ১২। [বাসসি, -সী (শ্রী.কী)। বাসা°—সর্থ 'বাস[৫]'। পর বাসা—পব মনে করা। "সে শ্যাম নাগব, গুণের সাগর, কেমনে বাসিব পর চ.দা ১০৬। ভয় বাসা—ভয় করা। "কেহ্নে মনে বাস ভয় .পা ১২৬। ভীত বাসা (অপ্র) —ভীত হওয়া। "এই হেতু মানসেতে ভীত বাসি বড় ম.পা ৫১। ভীতি বাসা (অপ্র)—ভয় করা। "তাহা ভীতি নাহি বাসি গুরু ম.পা ১১৪। মন্দ বাসা (তু 'ভাল বাসা, অপ্র)—ভাল না বাসা। "ভাবে উমা মাগ্‌ তোমা মন্দ বাসে কেন।—শি ৯২। লাজ বাসা—লজ্জা বোধ করা। দ্র 'বাস[৫] (২)।]

বাস[৬] সর্ম্ম [সং √রাসি—রাসয়্‌ > প্রা √রাস ; হি √বাস] বাসিত করা ; সুগন্ধি করা। [বাসায্যা—বাসিত কবিয়া। "বাসায্যা শ্রীখণ্ড, ···চামর ঢুলায় মাতলি ক.চ ৩৭।

বাস[৭] '-স্‌' বি [E. bus] যাত্রীর বড় মোটর-গাড়ী।

বাস[৮], **ব্যস** '-স্‌' বিং সর্থ 'বস[২]'। "খুসি হবি তুই খুসি হব আমি, বাস, সব যাবে চুকিয়ে।—শিশু ১১০। মেয়ে মানুষের পড়া শুনোয় কাজ কি? —রাঁধ, বাড়, খাও,—ব্যস।—লী ১০।

বা'স দ্র 'বা'শ'।

বাসঃ(-সস্) † ক্লী [√বস্+অস্ (অসুন্)-ণ] ১ 'আচ্ছাদনসাধন', বস্ত্র, বসন। "ঋগ্বেদ। ১.১৬২.১৬। বসানো বাসসী ক্ষৌমে রা ২.৯০.২। গী ২.২২। দিগ্‌বাসাঃ; বিবাসাঃ মহা ৩.৬১.১৫,-৭। কৃষ্ণ...পীতবাসা(সাঃ) চৈ.ভা ১৬৫। ২ পক্ষ। "শরান্ বর্হিণবাসসঃ গো.রা ৬.৬৯.৩। শরাঃ ...কঙ্কবর্হিণবাসসঃ মহা ৪.৫৮.৪৩। কলহংসবাসসঃ (শরাঃ) ভ ৪.১১.৩। ৩ পত্র। ৪ (সাদৃশ্যে) অজিন। "শুক্লযজুর্ব্বেদ ১১.৪৭। ৫ প্রচ্ছদপট; যবনিকা (A)।

বাসক১ † বিণ [√বাস+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -সিকা] সুরভীকারক। —ক পুং [বাস৩+ক(কন্) স্বার্থে] ১ গন্ধ, সৌরভ। "মৃগ°। ২ [ড় বাসঙ্গ] বৃক্ষবিশেষ, বাকসগাছ (Adhatoda vasica)। —কা স্ত্রী বাসকবৃক্ষ।

বাসক২ † ক্লী [বাস১+ক (কন্) স্বার্থে] বাসগৃহ, শয়নমন্দির। "ক.সা ৫.৩১ ; ১৫.২১। আজু ধনী সাজল বাসকশেজ।—গো ১৮৬। °শয়ন-পরে চ.কা ৪১২। [°সজ্জা, °সজ্জিকা (স্ত্রী)—প্রিয়সমাগমার্থ সখী যে নায়িকাকে বাসগৃহে বেশভূষাদি দ্বারা সজ্জিতা করে, তাদৃশী নায়িকা (সা.দ ৩.৮৫)। দ্র 'গো ১৮৬। °সজ্জিতা (বি) বাসর ঘরে সজ্জিতা নববধূ। "শুনি কথা নম্রমুখী অধিক লজ্জিতা। বিবাহবাসরে যথা °সজ্জিতা॥—রঙ্গ ১৮।]

বাসকা দ্র 'বাসক১।

বাসঘর বি ১ সর্থ 'বাসর২ (১)। "বুঝি পারা যাহ বাস-ঘরে। ভেটি-বারে কান্ত সদাগরে॥—ক.চ ১৬০,-৬১,-৮১। ২ সর্থ 'বাসর২ (২)। "(গোরারায়) চলে বাসঘরে কত কৌতুক হিয়ায় ন.প ১৫৯।

বাসড়িয়া দ্র 'বাহড়'।

বাসতেয় † বিণ [বসতি+এয় (ঢঞ্)] বাসে সাধু; বসতিযোগ্য (কুটির)। "বাসতেয়েষু নিবসন্ ভটি ৪.৮।

বাসত্তরি স.বিং ['বাশৈত্তর (ম.পা)] সর্থ 'বাহাত্তর'। "বি.পা ৩৩৮।

বাসদেব '-দ্-' বি [ব্যাসদেব > °ব (?)] প্রাচীন যাত্রায় নাটকের প্রস্তাবনায় নটবিশেষ। "প্রথমে কৃষ্ণ খোলের সঙ্গে নাচলেন, তার পর বাসদেব ও মণিগোঁসাই গান করে গ্যালেন হু ৫০।

বাসন১ † ক্লী [√বাস+অন (ল্যুট্)-ভা] ১ সুরভীকরণ, ধূপন। "°কৃত গী.গো ৭.২৬। ২ [√বাসি+অন-ণ] আচ্ছাদন। ৩ বস্ত্র। ৪ [+অন -ধি] বাসস্থান। ৫ আধার, পাত্র। ৬ নিক্ষেপাধার, অর্থাৎ যাহাতে বন্ধকী দ্রব্য রাখিয়া মুদ্রাঙ্কিত করা হয়; নিক্ষেপার্থ মুদ্রাঙ্কিত পাত্র; আধিসম্পুট। "°স্থ যাজ্ঞ ২.৬৬। মনু ৮.১৪৯, কুল্লুক। ৭ বারিধানী। ৮ জ্ঞান। তু 'বাসনা'। ৯ সমাধিতে যোগীর আসনবিশেষ।

বাসন২ '-ন্' বি [P. 'bacia'—plate ; হি, ঠ, মৈ, জাটু বাসন ; গু 'রাসণ'—রন্ধনপাত্রাদি ; সং 'বাসন১—মূল (?)] তৈজস-পাত্র—থালা ঘটী বাটী ইত্যাদি। "নতুন বাসনে ছানা রা.শে ২৩। বসন বাসন (কোথায় কি গেলো)।—কা ৮। [বাসন-কোসন (গু রাসন কুসণ) —নানাবিধ তৈজস-পাত্র।]

বাসনা১ † স্ত্রী [√বাস+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সুরভী-করণ। ২ [√বাসি+অন-ভা] বৈধাবৈধপ্রবৃত্তিমূলক কায়মনোবাক্য দ্বারা অনুষ্ঠিত ও চিত্তবৃত্তিপরম্পরায় আত্মগত ধর্ম্মাধর্ম্মরূপ সংস্কার ; পূর্ব্বজন্মানু-ভূতস্মৃতি কর্ত্তৃক উপস্থাপিত বিষয়স্পৃহা ; স্মৃতিহেতুক সংস্কার ; সংস্কার, ভাবনা। "পূর্ব্বজন্মানুভূতমরণদুঃখানুভববাসনাবলাৎ (S.W.)। ভ ২.২. ২। সংসারবাসনাবদ্ধ গী.গো ৩.১। ৩ মিথ্যাজ্ঞান জন্য সংস্কার (ত.বা)। ৪ প্রত্যাশা। ৫ জ্ঞান। ৬ (বাঙ্‌লায়) আশয়, অভিলাষ, ইচ্ছা। "জাইবার বাসনা শ্রী.কী ৪৯। চাঞ্চলকে!...জগতবাসনা তুই।—মে ৩১; কেশববাসনা (লক্ষ্মী) ৩৫ ; ৪৯। বাসনার বশে মন অবিরত, ধায় দশদিকে পাগলের মত।—রবীন্দ্র। ৭ (অপ্র) সুবাস। "গুয়ার বাসনা জায় মএনার ছয় কোশ নাগিয়া গো.চ ৫৯।

বাসনা২ '-স্-' বি [সং 'বাসন' (বস্ত্র)—মূল ; ড় বাসুন্দা ; 'কাৎরা' —পত্র (ঢাকা)] কলাগাছের শুষ্ক আবরণ ও পাতা। "°নাতে দাও আগুন জ্বেলে, ক্ষার হবে তার পরিপাটি।—রামপ্রসাদ।

বাসন্ত † বিণ [বসন্ত+অ (অণ্) ; স্ত্রী -ন্তী] ১ বসন্তভব, বসন্তস্থিত। ২ বসন্তে বপনীয়। "পা ৪.৩.৪৬। ৩ বসন্তসম্বন্ধী, বসন্তোচিত। "কু.স ৪.১৮, মল্লিনাথ। বাসন্তানিল।—মে ৩৫ ; ২৮। বাসন্তী জ্যোৎস্না। —ন ১১০৯। ৪ বসন্তোদ্ভব, বসন্তজাত। "°শারদৈঃ...মুদ্ধয়ৈঃ মনু ৬. ১১। ৫ তরুণ, যুবা (being in the spring of life—Wilson)। —ন্ত পুং ১ (বসন্তপ্রিয়) উষ্ট্র। ২ কোকিল। ৩ তরুণহস্তী। ৪ মুদ্গ ; কৃষ্ণমুদ্গ। ৫ মলয়বায়ু। ৬ মদনবৃক্ষ। ৭ লম্পট। —ন্তী২ স্ত্রী [°ন্ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মাধবী। "°কুসুম গী.গো ১.২৭। ২ যূথী লতা। ৩ পাটলা-বৃক্ষ। ৪ নবমল্লিকা। ৫ বসন্তোৎসব। ৬ বসন্তে অনুষ্ঠিত দুর্গাপূজা।

বাসন্তিক † বিণ [বসন্ত+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] ১ বসন্তভব, বসন্তজাত। ২ বসন্তসম্বন্ধী। "গ্রৈষ্মবাসন্তিকান্ মাসান্।—ভ ৫.৯.৫। ৩ বসন্তে উজ্জীবিত। "বাসন্তিকৈস্তরুভিঃ শ ৬ষ্ঠ। —ক পুং ১ বসন্তোৎ-সব। ২ বিদূষক। ৩ (বাঙ্‌লায়) মাধবী, নবমল্লিকা। "ক.চ ৩৯।

বাসন্তী১ বিং বাসন্তী রঙে রঞ্জিত। "উর্ব্বশী যেন °নিচোল। অ.গু ৭। —ন্তী বি বসন্তে পাকা পাতার মত রঙ ; পীত বর্ণ। °ন্তী-রং নয় সে পাখী বসন্তের যে বাজায় বীণা কু.কে ১৫৬।

বাসন্তী২ দ্র 'বাসন্ত'।

বাসব † বিণ [বসু+অ (অণ্) ; স্ত্রী -বী] ১ বসুসম্বন্ধী, বসুবীর্য্যজাত। দ্র 'বাসবী'। "বাসবীং কন্যাম্ মহা ১.৬৩.৭১। ২ [°ব+অ] বাসব-সম্বন্ধী, ঐন্দ্র। "বাসবীনাং চমূনাম্ পু.মে ৪৩। —ব পুং [বসু+অ অস্ত্যর্থে (অ.টী)] 'রত্নবান্', ইন্দ্র। "°প্রমুখ রা ২.২৫.৯। দেবানামস্মি বাসবঃ গী ১০.২২। বাসবের ধনুঃ।—মে ১১৬। —ব ক্লী বাসবদেবতাক ধনিষ্ঠানক্ষত্র। —বী স্ত্রী °ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ (উপরিচরবসুর বীর্য্য-জাতা) সত্যবতী। "ভ ১.৪.১৪ ; °সুত ৭.৩৮। ২ (বাঙ্‌লায়) বাসবের শক্তি ; শচী। "বাসবী বৈষ্ণবী নগবালা।—দু ৬১। [°চাপ (পুং)—ইন্দ্র-ধনুঃ। °জ (পুং)—অর্জ্জুন ; জয়ন্ত। °জিৎ, °জেতা (-তৃ), °ত্রাস, °বিজয়ী (-য়িন্) বি—ইন্দ্রজিৎ। "°জেতা মে ২০০ ; °য়ী ২০২ ; °ত্রাস ২০৫। °জিৎ ৩০৫। °দিক্(-শ্) স্ত্রী—ইন্দ্রাধিষ্ঠিত পূর্ব্বদিক্।]

বাসবদত্তা † স্ত্রী [°ত্তা+অ(অণ্), প্রত্যয়লোপ] ১ সুবন্ধুকৃত নায়িকা বাসবদত্তার চরিতাখ্যানমূলক গদ্যগ্রন্থ। "পড়িল বাসবদত্তা ক চ ২১৫। ২ বাসবদত্তা-প্রভৃতি গ্রন্থের নায়িকা। [সুবন্ধুকৃত বাসবদত্তা গ্রন্থের নায়িকার বিবাহ পুষ্পকেতুর সহিত নির্দ্ধারিত হয়, কিন্তু বিবাহের পূর্ব্বে কন্দর্পকেতু বাসবদত্তাকে লইয়া পলায়ন করেন। কথাসরিৎসাগরের বাসবদত্তা, উজ্জয়িনীরাজ চণ্ডমহাসেনের কন্যা। বৎসরাজ উদয়ন ইঁহাকে হরণপূর্ব্বক বিবাহ করেন। রত্নাবলীর বাসবদত্তা অবন্তিদেশের প্রদ্যোত-রাজের কন্যা, বৎসরাজ উদয়নের মহিষী।]

বাসবি † পুং [°ব+ই (ইঞ্)] ১ বাসবের অপত্য ; অর্জ্জুন। "মহা ১৬.৫.১১। ২ বালী। "বাসবিঃ স হরীশ্বরঃ রা ৭.৩৪.৩২।

বাসবী দ্র 'বাসব'।

বাসবেয় † [পুং বাসবী+এয় (ঢক্)] বাসবীর অপত্য ; সত্যবতীসুত ব্যাস। "মহা ১.১.৫৯।

বাসবোপম † বিণ [দ্র 'উপম'] বাসবসদৃশ। "গো.রা ২.৬৫.২।

বাসর১ † পুং, ক্লী [√বাসি+অর-ক, উ ৩.১৩২ ; 'বাশর' (দ্বিরূপ-কোষ) ; 'বাসর'—জগদ্বাসকদিন (ঋগ্বেদ ৮.৪৮.৭, সায়ণ)] ১ জগদ্-বাসক (অ.টী) ; দিবস, দিন। "ঋগ্বেদ ৮.৬.৩০। ক.চ ৯। ব ১৮২।

বাসরে ভ গৃহ শূন্য ম.ম ২০। ২ দিবসমাজ। [°সজ (পুং)—দিনসমাগম, প্রভাতকাল। "ভট্টি ১৩.২।]

বাসর২ '-র্' বি [সং বাসগৃহ >প্রা বাসঘর (প্রা.ম) >বা (বাসহর) °র] ১ বাসগৃহ, শয়নমন্দির। "গো চ ৩২৮। বাসরে যাইবে আজি খুলনা বাণ্যানী ব.প ৩৩৫। বি.পা ৭৮। সাধুএ করিছেন আজ্ঞা জাইতে বাসরে ম.পা ৯১। ম.ম ৮১ ; বেহুলা শয়ন আছে আপন বাসর ১৫৭। শি ৮৭। বাসরে কুসুমশয্যা ত্যজি লজ্জাশীলা, কুলবধূ…উঠিলা।—মে ৫০। সাগর-বাসরে তব তাঁর সহ গতি।—মা ১৫৭। দুইটি হাসির রাঙা বাসরশয়ন চ.কা ২৪। ২ বিবাহরাত্রিতে বরকন্যার শয়নগৃহ। "পুত্রবধূ শোয়াব বাসরে ম.ভা ২৮ ; ৩৮। শ্রী.মা ১৫২। (বিশ্বম্ভর-বিষ্ণুপ্রিয়ারে) বসায় বাসরে ন.প ১৫৯। ৩ (অপ্র) গৃহ, ঘর। "অবৈশ মরিবা তুমি আমরার বাসরে ম.গা ১৬ ; গো.চ ৩৫৪। ধুলাকুট্যা পূজার বাসর জাগ্যা রৈল ব্.প ১৩৯০। ৪ বাসস্থান। "(হরিণা, হরিণী) সৈন্দাকালে চলি যাএ আপনা বাসর ম.গা ৯। গো.চ ৩৩৫। ৫ বাড়ী। "চলিয়া গেল কন্যার বাসর ধ.প ৫৭৯ ; দারা সুতের বাসর ১৮৬২। কোপ করি প্রভু মোর ছাড়িল বাসর ম.ম ১০ ; একবার আসিয়াছি তোমার বাসর ১৬৬। শ্রী ৯৪। [°ঘর—সর্থ 'বাসর২ (২)। "বাসরঘর গড়ে ম.ভা ২৮। ন.প ১৫৯। বাসর জাগা—বাসরে বরকন্যা লইয়া আমোদসামোদে রাতজাগা। বাসর-জাগানী—বাসরজাগার জন্য বরকর্তার কাছে স্ত্রীলোকের প্রাপ্য অর্থ।]

বাসলি, -লী বি [দ্র 'বাশুলি'] বাশুলী। "শ্রী কী ২ ; ৩৮৫। [বাসলী-আই, -আয়ী—বাশুলী-মাতা। "শ্রী.কী ৬৯ ; ৯০।]

বাসলী দ্র 'বাসলি'।

বাসা১ † স্ত্রী বাসকবৃক্ষ। "°খণ্ড, °ঘৃত, বাসাদ্যঘৃত (চক্রদত্ত)।

বাসা২ বি [সং বাস >প্রা বাসা (পৈ) ; হি, মৈ বাসা] ১ গৃহ, বাড়ী। "গুরুদেব করিল বাসাখানি।—মী ১১ ; চল যাই আমার বাসাত ১৩। গো.বি ৬৪। বীর…গেল আপনার বাসা ক.চ ৬১। ২ বিদেশে বাস-স্থান। "মণ্ডবেত বাসা দিনু গো.বি ৬৩। পরের মন্দিরে আমি বাসা নাহি লই।—ব.প ৩৯০। বাসা দিয়া লয় কাড়ি ক.চ ১১৭। চৈ.চ ৩১৯। বাসা করিয়াছি হীরামালিনীর বাড়ী ভা.চ ৩২০ ; ৪৮৫। ৩ আশ্রয়, আড্ডা। "এন্দুর সলেয়ার বাসা গো.চ ১৭৯। ৪ বাসস্থান, কুটীর। "নিজ বাসা : জীর্ণ বাসা ন.প ৬৬। (দেবমুনি) গেলা আপনার বাসা চ.বি ১১৬। ৫ আশ্রয়, গর্ত্ত। "ফণির বাসায়, যে জন বাড়ায় হাত স্ব.প্র ১০৮। ৬ পক্ষীর বাসস্থান ; নীড়। "ঝেচু পাখি বাসা করবে গো.চ ৬৭। কুরুয়ার বাসা বি.পা ৩৩২। ৭ আধার। "ত্রিশটি ভাষার বাসাটি হায় ভস্ম হ'য়ে যাচ্ছে উড়ে কু.কে ১৩৬। [°গৃহ, °ঘর—বাসা, থাকার জায়গা। "মুনিগণবাসার্থ দিলেন বাসাঘর।—কৃ ৪৭। মহাপ্রভু আইলা বাসাঘর চৈ.চ ৩৬ ; বাসাগৃহসংস্থান ১৪২ ; °ঘর ৩১৯। °বাটী, °বাড়ী—সর্থ 'বাসাগৃহ'। "বাসাবাটী বা.দ ১৮৯। বরদাবাবুর বাসাবাটী গঙ্গার ধারে আ.দ্র ৯৭। °স্থান—সর্থ 'বাসাগৃহ'। "সেই গৃহে দিল বাসাস্থানে চৈ.চ ১৪৩ ; ৩১৯। ভ.গ্র ২৬৬। ব.প ৪০৯।]

বাসা৩ দ্র 'বাস৫'।

বাসাড়ীয়া, -ড়ে বি [বাসাবাড়ীয়া >বাসাড়ীয়া > °ড়ে] বাসাবাড়ীর বাসিন্দা ; ভাড়াটে গৃহস্থ। "বাসাড়ে বাসিন্দা…করে সোর।—হেম ৩৭৭।

বাসাড়ে দ্র 'বাসাড়ীয়া'।

বাসায়া বি [বাসহা > °য়া ; অপ্র] বৃষভ। "গো.চ ৩৭।

বাসি১, **-সী**১ † স্ত্রী [√বস্+ই(ইঞ্)-ণ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; 'বাস্ত' (মহা ১.১১৯.১৫ ; ৫.১৫৪.৮, নীলকণ্ঠ) ; তু 'বাশী'] সর্থ 'বাশী'। "বাস্তৈকং তক্ষতো বাহুং চন্দনেনৈকমুক্ষতঃ। নাকল্যাণং ন কল্যাণং চিন্তয়ন্নুভয়োস্তয়োঃ।—মহা ১.১১৯.১৫ ; বিষ্ণু ৯৬.২৩। শিলে শাণায়ে বাসি, পাটি চাঁচে ক.চ ২২১।

বাসি২, **-সী**২ বিং [সং বাসিত >প্রা বাসিঅ, *বাসিঅ >বা °সি ; হি বাসী ; ঠ বাসা ; বাস্তা (মালদহ)] ১ পূর্ব্ব দিনে পাক-করা ; পর্য্যুষিত, পূর্ব্বদিনের। বিপ 'টাটকা'। "ব্যঞ্জন বাসী ক.চ ৪৩ ; বাসী পান্ত ভাত ১৫৯। বাসী অন্নের নীর ম.পা ৪০। ২ পূর্ব্বদিনে সাজা দিয়া পাতা। বিপ 'সাঁজো'। "বাসি দধি ঘোল শ্রী.ম ৬২। ৩ পূর্ব্ব দিনে সংগৃহীত বা তোলা। "বাসি কুসুমে কিয়ে গাঁথই মাল।—জ্ঞা ২০৪। ৪ নীরস, শুষ্ক। "বাসি মাংস না বিকায় ক.চ ৬০। ৫ পূর্ব্বদিনে সিদ্ধ-করা। "বাসি বস্ত্র আন মাসি কাচি ব.প ২৯৭। ম.ভা ৫৬। ৬ পূর্ব্ব-দিনে আনীত বা তোলা। "বাসী কুণ্ডজলে ম.পা ৬। [বাসি কর্ম্ম—বাসি বিয়া। "বি.পা ৯০। বাসি কাপড়—পূর্ব্বদিনে পরিহিত বস্ত্র। বাসি ঘর—পূর্ব্বদিনের অপরিষ্কৃত বা পা'ট-না-করা ঘর। "এত বেলা বাসি ঘরে নাহি পড়ে ঝাট শ্রী ৪৮। বাসি পা'ট—বাসি ঘরের পরিপাটি-করণ বা মার্জ্জনা। বাসি পান্ত—পর্য্যুষিতান্ন। বাসি বিভা, বিয়া—বিবাহের পরদিনে সকালে বর-কন্যার একত্রে স্নানাদি স্ত্রী-আচারবিশেষ। "বাসি বিয়া কৃ ৩১ ; ম.ম ২২৩। বাসি বিভা শ্রী.ম ২১৮ ; বা.ম ৩৬ ; ২৯৫। বাসি মড়া বা মরা—পূর্ব্বদিনের বা তদধিক দিনের মৃত দেহ। "সপ্ত দিনের বাসি মরা গো.চ ৩৫৪। চারি পুত্র সঙ্গে দশরথ বাসি মড়া।—কৃ ১০৯। বাসি মড়া করে টানাটানি ক.চ ২৬৮। বাসী মালা—শুষ্ক ফুলের মালা। "এই লও নব মালা বাসী মালা পরেছ ভা.চ ৬৭৪। বাসি মুখ—অপ্রক্ষালিত মুখ। বাসি রাতি, -রাত্রি—বিবাহরাত্রির পররাত্রি। "আজ হল বিয়া নহিল বাসি রাতি ম.ম ২৮ ; ১৯৭। বাসি রাত্রি না রহিনু প্রাণপতিসনে বা.ম ৩৭৪।

বাসিক † পুং [বাসি+ইক (ঠক্)] বাসি যাহার জীবিকার উপায় ; কাষ্ঠচ্ছেদকজাতিবিশেষ ; কাঠুরিয়া। "শু ২.১৯৯।

বাসিত † বিণ [√বাস+ত (ক্ত)-র্ম্ম] ১ সুরভীকৃত। "চন্দনোশীর-কর্পূরকুঙ্কুমাগুরুবাসিতৈঃ (সলিলৈঃ)।—ভ ১১.২৭.৩০। কর্পূর° শ্রী.কী ১৪। বাসিত…বাস-গেহে।—গো ২৫৮। ধূপের ধুঁয়া দিয়া বাসিত করি কেশ ম.ম ৮৯। পুষ্পসৌরভে বাসিত পা.প্র ১৮। ২ [√বাসি+ত -র্ম্ম] কারিতবাস। "(পাণ্ডবেয়াঃ) বাসিতাশ্চ মহারণ্যে মহা ৫.২০.৯। ৩ (বাঙ্লায়) বাসি। "বাসিত জলে বদন পাখালি শ্রী.ম ২১৯। —ত ক্লী [+ত-ভা] বাসন, বাস করান। "বাসিতং ধনদং হি তৎ।—হি ৩.৯৮। —তা স্ত্রী হস্তিনী। দ্র 'বাশিতা'। 'মহা ১.১৩৪.৩৩।

বাসিন্দা বি [ফা বাশিন্দ্] অধিবাসী, নিবাসী। "হেম ৩৩৭।

বাসিষ্ঠ † ; **বাসী**১ † ; **বাসী**২ দ্র 'বাশিষ্ঠ ; বাসি১ ; বাসি২।

বাসী৩ (-সিন্) † বিণ [√বস্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] বাসকারী। "অন্তে°, গ্রাম°, পুর°, প্রতিবেশ°। আবসথ° (শতপথ-ব্রাহ্মণ)। বিষয়° রা ১,৭.১২। প্রাগ্‌বংশ° রঘু ১৫.৬১। অনিকেত° কু.স ৫.২৫। [সমাসে উত্তরপদ]

বাসী৪ (-সিন্) † বিণ [বাস+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -সিনী] বাসধারী। "কৌশেয়° রা ২.৩৭.৯ ; চীর° ৩৮.১১। মলিন°, রৌর-বাজিন° (মহা)। [সমাসে উত্তরপদ]

বাসী৫ দ্র 'বাশী'।

বাসুকি † পুং [বসুক+ই (ইঞ্)] বসুকের অপত্য (অ.টী) ; সর্প-রাজ। "সর্পাণামস্মি বাসুকিঃ গী ১০.২৮। [ইঁহার ভগিনী জরৎকারু বা মনসা। মাতৃশাপে সর্পকুলরক্ষার্থ ইনি জরৎকারু মুনিকে ভগিনী সম্প্রদান করেন। আস্তিক ইঁহার ভাগিনেয়। সমুদ্রমন্থনে ইনি মন্থন-রজ্জু হইয়াছিলেন। দ্র 'মহা ১.১৮.১৩।] —কেয় পুং বাসুকি।

বাসুকেয় দ্র 'বাসুকি'।

বাসুড়িয়া দ্র 'বাহড়'।

বাসুদেব † পুং [বসুদেব+অ (অণ্)] ১ বসুদেবের অপত্য ; কৃষ্ণ

"বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি গী ১০.৩৭। ২ বিষ্ণু, মাধব। "যস্তেয়ং বসুধা কৃৎস্না বাসুদেবস্য ধীমতঃ। মহিষী মাধবস্যৈষা···॥—রা ১.৪০.২। ভা.চ ৬। ৩ [√বস্+উ (উণ্)-ক—বাসু; বাসু দেব, কর্ম্মধা] যিনি সর্ব্বত্র বাস করেন বা যাঁহাতে বিশ্ব বাস করে, তাদৃশ দেব; পরমাত্মা। 'সর্ব্বত্রাসৌ সমস্তং বা বসত্যত্রেতি বৈ যতঃ। ততোঽসৌ বাসুদেবেতি···॥—পা ৪.৩.৯৮, তত্ত্ববোধিনী। "বাসুদেবঃ সর্ব্বম্ গী ৭.১৯।

বাসুদেবী বি [বাসদেব > °বী (স্ত্রীলিঙ্গে, সাধুভাষায়?)] বাসদেবের স্ত্রী নটীবিশেষ (?)। "এক্ষণকার চলিতযাত্রার বাসুদেবী কালুয়া ভুলুয়া মেথরাণী বা ভিস্তীওয়ালার কাণ্ড যেরূপ, সংস্কৃত নাটকের প্রস্তাবনাও সেইরূপ বা.প্র ২৫৮।

বাসু(সো)য়া বি [বসহা > °য়া; অপ্র] বৃষভ। "বাসোয়ার পিঠিত গো.চ ১৬৫; ব.প ৬২, বাসুয়া বাহনে ১৫৬।

বাসুলি, বাসুলী দ্র 'বাশুলি'।

বাসোদ † বিণ [বাসস্+ √দা+অ (ক)-ক; উ.ত] বস্ত্রদাতা। "মনু ৪.২৩১।

বাসোয়া দ্র 'বাসুয়া'।

বাস্ত † বিণ [বস্ত+অ (অণ্)] বস্তসম্বন্ধী, আবিক, ছাগ। "কার্ষ্ণরৌরববাস্তানি চর্ম্মাণি ব্রহ্মচারিণঃ (বসীরন্) মনু ২.৪১।

বাস্তব † বিণ [বস্তু+অ (অণ্); স্ত্রী -বী] ১ বস্তুসম্বন্ধী, পরমার্থভূত, সত্য, তাত্ত্বিক। "বেদ্যং বাস্তবমত্র বস্তু ভ ১.১.২। °গুণকথনেন মনু ২.৯, কুল্লুক। ২ অকৃত্রিম, নৈসর্গিক। "মাঘ ৩.৫১, মল্লিনাথ। ৩ প্রকৃত, খাঁটি। "স্বপ্ন নহে এ দেখি বাস্তব স্ব.প্র ৪। ঘ ৩৯; বাস্তবকে যখন অবাস্তবের সঙ্গে লড়াই করতে হয়, তখন ছলনা তার প্রধান অস্ত্র ৫৪। দ্র 'উলঙ্গ (৫)। —ব ক্লী ১ বস্তুর অংশ, বস্তুশক্তি বা মায়া, বস্তুকার্য্য বা জগৎ (শ্রীধর)। "ভ ১.১.২। ২ সত্য পদার্থ; যাথার্থ্য। —বিক বিণ [+ইক (ঠক্)] সর্থ 'বাস্তব'।

বাস্তব্য † বিণ [√বস্+তব্য (তব্যৎ)-ক, বৃদ্ধি, পা ৩.১. ৯৬, সি] ১ বস্তা, বাসকারী। "নানানগর° (রা)। সমীপ° মনু ৭.৬৯, কুল্লুক। মাঘ ১.৬৬। কল্যাণকটক° হি ১২৭৪/৫ব৫। শৃঙ্গবেরপুরবাস্তব্যোন···গুহেন ম.চ ৪৬২/৪। ২ বাসযোগ্য স্থান। —ব্য ক্লী [+তব্য-ভা] বাস, বসতি।

বাস্তু † পুং, ক্লী [বস্+তু (তুণ্)-ধি, উ ১.৭১; 'বাস্তু'—সুগনিবাসযোগ্য স্থান (ঋগ্বেদ ১.১৫৪.৬)] ১ গৃহযোগ্য ভূমি; বাসযোগ্য স্থান; বেশ্মভূ, ভিটা। "প্রশস্তবাস্তুনি গৃহে (সুশ্রুত)। ২ গৃহ। "°শমন রা ২.৫৬.২২। সভা° মহা ৫.৮৫.১২। —স্তু ক্লী বাস্তুক শাক; বেথোশাক। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—গৃহনির্ম্মাণ। °কাল (পুং)—গৃহনির্ম্মাণযোগ্য শুভকাল। °দেব (পুং), °দেবতা (স্ত্রী), °পাল, °পুরুষ (পুং)—বাস্তুর অধিষ্ঠাত্রী দেবতা। °বিদ্যা (স্ত্রী)—গৃহনির্ম্মাণবিদ্যা, স্থাপত্য (architecture)। °মধ্য (ক্লী)—গৃহমধ্য। "মনু ৩.৮৯। °যাগ (পুং)—গৃহনির্ম্মাণের পূর্ব্বে করণীয় যাগবিশেষ। °শমন (ক্লী), °শান্তি (স্ত্রী)—বাস্তুর দোষপ্রশমনার্থ করণীয় অনুষ্ঠানবিশেষ। দ্র 'বাস্তু (২)। °সম্পাদন (ক্লী)—গোময়াদি দ্বারা গৃহাদিসংশোধন। "মনু ৩.২৫৫।]

বাস্তুঘুঘু বি যে ঘুঘু বাস্তুতে বাসা বাঁধিয়া থাকে, অন্যত্র যায় না; (গৌণার্থে) যে বাড়ী ছাড়িয়া কোথাও যায় না; কুণোলোক।

বাস্তুসাপ বি যে সাপ (প্রায়ই গোখুরা) ঘরে বা ভিটায় থাকে, অন্যত্র যায় না ও গৃহস্থের অপকার করে না।

বাস্তুক † ক্লী [বাস্তু+ক (কন্) স্বার্থে, পৃষো] বাথুয়া শাক।

বাস্তোষ্পতি † পুং [ষ.ত, অলুক্; '°তি'—গৃহের পালয়িতা দেব (ঋগ্বেদ ৭.৫৫.১)] ১ বাস্তুভূমিপতি, বাস্তুদেবতা। "মনু ৩.৮৯। বিষ্ণু ৬৭.৩; ২ ইন্দ্র। "এক সেনাপতি জিনে বাস্তোষ্পতি চ.বি ১১৬,-৪৭। ৩ (বহুব) দেবগণ। "ভ ১০.৫০.৫৩।

বাহ্ ‡ অক [ভ্বা, ঙ—বাহতে; সেট্] প্রযত্ন।

বাহ[১] † বিণ [√বহ্+অ (অণ্)-ক] বাহক। "অম্বু°, তোয়°, বারি°। কৃষ্ণবাহে বসুদেব আগতে ভ ১০.৩.৪৯। হেমরত্নাদিভার° ক.সা ৫১.২১৩। [সমাসে উত্তরপদ]। —হ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বহন। "মনু ৪.১৭২, কুল্লুক। ২ [মৈ বাহা] প্রবাহ। "চন্দনসংছন্ন° ক.সা ৯০.৩৮; (যত্র) গঙ্গাযমুনয়োর্বাহৌ ভাতঃ ৯৩.৮১। নদীমুভয়তোবাহাং ভ ৬.৫.৮। ৩ [+অ-ণ] বহনসাধন, বাহন। "হংস° ভ ৭.৩.২৪; গরুড়°; ইভারি° ৮.১০.৫৬। ৪ অশ্ব। "রঘু ৪.৫৬; ৫.৭৩; নিগৃহীত° ১৪.৫২। ৫ বৃষভ। "খে খেলগামী তমুবাহ বাহঃ কু.স ৭.৪৯। ৬ হস্তী। "মহেন্দ্র° ভ ২.৭.২৫। ৭ রথ, শকট, শিবিকা। ৮ গর্দ্দভ। ৯ ভারবাহক, মুটে। ১০ বায়ু। ১১ [+অ -র্ম্ম] পরিমাণবিশেষ, ভারচতুষ্টয় বা অষ্ট খারী; বিংশতিখারী (মহা ১.১৬০.৬, নীলকণ্ঠ)।

বাহ[২] বি [সং বাহু > প্রা বাহ; তু 'সং রাহ'; হি বাঁহ; ঠ বাহ, -হা] ১ হাত। "নিলেঁ বাহের কঙ্কন শ্রী.কী ১২৫। খর্ব্ব যেন চাঁদ ধরিবারে মেলে বাহে চৈ.ম ৩১। বাহে বাহে যুবতী ধরিয়া বাহুবন্ধে রা.প ৩৭। বাহ গহি তব নাহ সাধব জ.প ৮। ২ উপর হাত। "বাজুমল তার বাহোপরি ম.পা ৪২। [বায়ে (বাহে > °য়ে)—বাহুতে। "যাঁর বায়ে করে ভর।—শ্রী ১৪২। বাহি,-হে—১ বাহুতে, হাতে। "সুবর্ণের চুড়ি বাহি ব.প ৮৭। বাহে নাহি বল চ.বি ৫১। ২ বাহু দ্বারা; হাতে। "কালমুদ্গর তুলিয়া লইল বাহে ম.ম ১১৬।]

বাহ[৩] বি [সং রাত > প্রা রাঅ > বা °হ (হ-আগম); অপ্র] বাতাস। "(কেহ) চামড়ে করয়ে বাহ।—মী ৬।

বাহ[৪] '-হ্' অব্য [ফা রাহ] বিস্ময়ে। "এ কেমন কথা কও, বাহ্‌রে! —গান ৯।

বাহ[৫] সর্ম্ম [সং √বহ্] ১ বহন করা; বহা। "বলদে বাহিয়া নাম বলায় মুকেরি ক.চ ৮৬। ক্ষুদ্র পিপীলিকা চাহে গিরি বাহিবার। —চৈ.ম ৩১। ২ [সং √বাহি—বাহয় > প্রা √বাহ > বা °হ, তু 'বাহহি কাহ্ণ ণাব (সং বাহয় কৃষ্ণ নাবম্—পৈ ১.৯); বাহ,-হঅ, -হতু (চ)] চালিত করা; চালান। "বাহিআঁ নিবোঁ নাঅ শ্রী.কী ১৫৩; না বাহিআঁ ১৫৬। ত্রিবেণী যায় বাহিয়া চৌদ্দ ডিঙ্গাঃ বাহি ডিঙ্গা আইল বৈদ্যপুর ম.ভা ৬৫। ৩ বহন করান; চালান। "চিত্রসেন বাহে রথ পবনগমনে।—ম ৩০৯; গোবিন্দ রথ বাহে শীঘ্রতর ৭৪২; রথ বাহে ধনঞ্জয় ১১৫৪। ৪ নৌকায় অতিক্রম করা। "ফিরিঙ্গির দেশখান বাহে কর্ণধার ক.চ ১৯৯; ২২৯; (আইলাম) নদ নদী বাহি রত্নাকরে ২৫৩। বাহিয়া শৃগালঘাটা গেল: সে ঘাট বাহিয়া যায় ম.ভা ৬৫। সপ্তগ্রাম বাহিয়া ত্রিবেণীতে গেল সাধু ম.পা ১০৯। ৫ পাদচারে অতিক্রম করা। "পথ বাহিয়া যাওয়া। তু 'স বাহুতে রাজপথঃ শিবাভিঃ রঘু ১৬.১২। ৬ আকৃষ্ট করা। "সে গুণে বাহিল হিয়া চ.দা ৬৪। ৭ প্লাবিত করা; ভাসান। "দুই কূল বাহিঞা জল উচ্ছাল বাঙ্কে কৃ.উ ৪৫। দুকূল বাহিয়া বহে জল ক.চ ২৯৯। ৮ আশ্রয় করা; ধরা। "আনিঞা উচল পিঠি, তদুপরি উদূখল সারে।···বাহি বাহি উঠয়ে উপরে॥—ব.প ৭৭৭। ৯ আশ্রয় করিয়া যাওয়া বা উঠা। "ইঙ্গলা পিঙ্গলা দুই উজান বাহিয়া গো.বি ১৩৮। চারিভিতে চাহে নাগ বাহে হাঁড়িগুড়ি ম.ম ৯৭। ১০ আশ্রয় করিয়া প্রবাহিত হওয়া। "সুমেরু বাহিয়া পড়িলা গণ্ডশৈলে গ ১৫০,-১। —হ অর্ম্ম ১ নৌকা চালিত করা। "বাহা বাহা করি তবে রাধিকা ফুকরে শ্রী.কী ১৫৭। বাহ বাহ বলি ঘন ডাকিছে কাণ্ডারী ম.ভা ৬৫।

দুতীর সমুদ্রে গিয়া বাহিয়া কূলায় ম.ম ১২৩ ; ২২৫। ২ প্রবাহিত হওয়া। "খরতর বাহিলেক বাত শ্রী.কী ১৬৪। সঘন পবন বাহি যায়া।—প ৫৯। [খাইয়া বাহিয়া পড়া—খাওয়ার পরে যাহা উদ্বৃত্ত হয়। "সে, তাহার খাইয়া যাহা বাহিয়া পড়ে তাহা দরিদ্রকে দিবে না কেন ?—ব.প্র ৬২৫। গাছ বাহা (মৈ 'গছবাহ'—যে গাছে উঠে) —গাছে উঠা। জাল বা বড়শী বাহা (সং √বাধ্ >প্রা ' √বাহ' —বিনাশ করা)—জালে বা বড়শীতে মাছ মারা। "তোরা নহে বাহ জাল : জাল বাহিবারে যাই ম ম ১০১ ; নিরবধি বড়শী বাহে ২০৫।]

বাহ৬ সর্ম্ম [দ্র 'বা৫'] ১ ফুঁ দিয়া বাজান (to blow)। "পাঞ্চজন্য শঙ্খ বাহে দেব নারায়ণ।—ম ৭৩৭। বাহিল শঙ্খ : শঙ্খ বাহে : শঙ্খ বাহএ অ.প ৭০। গ ১৭৩। বাহে মোহনবাঁশী ম.পা ৩২। বেণু বাহে শ্রী.ম ৮২। ২ আঘাতে বাজান (to sound)। "(মাদল) নাথে বাহে গো.বি ৯১ ; মী ১৮। বাদ্য বাহে বি.পা ২২৬ ; বাদ্য বাহ ৩০২। কাংস করতাল বাহে ম.পা ৩১ ; বাহে কবিলাস ১০৪,-৩৪। —হ অক বাদিত হওয়া। "ঢাক ঢোল বাহে।—কালকেতুর চৌতিশা, সাহিত্যপরিষৎ, ৪র্থ, ১৩১৬। [বাহন্ত—বাজান। "অ.প ৭৮।]

বাহক † বিণ [√বহ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -হিকা] ১ বহনকারী, স্থানান্তরপ্রাপক। "ক্রীড়া বাহ্যবাহকলক্ষণাঃ ভ ১০.১৮.২১। ২ অনুষ্ঠাতা, কারক। "শাসন°। ৩ ধারক। "নদ্যঃ শীততোয়ৌঘবাহিকাঃ (S.W.)। —ক পুং শিবিকাবাহী, বেয়ারা। "গো.রা ৪.২৪ ২১। ২ ভারবাহী, ভারিক, মুটে। "যাজ্ঞ ২.২০০। ৩ [√বাহি+অক-ক] 'বাহয়িতা', সারথি।

বাহচাল্লি বি বা'র চাল, বাহ্যাড়ম্বর। "(বিলাত) যা বাবা যা এখনি যা…কিন্তু ঐ বাহচাল্লিগুলো ছেড়ে দে অ.গ্র ১০৭।

বাহু(হু)ড় অর্ম্ম [সং বি-আ √ঘুট্—ব্যাঘুট্ (পঞ্চ ৫উ৬ ; চ—১৬, টীকা) >প্রা* √বাহুড >বা বাহুড, -হুড়] প্রত্যাগমন করা ; ফিরিয়া আসা। "বাহুড় বাহুড় দিদি চল ঘরে যাই ম.ভা ৪৬ ; ব প ২৬৫। বাহড়িয়া যাহ শিশু ম.বি ১৪৮। [বাহরি—বাহুডিয়া, ফিরিয়া। "তবে সে জানিও আমি দেশেতে বাহরি ম.ম ২০১ ; যম ঘর হইতে প্রভু আসিবে বাহরি ২০৩। বাস(স্থ)ডিযা—বাহুড়িয়া ফিরিয়া। "বাসড়িয়া উহাকে পাঠাও : বাস্থড়িযা গড়ে যেয়ে শীঘ্র দেও থানা শ্রী ১৬৩,-৪। বাহুড়য়ে,-ড়ল,-ড়াই,-ডায়ব (প.ক)।]

বিগ্রহ † পুং [বি+ √গ্রহ্+অ (অপ্)-ভা] ১ পৃথক্ গ্রহণ; বিস্তার, প্রসারণ। ২ বিভাগ, বিশ্লেষ। "বাহ্বঙ্ঘ্র্যাখ্যম°" ভ ৩.৩১.৩। ৩ বিরোধ। "(অঙ্গনাঃ) ত্যজত মানমলং বত বিগ্রহৈঃ।—রঘু ৯.৪৭। ৪ ভেদ। "প্রত্যস্তমিতবিগ্রহম্ (ব্রহ্ম) ভ ৪.১৩.৮। ৫ [+অ-ধি] 'দুঃখাদিগ্রহণাধার', শরীর, কায়। "প্রমদা° রা ২.৯১.৫১। গূঢ়° রঘু ৩.৩৯। নারায়ণ° শ্রী.ম ৫; ২৬৪। চৈ.ভা ১৩৩। বচননিগ্রহ, বিগ্রহ আমার দহে বি.সু ৩৯। ভস্মবিভূষিত° বা.দ ৬। ৬ অবয়ব। "মহাসি-হেমবিগ্রহঃ গো.রা ৩.১৮.৩৯; মণিবিগ্রহৈঃ (আভরণৈঃ) ৫.৪৫.৩। ৭ 'শত্রুনিগ্রহোপায়', যুদ্ধ। "বালিসুগ্রীব° রা ১.৩.২৩। রাম-রাবণে বিগ্রহ।—মে ২৭। ৮ বিবাদ, কলহ। ৯ প্রণয়কলহ। "রঘু ১৯.৩৮। ১০ সন্ধি-প্রভৃতি ষাড়্গুণ্যের একতম। দ্র 'ষাড়্গুণ্য; মনু ৭.২৬০। ১১ প্রতিকূলগ্রহগণের সংঘর্ষ। ১২ সমাসার্থবোধক বাক্য; ব্যাসবাক্য। "অবিগ্রহো নিত্যসমাসঃ (সি)। ১৩ (সাংখ্যে) ভূতপদার্থ। ১৪ [+অ (অচ্)-ক] শিব। ১৫ (বাঙলায়) দেবমূর্ত্তি। "নিগ্রহিয়া বিগ্রহেরে নিধি নিল হ'য়ে প.তু ৫৬। —গ্রহী (-হিন্) পুং সমরসচিব, সেনানী। [°বার (বি)—মঙ্গলবার (?)। "শ্রী ২৪৬।]

বিগ্রহী দ্র 'বিগ্রহ'।

বিঘট অর্ম্ম [সং বি+ √ঘট্] বিযুক্ত হওয়া। "বিঘটি কি ঘটল চকোরক জোর প.ক ৯৯৬। [বিঘটল—বিঘটিত, বিনষ্ট অর্থাৎ অতীত। "বিঘটল সময়, পালটি নাহি আয়ত প.ক ৬২৪। বিঘটি —বিঘটিত, নষ্ট, ব্যর্থ। "বিঘটি মনোরথ, আন চলল হরি প.ক ৭১৬। বিঘটাওয়ে—বিঘটিত বা বিযোজিত করে। "মিলল রতন কিয়ে পুন বিঘটাওয়ে প.ক ১৭৩২।]

বিঘটন † স্ত্রী [বি+ √ঘট্+অন (ল্যুট্)-ভা] ১ বিশ্লেষ, বিয়োজন, বিয়োগ। "কোকযুনোর্বিঘটনঘটনকৌতুকী কৃষ্ণঃ (সা.দ)। বিঘটন ভামিনী সঙ্গ।—গো ২০০। ২ বিনাশ, বিধ্বংস, বিলয়। "তমো° (S.W.)। ব্রহ্মাণ্ড-ঘটনবিঘটন।—চৈ ৫৬। ৩ (বাঙলায়) বিপরীত ঘটনা: দুর্ঘটনা, বিপৎপাত। "তাতে এক বিঘটন হৈল আচম্বিতে ম.পা ২৭। কাকালী ভাঙ্গিল মোর, জ্বর হ'ল সেই বিঘটনে বা.ম ৩৫৯। ৪ দুর্ঘটনা-মূলভূত, বিপত্তিকর। "গোবিন্দ দাস কহে, উঠি চলু সুন্দরী, বিঘটন কানুক পিরীত।—গো ২। —ঘটিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিশ্লিষ্ট, বিযুক্ত, শিথিলীকৃত। "°তৃষ্ণালতাগ্রন্থি (S.W.)। ২ বিনাশিত, বিধ্বস্ত, নিরস্ত। "অহো বিঘটিতং তিমিরপটলম্ (S.W.)। ৩ জনিতভেদ, বিকারিত। "মন্ত্রিণা পৃথিবীপালচিত্তং বিঘটিতং ক্বচিৎ (কো হি সন্ধাতুমীশ্বরঃ) হি ২.১৬৬। ৪ ভগ্ন, চূর্ণীকৃত। "পৌলস্ত্যস্ত জটায়ুষা বিঘটিতঃ···রথঃ উ.চ ৩.৪৩। ৫ (বাঙলায়) বিশৃঙ্খল, পরিপাটিহীন, এলোথেলো। "বিঘটিত হয়্যা পাছি পড়ে দুরাচারি ক.চ ১৬৭। বিঘটিত কেশ বনাহ।—গো ১৬৯; বিঘটিত বিমল শয়ান ২৫৯। পুটকিত শিরজট, বিঘটিত সুবিকট ভা.চ ৪৫২। ৬ কৃত। "গোবর্দ্ধনবনবিঘটিত-সীম বা.দ ১০১।

বিঘট্টন † স্ত্রী [বি+ √ঘট্ট্+অন (ল্যুট্)-ভা] ১ অভিঘাত। "স্বর্গদ্বারবিঘট্টনে (যুদ্ধে)।—হ ২৪৮.২৯। ২ বিস্রংসন, শিথিলীকরণ। "রশনাবিঘট্টনে রঘু ১৯.২৭। ৩ বিয়োগ। ৪ বিচলন। —ঘট্টনা স্ত্রী [+ √ঘট্টি+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] বিয়োগ। "বিঘট্টনামুক্তেন।

—নয়োনম ৩.৩৫। —ঘট্টিত বিণ [+ত(ক্ত)-র্ম] ১ অভিহত। "কামঙ্কবাদনবিঘট্টিতবীচিমালা।—ঋতু ৩.৮। মাতঙ্গঘটাবিঘট্টিতৈঃ (জিহ্মগৈঃ) মাঘ ১.৬৪। ২ বিদ্ধ। "চলশফরীবিঘট্টিতোরু মাঘ ৮.২৪। মীনবিঘট্টিতোরবঃ (সুরাঙ্গনাঃ) কি ৮.৪৫। ৩ ঘর্ষিত। "বিঘট্টিতানাং সরলক্রমাণাম্ কু.স ১.৯। ৪ বিযুক্ত। ৫ [+ত-ক] বিচলিত। "মহা ৪.৪৭.২৩।

বিঘট্টিয়া দ্র 'বিঘট্টন'।

বিঘত '-ত্' বি [সং বিতস্তি > লি বিদথি ; প্রা বিহথী (হে ১.২১৪), -থি (প্রা.ম) > বা (বিহথ, -ঘথ) °ত] বিতস্তি। "°প্রমাণ কপি।—কৃ ২০৮। °প্রমাণ নল (ক.চ)।

বিঘতিয়া দ্র 'বিগতিয়া'।

বিঘন † বিণ [বহুব্রী] বিগতঘন, মেঘশূন্য। "মহা ৫.৮৪.৫।

বিঘস † পুং [বি+ √ঘস্+অ (অপ্)-র্ম, পা ৩.৩.৫৯] ১ গুর্ব্বাদিভুক্তশেষ (অ.টী), বিপ্রাদিভুক্তশেষ (কুল্লুক) ; ভুক্তাবশেষ। 'বিঘসো ভুক্তশেষঃ মনু ৩.২৮৫। "বক্ত্র° উ.চ ৫.৬। [বিঘসাশী (-শিন্) বিণ —ভুক্তশেষভোজী। "মহা ১৩.১৪৩.৫৫। মনু ৩.২৮৫।]

বিঘা বি [সং বিগ্রহ (বিভাগ) > প্রা বিগ্‌গহ > বা (বীগহ > বীঘা) °ঘা ; হি বিগহা, বীঘা ; ঠ বিঘা ; ড় বিঘা] ভূমির বিভাগবিশেষ ; রৈখিক বা বর্গ কুড়ি কাঠা জমি ; কুড়া। [°কালি—জমির দৈর্ঘ্য ও প্রস্থ বিঘা পরিমাণের গুণফল।]

বিঘাট বি ১ ঘাট-ভিন্ন স্থান ; অঘাট, আঘাটা। "(চান্দ) বিঘাটে রহিল থানিক আওরে বি.পা ২৩৯। ২ তত্ত্বজ্ঞানের অন্তরায়ভূত বিষয়। "বিঘাটে চাপাইলা নৌকা করি পরিপাটি।—মী ২৩। বিঘাঠে ('বিঘাটে' টীকা) ছাপাই নৌকা (বসি) রৈছ সুখি গো.বি ১২০।

বিঘাত † পুং [বি+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ বিহনন, বিনাশ। ২ নিরাকরণ, নিবারণ, নিরাস। "ক্রিয়াদঘানাং মঘবা বিঘাতম্ কি ৩.৫২। ভ ১১.১০.১৯। বিঘ্ন° শ্রী.মা ৬। রদন° ব ৯০। ৩ প্রতিঘাত, ছেদন। "(অস্ত্রাঃ) গদায়াঃ বিঘাতার্থম্ গো.রা ৩.৩৫.৪৫। ৪ আঘাত, তাড়ন, প্রহার। "শর° (মহা)। ৫ প্রতিবন্ধ, বাধা, বিঘ্ন। "বিঘাতং চাভিবেকস্য রা ১.৩.১৩। ক্রিয়া° রঘু ৩.৪৪। অবিঘাতগতি ভ ১.৩.৩২। ৬ উপশম, প্রশমন। "ক্ষুৎপিপাসা° (মহা)। —ঘাতক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ প্রতিবন্ধক, বাধক। ২ সংহারক, ছেদক। "সর্ব্বশস্ত্র° মহা ১৩.১৪.২৬১। —ঘাতন ক্লী [+ √ঘাতি+অন (ল্যুট্) -ভা] ১ বিনাশন, বিধ্বংসন। ২ প্রতিবন্ধ, বাধন। "অভীষ্ট° রা ৭.৪৫.২১। —ঘাতী (-তিন্) বিণ [+ √হন্+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিনাশী, হন্তা। "অরি° গো.রা ১.১৯.২২। ২ বিরোধী, প্রতিকূল, অহিত। "বাক্…পরোক্ষবিঘাতিনী (S.W.)। ৩ ক্ষয়কর। "তেন …বীর্য্যবিঘাতিনা গো.রা ১.২৩.২২। [°শান্তি (স্ত্রী)—বিঘ্নধ্বংস। "রঘু ১১.১।]

বিঘাতন, বিঘাতী দ্র 'বিঘাত'।

বিঘিন, -নি বি [সং বিঘ্ন > (স্বরাগমে) °ন ; °ন+ই[১১] ; বৈষ্ণবসাহিত্যে] বিঘ্ন, বাধা, বিপদ্। "বিঘিনি বিথারিত বাট বি.প ৯০ ; অবিঘিনে ৯১। বিঘিন বিথার ব.প ১১৩০। বিঘিন অবগাই।—গো ১৩০ ; বিঘিনি বাঢ়াওল ১৮৪। হেরি বিঘিনি।—জ্ঞা ৯৩।

বিঘিনি দ্র 'বিঘিন'।

বিঘূর্ণন † ক্লী [বি+ √ঘূর্ণ্+অন (ল্যুট্)-ভা] বিশেষ ঘূর্ণন ; দ্রুতচলন। "ঘূর্ণন বিঘূর্ণন…প্রভৃতি বহুবিধ বক্রগতিতে তালবৃন্তাস্ত্র সঞ্চালন করিতে লাগিলাম ব.প্র ৬৩৫। —ঘূর্ণিত বিণ [+ত (ক্ত)-ক] বিশেষ ঘূর্ণিত ; সঞ্চলিত, বিক্ষুভিত। "বিঘূর্ণিত ইবোদধিঃ গো.রা ৫.৯৫.২২।

বিঘোর বি অতিঘোর বিপদ্ ; মহাসঙ্কট। "আজি হল বিঘোর মরণ শ্রী.মা ৮ ; বিঘোরে কেন পরাণ হারাব ৭৫ ; বিঘোরে মরণ ১৪৪। বুঝি বিদেশে বিঘোরে পরাণ হারালি।—হ ৬৩। —ঘোর বিং ১ রোগাদি হেতু অচৈতন্য। ২ মত্ত, বিহ্বল। "শেফালি-সৌরভে মদিরা-বিঘোর, বনস্থলী অ.গু ৮১।

বিঘ্ন † [বি+ √হন্+অ (ঘঞর্থে ক)-ধি, পা ৩.৩.৫৮, কাশিকা] 'বিহননস্থান', ব্যাঘাত, অন্তরায়। "র ১.১৩.৩। মূর্ত্তো বিঘ্নস্তপস ইব নঃ শ ১.২৯। কু.স ৩.৪০। হর বিঘ্ন শি ১। [°কর, °কর্ত্তা (-র্ত্তৃ), °কারী (-রিন্), °কৃৎ বিণ—বিঘ্নজনক, প্রতিবন্ধক। "তপোবিঘ্নকর রা ২.৫২.৫০। °কারিন্ গো.রা ৫.২৯.২৪। প্রস্থানবিঘ্নকৃৎ যাজ্ঞ ২.২০০। °জিৎ (পুং)—গণেশ। "ক.সা ১.২। °নায়ক, °নাশক, -শন, °পতি (পুং)—'বিঘ্নহারক', গণেশ। °প্রতিক্রিয়া (স্ত্রী)—বিঘ্নপ্রতীকার। "রঘু ১৫.৪। °বিনায়ক (পুং)—'বিঘ্নবিনেতা', গণেশ। °বিনাশন (বিং)—বিঘ্ননাশক (গণেশ)। "গ ১। ম ১। শ্রী.মা ৪। °রাজ (পুং)—'বিঘ্নাধিপ', গণেশ। "ক.সা ২০.১০১। ক.চ ১। শ্রী.ম ৪। ভা.চ ১। °হন্তা (-ন্তৃ), °হারী (-রিন্) পুং—গণেশ। °হর (বি) —গণেশ। "শ্রী.মা ৪। দা ৩২। বা.দ ২।]

বিঘ্নাধিপ, -ঘ্নান্তক, -ঘ্নেশ † পুং [ষ.ত] 'বিঘ্নপতি, বিঘ্ননাশক', গণেশ। "°শ.ভ ৮.৭.৮। —ঘ্নেশ্বর বি গণেশ। "ম ১।

বিঘ্নান্তক দ্র 'বিঘ্নাধিপ'।

বিঘ্নিত † বিণ [বিঘ্ন+ইত (ইতচ্)] ১ সঞ্জাতবিঘ্ন, প্রতিহত। "রজ্জুঃ-কর্ণৈর্ব্বিঘ্নিতদৃষ্টিপাতাঃ (মৃগাঃ) কু.স ৩.৩১। বিঘ্নিতেচ্ছম্ রঘু ১৯.২৭। ২ (বাঙলায়) জাতবিঘ্ন, ভগ্ন। "অশ্বপদশব্দমাত্রে নৈশ নীরব বিঘ্নিত করিয়া, যবনসেনা নবদ্বীপে আসিতেছে ব.প্র ৬২২।

বিঘ্নেশ, বিঘ্নেশ্বর দ্র 'বিঘ্নাধিপ'।

বিঙ্গাচিঙ্গা বি [ব্যঙ্গ-চেঙ্গা] ব্যঙ্গপ্রিয় চেঙ্গড়া ; রঙ্গ-তামাশাপ্রিয় যুবা। "শুনিয়া শিবের শিঙ্গা, ধায় যত °চিঙ্গা ক.চ ২৬।

বিচ্ † অক [হ্বা, রুধা, ঞ—বেবেক্তি, বেবিক্তে ; বিনক্তি, বিঙ্‌ক্তে ; অনিট্] পৃথগ্‌ভাব। "বেবেক্তি, বেবিক্তে মূর্থাৎ পণ্ডিতঃ। —চ্ সক পৃথক্‌করণ। "বিবিনচ্‌মি দিবঃ সুরান্ ভট্টি ৬.৩৬।

বিচ[১], বীচ[৩] [হি বি(বী)চ ; প বিচ্চ ; মৈ বিচ] মধ্যে। "গজঅরি মাঝারি, উপরে কনয়াগিরি, বীচ হি সুরধুনী মুকুতা হিলোলে। —গো ১৪৫। বর্দ্ধমান বিচ ডেরা বি.সু ৯। মোর দেল চায় যে জরি জর পিনে দশ জন ভাল ভাল রেণ্ডির বিচে ফিরি আ.ছু ১০৯। [বিচে —মধ্যে। "মা ৩২৪। দস্তের বিচ—হাতের মধ্যে ; হস্তগত, বশীভূত] "আদালতের বিলকুল আদমি তেনার দস্তের বিচ আ.ছু ৭২।]

বিচ[২] সর্ম্ম [হি √বেচ] বিক্রয় করা। "বুড়া গরু বস্ত্র পুরাণ। চোর গাই গাব্দি-চুষা ধান ॥ যে বিচে সেই সিয়ান। ইহা বিচিতে না পুছিব আন। ব.প ১০। ভক্তজনে যথা 'বিচে' (পাঠান্তর) তথাই বিকায় চৈ.ভা ২৭৮। [বিচ, -চি, -চিঞা, -এ, -চিতে, -চিবে (শ্রী.কী)। বিচনী—বিক্রয়কারিণী, বেচুনী (শ্রী.কী)।]

বিচক্ষণ † বিণ [বি+ √চক্ষ্+অন (ল্যুট্)-ক ; তু "°ণ'—বিদ্রষ্টা (ঋগ্বেদ ১০.৩৭.৮)] ১ 'বিশেষ দ্রষ্টা', দোষজ্ঞ, পণ্ডিত। "রা ২.১.২৫। গী ১৮.২। মনু ৯.৭১। রঘু ৫.১৯। কৃত্তিবাস বিচক্ষণ—কৃ ৩ ; ৫। বিচক্ষণতা সহকারে চেষ্টা পা.প্র ১৪০। ২ কুশল। "রা ১.১.১৫। সেবা° রঘু ১৩.৬৯। কৃত্তিবাস…কবিত্বে বিচক্ষণ।—কৃ ১৩ ; কবিত্ব° ১৬। ৩ সোৎসাহ। "মনু ৭.৬১।

বিচক্ষুঃ (-ক্ষুস্) † বিণ [বহুব্রী] 'বিগতচক্ষুঃ', অন্ধ। "মহা ১২.১৬.৭৫।

বিচনী দ্র 'বিচ[২]'।

বিচয় † পুং [বি+ √চি+অ (অচ্)-ভা] ১ অন্বেষণ, অনুসন্ধান। "রা ৫.১২.১০। রঘু ১৬.৭৫। তুরগবিচয়ব্যগ্র উ.চ ১.২৩। ২ পুষ্পাদিচয়ন। —চয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্ধ 'বিচয়'।

বিচয়ন দ্র 'বিচয়'।

বিচরণ † ক্লী [বি+চর্+অন (ল্যুট্)-ভা] পর্য্যটন, পরিক্রমণ। —চরিত বিণ [+ত(ক্ত)-ক] পর্য্যটিত।

বিচর্চ্চিকা † স্ত্রী [বি+ √চর্চ্চ্+অক (ণ্বুল্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্), রোগাখ্যায়, পা ৩.৩.১০৮] চর্ম্মরোগভেদ, পামা, কচ্ছূ।

বিচল † বিণ [বি+ √চল্+অ (অচ্)-ক] ১ বিচলিত, অস্থির। "অবিচলাম্…স্থিতিং ধর্ম্মে মহা ১.২.৩৭১। ২ বিস্পন্দিত। ৩ অসংযত। "অবিচলেন্দ্রিয় ভ ৪.১২.১৪। —চলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিস্পন্দন, বিকম্পন। ২ অন্যত্র গমন। "মহদ্বিচলন ভ ১০.৮.৪। ৩ ভ্রংশ, চ্যুতি। —চলিত বিণ [+ত(ক্ত)-ক] ১ সর্থ 'বিচল'। ২ চ্যুত, ভ্রষ্ট। "ধর্ম্মাদ্ বিচলিতম্…নৃপম্ মনু ৭.২৮। ৩ পতিত, স্খলিত। [বিচলল (শ্রী.কী)—বিচলিত হইল।]

বিচলন দ্র 'বিচল'।

বিচার[1] † পুং [বি+ √চারি+অ (অচ্)-ভা] ১ প্রমাণদ্বারা বস্তুতত্ত্ব-পরীক্ষণ (পা ৮.২.৯৭, কাশিকা); সন্দিগ্ধ বিষয়ে বা অভিযোগবিষয়ে প্রমাণানুসারে তথ্যপরীক্ষা। "বিচারমার্গপ্রহিতেন চেতসা কু.স ৫.৪২। বিষসলিলতুলাগ্নি-প্রার্থিতে মে বিচারে।—মৃ ৯.৪৩। ২ বিচারণা, বিতর্কণ, বিমর্শন। "স্বগৃহে কো বিচারস্তে গো.রা ২.৭৫.১৪। ন চৈবং ক্ষমতে নারী বিচারং কামমোহিতা ক.সা ৩৬.৮৮। ৩ কার্য্যাকার্য্যবিমর্শ, কর্ত্তব্যা-কর্ত্তব্যনির্ণয়। "°মূঢ়ঃ প্রতিভাতি মে ত্বম্ রঘু ২.৪৭। আমার সনে বিচার না কৈল গর্ব্ব কর‍্যা ক.চ ১৫৯। ৪ বিচারানুগুণ বাক্যসমূহ (ত.বা)। ৫ সমাধান (জটাধর)। ৬ হেতুবোধক বাক্য দ্বারা যাহা অপ্রত্যক্ষ-বিষয়ের জ্ঞাপক। 'সা.দ ৬.১৮৩। —চারক পুং [+অক (ণ্বুল্)-ক] ১ প্রমাণানুসারে তত্ত্বপরীক্ষক: বিচারকর্ত্তা, ধর্ম্মাধিকরণিক, জজ্ ইত্যাদি। ২ কার্য্যাকার্য্যপরীক্ষক। "°কান্ (কপিসেনাপতীন্) গো.রা ৪.৪৫.১৮। ৩ বিশেষভাবে চারক; নায়ক। "পথি দুর্গবিচারকাঃ রা ২.৭৯.১৩। —চারণ ক্লী, —ণা স্ত্রী [+অন (ল্যুট্), +অন (যুচ্) -ভা, +স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'বিচার (২)। ২ সর্থ 'বিচার (৩)। "নাত্র কার্য্যা বিচারণা মহা ৩.৪৬.৩৮। —চারণীয়, —চারয়িতব্য বিণ [+অনীয় (অনীয়র্), +তব্য, -র্ম্ম] প্রমাণানুসারে পরীক্ষণীয়: বিচারার্হ, তর্ক-বিষয়। "(তে উভে) বিচারয়িতব্যে মনু ২.১০, কুল্লুক। আজ্ঞা গুরূণাং হ্যবিচারণীয়া রঘু ১৪.৪৬। —চারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রমাণ দ্বারা পরীক্ষিত; বিতর্কিত, বিমৃষ্ট। "দণ্ডোঽবিচারিতঃ মনু ৮.২৯৫। ২ সিদ্ধান্তিত, নির্ণীত। "স নাপ্নোতি ফলং তস্য পরত্রেতি বিচারিতম্ মনু ১১.২৮। —চার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সর্থ 'বিচারণীয়'।

বিচার[2] বি [সং বি+ √চর্; হি বিচার; অপ্র] ১ অন্বেষণার্থ পর্য্যটন; অন্বেষণ। "বিচার করিয়া লাগ না পাইল তার: বিচার করহ সন্তে আপন আশ্রমে চৈ.ম ১০৪। বিচার করিতে সৈন্য যায় ততক্ষণ ব.প ৫৭৭। ২ বিশেষ হিসাব। "কাকুলী ঘুচাঞা লৈবোঁ তাহার বিচার শ্রী.কী ৭৬।

বিচার[3] সর্ম্ম [সং বি+ √চারি; হি √বিচার] ১ বিচার করা। "সর্ব্বশাস্ত্র বিচারিয়া কহি।—ম ২৬। ২ [বিচার[2] > °র; হি √বিচার] অন্বেষণ করা। "বন বিচারিঞা শ্রী.কী ২৯০; বিচারিঞা চাহ মোর দধির পসারে ৩২২। একে একে বিচারিল নাথের আদেসে গো.বি ৭৬। তাহা আন বিচারিয়া বা.ম ১৩৬; পর্ব্বত চাহিনু বিচারিয়া ১৪২। নগর বিচারিয়া (কন্যা আনিল) ম.ম ২২৫। বধিল দানব…বিচারি ভুবন ব.প ৫৭৯; নিছিল যে চোরে হার বুক বিচারিয়া ১৪৯০। বিচারিয়া ফিরে ১৫১১। ৩ [সং বি- √চালি > বিচাল > °র] বিচালিত করা; আঁচড়ান। "বালি বিচারিল কেশ ব.প ২৮৭। [বিচারই, -রহ, -রি, -রোঁ (প.ক)।]

বিচারক, -রণ, -ণীয়, -রয়িতব্য, -রিত দ্র 'বিচার[1]'।

বিচারী (-রিন্) † বিণ [বি+ √চারি+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিচারকারক, তত্ত্বনির্ণায়ক। "মম কালবিচারিণঃ হ ৭৬.৯৯। ২ [+ √চর্+ইন্] বিচরণকারী, পর্য্যাটক, পরিক্রামক। "নানাবন° গো.রা ২.২১.১৭; যথাকামবিচারিণী ৩.২৫.২।

বিচারু বিং [অপ্র] বিচারক। "সে দুই চারিখানি ইংরাজি বহি পড়িয়া…একটা প্রকাণ্ড বিচারু হইয়া উঠিবে পা.প্র ১১৮।

বিচাল † পুং [বি+ √চালি+অ (অচ্)-ভা] বিচালন, অন্যথাকরণ। "পা ৫.৩.৪৩। —চালন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] অন্যথা-কারী, বিচালয়িতা, নাশন। "তস্যাসীন্ মানসী বুদ্ধিস্তদা ধৈর্য্যবিচালনী গো.রা ৩.৪.৯।

বিচালি বি [হি 'বিচালী'—straw] ধান্যহীন তৃণের আটি। "কেহ পাকায় বিচালী শ্রী.মা ৯৩।

বি(বী)চি বি [সং বীজ; ঠ বী] ১ আঠি, দানা। "যত বীচি আছে এই অলাবুভিতর।—ম ৪৬৮। দাড়িম্ববীচি ক.চ ১৯। ২ বীজাকৃতি দৃঢ় মাংসপিণ্ড। "বীচি নামা। ৩ অণ্ডকোষস্থ অণ্ডাকার পিণ্ড; বৃষণ। "বীচি খসান। ৪ স্ফোটকাদির মধ্যস্থ বীজবৎপিণ্ড; মা'জ, ভাত্। ৫ গোদের উপরিজাত বীজবৎ মাংসপিণ্ড। "গোদের বিচি বি.পা ৩৩২,-৫। [বিচি উলে যাওয়া—(গৌণার্থে) বিপদ্ কাটিয়া যাওয়া। "বিচি উলে গেলে আর ত মনে থাকে না ন.ত ৩৩। বিচিয়া বার্ত্তকী —বীজপূর্ণ বেগুন; পাকা বেগুন। "ব.প ৫৯।]

বিচিকিৎসা † স্ত্রী [বি+ √চিকিৎস+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সন্দেহ। "ভ ৩.৯.৩৭। ক.সা ৮২.৮। —সিত ক্লী [+ত(ক্ত)-ভা] সন্দেহ। "ভ ২.৫.৯।

বিচিত[1] † বিণ [বি+ √চি+ত(ক্ত)-র্ম্ম] অনিকৃষ্ট, অন্বেষণ। 'আপান-শালা বিচিতাঃ রা ৫.১২.১৩। মহা ৩.১০৭.১৮। —চিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'বিচয়'। ২ সংগ্রহ। "ছন্দোগ্রন্থ°।

বিচিত[2] বিং [সং বিচিত্র > প্রা বিচিত্ত > বা °ত; বৈষ্ণবসাহিত্যে] বিচিত্র, বিমোহন। "ভুবন বিচিত ঠাম।—জ্ঞা ১৫।

বিচিতি দ্র 'বিচিত[1]'।

বিচিত্ত † বিণ [বহুব্রী] ১ 'বিগতচিত্ত', বস্তুতত্ত্বাবধারণে বিমূঢ়চিত্ত। "°তা সা.দ ৩.১৫০। ২ অচেতন, সংজ্ঞাহীন।

বিচিত্র † বিণ [প্রা.স] ১ বিশেষ চিত্র: নানাবর্ণযুক্ত, শবল, কর্ব্বুর। "°বালুকজলাম্ (নদীম্) রা ২.৫৫.৩১; কৃষ্ণবিন্দু বিচিত্রাভ্যাং চর্ম্মভ্যাম্ ৯৯.২২। °বিকৃতানন ক.সা ৪৬.২০১। ২ নানাচিত্রময়, শিল্পখচিত। "বিচিত্রৈর্বিভূষণৈঃ রা ২.৩৯.১৭। ৩ শোভন, রমণীয়। "কোমলাঙ্কুরৈ-র্বিচিত্রনীলৈঃ।—ঋতু ২.৮। ৪ অদ্ভুত, অপূর্ব্ব। "বহুবিচিত্রজল্প ভ ১.৭.১৭। ৫ বিস্ময়কর, আশ্চর্য্য। "হি ১.১৩৬। ৬ কৌতুকজনক, প্রীতিকর। "কাককূর্ম্মাদীনাং বিচিত্রাং কথাম্। —হি ৪/৮ (কথারম্ভ)। ৭ বিবিধ, নানাপ্রকার। "রা ১.৪.৩০। বিচিত্রা…সুরাপানস্য নিষ্কৃতিঃ মনু ১১.৯৯। বিচিত্রো বিপাকঃ মাঘ ১১.৬৪। °তা কি ৭.৭। ভ ৩.১.৩৭। ৮ [বাঙ্‌লায়; অপ্র] শোভন, অর্থাৎ শুভ; মঙ্গল। "বিচার করিয়া কর বিচিত্র সময় চৈ.ম ৬৪। —চিত্র পুং অশোকবৃক্ষ। —চিত্র ক্লী ১ নানাবর্ণ, শবলতা। ২ আশ্চর্য্য, বিস্ময়। ৩ অর্থালঙ্কার-বিশেষ। [ইষ্টফললাভের আশায় অনিষ্ট অনুষ্ঠানকে 'বিচিত্র' অলঙ্কার কহে (সা.দ ১০.৭২)। যেমন, উন্নত হইবে বলি, নত হও আগে।] [°রূপ (বিণ)—নানাকৃতি; অদ্ভুতরূপ। °বর্ষ (পুং)—সুবৃষ্টি। "বৃহৎসংহিতা ৫.৭৪।]

বিচিত্রবীর্য্য † পুং [বহুব্রী] চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইঁহার পিতা শান্তনু, মাতা সত্যবতী, বৈমাত্রেয় জ্যেষ্ঠ ভ্রাতা ভীষ্ম। ক্ষয়রোগে ইঁহার

মৃত্যু হইলে, ব্যাসদেব সত্যবতীর আজ্ঞাপে অম্বিকার গর্ভে ধৃতরাষ্ট্র, অম্বালিকার গর্ভে পাণ্ডু—এই পুত্রদ্বয় উৎপাদন করেন (মহা ১.১০১-১০৬ অধ্যায়)] [°সূ (স্ত্রী)—সত্যবতী।]

বিচিত্রিত † বিণ [°ত্র+ইত (ইতচ)] ১ 'জাতবিচিত্র', নানাবর্ণযুত, শবল। ২ [√বিচিত্রি+ত(ক্ত)-র্ম্ম] বিচিত্রীকৃত, বিভূষিত, সমলঙ্কৃত। "শতভারাবিচিত্রতম্ গো.রা ২.৬২.৩০। নানাধাতুবিচিত্রিত ভ ৪.৬.১০।

বিচিন্তন † ক্লী [বি+√চিন্ত্+অন (ল্যুট্)-ভা] বিশেষচিন্তা, বিমর্শন। —চিন্ত্য বিণ [+য(যৎ)-র্ম্ম] বিশেষচিন্তনীয়, বিবেচ্য।

বিচিয়া ক্রি [অপ্র] বিছিয়া, বিছাইয়া, ছড়াইয়া। "কুচিরে বিচিয়া ঠোঁটে, সত্বর আকাশে উঠে ম.ম ২০৪।

বিচূর্ণন † ক্লী [বি+চূর্ণ্+অন (ল্যুট্)-ভা] নিপ্পেষণ। —চূর্ণিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] নিষ্পিষ্ট।

বিচেত বিং [সং °তস্; পদ্যে] মত্ত, আত্মহারা। "(নারদঋষি) বিচেত বিভুগানে।—হেম ৩৩৭।

বিচেতন † বিণ [বিগতা চেতনা যাহার, বহুব্রী, স্ত্রী -না] ১ বীতচেতন, নিঃসংজ্ঞ, অচেতন। "দুঃসহ শোকভরে অভিভূত হইয়া বাম বিচেতন-প্রায় হইলেন সী ৮২। ২ অল্পচেতন, অবিবেকী। "কু.স ৪.৩৩। ৩ বিমতি, হতবুদ্ধি। "(কৌসল্যা) প্রতস্থে ভরতো যত্র বেপমানা বিচেতনা বা ২.৭৫.৭। ৪ গতস্মৃতি। "ভ ৬.১.৬৩।

বিচেতব্য † বিণ [বি+√চি+তব্য-র্ম্ম] অন্বেষণীয়, অনুসন্ধেয়। "সর্ব্বমেতদ্ বিচেতব্যম্ গো.বা ৪.৪০.২৭, ৫ ৮২.১১।

বিচেতাঃ (-তস্) † বিণ [বিগত চেতঃ যাহার, বহুব্রী, -১ব, স্ত্রী -তাঃ] ১ নিঃসংজ্ঞ, অচেতন। "ব্যনদৎ সুমহাপ্রাণো যেন লোকা বিচেতসঃ ভ ৬.১১ ৬। ২ বিগতবিবেক, নির্বিবেক, বিক্ষিপ্তচিত্ত। "গী ৯.১২। ৩ দুর্মনাঃ, ব্যাকুলচিত্ত। "রা ২.৪৭.১৮। গতেন তেনাস্মি কৃতো বিচেতাঃ মহা ৩ ১১২.১৭।

বিচেয় † বিণ [বি+√চি+য (যৎ)-র্ম্ম] ১ অন্বেষণীয়, প্রতিসন্ধেয়। "বিচেয়া জনকাত্মজা গো.রা ৪.৪১.৪৩। ২ মৃগ্য, বিরল। "বিচেয়তারকা …শর্ব্বরী রঘু ৩.২।

বিচেষ্টন † ক্লী [বি+√চেষ্ট্+অন (ল্যুট্)-ভা] ১ অঙ্গপরিবর্ত্তন, গাত্রাবলুণ্ঠন। "সিন্ধুতীর° রঘু ৪ ৬৭। ২ [+√চেষ্টি+অন-ভা] সঞ্চালন। "শরীরস্য বিচেষ্টনে মহা ১২.১৪.২৯। —চেষ্টা স্ত্রী [+অ-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ পরিস্পন্দন, বিচলন। "নির্বিচেষ্ট। ২ যত্ন, উদ্যম। ৩ কার্য্য, অনুষ্ঠান। "ধর্ম্মনিত্যা পাণ্ডব তে বিচেষ্টা মহা ৫.২৭.১। —চেষ্টিত বিণ [√চেষ্ট্+ত(ক্ত)-ক] ১ কৃতোদ্যম, কৃতপ্রযত্ন। ২ [বহুব্রী] বিগতচেষ্ট, চেষ্টাশূন্য, নিস্পন্দ। "সর্পভোগৈর্বিচেষ্টিতঃ (প্রাপ্ত্যাম্নিঃ)—হ ১৭৭.১৭৯। —চেষ্টিত ক্লী [+ত-ভা] ১ বিশেষচেষ্টা, চরিত, ব্যাপার, অনুষ্ঠান, কার্য্য। "ভরতস্য বিচেষ্টিতম্ গো.রা ৬.১০৯.৪। মহা ৩.৭৫.৩। যাজ্ঞ ১.৩৩৮। রঘু ৭.৫। ২ উদ্যম, প্রযত্ন, ব্যবসায়। ৩ কর্ম্মফল, কর্ম্মপরিণাম। "স্বকর্ম্মসন্তান° হি ১.২২১। ৪ সবিলাস ভঙ্গি। "ক্রীড়ন্তি…নয়নভ্রূবিচেষ্টিতৈঃ গো.রা ১.৯.৪৭। ৫ [প্রা.স] বিরুদ্ধ চেষ্টিত বা ব্যাপার।

বিচেষ্টা, বিচেষ্টিত দ্র 'বিচেষ্টন'।

বিচ্ছর্দ্দন † ক্লী [বি+√ছর্দ্দ্+অন (ল্যুট্)-ভা] বমন। —র্দ্দিকা স্ত্রী [+ই (ইন্)-ভা+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] বমন।

বিচ্ছর্দ্দিকা দ্র 'বিচ্ছর্দ্দন'।

বিচ্ছা বি [সং বৃশ্চিক >প্রা বিচ্ছিঅ >বা °চ্ছা, -ছা; অপ্র] বৃশ্চিকরাশি। "বিচ্ছাতে জখনে ভানু হয় উপস্থিত ম.পা ৪৫।

বিচ্ছায় † বিণ [বিগতা ছায়া যাহার, বহুব্রী] ১ ছায়াহীন, বিগতকান্তি, শ্রীহীন। "বিলোক্য…বিচ্ছায়মনসং নৃপঃ ভ ১.১৪.২৪। (গৃহম্) বিচ্ছায়ম্ ক.সা ২.৪৯। ছায়ারহিত। —য় পুং 'বিশিষ্টকান্তি', মণি। —য়া স্ত্রী [বির (পক্ষীর) ছায়া. ষ.ত] পক্ষিচ্ছায়া। "ভ ১০.১২.৮।

বিচ্ছায়া দ্র 'বিচ্ছায়'।

বিচ্ছিত্তি † স্ত্রী [বি+√ছিদ্+তি (ক্তিন্)-ভা] ১ বিচ্ছেদ। ২ বিশ্লেষ, বিভাগ। ৩ ছেদ, কর্ত্তন। ৪ বিনাশ, বিধ্বংস। "বংশস্য °ত্তৌ।—বৃহৎসংহিতা ৬৮.৩। ৫ নিরোধ। "দিনকররথমার্গ°। —বৃহৎসংহিতা ১২.৭। ৬ বিয়োগ। "বিচ্ছিত্তির্নবচন্দনেন বপুষঃ মাঘ ১৬ ৮৪। ৭ যুবতীর কান্তিবর্দ্ধক অল্প বেষবিন্যাস। "সা দ ৩.১০০। ভ.গ্র ৩৯৬। ৮ পাঠবিরাম, যতি (caesura)। ৯ [+তি-ণ] অঙ্গরাগ। "°শেষৈঃ সুরসুন্দরীণাম্ শ ৭.৫। ১০ হারবিশেষ। ১১ অলঙ্কারাদিকৃত বৈচিত্র্য। "সা দ ১০.৬৩। —চ্ছিন্ন বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ খণ্ডিত, ছিন্ন। ২ বিভক্ত, বিশ্লিষ্ট। "যদন্তর্বিচ্ছিন্নং ভবতি কৃতসন্ধানমিব তৎ শ ১.৯। ৩ নষ্ট (মল্লিনাথ)। "°ধূমপ্রসারা গবাক্ষাঃ রঘু ১৬.২০। ৪ ব্যাহত, প্রতিবদ্ধ। "তিমিরপ্রবেশবিচ্ছিন্ন (দৃষ্টিঃ)।—মৃ। ৫ কুটিল।

বিচ্ছু, -চ্ছু বি [সং বৃশ্চিক >প্রা বিচ্ছুঅ (প্রা.প্র ১.১৫, টীকা), বিচ্ছু, -চ্ছুঅ (প্রা ম) >বা °চ্ছু, -ছু; হি বিছু; ঠ বিংচু; প বিছু; গু বিংছু, সি বিছু, ড় বিছা] কাঁকড়া বিছা। "বিছু ভা.চ ১২৯।

বিচ্ছুর সর্ম্ম [সং বি-√ছুর্] বিকীর্ণ করা। "তোর অরুণ বরণ. পলে পলে বিচ্ছুরিছে কনক কিরণ অ গু ১১৮। বিচ্ছুরিয়া—রঞ্জিত করিয়া। "চ কা ১৩৬।]

বিচ্ছুরিত † বিণ [বি+√ছুর্+ত(ক্ত)-র্ম্ম] ১ অনুলিপ্ত। "মনঃ-শিলাবিচ্ছুরিতাঃ (গণাঃ) কু.স ১ ৫৫। ২ আবৃত, আচ্ছাদিত।

বিচ্ছেদ † পুং [বি+√ছিদ্+অ (ঘঞ্)-ভা, বৈদিক] ১ ছেদন, কর্ত্তন। ২ বিয়োগ, বিশ্লেষ, বিরহ। "কান্তায়াঃ কান্তবিচ্ছেদো মরণাদতিরিচ্যতে (ব্রহ্মবৈবর্ত্ত)। ৩ বিভাগ, ভেদ। ৪ ক্রটন, ত্রুটি। "মাঘ ৮.৫১। কি ৭.১৬। ৫ লোপ, অভাব। "পিণ্ডবিচ্ছেদদর্শিনঃ (বংশ্যাঃ) রঘু ১.৬৬। ৬ লোপ, বিধ্বংস। "সর্গবিচ্ছেদরক্ষার্থ ক.সা ২০ ৭০। ৭ পাঠবিরাম, যতি। ৮ প্রশমন, শান্তি। "পিপাসা° মনু ৫.১২৮, কুল্লুক। ৯ সন্ততিবাহিত্য। ১০ [+অ-ণ] ব্যবহিত স্থান, অবকাশ। —চ্ছেদন বিণ [+অন (ল্যুট্)-ক] বিভাজক, বিশ্লেষক। "সন্ধি-গ্রন্থি° (সুশ্রুত)। —চ্ছেদন ক্লী [+অন-ভা] ১ ছেদন, কর্ত্তন। ২ পৃথক্করণ। "সত্ত্ব° মহা ৫.২৮ ৬।

বিচ্ছেদন দ্র 'বিচ্ছেদ'।

বিচ্যুত † বিণ [বি+√চ্যু+ত (ক্ত)-ক; তু 'বিচ্যুত'—চ্যাবিত (ঋগ্বেদ ২.১৭ ৩)] ১ পতিত। "রাক্ষসী বিচ্যুতা গদা গো.রা ৩.৩৫.৫৩। ২ স্খলিত। "পঠন্ সামগায়নবিচ্যুতম্ যাজ্ঞ ৩.১১২। ৩ ভ্রষ্ট। "আচারাদ্ বিচ্যুতঃ মনু ১ ১০৯। যাজ্ঞ ১ ২১২। ৪ পর্য্যাকুল, শিথিল। "কবরীঞ্চ বিচ্যুতাম্ ভ ৮ ১২.২১। —চ্যুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পতন, পাত। "গর্ভবিচ্যুতি। ২ স্খলন, ভ্রংশ। ৩ বিয়োগ।

বিচ্যুতি দ্র 'বিচ্যুত'।

বিছনপুড়া বি বীজধানের পুড়া; পুডাবাঁধা বীজধান। "হাল বলদ দিবে খুড়া, দিবে হে বিছনপুড়া ক.চ ৮৫।

বিছনি বি [বিছানি >°নি] পাতন, বিছান। "শরপত্র বিধিমতে করিল বিছনি।—কৃ ৩০৪।

বিছন্দ বি [অপ্র] ১ নানা ছন্দ, নানাপ্রকার কাকুক্তি। "ভৃঙ্গরাজ বিছন্দে (উচ্চস্বরে কান্দে) কৃ.উ ৬০। ২ নির্ম্মাণপ্রকার, গঠনের ভঙ্গি। "বিবিধ বিছন্দ তথি, রূপে জিনে অমরাবতী ক.চ ৭৯। [ছন্দ বিছন্দ—বিবিধ ছন্দ। "ছন্দ বিছন্দ (কান্দ্য করি) দু ২।

বিছমিল্লা [আ বিস্ মিল্লাহ্—ঈশ্বরের নামে ; হি বিসমিল্লা—আরম্ভ] কার্য্যারম্ভে ঈশ্বরের নামোচ্চারণ। "বিছমিল্লা বলিয়া মল্লা হস্ত দিল কাণে বা.ম ৮২,-৬। [বিছমিল্লায় গলদ্ (হি বিস্মিল্লা হী গলত হোনা)—কার্য্যারম্ভে বিঘ্ন বা ভুল-চুক।]

বিছরণ বি [সং বিস্মরণ >প্রা বিস্সরণ >বা (বিচ্ছরণ) °ণ ; বৈষ্ণবসাহিত্যে] বিস্মৃতি। "তিল বিছরণ নহে কেহ কাহু প.ক ২৭৫৬।

বিছা[1], **-ছে** বি [দ্র 'বিচ্ছু'] ১ বৃশ্চিক। ২ বৃশ্চিকরাশি। "বিছা অগ্রহায়ণ।—জ ৫৮। ৩ বহুপদ কীটবিশেষ ; চেলা। "বিছা বিছু ভা.চ ১২৯। ৪ [হি বিছুআ] বৃশ্চিকের মত পাদাভরণবিশেষ। "বিছা পায় ব.প্র ১৯১। বিছে-নিমফল অ.গ্র ২৫। [বিছাষষ্ঠী—বৃশ্চিকরাশিযুক্ত অগ্রহায়ণের শুক্লপক্ষের ষষ্ঠী তিথিতে করণীয় উৎসববিশেষ। "জ ৫৮।

বিছা[2] সর্ম্ম [সং বি+√স্তারি—বিস্তারয়্ >প্রা বিথার >বা (বিছার) °ছা ; হি √বিছা ; ঠ √বিছর ; গু √বিছার ; ড় √বিছা] ১ বিস্তৃত করা ; বিছান, পাতা। "কুশাসন বসিল বিছায়ে কৃ ৩৫৬। দুর্ব্বলা…বিছায় শয়ন ক.চ ১৫৯। পাটী বিছায় ব.প ৭২। বিছাইয়া মৃগছালা বসিলা ভা.চ ৩৪৯। ২ আকীর্ণ করা ; ছড়ান। "বিছায় মালতী যূথী চাঁপা ক.চ ১৫৯। শেজ বিছায়ল কিশলয়পুঞ্জ।—গো ২২ ; বিছায়ব কমলদল শেজ ২৫৯। ৩ পাতিত করা ; পাতা। "বিছায় খাট ক.চ ১৫৯। [বিছাইআঁ, -ইবোঁ (শ্রী.কী)। বিছাই, -ছায়ই, -য়ত, -য়লি, -লুঁ (প.ক)। বিছান[2]—সর্থ 'বিছা[2]'।]

বিছাতি[1] বি [সং বৃশ্চিকালী ; হি বিচ্ছূ ; ড় বিছু-আতি ; বিছুটি (চব্বিশপরগনা) ; 'বিষপত্রী' মূল (?)] গাত্রস্পর্শে বিষজ্বালাকর লতাবিশেষ ও তাহার পাতা (Nettle)। "ক.চ ৭৭।

বিছাতি[2] বি ['বীচ (বীজ)-পাত' মূল (?)] ধান্যবীজবপন। "বৈশাখে বিছাতি কৈল সুমঙ্গল দিনে শি ৭৫।

বিছান[1] বি [বিছা[2] > °ন] ১ যাহা বিছানায় বিছান হয় ; বিছানার চাদর। "নেতের বিছান বি.পা ২৭৪। ২ আস্তরণ। "তাহার উপরে বিছান হইছে পদ্মফুলে বি.পা ২৯৭। ৩ শয্যা। "বিছান করিছে তাতে. সুবর্ণ-পালঙ্ক বি.পা ২৯৭। ব.প ৫৬৭। —না বি [হি, মৈ বিছৌনা ; ঠ বিছা(ছো)না ; গু বিছানু ; ড় বিছণা ; ফা বিস্তর্] ১ শয্যা (bedding)। "ব.প ৭২। ২ মাদুর (গ্রাম্য)। "আমাদের কি বিছানা আছে, না শেষ আছে।—জা ১৩। —ছেনা বি বিছানা। "মতিলাল…পান তামাক খাইয়া বিছেনার ভিতর ঢুকিল আ.দু ১৫। [বিছানায় আড় হওয়া—ক্লান্ত হইয়া শুইয়া পড়া। "অধ্যক্ষরা…অ্যাক ঘটি গঙ্গাজল খেয়ে বিছানায় আড় হলেন। —হু ১৫৫।]

বিছান[2] ; **বিছানা** ; **বিছু** দ্র 'বিছা[2] ; বিছান[1]; বিচ্ছু'।

বিছুর সর্ম্ম [সং বি+√স্মৃ—বিস্মর্ >প্রা √বিস্সুমর >বা (বিসুর) °র ; হি √বিসর (অর্ম্ম), -রা (সর্ম্ম) ; ঠ, গু √বিসর ; মৈ √বিসর ; বৈষ্ণব-সাহিত্যে] বিস্মৃত হওয়া ; ভোলা। "বিছুরি গোকুল নাথ বি.প ১৬৭ ; পিয়া বিছুরল ১৭৬ ; তুহু বিছুরলি ২০১ ; তাহা কি বিছুরিবার ২০৩। বিছুরিনু পতি চ.দা ৫৪। বিছুরল পিঞ্ছমুকুট।—জ্ঞা ৭৬ ; গো ১১৫ ; বিছুরল বেশ ২৫৯। বিছুরল হাস—ব ৭২ ; বিছুরে বিছুরি নাহি যায় ৭৪। [বিছুরত, -রন্তিয়া, -রব, -বি, -রয়ে, -রল, -লুঁ, -রহ, -রাই, -রি (প.ক)।]

বিছুরণ বি [বিছুর+অন] বিস্মরণ। "বি.প ২০৫।

বিছে ; **বিছেনা** দ্র বিছা[1] ; 'বিছান[1]'।

বিছোহ বিং [বিশোভ (বিশোহ) > °হ] শোভাহীন, মলিন, বিষণ্ণ। "বিরহে বেআকুল কাহ্নাঞি বেড়াএ বিছোহে শ্রী.কী ১২২।

বিজ্ † অক [তুদা, প—বিজতে, (প্রায় 'উদ্'-পূর্ব্বক)—উদ্বিজতে ; অনিট্] ১ ভয়। ২ কম্প, চলন। —জ্ অক [রুধা, প—বিনক্তি ; অনিট্] ভয় ; কম্প। —জ্ অক [হ্বা, এ—বেবেক্তি, বেবিক্তে ; অনিট্] পৃথগ্ভাব।

বিজ্ সর্ম্ম [সং √বীজ > °জ ; তু 'বিচি'—ব্যজন করিয়া (শ্রী.কী)] চালিত করা ; ব্যজন করা। "তালের বিউনি বিজি।—ম ৯৯১। রিজন বিজই চৈতন্যদাস প.ক ৫৯৪। [বিজই, বিজইতে (প.ক)।]

বিজন † বিণ [বহুব্রী] 'বিগতজন', জনশূন্য, নির্জ্জন, নিভৃত, একান্ত। "বিজনং বনম্ রা ২.২৬.২৪। বিজনে বনে মনু ১০.১০৭। বিজন বনত তোহ্মা দেখিআঁ শ্রী.কী ১৩০ ; বিজন থাম ২৩১। বিজন সে বন।—মে ১৫৮। ভবন্থল আজি, বিজন জনার পক্ষে।—মা ১১৮। বিজন শয়নাগার ব.প্র ২৬৯। —জন ক্লী ১ জনশূন্যস্থান। "বিলপ্য বিজনে বহু রা ২.৫৩.২৭। ২ একান্ত, নিভৃতদেশ। "মাঘ ৭.৫১। বিজনাসেবিনী ক.সা ৭১.৯৫। ৩ (বাঙ্লায়) বন। "জল লঞা যাইবোঁ বিজনে শ্রী.কী ১৯৯। [°বান্ধব (বি)—জনহীনস্থানের বন্ধু। "বিজনবান্ধব অধ্যয়ন।—লী ৭২।]

বিজনন † ক্লী [বি+√জনি+অন (ল্যুট্)-ভা] প্রসব, বিয়ান।

বিজনী বি [সং ব্যজন ; দ্র 'ই[11]' ; তু 'বিচনি' (বি.পা ৩৬৬,-৭)] পাখা। "বেহুলা বিজনী বুনিল ম.ম ২২৭,-৮।

বিজন্মা (**-ন্মন্**) † বিণ [বহুব্রী] 'বিগর্হিতজন্মা', জারজ। —জন্মা পুং ১ জারজ সন্তান। ২ ব্রাত্য বৈশ্য হইতে সবর্ণায় জাত সঙ্কীর্ণ-জাতিভেদ। "মনু ১০.২৩।

বিজবিজ '-জ্ জ্' বি [ভাবাত্মক] দালিম ইত্যাদির বীজে পরিপূর্ণতার ন্যায় পরিপূর্ণভাব। "পোকা সব মুড়িপ্রায়, বিজবিজ করে তায়। —কাব্যনির্ণয়।

বিজবিজিনি বি [ধ্বন্যাত্মক] মৃদুস্বরে কথোপকথনের শব্দ। "কৌনস্থলিরা…অভিবাদন করিল…লোকের বিজবিজিনি এবং ফুস-ফুসানি বৃদ্ধি হইতে লাগিল আ.দু ১৮১।

বিজয় † পুং [বি+√জি+অ (অচ্)-ভা ; '°র'—বিশিষ্টজয় (ঋগ্বেদ ১০.৮৪.৪)] ১ ন্যূনীকরণ, জয়। "রা ২.৭১.৩৩। তদা নাশংসে বিজয়ায় মহা ১.১.১৫০। শ ২.১৫। বিজয়াশংসাং (নিদধে) রঘু ১২.৪৪। বিজয়ায় দিশাম্ ভ ৯.১১.১৩। ২ পরাভবপূর্ব্বক গ্রহণ (ভ.বা)। ৩ উৎকর্ষ। "বৈকুণ্ঠ° ভ ২.১০.৪। গাও ভজ কৃষ্ণের বিজয় চৈ.ভা ৫১২। ৪ [+অ-ধি] কৃষ্ণের জন্মমুহূর্ত্ত—একাদশ বা সপ্তদশ মুহূর্ত্ত। [কৃষ্ণ অভিজিৎ নক্ষত্রে জয়ন্তী রাত্রিতে বিজয় মুহূর্ত্তে জন্মগ্রহণ করেন (হ ৬০.১৬)।] ৫ মুহূর্ত্তবিশেষ। "রা ১.৭৩.৯। ৬ বৃহস্পতিবর্ষের প্রথমবর্ষ। ৭ [+অ (অচ্)-ক] অর্জ্জুনের দশনামের একতম। 'অভিপ্রযামি সংগ্রামে যদহং যুদ্ধদুর্ম্মদান্। নাজিত্বা বিনিবর্ত্তামি তেন মাং বিজয়ং বিদুঃ॥—মহা ৪.৪৪.১৪। ম ৪৯১ ; ৬২৫। ৮ যম। ৯ বিষ্ণু-পার্ষদবিশেষ। "ভ ৩.১৬.২। ১০ [+অ-ণ] বিমান, রথ। ১১ ব্যূহ-বিশেষ। ১২ (বাঙ্লায়) মঙ্গল। "যাঁর দাস-স্মরণেও সর্ব্বত্রে বিজয় চৈ.ভা ১০৫। ১৩ মৃত্যু। "লক্ষ্মীর বিজয় চৈ.ভা ১০৭ ; পত্নীর বিজয় ১০৮। ন.প ৩৬৫। ১৪ গমন। "পড়াইতে গৌরচন্দ্র করেন বিজয় চৈ.ভা ১০৯। (কৌশল্যাতনয়) বনে করিলা বিজয় ন.প ৫৪। বিজয়া বিজয় কর জননীর ঠাঁই শি ১১০। ১৫ যাত্রা। "শুভ করাহ বিজয় চৈ.ভা ১১৪। (নিত্যানন্দ) তীর্থাটনে করিল বিজয় ন.প ৪০৪। গ ১৫৪ ; রথে করিয়া বিজয় ১৬৬। বিজয় করহ মাতা শঙ্করের সনে।—দু ১০১। ১৬ আগমন। "সম্মুখে হইল গদাধরের বিজয় চৈ.ভা ২০০ ; তোমার শুভ বিজয় ৫১২। ১৭ উৎসব। "নবদ্বীপে গৌরচন্দ্র করিলা বিজয় : ঈশ্বরের গয়ার বিজয় চৈ.ভা ৫১২। চৈ.চ ১৬৫। নানা ক্রীড়া করে দেব করিয়া বিজয় গ ১২৮। শ্রী.মা ২.১২। ১৮ সমারোহ, আড়ম্বর, সজ্জা। "রাজপুত্র হেন করিয়াছেন বিজয়

চৈ.ভা ২০০। ১৯ আগমন, আবির্ভাব। "গঙ্গার বিজয় সত্তে বুঝিয়া কুপেক্ষত। কৃপ প্রদক্ষিণ সত্তে লাগিলা করিতে॥—চৈ.ভা ৪১১। ২০ বিদায়। "গোধন সঙ্গে, বিজয় কর নিজ সুতে. কি করব মা পারই খেহ প.ক ১৩০৪। ['বিদায়' অমঙ্গলসূচক বলিয়া তৎপরিবর্তে 'বিজয়'।] [°কুঞ্জর (পুং)—রাজহস্তী। °চ্ছন্দ (পুং)—পঞ্চশত-গুচ্ছ হার। সহস্রগুচ্ছহার 'ইন্দ্রচ্ছন্দ', তদর্দ্ধগুচ্ছহাব 'বিজয়চ্ছন্দ' (অ.চি); ইন্দ্র 'সহস্রাক্ষ', তদনুসারে 'ইন্দ্রচ্ছন্দ', 'বিজয়', অর্থাৎ ইন্দ্রপুত্র অর্জ্জুনের নামানুসারে 'বিজয়চ্ছন্দ' তদর্দ্ধগুচ্ছক। °ডিণ্ডিম, °দুন্দুভি, °মর্দ্দল (পুং)—জয়ঘোষণার্থ ঢক্কাবিশেষ, জয়ঢাক। °দ্বাদশী (স্ত্রী) শ্রাবণশুক্লদ্বাদশী। °পতাকা (স্ত্রী)—জয়পতাকা। °লক্ষ্মী, °শ্রী (স্ত্রী)—জয়াধিষ্ঠাত্রী দেবী, জয়শ্রী। °সমরবিজয়লক্ষ্মীঃ রঘু ৭.৭০।]

বিজয়ঢাক বি জয়ঢাক। "শ্রী ১৫৫।

বিজয়মন্দির বি প্রস্থানকালে যাত্রা করার ঘর। "শ্রী ম ২২৩।

বিজয়া + স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] ১ দুর্গা। "বিজয়ার বীজমন্ত্র ভা চ ৮৮। শি ১১১। [পদ্মনামা দৈত্যরাজকে জয় করা হেতু নাম 'বিজয়া' (দেবীপুরাণ, ৪৫তম অধ্যায়)।] ২ দুর্গার সখী। ৩ আশ্বিন-শুক্লপক্ষীয়দশমী। ৪ যমভার্য্যা। ৫ ভঙ্গা, ভাঙ। "দু ৫৬। শি ৩১। ৬ হরীতকী; বচা, শেফালিকা, জয়ন্তী, মঞ্জিষ্ঠা। ৭ অস্ত্রবিদ্যা-বিশেষ। "ভট্টি ২২১। [বিশ্বামিত্র রামচন্দ্রকে রাক্ষসবধার্থ এই বিদ্যা দান করেন।] [°দশমী (স্ত্রী)—বিজয়ানামা দশমী, আশ্বিনের শুক্লদশমী। "দু ৯৬। মে ২৯।]

বিজয়াগমন বি [অপ্র] বিজয়পূর্ব্বক গমন, নিবাপদে প্রস্থান। "প্রবোধিয়া দোকানীকে বিপুলা..., করিলেন বিজয়াগমন বা ম ৩৩৮, সেই বাঁক ছাড়াইয়া বিজয়াগমন ৩৩৯, ৩৪১,-৮।

বিজয়ী (-য়িন্) + বিণ [বি+ √জি+ইন (ইনি)-ক-১ব] ১ জয়শীল। "সমর° ক চ ২৩৭। ভববিজয়িনী, দাসী।—মে ১০৩। ২ [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] বিজয়বান্, জয়যুক্ত। "দিষ্ট্যা বিজয়িনং ত্বাং পশ্যামঃ বা ৭১১৯। ৩ সর্ব্বাতিশায়ী। "বিজয়ী মুরারিঃ গী গো ৭২২।—য়ী পুং ১ অর্জ্জুন (শক)। ২ (বাঙ্লায়) জয়ঢাক (?)। "শ্রী ম ১৬৯।

বিজয়োৎসব + পুং [বিজয়া উৎসব, কর্ম্মধা] ১ বিজয়াদশমীতে করণীয় উৎসব। ২ বিজয়াদশমীতে অনুষ্ঠেয় রামচন্দ্রের উৎসববিশেষ। [হনুমান্ সীতার সংবাদ দিলে, রামচন্দ্র সেই দিন শমীতলে বানরগণের সহিত এই উৎসব করিয়াছিলেন (হরিভক্তিবিলাস, ১৫ বিলাস)।]

বিজর + বিণ [বিগতা জরা যাহার, বহুব্রী, বৈদিক] জরারহিত, তরুণ। "(যঃ চক্রে) রাজানং বিজরম্ ক সা ৪১.১১।

বিজর-বিজর, বিজির-বিজির বি [ধ্বন্যাত্মক] আপন মনে মৃদুস্বরে অস্পষ্ট বকার শব্দ। "বাবুরাম বাবু হুঁকা...ভড়ব ভড়র টানছেন...ও বিজর-বিজর বকছেন আ হু ৯।

বিজরি, -রী, -জলি, -লী, -জুলি, -লী বি [সং বিদ্যুৎ >প্রা বিজ্জুলিয়া, -জ্জুলিআ (পৈ, প্রা.ম), বিজ্জুলা (হে), -লী (প্রা.ম) >বা বিজলি, -লী, -রি, -রী, -জুলী, -লি, হি, প, ঠ বিজলী, গু বিজলী, সি বিজু (তু 'প্রা বিজ্জু'), ড় বিজুলী, অস বিজু(দু)লী] বিদ্যুৎ। "বেকত বিজুলি শোভে চম্পক মালা শ্রী কী ৬৮, বিজলী ১৩২। জানকীর রূপে তথা পড়িছে বিজুলী কৃ ৩৬৫। স্থগিত বিজলী।—ম ৪২৭, বিজুলী ৮০৯। হাসিতে বিজুলী খেলে ক চ ৯। বিজরীময় ব প ৯৭০। বিজরীক জ্বালা।—গো ১৩৪। বিজরীঘটা —ব ১৬৬। °রী জা ১৩। বিজরিপুঞ্জ ন.প ১৪১। বিজুলি ভা.চ ৪৪৭। মেঘেতে বিজলি-হাসি ব প্র ১২৩। [বিজলি, -জুরি, -জোরি (প ক)।]

বিজরী দ্র 'বিজরি'।

বিজল বি [সং পিচ্ছিল, বা পিচ্ছল > °ল, "বিজল (ব.প ২২১), বিজলা (ঢাকা), তু 'বিজিল'—পিচ্ছিল (অ কো)] পিচ্ছলভাব, লাল-লাল-ভাব। "(পালই শাক বসাইয়া) নাড়িতে বিজল উঠে বি.পা ১৬৬।

বিজলি, বিজলী 'বিজরি'।

বিজল্প + পুং [বি+ √জল্প+অ (ঘঞ্)-ভা] ১ বিশেষ জল্পন, কথন। ২ বহুভাষণ। ৩ গূঢ়মানমুদ্রাযুক্ত বাক্য অসূয়ার সহিত কটাক্ষোক্তি (উজ্জ্বলনীলমণি ১৪৩)। —জল্পিত বিণ [+ত (ক্ত)-কর্ম্ম] উক্ত, কথিত। "পরিহাসবিজল্পিতম্...বচঃ শ ২ ১৮।

বিজাত + বিণ [বি+ √জন্+ত (ক্ত)-ক] জারজাত।

বিজাতি + স্ত্রী [প্রাস] বিভিন্ন জাতি বা প্রকার। —জাতীয় বিণ [°তি+ঈয়(ছ)] ১ বিজাতিসম্বন্ধী, বিভিন্নপ্রকার, বিসদৃশ। বিপ 'সজাতীয়'। "সাদ ৭৯। ২ বিভিন্নধর্ম্মাক্রান্ত। ৩ অসবর্ণ। "°মৈথুন-সম্ভবত্বেন মনু ১২, কুল্লুক। ৪ সঙ্কীর্ণজন্মা, বিজন্মা। ৫ [বাঙ্লায়, অপ্র] অসাধারণ, বিশেষ। "বরদাপ্রসাদ বাবুর বিদ্যাশিক্ষাবিষয়ে বিজাতীয় বিচক্ষণতা ছিল আ হু ৮৬। ৬ অধিক, বহু। "বিজাতীয় লোক দেখি প্রভু কৈল সম্বরণ চৈ চ ১১২। ৭ প্রচণ্ড, প্রখর। "°য় রৌদ্র, কাহার সাধ্য তাহার দিকে চাহিয়া দেখে।—য ২৯। ৮ অদ্ভুত। "বিজাতীয় শব্দ করে কাঁপায়ে মঞ্জীব বি সু ৫৭। —জাতীয়া স্ত্রী অসবর্ণা স্ত্রী। "বিজাতীয়াসু পুনরুত্তমানাসু মনু ৩ ৪৩, কুল্লুক।

বিজাতীয়, বিজাতীয়া দ্র 'বিজাতি'।

বিজিগিচ্ছি বিং [সং বিজুগুপ্সিত > °চ্ছি, তু 'লি √বিজিগুচ্ছতি (বিজুগুপ্সতে)'] নিন্দিত ঘৃণাজনক।

বিজিগীশ বি [সং °গীষু, অপ্র] যোধ। "শ্রী মা ১৫৩।

বিজিগীষা + স্ত্রী [বি+ √জি+স (সন্)— √জিগীষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] বিজয়েচ্ছা, অভিভবেচ্ছা। "গো রা৪ ৯৫৮। —জিগীষী (-ষিন্) বিণ [+ √জিগীষ+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -ষিণী] বিজয়ৈষী, বিজয়েচ্ছু। "মহা ১১৯০১২। —জিগীষু বিণ [+ √জিগীষ+উ-ক] ১ বিজয়েচ্ছু, জয়াভিলাষী। "গো রা ৩২২৭। সংসার° মহা ৩২৮০। রঘু ১৭। উৎকল° ব প্র ৯। ২ প্রতিস্পর্দ্ধী। —যু পুং ১ যোধ। ২ (রাজনীতিতে) চতুর্বিধ মূল প্রকৃতির একতম। 'মনু ৭১৫৫,-৬।

বিজিগীষী, বিজিগীষু দ্র 'বিজিগীষা'।

বিজিত + বিণ [বি+ √জি+ত (ক্ত)-কর্ম্ম] ১ ন্যূনীকৃত, পরাভূত, জিত। ২ বশীকৃত, অধিকৃত। "বিজিতাত্মা গী ৫৭। বিজিতারিপুর রঘু ১৫৯। ৩ সংযত, নিগৃহীত। 'বিজিতেন্দ্রিয়। ৪ নিরস্ত, প্রশমিত। "°ক্রুধ মাঘ ১৬১৫। —জিত ক্লী [+ত-ভা] বিজয়, পরাভব। —জিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিজয়। "ক্ষিতি°।—কাব্যাদর্শ ৩৮৫।

বিজিতি দ্র 'বিজিত'।

বিজিবিজি বি [ধ্বন্যাত্মক] সর্থ 'বিজরবিজর'। "কিবা করে বিজি-বিজি, কত বুঝি নাও বুঝি বি সু ১৬। বিজিবিজি কি বকিস্।—ন ১০৮৬।

বিজিল ক্রি [অপ্র] বিজিত করিল। "ব প ৪৭৭।

বিজিহ্ম + বিণ [প্রাস] ১ বিশেষজিহ্ম, অতিবক্র, কুটিল। "কোপ-বিজিহ্মমানসম্ কি ১২১। ২ কুটিল, তির্য্যক, আড়। "°নয়না রঘু ১৯৩৫। ৩ ক্রূর।

বিজীবিত + [বহুব্রী] বিগতজীবন, মৃত। "গো রা ২১৭.৪০।

বিজুগ বিং [বিযুগ > °গ] যুগহীন, অযুগ্ম, বিজোড়া।

বিজুত বিং [বিযুক্ত >প্রা বিজুত্ত >বা °ত] ১ স্বাস্থ্যবিযুক্ত, অসুস্থ (শরীর)। ২ বিকৃত (যন্ত্র)। ৩ সৌষ্ঠবহীন, বে-ঢপ, বিশ্রী।

বিজুবন বি [বিজনবন > °ন] জনশূন্য বন; গভীর বন। "ছাগল

রাখিতে বিজুবনে ব.প ৩২৯। বিজুবনে যাইয়া কর পশুগণের হিত ক.চ ৫৪ ; ৩০৩। স.এ ৪০।

বিজুরি, -রী, -জোরি বি [বিজুলি, -লী > °রি, -রী, -জোরি, দ্র 'বিজরি'] বিদ্যুৎ। "বিজুরী লতা বি.প ৪৪ ; থির বিজুরি পাতিয়া ১৭২। বিজুরি।—ম ২৬০। ফিরে বিজুরী-সঞ্চারে ক.চ ৫২। বিজুরীর লতা ব.প ৩৮৫। হাসিতে বিজুরিছটা ন.প ১৯১। পীতাম্বর বিজুরীসঞ্চার চৈ.চ ২১৯। বিজুরী মাজিল গা।—চৈ.ম ৩৭। বিজুরী প্রকাশ করে।—জ্ঞা ১৩ ; বিজোরি ১২৬।

বিজুলি, বিজুলী দ্র 'বিজরি'।

বিজৃম্ভ † পুং [বি+ √জৃম্ভ্+অ (ঘঞ্)-ভা] বিক্ষেপ, ভঙ্গি। "ভ্রূ° ভ ২.১.৩০ ; ৩.৩১.৩৮।—জৃম্ভণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ মুখ-বিকাশক বায়ুব্যাপারবিশেষ ; হাঁই তোলা। ২ বিকাস, প্রস্ফুটন। "বিজৃম্ভণোদ্গন্ধিষু কুট্মলেষু রঘু ১৬.৪৭। ৩ প্রকাশ, আবির্ভাব। ৪ সর্ব 'বিজৃম্ভ'। "ভ্রুবোর্বিজৃম্ভণত্রস্তসমস্তধিষ্ণ্যপম্ ভ ৭.৫.৪৯।—জৃম্ভা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্ব 'বিজৃম্ভণ'। —জৃম্ভিত বিণ [+ √জৃম্ভি+ত(ক্ত)-ক] ১ কৃতজৃম্ভণ। ২ বিকসিত। ৩ প্রকাশিত, আবির্ভূত। "বিজৃম্ভিতম্ (দুন্দুভের্দুন্দুমায়িতম্) উ.চ ৬.২। ৪ ব্যাপ্ত। "রজোহন্ধকারস্য বিজৃম্ভিতস্য রঘু ৭.৪২ ; ১২.৭২। ৫ উর্জ্জিত (শ্রীধর)। "যশো বিজৃম্ভিতং গুণৈঃ ভ ৪.২১.৮।—জৃম্ভিত ক্লী [+ত(ক্ত)-ভা] ১ সর্ব 'বিজৃম্ভ (১)। "মৃ ৫.৫১। ২ পরিণাম। "সর্ব্বমিদম্…অসমীক্ষ্য-কারিতায়া বিজৃম্ভিতম্।—নাগানন্দ ৫$\frac{2}{2}$। ৩ চেষ্টিত, কার্য্য। "উদ্ভূত-ভূরিফলশালি বিজৃম্ভিতং তে মা.মা ১০.২১।

বিজৃম্ভণ, -জৃম্ভা, -জৃম্ভিত দ্র 'বিজৃম্ভ'।

বিজেতা (-তৃ) † পুং [বি+ √জি+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] বিজয়কর্ত্তা, অভিভবিতা। "বিজেতা…কৃষ্ণপাণ্ডবয়োর্মৃধে মহা ১.২২৮.১৩। পুরাং বিজেতুঃ কি ৫.৩৫।—জেতব্য, -জেয় বিণ [+তব্য,+য (যৎ), -র্ম্ম] ১ জয়ার্হ, জেয়। "শত্রূণামবিজেয়ঃ ক.সা ১০৭.১৩১। ২ বশী-করণীয়, সংযমনীয় (ইন্দ্রিয়)।

বিজ্ঞ † বিণ [বি+ √জ্ঞা+অ (ক)-ক] ১ বিশেষজ্ঞ, নিপুণ, কুশল। বিপ 'অজ্ঞ'। "মহা ২.৬৯.১৪। যজ্ঞবিতান° ভ ১.১৭.৩৩। অজ্ঞ দাস, বিজ্ঞতম তুমি মে ২০৩। ২ বুদ্ধিমান্, মতিমান্।—জ্ঞাত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ বিশেষ জ্ঞাত ; সুবিদিত। "মনু ৮.১৬১। ২ প্রসিদ্ধ, খ্যাত।—জ্ঞাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] বেত্তা। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিশেষ জ্ঞান ; প্রজ্ঞা, জ্ঞান। "°শৌর্য্যবিভবার্য্যগুণৈঃ সমেতম্।—পঞ্চ ১.২৪ ; ৫.৩। ২ জ্ঞান, বোধ। "শাস্ত্র° হি ৩.৩৮। বুদ্ধির্বিজ্ঞানরূপিণী ভ ২.১০.৩২। ৩ বিষয়াকার জ্ঞান (শ্রীধর)। "ভ ৭.৩.২৮। ৪ নৈপুণ্য। "প্রয়োগ° শ ১.২। ৫ চতুর্দ্দশ বিদ্যার ধারণ। 'চতুর্দ্দশানাং বিদ্যানাং ধারণং হি যথার্থতঃ (বিজ্ঞানম্)। ৬ বিরূপ (বিবিধ) জ্ঞান ; ঘটপটাদিবিষয়ক জ্ঞান ; অববোধমাত্র। 'ঘটপটাদৌ যা ধীঃ সাপি জ্ঞানং বিজ্ঞানঞ্চোচ্যতে (অ.টী)। ৭ চিত্রাদি শিল্পে ও ব্যাকরণাদি শাস্ত্রে জ্ঞান (অ.টী)। ৮ অনুভব (শ্রীধর), আনন্দব্রহ্ম (নীলকণ্ঠ)। "গী ৭.২ ; ১৮.৪২। ৯ বিশেষতঃ আত্মানুভব (শঙ্কর)°। "গী ৩.৪১। ১০ কর্ত্তৃত্বভোক্তৃত্বাভি-মান। "°ময়কোষ। ১১ [+অন-ণ] শাস্ত্র। "শিল্প° মাঘ ৩.৩৫। °বিধি।—হি ১.১৮১। °দৃগ্‌বীর্য্য ভ ২.২.১৯। ১২ মনঃ। ১৩ [+অন-র্ম্ম] কর্ম্ম। ১৪ সঙ্গীতকলা। ১৫ (বাঙ্লায়) পদার্থবিদ্যাবিষয়ক শাস্ত্র (science)। "তোমরা science অর্থে বিজ্ঞান চালাইয়াছ অ.শী ৭।—নী (-নিন্) বিণ [°ন+ইন্ (ইনি)-১ব] বিজ্ঞানবান্, জ্ঞানী ; শাস্ত্রজ্ঞানবান্। "ভর্ত্তা…বিজ্ঞানী জ্যোতির্বিদ্যাদিকোবিদঃ ক.সা ৩০.১০৪।—নীয় বিণ [°ন+ঈয়(ছ)] শাস্ত্রীয়। "স্থাবরবিষ° (সুশ্রুত)। [°ময়কোষ (পুং)—বিজ্ঞানাত্মককোষ ; কর্ত্তৃত্বভোক্তৃত্বাভি-মানী ইহপরলোকগামী ব্যবহারিক জীব (বেদান্তসার)।]

বিজ্ঞপ্ত † বিণ [বি+ √জ্ঞাপি+ত (ক্ত)-র্ম্ম, নিপাতিত] বিজ্ঞাপিত, নিবেদিত। "গরুত্মতা নারায়ণঃ বিজ্ঞপ্তঃ।—হি ২$\frac{1}{1}\frac{8}{5}\frac{5}{6}$। —জ্ঞপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিজ্ঞাপন, নিবেদন। "বিজ্ঞপ্তির্মেঽস্তি ক.সা ১৩.১৮৩। চৈ.চ ২২৬।

বিজ্ঞপ্তি দ্র 'বিজ্ঞপ্ত'।

বিজ্ঞাত, -জ্ঞাতা, -জ্ঞান, -জ্ঞানী, -জ্ঞানীয় দ্র 'বিজ্ঞ'।

বিজ্ঞাপন † ক্লী, -না স্ত্রী [বি+ √জ্ঞাপি+অন (ল্যুট্), +অন (যুচ্),-ভা, স্ত্রী আ (টাপ্)] ১ বিজ্ঞপ্তি, নিবেদন। "°নাফলৈঃ রঘু ১৭.৪০। কালপ্রযুক্তা…বিজ্ঞাপনা ভর্ত্তৃষু সিদ্ধিমেতি কু.স ৭.৯৩। বিজ্ঞাপন বিশেষ শ্রী.মা ২০৮। ২ (বাঙ্লায়) সাধারণকে জানাইবার নিমিত্ত বিষয়বিশেষের লিখিত বা মুদ্রিত পরিচয়পত্র (advertisement, notice)। "কামাখ্যা বাবুর স্বাক্ষরিত রুক্মিণীকুমারসম্বন্ধে সেই বিজ্ঞাপন ব.প্র ৫৬৫।—জ্ঞাপনীয়, -জ্ঞাপ্য বিণ [+অনীয় (অনীয়র্), +য (যৎ),-র্ম্ম] নিবেদনীয়, জ্ঞাপনীয়। "অস্তি মে বিজ্ঞাপ্যম্ উ.চ ১$\frac{3}{8}\frac{3}{8}$।—জ্ঞাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] বিজ্ঞপ্ত, নিবেদিত। "ভ ৩.৬.১০। যদি…বিজ্ঞাপিতোঽপি স্বামী ন নিবর্ত্ততে, তদা ভৃত্যস্য ন দোষঃ।—হি ২$\frac{1}{1}\frac{3}{8}\frac{9}{8}$।

বিজ্ঞাপনা, -জ্ঞাপনীয়, -জ্ঞাপিত, -জ্ঞাপ্য † দ্র 'বিজ্ঞাপন'।

বিজ্ঞেয় † বিণ [বি+ √জ্ঞা+য(যৎ)-র্ম্ম ; বৈদিক] ১ জ্ঞাতব্য। "শ্রুতিস্তু বেদো বিজ্ঞেয়ঃ মনু ২.১০ ; স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ ৯৮। ২ অনুমেয়। "শার্ঙ্গকূজিতবিজ্ঞেয়প্রতিযোধে রজসি রঘু ৪.৬২। ৩ প্রসিদ্ধ (রা.টীকা)। "অন্যাঃ (নাবঃ) স্বস্তিকবিজ্ঞেয়াঃ রা ২.৮৯.১১,-২। —জ্ঞেয় ক্লী জ্ঞাতব্য বিষয়। "দ্বিজো বিজ্ঞায় বিজ্ঞেয়ং তমসঃ পারমশ্নুতে ভ ১০.৮০.৩১।

বিজ্য † বিণ [বিগতা জ্যা যাহার, বহুব্রী] বিগতগুণ, গুণরহিত। বিপ 'সজ্য'। "বিজ্যং ধনুঃ।—শুক্লযজুর্ব্বেদ ১৬.১০। বিজ্যং কৃত্বা মহদ্ধনুঃ গো.রা ৩.৬.১০। ভ ৫.২.৭।

বিজ্বর † বিণ [বহুব্রী] ১ বিগতজ্বর, জ্বররহিত। ২ বিগতচিন্তাতাপ, নিশ্চিন্ত। "কৃতকৃত্যস্তদা রামো বিজ্বরঃ প্রমুমোদ রা ১.১.৮৫। পুমাংশ্চরতি বিজ্বরঃ ভ ৩.১৪.১৯।

বিট্[1] † সক [ভ্বা, প। বেটতি ; সেট্] আক্রোশ।—ট্ অক শব্দ।

বিট্[2] (-শ্) † পুং [√বিশ্+ক্বিপ্ (০)-ক-১ব ; ছান্দস] ১ 'ভূমি-প্রাপ্ত', বৈশ্য। "একো বিড়্বর্ণঃ মহা ১৩.৪৯.৮। ব্রাহ্মণক্ষত্রিয়বিশাম্ গী ১৮.৪১। মনু ৯.১৫৫। ভ ৮.৫.৪১। ২ মনুজ, মনুষ্য। "বিশাং পতে রা ২.৬১.১৫। বিশাং বরিষ্ঠ মহা ৪.১০.৬। রঘু ১.৯৩। বিশামীশ্বর, ,বিশাং নাথ (S.W.)। ৩ জন, প্রজা। "বশানুগাশ্চাপি বিশোঽথ কচ্চিৎ।—মহা ২.৫৮.৫। —ট্ স্ত্রী কন্যা। 'বিট্…কন্যায়ামপি যোষিতি (অমরমালা)। "বিট্‌পতি। [°কুল (ক্লী)—বৈশ্যগৃহ। °পণ্য (ক্লী)—বৈশ্যের বিক্রয়দ্রব্য ; পণ্য, মাল। "মনু ১০.৮৫।

বিট্[3] (-ষ্) † স্ত্রী [√বিষ্+ক্বিপ্ (০)-ক-১ব] ১ 'মূলনাড়ী-ব্যাপক' (অ.টী), মল, বিষ্ঠা। "°কৃমি °বরাহ, °সারিকা। মূত্র° মনু ৫.১৩৫ ; বিণ্মূত্র ১৩৪ ; যাজ্ঞ ১.১৫৪। বিড়্ভক্ষ্য ভ.প্র ১১৬। ২ মলমাত্র। "ঘ্রাণকর্ণ° মনু ৫.১৩৫। ধাতু°, নেত্র° (S.W.)। ৩ কন্যা (ত.বা)। "°পতি। [°সারিকা (স্ত্রী)—গুয়ে সালিক।]

বিট্[4] বি [E. beat] ১ সরসমূলযুক্ত শাকবিশেষ। "°চিনি, °পালঙ। ২ পিয়নের নিয়মিত পর্য্যটনের স্থান। ৩ [?] চৌকি ইত্যাদির ঝালরের ধারে সংলগ্ন সরু দীর্ঘ কাষ্ঠপট্টী।

বিট † পুং [√বিট্+অ (ক)-ক] ১ বিড়ঙ্গ, কামুক, জার। "মাঘ ৪.৪৮। স্ত্রিয়া বিট ভ.প্র ২৮৫। ২ স্ত্রৈণ। "স্ত্রিয়া বিটানামিব সাধু

দ্রব্য। ভ. ১০.১৩.২। ৬ পরবঞ্চক। ৪ ধূর্ত। ৫ (নাট্যে) বেশ্যা ও আগন্তুকের বার্তাকথয়িতা (সা.দ, টীকা); শৃঙ্গারে নায়কসহায়বিশেষ; কামসূত্রে। 'সা.দ ৩.৪০,-১। কামশাস্ত্রে যেই জন পরমনিপুণ। বিট বলি তার নাম ধরে নানাগুণ॥—ভা.চ ৭০৮। ৬ মূষিক। ৭ খদিরবৃক্ষ। ৮ লবণভেদ, বিটলুন। ৯ বেশ্যাপতি। ১০ কুৎসাবাচক। "মুনি"। [সমাসে উত্তরপদ]

বিটলুন '-ট্‌-' বি [সং বিটলবণ] ঔষধার্থ লবণবিশেষ।

বিটকাল, -কিলে, -কেল '-ট্‌-' বিং [বিকটাকার > °কাল] ১ কুৎসিত, কদর্য্য, বিশ্রী। "বিটকেল চেহারা। ২ ভীষণ, বিকট। "বিটকাল বদন দেখি ধড়ে প্রাণ উড়ে শ্রী ৭৬। ৩ অদ্ভুত, আজগবী। "বাবাজী একটা বিটকেল ব্যাপার না করে-ছাড়বেন না অ.গ্র ১২। ৪ বিস্ময়কর। "বীরের ভোজন বিটকাল। ছোট গ্রাস তোলে যেন তে-আঁঠিয়া তাল॥—ক.চ ৫০। ৫ পূতি, পচা, বদ। "প্রাণ ছটফট করে বিটকাল গন্ধে ক.চ ১২৫। ৬ জুগুপ্সিত, লজ্জাকর, ঘৃণাজনক (ব্যাপার)। ৭ ['বিট'—মূল?] দুশ্চরিত্র, দুষ্ট, বদ। "একজন মুখফোড় কয়েদি বলিয়া উঠিল,...সাবধান, এ নেড়ে বেটা বড় বিটকিলে লোক আ.দু ১৪৭।

বিটঙ্ক + বিণ সুন্দর, কান্ত। "কেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশ।—ভ ৩.১৫.২৭; অঙ্কবিটঙ্কবিম্ব ৫.২.১০। বনিবনমালবিটঙ্ক (শ্যামব চন্দ্র) গো ৮৫। লোল বনমালবিটঙ্ক প.ক ১৬৭৭। কটক-বিটঙ্ক শ্রী.মা ১৯৭। ২ সুন্দর, অলঙ্কৃত। "অলকবিটঙ্ককপোল ভ ১০.৩০.১৫। —টঙ্ক পুং, স্ত্রী [বি+ √টঙ্ক্‌ বন্ধন+অ (ঘঞ্‌)-ধি] ১ 'পক্ষিমাত্রবন্ধনস্থান', শুক-সারিকাদিপক্ষিপালিকা, পক্ষ্যুপবেশনস্থান (নীলকণ্ঠ)। "সভারণ্যবিটঙ্কবান্‌ মহা ১.১.৮৮। মাঘ ৩.৫৫। ২ কপোতপালিকা, পায়রার খোপ। "বিটঙ্কাগ্রবিমানক।—রা ২ ৮০.২০। ভ ৯.১০.১৭। ৩ উন্নতদেশ, উচ্চস্থান। "অয়মেব...মহীধরবিটঙ্কঃ মা.মা ১০ৠ। ৪ সঙ্কোচ, কৌটিল্য। "(এবং) ভগবতা...ভ্রূবিটঙ্কঘটনেন বার্য্যতে বা.ভা ১.৬০। —টঙ্কিত [বি+ √টঙ্ক্‌+ত (ক্ত)-স্ম] অলঙ্কৃত। "ভ ১.১৬.৩৬।]

বিটপ + পুং, ক্লী [√বিট্‌+অপ (কপন্‌)-ক, উ ৩.১৪৫] ১ শাখা-পল্লবসমুদায় (অ.টী), বিস্তার (রুদ্র)। "প্রবৃদ্ধবিটপৈর্বৃক্ষৈঃ সুখচ্ছায়ৈঃ সমাবৃতম্‌ মহা ১.৭০.৬। ২ শাখা। "কোমলবিটপানুকারিণৌ বাহূ শ ১.১৯; "বিষভ ২৮। বিটপাশ্রিতা লতা রঘু ৮৪৭। ভ্রূকুটি° ভ ৫.৯.১৮। ৩ পল্লব। "মাঘ ৭.৫৩। ৪ লতা। "কুমুদ° (S.W.)। বিস্ফুরদভ্র° ভ ৩.২.১৮। ৫ বৃক্ষের বিস্তার (অ.চি)। —প ক্লী বঙ্ক্ষণ ও বৃষণের মধ্যস্থান (সুশ্রুত)। —পী (-পিন্‌) পুং [°প+ইন্‌ (ইনি)-১ব] ১ 'শাখাবান্‌', বৃক্ষ। 'নিবিড়বিটপিবিটপ ভ ৫.২.৪। শ্রী.মা ১০৪। ম.পা ১২৮,-৩৭। বিটপিশ্রেণী স.শ ৩৭। শ্যামবট বিটপী প.ভু ৫৪। ২ 'প্রশস্তশাখাবান্‌', বট।

বিটপী দ্র 'বিটপ'।

বিটপোদর + ক্লী [ষ.ত] লতাগৃহ; বনমধ্য। "গী.গো ৭.২৮।

বিটল, -লা, -লে বিং [সং বিট; তু 'বিটাল'—অস্পৃশ্যসংসর্গ, অপবিত্রতা (দেশী; হে ৪.৪২২)] ১ ধূর্ত, দুষ্ট, দুর্বৃত্ত। "দুই বন্দী বিদেশী বিটলে দিলি ছেড়ে।—শ্রী ১১২; বিটল...কেন কন মন্ত্রিবর ১২৮। কেন শাপ দিলি মোরে বিটলা বামন ভা.চ ১৮২। বটে রে বিটলেরা! —আ.দু ৫১। মর বিটলে কি করিতেছে?—ষ.প্র ২৩; ও ড্যাকরা—ও বিটলে?—৩৬০; তবে রে বিটলে!—গরু তোমার!—৬৪১। ২ চোর। "দস্যু বিটল বড় নাহি করে ভয় ম.ভা ১৭। ৩ অপবিত্র, অস্পৃশ্য। "বিটল ক্ষাণীর সনে, একক্রোড়ে মে বিছানে, পাখালিয়া করহ নির্মল বা.ম ১১৩। —লী বি দুষ্টা, দুর্বৃত্তা। "কার গর্ব্বে মোরে মন্দ বলিস বিটলী বা.ম ৩৩২। —টাল বিং অপবিত্র, অশুচি। "উচ্ছিষ্ট খাইলে চাঁদ হইবে বিটাল বা.ম ২৩১। উচ্ছিষ্ট খাইলে চান্দ হইব বিটাল বি.পা ২৪০। —টেল বিং ধূর্ত, দুষ্ট। "ভক্ত বিটেল।—দা ৭৪৭।

বিটলা দ্র 'বিটল'।

বিটলামী বি [°ল+আমি২] দুষ্টামি; ধূর্ত্ততা।

বিটলী, বিটলে, বিটাল দ্র 'বিটল'।

বিটি, -টী বি [সং পুত্রী > প্রা ধিট্টী (প্রা.ল, ৪৯ পৃষ্ঠ; ষ —Appendix 143) > বা বিটী, -টি; তু 'সং বিট্‌'২; হি বিটিয়া, বেটী: মৈ বিটিআ, বেটী] ১ কন্যা। "নির্ব্বংশিয়ার বিটি ব প ১২৯। ২ কন্যাসদৃশী স্নেহপাত্রী, ভ্রাতুষ্পুত্রী পুত্রবধূ ইত্যাদি। "ভাল বটে বিটী (পুত্রবধূ), করিয়া আথটী, মাসাইল নারায়ণ রা.শে ৮৬। ৩ স্ত্রী-জাতীয়। "বিটীছেলে। ৪ স্ত্রীলোক। "সুন্দর পণ্ডিতা বিটি সর্ব্ব শাস্ত্র জানে শ্রী.মা ৯২। একবার সেহি বিটি মোরে গিলিছিল চ.বি ২৩৭। ৫ স্ত্রীলোক (আক্রোশে)। "বিবি বিটি আজ যদি আসে, আমি তার গলা টিপে মেরে ফেলবো!—নী ৯২।

বিটী দ্র 'বিটি'।

বিটেল দ্র 'বিটল'।

বিট্‌পতি + পুং [ষ.ত] ১ নরপতি, প্রজাধীশ (নীলকণ্ঠ)। "মহা ৩.১৩৮.১৪। ২ কন্যাপতি, জামাতা। "মনু ৩.১৪৮। ৩ বৈশ্য-শ্রেষ্ঠ, বণিক্‌পতি। "বৈশ্যঃ পঠন্‌ বিট্‌পতিঃ স্যাৎ ভ ৪.২৩.৩২।

বিড় + ক্লী [তু 'সং বিট > প্রা বিড] বিটলবণ। "মহা ১৩.৯১.৪০।

বিড়ঙ্গ + পুং, ক্লী [বিড়্‌ আক্রোশ+অঙ্গ (অঙ্গচ)-ক, উ ১.১২০] কৃমিনাশক উদ্ভিজ্জ ঔষধবিশেষ। "বিড়ঙ্গ বদলে, লবঙ্গ পাব ক.চ ১৯১; ২৪৫।

বিড়বিড় বি [ধ্বন্যাত্মক] মৃদু অস্ফুটরবে বকার শব্দ। "রসরাজ! কি বকিছ বিড়বিড়!—ষ.প্র ৬৬; বিড়বিড় বকি ১৩৯। যমরাজ অদ্ভুত ভূতের ভাষায় বিড়বিড় করিয়া সন্ন্যাসীকে অভিবাদন করিলেন। —ষ ২৪।

বিড়ম্ব + সক [অদন্ত চু.প—বিড়ম্বয়তি; সেট্‌] বিড়ম্বন, অনুকরণ।

বিড়ম্ব১ সর্ম্ম [সং বি- √ডম্ব—বিডম্বয়্‌ > প্রা √বিডম্ব > বা °ম্ব; হি √বিড়ংব] ১ প্রতারণা করা; ফাঁকি দেওয়া। "মোর বিড়ম্বনে সে আপনাকে বিড়ম্বে।—ম ৭১২। ভগবতী আমাকে বিড়ম্বে ক.চ ১০৩। শ্রী.ম ২১৩। বিধি বিড়ম্বিল ম.পা ৮০; ১৩৯। মোরে বিড়ম্বিল নারায়ণ ব প ৯০৬। বাগদিনী বেশে বটে বিড়ম্বেছ মোরে।—শি ৮৯। ২ প্রতারণাপূর্ব্বক পীড়িত করা। "সে আশ নৈরাশ ভল, বিধি বড় বিড়ম্বিল শ্রী.মা ২৭। আর চান্দেরে বিড়ম্বিয়া কার্য্য নাই বি.পা ২৪৭। বিভা দিয়া বিড়ম্বিয়া বধিলা বিদেশে ভা.চ ৪৩১। ৩ পীড়িত করা; কষ্ট দেওয়া। "না পারিনু বিড়ম্বিতে (পদ্মাবতী) আছিল গোচর বা.ম ২৩৫। তারে...বিড়ম্বিল চণ্ডী বি.পা ৭৮। একে কুলবতী করি বিড়ম্বিল বিধি।—ব ১৫৩। ৪ প্রতারণাপূর্ব্বক দুর্দ্দশাপন্ন করা। "কে তোমাবে গেল বিড়ম্বিয়া: প্রহারের চিহ্ন দেখি কেবা বিড়ম্বিলে বা.ম ২৩৮। ৫ উপহাস করা। "যে নাহি গৌরব করে, সভায় বিড়ম্বে তারে ক চ ৮৭; বিড়ম্বিতে হরিবংশ শুনে রাম রায় ১৭৬,-৭। ৬ বিপন্ন করা। "সেই মালা দিয়া মুনি আমায় বিড়ম্বিল ম.ম ৩৮। —ড়ম্ব অর্থ শত্রুতা করা; বাদ সাধা। "তথা গিয়া বিড়ম্বিল জয় বিষহরি। ধাঙ্গ খড় নাহি চিনে চাঁদ অধিকারী॥—ম.ভা ১৭। [বিড়-ম্বহ—প্রতারণা কর। "প.ক ৪৪৯।]

বিড়ম্ব২ + বিণ [√বিড়ম্ব+অ (অচ্‌)-ক] অনুকারী, অনুকরণবান্‌। "নৃ° ভ ১০.২৩.৩৭; ৩৫.৬। —ম্ব পুং [+অ (ঘঞ্‌)-ভা] অনুকরণ। —ড়ম্বন বিণ [+অন (ল্যুট্‌)-ক] অনুকারী। "ব্রহ্মনরলোকবিড়ম্বনম্‌ ভ ১০.৭০.৪০। —ড়ম্বন ক্লী [+অন-ভা] ১ অনুকরণ। "সুপাং

বিড়ম্বনম্ ভ ১.৮.২৯; অত্যন্ত° ৩০। ২ নটন, অভিনয়। শ্রীয়ত্তৈঃ-মলয়া ভক্ত্যা হরিরন্ধদ্ বিড়ম্বনম্।—ভ ৭.৭.৫২। ৩ প্রতারণা, বঞ্চন। "প্রাপ্তং সর্ব্বৈর্বিড়ম্বনম্ ক.সা ৪১.৩২। মোর বিড়ম্বনে সে আপনাকে বিড়ম্বিবে।—ম ৭১২। ৪ পরিহাস, নর্ম্মবচন। "ন বিড়ম্বনশীলাহং কা বা পূজ্যে বিড়ম্বনা ক.সা ৮১.৯৪। না জানি আমারে দুষ্ট কর বিড়ম্বন।—ম ১০৯৬। ৫ নিগ্রহ, পীড়ন। "যেই পায় সেই মাত্র করে বিড়ম্বন বি.পা ২৪২,-৭,-৮। পিতৃ° বা.ম ২৬৫। ম.পা ৭৬; ৮৩, ৯৪। শ্রী.ম ১৪৪। সৈন্ত কর বিড়ম্বন চ.বি ৫০; ৬৫,-৬। চৈ.চ ৪৮।—ড়ম্বনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অনুকরণ। "কু.স ৪.১২। ২ সর্থ 'বিড়ম্বন (২)। "সংস্থতিক্লেশ-নাটকবিড়ম্বন মাঘ ১৪.৬৩। ৩ সর্থ 'বিড়ম্বন (৪)। "কু.স ৫.৭০। শ্রীনিবাস! ছাড় বিড়ম্বনা চৈ.চ ৭৮। ৪ 'বিড়ম্বন (৫)। "এত বিড়ম্বনা তবু মুখে পরিহাস বা.ম ২৩৮, মুখদোষে নানা পাকে পাও বিড়ম্বনা ৩৯৪। —ড়ম্বিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ অনুকৃত, অনুসৃত। "বপুঃপ্রকর্ষেণ বিড়ম্বিতেশ্বরঃ রঘু ৩.১২। ২ প্রতারিত। "হেন বুঝি বিধি মোরে করে বিড়ম্বিত ক.চ ২৪১। ৩ নিগৃহীত, পীড়িত। ৪ উপহসিত। —ড়ম্বী (ম্বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব] ১ অনুকারী, অনুসারী। "জৃম্ভাবিড়ম্বিবিকটোদর উ.চ ৪.২৯। ২ সদৃশ। "বক্ত্রং চন্দ্রবিড়ম্বি; স্তনযুগলং শ্রীফলশ্রী-বিড়ম্বি (S.W.)। নিবিশতো নারীরমরস্ত্রীবিড়ম্বিনীঃ।—কাব্যাদর্শ ৩.১০৯। ৩ প্রতারক। —ড়ম্ব্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ অনুকরণীয়। ২ উপহাসাস্পদ। "ভ ১০.৪৭.১২।

বিড়ম্বন, -ড়ম্বনা, -ড়ম্বিত, -ড়ম্বী, -ড়ম্ব্য দ্র 'বিড়ম্ব[২]।

বিড়া[১], -ড়ী[১], বীড়, -ড়া, -ড়ী বি [সং ব্রীটি, -টিকা, -টী > প্রা বীড়ি, -ডিআ, -ডী > বা বীড়া, -ডী, বিড়া, -ড়ী, বীড়; হি বীড়া, -ড়ী, ঠ ব্রিডা, -ডী; গু বীডী; মৈ বীড়া; (মুণ্ডারি)—'বিড়া'—a bundle of crop] সাজা পান, পানের খিলি। "মহাবীরে নিত্য দেয় বীড়া: বীড়া বান্ধে ক.চ ৮৮। রসাল পানের বিড়া ম.ভা ৪৪। আচমন দিঞা দিল বিড়ার সঞ্চয় চৈ.চ ৯১। তাম্বুল বিড়ী ব.প ১৫০৭। সাঁচি বিড়া নি.স্থ ৫০। (মিঠাপান) রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া ভা.চ ৩২৯। বীড় খসল কর বামে।—গো ১৬৫। অনুরাগ বীড়ী ভ.প্র ৩। [বিড়া উঠান (হি বীড়া উঠানা)—কোন কার্য্যার্থ সঙ্কল্প করা। "বিড়া উঠাইল পাঁচশত হরকরা বি.স্থ ৮৯। চক্ষের বিড়া —অক্ষিগোলক। "ক চ ২৬৮।]

বিড়া[২], -ড়ে বি ['বৃত্তক' মূল (?); হি বীঠা, ঠ ব্রিডী—মুগুর ইত্যাদির মাথার লোহার বেড়] ১ মাথায় ভার বহার নিমিত্ত ধৃত খড় ইত্যাদির বৃত্তাকার বেড়, আটলা। "খসিয়া পড়িল বিড়া দূরে গেল ডালি শ্রী.ম ৬৪। ২ হাঁড়ি বসাইবার খড়ের আটলা। "বিড়ে বাড়ন। ৩ (উপহাসে) পাগড়ী। "কাঠগড়ার ভিতর বিড়ে মাথায় সরকারি জুজু বসিয়া আছে ব.প্র ৬৩৬।

বিড়ার বি [ফি 'বিডর'—নির্ভীক; বি-দর > °র?] বিশেষ ভয়; অতিভয়। "বিড়ার খাইল সবে নাহি বান্ধে বুক শ্রী ২২৬।

বিড়াল, -ব্রাল, -লাল † পুং [√বিড়্ আক্রোশ+আল (কালন্) -ক, উ ১.১১৫; লি বিলার, -ল; তা পুরু(লু); তেলেগু বিল্লি; ড় বিলেই; 'বিদার' মূল (?)] ১ মার্জ্জার। "বিলাল গো.বি ১২১। ২ নেত্রপিণ্ড। ৩ নেত্রৌষধভেদ। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মার্জ্জারী। ২ ভূমিকুষ্মাণ্ড, বিদারী। [বিড়ালচোখী—যে স্ত্রীলোকের চোখের তারা বিড়ালের মত সবুজ, কাল নয়। "কালো তারা যার নাই লো সখি! সে ধনীর নাম বিড়ালচোখী।—দা ৪৩৭।

বিড়ালতপস্বী, -সন্ন্যাসী বি মুনিব্রতাবলম্বী বা সন্ন্যাসাশ্রমী বিড়াল; (গৌণার্থে) ধর্ম্মধ্বজী, ভণ্ড সাধু। "তথা গিয়া উত্তরিল বিড়ালসন্ন্যাসী।—ম ৭২৭। দা ৪৪১। বাপ অসৎকর্ম্মে রত হইয়া নীতি উপদেশ দিলে, ছেলে তাহাকে বিড়ালতপস্বী জ্ঞান করিয়া উপহাস করিবে আ.দু ১৯। [দ্র 'বিড়ালতপস্বীর উপাখ্যান (ম ৭২৬)। দধিকর্ণোপাখ্যান (হি ১.২৯)।] [বিড়ালতপস্বিতা—বিড়ালতপস্বীর ধর্ম্ম; ধর্ম্মধ্বজিত্ব। "ন ৮০৯।]

বিড়ি, -ড়ী[২] বি ['বিড়া[১], -ড়ী' মূল (?); ঠ ব্রিডী] ১ পানের কুড়িগণ্ডা (স্থানবিশেষে সংখ্যাভেদ আছে)। "পাঁচ বিড়ী পান ক.চ ১৩৪। ২ [হি বীড়া; ঠ বিডী] শালপাতায় জড়ান কাটা তামাকের চুরুট।

বিড়ী[১]; বিড়ী[২] দ্র 'বিড়া[১]; বিড়ি'।

বিডীন † ক্লী [বি+ √ডী+ত (ক্ত)-ভা] পক্ষীর তির্য্যগ্ গতিবিশেষ। দ্র 'ডীন'।

বিড়ে দ্র 'বিড়া[২]।

বিড়োজা বি [সং বিড়োজাঃ, হি বিড়োজা] ইন্দ্র। "ম.পা ২; ১৬; বিড়োজাদিদিক্পালিনী শঙ্করী ৪৯, °নন্দন ৬৬। [°দিগেশ্বর (অপ্র) —'পূর্ব্বদিক্পতি, ইন্দ্র। "ম.পা ৪৩।]

বিড়ো(ড়ৌ)জাঃ (-জস্) † পুং [বিট্ (ব্যাপক) ওজঃ যাঁহার, বহুব্রী-১ব, পৃষো; ঔ > ও, দ্র 'ঔষ'] 'ব্যাপকবল', ইন্দ্র। "বিড়ৌজসঃ রঘু ৩.৫৯; শ ৭.৩৪।

বিড়্বরাহ † পুং [উ.লো] বিট্প্রিয় শূকর; গ্রাম্যশূকর। "মনু ৫.১৪,-৯; ১১.১৫৫।

বিড়্ভুক্ (-জ্) † বিণ [বিষ্+ √ভুজ্+ক্বিপ্ (০)-ক-১ষ; উ.ত] পুরীষভক্ষ্য। "বিড়্ভুজাং পক্ষিণাম্ মনু ১২.৫৬।

বিড়্লবণ † ক্লী [উ.লো] বিড়্গন্ধি লবণ, বিটলুন।

বিণ্মূত্র † [স.দ্ব] মলমূত্র, মূত্রপুরীষ। "মনু ৪.৪৮; ২২২।

বিৎ (-দ্) † [√বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব] ১ জ্ঞাতা; বেত্তা। "বাগবিদাং বরম্ রা ১.১.১। সর্ব্ব°, শাস্ত্র°, অকৃৎস্ন° গী ৩.২৯; তদ্° ১৩.২; উত্তম° ১৪.১৪, বেদ° ১৫.১। বেদবিত্তমাঃ মনু ৫.১০৭। কল্প° রঘু ১.৯৪। ২ লব্ধা, লাভকারী। "অন্ন°; অর্থ°। [সমাসে উত্তরপদ]। —২ পুং ১ বিদ্বান্, পণ্ডিত। "ভ ১.৫.৪০। ২ বুধগ্রহ। ৩ [+ক্বিপ্ -ণ] বুদ্ধি।

বিতং [বিতত > বিতং (?)] বিবরণ। "খএরাত বিতং E.P. 58; তপসিল বিতং 59.

বি(বী)তংস † পুং [বি+ √তন্স্ বন্ধন+অ (ঘঞ্)-ণ, বিকল্পে উপসর্গদীর্ঘ] 'বন্ধনসাধন', মৃগপক্ষিগণের বন্ধননিমিত্ত উপকরণ—জাল, বাগুরা প্রভৃতি (অ.টী), পাশ, ফাঁদ। "কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে, বীতংসে।—মে ১৭। বীতংসে কেবা বাঁধে কেশরীরে?—মা ১০২।

বিতণ্ডা † স্ত্রী [বি+ √তণ্ড্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ (স্তায়ে) প্রতিপক্ষস্থাপনাহীন জল্প—'বিতণ্ডা' (গৌতম); স্বপক্ষপরপক্ষস্থাপনা-হীন কথা (নীলকণ্ঠ); যাহাতে বাদী ও প্রতিবাদী কেহই স্বপক্ষ সমর্থন করে না, সকলেই পরপক্ষ খণ্ডন করে, বা পরপক্ষে দোষারোপ করে, তাদৃশ বাক্যপ্রপঞ্চ। 'সঃ (জল্পঃ) প্রতিপক্ষস্থাপনাহীনো বিতণ্ডা (গৌতম)। এবমেতন্ (স্বপক্ষস্থাপনম্) ন চাপ্যেবম্ (পরপক্ষদূষণম্), এবং চৈতন্ (প্রতিবাদিপক্ষে স্বপক্ষস্থাপনম্) ন চান্তথা (পরপক্ষদূষণম্) প্রত্যুচুর্বহবস্তত্র, বিতণ্ডা বৈ পরস্পরম্।—মহা ২.৩৬.৪। "বিতণ্ডাছল নিগ্রহাদি অনেক উঠাইলা চৈ.চ ১০৪। তুল্য বুদ্ধিমান্ দুইজনের মধ্যে বিতণ্ডার শেষ হয় না পা.প্র ৬৪। ২ [+অ-ণ] দর্ব্বি, হাতা। ৩ কচ্বীশাক। ৪ করবীর। ৫ (বাঙ্লায়) বিবাদ, ঝগড়া, বৃথাতর্ক। "বিতণ্ডা ত্যজিয়া পাণ্ডা, কিসয়ে অমৃতসণ্ডা ক.চ ২৩৫। ইহাতে অন্যথা হৈলে বিতণ্ডা করিব।—চৈ ৯১।

বিতত + বিণ [বি+ √তন্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রসারিত। "°পৃথুব-রজা মাঘ ১৬.৪৪। ২ বিস্তৃত। "কি ৫.১১ ; অধিকবিততলোচনম্ (বীক্ষিতম্) ১৫.৬১। °জিহ্ব মৃ ৯.১২। ৩ দীর্ঘীকৃত, আয়ত। ৪ আরব্ধ। "বিততা যজ্ঞা ব্রিজানাম্ রা ২.৪৫.২৮। যজ্ঞে তু বিততে মনু ৩.২৮। ৫ বিস্তারিত, উপদিষ্ট, বিহিত (গী টীকা)। "বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।—গী ৪.৩২। ৬ সতত অনুষ্ঠিত। "ত্বমপি বিততযজ্ঞঃ স্বর্গিণঃ প্রীণয়ন্ শ ৭.৩৪। ৭ সতর্কপ্রবৃত্ত। "সত্যেন পন্থা বিততো দেবযানঃ।—মুণ্ডক ৩.১.৬। ৮ বিশ্লিষ্ট। "°বলিবিভাব্য-পাণ্ডুলেখা মাঘ ৭.৩৩। ৯ (বাঙ্লায়) ইতস্ততঃ বিক্ষিপ্ত ; ছড়ান। "বেশবাস বিধান বিতত চ.কা ১২১। —তত ক্লী ততবাদ্য, তন্ত্রিবাদ্য, বীণাদি। —ততি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রসারণ, বিস্তার। "যশসো বিততৈ্য ভ ৯.১০.১৫ ; মোহ° ১১.৮.৩০। ২ পঙ্ক্তি, শ্রেণী, রাজি। ৩ গুল্ম, সমূহ। "প্রসূন° (S.W.)। বংশ° কি ১২.৪৭। [°ধন্বা (-ধন্) বিণ—সমাকৃষ্টচাপ।]

বিততি দ্র 'বিতত'।

বিতথ + বিণ [বিগত তথা যাহা হইতে (অ.টী), বহুব্রী] ১ বিগতসত্য, অনৃত, মিথ্যা। "যঃ প্রশ্নং বিতথং ব্রূয়াৎ মনু ৮.৯৪ ; বিতথাভিনিবেশঃ ১২.৫। যাজ্ঞ ৩.১৩৪,-৫৫। বিতথা...বাক্ রঘু ৯.৮। °বাদিন্ ক.সা ২৬.৯৬। ২ বিফল, মোঘ, ব্যর্থ। "°প্রযত্নঃ রঘু ২.৪২ ; ৭.১৪। ভ ৯.২০.৩৫। ৩ (বাঙ্লায়) বিশৃঙ্খল, পরিপাটিহীন। "বিবশা ধরা বিতথ বেশ কু.কে ৬৩। —তথ ক্লী মিথ্যাবাক্য (অ.কো)। "আ জন্মনো ন ভবতা বিতথং কিলোক্তম্।—বে ৬.১৩। —তথ্য বিণ [বহুব্রী] বিগততথ্য, অসত্য।

বিতথা বি [অপ্র] ১ তৎপ্রকারের বিপর্য্যয়, অসংস্কার, অপরিপাটি। "সে হেন অঙ্গের, এমন বিতথা, লোকে না বলিবে কি !—জ্ঞা ৮৫। ২ বিপদ্, সঙ্কট। "নারায়ণী সেনা সহ রণ করে পিতা। তেঁহ না জানিল মোর এতেক বিতথা॥—ম ৮৪৬। কেন কান্দ কিসের বিতথা শ্রী.মা ১৪৯, করাব বিতথা ১৬১ ; ময়নার বিতথা হয়েছে ১৮৬ ; ২০৭। ৩ দুরবস্থা, দুর্গতি। "দুর্য্যোধন কৈল মোর অনেক বিতথা। —ম ৯৯৯। বড়ই বিতথা শ্রী.মা ৭১ ; ১০২। —তথা বিং (অপ্র) লজ্জিত, অপ্রতিভ। "(কুন্দলতা !) প্রিয়জনে এত কেন করহ বিতথা রা.শে ৭৫।

বিতথ্য দ্র 'বিতথ'।

বিতনু + বিণ [বহুব্রী] ১ বিগততনু, অশরীর। ২ [সুপ্সুপা] বিশেষ ক্ষীণ ; সূক্ষ্ম। "মহা ১৩.২৬.৯১।

বিতন্ত্রী + স্ত্রী [প্রা.স] বিষমবদ্ধা তন্ত্রী ; বেসুরা বীণা। "কু.স ১.৪৫।

বিতমাঃ (-মস্) বিণ [বিগত তমঃ যাহা হইতে, বহুব্রী-১ব ; স্ত্রী -মাঃ] ১ তমোগুণরহিত। "রঘু ৯.২০। ২ তিমিররহিত।

বিতর সর্থ [সং বি+ √তৄ >লি, প্রা √বিতর ; হি √বিতর ; পক্ষে] বিতরণ করা ; দান করা। "(রে নিকুঞ্জ-শোভা !) কেন সমীরণে, বিতরিস...পরিমল-সুধা।—মা ৯৩ ; কৌশল্যামহিষী, বিতরেন ধনজাল ১০১। বিতর জীবনদায়িনী সুধা।—মে ২৫৯। বিতর বিতর প্রেম পাষাণ-হৃদয়ে।—রবীন্দ্র।

বিতরণ + ক্লী [বি+তৄ+অন (ল্যুট্)-ভা] ১ উৎসর্জ্জন, ত্যাগ, দান। "বিত্তেন কিং বিতরণং যদি নাস্তি (S.W.)। ধনবিতরণে—কু ১০০। ২ [+অন-র্ম্ম] দেয় বস্তু ; দান। "পূর্ণাশা বহবঃ কৃতা বিতরণৈর্যেন ত্বয়া যাচকাঃ (সুব্র)। প্রিয়বিতরণৈঃ (S.W.)। —তরিত বিং ['বিতীর্ণ' সাধু] প্রদত্ত।

বিতর্ক + পুং [বি+ √তর্ক্+অ (ঘঞ্)-ভা] ১ সংশয়, সন্দেহ। "বিতর্কৈর্বহুভির্বৃতম্ গো.রা ৪.৬১.২১। কি ৯.৫। ভ ১০.৮৯.১। ২ ঊহ, সম্ভাবন। "শিরীষপুষ্পাধিকসৌকুমার্য্যৌ বাহূ তদীয়াবিতি মে বিতর্কঃ কু.স ১.৪১। ৩ [+অ-র্ম্ম] বিতর্কণীয় বিষয় ; সন্দেহবস্তু। ৪ (বাঙ্লায়) বাদানুবাদ, বাক্‌কলহ। —তর্কণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] সর্থ 'বিতর্ক'।

বিতর্কণ দ্র 'বিতর্ক'।

বিতর্দ্দি + স্ত্রী [বি+ √তর্দ্দ্+ই (ইন্)-ধি, উ ৪.১১৭] বেদিকা। "রা ২.৮০.২০। মাঘ ৩.৫৫।

বিতল + ক্লী [প্রা.স] বিশেষ তল ; পাতালভেদ। দ্র 'লোক (১)। "ম ৯৪৮। বা.দ ১৪৪।

বিতস্তা + স্ত্রী পঞ্জাবের নদীবিশেষ (Jhelum ; Gr. Hydaspes)।

বিতস্তি + পুং, স্ত্রী [বি+ √তস্ উৎক্ষেপণ+তি-ধি, উ ৪.১৮১ ; হি বিতা, -ত্তা ; ঠ রীত] প্রসারিত অঙ্গুষ্ঠের অগ্রভাগ হইতে প্রসারিত কনিষ্ঠার অগ্রভাগপর্য্যন্ত দূরত্বপরিমাণ ; হস্তার্দ্ধ, বার আঙুল, বিঘত। 'দ্বে বিতস্তী তথা হস্তঃ।

বিতান + বিণ [বি+ √তন্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ তুচ্ছক, শূন্য (অ.টী)। "মাঘ ৩.৫০। ২ শূন্য, অপ্রহৃষ্ট। "রঘু ৬.৮৬। ৩ মন্দ। —তান পুং, ক্লী [+অ-ভা] ১ বিস্তার। "কীর্ণবল্লী° (বায়ু) মাঘ ১১.২৮। যজ্ঞস্য চ বিতানানি ভ ৩.৭.৩০। সুরত° গী.গো ২.১৬। ২ জাল, নিকর। "ভাতি ভাসাং বিতানম্ মাঘ ১১.৪৩। শিলা° কি ১৭.৬১। ৩ অনুষ্ঠান। "নানাকর্ম্ম° ভ ৩.৯.৩৪। ৪ মধ্য। "(বনমালী) বসতি বিপিনবিতানে গী.গো ৫.৫। বিরূপই বিপিন-বিতান।—গো ২৫৯। কানন°।—ন ৮৬৫। করে গর্জ্জন নির্ঝরিণী ...তমালবিতানে।—গান ১৭৬। ৫ [+অ-র্ম্ম] চন্দ্রাতপ, চাঁদোয়া ; "গগনম্...রেণুভিঃ...সবিতানমিবাকরোৎ রঘু ৯.৫০ ; ১৭.২৮। বিরচই চারু বিতান।—গো ১৮৬। বিচিত্র বিতান।—শি ২৪ ; ৯৬ ; ১০৯। মেঘের বিতান সা ম ৫১। ৬ ব্রণবন্ধনবিশেষ (bandage)। ৭ ক্রতু, যজ্ঞ। "উত্তম° মাঘ ১৪.১০। °যোগ ভ ২.১.৩৭ ; বিতানাগ্নি ১০.৬৯.২৪। ৮ [+অ-ধি] যজ্ঞবেদি। —তান ক্লী ছন্দোবিশেষ। —তানক পুং, ক্লী [°ন+ক (কন্) স্বার্থে] ১ বিস্তার। ২ চন্দ্রাতপ। ৩ পুঞ্জ, নিচয়। "দ্যুতি° মাঘ ৬.২৭। [বিতানত—জাতবিস্তার, বিস্তারিত (প.ক)।]

বিতানক, বিতানিত দ্র 'বিতান'।

বিতারিখ বি ['ব তারীখ্.' > °খ] তারিখ। "শ্রী.মা ২২৭ ; শ্রী ২৪১।

বিতীর্ণ + বিণ [বি+ √তৄ+ত (ক্ত)-র্ম্ম] ১ দত্ত। 'দেবতাবিতীর্ণ-বীর্য্যাতিশয় মাঘ ১.৭১ ; °বর্ত্মন্ ১৭.১৫। করকমল° (পাঠান্তর) উচ ৩.২৫। ২ উৎপাদিত। "°রাগ মাঘ ৭.৬৭। ৩ অবগাঢ়। "উদধীন্ বিতীর্ণম্ (যশঃ) রঘু ৬.৭৭।

বিতৃট্ (-ষ্) + বিণ [বহুব্রী] বিগততৃষ্ণ, তৃষাহীন। "ভ ৪.৬.২৬।

বিতৃণ + বিণ [বহুব্রী] বিগততৃণ, তৃণহীন। "ভট্টি ২.১৩।

বিতৃষ + বিণ [বিগত তৃষা যাহার, বহুব্রী] ১ তৃষাহীন, বীতরাগ, বিষয়াসক্তিহীন। "অ° ভ ১০.৫১.৫৭। ২ তৃষ্ণারহিত।

বিতৃষ্ণ + বিণ [বহুব্রী] ১ বিগততৃষ্ণ, নিষ্কাম। "মতিঃ...বিতৃষ্ণা ভ ১.৯.৩২। ২ তৃপ্ত। "°তা মাঘ ১২.৩৯। ৩ তৃষ্ণারহিত।

বিত্ত + বিণ [√বিদ্ লাভ+ত (ক্ত)-র্ম্ম, 'ভোগ-প্রত্যয়' অর্থে নিপাতিত, পা ৮.২.৫৮] ১ ভোগ্য। "বিত্তং ধনম্ (সি)। ২ প্রতীত, জ্ঞাত। "পা ৫.২ ২৬। বিত্তঃ পুরুষঃ (সি)। উন্নতি° মাঘ ৭.৭২। ৩ [√বিদ্ বিচারণ+ত-র্ম্ম] বিচারিত। "পা ৮.২.৫৬। —ত্ত ক্লী ভোগ্য দ্রব্য ; ধন, অর্থ ; দ্রব্য। "ঋগ্বেদ ৫.৪২.১০। °সঞ্চয় রা ২.৬৯.১৪। স্ববিত্তস্যাংশম্ মনু ৮.৩৬। [°কাম (বিণ)—ধনেচ্ছু, অর্থগৃধ্নু। °গোপ্তা (-প্তৃ), °নাথ, °প, °পতি, °পাল (পুং)—'ধনরক্ষক, ধনপতি', কুবের। "°গোপ্তা (মহা)। °নাথ ক.সা ৩৪.৭৯। °প রা ৭.৩.৩৫ ;

°পাল ১১.২৫। °পতি মনু ৫.৯৬। °পেটা, -টী (স্ত্রী)—ধনাধার, মাত্রাভস্ত্রা, তোড়া (পক)। °বর্দ্ধন (বিণ)—ধনবর্দ্ধক, লাভজনক। °বিবর্দ্ধী (-র্দ্ধিন্) বিণ—ধনবৃদ্ধিকর। "বৃদ্ধিম্…বিত্তবিবর্দ্ধিনীম্ মনু ৮.১৪০। °সমাগম (পুং)—ধনাগম, আয। "প্রচুরবিত্তসমাগম। —পঞ্চ ১.৪৫৯।]

বিত্তর্দ্ধি † স্ত্রী [বিত্তের ঋদ্ধি, ষ ত] ধনবৃদ্ধি, ধনবাহুল্য।

বিত্তাঢ্য † বিণ [সুপ্‌সুপা] ধনাঢ্য, মহাধন।

বিত্তি[১] † স্ত্রী [√বিদ্+তি (ক্তিন্)-ভা] ১ লাভ। ২ বিচার।

বিত্তি[২] বি [সং বৃত্তি >প্রা রিত্তি] জীবিকা। "নাট" গো বি ৯৬।

বিত্যয় বি [সং ব্যত্যয় > °য, দ্র 'ই'[১১] (৬), অপ্র] ব্যতিক্রম, ব্যাকরণদুষ্টতা, অশুদ্ধি। "সুধিবে যদ্যপি থাকে শব্দের বিত্যয় শ্রী মা ২২৭।

বিত্তেশ, -শ্বর † পুং [বিত্তের ঈশ, ঈশ্বর ষ ত] ধনপতি, কুবের। "°শ গী ১০.২৩, মনু ৭ ৪। °ব ক সা ৩৮.১৫১।

বিত্তেহা † স্ত্রী [বিত্তের ঈহা, ষ ত] ধনলাভচেষ্টা। "হি ১ ১৯১।

বিত্রস্ত † বিণ [বি+ √ত্রস্+ত (ক্ত)-ক] অতিভীত। "°মুগ্ধহরিণী-সদৃশৈঃ কটাক্ষৈঃ (ভর্তৃহরি)।—ত্রাস বিণ [+ √ত্রাসি+অ (অচ্) -ক] বিত্রাসয়িতা, মহাভীতিজনক। "ত্রৈলোক্য° (নাদ)।—S W.। —ত্রাস পুং [+ √ত্রস্+অ (ঘঞ্)-ভা] মহাভয, অতিশঙ্কা। "সুগ্রীব° গো.রা ৪.১ (সর্গশেষ)। °বেপথু ভ ১০.৫০ ১৬। °বেপমান ক.সা ১৯.৯০।—ত্রাসন বিণ [+ √ত্রাসি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] সর্থ 'বিত্রাস' (বিণ)। "সর্ব্ব° রা ৬ ১০৮.১০।—ত্রাসিত বিং [ত+(ক্ত)-র্ম্ম] ভীষিত।

বিত্রাস, বিত্রাসন, বিত্রাসিত দ্র 'বিত্রস্ত'।

বিথর বিং [সং বিস্তর >প্রা বিত্থর >বা °র] অনেক। "শ্রী কী ১৮

বিথান বি [বিতান > °ন] ১ আস্তরণ। "নাগরের বাহু, করিয সিথান, বিথান বসন ভূষা জ্ঞা ১৩৩, প.র ৪৪। চৌদিকে কুসুম বিথান প.ক ২৮৩৭। ২ [বিস্থান > °ন] স্থানচ্যুত, অপরিপাটি এলোমেলো। "বেশবাস বিথান বিতত চ কা ১২১।

বিথার[১] বি [সং বিস্তার >লি, প্রা বিত্থার > °র] ১ বিস্তার "কোকিলকুল-কলরব হি বিথার বি প ১৭০। করিল সেজ বিথার —ব ১৬১। কুলবতী-কলঙ্ক-বিথার-দেহধারী চৈ ম ৬৩। অঙ্গহি অঙ্গ অনঙ্গ বিথার জ্ঞা ২০। ২ প্রবাহ। "নযন ঘন ঘুরত, ঢরকত লোর বিথার।—ব ৩৬, ন প ৩৮৬, ৩ বিস্তার, বৃদ্ধি, প্রবলতা। "ন অনুরাগে কত আরতি বিথার।—ব ৭৫। গমন নিরঙ্কুশ আরতি বিথার ব.প ১০৩৮। ৪ পরিব্যাপ্তি। "কত কত বিঘিনি বিথার ব প ১০৩৬ ৫ আস্তরণ। "নাগরের বাহু করিয়া সিথান বিথার বসন ভূষ ব প ১০৭০। দ্র 'বিথান'।—থার বিং ১ পরিব্যাপ্ত। "আতপে বদ বিথার ব.প ১০৩২, দশ দিশ দামিনী দহই বিথার।—গো ১৩১ ২ প্রবাহশীল। "স্রোত-বিথার জলে, এ তনু ভাসাওাছি প.ক ৭৫১ ৩ প্রবহণশীল, বেগবান্। "ঝর ঝর জলধর ধার। ঝঞ্ঝা পবন বিথার —গো ২৫০। ৪ পরিপাটিহীন, বিশৃঙ্খল। "কেশ বেশ আদি, বিথা হইল চ.দা ৭৭। —থারিত বিং বিস্তারিত, পরিব্যাপ্ত। "বিঘিনি বিথারিত বাট বি প ৯০, বিঘিনি বিথারিত উপজয়ে শঙ্কা ৯১।—রি বিং বিস্তারিত, পঙ্‌ক্তিক্রমে সজ্জিত। "(স্বেদবিন্দু মুখ জ্যোতি) যৈছ জলদে বিথারিল মোতি।—গো ১৪।

বিথার[২] সর্ম্ম [বিথার[১] > °র, সং বি+ √স্তারি—স্তারয়্ >বি √বিথারে, প্রা √বিত্থার >বা °র, হি, মৈ √বিথার] ১ বিস্তা করা। "বিদ্যাপতি কহ সুপুরুখ নারী। মরণ সমাপন প্রেম বিথারি —বি.প ১৮৫। বিথারিয়া মায়া প.ভ ১৬। বিথারি রিক্ত শাখা (তরু কু.কে ২৬। ২ বিস্তার করা; পরিব্যাপ্ত করা। "তাহি চলহ বাঁয়া, কুসুম বিথারল, মঞ্জুল মাধবীকুঞ্জ।—গো ১২১। উছলত সুরসরিত-বারি, নদীয়া মহি মৃদ বিথারি ন.প ৯০। ৩ বিস্তারিত করা; প্রসারিত করা। "মহাকায় বিথারিয়া।—হেম ৩৪২। ৪ আলুলায়িত করা; খোলা। "কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি বি.প ৩৭। ৫ প্রদর্শন করা, অভিনয় করা। "নির্ম্মল যত ভণত ভাট, ভঙ্গি তর বিথারি ন.প ৯০। ৬ বিস্তার করা, বিতরণ করা। "(নটবর) অকিঞ্চন ঘরে ঘরে প্রেম বিথারী।—ব ২৬।—থার অর্ম্ম ১ বিস্তৃত হওয়া; ব্যাপ্ত হওয়া। "দারুণ ফুলশর, কুঞ্জে বিথারল ব প ১০৩৭। ২ আলুলায়িত হওয়া, খুলিয়া যাওয়া। "জনু নব জলধর, ধরণী লোটায়ত, আকুল চিকুর বিথারি।—গো ১১৮। কেশ বিথারিয়া পড়িছে।—হেম ৩৪৩। [বিথারই, -রল, -রিযা, -রে (প ক)।]

বিদ্[১] † সক [অদা, প—বেত্তি, সেট্] জ্ঞান, বোধ। 'বেত্তি বেদ বিদো জ্ঞানে। [আ—(ণিজন্ত) আবেদন, জ্ঞাপন। নি—(ণিজন্ত) নিবেদন।]

বিদ্[২] † অক [দি, ও—বিদ্যতে; অনিট্] বিদ্যমানতা, সত্তা। 'বিদ্যতে বিদঃ সত্তায়াম্। "বিদ্যতে বিষ্ণুঃ (ক.ক)। [নির্—নির্ব্বেদ। "আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্ব্বিদ্যেত যদাখিলা ভ ১১.৮ ৪২]

বিদ্[৩] † সক [তু, ঞ—বিন্দতি, -তে, অনিট্] লাভ, প্রাপ্তি। '(বিদঃ) লাভে বিন্দতি বিন্দতে। [অধি—অধিবেদন, অধিকবিবাহ। নি—(ণিজন্ত) নিবেদন, উৎসর্গ। পরি—পরিবেদন, জ্যেষ্ঠবর্জ্জনপূর্ব্বক দারাগ্নিলাভ। "পরিবেত্তা মনু ৬.১৭১, -৭২]

বিদ্[৪] † সক [রুধা, ও—বিন্তে, অনিট্] বিচারণ, মীমাংসা। 'বিন্তে বিদো বিচারণে।

বিদ্[৫] † সক [চু, ঞ—বেদয়তি, -তে; সেট্] ১ জ্ঞান। ২ আখ্যান। —দ্ অক [চু, ঞ] ১ স্থৈর্য্য। ২ বাস। ৩ ব্যথা (ক.ক)।

বিদ † বিণ [√বিদ্[১]+অ (ক)-ক, স্ত্রী -দা] বেত্তা, বিৎ। "কো°, ত্রয়ী°, দ্বি°।—দ পুং ১ পণ্ডিত, বুধ। ২ বুধগ্রহ।

বিদংশ[১] † পুং [বি+ √দন্শ্+অ (ঘঞ্)-র্ম্ম] অবদংশ, চাট।

বিদংশ[২] সর্ম্ম [সং বি+ √দন্শ্ >প্রা *বিদংস >বা °শ, অপ্র] দংশন করা; তুণ্ডাহত করা। "সর্পসৈন্য জেহেন গরুড়ে বিদংশিল অ.প ১৫, ১৬।

বিদকু(খু)টে '-দ্' বিং [বিঘটিত (?)] ১ কুৎসিত, বদ (চেহারা, স্বভাব)। ২ অশোভন, বেখাপ্পা। "দিশি বুলি ঝাড়, আমিও জবাব দিচ্ছি, বিদখুটে চা'ল চাল কেন?—বাবু (অ.গ্র)। ৩ প্রচণ্ড। "বিদকুটে বাঙালে গোঁসা বড়ই বালাই।—হেম ৩৮০।

বিদখুটে, দ্র 'বিদকুটে'।

বিদগধ বি [সং বিদগ্ধ >(স্বরাগমে) °ধ] ১ রসকলাবিৎ, রসিক। "বিদগধ সেহ তোঁহে তনু তুল বি.প ৫৮, বিদগধ মাধব ৭৯; পিয়া মোর বিদগধ ১২৭, -৬২। বিদগধ…পুরুষ শ্রী.মা ৯২। ২ রসকলা-পণ্ডিত। "বিদগধ রসিক, শিরোমণি নাগর প.ক ৬৫। ৩ পণ্ডিত, প্রাজ্ঞ। "(শিবকে) বাসনা করেছ বর বিদগধ জানি শি ২২। ৪ নিপুণ। "হর বলে তোমা হ'তে বিদগধ কে শি ২৪। ৫ বিশেষ-দগ্ধ, জ্বলিত। "মদন বাণে, দেহ বিদগধ শ্রী কী ১৪৯।—দগধি, -ধী বি [°ধ+ঈ, °ধি (সম্বোধনে)] ১ রসিকা। "ছিয়ে ছিয়ে বিদগধি রাধে।—গো ২২২। ২ বৈদগ্ধ্য, রসজ্ঞতা। "ব.প ১৮৭৬, -৮। [°শেখর —রসিক-চূড়ামণি। "গো ২১৩।]

বিদগধি, বিদগধী দ্র 'বিদগধ'।

বিদগ্ধ † বিণ [বি+ √দহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিশেষদগ্ধ, বিদুগ্ধ। ২ পক্ব, পাকপ্রাপ্ত। "শোফয়োঃ…আমবিদগ্ধয়োঃ।—সুশ্রুত ৪.১.৩৭

°শীর্ষ। ৪ চতুর, রসকলাবিৎ, রসিক। "°লীলা মাঘ ১.৬০। পণ্ডিত বিদগ্ধ জুবা চৈ.চ ৫৫। বিদগ্ধ বট হে, প্রভু বিঁ.হু ৬৪। ৫ নিপুণ। "মন্ত্রবিদগ্ধবুদ্ধিরোদ্দালকিঃ মহা ৩.১৩২.১। ৬ সুন্দর, কান্ত, মোহন। "বিদগ্ধ বিনোদ চলে বকুলের তলে বি.সু ৪৫। ৭ পণ্ডিত। "তুমি বিদগ্ধ কৃপাময়, জান আমার হৃদয় চৈ.চ ১৫৪। বিদগ্ধ বিধি বি সু ১১৯। —দগ্ধ পুং ১ পণ্ডিত, সূক্ষ্মগ্রহণকোবিদ। "বিদগ্ধৈর্নিগ্রাহ্যঃ…(মহিমাম্) অতিশয়ঃ উ.চ ৪.২১। নাবিদগ্ধঃ প্রিয়ং ব্রূয়াৎ।—পঞ্চ ১.১৭৫। ২ রসিকজন। ৩ নাগর। —দগ্ধা স্ত্রী ১ চতুরা, রসিকা। ২ বিদুষী। ৩ পরকীয়া নায়িকাভেদ (রসমঞ্জরী)। "ক্রিয়া°, বাগ্° ভা.চ ৬৮২,-৩। —দগ্ধতা স্ত্রী [°গ্ধ+তা (তল্)] ১ বিদগ্ধভাব, পাণ্ডিত্য, চতুরতা, নৈপুণ্য। "সদ্ভাবপ্রতিপন্নানাং বঞ্চনে কা বিদগ্ধতা (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ২ রসিকতা।

বিদগ্ধতা, বিদগ্ধা দ্র 'বিদগ্ধ'।

বিদম বিং [অপ্র] মৃতপ্রায়, আধমরা। "শ্রী ম ১৬৪।

বিদর অর্ম্ম [সং বি- √দৃ—বিদরণ > °র; °হি √বিদর] বিদীর্ণ হওয়া; ফাটা। "(কুচযুগ দেখি) পাকা দাড়িম বিদরে শ্রী.কী ১২। ন.বি ৫১। দাড়িম বিদরে ভা.চ ২৯১। বুক বিদরিয়া যায় শি ২২। —দরা সর্ম্ম [°র+আ৮] বিদীর্ণ করা। "ব্রজের গোয়ালা কান্দে বিদরায় হিয়া শ্রী.মা ১৫৪।

বিদরণ † ক্লী [বি+ √দৃ+অন (ল্যুট্)-ভা] ১ বিদাব; বিদীর্ণীভাব, ফাটা। ২ ভেদ, প্রকাশ। "বৃহৎসংহিতা ৫.৮১।

বিদরা দ্র 'বিদর'।

বিদর্ভ † পুং, বহুব [বহুব্রী] ১ 'বিগতদর্ভ', দেশবিশেষ। "°রাজদুহিতা গো.রা ১.৪০.৩। আসীদ্ বিদর্ভেষু ভীমঃ মহা ৩.৫৩.৫। রঘু ৫.৬০। নৈ ১.৫০। [ইহা বিন্ধ্যের দক্ষিণপার্শ্বে ছিল। দময়ন্তীপিতা ভীম ও রুক্মিণীপিতা ভীষ্মক ইহার অধিপতি ছিলেন। ইহা আধুনিক 'বড়-নাগপুর' বা 'বিরার' (Berar; 'বরাড'—নৈ ২.১৬, টীকা)। প্রসিদ্ধি, কোন মুনিপুত্র কুশাঙ্কুরে বিদ্ধ হইয়া প্রাণত্যাগ করিলে মুনিশাপে এই দেশ কুশশূন্য ও 'বিদর্ভ' নামে অভিহিত হয়।] ২ বিদর্ভদেশবাসিগণ। ৩ বিদর্ভদেশের রাজা। "°তনয়া। —দর্ভা স্ত্রী বিদর্ভরাজধানী কুণ্ডিননগর। [°জা (স্ত্রী)—'বিদর্ভজাতা', দময়ন্তী; রুক্মিণী; লোপামুদ্রা। °তনয়া (স্ত্রী)—দময়ন্তী। °নগরী (স্ত্রী)—সর্থ 'বিদর্ভা'। °ভূ (স্ত্রী)—বিদর্ভদেশ। "নৈ ২.১৬। °রাজ (পুং)—ভীম; ভীষ্মক। °সুভ্রূ (স্ত্রী)—দময়ন্তী। "নৈ ১.৮২।]

বিদর্ভা দ্র 'বিদর্ভ'।

বিদল † বিণ [বি+ √দল্+অ (ঘঞর্থে-ক)-র্ম্ম] ১ বিভিন্ন, দ্বিধাকৃত। ২ [বহুব্রী] বিভিন্নদল, প্রস্ফুটিত (পুষ্প)। ৩ বিগতদল, পত্রহীন। —দল পুং [+অ-ভা] ১ বিশ্লেষ, বিভেদ। ২ বিশ্লিষ্টদল রক্তকাঞ্চনবৃক্ষ। ৩ পিষ্টক। —দল ক্লী ১ দ্বিধাকৃত কলায়াদি; ডা'ল। ২ বেণুদল, বাঁশের চটা। "মনু ৯.২৩০। ৩ বংশাদিরচিত পাত্র; ডালা কুলা ইত্যাদি। ৪ দাড়িম্বত্বক্। ৫ [+অ (অচ্)-ক] 'বৃক্ষবিভেদক', শাখা, ডাল। —দলা স্ত্রী ত্রিবৃৎ। —দলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিভেদ, বিশ্লেষ। "নখবিদলনাদিনা তণ্ডুলনিষ্পত্তি (S.W.)। ২ বিমর্দ্দন। "°ত্রাস ক.সা ৭৪.২৭৯। —দলিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ বিভিন্ন। ২ বিমর্দ্দিত। "কায়ঃ কঠিনদৃষদন্তর্বিদলিতঃ।—ভর্তৃহরি। ৩ উৎখাত। "°মহাকুলামুক্তাং বিষাণবিঘট্টনৈঃ (সরিতম্) মাঘ ১২.৭৭। ৪ [+ত-ক], বিশীর্ণ, ভিন্ন। ৫ বিকসিত। "দরবিদলিতমল্লী গী.গো ১.৩৬। শেফালিকাং বিদলিতামবলোক্য তন্বী সা.দ ৩।১।৯।৫।

বিদলন, বিদলা, বিদলিত দ্র 'বিদল'।

বিদশা বি [অপ্র] দুর্দ্দশা, দুরবস্থা। "বিদশার নিশির প্রভাতে ব.প ১৪৯৫; বিদেশের বিদশার বিশেষ ১৫০৬।

বিদা[১], **-দে** বি [সং বিদ্রক] ক্ষেত আঁচড়াইয়া ঘাস তোলার নিমিত্ত লৌহশলাকাযুক্ত চিরুনির মত চাষের যন্ত্রবিশেষ। [বিদেকাটি—বিদের লৌহশলাকা। "নী ৯।]

বিদা[২] বি [আ রিদা[৩]] বিদায়, গমনের আজ্ঞা। 'ইয়ে বেতমিজ আদমিকো বিদা দিজিয়ে ব.প্র ৩১৭। [বিদাইব (অপ্র)—বিদায় দিব। "মে ১৬৭। বিদাইয়া—বিদায় দিয়া। "°য়া বিদ্ধ্যা-মহাচলে। —মা ১৪৬। বিদাও—বিদায় দাও। "মৈ ১৯৮।]

বিদায় বি [দ্র "বিদা[২]; আ রিদা'ঈ; হি, ঠ বিদাঈ; ড় াবদায়] ১ গমনের অনুমতি। "সুমন্ত্রে বিদায় দিয়া শ্রীরাম চিন্তিত।—কৃ ১১৬। বিদায় করিতে হিয়া বিদরিযা যায় ন.বি ৫১। তোমাকে যদি সাক্ষাতে বিদায় দিতে হইত, তবে সে ক্লেশ অনায়াসে সহ্য করিতাম ব.প্র ৯৮; তাঁহার নিকটে বিদায় লইতে গিয়া কালহরণ করিব না ১০৪। ২ প্রস্থানকালে সম্ভাষণাদি; আমন্ত্রণ। "আইস্থানে করিলেন সন্তোষে াবদায় চৈ.ভা ৪৮৪,-৮৮,-৯২। (অক্রূর) বিদায় করিয়া গৃহে গেলা শ্রী.ম ১১০। ৩ অবকাশ, ছুটি (leave)। ৪ কার্য্যান্তে দক্ষিণা বা সম্মানার্থ অর্থাদি দিয়া যাইতে দেওয়া। "পুরোহিতবিদায়; ব্রাহ্মণপণ্ডিত°। ৫ প্রস্থানকালে সম্মানার্থপ্রদত্ত অর্থাদি। ৬ কার্য্যার্থ স্থানান্তরে বদলি হইয়া যাওয়া। "°ভোজ, °সভা। ৭ প্রস্থান, গমন। —াবং ১ গমনার্থ অনুমতিপ্রাপ্ত। "বিদায় হইয়া রাম মায়ের চরণে। —কৃ ৯৮। কথঞ্চিত সভা-প্রতি হইলা বিদায় চৈ.ভা ১৪৩। বিদায় হইগে চল জননীর ঠাঁই শ্রী.মা ৫৮। জগৎসিংহ পিতৃচরণ হইতে সসৈন্যে বিদায় হইয়া যে যে কার্য্য করিলেন, তাহাতে পাঠানসৈন্যমধ্যে মহাভীতি প্রচার হইল ব প্র ১৯; আমি সখী মণিমালিনীর নিকট বিদায় হইয়া আজই দূর হইতেছি ১২৪। ২ প্রস্থিত, বহির্গত। "চণ্ডীর গানওয়ালা খানিকক্ষণ আসর জাগিয়ে বিদায় হলো।—হু ১৯১। [বিদায় করা—১ (বিরক্তিতে) দূর করা; তাড়ান। ২ কর্ম্মচ্যুত করা। বিদায় চাওয়া, মাগা—গমনের অনুমতি চাওয়া। কাঙ্গালী বিদায়—অর্থাদি দিয়া কাঙালীকে যাইতে দেওয়া। "হু ১৯১।] [ব্রহ্মবৈবর্ত্তপুরাণে সংস্কৃত 'বিদায়' শব্দের প্রয়োগ আছে; কিন্তু উহা অর্ব্বাচীন, সংস্কৃত ও আরবী 'রিদা' উহার মূল, বোধ হয়। দ্র 'শ.ক।]

বিদায়ী (-য়িন্) † বিণ [বি+ √দা+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] দাতা। "বিশ্বনাথায় বিশ্বস্থিতিবিদায়িনে (S.W.)। আদিশক্তি, বিশুদ্ধভক্তি, -বিদায়িনী।—ছু ৬৫।

বিদার[১] † পুং [বি+ √দৄ+অ (ঘঞ্),+ √দারি+অ (অচ্),-ভা] ১ ভেদ; বিদারণ। "(ভীমের) চরণের ভরে ক্ষিতি হয় ত বিদার। —র্ম ৩৪৯; ৬০২; (নমস্তে) হিরণ্যাক্ষবিদারায় ৭১১, বিপক্ষ° ৭৪৬; পর্ব্বত° ৭৪৭। হিরণ্য° বা.ম ২৮৪। ম.বি ২০১। হেম ২৪৩। ২ দ্বিধাকরণ। ৩ [+অ (অচ্)-ক] জলোচ্ছ্বাস, বন্যা। ৪ [+অ-ধি] যুদ্ধ। —দারক বিণ [+অক (ণ্বুল্)-ক] বিদারয়িতা, ভেদক। "গজকুম্ভবিদারক (সিংহ—S.W.)। —দারক পুং জলান্তর্গত তরুশিলাদি; শুষ্কনদী-প্রভৃতিতে জলাবস্থানার্থ খাত গর্ত্ত (অ.টী), কূপক। —দারক ক্লী বজ্রক্ষার। —দারণ বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] বিদারক, ভেদক। "যুবজনহৃদয়বিদারণ মনসিজনখ গী.গো ১.৩০। হৃদয়° বিলাপবাক্য সী ৬০। —দারণ পুং ১ সর্থ 'বিদারক' (পুং)। ২ কর্ণিকারবৃক্ষ। —দারণ ক্লী [+অন-ভা] ১ ভেদন। ২ বিড়ম্বন, পীড়ন। ৩ মারণ, বধ। —দারিকা স্ত্রী [°ক>স্ত্রী আ (টাপ্)] কণ্ঠরোগভেদ। —দারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ভিন্ন। "দন্তাঘাতবিদারিতারিরুধির (গণেশধ্যান)। —দারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিদারক, ভেদক। "গিরিরাজগুহাবিদারি (গাজং

বারি)।—গঙ্গাষ্টক। ধ্বনি চিত্তবিদারিণী।—ন ৪৮৪। ২ ঘাতী, নাশক। "দৈত্যবিদারিণি!—বা.দ ৯। —দারী স্ত্রী ভূমিকুষ্মাণ্ড।

বিদার² সর্ম্ম [সং বি+ √দারি—বিদারণ > °র ; হি √বিদার] ১ বিদীর্ণ করা ; ফাড়া, চেরা। "খড়্গ দিয়া বিদারিল তাহার হৃদয়। —ম ৯১৩। (দন্ত মারি ঐরাবতে) বিদারহি…পর্ব্বতের পাশে। —গ ১৫৮ ; গিরিরাজবর বিদারল বেগে ১৯১। নখে বিন্দুক বিদারে গো.বি ১৮৩। কারো মধ্যে বিদারিলা।—দু ৮১। কেহ কহে…বিদার বিদার শি ৬৪। ২ ক্ষত বিক্ষত করা। "বিদারিল সর্ব্ব অঙ্গ আঁচড় কামড়ে।—কৃ ২৯০। —দার অর্ম্ম বিদীর্ণ হওয়া, ফাটা। "প্রভুর চরণ ভরে, বিদারিলা মহীতলে।—গ ৭১।

বিদারক, বিদারণ, বিদারিত, বিদারী দ্র 'বিদার¹'।

বিদাহ † পুং [বি+ √দহ্+অ (ঘঞ্)-ভা] ১ বিশেষদাহ, জ্বলন (burning)। ২ অতিশয় জ্বালা (inflammation)। "শোকো বিদাহমাপন্নতে (সুশ্রুত)। ৩ পিত্তকোপজন্ম গাত্রদাহ। ৪ উগ্রবীর্য্য-দ্রব্যভোজনজন্ম দাহ। —দাহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] অতিদাহকর, সন্তাপক, কড়া (সর্ষপাদি ; pungent)। "বিদাহিনঃ (আহারাঃ) গী ১৭.৯।

বিদিক্(-শ্) † স্ত্রী [প্রা স] দিগ্দ্বয় হইতে বিনির্গত দিক্ ; দিগ্দ্বয়ের মধ্য ; দিগন্তরাল, কোণ। "গো.রা ১.৭০৭.৫৪। নাদয়ন্ রথঘোষেণ সর্ব্বাঃ স বিদিশো দিশঃ মহা ৩.৭৩ ২।

বিদিত † বিণ [বিদ্¹+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ জ্ঞাত, অবগত। "বিদিতং ভবতামেতৎ রা ২.২.৪। বধঃ মুহূর্ত্তং বিদিতম্ ভ ২.২.১২। কৃ ১২১। গ ৪৬,-৭। ২ পরিজ্ঞাত, অনুভূত। "অবিদিতগতযামা রাত্রিরেব ব্যরংসীৎ উ.চ ১.২৭। ৩ বিখ্যাত, প্রথিত। "সৌমিত্রির্মম বিদিতঃ প্রধানমিত্রম্ রা ২.১০৭.১৯। জাতো বংশে ভুবনবিদিতে পূ.মে ৬। তব হে জনম অতিবিপুলে। ভুবনবিদিত অজেব কুলে॥ —কাব্যনির্ণয়। ৪ প্রার্থিত (মেদিনী)। ৫ [°ত+অ(অচ্) অস্ত্যর্থে] বিদিতবান্, জ্ঞানবান্। "কি ১.১। দানধর্ম্ম শিল্পকর্ম্ম সকলে বিদিতা।—ম ৫৩৫। —ত পুং ১ পণ্ডিত, বিদ্বান্। ২ কবি। —ত ক্লী [+ত-ভা] ১ বেদন, জ্ঞান, অবগতি। "কি ১.১, মল্লিনাথ। ২ খ্যাতি। ৩ [বাঙলায়, অপ্র] (গৌণার্থে) সম্মুখ, নিকট। "রাত্রি দিন থাকে নারী স্বামীর বিদিত ম.গা ৩। হেন কালে গেলা রাজা মাএর বিদিত ১১ ; গো.চ ৩১৮,-৩৯। গো.বি ৮৪ ; সব রাইল নাটুয়া বিদিত ৯১। দাণ্ডাইল ভীমের বিদিত অ.প ২১, ৮৩। বোলে নৃপতি বিদিত ম পা ১০৪। বলিতে লাগিল কৃষ্ণ সভার বিদিত শ্রী ম ৭০। ম.ম ১৪ ; ৮১ ; ৯১। [বিদিতে—১ সম্মুখে, নিকটে। "বিদিতে না খাইমু অ.প ১০ ; ঘোড়া ধরি আনি দিমু বিদিতে তোমাব ১৩ ; ৩৬। ম.পা ৩০ ; ১৬৭,-৭৪। ২ সাক্ষাৎ, প্রত্যক্ষ। "আমি তান পুরোহিত দেখহ বিদিতে ম.পা ২০। ৩ দৃষ্টিগোচর, বাহির। "(ঠাকুর) আবরণ দূর করি করিলা বিদিতে চৈ.চ ৯০।]

বিদিতবেদ্য † বিণ [বহুব্রী] বিদিততত্ত্বব্রহ্মবাদী। "বিষ্ণু ১.৫৫।

বিদিশা † স্ত্রী [°শ্+আ (আপ্), দ্র 'দিশা' ; তু 'সং দিশ্ > লি, প্রা দিসা'] ১ সর্থ 'বিদিক্'। "হ ৪২ ৪৪। ২ দশার্ণদেশের রাজধানী। "°লক্ষণাং রাজধানীম্ পূ.মে ২৪।

বিদীঘল বিং [বি+দী°] অতিদীর্ঘ। "°ল রাতি গো ১৫৮।

বিদীর্ণ † বিণ [বি+ √দৄ+ত (ক্ত)-র্ম্ম] ১ বিদারিত, ভিন্ন। "বিদ্যুৎ-বিদীর্ণ শৃঙ্গে চ.কা ২৮৬ ; ৩৭৮। ২ ছিন্ন। "বিদীর্ণোৎফুল্লপাদুকাম্ (তাম্) ক.সা ২০.১০৯। ৩ হত। "মহা ১.১৪০.১০। রাঘবাস্ত্র-বিদীর্ণানাম্…রক্ষসাম্ রঘু ১২.৫১। ৪ উৎখাত। "মূলা…ক্রোড়বিদীর্ণয়া ভ ৮.১৬.২৬। ৫ [+ত-ক] দ্বিধাকৃত, স্ফুটিত। "(হৃদয়ম্) ন বিদীর্ণং সহস্রধা গো.রা ২.৬২.২১। ৬ বিবৃত। "ঘাবুনণাদ্ বিদীর্ণৈর্মুখৈঃ রঘু ৭.৪০।

বিদুআ বি [বিধবা > °আ ; অপ্র] বিধবা। "গো চ ২৫,-৬,-৭।

বিদুর¹ † বিণ [√বিদ্¹+উর (কুরচ্)-ক ; স্ত্রী -রা] জ্ঞাতা (অ.কো)। —র পুং ১ পণ্ডিত। ২ নাগর। ৩ 'ঈশ্বরতত্ত্বজ্ঞ', ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ ভ্রাতা। [ইনি দাসীগর্ভজাত ব্যাসের পুত্র ; এই হেতু ইঁহার নাম 'ক্ষত্তা'। সত্যবতী, অম্বিকার গর্ভে তৃতীয় পুত্র উৎপাদন করার নিমিত্ত অনুমতি করিলে, অম্বিকা দাসীকে স্ববেশে সজ্জিত করিয়া ব্যাসের সমীপে প্রেরণ করেন। ইহাতে বিদুরের উৎপত্তি হয়। ইনি মাণ্ডব্য ঋষির শাপে ভ্রষ্ট ধর্ম্মের অবতার (মভা ১৫.২৮.১২)। ইনি পরম-ধার্ম্মিক তত্ত্বজ্ঞানী ভাগবত ন্যায়বান্ ও নীতিকুশল ছিলেন। ইনি ধৃতরাষ্ট্রের অতিপ্রিয় ও পাণ্ডবগণের বিশেষ ভক্তিভাজন ছিলেন। ইঁহারই পরামর্শে পাণ্ডবেরা জতুগৃহদাহ হইতে মুক্তিলাভ করিয়াছিলেন।] [বিদুরের খুদ কুঁড়া—(গৌণার্থে) গরীবের ডাল-ভাত। কৃষ্ণ, পাণ্ডব-পক্ষে দুর্য্যোধনের সহিত সন্ধিকরণার্থ হস্তিনায় গিয়া, দুর্য্যোধনের রাজভোগ ত্যাগ করিয়া বিদুরের তণ্ডুলকণা উপাদেয় বলিয়া আনন্দে ভক্ষণ করেন। ইহা এই প্রবচনের মূল।]

বিদুর² বিং [বিধুর > °র ; অপ্র] বিরক্ত। "হাড়ির মন বিদুর হৈল গো.চ ১৬৯, সিদ্দার মন বিদুর হইয়া গ্যাল ১৯৯।

বিদুষী¹ † দ্র 'বিদ্বস্'।

বিদুষী² [বিদূষিত > °ষী ; অপ্র] (বাঙ্লায়) সহবাসদূষিত। "(কন্যা) পুরুষবিদুষী হইল শ্রী ম ১৯৯।

বিদুষ্মান্ (-ষ্মৎ) † বিণ [বিদ্বস্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্মতী] বিদ্বদ্‌বিশিষ্ট, পণ্ডিতবান্। "যেনৈকেন বিদুষ্মতী বসুধা (বোপদেবপ্রশংসা)।

বিদূন † [বি+ √দু+ত (ক্ত)-র্ম্ম] পরিতপ্ত, নিপীড়িত। "বিয়োগ-বেদনাবিদূননারীক মাঘ ১২.৪।

বিদূর † বিণ [প্রা.স] ১ বিশেষদূর, অতিদূর, বিপ্রকৃষ্ট। "সরিদ্ বিদূরান্তরভাবতন্বী রঘু ১৩.৪৮। আসন্নেঽপি বিদূরবৎ ভ ৪.১৬.১১। ২ অপ্রাপ্য। "নমো গিরাং বিদূরায় ভ ৮.৩১০। (রঘুবর) বচনমন-বিদূর ব.প ৫৯৮। ৩ দূরগত, স্খলিত। "বিদূরে কেয়ূরে কুরু সা.দ ৩৮৫। ৪ (বাঙ্লায়) অতিদূর, আত্মীয়তাগন্ধহীন। "তোর মোর সম্বন্ধ বিদূর চৈ চ ৩৫০। —দূর পুং পর্ব্বতবিশেষ ; নগরবিশেষ। [এই পর্ব্বতে বৈদূর্য্যমণি উৎপন্ন হয় (দ্র 'পা ৪.৩.৮৪, তত্ত্ববোধিনী) ; মাঘ ৩৪৫ (মল্লিনাথ)] —দূর ক্লী অতিদূর, বিপ্রকর্ষ। "ভর্ত্তৃস্নেহ-বিদূরাণাম্…কুযোষিতাম্ ভ ৪.১৪.২৫। [°গ (বিণ)—অতিদূরগামী ; অতিনির্হারী (গন্ধাদি)। °জ, °রত্ন (ক্লী)—বৈদূর্য্য। °ভূমি (স্ত্রী) —বিদূরপর্ব্বতের প্রান্তভূমি। "কু.স ১.২৪। বিদূরভূমে রত্ন-ফসল হয় বুঝি সম্ভব কু.কে ১১৩।]

বিদূষক † বিণ [বি+ √দূষি+অক (ণ্বুল্)-ক] ১ বিশেষদূষয়িতা, মলিনীকারক। ২ নিন্দক, অপবাদক। "ব্রহ্মব্রাহ্মণযজ্ঞপুরুষলোক° ভ ৫.৬.১০। ৩ পরিহাসশীল, নর্ম্মপ্রিয়। —দূষক পুং ১ নর্ম্মরসিক। ২ (নাট্যে) নায়কের শৃঙ্গারে সহায়বিশেষ। [বিদূষক কর্ম্ম শরীরচেষ্টা বেশভূষাদি দ্বারা হাস্যজনক, কলহে রত, ভোজনাদি কর্ম্মে নিপুণ (সা.দ ৩.৪২)। 'কিবা রোষে কিবা তোষে যার পরিহাস। বিদূষক তার নাম হাস্যের বিলাস॥—ভা.চ ৭০৯।] ৩ লম্পট। ৪ চাটুপটু। —দূষণ বিণ [+অন (ল্যুট্)-ক স্ত্রী -ণী] দূষয়িতা, নিন্দক। "মতিম্ …ধর্ম্মবিদূষণাম্ গো.রা ৫.৮৭.২৫। —দূষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পঙ্কিলীকরণ। ২ নিন্দন। —দূষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] মলিনীকৃত, কলুষীকৃত। "মাতৃ° গো.রা ২.৭৮.৮। বিনয়বিদূষিতা ভ্রঃ ভ ২.২.৩৭।

বিদূষণ, বিদূষিত দ্র 'বিদূষক'।

বিদেশ + পুং [প্রা স] বিভিন্ন দেশ, দেশান্তর। বিপ 'স্বদেশ, স্ববিষয়'। "মনু ৮.১৫৭, কো বীরস্য মনস্বিনঃ স্ববিষয়ঃ কো বা বিদেশঃ স্মৃতঃ।—হি ১.১০৪। ঘর হৈতে আজিলা বিদেশ ব.প ৯৮৬। জ্ঞা ১৫৫। [°গত (বিণ)—দেশান্তরগত, প্রোষিত। °গমন (ক্লী)—দেশান্তর-গমন।' "বিত্তা বন্ধুজনো বিদেশগমনে (সু র)। °জ (বিণ)—ভিন্ন-দেশজাত, বিদেশীয়। "পঞ্চ ৫.৯২। °বাসী (-সিন্)—বিণ দেশান্তরস্থিত। °স্থ (বিণ)—দূরদেশস্থ। "মনু ৫.৭৫।] [°বিভূম, °বিভুঁই (বি)—দেশান্তর, পরদেশ। "বিদেশ-বিভূমে হায় (কত কষ্ট পাইয়াছে গরীব ব্রাহ্মণ) অ.গু ১০৪।]

বিদেশিনী বি ১ বিদেশবাসিনী স্ত্রী। "অয়ি বিদেশিনী, এ দীন দরিদ্রজন তব কাছে ঋণী, কত ঋণে?—কথা ৩৯। ২ ছদ্মবেশিনী স্ত্রীর রূপধারী কৃষ্ণ। "মানের দায়ে তুই মানিনী, তাই সেজেছি বিদেশিনী ব.ছি ১৬। আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনী।—গান ১৪৩। নবীন বিদেশিনীর গান।—হ ৫০।

বিদেহ + বিণ [বহুব্রী] ১ বিগতদেহ, দেহসম্বন্ধশূন্য। "রা ৭.৫৫.২১। ভ ৯.১৩.১১। ২ মৃত। ৩ বিকৃতদেহ, বিক্ষতশরীর। "ছিন্নশীর্ষা বিদেহাশ্চ (প্রাণিনঃ সমদৃশ্যন্ত) মহা ৩.১০৭.২৬। ৪ দেহরহিত। "বিদেহানি শিরাংসি মহা ৩.২৭০.৩০। —দেহ পুং, বহুব [তু 'বিদেঘ' (শতপথব্রাহ্মণ ১.৪.১ ১০)] ১ মিথিলাদেশ, ত্রিহুত। "কোসল-বিদেহানাং মর্য্যাদাঃ।—শতপথব্রাহ্মণ ১.৪.১.১৭। রা ১.৬৮.১৩। ২ বিদেহবাসিগণ। ৩ বিদেহরাজগণ। ৪ (একবচন) বিদেহরাজ জনক। —দেহা স্ত্রী বিদেহরাজধানী মিথিলা। [°জা (স্ত্রী)—সীতা। °নগর (ক্লী), °নগরী (স্ত্রী)—বিদেহরাজধানী মিথিলা। "বিদেহনগরী-নিবাসিনাং রঘু ১১.৩৬। °পতি, °রাজ (পুং)—জনকাদি।]

বিদ্দমান [বিদ্যমান > বা °ন; (উচ্চারণানুসারে দ্য > দ্দ) তু 'ধাম্ন, কম্না, কল্লান' (শূ ৭৭,-৮,-৯), বিদ্দা; অপ্র] সম্মুখে। "(মুনিরাজ) উড়িল দেব বিদ্দমানে শূ ৭৮।

বিদ্দা বি [বিদ্যা > °দ্দা, দ্র 'বিদ্দমান'] বিদ্যা। "গো চ ৫২।

বিদ্ধ[১] + বিণ [√ব্যধ্+ত (ক্ত)-র্ম] ১ ছিদ্রিত, ক্ষত, বেধিত। "অপাপ°।—ঈশোপনিষৎ ৮। অবিদ্ধ রতনে।—ন ৪৪৮। ২ তাড়িত, আহত। "°মাত্রঃ রঘু ৫ ৫১; নিষাদবিদ্ধাণ্ডজ ১৪.৭০। কুশসূচি° শ ৪.১৪। ৩ পীড়িত, ব্যথিত। "সা বিদ্ধা বহুভির্বাক্যৈর্দিগ্ধৈরিব রা ২.৩০.২৩। (দেবম্) হৃদি বিদ্ধঃ দুরুক্তৈঃ ভ ৪.৬.৬। ৪ ক্ষোভিত (শ্রীধর)। "ভ ৩.৮.১৩। ৫ ক্ষিপ্ত (মেদিনী)। ৬ আবিষ্ট। "অমী মদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু ভ ৬.১৬.২৪। ৭ মিশ্রিত। "তত্রীং স্বরগণৈর্বিদ্ধাম্।—হ ১৫২.১৯। ৮ রাগান্তরমিশ্র (নীলকণ্ঠ)। "(গঙ্গাবতরণম্) বিদ্ধম্…বম্যং জগিরে স্বরসম্পদা।—হ ১৫২.২১। ৯ (জ্যোতিষে) অন্যতিথিমিশ্র (তিথি)। বিপ 'শুদ্ধ'। "একাদশী জন্মাষ্টমী বামনদ্বাদশী। শ্রীরামনবমী আর নৃসিংহচতুর্দ্দশী॥ এ সভার বিদ্ধাত্যাগ অবিদ্ধাকরণ।—চৈ.চ ২৪৪। ১০ সদৃশ (মেদিনী)। ১১ মিথঃশ্লিষ্ট (নীলকণ্ঠ)। "মেঘবৃন্দমিব…বিদ্ধম্ মহা ১.২০৭.৩৭। ১২ সম্পৃক্ত। "হিমবিদ্ধঃ (বায়ুঃ) রা ৩.১৬.১৫।

বিদ্ধ[২] বি [সং বৃদ্ধ > প্রা বিদ্ধ (হে ২.৪০); তু 'বির্দ্ধ' (মী ২৪); বির্থ (গো.বি ১৭২): গ্রাম্য; অপ্র] বৃদ্ধ। "জানিবা তুমি বিদ্ধের পাবুরাজি।—মী ১৯।

বিদ্ধক + পুং [বিদ্ধ[১]+ক (কন্) সংজ্ঞার্থে] সর্থ 'বিদা[১]'। 'একবিংশতি-শল্যস্তু বিদ্ধকঃ পরিকীর্ত্তিতঃ কৃ.স ২৫।

বিদ্ধিত বিং ['বিদ্ধ' সাধু] বিদ্ধ। "তিরে °ত চিত্ত ব.প ১৬৯৭।

বিদ্যমান + বিণ [√বিদ্[২]+মান (শানচ্)-ক] ১ বর্ত্তমান। "°নাসিকা পা ৪.১.৫৭, সি। বিদ্যমান দেখহ রামের বাণচিহ্ন।—কৃ ২৫৩। সকল কার্য্যের কিন্তু পূর্ব্ব বিদ্যমান শ্রী.ম ২৬৩। ২ সত্য। ৩ [বাঙ্গলায়; অপ্র] উপস্থিত। "নরেন্দ্রে আসিয়া সভে হৈল বিদ্যমান চৈ.চ ১৪০। ৪ প্রত্যক্ষ, সংঘটিত, কার্য্যে পরিণত। "তুমি যত বলিলে হইল বিদ্যমান।—কৃ ১৪১। ৫ অবস্থিত। "এতেক বলিয়া সভে আছে বিদ্যমান। হেন কালে উদ্ধব করিল স্নান দান॥—শ্রী.ম ১৪১। ৬ জ্ঞানগোচর, প্রত্যক্ষ। "ধ্যানেতে সকল তত্ত্ব হৈল বিদ্যমান।—ম ১০৭৮। ব্রহ্ম সনাতন ঐ বৈসে বিদ্যমান।—শ্রী ৩০। ৭ ঘনিষ্ঠ-সম্পর্কীয়, ঘনিষ্ঠ। "বিশেষ কনিষ্ঠ ভাই জ্ঞাতি বিদ্যমান ম ১০০০। —মান ক্রি.বিং ১ যথার্থ, ঠিক। "বিদ্যমান বলি লুয়া সেকেলে মামান। তারে ছেড়ে তোমারে বধিব অ-বিধান॥—শ্রী ২৯। ২ প্রত্যক্ষ। "দেখিল আসিয়া বিদ্যমান।—গ ১৭১। ৩ তৎক্ষণাৎ। "এই ত শাপের জল, এড়িবাম কোন স্থল, ভস্ম হৈব সেই বিদ্যমান।—গ ২০৬। —মান বি সম্মুখ। "ঘুচ ঘুচ মহাপাপী বিদ্যমান হৈতে চৈ.ভা ৪৩৭। [বিদ্যমান, -নে —১ সম্মুখে, নিকটে। "থুইলেন লইয়া ঠাকুর বিদ্যমান চৈ.ভা ২৮৩। মুনির বিদ্যমানে: আমা বিদ্যমানে।—ম ১১৪৫। তার বিদ্যমানে তারে দিবে পরিচয় ক.চ ২২। সত্য সীতা আনি দিল রাম-বিদ্যমান চৈ.চ ১২৮। সাধু-বিদ্যমান ম.ভা ৩০। কহো কিছু তোর বিদ্যমান চৈ.ম ৫২। বিদ্যাবিদ্যমানে যাব ভা চ ২৬৪। ২ থাকিতে। "সংসার হইল নষ্ট তোমা বিদ্যমান।—ম ১৪। ৩ প্রত্যক্ষ, সাক্ষাৎ। "হস্তিদন্ত ভাঙ্গিল দেখিলে বিদ্যমানে।—ম ৫৪৩। ৪ জীবিত থাকিতে। "অথন যৌবন হৈল তোমা বিদ্যমান ম.গা ৯। ধব বিদ্যমানে সেই হৈয়াছে বিধবা ম.পা ১৪৯; আম্মি বিদ্যমানে তাতে হেন ক্লেশ পায় ১৫৮। সভা বিদ্যমান—সভায়। "হাহাকার শব্দ হৈল সভা বিদ্যমান বা ম ২৩।]

বিদ্যা + স্ত্রী [√বিদ্[১]+য (ক্যপ্)-ণ+স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.৯৯, সি] ১ 'জ্ঞানসাধন', শাস্ত্রাভ্যাসজন্য বা অধ্যয়নহেতুক জ্ঞান; পাণ্ডিত্য, বিদ্বত্ত্ব। "°বিনীত রা ১.৭.৬। মনু ২.১১৩। (ইমাম্) বিদ্যামভ্যসনে-নৈব প্রসাদয়িতুমর্হসি রঘু ১৮৮। বিদ্যা দদাতি বিনয়ম্।—হি ৬ (অবতরণিকা)। দেখি আগে বিদ্যার বিদ্যার কত দৌড় ভা.চ ২৯২। ২ বিদ্যাধিষ্ঠাত্রী দেবতা। "মনু ১ ১১৪। ৩ বিদ্যাহেতু শাস্ত্র। "অধ্যাত্মবিদ্যা বিদ্যানাম্ গী ১০.৩২। বলাতিবলয়োঃ…বিদ্যয়োঃ রঘু ১১.৯। মাল° ক চ ৮৭। [ত্রয়ী (বেদত্রয়), আন্বীক্ষিকী (আত্মবিদ্যা), দণ্ডনীতি (অর্থশাস্ত্র),. বার্ত্তা (কৃষি বাণিজ্য আয়ুর্ব্বেদ ইত্যাদি)—এই চারি বিদ্যা। মনুমতে, 'আত্মবিদ্যা (ব্রহ্মবিদ্যা) পঞ্চম (মনু ৭.৪৩)। মতান্তরে, বেদচতুষ্টয়, বেদের ষড়ঙ্গ, মীমাংসা, ন্যায়, পুরাণ ও ধর্ম্মশাস্ত্র —এই চতুর্দ্দশ বিদ্যা। শুক্রাচার্য্যমতে, চতুর্ব্বেদ ষড়ঙ্গ ইত্যাদি দ্বাত্রিংশৎ বিদ্যা (শু ৪.৩ ২৭-৩০)।] ৪ তত্ত্বজ্ঞান। "উ চ ৬.৬। আমার পরম বিদ্যা যাঁহার চরণ।—ম ৩৪০। ৫ ব্রহ্মসাক্ষাৎকার। "বিদ্যয়ামৃতমশ্নুতে (শ্রুতি)। ৬ (তন্ত্রে) দেবীমন্ত্র। ৭ মন্ত্রশক্তি, ইন্দ্রজাল। ৮ [+য-র্ম] দুর্গা। ৯ মহাবিদ্যা—কালী-প্রভৃতি। "বিদ্যা বিদ্যা কবিবরে করহ প্রসাদে বি.সু ৪৭; আরাধিলি বিদ্যা ১১৯। ১০ গুটিকা অঞ্জন মন্ত্রাদি। "°ধর। ১১ চৌর্য্যশাস্ত্র; চৌর্য্য। "সে বিদ্যা বড় বিদ্যা যদি না পড়ে ধরা ব ঘি ৪২৫। [°গম (বিদ্যা+আগম) পুং—বিদ্যালাভ, বিদ্যার্জ্জন। "হি ১.১০৮। °গুরু (পুং)—বিদ্যাদাতা, শিক্ষক। °তীর্থ (ক্লী)—'নিখিল-জ্ঞানগুরু,' শিব। "পুমসাংশ্চতুরো দেয়াদ্ বিদ্যাতীর্থমহেশ্বরঃ।—বেদার্থপ্রকাশ, সায়ণ। °দাতা (-তৃ) পুং—অধ্যাপক। °দান, °প্রদান (ক্লী)—জ্ঞানদান, অধ্যাপনা। °দেবী (স্ত্রী)—সরস্বতী। °নিধি (পুং)—১ 'বিদ্যার আধার'; পণ্ডিতের উপাধিবিশেষ। ২ বিদ্যারূপ রত্ন, বিদ্যাধন। °বয়োবৃদ্ধ (বিণ) —জ্ঞানে ও বয়সে বৃদ্ধত্বপ্রাপ্ত। "হি ১৪৯। °বল (ক্লী)—জ্ঞানবল;

। যন্ত্রাদির শক্তি। °বাগীশ (পুং)—বিদ্যায় বৃহস্পতিতুল্য, পণ্ডিতের উপাধি। °বিক্রয় (পুং)—বিদ্যাবিনিময়, বেতনগ্রহণপূর্ব্বক বিদ্যাদান। "পঞ্চ ৫/১৩ (কথামুখ)। °বিশারদ (পুং)—পরমপণ্ডিত, পণ্ডিতের উপাধি। °বিহীন °হীন (বিণ)—জ্ঞানহীন, মূর্খ। "বিদ্যাবিহীনঃ পশুঃ (সু.র)। °বৃদ্ধ (বিণ)—বিদ্যায় বড, জ্ঞানবৃদ্ধ। °ব্যবসায় (পুং), °ব্যসন (ক্লী)—বিদ্যানুরাগ, বিদ্যারতি। °মদ (পুং)—বিদ্যাজন্য গর্ব্ব, বিদ্যাভিমান। °মন্দির (ক্লী)—বিদ্যালয়, পাঠশালা, স্কুল, কলেজ। °সাগব (পুং)—'বিদ্যার সাগরতুল্য', মহাপণ্ডিত, মহাপণ্ডিতেব উপাধি। "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।]

বিদ্যাদিগ্‌গজ বি বিদ্যায় দিগ্‌গজতুল্য, মহাপণ্ডিত, পণ্ডিতের উপাধি (উপহাসে)। "ব প্র ১৩, অধ্যাপক কহিলেন, 'বাপু, তুমি যে বিদ্যা উপার্জ্জন করিয়াছ, তোমার নূতন উপাধি আবশ্যক, তুমি 'বিদ্যাদিগ্‌গজ' উপাধি গ্রহণ কব ব.প্র ২৪।

বিদ্যাধন † ক্লী [কর্ম্মধা] ১ বিদ্যারূপ ধন, বিদ্যারত্ন। "ব্যয়ে কৃতে বর্দ্ধত এব নিত্যং, বিদ্যাধনং সর্ব্বধনপ্রধানম্ (সু র)। ২ [উ লো] বিদ্যালব্ধ ধন, শিষ্যযজমানাদি হইতে লব্ধ ধন। দ্র 'মনু ৯ ২০৬, কুল্লুক। [বিদ্যাধন যাহার অর্জ্জিত, তাহারই, তাহা অবিভাজ্য (মনু ৯ ২০৬)।]

বিদ্যাধর † পুং [য ত] 'বিদ্যার (গুটিকাঞ্জনযন্ত্রাদির) ধাবক (অ টী), দেবযোনিবিশেষ, পুষ্পদন্তাদি। "কু স ১.৭। রঘু ২ ৬০। ভা চ ৯৬। [ইহারা কামরূপী, আকাশগামী। ইহারা হিমালয়বাসী।] —ধরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ)] ১ বিদ্যাধর-স্ত্রীজাতি। "রা ১ ১৭ ৫। ২ [বাঙলায়, সাদৃশ্যে] রূপবতী স্ত্রী। ৩ মনোমোহিনী উপপত্নী। "(পতি) দেবতা হয়েছেন, যবে ওঁব বিদ্যাধরী গিয়েছে ব.দ্বি ৪২৫। [°সুন্দরী—বিদ্যাধরস্ত্রী। "কু স ১ ৭।]

বিদ্যাধরী দ্র 'বিদ্যাধব'।

বিদ্যাধিদেবতা † স্ত্রী [ষ.ত] বিদ্যাধিষ্ঠাত্রী-দেবী, সরস্বতী।

বিদ্যাধ্র † পুং [বিদ্যা+ √ধৃ+অ (ক)-ক; উ ত] সর্থ 'বিদ্যাধর'। "সিদ্ধা বিদ্যাধ্রাশ্চারণাঃ ভ. ২ ৬.১৪।

বিদ্যানুপালী (-লিন্) † বিণ [বিদ্যা+অনু √পালি+ইন্ (ণিনি) -ক-১-ব] বিদ্যাভ্যাসবান্, বিদ্বান্। "মনু ৯ ২০৪।

বিদ্যান্ত বিং [বিদ্যাবন্ত > °ন্ত, দ্র 'বন্ত', অপ্র] বিদ্যাবান্, পণ্ডিত। "সকল মূর্খ লোক বিদ্যান্ত হইলেক ব প ১৯৬৫।

বিদ্যাবান্ (-বৎ) † বিণ [বিদ্যা+বৎ (বতুপ)-১ব] জ্ঞানবান, পণ্ডিত, বিদ্বান্। "বিদ্যাবতাম্ (নাশ্রয়ঃ পার্থিব° বিনা)।—পঞ্চ ১.৩৮।

বিদ্যাবিরিঞ্চি বি বিদ্যায় ব্রহ্মা, পণ্ডিতেব উপাধি। "ব প ১১৬৫।

বিদ্যাব্রতস্নাতক † পুং [°ব্রতে স্নাতক, স ত] বিদ্যাব্রতবিষয়ে কৃতসমাবর্ত্তন, বেদ ও ব্রহ্মচর্য্য সমাপন কবিয়া কৃতসমাবর্ত্তন দ্বিজ। "মনু ৩২, কুল্লুক। যাজ্ঞ ১ ৫১।

বিদ্যারণ্য † পুং পণ্ডিতের উপাধি। দ্র 'অরণ্য পুং (১)। 'ব প ১১৬৫।

বিদ্যারত্ন † ক্লী [কর্ম্মধা] ১ বিদ্যারূপ বত্ন, বিদ্যাধন। "দানেনৈব ক্ষয়ং যাতি বিদ্যারত্নং মহাধনম্ (সু ব)। ২ [উপ স] শ্রেষ্ঠ বিদ্যা। ৩ পণ্ডিতের উপাধি।

বিদ্যারম্ভ † পুং [ষ ত] বালকের পঞ্চম বর্ষে বিদ্যাশিক্ষারম্ভ। "প্রাপ্তে তু পঞ্চমে বর্ষে বিদ্যারম্ভং চ কারয়েৎ রঘু ৩ ২৮, মল্লিনাথ।

বিদ্যার্থী (-র্থিন্) † পুং [°র্থ+ইন্ (ইনি)-১ব, অসন্নিহিতার্থে] 'অসন্নিহিতবিদ্যাধন', অন্তেবাসী, ছাত্র। "পঞ্চ বর্ষাণি বৎস্যামি বিদ্যার্থী মহা ৩ ১৫৮ ৯। প.ভূ ১৫।

বিদ্যালাপ বি ১ বিদ্যাসম্বন্ধী আলাপ, জ্ঞানানুশীলন। "বিদ্যালাপ বিদ্যালাপ বিদ্যালাভ তপ ভা চ ২৬৩। ২ সুন্দরের বিদ্যা-বিষয়ক আলাপ। দ্র '(১)।

বিদ্যাস্নাত † বিণ [স.ত] সর্ব্ববিদ্যাসম্বরতাবিন্যাসযুক্ত (রা.তিলক), অর্থাৎ সর্ব্ববিদ্যাসমাপনপূর্ব্বক কৃতসমাবর্ত্তন। "রা ২.৮২.৭১। —স্নাত, স্নাতক বিণ [স.ত] বেদবিষয়ে কৃতসমাবর্ত্তন; বেদ সমাপন করিয়া কৃতসমাবর্ত্তন (দ্বিজ)। "বিদ্যাস্নাত মহা ১০.৫৯.১৭। বিদ্যাস্নাতক মনু ৩.২, কুল্লুক। [বিদ্যাস্নাতক, ব্রতস্নাতক, বিদ্যা-ব্রতস্নাতক—এই ত্রিবিধ স্নাতক।]

বিদ্যুৎ † স্ত্রী [বি+ √দ্যুৎ+ক্বিপ্ (০)-ক] ১ 'বিশেষদ্যোতিকা', তড়িৎ, চপলা, সৌদামিনী। "ঋগ্বেদ ১.৩২ ১৩। রঘু ১.৩৬। বিদ্যুতা বিপ্রয়োগঃ উ.মে ৫৪। বিদ্যুৎ···তটতট-স্বনা।—বৃহৎসংহিতা ৩৩ ৫। সতী ঝি আমাব, বিদ্যুৎ-আকার ভা চ ৩৯। ২ বজ্র। "°পাত। [কপিলা অতিলোহিনী পীতা ও অসীতা—এই চতুর্ব্বিধ বিদ্যুৎ। দ্র 'হ ৩ ৬৪।] [°কম্প (পুং)—বিদ্যুৎপ্রকাশ। °পাত (পুং)—বজ্রপাত। °পুঞ্জ (পুং)—তড়িৎসমূহ। "°সমপ্রভং (নবগ্রহ-স্তোত্র)। °প্রভা (স্ত্রী)—তড়িৎপ্রকাশ।]

বিদ্যুৎকটাক্ষ বি বিদ্যুৎসদৃশ তীব্র, অর্থাৎ মর্ম্মস্পর্শী কটাক্ষ। "সে রজনীর মত সুন্দরী হইবে, অথচ বিদ্যুৎকটাক্ষবর্ষিণী হইবে ব.প্র ২২৩।

বিদ্যুৎবাজিকর বি যাহারা আতশবাজি কবে (?)। "চারি হাজার চলিয়াছে বিদ্যুৎবাজিকব ম ম ১৭৩।

বিদ্যুত্বান্ (-ত্বৎ) † বিণ [বিদ্যুৎ+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -ত্বতী] বিদ্যাদযুত, সবিদ্যুৎক। "উ মে ১। —ত্বান পুং মেঘ। "সোঽহং তৃষ্ণাতুবৈর্বৃষ্টিং বিদ্যুত্বানিব চাতকৈঃ কু স ৬ ২৭।

বিদ্যুৎস্পৃষ্ট বিং বজ্রাহত। "কুন্দ তখন বিদ্যুৎস্পৃষ্টাব ন্যায় গাত্রোত্থান করিল ব দ্বি ২৯।

বিদ্যুদুন্মেষ † পুং [ষ ত] তড়িৎপ্রকাশ।

বিদ্যুদ্‌গর্ভ † বিণ [বহুব্রী] যাহাব গর্ভে বিদ্যুৎ, অন্তর্লীনবিদ্যুৎক। "উ মে ৩৭।

বিদ্যুদ্দাম (-মন্) † ক্লী [ষ ত] বিদ্যুল্লতা, তড়িন্মালা। [°স্ফুরিত (ক্লী)—বিদ্যুল্লতাস্ফুরণ, বিদ্যুৎকম্প। "°স্ফুরিতচকিতৈঃ পূ মে ২৭। °স্ফুরণচকিত (বিং)—বিদ্যুল্লতাকম্পনভীত। "বিদ্যুদ্দামস্ফুরণচকিত কটাক্ষক্ষেপ ব প্র ১৬।]

বিদ্যুদ্দৃষ্টি বি বিদ্যুৎসদৃশ তীব, অর্থাৎ মর্ম্মস্পর্শী দৃষ্টিপাত। "রাজ-কুমার বিদ্যুদ্দৃষ্টিতে ওসমানের প্রতি চাহিয়া কহিলেন, 'এও সত্য?' —ব প্র ৭৩।

বিদ্যুদ্বল্লী † স্ত্রী [ষ ত] বিদ্যুতেব লতা, লতাকৃতি বিদ্যুৎপ্রকাশ, বিদ্যুৎস্ফুরণ।

বিদ্যুন্মালা † স্ত্রী [ষ ত] ১ সর্থ 'বিদ্যুদ্দাম'। ২ অষ্টাক্ষরপাদক ছন্দোবিশেষ। "শ্রুতবোধ ১৩। —ন্মালী (-লিন্) পুং রাক্ষসবিশেষ।

বিদ্যুন্মালী দ্র 'বিদ্যুন্মালা'।

বিদ্যুল্লতা † স্ত্রী [ষ ত] সর্থ 'বিদ্যুদ্বল্লী'। "বিদ্যুল্লতাজিহ্বো গর্জ্জন্ পর্জন্যরাক্ষসঃ ক সা ২৫ ৪১।

বিদ্যুল্লেখা † স্ত্রী [ষ ত] বিদ্যুতেব লেখা, রেখাকার বিদ্যুৎ, তড়িৎ-স্ফুরণ। "তদ্ বিদ্যুল্লেখেব ক্ষণদৃষ্টনষ্টা ক ম ২৪/৩১।

বিদ্যোত † বিণ [বি+ √দ্যুৎ+অ (অচ্)-ক] বিদ্যোতমান, দ্যুতিমান্, দীপ্যমান। "°জটাকলাপ ভ ৩.১৪.২৫, কর্ণবিদ্যোতবিদ্যুৎ ৮ ৭ ১৭। —দ্যোত পুং [+অ (ঘঞ্)-ভা] দীপ্তি, দ্যুতি। "মুক্তামণি° হ ৫৩২। —দ্যোতক বিণ [+ √দ্যোতি+অক (ণ্বুল্)-ক] ১ উদ্ভাসক, সন্দীপক। ২ প্রকাশক, স্ফুটীকারক। "বেদার্থবিদ্যোতক।

বিদ্যোতক দ্র 'বিদ্যোত'।

বিদ্যোৎসাহী (-হিন্) বিং বিদ্যোৎসাহশীল।

বিদ্রধি † পুং ['বিদ্রধি' (অ কো)] রোগভেদ, হৃদ্‌ব্রণ।

বিদ্রব † পুং [বি+ √দ্রু+অ (অপ্)-ভা] ১ পলায়ন। "রাক্ষসী° রা ১.৩৬৩২। সৈন্যস্য বিদ্রবঃ মহা ৭.১০৬.৩৮। ২ ক্ষরণ, স্রাব। ৩ দ্রবীভাব। ৪ নর্মভাষণ, উপহাস, ঠাট্টা। 'প্রহসনং বিদ্রবঃ (গোবিন্দভট্ট—দ্র ' √শৃধ্, ক.ক)। "সা.দ ৬.২৩৮ ; ২৪০। —দ্রবণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'বিদ্রব'। —দ্রাব পুং [+অ (ঘঞ্)-ভা] সর্থ 'বিদ্রব'। —দ্রাবক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ বিদ্রবকারয়িতা, নিয়ামক। ২ দ্রবীকারক। —দ্রাবণ ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ অপাকরণ, বিনাশ। "কংসবিদ্রাবণকরী (দুর্গা) মহা ৪.৬৩। ২ দ্রবীকরণ, গলান। —দ্রাবী (-বিন্) বিণ [+ √দ্রু+ইন্ (ণিনি)-ক-১ব] পলায়নপর। "অপরে…ভয়াদ্ বিদ্রাবিণোঽভবন্ (পাঠান্তর) মহা ৬ ৫৪.৬৬। —দ্রুত বিণ [+ত (ক্ত)-ক] ১ পলায়িত। "°ক্রতু-মৃগানুসারিণং (বাণম্) রঘু ১১.৪৪। কু স ৪.৬। ২ ক্ষরিত, দ্রবীভূত। ৩ অতিক্রত, অতিক্ষিপ্র। "রাজ্যলক্ষ্মীঃ…বানরজাতিরিব বিদ্রুতানেক-চিত্তা।—পঞ্চ ৩১/৪৪। ৪ প্রচলিত, ব্যাকুল। "মনু ৭৩।

বিদ্রবণ, -দ্রাব, -দ্রাবক, -দ্রাবণ, -দ্রাবী, -দ্রুত দ্র 'বিদ্রব'।

বিদ্রুম † পুং [প্রা.স] ১ বিশিষ্টদ্রুম (অ টী); প্রবালতরু, রক্তবৃক্ষ, প্রবাল। "রা ১ ৭৪ ৫। অধরস্পর্দ্ধিষু বিদ্রুমেষু রঘু ১৩ ১৩। °রাগতাম্রং। —ঋতু ৬.১৬। ক.চ ১৮৮। ব ৬৫। °লোভ ভা ১৪১। ২ (সাদৃশ্যে) নবপল্লব, কিসলয়। তু 'প্রবাল'। [°চ্ছায় (বিণ)—প্রবালতুল্য-চ্ছায়াবিশিষ্ট, প্রবালকান্তি। °দণ্ড (পুং)—প্রবালযষ্টি। "°তা ক সা ১০৫ ২। °দ্যুতি (বি)—প্রবালকান্তি। অধর বিদ্রুমদ্যুতি ক চ ৬১। °লতা (স্ত্রী)—প্রবালবল্লী। "বিদ্রুমলতা-রক্তাঙ্গুলিশ্রেণি।]

বিদ্রূপ বি [সং বিদ্রব] উপহাস, ঠাট্টা। "°বাণী কহিল কঠিন ভাষে। —কথা ৬৫। —পী বিং বিদ্রূপকারী। "হেম ৯৮।

বিদ্রূপী দ্র 'বিদ্রূপ'।

বিদ্রোহ বি [সং দ্রোহ] ১ সর্থ 'দ্রোহ'। ২ শাসনোল্লঙ্ঘন, রাজদ্রোহ (rebellion)। —দ্রোহী (-হিন্) বিং [স° দ্রোহী] শাসনবিরোধী, রাজদ্রোহী (rebel)।

বিদ্রোহী দ্র 'বিদ্রোহ'।

বিদ্বজ্জন † পুং [বিদ্বান্ জন, কর্ম্মধা] পণ্ডিতজন, বিদ্বান্। "যত্র বিদ্বজ্জনো নাস্তি শ্লাঘ্যস্তত্রাল্পধীরপি।—হি ১.৭১।

বিদ্বৎকল্প † বিণ [বিদ্বস্+কল্প (কল্পপ্)] ঈষদূন বিদ্বান্, পণ্ডিত-সদৃশ, পণ্ডিততুল্য।

বিদ্বত্তর † বিণ [বিদ্বস্+তর (তরপ্)] পণ্ডিততর, প্রাজ্ঞতর। —ত্তম বিণ [+তম (তমপ্)] পণ্ডিততম, বিজ্ঞতম।

বিদ্বত্তম দ্র 'বিদ্বত্তর'।

বিদ্বত্তা স্ত্রী, -ত্ত্ব ক্লী [বিদ্বস্+তা (তল্), +ত্ব] বিদ্বদ্ভাব, পাণ্ডিত্য, বিদ্যাবত্তা। "বিদ্বত্ত্বং চ নৃপত্বং চ নৈব তুল্যং কদাচন।

বিদ্বত্ত্ব দ্র 'বিদ্বত্তা'।

বিদ্বান্ (-দ্বস্) † বিণ [√বিদ্+শতৃস্থানে বস্ (ক্বসু)-ক-১ব, স্ত্রী--দুষী] ১ যিনি জানেন, প্রাজ্ঞ, জ্ঞাতা। "বীরাণাম্ রাজপুত্রাণাং শস্ত্রাস্ত্রবিদুষাম্ রা ২.২৭৩। গী ৩.২৫ ; ২৬। অস্ত্রবিদ্বান্ রঘু ১৬৮১। ২ আত্মবিৎ, ব্রহ্মজ্ঞ। ৩ পণ্ডিত। "কিং বস্তু বিদ্বন্ গুরবে প্রদেয়ম্ রঘু ৫.১৮। বিদ্বানে বিদ্বান্ তুমি কৃ.উ ২৮৭। তুমি ধর্ম্মেতে বিদুষী ধ.বি ২৫৭। বেদেতে বিদ্বান্ বেদব্যাস বি.সু ১৫৮।

বিদ্বিট্ (-দ্বিষ্) † পুং [বি+ √দ্বিষ্+কিপ্ (০)-ক-১ব] দ্বেষকারক, শত্রু। "বধিষ্যামঃ…সুরবিদ্বিষস্তান্ মহা ৩.১০৪.১৮। কি ৩.১৬। —দ্বিষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] কৃতবিদ্বেষ। —দ্বেষ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বিরোধ, বৈর। ২ অপ্রীতি, নিন্দা। "মনু ৮.৩৪৬। ৩ অভীষ্টলাভে ও গর্ব্বহেতু অনাদর (মনোদর ২.৫৫, ভরত)। —দ্বেষক বিণ [+অক (ণ্বুল্)-ক] বিদ্বেষকারক, বিরোধী, নিন্দক। "ধর্ম্ম°। —দ্বেষণ বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] বিদ্বেষক। "নাস্তিবাদার্থ-শাস্ত্রং হি ধর্ম্মবিদ্বেষণং পরম্ হ ২৮.৩০। —দ্বেষণ ক্লী [+অন-ভা] বিরোধ, অপ্রীতি। —দ্বেষী (বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -ষিণী] সর্থ 'বিদ্বেষক'। "ধর্ম্ম°, শরচ্চন্দ্রবিদ্বেষিবক্ত্র (S.W)। —দ্বেষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ)-ক-১ব, স্ত্রী -ষ্ট্রী] সর্থ 'বিদ্বেষক'। "কাব্যাদর্শ ৩ ১৩২।

বিদ্বিষ্ট, -দ্বেষ, -দ্বেষক, -দ্বেষণ, -দ্বেষ্টা দ্র 'বিদ্বিট্'।

বিধ্ † সক [তু, প—বিধতি, সেট্] ১ বিধান। ২ ছিদ্রীকরণ বেধন। 'বেধিতচ্ছিদ্রিতৌ বিদ্ধে (অ.কো)।

বিধ † পুং [√বিধ্+অ (ঘঞর্থে ক)-ভা] ১ বেধন, বেধ। ২ [+অ -র্ম্ম] প্রকার। "তু 'বিধা'।

বিধব † বিণ [বহুব্রী] ধবহীন, পতিহীন। "°যোষিৎ।—বৃহৎসংহিতা ১৬৩৪। —ধবা স্ত্রী [°ব+স্ত্রী আ (টাপ্), দ্র 'ঋগ্বেদ ১০ ৪০.২, সায়ণ, ঠ বিদরা, কা বেরা, বেওয়া (গ্রাম্য), cf., Gr. wittwe ; L. vidua, Ger, wituwa, Goth viduwo, -dowo ; F. veuve, R vdova, Spanish—viuda, Italian —vedova, A S. vidwe, Welsh—gwedaw, E. widow] মৃতভর্ত্তৃকা, পতিবহিতা স্ত্রী। "ঋগ্বেদ ৪ ১৮.১২, ১০.৪০.২। বিধবাবেদনং মনু ৯ ৬৫। বিধবাগামী যাজ্ঞ ২ ২৩৭। অ° উ.মে ৩৮। [বিধবাবেদন (ক্লী)—বিধবাবিবাহ।]

বিধর্ম্ম † বিণ [বহুব্রী, তু 'বিধর্ম্মা'] ১ বিগতধর্ম্মা, ধর্ম্মরহিত, ধর্ম্ম-বিরোধী। "(রাজা) বিধর্ম্মে পথি বর্ত্ততে মহা ৫ ১৪৪ ৫। ২ স্বাভাবিক ক্রিয়াশক্তিহীন। ৩ নির্গুণ (কৃষ্ণ,—নীলকণ্ঠ)। —ধর্ম্ম পুং [প্রা.স] ১ বিপরীত বা বিরোধী ধর্ম্ম, স্বধর্ম্মবাধক ধর্ম্ম। "ভ ৭.১৫ ১২,-৩। ২ (বাঙ্লায়) অবৈধ আচার। "(বিপ্রজাতি) ছাড়িয়া ব্রাহ্মণধর্ম্ম বিধর্ম্মতৎপর চৈ ১৩। ৩ ধর্ম্মান্তর। তু 'বিধর্ম্মী'। —ধর্ম্মা (-র্ম্মন্) বিণ [বিগত ধর্ম্ম যাহা হইতে, বহুব্রী, সমাসান্ত 'অন' (অনিচ্)-১ব, স্ত্রী -র্ম্মা] বিগতধর্ম্মা, ধর্ম্মহীন, অধার্ম্মিক। 'দীর্ঘায়ুষঃ সমৃদ্ধাশ্চ বিধর্ম্মাণো যুগক্ষয়ে।—মহা ৩.১৮৮ ৫৫,-৬। —ধর্ম্মী (-র্ম্মিন্) বিণ [°র্ম্ম+ইন্ (ইনি) -১ব, স্ত্রী -র্ম্মিণী] ১ বিধর্ম্মবান্, অধর্ম্মরত, পাপী। "মহা ৭.১৯৬ ৩৩। তে…বিধর্ম্মিণঃ (সংবৃত্তাঃ)।—হ ২৮ ৩৫। ২ (বাঙ্লায়) ভিন্নধর্ম্মাবলম্বী।

বিধর্ম্মা, বিধর্ম্মী দ্র 'বিধর্ম্ম'।

বিধা † স্ত্রী [√বিধ্+অ (অঙ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্)] ১ বিধি, বিধান। ২ প্রকার। "শুক্লযজুর্ব্বেদ ১৪.৭। একবিধ, ত্রি°, দ্বি°, নানা°, বহু°, বি°। ৩ ভেদ। ৪ সাদৃশ্য। ৫ হস্তিখাদ্য। ৬ কর্ম্ম। ৭ বেতন। ৮ [+অ-ভা] বেধন, বোধ।

বিধাতব্য † বিণ [বি+ √ধা+তব্য-র্ম্ম] ১ বিধেয়, সমাধেয়। "আসনানি চ দিব্যানি যানানি শয়নানি চ। বিধাতব্যানি পাণ্ডুনাম্…। —মহা ১.১৪৪.১৪। ২ কর্ত্তব্য, করণীয়। "ত্বয়া রক্ষা বিধাতব্যা কৃষ্ণায়াঃ —মহা ৪.৪.৮। তস্য পূজা বিধাতব্যা।—হি ১ ৬২।

বিধাতা (-তৃ) † বিণ [বি+ √ধা+তৃ (তৃচ)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ বিধানকর্ত্তা, কার্য্যনির্বাপক। ২ প্রতিকারক। "অনাগত°। ৩ বিহিত কর্ম্মের অনুষ্ঠাতা। "মনু ১১ ৩৫। ৪ জনয়িতা, দাতা। "(অষ্টমূর্ত্তিঃ) স্বয়ং বিধাতা তপসঃ ফলানাম্ কু স ১ ৫৭। ৫ স্রষ্টা। "রঘু ১.৭০। ৬ নির্ম্মাতা। "প্রসিদ্ধনেপথ্যবিধের্বিধাতা কু.স ৭.৩৬। —ধাতা পুং ১ সৃষ্টিবিধায়ক, স্রষ্টা, প্রজাপতি, ব্রহ্মা। "রা ২.২৫.৮। রঘু ১.৩৫। ফুলদল দিয়া, কাটিল কি বিধাতা শাল্মলী তরুবরে মে ৩। বিধাতৃসৃষ্ট ঘোটকের গাত্রে বিধাতৃসৃষ্ট পক্ষীর পক্ষ সংযোজিত করিয়াই

কবি পক্ষিরাজ ঘোড়ায় সৃষ্টি করিয়াছেন" পা.প্র ১৪। ২ প্রজাপতি, মারীচাদি। "এবং বিধাতারঃ প্রসীদন্তি ৭১১। ৩ বিষ্ণু। ৪ মহেশ্বর। ৫ কামদেব। ৬ বিশ্বকর্ম্মা। ৭ ভাগ্য, দৈব। ৮ মদিরা। —ত্রী স্ত্রী ১ বিধানকর্ত্রী, জনয়িত্রী। "ত্রিভুবন" (তন্ত্রসার)। ২ পিপ্পলী।

বিধান + ক্লী [বি+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ করণ, অনুষ্ঠান। "বিধানং পাকযজ্ঞিকম্ মনু ৩.২৮৬। প্রতিকারবিধানমায়ুষঃ রঘু ৮.৪০। ২ রচনা। "নেপথ্য" শ ১১। অলকা তিলক দিল বিধির বিধান।—ম ১২২৯। ৩ নির্ম্মাণ। "রূপবিধানযত্নঃ রঘু ৭.১৪। ৪ সৃষ্টি। "বিধানাতিশয়ে বয়ু ৬.১১। ৫ সাধন, সম্পাদন। ৬ নির্দ্দেশ, অনুশাসন। ৭ [+অন-র্ম] বিধি, নিয়ম। "শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ রা ১ ৭২ ২১। মনু ৭ ১৮১, ৯.১৪৮। শাস্ত্র" গী ১৭ ২৪। ৮ উপায়। ৯ কর্ম্ম। "অভিষেক" রা ২ ২২ ১১। বিধানং বিশ্বকর্ম্মণঃ ৯১.২৮। স্বয়ংবরবিধানের আয়োজন। —কাদ ৯৫। ১০ হস্তিকবল, গজগ্রাস। "°পিণ্ড মাঘ ৫.৫১। ১১ (নাট্যে) মুখসন্ধিভেদ—সুখদুঃখকৃত বিষয়। 'সা দ ৬.৮৫। ১২ বিহিত সংস্কার; নিত্যকর্ম্ম। ১৩ [+অন-ণ] 'বিধিসাধন', শাস্ত্র। "বিধানোক্তাঃ (যজ্ঞদানতপঃক্রিয়াঃ) গী ১৭ ২৪। ১৪ বেদ। "মনু ১.৩। [.জ্ঞ (বিণ) নিয়মজ্ঞ।]

বিধায় ক্রি বিং [বিধা+য়প্, অপ্র] কারণে, হেতুতে। "অসুখ বিধায়, কার্য্যের গুরুত্ব বিধায়, না থাকা বিধায় ইত্যাদি।

বিধায়ক + বিণ [বি+ √ধা+অক (ণ্বুল্)-ক] ১ বিধানকর্ত্তা, নিয়ন্তা। ২ বিধিকারক। "বিবাহ" শাস্ত্র মনু ৯ ৬৫, কুল্লুক। ৩ বিধিজ্ঞাপক। "পত্তস্ত বিকল্পবিধায়কমেতদ্বচনম্ (পা)। —য়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -য়িনী] ১ কারক, অনুষ্ঠাতা। "তাদৃক্কার্য্যবিধায়িনী ক সা ৪১.১১৩। ২ কারক, জনয়িতা। "অমরাদিভিঃ...নানাদুঃখবিধায়িভিঃ হ ২৭০.১৯। ৩ বিধানকারী।

বিধায়ী দ্র 'বিধায়ক'।

বিধি + পুং [বি+ √ধা+ই (কি)-ভা] ১ বিধান, করণ, সম্পাদন। "সামগ্র্য" কু.স ৩.২৮। ২ প্রেরণ, প্রবর্ত্তন। "পা ৩.৩ ১৬১। ৩ নিয়োগ। ৪ অনুষ্ঠান। "(বিররাম) ন চ যোগবিধেঃ রঘু ৮.২২। কনকহরিণচ্ছদ্ম" উ.চ ১.২৮। ৫ সৎকার। "তং বিধিং লব্ধা রা ২.৯১ ৬০। ৬ বিধান, রচনা। "নেপথ্য" কু স ৭ ৩৬। ৭ প্রয়োগ। "প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ রঘু ৮ ৬৭। ৮ [+ই-ক (অ.কো), √বিধ্+ই (ইন্)-ক, উ ৪ ১১৭] 'বিধানকর্ত্তা', বিধাতা, ব্রহ্মা। "বিধি কন বিধি আছে।—কৃ ৩৪৮। ম ৯৮১। বিধি তাহে বিধি দিলা ভা চ ৭৬; ২৫৬। বিধির বিধি—মে ২৭১। হতবিধে।—সী ২১। ৯ স্রষ্টা। ১০ বিষ্ণু। ১১ কাল, সময়। ১২ বৈদ্য। ১৩ দৈব, নিয়তি, অদৃষ্ট। "বিধুরপি বিধিযোগাদ্ গ্রস্যতে রাহুণাসৌ।—হি ১.২০, বিধিরহো বলবান্ ৫২। বাম তার প্রতি বিধি।—মে ৪৬। ১৪ [+ই-ণ] নিয়োগজনক বাক্য (ত বা)। ১৫ অপ্রাপ্তপ্রাপক শাস্ত্রবাক্য, অর্থাৎ যাহা অন্য কোন বাক্যে পাওয়া যায় নাই, কেবল তদ্বাক্যেই বিহিত, তাদৃশ বাক্যভেদ। 'বিধিরত্যন্তমপ্রাপ্তৌ (মীমাংসাদর্শন)। বিপ 'নিষেধ'। যেমন 'স্বর্গকামো যজেত'—ইহা বিধি, যজ্ঞের কর্ত্তব্যতা তদ্বাক্যেই উক্ত হইয়াছে, অন্যত্র নহে। ১৬ শাস্ত্রবিধান, শাস্ত্রদৃষ্ট নিয়ম, শাস্ত্রোক্তপ্রকার, নিয়ম। "°পূর্ব্বং মে ক্রতুরেষ সমাপ্যতে রা ১.৮.১৮; হাররামাস বিধিনা ২.২৫ ২৭। শাস্ত্র" গী ১৬ ২৩। বহতি বিধিহুতং যা হবিঃ শ ১.১, গান্ধর্ব্বেণ বিবাহবিধিনা ৩.১৯। দ্র '(৮)। ১৭ শাস্ত্র। "রঘু ১৫ ৬২। ১৮ উপায়। "স্থলে গচ্ছতস্তে কো বিধিঃ হি ৪৬। ১৯ (ব্যাকরণে) সংজ্ঞাপরিভাষাদি ষড়্বিধ সূত্রলক্ষণের একতম। দ্র 'মুগ্ধবোধ ২১, দুর্গাদাস। "পা ১ ১.৭২। ২০ [+ই-র্ম] শাস্ত্রবিহিত কর্ম্ম—যজ্ঞাদি; কর্ম্ম, ক্রিয়া, অনুষ্ঠান। "বিধেঃ সায়ন্তনস্য রঘু ১.৫৬; চ্যুতো বিধিঃ ৩.৪৫; ৮.৭৩। শ ৭.২৯। ব্যবহার" যাজ্ঞ ২.৩০। ২১ যজ্ঞ। "অসমাপ্ত" রঘু ৮.৭৬। ২২ সংস্কার। "গোদান" রঘু ৩.৩৩। ২৩ হস্তিখাদ্য। ২৪ সৃষ্টি। "প্রতীয়ে কল্যাণী বিধিৎ্ বিচিত্রতা বিধাতুঃ কি ৭.৭। ২৫ [সং বিধ, -ধা; অপ্র] (বাংলায়) প্রকার। "রচে নানাবিধি (কাঁচুলি) মু ৮। হেন বিধি ৫৩; তেজ...এবিধি ৭৪। উপহার নানাবিধি ব.প ৪৭৯। বহু°, নানা° ম বি ২৮। (সিদ্ধি) বতবিধি বি.মু ২৭। [°কর (বিণ)—নিয়োগকর্ত্তা, বচনকর। "অমী বিধিকরাস্তব ভ ৭.৯.১৩। (পুং) কিঙ্কর। "ভ ৭.৮.৫৬। °জ্ঞ (বিণ)—১ উপায়জ্ঞ। "ক্রিয়া" হি ১.১৮৪। ২ শাস্ত্রবিৎ, বৈধকর্ম্মকুশল। °দর্শী (-র্শিন্) পুং—যাগবিধিদ্রষ্টা সভাপণ্ডিত (অ.টী), সদস্য। °দৃষ্ট (বিণ)—শাস্ত্রবিহিত, শাস্ত্রোক্ত। "বিধিদৃষ্টেন কর্ম্মণা রা ১.৪৯ ১৮। °পূর্ব্বক (বিণ)—বিধানানুযায়ী; যথাবিধি। "রা ২ ২৮ ১৪। °প্রযুক্ত (বিণ)—যথাবিধি অনুষ্ঠিত; বিধিপূর্ব্বককৃত। °বশ (পুং)—দৈবায়ত্ততা, ভাগ্যবশ। "পু মে ৬। °বিপর্য্যয় (পুং)—ভাগ্যবিপরিণাম, দুর্দ্দৈব। °বিৎ (-দ্) বিণ—শাস্ত্রজ্ঞ, বিধিজ্ঞ। °বোধিত (বিং)—শাস্ত্রদর্শিত, শাস্ত্রোক্ত। "করিল সকল কার্য্য যে বিধিবোধিত (চৈ.ভা)। °যজ্ঞ (পুং)—বিধিবিষয় যজ্ঞ, দর্শপৌর্ণমাসাদি। "মনু ২.৮৫,-৬। °যোগ (পুং)—১ বিধানাশ্রয়, নিয়মাবলম্বন। "মনু ৮ ২১১। ২ দৈবযোগ, ভাগ্যবশ। "হি ১.২০। °লিপি (বি)—বিধাতার লিখিত বিষয়, ভাগ্যফল। "বিধিলিপি থাকে যেই, সঙ্ঘটন হয় সেই বি.মু ১৪৭। °লোপ (পুং)—নিয়মলঙ্ঘন, ব্যভিচার। °হীন (বিণ)—শাস্ত্রোক্তবিধিশূন্য। "গী ১৭ ১৩।]

বিধিৎসা + স্ত্রী [বি+ √ধা+স (সন্)— √বিধিৎস+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বিধানেচ্ছা, চিকীর্ষা। "দন্তপত্রিকা" মাঘ ১.৬০। অভিপ্রেতার্থ" ভ ৫ ৩.২। ২ পিপাসাখ্য অতৃপ্তি (নীলকণ্ঠ)। "মহা ৫. ৪৩ ১৬। —ধিৎসু বিণ [+উ-ক] বিধানেচ্ছু, চিকীর্ষু। "কৃতকবিলোভনং বিধিৎসৌ কি ১০ ১৭। বিধিৎসোঃ ক্ষেমং জনায় ভ ৩.১৬ ২৪।

বিধু + পুং [√ব্যধ্+উ (কু)-ক, সম্প্রসারণ, উ ১.২৩; বি+ √ধে পান+উ (ডু)-র্ম (অ.টী), তু 'বিধু—বিধাতা, কর্ত্তা (ঋগ্বেদ ১০ ৫৫. ৫)] ১ 'বেধক, সুরগণের পেয়', চন্দ্র। "°ক্ষয়, °সংক্ষয়, বন্ধু" (S.W)। বিধিবিধিতে বিধুনা বধুনাং কিমাননম্ নৈ ২২.৪৭। ২ (দৈত্যবেধক) বিষ্ণু। ৩ শিব। ৪ ব্রহ্মা। [°ক্ষয় (পুং)—অমাবাস্যা। "মনু ৩.১২৭। °মুখী (বি)—চন্দ্রাননা। "মে ৮৫।]

বিধুকায় বি [অপ্র] সৌম্যদেহ, গণেশ। "শ্রী.মা ৪; ১৪৭।

বিধুত + বিণ [বি+ √ধু+ত (ক্ত)-র্ম] ১ বিকম্পিত, বিস্পন্দিত। ২ ত্যক্ত। —ধুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিকম্পন। ২ চালন। "ভুজ" ভ ১০.৩৩.৭। ৩ নিরাকৃতি, নিরাস। "মায়া বিবেকবিধুতিঃ ভ ৪ ২২.৬৮।

বিধুতি দ্র 'বিধুত'।

বিধুন্তুদ + পুং [বিধু+ √তুদ্+অ (খশ্)-ক,-ম্ (মুম্) আগম; উ.ত] 'চন্দ্রপীড়ক', রাহু। "মাঘ ২.৬১। °দন্ত গী.গো ৪.৫। নয়ন কাজর দেই, লিখই বিধুন্তুদ বি.প ১৯৫। এ ধনি আঁচরে বদন ঝাঁপাও। লুবধল মধুপ, চকোর বিধুন্তুদ।—গো ১০৯। বি.মু ৬। বিধুন্তুদদন্ত বা.দ ৭৪।]

বিধুবন + ক্লী [বি+ √ধু (কুটাদি, গুণাভাব)+অন (ল্যুট্)-ভা] কম্পন (অ.কো)।

বিধুর + বিণ [বিগত ধুর্ যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ'] ১ বিশ্লিষ্ট, বিরহিত, বিযুক্ত, শূন্য। "উ.মে ৫৪। দ্রবিণ" ভ ৫.৮.২৩, বিধুরাযুগ্ ১২৫৪। সা বৈ কলঙ্কবিধুরা মধুরাননশ্রীঃ।—ভামিনীবিলাস ২.৫। ২ কাতর, বিকল, বিবশ। "বিধুরাং...মাং প্রাপয় পত্যুরন্তিকম্ কু.স ৪.৩২। বিরহবিধুরাম্ (জায়াম্) পু.মে ৮। পতিবিয়োগবিধুরা (রাজা)

প.তু ১৬। মধুর যৌবনবিধুর হৃদয়ে।—গান ১৪৫। সুদূরবপন বিধুর প্রাণ।—কু.কে ৪। ৩ শোকাভিভূত। "উ.চ ৩.৩৮, ৬.৫১। ৪ দুঃখিত। "কৃতবান্…বিধুরং মনঃ কি ১১.২৬। ৫ বিকল, বিরূপ। "বিধুরং প্রপন্না (বপুঃ) মাঘ ৯ ৭৭। ৬ অশরণ, অসহায়। ৭ অবসন্ন, খিন্ন। "আজি গন্ধ-বিধুর সমীরণে, কার সন্ধানে ফিরি বনে বনে? —গান ৮৩। ৮ ম্লান, নিষ্প্রভ। ৯ প্রতিকূল, বিরোধী। "করোতু বিধুরে কিংবা বিধৌ পৌরুষম্।—পঞ্চ ২ ৮৮। —ধুর পুং বিপত্নীক পুরুষ। —ধুর স্ত্রী ১ কষ্ট, দুঃখ। "বিধুরং কিমতঃপরম্ কি ২.৭। ২ প্রত্যবায়, বিঘ্ন। "বিনা বিধুরদর্শনং স্বামিনোঽনুজীবিষু মন্দাদরা ভবন্তি।—হি ২৪৯। ৩ কাতরতা, বৈকল্য। ৪ বিশ্লেষ, বিচ্ছেদ। —ধুরা স্ত্রী ১ রসালা, খাদ্যবিশেষ। ২ জত্রুর ঊর্দ্ধস্থিত মর্ম্মধমনী (সুশ্রুত)। —রিত বিণ [√বিধুরি+ত (ক্ত)-র্ম্ম] বিকলীকৃত।

বিধুরা দ্র 'বিধুর'।

বিধুরাজ বি পূর্ণচন্দ্র। "মুখ বিধুবাজ।—ব ১৭৬।

বিধূত † বিণ [বি+ √ধূ+ত (ক্ত)-র্ম্ম] ১ কম্পিত। "নববল্লরী… মন্দ-বায়ুহিল্লোলে বিধূত ব প্র ৬০। ২ ত্যক্ত। ৩ বিক্ষিপ্ত। "°কেশ কি ৮ ৩৩। ৪ নিবাকৃত, নিরস্ত। "আনন্দবিধূতহৃদরুজ।—ভ ১০ ৩২. ১৩। পাথনথ-বিধৃত-বিশদবিলধর (অরুণসোদর) শ্রী ম ১৫৫। —ধূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] কম্পন, বিক্ষেপ। [°কল্মষ, °পাপ্মা (-পাপ্মন্) বিণ—নিবাকৃতপাপ, নিষ্কলুষ। °নিদ্র (বিণ)—ত্যক্তনিদ্র, জাগরিত।]

বিধূতি দ্র 'বিধূত'।

বিধূনন † ক্লী [বি+ √ধূনি+অন (ল্যুট্)-ভা] কম্পন। "পাণি-পল্লব° কি ৯ ৫০। শিরঃকর° (সা দ)। পক্ষ°শব্দ ব ভি ৪। —নিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কম্পিত। "হেম ১২৭। ২ আন্দোলিত, আলোড়িত। "তরঙ্গভঙ্গে সিন্ধু বিধূনিত।—ন ১১৪৮।

বিধূম † বিণ [বহুব্রী] ১ বিগতধূম, ধূমরহিত। "বিধূমাম্…শিখামগ্নেঃ রা ২ ১১৪ ৫। ২ পাকধূমহীন। "মনু ৬ ৫৬। —ধূমিত (বিং)—বিশেষ-ধূমযুক্ত, অতিধূমায়িত। "এই হিংসা-বিষ সমস্ত ভারতবর্ষে, মগধে চেদিতে হইতেছে বিধূমিত।—ন ৭৯০।

বিধৃত † বিণ [বি+ √ধৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ধৃত, গৃহীত। "বিধৃতা মালা পটান্তে ময়া।—অমরুশতক ৮৫। ২ সযত্নে ধৃত। "শিরসা বিধৃতাঃ (কেশাঃ)।—পঞ্চ ১ ৯০। ৩ পরিহিত। "সৌদাসপত্ন্যা বিধৃতে…মণি-কুণ্ডলে মহা ১৪ ৫৬ ২৯। স্রজঞ্চ বিধৃতাম্ (ন ধারয়েৎ) ভ ৬ ১৮ ৪৮। ৪ আকৃষ্ট। "হলবিধৃতা যমুনা।—হ ১২০ ১৮।

বিধেয় † বিণ [বি+ √ধা+য (যৎ)-র্ম্ম] ১ বিধানযোগ্য, করণীয়, কর্ত্তব্য। "প্রাণপরীপ্সূনাং বিধেয়মভয়ং হি মে।—ভ ৮ ৭.৩৮। কিমত্র বিধেয়ম্ (পাঠান্তর) শ ২২১৪। অস্মিন্নাত্মসন্দেহে প্রবৃত্তির্ন বিধেয়া। —হি ১২৪। ২ নিয়োজ্য। "ত্বং তস্য ভব…বিধেয়ঃ রা ২ ৩০.৯। ৩ বচন-কর, বচনস্থিত, আশ্রব, আদেশকর। "°তা কি ১১ ৩৩। ৪ পরতন্ত্র, অধীন। "নিদ্রাবিধেয়ং নরদেবসৈন্যম্ রঘু ৭ ৬২, স্ত্রীবিধেয়নবযৌবনঃ (সঃ) ১৯.৪। ৫ বিজিত, বশীকৃত। "বিধেয়াত্মা গী ২ ৬৪। অবিধেয়েন্দ্রিয়ঃ (পুমান্) কি ১১ ৩৩। ৬ অনুকূল। "দয়িতাং চ বিধেয়াং চ (সীতাম্) রা ২ ৫৫.২৬। ৭ অঙ্কনীয়। "তত্রায়তসূক্ষ্মরেখা জীবাভিধানা বিধেয়াঃ (গোলাধ্যায়)। ৮ বিধিবোধ্য (ত বা)। —ধেয় পুং প্রেষ্য, ভৃত্য। —ধেয় ক্লী ১ কর্ত্তব্য। "বিধীয়তাং তত্র বিধেয়মুত্তরম্ কি ১.২৫। ২ উদ্দেশ্যপদের বিলক্ষণ বিষয়তাযুত, অর্থাৎ পরিচায়ক পদ। দ্র 'অনু-বাদ (৮)। [°জ্ঞ (বিণ)—কর্ত্তব্যে জ্ঞানবান্, কর্ত্তব্যবিৎ। "স ভৃত্যো যো বিধেয়জ্ঞঃ।—পঞ্চ ১ ৩৬৮। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—নির্দেশবর্ত্তী।]

বিধেয়াত্মা (-ত্মন্) † বিণ [বহুব্রী] বশীকৃতচিত্ত, সংযতাত্মা। "বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি গী ২,৬৪।

বিধ্বংস[1] † পুং [বি+ √ধ্বন্স্+অ (ঘঞ্)-ভা] ১ বিনাশ, ক্ষয়। "সুরারি° (S.W)। ২ প্রশমন। "ব্যাধি° (সুশ্রুত)। ৩ অপকার। "কি ৩ ১৬। —ধ্বংসন বিণ [+ √ধ্বংসি+অন (ল্যুট্)-ক] বিনাশক, ক্ষয়কর। "অস্ত্রম্…শত্রুবিধ্বংসনম্ রা ৭.২৫.১২। —ধ্বংসন ক্লী [+ √ধ্বংস+অন-ভা] বিনাশ। "শত্রু° গো রা ৩ ২৮ ৯। —ধ্বংসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিধ্বংসশীল, বিনাশী, ক্ষয়ী। "একান্তবিধ্বংসিষু (পিণ্ডেষু) রঘু ২ ৫৭। শরীরং ক্ষণবিধ্বংসি।—হি ১৫০। ২ [+ √ধ্বংসি+ইন্] নাশনশীল, উৎসাদক। "যজ্জরাব্যাধি-বিধ্বংসি ভেষজং তদ্ রসায়নম্ (সুশ্রুত)। লোক° ব প ৪৯৬। ৩ অপকারক, প্রতিকূল। —ধ্বস্ত বিণ [+ত(ক্ত)-ক] ১ ধ্বংসপ্রাপ্ত, নষ্ট। ২ বিফলীকৃত। "মিত্রবিধ্বস্ত-কার্য্য।—পঞ্চ ২ ১১৯।

বিধ্বংস[2] সর্ম্ম [স° বি+ √ধ্বংসি—ধ্বংসয় > প্রা √বিদ্ধংস > বা °স; হি √বিধংস] বিনাশ করা। "ভীমসেন সৈন্য বিধ্বংসিল অ প ২০।

বিন[1] অব্য [সং বিনা > প্রা বিণা, -ণ, হি বিন, ঠ বিন, বিণা, -ণে, গু বিণ, মৈ বিন, -নু] ব্যতিরেকে। "সাধন বিনহি ভাঙ্গল মধু মান বি প ১[illegible]। বিন শিকারে ভাত না খায় রাজ দুলালিয়া গো.চ ২৮৭। বিন আগুন ব.প ৮১। বিন অনুরোধ।—ব ৮।

বিন[2], **-না**[2] অর্ম্ম [স° √বর্ণি—বর্ণয > √বন্ন > °ন (?), ঠ √বিণব —to mourn] গুণবর্ণনাপূর্ব্বক খেদ কবা, বিলাপ করা। "(বাধা) কবএ করুণা বিনায়িআঁ চক্রপাণি শ্রী.ম ২৩৩। কদলি তবে কান্দিব বিনাই গো বি ১১৮। বিনাএগ রাণী কান্দে ব প ৫৪১, বিনিএগ কান্দেন ৫৭২। বিনিযা বিনিয়া কান্দে।—ম ৮১৩। মদন বিনিয়া বিনিয়া কাঁদে। —গো ৫০। পতিশোকে রতি কাঁদে, বিনাইয়া নানা ছাঁদে ভা চ ৬৫। —না সর্ম্ম বর্ণনা করা। "ষোল শত কান্দিবেক তোমারে বিনাই।—মী ২৩। প্রভুকে বিনাইয়া কান্দে শ্রী ম ২০০। গুণ বিনাইতে নারে চৈ ম ১৪৪। [বিনন[1], -নান[2]—সর্থ 'বিন[2], -না[3]।]

বিন[3], **-না**[3] সর্ম্ম [বেণি > √বেনা > °না (?), ঠ √বিণ—বোনা, 'বিন্ন'—বেণী (দো)] ১ বয়ন করা, বোনা। "আমি…জুতা টুপি মোজা বিনাইয়া তোমায় সাহায্য করিব।—য ১১। ২ বেণীরূপে রচনা করা বা ভাঙান। "বিনা'ল ঘোড়ার ঘাড়ে বিচিত্র চিকুর শ্রী ১২৫। অনেক রামা 'উলেন' বিনায়।—হেম ৩৮০। বিনায়ে বান্ধে বেণী বা দ ১১৪। [বিনন[2], -নান[2]—সর্থ 'বিন[3], -না[3]।]

বিনত † বিণ [বি+ √নম্+ত (ক্ত)-ক] ১ প্রণত। "ভট্টি ৭ ৫২। ২ ভারাবনত, নিম্নাভিমুখ। "স্তবকবিনতো বালমন্দারবৃক্ষঃ (পাঠান্তর) উ মে ১৪। ৩ অবনত। "প্রকামবিনতাবংসৌ শ ৩ ৬। ৪ শিক্ষিত, বিনীত। ৫ ভুগ্ন, কুটিল। "°পৃষ্ঠাঃ (গাবঃ)।—বৃহৎসংহিতা ৬১.৩। ৬ সঙ্কুচিত। "বিনতং কচিদুন্নতং কচিদ্ যাতি (সলিলম্) রা ১ ৪৩ ২৪। ৭ মূর্দ্ধন্য বর্ণে পরিবর্তিত (স > ষ, ন > ণ) —নতা স্ত্রী ১ গরুড়ের মাতা। দ্র 'কদ্রু'। ২ পিড়কাবিশেষ (সুশ্রুত)। তু 'পিটকা'। ৩ মঞ্জুষাবিশেষ (A)। —নতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রণতি, প্রণাম। "কৃত° ক সা ৪৫,৪০৩। কাশীরাম দাসের °তি সাধুজনে।—ম ১৭৪। কথা ৫৩। ২ অবনমন। ৩ বিনয়, নম্রতা, মিনতি। "গো বি ৩২। চরণে ধরিয়া বহু করিল বিনতি।—ম ৫৩৪। চৈ চ ১৬৩। ভ প্র ১৯০। বিনতি পহুঁ কেল ব.প ১০৮১। ৪ প্রার্থনা। "রাখহ মাধব মোর বিনতি বি.সা ১১১। পর্ব্বত পায় কর আমা বিনতি করিলা চৈ চ ২০৩।

বিনতা † দ্র 'বিনত'। [°নন্দন, °সুত, °সূনু (পুং)—অরুণ, গরুড়। দ্র পুং 'অরুণ (১)'।]

বিনতি দ্র 'বিনত'।

বিনদ † পুং [বি+ √নদ্+অ (অপ্)-ভা] মহানাদ, উচ্চৈঃশব্দ।

"গো রা ৪.১২.২৪। —নদী (-দিন্) বিণ [°দ+ইন্ (ইনি)-১ব] বিনদবান্, গর্জ্জনযুত।—"(পয়োধরাঃ) বিনদিনঃ মহা ৩ ২৭১.৩৪।

বিনন্দা † বিং [বিনোদিয়া>°দ্যা, দ্র 'বা৫ ; অপ্র] প্রিয়। "বিনন্দা বুড়ার কাছে বসে ছিল বুড়ী শ্রী মা ১৯৫।

বিনন১ ; **বিনন**২ দ্র 'বিন২ ; বিন৩।

বিনন৩, **বিনান**৩ বিং ১ বেণীতে জড়িত। "ফুযল কবরী আধ, বিনন জাদ (খসল)।—গো ১৬৫। ২ বেণীরূপে রচিত বা ভাঙান। "আধা ফণীতে বিনান বেণী সাজে জটাগুচ্ছ বাদ ৯৮। —ননিয়া বিং [°ন+ইয়া২] 'বিননসম্বন্ধী', বিনাইয়া রচিত। "বিননিয়া চিকণিয়া বিনোদ কবরী ভা.চ ১৭৬। —ননী বি বিনন দ্বারা রচিত কেশ ; বেণী। "বাঁধিছে কবরী, বিননী বিনায়ে।—হেম ৫৬। —ননো বিং গ্রথিত, গাঁথা। "দেখাও খুলে বউবিননো পুতি।—হেম ৩৮৫। [বিনানিলা—বিনান করিল, বেণীরূপে রচনা করিল। "মাজি চুল, বিনানিলা মনোহর বেণী।—মে ৫৮।]

বিননী দ্র 'বিনন৩।

বিনমন † ক্লী [বি+ √নম্+অন (ল্যুট্)-ভা] ১ বিনতি, অবনমন। ২ প্রণতি।—নম্র বিণ [প্রা.স] ১ বিশেষভাবে নম্র, নমনশীল, অবনত, ভারনত। "°শাখাভুজবন্ধনানি কু.স ৩.৩৯। °শালিপ্রসব কি ৪.২। °বদনে স.শ ৩৮। ২ ভুগ্ন, বিনত। "বিনম্রকন্ধর ভ ১০.১৩.৬৪। ৩ বিনীত, শিক্ষিত।

বিনম্র দ্র 'বিনমন'।

বিনয় † পুং [বি+ √নী+অ (অচ্)-ভা] ১ 'বিশেষনয়ন' সৎপথ-প্রবর্ত্তন, শিক্ষণ। "বিনয়ে চৈব যুক্তো বারণ-বাজিনাম্।—রা ২.১.২৮। ২ শিক্ষা "°সম্পন্নঃ (লক্ষ্মণঃ) রা ১ ১.২৫। °প্রধানৈঃ রঘু ৬.৭৯। ৩ মর্য্যাদা, শিষ্টাচার, সভ্যতা। "°জ্ঞ রা ২.৩৭.১। বিনয়েন বারিত-প্রসরঃ শ ১.২৫। ৪ প্রণতি। ৫ অনুনয়। ৬ ইন্দ্রিয়জয়, ইন্দ্রিয়সংযম। "(সঙ্গতম্) বিনয়েনাস্য নবঞ্চ যৌবনম্ রঘু ৮.৬, ১০ ৭১। ৭ নিগ্রহ, শাসন। "দৃপ্তবিনয়াধিকৃতঃ রঘু ৯.৬২। ৮ বিশ্লেষকরণ, আকর্ষণ। "উত্তরীয়° মাঘ ১০.৪২। ৯ আনুকূল্য। "কি ২ ৪৫। ১০ [+অ-ক] শালীনতা, লজ্জা। "°বারিতবৃত্তি শ ২.১১। ১১ জিতেন্দ্রিয়। ১২ [+ অ-ণ] দণ্ড। "পূর্ব্বে (দোষভাজি) তু বিনয়ো গুরুঃ (শ.ক)। ১৩ [+অ-ধি] অধিকার। "বিফল°যত্ন মাঘ ১১.৩৬। —নয়ন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী-নী] বিনেতা, শময়িতা। "পু.মে ৫২। —নয়ন ক্লী [+অন-ভা] ১ প্রশমন, অপাকরণ। "তৃষ্ণাবিনয়নং ভুঙ্ক্তে মহা ১৫.৩. ২৬। ২ নিগ্রহ, সংযমন। "মনো°। ৩ শিক্ষণ। "(বিনয়নম্) লিপিজ্ঞান-বচনকৌশলেষু (দশকুমার)। [°গ্রাহী (-হিন্) বিণ—'বিধিনিষেধবচন-গ্রাহক', অধীন, আয়ত্ত। °নম্র (বিং)—বিনয় হেতু কোমল ; বিনয়-মসৃণ। "সী ৩। °বধির (বিং)—যে বিনয়বাক্য শুনে না, অবিনয়বশ। "বিলম্ব না সহে সেই বিনয়-বধির প.তৃ ১৯।

বিনয়ন দ্র 'বিনয়'।

বিনয়া অব্য [অপ্র] বিনা। "তরণী °য়া তিরবে কেমনে ম.পা ৭৩।

বিনয়াধান † ক্লী [ষ.ত] শিক্ষার করণ (মল্লিনাথ) ; সন্মার্গপ্রবর্ত্তন। "প্রজানাং বিনয়াধানাৎ (সঃ পিতা) রঘু ১ ২৪।

বিনয়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -য়িনী] ১ বিনয়বান্, বিনীত। ২ শিক্ষিত, শিষ্ট, নম্র।

বিনশন † ক্লী [বি+ √নশ্+অন (ল্যুট্)-ভা] ১ বিনাশ, ধ্বংস। ২ [+অন-ধি] 'সরস্বতীনদীর অন্তর্দ্ধানস্থান' ; সরস্বতীর অন্তর্দ্ধানদেশ (কুল্লূক) ; কুরুক্ষেত্র (ত্রিকাণ্ডশেষ ; শ্রীধর)। "কাত্যায়নশ্রৌত-সূত্র ২৪.৫.৩০। লাট্যায়ন ১০.১৫.১। মনু ২.২১। ভ ১ ৯.১। বিনশন মহাটবী।—রঙ্গ ৬ ; ১৯২। [ইহার পূর্ব্বে মধ্যদেশ। ইহার বালুকাময় ভূমিতে সরস্বতী অন্তর্হিত হইয়াছেন (দ্র 'মহা ৩.১৩০.৩ ; ৪)।] —নশ্বর বিণ [+বর (করপ্)-ক ; স্ত্রী -রী] বিনাশশীল, বিধ্বংসী।

বিনশ্যতি † ক্রি [বি+ √নশ্+তি (তিপ্—বর্ত্তমানকাল, প্রথম-পুরুষ-১ব)] বিনাশ পায় ; নষ্ট হয়। "পাপেতে পাপীর ধন-বৃদ্ধি হয় নিতি। পশ্চাতে হইবে সমূলেতে বিনশ্যতি॥—ম ১৮৮ ; পশ্চাতেতে হয় সবে মূলে বিনশ্যতি ৩৭৮। পূর্ব্ব ধনটা বিনশ্যতি—দা ২০৭০। [সমূলে বা মূলে বিনশ্যতি—মূলের সহিত নষ্ট হয় ; সবসুদ্ধ যায়। তু 'অধর্ম্মেণৈ-ধতে তাবৎ ততো ভদ্রাণি পশ্যতি। ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি॥—মনু ৪.১৭৪।]

বিনশ্বর দ্র 'বিনশন'।

বিনষ্ট † বিণ [বি+ √নশ্+ত (ক্ত)-ক] ১ বিনাশপ্রাপ্ত, মৃত। "বেণো বিনষ্টোঽবিনয়াৎ মনু ৭.৪১। ২ বিধ্বস্ত। ৩ অন্তর্হিত। "সোদরা পুনরস্য গ্রহণবিপ্লবে বিনষ্টা মা.মি ১২। ৪ দৃষ্টিশক্তিহীন। "বিনষ্টচক্ষুঃ, °দৃষ্টি। ৫ পতিত, সমাজচ্যুত। ৬ নাশিত। "মনু ৮. ২৩২, কুল্লূক। —নষ্টি স্ত্রী। [+তি (ক্তিন্)-ভা] ১ বিনাশ, ধ্বংস। "সুহৃদ্‌বিনষ্টি ভ ৩.১.২১। ২ জন্মমরণাদিক্লেশপ্রাপ্তিরূপ বিনাশ। "মহতী বিনষ্টিঃ।—কেনোপনিষৎ ১৩। ৩ অন্তর্দ্ধান।

বিনষ্টি দ্র 'বিনষ্ট'।

বিনা১ † ব্য [তু 'আরিলা without] বর্জ্জনার্থক—পৃথক্, ব্যতিরেকে, ছাড়া। "রা ২.৪৭.১। কথং কর্ম্ম বিনা দৈবং স্থাস্যতি (মগ)। পঙ্কৈর্বিনা সরো ভাতি সদঃ খলজনৈর্বিনা। কটুবর্ণৈর্বিনা কাব্যং মানসং বিষয়ৈর্বিনা॥—ভামিনীবিলাস। সীতা বিনা আমি যেন মণি-হারা ফণী। —কৃ ১৪৭। গাঁথে বিনা গুণে (মালিকা) ভা চ ২৯৪। বিনা সূত, কি অদ্ভুত, গাঁথে পুষ্পহার বি.সু ৩৩।

বিনা২ ; **বিনা**৩ দ্র 'বিন২ ; বিন৩।

বিনাকৃত বিণ [বিনা+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম, বিনা কৃত, সুপ্সুপা (মল্লিনাথ)] পৃথক্‌কৃত, বিয়োজিত, বিশ্লিষ্ট। "চেতনেন বিনাকৃতঃ (দেহঃ) রা ৭.৫৫.২০। (হৃদয়ম্) প্রিয়বিনাকৃতম্ মহা ৩.৭৩.১৫। মদনেন বিনাকৃতা রতিঃ কু.স ৪.২১।

বিনাট বি [হি বি (ব)নারট ; ঠ বনারট, বনোট ; গু বনারট] ১ বয়ন ; বস্ত্র, মোটাকাপড়। "শ্রদ্ধায় বিনাট সিঙ্গে দিয়া ভক্তিধাগা ভ.গ্র ৩১৩। ২ [নাট—°ট] কৌতুক, তামাশা। "কেহ রজ্জু বাঁধি গলে করয়ে বিনাট।—হেম ১১২।

বিনাড়ি, -ড়িকা, -ড়ী † স্ত্রী [প্রা.স] বিভক্ত নাড়ি ; নাড়ির (ঘটিকার) ষষ্টিতম অংশ ; চব্বিশ সেকেণ্ড।

বিনান১ ; **বিনান**২ ; **বিনান**৩ দ্র বিন২ ; বিন৩ ; বিনন৩।

বিনান৪ সর্ম্ম [°বিনান১>°ন] (চুল) বিনাইয়া বা ভাঙাইয়া রচনা করা। "মাজি চুল, বিনানিলা বেণী।—মে ৫৮ ; প্রমীলা সতী সুবাসিত জলে, স্নানি…বিনানিলা বেণী ২১৪। কেশগুচ্ছ বিনানিলে (পদ্যপাঠ, ১ম ভাগ)।

বিনানি, -নী বি বিন্যাস, পরিপাটী, খাদ্যের সজ্জা। "সে সব বিনানী (°নি—প.ক), নন্দের ঘরণী, দেখিয়া হইল সুখি রা.শে ২৭।

বিনানিঞা বি [°ন১+ইয়া২>°নিয়া,-ঞা (য়া>ঞা ; দ্র 'ঞ৪)] বিনানসম্বন্ধী, বিলাপযুক্ত, কাতর, আর্ত্ত। সহিতে না পারি উহার বিনানিঞা বাণী চৈ.চ ১৫৫। —নিয়া বিং [°নিত>°য়া] যাহা বিনান বা বেণী-করা ; বিনাইয়া বাঁধা। বিনানিয়া ('বিনাইয়া' পাঠান্তর) বিনোদিয়া বেণীর শোভায় ভা.চ ২৯০।

বিনানিয়া ; বিনানী দ্র 'বিনানিঞা' ; বিনানি'।

বিনাভব † পুং [সুপ্সুপা] ১ বিনাবস্থান। "সুহৃদ্ভির্বিনাভবঃ রা ২. ৯৪,৩ ; ৭.৫০.৪। ২ বিপ্রয়োগ, বিচ্ছেদ। "এবো হ্যেষাং বিনাভবঃ

ম্না ৩ ৯০৫.২৭। —ভাব পুং [কর্ম্মধা] পৃথগ্‌ভাব, ব্যতিরেক। "অ"।
—ভূত বিণ [সুপ্‌সুপা] পৃথগ্‌ভূত, বিপ্রযুক্ত। "মহা ৩ ৮০ ৩।

বিনামা বি [?] 'নামরহিত' (?), জুতা।

বিনায়ক † পুং [বি+ √নী+অক (ণ্বুল)-ক , বিশিষ্ট নায়ক, প্রা স (অ টী)] ১ 'বিঘ্ননাশক, বিঘ্নের বিশেষ নায়ক' , গণেশ। "ভ ২ ১০ ৩৮। শি ৩১। ২ নায়ক, নেতা। "রাজা চৈব বিনায়কঃ রা ৭ ৫৯ সর্গ-টীকা, প্রক্ষিপ্তসর্গ ২ ৪। ৩ গুরু ৪ বুদ্ধদেব। ৫ ['বি' পক্ষী, তাহার 'নায়ক', ষ ত] 'পক্ষীরাজ', গরুড়। "বিনায়কাহিত প্রীতি।—নাগানন্দ ৪ ১৯। ৬ বিঘ্ন। —নায়িকা স্ত্রী গরুড়পত্নী।

বিনায়িকা দ্র 'বিনায়ক'।

বিনাশ † পুং [বি+ √নশ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ বিধ্বংস, ক্ষয়। 'নমো রামভৃগুকায়, ক্ষত্রবংশবিনাশায়।—ম ৭১১ , স্নেহ° ৭১৫। ২ অন্তর্দ্ধান, অদর্শন। ৩ মৃত্যু। 'যাস্তযুপথমাসাদ্য বিনাশং যান্তি শত্রবঃ রা ২ ৪৪ ১৩। যাজ্ঞ ২ ১৬৮। ৪ নীচযোনিপ্রাপ্তি, নরকপ্রাপ্তি। "নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে গী ৬ ৪০। ৫ হানি। "ধন°। ৬ বিপ্লব। 'দেশ°।—বৃহৎসংহিতা ৪৬ ৮২। ৭ [+ √নাশি+অ (অচ)-ভা] বধ, মারণ। 'তস্য বিনাশায় মনু ৭ ১২। ৮ পাতন, ঘাতন। "গর্ভ°কৃত যাজ্ঞ ২ ২৩৯।—নাশক বিণ [+অক (ণ্বুল্‌)-ক, পা ৩ ২ ১৪৬] সংহারক, হন্তা, ঘাতক, অন্তক। "রাজৈব কর্ত্তা ভূতানাং রাজৈব চ বিনাশকঃ মহা ১২ ৯১ ৯। দৈত্য° ম ৭১৫।—নাশন বিণ [+অন (ল্যুট)-ক স্ত্রী-নী] ১ বিনাশক। 'আত্মবংশ° গো রা ৫ ৮৭ ২৪। মধুমুরনরক° গী গো ১ ২০। ২ নিরাসক। 'মায়ানাম্‌ বিনাশনম্‌ ভ ৩ ১৯ ২১, টীকা। মহাদৈত্য° ম ৭১০। —নাশন ক্লী [+অন-ভা] নিধন, সংহার, বিধ্বংসন, ক্ষয়। 'নৃপতীনাং বিনাশনে বা ২ ৭১ ৩৬। সৃষ্টিস্থিতি° দা ৮৯৮। —নাশিত বিণ [+ত (ক্ত) র্ম্ম] ১ নিহত, নিপাতিত। ২ উৎসাদিত। '(মহাস্নেহঃ) জম্বুকেন বিনাশিতঃ।—হি ২ ১। —নাশী (-শিন্‌) বিণ [+ইন্‌ (ণিনি)-ক-১ব] ১ বিনাশক, সংহারক, ঘাতী। "অস্ত্রশিক্ষা বৈ পরানীকবিনাশিনী মহা ৬ ১১৮ ২১। ২ বিধ্বংসী ক্ষয়কারক। "কুলস্যাস্য বিনাশিনী।—গো বা ১ ৯ ৩৮। গ ১৬৫। দা ৯৬৬। ৩ হন্তা, বিঘ্নকারক। "কার্য্য°। ৪ নিরাসক অপনোদক। 'শোক° মহা ৩ ৬৪ ৫৯। আত্মস্মৃতি° ভ ৮ ৪ ১২। ৫ [+ √নশ +ইন্‌-ক] বিনাশশীল, বিধ্বংসী, নশ্বর, অনিত্য। "অবিনাশি তু তদ্‌ বিদ্ধি গী ২ ১৭। ৬ বিপরিণামী। "মনু ১ ২৭। —নাশ্য বিণ [+ √নাশি+য (যৎ)-র্ম্ম] হননীয়, বধ্য। 'যদি নাহং বিনাশ্যস্তে (মহা)। ক সা ৫ ১১৯। [°কৃৎ (বিণ)—ক্ষয়কর, নাশক। °ধর্ম্মা (-র্ম্মন্‌) বিণ—বিনাশশীল, নশ্বর, অনিত্য। 'বিষয়েষু °ধর্ম্মসু রঘু ৮'১০। °ধর্ম্মী (-র্ম্মিন) বিণ—নশ্বর।]

বিনাশক, -নাশন, -নাশিত, -নাশী, -নাশ্য দ্র 'বিনাশ'।

বিনাশোন্মুখ † বিণ [স ত] ১ বিনাশবিষয়ে উন্মুখ , বিনষ্টপ্রায়। "পা ১ ৩ ১১, সি। ২ পক্ব (ফলাদি—অ টী)।

বিনাস[1] † বিণ [বিগতা নাসা যাহার, বহুব্রী] বিগতনাস, ছিন্ননাসিক, বোঁচা। "ভট্টি ৫ ৮।

বিনাস[2] বি (?)। "বিনাসের বালা (বলয়) শ্রী মা ৪৪।

বিনাহ † পুং [বি+ √নহ +অ (ঘঞ্‌)-ণ] কূপমুখ-পিধান।

বিনি, -নু, -নে অব্য [সং বিনা >প্রা বিণু (হে ৪ ৪২৬), হি বিনি, -নু , দ্র 'বিন[1]] বিনা, ব্যতিরেকে। "তো বিনে উনমত কান : কারণ বিনু বিপ ৫১ , মো বিনু ১৫১ , বিনি অপরাধ ১০৪। জল বিনু মীন জনু চ দা ৮০। বিনি গ ১ , গো বি ৮৫ , অ প ১৩ , ১২৩ , ম বি ৫৪, ১৯৮ , ম ৭৩০ , জ্ঞা ১২। বিনু, -নে চৈ ভা ৮৯ , বিনু ১৪৯ বিনু ব প ৬৩৬,-৭৫ , বিনি ৮৪৪,-৫। বিনে ক চ ২১ , বিনু ১৭৯ বিনি চৈ চ ২২০ , বিনু ২৩৫। তুয়া বিনু।—ব ১৮৭। বিনি যাইনে প ব্যা ৭০। [বিনিভাব—বিনাভাব, ব্যতিরেক, বিরহ। "মদন বাটিয়া কে বা, বদন গড়িল লো, বিনিভাবে মো মনু কান্দিয়া চৈ ম ৯৬।]

বিনিঃসরণ † ক্লী [বি-নির্‌+ √সৃ+অন (ল্যুট্‌)-ভা] বহির্গমন, নিক্রমণ, নির্য্যাণ। —সৃত বিণ [+ত (ক্ত)-ক] বহির্গত, নিক্রান্ত, নির্গত।

বিনিকার † পুং [বি-নি+ √কৃ+অ (ঘঞ্‌)-ভা] অপকার, দ্রোহ, হিংসা। "স্মরমাণাস্তান্‌ বিনিকারান্‌ মহা ৭ ১৬ ১৩।

বিনিগ্রহ † পুং [বি-নি+ √গ্রহ +অ(অপ)-ভা] ১ নিরোধ, সংযম। "আত্ম° গী ১৩ ৭। ২ নিয়মন। "পাপ° মনু ৯ ২৬৩। ৩ বিঘ্ন, ব্যাঘাত। "যৌবরাজ্যাভিষেকস্য -বিনিগ্রহে গো রা ২ ১৯ ১২। বৃষ্টেশ্চ বিনিগ্রহঃ। —বৃহৎসংহিতা ৪ ১৩। —নিগ্রাহ্য বিণ [+য(ণ্যৎ)-র্ম্ম] নিরোদ্ধব্য, নিয়মনীয়। '(দ্বিপাঃ) বিনিগ্রাহ্যাঃ মহা ৪ ১ ৩৩।

বিনিদ্র † বিণ [বিগতা নিদ্রা যাহার বহুব্রী , স্ত্রী -দ্রা] . বীতনিদ্র, জাগরিত। 'মহা ১০ ৪ ৯। রঘু ৫ ৬৬। ২ বিকসিত, প্রস্ফুটিত। '°হেমাব্জ হ ৩০৯ ৪। °মন্দারবাজাহংকণাঙ্গুলী কু স ৫ ৮০। বিনিদ্রা নলিনী সা দ ১০৫৫/৫৬। ৩ উদ্গত। °রোমা (সা) নৈ ১ ৩৪। ৪ উন্মীলিত (চক্ষুঃ)। ৫ অতন্দ্রিত, জাড্যহীন। '°করণ মহা ১ ১৪২ ২৪।

বিনিন্দক † বিণ [বি+ √নিন্দ +অক (ণ্বুল)-ক] ১ নিন্দাকারক, দূষক। বেদ°। ২ অতিশায়ী। 'ইন্দুবিনিন্দকচন্দনতিলক গী গো ২ ৬। —নিন্দন বিণ [+অন (ল্যুট্‌)-ক] অতিশায়ী। কৃষ্ণগুণচরিত, সুধাসারস্বাদুবিনিন্দন চৈ চ ৭৯।

বিনিন্দন দ্র 'বিনিন্দক'।

বিনিপাত † পুং [বি-নি+ √পত +অ (ঘঞ্‌)-ভা] ১ নিপতন, চ্যুতি, ভ্রংশ, স্খলন। ২ বিনাশ, ক্ষয়। 'বিনিপাতঃ পৌরবৈঃ প্রার্থ্যতে শ ৫২৬/২৭। ৩ মৃত্যু। 'যোদ্ধাপতি° ম ৯৩৬। ৪ অভিনিবেশ (নীলকণ্ঠ)। 'নৈকান্তবিনিপাতেন বিচচারেহ কশ্চন (মহা—S W)। ৫ অপমান। ৬ সংঘটন। ৭ [+অ-ণ] দৈব ও মানুষ উপদ্রব : দুর্ভিক্ষাদি ও চৌর-ভয়াদি বিপদ্‌। দ্র 'ব্যসন'। 'মনু ৪ ১৪৬। ৮ বিপদ্‌, উপদ্রব। '°প্রতীকার (পঞ্চ)। °প্রতিক্রিয়া ক সা ১৫ ১১৩। ৯ দুর্দ্দৈব। বিনিপাত-গত। [°প্রতিক্রিয়া (স্ত্রী), °প্রতীকার (পুং)—বিপৎপ্রতিবিধান, উপদ্রবনিরাকরণ। °শংসী (-সিন্‌) বিণ উপদ্রবসূচক।]

বিনিবর্ত্তন † ক্লী [বি-নি+ √বৃৎ+অন (ল্যুট)-ভা] ১ প্রত্যাগমন। গোবিন্দবিনিবর্ত্তন ভ ১০ ৩৯ ৩৭। ২ বিরাম। ৩ [+ √বর্ত্তি+অন -ভা] প্রত্যানয়ন। যাত্রাম্‌ -কাকুৎস্থবিনিবর্ত্তনে গো রা ২ ৮৯ ৫। ৪ সংহার, প্রত্যাহার। তৎ (অস্ত্রম্‌) সমোক্ষবিনিবর্ত্তনম্‌ মহা ৩ ৪১ ৩৩। —নিবর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রত্যাবর্ত্তিত, ব্যাবর্ত্তিত। ২ বিনিবারিত। 'চাপেন যস্য বিনিবর্তিতকর্ম জাতং তৎ কোটিমৎ কুলিশমাভরণং মঘোনঃ॥—শ ৭ ২৬। —নিবৃত্ত বিণ [+ √বৃৎ+ত -ক] ১ প্রত্যাগত। "বনবাস হইতে বিনিবৃত্ত সী ৫৩। ২ বিরত। ৩ বিশেষ বা নিরবশেষ নিবৃত্ত , সম্যক ব্যাবৃত্ত। °কামাঃ গী ১৫ ৫। ৪ সমাপ্ত। ৫ বিমুক্ত। '°শাপ। —নিবৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা] ১ বিরতি। অভ্যসূয়া° রঘু ৬ ৭৬। ২ সমাপ্তি।

বিনিবর্ত্তিত, -নিবৃত্ত, -নিবৃত্তি দ্র 'বিনিবর্ত্তন'।

বিনিবর্হণ † বিণ [বি-নি+ √বর্হ হিংসা+অন (ল্যুট্‌)-ক] বিহিংসক, বিঘাতক। "সুরারি° (মহা)।

বিনিবেশ † পুং [বি-নি+ √বেশি+অ (অচ্‌)-ভা] সংস্থাপন, বিন্যাস। 'স্থিরাঙ্গুলি° শ ৬ ১৫। চরণনলিন° গী গো ১২ ২। —বেশিত বিণ (ক্ত)-র্ম্ম] স্থাপিত, বিন্যস্ত। "কু স ১ ৪৮। বাহুলতা কণ্ঠদেশে বিনিবেশিত সী ১৬। —বেশী (-শিন্‌) বিণ [+ √বিশ্‌ +ইন্‌ (ণিনি) -ক-১ব] অবস্থিত। "বিন্ধ্যে···কূলোপকণ্ঠবিনিবেশিনি নর্ম্মদায়াঃ ক সা ৬ ১৬৬।

বিনিময় † পুং [বি-নি+ √মি+অ (অচ্)-ভা] ১ পরিবর্ত, তুল্য-বস্তুদানে দ্রব্যান্তরগ্রহণ, প্রতিপণন। "মহা ১৩.৭০.১৪ ; ১৭। মাটি কাটি লভি কহিনুর, ফেলিয়া সে রত্ন হার, কে ঘরে ফিরিয়া যায়, বিনিময়ে অঙ্গে মাটি মাখিয়া প্রচুর?—ন ৫০১। ২ পরস্পর আদান-প্রতিদান। "সম্পদ্‌বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়ম্ রঘু ১.২৬। ৩ ব্যতীহার, পরস্পর একজাতীয়ক্রিয়াকরণ। "মাঘ ৭.৬৫। ৪ পরিবর্তন। "কার্য্য° মা মি ১৳। ৫ [+অ-র্ম্ম] বন্ধক, আধি।

বিনিমেষ † পুং [বি-নি+ √মিষ্+অ (ঘঞ্)-ভা] ১ চক্ষুর্নিমীলন। ২ নিমেষকৃত সঙ্কেত ; সংজ্ঞা। "নয়ন° কি ১২ ১৫।

বিনিয়ত † [বি-নি+ √যম্+ত(ক্ত)-র্ম্ম] ১ বিশেষ সংযত ; নিরুদ্ধ, নিগৃহীত। "বিনিয়তং চিত্তম্ গী ৬.১৮। ২ পরিমিত, সংযত। "বিনিয়তাহার, °বাক্। —নিয়ম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সংযম, নিগ্রহ। ২ [+অ-ণ] বিশেষ বিধি। "মহা ১০.৪৭.৫২।

বিনিযুক্ত † বিণ [বি-নি+ √যুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কর্মে প্রবর্তিত ; নিযুক্ত। ২ প্রবেশিত। "প্রত্যেকং বিনিযুক্তাত্মা কথং ন জ্ঞাস্যসি প্রভো কু.স ২.৩১। ৩ প্রেষিত। ৪ (বাঙ্‌লায়) ভক্ষিত। "বিনিযুক্তাবশিষ্ট ব্যঞ্জনাদিক প্রদান।—ভ.প্র ২৯০। —নিয়োগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বিশেষ নিয়োগ ; প্রেরণ ; প্রবর্তন। "°প্রসাদা হি কিঙ্করা প্রভবিষ্ণুষু কু স ৬.৬২। °জ্ঞঃ রঘু ১৭ ৬৭। ২ নানাপ্রয়োজনে নিয়োগ (কাশিকা)। "পা ৮.১.৬১। ৩ প্রয়োগ। "ওঙ্কারস্য সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। ৪ ফলবিষয়ে অর্পণ (অ চি), দান। "অন্নশেষবিনিয়োগং কুর্য্যাৎ মনু ৩.২৫৩, কুল্লুক। ৫ ব্যয়। "বর্জন° হি ৩⅓⅓। ৬ [+অ-ধি] অধিকার। "পা ১.৩.১১, কাশিকা। বিনিয়োগেঽস্মিন্ ভবন্তো বিনিয়োজিতাঃ গো.রা ৩.৬০.৩৯। —নিয়োজিত বিণ [+ √যোজি+ত-র্ম্ম] বিনিযুক্ত, প্রবর্তিত। দ্র 'বিনি 'গ (৬)। —নিযোজ্য বিণ [+ √যুজ্+য (ণ্যৎ) -র্ম্ম] ১ প্রবর্তনীয়। ২ দেয়। "অর্থঃ···পাত্রে বিনিযোজ্যঃ (S.W.)।

বিনিয়োগ, -নিয়োজিত, -নিযোজ্য দ্র 'বিনিযুক্ত'।

বিনির্গত † বিণ [বি-নির্+ √গম্+ত (ক্ত)-ক] বহির্গত, নিক্রান্ত, নিঃসৃত। "সঙ্গেভ্যো বিনির্গতঃ মনু ৮.৬৭। —নির্গম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বহির্গমন, নিক্রমণ। "গো.রা ২ ১৪.২২। অলক° ভ ১০.২৯.৯। ২ প্রকাশ, প্রচার, বহুলীভাব। "বহির্মন্ত্রবিনির্গম (S.W.)।

বিনির্জয় † পুং [বি-নির্+ √জি+অ (অচ্)-ভা] সম্যক্ পরাজয়। "বিনির্জয়ে পাণ্ডবানাম্ মহা ৩.২৫১.৩৪। —র্জ্জিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] পরাজিত। "শ্রী.মা ১৬০।

বিনির্ণয় † পুং [বি-নির্+ √নী+অ (অচ্)-ভা] সম্যক্ নির্দ্ধারণ ; সুনিরূপণ, পরিচ্ছেদ। "কার্য্য° মনু ৮.৮ ; সীমাবাদ° ২৫৩,-৮। পঞ্চাঙ্গ° কি ২ ১২। —র্ণীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নির্দ্ধারিত।

বিনির্বন্ধ † পুং [বি-নির্+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] বিশেষ নির্বন্ধ, দৃঢ়নিশ্চয়। "বৈর° মহা ১.১৯.৯। বনবাস° (S.W.)।

বিনির্বৃত্ত † বিণ [বি-নির্+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ সমাপ্ত, পর্য্যবসিত। ২ নিষ্পন্ন। "যাজ্ঞ ২.৩২।

বিনির্ম্মিত † বিণ [বি-নির্+ √মা+ত (ক্ত)-র্ম্ম] ১ বিরচিত, কৃত। "(যজ্ঞায়তনম্) মনসৈব বিনির্ম্মিতম্ রা ১.১৩.৩৮। মহা ৩.৬৯.৭। ২ সৃষ্ট, নিরূপিত। "নরবাহনদত্তোঽস্যা ভর্ত্তা দেবৈর্বিনির্ম্মিতঃ ক সা ৩৪.২২২। ৩ কৃত, দত্ত। "দক্ষিণৈষা বিনির্ম্মিতা গো রা ১.১৩.৪০।

বিনির্মুক্ত † বিণ [বি-নির্+ √মুচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত। "দ্বন্দ্ব° গী ২.৫১। ব্রহ্মতেজোবিনির্মুক্তৈরাস্ত্রৈঃ।—ভ ১.৮.১৭। ২ বিরহিত, বিহীন। সর্ব্ববন্ধ° মনু ৬.৮১। ৩ ত্যক্ত, প্রেরিত। "রামচাপবিনির্মুক্তৈঃ সায়কৈঃ গো.রা ৩.৩১.২২। ৪ [+ত-ক] মুক্তিপ্রাপ্ত বহির্গত। "যে···বিনির্মুক্তাঃ সার্থাৎ কেচিদবিক্ষতাঃ মহা ৩.৬৫.২১।

বিনির্য্যাণ † স্ত্রী [বি-নির্+ √যা+অন (ল্যুট্)-ভা] ১ নির্গমন, যাত্রা। ২ অভিযান। "রাবণস্য °র্য্যাণম্ গো.রা ১.৪.১১৬।

বিনিশ্চয় † পুং [বি-নিস্+ √চি+অ (অচ্)-ভা] ১ নির্দ্ধারণ। "রা ২.৩৫.১৫। বর্ণাশ্রম° ভ ২.৮.১৬। ২ [+অ-র্ম্ম] অভিমত, সিদ্ধান্ত। "মনু ৮.২৭৭। যাজ্ঞ ২.২৩৬। —শ্চিত বিণ [+ত(ক্ত) -র্ম্ম] ১ নির্দ্ধারিত। ২ নিশ্চিতপ্রত্যয়োৎপাদক। "গী ১৩.৪।

বিনিশ্চল † বি [বি-নিস্+ √চল্+অ(অচ্)-ক] ১ অতিস্তব্ধ, নিশ্চেষ্ট। "(অহিঃ) তস্থৌ বিনিশ্চলঃ ক.সা ৬২.১৫৩। ২ নিষ্কম্প। "চিত্রারম্ভবিনিশ্চলম্...চামরম্—বিক্র ১.৪।

বিনিষ্পাত † পুং [বি-নিস্+ √পত্+অ (ঘঞ্)-ভা] ১ বেগে নির্গমন। ২ নির্ভরাঘাত। "কৃকমুষ্টি° ভ ১০.৫৬.২৫।

বিনিষ্পেষ † পুং [বি-নিস্+ √পিষ্+অ (ঘঞ্)-ভা] নিষ্পেষণ, নিষ্পীড়ন। "তয়োর্ভুজবিনিষ্পেষাৎ (শব্দঃ) মহা ৩.১১.৫৮।

বিনিহত † বিণ [বি-নি+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিনাশিত, নিপাতিত। "গো.রা ২.৯১.১৯। ২ নিরস্ত, অপনীত। "ভারতসূর্য্যেণ নৃণাং বিনিহতং তমঃ মহা ১.১.৮৫। ৩ অপালিত, অকৃত। "আজ্ঞাং বিনিহতাম্ গো.রা ৫.২১.১১। ৪ ব্যাহত, মোঘীকৃত। "শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা মহা ৬.৮৩.৪০। ৫ নিপীড়িত, ব্যথিত (মনঃ)।

বিনিহিত † বিণ [বি-নি+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ বিন্যস্ত, স্থাপিত। "স্তনবিনিহিতমপি হারম্ গী.গো ৪.১১। ২ সমর্পিত, দত্ত। "ময়ি °দৃষ্টিঃ (স্ব)। ৩ অর্পিত, সমাহিত। "হরি°মনসাম্ গী.গো ১১.৯। ৪ স্থাপিত। "অহম্···ঐন্দ্রে বিনিহিতঃ পদে।—হ ৭৬.২৮।

বিনীত বণ [বি+ √নী+ √ত(ক্ত)-র্ম্ম] ১ বিনয়ান্বিত, অনুদ্ধত, শাস্ত্রসংস্কৃত। "মনু ৮.১। ২ অনুশিষ্ট। "মনু ৯.৪১। ৩ দূরনীত, অপনীত, হৃত। "°খেদঃ রঘু ১৩.৩৫। ৪ ত্যক্ত। "°নিদ্রাঃ (স্বপ্নেরমাঃ) রঘু ৫.৭২ ; ৯ ৭১। ৫ সুশিক্ষিত, সাধুবাহী। "হয়ৈর্বিনীতৈঃ সম্পন্নান্ (রথান্) মহা ২.৫১. ৩৪। ৬ সংযত, নিগৃহীত। "অবিনীতহৃদয়া বালরণ্ডা ক.ম ৩⅚। ৭ অনুদ্ধত (plain, simple)। "বিনীতবেষাভরণঃ মনু ৮.২। বিনীতবেশেন(প্রবেষ্টব্যানি)শ ১⅓⅓। বিনীতবেশে আশ্রমে প্রবেশ করতে হয় অ.প্র ১১। ৮ কৃতদণ্ড, কৃতশাসন। ৯ ক্ষিপ্ত। ১০ জিতেন্দ্রিয়। ১১ নিভৃত। ১২ শান্ত (মল্লিনাথ)। "তপস্বিসংসর্গবিনীতসত্ত্বে (তপোবনে) রঘু ১৪.৭৫। ১৩ শোভন, সুন্দর (A.)।—নীত পুং ১ শিক্ষিতাশ্ব, সাধুবাহী। ২ শিক্ষিত বৃষভাদি। ৩ বণিক্। —নীতি স্ত্রী [+তি(ক্তিন্)-ভা] ১ বিনয়, শিষ্টাচার, অনুনয়। "ত্রাসহেতোর্বিনীতিস্তু ক্রিয়তে জীবিতাশয়া। —হি ২ ১২১। ২ শিক্ষা। [°নিদ্র (বিণ)—ত্যক্তনিদ্র, জাগরিত। "রঘু ৫.৭২। °বেশ (পুং)—অনুদ্ধতবেশ (simple dress)।]

বিনীতাত্মা (-ত্মন্) † বিণ [বহুব্রী] শিষ্টস্বভাব। "মনু ৭.৩৯।

বিনীতি দ্র 'বিনীত'।

বিনীবী † বিণ [বহুব্রী] বিগতনীবীক। "ভ ১০.২১.১২।

বিনীয় † পুং [বি+ √নী+য (ক্যপ্)-র্ম্ম, পা ৩.১.১৭] ১ কল্ক, অসারদ্রব্য। ২ পাপ।

বিনু, বিনে দ্র 'বিনি'।

বিনেতা (-তৃ) † পুং [বি+ √নী+তৃ (তৃচ্)-ক-১ব] ১ নায়ক, নেতা। ২ নিয়ামক, শাসিতা। "অবিনীতানাং বিনেতাসি গো.রা ৩.৫৫.৩৭। তেনাস লোকঃ পিতৃমান্ বিনেত্রা রঘু ১৪.২৩। ৩ গুরু। "রঘু ৮.৯১। ৪ শিক্ষক, উপদেষ্টা। "রঘু ৬.৩৯। ৫ রাজা। ৬ গো অশ্ব হস্তী উষ্ট্র—ইহাদের শিক্ষক। "মনু ৩.১৬২, কুল্লুক। —নেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ দূরীকরণীয়, অপনেয়, হর্ত্তব্য। "অক্ষিঃ···প্রমো নিত্যং বিনেয়ঃ হ ৮৭.১৩। ২ শিক্ষণীয়, উপদেষ্টব্য। ৩ দণ্ডনীয়, শাসনীয়। —নেয় পুং শিষ্য।

বিনেত্র দ্র 'বিনেতা'।

বিনোক্তি † স্ত্রী [ব.ত] বিনাভাবের (বিনার্থশব্দের) উক্তি (কা.প্র), অর্থালঙ্কারভেদ। [বিনার্থবাচক শব্দ—নঞ্, নির্, বি রহিত ইত্যাদির প্রয়োগে এক বিনা অন্যের শোভনত্ব (উৎকর্ষ) বা অশোভনত্ব (অপকর্ষ) বর্ণিত হইলে, 'বিনোক্তি' হয়। 'বিনোক্তির্যদ্ বিনান্যেন নাসাধ্বন্যদসাধু বা।—সা.দ ১০ ৫৬।

বিনোদ † পুং [বি+ √নুদ্+অ (ঘঞ্)-ভা] ১ অপনোদ, অপনয়ন, দূরীকরণ। "মাঘ ১ ৪৮। বিলপন° উ চ ৩৩০। শ্রম° ক সা ৯১.২। ২ [+ √নোদি+অ(অচ্)-ভা] প্রীণন, তোষণ, বিনোদন। "বৎসোঽপি রামভদ্রস্যদ্বিনোদার্থমেব স্থাপিতঃ উ চ ১$\frac{২}{১}$। ভবতাং বিনোদায়।—হি$\frac{৪}{৮}$ (কথারম্ভ)। চেতো° ক সা ২৮.৭। ৩ উপহাস। "°পাত্র ভ ৪ ২২.৪৭। ৪ [+অ-ক] 'প্রীণয়িতা', আলাপ, আলোচনা, চর্চ্চা। "সরস্বতী° ।—পঞ্চ $\frac{৯}{১০}$ (কথামুখ)। কাব্যশাস্ত্র° হি ৪৮ (কথারম্ভ)। ৫ প্রীতিজনক বিষয়, ক্রীড়া, দ্যূত। "(সে) দ্যূতক্রীড়াকে বিনোদ· ·বলিয়া গণনা করে।—কাদ ৩৬। ৬ প্রীতি, আমোদ। "ঈদৃগ্ বিনোদঃ কুতঃ শ ২ ৫। মায়া° ভ ৫ ২৪৮। শ্মশানে বিনোদ-খেলা ক.চ ১১। লীলাবিনোদকথা চৈ ম ৯৭। বিবাহ-বিনোদকথা ন প ১২৯। ৭ সুখ। "জনয়তু ··রতিরসভাববিনোদম্ গী গো ১২ ৯। জয় জয় প্রেয়সী-ভাব-বিনোদ।—প ক ৫। ৮ কৌতূহল (ত বা)। ৯ গৃহবিশেষ। ১০ আলিঙ্গনবিশেষ। ১১ [+অ-ণ] কালযাপনোপায়। "প্রায়েণৈতে রমণবিরহেষ্বঙ্গনানা° বিনোদাঃ উ মে ২৬। (বীণা) সঙ্কেতকে চিরয়তি প্রবরো বিনোদঃ।—মৃ ৩৩। ১২ ব্যাপার। "নির্বিনোদা° সখীম্ উ মে ২৭। ১৩ (বাঙ্লায়) প্রিয়, দয়িত। 'বিদগ্ধ বিনোদ চলে বকুলের তলে বি সু ৪৫। অনিমিখে বিনোদিনী দেখিছে বিনোদ ভা চ ৩০৯। ১৪ মনোহর, কান্ত। "বিনোদ কাঁচুলী ক চ ১৫৪, বিনোদ তাহে সুরঙ্গ প্রবাল ২৪১। বিনোদ ময়ূরের পাখে প র ২৭, বিনোদ চূড়া ৩৪। বিনোদ ঝাঁপা রা শে ৬০। বিনোদ খোপা ব প ৩৮৫। বিনোদ বলয় শ্রী ৫১, বিনোদ খোঁপা ৯৩। বিনোদ কবরী ভা চ ১৭৬। ১৫ শ্রুতিসুখকর, মধুর। "বাজিছে বিনোদ বাঁশী শ্রী মা ৫২। ১৬ সুখাবেশ। "(গোরা) অপরূপ প্রেমার বিনোদ চৈ ম ৯৬। —নোদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অপনয়ন, দূরীকরণ। ২ খেদাপনয়ন। "প্রশ্নং মার্গবিনোদনম্ ক সা ৮৩ ৪। ৩ প্রীণন, তোষণ। 'কৃষ্ণবিনোদনার্থ (S.W)। ফুলকুল চক্ষুঃবিনোদন।—মে ১৩, চিত্ত° ১১৬। চিত্তবিনোদনার্থ সী ৪। ৪ [+অন-ণ] ক্রীড়া, কেলি, আমোদ, কৌতুক। ৫ (বাঙ্লায়) প্রিয়, দয়িত, বঁধু। "রাধা° মা ১৫৯,-৬৪। —নোদিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ প্রীণিত, তোষিত। "(অপ্সরসাং সমূহাঃ) বিনোদিতাঃ কেশিনিষূদনেন হ ১৪৮ ৮৭। ২ অপনীত। —নোদী (-দিন্] বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -দিনী] ১ অপনোদক, দূরীকারক। "ক্লম° (শ)। উৎকণ্ঠাবিনোদিনী ক.সা ৭১.২৯৪। ২ প্রীণয়িতা, তোষক ; কৌতুকজনক। "কথামপূর্ব্বামাখ্যাহি···বিনোদিনীম্ ক.সা ৪৯ ২। [°পাশা (বি) নায়কনায়িকায় বিলাসপাশকক্রীড়া। "খেলা বিনোদপাশা নাগর সঙ্গতি।—রা শে ৭৪। °বন (বি) —বিলাসকানন, কুঞ্জবন (pleasure-grove)। "রা শে ১১০। °বাসর (বি)—বিবাহরাত্রিতে আমোদপ্রচুর বরবধূর বাসগৃহ। "বা ম ৭১। °বিছানা, °শয্যা (বি)—শয়নমন্দিরের শয্যা। "বিনোদশয্যায় রাজা করিল শয়ন।—ম ৪১৩। বিনোদবিছানা রা শে ১১০। °বেশ (বি)—নাগরপ্রসাধন বা নাগরীপ্রসাধন। "কিবা সে বিনোদবেশ জ.প ৬৪। (বুড়ি) বানায় বিনোদবেশ শ্রী.মা ৯৪। °মন্দির (বি)—কেলিগৃহ, শয়নমন্দির (pleasure-house) "°মন্দিরে সাধু করিল শয়ন ক চ ১২০,-৫৮। ব প ৬৬৬। ম.ম ৯৬, ১১৯ ; °মালা (বি)—নায়কনায়িকার পরিধেয় পুষ্পমালা। "(বঁধু) কদম্বুলের বিনোদমালা দেব গলে।—গান ১৬২। বিনোদ বকুলমালা বি.সু ১১৫। °রায় (বি) বিনোদরাজ, রসিকরাজ, বর বঁধু। "তোমার প্রেমে বন্দী হৈলাম শুন বিনোদরায় চ দা ৮১,-৩। ভা চ ২৭১।]

বিনোদন, -নোদিত দ্র 'বিনোদ'।

বিনোদিনী বিং [°দ+ইনী] ১ সুন্দরী। 'সে যে···বিনোদিনী রাধা চ দা ২৫। শুন বিনোদিনী রাই ব প ৯১৭। ২ রসবতী, রসিকা। "বিনোদিনী রাই বাঁচে কিনা বাঁচে চ দা ১৪১। বিদ্যাবিনোদিনী বসি বাতায়ন-তলে বি সু ৪৫, ৫৩। —নোদিনী বি ১ সুন্দরী। "আগে বিনোদিনী নায় চাপহ ব.প ৯১৭,-৮,-৯। ২ সুন্দরী রাধা। "শ্যামঅঙ্গে শোভা তেন পাইল বিনোদিনী ব প ৯২০। ৩ রসিকা, নাগরী। "রহিল জাগিয়া, সখী সহ বিনোদিনী—ব ১৬২,-৪। রাস বিনোদ বিনোদিনী ভা চ ২৯০। ৪ প্রিয়া। "অনিমেষে বিনোদিনী দেখিছে বিনোদ ভা.চ ৩০৯।

বিনোদিয়া বি° [°দ+ইয়া[২]] ১ প্রীতিজনক, মনোহর। "বড়ি বিনোদিয়া, চূড়ার টালানি ব.প ১১১৭। বিনোদিয়া বেণী ভা চ ২৯০। ২ বিনোদবেশে সজ্জিত, বরবেশী (শিব)। "বিনোদিয়া বর শি ২৩, বসে গিয়া বিনোদিয়া বৃষের উপর ২৪। —নোদিয়া বি ১ প্রিয়, দয়িত, বঁধু। "হেরিব কদম্বমূলে রাধা বিনোদিয়া।—মা ১৫৯। ২ রসিক। "শ্রীবাসের ঘরে নাচে রাসবিনোদিয়া চৈ ম ৯৫, বিনোদিয়া গোরা ৯৬। ৩ প্রিয় সখা। "কালিন্দীর কূলে গিয়া, দেখে শ্যাম বিনোদিয়া, গরল বহিছে শিশুগণ ব প ৭৯০। ৪ কান্ত, পতি। 'বৈসে গিয়া বিনোদিয়া বৃষের উপর শি ৭১। —নোদ্যা বিং [°দিয়া > °দ্যা, দ্র 'যা[৭]'] মনোহর, উৎকৃষ্ট। "বাঁধিতে বিনোদ্যা শঙ্খ বস্ত্র নাই ভাল শি ৯৮।

বিন্তি বি [P vinte—twenty] ১ (তাসখেলায়) তাসের সাতা হইতে টেক্কা পর্য্যন্ত পর পর তিনখান তাস, (সাতা আটা নয়, আটা নয় দশ ইত্যাদি) হইলে 'বিন্তি' হয়। [বিন্তি হইলে প্রতিপক্ষকে সাধারণ খেলায় ২ কুড়ি ৭ ফোটা অপেক্ষা ২০ ফোটা বেশী, বা ৩ কুড়ি ৭ ফোটা দেখাইতে হয়।] ২ দুই জনে তাসখেলা।

বিন্দ † পুং [√বিদ্+অ (শ)-ক, পা ৩ ১ ১৩৮] মুহূর্ত্তবিশেষ। "বা ৩ ৬৮ ১৬। —ন্দক বি° [তু 'বিন্দ[২]', মৈ রিন্দক] বেত্তা। "ই রস বিন্দক রূপনারাঅন বি সা ৭৪।

বিন্দক দ্র 'বিন্দ'।

বিন্দু[১] § পুং [√বিন্দ্, অবয়ব+উ (কু)-ক, ছান্দস] ১ পৃষত, জলকণ। "অম্ভো° পূ মে ২২, বর্ষাগ্র° ৩৫। জলবিন্দুনিপাতেন ক্রমশঃ- পূর্য্যতে ঘটঃ (পঞ্চ)। ২ দ্রবদ্রব্যকণামাত্র, ফোটা। "বিস্তীর্য্যতে যশো লোকে তৈলবিন্দুরিবাম্ভসি মনু ৭ ৩৩, ঘৃত° ৩৪। ভট্টি ২ ৪। ৩ অশ্রুলেশ। "বিন্দবঃ পতিতা গাত্রে রা ২ ৭৪ ১৭, বাষ্পবিন্দু ৭৯ ১৬। ৪ জলকণসদৃশ পরিমাণ, অত্যল্প, অণুমাত্র। "ইদানীং রাক্ষসবৃত্তান্তেন (পরিবাহস্থ) বিন্দুরপি নাবশেষিতঃ।—শ ২$\frac{২}{১}$। জ্ঞানস্থানে আন্ধার জন্মিয়া আছে বিন্দু ম পা ১। ৫ হস্তিগাত্রস্থ রক্তবর্ণ চিহ্নবিশেষ, পদ্মক। 'ভূর্জত্বচঃ কুঞ্জরবিন্দুশোণাঃ কু স ১.৬। ৬ অনুস্বারচিহ্ন। "বিন্দুদ্বিবিন্দুমাত্রৌ বর্ণৌ ক্রমান্-বী সংজ্ঞৌ স্তঃ।—মুগ্ধবোধ ১৯। ৭ শূন্য। "ধাতা বিন্দু সাগরেন্দু (১৪০১) শকাদিত্য সনে ম.পা ২, বিন্দু শর যুক্তাক্ষর স্তব (অর্থাৎ ৫০ অক্ষরে স্তব) ৬১। সিন্ধু বিন্দু তাহে।—জ্ঞা ২৩২। ৮ ভ্রূদ্বয়ের মধ্য। [ভ্রূদ্বয়ের মধ্যে আজ্ঞাচক্র। ইহাতে প্রণবরূপ অন্তরাত্মা অবস্থিত। প্রণববিন্দু হেতু 'ভ্রূমধ্য'—'বিন্দু'।] ৯ মহাদেব। "মহা ১৩.১৭.১২৮। ১০ রূপকার্থপ্রকৃতি, বীজবিশেষ। "বিন্দুঃ শিবাত্মকঃ। ১১ গাত্রে তপ্তলোহকৃত চিহ্ন। ১২ ভ্রূমধ্যস্থ তিলক। ১৩ নায়িকার ওষ্ঠে নায়ককৃত দন্তক্ষতবিশেষ। ১৪ পাণ্ডুলিপিতে কাটা

শব্দের উপরি লিখিত চিহ্ন (ইহা নিষেধসূচক)। ১৫ (জ্যামিতিতে) স্থূলত্বদীর্ঘত্বহীন পদার্থবিশেষ (point)। "বিন্দুবৎ বলবুদ্ধি নাহি তার ঘটে ব প ৯৩৭। ১৬ (নাটকে) অবান্তর-কথাবিচ্ছেদে তৎসন্ধানকারণ (সা দ ৬ ৬৬)। ১৭ (বাঙলায়) বীর্য্যলেশ। "অমোঘ শিবের বিন্দু ক চ ২৮। বিন্দুপাত ম পা ২১। [°চিত্র, -ত্রক (পুং)—মৃগবিশেষ। °জাল (ক্লী)—১ বিন্দুসমূহ। ২ পদ্মক। °মাধব (পুং)—বিষ্ণুমূর্ত্তিবিশেষ। °রেখা (স্ত্রী)—বিন্দুময়রেখা, বিন্দুশ্রেণী।]

বিন্দু২ + বিণ [√বিদ্+উ-ক, নিপাতিত, পা ৩২.১৬৯] বেদনশীল, জ্ঞাতা।

বিন্দুবাসিনী বি বিন্দুস্বরূপা, দুর্গা। 'দু ১৪।

বিন্দুবিসর্গ বি অনুস্বারবিসর্গ, অণুমাত্র, কিছুমাত্র, একটু। "নাহি চাহি, ভাগ্য। তব ভবিতব্য-লিপি, খণ্ডন কবিতে বিন্দুবিসর্গপ্রমাণ।—হেম ১৫১।

বিন্দুয়ান বি বাদ্যবিশেষ। "বাজে…বিন্দুয়ান।—কৃ ২৫৬।

বিন্দুসরঃ (-রস্) ক্লী [উ লো] 'বিন্দুজাত সবোবরবিশেষ, বিন্দু-হ্রদ। [এইস্থানে ভগীরথ গঙ্গার্থ বহুবর্ষ তপস্যা কবেন (মহা ২ ৩ ৯-১১)। শিবের মস্তকে পতিত ও বদ্ধ গঙ্গার ভূপতিত জলবিন্দুতে এই সরোবর উৎপন্ন (মৎস্যপুরাণ, ১২তম অধ্যায়)।]

বিন্দুসরোবর বি ভুবনেশ্বরে গুপ্তকাশীস্থ সরোবরবিশেষ। 'সর্ব্ব-তীর্থজল যথা বিন্দু বিন্দু আনি। বিন্দুসরোবব শিব সৃজিলা আপনি॥ —চৈ ভা ৩৯২।

বিন্দুহ্রদ পুং [উ লো] সর্থ 'বিন্দুসবঃ'।

বিন্ধ১ বি [বিন্ধ২ > °ন্ধ] ছিদ্র, বিঁধ। 'শ্রী কী ২৯৩। শূ ১০৯।

বিন্ধ২ সর্ম্ম [দ্র 'বিঁধ', বিন্ধহ (চ)] ১ ভেদ করা। 'মাণিকে হীরাক বিন্ধে কেবা পাতিআএ শ্রী কী ১২২। সাত তাল গাছ বিন্ধে এক শবে। কৃ ১৫৮। লক্ষ্য বিন্ধি প্রাপ্ত হোক দ্রুপদনন্দিনী।—ম ১৯৩,-৪। ২ বিদ্ধ করা, আহত করা, বেঁধা। "হৃদয়ে বিন্ধিল বাণ বিন্ধিল কপাল। —ম ৯০৭, সুধন্বা বিন্ধয়ে তবে কৃষ্ণের নন্দনে : বিন্ধ অন্ত জনে ১১৫২। ৩ বিঁধাইয়া দেওয়া, বিঁধান, ফুটান। "ফোটা দিয়ে বিন্ধে রেখা ক চ ৪৬। —ন্ধ অর্ম্ম ১ ছিদ্র করা। "পাঁজরে বিন্ধে ঘুণ ব প ৩৬২। ২ প্রবেশ করা, বসা। "রৌদ্র নাহি পায় কেশ শিবে বিন্ধে পানি ক চ ১২০। [বিন্ধা—সর্থ 'বিন্ধ২।]

বিন্ধশালী বি [বিন্ধ্যশালি (?)] ধান্যবিশেষ। "শূ ১১৪।

বিন্ধা দ্র 'বিন্ধ২।

বিন্ধ্য + পুং [বি+ √ধ্যৈ+অ (ড)-ক, 'ম্' আগম] 'সূর্য্যগতিরোধ হেতু বিরুদ্ধধ্যানকারী (অ টী), পর্ব্বতবিশেষ। "°পর্ব্বত বা ১ ৬ ২৩। °গিরিনিবাসিনী।—কৃ ৩৫০। [ইহা ভাবতের মধ্যস্থ পূর্ব্বপশ্চিমে আয়ত পর্ব্বতশ্রেণী। ইহাব উত্তর ভাগ 'আর্যাবর্ত্ত' ও দক্ষিণ ভাগ 'দাক্ষিণাত্য'। ইহা মধ্যপ্রদেশের দক্ষিণসীমান্তগিরি (মনু ২ ৩১।) 'সূর্য্য, মেরুর ন্যায় আমাব চতুর্দ্দিকে ভ্রমণ করিবেন না কেন'—এই ঈর্ষ্যায় বিন্ধ্য দেহবৃদ্ধি করিয়া সূর্য্যের গতিরোধ কবিতে উদ্যত হইলে, আপৎ-প্রতিকারার্থ দেবতার প্রার্থনায় অগস্ত্য বিন্ধ্যের নিকটে আসিয়া দাক্ষিণাত্যে গমনের পথ চাহিলেন। বিন্ধ্য অবনত হইয়া মুনির আদেশ পালন করিলে, 'আমার প্রত্যাগমন পর্য্যন্ত তুমি এইরূপে অবস্থান কর' —এই বলিয়া অগস্ত্য দাক্ষিণাত্যে প্রস্থান করিলেন, আর ফিরিলেন না, বিন্ধ্যও অবনত হইয়া রহিলেন, সূর্য্যের গতিরোধ করা হইল না (মহা ৩ ১০৪তম অধ্যায়)। কেহ কেহ অনুমান করেন, ইহা দাক্ষিণাত্যে আর্য্যগণের প্রথম প্রবেশ সূচনা করে।] —ন্ধ্যা স্ত্রী ১ লবলীবৃক্ষ। ২ এলাচ। [°নিলয়া, °বাসিনী (স্ত্রী)—দুর্গামূর্ত্তিবিশেষ। "°নী বা দ ৭২। °বন (ক্লী)—বিন্ধ্যস্থ বন। "গো রা ৪.৪৮.২। °বাসী (-সিন্), °স্থ (পুং)—ব্যাড়িমুনি।

বিন্ধ্যা দ্র 'বিন্ধ্য'।

বিন্ধ্যাটবী + স্ত্রী [উ লো] বিন্ধ্যস্থিত বন। "ক.সা ৭.২৫। "অধ্যা টি ১২১২৬। কাদ ৪।

বিন্ধ্যাবলি, -লী + স্ত্রী বলিরাজমহিষী ও বাণজননী। "কেঁদে কন বিন্ধ্যাবলী, বলিরাজ শুন বলি ভা.চ ৭৪০।

বিন্ধ্যাবলী দ্র 'বিন্ধ্যাবলি'।

বিন্ন + বিণ [√বিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ লব্ধ, প্রাপ্ত। ২ পরিণীত। "রক্ষেৎ …বিন্নাং পতিঃ যাজ্ঞ ১.৮৫। ৩ বিচারিত। ৪ স্থিত।

বিন্না বি [সং বীরণ>বা (বীরণা) বী(বি)ন্না] বেনাগাছ। "বিন্নার খোপ গো চ ৫, ৬। —ন্নি বি ধান্যবিশেষ। "গো চ ৩৫৬। ম.গা ১৭। [°খোপ—বেনার ঝাড়। "গো চ ২০১।]

বিন্যস্ত + বিণ [বি-নি+অস্+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থাপিত, নিহিত। "(যূপাঃ) বিন্যস্তাঃ রা ১.১৪.২৬। ২ বিনিবেশিত। "বিভাগবিন্যস্তমহার্ঘ-রত্নম্ (সিংহাসনম্) ভট্টি ৩৩। ৩ সমাহিত, সমর্পিত। "(সীতা) রামে বিন্যস্তমানসা রা ২ ৬০.৭। ৪ ভরণার্থ নিক্ষিপ্ত (মিতাক্ষরা)। "সুতবিন্যস্ত-পত্নীক যাজ্ঞ ৩ ৪৫। ৫ বিরচিত। "°বৈদূর্য্যশিলাতলে কু.স ৭ ১০, °শুক্লা-গুরু (অঙ্গম্) ১৫। ৬ সংস্কৃত। "সুবিন্যস্ত চিকুরে…মুক্তাহার রোপিত করিলেন ব প্র ২১। ৭ ন্যাসীকৃত, গচ্ছিত। —ন্যাস পুং [+অ (ঘঞ্) -ভা] ১ স্থাপন। "নিঃশব্দপদবিন্যাস ক সা ৮৮ ১৬। পদ° ভ ৫ ২ ৫। ২ অপ্রচণ্ডবিক্ষেপ। "অস্থানে ভূষণাদীনাং বিন্যাসঃ সা দ ৩,১০৪, অঙ্গানাং বিন্যাসঃ ১০৫। ৩ বিনিবেশন। "এতাবান্ লোকবিন্যাসঃ ভ ৫ ২০ ৩৮। ৪ সংস্কার। "বেণিঃ স্যাৎ কেশবিন্যাসঃ উ ৪ ৪৮। ৫ সন্নিবেশ (মেধা-তিথি। "বায়োঃ বিন্যাসরূপম্ (কর্ম্ম) মনু ১ ১৮। ৬ লেখন, রচনা। "বর্ণবিন্যাস, স্ফুটার্থপদ° (S W)। ব্যর্থো বচনবিন্যাসঃ (সা দ)। প্রবন্ধ° (বাসবদত্তা)। ৭ [+অ-র্ম্ম] সংস্তর। "দর্ভ° মহা ১৩ ৮৪ ১৫। ৮ ন্যাস, আধি, গচ্ছিত দ্রব্য। ৯ [+অ-ধি] উপবেশনস্থল (নীলকণ্ঠ)। "হংসসারসবিন্যাসৈর্যমুনা সাতিশোভনা।—হ ৭৩.২৬। ১০ আধার।

বিন্যাস + দ্র 'বিন্যস্ত'।

বিন্যাসিত বি° [সং বিন্যস্ত, অসাধু] বিনিবেশিত। 'তাঁহার বিচার বৃত্তান্ত…পারস্য গ্রন্থ মধ্যে বিন্যাসিত আছে। —রামমোহন রায়।

বিপক্তিম + বিণ [বি+ √পচ্+ত্রি (ক্তি), ম (মপ্) প্রত্যয়,-ক] বিপাকনির্বৃত্ত, বিপাকজাত, জন্মান্তরকর্ম্মপরিণামজাত। "°জ্ঞানগতিঃ (মুনিঃ) ভট্টি ১ ১০।

বিপক্ব + বিণ [বি+ √পচ+ত (ক্ত)-র্ম্ম] ১ বিশেষকৃতপাক, সুসংস্কৃত, সুপক্ব, রাঁধা। "অঙ্গারেষু বিপক্বং মাংসম্ (হলায়ুধ)। ২ সুনিষ্পন্ন (মল্লিনাথ)। "তস্য বিপক্বং ফলমস্য নঃ কু স ৬ ১৬। ৩ দগ্ধ। "অবি-পক্বকষায়ানাং দুর্দ্দর্শোঽহম্ ভ ১ ৬ ২২। ৪ সুসিদ্ধ (শ্রীধর)। "বহুজন্ম-বিপক্বেন…যোগসমাধিনা।—ভ ৩.২৪ ২৮। সুবিপক্বযোগ ১০ ৮৪.২৬; ৫ বিপাকপ্রাপ্ত, পরিণত। 'অবিপক্ববুদ্ধি ভ ১ ১৮ ৪২। ৬ পাকহীন (নীলকণ্ঠ)। "লোহযুক্তং যথা হেম বিপক্বং ন বিরাজতে (মহা—S W.)।

বিপক্ষ + বিণ [°ক্ষ+অ (অচ্)] বিরুদ্ধপক্ষবিশিষ্ট, প্রতিকূল, বিরোধী। "বিপক্ষস্য…পক্ষিণঃ গো রা ৪ ৬০ ২৪। —পক্ষ পুং [প্রা.স] ১ বিপরীত পক্ষ, বৈরী, শত্রু। "রঘু ১৭.৭৫। °পক্ষ।—ম ৯১৭। ২ প্রতিবাদী। "কি ১৭ ৪৩। ৩ সপত্নীজন। "রঘু ১৯.২০। ৪ (ন্যায়ে) সাধ্যাভাববান্ পক্ষ, অর্থাৎ যাহাতে সাধ্যের অভাব আছে। বিপ 'সপক্ষ'। 'বিপক্ষঃ সাধ্যাভাববান্ (ভাষাপরিচ্ছেদ)। যেমন, হ্রদে সাধ্য বহ্নির অভাব, 'হ্রদ'—'বিপক্ষ', সাধ্যবান্ 'মহানস'—'সপক্ষ'। "মু ৫.১০। ৫ (ব্যবহারে) প্রতিকূল পক্ষ; প্রত্যর্থী (defendant)। [°ভাব (পুং), °বৃত্তি (স্ত্রী) —শত্রুতা, বৈর, শাত্রব। "°ভাবে রঘু ৩ ৬২।]

বিপক্ষী বি [সং °ক্ষীয়] শত্রু। "অসত্য বিপক্ষী শ্রী.মা ২১৭।

বিপক্ষীয় + বিণ [°ক্ষ+ঈয় (ছ)] ১ শত্রুপক্ষীয়, প্রতিকূল। "ভ ১. ৫৭.২০। ২ (ব্যবহারে) প্রতিবাদিপক্ষীয়। "আ.ছু. ১৬৭।

বিপঞ্চিকা, -ঞ্চী + স্ত্রী [বি+ √পঞ্চ্+ক(কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), অ(অচ্)-ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'স্বরবিস্তারিকা', বীণা। "°কা গো.রা ৫.১৩.২৩। °ঞ্চী ক.সা ৪৯.২০। ২ কেলি, ক্রীড়া। "বিপঞ্চিকা ক.চ ২১৫।

বিপঞ্চী দ্র 'বিপঞ্চিকা'।

বিপণ + পুং [বি+ √পণ্+অ (অপ্)-ভা] ১ বিক্রয়, বাণিজ্য। "সংক্ষিপ্ত-বিপণাপনাম্ (অবোধ্যাম্) ।—গো.রা ২.১২৫.১০। সমৃদ্ধবিপণাপণা মহা ১৩.৩০.১৭। মনু ৩.১৫২। ২ প্রতিজ্ঞা। "তত্র ন বিপণঃ কার্য্যঃ মহা ৩.৩৩.৬৬। ৩ [+অ-ণ] বাগিন্দ্রিয় (শ্রীধর)। "ভ ৪.২৫ ৪৯। ৪ [+অ-ধি] বিপণি, পণ্যশালা। "মহা ১২.৬৯.৫৩। —পণন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বিক্রয়। —পণি স্ত্রী [+ই (ইন্)-ধি] ১ 'বিক্রয়-স্থান', পণ্যবিক্রয়শালা, দোকান। "°ন্থপণ্যা (পুং) রঘু ১৬.৪১। মাঘ ৫.২৪। বিপণি, বিবিধরত্নপূর্ণ।—মে ১৩। ২ হট্ট, বাজার। ৩ হট্ট-মণ্ডপ, হাটচালা। ৪ হট্টমধ্যস্থ পণ্যবিক্রয়বীথি বা দোকানসমূহ। ৫ [+ই -ভা] ব্যবহার, বাণিজ্য। "মনু ১০.১১৬। —পণী স্ত্রী সর্থ 'বিপণি'। —পণী (-ণিন্) পুং [°ণ+ইন্ (ইনি)-১ব] বিপণবান্, ব্যবহারবান্, বণিক্। "মাঘ ৫.২৪।

বিপণন দ্র 'বিপণী'।

বিপণি, + বিপণী দ্র 'বিপণ'। [°জীবিকা (স্ত্রী) —বাণিজ্যরূপ জীবিকা। °জীবী (-বিন্) বিণ—বাণিজ্যাজীব, ব্যবসায়ী। °পথ (পুং) —বিপণিযুক্ত পথ; বেনিয়াপটী।]

বিপৎ (-দ্) + স্ত্রী [বি+ √পদ্+ক্বিপ্ (°)-ণ-১ব] ১ বিপত্তি, আপদ্। বিপ 'সম্পদ্'। "তত্ত্বনিকষগ্রাবা তু তেষাং (সুহৃদাং) বিপৎ। —হি ১.২২৪। (যত্র) সুহৃৎ কৃষ্ণস্ততো বিপৎ ভ ১ ৯ ১৫। অরি মাঝে আমি বিপদ্-সলিলে মগ্ন।—মে ২৫৬। ২ বিপৎকাল। "বিপদি ধৈর্য্যম্। —হি ১.৩২। ৩ বিনাশ, মরণ। "সিংহাদবাপদ্ বিপদং নৃসিংহঃ রঘু ১৮. ৩৫। [°কর (বিণ)—বিপত্তিজনক, দুর্দ্দৈবকর। °কাল (পুং)—বিপত্তি-সময়। "হি ১৩২২। °পাত (বি)—বিপত্তিসংঘটন, অনর্থপাত। "সী ২৫,২৬। °সাগর (পুং)—বিপৎসমূহ, অনর্থজাত; দুস্তর বিপদ্।]

বিপতি বি [বিপত্তি > °তি; বৈষ্ণবসাহিত্যে; হি, মৈ °তি] বিপদ্। "বিরহ বিপতি বি.প ১৯০, বিপতি পড়ল রাধা ২০৩। ফল ফুল কালে এবে বাড়ল বিপতি।—জ্ঞা ১৬৫ বিপতি হইল (ধৃতপাঠ 'বিপথি') বি.পা ২৪৭।

বিপত্ত, -ত্ত্য, -ত্য বি [সং বিপত্তি; ত্ত > ত্ত্য, ত্য (উচ্চারণসাম্যে), হি °ত্ত; অপ্র] বিপদ্। "বিপত্য শ্রী মা ১৪৫; বিপত্য সাগর ১৮৩। °ত্য। —দ্রু ২৩, ৪৪; ব.প ৩৮৩,৫৮৮। বিপত্ত শ্রী ৭৮; ২০৭; বিপত্য ১৬২; বিপত্ত্য ১৬৪। বিপত্তে মধুসূদন।—দা ২০৬৮,-৯।

বিপত্তি + স্ত্রী [বি+ √পদ্+তি (ক্তিন্)-ণ] ১ বিপদ্, অনর্থ, দুর্দ্দৈব। বিপ 'সম্পত্তি'। "সমাপন্নবিপত্তিকালে।—হি ১.২৭; ৫৬। ২ বিপৎ-কাল। সম্পত্তৌ চ বিপত্তৌ চ মহতামেকরূপতা (সু.র)। ৩ বিঘ্ন, ব্যাঘাত। "কর্ম্ম°, ফল°, সত্ত্ব° (S.W)। অর্থ° গো.রা ২.১৬ ৪৭। যদি কার্য্যে বিপত্তিঃ স্যান্ মুখরস্তত্র হন্যতে।—হি ১.২৮। ৪ বিনাশ, মৃত্যু। "বিপত্তিঃ (শরীরস্য) রা ৭.৭৫.৪। হিমসেকবিপত্তিঃ (নলিনী) রঘু ৮ ৪৫; নরেন্দ্র°শোকাৎ ১৯.৫৬। গর্ভে যদি বিপত্তিঃ স্যাদ্ দশাহং সূতকং ভবেৎ।—পরাশর ৩.২৩। ৫ যাতনা। ৬ [বিশিষ্ট পত্তি, প্রা.স] বিশিষ্ট পদাতি। "কি ১৫.১৬। [°কর (বিণ)—বিপজ্জনক। °কাল (পুং) —বিপৎসময়।]

বিপত্ত্য, বিপত্য দ্র 'বিপত্ত'।

বিপথ + বিণ [বিগত পন্থা যাহার বহুব্রী, সমাসান্ত 'অ'] পথিহীন, মার্গরহিত। "বিপথা নগরী পা ২.৪.১৭, তত্ত্ববোধিনী। —থ পুং, ক্লী [বিরূপ পন্থা, প্রা.স, সমাসান্ত 'অ', ক্লীবলিঙ্গ (পা ২.৪.১৭), লিঙ্গের লোকাশ্রয়ত্ব হেতু পুংলিঙ্গ (অ.টী)] ১ বিরূপ মার্গ; কুপথ, হীনমার্গ। "ভয়ান্বিতাঃ…°গতিং প্রয়াস্তি তে মহা ১.২৩.২৪। ২ কান্তার, বন। "বিপথে সার্থহীনা (অহম্) রা ২.৬৬.৪। ৩ অসৎসঙ্গ, উন্মার্গ, উৎপথ। "রাজা বিপথমাশ্রিতঃ (নিগ্রাহ্যঃ) গো.রা ৩.৪৫.৭। চিরদিন সাধুসঙ্গ, বিপথ করায় ভঙ্গ ক.চ ৪৯। বিপথে সে করে পথ পাপ দুর্য্যোধন ম.বি ২৫১। ৪ (বাঙলায়) পথভিন্ন স্থান; অপথ। "পন্থ বিপথ নাহি মান বি.প ৮৯। পথ বিপথ কেহো না মানে রঙ্গিণী চৈ.ম ৬৭। ৫ অস্থান, অপাত্র। "হরি গেও মধুপুর হাম কুলবালা। বিপথে পড়ল যৈছে মালতী-মালা বি.প ১৬৪। ৬ গুরূপদেশ-ভিন্ন পথ; সংসারবন্ধন-পথ। "বিপথে সকল হারাইলা গো.বি ৮৯।

বিপথী বিং [°থ+ঈ°] বিপথগামী, উন্মার্গগত, অধার্ম্মিক। "(মুক্ত-জীব ভ্রমে) দেখাতে সরল পথ বিপথী সকলে।—হেম ১০০।

বিপদ °-দ্ বি [সং °দ্; হি বিপদ] বিপত্তি। "মনের মত পদ পাইত সে পদ লয়ে বিপদ সারি।—রামপ্রসাদ।

বিপদাক্রান্ত + বিণ [তৃ.ত] বিপদ্‌গ্রস্ত, বিপন্ন (মেদিনী)।

বিপদাপন্ন বিং বিপৎপ্রাপ্ত, বিপন্ন, দুর্দ্দশাপন্ন।

বিপদুদ্ধরণ + ক্লী, -দুদ্ধার পুং [প.ত] বিপদ্ হইতে ত্রাণ; বিপত্তি-মোচন।

বিপদ্‌গ্রস্ত + বিণ [তৃ.ত] বিপৎকবলিত, বিপদাক্রান্ত, বিপন্ন।

বিপদ্দশা + স্ত্রী [ষ.ত] বিপদের অবস্থা; দুর্দ্দশা, দুরবস্থা, দুর্গতি।

বিপদ্‌বারী বি বিপত্তিনিবারক হরি। "দা ৩৮৭।

বিপদ্‌ভঞ্জন বিং বিপত্তিনাশক, বিপদুদ্ধারক। "বিপদ্‌ভঞ্জন মধুসূদন। তু 'সংকটে মধুসূদনম্ (চিন্তয়েৎ)।

বিপদ্‌সঙ্কুল বিং [বিপৎসঙ্কুল' সাধু] বিপত্তিপূর্ণ, সঙ্কটময়।

বিপন্থ বি [বি+পন্থ] ১ সর্থ 'বিপথ (৪)। "পন্থ বিপন্থ কিছু লখই না পারিয়ে।—গো ২০৬। ২ সর্থ 'বিপথ (৬)। "বিপন্থে রহিলে বাপু কিছু নাহি ফল গো.বি ১৫০।—পন্থ বিং বিপথগামী, দুর্ব্বৃত্ত। "যে জন বিপন্থ ভ.প্র ৪৮২।

বিপন্ন + বিণ [বি+ √পদ্+ত (ক্ত)-ক] ১ বিপদাক্রান্ত, বিপৎপ্রাপ্ত, দুর্গত। বিপ 'সম্পন্ন'। "বিপন্নানামাপদুদ্ধরণক্ষমঃ।—হি ১.৩১। ২ নাশ-প্রাপ্ত, নষ্ট। "°শস্যেব মহী মহা ৭.১.২৬। দেহং বিপন্নাখিলচেতনাদিকম্ ভ ৪.২৩.২১। ৩ মৃত। "সার্থবাহো ধনমিত্রো নাম নৌব্যসনে বিপন্নঃ শ ৬২২৩। ভ ৪.১৪.৪৩। ৪ বিগত, অতীত। "কালে বিপন্নে শু ৪.৫.২২৬। ৫ [+ত-র্ম] হত। "দৈবেন বিপন্নার্থঃ পুরুষঃ রা ২.২৩.১৭।

বিপরিণত + বিণ [বি-পরি+ √নম্+ত (ক্ত)-ক] বিপরিণামপ্রাপ্ত, অন্যথাভাবগত। —ণাম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিবর্ত্তন। "বিভক্তি-বিপরিণাম মনু ৪.১৮৯, কুল্লূক। ২ বিকৃতি। —ণামী (-মিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মিনী] পরিবর্ত্তনশীল, বিনাশী। "মনু ১.২৭, কুল্লূক।

বিপরিণাম দ্র 'বিপরিণত'।

বিপরিক্রম + পুং [প্রা.স] বিশেষপরিক্রম, অতিক্রম। "কি ৬.৩৫।

বিপরীত + বিণ [বি-পরি+ √ই+ত (ক্ত)-ক] ১ 'বিরূপগত', বিপর্য্যস্ত, বিলোম, প্রতীপ। ২ বিরুদ্ধ। "(রাজ্যেন কিং তৎ) °বৃত্তেঃ রঘু ২.৫৩। ৩ বিধিবিরুদ্ধ, অবিহিত। ৪ অনিষ্টসূচক, অশুভ। "নিমিত্তানি …বিপরীতানি গী ১.৩০। ডাকে কাক, বিপরীত বাণী ম.জা ৪৪।

৫ অসত্য। ৬ প্রত্যাবৃত্তমুখ। ৭ (বাঙ্‌লায়) অস্বাভাবিক। "সকল শরীর তোর দেখি বিপরীত শ্রী.কী ১৩৫।। ৮ কাতর, আর্ত্ত। "(হস্তী অশ্ব গেল পুড়ে) ডাকে বিপরীত ডাক—কৃ ২৮৭। বাঁটুল বাজিতে বুকে, ...পক্ষী ডাকে বিপরীত ডাক শ্রী ২৬। ৯ ভীষণ। "বিপরীত বেশ তাহার ম.ম ৯৭, বিপরীত বিপরীত ব্যাঘ্র ২০৮। ১০ বিশাল, বৃহৎ। "বিপরীত মাথা।—কৃ ৩৯৯। শরীর...বিপরীত চ.বি ১০৩। বিপরীত বাড়ী ব প ২৭৯। ১১ তুমুল। "বিপরীত হইল গণ্ডগোল বি পা ২৪৫। ১২ সুদৃঢ়। "বিপরীত বন্ধনে বিগত বার মাস শ্রী মা ১১৩,-৭। ১৩ অসম্ভব, অদ্ভুত, বিস্ময়কর। "বিবাটে কহেন দেখ ইকি বিপরীত ব প ৬১৩। তাহা করি বিপরীত, কেন চাহ বিপরীত, একি বিপরীত কথা শুনি ভা চ ৩৪৩। ১৪ প্রবল। "বিপরীত স্বর চৈ ম ৬০। ১৫ অতিপূতি, অত্যন্ত পচা। "মড়া মাংস অলে গলে বিপরীত ঘ্রাণ ম ভা ৫০। ১৬ অত্যুচ্চ, অতিতার। "বিপরীত ধ্বনি করিলেক নিশাচর কৃ ১৪৫। ১৭ বিকৃত, বিকট। "বাণে মুখ ঢাকিল দেখায় বিপরীত।—কৃ ২৮২। শ্রবণ নাসিকা গেল দেখি বিপরীত।—ম ৮৩৯। ১৮ বিষম। "দৈবে বিপাক ভেল বিপরীত ব প ১৩৭। ১৯ নিম্নমুখ, উলটা। "উরু শোভে বিপরীত রাম কদলী শ্রী ম ৪৮। ২০ অসঙ্গত। (গুণী) হেন বিপরীত বাণী শ্রী কী ৩৬, ৮৭। ২১ নিষ্করুণ। "বিধি বিপরীত (ধৃতপাঠ 'বিপরিত') ভেল শ্রী.কী ৩৯০। —রীত ক্রি বিং ১ উচ্চৈঃস্বরে। "কান্দে বিপরীত বা ম ২৪১। ম ম ১০০, বিপরীত ডাকি ১৯৪। ২ মহাশব্দে, তুমুল। "কাংস করতাল বাজে শুনি বিপরীত চ বি ৮১। —রীত পুং রতিবন্ধ-বিশেষ। —রীত স্ত্রী ১ নারীর পুরুষায়িত রমণ, বিপরীত বিহার। "°রতাতুরা (কর্পূরস্তব)। বিপরীত সুরত বি প ১৪৮০। °রতে রত রতিকামোপরি ভা চ ৩৩। দ্র '(১২)। ২ (বাঙ্‌লায) পূর্ব্ব স্বভাবের বিপরীত অনুষ্ঠান। "পূর্ব্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত। গয়া হৈতে আসিয়া চালায় বিপরীত॥—চৈ চ ৬৬। —রীতা স্ত্রী ১ কামুকী, অসতী। ২ বামা স্ত্রী। [°কারী (-রিন্) বিণ—প্রতিকূলাচারী। °কারক (বিণ)—ভিন্নকারকপ্রত্যয়ান্ত। "মাঘ ১৪ ৬৬। °রত (স্ত্রী) —সর্থ 'বিপরীত' স্ত্রী (১)।]

বিপরীতা দ্র 'বিপরীত'।

বিপরীতি বি [অপ্র] ১ বিপর্য্যয, অন্যথাভাব। 'তুমি ত যাইতে যথা, আগে আমি যাই তথা, এবে কেনে কৈলে বিপরীতি ক চ ২১। ইহাঁ দোঁহার উলটা স্থিতি, ধর্ম্ম হৈল বিপরীতি, কৃষ্ণের রাজ্যে ঐছে ন্যায় হয় চৈ চ ৩৪৭। ২ দুর্দ্দৈব, বিপত্তি। "ভীমের শুনিযা রাজা এমত ভারতী। মনে মনে ভাবে রাজা হৈল বিপরীতি॥—ব.প ৮৮৪।

বিপর্য্যয় † বিণ [বি-পরি+ √ই+অ (অচ্)-ক] বিপরীত, ন্যূনাধিক। "বৃশ্চিকাদিষু পঞ্চসু...অহোরাত্রাণি বিপর্য্যয়াণি ভবন্তি ভ ৫ ২১. ৫। —পর্য্যয পুং [+অ-ভা] ১ বিপর্য্যাস, বৈপরীত্য। "সংযোগ° রঘু ৮৮৮, জন্ম° ১১ ৭৬। কি ২৬, ১১.৪৪। ২ ব্যতিক্রম, ব্যত্যয়। ৩ অন্যথাভাব, পরিবর্ত্তন। "রা ২ ২২ ২০। রূপ° যাজ্ঞ ৩.৬৩। আত্ম-লিঙ্গবিপর্য্যয় ভ ৯ ১২৭। ৪ বিনিময়। "কর্ম্মবিপর্য্যয় হি ২ ১০৩। ৫ ভাগ্যপরিবর্ত্তন, দুর্দ্দৈব। ৬ অভাব, অসত্তা। "(তস্য) ত্যাগে শ্লাঘা-বিপর্য্যয়ঃ রঘু ১ ২২। সমুদ্রগারূপ° কু স ৭ ৪২। ৭ অপগম, বিলোপ। "সংজ্ঞাবিপর্য্যয়ঃ কু স ৬.৪৪। ৮ প্রতিকূলতা, বামতা। ৯ অতদ্দ্রব্যে তদ্বুদ্ধি; মিথ্যাজ্ঞান, চিত্তবৃত্তিভেদ (পা.দ ১.৮)। —য় বিং ১ (বাঙ্‌লায়) বিশাল। "পাদপ বিপর্য্যয় শ্রী.মা ৬৪, বিপর্য্যয় বট ১১২। ২ প্রচণ্ড। "বুকে মারে বিপর্য্যয় বন্দুকের হুড়া শ্রী.মা ২১৬। ৩ তুমুল, ভীষণ। "বিবাদ বাধিল বিপর্য্যয় শ্রী মা ১২১; বিপর্য্যয রণ ২২৫। ৪ গভীর, অগাধ। "বিপর্য্যয় জল।—ম ১০৩০। ৫ অযথা-পরিস্থিত, বিশৃঙ্খল, উলটাপালটা। "ত্বরা হেতু সভাকার বিপর্য্যয় বেশ ক.চ ২৫।

বিপর্য্যস্ত † [বি-পরি+ √অস্+ত (ক্ত)-কর্ম্ম বৈদিক] ১ বিরূপ-ভাবে ক্ষিপ্ত, অযথাবিন্যস্ত, ক্রমহীন, বিপরীত। "পা ২.৩.৫৬, কাশিকা। ২ বিপর্য্যয়গত, উচ্ছিন্ন। "হন্ত বিপর্য্যস্তঃ সম্প্রতি জীবলোকঃ উ.চ ১৪১। ৩ ব্যতিক্রান্ত। ৪ পরাবৃত্ত। [°পুত্রা (স্ত্রী)—কেবল কন্যার জননী।]

বিপর্য্যায় † পুং [বি-পরি+ √অয়্+অ (ঘঞ্)-ভা] বিপরীত অয়ন; একের অন্যরূপগ্রহণ।

বিপর্য্যাস † পুং [বি-পরি+ √অস্+অ (ঘঞ্)-ভা] ১ বিরূপ-স্থাপন, বৈপরীত্য। ২ ব্যতিক্রম। "বিপর্য্যাসং যাতো ঘনবিরলভাবঃ ক্ষিতিরুহাম্ উ চ ২৩৬। ৩ পরিবর্ত্তন। 'রূপস্য তু বিপর্য্যাসং দৃষ্ট্বা রা ৭.২ ২২। প্রবহণ° মৃ ৮১। ৪ অন্যথাভাব। "আত্ম° ভ ৭.২ ২৫। ৫ বিয়োগ। "আত্মনশ্চ বিপর্য্যাসম্ রা ৭ ১০৮৯। ৬ বিনিময়। ৭ দশান্তরাপাত, ভাগ্যবিপরিণাম। "উ চ ৩৬। ৮ প্রতিকূলতা। ৯ ভ্রান্তি, মিথ্যাজ্ঞান। ১০ উৎক্ষেপ (ত বা)। ১১ বিনাশ। [বিপর্য্যা-সোপমা (স্ত্রী)—অর্থালঙ্কারভেদ।] [উপমেয়ের অত্যুৎকর্ষপ্রতিপাদনার্থ উপমান উপমেয়রূপে বর্ণিত হইলে, 'বিপর্য্যাসোপমা' হয় (কাব্যাদর্শ ২.১৭)। যেমন, প্রস্ফুটিত পদ্ম তোমার মুখের তুল্য।]

বিপল † ক্লী [প্রা স] বিভক্ত পল, পলের ষাট ভাগ।

বিপশ্চিৎ † পুং [বি-প্র+ √চিৎ+ক্বিপ (০)-ক, পৃষো (ত.বা), বিপ্রকৃষ্টং চিনোতি, পৃষো (অ টী)। '°শ্চিৎ']—১ জ্ঞানবান্ (ঋগ্বেদ ৪ ৩৬ ৭)। ২ নিত্যচৈতন্যরূপ (কঠোপনিষৎ ২.১৮), বি+ √পশ্(দর্শন) +চিৎ (জ্ঞাতা)?] ১ পণ্ডিত, বিদ্বান্। "ব্রাহ্মণেন বিপশ্চিতা মনু ৭. ৫৮। কি ১৪.৪। ২ বিবেকী (শঙ্কর), ব্যবসায়ী (নীলকণ্ঠ)। "গী ২ ৪২। ৩ মেধাবী (শঙ্কর)। "গী ২.৬০।

বিপাক † পুং বি+ √পচ+অ (ঘঞ্)-ভা] ১ পচন, পাক। ২ পরিণাম, পরিপক্বভাব (ripeness)। "পিশঙ্গতাং গতা বিপাকেন ফলস্য শালয়ঃ কি ৪.২৬। ৩ ভুক্তদ্রব্যের পচন, জীর্ণভাব। ৪ [+অ-কর্ম্ম] পরিণাম। "বিষস্যেব বিপাকঃ গো বা ২ ৬৫.১০। ৫ পরিপাক, কর্ম্ম-ফল। "তদ্° পা.দ ২ ১৩। জন্মান্তরপাতকানাং বিপাকবিস্ফূর্জ্জথুঃ রঘু ১৪ ৬২। হতবিধিলসিতানাম্...বিপাকঃ মাঘ ১১ ৬৪। কর্ম্মের বিপাকে। —ম ৩৬০। কর্ম্ম° ম পা ১০৯। ৬ দশাবিপর্য্যাস, দৈবদুর্বিপাক, দুর্দ্দৈব। "উ চ ৩৩, ৪৬। বিপাক বন্ধনে পড়ে পরাণ সংশয় শ্রী মা ৭১। ৭ বিপত্তি, দুর্গতি। "দৈবে বিপাক ভেল বিপরীত বি.প ১৩৭। রণে দেখাব বিপাক।—কৃ ২৯৭। বিপাকে চত্তর ছাড়ি প্রজা দিল রড় ক চ ৮২, (খুলনা) কাননে ছাগল রাখে, বিপাক পড়িল আমা লয়্যা ১৭৯। বাসবে হৈল আমার বিপাক ম ভা ৪৩। কেহ বা বিপাকে পড়ে, সত্যপীরে ভক্তি করে।—দা ৯৩৭। বিপাকের বিভীষিকারঞ্জনী।—কথা ৩৮।। ৮ স্বাদ্য। "ধিয়া যোগবিপাকতীব্রয়া ভ ৪ ৯২। ৯ স্বাদ, রস। ১০ স্বেদ। ১১ ভবিতব্যতা (হলায়ুধ)। ১২ (বাঙ্‌লায়) দুর্দ্দৈবজন্য শোক। "সভাকার মনে তবে বিপাক পড়িল।—ম ৮১২। [°কটুক (বিণ)—পরিণতিপরুষ, পরিণামতীব্র। "ক.সা ৩৬.৯৪। °কাল (পুং) —পরিণতিসময়। °দারুণ (বিণ)—পরিণামকটু, পরিপাককঠোর।]

বিপাক্যা বিং [°ক+যা°, অপ্র] ১ বিপাকজনক, বিপত্তিকর, ভীষণ। "পুড়ি পারা মস্তক পাবক পারা আঁখি। এমন বিপাক্যা বাঘ বিশ্বে নাহি দেখি॥—শি ৯১। ২ দৈবহত, হতভাগা, জঘন্য। 'বদনে রদন নড়ে মিক্সি মিক্সি আঁখি। এমন বিপাক্যা বর বয়সে নাক্সি দেখি॥ —শি ২১।

বিপাট, -ঠ † পুং [বি+ √পাট+অ (অচ্)-ক, ট > ঠ] ক্ষুদ্রাদন্ত বাণ (নীলকণ্ঠ)। "বিপাঠ গো.রা ৬.২০ ২৭; মহা ১.১৩৯.৬, ৩.২৭০. ১৭, বিশিখৈর্বিপাঠৈঃ (পাঠান্তর '°টৈঃ) ৪ ৫৪.৭। দ্র 'মহা ১ ১৩৯.৬, নীলকণ্ঠ। —পাটন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ছেদন। "অস্ত্রোষ্ঠ°"। —পাটিত বিণ [+ত (ক্ত)-কর্ম্ম] ছিন্ন।

বিপাটিত, বিপাঠ 'বিপাট'।

বিপাণ্ডু † বিণ [প্রা.স] বিশেষ পাণ্ডু ; অতিধবল ; পলিত। "বিপাণ্ডু নবদগ্রশিরঃ মাঘ ৯.৩। কি ৫.৬।

বিপাতন † স্ত্রী [বি+ √পাতি+অন (ল্যুট্)-ভা] দ্রবীকরণ, গলান। "স্নেহবিপাতন পা ৭.৩.৩৯।

বিপাপ্মা (-প্মন্) † বি [বহুব্রী] বিগতপাপ, নিষ্কলুষ। "বিপাপ্মানঃ ...বিপ্রেভ্যঃ প্রদদুর্বসু মহা ৩.৯৫.৬।

বিপাল † বিণ [বহুব্রী] 'বিগতপালক', রক্ষকহীন। "মনু ৮.২৪০,-২।

বিপাশা † স্ত্রী [√বিপাশি+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] 'যে বশিষ্ঠকে বিপাশ করে' ; পঞ্জাবস্থ নদীবিশেষ (Beas)। [পুত্রশোকে বশিষ্ঠ স্বদেহ পাশবদ্ধ করিয়া এই নদীতে নিমগ্ন হইলে, নদী তাঁহাকে 'বিপাশ' (পাশমুক্ত) করিয়াছিল (মহা ১.১৭৭ ৪-৬, ১৩.৩ ১২,-৩)।

বিপিন † ক্লী [√বেপ্+ইন (ইনন্)-ধি, হ্রস্ব, উ ২.৫২] 'কম্পন-স্থান', বন, অটবী, গহন। "রা ২.৪৭.৬। বৃন্দাবন° গী গো ১ ৩৪। অতি° (গিরি) কি ৫.১৮। প্রাতর্ভবামি বসুধাধিপচক্রবর্ত্তী, সোঽহং ব্রজামি বিপিনে জটিলস্তপস্বী (মহানাটক)। বৃন্দাবিপিনে বিহরই মাধব গো ১৬০ ; কমলিনী° ১৬১। [°মালতী (বি)—বনজাত মালতী। "লী ১১৪। °বিহারী (-বিন্) বি—বৃন্দাবনবিহারী কৃষ্ণ।]

বিপীড় † বিণ [বহুব্রী] 'বিগতপীড়', নির্ব্বাধ। "রঘু ১৮.২৯।

বিপুল † বিণ [বি+ √পুল্+অ (ক)-ক] ১ অতিবৃদ্ধিপ্রাপ্ত', বৃহৎ, বিশাল, মহান্। "জনৌঘো বিপুলঃ রা ২.৮০ ৪। যদালোকে সূক্ষ্মং ব্রজতি সহসা তদ্ বিপুলতাম্ শ ১.৯। বিপুলা চ পৃথ্বী মা.মা ১.৬। ২ পৃথু, বিস্তীর্ণ। "বিপুলজঘনা, বিপুলোবক্ষ। °বক্ষস্ রা ২.৩০.২। অতিবিপুল-তরে...পৃষ্ঠে গী.গো ১.৬। ৩ প্রচুর, পর্য্যাপ্ত। "°রস। ৪ দীর্ঘ, আয়ত। "°বাহু ভ ৫ ৫ ৩১, °ধবলসুভগরুচিরভুজ ২৫.৫। ৫ গম্ভীর, উচ্চৈঃ, তার (ধ্বনি, নাদ, স্বন)। "শঙ্খশব্দঃ সুবিপুলঃ।—হ ২৪৫.১০। ৬ গভীর, বিশাল। "বিপুলবুদ্ধি (মহা)। °মতি।—পঞ্চ ৫ ৫। ৭ অতি-বিস্তার, মহান্। "বংশমাপ্নোতি বিপুলম্ মহা ১.৬২.৩১। তব হে জনম অতিবিপুলে। ভুবনবিদিত অজের কুলে॥—কাব্যনির্ণয়। ৮ উদার, মহান্, উন্নত। "°হৃদয়। ৯ আয়ত, বিশাল, দীর্ঘ। "বিপুলেক্ষণা গো রা ২.৩০.২। ১০ মাংসলোন্নত। "বিপুলাংস মা ১.১.৯। ১১ সমধিক, অতিশয়িত। "বিপুলশ্চ লোভঃ ভ ৩৯৬ ; °শ্রম ৯.২১ ১১। ১২ [বিশিষ্ট পুল (পুলক) যাহাতে, বহুব্রী] বিশিষ্টপুলক, অতি-পুলকিত। "বিপুলেন (বপুষা) মাঘ ১৬৩। —পুল পুং ১ সুমেরু। ২ হিমাচল। —পুলা স্ত্রী ১ পৃথিবী। ৩ আর্য্যাচ্ছন্দোবিশেষ। [°চ্ছায় (বিণ)—প্রচুরচ্ছায়াযুক্ত, পচ্ছায়। °জঘনা (স্ত্রী)—পৃথুনিতম্বা নারী। °বুদ্ধি, °মতি (বিণ)—গভীরবুদ্ধি, মহামতি, মহাপ্রাজ্ঞ। °স্কন্ধ (বিণ) —মাংসলোন্নতাংস, বৃষস্কন্ধ।]

বিপুলা দ্র 'বিপুল'।

বিপুয় † পুং [বি+ √পূ+য (ক্যপ্)-র্ম্ম, নিপাতিত] মুঞ্জতৃণ। "বিপূয়ৈঃ কৃতমেখলাম্ (শবরীম্) ভট্টি ৬.৬০।

বিপ্র † পুং [বি+ √প্রা পূরণ+অ (ড)-ক (অ.টী), উ ২.২৮ ; 'বিপ্র'—মেধাবী (ঋগ্বেদ ২.১৮.৩, ১০.৪০.১৪, ১১২.৯)] ১ ব্রাহ্মণ। "রা ২.৩২.২। মহা ৩.২.৪। মনু ১.৯৮। °প্রিয় কু ১। ২ বিদ্যাবান্ ব্রাহ্মণ। 'বিদ্যয়া যাতি বিপ্রত্বম্। "বিপ্রেন্দ্র (ঋষ্যশৃঙ্গ) রা ১.৯.৫। ৩ পুরোহিত। "বৃহৎসংহিতা ৪৪.২১। ৪ অশ্বত্থ। ৫ চন্দ্র।

বিপ্রকর্ষ † পুং [বি-প্র+ √কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ অপনয়ন, অপসারণ। বিপ 'সন্নিকর্ষ'। ২ আকর্ষণপূর্ব্বক আনয়ন। "দ্রৌপদ্যা বিপ্রকর্ষণে মহা ৩.২.৯। ৩ দূরত্ব। ৪ যুক্তাক্ষরের মধ্যে স্বরাগমে বিশ্লেষণ। যেমন, ক্লি—কিলি (প্রা.প্র ৩.৫৯)। —কৃষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ দূরনীত, অপনীত। ২ দূরস্থ। "বিপ্রকৃষ্টে সুহৃৎ দেশে...অভবম্ রা ২.৭৫.৩। রঘু ১৭.৪৫।

বিপ্রকার † পুং [বি-প্র+ √কৃ+অ (ঘঞ্)-ভা] ১ অপকার। "মহা ১.৬১.১৪, ৫.১.২১। ২ পরিভব, তিরস্কার। "কি ৩.৫৫। ৩ [প্রা.স] বিবিধপ্রকার। "স বাধতে প্রজাঃ সর্ব্বা বিপ্রকারৈঃ মহা ৩.২৭৫.৩। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অপকৃত। ২ উপপ্লুত, পীড়িত। "রঘু ১০.৭৪। °তাঃ...তারকেণ দিবৌকসঃ কু.স ২.১। ৩ পরাভূত, নিকৃত, তিরস্কৃত। ৪ উত্তেজিত, প্রকোপিত। "বিপ্রকৃতঃ পন্নগঃ ফণং কুরুতে শ ৬.৩১। ৫ ব্যাহত, মোঘীকৃত। —কৃত ক্লী [+ত-ভা] বিরুদ্ধভাব। "যাজ্ঞ ২.৯। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'বিপ্রকার' (১, ২)। ২ বিরুদ্ধভাব। "°তি (পাঠান্তর) যাজ্ঞ ২.৯।

বিপ্রকীর্ণ † বিণ [বি-প্র+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ইতস্ততঃ বিক্ষিপ্ত, পর্য্যস্ত। "স্রজঃ...বিপ্রকীর্ণা দদর্শ সঃ গো রা ৫.১৪ ৫৩। ২ পর্য্যাকুল, বিক্ষিপ্ত। "বিপ্রকীর্ণজটাচ্ছন্ন ভ ১.১৮.২৭, °শিরোরুহা ৮.১২.২৯। ৩ উপক্ষিপ্ত। "সা.দ ৬.৮০।

বিপ্রকৃত, বিপ্রকৃতি ; বিপ্রকৃষ্ট দ্র 'বিপ্রকার, বিপ্রকর্ষ'।

বিপ্রচিত্তি † পুং দনুর প্রথম পুত্র। "মহা ১.৬৫.১২।

বিপ্রতিপত্তি † স্ত্রী [বি-প্রতি+ √পদ্+তি (ক্তিন্)-ভা] ১ বিরোধ, অসহভাব, অনৈক্য। "মনু ৮.৭৩, কুল্লুক। ২ বিবাদ। "গ্রামাদিসীমা° মনু ৮.৬, কুল্লুক। ৩ ব্যাঘাত, প্রতিবন্ধ। ৪ সংশয়জনক বাক্য (ত.বা)। —পন্ন বিণ [+ত (ক্ত)-ক] ১ বিপ্রতিপত্তিযুক্ত, সবিবোধ। ২ সন্দেহ-যুক্ত। ৩ বিবাদী। "চেদি-অধীশ্বর,...মুবহর-বিপ্রতিপন্ন শ্রী.ম ১৫৫। ৪ [+ত-র্ম্ম] বিক্ষিপ্ত, সংশয়গ্রস্ত। "শ্রুতিবিপ্রতিপন্না (বুদ্ধিঃ) গী ২ ৫৩।

বিপ্রতিষিদ্ধ † বিণ [বি-প্রতি+ √সিধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিষিদ্ধ, অবিহিত। ২ পরস্পরবিরুদ্ধ। "পা ২.৪ ১৩। —ষেধ পুং [+অ (ঘঞ্) -ভা] ১ নিষেধ, অবিধান। ২ নিয়ন্ত্রণ, শাসন, নিগ্রহ। "তেষাং (অদান্তানাম্) বিপ্রতিষেধার্থং রাজা সৃষ্টঃ স্বয়ম্ভুবা (মহা)। ৩ বিরোধ। ৪ (ব্যাকরণে) তুল্যবল সূত্রদ্বয়ের বিরোধ। "পা ১.৪.২।

বিপ্রতিষেধ দ্র 'বিপ্রতিষিদ্ধ'।

বিপ্রতি(তী)সার † পুং [বি-প্রতি+ √সৃ+অ (ঘঞ্)-ভা, বিকল্পে দীর্ঘ] পশ্চাত্তাপ, অনুতাপ। "মাঘ ১০.২০।

বিপ্রতীসার দ্র 'বিপ্রতিসার'।

বিপ্রপাত † পুং [বি-প্র+ √পত্ +অ (ঘঞ্)-ভা] বেগে পতন বা উড্ডয়ন, পক্ষীর গতিভেদ। "পঞ্চ ২.৬০।

বিপ্রবাস † পুং [বি-প্র+ √বস্+অ (ঘঞ্)-ভা] দেশান্তরবাস, বনবাস। "পুববিপ্রবাস বা ২.৫৬.৩৫। ভ ৬ ৮.১৫। —বাসন ক্লী [+ √বাসি+অন (ল্যুট্)-ভা] নির্ব্বাসন। "সীতায়া বিপ্রবাসনম্ রা ৭ ৫০.৭।

বিপ্রবাসন দ্র 'বিপ্রবাস'।

বিপ্রবিন্না † স্ত্রী [তৃ ত] ব্রাহ্মণ কর্ত্তৃক বিধিপূর্ব্বক পরিণীতা ব্রাহ্মণ-কন্যা। "°স্নাসু বিপ্রবৎ (জাতকর্ম্মাণি কুর্য্যাৎ) ব্যাস ১.৭।

বিপ্রযুক্ত † বিণ [বি-প্র+ √যুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিরহিত। ২ বিযুক্ত, বিশ্লিষ্ট। ৩ বিরহী। "অবলাবিপ্রযুক্তঃ পূ.মে ২। —যোগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রণয়ীর বিচ্ছেদ, বিপ্রলম্ভ, বিরহ। "মনু ৯.১। জন্মান্তরেঽপি ত্বমেব ভর্ত্তা ন চ বিপ্রয়োগঃ রঘু ১৪ ৬৬। উ.মে ৪ ; ৫ ৩। °ব্রস্ত উ.চ ১২/৮। °গঃ প্রিয়ৈঃ সহ কি ১১.২৬। ২ বিয়োগ, বিশ্লেষ। "সুত° ভট্টি ১.২০। ৩ বিসংবাদ, বিবাদ। ৪ সংযোগাভাব। "সংযোগো °গশ্চ সা.দ ২১৪/১৫।

বিপ্রয়োগ দ্র 'বিপ্রযুক্ত'।

বিপ্ররায় বি [বিপ্র+রায়] বিপ্ররাজ, দ্বিজবর। "ন.প ৪৬।

বিপ্রর্ষি † পুং [কর্মধা] যিনি বিপ্র ও ঋষি ; ব্রহ্মর্ষি, বসিষ্ঠাদি। "বিভাণ্ডকস্ত বিপ্রর্ষিঃ গো.রা ১.৯.৫৫। ভ ৪.৪.৬।

বিপ্রলব্ধ † বিণ [বি-প্র+ √লভ্+ত (ক্ত)-র্ম্ম] বঞ্চিত, প্রতারিত। "বিপ্রলব্ধস্তয়ানঘ মহা ৫.১৯১.২১। —লব্ধা স্ত্রী নায়িকাবিশেষ। "ভা.চ ৫৩৭। কোন নারী বিপ্রলব্ধা, পতিরে না পেয়ে ক্ষুব্ধা বা.দ ২৭। [যে নায়িকার প্রিয় সঙ্কেত করিয়াও নিকটে আসে না, নিতান্ত অবমানিতা তাদৃশী নায়িকা 'বিপ্রলব্ধা' (সা.দ ৩.৮৩)। সঙ্কেতস্থানেতে গিয়া নাহি পায় পতি। বিপ্রলব্ধা তারে বলে পণ্ডিত সুমতি॥—ভা.চ ৬৯১।] —লম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা 'ন্'(নুম্) আগম] ১ বঞ্চনা, প্রতারণা। "মহা ৫.১৯১.২৩। বিপ্রলম্ভোঽপি লাভায় সতি প্রিয়সমাগমে।—কি ১১.২৭। ২ বিরহ, বিচ্ছেদ। "°পরিশঙ্কিনঃ (প্রিয়জনস্ত) রঘু ১৯.১৮। ৩ বিসংবাদ, অঙ্গীকৃতাসম্পাদন (অ.টী); মিথ্যাখ্যানবঞ্চনা (রায়)। ৪ শোক। "উ.চ ৬৩১/২। ৫ (অলঙ্কারশাস্ত্রে) শৃঙ্গাররসবিশেষ। বিপ 'সম্ভোগ'। [এই রসে প্রকরণাদি হেতু রতি প্রকৃষ্ট বা প্রধান, কিন্তু নায়ক বা নায়িকা, নায়িকা বা নায়ককে প্রাপ্ত হয় না (সা.দ ৩.১৮৭)। ভ.প্র ৪০৫।] —লম্ভন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বঞ্চন। "অসুর° (দশ-কুমার)। —লম্ভী (-ম্ভিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] বঞ্চক। "(রাজলক্ষ্মীঃ) প্রশস্তারাধিতাপ্যন্তে বিপ্রলম্ভিনী।—পঞ্চ ৩২১৪/৪।

বিপ্রলব্ধা দ্র 'বিপ্রলব্ধ'।

বিপ্রলম্ভ, -লম্ভন, -লম্ভী দ্র 'বিপ্রলব্ধ'।

বিপ্রলয় † পুং [প্রা.স] ১ বিলয়। "রা ২ ১১৪ ৫। ২ সংহার। "(মরুতা মেঘানাম্) বিপ্রলয়ঃ কৃতঃ উ.চ ৬.৬।

বিপ্রলাপ † পুং [বি-প্র+ √লপ্+অ (ঘঞ্)-ভা] ১ বিরুদ্ধোক্তি, পূর্ব্বাপরবিরোধী বচন। "পা ১ ৩.৫০। ২ [+অ-র্ম্ম] অনর্থকবাক্য। ৩ প্রতিজ্ঞাভঙ্গবিষয়ক বাক্য। "বচো...রক্ষাক্ষরং বিপ্রলাপাপবিদ্ধম্ মহা ৬.৮৫.২৬।

বিপ্রলিপ্সা † স্ত্রী [বি-প্র+ √লিপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] বঞ্চনেচ্ছা। "°প্সা (আর্ষ-বিজ্ঞ-বাক্যে নাহি) চৈ.চ ৭ ; ৩৫।

বিপ্রলুম্পক † বিণ [বি-প্র+ √লুপ্+অক (ণ্বুল্)-ক, পৃষো] দণ্ডাদি দ্বারা ধনগ্রাহী (রাজা)। "মনু ৮.৩০৯।

বিপ্রসেবা † স্ত্রী [ষ.ত] ব্রাহ্মণপরিচর্য্যা। "মনু ১০ ১২৩।

বিপ্রহাণ † ক্লী [বি-প্র+ √হা+অন (ল্যুট্)-ভা] পরিত্যাগ।

বিপ্রিয় † ক্লী [সুপ্‌সুপা] ১ বিরুদ্ধভাবে প্রিয়, অপ্রিয়। "কৃতবানসি বিপ্রিয়ং ন মে।—কু.স ৪.৭। রঘু ৮.৫২। ২ অপ্রিয় ঘটনা। 'বিপ্রিয়-বশাৎ উ.চ ৩ ১৩। ৩ অপরাধ।

বিপ্রুট্ (-ষ্) † স্ত্রী [বি+ √প্রুষ্+কিপ্ (০)-ক-১ব] ১ জল-বিন্দু। "জল° মাঘ ৮.৪০। ২ বিন্দুমাত্র, দ্রবদ্রব্যকণ। "°ষ্ (বসাবিন্দু)। —শুক্লযজুর্ব্বেদ ২৫.৯। যাজ্ঞ ১.১৯৩। স্বেদবিপ্রুষ মাঘ ২.১৮। অমৃত-রসসমুদ্র° ভ ৬.৯.৩৯। ৩ মুখনিঃসৃত জলকণ। "মনু ৫.১৩৩,-৪১। ৪ বিন্দুচিহ্ন (dot)। —প্রুষ ক্লী [+অ (ক)-ক] সর্ব 'বিপ্রুট্'। "বস্ত্রাম্বু°, জল° (মার্কণ্ডেয়পুরাণ)।

বিপ্রুষ দ্র 'বিপ্রুট্'।

বিপ্রেক্ষিত † ক্লী [বি-প্র+ √ঈক্ষ্+ত (ক্ত)-ভা] বিলোকিত, দৃষ্টিপাত। "অধীরবিপ্রেক্ষিতম্ কু.স ১.৪৬।

বিপ্রোষিত † বিণ [বি-প্র+ √বস্+ত (ক্ত)-ক] ১ প্রবাসগত, দেশান্তরস্থ। ২ প্রব্রজিত, গত। "°কুমারং রঘু ১২.১১।

বিপ্লব † পুং [বি+ √প্লু+অ (অপ্)-ভা] ১ প্লবন, ভাসা (floating)। ২ নাশ। "বুদ্ধি° মহা ২.২২.১৫। সত্ত্ব° রঘু ৮.৪১। প্রাণ° ভ ১.১৮. ২ ; ব্রজ° ২.৭.৩২। ৩ উপদ্রব, অত্যাচার। "বিপ্লব-অনল।—ন ৪৩৫। যবনবিপ্লবের কালে যুবরাজ প্রবাসে ছিলেন ব.প্র ১২৮। ৪ রাষ্ট্রোপদ্রব, অরাজকতা, উপসর্গ। "রাষ্ট্র° হি ১.৭৫। ৫ উচ্ছেদ, উৎসাদ, বিধ্বংস। "কত রাজা রাজ্যের বিপ্লব প.তৃ ৫৩। ধর্ম্ম° পা.প্র ১৪১। ৬ পররাষ্ট্র-রাষ্ট্রাদি হইতে ভয় ; পরচক্রাদিভয়। "অদূরে রাজবিপ্লব দুর্ব্বার।—ন ৪৩৫। ৭ ব্যতিক্রম, উল্লঙ্ঘন। "ধর্ম্ম° কি ১.১৩। ৮ বিপর্য্যয়, বিপর্য্যাস। "ভাগ্য° রঘু ৮.৪৭। ৯ [+অ (অচ্)-ক] ব্যসন, বিপদ্। "যাজ্ঞ ২.২৬৩। ১০ উপপ্লব (tumult, affray)। "সোদরা পুনরস্ত গ্রহণবিপ্লবে বিনষ্টা মা.মি ১২/৪। ১১ দর্পণমল, দর্পণতলে সঞ্চিত ধূলি-প্রভৃতি। "অপবর্জ্জিতবিপ্লবে (আদর্শে) কি ২.২৬। ১২ নৌব্যসন। "বণিজো নাবি ভগ্নায়ামগাধে বিপ্লবা ইব মহা ৯.৩.৫। —প্লাব পুং [+অ (ঘঞ্)-ভা] অশ্বের প্লুতগতি (gallop)। —প্লাবিত বিণ [+ √প্লাবি +ত (ক্ত)-র্ম্ম] ১ নিমজ্জিত। "ভ ৯ ১৫ ২১। ২ নাশিত। "ভ ৬.২.২৬ ; ৪৫। —প্লাবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিনাশী। ২ (বাঙ্লায়) পরিপূরক। "শ্রী সেই আকাশবিপ্লাবী কণ্ঠে আবার হরিনাম করিতে লাগিল ব.প্র ৫৩৭। —প্লুত বিণ [+ √প্লু+ত (ক্ত)-ক] ১ নষ্ট। ২ খণ্ডিতব্রত। "এবং চরন্তি যো বিপ্রো ব্রহ্মচর্য্যমবিপ্লুতঃ মনু ২.২৪৯ ; ৩.২। ৩ কৃতমৈথুন। "মনু ৮.৩৭৭। ৪ ব্যাহতার্থ, বিফল। "নৈতে বাচং বিপ্লুতাং ব্যাহরন্তি উ.চ ৪.১৮। ৫ উন্মার্গগত, দুর্বৃত্ত। ৬ গদ্গদ। "বাষ্পবিপ্লুতভাষিণী রা ২.৫৭.৩২। ৭ ব্যাকুল, বিহ্বল। "ভয়বিপ্লুতলোচনা (মার্কণ্ডেয়পুরাণ)। ৮ [+ত-র্ম্ম] প্লাবিত। "বাষ্পবিপ্লুতলোচন গো রা ২.৬৬.২। ৯ নিষ্প্রভ, কলুষ। "শোকবিপ্লুত-লোচন গো.রা ৫.৩৯.৫। ১০ ব্যসনপীড়িত (অ.চি)। ১১ উপপ্লুত, উৎসাদিত। ১২ খণ্ডিত। "অবিপ্লুতচরিত্রা (মার্কণ্ডেয়পুরাণ)। ভ ৩ ৬.৪১। —প্লুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নাশ।

বিপ্লাব, -প্লাবিত, -প্লুত, -প্লুতি দ্র 'বিপ্লব'।

বিপ্লুষ্ট † বিণ [বি+ √প্লুষ+ত (ক্ত)-র্ম্ম] দগ্ধ। "দাবাগ্নিবিপ্লুষ্টাম্ ...বনলতাম্ গো রা ২ ১২৫.৯।

বিফল † বিণ [বহুব্রী] ১ বিগতফল, ফলহীন (বৃক্ষাদি)। ২ নিষ্ফল, ব্যর্থ, মোঘ। "°প্রেরণা চূর্ণমুষ্টিঃ উ মে ৭। যত্নঃ...বিফলঃ কু.স ৭.৬৬। বিফলারম্ভ যাজ্ঞ ১.২৭৪। ৩ বৃষণহীন, মুষ্করহিত, খাসী। "রা ১.৪৮. ২৭। —ফলতা স্ত্রী [°ল+তা (তল্)+স্ত্রী আ (টাপ্)] ব্যর্থতা, নিষ্ফলতা। "নাহং বিদ্যায়া বিফলতাং করোমি।—পঞ্চ ৫৩/৪।

বিবক্ষা † স্ত্রী [√বচ্+স (সন্)— √বিবক্ষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বিবদিষা, কথনেচ্ছা। "বিবক্ষা তত্র মেঽস্তীয়ম্ গো.রা ৫.৯০.২৯। ২ প্রবর্ত্তনেচ্ছা। "মোক্ষধর্ম্ম° ভ ১১.২.১৬। ৩ [+অ-র্ম্ম] বিবক্ষিত বিষয়। —বক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] কথনার্থ অভিলষিত। —বক্ষিত ক্লী ১ কথনার্থ অভীষ্ট বিষয়। "বিবক্ষিতং হি অনুক্তং অনু-তাপং জনয়তি শ ৩১/২। ২ [+ত-ভা] বিবক্ষা। —বক্ষু বিণ [+উ -ক, স্ত্রী -ক্ষু] কথনার্থ ইচ্ছু। "বিবক্ষুঃ প্রিয়মুত্তমম্ গো.রা ২.৩.৯। অয়ং বটুঃ পুনর্বিবক্ষুঃ কু.স ৫ ৮৩।

বিবক্ষিত, বিবক্ষু দ্র 'বিবক্ষা'।

বিবৎস † বিণ [বহুব্রী] ১ বিগতবৎস, বৎসহীন। "(ধেনবঃ) বিবৎসা বহবঃ কৃতাঃ রা ২.৩৯.৪। ২ মৃতবৎস। "মনু ৫.৮। ৩ নষ্টাপত্য। "বিবৎসামিব মাতরম্ ভ ১.১৬.১৯।

বিবদমান † বিণ [বি+ √বদ্+মান (শানচ্)-ক] ১ যে বিবাদ করিতেছে ; বিবাদরত। "তৌ °নৌ ধর্ম্মাধিকরণং গতৌ।—পঞ্চ ১৪/৩৬। বিবদমান দুই জনের মধ্যে যিনি চুপ করিলেন,...তিনি আপন মনের দ্বার রুদ্ধ করিলেন।—পা.প্র ২৫। ২ বিরুদ্ধমতবাদী। "বিবদ-মানানামপি প্রমাণশাস্ত্রাণাম্।—হি ১৪/৬।

বি(বী)বধ † পুং [বি+ √হন্+অ (অল্)-বি, √হন্ > বধ্, বিকল্পে দীর্ঘ (অ.টী)] ১ ব্রীহিতণ্ডুলাদির আহরণ ; ধান্যাদিপ্রাপ্তি। "মাঘ ২.

৬৪। ২ উত্তরপ্রান্তে বদ্ধশিক্য স্কন্ধবাহ্য কাষ্ঠ (পা ৪.৪.১৭, সি); শিকা-বাঁক। °মাঘ ২.৬৪। ৩ ভার। ৪ মার্গ। —বধিক পুং [°ধ+ইক (ঠন্)] ভারবাহক, ভারীমুটে।

বিবধিক দ্র 'বিবধ'।

বিবন্ধ + পুং [বি+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] ১ আকলন, বন্ধন। "পাদোদর° মহা ৭.১৪০.৪৪। কাঁচিল বিবন্ধ।—ব ২০৭। ২ পুরীষবন্ধ (অ.টী)। ৩ [+অ (অচ্)-ক] মলবন্ধরোগবিশেষ।

বিবন্ধু + বিণ [বহুব্রী] বিগতপিতৃক, পিতৃহীন। "ভ ৩.১.৬।

বিবর১ + ক্লী [বি+ √বৃ+অ (অচ্)-ক] ১ 'ধারক', বিল, ছিদ্র, রন্ধ্র। "শরীর° রা ১.৪৬.১৮; মে মাধবীদেবী বিবরং দাতুমর্হতি ৭.৯৭.১৪। অস্থি°, কণ্ঠ°, কর্ণ°, বদন°, প্রভৃতি° (S.W.)। ২ ভূমিস্থ রন্ধ্র, গর্ত। "নকুল°, সর্প° হি ৪১/২। ৩ রন্ধ্র, ক্ষতপথ। "চকার বিবরং ...ভাড়কোরসি স রামসায়কঃ রঘু ১১.১৭। ৪ মধ্য, কোষ। "নেত্র° রঘু ৯.৬১। ৫ ছিদ্র, আলোকপ্রবেশপথ। "গবাক্ষ° রঘু ১৯.৭। ৬ অবকাশ, মধ্যবর্ত্তী অন্তর। "অর° শ ৭.৭। অঙ্গুলি° রঘু ১১.৭০। বিশেষবুদ্ধের্বিবরম্ ভ ৫.১০.১২। ৭ রন্ধ্র; একান্ত। "কি ১২.৩৭। ৮ দূষণ, দোষ (মেদিনী)। "পরেষাং বিবরজ্ঞানে (পণ্ডিতাঃ শোভনাঃ) মহা ৪.৪৭.৩১। ৯ (গণিতে) প্রভেদ। ১০ শরীরছিদ্রসংখ্যানুসারে নয় (৯) সংখ্যা। [°নালিকা (স্ত্রী)—বংশী। °প্রবেশ (পুং)—ধনোপায়ার্থ আভিচারিক কার্য্যভেদ। "পঞ্চ ৫৩/৪।]

বিবর২ সর্ম্ম [বিবরণ—বিবব > °র, হি √বিররা, অপ্র] বিবৃত করা; সবিস্তর কবা। "বিবরি বর্ণিতে হয় বড়ই বিস্তার শ্রী.মা ৪৯; বিবরে বর্ণিতে এথা বেড়ে যায় গীত ৮৬।

বিবরণ + ক্লী [বি+ √বৃ+অন (ল্যুট্)-ভা] ১ ব্যাখ্যান, বিশদীকরণ। ২ সবিস্তর বর্ণন। "শ্রী.মা ৫৩; ৬১। ৩ কথন। "গুণ° ভ ৫.৯.৩। ৪ [+অন-ধি] ব্যাখ্যানগ্রন্থ।

বিবর্জক + বিণ [বি+ √বৃজ্+অক (ণ্বুল্)-ক] পরিহারক, ত্যক্তা। "পরদার°।—বর্জন ক্লী [+অন-ভা] পরিহার, ত্যাগ। "গুণতঃ সংগ্রহং কুর্য্যাদ্ দোষতস্তু বিবর্জনম্ গো.রা ৫.৯০.১২। জয়েৎ...ক্রোধং কাম-বিবর্জনাৎ ভ ৭.১৫.২২। —বর্জনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পরিহার্য্য, ত্যাজ্য। "(শোকা বিলাপো রুদিতং তথা) বিবর্জনীয়াঃ গো.রা ২.১১৪.২৩। —বর্জ্জিত বিণ [+ √বর্জ্জি+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত, বিহীন, বিরহিত। "রাঘবেণ বিবর্জিতাঃ (বয়ম্) রা ২.৬৬.১৯। সর্ব্বে-ন্দ্রিয়° গী ১৩.১৪। ২ বিয়োজিত (subtracted)।

বিবর্ণ + বিণ [বহুব্রী] ১ 'বিগতবর্ণ', মলিন, বিচ্ছায়, ম্লান। "°বদন রা ২.২৬.৮; ৭৫.৭। °ভাবং (প্রপেদে) রঘু ৬.৬৭। °মণীকৃতং শ ৩.৯। মার খেয়ে কুম্ভকর্ণ হইল বিবর্ণ।—কৃ ২৭৬। কর্ণশবে নকুল বিবর্ণ —ম ৯০২। ২ 'বিগতবর্ণাঃ' (অ.টী), নীচ, প্রাকৃত। —বর্ণ পুং হীনজাতি। "°বিনাশ।—বৃহৎসংহিতা ৩৬.২।

বিবর্ত্ত১ + পুং [বি+ √বৃৎ+অ (ঘঞ্)-ভা] ১ ঘূর্ণন, ভ্রমি। ২ সম্মুখে বা পশ্চাৎ আবর্ত্তন। ৩ পরাবর্ত্তন, ফিরা। ৪ নৃত্য। ৫ অপবর্ত্তন, পরি-বর্ত্তন। "কৃতরূপ° ক.সা ১৬.৯২। ৬ বিকার, রূপভেদ। "একো রসঃ করুণ এব নিমিত্তভেদাৎ...আশ্রয়তে বিবর্ত্তান্ উ.চ ৩.৪৭। ৭ [+অ-ধি] সমুদায়, সমূহ। ৮ (বেদান্তে) অবিদ্যা হেতু অবভাসমান মিথ্যা আকার; অতাত্ত্বিক অন্যথাভাব, মায়াকার্য্যপ্রপঞ্চ, ভ্রম। ['অতত্ত্বতোঽন্যথা প্রথা বিবর্ত্ত ইত্যুদীরিতঃ (বেদান্তসার)—অতত্ত্বভাবে অন্যথাভাব, অর্থাৎ স্বরূপ হইতে অপ্রচ্যুত কারণের অন্যপ্রকার কার্য্য 'বিবর্ত্ত'। যেমন 'রজ্জু'র বিবর্ত্ত 'সর্প', রজ্জু স্বরূপেই থাকে, ভ্রমে সর্পরূপে অবভাসমান হয়; রজ্জু সত্য, সর্প মিথ্যা। অবিদ্যায় এইরূপ, ব্রহ্মের বিবর্ত্ত 'জগৎ', অবিদ্যানাশে 'ব্রহ্ম' সত্য, 'জগৎ' মিথ্যা। ইহা 'বিবর্ত্তবাদ'। তু 'পরিণাম-বাদ'। দ্র 'চৈ.চ ১০৪।] "নৈ ৩.৬৪। উ.চ ৬৬। —বর্ত্তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'বিবর্ত্ত' (১-৪)। ২ পরিবর্ত্তন, অন্যথাভাব। "কৃতরূপবিবর্ত্তনা ক.সা ১৩.৯৪। জগতের নীতি এই মহাবিবর্ত্তন। —ম ১২৯৭; নীতি° ১২৯৮; হাসি-অশ্রু-পূর্ণ °মুখে ১২৯৯। চ.কা ৮৮। ৩ রূপান্তরপরিগ্রহ। "অকাণ্ডবিবর্ত্তনদারুণ উ.চ ৪.১৫। ৪ প্রদক্ষিণক্রিয়া, প্রদক্ষিণীকরণ। "বিষমগদা পদবী বিবর্ত্তনেষু কি ৫.৪০। ৫ পরিলুণ্ঠন। "শয্যাপ্রান্তবিবর্ত্তন ৬.৫। ৬ একপার্শ্ব হইতে পার্শ্বান্তরে আবর্ত্তন। "নর-কেষু বিবর্ত্তনম্ মনু ১২.৭৫। রঘু ১৯.২২। ৭ দশান্তরপ্রাপ্তি। —বর্ত্তিত বিণ [+ √বর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ ঘূর্ণিত, আবর্ত্তিত। ২ বিচালিত, সঞ্চালিত। "বিবর্ত্তিতানঞ্জননেত্রম্ কু.স ৫.৫১। ৩ কুটিলীকৃত। "°ভ্রূ শ ১.২১, টীকা। ৪ পরিমণ্ডলিত। "(পরাগঃ) বাত্যাভির্বিয়তি বিবর্ত্তিতঃ কি ৫.৩৯। ৫ উচ্চালিত। "বায়ুভির্বিবর্ত্তিতা গিরিপতয়ঃ মাঘ ১৭.১২। ৬ পরিবর্ত্তিত। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ত্তিনী] পরাবৃত্ত। "মুখমংসবিবর্ত্তি শ ৩.২১। [°বাদ (পুং)—দ্র 'বিবর্ত্ত (৮)। "চৈ.চ ১০৪; ২৪৬।]

বিবর্ত্ত২ অর্ম্ম [বিবর্ত্ত১ > °র্ত্ত; অসাধু] বণ্টন করা; ভাগ করা। "সেই তক্কা বিবর্ত্তিয়া দিল জ্ঞাতি তরে ম.পা ৬৭। বিবর্ত্তিয়া খাও পাঁচজনে ম.বি ৩৫; ১৭২।

বিবর্ত্তন, বিবর্ত্তী দ্র 'বিবর্ত্ত১'।

বিবর্দ্ধন + বিণ [বি+ √বর্দ্ধি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] বর্দ্ধয়িতা, বৃদ্ধিকারক। "পুত্রম্...বংশবিবর্দ্ধনম্ গো.রা ১.৪০.৮। প্রীতি° গী ১৭.৭। বুদ্ধি° মনু ১.১০৬। —বর্দ্ধন ক্লী [+অন-ভা] ১ বৃদ্ধীকরণ, বাড়ান। ২ [+ √বৃধ্+অন-ভা] বৃদ্ধি, উপচয়। "মনস্তুষ্টি° রা ৭.২৬.৭। —বর্দ্ধিত বিণ [+ √বর্দ্ধি+ত (ক্ত)-র্ম্ম] কৃতবর্দ্ধন। —বর্দ্ধী (-র্দ্ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] সর্ব 'বিবর্দ্ধন'। "প্রাবৃট্...কামবিবর্দ্ধিনী রা ২.৬৩.১৪। শোক°, প্রীতি° (মহা)। বিত্ত° মনু ৮.১৪০। প্রেমবিবর্দ্ধিনী।—ছু ৯০।

বিবশ + বিণ [বহুব্রী] ১ 'বিগতবশ', পরবশ, পরতন্ত্রীকৃত, অধীন। "মনু ৮.৮২। সোঽত্যোগং নরমায়াত্তি বিবশাঃ সর্বসম্পদঃ—হি ১.১৮৩। মাঘ ২০.৫৮। ২ ব্যাকুল, বিহ্বল। "কন্দর্পেণ বিবশাঃ (নৃপাঙ্গনাঃ) রা ২.৭৬.২২। শোকে, বিবশা রাজমহিষী—মে ১৯; ৭৭। ৩ নিশ্চেষ্ট, নিস্পন্দ। "বিবশা কামবধূঃ কু.স ৪.১। ৪ নিস্পন্দ, মৃত। "রঘু ৮.৮২। ৫ [বি+ √বশ্+অ (অচ্)-ক] 'বিরুদ্ধেচ্ছু', আসন্নমরণবোধকলক্ষণ-হেতু দূষিতবুদ্ধি (অ.কো)।

বিবসন + বিণ [বহুব্রী] বিগতবসন, বস্ত্রহীন, নগ্ন, উলঙ্গ। "সভামধ্যে বিবসনা কৈল।—ম ৬৩৩। গো.বি ৩১। ক চ ৪। শ্রী.ম ৬৮। ম.পা ১৯। ম.ম ১৪৩। ম.ভা ১২। ছিল বিবসনা কটি, এবে পীতধটী।—রাম-প্রসাদ। —বসন পুং দিগম্বর জৈন।

বিবস্ত্র + বিণ [বহুব্রী] 'বিগতবস্ত্র', বিবসন। "ভ ৮.১২.২৬। ম ৩৮৯; ১২৪৮। গো.বি ৩১।

বিবস্বান্ (-স্বৎ) + পুং [বিবস্+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -স্বতী] ১ 'তেজোযুক্ত', সূর্য্য। "গী ৪.৪। রঘু ১০.৩০। কি ৫.৪৮। [ইঁহার পিতা কশ্যপ, মাতা অদিতি। ইঁহার পুত্র বৈবস্বত মনু সূর্য্যবংশের আদিপুরুষ। দ্র 'আদিত্য', 'মনু'।] ২ দেব। ৩ অরুণ। ৪ অর্কবৃক্ষ।—স্বতী স্ত্রী সূর্য্যপুরী। [বিবস্বৎসুত (পুং)—বৈবস্বত মনু। "মনু ১.৬২।]

বিবস্বতী দ্র 'বিবস্বান্'।

বিবা বি [সং বিবাহ > (হ-লোপে) বিভা, বিবা; গ্রাম্য] বিবাহ। "ম.পা ৪। পাঁচ কন্যা বিবা করি গো.চ ১; ৫৫। —বাও বি [বিবাহ > °হো > °ও; অপ্র] বিবাহ। "ছাইলাক বিবাও ভাল গো.চ ৫৩; ৭১।

বিবাও দ্র 'বিবা'।

বিবাগ বি [বিবাগী > °গ] বিবেক, তত্ত্ববিচার। "আমি এসেছি বিবাগে, মনের বিরাগে প্রীতিপ্রয়াগে. মুড়াব মাথা লু.র ৪৮। —বাগী বিং [বিবেকী > বিবাগী (?)] ১ সংসারাসক্তিহীন, সংসারত্যাগী, বিরাগী। "(ক্ষেপা মাগী!) তোর লেগে ওর(শিবের) মন বিবাগী।—রামপ্রসাদ। আমি হ'য়ে বিবাগী, হব দেশত্যাগী বা.দ ৫৩। (ছোট বাবু) শেষে বিবাগী হ'য়ে কোথায় যে বেরিয়ে গ্যাছেন, আজও তাঁর ঠিকেনা হয় নাই।—হু ৭৮। এ কি বিবাগী হ'ল না কি?—গি.ম্বি ১১৬। একবার গাঁজার খেয়ালে বিবাগী হ'য়ে রেঙ্গুন পর্য্যন্ত যাওয়া গেছলো অ.গ্র ১০৫। ২ উদাসীন, সর্ব্বত্যাগী। "হেথায় কৃষ্ণের লাগি, রুক্মিণীর মন বিবাগী দা ৭৫৩। বিবাগী করু অবাধ-পানে চ.কা ৪৫৫। —বাগিনী বিং [°গী > °নী] উদাসীনা, সংসারত্যাগিনী। "কার শোকে তুই বিবাগিনী দা ৯৫৯। আমি বড় রাণীকে মর্ম্মান্তিক যন্ত্রণা দিতে উদ্যত হয়েছিলাম; সেই অভিমানে প্রাণেশ্বরী আমার °নী হলেন ন.ত ৮২।

বিবাদ † পুং [বি+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ বিরুদ্ধবাদ, কলহ, কথা-কাটাকাটি। "অলং বিবাদেন গো.রা ৬.১.৪৬; কু.স ৫.৮২। বিদ্যা বিবাদায় (খলস্য)।—সু.র। ২ বিরুদ্ধকথন, প্রতিবাদ। "এষ বিবাদ এব প্রত্যায়য়তি শ ৭২৩/২০। ৩ ধনদানাদিবিষয়ক ন্যায়; ঋণাদিন্যায়. ব্যবহার. অভিযোগ, নালিশ। "সীমা° মনু ৮.৬। যাজ্ঞ ২.৪। বিবাদেঽন্বিষ্যতে পত্রম্।—পঞ্চ ১.৪৩৬। ৪ [+অ-র্ম্ম] বচন. বাক্য। "তন্মাননাদুচ্চরিতো বিবাদঃ রঘু ১৮.৪৩। —বাদিত বিণ [°দ+ইত (ইতচ্)] জাতবিবাদ, কৃতকলহ। "মহা ৩.১৩৩.২৩। —বাদী (-দিন্) বিণ [+ √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব] ১ বিবাদকারী, কলহরত। "বিবাদিনামনুপ্রাপ্তৌ তৌ মহা ৩.১৮৫.২১। ক.সা ৭৯.৪৫। ২ বিবাদার্থী. ব্যবহারিক, বাদী। "মনু ৮.৬৯। ৩ (সঙ্গীতে) শত্রুভাবাপন্ন স্বর। 'বিবাদী বৈরবদ্-ভাবাৎ (সঙ্গীতরত্নাবলী)। ৪ (বাঙলায়) বিবাদের বিষয়ীভূত। "বিবাদী জমি। —বাদিনী বিং ১ যুদ্ধার্থিনী। "আইলা…রুদ্রাণী বাদিনী বিবাদিনী ক.চ ২৫৭। ২ শত্রুভাবাপন্না, কলহকারিণী। "ঘরে আছে বিবাদিনী বধূ ছয় জন। মুখ চাহিয়া গালি দিবে সর্ব্বক্ষণ॥—ম.ম ২০৫। বিবাদিনী ননদিনী। —দা ৯৪৫। —বাদী পুং ১ ব্যবহারিক, অর্থী। ২ [বাঙলায়; অপ্র] শূর, বীর। "লক্ষ লক্ষ সেনাপতি বড়ই বিবাদী শ্রী.ম ২০০; দৈবকীনন্দন,…ত্রিভুবনবিজয়ী বিবাদী ২৩৩, টীকা। ৩ শত্রু। "দৈত্যে অমর-বিবাদী।—ম ৪৯৩। যাঁর (কৃষ্ণের) শক্তি বিবাদী সংবাদী যত জন। তা সভার বিবাদ-সংবাদ-স্থান হন॥—চৈ ১০০। [°পদ °বস্তু (ক্লী)—বিবাদের বিষয়; ব্যবহারপদ (subject of legal procedure)। বিবাদার্থী (র্থিন্) পুং—বাদী, অর্থী।]

বিবাদ-বিসংবাদ বি কলহ ও বাদপ্রতিবাদ; তর্কবিতর্ক। "সুমতি-কুমতির বিবাদবিসংবাদ মনুষ্যের সহনীয় ব.প্র ২৭০।

বিবাদিত, -বাদিনী, -বাদী দ্র 'বিবাদ'।

বিবাধ বি [সং বিবাধা; অপ্র] ১ পীড়ন, নিগ্রহ। "হরিণী জানয়ে ভাল কুটুম্ব বিবাধ। তবহুঁ ব্যাধক গীত শুনি করু সাধ॥—বি.প ১১১। ২ বিপত্তি, সঙ্কট। "(বীর) ঝাঁকে ঝাঁকে বাণ এড়ে, বিবাধ পড়িল গজঠাটে ক.চ ৫৩।

বিবাধা † স্ত্রী [বি+ √বাধ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] পীড়ন।

বিবার পুং [বি+ √বৃ+অ (ঘঞ্)-ভা] ১ বিবৃতভাব, বিকাস। ২ (ব্যাকরণে) বর্ণোচ্চারণে বাহ্যপ্রযত্নবিশেষ; গলবিলের বিকাস। দ্র 'পা ১.১৯, তত্ত্ববোধিনী। "পা ৮.২.১, সি।

বিবাস † পুং বি+ √বস্+অ (ঘঞ্)-ভা] ১ বাস, বসতি। "বৈর্দ্বিবাসস্তবারণ্যে…সমর্থিতঃ রা ২.২৩.২২। প্রিয়ৈর্বিবাসঃ মহা ১৪.১৬। ২ দেশান্তরবাস, প্রবাস। "অগ্রহেতোর্বিবাসশ্চ পার্থস্য মহা ১.২.১৫৭। ৩ বনান্তরবাস। "বনাদস্মাদ্ বিবাসং তু রোচয়েঽহম্ মহা ৩.৮০.৩০। ৪ [+ √বাসি+অ (অচ্)-ভা] নির্ব্বাসন, বনপ্রব্রাজন। "রামলক্ষ্মণয়োরেব °সাৎ গো.রা ২.৬৫.২। —বাসন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নির্ব্বাসন। "(রামস্য) সীতাবিবাসনপটোঃ উ.চ ২.১০। সীতাবিবাসনশোকে সী ৫৯। —বাসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নির্ব্বাসিত। —বাসিনী বিং বাসত্যাগিনী। "কহ লো নাগরি, গেহ পরিহরি, কাহে বিবাসিনী রে!—ব.প্র ১১৬।

বিবাসন, -বাসিত দ্র 'বিবাস'।

বিবাহ[1] † পুং [বি+ √বহ্+অ (ঘঞ্)-ভা; তু 'বীবাহ' (ক.সা) ১৪.৬৪] বিশিষ্ট (অর্থাৎ অগ্নিসাক্ষিক) বহন বা স্বীকার (অ.টী); দারপরিগ্রহ, পরিণয়, উদ্বাহ, পাণিপীড়া। [বিবাহ অষ্টবিধ—ব্রাহ্ম দৈব আর্ষ প্রাজাপত্য আসুর গান্ধর্ব্ব রাক্ষস পৈশাচ (মনু ৩.২১; যাজ্ঞ ১.৫৮-৬১; শঙ্খ ৪.২)।] —বাহনীয় বিণ [+ √বাহি+অনীয় (অনীয়র্) -র্ম্ম] পরিণেয়, বিবাহ্য। "কল্পাবসানে °য়া রাজদুহিতা (দশকুমার)। —বাহী (-হিন্) বিণ [°হ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কৃতবিবাহ। "অ° মনু ৯.২৩৮। —বাহ্য বিণ [+ √বহ্+য (ণ্যৎ)-র্ম্ম] বিবাহযোগ্য, পরিণেয়। "মনু ৩.৫, কুল্লুক। ক.সা ৩৩.১৯০। —বাহ্য পুং জামাতা। "যাজ্ঞ ১.১১০। [°কাম (বিণ)—বিবাহেচ্ছু, নির্ব্বেষ্টুকাম। °গৃহ ক্লী—বিবাহার্থ কৃত মণ্ডপ। °দীক্ষা (স্ত্রী)—বিবাহসংস্কার। "রঘু ৩.৩৩। °নেপথ্য (ক্লী), °বেষ (পুং)—বিবাহপরিচ্ছদ। "°ষ রঘু ৬.১০। °পটহ (পুং)—বিবাহঢক্কা, বিবাহবাদ্য। °বিধি (পুং)—বিবাহবিধায়কশাস্ত্র। "মনু ৯.৬৫।]

বিবাহ[2] সর্ম্ম [বিবাহ[1] > °হ; °হি √বিয়াহ; অপ্র] বিবাহ করা। "কুমারী দেখিয়া বোলে 'মোরে বিবাহিয়ে' চৈ.ভা ২৫৩। অধম! মোর কন্যা চাহ বিবাহিতে চৈ.চ ৯৬।

বিবাহকৌতুক † ক্লী [ষ.ত] ১ বিবাহমঙ্গল, বিবাহহস্তসূত্র। "রঘু ৮.১। ২ (বাঙলায়) বিবাহোৎসব। "গ ১৯৮। বা.ম ৮০। ভ.গ্র ৪৬৭।

বিবাহমঙ্গল বি বিবাহোৎসব। "ক.চ ২৪। গ ১৯৮।

বিবাহাগ্নি † পুং [ষ.ত] বিবাহে সাক্ষিভূত অগ্নি অর্থাৎ যে অগ্নির সম্মুখে বিবাহ হয়। "আশ্বলায়নগৃহ্যসূত্র ১.৮.৫।

বিবাহিত † বিণ [°হ+ইত (ইতচ্)] জাতবিবাহ, কৃতবিবাহ।

বিবাহী, বিবাহ্য † দ্র 'বিবাহ'।

বিবি, -বী বি [ফা বীবী; হি, গু বীবী; ঠ বিবী] ১ মুসলমানের কুলবধূ বা কুলীনস্ত্রী; মুসলমান-মহিলা। "কাজি বলে প্যাদা ভাই, রাখ বিবি তোর ঠাঁই বা.ম ৮৬। বিবীরে পাইল ভূতে ভা.চ ৪৯৫। বিরহিণী বিবি।—জা ৩৬। ২ মুসলমানের স্ত্রী বা স্ত্রীলোক। ৩ মুসলমানের বিবাহিতা কন্যা ৪ স্ত্রীলোকের আদরসূচক শব্দ। ৫ ইংরাজনারী। "বিবি বিটিনী ৯২। ৬ বিবির ছবিওয়ালা তাস (Queen)। [দোলার বিবি —বিবাহে যে বিবি (দাদী বা নানী) কন্যার সঙ্গে জামাইএর বাড়ী যায়। "সাদির সমে দোলার বিবি ডুলি চেপে যায়।—জা ৩৫।]

বিবি-আনা, -য়ানা বিং [বিবি+আনা[4]] ১ বিবির মত; মেয়ের মত। "কারো শিরে 'প্যারাসল' বিবিয়ানা চাল।—হেম ৩৭৮। ঠাকরুণের °য়ানা মুখ হু ৪৫। সাহেবের বগল ধ'রে নাচবেন বিবিয়ানা ঝামটা অ.গ্র ১১০। ২ বিবির পছন্দমত; সৌখীন ধরণে গড়া (fashionable)। "বিবিয়ানা মুখভরা নথ।—দা ২৮০; বিবিয়ানা কর্ণফুল ১৪৮১; বিবি-আনা নথ ২০৯৪। বিবিয়ানা ঝুমকো ব.প ১৮৯৮। ৩ বিলাসিনী। "বিবিয়ানা তেরিকাটা তরুণ তরুণী।—হেম ৩৮০। —য়ানা বি বিবির মত সাজসজ্জা বা বিলাসিতা। "মেয়েরা তাই শিখছে কেবল বিবিয়ানার ছাঁদ প.কা ৪৪।

বিবিক্ত † বিণ [বি+ √বিচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পৃথক্কৃত, বিশ্লিষ্ট, অসম্পৃক্ত। ২ বিজন, ছন্ন, নিভৃত, একান্তস্থিত। "নিবাসমকরোদ্ দেশে

বিবিক্তে রা ১.৫০.৫। ৩ রহিত, বিহীন; "পাংশুবিবিক্তগাত্রং কু.স ১.২৩। ৪ বিমল। "বাসন্ত...বিবিক্তম্ মাঘ ৮.৭০; ১১.১৭। ৫ শুদ্ধ, পূত। "বিবিক্তদৃষ্টি ভ ১.৪.৫; °চেতস্ ১৯.১২; °মার্গ ৩.৮.২৬; °চরিত ১৬.২১। ৬ সংযোগান্তশ্লিষ্ট, স্ফুটোচ্চারিত। "°বর্ণ কি ১৪.৩। ৭ অসঙ্কীর্ণ, উদার। "মেধ্যবিবিক্তবৃত্তি ভ ৩.১.১৯। ৮ নিরত, একাগ্র। "চিন্তা° মহা ১৩.১৯.১০২। ৯ পরিজ্ঞাত। "°পরব্যথ ভ ৫.২৬.১৭। ১০ অসন্দিগ্ধ। "বিবিক্তাধ্যাত্মদর্শন ভ ৩.২০.২৮। ১১ পুত্রক লত্রাদি-ভরণপোষণে ব্যাপৃত। "মনু ১১.৬। ১২ বিবেকী (মেদিনী)। —বিক্ত ক্লী ১ নিভৃতদেশ, একান্ত, 'শুদ্ধদেশ' (শ্রীধর)। "বিবিক্তসেবী গী ১৮.৫২। ২ বিজনস্থান। "পরিচিতবিবিক্তেন মনসা শ ৫.১০। ৩ নির্জন-গৃহাদি। "মাত্রা স্বস্রা দুহিত্রা বা ন বিবিক্তাসনো ভবেৎ মনু ২.২১৫। [°চরিত (বিণ)—পূতচরিত্র; °শরণ (বিণ)—নিভৃতগৃহ, একান্তবাসী। °সেবী (-বিন্) বিণ—নিভৃতদেশবাসী।]

বিবিক্ষু † বিণ [√বিশ্+স (সন্)+উ-ক] প্রবেশেচ্ছু। "গুহাং বিবিক্ষুঃ প্রসসার মেরোঃ ভ ৯.৪.৫০।

বিবিগ্ন † বিণ [বি+ √বিজ্+ত (ক্ত)-ক] ভীত, অতিশঙ্কিত। "রঘু ১৮.১৩। কু স ১.৫৬।

বিবিজান বি প্রাণপ্রিয়া বিবি, আদুরে বেশ্যা। "গড়াগড়ি পায়ে ধরি, না-ছোড় বিবিজান।—হেম ৩৭৭। (কেউ) বিবিজানের সঙ্গে একত্রে বসেই চলেছেন।—হু ৩।

বিবিৎসা † স্ত্রী [√বিদ্ (তুদাদি)+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] জ্ঞানেচ্ছা, জিজ্ঞাসা। "সর্ব্বধর্ম্মবিবিৎসা ভ ১ ৯.১। —বিৎসু বিণ [+উ -ক] জিজ্ঞাসু। "ভ ৩.৮.৩। —বিদিষা স্ত্রী [√বিদ্ (অদাদি)+স +অ-ভা+স্ত্রী আ] সর্থ 'বিবিৎসা'। —বিদিষু বিণ [+উ-ক] সর্থ 'বিবিৎসু'। "ভট্টি ৭.৯৯।

বিবিদিষা দ্র 'বিবিৎসা'।

বিবিধ † বিণ [বিভিন্ন বিধা যাহার, বহুব্রী; স্ত্রী -ধা] ১ নানাপ্রকার, বহুবিধ। "রা ২.৮০.৫। °সাধুগোষ্ঠী।—পঞ্চ ৪৬। °বিঘ্ন—দু ২। ২ নানাজাতি। "সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ মনু ১.৮; মৎস্যান্ বিবিধান্ ৩৯। বিবিধবনপাদপসমূহে আচ্ছন্ন সী ১০। ৩ নানাবর্ণ। "বিবিধোপলকুণ্ডল মাঘ ৬.২৭।

বিবী দ্র 'বিবি'।

বিবীত † পুং [বি+ √ব্যে+ত (ক্ত)-র্ম্ম] 'বিশেষভাবে আচ্ছন্ন'; প্রচুরতৃণকাষ্ঠযুক্ত রক্ষিত (বেষ্টিত) ভূভাগ। "যাজ্ঞ ২.১৬৩; গ্রাম° ১৬৫। [°ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—বিবীতস্বামী। "যাজ্ঞ ২.২৭৪।]

বিবুদ্ধ † বিণ [বি+ √বুধ্+ত (ক্ত)-ক] ১ জাগরিত। "শ ৬.৭। ক.সা ২৫.৮৯। ২ বিকসিত, প্রফুল্ল। "কমলবিবুদ্ধলোচন মহা ৭.১৫৩.৪১। ৩ কুশল।

বিবুধ † পুং [বি+ √বুধ্+অ (ক)-ক] ১ 'বিশেষজ্ঞ', প্রাজ্ঞ, পণ্ডিত। "সতাং সাপ্তপদং মৈত্রমিত্যাহুর্বিবুধা জনাঃ।—পঞ্চ ২.৪৯। ভ ৩.৮.৪। ২ দেবতা। "গো.রা ১.৪৬.৩৫। পঞ্চ ২.৭৬। °যৌবত গী.গো ১০.১৫। বিবুধের নাথ।—ম ৪৮৭। বিবুধের রাজা শ্রী.মা ৪৮; ১২৬; ২২৬। বিবুধগণ শ্রী.ম ১০০। বিবিধ বিবুধ শি ৭; ১২। ভা.চ ১০১। ৩ চন্দ্র (অ.চি)। [°গুরু (পুং)—দেবগুরু, বৃহস্পতি। °তটিনী, °নদী (স্ত্রী)—সুরনদী, গঙ্গা। °নাথ (বি)—দেবপতি ধর্ম্ম। "শ্রী.মা ২৭। °পতি, °রাজ (পুং)—ইন্দ্র। °সখ (পুং)—দেবতার সখা; সুরমিত্র। "ভট্টি ১.১। °সদ্ম (-দ্মন্) ক্লী—দেবাবাস, স্বর্গ। °স্ত্রী (স্ত্রী)—স্বর্বেশ্যা, অপ্সরা। বিবুধাধিপ, বিবুধাধিপতি, বিবুধেশ্বর (পুং)—দেবরাজ, ইন্দ্র। বিবুধেতর (পুং)—অসুর। "ভ ৮.২২.৬।]

বিবৃত † বিণ [বি+ √বৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ অপসারিত, অপাবৃত, উদ্ঘাটিত। "°দ্বার রা ২.৬৭.১৮। স্বজনস্য হি দুঃখমগ্রতো °দ্বারমিবোপজায়তে কু.স ৪.২৬। ২ ব্যাদত্ত, বিস্তারিত। "দর্ভৈঃ...শ্রমবিবৃতমুখভ্রংশিভিঃ শ ১.৭। ৩ অনাবৃত। "ন তস্য হ্যঙ্গুলমপি বিবৃতং সংপ্রদৃশ্যতে মহা ৪.৬৩.৭। ৪ প্রকটীকৃত, প্রকাশীকৃত। বিপ 'সংবৃত'। "°পৌরুষঃ মনু ৭.১০২। বিবৃতাত্মশক্তিম্ (কামম্) কু.স ৩.১১। ন বিবৃতো মদনো ন চ সংবৃতঃ শ ২.১১। ৫ প্রকট। "বিশঙ্কমানোঽবিবৃতশ্চরামি ভ ৫.১২.১৫। ৬ ব্যাখ্যাত। —বৃত ক্লী ১ অনাবৃত স্থান। ২ (ব্যাকরণে) বাহ্যপ্রযত্ন-বিশেষ। "বিবৃতমূষ্মণাং স্বরাণাঞ্চ পা ১.১.৯, সি বৃত্তি। —বৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিবরণ, ব্যাখ্যান। ২.বিস্তার, প্রসারণ। ৩ প্রকটীকরণ। —তা স্ত্রী বিবৃতমুখ ব্রণবিশেষ। [°দ্বার (বিণ)—অপসারিতকপাট। °স্ময়ন (ক্লী)—দন্তপ্রকাশপূর্ব্বক স্মিত।]

বিবৃতা, বিবৃতি দ্র 'বিবৃত'।

বিবৃত্ত † বিণ [বি+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ পরাবৃত্ত; বিবর্ত্তনযুক্ত। "বিবৃত্তত্রিকভিন্নহারঃ রঘু ৬.১৬। °বদনা শ ২.১২। ২ তির্য্যক্চলিত। "°পার্শ্বম্ (নৃত্যম্) ভট্টি ২.১৬। ৩ ঘূর্ণিত। "বিবৃত্তাক্ষ গো.রা ৪.২১.৩৭, মহা ৩.১৪৭.২১। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পরাবর্ত্তন। ২ ঘূর্ণন, চক্রভ্রমণ। ৩ বিবিধবৃত্তিলাভ। "ভ ৩.৬.১০। ৪ স্বরদ্বয়ের অসন্ধি। 'স্বরযোরসন্ধির্বিবৃত্তিঃ তৈ ২০.৬, বৈদিকাভরণব্যাখ্যা।

বিবৃত্তি দ্র 'বিবৃত্ত'।

বিবৃদ্ধ † বিণ [বি+ √বৃধ্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত; প্রবৃদ্ধ। "হর্ষ°সত্ত্বা মহা ৩.৭৬.৫৩। °মন্যুঃ রঘু ২.৩২; °মৎসরঃ ৩.৬০। ২ উদ্ধৃত। "বিত্তাদ্ বিবৃদ্ধং সত্ত্বমিতি গী ১৪ ১১। ৩ প্রফুল্ল। "হর্ষ° বক্ত্র গো.রা ৪.৬.২৪। ৪ বিস্তারপ্রাপ্ত, প্রসৃত। "যস্য শাখা বিবৃদ্ধাঃ শতযোজনম্ গো.রা ৩.৩৯.২৭। —বৃদ্ধি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সম্যক্ বৃদ্ধি; প্রসার, পরিণতি। "বপুঃ শরীরাবয়বাঃ বিবৃদ্ধিম্ রঘু ১৮.৪৯। ২ সম্পন্নতা, প্রাচুর্য্য। "বিবৃদ্ধিমত্রাশ্নুবতে বসূনি রঘু ১৩ ৪। ৩ অভ্যুদয়, সমুন্নতি। "মহা ৩.৬.২। ৪ বাহুল্য। "রা ৭.৫৮। লোকানান্তু বিবৃদ্ধ্যর্থম্ মনু ১.৩১। ৫ আতিশয্য, উপচয়। "শোক° গো.রা ৩.৭৯.১৫।

বিবৃদ্ধি দ্র 'বিবৃদ্ধ'।

বিবেক † পুং [বি+ √বিচ্+অ (ঘঞ্)-ভা] ১ বিলক্ষণভাব (অ.টী); পৃথগাত্মতা, 'পৃথগভাব' (মেদিনী)। ২ বিভাগ। "কর্ম্মণাঞ্চ বিবেকার্থম্ মনু ১২৬। ৩ বিচার, বিবেচন। "নিত্যানিত্য° (বেদান্তসার)। বিবেকবিভ্রান্তমভিহিতম্ মা মি ১২। পরাত্মীয়° ভট্টি ১৭.৬০। শৃঙ্গার° তত্ত্ব গী গো ১২.২৭। এমত বিবেক তোর আজি দেখা দিল।—ম ৯৩৭। কার্য্যাকার্য্য°।—কাদ ১১৪। ৪ প্রকৃতিপুরুষের বিশেষজ্ঞান; পৃথগাত্মতা (অ টী)। ৫ জ্ঞান, বোধ। "কর্ম্মবিবেকার্থম্ (শাস্ত্রমকল্পয়ৎ) মনু ১.১০২। ৬ [বাঙলায়; অসাধু] চৈতন্য। "ত্রস্তনিমিখে দেখিল অমরী, নরের বিবেক নাহি।—হেম ১১৫। ৭ জীবনে বিরাগ। "(শিব) বিবেকে খাইল বিষ মরিবার তরে ব.প ১৩৯। —বেকিতা স্ত্রী [°কিন্+তা (তল্)] বিবেকিভাব, সদসদ্বিচারশীলতা। "অ° হি ১১ (কথারম্ভ)। —বেকী (-কিন্) বিণ [বি+ √বিচ্+ইন্ (ঘিনুণ্) -ক-১ব, স্ত্রী-কিনী] বিবেচনশীল, সদসদ্বিচারশীল। "যুক্তাযুক্ত°(S W.)। বিবেকিনীনাম্...যোষিতাম্ ক.সা ৫৮.১৪০। শ্রী.ম ২৬৩। অবিবেকী মন স শ ৭০। —বেকী পুং পণ্ডিত। "অবিবেকিনি দুর্দেশে ক.সা ২৪.২২৬। [°জ্ঞ (বিণ)—বিচারপণ্ডিত, ধীর, প্রাজ্ঞ। "পঞ্চ ১ ৪১৮। °জ্ঞান (ক্লী)—বিচারবুদ্ধি। °পদবী (স্ত্রী)—বিচারমার্গ। °বিরহ (পুং)—বিচার-রাহিত্য, বিচারমূঢ়তা। °বিভ্রান্ত (বিণ)—নিবৃত্তবিবেক, বিচাররহিত। °ভ্রষ্ট (বিণ)—অবিবেক, মূঢ়। °মন্থর (বিণ)—বিচারমূঢ়।]

বিবেকিতা, বিবেকী দ্র 'বিবেক'।

বিবেচক † বিণ [বি+ √বিচ্+অক (ণ্বুল্)-ক] বিবেচনাকারক, বিবেকী, জ্ঞানী। —বেচন বিণ [+অন (ল্যুট্)-ক] বিচারক। "নৃণাং শুভাশুভবিবেচনঃ (ত্বমেকঃ)।—ভ ৬.৩.৭.। —বেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বিচার। "ধর্ম্ম° মনু ৮.২১। সহজ বস্তু করি বিবেচন চৈ.চ ৮২। ভ.প্র ২৪। —বেচনা স্ত্রী [+ √বেচি+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] বিচার। "কার্য্যাকার্য্যবিবেচনা। —বেচনীয় বিণ [+ √বিচ্ অনীয় (অনীয়র্)-র্ম্ম] বিচার্য্য, চিন্ত্য। —বেচিত বিণ [+ √বেচি+ত (ক্ত)-র্ম্ম] বিচারিত। —বেচ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্থ 'বিবেচনীয়'।

বিবেচন,-বেচনা,-বেচনীয়,-বেচিত,-বেচ্য দ্র 'বিবেচক'।

বিবোধ † পুং [বি+ √বুধ্+অ(ঘঞ্) -ভা] ১ বিশিষ্টবোধ, জ্ঞান। "তত্ত্বাত্ম° ভ ৩.৪.২০। ২ বোধ, অনুভূতি। ৩ প্রবোধ, জাগরণ। ৪ (নাট্যে) নিদ্রানাশের পরে জাত বোধ বা চেতনাগম (ব্যভিচারিভাবভেদ)। 'সা.দ ৩.১৫১। —বোধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ বিবোধ (১-৩)। ২ [+ √বোধি+অন-ভা] জাগরণ, জাগান। —বোধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ জাগরিত। ২ আহিতচেতন। "কামবধূর্বিবোধিতা বিধিনা কু.স. ৪.১।

বিবোধন দ্র 'বিবোধ'।

বিব্বোক † পুং [বি+ √বা গতি+উ(কু)—বিবু (গতিবিশেষ), তাহার ওক (স্থান)—অ.টী] ১ অতিগর্ব্ব বা মান হেতু ইষ্টবস্তুতে অনাদর (নায়িকার অলঙ্কারবিশেষ)। 'সা দ ৩.৯১; ১০০। ভ.প্র ৩৯৮। বিব্বোক বাঞ্ছিত বস্তু পেয়ে অনাদর ভা.চ ৭১৮। "চৈ.চ ১৬২। ২ গর্ব্ব হেতু অনাদর। ৩ বিলাস (মল্লিনাথ), চেষ্টাবিশেষ (সা.দ ১০.৩৫)। "মাঘ ৮.২৯।

বিব্রত বিং [বি+ব্রত ?) ; '°ত'—বিবিধকর্ম্মা (ঋগ্বেদ ১.৬৩.২ ; ৮.১২.১৫ ; ১০.২৩.১)] ১ ব্রত হইতে বিচলিত ; ব্যাকুল, বিহ্বল। "ক্ষেতে হলে খন্দ সে বেচে লয় সব। বিব্রত হইল প্রজা পেয়ে আধিভাব॥ —শ্রী.মা ১৩। সেই ভাবনাটা ভারী, রুক্মিণীরে করেছে বিব্রত প.কা ১৯। ২ ব্যতিব্যস্ত। "ব্রত করিতে এত কেন বিব্রত দা ৬৫। ঘরের কোন খুটিনাটি লইয়া বিব্রত হইতে হইত না পা.প্র ১৬৬। বিষয়ান্বেষণে বিব্রত ব.প্র ৬৪১। ৩ বিপন্ন। "(জগতের যত লাজময়ী) কাঁপিছে গোলাপ হ'য়ে এসে, মরমের সরমে বিব্রত চ কা ২১।

বিভক্ত † বিণ [বি+ √ভজ্+ত (ক্ত) -র্ম্ম] ১ কৃতবিভাগ, পৃথক্কৃত। "রঘু ১০.৬৫। ২ দ্বিধাকৃত। "রোমরাজ্যা বিভক্তম্ (জঘনম্) গো.বা ৩.৫২.৩২। বিভক্তং মৎসেতুনা…অম্বুরাশিম্ রঘু ১৩.২। ৩ পৃথক্, পৃথগন্ন। "মনু ৯.২১০; ভ্রাতৃণামবিভক্তানাম্ ২১৫। যাজ্ঞ ২.১২৫। ৪ সংশ্লিষ্ট, সৌষ্ঠবসম্পন্ন। "সুবিভক্তগাত্র্যাঃ (পার্ব্বত্যাঃ) কু.স ৭.১৮। ৫ সুশ্লিষ্ট। "রেখাবিভক্তঃ (অধরোষ্ঠঃ) কু.স ৭.১৮। ৬ বিচারপূর্ব্বক গৃহীত বা নির্ণীত। "বিভক্তাবয়ব মাঘ.১.৩। ৭ ভিন্ন, অন্য, পৃথক্। "অবিভক্তং চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্ (তৎ) গী ১৩.১৬। ৮ (গণিতে) হৃত (divided)। —ভক্ত পুং কার্ত্তিকেয়। —ভক্ত ক্লী [+ত-ভা] ১ বিভাগ, ভেদ। "পঞ্চমী বিভক্তে পা ২.৩.৪২। ২ বিশ্লেষ। ৩ কৃতবিভাগ ধন। —ভক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিভাগ। "°চিন্তা নৈ ৩.২৩। লভিবে বিভক্তি হতে জ্ঞান সমষ্টির।—ন ১০০৫। ২ বিশ্লেষ, পৃথক্করণ। ৩ [+তি-র্ম্ম] পৈতৃকধনাদির অংশ। ৪ [+তি-ণ] (ব্যাকরণে) সংখ্যাকারকবোধক প্রত্যয়, স্বাদি ও তিবাদি (সুপ্, তিঙ্) "নৈ ৩.২৩। [°জ (পুং)—পিতার সহিত পুত্রের ধনাদি ভাগ করিয়া পৃথক্ হওয়ার পরে পিতার যে পুত্র জন্মে।]

বিভক্তি দ্র 'বিভক্ত'।

বিভঙ্গ † পুং [বি+ √ভন্জ্+অ(ঘঞ্)-ভা] ১ ভঞ্জন, ভেদ। ২ ভেদ, ভঙ্গি। "ভ্রূ°কুটিলক বীক্ষিতম্ রঘু ১৯.১৭। ৩ ব্যাঘাত, বাধা। ৪ চর্ম্মসঙ্কোচ, ত্বগ্‌ভঙ্গ। "বলী°চতুরম্ (মধ্যম্) মহা ৪.১৪.২২। ৫ বিচ্ছেদ। "বিকাসিতবিবিধবিকারবিভঙ্গম্ (হরিম্) গী.গো ১১.২৪। ৬ ভঙ্গি, অবস্থানভেদ। "শিলা° রঘু ৬.৩। ৭ বিলয়। "আশা° (S.W.)। ৮ ভঙ্গি, লীলা। "তরঙ্গবিভঙ্গে নাচি সমীরণ সনে (যমুনে! আহ প্রবাহিণী) প.তৃ ৪৯। ৯ বিবিধ অবয়ববাবস্থান বা অঙ্গভঙ্গি। "ভঙ্গ বিভঙ্গ দোঁহে বলিষ্ঠ শরীর।—ম ৯৬৫। ১০ রচনা। "নহি জটা ইহ বেণী বিভঙ্গ বি.প ১৫৭। ১১ [°ঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে] 'বিভঙ্গবান্', তরঙ্গ। তু 'ভঙ্গ'। ১২ ভঙ্গি, প্রয়োগকৌশল। "বাগ্‌বিভঙ্গ (S.W.)। কাহে দেহ আহুতি বচন বিভঙ্গ।—ব ১৭১। সুন্দরি, দূর কর বচনবিভঙ্গ ব.প ১০৭৯। ১৩ ভঙ্গি, কুটিলতা, বক্রতা। "মদন-ধনু ভাঙ্-বিভঙ্গ প.ক ১৯।

বিভজন † ক্লী [বি+ √ভজ্+অন (ল্যুট্) -ভা] বিভাগ। —ভজনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] বিভক্তব্য, বিভাগার্হ। "ধনং সমং কৃত্বা বিভজনীয়ম্ মনু ৯.১১২, কুল্লুক। —ভজ্য বিণ [+য (যৎ)-র্ম্ম, নিপাতিত] সর্থ 'বিভজনীয়'। "পা ৫.৩.৫৭।

বিভঞ্জন বিং [তু '°মু'—বিশেষ ভঞ্জক (ঋগ্বেদ ৪.১৭.১৩)] ভঙ্গকারক, নাশক। "বিঘ্নবিভঞ্জন যিনি।—হু ২। —ভঞ্জন বি বিনাশ, দূরীকরণ। "কর ভয় বিভঞ্জন শ্রী.ম ২২০।

বিভব † পুং [বি+ √ভূ+অ (অপ্)-ভা] ১ প্রসার। "তনুবাগ্° রঘু ১.৯। ২ বিস্তার। "আত্মমায়া° ভ ২.৬.৩৬। ৩ উদ্ভব। "স্রিয়ো বিভবঃ ভ ৭.৯.২৩। ৪ [+অ-ণ] 'সামর্থ্যসাধন', ধন, বিত্ত। "মনু ৪.৩৪। অতনুষু বিভবেষু জ্ঞাতয়ঃ সন্তি নাম।—শ ৫.৮। °হীন হি ১.১৪২। ৫ ভূতি, সম্পদ্, ঐশ্বর্য্য। "ধনধান্যর্দ্ধিবিভবৈঃ (পাঠান্তর) শক্রবৈশ্রবণোপমঃ রা ১ ৬.৩। ভুঙ্‌ক্ষ্ব বিভবান্ ভ ৩.২৩.৮। এতেক বিভব।—ম ৪৯৫। কেমনে, ভবভবনের কবি বর্ণিবে বিভব।—মে ৫০। ৬ সমৃদ্ধি। "নাথ বিভবায় নো ভব ভ ৭.৮.৫৫। ৭ মহিমা, মহত্ব। "অবিদিত° কি ৫.২১। ৮ মোক্ষ (মেদিনী)। [°ক্ষয় (পুং)—ধনক্ষয়, বিত্তনাশ। "পঞ্চ ৫২।]

বিভয় † ক্লী [বি+ √ভী+অ (অচ্)] ভয়নিবৃত্তি। "ভ ৭.৯.১৬।

বিভল -লা, বিং [সং বিহ্বল.> প্রা বিব্‌ভল (হে)> বা °ল, -লা ; বিভোর, -ল, পদ্যে] বিহ্বল, মত্ত, আত্মহারা। "রূপেতে বিভল পঞ্চানন বি.পা ৬৭। এত বলি রাণী রঙ্গে বিভল।—কথা ৫০। আমি আনন্দে বিভলা অ.গু ৭৬।

বিভলা দ্র 'বিভল'।

বিভা[১] † স্ত্রী [বি+ √ভা+ক্বিপ্ (০) -ক] ১ 'দীপ্তিকর', প্রভা, আলোক। ২ কিরণ। ৩ কান্তি। "নলোদয় ১.৪৮। ৪ [+অ (অঙ) -ভা+স্ত্রী আ (টাপ্)] দীপ্তি, প্রকাশ।

বিভা[২] বি [দ্র 'বিবা' ; অপ্র] বিবাহ। "ম.গা ৪। রাজকন্যা বিভা কৈল অ প ১৩৩। ম ৩; ২৩৭; °যোগ্য ২৫০। ক.চ ১০.৯১। বিভার বেশ শ্রী ম ১৬৮। বিভার হলিদ্রা গো.চ ৭১; ৩২০। বা.ম ২৯। চৈ.ভা ৩৩৪। চৈ.চ ৩২৬। শি ২৬,-৭। [°পণ—বিবাহের পণ। "ম ৪৭২।]

বিভাকর † পুং [বিভা+ √কৃ+অ (ট)-ক ; উ.ত] ১ 'দীপ্তিকর', সূর্য্য। ২ অগ্নি। ৩ চন্দ্র। ৪ অর্কবৃক্ষ। ৫ চিত্রকবৃক্ষ।

বিভাগ † পুং [বি+ √ভজ্+অ (ঘঞ্)-ভা ; '°গ'—বিভাগবান্ (ঋগ্বেদ ৫.৭৭.৪)] ১ ভাগ, অংশীকরণ। ২ বিশ্লেষ, বিয়োগ। ৩ ভেদ, পার্থক্য। "তত্ত্ববিৎ…গুণকর্ম্মবিভাগয়োঃ গী ৩.২৮। ৪ পৈতৃকধনাদিভাগ। "মনু ৮.৭। [ইহা অষ্টাদশ ব্যবহারপদের একতম।] ৫ (বৈশেষিকে) চতুর্ব্বিংশতি গুণের একতম। ৬ [+অ-র্ম্ম] ভাগ, অংশ। "সমস্তত্র বিভাগঃ স্যাৎ মনু ৯ ১২০। ৭ পৈতৃকাদিধনের অংশ ; রিক্থভাগ। ৮ পরিচ্ছেদ, খণ্ড। ৯ [+অ-ণ] বিভাগসাধন। "গুণত্রয়বিভাগায়

(ভুক্তাং নয়ঃ) ভু স ২.৪। ১০ দায়ভাগ। "মনু ৯.২২০। ১১ প্রান্ত। "বিগতজলদবৃন্দা দিগ্‌বিভাগাঃ।—ঋতু ৩ ২২। ১২ (গণিতে) হর (numerator)। [°কল্পনা (স্ত্রী)—বিভাগকরণ, অংশীকরণ। °ধর্ম্ম (পুং) —রিক্‌থভাগধর্ম্ম, দায়ভাগ। "মনু ১ ১১৫। °নিহ্নব (পুং)—বিভাগের অপলাপ বা অস্বীকার। "যাজ্ঞ ২ ১৫২। °পত্র (ক্লী), °পত্রিকা (স্ত্রী)—বিভাগলেখ্য, বাটোয়ারা-পত্র। °ভাক্ (-জ্) বিণ—বিভাগভাগী, অংশীদার। "যাজ্ঞ ২ ১২৫। °ভাবনা (স্ত্রী) বিভাগনির্ণয়। "যাজ্ঞ ২ ১৫২। °রেখা (স্ত্রী)—ভাগচিহ্ন, সীমা।]

বিভাজক † বিণ [বি+ √ভজ্+অক (ণ্বুল্)-ক] ভাগকারক। —ভাজন ক্লী [+ √ভাজি+অন(ল্যুট্)-ভা] ভাগকরণ, বিভাগ, বণ্টন। —ভাজ্য বিণ [+ভজ্+য (ণ্যৎ)-র্ম্ম] অবশ্যবিভাজনীয়, বিভাগার্হ। "মনু ৯ ২১৯।

বিভাজন, বিভাজ্য দ্র 'বিভাজক'।

বিভাণ্ডক † পুং [বহুব্রী] 'বিগতসঞ্চয়পাত্র', ঋষ্যশৃঙ্গপিতা মুনিবিশেষ। "রা ১ ১০ ১৪।

বিভাত † বিণ [বি+ √ভা+ত (ক্ত)-ক] ১ বিভাম্বিত, প্রভাত। "বিভাতা চ বিভাবরী ক সা ২৩ ১০। ২ অভিব্যক্ত, প্রকাশ। "ক্বচিদ্ বিভাত°ং ক চ তৎ তিরোহিতম্ ভ ৮৩,৪। ৩ সমুজ্জ্বল, ভাস্বান্। —ভাত ক্লী প্রভাত। 'শ ৫ ১৯। °বায়ুঃ রঘু ৫ ৬৯, °গ্রহমন্দভাসঃ (পৃথিবীক্ষিতঃ) ৭ ২।

বিভাব † পুং [বি+ √ভাবি+অ (অচ) -ক] ১ (নাট্যে) যাহা সামাজিকের রত্যাদির বিভাবয়িতা, অর্থাৎ রত্যাদির আস্বাদাঙ্কুরের উদ্বোধক বা প্রাদুর্ভাবকারক, রসোদ্দীপক আলম্বনাদি, রত্যাদির উদ্বোধক বিষয়। 'রত্যাদ্যুদ্বোধকা লোকে বিভাবাঃ কাব্যনাট্যয়োঃ সা দ ৩ ২৯। "চৈ চ ২৩০। ২ চিত্তবৃত্তির উদ্দীপকবস্তুমাত্র। ৩ [প্রা স] বিশিষ্টভাব, পরিচয়। —ভাবক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ উৎ-পাদক, প্রকাশয়িতা। ২ প্রদায়ক। 'অর্থ° মহা ৩ ৩৩.৮৪। —ভাবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উৎপাদন। ২ উদ্বোধন। ৩ প্রকাশন, প্রকটন। 'বিত্তাদিবিভাবনেন যশোহর্থ° প্রোষিতঃ পতিঃ মনু ৯ ৭৬, কুল্লুক। ৪ বিমর্শন। ৫ পালন। "বিশ্ব° ভ ৪ ৮.২০। ৬ দর্শন। "সম্যগৃক্ষ° মনু ২ ১০১। ৭ নির্ণয় বিচার। "বর্ণক্ষমা (পাঠান্তর) দৃষ্টিঃ।—বিক্র ৫ৡ। —ভাবনা স্ত্রী [+অন (যুচ্)-ধি+স্ত্রী আ (টাপ)] যাহাতে হেতু বিভাবিত বা বিচারিত হয়, অর্থালঙ্কারবিশেষ। [প্রসিদ্ধ কারণ বিনা কার্য্যোৎপত্তি হইলে, 'বিভাবনা' হয় (সা দ ১০ ৬৬)। যেমন, 'অভূষণমনোহারি বপুর্বয়সি সুভ্রুবঃ (সা দ)।—'ভূষণ নাহিক কিছু তবু শোভে তনু' (কাব্যনির্ণয়)।] —ভাবনীয় বিণ [+অনীয় (অনীয়র)-র্ম্ম] ১ বিচিন্ত্য, বিবেচ্য। ২ ভাব্য, সপ্রমাণীকার্য্য। "মনু ৮ ৬০, কুল্লুক। —ভাবিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ উৎপাদিত। ২ বিচিন্তিত, বিবেচিত। ৩ বিমৃষ্ট, বিতর্কিত। "বিভাবিতাকৃতি মাঘ ১৩। ৪ প্রমাণপ্রতিপাদিত। "মনু ৮ ৪৭, ৫১। ৫ অভ্যুহিত, জ্ঞাত। "°পশ্চিমার্দ্ধা…রাত্রিঃ কি ৯ ৭৪। ৬ উদ্বোধিত। "রজোগুণে বিভাবিত করি তার মন (ব্যষ্টি-সৃষ্টি করে কৃষ্ণ) চৈ চ ২১২। —ভাব্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ বিচিন্ত্য। "ভ ৯ ৮ ২৩। ২ লক্ষ্য, দৃশ্য। "অবিভাব্য-তারকম্ ·নভঃ মাঘ ৯ ১২। ৩ বিচারণীয়। "বিভাব্যং তস্য ভূয়শ্চ কর্ম্ম পাপং দুরাত্মনঃ মহা ৫ ৭৯.২১। ৪ নিপুণাভিনিবেশপূর্ব্বক অনুসন্ধানীয়। "কাব্যাদর্শ ২ ১৯৯। ৫ অবধার্য্য। "অবিভাব্যবাচঃ (চাপভৃতঃ) রঘু ৭.৩৮। ৬ গম্ভীর। "নাবিভাব্যাং গিরিং সৃজেৎ মহা (SW)।

বিভাবক, -ভাবন, -ভাবনা, -ভাবনীয় দ্র 'বিভাব'।

বিভাবরী † স্ত্রী [বিভার বরী (আচ্ছাদিকা), বি+ √ভা+বন্ (ক্বনিপ্)-ক+স্ত্রী ঈ(ঙীপ্)—অ টী, তু 'বিভাবন্'—প্রকাশোপেত (ঋগ্বেদ ১.৯২ ১৪)] ১ 'বিভাচ্ছাদিকা', 'নক্ষত্রাদি দ্বারা যাহা বিভাত হয়', রাত্রি, রজনী। "রা ২ ৮৪ ১৮। মধু° বি সু ৬১। পাখী ডাকি বলে—গেল বিভাবরী।—গান ১৬৩। ২ বক্রযোষিৎ, অবশা স্ত্রী। ৩ কুট্টনী। ৪ মুখরা স্ত্রী। [°কান্ত, বিভাবরীশ (পুং)—নিশানাথ, চন্দ্র। °মুখ (ক্লী)—রজনীমুখ, প্রদোষ।]

বিভাবসু † পুং [বিভা বসু যাহার, বহুব্রী, তু '°সু'—প্রভাধন (ঋগ্বেদ ৩ ২ ২)] ১ 'প্রভাধন', অগ্নি। "গো রা ৩ ১৮ ২৫। তেজশ্চাস্মি বিভাবসৌ গী ৭.৯। রঘু ৩ ৩৭। ম ২৯৯। মে ৬০, ১৯৯। ২ সূর্য্য। "মহা ১ ১ ৪২। শ্রী.মা ১০২। মে ২৮। ৩ চন্দ্র। ৪ চিত্রকবৃক্ষ। ৫ হারভেদ (অ চি)।

বিভাবিত, বিভাব্য দ্র 'বিভাব'।

বিভাষা † স্ত্রী [বি+ √ভাষ্+অ-ভা] ১ বিরুদ্ধ ভাষণ, বিকল্প-কথন। ২ (ব্যাকরণে) বিকল্পবিধান। "ন বেতি বিভাষা পা ১ ১ ৪৪। অপ্রাপ্ত°, প্রাপ্ত°, মহা°।

বিভাস † পুং [বি+ √ভাস্+অ (অচ্)-ক] ১ (সঙ্গীতে) রাগবিশেষ। "°রাগ গী.গো ১২। [ইহার সময় দিবা ১ম প্রহর. ঠাট স্বাভাবিক, জাতি খাড়ব (গী সা)।] ২ [স° °সা, হি বিভাস] (বাঙ্‌লায়) আলোক, কিরণ। "(প্রভাতে) রঞ্জিত গগনে বিভাস হেরে।—হেম ২৫৮। ৩ দ্যুতি, ছটা, চমক। "হাস-বিভাস-বিকাশ আকাশ নীলাম্বুজ মাঝে।—গান ১৭৬। —ভাসা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] আলোক, প্রভা। —ভাসিত বিণ [+ত (ক্ত)-ক] ১ দীপ্ত, উজ্জ্বলিত। ২ পরিস্ফুট, সুব্যক্ত। 'দাঁড়াইলা মহাদেব বিভাসিত পুলকে।—হেম ৩৪০। প ভূ ১৭। ৩ [+ √ভাসি+ত-র্ম্ম] প্রদীপিত, দ্যোতিত।

বিভাসা দ্র 'বিভাস'।

বিভাহ বি [বিবাহ > °হ, অপ্র] বিবাহ। "ভ গ্র ২৯৬।

বিভিদা স্ত্রী [বি+ √ভিদ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ভেদ। 'মাঘ ২০ ২৩।

বিভিন্ন † বিণ [বি+ √ভিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিভক্ত, বিশ্লিষ্ট। ২ বিদীর্ণ। "নখাঙ্কুশাঘাতবিভিন্নকুম্ভাঃ রঘু ১৬ ১৬। প্রেমবিভিন্নধৈর্য্য ভ ৩ ১ ৩২। ৩ নিরাকৃত, নিরস্ত। °তমিস্র। ৪ বিঘট্টিত। "°শঙ্খ মাঘ ১ ৫৫। ৫ অন্যথাকৃত, আপাদিতবর্ণান্তর। '°বর্ণা গরুড়াগ্রজেণ সূর্য্যস্য রথ্যাঃ মাঘ ৪ ১৪। ৬ মিশ্রিত, শবলীকৃত। "কি ৪ ২৭, ৫ ৩৪। ৭ বিহ্বলীকৃত, পর্য্যাকুলিত। "মরুতা বিভিন্নম্ অভ্রম্ ভট্টি ২ ৮। ৮ মলিনীকৃত। "তয়া করুণাপায়বিভিন্নবর্ণয়া রঘু ৮ ৪২। ৯ বিদলিত। ১০ প্রকাশিত। ১১ ব্যাহত, ভগ্ন। "অর্থিনঃ…নাশাবিভিন্না বিমুখাঃ প্রযান্তি হি ১ ২০১। ১২ [+ত (ক্ত)-ক] অন্য, পৃথক। 'অ° ক সা ২৭.৫৭। ১৩ বিবিধ। 'নমো °বেশায় (বিষ্ণবে)।—নারদপঞ্চরাত্র। ১৪ বিকসিত, উন্মীলিত। "°কোশৈঃ (নবকন্দলৈঃ) রঘু ১৩ ২৯। ১৫ ক্ষরিতমদ (গজগণ্ড)।

বিভী † বিণ [বিগত ভী যাহার, বহুব্রী] বিগতভয়, নির্ভীক। "বিভী-ভীমঃ মহা ৩ ১৪৬ ৮৩।

বিভীত পুং, **-তক** পুং, ক্লী, **-তকী, -তা** স্ত্রী [বিগত ভীত (রোগ-ভয়), অথবা বিশেষ ভীত যাহা হইতে, বহুব্রী, সমাসে 'ক' (কপ্), স্ত্রী ঈ (ঙীষ্) আ (টাপ্)] যাহা হইতে রোগভয় যায়, ভূতাশ্রয় হেতু যাহা হইতে বিশেষ ভয় (অ টী), বহেড়া গাছ। "রা ২ ৯১ ৪৯। [নলের দেহনিঃসৃত কলি বিভীতকবৃক্ষে প্রবেশ করিয়াছিল (মহা ৩ ৭২ ৩৮)। বৈদিক যুগে দ্যূতে বিভীতকফল অক্ষরূপে ব্যবহৃত হইত (ঋগ্বেদ ১০ ৩৪ ১)। দ্যূত কলির (কলহের) মূল, বোধ হয়, কলির বিভীতকে প্রবেশের ইহা মূল কারণ এবং সেই হেতু ইহা 'বিভীতক'।] —ভীত, -তক ক্লী বিভীতকফল, বহেড়া।

বিভীতক, -ভীতকী, বিভীতা দ্র 'বিভীত'।

বিভীষক † বিণ [বি+ √ভীষি+অক (ণ্বুল্)]-ক, স্ত্রী -ষিকা] বিভীষয়িতা, বিশেষ ভয়ঙ্কর; ভীতিজনক। "বিপাকের বিভীষিকা রজনীর পরে।—কথা ৩৮। —ভীষণ বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণা] ১ সর্থ 'বিভীষক'। "ইন্দ্রো বিশ্বস্য...বিভীষণঃ।—ঋগ্বেদ ৫.৩৪.৬। অরি° রা ৬.৮৬ ৩৫। জহি রক্ষো বিভীষণম্ মহা ১ ১৫৪.২৩। বিভীষণ, বিভীষণ রণে।—মে ১৮৪। ২ কঠোর, দারুণ (ভাষা)। —ভীষণ পুং ১ নলতৃণ। ২ রাবণের কনিষ্ঠ ভ্রাতা। [ইনি পরম ধার্ম্মিক ছিলেন। ইঁহার পত্নী সরমা, পুত্র তরণীসেন (কৃ ২৯৩)। তপস্যায় প্রীত প্রজাপতি ইঁহাকে বর দিতে ইচ্ছা করিলে, ইনি, 'মহাবিপদেও যেন ধর্ম্মে মতি থাকে, গুরূপদেশ বিনা যেন ব্রহ্মবিদ্যা প্রতিভাত হয় এবং যে যে আশ্রমেই থাকি না, আমার মতি যেন সেই সেই ধর্ম্মনিষ্ঠ ও সেই সেই ধর্ম্মপালনে তৎপর হয়,—এই তিন বর প্রার্থনা করেন (বা ৭.১০.৩০,-১)। 'সীতাপ্রত্যর্পণ হিতকর' 'কেহই রামসদৃশ বীর নহে'—ইঁহার ইত্যাদি উপদেশবাক্যে কুপিত রাবণ ইঁহাকে অপমানিত করিলে. ইনি চারিজন রাক্ষসের সহিত লঙ্কা হইতে নির্গত হইযা রামের শরণাপন্ন হন ও রাক্ষসবধে সাহায্যের প্রতিজ্ঞা করিলে, রাম ইঁহাকে লঙ্কারাজ্যে অভিষিক্ত করেন। অনুচরসহিত রাবণ কুম্ভকর্ণ ইন্দ্রজিৎ নিহত হইলে, ইনি লঙ্কার সিংহাসনে আরোহণ করেন (রা ৭.১৪-১৯)।] —ভীষণ ক্লী ১ একাদশ মুহূর্ত্ত। ২ ত্রাসজনক কার্য্য। ৩ [+অন (ল্যুট্) -ভা] ভয়োৎপাদন, ভযপ্রদর্শন। "ন...এতেন বিভীষণেন শক্যা বয়ং ত্রাসয়িতুং ত্বয়া মহা ৩.২৬৭ ১০। —ভীষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ)] ভয়প্রদর্শন। "অবীর্য্যস্ত্বযা সর্পঃ কুতোঽয়ং মদ্‌বিভীষয়া মহা ১.১১.৪। —ভীষিকা স্ত্রী [+অক (ণ্বুল্)-ভা, ধাত্বর্থনির্দ্দেশে, পা ৩৩.১০৮] ১ ভয়প্রদর্শনা। "মহা ১.১৭০.২৭। উ.চ ৪.২৮। ২ (বাঙ্‌লায়) ভয়জনক বিষয়। "বিভীষিকা অনেক দেখান নৃপবরে ক.চ ১০৫।

বিভীষণ, -ভীষা, -ভীষিকা দ্র 'বিভীষক'।

বিভু † বিণ [বি+ √ভূ+উ (ডু)-ক; স্ত্রী -ভু, -ভ্বী; 'বিভু'—ব্যাপ্ত; সর্ব্বত্রগমনশীল (ঋগ্বেদ ১.৩৪.১; ১৬৫.১০)] ১ বিভবনশীল, সর্ব্বগত, ব্যাপক। "পা ৩.২.১৮০, সি। গী ১০.১২। রাধাপ্রেম বিভু—যাব বাঢিতে নাহি ঠাঞি চৈ.চ ১৬, বিভু বৈকুণ্ঠাদি ধাম ২২। ২ পরিপূর্ণ। "দেহো হ্যাত্মা...বিভুঃ ভ ১.৪.৩০। ৩ সমর্থ। "কি ৫ ৪৩। ৪ নিগ্রহসমর্থ। "সিংহং সিংহেন বা বিভুঃ (ব্যহনৎ পাণ্ডবঃ) মহা ৩.১৪৭.৪৮। ৫ সমর্থ, জিতেন্দ্রিয়। "কু.স ৬.৯৫। ৬ বস্তুতত্ত্বাবধারণসমর্থ। "মাঘ ১.৩। ৭ নিত্য। ৮ পরমমহত্ত্বযুক্ত। —ভু পুং ১ বিষ্ণু। "ভ ১.২.৩০; ৩.১৬। ২ শিব। "কু.স ৭ ৩১। কি ১৪.৩১। শি ৮৯। ৩ ব্রহ্মা। "ভ ২.৯.৬। ৪ সূর্য্য। ৫ কুবের। ৬ আকাশ। ৭ কাল। ৮ আত্মা। ৯ ঈশ্বর, পরমেশ। "গী ৫.১৫। বিশ্ববিভুদারা বি.সু ৮৬। ১০ অর্হদ্দেব। ১১ প্রভু, স্বামী। "শ্রেয়সাং বিভুঃ ভ ২ ৭.৪৯। ১২ রাজা, সম্রাট্ (A.)। —ভুতা স্ত্রী [বিভু+তা (তল্)] বিভুভাব, প্রভাব। "কি ৬.৩৫।

বিভুলা বিং [বিভোলা > °লা, অপ্র] বিহ্বল, আত্মহারা। "মদনে বিভুলা রাধা হেলি ঢুলি পড়ে বি.পা ২৯৭।

বিভুঁই বি [বিভূমি > °ই] পরদেশ, বিদেশ। [বিভুঁই বিদেশে —বিদেশ (একার্থক)। "(এটা ওটা) কোথায় পাবে বিভুঁই বিদেশে! —চ.কা ১০৩।]

বিভূতি † স্ত্রী [বি+ √ভূ+তি (ক্তিন্)-ণ, '°তি'—ঐশ্বর্য্যবিশেষ, লক্ষ্মী (ঋগ্বেদ ১.৮.৯; ৩০.৫)] ১ মহিমা; কার্য্য। "মাঘ ১৪.৫। ২ সম্পত্তি, প্রাচুর্য্য। "বীর্য্য° কু.স ২.৬১। ৩ অণিমাদি ঐশ্বর্য্য। "কু.স ২.১১। ৪ ঐশ্বর্য্য, ঈশ্বরভাব, প্রভাব। "°মৎ সত্ত্বম্ গী ১০.৪১। ভ ২.৭.৫১। ৫ রাজপ্রভাব। ৬ বিবিধসৃষ্টি। "নমো বাচো বিভূতয়ে ভ ৪.২৪.৪৩। ৭ সম্পদ্, সমৃদ্ধি। "বিভূতয়ঃ...বশসাম্ রঘু ৪.১৯; বিভূতিমার্ত্তবীম্...বীরধাম্ ৮.৩৬। কু.স ৭.২৯। ৮ লক্ষ্মী। "বিভূত্যর্থময়ং ধাত্রা বিনির্ম্মিতঃ মহা ৩.৬৯.৭। ভ ১.১৮.২০; ৩.১৬.২০। ৯ বিত্ত, ধন। "মৃৎপাত্রশেষামকরোদ্ বিভূতিম্ রঘু ৬.৭৬। শ্রী.মা ৮৩। ১০ শিবধৃতভস্ম। "°ভূষিত কলেবর ভা.চ ১৩৮। বিভূতির গোলা ৩৪৯। °ভূষা বা.দ ৯৯। ১১ গোময়ভস্ম (A.)। ১২ (বৈষ্ণবসাহিত্যে) গৌণশক্ত্যাবেশ। "সাক্ষাৎশক্ত্যে 'অবতার', আভাসে 'বিভূতি' লিখি চৈ চ ২১৪। [°দ্বাদশী (স্ত্রী)—বৈশাখ আষাঢ় কার্ত্তিক অগ্রহায়ণ ও ফাল্গুনের শুক্লদ্বাদশীতে করণীয় বিষ্ণুপূজাব্রতবিশেষ।]

বিভূষণ † বিণ [বি+ √ভূষ্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] বিভূষয়িতা, শোভাকারক। "চরণৌ...পরস্পরবিভূষণৌ গো.রা ৩.৫২.৩৩। —ভূষণ ক্লী [+অন-ণ] ১ 'শোভাসাধন', অলঙ্কার, আভরণ। "রা ২.৩৯.১৭। মনু ৯.৭৮। রঘু ১৬৮০। হাড়ের মালা বিভূষণ: বিভূষণ ধূলি।—ম ১১। জ.প ৫। (সাদৃশ্যে) শোভাজনক দ্রব্য; শোভন। "(আননম্) সমকর্ণবিভূষণম্ ভ ৪.২৪.৪৬। পুরং পৃথ্বীবিভূষণম্ ক.সা ১৭.৬৪। সর্ব্ববিদাং সমাজে বিভূষণং মৌনপণ্ডিতানাম্ (ভর্ত্তৃহরি)। —ভূষণা স্ত্রী [+অ-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ অলঙ্কার। "ভয়োৎসৃষ্টবিভূষণাম্...কেরলযোষিতাম্ রঘু ৪.৫৪। ২ [+অ-ভা] শোভা, সৌন্দর্য্য। "বিভূষণোজ্জ্বলিত (কামন্দক)। —ভূষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অলঙ্কৃত, সুশোভিত। "সু° রা ২.৩৯.১৮, ৭৮.৬। কু.স ১.২৮। —ভূষিত ক্লী [+ত-ভা] অলঙ্করণ, মণ্ডন।

বিভূষণা দ্র 'বিভূষণ'।

বিভেদ † পুং [বি+ √ভিদ্+অ (ঘঞ্)-ভা] বিশেষভেদ, বিশ্লেষ। ২ বিদারণ, ভেদ। "সপ্ততাল° গো.রা ১.৪.৬৩। ভূধরাণাম্...বিভেদে কি ১৩.১। ৩ সঙ্কোচন, ভঙ্গি। "ভ্রূ° (সা.দ)। ৪ ভেদরূপ উপায়বিশেষ। "সামদান° গো.রা ৫.২৪ ৩৪। ৫ পার্থক্য, প্রভেদ। "নানারূপ° ভ ৮.৩.২২। —ভেদক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ বিশ্লেষক, বিয়োজক। ২ বিদারক, বেধক। ৩ প্রভেদকারক, বিশেষক। —ভেদন বিণ [+অন (ল্যুট্)-ক] সর্থ 'বিভেদক' (১)। —ভেদন ক্লী [অন-ভা] ১ বিশ্লেষণ, বিয়োজন। ২ সর্থ 'বিভেদ' (৩)। "সামদান° গো রা ৪.৫৪.১১। সুহৃদ্° (মহা)। —ভেদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -দিনী] নিরাসক, বিনাশী। "অঙ্ঘসাং যা (গঙ্গা) বিভেদিনী হ ৫৭.১০। —ভেদ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ভেদনীয়, বিদারণীয়, বেধ্য।

বিভেদক, -ভেদন, -ভেদী দ্র 'বিভেদ'।

বিভোগ বি [অপ্র] ১ সুখভোগ। "পরকালে পরমাদ বিভোগ সম্প্রতি ব.প ৪৪৮। ২ সুখাদ্য। "বিবিধ বিভোগে বিপ্রে করান ভোজন।—দু ১৪।

বিভোর বিং [দ্র 'বিভল'] ১ বিহ্বল, ভাবোন্মত্ত। "নিজ নাম লয়ে হাড়ি হইল বিভোর গো.চ ৪১৮। বিভোর হইয়া কার বদনে বদন শ্রী.মা ৩৬। নাচেরে ভোলানাথ আপনে বিভোর ম ম ২১। ২ বিহ্বল, তন্ময়, বিবশ, আত্মহারা। "কালিন্দী পুলিন, কুঞ্জ নব শোভন, নব নব প্রেম বিভোর বি.প ৯৭; মদন মদালসে শ্যাম বিভোর ১৫০। আনন্দে বিভোর ম ২২১; ৬৩৫। ৩ ভাবোন্মত্ত। "পেখলু গৌরাঙ্গচন্দ্র বিভোর। —গো ২৭। ৪ মত্ত। "অনুখণ নটন-বিভোর গো ২৭। গৌউর নৃত্যবিভোর ন.প ২৬৭। ৫ মোহিত, তত্ত্বজ্ঞানহীন। "নটী লয়ে মীনাথ সিদ্ধা হয়েছে বিভোর গো.চ ৪২৫। ৬ মোহিত, বিচারমূঢ়। "কুশল সো খলজন-বচন-বিভোরি গো ২০৪। ৭ অভিভূত। "যশোদা-নন্দন, মায়ের ক্রন্দন, শুনিয়া দুঃখে বিভোর।—দা ১০১। ৮ তন্দ্রাযুক্ত, না-নিদ্রিত-

না-জাগরিত। "কৃষ্ণকান্ত আফিঙ্গের নেশায় বিভোর ব.প্র ২৬৩। —ভোল বিং [দ্র 'বিভল'] ১ অর্থ 'বিভোর (১)। "বিভোল হইল প্রভু পদাব্জ দেখিয়া চৈ ম ৮৭। ২ অর্থ 'বিভোর' (২)। "ভাবে···বিভোল গ ১১, ১২,-৩। ব্রজাঙ্গনা সঙ্গে ল'য়ে বিহার বিভোলে শ্রী.মা ২, হাসিলেন ধর্ম্মরাজ হরস বিভোলে ৪১, আনন্দে বিভোল ৪৯, ম ৭৩৪, শ্রী ৬১; ম বি ১৮৩। ৩ ব্যাকুল। "(কদলির গণ) বিভোল হইয়া তবে কান্দে।—গো বি ১৮৪। এত বলি বিশ্বনাথ বিভোল হইলে শ্রী.মা ৬৬। ৪ বিচারবিমূঢ়, উদ্ভ্রান্ত। "আপনার কোপে তারা আপনে বিভোর। —গ ২৯। কামেতে বিভোর গো বি ১৬৬, ম ১৬। ৫ মোহাভিভূত, কামমত্ত। "জ্ঞান সব পাসরিলা হইয়া বিভোল গো বি ১২৮। ৬ মোহিত। "সেনের দেখিয়া রূপ সবাই বিভোল শ্রী মা ২১৫। ৭ অচৈতন্য। "নিদ্রাটী লাগিল লোক নিদ্রায় বিভোল শ্রী মা ১৯৫। কালি গোপাল হয়ে বিভোল, বলেছে কুবোল, সুবল '—দা ১০৮। ৮ বিহ্বলতাজনক, সুরভি। "গন্ধভূণের বিভোল গন্ধ কু কে ২৫। ৯ আঢ্য, ভরপুর। "গন্ধে বিভোল দক্ষিণ বায় প কা ১১। ১০ তন্দ্রালস। 'যামিনী বিভোরা, নিদ্রাঘনঘোরা গান ১৫০। ১১ গন্ধাঢ্য, গন্ধে ভরপুর। "মৃদু বায়ু-হিলোল বিলোল বিভোল বিশাল সরোবর মাঝে।—গান ১৭৫। ১২ বিহ্বল, আবিষ্ট। 'প্রেমায় বিভোল হঞা দিবানিশি কান্দে চৈ ম ৫। —ভোল বি ১ মোহ। 'গোপীচান্দ দেখি নটী পড়িল বিভোলে ম গা ২৭। ২ মত্ততা, বিবেকমূঢ়তা। "হরিল পার্থের জ্ঞান কামের বিভোলে ম ২৪৯। —ভোলা বিং [বিভোল > °লা] ১ অর্থ 'বিভোল (২)। বাল্য-চরিত্র খেলা, সেই রসে বিভোলা, হৈলা প্রভু পঞ্চম বৎসরে গ ৪০। ২ বার্দ্ধক্য হেতু বুদ্ধিশুদ্ধিহীন বা মতিচ্ছন্ন। "একে তুমি অবলা, আর তাহে বিভোলা, নাহি দেখ নাহি শুন কাণে ক চ ২৬৫।

বিভোল, -ভোলা দ্র 'বিভোর'।

বিভ্রংশ † পুং [বি+ √ভ্রন্‌শ+অ (ঘঞ্)-ভা] ১ স্খলন, চ্যুতি। ২ ব্যাক্ষেপ, বিভ্রম। "স্বপ্নোঽয়ং চিত্তবিভ্রংশ উতাহো মহা ১৩ ৫৪ ১৫। ৩ বিপ্লব, বিধ্বংস। "দেশ° —বৃহৎসংহিতা ৪৫ ৭। ৪ হানি। "স্বার্থ° ভ ১১ ২১ ২১। ৫ ক্ষয়, নাশ। "সত্ত্বস্য··বিভ্রংশাৎ মহা ৩ ১৪৯ ৩০। ৬ মদনাশ। 'মদান্ধানাং বিভ্রংশং চক্ষুরাদিশৎ ভ ৮ ২২ ৫। —ভ্রংশী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী-শিনী] স্খলিত, পতিত। "কনককমলৈঃ বর্ণবিভ্রংশিভিঃ উ মে ১১।

বিভ্রম † পুং [বি+ √ভ্রম্+অ (ঘঞ্)-ভা] ১ ভ্রমণ, পর্য্যটন। "বন° মাঘ ৭ ৬৮। ২ বিবিধভ্রমণ (শ্রীধর)। "ইন্দ্রিয়বৃত্তি° ভ ১.৯ ৩১। ৩ চলন, অস্থৈর্য্য। "বাত্যা° শকু রা ২ ২৩ ২৭। ৪ বিক্ষেপ। "চিত্তং বহির্বর্থবিভ্রমম্ ভ ৪ ২৪ ৫৯। ৫ ভ্রমি, ঘূর্ণন। ৬ বিশিষ্ট ভ্রম, ভ্রান্তি। "বক্ষোজো করিকুম্ভ °করীমত্যুন্নতিং গচ্ছতঃ সা দ ৩৭৬। অধর্ম্মে ধর্ম্মবিভ্রমঃ ভ ৪ ১৯.১২। অ প ১১। প তৃ ৮৩। ৭ সম্মোহ। "(কার্ফিঃ) জনয়ামাস নারীণাম্···বিভ্রমম্ ভ ১০ ৫৫ ৯। ভাবুকের বিলাসবিভ্রম। —রঙ্গ ৮২। ৮ বিনোদ। "(বিন্দুসরঃ) মত্তভ্রমরবিভ্রমম্ ভ ৩.২১ ৪১। ৯ রাগপ্রদর্শনার্থ নাভিসন্দর্শনাদি নায়িকাব্যাপার, নারীর শৃঙ্গারবিষয়ক চেষ্টিত, বিলাস। "পূ.মে ২৮। উ মে ১২,-৩। রঘু ৮.৫৯, নয়ন°-চেষ্টিতানি ৯ ৫৮, বিহার° ১৯ ৩৭। বিভ্রমবিলাসে রামা আহ্বানে কামীরে মে ২৬৮। ১০ শৃঙ্গারে চিত্তবৃত্তির অনবস্থান বা চাঞ্চল্য। 'চিত্ত-বৃত্ত্যনবস্থানং শৃঙ্গারাদ্ বিভ্রমো ভবেৎ (শ.ক)। ১১ প্রিয়ের আগমনাদিতে হর্ষরাগাদিজন্য ত্বরা হেতু অযথাস্থানে ভূষণাদির বিন্যাস, ত্বরা হেতু ভূষণাদিস্থানবিপর্য্যয়—যেমন, কপালে অঞ্জন, চক্ষে অলক্তক, কপোলে তিলক। 'সা দ ৩ ১০৪। কু.স ১ ৪, মল্লিনাথ। বিভ্রম হইলে ব্যস্ত বেশ-বিপর্য্যয় ভা চ ৭১৭। ভ.প্র ৩১৬। ১২ মদরাগহর্ষজনিত বিপর্য্যাস, —যেমন, অকারণ আসন হইতে উঠিয়া অন্যত্র গমন ইত্যাদি (অ টী), নারীর যৌবনজ বিকার (রায়)। "ক্রোধং স্মিতঞ্চ কুসুমাভরণাদিষাদঞ্চা তর্জ্জনং সহসৈব বিমণ্ডনঞ্চ। আক্ষিপ্য কান্তবচনং লপনং সখীভি-র্নিষ্কারণোত্থিতগতং বদ বিভ্রমং তৎ॥—শ ক। ১৩ সংশয়। "নির্ম্মেঘ-বর্ষাসময়° ক সা ১৯ ৬৫। ১৪ [+অ-ণ] শোভা। "চন্দ্রমণিহার° উ চ ১ ৩৪, কুসুমচন্দ্রূণ° ৬ ৪। রজঃ-কান্তি-ছটা-বিভ্রম।—মে ২৮। ১৫ (বাঙলায়) সম্ভ্রমহীনতা, অপমান (গ্রাম্য)। তু 'খা বলেচে তাই কচ্চি, তবু তো ব্যাভ্রম কত্তি ছাড়ে না।—নী ২৮। —ভ্রমা স্ত্রী বার্দ্ধক্যদশা।

বিভ্রমা দ্র 'বিভ্রম'।

বিভ্রাট্ (জ্) † বিণ [বি+ √ভ্রাজ্+কিপ (০)-ক-১ব, স্ত্রী -ট্] দীপনশীল, রোচিষ্ণু, ভাস্বর।

বিভ্রাট বি [হি বিভ্রাট] ১ বিপত্তি, সঙ্কট। "দেখি তলোওয়ার চিনি নানা দেশী বাট। তাহাতে কি করি বিধি করিলে বিভ্রাট ॥—ব প ১৪৯৪। বুঝিবা বিভ্রাটে কোন পড়িল॥—হেম ১৪১,-৬৮। মেয়েরা করেছে চুপ—এতই বিভ্রাট।—চ কা ৮৩। বা দ ৮৭। এমনি বিভ্রাটেও মানুষ পড়ে।—মা ৩৩৬। ২ গোলযোগ, হাঙ্গামা। "যদি নবীন বোসের এই বিভ্রাট না হতো, তবে এতদিন ভয়ানক হইয়া উঠিত।—নী ৭২। ৩ উপদ্রব, অত্যাচার। "বরগীর বিভ্রাট হইবে এই দেশে ভা চ ৫৬১।

বিভ্রান্ত † বিণ [বি+ ,ভ্রম্+ত (ক্ত)-ক] ১ পর্য্যটিত। ২ বিক্ষিপ্ত, বিমূঢ়, বিহ্বল। "°চিত্তনয়ন গো রা ২ ১১ ১১। (বাম) °চিত্তের ন্যায় সেই দুই কুমারকে নিস্পন্দনয়নে নিরীক্ষণ করিতে লাগিলেন সী ৭৯। ৩ ঘূর্ণিত। "°নয়ন গো রা ২ ১১ ১০। দ্র '(২)। ৪ বিস্মিত। "কিমেত-দিতি বিভ্রান্তে জনে ক সা ২২ ১৩৫। ৫ বিবিধভ্রান্ত, বিক্ষিপ্ত, ভ্রান্ত্যা-কুল (টীকা)। 'অনেকচিত্তবিভ্রান্তাঃ গী ১৬ ১৬। ৬ ব্যাপ্ত। 'বিশ্ব-বিভ্রান্তকীর্ত্তি (S W)।—ভ্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ভ্রম, ভ্রান্তি।

বিভ্রান্তি দ্র 'বিভ্রান্ত'।

বিভ্ভোল বিং [বিব্‌ভল > °ল, দ্র 'বিভল', গ্রাম্য] বিহ্বল, ব্যাকুল। "কান্দযে বিভ্ভোলচিত্ত ভ প্র ৪৬২।

বিমজ্জিম [ফা ব-মূজি ব্] অনুসারে, অনুযায়ী। 'বিমজ্জিম ভাউচার।

বিমণ্ডিত বিং [বি+ √মণ্ড +ত (ক্ত)-র্ম্ম] ১ বিভূষিত, সুশোভিত। ২ পরিবেষ্টিত, পবিবৃত। 'জ্যোতির্বিমণ্ডিতা এক অপূর্ব্ব রমণী।—ন ৪৫৪। ৩ পরিশোভিত, পরিব্যাপ্ত। "নবতৃণবিমণ্ডিত ভূমিখণ্ড প তৃ ১৫।

বিমত † বিণ [বি+ √মন্+ত(ক্ত)-র্ম্ম] ১ অবজ্ঞাত, অনাদৃত। "ভ ৬ ৬ ৪৩। ২ [বহুব্রী] বিরুদ্ধমত, প্রতিকূল। —মতি বিণ [বহুব্রী] ১ বিভিন্নমতি, ভিন্নবুদ্ধি, বিরুদ্ধমতি। ২ (বাঙলায, অপ্র) মতিচ্ছন্ন। "রাধারের লোভে বগুলা বিমতি হ।—মী ৪১। ৩ প্রতিকূল। 'বিধি হৈল বিমতি ব.প ৬৪৫। —মতি স্ত্রী [প্রা স] ১ বিরুদ্ধমতি, প্রতি-কূলবুদ্ধি, মতভেদ। ২ নানামতি, বিরুদ্ধব্যবহার। 'পা ১ ৩ ৪৭। ৩ অবজ্ঞা অনাদর। "নিদ্রা তন্দ্রা ক্ষুধা প্রতি হইল বিমতি বা দ ১৩৩। ৪ বিপরীত-মতি, দুর্বুদ্ধি, কুমতি। "বিসৃজ্য বিমতিং বালে গো রা ৬ ৭.১৭। বিমতি ছাড়হ চন্দ্রাবলী শ্রী কী ১১৭।

বিমতি দ্র 'বিমত'।

বিমৎসর † বিণ [বহুব্রী] বিগতমৎসর, পরলাভদর্শনে সন্তাপহীন, নির্ব্বৈরবুদ্ধি, নির্ব্বৈর। "গী ৪ ২২। ভ ১ ৬ ২৭।

বিমদ † বিণ [বহুব্রী] ১ বিগতমদ, নিরহঙ্কার, অগর্ব্ব। 'গো রা ৪ ৩৬ ৩। ভ ১০ ২৬ ১২] ২ মদবারিরহিত (হস্তী)।

বিমন, -না বিং [সং বিমনাঃ, হি বিমন] দুঃখিত, বিষণ্ণ। "কেহে রাধিকা বিমন শ্রী কী ২৬২। °ন ব প ১২১, ম ১৯৭, ১০৬০, °না ৩৩৭,১০৬১, বিমনা গ ১৫৭, ক চ ১২, শ্রী ম ৩০৭। °ন স ম ৪৯।

বিমনস্ক, -মনাঃ (-নস্) † বিণ [বিক্ষিপ্ত মনঃ যাহার, বহুব্রী, -১ব ; °নস্+বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -নাঃ] ১ বিক্ষিপ্ত-চিত্ত, দুর্মনাঃ, চিন্তাকুলমানস। "°স্ক রা ৭.৬.৫১ ; ভ ৭১০.৬০। ২ দুঃখিত, বিষণ্ণ, শোকার্ত। "°নসঃ...পরিচারকাঃ রা ২.৭৬.১৪। দেব্যাঃ...বিমনসঃ উ.চ ১.৭। ৩ অশান্ত, ক্ষুভিত। "ভ ৩ ১৭.৭। ৪ দীন, কাতরভাবাপন্ন। "°নসঃ সর্ব্বে দেবাঃ (প্রসাদয়ন্ত দেবেশম্) রা ১.৬৬.১১। ৫ বিমূঢ়, হতবুদ্ধি। ৬ বিক্ষিপ্তচিত্ত, অন্যমনস্ক। "যাজ্ঞ ১.২৭৪। ৭ বিরুদ্ধমতি, প্রতিকূল।

বিমনা ; বিমনাঃ দ্র 'বিমন ; বিমনস্ক'।

বিমন্যু † বিণ [বহুব্রী] ১ বিগতক্রোধ, কোপরহিত। "কু.স ৭.৯৩। ভ ৫.৫.২ ; ১৫। ২ শোকহীন, অশোক।

বিমরিষ বিং [সং বিমর্ষ > (স্বরাগমে) °ষ ; তু 'সং বিমর্শ > প্রা বিমরিস'] দুঃখিত, বিষণ্ণ। "মিশ্র পুন চিত্তে বড হয় বিমরিষ চৈ.ভা ৫১। বিমরিষ দুই জনে ম.ম ৪৯। অহর্নিশ বিমরিষ ভা.চ ৩৯২। —মরিষ বি [সং বিমর্শ > প্রা বিমরিস > বা °ষ ; তু °ষ (বিং)] ১ পরামর্শ, মন্ত্রণা। "সব গোপী লঞা রাধা করি বিমরিষে (মথুরার হাটে জাই) শ্রী.কী ২৯। ২ বিচার, বিতর্ক, চিন্তা। "শিশুের মুখ দেখিয়া ওঝা করে বিমরিষ ম.ম ৭৫,-৬ ; মনে বেহুলা করে বিমরিষ। ২১৫।

বিমর্দ্দ † পুং [বি+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] ১ মর্দ্দন, নিষ্পেষণ, চূর্ণন। ২ সংঘর্ষ, ঘর্ষণ। "উত্তরচ্ছদ° রঘু ৫.৬৫। কস্তুরিকামৃগবিমর্দ্দ-সুগন্ধি মাঘ ৪ ৬১ ; কুসুম° ১১.২৮। ৩ সম্পর্ক, সংস্পর্শ। "বীচি°শীতঃ (আকাশবায়ুঃ) রঘু ১৩.২০। ৪ ব্যাঘাত। "কুতূহল°কারিণা পরি-শ্রমেণ মৃ ১২৩। ৫ নিপীড়ন। "সিংহশাব° শ ৭২১২। ৬ অপগম, ভঙ্গ। "নিদ্রা °কোপ।—হি ২২৩। ৭ উপরাগ, গ্রহণ। ৮ উপপ্লব, বিধ্বংস। "জনস্থান°শঙ্কী (লঙ্কাধিপতিঃ) রঘু ৬.৬২। ৯ রণক্রিয়া। "°ক্ষমাং ভূমিম্ উ.চ ৫২৬। ১০ কুঙ্কুমাদিমর্দ্দন। ১১ [+অ-ধি] সংগ্রাম। "গো.রা ১.৪৬.৩৩। সরঃ সান্দ্র°কর্দমম্।—ঋতু ১.১৯। উ.চ ৩.৪৪। ম.বি ৫৯। ১২ কলহ। "কার্য্যার্থিনাং বিমর্দ্দঃ রা ৭.৫৩.২৪। ১৩ [+অ (অচ্) -ক] কাসমর্দ্দ, কাসুন্দা গাছ। ১৪ চক্রমর্দ্দ, চাকুন্দা। —র্দ্দক বিণ [+অক (ণুল্)-ক] ১ নিষ্পেষক, চূর্ণয়িতা। ২ নিপীড়ক, নাশক। "পরসৈন্য° (হ)। —র্দ্দন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ নিপীড়ক, মর্দ্দক। "পীনস্তন° (কর) সা.দ ৮২১৫। ২ নিসূদন, অন্তক। "ভার্গবম্...রাজবিমর্দ্দনম্ রা ১.৭৪.১৭। —র্দ্দন ক্লী [+অন -ভা] ১ নিষ্পেষণ, চূর্ণন। ২ কুঙ্কুমাদিমর্দ্দন, পরিমল (অ.কো)। ৩ নিপীড়ন, বিধ্বংসন। "অন্যোহন্যসৈন্য°, পররাষ্ট্র° (S.W.)। —র্দ্দিত বিণ [+ √মর্দ্দি+ত (ক্ত)-র্ম্ম] ১ নিষ্পিষ্ট, বিচূর্ণিত। "ছত্রং বিমর্দ্দিতম্ গো.রা ৩.৭২.১৯। ২ বিদলিত। "°লতাবলয় (S.W.)। ৩ অভ্যক্ত। "স্নেহ° (সুপ্রুত)। ৪ সংঘৃষ্ট। —র্দ্দী (র্দ্দিন্) বিণ [+ √মৃদ্ +ইন্ (ণিনি)-ক-১ব] ১ নিপীড়ক। ২ প্রমাথী] "নগতরুশিখরবিমর্দ্দী ...মারুতঃ।—বৃহৎসংহিতা ৩.৯। ৩ বিনাশক, হন্তা। "শত্রুসৈন্য° (S.W.)। পাপপুঞ্জ-বিমর্দ্দিনি!—বি.মু ১৩৩। শত্রুবিমর্দ্দিনি!—বা.দ ৯।

বিমর্দ্দক, -র্দ্দন, -র্দ্দিত, -র্দ্দী দ্র 'বিমর্দ্দ'।

বিমর্দ্দোত্থ † বিণ [°র্দ্দ+উদ্+ √স্থা+অ (ক)-ক ; উ.ত] বিমর্দ্দনোত্থিত, ঘর্ষণজাত। "বিমর্দ্দোত্থে পরিমলো গন্ধে জনমনোহরে (অ.কো)।

বিমর্শ[1] † পুং [বি+ √মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ বিচিন্তন, বিচার। "অলং বিমর্শেন রা ৪.১১.৯২। ২ বিতর্ক। ৩ সংশয়। "°চ্ছেদি বচনম্ (পাঠান্তরম্—S.W.) শ ৩৮১৪। ৪ (নাট্যে) পঞ্চ সন্ধির একতম। [গর্ভসন্ধি হইতে উদ্ভিন্ন মুখ্য ফলোপায় যেখানে শাপাদি হেতু বিঘ্নিত হয়, তাহা 'বিমর্শ' (সা.দ ৬.৭৯-৮০) ।] —র্শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'বিমর্শ' (১ ; ২)। ২ জ্ঞান। "তত্ত্ব° ভ ৫.১২.৪। ৩ অনুসন্ধান। "আত্ম° ভ ৭.১১.৯।

বিমর্শ[2] সর্ব [বিমর্শ[1] > °র্শ] ১ বিচার করা। "বিমর্শিয়া চাহে কৃষ্ণ অ.প ১১। আজি সেই লিপি পাইয়া, মা দেখিল বিমর্শিয়া ম.গা ৮৮। ২ চিন্তা করা ; পরামর্শ করা। "চারি বধূ যুক্তি বিমর্শিল (পাঠান্তর 'বিমশিল'—টীকা ; ম.গা ৯) ।—গো.চ ৩৬৫ ; কাতে যুক্তি বিমর্শিব (পাঠান্তর 'বিমশিব'—টীকা ; ম.গা ২০) ৩৬৫। ৩ ধ্যান করা। "বিমর্শিয়া দেখে হর (পাঠান্তর 'বিমর্সিয়া') গো.বি ১৩। [বিমর্সে —চিন্তা করে। "গো.বি ৩২।]

বিমর্শন দ্র 'বিমর্শ'।

বিমর্ষ † পুং [বি+ √মৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ অসহন, অক্ষমা। ২ বিচারণা, বিচার। "উত্তম বিমর্ষ কৈলে চৈ ১৪৩। ৩ বিষাদ, দুঃখ। "বিমর্ষে বিদুর বসিলেন অধোমুখে (টীকা)—ম ৩৪৮। ৪ সর্ব 'বিমর্শ' (৪)। ৫ (বাঙ্লায়) বিষণ্ণ, দুঃখিত। [বিমর্ষিয়া—বিচার করিয়া। "°য়া কৃষ্ণ তাকে বুলিল উত্তর অ.প ১৩৬।]

বিমর্ষিত বিং জাতবিমর্ষ, বিষাদিত, অপ্রফুল্ল ; তমোময়। "অকাল-জলদোদয়বিমর্ষিত গগনমণ্ডলবৎ তাঁহার সুন্দর মুখকান্তি অন্ধকারময় ব.প্র ১৩৩।

বিমল † বিণ [বহুব্রী] ১ বিগতমল, নির্ম্মল। "°স্নেহবর্ত্যন্বিতঃ (দীপঃ)। —বৃহৎসংহিতা ৮৩.১। ২ অঙ্কহীন, অকলঙ্ক। ৩ প্রসন্ন, স্বচ্ছ। "তোয়ানি বিমলানি রা ২.৮৪.১৪। ৪ মেঘমুক্ত, সুপ্রকাশ ; নির্দ্দোষ, পূতচরিত। "ভবত্ববিধবা ভূমিঃ সমগ্রা পতিনা ত্বয়া। শশিনা বিমলেনেব শারদী রজনী যথা॥—রা ২.১০১.১১। ৫ প্রসন্ন। "বিমলা দিশঃ রা ৭.৯৯.১২। ৬ শুদ্ধ। "বিমলাঃ (দ্বিষঃ) মাঘ ৯.১৩। ৭ উজ্জ্বল, ভাস্বান্, দীপ্ত। "আদিত্যবিমলাভৌ খড়্গৌ রা ২.৩১.৩০। ৮ প্রফুল্ল, অম্লান। "সীতাং বিমলপঙ্কজাম্ মহা ৩.১৪৫.৪৯। ৯ শ্বেত। "কাজরে রঞ্জিত বলি ধবল নয়নবর। ভ্রমর ভুলল জনু বিমল কমল-পর॥—বি.প ১৬। ১০ বিরক্ত, বীতরাগ। "বিমলা মতিঃ ভ ১ ১৫.২৮। ১১ ব্রহ্ম-বিষয়ক। "ক্রহি মে বিমলং জ্ঞানম্ ভ ৪.২৫.৫। ১২ তীক্ষ্ণ, অপ্রহিত (ধী ; বুদ্ধি)। ১৩ চারু (শ.ক)। —মল ক্লী উপরসবিশেষ। —মলা স্ত্রী সপ্তলা, চামরকষা গাছ। [°দান (ক্লী)— দেবতাপ্রীত্যর্থ দান। °মণি (পুং) শুভ্রমণি, স্ফটিক। °লাপ (বিণ)—স্বচ্ছসলিল। "পা ৫. ৪.৭৪, সি।]

বিমলা দ্র 'বিমল'।

বি(বী)মা বি [কা 'বীম্';—ভয়, বিপদ্ ; হ রীম্ ; ঠ বিম ;] ভাবী বিপদে অর্থাদিহানির পূরণ করার অঙ্গীকারে কৃত চুক্তিবিশেষ (insurance)। "জীবনবিমা।

বিমাংস † ক্লী [প্রা.স] বিরুদ্ধ মাংস ; কুৎসিতমাংস, কুক্কুরাদিমাংস। "যাজ্ঞ ৩.৩০০। বিষ্ণু ৫.৪৯।

বিমাতা(-তৃ) † [প্রা.স] ১ বিরুদ্ধা মাতা ; মাতৃসপত্নী, সৎমা। ২ (বাঙ্লায়) শাক্তভক্তের সৎমা গঙ্গা। "যে বাপ বিমাতারে শিরে ধরে, এমন বাপের ভরসা বৃথা।—রামপ্রসাদ। [°জ (-তৃজ) পুং—বৈমাত্রেয় ভ্রাতা। "মনু ৯.১১৮, কুল্লুক।]

বিমান † বিণ [বহুব্রী ; °'ন'—পরিচ্ছেদক, সাধন (ঋগ্বেদ ২.৪০.৩ ; ৩.৩.৪)] ১ বিগতমান, অবজ্ঞাত। "ভ ৫.১৩.১০। ২ বিগতপ্রমাণ-সাধন (নীলকণ্ঠ)। "মহা ১.৩.৫৭। —মান পুং, ক্লী [বিগত মান (উপমা) যাহার, বহুব্রী] ১ 'অনুপম', দেবরথ, ব্যোমযান (অ.কো)। "রা ২.২৭.৯। নৌ° রঘু ১৬.৬৮। ভ ৭.৮.৩৬। বিমানে বিহরে ম ৪২৮। ক.চ ১১,-২। শ্রী.ম ৬৯ ; বিমানে. বিবুধগণ ১০০। গ ১৮। অ.প ১৯। ম.পা ৩। চ.বি ৯। মদনবিমান চাক নিতম্ব জা ৫৬। মে ১৪৫।

দেববধূ আলোক-বিমানে অ.গু ১২। ২ পুষ্পক। "বিমানেন-বিগাহমানঃ রঘু ১৩.১। ৩ যানমাত্র, রথাদি। "নিতম্ব বিমান চাক চ.দা ১৬। ভূমিতে লাম্বিল বীর ত্যজিয়া বিমান।—ম ১০১২। ব.প ৫৭০; সূর্য্যসমান…বিমান ৯০৬। স্ব.প্র ২, ৭। ৪ সপ্তভুনিকগৃহ, সার্ব্বভৌমগৃহ (শ.ক)। "°গৃহশোভিত রা ১.৫.১৬; ২.৮০.২০। পু.মে ৩৪। যদ্বিমানাগ্রভূমীরালেখ্যানাং উ.মে ৬। ৫ মণ্ডপ। "রঘু ১৭.৯। ৬ ঘোটক। ৭ দেবমন্দিরবিশেষ। ৮ [বাঙ্লায়, অসাধু] আকাশ। "উঠেছে মান বিমান পর্য্যন্ত দা ৮৮৫। °পথ।—হেম ২৪৩,-৪। °গ্রন্থে প.তু ৩৬। (পাখী) বিমানে বিহরে।—পদ্মপাঠ, ২য় বিভাগ। রামধনুকের রঙীন মায়া ছড়ায় বিমানে কু.কে ১১২। [°গৃহ (ক্লী)—সপ্তভূমিকগৃহ। °চারী (-রিন্), °যান (বিণ)—দেবরথবিহারী। °প্রতিম (বিণ)—বিমানসদৃশ, পুষ্পকতুল্য। "বিমানপ্রতিমাম্…সভাম্ মহা ২.১.১৩। °রত্ন (ক্লী)—দেবরথশ্রেষ্ঠ, পুষ্পক। "রঘু ১২.১০৪। °শিখর (ক্লী)—সপ্তভূমিকগৃহাগ্রভাগ। "রা ২.৩৩.৩। °স্থায়ী (-য়িন্) বিং—বিমানস্থ। "ম ৬৩৬।]

বিমাননা † স্ত্রী [বি+ √মানি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অবগণনা, অবমান, তিরস্কার, অবজ্ঞা। বিপ 'সম্মাননা'। "প্রাপ্তা বিমাননাশ্চোগ্রাঃ মহা ১৪.১৬.৩৬। °না সুভ্রু কুতঃ পিতুর্গৃহে কু.স ৮.৪৩। রঘু ৮.৮। —মানিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অবগণিত, অবমানিত, অবজ্ঞাত। বিপ 'সম্মানিত'। "কেন বাসি বিমানিতা রা ২.১০.২৮। প্রিয়বিমানিতমানবতীরুষাম্ মাঘ ৬ ৪৭। —মান্য বিণ [+য (যৎ)-র্ম্ম] অবমাননীয়, অবজ্ঞেয়। "(মা) ত্বয়া নাম মুনির্বিমান্যঃ শ ৫.২০।

বিমার্গ † পুং [প্রা.স] ১ বিরুদ্ধ মার্গ; কুপথ, উন্মার্গ, নিন্দিতাচার। "গো.রা ৫.৮৮.৩৫। °গ, °প্রস্থিত (S.W.)। ২ কুৎসিত মার্গ, খারাপ পথ।—মার্গণ ক্লী [বি+ √মার্গ্+অন (ল্যুট্)-ভা] অন্বেষণ। "কি ১৪.৯। [°গা (স্ত্রী)—কুপথগামিনী, অসতী। "বিমার্গগায়াশ্চরুচিঃ স্বকান্তে।—ভামিনীবিলাস ১.১২৩। °গামী (-মিন্) বিণ—উৎপথগামী, উন্মার্গগমনশীল। °প্রস্থিত °স্থ (বিণ)—উৎপথগত, কদাচার। "নিয়ময়সি বিমার্গপ্রস্থিতানাত্তদণ্ডঃ শ ৫.৮।]

বিমার্গণ দ্র 'বিমার্গ'।

বিমিশ্র † বিণ [বি+ √মিশ্র+অ (অচ্)-র্ম্ম] ১ বিশেষমিশ্রিত; সম্মেলিত, সম্পৃক্ত। "কালাগুরুবিমিশ্র মহা ১.১২৭.২০। অসৃগ্° (সুশ্রুত)। ২ যুক্ত। "নীলোৎপলং° (সরঃ) মহা ১৩.৮১.২২। বাচো বিমিশ্রা গুণকর্ম্মজন্মভিঃ ভ ১০.৩৮.১২। ৩ সঙ্কীর্ণ, নানাবিষয়ক। —মিশ্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সর্থ 'বিমিশ্র'।

বিমুকি দ্র 'বিমুকি'।

বিমুক্ত † বিণ [বি+ √মুচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত, বিরহিত, বিহীন। "বিমুক্তে গগনে ঘনৈঃ গো.রা ৪ ২৯.১। রজোবিমুক্তঃ…আত্মা রঘু ১৩.৩৭। ২ বিসৃষ্ট, পাতিত। "রামচাপবিমুক্তেন শরেণ গো.রা ৪.১৯.১। ৩ বৃষ্ট, অবকীর্ণ। "সুরবিমুক্তং পুষ্পবর্ষং পপাত রঘু ১২.১০২। ৪ শিথিলিত, শ্লথীকৃত। "বাজিনঃ…°প্রগ্রহাঃ ভট্টি ৭.৫০। ৫ [+ত-ক] বন্ধরহিত, পর্য্যাকুল (কেশ)। ৬ অবদ্ধ, বন্ধনহীন। ৭ বিরহিতীভূত। "তস্য দেহাদ্ বিমুক্তস্য মনু ৬.৪০। ৮ মোক্ষপ্রাপ্ত। —মুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিমোচন, বিসর্গ, পরিত্যাগ। "শরীর° কু.স ৪.৩৯। ২ পুনঃসঞ্চার। "কৃতপ্রাণ° কু.স ৩.৫৯। ৩ মোক্ষ, মুক্তি। "বিচিন্বন্তি যোগিনস্ত্বাং বিমুক্তয়ে রঘু ১০.২৩। °দ ভ ৩,২৩.৫৭। ৪ বিরহিতীভাব। "আত্ম°, ক্লেশ° (S.W.)। ৫ বন্ধনমোচন। বিমুক্ত্যর্থী সঃ ক.সা ১০.১৪৬। ৬ বিশ্লেষ। বিপ 'যুক্তি'।

বিমুক্তি[১] দ্র 'বিমুক্ত'।

বিমুখ † বিণ [বহুব্রী-স্ত্রী -খা, -খী] ১ ব্যাবৃত্তমুখ, পরাবৃত্তমুখ। "বৈঠলি বিমখ বিরাগে বি.প ১১৭। বিমুখ হইয়া হাসে রাজা দশানন।—কৃ ২৪৩। লথাই বিমুখ হৈল পরম লজ্জায় ম.ভা ৬৮। ব.প ২৭৫। (কি দোষ পেয়ে) রহিলে সুমুখী বিমুখী হয়ে বা দ ১০৭। ২ প্রতিকূল, বাম। "অত্যন্তবিমুখে দৈবে হি ১.১৩৯। পঞ্চ ৪.৫। ৩ পরাঙ্মুখ। "বিমুখাস্ত্রাত্রবান্…কারয়িষ্যতি মহা ১.৬৭.১২০; বিমুখোঽভবদাহবে ১৩৮.৫৩। হি ১.২০১। ৪ বিরক্ত, অনন্তুরক্ত, বাম। "(সা) যৌবনে বিমুখী ভবেৎ।—দক্ষ ৪ ১১। পিতৃকুলে হৈলাম বিমুখী ক.চ ৬৫। মোহে বিমুখ নটরাজ প.ক ৩৬৫। ৫ নিবৃত্ত, বিরত। "মনঃ পরস্ত্রী°প্রবৃত্তি রঘু ১৬.৮; অন্যকার্য্য° ১৯.৪৭। ৬ শূন্য, বিহীন। "করুণাবিমুখেন মৃত্যুনা রঘু ৮.৬৭। ৭ বিরক্ত, উপচারহীন। "ন ক্ষুদ্রোঽপি…প্রাপ্তে মিত্রে ভবতি বিমুখঃ পু.মে ১৭। ৮ বিরক্ত, অনবহিত। "হিত উপদেশ বলি না হইঅ বিমুখ ম.বি ২৬১। ৯ বহির্মুখ। [বিমুখয়ে—বিমুখ করে, পরাঙ্মুখ করে। "মে ১৯৮। বিমুখে—মুখপ্রত্যাবর্ত্তনপূর্ব্বক, অর্থাৎ মুখ ফিরাইয়া। "গুতলি বিমুখে ধনী বি.প ৮০। সম্মুখ বিমুখ করি নাচে—অভিমুখভাবে ও প্রত্যাবৃত্তভাবে (মুখ ফিরাইয়া) নাচে। "বা.ম ৩৫৬। সম্মুখে বিমুখে—প্রত্যক্ষে পরোক্ষে; নিকটে ও অন্যত্র। "অনুবধি কহে সভে সম্মুখে বিমুখে। নগর বারণাসম নাহি ইহলোকে॥—ম ১৪৬।]

বিমুখিয়া বিং [°খ+ইয়া[২], অপ্র] 'বিমুখসম্বন্ধী,' প্রতিকূল-প্রবাহিত। "বিমুখিয়া ঝড় ক.চ ৮২।

বিমুখী দ্র 'বিমুখ'।

বিমুগ্ধ † বিণ [বি+ √মুহ্+ত (ক্ত)-ক] বিমোহপ্রাপ্ত, বুদ্ধিশুদ্ধিহীন, হতবুদ্ধি।

বিমুদ্র † বিণ [বিগত মুদ্রা যাহা হইতে, বহুব্রী] ১ বিগতমুদ্র, মুদ্রারহিত (unsealed)। ২ বিকসিত।

বিমুষ্ট † বিণ [বি+ √মুষ্+ত (ক্ত)-র্ম্ম, 'বিমুষিত' সাধু] অপহৃত, তিরস্কৃত। "গ্রহাশ্চ তদ্দৃষ্টি°রোচিষঃ ভ ৭.৮.৩২।

বিমূঢ় † বিণ [বি+ √মুহ্+ত (ক্ত)-ক] ১ বিমুগ্ধ, স্বরূপবিবেকাসমর্থ। "অহঙ্কারবিমূঢাত্মা গী ৩.২৭। ২ বিক্ষিপ্ত। "বিমূঢো ব্রহ্মণঃ পথি গী ৬ ৩৮। ৩ রাগদ্বেষাদিদূষিত। "বিমূঢাত্মা গী ৩ ৬। ৪ বঞ্চিত। "°মতি ভ ৪.৯.৯। ৫ বিবেকহীন, হতবুদ্ধি। "কিং কর্ত্তব্য° সী ২৭। (আমি) অহঙ্কারবিমূঢ়া ব প্র ৫৩১।

বিমৃশ্য † বিণ [বি+ √মৃশ্+য (ক্যপ্)-র্ম্ম] বিচিন্ত্য, বিবেচ্য।

বিমৃশ্যকারী(-রিন্) † বিণ [বিমৃশ্য করোতি, উপপদমতিঙ্ ইতি সমাস] যে বিশেষ চিন্তা করিয়া কার্য্য করে, বিবেকী। "বৃণতে হি বিমৃশ্যকারিণং গুণলুব্ধাঃ স্বয়মেব সম্পদঃ কি ২.৩০। ['বিমৃষ্যকারী' এই 'ষ'-যুক্ত পাঠ অসাধু]

বিমৃষ্ট † বিণ [বি+ √মৃশ্+ত (ক্ত)-র্ম্ম] বিচিন্তিত, বিচারিত।

বিমোক্ষ † পুং [বি+ √মোক্ষ্+অ (ঘঞ্)-ভা] ১ পরিত্যাগ। "মনু ৮.৩১৬। ২ সংসারবন্ধন-মোচন, মুক্তি। "দৈবী সম্পদ্ বিমোক্ষায় গী ১৬.৫। ৩ বন্ধনমোচন। "পশুপাশ°। কেশ°—বৃহৎসংহিতা ৭৮.৩। ৪ মুক্তি, বিরহিতীভাব। "বৃজিনাদ্ °ক্ষং প্রাপ্তাঃ ভ ৪.৮.৮১। ৫ মোক্ষণ, দান। "বহূনাং চ বিমোক্ষঃ রা ২.২৩.৩৮। ৬ ত্যাগ, মোচন। "বিমোক্ষে চ বাণানাম্ গো.রা ৬.৬৯.৩২। ৭ পরিহার, বর্জ্জন। "প্রাণিহিংসা° মহা ১৩.১৪৪.৫৯। ৮ বিসর্জ্জন, পাত। "বাষ্প° (মহা —S.W.)। —মোক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পরিত্যাগ। "প্রাণ° (মহা—S.W.)। ভবাপ্যয়° ভ ৪.৯.৯। ২ সর্থ 'বিমোক্ষ (১)। "ভ ৮.৩.১৯। ৩ সর্থ 'বিমোক্ষ (৩)। "শতক্রতু° রা ৭.৩০.১১। পশুপাশ° ভ ৮.৩.১৭। পাশবিমোক্ষণং কুরু (পঞ্চ)। ৪ প্রসব। "অণ্ডকবিমোক্ষণ।—পঞ্চ ১৩৩৮। ৫ পাত। "প্রাক্ শরীরবিমোক্ষণাৎ

গী ৫.২৩। শরীর° মনু ২.২৪৩। ৬ নিঃসারণ, স্রাবণ। "অসৃগ্° (সুশ্রুত)। ৭ সর্থ 'বিমোক্ষ' (৬)। "নায়কস্য বিমোক্ষণম্ গো.রা ৪.১২.২৯।

বিমোক্ষণ দ্র 'বিমোক্ষ'।

বিমোচন † বিণ [বি+ √মুচ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী-নী] ১ শিথিলীকারক। "হৃদয়গ্রন্থিবিমোচনং দ্বিজবচঃ—ভ ৫.১০.১৫। ২ [+ √মোচি +অন-ক] বিমোচক, বিনাশক, হারক। "দুর্গামাপদবিমোচনীম্ ক.সা ৩৭.৪৩। (তুমি) গর্ব্বিগর্ব্ব-বিমোচন।—ম ২৯২। —মোচন ক্লী [অন-ভা] ১ বন্ধনমুক্তি। ২ পরিত্যাগ। "দেহস্থাস্য বিমোচনাৎ মহা ৩.৬৪.৮৯।

বিমোহ † পুং [বি+ √মুহ্+অ (ঘঞ্)-ভা] ১ অবিবেকতা, মূঢ়তা, চিত্তবিভ্রম, বিচারাসামর্থ্য। "ভ ৭.২.৩৭। °দ ক.সা ৫০.৩৮। ২ যোগ্যতা-ত্যাগ (শ্রীধর)। "মতি° ভ ২.৭.৩৭। ৩ [+ √মোহি+অ (অচ্) -ক] অবিদ্যাদি। "ব্যপেতসংক্লেশ°—ভ ২ ৯.৯।—মোহন বিণ [+অন -ক ; স্ত্রী -নী] ১ মোহকর, বিভ্রমহেতু মূঢ়তাজনক। "লোক° ভ ৮.১১.৩৩, অহঙ্কারো বিমোহনঃ ১১.২৪.৬। কুহক বিমোহন প.তৃ ১৬। ২ চিত্তাকর্ষক। —মোহন ক্লী [+অন-ভা] আকুলীকরণ (কাশিকা), মোহজনন, বিচিত্তীকরণ। "পা ৭.২.৫৪। —মোহন পুং নরকবিশেষ। —মোহিনী বিণ [°হিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'মনোমোহকরী', সুন্দরী। "সে রক্ষেন্দ্রে…বাণে পদতলে বিমোহিনী]—মে ৯৭। —মোহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব। স্ত্রী -হিনী] সর্থ 'বিমোহন' (বিণ)। "গিরং তে জগতাং বিমোহিনীম্ ভ ৪.২০.৩০।

বিমোহন, -মোহিনী, -মোহী †. দ্র 'বিমোহ'।

বিম্ব ‡ পুং, ক্লী [√বী কান্তি+ব(বন্)-ক, ন্ (নুক্) আগম, হ্রস্ব, উ ৪.৯৫] ১ 'চন্দ্রেব শবীর, (উপচারে) সূর্য্যের শরীর' (অ টী) ; সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। "অর্ক°, চন্দ্র°, শশি°, সূর্য্য°। উভৌ রামস্য সদৃশৌ বিম্বাদ্ বিম্বমিবোদ্ধৃতৌ রা ৭.৯৪.১৩। ২ মণ্ডলমাত্র। "নিতম্ব°। —ঋতু ৪.৩। শ্রোণি° (S.W.)। আদর্শ° কু.স ৭.২২। নখবিম্বে চন্দ্রের প্রকাশ শ্রী.মা ৫। বদন° গো ৭৬। নিতম্ব° শি ৫০। বাজে কাঞ্চী,…বিশাল নিতম্ববিম্বে মে ৩৬, নিতম্ববিম্বে কণিছে রশনা! —১৫৬। (দিলা) খগোল নিতম্ববিম্ব মা ১৪৪। ৩ প্রতিবিম্ব, প্রতিকৃতি। "প্রভবতি শুচির্বিম্বোদ্গ্রাহে মণির্ন মৃদাং চয়ঃ উ.চ ২.৪। বিম্বাগতৈস্তীরবনৈঃ ভট্টি ২.৩। ৪ মূর্ত্তি। "স্ব° ভ ৩.২.১১। ৫ (সাদৃশ্যে) বুদ্‌বুদ। "অম্বু°, জল°। যেমন জলের বিম্ব জলে উদয়, জল হ'য়ে সে মিশায় জলে।—রামপ্রসাদ। ৬ বিম্বাশ্রয়, আদর্শ, দর্পণ। ৭ উপমান। বিপ 'অনুবিম্ব'। "বিম্বানুবিম্বত্ব সা.দ ১০ ৫২। —ম্ব পুং কৃকলাস। —ম্ব ক্লী ১ 'বিম্বিকাবিকার', বিম্বিকাফল, তেলাকুচা। [কাব্যে পক্কবিম্ব রক্তোষ্ঠের উপমা।] "বিম্বোষ্ঠী মহা ৪.৯.১২। বিম্বাধর কু.স ৩.৫৬ ; ৬৭। পক্কবিম্বাধরোষ্ঠী উ মে ২১। পক্কবিম্ববর, জিনিয়া অধর ক.চ ৬৪। অধর সুন্দরে করে বিম্বের বিভ্রম।—হূ ৮। সুধাসিন্ধু বিম্বরাজে ভা.চ ১২৪। ২ কমণ্ডলু। —ম্বক ক্লী [বিম্ব+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'বিম্ব' ক্লী (১)। "অধর বিম্বকজুতি ক.চ ৮ ; অধর বিম্বকবন্ধু ২০১,-৪১। ২ সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। ৩ মণ্ডল। "সোনার বিম্বক সাজে ব্যজনীর বুকে ম.ভা ৭০। ৪ বুদ্‌বুদ। "বিম্বকে বিম্বকে রক্ত বাজি উঠে ফেণা কৃ ৪৩৬। —ম্বা, -ম্বিকা, -ম্বী স্ত্রী [বিম্ব+স্ত্রী আ (টাপ্),+ঈ (ঙীষ্) ; বিম্বক+স্ত্রী আ] তেলাকুচা লতা। [°ফল (ক্লী)—বিম্ব, তেলাকুচা। "কু.স ৩.৬৭। °ফলক (ক্লী)—মণ্ডলরূপ ফলক ; মণ্ডলপট্ট। "কু.স ৩.৩২।]

বিম্বক দ্র 'বিম্ব'।

বিম্বকি, -কী বি [°ক+ই[১১]] স্বর্ণাদির মণ্ডলাকার ভূষণ বা ধুকধুকি ; চুমকি। "সোনার বিম্বকি গলে যেন নিশাকর।—কৃ ১৩৮ ; পার্ব্বতীয় ঘোড়ামুখে হীরার বিম্বকী ২৫৬। পার্ব্বতিয়া অশ্ব সব সোণার বিম্বকী ক.চ ২৬৪।

বিম্বকী দ্র 'বিম্বকি'।

বিম্বা ‡ দ্র 'বিম্ব'। [বিম্বাগত (বিণ)—প্রতিফলিত। "ভট্টি ২.৩।]

বিম্বাধর ‡ বিণ [বহুব্রী] পক্কবিম্ববৎ রক্তাধরবিশিষ্ট ; বিম্বোষ্ঠ। "বিম্বাধরা রমা—মে ১১২।

বিম্বিকা দ্র 'বিম্ব'।

বিম্বিত ‡ বিণ [বিম্ব+ইত (ইতচ্)] জাতবিম্ব, প্রতিবিম্বিত। "মাঘ ১০.৫।

বিম্বী দ্র 'বিম্ব'।

বিম্বু বি [বিম্ব+উ[৭] ; বিম্বু (চ) ; তু 'বিম্বু (মী ৪৫) ; অপ্র] ১ বুদ্‌বুদ। "পরভুর আসন বিম্বু: জলের বিম্বু শূ ২। জলবিম্বুভঙ্গ শ্রী ১৫৮। ২ তেলাকুচা। "(ধনী) বিম্বুনখী।—গো ৯৪। অধরবিম্বু ভা.চ ৩০৪। —ম্বুক[১] সর্থ 'বিম্বু (১)। "শূ ৬। জলের বিম্বুক যেন জগৎ সংসার শ্রী.মা ১৬২।

বিম্বুক[১] দ্র 'বিম্বু'।

বিম্বুক[২] [বিম্বক >°ক, অপ্র] সর্থ 'বিম্বকি'। "সোণার বিম্বুক, শোভিছে বিয়নি বুকে ব.প ২৭৭।

বিম্বুকি, -কী বি [°ক+ই[১১] ; অপ্র] সর্থ 'বিম্বকি'। "রত্নের বিম্বুকি কৃ.উ ১০২। সোণার বিম্বুকি বি পা ২১৭। হীরার বিম্বুকী (টাকা) চ.বি ১৩৯। —কী বিং বিম্বযুক্ত ; বুদ্‌বুদযুক্ত। "বিম্বুকী বিম্বুকী রক্ত বাজিয়া উঠে ফেনা কৃ.উ ১০৮। [বিমুকি বিমুকি—বুদ্‌বুদযুক্তভাবে, অর্থাৎ ঝলকে ঝলকে। "উঠিত বদনে রক্ত বিমুকি বিমুকি কৃ উ ১৩৮।]

বিম্বুকী দ্র 'বিম্বুকি'।

বিম্বো(ম্বৌ)ষ্ঠ ‡ বিণ [বিম্বতুল্য ওষ্ঠ যাহার, বহুব্রী সমাসে বিকল্পে পররূপ একাদেশ, পা ১.১.৬৪, সি ; স্ত্রী -ষ্ঠা, -ষ্ঠী] পক্কবিম্ববৎ লোহিতোষ্ঠ ; পক্কবিম্বাধরোষ্ঠ। "বিম্বোষ্ঠম্ (মুখম্) মাঘ ৪.৩৮।

বিম্বৌষ্ঠ দ্র 'বিম্বোষ্ঠ'।

বিম্লাপন † ক্লী [বি+ম্লৈ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] 'ম্লানিপ্রাপণ', ব্রণাদি বসান। "সুশ্রুত ১.১৭.২০।

বিম্‌হী বি [সংব্রাহ্মী] শাকবিশেষ (Herpestis monnieria)।

বিয়ঙ্গ বিং [ব্যঙ্গ >°ঙ্গ, দ্র 'ই[১১] ; অপ্র] বিকৃতাঙ্গ, বিকৃতাবয়ব। "বপু কৈল বিয়ঙ্গ বাজিয়া বিজিগীশ শ্রী.মা ১৫৬।

বিয়ড়ী বি সর্থ 'বিয়লি'। "বিয়ড়ী কদমা চৈ.চ ১৫৮।

বিয়ৎ † ক্লী [বি+ √যম্+ক্বিপ্ (০)-ক, 'ম'-লোপে 'ৎ' আগম (অ.টী), বি+যৎ (√ই+শতৃ) ?,—যাহা যায় না, অর্থাৎ ক্ষয়প্রাপ্ত হয় না, তু 'বিয়ৎ'—বিশেষেণ ক্ষীয়মাণম্ (ভ ৭.৬.১৪, শ্রীধর) ; 'বিয়ৎ'—দিন (শুক্লযজুর্ব্বেদ ১৫.৫, মহীধর)] 'যাহা উপরত (বিকৃত) হয় না' (অ.টী) ; আকাশ। "গো.রা ৫.৯৫.৩১। সৌদামিনী…বিয়ৎ-পতাকা।—ঋতু ৩.১২। শ ১.৭। হি ১[১/৪]। [°চর (-চ্চর) বিণ—আকাশগামী, খেচর। "°র (শর) মহা ৪.৫৮.৪০। °পথ (পুং)—আকাশপথ, আকাশ। °স্থ (বিণ)—আকাশস্থ। °গঙ্গা (-দ্গ-)—আকাশগঙ্গা, মন্দাকিনী। °গতি (-দ্গ-) স্ত্রী—আকাশগমন।]

বিয়ন, -য়ান[২], -য়েন '-ন্' বি [সং বি- √জন্ (গর্ভমোচন, পা ৫.২.১২)—বিজনন >বা °ন ; হি √বিয়া—'বিয়ানা'—প্রসব করা ; 'বিয়ান'—প্রসব ; ড় বিআন] প্রসব, প্রসব করা। "এক বিয়েন না দিলে, লজ্জা যায় না।—লী ১৫। [বিয়ন্তগুলা—কৃতপ্রসবা নারী। "না খাই বিয়ন্তগুলা ব.প ১৩৬৮। বিয়ন্ত বাগিনী—অচিরপ্রসূতা ব্যাঘ্রী। "ন.ত ২। বিয়ায়—প্রসব করে।}

বিয়নি, -নী বি [বিঅনী, -নী >°নি -নী] সর্থ 'বিজনি'। "রুক্মের

বিয়নি ঃ বিয়নি বুকে ব.প ২৭৭। বিয়নি ক.চ ৩১ ; ৯০। বিয়নীর বায় ম.ম ১৮৪ ; ১৮৫। [বিয়নে—ব্যজন করে ; পাখার বাতাস দেয়। "শাখা ধরি বিয়নে দুর্ব্বলা ক.চ ১৬৩।]

বিয়নী দ্র 'বিয়নি'।

বিয়লি বি [দ্র 'বিউলি'] খোসা-তোলা ডাল। "মুদ্গের বিয়লি চৈ.ভা ৪৪২।

বিয়া¹ বি [বিআ > °য়া] বিবাহ। "এমত কালের বিয়া গো.চ ৩৩৪ ; ৪০৮। শ্রী.ম ১৮২। অ.প ১৩২। ভা.চ ৫৯ ; হরগৌরী° ৯৬ ; ৩৬২। [বিয়াও—বিবাহ। "গো.চ ১৮২।]

বিয়া² সর্ম [দ্র 'বিয়ন' ; বিআএল (বিয়াল), বিআণ (প্রসূত)—চ] প্রসব করা ; বিয়ান।

বিয়া(হা)ই, বেই, বেয়াই, -হাই, ব্যাই বি [সং—বৈবাহিক > প্রা * বেআহিঅ > বা (বেআহি) বে(বি)হাই, বে(বি)য়াই, বে(ব্যা)ই, ঠ বিয়াহী, ব্যাহী] পুত্রের বা কন্যার শ্বশুর, পুত্রতুল্যের বা কন্যা-সদৃশীর শ্বশুর। "সম্বন্ধে বেহাই মোর দেব জগৎপতি।—ম ৬৯৬। বেহাই ক.চ ৪৭ ; বা ম ২৭১ ; শ্রী ২২১ ; ভ.গ্র ৩৪৬। বিহাই শ্রী.ম ১৬৮। বেয়াই। কে জিতে আজ।—ন ১১২৪। ব্যাই ন.ত ৯৩। —য়ান³ বি সর্থ 'বিহান²'।

বি(বে)য়াকুল বিং [ব্যাকুল > স্বরাগমে) °ল, দ্র 'ই¹¹' ; মৈ বে-আকুল] বিহ্বল, অশান্ত, অধীর। "পড়িয়া পাথরে, চিত বিয়াকুল ভেলা চৈ.ম ১৩১। হৃদয় বিয়াকুল।—গো ৬০, চিত বেয়াকুল ৯৮। বেয়াকুল চিতা রা.প ২। রাহু বিয়াকুল।—ব ৬২ ; লুঠয়ে বেয়াকুল ১৮৪। ভাবে বেয়াকুল।—জ্ঞা ৬।

বিয়াখিত বি [ব্যাখাত > °ত] ব্যাখ্যা, প্রশংসা। "গো.চ ৪২৭।

বি(বে)য়াজ বি [ব্যাজ > (স্বরাগমে) °জ, হি বিআ(যা)জ, মৈ বেআজ] ১ ব্যপদেশ, ছল। "বেয়াজে দেখায় রূপ ক.চ ১৮৯। বচন বেয়াজে।—ব ১১৪। ২ বিলম্ব। "ন সহত বিয়াজে জ.প ৭০। না সহে বেয়াজ।—জ্ঞা ১৪৩। না কর বেয়াজ ব ১৭১। ক্ষণেক বেয়াজে ভ.গ্র ২৪৬ ; ৩২৩। ৩ সুদ। "মূল বিনু পরধনে মাগয়ে বেয়াজ বি.প ৪৬। বিয়াজের তবে ক.চ ১৮০।

বিয়াত † বিণ [বিরুদ্ধ যাত, সুপ্‌সুপা] অবিনীত, ধৃষ্ট। "পা ৭.২. ১৯, তত্ত্ববোধিনী।

বি(বে)য়াধি বি [সং ব্যাধি > (স্বরাগমে) বি(বে)য়াধি, দ্র 'ই¹¹' ; হি বিআ(যা)ধি ; মৈ বেআধি] পীড়া। "যাকর বেয়াধি, পরাধীনে ঔখদ, তাকর জীবন কাহে বি.প ২০২। বেয়াধি কেমনে ছুটে চ দা ৪৩ ; বেয়াধি অবধি ১০৭। অকথন বেয়াধি।—ব.প ৯৮৪। পিরীতিবেয়াধি।—ব ১৫৩। বিরহ বেয়াধি।—গো ১০১। বিয়াধি-বাধা প.ক ৪২ ; বেয়াধি ১১৮।

বিয়ান¹, **বিহাণ, বিহান**¹, **বেয়ান, ব্যান** বি [বিহাণ (দেশী ৭.৯০ ; হে ৪.৩৩০) ; সং বিভাত ; হি বিহান ; বিহাণ (চ), ব্যান (গ্রাম্য)] ১ প্রাতঃকাল, প্রভাত। বিপ 'সাঁজ'। "কোন ন দেখত সখি হোত বিহান ?—বি.প ৭৪। বিহানে চলিল বাস চ.দা ৭৭। তাম্বা-চূড়া রাএ হৈল বিহান শ্রী.কী ২৫৮। বিয়ানে গিয়াছে ব.প ৭৬। হৈয়াছে বিহান।—গো ১৬৪। হৈল রজনী বিহান ন.বি ৭৭। রজনী বিহানে ন.প ১৩৩। না জানি বিহান নিশি জ্ঞা ৮৫। সূর্য্যাইর পিতা জোগায়ে বেয়ান বেয়ান ব.প ১৬৪। বড়ই বিহানে ৯১৩। চলিল বিহানে চৈ.চ ১২০। ব্যানে (নামাজ পড়বা) জা ৩৫। ২ সকাল বেলা। "বিকাল বিহানে ব.প ৮৫০। কৃষিকর্ম্ম করে পুঁড়া বিহান-বিকাল চৈ.ম ১৭০। বিধুমুখী বিহানে বাপের বাড়ী যান।—শি ৯৪। ৩ কাল সকালবেলা। "তিক্কার কায়ণে, যাইবা বিহানে, জিনি লেহ বাঘছাল ক.চ ২৯। [পুত্তুল বিয়ানে (গো.চ ৮৫), পত্তুস বিহানে (শূ ৮৫), প্রত্যুষ বিহানে (চ.বি ৬০), প্রত্যুষে বিহানে (শ্রী.ম ৩৭)—কাল প্রত্যুষে ; কাল সকালে। বিহাণ, -ণী, -ণে, -নে (প্রভাতে)।—শ্রী.কী।]

বিয়ান², **বিয়ান**³ দ্র 'বিয়ন ; বিয়াই'।

বিয়ানি, -নী বি [অপ্র] বেণী। "গো.চ ৪৫৪,-৮৭।

বিয়ানী দ্র 'বিয়ানি'।

বিয়াপি বিং [ব্যাপী > (স্বরাগমে) °পী ; দ্র 'ই¹¹'] ব্যাপী। "পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।—ব ১৫। —পিত বিং [ব্যাপ্ত > °ত] ব্যাপ্ত। "যোগমায়া-বিয়াপিত সকল ভুবন শ্রী.ম ১০০।

বিয়ারাম, ব্যায়রাম বি [ব্যারাম (বি-আরাম) > (স্বরাগমে) বি° > ব্যা°] অসুখ, রোগ। "ব্যায়রাম।—হু ২। [ব্যায়রাম-ছ্যায়রাম —অসুখ-বিসুখ। "°ম নিত্যি আছে (অ.গ্র)]

বিয়ালা, বেয়ালা, -হালা বি [P., Italian, Spanish —'viola' ; E. viola, -lin] তত (তারের) বাদ্যযন্ত্রবিশেষ। "বিয়ালাদার। বেহালাখানা চ.কা ৭৭।

বি(বে)য়াল্লিশ, -স, ব্যাল্লিশ স বিং [সং দ্বা(দ্বি)চত্বারিংশৎ > লি দ্বা(দ্বি)চত্তালীসতি ; প্রা বাআলীস ; হি বয়ালীস ; ঠ বেচালীস ; গু বেতালীস ; প বত্তালী, সি বাএতালীহ, ড় ব্যালিশ, 'ব্যালিস (ব.প ৪২৪)] দ্বিচত্বারিংশৎসংখ্যক। "বেয়াল্লিশ বাজনা।—কৃ ৭৭। বিয়াল্লিশ বাজনা ক চ ১৫, ব্যাল্লিশ বাজন ৯৪। ব্যাল্লিশ বাদ্য।—হু ১৩,-৪ ; ৭৮। ব্যাল্লিশ বাজনা ব.প ২৬১ ; ৬৯৫। ব্যাল্লিশ বাজন শ্রী ৩০। বিয়াল্লিস বাজনা ম.ভা ৭৬। —শ বি বিয়াল্লিশ (৪২) সংখ্যা।

বিয়াস্তা বিং [অপ্র] বিবাহিত, অর্থাৎ বিয়ের স্বামী, সাঙ্গার নহে। "বিয়াস্তা সোআমি হএন ক্যামনে বলব পুত গো.চ ১৮৮।

বিযুক্ত † বিণ [বি + √যুজ্ + ত (ক্ত) -র্ম] ১ বিশ্লিষ্ট, বিচ্ছিন্ন, পৃথক্‌কৃত। "মনু ৯.১০২। ২ বিরহিত, বিহীন। "বিযুক্তা পতিনা তেন রা ১.২ ১২। ৩ বিয়োগপ্রাপ্ত, বিরহী। "বিযুক্তে মিথুনে কৃপাবতী কু.স ৫.২৬।

বিয়ে দ্র 'বিএ'। [°পাগলা—বিবাহের নিমিত্ত কাণ্ডজ্ঞানহীন। °ভাটি, -ঠি—বিবাহে বরকর্ত্তার নিকটে প্রাপ্য বৃত্তি। "বিয়েভাটির হুকুম-হাকাম।—হু ১৩৮।]

বিয়েন দ্র 'বিয়ন'।

বিয়োগ¹ † পুং [বি + √যুজ্ + অ (ঘঞ্)-ভা] ১ বিশ্লেষ, বিচ্ছেদ, বিরহ। "তদ্‌বিয়োগ রা ২ ২১.১৬। তদ্‌বিয়োগার্ত্তঃ (রাজা) রঘু ১২.১০। ক্ষণ° ভ ১.১৫.৬। °কাতরে।—সী ১০। ২ অপগম। বিপ 'সমাগম'। ৩ (গণিতে) ব্যবকলন (subtraction)। —য়োগী (-গিন্) বিণ [°গ + ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব, স্ত্রী -গিনী] বিয়োগবান্, বিরোধী। "ভার্য্যা° ক.সা ১২৪.২১। তাঃ শোচ্যা যা বিয়োগিন্যঃ (মার্কণ্ডেয়পুরাণ)। [°বিধুর (বিণ)—বিরহভীক। "মাঘ ১২.৬৩। °মন্ত্রণা (বি)—পরস্পর-ভেদের পরামর্শ। "শ্রী.মা ১৭৬। °সারথি (বি)—বিপদে সহায়। "শ্রী.মা ১৬৯।]

বিয়োগ² বি [অপ্র] ১ দুর্য্যোগ, বিপদ্। "বিয়োগ নৃপতি ভাবে শ্রী.মা ১৭৯। ২ যোগবল। "বিয়োগে গেলেন বীর বৈকুণ্ঠভুবন শ্রী.মা ২০৬, -২৬। ৩ মরণজন্য বিচ্ছেদ। "শ্রী.মা ২০৯। ৪ ঔষধ। দ্র 'অযোগ'। "বুলায় সকল গায় বিয়োগ সরস শ্রী.মা ২২৩,-৪। ৫ মৃত্যু, স্বর্গারোহণ। "বিয়োগ বিজয় করি লইয়া বিমান। লাউসেনে আনিবে আমার সন্নিধান॥ শ্রী.মা ২২৪।

বিয়োজন † ক্লী [বি + যু √জ্ + অন (ল্যুট্)-ভা] বিশ্লেষ, বিয়োগ। "ক.সা ৩২.১২৪। গুরু° ক.চ ১৭৪। —য়োজনীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম] বিশ্লেষণীয়, পৃথক্‌কার্য্য। "মনু ৮.৩৭৪, কুল্লূক। —য়োজিত

বিণ [+ √যোজি+ত (ক্ত)-র্ম] ১ বিশ্লিষ্ট, পৃথক্‌কৃত। ২ বিরহিত, বিচ্ছিন্ন। "পতিবিয়োজিতা সী ৪৩।

বিযোড় বিং [দ্র 'জোড়'] অযুগ্ম, বিষম (সংখ্যা)।—যোড় বি যোড়ভাঙ্গা, পতি- বা পত্নী-বিরহিত স্ত্রী বা স্বামী। "রাখিতে না ঠাঁই যোড়ে বিযোড়ের দুঃখ বা.দ ২৪৭।

বিযোনি, -নী + স্ত্রী [প্রা.স] ১ বিরুদ্ধ যোনি; তির্য্যগাদিজাতি। "°নী মনু ১২.৭৭। ২ নিন্দিতযোনি, নীচজাতি।

বিযোনী দ্র 'বিযোনি'।

বিরক্ত + বিণ [বি+ √রন্‌জ+ত (ক্ত)-ক] ১ 'বিশেষরাগযুক্ত', অতিরক্ত, সুলোহিত। "°সন্ধ্যাকপিশম্‌...রজঃ রঘু ১৩.৬৪। ২ বিপরীত-রাগযুক্ত, বিবর্ণ, ম্লান। ৩ অননুরক্ত, অনুরাগহীন; প্রতিকূল, অবশ। বিপ 'অনুরক্ত'। "(দম্পত্যোঃ) রক্ত একো বিরক্তোঽন্যস্তস্মাৎ কষ্টতরং নু কিম্‌।—দক্ষ ৪.৬। ৪ মন্দাদর, অনুরাগহীন, অনাসক্ত। "কথা" হি ৪১১১; ২.৬০। ৫ অপ্রসন্ন। "°ভাবস্তু জনস্য লক্ষণম্‌।—হি ১.১১৪। পতি-নিন্দা শুনিয়া বিরক্ত হৈল চিত্ত ব.প ১১৯। ৬ বিষয়া-সক্তিশূন্য, বিষয়ব্যাবৃত্ত, সংসারাসঙ্গহীন, বিরাগী। "ভ ১.১৩.২৬। বিরক্ত গোসাঞি ব.প ১১৫৬। অত্যন্ত বিরক্ত সদা কৃষ্ণপ্রেমময় চৈ.চ ৪৬; ৭৭; (পুরী) পরম বিরক্ত ৯৪; °স্বভাব ৩০৫; আমি বিরক্ত সন্ন্যাসী ৩০৮। ভ.গ্র ৩০৩। ৭ (বাঙলায়) জ্বালাতন। "ত্যক্ত°।—রক্তা স্ত্রী দুর্ভগা, দুয়া।—রক্তি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা] ১ অননুরাগ, অনাদর; বিপ 'অনুরক্তি'। "বিরক্তিঃ সংজাতা মে সম্প্রতি দেশস্তোপরি।—পঞ্চ ২৪৬। সা (হরিকথা) বিরক্তিমন্ত্যন্ত্র করোতি ভ ৩.৫.১৩। ২ বিষয়ে বা সংসারে অনাসক্তি; বৈরাগ্য, ঔদাসীন্য। "প্রসক্তস্য বিরক্তি-কারণম্‌ ভ ১.১৯.৪। জন্ম হৈতে বিশ্বরূপের হইল বিরক্তি চৈ.ভা ২০। ৩ অপ্রীতি। "°কর, °জনক।

বিরক্তা, বিরক্তি দ্র 'বিরক্ত'।

বি(বে)রঙ, -রঙ্গ বিং [হি, মৈ বিরংগ—রংগবিরংগ] ১ নানারঙ্গযুক্ত, বিচিত্র। "রঙ°, রঙ্গ°। ২ বিবর্ণ, মলিন। "সুরঙ্গ অধর বিরঙ্গ ভেলি রা.শে ১২।—রঙ, -ঙ্গ বি বৈবর্ণ্য, মালিন্য। "(যদুবর) করপদ্ম বুলাইয়া ঘুচায় বিরঙ্গে শ্রী.ম ৮৮।

বিরঙ্গ দ্র 'বিরঙ'।

বিরচ সর্ম্ম [সং বি- √রচ্‌>°চ] ১ রচনা করা; ছন্দে বর্ণন করা। "(আস্তিকের জন্মকথা) বিরচিল কাশীরাম দাস।—ম ৩৮; ১৫৫; ২৫৫। ২ নির্ম্মাণ করা। "বিরচই চারু বিতান।—গো ১৮৬।

বিরচন + ক্লী, **-রচনা** স্ত্রী [বি+ √রচ+অন (ল্যুট্‌, যুচ্‌)-ভা, স্ত্রী আ (টাপ্‌)] ১ রচনা, গ্রন্থন, প্রণয়ন। "তারাবলীবিরচন মাঘ ৫.২১। ২ সন্দর্ভ, রচনা, নিবন্ধ। "কাশীরাম দাস বিরচন।—ম ৪৫; ২৭১। ৩ নির্ম্মাণ, প্রণয়ন। ৪ কল্পনা, সৃষ্টি। ৫ বিধান, করণ। "নেপথ্য-বিরচনা মা.মা ১২। —রচিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ নির্ম্মিত, কৃত। ২ কল্পিত, কৃত, রচিত। "ক্ষিতি°শয্যাং কু.স ৭.৯৪। কুশলবিরচিতা-নুকূলবেষঃ রঘু ৫.৭৬। কি ৫.৩১। শিরোবিরচিতাঞ্জলি ক.সা ১৯.৮৭। ৩ গ্রথিত, রচিত। "°বাগ্‌ভিঃ (বন্দিপুত্রৈঃ) রঘু ৫.৭৫। °পদং (গেয়ম্‌) উ.মে ২৫। ৪ প্রণীত, সৃষ্ট। "(এতদ্‌ রূপং ভগবতঃ) মায়া-গুণৈর্ব্বিরচিতম্‌ ভ ১.৩.৩০।

বিরচনা দ্র 'বিরচন'।

বিরজ + বিণ [বিগত রজ যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -জা; তু 'বিরজাঃ'] ১ রজবিহীন, ধূলিরহিত, পরিষ্কৃত। "বিরজঃ পন্থাঃ মহা ১.৯৩.১৫। ২ নির্ম্মল; রাগকালুষ্যহীন (টীকা)। "তং (ভগবন্তম্‌) বিরজম্‌ ভ ৩.২১.৯। ৩ নির্ম্মল; শুক্ল (টীকা)। "বিরজাম্বরম্‌ (ভগবন্তম্‌) ভ ৩.২১.৯। ৪ অপাপবিদ্ধ। "বিরজং ব্রহ্ম ভ ৩.১৪.৩২। ৫ শুদ্ধ, বৃদ্ধিক্ষয়াদিদোষরহিত। "বিরজো ব্রহ্মলোকঃ—প্রশ্নোপনিষৎ ১.১৬। ৬ শুদ্ধসত্ত্বময়। "ভ ৩.৪.৭। ৭ শুদ্ধ, পূতাত্মা। "বিরজান্‌...সুতান্‌ ভ ৪.১৩.১৫।—রজ পুং বিষ্ণু।—রজা স্ত্রী ১ যযাতিমাতা। ২ আর্ত্তব-শূন্যা স্ত্রী। ৩ জগন্নাথক্ষেত্র (শ.ক)। ৪ দূর্ব্বা।—রজা বি [বিরজাঃ >°জা] দুর্গামূর্ত্তিভেদ। "তার নাম হইল বিরজা ক.চ ১৬। শ্রী.মা ৫১।

বিরজস্ক, -রজাঃ (-জস্‌) + বিণ [বিগত রজঃ যাহা হইতে, বহুব্রী; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্‌); স্ত্রী -স্কা; -জাঃ] ১ অপধূলি, ধূলিরহিত। "বিরজাঃ (বায়ুঃ) গো.রা ৩.৭৮.৮। রঘু ১.৭৩। ২ নির্ম্মল, পরিষ্কৃত, শুভ্র। "(দেবেশ্বরঃ) বিরজোঽম্বরঃ মহা ২.৭.৫। ৩ শুদ্ধ, অপাপ। "বিরজস্কাম্‌ (মৈথিলীম্‌) গো.রা ৬.১০৩.১০। ভ ৩.২০.৪। ৪ রাগ-রহিত, অনাসক্ত। ৫ বৃদ্ধিক্ষয়াদিদোষরহিত। "লোকঃ...বিরজস্কঃ বিশোকম্‌ ভ ১.১৯.২১।—রজস্কা, -রজাঃ স্ত্রী আর্ত্তবশূন্যা স্ত্রী।

বিরজা; বিরজাঃ দ্র বিরজ; বিরজস্ক'।

বিরঞ্চ, -ঞ্চি + পুং ব্রহ্মা। তু 'বিরিঞ্চি'।

বিরঞ্চি দ্র 'বিরঞ্চ'।

বিরণ + পুং ১ তৃণভেদ, বেণা। ২ বীরণমূল, উশীর। তু 'বীরণ'।

বিরণি বি [বহিরিয়ন>°নি; অপ্র] বহির্গমন, আবির্ভাব। "মহিষ কক্ষের পথে বিরণি করিল চ.বি ১০৪।

বিরত + বিণ [বি+ √রম্‌+ত (ক্ত)-ক] নিবৃত্ত। "কিমন্ত শব্দো বিরতঃ রা ২.৭১.২৯। রঘু ২.৫১। বিরতং গেয়ম্‌ ৮.৬৬। °প্রসঙ্গ কু.স ৩.৪৭। —রতি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা ১ নিবৃত্তি, বিরাম। "হিংসা°। বা.দ ১১৪। ২ অবসান। "গতায়াং বিরতিং নিশি ক.সা ১০১.৬। ৩ অনা-সক্তি, বৈরাগ্য। "বিষয়ে বিরতি করি ভগবতী সেবে।—দু ৫২। ৪ (শ্লোকে) পাদসমাপ্তি। "°গ।—শ্রুতবোধ ২৮। ৫ (শ্লোকে) বিশ্রাম, যতি। "শ্রুতবোধ ৩৪।

বিরথ + বিণ [বহুব্রী] 'বিগতরথ', রথবিরহিত। "গো.রা ৩.৩৪.৩৩। মহা ১.১.২০৯। বিরথ হইল বীর।—ম ১৪৪। অ.প ৭২।

বিরথি, -থী বিং [রথী>°থী (নিষেধে); সং '°থ'] রথহীন। "°থী হইল কর্ণ।—ম ২০২; ৭৪৮; ১১৮৬। °থী অ.প ৪৩; ৭২। °থি ব.প ৮৩৪। রথ করি চূর্ণ, অসুরে কৈলা বিরথী।—দু ৮৩। °থী চ.বি ৫৬; শ্রী.ম ২১৩; শি ৫৮। —থিয়া বিং [°থ+ইয়া²] সর্থ 'বিরথ'। "বিরথিয়া যুদ্ধে দুই মহাবল অ.প ৭২।

বিরথিয়া, বিরথী দ্র 'বিরথি'।

বিরম¹ + পুং [বি+ √রম্‌+অ (অপ্‌)-ভা] ১ বিরাম, নিবৃত্তি। ২ অস্তময়, অস্তগমন। "মাঘ ৯.১১। ৩ অত্যন্তনিবৃত্তি। "বিরমায় তস্য (দুঃখস্য) ভ ৩.৮.২। —রমণ ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] নিবৃত্তি, ব্যাবৃত্তি। "বিষয়°। —রমিত বিণ [+ √রমি+ত (ক্ত)-র্ম] ১ নিবর্ত্তিত। "বিরমিত বচন।—গো ২৫৯। ২ নিরস্ত, নিরাকৃত। "বিরমিতধর্ম্ম-প্রতিপক্ষ ভ ৫.১.২৯।

বিরম² অর্ম্ম [সং রি+ √রম্‌>প্রা √রিরম>বা °ম] নিবৃত্ত হওয়া; স্থির হওয়া। "নদীয়াপুর ভরমি ভরমি, সুরধুনী তীরে বিরমি বিরমি, ...নরহরি শোভা অবলোকই ন.প ১৫২।

বিরল + বিণ [বি+ √রা+অল (কলচ্‌)-ক (অ.টী): বিরত >°ল (ত>ল?); cf, Tamil—'viral'—expansion, from' √viri', to expand (Caldwell)] ১ বিরতিযুক্ত, সাবকাশ, সান্তরাল। "দন্তাশ্চাবিরলা মম গো.রা ৬.২৩.১১; স্তনৌ চ বিরলৌ ১৩। ২ অনতি-নিবিড়। "প্রতনুবিরলৈঃ...কুন্তলৈঃ উ.চ ১.২০; ২.২৫। °ক্রমা ক.সা ৫৬.২০। °পল্লব।—কাদ ৫। ৩ অনিবিড়, শ্লথ। "°ভক্তির্ম্মনিপুণোপদাহারঃ রঘু ৫.৭৪। ৪ অল্প; ক্ষীণ। "বিরলাতপচ্ছবিঃ (দিবসঃ) মাঘ ৯.৩। °লোকপ্রবাহ গ্রাম্য পথমাত্র ব.প্র ১৩৪। ৫ অনিবিড়। "অবিরলচ্ছায়াঃ (আশ্রমঃ) গো.রা ১.৪৯.১২। ৬ স্তোকোক্ত, যল্পকথিত। "প্রবিরলা

ইব মূকমধুকেখাঃ রঘু ৯.৩৪। ৭ অত্যল্প। "বিমিভোন্নতসঞ্চারা জনসন্তাপহারিণঃ। জায়ন্তে বিরলা লোকে জলদা ইব সজ্জনাঃ॥ —পঞ্চ ১.৩০। ৮ অল্প, দুর্লভ, দুষ্প্রাপ। "বিরলা হি তেষামুপদেষ্টারঃ (A.)। ভাঙ্গিয়া গড়িতে পারে সে বড় বিরল চ.দা ৯৭। ৯ বিচ্ছিন্ন, বিপ্রকৃষ্ট। ১০ [বাঙ্লায়, অপ্র] নিভৃত, একান্তস্থিত। "আমি থাকিবারে স্থান করিহ বিরল চৈ ভা ৫০৯। ১১ নিভৃতে বক্তব্য। "তোমা সনে আছে তার বিরল কথন ক.চ ১৩৫। ১২ অভাবী, দরিদ্র। "সকলে দরিদ্রগণীর অন্নেতে বিরল ক.চ ৬৮। —রল ক্রি.বিণ অল্প, অর্থাৎ কদাচিৎ, কচিৎ। "তং ভুবনত্রযতিলকং জনয়তি জননী সুতং বিরলম্।—হি ১ ৬৩। —বল স্ত্রী দধি। [°দ্রবা (স্ত্রী)—'অনিবিড়দ্রবা', যবাগূবিশেষ (সুশ্রুত)। °ভক্তি (বিণ)—অনিবিডগ্রন্থন। দ্র 'বিরল (২)।]

বিরশ্মি † বিণ [বহুব্রী] 'বীতরশ্মি', নিষ্প্রভ। "বিরশ্মিঃ পর্ব্বণীবেন্দুঃ গো রা ২ ৩৯ ৩৭। (আদিত্যঃ) °শ্মিঃ মহা ১৬ ১ ৪।

বিরস১ † বিণ [বহুব্রী] ১ 'বিগতরস', বসহীন, নীরস, শুষ্ক। ২ স্বাদহীন, নিঃস্বাদু। ৩ অপ্রীতিকর, কষ্টজনক, অসুখ। "নিরয়বিপর্য্যাসবিরসবৃত্তয়ঃ…সংসারবৃত্তান্তাঃ উ চ ৬$\frac{৬}{৬}$। ভাল জন না করে বিরস পরিণাম বি প ৮২। ৪ কঠোর, নীরস, দারুণ। 'বস-কথা কহিতে বিরস হ'যে যায় ভা চ ১০০। ৫ অশ্রব্য। "ভট্টি২ ৩২। ৬ বিগতরাগ, বিরক্ত, বিতৃষ্ণ। "বিষয়° (বিপ 'বিষয়লোলুপ') মনু ২ ৯৫, কুল্লুক। ৭ বিবর্ণ, মলিন, ম্লান। °বদন— ম ৪, ৮৩০। °বদনে কেন বসিলা বি সু ৭১। ৮ বিষণ্ণ দুঃখিত। "বিরস চিত্ত কিসের কারণ। —ম ৩৩৭। তা শুনিযা নাথ হইল অধিক বিরস গো বি ৭২। বিরস হইয়া তবে গেলা মুনিবর শ্রী ম ২৮৪। —রস পুং [প্রা স] ১ 'বিরুদ্ধ বস', কষ্ট। ২ (বাঙ্লায) বিরসভাব, বিবাদ, শত্রুতা। হেন জন সনে তোর কিসের বিবস ম ৩৮৫। [°তা (স্ত্রী)—বিবাদ, দুঃখ। "বিবসতা কেলি।—ম ৪।]

বিরস২ বি [?] জলেব আধাব। 'জল ভরি নিজাও বিবসে ভরিয়া গো চ ২৩, ১৯০, ২৬২,-৮৮।

বিরহ † পুং [বি+ √রহ (চুবাদি)+অ (অচ)-ভা] ১ ত্যাগ, বিশ্লেষ, বিচ্ছেদ। "রামশোকমহাবেগঃ সীতাবিরহপারগঃ (শোকসাগরঃ) রা ২ ৫৯ ২৮। সপত্নী° ক.সা ৩২ ১৭৭। শ্বশ্রূজন°, পিতৃ° সী ২। ২ অভাব। "লোভ° হি ১$\frac{১}{৮}$। বাগ° ক সা ৪৩ ১১। উপায়ান্তর° ব দ্বি ৫০। ৩ অদর্শন। "মম বিরহজাং ন ত্বং বৎসে শুচং গণযিষ্যসি শ ৪ ১৯। ৪ শৃঙ্গাররসে বিপ্রলম্ভাখ্য অবস্থাভেদ, বিপ্রলম্ভ, বিযোগ। "মৎসাদৃশ্যং বিরহতনু উ মে ২৪, °দিবস, রমণ° ২৬, প্রথম° ৩৩। পতি° মে ৭৭। ৫ অনুপস্থিতি, অবিদ্যমানতা। ৬ (বাঙলায়) রাধাকৃষ্ণবিষয়ক বিরহসঙ্গীত। "ভূত°, ভাবি°। তাহারই টীকা করিতে গিয়া মধ্যবয়সীরা 'সখীসংবাদ' এবং 'বিরহ' বলিয়া মতভেদ প্রচার করিলেন ব প্র ১৫। ৭ [বাঙ্লায়, অপ্র] ব্যতিরেক। "আপনকার অযাচকবৃত্তি, যদি দৈবাৎ প্রার্থনাবিরহে কদাচিৎ কিছু পাওয়া যায তাহাও নিত্যাগ্নিহোত্রহোমার্থ হবিতে উপক্ষীণ হয় ব.প ১৭১৭। —রহিণী স্ত্রী [°হিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'বিরহবতী', নায়ক বা পতি হইতে বিচ্ছিন্না নায়িকা বা পত্নী, বিপ্রলব্ধা স্ত্রী। "হে বন্ধুধে। রাধা বিরহিণী।—মা ১৫৭। বিরহিণী বিবি জা ৩৬। —রহিত বিণ [+ √রহ্ +ত (ক্ত)-র্ম] ১ বিনাকৃত, পরিত্যক্ত, বিহীন। "ত্বযা বিরহিতঃ গো.রা ২.৩৫ ৩১। শ্রদ্ধাবিরহিতং যজ্ঞম্ গী ১৭ ১৩। অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ।—হি ১.১৩৬। ২ বিযুক্ত, বিশ্লিষ্ট। "অবিরহিতৌ দম্পতী ভূয়াস্তাম্ (বিক্র)। —রহী (-হিন্) বিণ [°হ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -হিণী] ১ 'বিরহবান্', বিয়োগী, প্রিয়রহিত। "(সরসবসন্তে) বিরহিজনস্ত দুরন্তে গী.গো ১.২৮। ২ অভাববান্। "প্রবৃত্তিনিবৃত্ত্যোরন্যতরবিরহিণঃ (সর্ব্বদর্শনসংগ্রহ)। ৩ [+ √রহ+ইন্ (ণিনি), আবশ্যকে -ক-১ব] 'অবশ্য ত্যাগী', নিয়তবিয়োগ। "যামিনীবিরহিণাং বিহগানাম্ কি ৯.১৩। [°গণিত (বিণ)—বিরহসময়ে মনে আবর্ত্তিত বা অভিলষিত। "উ.মে ৪৯। °জ, °জনিত (বিণ)—বিয়োগজন্য, অদর্শনজনিত। দ্র 'বিরহ (৩)। °জ্বর (পুং)—বিয়োগসন্তাপ। °মহৎ (বিণ) —বিরহ হেতু অতিদীর্ঘ। "তাম্…বিরহমহতীম্ (রাত্রিম্) উ মে ২৮। °শয়ন (স্ত্রী)—বিরহে পল্লবাদিরচিত শয্যা। "উ মে ২৮। বিরহানল (পুং)—বিরহরূপ অগ্নি, বিরহতাপ। "°লে প্রদীপখানি জ্বালো গী লি ২১। বিরহার্ত্ত (বিণ)—বিয়োগকাতর। বিরহাবস্থা (স্ত্রী) —বিরহদশা।]

বিরহিণী, -রহিত, -রহী † দ্র 'বিরহ'।

বিরহোৎকণ্ঠিতা † স্ত্রী [সুপ্সুপা] 'বিরহ হেতু বিহ্বলা', আগমনে কৃতসঙ্কল্প প্রিয়ের অনাগম হেতু দুঃখার্ত্তা নায়িকা। 'সা দ ৩৮৬। দ্র 'উৎকণ্ঠিতা'।

বিরাগ † বিণ [বহুব্রী] ১ বিগতরাগ, বীতবাগ, বিরক্ত। "মুনযো বিরাগাঃ ভ ৩ ১৫.৪৭। ২ বিচিত্ররাগ, নানারাগরক্ত। "নানা°বসনা গো.রা ৪ ৩৩ ২৮। °বসনাঃ সর্ব্বে মহা ২.২১.২৭। ৩ [বাঙ্লায়, অপ্র] বিগতক্রোধ, প্রীত। "দূরে গেল রাগ, হইল বি-রাগ দা ২০৩। —রাগ পুং [বি+ √রন্জ্+অ (ঘঞ্)-ভা, ন্-লোপ] ১ রাগাভাব, অনমুরাগ, প্রতিকূলতা। ২ অপ্রীততা (সি), অপ্রসন্নভাব। "চিত্ত° পা ৬ ৪ ৯১। লোক°সংগ্রহভয়ে সী ৫৪,-৮, ৮৪। ৩ বিষয়োপভোগে অনাসক্তি, বিষয়বিরক্তি, বৈবাগ্য। 'যৎকন্ম ..ন বিরাগায় কল্পতে ভ ৩ ২৩ ৫, জাত° ৩২ ৪২। শুনেছিল্যম মানুষের বিরাগ জন্মায়—এই সে বিবাগ গি.দ্বি ১১৭। ৪ [প্রা স] বিভিন্নরাগ, ভিন্নবর্ণ। —রাগী (-গিন্) বিণ [°গ+ইন (ইনি)-১ব] 'বিবাগবান্', বিষয়াসক্তিরহিত, বিরক্ত। "অবিরাগিন্ গো রা ৫ ৩৩ ৩০।

বিরাজ১ † বিণ [বি+ √বাজ+অ (অচ্)-ক] ১ শোভমান, শোভিত। "ভ্রমরাকুলদামবিরাজভুজ (S W)। ২ দীপ্যমান, দীপ্ত। —বাজ পুং ১ বিরাট্পুরুষ। ২ শোভা। 'করে মহাবাজ ধীরাজ বিরাজ যেই যরে বা দ ৯৬। [°কবণ (বি)—শোভা পাওয়া, রাজা-প্রভৃতির অবস্থান। পরে একখান পুরী তাতে মহারাজেব বিবাজকরণের স্থান কৃ চ ৩১। বিরাজ কবা—শোভা পাওয়া।]

বিরাজ২ অস্ম [সং বি+ √রাজ > লি রিরাজ, হি, গু √রিরাজ] ১ শোভা পাওয়া, শোভিত হওয়া। '(শিখিচাঁদ) সঘন উড়িছে বায় অধিক বিরাজে ব.প ৮৬৮। কঙ্কণ বলয় বিবাজ গো ৮৩, গীম কম্বু বিরাজ ১৭৭। ২ শোভা করিয়া অবস্থান করা। বিবাজে তাহার মাঝে প্রবীণা পার্ব্বতী শি ১৭ বিরাজিল গোবিন্দ গরুড়ধ্বজ রথে ৫৬। ৩ বিদ্যমান থাকা, উপস্থিত থাকা। গ্রন্থে সকল তত্ত্ব বিরাজয়।—ভ গ্র ৪৮১। ত্রিভুবন তোমাদের প্রত্যক্ষে বিরাজে।—কা ৪৫। ৪ দেদীপ্যমান থাকা। মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর।—রবীন্দ্র। [বিরাজে (অপ্র)—১ শোভমানভাবে, শোভাপূর্ব্বক। (সুন্দরী) কালীদহনীরোপরে, বিরাজে বসতি করে ম পা ১৩৮। ২ অবাাহতভাবে, সুখে। "দেবীপদ-সরোরুহে, মন মোর রহোক বিরাজে ম পা ৬৮, ১০৮, (বলভদ্রে) ননি খাই গিযাছে বিরাজে ১১৮।]

বিরাজমান † বিণ [বি+ √রাজ্+মান (শানচ্)-ক] ১ শোভমান। "হলাহল উপরে বিরাজমান শশী শি ৭১। ['হলাহল'—বিষ, অর্থাৎ '২০', তাহার উপর 'শশী' অর্থাৎ '১', শোভমান অর্থাৎ '২০১'।] ২ দীপ্যমান, সুস্পষ্টপ্রকটিত, জাজ্বল্যমান। "তত দিন এই রূপসী কল্পনা, হৃদয়ে বহিবে বিরাজমান ব সু ৪২। ৩ (বাঙ্লায়) বিদ্যমান, উপস্থিত।

বিরাজিত † বিণ [বি+ √রাজ্+ত (ক্ত)-ক] ১ শোভিত, অলঙ্কৃত। "গো.রা ২.১০৮.২০। গৃহম্...ক্রীড়ারতিবিরাজিতম্ মহা ৪.২২.৪৫। কনকরাজি°সাজুনা কি ৫.৪। ২ দীপ্ত, দেদীপ্যমান।

বিরাট্[১] (জ্) † পুং [বি+ √রাজ্+কিপ্ (০)-ক-১ব ; "°ট্'—বিশেষভাবে রাজমান (ঋগ্বেদ ১.১৮৮.৫) ; বিবিধানি রাজন্তে বস্তু বহা (১০.৬০.৫)] ১ 'যাহা বিরাজমান' ; সমষ্টিস্থূলশরীরে উপহিত চৈতন্য বা বৈশ্বানর (বেদান্তসার)। ২ (স্থাবরজঙ্গমাত্মক) সমষ্টিশরীর (শ্রীধর)। "ভ ২.৬.৪২। ৩ ব্রহ্মার দেহার্দ্ধজাত স্ত্রীপুরুষের মৈথুনধর্ম্মে নির্ম্মিত পুরুষ (মনু ১ ৩২)। "বিশ্ববীজ বিরাটে বন্দনা বহুতর শি ৪। ৪ চতুর্দ্দশলোকাত্মক বৃহন্মূর্ত্তি (শঙ্করবিজয়—শ.ক)। দ্র 'ভ ২.১.২৬-৩৭ ; ৬ ১-১৭। লোক (১)। করেন চৈ.চ ১৪। বিরাট্ আকার। —হু ৭। ৫ স্বায়ম্ভুব মনু। ৬ রাজন্য, ক্ষত্রিয়। ৭ যে রাজার বৎসরে দুই কোটি হইতে দশকোটি রৌপ্য মুদ্রা আয়। 'দশকোটিমিতো যাবদ্ বিরাট্ শু ১.১৮৬। —ট্ স্ত্রী বৈদিকছন্দোভেদ।

বিরাট্[২] বিং [বিরাট্[১]—মূল ; হি, ঠ বিরাট্] ১ (সাদৃশ্যে) বিশাল, দিগন্তবিস্তৃত। "বিজন বিরাট্ শূন্য সে মাঠ স.স্ব ৫২, ভারতের বিরাট্ গভীর বক্ষ ৯১। দুলতে হবে সিন্ধুদোলায় বিরাট্ বুকের স্পন্দনে কু.কে ১৫২। ২ বিশালদেহ। "(গিরিরাজ) বিরাট্ স্তব্ধ কু.কে ১১৩। ৩ বিশাল। "বিরাট্ মুঠিতলে, চাপিছে দৃঢ়বলে,...বালিকারে চ কা ৫৫। ৪ অতি মহান্ ; অতি উদার। "(হে সিন্ধু!) নিত্য বিগলিত তব অন্তর বিরাট্ চ.কা ১১২। ৫ অনন্ত, অসীম। "(জ্বলিতেছে) লোলুপচিতাগ্নিশিখা, লেহি লেহি বিরাট্ অম্বর চ.কা ২৯৪। অকূল বিরাট্ মোহনায় প.কা ১৩। ৬ বিশ্বব্যাপী। "একের স্পর্দ্ধারে কভু নাহি দেয় স্থান, দীর্ঘকাল, নিখিলের বিরাট্ বিধান ৩৭৮। বিহঙ্গশিশু কোন্ বিশে করিবে রচনা, আপন বিরাট্ নীড়।—কা ৪২।

বিরাট † পুং দেশবিশেষ। "ভোগবর্দ্ধনবিরাট-বিন্ধ্যাদ্রিপার্শ্বগা দেশাঃ। —বৃহৎসংহিতা ১৬.১২। [মহাভারতে 'বিরাট' নগর, মৎস্যদেশে বিরাট-রাজের রাজধানী (মহা ৪.১.১ ; ১৭,-৯ ; ২৭)। বোধ হয়, বিরাট-দেশের নামানুসারে ইহার নামকরণ।] ২ মৎস্যদেশের রাজা। "মৎস্যো বিরাটো বলবান্ মহা ১.৪.১২ ; বিরাটম্...রাজানম্ ২২। গী ১.৪ [যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতা দ্রৌপদীর সহিত ইঁহার রাজধানীতে কঙ্কাদি নামে পরিচয় দিয়া গুপ্তাকারে এক বৎসর অজ্ঞাতবাস করেন। ইঁহার পত্নী সুদেষ্ণা, পুত্র উত্তর, কন্যা উত্তরা অভিমন্যুর পত্নী, পরীক্ষিতের জননী এবং শ্যালক কীচক।] [°জ (পুং)—বিরাট-দেশজাত হীরক ; রাজাবর্ত্ত। °জা (স্ত্রী)—বিরাটকন্যা উত্তরা। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—বিরাট নগরে পাণ্ডবগণের অজ্ঞাতবাসবিষয়ক মহাভারতের চতুর্থপর্ব্ব। °কুমার, °নন্দন, °পুত্র (পুং)—উত্তর। "°কুমার ম ৬৩৭ ; °নন্দন ৬০৮। °পুত্র মে ৩৮।]

বিরাটতনয় † পুং [ষ.ত] ১ বিরাটপুত্র উত্তর। "ভ ১.১০.৯। ২ [বাঙ্লায়, অপ্র] প্রশ্নের উত্তর। "সখি হে, বিরাটতনয় দেহ দান।—জ্ঞা ২৩১। ৩ উত্তরদিক্। "বিরাটতনয়মুখে যদি কর ভর শ্রী ৭৩ ; ৮৯ ; ১২১।

বিরাড় বিং [বিরাট্[২] > °ড় ; অপ্র] মহান্, বিষম। বীর যমরাড়, বুঝিয়া বিরাড়, বিপদে না বান্ধে বুক শ্রী ১৪২।

বিরাত্র † পুং [বহু রাত্রি, প্রা.স, সমাসান্ত 'অ' (অচ্)] বহুরাত্র (নীলকণ্ঠ), অধিকরাত্র। "মহা ৩.২৯৮.৩২।

বি(বে)রাদর বি [ফা বিরাদর, তু সং ভ্রাতৃ—ভ্রাতর ; cf., L. frater ; E. brother] ভাই, ভ্রাতৃতুল্য একধর্ম্মাবলম্বী। "দশ বিশ বেরাদরে, বসিয়া বিচার করে ক.চ ৮৫। —দরী বি [ফা বিরাদরী] ভ্রাতৃত্ব, ভ্রাতৃবৎ সম্বন্ধ। "ব.প ৩১৯। —দারি বি [ফা বিরাদরী] ১ আত্মীয়-স্বজন। "ক্রিহ আমারদিগের বেরাদারির মধ্যে E.P. 120. ২ ভ্রাতৃবৎ এক প্রভুর অধীন কর্ম্মচারী। "বিরাদারিদের দরকার : আপন আপন বিরাদারি সমেত সা.সা ৩৪।

বিরাদ্ধ † বিণ [বি+ √রাধ্+ত (ক্ত)-র্ম] বিপ্রকৃত, উপদ্রুত, উৎপীড়িত। "মাঘ ২.৪১। —রাদ্ধা (-দ্ধৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব] বিপ্রকর্ত্তা, উৎপীড়ক। "মাঘ ২.৪১।

বিরাদ্ধা দ্র 'বিরাদ্ধ'।

বিরাধ † পুং [বি+ √রাধ্+অ (অচ্)-ক] 'উৎপীড়ক', দণ্ডকারণ্যবাসী রাক্ষসবিশেষ। "রা ১.১.৪১। [বিরাধ কুবেরশাপে ভ্রষ্ট তুম্বুরু নামে গন্ধর্ব্ব। রাম কর্ত্তৃক নিহত হইয়া বিরাধ শাপমুক্ত হয় (রা ৩.৪. ১৬-১৯)।]

বিরানই, -নব্বুই স.বিং [সং দ্বি(দ্বা)নবতি > লি বি(বা)-নর্ তি ; হি বানবে ; ঠ ব্যাণ্ণব ; গু বাণু ; প বানবেং ; সি বিআনার ; ড় বিরানব্বই ; তু 'বিরাইল' (চ.বি ৩৮৭)] দ্বিনবতিসংখ্যক। —নই, —নব্বুই বি বিরানই (৯২) সংখ্যা।

বিরানা বিং [ফা বিগা.না ; হি বিরানা , ঠ বিরাণা, -না ; ডা বেরানা' —ভিন্ন, পৃথক্] যে আপন নহে ; পর, অন্য। "বিরানার বাছা বলি বাস নাহি মনে শি ৮৪ ; নিজ নাথ হয় বিরানার পারা ১০৭।

বিরাব † পুং [বি+ √রু+অ (ঘঞ্)-ভা] মহাশব্দ, উচ্চৈরব, নিঃস্বন। "(রক্ষসা) মুক্তো বিরাবঃ রা ৭.১৬.২৯। (কুঞ্জরৈঃ) মুক্তো বিরাবঃ মহা ৩.১৪৬.৬৪। —রাবণ বিণ [+ √রাবি+অন(ল্যুট্) -ক] বিশেষভাবে ত্রিলোকীক্রন্দন (টীকা), অর্থাৎ ত্রিলোকের ক্রন্দন-হেতুভূত। "(রাবণম্) বিরাবণম্ রা ১.১৫.৩৩। —রাবী (-বিন্) বিণ [+ √রু+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -বিণী] ১ মহারবকারী, গর্জ্জন-কারী। "গম্ভীরবিরাবিণস্তড়িৎবন্তঃ।—বৃহৎসংহিতা ৩২.১৭। ২ আর্ত্তরব-কারী। "(সা) হম্ভারববিরাবিণী গো.রা ১.৫৫.৭। জননীং হা পুত্রেতি বিরাবিণীম্ ক.সা ২২.১৭৮। ৩ কূজনকারী। "শকুনো মধুরবিরাবী। —বৃহৎসংহিতা ৫৩.১০৯।

বিরাবণ, বিরাবী দ্র 'বিরাব'।

বিরাম † পুং [বি+ √রম্+অ (ঘঞ্)-ভা] ১ নিবৃত্তি। "প্রবৃত্তস্য-বিরামে ভবন্তী শাসিতব্যা (মহাভাষ্য)। বিরামায়াপ্যধর্ম্মস্য ভ ১০.৫০.১০। ২ অবসান, সমাপ্তি। "উ চ ৩.১৬। ৩ বিরতি, নির্ব্যাপারভাব। "মনু ২.৭৩। অ" গী.গো ১১.৯। ৪ বিশ্রাম, যতি। 'শ্রুতবোধ ১৪। ৫ (ব্যাকরণে) পরবর্ণাভাব, অবসান। "পা ১.৪.১১০। ৬ স্তম্ভন, থামা। ৭ [+অ-ধি] ব্যঞ্জনের নিম্নস্থ বিরামস্থানসূচক তির্য্যক্ চিহ্ন বা হসন্তচিহ্ন। ৮ বিষ্ণু।

বিরাল † দ্র 'বিড়াল'।

বিরালাক্ষ বি [°ল+অক্ষ] রুদ্রাক্ষের মত জপমালার ফলবিশেষ। "রুদ্রাক্ষ বিরাল-অক্ষ সুবর্ণ রজতে। বাজিয়া ধরিলা কণ্ঠে মহেশের প্রীতে॥ —চৈ.ভা ৪৫৮।

বিরাশী স.বিং [সং দ্ব্যশীতি > লি দ্বিয়াসীতি, দ্বাসীতি ; প্রা বিঅসী (?) ; হি বযাসী ; ঠ ব্যাযশী ; গু ব্যাসী , প, সি বিআসী ; ড় বিরাশী] দ্ব্যশীতি-সংখ্যক। —শী বি বিরাশী (৮২) সংখ্যা। [বিরাশীর ওজন—বিরাশী সিক্কার পাকা ওজন। বিরাশী সিক্কা ওজনে—সম্পূর্ণ পরিমাণে ; যথাশক্তি সবেগে। "বিরাশী সিক্কা ওজনে ঝাঁটা পড়িতে লাগিল ম.প্র ১৮১। বিরাশী সিক্কার চড়—প্রচণ্ড চপেটাঘাত।]

বিরি, -রী বি [ব্রীহি > বিরীহি > বিরী, -রি] কালকলায়।

বিরিক্ষুখ, -রিখ, -রিখি বি [বৃক্ষ > ব্রিক্ষ্খ > (স্বরাগমে) বিরিক্ষ্খ, বিরিখ,-খি, দ্র 'ক্ষ[১], খ[২] ; অপ্র] বৃক্ষ। "বিরিখের ফল গো.চ ৭৬ ; বিরিক্ষুখের পাতা ১৩৮। বিরিখের ফল নহে ত পিরীতি নাহি মিলে যথা তথা চ.দা ১২৮। সেই (অঙ্কুর) বিরিখি হইল।—জ্ঞা ১৬৫ ; পিরীতি বিরিখে হেন ফল ১৮৫।

বিরিখ, বিরিখি দ্র 'বিরিকৃথ'।

বিরিঞ্চ,-ঞ্চি † পুং [বি+ √রচ্+অ (অচ্),+ই (ইন্),-ক, পৃষো (অ.দ্রী)] ১ 'লোকবিরচয়িতা', ব্রহ্মা। "°ক ভ ১ ১১.৬, ক সা ৭.৩৪। বিরিঞ্চি।—কৃ২। ২ বিষ্ণু। ৩ শিব।

বিরিঞ্চি দ্র 'বিরিঞ্চ'।

বিরিন্দাবন বি [বৃন্দাবন>°ন, দ্র 'বিরিকৃথ', অপ্র] বৃন্দাবন। "সকল বিরিন্দাবন চাহিবা বেড়ায় রা.প ১৮।

বিরিষ্ক † স্ত্রী [বি+রেভ্ শব্দ+ত (ক্ত)-ভা, নিপাতিত, পা ৭.২ ১৮] স্বর। "বিধিবিহিতবিরিষ্কৈঃ সামধেনীমধীত্য মাঘ ১১ ৪১।

বিরুগ্ন † বিণ [বি+ √রুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ভিন্নাঙ্গ। "ভট্টি ১২ ৭৫। ২ অবসন্ন, কুণ্ঠিত, ভোঁতা। "ভট্টি ৫ ২৫। ৩ ভগ্ন।

বিরুত † পুং, স্ত্রী [বি+ √রুদ্+অ (ঘঞর্থে 'ক')-ভা] ১ উচ্চৈঃক্রন্দন, পরিদেবনা, বিলাপ। ২ গদ্যপদ্যময়ী রাজস্তুতি। 'সা.দ ৬ ৩৩৭। রুদিত স্ত্রী [+ত (ক্ত)-ভা] পরিদেবিত, বিলপন। "বিরুদিত (পাঠান্তর) উ.চ ৩ ৩০।

বিরুদিত দ্র বিরুদ'।

বিরুদ্ধ † বিণ [বি+ √রুধ্+ত (ক্ত) -র্ম্ম] ১ বিশেষরুদ্ধ, প্রতিবদ্ধ, বাধিত। ২ প্রতিষিদ্ধ, অবিহিত। 'ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি গী ৭ ১১। মনু ৪ ১৫। ৩ নিয়ন্ত্রিত, নিগৃহীত। ৪ [°দ্ধ+অ (অচ) অস্ত্যর্থে] বিবাধবান্, প্রতিকূল। পরস্পরবিরুদ্ধানাং তেষাম্ মনু ৭ ১৫২, ৮ ৪৬। শিবপত্নীর ভর্তা—ইহা শুনিতে বিরুদ্ধ চৈ চ ৫৯। ৫ বিপরীত, বিরোধী। "মাঘ ৯ ৬২। ৬ বিপরীতধর্ম্মা, বিরোধিগুণ। ৭ অননুরূপ, অযোগ্য। "কিমিদং বর্ত্তসে ভদ্রে বিরুদ্ধং যৌবনস্ত তে। —রা ৭ ১৭ ৪। ৮ পরস্পরবিরোধী, অসম্বদ্ধ, সঙ্গতিহীন। "বিরুদ্ধং বহু ভাষতে যাজ্ঞ২ ১৪। ৯ ন্যায়বিরোধী, অন্যায়, অনুচিত। ১০ (ন্যায়ে) সাধ্যাভাবব্যাপ্ত (হেতু)। 'সাধ্যাভাবব্যাপ্তো হেতুর্বিরুদ্ধঃ। —রুদ্ধ স্ত্রী [+ত-ভা] ১ বিরোধ, প্রতিকূলতা। ২ ধর্ম্মশাস্ত্রবিরুদ্ধকার্য্য। "সমারব্ধং বিরুদ্ধম্ রা ২ ৫৮ ৩০। [°ভোজন (স্ত্রী)—নিষিদ্ধখাদ্য, পরস্পরবিরোধী খাদ্য। °মতিকৃৎ (পুং) °মতিকারিতা (স্ত্রী)—প্রতিকূলবুদ্ধিকারক কাব্যদোষবিশেষ। '°তা সা দ ৭ ৩। °কৃৎ চৈ চ ৫৯।]

বিরুক্ষণ † বিণ [বি+ √রুক্ষ+অন (ল্যুট্)-ভা] রুক্ষতাজনক, সংকোচন, রুক্ষ (সুশ্রুত)।

বিরূঢ় † বিণ [বি+ √রুহ্+ত (ক্ত)-ক, বৈদিক] ১ জাত, উৎপন্ন। '°শষ্পং (গহ্বরম্) রঘু ২ ২৬। °বোধ ভ ৩ ৮ ২২। ২ অঙ্কুরিত। "উটজ-দ্বারি বিরূঢং নীবারবলিম্ শ ৪ ২১। ৩ অত্যন্তবদ্ধ। "অশ্বত্থমেনং সুবিরূঢ়-মূলম্ গী ১৫ ৩।

বিরূপ † বিণ [বহুব্রী] ১ বিকৃতরূপ, বিকৃতাকার, কদাকার। রা ১ ৫৯ ২০। এমত বিরূপ তোমা কভু নাহি দেখি বি পা ২৪৯। বিরূপ সারথি ইহার দেখি যে বামন ম বি ১৩০। ২ বিকট, বিকৃত। "বিরূপা-মাকৃতিম্ ক সা ১২ ৬৯। ৩ বিবিধরূপ, নানাকৃতি, নানাপ্রকার। ৪ নিন্দিত (ত বা)। ৫ (বাঙ্লায়) প্রতিকূল, বিমুখ। "বুঝি পারা বিধাতা বিরূপ এতদিনে শ্রী.মা ১৯৫, বিধাতা বিরূপ দেবে ২০৫। ৬ অননুরূপ, কটু, কড়া। "রাজদর্প ধরি বলে বিরূপ উত্তর শ্রী ম ১২৫, বিরূপ বাহিনী ২০৮। বিরূপ…বচন অ.প ১০৫। ওঝাকে বিরূপ বলে বা.ম ১২৫। বিরূপ বল শ্রী ৭১, ১৩০। বিরূপ বলিয়াছ ম ম ২২৬। ৭ বিকৃতচিত্ত, কুপিত। "বিলম্ব হইলে পরে বিরূপ হব স°ম শ্রী মা ২১৮। ৮ অস্বাভাবিকরূপ, ভীষণ। "বিরূপ গর্জ্জনে কারো দেইত ভাবুকি শ্রী.ম ২১১। ৯ বিপরীত। "না হবে নিতান্ত রূপ-বিরূপ চরিত্র বি.সু ১২২। ১০ অনুরাগহীন, অনাসক্ত। "বিশেষ বুঝিয়া বিরূপ তার মন ম বি ৮৭। —রূপ পুং শিব। —রূপ স্ত্রী [প্রা.স] ১ বিকৃত রূপ, কুৎসিত আকৃতি। ২ বিভিন্ন আকৃতি, পৃথক্ মূর্ত্তি। "ইন্দ্র-আদি যাবু শিব, চরাচর যত জীব, কেহ নহে তোমার বিরূপ।—ম ৭৮৯। —রূপা স্ত্রী ১ দুরালভা। ২ অতিবিষা।

বিরূপকরণ † বিণ [ষ.ত] বিরূপসাধন, বিকৃতরূপকারক। "জরা…°ণী নৃণাম্ ভ ৯.১৮ ৩৬। —করণ স্ত্রী [ষ.ত] ১ বিকৃতাকারকরণ, বিরূপীকরণ। "শূর্পণখ্যাঃ…°ণম্ রা ১ ৩ ১৯। ২ বিরুদ্ধাচরণ, অপকার। বিপ 'উপকরণ'। "তেন তব বিরূপকরণে সুকৃতমন্তরে ধৃতম্।—পঞ্চ ৪১/২। সর্বোঽপি জনো বিরূপকরণে সমর্থো ভবতি নোপকরণে (পঞ্চ)।

বিরূপা দ্র 'বিরূপ'।

বিরূপাক্ষ † বিণ [বিরূপ অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্), স্ত্রী -ক্ষী] ১ বিকৃতলোচন, কুৎসিতনেত্র। বিপ 'বিশালাক্ষ'। "গো.রা ৩.২৩ ১৬। ২ রবিচন্দ্রাগ্নিরূপনেত্রহেতু বিরূপনেত্রযুক্ত (শিব)। "বপু-র্বিরূপাক্ষম্ কু.স ৫ ৭২। —রূপাক্ষ পুং শিব। "মহা ১২.২৯৯। কু.স ৬ ২১। সা দ ১০১/৪। —রূপাক্ষী বি (বাঙ্লায়) ত্রিনয়না দুর্গা। "কৃ ৩৫০।

বিরূপাক্ষী দ্র 'বিরূপাক্ষ'।

বিরেক † পুং [বি+ √রিচ্+অ (ঘঞ্)-ভা] মলভেদ, বিরেচন, মল-নিঃসারণ। —রেচক বিণ [+অক (ণ্বুল্)-ক] রেচনকারক, মলভেদক, সারক। "মূলং তস্য (পটোলস্য) বিরেচকম্ (বৈদ্যক)। —রেচন বিণ [+অন (ল্যুট্)-ক] সর্থ বিরেচক'। —রেচন স্ত্রী [+অন-ভা] ১ সর্থ 'বিরেক'। ২ [+অন-ণ] বিরেচনদ্রব্য, সারকবস্তু, জোলাপ।

বিরেচক, বিরেচন দ্র 'বিরেক'।

বিরোক † পুং [বি+ √রুচ্+অ (ঘঞ্)-ণ, তু '°ক'—বিরোচন (ঋগ্বেদ ৩ ৫ ২)] রশ্মি। —রোক স্ত্রী ছিদ্র। "নাসা°পবন মাঘ ৫ ৫৪। —রোচন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ দীপ্ত, উজ্জ্বল। ২ [+ √রোচি+অন-ক] প্রকাশক, উদ্ভাসক। "সূর্য্যাৎ সর্ব্বলোক-বিরোচনাৎ (মহা)। —রোচন পুং ১ সূর্য্য। "মহা ৩ ৩ ৬৩। তাহে দুনয়ন বিরোচন সব প্রকাশয়।—কৃ ১৯৮। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ বিষ্ণু। ৫ অর্কবৃক্ষ, শোনাকভেদ, পূতকরঞ্জ। ৬ প্রহ্লাদপুত্র বলিরাজপিতা দৈত্যবিশেষ। —রোচিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] ১ পরপ্রকাশক। "মনু ১ ৭৭। ২ [+ √রুচ্+ইষ্ণু-ক] দীপ্তিশীল, ভাস্বর।

বিরোচন † দ্র 'বিরোক'। [°সুত (পুং)—বলিরাজ।]

বিরোজা বি [সং বিড়োজাঃ, অপ্র] ইন্দ্র। "ম পা ২৬।

বিরোধ † পুং [বি+ √রুধ +অ (ঘঞ্)-ভা] ১ বিপরীতরোধ অপ্রতিপত্তি, ব্যাঘাত। ২ বৈর, শত্রুভাব। 'পা ২ ৪ ৯। বিরোধো বলবতা রা ১১ ৫১। মুক্তশেষ° রঘু ১০·১৩। বিরোধা বিশ্রান্তঃ উ চ ৬ ১১। ৩ সহানবস্থান (একত্র অনবস্থিতি)। "পা ২ ৪ ৯, তত্ত্ববোধিনী। ৪ গ্রহাদির প্রতিকূলাচরণ। "একগ্রহস্থ ফলয়োর্বিরোধাৎ (S W)। ৫ মতদ্বৈধ, মতভেদ। "স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারত যাজ্ঞ ২ ২১। ৬ অসঙ্গতি, বৈষম্য। 'চৈ চ ১৮, কমলে গঙ্গার জন্ম—অত্যন্ত বিরোধ ৫৯। ৭ পূর্ব্বাপরাসম্বন্ধ, অনৈক্য। ৮ নাশ, ক্ষয়। "শরীরস্তা-বিরোধেন মহা ৩ ৩০০ ২, প্রাণ°৩। ৯ (নাট্যে) ব্যসনপ্রাপ্তি, বিপৎ-প্রাপ্তি (প্রতিমুখসন্ধির অঙ্গবিশেষ)। 'বিরোধো ব্যসনপ্রাপ্তিঃ সা দ ৬ ৯২। ১০ [+অ (অচ)-ক] (ন্যায়ে) সাধ্যের অসামানাধিকরণ্য (শ.ক)। ১১ অর্থালঙ্কারবিশেষ। [বাস্তবিক বিরোধ না থাকিলেও, বস্তুদ্বয়ের আপাততঃ প্রতীয়মান বিরোধকে 'বিরোধালঙ্কার' কহে। জাতিগুণক্রিয়া-দ্রব্যাত্মক পদার্থসমূহের পরস্পর দশপ্রকার বিরোধ সম্ভব (সা দ ১০.৬৮, -৯। কা প্র ১০ ১১০,-১)। যেমন, "চাঁদের মণ্ডল, বদিষে গরল, চন্দন আগুনকণা (ভা চ ৩১৭)।] —রোধক বিণ [+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -ধিকা] ১ বিরোধকারী, বিদ্বেষক। ২ বিঘ্নকর, প্রতিবন্ধক। ৩ প্রতিকূল। "ধর্ম্মে…লোকবেদবিরোধকে মহা ১ ১৯৯.৬। —রোধন বিণ [+অন

(ল্যুট্) -ক] বিরোধক। "সর্ব্বরাজ° (মহা)। —রোধন ক্লী [+অন-ভা] ১ বিরোধ, ব্যাঘাত। ২ অসঙ্গতি, বিসংবাদ। ৩ বিদ্বেষ, বৈরাচরণ। ৪ (নাট্যে) বিমর্শসন্ধির অঙ্গবিশেষ। 'সা.দ ৬.১০৬। —রোধী (-ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ধিনী] ১ প্রতিবন্ধক, বিঘ্নকারক। "অর্থান্ স্বাধ্যায়স্ত বিরোধিনঃ মনু ৪.১৭। ২ প্রতিকূল। "বিরোধিবচস্ মাঘ ২.২৫। ৩ শত্রুতাপন্ন, বৈরী। "বিরোধিসত্ত্ব কু.স ৫.১৭। ৪ সঙ্গতি-হীন, অসম্বদ্ধ। ৫ প্রতিযোগী। ৬ বিপরীত, অহিতকর। "কুর্ব্বংশ্চাবিধিনা কর্ম্ম বিরোধিফলমশ্নুতে ক.সা ৬৪.১৪। ৭ অননুরূপ, বিসদৃশ। "তপোবনবিরোধিনো বিকারস্ত শ ১ ২/২ ২/৩। —রোধী পুং বৈরী, রিপু। —"মাঘ ১৬.৬৪। [°বচাঃ (-চস্) বিণ—প্রতিকূলবাদী। °ভাক্ (-জ্) বিণ—প্রতিকূল।]

বিরোধক, -রোধন † দ্র 'বিরোধ'।

বিরোধাভাস † পুং [আ+ √ভাস্+অ (অচ্)-ক—আভাস; বিরোধ আভাস (কর্ম্মধা)] যাহা বিরোধ ও আভাস, অর্থাৎ আপাততঃ বিরোধবৎ প্রতীয়মান; সর্থ 'বিরোধ (১১)। দ্র 'কা.প্র ১০ ১১০, টীকা। সা.দ ১০.৬৯, টীকা। "চৈ চ ৫৯; ৩৪৭।

বিরোধালঙ্কার পুং [কর্ম্মধা] সর্থ 'বিরোধ (১১)। "চৈ চ ৩৪৭।

বিরোধিনী বি 'কলহপ্রিয়া', নারদের ঢেঁকি। "শি ৭৭।

বিরোধোক্তি † স্ত্রী [কর্ম্মধা] পরবচনবিরোধী বচন (অ.টী)।

বিরোপণ † বিণ [বি+ √রুহ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] শোষণ, প্রশমনকর। "ব্রণবিরোপণমিঙ্গুদীনা° তৈলম্ শ ৪.১৪। —রোপণ ক্লী [+অন-ভা] রোপণ। "সংক্রামণবিরোপণম্ (কুর্য্যাৎ)।—বৃহৎসংহিতা ৫৫.৭।

বিরোম † বিণ [বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্), স্ত্রী -মা] রোমহীন। "জন্তে বিরোমে (বিরেজতুঃ) বিষ্ণু ১.২৬।

বিরোষ † বিণ [বহুব্রী] বিগতরোষ, অক্রোধ। "মহা ৩.১৫৪.২৭।

বিরোহ † পুং [বি+ √রুহ্+অ (ঘঞ্)-ভা] ১ প্ররোহ, অঙ্কুরোদ্গম। "ছেদ° ভ ৬.৯৮। ২ [+অ-ধি] উদ্ভবস্থান। "কলেবরমশেষরুজাং বিরোহঃ ভ ৭.৯.২৫। —রোহণ ক্লী [+অন-ভা] উৎপত্তি। "শুষ্ক°। —বৃহৎসংহিতা ৪৬.৮৮।

বিরোহণ দ্র 'বিরোহ'।

বিল্ † সক [তুদা, চু, প—বিলতি, বেলয়তি, সেট্] ভেদন। —ল্ † সক [তুদা,প—বিলতি; সেট্] ১ আচ্ছাদন, পরিধান। (ক.ক)। ২ ভেদন (প্রদীপ)।

বিল[১] † [√বিল্+অ (ক)-ক; তু 'বিল্ল', দ্রবিড়ীয় (?)] ১ গুহা। "ঋগ্বেদ ১.১১.৫। অশ্বা °যোনয়ঃ কু.স ৬.৩৯। ২ [তু 'বিল'—প্রবহণদ্বার (অপাং বিলম্—ঋগ্বেদ ১.৩২.১১)] বিবর, ছিদ্র, রন্ধ্র। ৩ ভূরন্ধ্র, গর্ত্ত। "মহাসর্পো বিলস্থঃ রা ২.২৩.২। আখু°।—পঞ্চ ৩.১৬। শতমুখে বিলে হি ১.৩৯। ভুজঙ্গ দেখি ব্যাল, বিলে প্রবেশিল লাজে।—ম ১৮৩। ৪ সুরঙ্গ। "(তে) বিলেন তেন নির্গত্য জগ্মুঃ মহা ১.১৪৮ ১৮। ৫ বল্মীকাদিগর্ত্ত। রঘু ১২.৫। ৬ ['বিল'—মধ্য (শুক্লযজুর্ব্বেদ ১১.৫৯)] পাত্রমধ্য (the hollow of a dish)। ৭ মুখ। "(নাগাশ্চ তক্ষকম্) বিধায় বৎসং দুদুহুর্বিলপাত্রে বিষং পয়ঃ।—ভ ৪.১৮.২২। ৮ স্ত্রীযোনি। —ল পুং ১ উচ্চৈঃশ্রবাঃ। তু 'অশ্বা বিলযোনয়ঃ কু স ৬.৩৯। ২ (গর্ত্তজাত) বেতস। —ল † ক্লী সর্থ 'বিল[১]। [°কারী (-রিন্) বিণ—'গর্ত্তকারক', মূষিক। °যোনি (বিণ)—গুহাজাত। °শায়ী (-য়িন্) বিণ—গর্ত্তশায়ী; (পুং) গর্ত্তশায়ী প্রাণী মূষিকাদি।]

বিল[২] '-ল্' বি [সং বিল[১]; ড় বিল্ল] বিস্তীর্ণ জলাভূমি। "খাল বিল পুখুর পূরিল (পদ্মমালা)। [°মাছা—বিলের মাছ—কৈ মাগুর ইত্যাদি। °সোনা—পাখী। "শ্রী.মা ৮৬।]

বিল[৩] [E. bill] ১ ক্রেতাকে দেয় বিক্রীত দ্রব্যের হিসাব। ২ কৃত কর্ম্মের মজুরীর হিসাব। ৩ আইনের খসড়া।

বিলই বি [তা পিল্লি; ড় বিলেই] বিড়াল। গো.চ ৩৪।

বিলক্ষ † বিণ [বি+ √লক্ষ্+অ (অচ)-র্ম্ম] ১ বিরূপলক্ষ্য, বিক্লব, অভিভূত। "লজ্জা° শ ৬.৫। ২ বিস্ময়ান্বিত। "ক.সা ৩৬.৩৫। °মনাঃ। —পঞ্চ ১ ২/১ ৬/১। ৩ অস্বাভাবিক, কৃত্রিম। "°স্মিত (কাদম্বরী)। ৪ লজ্জিত, ব্রীড়িত। "(উভৌ) দর্পভঙ্গবিলক্ষৌ ক.সা ৪৪.৬০। —লক্ষ পুং [+অ-ভা] বিস্ময়। "মকরঃ সবিলক্ষং চিন্তিতবান্।—পঞ্চ ৪ ২/১ ৫/৬। —লক্ষণ বিণ [বহুব্রী] ১ বিশিষ্টলক্ষণ, বিভিন্ন, পৃথক্। "পৈশাচীং ভাষাত্রয়বিলক্ষণাম্ ক.সা ৬.৪। ২ অনেকপ্রকার, নানাভেদ। "ভ ৫.৬.৬; বিলক্ষণস্য জ্ঞানস্য ১০.৪৬.৩১। ৩ অসাধারণ, অসামান্য। "স্ব-বিলক্ষণাত্মন্ ভ ১০.৭০.৩৮। °দেহ মনু ৫.৪২, কুল্লুক। মহাপুরুষের চিহ্ন দেখিল বিলক্ষণ অ.প ১৩০। ৪ 'বিগতবিশেষলক্ষণ', বিশেষলক্ষণহীন। ৫ (বাঙ্লায়) বিশেষ বাঞ্ছিত; অভীষ্ট। "বিলক্ষণ বর মাগ শি ৬১; ৬৬। ৬ দিব্য, উৎকৃষ্ট। "বিলক্ষণ বিপিনে হৈল বাড়ী ঘর শ্রী.মা ১২৪। বিলক্ষণ অঙ্গদ বলয়।—শি ১০৩। ৭ অমোঘ, অব্যর্থ। "ভেজস্তম্ভন ঔষধ বিলক্ষণ শি ৩১। ৮ অতিরিক্ত, অধিক। "বিলক্ষণ অঙ্গুলি দেখিয়া তার পায অ.প ১৩০। ৯ মনোহর, চিত্তাকর্ষক। "বিলক্ষণ বেশে যাব তার বিদ্যমান।—ব.প ৩৮৫। ১০ ভিন্নপ্রকার, বিকৃত। "জল পরশিলে কেঙ্কে তনু বিলক্ষণ অ.প ৮৮। ১১ সর্বাধিক, খুব। "পুষ্পের সৌগন্ধ বিলক্ষণ ন প ২১৫। শাক পাতাড়ে বিলক্ষণ টান।—হেম ৩৯০। ১২ আশাতিরিক্ত, বেশ। "নিমকীর দাওয়ানীতে বিলক্ষণ দশ টাকা উপায় ছিল।—হু ২, চোটায় বিলক্ষণ দশ টাকা আসতো ৩২। ১৩ অত্যন্ত, একান্ত। "পান তামাক মাথায় থাক,...সাদর সম্ভাষণেরও বিলক্ষণ অপ্রতুল।—হু ১৯২; ২২৮। ১৪ অদ্ভুত, আচ্ছা (বিস্ময়ে)। "তুমি ত বিলক্ষণ লোক দেখিছি।—এক বল, আর কর! —লক্ষণ ক্রি.বিং ১ ভালরকম, বেশ। "মেঘনাদ নামে পুত্র..., রাবণের, বিলক্ষণ জান তুমি তারে মে ৪৬। আজি ও পাপীর মন, বুঝি আমি বিলক্ষণ মা ১৬২। ২ বেশ, খুব। "মেরজাইটিও বিলক্ষণ ধোবো ছিল।—হু ১৬৩। ৩ বিশেষভাবে শীঘ্র। "ভ্রমর ক্ষীরিকে টাস করিয়া এক চড় মারিল। ভ্রমরের হাত বিলক্ষণ চলিত।—ব.প্র ২৯০। —লক্ষণ ক্লী [বিগত লক্ষণ (আলোচন) যাহাতে, বহুব্রী (অ.টী)] হেতুশূন্য আস্থা বা স্থিতি (অ.টী)। —লক্ষিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ বিশেষলক্ষিত, সবিশেষদৃষ্ট। ২ লজ্জিত। "নির্ব্যাপারবিলক্ষিতানি...বলানি উ.চ ৬ ১/১ ৪/৫। ক.সা ১৩.১৭৪। ৩ বিস্ময়ান্বিত। "গী.গো ২ ১৯। ৪ বিক্লব, বিহ্বল। ৫ [বহুব্রী] বিষমদৃষ্টি (নীলকণ্ঠ), বিস্ময়বিহ্বল। "মহা ১.১৮৮.২৩।

বিলক্ষণ, -লক্ষিত † দ্র 'বিলক্ষ'।

বিলগ্ন † বিণ [বি+ √লস্জ্+ত (ক্ত)-ক] ১ বিশেষ লগ্ন, সংসক্ত। "পক্ষ্ম° (বাষ্প) শ ৭.২৫। ২ স্থিত। "অম্বর° (তমঃ) মাঘ ৯.২০। ৩ সংক্রান্ত। "পুরোবিলগ্নৈর্হরদৃষ্টিপাতৈঃ কু.স ৭.৫০। ৪ কৃশ, তনু, ক্ষীণ। "বিলগ্নমধ্যঃ (সঃ) মহা ৩.১১২.৪। বেদি°মধ্যা কু.স ১.৩৯। —লগ্ন ক্লী ১ দেহের ঊর্দ্ধাধোভাগের সংযোগস্থল; মধ্য, কটি। ২ (জ্যোতিষে) উদিত মেষাদি রাশি; জন্মলগ্ন।

বিলঙ্ঘন † ক্লী [বি+ √লঙ্ঘ্+অন (ল্যুট্)-ভা] ১ উৎপ্লবন। "সাগরস্য °নম্ মহা ৩.২৮১.৫৮। ২ বিঘট্টিত, অভিঘাত। "ঘাদো° বিলোলবিলোচনা কি ৫.২৯। ৩ ব্যতিক্রম, উল্লঙ্ঘন। "কি ১৩.৫৫। মদ° ক.সা ৩৪.৪১। বাক্য° বি.পা ৮৫। ৪ উপবাস, অনাহার (সুশ্রুত)। —লঙ্ঘিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উৎপ্লুত। ২ অতিক্রান্ত। "বিলঙ্ঘিতাধ্বাঃ রঘু ৫.৪২। বিলঙ্ঘিতাকাশ (হিমালয়—S.W.)। ৩ উল্লঙ্ঘিত। "°স্থিতি মাঘ ১৭.১২। ৪ তিরস্কৃত, দোষীকৃত। "বিলঙ্ঘিতাধোরণ-

তীব্রবহ্বাঃ (গজেন্দ্রাঃ) রঘু ৫.৪৮। —লঙ্ঘী (-ঙ্ঘিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] বিলঙ্ঘনকারী, অতিক্রমী। "তপসা…ধর্মার্গবিলঙ্ঘিনা রঘু ১৫.৫৩। —লঙ্ঘ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ উল্লঙ্ঘনীয়। ২ অতিক্রমণীয়। "অবিলঙ্ঘ্যয়া (ঈর্ষ্যয়া) ক.সা ৪২.১৬১।

বিলঙ্ঘিত, -লঙ্ঘী, -লঙ্ঘ্য † দ্র 'বিলঙ্ঘন'।

বিলজ্জ † বিণ [বহুব্রী] বিগতলজ্জ, নির্লজ্জ। "ভ ৭.৪.৪০।

বিলপ অর্ম্ম [সং ব্রি+ √লপ্ > প্রা √ব্রিলব; √হি, ঠ ব্রিলপ] বিলাপ করা। "(বিনোদিনী) বিলপই বিপিন বিতান।—গো ২৫৯।

বিলপন † ক্লী [বি+ √লপ্+অন (ল্যুট্)-ভা] ১ বিলাপ, দুঃখপূর্ব্বক অনুশোচন। "করি এত বিলপন, প্রভু শচীনন্দন, উখাড়িয়া হৃদয়ের শোক চৈ.চ ৭৯। ২ রোদন। "°বিনোদ উ চ ৩.৩০। ৩ ভাষণ (শ.ক.); বহুভাষণ (A.)। —লপিত বিণ [+ত (ক্ত)-ক] কৃতবিলাপ; কন্দিত। —লপিত ক্লী [+ত-ভা] বিলাপ। "রা ২.৩৯.৪১।

বিলপিত দ্র 'বিলপন'।

বিল(লে)বাস, -বাসী(-সিন্) † বিণ [বহুব্রী; উ.ত; অলুক্] গর্ত্তবাসী প্রাণী; গন্ধমার্জ্জার। —বাসী পুং ১ গর্ত্তবাসী প্রাণী। "অহিশ্চ °বাসিনাম্ (শ্রেষ্ঠঃ) মহা ১৪.৪৩.২। ২ সর্প।

বিলম্ব[১] † বিণ [বি+ √লম্ব্+অ (অচ)-ক] লম্বমান, লম্বিত। "°বাহু গো.রা ৫.৪২ ২০। —লম্ব পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অশীঘ্রতা, গৌণ। "বিলম্ব মেহভবৎ তত্র তেন ন ত্ববযাগতঃ গো.রা ৬.৮৩.৪৪। গতিং প্রতি মুঞ্চ বিলম্বম্ গী.গো ১১ ৫। ২ লম্বন, ঝুলন। —লম্বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বিলম্ব। "ন কালোঽস্তিবিলম্বনে গো.বা ৬.৮.৪৫। বিফলং বিলম্বনম্ গী.গো ৫.১৭। এক দণ্ড কর বিলম্বন ক.চ ৭৪, ১৯৫। অ.প ৮৮। শ্রী.মা ৮৮; ১০১, বিলম্বনে কাজ নাই ১০২। চ বি ৬৫। বা.দ ২২৬। —লম্বিত বিণ [+ত(ক্ত)-ক] ১ অশীঘ্র, সগৌণ। "°ফলৈঃ…মনোরথৈঃ রঘু ১.৩৩। পা.প্র ১০৮। ২ চিরায়িত। "ক রামঃ শয়িতো রাত্রৌ ক স্থিতঃ ক বিলম্বিতঃ গো.রা ২.৯৩.১৩। অনুগ্রহবিলম্বিত ভ ৪.২০.২০। ৩ লম্বিত, লম্বমান। "কুচযুগ উপরি বিলম্বিত হার বি.প ২১৬। শ্রবণ বিলম্বিত (কুণ্ডল)—গ ৫৮। আগুল্ফবিলম্বিত কুঞ্চিত কেশগুচ্ছ ব প্র ২৮১। ৪ মন্দ। ৫ [+ত-ধি (অ.টী)] শিষ্যের অববোধার্থ যে বৃত্তিতে বিলম্ব হয; মন্দ (বৃত্তি)। 'শিষ্যাণামববোধার্থং কুর্য্যাদ্ বৃত্তিং বিলম্বিতাম্ (অ.টী)। ৬ নৃত্যগীতাদিতে অন্যের বোধনার্থ যে বৃত্তিতে গতিবিশেষদর্শন হেতু করচরণাদি মন্দ হয়, তাদৃশ (বৃত্তি)। —লম্বিত ক্লী [+ত-ভা] ১ বিলম্ব। ২ মন্দবৃত্তিবিশেষ। দ্র (৫; ৬)। —লম্বী(-ম্বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ লম্বিত, লম্বমান। "নবাম্বুভির্দূরবিলম্বিনো ঘনাঃ।—শ ৫.১১; শিরীষমাগণ্ডবিলম্বিকেশরম্ ৬.১৮। কু.স ১.১৪। রঘু ১০.৬২; আজানু° (ভুজ) ১৬.৮৪। কি ৫.৬। ২ স্রংসী, স্খলিত। জটামৌলিবিলম্বিশশিকোটয়ঃ কু.স ২.২৬। ৩ বিলম্বকারী। "ভবতি বিলম্বিনি বিগলিতলজ্জা গী.গো ৬৮।

বিলম্ব[২] অর্ম্ম [সং ব্রি+ √লম্ব্ > লি √ব্রিলম্ব, প্রা √ব্রিলংব; হি √ব্রিলংব] বিলম্ব করা। "কেন প্রাণনাথ তব বিলম্বেন আজি?—মে ৭৮; বিলম্বিলে আমি, ভগ্নোদ্যম রক্ষঃচমূ ১৯০। [বিলম্বায়ত (সং বিলম্বতে; তু 'চিরায়তি,-তে)— বিলম্ব করা। "কাহে বিলম্বায়ত কান।—গো ১৮৬।]

বিলম্ভ † পুং [বি+ √লম্ভ্+অ (ঘঞ্)-ভা] অতিদান (অ.কো)।

বিলয় † পুং [বি+ √লী+অ (অচ্)-ভা] ১ প্রলয়। "জগদ্বিলয়াম্বুমধ্যে ভ ৭.৯.৩২। ২ নাশ। "প্রতিজ্ঞায়াং হি নষ্টায়াং ধর্ম্মো হি বিলয়ং ব্রজেৎ রা ৭.১০৬.৯। ৩ নাশ, অবসান। "দিবসঃ…অগমদ্ বিলয়ম্ মাঘ ৯.১৭। ৪ অদর্শন, অন্তর্দ্ধান। "কথং বিলয় এব বৈদেহ্যাঃ সম্পন্নঃ উ.চ ৭২৬। ৫ মরণ। ৬ দ্রবীভাব। ৭ [+অ-ধি] লয়স্থান। "নমজ্জগদ্বিলয়োদয়াস্থানে ভ ৫.১৭.২৪। ৮ প্রলয়কাল, কল্পান্ত। —লয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিলয়, নাশ। "কফবিলয়ন (সুশ্রুত)। ২ দ্রবীভাব।

বিলয়ন দ্র 'বিলয়'।

বিলয়া অব্য [বিনয়া > °য়া; অপ্র] বিনা। "মানস দুরন্ত, বিলয়া দুষ্কৃত, সুকৃত না হৈল ভ্রমক্রমেতে ম.পা ৮১; ১২৪,-৩৯।

বিল(লে)শয় বিণ † [বিল+ √শী+অ (অচ্)-ক, বিকল্পে অলুক্] গর্ত্তশায়ী। —শয় পুং ১ গর্ত্তশায়ী প্রাণী। ২ নকুল। "মহা ১৪.৯০.৬। ৩ সর্প। ৪ শশক। —লশায়ী (-য়িন্) বিণ [+ √শী+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] গর্ত্তশায়ী।

বিলস অর্ম্ম [সং ব্রি+ √লস্ > প্রা √ব্রিলস; হি, ঠ √ব্রিলস; মৈ √বিলস] ১ শোভা পাওয়া; বিরাজ করা। "অরুণ চরণ, বিলসয়ে ঘন,-শ্যামের হৃদয় মাঝে ন.প ৩৭০; ৪০৬। কনয়া ভূধর, বেঢ়ি বিলসই, সুর-তরঙ্গিণী গঙ্গা জ.প ৩; ২০। ২ প্রকাশিত হওয়া। "এ মোর মনে, মহেশ সনে, বিলস মহিষমর্দ্দিনী।—দ্বু ৯৫। ৩ প্রকাশ পাওয়া। "এই নবদ্বীপে ক্ষেত্রপাল শিব হয়। অপার মহিমা লিঙ্গরূপে বিলসয়॥—ন.প ৩২০। ৪ বিহার করা, কেলি করা, ক্রীড়া করা। "সুপুরুখ বিলসই সো বরনারী বি.প ৩৪; কা সঞে বিলসব ১৭০; ২১২। রমণীমোহন, বিলসিতে মন, হইল মরমে পুনি চ.দা ৬৫। নাগরী নাগর, বিলসই ফাগুক রঙ্গে।—ব ১৮৪। (প্রভু) বিলসে পরমানন্দে ভক্তগোষ্ঠীসনে ন.প ২০৮; ৩০৯। ব্রজবধূ তোমা সনে, বিলসিব রাত্রি-দিবসে চৈ.চ ১৫৫। [বিলসই,-সত, -সয়, য়ে, -সে—বিলাস করে। বিলসব -সিব—বিলাস করিবে। বিলসিতে—বিলাস করিতে। বিলসঅ, -ই, -সন্তি (চ)।]

বিলসন † ক্লী [বি+ √লস্+অন (ল্যুট)-ভা] ১ স্ফুরণ, দীপ্তি। "চির° পূ মে ৩৮। ২ বিলাস, কেলি, বিহার। —লসিত বিণ [+ত (ক্ত)-ক] ১ দীপ্ত, ভাস্বান্। "করবিলসিতনিশিতপরশু (হর) ভা.চ ৭৫। ২ চারু। "গতিবিলাসবিলসিতরুচিরহাসলেশ ভ ৫.১৮.১৬। করবিলসিতরত্নদর্ব্বি…সারদা ভা.চ ৫১৮। ৩ উদ্ভূত। "ভ ১.২.৩১। ৪ প্রকটিত, প্রকাশ। ৫ ক্রীড়িত, কৃতবিহার। —লসিত ক্লী [+ত-ভা] ১ দীপ্তি। ২ স্ফুরিত, প্রকাশ। "খদ্যোতালী° উ.মে ২০; বিদ্যুদ্° কি ৫ ৪৬। ৩ বিহাব, কেলি। "বাল্যবিলসিত গেহ।—রঙ্গ ৩০। ৪ চেষ্টিত, লীলা। "বিলসিতমনুকুর্ব্বতী…বধূর্লতায়াঃ মাঘ ৭.৪৬; স্মরত° ১১.২৯। ৫ বিপাক, পরিণাম। "সুকৃত° মা.মা ২.৮। ৬ বিলাস, সৌন্দর্য্য, শোভা। "এত বিলসিত নহে তৃষ্ণা-নিবর্ত্তন ব.প ১২৯৮।

বিলা সম্ম [সং বি+ √লী+ই (ণিচ্)— √বিলায়ি > (√বিলায়) °লা (?), হি √"বিলা' (বিলয়ন)—নষ্ট হওয়া; অস √বিলা] বিতরণ করা; বিলান, দেওযা। "বাপকে মারিয়া তোর মাকে বিলাইলি—কৃ ২৫১। (প্রেমফল) বিলায় চৈতন্যমালী চৈ.চ ৪০। [বিলাওল, বিলায়ল—বিলাইল। "পতিতেরে বিলাওল ('বিলায়ল'—ন.প ৩৫৯) প্রেমের ভাণ্ডার।—ব ৯। বিলাব, -বে, -লায় (গো.চ)।]

বিলাই বি [সং বিলালী, হি. জাটু—বিলাঈ; ঠ বিল্লী, মৈ বিলাই; বিলাই (পাবনা, চট্টগ্রাম), বিলাইল (খুলনা); দ্র 'বিলই'; অপ্র] বিড়ালী; বিড়াল। "উন্দুর…বিলাই ধরি খাএ গো.বি ১৭৪। গো.চ ৬৪।

বিলাত বি [আ ব্রিলাযত্; °দ (গো.চ)] ১ দেশ, রাজ্য। "কোন মরদে সাদিয়া লবে তোর বিলাতের কড়ি° গো.চ ১৮৩। লক্ষের বিলাত লুটে বসে থাক ঘরে।—শ্রী ১০০; লোট লক্ষের বিলাত ১৭৩; ২০২। ২ স্থান। "বসিতে বিলাত কেহ না দিছে আন্ধারে ব.প ৩২৭। ৩ রাজস্ব। "রাজ্যার বিলাত সাধি খায় চৈ.চ ৩০৭। ৪ গুরুকে দেয় বার্ষিক প্রণামী। "বিলাত সাধিতে ভ.প্র ২৭২। ৫ কাঞ্জির শাসনাধীন দেশ। "সকল বিলাতে ভ্রমি ব.প ২১৫,-৭। ৬ বিদেশ। "গণনা করিবার গেছিলাম বিলাতক নাগিয়া গো.চ ২৭। ৭ ইংল্যাণ্ড। "দেখ না বিলাতে গিয়া জলের ভিতর। কিরূপ রয়েছে এক সেতু মনোহর॥—পদ্যপাঠ, ১ম ভাগ।

৮ ইউরোপ ; আমেরিকা। [বিলাত-পড়া—কারবারে প্রাপ্য টাকা আদায় না হওয়া। বিলাত-ফেরত—ইউরোপ বা আমেরিকা হইতে কৃতবিদ্য হইয়া প্রত্যাবৃত্ত। বিলেত বাকী—কারবারে অনাদায়ী টাকা।]

বিলাতি, -তী, -লিতি, -তী বিং [বিলাত+ঈ৭ ; আ রিলাযতী] ১ বিলাতে প্রস্তুত বা উৎপন্ন ; বিদেশীয়, অ-ভারতীয়। "বিলাতি বহুত চিজ বি.মু ১৯। বিলাতী খেলাত পরে জরকশী চীরা ভা.চ ২৬৪ ; বিলাতি খেলাত গায় ৪৬৬। ২ ইংল্যাণ্ডে ইউরোপে বা আমেরিকায় জাত বা কৃত। "বিলাতী কাপড়, কুকুর, কুমড়া, নুন, বেগুন ইত্যাদি। ৩ ইংল্যাণ্ডে ইউরোপে বা আমেরিকায় প্রচলিত ; সাহেবী। "বিলাতী কায়দা, চালচলন, ঢঙ। [বিলিতি যম—সাহেব ডাক্তার। "হু ৯।]

বিলাপ১ †পুং [বি+ √লপ্+অ (ঘঞ্)-ভা] ১ দুঃখপূর্ব্বক অনুশোচন ; পরিদেবন। "রা ২.২১.৫৪। বিরচিতবিবিধ° গী.গো ৭.২। বিলাপ করেন রাম।—কৃ ১৪৬। °বাক্য।—কাদ ৬৩। ২ ক্রন্দন (শব্দরত্নাবলী)। —লাপন২ স্ত্রী [+ √লাপি+অন (ল্যুট্)-ভা] বিলাপ, ক্রন্দন ; "সঃ…শ্রুত্বা সুতবিলাপনম্ ভ ১.১৮.৩৯ ; চিত্র° ৬.১৪.৫৯। —লাপী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] বিলাপকারী, পরিদেবয়িতা। "শ্বনিছে পবন দূরে, রহিয়া রহিয়া, উচ্ছ্বাসে বিলাপী যথা।—মে ১১২।

বিলাপ২ অর্ম্ম [বিলাপ১ > °প ; হি, ঠ √বিলাপ] বিলাপ করা ; শোক করা ; কাঁদা। "বিলাপয়ে ভীমসেন ম.বি ২২। বিলাপে বিষাদে, অঙ্গদ।—মে ২৫৭ ; বিলাপিল রক্ষঃকুলরিপু ২৫৯।

বিলাপন১ † স্ত্রী [বি+ √লা+ই (ণিচ্)— √লাপি+অন্ (ল্যুট্) -ভা] ১ স্নেহবিপাতন, ঘৃতাদিদ্রবীকরণ। ২ মৃত্যু। "পরীক্ষিতঃ …বিলাপনম্ ভ ১.৭.১২। ৩ অস্ত্রবিশেষ। "রা ১.৫৬.৭।

বিলাপন২ দ্র 'বিলাপ১'।

বিলায়তী বি ১লা আশ্বিন হইতে গণিত ফসলীসন-বিশেষ।

বিলাল, বিলালী † দ্র 'বিড়াল'।

বিলাস১ † পুং [বি+ √লস্+অ (ঘঞ্)-ভা] ১ ক্রীড়া, খেলা। ২ লীলা, শৃঙ্গারভাবজ ক্রিয়া, হাববিশেষ (অ.কো), ভাবব্যঞ্জক চেষ্টা। "শ ২.২। সবিলাসহাস মাঘ ৯.৩৬। ভ ৩.২৫.৩৬। ৩ চেষ্টিত। "পাটলিপটলকৃতগরতূণবিলাসে (বসন্তে) গী.গো ১.৩১। কেলি বিলাস বি.প ১৪৮। এমনি তবে কাটিবে যামিনী, আলস্তবিলাসে চ.কা ১১৯। ৪ কেলি, বিহার। "°মেখলাং রঘু ৮.৬৪। আন রমণী সঞে করহ বিলাস: ক্ষীরসিন্ধু তেজি কূপে বিলাস বি.প ১২৩ ; বিপরীত ভেল আজুক বিলাস ১৪৪। রজনী° চ.দা ৭৪। ব্রজের বিলাস ন.প ২১৩। রাসবিলাস-নাগর চৈ.চ ৩৪৩। ৫ সখেল-গতি। "সিংহবিলাসবিক্রমঃ (অপরঃ) মহা ৪.৮.১। শারদ জলদমালা ঐরাবতমত, ভ্রমিতেছে স্থানে স্থানে মন্থর বিলাসে ন ১০০৯। ৬ প্রিয়দর্শনাদি হেতু স্থিতিগমনোপবেশনাদির ও মুখনেত্রাদিকর্ম্মের বিশেষত্ব (সা.দ ৩.৯৯)। ৭ দীপ্তি। ৮ প্রকাশ, আবির্ভাব। "তোমার বিলাস সর্ব্বদেহে।—ম ১২৩১। এককালে সাত ঠাঞি করেন বিলাস চৈ.চ ১৫২ ; দুর্দ্দৈব বিলাস ১৫৫। ৯ ভগবানের অন্তাকারে অনেক প্রকাশবিশেষ (চৈ.চ ৪)। ১০ [+অ-শ] শ্রী, শোভা, সৌন্দর্য্য। "ক্ষৌমবসন-বিলাস শ্রী.ম ৩। নানাবর্ণ মাল্যের বিলাস চৈ.ভা ৪৫৮ ; শিরকম্পন° ৪৬০। তুমি ভগবান ক্ষীরনিধির বিলাস চৈ.ম ১৬২। ১১ রাসাদি। "ভ ১.৯.৪০। ১২ সাত্ত্বিকনায়কগুণবিশেষ (সা.দ ৩.৫২) ১৩ বিলাসদ্রব্য—বেশভূষাদি। "°ব্যয় হি ৩১/৪৩। ১৪ (বাঙ্লায়) আমোদ-আহ্লাদ। "ভাণ্ডারে ভাণ্ডারের তহা, খাও পর করহ বিলাস।—ক.চ ২২০। ১৫ লীলা, অবতারকার্য্য। "কে বুঝিতে পারে গৌরচন্দ্রের বিলাস ন.প ২১৩। ১৬ বাদন-লীলা। "রাধারমণ কর মুরলী বিলাস বি.প ৯৯। [°কানন, °বিপিন (স্ত্রী)—কেলিকানন, প্রমোদবন। °গৃহ, °ভবন, °মন্দির, °বেশ্ম (-শ্মন্), °সদ্ম (-দ্মন্) স্ত্রী—কেলিগৃহ, শয়নমন্দির। °চেষ্টিত (স্ত্রী)—বিলাসরূপ চেষ্টা ; হাবভেদ। "কু.স ৫.১৩। °দোলা (স্ত্রী) —ক্রীড়ার্থ দোলা। °পর, °পরায়ণ (বিণ)—বেশভূষাদিপ্রিয়, বিলাসী, সৌখীন। °বসতি (স্ত্রী)—বিহারভবন। °ব্যয় (পুং)—বেশভূষাদিব্যয়। দ্র 'বিলাস১' (১৩)। °বেশ (বি)—বিহারবেশ। "দোঁহার °বেশ—দু ৫৯। °মূর্ত্তি (স্ত্রী)—ভগবৎস্বরূপের প্রায়তুল্যশক্তি ভিন্নাকার বিগ্রহ। "কৃষ্ণের বিলাসমূর্ত্তি—শ্রীনারায়ণ চৈ.চ ১২৬। °মেখলা (স্ত্রী) —বিহারকাঞ্চী। "দ্র 'বিলাস১ (৪)। °লালন (বি)—বেশভূষাদিভোগসুখের সহিত সস্নেহে পালন। "আজি সভ্যতার,…দরিদ্ররুধির-পুষ্ট বিলাস-লালনে স.স্ব ৮৬।]

বিলাস২ অর্ম্ম [বিলাস১ > °স ; হি > বিলাস ; 'বিলস'] ১ দীপ্তি পাওয়া ; প্রকাশ পাওয়া। "হইয়া বিবিধ রূপ তথাই বিলাসে।—গ ৫৪। ২ বিহার করা ; লীলা করা। "শ্যাম বিলাসিতে,…সাজয়ে: সো মধুমাস, বিলাসত জনে জনে প.ক ১৮৩৯।

বিলাসন বি [°স২+অন ; অপ্র] বিলাস, বিহার। "আনন্দে স্বর্গেতে তারা বিলাসন করে চ.বি ১১৩। °উন্মুখ প.ক ১১৩।

বিলাসিকা † স্ত্রী উপরূপকবিশেষ। 'সা.দ ৬.৫।

বিলাসিনী † স্ত্রী [°সিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিলসনশীলা, ভাবব্যঞ্জকচেষ্টাবতী রসিকা। "সা.দ ৩.২১০। ঋতু ৪.৩। ২ বিহারিণী, অনুরাগিণী। "কুঞ্জ° ভা.চ ২৮৯। বৃন্দাবনবিলাসিনী রাই আমাদের ব.প ১৫৮৩। শ্যামবিলাসিনি রে! ব.প্র ১১৬। ৩ সুন্দরী নারী ; কামিনী, নাগরী। "বোলন রসিক বিলাসিনী ছোটি বি.প ৭৯। ৪ নারী (ত.বা)। "কু.স ৭.৬৯ ; রঘু ৬.২৮। ৫ বেশ্যা। "গো.রা ১.১০.৩৭। ৬ প্রিয়া। "রঘু ৬.১৭। —লাসী (-সিন্) বিণ [বি+ √লস্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব ; স্ত্রী -সিনী] ১ বিলসনশীল, সাত্ত্বিকনায়কগুণবিশিষ্ট, রসিক। "রঘু ৬.১৪। মুখরবধূনিকরে বিলাসিনি গী.গো ১.৪০। ২ ভোগী, উপভোগশীল। "(মমাত্মজঃ) সুকুমারো বিলাসী চ গো.রা ২.৩৪.১৪। কু.স ৪.৫। ৩ শৃঙ্গারভাবব্যঞ্জকচেষ্টাযুক্ত। "বিলাসি চক্ষুঃ কি ১০.৪১। —লাসী পুং ১ বিলসনশীল পুরুষ ; রসিকজন। "রঘু ৯.৪৩। ২ বিলাসদ্রব্যপ্রিয়, কামুক, সৌখীন। "হে বিলাসি! ভোগ-সুখ-অভিলাষী নর! —প তৃ ৫৫। ৩ [এক.দ্বন্দ্ব] বিলাসী ও বিলাসিনী। "রঘু ১৪.৩০। ৪ কৃষ্ণ। ৫ মদন। ৬ 'দীপ্তিশীল', অগ্নি। ৭ শিব। ৮ চন্দ্র। ৯ (বাঙ্লায়) 'বিহারশীল', পতি। "ঊর্ম্মিলা° মে ১ ; ৪৪ ; ১৫৩ ; বৈদেহী° ১৫১।

বিলাসী দ্র 'বিলাসিনী'।

বিলি বি [বিল্লা > °লি] ১ বিলাত, বিতরণ। "কাঙালিদের কাপড় বিলি করা। ২ ব্যবস্থা, বন্দোবস্ত। [বিলি-ব্যবস্থা—একার্থক। "কাজের °স্থা। চিঠীবিলি করা—নামানুসারে পত্রের ব্যবস্থা করা, অর্থাৎ দেওয়া। জমি বিলি করা—প্রজার সহিত জমির বন্দোবস্ত করা। জমি বিলি হওয়া—জমির বন্দোবস্ত হওয়া। "ঐ সকল জমি হাসিল হইয়া মাঠহারে বিলি হয় আ.দু ১৬১।]

বিলি (লে)খন † স্ত্রী [বি+ √লিখ্+অন (ল্যুট্)-ভা ; 'বিলিখন' অসাধু, দ্র 'পা ১.২.২, কুটাদি, তত্ত্ববোধিনী] ১ অক্ষরবিন্যাস, লেখা। ২ অবদারণ, আঁচড়ান। ৩ চিত্রীকরণ, অঙ্কন। —খিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ স্বহস্তাক্ষরীকৃত, লিখিত। ২ অবদারিত, নখাদিক্ষত। "নখ°শরীরাবয়বা (পক্ষ)। ৩ চিত্রীকৃত, অঙ্কিত। "ললাট-ফলকে, অগুরু-তিলকে, °ত আধ শশী।—রজ ৮।

বিলিপ্ত † বিণ [বি+ √লিপ্+ত (ক্ত)-র্ম্ম] দিগ্ধ, রঞ্জিত, অভ্যক্ত। "সর্ব্বগন্ধৈর্বিলিপ্তশিরসঃ (পাঠান্তর) বাজ ১.২৭৮।

বিলীন † বিণ. [বি+ √লী+ত (ক্ত)-ক] ১ বিলয়প্রাপ্ত, প্রাপ্তদ্রবীভাব (ঘৃতাদি)। ২ নাশপ্রাপ্ত, নষ্ট। "°পঙ্কঃ (হেমন্তকালঃ)। —ঋতু ৪.১। ৩ প্রচ্ছন্ন। "শাকুনিকঃ শরেণ বিব্যাধ…বিলীনঃ (পাঠান্তর) ভ ৭.২.৫৩। শাখা° (পক্ষিন্) ক.সা ২৬.২৮। ৪ কৃতসমাধি, সমাহিত। "ব্রহ্মজ্ঞানে বিলীনঃ (S.W.)। ৫ স্থিত। "তমোভিস্থায়াবিলীনৈঃ রঘু ১৩.৫৩। °পল্লব (কলশ) ক.সা ২২.৫। ৬ অস্ফুট, অস্পষ্ট। "বিলীনাক্ষর (S.W.)।

বিলুট অর্দ্ধ [সং বি+ √লুট্] আবর্ত্তন করা ; লুণ্ঠিত হওয়া। "ব্রজবনিতা বহ্মাতলে বিলুটই।—গো ২৫৯।

বিলুণ্ঠন † ক্লী [বি+ √লুঠ্+অন (ল্যুট্)-ভা] স্তেয়করণ, অপহরণ, বলপূর্ব্বকগ্রহণ ; লুণ্ঠন। "মধুনাং চ বিলুণ্ঠনম্ গো.রা ১.৪.৮৭। —লুণ্ঠিত বিণ [+ত (ক্ত)-ক] ভূতলে কৃতলুণ্ঠন। "ইন্দ্রায়ুধ একবার ক্ষিতিতলে বিলুণ্ঠিত হইল।—কাদ ৪১।

বিলুপ্ত † বিণ [বি+লুপ্+ত (ক্ত)-ক] ১ বিলোপপ্রাপ্ত, বিনষ্ট। "অত্যন্তবিলুপ্তদর্শনম্ কু.স ৪.২। ২ [+ত-র্ম্ম] ছিন্ন। "°চ্ছদ (ন্যগ্রোধ)। —পঞ্চ ২.২। ৩ কৃতবিলোপ, ভক্ষিত। "ক্রব্যান্তিরঙ্গলতিকা…বিলুপ্তা উ.চ ৩.২৮।

বিলুণ্ঠিত † বিণ [বি+ √লুন্থ+ত (ক্ত)-র্ম্ম, পা ৭.২.৫৪] আকুলীকৃত, আকুলিত। "°তং বাতৈঃ কেশরম্ ভট্টি ৯.৪০।

বিলুলিত † বিণ [বি+ √লুল্+ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যালোলিত, বিলোড়িত, সঞ্চালিত। "°কমলৌঘঃ (বায়ুঃ) মাঘ ১১.২৮। চাঁচর-চিকুর ভঙ্গিভাবভরে বিলুলিত ন.প ১৮৮। ২ সম্মর্দ্দিত। "কুচবিলুলিতমালা ভ ১০.৪৭.১২। °পুষ্পরেণুকপিশ ভট্টি ৮.১৩১। ৩ [+ত -ক] পর্য্যাকুল, বিগলিত, শিথিল। "ভ্রাজদ্‌বিলুলিত কচ ভ ৮.৭.১৭। °তাঃ…মূর্দ্ধজাঃ গী.গো ১২.১৪। ৪ বিগলিত, ক্ষরিত। "বিলুলিতম্ …বাষ্পম্ উ চ ৩.২৩। ৫ বিচলিত, চঞ্চল।

বিলেখ † পুং [বি+ √লিখ্+অ (ঘঞ্)-ভা] সর্থ 'বিলিখন'। —লেখী (-খিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব] বিস্পর্শী। "নভস্তলবিলেখিভিঃ (প্রাসাদৈঃ) মহা ১.১৮৫.১৯।

বিলেখন দ্র 'বিলিখন'।

বিলেপ † পুং [বি+ √লিপ্+অ (ঘঞ্)-ভা] ১ বিলেপন, অভ্যঞ্জন। ২ [+অ-র্ম্ম] বিলেপনদ্রব্য, লেপ, চন্দনাদি। "অঙ্গ° ভ. ১০. ৪২.১। —লেপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'বিলেপ (১)। ২ [+অন-র্ম্ম] সর্থ 'বিলেপ (২)। "পিংষে সাধু বিলেপনম্ মহা ৪. ৯.১৯। অঙ্গ° চৈ.চ ১১৭। পরিণামভস্ম অঙ্গে কেন বিলেপন?—প ভূ ৫৫। —লেপনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বিলেপনার্হা', সুবেশস্ত্রী। ২ [+অন-ক+স্ত্রী ঈ] যবাগূ। —লেপনী (-নিন্) বিণ [°ন +ইন্ (ইনি)-১ব] বিলেপনবান্, চন্দনাদিচর্চ্চিত। "নাবিলেপনী (তত্র আসীৎ) গো.রা ১.৬.১১। —লেপ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] বিলেপনীয়। "ভ ১১.২৭.১৪।

বিলেপন, বিলেপনী দ্র 'বিলেপ'।

বিলেবাস ; বিলেশয় দ্র 'বিলবাস ; বিলশয়'।

বিলোক † পুং [বি+ √লোক্+অ (ঘঞ্)-ভা] বিলোকন, দর্শন, অপাঙ্গদৃষ্টি। "স্মিতবিলোকগিরঃ স্মরন্ত্যঃ (গোপ্যঃ) ভ ১০.১৬.২০। —লোক ক্লী [বহুব্রী] 'বিগতলোক', বিজন। "বিলোকস্থ মহা ১৩.১২৪. ৯। —লোকন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ দর্শন, দৃষ্টিপাত। "বিলোকনেন…কৃতঃ কৃতার্থোঽস্মি মাঘ ১.২৯। নগ°বিস্মিত কি ৫.১৬। বঙ্ক বিলোকন বি.প ১১। বঙ্ক°শোভা ব.প ১১১৯। চকিত বিলোকনে নখে লিখু ধরণী।—গো ১৫১। প্রকৃতিশক্তিতে…বিলোকন চৈ.চ ১০৩। বিলোকনোদ্দম-চরাচর ভা.চ ১৫৮। ২ [+অন-ণ] বিশিষ্টনেত্র। "দৃষ্টাম্বুজকলেন বিলোকনেন ভ ৪.১.৫৬। ৩ (বাঙ্লায়) চক্ষু। "বঙ্কিম হাসি, বিলোকন অকলে, মধুপর বোদিঠি লেল গো ১০১। —লোকিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ দৃষ্ট, বীক্ষিত। ২ বিশেষদৃষ্ট, বিচারিত। "মনীষয়া নির্ম্মলয়া বিলোকিতং কলায় কর্ম্ম (কামন্দকনীতিসার)। —লোকিত ক্লী [+ত-ভা] বিলোকন, বীক্ষণ। "নয়নোপান্ত° কু.স ৪.২৩। মুগ্ধ° শ ২.৩। চকিত বিলোকিত।—গ ৫৮।

বিলোকন, বিলোকিত দ্র 'বিলোক'।

বিলোচন † বিণ [বহুব্রী] ১ বিকৃতনয়ন। ২ বিপরীতদৃষ্টি (S.W.)। ৩ [বি+ √লোচ্+অন (ল্যুট্)-ণ] দর্শনসাধন। "সূর্য্যঃ সমুৎপন্নঃ সর্ব্বপ্রাণিবিলোচনঃ।—হ ২৭৯.৩৮। —লোচন ক্লী ১ চক্ষুঃ। "রঘু ৭.৮ ; ১১.৩৬। কু.স ৪.২। অধীর° কি ৫.৩৩। কুরঙ্গগঞ্জন বিলোচন ক.চ ১৯.১০৭ ; কুরঙ্গখঞ্জন-বিলোচন ২৪১। ভীমবিলোচনি!—বা.দ ৯। বিলোচন নীল কমল ব.সু ৩১। ২ [+অন -ভা] দর্শন। [°পথ (পুং) —নেত্রপথ, চক্ষুর্বিষয়। °পাত (পুং)—দৃষ্টিপাত।]

বিলোটক † পুং [বি+ √লুট্+অক (ণুল্)-ক] নলমীন।

বিলোড়ন † ক্লী [বি+ √লোড়্+অন (ল্যুট্)-ভা] ১ আকুলীকরণ, বিক্ষোভণ, আলোড়ন। "সিন্ধু°। ২ মন্থন। "দধি° মাঘ ১৪.৮৩। —লোড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আকুলীকৃত, আলোড়িত। "ঝঞ্ঝায় ঝটিকা গর্জ্জে করি বন বিলোড়িত।—ন ১১৪৮। ২ মথিত। —লোড়িত ক্লী তক্র।

বিলোড়িত দ্র 'বিলোড়ন'।

বিলোপ † পুং [বি+ √লুপ্+অ (ঘঞ্)-ভা] ১ নাশ। "রা ২.৪৮.২৬। বাণের বিলোপ।—ম ১১৫৬। ২ তিরোধান। —লোপক বিণ [+অক (ণুল্)-ক] নাশক। "ধর্ম্ম°। —লোপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নাশ, বিঘাত। "দৃষ্টি° গো.রা ৬.৯০.২৭। —বিলোপী(-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব] বিঘাতক। "হিমং ন সৌভাগ্যবিলোপি জাতম্ কু.স ১.৩।

বিলোপক, বিলোপন, বিলোপী দ্র 'বিলোপ'।

বিলোভন † ক্লী [বি+ √লুভ +অন (ল্যুট্)-ভা] ১ বিমোহন, ব্যাকুলীকরণ। "কৃতকবিলোভন কি ১০.১৭। ২ [+অন-ক] বিষয়। "অহৃতস্য বিলোভনান্তরৈর্মম রঘু ৮.৬৯।

বিলোম † বিণ [বিগত লোম যাহাতে (ত.বা), বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্) ; স্ত্রী -মা] ১ বিপরীত, প্রতিকূল, প্রতীপ। "°ক্রিয়া। ২ পরাঙ্মুখ। ৩ ব্যুৎক্রমান্বিত, বিপরীতক্রমবিশিষ্ট, উল্‌টা। "°পাঠ। —লোম পুং ১ [প্রা.স] বিপরীত ক্রম ; ব্যতিক্রম, বিপর্য্যাস। ২ 'লোমবিহীন', সর্প। ৩ বরুণ। —লোম ক্লী অরঘট্টক। —লোমী স্ত্রী আমলকী। [°জ, °জাত (বিণ)—উত্তমস্ত্রীতে অধমবর্ণ হইতে জাত ; প্রতিলোমজাত। "°জাত ভ ১.১৮.১৮। °জপ (পুং)—অকারাদি মাতৃকাবর্ণের বিপরীতক্রমে জপ। °জিহ্ব (পুং)—'বিপরীতজিহ্ব', হস্তী। দ্র 'মহা ১৩.৮৫.৩৫,-৬। °বর্ণ (পুং)—সঙ্কীর্ণজাতি। °পাঠ (পুং)—বিপরীতক্রমে পাঠ। °বিধি (পুং)—বিপরীত বিধান বা কার্য্য।]

বিলোমা (-মন্) † বিণ [বহুব্রী ; স্ত্রী -মা (-মন্),-মা] লোমহীন।

বিলোমিত † বিণ [°ম+ই (ণিচ্)— √বিলোমি+ত (ক্ত)-র্ম্ম] পরাঙ্মুখীকৃত, জিত। "নৈ ২২.৪৭।

বিলোমী দ্র 'বিলোম'।

বিলোল † বিণ [বি+ √লুল্+অ (অচ্)-ক] ১ চল, স্পন্দিত। "°যষ্টি প্রবিলুপ্তচন্দনম্ কু.স ৫.৮। ২ চঞ্চল। "°পল্লবাঃ কু স ৪.৩৮ ; °দৃষ্টম্ ৫. ১৩। বিলোলমীক্ষিতম্ রঘু ৮.৫৯। বিলোলদৃষ্টি কি ৮.৩৫। বিলাস°-বিলোচন গী.গো ১.৪২। বিলোল বর্হাবতংস।—গো ৭৫। অলকা বিলোলে ব.প ৫৬৩। অপাঙ্গ বিলোল'—গ ৩৭। °কটাক্ষমরী।—ন ১১৯৯। °হিল্লোল চ.কা ২০৩। বায়ুহিল্লোল°…সরোবর।—গান

১৭৫। °কটাক্ষকুণ্ডলিনি।—ব.প্র ১৯৮। ৩ (বাঙলায়) দোলায়মান। "কুণ্ডল চারু বিলোলে ব প ৭৭৯। বিলোল বেসোর বি সু ৩। ৪ অতিচঞ্চল, অর্থাৎ বহির্গতপ্রায়। "জাগয়ে কামিনী, জীবন কণ্ঠ-বিলোল। —গো ২৩৯। —লোলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সঞ্চলন। '°পরৈর্মাকন্দৈঃ (S.W.)। —লোলিত বিং [সং বিলোল] ১ চলিত। "বেণুরন্ধ্রে বিলোলিত কোমল অঙ্গুলি ব প ৮০৩। ২ লোল, দোলায়মান। "উবহি বিলোলিত চাঁচর কেশ বি প ৩৪, ১৯৫। তুহুঁ সে সতিনী কুচবিলোলিত-মাল শ্রী ম ১৪২। বিলোলিতববকেশী।—গো ৯৫।

বিলোহিত † বিণ [সুপ্‌সুপা] অতিলোহিত, অত্যন্তশোণ, সুরক্ত। "ক্রোধবিলোহিতাক্ষ।—হ ২৪৩ ৬৫। কোপবিলোহিতাক্ষ° রঘু ১৬ ৭৭। —লোহিত পুং ১ রুদ্র। ২ শিব। দ্র 'নীললোহিত'। ৩ অগ্নি। ৪ রক্তপলাণ্ডু। ৫ নরকবিশেষ। —লোহিতা স্ত্রী অগ্নির্জিহ্বাবিশেষ।

বিলোহিতা দ্র 'বিলোহিত'।

বিলৌকাঃ (-কস্) † বিণ [বিল ওকঃ যাহার, বহুব্রী,-১ব] ১ বিলান্তঃপ্রবিষ্ট (নীলকণ্ঠ)। 'মহা ১ ১৪৫ ২৩। ২ গর্তবাসী। —লৌকাঃ পুং গর্তনিবাসী গোধাদি। "মনু ১০ ৪৯।

বিল্ল † ক্লী [তু 'বিল'১] ১ গর্ত। ২ আলবাল। ৩ [তু 'সং বিল্ব > প্রা বিল্ল] হিঙ্গুবৃক্ষ (সুশ্রুত)।

বিল্লকি বি [?] বাদ্যবিশেষ। 'বাজে...বিল্লকি ক চ ১২৩।

বিল্লি বি [বল্লী > °ল্লি] বেলফুলের গাছ। "কুন্দ বিল্লি বি প ৯৬।

বিল্লী বি [বিড়া(লা)লী > °ল্লী, হি বিল্লী] বিড়ালী।

বিল্ব † পুং [√বিল+ব (বক)-ক (অটী), ছান্দস] কণ্টকিত হেতু ভেদক, মালূর, শ্রীফলবৃক্ষ (Aegle marmelos)। রা ২ ৫৬ ৭। °বয়ণের দিনে দু ১। —ল্ব ক্লী ১ বিল্বফল, বেল। "যে বিল্বে কাঞ্চনে। —হ ১৩৯ ৩০। খলঃ সর্ষপমাত্রাণি পরচ্ছিদ্রাণি পশ্যতি। আত্মনো বিল্বমাত্রাণি পশ্যন্নপি ন পশ্যতি॥—সু র। ২ পলপরিমাণ। "°মাত্র (সুশ্রুত)। —ল্বা স্ত্রী হিঙ্গুপত্রী। [°দণ্ড পুং)—শিব। °পেশিকা, °পেশী (স্ত্রী)—শুষ্কবিল্বখণ্ড, বেলশুঠা। °মাত্র (বিণ)—বিল্বফলপরিমিত, পলপরিমিত।]

বিল্বা দ্র 'বিল্ব'।

বিশ্‌ † সক [তুদা, প—বিশতি, অনিট্] প্রবেশ। "শ্রী ম ২৬৩। [অধি—অধিবেশন, উপবেশন। অভি-নি—অভিনিবেশ। আ—আবেশ, প্রবেশ। "গহ্বরমাবিবেশ রঘু ২ ২৬। উপ—উপবেশন। নি—১ নিবেশ, অবস্থান। "মকরঃ...তীরোপান্তে র্ণিবিশতে।—পঞ্চ ৪৩। ২ প্রবেশ। "নিবিশতে যদি শুকশিখা পদে।—নৈ ৪.১১। ৩ (ণিজন্ত) নিবেশন, স্থাপন। 'রঘু ৫ ৪২। নির্—নির্বেশ, উপভোগ। "কু স ১ ২৯। পরি—পরিবেশন। প্র—প্রবেশ। সম্—সংবেশ, নিদ্রা। "রঘু ২ ২৫।]

বিশ১ † ক্লী [√বিশ্‌+অ (ক)-ক] মৃণাল। তু 'বিস'। [°কণ্ঠী (স্ত্রী)—মৃণালধবলকণ্ঠী, বলাকা।]

বিশ২ '-শ্‌' স বি [সং বিংশতি > লি বীসতি, প্রা বীস (হে), হি, মৈ বীস, ঠ, গু বীস, প বীহ, সি বীহ] বিংশতিসংখ্যক। "গাছেব বাড়িতে মারে দশ বিশ কুড়ি।—কৃ ২১৬। —শ বি ১ কুড়ি (২০) সংখ্যা। ২ কুড়ি আড়ি (ধান্যাদির মাপ—চব্বিশপরগনা)। "'দশ বিশ চাউলের অন্ন চৈ চ ৮৫।

বিশ(স)কর্মা বি [সং বিশ্বকর্মন্ (-র্মা) > প্রা বিস্‌সকম্ম > বা °ম্মা] বিশ্বকর্মা। 'বিশকর্মা গো.চ ১১৩, বিসকর্মা ২০৪।

বিশকল † বিণ [প্রা.স] 'বিশেষভাবেশকলপ্রাপ্ত', বিখণ্ডিত, বিচূর্ণ। "রথম্...চক্রে বিশকলং শরৈঃ মহা ৭ ৯০ ৬৮। —শকলিত বিণ [√°লি+ত (ক্ত)-র্ম] বিবেচিত। "বিশকলিতার্থামৌদ্ধবীং বাচম্ মাঘ ২ ১১৮।

বিশকুড়্যালি বি বিশল্যাকরণী। "গো.চ ২০১।

বিশঙ্ক † বিণ [বহুব্রী] বিগতশঙ্ক, শঙ্কাহীন, নির্ভয়, নিঃশঙ্ক। "প্রাণত্যাগ° গো রা ৪.২৮.২৪। অন্তঃকরণৈর্বিশঙ্কৈঃ রঘু ২ ২১। —শঙ্কনীয় বিণ [বি+√শঙ্ক্+অনীয় (অনীয়র্)-র্ম] বিতর্কণীয়। "(মম রাজ্যবিষয়ে) ন চৈব রাজাত্র বিশঙ্কনীয়ঃ গো রা ২ ১৯ ২১। মনু ১ ৩১, কুল্লুক। —শঙ্কা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সংশয়, সন্দেহ। "জনমত্যাং বিশঙ্কা° তা° ব্যাপাকর্মদবিন্দমঃ মহা ৩.৭৬.৪১। ২ ত্রাস, ভীতি। "ময়ি মা তে বিশঙ্কেয়ম গো রা ৪.৯৯ ২১। নির্বিশঙ্ক।—পঞ্চ ১৪৩। —শঙ্কী (-ঙ্কিন্) বিণ [+ইন (ণিনি)-ক-১ব] বিতর্কী, মন্যমান। 'জীমূতস্তনিতবিশঙ্কিভির্ময়ূরৈঃ (মা মি)।

বিশঙ্কট † [বি+শঙ্কট (শঙ্কটচ্) স্বার্থে] ১ বিস্তৃত, বিশাল। "°কটীরক মাঘ ১৩ ৩৪। ভট্টি ২ ৫০। ২ বিভীষণ। "দংষ্ট্রাকোটি° (মা মা)। দংষ্ট্রা° ক.সা ২৫ ১০৫।

বিশঙ্কা, বিশঙ্কী দ্র 'বিশঙ্ক'।

বিশদ † বিণ ['দ+অ (অচ) অত্যর্থে] ১ শুক্লবর্ণযুক্ত, শুক্ল, শ্বেত, শুভ্র, ধবল। 'নিধৌ তুষারগুলিকাবিশদ° হিমাংশুঃ রঘু ৫.৭০। স্ফটিক° পু মে ৫১, কুমুদ° ৫৮। বিশদদন্ত (স্মিতদন্ত) কু স ১ ৪৪। বপুষি বিশদে গী গো ১ ১২। বিশদ বলাই শ্রী ম ২৬; বিশদ স্মিত ৪৯। বিশদ পক্ষ ভা চ ১৪৫। বিশদ বরণে শি ৭৭। যামিনী-সপী °বসনা।—মা ১২৮। °বসনা।—মে ৩৬, °চন্দন ৫০, বিশদবস্ত্র: বিশদ উত্তরী ৩১২। ২ নীরজ, মালিন্যরহিত। হিমব্যপায়াদ্ বিশদাধরাণাম্ কু স ৩ ৩৩। ৩ উজ্জ্বল। "ওষ্ঠত্বাস্বচ্ছতিবিশদ° মাঘ ৮ ৭০। ঝকমক ঝলক বিশদ। —রক্ষ ৭। ৪ নির্মল, পরিস্ফুট, অভিব্যক্ত। "বিশদৈশ্চন্দ্রপাদৈঃ উ মে ৯। মেঘমুক্তাম্...°চন্দ্রিকাম্ রঘু ১৯ ৩৯। ৫ নির্মল, মেঘমুক্ত। "শীতের বিশদাকাশ।—ন ১৩১১। ৬ বিশুদ্ধ, কলঙ্কলেশহীন। "বিশদং যশঃ ভ ১ ১৮ ১১। ক সা ২২ ৩৬। ভুবন ভবল যশ বিশদ ন প ১৮৯। ৭ প্রসন্ন। "যোগ নিদ্রাবিশদৈ: ·অবলোকনৈঃ রঘু ১০ ১৪। শ ৪ ২২। ৮ স্বচ্ছ, মসৃণ। "প্রণয়বিশদা° দৃষ্টিম্।—রত্নাবলী ৩ ৯। ৯ ব্যক্ত, স্ফুট, বিস্পষ্ট। "বিশদোচ্ছ্বসিতেন রঘু ৮.৩। (শোভাসমৃদ্ধি) নয়নে বিশদ...বিভাসিত প তৃ ১৭। ১০ কোমল, মৃদু। "(বায়োঃ স্পর্শঃ) বিশদঃ মহা ১৪ ৫০.৪৯। ১১ বিবিক্তাবয়ব। "খরবিশদমভ্যবহার্যাম্ পা ৭ ৩ ৬৯, তত্ত্ববোধিনী। ১২ সুগম, সুপবোধ্য। "রামায়ণের ভাষা ...বিশদ ব ৰি ৬২৮। ১৩ (বাঙলায়) চিত্তপ্রসাদজনক, রমণীয়। "বাসিত বিশদ বাস গেহে বৈঠলি, বন্দিভবন বলি উঠই।—গো ২৫৮। —শদ পুং [বি+√শদ্+অ (অচ)-ক] শুক্লবর্ণ। [°প্রজ্ঞ (বিণ)—বিমলবুদ্ধি, মতিমান।]

বিশ(স)নাথ বি [সং বিশ্ব > লি, প্রা বিস্‌স > বা বিস, -শ+নাথ, অপ্র] বিশ্বনাথ। "বিসনাথ শূ ১১০। বিশনাথ ব প ১১৪।

বিশব্দন † ক্লী [বি+√শব্দি+অন (ল্যুট্)-ভা] শব্দ দ্বারা প্রকটীকরণ। "পা ৭ ২ ২৩, সি।

বিশয় † পুং [বি+√শী+অ (অচ)-ভা] সংশয়, সন্দেহ। "বিষয়ো বিশয়শ্চৈব পূর্বপক্ষস্তথোত্তরম্। নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং স্মৃতম্॥

বিশর † পুং [বি+√শৄ+অ (অপ্)-ভা] হিংসা, বধ, মারণ।

বিশল্য † বিণ [বহুব্রী] ১ বিগতশল্য, শল্যরহিত। "বিশল্যং মাং কুরু ক্ষিপ্রং প্রাণানুপরুণদ্ধি মে গো.রা ২ ৬৫.৪১। ২ শরক্রণরহিত। "(লক্ষ্মণঃ) বিশল্যো বিরুজঃ শীঘ্রং উদতিষ্ঠন্ মহীতলাৎ রা ৬ ১০১ ৪৪। ৩ কণ্টকাদিরহিত। ৪ কুন্তিতাগ্র (শরাদি)। ৫ নিরুদ্বেগ; ক্লেশমুক্ত। —শল্যা স্ত্রী গুড়ূচী, দন্তী, ত্রিপুটা, অজমোদা। [°করণী (স্ত্রী) —ব্রণশোধনী ওষধিবিশেষ। "রা ৬.১০১.৩১। কৃ ৩১৯। ফোড়ার °করণী তোকমারী পা.খো ১৭২।]

বিশল্যা দ্র 'বিশলা'।

বিশস + বিণ [বি+ √শস্+অ (অচ্)-ক] ঘাতুক। "কু.স ৩.৩১, মল্লিনাথ। —শসন বিণ [+অন (ল্যুট্)-ণ] 'হিংসাসাধনী', সাজ্যাতিক। "বিশসনী° গদাম্ মহা ৬ ৬২ ৬১। —শসন পুং ১ বক্র অসিভেদ। ২ খড়্গ। —শসন স্ত্রী [+অন-আ] হিংসা, বধ, নিহনন। "মহদ্ বিশসনং কৃতম্ গো রা ১ ৪২ ৭। উ চ ৪ ৫। —শসিত বিণ [+ত (ক্ত) ..., ইট্-আগম, বৈধাত্যে অনিট্—পক্ষে 'বিশস্ত' (পা ৭ ২ ১৯)] নিহত, মারিত। —শসিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব] ঘাতক, নিহন্তা। "মনু ১০ ১০৫, কুল্লুক। ২ যে ছিন্ন ছাগাদি খণ্ড খণ্ড করে (কুল্লুক)। "মনু ৫ ৬১। —শস্ত বিণ [দ্র 'বিশসিত'] ১ ধৃষ্ট, প্রগল্ভ। ২ নিহত (অসাধু)। "মহর্ষিণা গৌর্বিশস্তা গো রা ২ ১৮ ৩৭। দাক্ষিণাত্যা বিশস্তাঃ মহা ৮.৭০ ৩৪। —শস্তা (-স্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১স, আর্ষ] বিশসনকর্ত্তা, ঘাতক। "অশ্বস্য বিশস্তা।—ঋগ্বেদ ১ ১৬২ ১৯। মহা ১৩.১১৫ ৪৯।

বিশসন, -শসিত, -শস্ত, -শস্তা + দ্র 'বিশস'।

বিশা[১] বি [সং 'বিংশ'—মূল] ১ চাব সেব। 'চাবি সেরে বিশা (শুভঙ্কর)। "বিশা দবে ছেনা কিনি : আদা বিশা দরে : বিশা দুই তিন কিনে লুণ : বিশা সাত কিনে আটা : খণ্ড কিনে বিশা সাত আট ক চ ১৫৬। ২ [সং বিংশ] বিংশতি-পল পবিমাণ। বিশ বিশা সোণা রূপা বি পা ২৩৬।

বিশা[২], **-শাই, -সাই** বি [স বিশ্বকর্ম্মা—বিশ্ব > লি, প্রা বিস্স > বা বিসা, -শা, বিশা, -সা+আই[৩]] বিশ্বকর্ম্মা। "বিশাই শূ ৬০, ১৬৩,-৬। অজ্ঞাতে পতিমা হ'ল বিশা যশ পায।—দু ১২। বিসাই বসান সান : বিশাই বিদাই হ'ল শ্রী মা ১৪৩। বিশাই ক চ ৬২, ভা চ ৮৬ ১০৮,-৯। শি ৭১।

বিশাখ + বিণ [বিগতা শাখা যাহাব, বহুব্রী] ১ শাখাহীন। "কবন্ধঃ ...বিশাখ ইব পাদপঃ।—হ ৪৯ ৪৮। ২ হস্তরহিত। "দেহঃ·· বিশাখঃ (নিপপাত) হ ৪৯ ৫০। ৩ বিমার্গস্থ। '(গ্রহাঃ) বিশাখাঃ বা ২ ৪১ ১১। —শাখ পুং ১ পুনর্নবা। ২ যাচক (মেদিনী)। ৩ যাহাতে শাখাতুল্য পদদ্বয় বিপ্রকৃষ্ট, বিতস্ত্যন্তবগতপাদ ধন্বীর অবস্থানবিশেষ। দ্র 'কু স ৩ ৭০, মল্লিনাথ। ৪ [°খা+অ (অণ্), পা ৪ ৩ ৩৪] 'বিশাখানক্ষত্রে জাত', কার্ত্তিকেয়। "মহা ৩ ২৩১ ৭। শি ৩১, বিশাখেব মা ১০৮। ৫ শিব। "মহা ১৩ ১৭ ৭২। ৬ অগ্নিপুত্র কার্ত্তিকেযানুজভ্রাতা। "মহা ১ ৬৬ ২৪। ৭ স্কন্দজাত পুরুষবিশেষ। দ্র 'মহা ৩ ২২৬ ১৬,-৭। ৮ শিশুপীড়ক গ্রহবিশেষ। "সুশ্রুত ৬ ২৯ ২। দ্র 'মহা ৩ ২২৭তম অধ্যায। —শাখা স্ত্রী ১ অশ্বিন্যাদিনক্ষত্রেব অন্তর্গত ষোড়শ নক্ষত্র। [বেদে 'বিশাখা' শব্দ দ্বিবচন, বিকল্পে একবচন হয়, লৌকিকপ্রযোগে দ্বিবচন (পা ১ ২.৭২)। অমরমতে ইহা একবচন। "বিশাখয়োর্মধ্যগতঃ সম্পূর্ণ ইব চন্দ্রমাঃ (রামায়ণ—শ ক)। বহুপুত্রো বিশাখাসু (মহাভারত—ত বা)। এই নক্ষত্র তোরণাকার চতুস্তারকাময়। চারি তারকাব সমষ্টিভাবে একত্ব, তোরণভাবে দ্বিত্ব ও পৃথগ্‌ভাবে বহুত্ব। ইহাতে জাত নর বিবিধক্রিয়ানুরক্ত ও সকলেবই প্রিয় হয়।] ২ রাধিকার অষ্টসখীর একতমা। "ভ গ্র ১৪৭।

বিশাখা দ্র 'বিশাখ'।

বিশাতন + বিণ [বি+ √শদ্+ই (ণিচ্)— √শাতি+অন (ল্যুট্) -ক, স্ত্রী -নী] ১ ছেদক। ২ মোচয়িতা। "মৃত্যুপাশবিশাতনীম্ (অবতারকথাম্) ভ ৩ ১৪ ৫। ৩ সংহর্ত্তা, সংহারক। "নমস্তে দেবদেবেশ···বিশাতন মহা ৭.৮১.১৮, শরম্···পরানীকবিশাতনম্ (পাঠান্তর) ১২৩.৬৪। —শাতন পুং [+অন-ক] বিষ্ণু। —শাতন স্ত্রী [+অন-আ] ১ ছেদন। ২ সংহার, নিপাতন। "দ্রোণানীকবিশাতন মহা ৭.১২.২০।

বিশাপ + বিণ [বহুব্রী] বিগতশাপ, শাপমুক্ত। "ভ ৯ ৯ ৩৮।

বিশাম্পতি + পুং [অলুক্] নরপতি, রাজা। দ্র 'বিট্[২] (২)।

বিশারদ + বিণ [বিশিষ্টা শারদা যাঁহার, বহুব্রী] ১ যাঁহার বাণী ব্যাকরণসংস্কারাদিবিশেষবতী ও বিচিত্রার্থা (রামায়ণতিলক), বিদ্বান্, পণ্ডিত, নিপুণ। "বাক্য° রা ১ ২ ১। যুদ্ধ° গী ১ ৯। সর্ব্বশাস্ত্র° মনু ৭ ৬৩। নীতিশাস্ত্র° হি ১ ৩৯। বিদ্যা° ক চ ২৪৫। ২ চতুর, শৌণ্ড। "মধুদানবিশারদাঃ (কুববকা°) রঘু ৯ ২৯। ৩ শ্রেষ্ঠ (অজয়)। ৪ সর্ব্বজ্ঞ। "ভ৮ ২৩ ৮। ৫ সুপ্রতীত, সুপ্রগল্ভ (অ কো)। —শারদ পুং বকুলবৃক্ষ।

বিশাল + বিণ [বি+শাল (শালচ্) স্বার্থে, পা ৫ ২ ২৮, উ ১ ১১৫, স্ত্রী -লা, -লী] ১ বৃহৎ, বিপুল, মহান্। 'শিলাঃ·· বিশালাঃ বা ২ ৯৪ ২০। মাঘ ৩ ৫০। ২ বিস্তীর্ণ, আয়ত। বিশালান্ কোসলান্ রা ২ ৫০ ১। স্বর্গলোক° বিশালম্ গী ৯ ২১। °বক্ষা° রঘু ৬ ৩২। ৩ পৃথু, পরিমণ্ডল। "বিশালং জঘনম্ গো রা ৩ ৫২ ৩২। বথচরণবিশালশ্রোণি মাঘ ১১ ২৩। ৪ মহান, সম্পন্ন। 'শ্রীবিশালা° বিশালাম্ পু মে ৩০। ৫ আয়ত, দীর্ঘ। "বিশালে নেত্রে গো বা ৩.৫২ ৩৪। °বাহু (মহা)। বিশালে তস্য লোচনে বঘু ৪ ১৩। ৬ প্রখ্যাত, বিদিত, উচ্চ, বিশুদ্ধ। "°কুলসম্ভব। ৭ স্থূল। "°ত্বক। ৮ প্রচুর। "সলিল° বিশালম্ ভ ৩ ৮ ১৪। হবিষ বিশাল অ প ১৩২। ৯ (বাংলায়) সর্ব্বাতিশায়ী, অজেয। "বিক্রমে বিশাল।—কৃ ২৩৮, ম ৯০৬, শ্রী ৬৬। ১০ শ্রেষ্ঠ, বড়। "তোহ্মাব প্রভু হ'ত কৃষ্ণ তপস্বী বিশাল অ প ৮৬। ১১ মুখর, বহুভাষী। "(তুহু সে সতিনী) মুখে বিশাল শ্রী ম ১৪২। ১২ বহুসংখ্যক। "বৈসে গড বেড়ি, বিশাল কোটাল কোল শ্রী ১৩। ১৩ শল্যাহত, ব্যথিত (অসাধু)। "পদ্মার বচন শুনি হৃদয় বিশাল ম ম ২১১। ১৪ উচ্চ, তার। "বানরী রব তহি অতি সুবিশাল ব ১২৯। —শাল ক্রি বিং ১ সমধিক, অত্যন্ত। 'দেখি দেবগণে সুখ বাটিল বিশাল ক.চ ২৬ : যশ বাড়িল বিশাল ১০৯, ১১০। ২ মহাশব্দে। "বাজে মৃদঙ্গ বিশাল কৃ ২৫৬,-৭০। ক চ ১০৬। বাদ্য বাজিছে বিশাল চ.বি ১৬১। চৈ ভা ৪৪২। ৩ উদ্দণ্ডভাবে। "ক্ষণে বা বিশাল নাচে ক্ষণে বা মধুর (চৈ ভা)। —শাল পুং ১ বিশালা পুরীর নির্ম্মাতা ইক্ষ্বাকুপুত্র। রা ১ ৪০.১২। ২ মৃগভেদ। ৩ পক্ষিভেদ। —শালা স্ত্রী ১ উজ্জয়িনী পুরী। দ্র 'বিশাল (৪)। ২ ইক্ষ্বাকুপুত্র বিশালকৃতা পুরী। "রা ১ ৪৫ ১৩, ৪৭ ১২। ৩ ইন্দ্রবারুণী, মহেন্দ্রবারুণী। ৪ (সঙ্গীতে) মূর্চ্ছনাবিশেষ। ৫ [বিশালাক্ষী > °লা, অপ্র] দুর্গা, কালী। 'শ্রী মা ১৯৫, বিশালা পূজিব কালী ২০৬। [°কুল (ক্লী)—প্রখ্যাতবংশ, সৎকুল। "°সম্ভব হি ৩৯ (কথারম্ভ)। °ত্বক (-চ্) পুং—'স্থূলত্বক', সপ্তপর্ণ।]

বিশালা দ্র 'বিশাল'।

বিশালাক্ষ + বিণ [বিশাল অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্), স্ত্রী -ক্ষী] দীর্ঘনেত্র, আয়তলোচন। "রা ১.১ ১১। —লাক্ষ পুং ১ শিব। ২ বিষ্ণু। ৩ গরুড়। "মহা ৫ ১০১ ৯। —লাক্ষী স্ত্রী [°ক্ষ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ আয়তনেত্রা নাবী, বরস্ত্রী, সুন্দরী। ২ পার্ব্বতী। ৩ যোগিনীভেদ। ৪ নাগদন্তী। ৫ (বাঙলায়) চণ্ডী, কালী। "শ্রী মা ১৯৪।

বিশালাক্ষী দ্র 'বিশালাক্ষ'।

বিশালোরসী বিং [সং °বক্ষা] বিশালবক্ষাঃ। "ভাগীরথী °সী ব প্র ১৩৩। —লোরস্ক বিণ [বিশাল উরস্ যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] বিশালবক্ষাঃ। "জগৎসিংহের সদৃশ · বিশালোরস্ক নহেন ব.প্র ৪১।

বিশালোরস্ক দ্র 'বিশালোরসী'।

বিশাশয়, -সয় স.বিং [সং বিংশ শত, সং বিংশতি > প্রা বীস, -সা, শত > প্রা সয়, শয়] বিংশত্যধিক শত, একশত কুড়ি। "°শয় বাতি

ব.প ১০৮ ; চিনি বিশাশয় ভারে ১৩৮৪। বিশাসয় গো.চ ১৯৩,-৫। °শয় পাড়া ব্রী মা ১০৪ ; ১৩৯ ; বিশাসয় গল্প ২২০। °শয় বৎসয় ব্রী ১০২ ; °শয় পাড়া ১২৮ ; °সয়…বয়ের বয়েস ১৫৩।

বিশাসয় দ্র 'বিশাশয়'।

বিশিখ † বিণ [বিগতা শিখা যাহার, বহুব্রী ; '°খ'—মুণ্ডিত (ঋগ্বেদ ৬.৭৫.১৭)] ১ শিখাহীন, চূড়ারহিত। "বিশিখো ব্যপবীতশ্চ যৎ করোতি ন তৎ কৃতম্।—কাত্যায়ন ১.৪। ২ শিখাহীন, জ্বালারহিত। "বিশিখাঃ…অগ্নয়ঃ গো.রা ২.৪০.১১। ৩ সূক্ষ্মাগ্রহীন, কুণ্ঠিতাগ্র (বাণ)। ৪ পুচ্ছবিহীন। "বিশিখাঃ (কেতবঃ)।—বৃহৎসংহিতা ১১.১৩। ৫ 'বিশিষ্টাগ্র', তীক্ষ্ণাগ্র। "বিশিখাঃ (বাণাঃ) গো.রা ৩.৬৭.১৮। —শিখ পুং ১ বাণ। "গো.রা ৩.২৬.২১। রঘু ৫.৫০। মনসিজ° গী গো ৪.২। কু ৭১। ম ৮১০। অ.প ৮৩। ম.বি ৬৩। কুসুমবিশিখ।—ব ৮৭, বিশিখ কটাখ ৮৯। কামবিশিখপালিকা বা.দ ১৩৮। ২ তোমর। ৩ শরতৃণ। ৪ প্রাস, বরশা। —শিখা ব্রী ১ তর্ক, নালিকা। ২ সূচি। ৩ খনিত্রী। ৪ রথ্যা। "মাঘ ১৫.৭০।

বিশিখা দ্র 'বিশিখ'।

বিশিরস্ক, -রাঃ (-রস্) † বিণ [বিগত শিরঃ যাহার, বহুব্রী, বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -রাঃ] শিরোহীন। "বিশিরস্ক মহা ৬.৯৩.২৮। বিশিরস্।—হ ৪৯.৪৮।

বিশিষ্ট † বিণ [বি+ √শিষ্+ত (ক্ত)-র্ম] ১ কৃতবিশেষ, বিলক্ষণ। ২ অসাধারণ, অসামান্য। "°চরিত। ৩ ভিন্ন। "°লিঙ্গো নদীদেশোঽ-গ্রামাঃ পা ২.৪.৭। ৪ উৎকৃষ্ট, পবিত্র। "নরকং বাপি মে স্বর্গো বিশিষ্টঃ স্যাৎ ত্বয়া সহ গো.রা ২.২৭ ২১। ৫ বিশুদ্ধ ; প্রখ্যাত। "°কুল। ৬ গুণবান্, উৎকৃষ্ট, সাধু। "বিশিষ্টেন বিশিষ্টায়াঃ সঙ্গমো গুণবান্ ভবেৎ মহা ৪.৫৩.৩১। ৭ গুণবত্তর। "(মতিঃ) সমৈশ্চ সমতামেতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাম্।—হি ৪২ (কথারম্ভ)। ৮ প্রধান। "অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ গী ১.৭। বিশিষ্টং কুত্রচিদ্ বীজম্ মনু ৯.৩৪। ৯ ধার্ম্মিকত্বাদিযুক্ত। "বিশিষ্টেন ব্রাহ্মণেন (মন্ত্রয়েৎ) মনু ৭.৫৮। ১০ বলবত্তর। "বিশিষ্টং তুল্যং বা শত্রুম্ রা ১ ৭.২৩। ১১ প্রকৃষ্ট, প্রশস্ত। "বিপ্রসেবৈব শূদ্রস্য বিশিষ্টং কর্ম্ম মনু ১০.১২৩। ১২ অধিক। "পা ২.১ ৬০। বিধিযজ্ঞাজ্জপযজ্ঞো বিশিষ্টো দশভির্গুণৈঃ মনু ২.৮৫। ১৩ যুক্ত, অন্বিত। "প্রীতি° রা ২.৫৩.২৩। ১৪ বিশেষণযুক্ত। —শিষ্ট পুং বিষ্ণু। —ষ্টা স্ত্রী শঙ্করাচার্য্যের মাতা (হলায়ুধ)। [°বুদ্ধি (স্ত্রী)—১ বিশেষণ-যুক্ত বিশেষ্যের জ্ঞান। যেমন, ঘটের জ্ঞানে, ঘটত্বের বিশেষণভাবে ভাসমান বিশেষ্য ঘটে জ্ঞান। ২ ধর্ম্মহেতুক ইতরবিশেষবোধ। °বর্ণ (বিণ) —বিলক্ষণবর্ণযুক্ত।]

বিশিষ্টা দ্র 'বিশিষ্ট'।

বিশিষ্টাদ্বৈত † স্ত্রী [কর্ম্মধা] ১ যুক্ত অদ্বৈত বা একত্ব ; পুরুষ ও প্রকৃতি ভিন্ন হইলেও, মিলিত উভয়ের একত্ব বা ব্রহ্মত্ব। 'পুরুষস্তদতি-রিক্তা প্রকৃতিঃ, কিন্তূভয়মিলিতঃ ব্রহ্ম চণকদ্বিদলবৎ (শ ক)। ২ রামানুজ-প্রবর্ত্তিত মতভেদ। [যেমন বৃক্ষ এক, কিন্তু তাহার স্বগত ভেদ—কাণ্ড-শাখাদিভেদ আছে, সেইরূপ ব্রহ্মেরও স্বগত ভেদ আছে, অর্থাৎ ব্রহ্ম এক হইলেও, তাঁহার জীব জগৎ ইত্যাদি ভেদ আছে। ব্রহ্ম সেব্য, জীব সেবক। অদ্বৈত ব্রহ্ম জীবজগৎ-প্রভৃতি ভেদবিশিষ্ট, ইহা 'বিশিষ্টাদ্বৈত'। রামানুজ ইহার প্রবর্ত্তক। এই মতে ব্রহ্ম নির্গুণ নিরাকার নহেন, তিনি সগুণ সাকার, তাঁহার গুণ অনন্ত, রূপ দুই প্রকার—পরমাত্মরূপ বা কারণরূপ এবং স্থূলরূপ বা বিশ্বরূপ (ভা.উ, ১ম ভাগ)।] [°বাদ (পুং)—বিশিষ্টা-দ্বৈতরূপ মতভেদ। °বাদী (-দিন্) পুং বিশিষ্টাদ্বৈতমতাবলম্বী।]

বিশীর্ণ † বিণ [বি+ √শৄ+ত (ক্ত)-র্ম] ১ হিংসিত, বিধ্বস্ত। "°দংশ ভ ১.৯.৩৮। ২ বিদীর্ণ। "°কুক্ষি ভ ৩.১৩.২৯, অত্যুচ্চনিপাত° (কল) ৫.১৬.১৯। ৩ বিচ্ছিন্ন। "বিষাণাভ্যাং বিশীর্ণাভ্যাম্…গজঃ গো.রা ৩.৩২.২০। বিশীর্ণপঙ্ক্তি রঘু ৯.৫৩। °বাহুশিরস্ ভ ৩.১৯.২৫ ; °রত্নকবচ ৭.২.২৯। হা দগ্ধ কলেবর! তুমি এখনও সর্ব্বাবয়বে বিশীর্ণ হইতেছ না কেন ?—সী ৪৫। ৪ বিঘটিত, বিশ্লিষ্ট। "পয়োধরোত্থসেধ°-সংহতি (বল্কলং ববন্ধ) কু.স ৫.৮। ৫ [+ত-ক] ভগ্ন। "°তল্পাট্টশতঃ (নিবেশঃ) রঘু ১৬ ১১। ৬ নষ্ট। "°মূর্ত্তেঃ কু.স৫.৫৪। ৭ চ্যুত, ভ্রষ্ট। "স্বয়ংবিশীর্ণদ্রুমপর্ণবৃত্তিতা কু.স ৫ ২৮। ৮ জরাজীর্ণ। "বিশীর্ণদন্ত ভ ১.১৩.২২। ৯ সমন্ততঃ বিস্তৃত ; ইতস্ততঃ প্রবহণশীল। "রেবাং দ্রক্ষ্যসি…বিন্ধ্যপাদে বিশীর্ণাম্ পূ.মে ১৯। ১০ শুষ্ক। "বিশীর্ণা বিরুলাঃ (সমিধঃ—তত্ত্বসার)। বৃক্ষ যেন, বিশীর্ণ।—হেম ১২১। বিশীর্ণ জীর্ণ পাতা চ.কা ২৮৭। দয়ার মধ্যে…জিদ না থাকাতে তাহা…বল্কলপ্রসূ হইয়া বিশীর্ণ হইয়া যায় চা.পূ ৪৬। ১১ ছিন্ন, গলিত। "°জীর্ণবসন।—ভর্তৃহরি। °মলিনাম্বরম্ ক সা ২.৫১। ১২ জীর্ণাবস্থাপন্ন, ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ। "নখাঘাতে বিদীর্ণ বিশীর্ণ কলেবর বা দ ৯২। ১৩ লোল, ঝুলেপড়া। "বিশীর্ণানি মাংসানি।—সুশ্রুত ১ ১২.১৮।

বিশীল † বিণ [বহুব্রী] বিগতশীল, সদাচারশূন্য। "মনু ৫.১৫৪।

বিশুদ্ধ † বিণ [বি+ √শুধ্+ত (ক্ত)-ক] ১ বিশেষশুদ্ধ, অপাপ, পবিত্র, পূত। "ধর্ম্মতঃ স বিশুদ্ধাত্মা রা ১ ৪৫ ১৬। বংশ° ১০.৪৪। ২ অপাপকর্ম্মা (মেধাতিথি)। "বিশুদ্ধাচ্চ প্রতিগ্রহঃ মনু ১০.৭৬। ৩ রাগাদিমলবিহীন। "°সত্ত্ব।—মুণ্ডক ৩.১.৮। ৪ রজস্তমোঽকলুষিত। "বিশুদ্ধাত্মা গী ৫.৭। ৫ কেবল, শুদ্ধ। "(ভগবন্তম্) সত্ত্বং বিশুদ্ধম্ ভ ১ ২ ২৫। ৬ নিষ্কলঙ্ক, নির্দ্দোষ। "°মুগ্ধঃ কুলকন্যকাজনঃ মা মা ৭.১। ৭ উত্তম, সারবান্। "ধনুর্বংশবিশুদ্ধোঽপি নির্গুণঃ কিং করিষ্যতি হি ২৩ (কথারম্ভ)। ৮ নির্ম্মল, পরিষ্কৃত। ৯ শুভ্র। "কুন্দাপীড়বিশুদ্ধদন্ত-নিকর (S.W.)। ১০ অক্ষরহিত, দাগশূন্য। ১১ সত্য। ১২ অমিশ্র, খাঁটি। ১৩ ভ্রমপ্রমাদহীন। ১৪ সুরক্ষিত। "°পার্ষ্ণি, °পৃষ্ঠ (কামন্দক)। ১৫ একাগ্র, ঐকান্তিক। "বিশুদ্ধয়া ধারণয়া হতাশুভঃ ভ ১.৯.৩১। —শুদ্ধ স্ত্রী (তন্ত্রে) ষট্‌চক্রান্তর্গত কণ্ঠস্থ চক্রবিশেষ। দ্র 'ষট্‌চক্র'। [°পার্ষ্ণি (বিণ)—সেনাসুরক্ষিতপৃষ্ঠদেশ, উদ্ধৃতপৃষ্ঠশত্রু। °বংশ্য (বিণ) —সদ্বংশজাত, অভিজাত।]

বিশুদ্ধি † স্ত্রী [বি+ √শুধ্+তি (ক্তিন্)-ভা] ১ বিশেষশুদ্ধি, শুচিতা, পবিত্রতা। "তদঙ্গসংসর্গমবাপ্য কল্পতে ধ্রুবং চিতাভস্ম রজো বিশুদ্ধয়ে কু স ৫ ৭৯। আর্য্যায়া হুতাশনে বিশুদ্ধিঃ উ.চ ১২৬। ২ পাপ-নাশ, পাপনির্হরণ। "মনু ৬ ৬৯, ১১ ৫৪। ৩ শোধন, মার্জ্জন। ৪ নির্দ্দোষস্বরূপ, অবিমিশ্রতা। "হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা রঘু ১ ১০। দুর্জ্জনহুতাশতপ্তং কাব্যসুবর্ণং বিশুদ্ধিমায়াতি।—বৃহৎসংহিতা ১০৬.৪। ৫ উপশান্তি, অবিশ্বাসম্পর্কহানি। "আত্ম° গী ৬.১২। ৬ ভ্রমশোধন। ৭ নির্য্যাতন, বৈরশোধন। "বৈর°। ৮ নির্দ্দোষতা, হিতকারিতা। "সর্ব্বকর্ম্মণ্যুপাদেয়া বিশুদ্ধিশ্চন্দ্রতারয়োঃ (জ্যোতিষ)। ভ ৪.৪.১৮। ৯ [+তি-ণ] ভগবানে কর্ম্মফলত্যাগ। "কর্ম্মবিশুদ্ধ্যা বিশুদ্ধসত্ত্বস্য ভ ৫.৭.৭। ১০ তত্ত্বজ্ঞান। "ভ ২.১০.২। ১১ বিশুদ্ধজ্ঞান। "আত্মতত্ত্ব° ভ ২.৯.৪। ১২ সম (বিষ)।

বিশুষ্ক † বিণ [বি+ √শুষ্+ত (ক্ত)-ক] ১ বিশোষপ্রাপ্ত, অতি-নীরস। "বাতাতপবিশুষ্কাঙ্গ গো.রা ২.২৮ ২৪। ২ তৃষ্ণানীরস। "°কণ্ঠ।—ঋতু ১.১৫। ৩ লাবণ্যহীন, ম্লান।

বিশূল † বিণ [বহুব্রী] বিগতশূল, শূলরহিত। "রঘু ১৫.৫।

বিশৃঙ্খল † বিণ [বহুব্রী] ১ বিগতশৃঙ্খল, শৃঙ্খলরহিত, উদ্দাম। ২ অনর্গল, অবাধ। বিশৃঙ্খলং শৃঙ্খলকাঃ প্রতস্থিরে মাঘ ১২.৭। ৩ উচ্ছৃ-ঙ্খল, যথেচ্ছাচারী। "রাজা তাবদ্ বিশৃঙ্খল ক.সা ৫.৩। ৪ ত্রুটিভঙ্গুণ, ছিন্নসূত্র। মুখর°মেখলা গী.গো ২.১৬। ৫ বিপৎসঙ্কুল। "রাজপথা

উপায়বিশৃঙ্খলাঃ (S.W.)। ৩ (বাংলায়) ব্যবস্থাহীন, পরিপাটিশূন্য, এলো-মেলো। —শৃঙ্খলা বি [সং শৃঙ্খলা > °লা (নিষেধে), অস °লা] ১ অব্যবস্থা, অনিয়ম, গোলমাল। "বিনা বিচারে ঋষিদিগের বাক্য সকল মস্তকের উপর এতকাল বহন করিয়া আমরা এই বিশৃঙ্খলা, অধর্ম্ম ও দুর্দ্দশায় আসিয়া পড়িয়াছি অ শী ৮৯। ২ বিভ্রম। "উৎকট চিন্তায় রাজপুত্রের· ·স্মৃতিব বিশৃঙ্খলা হইতে লাগিল ব প্র ৭৪।

বিশেখ বি [সং বিশেষ > °খ, দ্র 'খ¹, মৈ °খ] বিশেষ, উপশম। "গমন অবধি তুয়া নহিল বিশেখ প ক ১৯৪৪। [বিশেখি—১ বিশেষ করিয়া। "আন কি কহব বিশেখি বি প ১১৪। ২ উৎকর্ষে বিশেষ করা, অর্থাৎ পরাজয় করা। "গিধিনী শ্রবণ যিশেখি বি প ৮৬।]

বিশেশয় স বিং সর্থ 'বিশাশয'। "নয়া গজা বিশেশয়। তার অর্দ্ধ বাঁচে হয় ॥—খনা। ব প ১৫।

বিশেষ † বিণ [বি+ √শিষ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ অতিশয়িত, সমধিক। "আসীদ্ বিশেষা ফলপুষ্পবৃদ্ধিঃ রঘু ২ ১৪। ২ অসাধারণ, অসামান্ত, ব্যক্তিগত। °নিয়ম মহা ২ ২১ ৫০। °গুণ, °লিঙ্গ, °বৃত্তি (S W) আছয়ে বিশেষ কাজ ক চ ৭৪। —শেষ পুং [+অ-ভা] ১ প্রভেদ, অন্তর। 'প্রিয়ঃ প্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন মনু ৯ ২৬। ধর্ম্মো হি তেষামধিকো বিশেষঃ হি ২৫ (কথাবস্তু)। আপনার যব আর শ্বশুরের ঘর। ভাবিয়া দেখহ প্রভু বিশেষ বিস্তর॥—ভা.চ ৪৪৯। ২ অসামান্তভাব। 'প্রত্যাদিষ্ট°মণ্ডনবিধিঃ শ ৬ ৬। ৩ উপশম, লাঘব। 'অস্তি মে বিশেষঃ শ ৩ ২৩/১০। ৪ ব্যক্তিগতভাব। (হৃদয়ং হৃদা) তস্ত ভূয়ো বিশেষেণ (সীতা আখ্যাতি) রা ২ ৭৭ ২৮। ৫ [+অ-ণ] 'ভেদসাধন', ব্যাবর্ত্তক ধর্ম্ম, অসাধারণগুণ, জাতিধর্ম্ম, ব্যাপ্যধর্ম্ম, ব্যক্তিত্ব (individuality)। "বিশেষং জ্ঞাতুমিচ্ছামি মাতৃণাং তব রাঘব রা ২ ৯২ ১৯। উ মে ১। ৬ প্রকার, ভেদ। "অর্ঘ°, তীর্থ°, দণ্ড°, মৃগ°। তপোবিশেষৈঃ মনু ২ ১৬৫। কদলী° কু স ১ ৩৬। ৭ উৎকর্ষার্থক (excellence)। "অতিথি° শ ১২/৩। অনুভাব° রঘু ১ ৩৭। বপুর্বিশেষেষতিগৌরবাঃ ক্রিয়াঃ কু স ৫ ৩১। ৮ অবযব। "পুপোষ লাবণ্যময়ান্ বিশেষান্ কু স ১ ২৫। ৯ ব্যাপ্যধর্ম্মাবচ্ছিন্নগোচব (টীকা)। "সা দ ১০ ৬১। ১০ সম্প্রদায়সূচক চন্দনাদিচিহ্ন, তিলক, ফোঁটা। ১১ [+অ (অচ্) -ক] 'বিশেষক বা ভেদক', (দর্শনে) দ্রব্যাদি সপ্ত পদার্থের অন্তর্গত পদার্থবিশেষ। 'দ্রব্য° গুণস্তথা কর্ম্ম সামান্য° সবিশেষকম্। সমবায়স্তথা ভাবাঃ পদার্থাঃ সপ্ত কীর্ত্তিতাঃ ॥—ভাষাপরিচ্ছেদ ২। [কণাদের মতে এই সাত প্রকার পদার্থ। জগৎ ইহাদেরই অন্তর্নিবিষ্ট। বায়বীয় জলীয় পার্থিব ইত্যাদিপ্রকার পৃথক্ পৃথক্ পদার্থ দেখিয়া কণাদ অনুমান করেন যে, প্রত্যেক শ্রেণীর পরমাণুরূপ আশ্রয়ে এমন একপ্রকার পদার্থ আছে, যাহাতে ইহা বায়বীয-প্রভৃতি প্রকারে অক্ষুণ্ণ থাকে। এই পদার্থই বিশেষকারক বা ভেদক বলিয়া 'বিশেষ'। ঘট, পট হইতে ভিন্ন, এই প্রতীতি উভয়ের আকার-প্রকারের অন্যথাভাবে হইতে পারে, কিন্তু বায়বীয়-প্রভৃতি পদার্থের মূলপরমাণুনিষ্ঠ প্রভেদ 'বিশেষ'-পদার্থ ব্যতীত অন্যকারণমূলক নহে। সুতরাং পরমাণুনিষ্ঠ অন্ত্যনামক পদার্থ পৃথক্ এবং ইহাই 'বিশেষ'। পরমাণু অনন্ত, পরমাণুনিষ্ঠ 'বিশেষ'ও অনন্ত।] ১২ পঞ্চ তন্মাত্র হইতে উৎপন্ন পঞ্চ স্থূলভূত—আকাশাদি। 'সাংখ্য ৩৮। ১৩ পৃথিবী। "বিশেষস্তু বিকুর্ব্বাণাদম্ভসো গন্ধবানভূৎ ভ ২ ৫ ২৯। ১৪ পৃথিবীর যোনিভূত অণ্ড। ১৫ বিরাডদেহ। "ভ ২ ১ ২৪, ২.২৮। ১৬ (ব্যাকরণে) গুণপ্রকাশক শব্দ, বিশেষণ। ১৭ অর্থালঙ্কারভেদ। [প্রসিদ্ধ আধার বিনা আধেয়ের বর্ণন, পরিমিত এক বস্তুর যুগপদ্ নানা স্থানে অবস্থিতি, অথবা আরব্ধ কোন কার্য্য-করণ দ্বারা দৈবাৎ অনারব্ধ অন্য কার্য্যের উৎপত্তি হইলে, 'বিশেষ' অলঙ্কার হয় (সা.দ ১০ ৭৩,-৪)। [°গুণ (পুং)—১ ব্যাবর্ত্তক ধর্ম্ম, ব্যক্তিগত গুণ। ২ (দর্শনে) রূপরসগন্ধাদি সপ্তদশ এবং গুরুত্বদ্রবত্বাদি সপ্ত—সমুদায়ে চতুর্ব্বিংশতি গুণ (ভাষাপরিচ্ছেদ ৩-৫)। °জ্ঞ, °বিৎ (-দ্) বিণ—১ প্রভেদবেত্তা, অপেক্ষিতভেদবিৎ। "রা ২.৮১.১। ২ পণ্ডিত। "°জ্ঞ ক সা ২৫ ১২৭। °বাদ (পুং)—বৈশেষিকবাদ। °বিধি (পুং), °শাস্ত্র (স্ত্রী)—অল্পবিষয়ক বিধি। °লক্ষণ, °লিঙ্গ (স্ত্রী)—ব্যাবর্ত্তক বা ব্যক্তিগত চিহ্ন। °স্থ (বিণ)—অ-সর্ব্ববিষয়ক। "কাব্যাদর্শ ২ ১৭০।] [বিশেষ, -ষঃ—পত্রের পাঠে। "বিজ্ঞাপনবিশেষ শ্রী মা ২০৮। বহু নিবেদনানি সন্তেব বিশেষঃ E.P 140. বিশেষতঃ (ক্রি বিণ)—বিশেষভাবে, ব্যক্তিগতভাবে। "পাণ্ডবেরে বিশেষতঃ আমার অতিশয় (স্নেহ) ম ৩৮৪। বারতা °তঃ শ্রী মা ২০৮।]

বিশেষক † বিণ [বি+ √শিষ্+অক (ণ্বুল্)-ক] বিশেষকারক, বিভেদক, গুণপ্রকাশক, বিশেষণ। —শেষক পুং, স্ত্রী ১ অসাধারণ ধর্ম্ম, বিশেষ গুণ। ২ তিলক। "বিপ্রনষ্টবিশেষকা গো রা ৩ ৫৫ ৬। নিশানাথঃ প্রাচীমুখবিশেষকঃ ক সা ১০৪ ১১২। ৩ পত্রলেখা। "পত্রবিশেষকাঃ (কুরবকাঃ) রঘু ৯ ২৯। —শেষক স্ত্রী পরম্পরান্বিত শ্লোক-ত্রয়। 'ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্।

বিশেষণ † বিণ [বি+ √শিষ্+অন (ল্যুট্)-ণ, স্ত্রী -ণী] ১ ভেদক, ব্যাবর্ত্তক। "পা ২ ১.৫৭। মহা ৩ ১৮১ ২৭। ২ বিশেষধর্ম্মসূচক, গুণ-বাচক। —শেষণ স্ত্রী [+অন-ভা] ১ বিশেষকরণ, ব্যাবর্ত্তন, পৃথক্-করণ। ২ অতিশায়ন, অতিক্রমণ। "অস্ত কাব্যস্য কবয়ো ন সমর্থা বিশেষণে মহা ১ ১ ৭৩। ৩ অবচ্ছেদকত্ব (শ্রীধর) "ভ ৩.২৬ ৪৬, সত্ত্বগুণ° ৫ ১৮ ৩০। ৪ ভেদ, বিশেষ। "নানাযুদ্ধবিশেষণৈঃ (সমাজয়ে) মহা ৭ ২৪ ৬১। ৫ [+অ-ণ] বিশেষগুণ, ভেদকলক্ষণ। "বিশেষণে সবিশেষ কহিবারে পারি ভা চ ২৫৪। তাহাদের বিশেষ বিশেষণ ব প ১৬৮২। ৬ উপলক্ষণ। ৭ বিধেয়। ৮ জাতি। ৯ (ব্যাকরণে) গুণবাচক শব্দ, বিশেষধর্ম্মবাচক শব্দ। "সা দ ১০ ৫৬, বিশেষণৈঃ সাভিপ্রায়ৈঃ ৫৭। [°বিশেষ্যভাব (পুং) ভেদ্যভেদকভাব, উদ্দেশ্য-বিধেয়ভাব।]

বিশেষত ক্রি বিং [সং °তঃ] বিশেষভাবে। আয় পূর্ণ কর বিশ্ব বিশেষত কাশী ভা চ ১৪৪।

বিশেষতঃ (-তস্) † ক্রি বিণ [°ষ+তঃ (তসি) তৃতীয়ার্থানে] ১ বিশেষভাবে, পৃথগভাবে, ভেদভাবে। "মাতৃষু বর্ত্তেথাঃ সর্ব্বাস্ববিশেষতঃ রা ২ ৫২ ৩৪। মনু ২ ২২৬। ২ বিশেষানুরূপ। "দেয়মেতেভ্যো দানং বিভা° মনু ১১ ২। ৩ ব্যক্তিগতভাবে, প্রধানতঃ। "লক্ষ্মণং তমহং রামাচ্ছোচামাস্থ বিশেষতঃ গো রা ২ ৩২ ৬।

বিশেষিত † বিণ [বি+ √শেষি+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিশায়িত। "বিশেষিতস্ত্বয়া রাজন্ দৈত্যেন্দ্রঃ সপিতামহঃ হ ২৫৬ ১২। ২ বিশিষ্ট। "বিভয়া হ্রময়া রাজন্ বয়ং নৃত্যো বিশেষিতাঃ মহা ১ ১৭০ ৪৭। ৩ বিশেষীকৃত, ভেদিত। ৪ বিশেষণযুক্ত।

বিশেষোক্তি † [বিশেষের (অনুৎপত্তিনিমিত্তের) উক্তি (অবগতি) যাহাতে, বহুব্রী (কুবলয়ানন্দটীকা), দ্র 'কা প্র ১০.১০৮, টীকা] অর্থালঙ্কারবিশেষ। [হেতু থাকিলেও ফলাভাব বা কার্য্যাভাব হইলে, 'বিশেষোক্তি' হয়। 'সতি হেতৌ ফলাভাবে বিশেষোক্তিঃ সা দ ১০.৬৭। "হৃদি স্নেহক্ষয়ো নাভূৎ স্মরদীপে জ্বলত্যপি।—কাব্যাদর্শ ৮২।]

বিশেষ্য † বিণ [বি+ √শিষ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ গুণাদিভেদ্য ব্যবচ্ছেদ্য (পদার্থ)। ২ ধর্ম্মী। —শেষ্য স্ত্রী ধর্ম্মিপদার্থ, নামজাতিগুণদ্রব্যক্রিয়া-বাচক শব্দ।

বিশোক † বিণ [বহুব্রী, বৈদিক] বীতশোক, শোকরহিত, দুঃখহীন। "গো.রা ১.১ ৯৪। যথা বিশোকা গচ্ছেয়মশোকনগ তৎ কুরু মহা ৩.৬৪ ১০৭। কু স ৬ ৯২। ত্রিলোক বিশোক হইল—দু ৯২। —শোক পুং

১ অশোক বৃক্ষ। ২ ভীমের সারথি। "মহা ৭.১২৫.২৮। ৩ যাহাতে শোক বিগত হয়, জ্ঞানোপদেশ। "কশ্চিৎ স্থান্ মে বিশোকায় ত্বয়ি প্রব্রজিতে বনম্ ভ ৩.২৩.৫২। ৪ [বি+ √শুচ্+অ (ঘঞ্)-ভা] শোকাপনোদন। "মুকুন্দাক্ষ বিশোকায় ভ ১.১০.৭। —শোকা স্ত্রী সম্প্রজ্ঞাতসমাধির পূর্ব্বকালীন চিত্তবৃত্তি (শ.ক)। "পা.দ ১.৩৬।

বিশোকা 'বিশোক'।

বিশোধন † বিণ [বি+ √শোধি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ শোধয়িতা, °পাবন, নিস্তারক, নিরাসক। "পুণ্যসলিলৈঃ…মলবিশোধনৈঃ গো.রা ১.২৭.১৮। ২ পাপনাশক। "প্রায়শ্চিত্তং বিশোধনম্ (স্মৃতি)। —শোধন ক্লী [+অন-ভা] ১ শুদ্ধিকরণ, পাবন। ২ মার্জ্জন, পরিষ্করণ। ৩ উদ্ধার, উৎপাটন, নিপাত। "রাজ্যকণ্টক°(A.)। ৪ শাখাদিচ্ছেদন, ডালপালা ছাটা। "এতেষাং (বৃক্ষাণাম্) শস্ত্রেণাদৌ °নম্। —বৃহৎসংহিতা ৫৫.১৫। ৫ [+ √শুধ্+অন-ণ] 'শুদ্ধিসাধন', পাপশোধন, প্রায়শ্চিত্ত। "ঘৃতপ্রাশো বিশোধনম্ মনু ১১.১৪৪, তপ্তকৃচ্ছ্রং °নম্ ১৫৭, পঞ্চগব্যং °নম্ ১৬৬, ২০১। ৬ বিশেষ শুদ্ধিকারণ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩.২৪। —শোধনী স্ত্রী ১ ব্রহ্মার পুরী। ২ দন্তীবৃক্ষ। —শোধিত বিণ [+ √শোধি+ত (ক্ত)-র্ম্ম] ১ মার্জ্জিত, পরিষ্কৃত। ২ নিষ্কলুষীকৃত। —শোধী (-ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] বিশোধয়িতা, পবিমার্জ্জক, পরিষ্কারক। —শোধ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ শোধনীয়, মার্জ্জনীয়। ২ সংশোধনীয়।

বিশোধনী, -শোধিত, -শোধী, -শোধ্য † দ্র 'বিশোধন'।

বিশোয়াস বি [সং বিশ্বাস (র>উ>ও, আ>য়া), বৈষ্ণব সাহিত্যে] ১ বিশ্বাস। "বি.প ১২২, তুহু জগতারণ, দীন দয়াময়, অতএ তোহারি বিশোয়াসা ২১৮। গো ৯৮। চ চ ১১। বচনে করহ বিশোয়াসে। —ব ১৯৫। ২ প্রতীত বিষয়, গূঢ় অভিপ্রায়। "ইহা বলি কোলাকুলি, দুজনে আনন্দে ভুলি, কেক ত না কবে বিশোয়াস চৈ.ম ৫১। [বিশোয়াসব—বিশ্বাস করিব (প ক)।]

বিশোষ † পুং [বি+ √শুষ্+অ (ঘঞ্)-ভা] নীরসীভাব, শোষণ (সুশ্রুত)। —শোষণ বিণ [+ √শোষি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] নিঃশেষে শোষয়িতা। "হাসম্…তীব্রশোকাশ্রুসাগরবিশোষণম্ ভ ৩ ২৮. ৩২। —শোষণ ক্লী [+অন-ভা] ১ নীরসীকরণ। ২ (অণিচ্-পক্ষে) নীরসীভাব। —শোষিত বিণ [+ √শোষি+ত (ক্ত)-র্ম্ম] নীরসীকৃত। "বিশোষিতাম্…পুষ্করবীজমালাম্ কু স ৩ ৬৫। পবলাতপ° কুসুমকলিকা ব.প্র ১০২। —শোষী (-ষিন্) বিণ [+ √শুষ্+ইন্ (ণিনি)-ক-১ব] বিশোষপ্রাপ্ত, বিশুষ্ক। "শস্যানামবগ্রহবিশোষিণাম্ রঘু ১ ৬২।

বিশোষণ, -শোষিত, -শোষী † দ্র 'বিশোষ'।

বিশ্র(শ্রা)ণন † ক্লী [বি+ √শ্রণ্, √শ্রাণি+অন (ল্যুট্)-ভা] দান, বিতরণ, ত্যাগ। "বিত্তবিশ্রাণন গো.রা ২ ৩২, সর্গশেষ। বিশ্রাণনাচ্চান্য-পয়স্বিনীনাম্ রঘু ২ ৫৪। —শ্রাণিত বিণ [+ √শ্রাণি+ত (ক্ত)-র্ম্ম] দত্ত, ত্যক্ত। "রা ২.৩২.৩৬। নিঃশেষবিশ্রাণিতকোষজাতম্ রঘু ৫.১।

বিশ্রবণ, -বাঃ(-বস্) † পুং পুলস্ত্যপুত্র মুনিভেদ। দ্র 'বৈশ্রবণ'।

বিশ্রবাঃ দ্র 'বিশ্রবণ'।

বিশ্র(স্র)ব্ধ † বিণ [বি+ √শ্র(স্র)ন্‌ভ্+ত (ক্ত)-ক] ১ নির্বিশঙ্ক, নির্ভীক। "বিস্রব্ধঃ কিং ন কুর্য্যামহং প্রিয়ম্ রা ২.১৯ ৫ ; বিস্রব্ধ ২৭.৮, বিশ্রব্ধং প্রতিভাগতাম্ ৫৭ ৩১। বিস্রব্ধং মনু ৮.৪১৭, শ ২.৬। ২ শান্ত, অনুদ্ভট। ৩ গাঢ়। ৪ অত্যর্থ। ৫ স্থির। "প্রশ্রয়° ভা চ ৬৬৮। ৬ [+ত-র্ম্ম] বিশ্বস্ত। "বিশ্রব্ধে শুদ্ধমতৌ যঃ সমাচরতি পাপম্ হি ১. ৮০। বিশ্রব্ধ° পরিচুম্ব্য সা.দ ১$\frac{২}{৩}$। ৭ বিশ্বসনীয়। "বিদুষাং চাপ্য-বিশ্রব্ধঃ ষড়্‌বর্গঃ কিমু মাদৃশাম্ ভ ১১ ২৬ ২৪। [°নবোঢা (স্ত্রী) —নবোঢানায়িকাবিশেষ। "ভা.চ ৬৭০।]

বিশ্রম † পুং [বি+ √শ্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব, 'বিশ্রাম' বিকল্পে বৃদ্ধি, দ্র 'পু.মে ২৬, মল্লিনাথ] ১ বিশ্রাম নির্ব্যাপারভাব। "অধিশ্রমো লোকতন্ত্রাধিকারঃ শ $\frac{৫}{৪}$। ২ বিরাম। —শ্রমণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ বিশ্রাম, খেদাপনয়। "প্রতিষায় (তাম্)…বিশ্রমণায় সুঃ ক.সা ১০১.৬৪। ২ [+ √শ্রমি+অন-ভা] পাদ-সংবাহন। "°বীজন ভ ১০ ৫৯ ৪৫।

বিশ্রমণ দ্র 'বিশ্রম'।

বিশ্র(স্র)ম্ভ † পুং [বি+ √শ্র(স্র)ন্‌ভ্+অ (ঘঞ্)-ভা] ১ বিশ্বাস। "স্বগৃহে…বিশ্রম্ভেণ প্রবিশ্যতাম্ গো.রা ১.৭৫.১৪। বিশ্রম্ভপ্রধান সখ্য চৈ.চ ২০১। ২ কেলিকলহ। ৩ [+অ-ণ] প্রণয়। "বিস্রম্ভ রা ২. ৬০ ৭। বিস্রম্ভাদুরসি নিপত্য লব্ধনিদ্রাম্ (প্রিয়গৃহিণীম্) উ.চ ১.৪৯। দ্বৈতে ধ্রুবার্থবিস্রম্ভং ত্যজ ভ ৬.১৫.২৬। ৪ বিশ্বাসবিষয়, রহস্য। "বিশ্রম্ভেষভ্যন্তরীকরণীয়া (কাদম্বরী)। ৫ বধ (বিশ্ব)। —ম্ভণ বিণ [+ √শ্রম্ভি+অন (ল্যুট্)-ক] বিশ্বাসজনক। "রূপং গোপবিশ্রম্ভণম্ ভ ১০ ২৪.৩৫। —ম্ভণ ক্লী [+অন-ভা] ১ বিশ্বাসজনন। ২ (অণিচ্-পক্ষে) বিশ্বাস। [°কথা (স্ত্রী), °কথিত, °ভাষণ (ক্লী)—বিশ্বস্তালাপ; সপ্রণযসম্ভাষা। "শ্রোষ্যামি আসাং °কথিতানি শ $\frac{৩}{৫}$। °পাত্র, °ভাজন', °স্থান (ক্লী), °ভূমি (স্ত্রী)—বিশ্বাসাস্পদ, বিশ্বস্তজন। "°ভাজন হি ১ ২২৩, °ভূমি ২$\frac{৭}{৪}$$\frac{৮}{৯}$। °বয়স্যা (স্ত্রী)—প্রিয়সখী। "ক.সা ৪৫.২৪৩। °সংসুপ্ত (বিণ)—বিশ্বাসপূর্ব্বক সুনিদ্রিত।]

বিশ্রম্ভণ দ্র 'বিশ্রম্ভ'।

বিশ্র(স্র)ম্ভালাপ † পুং [উ.লো] বিশ্বস্তকথন। "হি ১$\frac{২}{১}$$\frac{৯}{৮}$$\frac{৭}{৮}$।

বিশ্রম্ভী (-ম্ভিন্) † বিণ [বি+ √শ্রন্‌ভ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব] ১ বিশ্বাসশীল। "অ° ভট্টি ৭ ১১। ২ [°ম্ভ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] বিশ্বাসবান্। "গুণবিশ্রম্ভিন্ ভ ৬ ৫.২০। ৩ প্রণয়বিষয়ক। "বিস্রম্ভিণীঃ কথাঃ ক.সা ১৭.২।

বিশ্রাণন, -শ্রাণিত † দ্র 'বিশ্রণন'।

বিশ্রান্ত † বিণ [বি+ √শ্রম্+ত (ক্ত)-ক] ১ কৃতবিশ্রাম, বিনীতখেদ। "পূ মে ২৬। ২ নিবৃত্ত, বিরত। "°কথং (তব মুখম্) রঘু ৮ ৫৫। °পুষ্পোদ্-গম।—বিক্র ৪ ৩৮। °বিলাস ক সা ৪৬.১৭৫। ৩ গত, তৎপর্য্যন্ত। 'দিগন্ত°রথঃ রঘু ৩.৪, কর্ণান্তবিশ্রান্তে…লোচনে ৪.১৩। (ভুরু) আকর্ণ বিশ্রান্ত।—ন ৮৮০। —শ্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিশ্রাম। "শরীরস্য বিশ্রান্তিমভিবোচয়ে রা ২.২.৮। সেনা° ক.সা ২০.১। ২ বিরতি, নিবৃত্তি, অবসান। "বাক্য° ক.সা ২৯১.৭। —শ্রাম পুং [দ্র 'বিশ্রম'] ১ নির্ব্যাপারস্থিতি, বিশ্রান্তি, খেদাপনয়। "বিশ্রামমিচ্ছামি রা ২ ২. ১০। °হেতোঃ পু.মে ২৫। বিশ্রামং লভতামিদম্…ধনুঃ শ ২.৬। ২ বিরাম, নিবৃত্তি। "রামরাবণযোর্যুদ্ধং বিশ্রামমগমৎ তদা গো.রা ৬.৯২.৩৫। ৩ শান্তি, স্থৈর্য্য। "বিশ্রামো হৃদযস্য যত্র উ.চ ১.৪০। যন্ মরণং সোঽস্য বিশ্রামঃ।—তি ১.১৪৮। ৪ বিরতি, যতি, পাঠচ্ছেদ (cæsura)। "বিশ্রামঃ স্যাদ্ বেদৈর্ব্বেদৈঃ শ্রুতবোধ ১৩। ৫ [+অ-ধি] শয়নগৃহ। "ভ ৩.২৩.২০।

বিশ্রান্তি দ্র 'বিশ্রান্ত'।

বিশ্রাব † পুং [বি+ √শ্রু+অ (ঘঞ্)-ভা, পা ৩.৩.২৫] ১ প্রবিখ্যাতি (অ কো), প্রসিদ্ধি, খ্যাতি। ২ [+অ-র্ম্ম] ধ্বনি, শব্দ। "তোয° ভট্টি ৭.৩৬। —শ্রুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিখ্যাত, বিদিত, জ্ঞাত। "ঋগ্বেদ ১.৫২ ১১। উপরিচরেত্যেবং নাম…বিশ্রুতম্ মহা ১. ৬৩.৩৪। বিশ্রুতাস্ত্রিষু লোকেষু।—হ ২৪৯.৫১। গী.গো ১.৪। ২ সংহৃষ্ট (বিশ্ব)। —শ্রুত ক্লী [+ত-ভা] খ্যাতি। —শ্রুতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] খ্যাতি।

বিশ্রাম † দ্র 'বিশ্রান্ত', পা ৬.১.৪৭, তত্ত্ববোধিনী। [°ভূ, °ভূমি

(স্ত্রী)—বিশ্রামস্থান। °বেশ্ম (-শ্মন) ক্লী—বিশ্রামভবন। "হ ১০৭৬৩। [বিশ্রামিতে—বিশ্রাম করিতে। "ম প্র ১৫৫।]

বিশ্রী বিং [বহুব্রী] ১ যাহার শ্রী বিগত, শ্রীহীন, শোভাশূন্য। ২ কদাকার, কুৎসিত। "মৃত শরীর বিশ্রী ও বিবর্ণ হয় (বোধোদয়)। ৩ অশ্লীল, লজ্জাজনক (কথা)। ৪ অসুখকর, পীড়াজনক। কোকিলের ডাক শুনিলে কতকগুলি বিশ্রী কথা মনে পড়ে, কি যেন হারাইয়াছি যেন তাহা আর পাইব না ব প্র ২৩৬।

বিশ্রুত, বিশ্রুতি † দ্র 'বিশ্রাব'।

বিশ্লথ ‡ বিণ [বি+ √শ্লথ+অ (অচ)-ক] শিথিল। ঐরাবতাস্ফালনবিশ্লথম্ (অঙ্গদম্) রঘু ৬ ৭৩।

বিশ্লিষ্ট † বিণ [বি+ √শ্লিষ +ত (ক্ত)-ম্ম] ১ বিযুক্ত শিথিলীকৃত। "গরুড়াপাতবিশ্লিষ্টমেঘনাদাস্ত্রবন্ধনঃ রঘু ১২.৭৬। ২ পৃথককৃত বিচ্ছিন্ন। বিপ 'সংশ্লিষ্ট'। "তৌ চিরবিশ্লিষ্টসংশ্লিষ্টৌ ক.সা ৭৪ ৩২০। ৩ সন্ধিবিচালিত, অবস্রংসিত (অবয়ব)। —শ্লেষ পুং [+অ (ঘঞ)-ভা] ১ বিয়োজন, পৃথককরণ, বিভাগ। বিপ 'সংশ্লেষ'। সন্ধি°। ২ বিচলন, অবস্রংসন। "সন্ধ্যস্থি° (সুশ্রুত)। ৩ বিপ্রয়োগ, বিচ্ছেদ, বিরহ। "পাদারবিন্দ° রঘু ১৩ ২৩। তনযা° শ ৪ ৬। কৃষ্ণ°বর্ণিত ভ ১ ১৫ ১। ৪ বিভেদ। ভিত্তি°জজ্জব (গৃহ) ক সা ২ ৪৯। ৫ অপায়, অপগম। "পা ২ ৩ ২৮। উৎসাহ°দুঃখ ক সা ১৬ ৯৭। ৬ অযোগ (মেদিনী)। ৭ দ্রাবণ, গলান। —শ্লেষণ বিণ [+অন (ল্যুট্)-ক] ১ বিয়োজক, ভেদক। ২ দ্রাবক। —শ্লেষণ ক্লী [+অন-ভা] ১ সর্থ 'বিশ্লেষ (১)। ২ সর্থ 'বিশ্লেষ' (৫)। ভক্তুঃ পাদবিশ্লেষণাক্ষমঃ ভ ৩ ৪ ৫। ৩ দ্রবীকরণ, বিলয়ন। - শ্লেষিত বিণ [+ √শ্লেষি+ত (ক্ত)-র্ম্ম] ১ বিয়োজিত বিপযুক্ত। 'ধনপতিক্রোধ° পূ মে ৭। ২ অবমৃষ্ট। 'বিশ্লেষিতাঃ পত্রলেখাঃ কু স ৩ ৩৮, মল্লিনাথ।

বিশ্লেষ, -শ্লেষণ, -শ্লেষিত † দ্র বিশ্লিষ্ট'।

বিশ্ব † বিণ, সর্ব্ব [√বিশ+ব (কন)-ক, উ ১ ১৪৯, স্ত্রী -শ্বা] সর্ব্ব, নিখিল, সমগ্র, সমস্ত, অশেষ। বিশ্বে দেবাঃ।—ঋগ্বেদ ১ ৮৯ ১০, বিশ্বস্য জগতঃ।—ঋগ্বেদ ৪ ১৩ ৩। বিশ্বে জগতি গো রা ৪ ১১ ১০। বিশ্বস্য জগতো বুদ্ধিম্ মহা ৩ ২১৮ ১৬। °ভুবনতলে চ কা ৪৪ ১। —শ্ব পুং ১ পৃথক পৃথক স্থূলশরীরে প্রবিষ্ট চৈতন্য। 'এতদ্ব্যষ্ট্যুপহিতং চৈতন্যং বিশ্বঃ (বেদান্তসার)। ২ (বহুব) 'শ্রাদ্ধান্তে যাঁহারা যান' (ভরত) নব দেবতাগণের অন্তর্গত গণদেবতাবিশেষ, বিশ্বদেব (অ টী)। 'বসুসত্যৌ ক্রতুদক্ষৌ কামকালৌ ধৃতিঃ কুরুঃ। পুরূরবা মাদ্রবাশ্চ বিশ্বে দেবাঃ প্রকীর্ত্তিতাঃ। "বিশ্বেঽশ্বিনৌ গী ১১ ১২। বিশ্বগণ শ্রী ম ৩১৬। [বিশ্বদেবগণ দক্ষকন্যা ধর্ম্মপত্নী বিশ্বার গর্ভে জাত (হ ৩ ৩১,-২)। মতান্তরে, রোচক বা লোচন, ধ্বনি ও ধুরি এই গণের অন্তর্গত এবং গণসংখ্যা ত্রয়োদশ। মহাভারতে ইঁহারা অষ্টাবিংশতিসংখ্যক (মহা ১৩ ৯১ ৩০—৩৩)। ইষ্টশ্রাদ্ধে নান্দীমুখে নৈমিত্তিক ও কাম্য কর্ম্মে এবং পার্ব্বণে ইঁহাদের পূজাবিধান আছে (শ ক)। পঞ্চযজ্ঞান্তর্গত দেবযজ্ঞে ইঁহাদের বলি বিহিত হইয়াছে (মনু ৩ ৯০ ১২১)। ইঁহারা হিমালয়ে যে কঠোর তপস্যা করেন, তাহারই ফলে ব্রহ্মা ও পিতৃগণ ইঁহাদের বলিপ্রদানের ব্যবস্থা করেন (M W)।] ৩ বিশ্বদেবের সংখ্যানুসারে ত্রয়োদশ (১৩) সংখ্যা। ৪ বিষ্ণু। ৫ নাগর, নগরবাসী। ৬ 'বিশ্বপ্রকাশ' অভিধান। —শ্ব ক্লী ১ সমস্ত (শঙ্কর), নিখিলব্রহ্মাণ্ড। "(ব্রহ্মা) বিশ্বস্য কর্ত্তা। —মুণ্ডকোপনিষৎ ১ ১ ১। ত্বয়া ততং বিশ্বমনন্তরূপং গী ১১ ৩৮। ২ জগৎ, পৃথিবী। "ইদং বিশ্বং পাল্যম্·· অভিযুক্তেন মনসা উ চ ৩ ৩০। বিশ্বে যাঁর যশ—কৃ ২৫২। ভা চ ৪, ৫। কে আছে রথী এ বিশ্বে বিমুখয়ে রণে, একাকী এ রক্ষোবৃন্দে ?—মে ১৯৮। সহস্র বিশ্ব চৌদিকে তোমার। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। বিশ্ববীণারবে বিশ্বজনে মোহিছে।—গান ১৭৫। ছুটে, °পথে বন্ধনবিহীন চ কা ৪৬৬। ৩ বিশ্ববাসী, বিশ্বজন। "ও রাঙা পা দুখানি, বিশ্বের আকাঙ্ক্ষা মা গো।—মে ৪৬। আসীন সেই বিশ্বশরণ তাঁর জগত-মন্দিরে।—রবীন্দ্র। ৪ (বাঙ্‌লায়) বিশ্বকর্ম্মা। "অষ্টাঙ্গ লোটায়ে বিশ্ব করিল প্রণাম (ক চ)। —শ্বা স্ত্রী ১ দক্ষকন্যাবিশেষ। দ্র 'বিশ্ব (২)। ২ অগ্নিজিহ্বাবিশেষ। ৩ অতিবিষা, শতাবরী, পিপ্পলী, শুণ্ঠী। ৪ কুড়িপল পরিমাণ, বিশা। 'বিশা বিংশপলং প্রোক্তম্ (শ ক)। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—বিশ্বস্রষ্টা। "ভ ৯ ৯ ৪৮। °কারক (পুং)—শিব। °কাক (পুং)—বিশ্বশিল্পী, বিশ্বকর্ম্মা। °কৃৎ (পুং) —১ বিশ্বকর্ম্মা। "শিল্পিকুলরাজ, বিশ্বকৃৎ।—হেম ১৮৩, ২০৫। ২ ব্রহ্মা। °গুরু (পুং)—জগৎপিতা। °জন (পুং)—সর্ব্বজন। 'শুক্লযজুর্ব্বেদসংহিতা ৫ ২৮। গান ১৭৫। °চক্র (ক্লী)—ভূমণ্ডল। °তনু (পুং)—বিরাট্‌পুরুষ। ভ ২ ১ ৩৩। °ধর (পুং)—১ 'বিশ্বপালক,' বিষ্ণু। ২ (বাঙ্‌লায়) ব্রহ্মাণ্ডধারক। '°ধর শেষ।—মে ৫১। °ধাতা (-তৃ) পুং—বিশ্বধারক। °ধারিণী (স্ত্রী)—'বিশ্বধাত্রী', পৃথিবী। °ধারী (-রিন্) পুং—'বিশ্বধারক' দেবতা। °নাভি (পুং)—বিশ্বের আশ্রয়। ভ ২ ২ ২৫। °পর্ণী (স্ত্রী) ভূম্যামলকী। °পাচক (পুং)—'সর্ব্বপাককারক', অগ্নি। °পাবন (বিণ)—সর্ব্বপূতিকারক, সর্ব্বশোধয়িতা। তদপো বিশ্বপাবনীঃ ভ ৮ ২০ ১৮। °বন্ধু (পুং)—জগদ্বন্ধু, সর্ব্বসুহৃৎ। °বাস (পুং)—'বিশ্বাধার', বিষ্ণু। 'মহা ৬ ৬৫ ৫২। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং —বিশ্বপালক, বিশ্বপতি। ভ ৩ ১৬ ২৪। °ভব (বিণ)—বিশ্বযোনিভূত। বন্দে বিশ্বভবম্ ভ ৪ ৯ ১৬। °ভাবন (বিণ)—বিশ্বের ভাবয়িতা, নিখিলজনক। (পুং) কৃষ্ণ। ভ ১ ১১ ৭। °যোনি (পুং)—১ বিশ্বকারণ, ব্রহ্মা। 'কু স ৩ ৬২। ২ বিষ্ণু। °রাট্ (-জ) পুং—বিশ্বপতি। °রেতাঃ (-তস্) পুং—১ ব্রহ্মা। ২ বিষ্ণু। °সংপ্লব (পুং)—বিশ্ববিলয়, প্রলয়। °সখ (পুং)—সর্ব্বসুহৃৎ, বিশ্ববন্ধু। °সত্তম (পুং)—'সর্ব্বোত্তম', কৃষ্ণ। "মহা ৪ ৫২ ৮। °সম্ভব (বিণ)—সর্ব্বযোনিভূত, বিশ্বকারণ। °স্রষ্টা (-ষ্টৃ) পুং—ব্রহ্মা। °হর্ত্তা (-র্ত্তৃ) পুং—শিব। °হেতু (পুং)—বিশ্বকারণ বিষ্ণু।]

বিশ্বকর্ম্মা (-র্ম্মন্) † পুং [বিশ্ব কর্ম্ম যাঁহার, বহুব্রী, -১ব] ১ সৃষ্টিকর্ত্তৃবিশেষ, দেবশিল্পী, ত্বষ্টা। ভ ২ ৯১ ১১,-২। তুমি বিশ্ব গড়, তাই বিশ্বকর্ম্মা নাম ভা চ ১৯৯। [ইঁহার মাতা বৃহস্পতিভগিনী 'যোগসিদ্ধা বা যোগসত্তা', পিতা অষ্টম বসু 'প্রভাস'। ইনি শিল্পসমূহের প্রকাশক, অলঙ্কারের স্রষ্টা, দেবতার বিমাননির্ম্মাতা। ইঁহারই কৃপায় মনুষ্যেরা শিল্পকলায় জীবিকার্জ্জন করে (হ ৩ ৪৫-৪৮। মহা ১ ৬৬ ২৮-৩০)। ইনি লঙ্কার নির্ম্মাতা এবং সেতুকারক নলের পিতা (রা ৬ ২২ ৪১, ৭ ৫ ২০-২৫)। ইনি উপবেদ 'স্থাপত্যবেদের প্রকাশক (দ্র 'উপবেদ), চতুঃষষ্টিকলার অধিষ্ঠাতা, সুতরাং শিল্পীর অর্চ্চনীয়। বাঙ্‌লায় মঙ্গলকাব্যে ইনি চণ্ডীর আজ্ঞায় দেউলনির্ম্মাণ কাঁচুলিলেখন নগরনির্ম্মাণ ও নৌকাগঠনের শিল্পী (ক চ)। শূন্যপুরাণে, ধর্ম্মস্থাননির্ম্মাণ ও ধান্যচ্ছেদনার্থ সোনার কাস্তিয়া গড়ার ইনিই কর্ম্মী (শূ ৫৭, ১১১)। অন্নদামঙ্গলে শিবের সিদ্ধির যোটনা কুঁড়া (ভা চ ৮৬), অন্নপূর্ণার রত্নহাতা রত্নমুকুট পানপাত্র ভূষণ কাঁচুলি শাড়ী উড়ানী (ভা চ ১০৯), ইনিই যোগাইয়াছিলেন। বিশ্বেশ্বরের দেউল ও অন্নপূর্ণার পুরীর ইনিই নির্ম্মাতা (ভা চ ১২২,-৫)। শিবায়নে চাষী শিবের চাষের নিমিত্ত লাঙ্গল ফাল কোদাল দা ডখুন পাশী জোয়াল মই ইত্যাদির কর্ম্মকাররূপে ইনিই শাল বসাইয়াছিলেন।] ২ (সাদৃশ্যে) শিল্পপণ্ডিত। 'অহং হি বিশ্বকর্ম্মা বৈ দানবানাম্ মহা ২ ১ ৫। ৩ সূর্য্য। ৪ সূর্য্যের সপ্তরশ্মির একতম। ৫ পরমেশ্বর, আদিপুরুষ। ৬ মুনিভেদ। [বিশ্বকর্ম্মজা বিশ্বকর্ম্মসুতা (স্ত্রী)—সংজ্ঞা।]

বিশ্বকায় বি বিশ্বরূপ, বিরাট্‌পুরুষ। 'এতেক শুনিয়া শিব হৈল বিশ্বকায়।—প ১৩৪।

বিশ্বকৃসেন † দ্র 'বিষক্‌সেন'।

বিশ্বজগৎ বি ১ সকল জগৎ ; জগন্মণ্ডল। "খেলার গৃহ হয়ে উঠে, বিশ্বজগৎ।—শিশু ২৩। ২ চতুর্দ্দশভুবন। "বিশ্বজগৎমণিভূষণ বেষ্টিত চরণে।—রবীন্দ্র। [বিশ্বজগন্ময় (বিং)—জগন্মণ্ডলব্যাপী। "অপমান-রাশি বিশ্বজগন্ময়।—কা ২৯।]

বিশ্বজনীন † বিণ [°জন+ঈন (খ) ; স্ত্রী -না] বিশ্বজনহিত, মানব-হিতকর। "°বৃত্তি ভট্টি ২.৪৮ ; ২১.১৭। কু.কে ১৩৪।

বিশ্বজিৎ † বিণ [বিশ্ব+ √জি+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] বিশ্বজয়ী। "ভ ৪.২০.১৭, ৭.৪.৭। —জিৎ পুং ১ বিষ্ণু। ২ অগ্নিভেদ। "মহা ৩.২১৮.১৬। ৩ সর্ব্বস্বদক্ষিণ যজ্ঞভেদ। "রা ১ ১৪.৪২। মনু ১১.১, কুল্লুক ; ৭৫। রঘু ৫.১। অযাজয়ন্ বিশ্বজিতা ত্রিনাকঃ জিগীষমাণঃ ভ ৮.১৫.৪। রিক্ত হাতে করবে যে জন যজ্ঞ বিশ্বজিৎ কু.কে ১৩৮। ৪ বরুণপাশ। ৫ ফলশ্রুতিবিষয়ে স্বর্গফলকল্পক ন্যায়বিশেষ (মীমাংসাদর্শন)।

বিশ্বতঃ (-তস্) † ব্য [বিশ্ব+তঃ (তসিল্) সপ্তমীস্থানে] সকল দিকে, পার্শ্বে বা ভাগে ; সর্ব্বতঃ, সমন্তাৎ।

বিশ্বতোমুখ † বিণ [বিশ্বতঃ মুখ যাহার, বহুব্রী ; স্ত্রী -খা, -খী] সর্ব্বতোমুখ, বিশ্বরূপ, সর্ব্বাত্মক। "গী ৯.১৫ ; ১১.১১।

বিশ্বদেব † পুং, বহুব [কর্ম্মধা ; তু 'বিশ্বেদেব' ; °'ব'—সর্ব্বদেব (ঋগ্বেদ ৬.৫১.৭)] ১ বিশ্বনামক দেবগণবিশেষ। দ্র 'বিশ্ব (২)। °দেবানাং নিপ্রঃ মনু ৩.২০৮, কুল্লুক। "ভা.চ ১৩২। ২ মহাপুরুষ। "হ ২৫৯.৫, ৯।

বিশ্বদেবতা † বি বিশ্বের দেবতা ; মহাপুরুষ। "চিত্ত মোর দীপ্ত দীপ জ্বেলে, আপনারে দগ্ধ করে করিছে আরতি, বিশ্বদেবতার।—কা ১৫৪। —দেবা বি [অপ্র] সর্ব্বদেবস্বরূপা চণ্ডী। "আপনে গোসাঞি বিশ্বদেবা নাম ধরে চ.বি ২৩।

বিশ্বদেবা দ্র 'বিশ্বদেবতা'।

বিশ্বধ্যেয় বিং [ষ.ত] বিশ্বের ধ্যানার্হ ; বিশ্বারাধ্য। "মে ১৮৭।

বিশ্বনাথ † পুং [ষ.ত] ১ বিশ্বপতি, শিব (শ.ক)। "ম ৯৪৪। উর্দ্ধহাত বিশ্বনাথ নামগীত গাইছে ভা চ ৪৫। ২ কাশীস্থশিববিগ্রহ। "°নগরী। ৩ কৃষ্ণ। "শি ৪৪। ৪ সাহিত্যদর্পণকার পণ্ডিত।

বিশ্বনাশী (-শিন্) বিং সর্ব্বক্ষয়কর। "°শী কুলিশে মে ৫২।

বিশ্বনিন্দক, -নিন্দুক বিং সকলেরই নিন্দাকারী ; দোষৈকদর্শী। "বুড়ো ব্যাটা বিশ্বনিন্দুক বি.বু ১।

বিশ্বনিন্দুক দ্র 'বিশ্বনিন্দক'।

বিশ্বপতি † পুং [ষ.ত] ১ 'বিশ্বপালক', মহাপুরুষ। ২ কৃষ্ণ। "ম ৩২৫। ৩ অগ্নিবিশেষ। "মহা ৩.২২০.১৭।

বিশ্বপা † পুং [বিশ্ব+ √পা+ক্বিপ্ (০)-ক ; উ.ত] ১ 'বিশ্বপালক', পরমেশ্বর। ২ সূর্য্য। ৩ চন্দ্র। ৪ অগ্নি।

বিশ্বপ্রেম বি বিশ্বে (সর্ব্বজীবে) নির্ব্বিশেষ প্রীতি ; জীবমাত্রে প্রেম। —প্রেমিক বিং বিশ্বপ্রেমবান্, সর্ব্বত্র সম প্রীতিমান্।

বিশ্ববঞ্চক বি নির্ব্বিশেষে সকলেরই বঞ্চক ; মহাধূর্ত্ত।

বিশ্ববাঙ্গালা বি সকল বাঙ্গালাদেশ। "পার্ব্বতীর ছেলের মত দুষ্ট ছেলে আর বিশ্ববাঙ্গালায় নাই ব.ছি ১২।

বিশ্ববাস † পুং [ষ.ত] বিশ্বের বাসস্থান ; বিশ্বাধার, বিষ্ণু। "মহা ৬. ৬৫.৫২। —বাসী (-সিন্) বি পৃথিবীবাসী, মানব।

বিশ্ববিজয়ী (-য়িন্) † বিণ [ষ.ত] ১ সর্ব্বপরাভবকারী, (বিষ্ণু, কাম)। "বিশ্ববিজয়িনী পরিপূর্ণা প্রেমমূর্ত্তিখানি, বিকাশে স.ম ১৭। ২ অতিদুর্দ্দান্ত।

বিশ্ববিদ্যালয়, -বিদ্যাশিক্ষালয় বি সকলবিদ্যাভ্যাসের স্থান ; বিশ্ববিদ্যাশিক্ষাশালা। "°শিক্ষালয় কু.কে ১৫৫।

বিশ্ববিভাবন † ক্লী [ষ.ত] বিশ্বপালন (শ্রীধর)। "ভ ৪.৮২০।

বিশ্ববিশ্রুত † বিণ [স.ত] বিশ্ববিখ্যাত, সুপ্রসিদ্ধ। "ক.গ্র ৩৭.৩।

বিশ্ববীজ † ক্লী [ষ.ত] বিশ্বের বীজতুল্য ; সর্ব্বকারণ, জগদ্যোনি। "শ্রী.মা ৪। বিশ্ববীজ বিরাটে বন্দনা শি ৪ ; ১১ ; ৪৪।

বিশ্ববেদাঃ (-দস্) † বিণ [বহুব্রী] ১ বিশ্ব যাহার ধন বা উপকরণ (শ্রীধর)। "ভ ৮.৩.২৩। ২ [ষ.ত] বিশ্ববেত্তা ; সর্ব্বজ্ঞ।

বিশ্বব্রহ্মাণ্ড বি সকল জগৎ ; ত্রিভুবন।

বিশ্বভণ্ড বি সকলেরই প্রতারক ; মহাধূর্ত্ত। "ব.প ১৭১২।

বিশ্বভুক্ (-জ্) † পুং [বিশ্ব+ভুজ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত] ১ বিশ্বপালক, মহাপুরুষ, বিষ্ণু। "হ ২৫৯.৯। ২ ইন্দ্র।

বিশ্বময় † বিণ [বিশ্ব+ময় (ময়ট্)] বিশ্বব্যাপী, বিশ্বাত্মা। "নমে বিশ্বময়ায় তে ক.সা ৩৫.১০২।

বিশ্বমানব বি সকল মনুষ্য ; মহামানব। "(বারাণসী!) মধুবিদ্যায় বিশ্বমানবে দীক্ষিত কর আজ কু.কে ৯৫।

বিশ্বমূর্ত্তি † পুং [বহুব্রী] ১ 'বিশ্বরূপ', বিরাট্‌পুরুষ, কৃষ্ণ। "গী ১১. ৪৬। ২ অষ্টমূর্ত্তিশিব। "কু.স ৫.৭৮।

বিশ্বম্ভর † বিণ [বিশ্ব+ √ভৃ+অ (খচ্)-ক, 'ম্' (মুম্) ; উ.ত ; স্ত্রী -রা ; ছান্দস] বিশ্বধারক, বিশ্বাশ্রয়ভূত। "বিশ্বম্ভর নিজ মূর্ত্তি ধরে চক্রপাণি।—ম ৩২৫। বিশ্বম্ভর হৈলা নীর।—গ ১৬ ; (গঙ্গা) বিশ্বম্ভরা হইয়া পড়িব মহীতলে ১২৬। —ম্ভর পুং ১ আদিপুরুষ ; বিষ্ণু। "বিশ্বম্ভর মূর্ত্তি ধ'রে শেলে দিল টান।—কৃ ৩১৮। ২ 'বিশ্বপালক', ইন্দ্র। ৩ অগ্নি। ৪ (বাঙ্‌লায়) প্রেমে বিশ্বপূরয়িতা চৈতন্যদেব। 'নাম সার্থক হয় যদি প্রেমে বিশ্ব ভরি চৈ.চ ৩৯। —ম্ভরা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্)] 'বিশ্বধারিণী', ধরা, পৃথিবী। "পা ৩.২.৪৬। °রে দেবি রঘু ১৫.৮১, ১৮.২৪। বিশ্বম্ভরা ভগবতী ভবতীমসূত উ.চ ১.৯। বিশ্বম্ভরা হইতে হইল নিতম্ব সুচারু।—দ্রু ৭৫। ভগবতী বিশ্বম্ভরা দেবী তোমাকে প্রসব করিয়াছেন সী ৩। [°মূর্ত্তি, °রূপ (বি)—বিরাড্‌রূপ। দ্র °(১)। °মূর্ত্তি হরিঃ °রূপ হরি।—ম ৭৮৯।]

বিশ্বরমা বি ১ 'বিশ্বের রমণস্থানভূতা' ; সরস্বতী। "উর তবে···বিশ্ব-রমে।—মে ৩। ২ লক্ষ্মী। "বারীন্দ্রসুতে °রমে।—মে ৪৬।

বিশ্বরূপ † বিণ [বহুব্রী, °'প'—নানারূপোপেত, বহুবর্ণোপেত (ঋগ্বেদ ১.১৬১.৬ ; ১৬২.২)] সর্ব্বরূপ, বিশ্বমূর্ত্তি, বিশ্বাত্মা। "গী ১১.১৬। স সর্ব্বনামা চ স °পঃ ভ ৬.৪.২৮। বিশ্বরূপ বিশ্বপতি ম ৩২৫ ; °প হরি ১২৩১। —রূপ পুং ১ বিষ্ণু, কৃষ্ণ। "আমি-ভিন্ন স্থানে লুকাবে কিরূপ, অপরূপ আমার নামটী বিশ্বরূপ দা ২৫৯। ২ মহাদেব। "'বিশ্বে দেবাশ্চ যজ্ঞস্মিন্' বিশ্বরূপস্ততঃ স্মৃতঃ।—মহা ৭.২০১.১২৯। ৩ চৈতন্য-দেবের জ্যেষ্ঠভ্রাতা। "চৈ.ভা ৪৯। —রূপ ক্লী [কর্ম্মধা] ১ বিশ্বই রূপ, বিরাড়্‌মূর্ত্তি। "°দর্শনযোগ গী ১১, অধ্যায়শেষ। বিশ্বরূপ বদনে দেখিল নন্দরাণী ক.চ ২৪২। ২ বহুরূপ, নানামূর্ত্তি। "(স রাজা) কুরুতে ধর্ম্ম-সিদ্ধ্যর্থং বিশ্বরূপং পুনঃপুনঃ মনু ৭.১০। বিশ্বরূপা বা.ম ৩।

বিশ্বলোকনাথ বি সর্ব্ব ভুবনের পতি ; বিষ্ণু। "বৈকুণ্ঠে বসিয়াছিল বিশ্বলোকনাথ শ্রী.মা ৩১ ; ১৭৯।

বিশ্বশ্রবা বি [সং বিশ্রবাঃ] পুলস্ত্যের পুত্র এবং কুবের ও রাবণাদির পিতা। দ্র 'কৃ ৩৯৮,-৯।

বিশ্বসনীয় † বিণ [বি+ √শ্বস্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ বিশ্বাস-যোগ্য, প্রত্যয়ার্হ। ২ নির্ভয়ে উপসর্পণীয়। "দীপ্তিমতোঽপি বিশ্ব-সনীয়তাস্য বপুষঃ শ ২১৬১। —শ্বসিত বিণ [+ত (ক্ত)-ক ; দ্র 'বিশ্বস্ত'] ১ বিশ্বাসপ্রাপ্ত। "ভদ্রীকণাদ্ বিশ্বসিতান্তরাত্মনঃ (মম) নৈ ১.১৩১। ২ নিঃসংশয়। —শ্বসিতব্য বিণ [+তব্য-র্ম্ম] ১ অর্থ 'বিশ্বসনীয়'। ২ [+তব্য-ভা] বিশ্বাস্য। "তস্মাদ্ বিশ্বসিতব্যং চ শঙ্কিতব্যং চ কেষুচিৎ (মহা)।

বিশ্বসিত, বিশ্বসিতব্য † দ্র 'বিশ্বসনীয়'।

বিশ্বসৃজ্, -সৃট্(সৃজ্) † বিণ [বিশ্ব+ √সৃজ্+ক্বিপ্ (০)-ক-১ব; দ্র.অ. "°সৃক্' (ভ্রস্জ্ আদি); '°সৃট্' (পা ৮.২.৩৮, সি)] বিশ্বস্রষ্টা, বিশ্বকর্তা। "নমো বিশ্বসৃজে (তুভ্যম্) রঘু ১০ ১৬। —সৃক্, -ট্ পুং [ছান্দস] বিধাতা, ব্রহ্মা। "কু স ১.৪৯; ৩.২৮। মাঘ ৯.৮০।

বিশ্বস্ত † বিণ [বি+ √শ্বস্+ত (ক্ত)-র্ম, (√শ্বস্ বিকল্পিতেট্, মুগ্ধবোধ ১০৩৭)] ১ কৃতবিশ্বাস, বিশ্বাসাশ্রয়ভূত। "ন বিশ্বসেদ্ অবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।—পঞ্চ ৪.১৪। দুর্মুখ অন্তঃপুরচারী অতিবিশ্বস্ত ভৃত্য।—সী ১৭। ২ [+ত-ক] জাতবিশ্বাস, নিঃসংশয়। —স্তা স্ত্রী বিধবা। "সা.দ ১০.৬৮। [°সূত্রে—বিশ্বস্তব্যক্তিরূপ মূলস্থানে; বিশ্বাসীর নিকটে।]

বিশস্তা দ্র 'বিশস্ত'।

বিশ্বা দ্র 'বিশ্ব'।

বিশ্বাঙ্গ বি [তু 'বিশ্বাঙ্গং রূপম্ (অথর্ব্ববেদ ১৯.৪৯.৮)] বিশ্বরূপ, বিরাড়্দেহ। "জানিলেন প্রভু হইয়াছে বিশ্ব-অঙ্গ চৈ.ভা ৩৪৪। অদ্বৈতেরে দেখাইল বিশ্ব-অঙ্গ ন.প ৩৫৫।

বিশ্বাচী † স্ত্রী [বিশ্ব+ √অঞ্চ্+ক্বিন্ (০)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অপ্সরোবিশেষ। ২ বাহুরোগবিশেষ (সুশ্রুত)।

বিশ্বাত্মক † বিণ [বিশ্ব আত্মা যাঁহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -ত্মিকা] বিশ্বমূর্ত্তি, সর্ব্বাত্মক। —ত্মা (-ত্মন্) পুং [বহুব্রী, অথবা ষ.ত (মল্লিনাথ)] ১ 'বিরাড়্দেহ', বিরাট্পুরুষ, বিষ্ণু। "নানেব ভাতি বিশ্বাত্মা ভূতেষু চ তথা পুমান্ ভ ১ ২ ৩২। ২ শিব। "কু.স ৬.১। ৩ ব্রহ্মা।

বিশ্বানর † পুং [বিশ্ব+নর; সংজ্ঞার্থে দীর্ঘ, '°র'—সর্ব্বপ্রাণিহিতকার্য্যাগ্নি (ঋগ্বেদ ১.১৮৬ ১)] অগ্নির পিতা। তু 'বৈশ্বানর'।

বিশ্বাবসু † পুং [বিশ্ব বসু যাহার, বহুব্রী (পা ৬.৩ ১৩৮, সি), দীর্ঘ] ১ দেবগায়ক গন্ধর্ব্ববিশেষ (মহা ১.৬৬.৪৭)। "রা ২ ৯১.১৬। কু স ৭ ৪৮। ম ৪২৮। ২ পরমপুরুষ, পরমেশ্বর। "মহা ৬.৬৫.৪৭। ৩ বসুবিশেষ (?)। "বসুগণে বিশ্বাবসু ধরি আমি তনু।—ম ৭৩৮।

বিশ্বামিত্র † পুং [বিশ্বের মিত্র, ষ ত, 'ঋষি' অর্থে দীর্ঘ, অন্যত্র 'বিশ্বমিত্রো মাণবকঃ', পা ৬ ৩ ১৩০, ছান্দস] ব্রহ্মর্ষিবিশেষ। [ইনি কুশিকনন্দন গাধির পুত্র। এই হেতু ইনি 'কৌশিক' ও 'গাধেয়' নামে খ্যাত। একদা ইনি মৃগয়াক্লিষ্ট হইয়া সসৈন্যে মহর্ষি বসিষ্ঠের আশ্রমে উপস্থিত হইলে, মহর্ষি, কামধেনু নন্দিনীর বা শবলার যোগবলে কৃত বিবিধ খাদ্যে ইঁহার আতিথ্য করেন। এইরূপে নন্দিনীর যোগবল অবগত হইয়া, ইনি ধেনুসমূহ বা রাজ্যের বিনিময়ে নন্দিনীলাভের প্রার্থনা করিলে, বসিষ্ঠ প্রত্যাখ্যান করেন। প্রত্যাদেশে কুপিত হইয়া ইনি বলপূর্ব্বক নন্দিনী লইবার ইচ্ছা করিলে, ধেনুর যোগবলে সৃষ্ট শকপহ্লবশবরাদি সৈন্যের সহিত রাজসৈন্যের তুমুল যুদ্ধ হয় এবং ইনি পরাজিত ও নিরস্ত্র হন। পরাজয়ে, 'ক্ষত্রবল নিকৃষ্ট, ব্রহ্মবল শ্রেষ্ঠ' বুঝিতে পারিয়া কঠোর তপোবলে ব্রাহ্মণত্ব লাভ করেন। রামায়ণে, ব্রহ্মার বরে ইঁহার রাজর্ষিত্ব ও ব্রহ্মর্ষিত্ব লাভের বর্ণনা আছে (রা ১ ৫৭, ৬৫ সর্গ)। ইনি অভিশপ্ত কল্মাষপাদ রাজার দেহে রাক্ষস প্রবেশ করাইয়া, তাহা দ্বারা বসিষ্ঠের পুত্র শক্তি ও অন্য পুত্রগণকে নিহত করেন (মহা ১.১৭৫,-৬)। ত্রিশঙ্কুর বিবরণে ইঁহার প্রভাবের বিশেষ পরিচয় পাওয়া যায় (দ্র 'ত্রিশঙ্কু')। ইনি রাম ও লক্ষ্মণকে 'বলা ও অতিবলা' বিদ্যা দান করেন, রাক্ষসনিধনার্থ স্বীয় আশ্রমে লইয়া যান এবং মিথিলায় হরধনুর্ভঙ্গপূর্ব্বক সীতা-প্রভৃতির সহিত রামাদির পরিণয় সংঘটিত করেন। ইনি বৈদিক ঋষি।] [বিশ্বামিত্রের সৃষ্টি—প্রসিদ্ধি, বিশ্বামিত্র ব্রহ্মার সহিত প্রতিদ্বন্দ্বিতা করিয়া, 'মস্তক' 'গাভী' ও 'অশ্বের' অনুকরণে যথাক্রমে 'তাল' 'মহিষ' ও 'গর্দ্দভে'র সৃষ্টি করেন। নারিকেল ফল এবং বর্ত্তমান কলাও বিশ্বামিত্রের সৃষ্টি বলিয়া প্রবাদ আছে।]

বিশ্বাস † [বি+ √শ্বস্+অ (ঘঞ্)-ভা] ১ প্রত্যয়, বিশ্রম্ভ। "বিশ্বাসাৎ কথিতং কিঞ্চিৎ রা ২.৭৫.৩২। মনু ১.৫১। বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষু চ।—হি ১.১৮। মধ্যে বিশ্বাসময় চৈ.চ ২০১। ২ [+অ-র্ম] বিশ্বাসপূর্ব্বক কথিত বিষয়, রহস্য। "রাজবিশ্বাসোঽন্যস্মৈ ন কথনীয়ঃ।—হি ২৬৩। —শ্বাসন ক্লী [+ √শ্বাসি+অন (ল্যুট্)-ভা] বিশ্বাসোৎপাদন। "তয়োর্বিশ্বাসনার্থম্ (পঞ্চ)। —শ্বাসিক বিণ [°স+ইক (ঠন্)] বিশ্বাসবান্, বিশ্বাসবিষয়ে আপ্ত। "ন হি মে কশ্চিদন্যোঽস্তি বিশ্বাসিকতরঃ মহা ১.১৪৪.৪। —শ্বাসিত বিণ [√শ্বাসি+ত(ক্ত)-র্ম] প্রত্যায়িত, জনিতপ্রত্যয়। —শ্বাসী (-সিন্) বিণ [+ √শ্বস্+ইন্ (ণিনি)-ক-১ব] বিশ্বাসকারী, প্রত্যয়ী। "মা…ময্যবিশ্বাসিনী ভূঃ উ.মে ৫১। —শ্বাস্য বিণ [√শ্বাসি+য (যৎ)-র্ম] বিশ্বাসনীয়, প্রত্যয়ার্হ। "অমাত্যান্ …বিশ্বাস্যান্ রা ২.১০.২২। [°কারণ (ক্লী)—প্রত্যয়হেতু। "হি ১.৮৩। °কৃৎ (বিণ)—বিশ্বাসকারক। °ঘাত, °ভঙ্গ (পুং)—বিশ্বাসনাশ। °ঘাতক °ঘাতী (তিন্), °হন্তা (-ন্তৃ), °হর্ত্তা (-র্ত্তৃ) বিণ—বিশ্বাসনাশক, প্রত্যয়ভঙ্গকারক। "°তিন্ গো.রা ২.৭৯.১৭। °হর্ত্তৃ মহা ১৩.১১১.৭৮। °পাত্র, °স্থান (ক্লী), °ভূমি (স্ত্রী)—বিশ্বাসভাজন। "°ভূমি—হি ১৪; ১৬৮।]

বিশ্বাসঘাতকী বিং ['°ক' সাধু] বিশ্বাসহন্তা, বেইমান। "°কী তব রাজাসম নহি।—ম ৮৭২। —ঘাতকী বি [°ক+ঈ ৭] বিশ্বাসঘাতকতা, বেইমানী। "°কী করি,…দৈত্যগণে করিলে নৈরাশ ব.প ৯২২। °কী ক'রে নরকেতে যাব বি.সু ৩৭।

বিশ্বাসৈকভূ † স্ত্রী [°স+একভূ, ষ.ত] কেবলবিশ্বাসপাত্র।

বিশ্বাসোপগম † পুং [ষ ত] বিশ্বাসলাভ। "শ ১.১৪।

বিশ্বেদেব † পুং, বহুব [কর্ম্মধা, অলুক্] বিশ্বদেবগণ। দ্র 'বিশ্ব (২)। "বিশ্বেদেবাঃ মহা ১৩ ৯১.৩৩। বিশ্বেদেবৈঃ ভ ৬ ৭ ৩, ১০ ১৭। °দেবেভ্যঃ (মার্কণ্ডেয়পুরাণ)।

বিশ্বেশ † পুং [ষ ত] ১ 'বিশ্বপতি', পরমেশ্বর, বিষ্ণু, কৃষ্ণ। "মহা ৬ ৬৫ ৪৭। ভ ১ ৮ ৪১। ২ ব্রহ্মা। "গো.রা ১ ৬৭ ১৬। ৩ শিব। "ক সা ১১.৩২। —শ ক্লী বিশ্বদেব-দেবতাক উত্তরাষাঢ়ানক্ষত্র। —শী স্ত্রী দক্ষকন্যা ধর্ম্মপত্নী।

বিশ্বেশী দ্র 'বিশ্বেশ'।

বিশ্বেশ্বর † পুং [ষ ত] ১ সর্থ 'বিশ্বেশ (১)। "গী ১১.১৬। মহা ৬ ৬৫ ৪৭। ২ কাশীপতি (মল্লিনাথ), কাশীস্থশিবলিঙ্গ। "রঘু ১৮.২৪। কাশীর ঈশ্বর, খ্যাত বিশ্বেশ্বর ভা.চ ২০১। °ধাম।—হেম ৩৬২,-৩। —শ্বর ক্লী [বহুব্রী] সর্থ 'বিশ্বেশ' (ক্লী)। —শ্বরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'বিশ্বকর্ত্রী', দুর্গা। ২ (বাঙ্লায়) মনসাদেবী। "বা ম ৩।

বিশ্ শইদবার বি [অপ্র] বৃহস্পতিবার। "গো.চ ১৬৪।

বিশ্ শাস বি [সং বিশ্বাস> লি, প্রা বিস্সাস, (মাগধী) বিশ্শাশ > °স, অপ্র] বিশ্বাস। "গো.চ ৬২।

বিষ্ † সক ১ [ভ্বা,প—বেষতি, অনিট্] সেচন, বর্ষণ। ২ [হ্বা, এ—বেবেষ্টি, বেবিষ্টে, অনিট্] ব্যাপ্তি। "বেবেষ্টি পিষ্টপং সর্ব্বং কীর্ত্তির্যস্যাতিশায়িনী (ক ক)। ৩ [ক্র্যা, প—বিষ্ণাতি, অনিট্] বিপ্রয়োগ, বিশ্লেষ। "বিষ্ণাতি বিষবৎ প্রাণান্ ত্রয়ীধর্ম্মবিধাময়সৌ (ক.ক)। —ষ্ অক [ক্র্যা, প, অনিট্] বিপ্রয়োগ (ত বাঁ)। [পরি—(ণিজন্ত) পরিবেষণ, অন্নাদ্যুপসমর্পণ। "সর্ব্বং (অন্নাদিকম্) পরিবেষয়েত মনু ৩.২২৮।]

বিষ † পুং, ক্লী [√বিষ্+অ (ক) -ক, cf., Gr. ιος, L. virus] ১ 'শরীরব্যাপক', গর, গরল, হলাহল। "অহস্তং বিষেণ।—ঋগ্বেদ ১.১১৭ ১৬। রা ২.৪৩.২। বিষং ভবতু মা বাস্তু ফটাটোপো ভয়ঙ্করঃ। —পঞ্চ ৩.৮৫। বিষয়বিষজলাশয় ভ ৫.১.২২। কণ্ঠভরা বিষ ভা.চ ২৫৫। বিষবিষয়-বাসনা শি ৩৭। ২ বৎসনাভ। ৩ গরলমাত্র। "স্থাবর"। ৪ বোল। ৫ বিষবৎ অপকারক বা জ্বালাকর বস্তু। "বিষস্ত

বিষমৌষধম্ শৃ ১৫। বিষং গোষ্ঠী দরিদ্রস্য—চাণক্য। বিষস্যৌষধি, বিষ অবধারল।—গো ১৭১। নয়ান বৌ সাগরের দুই চক্ষের বিষ ব.প্র ৪৩২। ৬ পদ্মকেশর। ৭ মৃণাল; মৃণালতন্তু। ৮ জল (অ কো)। ৯ [বাংলায়, সাদৃশ্যে] যন্ত্রণা, বেদনা। "হাটিতে না পারে চান্দ মারণের বিষে বি.পা ২৪৭, কাঁকালির বিষে (শরীরেতে নাহি সুখ) ৩৪৬। —ম স্ত্রী লৌহ (নীলকণ্ঠ)। "মহা ৫৪০.১০। —বাং স্ত্রী ১ বিষ্ঠা, তু 'বিট্' (বিষ)। ২ অতিবিষা। [°কণ্ঠ (পুং)—'যাঁহার কণ্ঠে বিষ', শিব। "বিষকণ্ঠ মোর স্বামী ক চ ৬৫। °কন্যকা, °কন্যা (স্ত্রী)—সহবাসে প্রাণঘাতিকা নারী। "ক.সা ১৯৮২। °কুম্ভ (পুং) বিষপূর্ণ কলস। "হি ১.৭৮। বিষকুম্ভ পয়োমুখ স্বভাব ধরে শঠে।—দা ১৯২। °কৃমি (পুং)—বিষজাতকীট। দ্র 'ন্যায়' (৪১)। °ঘট (বি) —সর্ব 'বিষকুম্ভ'। "বিষঘট উপরে দুধ উপহার।—জ্ঞা ২০৪। °জুষ্ট (বিণ)—বিষমিশ্রিত, বিষময় (সুশ্রুত)। °দ (স্ত্রী)—'বিষদাতা', পুষ্প-কাসীস, হীরাকস। °দন্ত (বি)—'বিষযুক্ত সপদন্ত', বিষদাঁত। "ম.ভা ৩৮। °দন্তক (পুং) —সপ। °দূষণ (স্ত্রী)—বিষমিশ্রীকরণ। °নয়ন (বি) শত্রুর চক্ষু: বিদ্বেষপূর্ণ দৃষ্টি। "যেন খুল্লনা পড়ে সাধুর বিষনয়নে ক চ ১৩৬। (তোমাকে) তিনিও তাতেই বিষনযনে দেখেন।—দা ১৬৮৪। °নাশক, °নাশন, °নাশী (-শিন্) বিণ—বিষক্ষয়কব, (পুং) শিরীষবৃক্ষ। °মুদ্ (বিণ)—বিষনাশক। °পন্নগ, °ভুজঙ্গ (পুং)—সবিষসর্প। °বিদ্যা (স্ত্রী)—বিষচিকিৎসা, বিষতন্ত্র। °বৈদ্য, °ভিষক্ (-জ্) (পুং)—বিষ-চিকিৎসক, জাঙ্গুলিক, গাকড়িক। °বৃষ্টি (বি)—বিষবর্ষণ, বিলোদ্-গিরণ। "ম ২৬৮। °ভৃৎ (পুং)—'বিষধর', সর্প। °মন্ত্র (পুং)—বিষ-নাশকমন্ত্র। °রস (পুং)—বিষদ্রব। "উ চ ২২৫। °রূপা (স্ত্রী)—অতি-বিষা। °লড্ডুক (পুং)—বিষময় লাড়ু। °হা (-হন্) বিণ—বিষ-নাশক, (পুং) কদম্ববিশেষ। °হৃদয় (বিণ)—ক্রূরচিত্ত, খল, হিংসক।] [বিষ বিষ করা—'চক্ষুর বিষতুল্য জ্বালাজনক' বলা। "যান বুঝে, খান বিষ, দেখে কর 'বিষ-বিষ'।—দা ১৬৮৪। বিষের সঙ্গে খোঁজ নেই কুলোপানা চক্কোর—দ্র 'কুলপানা'।]

বিষক্ত † বিণ [বি+ √সনজ্+ত (ক্ত)-ক] ১ সংলগ্ন, সংসক্ত। "(সভা) পে বিষক্তেব শোভতে মহা ২১০৩। ২ লম্বিত। "বিটপ°-জলার্দ্রবল্কল শ ১.২৯। ৩ আসক্ত, অনুরক্ত। "ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণ°মানসাঃ ভ ১০.৩৯.৩১, °হৃদয় ৭৫.৩২। ৪ [+ত-র্ম্ম] উৎপাদিত। 'বিষক্ত-তীব্রেণ ব্রণিতহৃদয়েন (মন্যুঃ) উ চ ৪.৩। —সঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা] আসক্তি, সঙ্গ। "নির্বিষঙ্গ।

বিষঘ্ন † বিণ [বিষ+ √হন্+অ (টক্)-ক, উ ত, স্ত্রী -ঘ্নী] বিষনাশী, বিষ-হর। "বিষঘ্নৈরগদৈঃ মনু ৭.২১৮। চিন্তাবিষঘ্নোঽয়মগদঃ।—হি ৪৯। —ঘ্ন পুং শিরীষ, চম্পক, বিভীতক, যবাস (খদিরভেদ)।—ঘ্না স্ত্রী হরিদ্রা, রক্তপুনর্নবা, হিলমোচিকা, মহাকরঞ্জ, ভূম্যামলকী, ইন্দ্রবারুণী।

বিষঘ্না দ্র 'বিষঘ্ন'।

বিষঙ্গ দ্র 'বিষক্ত'।

বিষণ্ড † স্ত্রী [বিষদণ্ড > °ণ্ড (?)] মৃণাল (শব্দরত্নাবলী)।

বিষণ্ণ † বিণ [বি+ √সদ্+ত (ক্ত)-ক] ১ বিষাদপ্রাপ্ত, দীন, দুঃখিত। "কিং হি কৃত্বা বিষণ্ণস্ত্বম্ রা ২.৩০.৫। °চেতস্ ভ ৩.৯.২৭। ২ ম্লান, নিষ্প্রভ, মলিন। "°বদন রা ১৪৮.২৫। বিষণ্ণ বিচ্ছেদরাশি চ.কা ১১৯। ৩ বিবর্ণ, বিকৃত। "°রূপা ভয়মোহমূর্চ্ছিতা গো রা ৩.৩৬.২৬। [°চেতাঃ (-তস্) বিণ—দীনমনাঃ। °রূপ (বিণ)—বিবর্ণাকৃতি।]

বিষতরু, -দ্রুম, -পাদপ, -বিটপী (-পিন্), -বৃক্ষ † পুং [উ.লো] বিষযুক্ত বৃক্ষ; বিষময়তরু। "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু.স ২.৫৫। ভ্রিতাসি চন্দনভ্রান্ত্যা দুর্বিপাকং বিষ-দ্রুমম্ উ.চ ১৪৭। গাছ আরোপিয়া মাঠে, সে আপনি নাহি কাটে, যদি সেই বিষবৃক্ষ হয় ক.চ ২০। তুমি চন্দনভ্রমে দুর্বিপাক বিষবৃক্ষ আশ্রয় করিয়াছিলে সী ২২।

বিষদাঁত বি ১ বিষকোষযুক্ত সর্পের দন্ত। ২ বিষদন্ততুল্য পীড়াকর বস্তু। "বিরহ ব্যাটার আজো °ত পড়ে নি ন.ত ২৩।

বিষদিগ্ধ † বিণ [তৃ ত] বিষলিপ্ত, বিষমাখা। "মহা ১৩.৫.৬। বিষ-দিগ্ধস্য ভক্তস্য।—হি ২.১২৭। বিষদিগ্ধ শল্য সী ৫৮।

বিষদৃষ্টি বি শত্রুভাবে দেখা, বিদ্বিষ্টদৃষ্টি, বিষনজর, কুনজর। "সে অবধি বিষদৃষ্টি উপরে আমার।—ন ৪২৪। অম্বরপতির প্রতি তাঁহার পূর্ববৎ বিষদৃষ্টি রহিল ব.প্র ৬৮।

বিষধর † বিণ [ষ.ত, স্ত্রী -রা] বিষের ধারক, সবিষ। —ধর পুং সর্প। 'কালিয়' গী.গো ১.১৯। —ধরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ)] সর্পী। "(কবরী) ধবাতলে ধায় ধরিবারে বিষধরী ভা চ ১৭৬। [বিষধরনিলয় (পুং)—পাতাল।]

বিষধাত্রী † স্ত্রী [ষ ত] 'বিষধারণকর্ত্রী', মনসাদেবী।

বিষপাথর বি বিষনাশক প্রস্তরবিশেষ (ইহা সর্পক্ষতস্থানে বসাইলে বিষ চুষিয়া ক্ষত নির্বিষ করে)।

বিষফোড়া বি [সং বিস্ফোটক] দাহজনক স্ফোটকবিশেষ।

বিষবল্লরী, -বল্লী স্ত্রী [উ লো] ১ বিষযুক্তা লতা। "°বল্লী রঘু ১২.৬১। ২ [কর্ম্মধা] মৃণালবল্লী। "°বল্লী পাদপদ্মস্য বিষ্ণোঃ (গঙ্গা-ষ্টক)। বাহু বিষবল্লরী।—গো ২৫৯।

বিষবল্লী দ্র 'বিষবল্লরী'।

বিষম † বিণ [বিরুদ্ধ সম, সুপ্‌সুপা, যত্ব, পা ৮.৩.৮৮] ১ সমত্বহীন, অসম, উদ্ঘাতী, বন্ধুর, উচ্চাবচ। "বিষমাধ্বন্ গো.রা ২.৮৬.১৭। উপল-বিষমে বিন্ধ্যপাদে পূ মে ১৯। ২ অসমপরিমাণ, অধিক। "ন পুত্রভাগং বিষমং পিতা দদ্যাৎ কথঞ্চন মনু ৯.২১৫। ৩ বিসদৃশ, ছোটবড়। "°চতুরস্র। বিষমৌ চ কর্ণৌ।—বৃহৎসংহিতা ১০.২১। ৪ অযুগ্ম, বিজোড়। "°চ্ছদ। বিষম কুসুমশরে, পাজর জর-জর।—গো ১৮৮। ৫ নতোন্নত, নিম্নো-ন্নত। "রা ২.৫২.৯৮। কঠিনবিষমামেকবেণীম্ উ.মে ৩১। °বলি। —বৃহৎসংহিতা ৬৮.২৫। ৬ তরঙ্গায়িত। "(নাভিঃ) বিষমা। —বৃহৎসংহিতা ৬৮.২১। ৭ সমাংশে অশক্যবিভাগ, অর্থাৎ যাহা সমান ভাগ করা যায় না। "মনু ৯.১১৯। ৮ ন্যূনাধিক। "বিষমা বৃষ্টিঃ।—বৃহৎসংহিতা ৮.৫০। ৯ দুর্বোধ (নয়), দুষ্প্রবেশ (দুর্গ)। "কি ২.৩। ১০ সঙ্কট, বিপৎসঙ্কুল। "বিষমে কালে বা ২.৮৮.২০। বিষমাং হি দশাং প্রাপ্য দৈবং গর্হয়তে নরঃ।—হি ৪.৩। ১১ স্বপর-ভেদযুক্ত, সাম্যরহিত। "অবিষময়া···স্বদৃষ্ট্যা।—ভ ৩.১৫.২৯। ১২ পর-স্পর আনুরূপ্যরহিত বা অননুরূপ। "বিষমং বর্ণ্যতে যত্র ঘটনা নন্বু রূপয়োঃ (তত্র বিষমালঙ্কারঃ)।—কুবলয়ানন্দ ৮৭। ১৩ দারুণ, কঠোর, দুঃসহ। "কোপেতে বিষম শাস্তি দিবেক রাবণ—কৃ ৩১৩। ১৪ ভয়ঙ্কর, ভীষণ। "মূ ১১৮। বিষম রাক্ষসগুলা।—কৃ ৯৯। ১৫ দুষ্ট, দুর্বৃত্ত। ১৬ মন্দ। "তে নয়নে···বিষমে গো রা ৫.২৪.১৮। মা.মা ৪.২। ১৭ অস্বাভাবিক। ১৮ অনতিক্রমণীয়। "কা বিষমা? —দৈবগতিঃ সা.দ ১০·১৬। —ম পুং ১ বিষ্ণু। ২ শত্রু। "ভ ৭.১.১। ৩ অযুগ্মরাশি—মেষমিথুনাদি। ৪ জঠরাগ্নিভেদ। [মন্দ তীক্ষ্ণ সম বিষম—এই চতুর্বিধ জঠরানল (শ ক)] ৫ (সঙ্গীতে) তালবিশেষ। [পূর্ণ খণ্ড সম বিষম—এই চতুর্বিধ তাল (সঙ্গীতদামোদর)।] ৬ [বাঙ্-লায়; অপ্র] মহাদেব। তু 'বিষমাক্ষ'। "বিবুধের বাদ হৈল বিষমের সনে শি ১২। —ম স্ত্রী ১ অসমতা, বন্ধুরভাব। ২ বন্ধুরস্থান, অসম-তল, উচ্চনীচস্থান। "মনু ১.২৪। ৩ বিষমদেশ, বিবরাদি। "রা ২.৭৪. ২২। মনু ৮.২৩২। ৪ সঙ্কট। "কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্ গী ২.২। আমি সঙ্গে যাব তবে, বিষম কি আছে?—কৃ ১৮২। ৫ অযুগ্মতা। ৬ আধিক্য। ৭ (ছন্দঃশাস্ত্রে) ত্রিবিধ বৃত্তের একতম।

"ভিন্নচিহ্নতুল্যাদঃ বিষমং পরিকীর্ত্তিতম্ (ছন্দোমঞ্জরী)] দ্র 'ছন্দঃ' [illegible]। ৮ অর্থালঙ্কারবিশেষ। [কারণের গুণ বা ক্রিয়া কার্য্যের গুণ বা ক্রিয়ার বিরুদ্ধ বর্ণিত হইলে, আরব্ধ কার্য্যের বৈফল্য এবং অনিষ্টের সম্ভব হইলে, অথবা ফলতঃ পরস্পর বিরুদ্ধ বস্তুদ্বয়ের একত্র মেলন বর্ণিত হইলে, 'বিষম' অলঙ্কার হয় (সা দ ১০.৭০,-১)। ৯ (বাঙ্লায়) দুরূহশব্দ। "ব্যাকরণ শাস্ত্র এই বিষমের অবধি চৈ.ভা ৭২। ১০ ভোজনে বা পানে শ্বাসনালীতে খাদ্যের বা পেয়ের প্রবেশজন্য কাসি। "ভোজনে বিষম খাই ক.চ ২৫৬। সঘনে বিষম খাই, নাম করে মায় প.র ১৩। [শ্বাসনালী (larynx) ও অন্ননালী (pharynx)—এই দুইএর মুখ এক; শ্বাসনালীর মুখে যে আবরণ (valve) আছে, পানভোজনের ত্বরা হেতু যথাকালে তাহার উৎক্ষেপণ ও অবক্ষেপণের বৈষম্যে এই 'কাসি' হয়, এই হেতু ইহা 'বিষম'।] —ম ক্রি. বিং অতিবেগে, সাজ্ঘাতিকভাবে, অতিশয়। "(গোলা) বিষম বাজিল পায়ে।—ন ৪৯৯। ওস্তাদজির তম্বুরার তার ছিঁড়িল, তাঁর গলায় বিষম লাগিল ব.প্র ৩১৫। [বিষম খাওয়া, লাগা—বিষমে কষ্ট পাওয়া (প্রসিদ্ধি যে, প্রিয়জনের স্মরণে বা শত্রুর গালিতে বিষম লাগে)] [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—অদ্ভুতকার্য্য। °কাল (পুং)—অশুভক্ষণ, অযোগ্যকাল। °চতুরস্র, °চতুষ্কোণ (পুং)—অসমকোণ চতুর্বাহুক্ষেত্র। °চ্ছদ (পুং)—'অযুগ্মপত্র', সপ্তচ্ছদবৃক্ষ। °ত্রিভুজ (পুং) অসমবাহু ত্রিভুজ। °দৃষ্টি (বিণ)—তির্য্যগ্‌দৃষ্টি, টেরা। °ধাতু (বিণ)—যাহার বাতাদিধাতু কুপিত, অস্বস্থ। °নযন, °নেত্র, °বিলোচন, °লোচন (পুং)—'ত্রিনয়ন' শিব। °বাণ, °বিশিখ, °শর (পুং)—'পঞ্চশর', মদন। "ভা.চ ৪৪৩। °বিভাগ (পুং)—ন্যূনাধিক ভাগ, অসমাংশ। °লক্ষ্মী (স্ত্রী)—প্রতিকূলভাগ্য, দুর্ভাগ্য। °শিষ্ট (পুং)—অনুচিতশাসনরূপ দোষবিশেষ, মহদ্‌বৈষম্য (শ.ক)। °শীল (বিণ)—দুঃশীল, দুর্বিনীত।]

বিষমগত † বিণ [দ্বি.ত] ১ বন্ধুরস্থানস্থিত, অসমতলস্থ। ২ সঙ্কটাপন্ন, বিপন্ন। ৩ বৈষম্যপ্রাপ্ত, নিম্নোন্নত। "°গতাং স্বশিবিকাং রহূগণ উপধার্য্য আহ ভ ৫ ১৭.২।

বিষমজ্বর † পুং [কর্ম্মধা] জ্বরবিশেষ। "যঃ স্যাদনিয়তাৎ কালাচ্ছীতোষ্ণাভ্যাং তথৈব চ। বেগতশ্চাপি বিষমো জ্বরঃ স বিষমঃ স্মৃতঃ॥

বিষমপদ † বিণ [বহুব্রী] যাহাতে মহদল্পপদচিহ্ন, ক্ষুদ্রবৃহৎপদাঙ্কযুক্ত। "বিষমপদা পদবী কি ৪ ৪০।

বিষমস্থ † বিণ [°ম+√স্থা+অ (ক)-ক, উ.ত] ১ সঙ্কটগত, কৃচ্ছ্রপ্রাপ্ত, বিপন্ন। "সমস্থো বিষমস্থো বা রামস্তে পরমা গতিঃ গো রা ২.৩৯.৬। ২ দুর্মার্গপ্রতিষ্ঠিত। "°বুদ্ধি রা ২.১০৯.৩৩। ৩ অসমতলস্থ; দুর্গমস্থানস্থ। ৪ দরিদ্ররোগাদিগ্রস্ত (টীকা)। "রা ৩ ১৩.৫। ৫ (বাঙ্লায়) সংশয়াপন্ন, কর্ত্তব্যবিমূঢ়।

বিষমাক্ষ, -মেক্ষণ † পুং [বিষম অক্ষি, ঈক্ষণ যাঁহার, বহুব্রী, সমাসান্ত অ (ষচ্)] 'অযুগ্মনেত্র', ত্রিলোচন, শিব।

বিষমায়ুধ, -মেষু † পুং [বিষম আয়ুধ, ইষু যাঁহার, বহুব্রী] 'অযুগ্মশর', পঞ্চবাণ, মদন (অ.চি)।

বিষমিত ‡ বিণ [বিষম+ই (ণিচ্)—√বিষমি+ত (ক্ত)-র্ম] ১ বিষমীকৃত, কুটিলীকৃত। "°চক্ষুস্ কি ১০ ৫৬। ২ দুর্গমীকৃত। "পঙ্ক° তটাঃ সরিতঃ কি ১২.৫০। ৩ প্রতিকূলীকৃত। "কালবিষমিতরাজকুলযশস্ ভ ৫.১৪ ১৩। ৪ [°ম+ইত (ইতচ্)] সঞ্জাতবিষম, বন্ধুর। ৫ বিপৎসঙ্কুল।

বিষমীকৃত বিণ [°ম+চ্বি (০)+√কৃ+ত (ক্ত)-র্ম] দূষিতীকৃত, মত্তীকৃত। "মৈরেয়দোষেণ °চেতসাম্ ভ ৩.৪.২।

বিষমুখী বি কটুভাষিণী। "গালি দিস, বিষমুখি. টানি, জিহ্বা তোর, সাজাইব অনার্য্যের কালী।—ন ৯৭১।

বিষমেক্ষণ; বিষমেষু † দ্র 'বিষমাক্ষ; বিষমায়ুধ'।

বিষয় † পুং [বি+√সি+অ (অচ্)-ক, ষত্ব] ১ 'ইন্দ্রিয়ের বন্ধনকারক'; রূপ রস গন্ধ স্পর্শ শব্দ—এই পঞ্চ; ইন্দ্রিয়ার্থ, গোচর। ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ গী ২.৬২, শব্দাদীন্ বিষয়ান্ ১৮.৫১। রঘু ১০.২৫। শ্রুতি°গুণা শ ১ ১; অন্তর্বিষয়া…দৃষ্টিঃ ২৮। মাঘ ৪.৬১। চক্ষু মিলি চায়, কিছু না করে বিষয় চৈ ৭২; নয়ন° ৭৯। পরমেশ্বর ঠিক প্রত্যক্ষের বিষয় নয় ব প্র ৬৪৪। ২ বিষয়ানুভব (শ্রীধর)। "বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ গী ২.৫৯। বিষয় লাগি তোমায় ভজে, সেই মূর্খজন: তোমা লাগি সনাতন বিষয় ছাড়িল চৈ চ ৩০৮, °স্পর্শ ৩০৯। ৩ ভোগ. উপভোগদ্রব্য, ভোগসাধন। 'ভোগসাধনং বিষয়ঃ (তত্ত্বকৌমুদী)। "যৌবনে বিষয়ৈষিণাম্ রঘু ১.৮। ৪ ইন্দ্রিয়পথ, গোচর। "চক্ষুর্বিষয়মতিক্রান্তেষু পক্ষিষু হি ১৩৪/৮। ৫ শরলক্ষ্যীভূত স্থান; গোচর। "পত্রিণামবিষয়ে তত্র প্রিয়ে কাসি মে উ চ ৩ ৪৫। ৬ আশয়, আধার, আশ্রয়। "সেই প্রেমার আমি হই কেবল 'বিষয়': বিষয়জাতীয় সুখ আমার আস্বাদ চৈ চ ১৬। ৭ অধিকার। "ছন্দসি বিষয়ে পা ১.২ ৩৬, কাশিকা। ৮ যাহার যাহা জ্ঞাত, তাদৃশ প্রবন্ধশাস্ত্রাদি; অত্যন্তশীলিতার্থ। "দেবদত্তস্য বিষয়োঽনুবাকঃ পা ৪.২ ৫২, কাশিকা। ৯ নিত্যসেবিতার্থ। "সব্বত্রৌদরিকস্য অভ্যবহার্য্যমেব বিষয়ঃ বিক্র ৩৪/২। ১০ প্রবন্ধবস্তু, প্রস্তাব। ১১ (দর্শনে) অধিকরণের পঞ্চাঙ্গের একতম। দ্র 'বিশয়'। ১২ দেশ, গ্রামসমুদায়। "বিষয়ো দেশে পা ৫.২.৫১, কাশিকা। ১৩ দেশ, রাষ্ট্র, রাজ্য। "ন চ তে বিষয়ে কশ্চিদ্ ব্রাহ্মণো বস্ত্রমর্হতি।—রা ২.৩৫ ১১। মাঘ ৪.৬১। কো বীরস্য মনস্বিনঃ স্ববিষয়ঃ।—হি ১.১০৫; মালব° ৪২/৬। ১৪ জনপদ। ১৫ দেশ, স্থান। "মনোবিষয়ম্ কু.স ৬.১৭। পরিসর° কি ৫.৩৮। ১৬ নিয়ামক (ভট্টকারিকা)। ১৭ বিভাগ (department)। ১৮ কান্ত, পতি। ১৯ শুক্র, বীর্য্য। ২০ অব্যক্ত (শ ক)। ২১ আরোপাশ্রয়। বিপ 'বিষয়ী'। "আয়ুর্ঘৃতম্ ('ঘৃত'—বিষয়, 'আয়ুঃ'—বিষয়ী)। ২২ তদ্বস্তু। "অশাশ্বতোঽয়ং জীবিতব্যবিষয়ঃ।—পঞ্চ ৮/৯ (কথামুখ)। ২৩ সম্বন্ধ। "যা তত্র স্যাদ্ যুবতিবিষয়ে সৃষ্টিরাদ্যেব ধাতুঃ উ.মে ২১। ২৪ (পঞ্চতন্মাত্রানুসারে) পঞ্চ (৫) সংখ্যা। ২৫ (বাঙ্লায়) সম্পদ, ঐশ্বর্য্য, ভূসম্পত্তি জমি জমা ইত্যাদি। "বিষয়ে বাসনা নাই বাসুদেব বিনে শি ৩৬। অহর্নিশি থাক বসি, হরমহিষীর চরণতলে। মৈলে ধরবে নিশা, ঘুচবে দিশা, বিষম বিষয়-মদ খাইলে।—রামপ্রসাদ। বিষয় আশয় যাহা কিছু অবশিষ্ট ছিল, তাহাও বিক্রয় হইয়া যায়।—ব.প্র ৩৭৫। ২৬ (অপ্র) অধিকার, প্রভুত্ব। "বিষয়ের কালে কেহ না চিনে আপনা: কেবা তোরে দিল বিষয়।—মী ১০। ২৭ প্রভুত্বসম্বন্ধী কার্য্য। "দেব-অধিকার সব আমার বিষয়।—গ ২৩। দিনে দিনে বাড়িল বিষয় প.ক ১৩৭৭। [°কাম (বিণ)—ভোগাভিলাষী। °কামিতা (বি)—ভোগাভিলাষিতা, ইন্দ্রিয়ার্থস্পৃহা। "অনর্থের হেতুমাত্র °তা।—ম ৪১০। °গ্রাম (পুং)—ইন্দ্রিয়ার্থসমূহ, ভোগনিচয়। °জাতীয় (বিং)—বিষয়সম্বন্ধী, আধারসম্বন্ধী। "°জাতীয় সুখ আমার আস্বাদ চৈ.চ ১৬। °জ্ঞান (বি)—সাংসারিককার্য্যের বোধ, কাণ্ডজ্ঞান। °নিরতি (স্ত্রী)—ইন্দ্রিয়ার্থে আসক্তি, বিষয়াসঙ্গ। °নিহ্নুতি (স্ত্রী)—বস্তুবিশেষের বিশিষ্টধর্ম্মের নিহ্নব বা অপলাপ, যেমন, বিরহীর চন্দনাদির শৈত্যানিষেধপূর্ব্বক উষ্ণতাপ্রতিপাদন। "কাব্যাদর্শ ২.৩০৩। °পতি (পুং)—দেশাধিপ। °পরাঙ্মুখ (বিণ)—ভোগবিরত, ব্যাবৃত্তেন্দ্রিয়ার্থ। °প্রবণ (বিণ)—বিষয়াভিমুখ, ইন্দ্রিয়ার্থপর। "ইন্দ্রিয়ং °পম্ মনু ২.৯৯, কুল্লুক। °প্রসঙ্গ, °সঙ্গ (পুং)—শব্দাদিবিষয়োপভোগ। "বিষয়সঙ্গজান্ (দোষান্) মনু ১২.১৮। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—ভোগস্পৃহান্বিত। "ন হি মে পরদারাণাং দৃষ্টির্বিষয়বর্ত্তিনী গো.রা ৫.১৪.৫৭। °বাসী (-সিন্) বিণ—দেশবাসী। "রা ১.৭.১২। °লোলুপ (বিণ)

—বিষয়ভোগলালস। °সুখ (ক্লী)—ইন্দ্রিয়ার্থভোগজ সুখ ; ভোগসুখ। °স্নেহ (পুং)—বিষয়ভোগাসক্তি। °স্পৃহা (স্ত্রী)—ভোগেচ্ছা।]

বিষয়-আশয় বি ভূসম্পত্তি ও সাংসারিক কার্য্য। "আমি এক্ষণে গঙ্গাস্নান করিব—পুরাণ শুনিব—°য় দেখিব আহু ১১।

বিষয়বুদ্ধি বি ১ সাংসারিক বুদ্ধি; কাণ্ডজ্ঞান। ২ ভূসম্পত্তিবিষয়ক জ্ঞান; ব্যবহারজ্ঞান, হকীয়ৎ-বোধ।

বিষয়াত্মক † বিণ [বিষয় আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) স্ত্রী -ত্মিকা] ১ বিষয়াকারস্বভাব। "মনু ১২.২৯। ২ বিষয়লোলুপ। "মনু ১২.৭৩। ভ ৪.২৮.৬।

বিষয়াধিকৃত † পুং [স ত] দেশাধিপতি। "ক.সা ৫৩.৪৯।

বিষয়াধিপ † পুং [ষ.ত] রাষ্ট্রপতি, রাজা। "গো.রা ৫.৮১.১৯।

বিষয়ানন্তর † বিণ [ষ.ত] রাষ্ট্রসংলগ্ন, স্বভূম্যব্যবহিত (রাজা)।

বিষয়ান্ত † পুং [ষ.ত] রাষ্ট্রসীমা। "মহা ১৩.৭৪.২।

বিষয়ান্তর † ক্লী [অন্য বিষয়, ।ন.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্য ইন্দ্রিয়ার্থ। "রঘু ৭.১২। ২ অন্যপ্রস্তাব। "সী ১২। [°সংঘটন (বি) —প্রস্তাবান্তরযোজনা। "বিষয়ান্তরসংঘটন দ্বারা চিত্তবৃত্তির ভাবান্তরসম্পাদন সী ১২।]

বিষয়াভিরতি † স্ত্রী [স.ত] বিষয়সুখ। "কি ৬.৪৪।

বিষয়াভিলাষ বিণ [বহুব্রী] ভোগাভিলাষী, ভোগতৃষ্ণ। "কি ৩.১৩। —লাষ পুং [স.ত] ভোগতৃষ্ণা, বিষয়স্পৃহা।

বিষয়ি দ্র 'বিষয়ী'।

বিষয়ী (-য়িন্) † বিণ [বিষয়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -য়িণী] ১ 'বিষয়বান', বিষয়াসক্ত, ভোগনিরত। "যাজ্ঞ ৩ ১৩৮। বিষয়ী হইয়া ভোগ ভুঞ্জে অপার।—গ ৪১। আমি শূদ্র বিষয়ী অধম চৈ.চ ১৩৪] বিষয়ী ভাই পড়িয়াছ ভোলে শ্রী.ম ২। ২ ইন্দ্রিয়পরতন্ত্র, কামী। —য়ী পুং 'রাষ্ট্রবান্', রাজা। ২ বৈষয়িক, বিষয়াসক্ত জন। "শূদ্রবিষয়িজ্ঞানে তাঁরে উপেক্ষা না করিবে।—চৈ.চ ১০৯, বিষয়ীর বার্ত্তা শুনি ক্ষুব্ধ হয় মন ৩০৮। ৩ কামুক, ইন্দ্রিয়পরবশ জন। "বিষয়িণঃ কস্যাপদোহস্তং গতাঃ।—পঞ্চ ১.১৫৭। ৪ কামদেব। ৫ আরোপ্যমাণ বস্তু। দ্র 'বিষয় (২০)। ৬ 'সত্ত্ববিষয়বান্', পুরুষ। 'বিষয়ী পুরুষো নিত্যং সত্ত্বং চ বিষয়ঃ স্মৃতঃ মহা ১৪.৫০.৮। ৭ (বাঙলায়) সম্পত্তিশালী, যোত্রবান্। —য়ি (-য়িন্) ক্লী ১ ইন্দ্রিয়। ২ জ্ঞান।

বিষয়ৈষা বি [বিষয়+এষা ; ষ.ত] কার্য্যকরণেচ্ছা, পরার্থসাধনেচ্ছা। "প্রাচীন বয়সই বিষয়ৈষার সময় ব.প্র ৬৪১।

বিষয়ৈষী (-ষিন্) † বিণ [°য়+ √ইষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত, স্ত্রী -ষিণী] ভোগাভিলাষী। "রঘু ১.৮।

বিষয়োপসেবা স্ত্রী [ষ.ত] শব্দাদিবিষয়ভোগ। "মনু ১২.৩২।

বিষলতা † স্ত্রী [উ.লো] ১ বিষপ্রধানলতা, ইন্দ্রবারুণী (Co'o-cynt'ı)। "বিষলতাবদ্ আপাততো রমণীয়াং (বাচং প্রবদন্তি) গী ২. ৪২, শ্রীধর। ২ [কর্ম্মধা] মৃণালবল্লী, মৃণাল। "°বন।—কাদ ৫৭। [°বন (ক্লী)—কমলিনীবন।]

বিষশূক † পুং [বহুব্রী, গড্বাদি] যাহার শূকে (হুলে) বিষ, ভৃঙ্গরোল (সুশ্রুত)।

বিষহন্ত্রী † স্ত্রী [ষ.ত] ১ 'বিষনাশিকা', অপরাজিতা। ২ নির্বিষা।

বিষহর † বিণ [ষ.ত] বিষনাশক। —হর বি [বিষধর > °র (?)] সর্প। "°কঙ্কণ হস্তে ম.ম ১৫৩। —হরা, -রী স্ত্রী [°র+স্ত্রী আ, ঈ (টাপ্, ঙীষ্)] বিষহরণে সমর্থা ; মনসাদেবী। "বিষং সংহর্ত্তুমীশা সা, তেন বিষহরীতি সা।—ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড ৪৫.১০। "°রা, °রী (দেবীভাগবত)। °রী ম.ম ১৬,-৭ ; ২৩,-৯। চৈ চ ৭৬। —হরি বি [°রী > °রি] ১ মনসা। "বা.ম ২। বি.পা ৬৬। ম.ভা ৭। ২ (অপ্র) সর্প। "বিনে বিষময় হরি, ভূষণ হয়ে বিষহরি, দংশে কলেবরে।—দা ৬৮৯ ; হরির বিচ্ছেদ" ৪৭৩।

বিষহরা, বিষহরি, বিষহরী দ্র 'বিষহর'।

বিষহ্য † বিণ [বি+ √সহ্+য (যৎ)-র্ম্ম] ১ শক্যসহন, সহনীয়। "অবিষহ্যতমং দুঃখম্ রা ২.১০৬.৭। পশ্য মামবিষহ্যব্যসনেন ধূম্রিতাম্ কু.স ৪ ৩০। তেজোঽবিষহ্যম্ রঘু ৬.৪৭। ২ ধারণীয়, বহনীয়। "অবিষহ্যং পৃথিব্যাপি তজ্জলম্ মহা ৫.৬৫.১০। ভ ১০.১৮.২৫। ৩ শক্যপরিচ্ছেদ্য, সিদ্ধান্তযোগ্য। "মনু ৮ ২৬৫। ৪ [বিগত সহ্য (সহনযোগ্য সোঢ়া) যাহার, বহুব্রী (নীলকণ্ঠ)] অসহ্য। "মহা ২.২২.২২।

বিষা[1] অর্ম্ম [বিষ+আ[৯]] ১ বিষসম্পৃক্ত হওয়া। "মাকড়সায় চাটিলে ঘা বিষায়। ২ দ্রব্যবিশেষের সংস্পর্শে বিষাক্তের মত হওয়া। "সরিষার তৈলে ফোড়া বিষায়। ৩ বিষবৎ মারাত্মক হওয়া। "বিষাইল বায়ু, শেষাইল আয়ু স্ব.প্র ১৭১। [বিষাইল—বিষযুক্ত (প.ক)। দ্র 'ইল[1]'। বিষান—সর্ব 'বিষা'।]

বিষা[2] দ্র 'বিষ'।

বিষাই বি [সং বৃষ্ > প্রা রিস > বা বিষ+আই[৩] ; অপ্র] বৃষপতি, শিব। "পুত্রে শাপ দিলেন বিষাই।—কৃ ১৩,-৫।

বিষাক্ত † বিণ [বিষ দ্বারা অক্ত, তৃ.ত] বিষমিশ্রিত, মারাত্মক।

বিষাঙ্গনা † স্ত্রী [বিষসদৃশী অঙ্গনা, উ লো] সহবাসে বিষবৎ প্রাণঘাতিকা নারী, বিষকন্যা।

বিষাণ † পুং, ক্লী [√বিষ্+আন (শানচ্)-ক (অ টা) ; ছান্দস] ১ 'ব্যাপক', পশুশৃঙ্গ। "গো রা ৪.৯.৭৬। °পরিমোক্ষলঘূত্তমাঙ্গান্ রঘু ৯.৬২। কু.স ৭.৪৯। তাড়িযা মহিষ ধরে উপাড়ে বিষাণ ক চ ৪৯। ২ হস্তিদন্ত। "নাগস্য বিষাণম্ রা ২.৬৯.১২। (নাগস্য) সবিষাণং ভুজম্ মহা ৩.২৭০ ২১। ৩ শূকরদন্ত। ৪ গণেশ-দন্ত। "মাঘ ১.৬০। ৫ কর্কটদশন, কাঁকড়ার দাড়া। ৬ পর্ব্বতশৃঙ্গ। ৭ শিবের জটাজুটচূড়া। "মহা ৩ ৮৮.৮। ৮ (বাঙলায়) শৃঙ্গবাদ্য, শিঙা। "°বাদক ভা চ ২৫৭। শি ৭১। [°কোশ (পুং)—শৃঙ্গের অভ্যন্তরভাগ। °বাদক (বি) —শিব। °বাদিনী (বি)—শিবানী। "ক.চ ২৫৫।]

বিষাণী † স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ শৃঙ্গ। ২ হস্তিদন্ত। ৩ অজশৃঙ্গী, বৃশ্চিকালী, ক্ষীরকাকোলী। ৪ তিন্তিড়ী। —ণী (-ণিন্) বিণ [+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'শৃঙ্গবান্', শৃঙ্গী। "মহা ৬.৩.৪। —ণী পুং ১ হস্তী। "মাঘ ৫.৬৩। ২ ঋষভৌষধ। ৩ শৃঙ্গাটক।

বিষাদ † পুং [বি+ √সদ্+অ (ঘঞ্)-ভা] ১ দুঃখ, আর্ত্তি। "প্রকৃতীনাং বিষাদম্ রা ১ ৩ ১৪। রঘু ৮.৫৪। রজনীং °দীর্ঘতরাম্ শ ৪ ১৬। ২ অবসাদ (অ.চি), জড়তা (ত.বা)। "দোর্বিষাদ মা.মা ২.৫। ৩ ইষ্টনাশকৃত মনোভঙ্গ। "°লুপ্তপ্রতিপত্তি রঘু ৩.৪০। ৪ ইষ্টাসিদ্ধিজন্য বা রাজগুরুজনাদির নিকটে অপরাধজন্য অনুতাপ (সা দ ৩.১৬৭, টীকা), উপায়াভাবজন্য বলহানি—ব্যভিচারিভাববিশেষ। "সা.দ ৩ ১৬৭। —ষাদন বিণ [+ √সাদি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] বিষাদয়িতা, বিষাদজনক। "ন যুক্তং কৈতবং কর্ত্তুং হিতাকারং বিষাদনম্ গো.রা ৫.৮৬.১৯। —ষাদন ক্লী [+অন-ভা] দুঃখ। "ভ ১২.৩.৩০। —ষাদিত বিং জাতবিষাদ, বিষণ্ণ। "°চিত্ত।—ম ৮০২। —ষাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -দিনী] সর্ব্বদা অবসন্নস্বভাব (শঙ্কর), শোকশীল (শ্রীধর)। "গী ১৮.২৮। অলাভে ন বিষাদী স্যাল্লাভে চৈব ন হর্ষয়েৎ মনু ৬ ৫৭। [বিষাদই—বিষাদ করে (প.ক)।]

বিষাদন, -ষাদিত, -ষাদী † দ্র 'বিষাদ'।

বিষাপহ † বিণ [বিষ+অপ+ √হন্+অ (ড)-ক ; উ.ত] বিষনাশক "মন্ত্রৈর্বিষাপহৈঃ মনু ৭.২১৭। —পহ পুং ১ গরুড়। ২ মুষ্ককবৃক্ষ —পহা স্ত্রী নাগদমনী, নাগদানা ; ইন্দ্রবারুণী ; অর্কমূলা, ইশ্বরমূল

বিষাপহরণ ক্লী, -হার + পুং [ষ.ত] বিষনাশন।

বিষাপহা ; বিষাপহারী দ্র 'বিষাপহ, বিষাপহরণ'।

বিষাস্বাদ + বিণ [বহুব্রী] যাহার আস্বাদ বিষযুক্ত, বিষময়পরিণাম, পরিণামবিরস। "মনু ১১.৯।

বিষুব + ক্লী [বিষু (সাম্য)+ব অস্ত্যর্থে, তু 'বিষুপ', সং ত্রিকক>প্রা টীপুং (হে ১২৪)] ১ সমরাত্রিন্দিব কাল, অর্থাৎ যে সময়ে রাত্রি ও দিন সমান। ২ সূর্য্যের তুলামেষসংক্রান্তিবিশেষ। —বৎ ক্লী [+বৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব] সর্ব 'বিষুব'। "মহাবিষুবৎসংক্রান্তি।—হি ৪২১৯০। [°দিন (ক্লী)—তুলামেষসংক্রান্তির দিন। °রেখা (স্ত্রী) —সমরাত্রিদিন কালের রেখা, যে রেখায় সূর্য্যসংক্রমণ হইলে রাত্রি দিন সমান হয় (Equator)। °সংক্রান্তি (স্ত্রী—সর্ব 'বিষুব (২)। "ময়া°, °বৃত্ত (বি)—বিষুবরেখা।]

বিষুবৎ দ্র 'বিষুব'।

বিষূচিকা, -ষূচী + স্ত্রী [বিষচ—বিষূচী (স্ত্রী), ক (কন্) স্বার্থে +স্ত্রী আ (টাপ্)] যাহা সর্ব্বত্র যায়, রোগবিশেষ (মহীধর) অজীর্ণরোগভেদ, ওলাউঠা। 'শুক্লযজুর্ব্বেদ ১৯ ১০। °কা ক সা ৭০ ৮।

বিষূচী দ্র 'বিষূচিকা'।

বিষ্ক + পুং [তু 'বিষ্ক' (ত্রিকাণ্ডশেষ)] বিংশতিবর্ষক হস্তিশিশু। "মাঘ ১৮ ২৭।

বিষ্কম্ভ + বিণ [বি+ √স্কনহ্+ত (ক্ত)-র্ম, 'বিষ্কভিত' (ছান্দস, পা ৭ ২ ৩৪)] স্তব্ধ, রুদ্ধ। —ষ্কম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ স্তম্ভন, রুদ্ধীকরণ। ২ বিস্তার (মেদিনী)। 'অম্বর° মহা ৬ ৬ ৬। ৩ [+অ (অচ)-ক] প্রতিবন্ধ বিঘ্ন, অন্তরায়। ৪ গৃহস্তম্ভ, স্থূণা, থাম, খুঁটি। "(ধারয়ন্তি) প্রপতিষ্যদিবাগারং বিষ্কম্ভঃ সাধু যোজিতঃ (সুশ্রুত)। ৫ স্তম্ভ, থাম। ৬ মন্থনদণ্ডের রজ্জুবেষ্টনস্তম্ভ। ৭ পর্ব্বত, পর্ব্বতশ্রেণী। ৮ বৃক্ষ। ৯ (জ্যোতিষে) যোগবিশেষ। ১০ যোগীর বন্ধবিশেষ (আসনভেদ)। ১১ (নাট্যে) অতীত ও আগামী কথাংশের জ্ঞাপক রূপকাংশবিশেষ। [নাটকের নীরস অংশ সবিস্তর বর্ণিত হইলে, সামাজিকগণের বিরক্তিকর হয় বলিয়া, ঐ অংশ অপ্রধান পাত্রের মুখে সংক্ষেপে বর্ণিত হয় এবং পরে সরস অংশের অবতারণা হয়। ইহা 'বিষ্কম্ভ' বা 'বিষ্কম্ভক'। অঙ্কের আদিতে ইহা দর্শিত হয় (সা দ ৬ ৫৫, -৬)।] ১২ [+অ-ণ] 'স্তম্ভনসাধন', অর্গল, খিল, হুড়কা। "বৃহৎ-সংহিতা ৫৩ ২৪। ১৩ বৃত্তের ব্যাস। 'বিষ্কম্ভার্দ্ধ (S W)। —ষ্কম্ভক বিণ [+অক (ণুল)-ক] স্তম্ভক, রোধক। "°কাষ্ঠ (S W.)। —ষ্কম্ভক পুং সর্ব 'বিষ্কম্ভ (১১)। "সা দ ৬ ৫৭। উ চ ৪৩/৩। —ষ্কম্ভিত বিণ [+ √ষ্কম্ভ+ত (ক্ত)-র্ম] স্তব্ধ। —ষ্কম্ভী (-ম্ভিন) বিণ [+ইন (ণিনি)-ক-১ব] রোধক, স্তম্ভকারক। —ষ্কম্ভী পুং অর্গল।

বিষ্কম্ভ, বিষ্কম্ভক, বিষ্কম্ভিত, বিষ্কম্ভী + দ্র 'বিষ্কম্ভ'।

বিষ্কির + পুং [বি+ √কৃ+অ (ক)-ক, বিকল্পে 'স্' (সুট্) আগম, পক্ষে 'বিকির'] ১ 'পক্ষবিক্ষেপক', ভক্ষ্যবিক্ষেপক, শকুনি পক্ষী। "উ চ ২৯। ২ চকোরাদি। "যাজ্ঞ ১ ১৭৩। ৩ ভক্ষ্যার্থ মৃত্তিকা-বিক্ষেপক, কুক্কুটাদি।

বিষ্টপ + ক্লী [√বিষ্+তপ (তপক্)-র্ম (অ টী), "°প'—সহস্থান (ঋগ্বেদ ৯ ১৪৪ ১০), নিবাসস্থান (মহীধর, শুক্লযজুর্ব্বেদ ১৪.২৩)] লোক। "ত্রয়স্য বিষ্টপম্ মনু ৪ ২৩১। °ত্রয়-পরাজয়স্থিরাং রঘু ১১.১৯।

বিষ্টব্ধ + বিণ [বি+ √স্তন্ভ্+ত (ক্ত)-ক] ১ স্তব্ধ, জড়ীভূত। "বাহাঃ ..বিষ্টব্ধচরণাঃ মহা ৭ ১৭.১০। ২ নিস্পন্দ, নির্নিমেষ, স্থির। "বিষ্টব্ধাক্ষ (সুশ্রুত)। ৩ নিরুদ্ধসঞ্চার, রুদ্ধগতি। "রা ৭.১৬.৪। ৪ অন্যোন্যসম্বদ্ধ (কুল্লুক)। "রাজ্যস্য বিষ্টব্ধস্য মনু ৯.২৯৬। ৫ মূর্চ্ছিত। "তান্ সমাসাদ্য···বিষ্টব্ধাঃ কেচিৎ রা ৭.২৮.৪০। ৬ [+ত-র্ম] জড়ীকৃত। ৭ প্রতিবদ্ধ, নিরুদ্ধ। —ষ্টম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ স্তম্ভ, জড়ীভাব। ২ স্তম্ভন, বিঘাত। "বুদ্ধি° ভ ৫.২২.১২। ৩ প্রতিবন্ধ, অবরোধ। ৪ মলমূত্রাবরোধ, মলগ্রহ। ৫ মূত্ররোধরোগ, আনাহ। ৬ জড়ীকরণ। ৭ আক্রমণ। "পদ°নিপীড়িত কি ১৩.১৩। —ষ্টম্ভিত বিণ [+ √স্তম্ভি+ত (ক্ত)-র্ম] ১ রুদ্ধীকৃত, প্রতিবদ্ধ। "প্রসবো ··বিষ্টম্ভিতো বীরুধাম্ শ ৫ ৯। ২ নিরুদ্ধসঞ্চার। "পুষ্পকং···রাম-বিষ্টম্ভিতম্ রা ৭ ১৬ ৩। ৩ জড়ীকৃত। —ষ্টম্ভী (-ম্ভিন্) [+ইন্ (ণিনি) -ক-১ব] ১ প্রতিবন্ধক নিরোধক। ২ জড়ীকারক। ৩ মলাবরোধক।

বিষ্টম্ভ, -ষ্টম্ভিত, -ষ্টম্ভী + দ্র 'বিষ্টব্ধ'।

বিষ্টর + পুং [বি+ √স্তৃ+অ (অপ্)-র্ম, ষত্ব নিপাতিত, পা ৮ ৩.৯৩, তু 'বিস্তর', "°র' পুং, ক্লী (অ টি)] ১ যাহা বিস্তৃত হয়, দর্ভাসন, কুশাসন। 'কুশপূতং প্রবয়াস্তু বিষ্টরম্ (আদদে নৃপতিঃ) রঘু ৮ ১৮। ভট্টি ২ ২৬। দত্ত্বা বিষ্টরার্থং কুশান্ যাজ্ঞ ১ ২২৯। বিষ্টর আসনে মুনি বসিলেন্ত অ প ৫। বি পা ১০০, ২৯৪। চৈ ম ১৯। ২ পীঠাদি আসন, আসনমাত্র। "আসীনা° বিষ্টরে কাঞ্চনে গো রা ৪ ৫০ ৩৭। হৃদয়াম্ভোজ° ভ ৩ ২৮ ১৬। ৩ দর্ভমুষ্টি। ৪ যজ্ঞে ব্রহ্মার আসন। ৫ [+অ (অচ্) -ক] 'আচ্ছাদক', বিটপী, বৃক্ষ। ৬ অশ্বত্থ (বিশ্ব)। ৭ বৃহতীচ্ছন্দঃ। "মুগ্ধ বাধ ১১১, দুর্গাদাস। [°ভাক (-জ্) বিণ—আসনগত, উপবিষ্ট। রঘু ৫ ৩। কু স ৭ ৭২। °শ্রবাঃ (-বস্) পুং—'কুশমুষ্টিসদৃশকর্ণ', শঙ্কু-কর্ণ, বিষ্ণু (দ্র 'অ টী)। 'মাঘ ১৪ ১২। °স্থ (বিণ)—আসনাসীন।]

বিষ্টি[1] + স্ত্রী [√বিষ্+তি (ক্তিন্)-ভা] ১ ব্যাপ্তি। ২ প্রেরণ। ৩ [+তি-ণ] 'যাহা দ্বারা বেতনবিযুক্ত হয়', বেতন বিনা ভারোদ্বহনাদি, বেগার (অ টী), মূল্য বিনা বলপূর্ব্বক করান কার্য্য (শ্রীধর)। "ভ ৫ ৯ ৯। ৪ বেতন বিনা কর্ম্মকর। "রা ২ ৮২ ২০। °সহস্র ক সা ১১০ ১৪২। ৫ বেতন, ভৃতি। ৬ কর্ম্ম। ৭ (জ্যোতিষে) করণবিশেষ। [°ভদ্রা (স্ত্রী)—যোগবিশেষ।]

বিষ্টি[2] বি [সং বৃষ্টি > রিট্ঠি > বা °ষ্টি, কথ্যভাষা] ১ বৃষ্টি। "বিষ্টি পড়ে টাপুর টুপুর।—শিশু ৮৫। ২ বর্ষণ। "কিন্তু নী···দাঁড়িয়ে মধু বিষ্টি কত্তে লাগলেন।—হু ৫০।

বিষ্টু বি [সং বিষ্ণু > °ষ্টু, ণ > ট, দ্র 'ণ[1]'] বিষ্ণু। "রক্তা বিষ্টু শূ ১, ৭৭, ১২১,-২। দ্র 'কেষ্ট'।

বিষ্ঠা + স্ত্রী [বি+ √স্থা+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ), ষত্ব] যাহা বিবিধপ্রকারে থাকে, পুরীষ, মল। "শ্ব° মনু ১০ ৯১। সুবর্ণময়ীং বিষ্ঠাম্ (পঞ্চ)।

বিষ্ঠিত + বিণ [বি+ √স্থা+ত (ক্ত)-ক, ষত্ব] ১ বিশেষভাবে স্থিত, অধিষ্ঠিত। '(তৎ) হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্ গী ১৩ ১৭। ২ আশ্চর্য্যান্বিত-ভাবে স্তব্ধ। 'রা ২ ৫৮ ৩৪।

বিষ্ণু + পুং [√বিষ্+ণু-ক, গুণাভাব, উ ৩ ৩৯, √বিশ্+নু (ক্নু) -ক, পৃষো] ১ 'বিশ্বব্যাপক, বিশ্বপ্রবেশক', ব্যাপনশীল (শঙ্কর)। 'গী ১১ ৩০। ২ পরমেশ্বর (সায়ণ)। 'তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।—ঋগ্বেদ ১ ২২ ২০। ৩ নারায়ণ, কৃষ্ণ। [ইনি ব্রহ্মাদি ত্রিমূর্ত্তির একতম এবং সৃষ্টির পালক। ইনি দ্বাদশাদিত্যের একতম এবং ইন্দ্রের অনুজ 'উপেন্দ্র' নামে অভিহিত। লোকরক্ষার্থ ইনি নানা অবতারে আবির্ভূত হইয়া মধুকৈটভহিরণ্যাক্ষাদি লোকশত্রুগণকে বিনাশ করেন। ইনি ক্ষীরোদশায়ী। ইঁহার শয্যা অনন্ত, পত্নী লক্ষ্মী, পুত্র কামদেব, ধাম বৈকুণ্ঠ, বাহন গরুড়, ধনু শার্ঙ্গ, চক্র সুদর্শন। ইনি শ্যামবর্ণ। ইঁহার বক্ষঃ শ্রীবৎস ও কৌস্তুভে সুশোভিত। ইনি দেবগণের শ্রেষ্ঠ (আদিত্যানামহং বিষ্ণুঃ গী ১০ ২১)। ইন্দ্রব্রহ্মাদি দেবগণ বিপদুদ্ধারার্থ ইঁহার শরণাপন্ন হইয়াছেন। ইনি আদিপুরুষ। ইঁহার সহস্র নাম (মহা ১৩ ১৪৯তম অধ্যায়)। বেদে বিষ্ণুর তিন প্রকারে পাদপ্রক্ষেপের বিষয় বর্ণিত হইয়াছে

("ত্রেধা নি দধে পদম্"—ঋগ্বেদ ১.২২.১৭)। পুরাণে, ইহা বামনাবতারে ত্রিবিক্রমাখ্যান।] ৪ আদিত্যগণের একতম 'উপেন্দ্র'। ৫ বসুগণের একতম। ৬ সংহিতাকার মুনিবিশেষ। "যাজ্ঞ ১.৪। ৭ অগ্নি। ৮ বিষ্ণুদেবতাক শ্রবণা নক্ষত্র। [°কান্তা (বি)—গঙ্গার নামভেদ। "গ ১৯৫। °ক্রম (পুং)—বিষ্ণুপাদক্ষেপ। °ক্রান্ত (বিণ)—ত্রিবিক্রম বিষ্ণু কর্তৃক পাদন্যাসে ব্যাপ্ত। "বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। °গৃহ (ক্লী)—বিষ্ণুমন্দির। "চৈ.ভা ৮০। °গ্রন্থি (পুং)—শরীরসন্ধিবিশেষ। °চক্র (ক্লী) —১ সুদর্শন। ২ করতলস্থ রেখাচক্র। °তিথি (স্ত্রী)—বিষ্ণুপ্রিয় একাদশী ও দ্বাদশী তিথি। °তৈল (ক্লী)—(বৈদ্যকে) পাকতৈলভেদ। °দেবত্য, °দৈবত, -ত্য (বিণ)—বিষ্ণুদেবতাক। (ক্লী) শ্রবণানক্ষত্র। °পুর (ক্লী)—গোলোকধাম। "গ ৯৯। °পুরাণ (ক্লী)—বিষ্ণুমাহাত্ম্যবিষয়ক পুরাণভেদ। °বল্লভা (স্ত্রী)—লক্ষ্মী ; তুলসী। °বাহন (পুং) —গরুড়। °ভোগ (বি)—ধান্যবিশেষ। "ভা.চ ৫৫০। °মণ্ডপ (বি) —বিষ্ণুমন্দির। "চৈ.চ ৬৩। ন.প ৮২। °মায়া (স্ত্রী)—দুর্গা (কালিকাপুরাণ)। °যশাঃ (-শস্) পুং—কল্কিজনক। "ভ ১.৩.২৫। সম্ভলগ্রামে বিষ্ণুযশানামক…ব্রাহ্মণের ভবনে (বেতালপঞ্চবিংশতি—বিদ্যাসাগর)। °রথ (পুং)—গরুড়। °রাত (পুং)—'বিষ্ণুকর্তৃক দত্ত', পরীক্ষিৎ। "ভ ১.১২.১৬,-৭। °শক্তি (স্ত্রী)—লক্ষ্মী। °শিলা (স্ত্রী) —শালগ্রাম। °শৃঙ্খল (পুং)—শ্রবণাস্পৃষ্টদ্বাদশীসম্পৃক্তা একাদশী (মৎস্যপুরাণ)।]

বিষ্ণুধর্ম্মোত্তর † ক্লী [বহুব্রী] বিষ্ণুধর্ম্মপ্রধান সংহিতাভেদ।

বিষ্ণুপঞ্জর † ক্লী [বহুব্রী] ১ যাহাতে বিষ্ণু পঞ্জরবৎ রক্ষক, বিষ্ণুকবচবিশেষ। ২ (বাঙ্‌লায়) বিষ্ণুর পঞ্জর। "দারুব্রহ্ম সর্ব্বাদৃত, বিষ্ণুপঞ্জরেতে কৃত ভা.চ ৪৭৩।

বিষ্ণুপদ † ক্লী [ষ.ত] ১ ত্রিবিক্রম বিষ্ণুর পাদন্যাসস্থান। "°দং দ্বিতীয়ম্ রঘু ১৩.২৮। ২ আকাশের মূর্দ্ধা (অত্যূর্দ্ধভাগ)। "ভ ৫.১৭.১। ৩ আকাশ। "বিষ্ণুপদ সেবা করে বৈষ্ণব সে নয় ক.চ ১২৯। শ্রী ৮০। ৪ ক্ষীরোদ। ৫ পদ্ম। তু 'সরসিজাসনসন্নিবিষ্টঃ (নারায়ণধ্যান)। ৬ বিষ্ণুর চরণ। "বিষ্ণুপদ-উদকে পড়িল অশ্ববীর্য্য শ্রী.মা ১১৩। দ্র (৩)। ৭ গয়াস্থিত বিষ্ণুপদচিহ্ন। ৮ তীর্থবিশেষ। ৯ ভ্রূমধ্য। 'বিষ্ণোঃ পদানি ভ্রূমধ্যে (কাশীখণ্ড)। —পদী স্ত্রী [°দ+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৫ ৪.১৩৯] ১ বিষ্ণুপদসম্ভূতা গঙ্গা। "ভ ১.১৯ ৭। ২ দ্বারকা। ৩ বৃষ বৃশ্চিক সিংহ ও কুম্ভ রাশির সংক্রান্তি। 'বৃষবৃশ্চিককুম্ভেষু সিংহে বিষ্ণুপদী স্মৃতা। [°উদক—গঙ্গাজল। 'দ্র (৬)।]

বিষ্ণুপদী দ্র 'বিষ্ণুপদ'।

বিষ্কার; বিষ্কাল; বিষ্ফুরণ; বিষ্ফুলিঙ্গ † দ্র 'বিস্কার ; বিস্কাল ; বিস্ফুরণ ; বিস্ফুলিঙ্গ'।

বিষ্যন্দ † পুং [বি+স্যন্দ্+অ (ঘঞ্)-ভা, ষত্ব পা ৮.৩.৭২] ক্ষরণ, ক্ষরিতরস। "সোম° মহা ১৩.৭৭.৩১। —ষ্যন্দন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ক্ষরণ, প্রবাহ।

বিষ্যন্দন দ্র 'নিষ্যন্দ'।

বিষ্বক্ (চ্) † বিণ [বিষু+ √অন্চ্+ক্বিন্ (০)-ক-১ব, ক্লীবলিঙ্গ ; 'বিষঙ্' (পুং), 'বিষূচী' (স্ত্রী) ; ছান্দস] ১ সর্ব্বতঃপ্রসৃত। "বিষগ্-ভুজানীকশত ভ ৭.৮.২২। ২ ইতস্ততঃ চলিত। "বিষ্বক্‌চলুলিতভ্রমবাম্নি ভ ১.৯.৩৪। ৩ সর্ব্বত্রগ, সর্ব্বব্যাপী। —ক্ ক্লী সমদিনরাত্রি কাল ; বিষুব। —ক্ ব্য সমন্তাৎ, সর্ব্বতঃ। "যৎ কুস্তেহ যশো বিষ্বক্ ভ ৩.১৩.৮। উ.চ ৩.৩৮। কি ১৪.৫৯। পঞ্চ ২.২।

বিষ্বক্‌সেন † পুং [বিষূচী (ব্যাপিনী) সেনা যাঁহার, বহুব্রী, ষত্বভাব, পা ৮.৩.৯৯] বিষ্ণু। "গো.রা ৬.১০২.১৪। রঘু ১৫ ২০৩। °সেবিতযুগান্তপয়োধি মাঘ ১০.৫৫। —সেনা স্ত্রী প্রিয়ঙ্গুলতা। [°প্রিয়া (স্ত্রী)—লক্ষ্মী।]

বিষ্বক্‌সেনা দ্র 'বিষ্বকসেন'।

বিস ‡ ক্লী [তু 'সং বিষ > প্রা বিস ; ছান্দস] মৃণাল। ঋ.স ৩.৩৭। বিসাকরণ শ ৩.২২। °প্রসূন মাঘ ৫.২৮। °দন্ত শ্রী.মা ৫১ ; ৮২। শঙ্খে বাস বিস সে কি বাহুদণ্ড অনু বি.সু ৩ ; ২৯। বিস বিষ জ্ঞান হয় বা.দ ১৫৩। [°কণ্ঠিকা (স্ত্রী)—শ্বেতকণ্ঠ বকবিশেষ। °কিশলয় (পুং, ক্লী) মৃণালাগ্র। "°দল পূ.মে ১১। °কুসুম, °জ, °পুষ্প, °প্রসূন (ক্লী) —মৃণালজাত পুষ্প ; পদ্ম। °গ্রন্থি (পুং)—১ মৃণালগ্রন্থি। ২ চক্ষুরোগবিশেষ (সুশ্রুত)। °তন্তু (পুং)—মৃণালসূত্র। °নাভি (স্ত্রী) —পদ্মিনী। °বল্লী, °লতা (স্ত্রী)—মৃণাল।]

বিসংজ্ঞ † বিণ [বহুব্রী] বিগতসংজ্ঞ, সংজ্ঞাহীন, বিচেতন। "°কল্পা রা ২.২১.৫৫ ; ৩০.২৬। মহা ৩.১৪২.৫২।

বিসংবাদ † পুং [বি-সম্+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ বিপরীতকথন, বিপ্রলম্ভ, অঙ্গীকৃতবিষয়ের অসম্পাদন (অ.টী)। ২ মিথ্যাখ্যানবঞ্চনা (রায়)। ৩ বিরোধোক্তি, কথার অনৈক্য। ৪ (বাঙ্‌লায়) বিবাদ, দ্বন্দ্ব। "কেশরী কুঞ্জরে যেন ঘোর বিসংবাদ।—হেম ৩৮। সুমতিকুমতির বিবাদ' মনুষ্যের সহনীয় ব.প্র ২৭০। —বাদিত বিণ [+ √বাদি +ত (ক্ত)-কর্ম্ম] বিপর্য্যাসিত, বিতথীকৃত। "রমণীয়ঃ খলু অবধিঃ বিধিনা বিসংবাদিতঃ শ ৬২৩। —বাদী (-দিন্) বিণ [+ √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব] ১ মিথ্যাবাদী, মিথ্যাখ্যান দ্বারা প্রবঞ্চক। ২ বিরোধী, প্রতিকূল। ৩ পরস্পরসঙ্গতিহীন। ৪ বিলক্ষণ, বিসদৃশ। "বয়োবেশবিসংবাদি রামস্য চ তয়োঃ (সাদৃশ্যম্) রঘু ১৫.৬৭। বয়স ও আকৃতির অবিসংবাদী কর্ম্ম।—কাদ ১১২।

বিসংসর্পী (-র্পিন্) † বিণ [বি-সম্+ √সৃপ্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -র্পিণী] সর্ব্বতঃ বিসারী। "রঘু ৬.১৫।

বিসঙ্কট বি বিশেষ সঙ্কট, মহাবিপদ্। "জাতি সব করি ছল, নাহি খাবে অন্ন জল, বিসঙ্কটে হবে শুভকর ক.চ ৩২।

বিসজ্ঞ বি [সং বিসংজ্ঞ, অপ্র] অচেতনভাব, মূর্চ্ছা। "ভক্তের বিসজ্ঞে মাতা বিকলা হইয়া (রোদন করেন) চু ৫৬।

বিসদৃশ † বিণ [বহুব্রী] ১ বিগতসদৃশভাব, বিলক্ষণ, নানারূপ (সায়ণ)। "বিসদৃশা জীবিতা।—ঋগ্বেদ ১.১১৩.৬। ২ তারতম্যবিশিষ্ট, বিভিন্নরূপ। "শ্রদ্ধায়া বৈসাদৃশ্যাৎ কর্ম্মফলং বিসদৃশং ভবতি ভ ৫.২৬.৩। ৩ (বাঙ্‌লায়) অদ্ভুত, অতিভীষণ। "ইতো বিসদৃশ রূপ চাহন না যায় ব.প ১৩৩০।

বিসন্ধি † বিণ [বহুব্রী] ১ বিগতসন্ধিক, বিচ্ছিন্নগ্রন্থি, বিখণ্ডিত। "(শরীরৈঃ) বিসন্ধিভিঃ মহা ১.১০২.১০। ২ (ব্যাকরণে) সন্ধিহীন, অসংহিত (পদ)।

বিসন্নাহ † বিণ [বহুব্রী] বিমুক্তসন্নাহ, বর্ম্মবিহীন। "মনু ৭.৯২।

বিসম্বাদ বি [সং বিসংবাদ] ১ বিবাদ, কলহ। "কু ১৬৪ ; বিসম্বাদ করিলে হইবে কার্য্য বাদ ১৯৬। ভাই সহ করে বিসম্বাদ।—ম ২২ ; ৬৮৫। দেবের সঙ্গে বিসম্বাদ ম.বি ১৫০। ম.ম ৪৫। ২ বিরোধ, শত্রুতা। "শিখী তৃণে বিসম্বাদ ক চ ২০৭ ; শিখী বাল্যে বিসম্বাদ ২৪৮। কৃষ্ণের সহিত তোমার বিসম্বাদ কেনে ব.প ৮৮০,-১। ৩ তর্কবিতর্ক, বকাবকি। "দুই জনে বিসম্বাদ হইল বিস্তর।—৯০৫। —বাদী বি [সং বিসংবাদী] বিরোধী, শত্রু। "বধি বিসম্বাদী, চাণূর প্রলম্বাদি শ্রী.ম ১৫৭। জীবশক্তি শিবশক্তি করে বিসম্বাদী চ.কা ৮৮।

বিসর[1] † পুং [বি+ √সৃ+অ (অপ্)-ভা] ১ প্রসর, বিস্তৃতি। ২ [+অ (অচ্)-ক] সমূহ, চয়, সমবায়, রাশি। "ধর্ম্মাম্ভো° মা.মা ১.৩৭। লাবণ্য° (S W.)। —সরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] শিথিলীভাব, প্রসৃতি। বিপ 'সঙ্কোচন'।

বিসর[2] সর্ব্ব [সং বি- √স্মৃ > লি √বিস্‌সর ; হি, মৈ √বিসর ; উ, ও

√বিসর] মনে না করা ; বিস্মৃত হওয়া ; ভোলা। "তোহে বিসরি মন তাহে সমর্পিনু বি.প ২১৮। মায়া মোহে বদ্ধ হয়্যা তব বিসরিল।—ম ৭২৭। বিসরিতে চাহি নহত পুন বিসরণ জ.প ৭৬। [বিসরি, -রিয়া, -সরে, -সারে (প.ক)।]

বিসরণ[১] † দ্র 'বিসর[১]'।

বিসরণ[২] বি [বিসর[২]+অন; সং বিস্মরণ ; হি °না] বিস্মরণ, ভোলা। "ভুয়া বিসরণ লাগি করত সঞ্চার প ক ১৬৮। জ প ৭৬। —সরিত বিং [বিসর[২]+ইত[২] ; তু 'সং বিস্মৃত >প্রা বিসরিঅ] বিস্মৃত। "পুরব যত গুণ বিসরিত ভেলা বি.প ১৭০। মুরলী শুনিয়া, সব বিসরিত ভেলা চ দা ৬৬।

বিসর্গ † পুং [বি+ √সৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ বিসর্জ্জন, মোচন। "ঋগ্বেদ ৭.১০৩.৯। ২ ত্যাগ, দান। "ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ গী ৮.৩। আদানং হি বিসর্গায় সতাং বারিমুচামিব রঘু ৪.৮৬। ৩ সেক, সেচন। "পুরং নবীচক্রুরপাং বিসর্গাৎ (মেঘাঃ) রঘু ১৬.৩৮। ৪ মলত্যাগ। "পুরীষ°। ৫ অস্ত্রপ্রয়োগ। "নানাশস্ত্র° মহা ১.৩২.১৩। ধনুর্ব্বেদঃ সবিসর্গোপসংযমঃ ভ ১.৭.৪৪। ৬ মোক্ষ, মুক্তি। ৭ বাক্যপ্রয়োগ। "বাগ্‌বিসর্গ ভ ১.৫.১১। ৮ বিসর্জ্জন, পরিহার। ৯ ক্ষেপ, প্রেরণ। "লাজ° রঘু ৭.২৫। অপাঙ্গ° ভ ১০ ৬.৬। ১০ সৃষ্টি। "প্রজা° ভ ২.৯ ১৮, লোক° ৩.৯.৩২। ১১ উৎপত্তি (নীলকণ্ঠ)। "মহা ১৪.৫১ ১। ১২ প্রতিসর্গ, সংহার, বিবিধসর্গ (শ্রীধর)। "ভ ৮ ৭.৩০। ১৩ দক্ষিণায়ন। ১৪ [+অ-র্ম] সৃষ্টি। ১৫ মহদাদির বাসনাপ্রধান সমাহার চরাচরপ্রাণী। "ভ ১২ ৭ ১২। ১৬ [+অ-ণ] 'সৃষ্টিসাধন', মেঢ্র। "ভ ১০. ৬৩.৩৬। ১৭ [+অ-ধি] 'যাহার উচ্চারণে বায়ুর বিসর্জ্জন' ; বিন্দুদ্বয়াত্মক (ঃ) বর্ণ। দ্র 'বিসর্জ্জনীয়'। "ভ ৬.৮.১০। [°চুম্বন (ক্লী) —ত্যাগপূর্ব্বকগমনকালীনচুম্বন। "রঘু ১৯.২৯।]

বিসর্জ্জ সর্ম [সং বি+ √সৃজ্—বিসর্জ্জন > °র্জ্জ ; তু 'প্রা √বিসজ্জ] ১ ত্যাগ করা। "সূর্য্যের বচনে মাতা বিসর্জ্জিল মোরে।—ম ৭২০। কামক্ষুধা পূরাইল দোঁহে…, বিসর্জ্জি ধর্ম্মেরে।—মে ২৮০। ২ প্রতিমাদিতে আহুত দেবতাকে পূজান্তে ত্যাগ করা। "দশমীতে পূজা করি, বিসর্জ্জিয়া মহেশ্বরী, সংগ্রামে চলিল রঘুপতি।—কৃ ৩৫৪। অগ্নি বিসর্জ্জিয়া ধৌম্য দক্ষিণা কবিল ম ১২০৫। ৩ পাতিত করা, ফেলা। "যবে দশানন-অরি, বিসর্জ্জিলা হুতাশনে জানকীসুন্দরী।—মা ১৫৭।

বিসর্জ্জন † ক্লী [বি+ √সৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ ত্যাগ, দান। "রজসো বিসর্জ্জনে।—ঋগ্বেদ ৫.৫৯.৩। বসুবৃষ্টি° রঘু ৯ ৬। ২ বর্জ্জন, পরিহার, ত্যাগ। শ্রুতদেহবিসর্জ্জনঃ পিতুঃ রঘু ৮.২৫। (তাঁহারাও) বাষ্পবারি বিসর্জ্জন করিতে লাগিলেন সী ৩২। ৩ সংপ্রেষণ (মেদিনী)। "বিপ্র° যাজ্ঞ ১.২৫২। ৪ পরিবর্ত্তন, ফিরাইয়া পাঠান। "প্রকৃতীনাং বিসর্জ্জনম্ রা ১.৩.১৪। ৫ পুরীষোৎসর্গ, মলত্যাগ। "বিণ্মূত্রস্য বিসর্জ্জনম্ মনু ৪.৪৮, ১০৯। ৬ অস্ত্রপ্রয়োগ। "ইষিকাস্ত্র° (S.W.)। ৭ প্রতিমাদিতে আহুত দেবতার প্রতি গমনার্থ অনুমতি। বিপ 'আবাহন'। "°মন্ত্র উচ্চারিলা।—হু ১০৩। ৮ গবাদির বন্ধনমোচন। "গো° (S.W.)। ৯ [+অন-র্ম] সৃষ্টি। ১০ (বাঙলায়) পূজান্তে নদীপ্রভৃতিতে প্রতিমানিমজ্জন। ১১ (গৌণার্থে) প্রিয়জনের শেষ বিদায়। "চলে গেল,…, বিসর্জ্জনের বাজনা শুনে বুঝি।—কু.কে ৮৫। ১২ ত্যাগ, বৈরাগ্য। "বিসর্জ্জন আসিয়া প্রতিষ্ঠাকে লইয়া গেল ব.দ্বি ১৫৩। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] ত্যাজ্য, পরিহার্য্য। —নীয় পুং [+অনীয় -ধি] যাহার উচ্চারণে বায়ু ত্যাজ্য ; বিসর্গ (ঃ)। "অঃ বিসর্জ্জনীয়ঃ। বায়োর্বিসর্জ্জনেন জন্যত্বাৎ (তৈ ১.১৮, ব্যাখ্যা)। —সর্জ্জিত বিণ [+ √সর্জ্জি+ত (ক্ত)-র্ম] ১ বিসৃষ্ট, পরিত্যক্ত। "জীবত্যনাথোঽপি বনে বিসর্জ্জিতঃ।—পঞ্চ ১.৩৫২। ২ অবরোপিত। "°মৌলিনা রঘু ৯. ২০। ৩ সংপ্রেষিত। "বরুণেন বিসর্জ্জিতাস্ত সম্পূজ্য গুরবঃ উ.চ ২১। [বিসর্জ্জন দেওয়া—১ ত্যাগ করা ; ছাড়া। "দিয়ে মিথ্যা কথায় বিসর্জ্জন, হও তোমরা দ্বিজপ্রেমের বশ।—দা ৯। ২ দূর করা ; তাড়ান। "লাঘব করিয়া তারে দিল বিসর্জ্জন ক.চ ৯১।]

বিসর্জ্জনীয় দ্র 'বিসর্জ্জন'।

বিসর্প † পুং [বি+ √সৃপ্+অ (ঘঞ্)-ভা] ১ সঞ্চার, প্রসর। "বিষ° উ.চ ১৩৫। ২ [+অ (অচ্)-ক] 'সর্ব্বতোগামী', রোগবিশেষ। 'বিসর্পঃ…সর্ব্বতঃ পরিসর্পণাৎ (ভাবপ্রকাশ)। ৩ (নাট্যে) নাট্যালঙ্কারভেদ। 'বিসর্পো যৎ সমারব্ধং কর্ম্মানিষ্টফলপ্রদম্ সা.দ ৬. ২০৪। —সর্পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রসর, বিস্তৃতি। "ক্ষতবিসর্পণ (সুশ্রুত)। ২ ইতস্ততঃ সঞ্চরণ, গমন। "সূর্য্যাংশুজলবাপকোঽহং ন সমর্থো বিসর্পণে গো.বা ৪ ৫৬.২৯। ৩ [+ √সর্পি+অন-ভা] ক্ষেপণ (নীলকণ্ঠ)। "মেরোরিব বিসর্পণম্ মহা ৭.৮.১২। —সর্পি পুং [+ই (ইন্)-ক] সর্থ 'বিসর্প (২)। —সর্পী (-র্পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্পিণী] ১ প্রসারী। "কদলীষণ্ডৈঃ তীরান্তরবিসর্পিভিঃ মহা ৩.১৪৬.৫৮। গুহামুখ° (প্রতিশব্দেন) কু স ৬.৬৪। ভাগীরথী বহুদূরবিসর্পিণী ব.প ১৩৩। ২ গামী। "দূরবিসর্পিঘোষৌ কু স ৭.৫৩। ৩ বিসৃমর, প্রসরণশীল। "মহোরগবিসর্পিবিক্রমঃ…গরুড়ঃ রঘু ১১.২৭। কু স ১.১৩। ৪ ব্যাপী। "পরিতো বিসর্পি…মানবিষম্ মাঘ ৯.৩৬। ৫ সঞ্চারী, জঙ্গম। "(বানরাঃ) শৈলা ইব বিসর্পিণঃ রা ৭ ১৬.১৮। —সর্পী পুং বিসর্পরোগ।

বিসর্পণ, বিসর্পি, বিসর্পী দ্র 'বিসর্প'।

বিসার[১] † পুং [বি+ √সৃ+অ (ঘঞ্)-ক, পা ৩.৩.১৭, সি ; '°র' —বিসরণ, বির্গমন (ঋগ্বেদ ১.৭৯ ১)] ১ 'বেগগামী', মৎস্য। "পা ৩.৩.১৭। ২ বিসরণ, বিস্তার, প্রসার। "নলোদয় ১.১৯। —সারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] প্রসারী, প্রসরণশীল, বিসৃমর। "পরিতো বিসারিণা (তেজসা) রঘু ৩.১৫ ; গুহা° (ঘনগর্জ্জিতানি) ১৩ ২৮। ধাম বিসারি সর্ব্বতঃ মাঘ ১.২ ; ১৭.৫৭। কি ১০.১১। —সৃত বিণ [+ত (ক্ত)-ক] ১ সর্ব্বতঃ গত ; পরিব্যাপ্ত। "বিসৃতাগুরুধূপম্ (গৃহম্) গো রা ৫ ১২ ৪৪। কুলশতপত্র°গন্ধ (ছন্দোমঞ্জরী)। ২ বিস্তৃত, তত। "চাপযষ্টির্বিসৃতগুণা।—কি ১০.৫৩। ৩ সর্ব্বতঃ প্রবাহিত। "(বভ্রাম) গঙ্গা শিরসি দেবস্য বিসৃতা গো.রা ১ ৪৫ ৮। ৪ বিগত, অবস্রস্ত, চ্যুত। "গাত্রৈর্বিসৃতভূষণৈঃ হ ৮৭.৮০। ৫ বহির্গত, অক্ষিকোষমুক্ত। "(সঃ) অক্ষিণী…চক্রে বিসৃতে।—হ ৮১ ৩৭। —সৃত্বর বিণ [+বর (করপ্)-ক ; স্ত্রী -রী] ১ প্রসরণশীল, প্রসারী। "বিসৃত্বরৈরম্বুরুহাং রজোভিঃ মাঘ ৩.১১। ২ গমনশীল (অ.টী) —সৃমর বিণ [+মর (ক্মরচ্)-ক ; স্ত্রী -রা] সর্থ 'বিসৃত্বর'।

বিসার[২] বিং [সং বিশাল >প্রা বিসাল >বা °র, অপ্র] ১ বর, উৎকৃষ্ট। "সুখতক লেখনী বিসার শ্রী.মা ৩। তু 'সুরতরুবরশাখা লেখনী (মহিম্নঃ স্তবঃ, ৩২)। ২ সমধিক, প্রচুর। "অযোধ্যানগরে হল আনন্দ বিসার শ্রী মা ১৫৮। ৩ তুমুল। "বিসার যুদ্ধ বাজিল দুজনে শ্রী.মা ১৬৯। ৪ উৎফুল্ল, আত্মহারা। "এতেক শুনিয়া পাত্র আনন্দে বিসার শ্রী.মা ১৯৪। ৫ অতিসারবান্, হিতকর। "শুন বচন বিসার শ্রী.মা ২১৭।

বিসিনী‡ স্ত্রী [বিস+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বিসস্থান', পদ্মিনী, কমলিনী। ২ মৃণালযুক্তস্থান। ৩ মৃণালসমূহ।

বিসূচিকা, -চী † স্ত্রী [বিষূচিকা, -চী > °কা, °চী (ষ>স)] সর্থ 'বিষূচিকা'।

বিসূচী দ্র 'বিসূচিকা'।

বিস্ফুরণ † ক্লী [বি+ √স্ফুর্ হিংসা+অন (ল্যুট্)-ভা] ১ বিহিংসন। ২ খেদ। "সংপ্রাপ্তবিস্ফুরণ।—বিক্র ৪।

বিসূর্য্য ✝ বিণ [বহুব্রী] 'বিগতসূর্য্যা', সূর্য্যারহিত। "রা ৪.৪৩ ৫৪।
বিসৃজ্য ✝ স্ত্রী [বি+ √সৃজ্+য (ক্যপ্)-র্ম] কার্য্য। "ভ ৭.৯.২২।
বিসৃত, -সৃত্বর, -সৃমর ✝ দ্র 'বিসর১'।
বিসৃষ্ট ✝ বিণ [বি+ √সৃজ্+ত (ক্ত)-র্ম] ১ ত্যক্ত। "ময়া বিসৃষ্টা বসুধা ভরতায় প্রদীয়তাম্ রা ২.৩৪ ৪১। °পার্শ্বানুচরস্ত (তস্ত পার্শ্বক্রমাঃ) রঘু ২.৯ ; ১৬.৬। ২ দত্ত, সমর্পিত। "গ্রামেষ্বাত্মবিসৃষ্টেষু রঘু ১.৪৪, ১৩ ৬৭। মৃ ১.১৭। ভ ৭.৯ ২২। ৩ মুক্ত। "ত্বষ্টিপ্রয়োগাগ্র···বিসৃষ্টম্ রঘু ১৩.২৬। ৪ প্রেষিত, প্রস্থাপিত, প্রেরিত। "দূতো রাঘবে বিসৃষ্টঃ রঘু ৫.৩৯। ৫ উৎপাদিত। "মনু ১ ১১। ৬ প্রণীত। "দূতস্ত দণ্ডা বহবো বিসৃষ্টাঃ গো.রা ৫ ৪৮.৫। ৭ উদীরিত, উচ্চারিত। "°বাক। —সৃষ্ট পুং বিসর্গ (ঃ)। "র-সকারয়োর্বিসৃষ্টঃ।—কাতন্ত্র ৮.২। —সৃষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ত্যাগ। ২ দান। ৩ মোচন। ৪ নিষেক। "শুক্র° (S.W)। ৫ প্রতিসর্গ।
বিসৃষ্টি দ্র 'বিসৃষ্ট'।
বিস্কম্ভ বি ['বিষ্কম্ভ' সাধু, পা ৮.৩ ৭৭] সর্থ 'বিষ্কম্ভ'। "ম.পা ১৫৬।
বিস্কুট বি [P. biscoito, E biscuit] ময়দা বা এরোরুটের পাক-করা শুষ্ক রুটিবিশেষ।
বিস্ত১ ✝ পুং, ক্লী ষোড়শমাষক সুবর্ণ (অ.টী)।
বিস্ত২ বিং [অপ্র] বিস্তর। "বিস্ত২ সাহস কৃ.চ ৭১।
বিস্তর ✝ বিণ [বি+ √স্তৃ+অ (অচ্)-ক, স্ত্রী -রা] বহু, প্রচুর। "নীরসং বস্তু বিস্তরম্ সা.দ ৬.৬১। সে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর —ভা চ ৩৪০, করিলা বিস্তর খেলা কহিতে বিস্তর ৩৬৭। বিস্তর প্রস্তর শি ১০৬। বিস্তর দিবস গোণ না হয় ব প ১৬৭৯। —স্তর পুং [+অ (অপ্)-ভা] ১ বাক্‌প্রপঞ্চ, বাহুল্য। "গ্রন্থ°, শব্দ°। বিস্তরো বচসাম্ (কাশিকা)। মহা ১ ১.২৭। সুবিস্তরতরা বাচঃ মাঘ ২ ২৪। অলমতি-বিস্তরেণ মা মা ২৩/২৩। ২ সমূহ, সমুদয়। "নাস্ত্যন্তো বিস্তরস্য মে গী ১০ ১৯, ৪০। ৩ প্রণয়, প্রার্থনা। ৪ [+অ-র্ম] পীঠ, আসন (A)। তু 'বিষ্টর'। —স্তার২ পুং [+অ (ঘঞ্)-ভা, পা ৩.৩ ৩৩] ১ প্রথন, বিস্তীর্ণতা, বিস্তৃতি। "পটস্য বিস্তারঃ (কাশিকা)। শ্যামঃ স্তনইব ভুবঃ শেষবিস্তারপাণ্ডুঃ পূ মে ১৮। ২ ব্যাস, বিগ্রহ (অ.কো)। "তাং কথাং শ্রোতুমিচ্ছামি বিস্তারেণ গো.রা ৩.৪.৪। ৩ বিশালতা, আয়াম। "অঙ্গাং প্রকামবিস্তারফলম্ রঘু ২.১১। (কপোল) গঙ্গাম্বুবিস্তারবৎ প্রসন্ন ব প্র ১৪১। ৪ সবিস্তর বর্ণন ; ব্যাসোক্তি। "কথ্যোহপি তাবৎ শ্রুতবিস্তারঃ ('শ্রুতবিস্তরঃ' —পাঠান্তর) ক্রিয়তাম্ শ ৭৩/৩৪। এই মুখ্যাবেশাবতার—বিস্তারে নাহি অন্ত চৈ.চ ২১৪। ৫ [+অ-র্ম] বিটপ, শাখা। ৬ স্তম্ব, গুচ্ছ। —স্তারয়িতা (-তৃ) বিণ [+ √স্তারি+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -য়িত্রী] বিস্তারকারক, স্থূলতাজনক। "পয়োধরবিস্তারয়িতৃ আত্মনো যৌবনম্ শ ১৩/১৮। —স্তারিত বিণ [+ত (ক্ত)-র্ম] প্রসারিত। "রঘু ৭ ৩৯। —স্তারী (-রিন্) বিণ [+ √স্তৃ+ইন্ (ণিনি)-ক-১ব] প্রসারী। "ত্রৈলোক্যান্তর° হ ৪৭.৫১। [বিস্তারিয়া—সবিস্তর বর্ণনা করিয়া। "বিস্তারিয়া সব কথা কহ।—ম ৭। বিস্তারিয়াছেন—সবিস্তর বর্ণন করিয়াছেন। "চৈ.চ ৫৬।]
বিস্তার১ বিং (অপ্র) দিগন্তবিস্তৃত, অকূল। "বিস্তার সাগরপার ম.পা ১৬৩, বিস্তার সাগর-পার রাজ্যাত্যন্ত দূরে ১৬৪।
বিস্তার২, -স্তারয়িতা, -স্তারিত, -স্তারী ✝ দ্র 'বিস্তর'।
বিস্তীর্ণ ✝ বিণ [বি+ √স্তৃ+ত (ক্ত)-ক] ১ বিস্তারযুক্ত, বিপুল বিশাল। ২ আয়ত, প্রসন্ন। "°ললাট।
বিস্তৃত ✝ বিণ [বি+ √স্তৃ+ত (ক্ত) -ক] ১ বিস্তারযুক্ত চওড়া। "দ্বিযোজনায়তা বাপী বিস্তৃতা চাপি যোজনম্ মহা ৩.১৮.৭.১০। ২ সর্ব্বতঃ প্রসৃত বা ব্যাপ্ত ; পরিব্যাপ্ত। "ব্রহ্ম···আকাশমিব বিস্তৃতম্ ভ ৪ ২৪ ৬০। ৩ তত, প্রসৃত। "পাণৌ চপেটঃ···বিস্তৃতাঙ্গুলৌ (অ.কো)। ৪ বিধরত-প্রাপ্ত, বহুলীভূত। "ভ ৪.২৯ ৭৪। ৫ [+ত র্ম] বিবৃত। "বালেন তেনাঙ্গং সহসা 'বিস্তৃতং' (পাঠান্তর) কৃতম্ মহা ৩.১৮৮.১০০।—স্তৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিস্তার।
বিস্তৃতি দ্র 'বিস্তৃত'।
বিস্পষ্ট ✝ বিণ [বি+ √স্পশ্ +ত (ক্ত) -র্ম] ১ সম্যগ্‌দৃষ্ট, পরিস্ফুট, সুপ্রকাশ, প্রকট। ২ সুব্যক্ত, সুগম। "বিস্পষ্টার্থম্ (মাম) মনু ২ ৩৩। ৩ অভিব্যক্ত, স্পষ্ট। "নাবিস্পষ্টমধীয়ীত মনু ৪.৯৯। ৪ সম্পূর্ণ। "বিস্পষ্টেন্দুমুখী (মার্কণ্ডেয়পুরাণ)। ৫ দৃষ্টিগোচর, স্থূল। "অব্যক্তবিস্পষ্ট-তনাবনন্তে (চিন্তং মমাস্তু—বিষ্ণুপুরাণ)।
বিস্ফার ✝ পুং [বি+ √স্ফুর্+অ (ঘঞ্)-ভা, √স্ফুর্ > স্ফার্ (পা ৬.১.৪৭) বিকল্পে ষত্ব 'বিষ্ফার' (পা ৮.৩ ৭৬)] ১ চলন, কম্পন। ২ বিস্তার। "বিস্ফারশ্চেতসো যস্তু স বিস্ময়ঃ সা.দ ৩.১৮০। ৩ ধনুর্গুণকম্পন, জ্যাধ্বনি, টঙ্কার। "°নির্ঘোষ রা ৭ ২৮.৪৫। বিস্ফারস্তস্য ধনুষঃ মহা ৩ ২৭৯.৩৬ ; ৪ ৫ ২২। —স্ফারিত বিণ [+ √স্ফুর্+ই (ণিচ্)— √স্ফারি+ত(ক্ত) -র্ম] ১ বিকম্পিত, সঞ্চালিত। ২ প্রসারিত, বিস্তৃত। "ক্রোধবিস্ফারি-তেক্ষণ রা ১ ৫৪.১৯। মহা ৩ ১১ ২০। বিস্ফারিত আয়ত চক্ষু ব প্র ৫৫০। বিস্ময়বিস্ফারিত লোচনে ব দ্বি ৭। ৩ নির্ঘোষিত। "বিকৃষ্টবিস্ফারিত-চাপমণ্ডলঃ বিভুঃ কি ১৪.৩১। —স্ফারিত ক্লী [+ত-ভা] জ্যাকর্ষণ।
বিস্ফারণ বি [বিস্ফার—°রণ (বি)] প্রসারণ। "আকুঞ্চনবিস্ফারণ-প্রবৃত্ত রন্ধ্রযুক্ত সুগঠন নাসা ব.প্র ১৪১।
বিস্ফারিত দ্র 'বিস্ফার'।
বিস্ফাল ✝ পুং [বি+ √স্ফুল+অ (ঘঞ্)-ভা, √স্ফুল্ > স্ফাল্, ষত্বে 'বিষ্ফাল', দ্র 'বিস্ফার] সঞ্চলন, কম্পন।
বিস্ফুট ✝ বিণ [বি+ √স্ফুট+অ (ক)-ক, স্ত্রী -টা] স্ফুটিত, নির্ভিন্ন। [বিস্ফুটীকৃত—নির্ভিন্নীকৃত (সুশ্রুত)।]
বিস্ফুরণ ✝ ক্লী [বি+ √স্ফুর+অন (ল্যুট্)-ভা, গুণাভাব ; ষত্বে 'বিষ্ফুরণ' (পা ৮ ৩ ৭৬)] ১ সঞ্চলন, বিকম্পন। ২ প্রকাশ, দীপ্তি। "তড়িদ্°। —স্ফুরিত বিণ [+ত (ক্ত)-ক] ১ সঞ্চলিত, বিবৃত্ত, ঘূর্ণিত। "ক্রোধবিস্ফু-রিতেক্ষণ গো.রা ১ ৫৫.১৯। ২ বিকম্পিত। "ক্রোধবিস্ফুরিতাধর ভ ৬.৫.৩৫। ৩ দীপ্ত, সমুজ্জ্বল। "°মণ্ডলচাপচক্র।—বে ২.২৬। যথায় জলদযুদ্ধে দৃপ্ত বজ্র বিস্ফুরিত,···তথায় বেড়াই আমি।—ন ১১৪৮।
বিস্ফুলিঙ্গ ✝ পুং [প্রা.স ; 'বিস্ফু লঙ্গ' (শতপথব্রাহ্মণ ১৪ ৫ ১.২৩)] ১ বিশিষ্ট স্ফুলিঙ্গ' (শ ক), অগ্নিকণ। "রাজ্যখণ্ড লণ্ড-ভণ্ড বিস্ফুলিঙ্গ ছুটিছে ভা চ ৪৫। ২ বিষভেদ (অ চি)।
বিস্ফূর্জথু ✝ পুং [বি+ √স্ফূর্জ +অথু (অথুচ্)-ভা] ১ বজ্রনির্ঘোষ। "বিপাক° রঘু ১৪.৬২। ২ মেঘগর্জ্জন (A.)। ৩ উদ্রেক। "মদোর্ম্মি° রঘু ১৩ ৬২। —স্ফূর্জ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বজ্রধ্বনি। ২ মেঘগর্জ্জন। "প্রলয়ের মেঘ° বা.দ ৮৫। ৩ মহাধ্বনি। "তত্র হসিতং নাম কণ্ঠোষ্ঠপুটঃসবমহহহেতাট্টহাসঃ (সর্ব্বদর্শনসংগ্রহ)। —স্ফূর্জ্জিত বিণ [+ত (ক্ত)-ক] ক্ষুভিত। "শৌর্য্যাবীর্য্য°ভ্রুবা ভ ৪ ২৪ ৫৬। —স্ফূর্জ্জিত ক্লী [+ত-ভা] ১ বজ্রনির্ঘোষ, জ্যাঘোষ। "চাপস্য বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ গো.রা ৪.৫ ২৪। মহা ৪ ২৩.১৩। ২ জ্যাঘোষ। "বিস্ফূর্জ্জিতৈর্ধনুষঃ ভ ২.৭.২৫। ৩ সঞ্চলন, ভঙ্গ। "ভ্রূ° ভ ৭ ৯ ২৩।
বিস্ফূর্জ্জন, বিস্ফূর্জ্জিত দ্র 'বিস্ফূর্জথু'।
বিস্ফোট ✝ পুং [বি+ √স্ফুট্+অ (ঘঞ্)-ভা] ১ ভেদন, বিশরণ, ফাটা। ২ [+অ (অচ) -ক] 'ভেদক', পিটক, ফোড়া, বিষফোড়া। "অয়মপরো গণ্ডস্যোপরি বিস্ফোটঃ।—মৃ ৫৩/১২। ক.সা ৮৫.১৮। কু ৯১,-৫। ৩ ত্বকস্ফোট, ফোসকা। "অগ্নিদগ্ধস্য বিস্ফোটশান্তিঃ স্যাদগ্নিনা ধ্রুবম্ (S.W)। ৪ স্ফোটনশব্দ, মহাধ্বনি। "পর্ব্বতস্যেব দীর্ণস্য বিস্ফোটমশনেরিব মহা ৪.৫.২২। —স্ফোটক পুং [+অক (ণ্বুল্)-ক]

১ সর্প বিস্ফোট (২-৩)। "শ্রী.রা ২১৭। আমি সমাজের গাত্রে ব্রণ বিস্ফোটক।—অ.গু ৫৯। ২ কুষ্ঠভেদ। —স্ফোটন ক্লী [+অন (ল্যুট্) -ভা] নাদ, মহাধ্বনি। "বৃত্রবিস্ফোটন ভ ৬.১১.৭।

বিস্ফোটক, বিস্ফোটন দ্র 'বিস্ফোট'।

বিস্ময় † বিণ [বহুব্রী] ১ 'বিগতস্ময়', নষ্টগর্ব্ব। "ভ ৩১৭৩০। ২ [বাংলায়; অপ্র] বিস্মিত। "শুনিয়া বিস্ময় হৈল যত নৃপমণি —ম ১৯৩। বিস্ময় হয় মন চৈ চ ১৭৩। —স্ময় পুং [বি+ √স্মি+অ (অচ্)-ভা] ১ আশ্চর্য্য। "পরং বিস্ময়মাগতাঃ রা ১৪১৬। বিস্ময়ো মে মহান্ গী ১৮.৭৭। রঘু ১০.৫০। ২ সন্দেহ। "মোরে তুমি না কর বিস্ময় ম ম ৭৮। ৩ কর্ত্তব্যমূঢ়তা, বুদ্ধিমোহ, হতবুদ্ধিতা। "চকার হনুমান্…রক্ষঃসু বিস্ময়ম্ গো রা ৫.৪০.১১। বিস্ময়ঃ সর্ব্বথা হেয়ঃ প্রত্যূহঃ সর্ব্বকর্ম্মণাম্ (S W.)। বিপৎকালে চ বিস্ময়ঃ কাপুরুষলক্ষণম্ হি ১৩১২। ৪ (নাট্যে) পূর্ব্বাদৃষ্ট-দর্শনে চিত্তবিস্তাররূপ স্থায়িভাব। 'সা দ ৩.১৮০। ৫ [প্রা.স] বিশিষ্ট স্ময় (গর্ব্ব), 'আমি অতিতীব্র সুদুশ্চর তপস্যা করিয়াছি'—এইরূপ চিত্তবৃত্তি (মেধাতিথি)। "তপঃ ক্ষরতি বিস্ময়াৎ মনু ৪ ২৩৭। —স্ময়নীয় বিণ [°ন+ঈয় (ছ)] বিস্ময়ন-সম্বন্ধী', বিস্ময়ার্হ। "সম্মোহঃ খলু বিস্ময়নীয়ো ন প্রতিবোধঃ শ ৬১০। —স্মিত বিণ [+ত (ক্ত)-ক] ১ জাতবিস্ময়, আশ্চর্য্যান্বিত। "পরম° রা ১২২৪। রঘু ২.৩৩। ২ বিমুগ্ধ। "নগবিলোকনবিস্মিতমানস কি ৫.১৬। ৩ চিত্র, বি চত্র। "সুবিস্মিতং কৃতাম্ ভ ৫ ১৮৪। ৪ অতি-গর্ব্বিত। "সুবিস্মিততরং বাক্য° বভাষে রঘুনন্দনঃ গো রা ৩ ৩৫.৩২। —স্মিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিস্ময়। —স্মের বিণ [+র-ক] বিস্ময়-শীল। "বিস্মেরান্ গগনসদঃ মাঘ ৪ ৫৩। [°কর (বিণ)—আশ্চর্য্যজনক। °বিকসিত (বি°)—বিস্ময়োৎফুল্ল। "বিস্ময়বিকসিতনয়ন।—কাদ ১২৫। °বিস্ফারিত (বিং)—বিস্ময়বিবৃত। "বিস্ময়বিস্ফারিতনয়নে সী ৯২।]

বিস্ময়াকুল, -য়ান্বিত, -য়াবিষ্ট † বিণ [সুপ্‌সুপা, তৃ-ত] আশ্চর্য্যান্বিত, অতিবিস্মিত।

বিস্ময়োৎফুল্ল † বিণ [বিস্ময়হেতু উৎফুল্ল, সুপ্‌সুপা] বিস্ময়বিকসিত। "°লোচন।—পঞ্চ ১৪/৩৪, ব দ্বি ৭।

বিস্মর সর্ম্ম [বিস্মরণ—বিস্মর > °র, তু 'প্রা √বিস্‌সর (বি+ √স্মৃ), হিং, মৈ √বিসর, ঠ, গু √বিসর, তু বিস্বরিলা—ভুলিলা (গো বি ১২৫), পদ্যে] ভুলিয়া যাওয়া, ভোলা।

বিস্মরণ[1] † ক্লী [বি+ √স্মৃ+অন (ল্যুট্)-ভা] স্মরণাভাব, বিস্মৃতি। "°দারুণচিত্তবৃত্তি শ ৫ ২৩। —স্মরণীয়, -স্মর্ত্তব্য বিণ [+অনীয় (অনীযর্), +তব্য,-র্ম্ম] বিস্মরণার্হ। "বিস্মর্ত্তব্যা ন সুন্দরী ক সা ১০ ১৪৯। —স্মৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ স্মরণাবিষয়ীকৃত। "°পূর্ব্বসংস্কার। হি ৪১/১। ২ পরিহৃত। "°নিমেষেণ চক্ষুষা শ ৩১/১। ৩ [+ত-ক] যে ভুলিয়াছে, বিস্মৃতবান্। "সৌধবাসমুৎজেন বিস্মৃতঃ (সঃ) রঘু ১৯.২। মধুকর বিস্মৃতোহসি এনাম্ শ ৫ ১। কেহই আত্মপ্রতিশ্রুতি বিস্মৃতা হইলেন না ব প্র ১২১। —স্মৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিস্মরণ। "ভোগাঃ সর্ব্বে বিস্মৃতিমাযযুঃ ক সা ৪৪ ৯৬। ২ অহঙ্কার-নিবৃত্তি (শ্রীধর)। "মৃত্যুরত্যন্তবিস্মৃতিঃ ভ ১১ ২২ ৩৯। [বিস্মৃত হওয়া —ভুলিয়া যাওয়া, ভোলা। "প্রিয়ে, কেমন করিয়া (কথা) বিস্মৃত হইব!—সী ৯, তিনি…শোক বিস্মৃত হইলেন ৬১। হায় শয্যায় বিস্মৃত হইয়া ফেলিয়া আসিয়াছিলেন।—কাদ ৮৬।]

বিস্মরণ[2] বিং [অপ্র] বিস্মৃত। "সব হ'ল বিস্মরণ বা ম ১০২। দুঃখ হৈল বিস্মরণ বি.পা ২০৬। দুর্গানাম মানসে হইল বিস্মরণ ম পা ৫৮,১৩৭। পূর্ব্বজন্ম-বিবরণ, হয়েছে মা! বিস্মরণ।—দা ২২।

বিস্মরিত বিং [বিস্মর+ইত[2], তু 'সং বিস্মৃত > প্রা বিস্‌সরিঅ, অপ্র] বিস্মৃত। "আত্ম° ন.প ৭১,-৩। ন.বি ৭৮।

বিস্মাপক † বিণ [বি+ √স্মি+ই (ণিচ্)— √স্মাপি+অক (ণ্বুল্) -ক] বিস্মিতীকারক, বিস্ময়জনক। "ভ ৩.২ ১২, ২৩.২১। —স্মাপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বিস্মিতীকরণ, বিস্ময়জনন। "তেজো দেব-বিস্মাপনম্ ভ ১ ১৫৫। এ বেশে তোমার, মোর নহে বিস্মাপন চৈ ১২৩। —স্মাপন বিণ [+অন-ক] বিস্ময়জনক। "ভ ৩ ২৩ ২১। —স্মাপন পুং ১ কুহক, মায়া। ২ কুহকী, মায়াবী। ৩ কামদেব। ৪ গন্ধর্ব্বনগর ৫ [+অন-ণ] বিস্ময়সাধনমাত্র। —স্মাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] জনিতবিস্ময়। "শ ৭১/০।

বিস্মাপন, বিস্মাপিত দ্র 'বিস্মাপক'।

বিস্মারণ † বিণ [বি+ √স্মারি+অন (ল্যুট্)-ভা] বিস্মৃতিজনক, বিলীনয়িতা। "ইতররাগবিস্মারণম্ (অধরামৃতম্) ভ ১০ ৩১ ১৪। —স্মারণ ক্লী [+অন-ভা] বিস্মৃতিজনন। "(মহা রসায়ন) আপনার বলে করে সর্ব্ব° চৈ চ ২৩৪, ৩৩৮। —স্মারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] জনিতবিস্মৃতি।

বিস্মারিত; বিস্মিত, -স্মিতি; বিস্মৃত, -স্মৃতি; † দ্র বিস্মারণ, বিস্ময়, বিস্মরণ[1]।

বিস্মের দ্র 'বিস্ময়'।

বিস্র † বিণ [বিস্র+অ (অচ) অস্ত্যর্থে] আমমাংসগন্ধবান্। —স্র ক্লী [√বিস্ বিপ্রয়োগ+র (রক)-ক (স্ব.টী)] ১ চিতাধূমাদিগন্ধ (অ টী), আমগন্ধিমাত্র। ২ আমমাংসগন্ধ (১)। "মীনোদরদরীবাসবিস্রং প্রক্ষালয়ন্ ক.সা ৭৪.১৯৬। ৩ আমমাংস। "°গন্ধী…মৎস্যবন্ধঃ শ ৬১/০ ৪ কূর্ম্মপৃষ্ঠাবরণ। "(কূর্ম্মম্) °পিচ্ছিলম্ ক সা ৮২.৭। [°গন্ধি (পুং) —'বিস্রসদৃশগন্ধবান', হরিতাল। °গন্ধী (-ন্ধিন্) বিণ—আমমাংসগন্ধ-বান্।]

বিস্রংস † পুং [বি+ √স্রন্স্+অ (ঘঞ্)-ভা] ১ স্খলন, অবপতন। ২ ক্ষরণ। —স্রংসন বিণ [+ √স্রংসি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ বিস্রংসকারক, অবপাতয়িতা। ২ উন্মোচয়িতা, শিথিলীকারক। "নীবীবিস্রংসনঃ করঃ মহা ১১.২৪ ১৭। সা.দ ৪২/৫০, কাপ্র ৫ ১১৬। —স্রংসন ক্লী ১ 'মলাদিনিঃসারক', রেচক। ২ [+অন-ভা] শিথিলী-করণ, উন্মোচন। ৩ অবপাতন। —স্রংসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ স্রংশিত, অবপাতিত। "বাতবিস্রংসিতাংশুক ক.সা ৯.২৪। ২ বিগলিত "ভ ২ ৭ ১২, °কেশবন্ধনচ্যুতপ্রসূন ১০ ৯ ১০। —স্রংসী (-সিন্) বিণ [+ √স্রন্স্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] অবপাতী, বিস্রংশী। "বিস্রংসদূর্ব্বাঙ্কমধুকমালা (তন্বী) রঘু ৬ ২৫।

বিস্রব † পুং [বি+ √স্রু+অ (অপ)-ভা] ক্ষরণ, প্রবাহ। "শোণিত° রা ৭ ২১ ৩৮। রুধির° (মহা)।

বিস্রম্ভ; বিস্রস্ত; বিস্রম্ভী † দ্র 'বিস্রম্ভ, বিস্রস্ত, বিস্রম্ভী'।

বিস্রসা † স্ত্রী [বি+ √স্রন্স্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্); 'বিস্রস্' (ছান্দস)] বলিপলিতাদি হেতু কায়পরিপাক (অ.টী); জরা।

বিস্রস্ত † বিণ [বি+ √স্রন্স্+ত (ক্ত)-ক, ছান্দস] ১ স্খলিত, অব-পতিত, ভ্রষ্ট। "বিস্রস্তমংসাৎ (প্রালম্বম্) রঘু ৬.১৪। ২ শিথিল, শ্লথ। "বিস্রস্তবন্ধন ক সা ৫০ ৫২, °বসন ৫৫ ১১৯। ৩ পর্য্যাকুল, এলো। "°শিরোরুহাম্বর ভ ৬.১৪.৫১। ৪ বিশীর্ণ। "ভ ১১.২৩.১০। ৫ বিগত। "°পৌংস্নম্ (দৈবরম্) ভ ৪.২৬.২৬।

বিস্রাবণ † ক্লী [বি+ √স্রাবি+অন (ল্যুট্)-ভা] ক্ষারণ, মোক্ষণ, নিঃসারণ। —স্রাবিত বিণ [বি+ √স্রাবি+ত (ক্ত)-র্ম্ম] ক্ষারিত, নিঃসারিত। —স্রুত বিণ [+ √স্রু+ত (ক্ত)-ক] ক্ষরিত, নিঃসৃত। —স্রুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ক্ষরণ, নিঃসরণ।

বিস্রুতি দ্র 'বিস্রাবণ'।

বিস্বর † বিণ [বহুব্রী] ১ বিরুদ্ধস্বরযুক্ত, বিসংবাদী, বে-সুরা। ২ অযথো-চ্চারিত। "বিস্বরকাধীতম্ মনু ২ ১১০, কুল্লুক। ৩ বিকৃতরব। "রুরাব …বিস্বরম্ মহা ২ ৬২ ৩। ৪ স্বরশূন্য, নীরব। —স্বর পুং [প্রা স] ১ বিরুদ্ধস্বর, বিসংবাদী স্বর, বে-সুরা। "অহো গীতমবিস্বরম্ গো রা ১৩ ৬০। ২ বিকৃতস্বর। "ন তস্যায়ং স্বরো দেবি বিস্বরো বস্বয়া শ্রুতঃ গো রা ৩ ৫১ ২৩।

বিস্বাদ বিং বিগতস্বাদ, নীরস, নিঃস্বাদু।

বিহগ † বিণ [বিহায়স্+ √গম্ অ (ড)-ক, বিহায়স্ > বিহ (পা ৩ ২ ৪৮, সি), উ ত] আকাশগামী, খেচর। 'হৈড়িম্বশ্চ…বিহগো মদ্বলোপমঃ মহা ৩ ১৪৪ ২৪। —হগ পুং ১ পক্ষী। "রা ২ ৫২ ২। 'গীত গগন ছায়।—রবীন্দ্র। ২ সূর্য্য। ৩ চন্দ্র। ৪ গ্রহ। ৫ মেঘ। ৬ বাণ। "অয়োমুখৈশ্চ বিহগৈর্দ্রাবয়িত্বে মহারথান্ মহা ৭ ১৯৪ ৪৩। [°পতি, বিহগাধিপ, বিহগেন্দ্র (পুং)—গরুড। বিহগালয় (পুং)—পক্ষীব গৃহবৎ স্থান। "আকাশ° বিহগালয়ম্ গো রা ৫.৩ ৬০।]

বিহঙ্গ † পুং [বিহায়স্+ √গম্+অ (খচ)-ক, 'ম্' (মুম্) আগম, দ্র 'বিহগ', ডিত্বে '°ঙ্গ', পক্ষে '°ঙ্গম' (পা ৩ ২ ৩৮, কাশিকা) উ ত] ১ পক্ষী। গো.রা ৫ ৪ ১১। রঘু ১ ৫১। সুনাদী বিহঙ্গ।—মা ১২১। বনের বিহঙ্গ-অঙ্গে মাণিকের থনি প তৃ ৭২। হের পুষ্পবনে জাগে বিহঙ্গ।—রবীন্দ্র। ২ সূর্য্য। (অঙ্গ) ব্যাপিল আকাশপথ না চলে বিহঙ্গ।—ম ৪৬৫। ৩ সর্থ 'বিহগ' (৩-৫)। ৪ বাণ। "মহা ৮ ৬৬ ৩৫। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ)] পক্ষিণী। [°নাথ (বি), °রাজ, বিহঙ্গেশ, বিহঙ্গেশ্বর (পুং)—গরুড়। 'বিহঙ্গনাথ।—ম ৫৫৯।]

বিহঙ্গম † [দ্র 'বিহঙ্গ'] খেচর, আকাশগামী। "(পুষ্পকম্) বিহঙ্গমম্ রা ৭ ১৫ ৩৭। (দশগ্রীবঃ) আক্রম্য বস্ত্রাস্ত্যহরৎ কামবিহঙ্গমঃ মহা ৩ ২৭৪, ৩৯। —ঙ্গম পুং ১ পক্ষী। রা ২ ১১৪ ৪। হি ১ ৩৭। ক চ ১২৫। মে ৮৬। ২ খেচর, সূর্য্য। মহা ১ ১৭৩.২৩। এই হেতু যে আজ্ঞা করহ বিহঙ্গম।—ম ১৬৯। —ঙ্গমা[১] স্ত্রী [°ম+স্ত্রী আ (টাপ)] 'বিহঙ্গমসমা', ভারযষ্টি, বাঁক। —ঙ্গমী স্ত্রী [°ম+স্ত্র ঈ (ঙীষ)] পক্ষিণী। "কামরূপী হয়্যা আমি, যদি হই বিহঙ্গমী, উড়ি যাই গউড় নগর ক চ ২১২। বিহঙ্গম বিহঙ্গমী আসি কবে বাসা ব প ৮১৮। [°রাজ (বি)—পক্ষিরাজ, গরুড়। বিহঙ্গমরাজ জিনি নাসা ক.চ ২১২।]

বিহঙ্গমা[১] দ্র 'বিহঙ্গম।

বিহঙ্গমা[২] [°ম > °মা, দ্র 'আ[১৩]] (বাঙ্‌লায) স্বামিপক্ষী। বিহঙ্গমা সঙ্গে বড় বাড়িল জঞ্জাল শ্রী.মা ১১৮। [বিহঙ্গমা বিহঙ্গমী—উপকথার ব্যাঙ্গমা ব্যাঙ্গমী। "বিহঙ্গমা বিহঙ্গমীর কথা জান?—ব প্র ৩৪৮। (উপকথার এই ব্যাঙ্গমা ব্যাঙ্গমী একটু পৃথক, ইহারা দিব্যজ্ঞানবিশিষ্ট এবং দিব্যজ্ঞানে সকল বিষয জানিতে পারে।)]

বিহঙ্গমিকা, -ঙ্গিকা † [°মা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), °ঙ্গী+ক সাদৃশ্যে+স্ত্রী আ, হি বহংগা, -গী, ঠ বংগী, বহংগী] বিহঙ্গসদৃশ ভারবহনার্থ দণ্ড, বাঁক।

বিহঙ্গমী দ্র 'বিহঙ্গম'।

বিহঙ্গিকা দ্র 'বিহঙ্গমিকা'।

বিহঙ্গিনী বি [°ঙ্গ+ইনী, সং °ঙ্গী, পদ্যে] পক্ষিণী। "মে ১৯ সুনাদিনীবিহঙ্গিনীদল।—মা ১২১।

বিহড়া সর্ম্ম [সং বি+ √ঘট—ঘটয় > প্রা √বিহড > বা °ড়+আ[৮]] বিঘটিত করা, বিচ্ছিন্ন করা। "শৈশবের নেহা বড়ারি কে না বিহড়াইল শ্রী কী ৩৯২।

বিহত † বিণ [বি+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যগ্ হত, বিনাশিত। ২ প্রতিহত, ব্যাহত। "প্রিয়া বিহতয়া স্বয়া রা ২ ৬৬ ৩০। ন পারণা ত্বাদ্ বিহতা রঘু ২ ৫৫। অন্তরায়বিহত ভ ৫.১৫.৫। ৩ আহত, তাড়িত। "রজের বায়ুবিহতা ভ ১০.৬০ ২৪। ৪ আকৃষ্ট। "চিত্তমকার্যবিহতম্ ভ ১০ ৮০ ২৯। ৫ মোহিত। "দৈবেন বিহতা বে ভ ৩ ৩২.২৯, মন্মায়ারামি বিহতাঃ ১১.২৯ ৩। ৬ মোঘীকৃত, ব্যর্থীকৃত। পিতামহাগ্রে বিহতে গো রা ৫ ৪৪.১৪। —হতি স্ত্রী [+তি (ক্তিন)-ভা] ১ বিনাশ। ২ তাড়না, আঘাত। ৩ ব্যাঘাত। ৪ ভঙ্গ। "প্রণয়°। —হনন স্ত্রী [+অন (ল্যুট্)-ভা] ১ হিংসা, বধ। ২ বিঘ্ন, ব্যাঘাত।

বিহতি, বিহনন দ্র 'বিহত'।

বিহনি বি ['বিহন' (বিদ্যাসাগরকৃত 'শব্দসংগ্রহ', তু 'বিহান'] প্রভাতে। "বিহনি বিদায়ক বেলা রা শে ১০০।

বিহনে অব্য [বিনে > ('হ'-আগমে) °নে, (মতান্তরে) বিহীন > °নে। অস °নে, বিহাণে,-নে (শ্রী কী), বিহনে (চ)] ১ বিনা, ব্যতিরেকে, অভাবে। 'এক সীতা বিহনে সকল অন্ধকার।—কৃ ১৪৭। সিংহাসন শূন্য হবে রাজার বিহনে।—ম ১১৯০। পালক কে তোমার বিহনে শ্রী ম ৪৯। ২ অপগমে, অবসানে। 'রঘুকুলমণি, আনন্দসাগরে মগ্ন, …যথা তরু হিমানী বিহনে, নবরস।—মে ৩০১। [এই অর্থে প্রয়োগ অসাধু]।

বিহন্তা (-ন্তৃ) † বিণ [বি+ √হন্+তৃ (তৃচ্)-ক-১ব] প্রতি-কারক, প্রতিহর্ত্তা, নিবারযিতা। 'বিহন্তারাপদাম্ কি ১ ৩৩।

বিহর অর্ম্ম [সং বি+হৃ > লি, প্রা √রহর, ঠ √রিহ(হা)র, গু √বিহর, অস √বিহব] ১ ভ্রমণ করা, বেড়ান। 'সুখে বিহরুক তবে সব বৃন্দারক।—কৃ ২০২। নিরবধি বিহরেন সঙ্কীর্ত্তন রঙ্গে চৈ ভা ৪৬৪। বিহরত সুরসরিততীর (গৌর) ন প ২৬৫। ২ বিহার করা, কেলি করা। "বিহরই নওল কিশোর বি প ৯৭। বিহরে রমণী-সঙ্গ।—ম ৪৭৯। বিহরতি বৃন্দাবনে বনমালী—গো ৭৬, বিহরই মাধব মাধবী সঙ্গিযা ১৬০। (কুবেরের বেটা) বিহরে বারুণীমত্ত বারবধূঘটা শি ৩৬। বিহরিছে বীরবর, সঙ্গে বরাঙ্গনা।—মে ৩৬। ৩ লীলা-খেলা করা। কালিন্দী-কিনারে, বিহরে নন্দ-দুলাল ব প ৭৯১। ভুমে বিহরেন হরি।—দু ৫০, সগুণে অগুণে, বিহর সঘনে ৯৫। ৪ নৃত্য করিয়া বেড়ান। (কালিযের) সহস্র শিরে হরি, বিহরে ফিরি ফিরি শ্রী ম ৫২। ৫ (অপ্র) হরণ করা, নাশ করা। '(হরি হরি) করিলে শ্রবণ কলি-কলুষ বিহরে (অর্থাৎ হবে) শ্রী মা ২১০।

বিহরণ † স্ত্রী [বি+ √হৃ+অন (ল্যুট্)-ভা] ১ পরিভ্রমণ, পরি-ক্রমণ। বসন্তরজনী (প্রভুর) পুষ্পোদ্যানে বিহরণ চৈ চ ৩৫৭। ২ ব্যাদান, বিস্তার। "আস্যবিহরণ পা ১.৩ ২০। ৩ বিক্ষেপ, বিন্যাস। পাদবিহরণ পা ১ ৩.৪১। ৪ বিহার, বিলাস, কেলি। 'ভ ১০ ৩১ ১০। তাসভার সঙ্গে যৈছে বনবিহরণ চৈ চ ৬৭। ঋতুপতি-বিহরণে, তরুলতা প্রফুল্লিত সব প ক ১৪৭৮। ৫ জৈনসন্ন্যাসীর ভিক্ষার্থ পরি-ভ্রমণ। "°ক্রিয়া· অন্যদগৃহে কর্ত্তব্যা।—পঞ্চ ৫$\frac{২}{১}\frac{৪}{৬}$। ৬ পরিভ্রমণ, বিঘূর্ণন। "গদা° মহা ৭ ১৪ ১৬। ৭ স্বস্থান হইতে অন্যত্র নয়ন (S W)। ৮ (বাঙলায়) পাদক্ষেপ, চলন। "কুরঙ্গনয়না রাজ-হংসীবিহরণে (মোহিল বীরগণে) শ্রী.ম ১৬৫। —হর্ত্তা (র্ত্তৃ) পুং [+তৃ (তৃচ)-ক-১ব] ১ বিহারকর্ত্তা, পর্য্যটনকারী। ২ ক্রীড়াকারক, ক্রীড়িতা। "রঘু ১৬ ৭২। ৩ অপহর্ত্তা, অপহারক। "আধ্যাত্মীনা° বিহর্ত্তারঃ বাজ ২.২৬।

বিহর্ষ † বিণ [বহুব্রী] বিগত হর্ষ, অপ্রফুল্ল (বক্ত্র)। "ভ ৪.২৬ ২৫।

বিহস অর্ম্ম [সং বি+ √হস্ > √বিহস; মৈ √বিহস, বৈকল্পমাহিত্যে] হাস্য করা, হাসা। "অলখিতে মোরে হেরি বিহসলি থোরি বি প ২৬ রভসে বিহসি মন্দ মন্দ ৭২, বদন বিহসি থোর ২০৩। [বিহসলি (স্ত্রীলিঙ্গে)—হাসিল। বিহসি—হাসিয়া।]

বিহসন † স্ত্রী [বি+ √হস্ +অন (ল্যুট্)-ভা] হাস্য। —হসিত স্ত্রী

[+ত (ক্ত)-ভা] ১ মাতুঃচ্চৈঃ নাতিনীচৈঃ হাস্ত ; মধ্যমহাস্ত (অ.কো)। ২ মধুরস্বর হাস্ত। '(হসিতম্) মধুরস্বরং বিহসিতম্ (সা.দ ৩.২১৯)। ৩ হসিত, হাস্ত।

বিহস্ত + বিণ [বহুব্রী] ১ বিগতহস্ত, হস্তশূন্য। ২ 'বিক্লিপ্তহস্ত', ব্যাকুল (অ.কো)। "অরিহস্ত…সংযুগে গো.রা ৫.৮১.৩১। রামা-পরিত্রাণ" রঘু ৫.৫৯। °তা ক.সা ৯০.৪৮। ৩ 'বিশিষ্টহস্ত', পণ্ডিত। "নানায়ুধ" হ ২৪৪.২৭। —হস্ত পুং পণ্ড, খোজা।

বিহা বি [বিভা > °হা ; অপ্রা] বিবাহ। "শ্রী.কী ১১৬। মোরে কৈল বিহা।—শ্রী ১৯। বিহা দিল অ.প ৫৭, না দেয়সি বিহা ১৩১, ১৩৩। কন্যা বিহা ব.প ৬৪৬। ম.পা ৭৮। ন.প ১৬৪।

বিহাই, বিহান[১] দ্র 'বিয়াই, বিয়ান'।

বিহান[২], **বেহাইন, -হান, -নী, বেন, ব্যান** বি [বেহাই+নী > °ইনী > °ইন, বেহানী, -ন, বিহান, ব্যান, বেন, দ্র 'বিয়াই'; (ময়মনসিং) বেহাইন] বৈবাহিকপত্নী। "বেহাই বেহানী ভ.গ্র ৩৪৬, ভা.চ ৩৬২। বেহানী দা ৭২০। বিহান বিহানে করি প্রেম আলিঙ্গন শি ১৮। ওগো চিনেছি। কে বেহান ?—ব.প্র ৩৪১ ; (সে) খানখা আপনার বেহাইনের জাতি মারিয়াছিল ৩২৮। ব্যান ঠাকরুণ ন.ত ৯০। ব্যান অ.গ্র ৮১।

বিহাপিত + ক্লী [বি+ √হা+ই (ণিচ্) স্বার্থে+ত (ক্ত)-ভা] ১ দান, ত্যাগ, বিসর্জন। ২ দত্তবস্তু, দান।

বিহায়ঃ (-য়স্) ক্লী, -য়াঃ (-য়স্) + পুং [বি+ √হা+অস্ (অসুন্) -ক, অস্ > য়স্ (অটা), তু °স্'—মহৎ, (ঋগ্বেদ ১.১৫.৫)] ১ 'সর্বত্যাগী' অর্থাৎ নির্লিপ্ত (ভরত), আকাশ, অন্তরিক্ষ। "তাম্ …চ্যুতামিব বিহায়সঃ গো.রা ৪ ২৩.১। গরুৎমতাং সংহতিভির্বিহায়াঃ …অবতেনে কি ১৬.৪৩। ২ আকাশ, অর্থাৎ পটলাদি (চাল ইত্যাদি)। "আহৃত্য সমিধঃ সংনিদধ্যাদ্ বিহায়সি মনু ২ ১৮৬। —য়াঃ পুং পক্ষী। "নৈ ৩.৯৯।

বিহায়ঃস্থলী, স্ত্রী, -মণ্ডল ক্লী [কর্মধা, ব ত] নভস্তল।

বিহায়স + পুং, ক্লী [°স্ > °স] আকাশ। "তস্মিন্ বিহায়সে। —তৈত্তিরীয় আরণ্যক, ১ ২২.৯। বিক্রমস্ব বিহায়সম্ মহা ১.৯৩.১৪। —য়স পুং পক্ষী। —য়সা ব্য [তু 'বিহায়স্ > °সা (তৃতীয়া-১ব)] আকাশ। "পা ১.১.৩৭।

বিহায়সা ; বিহায়াঃ দ্র 'বিহায়স, বিহায়ঃ'।

বিহার + পুং [বি+ √হৃ+অ (ঘঞ্)-ভা] ১ ক্রীড়ার্থ পাদচারে গমন, পাদক্রম, পাদব্যায়াম, পরিক্রম, পরিভ্রমণ, বেড়ান। "রা ২ ৪১.১৪। যুক্তাহার" গী ৬.১৭, °শয্যাসনভোজন ১১ ৪২। যেচ্ছাহার" হি ১২৪২। সী ৫৩। ২ ভ্রমণ। ৩ গমন, গতি। "বিয়দ্‌বিহার নৈ ৩.১৫। ৪ বহির্গমন, নিষ্ক্রমণ। "চারয়ামাস পুরুর্বৈবিহারং ভক্ত বৈ মুনেঃ মহা ৩ ১১১.৫। ৫ ব্যায়াম। "কর্কশ" রঘু ৯.৬৮। ৬ ক্রীড়া। "মহর্ষে দেবগন্ধর্ববিহার!—রা ৭ ২০.১৮। (বৃহন্নলানাম্) হিংসাবিহারাণাম্ ভ ৫.৯ ১৯। ৭ লীলা। "গৃহীতহরিবিহারানুভাবঃ ভ ৫.১.৩৮। ৮ ক্রীড়া, কেলি, বিলাস। "বারি" রঘু ৬ ৪৮; অন্তো" ১৬.৬৭, °বিভ্রম ১৯. ৩৭। বিহার যে সব, সে সব কি কব ভা চ ৯৮। ৯ বিক্ষেপ। "বিকর্ষণৈঃ পাণিবিহারহারিভিঃ কি ৪.১৫। দয়মন্থরচরণ" গী.গো ১১.৩। ১০ কর্মরতি। "ক্রূরাচারবিহারবান্ মনু ১০.৯। ১১ দীর্ঘোচ্চারণে বাগ্‌যন্ত্রপ্রসার। বিপ 'সংহার'। ১২ [+অ-ণ] 'বহনসাধন', স্কন্ধ। ১৩ [+অ-ঘি] উদ্যান। ১৪ ক্রীড়োদ্যান, প্রমদবন, কেলিবন, আরাম। "রা ২.৬০.১৩। ১৫ ক্রীড়াস্থান। "উদ্যান" রঘু ৫.৪১। বৈহারনাম্ …বিহারম্ ভ ২.২.২২। ১৬ বৌদ্ধসেবালয়, সুগতালয়, মঠ, মন্দির। "কপাক" ।—পঞ্চ ৫১২২ ; °দ্বার ৫১২২। ক.সা ২৮.৭। ১৭ বৈজয়ন্ত।

১৮ প্রাসাদ, হর্ম্য। ১৯ মগধদেশ (Bihar)। ২০ বিম্বুরেখকপক্ষী। [°ক্রীড়ামৃগ (পুং)—বিহারকালে ক্রীড়ার্থনির্মিত মৃগ। "ভ ৭.৬.১৭। °গৃহ (ক্লী) ১ কেলিগৃহ, বিলাসভবন। ২ রঙ্গালয়। °দাসী (স্ত্রী) —সুগতালয়ের পরিচারিকা; মঠের দাসী। "মা.মা ১২৮। °দেশ (পুং), °ভূমি (স্ত্রী)—পরিক্রমস্থান; ক্রীড়াভূমি। "শ গো.রা ৩.৬৫. ১৯। °মি—হ ১১৪.২৮। °বন (ক্লী)—কেলিবন, প্রমদোদ্যান। °বারি (ক্লী)—ক্রীড়াসরঃ। "রঘু ১৩.৩৮। °শয়ন (ক্লী)—বিলাস-শয্যা। "রা ২.৩০.১১। °শৈল (পুং)—ক্রীড়াশৈল। "রঘু ১৬.২৬। °স্থান (ক্লী)—ক্রীড়াপ্রদেশ। "ভ ৩.২৩.২১।]

বিহারাজির + ক্লী [ব.ত] পরিক্রমাঙ্গণ। "ভ ৫.২৪ ৫।

বিহারী (-রিন্) + বিণ [বি+ √হৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ পরিক্রমী, বিচরণশীল, গতিশীল। "হংসান্ জলবিহারিণঃ গো.রা ৩.২০.২০। কাল" মহা ১৭.৩.২৪। গগন" (বিধু) হি ১.২০, ব্যোমৈকান্ত" ৫৩। বৃষস্ত" শি ৩০। ডাকিনী-বিহারী, নহে ব্রহ্মচারী ভা.চ ৩৯। কৈলাসগিরি" দা ২০। কুঞ্জবিহারিণী (পাখী) মে ১৫০। ২ ক্রীড়াশীল, লীলাপর। "(তুমি) মম শূন্যগগনবিহারী: (মম) অয়ি সন্ধ্যাস্বপনবিহারী, : (তুমি) মম জীবনমরণ-বিহারী।—গান ১১৬। ৩ বিলাসশীল, কেলিপর। "দুঁহে-দুঁহা পেয়ে হৈল মদনবিহারী ভা চ ৩৬২। শ্যাম রাসরসবিহারী গি.ঘি ৬০। ৪ চারী, যাত্রী। "মৃগয়া-বিহারী পার্থিবো দুষ্মন্তঃ শ ১২৮। [সমাসে উত্তরপদ] ৫ [°র+ইন্ (ইনি)-১ব] বিহারবান্, ভ্রমণকারী। "(মনুষ্যাঃ) কিমাহারবিহারিণঃ হ ১৯৪.১।

বিহি বি [সং বিধি > প্রা বিহি (হে), মৈ বিহি, বৈষ্ণবসাহিত্যে] ১ বিধাতা। "মুখামুখি কো বিহি নিরমিল বালা বি প ৯, বিহি আজু রাখল লাজ ৪৬, হাহা বিহি মোরে এত দুখ দেল ১১৯। কো বিহি গঢ়ল, কিরূপ মাধুরী দিয়া প.র ৩৪। বিহি নিরমাণে শ্রী.ম ৮৬। ২ ব্রহ্মা। "বিহি ইন্দ্র ন প ১৫৭। ৩ দৈব, ভাগ্য। "খাইতে নাহিক ঘরে, সাধ বহু করে, বিহি করে অনুবাদ চ দা ৫১।

বিহিংসন ক্লী, **-হিংসা** + স্ত্রী [বি+ √হিন্স্+অন (ল্যুট্),+অ, -ভা,+স্ত্রী আ (টাপ্)] ১ বিনাশ, বধ। "ঋষীণাং বিহিংসনম্ ভ ১০. ৪.৪২। ২ বিবাধন, বিদ্বেষ। "বিহিংসাপরিবর্জিত গো.রা ২ ১০৯. ২২। —হিংস্র বিণ [+র (রক্)-ক] বিহিংসাশীল, হিংসক। "অ" ভ ৩.২২.১৯।

বিহিংসা, বিহিংস্র দ্র 'বিহিংসন'।

বিহিত + বিণ [বি+ √ধা+ত (ক্ত)-কর্ম] ১ কৃত, অনুষ্ঠিত। "°যজ্ঞ। ২ ব্যবস্থাপিত, নির্ধারিত, নির্ণীত। "দেবৈঃ স মে ভর্তা বিহিতঃ মহা ৩. ৫৭.১৯। °বৃত্তি (S.W.)। ৩ কৃতবিধান, উপদিষ্ট। বিপ 'প্রতিষিদ্ধ'। "ব্রতং মে বিহিতং মহর্ষিণা কি ১৪.১৪। বিহিতা ব্যজিতা।—পঞ্চ ১.২১৪। ৪ কৃত, নির্মিত। "তং দ্বীপম্…বিহিতং বিশ্বকর্মণা মহা ১.২৭.২। ৫ রচিত। "বিহিতাঞ্জলি। ৬ সংযত, নিগৃহীত। "বিহিতেন্দ্রিয়। ৭ সমাহিত, বিনিবেশিত (মনঃ)। —হিত বি বিধেয় বিষয়; প্রতি-বিধান। "তুমি এ কথা বলিয়া ভাল কর নাই। এর বিহিত করা উচিত। —ব.প্র ১৫৮। —হিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ করণ, অনুষ্ঠান। ২ বিধান, সাধন। "স্থিতিবিহিতিব্রত।—কাব্যাদর্শ ৩.৮৫।

বিহিতি দ্র 'বিহিত'।

বিহিদানা বি [ফা বিহীদানা] বৃক্ষবিশেষের (Cydonia vulgaris) ফলের (বিহীর) বীজ (quince-seed)।

বিহীন + বি [বিণ+ √হা+ত (ক্ত)-কর্ম] ১ পরিত্যক্ত, বিবর্জিত, বিরহিত। "ত্বয়া বিহীনাম্ (মাম্) রা ২.২৪.৮, স্বর্বিহীনোঽহম্ ৫২. ৩৯। ব্যসনৈর্বিহীনঃ রঘু ১৮.১৪। ২ শূন্য। "দর্শনেন বিহীনঃ মনু ৭.

৭৪। ৩ অধম, নীচ, হীন। "বিহীনযোনি মহা ৩.২৬৮.৮। [°জাতি, °যোনি (বিণ)—নীচজন্মা, অন্ত্যজ। °বর্ণ (বিণ)—হীনজাতি, ইতর।]

বিহৃত † স্ত্রী [বি+ √হৃ+ত (ক্ত)-ভা] ১ বিহার; ক্রীড়া। ২ পরিক্রমণ, পর্যটন। "(ত্বয়া সার্দ্ধং বনেষু) বিহৃতানি গো রা ৪ ১৯.১৩। ৩ বক্তব্যকালেও লজ্জা হেতু নায়িকার মৌনরূপ সাত্ত্বিক অলঙ্কার। 'সা দ ৩.১০৬।

বিহেঠক † বিণ [বি+ √হেঠ্+অক (ণ্বুল্)-ক] ১ বাধক, বিঘাতক। ২ নিন্দক, পরোপতাপক (নীলকণ্ঠ)। "অতীব জল্পন্ দুর্ব্বাচো ভবতীহ বিহেঠক (পাঠান্তর '°টক') মহা ১.৭৪.৮৯।

বিহ্বল † বিণ [বি+ √হ্বল্+অ (অচ্)-ক] ১ বিচলিত, অধীর। ২ পরবশ, বিবশ। "মদ° গো রা ১.৯.২৩। রঘু ৮ ৩৭। অতিপ্রমোদভর° ভ ৫ ৪.৪। ৩ স্বকীয় অঙ্গধারণে অশক্ত ভয়াদ্যভিভূত (অ টী), বিক্লব, বিকল, কাতর। "অথ সা পুনরেব বিহ্বলা বসুধালিঙ্গনধূসরস্তনী কু.স ৪.৪। ৪ প্রেমপরবশ, প্রেমে আত্মহারা। "সঙ্গে নিত্যানন্দচন্দ্র-পরমবিহ্বল চৈ.ভা ২১৮। ৫ তরল, চটুল। "মদ°লোচনা ভ ৩ ২০. ২৯। ৬ গদগদ, অস্ফুট, জড়িত। "শোকবিহ্বলং বাক্যম্ গো রা ৪. ৩৬.২১। সপ্রশ্রয়প্রণয়বিহ্বলয়া গিরা ভ ৩ ২৩ ৯। বাক্য বিহ্বল, বিস্ময়ে পাগল।—হেম ১১৬। ৭ ব্যাকুল। "বিহ্বল পাগল প্রায় বেড়ায় কি বোকে বোকে সা ম ৬৩। —হ্বলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ বিহ্বল, পরবশ, বিবশ। "°সর্ব্বাঙ্গ গো.রা ২.৯৫.২। হর্ষবিহ্বলিতাত্মন্ ভ ১. ১১.৩০। রসবিহ্বলিত, ভারত।—হেম ৪৫। ২ ব্যাকুল। "স্মর° (S W)।

বিহ্বোল বিং [সং বিহ্বল, 'বিভ্বোল, বিভোল', অপ্র] বিহ্বল, বিবশ, আত্মহারা। "পাইয়া গোরা-রস, বিহ্বোল পরবশ চৈ.ভা ২৫। বা.ম ১২৬, হাস্যরসে নারীগণ বিহ্বোলা ২৯১। আনন্দে বিহ্বোল ভ.গ্র ২০।

বিহুন বিং [সং বিহীন, তু 'সং হীন > প্রা হুণ] বিহীন। "(উগল) চাঁদ বিহুন সবে তারা বি সা ৯।

বী † সক [অদা, প—বেতি, বীতঃ, বিয়ন্তি, অনিট্] ১ ইচ্ছা। ২ গতি। ৩ ক্ষেপণ। ৪ ভক্ষণ। ৫ প্রজনন। ৬ ব্যাপ্তি। ৭ (অক) প্রজন (ত বা)।

বীকাশ † দ্র 'বিকাশ'।

বীক্ষণ † ক্লী [বি+ √ঈক্ষ্+অন (ল্যুট্)-ভা] ১ দর্শন। "কটাক্ষ°, কৃত°, মুদিত° (S W.)। অপাঙ্গ° ভ ৬.১৮ ২৮। ২ পরীক্ষণ। ৩ [+অন-ণ] নেত্র। "মাঘ ১৮ ৩০। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দর্শনীয়। "দ্রষ্টা নাহং ত্বয়া বীক্ষণীয়া ক সা ১০৫ ৬০। —ক্ষা স্ত্রী [+অ ভা+স্ত্রী আ (টাপ্)] দর্শন। "সীতাশপথবীক্ষার্থ রা ৭.৯৬.৮। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] দৃষ্ট, পরীক্ষিত। "প্রক্ষাল্য পাদৌ হস্তৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতম্।—দক্ষ ২ ১৪। —ক্ষিত ক্লী [+ত-ভা] দৃষ্টি, দর্শন। "কি ১০.৬১। —ক্ষিতব্য বিণ [+তব্য-র্ম্ম,-ভা] দ্রষ্টব্য। "(ত্বয়া) পৃষ্ঠতো বীক্ষিতব্যম্ (ভাববাচ্যে)।—ক.সা ৩৯.১৩৩। —ক্ষিতৃ (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] দ্রষ্টা। "তদ্-বীক্ষিতৃ ভ ৭.১৩ ১৯। —ক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] দর্শনীয়, দৃশ্য।

বীক্ষণীয়, বীক্ষা, -ক্ষিত, -তব্য, -তা, -ক্ষ্য † দ্র 'বীক্ষণ'।

বীচ১, -চি২ বি [সং বীজ > °চ, ঠ বীং] ১ বপনার্থ সুপক্ক ও পরিপুষ্ট ধান্য কলায় ইত্যাদি। "শূ ১০৯। বীচের পুঁড়া (পাঠান্তর) ক চ ৮৫। ২ বীর্য্য। "কৃ ৭৮। ৩ বীজ (Seed)। "দাড়িম্বের বীচি ম.ম ৭০। [বীচখোলা—ধান্যবীজ ফেলার স্থান। বীচধান—বীজের ধান। বীচে কলা—বীজপূর্ণ ডয়রা কলা।]

বীচ২ বি [হি বীচ; প বিচ্চ; মৈ বিচ; তু 'সং √'ব্রিচ'—পৃথক্করণ] মধ্যভাগ, মাঝ। "গজ-অরি মাঝারি, উপরে কনয়াগিরি, বীচহি সুরধুনী মুকুতা হিলোরে।—গো ১৪৫। উচ নীচ কিচ বীচ অব সো পদ, কৈছনে করব সঞ্চার জ.প ২৫।

বীচি১ † পুং, স্ত্রী -চী † স্ত্রী [√বে+ঈচি ডিৎ, উ ৪.৭২; বিশ্রম্ভং চিনোতি (অ টী); বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ঊর্ম্মি, তরঙ্গ। "বীচিমালাকুলস্য (সাগরস্য) গো.রা ৫.৭৪.৩৫। রঘু ৬.৫৬। উচ্চবীচি-রবে মে ১১২। কুঞ্চিতভ্রূবীচিবিক্ষেপকারিণী ব গ্র ১৪৩; প্রভাতবীচি-বিক্ষেপচপলা…নদী ২৪১। ২ স্বল্পতরঙ্গ। "বীচীবাত উ.চ ৩.২। ৩ নরকবিশেষ। "নরকে বীচিসংজ্ঞকে রা ৭.৫৯, (প্রক্ষিপ্তসর্গ) ২ ৫০। ৪ অবকাশ, সুখ (মেদিনী)। ৫ কিরণ (জটাধর)। [°ক্ষোভ, °বিক্ষোভ (পুং)—তরঙ্গচলন। "°ক্ষোভ পূ মে ২৮। °বিক্ষোভশীতলম্ রঘু ১.৪৩। "তরঙ্গ (পুং)—ন্যায়বিশেষ। দ্র 'ন্যায় (৪৫)। °মালা (স্ত্রী)—তরঙ্গদাম। °মালী (-লিন্) পুং—'তরঙ্গমালাবান্', সমুদ্র।]

বীচি২; বীচী দ্র 'বীচ১; বীচি১।

বীজ্ † সক [ভ্বা, ঙ—বীজতে: সেট্] ১ গতি। ২ কুৎসন।—জ সক [অদন্ত চু—বীজয়তি, সেট্] বায়ুসঞ্চালন, ব্যজন। "এনম্…বীজয়ন্তী (কৌশল্যা) গো রা ২.৬১.২।

বীজ১ † ক্লী [বি+ √জন্+অ (ড)-ণ, দীর্ঘ (অ.টী), √বীজ+অ (অচ)-ক; 'বীজ' (ঋগ্বেদ ৫.৫৩.১৩)] ১ 'জননসাধন, গর্ভাশয়গামী', কারণ, হেতু। "বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্ গী ৭ ১০, ১০.৩৯। বীজং স্থাস্নু চরিষ্ণু চ মনু ১.৫৬। ভ ১৩.৫। আমি ত ইহার কিছু নাহি জানি বীজ ব.প ১৪৮৫। কিঞ্চিৎ কষ্টবীজে মাত্র বামাক্ষি স্পন্দিল ম.পা ১২৮। ২ বপনার্থ-ধান্যাদি। "ধান্যং বীজম্।—ঋগ্বেদ ৫.৫৩ ১৩। নারাজকে জনপদে বীজমুষ্টিঃ প্রকীর্য্যতে রা ২ ৬৭ ১০। মহা ২.৫ ৭৮। বীজভূতঃ স্মৃতঃ পুমান্ মনু ৯ ৩৩। সর্ব্ব°-প্রকৃতি শ ১.১। °মুষ্টিং দধানা রঘু ১৯.৫৭। অগ্রভাগ বীজ রাখ বুনিবার তরে শি ৭৪। ৩ ধান্যাদির কণ, শস্য (corn)। "বীজাঞ্জলিদামলা লতাঃ (হরিণাঃ) কু স ৫ ১৫। ৪ শুক্র, বীর্য্য। "সারফল্গু ত্বং বীজযোন্যোঃ মনু ৯ ৫৬, ১০.৭২। কু স ২.৫। রক্ত বীজে জনম তার শূ ৩; ৮। কৃ ৬। ৫ শক্তিরূপ কারণ। "তাসু বীজমবাসৃজৎ মনু ১.৮। ৬ অঙ্কুর। "ন তস্য বীজং রোহতি বীজকালে মহা ৫.১২.১৯। ব্যর্থ নাহি গেল বীজ বারাইল ঘন শি ৭৫। ৭ মজ্জা। ৮ তত্ত্ব (divine truth)। ৯ (তন্ত্রে) দেবতাবিশেষের সারভূত বর্ণাত্মক মন্ত্র (mystical letter sacred to a deity)। "তুহু বীজ ইহ কর দান বি প ১৪২। ১০ (গণিতে) সমস্ত ব্যক্ত (সংখ্যাত্মক) গণিতের অব্যক্ত বীজভূত গণিতবিশেষ। "ব্যক্তস্য কৃৎস্নস্য তদেক বীজমব্যক্তমীশং গণিতং চ বন্দে।—ভাস্করাচার্য্য। °গণিত। ১১ আধার (A)। ১২ (নাট্যে) পূর্ব্বে অল্পোদ্দিষ্ট পশ্চাৎ বহুধা বিস্তারশালী কার্য্যফলক বীজভূত হেতুবিশেষ। 'সা.দ ৬ ৬৫। —জ পুং বীজপূর, টাবালেবুগাছ। —জক পুং ১ সর্থ 'বীজ' (পুং)। ২ জন্মকালে শিশুর হস্তদ্বয়ের সংস্থানভেদ (সুশ্রুত)। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—শিব। °কৃৎ (বিণ)—বীর্য্যবর্দ্ধক। °গণিত (ক্লী)—অব্যক্তগণিতভেদ (Algebra)। দ্র 'বীজ (১০)। °গুপ্তি (স্ত্রী)—শিম্বী। °দর্শক (পুং)—নাটকবীজের প্রদর্শক সূত্রধার। °ধান্য (ক্লী)—১ ধন্যাক। ২ (বাঙ্লায়) বপনার্থ ধান্য। "শি ৭২,-৩; °নির্ব্বপণ (ক্লী)—বীজবপন। °পুরুষ (পুং)—বংশপ্রবর্ত্তক আদিপুরুষ। °পেশিকা (স্ত্রী)—বীজকোষ। °প্রদ (বিণ)—গর্ভাধানকর্ত্তা। "অহং বীজপ্রদঃ পিতা।—গী ১৪ ৪। °প্ররোহী (-হিন্) বিণ—বীজপ্ররোহশীল, বীজজাত। °বাপ (পুং)—১ 'বীজবপনকারী', কৃষীবল। "মহা ৩.৩৪,১৯। ২ বীজবপন। °মন্ত্র (পুং)—সর্থ বীজ

(স)। "বিজয়ার বীজমন্ত্র ভা.চ ৮৮। °মাতৃকা (স্ত্রী)—বীজজপের মাতৃকাতুল্য পঞ্চবীজ। °মাত্র (ক্লী)—নিমিত্তকারণমাত্র। "বীজমাত্রং পিতা জন্তোঃ রা ২.১০৮.১১। °মালা (বি)—পদ্মবীজের মালা। "ক.চ ১২২। °রত্ন (ক্লী)—শ্রেষ্ঠবীজ, মাষ। °রুহ (পুং)—'বীজজন্মা', শালি-প্রভৃতি, শস্য। °সঞ্চয় (পুং)—শস্যরাশি। °সূ (স্ত্রী)—'বীজ-প্রসবিত্রী', পৃথ্বী। °সেক্তা (-ক্তৃ) পুং—গর্ভাধানকর্তা, বীজী। "মনু ৯.৫১, কুল্লুক।]

বীজ[2] **সর্ম** [সং √বীজ, তু 'বিজই (প ক)] ১ বীজিত করা, হাওয়ার নিমিত্ত সঞ্চালিত করা। "বিজনী বীজয়ে সখীগণ।—য ২৩৭। বেণ্ডনী বীজয়ে আন ক.চ ৭৫। কোই চামর বীজই।—ব ১০২। অনঙ্গমঞ্জরী, চামর বীজই রে।—জ.প ৮২। বীজন লইয়া আপনি, বীজয়ে প ক ১০৯৪। ২ পাখা দিয়া বাতাস দেওয়া। "(দুহুঁ) বীজব কিশলয় বিজনে।—ব ২০৮। —ন অর্ম বাতাস করা। "নলিনী-দলে মৃদু মৃদু বীজই ব.প ১০৩৯।

বীজক দ্র 'বীজ[1]'।

বীজকোশ, -ষ ‡ পুং [ষ ত] ১ বীজাধার। ২ পদ্মবীজাধারচক্র, পদ্মের চাকা। —কোশী স্ত্রী বীজাধার, শিম্বী।

বীজকোশী, বীজকোষ দ্র 'বীজকোশ'।

বীজধান বি ক্ষেত্রে বপনার্থ ধান্য। "আ দু ১৬১।

বীজন † ক্লী [√বীজ+অন (ল্যুট্)-ভা] ১ বায়ুসঞ্চালন, ব্যজনচালন, পাখা করা। "ভ ১০.৫৯ ৪৫। কত কত বীজন।—ব ১৮৫, শীতল বীজনে,…কত না পোহাইব রাতি ১৮৯। চৈ চ ৩৩৫। ২ সঞ্চালন। "দক্ষিণবাত° কু স ৪ ৩৬। কদলীপল্লবানিল° ক সা ১১৭ ৫৩। ৩ [+অন-ণ, তু 'সং ব্যজন > প্রা বীজণ (হে), হি, জাটু—'বীজনা', বীচন (কোচবিহার)] 'বায়ুসঞ্চালনসাধন', তালবৃন্ত, ব্যজন। "সুচিত্রা …বীজন বীজই জ.প ৮২। —জন পুং [√বীজ্+অন-ক] কোক, চকোর। —জিত বিণ [√বীজ+ত (ক্ত)-র্ম] কৃতবীজন। "ব্যজন° মহা ১৩৮৮.১৩।

বীজপূর, -পূরক, -পূর্ণ ‡ পুং [তৃ ত, তু 'বীজক পোর (বি প ৩৪)] 'বীজাঢ্য', ফলপূর, টাবালেবুগাছ। "°ক রা ২.৯১.৩০, ভ ৮২১১। ক চ ৩৩। পূর, -রক ক্লী বীজপূরফল, টাবালেবু। "কমলা বীজপূর চৈ.চ ১৫৮।

বীজবোকা বি বীজার্থ ছাগ, সবৃষণ ছাগ বা পাটা। "লিখিল তেত্রিশ ছা (ছাগ),…সাতটা লিখিল বীজবোকা ক চ ১৪১।

বীজাকৃত ‡ বিণ [বীজ[1]+আ (ডাচ্) 'কৃষি' অর্থে+√কৃ+ত (ক্ত)-র্ম] বীজবপনপূর্বক কৃষ্ট, উপ্তকৃষ্ট (ক্ষেত্র)।

বীজাক্ষর ‡ ক্লী [কর্মধা] বীজমন্ত্রবর্ণ, বর্ণাত্মকবীজমন্ত্র।

বীজাঙ্কুর ‡ পুং [ষ.ত] ১ জীবপ্ররোহ। "কু স ৩.১৮। ২ [দ্বন্দ্ব] বীজ ও বীজজাত অঙ্কুর। "রূপে ইমে সদসতী তব বেদসৃষ্টে বীজাঙ্কুরা বিব ভ ৭.৯.৪৭। [°ন্যায় (পুং)—দ্র 'ন্যায় (৪৪)]।

বীজী (-জিন্) ‡ বিণ [বীজ+ইন্ (ইনি)-ক-১ব] ১ বীজবান্, বীজবিশিষ্ট। ২ বীর্যসম্বন্ধযুক্ত। —জী পুং ১ বীজসেক্তা, গর্ভাধানকারী। "মনু ৯.৫১। ২ পিতা। ৩ 'তেজস্বী', সূর্য।

বীজোৎকৃষ্ট ‡ পুং যে অপকৃষ্ট বীজে কিছু উৎকৃষ্ট বীজ মিশাইয়া সমুদয় উৎকৃষ্ট বলিয়া বিক্রয় করে। "মনু ৯.২৯১।

বীজোপ্তি ‡ স্ত্রী [বীজের উপ্তি, ষ.ত] বীজবপন। [°চক্র (ক্লী) —(জ্যোতিষে) বপনার্থে শুভাশুভনির্ণয়সর্পচক্র।]

বীট ক্লী, -টা † স্ত্রী [ঠ রিটা—রিটাদাংভূচা খেল (ডাংগুলিখেলা)] বধাকার প্রাদেশমাত্রকাষ্ঠ (নীলকণ্ঠ), স্থূলমধ্য সূক্ষ্মমুখ কাষ্ঠখণ্ড বা গুলি। "বীটা মহা ৩,১৩১.২৩,-৪।

বীটক † স্ত্রী [বীটিকা > °ক (ক্লীবলিঙ্গে)?] সজ্জিততাম্বুল, সাজা পান, খীড়ি, খীলি। —টি, -টিকা, -টী স্ত্রী [বি+√ইট্ গতি+ই (ইন্)-ক, গুণাভাব, উ ৪.১১৭, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), তু রিটা (দেশী)—পুটলী (প্রা.ম)] ১ তাম্বুললতা, পানগাছ। ২ সর্থ 'বীটক'। "করোপাত্ততাম্বুলবীটিক ক সা ৫৫ ৪০। তাম্বুলের পত্রবীটিকা চ.চ ১৪। ৩ কঞ্চুলিকাগ্রন্থি, কাঁচুলির বন্ধ।

বীটা; বীটি, বীটিকা, বীটী দ্র 'বীট, বীটক'।

বীড়, বীড়া, বীড়ি, বীড়ী দ্র 'বিড়া[1]'।

বীণ বি [সং বীণা, হি, ঠ, গু বীন, অস বীণ্] বীণা। "বি.প ১০০, ন.প ১৫১। মৃদুমধুর বীণের ধ্বনি: বীণে নটরাগিণী বাজিতে লাগিল ব প্র ৩৭৯। [°কার (বি)—বীণাবাদক।]

বীণা † স্ত্রী [√বী+ন-ক+স্ত্রী আ (টাপ্), নিপাতিত, উ ৩ ১৫; ছান্দস] ১ 'শ্রোতৃচিত্তব্যাপিকা', তন্ত্রবাদ্যভেদ, বল্লকী, বীণ। "বদতি যা (বাক্)…বীণায়াম্।—তৈত্তিরীয়সংহিতা ৬ ১.৪ ১। রা ১৫.১৮। রায়বীণা গন্ধবীণা বাজে রুদ্রবীণা ক চ ২৬৪। শ্বেত বীণা ভা চ ১২। নীরব রবাব বীণা।—মে ৭। বিশ্ববীণারবে বিশ্বজন মোহিছে।—গান ১৭৫। [বীণাভেদ—শিবের বীণা 'লম্বী', সরস্বতীর 'কচ্ছপী', নারদের 'মহতী', বিশ্বাবসুর 'বৃহতী', তুম্বুরুর 'কলাবতী' (মাঘ ১.১০, মল্লিনাথ), চণ্ডালের 'কণ্ডোল'। বীণার অঙ্গ—কোলম্বক, উপনাহ, প্রবাল, ককুভ, কলিকা (অর্থ তত্তচ্ছব্দে দ্রষ্টব্য)।] ২ বিদ্যুৎ। [°দণ্ড (পুং)—প্রবাল। °পাণি (পুং)—১ নারদ। "ভ ১.৫ ১। ২ (বাঙলায) সরস্বতী। "পদ্মাসনা বীণাপাণি।—মা ১২১, -৮। দা ১। দেবী বীণাপাণি স্ব.প্র ২৬। °বাণী (বিণ)—বীণাস্বরা, মধুরভাষিণী। "শ্রুতবোধ ১৩। নীরবিলা বীণাবাণা।—মে ২১৫। °বাদ (পুং)—১ বীণাবাদক। ২ বীণাবাদন। °বাদন (ক্লী)—বীণার ছড়ি, কোণ। °বাদ্য (ক্লী)—বীণাবাদন। "ক.সা ৬৩ ১৬১। °হস্ত (পুং)—'বীণাধারক', শিব।]

বীণানুবন্ধ † পুং [ষ.ত] বীণার তন্ত্রিবন্ধন স্থান, উপনাহ।

বীণী (-ণিন্) † বিণ [বীণা+ইন (ইনি)-১ব] বীণাবান্। "সিদ্ধ-দ্বন্দ্বৈঃ…বীণিভিঃ পূ মে ৪৫। বীণিনী কন্যা ক সা ৮৬.৪৪। —ণী পুং বীণাবাদক, বীণকার।

বীপ্সা বি সর্থ 'বিপ্সা'। "অফিস্রা বীপ্সার খোপ ব.প ৩১।

বীত † বিণ [বি+√ই+ত (ক্ত)-ক, বৈদিক] ১ বিগত। "°মন্যু। —কঠোপনিষৎ ১.১০। °রাগভয়ক্রোধঃ গী ২ ৫৬, ৪ ১০। °শোকভয়ঃ মনু ৬.৩২। গীতরাগে বীতরাগ স্ব প্র ৩০। ২ তিরোভূত, লয়প্রাপ্ত। ৩ শান্ত। ৪ [+ত-র্ম] রাত, দত্ত। "°মহেন্দ্রজাল কি ১৭২৯। ৫ [বি (বিগত) ইত (গমন) যাহার (অ.টী), বহুব্রী] অসার, যুদ্ধাক্ষম (হস্তী, অশ্ব)। ৬ [√বে+ত-র্ম] আচ্ছাদিত, পরিহিত। —ত পুং যুদ্ধাক্ষম হস্তী ও অশ্ব। —ত ক্লী ১ [+ত-ণ] 'বিশেষগতি-সাধন', পাদাঘাতাঙ্কুশাঘাত। "নিধুতবীতমপি বালকম্ মাঘ ৫ ৪৭। বীতবীতভয়া নাগাঃ (পাঠান্তর) কু স ৬ ৩৯। ২ অন্বয়মুখে প্রবর্তমান ও ভাববস্তুর বিধায়ক অনুমানভেদ। 'সাংখ্য ৫ (প), [°কল্মষ (বিণ) —বিগতপাপ। "মনু ১২ ২২। °তৃষ্ণ (বিণ)—তৃষ্ণাহীন, বিতৃষ্ণ, নিস্পৃহ। °ভয়, °ভী, °ভীতি, °শঙ্ক (বিণ)—নিঃশঙ্ক, নির্ভীক। "°ভী মনু ৭.৬৪; মাঘ ১৮.৪৮। °মৎসর (বিণ)—বিগতক্রোধ। "মনু ১১ ১১২। °মল (বিণ)—অপগতমল, নির্মল, শুচি। °শোকভয় (বিণ)—অপগত-দুঃখভয়। দ্র 'বীত (১)। মহা ৩.৬৪.১০৪। °সূত্র (ক্লী) দ্বিজধৃত সূত্র, যজ্ঞোপবীত। "শশিকলামলবীতসূত্রঃ (নারদ) কিরা ৫.১৯। °স্পৃহ (বিণ)—সর্থ 'বীততৃষ্ণ'। "রঘু ১৫.৭৮। °স্পৃহো সী ৮৮।]

বীতংস † দ্র 'বিতংস'।

বীতরাগ † বিণ [বহুব্রী] ১ অপগতানুরাগ, বিষয়াসক্তিহীন, বিরক্ত। "ময়া ধর্মশাস্ত্রং শ্রুত্বা বীতরাগেণ…চান্দ্রায়ণমধ্যবসিতম্ হি ১২৬। বীতরাগ বিহঙ্গম সঙ্গীত-আলাপে প.তৃ ১৪। ২ বর্ণবিহীন, বিবর্ণ। —রাগ পুং বুদ্ধ।

বীতহোত্র বি [সং বীতিহোত্র ; অপ্র] অগ্নি। "শ্রী.মা ১৬১, ২০৫।

বীতি † স্ত্রী [√বী+তি (ক্তিন্)-ভা] ১ গতি। ২ ধাবন। ৩ ভোজন। ৪ ব্যাপ্তি। ৫ নিবৃত্তি। "ভব" কি ৬৪১। ৬ [+তি-র্ম] অশন, খাদ্য। "°হোত্র। ৭ দীপ্তি, প্রভা। "সুবর্ণবীতিপ্রতিমাঃ (স্ত্রিয়ঃ) গো রা ২.১০০.৪৩। [°হোত্র (পুং)—'হবিঃ যাহার অশন' ; অগ্নি।]

বীতিহোত্র † পুং [বহুব্রী] 'হবিঃ যাহার অশন', অগ্নি। "ভ ৫.১.২৫। ক্রোধে মুনিপুত্র বীতিহোত্রতুল্য ম.পা ২, ৪৫, ৫৭। শি ১১৩। সুগ্রীব মিত্র °রূপী।—মে ১৫২। °মূর্তি।—মা ১৪৯। [°দয়িতা, °প্রিয়া (স্ত্রী)—স্বাহা। °মিত্র (বি)—পবনদেব। "ম.পা ১১০।]

বীথি, -থী † স্ত্রী [√বিথ্ যাচন+ই (কিন্)-র্ম, দীর্ঘ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)—অ.টী] ১ পঙ্ক্তি, শ্রেণী, আবলি, রাজি। "ক্রীড়াবসথ", চণ্ডালাগার", বালপাদপ" (S.W.)। মহা ২.২১.২৬। তরুবল্লবী" কু কে ৫৮। ২ বর্ত্ম, মার্গ। "ঘনবীথিবীথি মাঘ ৯.৩২। পিপতিষতাং বিলঙ্ঘ্য বীথীম্ কি ৭.১৭। সিন্দুর সীঁথি-বীথি ব প ১০৮৮। বনবীথি চ কা ১৬৭। ৩ অশ্বের সঞ্চারস্থান বা প্রচারদেশ। "মাঘ ৫.৬০। ৪ পঙ্কহস্তপরিমিতা রথ্যা। "শু। ২৮২। ৫ পণ্যবীথি, বিপণি। "মাঘ ৯.৩২। ৬ (জ্যোতিষে) অশ্বিন্যাদি তিন-তিনটি নক্ষত্রের গত্যনুসারে পথবিশেষ। "নাগ", গজ", গো" —বৃহৎসংহিতা ৯.১, ৫। ৭ অলিন্দ। ৮ একনায়ক একাঙ্ক রূপকবিশেষ। 'সা.দ ৬৩, ২৫৩,-৪। —থিকা স্ত্রী [বীথি, -থী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ রাজি, শ্রেণী। "তমালবনবীথিকা ক সা ১৭.৩০। দুলিছে পবনে সনসন বনবীথিকা চ.কা ২৫৩। চন্দন" —কাদ ৫৫। তরু" —কথা ৩৩। ২ মার্গ। "(পুরী) শোভিতা…চত্বরাগণবীথিকৈঃ (বীথিকস্তান্ত্রীত্বমার্যম্—টীকা) রা ৭.৭০.১১। ৩ চিত্রফলক। "অস্যাং বীথিকায়ামার্যাস্ত চরিতমভিলিখিতম্ উ.চ ১২৩। ৪ অলিন্দ। ৫ সর্ব 'বীথি' (৮)।

বীথিকা, বীথী † দ্র 'বীথি'।

বীথ্যঙ্গ † স্ত্রী [ষ ত] বীথীরূপকের উদ্ঘাত্যকাদি ত্রয়োদশ অঙ্গ। 'সা.দ ৬.২৫৫,-৬।

বীনাহ † পুং [বি+ √নহ্+অ (ঘঞ্)-প, দীর্ঘ] ১ কূপের মুখবন্ধনার্থ পট্ট (পাট), কূপমুখবন্ধনচক্রাদি (অ টী)। ২ [+অ -ভা] মুখবন্ধন (নীলকণ্ঠ)। "কূপবীনাহবেলা মহা ১১ ৫.১৩, ২০, ৬.১০।

বীপ্সা † স্ত্রী [বি+ √আপ্+স (সন্)— √ঈপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ব্যাপ্তির ইচ্ছা, ক্রিয়া গুণ দ্রব্য দ্বারা প্রযোক্তার ব্যাপ্তির ইচ্ছা ; ব্যাপ্তিপ্রতিপাদনেচ্ছা। 'বীপ্সা ক্রিয়াগুণদ্রব্যৈর্যুগপদ্ ব্যাপ্তুমিচ্ছা (দুর্গাদাস)। দ্র 'পা ৮.১.৪, কাশিকা। তত্ত্ববোধিনী, "বৃক্ষং বৃক্ষং সিঞ্চতি। গ্রামো গ্রামো রমণীয়ঃ।

বীভৎস † বিণ [√বধ্+স (সন্)— √বীভৎস+অ (ঘঞ্)-প] ১ 'চিত্তবিকারসাধন', জুগুপ্সাত্মক, ঘৃণাবিষয়ক, ঘৃণার্হ, নিন্দিত। "কৃতং বীভৎসমধমপুরুষ কর্ম মহা ১ ১.২১২। 'কার্যসম্পাদনে প.তৃ ৭৫। বীভৎস আহার, বীভৎস কুধারে করে নির্দয় নিলাজ চ.কা ৩৭৮। ২ পাপী, দুরাত্মা। ৩ হিংস্র, ক্রূর। ৪ বিকৃত। "বীভৎসালোকন (শ ক)। ৫ চিত্তবিকারজনক, ভীষণ। "(সংপ্রহারঃ) বীভৎসঃ গো.রা ৩,৩৩.১১। অসৃগ্ বর্ষন্তি জলদা বীভৎসম্ ভ ১.১৪.১৬। —ভৎস পুং ১ (কাব্যে) জুগুপ্সাস্থায়িভাব রসবিশেষ। 'সা.দ ৩,২৩৯-২৪১। ২ [+অ (অচ্)-ক] সর্ব 'বীভৎসু'। —ভৎস স্ত্রী ঘৃণাজনক বস্তু ; নিন্দিত বিষয়। "বীভৎস স্পর্শিতে নাহি কর ঘৃণালেশ চৈ.চ ২৮১। —ভৎসু পুং [+উ-ক] যিনি যুদ্ধে বীভৎস কার্য করেন না ; অর্জুন। 'ন কুর্যাং কর্ম বীভৎসং যুধ্যমানঃ কথঞ্চন। তেন…বীভৎসুরিতি বিশ্রুতঃ।—মহা ৪.৪৪.১৮। তু 'ম ৪৯১ ; ৬২৬।

বীর[১] † অক [অদন্ত চু প—বীরয়তি, সেট্] শৌর্য, উদ্যম (ক.ক)।

বীর[২] † বিণ [√বীর+অ (অচ্)-ক ; স্ত্রী -রা] Av. vir—a man ; cf., Gr. heros ; L. Virlis (vir—a man, hero) ; F. Viril ; Lithuanian—wyra ; Gothic—wair ; Ger., A.S. wer—a hero, E. virile] ১ বীর্যযুক্ত (সায়ণ), বিক্রান্ত, শূর। "ঋগ্বেদ ১.১৮.৪, ২.৩২.৪। রা ১.১.২৪। বীরতর মহা ১.১৪০.৪৮। ২ বলী, শক্তিমান্। ৩ শ্রেষ্ঠ, উত্তম। —র পুং ১ শূর, যোধ, ভট, বিক্রমবান্। "বীরাণাং রাজপুত্রাণাম্।—রা ২৭.৩ ; কো বীরস্য…স্ববিষয়ঃ কো বা বিদেশঃ স্মৃতঃ।—হি ১ ১০৫। বীর গরজায় গজঠাটে ক.চ ৫২। ২ উৎসাহস্থায়িভাবরসবিশেষ, বীররস। "গো.রা ১.৩৪৬। শৃঙ্গারবীরকরুণ (অ.কো)। সা.দ ৪.২৩২। [দান ধর্ম দয়া যুদ্ধ ভেদে বীররস চতুর্বিধ। "দানবীর, ধর্মবীর ইত্যাদি।] ৩ পতি। "প্রমদা হতবীরা গো.রা ২.৮৫.১২। অবীরা ভ ৬.১৯.২৬। (কুলরা) বীরপাশে দিল দরশন ক.চ ৬৯। ৪ পুত্র। "বীরৈঃ (পুত্রৈঃ—সায়ণ)। —ঋগ্বেদ ৫.২১.৪। তৈত্তিরীয়সংহিতা ৭.১ ৮.১। মনু ১১.৪১। ৫ বিষ্ণু (মহা)। ৬ জিন মহাবীর। ৭ (অর্জুনের নামে) অর্জুনবৃক্ষ। ৮ করবীরবৃক্ষ। দ্র 'বল'[২]। ৯ অগ্নি, যজ্ঞিয়াগ্নি। ১০ (তন্ত্রে) ভাববিশেষ। 'ভাবস্তু ত্রিবিধঃ প্রোক্তো দিব্যবীরপশুক্রমাৎ। "বীরাচার। ১১ (বাঙলায়) পবনদেব, প্রচণ্ডঝড়। "নাম্বিল বীর, সাগরের নীর, করিছে দুই কালি ব.প ১৩৬২। ১২ পুংজাতি হনুমান্। ১৩ বীরঢাক বাদ্য। "গ ৫০। —র স্ত্রী নড়, মরিচ ; পুষ্করমূল ; কাঞ্জিক, উশীর, শৃঙ্গী। —রা স্ত্রী ১ পতিপুত্রবতী স্ত্রী। "অ"। ২ বীরনারী, বীরাঙ্গনা। ৩ মদিরা। ৪ ঘৃতকুমারী, আমলকী ; অতিবিষা, ব্রাহ্মী ; দুগ্ধিকা ; রম্ভা। [°কাম (বিণ)—পুত্রেচ্ছু। °কীট (পুং)—কাপুরুষ। °কুঞ্জর (বি) বীরশ্রেষ্ঠ। "মে ১৫১। °কুল (বিণ)—বীরগণ। "বীরকুলর্ষভ—মে ২২৫। °কেশরী (-রিন্) বি বীরসিংহ, বীরশ্রেষ্ঠ। "মে ২০৩। °গতি (স্ত্রী)—'বীরের গমনস্থান', স্বর্গ। "মহা ১৩.১৪২.৫৫ বীরেষু…বীরগতিং গতেষু ভ ১.৭.১৩। °চক্র (স্ত্রী)—১ বীরসমূহ। "°চক্রেশ্বর (বিষ্ণু)। ২ বীরসেনা। °ঘটা (বি)—বীরগণ। "ক.চ ২৬৩। °চরিত (স্ত্রী)—'বীরকার্য', রামের বীরকার্যবিষয়ক ভবভূতিকৃত মহাবীরচরিত। °চূড়ামণি (বি)—বীরশ্রেষ্ঠ। "কৃ ২৮৫। মে ১ ; ৬। °পট্ট (পুং)—ললাটে বেষ্টনপূর্বক পরিধেয় বীরপরিচ্ছদবিশেষ। °পত্নী (বি)—বীরস্ত্রী, বীরাঙ্গনা। "মে ৯৩। °পত্রা (স্ত্রী)—বীরগণপ্রিয়পত্রা, ভঙ্গা, ভাঙ। °পাণ, °পান (স্ত্রী)—অতীত যুদ্ধে বিজয়শ্রমাপনয়নার্থ বা ভাবী যুদ্ধে মনোমোদনার্থ বীরগণের মদ্যাদিপান (অ.টী)। °পুত্রধাত্রী (বি)—বীরজননী, বীরপ্রসূ। "ধন্য লঙ্কা °স্ত্রী। —মে ১২। °পুরুষ (পুং)—বীর্যবান্ পুরুষ ; শূর। "ক.সা ১২.৫। °প্রসূ (স্ত্রী)—বীরজননী। °প্রসূন (বি)—বীর প্রসূনতুল্য, অর্থাৎ ভূষণভূত, বীরশ্রেষ্ঠ। "হেন বীরপ্রসূনের প্রসূ ভাগ্যবতী।—মে ২২। °বৎসা (স্ত্রী)—বীরমাতা। °বাদ (পুং)—বীরকীর্তি, বিজয়যশঃ। °বিপ্লাবক (পুং)—'যজ্ঞাগ্নিনাশক', শূদ্রগৃহীত ধনে হোমকর্তা (অ.চি)। °ব্রত (বিণ)—দৃঢ়সঙ্কল্প। "ভ ৫.১৭.২। °ভোগ্য (বিণ)—বীরের উপভোগার্হ। "বীরভোগ্যা বসুন্ধরা।—পরাশর ১.৫৮। °মদ (বি —বীরোচিত দর্প। "বাহিরিল বামাদল বীরমদে মাতি।—মে ৮১।

°মর্দ্দল (পুং)—রণঢক্কা। °মুদ্রিকা (স্ত্রী)—পায়ের মধ্যাঙ্গুলির ভূষণবিশেষ। °যোনি (বি)—বীরের জন্মস্থান; বীরজন্মভূমি। "মে ১৪১। °রজঃ (-অস্) ক্লী—বীরাচারতান্ত্রিকের ধারণার্থ রজঃ; সিন্দুর। °রস (পুং)—উৎসাহস্থায়িভাব রসবিশেষ। °লোক (পুং)—যুদ্ধে হত বীরের স্থান; ইন্দ্রলোক, স্বর্গ। "°ভাজ্ রা২.২৩.২৮। মহা ৬.৩ ৪৮। °শ্রেষ্ঠ (বিণ)—বীরাগ্রগণ্য, মহাবীর। °সিংহ (পুং)—'বীর সিংহতুল্য'; বীরশ্রেষ্ঠ। "মে ১৪, ১৯৭। °সূ (স্ত্রী)—১ 'বীরসবিত্রী', বীরমাতা। "(স্বতবিক্রমে) সতি ন নন্দতি কা খলু বীরসূঃ কু.স ১২.৫৯। ২ পুত্রবতী। "ভ ১.৭.৪৫। °সেন (পুং)—নলরাজের পিতা। "মহা ৩ ৫৩.১১]

বীরআনা বি [বীর+আনা⁸] বীরযোগ্য, বীরোচিত। "মল্লডোর মাথায় মণ্ডিত বীর-আনা শ্রী ৬৭।

বীরকাঁসী বি বড় কাঁসিবাদ্য। "ক চ ১১০।

বীরকাছ বি সর্থ 'বীরধটি'। "°ছ পরিধান ক.চ ৯৫।

বীরকানী, -নি, -লী বি [কাড়া > কাড়ী, -লী (?)] যুদ্ধবাদ্যবিশেষ। "বীরকানী কাঢা ক চ ১৮৩। বাজে বীরকালী ২০৩। বীরকালি শ্রী মা ১০৫, বীরকালী ৯২৭।

বীরকালি, -কালী দ্র 'বীরকানী'।

বীরঘণ্টা বি বড ঘণ্টা। "বা ম ২৭১, ৩০০।

বীরছাঁদ বি বীরের মত কাপড় পরার ছাঁদ। "আইলেক বীরছাঁদে পরি নীলবস্ত্র চৈ ভা ৪৬৭।

বীরটুপি বি মল্লের শিরস্ত্রাণবিশেষ। "মাথায় °পি শ্রী ৫১।

বীরঢাক বি রণঢক্কা। "ম ১১১৮। বি.পা ১৮১, ৩৬৫। বা ম ৩৯।

বীরণ † ক্লী [√বীর্+অন (লুট্)-ক (অ টী)] উশীরতৃণ, বেণা। "ভ ১০ ১১ ৫১। [°মূল (ক্লী) —উশীর। °স্তম্ব (পুং)—বীরণগুচ্ছ। "বা ২৮০৮।]

বীরদম্ভ, -দাপ বি ১ বীরোচিত দর্প, বীরমদ। "অ.প ৩৫, ৪১। ম.বি ২০৭। ক চ ৫২। কহিতে লাগিল কিছু করি বীরদম্ভ শ্রী ২২০। কেহ বীরদাপ করি খাণ্ডা ঝাকডায় শ্রী ম ১০৯। লম্ফ দেই বীরদাপে ন.প ৩৯৬। ২ বীরের আস্ফালন। "বীর দাপে ঝেড়ে ফেলে মদমত্ত গজ শ্রী ১২২, বীরদাপে কাঁপে মাটী ১৬৪।

বীরদাপ দ্র 'বীরদম্ভ'।

বীরধটি, -টা, -ড়ী বি বীরের পবিধেয় বস্ত্র, বীরকাছ, মল্লবস্ত্র। "পরিধান বীরধড়ী ক চ ৪৬। প্রভাকরপ্রভা °ধটি শ্রী মা ১৫। সাজিল গোয়ালভাগ,...কটিতে কাছিয়া বীরধড়ী শ্রী.ম ৬৫। বীরধটী...কটিআঁটা শ্রী ৬৬, °ধটী আঁটি ১৯০। তূণ ধনু বীরধটি কেন পরিধান? —হেম ৩৯।

বীরধটী, -ধড়ী দ্র 'বীরধটি'।

বীরপঞ্চমীব্রত বীরপুত্রার্থ পঞ্চমীতে অনুষ্ঠেয় নারীর ব্রতবিশেষ। "প্রত্যুৎপন্নমতি বিমলা কহিলেন, 'আজ আমার বীরপঞ্চমীর ব্রত, ব্রত করিলে বীরপুত্র হয়'।—ব প্র ৩৮।

বীরপণ, পা, -না বি [বীর+পণ², পণা, পনা] বীরত্ব, শৌর্য্য। "জানি...তোর °পা।—ম ২২৪, বুঝিলাম °পা রক্ষা কৈল পরে ৫৫৭, ৬৯৭। বস্তুগণে কাটে তাহা করি বীরপনা।—চ.বি ৪৬। হামারি বীরপণ।—ব ৮৮। বীরপণা।—মে ৯৪, বাখানি, বীরপণা তোর ২৫১।

বীরপনা দ্র 'বীরপণ'।

বীরপরিধান বি বীরপরিচ্ছদ, বীরসাজ। "°ন পরে কু ২৮৩।

বীরপাটা বি সর্থ 'বীরপট্ট'। দ্র 'বীর'। "হস্তে ধনু পৃষ্ঠে তূণ পরে বীরপাটা বা.ম ১৪৮।

বীরপ্রজাবতী † স্ত্রী [°জা+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ)] বীরপুত্রবতী, বীরজননী। —প্রজায়িনী স্ত্রী [বীরানেব প্রজায়তে সূতে সা (নীলকণ্ঠ)] বীরপ্রসূ, বীরমাতা। "মহা ৩.৬৫.৬৭।

বীরপ্রজায়িনী দ্র 'বীরপ্রজাবতী'।

বীরপ্রসবা, -প্রসবিনী † বিণ, স্ত্রী [বহুব্রী, °ব+ইন্ (ইনি) +স্ত্রী ঈ (ঙীপ্)] বীরপুত্রবতী, বীরসূ। "°বা ভব কু স ৭.৮৭। °নী ভব শ ৪$\frac{8}{8}$। °বা ভূয়াঃ উ.চ ১$\frac{২}{৩}$। তুমি বীরপ্রসবিনী হও সী ৪।

বীরবল বি সর্থ বীরবৌলি (?)। "ম.ম ১৬৫।

বীরবস্ত্র বি সর্থ 'বীরধটি'। "কেহ পরে °স্ত্র।—ম ১১৪৬।

বীরবাণা, -না বি [দ্র 'বাণা'] ১ বীরের পতাকা, রণপতাকা। "হয় হস্তী রথ পত্তি ধৃত বীরবানা শি ১৩। ২ ধর্ম্মবীরের পতাকা। "পাষণ্ডদলন বীরবানা ক চ ৩, বীরবাণ। পাষণ্ডদলন—জ ৩। রাজা হৈলা নিত্যানন্দ, পাষণ্ডদলন বীরবানা।—ব ৩৩।

বীরবানা দ্র 'বীরবাণা'।

বীরবিদ্যা বি মল্লবিদ্যা, মল্লযুদ্ধ। "বীরবিদ্যা-শিক্ষা শ্রী ৫১।

বীরবৌলি, -লী বি [দ্র 'বউলি'] ১ বীরের স্বর্ণের কর্ণভূষণবিশেষ। "শ্রী.মা ৫৮। বীরবৌলী কানে।—রঙ্গ ২১। সমাজের চারু কর্ণে বীরবৌলি তুমি অ.গু ৫৯। ২ (সাদৃশ্যে?) স্ত্রীভূষণবিশেষ। "কাণের সাজ কাণবালা, বীরবৌলী।—দা ১৬৩৩।

বীরবৌলী দ্র 'বীরবৌলি'।

বীরভদ্র † পুং [বহুব্রী] ১ বীরের ভদ্র যাহা দ্বারা, অশ্বমেধীয় অশ্ব। ২ [উপ স] বীর ভদ্রতুল্য, বীরশ্রেষ্ঠ। ৩ শিবের গণবিশেষ। "ভদ্রেতে মিশেন ভদ্র, ভূতের সঙ্গে বীরভদ্র।—দা ২০৭৯। মে ২১৮, -২০। [দক্ষযজ্ঞনাশার্থ শিবের ক্রোধাগ্নি হইতে ইঁহার উৎপত্তি (মহা ১২.২৮৩ ৫৩)। মতান্তরে, শিবের মুখ হইতে ইঁহার আবির্ভাব। ইঁহার সহস্র মস্তক চক্ষু ও পদ, গলিতরুধির ব্যাঘ্রচর্ম্ম ইঁহার পরিধান, ইনি অতিভীষণ ও ধনুকুঠারগদাধারী (বায়ুপুরাণ)। পুরাণান্তরে শিবের ঘর্ম্ম হইতে ইঁহার উৎপত্তি।] ৪ বীরণ।

বীরভাগ বি বীরবিভাগ, বীরগণ। "কৃ ৩১৪। যত °গ ম ১৮৯।

বীরমাটি, -টী বি মল্লের রঙ্গভূমির মৃত্তিকা, রাঙামাটি। "শ্রী মা ১৫। বীরমাটাভূষিত শ্রী ৫১, °টি ৫২, °টী ৬৯, ১৯০।

বীরমাদল বি সর্থ 'বীরমর্দ্দল'। "চ বি ৮১।

বীরশয় পুং, -শয্যা † স্ত্রী [ষ ত] বীর-শয়নস্থান, রণভূমি। "°য্যা মহা ১৩ ৭.১৩। °য় ভ ৩ ১৭ ৩০, ৬ ১০ ৩৩, °য্যা ১০.৪৪ ৪৪, শ্রী.ম ১৩৪। —য্যা স্ত্রী বীরাসন (নীলকণ্ঠ)। "মহা ১৩ ১৪২ ৮।

বীরশয্যা দ্র 'বীরশয়'।

বীরস্থান † ক্লী [ষ ত] ১ যোগীর বীরাসন। "°নেন অতিষ্ঠৎ মহা ৩ ১২২.২। ২ বীরলোক, স্বর্গলোক। "মহা ১৩ ৭ ১৩। ৩ ভীষণ অপ্রবেশ্য মহারণ্য (নীলকণ্ঠ)। "মহা ১৩ ১৪২ ৮।

বীরহা (-হন্) † বিণ [বীর+ √হন্+কিপ্ (০)-ক-১ব, উ ত, স্ত্রী -ঘ্নী] শত্রুঘাতক, রিপুনাশক।, —হা পুং ১ শূর বা নষ্টাগ্নি (মহীধর)। "বীরহণং পাপ্মনে।—শুক্লযজুর্ব্বেদ ৩০ ৫। ২ বিষ্ণু। ৩ নষ্টাগ্নি, অর্থাৎ যিনি পুত্রাদিকে গার্হপত্যাগ্নি সমর্পণপূর্ব্বক এক বৎসর প্রবাস করেন, তাদৃশ সাগ্নিক ব্রাহ্মণ (অ.টী)।

বীরাও বি [বীররাব > °ও (?), অপ্র] বীরের মত নাদ, গভীর গর্জ্জন। "বাঘা দিল বীরাও বিস্তার করি মুখ শ্রী ৮৬।

বীরাত্মজ বি [ষ ত] বীরপুত্র। —জা স্ত্রী বীরকন্যা।

বীরাঙ্গনা বি [ষ.ত] ১ বীরনারী, রণকুশলস্ত্রী। "রণরঙ্গে বীরাঙ্গনা সাজিল।—মে ৮১, °না সখী ৯৩। ২ বীরপত্নী।

বীরাশংসন + স্ত্রী [ষ.ত] 'বীরের প্রশংসাস্থান', রক্তমাংসাদি হেতু অতিভয়প্রদা যুদ্ধভূমি (অ টী) ; ভয়ঙ্করযুদ্ধভূমি। "মাঘ ১৯.৭৯।

বীরাসন স্ত্রী [ষ ত] ১ সাধকের আসন ; বাম উরুতে দক্ষিণ জঙ্ঘা স্থাপনপূর্ব্বক স্থিতি (রা টীকা)। "রা ২.৯৯ ১৫ , ৭.১০.৪। মহা ১৩. ১৪২.১০। বীরাসনে বসিয়া আছেন বনমালী কৃ ১। ২ রাত্রিতে খড়্গ-হস্ত হইয়া উপবেশনপূর্ব্বক জাগরণ (শ্রীধর)। "ভ ১ ১৬.১৭। ৩ রাত্রিতে ভিত্ত্যাদি আশ্রয় না করিয়া কৃত উপবেশন (কুল্লুক)। "মনু ১১.১১১। ৪ বাম উরুতে দক্ষিণ পদ ও দক্ষিণ উরুতে বাম পদ বিন্যস্ত করিয়া কৃত উপবেশন ; পর্য্যঙ্কবন্ধ। দ্র 'কু.স ৩.৪৫, মল্লিনাথ। "রঘু ১৩.৫২। ৫ এক পদ পাতিত ও অন্য পদ উরুতে বিন্যস্ত করিয়া ঋজু-কায় হইয়া কৃত উপবেশন। 'একপাদমধঃ কৃত্বা বিন্যস্যোরৌ তথাপরম্। ঋজুকায়ো বিশেন্ মন্ত্রী বীরাসনমিতীরিতম্॥—তন্ত্রসার। ৬ এক জানুতে ভর দিয়া কৃত উপবেশন (A.)। ৭ যোগপট্ট ছাঁদে কাপড় বাঁধিয়া কৃত উপবেশন। 'যোগপট্ট ছান্দে বস্ত্র করিয়া বন্ধন। বৈসেন সভায় মধ্যে করি °ন॥—চৈ.ভা ৭২ , ৮৮। ৮ বীরের উপবেশনস্থান ; রণদেশ, যুদ্ধস্থান। "মহা ১৩ ৭.১৩।

বীরুৎ (-ধ্) + স্ত্রী [বি + √রুধ্ + ক্বিপ্ (০)-ক-১ব, দীর্ঘ ; '°ৎ' —ওষধি (ঋগ্বেদ ১ ৬৭ ৯)] ১ 'বিশেষ-রোধক', শাখাপত্রচয়বিশিষ্টা লতা : প্রসারিণী লতা। 'লতা প্রতানিনী বীরুৎ (অ কো)। ২ লতা। "রঘু ৮.৩৬। কু স ৫.৩৪। কি ৪.১৯। ৩ কুষ্মাণ্ডাদি। "মনু ১১.১৪৩। ৪ শাখা। ৫ [+ √রুহ্ + ক্বিপ্-ক-১ব, হ্ > ধ্ > ৎ, পা ৭ ৩ ৫৩, কাশিকা] ছিন্ন হইলেও যাহা বিবিধপ্রকারে প্ররোহণ করে (মিতাক্ষরা) ; গুড়ূচী-প্রভৃতি লতা। "যাজ্ঞ ২ ২৩২।

বীরেন্দ্র + পুং [বীর ইন্দ্রতুল্য, উপ.স] বীরশ্রেষ্ঠ, মহাবীর। "°বৃন্দ। —মে ২৩ ; °কেশরী ৮৯।

বীরেশ + পুং [ষ.ত] ১ সর্থ বীরেন্দ্র'। "মে ৯৩। ২ শিব।—রেশ্বর পুং [ষ ত] ১ সর্থ 'বীরেশ'। ২ শিবলিঙ্গবিশেষ। "বীরেশ্বরং লিঙ্গ° কাশ্যাম্ (কাশীখণ্ড)।

বীরেশ্বর দ্র 'বীরেশ'।

বীর্য্য + স্ত্রী [বীর + য (য্যঞ্)] ১ বীরভাব, বীরত্ব, শৌর্য্য, সামর্থ্য, শক্তি। "ঋগ্বেদ ১ ৫৫.৩ , ৮০.১৫। রা ১ ১.১৮। অনন্ত° গী ১১.৪০। স্ববীর্য্যগুপ্তা হি মনোঃ প্রসূতিঃ রঘু ২.৪ ; মন্ত্রৌষধিরুদ্ধ° ৩২। ২ মনঃশক্তি। "ভ ৪.১৮ ১৫। ৩ উত্তমশক্তিসহিত উৎসাহ (অ.টী)। ৪ প্রভাব। 'জানে তপসো বীর্য্যম্ শ ৩ ২। ভ ৭.১১ ২২। ৫ সার, সামর্থ্য, অমোঘতা। "বীর্য্যবন্ত্যোষধানি কু.স ২ ৪৮। °বতি…ভেষজে কি ২ ৪। অগদং বীর্য্যত্তমম্ ভ ৬.২.১৯। সর্ব্বলোক শুনিলে মন্ত্রের বীর্য্য হয় হানি। —চৈ চ ১৬। ৬ শক্তি, ক্রিয়া। "উষ্ণ°, রূক্ষ°, শীত°, স্নিগ্ধ°। অনলো দারু-নিরুদ্ধবীর্য্যঃ ভ ৩ ৮ ১১। ৭ পরাক্রম। "ব্যাঘ্রবীর্য্যবলোপম—রা ২.৭০ ২০। ৮ পরাক্রমযুক্ত কর্ম্ম (সায়ণ)। "ঋগ্বেদ ১.৩২.১। সমুদ্রনিগ্রহা-দীনি চক্রে বীর্য্যাণি ভ ১ ৩.২২ , ১০ ৩৭ ২০। ৯ বিষ। "স্তনং দুর্জ্জর-বীর্য্যম্…দদৌ ভ ১০ ৬.১০। ১০ শুক্র, রেতঃ। "ভৃগুবীর্য্যসমুদ্ভব মহা ১.৫ ১৩। °প্রভবং (সেনান্যমুশন্তি দেবাঃ) কু স ৩.১৫। মহেশের বীর্য্য টলে ম.ভা ৮১। ১১ পৌরুষ, পুরুষকার। ১২ তেজঃ, প্রভা। "(দ্বিজ) মহাবীর্য্য যেন সূর্য্য ঢাকিয়াছে মেঘে।—ম ১৯১। ১৩ বৃক্ষাদির বীজ (seed)। —র্য্যা স্ত্রী সামর্থ্য, অতিশক্তিতা। 'বীর্য্যং বীর্য্যাতিশক্তিতা (রত্নকোষ)—অ.টী। [°কর (বিণ)—'বলকর', মজ্জা। °কাম (বিণ) —প্রভাবলিপ্সু। "ভ ২.৩.৩। °গুপ্ত (বিণ)—বীর্য্যরক্ষিত। দ্র 'বীর্য্য (১)। °প্রপাত (পুং)—রেতঃপাত। °মত্ত (বিণ)—বলদৃপ্ত। °শালী (-লিন্) বিণ—বলশালী, বলবান্। °সম্পন্ন (বিণ)—বলপ্রাচুর্য্যযুক্ত, বলী। °হানি (স্ত্রী)—১ বলক্ষয়। ২ তেজোহানি, ক্লীবতা।]

বীর্য্যপণ + বিণ [বহুব্রী] যাহার বলই মূল্য ; বীর্য্যশুল্ক। "উপায়েমে বীর্য্যপণাং বৈদর্ভীম্ ভ ৪ ২৮.২৯। —পণ বি [কর্ম্মধা] বীর্য্যরূপ শুল্ক। "কন্মিণী আনিবে বীর্য্যপণে শ্রী.ম ১১১।

বীর্য্যবন্ত বি [বীর্য্য + বন্ত] বীর্য্যবান্, বলী। "ম ৯০০।

বীর্য্যবান্ (-বৎ) + বিণ [বীর্য্য + বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী ; ছান্দস] ১ বলবান্, শক্ত, বলী। "রা ১.১.২। বীর্য্যবত্তমা। (বিদ্যা) মনু ২.১১৪। ২ সারবান্, অমোঘ। দ্র 'বীর্য্য (৫)। ৩ প্রযত্নাধিক্য-নির্ব্বর্ত্ত্য। "বীর্য্যবত্তি কর্ম্মাণি।—ছান্দোগ্য ১ ৩.৫।

বীর্য্যবৃদ্ধিকর + বিণ [°দ্ধি + √কৃ + অ (ট)-ক ; উ ত ; স্ত্রী -রী] ১ বলবর্দ্ধক, শক্তিজনক। ২ তেজস্কর, রেতোবর্দ্ধক। —কর স্ত্রী বলকর ঔষধাদি ; বাজীকরণ, বৃষ্য।

বীর্য্যশুল্ক + বিণ [বহুব্রী] বীর্য্যই যাহার মূল্য ; বীর্য্যপণ। "বীর্য্য-শুল্কেতি মে কন্যা রা ১.৬৬.১৭। মহা ১.৯৫.৭৭। —শুল্ক স্ত্রী [কর্ম্মধা] বীর্য্যরূপ শুল্ক , বীর্য্যপণ। "রঘু ১১.৪৭।

বীর্য্যহীন + বিণ [তৃ ত] ১ বলরহিত, শক্তিশূন্য। ২ তেজোরহিত, অবীজ। ৩ ভীরু। ৪ পৌরুষহীন, ক্লীব।

বীর্য্যাতিশয় + পুং [ষ ত] বলপ্রাচুর্য্য, অতিবল। "বধূ ৩ ৬২

বীর্য্যাধান + স্ত্রী [ষ ত] রেতোনিষেক, গর্ভাধান।

বীর্য্যাবদান + স্ত্রী [ষ.ত] বলসম্বন্ধী সৎকার্য্য , বীরকীর্ত্তি।

বীবধ ; বীবাহ ; বীহার + দ্র 'বিবধ , বিবাহ , বিহার'।

বু সর্ব্ব [সং √ব্রূ > প্রা √ব্রু (প্রা ম) > বু , তু 'প্রা কইত্তা (উক্তা)] বলা। "ঋষিএঁ বুইল শ্রী.কী ৪২। [বুইল, -লে, -লেক (বলিল), -ইলে (বলিলে), -ইলো, -লোঁ (বলিলাম,) -য়িল, -লী, -লেঁ , -লোঁ।—শ্রী.কী।]

বুইন বি [সং ভগিনী > বহিণী > বা বহিন > বুহিন, °ন ; হি বহিন ; ঠ বহীণ , গু বেন , প ভৈণ , সি ভেণু] সহোদরা, বোন। "°কাঁপো ম.ম ১৬৭ ; °ঝী ২১০।

বুঁজ অর্দ্ধ [সং √মুদ্রয় > প্রা √মুদ্দ > বা √মুদ > √বুদ্র > বুঁজ ; হি '√কর'—নির্ব্বাণ হওয়া ; ঠ '√কজ, -ঝ'—ছিদ্রাদি বন্ধ হওয়া] ১ বন্ধ বা নিমীলিত হওয়া। "ঘুমে চোখ বুঁজে আসে। ২ পূর্ণ হওয়া ; ভরিয়া যাওয়া। "শর্দ্দিতে নাক বুঁজে যায়। ধোয়াটে গর্ত্ত বুঁজে যায়। ৩ রুদ্ধ বা বন্ধ হওয়া। "ছেঁদা বুঁজে যাওয়া। —জ, -জা সর্ব্ব [বুঁজ + আ৮ , ঠ √কজ, -ঝ, √কজরি] ১ নিমীলিত করা ; বুঁজান। "চোখ বুঁজালে সব আঁধার। ২ পূর্ণ করা ; রোধ করা। "নাসিকার রন্ধ্রে তুলা দিয়া বুজাইব ভ গ্র ২০৫। [বুঁ(বোঁ)জা—১ সর্থ 'বুঁজ'। ২ নিমীলিত, বন্ধ (চোখ)। ৩ পূর্ণ, ভরাট (কূয়া, গর্ত্ত)। বুঁজান—সর্থ 'বুঁজা'। বুজা কূয়া—মাটিতে ভরাট-করা কূপ। "বুজাকূয়াগাড়েলা-ভিতরে ভ গ্র ৪১৫।]

বুঁজলা বি [বুঁজ > °লা ; ঠ কজ ; চিপা (শ্রীহট্ট) ; নুটি (বীরভূম)] ছিদ্র বুঁজাইবার নিমিত্ত খড়ের গোঁজা বা নুড়ি।

বুঁজা, বুঁজান দ্র 'বুঁজ'।

বুঁ(বুঁ)দ বিং [ফা 'বুত্'—পুতুল ; সং বুদ্ধ > °দ] পুতুল বা বুদ্ধমূর্ত্তির ন্যায় নিস্পন্দ বা জড় , নেশায় অভিভূত। "কেহ…বোতলের জোরে একেবারে বুঁদ হইয়া ব্যোমে উড্ডয়ন করত ভবনদী পার হইতেছে।—টেকচাঁদ।

বুঁদেলা বি [হি 'বুঁদ' (বিন্দু)—মূল ; হি বুঁদেলা] ১ ক্ষত্রিয়ের বংশ—গহরবার বংশের শাখা ; তদ্বংশজাত ক্ষত্রিয়। "বহে রক্ত-ধার বুঁদেলা-শরীরে।—রঙ্গ ১০১। [প্রসিদ্ধি, পঞ্চম নামে এক গহরবার ক্ষত্রিয় বিন্ধ্যবাসিনী দেবীর নিকটে আত্মবলিদানের ইচ্ছা করেন ঐ সময়ে তাঁহার শরীর হইতে যে রক্তের বিন্দু (বুঁদে) বেদির উপরে পতিত হয়, তাহা হইতে বুঁদেলা-বংশের আদি-পুরুষের উৎপত্তি হয়।

বুঁদেলা ক্ষত্রিয়ের বাসস্থান 'বুন্দেলখণ্ড' (বুঁদেলখণ্ড) নামে খ্যাত (হিন্দীশব্দসাগর)।] ২ বুন্দেলখণ্ডের অধিবাসী ক্ষত্রিয়।

বুক বি [সং বুক্ক > °ক, তু 'বুক্থ (বক্ষঃ—গো.চ)] ১ বক্ষঃস্থল। "বুক বেন্ধে চীর শ্রী কী ৩৮। (তোহারি) গরবে ভরল বুক চ.দা ১৪৫। ধন্য মোর বুক তেঞি সহি এতকাল।—জ ২৮। বুক কাঁপে শ্রী ৩৮। ২ সাহস; "বিদেশ গমনে বাপু বড় বুক চাই শ্রী ৭০, আঁখি-ঠারে দেবী তার বাড়াইল বুক ১৭১। ৩ দুঃসাহস। "ছেলে মেয়ে পথিক বান্ধে মাগীর এত বুক।—শ্রী ৯৮, পাপিষ্ঠ চোরের বড় বুক ১২০। বুক বাড়িয়াছে কার সোহাগে ভা.চ ২৯৮। ৪ ধৈর্য্য। "ছয় পুত্র মরিল বেটার বুকভারি। মোর নাম শুনি গেল বালুয়ার বাড়ী॥—ম ম ১০৩। রাণী বুক নাহি বান্ধে শ্রী ৪৮, ৭১। ৫ মন। "বুকে নাহি ডর শ্রী মা ১১; শ্রী ৯৬। দঢ় করি থাক বুক।—জ্ঞা ৯। কি যেন কি ভাব, কোমলতা আরো, হয়েছে সঞ্চার বুকে।—ন ৮২৯। ৬ স্তন। 'বুক দেখে বুক ফেটে যায়।—দা ২০৪২। ভাগ্যে ভাই মার বুকে দুধটুকু ছিল (পদ্মমালা)। ৭ জামার বুকের কাপড়। "এই যে জরি দিয়া জড়ান বুক, তুমি পরবে এত বুক।—দা ৫১০। ৮ দণ্ডায়মান পুরুষের বক্ষঃ-পর্য্যন্ত উচ্চতা-পরিমাণ। "মাল্লি এক বুক উচ্চ ব প ৬৬, পাটা বিছায় এক বুক উছল ৭২। ৯ উৎসাহ, প্রশ্রয়। "ভয় পরিহর রাজা শত্রু পায় বুক।—ম ৭৮২। বিশেষ প্রজার জাতি বুক পেলে মাতে।—শ্রী ১২৯। [°কাটা—যে জামার বুক বোতাম-দেওয়া। °দাবা—বুক দাবিয়া যাওয়া, সাহস-ভঙ্গ। "এই সংবাদে বুক-দাবা পাইয়া তাঁহার একেবারে চক্ষুঃ স্থির হইয়া গেল আ হু ১৫১। °পকেট—জামার বুকের উপরে পকেট। বিপ 'পাশ-পকেট'। °পাটা—পাটার মত আয়ত বুক, কপাটবক্ষঃ। "ম ১৯১। °পোরা—বুকভরা। 'বুড়োর তুই বুকপোরা ধন।—জা ১২। °ফাটা—হৃদয়বিদারক। "এ যে বুকফাটা দুখে গুম-রিছে বুকে, গভীর মরম বেদনা।—গান ২১৮। °শূল—হৃৎপিণ্ডের তীব্রবেদনাবিশেষ। "দা ৩৬৩।] [বুক আট হাত, দশ হাত বা পাঁচ হাত হওয়া—উৎসাহে বা সাহসে বুক অতিবিস্তৃত হওয়া; অধিক উৎসাহ বা সাহস হওয়া। "এত শুনে কানড়ার আট হাত বুক শ্রী মা ২০৫, প্রবেশ করিতে ঘরে পাঁচ হাত বুক ২০৬। যখন…শ্রী গাছের ডালে চড়িয়া নাচিয়াছিল, তখন কি তোমার বুক দশ হাত হইয়াছিল?—ব প্র ৪৯৫। বুক কাঁপা, বুক গুর-গুর করা—ভয়ে বা শীতে দ্রুত হৃৎপিণ্ডস্পন্দন হওয়া। বুক চচ্চড় করা—ঈর্ষ্যায় বুক ফাটা। বুক চাপড়ান—অতি-শোক-দুঃখে বক্ষে করাঘাত করা। বুক চিতিয়ে চলা—গর্ব্বে বুক ফুলাইয়া যাওয়া। "(হয়ে কুলের কুলবতী) বুক চিতিয়ে চলা।—দা ৩৭৩। বুক ঠুকে বলা—অতিসাহসপূর্ব্বক প্রতিজ্ঞা করা। বুক ঢিপঢিপ বা দুড়দুড় বা ধড়ধড় করা—ভয়ে বা ধাবনে দ্রুত হৃৎপিণ্ডস্পন্দন হওয়া। বুকত—বুকে (শ্রী কী)। বুক দলকান—সাহস-ভাঙা হওয়া, নিরুৎ-সাহ হওয়া। বুক দিয়া করা—দেহপাত করিয়াও বা প্রাণপণে কার্য্যে সাহায্য করা। বুক পাতা—আঘাতাদি-গ্রহণার্থ বুক বাড়াইয়া দেওয়া। বুক ফাটা—তীব্র শোকদুঃখে হৃদয় বিদীর্ণ হওয়া। "মধুসূদনের, হায়!, (শুনে বুক ফেটে যায়)!, এই পরিণাম বিধি লিখেছিল ভালে।—হেম ৬৵০। বুক ফাটে ত, মুখ ফোটে না—তীব্র দুঃখে হৃদয় বিদীর্ণ হয়, তথাপি মুখে তাহা প্রকাশ পায় না। বুক ফুলান—অহঙ্কার করা। বুক ফেটে মরা—তীব্র শোকদুঃখে বুক ফাটার মৃত্যুযন্ত্রণা ভোগ করা। "আমি কার মিছে দুখে মরিতেছি, বুক, ফাটিয়া।—স.ব ৯। বুক বলা—সাহস বাড়া। "হনুমানকে বাঁধ্যা বেটার বুক বল্যাছে বটে ব.প ৫৩৫। বুক বাঁধা বা বান্ধা—১ সাহস করা। "(বন্দুক) তুলিয়া লইতে কেহ নাহি বাঁধে বুক॥—ম ২০০। ২ ধৈর্য্যা-বলম্বন করা। "শিরে করাঘাত হানে বুক নাহি বাঁধে শ্রী.মা ১০৬। বুক নাহি বান্ধে ব প ৫১০, ৫৪১। পাঁচ দুখে মিশাল কেমনে বুক বাঁধে শ্রী ২৪৬। বুক বুক করে রাখা—অতিযত্নে বা মমতায় রক্ষা করা। বুক ভাঙা—হীনসাহস বা হীনোৎসাহ হওয়া। বুক ভাজিয়া পড়া—১ দয়ায় আর্দ্র হওয়া। "একটি হরিণী হায়! এরূপে পড়িয়া পথে, দেখিলে কি, তবু বুক পড়ে না ভাজিয়া?—ন ১১৪৪। ২ মন বিষাদে অবসন্ন হওয়া। "নিশ্চয় কি কৃষ্ণ তবে কারুকে পারেন নাই, চিনিতে? কারুর বুক পড়িল ভাজিয়া।—ন ১১৪৮। বুক ছেলা—হীনসাহস হওয়া, ভয় পাওয়া। "সংগ্রাম শুনিতে বুক ছেলে শ্রী ২৩০। বুকে উনান পাতা—উনানের আগুনে পোড়ার মত হৃদয় নিপীড়িত করা। "রঙ্গার বেটার বুকে পাতিব উনান শ্রী মা ১১০। বুকে ঘা মারা—১ শোক-দুঃখে বক্ষে করাঘাত করিয়া প্রাণ বাহির করার চেষ্টা করা। ২ বিপৎপ্রতিকার নিশ্চয় করিব, বলিয়া সাহস দেখান। "কার দেখি সাধ্য রোগ, ঔষধ করয়ে যোগ, বুকে ঘা মারিয়া অর্থ চায় ক চ ৮৮। বুকে পিঠে করে মানুষ করা—শিশুকে সর্ব্বপ্রযত্নে পালন করিয়া বড় করা। বুকে বসে দাড়ি উপড়ান—আশ্রয়দাতাকে পীড়িত করা বা হিংসা করা। "(নারী) বুকে বসে উপাড়ে দাড়ি, বাড়ী এলে সময়ে পাইনে খেতে।—দা ৫৫। বুকের পাটা—বক্ষের প্রসার। "বিপুল বুকের পাটা।—হ্ন ৫১। কারো বুকে, কারো পিঠে করা—(গৌণার্থে) এক জনকে আদর করা ও অন্যকে অনাদর করা।]

বুকড়ি বি [হি বগড়, ঠ বগড, ড় বগড়া] আ-কাঁড়ান মোটা এক-প্রকার চাল। 'বুকড়ি চালের ভাত অ শী ৩।

বুকনি বি [হি 'বুকনী'—চূর্ণ] ১ চূর্ণ, কণা, খণ্ড। "মিছরীর বুকনি। ২ কথার ফোড়ন। [বুকনি দেওয়া—কথার মধ্যে মধ্যে ভাষান্তরের টুকরা-কথা প্রয়োগ করা। 'কথায় ইংরাজীর বুকনি দেওয়া।]

বুকবুক বি [ধ্বন্যাত্মক] ১ কুকুরের অনুচ্চ রব। ২ গাড়ু ইত্যাদিতে জল ভরার শব্দ। ৩ বকবক করার শব্দ। 'মাথে হাত দিয়া বেটা বলে বুকবুক বা ম ১৮১।

বুকভাঙা, -ঙ্গা বিং ১ সাহস-ভাঙা, নিরুৎসাহ। "আপনি এমনি বুকভাঙ্গা হইয়া পড়িয়াছেন যে উঠে যেতে পা এগোয় না আ হু ৫৯। ২ হৃদয়বিদারক, মর্ম্মস্পর্শী। 'বুকভাঙা এক বিষম কথা প কা ৪৫। ৩ ভিতরপিঠ-ঘষা (শাঁখা)। 'ঘসে দিলে পসে যেত ঘসিবার নয়। বুকভাঙ্গা হৈলে শাঁখা খোলাকুচি হয়॥—শি ১০৬।

বুকভাঙ্গা দ্র 'বুকভাঙা।

বুক্ক্ † অক [ভ্বা, প—বুক্কতি, সেট্, ধ্বন্যাত্মক] বুক্কুরাদির রব।

বুক্ক † পুং, ক্লী [√বুক্ক্+অ (অচ্)-ক, তু 'বৃক্ক'] ১ অগ্রমাংস, হৃদয়, অগ্রমাস। ২ হৃদয়াভ্যন্তর, হৃদয়ান্তর্গত পদ্মাকারমাংসাবশেষ (অ টী)। —ক্ক পুং ছাগ, বোকা। —ক্কা স্ত্রী ১ সর্থ 'বুক্ক (১)। ২ শোণিত। —ক্কন ক্লী [+অন (ল্যুট্)-ভা, ধ্বন্যাত্মক] ১ কুক্কুর-রব, ভাষণ। "বুক্কুর ভুলে বুক্কন ধ্বনি কু.কে ২৭। ২ প্রাণিশব্দমাত্র। —ক্কার পুং কুক্কুররব।

বুক্কন, বুক্কা, বুক্কার দ্র 'বুক্ক'।

বুচকি বি [বোচকা+ই[৯], হি বকচী] ছোট গাঁঠরী।

বুজ[১] অর্দ্ধ [দ্র 'বুজ'] সর্থ বুঁজ (১-৩)। —জ, -জা[১] সর্দ্ধ [বুজ +আ[৮]] ১ নিমীলিত করা, বুজান। "দেখি যে, ব্রাহ্মণ·· চক্ষু বুজিয়া ডাবায় তামাকু টানিতেছে ব প্র ৬৪৩। ২ পূর্ণ করা, ভরান। "উদর নামে বৃহৎ গহ্বর, ইহা প্রত্যহ বুজান চাই।—ব প্র ৫৯৩।

বুজ[২], -ঝা[১] সর্দ্ধ [সং √বুধ্—(বুধ্যতে)—বুধ্য > লি, প্রা √বুজ্ঝ > বা (বুঝ, -জ) °ঝ, -জ, হি √বুঝ, প, সি √বুঝ, ঠ √বুজ, -ঝ, গু √বুজ, মৈ ব(বু)ঝ, ড় √বু্ঝিবা, বুহ্‌ঝ(চ)] ১ বিচার-

পূর্ব্বক জানা ; হৃদয়ঙ্গম করা ; বুঝা, সমঝান। "বুঝিলেক এই কন্যা সকলের জেঠ মী ১। হিতোপদেশ কি বুঝিবি কৃ ২৫১। বুঝাইলে না বুঝ বড়ই অশক্য ম.ম ১১৭। এ ফের বুঝিবে কে বা। তারে শুধে বুঝে যে বা॥—ভা.চ ৪৭৮। ২ অবগত হওয়া ; জানা। "বয়স বুঝিলে তার বড় দিদি হই ভা চ ৪০৯। ৩ বিচার করিয়া বা লক্ষণ দেখিয়া নির্ণয় করা। "অঙ্গদ বলে বুঝিলাম এই বেটা মেঘনাদ।—কৃ ২৪৯। অঙ্গদ বলে বুঝিলাম তোর এ সব কিছু নয় ২৫০। শব্দ-অনুসারে বুঝে দ্রৌপদীর রায়।—ম ৫৩০। ৪ হিসাব করিয়া দেখা বা ঠিক করা। "কাগজে বুঝিয়া আন কাগুয়ের কর শ্রী ৫৩০। বেসাতি কড়ীর লেখা বুঝ রে বাছনি ভা.চ ২৮৫। ৫ (তাৎপর্য্য) জানা। "বুজিতে না পারি বোল, মাদলে ত কিবা রোল গো.বি ৯২। ৬ (দোষের গুরুলাঘব) বিচার করা বা সমঝান। "বুঝে পড়ে শাস্তি কর মনে যত আছে।—কৃ ২৫০। ৭ মনে করা। "বুঝি বা রামের ডরে রৈতে নারি দেশে।—কৃ ২৫০। ৮ নিশ্চিত জানা। "কে ধরে এতেক বল বুঝিব সমরে শ্রী ১৬৯। বুঝি ললাটলিপি অবশ্য ঘটিবে ব.প্র ১৫। ৯ পরীক্ষাপূর্ব্বক জানা। "কৌশল করিয়া বুঝি বুঝ মোর মন।—দু ২৩। —জা[২], -ঝা[১] সর্ম্ম [বুজ, -ঝ+আ[৮] ; ঠ √বজা(ঝা)রি] ১ হৃদয়ঙ্গম করান, সমঝাইয়া দেওয়া ; বুঝান। "আহ্মারে বহলু বুঝাই বি প ১৪০। আত্ম কথা কহি মাত্র তোহ্মারে বুজাই ম.গা ১। বুঝাইলে না বুঝ ম.ম ১১৭। ২ প্রবোধ দেওয়া, আশ্বাসিত করা। "বুজাই বলিল রাজা সেই পক্ষী আনি ম.পা ৭৪। বুঝায়েন বন্ধুগণ চৈ.ভা ৫০। (টীকার অর্থ) কহিব মাত্র মন বুঝাইতে।—ভ.গ্র ৩। ৩ বিশেষভাবে নিবেদন করা। "আসিবারে চান্দ সাধু বলিবা বুজাইয়া ম পা ৯৮। ৪ উপদেশ দিয়া সমঝান। "অঙ্গদ বলে যত বুঝাই তোব মনে না লয়।—কৃ ২৫১। [বুজাই, -জিবাম, -জিমু (গো.চ)।]

বুজ[৩] বি [অপ্র] বিচার। "আবুজারে ধন দিলে করিলে না বুজ। —মী ২৩।

বুজগুড়ি বি [বুদবুদ—বুদ > বুজ+গুড়ি] ক্ষুদ্র বুদ্বুদ ; ভুড়ভুড়ি। "পচা পাঁকে পা দিলে °ড়ি ওঠে। মাছে °ড়ি কাটে।

বুজরুক্, -র্গ্ বি [ফা 'বুজ্‌রগ'—সাধুপুরুষ, হি, ঠ বজুর্গ] যে সাধুর বেশে অলৌকিক শক্তির ভান করে, সাধুবেশী ধূর্ত্ত। "আমাদের সিম্লে পাড়ায় এক মহাপুরুষ সন্ন্যাসী এসেছেন,…তিনি সোণা তইরি কত্তে পারেন…তিনি ভারি বুজরুক্।—হু ১২১। —রুকী, -র্গি, -র্গী বি [ফা 'বুজুর্গী'—অলৌকিক কার্য্য] ১ ধূর্ত্ততা, প্রতারণা। "আমরা কথার কটি সন্ন্যাসীর °কী ধরেচি।—হু ১২১। ২ সাধুতা। "ছোট লোকের °র্গি, জেনো মিথ্যা নিরন্তর।—দা ৩৫৫।

বুজরুকী, -রুগ্, -রুর্গি, -রুর্গী দ্র 'বুজরুক্'।

বুজা[১] ; **বুজা[২]** দ্র 'বুজ[১]' ; বুজ[২]।

বুঝ[১] দ্র 'বুজ[২]'।

বুঝ[২] বিং যে বুঝে, বুদ্ধিমান্, সমঝওয়ালা। "বুঝাইতে অবুঝ অবুঝ মানিয় বি.সা ২৪৬। [বুঝদার—যে বুঝে, বুদ্ধিমান্। বুঝ-শুঝ (হি সুধ বুধ)—বুদ্ধিশুদ্ধি, কাণ্ডজ্ঞান। বুঝ-সমুঝ —(একার্থক) বোধশক্তি। বুঝা[২]—সর্থ 'বুঝ[২]'। বুঝাওব—বুঝাব। "বি.সা ২৪৬। বুঝা গেল —বুঝিলাম। "বুঝা গেল ভাল মাসি বুনিপোভোলানী ভা.চ ৩৪০। বুঝান—১ সর্থ 'বুঝা[২]'। ২ প্রবোধবাক্য। "মায়ের বুঝানে গো চ ৪৫২। বুঝাপড়া—শাস্ত্রজ্ঞানে গুরুলঘু দোষ বিচার করা। দ্র 'বুজ[২] (৬)। বুঝা-সুঝা—১ (একার্থক) হৃদয়ঙ্গম করা, সমঝান। ২ বিদ্যা-বুদ্ধি-পরীক্ষা। "মালামাঝে পত্র দিব তাহে বুঝা-সুঝা ভা.চ ২৯৩। বুঝসি, -ঝাই, -ইআঁ, -ঝাএঁা, -ঝারিএঁা, -ঝাওঁ, -ঝাহ, -ঝিআ, -ঝিএ, -ঝিতেঁ, -ঝিল, -লেঁা, -ঝোঁ (শ্রী.কী)। বুঝোঁ (গো.চ)।]

বুঝন বি [বুঝ+অন] বুঝা। "জেবের মায়া বুঝন না জাএ—প ১২৭। বুঝন নাহি যায় চৈ.ভা ১৭৮। বুঝন না যায় চ.বি ২৬৯।

বুঝা[১] ; **বুঝা[২]**, **বুঝাজ** দ্র 'বুজ[২]' ; বুঝ[২]।

বুঝান্ত বি [বুঝ+অন্ত[৩] ; প্রা বুজ্ঝন্ত (বুধ্যমান)] যে বুঝে ; বুদ্ধিমান, মন্ত্রী। "বুঝান্তের কাছে বসিল হরি পুরন্দর গো.চ ৫৭।

বুট[১] বি [সং বৃত্ত > প্রা বট্ট > °ট (?) ; হি বট ; অস বুট] গোল কলায়বিশেষ, ছোলা। "আলো চাল আর বুট ভিজানা।—রামপ্রসাদ। [সাদা বুট—সাদা মটরবিশেষ।]

বুট[২] বি [E boot] জাঙ্ঘ-ঢাকা জুতাবিশেষ। "খট্-মট-বুট-শোভিত-পদ-শব্দিত ম্যাটিনেএ।—দ্বিজেন্দ্রলাল রায়।

বুট[৩], **-টা**, **-টি**, **-টা** 'টো' বি [বুট[১]—মূল ; হি বটা, -টী ; ঠ বটা, -টা, -টী ; গু বটী ; অস বুটা] ১ কাপড়ে ফুল গাছ ইত্যাদির আকারে বা বৃত্তাকারে রচিত সুতার বা রেশমের সূচীকর্ম্ম (embroidery)। ২ দেয়াল ইত্যাদিতে রচিত রঙের বৃত্তাকার ফুল গাছ ইত্যাদির চিত্র। "তাহাতে (গৃহে) রচনা লতা বুটা চারিভিতে ভ.গ্র ৪৩৯। [বুটতোলা—বুটাকাটা, ফুল বা লতার সূচীশিল্পে খচিত। "কেউ বলে, মোর °লা (বস্ত্র)।—দা ২৪৭। বুটদারি—সর্থ 'বুটতোলা' (কাপড়)। "কেউ পরেচেন °রি।—দা ১০৫২। বুটা(টি)দার—সর্থ 'বুটতোলা'। "বুটাদার ঢাকাইয়া বি.সু ১৯। বুটিদার মোড়াসা।—হেম ৩৭৮। জরির বুটাদার ঢাকাই ব প্র ৩৮৬। বুটোকাটা, বুটোদার—সর্থ 'বুট-তোলা'। "বুটোদার একলাই আ.চু ৬৬। ঝাড়বুটো-কাটা মেজের চাদর।—লী ৪১।]

বুড় অর্ম্ম [প্রা √বুড্ড > (বুড) °ড়, দ্র 'ডুব[২]' ; তু সং ব্রুড্ (ক.ক) —বুব্রোড় রঘু ১৭.৭২, মল্লিনাথ ; হি, মৈ √ব(ব)ড় ; ঠ, গু √বড] মগ্ন হওয়া, ডুবা। "বৃষ্টিজলে ডিঙ্গা বুড়ে ক চ ১৯৮। —ড়া সর্ম্ম [বুড় +আ[৮], হি √বড়া ; ঠ √বডার ; অস √বুরা] মগ্ন করা ; ডুবান। [বুড়ন (মৈ বুড়ন) —নিমজ্জন, ডুবা। বুড়া[৩]—১ সর্থ 'বুড়'। ২ {প্রা বুড্ড—(গাথাসপ্তশতী ১.৩৭)}—মগ্ন। বুড়ান—সর্থ 'বুড়া'। "ডিঙ্গা বুড়ান ম.ম ১৪৪। বুড়ি (ঠ বডী)—ডুবা। বুড়ি-পুড়ি—অতিবৃষ্টিতে ডুবা ও অনাবৃষ্টিতে পোড়া, হাজা-শুখা (শস্য)।]

বুড়বুড়ি বি [বুদবুদ > °ড়ি, অপ্র] বুদ্বুদ, ভুড়ভুড়ি। "পাটিকার বুড়বুড়ি উঠে বৎসর অন্তর গো.চ ১১১ ; ১১৯।

বুড়া[১], **-ড়ো** বিং [সং বৃদ্ধ > লি, প্রা বুড্ঢ, 'বুঢ্ঢ' (পৈ) > বা (বঢ, -ড) বুঢ, -ঢা, বুড়া, -ড়ো ; হি বড়ঢা, বঢ, -ঢা ; ঠ বঢ্ঢা ; গু বুঢ্ঢু, মৈ বুঢ় ; অস বুঢা] ১ বৃদ্ধ, প্রাচীন। "বুড়া বাপ গো.চ ৬২। বুড়া বর ঘটাব তোমারে ভা.চ ৫৯ ; ৬০। ২ জরাজীর্ণ। "বুড়া গরু পুঁজি ভা.চ ১০১,-২। ৩ বয়ঃপ্রাপ্ত, বয়স্ক। "বুড়ো মিনসে, মেয়ে। ৪ পরিণতিপ্রাপ্ত, পাকা। বিপ 'কচি'। "বুড়ো হাড়। ৫ (অপ্র) বৃহৎ, বড়। "ধান্যঘর বিস্তর দেখিয়া বুড়া বুড়া। যার বুড়ি বাধারে বাঁধিল এক পুড়া॥—শি ৭৩। ৬ জীর্ণ, পুরান। "বুড়া ঘর গো.চ ৪৩ ; বুড়া সাড়ি ৬৫, বুড়া এক খান চটি ৬৭, ২৬০,-১। —ড়া, -ড়ো বি বৃদ্ধ ব্যক্তি। "বুড়া বুঝিছে প্রচুর : বুড়ার বেড়ে গেল রঙ্গ।—কৃ ২৫৮। বুড়া হৈল কাল : বুড়ার জঞ্জাল : ঠক বুড়া শি ৯৪। বুড়ো বুড়ী দু'জনাতে মনের মিলে সুখে থাকৃত।—দ্বিজেন্দ্রলাল রায়। —ড়া বি [সং বৃদ্ধা > প্রা বড়ঢা > বা বুড়া ; তু 'বুরা' (ম.পা ১৬)] বৃদ্ধা, বুড়ী। "বুড়া বেটী ম.পা ১৭, ১৮। [বুড়া-আঙুল—বৃদ্ধাঙ্গুষ্ঠ। বুড়া কাপ—রঙ্গরস-প্রিয় বৃদ্ধ ; নকুলে বুড়া। "ওই এল শিব বুড়া কাপ।—ভা.চ ১১১। বুড়া খাসি—বড় বা পাকা খাসী। বিপ 'কুলখাসী'। "বুড়া খাসির তেল ম.ম ৯৬। বুড়িথুথ্‌ড়ি—অতিবৃদ্ধা। "ভাবিয়াছ আমায় বুড়িথুথ্‌ড়ি শ.প্র ১৩৮। বুড়ো থুলথুসে, থুথ্‌ড়ে ('বুঢ়া থুরকুন'—মালদহ)—অতি-

বৃদ্ধ, অতিস্থবির। বুড়ো খোকা—যে বুড়ো হইয়াও ছেলেমি করে (নিন্দায়)। বুড়ো বয়েস—বার্দ্ধক্য। বুড়ো বাঁদর—গালি। বুড়ো ময়না—যে স্ত্রীলোক কুপরামর্শ দিয়া কান ভাঙায় ; কানভাঙানী, ঘরমজানী। গোপীচন্দ্রের মা 'ময়নামতী' ইহার মূল, বোধ হয়। বুড়ো শালিকের ঘাড়ে রোঁ —মাইকেলের প্রহসননাট্য, (গৌণার্থে) বুড়ার যুবার মত বেশভূষায় সজ্জা ; বুড়ার যুবাসাজ। বুড়ো হাড়—পাকা হাড়, জীর্ণদেহ।]

বুড়া² অর্ক [বুড়া¹+আ⁹ ; হি √বুড়া] বুড়া হওয়া। "বুড়ালে পাগল বেটা বুদ্ধি হয় লোপ শ্রী মা ৯০ ; বুড়ালে দুর্ম্মতি ১১০। বুড়ালে ব্রাহ্মণ-কুলে ব্রহ্ম নাহি জান শি ২২, ভিখ মেগে খেয়ে আমি বুড়ালাম ৭২, বুড়ালে বর্ব্বর ৯৩। যৌবনে রমণ, নহিল ঘটন, বুড়াইলে পাবে ভালে ভা.চ ৩০১। [বুড়লি—বুড়া হইলি। "মোড়লী ক'রে বুড়লি পরের ঘরে। —দা ৮৪৩। বুড়িয়ে—বুড়া হইয়া। "দেখে শুনে গেলে বুড়িয়ে।—দা ৫৮।]

বুড়া³ দ্র 'বুড়'।

বুড়াটীয়া, -টে বিং [বুড়া¹+টীয়া, -টে] সদৃশ বা যোগ্য।

বুড়াটে দ্র 'বুড়াটীয়া'।

বুড়া(ড়ো)ম, -মি বি [বুড়া, -ডো+আম³, আমি²] বুড়ার কর্ম্ম, বুড়াপনা, জ্যেঠামি, পাকাম। "বুড়াম কথায় কিবা ফল (শ্রী)।

বুড়াহুড়া, বুড়োহুড়ো বি [বুড়া¹+হুড়া (অনু শব্দ)] বুড়া। "বুড়াহুড়া মিনসে হ'য়ে কেমন কর শয়া শি ৮৩। [বুড়োছুড়—সর্থ 'বুড়ো-হুড়ো'। "বুড়ো হউক ছুড হউক, তবু একে মেযে মানুষটা চক্ষে দেখতে পাবে তো।—আ হু ১১৬।]

বুড়ি¹ বি [অপভ্রংশ প্রা 'বোড্ডিআ' (কপর্দিকা—হে ৪ ৩৩৫) >বা (বোড়ি) °ড়ি, -ডিকা, সং রোড্রী, তু 'বুরি' (ম গা ৫)] বিংশতি কপর্দ্দিকা, পণের চতুর্থাংশ, পাঁচ গণ্ডা কড়ি (৲৫)। "দেড় বুড়ি ক চ ৭৩। ন বুড়ি: দেড বুড়ি শ্রী ১০২। পণে বুড়ি নিরূপণ ভা চ ২৮৪। আঠাব বুড়ি কড়ি শি ৯৪। —ড়িকা, -ড়্‌কীয়া, -ড়্‌কে বি এক শত পর্য্যন্ত বুড়ির হিসাব বা নামতা। "(মতিলাল) বুড়িকা ও পণিকার শেষ অক্ষর বলিয়া ফাঁকি সিদ্ধান্ত করিত আ হু ৩। [বুড়ি বুড়ি কড়ি—অনেক বুড়ি কড়ি। "শি ১৮।]

বুড়ি², -ড়ী বি [বুড়া+ঈ⁶, সং বৃদ্ধা >প্রা বড্ডী (প্রা ম), (বি মা ৫ $\frac{৫}{৫}\frac{৩}{৪}$) >বা বুঢ়ী, -ঢী, -ড়ি, হি ব'ঢিয়া : মৈ বড়িআ] ১ বৃদ্ধা, প্রাচীনা। "বুড়ি মএনা গো চ ১৩,-৪। বুড়ী কৃ ৪৩, ম ম ৫৭। বুড়ি ক চ ২৬১, বুড়ী ২৬২। বুড়ী ভা চ ২০৯। বুড়ী দিত দাঁতে মিশি। —দ্বিজেন্দ্রলাল রায়। ২ প্রথম কন্যার আদরের নাম। ৩ (আদরে) যে বালিকা বৃদ্ধার মত পাকা পাকা কথা বলে। ৪ লুকলুকানি (লুকাচুরি) খেলায় যে ছেলে বা মেয়ে বুড়ীর মত বসিয়া থাকে ও যাহাকে ছুঁইলে খেলা সাঙ্গ হয়। "খেলে লুকলুকানি আপনি হ'য়ে বুড়ী শি ১৮। —ড়ী বিং বৃহৎ। "°গঙ্গা [বুড়ীর সুতা (সং বৃদ্ধসূত্রক, ইন্দ্রতুল, বাতভূল)—আকাশ হইতে পতিত সূত্রবৎ পদার্থ। প্রসিদ্ধি, পূর্ব্বে আকাশ অত্যন্ত নীচু ছিল, উঠান ঝাঁড দিতে দিতে বুড়ীর মাথায় আকাশ লাগে, বুড়ী রাগিয়া ঝাঁটা মারিলে, আকাশ বুড়ীকে লইয়া উপরে উঠে। বুড়ী আকাশে বসিয়া যে সূতা কাটে, তাহাই বুড়ীর সূতা'।]

বুড়িকা ; বুড়ী দ্র 'বুড়ি¹, বুড়ি²।

বুড়ো ; বুড়োম ; বুড়োহুড়ো দ্র 'বুড়া¹, বুড়াম, বুড়াহুড়া'।

বুড়োহাবড়া বি বুড়া ও আবোড়, কাণ্ডজ্ঞানহীন বৃদ্ধ। "তেমন বুড়োহাবড়া হলেও যা হোক হতো, শাস্ত্রমত তোর মামীকে এখনও বালাশ্রী বলা যায়।—অ.প্র ২৭।

বুড়্‌কীয়া, বুড়্‌কে দ্র 'বুড়ি¹'।

বুঢ়, -ঢ়া বিং [দ্র 'বুড়া¹'] ১ বৃদ্ধ। "বুঢ়া মানুষ শ্রী কী ৩০৯। কাহার বোলে রাধা। ইচ্ছিলে বুঢ়া জটাধরে ক.চ ২৩। বুঢ়া বিপ্র : বুঢ়া বামনেরে চৈ.ভা ২৯৭। তেঁহো হৈলা বুঢ়া চৈ.চ ৩৩৫। ২ জরাজীর্ণ। "বুঢ় বয়স শ্রী.কী ৩৭৩। —ঢ়া বি বৃদ্ধ লোক। "কোথা গেল নাঢ়া বুঢ়া—যে আনিল মোরে চৈ.ভা ১৭২। বুঢ়ার বলদ শি ২৭। —ঢ়ি, -ঢ়ী বি বৃদ্ধা। "বুঢ়ী শ্রী.কী ১০,-১, বুঢ়ি দিল রাধিকারে ১৪৩। বুঢ়ী হৈল উপস্থিত ম.পা ১৫৪। [বুঢ়ীঅ মাই—বুড়া মা, মাতামহী। "শ্রী.কী ৭।]

বুঢ়া, বুঢ়ি, বুঢ়ী দ্র 'বুঢ়'।

বুদ্ধ § বিণ [√বুধ্+ত (ক্ত)-র্ম] ১ অবগত, জ্ঞাত, বিদিত। "রাজ্ঞাং বুদ্ধঃ পা ৩.২ ১৮৮, কাশিকা। ২ অনুভূত। ৩ [+ত-ক] জাগরিত। ৪ প্রবুদ্ধ, বুদ্ধিযুক্ত, সর্ব্বজ্ঞ। "মূঢ়ং বুদ্ধমবাত্মানম্ (মন্যে ভবদনুগ্রহাৎ) কু.স ৬ ৫৫। ৫ বিকসিত। —দ্ধ পুং ১ পণ্ডিত, বিদ্বান্। ২ (বৌদ্ধ-মতে) যিনি ধ্যানে জগৎকারণ অবিদ্যা জানিয়া কৃচ্ছ্রমুক্ত ও সিদ্ধার্থ হইয়াছেন এবং বিমল জ্ঞান লাভ করিয়া নির্ব্বাণলাভের পূর্ব্বে নির্ব্বাণের উপায় উপদেশ করিয়াছেন, তিনি 'বুদ্ধ'। [বৌদ্ধশাস্ত্রে পঞ্চবিংশতি বুদ্ধের উল্লেখ আছে। 'গৌতম' শেষ বুদ্ধ।] ৩ বৌদ্ধধর্ম্মের প্রবর্ত্তক শাক্যসিংহ বা গৌতম। [ইঁহার পিতা শাক্যরাজ শুদ্ধোদন, মাতা মায়াদেবী, পত্নী গোপা বা যশোধরা এবং পুত্র রাহুল। খৃষ্টজন্মের ৬২২ বৎসর পূর্ব্বে ইঁহার জন্ম, ৫৮৮ বৎসর পূর্ব্বে ইঁহার বুদ্ধত্বলাভ এবং ৫৪৩ বৎসর পূর্ব্বে ইঁহার মহাপরিনির্ব্বাণ হয়। ইনি তপস্যায় সিদ্ধিলাভ হেতু 'সিদ্ধার্থ' এবং বিমলবোধলাভ হেতু 'বুদ্ধ' নামে খ্যাত। বিষ্ণুর অবতার-গণের ইনি অন্যতম (ভ ১.৩.২৪। গী গো ১ ১৩)।] ৪ বুদ্ধমতানু-সারী। "রা ২ ১০৯.৩৪। —দ্ধ ক্লী [+ত-ভা] বোধ, জ্ঞান। [°কল্প (পুং)—বর্ত্তমান কল্প। এই কল্পে চার জন বুদ্ধ, গৌতম চতুর্থ। °গয়া (স্ত্রী)—গয়ার সন্নিহিত তীর্থবিশেষ। এই স্থানে গৌতম বুদ্ধ বোধিলাভ করেন। °ধর্ম্ম (পুং)—বুদ্ধপ্রবর্ত্তিত বৌদ্ধধর্ম্ম। °বচন (ক্লী)—বৌদ্ধ-ধর্ম্মসূত্র।]

বুদ্ধি § স্ত্রী [√বুধ্+তি (ক্তিন্)-ণ] ১ 'বোধসাধন', মতি, প্রজ্ঞা। "°লাঘব রা ২ ৫৮.৩০। বুদ্ধিবুদ্ধিমতামস্মি গী ৭ ১০। শাস্ত্রেষকুণ্ঠিতা বুদ্ধিঃ রঘু ১.১৯। অনুক্রোশ° উ মে ৫৪। ২ নিশ্চয়াত্মিকা অন্তঃকরণ-বৃত্তি (বেদান্তসার)। "তস্য বুদ্ধিরিয়ং জাতা (রামায়ণম্…করবাণ্যহম্) রা ১ ১ ৭১। এবং তস্য তদা বুদ্ধিস্ময়ন্ত্যাং সুবর্ত্তত মহা ৩ ৬২.১৩। মরণব্যবসায়° কু স ৪.৪৫। ৩ প্রত্যুৎপন্নমতিত্ব, উপ স্থতবুদ্ধ। "বুদ্ধি-র্যস্য বলং তস্য।—হি ২ ১২০। ৪ (সাংখ্যদর্শনে) তত্ত্ববিশেষ, 'মহৎ'-তত্ত্ব। "কারণম্…বুদ্ধেরিবাব্যক্তম্ রঘু ১৩ ৬০। ৫ আত্মবিষয়প্রজ্ঞা। নাস্তি বুদ্ধিরযুক্তস্য গী ২ ৬৬। ৬ বিচারশক্তি, বিবেকশক্তি। দ্র 'বুদ্ধিমান্' (৪)। বব° বুদ্ধির্ন সা বিদ্যা বিদ্যায়া বুদ্ধিরুত্তমা।—পঞ্চ ৫. ৩৬। ৭ [+তি-ভা] বোধ, জ্ঞান। "পা ৩.২ ১৮৮। ৮ প্রত্যয়, বিশ্বাস। "তমালোক্য ব্যাঘ্রবুদ্ধ্যা ক্ষেত্রপতয়ঃ সত্বরং পলায়ন্তে।—হি ৩$\frac{৫}{৬}$। ৯ (বাংলায়) কর্ত্তব্যবিষয়ে উপদেশ, পরামর্শ। "কি বুদ্ধি কর দিদি গো চ ৮১। বুদ্ধি বল নেত গো উপায় বল মোরে ম.ভা ১৬। ১০ উপায়। "তবে কার্য্য না হইল মোর সিদ্ধি। আর করিমু কোন বুদ্ধি।—গ ১২৭। ১১ উপায়োদ্ভাবনের শক্তি। "কড়াটিকের বুদ্ধি নাই মোর শরিলের ভিতর গো চ ৮১। ১২ যুক্তি। "স্ত্রী পুরুসে বুদ্ধি করি দালান দিবার চায় গো চ ২। [°কৃত (বিণ)—বুদ্ধিপূর্ব্বক-সম্পাদিত, বিচারপূর্ব্বককৃত। °গম্য, °গ্রাহ্য (বিণ)—বোধ বশীভূত, জ্ঞানগোচর। °চ্ছায়া (স্ত্রী)—আত্মায় প্রতিভাসিতবুদ্ধিক্রিয়া। °জীবী (-বিন্) বিণ—বুদ্ধি দ্বারা নিজকর্ত্তাহিতজ্ঞানবান্। "মনু ১.৯৬। °নাশ, °বিনাশ (পুং)—অন্তঃকরণের কার্য্যাকার্য্যবিষয়বিবেকাযোগ্যতা (শঙ্কর)।

"°নাশাৎ প্রণশ্যতি গী ২.৬৩। °পুরঃসর, °পূর্ব্ব, °পূর্ব্বক (বিণ) —জ্ঞান-পূর্ব্বক, বিচারপূর্ব্বক। "°পূর্ব্ব রা ২.২২.৮; ম.বি ১৩১। °বিবর্দ্ধন (বিণ) জ্ঞানবৃদ্ধিকর। "মনু ১.১০৬। °বিষয় (পুং)—জ্ঞানগোচর। °বৃদ্ধি-কর (বিণ)—মতিপ্রকর্ষজনক। "মনু ৪.১৯। °ভেদ (পুং)—'আমি কর্ম্ম করিব, ফলভোগ করিব'—এইরূপ বুদ্ধির চালন বা অন্যথাভাব। "গী ৩.২৬। °ভ্রম (পুং)—মতিভ্রম। °মোহ (পুং)—মতিবিভ্রম, বুদ্ধিনাশ। °যুক্ত (বিণ)—১ বুদ্ধিমান্। ২ কর্ম্মসিদ্ধাসিদ্ধিতে সমত্ব-বিষয়বুদ্ধিযুক্ত। "গী ২.৫০। °যোগ (পুং)—আত্মবুদ্ধিসাধনভূত নিষ্কামকর্ম্মযোগ। "গী ২.৪৯। °লাঘব (স্ত্রী)—বুদ্ধির অল্পতা; বুদ্ধি-হীনতা। "দ্র 'বুদ্ধি' (১)। °শস্ত্র (বিণ)—অমোঘ-বুদ্ধিশক্তিমান্। "মাঘ ২৮২। °শালী (-লিন্) বিণ—বুদ্ধিমান্, মতিমান্। °সখ, °সহায় (পুং)—মন্ত্রী, সচিব। °সম্পন্ন (বিণ)—বুদ্ধিশালী। "রা ১.১৭.৩। °স্থ (বিণ)—বুদ্ধিতে স্থিত; মনস্থিত। "অ° মনু ৩.২৬৬, কুল্লূক। °হীন (বিণ)—বোধরহিত, মূর্খ; অবিমৃশ্যকারী, অবিবেক। "বুদ্ধিহীনা বিনশ্যন্তি।—পঞ্চ ৫.৩৬।] [বুদ্ধে, -দ্ধ্যে (-বুদ্ধি+এ৫) —বুদ্ধিহেতু। "প্রভুর লোচন বুদ্ধে চন্দ্রমার রক্ষা ব.প ১২৮। (ও ব্রাহ্মণ) পড়িলা মাৎসর্য্যবুদ্ধ্যে আছাড় খাইয়া চৈ.ভা ১২৬।]

বুদ্ধিবন্ত, -মন্ত বিং [সং বুদ্ধিমৎ > প্রা বুদ্ধিমংত, -বংত; দ্র 'বন্ত, মন্ত'; তু 'হি বুধবান; ঠ বধ্বংত; অপ্র] জ্ঞানবান্, সুবোধ। "বুঝ বুদ্ধিবন্ত জন গো.বি ১০। বুদ্ধি স্থির করি কর্ণধার বুদ্ধিবন্তে ম.পা ১১১,-৩২,-৩৬।

বুদ্ধিমান্ (-মৎ) † বিণ [বুদ্ধি+মৎ (মতুপ্)-১ব; স্ত্রী -মতী] ১ প্রশস্তবুদ্ধি, মতিমান্, প্রাজ্ঞ। "রা ১.১.৯। (যান্তি লয়ম্) বুদ্ধির্বুদ্ধি-মতামপি কুটুম্বভরচিন্তয়া।—পঞ্চ ৫.৪। ২ বোধযুক্ত। "বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ মনু ১.৯৬। ৩ তত্ত্বদর্শী, সম্যগ্জ্ঞানী, পরমার্থদর্শী। "গী ৪.১৮, ১৫.২০। ৪ বিবেকশক্তিমান্। "(অহম্) বুদ্ধির্বুদ্ধিমতামস্মি গী ৭.১০।

বুদ্ধিশুদ্ধি § স্ত্রী [ষ.ত] ১ চিত্তের দোষরাহিত্য; বিশদ চিত্ততা। "এতেষাং নিত্যাদীনাং বুদ্ধিশুদ্ধিঃ পরং প্রয়োজনম্ (বেদান্তসার)। ২ বুদ্ধির তীক্ষ্ণতা; মতিপ্রকর্ষ। "এইবার বুদ্ধিশুদ্ধি বুঝিব তোমার ব.প ১১৫৭। ৩ তীক্ষ্ণ বিবেকশক্তি। "আপনার বুদ্ধিশুদ্ধি লোপ পাইয়াছে, আপনাকে যাহা ইচ্ছা তাহা করিতে দিব না ব.প্র ২৫৬।

বুদ্ধিহত বিং [সং হতবুদ্ধি, অপ্র] হতবুদ্ধি, নিরুপায়, বোকার মত। "রিক্তহস্ত গৃহস্থ দাঁড়ায় বুদ্ধিহত ভা.চ ১৭০।

বুদ্ধিহারা বিং যে বুদ্ধি হারাইয়াছে; হতবুদ্ধি, কর্ত্তব্যমূঢ়। "বুদ্ধিহারা হইয়াছি শুদ্ধি নাহি পাই ভা.চ ৮৫।

বুদ্ধীন্দ্রিয় § ক্লী [ষ.ত] জ্ঞানেন্দ্রিয়, অর্থাৎ চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্—এই পঞ্চেন্দ্রিয় (মনু ২.৯০,-১); (মতান্তরে) চক্ষুরাদি পঞ্চ ও মনঃ—এই ষড়েন্দ্রিয় (শব্দরত্নাবলী)।

বুদ্বুদ § পুং [তু 'কলংকলা'—বুদ্বুদ (দেশী ৬৯৫); হি কলকল, cf., E. bubble] ১ বর্ত্তুলাকার শূন্যগর্ভ জলবিকার; জলবিম্ব, ভুড়-ভুড়ি। "সততং জাতবিনষ্টাঃ পয়সামিব বুদ্বুদাঃ পয়সি।—পঞ্চ ৫.৭। ২ পঞ্চরাত্রীর কলল বা গর্ভাবস্থাবিশেষ। "তৎ (কললম্) পুনঃ পঞ্চ-রাত্রেণ বুদ্বুদাকারতাং ব্রজেৎ (অধ্যাত্মরামায়ণ ৪.৮.২২,-৩)।

বুধ্ § সক [ভ্বা, প—বোধতি; অনিট্ (ক.ক)] ১ অবগম, বোধ। ২ বিজ্ঞাপন। "বোধতি শিষ্যং গুরুঃ (ক.ক)। ৩ [ভ্বা, এ—বোধতি, -তে; সেট্] জ্ঞান। ৪ [দি, ও—বুধ্যতে; অনিট্] জ্ঞান, বোধ। ৫ চেতন; জাগরণ। [অনু—স্মরণ, উদ্বোধন। "অনুবোধিতোঽস্মি শ ১২/৫। অব—অববোধ, জ্ঞান। উদ্—১ উদ্বোধ, স্মরণ। ২ জাগরণ। ৩ বিকাশ। প্র—১ প্রবোধ, জ্ঞান। ২ জাগরণ। "রঘু ৫.৬৫। প্রতি—জাগরণ। "রত্নাবলী ৩.৬। সম্—জ্ঞান।]

বুধ § বিণ [√বুধ্+অ (ক)-ক; স্ত্রী -ধা] পণ্ডিত, বিদ্বান্। "বুধে নরাঃ মনু ১.১১১। বুধঃ...যক্ষপুত্রঃ ভ ৩.১.৩২। সারণ সচিবশ্রেষ্ঠ বুধ।—মে ৮। —ধ পুং ১ পণ্ডিতজন, ধীর, বিদ্বান্। "রক্ষতি এনং তু বুধযোগঃ।—মু ১২/৪। কহ ত্বরা করি, হে সচিবশ্রেষ্ঠ বুধ!—মে ২৯৮। ২ বিবেকী। "গী ৫.২২। ৩ দেবতা। "নৈ ১.১। ৪ বৃহস্পতিভার্য্যা তারার গর্ভজাত চন্দ্রের পুত্র: সৌম্য। "অপি লঙ্ঘিতমধ্বানং বুবুধে ন বুধোপমঃ রঘু ১.৪৭। [ইঁহার পুত্র পুরূরবা। ইনি চন্দ্রবংশের আদি-পুরুষ।] ৫ গ্রহবিশেষ (Mercury)। "রঘু ১৩.৭৬। দ্র 'বুধ পুং (১)। ৬ [বাঙ্গলায়; অপ্র] সিদ্ধপুরুষ, সিদ্ধা। "গুরু বুধ গো.চ ২৭৫,-৯। —ধা স্ত্রী জটামাংসী। [°জন (পুং)—পণ্ডিত। "ম ৬৬। °দিন (ক্লী), °বার, °বাসর (পুং)—বুধবার। °রত্ন (ক্লী)—বুধপ্রিয় মরকতমণি।]

বুধা দ্র 'বুধ'।

বুধাষ্টমী § স্ত্রী [উ.লো] ১ উভয়পক্ষের বুধবারযুক্ত অষ্টমীতিথি। ২ ব্রতবিশেষ। [পৌষ চৈত্র ও হরিশয়নকাল-ভিন্ন কালে ইহা অনুষ্ঠেয়।]

বুধিত § বিণ [√বুধ্ (দিবাদি)+ত (ক্ত)-র্ম্ম] বুদ্ধ, জ্ঞাত (অ.কো)।

বয়ুক-বেলায় আলসে হেলায়, গেল বেলা।—গান ১১৩। ১৮ [হি বেলা] কটোরা, বাটি। "হুধের বেলা রা শে ১০৩। [বেলা পড়া —দিবা অবসানাভিমুখ হওয়া। বেলা বাড়া—দিন বড় হওয়া; দিনমান মধ্যাহ্নাভিমুখ হওয়া। বেলায় বেলায়—দিনে দিনে, অর্থাৎ দিন থাকিতে থাকিতে। দ্র 'বেলা (৭)। বেলে, বেল্যায়—বেলায়, সময়ে। "°লে ক.চ ১৫৯। °য ব.প ৫২৭।]

বেলা² বি [বেল² > °লা; হি বেলা; তু 'রেল্লা'—বল্লী (দেশী ৭.৯৪)] বেলফুল। "বেলা তুলিল মালতী শূ ৩০।

বেলাকুল বিণ † [তৃ.ত] জলরাশিনিপীড়িত।

বেলাতট † স্ত্রী [ষ ত] সমুদ্রকূলোপান্ত, সমুদ্রতীর। "রঘু ৪.৪৪।

বেলাতিক্রম † পুং [ষ.ত] কালাতিপাত। "পঞ্চ ১ $\frac{২}{৪}\frac{৪}{৯}$।

বেলাতিগ † বিণ [বেলা + অতি- √গম্ + অ (ড)-ক উ ত] তীরগামী, উদ্বেল। "উদ্‌তিষ্ঠদ্ জয়াসক্তো °গ ইবার্ণবঃ মহা ২.২১.৬।

বেলাবলি † স্ত্রী রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা ২য় প্রহর, ঠাট দুই ম, জাতি সম্পূর্ণ (গী সা)।]

বেলাবীচি † স্ত্রী [উ লো] বেলাস্থ তরঙ্গ, বেলোর্ম্মি। "কি ৩ ৬০।

বেলাবেলি ক্রি.বিং বেলায়-বেলায়, দিনে-দিনে। "বেলাবেলি এড়াইল চম্পক নগর ব প ২৫৩। বেলাবেলি আয়োজন করহ ইহার ভা.চ ৩৮৩। কর বেলাবেলি,…সাজ বা দ ১৯৮।

বেলাল [বেল¹ > বেলা + ব⁴ > °ল অপ্র] বিল্ববৃক্ষের। "চন্দন বানাঅ তুলি বেলাল সিকড় শূ ২৯।

বেলি¹ বি [দ্র 'বেল², হি বেলি, ঠ রেল্লী] বেলফুল। "গান ১০৬।

বেলি², -লী বি [বেলা > °লি, -লী, হি বেলি, মৈ বেবি, বৈষ্ণব-সাহিত্যে] ১ কাল, সময়। "উ বেলি না জাইহ মথুরার হাটে ল। —শ্রী কী ৯২, যব গোধূলি সময় বেলি বি প ১৪। বেলি অসকালে চ দা ৬৯। বেলি দুই পহর চৈ.ম ৪৪। বেলি অবসান হৈল।—জ ১৮। ২ দিবা, দিনমান। "বেলি অবসান কালে বি প ৫৪। বেলি অবসান প র ১৩, ব প ৬৩৩, বেলী অবসান ১৪০৫,-৬। ৩ কালবিলম্ব। "পন্থ ছাড় ভৈল এত বেলী শ্রী কী ৮২। ৪ দিবামান ("মেঘেতে আচ্ছন্ন বেলি নারিলু বুঝিতে (ম)।

বেলিগারদ বি সর্থ 'বেণীগাবদ'। "(ম্যাজিষ্ট্রেট্) বাড়ী গিয়াছেন, এজন্য সকল আসামীরে °দে থাকিতে হইল ২৫, ১৫৮।

বেলুন বি [E. balloon] আকাশে উড়াব গ্যাসপূর্ণ থলির যান-বিশেষ, ব্যোমযান। "°যন্ত্র (চারুপাঠ, ২য ভাগ)।

বেলে¹ বি [সং বিলোটক] মৎস্যবিশেষ, বেলেমাছ।

বেলে² বি ১ বালির অংশযুক্ত (মাটি)। "মাটির মধ্যে বেলে বেটা ব প ১৪। ২ বালুকাপ্রচুর (মাটি)। "মেটেলও নয়, বেলেও নয, দো-আঁসলা মাটি।—দা ২০৭১। [বেলে পাথব—প্রস্তরবিশেষ।]

বেলেল্লা বিং ['রেল্লহল্ল'—বিলাসী (দেশী ৭.৯৬), হি 'বিলল্লা', মৈ 'বলেল'—মূর্খ] মূর্খ, দুশ্চরিত্র, লম্পট, অশিষ্ট। "এক শ বেলেল্লা বামুন…তাঁর অন্নে প্রতিপালিত হতো।—হ ১৫৭। বেলেল্লা ছোড়াদের আয়েসে আশ মেটে না আ হু ৯৪।

বেলেস্তারা বি [E. blister] ফোসকা তোলার নিমিত্ত দাহক ঔষধবিশেষ। "আ.হু ১২১।

বেলোয়ার বি সর্থ 'বেলাবলি (?)। "রাগ °র ম.পা ৯৬।

বেলোয়ারি, -রী বিং [ফা বিল্লৌরী] কাচনির্ম্মিত। "দুই হাতে চারি গাছি চুড়ি বেলোয়ারি অ গু ২২।

বেল্যা বি সর্থ 'বেলা²। "শ ৩০।

বেল্ল্ † অক [ভ্বা, প—বেল্লতি; সেট্] গতি, সঞ্চলন (ক.ক)। [উদ্—বিচলন, আকুলীভাব। "উদ্বেল্লন্তি উ চ ২.২৮।]

বেল্লন † স্ত্রী [√বেল্ল্ + অন (ল্যুট্)-ভা] ১ গতি, সঞ্চলন, কম্পন। ২ অশ্বাদির ভূমিলুণ্ঠন। ৩ [+ অন-ণ] কাষ্ঠময় দণ্ডবিশেষ; বেলন (rolling pin—ভাবপ্রকাশ)। —ল্লিত বিণ [+ ত (ক্ত)-ক] ১ সঞ্চলিত, কম্পিত। ২ বক্র, আকুঞ্চিত। "কেশান্…বেল্লিতাগ্রান্ মহা ৪ ৯ ১। ভ্রূভঙ্গাদ্ বেল্লিতবলী—(রাজতরঙ্গিণী)। ৩ [√বেল্লি + ত-র্ম্ম] বেষ্টিত। "°বাহুবল্লরীকা মাঘ ৭ ৭২। —ল্লিত স্ত্রী [√বেল্ল্ + ত-ভা] গতি, কম্পন।

বেল্লি † স্ত্রী [√বেল্ল্ + ই (ইন্)-ক, উ ৪ ১১৭, তু 'সং বল্লী > প্রা রেল্লী (হে ১ ৫৮), 'রেল্লা'—বল্লী (দেশী ৭ ৯৪)] বল্লী, লতা।

বেল্লিক বি [প্রা 'রেল্ল'—অবিদগ্ধ (প্রা ম)] মূর্খ, বর্ব্বর। "সে বেল্লিক বনমালা পরে কোন গুণে শ্রী মা ১৪৭; ২২২। এ অতি বেল্লিকের কর্ম্ম,…রমণী…অপবাধ করিলেও প্রহারের যোগ্য নয় ম ত ৫৮। দেখতে পাচ্ছ না, ব্যঙ্গ করচে, ওরা বেল্লিক গি.বি ৭৯।

বেল্লিত দ্র 'বেল্লন'।

বেশ¹ † পুং [√বিশ্ + অ (ঘঞ্)-ভা] ১ প্রবেশ। ২ [+ অ-র্ম্ম] বেশ্ম, গৃহ। "বেশান্ত (বেশ + অন্ত) বৃহদারণ্যক ৪ ৩ ১০। ৩ বেশ্যা-গৃহ। "মৃ ৮ ২৩। ৪ বেশ্যাজনাশ্রয় পটগৃহ। "মহা ৫ ১৫১.৫৭। ৫ সুবর্ণ-চন্দনাদিকৃত শরীরশোভা (অ টী), ভূষণাদিকৃত রূপান্তর, আকল্প, নেপথ্য, প্রসাধন, সাজ। "বিনীতবেশেন প্রবেষ্টব্যানি তপোবনানি নাম। —শ $\frac{১}{১}\frac{৪}{৫}$। হীনাম্বরবস্ত্র° মনু ২ ১৯৪। প্রচ্ছন্ন° পী ১৬। ৬ বেশ্যার ভৃতি বা আয। "মনু ৪ ৮৪,-৫। [°ধর (বিণ)—১ ছদ্মবেশী। ২ ভূষণাদিধারী। °নারী, °বধূ, °বনিতা, °যুবতি, °যোষা, °যোষিৎ, °স্ত্রী, °স্থা (স্ত্রী)—বেশ্যা। "°ষা মহা ৩ ১১৩ ৬। °রী মৃ ৩ ১০। °ষিৎ ক.সা ১২ ৯১। °ন্যাস (বি)—বেশ-বিন্যাস, প্রসাধন। "রাজ-কন্যা কর বেশন্যাস ব প ৮২৮।]

বেশ², -স² বিং [ফা বেশ্, মৈ বেস] ১ উত্তম, ভাল। ২ উৎকৃষ্টতর। ৩ অধিক, বেশী। "কম°, °কম। "বহুত চিজ বেস কিস্মতের বি.সু ১৯। ৪ ন্যায্য, যুক্ত, ঠিক। "বেশ কথা!। ৫ সুস্থ, কুশলী, নিরাপদ্। "এখন বেশ আছি। [বেশ দু পয়সা— বশেস কিছু অর্থ। বেশ! বেশ!—আচ্ছা! আচ্ছা! অত্যুৎকৃষ্ট!]

বেশআল বি [সং বেশবার > প্রা *বেসআর > বা °ল, অপ্র] (গৌণার্থে) মশলা। "পান বেশআল গো চ ২২১।

বেশধারী (-রিন্) † বিণ [বেস + √ধৃ + ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] ছলপূর্ব্বক রূপান্তরকারী, ছদ্মবেশী। "তাপসীবেশধারিণী গো.রা ৫ ১৮ ২১। —ধারী পুং ১ ছদ্মতপস্বী, ধর্ম্মধ্বজী। ২ বেশকারক, নট।

বেশন † স্ত্রী [√বিশ + অন (ল্যুট্)-ভা] ১ প্রবেশ। ২ [+ অন-র্ম্ম] গৃহ। ৩ (বাঙ্‌লায) বেশসাধনদ্রব্য, ভূষণাদি। "(সিন্দুর কাজর আলতা) এ কি বিকির ধন৹ নারীর বেশন।—গো ৭১।

বেশবন্ত বি [বেশ + বন্ত] বেশধারী, বিলাসী। "ম ১০৬২।

বেশবান্(-বৎ) † বিণ [বেশ + বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -বতী] ১ বেশ্যার আয় যে স্ত্রীর বা পুরুষের জীবিকা, বারবনিতার্থজীবী। "মনু ৪ ৮৪, কুল্লুক। ২ বেশযুক্ত।

বেশ(স)বার † পুং [বেশ (গতি) + √বৃ + অ (অণ্)-ক (অ টী), উ ত, 'বেষরাব' (স্বামী)] ১ 'ব্যঞ্জনমধ্যগামী', ব্যঞ্জনোপযুক্ত-হরিদ্রাদিচূর্ণ (অ টী), উপস্কর, বেসার, বাটনা। ২ অস্থিহীন শুষ্কির প্রস্তরে চূর্ণিত মাংস পিপ্পলীশুণ্ঠিমরিচগুড়ঘৃত-যোগে উত্তমরূপে পাক করিলে যাহা হয়, তাহা 'বেসবার'। "সুশ্রুত ১.৪৬ ৩৯৯-৪০০।

বেশর, বেসর² বি বেশধর > প্রা *বেসহর > বেস(শ)র (?), হি, ঠ বেসর] অর্দ্ধচন্দ্রাকার নাকের গহনা। "নাকেতে বেশর দিল।—কৃ ৮০। বেসর ক চ ১৪০, ম.পা ৭১, ৯৫, ব ১৩১। ডান নাকেতে বেসর নথ

বায়মাকে ব প ১৪৩৪। বেশর দু ৮, শ্রী.মা ৮৫; ব.প ১৮৬, চৈ.ম ৬৫, প ম ৪৪, গো ৭১; °খানি ব্র প ১৩৫। ময়ূরে বেশর।—দা ৯৮১, ১৪৮১, ১৬৩৩।

বেশাত বি [আ 'বিসাত্'—শারিফলক] পাশাখেলায় পণ বা বাজি। "হে অন্ধ পাশাতে যত লইবে বেশাত।—ম ৩৪৫।

বেশা(সা)র বি [সং বেশ(স)বার > প্রা *বেসআর > বা বেসা(শা)ব, ড় বেসর, তু 'বেশোঅর (শ্রী কী)] ১ সর্থ 'বেশবার (১)। ২ সরিষার বাটনা। "খইলের বেসার দিয়া জ্বাল দিয়াছে দচ ক চ ১৪২।

বেশী১ (-শিন্) † [বেশ+ইন্ (ইনি)-১ব] বেশবান্, প্রসাধনযুক্ত। "কাম°। ছদ্ম° ভ ৭ ৫ ২৭, বিকৃত° ৯ ৮ ৫।

বেশী২ বিং [ফা বেশী (বি)] ১ অধিক, অনেক (লোক, জিনিশ)। ২ উদ্বৃত্ত, অতিরিক্ত। বিপ 'কম'। —শী বি আধিক্য। "কমী°।

বেশ্ম (-শ্মন্) † ক্লী [√বিশ্+মন্ (মনিন্)-র্ম-১ব] ১ গৃহ, ভবন, সদন। "ঋগ্বেদ ১০ ১০৮ ১০। স্ব° রা ২ ২৬ ৬। পিতৃ° মনু ৯ ১৭২। ২ (জ্যোতিষে) নক্ষত্রস্থান। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—গৃহনির্ম্মাণকার্য্য। °বাস (পুং)—বাসগৃহ, শয়নমন্দির। "ক.সা ৫৫ ২৩৩। °ভূ (স্ত্রী) —গৃহভূমি, বাস্তু। °স্থূণা (স্ত্রী)—গৃহস্তম্ভ, খুঁটি।]

বেশ্মান্ত † পুং [ষ ত] গৃহমধ্যভাগ। "রা ২ ৪২ ২৩।

বেশ্য † বিণ [√বিশ্+য (ণ্যৎ)-র্ম] প্রবেশার্হ। —শ্য ক্লী যুন-প্রবেশার্হ', বেশ্যাগৃহ (মেদিনী)। —শ্যা স্ত্রী [বেশ+য (যৎ)+স্ত্রী আ (টাপ্), বেশ্যে (গ্রাম্য)] 'বেশার্হা', বারস্ত্রী, গণিকা। "গো.রা ১ ৮ ২৪। ত্বং বাপীব লতেব নৌরিব জনং বেশ্যাসি সর্ব্ব° ভজ।—মৃ ১ ৩২। শ্মশান-কুসুম-সম বর্জ্জনীয়া বেশ্যে (বেশ্যা) শ্রী ১০৫। [°গমন (ক্লী)—বেশ্যা-সহবাস। °ঘটক (পুং)—বিট। °জন (পুং)—বেশ্যারূপ জন বেশ্যা। °পতি (পুং)—জার। °পুত্র (পুং)—জারজ। °বার (পুং)—বেশ্যাগণ। °বাস (পুং) °বেশ্ম (-শ্মন্) ক্লী, °আশ্রয় '-শ্যাশ্র-' (পুং)—বেশ্যাগৃহ।]

বেষ † পুং [√বিষ্+অ (অচ)-ক] '১ অঙ্গব্যাপক', সর্থ 'বেশ (৫)। "মুনি° রা ১.৪ ৪। সম আভরণ বেষ ভ গ্র ১২১। ২ কৃত্রিম আকার। 'পা ৫ ১ ১০০, সি। ৩ সংস্থানবিশেষ। "যস্য দেবস্য যদ্ রূপং বেষঃ রা ১ ১৭ ১৯। [°ধর (বিণ)—দ্র 'বেশ১। °ধারী (-রিন) বিণ —সর্থ 'বেশধারী'। বেষী (-ষিন্) বিণ—সর্থ 'বেশী১।]

বেষ্ট্ † সক [ভ্বা, ঙ—বেষ্টতে, সেট] বেষ্টন। [আ—আবেষ্টন, পুটী-করণ। পরি, প্র, সম্—পরিবেষ্টন, সর্ব্বতঃ বেষ্টন।]

বেষ্ট † পুং [√বেষ্ট্+অ (ঘঞ্)-ভা] ১ বেষ্টন। "করবেষ্টম্…ভ্রম° দদা মহা ৭ ২৫ ২৭। ২ [+অ (অচ্)-ক] 'বেষ্টক', দন্তমূল। "দন্ত° (সুশ্রুত)। ৩ নির্য্যাস। ৪ শ্রীবেষ্ট, টার্পিন। ৫ [+অ-ণ] 'বেষ্টন-সাধন', প্রান্তবৃতি, বেড়া। —ষ্টক বিণ [+অক (ণ্বুল)-ক] বেষ্টন-কারক। "অঙ্গুলি° মহা ৭.১৩৬ ২১। —ষ্টক পুং প্রাচীর। —ষ্টক ক্লী ১ উষ্ণীষ, পাগড়ী। ২ নির্য্যাস। —ষ্টন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ পরিবৃতি, বলয়াকারে পরিক্ষেপ। "কৃত°। ভোগি°মার্গ রঘু ৪ ৪৮। ২ [+অন-ণ] উষ্ণীষ। "অস্পৃষ্টালক° রঘু ১ ৪২, শিরসা °শোভিনা ৮ ১২। চৈ ভা ৩৩৫। ৩ মুকুট। ৪ বৃতি, প্রাচীর। ৫ পরিধি। "কনককদলী° উ মে ১৬। ৬ মেখলা। ৭ বস্ত্রপট্টিকা (bandage)। ৮ কর্ণশষ্কুলী। ৯ গুগগুলু। ১০ শস্ত্রভেদ, বেড়া-পাক (?)। ১১ নৃত্যে অবয়বসংস্থানভেদ। ১২ যূপবেষ্টন রজ্জু। —ষ্টনক পুং রতিবন্ধবিশেষ। —ষ্টিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ পরিবৃত, পরিক্ষিপ্ত। ২ প্রাচীরাদিকৃতবেষ্টন। ৩ সংবীত, সমাচ্ছন্ন। "তৃণ-বেষ্টিতয়া রজ্জ্বা ক.সা ৬৫.১৯। ৪ ব্যাপ্ত, আচ্ছন্ন। "তমসা…বেষ্টিতাঃ মনু ১.৪৯। ৫ রুদ্ধ। —ষ্টিত ক্লী [+ত-ভা] ১ বেষ্টন, আশ্লেষ। ২ সর্থ 'বেষ্টন (১১)। —ষ্টিতরা বিণ [+তরা-র্ম] বেষ্টনীর পরিসীমা।
[°বংশ (পুং)—বেড়্বাঁশ। বেষ্টাইল—বেষ্টিত করিল, জড়াইল। "দু ১৪।]

বেষ্টক, -ষ্টন, -ষ্টনক, -ষ্টিত, -ষ্টিতব্য দ্র 'বেষ্ট'।

বেস১ বি [সং বেশ, -ষ > প্রা বেস] বস্ত্রভূষাদিকৃত শরীরশোভা। "দুই পাও মুছিয়া করে রতি বেস গো বি ১৭৩।

বেস২ দ্র 'বেশ২'।

বেসন ক্লী [পেষণ > °ন (?), হি, ঠ বেসন] দ্বিদল-চূর্ণ, ছোলা মটর ইত্যাদি ডা'লের আটা (ভাবপ্রকাশ)। "বি.পা ১৬৪।

বেসবার দ্র 'বেশবার'।

বেসর১ † পুং [তু 'সং বেগসর > প্রা বেঅসর]। অশ্বতর। "মাঘ ১২ ১৯। নৈ ১০ ৮, টীকা। বৃহৎসংহিতা ১৬ ২০।

বেসর২ দ্র 'বেশর'।

বেসরকারী বিং [বে২+°রী] সরকারীভিন্ন।

বেসাতি বি [আ বিসাতী] ১ ব্যবসায়ের দ্রব্য, পণ্য। "সুনার পাটেতে বেসাতির বৈসএ হাট শূ ৩৮,-৯। ২ ক্রেয় দ্রব্য। "তৈল লোণ কিনয়ে বেসাতি ক চ ৪৯। ৩ দ্রব্যক্রয়। "হাটে যায বেসাতির তরে ভা চ ২৩৮, বেসাতি কড়িব লেখা ২৮৫, বাজারবেসাতি করি মালিনী আনিল ২৭৮। [হাট বেসেবার জাবে—হাটে বেসাতি করিতে যাইবে। "°গো চ ৭২।]

বেসার দ্র 'বেশার'।

বেসারি বি [বেসালি > °রি] পাত্র, থালা। "ঈষদুষ্ণ সূপ দিল বেসারির পরে শি ৩২, ১০৭। —সালি বি [P vasilha—pail] দুধ জ্বাল দেওয়ার বা দই পাতার মাটির কড়া। "কেহ বা আছিল, দুগ্ধ-আবর্ত্তনে, চুলাতে রাখি বেসালি চ দা ৬৬; যতন করিয়া, বেসালি ধুইয়া, সাঁজে সাজাইনু দুধ ১০৮। বেসালিব ভিতর দুগ্ধ রেখে পীরকে ফাঁকি দিল।—শ্রা ৩৫।

বেসালি দ্র 'বেসারি'।

বেসুর, -রা, -রো বিং [বে২+সুর, হি বেসুরা, ঠ বেসুর] বিকৃত-স্বরযুক্ত, যাহার স্বরসমূহের পরস্পর মিল নাই। "এখন বেসুর তানে বাজিছে সেতার।—গান ১৫০। —সুর বি বিকৃত স্বর, অনৈক্য সুর। "বেসুর কেবল পাগলের এই গলায প কা ৭৮। —সুর ক্রি বিং বিকৃত সুরে। 'বীণা বাজিছ বেসুর।—ন ১২৫২। [বেসুরা গলা—যে গলার সুর সাধা নয়। বেসুরা লাগা—সুরের অনৈক্যবোধ হওয়া।]

বেসুরা, বেসুরো দ্র 'বেসুর'।

বেসো বি [বাস > °সো, দ্র 'ও৬] 'সম্পর্কগন্ধযুক্ত', দূরসম্পর্কীয় লোক। "যারে বেটা বেসো: মুই বেসো বটি, মামা বটে মোর: ছার-কপালে ছি রে বোসো শি ৮২।

বেহতর বি ['ফা বিহতর্'—better] কঠোর। "এয়সা বদ্জাত আদমিকো সাজা মিলনা বহুত বেহতর আ দু ১৭৮।

বেহদ্দ বি [বে২+হদ্দ] ১ সীমাহীন, অত্যন্ত। "বেহদ্দ বেগড়। —হেম ৩৭৯, বেহদ্দ সুখের সাধ ৩৯০। এমন বেহদ্দ আর, তাল-কাণা কেহ কি লো হয়?—ন ১০৮৯। ২ অধিক। "বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়।—হেম ৩৮৭। ইনি…বুদ্ধিতে কাশ্মীরী গাধার বেহদ্দ।—হ ১৩। [বেহদ্দ বেহায়া—অতিনির্লজ্জ।]

বেহন্দ বি সর্থ 'বৃহন্দ'। "সদর মফসল ক্রমে তিন চারি বেহন্দে এমারত সমস্ত তৈয়ার হইয়া· ·পুরি প্রস্তুত হইল ব প ১৬৮৭।

বেহাই দ্র 'বিয়াই'।

বেহাগ বি [হি বিহাগ] রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ২য় ও ৩য় প্রহর, ঠাট দুই ম, জাতি ঔড়ব, রি ধ বর্জ্জিত (গী সা)।]

বেহাত বিং [বে২+হাত] হাত-ছাড়া, অধিকারবহির্ভূত।

বেহান১ বি [বিহান১ > °ন, হি বেহান] ১ সর্থ 'বিয়ান'। "হইল বেহান ব প ২৫০। বেহান বেলায় ম.ম ৫৪। রা.স ৩১। ২ ঊষাকাল।

"হেন স্বপন কহিল বিহানে ম.ম ২৭। ৩ সকালবেলা। "বেহান বিকাল যার রহল সেবনে ক চ ১৬৬। [প্রত্যুষ বেহান—১ অতিপ্রত্যুষে। "চৈতন্ত পাইলা রাজা প্রত্যুষ বেহান বি.পা ১৯৪, ২০৫। ২ প্রভাতে। "সর্ব্বথা মোচন হবে প্রত্যুষ বেহান বি পা ২০৩।]

বেহান, বেহান্নী দ্র 'বিহান২'।

বেহায়া বিং [বে২+আ হবা] লজ্জাহীন, নির্লজ্জ। "বিয়ারাত্রে বেহায়া বড় বি.সু ৬২। বেহায়া মাগী গোপিকে।—দা ২২৭। বটে রে বিটলেরা —বেহায়ার বালাই আ. ছু ৫১। জা ২৬।

বেহার বি [বিহার > °র: অপ্র] ১ লীলাস্থান। "পরভুর কনক বেহার শূ ৯১। ২ লীলা। "বৃন্দাবন···বেহারের স্থল শ্রী মা ২০৪। [বেহারে —পরিভ্রমণ করে। "গো বি ৫৩।]

বেহাল বিং [বে২+হাল৪] দুর্দ্দশাপন্ন, সর্ব্বস্বান্ত, বেকার। —হাল বি দুর্দ্দশা, দুর্গতি, দুরবস্থা।

বেহালা, বেহালাদার দ্র 'বিয়ালা'।

বেহি(হে)সাব বিং [বে২+হিসাব] যাহার হিসাব নাই, অপরিমিত (খরচ)। —সাব ক্রি বিং পাত্রাপাত্রনির্ব্বিশেষে, গুরুলঘুনির্ব্বিচারে। "(রজপুত) দেবে কোটালব বাড়ী কহে বেহেসাব বি.সু ৭৯। বেহিসাব কহগে তব সাজাই পাওগে ১০১। —হিসাবী বি যে পরিণাম ভাবিয়া কাজ করে না, অবিবেচক (লোক)। [বেহিসাবে—হিসাব বিনা, অন্যায়পূর্ব্বক। "বেহিসাবে একবিন্দু না পাবে লইতে ভা চ ৪০৬।]

বেহিসাবী, বেহিসাবে দ্র 'বেহিসাব'।

বেহুঁ(হেঁা)শ বিং [বে২+ফা হোশ] ১ অজ্ঞান, অচৈতন্য। "বেহোঁশ হইয়া তারা হাত-পা আছাড়ে ভা চ ৪৯৭। ২ কাণ্ডজ্ঞানহীন, অবিবেচক।

বেহুদা,-র্দ্দা বিং [ফা বেহুদহ] ১ অসম্ভব। ২ হানিজনক, ক্ষতিকর। "বেহুর্দ্দা কোন কর্ম্ম E P 80 ৩ অশ্লীল।

বেহুর্দ্দা দ্র 'বেহুদা'।

বেহেড বিং [বে২+head] বিকৃতবুদ্ধি, হিতাহিতজ্ঞানহীন।

বেহেসাব; বেহোঁশ দ্র 'বেহিসাব, বেহুঁশ'।

বেহ্ম বি [ব্রহ্ম, ব্রাহ্ম > °হ্ম, গ্রাম্য] ১ ব্রহ্ম। '°জ্ঞানী। ২ ব্রহ্মো-পাসক। "সে যে বেহ্ম সমাজ করেচে।—লী ১০। [°ডেঙ্গা-অত্যুচ্চ স্থান। °তেলো—ব্রহ্মতালু। °দত্তি—ব্রহ্মদৈত্য। "লী ৯৮।]

বৈ১ ব্য ১ পাদপূরণ। ২ সম্বোধন। ৩ অনুনয়। ৪ অবধারণ। "বয় বৈ।—রা ১৫৮৪। আপো বৈ নবসুনবঃ মনু ১১০। আত্মা বৈ জায়তে পুত্রঃ চৈ চ ১৬৭। ৫ সমুচ্চয়। "স বৈ স্পর্শগুণঃ মনু ১৭৬। ৬ হেতু (SW)।

বৈ২ বি বহির্গত শিকড়। "পানীকচুর বৈ ম ম ৯৫।

বৈ৩ দ্র 'বই১'।

বৈঁতি বি ইলিশ-মাছ ধরার জাল, ইলশা জাল। "আ ছু ৭।

বৈকঙ্কত + বিণ [বিকঙ্কত+অ (অণ), স্ত্রী -তী] বিকঙ্কতকাষ্ঠময় (স্রুবাদি)। —ঙ্কত ক্লী বিকঙ্কতফল, বৈঁচফল।

বৈকণ্ঠ বি [সং বৈকুণ্ঠ, তু 'কণ্ঠ'] বৈকুণ্ঠ। 'বৈকণ্ঠ ভুবন। শ্রী মা ২০৭,-১০, ২৩, °নিবাসী ২২৬। [°নাথ—বিষ্ণু। "শ্রী মা ২০১।]

বৈকর্ত্তন + পুং [বিকর্ত্তন+অ (অণ্)] ১ 'বিকর্ত্তনপুত্র', কর্ণ। "মহা ১.১১১,৩১। ম ২২৪, ৩৩১। ন ১১৮৪। ২ সুগ্রীব।

বৈকল্পিক + বিণ [বিকল্প+ইক(ঠক্)] বিকল্পসম্বন্ধী, বৈভাষিক, পক্ষান্তর-যুক্ত। "মনু ২৬, কল্পক।

বৈকল্য + ক্লী [বিকল+য (ষ্যঞ্)] ১ বিকলভাব, বিকৃতি, দোষ। "চক্ষুর্বৈকল্য। ২ বিক্ষোভ, অশান্তি। "চিত্ত' সী ৩৮। ৩ অযথাভাব। "অর্থ' মনু ৮.৯৫। ৪ অসম্ভব। "বৃত্তি' মনু ১০.৮৫। ৫ অঙ্গবিকার। ৬ ব্যাকুলতা। "বৈকল্য করিছে শিশু প্রাণেতে কাতর ব.প ৭৫০।

বৈকারিক + বিণ [বিকার+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ বিকারসম্বন্ধী, বিকৃতিজাত। ২ সাত্ত্বিক। "(অহঙ্কারঃ) বৈকারিকঃ ভ ২৫২৪, ৩০। —রিক ক্লী বিকারভাব। "গো রা ৬৯৯৫।

বৈকাল বি [বৈকালিক > °ল, '°ল' (পুং—A)] বিকাল, অপরাহ্ণ। —লি বিং [বৈকালিক > °লি] বিকালসম্বন্ধী, আপরাহ্ণিক। "বৈকালি ভোজন করি শ্রী ম ১১৪। —কালি বি বিকালে দেবতাকে নিবেদিত নৈবেদ্য। "বৈকালি সামগ্রী আনি দিলেক মালিনী ভা চ ৩৩৯। [বৈকালি ফুল—বিকালে দেবতার সজ্জার্থ মালার ফুল। "তুলিতে বৈকালি ফুল আইল সেই পাড়া ভা চ ২৭৯।]

বৈকালি দ্র 'বৈকাল'।

বৈকালিক + বিণ [বিকাল+ইক (ঠঞ্), স্ত্রী -কী] বিকালসম্বন্ধী, আপরাহ্ণিক। "বৈকালিক নিদ্রা ভা চ ৩৭৫।

বৈকুণ্ঠ + পুং [বিকুণ্ঠা+অ (অণ্), বিকুণ্ঠা (বিবিধমায়া)+অ (অ টা)] ১ 'বিকুণ্ঠার অপত্য (ভ ৮৫৪), বিবিধমায়াযুক্ত', বিষ্ণু, কৃষ্ণ। "ভ ১.১৫৪৬। বৈকুণ্ঠ কুণ্ঠিত অতি বৈকুণ্ঠ বিহনে।—ম ১২২৭। ভা.চ ৬। ২ ইন্দ্র। —কুণ্ঠ পুং, বহুব, বৈকুণ্ঠস্থ দেবগণ। "ভ ৮৫.৪। —কুণ্ঠ পুং, ক্লী বিষ্ণুলোক। 'ভ ৮৫৫। ম ১২২৭। —কুণ্ঠা স্ত্রী বিষ্ণুশক্তি। [°চতুর্দ্দশী (স্ত্রী)—কার্ত্তিকশুক্লচতুর্দ্দশী। °নাথ (বি)—কৃষ্ণ। "ম ১২২৭। °পুরী (স্ত্রী), °ভুবন (ক্লী), °লোক (পুং)—বিষ্ণুপুরী, বৈকুণ্ঠ। "°রী।—কৃ ১। °বসতি (বি)—বৈকুণ্ঠে বাস। 'ম ১১২৭।]

বৈকুণ্ঠা দ্র 'বৈকুণ্ঠ'।

বৈকৃত + বিণ [বিকৃত+অ (অণ) স্বার্থে, পা ৫৪৩৬, কাশিকা, স্ত্রী -তী] ১ বিকৃত, বিকারপ্রাপ্ত। ২ বিকৃতাকার। ৩ বীভৎস, ঘৃণার্হ। "(তান্) বেষগ্রহণ-বৈকৃতান্ মহা ২২১৪২। ৪ সাত্ত্বিক। "সাংখ্য ২৫। ৫ অপ্রাকৃত, স্থাবরাদিক (সর্গ)। "ভ ২১০৪৬। —কৃত ক্লী [+অ ভাবার্থে] ১ বিকৃতভাব, অন্যথাভাব, পরিবর্ত্তন। ২ বিরূপতা, ভিন্ন প্রকার। ৩ অস্বাভাবিক ভাব। 'গো রা ১৯৪৪। ৪ কপট, শাঠ্য। "ন দর্পো নাপি বৈকৃতম্ মহা ৩১৪৯১৫। ৫ দুর্নিমিত্ত, দুলক্ষণ। "প্রতীপ-পবনাদি বৈকৃতম্ রঘু ১১৬২। ৬ বিক্ষোভ, অশান্তি। ৭ বীভৎসভাব, ঘৃণার্হভাব। —তিক বিণ [°ত+ইক (ঠন্) স্ত্রী -কা] ১ বৈকৃতবান্, বিকৃত। ২ [বিকৃতি+ইক] (সাংখ্য) বিকৃতিযুক্ত, প্রকৃতিবিলক্ষণ। —কৃত্য ক্লী [বিকৃত+য (ষ্যঞ্)] ১ বিকৃতভাব, বিকার। ২ কাপট্য, ক্রূরতা। 'বৈকৃত্যং পরিহর্ত্তব্যং শত্রুপক্ষে বিশেষতঃ গো রা ৫৮৫২২। ৩ দুর্নিমিত্ত।

বৈকৃতিক, বৈকৃত্য 'বৈকৃত'।

বৈক্লব,-ব্য + ক্লী [বিক্লব+অ (অণ্), +য (ষ্যঞ্)] ১ বিক্লবভাব, ব্যাকুলতা, বিহ্বলতা। "শোকবৈক্লব্যকারণ মহা ১২৩২২। ২ চিত্ত-বিক্ষোভ, আর্ত্তি, বিষাদ। "শ ৪৬, প্রত্যঙ্গবৈক্লব্যা ৭২১২। ৩ বিমূঢ়-ভাব, সম্মোহ।

বৈক্লব্য দ্র বৈক্লব'।

বৈক্ষ বি [বক্ষ > °ক্ষ, তু ' 'ভৈক্ষণ, লৈক্ষণ', অপ্র] বক্ষ। "গো.বি ২।

বৈখরী + স্ত্রী [খ (আকাশ)+√রা গ্রহণ+অ (ক)-ক—খর, বিশেষে পর (সুপসুপা)—বিখর+অ (অণ্) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] চতুর্ব্বিধ-বাগবৃত্তির একতমা, শব্দনিষ্পত্তি। দ্র 'পশ্যন্তী'।

বৈখানস + বিণ [°স+অ (অণ), স্ত্রী -সী] বৈখানসসম্বন্ধী, বান-প্রস্থসাধ্য। "বৈখানস' মার্গমাস্থিতঃ রা ২৫২৭১। "নসম্···ব্রতম্ শ ১২৪। —নস পুং [বিখনস্+অ (অণ্), ব্রহ্মবোমনখজা বালখিল্যা বৈখানসাঃ 'যে নখান্তে বৈখানসাঃ ইতি শ্রুতেরিতি কতকঃ (রা. টীকা)] যিনি তপস্তায় ব্রহ্মাকে জানেন (শক), তৃতীয়াশ্রমী, বানপ্রস্থ। "রা ১৫১২৮। রঘু ১৪২৮। ভট্টি ৩৪৬। [ইঁহারা চতুর্ব্বিধ বনবাসীর একতম এবং অকৃষ্টপচ্যবৃত্তি, অর্থাৎ স্বভাবজাত ফলমূলাদিতে জীবনধারণ

করেন (ভ ৩.১২.৪৩)।] [°মত (ক্লী)—বৈখানসশাস্ত্রোক্ত ধর্ম্ম। "মনু ৬.২১।]

বৈগুণ্য † ক্লী [বিগুণ+য (ষ্যঞ্)] ১ বিগুণভাব, নির্গুণত্ব। ২ দোষ, কোপনভাব। "অনিল° (সুশ্রুত)। ৩ উচ্চারণদোষ। "বর্ণস্বর°রহিত মনু ২.১৪৪, কুল্লুক। ৪ অকৌশল, অকুশলতা। "(মন্ত্রিণঃ) বৈগুণ্যাৎ গো.রা ৩.৪৫.৯। বৈগুণ্যাৎ প্রাজ্ঞকস্য মনু ৮ ২৯৩। ৫ হীনতা, অপকর্ষ। "বৈগুণ্যাজ্জন্মনঃ মনু ১০.৬৮। ৬ গুণবৈষম্য, ভিন্নধর্ম্মতা। ৭ প্রতিকূলতা, ক্রূরতা। "গ্রহ° ম.পা ৫৮; ৬৩, (ধৃতপাঠ 'বৈগুণাত্তা')। বা.দ ৪১।

বৈচক্ষণ্য † ক্লী [বিচক্ষণ+য (ষ্যঞ্)] বিচক্ষণভাব, কুশলতা, বিশিষ্ট-জ্ঞান। "ধর্ম্মার্থকামমোক্ষেষু বৈচক্ষণ্যম্ সা.দ ১$\frac{৩}{}$।

বৈচিত্ত্য † ক্লী [বিচিত্ত+য (ষ্য)ঞ্] বিচিত্তভাব, মনোব্যথা, আর্ত্তি। "প্রেম° (ধৃতপাঠ '°ত্ত') জ্ঞা ৬৩; ব.প ১০১২, -৩০।

বৈচিত্র, -ত্র্য † ক্লী [বিচিত্র+অ (অণ্), +য (ষ্যঞ্)] ১ বিচিত্রভাব, চমৎকারিত্ব। ২ বিস্ময়করত্ব। ৩ অপূর্ব্বত্ব, অলৌকিকতা। ৪ চাতুরী। "সা.দ ৩$\frac{৯৯}{১০০}$। —চিত্রী স্ত্রী [°ত্র+স্ত্রী ঈ (ঙীপ্)] বিচিত্রতা। "নির্ম্মাণবৈচিত্রী ক.সা ৫৯ ৭। বচনবৈচিত্রী মনু ৩.১১৩, কুল্লুক।

বৈচিত্রবীর্য্য † পুং [বিচিত্রবীর্য্য+অ (অণ্)] ১ 'বিচিত্রবীর্য্যসম্বন্ধী', পাণ্ডব। "মহা ১.২.২২৫। ২ ধৃতরাষ্ট্র। "মহা ৫.২৫, ১১২১। ৩ যুধিষ্ঠির। "মহা ১৫.২.১৮ ৪ পাণ্ডু।

বৈচিত্রী, বৈচিত্র্য দ্র 'বৈচিত্র'।

বৈজয়ন্ত † পুং [বি+ √জি+অন্ত (ঝ)-ক—বিজয়ন্ত+অ (অণ্)] ১ 'জয়শীলেন্দ্রসম্বন্ধী', ইন্দ্রপ্রাসাদ। ২ ইন্দ্রধ্বজ। ৩ ধ্বজ। "বা ২.৮৯.১৯। শ্রী.ম ২১৬। ৪ ইন্দ্র। "°ধাম প.ভূ ১৭। ৫ কার্ত্তিকেয়। —য়ন্তী স্ত্রী [°ন্ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বিজেতৃসম্বন্ধিনী', পতাকা। "মহা ৩.২৩০.১৮। রঘু ৬.৮। ২ বিজয়পতাকা। "স্বর্গারোহণবৈজয়ন্তি! —গঙ্গাষ্টক। ৩ চিহ্ন, লিঙ্গ। ৪ জয়ন্তীবৃক্ষ। ৫ পঞ্চবর্ণময়ী আজানু-লম্বিতা শ্রীকৃষ্ণের মালা। "ভ ১০ ২৯.৪৪। °মালা গ ৩১, ব্র.প ১৭২; চৈ.চ ৬৩৪। পঞ্চবর্ণপুষ্প-মালা বৈজয়ন্তী নাম ভ.গ্র ১৬৩। ৬ বিজয়-হেতুভূতা মালা। "দদামি তে বৈজয়ন্তী° মালাম্ মহা ১.৬৩.১৫। ম ৯১; ১৯৭। ৭ যাদবপ্রকাশকৃত সংস্কৃতকোষ। [°ধাম (বি)—ইন্দ্রপুরী। "মে ৩৫।]

বৈজয়ন্তিক † পুং [°ন্ত+ইক (ঠন্)] 'বৈজয়ন্তবান্', পতাকী, ধ্বজী। —ন্তিকা স্ত্রী [°ন্তী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] পতাকা।

বৈজয়ন্তিকা; বৈজয়ন্তী দ্র 'বৈজয়ন্তিক; বৈজয়ন্ত'।

বৈজিক † বিণ [বীজ+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ বীজসম্বন্ধী, বীজগত। ২ বীর্য্যসম্বন্ধী, পৈতৃকরেতোগত (দোষ)। "বৈজিকম্...এনঃ মনু ২.২৭; ৫.৬৩। ৩ আদিকারণবিষয়ক। —জিক পুং নবপ্ররোহ, অঙ্কুর। —জিক ক্লী কারণ।

বৈজ্ঞানিক † বিণ [বিজ্ঞান+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ বিজ্ঞানে সাধু; শাস্ত্রকুশল, কুশল, নিপুণ। ২ (বাঙ্‌লায়) বিজ্ঞানসম্বন্ধী (scientific); বিজ্ঞানবিৎ (scientist)।

বৈঠ অর্ম্ম [সং উপবিষ্ট >প্রা *উবইট্‌ঠ >বা (বইট্‌ঠ) বইঠ > °ঠ; হি, প √বৈঠ, গু √বেঠ; সি √বীঠ] ১ উপবিষ্ট হওয়া, বসা। "বৈঠল শয়ন সমীপে সুবদনী বি প ৮৪; বৈঠল মধু পাশ ১৩৪; ধরণী ধরিয়া ধনী যতনহি বৈঠত ১৯৩। বৈঠি না বৈঠয়ে হবি পরিয়ঙ্ক।—গো ১৫২; বিমুখ হই বৈঠ ২১২। ২ বসা, অর্থাৎ না শোওয়া। "নিশি বৈঠলি সুবদনি ঝুর বি.প ১৭৮। ৩ অবস্থান করা, থাকা। "রস পরধান, নারী যাঁহা বৈঠয়ে, সুন্দরী রসবতী রাই।—জ্ঞা ১১৮। ৪ বাস করা। "খেতরি মাহা বৈঠত, সঙ্গহি ভকত সমাজ প.ক ১১; সো ধনি বৈঠয়ে গুরুজন মাঝ ২১৩। —ঠা২ সর্ম্ম [বৈঠ+আ৭; হি √বৈঠা] ১ উপবিষ্ট করা; বসান। "করে ধরি হামক বৈঠায়ল কোর বি.প ২০৭। কোরে বৈঠায়ল গোরি প.ক ১৮৯। ২ স্থাপিত করা; রাখা। "পালটিবৈঠায়ল কনক কটোরা বি.প ২২। [বৈঠান—বাস করানর্ কথা। "শুন এবে হিন্দুর বৈঠান ক.চ ৮৬। বৈঠ, -ঠই, -ঠত, -ঠব, -ঠল, -লি, -লুঁ, -ঠায়ল, -ঠি (প.ক)।]

বৈঠক বি [বৈঠ—°ক, হি, ঠ বৈঠক] ১ উপবেশন। "°খানা। ২ সভ্যগণের একত্র উপবেশন; অধিবেশন। "সভার বৈঠক। ৩ সভা। ৪ আধার, হুঁকার আধার। ৫ উঠা-বসার ব্যায়ামবিশেষ। [°খানা (হি)—বসার ঘর; গোষ্ঠীগৃহ (drawing room)। বৈঠকির ঘর—বৈঠকখানা। "ক.চ ১৯১। বৈঠকী—বৈঠকখানার যোগ্য, মজলিশী। "বৈঠকী গান।]

বৈঠকী দ্র 'বৈঠক'।

বৈঠা১; বৈঠা২, -ঠান দ্র 'বইঠা, বৈঠ'।

বৈড়ালব্রত † ক্লী [কর্ম্মধা] বিড়ালসম্বন্ধী ব্রত, বিড়াল মূষিকাদি-হিংসার্থ ধ্যাননিষ্ঠের ন্যায় বিনীত হইয়া থাকে, ইহা বৈড়ালব্রত; (গৌণার্থে) বাহ্য ধর্ম্মানুষ্ঠানে গুপ্তপাপাচাররূপ দুষ্টাচারবিশেষ। 'যস্য ধর্ম্মধ্বজো নিত্যং শক্রধ্বজ ইবোচ্ছ্রিতঃ। প্রচ্ছন্নানি চ পাপানি বৈড়ালং নাম তদ্ ব্রতম্॥ —ব্রতিক, -ব্রতী (-তিন্) পুং [°ত+ইক (ঠন্), +ইন্ (ইনি)-১ব] 'বৈড়ালব্রতবান্', ছলপূর্ব্বক ধর্ম্মাচারী ছদ্মতাপস। 'ধর্ম্মধ্বজী সদা লুব্ধশ্চাদ্মিকো লোকদম্ভকঃ। বৈড়ালব্রতিকো জ্ঞেয়ো হিংস্রঃ সর্ব্বাভিসন্ধকঃ॥—মনু ৪.১৯৫। বিষ্ণু ৮২.৫, ৯৩ ৪।

বৈণ † পুং [বেণু+অ (অণ্), উ লোপ (শ.ক)] বেণুকৃতপণ্যজীবী, বেণুচ্ছেদজীবী (মিতাক্ষরা), বেণুভেদজীবী (কুল্লুক), বাদিত্রজীবিত (মেধাতিথি)। "মনু ৪.২১৫। যাজ্ঞ ১.১৬১। অত্রি ২৮২।

বৈণব † বিণ [বেণু+অ (অণ্)] ১ বেণুবিকার, বেণুকৃত, বংশরচিত। "বৈণবীং ধারয়েদ্ যষ্টিম্ মনু ৪ ৩৬। "শূর্পং বৈণবম্।—কাত্যায়ন ১৫.১৬। ২ বেণুজাত, বংশোৎপন্ন। "বৈণবো ঽগ্নির্যথা বনম্ ভ ১১.৩০.২৪। ৩ বেণু-সম্বন্ধী। —ণব পুং ১ সর্থ 'বৈণ'। ২ বেণু, বংশী। "শঙ্খবৈণবনিঃস্বন মহা ৫.৯০.১৫। ৩ বেণুদণ্ড। —ণব ক্লী বংশবীজ, বেণুযব। —ণবী স্ত্রী বংশরোচনা। —বিক পুং [°ব+ইক (ঠক্)] বৈণবশিল্পী, বেণুবাদক।

বৈণবিক, বৈণবী দ্র 'বৈণব'।

বৈণিক † [পুং বীণা+ইক (ঠক্)] বীণাবাদনশিল্পী, বীণাবাদক। "ক.সা ৬৩ ১৬০, ১৬২।

বৈণ্য, -ন্য † পুং [বেণ, -ন+য (ণ্যঞ্)] বেণুপুত্র, পৃথু। "পৃথুর্বৈণ্যঃ মহা ২ ৫৩ ২২। বৈণ্যস্য দক্ষিণে হস্তে ভ ৪.১৫.৯।

বৈতংসিক † পুং [বীতংস+ইক (ঠক)] 'বীতংসজীবী', পক্ষিহন্তা (নীলকণ্ঠ), মাংসবিক্রয়জীবী, মাংসিক (অ.টী), ব্যাধ। "গো.রা ২.৯০.২৮। মহা ৩.৩৩ ৩৩।

বৈতনিক † পুং [বেতন+ইক (ঠক্)] 'বেতনজীবী', ভৃতক।

বৈতরণি, -ণী † স্ত্রী [বিতরণ+অ (অণ্), +ই (ইঞ্), স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বিতরণসম্বন্ধিনী, গোদানতরণীয়া'; নরকস্থা নদী (ইহা যমদ্বারে প্রবাহিতা)। 'নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরাবহা। উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশতরঙ্গিণী॥ "°ণী মহা ৫.১০৯.১৪। ভ ২.২.৭; ভব-বৈতরণী ৭.৯ ৪১। বহিছে পরিখারূপে বৈতরণী নদী।—মে ২৬৩। বৈতরণী নদী যে আশায় (আশা বৈতরণী নদী) ব.প ১৩৭৫। (তুমি) আমার বৈতরণীর নবীন বৎস ব.প্র ৬০০; বৈতরণীর তরঙ্গাভিহত জীবনের সেই শেষ সোপানে আজিও পদার্পণ করি নাই ৬৩৭। ২ কলিঙ্গদেশস্থ নদীভেদ। "মহা ৩.১১৪.৪।

বৈতরণী দ্র 'বৈতরণি'।

বৈতস † বিণ [বেতস+অ (অণ্); স্ত্রী -সী, ছান্দস] ১ বেতস-বিকার, বেতসরচিত। "বৈতসে কটে (S.W)। ২ বেতসসম্বন্ধী।

"°শাখা রা ২ ৫৫ ১৫। বৈতসীং বৃত্তিম্ মহা ৪ ৫০ ৬, পঞ্চ ৩.১৯। বৃত্তিমাশ্রিত্য বৈতসীম্ রঘু ৪ ৩৫।

বৈতান † বিণ [বিতান+অ (অণ্), স্ত্রী -নী] ১ বিতানসম্বন্ধী, যজ্ঞিয়। "বৈতানাঃ.. যজ্ঞয়ঃ শ ৪ ৮। ২ শ্রৌত। "অগ্নীন্...বৈতানান্ মনু ৬ ২৫। ৩ ত্রেতাগ্নিসাধ্য। "বৈতানে কর্ম্মণি ততে মহা ১ ৬৩ ১৩৯। যাজ্ঞ ৩ ১৭। ৪ শ্রৌতাগ্নিসাধ্য। "কর্ম্ম বৈতানম্ মহা ১ ১৬৭ ৩৩। —তান ক্লী ১ শ্রৌতকর্ম্ম। "°কুশলঃ মনু ১১ ৩৭। ২ হব্য। ৩ বিতানসমূহ, যজ্ঞসমূহ। "ভ ৩ ২৩ ১৯। —নিক বিণ [+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ সর্থ 'বৈতান (১)। "°ক° শাস্ত্যাদকম্ শ ৩২⁄১। ২ ত্রেতাগ্নিসম্পাদ্য। "মনু ৭ ৭৮। ৩ বৈদিক। "ভ ৪ ১ ৬১। ৪ কর্ম্মযোগী যজ্ঞাদিকারক। "°কা দ্বিজাঃ ভ ১০ ৪০ ৫। —নিক ক্লী শ্রৌতহোম, শ্রৌতাগ্নিসাধ্যকর্ম্ম।

বৈতানিক দ্র 'বৈতান'।

বৈতালিক[১] † পুং [বিতাল+ইক (ঠক্)] ১ বিবিধ মঙ্গলগীত-বাদ্যাদিকৃত তাল যাহার প্রয়োজন (অ টী), নিশান্তে বোধনার্থ স্তুতিপাঠকবিশেষ, বোধকর। কোন বাণী· .হেন বিত্তবিনোদন বৈতালিকগীতে, খোলে আঁখি ?—মে ১১৬। °দল।—কথা ৩। ২ মঙ্গলপাঠকারী, মঙ্গলপাঠক। "গান্ত বৈতালিকাশ্চ যে।—গো রা ২ ১১৭ ১৭। মহা ১ ১৮৪ ১৬। মাঘ ৫ ৬৭। °বর ক সা ৪৪ ১৮৪। —লিক ক্লী বৈতালিকী বিদ্যার জ্ঞান, কলাবিশেষ। দ্র 'কলা (৯)।

বৈতালিক[২] † পুং [বেতাল+ইক (ঠক্)] 'বেতালদেবতাক', বেতালপূজক। "শ্রীবৈতালিকা উচুঃ ভ ৭ ৮ ৫৪। —তালী বি তালজ্ঞানহীনা, দুর্ম্মতি, মূঢ়া (?)। বেঙ্গ চেঙ্গ খাও কাণী পাইতে চাহ ফুল পানী, দেব বলি ভাবহ বৈতালী বি পা ২২৫।

বৈতালী দ্র 'বৈতালিক[২]।

বৈতৃষ্ণ্য † ক্লী [বিতৃষ্ণ+য (ষ্যঞ্)] ১ বিতৃষ্ণভাব, পিপাসাবিচ্ছেদ। 'বৈতৃষ্ণ্য° যাসু (অপ্সু) গোর্জবেৎ মনু ৫ ১২৮। ২ ভোগেচ্ছারাহিত্য, বিষয়নিস্পৃহতা। "ভ ৯ ১৮ ৪০।

বৈদগধ, -ধি বি [সং বৈদগ্ধ,-গ্ধী > (স্বরাগমে) °ধ, -ধি, বৈষ্ণবসাহিত্যে] ১ রসজ্ঞতা, রসিকতা। "বৈদগধি-কলা অনুপাম বি প ৪৭। বৈদগধ-বিলাস (চৈ চ)। বিবিধ বৈদগধি,-বচন বিরচন : বহুবিধ বৈদগধি।—গো ৭৬। বৈদগধি দোতী বিচারে জ্ঞা ৯৭। বৈদগধি ঠাম। —ব ৭১। ২ নির্ম্মাণনৈপুণ্য। গোবারূপ জগমনোহারী। আপন বৈদগধি, বিধাতা প্রকাশল, বধিতে কুলবতী নারী।—গো ২৮। ৩ সৌন্দর্য্যকলা। "ধনি ধনি কো বিহি বৈদগধি সাধে। মদন সুধারসে, যো নিরমাওল, তুয়া মুখমণ্ডল রাধে॥—গো ১০৮, বিছুরল বেশ,...বহু বৈদগধি বিধান ২৫৯। জ্ঞা ১২৩। ৪ রসবিলসিত হাব-ভাব। 'বৈদগধি বিবিধ পসারল বেহ।—জ্ঞা ৮৯। [বৈদগধি-কলা—রসকলা, হাবভাবাদি।]

বৈদগধি দ্র 'বৈদগধ'।

বৈদগ্ধ † ক্লী, **-গ্ধী**[১] স্ত্রী, **-গ্ধ্য** ক্লী [বিদগ্ধ+অ (অণ্),+য (ষ্যঞ্), °গ্ধ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিদগ্ধভাব, পাণ্ডিত্য। "প্রবন্ধবিন্যাসবৈদগ্ধ্যনিধিঃ (A)। ২ কৌশল, নৈপুণ্য, পাটব। "বিচিত্রপত্রলেখাবৈদগ্ধ্য মা.মা ১ ৩৭। ৩ শোভা। "বৈদগ্ধীম্· -সুরাপগায়াঃ মাঘ ৪ ২৬। ৪ বৈচিত্র্য, চমৎকৃতি। "বাগ্‌বৈদগ্ধ্যপ্রধানেঽপি রস এবাত্র জীবিতম্ সা দ ১⁄৪। ৫ চাতুর্য্য। ৬ বুদ্ধিমত্তা। ৭ রসজ্ঞতা, রসিকতা। "ব্রজের বৈদগ্ধীসার, যত যত লীলা আর, পাইবারে যদি থাকে মন ন প ৩৭৪।

বৈদগ্ধী[১] † দ্র 'বৈদগ্ধ'।

বৈদগ্ধী[২] স্ত্রী [বাঙ্গালায়, অপ্র] বিদগ্ধা, বুদ্ধিমতী। "বিধিশীলা বৈদগ্ধী বেণুয়ারপুত্রী শ্রী মা ৩০, ৩১, ৪১।

বৈদগ্ধ্য দ্র 'বৈদগ্ধ'।

বৈদর্ভ † বিণ [বিদর্ভ+অ (অণ্), স্ত্রী -র্ভী] বিদর্ভসম্বন্ধী। —র্ভ পুং ১ বিদর্ভরাজ, ভোজ। "রঘু ৫ ৬২। ২ দময়ন্তীপিতা ভীমসেন। তু 'বৈদর্ভী'। ৩ রুক্মিণীপিতা ভীষ্মক। ৪ (বহুব) বিদর্ভবাসিগণ। "°যাদবানাম।—হ ১১৯ ৬। ৫ [+অ স্বার্থে] বিদর্ভদেশ। "°ভূভৃৎ ক সা ৫৬ ২৭৯। ৬ বাক্যবক্রিমা, বক্রোক্তি। —দর্ভী স্ত্রী [°র্ভ+ই (ইঞ্)+স্ত্রী ঈ (ঙীপ)] ১ বৈদর্ভকন্যা দময়ন্তী। "মহা ৩ ৭১ ৫। ম ৪৩৮। ২ ভীষ্মককন্যা, রুক্মিণী। "ভ ১০ ৫৩ ১। ৩ রুক্মিদুহিতা। হ ১১৯ ৬। ৪ অগস্ত্যপত্নী লোপামুদ্রা। ৫ বাক্যরীতিবিশেষ, বৈদর্ভীরীতি। 'মাধুর্য্যব্যঞ্জকৈর্বর্ণৈ রচনা ললিতাত্মিকা। অবৃত্তিরল্পবৃত্তির্বা বৈদর্ভী রীতিরিষ্যতে॥—সা দ ৯ ২-৩।

বৈদর্ভী দ্র 'বৈদর্ভ'।

বৈদল † পুং [বিদল+অ (অণ্)] ১ 'বিদলবিকার', দালিনির্ম্মিত পিষ্টক, ডা'লের বড়া। ২ শিম্বিফল, শিম বরবটী ইত্যাদি। —দল ক্লী বেণুনির্ম্মিত পাত্র, ডালা কুলা ইত্যাদি। "বিষ্ণু ৩ ১২।

বৈদান্তিক † পুং [বেদান্ত+ইক (ঠক্)] বেদান্তবিৎ।

বৈদিক † বিণ [বেদ+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ বেদসম্বন্ধী, বেদোক্ত, বেদবিহিত। বিপ 'তান্ত্রিক, লৌকিক'। "°কী শ্রুতিঃ মনু ২ ১৫, ৮৪, ৮ ১৯০। বৈদিকী· যূপসংক্রিয়া কু স ৫ ৭৩। ২ বৈদিক-পাদাদিলক্ষণবিৎ। 'বা ৭ ৯৪ ৮। ৩ বেদবিৎ। —দিক পুং ১ বেদজ্ঞ ব্রাহ্মণ। ২ দাক্ষিণাত্য হইতে বঙ্গে আগত বেদজ্ঞ ব্রাহ্মণশ্রেণীবিশেষ (দ্র 'সম্বন্ধনির্ণয়, ৩২ পৃষ্ঠ)। —দিক ক্লী ১ বেদবাক্য। "মনু ১১ ৯৭। ২ বেদানুশাসন।

বৈদুষ, -ষ্য † ক্লী [বিদ্বস্+অ (অণ্),+য (ষ্যঞ্)] বিদ্বদ্ভাব, বিদ্বত্ত্ব পাণ্ডিত্য। 'বৈদুষ্য রা ৭ ৩৬ ৪৫, টীকা।

বৈদূর্য্য † বিণ [বিদূর+য (ষ্যঞ্)] ১ বিদূর পর্ব্বত হইতে জাত। "বৈদূর্য্যো মণিঃ পা ৪ ৩ ৮৪। ২ শ্রেষ্ঠার্থ। "কো স্বয়ং নরবৈদূর্য্যঃ ভ ১০ ৫৫ ৩১। —দূর্য্য ক্লী কৃষ্ণপীতবর্ণ (বিড়ালনেত্রতুল্যবর্ণ) মণিবিশেষ, কেতুরত্ন, লসুনীয়া (Lapis lazuli)। "°শিলাতলনির্ম্মিন্ (চতুষ্কে) কু স ৭ ১০। °নালৈঃ উ মে ১৫। °কুড্য মাঘ ৩ ৪৫। ম ২৭৭।

বৈদেশ বি [°শিক > °শ অসাধু] বিদেশ। "ব প ১৩৮৯।

বৈদেশিক † বিণ [বিদেশ+ইক (ঠক্)] ১ বিদেশসম্বন্ধী, দেশান্তরজাত। ২ বিদেশ হইতে আগত, আগন্তুক। "বৈদেশিকোঽস্মি উ চ ১⁄৪। ক সা ২১ ১২৫। —শিক পুং দেশান্তরাগত জন, বিদেশবাসী। 'ভো মন্ত্রিন্। এনাং দুষ্টভাষিণী° কুমারিকা° কস্যচিদ্ বৈদেশিকস্য প্রযচ্ছ। —পঞ্চ ৩ ১৮৯⁄১৯০।

বৈদেশী, -সি বি° [অপ্র] বৈদেশিক। °শী নাগর শ্রী মা ৯৫, ১০৫,-৬,-৭। প্রানি লইব জানিয় বৈদসি গো বি ৬৪।

বৈদেসি দ্র 'বৈদেশী'।

বৈদেহ † বিণ [বিদেহ+অ (অণ্), স্ত্রী -হী] বিদেহদেশসম্বন্ধী। —দেহ পুং ১ বিদেহবাসী, বিদেহবাসিগণ। "°রাজন্যহিতৃ ভ ৯ ১০ ১১। ২ বৈশ্য হইতে ব্রাহ্মণীতে জাত জাতিবিশেষ। "মনু ১০ ১১। —দেহক পুং ১ সর্থ 'বৈদেহ (২)। "বিষ্ণু ১৬ ৬। যাজ্ঞ ১ ৯৩। [মতান্তরে, শূদ্র হইতে জাত বৈশ্যাসুত 'বৈদেহক' (অ টী)। অন্তঃপুররক্ষণ ইহাদের বৃত্তি (মনু ১০ ৪৭)।] ২ 'উপচয়ে ভব', বণিক্ (অ কো)। —দেহিক পুং [°হ+ইক (ঠক্)] সর্থ 'বিদেহ (২)। "মনু ১০ ৩৬। —দেহী স্ত্রী ১ 'বিদেহভবা', অথবা 'বিদেহাপত্য-স্ত্রী', সীতা। "রা ২ ৮৮ ২১। রঘু ১২ ২০। বচো বৈদেহীতি ('বৈ দেহি ইতি ব্যঙ্গ্য)...প্রলপিতম্ সা.দ ৪২⁄১৬। ২ রোচনা। ৩ পিপ্পলী। ৪ বণিকপত্নী। ৫ বৈদেহজাতি-স্ত্রী। "মনু ১০ ৩৭।]

বৈদেহক, বৈদেহিক † দ্র 'বৈদেহ'।

বৈদেহী + দ্র 'বৈদেহ'। [°হিবন্ধু, °বন্ধু (পুং)—জানকীবল্লভ, রামচন্দ্র। "বৈদেহীবন্ধু রঘু ১৪.৭৩। °নাথ, °রঞ্জন (বি)—সীতাপতি, সীতাপ্রিয়, রামচন্দ্র। "°ন।—মে ৫৩; °থ ২৬২। °হর (বি)—সীতা-হারক, রাবণ। "মে ১৩।]

বৈদ্য + বিণ [বিদ্যা+অ (অণ্)] ১ বিদ্যাবান্, পণ্ডিত। "মহা ৩.২. ২৪; ৫.৬.২। ২ সর্ব্বজ্ঞ। "রা ২.৭৭.২১। —দ্য পুং ১ পণ্ডিত। "নাবিদ্যানাম্ভ বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং কচিৎ।—কাত্যায়ন। ২ [তু 'বৈদ' (গো.চ ৩১০)] আয়ুর্ব্বেদবিদ্যাবিৎ, ভিষক্, চিকিৎসক, কবিরাজ। [রোগহর বিষহর শল্যহর কৃত্যাহর ভেদে বৈদ্য চতুর্ব্বিধ। দ্র 'অম্বষ্ঠ'।] "মনু ৪.১৭৯। সুষেণ বৈদ্য।—কৃ ১৭৩। হরি-বৈদ্য আমি, হরিবারে দুখ, ভ্রমণ করি ভুবনে।—দা ৩৬৪। ৩ শূদ্র হইতে বৈশ্যাজাত মিশ্র নীচ-জাতিবিশেষ (A.); বেদে (?)। —দ্যা স্ত্রী কাকোলী।—দ্যী স্ত্রী [বৈদ্য +ঈ (ঙীপ্)] বৈদ্যভার্য্যা। "পা ৬.৪.১৫০, কাশিকা। [°ক্রিয়া (স্ত্রী) —চিকিৎসা। °রাজ (পুং)—১ বৈদ্যশ্রেষ্ঠ, ধন্বন্তরি। "গো.রা ১.৪৬. ৩০। ২ নিপুণচিকিৎসক। "°জ সুষেণ।—কৃ ২৩৮। °শাস্ত্র (ক্লী) —আয়ুর্ব্বেদবিদ্যা।]

বৈদ্যক + পুং [বৈদ্য+ক (কন্)] বৈদ্য। —দ্যক ক্লী চিকিৎসাশাস্ত্র, আয়ুর্ব্বেদ। "(যস্য) প্রণ্যাতা নব (প্রবন্ধাঃ) বৈদ্যকে—বোপদেব-প্রশংসাশ্লোক।

বৈদ্যনাথ + পুং [ষ.ত] ১ বৈদ্যরাজ, ধন্বন্তরি। ২ ভৈরববিশেষ; শিব। 'হার্দপীঠং বৈদ্যনাথে বৈদ্যনাথস্ত ভৈরবঃ (তন্ত্রচূড়ামণি)। বৈদ্যনাথে হৃদয় ভৈরব বৈদ্যনাথ ভা.চ ৫৪। "বৈদ্যনাথ আমার, বিশেষ গুণ জানে। —দা ৩৬৪।

বৈদ্যসঙ্কট বি ১ বহু বৈদ্য দ্বারা চিকিৎসা করানর ফলে রোগের উপশম হয় না, উত্তরোত্তর রোগের যে বৃদ্ধিই হয়, তাহাই 'বৈদ্যসঙ্কট'। ২ (গৌণার্থে) বহু বিজ্ঞের উপদেশে বা পরামর্শে কোন কর্ত্তব্য বিষয়ে সঙ্কটাবস্থা বা বিষম সমস্যা।

বৈদ্যা, বৈদ্যী দ্র 'বৈদ্য'।

বৈদ্যুত + বিণ [বিদ্যুৎ+অ (অণ্); স্ত্রী -তী] ১ বিদ্যুৎসম্বন্ধী, বিদ্যুৎপুঞ্জময়। "বৈদ্যুতস্যাগ্নেঃ রঘু ১৭.১৬। উ.চ ৫.১৩। (ঠাকুরঝি) অপাঙ্গে একটু বৈদ্যুতী প্রেরণা করিয়া…বলিল, 'বলি, রোহিণীর কথাটা?' —ব.প্র ২৯২। ২ বিদ্যুদ্রূপ। "°বহ্নি গো.রা ৫.২৮.৯। বৈদ্যুতা ইব বহ্নয়ঃ ভ ৭.১০.৬০। —দ্যুত ক্লী বিদ্যুৎতেজঃ। "সবিতারং সবৈদ্যুতম্ যাজ্ঞ ৩.১৯৩। —তিক বিণ [+ইক (ঠক্); স্ত্রী -কী] সর্থ 'বৈদ্যুত'। [°বহ্নি, বৈদ্যুতাগ্নি, বৈদ্যুতানল (পুং)—বিদ্যুদ্রূপ অগ্নি।]

বৈদ্যোত্তর বি [বৈদ্যত্র > °র] বৈদ্যকে প্রদত্ত নিষ্কর ভূমি। "ব্রহ্মোত্তর দেবোত্তর আর বৈদ্যোত্তর আদি ব.প ১৪১৪।

বৈধ + বিণ [বিধি+অ (অণ্); স্ত্রী -ধী] ১ বিধিপ্রতিপাদিত, বিধিবোধিত, বিধানানুমত। ২ শাস্ত্রসম্মত, শাস্ত্রদৃষ্ট। "রাগহীন জন ভজে শাস্ত্রের আজ্ঞায়। 'বৈধীভক্তি' বলি তারে সর্ব্বশাস্ত্রে গায়॥—চৈ.চ ২২৬। বৈধাবৈধ :—হেম ১৩০।

বৈধব্য + ক্লী [বিধবা+য (ষ্যঞ্)] বিধবাভাব, গতভর্তৃকাভাব। "°শব্দং চ ভোক্ষ্যামি ত্বৎকৃতম্ রা ৭.২৪.৩০। অবৈধব্যাশিষস্তে মহা ৩. ২৯৫.১২। নববৈধব্যাসহ্যবেদনম্ কু.স ৪.১। °তাপিতা কি ১১.৬৭। বৈধব্য একটি মহৎব্রত পা.প্র ১৩০।

বৈধর্ম্ম্য + ক্লী [বিধর্ম্ম+য (ষ্যঞ্)] ১ বিধর্ম্মভাব, ধর্ম্মবৈপরীত্য। "রা ৭.৮১.১৯। ২ বৈপরীত্য। "রা ২.৩১.২৪। ৩ বৈসাদৃশ্য, ভিন্নধর্ম্মতা। বিপ 'সাধর্ম্ম্য'। "°দৃষ্টান্তঃ মনু ৪.১৭২, কুল্লুক।

বৈধুর্য্য + ক্লী [বিধুর+য (ষ্যঞ্)] ১ বিধুরভাব, বিহ্বলতা। "রাম-প্রবাসবৈধুর্য্যদুঃখ ক.সা ১০৩.১২১। ২ দৈন্য, বিষণ্ণতা।

বৈধৃত ক্লী, -তি + স্ত্রী (জ্যোতিষে) যোগবিশেষ। "°ত চৈ ১৯০।

বৈধৃতি দ্র 'বৈধৃত'।

বৈধেয় + বিণ [বিধেয়+অ (অণ্)] যে বিধেয়ানুসারে চলে; বিধেয়ে অনভিজ্ঞ (অ.টী); অজ্ঞ, মূঢ়। "প্রলপত্যেষ °য়ঃ শ ২১/২।

বৈন বি [বইন > °ন; অপ্র] ১ ভগিনী। "মোর বৈন অনুসারে পাইলা বেভার ম.গা ৯। ২ (সাদৃশ্যে) সতীন। "চারি বৈনে করিয়া সাজন ম.গা ১০; ২৫। ৩ সখীভাবাপন্না নারী। "বৈনে বৈনে দেখা নাহি হয় এভব সংসারে গো.চ ৩১। তুমি চলহ বৈন না ভাবিহ মনে বি.পা ১৮৪।

বৈনতেয় + পুং [বিনতা+এয় (ঢক্)] ১ বিনতার অপত্য; গরুড়। "গী ১০.৩০। রঘু ১১.৫৯। ম ৬৪১। মে ৪৭। ২ অরুণ।

বৈনয়িক + বিণ [বিনয়+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ বিনয়সম্বন্ধী, শিক্ষাজন্য। "বুদ্ধিঃ স্বজা বৈনয়িকী চ যা।—রা ২.১১২.১৬। ২ শিক্ষা-সম্বন্ধী, শিক্ষাবিষয়ক। "°কী ক্রিয়া মনু ৭.৭৫। —য়িক পুং ১ [+ইক স্বার্থে] বিনয়। "পা ৫.৪.৩৪। ২ শস্ত্রাভ্যাসরত (অ.চি)। —য়িক ক্লী অভ্যুত্থানাভিবাদনাদি। "মহা ১২.৬৮.৪।

বৈনস (?)। "শ্রী.মা ৬৮; ৭৩,-৫; ১০২,-১০,-৩১; ২১৬।

বৈনায়ক + বিণ [বিনা°+অ (অণ্)] গণেশসম্বন্ধী। "মাঘ ১.৬০।

বৈন্যা বি [বন্যা > °ন্যা; অপ্র] বান। "শূ ৫৫।

বৈপরীত্য + ক্লী [বিপরীত+য (ষ্যঞ্)] বিপরীতভাব।

বৈপিত্র বিং [বিপিতৃ > °ত্র; তু 'বৈমাত্র'] ভিন্নপিতৃজাত। "বৈপিত্র দুই ভাই তাহে জন্মিল তোমার। একটী বিচিত্রবীর্য্য চিত্রাঙ্গদ আর॥ ভা.চ ১৯৭।

বৈপুল্য + ক্লী [বিপুল+য (ষ্যঞ্)] বিপুলভাব, বৃহত্ত্ব, প্রাচুর্য্য।

বৈফল্য + ক্লী [বিফল+য (ষ্যঞ্)] বিফলভাব, ব্যর্থতা, বৈয়র্থ্য।

বৈবক্ষিক + বিণ [বিবক্ষা+ইক (ঠঞ্); স্ত্রী -কী] বিবক্ষাসম্বন্ধী, বিবক্ষিত। "সা.দ ১০১/২। কি ১.৫, মল্লিনাথ।

বৈবর্ণ্য + ক্লী [বিবর্ণ+য (ষ্যঞ্)] ১ বিবর্ণভাব, ভিন্নবর্ণতা, মালিন্য। "গো.রা ২.৬২.১৭; বর্ণ° ৪.৫৯.১৮। ২ বিষাদাদিহেতুক ভিন্নবর্ণতারূপ সাত্ত্বিকভাব। 'সা.দ ৩.১৩৯। "চৈ.চ ৩৪; ৯৪।

বৈবশ্য + ক্লী [বিবশ+য (ষ্যঞ্)] বিবশভাব, বিহ্বলতা, ব্যাকুলতা। "বেশ্যা তস্য °কারিণী ((S.W.)। আনন্দ° চৈ ৭২।

বৈবস্বত + বিণ [বিবস্বৎ+অ (অণ্); স্ত্রী -তী] ১ বিবস্বৎসম্বন্ধী, সৌর। "প্রভাং °তীম্ গো.রা ৬.৯৯.৪৪। ২ যমসম্বন্ধী। ৩ [°ত+অ] বৈবস্বতমনুসম্বন্ধী। "বৈবস্বত…মন্বন্তর চৈ.চ ৯। —স্বত পুং ১ [°ত' —বিবস্বৎপুত্র (ঋগ্বেদ ৯.১১৩.৮)] সূর্য্যের পুত্র—সপ্তম মনু। "রা ১.৭০.২০।, রঘু ১.১১। ম ৬১। [ইনি পূর্ব্বজন্মে সত্যব্রত-নামক রাজর্ষি ছিলেন, পরে মহাকল্পে মন্বন্তরপ্রাপ্ত হন এবং হরির উপদেশে সর্ব্ব-বিধ জীব, ওষধি ও বীজ লইয়া বৃহৎ নৌকায় আরোহণপূর্ব্বক প্রলয়-সলিলরাশিতে ভাসিতে ভাসিতে মৎস্যরূপী হরির শৃঙ্গে সর্পরজ্জুতে নৌকা বদ্ধ করেন (ভ ৮.২৪শ অধ্যায়)। ইনি সূর্য্যবংশের আদিপুরুষ (রঘু ১.১১,-২)।] ২ যম। "রা ২.৬৪.৩৮; °জিগীষা রঘু ১৫.৪৫। ম.গা ৫; ৫০,-৩। চ.বি ৫৪। ৩ শনৈশ্চর, শনি। দ্র 'ছায়া (১১)'। ৪ অগ্নি। ৫ রুদ্রবিশেষ। —স্বত ক্লী বৈবস্বতমনুর অধিকারকাল বর্ত্তমান সপ্তম মন্বন্তর। —স্বতী স্ত্রী [°ত+ঈ (ঙীপ্)] ১ সূর্য্যকন্যা (তপতী)। "মহা ১.৯৫.৩৮; ১৭৩.৪৯। ২ যমুনা। ৩ যমাধিষ্ঠিত দক্ষিণদিক্। [°ক্ষয় (পুং), °পুর (ক্লী)—যমপুর। °র গো.রা ৬.৭৩. ৩২; মহা ৪.১০৮.১৭।]

বৈবস্বতী দ্র 'বৈবস্বত'।

বৈবাহিক + বিণ [বিবাহ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ বিবাহ-

সম্বন্ধী, বিবাহবিষয়ক। "°পর্ব্ব (মহা)। বৈবাহিকো বিধিঃ মনু ২.৬৭। °ক্ত ব্যবস্থা পা.প্র ১৩৬। ২ বিবাহপ্রয়োজনক, বিবাহার্থ। "°কৈঃ কৌতুকসংবিধানৈঃ কু.স ৭.২। ৩ বিবাহে কর্ত্তব্য। "পিতৃকার্য্যম্… বৈবাহিকং কুরু রা ১.৭১.২৩। ৪ বিবাহে ভব। "বৈবাহিকেঽগ্নৌ মনু ৩.৬৭। —হিক পুং বিবাহে সম্বন্ধ পুত্রকন্তার শ্বশুর; বেহাই। —হিক ক্লী ১ বিবাহনিমিত্ত। "দ্বিযোর্বৈবাহিকং মিথঃ (আখ্যাহি) ভ ১০.৬১. ২০। ২ বিবাহ (A.)।

বৈবোধিক † পুং [বিবোধ+ইক (ঠক্)] ১ যে রাজাকে জাগায়; বৈতালিক। "বৈবোধিকধ্বনিবিভাবিতপশ্চিমার্দ্ধা (রাত্রিঃ) কি ৯.৭৪। ২ প্রহরী।

বৈভব † ক্লী [বিভু+অ (অণ্)] ১ বিভুভাব, ঐশ্বর্য্য। "(ন) মনসো বপুষো বাচো বৈভবং তব গোচরম্ ভ ১০.১৪.৩৮। আনের বৈভব-সত্তা, কৃষ্ণদত্ত ভগবত্তা চৈ.চ ২২০। চিন্তামণি তবে, চিন্তিত বৈভবে, সৃষ্টি সৃজিবার জন্যে শ্রী মা ৯; ১২। ২ সামর্থ্য। "মহতাং হি ধৈর্য্যমবিভাব্য-বৈভবম্ কি ১২.৩। ভাবের বৈভব চৈ.চ ৩১। ৩ অতিশয়। "নিজ-বীর্য্য° ভ ৫ ১৮.১১। ৪ ধন, ধনসম্পত্তি; প্রভুত্ব। "শত্রুবুদ্ধি করিয়া আমারে তোমা সব। দেখাইতে লৈয়া গেলে আপন বৈভব।—ম ৮১৬। ৫ আয়োজন। "উৎসবসম্ভারং স্বসিদ্ধ্যুচিতবৈভবম্ ক.সা ৯০.৯১। °প্রকাশ (বি)—(বৈষ্ণবসাহিত্যে) কৃষ্ণের সহিত একদেহ একাকার কিন্তু পৃথক্ প্রকাশ। 'সেই দেহ সেই আকৃতি পৃথক্ যদি ভাসে। ভাবাবেশভেদ নাম বৈভবপ্রকাশে॥—চৈ.চ ২০৮।]

বৈমনস্য † ক্লী [বিমনস্+য (ষ্যঞ্)] ১ বিমনোভাব, উদ্বেগ। "বৈমনস্যাদুৎসবঃ প্রত্যাখ্যাতঃ শ ৬ষ্ঠ। ২ বিষাদ। "ভ ১০.৫৪.৫০।

বৈমল্য † ক্লী [বিমল+য (ষ্যঞ্)] ১ বিমলভাব, নির্ম্মলতা। ২ বৈশদ্য, সুগমতা। "প্রসাদোঽর্থবৈমল্যম্ সা.দ ৯১/৫ ৪/৫।

বৈমাত্র † বিণ [বিমাতৃ+অ (অণ্); স্ত্রী -ত্রী] বিমাতৃসম্বন্ধী, বিমাতৃজাত। "বৈশ্রবণঃ…বৈমাত্রঃ গো.রা ৩.৫৪.৪। কৃ.অ ৬। বৈমাত্র ভ্রাতা।—ম ৫৮১; ৭০৬। (হাতুড়ে) যমরাজার বৈমাত্র ভাই।—দা ৩৬০। হ ১১৪। —মাত্র পুং বিমাতৃপুত্র। —মাত্রী স্ত্রী বিমাতৃকন্যা। —মাত্রেয় পুং [+এয় (ঢক্)] বিমাতার অপত্য; বিমাতৃপুত্র। "মনু ৮.১১৬, কুল্লুক। —মাত্রেয়ী স্ত্রী বিমাতৃকন্যা।

বৈমাত্রী, বৈমাত্রেয় দ্র 'বৈমাত্র'।

বৈমানিক † বিণ [বিমান+ইক (ঠক্); স্ত্রী -কী] পুষ্পকাদি-বিমানচারী। "°কা গণাঃ মনু ১২.৪৮। বৈমানিকানাং মরুতাম্ রঘু ৬.১; ১০.৪৬। °স্ত্রী ভ ৮.১৫.২০। কাদ ১২০।

বৈমুখ বিং [সং বিমুখ; অপ্র] ১ প্রতিকূল। "বিধাতা বৈমুখ মোরে।—কৃ ২৫১। গো.চ ৬৪। ব.প ১৩৮৮। বিধাতা বৈমুখ শ্রী.মা ১৯৯। বৈমুখ আমারে বি.সু ৬। হরি আমায় বৈমুখ।—দা ১২৬। °ভাব বা.দ ১; ২২৬। ২ পরাঙ্মুখ, অনুরাগহীন। "কৃষ্ণচরণে বৈমুখ।—ম ১১৪৫। কৃষ্ণেতে বৈমুখ দৈবে।—চৈ ১৩০। —মুখী বিং প্রতিকূলা। "(দয়াময়ী) না হয়ো বৈমুখী।—সু ৪০।

বৈমুখ্য † ক্লী [বিমুখ+য (ষ্যঞ্)] ১ বিমুখভাব, প্রতিকূলতা। বিপ 'সাম্মুখ্য'। "ক্ষণাদ্ বৈমুখ্যমায়াতি সাম্মুখ্যং যাতি চ ক্ষণাৎ (পৃথগ্জনাঃ)।—রাজতরঙ্গিণী। ২ পরাঙ্মুখতা, পরাজয়। "যুদ্ধবৈমুখ্য।—হ ৫৫.৪৯।

বৈমূল্য † ক্লী [বিমূল্য+অ (অণ্) স্বার্থে] বিষম মূল্য; ন্যূনাধিক মূল্য। "মনু ৯.২৮৭।

বৈয়গ্র্য † ক্লী [ব্যগ্র+অ (অণ্)] ১ ব্যগ্রতা, ঔৎসুক্য। "মাতার বৈয়গ্র্য দেখি প্রভুর ব্যগ্রমন চৈ.চ ৮৮। ২ ব্যাকুলতা।

বৈয়র্থ্য † ক্লী [ব্যর্থ+য (ষ্যঞ্)] ব্যর্থতা, বৈফল্য। "স্নাতকগ্রহণবৈয়র্থ্যাচ্চ মনু ২.১৩৯, কুল্লুক।

বৈয়াকরণ † বিণ [ব্যাকরণ+অ (অণ্); স্ত্রী -ণী] ব্যাকরণভাব, ব্যাকরণস্থ। "বৈয়াকরণাখ্যা পা ৬.৩.৭। —করণ পুং ১ ব্যাকরণবিৎ; ব্যাকরণাধ্যেতা। "পা ৪.২.৫৯। ব.প্র ২৪। ২ ব্যাখ্যানসম্বন্ধী, প্রকটী-কারক। "সর্ব্বার্থানাং ব্যাকরণাদ্ বৈয়াকরণ উচ্যতে মহা ৫.৪৩.৬১।

বৈয়াঘ্র † বিণ [ব্যাঘ্র+অ (অণ্)] ১ ব্যাঘ্রসম্বন্ধী। "বৈয়াঘ্রম্ …কুণপম্।—পরাশর ১১.৪০। ২ ব্যাঘ্রচর্ম্মপরিবৃত (রথ)। "পা ৪. ২.১২। —য়াঘ্র পুং ব্যাঘ্রচর্ম্মপরিবৃত রথ। —য়াঘ্র ক্লী ব্যাঘ্রচর্ম্ম। "পা ৪. ২.১২, কাশিকা। "(রথান্) হয়ৈর্বিনীতৈঃ সম্পন্নান্ বৈয়াঘ্রপরিবারিতান্ মহা ২.৫১.৩৪।

বৈয়াঘ্রপদ্য † বিণ [ব্যাঘ্রপদ্+য (ষ্যঞ্)] ব্যাঘ্রপৎসম্বন্ধী (গোত্র)। "°গোত্রীয়…ভীষ্মবর্ম্মণে (ভীষ্মতর্পণ)। ম.বি ১৬৮। —পদ্য পুং ব্যাঘ্রপদ্গোত্রাপত্য। "°পদ্যঃ পুনরস্মি বিপ্রঃ মহা ৪.৭.১২।

বৈয়াঘ্র্য বি [অপ্র] সর্থ 'বৈয়াঘ্রপদ্য'। "ম ৫৮৯।

বৈয়াত্য † ক্লী [বিযাত+য (ষ্যঞ্)] বিযাতভাব, ধার্ষ্ট্য, অশিষ্টতা। "পা ৭.২.১৯। মাঘ ২.৪৪।

বৈয়াসকি † পুং [ব্যাস+ই (ইঞ্), 'অক' (অকঙ্) আদেশ] ব্যাসের পুত্র; শুকদেব। "ভ ১.১৮.৩। জ ৪। —সিক বিণ [+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ব্যাসকৃত, ব্যাসরচিত। "সংহিতায়াং বৈয়াসিক্যাম্ (ভ, অধ্যায়শেষে)।

বৈয়াসিক দ্র 'বৈয়াসকি'।

বৈর † ক্লী [বীর+অ (অণ্)] ১ বীরসম্বন্ধী কর্ম্ম (অ.টী); বিরোধ, বিদ্বেষ, শত্রুতা। "রা ১.১.৬১। বৈরপুরুষ মহা ১২.৭.৩৩। অজ্ঞাত-হৃদয়েষ্বেবং বৈরীভবতি সৌহৃদম্ শ ৫.২৪। ২ হিংসা। ৩ বীরত্ব। [°কর (বিণ)—বিরোধজনক। "মনু ৯.২২৭। °করণ (ক্লী)—বৈর-সাধন। "গো.রা ৩.১৩.৭। °কার, °কারক, °কারী (-রিন্) (বিণ) —বিরোধজনক। °নির্যাতন (ক্লী), °প্রতিক্রিয়া (স্ত্রী)—কৃতাপ-কারের প্রত্যপকার; বৈরশুদ্ধি, প্রতীকার (অ.কো)। "°তনসঙ্কল্প সী ১১। °নিলয় (পুং)—বৈরাশ্রয়। "°য়ো নিষাদঃ রা ১.২.১০। °ভাব (পুং)—বিদ্বেষভাব। "ভ ৭.১০.৩৫। °বিশুদ্ধি, °শুদ্ধি (স্ত্রী) —বৈরনির্য্যাতন।]

বৈরঙ্গ বি [বহিরঙ্গ > °ঙ্গ; অপ্র] অনাত্মীয়, পর। "(নরহরি !) হাসালে বৈরঙ্গ।—দা ২৫২; দিও না বৈরঙ্গ ডেকে ২৬০; রাণীর বৈরঙ্গ ৩৪৭; হাসাইয়ে বৈরঙ্গে,…দ্বারকা গেলে নাথ!—৯৮৮; হাসে লো বৈরঙ্গে ২১০৯।

বৈরতা † স্ত্রী [বৈর+তা (তল্)] বৈরভাব, বিরোধ। "মহা ৫.৯০. ৬৯। ম ৩৪৫; ৪৩১। ব.প ৫৩৩।

বৈরস্য † ক্লী [বিরস+য (ষ্যঞ্)] ১ বিরসভাব, নিঃস্বাদুতা। "অন্নস্য চ বৈরস্যম্।—বৃহৎসংহিতা ৪৬.৩৫। ২ নীরসতা, শুষ্কতা। "আস্য°, মুখ° (সুশ্রুত)। ৩ বিরাগ, বিরক্তি। "বৈরস্যং স্ত্রীষু চেৎ তব ক.সা ৪৯.২২২।

বৈরাগ † ক্লী [বিরাগ+অ (অণ্)] বিরাগভাব, বৈরাগ্য, বিষয়-নিস্পৃহতা। "জ্ঞানের বৈরাগ।—ম ১৬। বৈরাগে চলিলা ত্রিলোচন ক.চ ১৬। পরম বৈরাগ ভ.গ্র ১৪। সংসারবাসনা-বন্ধে করাহ বৈরাগ রা.প ৩০। কদ্দিনকার এ বৈরাগ।—দা ৪৫১; (বীণা !) সেই রাগে ত অনুরাগ, যে রাগে ঘটে বৈরাগ ৭১৩। —রাগ বি [বৈরাগী > °গ; অপ্র] বিরাগী, সন্ন্যাসী। "গো.চ ৬৪; কলিকাল দিল দ্যাখা বৈরাগ হ সকালে ৬৯। —রাগি বি [বৈরাগী > °গি; অপ্র] সন্ন্যাসী, যোগী। "একলাই বৈরাগি হলে জাহা তাহা রব গো.চ ১৭৫; বৈরাগি নাম্নিচোরা ১৭৬। —গিনি বি [°গী+ইনি > °নী, -নি; অপ্র] সন্ন্যাসিনী, যোগিনী। "আমি যাব তোমার পাছে বৈরাগিনি হৈয়া গো.চ ৮৩।

—রাগী (-গিন্) বিণ [°গ+ইন্ (ইনি)-১ব] বৈরাগবান্, বিষয়াসক্তি-হীন, বিতৃষ্ণ। "সনৎকুমারো বৈরাগী (শ.ক) । রাজ-সম্পদময়ে আছিয়ে বৈছে বৈরাগী বি.প ২০৪ । বৈরাগী ব্রাহ্মণ চৈ.চ ৯২ । কোন্ প্রেম লাগি, প্রহ্লাদো বৈরাগী লু.র ৪৮। স্বামীটি তার সংসারে বৈরাগী প.কা ২৩ । —রাগী বি ১ সন্ন্যাসী, যোগী । "ভণ্ডনা করিয়া লোকে বলাহ বৈরাগী। —ম ১৬। বৈরাগীর কল ব.প ৮৪৩ । দা ৪৪৯ । বৈরাগীর উত্তরীয় । —কথা ১২ । কা ৭৩ । হে বৈরাগী কর শান্তিপাঠ চ.কা ২৯৪ । অন্তরে মোর বৈরাগী গায়, তাই রে নাই রে নাই রে না।—রবীন্দ্র। ২ বৈষ্ণব। "হাঁ রে বৈরাগী বেটারা ভ.গ্র ২৭৩। ভিকারী বৈরাগী।—জ ২৮।

বৈরাগি, বৈরাগিনি, বৈরাগী দ্র 'বৈরাগ'।

বৈরাগ্য † স্ত্রী [বিরাগ+য (ষ্যঞ্)] ১ বিরাগভাব, ইষ্টভোগে দোষদর্শন হেতু বৈতৃষ্ণ্য; বিষয়বৈতৃষ্ণ্য। "গী ৬.৩৫। ২ বিরাগ, অসন্তোষ। "প্রকৃতি° রঘু ১৭.৫৫। ৩ (বাঙলায়) বৈরাগবান্, বিষয়বিতৃষ্ণ, বৈরাগী। "আচার্য্য °প্রধান চৈ.চ ২৬৬। °রূপ ধরি। —জ ৭৬। ৪ সন্ন্যাসী। "একলা চলিলা প্রভু বৈরাগ্য হইয়া ব.প ১১৬৭। চৈ ৮০।

বৈরাজ † বিণ [বিরাজ্+অ(অণ্); স্ত্রী -জী] ১ বিরাট্‌সম্বন্ধী। "বৈরাজঃ পুরুষঃ ভ ২.১.২৫। ২ ব্রহ্মসম্বন্ধী। "বৈরাজা নাম তে লোকাঃ উ.চ ২.১২। —রাজ পুং বিরাট্ পুরুষ।

বৈরাট † বিণ [বিরাট+অ (অণ্); স্ত্রী -টী] ১ বিরাটসম্বন্ধী, বিরাটরাজ্যবিষয়ক। "পর্ব্ব বৈরাটম্ মহা ১.২.৫৭। ২ বৃদ্ধ, বিস্তৃত (দ্র 'নীলকণ্ঠ')। "°পৃষ্ঠমুক্ষাণম্ মহা ১৩.৭৯.২১।—রাট পুং ১ বিরাট-পুত্র। ২ ইন্দ্রগোপকীট। —রাটি পুং [+ই (ইঞ্)] বিরাটের পুত্র উত্তর। "মহা ৪.৩৮.১; ৯। ম ৬২৯,-৩৭।

বৈরাটি দ্র 'বৈরাট'।

বৈরাত, -তি বি [বরিয়াতী >বৈরাতী, -ত, -তি ; অপ্র] বরযাত্রী। "বৈরাতি গো.চ ৪০৫। নড়িল বৈরাতভাগ শ্রী.ম ১৬৯।—তী বি এয়ো। "গো.চ ৫৫।

বৈরাতি, বৈরাতী দ্র 'বৈরাত'।

বৈরানুবন্ধ † বিণ [বহুব্রী] বৈরান্বিত, বিরোধযুক্ত। "ভ ৫.২৪.২।

বৈরী[১] (-রিন্) † বিণ [বৈর+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -রিণী] বৈরবান্, বিরোধী, প্রতিকূল। "ধর্ম্মর্ষম বৈরিণী ক.সা ২৯.১১২। ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ-বৈরিণি!—স.এ ৬। —রী পুং ১ অরি, শত্রু। "বায়ুনা ক্রমবৈরিণা গো.রা ২.১২০.২৫। গী ৩.৩৭। মনু ৪.১৩৩। মরিলে না মরে রাম এ কেমন বৈরী।—কৃ ২৬৩। ২ বীরত্ববান্, বীর।

বৈরী[২] বিং [বড়ই >বইড়ি > °রী; অপ্র] অত্যন্তই। "দুঃখ লাগে বৈরী ম.ম ১৮; ৫৫; ৯৩; ১৭৪; কৌতুক হইল বৈরী ১১১,-৩।

বৈরূপ্য † স্ত্রী [বিরূপ+য (ষ্যঞ্)] ১ বিরূপভাব, বিকৃতাকার। "°পৌনরুক্ত্যেন (অযোজয়ৎ) রঘু ১২.৪০। বৈরূপ্যোপহতাঃ (পুরুষাঃ)। —পঞ্চ ১৪৪৮। শরীরের বৈরূপ্য প্রভৃতি জরার কার্য্য।—কাদ ৩৫। ২ বহুরূপত্ব। ৩ বৈসাদৃশ্য, বিভিন্নতা। "অন্যোন্য° মহা ১২.২৪১.২। —রূপ্য বিণ বিলক্ষণ। "তদ্বিধ°, মহা ৫.৪৩.৭।

বৈরোচন † বিণ [বিরোচন+অ (অণ্); স্ত্রী -নী] 'বিরোচনসম্বন্ধী' সাবিত্র, সৌর। "°নৈঃ…ময়ূখৈঃ কি ৫.৪৬।—চন পুং ১ বিরোচন-পুত্র, বলিরাজ। "রা ১২.২৩। ২ সূর্য্যপুত্র। ৩ অগ্নিপুত্র। ৪ সিদ্ধগণ। —চনি পুং [+ই (ইঞ্)] ১ বিরোচনপুত্র। "বৈরোচনির্বলিঃ গো.রা ১.৩২.৪। মহা ৩.১৬৮.৭৭। ২ বলিরাজ। "ভ ৮.৬.২৯। ৩ সূর্য্যপুত্র।

বৈরোচনি দ্র 'বৈরোচন'।

বৈল[১] † বিণ [বিল+অ (অণ্)] বিলবাসিমুষিকাদিলোমজ, মুষিকাদি-সম্বন্ধী। "বৈলান্ (প্রাবারাজিনমুখ্যান্) মহা ২.৫১.৩।

বৈল[২] 'ল্' বি ['বলীবর্দ্দ > °ল; হি, ঠ বৈল] বৃষ। "গো.চ ৩৫৯।

বৈলক্ষণ্য † স্ত্রী [বিলক্ষণ+য (ষ্যঞ্)] ১ বিলক্ষণভাব, বিশেষত্ব। "ভ ১০.৫৫.২৯। ২ বিভিন্নতা, পার্থক্য। "ধর্ম্ম° মনু ১.৮৫, কুল্লুক। ৩ বিকৃতি, বিকার। "স্বর° সী ৩৬।

বৈলক্ষ্য † স্ত্রী [বিলক্ষ+য (ষ্যঞ্)] ১ বিলক্ষভাব, বৈক্লব্য, ব্যাকুলতা। "ক.সা ১২৩.২০৫। ২ মনঃসঙ্কোচ, সব্রীড়ভাব। "মাঘ ৮.৮। সবৈলক্ষ্যস্মিত (বিক্র)। ৩ বৈপরীত্য, ব্যতিক্রম।

বৈল্ব ‡ বি [বিল্ব+অ (অণ্); ছান্দস] বিল্ববিকার, বিল্বকাষ্ঠময়। "°পালাশৌ (দণ্ডৌ) মনু ২.৪৫। —ল্ব স্ত্রী বিল্বফল।

বৈশ[১], **-স**[২] অর্ম্ম [বস[৩] > °স, -শ; তু 'বৈশ[২], -স[২]; অপ্র] ১ বাস করা। "রাত্রিদিনে মিনে বৈসেঃ কতদিনে মিনে বৈশে।—মী ৬। কোথায় বৈসেন রাম অযোধ্যানগরী।—কৃ ২৫৩। হেমন্তপর্ব্বতে বৈসে সেই মুনিবর।—ম ৫৭। আমার নগরে বৈস ক.চ ৮৪,-৯; ১১৭। বৃন্দাবনে বৈসে চৈ.চ ৮২। তাহাতে বৈসয় ভ.গ্র ৩৬০। ২ ব্যাপিয়া থাকা। "সর্ব্বদেহে ধাতুরূপে বৈসে কৃষ্ণশক্তি চৈ.ভা ১৫৩। ৩ অবস্থান করা; থাকা। "হেন ক্ষিতি তৃণবৎ শিরে বৈসে যাঁর।—ম ১০; তথা বৈসে নারায়ণ ২৮২। ৪ প্রতিষ্ঠিত হওয়া। "হাজাবে কলিঙ্গদেশ, তবে বৈসে গুজরাটপুর ক.চ ৮০। [বৈসন্ত—বাস করেন। "অ.প ৫। নিবৈসে—নিবাস করে। "ব.প ২৭৭।]

বৈশ[২], **-স**[৩] অর্ম্ম [দ্র 'বস[৪]; ঠ, মৈ √বৈস] ১ উপবেশন করা। "উলূকের পৃষ্ঠে প্রভু বৈসে শূ ৫। বৈসিয়া গো.বি ৫৭। পশুপতি বৈসেন বাণের মধ্যখানে।—কৃ ৩৫৭। ঈশ্বরী পাটনী…কহিলেক মা নৌকায় বৈশ কৃ.চ ১৪; স্ব স্ব স্থানে বৈশেন নর্ত্তক নর্ত্তকী ২৬। ২ উপবেশনপূর্ব্বক অপেক্ষা করা। "ক্ষণেক লক্ষ্মণ সহ বৈস এইখানে। —কৃ ১২৭। —শা,-সা সর্ম্ম [বৈশ, -স+আ[৮]] উপবিষ্ট করা, বসান। "নিয়রে বৈসায় বি.প ৬২; পিয়া বৈসায়ল নিজ কোর ১২৮; বৈসায়ল …আসনে ২১২। হস্তে ধরি বৈশাইল ম.গা ২৬। বৈসাইলা।—গ ২০২; গো.বি ৪৫। [বৈশ (উপবেশন কর), -শে, -শোঁ, -স, -সু (শ্রী.কী)। বৈস, -সসিয়া, -সে (গো.চ)। বৈসন—উপবেশন। "ব.প ৩০০। বৈসায়ব, -য়ল (প.ক)।]

বৈশদ্য † স্ত্রী [বিশদ+য (ষ্যঞ্)] ১ বিশদভাব নির্ম্মলতা। "বৃহৎ-সংহিতা ৭২.২। ২ প্রসন্নতা, প্রফুল্লভাব। "মুখ° (সুশ্রুত)। ৩ শুভ্রতা। ৪ স্বচ্ছতা। ৫ সুগমতা, সুখবোধ্যতা। ৬ পরিস্ফুট-ভাব।

বৈশম্পায়ন † পুং [দ্র 'ব্যুৎপত্তি, মহা ১.১.১১, নীলকণ্ঠ] ব্যাসশিষ্য মুনিবিশেষ। [ব্যাস ইঁহাকে যজুঃসংহিতা প্রদান করেন (ভ ১২.৬.৫২)। ইনি রোমহর্ষণের নিকটে পুরাণ অধ্যয়ন করেন এবং ষট্‌পৌরাণিকের একতম (ভ ১২.৭.৫-৬)। জনমেজয় কুরুপাণ্ডবচরিত-কথা শুনিতে ইচ্ছা করিলে, ব্যাস ইঁহাকে মহাভারতকথা কীর্ত্তন করিতে আদেশ করেন এবং ইনি ভারতেতিহাস সবিস্তর বর্ণনা করেন (মহা ১.৬০.১৮-২৩। ম ৩।]

বৈশস † বিণ [বিশস+অ (অণ্)] বিশসনবান্ (নীলকণ্ঠ), বিনাশ-যুক্ত। "বৈশসেঽহনি মহা ৫.৭৬.১৫। —শস স্ত্রী [+অ স্বার্থে; দ্র 'মল্লিনাথ'] ১ বিনাশ, বধ। "ঘোরং তু বৈশসং মন্যে গতে ময়ি ভবিষ্যতি গো.রা ৫.১৫.৫৩। মহা ৩.৬৫.৩৬। অর্দ্ধ° কু.স ৪.৩১। ২ বিরোধ। "মহা ৩.১৪৭.৫; ৬। ৩ বৈর; যুদ্ধে বিনাশ। "মহা ৪. ৩৯.৮। ৪ অনিষ্টাপাত, বিপৎপাত। "উ.চ ৪.২৪।

বৈশাখ † পুং [বৈশাখী+অ (অণ্)] ১ যে মাসে বৈশাখী, অর্থাৎ বিশাখানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী; বৎসরের প্রথম মাস; মাধব। ২ [বিশাখা +অ, পা ৫.১.১১০] 'যাহার বিশাখা প্রয়োজন'; মন্থনদণ্ড। "মাঘ

১১.৮। —শাখ ক্লী [বিশাখ+অ স্বার্থে] সর্থ বিশাখ (৩)। "ছ ১১১.
৪৫ বৈশাখং স্থানম্ ৪৩। —শাখী স্ত্রী [বিশাখা+অ+স্ত্রী ঈ (ঙীপ্)]
১ বিশাখাযুক্ত কাল, অর্থাৎ পৌর্ণমাসী; বৈশাখ-পূর্ণিমা। ২ রক্ত-
পুনর্নবা। [°চাঁপা—বৈশাখমাসের স্বর্ণচম্পকপুষ্প। "বরণ বৈশাখচাঁপা
শ্রী.যা ৯৪।]

বৈশাখী দ্র 'বৈশাখ'।

বৈশারদ † বিণ [বিশারদ+অ (অণ্) স্বার্থে; স্ত্রী -দী] ১ বিশারদ,
নিপুণ। "°দী ধীঃ ভ ৭.৭.১৭। ২ নিপুণগুরূপদিষ্ট। "°দী সাতিবিশুদ্ধ-
বুদ্ধিঃ ভ ১১.১০.১৩। ৩ সর্ব্বজ্ঞ ঈশ্বরসম্বন্ধী। "দেবী বৈশারদী মায়া
ভ ১.৩.৩৪। ধৈর্য্য °দী মতি, এ সব কৃষ্ণে প্রতিষ্ঠিত চৈ.চ ২২০।
—রদ ক্লী [+অ ভাবার্থে] বিশারদভাব, বৈদুষ্য, বিজ্ঞত্ব। "রা ৭.৩৬.
৪৫। —রদ্য ক্লী [+য (ষ্যঞ্)] পাণ্ডিত্য, নৈপুণ্য। "(°রদ্যম্)
বাজিনাং প্রয়োগেষু (মহা)।

বৈশারদ্য দ্র 'বৈশারদ'।

বৈশিক বিণ [বেশ+ইক (ঠক্); স্ত্রী -কী] বেশসম্বন্ধী, বেশ্যাসম্বন্ধী।
"কলাং বৈশিকীম্।—মৃ ১.৪। —শিক পুং বেষজীবী (পা ৪.৪.১২)
ত্রিবিধ নায়কের একতম। [পতি উপপতি বৈশিক—এই ত্রিবিধ
নায়ক। 'ভা.চ ৬৯৯।] —শিক ক্লী বেশ্যাবৃত্তি। "(যোষিতঃ) বৈশিকে
পরিনিষ্ঠিতাঃ গো.রা ১.৯.৫।

বৈশিষ্ট, -ষ্ট্য † ক্লী [বিশিষ্ট+অ (অণ্),+য (ষ্যঞ্)] ১ বিশিষ্ট-
ভাব, বিশেষত্ব, ভেদ। ২ বিশেষধর্ম্মতা। ৩ শ্রেষ্ঠতা, উৎকর্ষ।
"বিবাহবৈশিষ্ট্যাকৃতঃ পূর্ব্বঃ পূর্ব্বো বিশিষ্যতে মহা ১৩.৪৭.৫৯। ৪ লোকো-
ত্তরত্ব, অসাধারণতা। "মহা ১৩.১৫৯.৪১। ৫ বিশেষণ, গুণবত্তা।
"অধিকারূঢ়বৈশিষ্ট্যং রূপকম্ সা.দ ১০.৩৪।

বৈশেষিক † বিণ [বিশেষ+ইক (ঠক্) স্বার্থে; স্ত্রী -কী] ১ বিশেষ,
অসাধারণ। "আকাশস্য তু বিজ্ঞেয়ঃ শব্দো বৈশেষিকো গুণঃ।—ভাষা-
পরিচ্ছেদ ৪৪। ২ জাতিগত, ইতরব্যাবর্ত্তক। ৩ সর্ব্বাতিরিক্ত, সর্ব্বাতি-
শায়ী। "এক এব তু (সেনাপতিঃ) কর্ত্তব্যো যস্মিন্ বৈশেষিকা গুণাঃ
মহা ৭.৫.১৫। —ষিক পুং বৈশেষিকমতবিৎ দার্শনিক।—ষিক ক্লী
[+ইক (ঠঞ্)] বিশেষাধিকারপূর্ব্বক কৃত গ্রন্থ; কণাদকৃত 'বিশেষ-'
বিষয়ক দর্শনশাস্ত্র। দ্র 'বিশেষ' (১১)। [কণাদমতে পদার্থসমূহের
সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যবোধে আত্মসাক্ষাৎকার ও তদনন্তর নিঃশ্রেয়সলাভ হয়।]

বৈশ্য † বিণ [°শ্য+অ (অণ্); স্ত্রী -শ্যী] বৈশ্যসম্বন্ধী, বৈশ্যবর্ণগত।
"বৈশ্যানি...কর্ম্মাণি মহা ১২.৬২.৪। —শ্য পুং [বিশ+য (ষ্যঞ্) স্বার্থে
(অ.টী)] ১ চাতুর্ব্বর্ণ্যের তৃতীয় বর্ণ। [পুরুষের ঊরু হইতে বৈশ্যের
উৎপত্তি (ঊরূ তদস্য যদ্ বৈশ্যঃ।—ঋগ্বেদ ১০.৯.১২। বৈশ্য ঊরুপ্রদেশে
—শি ৮)। কৃষি, গোরক্ষা বা পশুপালন, বাণিজ্য, কুসীদগ্রহণ,
ধান্যাদিবীজপোষণ ইঁহাদের বৃত্তি (গী ১৮.৪৪। মনু ১০.৭৯। শু ১.৪২।
বিষ্ণু ২.৬)। এতদ্ব্যতীত দানব্রাহ্মণভোজনাদি বৈশ্যধর্ম্ম (যাজ্ঞ ১.১১৮,
-৯। হারীত ২.৬-১০)।] ২ বৈশ্যকর্ম্মরত বিপ্র। "অত্রি ৩৬৯।
—শ্যা স্ত্রী ১ বৈশ্যজাতি-স্ত্রী। "মনু ৮.৩৮২। ২ পরিণীতা বৈশ্যনারী;
অর্য্যা। "°জ মনু ৯.১৫১। [°কর্ম্ম (-র্ম্মন্) (ক্লী), °বৃত্তি (স্ত্রী)
—শাস্ত্রদৃষ্ট কৃষিকর্ম্ম-প্রভৃতি কর্ম্ম। "°ত্তি মনু ১০.৮৩। °ভাব (পুং)
—বৈশ্যবৃত্তিতা। মনু ১০.৯৩। °রায় (বি)—বৈশ্যশ্রেষ্ঠ "চু ৫৬,-৯।]

বৈশ্যা দ্র 'বৈশ্য'।

বৈশ্যানী বি [বৈশ্য+আনী°; অপ্র] পরিণীতা বৈশ্যজাতি-স্ত্রী।
"বৈশ্যানীকুমার সেই।—ম ১২১২।

বৈশ্রবণ † বিণ [°ণ+অ (অণ্)] কুবেরসম্বন্ধী। —বণ পুং [বিশ্রবণ
+অ (অণ্), শিবাদি পা ৪.১.১১২; মতান্তরে বিশ্রবস্+অ, বিশ্রবস্
>বিশ্রবণ, নিপাতিত (অ.টী); তু 'বিশ্রবসোঽপত্যম্ (রা ৭.৩.৮,
রা, টীকা); ছান্দস] ১ বিশ্রবার অপত্য; কুবের। "বৈশ্রবণঃ প্রভুঃ মহা
৩.৬৫.২৩। ম ২৯৫। ২ রাবণ। [বৈশ্রবণাত্মজ (পুং)—রাবণ।]

বৈশ্ব বিণ [বিশ্ব+অ (অণ্)] বিশ্বদেবসম্বন্ধী। —শ্ব ক্লী, -শ্বা স্ত্রী
বিশ্বদেব-দেবতাক উত্তরাষাঢ়া নক্ষত্র।

বৈশ্বদেব † বিণ [বিশ্বদেব+অ (অণ্); স্ত্রী -বী] ১ বিশ্বদেব-
সম্বন্ধী। "মহা ১২.৩০১.৮। ২ বিশ্বদেব-দেবতাক। —দেব ক্লী
১ [বিশ্ব দেব যাহাতে (বহুব্রী)—বিশ্বদেব+অ, স্বার্থে] সর্ব্বজাতীয়
প্রাণিজাত যে কর্ম্মে দেবতা (নীলকণ্ঠ); সকল দেবতা এবং দিবাচর
ও রাত্রিচর ভূতসমূহের উদ্দেশ্যে বলিহরণকর্ম্ম (মনু ৩.৯০); অগ্নিসাধ্য
হোমবলিদানাতিথিভোজনাত্মক কর্ম্ম (মনু ৩.১২১, কুল্লূক)। "মনু ৩.
১০৮। ২ সর্থ 'বৈশ্ব' (ক্লী)।

বৈশ্বা দ্র 'বৈশ্ব'।

বৈশ্বানর † বিণ [বিশ্বানর+অ (অণ্); স্ত্রী -রী; ছান্দস] বিশ্বানর-
সম্বন্ধী, অগ্নিসাধ্য। "ইষ্টিং বৈশ্বানরীম্ মনু ১১.২৭; হারীত ৬.৩।
—নর পুং [বিশ্ব (সর্ব্ব) নর (জীব),—বিশ্বনর+অ (অণ্), দীর্ঘ
(পা ৬.৩.১২৯। প্রশ্নোপনিষৎ ১.৭)] ১ বিশ্বনরসম্বন্ধী; সর্ব্বদেহাভি-
মানী স্থূলশরীরে উপহিত চৈতন্য; বিরাট্ (বেদান্তসার)। ২ [বিশ্বা-
নর+অ অপত্যার্থে (অ.টী); বিশ্বানরঃ প্রাণঃ, তেন জন্যমানত্বাৎ
তস্যাপত্যং বৈশ্বানরঃ (নিঘণ্টু টীকা—শ.ক)।] অগ্নি। "সূর্য্য°প্রভ
গো.রা ৩.৯.৩। ম ৩; ৩৬০। ম.পা ৩৯; °সখা ১১০; °মিত্র ১৩০।
মে ৩৩। ৩ উদরস্থ অগ্নি; জঠরানল। "গী ১৫.১৪। ৪ চিত্রকবৃক্ষ।
[°পথ (পুং)—(জ্যোতিষে) অনাদিজ্যোতিশ্চক্রমার্গ। "রা ১.৬০.৩১।
°মিত্র, সখা (বি)—বায়ু। দ্র 'বৈশ্বানর (২)।]

বৈষম, -ম্য † ক্লী [বিষম+অ (অণ্),+য (ষ্যঞ্)] ১ বিষমভাব,
বন্ধুরতা, নতোন্নতভাব। "বৈষম্যং হি পরং ভূমেঃ মহা ১২.৫৯.১১৪।
২ ব্যভিচার, পার্থক্য। "ফলবৈষম্যং দৃশ্যতে কর্ম্মসন্ধিষু মহা ৩.২০৮.
২১। ৩ অযুগ্মতা। ৪ অন্যথাভাব। "সত্ত্ববৈষম্য ভ ৯.১.১৮; ২০।
৫ বিপর্য্যয়। "ভাগ্যবৈষম্যদোষ গো.রা ৬.৯৮.২৯। ৬ ন্যূনাধিক-
ভাব, ন্যূনাধিক্য। "আহার° (সুশ্রুত)। দ্রব্যাবয়ব° ভ ৩.২৬.৪৫।
৭ পক্ষপাতিতা। ৮ অসঙ্গতি, অনৈক্য। ৯ দ্বৈধ। "মতিবৈষম্য
ভ ১.৯.২১। ১০ দুর্দৈব, দুর্গতি, দুর্ভাগ্য। "মহা ৩.৬১.২০; ৭০.৮।
১১ অদণ্ড্যদণ্ডন। "ভ ৬.২.৩। ১২ ছিদ্র, দোষ। "কর্ম্মসু বৈষম্যম্
ভ ৮.২৩.১৪। ১৩ হেয়োপাদেয়তা। "(চিত্তমর্থেষু) ন বিগৃহ্ণাতি
বৈষম্যম্ ভ ৩.৩২.২৪।

বৈষম্য দ্র 'বৈষম'।

বৈষয়িক † বিণ [বিষয়+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ বিষয়সম্বন্ধী,
দৈশিক, রাষ্ট্রীয়। ২ ইন্দ্রিয়ার্থসম্বন্ধী, ভোজ্যাভোগ্যবিষয়ক। "°সুখ
(সা.দ)। ৩ (ব্যাকরণে) বিষয়াধারসম্বন্ধী। "পা ২.৩.৩৬, সি।
৪ ভূসম্পত্তি-প্রভৃতিবিষয়-সম্বন্ধী। "মানুষের উন্নতি কেবলমাত্র বৈষয়িক
ব্যাপারেই সম্বদ্ধ থাকে পা.প্র ১৩৮। ৫ বিষয়সেবননিরত, বিষয়ী।
"°জন (মেদিনী, নপঞ্চক ২৪৬)। —য়িক পুং বিলাসী, কামুক।

বৈষ্টম বি [বৈষ্ণব > °ম; অপ্র] বৈষ্ণব। "গো.চ ১৬০,-৭১।

বৈষ্ণব † বিণ [বিষ্ণু+অ (অণ্), স্ত্রী -বী] ১ বিষ্ণুসম্বন্ধী। "তেজো
বৈষ্ণবম্ রঘু ১০.৫৪; ১১.৮৫। বৈষ্ণব তেজ শিশুর শরীরে ম ৫৪১।
২ বিষ্ণুদেবতাক। "(অস্ত্রাণি) বৈষ্ণবানি মহা ৩.১৬৮.৩০। বৈষ্ণব-
মিদং মহাধনুঃ বা.ভা ১.৬৯। বৈষ্ণব অস্ত্রঃ বৈষ্ণব বাণ ম ৮৯১।
৩ বিষ্ণ্বধিষ্ঠিত। "ক্ষেত্রেঽস্মিন্ বৈষ্ণবে ভ ১.১.২১। ৪ সংহিতাকার-
বিষ্ণু-বিরচিত। "বৈষ্ণবে ধর্ম্মশাস্ত্রে (বিষ্ণু, অধ্যায়শেষে)। —ষ্ণব পুং
১ বিষ্ণ্বুপাসক। "পুরূরবা নাম রাজা পরমবৈষ্ণবঃ ক.সা ১৭.৪।
°সেবনে (চৈ.চ)। আমরা উভয়েই বৈষ্ণব—কিন্তু অর্দ্ধেক বৈষ্ণব ব.বি

১১৯। ২ যজ্ঞবিশেষ। "রা ৭.২৫.৮। —ব্ব ক্লী ১ বিষ্ণুধাম, বৈকুণ্ঠ। ২ শ্রবণানক্ষত্র। ৩ বিষ্ণুপুরাণ। —ব্বী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিষ্ণুশক্তি। ২ গঙ্গা। "ক.চ ৮০। ৩ দুর্গা। ৪ বিষ্ণুপত্নী, লক্ষ্মী। "শি ৭। ৫ বিষ্ণুপাসিকা, বৈষ্ণবপত্নী। ৬ অপরাজিতা, তুলসী, শতাবরী। [°পুরাণ (ক্লী)—বিষ্ণুপুরাণ।]

বৈষ্ণবী দ্র 'বৈষ্ণব'।

বৈস১ বি [সং বয়স, হি বৈস] বয়স। 'হেন বৈসে।—মী ১৮।

বৈস২; **বৈস**৩, **বৈসা** দ্র 'বৈশ১, বৈশ২'।

বৈসাদৃশ্য† ক্লী [বিসদৃশ+য (ষ্যঞ্)] ১ বিসদৃশভাব, বিভেদ। "সাদৃশ্য" মনু ৯ ১৭৪, কুল্লুক। ২ তারতম্য। 'ভ ৫ ২৬৩।

বৈসাম্য বি [সাম্য >°ম্য (বৈপরীত্যে), অসাধু] সাম্যের অভাব, ইতরবিশেষ। "সহেতুক বৈসাম্য পা প্র ৮২।

বৈসারিণ† পুং [বিসারিন+অ (অণ) 'মৎস্য' অর্থে, পা ৫.৪ ১৬] মৎস্য (অকো)।

বৈস্বর্য্য† ক্লী [বিস্বর+য (ষ্যঞ্)] ১ বিস্বরভাব, বিকৃতস্বর। ২ বিকৃত উচ্চারণ। ৩ গদ্গদভাষিত, সাত্ত্বিকভেদ। 'সা দ ৩ ১৩৭।

বৈসৃসন বি [তু 'সংবর্ষণ >প্রা *বস্‌সণ, অপ্র] বর্ষণ, বৃষ্টি। 'রিমিঝিমি বৈস্‌সন বর্‌সিতে নাগিল গো চ ২৩৪,-৫।

বৈহায়স† বিণ [বিহায়স্+অ (অণ্), স্ত্রী -সী] ১ বিহায়ঃসম্বন্ধী, আকাশ। "°গত রা ২.২৭ ৯। ২ আকাশগামী, খেচর। "°সম্ ...রথম্ গো রা ৬ ৯৫৫। °সম্...পুরম্ মহা ৩.১৫৩, ১৪২৫। —য়স পুং খেচরসিদ্ধ। "ভ ২.২ ২২। —য়স ক্লী খেচরত্ব। "°মনোজ-বাত্তর্দ্ধানপরকায়প্রবেশাদীনি। ভ ৫ ৫ ৩৫।

বৈহারিক বিণ [বিহার+ইক (ঠক্), স্ত্রী -কী] বিহারপ্রয়োজন। "বৈহারিকাণাং শিল্পানাং বিজ্ঞাতা রা ২ ১২৮। [বৈহারিক শিল্প —নৃত্যগীতবাদিত্রাদি কর্ম্ম (টীকা)।]

বৈহার্য্য† পুং [বিহার্য্য+অ (অণ্) স্বার্থে] বিহারযোগ্য, পরিহাসে লালনীয় শ্যালসম্বন্ধ্যাদি (নীলকণ্ঠ)। 'মহা ৫ ১২২ ৮।

বৈহাসিক† বিণ [বিহাস+ইক (ঠক)] 'বিগাসশিল্পী', পরিহাসক, ক্রীড়ানর্ম্মকারী, ভাঁড়। "কেলি" নৈ ১৯ ৬৪।

বোউ বি [বউ >°উ] স্ত্রী। "ব প ৩৮৫।

বোঁচা১ বিং [সং ব্যবচ্ছেদ >প্রা বোচ্ছেঅ >(বোছা) °চা, হি ব্চা, ঠ ব্চা—কানকাটা, 'বোঁচা' (কুম্ভীর—মালদহ)] ১ ব্যবচ্ছিন্ন, খণ্ডিত। "মাথায় মারিতে চোট কান হৈল বোঁচা শ্রী ৮৮। ২ ছিন্নকর্ণ। "কারো...পদাতি কুব্জ বোঁচা ঠুঁটা।—ম ২২১। খাঁদা বোঁচা হৈল, কার গেল নাক কাণ শি ৪১। —চা বি কুম্ভীর।

বোঁচা২ বিং [বঞ্চক >°চা] ধূর্ত্ত, প্রতারক। "কেহ ছোচা কেহ বোঁচা ক.চ ১৫৭। বোঁচা দেড়ে ভা চ ৭৩৮।

বোঁট, -টা বি [সং বৃন্ত >প্রা বোণ্ট (হে ১ ১৩৯) >বা বোঁট, -টা, 'বোট' (ব প ১২৯৩)] ১ ফলপুষ্পের বন্ধন (stem)। "(ফুল) কেউ রয়েছে বোঁটা-সার ব প ১৬২৬। এক বোঁটায় আমরা দুই ফুল (বঙ্কিম-চন্দ্র)। ২ পত্রের বৃন্ত। "পানের বোঁটা। ৩ [তু 'বো'ড'—চুচুক (দেশী ৬ ৯৬), ঠ 'বোঁড়ী'—চুচুক] চুচুক। "কৃষ্ণ বর্ণ প্রকাশ হৈল স্তন-বোঁটে।—কৃ ৫১।

বোঁটা দ্র 'বোঁট'।

বোঁদেলা বি সর্ব 'বুন্দেলা'। "°লার খানা ভা চ ২৫, ২৭০।

বোঁবোঁ বি [ধ্বন্যাত্মক] চরকা-প্রভৃতির দ্রুত ঘূর্ণনের শব্দ। "বোঁবোঁ বোঁবোঁ চর্কি লোটে সা ম ৫৯।

বোকচা, -চকা বি [√ বক্‌-চ্, আ বক্‌চা, ঠ বোকচা, বোচকা] কাপড়ে বাঁধা জিনিসপত্রের মোট; গাঁঠরি।

বোকড়া বিং [ঠ ককণা—দন্তহীনহস্তিবিশেষ; তু 'সং মৎকুণ] দন্তহীন (বালক, বৃদ্ধ)।

বোকস বি [বুক >বোক] বোকা, কাণ্ডজ্ঞানহীন। "বুড়া রাকস বুড়া বোকস বুড়া দেখে জ্বলি শি ৮৩।

বোকা বি [সং বুক, তু 'বোক্কড'—ছাগ (দেশী ৬ ৯৬); হি, প বোক, ঠ বোকা, মৈ 'বৌক'—মূক,] ১ ছাগ, পাঁটা। "লিখিল তেত্রিশ ছা, বোকা তার কুড়িটা, সাতটা লিখিল বীজবোকা ক চ ১৪১। অষ্টমীর বোকা শ্রী.ম ২০৯। ২ নির্ব্বোধ, গালি। [বোকা পাঁঠা —বড় ছাগল, বীজবোকা। বোকামি—বোকাপনা, মূঢ়তা।]

বোকামি দ্র 'বোকা'।

বোক্কা বি° [দ্র 'বোকা', অপ্র] সর্ব 'বোকা (২)। "জুআয় না বোক্কা মড়া মাও বলিবার গো চ ২৫৯।

বোচকা দ্র 'বোকচা'।

বোগাল বি [সং বোদাল] বোয়ালমাছ। "গো বি ১৩।

বোজা, -ঝা১ বি ['বাহ্'—মূল (?), Av. vazya; আ রজ্ন্; হি বোঝ, ঠ বোজা, -ঝা, ড় বোঝ] বহনীয় দ্রব্য, ভার। "বাটে ধরি বেগারি বাঁটায়ে দেয় বোজা শ্রী ২০২। মাংস-বোঝা ম.পা ৪৫। কাঠ বোঝা ম ভা ১৬। একেক বোঝাতে (চৈ চ)। [বোঝাভরা কাঠ —কাঠের পুরা বোঝা। 'শিশু ৭৪। বোঝারি (হি বোঝল)—ভারী মুটে। °রি মাথায় বোঝা পথে যায় চল্যা ব প ৪৭৩।]

বোঝন বি [বুঝ্+অন] বুঝ। "চান্দব নাচনের বোল বুঝন না যায় বি পা ৩২২। —ঝা২ বি সর্ব 'বোঝন'। [বোঝাপড়া—বিচারপূর্ব্বক বোঝা। 'ভালমন্দ বোঝাপড়া তাতে আমাতে।—শিশু ১৩। আমার বাপের সঙ্গে আমি বোঝাপড়া করিব ব প্র ৪১০।

বোঝা১; **বোঝা**২, **বোঝাপড়া** দ্র 'বোজা, বোঝন'।

বোঝাই বি [হি বোঝাঈ] ১ ভারস্থাপন (loading)। "পাঁটরি ...ফেয়ারীর কেয়ায় বোঝাই দিয়া...পার করিয়া লইয়া যাই ব.প্র ৪৬০। ২ বোঝাই করার মজুরী। [বোঝাই গাড়ী—বোঝায়-ভরা গাড়ী।]

বোট বি [E boat; তু 'পোত'] নৌকা। "জালি°, লেঞ্চ°।

বোটকা বিং [বোকাটিয়া >বোকটা >°কা] বোকা পাঁঠার গন্ধের মত (গন্ধ)। "দিব্যাঙ্গ রমণীর যেমন বোটকা গন্ধ গায়।—দা ৯২১। ও যখন বাড়ী থেকে আসে, তখন ওর গায় বোটকা বোটকা গন্ধ হয়। —জা ৪১।

বোটকেরা বি [?] উপহাস। "মশাই, আপনারা বোটকেরা পরে করবেন, গবিব বড় দায়ে পড়ে এসেছে (অ প্র)।

বোর্ড বি [E board] ১ সভা, সরকারী সভা। "ডিষ্ট্রিক্‌ট্°, লোকাল্°। ২ পুরু কাগজের তক্তা। "পিচ্°।

বোড়লা বি [সং বরলা] বোলতা। "ভা চ ১২৮।

বোড়া বি [বোড্র] বৃহৎসর্পবিশেষ, গোনসসর্প। "ক.চ ৬৩। বিষতিয়া বোড়া ম ম ৫৯। ভা.চ ১২৯।

বোড্র† পুং ১ গোনস, বোড়াসাপ। ২ মৎস্যবিশেষ, ব'ড়ো মাছ (?)। —ড্রী স্ত্রী পণের চতুর্থাংশ, পাঁচগণ্ডা, বুড়ী।

বোড্রী দ্র 'বোড্র'।

বোঢ়ব্য† বিণ [√বহ্+তব্য-র্ম] ১ বহনীয়, বাহ্য। "বোঢ়ব্যো ভবতা...ভারঃ রা ১ ১৩৪। ২ পরিণেয়, বিবাহার্হ। "স্বয়া কন্যা বোঢ়ব্যা পা ৩.৩ ১৬১, তত্ত্ববোধিনী। মনু ৮ ৩৬৬, কুল্লুক। —ঢ়া (-ঢ়্) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ঢ়ী; 'রোল্হা (ঋগ্বেদ ৮.২. ৩৫)] ১ বাহক, স্থানান্তরপ্রাপক। "নির্ঝরণীকরাণাং বোঢ়া কু.স

৮ ১,১৫। ২ বাহক (অধ্যাহ্রি)। "রথস্ত বোঢ়া। ভার° ক.সা ৬০ ১২। ৩ পরিণেতা। "স্বঃ কন্যায়া বোঢ়া পা ৩৩১৬৯, তত্ত্ববোধিনী। —ঢা পুং ১ ভারবাহক, ভারিক। ২ শিবিকাদিবাহক। "হে বোঢ়ারঃ, ...কিমিতি বিষমমুক্তে যানম্ ভ ৫ ১০২। ৩ বৃষ। "মনু ৮২০৪। ৪ বৃষভ। ৫ সূত।

বোঢ়া দ্র 'বোঢব্য'।

বোণ্ট † পুং [দ্র 'বোঁট'] বৃন্ত।

বোতল বি [P. botelha, E. bottle] বড় শিশি। 'শিশি°'।

বোতাম বি [P. botao] জামা ইত্যাদি বাঁধার চাকতি, ঘুণ্টি।

বোদ বি [বুদ্বুদ >বুদ >°দ (?), সং 'বোদ—আর্দ্র] পচা কাদা, হাবোড়।

বোদা বিং [?] বিস্বাদ। "পর্দ্দিতে মুখ বোদা হয়।

বোদাল † পুং [বোদ >°ল (?)] মৎস্যবিশেষ, বোয়াল।

বোদালি, -য়াল, -লি বি [সং রোদাল >প্রা *বোআ(যা)ল >বা °ল, °ল+ই১১] সর্থ 'বোদাল'। "বোদালি ক চ ২২। বোয়ালি ১৫৬; ভা চ ১২৬।

বোদ্ধব্য § বিণ [√বুধ+তব্য র্ম] ১ অবগন্তব্য, জ্ঞেয়। "বুধ্যস্ব সর্ব্ব° বোদ্ধব্যম্ গো রা ২১১৯৩২। গী ৪১৭। ২ অনুভবনীয়। —দ্ধা (-দ্ধৃ) বিণ [+তৃ (তৃচ)-ক-১ব, স্ত্রী -দ্ধ্রী] ১ জ্ঞাতা, বোধক। "যাজ্ঞ ৩৬৯। ২ তত্ত্বজ্ঞ, পণ্ডিত, সমঝদার। "বোদ্ধারো মৎসরগ্রস্তাঃ প্রভবঃ স্ময়দূষিতাঃ। অজ্ঞানোপহতাশ্চান্যে জীর্ণমঙ্গে সুভাষিতম্॥ —ভর্তৃহরি। (চলেছে) বোদ্ধা যোদ্ধা এক এক।—হেম ২৬৯। বোদ্ধা থাকিলে বুঝিত যে, সে সর্ব্বাঙ্গীণ তাললয়স্বর-সমন্বিত গান, কেবল সুকণ্ঠের কার্য্য নহে ব দ্বি ১৫। সহৃদয় বোদ্ধা নাই বলিয়া তাহা বুঝাইতে পারিলাম না ব প্র ২০৯।

বোদ্ধা দ্র 'বোদ্ধব্য'।

বোধ § পুং [√বুধ+অ (ঘঞ্)-ভা] ১ জ্ঞান, অবগতি। 'অগাধ° ভ ৮২২১০। ২ অনুভব, উপলব্ধি। 'সুখ°'। ৩ প্রবোধ, জাগরণ। "°কর, °বাসর। অবোধ মহা ৭১৮৩৪৪। ৪ চৈতন্য। ৫ বিকাশ, উদ্ভেদ। ৬ [+অ-ণ] বুদ্ধি, মতি। ৭ সংজ্ঞা। —ধক বিণ [√বোধি +অক (ণুল্)-ক] ১ বোধয়িতা, জ্ঞাপক। ২ প্রকাশক, সূচক। "অনুভাবো ভাববোধকঃ (অ কো)। অর্থ° সা দ ২২। ৩ প্রবোধয়িতা, জাগরয়িতা। ৪ বিকাশয়িতা, উদ্ভেদক। —ধক পুং ১ উপদেশক। ২ চর। ৩ বৈতালিক। —ধন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ সর্থ 'বোধক (১-৩)। ২ বিকাশয়িতা। পদ্মবোধনমুদ্যন্তং পশ্য সূর্য্যম্ গো.রা ২৯৭২। ৩ উদ্দীপক। মন্মথ°। ৪ উপদেষ্টা। —ধন পুং বুধগ্রহ। —ধন ক্লী [+অন-ভা] ১ বিজ্ঞাপন, বেদন। ২ জাগরণ, প্রবোধন। "কুম্ভকর্ণম্...বোধনায়োপচক্রমুঃ গো রা ৬৩৭৩৬। অকাল° কৃ ৩৪৮। ৩ উদ্দীপন। মনোভব° মাঘ ৯২৪। ৪ সূচন, প্রকটীকরণ। ৫ গন্ধদীপন। ৬ [√বুধ্+অন-ভা] জ্ঞান, বোধ। "তদিঙ্গিতবোধনং রঘু ৯.৪৯। ৭ জাগরণ। ৮ (বাঙলায়) দুর্গার বোধনার্থ উৎসব। "দু ৬, ৭। বোধনের বিল্ব—হেম ৩১৯। —ধনী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বোধসাধনী', মতি, বুদ্ধি। ২ [+অন -ধি] 'বোধনতিথি', উত্থানৈকাদশী। —ধনীয় বিণ [√বোধি+অনীয় (অনীয়র্)-র্ম] বিজ্ঞাপনীয়। —ধয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব; স্ত্রী -ত্রী] ১ জাগরয়িতা, প্রবোধক। ২ বোধজনয়িতা, উপদেশক। [°কর (পুং)—'জাগরয়িতা', বৈতালিক। °গম্য (বিণ) —বুদ্ধিগম্য, জ্ঞানগোচর। °পূর্ব্ব (বিণ)—জ্ঞানপূর্ব্বক। "শ ৫২। °বাসর (পুং)—শ্রীহরির জাগরণদিবস, উত্থানৈকাদশী।]

বোধক, বোধন, বোধনী, বোধনীয় § দ্র 'বোধ'।

বোধশোধ বি [ফা 'শুদ্বুধ্'—অল্পজ্ঞান, হি—সুধ বধ] সামান্য জ্ঞান, বোধ। "এ বিষয়ে বাবুরামবাবুর কিছুমাত্র বোধশোধ ছিল না আ.দু ৬৪।

বোধি § বিণ [√বুধ্+ই (ইন্)-ক, উ ৪১১৭] জ্ঞাতা, প্রাজ্ঞ। —ধি পুং [+ই-ভা] ১ বোধ। ২ তত্ত্বজ্ঞান। ৩ [+ই-ণ] সমাধিভেদ। ৪ [+ই-ধি] পিপ্পলবৃক্ষ, অশ্বত্থ। [শাক্যমুনি অশ্বত্থতলে বোধি লাভ করেন, এই হেতু ইহা 'বোধি'। কশ্যপের বোধি 'ন্যগ্রোধ'।] —ধি বি [বুধি >°ধি] (বাঙলায়) বুদ্ধি, সমঝ। "মাধব, রাধা বোধি না ভেল।—জ্ঞা ২১০। [°তরু, °দ্রুম, °বৃক্ষ (পুং)—অশ্বত্থবৃক্ষ। °সত্ত্ব (পুং)—১ বোধি যাঁহার বল, শাক্যমুনি। ২ বুদ্ধ, জিন (অ.চি)।]

বোধিত § বিণ [বোধি+ত (ক্ত)-র্ম] ১ বিজ্ঞাপিত, নিবেদিত। ২ স্মারিত। "শ ৪১। ৩ বিকাসিত। "মধু°মাধবী মাঘ ৬২০।

বোধ্য § বিণ [বুধ+য (ণ্যৎ)-র্ম] জ্ঞেয়। "ভ ৭১২২৯।

বোন বি [দ্র বইন'] ১ ভগিনী। "°ঝী ম ম ১৩। ২ বয়স্যা, সখী। "বটে বোন বটে বটে।—হেম ২৮৭। একটা কথা আছে বোন।—কা ১৩৬। নিশি বলিল, 'বুঝিয়াছি বোন' ব প্র ৩৬৮। ৩ সতীন। 'এক-বার' বলিয়া দেখ না বোন।—ন ২৬৭,-৭৩। [°সতীন—সপত্নী-ভগিনী। "নিম তিতো নিসিন্দা তিতো তিতো মাকাল ফল। ইহার অধিক তিতো বোনসতীনের ঘর॥]

বোনাই বি [বোন+আই৩, হি বহনোঈ, তু বনেয়ী, 'বনই' (শ্রী ম ১৭)] ভগিনীপতি। [°ভাতারী—গালি। 'বি বু ৩৮।]

বোনাজ বি [বনাদ্য >°জ] বন-জঙ্গল, ঘাস খড়। "চারিদিগ ছেদলা পেওলা ও বনাজে পরিপূর্ণ আ দু ১৪৫।

বোবা বি [ধ্বন্যাত্মক] যে কথা বলিতে পারে না, 'বোবো' করে, গোঙ্গা। "বোবার ফুটিবে বোল।—দা ১৫৮। [বোবায় ধরা—স্বপ্নে ঘুমের ঘোরে অস্ফুটরবে 'গোঁ-গোঁ' করা। বোবার শত্রু নাই—যে প্রতিবাদ না করিয়া বোবার মত চুপ করিয়া থাকে তাহার শত্রু নাই। "দা ২০৯১। বোবার স্বপন—(সাদৃশ্যে) অনির্ব্বাচ্য বিষয়। "কে জানে সে জন কেমন। তারে যে দেখেছে সেই মজেছে, বলতে নারে বোবার স্বপন॥ —গান।]

বোম বি [ফা 'বম্'—গম্ভীরশব্দ] ১ আতসবাজিবিশেষ। "দা ১৫৬৯। ২ [Dutch—boom'] সর্থ 'ব্যোম (৭)।

বোমা বি [P boma, E bomb] ১ বারুদপূর্ণবিস্ফোরকধাতু-গোলকবিশেষ। ২ চাউল ইত্যাদি পরীক্ষার্থ সূক্ষ্মাগ্র সকোষ লৌহ-শলাকাবিশেষ (scoop)। ৩ জল তোলার কল (pump)।

বোম্বাচাক বি [?] বারোয়ারির একপ্রকার সং। "দু ৩৩।

বোম্বেটে বি [P bombardeiro] জলদস্যু (pirate)।

বোয়েম বি [বৈয়াম (চট্টগ্রাম)] সর্থ 'বএম'।

বোর১ বি [সং বদর >প্রা বোর (হে ১১৭০), হি, ঠ বোর] ১ কুলফলের মত সোনার বা রূপার ঘুমুর। "দা ১৪৮০। ২ বোর-দেওয়া শিশুর কটিভূষণবিশেষ।

বোর২, **-রো** বি [সং বোরব, হি বোরো] বোরোধান। "বোর ব প ১১৭। বোরোধানের চাউল ভা.চ ৫৪৯।

বোরব † পুং ধান্যবিশেষ, বোরোধান।

বোরা বি [হি, ঠ, মৈ, ড় বোরা] চটের থ'লে, গুন্।

বোরো দ্র 'বোর২'।

বোরখা বি [অ বুরক, ঠ বুরকা, -খা] মুসলমান মহিলার ব্যবহার্য্যার্থ আপাদমস্তকপর্য্যন্ত অবগুণ্ঠনবিশেষ।

বোল১ † পুং [√বা+ল, √বা >বো (অ চী), ফা বোল্; আ মোর্, হি বোল, Gr myrrha, E myrrh; মোর্ >°ল (?)]

গন্ধরস। [ইহা আরবের একজাতীয় গাছের আটা। ইহা কটুস্বাদ ও সুগন্ধি।—হিন্দীশব্দসাগর।]

বোল[২] বি [প্রা বোল (ক.ম ২.৪) > °ল ; তু 'বোল'—কলকল (দেশী ৬.৯০); হি, ঠ, গু, মৈ বোল] ১ কথা। "বাপ্তণদে কেহ কাণে নাহি শুনে বোল চ.বি ১৫৮। উগয়ে নাহি বোল।—জ্ঞা ১৩১। ২ কথিত বিষয়। "তোক্ষে কেহ্নে সে বোল্ বোলহ আক্ষারে শ্রী.কী ২১। ৩ সান্ত্বনাবাক্য। "শুনয়ে নাহি বোল বি.প ৮০। ৪ অভিযোগ-বাক্য, নিন্দার কথা। "শুনিলি বিজয়া জয়া বুড়াটির বোল ভা.চ ১০১। ৫ যুক্তিসঙ্গত বাক্য। "আর সখী বলে শুন এই বোল নহে শ্রী.ম ৩৯। ৬ বাক্য, ভাষা। "সত্য বোল।—ম ৪; কুবোল বলিল কত দেব নারায়ণ ১১৩১। কুবোল ম.ম ২০৭। ৭ প্রতিবচন, উত্তর। "বৈশ্বানর-বোলে মোরে হরিল দুর্জ্জন ম ৪। ৮ বাঁশীর গৎ; শিশুর অস্ফুটভাষা। "হারিয়ে গেছে বোল-বলা সেই বাঁশী কু.কে ৮৬। ৯ সম্মতিসূচক বাক্য। "শুনিঞা মায়ের বোল সন্তোষ হৃদয়ে চৈ.ম ৫৯। ১০ আদেশ। "দুর্গতি করে রাবণের বোলে ব.প ৫০৬। কার বোলে ঘুচাইল হাতের আয়ত।—শ্রী ১৮৪। চৈ.ম ৫৮,-৯। ১১ উপদেশবাক্য। তেজিল গুরুর বোল গো.বি ২৯। এক বোল তুমি করিবে পালন শ্রী.ম ২০২। ১২ রব, ডাক। "দাদুরী বোল।—গো ২৩৯। ১৩ স্বর, সুর। "বেহুলার মিষ্ট বোল ম.ভা ৫৭। ১৪ বাক্যনিঃসরণ। "ফুরাইল অভাগীর বোল শ্রী ৪৮। ১৫ বাদ্যের গৎ। "বুঝিতে না পারি বোল, মাদলেতে কিবা রোল গো.বি ৯২। ১৬ গুঞ্জন। "মধু পিবি মধুকরী মধুকর বোল।—ব ১০১। ১৭ ভূষণধ্বনি। "মঞ্জীর বোল।—গো ১৫৪। নূপুর ঘুঙ্গুর মধুর বোল।—জ্ঞা ১২৬। কিঙ্কিণীর বোল।—মে ১৯; ৩১; ৯৫। হাতঝুমকার বোল।—হেম ৩৮৬। ১৮ ধ্বনি। "হরি°। ১৯ কঠোর বাক্য। "ননদিনী কুবাদিনী, প্রতি বোলে ভাজে রা.শে ৪৩। ২০ মন্তব্যবাক্য। "ইউরোপীয় পণ্ডিতেরা এ বোল কিয়ৎপরিমাণে ছাড়িয়াছেন ব.বি ৪৪০। —লি,-লী বি [মৈ °লি] ১ কথা। "বোলি মুখে সুধা ঝরে শ্রী.মা ১৮০। ২ [মৈ বোলি] ভূষণধ্বনি। "কিঙ্কিণীর বোলী।—মে ৮২। [বোল গাওয়া—গানে আখর বসাইয়া গাওয়া। বোলেঁ চালেঁ, বোলে চালে—মিষ্টবাক্যে ও সদ্ব্যবহারে। "তোক্ষে বড়ায়ি বোলে চালে হঞা যাবি পার শ্রী.কী ১২৩; ১৬৯।]

বোল[৩] বি [কলংকলা (বুদ্বুদ—দেশী ৬.৯৫), কলকল (দেশী—প্রা.ম) > °ল] ক্ষারের সহিত সিদ্ধ জল; ক্ষারজল। "ধোপানী কাপড় কাচে ক্ষার আর বোলে ম.ভা ৫৫। নেতাই কাপড় কাচে সাবানের বোলে ব.প ২৯৭।

বোল[৪] সর্ম্ম [সং √বদ্ > প্রা √বোল্ল,-ল (প্রা.প্র, Appendix A, 24); √কথি (কথয়্) > √বোল্ল (হে ৪.২) > বা °ল; হি, ঠ, গু, মৈ √বোল; অস √বোল] ১ কথায় ব্যক্ত করা; কহা। "রাম বোলেন শুন ভাই ব.প ৫৬৮। মালী বোলে কিছু দায় নাহিক তোমার চৈ.ভা ৮৭। ২ প্রকাশ করা। 'বোল বোল! কি ইচ্ছা চৈ.ভা ৪১। ৩ কাহারও প্রতি বলা। "বিপ্রে বোলে অ.প ১২৫। চান্দ সাধু বোলিবা বুঝাইয়া ম.পা ৯৮। ৪ অভিমত প্রকাশ করা। "বেদেও বুঝায় স্বর্গ, বোলে জনা জনা চৈ.ভা ২৯৪। বোলিছে আগম ম.পা ১৬৩, -৭৮। ৫ জিজ্ঞাসা করা। "প্রভু বোলে,...বোল দেখি অন্য জন্মে কি আছিলাও আমি।—চৈ.ভা ৮৭। ৬ উচ্চারণ করা। "কহ কহ বোলি গো.বি ৪৬। 'কৃষ্ণ! রক্ষ'...বোলে চৈ.ভা ২৫১; ৩৪৩। বোলইতে বয়নে উগয়ে নাহি বোল।—জ্ঞা ১৩১। বোল হরিহরি চৈ.চ ৭৮। ৭ উত্তর করা। "শিবের বচনে কন্যা বোলিলেক যাই।—মী ৭। মৈনা-মতী বোলে শুন ম.গা ১৪। চ.বি ১৭১। ৮ অভিহিত করা। "পশু বোলি তাকু ব.প ৯০। বড় বলি বোলয়ে।—ম ৩৩১। ৯ প্রচার করা। "সপ্ত দিন গোবর্দ্ধন ধরিল, বোলয়।—কৃ ৩৩১। ১০ প্রার্থনা করা। "রতি সকরুণে বোলে, প্রাণনাথ কর অবধান ক.চ ২১। ১১ কীর্ত্তন করা। "(সে প্রভুর নামগুণ) বোলেন সকল চৈ.ভা ১২০। শুনি প্রভু 'বোল বোল' কহেন আবেশে চৈ.চ ৬৭। ১২ আদেশ করা। "ইন্দ্র বোলেন দেবকার্য্য সাধ একবার ম.পা ১৭। ১৩ গর্জ্জনপূর্ব্বক উচ্চারণ করা। "কাঁপায়া এড়িল গদা বোলে পড়্ পড়্ চ.বি ৯৫; যম করে বোলে 'পাড়্ পাড়্' ২৩২। ১৪ বাদ্যধ্বনিতে প্রকাশ করা বা বলা। "মাদলেতে কিবা বোলে।—মী ১৮। কায়া সাধ মাদলে হেন বোলে গো.বি ৯৪। ডম্বুর বোলয়ে হরি ক.চ ১। ১৫ চেচাইয়া বলা। "তৈল লবে তেলিয়া বোলয় ক.চ ১৯৫। —ল অর্ম্ম ১ রব করা; ডাকা। "কু বোলয় কাউ ক.চ ১৯৫। কুকিলে...বোলে গো.বি ৯৫। উত্তরেতে জেঠী বোলে ম.ম ১১৯। চটকিনী বোলই।—ব ৬০। ২ ধ্বনি করা; বাজা। "সুন্দর বোলে ঘাগরের রোলে।—মী ১৮। মন্দিরাএ বোলে গো.বি ৯৫। বোলিছে ঘুজ্ঝুরাবলী।—মে ৯৫। ৩ প্রবোধ দেওয়া। "হরে বোলেন না কান্দির আর ম.পা ১৭। [বোলিঅ, -লিবাক, -লেন (শূ ২২; ১৯)। বোলএ, -ওঁ, -লন্ত, -লসি, -লহ, -লোঁ (শ্রী.কী)। বোলন্ত (বলেন—অ.প ১১), বোলম (বলি—অ.প ৩৩)। বোল, -লস্ত, -ই,-সি (চ)]।

বোলচাল বি [বোল[২] + চাল; হি রোল° ; ঠ বোলাচাল] ১ কথা ও ব্যবহার। ২ সম্ভাষণ। "দুই কটকে মিশামিশি হইল বোলচাল ম.ম ১৭৫। ৩ বাক্যনিঃসরণ। "বোলচাল কিছু নাহি শ্বাসমাত্র বহে ম.ম ২৮। [বোলে চালে—১ প্রবোধবাক্যে ও শিষ্টাচারে। "বোলে চালে কিছু নহে যুদ্ধে দেহ মনে চ.বি ১৬০। ২ কথোপকথন, কথাবার্ত্তা। "বোলে চালে গেল দিবা ভা.চ ২৯৩; ৩৩৯। বা.দ ২৩৩।]

বোলতা বি [সং বরটা] দংশক পীতবর্ণ কীটবিশেষ (wasp)।

বোলবোলাও বি [আ 'রল্‌রলা, রল্‌রলাহ্'—কোলাহল; হি, ঠ বোলবালা] ১ অভ্যুদয়, উন্নতি, বৈভব, নামডাক। "যখন যাঁর নতুন বোলবোলাও হয়, তখন জয়কেতুরা সেইখানে মেশেন।—হু ১৪২। ২ প্রভাব, প্রতাপ।

বোলমাটী বি [অস 'বোল'—রঙ; বোল + মাটী] রাঙামাটি। "সিন্দুর কপালে দিছে বোলমাটীর রসে বি.পা ২৮৭।

বোলা সর্ম্ম [বোল + আ[৮]; হি √বোলবা; ঠ √বোলারি] ১ উচ্চারণ করান; বলান। "ধার্ম্মিক বোল বোলাহ ব.প ৪৯৬। কাজীগণের মুখে সেই বোলাইল 'হরি' চৈ.চ ৪২; ২২১। ২ অভিহিত করান। "ভক্তকে সকল দিয়া বোলাই 'ঠাকুর' ম ১১। গোমাংস বেচিয়া নাম বোলায় কসাই ক.চ ৮৬। ৩ ঘোষণা করা। "আপণা বোলায়িল সতী শ্রী.কী ২৬৮। ৪ বাদন করা; বাজান। "কদমের তলে, কে না বাঁশী বোলাএ শ্রী.কী ৩০২। ৫ [বোল + আ[১৩]] পরিচয়ে বলা। "এখন বোলাহ বেটা রাজার নফর ক.চ ১০৯। পরম মহান্ত, পুন বোলায় ব্রাহ্মণ চৈ.ভা ২৫২। ৬ বলা, জানান। "কাহ্ন না গেলা বোলাইআঁ শ্রী.কী ৩৯২। ৭ সম্ভাষণ করা। "ওঝারে আইস আইস বলিয়া বোলায় ম.ম ৭৩; আমারে না বোলাইয়া যাও ভাজিব মড়াই ১৭৪। ৮ [হি √বোলা] আহ্বান করান; ডাকান। "একেঁ একেঁ সখিজন, সন্তাক বোলাই লেঁ। শ্রী.কী ৭৫। চৈ.চ ৬৪; সাক্ষী বোলাঞা করিবেন ন্যায় ৯৬,-৭; ৩০৩। চৈ ১৪১। [বোলাইলেঁ, -লায়িতেঁ, -য়িল, -লেঁ—শ্রী.কী।]

বোলান বি [বোলা + অন] ১ সর্ম 'বোলা'। ২ [বোল + অন; অপ্র] ১ কথা বলা; প্রতিবচন, উত্তর। "ঘরে গেল্যা না দিয়া বোলান ক.চ ১৪৫; ব.প ৩৬২। ডাকিলে বোলান ন দেও ম.ম ১২। ২ সম্ভাষণ। "হাসিয়া বোলান দিব স্থুন মোর বোল গো.বি ৭০। বোলান দিউক। —মী ১৪। আজি কেন না করে বোলান ম.ম ১৯৮।

বোলাবু(বো)লি বি [বোল-আ+বোল-ই, ঠ বোলাবোলী, অস °বুলি] ১ বাক্‌কলহ, কথা-কাটাকাটি, বচসা। "এই মতে বোলাবুলি ম.প ৬৯৬। °বুলি চদা ৪৮, ম ১৮, ১৭২, ২২৮। বোলাবুলি হইল ক্রোধভার চবি ৬৩, ১৫১,-২,-৬৩। ২ পরিহাসভাবে বাদানুবাদ বা কথা-কাটাকাটি। "এইমতে দুইজনে করে বোলাবুলি চৈচ ১৫০। ৩ বলা-কহা, পরামর্শ, যুক্তি। "বোলাবালি করি (সবে) রাইল একমনে গো.বি ১৫৭। ৪ বলাবলি, পরস্পর বলা-কহা। "আনন্দে সকলে করে নানা বোলাবুলি বা দ ১৩৭।

বোলাবোলি দ্র 'বোলাবুলি'।

বোলি, বোলী দ্র 'বোল২'।

বোস্তা বি ['অবেস্ত'—মূল] অবেস্তভাষার বই। "গোলেতা বোস্তা আরম্ভ করিয়া ইংরাজী পড়িবার নিমিত্ত বাবুরা স্বয়ং চেষ্টক হইলেন ব প ১৭৩৭।

বোহারি, বৌয়ারী, -হারি, -রী বি [বহুআ(ধা)রী >বৌয়ারী, -হারী, -রি] স্ত্রী, বউ। তাহার বৌযারী কৃ উ ২০৪। কুলব বৌহারী চদা ৮৮, ব ১০, ১৩৯। ভাগিনা বৌযারী ব প ২৩৪। কুলর বৌ-হারি ন প ৩৬০, কুলের বোহাবি ৩৯৪। ২ পুত্রবধূ। তারকা বৌয়ারী ম ম ২০৪।

বোহিনী বি [বহিনী >°নী] সখী। সরমা বোহিনী ব প ৫০৫।]

বৌ দ্র 'বউ'। [°অন্ত—পুত্রবধূগত। 'শাশুড়ীর বৌ-অন্ত প্রাণ হবে অ গ্র ৮১। °কাঁটকী—দ্র 'বড়বাটকি'। °গিরি, -বী—বধূত্ব, বধূসুলভ-লজ্জা। 'বৌ বৌগিরির চাল ছাড়ে না, দেড় হাত ঘোমটা টানিযা রাখিযাছে ব প্র ৪৩০। °ঠাকরুণ—দ্র 'বড়'। 'ব প্র ২৭৪। °ভাত —দ্র 'বউ'। ব প ১২০। বৌভাতেব ঘটা ব প্র ৪২৫। বৌ-বৌ খেলা —খেলাঘরে বালিকাদেব বৌ সাজিযা সংসার করা। ছু ২০২।]

বৌআড়া, -হারা বি [বৌহাবী >°রা] বিবাহের সময়ে নববধূর আগমনে শাশুড়ীব করণীয় স্ত্রী-আচারবিশেষ। বৌআড়া পাতিয়া সোনাই (পুত্রবধূ লৈল কোলে) বি পা ৩০২, বৌহারা পাতিয়া রঙ্গে সনকা সুন্দরী। দীপ ধুপ পূর্ণকুম্ভ বসাইল সারি সারি ৩৭৩।

বৌও দ্র 'বউযা'।

বৌদ্ধ ১ বিণ [বুদ্ধ+অ (অণ)] বুদ্ধসম্বন্ধী, বুদ্ধপ্রোক্ত (শাস্ত্র)। —দ্ধ পুং বৌদ্ধশাস্ত্রবক্তা, বৌদ্ধমতাবলম্বী।

বৌয়ারী দ্র 'বোহারি'।

বৌয়ালা বি সর্ব বউয়ারা'। সনকা বৌযালা ল'তে হ'ল অগ্রসর: বৌয়ালার যত দ্রব্য: বৌযালার দ্রব্য বা ম ৩০০।

বৌল বি [বউল >°ল] ১ আম্রমুকুল। মিঠা আমের বৌল ম ম ১৪৫। ২ সর্থ 'বউলা'। 'হাতীর দাঁতেব বৌল ব প্র ২৩০।

বৌলি দ্র 'বউলি'।

বৌষট্ † ব্য দেবোদ্দেশে হবির্দানমন্ত্র।

বৌহারা; বৌহারি, বৌহারী দ্র বৌআড়া, বোহারি'।

ব্যংশুক † বিণ [বিগত অংশুক যাহার, বহুব্রী] ১ বিগতবস্ত্র, নগ্ন। ২ অপনীতাবগুণ্ঠন। °স্ফুটমুখীম্ -নববধূম্ কি ৯ ২৪।

ব্যংস † বিণ [বিস্তৃত অংস যাহার, বহুব্রী, স্ত্রী -সা, -সী] আযতস্কন্ধ। "পৃথুব্যংসঃ (সঃ) মহা ১ ১০০ ৪, ৩ ১৬ ১৯।

ব্যংসক † বিণ [[বি+√অংস+অক (ণুল্)-ক] ধূর্ত। "ময়ূর° পা ২ ৭.৭২। —সন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিপ্রলম্ভন। ২ প্রতারণা। —সয়িতব্য বিণ [+তব্য-র্ম] বঞ্চনীয়। "পঞ্চ ৩$\frac{১}{২}\frac{৪}{৫}$। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ প্রতারিত। ২ ব্যর্থীকৃত। "মহা ১ ১ ১৯৯।

ব্যংসন, ব্যংসয়িতব্য, ব্যংসিত দ্র 'ব্যংসক'।

ব্যক্ত † বি [বি+অন্‌জ্+ত (ক্ত)-র্ম] ১ প্রকাশিত, প্রকটিত। ২ [ব্যক্তি+অ (অচ্) অত্যর্থে] 'ব্যক্তিমান্', প্রকাশ, স্ফুট, প্রকট। "°মধ্যানি গী ২.২৮। ব্যক্ত বলি ভক্ত তুমি।—দু ৫। ৩ জ্ঞানবিষয়তাপন্ন, বোধবিষয়ীভূত। "সা দ ৩১। ৪ দৃষ্টিগোচর, প্রত্যক্ষ। ৫ ইন্দ্রিয়-বিষয়ীভূত। "°রসতা (সুশ্রুত)। ৬ কার্য্যরূপ। "ব্যক্তো ব্যক্তেতর-শ্চাসি কু স ২ ১১। ৭ স্ফুট, দীপ্ত, কল্লোজ্জ্বল। "ব্যক্তেঽপি বাসরে। —পঞ্চ ২ ৯৯। ৮ স্পষ্ট, বিশদ। ৯ প্রাজ্ঞ, মনীষী। —ক্ত পুং ১ বিষ্ণু। ২ পণ্ডিত। —ক্ত ক্লী স্থূল, কার্য্য। "অব্যক্তো ব্যক্তকারণম্ রঘু ১০ ১৮। [°গণিত (ক্লী)—পাটীগণিত। °দৃষ্টার্থ (পুং)—সাক্ষী। °রাশি (পুং) —জ্ঞাতসংখ্যা (known quantity)। °রূপ (পুং)—বিষ্ণু। °লবণ (বিণ)—অধিকলবণ। °বাক (চ্) পুং—স্ফুটবাক্য মনুষ্যাদি। "পা ১ ৩ ৪৮। °বিক্রম (বিণ)—প্রকটিতশৌর্য্য।]

ব্যক্তি † স্ত্রী [বি+√অন্‌জ্+তি (ক্তিন্)-ভা] ১ প্রকাশন, ব্যঞ্জন, আবিষ্করণ। 'যাহা প্রয়োজন, তাহা ইচ্ছাব্যক্তির পূর্ব্বেই পাইতেছেন ব প্র ৬৯। ২ প্রকটীভাব, আবির্ভাব, প্রকাশ। 'ব্যক্তিং ভজন্ত্যাপগাঃ শ ৭৮। স্নেহ° পু মে ১২। নানা রস করে ব্যক্তি চৈচ ৩৪। কণ্ঠস্বর · নিতান্ত আধিব্যক্তিপরিপূর্ণ ব প্র ১৫৫। শরচ্চন্দ্রের কিরণসম্পাতে স্বচ্ছসরোবরের ভাবব্যক্তি ব দ্বি ৯। ৩ প্রভব। 'ন হি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দেবা ন দানবাঃ গী ১০ ১৪। ৪ কার্য্যকার (শ্রীধর)। "ভ ৭ ৩ ২৮। ৫ স্পষ্টতা, অবিকলতা। "ব্যক্তিং গতাভিঃ (পদাঙ্কতভিভিঃ) বি.মা ৭. ৬৭। ৬ স্থাবরজঙ্গমলক্ষণ সর্ব্ব, চরাচরভূত। অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে গী ৮ ১৮। ৭ প্রকাশ, মনুষ্যমৎস্যকূর্ম্মাদিভাব। "অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ গী ৭ ২৪। ৮ অবয়ববিশিষ্ট দ্রব্যমাত্র, মূর্ত্তি (individuality)। "°মাত্রপ্রদর্শিত।—দক্ষ ১.৪। °বিশেষ মাঘ ১ ৩, মল্লিনাথ। ডাকিনী যোগিনী আর যত যত ব্যক্তি চ বি ৩২২। শক্তিভেদে °ভেদ চ কা ৮৭। ৯ [+তি-ণ] 'ব্যঞ্জনসাধন', পুংস্ত্বাদি। 'পা ১ ২ ৫১। সা দ ২$\frac{১}{১}\frac{৪}{৫}$। ১০ বিভক্তি (inflection)। ১১ (বাঙ্গলায়) লোক, জন।

ব্যক্তীকৃত † বিণ [ব্যক্ত+চ্বি (॰)+ √কৃ+ত (ক্ত)-র্ম] স্ফুটীকৃত, বিশদীকৃত।

ব্যক্তীভূত বিণ [ব্যক্ত+চ্বি(॰)+ √ভূ+ত-ক] স্ফুটীভূত, প্রকটীভূত।

ব্যগ্র † বিণ [বিগত অগ্র যাহার বহুব্রী] ১ 'বিগতচিত্তৈকাগ্র', আকুল, ব্যাকুল। "°চিত্ত, °মনাঃ, °হৃদয়। অ° বা ২ ৩০ ১৯। ব্যগ্রপুরন্ধ্রিবর্গ° কু স ৭ ২। ২ ব্যাসক্ত ব্যাপৃত। সীতামার্গণে ব্যগ্রঃ গো রা ৫ ৪৭ ১১, প্রহরণ°ভুজ ৬ ৯১ ৪। তুরগবিচয়° উ চ ১ ২৩। দর্বীব্যগ্রকর।—পঞ্চ ৩ ২২১। গদাব্যগ্রাগ্রপাণি বা ভা ২ ২৭। ৩ সসম্ভ্রম। ব্যগ্রচক্র ভ ৩ ১৯ ৫।

ব্যগ্রতা † স্ত্রী [ব্যগ্র+তা (তল্)] ১ ব্যগ্রভাব, ব্যাকুলতা। 'সীতার চরণে পড়ি করয়ে ব্যগ্রতা।—কৃ ১৪৫। পাপী করযে ব্যগ্রতা।—জ্ঞ ৮৩। বা ম ১২৯। ব্যগ্রতা করযে ন প ২০০। বুড়ার ব্যগ্রতা শুনি শি ৮৩। ম ম ২০৭। ২ ব্যাপৃতত্ব। অগ্নিহোত্রাদিকর্ম্মব্যগ্রতা মনু ৮ ৬৫, কুল্লুক।

ব্যঙ্কুশ † বিণ [বহুব্রী] বিগতাঙ্কুশ, নিরঙ্কুশ। অধর্ম্মশ্চ সমেধেত লোলুপৈর্ব্যঙ্কুশৈর্নৃভিঃ ভ ৩ ২১ ৫৫।

ব্যঙ্গ † বিণ [বিকৃত, বিগত অঙ্গ যাহার, বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী, ছান্দস] ১ বিকৃতাবয়ব, অঙ্গহীন। 'মনু ৭ ১৪৯। ২ অদৃঢাবয়ব (নীলকণ্ঠ)। 'মহা ১ ১৬ ২১। ৩ বিকল। 'অব্যঙ্গাঙ্গী° (স্নিগ্ধমুদ্বহেৎ) মনু ৩ ১০। ৪ বিকৃতপাদ, অশরীর। ৫ চক্রাদিহীন। "ব্যঙ্গে রথে ভ ৪ ২৬ ১৫। ৬ বিশৃঙ্খল, অপরিপাটি। ৭ (বাঙ্গলায়) অঙ্গহীন, অসাঙ্গ, অপূর্ণ। 'যত কর্ম্ম কর, ··সকলেই ব্যঙ্গ, সাঙ্গ হয় হরিনাম।—শি ৩৯। —ঙ্গ পুং ১ বিকলাঙ্গ জন। ২ ভেক, বেঙ। ৩ অঙ্গবিকারজনক মুখরোগ-ভেদ। ৪ (বাঙ্গলায) যাহা বিকৃতাঙ্গ দ্বারা করণীয়, উপহাস, ঠাট্টা।

"দেখিয়া করিস ব্যঙ্গ।—কৃ ৯১। বুড়া বলে ব্যঙ্গ কর শ্রী.মা ১১। দা ৮৭৯; আ.মু ৪২। —ঙ্গ ক্লী [প্রা.স] বিকৃত অঙ্গ। [°বাণী, ব্যঙ্গোক্তি (বি)—উপহাসবাক্য। "°ণী দা ১৯৫। ব্যঙ্গোক্তি ব.প্র ৮৯।]

ব্যঙ্গার † পুং [প্রা.স] নির্ব্বাণপাকাঙ্গার। "মনু ৬.৫৬।

ব্যঙ্গিতা † স্ত্রী [ব্যঙ্গিন্+তা (তল্)] ব্যঙ্গিভাব, বিকলাঙ্গতা। "বিহিতা ব্যঙ্গিতা তেষাম্।—পঞ্চ ১.২১৪। —ঙ্গী (-ঙ্গিন্) বিণ [ব্যঙ্গ +ইন্ (ইনি)-১ব] ব্যঙ্গবান্, বিকলাঙ্গ। "বর্জ্জয়েদ্ ব্যঙ্গিনীং নারীম্ মহা ১৩.১০৪.১৩১।

ব্যঙ্গী দ্র 'ব্যঙ্গিতা'।

ব্যঙ্গ্য † বিণ [বি+ √অন্জ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ প্রকাশ্য। "ধ্বনি-তালাদিব্যঙ্গ্যঃ প্রাণিভিঃ (শব্দঃ)। ২ ব্যঞ্জনাবৃত্তি দ্বারা বোধ্য। 'ব্যঙ্গ্যো (অর্থঃ) ব্যঞ্জনয়া বোধ্যঃ সা.দ ২.৩। ৩ ভঙ্গ্যন্তরে প্রকাশ্য; বক্রোক্তি-সূচিত। —ঙ্গ্য পুং ব্যঞ্জনাবৃত্তি-প্রতিপাদ্য অর্থ। "ব্যঙ্গ্যস্য গূঢ়াগূঢ়ত্বাৎ সা.দ ২.১০। [ব্যঙ্গ্যার্থ (পুং)—সর্থ 'ব্যঙ্গ্য (পুং)। শব্দের এই শক্তি দ্বারা বাচ্যার্থ- বা লক্ষ্যার্থ-সম্ভূত অন্য অর্থের প্রতীতি হয়। যেমন, 'সূর্য্যঃ অস্তং গতঃ'—(বাচ্যার্থ) 'সূর্য্য অস্তে গিয়াছে।' এই বাচ্যার্থ ভিন্ন ব্যঙ্গ্যার্থে,—(১) অভিসারিকার প্রতি অভিসারকাল আগত, (২) ধার্ম্মিকের প্রতি সান্ধ্যবিধির কাল উপস্থিত, (৩) গোপালকের প্রতি গৃহে গোসমূহ আনয়নের সময় সমাগত ইত্যাদি প্রকরণবশে বহু অর্থ একই বক্তা দ্বারা সূচিত হইতেছে। এইরূপ অর্থ শব্দের ব্যঞ্জনা-শক্তিমূলক। দ্র 'ব্যঞ্জনা'।]

ব্যজন † ক্লী [বি+অজ্+অন (ল্যুট্)-ণ, ২.৪.৫৭।] ১ তালবৃন্তক, পাখা। "রা ২.২৬.১১। রঘু ৮.৪০। ব্যজনোদ্ভবানিলৈঃ।—ঋতু ১.৮। প.তু ৮৬। ২ বীজনসাধনমাত্র, পাখামাত্র। "চামর° গো.রা ২.২৬. ১৩; মহা ২.২.১৭। পদ্মব্যজনহস্তয়া রঘু ১০.৬২। বাল° কু.স ১.১৩। ব্যজনৈর্বাহ চামরৈঃ ভ ৮.১০.১৩। ম.ভা ৭০। ৩ চামর। "মনু ৭.২১৯। ভ ১.১০.১৮। —জনী[১] (নিন্) পুং [°ন+ইন্ (ইনি)-১ব] 'ব্যজনবান্', চমরী-গো। [°চামর (ক্লী)—ব্যজন ও চামর। "ভ ৪.৭.২১।]

ব্যজনী[১] † দ্র 'ব্যজন'।

ব্যজনী[২] বি [°ন+ঈ৬; অপ্র] ব্যজন। "ম.ভা ৭০; লক্ষের ব্যজনী: ব্যজনীর বায় ৭১।

ব্যঞ্জ সর্ম্ম [সং বি+ √অন্জ্ >ব্যঞ্জ্; অপ্র] প্রকাশ করা। "আমা প্রবোধিব, হেন দেখি শক্তি কার। এইমত ঈশ্বর ব্যঞ্জেন অহঙ্কার॥ —চৈ.ভা ৯২।

ব্যঞ্জক † বিণ [বি+ √অন্জ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ঞ্জিকা] ১ প্রকাশক, সূচক। "উৎপত্তি° মনু ২.৬৮। ভ ৬.১৯.১৩। দৃঢ়প্রতিজ্ঞা-ব্যঞ্জক।—ন ৪৪৯। সে দৃষ্টি কোমল, কেবল স্নেহব্যঞ্জক ব.প্র ১০১। ২ ব্যঞ্জনা দ্বারা অর্থপ্রতিপাদক; ব্যঞ্জনোপাধিক। "শব্দোঽপি বাচকস্তদ্বল্লক্ষকো ব্যঞ্জকস্তথা সা.দ ২.১৯। —ঞ্জক পুং ১ 'কৃত-ক্রোধাদিভাবপ্রকাশক', অভিনয়। ২ লক্ষণ, চিহ্ন। ৩ ভঙ্গিভাষণ, বক্রোক্তি।

ব্যঞ্জন † ক্লী [বি+ √অন্জ্+অন (ল্যুট্)-ভা] ১ প্রকাশন, সূচন। "পরাজয়° (S.W.)। ২ ভঙ্গিভাষণ, বক্রোক্তি। ৩ [+অন-ণ] লক্ষণ, চিহ্ন। "পুংব্যঞ্জন, বয়ো°, স্ত্রী° (S.W.)। গো.রা ৫.৩১.৭। ৪ স্ত্রীপুংসচিহ্ন, শিশ্ন, যোনি। ৫ স্ত্রীপুরুষের স্তনশ্মশ্রু-প্রভৃতি লিঙ্গসূচক চিহ্ন; শ্মশ্রু। "অজাত° (রাম) গো.রা ৩.৪২.৩৩; মহা ১.১৫৭. ৩৫। ৬ অবয়ব। ৭ যৌবনচিহ্ন। ৮ ছত্রচামরাদি উপকরণ। ৯ রোগ-লক্ষণ। ১০ চিহ্ন, বেষ। "অমাত্য° মাঘ ২.৫৬। তপস্বিব্যঞ্জনোপেতৈঃ স্বচরৈঃ।—হি ৩.৩৮। নানাব্যঞ্জনাঃ প্রণিধয়ঃ।—মু ১২/২৬। ১১ সংস্কারক দ্রব্য সূপশাকাদি অন্নোপকরণ; দধিঘৃতাদি, উপস্কর। "পা ২.১.৩৪। রা ২.৩২.২১। নৈ ১৬.১০৫। আখল ব্যঞ্জনে মো বেশোআর দিলোঁ শ্রী.কী ৩০৬। ১২ বিবরণ। "মূষিকাদিদষ্টবিষ°।—সুশ্রুত ১.১.৯। ১৩ [+অন-ক] 'প্রকাশক', দিন। ১৪ স্মারকলিপি (reminder)। ১৫ [+অন-র্ম্ম] ব্যঙ্গ্যার্থ। ১৬ 'যাহা পরবর্ত্তী স্বরবর্ণ দ্বারা ব্যক্ত্য; ককারাদি বর্ণ; হল্‌বর্ণ। 'উপরিস্থায়িনা তেন (স্বরেণ) ব্যজ্যং ব্যঞ্জন-মুচ্যতে তৈ ১.৫; ৬। "রা ২.৬৪.১১। [°কার (পুং)—সূপকার। °সন্ধি (পুং)—ব্যঞ্জনে ব্যঞ্জনে বা ব্যঞ্জনে স্বরে পরসন্নিকর্ষ বা মেলন-পূর্ব্বক অন্যথাভাব (coalition of consonants)।]

ব্যঞ্জনা † স্ত্রী [বি+ √অন্জ্+ই (ণিচ্)+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ভঙ্গিভাষণ, বক্রোক্তি। ২ [+অন-ণ] শব্দশক্তিবিশেষ। "ভ.চ ৪১৭। [অভিধা লক্ষণা ও তাৎপর্য্য স্ব স্ব অর্থ প্রকাশপূর্ব্বক বিরত হইলে, শব্দের যে শক্তি দ্বারা অভিধাদিভিন্ন অন্য অর্থ বুঝায়, তাহা 'ব্যঞ্জনা' (Rhetorical suggestion)। ব্যঞ্জনা দ্বিবিধ—অভিধামূলা, লক্ষণামূলা (সা.দ ২.১২,-৩)। দ্র 'ব্যঙ্গ্যার্থ'।] —ঞ্জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকাশিত, প্রকটীকৃত। "অব্যঞ্জিতহর্ষলক্ষণঃ কু.স ৫.৬২। কুশলপ্রশ্নব্যঞ্জিতপ্রীতয়ে (তস্মৈ) রঘু ১০.৩৪। ২ ব্যঞ্জনা-বোধিত, ভঙ্গিভাষিত।

ব্যতিকর † পুং [বি-অতি+ √কৃ+অ (অপ্)-ভা] ১ ব্যতিষঙ্গ, সম্ভেদ, সঙ্গম। "তীর্থে তোয়°ভবে রঘু ৮.৯৫। ২ সঙ্কর, মিশ্রণ, সন্নি-পাত, সমবায়। "রত্নচ্ছায়া° পু.মে ১৫। উ চ ৫.১৩; বয়ঃস্নেহাকৃত° ৬.৩৫। অন্যোন্য° মাঘ ৪.৫৩। যুগধর্ম্ম° ভ ১.৪.১৬; ধ্বান্ত° ৩.১৫.২। ৩ সম্পর্ক। "উমাকৃতব্যতিকরে স্বাঙ্গে মা.মি ১.৪। করাজ° মাঘ ৭.২৮। বিনোদ° উ.চ ৩.৪৪। ৪ সমাহতি, অবরোষণ, প্রতিঘাত। "মার্গাচলব্যতিকরাকুলিতেব সিন্ধুঃ কু.স ৫.৮৫। ৫ ব্যাপ্তি। "ভাস্বৎকর-ব্যতিকরোল্লাসিতাম্বরান্তাঃ (আশাঃ) মাঘ ৫.৩। ৬ পরস্পরসমাগম, অন্যোন্যসম্মেলন। "লতাপাদপমিথুনস্য ব্যতিকরঃ সংবৃত্তঃ শ ১২/২৩। ৭ সমাগম। "মহানয়ং ব্যতিকরোঽস্মাকং প্রসাদঃ উ.চ ৩৪/৫৬। ৮ ব্যত্যয়, নাশ। "লোক° ভ ১ ৭.৩২। ৯ ক্ষোভ, সাম্যত্যাগ। "গুণ° ভ ২.৫ ১২; ৭.৬.২১। ১০ উল্লঙ্ঘন, ব্যভিচার। "ধর্ম্ম° ভ ৪.১৯.৩৫। ১১ অন্যথাত্ব। "স্থিতি° ভ ৪.১.৫৬। ১২ ভেদ। "গুণব্যতিকরো নিরুপাধিকস্য ভ ৮.১২.৮। ১৩ পরিণাম। "গুণ্° ভ ৭.৬.২৫। ১৪ বিনিময় (A.)। ১৫ [+অ (অচ্)-ক] ব্যসন, অশুভ, দুর্ঘটনা। "অস্মিন্ ব্যতিকরে বৃত্তে ক.সা ৭৪.৮৯। দৃষ্টব্যতিকর।—হি ৪/৫। পঞ্চ ৫২/২৪। —করিত বিণ [°র+ইত (ইতচ্)] ১ ব্যাপ্ত। "°দিগন্তাঃ ...যশোভিঃ মা.মা ২.৮। ২ মিশ্রিত, সঙ্কীর্ণ। —কীর্ণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ ইতস্ততঃ বিক্ষিপ্ত; বিকীর্ণ। "°র্ণাঃ (পাঠান্তর) প্রদৃশ্যন্তে ...সূতা মহীতলে মহা ৪.২৪.২। ২ মিশ্রিত। ৩ অনন্বয়াদিদোষ-যুক্ত। "বাচমব্যতিকীর্ণাম্ উ.চ ২৪/৫।

ব্যতিকরিত, ব্যতিকীর্ণ † দ্র 'ব্যতিকর'।

ব্যতিক্রম † পুং [বি-অতি+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা] ১ অতিক্রম, উল্লঙ্ঘন, অন্যথাচরণ। "সংবিদশ্চ °মঃ মনু ৮.৫। পূজ্যাপূজ্য° রঘু ১.৭৯। আশ্রমানুক্রমঃ পূর্ব্বৈঃ স্মর্য্যতে ন ব্যতিক্রমঃ—কি ১১.৭৬। ২ অত্যয়, অতিবর্ত্তন, অতিপাত। "অচোদিতস্য কার্য্যস্য ভবেৎ কালব্যতিক্রমঃ গো.রা ৪.২৮.২১। ৩ ক্রমবিপর্য্যয়, ক্রমভঙ্গ। "সর্ব্বত্র প্রাঙ্মুখো দাতা গ্রহীতা চ উদঙ্মুখঃ। এষ এব বিধির্দানে বিবাহে চ ব্যতিক্রমঃ॥—উদ্বাহ-তত্ত্ব। বিধি তাহে বিধি দিল এ এক নিয়ম। তদবধি বিবাহেতে হৈল ব্যতিক্রম॥—ভা.চ ৭৬। ৪ অপরাধ। "যুষ্মদ্‌ব্যতিক্রমগতি ভ ৩.১৬.১২। ৫ নাশ। "স্বার্থ° ভ ৪.১২.৩২। ৬ বিপর্য্যাস। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] উল্লঙ্ঘন, মর্য্যাদাতিক্রম। "জ্যেষ্ঠ° পূর্ব্বদিতাঃ স্বদিতাঃ

ক.সা ১০৫.৯১। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক,-র্ম] ১ অতীত। ২ উল্লঙ্ঘিত।

ব্যতিক্রমণ, ব্যতিক্রান্ত দ্র 'ব্যতিক্রম'।

ব্যতিপাত পুং সর্থ 'ব্যতীপাত'।

ব্যতিব্যস্ত † বিণ অতিব্যাকুল, বিব্রত। "বহুতর পাঠানসৈন্ত নিপাত হইল। পাঠানেরা অত্যন্ত ব্যতিব্যস্ত হইল ব.প্র ২০।

ব্যতিরিক্ত † বিণ [বি-অতি+ √রিচ্+ত (ক্ত)-র্ম] ১ পৃথক্‌কৃত, বিযুক্ত। ২ বিহীন। "কামস্ত পুষ্পব্যতিরিক্তমস্ত্রং বাল্যাৎ পরং সাথ বয়ঃ প্রপেদে কু.স ১ ৩১। ৩ ভিন্ন। "বৃক্ষবৃত্তি°সাধনঃ (পারণাবিধিঃ) কু.স ৫.২২। ৪ অধিক (শ ক)। ৫ শাস্ত্রবাহ্য (মেধাতিথি)। "মনু ৮.১৫৫। —রেক পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পৃথক্‌করণ। ২ অভাব, অসত্তা। "ন পতিব্যতিরেকেণ স্ত্রীণামপরা গতিঃ ক.সা ৩৯.১৬৬। কারণ° মনু ২.৬১, কুল্লুক। ৩ বিনাভাব। "যথা গন্ধস্য ভূমেশ্চ ন ভাবো ব্যতিরেকতঃ ভ ৩.২৭ ১৮। ৪ অর্থালঙ্কারবিশেষ। [উপমান অপেক্ষা উপমেয়ের উৎকর্ষ বর্ণিত হইলে, 'ব্যতিরেক' হয় (সা দ ১০.৫২)। যেমন, তাহার মুখ অকলঙ্ক, বিধুর ন্যায় কলঙ্কী নহে।] [ব্যতিরেকব্যাপ্তি (স্ত্রী)—তদসত্ত্বে তদসত্তা, ব্যাপকাভাবে ব্যাপ্যাভাব, অর্থাৎ যেখানে ব্যাপক বহ্ন্যাদির অভাব, সেখানে ব্যাপ্য ধূমাদির অভাব, —এইরূপ ব্যাপ্তি। ব্যতিবেকমুখ (ক্লী)—ব্যাপকাভাবে ব্যাপ্যের অভাব-স্বীকার। 'সাংখ্য ৫, তত্ত্বকৌমুদী।]

ব্যতিরেক, ব্যতিরেকব্যাপ্তি, ব্যতিরেকমুখ † দ্র 'ব্যতিরিক্ত'।

ব্যতিলঙ্ঘী (-ঙ্ঘিন্) † বিণ [বি- অতি+ √+লঙ্ঘ্+ইন্ (ণিনি)-ক-১ব] স্বস্থান হইতে চলিত। "রঘু ৬.১৯।

ব্যতিষক্ত † বিণ [বি-অতি+ √সন্জ্+ত (ক্ত)-ক] সম্বন্ধযুক্ত, সম্বদ্ধ, সংশ্লিষ্ট। "অন্যোন্য° মনু ১০ ২৫। —ষঙ্গ পুং [+অ (ঘঞ্) -ভা] ১ সম্বন্ধ, সংশ্লেষ। ২ সঙ্গ। "°ভাজ্ মাঘ ৫ ৬১। ৩ বিনিময়। "অন্যোন্যবিত্ত° ভ ৫ ১৩ ১৩। ৪ সংমিশ্রণ, ব্যতিকর।

ব্যতিষঙ্গ দ্র 'ব্যতিষক্ত'।

ব্যতি(তী)হার † পুং [বি- অতি+ √হৃ+অ (ঘঞ্)-ভা বিকল্পে দীর্ঘ] ১ বিনিময়, পরিবর্ত্ত। "কর্ম্ম° পা ১ ৩.১৪, সি। ২ পর্য্যায়করণ, পরস্পর-করণ। "পা ৩ ৩.৪৩, কাশিকা। বিক্রমব্যতিহারেণ রঘু ১২.৯৩। কর্ম্ম° মাঘ ৩ ৫৪। ৪ পরস্পরৈকক্রিয়াকরণ। "কর্ম্মব্যতীহার পা ৫.৪.১২৭।

ব্যতিহাস বি [অপ্র] পরস্পরের বিকীর্ণ প্রভা (?)। "(ঘোড়ার) জ্যোৎস্নিকা ত্রিবনাজন (?) জিন ব্যতিহাস শ্রী.মা ১৫৫।

ব্যতীত † বিণ [বি-অতি+ √ই+ত (ক্ত)-ক] ১ বিগত, অতিক্রান্ত। "কালব্যতীতেষু মিত্রকার্য্যেষু গো.রা ৪ ২৮.১৪। বহুনি মে ব্যতীতানি জন্মানি গী ৪.৫। °কালঃ রঘু ৫.১৪। তের মাস ব্যতীত হইল ভ.প্র ২১১। ২ বিগত, অবসিত। "রাত্র্যাং ব্যতীতায়াম্ রা ২.৫৬.১। ৩ মৃত। "মহা ১.১১৯.১। আচার্য্যে মাতামহে চ ব্যতীতে ত্রিরাত্রেণ।—বিষ্ণু ২২.৪১। ৪ অপেত, ভ্রষ্ট। "ব্যতীতস্য তে ধর্ম্মাৎ গো.রা ৪.১৭.৩২। ৫ (বাঙ্‌লায়) বিনা। "গোরক্ষা করিত সদা বেতন ব্যতীতে শ্রী.মা ১৪। দ্বিতীয়বার বাক্যব্যয় ব্যতীত মৃণালিনী শয়নাগার হইতে বহিষ্কৃতা হইয়া চলিলেন ব.প্র ১২৪। [ব্যতীতে—গতে, গেলে। "কতক্ষণ ব্যতীতে সম্বিত কথ পেয়ে (করে স্তব) শ্রী.মা ৫১।]

ব্যতীপাত † পুং [বি-অতি+ √পত্+অ (ঘঞ্) -ভা, বিকল্পে দীর্ঘ। ১ মহোৎপাত। ২ অপমান। ৩ (জ্যোতিষে) তিথ্যাদিযোগবিশেষ। "যাজ্ঞ ১.২১৮। ভ ৪.১২.৪৮। চৈ ১৯০।

ব্যতীহার দ্র 'ব্যতিহার'।

ব্যত্যয় † পুং [বি-অতি+ √ই+অ (অচ্)-ভা] ১ ব্যতিক্রম, অন্যথাভাব। "ব্যত্যয় হইলে সেই কাযে মা কুলায় ভ.প্র ২৯৫। ব্যত্যয় জন্মেছে।—দা ৩৯১। বায়ুর ভাব হইল ব্যত্যয়।—রজ ৩১। ২ বিপর্য্যাস, বিপর্য্যয়, ব্যত্যাস। "পরাবরেষাং স্থানানাং কালেন ব্যত্যয়ে [illegible] মহান্ ভ ৭.১০.৪৪। চু ৫৭ ; ব্যত্যয় করে যে মানুষে তা[illegible] বুদ্ধির ব্যত্যয় ভ.প্র ২৮১। ৩ বিনিময়, পরিবর্ত্ত। "পাষাণ [illegible] স্পর্শমণি মিলে।—চু ২২।

ব্যত্যস্ত † বিণ [বি- অতি+ √অস্ (স্থিতি)+ত (ক্ত) -ক] ১ বিপর্য্যস্ত, বিপরীত। "°পাদ, °ভুজ। ব্যত্যস্তপাণিনা কার্য্যমুপসংগ্রহণং গুরোঃ। —মনু ২.৭২। ২ পূর্ব্বাপরসঙ্গতিহীন, অসম্বদ্ধ। "ব্যত্যস্তং লপতি (ভামিনীবিলাস)। ৩ প্রতিকূল। —ত্যাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বিপর্য্যাস, বিপর্য্যয়, ব্যতিক্রম। "মহা ১৩ ৪.৩২ ; ৪০। কু.স ৩,৪৪, মল্লিনাথ, নাম° ৪.৮, মল্লিনাথ। ২ প্রতিকূলতা।

ব্যত্যাস দ্র 'ব্যত্যস্ত'।

ব্যথ্ † অক [ভ্বা, ঙ—ব্যথতে ; সেট্ ; (ণিজন্ত) 'ব্যথয়তি'] ১ দুঃখানুভব (ক.ক)। ২ ভয়। ৩ চলন, কম্পন।

ব্যথ অর্ম্ম [সং √ব্যথ্] ব্যথিত হওয়া, বেদনা পাওয়া। "যেথা-সেথা ভাঙা ঘর-দালান, নয়ন-মন ব্যথে স্ব.প্র ৯৭। ব্যথিয়ে উঠে নীপের বন, পুলকভরা ফুলে চ.কা ৪২৯।

ব্যথক † বিণ [√ব্যথি+অক (ণ্বুল্)-ক] দুঃখজনক : ভয়ঙ্কর। "ব্যথকেঽস্মিন্ বচসি কি ২.৪। —থন বিণ [+অন (ল্যুট্)-ক] ১ ব্যথয়িতা, দুঃখকর, ভয়ঙ্কর। ২ পীড়ক। —থন ক্লী [+অন-ভা] ১ ব্যথিতীকরণ, পীড়ন। ২ [√ব্যথ্+অন-ভা] ব্যথা, দুঃখানুভব। ৩ চলন। "অ° পা ৫.৪.৪৬। —থা স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দুঃখানুভব, দুঃখ। "তং ব্যথয়া দীনম্ রা ২.২২.১। দোহদ° রঘু ৩ ৭। উচ ১.১২। ২ বেদনা। "ব্যথাং প্রসবকালকৃতাম্ উ.চ ৪.২৩। ৩ ভয়। "স্বস্তমিত্যলঘয়ৎ স তদ্‌ব্যথাম্ রঘু.১১.৬২। ৪ (বাঙ্‌লায়) প্রসববেদনা। "প্রসূতি মারুতি নড়ে, ক্ষণে ক্ষণে ব্যথা বাড়ে ক.চ ৪৪। রাণী অতি কষ্টব্যথা খান শ্রী ৪২। ৫ মমতা, দরদ। "ব্যথা করিঞা কোন্ রাজা এড়িলেক মৃগে ব.প ৪৯৮। —থিত বিণ [+ত (ক্ত)-ক] ১ ব্যথাপ্রাপ্ত, দুঃখিত। "°সজ্জন রা ২.৪৭.১৫। ২ বেদনা-যুক্ত। "ব্যথিত কপোল তব বৃথা রোমন্থনে।—পদ্যপাঠ, ২য় ভাগ। ৩ পীড়িত। "নির্ভিংসিতেনাতিব্যথিতকর্ণমূলহৃদয়ঃ ভ ৫ ১৪.১১। ব্যথিতে বক্ষে টানো কু.কে ৫৯। ৪ ভীত। ৫ (বাঙ্‌লায়) মমতাযুক্ত, আত্মীয় দরদী। "কে মোর ব্যথিত আছে কারে কব দুখ ব.প ৯৮৫। ব্যথিত জাগে কে ম ম ১৯৪। ম ভা ৪৫। কু.কে ৫৯। —থী [illegible] বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -থিনী] ১ দুঃ[illegible], ব্যথা-বান্। ২ (বাঙ্‌লায়) সর্থ 'ব্যথিত (৫)। "ব্য[illegible] ওনি কান্দে ম.ভা ৪৫। [ব্যথাকুল, -ক্রান্ত, -তুর (বিণ)—ব্যথাবিহ্বল। ব্যথার ব্যথী—ব্যথায় সমবেদনাযুক্ত বা দরদী। "পাইয়া ব্যথার ব্যথী কু.কে ৫৯। ব্যথিতে—(অসাধু) ব্যস্তভাবে, সম্ভ্রমে। তু 'আথেব্যথে'। "ব্যথিতে বন্দনা করি বসিলেন কাছে শি ৭৭।]

ব্যথন, ব্যথা, ব্যথিত, ব্যথী † দ্র 'ব্যথক'।

ব্যধ্ † সক [দি, প—বিধ্যতি ; অনিট্] তাড়ন, পীড়ন, বেধন। [অনু —সংশ্লেষ, সম্পর্ক, গ্রন্থন। "শ ১.১৮। অপ—নিরাস, প্রত্যাখ্যান। "রঘু ১০.৭৪। আ—আক্ষেপ, ধারণ। "ভট্টি ২০.১১।]

ব্যধ † পুং [√ব্যধ্+অ (অপ্)-ভা, পা ৩.৩.৬১] ১ বেধ, ভেদ। "শরব্যব্যধপটু মাঘ ৭ ২৪। কর্ণ°, সিরা° (সুশ্রুত)। ২ তাড়ন। —ধন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] বেধক, ভেদক। —ধন ক্লী [+অন-ভা] বেধন, ভেদন। "সিরা° (সুশ্রুত)। —ধ্য বিণ [ব্যধ্ +য (যৎ)] ব্যধার্হ, বেধনীয়। "°সির (সুশ্রুত)।

ব্যধ্বজ, ব্যধ্য দ্র 'ব্যধ'।

ব্যধিকরণ + বিণ [বি (বিভিন্ন) অধিকরণ যাহার, বহুব্রী] বিভিন্ন-বিভক্তিক (পদ)। [°পদবহুব্রীহি, °বহুব্রীহি—যে বহুব্রীহিতে সমস্যমান পদদ্বয় ভিন্নবিভক্তিযুক্ত (পা ২.২ ৬৫, সি)। যেমন, দণ্ড পাণিতে যাহার 'দণ্ডপাণি', 'লগুডহস্ত' ইত্যাদি।]

ব্যধ্ব + পুং [বি (বিরুদ্ধ) অধ্বা, প্রা.স, অ (অচ্)] ১ বিরুদ্ধ বা নিন্দিত পথ, কুপথ, বিপথ। ২ দূরপথ। "°গত মহা ২ ৭৪ ২৪।

ব্যন্তর + পুং [?] দেবযোনিবিশেষ—ভূত পিশাচ যক্ষ রাক্ষস গন্ধর্ব্ব কিন্নর কিম্পুরুষ মহোরগ। "পঞ্চ ৫৫৮/৫৯। —ন্তর স্ত্রী [বহুব্রী] 'বিগতান্তর', সর্ব্ববর্ণসাম্য (নীলকণ্ঠ)। 'হ ১৯৪.২৩।

ব্যপগত + বিণ [বি-অপ+ √গম্+ত (ক্ত)-ক] ১ বিগত, বীত। "°ক্লম গো বা ৪ ৮.৪। °শুচ উমে ১৫। ২ অপেত, বিচ্যুত। "ধর্ম্মাদ্ ব্যপগতম্…বনৌকসম্ গো রা ৪ ১৭ ৫০। ৩ তিরোভূত। "°রশ্মি। ৪ বিলুপ্ত। "°তিলকগাত্র। —গম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অত্যয়, অতিপাত। "ত্রিরাত্র° মনু ৫ ৬৬, কুল্লূক। ২ তিরোভাব, বিলোপ।

ব্যপগম দ্র 'ব্যপগত'।

ব্যপদিষ্ট + বিণ [বি-অপ+ √দিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিহিত, সংজ্ঞিত। ২ ছলিত। —দেশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উক্তি, কথন। 'মনু ৭ ১৬৮। অলং বৈ °শেন মহা ৩ ৯৯.৪৯। ২ [+অ-ণ] সংজ্ঞা, নাম। "মার্ত্তণ্ড ইতি ব্যপদেশঃ ভ ৫ ২০ ৪৪। ৩ কুল, বংশ। "ব্যপদেশমাবিলয়িতুং কিমীহসে শ ৫ ২১, কোঽস্য ব্যপদেশঃ ৭৪১৮/১৬। ৪ কাপট্য, ছল, ব্যাজ। "স্বং রথী তদ্ব্যপদেশনেযাং প্রাপয্য বাল্মীকিপদং ত্যজেনাম্ রঘু ১৪ ৪৫। ব্যপদেশে প্রকাশ করেন আপনারে চৈ ভা ৭৮। সেই ব্যপদেশে তুমি তাঁহারে লইয়া মহর্ষি বাল্মীকির আশ্রমপদে পরিত্যাগ করিয়া আইস সী ৩১। ৫ ব্যবহার। "মাঘ ৪.২৫। —দেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] কথনীয, অগ্রগণ্য। "রা ৩ ১৩ ৭।

ব্যপদেশ দ্র 'ব্যপদিষ্ট'।

ব্যপয়ান + ক্লী [বি-অপ+ √যা+অন (ল্যুট্)-ভা] পলায়ন। "মহা ৭১ ৫২। —যাত বিণ [+ত (ক্ত)-ক] পলায়িত।

ব্যপরোপণ + ক্লী [বি-অপ+ √রোপি+অন (ল্যুট্)-ভা] ১ উন্মূলন, উচ্ছেদ। "ব্যসনস্য °ণম্ (S W)। ২ অবতারণ, নামান। ৩ ছেদন। "কেশব্যপরোপণাদিব রঘু ৩ ৫৬, মহীধ্রপক্ষ° ৬০। —রোপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ছিন্ন।

ব্যপাকৃতি + স্ত্রী [বি-অপ-আ+ √কৃ+তি (ক্তিন)-ভা] দূরীকরণ, নিরসন, অপনয়ন।

ব্যপায় + পুং [বি-অপ+ √ই+অ (অচ্)-ভা] ১ অপগম, তিরোভাব। "ঘন° রঘু ৩ ৩৭। ২ অবসান। "ক্ষপা° গো রা ৫.১৯. ৩৫। রজনী°, শিশির° (S.W.)। হিম° কু স ৩.৩৩। ৩ ব্যপগম, মরণ। "তদ্ব্যপায় ক.সা ৯৪.১৩১।

ব্যপাশ্রয় + পুং [বি-অপ-আ+ √শ্রি+অ (অচ্)-ভা] ১ অভি-সম্বন্ধ, আশ্রয় "অর্থ° গী ৩ ১৮। ২ [+অ-র্ম্ম] আশ্রয়ণীয় (শ্রীধর), শরণ। "ধর্ম্মো রামব্যপাশ্রয়ঃ গো রা ৬.১১ ১৯। সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ গী ১৮ ৫৬। ভ ৬.১৭.৩১।

ব্যপেক্ষ + বিণ [বহুব্রী] ১ 'বিগতাপেক্ষ', নিরপেক্ষ। 'ধর্ম্ম° রা ২.৪৫ ২৬। ২ বিশেষাপেক্ষাবান্। "রা ২ ৪৬.১৯। —পেক্ষক বিণ [বি-অপ+ √ঈক্ষ্+অক (ণ্বুল্)-ক] দর্শক। "আত্মদোষ° মহা ১৪ ১৯ ৯। —পেক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অপেক্ষা, অনুরোধ। "নির্ব্যপেক্ষান্ গৃহেষ্বপি রা ২.৪৬.১৯। অস্ত্র° রঘু ৮.২৪। ২ দৃষ্টি (শ্রীধর)। "স্বজন° ভ ৪.৩.১৮। ৩ অন্যোন্যাপেক্ষা। ৪ (ব্যাকরণে) অবয়বার্থাপেক্ষণ (ত.বা)।

ব্যপেক্ষক, ব্যপেক্ষা দ্র 'ব্যপেক্ষ'।

ব্যপেত + বিণ [বি-অপ+ √ই+ত (ক্ত)-ক] ১ বিগত, বীত। "°ভীঃ গী ১১.৪৯। °ভয়সম্মোহ মহা ৩ ১৪৬ ১৫। ২ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ। "°কল্মষঃ মনু ৪.২৬০। ৩ তিরোভূত। ৪ বহির্গত। "স্মৃত্যাচারব্যপেত-মার্গ যাজ্ঞ ২ ৫।

ব্যপোঢ় + বিণ [বি-অপ+ √বহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অপনীত, দূরীকৃত। ২ অপাস্ত, নিরাকৃত, বিচালিত। "ব্যপোঢাস্ত্রঃ…কালঃ মহা ৫ ৮৩ ২৩। ৩ বিপরীত। "°পার্শ্ব কি ৪ ১৫।

ব্যপোহ + পুং [বি-অপ+ √উহ্+অ (ঘঞ্)-ভা] ১ অপনয়ন। ২ সমূহ (নীলকণ্ঠ)। "ভস্ম° মহা ১৩ ৮৫ ২০৮।

ব্যবকলন + ক্লী [বি-অব+ √কল+অন (ল্যুট্)-ভা] ১ বিয়োজন, বিশ্লেষণ। ২ বিগমন। ৩ (গণিতে) হীনতাসম্পাদন, অর্থাৎ বাদ দেওয়া (subtraction)। "°মাগ (লীলাবতী)। —কলিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] বিযোজিত, হীনিত।

ব্যবচ্ছিন্ন + বিণ [বি-অব+ √ছিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিচ্ছিন্ন, বিখণ্ডিত। ২ ভিন্ন। ৩ বিশেষিত, বিলক্ষণীকৃত। "কাব্যাদর্শ ১ ১০। —চ্ছেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পৃথক্‌করণ। "অস্য° ভ গ্র ৯৭। ২ বিশেষকরণ। ৩ বিয়োগ। (দুঃখেনৈকতরেণাপি) জীবস্য ন ব্যবচ্ছেদঃ ভ ৪ ২৯ ৩২। ৪ মোচন, বাণমুক্তি (অ চি)। ৫ ছেদন, খণ্ডন, বিভাজন। ৬ শবাঙ্গচ্ছেদ (dissection)। ৭ [+অ-র্ম্ম] পুস্তকের পরিচ্ছেদ (A)। ৮ (বাংলায) পৃথগ্‌ভাব, ভেদ। "এক-দিন · দেখা যায মস্ত একটা ব্যবচ্ছেদ ঘটে গিয়েচে।—ঘ ৪৭। —চ্ছেদক বিণ [+অক (ণ্বুল্)-ক] বিশেষক, ব্যাবর্ত্তক। "অস্য° মনু ৬.১৪, কুল্লূক।

ব্যবচ্ছেদ, ব্যবচ্ছেদক দ্র 'ব্যবচ্ছিন্ন'।

ব্যবধা + স্ত্রী [বি-অব+ √ধা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অপবারণ, ছাদন, তিরোধান। —ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'ব্যবধা'। 'বিমান°মুক্তা° রঘু ১৩ ৪৪। °কৃৎ ভ ৫ ২৪.২। ২ বিচ্ছেদ। "পবিবস্তুস্বপরব্যবধানভীরুকতা মাঘ ৯ ৫১। ভ ৫.১৬। ৩ (ব্যাকরণে) ব্যবায, বর্ণের মধ্যস্থিতি (intervention)। "পা ৮. ৪ ২, সি। ৪ বিভাগ। ভ ১ ২৮ ৩৫। ৫ বিচ্ছেদ, সমাপ্তি। "ব্যব-ধানেন কর্ম্মণাম্ ভ ৪ ২৯ ৭৭। ৬ [+অন-ক] ভেদক। "পরাত্মনো-র্যদ্ব্যবধানং পুরস্তাৎ ভ ৪ ২২ ২৭। ৭ [+অন-ণ] অন্তর, অবকাশ। 'দুই বনস্পতি, মধ্যে রাখে ব্যবধান।—কা ৪। ৮ আস্তরণ। "বেদিকায়াং শার্দ্দূলচর্ম্ম°বত্যাম্ কু স ১ ৪৪। ৯ যবনিকা। —ধায়ক বিণ [+অক (ণ্বুল)-ক] অপবারক, পিধায়ক, ছাদয়িতা। —ধি পুং [+ই (কি) -ভা] ব্যবধান। "নৈ ২.১৯।

ব্যবধান, ব্যবধায়ক, ব্যবধি + দ্র 'ব্যবধা'।

ব্যবসা বি [সং ব্যবসায়] বাণিজ্য, কারবার। "ক চ ২০০। ভ গ্র ১৭৪। মহাজনী ব্যবসা কৃ চ ৬২। সবার যে ব্যবসা, তারও সেই ব্যবসা ব প্র ১১৬, কথার ব্যবসা ১১৭। [°দার—ব্যাপারী।]

ব্যবসায় + পুং [বি-অব+ √সো+অ (ঘঞ্)-ভা] ১ উদ্যম, উদ্যোগ। "গী ১০ ৩৬। কি ১ ২৭। হি ২ ১২। ২ নিশ্চয়, অবধারণ। "রা ২.৩০ ৪১। ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকা গী ২ ৪১,-৪। হেন ব্যবসায় করিলেন বিশ্বম্ভর চৈ ৬৪ ; ১৪৪। ৩ ব্যাপার, অনুষ্ঠান। "°য়ঃ প্রতিপত্তিনিষ্ঠুরঃ রঘু ৮ ৬৫। বিহ্বলের প্রায় ব্যবসায় সর্ব্বথায় চৈ.ভা ৬৮৮। ৪ চরিত, ব্যবহার। "সুশান্ত শ্রীধরের ব্যবসায় চৈ.ভা ৮৮ ; প্রভুর কোমল ব্যবসায ৯৭। ৫ [অ-ণ] সংহারশক্তি। "রা ৭.১০৯.৬। ৬ [+অ-স] উপজীবিকা, পেশা, বাণিজ্য, কারবার। ৭ বিষ্ণু। —সায়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি)-১ব] ১ উদ্যোগী, উদ্যমশীল।

"গো.রা ৪ ২৬.১১। ব্যবসায়িনামহং লক্ষ্মীঃ ভ ১১ ১৬ ৩১। ২ অনুষ্ঠাতা। "শ্রেষ্ঠা জ্ঞানিভ্যো ব্যবসায়িনঃ মনু ১২ ১০৩। ৩ নিশ্চয়বান্, কৃত-নিশ্চয়। ৪ জ্ঞানী (নীলকণ্ঠ)। "অ° গী ২ ৪১। ৫ বাণিজ্যকারক, ব্যাপারী। —সায়িনী বি উপজীবিকাবতী। "গীতব্যবসায়িনীর...বাদ্য-শিক্ষণসাক্ষ্যসমীরণে কর্ণে আসিত ব প্র ২১০। —সায়ী পুং বণিক। "কিং দূরং ব্যবসায়িনাম্।—হি ২.১১। —সিত বিণ [+ত (ক্ত)-ক] ১ কৃতব্যবসায়, উদ্যত। "(সা) স্বজনমনুগন্তুং ব্যবসিতা—শ ৬৯। ২ কৃতাব্যবসায়, নিশ্চিত। "মহৎ পাপং কর্তুং ব্যবসিতা বয়ম্ গী ১ ৪৪। ৩ অনুষ্ঠানার্থ নিশ্চিত। "কচ্চিৎ ব্যবসিতমিদং বন্ধুকৃত্য° ত্বয়া উ.মে ৫৩। —সিত ক্লী নিশ্চিত, অবধারিতবিষয়। "নাহং বেদ্মি ব্যবসিতং পিত্রোর্বঃ ভ ১ ১৩.৩৭। —সিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ব্যবসায়, নিশ্চয়। "আমি যে তোমার ভার্য্যা এই ব্যবসিতি।—চৈ ১২২। [°দ্বিতীয় (বিণ)—উদ্যোগসহায়, সঙ্কল্পসহায়। 'মহা ৭.১৫৬ ২৮। °পর (বিণ)—উদ্যোগী। "পঞ্চ ১ ৩/১৫। °বুদ্ধি (স্ত্রী)—উদ্যোগবুদ্ধি। "মরণ° কু স ৩.৪৫। ব্যবসায়াত্মক (বিণ)—নিশ্চয়াত্মক, একনিষ্ঠ "গী ২.৪১।]

ব্যবসায়ী, ব্যবসিত, ব্যবসিতি † দ্র 'ব্যবসায়'।

ব্যবস্থা † স্ত্রী [বি -অব + √স্থা + অ (অঙ্)-ভা] ১ ক্রমপূর্ব্বক স্থিতি, সংবিধা, পরিপাটী, শৃঙ্খলা। ২ অবস্থিতি, স্থৈর্য্য। "স্থলারবিন্দশ্রিয়ম-ব্যবস্থাম্ কু স ১৩৩। ৩ স্থিত, নিষ্ঠা। ৪ [প্রা স] বিবিধা অবস্থা (শ্রীধর)। 'ধ্বস্তগুণাব্যবস্থম্ (একম্) ভ ৫ ১৯ ৪। ৫ [+অ-ণ] নিয়ম, প্রতিনিয়ম। "নষ্টধর্ম্মব্যবস্থা রা ৭ ৮ ২৭। ভঙ্গ° জয়ধ্বাপতুর-ব্যবস্থম্ রঘু ৭ ৫৪। ৬ স্বাভিধেয়াপেক্ষাবধি নিয়ম (কাশিকা)। 'পা ১ ১ ৩৪। ৭ শাস্ত্রনিরূপিত বিধি, আচারব্যবহারাদিবিষয়ক শাস্ত্রনিয়ম, শাস্ত্রবচন। 'বর্ণাশ্রম° (S W)। ৮ শাস্ত্রমর্য্যাদা (ত বা)। ৯ সিদ্ধান্ত। "ভ ১২ ৭ ১০। ১০ সময়, নিয়মপত্র চুক্তিপত্র। —স্থান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'ব্যবস্থা (১)। ২ স্থিতি, নিষ্ঠা। 'সাধু ধর্ম্মে ব্যবস্থানম্ রা ৭ ১৩.১৮। ৩ অবস্থান, স্থিতি। '°ন° স্বরূপতঃ ভ ২ ৮. ২২। ৪ স্থৈর্য্য। 'আত্মব বস্থানকবা° গীতাঃ শ্লোকাঃ মহা ৩ ২ ২ ০। ৫ [+অন-ণ] মর্য্যাদা। ন বিদ্যতে ব্যবস্থান° ক্রুদ্ধয়োঃ কৃষ্ণযোঃ কচিৎ (মহা)। —স্থাপক বিণ [+ √স্থাপি + অক (ণ্বুল্)-ক] ১ নিয়ামক। ২ অধ্যক্ষ। —স্থাপনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] নির্ণেয়, অব-ধার্য্য। "মনু ৯ ২৪২, কুল্লুক। —স্থাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নির্ণীত। ২ ক্রমবিন্যস্ত। ৩ স্বীকৃত। 'চির°বাক্ কু স ৫.৬৩। —স্থিত বিা [+ √স্থা + ত-ক] ১ স্থিতিযুক্ত, স্থির। "বচনীয়মিদং ব্যব স্থিতম্ কু স ৪ ২১। ২ অব স্থিত। "°তান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ গী ১ ২০। ৩ নিত্যসম্বন্ধ। "ইন্দ্রিয়ার্থে রাগদ্বেষৌ °তৌ গী ৩.৩৪। ৪ নিয়মিত। "দেশকাল° মনু ৮ ১৫৬। °বিষয়াঃ ক্ষত্রধর্ম্মাঃ উ চ ৫ ৩/১৫। ৫ বিধিপূর্ব্বক স্থিত। "উ চ ৫ ১৫। —স্থিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ব্যবস্থা, বিধান। "কার্য্যাকার্য্য° গী ১৬ ২৪। দেশ°, কাল° মনু ৮ ১৫৬, কুল্লুক।

ব্যবস্থান, -স্থাপক, -পনীয়, -পিত, -স্থিত, -স্থিতি † দ্র 'ব্যবস্থা'।

ব্যবহর্ত্তব্য † বিণ [বি -অব + √হৃ + তব্য -ভা, -র্ম্ম] ১ চরিতব্য, অনুষ্ঠেয়। "নয়েন °ব্য° পার্থিবেন।—ত ৯৬ ৬। উ চ ১ ৫। হি ২ ১/১ °৫/৬। ২ ব্যবহার্য্য, ব্যবহারযোগ্য। "তৎ (পাত্র°) সংস্কৃতাপি ন °র্ত্তব্যম্ মনু ১০ ৫১, কুল্লুক। —হর্ত্তা (-র্ত্তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] ১ ব্যবহার-কর্ত্তা, প্রাড়্‌বিবাক (শ ক)। ২ অর্থী, বাদী (A)। ৩ ব্যবসায়াধ্যক্ষ (A)। ৪ কায়স্থের উপাধিভেদ (শ ক)। —হার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ স্থিতি, আচরণ, ক্রিয়া। "ব্যবহারং পরিজ্ঞায় বধ্যঃ পূজ্যোঽথবা ভবেৎ। —হি ১.৫৯। অপরূপ তুঙ্গ ব্যবহার বি.প ১২০। রাখিল সকল সৈন্য অতিথিব্যবহারে কৃ ৪৫৭। মাতৃ° ম ম ৮। ২ ভোগ, কাজে লাগান (দ্রব্য)। "ভগ্নং তদ্ব্যবহারেণ ভোক্তা তদ্দ্রব্যমর্হতি মনু ৮.১৪৮। ৩ তত্ত্বান্বেষ, তথ্যানুসন্ধান। "অনার্য্যঃ পরদারব্যবহারঃ শ ৭ ২/১ °৫/১। ৪ ব্যাপার। "শস্ত্র° নিষ্ঠুরে রঘু ৩ ৬২। নাস্ত ব্যবহারোঽস্ত্রেষু উ.চ ৫ ২/১ °৪/৫। ৫ পণ, ক্রয়বিক্রয়। "°হারেণ জীবন্তম্...পৃথগ্ জনম্ মনু ৭ ১৩৭। ৬ অর্থবিশেষবোধনার্থ শব্দবিশেষপ্রযোগ। "শিষ্যঃপালিত্যে স্ববিব-ব্যবহারঃ মনু ২ ১৩৪, মেধাতিথি। ৭ প্রয়োগ। "কিমত্র বাগব্যবহারেণ মা মি ১ ২/১ °৫/৬। ৮ সহাসনসহভোজনপ্রভৃতি সামাজিক ক্রিয়া। ৯ পরস্পর-সম্বন্ধ। "ন বিনা পার্থিবো ভৃত্যৈর্ন ভৃত্যাঃ পার্থিবং বিনা। তেষাং চ ব্যবহারোঽয়ং পরস্পরনিবন্ধনঃ॥—পঞ্চ ১ ৮৭। ১০ বিবাদ, ঋণবাদাদি-বিষয়ক ন্যায়াদি (অ টী), বিরুদ্ধার্থ অর্থিপ্রত্যর্থীর বাক্যজনিতসন্দেহ-হারী বিচার (কুল্লুক), ন্যায়। 'বি নানার্থেঽব সন্দেহে হরণং হার উচ্যতে। নানাসন্দেহহরণাদ্ ব্যবহার ইতি স্মৃতঃ॥—কাত্যায়ন। "মনু ৮ ১। বাঙ্গালায় দায়ভাগানুযায়ী ব্যবহার প্রচলিত পা প্র ১৬৮। ১১ ঋণদানাদিবিবাদ, মকদ্দমা। "মনু ৮ ১৬৭। রঘু ১৭ ৩৯। মৃ ৯ ২/৮। ১২ ঋণাদান। "মনু ৮.১৬৩। ১৩ অন্যের সহিত বিরোধ হেতু আত্মসম্বন্ধী কথন (মিতাক্ষরা), নালিশ। "যাজ্ঞ ২ ১। ১৪ [+অ-ণ] ক্রিয়াতত্ত্ব (কাশিকা), আচার, পদ্ধতি, রীতি। "লোক° পা ৪ ৪.৭২, কাশিকা। °বিদ্ কা প্র ১ ২। আতিথ্যব্যবহারে : গৃহ° কৃ উ ২২৬। °মত।—কৃ ১১০। অ প ১২৩, নীতি° ১৩৫। ব্যবহার পরমার্থ—দুই পক্ষ হয় চৈ ভা ৪২৯। বাহ্য লোক° চৈ চ ১৭৯। ১৫ কর্ম্ম। "ব্যবহারেণ মিত্রাণি জায়ন্তে রিপবস্তথা।—হি ১ ৭৩। ১৬ রাজকার্য্য। "ব্যবহারোচ-প্যাম্যাভিঃ কৃত এব।—হি ২ ৩/১ °৮/৯। (দুইভাই) ব্যবহার রাজমন্ত্রী হয় রাজপাত্র চৈ চ ১৮০। ১৭ বৃত্তি, ব্যবসায়, পেশা। "তৎসারব্যবহার-বৎ মনু ১০ ৩৭। কড়ীর পোটলী বান্ধি জাতি° ক চ ১৬৭। ১৮ (স্মৃতিতে) ব্যবহারযোগ্য বয়োবিশেষ, ষোড়শবর্ষ বয়ঃক্রম (majority)। 'অপ্রাপ্ত-ব্যবহারোঽসৌ যাবৎ ষোড়শবার্ষিকঃ।—দক্ষ ১ ৬। ১৯ অবস্থাভেদ, ঔপম্যপ্রতীত তত্ত্ব। "°সমারোপ সা দ ১০ ৫৭। ২০ (বাংলায়) বিবাহাদিতে সামাজিকভাবে দেয় দ্রব্য, লৌকিকতা। "(পিতা) কন্যাগণে দিবে ব্যবহার ক.চ ১২, ব্যবহার কৈল বড়ি, সাতনলা আঠাজাল ফান্দে ৪৮, ৮৫ ১১৭। জ্ঞাতি° বি পা ১৬৯, ২৬৬। ২১ উপহার, ভেট। "রাজব্যবহারে তার বাড়াব সম্মান।—কৃ ২৬৪। ব্যবহার দিল সাধু বসন কাঞ্চন ক চ ১২৫, °কালে ২০৫। যত বস্তু ব্যবহার আনিছে বি পা ২৮১। বা ম ২৬৩। চৈ ভা ১০৭। অনেক ব্যবহার ম ম ৭৭। ২২ আদর-অভ্যর্থনা। "সম ব্যবহারে তারে কর ব্যবহার অ প ২২। ২৩ সম্ভোগ। "অংগেয়ানে কোন কবয়ে ব্যবহার বি প ৮৩। আহারে ও ব্যবহারে কার আছে লাজ বি মৃ ৬৮। ২৪ বিধান। "একে এক ত্রয়, অক্ষয় অব্যয়, এই বেদ-ব্যবহার শ্রী মা ১০। —হারক পুং [+অক (ণ্বুল্)-ক] বণিক। [°তন্ত্র (ক্লী)—আচরণপরম্পরা। "বাক্ প্রতিষ্ঠানি দোহনাং °তন্ত্রাণি মা মা ৪ ৪/৫। °দর্শন (ক্লী)—বিচারকরণ (শ.ক)। °দ্রষ্টা (-ষ্টৃ) পুং—'বিবাদপরীক্ষক', বিচারক। °প্রাপ্ত (বিণ)—ব্যব-হারযোগ্য বয়ঃপ্রাপ্ত, ষোড়শবর্ষবয়স্ক, সাবালগ। দ্র 'ব্যবহার (১৮)। °বাণী (বি)—লোকাচারানুযায়ী কথা। 'শ্রী মা ১৮৮। °বিৎ (-দ্) —আচারবেদন। "কা.প্র ১ ২। °বিধি (পুং)—ব্যবহারশাস্ত্র, স্মৃতি। °বিষয়, °মার্গ (পুং), °স্থান (ক্লী), °স্থিতি (স্ত্রী)—বিবাদস্থান, ব্যবহারপ্রবৃত্তিবিষয়। "°তি মনু ৮ ৭। °বেত্তা (-ত্তৃ) বিং—লোকা-চারাভিজ্ঞ, সামাজিক। "ন প ৩০০। °মণ্ডপ (পুং)—বিচারালয়। "মৃ ৯ ০/১। °রস (বি)—সামাজিক-কর্ম্মসুখাস্বাদ, ধনজনাদিতে আসক্তি। "ব্যর্থ কাল যায় মাত্র °সে (চৈ ভা)। °শাস্ত্র (ক্লী)—স্মৃতিশাস্ত্র।]

[ব্যবহারে—১ সাধারণভাবে গণনায়। "ব্যবহারে জন-শত-দুইর আহার চৈ.ভা ২১৩। ২ আদর-অভ্যর্থনা করে। "অ.প ২২। পুত্র-বধূ-ব্যবহারে —পুত্র-পুত্রবধূ-ভাবে। "(মোর) পুত্র-বধূ-ব্যবহারে থাকিব পৃথিবীতে বি.পা ১৭৩।]

ব্যবহার, ব্যবহারক † দ্র 'ব্যবহর্ত্তব্য'।

ব্যবহারজ্ঞ † বিণ [°র+ √জ্ঞা+অ (ক)-ক, উত] ১ লোকাচারাভিজ্ঞ, সাংসারিক। ২ ঋণদানাদি বিষয়ে অভিজ্ঞ; স্মৃতিশাস্ত্রনিপুণ। —জ্ঞ পুং 'ঋণদানাদিজ্ঞানবান্', ষোড়শবর্ষযুবক, সাবালগ।

ব্যবহারপদ † স্ত্রী [ষত] ১ প্রতিজ্ঞোত্তরসংশয়হেতুপরামর্শপ্রমাণনির্ণয়প্রয়োজনাত্মক ব্যবহারের বিষয় (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৫। ২ সর্থ 'ব্যবহারপাদ'। "ন ময়েতিব্যবহারপদং প্রথমমভিলিখ্যতাম্। —স্থ ৯১১।

ব্যবহারপাদ † পুং [ষত] ব্যবহারের চতুঃসংখ্যকবিভাগ, প্রথমপাদ—পূর্ব্বপক্ষ, অর্থাৎ ভাষা বা বাদীর আবেদন (Plaint), দ্বিতীয়পাদ—উত্তরপক্ষ, অর্থাৎ প্রতিবাদীর উত্তর (Defence), তৃতীয়পাদ —ক্রিয়াপাদ, অর্থাৎ বাদীর প্রমাণলেখন (Ad 'ucing evidence), চতুর্থপাদ—নির্ণয়পাদ, অর্থাৎ সাধ্যসিদ্ধিপাদ (Decision, Ve dict)। 'পূর্ব্বপক্ষঃ স্মৃতঃ পাদো দ্বিপাদস্তোত্তরঃ স্মৃতঃ। ক্রিয়াপাদস্তথা চান্যশ্চতুর্থো নির্ণয়ঃ স্মৃতঃ॥—বৃহস্পতি।

ব্যবহারাজীব, -রাজীবী (-বিন্) বি ব্যবহার যাহার জীবিকা, উকিল ইত্যাদি।

ব্যবহারাজীবী দ্র 'ব্যবহারাজীব'।

ব্যবহারাযোগ্য † বিণ [স.ত] ব্যবহারে অনুপযুক্ত, নাবালগ (minor)।

ব্যবহারার্থী (-র্থিন্) † বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব] বিচারার্থী। "স্থ ৯১১।

ব্যবহারাসন † ক্লী [ষ.ত] বিচারাসন, ধর্ম্মাসন। "ব্যবহারাসনমাদদে যুবা রঘু ১৮.১৮।

ব্যবহারিক † বিণ [°র+ইক (ঠন্); স্ত্রী -কা] ১ ব্যবহারসম্বন্ধী, বাণিজ্যবিষয়ক। ২ ব্যবহারনির্ণয়ার্থ, বিবাদবিচারার্থ। "মনু ৮.৭৮। ৩ লোকাচারাভিজ্ঞ। ৪ অর্থী, বাদী। ৫ লোকপ্রসিদ্ধ। "°কো জীবঃ (বেদান্তসার)। ৬ ব্যবহারযোগ্য (ঘটপটাদি)। ৭ (বাংলায়) প্রয়োগবিষয়ক (practical)। "°জ্যামিতি। —রিকা স্ত্রী লোকযাত্রা। [°সত্তা (স্ত্রী)—বস্তুতঃ সত্তা না থাকিলেও ব্যবহারোপযোগী ঘটাদির সত্তা।]

ব্যবহারী (-রিন্) † বিণ [বি-অব+ √হৃ+ইন্ (ণিনি)-ক-১ব] ১ আচারী। "সঞ্জীবকস্তবোপরি অসদৃশব্যবহারী লক্ষ্যতে।—হি ২১১১। ২ বিচারক, নির্ণেতা। "যথাশাস্ত্র° মনু ৭.৩১, কুল্লুক ৩ বাণিজ্যকারক। ৪ প্রাপ্তব্যবহারদশ, ষোড়শবর্ষবয়স্ক। —হারী পুং বণিক্। "সমুদ্র° শ ৬১১১। —হার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ ব্যবহারযোগ্য, কর্ম্মোপযোগী। "মহা ৪.৪১.৩; ৪। ২ সহাসনভোজনযোগ্য, পাঙ্‌ক্তেয়। "যাজ্ঞ ৩.২২৬। ৩ অভিযোগার্হ।

ব্যবহিত † বিণ [বি-অব+ √ধা-ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যবধানবান্, দূরস্থ। ২ অন্তর্হিত। "মাঘ ২.৮৫। ৩ প্রচ্ছন্ন।

ব্যবহৃত † বিণ [বি-অব+ √হৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতব্যবহার, উপভুক্ত। —হৃত স্ত্রী [+ত-ভা] ১ ব্যবহার, আচরণ। "জিহ্মপ্রায়ং ব্যবহৃতম্ ভ ১.১৪.৪। ২ ক্রয়বিক্রয়কর্ম্ম, বাণিজ্য। ৩ (বাংলায়) প্রযুক্ত, কৃতপ্রয়োগ (শব্দ)। —হৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ব্যবহার, আচরণ। ২ অর্থক্রিয়া (শ্রীধর)। "ভ ১০.৮৭.৩৬। ৩ সর্থ 'ব্যবহার (৯-১২)। ৪ বাণিজ্য।

ব্যবহৃতি দ্র 'ব্যবহৃত'।

ব্যবায় † পুং [বি-অব+ √ই+অ (অচ্)-ভা] ১ ব্যবধান। "পা ৬.১.১৩৬; অড়্°, নুম্° ৮.৪.২। ২ বিপ্রকর্ষ, বিচ্ছেদ। ৩ অন্তর্দ্ধান। ৪ সঙ্কর (নীলকণ্ঠ)। "মহা ১৪.১৯.১০। ৫ পরিণাম। "গুণ° ভ ৮৬.১১। ৬ শুদ্ধি। ৭ ব্যভিচার, উন্মার্গগমন। ৮ রতি, মৈথুন। "মৃগ°নিধন মহা ১.১.১১৩। ভ ১.১৬.২৩। ৯ [+অ (অচ্)-ক] তেজঃ। ১০ [+অ-ণ] বিঘ্ন, অন্তরায়। —বায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব, স্ত্রী -য়িনী] ১ ব্যবধানকারক, ব্যবধাতা (কাশিকা)। "পা ৬.২ ১৬৬। ২ ব্যভিচারী, কামুক। —বেত বিণ [+ত (ক্ত) -ক, -র্ম্ম] ১ ব্যবহিত। "অকারব্যবেতস্য; ব্যঞ্জন° (S.W.)। ২ দূরগত, বিশ্লিষ্ট।

ব্যবায়ী, ব্যবেত দ্র 'ব্যবায়'।

ব্য(ব্যা)ভার বি [সং ব্যবহার > °ব (হ-লোপে ব > ভ); তু 'ব্যবার' (গো.চ), কথাভাষা] ১ আচরণ, কাজ। "এই তোর ব্যাভার গো চ ১১৭। ভাঁড়ু কি তোর ব্যভার ক.চ ৯১; কপটব্যভারী ৯৯। ভাল নহে তোহারি ব্যভার।—জ্ঞা ১৪৮। সুব্যভার দা ৫৬; বজ্রাঘাত কর ব্যাভারেতে ৫৯৯। ২ দুর্ব্যবহার, অশিষ্টাচার। "নিরবধি এ ব্যভার করয়ে সভারে।—চৈ ভা ৪৪। ৩ সম্ভাষা, আলাপ। "দুষ্টবুদ্ধিদাতা যেই মন্ত্রী দুরাচার। সে সকলের সহ নাহি করিবে ব্যভার॥—ম ৫১৩। ৪ উপভোগ। "ছোট বইনকে দিল ব্যভার কারনে গো.চ ৫৬। ৫ আচার, পদ্ধতি। "শুন তার দেশের ব্যভার ব.প ২৩৩। ৬ বিবাহাদি সংস্কারে যথাচার সামাজিক কার্য্য। "পাদ্য অর্ঘ্য আচমনী বস্ত্র অলঙ্কার। যথাবিধি দিয়া কৈল বরণ-ব্যভার॥—চৈ ভা ১১৫। আহার ব্যভার —দা ৯৩৫। ৭ আচার, পদ্ধতি। "আতিথ্য-ব্যভারে (নানামত সেবা …করে) ভ.গ্র ১৩০। এখনকার ব্যাভার দেখো।—দা ৭১। ৮ বৃত্তি, পেশা। "ধুচনী চুপড়ী, বেচি বাড়ী বাড়ী, জেতের ব্যাভার হেন ম.ভা ৭৪। ৯ কুলীন জামাতার শ্বশুরালয়ে আগমন হেতু প্রাপ্য অর্থাদি। "শয়ন করিয়া বলে কি দিবি ব্যাভার ভা.চ ৪০৯। [ব্যাভার-বেণে —ব্যবসাদার বেণে। "পেসাদার চেটোখোর বেণে—ও ব্যাভারবেণে। —হু ১১।]

ব্যভিচার † পুং [বি-অভি+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ ব্যতিক্রম, অন্যথাত্ব। "শরীরস্য ন চৈতন্যং মৃতেষু ব্যভিচারতঃ।—ভাষাপরিচ্ছেদ ৪৮। ২ নিন্দিতাচার, উন্মার্গগমন। "°বিবর্জ্জিত।—হি ৩.১৭। ৩ খালিত্য, স্ত্রীর পরপুরুষগমন। "মনু ৫.১৬৪। রঘু ১০.৮১। ৪ পুরুষের অন্যস্ত্রীসম্ভোগ। "মনু ১০.২৪। ৫ বৃত্তান্তর (নীলকণ্ঠ)। "অ° গী ১৪.২৬। ৬ বিয়োগ। "ভ ৪ ২৮.৬৪। ৭ (ন্যায়ে) হেত্বাভাস। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -রিণী] ১ ব্যতিক্রমকারী, উল্লঙ্ঘনকারী। "স্বমার্গ°। সময়° মনু ৮.২২০। ২ নিন্দিতাচারী, উৎপথগামী। ৩ অনৈকান্তিক, একাগ্রতাহীন। "ভক্তিরব্যভিচারিণী গী ১৩.১০। ৪ পরস্ত্রীগামী, কামুক। ৫ স্বমার্গচ্যুত। "ক.সা ১৫ ৫৭। ৬ আগমাপায়ী (শ্রীধর)। "ভ ১.৩.৩৮। ৭ অনিত্য। "পদম্…অব্যভিচারি ভ ৮.৮.১৯। ৮ অনিয়ত, ব্যভিচারযুক্ত। বিপ 'স্থায়িন্'। "প্রাকৃতে লিঙ্গং ব্যভিচারি (S.W.)। ৯ (ন্যায়ে) হেত্বাভাসবিশিষ্ট, সাধ্যাভাববৃত্ত (হেতু)। —চারিণী স্ত্রী [°রিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] পরপুরুষগামিনী স্ত্রী; অসতী। —চারী পুং (অলঙ্কারে) যে ভাব রসের বিশেষ অনুগুণভাবে অন্তঃকরণে সঞ্চরিত এবং স্থায়িভাবে প্রাদুর্ভূত ও তিরোভূত হয় (সা.দ ৩.১৪০), সঞ্চারিভাব (Accessory)। [নির্ব্বেদ আবেগ দৈন্য ইত্যাদি ভেদে ইহা ত্রয়স্ত্রিংশৎপ্রকার। 'সা.দ ৩.১৪১। চৈ.চ ২৩০।]

ব্যভ্র † বিণ [বি+অভ্র; বহুব্রী] বিগতমেঘ, মেঘমুক্ত। "মহা ৩.৬৯.১৬।

ব্যয়্ † সক [ভ্বা, আ—ব্যয়তি, -তে ; সেট্] গতি । —য়্ সক [চু, প —ব্যায়য়তি ; সেট্] ক্ষেপণ, প্রেরণ । —য় সক [অদন্ত চু, প—ব্যয়য়তি ; সেট্] ১ ধনোৎসর্গ, বিত্তাদিত্যাগ । ২ ত্যাগ (ত বা) ।

ব্যয় † বিণ [বি+ √ই, বা+ √অয়্ (অচ্)-ক , স্ত্রী -য়া] নশ্বর । "সত্ত্বতাব্যয়াদ্ ব্যয়ম্ মনু ১ ১৯ । —য় পুং ১ [+অ-ভা] নাশ, ক্ষয় । "রঘু ৫.৫ । ভায়° ভ ৪ ১ ৫৮ । ২ বিগম, তিরোভাব । ৩ হানি । "রঘু ১৫ ৩, তপোব্যয়ঃ (মা ভূৎ) ৩৭ । ৪ [√ব্যয়+অ -ভা] বিত্তসমুৎসর্গ, ধনত্যাগ । বিপ 'আয়' । "মনু ৯.১১ । °বৎ যাজ্ঞ ২.২৭১ । ভোজন°, বিলাস° ।—হি ৩$\frac{১}{১}\frac{০}{৩}$ । অর্থ্যাপাত্রানুমিত° রঘু ৫.১২ । পঞ্চ ১.১৭৪ । ৫ ত্যাগ, দান । "প্রাণ° হি ১.৪৭ । একনেত্র° রঘু ১২. ২৩ । ৬ (ব্যাকরণে) বিভক্তিজন্য শব্দের রূপভেদ । "অ° । ৭ (বাঙ্লায়) নিঃসারণ, উচ্চারণ । "বাক্যব্যয় আর কেন অকারণে ।—মা ১০২ । —য় ক্লী (জ্যোতিষে) লগ্ন হইতে দ্বাদশ স্থান । —য়িত বিণ [+ত (ক্ত)-ক] ১ বিগত, বিনষ্ট । ২ [+ত-র্ম] কৃতব্যয়, বিনিযুক্ত । ৩ দত্ত । "(মাংসম্) খাদিতং ব্যয়িতম্ ।—হি ২$\frac{৮}{৮}\frac{০}{৯}$ । —য়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক, -১ব] ব্যয়শীল, ব্যয়কারী । "দ্রবিণং পরিমিতমধিকব্যয়িনমাকুলীকুরুতে । ক্ষীণাঞ্চলমিব পীনস্তনজঘনায়াঃ কুলীনায়াঃ । —উদ্ভট । [°কর (বিণ)—ব্যয়কারক । "ধন° । °গৃহ (ক্লী)—সর্থ 'ব্যয় (ক্লী) । °কুণ্ঠ (বিং)—কৃপণ । "দা ৭৮২ । °ণ্ঠতা পা.প্র ১৮৮ । °পর, °শীল (বিণ)—বহুব্যয়কারী, খরুচে । °শুদ্ধি (স্ত্রী)—ব্যয়করণ, খরচ চালান । "তেন সর্ব্বা ব্যয়শুদ্ধিঃ সম্পাদ্যতে ।—পঞ্চ ৫$\frac{৬}{৮}\frac{৮}{২}$ ।]

ব্যয়ব্যসন, -য়ভূষণ বি [°ন > °ণ] ব্যয়জন্য বিপত্তি , ব্যয়াধিক্য, বিশেষ ব্যয় । "কন্যার বিবাহে ব্যয়ব্যসন বড়ই বাড়িয়াছে পা প্র ৯০ । কন্যাদান আর গৌরীদান সমান কথা, এতে ব্যয়ভূষণ চাই অ প্র ৭১ ।

ব্যয়ভূষণ দ্র 'ব্যয়ব্যসন' ।

ব্যর্থ † বিণ [বিগত অর্থ যাহা হইতে, বহুব্রী] ১ 'বিগতপ্রয়োজন', নিষ্প্রয়োজন , নিরর্থক, বিফল । 'যৎ প্রয়োজনশূন্যং স্যাদ্ ব্যর্থং তৎ । "কিমুত্তমং ব্যর্থমিম° কুর্য্যাঃ গো বা ৪ ৪১ ৩০ । °মনোরথত্বাৎ রঘু ৭.২ । °যত্ন ।—হি ১.১৩৯ । ২ অভিধেয়হীন, অনুরূপার্থরহিত । বিপ 'অন্বর্থ' । "°নামন্ মহা ৫ ১৩৩ ৩৬ , °নামক ১৩৪ ৭ । ৩ বিরুদ্ধার্থক । 'বিরুদ্ধার্থতয়া ব্যর্থম্ ।—কাব্যাদর্শ ৩ ১৩১ । ৪ অর্থশূন্য, নির্ধন । —র্থক বিণ [°র্থ+ক (কপ্) সমাসান্ত] নিরর্থক । "ব্যর্থকতা মাঘ ১৬ ৪৩ ।

ব্যর্থক দ্র 'ব্যর্থ' ।

ব্যলীক † বিণ [বি+ √অল্+ঈক (কীকন্)—অলীক (উ ৪ ২৫) , বিশেষ অলীক, প্রা স] ১ অতীব মিথ্যা , অনৃত । "বচো ব্যলীকম্ ভ ৮.২২ ২ । ২ অপ্রিয় । "হু ২৯ । ৩ [বিগত অলীক যাহা হইতে, বহুব্রী] বিগতানৃত, সত্য । "গিরঃ ব্যলীকরাঃ মাঘ ৫.১ । —লীক পুং ১ নাগর । ২ কামজন্য অপরাধ (অ.টী) । —লীক ক্লী ১ পীড়ার্থ, পীড়াকর বিষয় (অ কো) । ২ দুঃখ । "°নিশ্বাসমিবোৎসসর্জ্জ কু স ৩.২৫ । প্রত্যাদেশ° শ ৭.২৪ । ৩ অপ্রিয় । "ব্যলীকং কৃতপূর্ব্বম্ মহা ৩.৬.৯ । গিরঃ…অব্যলীকাঃ মাঘ ৫.১ । কুর্ব্বন্নপি ব্যলীকানি যঃ প্রিয়ঃ এব সঃ । —হি ২.১৩০ । ৪ অকার্য্য । ৫ বৈলক্ষ্য, ব্যাকুলতা । "অনৈশ্বর্য্যকৃত° কি ৩.১৯ । ৬ পীড়ন (বিষ) । ৭ অপরাধ । "স° কি ৯.৪৫ । সবস°-তপ্ত মাঘ ৯.৮৫ । ৮ কপট, শাঠ্য । "গত° ভ ২.৪.১৯ , নির্ব্বলীক ৭.৪২ । পঞ্চ ১.১৩১ । ৯ প্রতারণা (হলায়ুধ) । ১০ গতিবিপর্য্যয় (শ.ক) । ১১ খেদ । "উ ৪ ২৫ । ১২ অপ্রিয়বচন (মল্লিনাথ) । "মাঘ ৭.৫৪ ।

ব্যশ্ব † বিণ [বিগত অশ্ব যাহার, বহুব্রী] নষ্টাশ্ব । "রঘু ৭.৫২ ।

ব্যষ্টি † স্ত্রী [বি+ √অশ্+তি (ক্তিন্)-ভা] ১ পৃথগ্‌ভাবে ব্যাপ্তি ; পৃথক্‌সত্তা, ব্যক্তিতা (individuality) । ২ অজ্ঞান হেতু নানারূপে ভাসমান ভিন্ন ভিন্ন ভাব বা বিশেষ বিশেষ অবস্থা বা ব্যক্তিত্ব । বিপ 'সমষ্টি' । "বিরাট্ ব্যষ্টি-জীবের তেঁহো অন্তর্যামী চৈ.চ ২১১ ; ব্যষ্টি সৃষ্টি করে কৃষ্ণ ব্রহ্মা-রূপ ধরি ২১২ । তৎপদার্থ ত্বং-পদার্থ ব্যষ্টি সমষ্টি চৈ ২০৮ । [বৃক্ষ ব্যষ্টি, বন সমষ্টি , যেমন বিশেষ বিশেষ বৃক্ষের সমষ্টিভাবে এক বন, সেইরূপ জীবগত নানা প্রকার অজ্ঞানের সমষ্টিভাবে তাহা এক ।]

ব্যস দ্র 'বস²' ।

ব্রহ্মচর্য্যা দ্র 'ব্রহ্মচর্য্য'।

ব্রহ্মচারী (-রিন্) § বিণ [ব্রহ্মন্ + √চর + ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -রিণী, ছান্দস] ১ বেদাধ্যায়নকপতপশ্চারী, ব্রহ্মচর্য্য ব্রতী। ২ সংযতেন্দ্রিয় "সন্তানাদি উৎপন্ন করিয়া অন্যের বোঝা ভারি করায় তাহার অধিক ? নাই।—ভিখারীকে ব্রহ্মচারী হইতে হয় পা প্র ১৭১। ৩ তপশ্চরণশীল 'রা ২ ২৭ ১৩। চারী পুং ১ আচার্য্য কুলবাসী যথাবিধি বেদাধ্যয়নার্থী শিষ্য, বর্ণী। "মনু ২ ১৭৫, ১৮১। ২ নৈষ্ঠিকব্রহ্ম-চর্য্যাব্রতী। "ভ ৬ ৭ ২৮। ৩ অকৃতদার সনকাদি। "কুমার° মনু ৫.১৫৯। ৪ কার্ত্তিকেয়। —চারিণী স্ত্রী ১ ব্রহ্মচর্য্যনিরতা নারী। 'মনু ৫ ১৫৮। ২ 'বেদচারিণী', দুর্গা।

ব্রহ্মণ্য § বিণ [ব্রহ্মন্ + য (যৎ), স্ত্রী -ণ্যা] ১ ব্রাহ্মণহিত। "পা ৫.১ ৭। রা ২.৪৫ ২১। অ° মহা ১৩ ১১৭.১৯। ২ তপস্যায় সাধু, বেদে সাধু। "দোঁহে বদান্য ব্রহ্মণ্য চৈ চ ১৭৯। ব্রহ্মণ্য বড়ই সেহ শ্রী ম ২২২। —হ্মণ্য পুং ১ বিষ্ণু (মহা)। "(তুমি) ব্রহ্মণ্যরূপা বিপ্রেতে।—দু ৪৪। ২ শনৈশ্চর। ৩ মুঞ্জতৃণ। ৪ ব্রহ্মদারু বৃক্ষ। [°দেব (পুং)—ব্রাহ্মণের হিতকারী দেব; শ্রীকৃষ্ণ। 'ভ ৪ ২১ ৩৮। নমো ব্রহ্মণ্যদেবায় বিষ্ণুপুরাণ ১ ১৯.৬৫। শ্রী.ম ২১৬। চৈ চ ৯৭। ব প ৭৫১। দা ১৫৯।

ব্রহ্মণ্যতা § স্ত্রী [°ণ্য + তা (তল্)] ব্রাহ্মণহিতকারিতা। "ব্রহ্মণ্যতা··· ক্ষত্রলক্ষণম্ ভ ৭ ১১ ২২। চৈ চ ৩০৩।

ব্রহ্মতাল § পুং (সঙ্গীতে) তালবিশেষ। [ইহাতে দশ তাল, ৭ মাত্রা, ক চ ট ত প—এই পঞ্চাক্ষরের উচ্চারণকাল লঘু মাত্রা, তদর্দ্ধ দ্রুত মাত্রা (সঙ্গীতদামোদর—শ ক)।]

ব্রহ্মতালু, -লুয়া বি [তু 'ব্রম্মতাল (গো চ)] ব্রহ্মরন্ধ্রের উপরিতল; মাথার চাঁদি (crown)। "°লু।—ম ৩৪। তক্ষকে দংশে যদি ব্রহ্ম-তালুয়ায় ম ম ৮২, ব্রহ্মতালুয়ায় তাহার ঘা দিবা ৮৪। °তালু-তল দগ্ধ। —হেম ১০৫। °তালু স্ব প্র ২২২।

ব্রহ্মতি বি [বারমতি > বার্ম্মতি > °তি (?)] সর্থ 'বারমতি'। "তোমা হতে পূর্ণ হবে ধর্ম্মের ব্রহ্মতি শ্রী ৩৯।

ব্রহ্মতেজঃ (-জস্) § ক্লী [ষ ত] ১ ব্রহ্মের জ্যোতিঃ। ২ তপঃস্বাধ্যায়াদি জন্য ব্রাহ্মণের তেজোবিশেষ, ব্রহ্মবর্চ্চস। "ব্রহ্মতেজোবলং বলম্ রা ১ ৫৬ ২৩, মহা ১ ১৭৫ ৪৫।

ব্রহ্মত্র, -ত্তর, -ত্তোত্তর বি ['°ত্রা'—মূল, তু 'ব্রম্মত্ত(ত্তো)র (গো চ)] ব্রাহ্মণের ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি। '°ত্র।—মা ৩২৫,-৯। "ব্রহ্মত্তর জমি বি বু ৫।

ব্রহ্মত্ব § ক্লী [ব্রহ্মন্ + ত্ব] ১ ব্রহ্মভাব। ২ যজ্ঞে ব্রহ্মার কর্ম্ম। "স্বয়ং ব্রহ্মত্বমকরোৎ তস্য সত্যবতীসুতঃ মহা ১ ৩৩ ৩৪। আপনি ব্রহ্মত্ব করিলেন দ্বৈপায়ন।—ম ৩০৫।

ব্রহ্মদণ্ড § পুং [ষ ত] ১ ব্রাহ্মণের দণ্ডোপায়, ব্রহ্মশাপ। "ভ ৬ ১৫,৩৫, শাপং ব্রহ্মদণ্ডম্ ৪ ২ ২৭। °দণ্ড আমার উপরে বি পা ১১৯। ২ আভি-চারিকবিদ্যা। মহা ২ ৫ ১২২। ৩ ব্রাহ্মণের ব্রহ্মবিদ্যাভ্যাসজাত তেজো-ময় দণ্ড। "রা ১ ৫৬ ১৬, ২৩। ৪ ব্রাহ্মণযষ্টিকা।

ব্রহ্মদত্ত § বিণ [তৃ ত] ব্রহ্মার্পিত। "ইষবঃ °ত্তাঃ গো রা ৩.১৮ ৩৮।

ব্রহ্মদত্যি বি [কথ্যভাষা] ব্রহ্মদৈত্য। "হু ৮৪।

ব্রহ্মদায় § পুং [কর্ম্মধা] ১ ব্রহ্মরূপ দেয়, বেদরূপদান। "°হর° মনু ৩ ৩। ২ [ষ ত] ব্রাহ্মণের দায় বা রিকথ।

ব্রহ্মপুত্র § পুং [ষ ত] ১ ব্রহ্মার পুত্র, সনকাদি, মরীচি প্রভৃতি। "°ত্রো বসিষ্ঠঃ বা ১ ৬৫ ২৪। °ত্র নারদ শি ২৩। ২ নদবিশেষ, লৌহিত্য। "মহানদ ব্রহ্মপুত্র অকস্মাৎ দুর্দ্দাম দুর্ব্বার।—কা ৪২। [ব্রহ্মার রেতঃ হইতে ইহার উৎপত্তি (শ ক)।] ৩ স্থাবরবিষভেদ। —পুত্রী স্ত্রী সরস্বতী নদী।

ব্রহ্মপুত্রী দ্র 'ব্রহ্মপুত্র'।

ব্রহ্মবধিয়া বিং [°ধ + ইয়া², °ধ্য > °য়া (?)] ব্রহ্মঘাতক। "সন্ন্যাসী না হয় কভু এ ব্রহ্মবধিয়া চৈ ভা ২৬১।

ব্রহ্মবন্ধু § পুং [ষ ত, নিন্দার্থে সমাস] ১ ব্রাহ্মণের বন্ধুতুল্য, বৃত্তাধ্যয়ন-শূন্য জাতিমাত্রব্রাহ্মণ (নীলকণ্ঠ), জাতিব্রাহ্মণ (অ.টী), ব্রাহ্মণাধম। "°ন্ধু যদ্ দত্তম্ (তদ্ বৃথা) মহা ৩ ১৯৯ ৭। ভ ১ ৭ ১৬, ৩৫, ৭ ৫.২৬। °ন্ধো কিমেতৎ তে (বিষ্ণুপুরাণ)। ২ যেষ হেতু অগ্রাহ্যনামক ব্রাহ্মণ (অ টী)। ৩ বিপ্রতুল্য ভট্টাদি (ত বা)।

ব্রহ্মবর্চ্চস § ক্লী [ব্রহ্মের বর্চ্চঃ (ষ.ত)—°স্ + অ (অচ্) সমাসান্ত, পা ৫ ৪ ৭৮, ছান্দস] বৃত্ত (বেদবোধিত আচারপালন) ও অধ্যয়ন (ব্রতগ্রহণপূর্ব্বক গুরুমুখে বেদাভ্যাস)—এই উভয় জন্য ব্রাহ্মণের তেজ-উপচয় (শ ক), তপঃস্বাধ্যায়জন্য তেজঃ (জটাধর), ব্রতাধ্যয়নসম্পত্তি (হলায়ুধ), বেদাধ্যয়নতদর্থজ্ঞানাদিপ্রকর্ষকৃত তেজঃ (কুল্লুক)। "°কাম মনু ২ ৩৭। রঘু ১ ৬৩। দৃষ্টং ব্রহ্মবর্চ্চসম্ শ ৬৯।

ব্রহ্মবর্চ্চসী (-সিন্), -বর্চ্চস্বী (স্বিন্) § বিণ [°স+ইন্ (ইনি), °স+বিন্ (বিনি),-১ব] ব্রহ্মবর্চ্চসবান্, শ্রুতাধ্যয়নসম্পত্তিক-তেজোযুক্ত। "ব্রহ্মবর্চ্চস্বিনঃ পুত্রা জায়ন্তে।—মনু ৩.৩৯। ব্রহ্মবর্চ্চসিন্ ভ ১.৪.৩০।

ব্রহ্মবাদী (-দিন্) § বিণ [ব্রহ্মন্+বদ্+ইন্ (ণিনি)-ক-১ব : উ.ত; স্ত্রী -দিনী] বেদবক্তা, বেদব্যাখ্যাতা। —বাদী পুং ১ বেদার্থজ্ঞ (মিতাক্ষরা)। "°বাদিনো বদন্তি।—ছান্দোগ্য ২ ২৪.১। ২ বেদবদন-শীল (শঙ্কর), বেদবাদী। "গী ১৭.২৪। ৩ বেদোপদেশক, বেদাধ্যাপক। "পুরাণ° উ.চ ২৪। ৪ বেদান্তী। —বাদিনী স্ত্রী গায়ত্রী। "ত্র্যক্ষরে ! ব্রহ্মবাদিনি।

ব্রহ্মবাদিনী দ্র 'ব্রহ্মবাদী'।

ব্রহ্মভূয় § ক্লী [ব্রহ্মন্+ √ভূ+য (ক্যপ্)-ভা ; উ.ত] ১ ব্রহ্মভবন, ব্রহ্মত্ব, মোক্ষ। "গী ১৪.২৬ ; ১৮.৫৩। মনু ১.৯৮ ; ১২.১০২। স °য়ং গতিমাজগাম রঘু ১৮.২৮। ২ ব্রাহ্মণভাব।

ব্রহ্মমণ্ডল বি [অপ] ব্রহ্মাণ্ড। "মে ১৩০।

ব্রহ্মমন্ত্র বি ব্রহ্মদেবতাক বা প্রজাপতিদৈবত মন্ত্র। "ষড়ক্ষর ব্রহ্মমন্ত্র দীক্ষা করাইল।—ম ৬৭৯।

ব্রহ্মময় § বিণ [ব্রহ্মন্+ময় (ময়ট্)] ১ ব্রহ্মস্বরূপ। "এষ সাক্ষাদ্ ব্রহ্মময়ো হরিঃ ভ ৯.১০ ২। বিশ্ববীজ ব্রহ্মময শ্রী.মা ৪। °য়ী শ্যামা। —দা ৫৮। ২ বেদময, বেদরূপ। "বক্ষা ব্রহ্মময়ং বর্ম্ম (জহার) ভ ৪.১৫.১৬। ৩ বেদাত্মক। "°ময়েন কর্ম্মনা ভ ৪.৯.৪। ৪ বৈদিক, বেদজ্ঞানজন্য। "জ্বলন্নিব °ময়েন তেজসা কু.স ৫.৩০। —ময়ী বি 'ব্রহ্মস্বরূপা', দুর্গা, কালী। "কাঁপে ঝুড়ি বসে ব্রহ্মময়ী শ্রী ৮। [ব্রহ্মমই (অপ্র)—ব্রহ্মময়ী। "এ যে শ্যামা ব্রহ্মমই।—দা ২০৪।]

ব্রহ্মময়ী দ্র 'ব্রহ্মময়'।

ব্রহ্মমুহূর্ত্ত বি [অপ্র] সর্থ 'ব্রাহ্মমুহূর্ত্ত'। "শ্রী.ম ২১৯।

ব্রহ্মযজ্ঞ § পুং [ষ.ত] ১ বেদসম্বন্ধী যজ্ঞ ; বেদাধ্যয়ন ও বেদাধ্যাপন (কুল্লুক)। "মনু ৩.৭০। বিষ্ণু ৫৯.২১। ২ শ্রুতিজপ, বেদমন্ত্রজপ। 'শ্রুতিজপঃ···ব্রহ্মযজ্ঞঃ স বোচ্যতে।—কাত্যায়ন ১৩.৪। —যাগ পুং সর্থ 'ব্রহ্মযজ্ঞ'।

ব্রহ্মযাগ দ্র 'ব্রহ্মযজ্ঞ'।

ব্রহ্মযোনি § বিণ [বহুব্রী ; স্ত্রী -নি] 'ব্রহ্মা যাহার উৎপত্তিস্থান', ব্রহ্মসম্ভব। "°নিং সরস্বতীম্ (মার্কণ্ডেয়পুরাণ)। —যোনি পুং ব্রহ্ম-পুত্র। "গুরুণা °যোনিনা রঘু ১.৬৪। —যোনি স্ত্রী [ষ.ত] ১ ব্রহ্ম-প্রাপ্তিকারণ ব্রহ্মধ্যান। "°স্থাঃ (ব্রাহ্মণাঃ) মনু ১০.৭৪। ২ বেদের বা বিধাতার কারণ। "কু.স ৬.১৮। ৩ [কর্ম্মধা] ব্রহ্মরূপ যোনি বা কারণ। —যোনী স্ত্রী ১ সরস্বতী। ২ সরস্বতীতীরস্থ তীর্থভেদ।

ব্রহ্মযোনী দ্র 'ব্রহ্মযোনি'।

ব্রহ্মরক্ষঃ (-ক্ষস্) ক্লী, **-রাক্ষস** § পুং [কর্ম্মধা] ১ ব্রহ্ম (বিপ্র) হইয়া কর্ম্মদোষে রাক্ষস ; ভূতবিশেষ। "°রক্ষস্; °রাক্ষস মহা ১৩.১১১. ৪৮। °সঃ মনু ১২.৬০ ; যাজ্ঞ ৩.২১২। ২ দ্বিজ হইয়া শাপ হেতু রাক্ষস। দ্র 'কল্মাষপাদ'। "তুমি ব্রহ্মরাক্ষস যে হও হে সৌদাস।—কৃ ২৩,-৪। ম ৯৪২।

ব্রহ্মরন্ধ্র § ক্লী [ষ.ত] ১ ব্রহ্মের (ব্রহ্মাধিষ্ঠিত) রন্ধ্র বা আকাশ ; মস্তকের মধ্যভাগ কপালত্রয়ের সন্ধিস্থানস্থিত রন্ধ্র ; ব্রহ্মতালুর নিম্নভাগ (The aperture in the crown of the head)। "কু স ৩. ৪৯, মল্লিনাথ। ব্রহ্মরন্ধ্রে উঠে বিষ বা.ম ১১৯। শ্রী.ম ২৬৩। ব্রহ্মরন্ধ্র ধরিল জীবন নাহি আর ম.ম ১৯৫। [পরমেশ্বর দেহেন্দ্রিয়ের সৃষ্টি করিয়া, 'আমি বিনা ইহা কি প্রকারে চলিবে'—ইহা ভাবিয়া কপাল-ত্রয়ের সন্ধিস্থান মস্তকের মধ্যভাগ বিদীর্ণ করিয়া ছিদ্রপথে দেহমধ্যে প্রবেশ করিলেন। ব্রহ্মের অধিষ্ঠান হেতু এই 'রন্ধ্র' ব্রহ্মরন্ধ্র। বিদারণ হেতু মূর্দ্ধগত এই প্রবেশদ্বার 'বিদৃতি' (ঐতরেয়োপনিষৎ ৩.১১,-২)। এই রন্ধ্রপথে প্রাণ উৎক্রমণ করিলে ব্রহ্মলোকপ্রাপ্তি হয় (শ.ক)। 'প্রাণ যাবার বেলা এই করো মা, যেন ব্রহ্মরন্ধ্র যায় গো কেটে।—রাম-প্রসাদ।] ২ (বাঙ্লায়) ব্রহ্মরন্ধ্রতল, ব্রহ্মতালু। "ব্রহ্মরন্ধ্রে খাইল যাও বি.পা ১৫১,-৩।

ব্রহ্মর্ষি § পুং [ব্রহ্মা ঋষি, কর্ম্মধা ; বিকল্পে প্রকৃতিভাব, হ্রস্ব—'ব্রহ্মা-ঋষি, ব্রহ্মঋষি'] ব্রাহ্মণঋষি, বসিষ্ঠাদি। দ্র 'ঋষি (৩)। "রা ১.৫৪.৯। [°দেশ (পুং)—কুরুক্ষেত্র মৎস্য পঞ্চাল শূরসেন,—এই দেশচতুষ্টয় (মনু ২.১৯)।]

ব্রহ্মলোক § পুং [ষ.ত] ১ হিরণ্যগর্ভলোক, সত্যলোক। "রা ২.৩০. ৩৭। মনু ২ ২৩৩। ২ বৈকুণ্ঠলোক। "রা ১.১.৯৭। ভ ২.৫.৩৯।

ব্রহ্মসূত্র § ক্লী [উ.লো] ১ বেদগ্রহণার্থ উপনয়নকালে ধৃত সূত্র ; যজ্ঞসূত্র, উপবীত। "অত্রি ৩৭২। যাজ্ঞ ১.১৬। ভ ৮.১৮.১৪। ২ ব্রহ্ম-প্রতিপাদক শারীরকসূত্র (ত.বা)। —সূত্রী (-ত্রিন্) বিণ [°ত্র+ইন্ (ইনি)-১ব] ব্রহ্মসূত্রবান্, উপবীতী। "যাজ্ঞ ১.১৩৩। [°পদ (ক্লী) —ব্রহ্মের সূচক বাক্য (শঙ্কর)। "গী ১৩.৪।]

ব্রহ্মা (-হ্মন্) দ্র 'ব্রহ্ম'।

ব্রহ্মাণী স্ত্রী [ব্রহ্মন্+ √অন্+ই (ণিচ্)+অ (অণ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত, তু 'ইন্দ্রাণী, ভবানী' ইত্যাদি (পা ৪.১.৪৯)] ১ 'ব্রহ্মজীবয়িত্রী', ব্রহ্মশক্তি। 'আধাতা ব্রহ্মণঃ শক্তির্ব্রহ্মাণী সাভিধীয়তে (চণ্ডী)। ২ ব্রহ্মার পত্নী (শব্দমালা)। [ব্রহ্মার শরীর হইতে ইঁহার উৎপত্তি (মৎস্যপুরাণ, ৩য় অধ্যায়)।] ৩ দুর্গা। ৪ পিত্তলভেদ।

ব্রহ্মাক্ষর § ক্লী [কর্ম্মধা] ব্রহ্মরূপ অক্ষর ; প্রণব। "ভ ৫.৮.১।

ব্রহ্মাঙ্গভূ § পুং [দ্বন্দ্ব ; ষ.ত ; ব্রহ্মা অঙ্গভূ (পুত্র) যাঁহার, বহুব্রী (টীকান্তর)] বেদ ও বেদাঙ্গের উদ্ভবস্থান ; দ্র 'মল্লিনাথ'। "কু.স ৩.১৫।

ব্রহ্মাচুলি বি [অপ্র] ব্রহ্মতালুর চুল, শিখা। "কামাইও মোর জাত্বর মাথা রাখিও ব্রহ্মাচুলি গো.চ ১৬১।

ব্রহ্মাঞ্জলি § পুং [তাদর্থ্যে, ষ.ত] বেদের অর্থাৎ বেদপাঠার্থ অঞ্জলি ; বেদের আরম্ভে ও অবসানে করণীয় সংশ্লিষ্টাঞ্জলি। দ্র 'মনু ২.৭১। "মনু ২.৭০।

ব্রহ্মাণ্ড § ক্লী [ষ.ত] ১ ব্রহ্মার ডিম্বকোষ, চতুর্দ্দশভুবনগোলক, ভুবন-কোশ, বিশ্ব। দ্র 'ব্রহ্মা'। "বেদান্তসার ৪০। ২ [বাঙ্লায় ; অপ্র] স্বর্গ। "ব্রহ্মাণ্ডে ঠেকিল গিয়া দিব্যসিংহজটা।—ম ৫৪৩। ৩ সর্ব্বশরীর। "নবনী পায় ভেঙ্গে ভাণ্ড, জ্বলে যায় ব্রহ্মাণ্ড।—দা ১৫৩। [°কটাহ (পুং)—১ ব্রহ্মডিম্বের কপাল। ২ (বাঙ্লায়) ব্রহ্মডিম্বের ঊর্দ্ধ কপাল, স্বর্গ। "ব্রহ্মাণ্ডকটাহে···ঠেকিল মস্তক।—ম ৪৭৮। °পুরাণ (ক্লী)—পুরাণবিশেষ। দ্র 'অষ্টাদশ'।]

ব্রহ্মাণ্ডভাণ্ডোদর § ক্লী [কর্ম্মধা ; ষ.ত] ব্রহ্মাণ্ডরূপ ভাণ্ডের (ক্ষুদ্রস্থালীর) মধ্যভাগ। "°ভ্রাম্যৎপিণ্ডিতচণ্ডিমা ম চ ১.৫৪। —দর বিং ব্রহ্মাণ্ডরূপ ভাণ্ড যাঁহার উদরে, ব্রহ্মাণ্ডপ্রসবিতা। "°দর দেব নারায়ণ। তিনি কেন হরিলেন পরের বসন॥—ব.প ৯২৬। —দরী বি ব্রহ্মাণ্ডপ্রসবিত্রী। "(তুমি) অনন্ত° বি.সু ৪৮। যিনি প্রসবিলা ব্রহ্মাণ্ড, নাম তাঁর ব্রহ্মাণ্ডভাণ্ডোদরী।—দা ৪৮।

ব্রহ্মাদ্য § বিণ [বহুব্রী] ব্রহ্ম আদ্য যাহার ; ব্রহ্মোপক্রম, ব্রহ্মাদি। "এতদন্তাস্তু গতয়ো ব্রহ্মাদ্যাঃ সমুদাহৃতাঃ মনু ১.৫০।

ব্রহ্মাধিগম § পুং [ষ.ত] বেদগ্রহণ। "°মিকং (তপঃ) মনু ২.১৬৪।

ব্রহ্মানন্দ § পুং [ষ.ত] ব্রহ্মজ্ঞানজন্য আনন্দ। "°দৈকবিগ্রহ।

ব্রহ্মাবর্ত্ত § পুং [ষ.ত] ব্রাহ্মণগণের আবর্ত্ত (আশ্রয়) ; সরস্বতী দৃষদ্বতীর মধ্যস্থ বহুলব্রাহ্মণাশ্রয় দেশ (মনু ১.১৭)।

ব্রহ্মাভ্যাস § পুং [ষ.ত] শ্রবণমননধ্যান দ্বারা বেদাভ্যাস। "ব্রহ্মাভ্যাসেন চাজস্রমনন্তং সুখমশ্নুতে মনু ৪.১৪৯।

ব্রহ্মারণ্য § ক্লী [ষ.ত] বেদপাঠভূমি (ত্রিকাণ্ডশেষ)।

ব্রহ্মারম্ভ § পুং [ষ.ত] বেদপাঠারম্ভ। "মনু ২.৭১।

ব্রহ্মার্পণ § ক্লী [ষ.ত] ১ বেদদান, বেদাধ্যাপনা। ২ [চ.ত] পরমেশ্বরে কর্ম্মফলত্যাগ। ৩ আমি কর্ত্তা নহি, সব ব্রহ্মই করেন—এইরূপ বুদ্ধি।

ব্রহ্মাসন § ক্লী [ষ.ত] ১ পরমার্থচিন্তা-চিত্তনিরোধের সাধনভূত ঊর্দ্ধপাদস্বস্তিকপদ্মাসনাদি আসন (অ.টী)। ২ পূজাঙ্গ আসনভেদ। 'একপাদমূরৌ দত্ত্বা তিষ্ঠেদ্ দণ্ডাকৃতির্ভবেৎ (রুদ্রযামল)। ৩ যজ্ঞে ব্রহ্মার আসন। ৪ (বাঙ্লায়) ব্রাহ্মণের আসন বা অধিকার। "চৈ.ভা ২৬৯।

ব্রহ্মাস্ত্র § ক্লী [উ.লো] ১ ব্রহ্মদেবতাক অমোঘ অস্ত্রবিশেষ। "রা ১.৫৬.১৪,-৫। মহা ১.১৬৬.১৩। ২ [বাঙ্লায়, গৌণার্থে] অব্যর্থ প্রতীকারোপায়।

ব্রহ্মিষ্ঠ § বিণ [ব্রহ্মবৎ+ইষ্ঠ (ইষ্ঠন্)] ব্রহ্মবত্তম, অতিশয়ব্রহ্মবিদ্। "মহা ২.৩৩.৩৫। রঘু ১৮.২৮। ভ ৪.১.৩৪। —ষ্ঠা স্ত্রী 'ব্রহ্মবিত্তমা', দুর্গা।

ব্রহ্মিষ্ঠা দ্র 'ব্রহ্মিষ্ঠ'।

ব্রহ্মী § স্ত্রী শাকবিশেষ, বিম্হী শাক। "°ঘৃত।

ব্রহ্মোত্তর দ্র 'ব্রহ্মত্র'।

ব্রহ্মোদ্য § বিণ [ব্রহ্মন্+ √বদ্+য (ক্যপ্)-র্ম ; উ.ত] ব্রহ্মবিষয়ে কথনীয় ; পরমাত্মনিরূপণপর। "°দ্যাশ্চ কথাঃ মনু ৩.২৩১। —দ্য ক্লী [+ষ-ভা] ব্রহ্মসম্বন্ধে কথন। "পা ৩.১.১০৬, সি।

ব্রাউহ্যাম বি [E. brougham (After Lord Brougham] এক প্রকার হালকা চাকা ঘোড়ার গাড়ী। "হু ৩, ২১।

ব্রাণ্ডি বি [E. brandy] আঙুরের উগ্র সুরাবিশেষ।

ব্রাত † পুং [√ব্রাতি নিয়মন+অ (ঘঞ্)-ণ (অ.টী); 'ব্রাত' —সংঘাত্মক (ঋগ্বেদ ১.১৬৩.৮), অবিবক্ষিতগণ (৫.৫৪.১১)] ১ সমূহ, নিচয়। "শর° গো রা ৬.৭৯.৫১ ; রঘু ১২.৯৪। আরণ্যমৃগ° ভ ৪.২৫.১৯ ; নখ°, মণি° ১০.৩৯ ৫০,-১। ২ নানাজাতীয় অনিয়তবৃত্তি শরীরায়াসজীবিসমূহ (পা ৫.২.২১, কাশিকা), মজুর। —ত ক্লী শরীরায়াসজীবিকর্ম্ম (কাশিকা), মজুরী। "ভট্টি ৪.১২, টীকা। —তীন পুং [°ত+ঈন (খ), পা ৫.২.২১] ব্রাতজীবী, শরীরায়াসজীবী, মজুর। "ভট্টি ৪.১২।

ব্রাতীন দ্র 'ব্রাত'।

ব্রাত্য † পুং [ব্রাত (ব্যাধাদি)+য সাদৃশ্যে (অ.টী); 'ব্রাত' (ব্রতসমূহ) > °ত্য (?)—"বেদব্রতচ্যুতো ব্রাত্যঃ (ব্যাস ১.২০); '°ত্য' —সাবিত্রীপতিত (শুক্লযজুর্ব্বেদ ৩০.৮)] ১ যে ব্রাহ্মণাদি গৌণ কালেও উপনীত না হওয়ায় বেদব্রতচ্যুত বা সাবিত্রীপতিত হইয়াছে ; যথাকালে অনুপনীত সাবিত্রীপতিত ব্রাহ্মণাদি। মনু ২.৩৯। যাজ্ঞ ১.৩৮। বিষ্ণু ২৭.২৭। মহা ৫.৩৫.৪৮। ২ শূদ্র হইতে ক্ষত্রিয়ায় জাত জাতিবিশেষ (A)। —ত্যা স্ত্রী ব্রাত্যজায়া। "মনু ৮.৩৭৩। [°স্তোম (পুং)—ব্রাত্যযোগ্য যজ্ঞভেদ। "যাজ্ঞ ১.৩৮।]

ব্রাহ্ম § বিণ [ব্রহ্মন্+অ (অণ্), 'অন্'-লোপ নিপাতিত, 'অপত্য, জাতি' অর্থে 'অন্'-লোপাভাব—'ব্রাহ্মণ', পা ৬.৪.১৭১ ; স্ত্রী -হ্মী] ১ প্রজাপতিসম্বন্ধী। "ব্রাহ্মস্য তু ক্ষপাহস্য যৎ প্রমাণম্ মনু ১.৬৮। ব্রাহ্মং সরঃ রঘু ১৩.৬০। ২ ব্রহ্মভব, ব্রহ্মবিষয়ক। "এষা ব্রাহ্মী স্থিতিঃ [illegible]৭১। ৩ বেদসম্বন্ধী, বেদাধ্যাপনবিষয়ক। "ব্রাহ্মান্…সম্বন্ধান্ মনু ২.৪০। ৪ বেদশ্রবণার্থ। "ব্রাহ্মস্য জন্মনঃ কর্ত্তা মনু ২.১৫০। ৫ ব্রাহ্মণে স্থাপিত। "এষ নিধির্ব্রাহ্মোঽভিধীয়তে মনু ৭.৮২। ৬ বেদবিহিত, বৈদিক। "আপো হি ষ্ঠেতি চ ব্রাহ্মম্ (সামম্)।—পরাশর ১২.১০। ৭ ব্রহ্মদেবতাক। "ব্রাহ্মং হবিঃ (কাশিকা)। ব্রাহ্মে মুহূর্ত্তে রঘু ৫.৩৬ : ব্রাহ্মমস্ত্রম্ ১২.৯৭। —হ্ম পুং ১ ব্রহ্মার অপত্য। "ব্রাহ্মো নারদঃ পা ৬.৪.১৭১, তত্ত্ববোধিনী। ২ নারদ। ৩ অষ্টবিধ বিবাহের অন্যতম। "মনু ৩.২১,-৭। যাজ্ঞ ১.৫৮। বিষ্ণু ১৭.১৯। ৪ পারদ। ৫ অরুণোদয়ের পূর্ব্বে দণ্ডদ্বয়াত্মক কালবিশেষ। ৬ (বাঙ্লায়) ব্রহ্মোপাসক। "°সমাজ। —হ্ম ক্লী ১ অঙ্গুষ্ঠমূল। 'মনু ২.৫৯। অঙ্গুষ্ঠমূলং ব্রাহ্মম্।—বিষ্ণু ৬২.২। ২ ব্রহ্মপুরাণ। ৩ 'ব্রহ্মদেবতাক', রোহিণী নক্ষত্র। —হ্মী[1] স্ত্রী [°হ্ম+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দুর্গা। ২ সরস্বতী। ৩ বাণী। "মহা ১.১.১৯। ৪ মাতৃকাভেদ, ব্রহ্মশক্তি। ৫ ব্রাহ্মবিবাহে পরিণীতা স্ত্রী। "°পুত্রঃ মনু ৩.৩৭। ৬ শাকবিশেষ, বিম্হি শাক। ৭ সোমলতা। ৮ হিলমোচিকা। ৯ ব্রাহ্মণযষ্টিকা। ১০ মহাজ্যোতিষ্মতী। ১১ রোহিণীনক্ষত্র। ১২ সরস্বতী নদী। ১৩ পিত্তলবিশেষ। [°দেয়া (স্ত্রী)—ব্রাহ্মবিবাহে পরিণীতা স্ত্রী। °পুরাণ (ক্লী)—ব্রহ্মপুরাণ। °বিবাহ (পুং)—বিশেষবস্ত্রালঙ্কারাদি বর-কন্যাকে দিয়া বিদ্যাচারবান্ বর আনিয়া কন্যা দান করা, 'ব্রাহ্মবিবাহ' (মনু ৩.২৭)। "ব্রাহ্মবিবাহের অর্থাৎ পণ দিয়া কন্যার বিবাহ দিবার প্রথা …গৌরবান্বিত হইয়াছে পা.প্র ৯১,-২।]

ব্রাহ্মণ § বিণ [ব্রহ্মন্+অ (অণ্); স্ত্রী -ণী , তু 'ব্রহ্মন (গো.চ)] ১ ব্রহ্মসম্বন্ধী। "ব্রাহ্মণীঃ মূর্ত্তিম্ মহা ১৪.৯২.৪৪। মনু ২.৮৭। ২ ব্রহ্মজ্ঞ। ব্রহ্ম জানাতি ব্রাহ্মণঃ (ত.বা)। —হ্মণ পুং [দ্র 'ব্রাহ্ম', 'ব্রাহ্মণ—বেদবিৎ (ঋগ্বেদ ১.১৬৪.৪৫)] ১ ব্রহ্মার অপত্য জাতিবিশেষ ; বেদের অধ্যেতা (অ.টী); দ্বিজ, বিপ্র। 'ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ (শ্রুতি)। জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে॥—মনু ১.৩১, ৮৭। ব্রাহ্মণ বদনে হৈল শি ৮। [ব্রাহ্মণের গুণ—দ্র 'শু ১.৪০। ব্রাহ্মণের কর্ম্ম—দ্র 'গী ১৮.৪২।] ২ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ায় বা বৈশ্যায় জাত সন্তান। 'মহা ১৩ ৪৭.২৮। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ পুরোহিত (A.)। —হ্মণ ক্লী ১ ব্রহ্মবল। ২ বেদভাগ। ইহাতে বেদমন্ত্রের অর্থমীমাংসা, যজ্ঞানুষ্ঠানের বিবরণ ও আলোচনা এবং নানাবিষয়ক উপাখ্যান আছে। ঋগ্বেদের শাঙ্খ্যায়ন ও ঐতরেয়ব্রাহ্মণ, সামবেদের তাণ্ড্য ও ষড়্বিংশ ব্রাহ্মণ, শুক্লযজুর্ব্বেদের শতপথব্রাহ্মণ, কৃষ্ণযজুর্ব্বেদের তৈত্তিরীয়ব্রাহ্মণ এবং অথর্ব্ববেদের গোপথব্রাহ্মণ প্রসিদ্ধ। যজ্ঞে ব্রাহ্মণগণের ব্যবহারার্থ 'ব্রাহ্মণ' বিরচিত।] ৩ [ব্রাহ্মণ+অ] ব্রাহ্মণসমূহ। —হ্মণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ব্রাহ্মণজাতি-স্ত্রী, ব্রাহ্মণপত্নী। 'মনু ৮.৩৭৬,-৭। ২ বরটাবিশেষ। ৩ ব্রাহ্মণযষ্টিকা। "ম ১২৬০। ৪ পৃক্কা। ৫ তীর্থবিশেষ। "মহা ৩.৮৪.৫৮। [°কুল (ক্লী)—১ ব্রাহ্মণগৃহ। ২ ব্রাহ্মণবংশ। °ঘাত (পুং)—ব্রহ্মবধ। "পঞ্চ ১.৩১২। °ঘ্ন (পুং) —ব্রাহ্মণঘাতক। "মনু ৯ ২৩২। °চণ্ডাল (পুং)—ব্রাহ্মণীতে শূদ্রজাত সন্তান। 'মনু ৯.৮৭। °জীবিকা (স্ত্রী)—ব্রাহ্মণের বৃত্তি , অধ্যাপনাদি ষট্কর্ম্ম। 'মনু ১.৮৮। °প্রতিবেশ্য (পুং)—ব্রাহ্মণপ্রতিবেশী। "যাজ্ঞ ২.২৬৬। °ভুয়িষ্ঠ (বিণ)—ব্রাহ্মণবহুল। °ভোজন (ক্লী)—ব্রাহ্মণের আহার। °যষ্টিকা, °যষ্টী (স্ত্রী)—ভার্গী। °সত্তম (বিণ)—দ্বিজশ্রেষ্ঠ। °সন্তর্পণ (ক্লী)—ব্রাহ্মণতোষণ।]

ব্রাহ্মণব্রুব § পুং [°ণ+ √ব্রূ+অ (ক)-ক, বাহুলকে (ত.বা)] যে ব্রাহ্মণ ক্রিয়ারহিত হইয়া আপনাকে ব্রাহ্মণ বলে (কুল্লূক); যে ব্রাহ্মণসন্তানের গর্ভাধানাদি সংস্কার উপনয়ন বেদারম্ভ যথাবিধি হইয়াছে, কিন্তু সে নিজে বেদের অধ্যয়ন অধ্যাপনা করে না, সে 'ব্রাহ্মণব্রুব' (ব্যাস ৪.৪২)। "মনু ৭.৮৫ ; ৮.২০।

ব্রাহ্মণাতিক্রম § পুং [ষ.ত] ব্রাহ্মণাপূজন। "মনু ৩.৬৩।

ব্রাহ্মণাভ্যুপপত্তি § স্ত্রী [ষ.ত] ব্রাহ্মণরক্ষা। "মনু ৮.১১২।

ব্রাহ্মণী দ্র 'ব্রাহ্মণ'।

ব্রাহ্মণ্য § বিণ [°ণ+য (যৎ)] ব্রাহ্মণযোগ্য। "মহা ৩ ১৯৬ ৬। —হ্মণ্য ক্লী ১ ব্রাহ্মণসমূহ। "রা ২ ৪৫ ২১। ২ [+য (ষ্যঞ্)] ব্রাহ্মণভাব, ব্রাহ্মণত্ব। "ব্রাহ্মণ্যং দোষ হ্রত্রাপম্ মহা ১৩.১৪৩ ৬। মনু ৩.১৭, ব্রাহ্মণ্যকৈব গাধিজঃ (প্রাপ্তবান্) ৭ ৪২। ব্রাহ্মণ্য সূত্রের দিয়া করিলাম দীক্ষা।—ম ৯৪১। (ব্রাহ্মণ) °প্রধান শ্রী ম ২৪২। ৩ ব্রাহ্মণকর্ম—শৌচাদি ক্রিয়া, যাগাদি কার্য্য (তত্ত্ববোধিনী)। "পা ৫ ১ ১২৪। তব কোথায় ব্রাহ্মণ্য।—ম ৭২৭।

ব্রাহ্মমুহূর্ত্ত § পুং [কর্ম্মধা] ১ ব্রহ্মদেবতাক মুহূর্ত্ত, অরুণোদয়কালের অর্থাৎ রাত্রির শেষ চারি দণ্ডের প্রথম দণ্ডদ্বয় (বিষ্ণু ৬০ ১), রাত্রির শেষার্দ্ধপ্রহর (মদনপারিজাত), রাত্রির পশ্চিম যাম (মনু ৪ ৯২, কুল্লুক)। "হ্রু ১৪। ২ ব্রহ্মার মুহূর্ত্ত, একমন্বন্তরস্থিতিকাল (শ ক)।

ব্রাহ্মাহোরাত্র § পুং [কর্ম্মধা] ব্রহ্মসম্বন্ধী অহোরাত্র, দৈবপরিমাণে যুগসহস্রদ্বয়। 'মনু ১ ৭৩।

ব্রাহ্মী[1] দ্র 'ব্রাহ্ম'। [°কন্দ (পুং)—বারাহীকন্দ। °পুত্র (পুং) —ব্রাহ্মবিবাহে পরিণীতা স্ত্রীর পুত্র। 'মনু ৩ ৩৭।]

ব্রাহ্মী[2] (বাঙলায়) প্রাচীন বর্ণমালাবিশেষ।

ব্রাহ্ম্য § বিণ [ব্রহ্মন+য (ষ্যঞ্)] ১ ব্রহ্মসম্বন্ধী। ২ ব্রাহ্মণসম্বন্ধী। "ব্রাহ্ম্যং হুতম্ মনু ৩ ৭৪। ৩ [°হ্মী+য] ব্রাহ্মীর অর্থাৎ ভারতীর প্রবোধহেতুভূত। ব্রাহ্ম্যে মুহূর্ত্তে বুধ্যেত মনু ৪ ৯২। —হ্ম্য পুং ব্রাহ্ম-বিবাহ। 'মনু ৩ ৩৯। —হ্ম্য ক্লী বিস্ময় দৃশ্য (শ ক)। [°দেয়া (স্ত্রী) —ব্রাহ্মবিবাহে পরিণীতা। 'মনু ৩ ১৮৫। °মুহূর্ত্ত (পুং)—সর্থ 'ব্রাহ্ম-মুহূর্ত্ত'। °বিবাহ (পুং)—সর্থ 'ব্রাহ্মবিবাহ' (দ্র ব্রাহ্ম')। 'ব্রাহ্ম্যবিবাহোঢা-পুত্রঃ মনু ৩ ৩৭, ১৮৫, কুল্লুক। °হুত (ক্লী)—মনুষ্যযজ্ঞনামক ব্রাহ্মণ-শ্রেষ্ঠের পূজা। 'মনু ৩ ৭৪, কুল্লুক।]

ব্রীড়্ + অক [দি, প—ব্রীড্যতি, সেট্] লজ্জা। —ড় সক [পূর্ব্ববৎ] ক্ষেপণ, প্রেরণ।

ব্রীড় + পুং, -ড়া স্ত্রী [√ব্রীড্+অ (ঘঞ্), +অ, -ভা, স্ত্রী আ (টাপ)] লজ্জা, ত্রপা। "পরা° ব্রীড়াম্ রা ১ ১ ৮১, অল° ব্রীডেন ৩ ৫৫ ৩৪। ব্রীডাৎ কু স ৭ ৬৭। ব্রীড় মাঘ ৩ ৪০, ব্রীডজাড ১০ ১৮। ব্রীড়া ক.চ ৪। দিয়া পীড়া ক্রীড়া ব্রীডা না বাস অগুবে বি সু ৬২। গতব্রীড়া বা দ ১২৬। ব্রীড়াসঙ্কুচিত ব প্র ৫২, বীড়াবিবশা বালিকা ৮০। —ড়িত বিণ [+ত (ক্ত)-ক] লগ্ন, লজ্জিত। —ড়িত ক্লী [+ত-ভা] লজ্জা।

ব্রীড়া, ব্রীড়িত দ্র 'বীড়্'।

ব্রীহি + পুং [√বৃহ্+ই-ক, নিপাতিত (অ টী)] ১ ধান্য। 'শুক্ল-যজুর্ব্বেদ ১৮.১২। °যব।—অথর্ব্ব ১১ ৪ ১৩। মনু ৩ ২৬৭। ২ আশু-ধান্য। ৩ ষষ্টিকধান্য। 'মনু ৯ ৩৯। ৪ শস্যমাত্র। "প্রস্থো ব্রীহীণাম্ পা ৮ ৩ ৯২, কাশিকা। [°দ্রোণ (পুং)—দ্রোণপরিমিত ধান্য। "মহা ৩ ২৫৮ ৩৫। °পর্ণী (স্ত্রী)—শালপর্ণী, শালপান। °বাপ (পুং) —ধান্যবপন। °বেলা (স্ত্রী)—ধান্যপাককাল। °ভেদ (পুং)—চিনা ধান্য। °শ্রেষ্ঠ (পুং)—শালিধান্য।]

ব্রুড়িত + বিণ [√ব্রুড নিমজ্জন+ত (ক্ত)-ক] নিমগ্ন।

ব্রূ + দ্বিক [অদা, উ—ব্রবীতি, ব্রূতে] কথন। [অনু—অনুকথন, অনুবাদ। বি—বিরুদ্ধকথন, বিবাদ।]

ব্রুহি ক্রি [অসাধু] ১ আমি বলি। "সত্য ব্রুহি আক্ষি ম পা ৮৬, শুন্ সত্য ব্রুহি ৮৭। ২ বলিয়া। "স্বপ্ন ব্রুহি নারায়ণী হৈল অন্তর্দ্ধান ম পা ৮৬।

ব্র্যাকেট্ বি [E. bracket] ১ দেয়ালে লাগাইবার কাঠের তাক-বিশেষ। ২ বন্ধনী—'( )', '[ ]', '{ }'।

ব্লটিং বি [E blotting] কালি শুষিবার মোটা কাগজ (blot-ting paper)। [°পেপার—ব্লটিংকাগজ। "হ ১৪৪।]

ব্লু বি [E. blue] নীল। "ব্লু-ব্ল্যাক্ কালি।

ভ

ভ[1] প-বর্গের চতুর্থ বর্ণ এবং চতুর্ব্বিংশ স্পর্শবর্ণ। দ্র 'প[1], ক[1]।

ভ[2] পুং [√ভা+অ [ড)-ক] ১ 'ভাতিযুক্ত', শুক্রগ্রহ। ২ শুক্রাচার্য্য। ৩ [+অ-ভা] ভ্রান্তি। ৪ (ছন্দঃশাস্ত্রে) আদিগুরুক অন্তলঘুদ্বয় বর্ণত্রয় বা গণবিশেষ (Dactyl)। 'ভাদিগুরুঃ। —ক্লী ১ নক্ষত্র। "°গণ। ২ অশ্বিন্যাদি নক্ষত্র। ৩ গ্রহ। ৪ রাশি। ৫ নক্ষত্রসংখ্যানুসারে (২৭) সংখ্যা। ৬ [ধ্বন্যাত্মক ?] ভ্রমর। [°গণ (পুং) —১ নক্ষত্রগণ। "ভ ৩ ১৭ ১৪। ২ রাশিচক্র। °গণরমণ (বি) নক্ষত্রগণের পতি, চন্দ্র। "জ প ৮০। °চক্র (ক্লী)—রাশিচক্র। °পঞ্জর (ক্লী)—রাশিচক্র।]

ভ[3] অর্দ্ধ [সং √ভূ >প্রা √ভো—ভোদি,-হু (ভবতি,-তু—হে), √ভ —ভই (ভূত্বা—পৈ), তু 'হি, প, ঠ, গু, মৈ, ড় √হো, অস √হ, মৈ 'ভৈ' (হইয়া), ভাইলা (হইলা—চ)] হওয়া। "তুহুঁ পরদেশ যাওব শুনি ভই ক্ষীণ বি প ১৫৪। যেকত ভউ বিধুরাজ বি.সা ২৫০। সো তনু তাপে ভসম ভই যাই।—গো ১১৫। পোথা পঢ়ি কেহো থোতা ভই সেহো চৈ ম ৪৫। [ভই, ভৈ (মৈ—ভৈ, ভএ,-য়)—হইয়া। "অবতার ভই প্রভু শ্রী ম ৫। কছু বিরস ভৈ জ প ৭। ভই—হয়, হইল। 'পালি পিঙ্গল-আদি পয়োধি অবধি ভই পার জ প ৭৩। ভই গেল —হইল। "ভই গেল সাধা ব প ১১১৯। ভউ—হইল। 'নদিআ জোর ভউ অথাহ বি.সা ১৭৯ ২৫০। ভয়া (হি)—হইয়াছি, হইয়াছ। 'হাম নহ নায়রী ভয়া মাধব লাগে বি প ১১০। ভট্ট হো অব ভণ্ড ভয়া ভা চ ৪৩৫। ভেল, -লা (ভইল >ভৈল > °ল, মৈ °ল, -লা, ভেলা—চ) —হইল। "শূন ভেল মন্দির বি প ১৬৪,-৮, দোসর নাহি ভেলা ১৭০। বিধি ভেল বাম ক চ ২৫১। ভেল।—গ ১৮৮, গো.বি ৫, ৬, ব ৮২, জ্ঞা ৩০, ১৩৪। চৈ ম ২৮। ধরণি ভেল শীতল ভা চ ৩৩৪। ভেলি (মৈ °লি, -লী)—হইল (স্ত্রীলিঙ্গে)। "বিধু কোরে কুমুদিনী মলিন ভেলি বি প ৬৩, ১০৫। ঘরমে ভেলি শ্যামা রা শে ২। বাউরী জনু ভেলি। —ব ৭২,-৩। ভৈ গেনু—হইয়া গেলাম। 'হেরইতে ভৈ গেনু ভোর —গো ১২৩। ভৈ গেল—হইয়া গেল, হইল। 'পয়োধর ভৈ গেল পীন বি প ৩৩, শম্ভু ভগন ভৈ গেল ৬৯, ১৫২,-৬৮। গো ১৮৬, ২৩৬। ভৈ গেল ভোল ন প ২৬৪। ভৈ গেলি—হইল (স্ত্রীলিঙ্গে)। 'দু ইতে রাই মলিন ভৈ গেলি বি প ৬৩। ভৈলী—হইল (স্ত্রীলিঙ্গে)। '(রাধা) দগধিনী ভৈলী ব প ৯৬৮। ভঅাঁ,-ইল,-লী,-লোঁ, ভয়িঞা,-য়িলা,-লোঁ, ভৈলা,-লী,-লোঁ শ্রী কী)।]

ভইন বি [সং ভগিনী >প্রা ভইণী >বা °ন, দ্র 'বইন', °ন (চ), অপ্র] ১ ভগিনী। "কি কারণ কৈলা ভইন অশক্য কথন: বিনম সায়স ভইন কৈলা (বঙ্গভাষা ও সাহিত্য)। ২ সপত্নী। 'পারিব পারিব ভইনগ রাজা রাখিবার ম গা ১১। প্রাণ ভইন ম পা ৮৫।

ভ(ভঁ)ইষ, ভৈঁষ, -স বি [সং মহিষ >লি, প্রা মহিস, হি, প ভৈংস, -সা, ঠ মৈহ্সা, গু ভেংস, সি মেংহি, মৈ ভৈঁস, -সা, ভৈঁসা, ভইষ, ভৈঁসা (ময়মনসিং), মৈষ (চট্টগ্রাম)] মহিষ। "ভইষ ব প ৩৭। ভৈঁস ভ গ্র ২১০। ভৈঁষরাজ ভা.চ ৭৪৫। [ভঁইষা, ভৈঁষা—মহিষদুগ্ধ হইতে প্রস্তুত (ঘি, দই)।]

ভঁউ বি [সং ভ্রূ, হি ভৌং >(ভউঁ) °উ, ঠ ভংরঈ] ভ্রূ। 'ভঁউ হেরি কথা পুছহ জনু বি সা ৮; ভঁউহ ধনুষি গুণ কাজর রেখ ১৮।

ভকত, -তা, -কিতা, -ত্যা বি [ভক্ত > (স্বরাগমে) °ত, -তা, -কিতা, -ত্যা] ধর্ম্মঠাকুরের ভক্ত (সন্ন্যাসী, আমিনী)। "ভকিত্যা আমিনি শূ ৩২, দ্বাদশ-ভকত আমিনি ৭৭। ভকতাগণে ৭৯, ভকিতা আমিনি ১০২। সাংস্থর °ত্যা: আমিনি ভকিতা: বারটী ভকিতা শ্রী মা ১৮৫, °ত্যা আমিনি ২১১।

ভকার পুং [কর্ম্মধা] 'ভ' এই বর্ণ। দ্র 'কার১'।

ভক্কভক্ক বিং [ভক্ভক্ > °ক্ক ; যুক্তাক্ষর ওজোব্যঞ্জক ; ধ্বন্যাত্মক] ভক্ভক্ শব্দে অর্থাৎ প্রবলবেগে নির্গত। "ভক্কভক্করক্তরাজিরাজিকে ভা.চ ৪২৬।

ভক্ত বিণ [√ ভজ্+ত (ক্ত) -র্ম্ম] ১ বিভক্ত, কৃতভাগ। ২ সেবিত। ৩ [+ত-ক,-র্ম্ম] আশ্রিত, কৃতাশ্রয়। ৪ অনুরক্ত, তৎপর। "ভক্তং মাং ভজ ভাবিনি মহা ১.১৭২.১৫। ৫ ভক্তিযুক্ত, পরানুরক্তিমান্। ৬ সেবক (শ্রীধর)। "ভব মদ্‌ভক্তঃ।—গী ৯.৩৪। —ক্ত পুং অনুরাগী, পূজক, ভক্তিমান্। "ন মে ভক্তঃ প্রণশ্যতি গী ৯.৩১,-৪। —ক্ত ক্লী ১ অন্ন, ভাত। "মহা ২.৫.৭৮। মনু ৭.১২৭। ভক্তস্য সর্পিষ্মতঃ উ.চ ৪.১। ২ অন্নাদি, খাদ্য। "চৌরাণাং ভক্তদায়কাঃ মনু ৯.২৭১। ৩ [+ত-ভা] ভাগ। ৪ ভজন, সেবা। [°কার (পুং)—পাচক। °দ, °দাতা (-তৃ), °দায়ক, °দায়ী (-য়িন্) বিণ—অন্নদাতা, পালক। "ভক্তদায়কাঃ মনু ৯.২৭১ ; ভক্তদাঃ (কুল্লুক)। °দাস (পুং)—ভক্তার্থ অভ্যুপগতদাস্য জন ; পেটভাতা চাকর। "মনু ৮.৪১৫। দ্র 'দাস (১)। °দ্বেষ (পুং) —অন্নে অরুচি ; ভোজনে অনিচ্ছা (সুশ্রুত)। °পুলাক (পুং, ক্লী) —অন্নগুড়ক, ভাতের পিণ্ড বা ডেলা। °বৎসল (বিণ)—ভক্তে স্নেহবান্ ; ভক্তপ্রিয় (ভগবান্)। °ব্যয় (পুং)—অন্নার্থ ব্যয়, খাওয়ার খরচ। "মনু ৭.১২৭, কুল্লুক। °মণ্ড (পুং, ক্লী)—ভাতের মাড় ; ভক্তনিঃস্রাব। °রোচন (বিণ)—ভক্তে রুচিকর ; ক্ষুধাজনক, অগ্ন্যুদ্দীপক (সুশ্রুত)। °শালা (স্ত্রী)—ভক্তরন্ধনগৃহ, পাকশালা। °সিক্‌থ (পুং) —ভক্তপুলাক।]

ভক্তবিট(টে)ল বি কপটভক্ত, ভণ্ডতপস্বী। "ভক্তবিটেল—দা ৭৪৭ ; ভক্তবিটল দেখে পায় হাসি ১২০৯।

ভক্তা, -ক্ত্যা বি [তু 'ভাকতা' (ব.প ৪৭১,-২)] ধর্ম্মের ভক্ত ; ধর্ম্মের গাজনের সন্ন্যাসী। "বার ভক্ত্যা আদর্য্যা আনিল ব.প ৪৬৮। ভক্তা বার জন শ্রী.মা ৫৭।

ভক্তি স্ত্রী [√ভজ্+তি (ক্তিন্)-ভা] ১ বিভাগ। ২ সেবা, আরাধনা, ভজন। ৩ তদেকান্ত চিত্তবৃত্তিভেদ। ৪ রচনা, গ্রন্থন। "বিরলভক্তির্ম্লানপুষ্পোপহারঃ রঘু ৫.৭৪ ; হেমভক্তিমতীং ভূমেঃ প্রবেণীম্ (পন্থন্) ১৫.৩০। কু.স ৭.১০। ৫ রচনা, রেখা। "°চ্ছেদৈরিব বিরচিতাং ভূতিমঙ্গে গজস্য (দ্রষ্কাসি) পূ মে ১৯, ৬১। ভক্তিভূর্বশ্চন্দনকল্পিতা রঘু ১৩.৫৫। ৬ পূজ্যে অনুরাগ। "ভক্ত্যা গুরৌ রঘু ২.৬৩ ; দৃঢ়ভক্তিরিতি জ্যেষ্ঠে ১২.১৯। ৭ ঈশ্বরে পরানুরক্তি, অর্থাৎ ইষ্টদেবতার পরতর আর কিছুই নাই, এইরূপ বুদ্ধিপূর্ব্বকচিত্তবৃত্তি ; পরপ্রেম, প্রীতি (গী. টীকা)। 'সা (ভক্তিঃ) পরানুরক্তিরীশ্বরে (শাণ্ডিল্যসূত্র)। দ্র 'চৈ.চ ১৯৯ ; ২০০। "পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি গী ৯.২৬। ৮ শ্রদ্ধা। ৯ ভঙ্গি। ১০ [+তি-র্ম্ম] গৌণবৃত্তি, গৌণার্থ। ১১ ভাগ, অবয়ব, একদেশ। "তৈ ১.১৫। ১২ ভজনীয়, সেব্য। "পা ৪ ৩.৯৫। [°কর (বিণ)—ভক্তিজনক। "পা ৩.২.২১। °চ্ছেদ (পুং)—র'নাভঙ্গি। °বাদ (পুং)—ভক্তিসূচক বাক্য। "মহা ৫.১২৭.৩। °ভাক্ (-ভাজ্) বিণ—ভক্তিমান্, অনুরাগী। °মার্গ (পুং) —ভক্তিরূপ মোক্ষোপায়। °যোগ (পুং)—ভক্তিরূপ চিত্তের একাগ্রীকরণোপায়। "ভ ১.২.৭। °রাগ (পুং)—গাঢ়ানুরাগ। "মহা ১৩.১৫২.২৭।]

ভক্তিমান্(-মৎ) বিণ [ভক্তি+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ ভক্তিযুক্ত, একান্তপ্রীতিমান্। "গী ১২.১৭,-৮। ২ শ্রদ্ধাবান্, অনুরাগী। "বধূর্ভক্তিমতী রঘু ১.৯০।

ভক্তিয়া বি [তু 'ভক্ত্যা'] যে জীবিকার্থ ভক্ত সাজে ; কাচ, সন্ন্যাসী। "ভাবক ভক্তিয়া ভাঁড় নর্ত্তক অনেক ভা.চ ২৭৩।

ভক্ত্যা দ্র 'ভক্তা'।

ভক্ভক্ বি [হি 'ভবক'— আকস্মিক দুর্গন্ধবিস্তার ; ঠ ভবকা] ১ হঠাৎ প্রচুর দুর্গন্ধবিস্তারের ভাব। "মুখ দিয়ে যে প্যাজের গন্ধ ভক্ভক্ ক'রে বেরোয়।—মা ৩২৪ ; মুখ থেকে প্যাঁজ আর মদের গন্ধ ভক্ভক্ ক'রে বেরুবে এখন ৩৪৯। ২ (ধ্বন্যাত্মক) কলসী-প্রভৃতিতে জল ভরার সময়ে বায়ুনিঃসরণের শব্দ। ৩ সর্থ 'ভক্কভক্ক'।

ভক্ষ্ সক [ভ্বা,প্র—ভক্ষতি,-তে ; চু, প—ভক্ষয়তি ; সেট্] ভক্ষণ।

ভক্ষ১ পুং [ভক্ষ্+অ (ঘঞ্)-ভা] ১ ভক্ষণ, পান। "ঋগ্বেদ ১.১৮৭.৭। ২ [+অ-র্ম্ম] ভক্ষ্য, খাদ্য, পেয়। "অব্‌ভক্ষ, বায়ু° রা ১.৫১.২৬। পয়োভক্ষ মহা ১৩.৫৭.১২। অব্‌ভক্ষ ভ ৪.৮.৭৪, বায়ু° ৭৫। —ভক্ষক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ খাদক, ভোক্তা। "মাংসভক্ষক, বায়ু° (S.W.)। শস্য° ।—হি ২১/১ ৬/৬ ৪/৫। জগদ্‌ভক্ষকভক্ষক (বিষ্ণু)। —নারদপঞ্চরাত্র। ভক্ষকে ভক্ষকে বাস একত্র সর্ব্বকালে।—গ ১০৯। ভা.চ ৯৭। মা ১৩৫। ২ ঔদরিক। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা ; 'ভক্ষণ'—পান (ঋগ্বেদ ১.১১০.৩)] ১ ভোজন, পান। "রা ২.৯১.৬৩। অব্° মহা ৩.১২৬.২২। সেই জল…করিল ভক্ষণ চৈ.চ ১২৪। ২ [+অন-র্ম্ম] ভক্ষ্য, খাদ্য। "ভক্ষণং ভুক্ত্বা ক.সা ২২.২২৯। সবে দেন যার যে ভক্ষণ।—দু ৬৬। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] খাদনীয়, ভক্ষ্য। "ভক্ষণীয় জন্তু পঞ্চ এই পঞ্চনখী।—কৃ ১৬১। —ক্ষয়িতব্য বিণ [√ভক্ষি+তব্য-র্ম্ম] ভোক্তব্য, খাদনীয়। —ক্ষয়িতা (তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] সর্থ 'ভক্ষক'। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] খাদিত, ভুক্ত। "ভক্ষিতেনাপি ভবতা নাহারো মম পুষ্কলঃ।—হি ১.৮৫। —ক্ষিত ক্লী ১ খাদ্য। ২ [+ত-ভা] ভক্ষণ। "কিং পৃথগ্‌ভক্ষিতেন।—পঞ্চ ৫ ২/৯ ৪/৫। —ক্ষিতা (-তৃ) বিণ [√ভক্ষ্ +তৃ (তৃচ্)-ক-১ব] খাদক। —ক্ষী (-ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ক্ষিণী] ভোজী ; ভোগকারী। "অন্যোন্যফলভক্ষিণঃ (পক্ষিণঃ)।—পঞ্চ ৫.৯৪। [সমাসে উত্তরপদ]।

ভক্ষ২ সর্ম্ম [সং √ভক্ষ্ ; হি √ভক্ষ] ১ ভক্ষণ করা ; পান করা। "কালকূট ভক্ষিলি ব.প ৫৩৩। বিষ বা অমৃত ভক্ষিলেও কিছু নয় চৈ ভা ৩৮২। ২ উপভোগ করা। "দেখিতেঁসি পাই কাঙ্গাক্রি ভক্ষিতেঁ না পাই শ্রী.কী ৭১।

ভক্ষক, -ক্ষণ, -ক্ষণীয়, -ক্ষয়িতব্য, -ক্ষয়িতা দ্র 'ভক্ষ১'।

ভক্ষিত বিণ দ্র 'ভক্ষ১'। [°শেষ (বিণ)—ভুক্তাবশিষ্ট। "ভক্ষিতশেষাণি জম্বুফলানি।—পঞ্চ ৪ ৫/৬। ভক্ষিতশেষাহাব।—হি ২ ৩/৩ ৩/৩।

ভক্ষিল বিং [তু 'ভুখিল', অপ্র] বুভুক্ষিত, ক্ষুধার্ত্ত। "যে ঘরে লহনা সতা৹ একেশ্বরী ভক্ষিল বাঘিনী ব.প ৩৬২।

ভক্ষ্য বিণ [√ভক্ষ্+য (ণ্যৎ)-র্ম্ম] ভক্ষণীয়, ভোজ্য। "দধি ভক্ষ্যম্ মনু ৫.১০। অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ।—হি ১.১১৭। —ক্ষ্য ক্লী ১ ভক্ষণীয় দ্রব্যমাত্র (তত্ত্ববোধিনী) ; খাদ্য। "ভক্ষ্যভক্ষকয়োঃ প্রীতির্বিপত্তেঃ কারণং মতম্।—হি ১.৫৬। °বিশেষ।—পঞ্চ ৫ ৭/ম ৩/৪। চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় ভক্ষ্য চতুর্ব্বিধ।—কৃ ৩৭৬। অমৃতে কি কাজ যার ভক্ষ্য সিদ্ধিগুলি।—ম ১১। ২ খরবিশদ অব্যবহার্য্য মোদকাদি (কুল্লুক) ; দন্ত দ্বারা অবখণ্ডনীয় খাদ্য (নীলকণ্ঠ) ; লড্ডুকমণ্ডকাদি (ভাবপ্রকাশ)। "পা ২.১.৩৫। রা ১.৫৩.২। মহা ১.১৭৫.১১। মনু ৩.২২৭ ; ৫ ৪। [°কার (পুং)—পিষ্টকাদিবিক্রয়জীবী ; আপূপিক (অ.কো)। °ভক্ষক (পুং) —খাদ্যখাদক। দ্র 'ভক্ষ্য (১)। °ভোজ্য (ক্লী)—মোদকাদি ও পায়সাদি খাদ্য। "মহা ১৪.১.১০। °লেহ্য ক.সা ৪৫.২২৮। ম ৯৮ ; ৩০৩,-৬। ভক্ষ্যদান শ্রী.ম ২৯৮। চৈ.চ ৫৩।]

ভখ সর্ম্ম [সং √ভক্ষ্—ভক্ষয়্ > প্রা √ভক্‌খ > বা °খ ; তু. 'ভখণ' (চ) ; অপ্র] ১ ভক্ষণ করা। "কাক তাক ভখিতেঁ না পারে শ্রী.কী

৪৫ ; আগলে তাক না ভখেং০৯। গরল ভখিব চ.দা ১১৩, ভখিমু মুই এ গরল ১১৯। ২ পান করা। "ঋসিগণ তপ সাধয়ে ন ভখিআ নীর শূ ৯৮। মৃত্যু হয় বিষ ভখি।—হেম ১৭৭।

ভগ পুং [√ভজ্ +অ (ঘ)-র্ম্ম , Av bagha , 'ভগ'—ভজনীয় (ঋগ্বেদ ২.১১ ২১ , ৩ ৩৭ ৫) ভজনীয় দেব (২ ২৭ ১)] ১ দ্বাদশাদিত্যের এক-তম। "রা ২ ২৫৮। [ইনি ধনদাতা, পূর্ব্বফল্গুনীর অধিষ্ঠাত্রী দেবতা, উষার ভ্রাতা এবং প্রেম ও বিবাহের দেবতা।] ২ সূর্য্য। ৩ চন্দ্র। ৪ শম্ভু-বিশেষ। —গ পুং ক্লী ১ সৌভাগ্য। "যাজ্ঞ ১ ১৮২। ভ ১ ১৭ ১০। ২ অণিমাদি ঐশ্বর্য্য। ৩ বীর্য্য। ৪ যশঃ। ৫ শ্রী, শোভা। ৬ জ্ঞান। ৭ বৈরাগ্য। ৮ ঐশ্বর্য্য। "দ্বিজবাক্যবজ্রনির্‌দ্ধুষ্টপৌরুষভগ ভ ২ ৭ ৯। ৯ ধর্ম্ম। ১০ মোক্ষ। ১১ মাহাত্ম্য। ১২ কাম, ইচ্ছা। ১৩ যত্ন। ১৪ যোনি। "মনু ৯ ২৩৭। কু ১৬। ভগাঙ্ক পুরন্দর।—ম ৩৩, ৪৭, ৬৬৮। ১৫ পুরুষের গুহ্যমুষ্কের মধ্যভাগ। ১৬ ভগদেবতাক পূর্ব্বফল্গুনীনক্ষত্র। ১৭ (জ্যোতিষে) যোনিনক্ষত্রদৈবত (ত বা)। ১৮ ঐশ্বর্য্যাদি ষড় গুণ (দ্র 'ভগ ২-৭')। 'ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা॥ মতান্তরে, 'বীর্য্য'-ভিন্ন 'ঐশ্বর্য্যাদি' ও 'ধর্ম্ম' (দ্র 'মহা ৩ ৬৮ ৪, নীলকণ্ঠ')। ১৯ ধন (নিঘণ্টু)। 'ঋগ্বেদ ১ ১৬৪ ৪০। [°দত্ত (পুং)—প্রাগজ্যোতিষপতি ক্ষত্রিয়রাজ। (ইনি অর্জ্জুন কর্ত্তৃক নিহত হন।) °দেব (পুং)—কামুক। "মহা ১৪ ৪৩ ১৫। °দেবতা (স্ত্রী)—বিবাহের অধিষ্ঠাত্রী দেবতা ভগ। °দৈবত (ক্লী)—'ভগদেবতাক', পূর্ব্বফল্গুনীনক্ষত্র। °নেত্রঘ্ন, °নেত্রহা (-হন্), °নেত্রহর (পুং)—শিব (মহা)]]

ভগন বিণ [ভগ্ন >(স্বরাগমে) °ন, পদ্যে] ১ ভগ্ন। "শস্তু ভগন ভৈ গেল বি প ৬৯। ২ (অপ্র) ছিন্ন। "ভগন কাথাখান গো বি ১৭২। ভগন বসন ব প ৩৫৫।

ভগন্দর পুং [ভগ+ √দারি+অ (খচ)-ক, 'ম' (মুম্) আগম , পা ৩ ২ ৪১, সি , উ ত] অপানদেশের ব্রণরোগভেদ।

ভগবতী দ্র 'ভগবান্'

ভগবত্তা স্ত্রী, -বত্ত্ব ক্লী [°বৎ+তা (তল্), +ত্ব] ভগবদ্ভাব, পরমেশ্বরশক্তি। "°বত্ত্ব ভ ৭ ১০ ৯। যাব ভগবত্তা হইতে অন্তের ভগবত্তা চৈ চ ৭, °বত্তা ২২০,-৩৫।

ভগবত্ত্ব দ্র 'ভগবত্তা'।

ভগবদ্গীতা স্ত্রী [উ লো] ভক্ত অর্জ্জুনের প্রতি ভগবান্ কর্ত্তৃক উপদিষ্ট তত্ত্বজ্ঞানবিষয়ক গ্রন্থবিশেষ। [ইহার বক্তা শ্রীকৃষ্ণ, প্রশ্নকর্ত্তা ও শ্রোতা ভক্ত অর্জ্জুন। ইহা উপনিষদ্বিশেষ।]

ভগবন্ত বি [ভগ+বন্ত , অপ্র] ভগবান্, পরমেশ্বর। "ম পা ১২।

ভগবান্(-বৎ) বিণ [ভগ+বৎ (বতুপ্)-১ব , স্ত্রী -বতী, তু 'ভগবৎ' —ধনবৎ (ঋগ্বেদ ১ ১৬৪ ৪০), ভগবঃ (সম্বোধন)—মুণ্ডক ১ ১ ৩ , ভ ৫ ৬ ১] ১ ঐশ্বর্য্যাদিষড়্‌গুণশালী। "প্রভুর্ভগবান্ নারায়ণঃ···বিষ্ণুঃ। —হি ২$\frac{১}{২}\frac{২}{৩}$। ২ পূজ্য। 'দেব্যাশ্চ মুনয়শ্চৈব লিঙ্গিনঃ সধনাশ্চ (সাধবশ্চ?) যে। ভগবন্নিতি তে বাচ্যাঃ সর্ব্বৈঃ স্ত্রীপুংনপুংসকৈঃ॥ "গতা ভগবতী নিশা রা ১ ৪৫ ৬ , ২ ৫২ ২। ভগবান্ মারীচঃ শ ৭$\frac{১}{২}\frac{২}{৩}$। রঘু ১ ৭১। ভগবান্ বশিষ্ঠঃ উ.চ ১$\frac{৯}{১}$, বিশ্বম্ভরা ভগবতী ১ ৯, ভগবত্যা প্ররুন্ধত্যা ১$\frac{১}{২}$। সবিতরি ভগবতি।—হি ১$\frac{৫}{৪}\frac{২}{১}$, ভগবতি বসুধে ১ ৮০। ভগবান্ বরুণুত্রের কুশল ?: ভগবান্ বশিষ্ঠদেব: ভগবতী বিশ্বম্ভরা দেবী সী ৩ , ৪। ৩ উত্তম (শ্রীধব)। "ভগবৎপ্রপন্ন ভ ১ ১৬ ৩৩। ৪ ভজনীয়গুণ। "আত্মা···ভগবাননন্তঃ ভ ২ ২ ৬। ৫ মহিমান্বিত, প্রভুশক্তিসম্পন্ন। "সর্ব্বংকষা ভগবতী ভবিতব্যতৈব মা মা ১ ২৩। বুদ্ধ ভগবান্।—কথা ৬। ভগবতি ভবিতব্যতে।—কাদ ৬৫। —বান্ পুং ১ ঐশ্বর্য্যাদিগুণবান্ বিষ্ণু; কৃষ্ণ। 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্ ভ ১.৩.২৮। কৃষ্ণ স্বয়ং ভগবান্ চৈ.চ ৭। ২ দেবতা। ৩ শিব। ৪ বুদ্ধ। ৫ জিন। —বতী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ)] ১ 'ভগবচ্ছক্তি', দুর্গা, দেবী। "আবাসো ভগবত্যাঃ।—হি ৩$\frac{১}{২}\frac{২}{৩}$। ২ লক্ষ্মী। ৩ গঙ্গা। ৪ পূজ্যা। "তুষ্ট হয়ে সীতারে কহেন ভগবতী।—কৃ ১২৪।

ভগা বি [ভগবান্ > °গা, কথ্য] ভগবান্। "ভগার নাই মালুম? —আমায় কেন দেয় না ডানা? উড়তে হ'ল কেন মানা?—অ গ্র ১২১, [ভগার মার—দৈব ব্যসন।]

ভগিনী স্ত্রী [ভগ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'পিত্রাদি হইতে দ্রব্যাদানে যত্নবতী', স্বসা। "রা ২.৭৩ ১০। মনু ২ ৫০। 'দুহিতা। —ম ৪৪৯। ২ পরপত্নী বা যোনিসম্বন্ধহীনা নারী। "মনু ২.১২৯। ভগিন্যান্তে মার্গমাদেশয় শ $\frac{৪}{৯}$। ৩ স্ত্রীমাত্র। ৪ (বাঙ্গলায়) সতীন, জা, সখী। "শুনহ ভগিনি মণি আনহ ত্বরিতে।—ম ১১৮০। [°পতি, °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—ভগিনীর স্বামী, বোনাই।]

ভগীরথ পুং সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ। [ইঁহার পিতা দিলীপ। ইনি কঠোর তপস্যায় গঙ্গাদেবীকে ভূতলে অবতীর্ণ করিয়া কপিলশাপে ভস্মী-ভূত সগরসন্তানগণের গঙ্গাজলস্পর্শে উদ্ধার করেন (রা ১.৪২শ সর্গ। ভ ৯ ৯ ২)। এই হেতু গঙ্গার নাম 'ভাগীরথী'। [°কন্যা, °সুতা (স্ত্রী)—গঙ্গাদেবী। °খাত (বি)—গঙ্গা। "দা ৬২৭।]

ভগোঃ(-গোস্) ব্য সম্বোধন। "পা ৮ ৩ ১৭।

ভগোল পুং [ষ ত] রাশিচক্র (সূর্য্যসিদ্ধান্ত)।

ভগ্ন বিণ [√ভন্‌জ্+ত (ক্ত)-র্ম্ম] ১ মুটিত, চূর্ণিত, ভাঙ্গা। "মনু ৮. ১৪৮। ২ খণ্ডিত, ভিন্ন। "(ধনুঃ) রামেণ ভগ্নম্ ভট্টি ৫.৪২। ৩ পরাজিত। —গ্না স্ত্রী [+ভা] ভঙ্গ। [°ক্রম (পুং)—বাক্যগত দোষবিশেষ। "চৈ চ ৫৯। °দংষ্ট্র (বিণ)—ভিন্নদশন। °নিদ্র (বিণ) —বিমর্দ্দিতনিদ্র। °প্রক্রম (পুং), °প্রক্রমতা (স্ত্রী)—সর্ব 'ভগ্নক্রম'। 'সা.দ ৭ ৭] °ব্রত (বিণ)—খণ্ডিতব্রত, ভগ্নপ্রতিজ্ঞ। "পঞ্চ ৪ ১১। °মনোরথ (বিণ)—খণ্ডিতাভিলাষ। "কু.স ৫.১। °যাচ্ঞা (স্ত্রী) —বিফলযাচিতার্থ। "ভ ৫ ১৮ ২১। °সন্ধি (বিণ)—বিশ্লিষ্টগ্রন্থি। °স্নেহ (পুং)—খণ্ডিতপ্রণয়। "ভগ্নস্নেহে চ যা মৈত্রী ন সা কল্যাণদায়িকা (পঞ্চ)। ভগ্নস্নেহে প্রীতি পুন হইবে কেমনে।—ম ৯৬১।] [ভগ্ন কড়ি, কপর্দ্দক (অপ্র)—কানা কড়ি। "ম পা ৫৪, ৫৫। ভগ্ন বস্ত্র (অপ্র)—ছিন্ন বস্ত্র, কাপড়ের তাপ্পা। "দা ৮৭৪,-৫।

ভগ্নদূত, -পাইক বি যে দূত যুদ্ধে পরাজয়ের সংবাদ দেয়। "°ক।—কৃ ২১৩, ব প ৩২৮, ক চ ২৯৯। °ত।—কৃ ২৬৮, চ.বি ২১২, মে ৫।

ভগ্নপাইক দ্র 'ভগ্নদূত'।

ভগ্নশেষ বি খণ্ডিত অবশিষ্টাংশ। "ফিরে আর চাসনে পশ্চাতে, পাত-°কের ভগ্নশেষ পানে।—কা ৪৮।

ভগ্নাংশ বি ১ (গণিতে) অখণ্ডিত '১' এই সংখ্যার খণ্ডিতাংশ বা একের কম অংশ (fraction)। যেমন, একের অর্দ্ধেক $\frac{১}{২}$।

ভগ্নাশ বি [বহুব্রী] বিফলমনোরথ, নিরাশ।

ভগ্নী স্ত্রী [ভগিনী >(ই-লোপে) °গ্নী, পূবো , তু 'পত্নী'] ভগিনী। "ভগ্নী।—কৃ ২৪৯, ৩১৭ , ম ৭, ৩৫ , ম বি ২৩ , চৈ চ ৪১, ২৬৬ , শ্রী ম ১৭ , ন ১২৩৪ , লী ১১। °পতি শ্রী মা ১২৩। ভ.গ্র ১৫। [সংস্কৃতে প্রয়োগাভাব]

ভগ্নোৎসাহ বিণ [বহুব্রী] ভগ্নোদ্যম, উৎসাহহীন। "(কুমারকাঃ) ভগ্নোৎসাহক্রিয়াত্মানঃ মহা ১ ১৩১ ২১।

ভগ্নোদ্যম বিণ [বহুব্রী] সর্ব 'ভগ্নোৎসাহ'। "মন্ত্রে দুর্জনচিত্তবৃত্তি-হরণে ধাতাঽপি ভগ্নোদ্যমঃ।—হি ২ ১৬৪। মে ১৯৮।

ভঙন বি [সং ভবন >প্রা °ভঅণ > °ন, দ্র '৬৪ : বৈষ্ণবসাহিত্যে] ভবন, বাড়ী। "রঙন শয়নক ভঙন পৈঠব ব্র.প ৭।

ভঙর বি [সং ভ্রমর >প্রা ভমর >বা °র, দ্র ‘ঙ’ ; হি ভঁবর ; বৈষ্ণব-সাহিত্যে] ভ্রমর। “ভঙর গায়ত মাতিয়া ব.প ১০৮৬।

ভঙ্‌ক্তা (-ক্তৃ) বিণ [√ভন্‌জ্‌+তৃ (তৃচ্)-ক-১ব , স্ত্রী -ক্ত্রী] ভঞ্জক, ভঙ্গকারক। “আরাণাঞ্চৈব ভঙ্‌ক্তারম্ মনু ৯.২৮৯।

ভঙ্গ পুং [√ভন্‌জ্‌+অ (ঘঞ্)-ভা] ১ আমর্দ্দন, মোটন, চূর্ণন। “বৃক্ষ° রা ১.৩.৩২। মাঘ ১৬.৭২। ২ ভেদ। “ধনুর্ভঙ্গ (S.W.)। হিতা° মনু ৯.২৭৪। সেতু° ক.চ ২৩৯। ৩ বিভাগ। ৪ প্রতিবন্ধ, ব্যাঘাত। “তৎপূর্ব্ব° রঘু ২ ৪২। গতি° শ ৪$\frac{১৩}{১৪}$। ৫ ভঞ্জন, ভাঙা। “বার্ধ্যর্গলা° রঘু ৫.৪৫। ৬ পরাজয়, পরাভব। ৭ বিধ্বংস, বিপ্লব, উৎসাদ। “দেশ° ।—পঞ্চ ৫.৭৪। ৮ বিবর্ত্তন। “গ্রীবাভঙ্গাভিরামং শ ১.৭। ৯ ছেদ। “চূতপ্রসবঃ অত্র বন্ধনভঙ্গসুরভিঃ ভবতি।—শ ৬$\frac{১}{৩}$। ভঙ্গেঽপি হি মৃণালানামনুবধ্নন্তি তন্তবঃ।—হি ১.৯৬। ১০ মোটন, মোড়া। “গাত্র°। ১১ খণ্ড। ১২ সঙ্কোচ, কৌটিল্য। “ভ্রূ°। ১৩ লয়। “লিঙ্গ-ভঙ্গস্তু যোগিনাম্ ভ ২.৯.২০। ১৪ অপালন, অকরণ। “প্রতিজ্ঞা°, সত্য°। ১৫ উপঘাত, স্তম্ভ। “অঙ্গ°। ১৬ হানি। “মানিনাং মানভঙ্গে (ভবতি মরণম্)।—সু.র। ১৭ গমন। ১৮ জলনির্গম। ১৯ কুঞ্চন, পুট। “বস্ত্র°। ২০ বেদনা। “পার্শ্ব°। ২১ বিমর্দ্দ, অপগম। “নিদ্রা°। ২২ বিচ্ছিত্তি, বিশ্লেষ। ২৩ বিকার। “স্বর°। ২৪ বৈফল্য, ব্যর্থতা। “প্রণয়°, প্রার্থনা°। অভ্যর্থনাভঙ্গভয়েন কু স ১.৫২। ২৫ অপসরণ। রণে ভঙ্গঃ পলায়নম্ (অ.কো)। ২৬ পত্ররচনাভেদ (ত.বা)। ২৭ পলায়ন। “ঘরপোড়া দেখিয়ে রাক্ষসে ভঙ্গ পড়ে।—কৃ ৩০৯। ২৮ [+অ-র্থ] তরঙ্গ, ঊর্ম্মি, বীচি। “সমুদ্রের ভঙ্গ।—ম ৫০৩। (গঙ্গা) প্রবলচপলভঙ্গা ক চ ১০ ; ২৩৫। বি.সু ২। ভা.চ ৫১০। ২৯ শকল, খণ্ড। “পল্লবভঙ্গভিন্নঃ কু স ৩.৬১। প্রবালভঙ্গারুণপাণিপল্লব কি ৮.২১। ৩০ জলনির্গমপথ, পয়োনালী। ৩১ ঘাতপাতাদি হেতু অস্থিভঙ্গরোগ-ভেদ। ৩২ রোগমাত্র। ৩৩ (বাঙ্‌লায়) ভঙ্গি, প্রকার। “খেনে তনু মোড়সি করি কত ভঙ্গ প.ক ৭০। ৩৪ নিবৃত্তি। “তাকর নাহিক ভঙ্গ প.ক ৩৮। —ঙ্গা স্ত্রী [ভঙ্গ+স্ত্রী আ (টাপ্)] ১ ভাঙ, সিদ্ধি। ২ ত্রিবৃৎ, তেউড়ী। ৩ শণ (অ টী)। [ভঙ্গ কুলীন—ক্রিয়াদোষে কৌলীন্যহীন, বংশজ। ভঙ্গ দেওয়া—১ পশ্চাৎপদ হওয়া, পরাঙ্মুখ হওয়া। “ভিখারীকে ভয় ভাবি ভঙ্গ দেয় পাছে শি ৭২। ২ পলায়ন করা। “দড়বড় দড়ি ছিঁড়ে বৃষ দিল ভঙ্গ শি ৭০। ভঙ্গ ভেল—নিবৃত্ত হইল। “সখীক বচন ভেল ভঙ্গ।—ব ১৭৬। রণে ভঙ্গ দেওয়া (সং রণে…ভঙ্গং দত্ত্বা—হি ৩ ৯৭)—যুদ্ধে পলায়ন করা। “রণে ভঙ্গ না দেই অঙ্গদ যুঝে আগুয়ান ব.প ৫০০। ন ৫০০।]

ভঙ্গপয়ার বি ছন্দোবিশেষ। “পণে জাতি কেবা চায়, পণে জাতি কেবা চায়, প্রতিজ্ঞায় যেই জিনে, সেই লয়ে যায় ভা চ ৪ ১৮।

ভঙ্গপ্রবণ বিং ভঙ্গশীল, ভঙ্গুর, ঠুনকো (কাচাদি , brittle)।

ভঙ্গা দ্র ‘ভঙ্গ’।

ভঙ্গান পুং তৈলময় লবণাক্তজলের মৎস্যবিশেষ ; ভাঙান।

ভঙ্গামঙ্গলচণ্ডী বি (গৌণার্থে) যে সৎকর্ম্মে বাগড়া দেয় বা বিঘ্ন ঘটায়। “একটা সৎকর্ম্মে বাগড়া দিয়ে ভঙ্গামঙ্গলচণ্ডী হওয়া ভদ্রলোকের কর্ত্তব্য নয় আ.দু ১৩০।

ভঙ্গি, -ঙ্গী[১] স্ত্রী [√ভন্‌জ্‌+ই (ইন্)-ভা, অঙ্গ্‌বাদি, উ ৪.১১৭ ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ভঙ্গ, ভেদ। ২ কৌটিল্যভেদ। “মুখভঙ্গি (অ.টী)। ৩ বিদগ্ধচেষ্টা, সবিলাসভাব। “নানাভঙ্গিসমাকৃষ্টলোকা বেশ্যাঃ।—কাব্যাদর্শ ৩.১১৭। ৪ উক্তিবৈচিত্র্যপ্রকার, অর্থাৎ যে রূপে অর্থ বিবক্ষিত, তদতিরিক্ত প্রকার (টীকা)। “সাদ ১০.৬১। ৫ বিন্যাস। “দৃগ্°। ৬ বিচ্ছেদ, বিচ্ছিত্তি, বিভাগ। “রঘু ১৩ ৬৯। ৭ অবয়বসংস্থানভেদ, অবস্থানবিশেষ। “ভুবনমোহন ভঙ্গি বি.সু ২। যে ভঙ্গীতে মনোরমা দাঁড়াইয়া আছেন, ও ভঙ্গীও সুকুমার ম.গ্র ১৪১। ৮ প্রকার, ভাব। “চলনভঙ্গী, অতিসুরঙ্গী চ.দা ১৫। হনু তানু ভঙ্গি দেখি দেবগণ হাসে।—কৃ ৩২৩। ৯ [+ই-র্থ] তরঙ্গ, কল্লোল। ১০ [+ই-ণ] ব্যাজ, ছল। “তাহার হৃদয় জানি কহে করি ভঙ্গী চৈ.চ ৬০ ; লীলাভঙ্গী ২৮২। ১১ [+ই-থি] পর্ব্ব, সোপান (stair)। “ভঙ্গীভক্ত্যা বিরচিতবপুঃ পূ.মে ৬০। —ঙ্গিনী বিং ভঙ্গিযুক্তা, সবিলাস-চেষ্টাবতী। “সঙ্কোচনত-অঙ্গিনী, ভয়ভঙ্গুর ভঙ্গিনী।—গান ১৩৭।

ভঙ্গিআন, -য়ান বিং [ভঙ্গিমান্ >প্রা ভংগির্‌আন্ (হে ৪.৩৯৭) >বা (ভঙ্গিআন) °আন, °য়ান] ১ ভঙ্গযুক্ত, পরাঙ্মুখ, পরাজিত। “রাজগণ যখন হইল ভঙ্গিয়ান।—ম ১৮৪ , পশ্চাৎ হইল যুদ্ধে ক্ষত্রি ভঙ্গিয়ান ২০২ ; চতুর্দ্দিগে ভঙ্গিআন যত সেনাগণ ৬৫১। [ভঙ্গিয়ান দেহ—ভঙ্গ দেও ; পলাও। “কন্যা রাখি প্রাণ লয়ে দেহ ভঙ্গিয়ান ব প ৮৩১। ভঙ্গ্যান পড়এ—ভঙ্গ দেয় ; পলায়। “যে ভিতে অঙ্গদ যুঝে সে ভিতে পড়এ ভঙ্গ্যান ব.প ৫০০।]

ভঙ্গিম বিং [°মা >°ম] ১ ভঙ্গিযুক্ত, সবিলাস। “ভঙ্গিম, রঙ্গিম, ঘন যে চাহনি চ.দা ১৪। ভঙ্গিম নয়ন নাচনিয়া।—গো ৮৩। বঙ্কিম নয়ানে, ভঙ্গিম চাহনি।—ব ১৫০। ২ বক্র, কুটিল। “মন্মথ মথন, ভাঙ যুগ ভঙ্গিম।—গো ৮৮।

ভঙ্গিমা (-মন্) পুং [ভঙ্গ+ইমন্ (ইমনিচ্) স্বার্থে -১ব] ১ ভঙ্গি, প্রকার। “অধরে কজ্জলং চারুদৃশোস্তাম্বুলরঙ্গিমা। প্রাণনাথ! কিমেতৎ তে বেশবিন্যাসভঙ্গিমা॥—শ ক। ২ বক্রতা, কৌটিল্য। “ভ্রূদ্বয়°। —ম ১৫ ; ভ্রূভঙ্গ অনঙ্গচাপ জিনিয়া ভঙ্গিমা ২৫২। ভুরুর °মা রা শে ৩০। ভাঙর °মা ন প ২৯৭। ৩ (বাঙ্‌লায়) নির্ম্মাণপ্রকার। “গ্রীবার ভঙ্গিমা কহিল নয় ব.প ২৮৭। ৪ সখেল অবয়ববিন্যাস। “সম্মুখ বিমুখ করি, নাচে বিপুলা সুন্দরী, ভঙ্গিমা করিয়া নটবেশে বা.ম ৩৫৬। ৫ তরঙ্গ। “নদী নদে গিরিগুহা পারাবারে…(জাগে) নিত্য নৃত্যরস-ভঙ্গিমা।—গান ১৭৫। ৬ অবয়বসংস্থান। “ত্রিভঙ্গ-ভঙ্গিমা ছান্দে মুরলী বাজায় চৈ ৩৪।

ভঙ্গিমান্ (-মৎ) বিণ [ভঙ্গি+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ ভঙ্গিযুক্ত, কৌটিল্যবান্, কুঞ্চিত। “ভঙ্গিমতঃ কেশান্ মহা ৪.৪৫. ২৬। ২ অবয়বের সংস্থানবিশেষ-যুক্ত। “করযোড়ে রহে সে (হনুমান্) অদ্ভুত ভঙ্গিমান্ ন প ৬০।

ভঙ্গিয়ান ; ভঙ্গী[১] দ্র ‘ভঙ্গিআন , ভঙ্গি’।

ভঙ্গী[২] **(-ঙ্গিন্)** বিণ [ভঙ্গ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ঙ্গিনী] ভঙ্গবান্, নশ্বর। “তৎক্ষণ° (S.W.)। বরস্তেমা গুণাঃ প্রেক্ষ্যা ন লক্ষ্মীঃ ক্ষণভঙ্গিনী ক সা ২৫.১৬৩।

ভঙ্গুর বিণ [√ভন্‌জ্‌+উর (ঘুরচ্)-ক ; স্ত্রী -রা] ১ ভঙ্গশীল, ভঙ্গপ্রবণ। “ভঙ্গুরং কাষ্ঠম্ পা ৩.২.১৬১, কাশিকা। ২ নাশশীল, নশ্বর। “কোপাস্তৎক্ষণভঙ্গুরাঃ।—হি ১.১৯৮। ক্ষণভঙ্গুরায়ুষঃ (মর্ত্ত্যস্য) ভ ৭. ৭.৩৯ ; ৪৩। ভবতু ভদ্রমভঙ্গুরং বঃ।—ক.সা ২৬.১৮৬। ভঙ্গুর শরীরে প.তৃ ৫৫। ৩ কুটিল, বক্র। “°ভ্রূ ক.সা ২১ ৯ ; গী.গো ১০.১২। ৪ নমনশীল, নম্র। “বিনয়ভঙ্গুরো গুরুষু…যুধিষ্ঠিরঃ ক.ম ২$\frac{৪}{৫}$। ভঙ্গ°। —গান ১৩০। ৫ শঠ, ধূর্ত্ত (A.)। ৬ বিষম, বন্ধুর (ভূমি)। “অ° (সুশ্রুত)। —ঙ্গুর পুং নদীবক্র, নদীর বাঁক। —ঙ্গুরা স্ত্রী ১ অতিবিষা। ২ প্রিয়ঙ্গু।

ভঙ্গুরা দ্র ‘ভঙ্গুর’।

ভঙ্গ্য বিণ [ভঙ্গ+য (যৎ)] ভঙ্গার্হ, ভঙ্গযোগ্য। “পা ৫ ১.৬৬। —ঙ্গ্য ক্লী [ভঙ্গা+য] ভঙ্গার উৎপত্তিস্থান ক্ষেত্র ; ভাঙের ক্ষেত। “পা ৫.২.৪।

ভচ্চ,-চ্ছ সর্ম্ম [সং √ভর্‌ৎস্ >প্রা ভচ্ছ (তু ‘ভচ্ছিঅ’—হে)>ভচ্ছ, -চ্চ ; অস্ √ভর্চ্ছ্ : অপ্র] ভর্ৎসনা করা। “ভচ্চিতে লাগিল অ.প

৩৭। ভজিয়া অনেক তাথে ম.বি ১৫৯ ; বিত্তর ভচ্চিব ১৮১। গোয়াটাসে ভচ্ছিলা বিত্তর চৈ.ম ৫৮।

ভচ্ছ দ্র 'ভচ্চ'।

ভচ্ছনা বি [সং ভর্ৎসনা > প্রা *°না ; দ্র 'ভচ্চ' ; অপ্র] তিরস্কার, নিন্দা। "কন্দর্পে...করএ ভচ্ছনা ব.প ১৩২৪।

ভজ্ সক [ভ্বা, এ—ভজতি,-তে ; সেট্] ১ ভজন, ভক্তি, সেবা। ২ অনুরাগ। ৩ আশ্রয়। ৪ বিভাগ, পৃথক্‌করণ। —জ্ সক [চু, প—ভাজয়তি ; সেট্] ১ পাক। ২ দান। [বি—বিভাগ।]

ভজ সর্ম্ম [সং √ভজ্ > লি, প্রা √ভজ, হি, ঠ, গু, মৈ √ভজ ; অস √ভজ্] ১ ভজন করা, সেবা বা আশ্রয় করা। "ভজ সেই বিষ্ণুপদ। —ম ৫৪২ ; ভজ সাধু ৮৯৭। (পদ) ভজিলে ভঞ্জয়ে খেদ—দ্বু ১১। ২ পতিভাবে আশ্রয় করা। "কোথা পাব যুবক আপনি ভজি বুড়া শ্রী ১৫৮। রামা তুমি ভজ দৈত্যরাজে চ.বি ২২৩। ৩ [ঠ √ভজ] উপভোগ করা। "দেবকন্যা ভজিস।—কৃ ২৫১। ভজে রতিরসে ক চ ১৬২। ৪ ভোগ করা। "ভজসু দুখে শ্রী মা ১২। ৫ গ্রহণ করা, স্বীকার করা। তু 'ভজা'। —জ অর্ম্ম ১ অনুরক্ত হওয়া। "তোহ্মাত ভজিলোঁ শ্রী.কী ২১৭। ২ বিনয় করা। "বারেঁ বারেঁ মোএঁ বুইলোঁ ভজিআঁ শ্রী.কী ৪২। ৩ হিসাবে মিলিযা যাওযা। "হিসাবে গোল থাকিলে টাকা ভজে না। —জা সর্ম্ম [ভজ+আ^৮] ১ সেবা করান। ২ পরামর্শ দিয়া গ্রহণ করান বা লওয়ান। "যখন সেই কৃষ্ণপ্রেম ভজাচ্ছিলে গি.ত্রি ১১১। ৩ হিসাবে মিলান, প্রমাণ করা। [ভজা—সর্থ 'ভজ'। ভজান—সর্থ 'ভজা'। ভজে—ভজনা কবি। "ভীম ভজে ক চ ১।]

ভজকট বি [?] গোল, বিশৃঙ্খলা, বিঘ্ন, ঝঞ্ঝাট।

ভজন ক্লী [√ভজ্+অন (ল্যুট্) -ভা] ১ সেবা, পূজা। ২ বিভাগ। ৩ আশ্রয়। ৪ [হি °ন] ঈশ্বরের বা দেবতাবিশেষের স্তবগান। —নীয় বিণ [+অনীয় (অনীযর্) -র্ম্ম] সেবনীয। "°পদাম্বুজ ভ ৩ ৩২ ২২। [°কুঠরী—বৈষ্ণবের ভজনের ঘর। "ভজনকুঠরী আইরিকাঠের বেড়া। —দা ৯২৮।

ভজনা বি [হি °না] ভজন। "বিষ্ণু ভজনা।—গ ১৩৬।

ভজমান বিণ [√ভজ +মান (শানচ্)-ক] ১ যুক্ত, ন্যায্য (অ.কো)। ২ [+মান (শানচ্)-ক] সেবমান, সেবক। "(কানু) শত শত রমণী তেজিল ভজমানা রা.প ২৩। ভ.গ্র ৪১২। ৩ অনুরক্ত। "ভজমান সতী নারী ম.বি ১৩৮। যদি ভজমানা তুমি হইতা আমাবে চ.বি ৩০৪। [°চিহ্ন (অপ্র)—মিত্রভাবাপন্নের চিহ্ন। "ভজমানচিহ্ন এই দিয়াছে পাঠাই ম.পা ১৩৫।]

ভজা, ভজান দ্র 'ভজ'।

ভঞিস,-সা বি [ভঁইষ > °স,-সা ; দ্র 'ভইষ'] মহিষ। "°স ভ.গ্র ২১০, ২৩১। ভঞিসা রা শে ৬৯।

ভঞিসা দ্র 'ভঞিস'।

ভঞ্জ[১] বিং ভঞ্জক, নাশক। "গঞ্জনগতি-গরব-ভঞ্জ জ.প ১৫। —ঞ্জ বি কায়স্থের উপাধিবিশেষ। "ক চ ৮৮।

ভঞ্জ[২] সর্ম্ম [সং √ভন্‌জ্— √ভঞ্জ্ > প্রা √ভংজ ; হি √ভঁজ] ১ ভগ্ন করা ; নাশ করা, দূর করা। "ভীতি ভঞ্জ মহাতপা ক চ ১। নখ-চন্দ্র তিমির ভঞ্জিল দ্বু ৮, (পদ) অতুল বিঘ্ন ভঞ্জয়ে ৫৩। দারিদ্র্য ভঞ্জিল্যা নারায়ণ ব.প ৯০৭। দাসীর কলঙ্ক ভঞ্জ।—মে ৫৩, ২০২। ২ মীমাংসা করা ; মিটান। "বিপদভঞ্জিনী সঙ্গে, বিবাদ ভঞ্জিয়া রঙ্গে, যজ্ঞে যাত্রা করিলেন হর।—দা ৯৩৮। —ঞ্জ অর্ম্ম নাশ পাওয়া ; দূর হওয়া। "জলজ-অরুণপদ, ভজিলে ভঞ্জয়ে খেদ।—দ্বু ১১। [ভঞ্জাতে—ভঞ্জিতে, দূর করিতে। "সুদামার দারিদ্র্য ভঞ্জাতে চক্রপাণি (ঈষৎ হাসিয়া কহে)। —ব.প ৯০২।]

ভঞ্জক বিণ [√ভন্‌জ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ঞ্জিকা] ভঙ্গকারক, ভঙ্‌ক্তা। "দ্বারাণাং ভঞ্জকম্ মনু ৯.২৮৯, কুল্লুক। —ঞ্জন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ ভঙ্গকারক, ভঞ্জক। ২ নিরাকর্ত্তা, নিরাসক, দূরীকারক। "ভয়মভয়ভঞ্জন,-ভূষণে অ.প ১২। দশন মুকুন্দমদভয়-ভঞ্জন; ন.প ২৯৮। দ্রৌপদীভয়ভঞ্জন ভা.চ ১৬০। কাতরভয়° গি.ত্রি ৬০। —ঞ্জন ক্লী [+অন-ভা, ১ ভঙ্গ। "প্রাকারদ্বার°। প্রাকার°, নিগড়° ক সা ১২.৪৩, ৬৩। ২ ভেদ। "সমাধি° কু.স ৩.৪০, মল্লিনাথ। ৩ মোটন। "কেতনানাঞ্চ ভঞ্জনম্ মহা ১২.৫৯.৬২। ৪ নিরাকৃতি, অপনয়ন, নিরাস, দূরীকরণ। "ভয়° গী.গো ১০.১২। কুপিতবধূমান° (সা.দ)। কৌতুক°—কাদ ১৪৭। সন্দেহভঞ্জনার্থ ব.ত্রি ৪০। ৫ ব্যাঘাত, প্রতিবন্ধ (A.)। —ঞ্জন পুং দন্তভঙ্গকর কফবাতকৃত মুখরোগবিশেষ (মাধবকর)।

ভঞ্জন দ্র 'ভঞ্জক'।

ভঞ্জিত বিং [অপ্র] খুজরা মুদ্রায় পরিবর্ত্তিত। "ভঞ্জিত করিআ আন মাণিক অঙ্গুরী কৃ.অ ৩২। ভঞ্জিত করে তঙ্কা ব.প ৩১৮। ভঞ্জিত করিল টাকা শ্রী.মা ১১৭। —ঞ্জিনী বিং ১ নাশিনী, বারিণী। "ঝকড় ভঞ্জিনী শ্রী মা ১৬৬। কাল° কালী।—দা ৯২৭ ; বিপদ্° ৯৩৮। ২ ভঙ্গিযুক্ত। "বঙ্কিমভুরুভঞ্জিতা।—গান ১৩০।

ভঞ্জিনী দ্র 'ভঞ্জিত'।

ভট্ সক [ভ্বা, প—ভটতি, সেট্] ১ ভৃতি, ভরণ, পালন। ২ কথন।

ভট পুং [√ভট্+অ (যথর্থে-'ক') -র্ম্ম] ১ 'বিপত্তরণার্থ পালনীয়' ; যোদ্ধা, যোধ, সৈনিক। "রা ১.১৩ ১২। °চাতুরীতুরী নৈ ১ ১২। ভট্টি ১৪.১০১। °গণ শ্রী.ম ১১৫। বীর° শি ৫৫, যম° ৬৫। রাজ ২১৭। ২ বীর, শূর। "ভটা রণোদ্ভটাঃ নৈ ১.১৩২। ৩ ম্লেচ্ছবিশেষ (অ.চি)। ৪ পামরবিশেষ। ৫ নিশাচর, রাক্ষস। ৬ বর্ণসঙ্করবিশেষ (শ.ক), ভাঁট (?)। ৭ (বাঙ্গলায়) ভট্ট, ভাট। "নট ভট গায়ন বায়ন শ্রী ম ২৩৪। —টা স্ত্রী ইন্দ্রবারুণী।

ভটচায্যি বি ভট্টাচার্য্য। "হু ১১৩। [কথায় ভটচায্যি—দ্র 'কথা'। °যি্যর পত্র আড়াল—(গৌণার্থে) কোন বিষয়ে বৃথা চেষ্টা।]

ভটা দ্র 'ভট'।

ভটাই বি [ভট+আই° ; হি ভটঈ] ভাটের কাজ ; স্তুতিবাদ। "কবিতাই ভটাই যে দাগ চটায়া ভা.চ ৪৩৫।

ভটিত্র ক্লী [√ভট্+ইত্র-ণ] শূলপক মাংস ; শূল্য, কাবাব।

ভট্ট পুং [ভট্+ত (তন্)-ক (শ.ক)।] ১ স্তুতিপাঠবৃত্তি জাতিবিশেষ ; ভাট। "ভট্ট আসি করিল সেনের গুণগান।—শ্রী ১৪৯,-৫২। ম.পা ৫৩ ; ৬৯। বিপা ২৫৬,-৮৪। [ইঁহারা শূদ্র হইতে বৈশ্যায় জাত। মতান্তরে, ক্ষত্রিয় হইতে বিপ্রকন্যায় জাত (ব্রহ্মবৈবর্ত্ত, ব্রহ্মখণ্ড ১০ ; শ্রীকৃষ্ণজন্মখণ্ড ১০)] ২ [মীমাংসক তুতাত'ভট্ট'—'ভট্ট'; দ্র 'ভট্টাচার্য্য'] বেদাভিজ্ঞ, পণ্ডিত (পণ্ডিতের নামের সহিত ব্যবহৃত সম্মানসূচক শব্দ)। "কুমারিল°, কেদার°, গোবিন্দ°, বাণ°। °গোপাল. °শ্রীকণ্ঠপদলাঞ্ছন মা.মা ১½। ৩ নাটকে রাজার সম্বোধনে নীচপাত্রের প্রযোজ্য শব্দ। 'রাজা...ভট্টেতি চাধমৈঃ (ভণ্যতে) সা.দ ৬ ১৪৪। [সং ভর্ত্তৃ—ভর্ত্তঃ (সম্বোধন-১ব) > প্রা ভট্ট,-ট্টা (ভট্টা অহ...আজীবে শ ৬½)। সুতরাং 'ভট্টেতি' (ভট্ট,-ট্টা+ইতি) পদের 'ভট্ট,-ট্টা', 'ভর্ত্তঃ'-পদের প্রাকৃতরূপ। স্বামীকে 'ভট্ট' বলিয়া সম্বোধন করায়, ভাটের ঐরূপ নাম হইয়াছে, বোধ হয়।] ৪ স্বামিত্ব।

ভট্টনারায়ণ পুং কান্যকুব্জাগত পঞ্চ ব্রাহ্মণের অন্যতম। 'শি ৫৯। [ইনি শাণ্ডিল্যগোত্রের প্রবর্ত্তক। আদিশূর মানভূম জেলায় পঞ্চকোট পরগনা ইঁহাকে বাসার্থ প্রদান করেন। ইঁহার ষোড়শ পুত্র। বরাহ বন্দ্যোপাধ্যায় বংশের আদিপুরুষ। ইনি কবি ছিলেন। 'বেণীসংহার' ইঁহার কাব্য।]

ভট্টাচার্য্য পুং [তুতাতভট্ট—'ভট্ট', উদয়নাচার্য্য—'আচার্য্য', ভট্ট আচার্য্য, দ্বন্দ্ব] ১ মীমাংসক তুতাতের ও নৈয়ায়িক উদয়নাচার্য্যের মতাভিজ্ঞ পণ্ডিত ; দার্শনিক পণ্ডিত ব্রাহ্মণের উপাধি। "কেহ বোলে এ ব্রাহ্মণ যদি ন্যায় পড়ে। ভট্টাচার্য্য হয় তবে, কথন না নড়ে॥—চৈ.ভা ১০১। ভা.চ ৩২৬। ২ ব্রাহ্মণের উপাধি।

ভট্টার বিণ [ভট্ট+ √ঋ+অ (অণ্)-ক ; উ.ত ; তু 'সং ভর্ত্তৃ >প্রা ভট্টার (ষ)] পূজ্য।

ভট্টারক পুং [°র+ক (কন্) স্বার্থে] ১ 'পূজ্য', (নাট্যে) রাজা (অ.কো)। ২ দেবতা। ৩ তপোধন। —রিকা স্ত্রী ১ দেবী, স্বামিনী। ২ দুর্গা। ৩ জ্যেষ্ঠ রাজপুত্রের উপাধি (heir-apparent)। "যুবরাজ°পাদীয় যশোধবলদেব।—শশাঙ্ক ৯৭। [°বার (পুং)—সূর্য্যবার, রবিবার। "হি ১২৬। °মঠ (পুং)—দেবমন্দির।]

ভট্টারিকা দ্র 'ভট্টারক'।

ভট্টি পুং [সং ভর্ত্তৃ >প্রা ভট্টি] ১ কবিবিশেষ। [ইঁহার পিতা শ্রীস্বামী, বলভী পুরী ইঁহার বাসস্থান। ইনি মহাবৈয়াকরণ ছিলেন। জয়মঙ্গলের মতে, কবির নাম 'ভট্টি', ভরতমল্লিকের মতে 'ভর্ত্তৃহরি'। (দ্র 'ভট্টি' ২২.৩৫)। ইঁহার কাব্য রামকথাশ্রয় 'ভট্টিকাব্য'।] ২ ভট্টিকাব্য। ৩ (বাঙ্লায়) রাজপুতজাতিবিশেষ। "যশল্মীর অন্তঃপাতী, দেশে ছিল ভট্টিজাতি।—রঙ্গ ৬।

ভট্টিনী স্ত্রী [ভট্ট+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্), তু 'সং ভর্ত্রী >প্রা ভট্টিণী (বিক্র, ২১৬)] ১ স্বামিনী। ২ (নাট্যে) মহিষীভিন্না রাজযোষিৎ ; ভোগিনী। [নাট্যে 'ভট্টিণী' প্রাকৃত, উহার সংস্কৃত 'ভর্ত্রী' ; অমরে 'ভট্টিনী' সংস্কৃতশব্দ।] ৩ ব্রাহ্মণপত্নী।

ভড়[1] পুং [তু 'ভট'] ১ লেট হইতে তীবরকন্যায় জাত বর্ণসঙ্করবিশেষ (ব্রহ্মবৈবর্ত্ত)। ২ হিন্দুর উপাধিবিশেষ।

ভড়[2] বি [বহর >°ড়] বৃহৎ নৌকা। "পূর্বে ভড়।

ভড়ং, -ড়ক বি [হি ভড়ক ; ঠ ভডক , ড় ভডক , ভড়ক (মালদহ)] বাহ্য আড়ম্বর ; বা'র চমক বা জাঁকজমক। "ভাড়া করি ভড়ক করিয়া ভাল ভাতে।—শি ৭২। হদ্দ হেবি হিন্দুয়ানি, ভিতর ভাঙ্গা ভড়ংখানি।—হু ৭৬।

ভড়ক দ্র 'ভড়ং'।

ভড়কা অর্ম্ম ['ভীরুক' মূল (?) , হি √ভড়ক ; ঠ, গু √ভডক] ভয় পাওয়া। "এই মরদের মূরদখানা, দেখেও কি রে ভড়কালি না।—গান ১৮। —ড়কা সর্ম্ম [হি √ভডকা , ঠ, গু √ভডকার] ভীত করা; চমকান। [ভড়কান—সর্থ 'ভড়কা' , ভ'ড়কো (সং—ভীরুক)—ভীরু, ভয়শীল, ভীতু।]

ভড়ভড় বি [ধ্বন্যাত্মক] ১ তামাক খাওয়ার সময়ে হুঁকার বা গুড়-গুড়ীর শব্দ। "(বাবুরাম বাবু) ভড়ভড় করিয়া হুকা টানিতেছেন আ দু ৮ ; (মৌলুবী সাহেব) বাহুল্য আহ্লাদে গুড়গুড়িটা ভড়ভড় করিয়া …মৃদু মৃদু হাস্য করিলেন ১৭৬। ২ পচা কাদায় ভুড়ভুড়ি উঠার শব্দ। "পাঁকে পা দিলে ভড়ভড় করে। ৩ বেগে তরলমলনির্গমনের শব্দ। ৪ নাকের জমা কফনিঃসারণের শব্দ। —ভড়ানি বি ১ সর্থ 'ভড়ভড় (২)। "পচা কাদার ভড়ভড়ানি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ ভড়ভড়শব্দকরণ।

ভণ্ সক [ভ্বা, প—ভণতি ; সেট্] ১ কথন। ২ (অক) শব্দ, বাক্যবাক্য (ক.ক)।

ভণ, -ন সর্ম্ম [সং √ভণ্ >প্রা √ভণ ; হি, গু, অস √ভণ ; ঠ √ম্হণ ; মৈ √ভন ; তু 'ভুণে,-নে' (চ.বি ১২ ; ৫২,-৫)] ১ বলা, মন্ত্রবারূপে বলা। "ভণতি বিদ্যাপতি,…এহন জগৎ নাহি আনে বি প ২৮ ; ভনহু ১৩০। ভনই বি.সা ৩৬৫,-৭। চণ্ডীদাস ভণে, করি অনুমানে, ঠেকেছে কালিয়া ফাঁদে চ.দা ৯। কাশী ভণে, কৃষ্ণজনে কি কর্ম্ম অশক্য। —ম ১৯১। ভণত ন.প ৩৯১। ২ অভিহিত করা। "মুত মুক্তাফণি, গুচ্ছা যারে ভণি।—দু ৪৩। ৩ বর্ণনা করা। "তাঁড় দত্ত সব সত্য ভণে ক.চ ৯৩। ভণে শচীসুতচরিত-রীতি ন.প ৯৭। শি ১৭। ৪ রচনা করা। "ভণিবেক নারায়ণ ক্রন্দনলাচাড়ী বা.ম ১৪০। অন্ন-কাব্য ভণে রামেশ্বর।—শি ২৪। ৫ গান করা। "গীত কবিরত্ন ভণে। —কৃ ২২৮। শ্রীমাণিক ভণে ধর্ম্মগুণগান শ্রী.মা ১৮৪। দেবগণে ভণে নানা স্তুতি।—দু ৭১। ৬ কীর্ত্তন করা। "ভণত তোহারি যশ গোবিন্দ-দাস।—গো ২৬০। ৭ জ্ঞাপন করা ; জানান। "যাব যে কর্ম্মের সমে মোরে ডাকি ভণে ভ গ্র ২১১। [ভণ, ভণই, -ণতি, -থি, -ন্তি, -ণি, -ণিঁআ, -নিজ্জই (চ , দো)। ভণ, -ণব, -ণহুঁ, -ণি (প.ক)।]

ভণন ক্লী [√ভণ্+অন (ল্যুট্)-ভা] ১ কথন। "রস° গী.গো ৭. ২৯। ২ বর্ণনা। —ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত। ২ বিরচিত। "শ্রীজয়দেবভণিতং গীতম্ গী.গো ৪.১৮ ; ৭.২০। —ণিত ক্লী [+ত-ভা] ১ কথন। ২ রচনা। —ণিতা বি [মৈ °তা] বৈষ্ণব-পদাবলীর বা মঙ্গলকাব্যাদির প্রবন্ধের শেষে কবির নামযুক্ত পঙ্ক্তি। —ণিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'ভণিত' (ক্লী)। ২ [+তি -র্ম্ম] সন্দর্ভ, কবিতা। "সৎকবি° সা.দ ১০ ৫/৫ ০/১। [ভণিতে—বলার কায়দা। "ইংরাজী-বেরুল, যেন তুবড়িতে আগুন দিলে, আর বাঙ্গালাও —কিবা ভণিতে !—অ.প্র ৮২।]

ভণিত, ভণিতা, ভণিতি, ভণিতে দ্র 'ভণন'।

ভণ্টাকী স্ত্রী ['ভণ্ডাকী' (অ.কো) ; তু 'ভংত'—বেগুন (দেশী ৬. ১০০)] বার্ত্তাকু। "শ্রী মা ২৬ , ৬৩।

ভণ্ড্ (ভণ্ডি) সক [ভ্বা, প—ভণ্ডতি ; সেট্] ১ পরিহাস। ২ নিন্দা-যুক্ত ভৎ'সন। ৩ পরিভাষণ, কথন (ক.ক)। —ণ্ড্ সক [চু, প —ভণ্ডয়তি ; সেট্] ১ প্রতারণ (ক.ক)। ২ (অক) কল্যাণক্রিয়া (ক.ক)।

ভণ্ড পুং [√ভণ্ড্+অ (অচ্)-ক , তু 'প্রা ভণ্ডয়—নির্লজ্জ (ষ ১৮০, Appendix)] ১ পরিহাসক, নর্ম্মসচিব, ভাঁড়। ২ প্রতারক, ধূর্ত্ত। "নদীয়ায় এত উপজিল ভণ্ড চৈ ভা ৩২৪। ৩ (বাঙ্লায়) ব্যর্থ, মিথ্যা। "সর্ব্ব ভণ্ড হৈল মম কর্ম্মবিপাকেতে ম.পা ১৪২। —ণ্ডন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রতারণা, বঞ্চন। "হরি বলে কত মোরে করহ ভণ্ডন। —ম ১৬ ; ৬২৪,-৫। অ.প ১৩১। ২ [+অন-ণ] কবচ। —ণ্ডনা বি [°ন >°না] প্রতারণা। "ভণ্ডনা করিয়া খায় যত দ্বিজগণ ধ.প ১৩৪৭। ম.ম ৯৬। [°তপস্বী (বি)—১ কপটমুনি। "কৃ ৩২১। ২ ধর্ম্মধ্বজী। "°স্বী এই জানিনু লক্ষণে।—ম ৭২৮। °হাসিনী (স্ত্রী) —বেশ্যা।]

ভণ্ডতপস্বী, ভণ্ডন, ভণ্ডনা, ভণ্ডহাসিনী দ্র 'ভণ্ড'।

ভণ্ডামি বি [ভণ্ড+আমি[2]] ভণ্ডকর্ম্ম, ধূর্ত্ততা, কাপট্য।

ভণ্ডীর পুং ১ বটবৃক্ষ। ২ শিরীষবৃক্ষ। —রী স্ত্রী মঞ্জিষ্ঠা।

ভণ্ডীরী দ্র 'ভণ্ডীর'।

ভণ্ডুল বিং [তু 'প্রা ভংডুল—কলহ (অ.রা) ; ভণ্ডুর (কোচবিহার)] নষ্ট, পণ্ড, ব্যর্থ। "সকলি হইল ভণ্ডুল।—দা ৭৩৪। [ভণ্ডুলে—যে সব পণ্ড করে ; বিঘ্নকারক।]

ভদন্ত বিণ [√ভন্দ্ কল্যাণ+অন্ত (ঝচ্)-ক, 'ন্'-লোপ, উ ৩.১৩০ ; তু 'লি ভদন্ত (ভবন্ত)—কচ্চায়ন] ১ পূজিত। ২ প্রব্রজিত। —দন্ত পুং ১ সৌগতাদিবুদ্ধ (শ.ক)। ২ বৌদ্ধপ্রব্রাজক। "প্রব্রাজকো ভদন্তাগ্রাঃ ক.সা ৪৯ ১৭৬।

ভদ্র বিণ [√ভন্দ্ কল্যাণ+র (রন্)-ক, ন্-লোপ, উ ২.২৮ ; স্ত্রী -দ্রা] ১ কল্যাণকর, মঙ্গল। "ভদ্রা ত ইন্দ্র সুমতিঃ।—ঋগ্বেদ ৩.৩০.৭। ২ শ্রেষ্ঠ। "বিজিতারি° রঘু ১৪.৩১। ৩ কুশল, নিপুণ। "ভদ্রোঽগ্নি

কৃত্যো মহা ৪.১১৮। ৪ প্রশস্ত, সাধু। ৫ প্রিয়, সাধু, মিত্রভাবাপন্ন (সম্বোধনে)। "ভদ্র, কৃতং ত্বয়া মিত্রকৃত্যম্।—পঞ্চ ৪২/২, আখ্যাহি ভদ্রে। প্রিয়দর্শনস্য ৪ ৩২। ৬ মনোজ্ঞ, কান্ত, সুরূপবান্। "পঞ্চ ১.১৯২।—দ্র পুং ১ শিব। "ভদ্রকাব্য শি ২৪। ২ খঞ্জরীট, খঞ্জন। ৩ বৃষভ। ৪ করিজাতিবিশেষ। "রা ১ ৬ ২৫। [করিজাতিভেদার্থ দ্র 'রামায়ণতিলক'।] ৫ কল্যাণাচারে যাহার পাপ প্রচ্ছন্ন, অর্থাৎ যে গোপনে পাপ করে ও বাহিরে সদাচারে তাহা প্রচ্ছন্ন রাখিয়া পরধন গ্রহণ করে, তাদৃশ ব্যক্তি। "মনু ৯ ২৫৮। ৬ কদম্ব। ৭ মহী-বৃক্ষ। ৮ চন্দন। ৯ দেবদারু। ১০ সুমেরু। ১১ জিনবিশেষ। ১২ (বহুব) তৃতীয় মনুর অধিকারে দেবগণ (ভ ৮ ১ ২৪)।—দ্র ক্লী ১ মঙ্গল, শুভ। ভদ্রং ভদ্রমিতি ব্রূয়াৎ মনু ৪ ১৩৯। ন সংশয়মনারুহ্য নরো ভদ্রাণি পশ্যতি।—হি ১ ৬। ভদ্রং তে।—ভ ১ ১ ১২। ২ আশীঃ, বিপ্রবাক্য। 'বশিষ্ঠস্ত্বয়ি বিতবতু ভদ্রম্ উ চ ৩ ৪৮। ৩ শুভকর বিষয়। 'দুর্লভমেতচ্চতুর্ভদ্রম্।—হি ১ ১৭৩। ৪ হিত, সমুচিত কার্য্য। তন্ন মথা ভদ্রং কৃতং যদত্র মারাত্মকে বিশ্বাসঃ কৃতঃ।—হি ১২/১৮। ৫ মুস্তক ভদ্রমুণা। ৬ কাঞ্চন। ৭ (জ্যোতিষে) সপ্তম করণ। ৮ (বাংলায়) সদ্বংশজাত ব্যক্তি, উচ্চশ্রেণীস্থ লোক। "॰সমাজ। —দ্রক বিণ [ভদ্র+ক (কন্) স্বার্থে, স্ত্রী -দ্রিকা] ১ সাধু। 'ভদ্রিকাঃ প্রজাঃ মনু ৯ ২২৬। ২ সর্থ 'ভদ্র'। —দ্রক পুং দেবদারু। —দ্রক ক্লী ১ ভদ্রাসন। ২ ছন্দোভেদ। —দ্রা স্ত্রী ১ সাধ্বী, কল্যাণী। এতদর্থমহ ভদ্রে প্রেষিতঃ সুরসত্তমৈঃ মহা ৩ ৫৫ ২৫, মৃগযিষ্যন্তি তে ভদ্রে ভর্ত্তারং পুরুষা মম ৬৫ ৬৫, ৬৬। ২ গবী। ৩ ব্যোমনদী গঙ্গার শাখানদীবিশেষ। ভ ৫ ১৭,-৫, ৮। ভদ্রানামে সুরধুনী চলিল উত্তরে।—কৃ ১৯। ৪ দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী তিথি। ৫ বিষ্টিভদ্রা। ৬ কৃষ্ণভগিনী। "ব প ৮৭৮। ন ৯৬২। ৭ রাস্না জীবন্তী অপরাজিতা শমী, দন্তী, হরিদ্রা, বলা শ্বেতদূর্ব্বা। ৮ কৃষ্ণের মহিষীবিশেষ। 'ম ১২৩২। —দ্রিকা স্ত্রী ১ সর্থ 'ভদ্রা (৪) ২ বক্ষাকরণ্ড। [°কার (বিণ)—মঙ্গলকারক। °কালী (স্ত্রী)—দুর্গামূর্ত্তিবিশেষ (কালিকাপুরাণ)। "বি পা ৪০। °কাষ্ঠ (ক্লী)—দেবদারুকাষ্ঠ (সুশ্রুত)। °কুম্ভ (পুং)—মঙ্গলকলস, পূর্ণকুম্ভ। °দারু (পুং, ক্লী)—দেবদারু। "ম ১২১৭। °পদ (পুং), °পদা (স্ত্রী)—(দ্বিব, বহুব) পূর্ব্বভাদ্রপদা ও উত্তরভাদ্রপদা নক্ষত্র। °পীঠ (পুং, ক্লী)—'শ্রেষ্ঠাসন', সিংহাসন। "রা ২ ১৫ ৪। রঘু ১৭ ১০। °বল্লী (স্ত্রী)—অনন্তমূল। °মন্দ (পুং)—করিজাতিভেদ। দ্র 'ভদ্র পুং (৪)। °মুস্ত (পুং) °মুস্তা (স্ত্রী)—নাগরমুস্তক। °মৃগ (পুং)—সর্থ 'ভদ্রমন্দ'। °যব (পুং, ক্লী)—ইন্দ্রযব। °শ্রী (পুং)—চন্দনবৃক্ষ (অ কো)।]

ভদ্রক, ভদ্রা, ভদ্রিকা দ্র 'ভদ্র'।

ভদ্রজংলা বি জংলার মত স্থূলবুদ্ধি ভদ্রলোক। "ভেবাচকা লেগে তিনি °লার মত ফেলাফেল করিয়া চাহিয়া রহিলেন আ হু ৯২।

ভদ্রমুখ বিণ [বহুব্রী] 'প্রিয়দর্শন', মহাশয়। 'ভদ্রমুখ। ন হি অয়ং ঋষিকুমারকঃ শ ৭২/১৯, ৭২০/২১।

ভদ্রস্থতা বি মঙ্গলস্বভাব, মঙ্গল। "হু ১১৮। আমার পরিবার মিতব্যয়িতা না শিখিলে আমার ভদ্রস্থতা নাই পা প্র ৩৬।

ভদ্রাভদ্র বি ১ মঙ্গলামঙ্গল, শুভাশুভ। 'অন্তঃপুর' ম ২০৫। ২ ভালমন্দ বিষয়। "এ কথার °দ্র কহিতে নারিলুঁ চৈ ২১০।

ভদ্রালী স্ত্রী গন্ধালী, গাঁধাল।

ভদ্রাশ্ব পুং, ক্লী [বহুব্রী] জম্বুদ্বীপস্থ নববর্ষের একতম। "মহা ৬ ৬ ১৩। ভ ৫ ১৬,১০। [ইহা ইলাবৃত বর্ষের পূর্ব্বে অবস্থিত।]

ভদ্রাসন ক্লী [কর্ম্মধা] ১ 'শ্রেষ্ঠ আসন', নৃপাসন, সিংহাসন। "রা ২.২৬ ১৭। শ্রী মা ১২০। ২ যোগীর আসনবিশেষ (তন্ত্রসার—শ ক)। ৩ মনোরম শ্রীপর্ণীনির্ম্মিত আসনবিশেষ। দ্র 'যাজ্ঞ ১ ২৭৮-২৮০। ৪ (বাঙ্লায়) বাড়ী, বাস্তু। 'রামলাল ভদ্রাসন প্রবেশকরণে নিবারিত হইয়া॰ ॰দেশান্তরে গমন করিলেন আ হু ১৩৯।

ভদ্রেশ পুং [কর্ম্মধা] মঙ্গলময় ঈশ, শিব। —শ্বর পুং [কর্ম্মধা] শিবপ্রাপ্ত্যর্থ উমারাধিত হিমালয়স্থ শিবলিঙ্গ। "বি পা ৪০।

ভদ্রেশ্বর দ্র 'ভদ্রেশ'।

ভনি বি সর্থ 'ভুনি'। "গো চ ২৫৫।

ভন্জ্ সক [রুধা, প—ভনক্তি, অনিট] আমর্দ্দন, ভঙ্গ। —ঞ্জ অক [চু, প—ভঞ্জয়তি, সেট্] দীপ্তি (ক ক)।

ভন্দ্ অক [ভ্বা, ঙ—ভন্দতে, সেট্] ১ কল্যাণ। ২ সুখ। ৩ প্রীতি। ৪ আমোদ (ক.ক)। —ন্দ অক [চু, প—ভন্দয়তি, সেট্] কল্যাণ (ক ক)।

ভন্না বি [ভরণ > ভরণা > ভর্ণা > ভন্না, হি, জাটু—ভরন, ঠ ভরণা' —পূরণ] যেরূপ বৃষ্টিতে খাল বিল পুখুর ইত্যাদি ভরিয়া যায়, মুষলধারে বৃষ্টি। [ভন্না মারা—প্রচুর বর্ষণ।]

ভন্‌ভন্, ভ্যান্‌ভ্যান্ বি [ধ্বন্যাত্মক হি √ভনভনা] ডাঁশ ও মাছির উড়ার শব্দ। 'সর্ব্বাঙ্গ ভরিয়া মাছি করে ভন্‌ভন্ বি পা ৩৩২। মাছির ভন্‌ভনে শ্রী ২৬১। ভন্‌ভন্ শুনি যেন ভোমরের নাদ।—শি ৭৯। মাছিরা ভ্যান্‌ভ্যান করে উড়তে লাগলো।—হু ১১৪। মাছি ভন্‌ভন্ করিতে আরম্ভ করিল ব প ৫৮০। —ভনানি বি ভন্‌ভন্‌শব্দ। "মাছির ভন্‌ভনানিতে কাণ পাতা গেল না ব প্র ৩০১। [ভন্‌ভনিয়ে—ভন্‌ভন্ শব্দ করিয়া। "(মাছি) উড়ছে কতক, ভনভনিয়ে কু কে ২৯। ভন্‌ভ'নে মাছি—ভনভনশব্দকারী নীলমক্ষিকা।]

ভব[১] বিণ [√ভূ+অ (অচ)-ক, স্ত্রী -বা] ১ বিদ্যমান, স্থিত। "প্রায়ভবঃ পা ৪ ৩ ৩৯, তত্র ভবঃ ৫৩। ২ জাত। "গন্ধান্ নানাপুষ্পভবান্ রা ২ ৯৪ ১৪। —ব পুং [+অ (অপ্)-ভা] ১ সত্তা, বিদ্যমানতা। ২ উদ্ভব, উৎপত্তি, জন্ম। 'গী ১০ ৪, ভবাপ্যয়ৌ ১১ ২। রঘু ৩ ১৪। অং ভ ৪ ১২ ৬। ভব নাশ পায় চৈ চ ২০৭। ভবভয়ভঙ্গে (গঙ্গে) ভা চ ৪৫২। ৩ প্রাপ্তি। ৪ অভ্যুদয়, সমৃদ্ধি। "মহা ৩ ১১৯ ৫। ভ ১ ১ ১৩, ৪ ১২। ৫ [+অ-ণ] ক্ষেম, মঙ্গল। 'ভবায় স হি লোকানাম্ গো রা ১ ১৯ ১৩। ৬ [+অ-অপা] উৎপত্তিস্থান, যোনি, কারণ। ৭ শিব। 'ভবএব ততো যস্মাদ্ ভূতভব্যভবোদ্ভবঃ মহা ৭ ২০১ ১৩৫। কু স ১.২১। ক চ ১। ভবারাধ্য-ভবোপরে শোভে ভবভামিনী।—শ্যামাসঙ্গীত। ৮ শিবের অষ্টমূর্ত্তির একতমা জলমূর্ত্তি। 'ভবায় জলমূর্ত্তয়ে নমঃ। ৯ বীরভদ্র। 'ভ ৪ ৫ ১৯। ১০ রুদ্র। "রা ১ ৬৬ ১১। ১১ [+অ-ধি] সংসার। "কি ১১ ১৩, ৮০। ভব নাম ভব করিতে পার ভা চ ১৯১, ভব ভজি ভব তর ২১৫। ভবরূপ অতিথিভবন স শ ৭০। [°ক্ষিতি (স্ত্রী)—জন্মভূমি। °চ্ছিৎ (দ্) বিণ—সংসারনিবর্ত্তক। 'ভ ২ ৬ ৩৬। °চ্ছেদ (পুং)—সংসারনিবৃত্তি। "°চ্ছেদকর মাঘ ১ ৩৫। °বারিনিধি (পুং)—সংসারসাগর, ভবার্ণব। °বীতি (স্ত্রী)—সংসারনিবৃত্তি। 'কি ৬ ৪১। °ভঙ্গ (পুং)—সংসারনিবৃত্তি। °ভীত, °ভীরু (বিণ)—পুনর্জ্জন্মভীত। °ভূত (বিণ)—কারণস্বরূপ (শ্বেতাশ্বতর)। °ভোগ (পুং)—সংসারসুখাস্বাদন। °মোচন (বিণ)—সংসারবন্ধননাশক (কৃষ্ণ)। গী গো ১ ২১। °শেখর (পুং)—'শিবশিরোভূষা', চন্দ্র। °সন্ততি (স্ত্রী)—জন্মপরম্পরা। °সমুদ্র, °সাগর, °সিন্ধু (পুং)—অপারসংসার, নিরবধিজন্মপরম্পরা। "°জু হু ১১০। পড়িয়ে ভবসাগরে ডুবে মা তনুর তরী।—শ্যামাসঙ্গীত। °সাযুজ্য (ক্লী)—'শিবের সহিত সযুগভাব', শিবত্ব। °সার (পুং)—সংসারের স্থিরাংশ। 'গী গো ১ ১৫।]

ভব[২] সং, ক্রি [√ভূ+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষ-১ব] হও, হউন। "মোরে পরসন্ন ভব ভ.গ্র ৭৪। সাবিত্রীসমানা ভব বি.সু ১৪৫।

ভবকর্ণধার, -কাণ্ডারী বি ভবসাগরনাবিক ; ভগবান্।

ভবঘুরে বি যে বৃথা সংসারে ঘুরে বেড়ায় ; গৃহশূন্য লক্ষ্মীছাড়া লোক। "তাঁরি ঘুরণে মরিছ ঘুরে, ভাষায় বলে °রে।—দা ৮১৯।

ভবজ বি [অপ্র] 'শিবজাত', গণেশ। "ভবজ-অনুজ-রথ (গণেশের কনিষ্ঠ কার্ত্তিকেয়ের বাহন ময়ূর)।—ক্সা ৬৫।

ভবজন্য বিং সংসারজাত, জন্মহেতুক। "(ব্যথা) °ন্য—ম ১০২১।

ভবৎ বিণ [√ভূ+অৎ (শতৃ)-ক-১ব (ক্লীবলিঙ্গ)] বিদ্যমান, বর্ত্তমান। "ভূতং ভবদ্ ভবিষ্যঞ্চ সর্ব্বং বেদাৎ প্রসিধ্যতি মনু ১২.৯৭। —বতী স্ত্রী [দ্র 'ভবান্'] আপনি (স্ত্রীলিঙ্গে)। "ভবতীনাং সূনৃতৈব গিরা ; ভবতীনাং সৌহার্দ্দ্যম্ শ ১২৩। ভবতি ভবন্ ভিক্ষান্দেহি শি ৩০।

ভবতল বি ভূতল, পৃথিবী। "মে ২৬, ভবতল রসাতলে যাবে!—৪৮। ভবতলে যত নর।—মা ৩৫৬।

ভবতারিণী বি সংসারসাগরতারিকা দুর্গা। "ভা.চ ১৭৯।

ভবদীয় বিণ [ভবৎ+ঈয় (ছস্), ৎ > দ্, পা ৪.২.১১৫] ভবৎসম্বন্ধী, আপনার। "ভবদীয় ভাবদর্শনে সী ২৫।

ভবধব, -নাথ বি সংসারের পতি ; বিশ্বনাথ। "°থ ক.চ ১। ওহে ভবধব,…মানসতিমির হর।—ঈ ৪০। ভবের ধব ভবধব। করেন অপূর্ব্ব উদ্ভব, মায়ায় সকলি।—দা ২২৪।

ভবন ক্লী [√ভূ+অন (ল্যুট্)-ভা] ১ সত্তা, বিদ্যমানতা। ২ ভাব, উৎপত্তি, জন্ম। ৩ [+অন-ধি] উৎপত্তিস্থান। "ধান্যানাং ভবনং ক্ষেত্রম্ পা ৫.২.১। ৪ 'সত্তাস্থান', আধার। "ধান্যানাং ভবনং কুসূলঃ (তত্ত্ববোধিনী)। অবিনয়ভবনম্ (স্ত্রীবিগ্রম্)।—পঞ্চ ১.২০১। ৫ গৃহ। "ভবনে পিতুঃ রা ২.২৭.১২। বিরাট° মহা ৪.২.৩২। °শিখিভিঃ পূ.মে ৩২ ; °বলভৌ ৩৮। ভবভবনের…বিভব।—মে ৫০। ৬ প্রাসাদ, হর্ম্ম্য। "প্রদগ্ধভবনাং লঙ্কাম্ গো.রা ৩.৪২.৫৩। দেবরাজস্য ভবনম্ মহা ৩.৫৪.১৩। ৭ স্থান, ধাম, ভুবন। "রামস্ততঃ স্বভবনং গতঃ মহা ৩.১৪৮.১৭। (চরণ) মন্দাকিনীজনম-ভবন।—জ ১।

ভবনশিখী (-খিন্) পুং [উ.লো] গৃহপালিত ময়ূর। "পূ.মে ৩২।

ভবনোদর ক্লী [ষ.ত] গৃহাভ্যন্তর, গৃহমধ্য।

ভবনোদ্যান ক্লী [উ.লো] গৃহলগ্ন উদ্যান বা বৃক্ষবাটিকা।

ভবপারাবার বি সংসারসাগর। "যাঁর নামে পার করে ভবপারাবার ভা.চ ২২৫।

ভবভবন বি ১ শিবগৃহ, কৈলাস। "মে ৫০। ২ সংসাররূপগৃহ। "এ ভবভবনে যে দিকে চাই স.শ ১০৩।

ভবভয় বি সংসারভয় ; পুনর্জন্মভয়। "ক.চ ১। °হর।—দু ৬৫। এস্থান-দর্শনমাত্রে ঘুচে ভবভয় ন প ৬০।

ভবভামিনী বি শিবপত্নী, দুর্গা। "°নী…তারয় ভৃত্যে দু ৬১।

ভবভূতি পুং মহাকবিবিশেষ। "মে ১০৮। [ইনি ভট্টগোপালের পৌত্র, নীলকণ্ঠের পুত্র ; ইঁহার মাতা জাতুকর্ণী (মা.মা ১৬)। অনুমান, খৃষ্টীয় সপ্তম শতাব্দী ইঁহার আবির্ভাবকাল। মহাবীরচরিত উত্তররাম-চরিত মালতীমাধব ইঁহার কাব্য। ইনি কান্যকুব্জরাজ যশোধর্ম্মদেবের সভাপণ্ডিত ছিলেন।]

ভবমণ্ডল বি পৃথিবীমণ্ডল, সংসার। "এ °ল মায়াময়।—মে ৯।

ভবরাণী শিবমহিষী, ভবানী। "ক.চ ২৫৩। ভা.চ ১১৭।

ভবলোক বি ভূলোক, পৃথিবী। "°কে আসে মুনি।—ম ৯৩৮।

ভবাটবী স্ত্রী, **-বারণ্য** ক্লী [কর্ম্মধা] সংসাররূপ অরণ্য ; অরণ্য-ধর্ম্মা সংসার। দ্র 'ভবাটবীবর্ণন'—ভ ৫.১৩শ অধ্যায়।

ভবাদৃক্ (-শ্), -দৃক্ষ, -দৃশ বিণ [ভবৎ+ √দৃশ্+ক্বিপ্ (০), +স (ক্স), +অ (কঞ্), -র্থ, ভবৎ > ভবা (পা ৬.৩.৯০ ; ৯১) ; স্ত্রী -ক্, °ক্ষা, -শী] আপনার মত ; ত্বাদৃশ। "ভবাদৃশ বীরগণ।—ম ৪৩৩। ভবাদৃশ মহানুভাব।—সী ২৯ ; ৫৬।

ভবাদৃক্ষ, ভবাদৃশ দ্র 'ভবাদৃক্'।

ভবান্ (বৎ) সর্ব্ব [√ভা+অবৎ (ডবতু)-ক,-১ব ; উ ১.৬৩ ; স্ত্রী -বতী] আপনি, তুমি। "ভবৎপূর্ব্বং চরেদ্ ভৈক্ষম্ মনু ২.৪৯। ভবান্ দর্শিতশিষ্যভক্তিঃ রঘু ২.৪০ ; ভবদ্গুরুঃ ৩.৪৮। ভবদাশ্রয় হি ১২৪৩১।

ভবানী স্ত্রী [ভব[১]+স্ত্রী ঈ (ঙীষ্), 'আন্' (আনুক্) আগম] ভব-পত্নী, দুর্গা, উমা। "কু.স ৭.৮৪। ভয় ভাঙ্গ ভবানি গো ভবের ভাবিনী ভা.চ ৪৩১। [°কান্ত, °পতি, °বল্লভ, °সখ (পুং)—শিব। °গুরু, °তাত (পুং)—গৌরীপিতা, হিমালয়।]

ভবাপ্যয় পুং [দ্বন্দ্ব] উৎপত্তি-প্রলয় ; সৃষ্টিপ্রলয়। "গী ১১.১।

ভবাব্ধি, -বাম্বুধি, -বার্ণব পুং [কর্ম্মধা] সংসারসাগর। "ভবাম্বুধি-পোত। ভবার্ণবতরণে নৌকা (মোহমুদ্গর)। ভবার্ণবে কর পার।—কৃ ৩৫২। ভবাব্ধিনির্মোচন বা.দ ৭।

ভবাভব পুং [দ্বন্দ্ব] ১ বন্ধমোক্ষ (রা.টীকা)। "রা ২.২২.২২। ২ উৎপত্তিপ্রলয়। "মহা ৩.২৯৪ ১০।

ভবাম্বুধি, -বার্ণব দ্র 'ভবাব্ধি'।

ভবিক বিণ [ভব+ইক (ঠন্)] ১ ক্ষেমান্বিত, মঙ্গল, শুভ। "ভবিক ভারতী শ্রী.মা ৩২। ২ সমৃদ্ধিমান্। —বিক ক্লী কল্যাণ, শুভ, ভদ্র। "ভজন ভবিকময় ভা.চ ৫৩।

ভবিতব্য বিণ [√ভূ+তব্য-ক] ১ ভবিষ্যৎ, ভাবী। "°প্রিয়সঙ্গমং (বপুঃ) কু.স ৪.৪৪। ২ [+তব্য-ভা] ভবনীয়। "ব্রতোপবাসপরয়া ভবিতব্যং ত্বয়া রা ২.২৬ ২৯। ভবতা মম সহায়েন ভবিতব্যম্ শ ২৪। —তব্য ক্লী [+তব্য আবশ্যকে] অবশ্যম্ভাবী ভাব বা বিষয়। "ভবিতব্যানাং দ্বারাণি ভবন্তি সর্ব্বত্র শ ১.১৫। ভবিতব্য মূল।—ম ৪০৭ ; শি ১৯। বিনাশ হইতে রাজার আছে ভবিতব্য বা.ম ১১৫। ভা.চ ১৮৫ ; ভবিতব্যং ভবত্যেব ২১৪,-৪১। প্রজাপতির ভবিতব্য।—দা ১৫৭৮। °দ্বার আমি খুলি।—মে ১৩২। —তব্যতা স্ত্রী [°ব্য+তা (তল্)] অবশ্যম্ভাবিতা, নিয়তি। "ভবিতব্যতা বলবতী শ ৬৮। সর্ব্বংকষা …ভবিতব্যতা মা.মা ১.২২। পঞ্চ ২.১৩১। °তার কাজে চৈ.ভা ১৪৭। চৈ ম ১৯। ভবিতব্যতার ঘোর তিমির ভবনে।—ন ৪৪৯। ভগবতি ভবিতব্যতে!—কাদ ৬৫।

ভবিতা (-তৃ) বিণ [√ভূ+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ ভবন-শীল, ভবিষ্ণু। ২ [+তৃ (তৃচ্)-ক-১ব] ভাবী। "সা ব্যত্যগাদন্তবধূর্ভবিত্রী রঘু ৬.৫২। (তাম্) একবধূং ভবিত্রীম্ কু.স ১.৫০। —বিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] ভবনশীল।

ভবিষ্ণু দ্র 'ভবিতা'।

ভবিষ্য বিণ [ভবিষ্যৎ > °ষ্য, পৃষো] আগামিকালবর্ত্তী, ভাবী, ভবিষ্যৎ। "ভবিষ্যমিদম্ গো রা ১.১০.১২। সাংগ্রামিকীং বার্ত্তাং ভবিষ্যাম্।—পঞ্চ ১.১০০। °লাভ ২.১৯৬। ভবিষ্য কথা।—ম ৪৩ ; ৮১৫। °কাল চৈ.ম ১৯। —বিষ্য ক্লী ১ ভাবী কাল ; ভবিষ্যৎকাল। "ভবিষ্যজঠরে ভোগ।—হেম ১২৩। ২ ভবিষ্যদ্বিষয়। "ভবিষ্যাণ্যথ বক্ষ্যামি ভ ৮,১৩.৭। প্রত্যক্ষ ভবিষ্য ভূত সহদেব জানে।—ম ৩৭৪। ৩ ভবিষ্যপুরাণ। [°জ্ঞান (ক্লী)—ভাবিবিষয়বোধ। °পুরাণ (ক্লী)—ভবিষ্যদ্বিষয়ক পুরাণবিশেষ।]

ভবিষ্যৎ বিণ [√ভূ+স্যৎ (স্যতৃ)-১ব, পুং—ষ্যন্ ; স্ত্রী -ষ্যতী, -ন্তী] ভাবী, বর্ত্তিষ্যমাণ। "ভবিষ্যদাক্ষেপ।—কাব্যাদর্শ ২.১২৬। কাল ভবিষ্যতে ম.পা ১৪। —ষ্যৎ ক্লী ১ ভবিষ্যৎকাল। "ভবিষ্যতে ক'রো না নির্ভর।—হেম ২৪৭। ২ ভবিষ্যদ্বিষয়। "দূর ভবিষ্যৎ ন ৪৪৯ ; অণুমাত্র

ভবিষ্যৎ ৪৫০। [°বক্তা (তৃ), °বাদী (-দিন্) পুং—ভবিষ্যবিষয়বক্তা, ভবিষ্যবাদী। °বাণী (বি)—ভবিষ্যৎকথন।]

ভবিষ্যতি বিং [°ষ্যৎ > °তি ; অপ্র] ভাবী। "নমো বুদ্ধদেহধর, °তি কলেবর।—ম ৭১১ ; °তি অবতার ৭১৫। সকল কহিতে পারি ভূতভবিষ্যতি শ্রী.মা ৬৪। ভূত ভবিষ্যতি. তত্ত্ব-কথা।—দা ৩৭৭। —ষ্যতি সং, ক্রি [√ভূ+স্যতি) ভবিষ্যৎকাল-প্রথমপুরুষ-১ব)] হইবে। "লোকে "তি, যে সব দুর্গতি শ্রী ২৬২।

ভবেশ পুং [ষ.ত] মঙ্গলের অধিপতি, শিব। "ক.চ ১। মে ৫৭। [°ভাবিনী (বি)—শিববনিতা, দুর্গা। "মে ৫৫,-৭।]

ভবোচ্ছেদ পুং [ষ.ত] সংসারদুঃখধ্বংস। "°করঃ রঘু ১৪.৭৪।

ভবোদ্ভব পুং [ষ.ত] 'সংসারকারণ', শিব। "মঘবা বিভূত্যৈ ভবোদ্ভবারাধনমাদিদেশ কি ১১ ৮০।

ভব্য বিণ [√ভূ+য (যৎ)-ক, -ভা, নিপাতিত, পা ৩.৪ ১৮, স্ত্রী -ব্যা, 'ভব্য'—ভবনশীল (ঋগ্বেদ ১.১২৯.৬] ১ বর্ত্তমান। ২ ভবনীয়। ৩ ভাবী, ভবিষ্যৎ। "অগ্নিঃ…কাম্যো ভূতস্য ভব্যস্য—শুক্লযজুর্ব্বেদ ১২.১১৭। ৪ যোগ্য। "কি ১১ ১৩। °যাজ্ঞা ভ ৪.১৪ ৩০। (শৈব্যা) অতিভব্যা।—কৃ ৮। তীক্ষ্ণ বাণ শক্তি ভব্য।—দু ৩৭। ৫ সাধু, সৎ। "ভবন্তি ভব্যেষু হি পক্ষপাতাঃ কি ৩.১২। ভব্য জন নগরের শোভা ক.চ ৮৮। ভব্য বট ভূপতি কথার বুঝ মর্ম্ম শ্রী ২৫৬। ৬ বিনীত। "অভব্যো ভব্যরূপেণ কিমর্থং পরিধাবসে বা ৪.১৭ ২৮। ভব্যলোক পাঠাইয়া কাজীরে বোলাইলা চৈ চ ৬৪। ৭ কল্যাণ, শুভ। "কু স ১.২২। ৮ পরমশান্ত। "(উপতস্থে বৈদেহীং রাবণঃ) অভব্যো ভব্যরূপেণ রা ৩.৪৬.৯। কি ৫.৪৯। ৯ সমীচীন। "ভব্যমধ্বম্ (লভতে) নৈ ২.২৪। ১০ প্রসন্ন। "ভব্যেন চেতসা রা ১.৬২.৭। ১১ শ্রেষ্ঠ। "যৎপাদপদ্মমভবায ভজন্তি ভব্যাঃ ভ ১ ১৫ ১৭। ১২ সত্য। ১৩ ভাগ্যবান্। "উপগতমবধীরয়ন্ত্যভব্যাঃ কি ১০.৫১। গব্য কিনে ভব্য লোক গাঁটে যাব কড়ি শ্রী.মা ১৮৮। ১৪ বিনীত, একাগ্র। "সেব্যং ভব্যমনোভিরর্থপতিভিস্তদ্ বৈ মহাভাবতম্ বা.ভা ১ ১৯। ১৫ (বাঙ্লায়) ভদ্র, শিষ্ট, সভ্য। "ভূদেবভামিনী ভব্যা শ্রী.মা ৩৮। নব্য লোক ভব্য হয় সভ্যসঙ্গে বটে বি সু ১৪০। ভব্য ঋষি ভাল সাজাইল ভূতনাথে শি ২৪ ; ভব্য সয়া ১০৪। —ব্য পুং কর্ম্মরঙ্গবৃক্ষ। "রা ২.৯৪.৮। —ব্য ক্লী ১ শুভ, মঙ্গল, কল্যাণ। "°মুখ্যাঃ সমারম্ভাঃ রঘু ১৭ ৫৩। ভব্য হল ভয় তেজ শ্রী মা ৮৯। শঙ্কর, তোমার ভব্য কহ চৈ ১৪৯। ২ অস্থি। ৩ ভবিষ্যৎকাল। ৪ [+য-ভা] সত্তা। —ব্য পুং, ক্লী রসভেদ। —ব্যা স্ত্রী ১ অতসী। ২ গজপিপ্পলী। [°রূপ (বিণ)—১ পরমশান্তমূর্ত্তি। দ্র 'ভব্য (৮)। ২ (বাঙ্লায়) ভদ্র-আকৃতি।]

ভব্যতা স্ত্রী [ভব্য+তা (তল্)] ১ যোগ্যতা। ২ ভাবিতা। ৩ সাধুতা, শিষ্টতা, ভদ্রতা। "ক্ষমা কর ঠাকুরাণী, ভব্যতা তোমার জানি বি সু ৪২। ভব্যতার গণ্ডীমাঝে, শান্তি নাহি মানি চ.কা ৭৯। আমি ভব্যতাও জানি, সভ্যতাও জানি স.এ ১৪।

ভব্যা দ্র 'ভব্য'।

ভভম্, ভভভম্ বি [ধ্বন্যাত্মক] শিঙ্গাদি শুষির বাদ্যের গম্ভীর ধ্বনি। "ভভভম্ শিঙ্গা ঘোর বাজে ভা.চ ৪২ ; ভভম্ ভভম্ ভম্ শিঙ্গা বাজে ১১০ ; ১১৬।

ভমভম বি [ধ্বন্যাত্মক] ভোরঙ্গের গম্ভীর ধ্বনি। "ভা.চ ৪৬০।

ভমর, -রা বি [সং ভ্রমর > প্রা ভমর > বা °র, -রা ; স্ত্রী °র, রী] ভ্রমর। "ভমর কার (কাল) পি.সা ৩৬৫। অব সখি ভমরা, ভেল হের পরবশ বি.প ১২৪। কাজর ভমর তিমির জনু ভমরুচি প.ক ৭০৮। —মরি বি ভ্রমরী। "ভমরা ভমরি ধরত তান প.ক ১০৮৮।

ভমরা, ভমরি দ্র 'ভমর'।

ভম্ভরালিকা, -রালী স্ত্রী [ধ্বন্যাত্মক] দংশ, ডাঁশ মাছি।

ভয় ক্লী [√ভী+অ (অচ্)-ভা] ১ স্বীয় উচ্ছেদশঙ্কা (শু ৫.৪৪) ; শঙ্কা, ত্রাস। "°শোকসমাবিষ্টা মহা ৩.৬০.২। বীতশোকভয়ো বিপ্রঃ ব্রহ্মলোকে মহীয়তে মনু ৬.৩২। শরপতন° শ ১.৭। °স্থানশত। —হি ১.২। ২ [+অ-অপা, 'ভয়'—ভয়হেতু যুদ্ধ (ঋগ্বেদ ১.৪০.৮)] ভয়হেতু, ত্রাসকারণ। "(শিষ্যাঃ) বিদ্রবন্তি ভয়াদ্ ভীতা রা ১.৫৫.২৩ ; ভয়ানি চ মহাস্ত্যত্র ২.২৮.১৮। চৌরব্যাঘ্রাদিভির্ভয়ৈঃ মনু ১১ ১.১৩। যাবদ্ভয়মনাগতম্—হি ১.৫৮। জগদ্ভয়ভয়াবহ ভ ১.১১.৩। ৩ ভয়ানকরসের স্থায়িভাব। 'ভয়ানকো ভয়স্থায়িভাবঃ সা.দ ৩.২৩৫। —য় পুং রোগ। [°কর, °কৃৎ (বিণ)—ভয়জনক। °ডিণ্ডিম (পুং)—শত্রুভয়ার্থ সংগ্রামপটহ। °ত্রস্ত (বিণ)—ভয়হেতু হইতে শঙ্কিত ; ভয়ার্ত্ত। "রা ৬ ১০৮.২২। তীব্রভয়ত্রস্ত (পক্ষ)। ম ৩৩৩। °ত্রাতা (-তৃ) বিণ—ভয় হইতে রক্ষক। °দ, °দায়, °দায়ী (-য়িন্)—ভয়জনক, ভীতিকর। °নাশন (বিণ) —ভীতিহর। °প্রদ (বিণ)—ভয়দ, ভীতিজনক। °প্রস্তাব (পুং) —ভয়প্রসঙ্গ, ভয়ব্যাপার। "হি ২ ৪/৮ ৭/৮। °বিপ্লুত, °বিহ্বল, °ব্যাকুল, °ব্যাকুলিত (বিণ)—ভয়ার্ত্ত, ভয়াতুর। "°কুলচিত্ত, °লিত। —পক্ষ ১ ২/৮ ৩/৩, ২/৮ ৪/৫। °ব্যূহ (পুং)—ভয়ত্রাণার্থ ব্যূহবিশেষ। °ভীত (বিণ)—সর্থ 'ভয়ত্রস্ত'। "মহা ৩.১০২.২৫। °স্থান (ক্লী), °হেতু (পুং) —ভয়কারণ, ত্রাসহেতু। "হি ১২। ম ৩৭৯। °হর্ত্তা (-র্ত্তৃ), °হারক (বিণ)—ভয়নাশন, ভীতিহর। °হারী (-রিন্) বিণ—ভয়হরণশীল, ভয়নাশী। "ভয়হারিণি।—ভা চ ১৭৯।] [ভয়ক্রমে (অপ্র)—ভয় হেতু, ভয়ে। "প্রজা ভয়ক্রমে…প্রস্থান করিল আ.দু ১৬১।]

ভয়ঙ্কর বিণ [ভয়+ √কৃ+অ (খচ্)-ক, 'ম্' (মুম্) আগম, উ.ত ; স্ত্রী -রা, -রী] ভয়জনক, ভীষণ। "শত্রুপক্ষ° বা ২.৭৫ ৩৯। সু° মহা ৪.৫.১৯। °রা যুদ্ধভূমিঃ মাঘ ১৯ ৭৯, মল্লিনাথ। ইয়ং কোপভয়ঙ্করী বি.মা ৬ ২/১, ভয়ঙ্করী বৃদ্ধা ৬ ৩/৪ ৫/৪। ভয়ঙ্করা চ.বি ৩২। ভয়ঙ্করী।—মে ৯৩ ; ২১৮,-২৪ ; কা ২৫।

ভয়তরাসে বিং [°স+এ[৭]] ভীরু, ভীতু। "ভয়তরাসে ছিল যে সব চোর, সেই খুলেছে আঁধার ঘরের চাবী কু.কে ৮৫। তুই এমন ভয়তরাসে কেন !—লী ১০৮।

ভয়ভঙ্গি বি শঙ্কিতভাব। "ভ.গ্র ২২৬।

ভয়ভাঙ্গা বিং ১ ভয়রহিত, নির্ভীক। "মতিলাল একেবারে ভয়ভাঙ্গা হইল আ.দু ৬৫। ২ ভয়নাশক, ভীতিহর।

ভয়মৈত্রতা বি ভয়মিত্রতা, ভয় ও মিত্রভাব। "ভয়মৈত্রতা-প্রদর্শনপূর্ব্বক আ.দু ১৭৯।

ভয়ানক বিণ [√ভী+আনক-অপা, উ ৩.৮২, স্ত্রী -কা] ভীষণ, ভয়ঙ্কর। "বক্ত্রাণি…ভয়ানকানি গী ১১.২৭। শিলাঃ…ভয়ানকাঃ মহা ১৮.৩৫। —নক ক্রি.বিং ভয়জনকভাবে, ভয়ের হেতুভূতরূপে। "বাঁদী ভয়ানক বুদ্ধিমতী ; সে যদি পলায়, তবে আমার মন নিশ্চিন্ত থাকিবেক না।—ব.প্র ৫০। —নক পুং ১ ব্যাঘ্র। ২ রাহু। ৩ (অলঙ্কারশাস্ত্রে) রসবিশেষ। 'ভয়ানকো ভয়স্থায়িভাবঃ সা.দ ৩.২৩৫-২৩৮। —নক ক্লী ভয়কারণ।

ভয়াপহ বিণ [ভয়+অপ+ √হন্+অ (ড)-ক, উ ত, স্ত্রী -হা] ভয়হারক। "ভয়াপহা।—দু ৪০। —পহ পুং ১ রাজা। ২ বিষ্ণু।

ভয়াবহ বিণ [ভয়ের আবহ, ষ.ত] ভয়জনক, ভীষণ। "পরধর্ম্মো ভয়াবহঃ গী ৩.৩৫।

ভয়াল বিং [ভয়+আল[৮], তু 'দয়াল'] ভয়ঙ্কর। "ভ.গ্র ১২৭। ভয়াল আহব।—রঙ্গ ৯, ২১ ; ভয়াল অরণ্যানী ১৯১। ভয়ালরস স্ব.প্র ১৫৯। বিষাণ ভয়াল চ.কা ২৯৩। ভয়াল বিশাল নিরাল পিয়ালতমাল-বিতানে।—গান ১৭৬।

ভর[১] বিণ [√ভৃ+অ (অচ্)-ক ; স্ত্রী -রা] অতিশয়, অতিমাত্র, নির্ভর (অ.কো)। —র পুং [+অ (অপ্)-র্ম] ১ ভার। "কুচ°, শ্রোণি°, স্তন°। গর্ভভরালসা উচ ৩.২৮। ভ ১.৩.২৩। যেই ভিতে হনুমান্ দেয় কিছু ভর।—কৃ ২১৫। গুরুয়া নিতম্বভর ক.চ ৬৬। ভ্রমরভরস্পন্দিত নীলপুষ্পতুল্য...লোচনযুগল ব.প্র ১৪১। ২ সমূহ, পুঞ্জ। "দশনাংশুকেশরভর মাঘ ৯.৪৭। ফলভরপরিণামশ্যাম উ.চ ২.১৯। ভোগি° বা.দ ৬। ৩ অতিশয়, প্রাচুর্য্য। "কোপ°, ভক্তি°। নির্ব্যূঢ়-সৌহৃদ° মা.মা ৬.১৭। পয়োধরভার° গী.গো ১.৩৮। দীধিতিসটা°। —নাগানন্দ ৩.১৬। (অঙ্গ) হেমভূধর,-গরবভরহর ন.প ২৯৬; সুকুন্দমদভরভঞ্জনা ২৯৮। রসের ভরে, অঙ্গ না ধরে।—গো ১০৬। উগ্র আগ্রহের ভরে।—কথা ৪৬। ৪ পরিমাণবিশেষ, কুড়ি তোলা। ৫ পূর্ণতা (অ.টী)। ৬ [+অ-ভা] ভরণ, পোষণ। "কুটুম্বভরচিন্তয়া। —পঞ্চ ৫.৫।

ভর[২] বিং ['ভর[৪]—মূল] ১ পূর্ণ। "তোঁ ভর যুবতী শ্রী কী ১০৯। ২ পূরা, ঠিক। "এ ভর দুপর বেলা ব.প ১০৯৯; এ ভর দুপরে ১৩২৫। ৩ পূরা, ভরা। "ভর কাছারী রাজা করে ডাম্বাডোল ব.প ৫৮। ৪ তৎ-কালব্যাপী। "স্পর্শ লভেছিল যার এক পলভর চ.কা ৯৮। ৫ আশ্রয়। "গোর্খনাথ জ্ঞানে কৈল ভর গো বি ৩৫। উরু দুই দেখি তোর রক্ত করে ভর।—ম ১০৭৮। কৈলাস ত্যজিয়া প্রতিমাতে কর ভর দু ২১। খড়্গে ভর কৈল মা শ্রী ১৬২; ভবানী মাতা ভর দিল তায় ১৭২। ৬ আরোহণ। "উলূক উপরে ভর, শূন্য গতি নিরন্তর শ্রী.ম ৪। (ভেলায়) মহারাজা তুমি কর ভর শ্রী ১৮৬। [ভর করা—আশ্রয় করা; চাপ দেওয়া। "গ্রীবাত কৈল ভর ম.বি ৫৮।]

ভর[৩] '-র্' বিং [হি, ঠ, গু ভর] ১ তৎপরিমিত। "ছটাক°, পোয়া°, সিকি°। ২ তদবধি, তৎপর্য্যন্ত। "নজর°। ৩ পূর্ণ, পুরা। "দম°, °দম, °পেট। [ডাক°, হাঁক°—যত দূর ডাকার শব্দ যায়, তত দূর; শ্রবণবিষয় (ear-shot)।]

ভর[৪] সর্ম [সং √ভৃ >প্রা √ভর; হি, ঠ, গু, মৈ, অস √ভর] ১ পূর্ণ করা। "কাম কম্বু ভরি,...ঢারত সুরধুনী ধারা বি.প ৬; ১৭। তিমির দিগ ভরি, ঘোর যামিনী বি সা ৪২৬। সিন্দুর কপাল ভরি দিল ম.পা ৯। আড়া ভরি ভরি সেচহ জল শ্রী ম ৬৭। কুম্ভ...ঘৃতে ভর ম.বি ১১। সিন্দুর...কপাল ভরিয়া পিন্ধ ম.ম ১৭৭। কথা ৩৩। ২ ব্যাপ্ত করা, ব্যাপা। "খন ভবি নহি রহ গুরুজন মাঝে বি.সা ৭। যুগ ভরি কৈল অনশন—দু ২৩, উপহাস হবে জগ ভরি ৫৬। সপ্ত দণ্ড ভরি সেহি মহারণ করে চ.বি ৮৫। ভিক্ষা কর মাস ভরি চৈ.চ ১৭০। চৈ ২০৬। ৩ প্রবেশ করান, ঢুকান। "হাথ ভরিলোঁ...কলসে শ্রী.কী ২৮৫। (শিশু) কান্দে মুখে হাত ভরি।—ম ২৮৬; সর্প-মুখে হাথ ভরি ৬৩২। (তাম্বুল) মোর মুখে ভরি দেয়।—ব ৯৩। ৪ পূরণার্থে নিহিত করা বা ঢালা। "পাটে ভরি নিল থই ক.চ ১২২। হলাহল ভরি অস্ত্র ছাড়ে শেনগণ চ.বি ১৩২। ৫ আচ্ছাদন করা, ঢাকা। "সর্ব্বাঙ্গ ভবিয়া পরে রাজার প্রসাদ।—কৃ ২৮৩। ৬ পূর্ণ করা; মিটান। "তপ কৈলা ভরি মনোরথ।—গ ৪। ইচ্ছা ভরি করিব বিচার চৈ.চ ৮৩। ৭ পাতিত করা, ফেলা। "(বিহি) অমিঞার ছাঁচে ভরি নিরমিল গৌর সুদেহে।—গো ৪৬। ৮ আবিষ্ট বা অভিভূত করা। "তব মঝু নিন্দে ভরল সব দেহ বি প ১৩৬। ৯ বেষ্টন করা, বেড়া। "পরিব মঞ্জরী পুষ্প ভরিয়া কবরী শ্রী.ম ১৮৮। ১০ বেষ্টন করিয়া বাঁধা। "তক্ষক পন্নগে ইন্দ্র উত্তরীয়ে ভরি।—ম ৪৫। ১১ প্লাবিত করা। "(ঘন) ভুবন ভরি বরিখন্তিয়া বি.প ১৭২। ১২ ভরণার্থ বেতনরূপে গ্রহণ করা। "বার লক্ষ মুদ্রা সেই পাৎশার ঠাঞি ভরে চৈ.চ ২৭৪। ১৩ [হি √ভর] ঋণ চুকান; বাকী পূর্ণ করা বা শোধ করা। "ক্রমে ক্রমে বিকি কিনি দ্রব্য (বাকী) ভরিব চৈ.চ ৩০৭। —র অর্ম ১ পূর্ণ হওয়া। "ভাবে ভরল মন চ.দা ৭০; গো ২৬০। যাহাঁ দরশনে তনু পুলকহিঁ ভরই প.ক ৮৩। ন.প ৩৯৬। কতখানি দিলে তবে ভিক্ষাঝুলি ভরে একেবারে।—কথা ৮। ২ ব্যাপ্ত হওয়া। "অম্বরে ডম্বর ভরু নব মেহ ব.প ১০৩৫। ৩ প্রবিষ্ট হওয়া; ঢোকা। "গুঁড়া ছাপায়্যা ভরিছে পানী শ্রী.ম ৬৭। —রা সর্ম [ভর[৩] >ভরা] পূর্ণ করা। "ডালি ভরাঞা ফুল পানে শ্রী.কী ১৬,-৮। শিমলীর তুলা দিয়া তাহা ভরাইল চৈ.চ ৩২৩। [ভরায়িলি, -রিআঁ, -এ্যা, -রিলোঁ (শ্রী কী)। ভরই, রল, -রি,-রু (প.ক)।]

ভরছন বি [ভৎর্সন >ভর্চ্ছন >°ন; 'ভর্চ্ছ'; বৈষ্ণবসাহিত্যে] তিরস্কার, নিন্দা। "সখিগণ মেলি বহু ভরছন দেল প.ক ৪২৮। হয় গজের গরজন, সেনার তরজন, পয়োধি ভরছন লাজে ভা.চ ৪৬১।

ভরণ[১] বিণ [√ভৃ+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] ১ ভর্ত্তা, পালক। "ভবনাথ ভবানী-ভরণ ক.চ ১। (বন্দে) ধরণীং ভরণীং মাতরম্ ব.ছি ৯৭। ২ ধারক। "ধর্ম্মঅর্থকাম° রাজা হৃদয়-হরণ।—রবীন্দ্র। —রণ ক্লী [+অন-ভা] ১ পোষণ, পালন। "আত্ম° রা ২.৩১.২২। রঘু ১২৪। ভরত ইতি লোকস্য ভরণাৎ।—শ ৭.৩৩। রক্ষণভরণ।—ম ৩৫। ভরণে ভরসা ভিক্ষা শ্রী.ম ২২৬। ২ ধারণ। ৩ পূরণ, পূর্ত্তি। "উদর°।—হি ২.৪২। সেই জলে কৈল অর্দ্ধ ব্রহ্মাণ্ডভরণ চৈ.চ ২৪। ৪ [+অন-ণ] গ্রাসাচ্ছাদনাদি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.৭৬। ৫ ভৃতি, বেতন। ৬ [+অন-র্ম] আভরণ। "যাবক° গী.গো ৭.২৭। —রণ পুং, —ণী স্ত্রী সপ্তবিংশতি নক্ষত্রগণেব দ্বিতীয় নক্ষত্র। [ইহাতে তিনটি তারা; ইহা ত্রিকোণাকৃতি। যম ইহার দেবতা।] —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] পোষ্য, পালনীয়। "অবশ্য° মনু ৫.২২, কুল্লুক।

ভরণ[২], -ন বি [সং বর্ত্তক; হি, ঠ ভরত; ড় টহ, E. bronze] তামা-দস্তা-রাঙ-মিশান নিকৃষ্ট কাঁসা। "কাঁসাও নয়, পিতলও নয়, যেমন ধারা ভরণ।—দা ২০৭১।

ভরণী, -ভরণীয় দ্র 'ভরণ[১]'।

ভরত পুং [√ভৃ+অত (অতচ্)-ক, উ ৩ ১১০] ১ দৌষ্মন্তি সর্ব্বদমন। [ইঁহার পিতা দুষ্মন্ত, মাতা শকুন্তলা। মারীচাশ্রমে প্রাণিদমন হেতু ইনি 'সর্ব্বদমন' এবং ভূপালন হেতু 'ভরত' (শ ৭.৩৩)। ইনি বহু অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন এবং কিরাত হূণ খশ ইত্যাদি ম্লেচ্ছগণ নিহত করেন। ইনি পুরুবংশীয়। দ্র 'ভ ৯.২০শ অধ্যায়। ২ দশরথ-রাজের পুত্র। [ইঁহার মাতা কৈকেয়ী, পত্নী মাণ্ডবী, পুত্র তক্ষ ও পুষ্কল। ইনি পিতৃদত্ত রাজপদ অস্বীকার করিয়া রামচন্দ্রকে অযোধ্যায় আনিবার নিমিত্ত চিত্রকূটে গমন করেন এবং রামপাদুকাদ্বয় গ্রহণ করিয়া নন্দিগ্রামে তপস্বিবেশে চতুর্দ্দশ বর্ষ রামপাদুকার সেবা করেন।] ৩ ঋষভদেবের পুত্র। [ইঁহার মাতা জয়ন্তী, ইঁহার নামে এই বর্ষ 'ভারত' নামে খ্যাত। ইনি মহাযোগী ছিলেন (ভ ৫.৪.৮-১০)। ইনি জন্মান্তরে 'জড়ভরত' নামে খ্যাত হন (ভ ৫.৮-৯ম অধ্যায়)।] ৪ সঙ্গীত-নাট্যশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। ৫ নাট্যশাস্ত্র। ৬ নট। "কিমিত্যুদাসতে ভরতাঃ মা.মা ১/৪। ৭ ক্ষেত্র। ৮ তন্তুবায়। ৯ শবর। ১০ অগ্নি-বিশেষ। 'মহা ৩.২২০.১। ১১ ভরতের গোত্রাপত্যগণ; ভরতবংশীয়-রাজগণ। "ভরতানাং যতশ্চায়মিতিহাসো মহাদ্ভুতঃ মহা ১.৬২.৪০। ১২ (লক্ষণায়) ভরতের অপত্য। দ্র 'পা ২.৪.৬২, সি। "ভরতর্ষভ। [°জ্ঞ (বিণ)—নাট্যশাস্ত্রবিৎ। °পুত্রক (পুং)—ভরতের পুত্রতুল্য; নট। °বর্ষ (ক্লী)—ভারতবর্ষ। °শার্দ্দূল (পুং)—ভরতশ্রেষ্ঠ। °শাস্ত্র (ক্লী)—নাট্যশাস্ত্র। °শ্রেষ্ঠ, °সত্তম (পুং)—ভরতগণপ্রধান, ভরতর্ষভ; অর্জ্জুন। "গী ১৮.৪।]

ভরতবাক্য স্ত্রী [ষ.ত] নটবাক্য, নাটকসমাপ্তিতে নটমুখে আশীর্ব্বাদ-প্রয়োগ। "শ ৭.৭৫ । বিক্র ৫.২৪।

ভরতর্ষভ পুং [ভরত ঋষভতুল্য, উপ.স] ১ শ্রেষ্ঠ ভরতাপত্য; অর্জ্জুন। "গী ৩.৪১ ; ১৪.১২ । ২ জনমেজয় । "মহা ১ ১৫২.১৬ ।

ভরতি সর্ব 'ভর্ত্তি' ।

ভরদ্বাজ পুং ১ মুনিবিশেষ। [ইনি উতথ্যপত্নী মমতার গর্ভে বৃহস্পতির বীর্য্যে জাত। দ্র 'ভ ৯.২০.৩৫-৩৮। ২ পক্ষিবিশেষ, ভারুই পক্ষী (অ.টী)। "রঘু ১৯১ ।

ভরন দ্র 'ভরণ'।

ভরনিশি বি [দ্র 'ভর২] গভীররাত্রি, মধ্যরাত্র । "রা.প ৬ ।

ভরন্ত বিং [ভর৪ + অন্ত৩] জলভরা, জলপূর্ণ। "তার পৃষ্ঠে কুঁজ যেন ভরন্ত ডাবরী।—কৃ ৮৯ ।

ভরপুর, -পূর বি° [ভরা-পূরা > °র , হি °পুর , ঠ, গু ভরপুর , ভরিপুর (প.ক)] ১ কানায় কানায পূর্ণ (পাত্রাদি) । ২ পরিপূর্ণ। "স্নেহে ভরপুর, নারীর সরল উদার প্রাণ ব স্থ ২২ । ৩ পরিপূর্ণ, তন্ময়-চিত্ত, আত্মহারা। "আমোদেই যুবা ভরপুর স্ব.প্র ১৩ । বাদ্যে ভরপুর চ কা ৭৭ , একদিন মিলি যত সুরাসুর, কৌতূহলে ভরপুর, এসেছিল ৯৫ । —পূর ক্রি.বিং সম্পূর্ণভাবে, নিঃশেষে। "দর্শকেরা হাক-আক-ড়াইয়ের মজা ভরপুর লুঠে বাড়িতে এসে…ডাক্তারের যোগাড় দেখতে লাগলেন।—হু ৫০ ।

ভরপূর দ্র 'ভরপুর' ।

ভরভর বিং [ভর১ > °র (দ্বিত্ব)] অত্যন্ত ভরা, পরিপূর্ণ। "নৌবন্তেতে ভরভর, প্রফুল্ল ফুলের কত শোভা।—বঙ্গ ১১৪ । ফুলের গন্ধে ভরভর প কা ১। —ভব বি পরিপূর্ণ-ভাব। "ফুলগন্ধে বায়ু করে ভরভর। —হেম ৩১৫ ।

ভরম১ বি [স° ভ্রম > (স্বরাগমে) °ম , হি, ঠ, গু, মৈ °ম] ১ ভ্রম, ভ্রান্তি। "ভরমে তোমার রূপ ধরণীতে লেখি চ দা ৬১ , কালার ভরমে হাম, জলদে না হেবি গো। ৯৮ । নীল গগন হেরি, তোহারি ভরম ভরে, বিহি সঞে মাগই পাখ।—গো ১৮৯ । ভরমে আনেব কথা না কহে বয়ানে।—জ্ঞা ১৮১ । ফণীব ভবমে বেণী গিলিবে ময়ূরে ব প ১০৯৮ । ২ সম্ভ্রম, মান, মর্য্যাদা। "(কানুর পিরীতে) ভরম ছাড়িনু চ দা ১০১ , যে মোর ভরম, ধবম-করম, সকলি জান হে তুমি ১৪৫ । ভরমভয়-ভঞ্জন, ভূষণে ভরু সব অঙ্গ জ প ১২ । ব ২৯ । বাপের ভরম রাখে শ্রী.মা ২২২ । ভবের ভরমরাখ ভবানীর ঠাঁই শি ৭০ , ৮২ । ভা চ৩৭৮। ৩ সংশয়, সন্দেহ। "কাজর তিমির ভরম জনু তনুরুচি।—গো ১৭১ । ৪ ভ্রম, অসার বা মিথ্যা বিষয়। "তবে এই রাজ্যে ধন মানব-জনম। সকল যে হয়, নহে কেবল ভরম॥—ভ.গ্র ২৫৪ । [ছরম ঘরম—শ্রম ও ঘর্ম্ম। "দুহুঁ রাণী দুহুঁ কক কোরে। ছরম ঘরম করু দূরে॥—জ্ঞা ৩ ।]

ভরম২ অর্ম্ম [সং √ভ্রম্ > (স্বরাগমে) °ম ; হি √ভরম , বৈষ্ণবসাহিত্যে] ভ্রমণ কবা। [ভরমই,-মিব, ভরমায়িত (ভ্রামিত) ।—প.ক ।]

ভরমিত বিং [ভরম + ইত] ভ্রমযুক্ত, ভ্রান্ত। "হেম আঁচরে রহুঁ, ভরমিত বৈছন, খোঁজি ফিরত আন ঠাই।—গো ১৮১ ।

ভরযুয়ান দ্র 'ভরযুবতী'।

ভরযুবতী বি [দ্র 'ভর২] পূর্ণযৌবনা। "রা শে ৬৪ । —যুয়ান বিং পূর্ণযৌবন ও পূর্ণযৌবনা। "দুই জনে রাজা কি করিম ভরযুয়ান হইয়া ব.প ৩৩ ।

ভরল বি [ভর৪ + অল২ , মৈ ভরল] পরিপূর্ণ। "বিষধরনিকরভরল পথ জ.প ২৪ । কাজর গরলহি, ভরল নয়নশর, হানলি অন্তর চিতে গো ১২৩ । ভাবে ভরল তনু।—জ্ঞা ২৩ । পুলক° সব অঙ্গ চৈ.ম ৫১ ।

ভরসা বি [হি ভরোসা (ভর১ + আশা ?) ; ঠ ভরাসা ; গু, মৈ ভরোস ; ড় ভরসা , ভরোসা (প.ক)] ১ আশা। "যদ্য ইচ্ছা কর তুমি কার ভরসায়।—ম ২২৪ । শ্রী ২২৬ । এক্ষণে চন্দ্রোদয় হওয়ায় সে ভরসা গেল ব.বি ৯১ । ২ আশয়, অভিপ্রায়। "কিবা ভরসায় আইস কাছে। না জানি মরমে কি ভাব আছে॥—জ্ঞা ১৪৯ । ৩ আশাজনক বিষয়। "গগন ভরিয়া এসেছে ভুবনভবসা (বরষা) চ কা ২৫৩ । ৪ আশ্রয়, অবলম্বন। "রাক্ষস-ভরসা,…মেঘনাদে।—মে ১ । মহতজন-ভরসা মহত যে জন।—মা ১২৩ । ৫ বিশ্বাস, প্রত্যয়। "সাক্ষাৎ না হইলে তুমি যে ক্লেশ পাইবে, সে ভরসাও করি নাই ব প্র ৯৮ । ৬ সাহস। "বিদেশে ভরসা ভাল এইরূপ চাই শ্রী ৮১ । বনে পরবেশ কৈলে কি ভবসা করি রা.প ৬ ।

ভরা১ বিং [ভর৪ + আ১২ , তু 'সং ভৃত > প্রা ভরিঅ (হে) , হি ভর] ১ পূর্ণ। "থালি জুলি ভবা হইল না চলে ছাগল ক.চ ১৬৪ । রক্তভরা খুঙ্গি ভা.চ ২৬৫ , ঠক-ভরা দরবার ২৬৮ । ভরা হতে শূন্য ভাল যদি ভরতে যায় ব প ১৩ । কালকূটে ভরা, এ ভুজগে।—মে ৭ , ১৯৫ । বৃষ্টি°…মেঘ : ভোরের স্বপন কান্নাভরা প.কা ৭১ । ভরা নদী ক্ষুরধারা চ কা ৮০ । বর্ষার জলভরা মেঘ ব.প্র ২০১ । ২ পূর্ণ, প্রৌঢ় । "এ ভরা যৌবন, বিফলে গোঙাসু চ দা ১৪১ । তোর এই ভরা যৌবন স এ ১৬ । ৩ প্রবল। "এ ভরা বাদর বি.প ১৭২ । ৪ ভারপূর্ণ, বোঝাই । "ভরা না।—শ্রী ৯৬ । ৫ পোবা। "পিট° কুঁজা শ্রী ৯২ । ভাণ্ডারভরা ধন বি পা ৫২ । ঝুড়ীভরা ঘুঁটে ভা চ ২৩০ , হাঁড়ীভরা অন্ন ২৩৩ , কণ্ঠভরা বিষ ২৫৫ , গাল° গুয়া পান ২৭৯ , টাকা পেয়ে মুটা° ২৮৩ । চাক° মৌমাছি প কা ৫৫। অধরভরা মৃদু মৃদু…হাস্য ব প্র ৫২৭ । ৬ পূর্ণ, ঠিক। "এমন ভরা সাঁঝ চ কা ৩৫০ । ৭ পুরা। "ভরা কাচারি রাজার করে ডাম্বাডোল গো চ ৫৮ । ৮ আবিষ্ট, জড়িত। "সুখ নীড়ে পাখী ঘুম-ভরা আঁখি কু কে ২৫ । ৯ অনুকূলবায়ুবেগযুক্ত। "ভরা-পালে চ'লে যায় চ.কা ৮০ । —রা বি [সং ভর১] ১ ভার, রাশি। "যার লাগি তোসবারে দিনু দুঃখভরা।—কৃ ৩১৮ । ননদী নাগিনী বিষের ভরা ভা.চ ২২৭ । ২ ভার, পণ্যরাশি, বোঝা। "যত ইচ্ছা ভরা দেহ নায় ক.চ ২৯০ । শ্রী ৫৯ । নায় ভরা ভরি দেশে চলহ ব প ২৪৫ । শঙ্খের ভরা : ভবা ভরি যা ম ২১৪ । হোরা নায়ের ভরা ম.ম ২০৬ । ৩ বোঝাই-করা নৌকা। "আপনে ডুবাইলা ভরা শুক গো বি ৯৫ । ৪ পণ্যের নৌকা। "পরগোস খাসীতে ভর ভরা বি পা ১৪৭ । ৫ সঞ্চিত ধন-রাশি। "তোহ্মারে সকল ভরা করিলেক চুরি গো বি ১০৭ । ৬ এক-বারে নৌকাদিতে বহনীয় ভার , ক্ষেপ। "ওপারে মানুষ ডাকে, খেয়া নিয়া মিছা পাকে, এতক্ষণে হৈত ভরা তিন শ্রী ম ৬৬ । [ভরা দেওয়া—বোঝাই করা। "ভরা দিলাম লাভ-আশে ক.চ ৪১ ; নীনা ধন নায়ে দিল ভরা ২২৩ । ভরা-ভরা—ভরপুর। "ক্ষীরি আসিয়া দাঁড়াইল—…মল পায়ে, গোট পরা—হাসি চাহনিতে ভরা-ভরা ব প্র ২৮৪ । কাণে ভরা—কানায় কানায় পূর্ণ। "কাণে ভরা অজয়ের জল শ্রী ১৮৮ ।]

ভরা২ দ্র 'ভর৪ ।

ভরাঁ(রা)তি বি [স° ভ্রান্তি > ভরাতি, -রাতি , বৈষ্ণবসাহিত্যে] ভ্রম, ভুল। "ভৈ গেল মদন ভরাতি ('ভরাঁতি'—প.ক) —গো ১৮৬ ।

ভরাট বি [হি ভরাবট] পূরণ, পূর্ত্তি। —রাট বিং পূর্ণ। "কুসুম সৌরভ, মৃদুমন্দ গন্ধবহে করিছে ভরাট স্ব.প্র ৫৪ । [ভরাট করা—গর্ত্তাদি পূর্ণ করা। ভরাটী—গর্ত্তাদি ভরাট-করা (জমি) । "খালভরাটী, নদী-ভরাটী জমি।

ভরাটী দ্র 'ভরাট'।

ভরাডুবি, -ডুবি বি পণ্যভারপূর্ণ নৌকাডুবি। "ম.ভা ২১ ।

ভরাপুরা বিং [হি °রা] ভরপুর, পূর্ণ, প্রৌঢ়। "ভরাপুরা যৌবন উদাসে বাসি শূন্ত ভা.চ ৪০৩।

ভরাভর বি [তু 'মতামত'] ১ বিশেষ ভর বা পক্ষাবলম্বন ; একান্ত ঝোঁক। "আপনাকে প্রস্তাবনাতেই বলা গিয়াছে, এ সম্বন্ধে ভরাভর দেবেন না।—লী ৫৭। ২ একান্তভাবে আশ্রয়। "মা দাদা, তোমাকে পাচিকা এনে দিচ্ছি, এইখানেই ভরাভর।—জা ৪৭। বিজয় যদি এখানে ভরাভর দেয় ন.ত ৪৭।

ভরাতি দ্র 'ভরাতি'।

ভরি বি [ভর°> °রি] এক টাকার পরিমাণ ; তোলা।

ভরিত বিণ [ভর¹+ইত (ইতচ্)] 'জাতভর', পূরিত। "সন্তি নিষ্ক-সহস্রস্ত ভাণ্ডিস্তো ভরিতাঃ মহা ২.৬১.২। প্রসভভরিতকোশ ক.সা ২৯. ১৯৪। ধ্বনিভরিতসভাকুঞ্জগর্ভ বা.ভা ২.৩৮।

ভরিল বিং [ভর°+ইল² ; সং 'ভরিত', ; অপ্র] পরিপূর্ণ, ভরা। "ভরিল যমুনাত তোহ্মাকে কৈলোঁ পার শ্রী.কী ১৭১ ; ২৯৭।

ভর্গ পুং [√ভ্রস্জ্+অ (ঘঞ্)-ণ] ১ তেজঃ। "ভ ৯.১৭.৯। ২ শিব (অ.কো)। "ক.সা ১৩৪। —র্গঃ (র্গস্) ক্লী [+অস্ (অসুন্)-ক, উ ৪.২১৫] তেজঃ। "ভর্গো দেবস্য ধীমহি।—ঋগ্বেদ ৩.৬২.১০।

ভর্গঃ দ্র 'ভর্গ'।

ভর্চ্ছ, -র্চ্ছ সর্ম [দ্র 'ভচ্ছ' ; ভরছিআ (শ্রী.কী) ; অপ্র] ভর্ৎসনা করা। "ভর্চ্ছিতে লাগিল অ.প ৩৭। কিসের কারণে তুমি ভর্চ্ছহ্নি ম.বি ২৪১। [ভর্চ্ছনা—ভর্ৎসনা। "চ.বি ৩৫৭।]

ভর্চ্ছনা, ভর্চ্ছ দ্র 'ভর্চ্ছ'।

ভর্জন ক্লী [√ভ্রস্জ্+অন (ল্যুট্)-ভা] ১ পাকবিশেষ, ভাজা। "আফ্রিকানিবাসীরা পুত্তিকা ভর্জন করিয়া ভক্ষণ করে।—চারুপাঠ, ২য় ভাগ। ২ [+অন-ধি] ভর্জনপাত্র, ভাজনা-খোলা। —র্জিত বিং [ভর্জন—°ত (বিং) ; সং ভৃষ্ট] ভাজা। "ভর্জিত তণ্ডুল ক.চ ১২৫ ; চৈ.ভা ২১৬। ভর্জিত মৎস্যাহারের নিমন্ত্রণ ব.প্র ২৬১।

ভর্তা (-র্তৃ) বিণ [√ভৃ+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -র্ত্রী ; ছান্দস ; 'ভর্তৃ' (সমাসে পূর্ব্বপদ)—ভর্তৃদারক] ১ ধারক ; পোষক। "ভূতভর্তৃ চ তজ্-জ্ঞেয়ম্ গী ১৩.১৬। ভৃত্যভর্তা যাজ্ঞ ১.২১। ২ ধাতা। —র্তা পুং ১ পতি, স্বামী। "মনু ৩.৬০ ; ৫.১৪৮। মহা ৩.৫৬.১৪। শ ৪ ১৯। ২ অধিপতি, স্বামী, রাজা। "পু.মে ১। ৩ প্রভু, মনিব। "ভর্তৃহার্য্য-ধনো হি সঃ মনু ৮.৪১৭। ৪ নায়ক। ৫ বিষ্ণু। —র্ত্রী স্ত্রী [ভর্তৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] স্বামিনী। [°গুণ (পুং)—স্বামিগুণ। "মনু ৯.২৪। °ঘ্নী (স্ত্রী)—পতিঘাতিনী। "যাজ্ঞ ৩.৬। °দেবতা (স্ত্রী)—পতিদেবতা, সাধ্বী। °বৎসলা (স্ত্রী)—পতিপ্রণয়বতী, প্রিয়ভর্তৃকা। °বল্লভা (স্ত্রী) —পতিপ্রিয়া। °ব্রত (ক্লী)—পতিপূজারূপ ব্রত ; পাতিব্রত্য। "গান্ধারী…নিত্যং °তে স্থিতা।—হ ৫৪.৫২। °হার্য্য (বিণ)—স্বামি-গ্রাহ্য। দ্র 'ভর্তা (৩)।

ভর্তি বিং [হি, ঠ, গু, মৈ ভরতী] ১ ভরা, পোরা। "কপাল ভর্ত্তি সিন্দুর ব.প ৪২। ২ পূর্ণ। "গাড়ী, নৌকা, লোকে ভর্ত্তি। ৩ প্রবিষ্ট, বহাল। "ইস্কুলে, কাজে ভর্ত্তি।

ভর্তৃদারক পুং [ষ.ত] 'প্রভুপুত্র', (নাট্যে) যুবরাজ (সা.দ ৬.১৫৩)। —রিকা স্ত্রী রাজকন্যা (সা.দ ৬.১৫৪)। "কাদ ৫২,-৩।

ভর্তৃবতী বিং [সং ভর্তৃমতী] সধবা। "°তী যোষিৎ ম.পা ১৬১।

ভর্তৃমতী স্ত্রী [ভর্তৃ+মৎ (মতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] বিদ্যমানপতিকা নারী ; পতিবত্নী। "শ ৫.১৭।

ভর্তৃহরি পুং বিক্রমাদিত্যের জ্যেষ্ঠভ্রাতা রাজবিশেষ। "মে ১০৮। [ইঁহার প্রণীত গ্রন্থ—শৃঙ্গারশতক নীতিশতক বৈরাগ্যশতক বাক্যপদীয় ও ভট্টিকাব্য। ইনি বৈয়াকরণ ও মহাকবি। ইনি বিক্রমাদিত্যের জ্যেষ্ঠ ভ্রাতা (দ্বাত্রিংশৎপুত্তলিকা)।]

ভর্ত্রিণী বি [ভর্তৃ+ইনী ; সং ভর্ত্রী ; তু 'ভগিনী' ; অপ্র] প্রভুপত্নী। "কি কাজে তুষিব. তোমার ভর্ত্রিণী, শুভে !—মে ৯২।

ভর্ৎস্ সক [চু, উ—ভর্ৎসয়তে ; ভর্ৎসয়তি, -তে (ক.ক) ; সেট্] ভর্ৎসনা, অধিক্ষেপ, নিন্দা।

ভর্ৎস সর্ম [সং √ভর্ৎস্] ভর্ৎসনা করা ; নিন্দা করা। "দ্বিতীয়ণে ভর্ৎসিলাম কৃ ৩৩৪। ভর্ৎসিলেক ম.বি ২৬৭। ভর্ৎসিয়া শি ২৬ ; ৭২। কত ভর্ৎস আর ভা.চ ৩৬৪। ভর্ৎস।—দা ৩৩৩। বৃথা ভর্ৎস মোরে।—মে ২০৪। নাহি ভর্ৎসে অদৃষ্টেরে চ.কা ১৫৯।

ভর্ৎসক বিণ [√ভর্ৎস+অক (ণ্বুল্)-ক] নিন্দক। —সন ক্লী, -সনা স্ত্রী [+অন (ল্যুট্),+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] অপকারবচন, অধিক্ষেপ, নিন্দা, তিরস্কার। —সিত বিণ [+ত(ক্ত)-র্ম] নিন্দিত, তিরস্কৃত। – সিত ক্লী [+ত-ভা] ভর্ৎসনা।

ভর্ৎসন, ভর্ৎসনা, ভর্ৎসিত দ্র 'ভর্ৎসক'।

ভর্ম (-র্মন্) ক্লী [√ভৃ+মন্ (মনিন্)-ভা ; অকারান্ত 'ভর্ম' (দ্বিরূপ-কোষ)] ১ ভরণ, পোষণ। "গর্ভভর্ম্মণি রঘু ৩.১২। ২ [+মন্-ণ] স্বর্ণ ; স্বর্ণমুদ্রা। ৩ ভৃতি, বেতন।

ভলন্টিয়র্, ভলিন্টিয়ার্ বি [E Volunteer] ১ স্বেচ্ছাসেবক। "ক্রেপ্ ও নেটের চাদরেরা…আজ ভলন্টিয়র হয়ে মাথায় উঠলেন।—হু ৪৭। ২ স্বেচ্ছাসৈন্য। "ফিরিঙ্গিরে খাওয়ার লোভে ভলিন্টিয়ার হলেন।—হু ৮৯।

ভল্ সক [ভা, উ—ভলতে ; সেট্] ১ কথন। ২ হিংসা। ৩ দান। ৪ নিরূপণ।

ভল্ল পুং [√ভল্+অ (অচ্)-ক] ১ 'ঘাতক', ভল্লুক। "কু ১৭৩। ২ [তু 'সং ভদ্র (শিব, মুহীবৃক্ষ) >প্রা ভল্ল] শিব। —ল্ল পুং, ক্লী [দ্র 'ভল্ল (২)] মুহীদলসদৃশফলকযুক্ত বাণবিশেষ। '(মুহীদলফলো ভল্লঃ।—যাদব। ভল্লো বড়িশবং উদ্ধরণকালে অন্ত্রাণ্যাদগৃহ্লাতীতি বক্রঃ। —মহা ১.১৩৯.৬ নীলকণ্ঠ)। "গো.রা ৬ ৭.২৪। রঘু ৪.৬৩। কু ৯৮। অ.প ১৯। —ল্ল পুং, -ল্লী স্ত্রী ভল্লাতক, ভেলাগাছ। —ভল্লক পুং

দ্র 'ভল্ল'।

, -তক পুং ভেলাগাছ (Semecarpus Anacardium)। —ল্লাত, -তক ক্লী ভল্লাতফল, ভেলা। "মহা—বন ১১১.১৩।

ভল্লাতক দ্র 'ভল্লাত'।

ভল্লী দ্র 'ভল্ল'।

ভল্লু(ল্লূ)ক পুং [√ভল্ল্+উক -ক, হ্রস্ব, উ ৪.৪১] ১ ভালুক। "ভল্লুক-যুবন্ উ.চ ২.২০। ২ কুকুর। "মহা ১৮.২.১৮। ৩ শম্বুকবিশেষ, গুগলি। "সুশ্রুত ১.৪৬.১০৯। [°যুবন্ (পুং)—তরুণবয়স্ক ভল্লুক।]

দ্র 'ভল্লুক'।

ভষ্ অক [ভ্বা, প—ভষতি] ১ কুকুররব। ২ কুকুরাদিশব্দ (ক.ক)। —ষ্ সক [পূর্ব্ববৎ] পিশুনোক্তি। "ভষত্যন্যদোষং খলঃ (ক.ক) ২ ভর্ৎসন। "ভষতি শ্বা পান্থম্ (ক.ক)।

ভষ, -ষক পুং [√ভষ্+অ, অক (অচ্, ণ্বুল্)-ক] কুকুর।

ভষক দ্র 'ভষ'।

ভসল বি [সং ভ্রমর >প্রা ভসল, হে ১.২৪৪ >বা °ল ; সং 'ভসল' ; অপ্র] ভ্রমর। "ভুখিল ভসলে শ্রী.কী ৫৫ ; নূপুর °ল ১৯৫।

ভস্ সক [হ্বা, প—বভস্তি ; সেট্] ১ নিন্দা। ২ (অক) দীপ্তি। "বভস্তি গভস্তিহস্তঃ (ক.ক)।

ভসকা '-স্-' বিং ভস্মতুল্য শিথিল ; আলগা। "ভসকা মাটি।

ভসল পুং [দ্র 'ভমল'] ১ মধুমক্ষিকা। ২ ভ্রমর।

ভসম বি [ভস্ম > (স্বরাগমে) °ম ; হি °ম] ভস্ম। "ভসম-সম জ্ঞ.প ২ ; গো ১৪৭। ভসমভূষিত অজভঙ্গিম ন.প ১৮৬।

ভসিত বিণ [√ভস্+ত (ক্ত)-ক] ভস্মসাজ্জাত (শ্রীধর)। "ভ ৮.৭ ৩২।

ভস্ত্র(স্ত্রি)কা স্ত্রী [ভস্ত্রা+ক (কন্)+স্ত্রী আ (টাপ্), বিকল্পে 'অক' >ইক, পা ৭.৩ ৪৭] হ্রস্বভস্ত্রা। —স্ত্রা স্ত্রী [√ভস্+ত্র (ত্রন্)-ক +স্ত্রী আ (টাপ্)] ১ অগ্ন্যুদ্দীপনার্থ চর্ম্মপ্রসেবিকা, জাঁতা। 'কর্ম্ম-কারভস্ত্রা হি ১ ১৩৮। শ্রী ম ২৬৩। সেই নাসা ভস্ত্রার সমান চৈ চ ৭৯। ২ চর্ম্মপাত্র। ৩ আধারমাত্র। "মাত্রা°। মাতা ভস্ত্রা পিতুঃ পুত্রঃ ভ ৯.২০ ২১। —স্ত্রী স্ত্রী সর্থ 'ভস্ত্রা' (শ.ক)।

ভস্ত্রা, ভস্ত্রিকা, ভস্ত্রী দ্র 'ভস্ত্রকা'।

ভস্ম (-স্মন্) ক্লী [√ভস্+মন্ (মনিন্)-ক, উ ৪ ১৪৪, ছান্দস] ১ দগ্ধকাষ্ঠবিকার, ছাই। "ভস্মচ্ছন্ন, °রাজী, °রেণু, °লেপন। চিতাভস্ম-রজঃ কু স ৫ ৭৯। এক ভস্ম আর ছার, দোষ গুণ কব কার ভা চ ৩৭৭। ২ দেহে লেপনার্থ ভস্ম, ভূতি। ৩ অশ্মরীবিকার (শ ক)। [°কূট (পুং)—ভস্মরাশি। °গুণ্ঠন, °ধাবণ (ক্লী)—ভস্মলেপন। °প্রিয় (পুং)—শিব। °মেহ (পুং)—অশ্মরীবিকার রোগবিশেষ। °রেণু (পুং)—ভস্মকণা। °রোগ (পুং)—সর্থ 'ভস্মক'। °ললাটিকা (স্ত্রী) —ভস্মতিলক। °স্নান (ক্লী)—আগ্নেয়স্নান। দ্র 'আগ্নেয়'।] [ভস্মে ঘি ঢালা—ভস্মে ঘৃতাহুতির ন্যায় নিষ্ফল অনুষ্ঠান। তু 'ভস্মনীব হুত' হব্যম্ মনু ৩ ১৮১। ভস্ম ভক্ষিতব্যম্ (হি ৪$\frac{২}{১}\frac{০}{১}$)—ছাই খাবি (গালি)।]

ভস্মক ক্লী [ভস্মন্+ক (কন্) সংজ্ঞার্থে] ১ কফের ক্ষয় ও বায়ুপিত্তের বৃদ্ধি হেতু রোগবিশেষ, ভস্মকীট। ২ বিড়ঙ্গ।

ভস্মকীট বি সর্থ 'ভস্মক (১)।

ভস্মলোচন বি রাবণপক্ষীয় রাক্ষসবিশেষ। [ব্রহ্মার বরে ইহার দৃষ্টি-পাতমাত্র শত্রু ভস্মীভূত হইত।] 'তবে যদি গুরুদেব ভস্মলোচন ক'রে দিয়ে সিংহাসনে বসিয়ে দেন, তা হ'লে একরকম রাজ্য কত্তে পারি। —অ প্র ১৯।

ভস্মসাৎ ব্য [ভস্মন্+সাৎ (সাতিচ্)] সমগ্রভাবে ভস্মে পরিণত। "ভস্মসাদ্ভূত গো রা ৬ ৮৭ ২৩। গী ৪ ৩৭। রঘু ৮ ২০।

ভস্মান্ত বিণ [বহুব্রী] ভস্মাবশেষ, নিঃশেষদগ্ধ (দেহাদি)।

ভস্মাবশেষ বিণ [বহুব্রী] ভস্মপরিণাম, নির্দগ্ধ। '(স বহ্নিঃ) °শেষ° মদনং চকার কু স ৩ ৭২। কপিলশাপে ভস্মাবশেষ সী ৩৮।

ভস্মীকরণ ক্লী [ভস্মন্+চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] অভস্মের ভস্মে পরিণমন। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অভস্ম ভস্মে পরি-ণমিত। —স্মীভাব পুং [+ √ভূ+অ (ঘঞ্)-ভা] অভস্মের ভস্মে পরিণতি। —ভূত বিণ [+ত-ক] অভস্ম ভস্মে পরিণত। "ভস্ম দেহস্য পুনরাগমনং কুতঃ (চার্ব্বাক)।

ভস্মীভাব, -ভূত দ্র 'ভস্মীকরণ'।

ভা১ অক [অদা, প—ভাতি, অনিট্] ১ দীপ্তি। ২ শোভা। [আ —আভা। প্র—প্রভা। প্রতি—প্রতিভা। বি-অভি—মিথোভাসন।]

ভা২ স্ত্রী [√ভা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ)] ১ দীপ্তি, প্রভা। "শুক্লযজুর্ব্বেদ ৩০ ১২। তাবদ্ ভা ভারবের্ভাতি যাবন্ মাঘস্য নোদয়ঃ। —উদ্ভট। অঙ্গভায়, নাহি ভায়, দিগন্ত গগন ব প ৬০৪। প্রভাত-অরুণ-ভায়ের মতন চ কা ৩১৯। ২ প্রতিবিম্ব। ৩ সাদৃশ্য। ৪ শঙ্কুচ্ছায়া। —ভা পুং [+ক্বিপ্ (০)-ক] ১ সূর্য্য। ২ নক্ষত্র। "দংষ্ট্রোত্তিরূদস্ত-ভাগণম্ (ভম্) ভ ৪ ৫.১১।

ভা৩ অর্ম্ম [সং, প্রা, হি √ভা] ১ প্রীতিকর হওয়া, পসন্দ হওয়া; ভাল লাগা। "ইহারে না ভায় স্বতন্ত্র চরিত্র আমার চৈ চ ১০৮, মোরে রাজ্য নাহি ভায় ১৫৫। পড়া বিনা নিমাইরে কিছু নাহি ভায় ন.প ১১৯। ব ৫২। ২ রুচিকর হওয়া, খাইতে ভাল লাগা। "যাকে যার অভিরুচি সেসি তারে ভায়ে ব প ৮৪৩। সর্ব্বজ্ঞ প্রভু জানেন যারে যেই (দ্রব্য) ভায় চৈ চ ১৪৯। ৩ প্রিয়রূপে প্রকাশ পাওয়া। "তোমা বিনে মোর চিতে কিছুই না ভায় চ.দা ৮১। যে যার মনে ভায় সে জন ভজে ভায় ক চ ৩। ৪ শোভা পাওয়া, ভাল দেখান। "ফণী বিভূষণ কেন, মণি নাহি ভায়?—শি ৩৫। ৫ ভাল বলিয়া বোধ হওয়া। "বুঝিয়া আপনি কর যেবা মনে ভায় ভা.চ ৩৩৮। ৬ যুক্তিসঙ্গত বোধ হওয়া। "যত জনে যত বল মোরে নাহি ভায় ভা.চ ৩৮২। ৭ প্রতিভাত হওয়া। "হে প্রকৃতি! যত তোমা নেহারি নেহারি তত নব নব শোভা চর্ম্ম-চক্ষে ভায়।—অ শু ৯৫। ৮ প্রকাশ পাওয়া। "যে নশ্বর শরীরে ঈশ্বর বুদ্ধি ভায় শি ৩৬। ভয় এক-গুণা, শত-গুণা হয়্যে ভায় ধ প্র ১৯০। ৯ দীপ্তি পাওয়া। "অঙ্গ ভায়, নাহি ভায়, দিগন্ত গগন ব প ৬০৪। ঘোর দন্ত ভায়।—গান ৮, এক জ্যোতি ভায় ২২। ১০ প্রতীয়মান হওয়া। "লাল্যামেধ্য লালকো চন্দনসম ভায় চৈ চ ২৮২। [ভাইল—ভাল লাগিল, প্রীতিকর হইল। "চরিতার্থ করি মাত্র চাহি যার পানে। তথাপি ভাইল নাহি ভাতারের মনে॥—শি ৯৩। ভাওই, -ভাওত (ভাল লাগে), ভাওব (ভাল লাগিবে)।—প ক।]

ভা৪ সর্ম্ম [সং √ভাবি—ভাবয় >প্রা √ভাঅ (প্রা ম) >বা ভা] চিন্তা করা, ভাবা। "হরের বচন তোমার মনে নাই ভাএ।—মী ২০। সুখ ভোগ মীননাথ যার নাহি ভাএ গো বি ১৫৩। কামেতে পীড়িত চিত্ত অন্য ভায় নাহি।—ম ৩। তুমি মোর গতি, মন নাহি আন ভায় চ দা ১৪৬। তোমা বিনে অন্যে মোর চিত্ত নাহি ভায় ম.বি ৮৯ তথাপিহ নাহি ভায় ভাতারের মনে শ্রী মা ৪৯।

ভাই বি [সং ভ্রাতৃ >প্রা ভাই (ভাতি > °ই ?), হি, ঠ, প ভাঈ, মৈ ভাই, -ঈ, সি, গু, ড় ভাই] ১ সহোদর। 'দুর্য্যোধন শত ভাই। —ম ১৩৪। সুখ দুখ দুটি ভাই চ দা ৫৪। ২ বিমাতার পুত্র। "দেশে থেকে দূর করে দেয় ভাই।—কৃ ২৫০, উঠ রে লক্ষ্মণ ভাই।—৩১৮। যুধিষ্ঠির পঞ্চ ভাই প্রণমিল পদে।—ম ১৪৮। ৩ জ্যেঠা খুড়া প্রভৃতির পুত্র। [এরূপ স্থলে, 'জ্যেঠতুত ভাই' খুড়তুত ভাই' এইরূপ বলে]। ৪ ভ্রাতৃতুল্য ব্যক্তি, বন্ধু। "যত নগরিয়া ভাই করিয়া সংহতি (যায় সাধু) ক চ ১১৫। ৫ স্বদেশবাসী ব্যক্তি। 'কাঁদে রে বাঙ্গাল ভাই ক চ ১৯৮। ৬ শিষ্টাচারপূর্ব্বক সম্বোধনপদ। "মরষি কেন ভাই।—কৃ ২৫১। ওরে ভাই কর্ণধার ক চ ২৪০, হে কাণ্ডার ভাই ২৪৮। শুন কর্ণসেন ভাই।—শ্রী ২০। সুন্দর কহেন ভাই, ঘোড়া জোড়া ছেড়ে যাই ভা.চ ২৬৮। ৭ এক জাতি এক সম্প্রদায় বা এক সমাজের ব্যক্তি। "ব্রাহ্মণ হিংসিলে ভাই নাহিক নিস্তার।—ম ২৯। পাদরি সাহেব কডিতে বল, সহিতে বল, সুপারিসে বল—'ভাই লোকদের' সর্ব্বদা রক্ষা করেন আ.দু ১৭৬। ৮ সখীত্বসূচক সম্বোধনপদ। "কি করিব ভাই!, ছুঁচ ফেলবার জায়গাটি নাই।—কা ১৩৭। প্রফুল্ল বলিল, 'তোমার নাম কি ভাই? —ব প্র ৩৪৩, ভাই সাগর ৩৯০। ৯ সতীন জা দিদি ইত্যাদির প্রতি সম্বোধনপদ। "আমি, ভাই, তোমার সতীন ব.প্র ৩৪৩। [ভেয়ের —ভাইএর। "শ্রী ১৫৫।]

ভাইআল বি [ভাই+আলি৪ > °ল] ভ্রাতৃত্ব, সৌভ্রাত্র। "সহজে যাদববংশে আছয়ে ভাইআল শ্রী.ম ২১৪।

ভাইখাগী বি গালিবিশেষ। "°গীর ভাই।—জা ২১।

ভাইগনা বি [ভাগিনা > °না,] ভাগিনেয়। "ব.প ১৬১।

ভাইজ, ভাজ১ বি [ভ্রাতৃজায়া > °জ, হি ভাবজ, ভৌজ, ভৌজাঈ, ঠ ভাবজঈ, প ভাবো, মৈ ভাউজি, সি ভাজাই, ড় ভাউজ] ভাইএর স্ত্রী। "ভাজের সঙ্গে ম ভা ৪৬। ভাজে দিবে সদা তাড়া ভা চ ১০৬। ভাজ।—হু ১০২। আমার ভাই ও ভাইজ…এই গহনাগুলি

দিয়াছিলেন ব.প্র ২২৭। ভাজের বাড়ী মহাশয়ের নিমন্ত্রণ ব.খি ২৩; বমুনাদিদির ভাইজ ৪২৭।

ভাইট বি ভাঁটগাছ। "বা.ম ১১৭।

ভাইত বি [ভাতি > °ত] জাতি, প্রকার। "(জোলা) বেশাতি আনিত নানা ভাইতে ম.ম ৬০।

ভাইফোঁটা বি ভ্রাতৃদ্বিতীয়ার ভাইএর কপালে ভগিনীর ফোঁটা দেওয়ার উৎসববিশেষ।

ভাইব্রাদার বি [একার্থক] সর্থ 'ভাই (৭)। "সাহেবদের হাকিম ভাইব্রাদার।—নী ৫৯।

ভাইভাতারী বি স্ত্রীলোকের প্রতি গালিবিশেষ। "নী ৫১।

ভাইয়া বি [সং ভ্রাতৃ > প্রা ভাইম (প্রা.ম), ভাইয় (অ.য়া) > বা °য়া] ১ সহোদরভিন্ন ভ্রাতা। "কোথা যাও ভাইয়া ম.ম ১৭৪। ২ সর্থ 'ভাই (৭)। "ভ.প্র ২৬৮,-৭০। ৩ সপিত্বসূচক সম্বোধনপদ।

ভাউ বি [সং ভাব, হি ভাউ] ভক্তিসূচক ভাব। "ভাউয়াতে ভাউ করে।—হু ১৮। —উয়া বি ভাবুক, ভক্তিভাবপ্রবণব্যক্তি।

ভাউচার বি [E. voucher] হিসাবের বা বিলের পরিপোষক বিশেষবিবরণ-সহিত খুজরা হিসাব।

ভাউজ বি [দ্র 'ভাইজ'] ভাই-বউ। "গো.চ ২৭৭। ভ.প্র ৩৪৩। [ভাউজের বেটি ভাউজ—গালি (?)। "গো.চ ২৭৭।]

ভাউয়া দ্র 'ভাউ'।

ভাউলিয়া, -লে বি [?] তথ্তার ছই-আঁটা ছোট নৌকা।

ভাউলী বি [হি ভারলী; প ভাউলী] জমিদারকে করস্বরূপে প্রদত্ত ভূমিতে উৎপন্ন ফসলের অংশ; ফসলী খাজনা।

ভাউলে দ্র 'ভাউলিয়া'।

ভাও বি [সং ভাব; হি ভাউ; মৈ ভাও] ১ ভাব, আকার। "সমুদ্রে হারাইছ তুমি যেই চৌদ্দ নাও। সেই রীত সেই গড় সেই দেখি ভাও॥ —ম.ম ২৩২। ২ কৌশল। "না জানে চান্দ মাগিবার ভাও ম.ম ১৪৬, বেহুলা কার্য্যের ভাও জানে ১৮৮; ২২৩। বাণিজ্যের ভাও ব প ২৪৪। ৩ ভাব, গতিক, অবস্থা। "আজিগা না বুঝি ভাও গো.বি ৯২। বুঝিলাম কার্য্যের ভাও ম.ম ১১৪; শরীরের ভাও ২১২। ৪ নির্ম্মাণ, গঠন। "নৌকা ভাও করিয়া আসহ সত্বর ম ম ১১৮, পাটন যাইতে চান্দ ডিঙ্গা করে ভাও ২১৭। ৫ আকার, আড়া (shape)। "ঘরের স্থান ভাও গিয়া করে ভালমতে ম.ম ১৬৮,-৯। ৬ স্রোতের গতি। "রাত্রি দিন বাহে নৌকা গাঙ্গের বুকে ভাও ম ম ২০৭। ৭ মূল্য, দর। "এমত করিব ভাও, ভরি দিব চৌদ্দ নাও বা.ম ২০৭। আধা মূল্য ভাও করি দিব হে তোমারে বি.পা ২১৫; ২১৯। কত করি ভাও বল দধি ঘোল কিনি ম.ম ৭৪।

ভাং বি [সং ভঙ্গা; হি, মৈ ভাঁগ; ট, গু ভাংগ] সিদ্ধি (hemp)। "মদ ভাং খোআইলেক হস্তিক বিস্তর করিয়া গো.চ ১৫৭, ভা.চ ৩৫৫; যারা মুখে বলে গৌরাং, কিন্তু উপরে রূপা ভিতরে রাং, জুটিয়ে আখড়ায় গাঁজা ভাং, মজিয়েছেন ভুবন—দা ২৪৩।

ভাংচি, ভাঙ্গচি বি [সং ভঙ্গ: মৈ 'ভাঁগঠ'—ভঙ্গ] ভাঙ্গার পরামর্শ; বিরুদ্ধে কুমন্ত্রণা। "উনি অনেক ভাংচি দেবেন বি.বু ১৩।

ভাঃ (-স্) পুং [√ভাস্+ক্বিপ্ (০)-ক-১ব] ১ 'দীপক', সূর্য্য। ২ চন্দ্র, মাস (মেদিনী)। —স্ত্রী ১ প্রভা, রশ্মি, দীপ্তি। "ঋগ্বেদ ১. ৪৬.১০। গী ১১.১২। কু.স ৭.৩। উজ্জ্বলরত্ন° ভট্টি ১.৮। মণীনাং ...জ্বলন্তি ভাসঃ কি ৫.৩৮। ২ [+ক্বিপ্-ণ] প্রভাব। ৩ [+ক্বিপ্ -ভা] ইচ্ছা।

ভাইড় বি [সং ভাণ্ডি > প্রা ভংডি > বা ভাঁড়ি, ভাইড়, ভাঁড়] নাপিতের ক্ষুরাদির আধার, ক্ষুরভাঁড়। "ভাঁইড় ক্ষুর গো.চ ১৪৮। ক্ষুরভাইড় আ.দু ১১১।

ভাঁওভাঁও বি [ধ্বন্যাত্মক] শিঙ্গার গম্ভীরধ্বনি। "শ্রী ২১৫।

ভাঁগ সর্ম্ম [সং ভঙ্গ > প্রা ভংগ > বা °গ; হি √ভংগ; ঠ √ভাংগ] ১ ভগ্ন করা; ভাঙা। "মুকুট ভাঁগিআঁ, সব পেলাইবোঁ শ্রী.কী ৩৮। বীর লাথির চোটে কপাট ভাঁগ্যা প্রবেশিল গড় ব.প ৫২৭। ২ সংহরণ বা সংবরণ করা। "ক্ষণেকে ঐশ্বর্য্য প্রকাশিয়া পুন ভাঁগে চৈ.ভা ২১৮। ৩ ছিন্ন করা। "কাঞ্চুলী ভাঁগিআঁ, তন বিগুতিল শ্রী.কী ৩৮।—গ অর্ম্ম ভগ্ন হওয়া। "(নাঅ) এথনে ভাঁগিল শ্রী.কী ১৫৪। [ভাঁগি, -গিতে,-ব,-বোঁ (শ্রী.কী)।]

ভাঁগিল বিং [ভাঁগ+ইল২; অপ্র] ভগ্ন। "ভাঁগিল সোনার ঘট যুড়িবাক পারী শ্রী.কী ৩৯৭।

ভাঁজ[১] বি [ভাঁজ২ > °জ; হি ভাঁজ; মৈ 'ভাঁজ'—চিহ্ন] ১ ভঙ্গ, কুঞ্চন (fold)। "কাগজের, কাপড়ের ভাঁজ। ২ চিহ্ন, লেশমাত্র। "বাড়ীতে ছেলের ভাঁজ নাই।—জ্ঞা ৩২। বউটা বড় বেহায়া, লজ্জার ভাঁজ নেই। ৩ মাটির দেয়ালের যতটা একবারে গাঁথা যায়। ৪ মিশ্রিত দ্রব্যান্তর। "নিভাঁজ ঘি, তেল। ভাঁজাল—মিশ্রিত (ঘি ইত্যাদি)।]

ভাঁজ[২] সর্ম্ম [সং ভন্জ্ > প্রা √ভংজ > বা °জ; হি √ভাঁজ] ১ কুঞ্চিত করা (to twist)। "কাগজ ভাঁজা। ২ (ব্যায়ামে) মুগুর ইত্যাদি ভঙ্গিপূর্ব্বক ঘূরান। বন্বন্ ভাঁজে ভল্ল (মল্ল)।—রঙ্গ ২৩; ১১১। ৩ সাজান তাসের গোছ বিপর্য্যস্ত করা বা ভাঙা। "মলিন তাস সজোরে ভেঁজে, খেলিতে হবে ক'সে॥—চ.কা ৭৪। ৪ রাগিণীর পর্দ্দা-অনুসারে আলাপ করিয়া স্বর ঠিক করা। "মোটা আওয়াজে আর কুক্কুর-রাগিণী ভাঁজিয়া কাজ নাই ব.প্র ৬৪২। ৫ যতি-অনুসারে পাঠ করা বা আওড়ান। "ভাট বন্দী কত কত,...ছন্দ নাম্বামত ভাঁজে আ.দু ৭৬। [ভাঁজা—১ সর্থ 'ভাঁজ২। ২ পরিপাটিপূর্ব্বক সজ্জিত। "(পোস্ক রদি রাজা) শিল্ক সাটিন গরদ চেলি চাপকানেতে ভাঁজা। —হেম ৩৮০।]

ভাঁজা দ্র 'ভাঁজ২।

ভাঁজাল দ্র 'ভাঁজ১।

ভাঁটা[১] বি [তি 'ভাটা'—প্রস্তরময়ভূমি, ড 'পেণ্ডু' (পিণ্ড); সং 'বাঁটা'—ডাণ্ডাগুলির 'গুলি'] শিশুর বৃত্তাকার খেলনাবিশেষ; বাঁটুল, গুলি। "লৌহ° ম ১২৯,-৩০। (চক্ষু) ঘূরে যেন কড়ি ভাঁটা ক.চ ৪৬। ভ.প্র ২০৩; কোন পিশাচের বেটা, অণ্ডকোষে খেলে ভাঁটা ২৬৮। মাটির ভাঁটা কু কে ৮৯।

ভাঁটা, -টি[২]**, ভাটা** বি [হি ভাটা, ঠ ওহট,-টী; ড় ভঁটা] ১ নদীর নিম্নাভিমুখ স্রোত; জোয়ারের উলটা স্রোত (ebb-tide)। "গঙ্গা পড়িয়া গেল ভাটা—মী ২২। ভাটা জল উজান বয়।—কৃ ৪১১। জুয়ার-ভাটা বুঝিয়া লোহার বাড় দিল ক.চ ২০০। কোশা চড়ি বেড়াব উজান আর ভাঁটি ভা.চ ৪৪৮। ২ (গৌণার্থে) ন্যূনতা, কমী। "এ সংসারে বেঁচে থাকার দাবি, ভাঁটায় ভাঁটায় নেবে নেবে একেবারে তলায় গেল নাবি' প.কা ২৫। ৩ ন্যূনতার স্রোত। "ক্ষণেক পরে আবার ভাঁটা পড়ে কুয়াসায় কু.কে ১১২। —টি৩ বিং ন্যূন, মৃদু। "ক্ষীর রান্ধে জাল করি ভাঁটি ক.চ ১৫৮। [ভাঁটি দেওয়া—ভাটির স্রোতে যাওয়া। "পাঁচ-খানি ছিপ ভাঁটি দিয়া দেবীর বজরা যেরাও করিতে চলিল ব.প্র ৪০৩। ভাটা পড়া—ভাঁটায় নদীর জল নামা। "ভাটা পড়ে গাঙ গো.বি ১২৪। বয়েস ভেটিয়ে—বয়স ভাঁটাইয়া, অর্থাৎ কম করিয়া। "দা ৪৬১। ভাটিয়ে যাওয়া—ভাটার স্রোতে যাওয়া। "ভাটিয়ে যাবে ভাটার বেলা।—রাম-প্রসাদ। বয়সেতে ভাটা—বয়োবৃদ্ধ। "ব.প ১৩৭০।]

ভাঁটি[১] বি [সং ভ্রাষ্ট্র > ভচ্ঠ বা (ভাট,-টি) °টি; হি ভট্‌ঠি; ঠ, মৈ

ভাটী] ১ দেশী মদ চোয়ানর কারখানা বা যন্ত্র। "ব্রাণ্ডির ভাঁটিতে না চোয়ালে তোমার ক্ষুধা হয় না স এ ৫। ২ সর্ব 'ভাটি²।

ভাঁটি², ভাঁটি³ দ্র 'ভাঁটা²।

ভাঁটুই বি [(পূর্ববাঙ্গলে) বাটই (বাটলুচি?)] তৃণবিশেষ ও তাহার সকণ্টক ফল (ইহা স্পর্শমাত্র কাপড়ে ফোটে)।

ভাঁড়¹ বি [সং ভাণ্ড >প্রা ভণ্ড >বা °ড, হি, মৈ °ড়, ঠ ভাণ্ড] ১ মৃৎপাত্রবিশেষ, ছোট কলসী। "°কুঁড়। ২ পাত্র, আধার। "মদিরা°। —ম ১২.৩৩। [আমার ভাঁড়ে মা ভবানী—আমার ভাঁড় মা ভবানীর আশ্রয়, অর্থাৎ শূন্য, আমার টাকার থলী রিক্ত। "জান তো আমার ভাঁড়ে মা ভবানী অ গ্র ১০৩।]

ভাঁড়² বি সর্ব 'ভাঁইড'। "খুরভাঁড।—ন ত ৬৯।

ভাঁড়³ বি [সং ভণ্ড >প্রা ভংড >বা °ড়, হি, মৈ ভাঁড়, ঠ, গু ভাণ্ড] ১ বিদূষক, মসখরা। "ভাঁডে করে ভাড়াই ভা চ ৪১২,-৫৯। ২ ভণ্ড, ধূর্ত। "মূর্খগুলা কহে বৈষ্ণবেরে চোব ভাঁড় ভ গ্র ২২০, ভাঁড়গণ ভাবে মোরা ভাল কাচ কৈল ২৪১। ৩ নির্লজ্জ, বেহায়া।

ভাঁড়⁴, -ড়া সর্ক [স° √ভণ্ড্ >প্রা √ভংড >বা °ড়,-ড়া] ১ প্রতারিত করা, ভাঁড়ান। "বাবে বারে ভাঁড়ি যাও কড়ি নাহি দিয়া বা ম ৫১, তুমি যদি ভাঁড় মোরে ২০৭,-১৩, ৩৬২। ভাঁড়াস্ আমারে বি পা ৩০৬। ভাল ভাঁড়িলা শিব ম ম ১০, বর্বর ভাঁড়াইয়া পূজা খায় ১২২। ২ গোপন করা, লুকান। ৩ ভোগ করায় বঞ্চিত করা। "(বিধি) ভাঁড়াইলা সে সুখ আমারে।—মে ৩১৭। [ভাঁড়ান—সর্ব 'ভাঁড⁴। ভাঁড়াভাঁড়ি—পরস্পর ভাঁড়ান। 'কথাও হবে ভাঁডাভাঁড়ি ভা চ ৫৩২। ভাঁড়া যাওয়া—প্রতারিত হওয়া, ঠকা। ভাঁড়া যাবে কেমনে এমন রাজস্থানে শ্রী ২৫৫। দানি ভাঁড়া যায়, সঙ্গী ভাঁডা যায় কবে ভা চ ৩৭২। ভাঁড়্যা—ভাঁড়িয়া (প.ক)। ভেড়ে গেলে—ঠকাইয়া গেলে। "শ্রী ১০৯।]

ভাঁড়া দ্র 'ভাঁড়⁴।

ভাঁড়াই, -ড়ামি, -মো বি [ভাড়³+আই⁵, আমি², আম³, হি ভাঁড়েতী] ভাঁড়ের কাজ, পরিহাস, নর্ম (buffoonery)। দ্র 'ভাড৩'। ভাঁড়ামি করিছে ভাড় ভা চ ৭৪৮। ভাঁডামো নকল ঠাট্টা…একাদিক্রমে চলিয়াছে আ দু ১৪৭।

ভাঁড়ান দ্র 'ভাঁড়⁴।

ভাঁড়াভাঁড়ি; ভাঁড়ামি, ভাঁড়ামো দ্র 'ভাড⁴, ভাঁড়াই'।

ভাঁড়ার বি [সং ভাণ্ডাগাব >প্রা ভ°ডাআর,-ডার >বা °র, হি, ঠ, গু ভংডার] খাদ্যাদিসঞ্চয়ের গৃহ, ভাণ্ডার, কোষ। "ভাঁড়ার জিম্মা যার আছে মা, সে যে ভোলা ত্রিপুরারি।—রামপ্রসাদ। —রি, -রী বি [°র +ই⁶, ঈ⁷, দ্র 'ভাণ্ডারী'] ভাঁড়ারের কর্মচারী, ভাণ্ডাররক্ষক। "কাড়ারী ভাঁড়ারী রাঁধনী বামন। যশ পায় না এই ক'জন॥—প্রবচন।

ভাঁড়ারি, ভাঁড়ারী দ্র 'ভাঁড়ার'।

ভাঁড়ি বি সর্ব 'ভাঁইড'। "কি গুণে তুই ধবিস ভাঁড়ি, চিনতে নারিস মাথা কি দাড়ি।—দা ২০৬৯।

ভাঁতি¹ বি [সং ভক্তি >প্রা ভত্তি, ভংতি >বা ভাতি, ভাঁতি, হি, মৈ ভাঁতি, ঠ ভাংতী] ১ প্রকার, তর। "হাসেন খুলনা ছন্দ দেখি ভিন্ন ভাঁতি ক.চ ১৩৮। কত ভাঁতি ভজি ন প ২৯০। (মমত্তাপ) নানাভাঁতি শ্রী.ম ১৩৫। কত ভাঁতি মধুর কথা ব্র.প ১৩৬। ২ রচনা। "শ্রীবৎসলোম ঊর্দ্ধরেখা-ভাঁতি শ্রী ম ৩০১। ৩ রচনাকৌশল। "মালা গাথে নানাভাঁতি ক.চ ২৬৮। ৪ নির্মাণপ্রকার। "(নির্মাইলেন ইন্দ্রাণী) গজারূঢ়া সহস্র-নয়না শুভভাঁতি।—দু ১১। ৫ গঠন, গড়ন। দুই লোচন সুভাঁতি চৈ.ভা ১৭৬। ৬ বাক্যপ্রয়োগকৌশল। "পদযুগ ভাঁতি ভাঁতি, বলিছে সুন্দর ভাঁতি শ্রী.ম ২৬০। ৭ অবস্থা। "ঐছন ভাঁতি করল সখী মোর। —ব ১১৮। ৮ কৌশল। "কেরুয়াল ধরিতে না জানি ভাঁতি শ্রী ম ৬৭। ৯ প্রকার, জাতি। "এক আত্র নানাভাঁতি চৈ চ ৩৪৭। পক্ষী জলচর গড়ে নানাভাঁতি ভা চ ১২৫। ১০ পঙ্ক্তি, শ্রেণী। "চান্দে যেন ভ্রমরার ভাঁতি প.র ৩২। ১১ ভাব। "ঐছন ভাঁতি, আওল যাঁহা মাধব প ক ১১৩। ১২ সমূহ। "মুচাচর কেশভাঁতি।—জ ১। ১৩ বার্ত্তাসমূহ। "প্রকার করিয়া কহিবে ভাঁতি ক চ ২৫০। [ভাঁতিয়া—ভাঁতিতে, ভাবে। "ময়ূর ময়ূরী, রটই মধুর ভাঁতিয়া।—ব ১১৩। (তরুণীগণ) গাওত কতহু ভাঁতিয়া রা.শে ১১৪।]

ভাঁতি² বি [সং ভাতি >°তি 'ভ্রান্তি¹'র অনুকরণে।] ১ প্রভা। "ভানুসম ভাঁতি।—দু ৪। তীক্ষ্ণ ভাঁতি ভ গ্র ১২৭। ২ কান্তি। "কাজর কালিম ভাঁতি জ প ৫৩। নেত্রারুণপদ্মভাঁতি ব্র প ১৭১। ভুবনমোহন রূপভাঁতি প.ক ১২০। বদন বিধুক ভাঁতি ন.প ১৪১। ৩ শোভা। "তড়িত জড়িত জলদ ভাঁতি জ প ৩৭।

ভাঁপ ক্রি [সং বাষ্প >প্রা বপ্ফ >বা (বাফ) ভাপ— √ভাঁপ] বাষ্পযুক্ত হওয়া, তপ্ত হওয়া। "প্রদীপ-অনল-তাপে, যাহার শরীর ভাঁপে, সে কেমনে সেবিব আগুন ব.প ১৩৬৫।

ভাক্, -গ্ (-জ্) বিণ [√ভজ্+চি্ (০)-ক-১ব] ১ ভাগী। "সম্রাট্-শব্দো হি কৃচ্ছ্রভাক্ মহা ২.১৫২। পাপ° কু স ৫৮৩। উত্তরকূল° মনু ১২.৩৫। ২ ধৃক্, ধারী। "যুবরাজশব্দ° রঘু ৩.৩৫, সর্বরূপ° ১০.২০। ৩ ভুক্, ভোক্তী। "যথাংশ° রঘু ৩.৪৪। ৪ হারক। "ধনৃথ° মনু ৯.১৫৫। ৫ গ্রাহক। 'ষড ভাগভাগ রাজা মনু ৮.৩০৫। ৬ ভক্তিযুক্ত। "অনন্য° গী ৯.৩০। ৭ গামী। 'নরক° ভ ৩.৯৪। ৮ গত। 'অঙ্কভাজা কলেন কি ৫৫২। ৯ শ্রিত। "সাগর° নৈ ২২.৪৪। [সমাসে উত্তরপদ]

ভাকু(কু)ট পু° মৎস্যবিশেষ, ভেবুট মাছ।

ভাকুট দ্র 'ভাকুট'।

ভাক্কা বি° [দ্র 'ভেকো'] হতবুদ্ধি, কর্তব্যবিমূঢ়, বোকা। [ভাক্কা পারা—হতবুদ্ধির মত। 'বি সু ১০৭। ভাক্কা যায়—হতবুদ্ধি হয়। "ভূপ যায় ভাক্কা বি সু ৭৮।

ভাক্ত বিণ [ভক্তি+অ (অণ)] ১ ভক্তিসম্বন্ধী। ২ গৌণবৃত্তিবোধিত, ঔপচারিক, গৌণ। বিপ 'মুখ্য'। দ্র 'পা ১.৪.৩২, তত্ত্ববোধিনী। ৩ অন্নসম্বন্ধী। ৪ [বাঙলায়, অপ্র] যাহার ভক্তি দৃঢ়মূল নহে, সহজেই বিচলিত হয়, গৌণভক্ত। যাঁহারা ঐরূপ আচার করেন, আমি তাঁহা-দিগকে 'ভাক্ত'· বলিয়া গালি দিতে পারি না পা প্র ১৪২।

ভাখ¹ বি [স° ভাষা >ভাখা >°প (দ্র 'খ²), হি ভাখ,-খা, ঠ ভাক,-খ, মৈ ভাখা] ১ ভাষা, বাক্য। 'বোলত গদগদ ভাখ।—গো ১৮৯। ২ রব, কূজন। ডাহুকি কলকল ভাখ।—জ্ঞা ২৩৮। —খন বি [সং ভাষণ >°ন্, হি ভাখনা] ভাষা, বাক্য। 'মধুর ভাখন ব প ১০৮৭। —খা বি ভাষা। হিন্দি পারসিক আংরেজি ভাখা।—হেম ৩৫৫। [ভাখী—ভাষা, বাণী। বি প ৫১।]

ভাখ² সর্ক [স √ভাষ্ >°খ (দ্র 'খ²), হি, মৈ √ভাখ] ১ বলা। "মিথ নহ ভাখি ব প ১০১১। মধুর ভাখিয়া, হাসিয়া মরম বাঁধে। —গো ১৭৬। ২ উচ্চারণ করা। 'কোই লুঠত, প্রাণ প্রিয় সখী ভাখি।—ব ১৯১। ৩ বর্ণনা করা। "নরহরি কত ভাখব সত্তে প্রাণ নিছনি দেও ন প ১৫৮। [ভাখই, -খহ (প ক)]

ভাখন, ভাখা দ্র 'ভাখ¹।

ভাগ¹ পুং [√ভজ্+অ (ঘঞ্)-ভা] ১ ভজন, সেবা, আশ্রয়। ২ [+অ-র্থ] অংশ (part, share)। "ঋগ্বেদ ১.১২৩.৩, ২.৩৬. ৪। রক্ষসাং ভাগঃ রা ২.৪৩.৫। অশীতি° মনু ৮.১৪০। ৩ ধনৃথ, ধনৃথাংশ। "°হর। ৪ একদেশ, একাংশ। "অধো°, ঊর্দ্ধ°, সৈন্ত-পৃষ্ঠ°। তত্ত° ক.সা ৩৭.১৩, নভো° ৪৭.৫০। সময়ে কাননভাগে,

থাকিব বীরের আগে ক.চ ৬৫। ৫ প্রদেশ। "ভূমি° রা ২.৫৪.৩। ৬ অবকাশ, স্থান। "উরস্তপর্য্যাপ্তনিবাসভাগা (লক্ষ্মীঃ) রঘু ১৮.৪৭। ৭ রূপকার্দ্ধ, আটআনা। "পা ৫.১.৪৯, সি। ৮ বৃদ্ধ্যাদি (কাশিকা)। "পা ৫.১.৪৯। ৯ পরিধির ৩৬০ অংশের একাংশ; ডিগ্রী। ১০ (জ্যোতিষে) রাশির ত্রিংশত্তম অংশ। ১১ ভাগ্য, অদৃষ্ট। "মহা° মা.মা ১৩১। শ্রী.কী ১৩। শ্রেষ্ঠ ভাগ।—ম ১৬। নিজ পুণ ভাগ।—জ্ঞা ২৪। পুণ্যভাগে চৈ.ম ৮; প্রভু মিলে বড় ভাগে ৫৭। ১২ চতুর্থাংশ (A.)। ১৩ [+অ-ণ] (গণিতে) ভাগহার (Division)। ১৪ [ভগ+অ (অণ্)] ভগদেবতাক পূর্ব্বফল্গুনীনক্ষত্র। ১৫ একাদশ (১১) সংখ্যা। ১৬ (বাঙ্লায়) সমূহ, ক্ষণ। "দেব°।—কৃ ২০২; কুমার° ২৬৯; নারী° ২৮৪, বীর° ৩১৫। মন্ত্রী° শ্রী.ম ১৭। বীব° ব.প ৪৯৫; চ.বি ৬৬। দেব° ভা.চ ৩০; প্রেত°, ভূত° ৪৪। [°কল্পনা (স্ত্রী)—বিভজন, বিভাগ। °পত্র (ক্লী)—রাজাংশলেখ্য, রাজার ভাগ-পাটা। "শু ৪.২.১২৪। °ভাক্ (-জ্) বিণ—ভাগহর, ভাগী। °ভুক্ (-জ্) পুং—শস্যাংশগ্রাহী, রাজা। °লেখ্য (ক্লী)—ভ্রাতৃগণের পরস্পর বিভাগপত্র বা বণ্টনলেখ্য; ভাগবাঁটয়ারা দলিল। "শু ২.৩০৫। °হর (বিণ)—রিক্থাংশগ্রাহক, দায়াদ। °হার (পুং)—১ (গণিতে) ভাগহরণরূপ ব্যাপারভেদ; ভাগের প্রক্রিয়া বা হরণ (Division)। ২ প্রজার নিকট হইতে রাজগ্রাহ্যাংশগ্রাহক। "শু ২ ১২০। °হারী (-রিন্) বিণ—ভাগগ্রাহী, ভাগী।]

ভাগ[২] অর্ম্ম [সং ভগ্ন > প্রা ভগ্‌গ > √ভগ্‌গ—ভগ্‌গংতা (পলায়মানাঃ—পৈ) > বা °গ, হি, ঠ, গু, মৈ, অস √ভাগ, সি √ভগ, ভাগ (ভগ্ন—চ)] ১ ভঙ্গ দেওয়া, পলায়ন করা। "পাতালের যত নাগ ভাগে চ.বি ১৮৯। ভয় পেয়ে…গেল ভেগে শ্রী মা ১৪৬। মৃত্যু ভাগে ডরে ভ গ্র ২১৩,-২৩। যাহার শ্রবণে ভাগে অজ্ঞান পাষণ্ড চৈ চ ২৭০। ভাগল ধরম বিহঙ্গ।—গো ১৭০; লাজ মন সঞে ভাগল ২১৫। ব ৩২। ধমকে…ভূত ভাগে বি.সু ১৫। ২ দূর হওয়া; মিটিয়া যাওয়া। "ভাগউ সব দুখ মিলত মুরারি বি প ১৮৬। ভাগব কব দিঠি শ্রবণক দ্বন্দ্ব।—ব ২০৮। ৩ নিরাকৃত বা দূর হওয়া। "জ্ঞানের প্রভাবে তান ভ্রম গেল ভাগি গো.বি ১৫২। ৪ বিগত হওয়া; পোহান। "জাগিল বিহঙ্গকুল ভাগিল বিভাবরী স্ব.প্র ২২৮। ৫ খণ্ডিত হওয়া, যাওয়া। "পাপী জনারে মারিলে পাপের দোষ ব.প ৪৯৯। ৬ অপসৃত হওয়া, যাওয়া। "(চুম্বনে) কাজর সিন্দুর দূরহি দূর ভাগ।—ব ১১৮। ৭ পশ্চাৎপদ হওয়া; সরা। "পাছে-পাছে ভাগে মুরারি লাগিল বলিতে চৈ.চ ১৪২। ৮ যাওয়া। "এখনেও মুখের মিষ্টতা নাহি ভাগে চৈ.ভা ২৪৬। ৯ দূরে যাওয়া, অর্থাৎ ভাঙ্গিয়া পড়া। "উরুঘাতে বৃক্ষ ভাগে পত্র পড়ে ঘনে ম.বি ২১। —গা সর্ম্ম [ভাগ[২]+আ[৮]; হি √ভগা] পলায়ন করান; দূর করা; তাড়ান, খেদান। "আমি কুঁড়ুল করে ভূতকে ভাগাই ব প ১৪৩৩। এ বিবাহ নয়,—ভাগাবার কথা দা ১০৩৬। দীর্ঘ দিনের মৌন তাহার আজ ভাগাইনু রে।—গান ৭৬। [ভাইলা, ভাগেল (চ)—পলাইল। ভাগত, -ল, -গি, -গে (প.ক)। ভাগা—সর্থ "ভাগ[২]। ভাগান—সর্থ 'ভাগা'।]

ভাগকুলি (?)। "চালহ °লি মাথায় মার জুতা ব.প ৪৭৮।

ভাগণ পুং [ষ.ত] নক্ষত্রসমূহ। "ভ ৪.৫.১১।

ভাগধেয় ক্লী [ভাগ+ধেয় স্বার্থে] ১ ভাগ, অংশ। "ঋগ্বেদ ৩.২৮.৪। মনু ৩.২৪৫। নীবার° রঘু ১.৫০। ২ ভাগ্য। "ভাগধেয়ানি শুভানি মহা ১.১৯৫.৫। ভাগ্য নাই! ভাগধেয় মূঢ়ের প্রলাপ!—হেম ১৩০। ৩ রিক্থ। —ধেয় পুং [°য়+অ (অচ্)] রিক্থভাগী, দায়াদ। —ধেয় পুং, ক্লী রাজগ্রাহ্যভাগ, কর, বলি। "অস্তদ্ ভাগধেয়মেভ্যোহং রক্ষণে নিপততি।—শ ২১৩।

ভাগনা, -নে -'গ্', বি [ভাগিনা, -নেয় > °না, -নে] ভাগিনেয়। "ভাগনে শ্রী ১২৪; ভাগনা ১৩২।

ভাগনে দ্র 'ভাগনা'।

ভাগবত বিণ [ভগবৎ+অ (অণ্); স্ত্রী -তী] ১ ভগবৎসম্বন্ধী, ভগবদ্‌বিষয়ক। "কথাং ভাগবতীম্ ভ ১.৪.২। ২ ভগবদ্দেবতাক। "ভাগবতম্…অস্ত্রম্ ভ ৫.২৪.৩। ৩ ভগবদ্ভক্ত, বিষ্ণুপাসক। ৪ দেব-সম্বন্ধী, পুণ্য, পবিত্র (A.)। ৫ [ভগবতী+অ] ভগবতীসম্বন্ধী, ভগবতীবিষয়ক। "দেবীভাগবতপুরাণ। —বত পুং ভগভক্ত জন; ভক্তিরসপাত্র, বৈষ্ণব। 'আর ভাগবত—ভক্ত ভক্তিরসপাত্র চৈ.চ ৪। ভ.গ্র ১৩৬। "ভাগবতোত্তম চৈ ৪১। —বত ক্লী ভগবদ্‌বিষয়ক পুরাণ-বিশেষ। "ভাগবতশাস্ত্র চৈ.চ ৪। ভ.গ্র ১৩৬। [ইহা অষ্টাদশপুরাণান্তর্গত। ভাগবতে অধ্যায়শেষে 'মহাপুরাণ' বলিয়া ইহার উল্লেখ আছে। ইহা ব্যাসরচিত। শুকদেব ইহা পিতার নিকটে শ্রবণ করেন এবং গঙ্গাতীরে ব্রহ্মশাপগ্রস্ত পরীক্ষিতের প্রার্থনায় এই ভাগবতকথা কীর্ত্তন করেন। সূত, শুকমুখে ইহা শ্রবণ করিয়া নৈমিষারণ্যে শৌনকাদি মুনিগণের প্রার্থনায় মুনিমণ্ডলে ইহা বিবৃত করেন (ভ ১.১; ২)।]

ভাগবাঁটা বি [একার্থক] বিভাগ, ভাগাভাগি। "যেমন হ'ক একটা ভাগবাঁটা হ'য়ে গেচে।—জা ১৭।

ভাগলক্ষণা স্ত্রী [উ.লো] ভাগবিশিষ্ট লক্ষণা; লক্ষণাবিশেষ। [ইহার অন্য নাম 'জহদজহল্লক্ষণা' অর্থাৎ এই লক্ষণা, লক্ষণ ও লক্ষ্য এই উভয়ের সম্বন্ধসঙ্গতির নিমিত্ত মুখ্যার্থ আংশিক পরিত্যাগ করে বলিয়া 'জহৎ' ও আংশিক গ্রহণ করে বলিয়া 'অজহৎ'। 'সেই দেবদত্ত এই'—ইহা লক্ষণ এবং পূর্ব্বে ও বর্ত্তমানে দৃষ্ট দেবদত্ত লক্ষ্য; এই লক্ষণ ও লক্ষ্য পরস্পর-বিরুদ্ধ বলিয়া পরিত্যাজ্য, অবিরুদ্ধ দেবদত্তত্ব অর্থ লক্ষ্য বা গ্রাহ্য। এই ভাগবিশিষ্ট লক্ষ্যলক্ষণভাব-সম্বন্ধ 'ভাগলক্ষণা' (বেদান্তসার)।]

ভাগা, ভাগান দ্র 'ভাগ[২]।

ভাগাড় বি [(?), বাঘাড় (মালদহ)] গোমহিষপ্রভৃতির মৃতদেহ ফেলার স্থান।

ভাগার্থী (-র্থিন্) বিণ [ভাগ+ √অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ভ] ভাগপ্রার্থনাশীল, ভাগপ্রেপ্সু। "রা ২.৬৬.১০।

ভাগি বি [সং ভাগ্য > (স্বরাগমে) ভাগিয় > °গি; বৈষ্ণবসাহিত্যে] ১ সৌভাগ্য। "যো পুরুখ দেখত তাকর ভাগি বি.প ৩৪; অলপ-ভাগি নহ ২০৯। যুবতিক ভাগি ব.প ১৮৭৬। মরণ মানিয়ে বহু ভাগি।—গো ৯৮। কে জানে কেমন ভাগি, পাইনু হরির লাগি শ্রী.ম ৮৯। হয় মোর ভাগি।—জ্ঞা ৩০। ২ সুকর্ম্ম, পুণ্য। "নারী-জনমে হাম না করিনু ভাগি বি.প ১৫২। তু 'অভাগি'। —গী বিং ভাগ্যবতী। "গণি সোয়ি কামিনী ভাগী ব.প ১০৮৫।

ভাগিক বিণ [ভাগ+ইক (ঠন্)] ১ ভাগবান্, ভাগী। "অর্দ্ধ° (পাঠান্তর) যাজ্ঞ ২.১৩৭। ২ [+ইক (ঠক্); স্ত্রী -কী] ভাগসম্বন্ধী।

ভাগিনা, -নে বি [সং ভাগিনেয়; মৈ ভগিনা, °না] ভগিনীপুত্র। "সোদর ভাগিনা শ্রী.কী ৫০। °না ম ৫৩৪; শ্রী ৪৪; ১৩২। °নে ভা.চ ৭৩৫। —গিনী বি [°না+ঈ[৬], সং ভাগিনেয়ী] ভগিনীকন্যা।

ভাগিনী দ্র 'ভাগিনা'। [°জামাই—ভাগিনীর স্বামী। "ভা.চ ২৩।]

ভাগিনে দ্র 'ভাগিনা'।

ভাগিনেয় পুং [ভগিনী+এয় (ঢক্)] ভগিনীপুত্র, স্বস্রীয়। —নেয়ী স্ত্রী [°নেয়+স্ত্রী ঈ (ঙীপ্)] ভগিনীকন্যা।

ভাগী (-গিন্) বিণ [√ভজ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব; স্ত্রী -গিনী; বৈদিক] ১ গ্রাহী। "সখী…পারিজাতাংশভাগিনী রঘু ১৭.৭। ২ ভোগী। "সুখ° রা ২.৮৮.১৯। ৩ প্রাপক। "দ্যুতি°, কৃষি°, যুদ্ধ° মহা ১৩.৮৭.১১,-২,-৭। ৪ হারক, হর। "গোত্ররিক্থাংশ°

মনু ৯.১৬৫। ৫ [ভাগ+ইন্ (ইনি)-১ব] ভাগবান্, ভাগবিশিষ্ট। "(বীজিক্ষেত্রিণৌ) ভাগিনৌ দৃষ্টৌ মনু ৯.৫৩। সুন্দরি, হরিবধে তুহুঁ ভেলি ভাগী বি.প ১০৫। নিমিত্তের ভাগী।—ম ১০০০। ৬ ভাগ্যবান্। —গী পুং ১ অংশী (sharer)। ২ দায়াদ (co-heir)।

ভাগীরথ বিণ [ভগীরথ+অ (অণ্) ; স্ত্রী -থী] ভগীরথ কর্ত্তৃক অবতারিত (অ.টী)। "°থীং গঙ্গাম্ রা ২.৫৪.২ ; মহা ২.৩.১১। চরণে তরঙ্গময়ী গঙ্গা ভাগীরথী।—কৃ ২৯১। গঙ্গা…ভাগীরথী।—গ ১৯১। —রথী স্ত্রী ১ গঙ্গা। "রা ২.৫২.৮২। ভূমে ভাগীরথী।—ম ১৬৫। গ ১৭৬। ২ গঙ্গার প্রধান শাখাত্রয়ের একতমা।

ভাগীরথী দ্র 'ভাগীরথ'। [°নির্ঝর (পুং)—গঙ্গাপ্রবাহ। "°শীকর কু.স ১.১৫। °নাথ, °বল্লভ (পুং)—সমুদ্র।]

ভাগ্ দ্র ভাক্'।

ভাগ্‌গিস ক্রি.বিং [ভাগ্য >ভাগ্‌গি+হি 'সে' >°স (?)] ভাগ্য হেতু, সৌভাগ্যক্রমে। "ভাগ্‌গিস, সই যখন ছিল, তখন অমন কথা বলেন নি !—লী ৪১।

ভাগ্য বিণ [√ভজ্+য (ঘ্যণ্)-র্ম্ম] ১ ভজনীয়। "মুগ্ধবোধ ৯৭৬। ২ [°গ+য (যৎ)] ভাগার্হ। —গ ক্লী [+য স্বার্থে (অ টী)] ১ প্রাক্তন শুভাশুভকর্ম্ম ; দৈব, নিয়তি, বিধি, অদৃষ্ট। "স্বং স্বং ভাগ্যমুপাসতে রা ২.২৭.৪। ভাগ্যায়ত্তমতঃ পরম্।—শ ৪.১৭ ; স্বানি ভাগ্যানি ৫.৩০। ২ সৌভাগ্য। "ভাগ্যেষনুৎসেকিনী (স্বং ভব)। —শ ৪.১৮। ৩ প্রাক্তনসুকর্ম্ম। "অল্পভাগ্যা হি মে মাতা রা ২ ৫৩. ২৪। ৪ ভগদেবতাক উত্তরফল্গুনীনক্ষত্র (শ.ক)। [°ক্রম (পুং) —দৈবগতি, ভাগ্যপরিবর্ত্তন। "ভাগ্যক্রমেণ হি ধনানি ভবন্তি যান্তি। —মৃ ১.১৩। °বাদী (-দিন্) বিণ—দৈবাধীন। °বিপর্য্যয়, °বিপ্লব (পুং), °বৈষম্য (ক্লী)—দৈবপ্রতিকূলতা। "°বিপ্লবাদশনিঃ কল্পিত এষ বেধসা রঘু ৮.৪৭। °বৃত্তি (স্ত্রী)—দৈবগতি। °ভাক্ (-জ্) বিণ—দৈবযুক্ত, ভাগ্যবান্। "ক ভোগমাপ্নোতি ন ভাগ্যভাগ্ জনঃ।—নৈ ১.১০২। °যোগ (পুং)—সৌভাগ্যসঞ্চার। °সংক্ষয় (পুং)—ভাগ্যরাহিত্য। °সম্পদ্ (স্ত্রী)—ভাগ্যোৎকর্ষ। "রঘু ৩.১৩।] [ভাগ্যে—সৌভাগ্য হেতু। "ভাগ্যে তোরে বর্জ্জিল রাক্ষস বিভীষণ।—কৃ ২৫২। ভাগ্যে …শ্রদ্ধা যদি হয় চৈ.চ ২২৮। ভাগ্যে পাইল চড় (চড়া) শ্রী.ম ৬৮।]

ভাগ্যধর বিং [অপ্র] ভাগ্যবান্। "রাজা বড় ভাগ্যধর ভা.চ ২৬৬। প্রসন্ন প্রসন্নময়ী আজ তোর প্রতি ভাগ্যধর!—মে ১৫৪। —ধরী বি ভাগ্যবতী নারী। "ভাগ্যধরীর ভাগ্যধর স.এ ৫৮।

ভাগ্যবন্ত, ভাগ্যমন্ত, ভাগ্যমান বিং [ভাগ্য+বন্ত, মন্ত; সং ভাগ্যবান্] ১ সৌভাগ্যশালী। "°বন্ত।—ম ৪৯৮ ; চৈ.ভা ১১৬ ; চৈ.ম ১৯৬, টীকা। °মন্ত অ.প ১৩৬। মহা পূজা করে মোর যেহি ভাগ্য-মান চ.বি ৩৪৩। ২ সমৃদ্ধিশালী, ধনী। "পাষাণগাঁথা প্রাসাদপরে আছেন ভাগ্যমন্ত চ.কা ৩২৭।

ভাগ্যায়ত্ত বিণ [স.ত] ভাগ্যবিষয়ে আয়ত্ত; দৈবাধীন। "শ ৪.১৭।

ভাগ্যোদয় পুং [ষ.ত] সৌভাগ্যসঞ্চার, ভাগ্যক্রম। "ম ৫১৫।

ভাঙ্[1] বি [সং ভ্রূ, হি ভৌং, ভৌংহ ; ঠ ভং(ভোং)রঈ ; ভাঙ (প.ক)] ভ্রূ। "°বিভঙ্গ বি.প ৫ ; ভাঙক ভঙ্গিম ৩৮ ; ভাঙর ভঙ্গিম ৭২ ; ভাঙ লতা ৮২। °ধনু চ দা ৬। °বিভঙ্গ।—গো ২১। °যুগ ৮৮;৯০। °ভুজঙ্গিনী ১০১ ; ভাঙ বিলোল ১০৩। °কামচাপ।—ম ৭৪২। °ভঙ্গি ন.প ২৬৭,-৮৭। ভাঙর ভঙ্গিত।—ব ২৯।

ভাঙ[2], **-ঙ্গ**[1] বি [সং ভঙ্গা ; হি, মৈ ভাঁগ ; ঠ, গু ভাংগ ; অস 'ভাং' ; P. bangue] সিদ্ধি। "ভাঙ বি.প ৫০,-৫। ভাঙ্গ ম.গা ২২ ; বা.ম ৬১ ; হু ২৩ ; গো.বি ৩৩ ; জ ২৭ ; ভা.চ ৮৮ ; শি ৩১। [°খোর —সিদ্ধিভক্ষণে নিপুণ।]

ভাঙ[3] বি [ভঙ্গি > °ঙ] ভঙ্গি। "(নিরঞ্জনয়নী) কুটিল নয়নে করত ভাঙ, অঙ্গভঙ্গশোহনী রা.শে ১১৪।

ভাঙ[4], **-ঙ্গ**[2] সর্ম্ম [সং ভঙ্গ >(ভাঙ্গ, -ঙ) বা °ঙ, -ঙ্গ ; হি √ভাঁজ (√ভন্‌জ্) ; ঠ, গু √ভাংগ ; অস √ভাগ ; তু 'ভঁঙাএ' (বি.প ২২৫) ; ভাঙ্গীয় (ভাঙ্গিয়া—চ)] ১ ভগ্ন করা ; খণ্ডিত করা ; ভাঙা। "অঙ্কুরে ভাঙল বিনি অপরাধ বি.প ১৮৪। ভাঙ্গিব শিবের ধনু।—কৃ ৭২। বাঘার দশন ভাঙ্গি ক.চ ৫৩। ভাঙ ভাঙ্গে শ্রী.ম ৬৫। ভেঙ্গে দিব হাড়া।—শি ৮২। ২ ভঙ্গিযুক্ত করা। "ভৃঙ্গী নাচে অঙ্গ ভাঙ্গিয়া ভা.চ ৭৫। ৩ পাতিত করা, হেলান। "হেন ধান ভাঙ্গ কেন শি ৮১। ৪ দূর করা। "ভয় ভাঙ্গ ভবানি গো!—ভা.চ ৪৩১। ৫ অপনীত করা। "সাধন বিনহি ভাঙ্গল মঝু মান বি.প ১৩০। ৬ ব্যর্থ করা। "এইখানে রহিলে তোমার ভাঙ্গিতাম চাতুরী ম.ম ৬৭। ৭ বিধ্বস্ত করা। "ভাঙ্গিল অশোকবন।—কৃ ২১২। ৮ স্পষ্টভাবে প্রকাশ করা ; রহস্য ভেদ করা। "এক দুই তিন এই কহিলুঁ ভাঙ্গিয়া চৈ.ভা ৪৪৭। ভাঙ্গিয়া না কহ দেখি মনের বেদন ম.ম ১৫৮। কেন তোমার দেরি হইয়াছিল, তাহা আমাকে ভাঙ্গিয়া বলিলে না ব.প্র ২৯৪। ৯ হানি করা, নষ্ট করা। "মর্য্যাদা না ভাঙ্গিহ মর্য্যাদামন্ত জনে।—কৃ.অ ৩০। ১০ ব্যাহত বা বিঘ্নিত করা। "শিবের ভাঙ্গহ ধ্যান ভা.চ ৬২। ১১ ব্যভিচারে দূষিত করা। "(পাষণ্ডি-হিন্দু) আসি কহে, হিন্দুর ধর্ম্ম ভাঙ্গিল নিমাই চৈ.চ ৬৬। ১২ নিঃশেষ করা। "ভাণ্ডার ভাঙ্গিয়া ধন দরিদ্রকে দে।—কৃ ২৫১। ভাণ্ডার ভাঙ্গিয়া ধন দিব ভারে ভারে ম.পা ১৫। ভাণ্ডার ভাঙ্গিয়া দেহ বি পা ২৫৫। বা.ম ২১৬। ১৩ ধ্বংস করা ; ধসান। "সহজে প্লাবন যথা ভাঙে ভীমাঘাতে, বালিবন্ধ!—মে ২৪৩। ১৪ দড়ির তার বেণীর মত করিয়া জড়ান। "এখানে নিশ্চিন্দি হয়ে বসে যে দড়ি ভাঙচো, আর কি কাজ নাই?—অ গ্র ৩৫। —ঙ, -ঙ্গ অর্ম্ম ১ ভগ্ন হওয়া, ভাঙ্গা। "বহু বৃক্ষ ভাঙ্গিল।—কৃ ৩২৪। ক.চ ২৬১। ২ ধ্বংসপ্রাপ্ত হওয়া ; ধসা। "(আশ্রয়) ভাঙ্গিয়া পড়িল জলে ভ.গ্র ৩১৯। ৩ অপনীত হওয়া, ঘুচা। "এতদিনে ভাঙ্গল ধন্দ।—গো ১৭১ ; ভাঙ্গল ভয় ২৬০। ৪ দ্বৈধীভাবাপন্ন হওয়া, সন্দিগ্ধ হওয়া। "বাগদিনী বলে সখা এই ত মন ভাঙ্গে।—শি ৮৪। ৫ চূর্ণ হওয়া ; ব্যর্থ হওয়া। "আজুকার যুদ্ধে তোমার ভাঙ্গিবে বড়াই ম.ম ১১৩। ৬ শেষ হওয়া। "হের ওই গেল বেলা, ভাঙিল ভাঙিল মেলা!—গান ১৫০। ৭ বিচ্ছিন্ন হইয়া যাওয়া। "ঢেউগুলি নিরুপায় ভাঙ্গে দু'ধারে চ.কা ৮০। ৮ অপনীত হওয়া, ঘুচা। "ভরম সরম, ভাঙ্গিল এতেক দিনে।—ব ১৫৯, ভাঙ্গিল বিবাদ ১৯৯। ৯ লোকশূন্য হওয়া ; উজাড় হওয়া। "কোন্ জোর জঞ্জালে ভাঙ্গিল গৌড়খানা : সহর গেল ভাঙ্গি শ্রী ১২৮। ১০ বিকৃত হওয়া। "ভাঙ্গিবে না কণ্ঠস্বর স.স্ব ২৫। ১১ বাঁকিয়া যাওয়া। "বাহের হইতে দেবীর কাকালি ভাঙ্গিল গো.বি ৩৩। ১২ উপচিয়া পড়া। "আশী গজ পানী ভাঙ্গে গাঙ্গের দুকূল ক.চ ১৯১। ১৩ ভগ্নোৎসাহ হইয়া পলান। "চারিদিকে ভাঙ্গি যাএ সৈন্য নিবর্ত্তন্ত অ.প ১৬। হান হান শব্দে ভাঙ্গে ঠাট ক.চ ৯৭। ১৪ ভঙ্গ দেওয়া ; নিবৃত্ত হওয়া। "এথা হতে ভাঙ্গি তুমি করহ গমন।—মী ১৭। ১৫ বিশীর্ণ হওয়া। "সে শরীর গিয়াছে ভাঙ্গিয়া।—হেম ১৪২। ১৬ কুণ্ঠিত হওয়া ; ভোঁতা হওয়া। "পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার ভা.চ ৩২২। [ভাঙ্গসি, -ঙ্গাসি, -ঙ্গিআঁ, -এঁ (শ্রী.কী)। ভাঙ্গই, -ঙ্গল (প.ক)। কন্দল ভাঙ্গা—বিবাদ মিটান। "ক.চ ১২১। কপাল ভাঙ্গা—দুর্দ্দৈব ঘটা। কাছারি ভাঙা—কাছারির কাজ শেষ হওয়া। কাপড় ভাঙা—কাপড় কোঁচান। খেলা ভাঙ্গা—খেলা শেষ হওয়া। গলা ভাঙ্গা—স্বর বিকৃত হওয়া। ঘুম ভাঙা—ঘুমের ঘোর ছাড়া। জমি ভাঙ্গা —জমি চষা। জোড় ভাঙ্গা—সহচরহীন করা। টাকা ভাঙা (গু √ভাংগ)

—প্রাপ্য টাকা কমান। তবিল ভাঙা—তহবিল তছরূপ করা। "গি ষি ১০৭। পাড়া ভাঙিয়া আসা—পাড়ার সব লোক একত্র হওয়া। "ক.চ ২৫, ১১৯। বাজার ভাঙা—১ বাজার শেষ হওয়া। ২ কোন আকস্মিক কারণে বাজার বন্ধ হওয়া। "শ্রী ১২২। মান ভাঙা—অভিমান অপনয়ন করা। মুণ্ডে আকাশ ভাঙিয়া পড়া—প্রলয়জ্ঞান হওয়া, সর্বনাশ মনে হওয়া। "ক.চ ৪১, ২১৭। রক্ত ভাঙ্গা—(স্ত্রী সম্বন্ধে) প্রচুর রক্তস্রাব হওয়া।]

ভাঙচা সর্ম [ভঙ্গি > °চা] অঙ্গভঙ্গিপূর্ব্বক উপহাস করা। "মনে ভাবে আমারে এ দেখিয়া ভাঙচায়।—কৃ ১৬।

ভাঙ(ঙ্গ)চুর '-ঙ্-' বি ভাঙাচুরা। একবার ভাঙচুর করিতে আরম্ভ করিলে একটা নেশা চড়িয়া যায় চা.পু ৭৬।

ভাঙন বি [ভাঙ৪+অন] ১ ভগ্ন করা বা হওয়া। বিপ 'গড়ন'। ২ ধ্বংসকরণ, ভাঙা। "(পদ্মা) ভাঙনের মুখে বসি' গাহে গান প্লাবনের তানে কু কে ১২৩, ভাঙন খেলা ১৯১। গড়িয়া তুলিবার…একটা স্বাভাবিক প্রবৃত্তি যাহাদের মধ্যে সজীবভাবে বিদ্যমান, ভাঙনের আঘাত সেই জীবধর্ম্মকে…সচেতন করিয়া তোলে।—রবীন্দ্র। ৩ তীরের ভগ্নস্থান। "(পরশরতনে) যমুনার তীর বান্ধা কতেক ভাঙনে ভ গ্র ৩১৯।

ভাঙনি বি [ভাঙন+ই১১] ১ ভঙ্গি, অবয়বসংস্থান। "জগমনমোহন ভাঙনি রে।—ন.প ২৫৪, প ক ২৭১৫। ২ প্রকার। "(কন্দ-মূল) কতেক ভাঙনি ভ গ্র ৪৩৪।

ভাঙর বিণ [ভাই+বুঙর] ভাইপো। "কোঙর ভাঙর সাথে, কামান কৃপাণ হাথে, কত আইসে সমরে পণ্ডিত (ক চ)।

ভাঙ(ঙু)রি বি [স° ভ্রামর, হি ভাঁবর, ভাঁউরি > °রি] চক্রাকারে পরিভ্রমণ। [ভাঙ(ঙু)রি কাটান—চক্রাকারে ঘোরা। 'ভাঙুরি কাটাঘ্যা তার গিয়া পাছুআন শ্রী ম ৬৫, ভাঙরি কাটাইয়া কৃষ্ণ সারেন সেই ঘা ১১১।]

ভাঙা১, -ঙ্গা১ বি [ভাঙ৪, -ঙ্গ+আ৬] ১ সর্থ ভাঙ৪। ২ বক্রতা। "পেটটা ডোঙ্গা, শতেক ভাঙ্গা।—দা ৫৫৭। ৩ [সং ভাঙ্গক] বস্ত্রখণ্ড, ন্যাকড়া। ৪ ছিদ্র। "(ঝুলির) তলত নাই জে ভাঙ্গা গো চ ২২৮। —ঙা, -ঙ্গা বিং [+আ১২] ১ ভগ্ন। "ভাঙা কুম্ভ চৈ ম ১১৪। ভাঙা ঘরদালান ম প্র ৯৭, ভাঙ্গা জানালায় ৯৮। ২ জীর্ণ, পুরান। "ভাঙ্গা নায়ে।—ব ১৩৫। ভাঙ্গা নায় শি ৯৪। ৩ সচ্ছিদ্র, ফুটা। "ভাঙ্গা গাছু-গাড়ু ভা চ ১০২। ৪ জীর্ণ, ছিন্ন, ছেঁড়া। "ভাঙ্গা কেঁথা ভাঙ্গা কপিন ভাঙ্গা বহির্ব্বাস গো.চ ১৬৫। ভাঙ্গা ঝুলি গো বি ২৬,-৭। ভাঙ্গা এক ইজার বা ম ৮২। ম.ম ৫৫, ৬১। "ভাঙ্গা নেকড়া শ্রী ম ২৪৪। ৫ (বাদ্যের) ছিন্নচর্ম্মাবরণ, ছেঁড়া-তালা। "ভাঙ্গা ঢোল বি পা ৩৩২। শ্রী ম ৬৫। ৬ শিথিলবন্ধন। 'ভাঙ্গা বেড়া ভা চ ৮১। ৭ নাশক, হারক। "স্মরণে কলুষ-ভাঙ্গা।—দু ১৭। ভব-ভাঙ্গা রাঙ্গা পদ বি দু ১১৩। ৮ মন্দ, খারাপ। "ভাগ্য যার ভাঙ্গা শ্রী মা ৮৩। শ্রী ১০৯। ৯ সভয়, উৎসাহহীন। "ভ্রমর একটু শুকমুখে ভাঙ্গাভাঙ্গা বুকে বলিল, 'কি সত্য ঠাকুরঝি' ?—ব গ্র ২৯২। ১০ যৌবনসুলভলজ্জায় সঙ্কুচিত। "যেখানে যুবতী ব্রীড়াভাবে ভাঙ্গাভাঙ্গা হইয়া শঙ্কিত গমনে যায়,…তুমি সেইখানেই রূপের সন্ধানে ফিরিয়াছ ব গ্র ৬১৯। ১১ হীন। "তাও (রাঙ্গা চরণও) নিয়েছেন ত্রিপুরারি দেখে হলাম সাহসভাঙ্গা।—শ্যামাসঙ্গীত। ১২ মিশ্র (রাশি)। "°জমাখরচ, 'তেরিজ আভাঙ্গাগুণন (শুভঙ্কর)। [ভাঙা খেলা (তাসের)—চুকুড়ি সাত কোটার খেলা। ভাঙ্গা গলা—বিকৃত স্বর। ভাঙা(ঙ্গা)চোরা—ভগ্নসচ্ছিদ্র ভাগ। "°রা একটু একটু মেরামত করিয়া দিব ব.গ্র ৩৬৪। ভাঙা পয়সা—খুচরা পয়সা। ভাঙাভরতি—ভাঙার পূরণ, ন্যূনতার পূরক দ্রব্য, পূর্ণ করার নিমিত্ত যাহা আবশ্যক (মুদ্রা)। ভাঙাভাঙা—মোটা, বিকৃত, অস্পষ্ট (সুর, কথা)। ভাঙা শরীর —অসুস্থ বা জীর্ণ দেহ। ভাঙা হাট—শেষ হাট। হাড়ভাঙা খাটুনি —গুরুতর পরিশ্রম।]

ভাঙা২, -ঙ্গা২ সর্ম [ভাঙ৪, -ঙ্গ+আ৮] ১ ভগ্ন করান ৮২ পরামর্শ দিয়া স্বপক্ষে আনা, ভাঙচি দেওয়া, ফুসলান। "সে হেন বন্ধুরে মোর যে জন ভাঙ্গায় চ.দা ৯৭, ব প ১৩২৫, শ্যাম ভাঙাইয়া, এমতি করিল কে ?—১০৪। লই যায় ব্রাহ্মণকুমার ভাঙাইয়া চৈ ভা ২৯৫। ৩ তর্ক-বিতর্কপূর্ব্বক স্থির করা। "(হরি) চাতুরী যুগতি, চলে চিত্তে ভাঙাইয়া ভ গ্র ৩৮৭। ৪ [হি √ভঁজা] বিনিময় করা, নোট বা টাকার পরিবর্ত্তে মুদ্রা বা খুচরা মুদ্রা লওয়া। "ভাঙ্গায়্যা চণ্ডীর ধন, কেনে বস্তু শতে শতে লেখা ক.চ ৭৫, ২২০। ভাঙ্গাইযা আড়কাট, এমনি লাগায় ঠাট ভা.চ ২৮৪, ভাঙ্গাইমু দুকাহনে ২৮৬। ৫ ব্যঙ্গ করা, উপহাস করা। "মধুর চলনি মত্ত করিবর ভাঙায়।—জ্ঞা ৫৩। [ভাঙা(ঙ্গা)ন—সর্থ 'ভাঙা২'। কান ভাঙান—কানে কুমন্ত্রণা দিয়া ভাঙান। বেণী ভাঙান—চুলের গোছা পরস্পর জড়াইয়া বেণী রচনা করা।]

ভাঙা(ঙ্গা)নী বিং [°ন+ঈ৭] বিনিময়ে প্রাপ্ত বা প্রাপ্য (খুচরা মুদ্রা)। "নোট° টাকা। টাকা° পয়সা। —নী বি যে স্ত্রীলোক কুমন্ত্রণা দিয়া ভাঙ্গায় বা বিচ্ছিন্ন করে। "মন°। [কান°—দ্র 'কাণ২'। ঘর°—দ্র 'ঘর'।]

ভাঙুর বিং [সং ভঙ্গুর > প্রা ভংগুর > বা (ভাঁগুর) °র] বক্র। "ভাঙুর ভাঙ বিলোল।—গো ১০৩।

ভাঙুরি দ্র 'ভাঙরি'।

ভাঙ্কার পুং, **-ঙ্কৃত** স্ত্রী, **-ঙ্কৃতি** বি [কর্ম্মধা] ভেরীধ্বনি। "ভেরীর ভাঙ্কৃতি উঠে চৈ ৩।

ভাঙ্কৃত, ভাঙ্কৃতি দ্র 'ভাঙ্কার'।

ভাঙ্গ১; ভাঙ্গ২ দ্র 'ভাঙ২, ভাঙ৪।

ভাঙ্গক পুং [অর্বাচীন সংস্কৃত, তু 'ভাঙা১, -ঙ্গা] বস্ত্রখণ্ড, কানি।

ভাঙ্গচি; ভাঙ্গচুর দ্র 'ভাঙচি, ভাঙচুর'।

ভাঙ্গড় বিং [ভাঙ্গ+খোর > (ভাঙ্গোর) ভাঙ্গর, -রা, -ড়, হি ভংগড়, ঠ ভংগট, -ড] সিদ্ধিপানে পটু, সিদ্ধিখোর। "জনক ভাঙ্গর যার কন্যাও ভাঙ্গর বা ম ৩৬৩। ভাঙ্গর পাগল ওই না বুড়া ভা চ ৭৯। —ড় বি সিদ্ধিখোর (গালি)। "যতেক ভাঙ্গড়গণ তোমার সংহতি।—ম ১১৫৭। ভাঙ্গড়ের নাহি যম ভা চ ৩৮। —র, -রা বি ১ সিদ্ধিখোর (গালি)। 'যতেক ভাণ্ডে মোরে পাগল ভাঙ্গরা: গেল ভাঙ্গর নিদ্রালি দিয়া ম ম ১০, কোথাকার ভাঙ্গরা মোর ভাঙ্গে ঢোরা নাও ১২, ভাঙ্গরার বেটা ২৭। চণ্ডী বলে ভাঙ্গরা রে তোর লজ্জা নাই বি পা ৩৪৭। ২ অষ্ট-সিদ্ধিতে নিপুণ শিব। "চল প্রজাপতি,…যথাতে ভাঙ্গর বৈসে চ ষি ৬৮। [ভাঙ্গরমতি—যাহার বুদ্ধি ভাঙ্গরের মত, বুদ্ধিশুদ্ধিহীন (গালি)। "তার বোলে দিলাঙ ঝি, হেন ভাঙ্গরমতি পাপে ক চ ১১।]

ভাঙ্গন বি [সং ভঙ্গান] মৎস্যবিশেষ। "ভা.চ ১২৬।

ভাঙ্গভাঙ্গ '-ঙ্গো-ঙ্গো' বি [ভাঙ৪ > °ঙ্গ (দ্বিত্ব)] ১ প্রায়ভগ্ন। ২ প্রায় শেষ। "কাছারি ভাঙ্গভাঙ্গ হইয়াছে আ দু ১০৫।

ভাঙ্গর, ভাঙ্গরা দ্র 'ভাঙ্গড়'।

ভাঙ্গা১, -ঙ্গাচোরা, -ঙ্গাভরতি; ভাঙ্গা২, -ঙ্গান; ভাঙ্গানী দ্র 'ভাঙা১, ভাঙা, ভাঙানী।

ভাজি বি যুদ্ধাস্ত্রবিশেষ। "(শল্য) °জি উভারে বীরে ক.চ ৯৭।

ভাজিল বিং [ভাজ২+ইল২] ভগ্ন, বার্দ্ধক্য হেতু বসা। "কপাল ভাজিল দুই পাশে শ্রী.কী ৭।

ভাজী বিং [ভাজ১+ঈ৭, হি ভংগী] ভাঙখোর। "একে বুড়া তাহে ভাজী ভা.চ ১৭৪, ভাঙ্গাইমু দুকাহনে ভাগ্যে বেগে ভাজী ২৮৬। [ধৃতপাঠ 'ভাজি']

ভাচা বি [ভাত্তা > °চা (?)] ধান ভানিয়া চাউল করার নিমিত্ত ভাতা-স্বরূপ দেয় চাউল বা অর্থ। [ভাচাতি—ভাচাবৃত্তি। ভাচা ভানা—ভাচার নিমিত্ত ধান ভানা। "পরি তুপণের কাচা, ভানিত আমার ভাচা, সেই বেটা হবে দেশমুখ ক চ ৮৫।]

ভাচাতি দ্র 'ভাচা'।

ভাজ্, সক [অদন্ত চু, প—ভাজয়তি , সেট্] পৃথকবণ।

ভাজ[১] দ্র 'ভাইজ'।

ভাজ[২] সর্ম [সং √ভ্রস্জ্ > লি, প্রা √ভজ্জ > বা °জ , হি, ঠ √ভাজ] ১ ঘৃতে বা তৈলে পাক করা (to fry)। "ভাজিলে^ এ কাঁচা গুআ শ্রী কী ৩০৬। ঘৃতে ভাজি· ·রান্ধিবে ফুলবড়ি ক চ ৩০। ভাজেন পটোল বলেন ঝিঙ্গা আ দু ১৭২। ২ কঠোর বাক্যে পীড়িত করা। "ননদিনী কুবাদিনী প্রতি বোলে ভাজে রা শে ৪৩। ৩ গরম বালিতে বা কেবল উত্তাপে পাক করা। "খই, চাল, চিঁড়ে, মুড়ি ভাজা। ৪ রৌদ্রের তাপে ভাজাব মত করা। —জা[১] সর্ম [°জ + আ[৮]] ভৃষ্ট করান , ভাজান।

ভাজ[৩] অর্ম [সং ' √ভাজ্—পৃথকবণ, ভাগ[২] > °জ (?) —তু 'ভাজই' (ভগ্নাঃ—চ) , হি √ভাজ] পৃথক হওয়া , ভঙ্গ দেওযা , পলাযন করা, ভাগা। "ঠেকি কঠিন দায় তায় দানবগণ ভাজে।—দু ৬১। সব কলেশ ভাজব রে।—জ প ৬, ধৈরজ আদি পহিলে দুব ভাজল ৭৭। ভয়ে ভাজত প ক ১১।

ভাজক পুং [ভজ্ + অক (ণ্বুল্)-ক] ১ ভাগকারক, বিভাজক। ২ (গণিতে) ভাগকারক বাশি (divisor)। —জন বিণ নিমিত্তভূত (দ্র 'মিতাক্ষরা')। 'সুরাপ্যাঃ·· নাশৌচোদকভাজনাঃ যাজ্ঞ ৩ ৬। —জন ক্লী [√ভাজ্ + অন (ল্যুট্)-ভা] ১ পৃথকরণ। ২ [+ অন-ধি] 'দ্রব্যের পৃথককরণস্থান' , আধার, পাত্র, ভাণ্ড। "রাজতৈর্ভাজনৈঃ মনু ৩ ২০২। সপর্য্যাবিধি° রঘু ৩ ২২। ৩ মৃৎপাত্র, ভাণ্ড। 'নবে ভাজনে লগ্নঃ সংস্কারো নান্যথা ভবেৎ—হি ৮ (অবতরণিকা)। ৪ আস্পদ, পাত্র। "স ক্লেশস্যৈব ভাজনম্।—হি ১ ১৬৬ , প্রীতিবিশ্রব্ধ° ২২৩। উ চ ৩ ১৫। ৫ যোগ্য-পাত্র। "প্রজানুরাগাদেব· হি স ভবেদ্ ভাজন· শ্রিযঃ ক সা ৩৪ ২০৫। শিস্যে ভাজন হৈলে শুকই না খায গালি গো চ ৭০ , ৪৭০। তে-কারণে হইলাম লাথির ভাজন কৃ ২৪৭। অন্ন দিতে যদি আমি হইব ভাজন।—ম ৫১৮। পবম ভাজন ভা চ ৩৯। ৬ আঢকপরিমাণ, ৬৪ পল (S W)। —জনা স্ত্রী পাত্রী। 'তা· যশোভাজনা· ধন্যা· নৈব শোচিতুমর্হসি গো বা ২ ৬৪ ৮।

ভাজন দ্র 'ভাজক'।

ভাজা[১] দ্র 'ভাজ[২]'।

ভাজা[২] বিং [+ আ[১২]] ১ ভৃষ্ট, কৃতভর্জ্জন। "সরল শকবী ভাজা ক চ ৪৩। ব প ৪৭৯। বেগুণ তেলেতে ভাজা বা ম ১৪৮। ভাজা গুয়া শ্রী ৪২। ভাজা বার্ত্তাকী চৈ চ ৮৪। ২ নিপীড়িত, সন্তপ্ত। "যে ঘরে সতিনী বসে সেই দুঃখে ভাজা শ্রী ২৪৪। ৩ রৌদ্রে বিশুষ্ক। —জা বি ভৃষ্ট বস্তু। "আট°, চাল°, চিঁড়ে,° পটোল°, বেগুণ°। মোচা° চৈ চ ১৭০, শালিতণ্ডুল° ৩১২। [°পুলী—ঘিযে ভাজা আলু মুগ ইত্যাদির পুলী। °পোড়া—ভাজা ও আধপোড়া খাদ্য। "ভূমি বুনে ভূতনাথ ভাজাপোড়া ছেড়ে শি ৭৫।]

ভাজাভাজা বি· [ভাজা > °জা (দ্বিত্ব)] ১ অত্যন্ত বা কড়া ভাজা। ২ অতিশয় উৎপীড়িত , বড় জালাতন। "দেবীসিংহের উপদ্রবে প্রজা ভাজাভাজা ব প ১৪১৫। গঁতিদারও জাল ও জুলুমে °জা হইয়া ...পলায়ন করিল আ দু ১৬১। ৩ তীব্রদুঃখানলে দগ্ধ। "মা বলিলেন, —"বাবা আমার হাড় °জা হইল পা প্র ১৫৫।

ভাজাভুজা, -জি বি [ভাজা + ভুজা, -জি (অনু শব্দ) , ঠ 'ভাজ-ভূজ'—ভাজাখাদ্য , মৈ 'ভুজা'—ভাজা শস্য , 'ভুজী'—পোড়া, শুষ্ক] ভাজাপোড়া খাদ্য। "ভাজাভুজা নানা দ্রব্য ভুঞ্জে কুতুহলে শ্রী ৪২। ভাজাভুজি হ'ত পাঁচটা ছ'টা প কা ৪০।

ভাজী স্ত্রী [ভাজ + স্ত্রী ঈ (ঙীষ্), পা ৪ ১.৪২] পক্ব ব্যঞ্জন।

ভাজ্য বিণ [√ভাজ্ + য (যৎ)-র্ম] পৃথক্করণীয়। —জ্য ক্লী ১ ভাগার্হ বস্তু। ২ (গণিতে) বিভজনীয় রাশি (dividend)।

ভাঞি বি [ভাই > °ঞি, দ্র 'ঞ[৫] , অপ্র] ভাই। "তব ভাঞি শিশু-পালে দিবেক তোমাকে ব প ৮২১,-২৩,-২৪।

ভাট[১] বি [সং ভট্ট , হি, ঠ, গু ভাট , cf , E bard] ১ হিন্দুজাতি-বিশেষ (দ্র 'ভট্ট')। [কবিতায় রাজার বংশচরিতকীর্ত্তন স্তুতিপাঠ পরিচয়দান দৌত্য পত্রবহন ইঁহাদের কার্য্য। "কবি গাইতে আইল রাজাব ভাট (গো চ ৫৭)। দেশে দেশে চন্দ্রধর ভাট পাঠাইল (বা ম ৯৮)। ভাটে দিয়ে (পত্র) বলে বাটে চলিবে সত্বর (শ্রী ১৪ , ১৪৯)। ভাট ...যাতাযাতে দূত (ভা চ ২৭০) , বীরসিংহ তার পাট, পাঠাইয়া দিল ভাট, লিখিয়া এ সব সমাচাব (২৬২) , ভাটে দেয় পরিচয় (৪২৫), ভাট পড়ে রায়বাব যশ বর্ণাইযা (৪৫৯)।] ২ চারণকবি। ৩ স্তুতি-পাঠক, বন্দী। "ভাটে পড়ে রায়বার চৈ ম ৭০। মঙ্গল পড়য়ে ভাট ম পা ৫৪। ৪ পণ্ডিতের উপাধি , ভট্ট। "°পাড়া।

ভাট[২] বি [বাট[৩] > °ট] পথ। "কথা কৈমু ভাটেভাটে মী ১৩।

ভাটক পুং [√ভট্ পোষণ + অক (ণ্বুল্)-ক] ১ পরগৃহশকটাদির ব্যবহার্থ দেয় অর্থ , ভাড়া। "শকটাদি° মনু ৮ ১৫৬, কুল্লুক। ২ বেতন, মজুরী। ৩ কর।

ভাটা[১] দ্র ভাঁটা[২]।

ভাটা[২] বি পক্ষিবিশেষ। "ক চ ১২৬। ভা চ ১২৮।

ভাটি[১], **-টা**[১] বি [ভাটা > °টি , অস ভাটী] ১ সর্থ 'ভাঁটা[২] (১)। "পড়িয়া গেল ভাটি।—মী ২৩। গ ১৭৯। ভাটিতে যায় বিষ ম ম ১৩৪। ২ দক্ষিণ দেশ। 'ভাটি হইতে আইল বাঙ্গাল ব প ২৯। ৩ নিম্নদিক্। "পক্ষীর ছাওল দুটী, স্রোতে লইযা যায় ভাটী বি পা ৯৬। ৪ [অস ভাটীবেলা] অপরাহ্ণ। "সনিবার দিনে, ভাটী অবসানে, ভেটিব শ্রীধর্ম্ম পাদুকা।—শূ ১১৬। ৫ ন্যূনতা, পরাজয়। "পবন মানিল ভাটি ('ভাটা'—ব প ২৭৭)—ম ভা ৭০। —টি, -টী বি· ১ নিম্নাভিমুখ, নিম্নপ্রবাহী। "যে নালে উজাইল বিষ সেই নালে ভাটী বি পা ৩৫৯। ২ অতীত, অবসিত। "হইল দুপোর ভাটী ক চ ২১৭। ৩ মৃদু। "ভাত উতলাইলে দিহ কাটী। তবে দিহ জ্বাল ভাটী॥—ব প ৫। [ভাটি-উজান দেশ—ঊর্দ্ধাধোভাগ, খোঁপাব মাঝখান। "ব প ২৮৬। °উজানি—ঊর্দ্ধাধো-মুখে। "জটের উপরে °নি। বরিষেক ভ্রমণ করিলা সুরধুনী।—গ ১৩৯। °বাঁক—নদীর নীচের দিকেব বাঁক। বিপ 'আগুবাঁক'। "°কে গিয়া নেতা ধরিল সত্বরে বা ম ১৩৯,-৪১ , আগুবাঁকে ধোয় বস্ত্র নেতা লো সুন্দরী। ভাঁটিবাঁকে থাকি দেখে শাহের কুমারী ৩৫১। °বয়েস —শেষ বয়স বার্দ্ধক্য। "শ্রী ৪১। °মুখে—নিম্নাভিমুখস্রোতের দিকে। "°খে হস্ত পাতিল।—গ ১৭৪। °খে বয় গঙ্গা গো চ ১২৩। °স্রোত নিম্নাভিমুখ স্রোত। "বি পা ৩২৮। ভাটি দেওয়া—ভাটির অনুকূলে যাওয়া। "গুঞ্জরীতে দিয়া ভাটি, ছাড়ায় কামারহাটি বা ম ১৭৮। ভাটির রাজ্য—দক্ষিণ দেশ। "ম ম ১১২। উজানভাটী —দ্র 'উজান'।]

ভাটি[২], **-টী**[২] বি [দ্র 'ভাঁটি'] ১ সর্থ 'ভাঁটি (১)। "গুড়ির ভাটিঘরা গো চ ১৮১। ২ [মৈ ভাটী] ইঁটের পাকপুটা , ইঁট পোড়াইবার পাজা। ৩ চূর্ণ পোড়াইবার পোয়ানবিশেষ। ৪ সিজাইবার নিমিত্ত ধোপার ময়লা কাপড়ের বৃত্তাকার স্তূপ। "পদ্মার কাপড় আছে ভাটীর উপর বা ম ৩৫২। পাপ-কাঠের আগুন জ্বাল, চাপায়ে চৈতন্যের ভাটি।—রামপ্রসাদ।

ভাটিয়ার, -রী, -য়াল বি (সঙ্গীতে) রাগবিশেষ। "করুণ °ল বা.ম ১৬০, ৩৭৫ ; ম.পা ৪০। রাগ °ল গো.বি ৬১। [ইহার সময় দিবা ১ম প্রহর, ঠাট কোমল রি ও ধ, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

ভাটিয়ারী, ভাটিয়াল দ্র '১

ভাটী১ ; ভাটী২ দ্র 'ভাটি১ ; ভাটি২'।

ভাট্টা বিং [?] পচা (দধি)। "ম.ম ৭৪।

ভাড় সর্ম্ম [ভাঁড় > °ড়] সর্থ 'ভাঁড়' (১)। "গো.বি ৩৭।

ভাড়া বি [সং ভাটক >প্রা ভাডঅ >বা °ড়া; হি, মৈ ভাড়া ; ঠ ভাড] ১ গৃহশকটাদিব্যবহারার্থ দেয় অর্থ। "গাড়ী°, ঘর°, নৌকা°, বাড়ী°, রেল°। ২ মজুরী। "মুটে°। ৩ ধান ভানার নিমিত্ত দেয় অর্থ বা চা'ল। "ভাড়া পুজি করি যেন দিন কত খায় ম ম ৫৯। ভাড়া করি ভড়ক করিয়া ভাল ভাতে শি ৭২। ৪ ধান ভানা। "সাঁঝ হৈলে ভাড়া ব প ৭। ৫ (সাদৃশ্যে) জীবনের অবলম্বন বা একমাত্র আশ্রয়। "হাপুতীর পুত মোর বালতীর ভাড়া ক.চ ২১৭। অভাগীর ভাড়া শ্রী ১৭৫। ৬ সম্বল। "মোর ভাড়া ভাঙ্গা পাথর: চরকা থাউই ভাড়া শ্রী ১০২ ; অকালের ভাড়া ১০৩। ৭ প্রাণরক্ষার উপায়। "তাহা (খাঁড়া) যদি কাটা গেল ফুরাইল ভাড়া ম ৮৪৪, টীকা। [ভাড়া-করা—ভাড়া দিয়া লওয়া (গাড়ী ইত্যাদি)। ভাড়া খাটা—ভাড়া লইয়া খাটা। ভাড়া ভানা—ভাড়ার নিমিত্ত ধান ভানা।]

ভাড়াটীয়া, -টে বিং [ভাড়া+টীয়া, -টে] ১ ভাড়া-করা (গাড়ী, বাড়ী) ২ ভাড়া-খাটা, ঠিকা (গাড়ী, পাল্‌কি)। —টিয়া, -টে বি ভাড়া-করা বাড়ীতে যে বাস করে।

ভাড়াটে দ্র 'ভাড়াটীয়া'।

ভাড়া(ড়ু)নী বি [ভাড়া+ভাননী > °নী (?)] যে স্ত্রীলোক ভাড়া ভানে ; ধানভাননী। "ভাড়ুনীর হাতে পড় হবে বিলক্ষণ শি ৭৬। ভাড়ানীর সাত বেটা, রাজরাণী বন্ধ্যা।—দা ৯৭২।

ভাড়িয়া, -ড়ুআ, -য়া বি [হি ভড়ুয়া, -ড়ুআ ; ঠ, গু ভডয়া ; ড় ভড়ুআ ; সং ভার্য্যাট] ১ যে স্ত্রীর বেশ্যাবৃত্তির অর্থে জীবনধারণ করে, কাপুরুষ। "ভা.চ ৭৩৮। ২ বেশ্যার পোষ্য। "এক ভাড়ুয়া দৈলে মস্তকে ছত্র টাঙ্গাইয়া গো.চ ২৫৬ ; আট ভাড়ুআ ২৬০,-৭২। ৩ বেশ্যার দালাল বা কোটনা। ৪ বাইএর বাদক। ৫ গালি। "আইল রে ভাড়ুয়া ব.প ২৩৪। হেন প্রভু যে না মানে, সে ভাড়িয়া গাঁড়িয়া শূকর ন প ৩৫৯।

ভাড়ুআ, ভাড়ুয়া দ্র 'ভাড়িয়া'।

ভাণ১ পুং [√ভণ্‌+অ (ঘঞ)-ধি] ১ রূপকবিশেষ (সা.দ ৬.৩)। [ইহার বস্তু কবিকল্পিত, অঙ্ক ও অভিনেতা একটি। ইহা ধূর্ত্তচরিত। ইহাতে আকাশভাষিতের ভাণেই উক্তিপ্রত্যুক্তি হয়। ইহা ভারতী-বৃত্তিপ্রধান (সা দ ৬.২২৭-২৩০)। ২ [মৈ ভান] (বাঙ্‌লায়) বাক্য, কথা, শব্দ। "ভণয়ে বিদ্যাপতি ইহ রসভাণ বি প ৪৫। মধুর বিদ্যা-পতি ভাণ বি.সা ৩৬৬। ৩ [সং ভান > প্রা ভাণ] প্রতীতি, বোধ, ধারণা। "এত দিনে আমু, ভাণে হাম আছনু বি প ১৫৬। চান্দ দেখি পৃথিবীরে হৈল স্বর্গ ভাণ।—চৈ ভা ২৯৩। যমুনাব ভাণে ন.প ৩১৪। (ধারত) মধুকর কমলিনী ভাণে।—গো ১২২ ; সুন্দরি জানমু ভুয়া 'ছুয়ভাণ' ('ভান—প.ক) ২৫২। ৪ দীপ্তি, চমক। "পুলিন সুরম্য-স্থান, বালুকার যত ভাণ ভ.গ্র ৪৬৪। ৫ ব্যাজ, ছল। "এই উপদেশ কবি দিলা এই ভাণে।—মা ২৫৭।

ভাণ২ সর্ম্ম [সং √ভণ্‌ >প্রা √ভাণ (প্রা.ম), মৈ √ভান] ১ বলা। "সুকবি বিদ্যাপতি ভাণে বি.প ৩৯ ; বিদ্যাপতি ভাণ ৪৯ ; ১০৪,-৫। ২ [মৈ √ভান] প্রতীত হওয়া। "চিত্ত চঞ্চল 'ভাণ' (ভান—বি.সা ১) বি.প ৩৭। ৩ [হি √ভান ; 'ভান' সাধু] অনুমান করা। "পাছে সে মনে ভাণে, 'এত কি প্রেম জানে ?'—চ.কা ৬৭।

ভাণ্ড১ ক্লী [√ভণ্ড্‌+অ (ঘঞ্‌)-র্ম্ম] ১ দ্রব্যস্থাপনার্থ যাহা কথিত হয় (অ.টী) ; পাত্র, ভাজন। "বস্ত্র° রা ১.৪.২৪। কাঞ্চনং ভাণ্ডম্ মনু ৫. ১১২। পুত্র° উ.চ ৪.২৫। ২ মৃন্ময়পাত্র, কলসশরাবাদি। "ভিন্নভাণ্ডেষু ভোজনম্ মনু ১০.৫২। ভগ্নভাণ্ডো দ্বিজঃ।—হি ৪.১৯। ৩ তৈজসপাত্র —থালা বাটি ঘটী ইত্যাদি। ৪ উপকরণ। "রা ২.৮৯.১৫। ৫ আধার, কোষ। "ক্ষুর°। মিথ্যার ভাণ্ড ম.পা ১৪২। ৬ গোণীকণ্ডোলাদি পাত্র ; গুন ডোল ইত্যাদি। "রিক্ত° মনু ৮.৪০৫। ৭ নদীকূলদ্বয়ের মধ্য ; পত্র, পাত্তা। ৮ বণিকের মূলধন। "মাঘ ৩.৭৬। ৯ পণ্যদ্রব্য। "°পূর্ণানি যানানি মনু ৮.৪০৫। হি ৩.১২৮। ভাণ্ডানয়ন।—পঞ্চ ১২/১৬। ১০ চৌর্য্যোপযুক্ত-ভাণ্ডাদি (কুল্লুক)। "মনু ৯.২৭১। ১১ বাদ্যযন্ত্র। "°বাদন। ১২ ভূষণ। "মহা ২.৫১.১৬। ১৩ অশ্বভূষা। "ছিন্নভাণ্ডাঃ (তুরগাঃ) মহা ৭.২৬.২৩। ১৪ [ভণ্ড+অ (অণ্‌)] 'ভণ্ডভাব', ভণ্ডচরিত্র, ভাঁড়ামি। —ণ্ড পুং ১ (বহুব) পণ্যদ্রব্য। ২ গর্দ্দভাণ্ডবৃক্ষ। [°পতি (পুং)—বণিক্‌। °পূর্ণ (বিণ)—১ পণ্যদ্রব্যপূর্ণ। ২ কলসশরাবাদিপূর্ণ। "°কুম্ভকার-মণ্ডপিকা।—হি ৪২/৯। °প্রতিভাণ্ডক (ক্লী)—পণ্যবিনিময়ে দেয় পণ্য। °বাদন (ক্লী)—মুরজাদিবাদ্যভাণ্ডবাদন। "মনু ১০.৪৯। °মূল্য (ক্লী) —পণ্যমূল্যরূপ মূলধন। "ক.সা ৬ ৩৪,-৮। °রঞ্জকমৃত্তিকা (স্ত্রী)—মৃৎপাত্র রঙ করার মাটি, বর্ণকমৃত্তিকা। °শালা (স্ত্রী)—ভাণ্ডাগার।]

ভাণ্ড২ সর্ম্ম [সং √ভণ্ড্‌] প্রতারণা করা ; ভাঁড়ান, ভুলান। "বচন আন্ধারে দিআঁ ভাণ্ডহ কেহ্নে শ্রী কী ৩০। কেনে ভাণ্ডে মোকে।—মী ৮। ভাণ্ডিল গো.বি ৩৭। না ভাণ্ডিহ মোরে।—ম ৭। ভাণ্ডিলা ক.চ ৩৪। ভাণ্ডিতে বা.ম ৩০৬; ব.প ৪৯৬। ভাণ্ডি ম.পা ৫৫ ; ভাণ্ডে ১৪২। ভাণ্ডিলা মোরে ম.ম ১০ ; ভাণ্ডিতে ২৪, ভাণ্ডিয়া ৫৬। —ণ্ডা সর্ম্ম [ভাণ্ড > °ণ্ডা] সর্থ 'ভাণ্ড২। "ভার বহায়িআঁ ভাণ্ডাইলে দেবরাজ শ্রী.কী ৩৫৫। ভাণ্ডাইতে গো.বি ৩৬। ভাণ্ডাহ।—ম ৬০। ভাণ্ডাহ আমারে বা.ম ৩১৯। ভাণ্ডাইয়া কংসে চ বি ৮। [ভাণ্ডসি. -ণ্ডিআঁ, -ণ্ডিতেঁ, -ণ্ডিবারে.-রেঁ, -বি, -ণ্ডী, -ণ্ডে (শ্রী.কী)। ভাণ্ডান—সর্থ 'ভাণ্ডা'।]

ভাণ্ডন, -না বি [ভাণ্ড২+অন—°ন >না, তু 'প্রতারণ, -ণা'] প্রতারণা। "°না-বোলে ক.চ ১৪৮। °না।—জ ১৮। °ন ম.ম ৭৮।

ভাণ্ডনা দ্র 'ভাণ্ডন'।

ভাণ্ডা, ভাণ্ডান দ্র 'ভাণ্ড২।

ভাণ্ডাগার ক্লী [ষ.ত] ১ গৃহস্থের নিত্যব্যবহার্য্য দ্রব্যের গৃহ ; ভাণ্ডশালা, ভাঁড়ার (store-house)। "মহা ১২.৬৯.৫৪। চৈ.ম ৯। ২ ধনাগার, কোষ (treasury)। —গারিক পুং [°র+ইক (ঠক্‌)] ভাণ্ডাগারে নিযুক্ত পুরুষ, ভাণ্ডাগারাধ্যক্ষ, কোষাধ্যক্ষ, ভাঁড়ারি। "ক.সা ৩৮.৪৮।

ভাণ্ডাগারিক দ্র 'ভাণ্ডাগার'।

ভাণ্ডার ক্লী [তু 'সং ভাণ্ডাগার >প্রা ভংডাআর, ভংডার ; হি, ঠ, গু, মৈ ভংডার] ১ সর্থ ভাণ্ডাগার (১)। "পদরত্ন-ভাণ্ডার সবাই লুটে, ইহা আমি সইতে নারি।—রামপ্রসাদ। ২ সর্থ 'ভাণ্ডাগার (২)। "আনল মদনভাণ্ডারক চোরি বি.প ৭৫। —রিক পুং [তু 'সং ভাণ্ডা-গারিক >প্রা (*ভংডাআরিঅ) >ভংডারিঅ, -রি (প্রা.ম)] সর্থ 'ভাণ্ডাগারিক'। [°পাল—ভাণ্ডারাধ্যক্ষ। "শূ ৬৯।]

ভাণ্ডারিক দ্র 'ভাণ্ডার'।

ভাণ্ডারী (-রিন্‌) পুং [°র+ইন্‌ (ইনি)-১ব, তু 'সং ভাণ্ডাগারিন্‌ >প্রা ভংডাগারি, ভংডারি (প্রা.ম)] ১ ভাণ্ডাগারিক। ২ [ভাণ্ড-ধারী (?)] (বাঙ্গলায়) 'ক্ষুরভাণ্ডধারী', নাপিত। ৩ ভৃত্যবিশেষ। দ্র 'ভ.গ্র ১৬০।

ভাণ্ডি পুং [তু 'ভাণ্ড১ (৫)] নাপিতের ক্ষুরাধার। —ণ্ডিক পুং [ভাণ্ড১+ইক (ঠন্‌)] নাপিত। [শালা—নাপিতের কর্ম্মশালা। "পা ৬.২.৮৬।]

ভাণ্ডিক দ্র 'ভাণ্ডি'।

ভাণ্ডিনী স্ত্রী [ভাণ্ড¹ > °নী] মঞ্জুষা। "মহা ২.৬১.২।

ভাণ্ডীর পুং ১ বটবৃক্ষ। ২ বৃন্দাবনস্থ সপ্তবটের একতম। "ভ.গ্র ৪৩৫।

ভাত¹ বিণ [√ভা+ত (ক্ত)-ক] দীপ্ত, উজ্জ্বল। —ত স্ত্রী ১ প্রভাত। ২ [+ক্ত-ভা] দীপ্তি, ভাতি, ঔজ্জ্বল্য।

ভাত² '-ত্' বি [সং ভক্ত >লি ; প্রা ভত্ত >বা °ত ; হি, ঠ, গু, ড়, মৈ, অস ভাত , প ভত্ত ; সি ভতু] ১ সিদ্ধ তণ্ডুল; অন্ন। "হাড়ীত ভাত নাঁহি।—চ ৫১। হামরা খাইনু ভাত গো চ ১৮৫। নিত্য মৃগ বধ করে ভাত আছে ঘরে ক.চ ৪৭। সুরপতি ভৃত্য নিত্য ঘরে নাই ভাত শি ৬৩; ৭২। ২ অন্নপ্রাশন। ৩ ভাতের মত ফোড়ার মা'জ। ৪ জীবিকা। "কাটনা কাটিয়া রাঁড়ী করে নিত্য ভাত শ্রী মা ১৯৫। কলা পুতে না কেটো পাত। তাতেই কাপড় তাতেই ভাত॥—খনা। [°কাপড়—অন্নবস্ত্র, খোরাক-পোশাক। "ক.চ ২৯। শি ৮৪। ভাত-কাপড়ের ভাতার নয়, নাক কাটবার গোসাই অ.গ্র ৮৯। °ঘুম—খাওয়ার পরেই ভাতের মাদকতা থাকিতে থাকিতে যে ঘুম। °পানী—ভাত-জল; পানাহার। "দারুণ জ্বর পাইলে ছাড়ে ভাত-পানী ম ম ২০৬। °ভিত্তি—অন্নবৃত্তি, জীবিকা। ভাত খাই কাঁসি বাজাই, রগড়ের কিছু জানি নাই (দা ১৭১০)—(গৌণার্থে) সাদাসিদে বুঝি, কূটকথা জানি না। ভাত দেওয়া—১ অন্নপ্রাশন দেওয়া। ২ ভরণপোষণ করা। "বৃদ্ধকালে তুমি মোরে নাহি দিবে ভাত চৈ.ম ৪১। ভাত হওয়া—অন্নের সংস্থান হওয়া। ভাতে দেওয়া—ভাতের সহিত সিদ্ধ করা। ভাতে-পোড়া—ভাতে সিদ্ধ-করা ও পোড়ান তবকারী। ভাতে বাড়া—ভাত হইয়া পরিমাণে বাড়া। "পুরাণ চা'ল ভাতে বাড়ে। ভাতে ভাত—ভাত ও সিদ্ধপক্ক ব্যঞ্জন। সূতা ভাতান—কাপড় বুনিবার সূতায় ভাতের মণ্ড মাখান।]

ভাত³ অর্ম্ম [ভাত¹ > °ত , পদ্যে] ১ দীপ্তি পাওয়া , জ্বলা। "ভাতিল অসি অগ্নিশিখা-সম।—মে ১১। ২ প্রকাশ পাওয়া , উদিত হওয়া। "ভাতে যবে স্বাতী সতী গগনমণ্ডলে।—মে ১৯০। ৩ শোভা পাওয়া। "শুভ্র ললাটে ইন্দুসমান, ভাতিছে স্নিগ্ধ শান্তি।—কথা ৩১। —ত সর্ম্ম দীপ্ত করা, আলোকিত করা। "(নক্ষত্র কত) চলিছে তড়িৎবৎ, ...ভূমণ্ডল ভাতিয়া।—হেম ২৬৯।

ভাতা বি [ভাত² > °তা, হি, ঠ ভত্তা] বেতন ভিন্ন কর্ম্মচারীকে অন্যত্র যাতায়াত ইত্যাদির নিমিত্ত দেয় বৃত্তি (allowance)।

ভাতানি বি [ভাত² + পানী] ভাতের জল, অর্থাৎ চাউল সিদ্ধ করার নিমিত্ত যে জল দিতে হয়। "নারিকেলের জল দিয়া দিলেক ভাতানি ম ভা ৩৭।

ভাতার বি [সং ভর্ত্তৃ >প্রা ভত্তার (হে ৩ ৪৫) >বা °র : হি ভতার, ভর্ত্তার , ঠ ভর্ত্তার , ড় ঘইতা] পতি (স্ত্রীভাষায়)। "তোহোর ভাতার।—ম ২৪১। নিয়ে যাবু পারিজাত পাঠায়ে ভাতার শ্রী ম ১৮৯। বুড়া মোর ভাতার শ্রী.মা ৪৯। কর্ম্ম করাইতে ভাল পেয়েছি ভাতার ম ম ৭১। তুই শিবের ধান ভাঙ্গিলি, ভাতার তো নয় তোর শি ৮৩, ৯৩। °বর্গের চেষ্টা হ ৭১, ১৬৬। ভাতার বলি ও বাড়ীর বট্‌ঠাকুরকে, বড় দিদির আঁচল ধরে বেড়ায়।—জা ২৩। [এখন এই শব্দ স্ত্রীভাষায়ও ব্যবহৃত হয় না, ইহা অশ্লীল : কিন্তু উদ্ধৃত অংশগুলিতে 'স্বামী' শব্দের মত উহা অসঙ্কোচে ব্যবহৃত হইয়াছে। শিবায়নের উদ্ধৃতাংশে পুরুষের মুখেও উহার প্রয়োগ হইয়াছে। প্রাচীন বাঙ্‌লায় ইহার ভূরিপ্রয়োগ।] [°আউলী—সধবা (মালদহ)। °কামড়া, °খোর—যে স্ত্রী স্বামীকে কামড়াইয়া থাকে, অর্থাৎ ছাড়িতে চায় না। "সে যে থাকে দূরে, তবু নাকি মোরে, লোকে বলে ভাতারখোর।—শ্রী ৯২। তুই যে °দ্রা, তুই আবার অন্য লোককে দিবি?—স.এ ১৫। °খাগী—সধবার প্রতি অকল্যাণ-সূচক গালি। °গিরি—স্বামীর প্রভুত্ব বা শাসন। "বশী...মজবুদ করে, তখন °রি ফলাও না!—জা ১৯; ২৩। °নড়, °ঝুড়ি, °নোড়—যে স্ত্রী স্বামী ছাড়ে, অর্থাৎ এক স্বামী ছাড়িয়া অন্য স্বামী গ্রহণ করে; গালি। "আমি তাদের মত ভাতারনড় নই শ্রী.মা ৮৭। মর কি বলে °ড়ির ঝি শি ৮২; ভাতার ছেড়ে ভাতার ধরে ভাতারনোড় মেয়ে ৮৪। °পুত—পতিপুত্র। "শ্রী ৯৪। °পুতখাগী—গালি। ভাতার ধরা—১ পত্যন্তর গ্রহণ করা; নিকা করা। "মরি গেল জোলা শালা, ভাতার ধরিব ভালা বা.ম ৮৮। ২ স্বেচ্ছায় পতি গ্রহণ করা। "যদ্যপি ভাতার ধরে বেরুতিস সেও ছিল ভাল বি.সু ৭২।]

ভাতারী বিং [°র+ঈ⁷] ভর্তৃমতী, ভাতার-আউলী। "রাখাল-ভাতারী বা ম ২৩৬। আমি মা পাঁচ° : এক° এয়ো গি.ঝি ১২৪।

ভাতার্ত্তি বি স্বামীর সোহাগ বা ভালবাসা। "বিবিয়ানা মুখভরা নথ, গড়িয়ে একটা তাই প'রো স্বচ্ছন্দে।...ভাতার্ত্তির মাগ, তাতে কিসে নিন্দে॥—দা ৯৮১।

ভাতি¹ স্ত্রী [√ভা+তি (ক্তিন্)-ভা] ১ দীপ্তি, প্রভা। "বপুর্ভাতি ভ ৮ ১৮.১২। অরুণ°।—রঘু ৮২। প্রদীপ° স শ ১৩০। বিমল ভাতি সা.ম ৬৪। ভাতি দূরগত।—হেম ১০১। বরণভাতি প.তু ৫৮। হেরি তব বিমল মুখভাতি।—রবীন্দ্র। ২ শোভা। ৩ (বাঙ্‌লায়) প্রকাশ, আবির্ভাব। "না দেখি দিবসপতি, যেন ঘোর নিশাভাতি।—ম ২৭০। ৪ কান্তি, লাবণ্য। "ভাবনায় ভাতি ভিন্ন ভূপ যায় ভাঙ্গা বি.সু ৭৮।

ভাতি² বি [ভাঁতি > °তি] ১ প্রকার। "(নাগরী) নব নব 'ভাতি' (ভাঁতি বি.সা ৩৬৬) বি প ৯৭। গজপতি° (গমন)।—গো ৮৪। প্রিয়বাক্য নানাভাতি ভ.গ্র ৩৭৮। ভূষণ নানা° শ্রী মা ৪৯। কত° মোকাম শ্রী ১৫৬। চ.বি ২৫৭। বাদ্য নানা° ন.প ১২৫। ২ নির্ম্মাণ, গড়ন। "কেমন মধ্যদেশভাতি চ.বি ১৮৪। ৩ সাদৃশ্য, তুলনা। "পুরাণ বসন ভাতি, অবলা জনের জাতি, রক্ষা পায় পরম যতনে ক চ ১৭৬। ৪ জাতি। "লতা নানা ভাতি ভা.চ ৯৬। —তিয়া বিং সদৃশ। "ঢুলি ঢুলি চলত খলত, মত্ত কবিবর ভাতিয়া—গো ২৯।

ভাতি³ বি [বৃত্তি > °তি, তু 'ভাতভিত্তি', অপ্র] বৃত্তি। "শ্রী ২৬১।

ভাতিজ, -জা বি [সং ভ্রাতৃজ; হি, প, মৈ ভাতীজা, গু ভত্রীজ , সি ভাইট্যা , অস ভতিজা] ভাইপো। "°জ বি.পা ২৫৫, ভাতিজা ২৭৬, ভ.গ্র ৩৬১।

ভাতিজা; ভাতিয়া দ্র 'ভাতিজ ; ভাতি²'।

ভাতুড়ে বি [ভাত+খুরে (?)] ভক্তদাস, অন্নদাস (অপৌরুষসূচক)। "(যেমন তফাৎ) সক্ষম আর ভাতুড়ে]—দা ২০৫৮।

ভাদই বিং [হি °ঈ] ভাদ্রমাসসম্বন্ধী (আম, ফসল)।

ভাদর বি [সং ভাদ্র >(স্বরাগমে) °র , °র (ময়মনসিং) , পদ্যে] ভাদ্রমাস। "মাহ ভাদর বি.প ১৭২। ভাদরে দেখিনু নটচাঁদে চ.দা ৮২। জ.প ৩৭। ভাদরে বাদর।—গো ২৩৭, ভাদর দর দর ২৩৯। °বাদর।—জ্ঞা ১৬৩। ক.চ ১৪৩। —দুরে বি ভাদ্রের ফসল , আউশ ধান। "(যেমন তফাৎ) আমন আর ভাদুরে॥—দা ২০৫৮।

ভাদাম বি (?)। ভবঘুরে, লক্ষ্মীছাড়া। "মাগিবারে চলিয়াছ কোথায় ভাদাম ?—বি.পা ১২৯।

ভাদুরে দ্র 'ভাদর'।

ভাদুল্যা [সং ভদ্রা] বৃক্ষবিশেষ। "ক.চ ৭৭।

ভাদো বি [হি ভাদোঁ ; ঠ ভাদরা] ভাদ্রমাস। "প.ক ১৭৬৩।

ভাদ্দর বি [সং ভাদ্র , তু 'ভাদর'] ভাদ্রমাস। "শূ ৭১।

ভাদ্দরবউ বি [ভ্রাতৃদার >ভাদ্দর+বউ] পুত্রবধূসদৃশী ভ্রাতৃপত্নী ; ছোট ভাইএর স্ত্রী। "হ ১৬৬।

ভাদ্র পুং [ভাদ্রী+অ (অণ্)] যাহাতে ভাদ্রী পৌর্ণমাসী আছে;

বৎসরের পঞ্চম মাস, নভস্য। —দ্রী স্ত্রী [ভাদ্র (ভাদ্রপদ)+অ + স্ত্রী ঈ (ঙীপ্)] ভাদ্রপদানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী।

ভাদ্রপদ পুং [°দী+অ (অণ্)] ভাদ্রপদীপৌর্ণমাসীযুক্ত মাস, ভাদ্র-মাস। "ম ৮৫৮। —পদী স্ত্রী [°দ+অ+স্ত্রী ঈ (ঙীপ্)] ভাদ্রপদা-নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী।

ভাদ্রপদা স্ত্রী [ভদ্রপদা+অ (অণ্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), °দী (S W)। (দ্বিব, বহব)] পূর্ব্বভাদ্রপদা নক্ষত্র।

ভাদ্রপদী দ্র 'ভাদ্রপদ'।

ভাদ্রবধূ বি [ভাদ্দর > ভাদ্র] ১ সর্থ 'ভাদ্দরবউ'। "(বেদব্যাস) ভাদ্রবধূ-সহবাস, করলেন কেমনে ভাই।—দা ২০১৬। ২ ভাদ্রবধূ-সদৃশ অস্পৃশ্য বস্তু। "ও টাকা আমার ভাদ্রবধূ, আমি ও টাকা ছুঁই? —অ গ্র ৮৫।

ভাদ্রী দ্র 'ভাদ্র'।

ভান[1] স্ত্রী [√ভা+অন (ল্যুট্)-ভা] ১ দীপ্তি, প্রভা। "সকল অঙ্গ সুনির্ম্মাণ, সুবর্ণপ্রতিমা-ভান চৈ চ ৫৩। দলিতললিতাঞ্জনভান।—চৈ ৩। ২ সর্ব্ববিষয়ের প্রত্যক্ষ। "ভাষাপরিচ্ছেদ ৬৬। ৩ প্রকাশ, আবির্ভাব। ৪ জ্ঞান, বোধ। "কুয়ল করবী· ·কোরে করত তুয়া ভানে।—জ্ঞা ২৩, রোমলতাবলী ভুজগীভান ৫৬। সত্য যেন কাদম্বরী পীযে—হেন ভান চৈ ভা ১৮৪। সুন্দরী বলিয়া বড ছিল অভিমান। সুন্দর-সুন্দররূপে গেল সেই ভান॥—বি সু ১০৭। ৫ ভাতি, শোভা। "অপরূপ দশন৹ কাঁতি জনু দরপণ৹ সো অব রঙ্গিম ভান।—ব ১৭৬। বিকচ সরোজ৹ -ভান মুখমণ্ডল প ক ২৬৮। ৬ (বাঙলায) অনুমান। "কোপে কয়সি তুহুঁ কত মত ভান প ক ৪০৪। ৭ বিভ্রম। "ভণয়ে বিদ্যাপতি তপনক ভান বি প ৭৪। হাসির মিশালে চাহনি আন। তা দেখি কাহাব না হয় ভান॥—জ্ঞা ৯৯। দ্র 'ভান[1] (৫)। ৮ ব্যপদেশ, ছল। দ্র 'পরিশিষ্ট'। [ভানল—প্রতীত হইল (প ক)।]

ভান[2] সর্ম্ম [ভাণ্ড[4] > °ন, হি √ভান, প √ভন্ন (হিন্দীশব্দসাগব), ঠ 'ভান'—ভানগড (অব্যবস্থা)] ভগ্ন করা, মুষলাঘাতে নিস্তুষ কবা (ধান—to husk)। "ভাঙ্গা খাইতে ঢেকি কুলা দিবে ক.চ ৮৫, ২৮৪। উডি ধান্য ভানিবে শ্রী মা ৯৯, শ্রী ১০৬। ঢেকিব দল।· ·যখনই পিঠে রমণী-পাদপদ্ম ওরফে মেযে লাথি পড়ে, তখনই তোমরা ধান ভান। —ব প্র ৬২৮। —না[2] সর্ম্ম [°ন+আ[৮]] নিস্তুষ করান, ভানান।

ভানা[1] বি [ভান+আ[৬]] নিস্তুষীকরণ। 'ধান্যভানা গেল নাই শি ৭৫। —না বিং [+আ[১২]] নিস্তুষীকৃত। [°কুটা—১ ভানা ও পেষা। ২ ভাঙাচুরা, বিশেষ আন্দোলন। "সবা সনে সদাই এ কথা ভানাকুটা শ্রী ২৩।]

ভানা[2] দ্র 'ভান[2]'।

ভানান বি [√ভানা+অন] কাহার দ্বারা ধান্য নিস্তুষীকরণ।

ভানানী বি যে স্ত্রীলোক ধান ভানে, ভাড়ানী। [ধানভানানী —ভাড়ানী, (গৌণার্থে) অতিদরিদ্রা। "ছোট মাগ পাটরাণী। বড় মাগ ধানভানানী॥—জা ১৬।]

ভানু পুং [√ভা+নু-ণ, উ ৩ ৩২, 'ভানু'—প্রকাশ, তেজঃ (ঋগ্বেদ ১ ৯২ ১, ২ ২৮)] ১ কিরণ, রশ্মি, কর। 'জালান্তরগতে ভানৌ মনু ৮ ১৩২। সহস্র° (ভানু) মাঘ ২ ২৭। প্রভাতভানুভানুদন্তকচ্ছদে ভা চ ৪৮৯। ২ [+নু-ক] সূর্য্য। "পু মে ৩৯। মাঘ ২ ২৭। হনু ভানু দুই-জনে করিব মিতালি।—কৃ ৩২৩। ৩ অর্কবৃক্ষ। ৪ প্রভু। ৫ রাজা। ৬ শিবু। ৭ ভানুমতীর পিতা যাদববিশেষ। "হ ১৪৯ ২। ৮ (বাঙলায়) বৃকভানু। "ভানুর দুয়ারে চ দা ৪৪। ৯ বৃকভানুকন্যা রাধিকা। "ভানুকোলে৹ কানু খেলে রা শে ৬৮। —নু স্ত্রী সহদেবের পত্নী ভানুমতী। 'হ ১৪৯ ৭৭। [°কন্যা (বি)—যমুনা। "দা ১২৬। °জ (পুং)—১ 'ভানুজাত', শনি। ২ যম। "ভানুজভয়হারিকে।—দা ২৫১। °তনুজ—শনি। "ব.প ১৫। °দিন স্ত্রী), °বার (পুং)—রবিবার। °বংশ (বি)—সূর্য্যবংশ। "ক চ ৮ °সুত (বি)—১ শনি। "জা ২৪৮। ২ যম। "ভানুসুতভবনে —দা ২৬৯। °সুতা (বি)—ভানু-কন্যা। "হে যমুনে, °তে।—মে ৩৬।]

ভানুমতী স্ত্রী [°মৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিক্রমাদিত্যের পত্নী। "তেনাহমবগচ্ছামি ভানুমত্যাস্তিলং যথা (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ২ সর্থ 'ভানু' (স্ত্রী)। ৩ দুর্য্যোধনপত্নী। "বে ২½। ৪ [হি ভানমতী; ঠ ভানামতী] জাদুকরী। [ভোজরাজ-কন্যা বিক্রমাদিত্যের পত্নী ভানুমতী মায়াবিদ্যায নিপুণা ছিলেন। তদীয নামানুসারে ঐরূপ নামকরণ, বোধ হয়।]

ভানুমান্ (-মৎ) বিণ [ভানু+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] ১ প্রভাবান, দীপ্তিমান্, উজ্জ্বল। 'ভানুমন্তির্বর্কৈঃ।—ঋগ্বেদ ৬ ৪ ৬। গো রা ৫ ১১ ৩। বাসাংসি চ ভানুমন্তি মহা ৩ ১১১ ১৫। যাজ্ঞসেনীম্ · ·ভানুমতীম্ ২৬৯ ২। ২ শোভাযুক্ত, রুচিব, কান্ত। —মান্ পুং ১ 'কিবণবান্', সূর্য্য। "ভানুমতো ময়ূখৈঃ কু.স ৩ ৬৫। নৈ ১২ ৮১। কৃ ১৯৫। জ্ঞান° স্ব প্র ১৯১। ২ কৃষ্ণপুত্র।

ভাপ বি [সং বাষ্প > প্রা বপ্ফ (হে) > (বাফ) °প, হি বাফ, ভাপ, ঠ রাফ, গু, সি বাফ, প ভাফ, ড ভাপ, cf, E vapour] ১ বাষ্প (steam)। 'মেযেমানুষ৹ হৃদয়তাপেব ভাপে-ভরা ফানুস প.কা ৩৯। ২ আগুনে জল দিলে, উত্থিত উত্তপ্ত বাষ্প। ৩ উত্তপ্ত দ্রব্য বা মৃত্তিক হইতে বিকীর্ণ তাপ।

ভাপ(ব)রা বি ['বাষ্পভর'—মূল (?), ঠ রাফবা] সিদ্ধ ঔষধের বাষ্প-প্রয়োগ (medicinal application of fumes)। [ভাবরার ঘর —যে ঘবে বোগীকে ভাবরা দেওয়া হয, তাদৃশ উত্তাপপূর্ণ ঘর। "বাবা, নীলের গুদাম, ভাববাব ঘব, ঘামও ছোটে, জলও পাওয়া যায়। —নী ৩০।]

ভাপসা, (ভে)ভ্যাপসো বিং [ভাপ+সা (সম)] ১ বাষ্পের মত, ঘামেব মত (গন্ধ)। "গরম দুধ ঢাকিলে ভাপসা গন্ধ হয়। ঘামে গায় ভাপসা গন্ধ হয। ২ বাষ্পজাত। "লুচি মণ্ডা দই ও আঁবের চপটে একরকম 'ভেপসো' (পাঠান্তর—'ভ্যাপসো') গন্ধে বাডি মাতিয়ে তুলে। —হু ১১৪।

ভাপা সর্ম্ম [ভাপ+আ[৯], হি √ভাঁ(ভাপ, ঠ √রাফ] ভাপে সিদ্ধ করা। [ভাপান, ভাবান—ভাপে সিদ্ধ (ধান, পুলী)।]

ভাপান দ্র 'ভাপা'।

ভাব[1] পুং [√ভূ+অ (ঘঞ্)-ভা] ১ সত্তা, বিদ্যমানতা। "নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ গী ২ ১৬। মনু ২ ১২৪। ২ জন্ম, উৎপত্তি। "ভূত° গী ৮ ৩। প্রভুরপায়ভাবয়োঃ ভ ৪ ১২ ৩। ৩ প্রকাশ, আবির্ভাব। ৪ সম্ভাব। 'উপায়ানা° ভাবাৎ উ চ ৩ ৪৪। ৫ সংঘটন, ঘটনা। "অবশ্যম্ভাবিনো ভাবা ভবন্তি মহতামপি।—হি ২৮ (কথা-রম্ভ)। ৬ ক্রিয়া। "যস্য চ ভাবেন ভাবলক্ষণম্ পা ২ ৩.৩৭। কৃদভিহিতো ভাবো দ্রব্যবৎ পকাশতে।—মুগ্ধবোধ ২১৮, টীকা। ৭ [+অ (ণ) -ক, পা ৩ ১ ১৪৩, সি, কাশিকা] বিষয়, পদার্থ, বস্তু। "(সঃ) অদ্ভুতান্ ভাবান্ দদর্শ মহা ৩ ১১০ ২। সাত্ত্বিকা ভাবাঃ গী ৭ ১২। মনু ৬ ৮০। (অতীন্দ্রিয়েষপি) ভাবেষু রঘু ৩ ৪১। উ চ ৩.৩২। ৮ অবস্থা। "সাম্রাজ্যশংসিনো ভাবাঃ কুশস্য উ চ ৬.২৩। কভু কোন ভাবে রত (কে জানে)।—কৃ ৩৫৪। ৯ স্বাভাবিকী অবস্থা। "মধুরা-বস্থানদর্শনীয়ো ভাবানুপ্রবেশঃ শ ৬১⁄২। ১০ অভিপ্রায়, আশয়। "স্ব ২ ২ ১৯। বাহ্যৈর্বিভাবয়েল্লিঙ্গৈর্ভাবমন্তর্গতং নৃণাম্ মনু ৮ ২৫। রঘু ২. ২৬। ১১ অন্তর্হৃদয়াভিপ্রায় (মেধাতিথি)। "ভুঞ্জীত ন °প্রতিদুষিতে

(ভাবে) মনু ৪.৬৫। ১২ কামক্রোধাদিকৃত চিত্তবিকার (অ.টী); মানসবিকার। "ভাবিতে ভাবিতে ভাব ঘটে তখনি।—দা ৭২। ১৩ সাত্ত্বিকভাব। "অন্যত্র মে ভাবচিহ্নম্ শ ৬২১১/২। ১৪ নির্বিকার চিত্তে সম্ভোগেচ্ছায় প্রথম প্রকৃতিবিপর্য্যাস। 'নির্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথমবিক্রিয়া সা.দ ৩.৯৩। চিত্তের প্রথম সেই বিকার যে ভাব ভা.চ ৭১৭। "ভাবালসা বিলাসিন্যঃ (অ.টী)। [ইহা যুবতীর অঙ্গজ সাত্ত্বিক অলঙ্কার (সা দ ৩.৮৯)।] ১৫ শব্দের প্রবৃত্তিনিমিত্ত (কাশিকা); ধর্ম্মবিশেষ (তত্ত্ববোধিনী)। "গোভাবঃ গোত্বম্, পা ৫ ১.১১৯, সি। ১৬ স্বভাব, প্রকৃতি। "আসুরং ভাবমাশ্রিতাঃ (নরাধমাঃ) গী ৭ ১৫। °নিবন্ধনা রতিঃ রঘু ৮ ৫২। ১৭ কার্য্যবিশেষ। "গী ১০.৫। ১৮ ধর্ম্ম। "স তস্য যো ভাবঃ উ চ ৬.১৪। ১৯ শক্তি, অলৌকিক শক্তি, বিভূতি। "দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্মস্বভাবজম্ গী ১৮ ৪৩। ২০ জনিমদ্বস্তু, দেহাদিপদার্থ। "অধিভূতং ক্ষরো ভাবঃ গী ৮ ৪। ২১ স্বরূপ। "পরং ভাবমজানন্তো মম গী ৭ ২৪। ২২ দেবতাদিবিশেষ। "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্ গী ৮ ৬। ২৩ অন্তঃকরণাশয, বুদ্ধিবৃত্তি। "আত্মভাবস্থঃ গী ১০ ১১। ২৪ চেষ্টা, অনাত্মিকী ক্রিয়া (অ টী)। "ভ ৭ ৭ ৩৬। মনস্তু তদ্ভাবদর্শনাযাসি শ ২ ১। ২৫ তাৎপর্য্য, নিষ্কর্ষ। "ইতি ভাবঃ (টীকায়)। ২৬ লীলা (মেদিনী), অঙ্গবেষাদি দ্বারা প্রিয়কৃত কর্ম্মচেষ্টা। 'সা দ ৩ ৯৮। ভা চ ৭১৭। ২৭ জন্তু। "(বনম্) বর্জ্জিতং মানুষৈর্ভাবৈঃ মহা ৩ ১৪৬ ৯০। ২৮ [+অ-ণ] প্রভাব, বৈষ্ণবসামর্থ্য। "(মহর্ষয়ঃ সপ্ত) মদ্ভাবাঃ—গী ১০ ৬। ২৯ [√ভাবি+অ (অচ্) -ভা] ভাবনা, অনুচিন্তন, অনুধ্যান। "তদ্ভাবভাবিতঃ গী ৮ ৬। মনু ৬ ৮০। তদ্ভাবভাব ভ ৭ ৭ ৩৬। ভবানীব ভাবে ভব ঢুলিযা ঢুলিযা। গিরিব আসনে গিয়া বসিল ভুলিয়া॥—ভা চ ৭৬। ৩০ 'রসোৎপাদক', বুধ, পণ্ডিত, বিদ্বান্, বোদ্ধা। "তেন হি নিরূপয়তু বাজঃ সুপরিশুদ্ধস্তোত্র-পদ্ধতিং ভাবঃ উ চ ১৪/৫। [নাট্যে অন্য নটের সূত্রধারের প্রতি প্রযোজ্য শব্দ।] ৩১ কর্ত্তা। "(যঃ) ভাবং, করোতি বিকরোতি পৃথক্স্বভাবঃ ভ ৭.৯ ২০। ৩২ মহদাদি, ব্রাহ্মণাদি (শ্রীধর)। "ভাবস্য ভাববিহিতস্য সতঃ প্রসিদ্ধিঃ ভ ২ ৭ ৪৯। ৩৩ অন্তঃকরণ, চিত্ত। "মুহ্যতে গল্‌ মে ভাবঃ রা ২ ৮৮ ১০। °সংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে গী ১৭ ১৬। বিপ্রদুষ্ট° মনু ২.৯৭, ১২ ৮১। °বন্ধন° (প্রেম) রঘু ৩ ২৪, ৬ ৩৬। ৩৪ অন্তঃকরণ-ধর্ম্ম। "পরিতুষ্টেন ভাবেন মনু ৪ ২২৭। ৩৫ রসোৎপাদক চিত্তবিকার। 'নানাভিনয়সম্বন্ধাদ্ ভাবযন্তি রসান্ যতঃ (তস্মাদ্ ভাবাঃ)।—অ টী। ৩৬ রত্যাদি (মেদিনী)। "স্থাযিভাব। ৩৭ রত্যাখ্য শৃঙ্গার। "দ্বন্দ্বানি ভাবং ক্রিয়য়া বিবব্রুঃ কু.স ৩ ৩৫। ৩৮ ঔৎসুক্যাদি সঞ্চারিভাব। "কু.স ৬.৯৫। ৩৯ প্রেম, অনুরাগ, স্নেহ, প্রণয়। ৪০ গৌরবিত, পূজ্য। ৪১ অভিনয়ান্তর। ৪২ উপদেশ। ৪৩ নবগ্রহের শয়নাদি দ্বাদশ চেষ্টা। ৪৪ [√ভূ+অ-অপা] যোনি। ৪৫ [+অ-ধি] সংসার। ৪৬ গর্ভাশয়। ৪৭ (ব্যাকরণে) ধাত্বর্থ। "পা ৩.৩.১৮। ৪৮ ভাববাচ্য। "পা ৩.৩ ১১। ৪৯ [√ভাবি+অ-র্ম] 'অনুধ্যেয়', আত্মা। "স্বভাবং ভাবয়েদ্ যোগী (অ টী)। ৫০ (বাঙ্‌লায) আকারপ্রকার। "ভাবে বুঝি সে বামুন বড কন্দলিয়া ভা চ ৬০। ৫১ চেষ্টাচরিত, গতি, প্রকার। "দেখে শুনে আদর ভাব, ভাবকের হয় প্রাদুর্ভাব।—দা ৭২। [°গম্ভীর (বিণ)—অভিপ্রায়বিশেষ হেতু গম্ভীর। "(অসুরাঃ) জহসুর্ভাবগম্ভীরম্ ভ ৮.৯.১১। °গম্য (বিণ)—ভাবনাবোধ্য, সম্ভাবনা দ্বারা উৎপ্রেক্ষ্য বা কল্পনীয়। "মৃৎসাদৃশ্যম্…°গম্যম্ উ মে ২৪। °গ্রাহী (-হিন্) বিণ—অন্তঃকরণাশয়গ্রাহক, চিত্তবৃত্তিগ্রাহী। °জ (পুং)—মনোজ, কাম। °বন্ধন (বিণ)—হৃদয়াকর্ষক। "°বন্ধনম্ (প্রেম) রঘু ৩.২৪। °বচন (বিণ)—ধাত্বর্থবাচক, ভাববিহিত। "পা ২.৩.১৫। °বোধক (বিণ)—রত্যাদির বোধজনক (অভিনয়)। "অনুভাবো °কঃ (অ কো)। °মিশ্র (বিণ)—বিদ্বান্ ও পূজ্য। "প্রসীদন্তু °শ্রাঃ শ ৬০/৫। °রূপ (বিণ)—স্বভাবরূপ, স্বরূপ, সত্য। °শবলতা (স্ত্রী)—বাধ্যবাধকভাবাপন্ন বা উদাসীন ব্যভিচারিভাব-সমূহের একত্র মিশ্রণ, ভাববাহুল্য (সা.দ ৩ ২৬৭)। °শান্তি (স্ত্রী)—উৎপত্তিকালে বিরুদ্ধসামগ্রীবলে ব্যভিচারি ভাবের নাশ বা প্রশমাবস্থা (সা.দ ৩ ২৬৭)। 'চৈ চ ১৫৬। °শুদ্ধি, °সংশুদ্ধি (স্ত্রী)—চিত্তশুদ্ধি, ব্যবহারে মায়ারাহিত্য। "°সংশুদ্ধিঃ গী ১৭ ১৬। °শূন্য (বিণ)—প্রেম-রহিত, প্রণয়হীন। °সন্ধি (পুং)—ব্যভিচারি ভাবদ্বয়ের উভয়সামগ্রী-যোগে পরস্পরবিমর্দ্দ (সা.দ ৩ ২৬৭)। 'চৈ.চ ১৫৬। °ঞ্জি-পবকাশ প ক ১৬১৮। °সমন্বিত (বিণ)—ভাবনাসংযুক্ত, প্রেমসমন্বিত। "গী ১০. ৮। °সমাহিত (বিণ)—ব্রহ্মে একতানমনাঃ, ব্রহ্মৈকাগ্র। "মনু ৬.৪৩। °সর্গ (পুং)—একান্তভাবনাবলে সৃষ্টি, মানসী সৃষ্টি। বিপ 'ভৌতিক সর্গ'। °স্থ (বিণ)—১ অন্তঃকরণাশয়স্থ, বুদ্ধিবৃত্তিস্থিত। "গী ১০ ১১। ২ রত্যাখ্যভাবে স্থিত, অনুরাগী। "কু স ৫ ৫৮। °স্থির (বিণ)—হৃদযে স্থির, বদ্ধমূল। "ভাবস্থিরাণি জননান্তরসৌহৃদানি শ ৫.২। °স্নিগ্ধ (বিণ)—স্নিগ্ধহৃদয, অনুরাগী। "পঞ্চ ১ ৩০৮।] [°ভক্তি—চিত্তবৃত্তি ও ভক্তি। "শ্রী ৭৭। ভ.গ্র ৩১৫। °ভঙ্গি—একার্থকশব্দ। °সাব ('সাব' অনু শব্দ)—পিরীতপ্রণয়। ভাব করা—বন্ধুত্ব করা। ভাবগ্রাহী জনার্দ্দন—মনোগত ভাবগ্রাহী ভগবান্। ভাব লাগা—বিষয়-বিশেষের রসবোধ হওযা। ভাবের গান—আধ্যাত্মিক গান। ভাবের মানুষ—আত্মতত্ত্বরসিক।]

ভাব² সর্ম্ম [স° √ভাবি—ভাবয় > লি √ভাৱে, প্রা √ভাৱ, ঠ √ভাৱ] ১ চিন্তা কবা, ধ্যান করা। "(ভবভবনেব বিভব) দেখ, হে ভাবুক জন, ভাবি মনে মনে।—মে ৫০। আমি ভাবি সদা ভাবি পরমাত্মা পরমেশ্বব।—রামমোহন রায়। ২ মনে কবা। দ্র '(১)। ৩ মনে করা, বোধ কবা, জানা। "চণ্ডীদাস কয়, এমতি সে নয়, তুমি সে ভাবহ তাবে চ দা ৫৫। তু 'অর্থমনর্থং ভাবয় নিত্যম্ (মোহমুদ্গর)। ৪ বিচাব করা। "ভাবিয়া চিন্তিয়া আমি চিত্তে কৈল সার।—ম ৭০৪। ভাবিতে উচিত ছিল, প্রতিজ্ঞা যখন ভা চ ৩৫১, ৪৪৯। ৫ মনে করা, স্মবণ করা। "ধর্ম্ম ভাবি তাহার আবেশ যদি হয ভা চ ৪০৩। ৬ কল্পনা করা। —বা অর্ম্ম উদ্বিগ্ন হওয়া, চিন্তিত হওয়া। —বা সর্ম্ম [ভাব +আ⁸] চিন্তা কবান ইত্যাদি, উদ্বিগ্ন কবা। [ভাব—১ ধ্যান কর। "ভাব না কালী, ভাবনা কিবা।—বামপ্রসাদ। ২ মনে কব (suppose)। [ভাবা—সর্থ 'ভাব²। ভাবান—সর্থ 'ভাবা'। ভাবিতে গণিতে—১ ভাবিতে চিন্তিতে। "ভাবিতে গণিতে তনু হৈল অতি ক্ষীণ চ দা ৮৩। ২ ধ্যান-ধারণা করিতে। 'দ্বিতীয় না দেখি আর ভাবিতে গণিতে।—দু ২৮।]

ভাবক বিণ [√ভাবি+অক (ণ্বুল্)-ক] ১ ভাবয়িতা, উৎপাদক। ২ ধ্যাতা। "ভাবি ভাবকের ভাবে ভৈরব-ভামিনী বা.দ ৭৩। ৩ ভাবযুক্ত, রসজ্ঞ, রসিক। ৪ ভাবপ্রবণ, ভাবুক, বাউল। "ভাবক হইয়া ফিরে ভাবকের সনে: বেদান্তপঠন ধ্যান সন্ন্যাসীর ধর্ম্ম। তাহা ছাড়ি কেনে কর ভাবকের কর্ম্ম॥—চৈ চ ৩৩। ভাবক ভক্তিয়া ভাঁড় ভা চ ২৭৩। —বক [ভাব+ক (কন্) স্বার্থে] পুং ১ ভাব, মানসবিকার। ২ [+ক (কপ্) সমাসান্ত] বৃদ্ধি (নীলকণ্ঠ)। "সৌহৃদম্…অন্যোন্য-প্রীতিভাবকম্ মহা ১ ২০৮ ২১।

ভাবকানি, -কালি, -লী বি [°ক+আনি², আলি⁸] ১ ভাবক-ভাব, ভাবুকতা, বাউলভাব। "কাশীপুরে না বিকাবে তার ভাবকালী চৈ চ ১৮৪,-৫। ২ কপট ভাবুকতা, কৃত্রিম ভাবপ্রবণতা। "ভাবকালি দেখি ভুলে ইতর যে লোক।—ভ গ্র ৩৫৭। ৩ কপটভাব, বাহ্যাড়ম্বর। "°নি ভাল করি ভুলাইতে হয শি ৭২।

ভারকালি,-কালী দ্র 'ভাবকানি'।

ভাবকি, -কী বি [হি ভবকী, ভভকী ; 'ভাবক'—মূল] ১ ভাবভঙ্গিপূর্ব্বক ভয়। "মালসাট মারে বানর দেখায় ভাবকি।—কৃ ২৩৩। বিরূপ গর্জ্জনে কায়ো দেইত ভাবকি শ্রী.ম ২১১। ভাবকি দেখায়ে ব্যাঘ্র ভ্রমে নাচে নাচে শ্রী ৭৬। ২ সভয়ে উঁকি। "(জম্বুকী) আহড়ে বিহড়ে থাকি মায়য়ে ভাবকী ক.চ ৫৩।

ভাবকী দ্র 'ভাবকি'।

ভাবড়ান বি [√ভাবড়া+অন ; হি ভব্‌ভড় ; ভেবড়ান (কথ্য)] হতবুদ্ধি হওয়া ; কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া ; ঘাবড়ান।

ভাবন[১] বিণ [ভাবি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ উৎপাদক ; পালক। "ভূতভাবনঃ গী ৯.৫। ২ স্রষ্টা। "লোক° মহা ১.২১১.৩২। ৩ প্রকাশক। "আত্ম° ভ ৪.২২.১৬। ৪ অনুগ্রাহক। "লোক° ভ ৩.৪.২২। ৫ পাবন। "পুত্রাঃ…কুলভাবনাঃ মহা ৩.২৯২.১৪। ৬ সাধন। "সর্ব্বেষাং ত্বং হি ভাবনঃ রা ১.৬২.৫। ৭ ভাবয়িতা, ধ্যাতা। ৮ প্রবর্ত্তক। "অখিলধর্ম্ম° ভ ৮.১.১৬। —বন পুং ১ কর্ত্তা। "ভাবয়ত্যেষ সত্ত্বেন লোকান্ বৈ লোকভাবনঃ ভ ১.২.৩৪। ২ বিষ্ণু। ৩ শিব। —বন স্ত্রী [+অন-ভা] ১ উৎপাদন। ২ প্রকাশন। ৩ চিন্তা, ধ্যান। "মধুরিপুরহমিতি ভাবনশীলা গী.গো ৬.৫। পঞ্চ ৫.৯৮। (চরণকমলে) ভাবন রহুক সর্ব্বকাল শ্রী.ম ২১৭। ৪ (বাঙ্‌লায়) দুশ্চিন্তা, উদ্বেগ, ভয়। "অকারণে নরপতি করহ ভাবন।—ম ৭৮২। —বনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ আত্মজ্ঞানাভিনিবেশ (শঙ্কর), ধ্যান। "ন চাযুক্তস্য ভাবনা গী ২.৬৬। ভাষাদোষ না বাছে ভাবনা মাত্র জানে ব.প ৮৪২। ২ অনুভবজন্য সংস্কারভেদ ; বাসনা। ৩ চিন্তা। "অভেদ° মনু ১.৯, কুল্লুক। ৪ পর্য্যালোচনা। ৫ নির্ণয়। "বিভাগ° যাজ্ঞ ২.১৫২। ৬ অধিবাসন, সুরভীকরণ। ৭ (বৈদ্যকে) ঔষধসংস্কারভেদ। —বনি বি [°ন+ই[১১] ; অপ্র] ভাবনা, চিন্তা। "আপনা আপনি, করয়ে ভাবনি চ.দা ১৫১।

ভাবন[২] বি ভাবসাধন বেশবিন্যাস বা সাজসজ্জা ; বিলাসিতা, বাবুগিরী। "ভুলে যাবে এখনি ভাবন দেখে তুমি শ্রী.মা ৮৪। ভাল ঘুচে ভাবন, ভাগিনা যদি মরে শ্রী ১৭৩।

ভাবনা, ভাবনি দ্র 'ভাবন[১]'।

ভাবনীয় বিণ [√ভাবি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ উৎপাদনীয়, ২ চিন্তনীয়, ভাবনার্হ। "ন বস্তুবিরোধোঽত্র ভাবনীয়ঃ মনু ২.২৩১, কুল্লুক।

ভাবা দ্র 'ভাব[২]'।

ভাবাট পুং [ভাব+ √অট্+অ (অণ্)-ক ; উ.ত] ১ ভাবক। ২ সাধু। "দাড়ি চুল 'ভাবাট' (ধৃতপাঠ 'ভাবট') দেখি পিঙ্গল কর্পটী বি.পা ২৫০। ৩ নট। ৪ কামুক। ৫ বেষ, পরিচ্ছদ।

ভাবানুগ বিণ [ভাব+অনু+ √গম্+অ (ড)-ক ; উ.ত] স্বভাবানুযায়ী, স্বাভাবিক, সহজ। —নুগা স্ত্রী 'পদার্থানুগা', ছায়া।

ভাবানুগা দ্র 'ভাবানুগ'।

ভাবান্তর ক্লী [অন্য ভাব, ময়ূরব্যংসকাদি] অবস্থান্তর, চিত্তবৈকল্য। "লক্ষ্মণের ঈদৃশ অভাবিত ভাবান্তর।—সী ৪০।

ভাবার্থ পুং [কর্ম্মধা] তাৎপর্য্যার্থ, নিকৃষ্টার্থ।

ভাবি বিং [সং ভাবিন্ >প্রা ভাবি ; সং ভাবী (পুং), -বি (ক্লী)] যাহা হইবে ; ভবিষ্যৎ। "হেন রূপ কভু ন ভূত ন ভাবি বা.দ ১৩৯। —বি বি ভবিষ্যৎ বিষয়। "ভূত ভাবি বর্ত্তমান শিব ভাল জানে। —কৃ ১। ভাবি জানি কুশহিংসা কৈল নিবারণ।—ম ৪৮ ; ভূত ভাবি বর্ত্তমান জানে (মুনিগণ) ১২২৮।

ভাবিক বিণ [ভাব+ইক (ঠক্) স্ত্রী -কী।] ১ 'ভাবনির্বৃত্ত' ; স্বাভাবিক, সহজ। ২ যথার্থ। ৩ শৃঙ্গারাদ্যবস্থাবিশেষানুকূল ; তত্তদ্ব্যঞ্জক-চেষ্টাভিপ্রায়পরিব্যঞ্জক। "সা.মি ১.৫। ৪ শৃঙ্গারচেষ্টাদিসাধ্য। ৫ [ভাবিন্+ক (কন্) স্বার্থে)] ভাবী, ভবিষ্যৎ। —বিক পুং (গণিতে) সমীকরণবিশেষ। —বিক ক্লী ১ শৃঙ্গারচেষ্টাদিযুক্ত বাক্য ; রাগাত্মক পদ। ২ [+ইক (ঠন্)] 'কবিগতভাব (আশয়)-যুক্ত', অর্থালঙ্কারবিশেষ। [অদ্ভুত, ভূত ও ভবিষ্যৎ বিষয় বর্ণনাবিশেষবশে প্রত্যক্ষবৎ প্রতীয়মান হইলে, 'ভাবিক' হয় (সা.দ ১০.৯৩,-৪)।]

ভাবিত বিণ [ভাবি+ত (ক্ত)-র্ম্ম] ১ উৎপাদিত, জনিত। ২ সৃষ্ট। ৩ চিন্তিত, ধ্যাত। ৪ শুদ্ধ। "ভাবিতাত্মন্। ৫ বাসিত, সুরভীকৃত, গ্রাহিতগন্ধ (বস্ত্র, ব্যঞ্জন—অ.টী)। ৬ যুক্ত। "মদনমনোরথ° গী.গো ২.১১। কৃষ্ণপ্রেমভাবিত যার চিত্তেন্দ্রিয়কায় চৈ.চ ১৪ ; ১২১। ৭ বর্দ্ধিত, তোষিত (শঙ্কর)। "দেবাঃ…যজ্ঞভাবিতাঃ গী ৩.১২। ৮ প্রাপ্ত, লব্ধ (অ.কো)। ৯ সম্ভাবিত, সম্পাদিত ; অভ্যস্ত ; বাসিত ; বাসনারঞ্জিত। "যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ গী ৮.৬। ১০ অঙ্গীকারিত (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১১। ১১ মিশ্রিত, নির্য্যাসাদিমিশ্রিত (চূর্ণাদি) ; সিক্ত। "মূত্র°—সুশ্রুত ৪.১.৮২। ১২ পর্য্যালোচিত। ১৩ প্রকাশিত। ১৪ প্রাপিত, সমর্পিত। "কর্ম্ম ব্রহ্মণি ভাবিতম্ ভ ১.৫.৩২। ১৫ সপ্রমাণীকৃত। "ঋণং সাক্ষিভাবিতম্ যাজ্ঞ ২.৫১। ১৬ (বাঙ্‌লায়) উৎকণ্ঠিত, উদ্বিগ্ন। "এত শুনি জ্যেষ্ঠ-পুত্র হইল ভাবিত।—ম ১০৮৯। শ্রী.মা ৩১। প্যারী °ত হইল।—ব ১৬৬। হেম ২৬৩। —বিত ক্লী (গণিতে) গুণফল (A.)। [°বুদ্ধি (বিণ)—শুদ্ধমতি।]

ভাবিতা স্ত্রী, -ত্ব ক্লী [ভাবিন্+তা (তল্),+ত্ব, স্ত্রী আ (টাপ্)] ১ ভবিতব্যতা। ২ অপরিহার্য্যত্ব। "°ত্ব মহা ৩.১১০.৩৭।

ভাবিতাত্মা (-ত্মন্) বিণ [ভাবিত আত্মা যাহার, বহুব্রী, -১ব ; স্ত্রী -ত্মা] ১ শুদ্ধান্তঃকরণ। "রঘু ১.৭৪। ২ প্রবর্ত্তিতচিত্ত। 'স্বনাম-সংকীর্ত্তনভাবিতাত্মনঃ (গ্রাম্যান্) মাঘ ১২.৩৮।

ভাবিত্ব দ্র 'ভাবিতা'।

ভাবিনী দ্র 'ভাবী'।

ভাবী (বিন্) বিণ [√ভূ+ইন্ (ইনি) ভবিষ্যৎকালে-ক-১ব, বৃদ্ধি, উ ৪.৮ ; স্ত্রী -বিনী] ১ ভব্য, ভবিষ্যৎ। "রঘু ৮.৭৮ ; ভাবি দুঃখম্ ১৪.৪৯। পু.মে ৪১। যদভাবি ন তদ্ ভাবি ভাবি চেন্ন তদন্যথা। —হি ৪.৯। ভাবী সমাগমঃ ক.সা ২৫.৮৪। ভাবিকর্ম্মে শোচ নাহি করে জ্ঞানী লোক।—ম ৩৭১। ভাবীর লিখন শ্রী.মা ১৩। হে ভাবী কর্ব্বুররাজ !—মে ১৭৮। ভাবী ভাবি…বাড়ে মহাক্লেশ।—রঙ্গ ১৯৬। ২ [√ভাবি+ইন্ (ণিনি)-ক-১ব] ভাবনশীল। "শ্রীভাবিনী।—মুগ্ধ-বোধ ১০৭, টীকা। ৩ [ভাব+ইন্ (ইনি)-১ব] ভাবযুক্ত, প্রণয়বান্, প্রেমিক। "হরিমুখ হেরইতে ভাবিনী রমণী। ফুকরই রোয়ত ঝর ঝর পানী॥—বি.প ১৫৩। ৪ রত্যাদিভাবযুক্ত। ৫ প্রশস্তাভিপ্রায়। "ধর্ম্মঃ…ত্রিবর্গসারঃ প্রতিভাতি ভাবিনি কু.স ৫.৩৮। —বিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'শৃঙ্গারচেষ্টাবতী' (অ.টী), স্ত্রীবিশেষ, পমদা, রমণী। "মহা ৩.৬৯.২৮। কি কারণে স্থানভ্রষ্টা হৈল এ ভাবিনী। —ম ৪৪৯। ভৈরব° ক.চ ৪। ভবের ভাবিনী শ্রী ৪ ; ভা.চ ৪৩১। ভবেশ°।—মে ৫৫। ২ স্ত্রীমাত্র, নারী। ৩ [সং ভামিনী] (বাঙ্‌লায়) কোপনা নারী। "ভাবিনি মন্মু মনে লাগল ধন্দ।—গো ১৯৯ ; °ভুবণ ২৬০। ৪ পত্নী। "কেতকা হইবে তোমা পক্ষের ভাবিনী।—ম ২১৭।

ভাবুক বিণ [√ভূ+উক (উকঞ্)-ক ; স্ত্রী -কা] ১ ভবনশীল। ২ রসবিশেষভাবনাচতুর (শ্রীধর)। "পিবত ভাগবতং রসম্…ভাবুকাঃ ভ ১.১.৩। রসিক ভাবুক যেই জন। শ্রীভাগবতরস, পিবহ অহর্নিশ শ্রী.ম ৩। সন্ন্যাসী ভাবুক চৈ.ম ১৮৪। নবীন ভাবুক।—রঙ্গ ৮২। ৩ [°ক+অ (অচ্) অস্ত্যর্থে] মঙ্গলযুক্ত, শুভ। ৪ [ভাবক > °ক]

(বাঙ্‌লায়) ভাবপ্রবণ, চিন্তাশীল। "(বিভব) দেখ, হে ভাবুক জন, ভাবি মরে মনে!—মে ৫০। —বুক পুং (মাটো) ভগিনীপতি (A.)। —বুক স্ত্রী ১ ভাবহেতুক বাক্যবৃত্তি (S.W.)। ২ 'ধন্তে ভবনশীল' (অ.টী); শুভ, ক্ষেম, কুশল। "শি ৩১; ভেকের ভাবুক নাহি ভুজঙ্গের ঘরে। কানা বলা কেন আইল মরিবার তরে॥—৫৬। —বুকতা বি ভাবপ্রবণতা, কল্পনাবিষয়মাত্র, অবাস্তব। "উলঙ্গ বাস্তব আজ ভাবুকতার জেলখানা ভেঙ্গে আলোকের মধ্যে বেরিয়ে আসচে।—য ৫৫।

ভাবুকতা দ্র 'ভাবুক'।

ভাবুকি, -কী বি [ভাবকি, -কী > °কি, -কী] ১ সর্থ 'ভাবকি (১)। "বানর বেটা দেখাঅ ভাবুকী কৃ.অ ২৭। ২ সর্থ 'ভাবকি' (২)। "জলেতে পড়িয়া কেহ দিলেক °কি বি.পা ১১০। [ভাবুকা-ভাবুকী —১ শৃঙ্গারসূচক চেষ্টা বা ভাবভঙ্গি। "(ভূত প্রেত) আইওগণ দেখি করে °কী।—বা.ম ৩১। ২ অঙ্গভঙ্গিপূর্ব্বক ভয়প্রদর্শন] "(ব্যাঘ্র) ভাবুকা-ভাবুকী করি দুচক্ষু পাকায বা.ম ৩৫।]

ভাবুকী 'ভাবুকি'।

ভাব্য বিণ [√ভূ+য (ণ্যৎ)-ভা, তু 'ভব্য' (চ.বি ১২)] ১ অবশ্য-ভবিতব্য, অবশ্যম্ভাবী। "মহা ৪.২৮.১৫। যথা কৃতন্তে সঙ্কল্পো ভাব্যং তেনৈব নান্যথা ভ ৪.১.২৯। ২ ভবিতব্য। "সদা প্রহৃষ্টয়া ভাব্যম্ (স্ত্রিয়া) মনু ৫.১৫০। ৩ [ভব্য+অ (অণ্) স্বার্থে] ভাবী। "মনুস্ত্রয়োদশো ভাব্যো দেব সাবর্ণিঃ ভ ৮.১৪ ৩০। ৪ [√ভাবি+য (যৎ)-র্ম্ম] ভাবনীয়, চিন্তনীয়, ধ্যেয়। "ভবভাব্য প্রভু হত।—কৃ ৩৫৪। ভবভাব্য ভক্রকাব্য শি ৯। ৫ ভাবনাগম্য। ৬ বিভাবনীয়, প্রতিপাদনীয়। "মনু ৮.৬০। ৭ [বাঙ্‌লায়, অসাধু] চিন্তিত। "°মতি শ্রী ৯৮। —ব্য ক্লী ১ অবশ্যম্ভাবী বিষয়। 'ন হি ভবতি যন্ন ভাব্যং ভবতি চ ভাব্যং বিনাপি যত্নেন।—পঞ্চ ২.১৩১। ২ ভবিষ্যৎকাল। ৩ কার্য্য। "ভাব্যাবরাবরম্ ভ ৩.৫.৩৭।

ভাব্যমান বিং [অসাধু, তু 'বিদ্যমান'] ভাবিত। "পাত্র ভয়ে ভাব্যমান।—শ্রী ১২৯।

ভাম্ অক [ভ্বা, ঙ—ভামতে, সেট্] ক্রোধ। —ম অক [অদন্ত চু, প—ভাময়তি, সেট্] ক্রোধ। "ভামিনী।

ভাম পুং [√ভাম্+অ (ঘঞ্)-ভা] ১ ক্রোধ। "সত্যভামা ভামের গুমরে।—মা ১৬৯। ২ [√ভা+ম (মন্)-ভা, উ ১.১৩৭] দীপ্তি। "ভামিন্ (তেজস্বিন্)।—ঋগ্বেদ ১.৭৭.১। ৩ [+ম-ক] সূর্য্য। ৪ ভগিনীপতি। "ভ ১০.৪ ১৫। —মা স্ত্রী [+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ কোপনা নারী। ২ সত্যভামা। দ্র 'বল[১]'।

ভামা দ্র 'ভাম'।

ভামী (-মিন্) বিণ [√ভাম্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -মিনী] ভামবান্, কোপযুক্ত। "সুরসা চৈব ভামিনী মহা ১ ৬৬.৬১। —মিনী স্ত্রী [°ন্+ঈ (ঙীপ্)] ১ কোপনা স্ত্রী (অ.কো)। "ভ ৩.২০.৩৪। ভামিনী, ঐছন কানুক লেহ।—গো ২১৫। বিনি অপরাধে, বাদ দেই ভামিনি!, কাহে উপেখসি মোয প.ক ৪১৮। মানিনী ভামিনী কি হে ভামের গুমরে,…ঘোমটায় ঢেকেছে বদনে?—মা ১৬৯। ২ কামিনী, প্রমদা। "রা ১.২৬.৩৭। ইন্দুমতী চ ভামিনী রঘু ৮ ২৮। (শর্ম্মিষ্ঠা) ভামিনী ভ ৯.১৮.৬। শি ৫০। হাসিলা ভামিনী মনে মনে।—মে ৮৯।

ভায় বি [সং ভাগ > প্রা ভাঅ > °য়; অপ্র] ভাগ। [ভায় ভায় —ভাগে ভাগে; একে একে। "গুরুজন সকলেরে বন্দে ভায় ভায় ম.ম ২০০; (পত্র) বেহুলা লিখে ভায় ভায় ২০৩।]

ভায়ন বি ভাষণ (?)। "জানিবে তাহা করিয়া °ন শ্রী.ম ১৩৯।

ভায়রা বি [সং ভ্রাতৃ > প্রা ভায়র (হে ৩.৪৮) > বা °রা] ভ্রাতৃতুল্য স্ত্রীর ভগিনীপতি। [°ভাই—সর্থ 'ভায়রা'।]

ভায়া বি [সং ভ্রাতা > প্রা ভায়া (হে ৩.৪৮); হি ভৈয়া; ঠ ভৈয্যা' —পরদেশী; জাটু—ভয্যা] ১ ভাই। "ভায়া ভায়া বলে ক্ষণে পরম উল্লাসে চৈ.ম ১০৭। ঘটক নারদ ভায়া ভা.চ ৩৯। ২ ভগিনীপতি। "সেনভায়া খসাপতি হ'লে শ্রী.মা ১৮। ৩ ভ্রাতৃতুল্য ব্যক্তি; বন্ধু। "ভায়া বল হরি হরি কৃ অ ৩০। ভরণে ভরসা ভিক্ষা ভাবে ভট্ট ভায়া শ্রী ২২৬। [ভায়ারও কলার—(গৌণার্থে) উভয়েরই এক দশা বা সমান ঝামেলা। "অ.গ্র ৬।]

ভায়াদ বি [ভ্রাতৃ-দায়াদ > °দ] দায়াদ ভ্রাতা; উত্তরাধিকারী ভাই। "জ্যেষ্ঠ ভায়াদ থাকিতে (কনিষ্ঠ না হয় রাজা) ভ.গ্র ৭৬।

ভায়্যা বি [দ্র 'ভায়া'] সর্থ 'ভায়া (৩)। 'শুন রে সাধকভায়্যা ক.চ ১৭; ভায়্যা (সকল নায়্যা): কর্ণধার ভায়্যা ২৪০। কান্দে নিতাই ভায়্যা ভায়্যা বলি।—ব ৪।

ভায়লেট্ বি [E. violet] মিশ্র লাল-নীল রঙ।

ভার[১] পুং [√ভৃ+অ (ঘঞ্)-র্ম্ম; তু 'ফা বার্—বোঝা] ১ গুরু দ্রব্য; বীবধ, বোঝা (burden)। "অসম্নোর্ভারম্।—ঋগ্বেদ ১.৩১.৩। কাষ্ঠ° বা ১.৪.২১। ব্রীহি° পা ৫ ১ ৫০। আপীন° রঘু ২.১৮। ভূ° ১.১৫. ২৬। অতি°।—হি ২.১১। ২ গৌরব, গুরুত্ব, দুর্ভরত্ব। "শ্রোণী° উ.মে ২১। কুচভারানমিতা (A)। পীবরপয়োধরভারখিন্না ভা.চ ৫৬৯। নিবিড় নিতম্বে অতি ভার ক.চ ২৪১। ফুলপত্র-ভারে স্ব.প্র ৫৫। ৩ অতিরেক, আতিশয্য। "ব্যসনাতিভারাৎ চক্রন্দ বিগ্না কুররীব ভূযঃ রঘু ১৪.৬৮। ৪ সমূহ, রাশি, পুঞ্জ। "জটা° রা ২.২৮.১৩। চমরীবালভারঃ (দবাগ্নিঃ) পূ.মে ৫৩। অমরীকবরী°।—কুবলয়ানন্দ। কবরী° ক.চ ১১৯, কুন্তল° ১৬৩। কেশ° শ্রী.ম ২২। ৫ কর্ম্মানুষ্ঠান-রূপভার। "বোঢব্যো ভবতা চৈব ভারো যজ্ঞস্য রা ১.১৩.৪। পুরুষের ভার যাহা, নারী না কি পারে তাহা, তুলিতে আপন ভার ভারি ভা.চ ৩৪২। ৬ বিংশতিতুলাপরিমাণ বা ২০০০ পল (অ.কো)। "স্বর্ণভারানষ্টৌ স সৃজতি ভ ১০.৫৬.১১। শত শত ভার চৈ.চ ৮৫; ১৭১। ৭ [+অ-৭] ভারবহনার্থ যষ্টি; বিহঙ্গিকা, বাঁক। "ভারে ভারে দধি দুগ্ধ ভারে ভারে কলা।—কৃ ৭৭। নৈবেদ্য দিল ভারে ভারে ক.চ ৬৪; ভারে নিল মাছ ১২২। ৮ (বাঙ্‌লায়) এক জনের বাঁকে বহনীয় দ্রব্যসমূহ। "সন্দেশের ভার লয়ে গেল ভারিগণ কৃ ৭৭। পাঁচ ভার চাল: দুই ভার বটী: ভার দুই খণ্ড ক.চ ১৩৪। ৯ অধিকার, পদ। "কানগোই-ভার ভা.চ ২৬। ১০ দায়িত্ব। "পালন করিবে সেই ভার লাগে যারে ভ.গ্র ৪০৯। এই নিবেদিয়ে মা রামের ভার লাগে।—দু ৬৯। সইকে সয়ার লাগে ভার শি ১০২। ১১ কষ্টসাধ্য বা দুরূহ বিষয়। "চিনা ভার সে অপ্সরী কি কিন্নরী।—কৃ ৪৩। ভূধর ভাবিল ভূতনাথে হৈল ভার শি ২৮। ছেলেটার জ্বালায় ঘুমানো ভার আ.দু ৩; দুর্গন্ধে নিকটে যাওয়া ভার ৪৬। —র বিং ১ (বাঙ্‌লায়) গুরু, দুর্ভর, ভারী। "শত মেরু ভার হৈল লক্ষ্মণের কায়।—কৃ ২৭৩। ভার দুই কুচগিরি ক.চ ২৪১। হৈল পয়োধর ভার শি ৩২। ২ বিষাদগ্রস্ত, অপ্রসন্ন। "কথায় কথায় বদন ভার।—দা ৫৫। ৩ দুঃসাধ্য, দুষ্কর। "নিজ আবাদে খরচ খরচা বাদে খাজনা উঠান ভার হইল আ দু ১৬২। [ভার বাঁধা—অভীষ্টসিদ্ধির নিমিত্ত দেবতার অধিষ্ঠিত স্থানে দায়িত্বস্বরূপ ভার ঝুলাইয়া রাখা। কুচভার—পীবরকুচ। "গণইতে মোতিম হারা। ছলে পরশনি কুচভারা॥—বি.প ৫৯।] [°জীবী (-বিন্) পুং—ভারবহনজীবী, ভারিক, মুটে। °ভৃৎ (বিণ)—ভারধারী, ভারযুক্ত। "ভূরিভারভৃৎ ভ ১০.৭.২৬। °যষ্টি (স্ত্রী)—ভারবহনার্থ যষ্টি; বিতঙ্গিকা, বাঁক। °সহ (বিণ)—ভারবহনসমর্থ। "মহা ৫.১০৫.১৪।]

ভার[২] সর্ম্ম [সং √রারি—রারয় > প্রা √রার > বা °র; তু √বার] মন্ত্রাদিতে দ্রব্যের স্বাভাবিক শক্তি বারিত বা ক্রিয়াশক্তিহীন করা

"ভারিলে সাযল হয় পানী : অনল ভারিলে হয় জল ক.চ ১৮২। [পিঠা ভারা—মন্ত্রে অগ্নিশক্তি মৃদু করিয়া পিঠা নষ্ট করা।]

ভার(রু)ই বি [সং ভরদ্বাজ] পক্ষিবিশেষ। "ভারুই ক.চ ৬৩ ; শ্রী.মা ৮৬ ; ব.প ১২৯৭। ভারুই শ্রী ৫৬।

ভারণ্ড পুং ১ উত্তরকুরুদেশজ শকুনপক্ষি (শ.ক)। ২ [ভেরুণ্ড (দেশী ৬.৫০)] একোদর পৃথগ্‌গ্রীব কাল্পনিক পক্ষিবিশেষ। "পঞ্চ ৫৯৪/৯৫। —ণ্ডী স্ত্রী ভারণ্ডস্ত্রীজাতি। "পঞ্চ ৫৯৪/৯৫।

ভারত বিণ [ভরত+অ (অণ্) ; স্ত্রী -তী] ১ ভরতসম্বন্ধী। "ভারতং কুলম্ মহা ১.২.৯৬। ২ ভরতগোত্রাপত্যসম্বন্ধী, ভরতগোত্রবিষয়ক। "ভারতীমুত্তমাং কথাম্ মহা ১.৬২.৪৩। —রত পুং ১ ভরতের গোত্রাপত্যমাত্র। "°কথা, °যুদ্ধ, °সংগ্রাম, °সমর, ভারতেতিহাস। ২ জনমেজয়। "মহা ১.৬৪.৪২। ৩ পাণ্ডু। "মহা ১ ১২১.৩। ৪ যুধিষ্ঠির। "মহা ৩.৫৪.১। ৫ অর্জ্জুন। "গী ২.৩০ ; ৪.৪২। ৬ ভারতযোদ্ধকৃত সংগ্রাম। "পা ৪.২ ৫৬, কাশিকা। ৭ 'ভরতমুনিসম্বন্ধী', নট। ৮ [+অ-স্বার্থে] অগ্নি। দ্র 'ভরত (৯)। ৯ ভারতবর্ষবাসী। ১০ (বাঙ্‌লায়) ভারতচন্দ্র রায় গুণাকর। 'ভা.চ ২৮৭। —রত ক্লী ১ ভরতবংশীয়বিষয়ক গ্রন্থবিশেষ ; মহাভারত। "ভারতীং ভারতকবির্দৈয়াদ্ দ্বৈপায়নো মম বা.ভা ১.৪। পুস্তক ভারত-নামধর : গ্রন্থভারত : °আখ্যান।—ম ২। শুনি স্মরে মহাকবি ভারত ভারত ভা.চ ২৮৭। ২ ভরতের নামানুসারে খ্যাত বর্ষ ; ভারতবর্ষ। দ্র 'ভরত (৩)। "মাঘ ১৪.৫। ভ ১.১৬.১৩। এমন না দেখি আর চাহিয়া ভারত ভা চ ২৮৭। ভারতবীর্য্য দেখাব কেমন।—ন ৫০৫। নখাগ্রে ভারত তার স্ব.প্র ৬৭। —রতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'ভারতসম্বর্দ্ধিনী', অর্থাৎ ভরতমুনি কর্ত্তৃক ইহলোকে অবতারিতা (অ টী), ভাষা, বাণী, বচন। "কু.স ৬.৭৯। (বর্ণস্থানসমীরিতা) ভারতী রঘু ১০.৩৬। মাঘ ২.৬৯। ম ৬৮০। বৈশ্যের ভারতী চ.বি ১৮। ২ ভাষাধিষ্ঠাত্রী দেবী, সরস্বতী। "বীণাপুস্তকরঞ্জিতহস্তে। ভগবতি ভারতি দেবি নমস্তে॥—কালিদাস (শ.ক)। ভারতের ভারতী ভরসা ভা.চ ১৪। বরপুত্র যিনি, ভারতীর, কালিদাস।—মে ১০৯। মুখাগ্রে ভারতী স্ব.প্র ৬৭। ৩ ভরতপ্রযুক্তা সংস্কৃতবাক্যযুক্তা বাক্‌প্রধানা বৃত্তি। 'সা.দ ৬.২৯, টীকা। ৪ ব্রহ্মচারী পরিব্রাজকের নাম। দ্র 'গিরি (৪)। "গো.চ ২৯৪। ৫ নাট্যকলা। ৬ পক্ষিভেদ, ভারুই (?)। [°পঙ্কজ (বি)—মহাভারতরূপ পদ্ম। "°জ ফুটে যার দরশনে।—ম ২। °বর্ষ (ক্লী)—ভারতনামক বর্ষভেদ। দ্র 'জম্বুখণ্ড'। °মণ্ডল (বি)—ভারতবর্ষ। "ম ৩২৭। °মহীশ (বি)—ভারতের রাজা ; কৃষ্ণচন্দ্র। "ভা.চ ১৫৮।] [ভারত-পুরাণে না থাকা—মহাভারতের ও পুরাণের বহির্ভূত হওয়া ; হেয় হওয়া। যা নাই ভারতে, তা নাই ভারতে—যাহা মহাভারতে নাই, তাহা ভারতবর্ষেও নাই, অর্থাৎ মহাভারতে ভারতের জ্ঞাতব্য সকল বিষয়ই আছে।]

ভারতী দ্র 'ভারত'। [°নির্ঘোষ (পুং)—বাক্যধ্বনি। "কুতো নু এষ ভারতীনির্ঘোষঃ উ.চ ৩½।]

ভারদ্বাজ পুং [ভরদ্বাজ+অ (অণ্)] ১ ভরদ্বাজপুত্র, দ্রোণাচার্য্য। ২ অগস্ত্যমুনি। ৩ বৃহস্পতিপুত্র। ৪ ভরতপক্ষী। —জী স্ত্রী ভরদ্বাজকন্যা।

ভারবাহ বিণ [ভার+ √বহ্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -হী] ভারবাহক। —বাহ পুং ১ ভারিক, মুটে। "ভারবাহস্ত পন্থাঃ (দেয়ঃ) মহা ৩.১৩৩.১। ২ গর্দ্দভ। —বাহক পুং ভারিক। —বাহন পুং ভারবাহক, পশু। —বাহন ক্লী শকটাদি। —বাহিক পুং [°হ+ইক (ঠন্)] ভারিক। —বাহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -হিণী,-নী] ভারবাহক। "পরার্থভারবাহিন্।—হি ১.১৬৬।

ভারবাহক, -বাহন, -বাহিক, -বাহী দ্র 'ভারবাহ'।

ভারবি পুং ১ 'কিরাতার্জ্জুনীয়' কাব্যের কবি। ২ কিরাতার্জ্জুনীয় কাব্য। "পড়িল ভারবি মাঘ ক.চ ২১৫।

ভারভুর বি [ভারিভুরি > °র] চাতুরী, ছল। "ভাল জান °র ভুলাইতে লোক শি ৩৫। ভেঙ্গে গেচে °র বা.দ ১৫৯।

ভারহর, -হার বিণ [ষ.ত ; ভার+ √হৃ+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -হরা, -হারী] ১ ভারহারক, ভারনাশক। ২ ভারবাহক। —হর, -হার পুং ভারিক। —হারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ভারহরণশীল, দুঃখভারহারক (শ্রীকৃষ্ণ)।

ভারহার, ভারহারী দ্র 'ভারহর'।

ভারা বি [ভার[১] >ভারা ; ঠ ভারা (ভার)] ভারের আধার ; মাচা, আড়-বাঁধা বাঁশ বা কাষ্ঠদণ্ড। "ভারা বাঁধা। [ভারা-ভারা—ভার-ভার, বোঝা-বোঝা। "রাশি-রাশি ভারা-ভারা, ধান কাটা হ'ল সারা চ.কা ৮০।]

ভারি বিং [সং ভারী] ১ ভারবাহক। "সন্দেশের ভার লয়ে গেল ভারিগণ।—কৃ ৭৭। ২ গুরু, দুর্ভর (heavy)। "তপস্বী বেটা ভারি কি এমন।—কৃ ২৭৩। মহা ভারি ঠাকুর—কেহো নারে চালাইতে চৈ.চ ৯০। তুলিতে আপন ভার ভারি ভা.চ ৩৪২। ৩ গম্ভীর, বিচারকুশল। "শ্রীরাম বলেন তব বুদ্ধি ভারি নয়।—কৃ ৯৭। ৪ উচ্চ, বড়। "একে বাপের বিষয়, তাতে ভারি-ভারি পদ আ.দু ৮৩। ৫ প্রয়োজনীয়, দরকারী। "বিমলা কহিলেন, 'রসিক ! একটা বড় কথা আছে' ব.প্র ২৯। ৬ অপ্রসন্ন, বিষণ্ণ। "ভবানন্দ বলিলেন,—'গোঁসাই, মুখ অত ভারি কেন?' ব.ম্বি ১১১। ৭ গর্ব্বস্ফীত। "ছয় পুত মরিল বেটার তবু বুক ভারি ম.ম ১০৩। ৮ দুরূহ, দুর্বোধ। "পড়িয়াছি সেই মত বর্ণিবারে পারি। কিন্তু সে সকল লোকে বুঝিবারে ভারি॥—ভা.চ ৪৭৫। ৯ গভীর। "(মতিলাল) যেমন স্কুলে পড়িতে লাগিল, তেমনি তাহার বিদ্যাও ভারি হইল আ.দু ২৩। ১০ অবস্থাতীতব্যয়সাধ্য। "পুঁইচে কি এত ভারি। মনের মত হলি পরে, বাউ পরাতি পারি॥—নী ১৯। ১১ [হি, ঠ ভারী] অতিশয়, অত্যন্ত, বড়। "পাবে দুঃখ ভারি (চৈ.চ)। ভারি মুস্কিল।—দা ৯৪০। খুকী তোমার ভারি ছেলেমানুষ।—শিশু ৩১,-৩। তুমি ত ভারি কাউয়ার্ড হে!—মা ৩৪৪। ভারি বেয়াড়া।—নী ২। ১২ সমধিক, বেশী। "সুন্দর পয়োধরে নখ-খত ভারি প.ক ২৫৪ ১৩ গুরুতর, অসহ্য। "মরমে যাতনা ভারি।—দা ২০৬১। ১৪ দায়িত্বপূর্ণ ; দুষ্কর (কাজ)। ১৫ বিস্ময়কর, খুব। "ডাক্তারের নারী কহে, ভারি ত মর্দ্দানি।—হেম ৩৮৭। [ভারি লগনসা—বিবাহাদির অতিশুভ লগ্নকাল। ভারি লগ্ন—গভীর রাত্রির লগ্ন। "বিবাহ ভারি লগ্নে হবে আ.দু ৭৪।]

ভারিক বিণ [ভার+ইক (ঠক্) ; স্ত্রী -কী ; মৈ ভরিআ] ভারবহনোপজীবী। —রিক পুং ভারবাহক। "কাষ্ঠ° ক.সা ৩৭.৫৬।

ভারিক্কি বিং [ভারি-ক > °ক্কি (?) ; হি 'ভরিক্কী'—গুরু (C.G., § 198)] গম্ভীর, প্রৌঢ়ভাবাপন্ন। "একটু ভারিক্কি তোর ভাতারকে তুই ভাল বাসবি।—জা ৯।

ভারিভুরি, -ভূরি, -রী, ভারীভূরী বি [ভারি+ভুরি (অনু. শব্দ)] বলের গৌরব। "সিংহ প্রতি শৃগালের নাহি ভারিভুরি।—কৃ ২৫২। সিংহ হস্তী দন্তে কি সর্পের ভারিভুরি শ্রী.ম ২১৪। ২ গাম্ভীর্য্য। "মনে বোলে, 'অদ্বৈত ! কি কর ভারিভুরি' চৈ.ভা ১৬৩। ৩ চাতুরী, চালাকী। "আমি সব জানি তোমার সন্ন্যাসের ভারিভুরি চৈ.চ ৮৫ ; তুমি প্রভু ! ছাড় ভারিভুরি ১২১। ভাল জান ভারীভুরী ভা.চ ৬৮৮। ৪ ধূর্ত্ততা, দুষ্টামি। "মরণ এড়াতে চাহ ক'রে ভারিভুরি।—কৃ ২১১ ; আজি ভাঙ্গি দিব আর সব ভারিভুরি ব.প ৮৩১। ভূপতিকে বন্দিল করিয়া ভারিভুরি শ্রী.মা ১৮। ৫ দৌরাত্ম্য, উপদ্রব। "ধন চোর

ভারিভূরী, রজনীতে করে চুরি, এর চুরি রিতমানে দিবা ।—রঙ্গ ১৪ । ৬ বড়,বস্ত্র। "ভরত লইল রাজ্য তুমি লহ নারী। ভরতের সনে তব আছে ভারীভূরী॥—কৃ ১৪০ ।

ভারী (-রিন্) বিণ [ভার+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব , স্ত্রী -রিণী] ১ 'ভারবান্', গুরু, দুর্ভর। ২ ভারবাহী । ৩ [√ভৃ+ইন্ (ণিনি)-ক -১ব] ধারী । "মল্লিকামালভারিণ্যঃ (অভিসারিকাঃ) ।—কাব্যাদর্শ ২ ২১৫ । —রী পুং ভারপীড়িত জন , ভারবাহক । "ভারিণঃ (পন্থাঃ দেয়ঃ) মনু ২ ১৩৮ , যাজ্ঞ ১ ১১৭ । সজ্জ ল'য়ে যায় ভারী ক চ ১২২, -৩৫ । শি ৩৮ । যক্ষগণ ভারী ভা চ ৭১ । ৪ (বাঙ্লায়) ভারযুক্ত, অর্থাৎ বড়, মূল্যবান্ । "সব ভারী ভারী গহনা অ গ্র ৮১ । ৫ অত্যন্ত । "ছুটন্ত ছবি ভারী ত্র প ৬২ । সেটা ভাবী লজ্জার বিষয় ব প ১৭৮৫ । ৬ গম্ভীর (মেজাজ) । ৭ গম্ভীর, মোটা (স্বর) । ৮ ফুলা । 'শর্দ্দি'ত মুখ ভারী হয় । ৯ স্থূলকায়, মোটা (লোক)। ১০ গুরুতর, খুব কড়া। "ভারী রকম তিরস্কার ব প্র ৪০৭ । [ভারী জল—যে জলে স্নান করিলে শরীর ভাব হয় , কফজনক জল ।]

ভারুই দ্র 'ভারই' ।

ভারোদ্ধারণ ক্লী [ষ ত] ভারাবতারণ, ভারোন্নয়ন ।

ভারোদ্বহ পুং [ষ ত] ভারের উদ্বাহক , ভারবাহী, ভারী । —দ্বহন ক্লী [ষ ত] ভারনয়ন । "°কষ্ট ।—পঞ্চ ১৩২৩ ।

ভারোদ্বহন দ্র 'ভারোদ্বহ' ।

ভার্গব বিণ [ভৃগু+অ (অণ) , স্ত্রী -বী] ১ ভৃগুসম্বন্ধী । "বংশম্ …ভার্গবম্ মহা ১ ৫ ৩ । ২ ভৃগুবংশজাত । ৩ ভৃগু হইতে আগত বা প্রাপ্ত (বিদ্যা) । —র্গব পুং ১ ভৃগুর গোত্রাপত্য । 'ভার্গবশ্চ্যবনঃ রা ১ ৭০ ৩২ , ২ ১১০ ১৮,-৯ । ২ পরশুরাম । 'রঘু ১১ ৪৬ । ৩ শুক্রাচার্য্য । "মহা ১ ৬৬ ৪৪ । ভা চ ৪৮ । ৪ মার্কণ্ডেয় । ৫ শৌনক । 'মহা ১ ১৮ ৬ । ৬ শুক্রগ্রহ । 'ভার্গবং প্রণমাম্যহম্ (নবগ্রহস্তব) । ৭ শিব । "মহা ৭ ২০১ ৩৫ , ১৪ ৮ ২১ । ৮ (ভার্গবসাদৃশ্যে) ধন্বী । ৯ জীবিকার্থ যাহার ভৃগু অর্থাৎ স্বঘটবৃত্তি (শ ক) , কুলাল । °বেশ্মন্ মহা ১ ১৯০ ৪৭ , °শালা ১৯১ ১ , ১৯২ ১ । °কম্মশালে ।—ম ২০৬ । ১০ প্রাচ্যদেশবিশেষ । —র্গবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ভৃগুর গোত্রাপত্য স্ত্রী, ভৃগুবংশীয়স্ত্রীমাত্র । ২ দেবযানী । ৩ ভৃগুদুহিতা লক্ষ্মী । (বিষ্ণুপুরাণ ১ ৯ ১৪৬) । ম ৬২৭ । ৪ শিবানী । ৫ দূর্ব্বা, নীলদূর্ব্বা, শ্বেতদূর্ব্বা ।

ভার্গবী দ্র 'ভার্গব' ।

ভার্গী স্ত্রী ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটি ।

ভার্য্যা স্ত্রী [√ভৃ+য (ণ্যৎ)-র্য্য+স্ত্রী আ (টাপ্)] বিধিপূর্ব্বক পরিণীতা নারী ; পত্নী, স্ত্রী । "ন চ ভার্য্যাসমং কিঞ্চিদ্ বিদ্যতে ভিষজাং মতম্ । ঔষধং সর্ব্বদুঃখেষু·· ।।—মহা ৩ ৬১ ২৯ । সভার্য্যায় (তস্মৈ) রঘু ১ ৫৫ । ম ৪৪০ । [ভার্য্যাগুণসম্বন্ধে দ্রষ্টব্য—মহা ৩ ৭৪ ৪০-৪৭ । হি ১ ২০৯ । ম ৫৯ ।] ২ তির্য্যগ্জাতি-স্ত্রী । "তদ্ভার্য্যা (কূর্ম্মস্য ভার্য্যা) চ দুলী স্মৃতা (হলায়ুধ) । [°জিত (বিণ)—স্ত্রীজিত, স্ত্রৈণ । °পতি (পুং, দ্বিব)—দম্পতি । 'পা ২ ২ ৩১ ।]

ভার্য্যাট পুং [ভার্য্যার আট (গময়িতা), ষ ত] যে জীবিকার্থ পরপুরুষে ভার্য্যাকে গমন করায় , অন্যকে স্বস্ত্রী-দাতা ।

ভার্য্যোঢ় বি [ঊঢ়া ভার্য্যা যাহা কর্ত্তৃক, বহুব্রী , পক্ষে 'ঊঢ়ভার্য্য'] স্বীকৃত-ভার্য্য, কৃতপরিণয় । "ভট্টি ৪ ১৫ ।

ভাল[১] স্ত্রী [ভা+ √লা গ্রহণ+অ (ক)-ক , উ ত] ১ ললাট । "°পট্ট (S W) । সতিলকং ভালম্ ·কুরু সাদ ৩৮৭ । শশি° । —দা ৫১ । ২ তেজঃ । ৩ (বাঙ্লায়) ভাগ্য । 'তোর ভাল নয় লো ভাল ।—দা ৫১ । ৪ সৌভাগ্য । "(ভাল) ভাল হ'লে, হ'তো ভালে ভালোদয় ।—দা ৫১ । ৫ শিরোদেশ । "সেতারার দুর্গভালে . . . . . —লী বিং উত্তমা, সৌভাগ্যবতী । "সেহি সে নাগরী ভালী শ্রী কী ৫৩ । [°চন্দ্র (পুং)—১ যাহার ললাটে চন্দ্র , শিব । ২ গণেশ । °দর্শন, °নয়ন, °লোচন (পুং)—'ললাটনেত্র', শিব । °পট্ট (পুং, ক্লী)—ললাটফলক । °ভাগ (বি)—ললাটদেশ । 'অলক্তাক্ত ভালভাগ ভা চ ৬৭৪ ।] [ভালে[১]—১ সৌভাগ্যক্রমে । "ভালে সে না পাইল মোরে সোল সত্ত নারী গো.বি ৭৬ । ২ দুর্ভাগ্যবশতঃ । "অহঙ্কার করি লোক ভ'ঙ্গে হয় চৈ ভা ৭২ ।]

ভাল[২] বিং [সং ভদ্র >প্রা ভল্ল>বা °ল, হি, প, ঠ, ভলা , সি ভল ভল,-লো , ভলি (চ)] ১ নিরীহ, শান্ত , ন্যায়বান্ , সাধু, সুশীল, সৎ, সরল , বিষয়বোধহীন । "ভাল মানুষ, লোক । ২ উৎকৃষ্ট, বিশুদ্ধ, খাঁটি । "ভাল চাল। ভাল জিনিষ। ৩ বিষযবিশেষে পণ্ডিত , কুশল । "গণিতে, সাহিত্যে ভাল । ৪ হিতকর (কাজ) । ৫ প্রীতিকর (গন্ধ) । ৬ হিতগর্ভ (গল্প, বই) । ৭ প্রশংসনীয় । 'ভাল অভিনয়, অভিনেতা । ৮ স্বাস্থ্যকব, পথ্য , টাটকা । 'ভাল খাবার । ৯ ন্যায্য, সঙ্গত (কথা) । 'ভাল নহে কাজ শি ১০৭ । ১০ কুলীন । 'বসিতে না পান ভাল কাযস্থের কাছে ভা চ ২২৬ । ১১ নির্দ্দোষ, বিশুদ্ধ (বংশ, স্বভাব) । ১২ মঙ্গল । 'সকলি তোমার ভাল করিবে ঈশ্বর শ্রী ২০ । ১৩ শুভ (auspicious) । 'কৃষ্ণপক্ষে দশমী দিবস অতিভাল শ্রী মা ২০৬ । ১৪ অনুকূল, শুভ । 'তোর ভাল নয় লো ভাল ।—দা ৫১ । ১৫ সুখকব । 'কে বলে পিরীতি, ভাল গো সখি ।—চ দা ১০৯ । ১৬ রসিক । 'ভাল জন বিরস না কবে পরিণাম বি প ৮২ । ১৭ (কাকুতে) বিষম । "সঙ্কটে পড়িনু ভাল শঙ্খ দিয়া তোকে ।—শি ১০৬,-৭ । ১৮ (কাকুতে) বেশ, অর্থাৎ অযোগ্য । 'ভাল স্বামী পাইল আমি দুগ্ধ খাইতে চায়ে । —মী ৮ । বাপার ভাল-শাশুড়ী ভা চ ৬০৩ । ১৯ (কাকুতে) অনভিমত । "ভাল বব দিলা মোরে ঈশ্বর মিনাহ গো বি ১১৭ । ২০ (কাকুতে) বেশ, অর্থাৎ নিন্দনীয় । আলো সখিগণ । তোরা বা কেমন ।—রক্ষক আছিলি ভাল ।—ভা চ ৩৭২ । ২১ (উপহাসে) বেশ । 'আর শুভ্যাক্ষ খুল্লনা আছেন ভাল নাটে । ঘরের ছেলে ঘর আছে, চাহে গোলাহাটে॥ —ক চ ২১৮ । ২২ (কাকুতে) অনুরূপ, অর্থাৎ কুৎসিত । এত দিনে ভাল দিলি গুরুর দক্ষিণা ।—কৃ ৬৯ । ২৩ (কাকুতে) বেশ, অর্থাৎ জঘন্য । কাঁদ ফুলে টিপি পানা হয়েচে , ভাল কাহারি কত্তি গিইলি । —ন ত ৭৭ । —ল ক্রি বিং ১ সুন্দর, বেশ । 'নাসাতে দোলয়ে মোতি, বদন-কমলে ভাল সাজে ।—ক চ ১৯ । ২ অনুরূপভাবে । "(প্রেতভূতগণ) মসাল নিভায়, (বিকট আকার) আন্ধারে শোভিল ভাল ভা চ ৭৩ । ৩ উত্তমরূপে, ঠিক । 'অঙ্ক ভাল জানা গেল ।—দা ৫১ । ৪ শোভন, সুসঙ্গত । 'ভাল দেখান । ৫ একতানভাবে । "ভভম্ ভবম্ ববম্ ভাল, ঘন বাজে শিঙ্গা ডমরু গাল ভা চ ৭৫ , ১১০ । ৬ সলীলভাবে (gracefully) । 'সেই বলে ভাল চলে মরাল বারণ ভা চ ২৯১ । ৭ (কাকুতে) বেশ, অর্থাৎ অযোগ্যভাবে । "কেমনে পা চলে, মা ভাল 'মা' বলে ভা চ ৩০৩ । —ল অব্য (সম্মতিতে) বেশ । আচ্ছা । । 'ভাল, বলি হাস্যমুখে হীরা দিল সায় ভা চ ২৯৩ । এই কি তোমার দেবভক্তি ? ভাল, তাহাই না হউক ব প্র ১১৯ , গঙ্গারাম । —আমি কে ? স্ত্রীলোক—আপনি দাসমহাশয়, নগররক্ষক । গঙ্গারাম ।—ভাল, চেন দেখিতেছি ।—৪৭২ । —ল বি ১ মঙ্গল, কল্যাণ। "আন্ধে সহি তোর ভাল চাহী শ্রী কী ৩১ । ভাল চাহ যদি আপনার ব প ৮৭২ । ভালর তরে কই শ্রী মা ৫২ । ২ সঙ্গতি যোত্র । "ভাল থাকে, হীন তাকে ধন দেয় ডাকি শি ৭২ । ৩ শ্রেয়ঃকল্প । "মরে ভাল জীএ ভাল জাণাইলোঁ তোরে শ্রী কী ২৩ । ৪ অভীষ্টসিদ্ধি । "মনে করি কোন দিনে, দেখা হবে তার সনে, ভাল হইল দেখিলাঙ তোকে

চ.ম্ম ২৫। [ভাল কথা !—বিস্মৃত প্রয়োজনীয় বিষয়ের হঠাৎ স্মরণে। ভাল জ্বালা !—মহাজ্বালা ! বিষম বিপদ্ ! ভাল ভাল—১ (স্বীকারে) বেশ ! বেশ ! "ভাল ভাল, সাজা দিহ ভ.গ্র ২৭২, ভাল ভাল, গেল তো এবার ৪৪৮। (মুনি) ভাল ভাল, বৈল চৈ.হ ১৩। ২ (আশীর্ব্বাদে) বেশ ! বেশ ! "আহা ! ভাল ভাল, মেয়েটা বেঁচে থাক !—মা ৩২৬। ভাল-ভালি !—যাহার কপালে অগ্নি ; ভালে অগ্নিধারিণি ! "জয় কালি, ভাল-ভালি, যত চালী, গাজে ভা.চ ৩৯০। ভালমতে—১ তন্নতন্নভাবে। "চাহিহ ভালমতে।—শ্রী.কী ৩৩৯। ২ মনোযোগপূর্ব্বক। "ভালমতে পুঁথি চাহ চৈ.ভা ৮২। ভাল মতেঁ—বিশেষভাবে। "ভাল মতেঁ কহ শ্রী.কী ১৪। ভাল মনে—ভালরূপে। "ভাল মনে পথক না দেখে শ্রী.কী ১০। ভাল-মন্দ—১ সুখ-অসুখ ; রোগবালাই। "কেন, শরীরের ভাল-মন্দ কি না ? আমি মরতে বসেছি না কি ?—ব.দ্বি ৩৮। ২ মঙ্গলামঙ্গল। "কেহ নাহি কহে কোন ভাল-মন্দ কথা।—কৃ ১১১। ৩ বাঁচন-মরণ, মৃত্যু। "বছরের ভেতর বৌটার যদি ভাল-মন্দ হয়,…দেখো দেখিন, তখন ছেলের বে দিয়ে…গা-ভরা গহনা কত্তে পারি কি না !—অ.গ্র ৮০। ৪ উত্তম-অধম, উচ্চ-নীচ। ৫ ভাল, সুখাদ্য। "ভাল-মন্দ জিনিষ সামনে দিয়ে গেলে আর রক্ষে থাকে না।—মা ৩২৬। ৬ নিন্দা, তিরস্কার। "ভাঙ্গ খেলে ভেকা হলে ভাল-মন্দ সব শি ৩২। ৭ সুখ-দুঃখ। "সংগ্রাম করিতে দাও ভাল-মন্দ সাথে স.স্ব ৫৬। ভাল মানুষ—ভদ্রলোক। "ভাল মানুষের মেয়েছেলে কি গায়ে প'ড়ে আসে ?—ব.প্র ৩৪২। ভাল-মানুষী—ভদ্রতা। ভাল মুখ—মিষ্ট কথা ; হাসিমুখ। "ভাল মুখে লোক বশ হয়। ভালয়—সসম্মানে। "ভ্রম (সম্ভ্রম) লয়ে ভালয় ভবনে চল মোর শ্রী মা ৯৭। ভালয় ভালয়—১ নিরাপদে-নির্ব্বিঘ্নে। "ভালয় ভালয় রোগী নিরোগী হইল।—হেম ৬। ২ সরসে-সরসে ; মানে-মানে। "ভালয় ভালয় বিদায় দে মা, আলোয় আলোয় চলে যাই (শ্যামাসঙ্গীত)। ভালর মাথা খাওয়া—নাতিপুতির মাথা খাওয়া, গালি। "আমার মাথা খাও, তুমি ভালর মাথা খাবে।—অ গ্র ১৪০। ভালে[2] (অস ভালে)—১ নিরাপদে। "এতেক খণ্ডিল ভালে অজ্ঞাতের পণ ম প ৬১৪। ২ সবিশেষ। "তোহ্মা ভালে জাণো আহ্মে শ্রী.কী ৪৪। ভালে ভালে—১ খুব ভাল, সবিশেষ। "নেয়ের স্বভাব আমি জানি ভালে ভালে।—কৃ ১৮১। ২ সরসে-সরসে। "ভালে ভালে হাম, অলপে চিহ্নসু, বৈছন কুটিল কান বি.প ১০৬। ৩ নিরাপদে। "গো চ ১১৫। ভাল বটে—প্রশংসনীয় (হয়)। "ভাল বটে বুড়া শ্রী.মা ৪৪। ভাল বাসা—প্রিয় মনে করা ; স্নেহ করা। "তবে প্রেমে কি সুখ হত। আমি যারে ভাল বাসি, সে যদি ভাল বাসিত॥—ব.প ১৫৪৬। ভালবাসা—প্রেম, প্রণয়, স্নেহ। "দুই প্রাণে আছে ফুটি…একখানি অশ্রুভরে নম্র ভালবাসা চ.কা ১১৯। ভালবাসাটি প্রস্ফুটিত হৃদয়-পদ্ম পা প্র ৮। ভালবাসা-বাসি—পরস্পর-প্রণয়। "বিচ্ছেদ হ'লে জানা যায় °সি।—ব.প ১৬২৭। ভাল লাগা—শ্রুতিমধুর, স্বাদু, সঙ্গত, ন্যায্য বা প্রিয় বোধ হওয়া।]

ভাল[3] সর্ম্ম [সং √নিভালি—নিভালয়্ >ভাল, হি √ভাল] দর্শন করা ; বিশেষভাবে দেখা। "কৃষ্ণপদ-চিহ্ন ভালে সব গোপীজনে ব.প ৮৩৩ ; (ইন্দ্র) দশদিগ ভালিতে সহস্র আঁখি ধরে ৮৪৫। [ভাল করি—দেখিয়া। "ব প ৮২৬।]

ভালা[1], ভেলা বি [সং ভল্ল >বা (ভাল) °লা ; হি, ঠ, মৈ ভালা, ও ভাল] ১ ভল্লাস্ত্র। "ভালায় ফুটিয়া, পড়িছে লুটিয়া ভা.চ ৪৬৩। ২ [সং ভল্লাতক >ভল্লা > °লা] ১ আম্রজাতীয় বৃক্ষবিশেষ (Semecarpus anacardium ; The marking-nut-tree)। "শ্রী কী ২০৭। ২ ভেলার ফল ও ফলের রস। "ভেলার দাগ।

ভালা[2] বিং [ভাল > °লা ; হি ভলা ; ঠ ভল্লা ; মৈ ভল] ভাল। "গো চ ৬৬। (পুষ্পমালা) কবরীতে শোভা ভালা গো.বি ২৫। —লা অব্য বাহবা ! বেশ ! (bravo !)। "হাসিয়া কহেন হর ভালা মোর ভাই !—ভা.চ ৮৯। [ভাল রে ভালা !—বেশ ! বেশ !]

ভালাই বি [হি, মৈ ভলাঈ] সাধুতা, মঙ্গল। "সন্ন্যাস হও ভালাই চিন্তিয়া গো.চ ৬৮ ; ভালাই হইল মরিল হাড়িকা ৪৩৭।

ভালী দ্র 'ভাল[1]'।

ভালু(লূ)ক পুং [√ভল্ হিংসা+উ(ঊ)ক-ক (উ ৪.৪১)—ভল্লু(লূ)ক +অ (অণ্) স্বার্থে ; স্ত্রী -কী] হিংস্র জন্তুবিশেষ (Melursus ursinus)। [°জ্বর—ভালুকের জ্বরের মত অল্পক্ষণস্থায়ী জ্বর। (ভালুক চুপ করিয়া থাকিলে জ্বরাক্রান্তের মত 'কোঁ-কোঁ' করে। লোকে ভাবে ইহা 'জ্বর')। °নাচ—ভালুকের নৃত্য-খেলা।]

ভাল্লুক দ্র 'ভালুক'।

ভালে[1] ; ভালে[2] দ্র 'ভাল[1], ভাল[2]'।

ভালো বিং [ভাল[2] > °লো (উচ্চারণে)] ১ মঙ্গলময়। "তুমিই ভালো হে তুমিই ভালো।—রবীন্দ্র। ২ কল্যাণকর। "যাহা ভালো তাই দাও আমাদের।—রবীন্দ্র। —লো বি মঙ্গল। "অদ্যাপিহ ভালো আছে ম পা ১৩৯। (তুমিই) সকল ভালোর সার।—রবীন্দ্র। সকল দ্বন্দ্ববিরোধ-মাঝে জাগ্রত যে ভালো, সেইত তোমার ভালো চ.কা ৪৪৯। —লো অব্য বেশ ! (শাসনবাক্যে)। "পাত্র বলে থাক লো ভালো ডোমনী হারামজাদী।—শ্রী ২২৩। [ভালো ভালো—বেশ ! বেশ ! (স্বীকারে)। "ভবানী ভাবিয়া বালা বলে ভালো ভালো শ্রী ১৭১।]

ভাল্লু(ল্লূ)ক পুং [ভল্লু(লূ)ক+অ (অণ্) স্বার্থে] ভল্লুক।

ভাল্লূক দ্র 'ভাল্লুক'।

ভাশুর, ভাসুর বি [সং ভ্রাতৃশ্বশুর >প্রা *ভাইসসসুর >বা ভাশু(সু)র, মৈ ভৈঁ(ভৈ)সুর] স্বামিসম্পর্কে ভ্রাতা ও শ্বশুরবৎ পূজ্য, ভাসুর স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা। "এবে শুনি ভাসুর করিল বর আর।—ম ২৫১। শ্রী মা ৯০, ব প ২৮৪। না করে পরশ,…ভাবে ভাসুরের পারা শ্রী ৯২, ভাশুর ২২৯। ভাসুর ম.ম ২০০,-১ ; ভাশুর ২২২,-৩। ভাসুর।—মে ১২৬। [°ঝি—ভাশুরের মেয়ে। °ঠাকুর—পূজনীয় ভাশুর। °পো—ভাশুরের ছেলে। ভাশুর-ভাদ্দর-বউ-সম্পর্ক—(সাদৃশ্যে) কোন কারণে দুইএর মধ্যে পরস্পরের কথাবার্ত্তাদি না চলার সম্বন্ধ।]

ভাষ্ দ্বিক [ভ্বা. ও—ভাষতে, সেট্] কথন। [অভি—অভিভাষণ, সম্ভাষণ। আ—আভাষণ, আলাপ। পরি—পরিভাষা, শাস্ত্রকারসঙ্কেত। প্রতি—প্রতিবচন, প্রত্যুক্তি। বি—বিভাষা, বিকল্প। সম্—সম্ভাষণ, সংবাদ।]

ভাষ[1] বি [সং ভাষা, পদ্যে] ১ ভাষা, কথা। "সত্যে ভাষ নাহি তোরে শ্রী.কী ৩১৮। ভবানীর কটু ভাষে, লজ্জা হইল কৃত্তিবাসে ভা.চ ১০৩। সুবোধ বুঝায় মৃদুভাষে ব.প ১৫৭৮। ২ স্বর, ধ্বনি। "মৃদুল বাতাসে মর্ম্মর ভাষে, উচ্ছসি উঠিছে বনের কায়া কু কে ৪। ['ভাষে' বস্তুতঃ 'ভাষা+এ[৫]', অর্থাৎ ভাষায়।] ৩ কথা, ভাব। "এতেকেঁ বুঝিল তোর কাজের ভাষ শ্রী.কী ৪৫।

ভাষ[2] সর্ম্ম [সং √ভাষ্ >লি, প্রা √ভাস >বা °ষ ; হি √ভাখ] ১ বলা। "জগত-আনন্দ ভাষই জ.প ৪৫। ভাষিল ব্যাসের মত শি ৫৩। অবোধ যদি উচ্চ ভাষে, সুবোধ বুঝায় মৃদুভাষে।—ব.প ১৫৭৮। ২ জিজ্ঞাসা করা। "ভূধর ভাষিল ভূতনাথে হৈল ভার শি ২৮। ৩ উত্তর করা। "ভূপতি ভাষণে ভাষেন ভগবান্ শ্রী.মা ২১। ৪ উচ্চারণ করা। "হম-হাম, ধুম-থাম, ভীম শব্দ ভাষিছে ভা.চ ৪৫।

ভাষক বিণ [√ভাষ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ষিকা] কথয়িতা, বক্তা। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ কথন, বচন। "ন শক্তা ভাষণে।—রা (S.W.)। অনৃত" মনু ৮.১০১। সংলাপো মিথো ভাষণম্

(অ.কো)। শ্রী.মা ২১। ২ [+অন-র্ম্ম] ভাষা, বাক্য। "কল° ভ ৭.১.১৭। ভার্য্যার ভাষণ শ্রী.মা ১৯। না সরে ভাষণ।—হেম ১০৮। —ষা স্ত্রী [+অ-র্ম্ম+স্ত্রী আ (টাপ্)] ১ বাক্য, বচন, কথা। "দুরুক্ত-ভাষাভিহিত (পাঠান্তর) মহা ১৩.১০ ৭২। মনু ৮.১৬৪। সুধার সদৃশ ভাষা।—ম ৫৯২। বনপ্রিয় জিনি ভাষা ক.চ ৯। ২ ধ্বনি। "বাগ্ম° শু ৪.৭.২৬৭। নব নব কত ভাষা।—গান ১৭৬। ৩ সংস্কৃত। "ভাষায়াং সদবসশ্রুবঃ পা ৩.২.১০৮। ৪ প্রাকৃত—মহারাষ্ট্রী শৌরসেনী মাগধী প্রাচ্যা আবন্তী এই পঞ্চ উপভাষা। ৫ দেশপ্রচলিত উপভাষামাত্র। "দ্বিভাষ্ ভাষাশ্চ বিবিধা নৃণাম্ মনু ৯.৩৩২। সর্ব্বভাষাবিদ্ (মহা)। ভাষাচ্ছন্দে ভ গ্র ৩৬৩। [সংস্কৃতাদি শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা—দ্র 'শ.ক'। 'ভাষাবিভাগ' সা.দ ৬.১৫৮-১৬৯।] ৬ বঙ্গদেশপ্রচলিত বাক্য, বাঙ্‌লা। "ই°হা শ্লোক দুই চারি, তার ব্যাখ্যা ভাষা করি চৈ চ ৮২। প্রেমদাস লিখিল ভাষায় চৈ ১৩৫। ৭ ভাষাধিষ্ঠাত্রী সরস্বতী (A.)। ৮ (ব্যবহারে) পূর্ব্বপক্ষ। দ্র 'উত্তরপাদ'। ৯ পারিভাষিক শব্দ। "°পরিচ্ছেদ। ১০ রাগিণীবিশেষ। ১১ [+অ-ণ] লক্ষণ। "স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা গী ২৫৪। ১২ [বাঙ্‌লায়, অপ্র] ধ্বনি। "(পট্ট) উরুদেশে লম্বিত গমনে শুনি ভাষা।—শ্রী ২৪১। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত। "ত্বয়ৈকমীশং প্রতি সাধু ভাষিতম্ কু.স ৫৮১। ২ উপদিষ্ট। "যথা ভাষিতমাদিতঃ মনু ৮ ২১৬। ৩ পৃষ্ট। —ষিত ক্লী [+ত-ভা] ১ বাক্য, ভাষা। "রা ১৩.৪। গতিভাষিত-চেষ্টিতম্ মনু ২.১৯৯, ৮.২৬। গূঢ়° যাজ্ঞ ১.৩৩০। গী গো ২ ১২। স্বপ্নভাষিত সী ১৭। ২ ভাবণ, কূজিত। "অন্যভৃতাসু ভাষিতম্ রঘু ৮.৫৯।

ভাষণ দ্র 'ভাষক'।

ভাষা দ্র 'ভাষক'। [°কথা (বি)—কথ্যভাষায় কথা। "°খা কহিলাঙ ব.প ১৩৫৩। ভাষাকথায় বলে।—হু ১৪১। °চিত্রক (ক্লী) কর্ত্তৃকর্ম্মক্রিয়াদিগুপ্তিরূপ-প্রহেলিকাভেদ (conundrum)। °পত্র (ক্লী)—অভিযোগপত্র, বেদনার্থপত্র। "শু ২ ৩১৮। দ্র 'ভাষা (৮)। °পরিচ্ছেদ (পুং)—বিশ্বনাথন্যায়পঞ্চাননকৃত ন্যায়পরিভাষাসিদ্ধান্তগ্রন্থ। °পাদ (পুং)—দ্র 'উত্তরপাদ'। °রামায়ণ (বি)—বঙ্গভাষায় রচিত বাল্মীকীয় রামায়ণবিষয়কগ্রন্থ, কৃত্তিবাসী রামায়ণ। "শুভক্ষণে বিরচিল ভাষারামায়ণ।—কৃ ১৫৩। কলুভায়া…°ণ পড়িতেছেন আহু ৬৮।]

ভাষাসম পুং [স.ত] ভাষাসমূহে সম; শব্দালঙ্কারবিশেষ (bilingualism)। [ভাষাসমূহ বিবিধ হইলেও, যাহাতে একবিধ শব্দসমূহে রচিত বাক্য থাকে, তাহা 'ভাষাসম' (সা.দ ১০ ১০)। যথা—"জয় দেবি জগন্ময়ি, দীনদয়াময়ি, শৈলসুতে করুণানিকরে ভা.চ ৫৭। ইহার শব্দগুলি সংস্কৃতে ও বাঙ্‌লায় একরূপ।]

ভাষিত দ্র 'ভাষা'। [°পুংস্ক (ভাষিত পুমান্ যে অর্থে (বহুব্রী) —ভাষিতপুম্‌স্+ক (কপ্)—°স্ক (অর্থ)+(অচ্) অন্ত্যার্থে বিণ —পুংলিঙ্গে যে অর্থ, লিঙ্গান্তরেও সেই অর্থযুক্ত অর্থাৎ সকল লিঙ্গেই তুল্যপ্রবৃত্তিনিমিত্তক (শব্দ)। যেমন, 'ব্রাহ্মণঃ—ব্রাহ্মণী', 'চিত্র—চিত্রা, চিত্রম্'—লিঙ্গভেদ থাকিলেও ইহাদের প্রবৃত্তিনিমিত্ত একরূপ, কিন্তু পুংলিঙ্গে 'কুটঃ'—'ঘটঃ', স্ত্রীলিঙ্গে 'কুটী'—'গেহ'; সুতরাং 'কুট' ভাষিত-পুংস্ক নহে। দ্র 'পা ৬.৩.৩৪; ৭.১.৭৪, তত্ত্ববোধিনী।]

ভাষিতা (-তৃ) বিণ [√ভাষ্+তৃ (তৃন্)-ক-১ব; স্ত্রী -ত্রী; বৈদিক] ভাষণশীল, ভাবী। "দারুণ°, মধুর°। মাদ্রীপুত্রঃ…মিতভাষিতা মহা ৪.৫.২৪। —ষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী- ষিণী] সর্ব 'ভাষিতা'। "অনৃত°, কটুক°, কল°, মধুর°, মিত°। দীন° রা ২.৭৭.২৬। করুণ° ভ ৯.৯.৩৪।

ভাষী দ্র 'ভাষিতা'।

ভাষ্য বিণ [√ভাষ্+য (ণ্যৎ)-র্ম্ম] কথনীয়। —ষ্য ক্লী ১ সূত্রব্যাখ্যান-বিশেষ, অর্থাৎ সূত্রানুসারী বাক্যে সূত্রস্থ পদের সবৃত্তি ব্যাখ্যা। "সূত্রস্থং পদমাদায় বাক্যৈঃ সূত্রানুসারিভিঃ। স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ॥—মল্লিনাথ। "°ভূত মাঘ ২.২৪। ফণিভাষিতভাষ্যফক্কিকা নৈ ২.৯৫। ২ ব্যাখ্যা, বিবৃতি। "বেদ°, শাস্কর°। ৩ পতঞ্জলিকৃত পাণিনি-সূত্রের ব্যাখ্যাগ্রন্থ, মহাভাষ্য। "°কার, ভাষ্যাব্ধি। শ্রী.মা ৪০ ৪ [+য-ভা] ভাষণ, কথন। ৫ (বাঙ্‌লায়) সুবিধা, সুসিদ্ধি। তু 'ভাস্‌স'। "আশায় পরম দুখ কার্য্যে নাহি ভাষ্য শ্রী.ম ১৪৫। [°কার, °কৃৎ (পুং)—১ ব্যাখ্যাগ্রন্থকার। ২ পতঞ্জলি। ৩ শঙ্করাচার্য্য। °ভূত (বিণ)—ভাষ্যসদৃশ, ব্যাখ্যাগ্রন্থস্বরূপ।]

ভাস্ অক [ভ্বা, ঙ—ভাসতে, সেট্] দীপ্তি।

ভাস[১] পুং [√ভাস্+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি। ২ [+অ-ণ] প্রভা, দীপ্তি। "অসম° রঘু ৯ ২১। নখ-ইন্দুভাসে দূর কৈল অন্ধকার ক.চ ১৫৭। নয়ন নলিনীভাস।—জ ১। দিনকর° প.র ৩২। রৌপ্য°। —দু ৩৯। সুধাংশু° সা ম ৪। চন্দ্রিকার ভাস স.শ ৮২। হেম ৭৭। ৩ [+অ (অচ্)-ক] কুক্কুট। ৪ পক্ষিবিশেষ, শকুন্ত। "যাজ্ঞ ১.১২৭। ৫ গৃধ্র (নীলকণ্ঠ)। "মহা ১ ১৩৭ ৬৯। ম ১৩৪। ৬ নাট্যকার কবি-বিশেষ। ৭ [+অ-ধি] গোষ্ঠ। ৮ [বাঙ্‌লায়, অপ্র] আভাস, অনুভব। "তোমার ঐছন রঙ্গ,…দেখি কিছু কার্য্যে আছে ভাস চৈ চ ৫২।

ভাস[২] অর্ম্ম [সং √ভাস্ > প্রা √ভাস, হি, ঠ, গু √ভাস] ১ দীপ্তি পাওয়া, প্রকাশ পাওয়া। "তার উর্দ্ধদেশে কিবা ভাসে পুচ্ছ উচ্চতর।—কৃ ১৯৮। বামার ঈষৎ হাসে, গগন মণ্ডল ভাসে ২১৪। বুদ্ধিবিভাকর ভাসে ব.স্থ ১১। (নক্ষত্র) উঠিবে ভাসিয়া। —ন ১৪৯৪। নয়নের কাছে সব ভাসিয়া বেড়ায়।—হেম ১; বদনমণ্ডলে ভাসিছে ব্রীড়া ১৩১। নয়নে ভাসে ছলছল অভিমান। —গান ১২৫, আঁখির কাছে বেড়ায় ভাসি ১৪৫। ২ শোভা পাওয়া। "শ্রবণ-উপর দেশে, হেমকলিকা ভাসে ক চ ৯, ২৪১। ৩ প্রকাশ পাওয়া, উঠা। "বিনা অগ্নি যদ্যপি ভাতের কেন ভাসে বা.ম ৩৩০। ৪ প্রতীয়মান হওয়া। "পুনরুক্তপ্রায় ভাসে চৈ.চ ৫৯, সব ব্রহ্মময় ভাসে ২৪৭,-৮৮। ৫ প্রকটিত বা আবির্ভূত হওয়া। "তিন সাধনে ভগবান্ তিন স্বরূপে ভাসে। ব্রহ্ম পরমাত্মা ভগবত্বে প্রকাশে॥—চৈ.চ ২৩৫। ৬ প্রকাশ পাওয়া, অর্থাৎ শ্রুত হওয়া। "সহসা ভাসিল, রোদননিনাদ মৃদু; তা সহ মিশিয়া, ভাসিল নূপুরধ্বনি।—মে ১৯। ৭ [মৈ √ভাস, তু 'ভাবে' (ভাসে—শ্রী কী)] জলের উপরে প্রকাশ পাওয়া, ভাসা (to float)। "জলে ভাসে শিলা।—কৃ ২৪০। মৃৎপাত্র জলে ভাসে চৈ চ ৩৪৭। যে নিয়মে জলবুদ্বুদ ভাসে, হাসে, মিলায় ব.প্র ২০৯। ৮ প্লাবিত হওয়া। "পৃথিবী…রক্তেতে ভাসিল ম ৮১১। ভাসিয়া গেল নিকেতন ক.চ ৮৪। প্রেমরসে ভাসে চৈ.চ ৬৩। ভাসিল সমুদ্র মন্দ্রে। —ন ৭৬৫। ৯ উচ্ছলিত হওয়া। "লীলায় উচ্ছল, প্রভাসের সিন্ধু উঠিল ভাসি।—ন ১৩৮৩। ১০ সঞ্চালিত হওয়া। "শত শঙ্খধ্বনি, ভাসিল সমুদ্রবাহী প্রভাত-অনিলে।—ন ৭৬৫। ১১ আস্বাদনে পরিতৃপ্ত হওয়া। "চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় রসে, ভাসে কেহ।—মা ১৪৯। ১২ পরিপ্লুত হওয়া। "যে রসে উত্তম অধম ভাস, বঞ্চিত একলি গোবিন্দদাস।—গো ২৯। ১৩ দৃষ্টিগোচর বা বাহির হওয়া। "ভাসিয়া উঠিল ডিম্ব লাঙ্গল-শিয়ালে।—কৃ ৫০। বক্ষ-মাংস বায় খসি, অস্থি সব উঠে ভাসি বা.ম ৩৫০। ১৪ ধ্বনিত হওয়া। "কুককণ্ঠ উঠিল ভাসিয়া—তেমতি গগন-স্পর্শী, তেমতি গভীর।—ন ৭৬৩। ১৫ দেখা দেওয়া। "হীরালাল আবার হঠাৎ ভাসিয়া উঠিয়া ছোটবাবুর মোসায়েবি করিতে চেষ্টা করিতে লাগিল ব.প্র ২০৪। ১৬ প্রচারিত হওয়া। "বরজ-বধূর সঙ্গে, বিলাস গোপন রঙ্গে, ভুবন ভাসিল সেই কথা ম.প ২৮৮। ১৭ দূরীভূত হওয়া।

"স্বপন-জড়িমা পলকে ভাসিল।—কথা ৩০। **১৮** পরিস্ফুট হওয়া। "এক দোষ গুণরাশি, নাশে নাহি, যেন শশি-শশে ভাসে গুণসমুচ্চয়। শি ১৬। **১৯** ভাবিত হওয়া। "সমাধির ভাবে মাতা ভাসেন ভবানী। —হু ৫৯। **২০** স্পৃহা জন্মান। "আর সবের গায়নে আক্কাতে নাহি ভাসে।—গ ১১। **২১** উচ্ছ্বসিত হওয়া। "সামান্যমাত্র ভাবের প্রবাহ উপস্থিত হইলেই আমরাই সর্ব্বোপরি ভাসিয়া উঠি চা পূ ৭৩। **২২** অগ্রাহ্য হওয়া। "চাপা এমনই তাড়াতাড়ি করিল যে, আমার আপত্তি ভাসিয়া গেল ব.প্র ২০৭। —স সর্ম্ম **১** (অপ্র) বিচার করা। "জানিলাম শুকদেব নিজ মনে ভাসি।—মী ২০। **২** [সং √ভাষ্ >প্রা √ভাস] গান করা। "দ্বিজ মাধবে রস ভাসে।—গ ১২। —সা² সর্ম্ম [ভাস² + আ⁸, মৈ √ভসা] **১** ভাসান (to cause to float)। **২** প্লাবিত করা। "মাথার উপরে শব্দতরঙ্গে আকাশমণ্ডল ভাসাইয়া পাপিয়া ডাকিয়া গেল ব.বি ২০৯। [ভাইসিতে—ভাসিতে। "শূ ১৯। ভাসাভাসি —জানাজানি। "বয়েসদোষে সহজে হাসি, তাতে যুটিল তোমার বাঁশী, ভাসাভাসি তাই হলো হে শ্যাম।—দা ৪৩৩।]

ভাসঃ(-সস্) ক্লী [√ভাস্+অস্ (অসুন্)-ভা, উ ৪ ১৮৯, ছান্দস] দীপ্তি, প্রকাশ।

ভাসক বিণ [√ভাসি+অক (ণ্বুল্)-ক] **১** দীপক, দ্যোতয়িতা। **২** ব্যক্তিকারক। 'তত্তদ্ভাসকম্ (চৈতন্যম্)।—বেদান্তসার। —সন ক্লী [√ভাস্+অন (ল্যুট্)-ভা] **১** দীপ্তি। **২** প্রতীতি। "পৌনরুক্ত্যেন ভাসনম্ সা দ ১০২।

ভাসন দ্র 'ভাসক'।

ভাসন্ত বিং [ভাস² + অন্ত] ভাসমান (floating)। [ভাসন্ত চোখ ভাসা-ভাসা চোখ। দ্র 'ভাসা'।]

ভাসমান বিণ [ভাস্+মান (শানচ্)-ক] দীপ্যমান, প্রকাশমান। **২** (বাঙ্লায়) জলের উপরে পকাশমান, প্লবমান। 'ভাসমান প্রেমার্ণব। —রঙ্গ ৭। ন ১৩২৭,-৮। এই সংসারসমুদ্রে আমি ভাসমান তৃণ ব প্র ৬২০।

ভাসা¹ বি [ভাস² + আ⁶] সর্থ 'ভাস²। —সা বিং [+ আ¹²] ভাসমান। [ভাসা ভাসা—যাহা আন্তরিক নয়। "সে সমস্তই কি ভাসা ভাসা? —গল্পগুচ্ছ। ভাসা ভাসা কথা—যে কথা আন্তরিক নহে। ভাসা বা ভাসা-ভাসা চোখ—যে চোখ অক্ষিকোটরের উপরে ঈষৎ ভাসমান, কোটরগত বা বসা নয়। "ভাসা-ভাসা খাসা চোখ তুলি দিয়ে আঁকা।—হেম ৩৯১। ভাসা ভাসা—অগভীর (superficial)। "°সা জ্ঞান। ভাসা-ভাসা বুদ্ধি—কোন বিষয়ে গাঢ়প্রবেশে অক্ষম বা স্থূল বুদ্ধি। 'এরূপ শিক্ষা আমাদের দেশে হয় না—এজন্য আমাদের বুদ্ধি…ভাসা-ভাসা হইয়া পড়ে।—আ হু ৯৯। ভাসা মেঘ—সঞ্চরণশীল মেঘখণ্ড। ভাসা মাছ—বর্ষায় যে মাছ উজাইয়া বাহির হয়, পাউসে বা উজুযে মাছ। ভাসার সময়—বর্ষাকাল।]

ভাসা² দ্র 'ভাস²।

ভাসান¹, ভাসানো সর্ম্ম সর্থ 'ভাসা²।

ভাসান² '-ন্' বি [ভাসা+আন] জলে প্রতিমাবিসর্জ্জনের উৎসব। "(অনেকে) প্রতিমাবিসর্জ্জনের দিন ভাসান দেখতে বেরোন। —হু ১২। [ভাসান্ দেওয়া—ভাসা। "কুম্ভীরে আসি দিয়াছে ভাসান্ বি.পা ১৮৭। ঠাকুর ভাসান্ দেওয়া—জলে প্রতিমাবিসর্জ্জন। "ঠাকুর ভাসান্ দেবার, রাস্তা প কা ৬৬। নৌকা ভাসান—নৌকা ছাড়া।]

ভাসান³ '-ন্' বি [ভাষাগান >প্রা *ভাসাআণ > বা °ন] বাঙ্লা ভাষায় রচিত মনসার পালাগান। "মনসার ভাসান।

ভাসিত বিণ [√ভাসি+ত (ক্ত)-র্ম্ম] দীপিত, উজ্জ্বলিত। "বিমল-জ্ঞানেন সম্ভাসিতঃ (S.W.)। উৎসাহ° বদনমণ্ডল হেম ১৫৭।

ভাস্থর¹ বিণ [ভাস্+উর (ঘুরচ্)-ক, স্ত্রী -রা] দীপ্তিশীল, ভাস্বর। "°দেহ, °মূর্ত্তি (মহা)। °হেমরাশিং রঘু ৫.৩০। মণিময়ূখচয়াংশুকভাস্থরাঃ (পুরঃ) কি ৫.৫। নিস্ত্রিংশদীধিতিসটাভর°—নাগানন্দ ৩.১৬।—স্থর পুং **১** স্ফটিক। **২** বীর। তু 'ভাস্থরক' (সিংহ)। —স্থর ক্লী কুষ্ঠৌষধ। [ভাস্থরতাপাদান (বি)—স্ফটিকীকরণ (crystallization)।]

ভাস্থর² দ্র 'ভাশুর'।

ভাস্কর বিণ [ভাস্+ √কৃ+অ (ট)-ক, কস্কাদি, উ.ত, 'ভাস্কর, ভাঃ কর' (মুগ্ধবোধ), স্ত্রী -রী] দীপ্তিকর, উজ্জ্বল। "(কনকম্) ভাস্করম্ (পাঠান্তর) মহা ৬.৭২৬। কপালে ভাস্কর ফোটা ম.ভা ৫। —স্কর পুং **১** সূর্য্য। "রা ২৫২২। রঘু ১১৭। অস্ত গেল যবনের গৌরব°। —ন ৫০৮। **২** প্রতিবিম্বিত সূর্য্য। "তোয়ান্তর্ভাস্করালীব রেজে মুনিপরম্পরা কু স ৬৪৯। **৩** শিব। 'ললাট-শিখরে চন্দ্র ধরিলা ভাস্কর ম ম ৪২। **৪** অগ্নি। **৫** বীর। **৬** ভাস্করাচার্য্য। **৭** [হি, ড় ভাস্কর] (বাঙ্লায়) যে পাথরে চিত্রাদি খোদে, তষ্টা (sculptor)। —স্কর ক্লী **১** সুবর্ণ। **২** ভিত্তিতে ভাস্করাকৃতি সন্ধিখননবিশেষ। "মৃ ৩.১৩। **৩** ভাস্করকৃত পক্কলবণবিশেষ, ভাস্করলবণ (চক্রদত্ত)। [°দ্যুতি (পুং)—সূর্য্য যাঁহার দ্যুতি, বিষ্ণু। °প্রিয় (পুং)—পদ্মরাগ। °সপ্তমী (স্ত্রী)—মাঘের শুক্লা সপ্তমীতিথি।]

ভাস্কর্য্য বি ভাস্করকর্ম্ম, খোদাইএর কাজ (sculpture)। "°পটু শিল্পকরের যত্ননির্ম্মিত প্রস্তরময়ী মূর্ত্তি ব প্র ২২২।

ভাস্মন বিণ [ভস্মন্+অ (অণ্), স্ত্রী -নী] ভস্মবিকার, ভস্মময়। "ভাস্মনৈবঙ্গরাগৈঃ মাঘ ৪ ৬৫।

ভাস্বত বি [সং ভাস্বৎ, অপ্র] সূর্য্য। "°তাপ ব প ১১০৩।

ভাস্বতী দ্র 'ভাস্বান্'।

ভাস্বর বিণ [√ভাস্+বর (বরচ্)-ক, স্ত্রী -রা] **১** দীপ্তিশীল, দীপ্যমান, ভাস্থর, উজ্জ্বল। "রূপম্…পরমভাস্বরম্ রা ১ ৬৪ ৭। তপ্তকার্ত্ত-স্বরভাস্বরাম্বর মাঘ ১২০। ভাস্বর মুকুটমণি ম ৯১৭। °র পিধান। —মে ২৪, ১৮৩। পিত্তলও সুবর্ণের ন্যায় ভাস্বর ব প্র ৫৭৯। তাহার দীপ্তিও অতিশয় ভাস্বর ব বি ৬, ভাস্বর বৃক্ষপত্রে তৎকিরণমালা প্রতি-ফলিত হইতেছে ৫৬। **২** তেজিষ্ঠ, অতিতেজস্বী। "সংহত্যা…°সেনয়া মাঘ ১৯.৪২। —র পুং **১** সূর্য্য। **২** দিন। **৩** অগ্নি। —র ক্লী কুষ্ঠৌষধ।

ভাস্বান্(-স্বৎ) বিণ [ভাস্+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -স্বতী] **১** দীপ্তি-মান্, দ্যুতিমান্, তেজস্বী। 'ভাস্বতী (উষাঃ)।—ঋগ্বেদ ১.৯২.৭। ভাস্বন্তি রত্নানি কু স ১.২, ৬.৬০। **২** প্রকাশক। "জ্যোতিরুৎপত্ততে ভাস্বৎ মনু ১ ৭৭। **৩** দেদীপ্যমান, সুনির্ম্মল। "ভাস্বতী কীর্ত্তিঃ মহা ৩ ১৩১.৩০। —স্বান্ পুং **১** সূর্য্য। "মাঘ ৫ ৩। ভাস্বানুদেষ্যতি হসিষ্যতি পদ্মজাতম্ (ভ্রমরাষ্টক)। **২** আলোক। **৩** বীর। —স্বতী **১** সূর্য্যপুরী। **২** জ্যোতিষগ্রন্থভেদ—ভাস্বতীকরণ। "ক.চ ৮৭, ২১১, ২১৫।

ভাস্স বি [সং 'ভাষ্য'—মূল, 'ভাস্সি' (কথ্য)] সুবিধা, মঙ্গল, আগ। "কাদন্তি কামিস্থা ভাই কাজর ভাস্স নাই।—শূ ৬০।

ভি অব্য [সং হি, হি 'হী, ভী'] নিশ্চয়। "ওঁ লোক ভি চোর আর ঔ লোক ভি সাচ্চা রা স ৩১।

ভিঁ(ভি)য়া সর্ম্ম [মিশা > মিহা > ভিঁ(ভি)য়া] কোন দ্রব্যের উপাদান মিশাইয়া পাক করা, সন্দেশ ইত্যাদি পাক করা; ভিঁয়ান করা। "পুন সে মথিয়া, অমিয়া হইল, তাহে ভিয়াইল 'ভি' চ.দা ১২৭। [ভিঁয়ান, ভিয়ান—সর্থ ভিঁয়া'। "মোদক আনিয়া, ভিঁয়ান করিয়া, এবে সে লাগিল সীঠ চ দা ১০৮। মন যদি মোর ভিয়ান করিস।—রাম-প্রসাদ। সন্দেশ ভিঁয়ান—সন্দেশের উপাদান মিশাইয়া পাক করা। হাঁড়ি ভিয়ান—হাড়ির উপাদান জল ও মাটি মিশাইয়া চাকে হাঁড়ি প্রস্তুত করা।]

ভি(ভী)ক, -খ, ভিক্‌খা, ভিখা বি [সং ভিক্ষা >প্রা ভিক্‌খা> বা ভিকৃখা, ভিখা, ভী(ভি)খ, -ক ; হি, গু ভীখ ; ঠ ভীক ; প ভিক্‌খ, ভীখ ; মৈ ভিখ, ভীখি ; ড় ভিক] ১ ভিক্ষার দ্রব্য ; ভিক্ষা। "ভিক্‌খা দিবে তোকে গো.চ ১৬৬। ভিখ শ্রী কী ৩১৮। ভিখা মাগিয়া বুলেন ঈশ্বর। —শূ ১০৮। শাশ বচনে হাম ভিখ লেই গেল বি প ১৩০। মাহি দিলে ভিখ ক.চ ২৬২। ভিক হু ২৪, ম.ম ৯৪ ; শি ২৯, ৩০ ; ভিখ ৩৫, ৭২। ভীখ।—গো ২১১। ভেক বিনে ত, ভিক মিলে না।—দা ৫৪০। ২ ভিক্ষা, প্রার্থনা। "ভেকের নিকটে হল ভুজঙ্গের ভিক শ্রী মা ১৯০। ৩ (অপ্র) পুরস্কার। "পাশ্ শ টাকা ভিক্‌খা দে তুই ঠাকুরক গো.চ ১৪৮,-৫৯। [ভিকশি(সি)ক (ভিক+শি(সি)ক, অনু.শব্দ)—ভিক্ষা-দ্রব্য। "ভিকশিক না পাইয়া গেল ব.প ৮০। ভিকসিক গো চ ২৯৩।]

ভিকা(খা)রি, -রী, ভিকিরী, -খিরি বি [সং ভিক্ষাকারিন্ >প্রা (ভিক্‌খাআরি) ভিখারি (প্রা.ম), ভিখারী (ভিক্ষুক—পৈ) ; হি, গু ভিখারী, ঠ ভিকার, -রী] ভিক্ষুক, দরিদ্র। "ভিখারী শ্রী কী ১৪৩। পরেরে জে ধন দিয়া রাপনে ভিকারি গো.বি ১১৭। ভিকারী বৈরাগী।—জ ২৮। শঙ্কর ভিখারি ভা.চ ৯৯। ভিখিরি।—কা ১০৭। ভিকিরীরা কাপড় পেতে বসে ভিক্ষে কচ্চে।—হু ১৭৮। —খারী বিণ ১ প্রার্থী। "আমি কেবল একবারমাত্র তাঁহার দর্শনের ভিখারী ব প্র ৩৫। ২ (সাদৃশ্যে) কাপুরুষ, ভীরু। "আমি কি ডরাই, সখি, ভিখারী রাঘবে?—মে ৮১। —খারিণী বি ১ ভিক্ষুকের স্ত্রী, স্ত্রী-ভিক্ষু। ২ দরিদ্রা। "°বেশে।—মা ১০২, ভিখারিণী রাধা এবে—তুমি রাজ-রাণী ১৫৭। কাল ছিল রাণী আজ ভিখারিণী।—কা ১৩৫। ৩ প্রার্থিনী। "প্রেম° (মাধবিকা লতা) বি পা ১০।

ভিকিরী দ্র 'ভিকারি'।

ভিক্ষ্‌ ধিক [ভ্বা, ঙ—ভিক্ষতে, সেট্] যাচ্ঞা, প্রার্থনা। —ক্ষ্‌ সক [পূর্ব্ববৎ] লাভ, লোভার্থ উক্তি। "ভিক্ষতে (লোভাদ্ বদতি) দাতারং দীনঃ (ক ক)। —ক্ষ্‌ অক [পূর্ব্ববৎ] ক্লেশ। "ভিক্ষতে জনঃ ক্লিশ্যতীত্যর্থঃ (ক.ক)।

ভিক্ষণ ক্লী [√ভিক্ষ্‌+অন (ল্যুট্)-ভা] যাচন, প্রার্থনা। "ইন্দ্রলস্থৈব ভিক্ষণম্ মহা ৩.৯৮.২০। —ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্), বৈদিক] ১ সর্থ 'ভিক্ষণ'। "ঈশ্বরের দৈন্য করি করিয়াছে ভিক্ষা চৈ চ ৪৮। ২ গৃহস্থের নিকটে যতির খাদ্যপ্রার্থনা। "মনু ৬.৫৬। ৩ সেবা। ৪ [+অ-কর্ম] ভিক্ষিত বস্তু। "ভিক্ষাঞ্চ ভিক্ষবে দদ্যাৎ মনু ৩.৯৪। গ্রাসমাত্রা ভবেদ্ ভিক্ষা। –শাতাতপ (কুল্লুক)। মাগে ভিক্ষা ক.চ ২৬, -৭। ৫ ভৃতি, বেতন। ৬ (বাঙলায়) ভিক্ষাজীবী সন্ন্যাসীর ভোজন। "(ঈশ্বর-পুরী) ভিক্ষা করি বিষ্ণু-গৃহে বসিলা চৈ.ভা ৮০। ভিক্ষা করাইল চৈ চ ১১০, ভিক্ষা করিতে বৈস ১৪৩, ভিক্ষাতে বসিল ২০৪, -৫। পুত্রে ভিক্ষা করাইল ন.প ৩৭০। ৭ সন্ন্যাসীর ভিক্ষান্ন। "তাঁর ভিক্ষা কৈল অঙ্গীকার : ভিক্ষা মাগিল : ভিক্ষা দিব চৈ.চ ১৮৬। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-কর্ম] যাচিত। —ক্ষিত ক্লী [+ত-ভা] যাচন। "যাজ্ঞ ১.১২৭।

ভিক্ষা দ্র 'ভিক্ষণ'। [°কপাল (বি)—ভিক্ষাপাত্র। "কাদ ৪৩, -৪। °করণ (ক্লী)—ভিক্ষাচরণ। °চর, °চার (পুং)—ভিক্ষুক। °চর্য্য (ক্লী), °চর্য্যা (স্ত্রী)—ভিক্ষার্থ পর্য্যটন, ভিক্ষাটন ; ভিক্ষাকরণ। °জীবী (-বিন্) বিণ—ভিক্ষাবৃত্তি, ভিক্ষুক। "ম ৬৩৩। °নিমন্ত্রণ (বি) —সন্ন্যাসীর ভোজনার্থ নিমন্ত্রণ। "চৈ.ভা ৮০। °পাত্র (ক্লী)—ভিক্ষা-গ্রহণার্থ পাত্র ; ভিক্ষাভাজন। "হি ১২১১৬। °বৃত্তি (বিণ)—ভিক্ষা-জীব ; ভিক্ষাজীবী। °ভুক্ (-জ্) বিণ—ভিক্ষাজীবী, সন্ন্যাসী। "মহা ১.১.১৬১।] [ভিক্ষা নির্ব্বাহিলা—ভিক্ষার ভোজন করিলেন। "চৈ.চ ১৯০। ভিক্ষা হৈল—সন্ন্যাসীর ভোজন হইল। "চৈ ৭৮ ।]

ভিক্ষাকাল বি সন্ন্যাসীর ভোজনকাল। "চৈ.চ ২৮০।

ভিক্ষাটন ক্লী [ভিক্ষার্থ অটন, উ.লো] ভিক্ষার্থ গমন ; ভিক্ষাচর্য্যা। "পিতা গেল °মে শ্রী ম ২৯৫। চৈ.ভা ২৭৫। চৈ.চ ৩২৯।

ভিক্ষান্ন ক্লী [উ.লো] ভিক্ষালব্ধতণ্ডুলাদি দ্রব্য। "হি ১২১১৬।

ভিক্ষাপুত্র বি ভিক্ষা-মাএর ছেলে। [ভিক্ষা-মা—ভিক্ষাপুত্রের মাতৃ-স্থানীয়া স্ত্রীলোক, যিনি ব্রাহ্মণপুত্রের উপনয়নে মাএর পরেই প্রথমে ভিক্ষা দেন।]

ভিক্ষা-মা দ্র 'ভিক্ষাপুত্র'।

ভিক্ষার্থী (-র্থিন্) বিণ [ভিক্ষার্থ+ইন্ (ইনি)-১ব] অসন্নিহিত-ভিক্ষার্থ, ভিক্ষাভিলাষী। "মনু ৮.৯৩। —র্থী পুং ভিক্ষুক।

ভিক্ষাশী (-শিন্) বিণ [ভিক্ষা+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ভিক্ষাভোজী, ভিক্ষাজীবী। "°শিত্ব।—হি ১.১৪৪।

ভিক্ষাহার পুং [কর্ম্মধা] ভিক্ষারূপ খাদ্য, ভিক্ষান্ন।

ভিক্ষিণী স্ত্রী [√ভিক্ষ্‌+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] শমবৃত্তা শমবদাচারা তাপসী (রা.টীকা)। "রা ২.২৯.১৩।

ভিক্ষু পুং [√ভিক্ষ্‌+উ-ক] ১ ভিক্ষণশীল, ভিক্ষাজীবী। ২ চতুর্থাশ্রমী, সন্ন্যাসী, পরিব্রাজক (অ কো)। দ্র 'মহা ১ ৯১.৫। "ভিক্ষাঞ্চ ভিক্ষবে দদ্যাৎ মনু ৩.৯৪। ৩ বৌদ্ধসন্ন্যাসী। "কথা ৭, °কন্তা ৬০। ৪ চতুর্থা-শ্রম। [°চর্য্যা (স্ত্রী)—ভিক্ষুকার্য্য, ভিক্ষা। °সঙ্ঘ (পুং)—বৌদ্ধভিক্ষু-সমাজ। °সূত্র (ক্লী)—ব্যাসপ্রোক্ত ভিক্ষুশাসনার্থ সূত্রগ্রন্থ। "পা ৪.৩. ১১০, সি।]

ভিক্ষুক পুং [ভিক্ষু+ক (কন্)] ১ সর্থ 'ভিক্ষু (১)। "রা ২.৩০. ৪৩। মনু ৩.২৪৩। চৈ চ ৬৩। ২ ব্রহ্মচারী যতি ইত্যাদি। 'ব্রহ্মচারী যতিশ্চৈব বিদ্যার্থী গুরুপোষকঃ। অধ্বগঃ ক্ষীণবৃত্তিশ্চ ষড়েতে ভিক্ষুকাঃ স্মৃতাঃ॥—অত্রি। ৩ সন্ন্যাসী। "তোমারে করিল বিধি, ভিক্ষুকের প্রতিনিধি।—কথা ১২। ৪ (বাঙলায়) বৌদ্ধভিক্ষু। "কথা ৭। —ক্ষুকী স্ত্রী যাচিকা। "মহা ১.৭৮.১১।

ভিক্ষুকী দ্র 'ভিক্ষুক'।

ভিক্ষুণী বি [ভিক্ষু+নী ; লি. প্রা ভিক্‌খুণী] বৌদ্ধসন্ন্যাসিনী (a Buddhist nun)। "°ণীর অধম।—কথা ৬০।

ভিখ, -খা ; ভিখারি, -রী, -খিরি দ্র 'ভিক ; ভিকারি'।

ভি(ভী)গ অর্ম্ম [ভিজ >°গ (?) ; হি √ভীগ] সিক্ত বা আর্দ্র হওয়া, ভিজা। "মৃগমদ চন্দন ঘামে ভিগি গেল বি.প ৭৮। খলিত দিঠি জলে, খোম ভীগল জ প ৪৩। নীরল বসন ভিগি অঙ্গে লাগিয়াছে। —গো ১৬৫, ভিগল দিঠি জলে ২৬০। ভিগল লোচন-নীরে রা.শে ২৪। স্তনক্ষীর নীরে ভিগয়ে বসন প.র ২, স্তনক্ষীরে ভীগল বাস ৩। দুহুঁ ক নয়ন-নীরে, দুহুঁ তনু ভিগই।—ব ১০৬। —গা সর্ম্ম [ভিগ+আ°] সিক্ত করা, ভিজান। "নয়নক লোরহিঁ বসন ভিগায়।—ব ১০৫, ভিগায়ই ১২০,-৪।

ভিগা দ্র 'ভিগ'।

ভিঙ্গার বি [সং ভৃঙ্গার >প্রা ভিংগার, দ্র 'ঝ১'] ঝারী। "মুখ পাখালিল ধীরে ভিঙ্গারের জলে ম.গা ২৩।

ভিজ অর্ম্ম [সং অভ্যঞ্জন—(ভিংজন) ভিজন > °জ, হি √ভীংজ, √ভীজ ; ঠ, গু, সি √ভিজা, মৈ ভিজলাহ (সিক্ত) ; ড় √ওদা ('উদক'—মূল)] ১ আর্দ্র হওয়া ; ভিজা। ২ স্নেহাদিতে আর্দ্র বা নরম হওয়া (মন)। ৩ তদাসক্ত হওয়া। "বুট ভিজে আর মুগ ভিজে, তাতেই গেল মন ভিজে।—দা ১৩০০। ৪ অন্তঃপ্রবেশ হেতু তৎপরিব্যাপ্ত হওয়া। "ভিতরে বনের অন্ধকার, আলোতে ভিজিয়া উঠিল ব.খি ৯১। —জা সর্ম্ম [ভিজ+আ°] ১ সিক্ত করা, ভিজান। "কাঁদিয়া ভিজায় মাটি ভা চ ২৮৪। ২ স্নেহাদিতে নরম করা। [ভিজা২—'সর্থ 'ভিজ'।

ভিজান, -না—জলে সিক্ত। "আলো চাল আর ঘুট ভিজানা। —রামপ্রসাদ। ভিজে —সর্ব 'ভিজানা'। দ্র '(৩)। ভিজে বেরাল—(সাদৃশ্যে) দেখিতে ভালমানুষ; কিন্তু বস্তুত দুষ্ট। "ভিজে বেরালকে চিনতে জোগায় না। —গলায় দড়ি।—ব প্র ২৭৪।]

ভিজা[১] সর্ম [সং √ভিদ্ > লি √ভিজ্জ > বা √ভিজ > (√ভিজ + আ৮) °জা, অপ্র] ভেদ করান, ঢুকান। "হাতেতে চিরণী লৈয়া, কুন্তলেতে ভিজাইয়া, করে রাণী কেশের মার্জ্জন ব প ৬৯৪।

ভিজা[২], **ভিজান**, **ভিজানা** দ্র 'ভিজ'।

ভিজিট্ বি [E. visit] চিকিৎসকের দর্শনী (fee)।

ভিজে দ্র 'ভিজ'।

ভিটকিলামি বি [বিটকাল > °মি] ধূর্ত্ততা, শঠতা, বিটলামি।

ভিটা, -টি, -ঠা বি [তা 'রিটি, রিট্টু, রীড়ু'—গৃহ, হি 'ভীটা'—উচ্চভূমি, ভিটি (পূর্ব্ববঙ্গ), তু 'সং ভৃষ্টি—শূন্যবাটিকা (মেদিনী)] ১ গৃহতল, ঘরের মেঝে, পোতা। "ভিটা সনে কালীর ঘর, ভাঙ্গি ফেলায় সত্বর বি পা ১৮৫, ২৬৯। ভিটা কাটি বা ম ১০৩, ভিটা বান্ধি ২৫৭। ভিঠার মাটি ম ম ৫৭, ভিটির মাটি ১২২, শানের ভিটি ২৩৫। ২ বাস্তু। "চিরজনমের ভিটাতে চ কা ৩৮৮। ৩ গোড়া-পত্তন। "ছেয় দিয়া ভাগে ভাগে করিলেক ভিটি বি পা ১৬১, ভিটা করি কৈল রাশ ২৬৯। ৪ বাস্তুর চতুষ্পার্শ্বস্থ স্থান। [ভিটায় ঘুঘু চরা—দ্র 'ঘুঘু'। "ব.প ১৪৩৩।]

ভিটি, ভিঠা দ্র 'ভিটা'।

ভি(ভী)ড়[১] বি [হি ভীড়, ঠ, গু ভীড, তু '√ভিড (দেশী)—মেলন (প্রা ম)] মিলিত লোকসমূহ; জনসংমর্দ্দ, জনতা (crowd)। "লোকভীড় ভবনে ন প ১১৪। হারিয়ে গেল অজানাদের ভিড়ে কু কে ৮৫। বাজে লোকের ভিড়ের দিকে।—হ ১৯৪। [ভিড় করা, লাগান—ভিড় বাধান। কাজের ভিড়—কর্ম্মবাহুল্য। "ঘ ১৫০।]

ভিড়[২] অর্ম [হি √ভিড়: ঠ, গু √ভিড, √ভিড (দেশী), দ্র 'ভিড়[১]'] ১ নিকটে আসা, সংলগ্ন হওয়া, লাগা। "নৌকা…বাগবাজারের ঘাটে আসিয়া ভিড়িল আ হু ৩১। ২ মিলিত হওয়া, যোগ দেওয়া। "বিপদের কাজে সহজে কেহ ভিড়ে না। ৩ নিকটে যাওয়া, ফিরিয়া যাওয়া। "(এমন) হাওয়ার মুখে ভাসল তরী, (কূলে) ভিড়্‌ব না আর ভিড়্‌ব না বে। —গান ১৪১। (হংস-হংসী) পদ্মবনে ভিড়িছে মৃণাল অভিলষি স্ব প্র ২৬। ৪ ঘেঁসা। "রাজার সিতানে জাএয়া বসিল ভিড়িয়া গো চ ৯, ১০। ৫ চাপা, উঠা। "দোলার মাঝে জাএয়া গোদা জম ভিড়িয়া বসিল গো চ ৪০,-১। ৬ যুদ্ধ করা। "যেন সাধারণ গজে ভিড়িল গজেন্দ্র শ্রী.ম ১০৭। —ড় সর্ম [হি √ভিড়া, ঠ √ভিড—to join] ১ যুক্ত করা, লাগান। "পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘছাল ক চ ১৮। ২ সজ্জিত করা। "বলদ ভিড়িয়া চলে মহাবীরের সজে ক.চ ৭৫, টীকা। ৩ বেষ্টন করা। "কৌপীন বান্ধিমু ভিড়িয়া ব.প ৪৯। ৪ বেড়িয়া ধরা। "কটিদেশ ভিড়িয়া গ্রীবাত কৈল ভর ম বি ৫৮। —ড়া সর্ম [ভিড়[২] + আ৮] সংলগ্ন করা, লাগান। "কর্ণধার তরণী ভিড়ায় পারে স্ব প্র ৫২। বারেক ভিড়াও তরী কূলেতে এসে চ.কা ৮১। [ভিড়া[২]—সর্ম 'ভিড়[২]'। ভিড়ান—সর্ম 'ভিড়া[২]'। ভিড়াভিড়ি—পরস্পর যুদ্ধ। "এক স্থানে দুই বীর হৈল ভিড়াভিড়ি।—ম ৯৪০, টীকা। ভেড় ভেড়—ভিড়াও ভিড়াও (নৌকা)। "নৌকা ভেড় ভেড় আ.হু ৫৭। যোগাসন ভিড়ি (ভিড়ি)—যোগাসন করিয়া। "ম পা ৫৫।]

ভিড়ন বি ['ভিডণ'—লড়াই (দেশী—প্রা ম)] যোদ্ধা। "বানর সহস্র কোটি তোমার ভিড়ন।—কৃ ১৭৩।

ভিড়া[১] বি [?] পিণ্ড। "লোহা-ভিড়া বি.সু ৯৫।

ভিড়া, ভিড়ান দ্র ভিড়[২]।

ভিৎ (-দ্) বিণ [√ভিদ্ + ক্বিপ্ (০)-ক-১ম, স্ত্রী -২] ভেদক, বিদারক, বিনাশক। "অদ্র°, গিরি°, তমো°, পুর°। লক্ষ্য° রঘু ১.৬১। ইঙ্গুদীফল° শ ১.১৪। গোত্র° ভট্টি ১.৩। [সমাসে উত্তরপদ]। —২ স্ত্রী [+ ক্বিপ-ভা] ১ ভেদ, বিদারণ। ২ ভেদবুদ্ধি। "ভ ৬.১৬.৫৭।

ভিত, ভীত[১] '-ত্' বি [সং ভিত্তি > প্রা ভিত্তি > বা ভী(ভি)ত; হি ভীত; ঠ ভিং(ভি)ত, গু ভীংত, মৈ ভি(ভী)তি, 'ভিতি' (গো.চ)] ১ দেয়াল (wall)। "লিখইতে 'কালি' ভীত ভরি গেল বি প ১৭৯। বাহির ভিতে চৈ চ ১০৬, ভিত প্রক্ষালিল ১৪৭। যেন চিত্র রহে ভিতে চৈ ম ১৮৪। ২ (সাদৃশ্যে) তীর, ধার। "খলের কথায়, পাথারে সাঁতারি, উঠিতে নারিনু ভিতে চ.দা ৫০। ৩ পার্শ্ব, ভাগ। "বামভিতে।—কৃ ৩৬৬। ঘরের এক ভিত : এক ভিতে হাত পড়ে আর ভিতে স্কন্ধ ম.ম ২৮। ৪ দিক্। "চারি ভিতে ধায়।—কৃ ৯৪। চারিভিতে চলিল যতেক দূতগণ।—ম ৪৭, পূর্ব্ব ভীতে ৭৩৯। চলিলা কোন ভিত চৈ.ভা ৭৮। যাব কোন ভিতে শ্রী ম ১৪৫। মহাদেব গেল একভিতে ভা.চ ৩৩। চারিভীত বা দ ৬৭। ৫ প্রদেশ। "আর যাব কোন ভিতে শ্রী ম ১৪৫। —তে ক্রি বিং দিকে, পানে। 'কর্ণ ভিতে চাহে : ভীমভিতে…চাহে। —ম ৩৫৯। চাহে মনসাব ভিতে ম ম ২৭। —তা বি ভিত, দিক্, পাশ। "কিতা জুড়ি ভিতা বেড়ি মাঝে গিয়া রয় শি ৮০। ভিতাভিত, -ভি, ভিতিভিতি—দিকে-দিকে, চারিদিকে। "ভিতিভিতি সৌরভ করে আমোদিত ব প ৮১৬। ভিতাভিতি° করিল গমন গো চ ৯৮, পলায় °ত ১২৪। যেন ভিত · তেন ভিত—যেরূপ…সেরূপ। "যেন ভিত পদ্মাবতী বব তেন ভিত ম ম ২৫।]

ভিতর বি [সং অভ্যন্তর > প্রা ভীতরু (হে): ভিতরি (মধ্যে—পৈ); (ক্রি বিং) হি, জাটু ভীতব, ঠ ভি(ভী)তর গু ভিতর, মৈ ভিতরী, ড় ভিতবি, তু 'ভিত্তর'—দ্বার (দেশী ৬ ১০৫), ভিতরি (গো চ)] ১ অভ্যন্তর, মধ্য। 'লঙ্কাব ভিতর।—কৃ ২৪৭। (আমি) গাছের ভিতর থাকি ক চ ৫৪। ২ অন্তঃপুর, অন্দর। "ভিতর আবাসে রাম করেন গমন।—কৃ ৯৫। [°আবাস, °বাড়ি—অন্তঃপুর। ভিতর-বাহির বা বা'র—১ অন্দর-সদর। ২ মন ও তদনুযায়ী কথা বা কাজ। ভিতরে বাহিরে—১ মনে ও মুখে, অর্থাৎ কথায় ও কাজে। ২ মনে ও বাহ্যদৃশ্যে। "(কোকিল হে) কে তোমারে বলে ভাল, ভিতরে বাহিরে কাল ক চ ১৪৫। ভিতরে ভিতরে—মনে মনে, গোপনে-গোপনে। ভিতরের কথা, খবর—রহস্যবিষয়।]

ভিতা দ্র 'ভিত'।

ভিত্ত ক্লী [√ভিদ্ + ত (ক্ত)-র্ম, নিপাতিত, পা ৮ ২.৫৯] শকল, খণ্ড। —ত্তি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] ১ ভেদন, ভেদ। ২ প্রভেদ। ৩ সংবিভাগ। ৪ [+ তি-র্ম] কুড্য, দেয়াল। "°গর্ত্ত, °ভেদ।—মৃ ৩.১৬। রৌপ্য° মাঘ ৪ ৬৭। °শঙ্কা কি ৫ ১৬। বজ্র° ভ ৩.২৩.১৯। ৫ প্রদেশ। "গণ্ড° রঘু ৫ ৪৩। কপোল° (SW)। ৬ প্রশংসা-বাচক শব্দ। দ্র 'রঘু ৫ ৪৩, মল্লিনাথ। ৭ আধার, আশ্রয়। "চিত্রকর্ম্ম-রচনা ভিত্তি° বিনা বর্ত্ততে।—মু ২ ৪। ৮ কট, মাদুর (A.)। ৯ অবকাশ (opportunity)। "ভাড়াবার ভিত্তি নাই শি ৭২। —ত্তিকা স্ত্রী ভিত্তি। [°চৌর (পুং)—সন্ধিভেদকচৌর, সিঁধেলচোর। ভিত্ত্যো—ভিত্তিতে। "চৈ চ ৩৫১।]

ভিত্তি, ভিত্তিকা দ্র 'ভিত্ত'।

ভিদ্ সক [রুধা, প্র—ভিনত্তি, ভিত্তে, অনিট্] ১ ভেদ, বিদারণ, ভঙ্গ। ২ বিচ্ছেদ। ৩ বিশেষকরণ। —দ্ (-দি) সক [ভ্বা, প —ভিন্দতি; সেট্] অংশকরণ। [উদ্—উদ্ভেদ, প্রকাশ। "কু স ১ ১৪। নির্—নির্ভেদ, ভেদ। "ভট্টি ৯.৬৭। প্র—প্রভেদ। প্রতি—প্রতিকার। "রঘু ১৯.২২। সম্—সম্ভেদ, মিশ্রণ, সংযোগ। "কদম্বসম্ভিন্নঃ পবনঃ ভট্টি ৭.৫।]

ভিদা স্ত্রী [√ভিদ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ভেদ, বিদারণ। "°ছুৎ। ২ ভেদ, বিভাগ, বিশ্লেষ। "কি ২ ৫৩। ৩ ভেদ, প্রভেদ। "স্ত্রীপুংভিদা ১ ৪ ৫, ২.৫ ২৪। অষ্টৌ ভিদাঃ কা প্র ৫ ৪৬। ৪ ভেদ, নিরাকরণ। "অবতমস° মাঘ ১১ ৫৭। —দির স্ত্রী [+ইর (কিরচ্)-ক, উ ১ ৫২] বজ্র। —দুর বিণ [+উর (কুরচ্)-ক] ১ বজ্রভেদনশীল, ভঙ্গপ্রবণ। ২ বিদারক। ৩ নিবর্ত্তক। "অযশো° মাঘ ১৯.৫৮। যোহান্ধকার° (S W.)। ৪ মিশ্র। "নীলাশ্মদ্যুতিভিদুরাম্ভসঃ (সরিতঃ) মাঘ ৪ ২৬। ৫ গ্রন্থিল, ভঙ্গযুক্ত। "°ভ্রূযুগভীষণ (মুখ) মাঘ ২০.১৭ —দুর পুং প্লক্ষবৃক্ষ। —দুর স্ত্রী বজ্র। —দ্য পুং [+য (ক্যপ্)-ক, নিপাতিত, পা ৩ ১ ১১৫] নদবিশেষ। "রঘু ১১ ৮। ভট্টি ৬.৫৯। [°ভূৎ (বিণ)—ভেদপ্রাপ্ত, ভিন্ন। "বিরহিণাং হৃদয়স্য °ভঃ মাঘ ৬ ৫।]

ভিদির, ভিদুর, ভিদ্য দ্র 'ভিদা'।

ভিন বিং [সং ভিন্ন, বা ভী(ভি)ন, মৈ ভীন, ভিণ (চ)] ১ ভিন্ন, পৃথক্। "কো বিধি গড়ল, ভিন ভিন করি দেহা।—জ্ঞা ৬৫। ২ অন্য। "রোহিণী যশোদা স্বভাবে জাতি ভিনি শ্রী ম ১০। ৩ পর, আত্মভিন্ন। "কোন হি জীবেরে রাজা নাহি ভাবে ভিন গো বি ১১০। ৪ অনাত্মীয়। "আমাকে ত না বাসিহ ভিন।—ক চ ৬৫। হয় তোমার ননদিয়া, নহে তোমার ভিন ম ম ১৮৬। তুমি বাস ভিন।—দু ২৬। করিব পিরীতি কে কার ভিন শ্রী ম ৬৭। ৫ অন্যরূপ, মিথ্যা। "আমার প্রতিজ্ঞা কভু নহিবেক ভিন।—ম ৮০৪। আমি চান্দ সওদাগর কভু নহে ভিন ম ম ১৫৩। ৬ ভেদযুক্ত, দ্বৈতভাবাপন্ন। ভজিবে অভেদ করে না করিবে ভিন শ্রী মা ৯। —নু বি° [ভিন+উ°] ১ ভিন্ন, ভেদযুক্ত। ঘুচিল সকল মায়া, ঘুচিল স্ব-পর-ভেদ ভিন্নু চৈ ম ১৫। ২ পৃথক, বিভিন্ন। "লহনার বোলে ত খুল্লনা পড়ে পাতি। হাসেন খুল্লনা ছন্দ দেখি ভিন্নু-ভাঁতি॥ সাধুর অক্ষর ভিন্নু-ছন্দ ক চ ১৩৮। [°গাঁ—ভিন্নগ্রাম। 'নী ২৭। ভিন পর—ভিন্ন, অনাত্মীয়। "সে জন কি লাগি এবে করে ভিন পর।—জ্ঞা ১৮৫। ভিন ভিন—১ ভিন্ন-ভিন্ন, ছিন্ন-ভিন্ন। "কুসুমকুল সব ভেল ভিন ভিন বি প ৬৯। ২ ভিন্ন-ভিন্ন-রূপ। "ভিন ভিন অনু-ভবি আবধু বি সা ২৬৩। ভিনাভিনি—পরস্পর ভিন্ন। "না দেখিয়ে °নি, সর্ব্বজন হরিষ অশোক চৈ ম ২৫। ভিন্নু ভিন—ভিন্নু ভিন্নু, পরস্পর বিচ্ছিন্ন। "ইহাতে বিধাতা কেন কৈল ভিন্নু ভিন শ্রী ম ১৩৭। ভিন্নাভিন—ভিন্ন-ভিন্ন, পর-পর। 'সেবিবাম রাত্রি দিন, না জানিমু ভিন্নাভিন গো বি ৬৬।]

ভিনু দ্র 'ভিন'।

ভিন্দিপাল পুং [ভিন্দৎ+ √পালি+অ (অণ)-ক, পৃষো (অ টী)] হস্তপ্রমাণ শর, হস্তক্ষেপ্য লগুড় (স্বামী), নালিকাস্ত্র (অ টী)। "গো রা ৩ ২৮.২৪। ভ ৮ ১০ ৩৬।

ভিন্ধি সং, ক্রি [√ভিদ্+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষ-১ব)] ভেদ কর, বিদীর্ণ কর। "ছিন্ধি ভিন্ধি-ভাষিকে ভা চ ৪২৭।

ভিন্ন বিণ [√ভিদ্+ত (ক্ত)-র্ম] ১ বিদারিত। ২ ভগ্ন। "ভিন্নকবীন্দ্র-কুম্ভমুক্তাফলময়। ভিন্নকক্ষ। ৩ বিদ্ধ। "ধনুষা হৃদি ভিন্নঃ সঃ দীর্ঘরাবঃ পঞ্চত্বং গতঃ।—হি ১$\frac{১২}{২৮}$। ৪ ছিন্ন, খণ্ডিত। "পাদং সুমেরোরিব বজ্রভিন্নম্ রঘু ৫ ৩০। ৫ বিভক্ত। "কেকা দ্বিধা ভিন্নাঃ শিখণ্ডিভিঃ রঘু ১ ৩৯। ৬ বিযুক্ত, বিশ্লিষ্ট। ৭ অন্য, ইতর, পৃথক্। "পা ২.৩ ৬৯, সি। °দেশিগণ ম পা ১৩৬,-৭০। ৮ নিরত। "যৌবনভিন্নশৈশবঃ রঘু ৩.৩২। ৯ মিশ্র। "পুষ্পোচ্চয়ঃ পল্লবভঙ্গভিন্নঃ কু স ৩ ৬১। ১০ সংবলিত। "ভিন্নাং রুচং রবেঃ কেতনবস্ত্রভাসা।—কি ১৬৩। ১১ বিকাসিত। "নবোষসা ভিন্নমিবৈকপঙ্কজম্ শ ৭.১৬। কু স ১ ৩২। ১২ বিগলিত। "°তিমিরৌঘজটম্ (গগনম্) মাঘ ৯ ২৭। ১৩ উৎকোচ-বশীকৃত। ১৪ প্রকাশিত (মন্ত্র)। ১৫ ভগ্ন, ব্যাকুল। "বিষাদোপ-গমান্ভিন্নযতয়ঃ—যুগাঃ শ ৯ ১৪। ১৬ [+ত-ক] ভেদগত। "ভিন্না প্রকৃতিরষ্টধা গী ৭ ৪। ১৭ ক্ষত। "শিরস্ত্রনিকর্ষণভিন্নমৌলি রঘু ৭.৬৬। ১৮ প্রসৃত। "বালা স্তনভিন্নবল্কলা কু স ৫ ৮৪। ১৯ প্রসৃত, প্রসার-প্রাপ্ত। "তৎ (ব্রহ্মাস্ত্রম্) ব্যোম্নি শতধা ভিন্নম্ রঘু ১২ ৯৮। ২০ লুঞ্চিত। "বিবৃত্তত্রিকভিন্নহারঃ রঘু ৬.১৬। ২১ স্রবন্মদ। '°কট। ২২ বিকৃত। "শুষ্কভিন্নমুখস্বর যাজ্ঞ ২ ২৭০। —ন্ন পুং ১ ভগ্নাংশ (লীলাবতী)। "°গুণন, °গন। ২ মণিদোষ, গণ্ড। —ন্না স্ত্রী ১ খণ্ড, অংশ। ২ শস্ত্রাদিকৃত ক্ষত। ৩ বিকসিতপুষ্প। ৪ অসিযুদ্ধভেদ। [অসিযুদ্ধ দ্বাত্রিংশৎপ্রকার। দ্র 'হ ৩১৬ ১৭-২১।] [°কট (বিণ)—স্রবন্মদগণ্ড (হস্তী)। "রঘু ৪ ৮৩। °কক্ষ (বিণ)—ভগ্নপার্শ্বাস্থি। "পরাশর ৯ ৩৭। °কর্ণ (বিণ)—বিভক্তকর্ণ (পশু)। [পূর্ব্বকালে নিজ পশু চিনিবার নিমিত্ত পশুর কর্ণ, ভিন্ন ছিন্ন সচ্ছিদ্র ইত্যাদি লক্ষণান্বিত করা হইত (পা ৬.৩ ১১৫)।] °ক্রম (বিণ)—ভগ্নক্রম, বিপর্য্যস্ত। °জাতি (বিণ)—ভিন্নপ্রকার। °দেশ (বিণ)—পৃথক্স্থানগত। "°শব্দ শ ২ ১৭। °নৌ, °নৌক (বিণ)—নৌব্যসনপ্রাপ্ত, ভগ্নপোত। °নৌক—বিপন্নপোতবণিক্। ভট্টি ৫ ৮৮। °বর্ণ (বিণ)—বিকৃতবর্ণ, বিচ্ছায়। "°পাধরোষ্ঠম্ উ মে ২৩। °বৃত্ত (বিণ)—বিরুদ্ধাচার। "যাজ্ঞ ৩ ১৬৯। °বৃত্তি (বিণ)—১ নানা-বিধপ্রবৃত্তি। ভট্টি ১ ১৬। ২ বিলুপ্তাচার, আচারভ্রষ্ট। "মনু ১২.৩৩। °মর্য্যাদ (বিণ)—লঙ্ঘিতসদাচারক্রম, দুর্বিনীত। "আঃ তাতাপবাদ-ভিন্নমর্য্যাদ।—উ চ ৫$\frac{৩}{৫৪}$। °রুচি (বিণ)—ভিন্নাভিপ্রীতি, ভিন্নাভি-লাষ। "ভিন্নরুচির্হি লোকঃ রঘু ৬ ৩০। °শ্লিষ্ট (বিণ)—অগ্রে ভিন্ন, পশ্চাৎ শ্লিষ্ট ভগ্নসংযোজিত। "ভিন্নশ্লিষ্টা তু যা প্রীতির্ন সা স্নেহেন বর্দ্ধতে।—পঞ্চ ৩ ১২৯। °সংহতি (বিণ)—ভিন্নসন্ধান, বিশ্লিষ্ট। °স্বর (বিণ)—বিকৃতস্বর বিসংবাদি কণ্ঠ। °হৃদয় (বিণ)—বিদ্ধবক্ষাঃ। "বাণভিন্নহৃদয়া রঘু ১১ ১৯।] [ভিন্নভাত—পৃথগন্ন। "ভিন্নভাতে বাপ পড়শী, অর্থাৎ পৃথক হইলে অতিঘনিষ্ঠ স্বজনও পড়শীর মত হয়।]

ভিন্নাঞ্জন স্ত্রী [কর্ম্মধা] মর্দ্দিত কজ্জল, স্নেহমৃদিত কজ্জল, দলিতাঞ্জন। "°চরশ্যাম গো রা ৬ ২০ ১৬। °প্রচয়কান্তি।—ঋতু ৩ ৫। পূ.মে ৫৯। °বর্ণতা° যনাঃ প্রযান্তি মাঘ ১২ ৬৮।

ভিন্নার্থ পুং [কর্ম্মধা] পৃথগর্থ, অন্যার্থাভিধায়ক। "স্ফুটভিন্নার্থম্ (বচঃ) মাঘ ১৬ ১। —র্থ ক্রি বিণ [বহুব্রী] বিস্পষ্টার্থ, সুগমার্থ। "ন খল্ববগচ্ছামি °র্থমভিধীয়তাম্ (A)—শ ২$\frac{১}{২}$।

ভিমরাজ বি [স ভৃঙ্গরাজ সং ভৃঙ্গ > প্রা ভিংগ > বা (ভিঙ) ভিম, হি ভীমরাজ] ফিঙ্গাজাতীয় পক্ষিবিশেষ (Dissemurus paradises)। [ইহা ফিঙার মত কাল। ইহার চূড়া আছে, পুচ্ছাগ্র ফিঙার মত। ইহা স্পষ্ট কথা বলিতে পারে।]

ভি(ভী)মরুল বি [সং ভৃঙ্গরোল, দ্র 'ভিমরাজ'] বোলতা-জাতীয় দংশক কীটবিশেষ (hornet)। "ভীমরুল চৈ চ ২০৬।

ভিয়ান[১] বি ১ অভিনয়, পীড়াপীড়ি। "ফোয়া কাঠথান, কি তার ভিয়ান, কহিতে না বাস লাজ রা শে ৬৬। ২ অভিনয়, ভাবপ্রদর্শন। "কপট কোটি শত করত ভিয়ান রা শে ১২৭। ৩ আয়োজনের অভি-নয়। 'যৈছে ইঁহা ভোগ লাগে, সকলি পুছিব। ঐছে ভিয়ানে ভোগ গোপালে লাগাব॥—চৈ চ ৯২।

ভিয়ান[২] দ্র ভিঁয়া।

ভি(ভী)ল বি [সং ভিল্ল, হি, ঠ, গু ভীল] সর্থ ভিল্ল'।

ভিল্ল পুং [তা বিল, বিল'—ধনু, ধনুর্দ্ধর (Caldwell)] পর্ব্বতবাসী অতিপ্রাচীন জাতিবিশেষ। '°রাজ ক সা ১৩ ৪২, ১৯ ৫৯। [ইহারা তীবর হইতে ব্রাহ্মণকন্যায় জাত এবং সপ্ত অন্ত্যজের একতম (অত্রি ১৯৫)। ইহারা প্রভুভক্ত, বীর ও শরচালনে সিদ্ধহস্ত।] [°গবী (স্ত্রী)—গবয়ী। °তরু (পুং)—লোধ্র।]

ভিষক্ (-জ্) পুং [√ভিষজ্+ক্বিপ্ (০)-ক-১ম, উ ১.১৩৫] ১ চিকিৎসাভিজ্ঞ (সায়ণ), চিকিৎসক, বৈদ্য। "ভিষক্তমং ত্বা ভিষজাং শৃণোমি।—ঋগ্বেদ ২.৩৩.৪। ন চ তার্ধ্যাসমং কিঞ্চিদ্ বিদ্যতে ভিষজাং মতম্ (ঔষধম্) মহা ৩ ৬১ ২৯। স্বর্গের ভিষক্ বা দ ২১১। ২ (দ্বিব) অশ্বিনীকুমারদ্বয়। ৩ বিষ্ণু। ৪ [+ক্বিপ্-ণ] ঔষধ। "ঋগ্বেদ ১ ২৪. ৯। [°প্রিয়া (স্ত্রী)—গুড়ূচী। °বর '-গ্ব-' (পুং)—বৈদ্যশ্রেষ্ঠ, অশ্বিনীকুমারদ্বয়। °বিৎ (-দ্) পুং বৈদ্য।]

ভিষজ্ সক [কণ্ড্বাদি, প—°ভষজ্যতি, সেট্] চিকিৎসা।

ভি.স্ত,-স্তী বি ['ভস্ত্রী'—মূল, হি ভিশ্‌তি, ঠ ভিস্তী] জলবহনার্থ চর্ম্মপাত্রবিশেষ, মশক। "°ওয়ালা।

ভিস্তী দ্র 'ভিস্তি'।

ভী[১] অক [হ্বাদি, প—বিভেতি, অনিট্, (ণিজন্ত) √ভায়ি —ভায়য়তি, √ভাপি, √ভীষি (হেতুভয়ে)—ভাপয়তে, ভীষয়তে] ভয়। "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন (শ্রুতি)।

ভী[২] স্ত্রী [√ভী+ক্বিপ্ (০)-ভা] ভয়, শঙ্কা। "ঋগ্বেদ ১ ৩২ ১৪। ভীর্ন…কার্য্যা গো রা ১ ২২.১৪। বিগত° গী ৬.১৪, ব্যপেত° ১১ ৪৯। বীত° মনু ৭.৬৪। [°কর (বিণ)—ভয়ঙ্কর। "ভীকরম্ (বিলম্) গো.রা ৪.৫০ ২১।]

ভীক, -খ; ভীগ; ভীড়; ভীত[১] দ্র 'ভিক, ভিগ, ভিড়[১], ভিত'।

ভীত[২] বিণ [√ভী+অ (ক্ত)-ক] ১ ত্রস্ত, শঙ্কিত। "রা ২ ৫১ ৮। মনু ৭.৯৪। °পরিত্রাণ।—হি ১ ৩১। আমার মুখের পানে চাহিল নীরবে, ভীত।—কা ৬৭। ২ ভয়যুক্ত, ভীরু, ভীতু। —ত ক্লী [+ত -ভা] ভয়, ত্রাস। "অভীতবৎ গো.রা ১ ২.১২। না করিহ ভীত। —ম ৫৯৮। গুরু ভীত ম.পা ১৯, ৫০,-১। ম ম ২৯। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ভয়। "পুত্রাদপি ধনভাজাং ভীতিঃ (মোহ-মুদ্গর)। হলহতিভীতি গী গো ১ ২২। ভীতি ভঞ্জ ক চ ১। শুক ভীতি ম.পা ৫, ৬১। °চূর্ণ ভা চ ৪২৭। ২ কম্প (বিশ্ব)।

ভীতভীত বিণ [ভীত ভীত, প্রকারে দ্বিরুক্তি, কর্ম্মধারয়বৎ সমাস (মল্লিনাথ)।—পা ৮.১ ১২।] ১ ভীতপ্রকার, ঈষদ্‌ভীত। "ভীতভীত ইব শীতময়ূখঃ কি ৯.২৬, জয়লক্ষ্মীভীতভীতা ১৪ ৬৫। ২ [আধিক্যে দ্বিরুক্তি, (মতান্তরে) ভীত হইতে ভীত (তত্ত্ববোধিনী)] পুন-র্ভয়াবিষ্টচেতাঃ, অত্যন্তভীত (গী টীকা)। "সগদ্‌গদং ভীতভীতঃ প্রণম্য গী ১১.৩৫।

ভীতি দ্র 'ভীত'। [°কৃৎ (বিণ)—ভয়জনক, ভীষণ। °নাটিতক (ক্লী)—ভয়াভিনয়, অ ভনয় দ্বারা ভয়প্রকাশ। "শ ৬⅔।]

ভীদত্ত ক্লী [সুপ্‌সুপা] রাজা বলী বা কার্য্যঘাতীকে কার্য্যার্থ বা পাপ-ভয়ে প্রদত্ত ধনাদি (blackmail)। "শু ৩ ২১২।

ভীতু বিং [ভীত > °তু, তু 'ভীরু'] ভয়শীল (timid)।

ভীম বিণ [√ভী+ম (মক্)-অপা, উ ১ ১৪৭, স্ত্রী -মা] যাহা হইতে ভয়, ভয়ঙ্কর, ভীষণ, দারুণ, ঘোর। বিপ 'কান্ত'। "অর্চ্চয়ো ভীমাসঃ। —ঋগ্বেদ ১ ৩৬ ২০। °কান্তৈর্নৃপগুণৈঃ রঘু ১ ১৬। ভীমো °পরাক্রমঃ বা.ভা ২ ২৭। (ভীম) পরাক্রমে ভীম।—ম ৪৭৮, ৮৩৫, ভীমা গদা ৯৬৫। ভীমা ভীমসমা।—মে ১৪, ৯৬। ভীম ভীমসেন।—মা ৩৫৬। —ম পুং ১ শিবের অষ্টমূর্ত্তির একতম আকাশমূর্ত্তি। 'ভীমায় আকাশ-মূর্ত্তয়ে নমঃ।—শ ১.১, টীকা। ২ শিব। "ভীম ভজে ক.চ ১। ভা চ ২৫৩। বা দ ১০১। ৩ রুদ্রবিশেষ। 'ভ ৬ ৬ ১৭। ৪ বিষ্ণু। ৫ ভয়ানকরস। ৬ ভীমসেন। [ইঁহার পিতা পাণ্ডু, মাতা কুন্তীদেবী। ইনি স্বর্ণবর্ণাভ দৃঢ়াঙ্গ মহাবিক্রম ও মহাবেগবান্ ছিলেন (মহা ৩ ১৪৬ ২৯। ম ৫৯০)। শৈশব হইতেই দুর্য্যোধনাদির প্রতি ইঁহার বিশেষ বিদ্বেষ ছিল। বলরাম ইঁহার গদাযুদ্ধের গুরু। হিড়িম্ববধ বকনিধন জরাসন্ধবিনাশ ও কীচকহত্যা ইঁহার বলের পরিচায়ক। ইনি সত্যপ্রতিজ্ঞ ও যুদ্ধে অপরাঙ্মুখ ছিলেন। দুঃশাসনাদি কৌরবগণ ইঁহারই হস্তে নিহত হয়। গদাঘাতে দুর্য্যোধনের উরুভঙ্গ ও রণস্থলে দুঃশাসনের রক্তপান করিয়া ইনি স্বীয় প্রতিজ্ঞা পূর্ণ করেন।] ৭ বিদর্ভরাজ দময়ন্তীপিতা। "মহা ৩ ৫৩ ৫। ৮ (বাঙ্লায়) ভীমসদৃশ বলবান্ ব্যক্তি। —মা স্ত্রী ১ দুর্গা। "কু ৩৫১। চ.বি ৩৫১। ভা চ ২৫৩। ২ রোচনানামক গন্ধদ্রব্য। ৩ কশা। ৪ নদীবিশেষ। [°কর্ম্মা (-র্ম্মন্) বিণ—দারুণকর্ম্মা, ভয়ঙ্কর। "গী ১ ১৩। °কান্ত (বিণ)—ভীষণ ও কমনীয়। 'রঘু ১ ১৬। °কার্ম্মুক, °ধন্বা (-ন্বন্) বিণ—ভীষণধনুষ্ক, মহাধনুর্দ্ধর। "°ধন্বন্ মহা ৩ ৮০ ২৬। °তিথি (স্ত্রী) —ভীমোপাসিতা মাঘশুক্লৈকাদশী, ভীমৈকাদশী। °দর্শন (বিণ) —ভীষণাকৃতি। °দ্বাদশী (স্ত্রী)—মাঘশুক্লদ্বাদশী। °পরাক্রম (বিণ) —মহাবল। "মহা ৩ ৫৩ ৫। °বাহু (বিং)—দীর্ঘভুজ, বলী। "মে ৮। °সেন (পুং)—১ মধ্যমপাণ্ডব। ২ কর্পূরভেদ।]

ভীমপলশ্রী, -পলাশী বি রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা ৩য় প্রহর, ঠাট দুই গ, কোমল নি, জাতি সম্পূর্ণ (গী সা)।]

ভীমরতি দ্র 'ভীমরথী'।

ভীমরথী স্ত্রী [ভীমরাত্রী > প্রা *ভীমরত্তী > বা ভীমরতী > °থী] সপ্ত-সপ্ততিতম বৎসরের সপ্তম মাসেব সপ্তম দিবসের রাত্রি। 'সপ্তসপ্ততিতমে বর্ষে সপ্তমে মাসি সপ্তমী। রাত্রির্ভীমরথী নাম নরাণাং দুরতিক্রমা॥ [এই রাত্রি ভীষণ, কারণ, ইহা দুরতিক্রম, অর্থাৎ সাধারণে এরূপ দীর্ঘজীবী হয় না।] —থী, -তি বি° ১ তাদৃশবয়ঃপ্রাপ্ত, অর্থাৎ অতিবৃদ্ধ। ২ বার্দ্ধক্য হেতু বুদ্ধিশুদ্ধিহীন (গালি)। "কেবল বেটা (বাপ) খেতে চায়, ভীমরতি হয়েছে।—দা ১২০১। বাবুরাম অথা অতি, হইয়াছে ভীমরথী, ঠকচাচা শ্রুতি স্মৃতি তন্ত্র আ দু ১১৮। —থী, -তি বি বুদ্ধিভ্রংশ, কাণ্ডজ্ঞানহীনতা (গালি)। "ড্যাকরার ভীমরতি হয়েছে!—নী ৩৪।

ভীমরুল দ্র 'ভিমরুল'।

ভীমসেনী বি [হি °নী : ঠ °নী কাপূর] কর্পূরবিশেষ।

ভীমা দ্র 'ভীম'।

ভীমৈকাদশী স্ত্রী [ভীমোপাসিত একাদশী. উ লো] মাঘের শুক্লৈকাদশী, ভৈমী। [ভীম উপবাসে অসমর্থ ছিলেন, এই হেতু বাসুদেব ভীমকে এই তিথিতে ব্রতবিশেষের অনুষ্ঠানার্থ উপদেশ দেন। ভীম দশমীতে বিষ্ণুপূজাদিপূর্ব্বক সংযম করিয়া একাদশীতে উপবাস ও দ্বাদশীতে যথাবিধি বিষ্ণুপূজা-দানাদি করিয়া ব্রত সাঙ্গ করেন। ইহার অন্য নাম 'ভীমদ্বাদশী' (দ্র 'মৎস্যপুরাণ, ভীমদ্বাদশী, ৬৫তম অধ্যায়)।]

ভীরু বিণ [√ভী+রু (ক্রু)-ক (পা ৩.২ ১৭৪), স্ত্রী -রু, -রূ] ভয়-শীল, কাতর (সায়ণ)। "হবো যশ্চ ভীরুভিঃ।—ঋগ্বেদ ১ ১০১ ৬। অধ্যবসায়° হি ১ ১৮১। ভ গ্র ২৪৯। ভীরুতা মমতা, দুয়ে নিকট সম্বন্ধ প.ভূ ৭৬। —রু পুং ১ শৃগাল। ২ ইক্ষুবিশেষ। —রু স্ত্রী ১ যোষিদ্‌বিশেষ (অ.কো)। "ইমে তে শকুনা ভূত্বা বাসো ভীরু! হরন্তি মে।—মহা ৩ ৬১.১৯। রঘু ১৩ ২৪। কা ত্বমেকাকিনী ভীরু! ভট্টি ৫.৬৬। ২ ভয়শীলা স্ত্রী। ৩ অজা। ৪ কণ্টকারী, শতাবরী। —রুক, -লুক বিণ [+ক (ক্রুকন্), +লুক (ক্লুকন্)-ক] সর্থ 'ভীরু'। "ধর্ম্ম-ভীরুক (S.W)। অধর্ম্মভীলুক ক সা ৩২.৫৩। —রুক পুং ১ শৃগাল। ২ পেচক। [°সত্ত্ব (বিণ)—ভীরুস্বভাব। °হৃদয় (পুং)—হরিণ।]

ভীরুক, ভীরূ, ভীলুক দ্র 'ভীরু'।

ভীষক বিণ [√ভী+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ষিকা] ভয়-জনক, ভীষণ। "বা.দ ৬৮। —ষণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণা] ভয়ঙ্কর, দারুণ, ঘোর। "°নাসিকা মনু ৩.৯। ভুজঙ্গেন্দ্র° রঘু ১১.৪৪। ভীষণং ভীষণানাম্ (মহানির্ব্বাণতন্ত্র)। অতিথি অজানা, তব গীতসুর, লাগিতেছে কানে ভীষণ মধুর।—গান ৮৯।—ষণ পুং ১ ভয়ানকরস।

২ ভীরু, শিশু। ৩ শল্লকী। ৪ হিন্তাল। —ষণ ক্লী ভয়জনক বস্তু-মাত্র। —ষা স্ত্রী [+অ (অচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ভয়কথন, ভয়প্রদর্শন। "বিভীষা মহা ১ ১১৪। মনু ৮.২৬৪। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম] ত্রাসিত। "মহা ১ ১১.২।

ভীষণ, ভীষা, ভীষিত দ্র 'ভীষক'।

ভীষ্ম বিণ [√ভী+ম (মক),-অপা, ষ (ষুক), উ ১ ১৪৫ , স্ত্রী -ষ্মা; হ্রদন্ত] ভীষণ। "ভল্ল ভীষ্ম।—রঙ্গ ২৩। ভীষ্ম গ্রীষ্ম বা.দ ২৪৯। ভীষ্ম অদৃষ্ট নৃত্য চ.কা ২৩৯। —ষ্ম পুং ১ ভয়ানকরস। ২ রুদ্র। ৩ রাক্ষস। ৪ শান্তনুপুত্র, দেবব্রত। [ইঁহার জননী গঙ্গা, ইনি 'গাঙ্গেয়'। বশিষ্ঠশাপে গঙ্গাগর্ভে জাত অষ্টবসুর ইনি একতম ও কনিষ্ঠ। ইনি শান্তনুর একমাত্র উত্তরাধিকারী। সত্যবতীর সহিত শান্তনুর বিবাহে, সিংহাসনাধিকার-ত্যাগ ও আমরণ ব্রহ্মচর্যগ্রহণ—এই ভীষণ প্রতিজ্ঞা হেতু ইনি 'ভীষ্ম' নামে খ্যাত এবং পিতার নিকট 'স্বচ্ছন্দ-মরণ'-বর প্রাপ্ত হন। পিতার মৃত্যুতে ইনি বিমাতৃপুত্র বিচিত্রবীর্যকে রাজ্যে অভিষিক্ত করিয়া কাশিরাজকন্যা অম্বিকা ও অম্বালিকার সহিত তাঁহার বিবাহ দেন। বিচিত্রবীর্যের মৃত্যুতে, তৎপুত্র ধৃতরাষ্ট্র ও পাণ্ডু এবং পৌত্র কৌরবপাণ্ডবগণ ইঁহারই তত্ত্বাবধানে পালিত ও শিক্ষিত হন। ইনি মহাবীর পরমপণ্ডিত মহাযোগী জিতেন্দ্রিয় ও পরমভাগবত ছিলেন। ভারতসমরে ইনি দশ দিন সৈনাপত্য করেন। শ্রীকৃষ্ণ ইঁহারই প্রতিজ্ঞারক্ষার্থ ভারতযুদ্ধে একবারমাত্র অস্ত্রধারণ করেন। অর্জুন, শিখণ্ডীর সাহায্যে ইঁহাকে আহত করিলে, শরশয্যায় কিয়ৎ-কাল অপেক্ষা করিয়া, উত্তরায়ণে মাঘের শুক্লাষ্টমীতে এই মহাযোগী স্বর্গারোহণ করেন। ইনি বহুতত্ত্বপূর্ণ শান্তিপর্কের বিষয়সমূহের বক্তা।] [°জননী (স্ত্রী)—গঙ্গা। °পঞ্চক (ক্লী)—কার্ত্তিকের শুক্লৈকাদশী হইতে পূর্ণিমাপর্য্যন্ত পঞ্চ তিথিতে ভীষ্মপ্রীত্যর্থ করণীয় ব্রতবিশেষ। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—ভীষ্মের সৈনাপত্যবিষয়ক মহাভারতের ষষ্ঠ পর্ব্ব। °মাতৃভুবন (বি)—গঙ্গাজল। ' শ্রী মা ১১৩। °রত্ন (ক্লী)—হিমা-লয়ের উত্তরদেশজাত দুর্লভ শুক্লমণিবিশেষ। "°পরীক্ষা। °সূ (স্ত্রী) —'ভীষ্মপ্রসবিত্রী', গঙ্গা।]

ভীষ্মক পুং [ভীষ্ম+ক (কন্)] ১ ভীষ্ম। "গচ্ছ…সকাশং ভীষ্মকস্য মহা ৫.১৭৪ ৬। ২ রুক্মিণীর পিতা বিদর্ভরাজ।

ভীষ্মাষ্টমী স্ত্রী [ষ ত] ভীষ্মের দেহত্যাগসম্বন্ধী মাঘশুক্লাষ্টমী।

ভুও, ভুয়া, -য়ো, ভো বিং [বুস >প্রা *বুহ >বা (ভুঅ) ভুও, -য়া (?)] ১ 'বুসতুল্য', অন্তঃসারহীন, শূন্যগর্ভ, মিথ্যা। "কৈও না ও সব ভুও কথা।—দা ৯৩৩, ভুলি নে তোমার ভুয়ো রাগে ১৮২৯। ২ বিফল, ব্যর্থ। "নিতান্ত ভুয়া দরবারের আড়ম্বর।—রবীন্দ্র। ৩ জীর্ণ, অকর্ম্মণ্য। "ভাবিতে শরীর শেষ শোকে হলেম ভুয়া শ্রী ২৪৫। ৪ কোয়াশূন্য (কাঁটাল)। "কাঁটাল নাড়ায় ভুও। আম টুটুরে কাটাল ভো।—খনা। [ভো কাঁটাল—দ্র 'ভুও (৪)।]

ভুঁক, ভুক২ অর্ম্ম [হি √ভোংক (সর্ম্ম), গু √ভোক, √ভোংক (সর্ম্ম)] বিদ্ধ হওয়া, ফুটা। "চরণে কণ্টক ভুকে ক চ ৪০, ভুকিল কুশের কাঁটা ১৪১। নব তৃণাঙ্কুর কত ভুঁকিল ('ভুকিল'—পাঠান্তর) চরণে।—ব ৫৭।

ভুঁজ সর্ম্ম [ভুঞ্জ > °জ] ১ ভোগ করা। "দীপক লোভে, শলভ জনু ধায়ল, সো ফল ভুঁজইতে ('ভুঞ্জইতে'—বি সা ৪২১) চাই বি প ২৮৩। ২ উপভোগ করা। "(ধন) আপনে না ভুঁজ পরাক না কর দানে শ্রী.কী ১১৬। [ভুঁজয়ে, ভুঁজে (শ্রী কী)।]

ভুঁড়ি বি [(?), সং পিচিণ্ড, তুন্দি] ১ স্থূলোদর (pot-belly)। "দাড়ি ভুঁড়ি সার কোন জ্ঞান নাহি মাত্র বি সু ১২৯। দুলিয়ে ভুঁড়ি বাজিয়ে ভুঁড়ি করব সরগরম।—গান ২। ২ ভুক্ত দ্রব্যের আধার। —ড়ে বিং [°ড়ি+এ৭] স্থূলোদর। "ভুঁড়ে ভুঁড়ে ভট্চায্যি।—হু ১৫২। —ড়ো বিং [°ড়ি+ও৬] ভুঁড়িওয়ালা, স্থূল। "ভুঁড়ো পেট ভা.চ ৪০৪। [ভুঁড়শিয়ালী—স্থূলোদরী শৃগালী। ভুঁড়ি বাধান—ভুঁড়ি করা। ভুড়ি ফাঁসান—ভুঁড়ি কাটান।]

ভুঁড়ে, ভুঁড়ো দ্র 'ভুঁড়ি'।

ভুঁ(ভু)তি বি [সং বৃন্ত > প্রা *বুণ্ট > বা (বুণ্ট) ভু(ভুঁ)তি] ১ কাঁটা-লের খোশা ও তৎসংলগ্ন অসারভাগ। ২ [ভোঁতা > °তি] শিশুর বা বৃক্ষের দন্তহীন দন্তমূল। —ভুড়ি বি সর্থ 'ভুঁতি (১)। "কাটালের ভুঁতুড়ির উপর মাছি ভ্যান্‌ভ্যান্ কচ্চে।—হু ২৩। [ভুতুড়িসার—কেবলভুতুড়ি, ভুয়া। "কতকগুলি (কাঁটাল), কেবল ভুতুড়িসার।—ব.প্র ৫৮০।]

ভুঁতুড়ি দ্র 'ভুঁতি'।

ভুঁদী দ্র 'ভুঁদো'।

ভুঁদো বিং [?] স্থূলকায়, মোটা। "হুদো-পেটা ভুঁদো দাদা মজবুৎ কথায়।—হেম ৩৭৯। —দী বিং স্থূলকায়া (স্ত্রী)।

ভুঁয়েস বি [সং ভূমিশয়] গর্ত্তবাসী জন্তু। "ভুঁয়েসের গাড়া এটা একথা নিশ্চয় ভা চ ৩৮২।

ভুক্ (জ্) বিণ [√ভুজ+ক্বিপ্ (০)-ক-১ম, ছান্দস] ১ ভোজী। "যজ্ঞশিষ্টামৃতভুজঃ গী ৪.৩১। শেষভুগ (ভবেৎ) মনু ৩ ১১৭। প্রকাম° রঘু ১.৬৬। ঘৃত°, বলি°, ভিক্ষা°, ভুজঙ্গ°, হবির্ভুক্ (S.W.)। ২ ভোগকারী। "কিম্বিব°। স্বকর্ম্মফলভুক পুমান্ চৈ চ ২৬৮। ৩ পালক। "কাশ্যপীভুজ্, ক্ষিতি°, বিশ্ব°, মহী°। ৪ সম্ভোগকারী। "পরদার°। [সমাসে উত্তরপদ]] [ভুকেছি—খাইয়াছি (অসাধু)। "গরল ভুকেছি, তারে সঁপিয়ে সুধাভাণ্ড।—দা ২০৬১।]

ভুক, -খ বি [সং বুভুক্ষা > লি, প্রা কভুকখা > বা (ভুকখা) ভুখ,-ক, ভুখ,-ক, হি ভুক,-খ, ঠ ভুক, গু ভু(ভূ)খ, মৈ ভুখ—ভুখল, প ভুক্খ, ড় ভোক] ক্ষুধা। "খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক চ সা ১১৯। চিরদিন ভুক পিয়াসা ভা.চ ৬৩৪। ভুখ শি ৭৪, ক্ষ.প্র ১৬৯। নিবারিব ভুক।—হেম ২৫। —খা বিং [হি ভুখা] ক্ষুধিত। "দেখিয়া ভুখা, করাইল মধুপান প ক ২৭৮৭। [ভুখশোষ—ক্ষুধাতৃষ্ণা। "ক.চ ১৯৮। সংসর্গভুখে—সংসর্গসুখভোগে। "স্ব প্র ২৭। ভুখিল—খাইল (অসাধু)। "বা দ ২৪৩।]

ভুক২ দ্র 'ভুঁক'।

ভুকল, ভুখল,-খিল বিং [ভুক,-খ+ইল২ > ভুকিল, -খিল >ভুকল, -খল, মৈ ভুখল, সং বুভুক্ষিত] ১ ক্ষুধিত। "ভুখিল সুপর্ণ।—ম ৩৮৭। ভুখিল বাঘিনী ক.চ ১১৮, ভুখিল রাহু ১৬২। ভুখিল ভখলে শ্রী কী ৪৫। ভুকল ভুজঙ্গ শ্রী.মা ৮০। (সিন্দুর-মিহির) অলকা ভুখিল, রাহু বিয়াকুল, ধরত ফিরত আশে।—ব ৬২। ২ পিপাসিত। "ভুখিল চকোর বি সা ৪৮৫। ভুকিল ভকত ভৃঙ্গ পিএ মকরন্দ।—গ ৩১ ; ১১১। ভুখল চকোরক ছন্দ ব.প ১১২৮। ভুখিল পিয়াসে।—গো ১৪৯। —খলি বিং [ভুখল+ই১°] ক্ষুধাতুরা, কৃশা। "(বালা) রথলি ভুখলি বি.প ২০২।

ভুক্ত বিণ [√ভুজ্+ত (ক্ত)-র্ম] ১ খাদিত, ভক্ষিত। "মনু ২.৫৫। ২ উপভুক্ত, কৃতোপভোগ। "(বসুন্ধরা) ভুক্তা যদপি রাজভিঃ রঘু ৪ ৭। দত্তভুক্তফলং ধনম্।—পঞ্চ ২.১৫৩। ৩ পালিত। ৪ (ব্যবহারে) কৃতভোগ, অধিকৃত। "ত্রিভিরেব চ যা ভুক্তা পুরুষৈর্ভূর্যথাবিধি।—বিষ্ণু ৫.১৮৩। ৫ [ভুক্ত+অ (অচ্) অস্ত্যর্থে] ভোজনবান্, কৃতভোজন। "পা ৩.৪ ৭৬, সি। ৬ (বাঙ্লায়) অন্তর্গত। "গড়ভুক্ত বাঁকা নদ বি.হু ১৭। আপনারা ভিন্নগ্রামভুক্তদিগের দলে পা প্র ২০৮। মেদিনীপুরও তাঁহাদের অধিকারভুক্ত হইল ব.প্র ৯। —ক্ত ক্লী ১ ভক্ষিতদ্রব্য। "ভক্ত ভুক্ত-অবশেষ চৈ চ ৩৩৭। ২ [+ত-ভা] ভোজন। "ভুক্তং স্থূত রামস্ত

কীর্ত্তন রা ২.৫৮ ১২। ৩ [+ত-থি] ভোজনস্থান। "ভুক্তমেতদনন্ত পা ৩.৪.৭৬, সি। [°পীত (বিণ)—ভোজনপানবান্, কৃতভোজনপান। °মাত্র (স্ত্রী)—ভোজনমানন্তরকাল। "ন ভুক্তমাত্রে (পঠেৎ) মনু ৪.১২১। °শেষ (স্ত্রী)—ভুক্তদ্রব্যের অবশিষ্টাংশ, উচ্ছিষ্ট। "রা ২.৭১ ১৪। বিঘসো ভুক্তশেষম্ মনু ৩.২৮৫। চৈ.চ ৫১। °সমুজ্ঝিত (স্ত্রী)—পূর্ব্বে ভুক্ত পশ্চাৎ ত্যক্ত, ফেলা (অ কো)।]

ভুক্তান বি [হি ভুগতান] মূল্য বা দেনা চুকান বা মিটান। [ভুক্তে —ভুক্তন করিয়া বা মিটাইয়া। 'ফাকি দিয়া চাকি ভুক্তে গায় করে কিয়া বি হু ৩৭।]

ভুক্তভোগ বিণ [বহুব্রী] ১ ভুক্তসংসারভোগ, সংসারভোগকর্ত্তা। "জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্যঃ।—শ্বেতাশ্বতর ৪ ৫। ভ ৩ ১৪ ২৬। ২ কৃতোপভোগ। "°গাং মহিষীম্ ভ ৫.১ ৩৮।

ভুক্তভোগী বি° কৃতদুঃখভোগ, অর্থাৎ যে পূর্ব্বে কোন দুঃখের বিষয় ভোগ করিয়াছে। 'এ সকল বিষয়ে ভুক্তভোগী ব প ১৭৮০। আনুকূল্য বা প্রাতিকূল্যের ভুক্তভোগী পা প্র ৮২। আমরা ভুক্তভোগী, পরামর্শ শোন, এখানে এস না।—অ প্র ১৪৫।

ভুক্তি স্ত্রী [√ভুজ্+তি (ক্তিন্)-ভা] ১ ভোজন, ভক্ষণ। 'এই অন্ন সুধাময়, ভুক্তি-মাত্র মুক্তি হয় ভা চ ৪৭৩। ২ ভোগ, উপভোগ। "ভুক্তি-র্যজ্ঞাদিপুণ্যাত্তঃ চৈ চ ৩৭, ভুক্তিমুক্তি-আদি বাঞ্ছা ২০০, এক ভুক্তি কহে, —ভোগ অনন্তপ্রকার ২৩৩। ভ.প্র ২৫৩। ৩ (ব্যবহারে) উপভোগ, দখল। "পূর্ব্ব° মনু ৮ ২৫২। যাজ্ঞ ২ ২২,-৭। বিষ্ণু ৫ ১৮০। ৪ ব্যাপ্তি। "তীরভুক্তি (তীরহুত—SW)। ৫ গ্রহের রাশির অংশাদিতে গমন। ৬ (বাঙ্গালায়) অধিকারস্থিত দেশ। "পৌণ্ড্রবর্দ্ধন ভুক্তির সীমা।—শশাঙ্ক ২২৮। [°পাত্র (স্ত্রী)—ভোজনপাত্র।]

ভুকভুক্ বি [ধ্বন্যাত্মক] ১ আঘাতে গাত্রের ক্ষতস্থানে বেগে রক্ত-নিঃসরণশব্দ। "ভুকভুক উঠে রক্ত ভেদি কুম্ভস্থল শ্রী ১২৩। ২ [সং √ভুক্ক >ভুক্ (ঘিড), হি √ভুঁক ঠ √ভুংক] কুকুরের ডাক।

ভুখ, -খা; ভুখল -খলি, -খিল দ্র 'ভুক, ভুকল'।

ভু(ভো)গ সর্ম্ম [ভোগ >ভো(ভু)গ, হি √ভুগত, √ভোগ, ঠ √ভোগ, গু √ভোগর, মৈ √ভোগ] ১ উপভোগ করা। "সর্ব্বরাজ্য ভোগ ভুঞ্জি হৈয়া দণ্ডধর ম পা ৬২। ভোগয় সম্পদ বি পা ৩৭৩। ২ ভোগ করা, সহা (দুঃখাদি)। "ভোগ ভোগিতে সকল।—গ ৭০। কর্ম্মভোগ ভোগয় পুরুষেঃ শুভাশুভ চাহেন ভুগিতে বি পা ৮৩ স্বর্গ-ভোগ ভোগয়ে ১৭৩। কেনে জাও ক্লেশ ভুগিবাবে ম পা ৯১। আর আমি অধিক ভুগতে নারি।—দা ৪১০। ৭ দুর্ভোগ · ভোগে বহু পাপী মরুভূমে।—মে ২৮১। —গ অর্শ দুঃখ পাওয়া। 'রোগে ভোগা।

ভুগলামি বি [ভোগা¹—ভোগল+আমি² >ভো(ভু)গলামি] শঠতা, ধূর্ত্ততা। "ভুগলামি ভাবে ভাব জন্মে থেকে থেকে বি নু ৯০।

ভুগ্ন বিণ [√ভুজ+ত (ক্ত)-কর্ম্ম] ১ বক্রীকৃত, কুটিল, বক্র। ২ ব্যাধি হেতু কুটিল (অ টী)। ৩ আকুঞ্চিত, কুঞ্চিত। 'নিয়মিতরশ্মিভুগ্নযোগাঃ …ভুগ্নজাঃ কি ১১৯। ভট্টি ১১৮। ৪ অবনমিত, নম্র। "°বাল (ইভ) মাঘ ১৮ ৩২। ভারভুগ্নশাখ (অশোক) কি ১০৯।

ভুজ্¹ সক[রুধা, প—ভুনক্তি, অনিট্] ১ পালন। "মহী° ভুনক্তি (সি)। ২ [রুধা, আ—ভুঙ্‌ক্তে, অনিট্] ভোজন। "ওদনং ভুঙ্‌ক্তে। ৩ উপভোগ, আত্মসাৎকরণ (তত্ত্ববোধিনী)। 'বুভুজে পৃথিবীপালঃ পৃথিবীম্ (সি)। ৪ ভোগ, অনুভব। "বৃদ্ধো জনো দুঃখশতানি ভুঙ্‌ক্তে (সি)। [আ —আভোগ, পরিপূর্ণতা। উপ—উপভোগ। পরি, সম্—সম্ভোগ।]

ভুজ্² সক [তুদা, প—ভুজতি, অনিট্] বক্রীকরণ।

ভুজ¹ পুং [√ভুজ্+অ (ঘঞর্থে ক)-ণ] ১ 'ভোজনসাধন', প্রবেষ্ট, বাহু। "ভুজং পরিঘসঙ্কাশমুপধায় মহাভুজঃ গো রা ২.৭২ ১৯। দ্ব° রঘু ১৩৪, ভুজে ভুজগেন্দ্রসমানসারে ২.৭৪। উ.মে ৯। মৃণালনালললিত-ভুজা ক সা ৪.৩। ২ [+অ (ঘঞ্)-ণ, নিপাতিত, পা ৭.৩ ৬১] পাণি। "ভুজঃ…মৌর্ব্বীকিণাঙ্কঃ শ ১ ১৩। ৩ হস্তিশুণ্ড। "মহা ৩২৭০ ২১। ৪ বৃক্ষশাখা। "ইভভগ্নভুজদ্রুমান্ ভ ১.৬ ১২। ৫ (জ্যামিতি) ক্ষেত্রের বাহু। "চতুর্° ত্রি°। ভুজকোটিঘাত (লীলাবতী)। ৬ [+অ -কর্ম্ম] ভক্ষ, অন্ন। "ভুজার্পণ মহা ১২ ১৫.৯। ৭ [+অ-ভা] কৌটিল্য, বক্রীকরণ। "ফণীন্দ্রবিগ্রহ-তুল্য ভুজাসক্ত মতি শ্রী ম ২৬৪। —জা² স্ত্রী ১ বাহু। "নিহিতভুজালতয়ৈকয়া মাঘ ৭ ৭১। মধু° ক.ম ১.৭৫। ২ হস্ত (hand)। ৩ [√ভুজ্²+অ-কর্ম্ম] সর্পভোগ, ফণ। [°কোটর (পুং) —কক্ষ, বগল (armpit)। °ছায়া (স্ত্রী)—বাহুবলাশ্রয়। "হি ৩২৬৬। °দণ্ড (পুং)—সুদৃঢ়বৃত্তবাহু, দোর্দণ্ড। "শ্রী ম ১৪। °বন্ধন (স্ত্রী) —আলিঙ্গন, আশ্লেষণ। "শাখাভুজবন্ধনানি কু স ৩.৩৯। ঘটয় ভুজ-বন্ধনম্ গী গো ১০ ৩। °মধ্য (ক্লী)—ভুজান্তর, বক্ষঃস্থল। "রঘু ১৩ ৭৩। °মূল (স্ত্রী)—বাহুমূল, স্কন্ধ। "°বসন রা শে ১১৭। °লতা (স্ত্রী) —বাহুবল্লী, কমনীয়বাহু। "কণ্ঠচ্যুতভুজলতাগ্রন্থি উ.মে ৩৬। সী ১৫। কাদ ৭৫। °শালী (-লিন্) বিণ—মহাভুজ, মহাবল। "ক সা ৪১ ৭৮। °শিখর, °শিরঃ (-স্) ক্লী—ভুজমূল, স্কন্ধ। °স্তম্ভ (পুং) বাহুর নিস্পন্দভাব, করজাড্য। "ভা চ ২১৫।]

ভুজ² সর্ম্ম [সং √ভুজ্¹ >প্রা √ভুজ্জ] ১ ভোজন করা। "কেহ রাঁধে কেহ ভুজে ব প ৩৮৩, ৬৭৬। ২ ভোগ করা। "ভুঞ্জিবি তৌ লিপিত ফল শ্রী কী ৬৬। যে দিনে যে ফল তাহা ভুজিলে সে যাব শ্রী ম ৬৯, ভুজে নানা দুঃখ ২০২, সুখে রাজ্য ভুজ ২৭৮। ভুজিবারে পাপ ম বি ৬০। সো কল ভুজইতে চাই প ক ২৬৮। ৩ উপভোগ করা। "দিব্য অলঙ্কার ভোগ ভুজিবা সর্ব্বক্ষণ ম বি ৮৫। ৪ পালন করা। 'ভুজে মহী জিনি রিপু কংসে শ্রী মা ২১৩। ৫ সম্ভোগ করা। "জার পতি ভুজে বামা এড়ি স্ব-রমণ শ্রী ম ১৪২। —জা° সর্ম্ম [ভুজ+আ°] ১ ভোজন করান। "অতিথি ভুজায়েন ম বি ৫৮, তাহাকে ভুজাএ ৫৯। ২ ভোগ করান। 'জনমে জনমে তাপ, ভুজাইয়া করাএ অন্নাই শ্রী ম ১২।

ভুজগ পুং [ভুজ+ √গম্+অ (ড)-ক, উ ত] 'বক্রগামী', সর্প। "°বলয়, °শয়ন। কালকূটে ভরা, এ ভুজগ।—মে ৭। —গী স্ত্রী [°গ+স্ত্রী ঈ (ঙীষ)] ১ ভুজঙ্গী, সর্পী। 'ক সা ৩৪ ১৮১। লোম-লতাবলি, ভুজগী বি প ১০। রোমলতাবলী ভুজগীভাণ।—জ্ঞা ৫৬। ২ নাগকন্যা। ৩ সর্পদেবতাকা অশ্লেষা। [°দারণ (পুং)—'সর্প-নাশক', গরুড়। °পতি, °রাজ (পুং)—'নাগশ্রেষ্ঠ', শেষাহি। "°রাজ কি ৫৪। °বলয় (পুং)—সর্পরূপবলয়, সর্পকঙ্কণ। "পু মে ৬০। °ভোজী (-জিন্) পুং—'সর্পাশন', গরুড়, ময়ূর। °শয়ন (স্ত্রী) —নাগরূপ শয়ন শেষশয্যা। "উ.মে ৪৯।]

ভুজগান্তক, -গারি পুং [ষ ত] 'সর্পশত্রু', গরুড, ময়ূর।

ভুজগারি দ্র 'ভুজগান্তক'।

ভুজগাশন পুং [বহুব্রী] 'সর্পখাদ্য', গরুড়।

ভুজগিনী বি [°গ+ইনী] সর্পী। "লোম°।—ব ৬০। জ্ঞা ৭১।

ভুজগী দ্র 'ভুজগ'।

ভুজগেন্দ্র, -গেশ্বর পুং [ভুজগ ইন্দ্রতুল্য, উপ.স, ষ.ত] 'নাগশ্রেষ্ঠ, নাগরাজ', শেষ। "°দ্রভোগপ্রলম্ববাহু মহা ১ ১৯৪ ১০।

ভুজগেশ্বর দ্র 'ভুজগেন্দ্র'।

ভুজঙ্গ পুং [ভুজ+ √গম্+অ (খচ)-ক, ডিৎ, ম্ (মুম্) আগম; উ ত] ১ 'বক্রগামী', সর্প। "°পিহিতদ্বারং (পাতাল) রঘু ১ ৮০। "ভুজঙ্গ জ্ঞা.চ ১০৭। ২ বিড়, গ, লম্পট। "°ভোগসংসক্ত।—কাব্যাদর্শ ২.৩৫৬। ভুজঙ্গী—স্ত্রী সজ্জভুজঙ্গ কুরঙ্গ বি.মা ৭২৬৮। ৩ বিট। "মাঘ ১.৯৩। কাব্যাদর্শ ২ ১৮৮। ৪ জার। "চ ৪৪। ৫ নাগ। ৬ নাগসংখ্যানুসারে (৮)

সংখ্যা। ৭ সর্পদেবতাকা অশ্লেষা। —ঙ্গ ক্লী সীসক। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] সর্পী। [°পিহিত (বিণ)—সর্পাবরুদ্ধ, সর্প-রক্ষিত। °জননী (বি)—সর্পাধিষ্ঠাত্রী দেবী, মনসা। "বা ম ৪০০। ন্দ.ভা ২৭; ৩৫। °ভুক (-জ) পুং—'সর্পভোজী', গরুড়, ময়ূর। °ভোজী (-জিন্) পুং—১ 'সর্পভুক', রাজসর্প। ২ গরুড়। °রিপু (বি) —গরুড়। "ম ২৮৮। °শত্রু, °হা(-হন) পুং—গরুড়। °শিশু (বি) —সর্পশাবক। "ভুজঙ্গশিশুশ্রেণীর ন্যায় কুঞ্চিত অলকশ্রেণী ব প্র ১৪১।]

ভুজঙ্গপ্রয়াত ক্লী [বহুব্রী] দ্বাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। [ইহার প্রথম চতুর্থ সপ্তম দশম বর্ণ হ্রস্ব, অবশিষ্ট বর্ণ গুরু। 'শ্রুতবোধ ২৭। "ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে।—ভা চ ৪৩।

ভুজঙ্গম পুং [ভুজ+ √গম্+অ (খচ) ক, ম্ (মুম্) আগম, উ ত] ১ বক্রগামী, সর্প। "রঘু ৬ ৭৭। হৃদি বিষলতাহারো নায়ং °নায়কঃ গী.গো ৩ ১১। ভীম° সরণা বি প ৯১। ভাঙ°।—গো ২০৫। ২ নাগ। ৩ সর্পসংখ্যানুসারে (৮) সংখ্যা। ৪ রাহু। —ঙ্গমী স্ত্রী [°ম+স্ত্রী ঈ (ঙীষ্), °মা (মহা ১ ৪৭ ৩০)] সর্পী।

ভুজঙ্গিনী বি [°ঙ্গ+ইনী, সং °ঙ্গী, পদ্যে] সর্পী। কাল° বি প ১০, কৃ ৯৩। লোমাবলী কাল° গো ২০১। কৃ অ ৮। °রূপী একাল কমকলঙ্কা।—মে ১৪২। কা ৪।

ভুজঙ্গেন্দ্র পুং [উপ স] 'ভুজঙ্গশ্রেষ্ঠ, শেষ। রঘু ২ ৭৪।

ভুজঙ্গেশ পুং [ষ ত] নাগরাজ', পিঙ্গলনাগ।

ভুজা[১] বি [ভাজাভুজা > ভুজা] ভাজা-চাট। ডোম খায় ভাজ ভুজা মদ ব প ৪৮০।

ভুজা[২] ; **ভুজা**[৩] দ্র 'ভুজ[১], ভুজ[২]।

ভুজাগ্র ক্লী [ষ ত] করাগ্রভাগ, হস্ত। ছিন্ন° (রা—SW)।

ভুজান্তর, -জান্তরাল ক্লী [ষ ত] বাহুদ্বয়ের মধ্য, বক্ষঃ। 'বৃহদ্-ভুজান্তর' রঘু ৩ ৫৪, ১৯ ৩২। অল্প° (SW)।

ভুজান্তরাল দ্র 'ভুজান্তর'।

ভুজাপীড় পুং [তৃ ত] করপীড়ন, বাহুনিষ্পেষণ। গী গো ১১ ৩৪।

ভুজালী, -জাল্ল বি [ভুজপালিকা > °লি তু 'সং করপালিকা'] অসিবিশেষ, কুকরি। °ল্লী শ্রী মা ১৩৯। °লী।—রঙ্গ ২২।

ভুজাল্ল দ্র 'ভুজালী।

ভুজাস্ফাল বি বাহুর আস্ফালন। ফেলে °লে ঠেলি ম ১২৩।

ভুজিষ্য বিণ [√ভুজ+ইষ্য (কিষ্যন্)-ক, উ ৪ ১৭৮] অনধীন স্বতন্ত্র। —জিষ্য পুং ১ ভৃত্য, দাস, কিঙ্কর। মাঘ ১৫ ৬৩। ২ সহায় (ত্রিকাণ্ড-শেষ)। ৩ হস্তসূত্র। ৪ [+ইষ্য-স্ম] রোগ। —জিষ্যা স্ত্রী ১ 'পালনীয়া', দাসী, কিঙ্করী। মহা ৪ ৩ ১৮। রঘু ৬ ৫৩। ২ পুরুষনিয়তপরিগ্রহ (মিতাক্ষরা), অর্থাৎ কোন পুরুষের নিয়মানুসারে পরিগৃহীতা স্ত্রী। "যাজ্ঞ ২ ২৯৩। ৩ বেশ্যা (ত বা)।

ভুজিষ্যা দ্র 'ভুজিষ্য'।

ভু(ভূ)ঞি বি [সং ভূমি > ভু(ভূ)ঞি, হি ভুইঁ] ১ (অপ্র) ভূমি, ভূতল। দ্র 'ভুঞে'। ২ ক্ষেত। ভূঞি পিছে ধরি লৈলা এক পোন কৌড়ি ম গা ৫। ৩ পৃথিবী। বৈকুণ্ঠে চলিলা তুমি—আমি রহিলাম ভূঞি চৈ ম ৬১। [°ঘরা—ঘরের মেঝের নীচে কৃত ঘর। "আট দিন থাকে জ্ঞান নাপিত ভুঞিঘরা সোন্দাইয়া গো চ ১৫৩, বড় ঘরত মাজোত নিল ভুঞিঘরা খুড়িয়া ১৫৪। ভু(ভূ)ঞে (ভুঞি+এ[৫]) —ভূমিতে। "তুলিয়া আছাড়ে ভুঞে ক চ ৫৩। শ্রী.মা ১৭৩। শ্রী ১১৯। ভূঞে ব প ৫৭৩, ৭৪৬]]

ভুঞ্জ সর্ম্ম [সং √ভুজ[১] > প্রা √ভুঞ্জ (হে ৪ ১১০)] ১ ভোজন করা। "ভুঞ্জিতে পাইব পেট ভরি।—কৃ ২০১। ভুঞ্জহ যজ্ঞের ভাগ ক চ ১৭; ভুঞ্জয়ে ১৬৩। (যজ্ঞ) দেবগণ ভুঞ্জে।—জ ৩৭। অগ্নি যে সকল ভুঞ্জে শ্রী ২৮। পান ভুঞ্জিল শ্রী ম ৬৩। ভুঞ্জিব ব্যঞ্জন ম ঘ ৯৫। ২ উপভোগ করা। "ভুঞ্জ রাজ (রাজ্য) কৃ.অ ১২। ভুঞ্জ এহি রাজ্য দেশ গো বি ২৭। ভুঞ্জ রাজ্য।—ম ৬৩২। ভুঞ্জিব বসুমতী ম.বি ২৫৭। প্রসাদ ভুঞ্জে।—মা ৩৫৬। হেম ১৮৪। ৩ ভোগ করা (সুখ, দুঃখ)। "সুখ ভুঞ্জিতেঁ শ্রী.কী ৩৮। আপন করমদোষে, আপনি ভুঞ্জহ বি.প ১৮৩। সুখ ভুঞ্জ।—কৃ ৯৬। ভুঞ্জে স্বর্গসুখ।—ম ৫৯, স্বর্গে ভুঞ্জে সেই ফল ২৭২, ভবিতব্য ভুঞ্জিবে ১০৩২। ভুঞ্জেন…কর্ম্মফল ক চ ৪৪। ভুঞ্জসিয়া পাপ।—গ ২০৯। ভুঞ্জে কত দুঃখদশা ম বি ২৫১, দুঃখ সুখ ভুঞ্জে ২৫৭। ফল ভুঞ্জিলেন মুনি ম ম ৮১, ভুঞ্জ তাহার তাপ ২২৬। ৪ সম্ভোগ করা। "ভুঞ্জিতেছে রতি ম গা ৩। ভুঞ্জিতেঁ রতি শ্রী.কী ৭৯। শৃঙ্গার ভুঞ্জিতে ক.চ ১৬০,-৭৭। ঋষি ভুঞ্জিয়ে সুরতি বি পা ৯২। শ্রী মা ৫০। ৫ পান করা। "ভাতার ভিখারি তার ভুঞ্জি ভাজ মাই শি ৯৮। [ভুঞ্জই—ভোগ কর। "দুঃখেঁ সুখেঁ একু করিআ ভুঞ্জই ইন্দীআনী (ইন্দ্রিয়ানি)।—চ ৫৩। ভুঞ্জ, -ঞ্জিএঁ, -ঞ্জিতেঁ, -ঞ্জিবারেঁ, -ঞ্জু, -ঞ্জেঁ (শ্রী কী)।]

ভুঞ্জন বি [ভুঞ্জ+অন, প্রা ভুংজণ, পদ্যে) ১ উপভোগ। "শুধু নীরবে ভুঞ্জন, এই সন্ধ্যা-কিরণের সুবর্ণ মদিরা চ কা ১৬৬। ২ ভোগ। "আগে পাপ পুণ্য কিম্বা করিবে ভুঞ্জন।—ম ১০৫৫। নরকভুঞ্জন ভ প্র ১২৪।

ভুঞ্জা সর্ম্ম [ভুঞ্জ+আ[৭] : সং √ভোজি—ভোজয়, > প্রা √ভুংজাব] ১ ভোজন করান, খাওয়ান। "দশ লক্ষ হইলে ভুঞ্জাব অপ্রমাদে।—ম ৫১৬। সামগ্রী সত্তে প্রভুবে ভুঞ্জায় ন.প ২৭২। আচার্য্য গোসাঞি যাঁরে ভুঞ্জায় শ্রাদ্ধপাত্র চৈ.চ ৪২। ভুঞ্জাইয়া কৃত্তিবাস ভা চ ১৫। ২ উপভোগ করান। "আমায় বিষয় ভুঞ্জাইতে চৈ চ ৩২৪। আপনি ভুঞ্জিমু ভুঞ্জাইমু ত্রিভুবন চৈ ম ১১২। ৩ ভোগ করান (সুখ, দুঃখ)। "বান্ধিয়া ভুঞ্জায় ধাতা কর্ম্মেতে থাকিলে।—ম ৪২০, (যাতনা) ভুঞ্জায়েন ধর্ম্মরাজ ১০৫৫। দক্ষিণ দ্বারে নিয়া ভুঞ্জাএ পাপ-কুয়া।—গ ৯৬। দৈবে ভুঞ্জায়…দুর্গতি শ্রী ম ৯৪। আর কত যন্ত্রণা ভুঞ্জাবা ম ম ২০৯। শাস্তি ভুঞ্জান দুজনকেই কু কে ৫৬। [ভুঞ্জান—খাওয়ান। "উপবাসীকে ভুঞ্জানে বা ম ৩৩৪।]

ভুট, -টি, -টা বি [ভুটান > ভুট] ১ ভোটকম্বল। "(ওরা) কাবাই পাইল ভুট গাড়ু বি পা ১১৬, ভুটা ২২১। ২ কম্বল। ভুটা ব প ২৪৪, ভুটি ২৪৫। নায় ভয়ে ভুটা ম ম ১২১, ভুটি ২০৬।

ভুটভাট, -ভুট বি [ভুড়ভুড় > °ভুট, -ভাট] উদরস্থ অজীর্ণদ্রব্যের বুদ্বুদের শব্দ। 'খাদ্য জীর্ণ না হইলে পেট °ট করে।

ভুটভুট দ্র 'ভুটভাট'।

ভুটভুটি বি [?] ঘাসের সহিত মাটির চাপড়া (?)। "খিল ভূমির চাষে যেন ভুটভুটি উঠে বি পা ২৪১।

ভুটা বিং [ভোঁতা > °টা] ধারশূন্য। "ভুটা খুর বি পা ২৪১।

ভুটান বি [সং ভোটাঙ্গ, হি ভুটান] হিমালয়স্থ দেশবিশেষ।

ভুটি, ভুটা দ্র 'ভুট'।

ভুট্টা বি [হি ভুট্টা, 'বৃন্তক'—মূল (?)] মকাই (maize)।

ভুড়, -ড়া, -র[২], -রা[২] বি [ভেরণ্ডা > °রা,-র,-ড় (?)] ভেলা। "ভুড়া ম ম ৮৭, °ড় ১০০, °র ২০০, °ড়া ২০১, ভুর,-রা ২০৬। ভুরা বি.পা ৩২২, বা ম ১৩৮,-৪১।

ভুড়ভুড় বি [সং বুদ্বুদ, জি বুব্‌ল (bubble), হি বুল্‌বুলা, ঠ কড়-বুড়া, 'কলংকলা'—বুদ্বুদ (দেশী ৬ ৯৫)] ১ বুদ্বুদ উঠার শব্দ। "পাঁকে পা দিলে °ড় করে। ২ হুঁকায় তামাক খাওয়ার মৃদু শব্দ। —ভুড়ি বি [ড়+ই[১১]] বুদ্বুদ। "(কুম্ভীর) দূরে গিয়া ছাড়ে °ড়ি।—শ.প ১৩৭১। [°ড়ি খাওয়ান—জলে ডুবান।]

ভুড়ভুড়ি ; ভুড়া দ্র 'ভুড়ভুড় ; ভুড়'।

ভুড়ুক বি [ধ্বন্যাত্মক] হুঁকায় তামাক খাওয়ার শব্দ। "হরিনাম খাসা গুড়ুক, ভুড়ুক ভুড়ুক টান রে মন দিবানিশি (বাউল)।

ভুত্তি, ভুতুড়ি দ্র 'ভুঁতি'।

ভুনা বিং [হি ' √ভূন'—ভাজা] ভাজা। "ভুনা কলাই ব.প ২২৪। [ভুনি², ভুনি খিচুড়ি—ভাজা চাল ও ডালের বা ভাজা মটরশুঁটির কলের খিচুড়ি।]

ভুনি¹, -নী বি [?] ১ বিধবার পরিধেয় পাড়হীন বস্ত্রবিশেষ। "তন্তুবায়, ভুনি ধুতি খাদি বুনে গড়া ক.চ ৮৯। বিধবা কেবল এক ভুনি পরে। —ব.প ১৭৯৪। ২ সধবার পরিধেয় শাড়িবিশেষ। "জোলা ছিল বড় ধনী, বুনাইয়া দিত ভুনি ম ম ৬০, চটের ভুনি ১৩০। পরিল বিচিত্র সঙ্গ দিব্য বস্ত্র ভুনি (চৈ.ম)। [ভুনী-কোত পট্টপাড়ি—পাটের পাড়-দেওয়া ভুনীর কৌপীন। "চৈ চ ৫৩।]

ভুনি² দ্র 'ভুনা'।

ভুনী দ্র 'ভুনি¹'।

ভুবঃ(-বর্, -স্) ব্য [√ভূ+অস্ (অসুন্)-ধি, গুণাভাব, উ ৪.২১৭] ১ পৃথিবীর অব্যবহিত উপরিস্থ দ্বিতীয় লোক, অন্তরিক্ষলোক। "পা ১.১.৩৭, তত্ত্ববোধিনী। ২ ব্যাহৃতিবিশেষ। "মনু ২.৭৬।

ভুবন ক্লী [√ভূ+অন (ক্যুন)-ধি, √ভূ >ভুব্, উ ২.৮০, 'ভুবন' —ভূত (ঋগ্বেদ ১.১৫৪.২, ৪)] ১ 'উৎপত্তিস্থান', লোক। "°ত্রয়ম্ (দধতু) মধু ১.২৬। ইন্দ্রের ভুবন।—ম ১২৭৩। ব প ৯০৪। বারতা তাহারি দ্যুলোকে ভূলোকে, ছুটিল ভুবনে ভুবনে।—গান ৮৫। [ভুবন সমুদায়ে চতুর্দ্দশসংখ্যক। দ্র 'লোক'।] ২ পৃথিবী। "°হিতচ্ছল ভট্টি ১ ১। সকলভুবনপ্রকাশক সী ৩৭। ৩ [+অন-অপা] 'যাহা হইতে উৎপন্ন হয়'; সলিল, জল। তু 'অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ মনু ১.৮। "বি মা ৭.১৩। শ্রী মা ৮২, ভীমমাতৃভুবনে ১১৩ ; ১২৪, ২২৩। ভুবন ভুবন-লয় ভা.চ ৪৫২। ৪ [+ অন-ক] জন, মনুষ্য, প্রাণিমাত্র। ৫ গগন (মেদিনী)। ৬ [বাঙলায় ; অপ্র] দেশ, রাজ্য। "অযোধ্যা°। —কৃ ৮৮। বিরাট°।—ম ৬৭৭। বীরের ভুবনে ক.চ ৯৩। কাজীর ভুবন বি.পা ৭৬। হাকণ্ড ভুবন ব.প ৪৬৫। চ.বি ১১, ১২৫। বিদর্ভ° ম.বি ৮৮। গউড়° শ্রী.মা ১৫৮। সিংহল° ম পা ১৬১। ৭ আশ্রম, তপোবন। "বশিষ্ঠ° চ.বি ১৪৬। ৮ স্থান, ভূমি। "মসান ভুবন ম.পা ১৪৩। জননী জননভুবন (দুই অতুলন)।—হেম ৩১৯। ৯ ভবন, গৃহ। "গো.বি ২২। নন্দের ভুবনে গিয়া মিলিল শ্রী.ম ১৯। কৈল জোয়ের ভুবন ম.বি ১৯। ১০ অন্তঃপুর। "দময়ন্তী-ভুবনে ম.বি ৯৫। শ্রী.ম ১৯৯। ১১ দেবালয়। "চণ্ডিকা-ভুবন অ.প ১৩২। ১২ পল্লী, পাড়া। "নগর-ভিতর যথা বণিক্‌ভুবন ক.চ ৭৩। ১৩ ভূমি, ভূতল। "লোটাইয়া পড়িল ভুবনে ম পা ২৩। ১৪ সঙ্গী, লোক। "আমার আছিল মায় যতেক ভুবন। হাসান হোসেনে কৈল উঠান বৈঠান॥ —বি.পা ৭৫। [°কোশ (পুং)—ভূমণ্ডলকমলের কোশরূপ সপ্ত দ্বীপ (দ্র 'ভ ৫.১৬.৫)। "ভুবনকোশবর্ণন ভ ৫ ১৬, অধ্যায়শেষ। °ত্রয় (ক্লী) —ত্রৈলোক্য। 'ভুবনত্রয়তিলকং হি ১৩৩। °পাবন (বিণ)—লোক-পাপনাশক। "ভ ৯.৯ ১০। °পাবনী (স্ত্রী)—গঙ্গা। °বিদিত (বিণ) —লোকখ্যাত। "পূ মে ৬। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—লোকপালক। °ভাবন (পুং)—লোকজনক, লোকপিতা। °হিত (ক্লী)—লোকমঙ্গল। "ভুবনহিতচ্ছল ভট্টি ১.১]

ভুবনেশ্বর পুং [ষ.ত] ১ ভূপতি, রাজা। ২ শিব। —শ্বরী স্ত্রী মহা-বিদ্যাবিশেষ। "ভা.চ ৩২।

ভুবনেশ্বরী দ্র 'ভুবনেশ্বর'।

ভুবর্লোক পুং [কর্ম্মধা] ভূলোকের অব্যবহিত ঊর্দ্ধলোক ; আকাশ। "ভুবর্লোকোঽস্য নাভিতঃ ভ ২.৫.৪২। ম ৯৪৮। শক্তিরূপ হেম তাঁর, ...ভূর্লোকে ভুবর্লোকে।—রবীন্দ্র।

ভুবি [ভূ+ই (সপ্তমীর-১ব)] ১ পৃথিবীতে। "দিবি ভুবি।—জ ২৯। নদীয়ানগর ভুবি ব.প ১৫১। ২ ভূমিতে, ক্ষেত্রে। "রণভুবি ভা.চ ৩১৩। ৩ লোকে। "জন্ম সব মর্ত্তভুবি শ্রী.ম ৬। ৪ ভূতলে। "ভুবি মুরছায়। —গো ২৬০। ৫ (অসাধু) পৃথিবী। "বাজে দুন্দুভি, চমকিত ভুবি। —হু ৩৩ ; (রবি) প্রকাশয়ে সর্ব্ব ভুবি ৩৪ ; ৫৫। দিবি ভুবি রসাতল হৈল উতরোল।—গ ৬৫। ভুবিভারের কারণ শ্রী.ম ১৪৮। ভ.গ্র ১৭৩।

ভুবিষ্ঠ বিণ [ভুবি+ √স্থা+অ (ক)-ক, বস ; অলুক্] ১ পৃথিবীস্থিত, ধরাবাসী। বিপ 'দিবিষ্ঠ'। 'দিবিষ্ঠস্ত ভুবিষ্ঠস্য সখা ভূতো মম প্রিয়ঃ মহা ১.৬৩.৭। ২ ভূতলস্থিত, রথাবতীর্ণ। "ভ ১.১৫.১৭।

ভুবীশ্বর বি [অপ্র] পৃথিবীপতি, রাজা। "শ্রী.মা ২৪ ; ৩৯ ; ১৬৭।

ভুয়া, ভুয়ো দ্র 'ভুও'।

ভু(ভূ)র¹ বি [ঘুর >°র] ১ কূট উপায় ; কপটপ্রবন্ধ, ছল, চাতুরী, চালাকী। "খসে পড়ে শোলা-শাঁখা ভেঙ্গে গেল ভুর শ্রী ১০২। পাছে মোরা ভুর ভাঙ্গি, ভয়েতে কাঁপিল ভ গ্র ১৯১। ভাঙ্গা গেল যত ভুর ভা চ ৩৮৭। তুই কাঠের ঠাকুর টাটে তুলে মিছে করিস পচা ভুর। —লু র ৩০৪। হায় কি হলো দেশের দশা রিপণ রাজার ভুরে! —হেম ৩৮১। ২ আড়ম্বর। "আগে শুনি বড় ভুর, শেষে হয় দর্প চুর বি সু ২৭। ৩ বুজরুকী। "এখন সেই মহাপুরুষ…যা পাচ্চে, তাই খাচ্চে, তার মহাপুরুষত্ব ভুর ভেঙে গ্যাচে!—হু ৮৫।

ভুর² দ্র 'ভুড়'।

ভুরঙ্গ বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "শ্রী মা ১৩০। হু ১৩; ৬৬; ১০৩।

ভুরজারি বি ভুব (ভগিনীর) জার, ভগিনীগামী (গালি)। "ওরে বহিনা ভুরজারি বি.সু ১৬।

ভুরভুর বি [ভরভর >°ব] পরিপূর্ণভাব। "ভুরভুর করে পদ্মগন্ধ। —কা ১০১। [ভুরভুরে—সৌরভে পূর্ণ বা ভরা। "ভুরভুরে রেসমের হাতরুমাল আ হু ৬৬।]

ভু(ভূ)রা¹ বি [হি ভূরা] ১ খাঁড, গৌড়চিনি। "অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি ভা.চ ২৮৬। ২ তণ্ডুলবিশেষ। "মরীচশালি ভুরা ভা চ ৫৪৯।

ভুরা² দ্র 'ভুড়'।

ভুরিশ্রেষ্ঠাল বি রাঢীয় কাশ্যপগোত্রব্রাহ্মণের উপাধি বা গাঁই। "ব প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ শুভ ভূরি গ্রামে বাস করেন ; এই হেতু তদ্বংশীয়ের ঐ উপাধি]]

ভুরু,-রূ, ভূরু বি [সং ভ্রূ > (স্বরাগমে) ভুরূ,-রু, হি ভৌং, ভৌংহ, মৈ ভুহঁ] ভ্রূ। "কামধনু জিনি ভুরূ।—ম ১০৭৫। ভুরুযুগ ক.চ ৯। ভুরূ দুই ধনুবর ১৪৪। ভুরুকুটী বা.ম ৬৪। ভুরূযুগ শ্রী ৯৩। ভুরুক্ষেপ ভ.গ্র ২৩০, ব.প ১৪২৪। ভুরুর ভঙ্গ।—জা ১০। ভুরু-ভঙ্গে ভা চ ২৯০। ভুরু-ছলে বা.দ ৫১। [ভুরুক্ষেপ—দৃক্‌পাত, মনোযোগ। "তথাপিহ °প নাহি।—ম ৯২৫।]

ভুরুভ(ভু)ঙ্গ বি ১ ভ্রূর ভঙ্গি বা নির্ম্মাণকৌশল। 'ভুরুর সমান কোথা ভুরুভঙ্গে ভুলে ভা.চ ২৯০। ২ ভ্রূক্ষেপ, দৃক্‌পাত। "সর্ব্বাঙ্গে রুধির বহে নাহি ভুরুভঙ্গ।—ম ৭৫৫। ৩ সবিলাস কটাক্ষপাত। "গোপী ভুরুভুজে মাত্র বিন্ধে কামশরে ভ.গ্র ১৪৪। ভুরুভঙ্গে ভবানী ভুবন ভুলে যায় শি ৩৪। ৪ ভ্রূভঙ্গপরিমিত কাল ; মুহূর্ত্ত। "ভুরুভঙ্গহি ধনী তেজব পরাণ।—গো ২৬০।

ভুরুভুঙ্গ দ্র 'ভুরুভঙ্গ'।

ভুরূ দ্র 'ভুরু'।

ভুল[১] বিং [সং ভ্রান্ত > প্রা ভুল্ল (ক ম ৮।২।৪) > বা (ভুল) °ল] ১ অযথাযুক্ত, অযথার্থ (wrong)। "ভুল অর্থ, ধারণা, বিশ্বাস। ২ অসম্বদ্ধ, অসঙ্গত (কথা)। —ল বি [হি, ঠ, গু ভুল] ১ বিস্মরণ। ২ ভ্রম, চুক। "°ভ্রান্তি, °চুক। ভুলে ভুলে আজ ভুলময়।—গান ১৩৩। ৩ অসম্বদ্ধ বাক্য, প্রলাপ। "ভুল বকা, বলা। ৪ মোহ, বিমূঢ় ভাব। "বাটোয়া দেখি পড়ি গেল ভুলে।—মী ১৬। [ভুলের সাগর —প্রচুর ভ্রম। "আনন্দ ঢেউ ভুলের সাগরে।—গান ১৩৩।]

ভুল[২] সর্ম [ভুল[১] > °ল, হি √ভুল, ঠ, গু √ভুল] ১ মনে না করা, বিস্মৃত হওয়া, ভোলা (to forget)। "সতী ভুলে নিজ পতি, মুনি ভুলে মৌন চ দা ৯০। ২ ভ্রমে ত্যাগ করা। "৭ ভুলহ রাজপথ। —ভ ২৭। —ল অর্ম ১ ঠিক করিতে না পারা। "(ভব) গিরির আসনে গিয়া বসিল ভুলিয়া ভা চ ৭৬। ২ মোহিত হওয়া। 'তা দেখিঞা মা ভুলিলী আইহনের রাণী শ্রী কী ২৯৩। গো বি ৮৯। ভুলল তুয়া গুণে।—গো ২৬০। (স্বরূপ দেখিয়া) ভুলিয়া ভোলাতে গেনু শ্রী ১০২। ভুবন ভুলল।—ব ১৯। (কামধনু) ভুরুভঙ্গে ভুলে ভা চ ২৯০। ৩ বিহ্বল বা আত্মহারা হওয়া। নিজগুণ-সঙ্কীর্ত্তনে প্রেমানন্দে ভুলি (কহিল প্রভু) চৈ ম ১১২। ৪ প্রতারিত হওয়া। "এহাতো না ভুলে আর নান্দের নন্দন শ্রী কী ৩৬৯। [ভু(ভো)লা[২]—সর্থ 'ভুল[২]। ভুলো —যে প্রায়ই ভুল করে।]

ভুলনী বিং [ভুলন + ঈ[৭]] ভুলনসম্বন্ধী, মোহজনক। 'কিবা সে চাহনি, ভুবনভুলনী চ দা ৩।

ভুলা[১] সর্ম [ভুল[২] + আ[৮]] ১ বিস্মৃত করা। ভুলায় তর্কের পাঁতি দন্ত-পাঁতি তার ভা চ ২৯০। ২ মোহিত করা। 'ভক্তিতে ভজিয়া ভুলায়েছে ভোলানাথে।—দু ৫। ভুলিয়া ভুলাবে দাদা শ্রী ৯১। ভোলানাথে ভুলাইতে কত বড় দায় শি ৩৪। ৩ প্রতারিত করা। "ভেকে ভুলাইয়া পদ্মে ভৃঙ্গ মধু খায় ভা চ ৩৬৩ ভুলালি আমায় ৩৭২। [ভু(ভো)লান[১] —সর্থ 'ভুলা[১]।]

ভুলা[২] দ্র 'ভুল[২]।

ভু(ভো)লান[১] দ্র 'ভুলা[১]।

ভু(ভো)লান[২] বিং [ভু(ভো)লা + অন] ১ বিস্মৃতিকারক। ২ যাহা দ্বারা ভুলান বা অন্যমনস্ক করা যায়। 'ছেলেভুলান গল্প। মনভুলান কথা। —লানী বিং ১ মোহকারিণী। 'মায়ের প্রাণে তোমারি লাগি, জগৎ-মাতা রয়েছে জাগি,...ভুবন-ভুলানি—শিশু ৬। ২ প্রতারণা-কারিণী। বুঝা গেল ভাল মাসি। বনিপোভুলানি ভা চ ৩৪০। —লানে বিং [°ন + এ[৭]] মোহজনক। 'ভুলানে কথায় আর কাণ দিবে কিও।—স্ব প্র ৭১।

ভুলানী, ভুলানে দ্র 'ভুলান[২]।

ভুলুক বি [?] ছিদ্র (?)। "ঘড়া গাড়ু সব নালুক, জল থাকে না মাঝে ভুলুক।—দা ৬৭।

ভুলো দ্র 'ভুল[২]।

ভুল্‌কী বি [ভুল > °কী, হি 'ভুলক'—যাহা মোহজনক] কুহক, ভেল্‌কি, জাদুমন্ত্র। 'যারে ভুল্কী লাগে বা দ ৫৭।

ভুশু(ষু)ণ্ডি, -শুণ্ডী[২], ভূশুণ্ডী স্ত্রী পাষাণক্ষেপণ চর্ম্মময় যন্ত্রবিশেষ (নীলকণ্ঠ)। "ভুশুণ্ডী গো রা ৩ ২৮ ২৫, মহা ১ ২২৭ ২৪, ভ ৪ ১০ ১১। ভুশুণ্ডী।—ম ১৯৫।

ভুশুণ্ডী[১] দ্র 'কাকভুশুণ্ডী'।

ভুশুণ্ডী[২], **ভুষুণ্ডি** দ্র 'ভুশুণ্ডি'।

ভুস বি [ধ্বন্যাত্মক] হঠাৎ ভাসিয়া ওঠার শব্দ। "(থেড়ে) গেড়ে হোতে পুনঃ আসি, ভুস ক'রে উঠে ভাসি ভা.চ ৭৩৮।

ভুসা, ভুসা[২] বি ['ভুষা'—মূল (?)] অগ্নির শিখাধুমে জাত কজ্জল-বিশেষ (soot)। "উনানের, প্রদীপের, ল্যাম্পের ভুসা। হাঁড়ির কালিকে বলে ভুষা।—দা ৯২৭। [°কালি—ভুসার কালি।]

ভুসি বি [সং বুস, হি ভুস, ভুস, -সা, -সী, ঠ ভুসা, ভুস, সি ব্‌হ, -হ, মৈ ভুস্‌সা, -স্‌সী] যবগোধূমাদির তুষ, শস্যের খোসা (chaff, bran)। "°মাল। আমরা ভুসি পেলেই খুসী হব, ঘুসি খেলে বাঁচব না।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

ভুসুণ্ড দ্র 'কাকভুশুণ্ড'। "বৃহজ্জাবালোপনিষৎ।

ভূ[১] অক [ভূা, প—ভবতি, সেট] ১ সত্তা, বিদ্যমানতা। ২ উৎপত্তি, ভাব। ৩ বৃদ্ধি (কুল্লুক)। 'গী ১৪ ১০, শাঙ্করভাষ্য। মনু ১.১৩৫। ৪ [ভূা, এ—ভবতি, -তে, সেট্] প্রাপ্তি (ক ক)। ৫ সম্পন্নতা (ক.ক)। ৬ [চু, প—ভাবয়তি (ক ক) সেট] শুদ্ধি শোধন। ৭ চিন্তা। ৮ মিশ্রণ। [অধি—ঐশ্বর্য্য। অনু—অনুভাব। অভি —অভিভব, তিরস্কার, ন্যূনীকরণ। আবিস্—আবির্ভাব, প্রথমপ্রকাশ। উদ্—উদ্ভব। (ণিজন্ত)—কল্পনা। তিরস্—তিরোভাব, অন্তর্দ্ধান। পরা—পরাভব, ন্যূনীকরণ, ন্যূনীভাব। পরি—পরিভব, অবজ্ঞা। 'ভট্টি ১ ২২। প্র—প্রভব, উৎপত্তি, ঘটন, মেলন। প্র—১ (ণিজন্ত) চিন্তা। "রঘু ৭ ৬। ২ সৎকার, সম্মান। "কু স ৩ ৩৭। ৩ অভিনন্দন।]

ভূ[২] বিণ [√ভূ + কিপ্ (০)-ক] উৎপন্ন, জাত। "অগ্নি°, গিরি°, চিত্ত°, মনো°, স্বয়ং°। সমাসে উত্তরপদ]। —পুং 'সর্ব্বত্র বিদ্যমান', বিষ্ণু। —স্ত্রী [কিপ্-ধি] ১ 'উৎপত্তিস্থান' ধরা ধরণী পৃথিবী। 'ভূরিয়ম গো রা ১ ৬ ২২। পু মে ১৮। ভোক্ষ্যতে ভুবম্ রঘু ৩ ৪। দু ১৮, ৫৩। চৈ চ ২২। ২ ভূমি, স্থান। "চর্ম্মাবৃতেব ভূঃ।—হি ১ ১৫১। পরিচিতভুবো দণ্ডকারণ্যভাগাঃ উ চ ২ ১৩। পদে ভূ বিদরে।—ম ২৯১। ভূয়ে শুতয়ে।—জ্ঞা ২৩। ৩ ভূমিখণ্ড, প্রদেশ। 'স্বকামন° রঘু ১১ ১৯। ৪ বেশ্মভূ, গৃহতল। "মণিময়ভুবঃ (প্রাসাদাঃ) উ মে ১। ৫ (বেদান্তে) পঞ্চভূতের একতম। ৬ (মীমাংসায়) নববিধ দ্রব্যের একতম। ৭ ভূমি-সম্পত্তি, জমিজমা। ৮ (জ্যামিতিতে) ত্রৈপিকাক্ষেত্র। ৯ পদ বস্তু, বিষয়। "বিবাদসংবাদ° ভ ৬ ৪ ৩১। ১০ মহাব্যাহৃতির একতম। ১১ এক (১) সংখ্যা। ১২ যজ্ঞাগ্নি। ১৩ [+ কিপ-ভা] ভবন, উৎপত্তি, প্রকাশ। "ভুবঃ প্রভবঃ পা ১ ৪ ৩১। [°কম্প (পুং) °কম্পন (বি) —ভূমিকম্প। "°ম্প যাজ্ঞ ১ ১৪৫। °ন।—মে ৬৩। °কশ্যপ (পুং) —কশ্যপাংশজাত বসুদেব। দ্র 'হ ৫৬ ৩৫। °কান্ত (বি)—ভূপতি। "ম পা ১২১, ১৩৫। °কুষ্মাণ্ডী (স্ত্রী)—বিদারী, ভুঁইকুমড়া। °গর্ত্ত (পুং)—ধরাভ্যন্তর। °গৃহ, °গেহ (ক্লী)—ভূমিমধ্যস্থ গৃহ। "ভূগেহ ক সা ২৯ ৮৭। °গোল, -লক (পুং)—ভূমণ্ডল। °ল গী গো ১ ১৬। °চক্র (ক্লী)—ভূপরিবেষ্টক রেখাচক্র, বিষুবরেখা। °চর (বিণ) —১ ভূমিচারী, স্থলচর। ২ পৃথিবীবাসী। 'ভূচরয়া স্ত্রিয়া।—হ ৪১ ১২। °চ্ছায়া (স্ত্রী)—গ্রহণে পৃথিবীর ছায়া রাহুনামক তমঃ। °তল (ক্লী)—ভূপৃষ্ঠ, পৃথিবী। "রঘু ৪ ২৯। মে ৪। °ধাত্রী (স্ত্রী)—ভূম্যামলকী। °নিম্ব (পুং)—চিরতিক্ত, চিরতা। °পুত্র °সুত (পুং)—মঙ্গলগ্রহ, নরকাসুর। °বদরী (স্ত্রী)—ক্ষুদ্রকোলী, বনকুল। °বলয় (পুং, ক্লী) —ভূমণ্ডল। "ক ম ৩ ১৬। °বিম্ব (ক্লী)—ভূমণ্ডল। °বৃত্ত (ক্লী) —বিষুবরেখা। °মণ্ডল (ক্লী)—ভূগোলক। °লোক (পুং)—পৃথিবী। "ক সা ৩০ ২৮। প ভূ ৫০। °শয় (পুং)—ভূমিশায়ী গোধানকুলাদি। °শয্যা (স্ত্রী)—ভূমিরূপ শয়নস্থান। °শুদ্ধি (স্ত্রী)—গোময়াদি দ্বারা স্থানসংস্কার। °স্থ (বিণ)—ভূমিস্থিত। °স্বর্গ (পুং)—ভূমিস্থ স্বর্গ, সুমেরু। °স্বামী (-মিন্) পুং—১ রাজা। ২ পৃথিবীর পতি। "মহারাজ আপনি °মী বি সু ৮০।]

ভুঁই বি [সং ভূমি, -মী, হি, মৈ ভুইঁ, ঠ ভুঁঈ, -ঈং] ১ স্থল, মাটি। "°চাপা। ২ ক্ষেত, জমি। ৩ ভূতল। লখাই পড়িয়াছে ভুঁই ম ম ১৮১।

[°আদা—হরিদ্রার ন্যায় একপ্রকার গাছ (Hedychium coccineum)। °আমলা (হি ভুই আঁবলা ; ঠ ভুঈ আরলী) —ভূম্যামলক। °কামড়ী—কলমীর মত লতাবিশেষ (Merremia emarginata)। °কুমড়া (ঠ ভুঈ কোহলা ; ড় ভুইকখারু)—কলমী-জাতীয় দীর্ঘ লতাবিশেষ (Ipomœa paniculata), ভূমিকুষ্মাণ্ড। °কোঁড়—ছত্রাক, পাতালকোঁড। °চাঁপা (ঠ ভুঈ চাংপা)—পুষ্পবৃক্ষ-বিশেষ ও তাহার পুষ্প (ফুল মাটির উপরে ফোটে)। "বা.ম ১০৮। °ফোঁড় (প্রা 'ভুঁমিফোড়'—বৃক্ষভেদ)—ভূমি ফুঁড়িয়া উত্থিত, অকস্মাৎ আবির্ভূত। ভুঁইফোড়বড়লোক—হঠাৎ ধনবান্ (upstart)। °ফোড়া —ভূতল হইতে উত্থিত। "ভুঁইফোড়া তরু যেন ভূমিতলে খোঁজে চ.কা ৮৩ (°মালী—জাতিবিশেষ।] ভুঁয়ে (ভুঁই+এ°)—ভূমিতে। "ঊর্দ্ধ-চরণে" প্রেত নাচিছে, বৃক্ষ হেলিছে ভুঁয়ে।—হেম ৯৫।

ভুঁইয়া, ভুঁয়া, ভুঞা বি [ভূমিক > প্রা *ভূমিঅ > বা (ভুঁইআ) ভুঁইয়া, °য়া, °ঞা ; চৈতন্যচরিতামৃতে (২০৩) 'ভূমিক' শব্দের পরেই একার্থে 'ভুঞা' শব্দ ব্যবহৃত হইয়াছে।] ১ সামন্তরাজ। "ভুঞা হইয়া গৌরব করে ধনে আর জনে ম গা ১০। যত ভুঞা মিলিয়া থাটায়ে তার তলে : যত ভুঞা রাজা মিলি ধবাইল ছাতি ক.চ ১০৭,-৯ ; ১১০। ভুঁয়া শ্রী ১৭। ২ বহুগ্রামের অধিপতি। "দেশের ঠাকুর সে যে ভুঞা নাম তার বা.ম ৩৩৯। ৩ উপাধিবিশেষ। "(তথা এক দস্যু) ভুঞা করি, খ্যাত হয হাতগণনাতে ভ.গ্র ১৫। ভুঞা-সঙ্গে : ভুঞা-কাণে চৈ চ ২০৩।

ভুঁড়াচোর বি (?) "পড়ে ছুটানায়, মরে মন °ব ব প ১৫৩৫।

ভুঁয়া দ্র 'ভুঁইয়া'।

ভুখণ বি [ভূষণ > °ণ, দ্র 'খ^২'] ভূষণ। "বি.সা ২৬৯।

ভুচরী বি [?] আভিচারিকক্রিয়াবিশেষ। "ব প ১৪৮৯।

ভুচাজা বি ভূচলন, ভূমিকম্প। "ভা.চ ৪৯৭।

ভুচি [?] "আপনি ভিখারী ভুচি ভাজ নাই ঘরে শ্রী মা ৪৭।

ভুচিত্র বি পৃথিবীর চিত্রপট, ম্যাপ্ (map)।

ভুঞা ; ভুঞি, ভুঞে দ্র 'ভুঁইয়া, ভুঞি'।

ভুঞিহার বি [ভূমিহার > °র] ষট্‌কর্ম্মত্যাগ ও কৃষিকর্ম্মগ্রহণ হেতু পতিত ব্রাহ্মণবিশেষ। দ্র 'সম্বন্ধনির্ণয়, ২৪২ পৃষ্ঠ।

ভুটি, -টী বি ভোটকম্বল, কম্বল। "ভুটি বি পা ১৬৩,-৪ ; °টী ২১৫।

ভুটী দ্র 'ভুটি'।

ভূত বিণ [√ভূ+ত (ক্ত)-ক] ১ সংঘটিত, আপতিত। ২ জাত। ৩ বৃত্ত, অতীত। "ভূতং জনায়া যেন ভব্যম্।—ঋগ্বেদ ১০.৫৫ ২। ভূতং ভবদ্ ভবিষ্যম্ মনু ১২ ৯৭। ম পা ১০৩। ভূত কথা চ.বি ১৭৮। ৪ সত্য। "ভূতার্থ। ভূত বাচ।—ম পা ১১০। ৫ যুক্ত, ন্যায্য। ৬ সম, সদৃশ। "ক্ষণভূতেব নৌ রাত্রিঃ সংবৃত্তেয়ম্ রা ১ ৪৫ ৩। ব্রহ্ম° গী ৬.২৭, জীব° ৭.৫। অংশ°, আত্ম°, এবম্°, তমো°, ন্যাস°, ভস্ম° (S.W.)। পঙ্ক° কি ৩ ৩৯। ভাস্ব°।—মাঘ ২.২৪। পরমার্থ° শ্রী.ম ২৬৩। [সমাসে উত্তরপদ]। ৭ চির (বৈজয়ন্তী)। ৮ [+ত-র্থ] প্রাপ্ত, লব্ধ। "মহা ১৩.৫৪.১৫।—ত পুং ১ যোগীন্দ্র। ২ কুমার (মেদিনী)। ৩ কৃষ্ণপক্ষ। ৪ শিব।—ত পুং, ক্লী [ভূতি+অ (অচ্) অস্ত্যর্থে] 'ভূতিযুক্ত', পিশাচ-ভেদ, রুদ্রানুচর বালগ্রহ (অ.টী) ; পিশাচাদি (অমরমালা)। "ভূতানি যান্তি ভূতেজ্যাঃ গী ৯.২৫।—ত ক্লী ১ প্রাণী, জন্তু। "প্রকৃতিং যান্তি ভূতানি গী ৩.৩২। ভূতানি কালঃ পচতীতি বার্ত্তা মহা ৩.৩১৩ ১১৮। (কাল) ভূতগণে করে পাক এই শুন বার্ত্তা।—ম ৫৮০। ২ জাতদ্রব্য। 'উদ্ভিজ্জানি চ ভাতাহর্ভূতানি মহা ১৪.৪২ ৩৭ ; ৮৫.৩৪। মনু ৭.১৫। ৩ দেবর্ষি-মনুষ্যাদি। "অকীর্ত্তিকাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্ গী ২ ৩৪। ৪ অবতারপুরুষ। "মহা ৩.১৪২.৫৭ ; ৬০। ৫ স্থাবরজঙ্গমাদি। "যজ্ঞন্ ধর্ম্মেণ ভূতানি রাজা (পুণ্যং প্রাপ্নোতি) মনু ৮.৩০৩। ৬ পৃথিব্যাদি পঞ্চ। "মহাভূতসমাধিনা রঘু ১.২৯। ৭ পাঁচ (৫) সংখ্যা। ৮ ন্যায় (শ.ক)। ৯ বস্তুতত্ত্ব। "ভূতেন ব্যবহারান্ নয়েন্ নৃপঃ যাজ্ঞ ২.১৯। ১০ সত্য। "°বাদিন্ যাজ্ঞ ৩.২৮৪। ১১ অতীতকাল। "ভূতে পা ৩.২.৮৪। ১২ তত্ত্বানুসন্ধান (ত বা)। ১৩ (বাঙলায়) কাণ্ডজ্ঞানহীন ব্যক্তি ; গালি। "আরে আবাগের বেটা ভূত !—আ.দু ১১৪, লী ৯৯। ১৪ 'হেয়' অর্থ। "কাজি বোলে 'আন, ভাই। কি গীত বাজন। কিবা কারো বিভা, কিবা ভূতের কীর্ত্তন'।—চৈ.ভা ৩৩৪। [°কর্ত্তৃ (ক্লী)—ব্রহ্ম। "রা ২.২৫.২৫। °কান্ত (বি)— ভূতনাথ, শিব। "ম.পা ১৮। °ক্রান্তি (স্ত্রী) —ভূতাবেশ। °গ্রস্ত (বিণ)—ভূতোপসৃষ্ট, ভূতাবিষ্ট। °গ্রাম (পুং) —১ স্থাবরজঙ্গমপ্রাণিসমূহ। "গী ৮.১৯। ২ জন্তুসমূহ। ৩ পিশাচাদি-গণ। °চতুর্দ্দশী (স্ত্রী)—কার্ত্তিক-কৃষ্ণচতুর্দ্দশী, যমচতুর্দ্দশী। °ডামর (পুং)—তন্ত্রবিশেষ। °তন্মাত্র (ক্লী)—আকাশাদি ভূতের শব্দাদি পঞ্চতন্মাত্র। °দ্রুহ্ (বিণ)—ভূতহিংসক, হিংস্র। "ভ ১.১৭ ১১। °ধরা, °ধাত্রী, °ধারিণী (স্ত্রী)—'ভূতাধারভূতা', পৃথিবী। "°ধারিণী মা.মি ১ ১৫। °নাথ, °পতি (পুং)—ভূতেশ, শিব। "ভূতপতি কু.স ৩.৩৪ ; ৭৪। °নাথ ভা.চ ৪৪। °নায়িকা (স্ত্রী)—দুর্গা। °পূর্ণিমা (স্ত্রী) —আশ্বিনপূর্ণিমা। °প্রকৃতি (স্ত্রী)—ভূতগণের মায়াখ্যা অবিদ্যা। "গী ১৩ ৩৪। °বলি (পুং)—সর্থ 'ভূতযজ্ঞ'। "মনু ৩.৭০, কুল্লুক। °বাদী (দিন্) বিণ—সত্যবাদী। দ্র 'ভূত (১০)। °বাস (পুং)—পিশাচাদি-বাসস্থান, বিভীতকবৃক্ষ। °বিক্রিয়া (স্ত্রী)—যাহাতে ভূতদেহের বিকার ; অপস্মাররোগ। °বিজ্ঞান (ক্লী), °বিদ্যা (স্ত্রী)—পিশাচাদিনিবারণার্থ বিদ্যা। "°বিদ্যা ছান্দোগ্য ৭ ১ ২, ৪। সুশ্রুত ১ ১ ৭। °বৃক্ষ (পুং) —শাখোটক ; বিভীতক। °ভর্ত্তৃ (ক্লী)—ভূতপোষক। "গী ১৩.১৬। °ভাষা (স্ত্রী)—পৈশাচী প্রাকৃতভাষা। "ক সা ৭ ২৯। °ভৃৎ (বিণ) ভূতধারক, ভূতপালক। "গী ৯ ৫। °মাত্রা (স্ত্রী)—দেহের আরম্ভক ভূতভাগ, শরীরেব উপাদানভূত ভূততন্মাত্র। "মনু ১২ ১৭। °যজ্ঞ (পুং) —কাকাদি ভূতগণের উদ্দেশ্যে গৃহস্থের নিত্যকরণীয় পঞ্চমহাযজ্ঞান্তর্গত যজ্ঞভেদ, ভূতবলি। দ্র 'মনু ৩ ৯০-৯২। "মনু ৪ ২১। °সংসার (পুং)—ভূতগণের জন্মমৃত্যুসমাকুল সংসাব বা জগৎ। "মনু ১.৫০। °সঞ্চার (পুং)—ভূতাবেশ। °সংপ্লব (পুং)—ভূতসমূহের জলে অভি-প্লাবন, প্রলয়। "আ° মহা ৩ ৩ ৫৮। °সাক্ষী (-ক্ষিন্)—ভূতগণের কর্ম্মের সাক্ষাৎ দ্রষ্টা, আদিত্যাদি। দ্র 'লোকসাক্ষী'। "মহা ৩.৭৬.৩২। °সাধনী (স্ত্রী)—ভূতগণের উৎপাদিকা, পৃথিবী। "শুক্লযজুর্ব্বেদ ২৬ ১। °সূক্ষ্ম (ক্লী)—ভূততন্মাত্র, শব্দাদি। "ভ ১ ২.৩৩। °সৃক্ (-জ্) পুং—ভূতস্রষ্টা, ব্রহ্মা। "কি ৬ ৪২। °সৃষ্টি (স্ত্রী)—পিশাচাদিসৃষ্টি ; ভূতজগৎ। °স্থ (বিণ)—ভূতে আধেয়রূপে অবস্থিত। "গী ৯.৫। °স্থান (ক্লী)—মনুষ্যের বাসস্থান রাজকৃত দুর্গনগরাদি ও ব্রাহ্মণকৃত তীর্থ-ক্ষেত্রাদি (নীলকণ্ঠ)। "মহা ১ ১ ৪৮। °হত্যা (স্ত্রী)—প্রাণিবধ। "ভ ১.৮ ৫২। °হব (পুং)—পিশাচাদিদূরীকারক, গুগ্‌গুলু।] [ভূত চালা—দেহ হইতে ভূত চালিত করা, ভূত ঝাড়া। ভূতের বাপের শ্রাদ্ধ —(সাদৃশ্যে) বিফলকার্য্যমাত্র। ভূতের বেগার খাটা—আত্মবোধে পঞ্চ-ভূতাত্মক দেহের নিমিত্ত বৃথা পরিশ্রম করা। "মরলাম ভূতের বেগার খেটে।—রামপ্রসাদ। ভূতের বোঝা বহা—পঞ্চভূতাত্মক দেহের ভার বহন করা ; (সাদৃশ্যে) বৃথা কার্য্য করা।]

ভূতচালা বি ভূতের চালক, ভূতের ওঝা। "হু ১২৪।

ভূতনাশন পুং [ষ ত] ১ 'ভূতহারক', ভল্লাতক। ২ সর্ষপ। ৩ মরিচ। —শন ক্লী ১ রুদ্রাক্ষ। ২ হিঙ্গু।

ভূতপূর্ব্ব বিণ [পূর্ব্বে ভূত, সুপ্‌সুপা, 'ভূত'-শব্দের পূর্ব্বনিপাত, পা ২.৪.৭১, সি ; স্ত্রী -র্ব্বা] ১ পূর্ব্বে ভূত। "পা ৫.৩.৫৩। ২ পূর্ব্বস্থিত।

"জনহানং °ধয়াজয়ম্ উ.চ ২.১৭। নহে ভূতপূর্ব্ব দেহ এবে যা দেখিছ। —মে ২৯৭। ৩ পূর্ব্বসংঘটিত। "ভূতপূর্ব্ব সকল স্মৃতভাবে স্মরণপথে আসিতে লাগিল ব.প্র ৭৫।

ভূতভাবন বিণ [ষ ত, স্ত্রী -নী] ১ ভূতগণের উৎপাদক, পালক বা বৃদ্ধিকর (টীকা)। "মমাত্মা °নঃ।—গী ৯ ৫, ১০ ১৫। °ন ভবানী-পতি।—কাদ ১০। ২ [বহুব্রী] আকাশাদি জরায়ুজাদি ভূতের যাহা হইতে ভাবন অর্থাৎ রচন (নীলকণ্ঠ), তাদৃশ (আত্মা)। "মহা ৩ ১৪৭ ৯। ৩ ভূতগণের চিন্তয়িতা, অর্থাৎ অভিধ্যানমাত্রে স্রষ্টা. ইচ্ছামাত্রে চরাচরাত্মক জগতের স্রষ্টা (ব্রহ্মা)। "°নঃ পদ্মযোনিঃ উ চ ২$\frac{8}{6}$। —বন পুং ১ বিষ্ণু হরি। "°ভাবন ভ ৯ ৯ ৪৬। ২ 'সঙ্কল্পমাত্রে আকাশাদি-স্রষ্টা', শিব। "মহা ১৩ ১৭ ৩৪। ৩ ব্রহ্মা।

ভূতযোনি স্ত্রী [ষ ত] ১ ভূতগণের উৎপত্তিস্থান, আদিকারণ। ২ (বাঙ্লায়) পিশাচাদিযোনি, পিশাচাদিজন্ম।

ভূতরায় বি [ভূত+রায] ভূতবাজ শিব। 'চৈ ভা ৫১১।

ভূতশুদ্ধি স্ত্রী [ষ ত] (তন্ত্রে) দেহারম্ভক পৃথিব্যাদি ভূতেব শোধন, পূজারম্ভে বীজবিশেষ দ্বারা বামকুক্ষিস্থ পাপপুরুষদহনপূর্ব্বক দেহেব সংস্কাব দ্বারা দেবরূপত্ব-সম্পাদন। 'ভূতগণে দেখিযা উড়িল ভূতশুদ্ধি ভা চ ৭৫। °ন্যাস বি স্থ ১৭১। [ইহাতে পূজক মূলাধারস্থ কুলকুণ্ডলিনীব সহিত হৃদয়স্থ দীপকালিকাব জীবাত্মাকে সুষুম্নাপথে ষটচক্র ভেদ করিযা শিরস্থ সহস্রারে পরমাত্মাব সহিত সংযুক্ত করেন। তখন ইষ্টদেবতার সাক্ষাৎকাব-লাভ হয়। দ্র 'ষট্চক'।]

ভূতসর্গ পুং [ষ ত] ১ ভূতসৃষ্টি। [ব্রাহ্ম° প্রজাপতীয়ঞ্চ সৌম্যমৈন্দ্রং তথৈব চ। গান্ধর্ব্বমথ কৌবেরবক্ষ.পৈশাচমানুষম্॥ স্থাবর° পাশব° মার্গ° (মৃগসম্বন্ধি) সার্পং (সর্পসম্বন্ধি) শাকুনিক° তথা। চতুর্দ্দশবিধ° হ্যেতদ্ ভূতসর্গম্ (ক্লীবত্ব আর্ষ) প্রকীর্ত্তিতম্॥— বহ্নিপুরাণ। ২ মনুষ্যসৃষ্টি। "দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন দৈব আসুর এব চ গী ১৬ ৬। ৩ জরায়ুজ অণ্ডজ স্বেদজ উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ সৃষ্টি। 'মহা ১ ১ ৪৭। ৪ মহদহঙ্কার-তন্মাত্রাদি ষট্ প্রাকৃত সর্গ, মুখ্যসর্গ—বনস্পতি-প্রভৃতি, তির্য্যকসর্গ —গবাদি, অর্ব্বাকস্রোতঃসর্গ—হংসসারসাদি এই ত্রিবিধ বৈকৃত সর্গ, —সর্ব্বসুদ্ধ নববিধ সৃষ্টি। দ্র ভ ৩ ১০ ১৫-২৬।]

ভূতাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] যাহার আত্মা পাপ্ত, অর্থাৎ বশীভূত, সংযতচিত্ত। মহা ১৩৩৪ ১৫। —তাত্মা পুং [ষ ত] ১ জীবাত্মা। "গো রা ৬ ৩৬ ৩২। মনু ৫ ১০৯। যাজ্ঞ ৩ ৩৪। ২ [বহুব্রী] পৃথিব্যাদি যাহার স্বরূপ, দেহ। মনু ১২ ১২। ৩ সকলের আত্মভূত, বিষ্ণু। ৪ পরমেষ্ঠী। ৫ শিব।

ভূতাদি পুং [ষ ত] ১ ভূতগণের আদিকারণ, ভূতকারণ, জগৎ-কারণ। "গী ৯ ১৪। ২ অহঙ্কার। 'ভ ৫ ৭ ২।

ভূতাধীশ বি ভূতপতি, শিব। 'ম ১২৫৬।

ভূতানুকম্পা স্ত্রী [স ত] ভূতদয়া। "রঘু ২ ৪৮।

ভূতান্তক পুং [ষ ত] 'ভূতনাশক', যম। "মহা ৭ ১৭৩ ৩৭।

ভূতার্থ বিণ [বহুব্রী] 'সত্যবস্তু', সত্যরূপ, স্বাভাবিক। '°শোভা কু স ৭.১৩। —তার্থ পুং [কর্ম্মধা] ১ সত্যতত্ত্ব, যথার্থবস্তু। "আর্য্যে কথয়ামি তে ভূতার্থম্ শ ১$\frac{1}{2}$। ২ সত্য ইতিবৃত্তবস্তু। "°বাদী প্রাচে-তসঃ উ চ ৭$\frac{1}{2}$। ৩ প্রাপ্তপ্রয়োজন, কৃতার্থ। "ভূতার্থং চৈব পশ্যামি এনং পুষ্পিতপাদপম্ গো রা ২ ১০৫ ৮। [°কথন, °বর্ণন (স্ত্রী), °ব্যাহৃতি (স্ত্রী)—সত্যবিষয়ের উক্তি : স্বরূপাখ্যান, প্রকৃতগুণকথন। "°তিঃ রঘু ১০ ৩৩। °বাদ (পুং)—'অর্থবাদ'।]

ভূতাবাস পুং [ষ ত] ১ পিশাচাদিবাসস্থান, বিভীতক। ২ শাখোটক। ৩ ভূতাধারভূত বিষ্ণু. শ্রীকৃষ্ণ। "ভ ৩২.৯। ৪ শিব। ৫ [উ লো] পৃথিব্যাদিনির্ম্মিত আবাস, দেহ+ "মনু ৬ ৭৭।

ভূতাবিষ্ট বিণ [তৃ ত] ভূতাধিগত, পিশাচাদিগ্রস্ত।

ভূতাবেশ পুং [ষ ত] ভূতপ্রবেশ, ভূতসঞ্চার, ভূতে পাওয়া।

ভূতি স্ত্রী [√ভূ+তি (ক্তিন্)-ভা] ১ ভবন, সত্তা। ২ জন্ম, জাতি। ৩ [+তি-ণ] ঐশ্বর্য্য, সর্ব্বনিয়ন্তৃত্ব, উত্তরোত্তর অভিবৃদ্ধি। "গী ১৮. ৭৮। ৪ ঐশ্বর্য্য, সম্পদ্, ধনাদিপ্রাচুর্য্য। '°সমুৎসুকেন কু স ৫ ৭৬। মাঘ ১৬ ৭১। ভ ৭.৭.৩৯। ৫ বৃদ্ধি, অভ্যুদয়। "রঘু ১ ১৮, নরপতি-কুলভূত্যৈ গর্ভমাধত্ত রাজ্ঞী ২ ৭৫। ৬ শম্ভুধৃতভস্ম। "°সিতেন শম্ভুনা মাঘ ১ ৪। ১৬ ৭১। বা দ ৭। ৭ ভস্মমাত্র। ৮ মাতঙ্গশৃঙ্গার, গজবেশ, হস্তিমণ্ডন। "পু মে ১৯। ৯ অণিমাদি ঐশ্বর্য্য। ১০ বৃদ্ধিনামক ঔষধ। ১১ ভৃষ্টমাংস (A)। —তি পুং ১ বিষ্ণু। ২ শিব। ৩ পিতৃগণ-বিশেষ। ৪ বৈশ্যের নামের উত্তরপদ। "বসুভূতি মনু ২.৩২, কুল্লুক। —তিক ক্লী ১ ভূনিম্ব। ২ যমানী। ৩ কট্ফল। ৪ চন্দন। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—বৃদ্ধ্যর্থকর্ম্ম, আভ্যুদয়িক কার্য্য। °কাম (বিণ)—সমৃদ্ধি-কাম, সম্পদিচ্ছু। "মনু ৩ ৫৯। °কাল (পুং)—অভ্যুদয়কাল। °কৃত্য (ক্লী)—বিভবকার্য্য বিবাহাদি। 'মনু ৮ ৩৯৩। °ভূষণ (পুং) ভস্ম-ভূষণ শিব। °শুভ্র, °সিত (বিণ)—ভস্মধবল।]

ভূতিক দ্র 'ভূতি'।

ভূতুড়ে বি [ভূত—°ড়ে, তু 'সাপ—সাপুড়ে] ১ ভূতের ওঝা। "কেঁদ না মা!, বাঁচবে ছেলে, ভূতুড়ে ডেকে আন।—দা ৩৪৭, ২০৫৮। ২ ভূতের সহচর। "(বাছা উমা) সাপুড়ের ভূতুড়ের কপালে পড়িলে ভা চ ৮২।

ভূতুলে বি° [ভূততুল >ভূতুলে (?), অপ্র] ভূতের মত, ভীষণ। 'ভেকধারী ভূতুলে ভূতলে এই ভণ্ড শ্রী ১৩৯, ভূতুলে বেটা ১৪১। —তুলে বি দস্যু। "পথে ব্যাঘ্র ভল্লুক ভূতুলে চোর খাট শ্রী ৬৫।

ভূতেজ্য পুং [ভূতে ইজ্যা (পূজা) যাহার, বহুব্রী] ভূতপূজক। 'গী ৯ ২৫।

ভূতেশ পুং [ষ ত] ১ ভূতপতি, শ্রীকৃষ্ণ। 'গী ১০ ১৫। ২ শিব। "ভূতানি ভূতেশানুচরাণি ভ ৩ ১৪ ২৩। ৩ ব্রহ্মা। 'মহা ১ ২১১ ১৯।

ভূতেশ্বর পুং [ষ ত] ভূতনাথ, শিব। °পার্শ্ববর্ত্তী রঘু ২ ৪৬।

ভূতোপসৃষ্ট বিণ [তৃ ত] ভূতাবিষ্ট, পিশাচপ্রাপ্ত। "সা তু ভূতোপ-সৃষ্টেব (বিললাপ) গো রা ২ ৬০ ১।

ভূতোপহত বিণ [তৃ ত] সর্থ 'ভূতোপসৃষ্ট'।

ভূদেব পুং [ষ ত] ১ পৃথিবীবাসীর দেবতা বাহ্মণ। ভূদেব ব্রাহ্মণে নতি।—দু ৩। °নাথ শ্রী মা ১২, °ভামিনী ৩৮। ভূদেব-আচার ব প ১১৬৪। ভূদেবতুল্য আমার গুরুদেব ব প্র ৫০০। ২ (বাঙ্লায়) শিব। 'শ্রী মা ৭০।

ভূধর বিণ [ষ ত] পৃথিবীধারক। "°তাম্ (অবেক্ষ্য) কু স ৩ ১৩। —ধর পুং ১ পর্ব্বত। 'ভূঃ সভূধরা ভ ৩ ১৩ ৪০। ভা চ ৯৬। নাভি ভূধর-বিবর বি স্থ ১৯৯। ২ শ্রীকৃষ্ণ। 'ভ ৩ ১৩ ৪০। নমস্তে ভূধর।—ম ৭১১। ৩ শিব। ৪ শেষনাগ। 'কদ্রুঃ...জনয়ামাস ভূধরম্ গো রা ৩ ২০ ৩২। ৫ সাত (৭) সংখ্যা। ৬ বৈদ্যের যন্ত্রবিশেষ (শ ক)। [°জ (পুং) —পর্ব্বতজাত বৃক্ষ। "মহা ১ ২৮ ১৬। °রাজ, ভূধরেশ্বর (পুং)—গিরি-রাজ, হিমালয়। "উবাচ· ·প্রাঞ্জলির্ভূধরেশ্বরঃ কু স ৬ ৫৩।]

ভূপ পুং [ভূ+ √পা+অ (ক)-ক: উ ত] ১ 'পৃথিবীপালক', ভূপতি। "ক সা ৪ ৮৫। ভূপ-উপে উপনীত বি স্থ ৭৮। ২ (বাঙ্লায়) শ্রেষ্ঠার্থ। "পর্ব্বত° ক চ ১৯। ঋষি° শ্রী ম ২১৮। অমর°।—গ ৪০, অসুর° ৪৪। অমর° দু ৬৮। রস-রসিক° জ প ১৫। সুরূপগণের ভূপ শু.প্র ১২৪। করুণা° চৈ ম ১৬। নাগর° ভা চ ৩১৯।

ভূপতি পুং [ষ ত, ছান্দস] ১ ভূমিনাথ, রাজা, সম্রাট্। "রঘু ২ ৬। সুর° ক.সা ৫.৭। ২ ইন্দ্র। ৩ বজ্র।

ভূপাল পুং [ভূ+ √পালি+অ (অণ্)-ক ; উ.ত] ১ ভূমিপালক, রাজা, সম্রাট্। ২ ভোজরাজ। —**পালী** স্ত্রী রাগিণীবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম প্রহর, ঠাট স্বাভাবিক, ওড়ব ম ও নি বর্জ্জিত (গী.সা)।]

ভূপালী দ্র 'ভূপাল'।

ভূভার বি পৃথিবীর ভারস্বরূপ পাপপুঞ্জ। "°হরণ।

ভূভারত বি পৃথিবী ও বিশেষভাবে ভারতবর্ষ। "ছিল মহা-মহাবীর ভূভারত ব্যাপিয়া।—হেম ২৯। ন ৪২১, করাশিব সম যোদ্ধা নাহি ভূভারতে ৪৩১, এমন মানুষ °তে নাই।—কা ৮৭।

ভূভুক্(জ্) পুং [ভূ+ √ভুজ্+কিপ্ (০)-ক-১ব, উ.ত] 'ভূ-পালক', ভূপ, রাজা। "চেদি° মাঘ ১৬ ২৫। শ্রী ২০৯।

ভূভুজ বি [সং °জ্, অপ্র] রাজা। "হু ৫৫৩।

ভূভৃৎ পুং [ভূ+ √ভৃ+কিপ্ (০)-ক-১ব; উ ত] ১ ভূধর, পর্ব্বত। "ভূভৃতাং নাথঃ কু.স ৬ ১। ২ রাজা, ক্ষত্রিয়। "রিপুঃ…ভূভৃতাম্ রঘু ১১.৮১। ৩ বিষ্ণু। ৪ সাত (৭) সংখ্যা।

ভূম বি [সং ভূমি—তু 'বিভূম, ত্রিভূম, বা বীর°, মান°, অপ্র] ১ দেশ, স্থান। "ময়নাভূমে করহ বসতি শ্রী ২০। ২ ভূসম্পত্তি। "গ্রাম নাহি ভূম নাহি শ্রী ম ৭৪। গ্রাম ভূম আছে ভ গ্র ৩২৪। ৩ জমি। "জতগুলি ভূম পরভূ সকলি চসিল: ভূমে চাস দিআ পরভূ ভূম কৈল তথা শূ ১০৯। ৪ শস্যক্ষেত্র, ক্ষেত। "ভূম খানি শূ ১০৮। দ্র (৩)। ভূম দেখিতে ভীম আইসে শি ৮১। [ভূমে (ভূমি+এ°)—পৃথিবীতে। "ভূমে ভাগীরথী।—ম ১৬৫।]

ভূমা (-মন্) পুং [বহু+ইমন্ (ইমনিচ্)-১ব, বহু >ভূ, পা ৬.৪ ১৫৮] ১ বহুভাব, বহুত্ব, মহত্ব, নিরতিশয়ত্ব। "চরিতস্য ভূমনা (ভূম্না) —ঋগ্বেদ ১ ১১০ ২। নাল্পে সুখমস্তি ভূমৈব সুখম্।—ছান্দোগ্য ৭ ২৩। রাধামাধবয়োর্ভাবামৃতভূমা বি মা ৫$\frac{8}{5}$। শুদ্ধ ভূমানন্দ স স্ব ৯১। ২ প্রাচুর্য্য, বাহুল্য। "ভূম্না বসানাম্ মা মা ১.৫, ৫ ৯। ৩ মহান্, নিরতিশয় (টীকা)। "যো বৈ ভূমা তৎসুখম্।—ছান্দোগ্য ৭ ২৩। ৪ বহুবচনত্ব (plurality)। "আপঃ স্ত্রী ভূম্নি (অ কো)। ৫ বিভু, বিরাট্পুরুষ। "ভূমন্…বদ মে তব দাস্যযোগম্ ভ ৭ ৯ ১৭। [ভূমানন্দ —ভূমজ্ঞানজন্য আনন্দ, ব্রহ্মানন্দ। দ্র '(১)।]

ভূমি স্ত্রী [√ভূ+মি-ধি, গুণাভাব, উ ৪ ৪৫, Av būmi, Pahlavi, ফা—ব্ূম্] ১ 'উৎপত্তিস্থান', পৃথিবী। "দ্যাবাভূমী।—ঋগ্বেদ ৪ ৫৫ ১। গী ২.৮। রঘু ২ ৭৪। এবে সে নিবাস ভূমি।—হেম ৪৬। ২ পৃথিবী-তন্মাত্র। "গী ৭ ৪। ৩ দেশ, স্থান। "জন্ম°। প্রতিহার° রঘু ৬ ৩১। ৪ ভূতল। "গো রা ২ ৩ ১৩। মহা ৩ ৫৭ ১৫। ন চৈব প্রলিখেদ ভূমিম্ মনু ৪.৫৫। উদ্ঘাতিনী ভূমিঃ শ ১$\frac{2}{b}$। হু ৫৬। ভূমিতে অঙ্ক দিলেন আচার্য্য চৈ ভা ২৮৩। ৫ ভূভাগ। "উটজাঙ্গন° রঘু ১ ৫২। ৬ প্রান্ত-ভাগ। "বিদূর° কু স ১ ২৪। ৭ স্থান, ভূসম্পত্তি, জমি। "ভূমিদো ভূমি-মাপ্নোতি মনু ৪ ২৩০। ৮ গৃহের তলদেশ। "ত্রিভূমঃ প্রাসাদঃ (সি)। বিমানাগ্র° উ মে ৮। মধ্যমাং ভূমিং মন্দিরস্য ক সা ২৬ ৭৬। ৯ (জ্যামিতিতে) ক্ষেত্রের তলরেখা (base)। ১০ পাত্র, ভাজন। "বিশ্বাস°। —হি ১$\frac{2}{8}$, প্রেমবিশ্বাস° ১$\frac{2}{8}$। ১১ সীমা, অবধি। "অনুনেতুং প্রিয়মিয়তী স্ববলাজনস্য ভূমিঃ কি ১০.৫৮। ১২ যোগীর চিত্তের অবস্থা-ভেদ। ১৩ এক (১) সংখ্যা। ১৪ (বাঙলায়) ক্ষেত্র, ভুই। "ভূমি বুনে ভূতনাথ শি ৭৫। ১৫ (অসাধু) স্থান, সমীপ। "শুনিছি বাপের ভূমি, মহাজ্ঞান জান ভূমি ম.ম ১৮৫। [°কদম্ব (পুং)—কদম্ববিশেষ। °কন্দক, °ছত্র (ক্লী)—ছত্রাক, ছাতকোঁড়। °কম্প (পুং), °কম্পন (ক্লী), °চল (পুং), °চলন (ক্লী)—পৃথিবীচলন। "°ম্প রা ২.৮৭.৪। °ম্পন গো.রা ১ ৪ ১২২, °ল ৬.৩৬ ৩৮। °লন মনু ৪.১০৫। °কুষ্মাণ্ড (পুং)—বিদারী, ভুঁইকুমড়া। °খর্জ্জুরিকা, -রী (স্ত্রী)—ক্ষুদ্রখর্জ্জুরী। °গৃহ (ক্লী)—ভূমধ্যস্থ গৃহ, ভুঁইদরা। "ক.সা ২৯.৯০। °চম্পক (পুং) —পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাপা। "ভা চ ১২৭। °জম্বু (স্ত্রী)—কাকজম্বু। °জীবী (-বিন্) 'কৃষিজীবী', বৈশ্য। °তল (ক্লী)—ভূতল। "শাদ্বল-নীলানি…°লানি গো.রা ৩ ৭৮.২৯। °ত্রয় (ক্লী)—ভুবনত্রয়, ত্রৈলোক্য। °দ (বিণ)—ভূমিদাতা। দ্র '(৭)। °দেব (পুং)—ভূদেব, ব্রাহ্মণ। "মনু ১১ ৮৩। কি ৩.৬। °নাথ (পুং)—ভূপতি, রাজা, ক্ষত্রিয়। "বা দ ৯৬। °প (পুং)—১ পৃথিবীপালক, রাজা। "রা ২.৪২.৩। ২ ক্ষত্রিয়। "মহা ২ ৩৩ ৪১। মনু ২ ৩২। °পতি, °পাল (পুং) —ভূপতি, রাজা, ক্ষত্রিয়। "°তি মহা ৩ ৫৬ ২৪। রঘু ১.৪৭। °পুরন্দর (পুং)—১ ভূমির ইন্দ্রতুল্য, রাজা। ২ দিলীপ। °পুরুহূত (বি)—পৃথিবীর ইন্দ্রতুল্য। "ম ৯৬২। °ভাগ (পুং)—ভূমিপ্রদেশ, ভূখণ্ড। "রা ২ ৫৪ ৩। °ভৃৎ (পুং)—'ভূধারক', পর্ব্বত, 'ভূপালক', রাজা। "মাঘ ৩ ৩৪। °রুহ (পুং)—মহীরুহ, বৃক্ষ। °লোক (পুং) —ভূলোক, পৃথিবী। °শয় (বিণ)—১ ভূতলশায়ী। ২ ভূমধ্যস্থ, ভূমিষ্ঠ (জন্তু)। "মনু ১০.৮৪। °শয্যা (স্ত্রী)—ভূতলরূপ শয়নস্থান। °সত্র (ক্লী)—বিধিপূর্ব্বক ভূমিদানবিশেষ। দ্র 'মহা ১৩ ৬২ ৮২। °সন্নিবেশ (পুং)—ভূভাগের অবস্থানব্যবস্থা। "উ চ ২$\frac{2}{2}$$\frac{8}{5}$। °সুত (পুং)—মঙ্গলগ্রহ। °সুর (বি)—ভূদেব, ব্রাহ্মণ। 'চৈ ১৪।]

ভূমিক বি ভূসম্পত্তিশালী, ভূঞা। "চৈ চ ২০৩।

ভূমিকা স্ত্রী [ভূমি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ টাপ] ১ ভূমি, পৃথিবী। ২ ভূভাগ, স্থান। "প্রমৃষ্টাহারভূমিক ক সা ৪১ ৬৪। ৩ গৃহতলদেশ (story)। "চতুর্ভূমিকা গৃহাঃ, সপ্তভূমিকপ্রসাদ (পক্ষ)। ৪ লেখন-স্থল, লিপিফলক। "অক্ষর° রঘু ১৮ ৪৬। ৫ রূপান্তর, মূর্ত্ত্যন্তরপরিগ্রহ। "মাঘ ১ ৬৯। ৬ (নাট্যে) পাত্রের বেষ। 'তত্তদ্‌বেষস্তু ভূমিকা (অ চি)। ৭ রূপান্তরগ্রহণপূর্ব্বক পাত্রের প্রবেশ, নাট্যপাত্রের অভিনয় বিষয় (role, part—A)। 'অন্যরূপৈর্যদন্যস্য প্রবেশঃ স তু ভূমিকা।—ভরত। "যা যস্য যুজ্যতে ভূমিকা তাং খলু তথৈকভাবেন সর্ব্বে বর্গ্যাঃ পাঠিতাঃ মা মা ১$\frac{2}{b}$। ৮ রচনা। ৯ গ্রন্থে বক্তব্যবিষয়ের পূর্ব্বাভাষ। ১০ কক্ষা (ত বা)। ১১ (বেদান্তে) চিত্তের অবস্থাবিশেষ। [ক্ষিপ্ত মূঢ় বিক্ষিপ্ত একাগ্র বিরুদ্ধ—চিত্তের এই পঞ্চভূমি।] ১২ (বাঙলায়) বক্তব্য বিষয়ের অবতারণার পূর্ব্বে তদনুকূল প্রস্তাব। "ভূমিকা না করি কিছু ঘড়ি খুলি কয়,—সতেরো মিনিট-মাত্র রয়েছে সময় চ কা ৮৪। এইরূপ ভূমিকা করিয়া…গৃহিণী প্রফুল্ল ও তার মাতার আগমন ও কথোপকথন-বৃত্তান্ত আদ্যোপান্ত বলিলেন ব প্র ৩৪৩। কি বলবে বল, এত ভূমিকায় আবশ্যক কি ?—ন ত ৫৬।

ভূমিগত বিণ [দ্বি ত] ১ ভূপতিত, ভূমিপ্রাপ্ত। ২ (বাঙলায়) ভূমি-লগ্ন, সাষ্টাঙ্গপতিত। "(ভীষ্মে) কুরুগণ প্রণমিল °শিরে।—ম ৮১৪। (কৃষ্ণের) চরণ বন্দিল রাজা হইয়া ভূমিগত অ.প ৮৭। ৩ ভূমিষ্ঠ। "(শুকদেব) ভূমিগত হবামাত্র স্বকর্ম্মে প্রস্থান বি.সু ১৫৯।

ভূমিচম্পা, -চাঁপা বি সর্থ 'ভুঁইচাঁপা'। "ভূমিচম্পা ম.ম ৭। ভূমি-চাঁপা বা.ম ৩৯১।

ভূমিচাঁপা দ্র 'ভূমিচম্পা'।

ভূমিধর পুং [ষ.ত] ১ ভূধর, পর্ব্বত, হিমালয়। "কু.স ৭.৫৪। ২ রাজা। ৩ সাত (৭) সংখ্যা।

ভূমিপাদ, -পায় বিং (অপ্র) পাদচারী। "গজ এড়ি °দ হইয়া (আইসে) অ প ৯৭। ভূমিপায় হাঁটি যায় ব প ৭০৮।

ভূমিপায় দ্র 'ভূমিপাদ'।

ভূমিমালী বি হিন্দুজাতিবিশেষ। "চৈ চ ৩০৫।

ভূমিলতা বি [তু 'মহীলতা'] কেঁচো। "ম ৫৯৫।

ভূমিষ্ঠ বিণ [ভূমি+ √স্থা+অ (ক)-ক, ষষ] ১ ভূমিস্থিত, ভূমিতে

দণ্ডায়মান। "ভূমিষ্ঠং নোৎসহে যোদ্ধুং ভবন্তং রথমাস্থিতঃ মহা ৫.১৮১.১। **২** ভূমিমধ্যগত, ভূমিশয়। "°স্তম্ভ মনু ১০.৮৩, কুল্লুক। **৩** ভূমিনিখাত, মাটিতে পোতা। "চিরভূমিষ্ঠো নিধিঃ ক.সা ১৯.১৫। **৪** গর্ভনিঃসৃত, কৃতপ্রসব। "কশ্চিদ্ গর্ভে চ ম্রিয়তে কশ্চিদ্ ভূমিষ্ঠমাত্রতঃ (মারদশকমাত্র)। **৫** (বাঙলায়) ভূমিতে দণ্ডবৎপতিত, সাষ্টাঙ্গপতিত। "ভূমিষ্ঠ হইয়া তারা প্রণমিল পায় বি সু ৭১। ভবানী ভূমিষ্ঠ হ'য়ে, বাপ মায়ে হইলা দণ্ডবৎ শি ৯৬। [ভূমিসৃটি (কথ্যভাষা)—সর্থ 'ভূমিষ্ঠ (৪)। "ভূমিসৃটি হইআ তিনি তপিসস্তাঅ গেল।—শূ ১৯, ২০।]

ভূমী স্ত্রী [ভূমি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'ভূমি'। [°পতি, °ভুক্ (-জ্) পুং—রাজা। °রুহ (পুং)—'ভূমীজাত', বৃক্ষ। "ক ম ৩২৫।

ভূমীশ্বর পুং [ষ ত] ভূপতি, রাজা। "শ্রী মা ৯৮।

ভূম্যনন্তর পুং [ষ.ত] স্বরাজ্যের অব্যবহিতপরবর্তী রাজা, অরি।

ভূম্যনৃত ক্লী [উ লো] ভূমিবিষয়ক মিথ্যা সাক্ষ্য। "মনু ৮ ৯৯।

ভূম্যামলকী, -মলী স্ত্রী বর্ষাজাত শাকজাতীয় গাছবিশেষ, ভুঁই-আমলা (Phyllanthus Niruri)। [ইহার পাতা ফল আমলকীর মত।]

ভূম্যামলী দ্র 'ভূম্যামলকী'।

ভূয় ক্লী [√ভূ+য (ক্যপ্)-ভা] ভাব "দেব", ব্রহ্ম°। দাশরথি°। মাঘ ১৪ ৮১।

ভূয়ঃ (-য়স্) ব্য **১** পুনঃ। 'বাক্যমধ্যেতে ভূয়ঃ রা ১.৩১। ভূয় এব …শৃণু গী ১০.১, ১৮। মনু ৯ ৩১৮। রঘু ২ ৪৬। **২** অধিক। "রামো হি ভরতাদ্ ভূয়স্তব শুশ্রূষতে রা ২ ১২২৫, কচ্চ ভূয়স্তবং কুর্য্যাৎ ২৬। [ভূয়ো (ভূয়োভূয়ঃ—ভুযো, অসাধু)—পুনঃপুনঃ। "ভূয়ো বোলিছে আগম পুরাণ ম পা ১৬৩। ভুয়ো ভুয়, -ভূয়ঃ (সং ভূয়ো ভূয়ঃ)—পুনঃপুনঃ, বারংবার। "°ঃ প্রণমিয়া ম পা ২৬, ৩৩, °য় ১৬৪, -৬৯। পথিক ষাবে ভুয়োভূয়ঃ বলদর্পিত কবাঘাত করিতে লাগিলেন ব প্র ৩।]

ভূয়শঃ (-শস্) ব্য [অসাধু] **১** পুনঃ। "ব্রহ্মণোক্তে তদা সোঽথ ভূয়শস্তাবুপস্থিতঃ।—হ ২০৪.১২। **২** অধিক। "তে তস্য 'ভূয়শো' (পাঠান্তর) দোষান্ বর্দ্ধয়ন্তি মহা ৩.৪৯.১৭।

ভূয়ান্ (-য়স্) বিণ [বহু+ঈয়স্ (ঈয়সুন্)-ঃব, স্ত্রী -য়সী, ক্লী -য়ঃ, 'ভূয়স্'—অধিক (ঋগ্বেদ ১১১৮)] **১** বহুতর, অধিকতর, প্রচুরতর। 'ভূয়ো দাস্যামি তে বসু মহা ৩.৭০ ১৯। মনু ২.১৩৭। ভূয়ান্ …আদরঃ কু স ৬.১৩। ভূয়ান্ ভেদঃ উ.চ ২ ৪, ভূয়সে মঙ্গলায় ৩ ৪৮। **২** মহত্তর, মহান্ (কুল্লুক)। "ন ব্রাহ্মণবধাদ্ ভূয়ানধর্ম্মো বিদ্যতে ভুবি মনু ৮.৩৮১। **৩** সর্ব্বোৎকৃষ্ট। "রা ২ ৭৪ ২৬। **৪** অপরিমিতমহিমা। "নমঃ…পুরুষায় ভূয়সে ভ ২.৪.১২। **৫** সমৃদ্ধ, সম্পন্ন। "স্বকৃতিমেবং-প্রায়গুণভূয়সীম্ মা মা ১$\frac{৪}{৬}$। **৬** বহু, অনেক। "আহিতাস্বপি ভার্য্যাসু ভূয়সীষু ক.সা ৪৭.১০৩। বিশুদ্ধস্বর-সপ্তকের ভূয়সী সৃষ্টি ব.প্র ৩১৫।]

ভূয়িষ্ঠ বিণ [বহু+ইষ্ঠ (ইষ্ঠন্), বহু >ভূ, ইষ্ঠ >য়িষ্ঠ, পা ৬ ৪ ১৫৯, "'ষ্ঠ'—শ্রেষ্ঠ (ঋগ্বেদ ১.১৬১ ৯)] **১** বহুতম, প্রচুরতম। **২** বহুল। "স্ত্রীবর্ব্বর° রা ২.৬৫.৭। রাষ্ট্রং শূদ্রভূয়িষ্ঠম্ মনু ৮.২২। অভিরূপভূয়িষ্ঠা পরিষৎ শ ১$\frac{২}{১}$। সদশভূয়িষ্ঠাঃ (উপদাঃ) রঘু ৪ ৭০। **৩** প্রভূত, প্রচুর, বহু, ভূরি (অ কো)। "(পুত্রাঃ) দুষ্কৃতভূয়িষ্ঠাঃ মহা ১ ১.২৪২। শূল্য-মাংসভূয়িষ্ঠ আহারঃ শ ২$\frac{৫}{৬}$। উদিতভূয়িষ্ঠঃ তপনঃ…মা মা $\frac{২}{৩}$। —য়িষ্ঠ ক্রি.বিণ প্রকাম, অত্যর্থ, অত্যন্ত। "শ ১.২৮, ভূয়িষ্ঠং ভব দক্ষিণা পরিজনে ৪.১৮। রঘু ৬.৪, আভাতি ভূয়িষ্ঠময়ং সমুদ্রঃ ১৩ ১৪। —ষ্ঠশঃ ব্য ভূয়িষ্ঠভাবে, প্রভূত। "ভগবন্ নিহতাঃ সর্ব্বে ভ্রাত্রা ভূয়িষ্ঠশো নরাঃ মহা ১৬.৩.৪৭।

ভূয়োগুণ বিণ [বহুব্রী] প্রভূতগুণ, গুণবান্।

ভূয়োদর্শন ক্লী [কর্ম্মধা] বহুদর্শন, ভূরিপর্য্যবেক্ষণ। "ভূয়োদর্শন দ্বারা শেখা প্যা.প্র ১১১।

ভূয়োবিদ্য বিণ [বহুব্রী] প্রকৃতভরবিদ্যাসম্পন্ন, বিদ্বত্তর।

ভূয়োভূয়, -ভূয়ঃ দ্র 'ভূয়ঃ'।

ভূর্ ব্য **১** পৃথিবী। "পা ১.১.৩৬, তত্ত্ববোধিনী। **২** ব্যাহৃতিভেদ।

ভূর; ভূরা দ্র 'ভুর'; ভুরা'।

ভূরি বিণ [√ভূ+রি (ক্রিন্)-ক, উ ৪.৬৫] বহু, প্রভূত, প্রচুর। "ভূরিদা ভূরি দেহি নঃ।—ঋগ্বেদ ৪.৩২ ২০। °কাল, °দক্ষিণ, °প্রয়োগ, °বিক্রম, °মায়, °শ্রম (S W.)। গোরা ২ ৬৫ ১৬। —রি ক্রি.বিণ প্রকাম, অত্যর্থ। "ভূরি (পাঠান্তর) বিলপ্য মহা ১৪ ৮০.১। নবাম্বুভির্ভূরিবিলম্বিনঃ (পাঠান্তর) ঘনাঃ শ ৫.১২। —রি পুং **১** বিষ্ণু। **২** শিব। **৩** ব্রহ্মা। —রি ক্লী স্বর্ণ। [°তেজাঃ (-জস্) বিণ—বহুতেজঃসম্পন্ন, মহাতেজস্বী। "মনু ১.৩৬; ৬৩। °দ (বিণ)—বহুদাতা। "ভ ১০.৩১ ৯। চৈচ ১৫৭। °দক্ষিণ (বিণ)—প্রভূতদক্ষিণাযুক্ত। "(যজ্ঞৈঃ) ভূরিদক্ষিণৈঃ মহা ৩ ১২১ ২, ১২৬.৫। °প্রয়োগ (বিণ)—প্রচুরপ্রয়োগ (শব্দ)। "নানার্থবর্গ ১ (অ.কো)। °বিক্রম (বিণ)—মহাবল, মহাশূর। °বৃষ্টি (স্ত্রী)—ধারাসার। °মায় (পুং)—শৃগাল।]

ভূরিশঃ (-শস্) ব্য [ভূরি+শঃ (শস্)] বহুশঃ। "পা ৫.৪ ৪২।

ভূরিশ্রবাঃ (-বস্) পুং [বহুব্রী] চন্দ্রবংশীয়রাজবিশেষ। [ইঁহার পিতা সোমদত্ত। ইনি বাহ্লীকের রাজা, ভারতযুদ্ধে সাত্যকি কর্ত্তৃক নিহত হন (মহা ৭.১৪১তম অধ্যায়। ভ ৯.২২ ১৮)।]

ভূরিস্থায়ী বি সর্থ 'ভূরিষ্ঠাল'। "ব প ৩১৫।

ভূরুক দ্র 'ভুরুক'।

ভূরুট্ (-রুহ্), -রুহ পুং [ভূ+ √রুহ্+ক্বিপ্ (০)-ক-৲ব; উ.ত, স ত] 'ভূমিজাত', বৃক্ষ। "ভূরুহাং প্রসূনৈঃ মাঘ ৭.৫০।

ভূর্জ্জ পুং [Ger bircha, birke, Slav. brĕza, Lith. bérżas; A S birce, E. birch] বল্কপ্রধান বৃক্ষভেদ (Betula Bhojpatra)। —র্জ্জ ক্লী ভূর্জ্জত্বক্‌কৃত লেখনপত্র। [°কণ্টক (পুং) —ব্রাহ্মণীর গর্ভে ব্রাত্যব্রাহ্মণজাত সঙ্কীর্ণজাতিবিশেষ। "মনু ১০.২১। °ত্বক্ (-চ্) স্ত্রী—ভূর্জ্জপত্রবল্কল। "কু.স ১.৭। °দ্রুম, °পত্র (পুং) —ভূর্জ্জবৃক্ষ। °পত্র (বি)—ভূর্জ্জবল্কল।]

ভূর্লোক পুং [কর্ম্মধা] ভূলোক, পৃথিবী। "মহা ২ ১২২৭ শক্তিরূপ হের তাঁর…ভূর্লোকে।—রবীন্দ্র। **২** সপ্তপাতালসহিত পৃথিবী। "ভ ২.৫ ৩৮, ৪২।

ভূলোকেশ বি পৃথিবীপতি, ভূপতি, রাজা। "শ্রী.মা ২৪।

ভূষ্ সক [ভ্বা, চু, প—ভূষতি, ভূষয়তি, সেট্] মণ্ডন, ভূষণ [বি—বিভূষণ, সম্যক্ মণ্ডন। 'ঋতু ৩.২০।]

ভূষ[১] বি ['বুস'—মূল, দ্র 'ভুসি'] অসার, ব্যর্থ। "শ্রী ১২৪।

ভূষ[২] সন্ন [সং √ভূষ্—ভূষয় >প্রা √ভূস, হি √ভূষ; ঠ √ভূষরি] **১** ভূষিত করা, সাজান। "ভানু বৃহদ্ভানু শশী ত্রিবিধ প্রকারে ভূষি। —ম ১২। ফুল-আভরণে ভূষে আপনার বপু।—মা ১২৬। **২** আলোকিত করা। "মিহির যথা নিজকরদানে, ভূষেণ…সুধাংশুনিধিরে—মে ২৪৯। সুধাকর, ভূষিবেন…অম্বর ব সু ৭।

ভূষণ বিণ [√ভূষ্+অন (যুচ্)-ক, স্ত্রী -ণা] অলঙ্কারক, শোভাকর, ভূষণভূত। "কুল" মহা ১.১৩৬ ৩৭। স্ত্রীপুংভিঃ…জুষ্টং ভূষণভূষণৈঃ ভ ৯ ১১.৬৪। —ষণ পুং বিষ্ণু। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** অলঙ্করণ, শোভন। **২** [+অন-ণ] 'মণ্ডনসাধন', অলঙ্কার, আভরণ। "অভূতভূষণা রা ২,৬০.১৯; ৭৮.৬। অসমগ্রভূষণা রঘু ৩২। °ভূষণভাব কু.স ১.৪২। **৩** মণ্ডনসাধনদ্রব্য, ভূষণভূত বস্তু। "নক্ষত্রভূষণং চন্দ্রঃ। —চাণক্য। স্ত্রীভূষণং চেষ্টিতমপ্রগল্ভম্।—ভট্টি ২.১৫। তুমি সূর্য্যবংশের ভূষণ।—কু ৩৪। ভূষণের ভূষণ আমি, আমার ভূষণ কৃষ্ণ।—জা ১৭৮। —ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] অলঙ্করণীয়, ভূষ্য

—ষয়িতব্য বিণ [+তব্য-র্ম] ভূষণীয়। "মনু ৩ ৫৫। —ষা¹ স্ত্রী [+অ -ণ] ১ ভূষণ। 'রা ২.৮০ ১৬। ভ ৩ ২২ ২৩। ২ মণ্ডনদ্রব্য। "কুল' ক সা ৩৩ ২৫। —ষ্য বিণ [+য (যৎ)-র্ম] ভূষণীয়। দ্র 'ভূষণ' (২)। °পেটিকা (স্ত্রী)—আভরণমঞ্জুষা, গহনার বাকস। °শিঞ্জন, °শিঞ্জিত (বি)—অলঙ্কারধ্বনি। "°ত চৈ চ ৩৪২। °ন প তৃ ১৮।

ভূষণাচ্ছাদনাশন ক্লী [দ্বন্দ্ব] ভূষাবসনভোজন। "এতাঃ সদা পূজ্যা ভূষণাচ্ছাদনাশনৈঃ মনু ৩ ৫৯।

ভূষণ্ডী বি ১ সর্থ 'কাকভূশুণ্ড'। ২ বিষয়বোধকুশল ব্যক্তি। "তুমি উনিশ আমি বিশ, ও বিষয় বুঝিবার ভূষণ্ডী।—দা ৭৭১।

ভূষনাই বি পূর্ববঙ্গের ভূষণার প্রস্তুত পণ্যদ্রব্য। "বি সু ১৯।

ভূষা¹ ; ভূষা² দ্র 'ভূষণ, ভুসা'। [°পেটি (স্ত্রী)—ভূষণমঞ্জুষা।]

ভূষিকা বি (সঙ্গীতে) কোন স্বরের পূর্ব্বে বা পরে এক বা ততোধিক অতীব অল্পকালস্থায়ী স্বর (গী না, ৪১ পৃষ্ঠ)।

ভূষিত বিণ [√ভূষ্+ত (ক্ত)-র্ম] মণ্ডিত অলঙ্কৃত, শোভিত। "সর্ব্বভূষণভূষিতা মহা ৩ ৫৩ ১২। রঘু ২ ৩১।

ভূষ্ণু বিণ [√ভূ+স্নু (গস্নু)-ক, ষত্ব ; স্ত্রী -ষ্ণু] ১ ভবনশীল, ভবিতা (অ কো)। ২ বর্দ্ধনশীল। মনু ৪ ১৩৫।

ভূসুত পুং [ষ ত] ১ মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। —সুতা স্ত্রী সীতা।

ভূসুতা দ্র 'ভূসুত'।

ভূসুরে পুং [ষ ত] পৃথিবীর দেবসদৃশ , ভূদেব ব্রাহ্মণ। 'দ্রু ৭। 'বগ ম পা ১৬৭। °সমাজ ন প ১১৪ , ১২৯ , ১৪৬।

ভূস্তৃণ ক্লী [ভূলগ্ন তৃণ, উ লো, স্ (সুট্)] ভূমিলগ্নকাণ্ডশাখাত্মক তৃণভেদ (অ কো) , মালবে প্রসিদ্ধ শাক (কুলুক)। মনু ৬ ১৪।

ভৃ সক [ভ্বা, এ—ভরতি, -তে, অনিট্] ১ ভরণ, পূরণ। 'ভরতি তে কুক্ষমণ্ডিজনঃ (ক ক)। ২ পোষণ (ক ক), প্রতিপালন। দরিদ্রান ভর কৌন্তেয়।—হি ১ ৪৪। ৩ ধারণ। "যো ভুজাভ্যাং ভুবো ভারং ভরতে (ক ক)। ৪ গ্রহণ, প্রাপ্তি। ৫ [হ্বাদি, এ—বিভর্ত্তি, বিভৃতে, অনিট্] ভরণ, ধারণ। "বিভর্ত্তি শশিনং শম্ভুঃ (ক ক)। ৬ পোষণ, প্রতিপালন। বিভৃত জনকঃ সুতম্ (ক ক)। [সম্—১ সঙ্কল্প। ২ সঞ্চয়। ৩ উপচয়, বর্দ্ধন। ৪ পরিপূরণ। ৫ পরিপোষণ।]

ভৃকুটি, -টী স্ত্রী [ভ্রূকুটি, -টী > °টি, -টী, সম্প্রসারণ] ভ্রূকুটি। 'ভৃকুটীকুটিলানন মহা ৩ ১৫০ ৫। বচিতভৃকুটিবন্ধ (শ ক)। ভৃকুটি। —গ ১৩৮। ভৃকুটী শ্রী মা ৫১।

ভৃকুটী দ্র 'ভৃকুটি'।

ভৃগু পুং [√ভ্রস্জ্+উ (কু)-ক, উ ১ ২৮] ১ ঋষিবিশেষ। [ইনি ব্রহ্মার হৃদয় হইতে নিঃসৃত (মহা ১ ৬৬ ৪১), মতান্তরে, ব্রহ্মার ত্বক্ হইতে ইঁহার জন্ম (ভ ৩ ১২ ২৩)। মনুসংহিতামতে, ইনি মনুসৃষ্ট দশ প্রজাপতির একতম (মনু ১.৩৫)। কর্দ্দমকন্যা খ্যাতি ইঁহার পত্নী, ধাতা বিধাতা ইঁহার পুত্র (ভ ৪ ১.৪২)। ইনি ভৃগুবংশের আদিপুরুষ। ব্রহ্মা বিষ্ণু শিব—ইঁহাদের মধ্যে কাহার পূজা প্রশস্ত, এই প্রশ্নের মীমাংসার্থ ইনি ব্রহ্মলোকে উপস্থিত হইয়া ইচ্ছাপূর্ব্বক ব্রহ্মার সম্মান করেন নাই। ব্রহ্মা কুপিত হইলে তাঁহার ক্রোধশান্তি করিয়া ইনি শিবের নিকটে গমন করেন। ঋষির অবিনয়দর্শনে শিব কুপিত হইয়া বধ করিতে উদ্যত হইলে, তাঁহাকে স্তবে তুষ্ট করিয়া ইনি গোলোকে উপস্থিত হন এবং নিদ্রিত দেখিয়া বিষ্ণুর বক্ষঃস্থলে পদাঘাত করেন। পদাঘাতে জাগরিত হইয়া বিষ্ণু, 'আঘাতে পদ ব্যথিত হইয়াছে' বলিয়া ইঁহার পদসেবা করেন। তখন ইনি, বিষ্ণুর কোন ক্রোধের লক্ষণ না দেখিয়া তাদৃশ ভৃত্যোচিত ব্যবহারে স্থির করিলেন, 'বিষ্ণুই শ্রেষ্ঠ, বিষ্ণুপূজাই প্রশস্ত'। তদবধি এই ভৃগুপদচিহ্ন বিষ্ণুর বক্ষোভূষা। পুরাণে ইহা 'শ্রীবৎসচিহ্ন'।] ২ [ভৃগু+অ (অণ্), বহুত্বে প্রত্যয়লোপ] ভৃগুর গোত্রাপত্যগণ। ৩ শুক্রাচার্য্য। ৪ শুক্রগ্রহ। ৫ জমদগ্নি। "ভৃগুনন্দন সী ৮। ৬ [ভৃগুরাম—ভৃগু] জামদগ্ন্য (ত্রিকাণ্ডশেষ), পরশুরাম। "কৃ ৫৯। ৭ মহাদেব। ৮ গিরিসানু। "°ভৃগে সা ম ৫৩। ৯ অবলম্বনস্থানহীন পর্ব্বতের উচ্চপ্রদেশ ; প্রপাত, অতট। "ভৃগুর ভ্রূকুটি কু.কে ৯৭। [°জ, °তনয় (পুং) —শুক্রাচার্য্য। °তুঙ্গ (পুং)—পর্ব্বতশৃঙ্গবিশেষ। "রা ১ ৬১.১১। °নন্দন (পুং)—১ ভৃগুগণের নন্দয়িতা বা 'জমদগ্নিপুত্র', পরশুরাম। "উ.চ ৫ ৩৪। সী ৮। ২ শুক্রগ্রহ। °পতি (পুং)—'ভৃগুশ্রেষ্ঠ', পরশুরাম। "পু মে ৫৭। °রূপ গী গো ১ ১০। ম ৭৪২। °পাত (বি)—প্রপাতপতন। 'ত্যজিব দেহ ভৃগুপাত করিয়া চৈ চ ৪৩। °বার, °বাসর (পুং) —শুক্রবার। °রাম (বি)—পরশুরাম। "কৃ ৫৯। মে ৯৮। °শার্দ্দূল, °শ্রেষ্ঠ, °সত্তম (পুং) ভৃগুগণের শ্রেষ্ঠ , পরশুরাম। °সুত, °সুনু (পুং) —১ শুক্রাচার্য্য , শুক্রগ্রহ। ২ পরশুরাম।]

ভৃঙ্গ পুং [১ ভৃ+গ (গন্)-ক, উ ১ ১২৪ , স্ত্রী -ঙ্গী , তু 'ভিংগ'—কৃষ্ণ. কাল (দেশী ৬ ১০৪)] ১ 'মধুগ্রাহক', মধুকর, ভ্রমর। "শুক্লযজুর্ব্বেদ ২৪ ২৯। ভৃঙ্গালী ভট্টি ৬৭৩। ২ ভৃঙ্গরোল, ভিমরুল। ৩ ভৃঙ্গরাজ, ভিমরাজ পাখী। ৪ কামুক। ৫ ভৃঙ্গরাজ, কেশরাজ, কেশুরিয়া গাছ। ৬ ভৃঙ্গার। —ঙ্গ ক্লী গুড়ূচী। —ঙ্গী² স্ত্রী [ভৃঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ভ্রমরী, মধুকরী। 'ভৃঙ্গীব পুষ্প' পুরুষং স্ত্রী বাঞ্ছতি নবং নবম্ ক সা ৩৭ ১৭৪। 'রণিত গী গো ২ ২০। ভ প্র ৩৮৪। ২ অতিবিষা। °জ (ক্লী) —অগুরু। °প্রিয়া (স্ত্রী)—মাধবী। °বল্লভ (পুং)—ধারাকদম্ব, ভূমিকদম্ব। °বজ, °বজ্ঞাঃ (-জস্) পুং—সর্থ 'ভৃঙ্গ (৩)। °রোল (পুং)—সর্থ 'ভৃঙ্গ (২)।]

ভৃঙ্গরাজ পুং [ভৃঙ্গের রাজা, ষ ত, সমাসান্ত 'অ' (টচ)] ১ ভ্রমর। ২ কৃষ্ণবর্ণপক্ষিবিশেষ ভিমরাজ। "গো রা ২ ১০৫ ১২। 'মহা ৩ ১৭৮ ৭। সুশ্রুত ১৭৬। বা ম ২৮৬। ৩ কেশরাজ, কেশুরিয়া গাছ। "°রস (সুশ্রুত)। ৪ যন্ত্রবিশেষ।

ভৃঙ্গরিটি, -রীট, -রীটি পুং ভৃঙ্গী। "°রীটি হ ১ ৬৮ ৬৮।

ভৃঙ্গরীট, ভৃঙ্গরীটি দ্র 'ভৃঙ্গরিটি'।

ভৃঙ্গাধিপ পু [ষ ত] মধুকররাজ, ভ্রমর। ভ ৩ ১৫ ১৮।

ভৃঙ্গার পুং, ক্লী [√ভৃ+আর (আরন্)-ক, উ ৩ ১৫৬] ১ স্বর্ণময় জলপাত্রভেদ, ভদ্রকুম্ভ। মহা ১৩ ৫২ ১৪। ২ জলপাত্রভেদ। ৩ রাজাভিষেকপাত্রভেদ (শ ক)। —ঙ্গার ক্লী সুবর্ণ। —ঙ্গারিকা, -রী স্ত্রী [তু 'ভিংগারী'—ঝিল্লী, মশক (দেশী ৬ ১০৫)] ঝিল্লী।

ভৃঙ্গারিকা, ভৃঙ্গারী দ্র 'ভৃঙ্গার'।

ভৃঙ্গি, ভৃঙ্গী¹ (-ঙ্গিন্) পুং শিবানুচরবিশেষ।

ভৃঙ্গী¹ ; ভৃঙ্গী² দ্র 'ভৃঙ্গি , ভৃঙ্গ'।

ভৃজ (-জী) সক [ভ্বা, ঙ—ভর্জতে , সেট্] ভর্জ্জন, ভাজা।

ভৃৎ বিণ [√ভৃ+কিপ্ (০)-ক-১ব] ১ ধারক। "আয়ুধভৃৎ, কপালভৃৎ, গদা°, নিস্ত্রিংশ°। ২ বাহক। "পরাগ°, পরিমল°, ভার°। ৩ পোষক, পালক। "ক্ষমা°, ভূ°, মহী°। ৪ পরিধায়ী। "মৃতবস্ত্র° মনু ১০ ৩৫। চীর° রঘু ১৩ ২২। [সমাসে উত্তরপদ]।

ভৃত বিণ [√ভৃ+ত (ক্ত)-র্ম] ১ পূরিত, পূর্ণ। "বৈদূর্য্যবাপীম্…ভৃতাম্ (সুধাসেন) ক সা ৪৫ ১৩০। ২ ধৃত। "°ভৃতি মাঘ ১৬৭১। ৩ পালিত। "পরভৃত। ৪ বেতন দ্বারা ক্রীত। "মাসং ভৃতঃ পা ৫ ১. ৮০, সি। গোপঃ ক্ষীরভৃতঃ মনু ৮ ২৩১। ৫ বিত্তদ্বারা ক্রীত (নীলকণ্ঠ)। 'মহা ১৩ ৯৪ ২৮। —ত পুং ১ বেতনক্রীত জন , ভৃতিভুক্, ভৃত্য, সেবক। 'উত্তমস্ত্বায়ুধীয়ো যো মধ্যমস্তু কৃষীবলঃ। অধমো ভারবাহী স্যাদিত্যেবং ত্রিবিধো ভৃতঃ॥ 'বাজ' রা ১ ৫৪ ৩। মহা ২ ৫.৫৯। ২ পণপূর্ব্বক অধ্যাপক (মিতাক্ষরা); বৈতনিক অধ্যাপক। 'ভৃতাচ্চাধ্যয়নাদানম্ মনু ১১ ৬৩ , যাজ্ঞ ৩ ২৩৫ , বিষ্ণু ৩৭ ২১।

ভৃতক বিণ [ভৃত+ক (কন্) স্বার্থে] ১ বেতনদ্বারা ক্রীত , বেতন-

গ্রাহী। "ভৃতকাধ্যাপকঃ মনু ৩.১৫৬। যাজ্ঞ ১২২৩। ২ পণপূর্ব্ব (মিতাক্ষরা)। "ভৃতকাধ্যাপন যাজ্ঞ ৩ ২৩৫, বিষ্ণু ৩৭ ২০। ৩ ধান্ত-বিক্রীত (নীলকণ্ঠ)। "মহা ১৩ ৯৪.৩৩। —ভক পুং কর্ম্মকর, পরিচারক। "মনু ৮.৭০। বিষ্ণু ৫.১৫২।

ভৃতকাধ্যয়ন স্ত্রী [প.ত] বেতনগ্রাহী অধ্যাপকের নিকটে অধ্যয়ন। —ধ্যাপক পুং [কর্ম্মধা] বেতনগ্রাহী অধ্যাপক। দ্র 'ভৃতক' (২)। —ধ্যাপন স্ত্রী [ষ ত] বেতনগ্রাহী অধ্যাপকের পাঠন। "দ্র 'ভৃতক' (২)। —ধ্যাপিত বিণ [তৃ.ত] বেতনগ্রাহী অধ্যাপক কর্ত্তৃক পাঠিত। "যশ্চভৃতকাধ্যাপিতঃ মনু ৩.১৫৬।

ভৃতকাধ্যাপক, -ধ্যাপন, -ধ্যাপিত দ্র 'ভৃতকাধ্যয়ন'।

ভৃতি স্ত্রী [√ভৃ+তি (ক্তিন্)-ভা] ১ ভরণ, পোষণ। "ঋগ্বেদ ১০ ২৯. ৪। নেচ্ছামি ভরতাদ্ ভৃতিম্ গো.রা ২ ৩০.৭। ২ ধারণ। ৩ [+তি -ণ] বেতন, বর্ত্তন, ভাড়া, মজুরী। "পা ১ ৩ ৩৬। ভৃত্যাধ্যাপনম্ মনু ১১.৬৩। যাজ্ঞ ৩.২০০, ২০১। ৪ মূল্য। ৫ খাদ্য। ৬ বেতনার্থ কর্ম্ম। "ঋগ্বেদ ৯ ১০৩ ১। [°ভুক্ (জ্) পুং—বেতনক্রীত ভৃত্য।]

ভৃত্য বিণ [√ভৃ+য (ক্যপ্)-র্ম্ম, স্ত্রী-ত্যা] ভরণীয়, অবশ্যভর্ত্তব্য (পু-দারাদি)। "মনু ১১ ১০। —ত্য পুং ১ পুত্রদারাদি পোষ্যবর্গ। '১০. ২৪। ২ অবশ্যভর্ত্তব্য বৃদ্ধমাতৃপিত্রাদি। "মনু ৩ ৭২। ৩ ভর্ত্তব্যজন। "রা ২ ২৪ ৩। ভগবান্ ভৃত্যকামকৃৎ ভ ৮ ৮ ৩৮। ৪ রাজপুরুষ, সচিবাদি। "(নৃপঃ) ভৃত্যে দোষান্ ক্ষিপতি ন নিজং বেত্ত্যবিনয়ম্। —হি ২ ১৪০। ৫ পরিচারক। 'দুর্ম্মুখ· অতিবিশ্বস্ত ভৃত্য।—সী ১৭। ৬ দাস, কিঙ্কর। 'রা ১ ৫৪ ৬। ভৃত্যশ্চোত্তরদায়কঃ।—চাণক্য। —ত্যা স্ত্রী [ভৃত্য+স্ত্রী আ (টাপ্)] ১ ভরণক্রিয়া (সায়ণ), পালন। "ঋগ্বেদ ১.৮৪.১৬। ২ [+য-ণ] চিকিৎসা। "কুমারভৃত্যাকুশলৈঃ (ভিষগ্ভিঃ) রঘু ৩ ১২। ৩ মূল্য, বেতন, ভৃতি (অ কো)। ৪ জীবিকা। [°জন (পুং)—১ অবশ্যভরণীয়পুত্রাদিবর্গ। "মনু ১১ ২২। ২ দাসবর্গ। °ভরণ (ক্লী)—ভৃত্যপালন। °ভাবী (-বিন্) বিণ—ভৃত্যত্বগত, ভৃত্যভাবপ্রাপ্ত। "ভৃত্যভাবি· ·কুলমিদং নিমেঃ রঘু ১১ ৪৯। °বর্গ (পুং) —দাসজন। "হি ২ ৭৯। °বৃত্তি (স্ত্রী)—অবশ্যপোষ্যপুত্রাদির ভরণ। "মনু ১১ ৭।]

ভৃত্যা দ্র 'ভৃত্য'। [ভৃত্যাধ্যাপন (ক্লী)—প্রতিনিয়ত বেতনগ্রহণপূর্ব্বক অধ্যাপন। "মনু ১১ ৬৩।]

ভৃমি পুং [√ভ্রম্+ই (ইন্)-ক, উ ৪ ১২০] ১ ঘূর্ণিবায়ু। ২ জলাবর্ত্ত, ভ্রমি। ৩ [ভ্রমি > ভৃমি] (বাঙ্লায়) ঘূর্ণি রোগ। "ভ্রমীর লাগিবে ভৃমি।—স্ব প্র ১১৮, ভৃমি গেল স্বাস্থ্য-বীর ১৭০।

ভৃশ্ অক [দি, প—ভৃশ্যতি, সেট্] অধঃপতন, ভ্রংশ।

ভৃশ বিণ [√ভৃশ্+অ (ক)-ক] ১ অতিশয়িত, অত্যর্থ, অতিমাত্র, নির্ভর। "সর্ব্বে তমূচুর্ভৃশমিঃস্বনাঃ রা ২ ৪০ ২১। কৌতূহলং মে সুভৃশম্ মহা ১৩ ১০ ৫১। ২ তীক্ষ্ণ, তীব্র। "°দণ্ডশ্চ শত্রুষু মনু ৭.৩২। —শ ক্রি বিণ অত্যর্থ, অতিমাত্র। "°দুঃখিত গো বা ২ ৬৬.২৬, °পীড়িত ৬৮.২। —শম্ ব্য ১ অত্যর্থ, অতিশয়। "মনু ৭.২১৪। রুরোদ সা ভৃশম্ কু স ৪ ২৬। রঘু ৩ ৬১। ২ মুহুঃ, পুনঃপুনঃ। "অনুজং ভৃশমনুশাস্ত রা ২ ২১ ৬৪। ৩ শোভন (শ.ক)। [°কোপন (বিণ)—অতিরোষণ, প্রচণ্ড। °দণ্ড (বিণ)—তীক্ষ্ণদণ্ড। দ্র 'ভৃশ (২)। °দারুণ (বিণ)—অতিনিষ্ঠুর, সুকঠোর, অতিভীষণ। "°শম্ (বনম্) মহা ৩. ৬৪ ৮৮। °দুঃখিত (বিণ)—অতিদুঃখান্বিত, অতিব্যথিত। "মহা ৩ ৬৯. ৩০। °পীড়িত (বিণ)—নিপীড়িত, নির্ব্যথিত। °খিৎ (-দ্) বিণ —অতিখিন্ন। "মাঘ ১৭ ৪৮।] [ভৃশ বার (সং 'বার্'—বারি, অপ্র) —অতিশয় জল; অতিবৃষ্টি। "ভৃশ বার একাকার নদ নদী খাতঃ শ্রী.মা ৩২।]

ভৃষ্ট বিণ [√ভ্রস্জ্+ত (ক্ত)-র্ম্ম] জলোপসেক বিনা বালুকাদিসংযোগে পক্ক; ভাজা। "কপোতান্ সর্ষপতৈলভৃষ্টান্ (সুশ্রুত)। ভৃষ্ট তরকারী ব.প ১৫১৯। ভৃষ্ট পটোল চৈ চ ১৬৬। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ভর্জ্জন। ২ শূন্যবাটিকা (মেদিনী)। [°তণ্ডুল (পুং)—ভাজা চাউল। °পিষ্ট (বিণ)—কৃতভর্জ্জনপেষণ। °যব (পুং)—ধানা, ভাজা যব।]

ভৃষ্টি দ্র 'ভৃষ্ট'।

ভেউ ভ়ু বি সর্থ 'ভেউর'। "গো চ ৪৯। ব প ৪৪।

ভেউভেউ বি [ধ্বন্যাত্মক] ১ উচ্চ ক্রন্দনশব্দ। "তোমারে মারিলে কেউ। কেন কাঁদ ভেউভেউ।—পদ্যমালা। (বাবু) শেষে ভেউভেউ করে কাঁদতে লাগলেন।—হু ৫৩। এখন ধরেছে ভেউভেউ কান্না! —গি ঘি ৮৩। ২ কুকুরের উচ্চ ডাক। "তার্কিকশৃগাল সঙ্গে ভেউভেউ করি চৈ চ ১৪৯।

ভেউর, -রি, -রী বি [ভেউরব > °র (?), ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "°রী ম ২৫৬, °রি ২৮৮; ৭৯৩। °র বি পা ২৮৮, শ্রী.মা ১৬৬; ম পা ৬৬,-৭, ম ম ৪৫, চৈ ম ৫৪, ৮১। —ওরি বি সর্থ 'ভেউর'। "বি সু ১৯।

ভেউরি, ভেউরী, ভেওরি দ্র 'ভেউর'।

ভেংচা সর্ম্ম ['ভঙ্গ'—মূল] অঙ্গভঙ্গিপূর্ব্বক উপহাস করা। "(বালকেরা) গুরুমহাশয়কে ভেংচুতে ভেংচুতে···চোঁচা দৌড়ে ঘরে গেল আ দু ১৪৮। [ভেংচান—সর্থ 'ভেংচা'। মুখ ভেংচান—বিদ্রূপসূচক মুখভঙ্গি করা (to make faces)। ভেংচি কাটা—মুখভঙ্গি করা, ভেংচান।]

ভেঁপু বি [ধ্বন্যাত্মক; হি ভোংপূ] ১ তূরীর মত একপ্রকার বাঁশী। "চার ঘোড়ার গাড়ি চড়ে ভেঁপু বাজিয়ে স্নান কত্তে যাওয়া—হু ৩৪; ১৫২। ২ ঘসা আমের আঁটির বাঁশী। "ছেলেরা (আঁবের) আঁটি ঘসে ভেঁপু করে বাজাচ্চে।—হু ২৩।

ভেক[1] পুং [√ভী+ক (কন্)-ক, উ ৩ ৪৩] ১ মণ্ডূক, বেঙ। "অলিরেতি বনাৎ কমলং ন হি ভেকস্ত্বেকবাসোঽপি।—হি ১ ২০০। ভেক কি জানে কুসুম-মকরন্দ বি প ১৩৩। ২ (সাদৃশ্যে) ভীরুজন। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ভেক-স্ত্রীজাতি। "ভেক ভেকী করিছে কোন্দল বা ম ৩০৭। মে ১২৮। [°ভুক (-জ) পুং—'ভেকভোজী', সর্প।] [ভেকিয়ে যান—ভেকের মত বোকা হন। "দা ২০৪৩।]

ভেক[2], **-খ** '-ক' বি [সং বেষ > ভেপ, -ক, দ্র 'খ'[2], হি, গু ভেখ, ঠ ভেশ, -ষ, -স] ১ বেষ, পরিচ্ছদ। "তারে সাজা দিব, ভেক বদল করি। —ব ১৬৩,-৬৬। ২ সন্ন্যাসী ভিক্ষুক বৈরাগী বা শাক্তের সাজ। "তেজিয়া আপন ভেক, নারদ হইলা সেক।—শূ ১৪১। বৈষ্ণবের ভেকমাত্র করিয়া বেড়ায় ভ প্র ৭১, ভেক যে কৌপীন কমণ্ডলু ৭৭, ভগবদ্ভক্তের ভেখ ৩৫৬। ভেক করিয়া, ভিক মাগিয়া, ফিরিছ কুলি কুলি ব.প ৫৯১। ভেক বিনে ত, ভিক মিলে না।—দা ৫৪০। কমলাকান্ত ভেক নিয়েছে, শ্যামা ভাবছেন ব'সে, আবার কোথায় পাব কাশী (শ্যামাসঙ্গীত)। ৩ ছদ্মবেশ। "ভেকধারী নটরাজ।—গো ২১১। [ভেক(খ)ধারী —বেশধারী, ছদ্মবেশী। "ভেকধারী (শ্রী.মা)। ভেকধারী ভূতুলে ভূতলে এই ভণ্ড শ্রী ১৩৯। খৃষ্ট°।—হেম ৩৭৯। ভেক না হলে ভিক মেলে না—বেশ না হলে ভিক্ষা মিলে না, উপযুক্ত সজ্জা না হলে অভীষ্টলাভ হয় না। ভেকর সঙ্গীত—ভেকধারীর গীত, বৈরাগীর গান। "ভেকর সঙ্গীত গাজ শূ ৭৮।]

ভেকা বিং [ভেক > °কা, হি ভকুআ] ১ হতবুদ্ধি। "বায়ুবাণে ধেনু উড়ে বেটা হৈল ভেকা।—কৃ ২৮৯। একা ভেকা হয়ে বেড়ায় অভাগা ব সু ২৭। ব্রজেশ্বর···কখন জানে না সেক্-হাণ্ড কাকে বলে—সুতরাং ব্রজেশ্বর একটু ভেকা হইয়া রহিল।—ব প্র ৪২৩। ২ মূর্খ, বোকা। "ভেকা লোকে ভুলাইতে ভাল জানে ঠাট বি.সু ৯০। —কুয়া বিং হতবুদ্ধি।

যে শিপাইল 'ভু' তারেই দিলি 'ভু', (বিষবকক) এই কহিয়া …কেবল ভেকুয়া হইয়া ভবনে গেলেন।—ব.প ১৭১৫। —কো বিং ১ হতবুদ্ধি। 'ভেভাচাকা লাগিল ভুলিয়া হইনু ভেকো ভা চ ৮৬। ভারি মুস্কিল, হলে ভেকো. সুধায় যদি সন্ধ্যা গায়ত্রীর কথা।—দা ৯৪০। বাবুজী ভয়েতে ভেকো।—হেম ৩৭৭, মাছ কাতুয়ে ভেকো হলো ৩৮৫। তোমার ব্যানের দৌবাত্ম্যে আমি আরো ভেকো হইচি স.এ ১০। ২ বোকা। "ভেকো বলি কেহ হাসে ভা চ ৩৮২। —কা বিং হতবুদ্ধি, বুদ্ধিস্ফূর্ত্তিহীন। "ভাঙ্গ বিনে ভেকা হয়েছি শি ৩১, ভাঙ্গ খেলে ভেকা হলে ভাল মন্দ সয় ৩২।

ভেকুট, -কুটি বি [সং ভেকট] মৎস্যবিশেষ। "°টি শি ৮৫।

ভেকুয়া, ভেকো, ভেক্কা দ্র 'ভেকা'।

ভেক্‌টি দ্র 'ভেকুট'।

ভেক্‌ভেক্‌ বি [ধ্বন্যাত্মক তু প্রা ৴ভুক্ক (√ভষ্‌—হে ৪ ১৮৬)] কুকুরের ডাক।

ভেখ, ভেখধারী দ্র ভেক²।

ভেগিনী বি [ভেক—ভেকিনী > °নী] ভেকী। "গো.বি ১৮৭।

ভেঙভেঙ [ধ্বন্যাত্মক] ভোরঙ্গ-ধ্বনি। 'ভোরঙ্গ বাজয়ে ভেঙভেঙ ব প ৪১৩।

ভেঙেরি বি ছেঁদা করার ভোমর যন্ত্র, তুরপুন। "ক চ ১৩২।

ভেঙ্গা সর্ম [ভঙ্গ > ভঙ্গা > °ঙ্গা] মুখভঙ্গিপূর্ব্বক উপহাস করা, ভেংচান। 'সে (কমলমণি) ভ্রুকুটী করিল, শ্রীশকে ভেঙ্গাইল ব বি ২৩।

ভেঙুর বি [হেউর > °র] বাদ্যবিশেষ। "ম পা ৩১, ১৩৪,-৭১।

ভেজ সর্ম [হি √ভেজ, মৈ √ভেজার] ১ প্রেরণ করা, পাঠান। "আগেনি লেখন-সন্দেশ ভেজব জ প ৫। ভেজল সমরক সাজ।—ব ১০০। বাদসাই খাজনা ভেজ না?—ব প ১৪২৪। (দ্বারী। পাতসাহে) এই ভেট ভেজ রে আমারি।—হেম ৩৭। ২ [সং √ভিদ্‌ > লি √ভিজ্জ > বা (√ভিজ) °জ] ভেদ করা, প্রবেশ করা। "সুনালী কুমড়া হইয়ে পাতাল ভেজিল গো চ ২৫০। —জা² সর্ম [°জ+আ⁸] ১ ভেদ করান, প্রবেশ করান। "(কোদালী) এক চোটে ভেজায় পাতালে কূর্ম্মপৃষ্ঠে।—কৃ ১৪। (সিঁদ কাঠি) মাটিতে ভেজায় ভা চ ৩১৫। ২ প্রবেশ করান, চালান। 'শ্রীফলে আঁকড়ি ভেজাইল।—কৃ ১১। ৩ সংযোগ করা, লাগান। "কলঙ্কের ডালি. করিয়া মাথায়. আনল ভেজাই ঘরে চ দা ৬৯। আগুনি ভেজাইল শ্রী ম ২২, ১৫৩। ঘরে ভেজাএ্যা আগুনি।—ব ৭০। ৪ লাগান, বাধান। কোন্দল ভেজায়্যা ক চ ১৬৩। ভেজাও কোন্দল ম ম ১৮। ভেজাবে কোন্দল শ্রী.ম ১৬৯। বাতাসে পাতিয়া ফাঁদ কন্দল ভেজায় ভা চ ২৭৯। ৫ প্রেরণ করা, চালিত করা, টোয়ান। "গজেন্দ্র ভেজায়্যা মার বীর বৃকোদর।—ম ৭৯০। ৬ ছেদনার্থ চালান। "কাটিব করিয়া শেষে কুঠার ভেজায় শ্রী মা ১০৯, ভেজায় নরুন ২০০। ৭ বন্ধ করা, লাগান। "(রমণী) লাজের মন্দিরে, দুয়ার ভেজায়া লুলি পড়ে লাখে লাখে চৈ ম ৭১। ৮ নিবেশিত করা, লাগান। "এমন শিক্ষকও আছেন, যে, ··ছেলের মন কৌশলের দ্বারা পড়াশুনায় ভেজাইতে পারেন আ দ্র ২২। [ভেজান—সর্থ 'ভেজা²'।]

ভেজা¹ বি [ভিজ+আ⁶] সর্থ 'ভিজ'। —জা বিং [+আ¹²] সিক্ত, আর্দ্র। "শিশিরভেজা দুর্ব্বোগুলো ব প ১৮৯৮। শিশিরভেজা ঘাসে ঘাসে।—গান ৯৬।

ভেজা² দ্র 'ভেজ'।

ভেজাল¹ বি ['ভেজা' (১)—মূল (?), দ্র 'ভেজ'] অপকৃষ্ট দ্রব্যের মিশ্রণ, মিশ্রিত অপকৃষ্ট দ্রব্য। —জাল বিং অপকৃষ্ট দ্রব্যে মিশ্রিত (ঘৃতাদি)। বিপ 'খাঁটি'। [°ল দেওয়া—মিশান।]

ভেজাল² বি ['ভেজাল¹—মূল ?] বিপদ, ঝঞ্ঝাট, গোল।

ভেট¹ বি ['ভিট্টা'—উপহার (দেশী—প্রা.ম); হি ভেং(ভে)ট, উ, প, গু ভেট, ড় ভেট] ১ উপহার, নজরানা। "হেন ভেট আনিয়াছি ম.গো ১৭। (বোদালি) তোমারে মিলিবে ভেট ক.চ ২২। শ্রী ৮০। শ্রী.ম ২৫১। চৈ চ ১৮৩। ২ সাক্ষাৎকার, দেখা। "বালা শৈশব তারুণ ভেট বি প ৩৬। কোথা গেলে ভেট পাব ব প ৭৯৭। ৩ মেলন, মজন। "যুগ শম্ভু বক্ষঃস্থলে [illegible] ট।—ম ১৫। —টি বি ১ ভেট। "খাড়ি রাজার জমকে ভেটি দিল গো[illegible] ১৬। ২ পূজোপচার। "শি ৪৯। [°ঘাট —উপহারদ্রব্য। "ভেট[illegible]ট যতেক ম গা ১৭। ভেট-সজ্জা—ভেটের সজ্জিত দ্রব্য উপহারসম্ভার। "নানাবিধ ভেট-সজ্জা বা.ম ২৯৯।]

ভেট² সর্ম [ভেট¹ > ট, হি ঠ, গু, মৈ √ভেট] ১ ভেট দিয়া দেখা করা। "রাজা ভেটি যত বস্তু দিলেক গোচর বি পা ১৯৫। ২ উপচার দিয়া পূজা করা। "মদনা জুবতী, ভেটিতে জুগপতি. চলিলেন গতিগমে।—শূ ৬৩,-৮, ভেটিব শ্রীধর্ম্ম-পাদুকা ১৯৬। ৩ উপহাররূপে পাঠান। "পঞ্চ শ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে ব প ৪৯১। ৪ অভ্যর্থনা করা। 'না ভেটে ঈশ্বর দেখি না করে প্রণাম শ্রী ম ২৩৯। ৫ দেখা করা, দেখা। "ঘাটত ভেটিল নান্দের পো শ্রী কী ২৪০। (চর) লঙ্কার মধ্যেতে গিয়া রাবণে ভেটিল।—কৃ ২৪০। (খুল্লনা) স্বামী ভেটিতে যায় ক চ ১৫৪। লাউসেনে ভেটিতে আনন্দে রাজা চলে ব প ৩৮৭। ভেটিবে রাঘবে তুমি।—মে ১৪১, ভেটিব পিতায় ২৭৪। ৬ (অপ্র) যুদ্ধার্থে আহ্বান করা। 'সমতুলা সহ রণ. অন্যজনে কভু না ভেটিব: যত্তপি সাহস হয়. আশু রণে ভেটহ আমাবে।—হেম ৩৭। —ট অর্ম মিলিত হওয়া। পথেতে সসৈন্যে ভেটে রাজা দুর্য্যোধন।—ম ৩৮৩। (পাপি-প্রাণ) প্রাচীরভিতরে ছুটে, ভেটে ফেরুপাল।—হেম ১২৩। —টা সর্ম [ভেট² + আ⁸] ১ উপহাররূপে দেওয়া। '(বহুমূল্য ধন) শুম্ভ নিশুম্ভের আগে আনিয়া ভেটায় চ বি ১২৯। ব প ২৩২। বি পা ১৯৫। ২ মিলিত করা, উপস্থিত করা। "হেনকালে নখীন্দরে ভেটাইস আনি বি পা ২৫৩, মাণ্ডস ভেটাইল ২৭৩। (দোঁহে) হাতে হাতে ভেটাইল ইন্দ্রের গোচর বা ম ৪১১। তাথে ভেটাও আনিয়া চ বি ১৯৩। ৩ দেখান। "এরূপ নাটুয়া জদি মীনেরে ভেটাই গো বি ৮০। ৪ সাক্ষাৎ করান। "আমরা ভেটাব লয়্যা প্রভু গদাধর।—ম ১২৫৫। চল ভেটাইব ধর্ম্মরাজে ব প ৬৭৪,-৫। ৫ বিবাহসজ্জারূপে পাঠান। 'যতেক জুড়নীর সজ্জা ভেটাইল সব বি পা ২৭৬। [ভেটা—সর্থ 'ভেট²'। ভেটান —সর্থ 'ভেটা'।]

ভেটা, ভেটান দ্র 'ভেট²'।

ভেটি দ্র 'ভেট¹'।

ভেটাই বি ভাঁটা, বল (ball)। 'ব প ২৪৩।

ভেটেরাখানা বি [ভেট > °রা+খানা] পান্থশালা, সরাই।

ভেটেল বিং ভাটিস্রোতের অনুকূলগামী। "ভেটেল পানসি হইলে অল্প ভাড়ায় হইত, এখন জোয়ার আ দ্র ৮।

ভেটো বিং [ভেট+ও⁶] যাহারা ভেট দিয়া চাকরী যোগাড় করে। "ব্যাঙ্কের ভেটো কেরাণীরে ছুটি পেয়েচেন।—হু ৩৫।

ভেড়¹ পুং [√ভী+ড-ক, ভে-রব > প্রা *ভেরঅ > ভেরা, -ড়া, -ড় (?), তু 'ফেরব'] মেষ (অ.চি)। —ড়ী স্ত্রী মেষী।

ভেড়² সর্ম [বেড়² > °ড, অপ্র] বেষ্টন করা। "এথাক্রিঁ কাহ্না-ক্রিঁকে দিবোঁ কুচ ভেড়ি কোলে শ্রী কী ২৮১। [ভেড়ি—লোনা দেশে ধান্যক্ষেত্ররক্ষার্থ নদীতীরে কৃত মাটির বেড় (বাঁধ)।]

ভেড়া বি [দ্র 'ভেড়¹, হি °ড়া] ১ মেষ। পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরা-ধার ভা.চ ৩২২। ভেড়ার শৃঙ্গে হীরার ধার কত্তুক্ষণ রয় ব.প ১৬২৭। ২ (সাদৃশ্যে) মূর্খ, গালি। "ছিছি···ভেড়া হায় জোর

কীরূপে শ্রী.মা ১৮। —ড়ী বি মেষী। [°কান্ত—গালি। "ভেড়াকান্ত মেড়াগুল,...কালী-কৃষ্ণ সদাই করেন ভেদ।—দা ২৪২।]

ভেড়ি; ভেড়ী দ্র 'ভেড়ু²; ভেড়া'।

ভেড়ুয়া, -ড়ে বি [দ্র 'ভাড়িয়া'; 'ভেড়ো' (কথ্যভাষা)] ১ বাইএর পোষা বাদক-প্রভৃতি। "এক দিকে মল্লযুদ্ধ মহা মালসাট। আর দিকে হইতেছে ভেড়ুয়ার নাট।—রঙ্গ ৬৫। বাইজানের ভেড়ুয়ার মত পোষাক।—হু ১৩; লক্ষৌ ক্যাসানে (বাইয়ের ভেড়ুয়ার মত) চুড়িদার পায়জামা ৫০। ২ স্ত্রীজিত পুরুষ, কাপুরুষ। "ভা চ ৭০৮। ৩ গালি। "এমন জানিলে সঙ্গে আসে কোন ভেড়ে শ্রী মা ৮৬। শ্রীদুর্গা নাম বলে মা রসনা ভেড়ে।—রামপ্রসাদ। ভেড়েদের লেগেছে ভুল।—দা ২৪২; ভেড়েরা কি কালমুখা?—৯২৭। [ভেড়ের ভেড়ে—গালি। "ভেড়ের ভেড়ের সব লও কেড়ে শ্রী ৪৪; ১১২,-৮০। পূবে হাঁস, পশ্চিমে বাঁশ, দক্ষিণ ছেড়ে, উত্তর বেড়ে, বাড়ী কর গে ভেড়ের ভেড়ে।—অ.প্র ১৫৭।

ভেড়ে, ভেড়ো দ্র 'ভেড়ুয়া'।

ভেতব্য বিণ [√ভী+তব্য-ভা] শঙ্কিতব্য। "ভেতব্যং নৃপতেঃ গো.রা ২.২৮.৭। শব্দমাত্রায় °ব্যমজ্ঞাত্বা শব্দকারণম্।—হি ২.৮৮।

ভেত্তব্য বিণ [√ভিদ্+তব্য-র্ম] ১ ভেদনীয়, বেধনীয়। ২ বিদার্য্য। ৩ প্রকাশয়িতব্য। "ন মন্ত্রশ্চ ভেত্তব্যঃ।—হ ১৫১.৩৭। —ত্তা (-ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ বিদারয়িতা (সায়ণ)। "ভেত্তা পুরাম্।—ঋগ্বেদ ৮.১৭.১৪। পুর° মহা ২.৬১.১৭। ২ ভেদক, ছেদক। "প্রাকারস্য চ ভেত্তারম্ মনু ৯.২৮৯। ৩ ভঙ্গকারক। "সেতু° মহা ১৩.২৩.৬৬। সীমা° ।—বিষ্ণু ৫.১৬৭। স্থিতেরভেত্তা রঘু ৩ ২৭। ৪ বিচ্ছেদকারক। ৫ প্রকাশয়িতা। "মন্ত্রস্য চ ভেত্তারম্ যাজ্ঞ ২ ৩০৫।

ভেত্তা দ্র 'ভেত্তব্য'।

ভেদ¹ পুং [√ভিদ্+অ (ঘঞ্)-ভা] ১ বিদারণ। "মণ্ডল° মাঘ ১৬ ৭৩। ২ দ্বিধাকরণ (মিতাক্ষরা)। "(কুড্যস্য) ভেদে যাজ্ঞ ২.২২৬। ভিত্তি° (S.W.)। ৩ ভঞ্জন, ভঙ্গ। "সেতু° (S.W)। ধনুষো ভেদঃ রা ১.৭৫.২৬। চক্রব্যূহস্য...ভেদম্ মহা ৭.৩৪.১৪। সমাধি° কু.স ৩. ৪০। ব্যূহ° ।—রঙ্গ ১০২। ৪ ছেদন, বেধ। "ত্বগ্‌ভেদ (S.W.)। সপ্ত তাল ভেদ করি বাণ হৈল পার।—কৃ ১৫৮। ৫ বিকাশ। "বালাশোকম্...ভেদোন্মুখম্।—বিক্র ২ ৭। ৬ বিচ্ছেদ, বিশ্লেষ। "জ্ঞাতি°, মিত্র°, সুহৃদ্°। ৭ প্রকাশন। "রহস্য° ।—হি ১ ৯৯; মন্ত্র° ২ ১/৪ ৮/১ ৩/৬। ৮ স্তব্ধ, নিস্পন্দ। "অর্দ্ধ°। ৯ বৈলক্ষণ্য। "গতিভেদেন পরিক্রামন্ শ ৬ ২/৭। ১০ অন্তর, প্রভেদ। "সবাই রাবণ, ভেদ নাহি এক জনে।—কৃ ২৪৯। ১১ বিশেষ। "অর্থ°, কাল°, দ্রব্য°, পুরুষ°, রস°। গুণ° গী ১৮.১৯; ২৯। স্বমূর্ত্তি° রঘু ৩ ২৭। অগৌরব° কু স ৬.১২। ১২ দ্বৈধ। "°প্রত্যয়। ১৩ সামাদিচতুষ্টয়ের একতম রাজধর্ম্ম—শত্রু হইতে বিশ্লেষ; উপজাপ। 'স্নেহরাগাপনয়নসংহর্ষোৎপাদনং তথা। সন্তর্জনঞ্চ ভেদজ্ঞৈর্ভেদস্তু ত্রিবিধঃ স্মৃতঃ॥ "মণ্ডল° মাঘ ১ ৬.৭৩। ১৪ সংহতভেদন, অর্থাৎ মিলিতগণের সংঘাত বিশ্লেষণ; (মতান্তরে) প্রোৎসাহনা (সাদ ৬.৮৭)। ১৫ (বৈদ্যকে) বিরেচন; মলনির্গম। ১৬ (রতিশাস্ত্রে) মানিনীর সখীর প্রসাদনরূপ মানভঙ্গোপায়বিশেষ। "ভেদস্তৎসখ্যুপার্জ্জনম্ সা.দ ৩ ২০২। আত্মগুণ তার দোষ ভেদ তার নাম ভা.চ ৭১১। ১৭ চালন। "বুদ্ধি° গী ৩.২৬। ১৮ বিঘটন। "রা ২.২৩.১৩। ১৯ [+অ-র্ম] ভিন্নস্থান, ক্ষত; রন্ধ্র (A.)। ২০ (বাঙ্গলায়) দোষ, ত্রুটি। "কোনরূপে কেহ যেন নাহি পায় ভেদ শ্রী ২০৮। ২১ গূঢ়বিবর, রহস্য। "অনুচর হৈতে ভেদ পাইল রাজন।—ম ১৭৫। ইহার কারণ শুন কহি তবে ভেদ ভ.প্র ৩০৮। যো সব ভেদ বুঝায় কহা ভা.চ ৪৩৫; স্বপনে পাইল ভেদ ৪৭১। ২২ কষ্ট, বাধা। "ভক্তের বিপত্ত হবে, চিত্তে ভেদ হলা।—হু ২৩। [°কর (বিণ) —১ ভঙ্গকারক, ভেদক। "সেতুভেদকরী যাজ্ঞ ২.২৮১। ২ বিচ্ছেদকারক। "গৃহ° ক.সা ২৯.৮১। °কৃৎ (বিণ)—উদ্ঘাটয়িতা। "সমুদ্রগৃহ" যাজ্ঞ ২ ২৩৫। °প্রত্যয় (পুং)—দ্বৈতবিশ্বাস, দ্বৈতবাদ। °বুদ্ধি (স্ত্রী)—ভেদজ্ঞান। "ভেদবুদ্ধি নাহিক যাপার ক.চ ১২। °বাদী (-দিন্) বিণ—দ্বৈতবাদী। °সহ (বিণ)—বিশ্লেষণীয়; প্রলোভনসহনীয় (seducible)। "ক সা ৩২.১৭৪।] [ভেদ পাওয়া (হি ভেদ পানা)—রহস্য জানা। "নিজ নিজ মন্দিরে, সণ্ডে যাই গুপ্তলি, গুপ্ত জন ভেদ না পায় রা.শে ১৩০। ভেদ ভাঙা—রহস্য প্রকাশ করা।]

ভেদ² সর্ম [সং √ভিদ্; হি √ভিদ (অর্ম)] ১ ভেদ করা; বিদ্ধ করা। "ডাঁশ খেয়ো মাস ভেদি শি ৭৯। ২ বিদীর্ণ করা। "পঙ্কজ ভেদিয়া মধু পান করে অলি ম.পা ৯২। ৩ ভেদ করা, অর্থাৎ ব্যাপ্ত করা। "দুন্দুভি নিশান শব্দে সংসার ভেদিল।—হু ৯২।

ভেদক বিণ [√ভিদ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] ১ বিদারক। ২ বেধক, মণিমুক্তাদিবেধকারক। "গো.রা ২ ৯০.১৩। ৩ বিচ্ছেদকারক। ৪ বিনাশক। "প্রতিমানাঞ্চ ভেদকঃ মনু ৯.২৮৫; মর্য্যাদা° ২৯১। ৫ সেতুভঙ্গপূর্ব্বক জলপ্রবাহের দেশান্তরনেতা। "স্রোতসাং ভেদকাঃ মনু ৩ ১৬৩। ৬ দূষক, ভেদকারক। "অমাত্যানাঞ্চ ভেদকান্ মনু ৯.২৩২, কুল্লুক। ৭ বিশেষক, ব্যাবর্ত্তক। "পা ৫.৩.৬৯, কাশিকা। ৮ বিরেচক। —দক ক্লী বিশেষণপদ। "পা ২.১.৫৭, কাশিকা। —দন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ ভেদক, বিদারক। "সর্ব্বপাষাণভেদনম্ (বজ্রম্) মহা ৩.২২.১৭। ২ বেধক। "নরনাগাশ্ববৃন্দানাং ভেদনম্ (ইষুম্) গো.রা ৬ ৯২.৪৮। ৩ নির্বর্তক। "হৃদয়গ্রন্থিভেদনম্ (জ্ঞানম্) ভ ৩.২৬ ২। ৪ বিরেচক। ৫ বিচ্ছেদকর। —দন পুং অম্লবেতস। —দন ক্লী [+অন-ভা] ১ বিদারণ। 'কুম্ভের্মম ভেদনেন মহা ১.৭৬ ৫৬। মনু ৯.২৮৬। ২ ভঙ্গ। "ধনুষো ভেদনম্ রা ১.৭৫.১, ২। ৩ বেধন। ৪ ছেদন। "মনু ৮.৩২৫। ৫ বিশ্লেষণ। ৬ প্রকাশন। "রহস্য° ক.সা ৩৭.২৩০। ৭ বিচ্ছেদ। "স্ব° মহা ৪.৫১.১১। ৮ দ্বৈধীকরণ। ৯ বিশেষণ। ১০ [+অন-ণ] বিরেচকদ্রব্য। ১১ হিঙ্গু। —দনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] বিদার্য্য, বেধনীয়, ভঞ্জনীয়। "বিভিত্তুর্ভেদনীয়ান্ রা ২.৮০.১০।

ভেদন, ভেদনীয় দ্র 'ভেদক'।

ভেদা বিং [হি, মৈ ভদ্দা, 'ভদ্র'—মূল] নির্ব্বোধ, জড়বুদ্ধি, বোকা। —দা বি মৎস্যবিশেষ, কাঁটালকুশি (Datnioides quadrifasciatus)। "ভা চ ১২৬।

ভেদাভেদ পুং, দ্বিব [দ্বন্দ্ব] ১ ভেদ ও অভেদ, ঐক্যানৈক্য। ২ বিশ্লেষ-সংশ্লেষ। ৩ দ্বৈতাদ্বৈত (dualism and non-dualism)। "ত্যজিব সব ভেদাভেদ, ঘুচে যাবে মনের খেদ।—রামপ্রসাদ। ৪ (বাঙ্গলায়) পরস্পরবিচ্ছেদ। "শত্রুগণ দোঁহারে করিল ভেদাভেদ।—ম ২২; ৩৯০।

ভেদিত বিণ [√ভিদ্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] ১ দারিত, ভিন্ন (অ.কো)। ২ বিচ্ছিন্নীকৃত। "কৈকেয্যা নিয়তং রাজা ভেদিতঃ গো.রা ২.১৮.১৫। অহং তেন স্বৎকৃতে পার্থ ভেদিতঃ মহা ৫.৭৯.১৪। —দী (-দিন্) বিণ [√ভিদ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ ভেদক, বিদারক। "অস্থি°, পর°। মর্ম্ম° (বাণ) মহা ৩.১৭.১৭। কণ্টক° রঘু ৭.৫৯। ২ বেধক। "দ্বিনেত্র° যাজ্ঞ ২.৩০.৭। ৩ অতিক্রমকারী। "সময়° মনু ৮.২১৮। ৪ বিচ্ছেদকারক। "গৃহভেদক। ৫ বিরেচক। "পুরীষ° (সুশ্রুত)। ৬ ভেদশীল, বিদারশীল। "ফলানাং রসভেদিনাম্ মহা ৬.৭ ২২। ৭ বিঘাতী, ভঙ্গকারক। "সমাধি° রঘু ৮.৭৯। ৮ ত্রাসজনক, সন্ত্রাসক। "ভীরুভেদিনী (ভেরী) গো.রা ৬.৯.২২। ৯ বিশেষক। "রক্তান্তনেত্রতা চাত্র ভেদিনী যুদ্ধবীরতঃ সা.দ ৩.২৩১।

১০ [ভেদ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -দিনী] ভেদযুক্ত। "ব্যূৎপাদিতং ছায়য়ভেদি তয়ম্ ভ ৩.১৫.৩৩। ১১ ভৈষযুক্ত। —জ বিণ [+ষ (ণ্যৎ) -র্য] ১ ভেদনীয়, ছেদ্য। "অভেদ্যে কবচে দিব্যে রা ২.৩১.৩০। ২ বেধনীয়। "সূচিভেদ্যৈস্তমোভিঃ পু.মে ৩৭। সূচিভেদ্যে তমসি।—হি ৩৮৪০১। ৩ প্রতিকার্য্য, চিকিৎস্য। "'রোগ (সুশ্রুত)। ৪ প্রকাশ্য। "অভেদ্যমস্ত ভ ৬.৭.২৪। —দ্য স্ত্রী বিশেষ। "পা ২ ১.৫৭। 'পামিন্ অ.কো, পাতালবর্গ ১৫।

ভেদী, ভেদ্য ; ভেপসো দ্র 'ভেদিত, ভাপসা'।

ভেবড়া, -ন্না অর্থ [হি √ভভর (ভয়ভয়?), √ঘবড়া, -রা] ভয়ে হতবুদ্ধি হওয়া; ঘাবড়ান। "ভেবরিয়া (ভেবরাইয়া) গেল ভয়ানক স্ব.প্র ১৮৩। [ভেবড়ান—সর্থ 'ভেবড়া'। ভেবড়ে যাওয়া—ভয়ে হতবুদ্ধি হওয়া।]

ভেবরা দ্র 'ভেবড়া'।

ভে(ভ্যা)বাগঙ্গারাম বি ['বা+ 'ম] ছাগলের মত মূর্খ গঙ্গারাম; (সাদৃশ্যে) নির্বোধ, বোকা। "রামটা ভ্যাবাগঙ্গারাম, লকার বুদ্ধিটে খর্জ্জুরকণ্টকবৎ তীক্ষ্ণ।—ক্লা ৩৪।

ভেবাচাকা, -চেকা, ভেভাচাকা বি ['ভাবচক্র'—মূল (?), হি ভৌচক (ভয়চকিত?)] বিষয়বিশেষের ভাবে বা চিত্তবিকারে অভিভূতভাব, হতবুদ্ধিতা, কর্ত্তব্যবিমূঢ়তা। "ভেভাচাকা লাগিল ভুলিয়া হইনু ভেকো ভা.চ ৮৬। বাবুরামবাবুর ঠকচাচার কথা ব্রহ্মজ্ঞান, এই জন্য ভেবাচেকা লেগে তিনি...ফেলফেল করিয়া চাহিয়া রহিলেন আ.দু ৯২ ; ঠকচাচার দুর্গতি শুনিয়া মতিলালের ভেবাচেকা লেগে গেল ১৫৮। —চেকা বিং হতবুদ্ধি। "মেয়েটি তাই বিষম ভিড়ের ঠেলায়, পাক খেয়ে সে বেড়াচ্ছিল ভয়েই ভেবাচেকা প.কা ৭৮।

ভেবাচেকা, ভেভাচাকা দ্র 'ভেবাচাকা'।

ভের পুং, **-রি, -রী** [√ভী+র (রন্),+রি (ক্রিন্),-অপা (উ ২.২৮ ; ৪.৬৬), বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; ধ্বন্যাত্মক (?)] ১ বৃহৎ ঢক্কা; দুন্দুভি। "ভেরী রা ২.৭১.২৯ ; গী ১.১৩। অই শুন। অই শুন! ভেরীর আওয়াজ।—রঙ্গ ১০৭। ২ পটহ, ঢাক।

ভের(রো)ণ্ডা, -রেণ্ডা বি [সং এরণ্ড >বা 'ণ্ডা (আগম 'হ' >ভ)? তু 'ভোঁদড়'] ১ এরণ্ডবৃক্ষ। "ভেরেণ্ডার থাম ক.চ ৬৮। ভেরণ্ডা ছেয়ায়: ভেরেণ্ডা ছেষা শ্রী ১০৬। ২ এরণ্ডফল। ৩ বাগ-ভেরেণ্ডা। [ভেরেণ্ডা ভাজা—তেলের নিমিত্ত ভেরেণ্ডাবীজ একটু ভাজে, কম্ভ না ভাজিলেও কাঁচা বীজেও তেল হয়, সুতরাং ভাজা নিরর্থক, গৌণার্থে) অনর্থক কোন কার্য্য করা।]

ভেরাণ্ডা দ্র 'ভেরণ্ডা'।

ভেরি, ভেরী দ্র 'ভের'।

ভেরু বি (অপ্র) ভেরীবিশেষ (?)। "ভেরু সানাই বাজে চ.বি ৪২ ; ২৬৫। দু ১৩।

ভেরুআ বি [সং ভেলক] ভেলা। "বি পা ১৫৫,-৮ ; ৩২৩। কলার ভেরুআ শীঘ্র করহ নির্ম্মাণ ম.ম ১০০ ; ২০০, ২০৬।

ভেরুণ্ড পুং পক্ষিভেদ। "পরাশর ৬৮। —ণ্ডী স্ত্রী ভেরুণ্ড-স্ত্রী।

ভেরেণ্ডা দ্র ভেরণ্ডা'।

ভেল[১] বিণ [√ভী+র (রন্)-ক, র>ল, উ ২.২৮] ১ ভীরু। ২ অজ্ঞ। —ল পুং [তু 'বেড়, ভেলী'—নৌকা (দেশী ৬.৯৫ ; ১১০); হি বেড়া] উড়ুপ, ভেলা। —লক পুং, স্ত্রী ভেলা। "ভবাব্ধি' (শিব)।

ভেল[২] বি [ভোল[২] > 'ল (?)] বিহ্বলতাজনক বিষয়, কুহকবস্তু। "হেরি ও মোহন ভেল, ভুলে গেছি বুদ্ধি-খেল অ.শু ৩০।

ভেল[৩] বি [মেল > 'লি (?) ; ঠ ভেল, -ল. ; গু ভেল. (মিশ্রিত) ; প্রা ' √ভেল'—মিশ্রিত করা (প্রা ম)] মিশ্রণ; মিশ্রিত দ্রব্য। —ল বিং মিশ্রিত ; কৃত্রিম। "ভেল জিনিস।

ভেল[৪] দ্র 'ভও'।

ভেলক দ্র 'ভেল[১]'।

ভেলভেল 'ভ্যা-ভ্যা-' ক্রি.বি [সং বিহ্বল >প্রা বিব্ভল >বা (ভেল) ভেল (?)] বিহ্বলভাবে, হতবুদ্ধিভাবে। "শ্রীমন্তের অঙ্গে, একে একে ভঙ্গে, বীরগণ চায় ভেলভেল ক.চ ২৬২। চেয়ে রবে ভেলভেল ভেলকীর প্রায় (ভা.চ)।

ভেলসা '-ল্-' বি ['ভেল[৩]—মূল] ভেলযুক্ত, কড়া-নরমে মিশান তামাক। "অম্বুরি অথবা ভেলসায় সানে না—কড়া তামাকের উপর কড়া তামাক খাইতে লাগিলেন আ.দু ১৫।

ভেলা[১] বি [সং ভেলক >প্রা ভেলঅ >বা 'লা ; দ্র ভেল[১] (পুং)] কলাগাছ কাঠ ইত্যাদি লঘুদ্রব্যে প্রস্তুত তরিবিশেষ; প্লব (raft)। "সংসার তরিতে রামনামে বান্ধ ভেলা।—কৃ ১৭৫। বেতাল হইল ভেলা। —ম ৪০৬। তৃণ' জ ৫। সাদা মেঘের ভেলা।—গান ৯৩।

ভেলা[২] বি [সং ভল্ল, হি, ঠ ভালা ; গু ভালু] ১ আয়ুধবিশেষ। "মুষল ভেলা ভ.প্র ১২৬। ২ [সং ভল্লাত, -তক ; হি ভিলাঁব] বৃক্ষবিশেষ ও তাহার ফল। ৩ গর্ভিণীর স্তনের বোঁটায় কাল চিহ্ন।

ভেলা[৩], **ভ্যালা** বিং [ভাল[২] > 'লা, হি ভলা] ১ আচ্ছা, বড়, খুব। "বড় বাবুর কিন্তু ভ্যালা সাহস!—নী ৬। ২ ভাল, বেশ (কাকুহেতু উপহাসসূচক)। "অজের গৃহিণী কন 'ভ্যালা জজিয়তি'!—হেম ৩৮৬। —লা অব্য আচ্ছা! বেশ! "ভেলা মোর ধন রে। এই তো বটে!—মা ৩৩৪।

ভেলা[৪], **ভেলি** দ্র 'ভও'।

ভেল্কি, -ল্কী বি [ভেল[২]—মূল] ১ কুহক, ইন্দ্রজাল (magic)। "ভেল্কীতে কত ভাত ঘুঁটে সোণা হয় ভা চ ২৩৬। ভেল্কিবাজি—হেম ৩৭৭। এই হাড়ে আমি ভেল্কি খেলাই।—স্ব.প্র ১৩৮। ২ মোহ, বিস্ময়, ধাঁধা। "ধনুর্ব্বাণ কাটা গেল লাগিল 'ভেল্কা' (মিলের জন্য 'ভেল্কা') চ.বি ৮৮। [ভেল্কি লাগা—ভেল্কিতে মোহিত হওয়া। হাড়ে ভেল্কি খেলা—জাদুকরের অস্থিখণ্ডের ন্যায়, যাহার অস্থিও অসম্ভব সম্ভব, সত্য মিথ্যা করিয়া মোহিত করে।

ভেল্কী দ্র 'ভেল্কি'।

ভেশ[১] পুং [ভ+ঈশ, ষ.ত] ১ গ্রহপতি, সূর্য্য। ২ [ভা+ঈশ] (বাঙ্লায়) তেজোময় মহাদেব। "ভেশ-ভয়ঙ্করা রাত্রি!—বি.মু ১৩৪।

ভেশ[২], **-স** বি [সং বেষ, হি, ঠ ভেশ, -ষ, -স ; অপ্র] পরিচ্ছদ। "ভেস মী ৫ ; ৯ ; ভেশ ১৮ ; ব.প ৬। ভেস গো.বি ৬ ; ৭ ; ১৭৩।

ভেষ্ অক [ভ্বা, এ—ভেষতি, -তে, সেট্] ভয়।

ভেষজ বিণ [ভেষ (রোগভয়)+ √জি+অ (ড)-ক ; উ.ত] 'রোগ-ভয়জেতা', রোগনাশক। —জ ক্লী ১ ঔষধ, ভৈষজ্য। "ঋগ্বেদ ২.৩৩.২ ; ৪। কি ২.৪। 'বীর্য্য (সুশ্রুত)। ২ রোগাপনয়নার্থ মন্ত্র ; অভিচার-কার্য্য। ৩ প্রতীকারোপায়মাত্র। "চিতাং মে কুরু সৌমিত্রে ব্যসনস্যাস্য ভেষজম্ গো.রা ৬.১০১.২০। ইদং পবিত্রমমৃতং পীয়তাং ভবভেষজম্ (S.W.)। ['করণ (ক্লী)—ঔষধকরণ। 'বীর্য্য (ক্লী)—ঔষধের রোগপ্রতীকারশক্তি।]

ভেষজাগার পুং, ক্লী [ষ.ত] ঔষধবিক্রয়গৃহ (সুশ্রুত)।

ভেস দ্র 'ভেশ[২]'।

ভেস্ত বি [ফা বিহিশ্ত্] স্বর্গ। "ভেস্ত অবতার।—মূ ১৪১।

ভে(ভ্যা)স্তা বিং ['ব্যস্ত'—মূল] বিক্ষিপ্ত, ক্রমহীন, বিশৃঙ্খল ; নষ্ট। "ভোটিং গেল ভ্যাস্তা হয়ে।—হেম ৩৮০। সাত নকলে আসল ভেস্তা। [ভেস্তান—ভেস্তা হওয়া ; বিশৃঙ্খল বা উলটপালট হওয়া। "তাস ভেস্তান।]

ভৈ দ্র 'ভও'।

ভৈঃ সং, ক্রি [√ভী+লুঙ্-স্ (মধ্যমপুরুষ-১ব), সিচ্-লোপ (মহা ১.১৭৭.২৩, নীলকণ্ঠ) ; 'মা'-যোগে সতত প্রয়োগ] ভয় করিও। "মা ভৈঃ পুত্রি !—মহা ১ ১৭৭.২৩। 'মা ভৈঃ। মা ভৈঃ। গভীর উচ্ছ্বাসে।—হেম ২৬২,-৩। ভৈরবে মা ভৈঃ রবে ফেরে বা.দ ২৩৯। ছেড়ে যাব তাঁর মা ভৈঃ রবে।—রবীন্দ্র।

ভোঁরো বি [সং 'ভৈরব'] রাগবিশেষ। দ্র 'ভৈরব'। "যোগীয়া ভোঁরো ভা.চ ২৭১। ভোঁরো ললিত।—দা ৬৯৭।

ভৈঁষ, ভৈঁষা, ভৈস দ্র 'ভইষ'।

ভৈক্ষ বিণ [ভিক্ষা+অ (অণ্), স্ত্রী -ক্ষী] ১ ভিক্ষাসম্বন্ধী। ২ ভিক্ষাজীবী। —ক্ষ পুং ভিক্ষাজীবী যতি ও ব্রহ্মচারী (নীলকণ্ঠ)। "মহা ১.২১৪ ২। —ক্ষ ক্লী ১ ভিক্ষালব্ধদ্রব্য, ভিক্ষান্ন। "°ভুজ্ (S W.)। ২ [+অ সমূহার্থে] ভিক্ষাসমূহ, অর্থাৎ বহু গৃহ হইতে গৃহীত ভিক্ষা, বহুভিক্ষাদ্রব্য। 'ব্রহ্মচার্য্যাহরেদ্ ভৈক্ষম্—মনু ২ ১৮৩,-৮, ভৈক্ষে প্রসক্তো হি যতির্বিষয়েষ্বপি সজ্জতে ৬.৫৫। ৩ [+অ স্বার্থে] ভিক্ষা। "রামশ্চরন্ ভৈক্ষ° গৃহে বসেৎ রা ২ ৪৩ ৪। মনু ২.৪৮। সায়ং প্রাতশ্চরেদ্ ভৈক্ষম্ ভ ৭ ১২ ৪। [°কাল (পুং)— ভিক্ষাকাল, ভিক্ষাটনসময়। °চরণ (ক্লী)—ভিক্ষাহার। "মনু ২.১৮৭। °চর্য্যা (স্ত্রী)—ভিক্ষা। "যাজ্ঞ ১ ৩০। °জীবিকা (স্ত্রী)—ভিক্ষাবৃত্তি। °বৃত্তি (স্ত্রী)—ভিক্ষাজীব।]

ভৈক্ষণ বি [ভক্ষণ > °ণ ('হ' আগমে 'ভ' > ভৈ), তু 'লৈক্ষণ' ইত্যাদ, অপ্র] ভক্ষণ। "রাত্রিতে ভৈক্ষণ ম.গা ২৯।

ভৈক্ষাশী (-াশন্) বিণ [ভৈক্ষ+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব, উত] ভিক্ষাভোজী, ভৈক্ষাহার। "মনু ১১ ৭৩।

ভৈক্ষ্য ক্লী [ভিক্ষা+য (ষ্যঞ্)] ১ ভিক্ষাসমূহ। "গী ২.৫। মহা ১.৩.৩৭,-৮। ২ ভিক্ষা। "যাজ্ঞ ৩ ৪২। [°চর্য্যা (স্ত্রী)—ভিক্ষাসমূহাহরণ। "মনু ২.১০৮, ১১ ১৫২। °ভুক্ (-জ) বিণ—ভিক্ষান্নভোজী। "মনু ১১.২৫৫।]

ভৈন বি [ভইন > °ন, দ্র 'ঐ'[১], অপ্র] ১ ভগিনী। 'ভৈনে কান্দে ভাই ম গা ৭। ব প ১৮৩। ২ সখীত্বসূচক শব্দ। "কমলায় বলে ভৈন লাটোয়া সুন্দরী (যায় আপনার পুরী) মী ২০।

ভৈম বিণ [ভীম+অ (অণ্), স্ত্রী -মী] ভীমসম্বন্ধী, ভীমকৃত। —মি পুং [+ই (ইঞ্)] 'ভীমপুত্র', ঘটোৎকচ। "মহা ৭.১৭৬ ২৭। —মী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'ভীমরাজপুত্রী', দময়ন্তী। "মহা ৩.৫৩, ১২। ম ৪৪৩। ২ ভীমৈকাদশী।

ভৈমসেনি পুং [ভীমসেন+ই (ইঞ্)] ভীমসেনের অপত্য, ঘটোৎকচ। "মহা ১.১৭৬.৩৬।

ভৈমি, ভৈমী দ্র 'ভৈম'।

ভৈরটাঙ্গি বি [ভৈরবটাঙ্গি (?)] আয়ুধবিশেষ। "চ.বি ২৩২।

ভৈরব বিণ [ভীরু+অ (অণ্), স্ত্রী -বী] ১ ভীরুত্রাসকর (অ.টী), ভীষণ, ভয়ঙ্কর, ঘোর, দারুণ। "ভৈরব…বপুঃ রা ১ ২৬ ১০। সংগ্রামে ভৈরবে মহা ১.১.২১৭। °রুণ্ডমুণ্ডনিকর উ চ ৫.৬। ভৈরব হুঙ্কারে।—মে ১০। গহ্বর…ভৈরব।—হেম ১৮১। ঐ আসে…ভৈরব হরষে (বরষা) চ.কা ২৫০, হে ভৈরব…বৈশাখ।—২৯৩। হে পদ্মা…ভৈরবী সুন্দরী।—কু কে ১২২। ২ [°ব+অ] ভৈরবসম্বন্ধী। —রব পুং ১ শঙ্কর। "ভা.চ ১৫৭। ভৈরবের মহাসঙ্গীতের মত।—কথা ২। ২ শঙ্করাবতারভক্তগণভেদ। [অষ্টভৈরব— অসিতাঙ্গো রুরুশ্চণ্ডঃ ক্রোধ উন্মত্তসংজ্ঞকঃ। কপালী ভীষণশ্চৈব সংহারশ্চাষ্টমঃ স্মৃতঃ॥—তন্ত্রসার। দ্র 'ভা.চ ৫১-৫৫।] ৩ ভয়ানকরস। ৪ রাগবিশেষ। [ইহার সময় দিবা ১ম প্র.র, ঠাট কোমল রি, ধ, দুই নি, জাতি সম্পূর্ণ (গী সা)।] ৫ নাগভেদ। —রব ক্লী ভয়। —রবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দুর্গাকৃতিভেদ, চামুণ্ডা। ২ মহাবিদ্যাবিশেষ। ৩ শিবশক্তি, দুর্গা। "শি ৪। ৪ (সাঙ্কেত) দ্বাদশবর্ষীয়া বালিকা। ৫ রাগণীবিশেষ। "ওই অশ্রুসজল ভৈরবী আর, গেয়ো না।—স.খ ১০। [ইহার সময় দিবা ১ম ও ২য় প্রহর, ঠাট কোমল রি গ ধ নি, জা ত সম্পূর্ণ (গী.সা)।]

ভৈরবা বি [°ব > °বা, দ্র 'আ'[১৩]] ভৈরব। 'ভৈরবা ভৈরবী কদম ম.পা ১১। চলে ভৈরবা ভৈরবী নন্দী ভৃঙ্গী ভা চ ৪৩।

ভৈরব নন্দ বি 'ভৈরবপ্রিয়', মহাদেব। "শি ৪।

ভৈরবী দ্র 'ভৈরব'।

ভৈল[১] বি ভল্ল (?)। "ভৈলবাণ।—ম ৭৭১ ; ৭৮৮।

ভৈল[২]**, ভৈলা, ভৈলী** দ্র 'ভ'[৩]।

ভৈষজ ক্লী [ভেষজ+অ (অণ্) স্বার্থে] ১ ভেষজ, ঔষধ। ২ লাবক পক্ষী। —ষজ্য ক্লী [+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৫ ৪ ২৩] ১ ঔষধ। "শতপথব্রাহ্মণ ১২ ৮ ২ ১৬। (স্মরাপস্মারঃ) ন গম্যো মন্ত্রাণাং ন চ ভবতি °বিষয়ঃ (S W)। ২ রোগপ্রতীকারার্থ মন্ত্রযজ্ঞাদি। "°যজ্ঞ। ৩ বৈদ্যকর্ম্ম (মহীধর)। "শুক্লযজুর্বেদ ২০ ৩।

ভৈষজ্য দ্র 'ভৈষজ'।

ভৈষী ক্রি [সং °ষীঃ] সর্থ 'ভৈঃ'। "মা ভৈষী মা ভৈষী বেটা, তোরে বা বাঁধিবে কেটা ভা চ ৪৩৪।

ভৈস বি [দ্র 'ভইস'] মহিষ। "বি সু ১৭।

ভো[১] অব্য [সং ভোঃ ; হি 'ভো', তু 'ভো স্বামিন্ (S W.)] সম্বোধন। "ভো নভোমণ্ডল। বল স্বরূপ, কে দিল তোমায় এরূপ রূপ।—স.শ ১০৩।

ভো[২] দ্র 'ভূও'।

ভোঃ (-স্) ব্য ১ সম্বোধন—হে, অরে, অয়ে। 'ভো যাজ্ঞবল্ক্য।—শতপথব্রাহ্মণ ১০ ৪ ৩ ২০। ভো ভো জাত্যাস্তবঙ্গমাঃ রা ২ ৪৫.১৪। ভোভবৎপূর্ব্বকম্ মনু ২ ১২৮। কঃ কোঽত্র ভোঃ শ ২২। ২ প্রশ্ন, বিষাদ (S W)।

ভোঁ[১] বি [ধ্বন্যাত্মক] ১ ভ্রমরগুঞ্জন-ধ্বনি। "(অলিকুলে) চতুর্দ্দিগে ভোঁ ভোঁ রবে অনুক্ষণ বুলে।—ম ২৩৩। ব প্র ৬৩৫, ভ্রমররাজ ভোঁ করিয়া উড়িয়া গেল ৬৩৭। ২ শিঙ্গা-প্রভৃতির গম্ভীর শব্দ। "ভোঁ ভোঁ বাজে কবণাল ক চ ২৪২। ভোঁ ভোঁ ভোরঙ্গ বাজে ভা চ ৫৩৯। ভোঁ ভোঁ রবে তূরী বাজিল।—রঙ্গ ৮৬। শিঙে বাজে ভোঁ ভোঁ ভোঁ।—হেম ৩৮৩,-৪। ৩ রুদ্ধ কর্ণকুহরে অনুভূত শব্দ। ৪ ঘূর্ণনে বা ধাবনে অতিবেগসূচকধ্বনি (বস্তুতঃ, বেগে ঘূর্ণনে বা ধাবনে ইহা প্রতিকূলবায়ুপ্রবাহের শব্দ, গৌণার্থে 'বেগ'সূচক)। 'ভোঁ ভোঁ ক'রে ঘোরা, দৌড়। ৫ শূন্যস্থানে অনুভূত শব্দ। "খালি বাড়ী ভোঁ ভোঁ করে। মাটিকে ছাড়িয়া দিলে, শোভাশূন্য ভোঁ ভোঁ ছাড়া আর কিছু থাকে না নিখিলে।—স্ব প্র ৫৩। [ভোঁ ক'রে মাথা ঘোরা—হঠাৎ বেগে মস্তকঘূর্ণন। ভোঁ দৌড়—অতিবেগে ধাবন।]

ভোঁ[২] বিং [ভোম > ভোঁ] 'নেশায় ভ্রমযুক্ত', মত্ত, ভোর, চুর। "ধোপাপাড়ার দল ভরপুর নেশায় ভোঁ হয়ে টলতে টলতে আসরে নাবলেন।—হ ৪৭ ; সালগ্রাম ঠাকুর পর্য্যন্ত নেশায় চুরচুরে ও ভোঁ।—৫২।

ভোঁওড়ুয়ে-ভোমরা বি পেটমোটা ভীমরুলবিশেষ। "ময়রার দোকানে যত…ভোঁড়ুয়ে-ভোমরা দেখা যায়, বইএর দোকানে তার কটা থাকে?—হু ১৪৫।

ভোঁতা বিণ [হি ভোংতরা] ১ ধারহীন, কুণ্ঠিতধার (অস্ত্র, blunt)। "(মনে) অপমানের হুল বেঁধে না—বরং ভোঁতা হ'য়ে যা'য়।—জা ৯। ২ স্থূলাগ্র, মোটা। "হয়েছি বৃদ্ধ ঠোঁট হৈল ভোঁতা।—কৃ ১৪২। ৩ স্থূল, জড় (বুদ্ধি, dull)। ৪ লজ্জায় বাক্যরহিত, নির্ব্বাক্। "মুখুয্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা।—হেম ৩৮৫। দ্র 'খোঁতা'।

ভোঁৎভোঁৎ বি [ধ্বন্যাত্মক] শূকরের শব্দ। "শোয়ারগুলো...ভয়ে ভোঁৎভোঁৎ করে খোঁয়াড়ে পালিয়ে গ্যাল।—হু ১৭৫।

ভোঁদড়(দো)ড় বি [সং উদ্র > বা ওদড় > °ড় (আগম 'হ' > ভ) ? তু 'ভেরণ্ডা'] উদ্বিড়াল, ধেড়ে। "ভোঁদোড়।—হু ৭০।

ভোঁদা বিং [হি 'ভোঁন্দূ'—মূর্খ; সি 'ভোঁদূ'—মূঢ়; 'বোদর'—পৃথু (দেশী ৬.৯৬)] ১ বেয়াকুফ, নির্বোধ। ২ পৃথুদেহ, স্থূলকায়।

ভোঁদোড় দ্র 'ভোঁদড়'।

ভোঁভোঁ বি [ধ্বন্যাত্মক] শিঙ্গার গম্ভীরধ্বনি। "ক.চ ২৪২।

ভোঁয়া, -হা বি [সং ভ্রূ > প্রা ভমহ (হে), ভোহা (পৈ) ভৌহং, ঠ ভোংহঈ] ভ্রূ।

ভোঁহা দ্র 'ভোঁয়া'।

ভোক, -খ বি [ভুক, -খ > °ক, -খ] ১ ক্ষুধা। "ভোখে ভাত নাহিঁ খাওঁ শ্রী.কী ১০৮। ভোকের কালে রন্ন দিব গো চ ১৭৫; গো.বি ১৭০। ক.চ ৪৪; ম.ভা ১৮। চৈ.ম ৫৩। ভোখে মরে কৃ.উ ৯; ভোখে ব্যাকুল চৈ.চ ৩১৯। ভোখে ভাত না খায় পিয়া।—ব ১৭৮। ভ.প্র ২৩০। [ভোক পর—ক্ষুধার উপর; ক্ষুধায়। "গুরুয়া ভোক পর, কর জন্তু খোর আহারে রা.শে ১২০। ভোকে শোকে (শোষ > শোখ, -ক) —ক্ষুধার তৃষ্ণায়। "কৃ ২০৬, ৩২১। ভোখিয়া—ভক্ষণ করিয়া। "তাম্বুল ভোকিয়া দাঁড়াই পথে ব.প ১০৩১।]

ভোকছানি বি [ভোক+ছানি (সাদন > ছানি?)] ক্ষুধাজন্য শারীরিক অবসাদ; ক্ষুধায় অবসন্নভাব। "স্তন আসি পিও, পাছে লাগে ভোকছানি শ্রী.ম ৩৪। ক্ষুধায়...লাগে °নি ম.ভা ৩৭।

ভোকশোষ বি ক্ষুধা-তৃষ্ণা। "মধুর বাক্যে গেল °ষ চৈ.চ ৯০।

ভোক্তব্য বিণ [√ভুজ্+তব্য-র্ম] ১ ভোজনীয়, ভক্ষ্য। "এবামন্নং ন ভোক্তব্যম্।—যাজ্ঞ ১.১৬৫। ২ ভোগ্য। "ন ভোক্তব্যো বলাদাধিঃ মনু ৮.১৪৪। অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্। ৩ (অন্তর্ভাবিতণ্যর্থ) ভোজয়িতব্য। "(ব্রাহ্মণাঃ) শ্রাদ্ধকালে তু যত্নেন ভোক্তব্যাঃ মহা ৩.১৯৯.১৭। —ক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ক্ত্রী] ১ ভক্ষয়িতা, খাদক। "কৃতাগ্রায়ণভোক্তারঃ সর্ব্বে গো.রা ৩.২২.৬। অহমন্নং ভবান্ ভোক্তা।—হি ১.৫৫। ২ ভোগকারক, উপভোক্তা। "ভোক্তারং যজ্ঞতপসাম্ গী ৫.২৯; ৯.২৪। মনু ৮.১৮৪। কল্যাণপরম্পরাণাং ভোক্তারম্ রঘু ২.৫০। রসভোক্তা।—চু ৯৫। ৩ পালক শ্রীধর) । "গী ৫.২৯। ৪ উপলব্ধা। "গুণ° গী ১৩.১৪। —ক্তা পুং ১ পালক, রাজা। ২ বিষ্ণু। ৩ (বাঙ্লায়) ভোজনপটু ব্যক্তি, খাইয়ে। "ভুক্তা খেয়ে ভোক্তা চায় হস্ত দিয়া শাকে। অন্ন আন অন্ন আন রুদ্রমূর্ত্তি ডাকে।—শি ৩২। —ক্তৃত্ব ক্লী উপলব্ধৃত্ব। "পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে গী ১৩.২০। ভ ৩.২৬.৮।

ভোক্তা, ভোক্তৃত্ব দ্র 'ভোক্তব্য'।

ভোখ দ্র 'ভোক'।

ভোখি, -খী বি [°খ+ই৮, ঈ৭] ভোখযুক্ত, ক্ষুধিত। "ভোখিরে না দিলে অন্ন।—ত্র ৮৩। —খিল বিং [+ইল১; তু 'ভুখিল'] ক্ষুধিত। "উড় সে ভোখিল মধুকর বি প ৫৯; ভোখিল ভ্রমর ৮৩।

ভোখিল, ভোখী দ্র 'ভোখি'।

ভোগ১ পুং [√ভুজ+অ (ঘঞ্)-ভা] ১ অভ্যবহার, ভোজন। ২ ভোজনাদি। "মনু ৭.২২। ৩ উপভোগ। "°তৃষ্ণয়া রঘু ৮.২। ৪ মৈথুনাখ্য উপভোগ। "স্ত্রীণাং ভোগে চ মৈথুনে মনু ৮.১০০। ৫ ব্যবহার। "(আধিঃ) ন ভোগেন প্রণশ্যতি মনু ৮.১৪৯,-৫০। ৬ সুখদুঃখাদ্যনুভব, অনুভব। "দুঃখ°, সুখ°। এ ভোগ তোমায় কোন বিধি ভোগান।—দা ৬২০। ৭ বক্রীকরণ। ৮ [+অ-র্ম] সুখসাধনবিষয়, বিষয়। "(কাঙ্ক্ষিতাঃ) ভোগাঃ গী ১.৩২, ভুঞ্জীয় ভোগান্ ২.৫। ৯ সুখ। "কিং ভোগৈঃ গী ১.৩২; সংস্পর্শজা ভোগাঃ ৫.২২। ১০ দুঃখ (ত.বা)। ১১ ভক্ষ্য, ভোজ্য। "ভোগ পরিহরি শ্রী.কী ৫৩। ১২ দেবতাকে নিবেদ্য বা নিবেদিত অন্নাদি, নৈবেদ্য। "দু ৬৬। ভোগের রন্ধনে তার ভা.চ ৫৪৬। দা ২৬১। ১৩ ধন। "ঋগ্বেদ ৩.৩৪.৯। ১৪ রাজস্ব (A.)। ১৫ স্ত্রীভৃতি, মৈথুনমূল্য (অ.টী)। ১৬ হস্ত্যশ্বাদির কর্ম্মমূল্য বা ভাড়া। ১৭ সর্পফণ। "ভোগী। ১৮ ব্যূহবিশেষ (শ.ক)। ১৯ [+অ-র্ম] দেহ। "পা ৫.১.৯। ২০ সর্পকায়। "°বেষ্টিত ইব চ্যুতো মণিঃ রঘু ১১.৫৯। ভ ১০.১৬.২৪। ২১ রবি-প্রভৃতি গ্রহের রাশিগতিকাল। ২২ [ভোগ+অ (অচ্)] 'ভোগবান্', সর্প। ২৩ মান (শ.ক)। [°কর (বিণ) —ভোগজনক, অর্থকর। "বিদ্যা °রী যশঃসুখকরী (সু.র)। °গৃহ, °সদ্ম (-দ্মন্) (ক্লী)—বাসগৃহ, শয়নমন্দির। °তৃষ্ণা (স্ত্রী)—বিষয়ভোগেচ্ছা। "রঘু ৮.২। °দেহ (পুং)—১ কর্ম্মফলভোগার্থ সূক্ষ্মশরীর। '(কৃতে সপিণ্ডীকরণে নরঃ) প্রেতদেহং পরিত্যজ্য ভোগদেহং প্রপদ্যতে। —শুদ্ধিতত্ত্ব। ২ ভোগসাধনদেহ। °পতি (পুং)—দেশাধিপ, রাজা। °পত্র (ক্লী)—'তুমি ইহা ভোগ কর', এই আদেশপূর্ব্বক রাজপ্রদত্ত লেখ্য। "শু ২.৩০৪। °ভূমি (স্ত্রী)—সুখভোগস্থান, স্বর্গ। বিপ 'কর্ম্মভূমি'। °ভৃতক (পুং)—ভোগদ্বারা ক্রীত, ভক্তদাস। °মণ্ডপ (বি) —দেবতার ভোগরন্ধনার্থ গৃহ; ভোগের ঘর। "চৈ.চ ১৪৭।] [ভোগ উঠা—১ বিষয়ভোগ ফুরান, মৃত্যুকাল আসন্ন হওয়া। ২ কাঁচা দুধে মাখন ভাসা। ভোগ লাগা—দেবতার ভোগের অন্নাদি নিবেদিত হওয়া। "যৈছে ইঁহা ভোগ লাগে, সকলি পু ছুব চৈ.চ ৯২। ভোগ লাগান (হি ভোগ লগানা)—দেবতাকে ভোগ নিবেদন করা; ভোগ দেওয়া। "তৈছে ভিয়ানে ভোগ গোপালে লাগাব চৈ.চ ৯২। ভোগ সরা—নৈবেদ্য নিবেদিত হওয়া। ভোগের ঘর—সর্ব 'ভোগমণ্ডপ'। গ্রহের ভোগ—দুর্দ্দৈবজন্য দুঃখভোগ।]

ভোগ২ দ্র 'ভুগ'। —গা২ সর্ম [°গ+আ৮, হি √ভোগা] (দুঃখ) ভোগ করান। "দেখিলেন্ত ধর্ম্মরায়, কর্ম্ম ভোগ ভোগাএ।—গ ৯২। এ যাতনা, কেন গো ভোগাও দাসে।—মা ১৩২। ২ দুঃখ দেওয়া। "সর্ব্বেও ছোট, তবু সে ভোগায়।—কা ১২৩। [ভোগা২—সর্ব 'ভোগ২'। ভোগান—সর্ব 'ভোগা'। ভোগ ভোগান—কর্ম্মফলরূপ দুঃখ ভোগ করান। "এ ভোগ তোমার কোন্ বিধি ভোগান।—দা ৬২০।]

ভোগবতী স্ত্রী ['বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'রক্তকনাগ-মুক্তা', পাতালগঙ্গা। "(পুরীম্) গুপ্তাং যোধশতৈস্তাপি নাগৈর্ভোগবতীমিব গো.রা ১.৫.১৮। (পুরম্) গুপ্তাং নাগৈর্ভোগবতীমিব ভ ১.১১.১২। পাতালেতে হৈব ভোগবতী।—গ ১৩৫,-৮৫; ম ৪৭১; ক.চ ৮২। শ্রী.মা ১১৪; ভা চ ৫১১; ধ.প্র ১৪। ২ 'বক্রগতিযুক্তা', সরস্বতী। "মহা ৩.২৪.২০। ৩ নাগলোক] "রা ২.৯৯.২১। ৪ গঙ্গা (শ.ক)। ৫ তীর্থভেদ (শ.ক)।

ভোগবান্ (-বৎ) বিণ [ভোগ+বৎ (মতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ ভোগযুক্ত, ভক্ষ্যভোজ্যযুক্ত। "মহা ২.৮০.৫২। বিভর্ষি কায়ং পীবানং ...ভোগবান্ যথা ভ ৭.১৩.১৬। ২ সুখযুক্ত, সুখী। "মহা ৪.৪.৩২। ৩ কুটিল, বক্র। ৪ বিস্তারবান্, পাদাদিপ্রসারণবান্। "দেহেন বৈ ভোগবতা ভ ৩.২০.৪৭। ৫ মহাকায়; কায়বান্। "ভোগবানিব পন্নগঃ গো.রা ৫৭৪৭। মহাভোগবন্তঃ (সর্পাঃ) ভ ৫.২৪.২৯। —বান্ পুং ১ 'ফণবান্', ভোগী, সর্প। ২ নাট্য; গান (শ.ক)।

ভোগরাই বিং ['রাগী > °ই; অপ্র] ভোগানুরাগী, ভোগাসক্ত। "রাণ্ডী হইয়া ভোগরাই।...ডাক বলে সেই নষ্টা।—খ.প ৯।

ভোগরাগ বি দেবতার নৈবেদ্য অন্নফলমূলাদি ও অনুরাগহেতুক পুষ্পচন্দনাদি। "সেবার শৃঙ্খলা নানাজাতি °গ।—ভ.প্র ২২।

ভোগা১ বি [হি ভোগা; ভোগ১ > °গা (?)] প্রতারণা, শঠতা।

"হস্তভোগায় ভোগ্যায় ভুলে।—দা ৩৭৫ ; এ ভোগার ভুলিয়ে ৬২০ ; ২০৬০। [ভোঁগা দেওয়া—প্রতারণা করা, ঠকান। "হ.প ১০৯৫।]

ভোগা², ভোগান দ্র 'ভোগ²'।

ভোগান্ত পুং [ষ.ত] ১ ভোগাবসান। ২ গ্রহের ভোগকালের অবসান। "শনির °ে।—ম ৪১০।

ভোগাবলী স্ত্রী [ষ.ত] ১ ভোগসমূহ। ২ স্তুতি, স্তুতিপ্রবন্ধ। "বৈতালিকাঃ…ভোগাবলীঃ…পেঠুঃ মাঘ ৫ ৬৭। ৩ (উপচারে) স্তুতি-পাঠক। ৪ [বহুব্রী] নাগপুরী।

ভোগাভোগ বি সুখদুঃখভোগ, কর্মফলভোগ। "শ্রী.মা ১৫৭। জন্মিলে মরণ আছে, ভোগাভোগ হয় পাছে বি সু ১০৮।

ভোগায়তন ক্লী [ষ ত] ভোগস্থান, স্থূলদেহ (বেদান্তসার)।

ভোগালয় বি দেবতার ভোগদ্রব্যের গৃহ। "চৈ চ ১৭০।

ভোগিনী দ্র 'ভোগী'।

ভোগী (-গিন্) বিণ [ভোগ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -গিনী] ১ ভোগবান্, ভোগসম্পন্ন। "গো.রা ৫ ৯ ৫৬। গী ১৬.১৪। যাজ্ঞ ৩ ২১৮। আমি নানা ভোগে ভোগী ম ম ২৭। ২ বিষয়ভোগাসক্ত, সুখী। ৩ কুটিল, বক্র। "ভোগিনঃ (রাজানঃ পন্নগা ইব)।—পঞ্চ ১ ৬৯। ৪ ফণযুক্ত, ফণী। —গী পুং ১ ফণী, সর্প। "ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধ-বীর্য্যঃ রঘু ২ ৩২, ভোগিবেষ্টনমার্গেষু ৪ ৪৮। ভোগিবর্গ ম পা ১৪৯। ভোগিধর বা দ ৭। ২ নাগ। ৩ রাজা। ৪ ভোগসম্পন্ন জন। "ভোগিনাং খলু দেহোঽয়ং পীবা ভবতি নান্যথা ভ ৭ ১৩ ১৭। ৫ গ্রাম-পাত্র, গ্রামীণ। ৬ নাপিত। ৭ সর্পদেবতাক অশ্লেষানক্ষত্র। —গিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মহিষীভিন্ন নৃপ-স্ত্রী। ২ রাজোপপত্নী (A)। ৩ নাগী, সর্পী।

ভোগীন্দ্র পুং [ভোগী ইন্দ্রতুল্য, উপ স] ১ 'নাগশ্রেষ্ঠ', অনন্ত। ২ বাসুকি। ৩ পতঞ্জলি।

ভোগীশ পুং [ষ ত] ১ নাগেশ্বর, অনন্ত। ২ বাসুকি।

ভোগোল বিং [ভোগওয়ালা > °ল (?)] প্রবঞ্চক, ধূর্ত্ত, বদমাশ। "গুণ্ডা-নন্দন-বংশ ভোগোলের শেষ।—নী ৭০।

ভোগ্য বিণ [√ভুজ্+য (ণ্যৎ)-র্ম্ম, পা ৭ ৩ ৬৯, তু 'ভোজ্য', ছান্দস] ১ ভোগার্হ, উপভোগযোগ্য। "°ভূমিগণ মহা ১ ৬৩ ৮। রঘু ৮.১৪। বীরভোগ্যা বসুন্ধরা।—পরাশর ২ ৫৮। ফল° যাজ্ঞ ২.৫৯। ২ অনুভবনীয়। "শাপেন· বর্ষভোগ্যেণ পূ মে ১। ৩ পালনীয় (তত্ত্ব-বোধিনী)। ৪ ভোগযোগ্য, ব্যবহার্য্য (আধি)। ৫ [বাঙ্লায়, অসাধু] ভোজ্য, পেয়। "সুধা সুরগণ-ভোগ্য—রঙ্গ ৮৫। —গ্য ক্লী ১ ভোগার্হ বস্তু, মাল্যচন্দনাদি বিষয়। ২ ধন। ৩ ধান্য। —গ্যা স্ত্রী ভোগার্হা-স্ত্রী, বেশ্যা।

ভোগ্যা দ্র 'ভোগ্য'।

ভোজ¹ পুং ১ দেশবিশেষ, ভোজকট, ভোজপুর। ২ ধারানগরের রাজ-বিশেষ। [ইঁহার পিতা সিন্ধুল, মাতা সাবিত্রী, রাজধানী ধারানগরী। পিতার মৃত্যুর পরে, পিতৃব্য মুঞ্জ ইঁহার প্রাণনাশের চেষ্টা করেন, কিন্তু কৃতকার্য্য হন নাই। বিদ্যায় ইঁহার বিশেষ অনুরাগ ছিল। বাণ সুবন্ধু অমর বররুচি প্রভৃতি পণ্ডিতগণ ইঁহার সভাসদ্ ছিলেন। কালিদাস ইঁহার প্রধান সভাপণ্ডিত ও পরমপ্রীতিভাজন ছিলেন (ভোজপ্রবন্ধ)। অনুমান ইনি খৃষ্টীয় একাদশ শতাব্দীর প্রারম্ভে জীবিত ছিলেন। সরস্বতী-কণ্ঠাভরণ-প্রভৃতি উৎকৃষ্ট গ্রন্থের ইনি রচয়িতা।] ৩ বিদর্ভরাজ। "রঘু ৫.৩৯। ৪ (বহুব) ভোজদেশবাসিগণ। "অশোক অনুশাসন, ১৩শ গিরিলিপি। ৫ যযাতির পৌত্রগণ ও দ্রুহ্যুর পুত্রগণ। 'দ্রুহ্যোঃ সুতাস্তু বৈ ভোজাঃ মহা ১.৮৫.৩৪। "ভ ১.১১.১২। [°কট (পুং)—ভোজপুর, ধারানগরী। °দেব, °নৃপতি (পুং)—ভোজদেশের রাজা ; ভোজ ১ °পতি (পুং)—১ ভোজরাজ। ২ বিদর্ভরাজ। "রঘু ৭.২০। ৩ কংসরাজ। "ভ ১০.৪৩.১৭। °পুরী (স্ত্রী)—ধারানগরী। °রাজ (পুং)—১ ধারারাজ ভোজ। ২ কংসরাজ।]

ভোজ² '-জ্' বি [সং ভোজ্য > লি, প্রা ভোজ্জ > বা °জ, হি, ঠ °জ] ১ ভোজ্যপদার্থ, খাদ্য। "ছাড় উত্তম ভোজ গো.চ ৭০। শ্রী.কী ৩৩৩। ২ উৎসবাদিতে বহুলোকের একসঙ্গে ভোজন (feast)। "কোথায় পাইলি অন্ন, ভোজ কোন স্থানে ভ.গ্র ৩২১। সবে যেন বসে গেছে নিরাকার ভোজে চ কা ৮৩। ৩ শ্রাদ্ধদিনের তৃতীয় দিবসে জ্ঞাতি-বন্ধুর সহিত পঙ্‌ক্তিভোজন, নিয়মভঙ্গ।

ভোজং বি [বুঝন > °জং (?)] স্বার্থসিদ্ধির নিমিত্ত অনুকূল গূঢ় পরামর্শ। "সেলাম টেম্পল চাচা, আচ্ছা মজা নিলে। ভোজং দিয়ে, ভোটিং খুলি, মিউনিসিপাল বিলে॥—হেম ৩৭৭।

ভোজক বিণ [√ভুজ্+অক (ণ্বুল্)-ক] ১ ভক্ষক, খাদক। ২ [√ভোজি+অক-ক] ভোজয়িতা। "যাজ্ঞ ২.২৩৮। —জন বিণ [√ভোজি+অন (ল্যুট্)-ক] 'ভোজয়িতা', অন্নদাতা (শিব)। "মহা ১৪.১৭.১১৪। —জন ক্লী [√ভুজ+অন-ভা] ১ ভক্ষণ, আহার। "ঋগ্বেদ ৩.৩০.১৪। মনু ১০ ৫২। অজীর্ণে ভোজনং বিষম্।—চাণক্য। তাম্বূল° চৈ.ভা ১০৭। ভোজন সরবস।—গো ৬৪। ২ পান। "ক্ষীর-ভোজনম্ (সদ্যঃ প্রাণকরম্)।—চাণক্য। ৩ ভোগ। "অজীজন ওষধির্ভোজনায়।—ঋগ্বেদ ৫ ৮৩ ১০। ৪ [+অন-র্ম্ম] খাদ্য, আহার, অন্নাদি। "শালিতণ্ডুলভোজনাম্ (পুরীম্) গো রা ১ ৫.১৭। ভুক্তভোগস্তু ভোজনম্ রা ২.১০৪ ১১। ভোজনং তামসপ্রিয়ম্ গী ১৭.১০। মৃষ্টকর্ত্তা চ ভোজনে মহা ৩ ৭০ ৬। অমৃত° মনু ৩ ২৮৫। সই, ভোজন বিষাদ হৈল চ দা ৫৮। °রসে।—ম ১০৫৩। ৫ ভোগ্যবস্তু। ৬ খাদন, খাও-য়ান। "সেনায়াস্তু তবৈবাস্যাঃ কর্ত্তুমিচ্ছামি ভোজনম্ রা ২.৯১ ৪। [ভোজনকাল (পুং)—ভোজনসময়। "পা ১ ৩ ২৬, সি। °ত্যাগ (পুং) —আহারত্যাগ, অনাহার। °পাত্র, °ভাণ্ড (ক্লী)—খাদ্যাধার, থালা ইত্যাদি। °ভাজন (বি)—ভোজনপাত্র। "সেই চাল °ন।—রঙ্গ ৭। °বিশেষ (পুং)—খাদ্যবিশেষ, উপাদেয়খাদ্য। "হি ১$\frac{১}{১}\frac{০}{৬}$। °বৃত্তি (স্ত্রী)—অশনক্রিয়া। °বেলা (স্ত্রী)—আহারসময়। "ক সা ৪১ ৪১। °ব্যয় (পুং)—খাদ্যবিনিয়োগ। °মন্দির (বি)—ভোজনগৃহ। "রা.শে ২৬।] [ভোজন হস্তে দেওয়া—পঙ্‌ক্তিভোজনে পঙ্‌ক্তিতেই ব্রাহ্মণকে দক্ষিণা দেওয়ার ন্যায়, তৎক্ষণাৎ দেওয়া।]

ভোজন দ্র 'ভোজক'।

ভোজনকণ্টক ক্লী [ষ ত] ভোজনের কণ্টকতুল্য, পঙ্‌ক্তিভোজনে ভোজনবিঘ্নকর কার্য্য। [যখন সকলে একপঙ্‌ক্তিতে ভোজন করেন, তখন যদি কেহ না উঠিয়া ভোজনবিরত হইয়া শিষ্যাদিকে উচ্ছিষ্ট দেন বা আচমন করেন, তবে সেই পঙ্‌ক্তির অন্য ভোক্তারা ভোজন করেন না। এই জন্য পঙ্‌ক্তিভোজনে যখন সকলে ভোজন করেন, তখন একের ভোজনবিরতি নিষিদ্ধ, কারণ ইহা 'ভোজনকণ্টক' (আপস্তম্বধর্মসূত্র, দ্বিতীয় প্রশ্ন ১৭.৩, (সূত্রব্যাখ্যা)।]

ভোজনা '-জ্-' বি ধান্যবিশেষ। "শূ ১১৩।

ভোজনাচ্ছাদন ক্লী [দ্বন্দ্ব] অশন-বসন, গ্রাসাচ্ছাদন। "ভোজনা-চ্ছাদনে দদ্যাৎ (নারীভ্যঃ)।—পঞ্চ ৫ ৬০।

ভোজনাধিকার পুং [ষ.ত] খাদ্যদ্রব্যের অধিকার বা ভার। "সঞ্জীবকো ভোজনাধিকারে নিযুজ্যতাম্।—হি ২$\frac{১}{১}\frac{০}{৬}$।

ভোজনীয় বিণ [√ভুজ্+অনীয় (অনীয়র)-র্ম্ম] ১ ভোজনার্হ, ভক্ষণীয়। ২ [√ভোজি+অনীয়র-র্ম্ম] ভোজয়িতব্য, খাওয়াইবার যোগ্য। "তত্র যে °য়াঃ স্যুঃ মনু ৩.১২৪। —নীয় ক্লী খাদ্য, কোমলখাদ্য অন্নাদি। বিপ 'ভক্ষ্য'। "মহা ১.১৭৫.৫১। —য়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] খাওয়াইবার যোগ্য,

ভক্ষয়িতব্য। "মনু ৩.১২৫, কুলুক। —জয়িতা (-তৃ) বিণ [√ভোজি +তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ভোজনকারয়িতা (শ.ক)।

ভোজবাজি, -বিদ্যা বি ইন্দ্রজাল, মায়াবিদ্যা (magic)। দ্র 'ভানুমতী'। "যে সকল দেখিলাম ভোজবাজিপ্রায়।—ম ৩৯৯।

ভোজবিদ্যা দ্র 'ভোজবাজি'।

ভোজয়িতব্য, ভোজয়িতা দ্র 'ভোজনীয়'।

ভোজাই বি [হি ভৌজাঈ] ভ্রাতৃজায়া। "ভ.গ্র ১৪২,-৫২।

ভোজালি দ্র 'ভুজালী'।

ভোজী (-জিন্) বিণ [√ভুজ্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -জিনী] ১ ভোজনশীল। "অশ্রাদ্ধ°, উষ্ণ°, নক্তম্°, বহু°, সহ°। ক্রব্য° গো.রা ১৫০.১০। পরান্ন°।—হি ১.১৪৮। উচ্ছিষ্ট° মনু ৪.২১২। ২ ভোগকারী। [সমাসে উত্তরপদ]।

ভোজেন্দ্র পুং [উপ স] 'ভোজশ্রেষ্ঠ', কংসরাজ। "ভ ১০.২.১৯।

ভোজ্য বিণ [√ভুজ্+য(ণ্যৎ)-র্ম, নিপাতিত, পা ৭.৩.৬৯, তু 'ভোগ্য'] ১ ভক্ষ্য, অভ্যবহার্য্য, ভোজনীয়। "ভোজ্যা যবাগূঃ (তত্ত্ববোধিনী)। ২ শাস্ত্রানুসারে ভোজনার্হ ; অপ্রতিষিদ্ধ। "এতে শূদ্রেষু ভোজ্যান্না যশ্চাত্মানং নিবেদয়েৎ মনু ৪.২৫৩ ; ১১ ১৬১। যাজ্ঞ ১.১৬৮। ভোজ্যান্নতা পা.প্র ২০৮। ৩ ভোগ্য, উপভোগার্হ। "বংশভোজ্যমিদং রাজ্যম্ মহা ৩.৭৮.৯ ; বিমানানি…কামভোজ্যানি ৫.১১১.১৪। —জ্য ক্লী ['ভোজ্য'—অভ্যবহারার্থ ধন (ঋগ্বেদ ৪.২১৮] ১ অভ্যবহার্য্য অন্ন, ভোজনীয় দ্রব্যমাত্র ; খাদ্য। "রা ২.৭৭.১৫। ত্বমেব ভোজ্যং ভোক্তা চ কু.স ২.১৫। মহদ্‌-ভোজ্যং।—হি ১২৭৬। ২ দন্তে অবখণ্ডিত করিতে হয় না, এরূপ খাদ্য ; ভক্তসূপাদি (ভাবপ্রকাশ) ; পায়সাদি (কুলুক)। "মনু ৩.২২৭ ; ৫.২৪। পারণাতে ভক্ষ্য ভোজ্য খাই ব প ৩৮৯। ৩ দেবতার ও পিতৃগণের তৃপ্ত্যর্থ দেয় অন্নাদি। "°দানকর্ম্ম, ভোজ্যোৎসর্গ। ৪ [√ভোজি+য-ভা] ভোজন, খাওয়ান। "মনু ৩.২৪০। —জ্যা স্ত্রী [ভোজ+য (ষ্যঞ্)+স্ত্রী আ (টাপ্), পা ৪.১.৮০] ১ ভোজগোত্রাপত্য-স্ত্রী, ইন্দুমতী। "রঘু ৬.৫৯ ; ৭.২ ; ১৩। ২ রুক্মিণী। "মহা ৩.১২.৩১। [°ব্যয় (পুং)—ভক্ষ্যব্যয়। 'হি ৩১২৪২৩।]

ভোজ্যা দ্র 'ভোজ্য'।

ভোজ্যান্ন বিণ [বহুব্রী] যাহার অন্ন ভোজ্য, অর্থাৎ শাস্ত্রনিষিদ্ধ নহে ; যাহার ভাত খাওয়া শাস্ত্রবিহিত। দ্র 'ভোজ্য (২)। "ভোজ্যান্ন ব্রাহ্মণ।—চৈ ১৭৪।

ভোট১ পুং ১ তিব্বতদেশ। "°কম্বল, °দেশ। ২ (বাঙ্‌লায়) ভোটকম্বল। "ক চ ১৮৮। বা.ম ২১৪। শ্রী.ম ২২৩। শ্রী ৪০। [°কম্বল (বি) —তিব্বতদেশীয় কম্বল। "ম ২৯৭। ক.চ ২০৪। বা ম ২১০। চৈ.চ ২০৪।]

ভোট২ '-ট্' বি [E. vote] কোন বিষয়ে সভার বা জনগণের অভিমত। "ভোটের ব্যাপার।—হেম ৩৭৭। —টর বি [E. voter] ভোটদাতা। "নব্য ভোটর যত।—হেম ৩৭৭।

ভোটর দ্র 'ভোট'।

ভোটা বিং মোটা, বড়। "ভোটা একটা পিকিড়া গো.চ ১১৪,-৭।

ভোটাঙ্গ, ভোটান্ত পুং ভোটের অঙ্গ, শেষ, ভোটানদেশ।

ভোটি বি [ভোট+ই৮] ভোটকম্বল। "বি.পা ২২৭।

ভোড়ং, ভো'ড়ঙ্গ বি [তু 'ভোরঙ্গ'] বাদ্যবিশেষ। "ভোড়ঙ্গ চৈ.ভা ১১৪, টীকা। ভোড়ং।—হ ১৫১।

ভোড়া বি [ভুড়া > °ড়া] ভেলা। "বি.পা ১৫৫।

ভোমভোম বি সর্থ 'ভনভন'। "°ন করে মাছি ম.ম ২০৬।

ভোবন বি [অপ্র] ভুবন। "মী ৭, ৯। ম গা ২১।

ভোম বিং [সং ভ্রম > প্রা ভম > °ম, ভোঁ] সর্থ 'ভোঁ২'।

ভোমর১, ভোমরা বি [সং ভ্রমর > প্রা ভমর (হে) > °র ; হি, মৈ ভঁবর ; প ভৌর, -রা ; সি ভৌঙ্ক ; তু 'ভ্রোমর' (মী ৪৫)] ভ্রমর। "°র। —মী ৪৫। °রা ম.গা ৪। [ভোমরিয়া—ভ্রমিয়া, ঘুরিয়া। "মোশা ভোমরিয়া ব্যাড়ায় গো.চ ২৬৬।]

ভোমর২ বি [সং 'ভ্রমি'—মূল ?] ১ কাঠ ছেঁদা করার যন্ত্র ; তুরপুন। ২ আয়ুধবিশেষ, 'তুরপুন' (?)। "ভোমরা শূল।—মে ২২৩।

ভোম্বল বি ['ভংভল'—মূর্খ (দেশী ৬.১২০)] নির্ব্বোধ, অজ্ঞ। "সিধুনীর মামা ভোম্বলদাস (উপকথা)।

ভোর১ বি [হি, মৈ °র ; ঠ 'ভোরা'—পাণ্ডুর] প্রভাত। "ভারত পড়িল ভোরে মালাগাঁথা ধুমে ভা.চ ২৯৩। ভোর হল বিভাবরী—গান ৭৪। আর রাত্রি নাই, ভোর হইয়াছে।—বিদ্যাসাগর।

ভোর২ বিং [ভোল > °র] ১ বিহ্বল, ব্যাকুল, মত্ত, আত্মহারা। "তুহুঁ দরশনে বিদ্যাপতি ভোর বি.প ১২৭ ; কঞ্চুক ঝুগইতে পহুঁ ভেল ভোর ১৩৫। খুপ্রনায় রূপ দেখি সাধু হবে ভোর ক.চ ১৩৪। মন ভেল ভোর চৈ ম ১৬৯। রস° ন.প ২০৫ ; অমিয়ারসে ভোর ৩৫৩। ভুবন করু ভোর।—গো ৩৫। নাচত মোর ভোর ৭৪। ভা চ ২৭২ ; কামরসে ভোর ৩২৯। ২ অভিভূত। "নিদ্রা ভোর হৈয়া ম.গা ২৭। নিন্দে ভেল ভোর চৈ.ম ৬৯। কৃষ্ণকান্ত অফিমে ভোর হইয়া ঝিমাইতে লাগিলেন ব প্র ২৬৩। ৩ পীড়িত, কাতর। "(হিয়া) মন্মথ জ্বরে ভোর চ.দা ২৫। ৪ ভ্রান্ত। "হৃদয় মুকুলিত হেরি হেরি থোর। ক্ষণে আঁচর দেই ক্ষণে হয়ে ভোর॥—প.র ১৮। ৫ মুগ্ধ, নিস্পন্দ, নির্নিমেষ। "তুয়া রূপ নিরখিতে আঁখি ভেল ভোর ব.প ১০৫৭। ৬ মোহিত, বিবেকমূঢ়। "কন্যাএ ধ্যানে কৈল ভোর।—মী ৭। ৭ বিহ্বল, মোহিত। "অধরে বন্ধুক ভোর ক.চ ৪। —র বি বিহ্বলতা, মোহ। "মনের ভাঙ্গ ভোর গো.বি ১৪৭। —রা বিং ১ সর্থ 'ভোর (১)। "হেরিয়া ভুবন ভোরা।—ব ৩১। নাচয়ে ভাবক ভোরা চৈ.ম ৬, আনন্দে ভোরা ১২১ ; প্রেমে ভোরা ১৬৬। ২ শাসিত, জব্দ। "রাজার হজুরে, আরজি করিয়া, ইহারে করিব ভোরা চ.সা ৬০। —রি বিং ১ বিহ্বল, উন্মত্ত। "আপহি ভোরি, ভুবন করু ভোর।—গো ৩৫। ব ১২৪। বিহ্বলা, মত্তা। "হর নাহি উমতা, তোঁহহি ভোরি বি.প ২২৪। যে হয় অধীনা কামাতুরা সেই ভোরি শ্রী.ম ২০৭। ৩ মত্ততাজনক। "চোরক পন্থ, ভোরি দরশায়ল, চঞ্চল নয়নক ওর।—গো ১০৪। [ভোরা বাত—বার্দ্ধক্যে শিরোঘূর্ণনজনক বাত। "ভোরা বাতে শির, যাহার অস্থির, সে নাকি তরণী গড়ে ক.চ ২২১। রসের ভোরা—রসে মত্ত ; রসময়, রসিক। "কালা হৈয়া এত রসের ভোরা।—জ্ঞা ১৪৯।]

ভোর৩ বিং [ভর১ > °র] ১ তৎপরিমিত। "ছাক°, তোলা°। ২ তদাকারসদৃশ। "পেটিতে কড়িটি ভোর কাল আঁচড় নাই। সে কেমনে রাজপুত্র আনে বল ভাই ?—হেম ৩৮৭।

ভোর৪ বিং [ভর২ > °র] ১ পূর্ণ। "ভোর যুবতী শ্রী.ম ৮৪। ২ সকল, সারা। "শালারা ভোর দিন মালপো ঠুসছে গি.ঝি ৭৫।

ভোর৫ বিং ['ভোর১—মূল (?)] সমাপ্ত, শেষ, মাৎ। "এবার বাজী ভোর হলো, মন কি খেলা খেলালে বল।—রামপ্রসাদ। ভোর হয়ে যায় বাজি, ঘরে থাকতে গজ বাজী।—দা ৯৭৮।

ভোরঙ্গ বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "ভেউড়ি ভোরঙ্গ।—কু ২৮৮। ভেউর ভোরঙ্গ।—ম ৮৪৭। ভোরঙ্গ খনকাল (বাজে) শ্রী.মা ৬৬। ভোরঙ্গ ভম্‌ভম্ ভা.চ ৪৬০।

ভোরণী বিং বিহ্বলতাকারিণী। "জানুলম্বিত কদম্বমাল, মত্ত মধুকর ভোরণী।—ব্র.প ১২৪।

ভোরা, ভোরি দ্র 'ভোর২'।

ভোল১ পুং মৎস্যবিশেষ, ভোলামাছ। "শি ৮৫।

ভোল² বিং [সং বিহ্বল > প্রা বিব্‌ভল > বা (বিব্‌ভোল) °ল] ১ বিহ্বল, বিচারমূঢ়, মুগ্ধ। "মনে কিছু না গণলু ও রসে ভোল বি.প ১৮০। কামরসে ভৈলা ভোল গো.বি ১১২। কামে হত হইল ভোল।—শ্রী ৬। ২ মত্ত, জ্ঞানহীন। "অতি কামে হৈয়া ভোল ম ম ৭। একে বুড়া তাহে তাজী ধুতুরায় ভোল ভা.চ ১৭৫। ৩ বিশৃঙ্খল, তালহীন, ভুল। "নটন-ঘটন ভৈগেল ভোল ন.প ২৬৪। ৪ বিস্মৃত। "তেজিল ভজন বোল, সব হইয়া গেল ভোল গো.বি ২৯। —ল বি ১ মোহ। "দেবলোক পড়ে ভোল শ্রী কী ২০৯। সর্ব্বধন হারাইলা চারি নারী ভোলে।—ম.গা ১১। কদলির ভোলে।—মী ৬ ; ৯ ; ১৭। মীন পড়ে (কদলীর) ভোলে গো.বি ২৪,-৮ ; ১৭২। রূপ নেহারি পড়ি গেনু ভোল বি.প ১১১। রাজভোগে পড়ি ভোলে ক.চ ২৮৪। শ্রী.ম ২। ২ বিহ্বলভাব, বিবশভাব। "প্রেমভোলে সবে কোলে নিলা।—দু ১১। ৩ বিস্ময়। "অদ্ভুত দেখিয়া সভে পড়িলেন ভোলে চৈ.ভা ৩৩। ৪ মুগ্ধভাব। "বিশেষে স্ত্রীগণ অতি পড়িলেন ভোলে চৈ.ভা ৭৬। ৫ মত্ততা। "ঘুরিতে ঘুরিতে বুড়া পড়ি গেল ভোলে।—কৃ ২৫৮। ৬ জড়তা, ঘোর। "সাধু ছিলা নিদ্রা ভোলে ক চ ১৬৮। ৭ ভ্রম, ভুল। "মতি ভোলে শ্রী.কী ১৩৪। —লা¹ বিং [ভোল > °লা ; হি ভোলা] ১ বিহ্বল, মুগ্ধ। "মুনি মন হয় ভোলা শ্রী কী ৬০। সাঁজেতে উদয়, সুধু সুধাময়, দেখিয়া হইনু ভোলা চ.দা ২৫। ২ বিহ্বল, ব্যাকুল, ব্যস্ত। "সিংহনাদ শুনি মিন হইলেক ভোলা।—মী ১৫। ৩ ভ্রান্ত। "আপনা পাসরি সব ভোলা হইল চিত্ত গো বি ১২৮। জগতে রাষ্ট্র নামটি ভোলা, সিদ্ধিপানে সকলি ভোলা।—দা ২১৭। ৪ নারীকলামোহিত। "হাসিয়া বলিল তবে ভোলা মোচন্দর গো.বি ১৫৬। ৫ ভ্রান্তচিত্ত, ভোর। "ভাঙ্গের খেয়ালে শিব ভোলা হ'য়া যায় ম.ম ১২। ৬ মত্ত। "পদ্মাবতী অহঙ্কারে ভোলা ম ম ৬০। ল'য়ে কুচনী-যুবতী, ভোলা হয়ে থাক ভোলা।—দা ২১৮। ৭ অমায়িক, সাদা-সিধা। "বালিকার মত ভোলা খোলা মন ব.সু ৩৮। ৮ আসক্ত। "বিস্মৃত হইল রাজা রাজভোগে ভোলা।—ম ৫৮। —লী বিং বিহ্বলা, অভিভূতা। "এত বড় নিন্দে ভোলী, আজি তোক্ষে ভৈলা শ্রী কী ৩৮৬। —লা¹ বি ১ ভোলানাথ, শিব। দ্র 'ভোলা বিং (৩ , ৬)। ২ মৎস্যবিশেষ, ভোলামাছ। "ভা.চ ১২৬। ৩ [হি ভোলা] কাণ্ডজ্ঞানহীন, মূর্খ। "আলা°। [ভোল গেল—মোহিত হইল (শ্রী.কী)।]

মনোমুগ্ধকর বিং ['মনোমোহকর' সাধু] চিত্তমোহজনক, চিত্তাকর্ষক। "কেহ °কর রূপে।—ন ১৬৬৯। °কর...বরণ প.তু ৬৩। °কর সঙ্গীতের মত ব প্র ৪৯৮। —কারী (-রিন্) বি° ['মনমোহকারী 'সাধু] মনোমোহন। "সর্ব্বজন° সেই জয়গীতি।—ব প্র ৫৩৯। [মনোমুগ্ধ করিতেছে (অসাধু)—মনোমোহ বা মন মুগ্ধ করিতেছে (সাধু)। "অলঙ্কারশিঞ্জিত-শব্দ °গ্ধ করিতেছে ব প্র ৯১।]

মনোমোহন বিং ১ মনোমোহকর, মনোহর। 'সে ঈষদ্দীর্ঘ বপুর °ন ভঙ্গী ব প্র ৫৩। ২ প্রিয়। '°ন আইল, মন জানে সখি।—গান ২০১। ৩ সুন্দর, প্রিয়। "°ন, গহন যামিনীশেষে, দিলে আমারে জাগায়ে। —রবীন্দ্র। —মোহন বি চিত্তমোহ। "ভারতচন্দ্র বিদ্যার অপূর্ব্ব রূপ-বর্ণনা করিয়া বঙ্গদেশের °ন করিয়াছেন ব প্র ২৫। —মোহনী বি° মনোমোহকারিণী, অতিসুন্দরী। '°নী আশমানি কিরূপ রূপবতী ব প্র ২৫। —মোহা বিং চিত্তাকর্ষক। 'বেণু বিষাণে °হা শ্রী ম ১৩৭। —মোহিনী বিং ১ মনোমোহকরী। 'ও কে রে °নী ব প ১৫৩। অয়ি ভুবন° ।—গান ২২১। ২ মনোহারিণী, সুন্দরী। কথাগুলি বড় °নী। যে বলে সে আবও °নী ব প্র ৫০৯। ৩ মনোহরা, চিত্তাকর্ষিণী। "তোমার °নী রাধা।—দা ৪১৫। —মোহিনী বি সুন্দরী, রমণী। 'হর° ভজ।—দা ২৩৯।

মনোমোহনী, -মোহা, -মোহিনী দ্র 'মনোমোহন।

মনোযায়ী (-য়িন্) বিণ [মনস্+ √যা+ইন (ণিনি)-ক-১ব, উ ত] মনোগামী, মনোজব দ্রুতগামী। "°যী রথঃ (S W)।

মনোযোগ পুং [ষ ত] মনোনিবেশ, অবধান। — যোগী (-গিন) বিণ [°গ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -গিনী] অবহিতচিত্ত।

মনোরঞ্জন বিণ [ষ ত , স্ত্রী -নী] চিত্তপ্রীতিকর, মনোহর।

মনোরথ পুং [ষ ত , মনোঽর্থ > (স্বরাগমে) °থ (?)] ১ 'মনের রথতুল্য', ইচ্ছা, অভিলাষ, স্পৃহা, কাম। "রা ২ ৫২ ৫৬। লঙ্কাবকাশো মে °থঃ শ ১$\frac{২}{২}\frac{২}{৪}$, °থা নাম তটপ্রপাতাঃ ৬ ১০। মনোরথানামগতির্ন বিদ্যতে কু স ৫ ৬৪। °গতি।—মে ২১১। ২ অভিলষিত বস্তু, অভীষ্ট। 'মনোরথায় নাশংসে কিং বাহো স্পন্দসে বৃথা শ ৭ ১৩। ৩ (নাট্যে) সদৃশদর্শনাদি হেতু অভিপ্রায়জ্ঞাপন। 'সা দ ৬ ১৯৩। ৪ (বাঙ্লায়) মনোরূপ রথঃ, মানসযান। 'একলি চড়িল মনোরথ মাহ।—ব ৮৭। ৫ কপিলা বা কামধেনুর বৎস। "মনোরথ নন্দিনীর যত দুগ্ধ খায়।—ম ৪০৫। বৎসক তাহার (কপিলার) সাথে সাত মনোরথ ব প ৪৬৯। মনোরথ সঙ্গে সুকপিলা শ্রী মা ১৮৩, ২১২,-১৯। [°কৃত (বিণ)—ইচ্ছানুসারে কৃত, মনোনীত। "মনোরথকৃতো ভর্ত্তা। —হ ১৭৭ ৪৮। °তৃতীয়া (স্ত্রী)—চৈত্র শুক্লতৃতীয়া। °দায়ক (বিণ) — অভীষ্টদাতা, বাঞ্ছাপূরক। "ক সা ২২.১৮। °বন্ধ (পুং)—অভিলাষ-নিবন্ধন। "°বন্ধবন্ধু মা মা ১ ৩৪। °সিদ্ধি (স্ত্রী)—বাঞ্ছাপূরণ, ইষ্টাপত্তি। °সৃষ্টি (স্ত্রী)—কল্পনাকৃত বিষয়, আকাশকুসুম।]

মনোরথমোদক পুং [উ লো] মনোবথকৃত বা কল্পিত মোদক, কল্পিত মনোরম বিষয়। তু 'মনকলা'। "অবিনীতহৃদয়া বালরণ্ডা · মনোরথমোদকৈঃ আত্মানং বিড়ম্বয়তি ক ম ৬$\frac{৯}{৯}$।

মনোরম বিণ [মনস্+ √রমি+অ (অণ্)-ক, উ ত, স্ত্রী -মা] 'মনোরমরিতা', কান্ত, মনোজ্ঞ, শোভন, চারু। "চিত্রকূটং °মম্ রা ২ ৫৬ ১২। অঙ্গনথমনোরমাসু (অঙ্গুলীষু) শ ৬ ১১। মনোরমা সে তটিনী স শ ৮৩। —রমা স্ত্রী ১ সুন্দরী, রমণী। ২ গোরোচনা। ৩ ছন্দোবিশেষ।

মনোরমা দ্র 'মনোরম'।

মনোরম্য বিং [সং °ম] সর্থ 'মনোরম'। "মনোরম্য নহে কাপড় ম.প ২৮৮,-৯।

মনোলোভা বিং মনের লোভোৎপাদিকা, চিত্তাকর্ষিণী। "কর্পূর-মালতী.· ·মনোলোভা রা শে ২২। (শোভা) মনোলোভা ভা চ ১২১। বিম্বাধর-প্রতিবিম্বমুক্তা-মনোলোভা বি সু ৩।

মনোসাধ বি ['মনসাধ' সাধু তু 'মনোবাঞ্ছা অপ্র] মনের সাধ, স্বেচ্ছা। 'মনোসাধে ধরা দিল ভংসিত রাঙ্গারে বি সু ১১৪।

মনোহত বিণ [হত মনঃ যাহাব, বহুব্রী] প্রতিহত (অ কো)।

মনোহর বিণ [মনস্+ √হৃ+অ (অচ)-ক উ ত, স্ত্রী -রা] ১ 'চিত্তহারক,' চিত্তাকর্ষক। "পবিমলো গন্ধো জনমনোহরে (অ কো)। ২ রমণীয়, কান্ত, সুন্দর। 'রত্নাম °রাম্ গো বা ১ ৬৬ ১২। গাম্ভীর্য্য-মনোহর° বপুঃ রঘু ৩ ৩২। অনাত্মমনোহর° বপু. শ ১ ১৭। ৩ মনঃ-প্রীতিজনন। "স্ত্রীণা° (নাম কর্ত্তবাম্) বিস্পষ্টার্থ° মনোহরম্ মনু ২ ৩৩। কোন হয় সেনের না হয় মনোহব শ্রী১২৪। —হব ক্লী ১ স্বর্ণ। ২ (বাঙলায়) প্রিয়, পতি। (আঁথি অঞ্জনে রঞ্জিত) মনোহর-মনোহর বি সু ৪। নীলকণ্ঠ যথা (নিস্তারিণী°)—মে ৯৯। —হরা স্ত্রী ১ জাতী, স্বর্ণযূথী। ২ (বাংলায়) নারিকেল ক্ষীর ও শর্করা দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ। "কৃ ৩৭৬। বি পা ১৬৮। শ্রী ম ৭৪। শ্রী ১৫২। চৈ চ ১৫৮। বা শে ২২।

মনোহরশা(সা)হী বি মনোহব শাহের প্রবর্ত্তিত কীর্ত্তনেব সুর-বিশেষ। "যাইতে যাইতে °সাহী একটা তুক তাঁহার স্মরণ হইল আ দু ৬৯, কীর্ত্তনীয়ারা °সাহী বেনিটি ও নানা প্রকার সুরে কীর্ত্তন করিতেছেন ৮১। [বামানন্দ রায়েব বংশধর মনোহব হুগলী-দলথরা গ্রামে বাস করিতেন। ধার্ম্মিক বলিযা তাঁহাব উপাধি শাহ হইয়াছিল (বাঙ্গালা শব্দকোষ)।]

মনোহরা দ্র মনোহর'।

মনোহর্ত্তা (-র্তৃ) বিণ [ষ ত] চিত্তহারক, মনোমোহন। ' তমানেষ্যে বব যত্নে মনোহর্ত্তা তমাদিশ ভ ১০ ৬২ ১৬।

মনোহারী (-রিন্) বিণ [মনস্+ √হৃ+ইন্ (ণিনি)-ক-১ব উ ত, স্ত্রী -রিণী] ১ চিত্তহারক, মনোহর, সুন্দব। ২ চিত্তাকর্ষক, মধুর। 'মনোহারি বচনম্ গো বা ৩ ২১ ২৭। ৩ মনঃপ্রীতিকর। 'গাঙ্গ° বারি মনোহারি (গঙ্গাষ্টক)। ৪ [দ্র 'মণিহাবি'] সর্থ 'মণিহারী' (১)। "বেচে কেহ মনোহারী ব প ১৫১৪।

মনোহিত বিং [অপ্র] যাহা মনে হিতকব বোধ হয় অভীষ্ট, প্রিয়। 'যেই বর মাগ তুম্হি দিব মনহিত অ প ১৩৩-৬। বাঞ্ছিতমনোহিত করিবার তরে। হেথাই ঝুলয়ে প্রভু হিন্ডোলা-উপরে॥—ন প ৩৩৪।

মনোহৃৎ বিণ [মনস্+ √হৃ+ক্বিপ (০)-ক-১ব উ ত স্ত্রী -ৎ] মনোহর, মনোজ্ঞ, মারক। 'মাঘ ১৯ ১০৯।

মন্ত[১] বি [সং মন্ত্র >প্রা মংত >বা মন্ত বৈষ্ণবসাহিত্যে] মন্ত্র। কি কল ভেল মুনিমন্ত।—গো ২২৯।

মন্ত[২] প্র [সং মৎ >প্রা মংত (প্রা প্র ৪ ২৫, বৃত্তি) >বা মন্ত, ঠ মংত —বুদ্ধিমংত, তু 'ফা মন্দ্—আকল্ মন্দ্] ১ অস্ত্যর্থক প্রত্যয়, তদ্-যুক্ত, তদ্বিশিষ্ট। 'পয়°, পুত্র°, বুদ্ধি°, লক্ষ্মী°, শ্রী°। মূর্ত্তি°—ম ২৮২, মতি° ৪ ১৭, মহাকীর্ত্তি° ৫১২। ২ সর্থ মন[৪]। এমন্ত।

মন্তর বি [সং মন্ত্র >(স্বরাগমে) °র, বৈষ্ণবসাহিত্যে] মন্ত্র। পিরীতি অন্তরে, পিরীতি মন্তরে চ দা ১২৮। গো চ ৮৩,-৫। জপয়ে মন্তর প ক ২১৭। দেশের মায়া-মন্তরে কু কে ১৫৩।

মন্তব্য বিণ [√মন্+তব্য-র্ম্ম] ১ মননীয়, জ্ঞেয়। স চ হেতুর্ন মন্তব্যঃ মহা ৫ ২০ ১৫। সাধুরেব স মন্তব্যঃ গী ৯ ৩০। ২ চিন্তনীয়, ভাব্য। "নান্যথা দেব মন্তব্যম্ ক সা ৪৪ ১২২। সখে নান্যথা মন্তব্যম্।—হি ১$\frac{২}{২}\frac{৫}{৬}$। ৩ (বাঙ্লায়) অভিমত বিষয় (remark)।

মন্তা (-ন্তৃ) পুং [√মন্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ মনন-

কর্ত্তা, জ্ঞাতা। "মননের সহিত আমি যে…মন্তা এ জ্ঞানও তো পাই ব.প ১৮০৩। ২ প্রাজ্ঞ, বিদ্বান্, জ্ঞানী।

মন্তু পুং [√মন্+তু (তুন্)-ভা, উ ১.৭৩ ; 'মন্তু'—মননীয়, বেদিতা (ঋগ্বেদ ১.২৫২.১ , ১০.৭৩.৮)] অপরাধ। "নৈ ৬.১১০।

মন্তূয় অক [কণ্ড্বাদি, প—মন্তূয়তি , সেট্] ১ অপরাধ। ২ রোষ। "ভট্টি ৫.৭৩ ; মন্তূয়িষ্যতি যক্ষেন্দ্রঃ ১৬.৩১।

মন্ত্র্ সক [চু, ঙ—মন্ত্রয়তে , সেট্] গুপ্তপরিভাষণ, মন্ত্রণা। "হন্তস্ত যন্ মন্ত্রয়তে রহস্বাম্।—নৈ ৩.১০৭। [অভি—অভিমন্ত্রণ, মন্ত্র দ্বারা সংস্করণ। আ—১ আমন্ত্রণ, প্রস্থানে অনুমতিপ্রার্থন। ২ সম্বোধন। নি—নিমন্ত্রণ।]

মন্ত্র পুং [√মন্ত্র্+অ (অচ্)-ভা] ১ গুপ্তপরিভাষণ, নিভৃতে কর্ত্তব্যাবধারণ, গুপ্তবাদ, মন্ত্রণা, পরামর্শ। "°কোবিদ রা ১৬০ ৯। মন্ত্রয়েৎ পরমং মন্ত্রম্ মনু ৭.৫৮। সংবৃত° রঘু ২ ২০। °বীজ।—হি ২ ১৪৩। 'হেন ভক্তি না মানিমু'—এই মন্ত্র সার চৈ ভা ২৯২,-৩। ২ বিচার। "মাঘ ২ ২৯। ৩ [+অ-র্থ] গূঢবিষয়, রহস্য, গুপ্তকথা। ৪ বেদভেদ, অর্থাৎ ঋক্ যজুঃ সাম—এই ত্রিবিধ মন্ত্রাত্মক বেদবিশেষ। [ছন্দোময় উচ্চৈঃ উচ্চারিত মন্ত্র 'ঋক্,' গদ্যময় মৃদু উচ্চারিত মন্ত্র 'যজুঃ,' গেয় মন্ত্র 'সাম'।] ৫ দেবাদির সাধনার্থ তন্ত্রাদিকথিত শব্দভেদ (ত বা)। "মনু ২ ১৬ , মন্ত্রৈর্বিষাপহৈঃ ৭ ২১৭। মন্ত্রৈর্দূবাং প্রশমিতারিভিঃ রঘু ১.৬১ , ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যঃ ২.৩২। মন্ত্র পটি স্বামীরে হানিবে পঞ্চ বাণ।—ক চ ১৩৭। ৬ বিষ্ণু। "বিষ্ণু ১.৫০। ৭ দীক্ষায় জপার্থ গুরুদত্ত বীজ। [°করণ (ক্লী)—১ স্তুতি। "পা ১ ৩ ২৫। ২ মন্ত্ররচনা। °কার (পুং)—মন্ত্ররচয়িতা, মন্ত্রকৃৎ। °কাল (পুং)—মন্ত্রণাসময়। °কুশল (বিণ)—মন্ত্রণাপণ্ডিত, রাজনীতিজ্ঞ। °কোবিদ (পুং)—বেদমন্ত্রপণ্ডিত, বেদবিৎ। °গুপ্তি (স্ত্রী)—মন্ত্রণাগোপন। °গূঢ (পুং)—গুপ্তমন্ত্র, চর। °গৃহ (ক্লী)—মন্ত্রণাভবন, মন্ত্রাগার। °জল, °তোয় (ক্লী) —অভিমন্ত্রিত জল , পড়া জল। "°ল ভ ৯.৬.২৭। °য় ক.সা ৬৮.৫১। °জ (বিণ)—মন্ত্রণাজাত। "শক্তয়ঃ…প্রভাবোৎসাহমন্ত্রজাঃ (অ.কো)। °তন্ত্র (ক্লী)—আভিচারিক মন্ত্র ও আভিচারিক দ্রব্য। "তদ্দানস্তু চ শংসা অমন্ত্রতন্ত্রং বশীকরণম্।—পঞ্চ ১.৭৬। °দ (বিণ)—১ মন্ত্রণাদাতা। "দুষ্ট°। ২ বেদমন্ত্রাধ্যাপক। "মনু ২.১৫৩। °দর্শী (-র্শিন্) বিণ—বেদবিৎ। "মনু ২.২১২। °দাতা (-তৃ) পুং—দীক্ষাগুরু। °দেবতা (স্ত্রী) —মন্ত্রাধিষ্ঠাত্রী দেবতা। °দ্রষ্টা (-ষ্টৃ) পুং—'বেদমন্ত্রদ্রষ্টা,' ঋষি। "পা ৪.১.১১৪। শ্রী.ম ২৬২। °ধর, °ধারী (-রিন্) পুং—মন্ত্রণাদাতা, মন্ত্রী। °ধারিন্ মহা ৫.৩১.১১। °র।—হ ৭৯.১৩। °নির্ণয় (পুং) —মন্ত্রণাপূর্ব্বক কর্ত্তব্যাবধারণ। °পত্র (ক্লী)—মন্ত্রাঙ্কিত পত্র। °পূত (বিণ)—অভিমন্ত্রিত। "রা ১.৭৩,২৮। °প্রযুক্তি (স্ত্রী), °প্রয়োগ (পুং)—মন্ত্রোপযোগ, মন্ত্রকার্য্য। "যৌ তৌ মন্ত্রপ্রয়োগৌ মে।—ক.সা ৩৭.১১০। °বচন (ক্লী)—মন্ত্রপাঠ। °বাদী (-দিন্) বিণ—কুহকী, জাদুকর। °বিদ্যা (স্ত্রী)—মন্ত্রজ্ঞান, মায়াবিদ্যা, কুহক। °ভবন (বি) —মন্ত্রণাগৃহ। "সী ২৪। °ভেদ (পুং)—মন্ত্রণাপ্রকাশ। "হি ২১৪৬। °মুগ্ধ (বিং)—মন্ত্ররুদ্ধবীর্য্য। "°গ্ধ ফণী।—ন ১৪০৭। প তৃ ১৪। °মূর্ত্তি (বিণ)—মন্ত্রস্বরূপ (শিব)। °মূল (বিণ)—মন্ত্রণামূলক। "°মূলা চ রাজতা ক.সা ৪২ ৪৫। °যন্ত্র (ক্লী)—সমন্ত্রক তান্ত্রিক চিত্র। °যুক্তি (স্ত্রী), °যোগ (পুং)—মন্ত্রপ্রয়োগ। "°যুক্তিদ্বয় ক.সা ৩৭ ১১৩। °শ্রুতি (স্ত্রী)—মন্ত্রশ্রবণ, গুপ্তভাবে মন্ত্রশ্রবণ। "ক সা ৪৯.১০৫। °সংবরণ (ক্লী)—মন্ত্রণাগোপন। °সংস্কার (পুং)—মন্ত্রসাধ্য সংস্কার ; বিবাহ। "°কৃৎ মনু ৫.১৫৩। °সংস্ক্রিয়া (স্ত্রী)—মন্ত্রসাধ্য দশ সংস্কার। °সংহিতা (স্ত্রী)—বেদমন্ত্র-সংগ্রহ। °সূত্র (ক্লী)—অভিমন্ত্রিত সূত্র। "মাং বদ্ধমন্ত্রসূত্রং গলে ক.সা ৩৭.১১৬। °স্নান (ক্লী)—মন্ত্রোচ্চারণসাধ্য স্নান ; ব্রাহ্মস্নান।]

মন্ত্রকৃৎ বিণ [মন্ত্র+ √কৃ+ক্বিপ্ (.০)-ক-১ব , উ.ত ; স্ত্রী -দ্] ১ মন্ত্রদ্রষ্টা, মন্ত্রপ্রযোক্তা। ("সপ্তর্ষয়ঃ) °কৃতঃ।—হ ৭.৫২। তব মন্ত্রকৃতো মন্ত্রৈঃ রঘু ১.৬১ ; অগ্রণীর্মন্ত্রকৃতাম্ ৫ ৪। ২ সূক্তদ্রষ্টা। "ঋগ্বেদ ৯ ১১৪.২। ৩ মন্ত্রণাকারী, মন্ত্রী, সচিব। ৪ দৌত্যকর্ত্তা (শ্রীধর)। "অয়ং মন্ত্রকৃদ্ বো ভগবান্ ভ ৩ ১ ২।

মন্ত্রজ্ঞ বিণ [মন্ত্র+ √জ্ঞা+অ (ক)-ক , উ.ত] ১ বিদ্বান্, বেদতত্ত্ববিৎ। "মনু ৩ ১২৯। কবির্জ্জবতি মন্ত্রজ্ঞঃ ভ ৯.৪-১২। ২ মন্ত্রণাকুশল, পঞ্চাঙ্গমন্ত্রকুশল (কুল্লুক)। "মনু ৮ ১। ৩ অভিচারমন্ত্রকুশল। —জ্ঞ পুং দূত।

মন্ত্রণ ক্লী, -ণা স্ত্রী [√মন্ত্র্+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] সর্থ 'মন্ত্র' (১)। "মন্ত্রণ গো রা ১ ৪ ১৩। যুধিষ্ঠিরাদিমন্ত্রণ মহা ৪.১ (অধ্যায়শেষ)।

মন্ত্রণা দ্র 'মন্ত্রণ'।

মন্ত্রদৃক্ (-দৃশ্) বিণ [মন্ত্র+ √দৃশ্+ক্বিপ্ (০)-ক-১ব , উ.ত ; স্ত্রী -শ] ১ মন্ত্রদ্রষ্টা, সূক্তদ্রষ্টা। "মন্ত্রদৃগৃষিঃ (বশিষ্ঠঃ) ভ ৮.২৩.২৯। ২ মন্ত্রণাকুশল। "মন্ত্রদৃশাং বরীয়ান্ (বিদুরঃ) ভ ৩.১.১০। —দৃক্ পুং ১ মন্ত্রদ্রষ্টা ঋষি। ২ মন্ত্রী।

মন্ত্রফাঁস বি মন্ত্রপাশ, মন্ত্রবন্ধন। "(নাগ) যজ্ঞস্থানে টানি আনে বান্ধি মন্ত্রফাঁসে।—ম ৪৩।

মন্ত্রবান্ (-বৎ) বিণ [মন্ত্র+বৎ (বতুপ্)-১ব , স্ত্রী -বতী] ১ 'মন্ত্রযুক্ত', মন্ত্রোচ্চারণপূর্ব্বক। "মন্ত্রবৎ প্রাশনম্ মনু ২ ২৯। মন্ত্রবন্তশ্চ চরবঃ যাজ্ঞ ১ ২৯৯। ২ প্রয়োগসংহারমন্ত্র-সহিত, সমন্ত্রক। "অশিক্ষতাস্ত্রং পিতুরেব মন্ত্রবৎ রঘু ৩ ৩১। ৩ দীক্ষিত (initiated)।

মন্ত্রবিৎ (-দ্) বিণ [মন্ত্র+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব , উ.ত , স্ত্রী -দ্] ১ বেদবিৎ, বেদতত্ত্বজ্ঞ। "মনু ৩ ১৩১ , ১৩৩। ২ মন্ত্রণাকুশল। —বিৎ পুং ১ মন্ত্রী। "মহা ৫ ১৯৩.৫। ২ বেদজ্ঞব্রাহ্মণ। ৩ দূত।

মন্ত্রসাধন ক্লী [তৃ ত] ১ মন্ত্রজপ দ্বারা অলৌকিক শক্তিলাভ। "মা.মা ৫.২৪। ২ মন্ত্র দ্বারা বশীকরণ। —সাধ্য বিণ [তৃ ত] ১ মন্ত্রশক্তিতে অনুষ্ঠেয়। ২ মন্ত্র দ্বারা বশীকরণীয়। "মন্ত্রসাধ্যাশ্চ রাজানঃ পন্নগা ইব। —পঞ্চ ১.৬৯। ৩ মন্ত্রণানিষ্পাদ্য।

মন্ত্রসিদ্ধ বিণ [তৃ ত] ১ মন্ত্রজপদ্বারা সিদ্ধিপ্রাপ্ত। ২ [স.ত] মন্ত্রণাকুশল। —সিদ্ধি স্ত্রী [ষ.ত] মন্ত্রজপ দ্বারা অদ্ভুত শক্তিলাভ।

মন্ত্রারাধন ক্লী [ষ ত] মন্ত্রজপ। "°তৎপর (শান্তিশতক)।

মন্ত্রি পুং [√মন্ত্র+ই (ইন্)-ক, উ ৪ ১১৭] 'মন্ত্রয়িতা', মন্ত্রী। "প্রতিপূজ্য…মন্ত্রীন্ রা ২ ১১২.৩০। সত্য যা কহিলা, মন্ত্রি।—হেম ১৯৪।

মন্ত্রিণী বি [মন্ত্রিন্+ঙীপ্] মন্ত্রণাদাত্রী। "রাজার মহিষী, যে আসে —আমার বাসে প্রধান মন্ত্রিণী স্ব প্র ১০৭।

মন্ত্রিত বিণ [√মন্ত্র্+ত (ক্ত)-র্ম] ১ গুপ্তপরিভাষিত, গূঢোপদিষ্ট। "কৌন্তেয়া বিদুরমন্ত্রিতাঃ মহা ১ ১৪১ ১২। ২ মন্ত্রসংস্কৃত, অভিমন্ত্রিত। "মহাবাণং রাক্ষসেন্দ্রেণ মন্ত্রিতম্ গো রা ৬.৭০.২১। ৩ বিমৃষ্ট, বিচারিত। "অহো ন ভবদ্ভ্যাং মন্ত্রিতং সম্যগেতৎ (পঞ্চ)।

মন্ত্রী (-ন্ত্রিন্) বিণ [মন্ত্র+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -ন্ত্রিণী ; 'মন্ত্রী' —আলোচনকুশল (শুক্লযজুর্ব্বেদ ১৬.১৯)। মন্ত্রিন্ >মন্ত্রি (সমাসে পূর্ব্বপদ)—'মন্ত্রিবর'] ১ মন্ত্রবান্,' মন্ত্রণাকুশল। ২ গৃহীতমন্ত্র। —ন্ত্রী পুং [√মন্ত্র্+ইন্ (ণিনি)-ক-১ব] ১ 'মন্ত্রয়িতা,' সচিব, অমাত্য। "(ভূপঃ) মন্ত্রয়েৎ সহ মন্ত্রিভিঃ মনু ৭.১৪৬। ২ (বাঙ্লায়) দাবাখেলার ঘুঁটিবিশেষ। [°পতি, °প্রধান, °বর, °মুখ্য, °শ্রেষ্ঠ (পুং)—সচিবশ্রেষ্ঠ, প্রধানামাত্য। "°ষ্ঠ, °তি রা ১.৭০.১১। °ন, °র, °খ্য—ক.সা ৫৭. ৮৪ ; ৫৫.২৩৯ ; ৬০.২৫৫। °রাজ (বি)—মন্ত্রিবর। "স্ব ৩৮৬। °শ্রোত্রিয় (পুং)—বেদজ্ঞমন্ত্রী।]

মন্ত্রোদক ক্লী [উলো] মন্ত্রপূতজল। "°পুরস্কৃতা রা ১.৭৩ ২৬।

মন্থ্ ক্রিক [ভা, প—মন্থতি , সেট্] গাহ, বিলোড়ন, সংক্ষোভ। —ন্থ্ সক [ক্র্যাদি, প—মথ্নাতি ; সেট্] ১ অর্থ 'মন্থ্'। "মথ্নাতি দধি বল্লবী (ক.ক)। ২ বিনাশ (ক ক)। "মথ্নামি কৌরবশতং সমরে ন কোপাৎ ?—বে ১.১৫। ভট্টি ১৭ ৪১। —ন্থ্ (মথি) সক [ভ্বা, প —মন্থতি , সেট্] ১ বধ, হিংসা। "মন্থিত। ২ ক্লেশ (ক.ক)।

মন্থ[১] পুং [√মন্থ্ +অ (ঘঞ্)-ভা , ছান্দস] ১ বিলোড়ন, মন্থন। "রঘু ১০ ৩। ক সা ১১ ৮০। দধিমন্থধ্বনি প র ৭। ২ ক্লেশ। ৩ বধ, হিংসা। ৪ [+অ (অচ্)-ক] দিবাকর। ৫ অংশু, কিরণ। ৬ নেত্ররোগ। ৭ [+অ (ঘঞ)-র্ম] দ্রবদ্রব্য-সংস্কৃত সক্তু (তত্ত্ব-বোধিনী) , ঘিএ মাখা শীতল জলে গোলা নাতিতরল নাতিঘন সক্তুর পেয়বিশেষ , সাক্তব। 'সক্তুভিঃ সর্পিষাভ্যক্তৈঃ শীতবারিপরিপ্লুতৈঃ। নাত্যচ্ছো নাতিসান্দ্রশ্চ মন্থ ইত্যভিধীয়তে॥—বাজনির্ঘণ্ট। "উদ°, উদক° পা ৬ ৩ ৬১ , ৭ ২ ১৮। ৮ [+অ -ণ] মন্থনদণ্ড, মউনী। "পা ৭ ২ ১৮। ৯ বিলোড়নার্থ চমস। ১০ মৃগবিশেষ। —ন্থ ক্লী নির্মথনদণ্ড (নীলকণ্ঠ)। "মহা ৩ ৩১০ ৮। —ন্থা স্ত্রী ১ মন্থনদণ্ড। "কি ৪ ১৬। ২ মেথিকা। [°গিরি, °পর্ব্বত, °শৈল (পুং)—মন্থন-দণ্ডরূপ মন্দর। °গুণ (পুং)—মন্থনরজ্জু। °জ (ক্লী)—মন্থনজাত, নবনীত। °দণ্ড, °দণ্ডক (পুং)—মন্থনযষ্টি। °বিষ্কম্ভ (পুং)—মন্থ-রজ্জুবন্ধনার্থ স্থূণা।]

মন্থ[২] সর্ম্ম [সং , মন্থ >প্রা √মংথ > °ন্থ] মন্থন করা , বিলোড়িত করা , মওয়া। "মন্থহ সাগব।—ম ৮। আমি মন্থিবাবে কৈল্যু ব প ৬৬৮। বা ম ২১। সরোবর মন্থিযা।—গান ১৭।

মন্থন পুং [√মন্থ্ +অন (ল্যুট্)-ণ] 'বিলোড়নসাধন', মন্থানদণ্ড। "মন্থনাবর্ত্তপূর্ণ (গর্গব)।—হ ৮৩ ৩৬। মন্থন মন্দব ব প ৬৬৮। —ন্থন ক্লী [+অন-ভা] ১ বিলোডন। "সাগরস্যাপি মন্থনম্ মহা ১ ১৮ ৩০। সমুদ্রমন্থন।—ম ৮। মন্থনেব লডি বা ম ২১। মন্থনেব দড়ি ম.ভা ৮২। আমার সব সুখদুঃখমন্থনধন অন্তবে ফিবে এস।—গান ১৫২। প্রণয়ক্ষীর-সিন্ধুমন্থনোদ্ভূত কলহ-কালকূট পা প্র ২৬। ২ অবণিঘর্ষণ দ্বারা অগ্ন্যুৎ-পাদন। "অগ্নির্মন্থনম্।—ছান্দোগ্য ১ ৩ ৫। ৩ বধ। "প্রলম্ব° শ্রী মা ১৭৭। ৪ (বাঙ্লায়) পীড়নপূর্ব্বক সর্ব্বস্বগ্রহণ। "অবসর পাইয়াছে করিতে মন্থন শ্রী ম ২৯৪। —ন্থনী স্ত্রী [√অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] মন্থনপাত্র, মন্থনঘটী। [°ঘটী (স্ত্রী), °পাত্র (ক্লী)—মন্থনভাজন, মন্থনী। °দণ্ড (পুং)—বিলোডনযষ্টি , মন্থান। °যন্ত্রক (ক্লী)—অগ্নি-মন্থনযন্ত্র। "কাত্যায়ন ৭ ৫।]

মন্থনী দ্র 'মন্থন'।

মন্থর বিণ [√মন্থ্ +অর (অবন্)-ক , স্ত্রী -রা] ১ মন্দগামী। "গর্ভমন্থরা মৃগবধূঃ শ ৪ ১/১৪। রসভরে মন্থর।—ব ৭৩। ২ মন্দ। "রোমন্থমন্থরচলদ্-গুরুসাস্ন মাঘ ৫ ৬২। দত্তে সালসমন্থরং ভুবি পদম্ সা.দ ৩ ৫/৮৯। দরমন্থরচরণবিহার গী গো ১১ ৩। (শারদ জলদমালা) ভ্রমিতেছে· ·°বিলাসে।—ম ১০০৯। ৩ অলস। মন্মথমন্থর ভাবিন্ মাঘ ৬ ৪০ , ৭ ১৮। ৪ বিলম্বমান। "রাজা প্রত্যভিজ্ঞানমন্থরঃ শ ৪ ১/২১। ৫ অলস, শিথিলপ্রযত্ন। "রঘু ১৯.২১। ৬ জড়, মূঢ়। "°কৌলিক।—পঞ্চ ৫.৫৮। ৭ মন্দ্র , গম্ভীর। "নদৎসু কুম্ভেষু মৃদঙ্গ-মন্থরম্ কি ৪ ১৬। ৮ নীচ, নিম্ন। ৯ নিশ্চল, নিস্পন্দ। "গর্ব্বভর-মন্থরাক্ষী···রাধা (আর্য্যাসপ্তশতী)। ১০ পৃথু , বক্র (মেদিনী)। ১১ সূচক (indicating—A.)। —ন্থর পুং ১ কোপ। ২ বাধ। ৩ কোষ। ৪ ফল। ৫ মন্দগামী যোদ্ধা। ৬ [+অর-র্ম] নবনীত। ৭ দুর্গ। ৮ [+অর-ণ] মন্থানদণ্ড। ৯ মন্দর পর্ব্বত। —ন্থর ক্লী কুসুম্ভী, কুঙ্কুম। —ন্থরা স্ত্রী কৈকেয়ীর দাসী। "রা ২.৭.২। কু ৮৬। মা ১০১। [°গামী (-মিন্) বিণ—মন্দগামী। °বিবেক (বিণ)—বিবেকমন্থর, বিচারমূঢ়। "মা.মা ১.১৮।]

মন্থরা দ্র 'মন্থর'।

মন্থা দ্র 'মন্থ[১]'।

মন্থাচল, মন্থাদ্রি পুং [কর্ম্মধা] মন্দর। "°দ্রি ক সা ৩১.২৫।

মন্থাদ্রি দ্র 'মন্থাচল'।

মন্থান পুং [√মন্থ্ +আন (আনচ্)-ণ (অ টী)] ১ মন্থদণ্ডক, মউনী। "মন্থান° মন্দরং কৃত্বা মমন্থুঃ (অমরাঃ) রা ১ ৪৫.১৮ , ২৭। °দড়ি শ্রী.ম ২৯। ২ [আন-ক] শিব (মহা)। [°দণ্ড (বি)—মন্থনদণ্ড, মউনী। "ভ প্র ১৬২।]

মন্থিত বিণ [√মন্থ্ +ত (ক্ত)-র্ম্ম] মথিত। "কি ৫.৩০, মল্লিনাথ।

মন্থিনী দ্র 'মন্থী'।

মন্থী (-ন্থিন্) বিণ [√মন্থ্ +ইন্ (ণিনি)-ক-১ম] ১ মন্থনকারক, বিলোডক। ২ পীড়াকব। "মন্থীনি চেতসাম্ (জলেজানি) ভট্টি ৬ ৭৪। —ন্থিনী স্ত্রী দধিমন্থনপাত্র, গর্গরী।

মন্দ্ (মন্দি) সক [ভ্বা, ও—মন্দতে , সেট্] ১ স্তুতি। ২ গতি। —ন্দ্ অক ১ নিদ্রা। ২ মদ, গর্ব্ব। ৩ হর্ষ। ৪ দীপ্তি। ৫ জাড্য।

মন্দ বিণ [√মন্দ্ +অ (অচ)-ক] ১ অলস, শীতক। ("জনাঃ) মন্দাঃ ভ ১ ১.১০। ২ মন্থব। "মন্দা° গতিম্ কু স ১ ১৬। শ ২ ২। মন্দমন্দং ব্রজন্ত্যঃ (তরুণ্যঃ)।—ঋতু ৫ ১৪। ৩ মন্থরগামী। ৪ মূঢ়। "রঘু ১.৩। (জনাঃ) সুমন্দমতয়ঃ ভ ১ ১ ১০। ৫ অভাগ্য। ৬ প্রতিকূল। "°ভাগ্য ১ ১ ১০। মন্দ মন্দগ্রহ ঘোব বি সু ৪৭। ৭ অতীক্ষ্ণ, মৃদু। "°বশ্মিরভূৎ সূর্য্যঃ রা ২ ৬২ ১৯। ৮ মৃদু, ধীব। "মন্দানিল মহা ২ ৩ ৩২। ৯ ঈষৎ, মৃদু। "মন্দ মধু স্মিত-হাস রা.প ৪২। ১০ অল্প, কৃশ। "মন্দোদরী (অ টী)। ১১ অপটু। "সব্যং মন্দং চিকিৎসতি ভিষক (অ টী)। ১২ ক্ষীণ। "°বীর্য্য , মন্দাগ্নি। ১৩ গলিত, নষ্ট। "মন্দবিভব। ১৪ অনুগ্র, জীর্ণ। "পরিণতবয়া মন্দবিষো নাম কৃষ্ণসর্পঃ। —পঞ্চ ৩ ২/৩১। ১৫ ম্লান, নিষ্প্রভ। "মন্দচ্ছায়। ১৬ বোগী। ১৭ দুষ্ট, অসৎ। ১৮ শিথিল। "মন্দোৎসুক্যোঽস্মি নগরগমনং প্রতি শ ১ ১/১৪। ১৯ স্বৈর, স্বতন্ত্র। ২০ মদরত, পানাসক্ত। ২১ উদাসীন (indifferent)। ২২ মন্দপ্রাজ্ঞ। "গী ৩ ২৯। ২৩ গম্ভীর। 'মন্দ্রৈঃ·· বজমণ্ডলধ্বনৈঃ মাঘ ২২ ১৫। ২৪ (বাঙ্লায়) দুশ্চবিত্র, ব্যভিচারী। "সে মন্দ হোক, আমি না মন্দ হইলে আমায় কে মন্দ করিবে ?—ব.প্র ৩৫৫। —ন্দ ক্রি বিণ ১ মন্থরভাবে। "শ ২.২। ২ মৃদুস্বরে। ৩ মৃদুভাবে। "মন্দং মন্দং নুদতি পবনশ্চানুকূলো যথা ত্বাম্ পূ মে ৯। —ন্দ পুং ১ শনৈশ্চর, শনি। "ষষ্ঠেতে বৈসয়ে মন্দ।—ব প ১০৬৪। ২ যম। "ক.সা ৩২ ১৫৫। ৩ প্রলয়। ৪ চতুর্ব্বিধ হস্তীর একতম (অ চি) , ধীরগামী হস্তী। ৫ বাতশ্লেষ্মাধিক্য হেতু ক্ষীণশক্তি জঠরানল। —ন্দা[১] স্ত্রী ১ পাত্র, আধাব। ২ উত্তরফল্গুনী উত্তরাষাঢা উত্তরভাদ্রপদা ও রোহিণী নক্ষত্রে রবিসংক্রান্তি। ৩ (সঙ্গীতে) শ্রুতিবিশেষ। [°কর্ণ (বিণ)—ঈষৎ শ্রুতিশক্তিহীন। "বধিরান্ °র্ণঃ শ্রেয়ান্। °কারী (-রিন) বিণ—অহিত-কারী। "ক সা ২২ ২০৬। °গ, °গতি, °গমন, °গামী (-মিন্) বিণ—ধীর-গতি, মন্থরগামী। °গ্রহ (বি)—শনৈশ্চরগ্রহ। "বি সু ৪৭। °চেতাঃ (-তস্) বিণ—১ মন্দবুদ্ধি, নির্ব্বোধ। ২ হতবুদ্ধি। "মহা ৫.১৮১ ৫। °চ্ছায় (বিণ)—ম্লানকান্তি, নিষ্প্রভ। °ধার (বিণ)—ধীরপ্রবাহ, মৃদুস্রোতাঃ। °ধী, °প্রজ্ঞ, °মতি (বিণ)—মূঢ়মতি, নির্ব্বোধ। "°মতি ভ ১.১ ১০। °ধী ক চ ১১ , শি ৯। °পুণ্য (বিণ)—ক্ষীণপুণ্য, মন্দভাগ্য। °বিভব (বিণ) ক্ষীণবিত্ত, নির্ধন। "পঞ্চ ৫.৫। °বিষ (বিণ)—জীর্ণবিষ। °বিসর্পী (-র্পিন্) বিণ—মৃদুগামী। "পঞ্চ ১.২৭৫। °ভাঃ (-ভাস্) বিণ—ক্ষীণকান্তি, নিষ্প্রভ। "রঘু ৭.২। °ভাগী (-গিন্),

°ভাগ্য (বিণ)—ক্ষীণপুণ্য, দুর্ভগ, হতভাগ্য। °মেধাঃ (-ধস্) বিণ —সর্থ 'মন্দধী'। °রশ্মি (বিণ)—ক্ষীণকর, নিষ্প্রভ। 'দ্র 'মন্দ (৭)। °শিশির (বিণ)—অল্পশীতল। °স্মিত (ক্লী), °হাস (পুং), °হাস্য (ক্লী)—মৃদুহাস্য। '°ত চৈ চ ১৬২।] [মন্দে না থাকা —অহিতকার্য্যে লিপ্ত না থাকা। 'আপনার কড়ি আপনি খাই, ...কাক মন্দে থাকি নে।—দা ৯৫৫। মন্দের ভাল—মন্দ হইলেও অপেক্ষাকৃত ভাল। যেমন, নাই-মামার চেয়ে কানামামা—মন্দের ভাল। "দা ৪৯, ২৬৮।]

মন্দচ্ছন্দ বি° [মন্দ+ছন্দ (অনু শব্দ)] মন্দ, খারাব। [মন্দ হউক, ছন্দ হউক অর্থাৎ মন্দছন্দ হউক। স্বামী মন্দ হউক ছন্দ হউক, মেয়ে মানুষেব এয়ত থাকা ভাল আ দু ৩৭। জা ৮।]

মন্দমন্দ বিণ [প্রকা'র দ্বিকক্তি, কর্ম্মধারয়বৎ সমাস, পা ৮ ১ ১২] মন্দপ্রকার, ঈষন্মন্দ। অহঃ মন্দমন্দাতপম্ উ মে ৪৭। —মন্দ ঞ্চি বিণ ১ ঈষন্মন্দ। 'কি ৯ ২৬। ২ (বাঙলায়) অতিধীবভাবে। কিছু কহে মন্দমন্দ ভ গ্র ১২১।

মন্দর বিণ [√মন্দ্+অব (অবন)-ক, উ ৩ ১৩১] ১ মন্দ, জড়, অলস। ২ বিশাল। —ন্দর পুং ১ পর্ব্বতবিশেষ, মন্থশৈল। '(অমরাঃ) মন্থানং মন্দরং কৃত্বা মমন্থুঃ রা ১ ৪৫ ১৮। মন্দরাদ্রি কি ৫ ৩০। ২ মন্দার। ৩ স্বর্গ। ৪ অষ্টগুচ্ছ হারবিশেষ (অ চি)।

মন্দসন্দ বি [মন্দ+সন্দ (অনু শব্দ)] মন্দভাব, অসুস্থতা। অকস্মাৎ কি বিকার, চক্ষে দেখি অন্ধকাব, মন্দসন্দ যায না কোনরূপে। —দা ৩৪৫। [মন্দসন্দ বলা—নিন্দা করা।]

মন্দা[1] দ্র 'মন্দ'।

মন্দা[2] বি° [স° মন্দ, হি, ঠ মংদা] ১ অল্প, কম। 'পথশ্রম হবে মন্দা, কিনিহ তোডানি জোন্দা ক চ ২৩৫। ২ শিথিল (উৎসাহ)। ৩ নরম, সস্তা (বাজার)। ৪ মৃদু মাটো (অস্ত্রর ধার)। ৫ ধীর। "মন্দা বাও গো চ ৪৯৬। ৬ ক্ষীণশক্তি (জঠবানল)। অগ্নি মন্দা। ৭ জড়, স্থুল (বুদ্ধি)। ৮ দুষ্ট, গোঁযাব। অধব নিবস মধু কযলনি মন্দা বি সা ১২০। [মন্দা মন্দা—মৃদু মৃদু। মন্দা মন্দা বাও গো চ ৪৯৬।]

মন্দাকিনী স্ত্রী [মন্দ+√অক গতি+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), উ ত] ১ 'মন্দগামিনী' বিয়দ্গঙ্গা, স্বর্ণদী, আকাশগঙ্গা। "°নন্দনযোর্বিহারে।—নৈ ৬ ৮৩। স্বর্গে °তটে।—পঞ্চরাত্র ১ ১ ৪০। দেবলোকে আইলা গঙ্গা হইলা °নী।—গ ৫৭। ম ৪৭১। প তৃ ১৭। ২ গঙ্গা। 'রা ২ ৯২ ১১। °সৈকতবেদিকাভিঃ কু স ১ ২৯। ভ ৫ ১৯ ১৮। ৩ চিত্রকূটনিকটস্থ নদীবিশেষ। "বঘু ১৩ ৪৮। ৪ সংক্রান্তিবিশেষ। দ্র 'মন্দা' স্ত্রী (২)। ৫ ছন্দোবিশেষ (ছন্দোমঞ্জরী)।

মন্দাক্রান্তা স্ত্রী 'মন্দগামিনী', সপ্তদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। 'মন্দাক্রান্তাম্বুধিরসনগৈর্মো ম'নৌ গৌ যযুগ্মম্ (ছন্দোমঞ্জরী)। "জীবন তরী বহে' যেত, মন্দাক্রান্তা-তালে চ কা ৩৩৫।

মন্দাক্ষ বিণ [মন্দ অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ), স্ত্রী -ক্ষী] ক্ষীণদৃষ্টি। "গো বা ৪ ২১ ১। —ন্দাক্ষ ক্লী ব্রীড়া, লজ্জা। "নৈ ৩ ৬১।

মন্দাগ্নি বিণ [বহুব্রী] যাহার জঠরানল মন্দ, অজীর্ণরোগী। ক সা ৫৪ ১৭৪। —ন্দাগ্নি পুং [কর্ম্মধা] ক্ষীণজঠরানল। "পাঁটা উহাদের পেটে সয় না, ঐ বিষয়টায মন্দাগ্নি ভারি।—দা ৮২৮। ছেলের মন্দাগ্নি হইয়াছে ন প্র ৩৮৮।

মন্দাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] মূঢমতি, নির্ব্বোধ। "গো.রা ৩ ৪৬ ২০। মন্দাত্মা তথা ত্বং তর্ত্তুমিচ্ছসি মহা ৪ ১৪ ৫০।

মন্দাদর বিণ [বহুব্রী] শিথিলপ্রযত্ন, যত্নহীন। "হি ২৩৯।

মন্দানল বিণ [বহুব্রী] সর্থ 'মন্দাগ্নি'। "মনু ১১.৫১, কুল্লুক।

মন্দায়ুঃ (-য়ুস্) বিণ [বহুব্রী] অল্পজীবিতকাল। "স্ত ১.৩৬,১০।

মন্দার পুং [√মন্দ্+আর (আরন্)-র্ম, উ ৩ ১৩৪] ১ 'স্বর্গীয়', পঞ্চ দেবতরুর অন্যতম (অ.কো), পারিজাতবিশেষ। "মন্দারাণাম্...বর্হাদ্নি মহা ২ ১০.৭। উ মে ৬। মন্দারকুসুমদামশোভিত প তৃ ৩৪। [নর্ম্মবাক্য ইহাব দোহদ। 'উ.মে ১৭, মল্লিনাথ।] ২ পারিভদ্রবৃক্ষ। ৩ অর্কবৃক্ষ। ৪ হস্তী। দ্র 'মন্দ' পুং (৪)। ৫ ধূর্ত্ত। —ন্দার ক্লী ১ মন্দারপুষ্প। "°শূন্যানলকান্ রঘু ৬ ২৩। বিনিদ্রমন্দাররজোহরুণাঙ্গুলী কু.স ৫ ৮০। মন্দারেব মালা প তৃ ১৮। ২ [মন্দর > °র, অসাধু] (বাঙলায়) মন্দরপর্ব্বত। "মন্দার মন্থনদণ্ড চৈ ম ১৬। ৩ [বা 'মাদার' > ? (?)] (বাঙলায়) ডহুফল বা ডেফল গাছ। "আমড়া মন্দার জা.চ ৫৪৮। ৪ রাগবিশেষ। "ম পা ৫, ৪৮। —রক পুং পারিভদ্র। [°মালা (স্ত্রী)—মন্দারপুষ্পমাল্য। শ ৭২। °ষষ্ঠী (স্ত্রী)—মাঘ-শুক্লষষ্ঠী। '°ষষ্ঠীব্রত। °সপ্তমী (স্ত্রী)—মাঘ-শুক্লসপ্তমী। "°সপ্তমীব্রত।]

মন্দারক দ্র 'মন্দার'।

মন্দির[1] ক্লী [√মন্দ্+ইর (কিরচ্)-ধি] ১ 'নিদ্রাস্থান', গৃহ, ভবন, আগার। পিতৃ° ভট্টি ৮ ৯৬। ম ৭৩৩। কারে দিব বিনোদ° ক চ ১২০। শয়ন° ভা চ ৩৭৫। ২ বাজভবন, প্রাসাদ। "নির্ববাবধ পৌলস্ত্যঃ পুনর্যুদ্ধায় মন্দিরাৎ রঘু ১২ ৮৩। রাজ্ঞো নন্দস্য মন্দিরম্ ক সা ৪ ৭১। ৩ দেবগৃহ, দেবকুল। 'বিষ্ণু°। ৪ বাসস্থানমাত্র। 'ক্ষীরাব্ধি°, মৃগেন্দ্র° (SW)। ৫ অশ্বজানুপশ্চিমভাগ। 'মন্দিরং পশ্চিমা ভাগঃ (অশ্ববৈদ্যক)। —ন্দির পুং ১ জানুপশ্চাদ্ (অ চি)। ২ সমুদ্র। —ন্দিব পুং, ক্লী নগব, পুব। "প্রবেশয়ন মন্দিরমৃদ্ধমেনম্ কু স ৭ ৫৫। —ন্দিরা[2] স্ত্রী গৃহ। 'মন্দিরাযাত্মরাবান্ (অ টী)। স্মর-ভূপতি-সৌন্দর্য্যমন্দিরেব ক.সা ৪ ৭।

মন্দির[2], **-রা**[1] বি [মন্ত্র > (স্বরাগমে) °বা, -বা, তু 'মঞ্জীর', ড গিনি (ড় 'গিনা'—বাটি)] মন্দ্রধ্বনিযুক্ত ছোট কাঁসার বাটির করতাল-বিশেষ। মন্দির ব প ১০৩২। মন্দিবা গো.চ ৪০৪। মুবজ মন্দিরা ক চ ৪, শ্রী ১৪৬, চ বি ২২২। চৈ ম ৯৫, ন প ২৯৭।

মন্দিরা[1]; **মন্দিরা**[2] দ্র 'মন্দির[2], মন্দিব[1]'।

মন্দীভূত বিণ [মন্দ+চ্বি (০)+√ভূ+ত (ক্ত)-ক] ১ তেজোহীনী-ভূত। "মন্দীভূতে দিবাকরে মহা ৭ ৯৭ ১। ২ বিরলীভূত। "মন্দীভূতে সমাজে চ বাদিত্রস্য চ নিস্বনে মহা ১ ১৩৫ ২৬। ৩ অল্পীভূত। দ্র '(২)। ৪ মৃদুভূত। ৫ জড়ীভূত।

মন্দুরা স্ত্রী [√মন্দ +উব (উরচ্)-ধি+স্ত্রী আ (টাপ্), উ ১.৩৯] ১ 'অশ্বের নিদ্রাস্থান বা হর্ষস্থান (অ টী), বাজিশালা, আস্তাবল। "রঘু ১৬ ৪১। নৈ ১ ৫৭। শ্রী মা ১১৩, ২০৩। মে ২৪, ৮২। নানাপ্রকার অশ্বে বেষ্টিত মন্দুরা।—কাদ ২৯। ২ শয়নীয়কট, মাদুর (মেদিনী)। [°পতি, °পাল (পুং)—অশ্বপাল, হয়রক্ষক। °সংশ্রয়ী (-যিন্) বিণ—অশ্বশালাসংশ্রয়শীল। 'মন্দুরাসংশ্রয়িভিস্তুরগৈঃ রঘু ১৬ ৪১।

মন্দোৎকণ্ঠ বিণ [বহুব্রী] অল্পোৎসুক। "রঘু ৪ ৯।

মন্দোৎসাহ বিণ [মন্দ উৎসাহ যাহার, বহুব্রী] শিথিলোদ্যম, উৎসাহ-হীন। "°সাহঃ কৃতোঽস্মি -মাধবোন শ ২½।

মন্দোদরী স্ত্রী [মন্দ উদর যাহার, বহুব্রী, স্ত্রী ঈ (ঙীষ্)] 'ক্ষীণোদরী', রাবণমহিষী। "গো রা ৫ ১৪ ৩০। মী ২৯। °মনোহর।—মে ১১। [ইঁহার পিতা ময়দানব, মাতা অপ্সরা হেমা, পুত্র ইন্দ্রজিৎ। ইঁনি পঞ্চ প্রাতঃস্মরণীয়া কন্যার অন্যতমা।] [°দরীশ (পুং)—মন্দোদরী-পতি, রাবণ। °সুত (পুং)—ইন্দ্রজিৎ।]

মন্দোষ্ণ বিণ [°ষ্ণ+অ (অচ্) অস্ত্যর্থে] 'মন্দোষ্ণবান্, ঈষদুষ্ণ, কুষুম-কুষুম। —ন্দোষ্ণ ক্লী [কর্ম্মধা] ঈষৎতাপ।

মন্দ্র[1] বিণ [মন্দ্র+অ (অচ্) অস্ত্যর্থে; বৈদিক] মন্দ্রধ্বনিযুক্ত,

গম্ভীর। "°স্নিগ্ধৈর্নিভিঃ উ মে ৩৮। °ধ্বনিত্যাজিতবাদ্যতূর্য্যঃ (অর্ণবঃ) রঘু ৬ ৫৬। পয়োদমন্দ্রধ্বনি কি ১৬৩। মন্দ্র মধু মন্তরে কু.কে ৩। —ন্দ্র পুং ১ গম্ভীর মেঘাদিধ্বনি (অ টী)। "জীমূতমন্দ্র হাহাকাররব। —মে ২০, থাইল চৌদিকে মন্দ্রে জীমূত ৭২। ২ গম্ভীরধ্বনি। ৩ (সঙ্গীতে) স্বরগ্রামবিশেষ, নিম্নতম স্বরসপ্তক। দ্র 'উদারা'। ৪ বাদ্যবিশেষ, মৃদঙ্গক। ৫ হস্তিবিশেষ। দ্র 'মন্দ পুং (৪)।

মন্দ্র² অর্থ [মন্দ্র¹ > °ন্দ্র] গম্ভীর ধ্বনি করা। "মন্দ্রিলা জীমূতবৃন্দ। —মে ২৩৪। মেঘবৃন্দ মন্দ্রিলে অম্বরে।—মা ১৩১। মেঘমন্দ্র মন্দ্রিল অম্বরে।—হেম ১৮৮। সে বাণী মন্দ্রিল…ভবনে।—কথা ৪।

মন্দ্রিত বিং মন্দ্রযুক্ত, গম্ভীর ধ্বনিত। "তুমি আদি কবি,· মন্ত্র তোমার মন্দ্রিত সব ভুবনে।—রবীন্দ্র।

মন্মথ বিণ [মনস্+মথ > °থ, পৃষো, ষ ত, মৎ (মনন) তাহার মথ (মন্থক)—অ টী, মন¹+মথ >(অ-লোপে) °থ (?)] মনোমোহক, মনোমোহন। "(শৌরিঃ) সাক্ষান্মন্মথমন্মথঃ ভ ১০ ৩২ ২।—ন্মথ পুং ১ 'মনোমন্থনকর', কামদেব। 'মনো মথ্নাতি সর্ব্বেষাং পঞ্চবাণেন কামিনাম্। তন্নাম মন্মথস্তেন প্রবদন্তি মনীষিণঃ॥ "(নলম্) মন্মথ° রূপ-সম্পদা মহা ৩ ৫৪ ২৮। °সন্নিভঃ রঘু ৯ ৪৮। ২ কামচিন্তা, সুরতেচ্ছা। "মন্মথোদ্দীপন।—ঋতু ৬ ২৭। ৩ কপিত্থবৃক্ষ। [°কর (বিণ) —কামচিন্তাজনক, কামোদ্দীপক। °বন্ধু (পুং)—চন্দ্র। °মন্মথ (বিণ) —মদনের মনোমোহন, মদনমোহন। দ্র 'মন্মথ (বিণ)। °রূপে যাহার প্রকাশ চৈ চ ২৭। °মোহিনী (বি)—মদনমোহিনী, রতি। মে ৫৭। °লেপ (পুং)—প্রণয়পত্রিকা। শ ৩ ২২। °সখ, °সুহৃৎ (দ্) পুং—কামসহচর, বসন্ত। মন্মথালয় (পুং)—স্ত্রীযোনি। মন্মথাবিষ্ট (বিণ) —কামপীড়িত, কামার্ত্ত।]

মন্মন পুং [দেশীয় (?)] গদগদধ্বনি, দম্পতির কর্ণমূলে গুপ্তালাপ, দম্পতির মন্দজল্পিত। 'সুরতে কর্ণমূলে তু নিজদেশীয়-ভাষয়া। দম্পত্যোঃ কথনং যত্তু মন্মনং তং বিদুর্বুধাঃ॥ "কাব্যাদর্শ ৩ ১১।

মন্মনঃ (-নস্) ক্লী [মদ্²+মনঃ, ষ ত] মম মানস। 'কাব্যাদর্শ ৩ ১১।—নাঃ (-নস্) বিণ [বহুব্রী] আমাতে যাহার মনঃ, মচ্চিত্ত। "গী ৪.১০।

মন্মনাঃ দ্র 'মন্মনঃ'।

মন্যা স্ত্রী [√মন্+য (ক্যপ্)-ণ+স্ত্রী আ (টাপ্), পা ৩ ৩ ৯৯] ক্রুদ্ধ হইলে যাহা দ্বারা জানা যায়, গলপার্শ্বশিরা।

মন্যু পুং [√মন্+যু (যুচ্)-র্ম্ম, উ ৩ ২০, 'মন্যু'—স্তোত্র, কর্ম্ম (ঋগ্বেদ ৭ ৬১ ১)] ১ শোক। মাং সমন্যুম্ ভট্টি ১.২৩, ৬ ৩০। উচ ৪৩। চৈচ ৮২। ২ কোপ, ক্রোধ। 'ঋগ্বেদ ৭ ৩৬ ৪। মনু ৮ ৩৫১। রামঃ প্রদীপ্ত ইব মন্যুনা মহা ৩ ৯৯ ৫৪। বিবৃদ্ধ° রঘু ২ ৩২। অ প ১১২। ব্রহ্ম°।—দা ৭, °জন্ম স্বপ্ন ৯। দেব° ম.ভা ৪১। ৩ ক্রোধাভিমানিনী দেবতা। 'মন্যুস্তং মন্যুমৃচ্ছতি মনু ৮ ৩৫১। ৪ দৈন্য, দীনতা। "বীত° মহা ১ ১৫৭ ১২ মন্যুশৌর্য্যানুতাপতঃ ক.সা ৬ ১৩১। ৫ ক্রতু, যজ্ঞ। "শতমন্যুকল্প ভট্টি ১.৫। ৬ অহঙ্কার। ৭ রুদ্র। "(নমঃ) ধৃতদণ্ডায় মন্যবে ভ ৩ ১৪ ৩৫, ৪ ৫ ৫। ৮ অগ্নি। [°পরীত (বিণ)—কোপান্বিত, অতিক্রুদ্ধ। "মহা ৩ ৬৬ ৫।]

মন্যুময় বিণ [মন্যু+ময় (ময়ট্), স্ত্রী -য়ী] 'মন্যুপ্রচুর', ক্রোধ-বৈরের্ষ্যাসূয়াদিপূরিত (নীলকণ্ঠ)। "দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ মহা ১১ ১১০। মন্যুময়ীং মূর্ত্তিম্ ভ ৪.১৭ ২৮।

মন্যুমান্ (-মৎ) বিণ [মন্যু+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] ১ কোপবান্, ক্রোধযুক্ত। "ঋগ্বেদ ৭ ১০৪.৩। গো.রা ২ ৮১ ১৫। ২ শোকযুক্ত।—মান্ পুং অগ্নি।

মন্বন্তর ক্লী [মনুর অন্তর (অবকাশ, অবধি) যাহাতে (অ.টী), বহুব্রী, মনুর অন্তর (অধিকারকাল), ষ ত,—মন্বাদয়ঃ যত্রৈতে বর্গাঃ যথাধিকারেণ যদা প্রবর্ত্তন্তে তন্ মন্বন্তরম্ (ভ ১২.৭ ১৫, শ্রীধর)] ১ স্বায়ম্ভুবাদি মনুর অধিকারকাল, একসপ্ততি দিব্যযুগ বা ৭১ × ১২০০০ (৮,৫২,০০০) দিব্যবর্ষ, বা ৮,৫২,০০০ × ৩৬০ (৩৬,৬৭,২০,০০০) মানুষবর্ষ। 'মনু ১ ৭৯। বিষ্ণু ২০ ১১। দ্র 'কল্প (৯)। একাত্তর চতুর্যুগে এক মন্বন্তর চৈ চ ৯। [প্রত্যেক মন্বন্তর, মনু মনুপুত্রগণ দেবগণ ইন্দ্র মুনিগণ ও হরির অংশাবতার বা মন্বন্তরাবতার—এই ষড়্বর্গে বিভক্ত। প্রত্যেক মনুর অধিকারের পরে পরবর্ত্তী মনুর অধিকারকাল। এক্ষণে ছয় মনুর অধিকারের পরে সপ্তম বৈবস্বত মনুর অধিকার চলিতেছে। এইরূপ চতুর্দ্দশ মনুর অধিকারকাল ব্রহ্মার একদিন। দ্র 'ভ ৮ ১, ৫, ১৩। চৌদ্দ মন্বন্তর ব্রহ্মার দিবস ভিতর চৈ চ ৯।] ২ [তু হি মন্বন্তর, ঠ 'মন্বন্তর'—হাঙ্গাম] (বাঙ্লায়) দুর্ভিক্ষকাল, আকাল। "ছিয়াত্তুরে (১২৭৬ সালের) মন্বন্তর।

মফঃসল, -স্বল, -ফস্বল বি [আ মুফ স্সল্] ১ রাজধানী বা নগরের বহির্ভূত স্থান, জনপদ। 'প্রজারে না পালি পীড়া দাও মফস্বলে শ্রী ১১। ফরমান যত সব সনন্দ লিখিয়া। মফঃসলে নায়েব দিলেন পাঠাইয়া॥ —ভা চ ৫৪০। ২ জমিদারের সদর কাছারির অন্তর্গত মৌজা। 'মফঃস্বল সরবরা কেমন না জানে ভা চ ৪০৮। মফঃসলে জমি জমা শিরে লইতে গেলে জমিদার ও নীলকরকে জব্দ করিবার দুইটি উপায় আছে আ দু ১৭৬। মফস্বল গ স ৯৯। ৩ জেলা বা মহকুমার অন্তর্গত স্থান। ৪ বস্ত্রাদির ভিতর পিঠ। [মফস্বলে—পরোক্ষে, আড়ালে। "মফস্বলে ব্যাখ্যা করে, তাকেই বলি যশ।—দা ১০৮৭।]

ম-ফলা বি ব্যঞ্জনের সহিত সংযুক্ত ম-কার (ম)। দ্র 'ফলা।

মবলগ বি [আ মুব্লগ] ১ সমষ্টি, মোট। দ্র 'মঃ'। ২ নগদ। [°বন্দি —সমষ্টি উল্লেখপূর্ব্বক লিখিত। °গে—সমষ্টিতে।]

মবারক বি [আ মুবারক] শুভ, মঙ্গল। 'হুজুরের মরজি মবারকে কি হয়, বলিতে পারি না ব প্র ৪৪৭।

মম¹ বা মমতা (মুগ্ধবোধ), মদীয়, আমার। [°কার (পুং), °কৃত্য (ক্লী)—মমকরণ, আমার' করা বা বলা।]

মম² [অস্মদ্+ষষ্ঠীর ১ব, বাঙ্লায় পদ্যে] আমার। "মম যৌবননিকুঞ্জে গাহে পাখী, সখি জাগো জাগো।—গান ১৫৮।

মমতা স্ত্রী [মম¹+তা (তল্)] ১ মমভাব, অর্থাৎ 'আমার ইহা' এই অভিমান মৎসম্বন্ধ। রাজ্যে· নিরূঢ়া· মমতা° জহৌ ভ ২ ৪ ২। ২ দর্প, অহঙ্কার। ৩ স্নেহ। 'সঃ মমতাকৃষ্টচেতনঃ (চণ্ডী)।—মত্ব ক্লী [মম¹+ত্ব] ১ সর্থ 'মমতা (১)। কু স ১ ১২। মমত্ব° মম রাজ্যস্য (চণ্ডী)। ২ স্নেহ। (তেষু) বিরূঢ়েন মমত্বেন ভ ৪ ২৭ ১০। [°যুক্ত (বিণ)—১ মমতাবিশিষ্ট, কৃপণ (S W)। ২ সস্নেহ। °শূন্য (বিণ) —১ মমতাবিহীন, মৎসম্বন্ধরহিত। ২ স্নেহহীন)]

মমত্ব দ্র 'মমতা।

মমি বি [E mummy] ঔষধসংযোগে রক্ষিত শুষ্ক মৃতদেহ। দূর মিশরের মমি সম অ গু ২।

ময়¹ পুং দানববিশেষ। 'গো রা ৩ ৬৭ ২১। [ইনি দানবগণের শিল্পী। ইঁহার পত্নী হেমা, পুত্র দুন্দুভি-প্রভৃতি, কন্যা মন্দোদরী। খাণ্ডবদাহ-কালে ইনি অর্জ্জুনের শরণাপন্ন হইলে, অর্জ্জুন ইঁহাকে রক্ষা করেন। ইহারই কৃতজ্ঞতাস্বরূপ ইনি ইন্দ্রপ্রস্থে পাণ্ডবগণের এক দিব্য সভা নির্ম্মাণ করেন (মহা ২ ১.২-৫)।]

ময়² প্র [সং ময়ট্] ১ বিকার। 'অশ্ম°, হেম°। ২ অবয়ব। "তেজো°, বাঙ°। গদা পদ্ম মহৈশ্বর্য্যময় চৈ.চ ২২। গড়ে রতি ফুলময় ভা চ ২৯৬। ৩ প্রচুরবচন। "অন্নময়ো যজ্ঞঃ। ৪ অপৃথগভাব। "হা রামময়জীবিতে। উ.চ ১৪/৩৬, সী ২১। ব্রহ্মময় অতিথি শ্রী ২৮। সেই স্থান সর্ব্বতীর্থ

বৈকুণ্ঠাদিময় ।—চৈ ভা ৬৯ । এই নবদ্বীপধাম সর্ব্বধামময় ন.প ৬২ ৬২ । ৫ ব্যাপ্তি। "মনুষ্য নাহিক কিছু রামনামময় ।—কৃ ৪ । কান্দময় সংসার হৈল গো চ ১৯৪। কল্পবৃক্ষময় বন চৈ চ ২২। রঙ্গ রস চতুর্দ্দিক্‌ময় শি ৬৩। কমলময় সকলি ।—দা ১৯৫, বুকময় খাল ডোবা ৫৫৭। ত্রমিষ পৃথিবীময় ।—হেম ৮০,-২। ঘরময়…আনাগনা স্ব প্র ১১০, দাপাদাপি করে দেশময় ১১৫, গগন° ১৭২, রণভূমি° ১৮৪। মহীতল তুরঙ্গ°, দিঙ্মণ্ডল মাতঙ্গ°, অন্তরীক্ষ আতপত্র°, সমীরণ মদগন্ধ°, পথ সৈন্য° ও নগর জয়শব্দ° হইল ।—কাদ ৩৮। জগৎ ভ্রমররোহিণী° হইয়া উঠিল ব প্র ৩৩৪। ৬ সংসর্গ। "তিলময়ং তর্পণম্।

ময়ঙ্ক বি [সং মৃগাঙ্ক >প্রা মযঙ্ক (হে ১ ১৩০), হি মযংক, বৈষ্ণব-সাহিত্যে] চন্দ্র। "°মুখ ন প ১৭১, °ক জিতি মুখজ্যোতি ২৬৮।

ময়দা বি [ফা মৎ্দা, হি, ঠ মৈদা, ড় মইদা, সং সমীদ] ১ গোধূমচূর্ণ, মিহী আটা। 'তেল তামাক ময়দা। যত ডলো তত ফয়দা॥—প্রবচন। ২ (সাদৃশ্যে) চূর্ণমাত্র। "কলাব ময়দা।

ময়দান বি [ফা মৎ দান্] বিস্তৃত মাঠ। "গো চ ১৮। নী ৫৮।

ময়ন[১] ক্লী [√মি+অন (ল্যুট্)-র্ম্ম (?)] মধুচ্ছিষ্ট মোম। 'মহা ৫.১৫৪ ৬, নীলকণ্ঠ।

ময়ন[২], **-না**[২] বি [সং মদন >প্রা মযণ > বা °ন, -না, বৈষ্ণবসাহিত্যে] মদন। "রস অমিয়া জনু ঢারল মযনা, তরুণিনয়ন ময়ন ফন্দ প.ক ১০৭৮, ১০৮৩, ১৩০৫।

ময়না[১] বি [সং মদনসারিকা, প্রা মযণা (দেশী 'মদনা'—প্রা ম), হি, ঠ মৈনা] ১ পক্ষিবিশেষ। "গো চ ৪৫৯। বি সু ১৬। ২ [সং শল্য, 'মদন' মূল (?)] বন্য সকণ্টক ক্ষুপবিশেষ (Randia dumetorum)। "°কাঁটা ক চ ৭৭। ৩ বালিকার আদরের নাম। ৪ খলস্বভাব নারী, কুটনী। "°পানা। ৫ গালি। "ময়না মিনসে, তিন দিনে একটা উপায় ঠাওরাতে পারলি নি।—গি দ্বি ১২৮। [°কাঁটা—সর্থ 'ময়না (২)।]

ময়না[২] দ্র 'ময়ন[২]।

ময়মত, -মত্ত বি [সং মদমত্ত >প্রা মযমত্ত, হি ময়মত্ত, বৈষ্ণব-সাহিত্যে] ১ মদমত্ত। "এ নব যৌবন বড়াযি ময়মত কবী শ্রী কী ২৮১। ঐরাবত ময়মত্ত ।—গ ১৬২। °ত্ত…হাতী ।—ম ৩০০, গো ৩২, শ্রী ম ৮৮। ময়মত্ত হস্তী চ বি ১৩৭, ২০০, ২১৮,-৯। ২ বলদর্পিত, মহাবল। "ময়মত্ত বাঘ ।—ম ১৯৭। ৩ গর্ব্বমত্ত, অতিগর্ব্বিত। "তবক টাঙ্গী বেলক,…যার সঙ্গে ময়মত্ত কাল ক চ ২৬৫। [মধুময়মত্ত —মধুরূপ বা মকরন্দরূপ মদে মত্ত। "(হরিদাস) কৃষ্ণপাদাম্বুজমধুময়মত্ত ভৃঙ্গ চৈ ম ১০৯।]

ময়মত্ত দ্র 'ময়মত'।

ময়মদ বিং [সং মদ >প্রা ময়] মদমত্ত। "°দ কুঞ্জর ।—ব ১২৭।

ময়রা বি [সং মোদককার] মোদককার নবশাখবিশেষ। "°বুড়ো। —জা ৫৭। —রাণী বি [°রা+আনী°] ময়রার স্ত্রী। [°দিদি —ময়রানীদিদি। "জা ১১। °পটী—ময়রার দোকানের সারি। "তার পর যশের ময়রাপটী ব প্র ৬১৫।]

ময়লা বিং [সং মলিন >প্রা মইল (প্রা.প্র ৪.৩১) >বা (মইলা) °লা, 'মইল'—মলিন (দেশী ৬,১৪২), হি, ঠ মৈলা, প, মৈ মৈল, ড় মইলণ] ১ মলিন, মলযুক্ত (কাপড়)। ২ ম্লান, বিবর্ণ (রঙ)। —য়লা বি ১ মল, বিষ্ঠা। ২ গাত্রমল, ছাই মাটি ইত্যাদি। ৩ বস্ত্রমল, কিট্ট। ৪ বিবর্ণতাজনক বস্তুমাত্র, মলমাত্র। [ময়লাটে—অল্প ময়লা। মনের ময়লা—দ্র 'মন[১]'।]

ময়লাটে দ্র 'ময়লা'।

ময়া বি সুস্বাদু ক্ষুদ্রমৎস্যবিশেষ। "জা চ ১২৬।

ময়াম বি [হি মোয়ন ; তু 'সং √মুদ্— √মোদি (মিশ্রণ)—মোদন >প্রা *মোয়ণ] ঠাসিবার সময়ে ময়দায় মিশ্রিত ঘৃত।

ময়াল[১] বি [মহাল > °ল] স্থান, দেশ। "হর ময়ালে ভাখা আর কেরসা নগর গো.চ ১১৬, ২২৯, ৩০০। পূজবের পুর ঐ গাছের ময়াল।—কৃ ৩৭৪। দূর হৈতে দেখে সাধু লঙ্কার ময়াল ক.চ ২০০। গয়ার ময়াল দেখি নাচে চৈ.ম (জয়ানন্দকৃত) ৩৩। —য়ালি বি [°ল+ই[১১]] সর্থ 'ময়াল'। "কিষ্কিন্ধ্যার দেখ এই গাছের ময়ালি: নন্দীগ্রাম…গাছের ময়ালি।—কৃ ৩৭৪।

ময়াল[২] বি [মহাকাল >প্রা *মহাআল >বা (মহাল) °ল] তীব্রবিষ সর্পবিশেষ। "কালী গোখুরা ময়াল ভা.চ ১২৯।

ময়ালি দ্র 'ময়াল[১]'।

ময়ুর বি [মউড় > °র, অপ্র] সর্থ 'মউড়'। ত্রিভুবনের চিত্র কর ময়ুরে লিখন: ময়ুর আনিয়া দিল সাধু বিদ্যমান ম.ভা ৩০।

ময়ূখ পুং [√মা+উখ-ক, √মা >ময়্ উ ৫.২৫, 'ময়ূখ'—রশ্মি (ঋগ্বেদ ১০ ১৩০.২)] ১ কর, কিরণ, অংশু। "রবের্ময়ূখৈরভিতাপিতঃ। —ঋতু ১ ১৩। বিসৃজতি হিমগর্ভৈরগ্নিমিন্দুর্ময়ূখৈঃ শ ৩.৩। ভানোঃ …ময়ূখাঃ মাঘ ৪ ৫৬। মার্ত্তণ্ডময়ূখমালা ।—রঙ্গ ২১, মধ্যাহ্ন° ১৯৭। ময়ূখের মালা কৃ কে ৪১। ২ প্রভা, দীপ্তি। "দংষ্ট্রা° রঘু ২ ৪৬। মণিময়ূখচয় কি ৫৫। রত্নদীপমালা° ভা চ ৬০০। ৩ অগ্নিশিখা, জ্বালা। ৪ সৌন্দর্য্য (A)। ৫ সূর্য্যঘড়ীর শঙ্কু (pin)। [°মালা, °মালিকা (স্ত্রী)—কিরণসমূহ। °মালী (-লিন্) পুং—কিরণমালাবান্, সূর্য্য।]

ময়ূখী (-খিন্) বিণ [°খ+ইন্ (ইনি)-১ব] ময়ূখবান্, প্রভান্বিত, দীপ্ত। "ময়ূখিনঃ পরিঘাঃ মহা ৭ ১৭৭.২৭।

ময়ূর পুং [√মী হিংসা+উর (উরন্)-ক, উ ১ ৬৭, দ্রবিড়ীয় (?)] ১ 'সর্পহিংসক', বর্হী, শিখী। 'শুক্লযজুর্ব্বেদ ২৪ ২৩। গো রা ৩.৭৯ ১৫। ফণী ময়ূরস্য তলে নিষীদতি।—ঋতু ১.১৩। নাচত উনমত ভকত-ময়ূর। —ব ১১। নাচ ত ময়ূর।—প.তূ ৭০। ২ ঘটীযন্ত্রবিশেষ। ৩ কবি ময়ূরভট্ট। [ইনি বাণভট্টের শ্বশুর। কুষ্ঠ হইতে মুক্তির নিমিত্ত ইনি 'সূর্য্যশতক' স্তোত্র রচনা করেন।] ৪ অপামার্গ। —য়ূরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ময়ূরস্ত্রীজাতি। "ঋগ্বেদ ১ ১৯১ ১৪। গো রা ৩ ৭৯.১৫। [°কেতু (পুং)—'ময়ূরধ্বজ', কার্ত্তিকেয়। °গ্রীব (ক্লী)—তুথ, তুতে। °তুথ (ক্লী)—নীলতুথবিশেষ। °পত্রী (-ত্রিন্) বিণ—ময়ূরপক্ষযুক্ত (শর)। "রঘু ৩ ৫৬। °পদক (ক্লী)—ময়ূরপদাকৃতি নখাঘাত। °পিচ্ছ (ক্লী)—ময়ূরপুচ্ছ। °রথ (পুং)—কার্ত্তিকেয়। °ব্যংসক (পুং) —ধূর্ত্তময়ূর। "পা ২.১ ৭২। °শিখা (স্ত্রী)—ময়ূরচূড়া।]

ময়ূরকণ্ঠ,, -ণ্ঠি, -ণ্ঠী বিং ময়ূরকণ্ঠবৎ বর্ণযুক্ত। "ময়ূরকণ্ঠি পরেছি কাঁচল-খানি দূর্ব্বাশ্যামল আঁচল বক্ষে টানি' চ কা ২৭১। ময়ূরকণ্ঠ চেলির জোড় ।—ব ৪। [ময়ূরকণ্ঠি রঙ—ময়ূরকণ্ঠের মত রঙ।]

ময়ূরকণ্ঠি, -কণ্ঠী দ্র 'ময়ূরকণ্ঠ'।

ময়ূরপঙ্খী, -পঁঙ্খী বি ময়ূরপক্ষীর মত নৌকাবিশেষ। "ময়ূর-পংখীগুলির উপরে বারো জন করে দাঁড়ি ।—হ ১৫১।

ময়ূরপেখম বি তৎসদৃশ বিস্তৃত খোপাবিশেষ। "বা.ম ১৫৬।

ময়ূরশা'ল বি [°শালি] শালিধান্যবিশেষ।

ময়ূরিণী বি [ময়ূর+ইনী, বৈষ্ণবসাহিত্যে] ময়ূরী। "কোন্ রঙ্গে কেকা-রবে নাচে ময়ূরিণী ।—জা ১০৮।

মর[১] বিং [অ-মর—'মর'] মরণশীল। "মরামর জীব ।—মে ২১৮। —র বি মর্ত্ত্য, মানব। "র্যাথিল অমরহিয়া মরদুঃখ হেরি ।—মে ২১৮। [°ভূমি, °স্থান (বি)—নরলোক, পৃথিবী। "°ভূমি ।—মে ২৮১। °স্থান ।—হেম ১২৪।]

মর্[২] অর্ক [সং √মৃ > লি, প্রা √মর ; হি, ঠ, ও, মৈ √মর ; Av. √mar ; cf., L. mori ; F. Mou-rir] ১ প্রাণত্যাগ করা, মরা। "দেখিব করিয়া যুদ্ধ মরি কিবা মারি।—কৃ ৩৪১। আপনি মরিবে ধাতা ব্রহ্মাণ্ড-ঈশ্বর।—ম ১০৩২। ভবিষ্যৎ ভাবি কেথা বর্ত্তমানে মরে ভা.চ ৬৩৭। মরিব বীরের মৃত্যু।—হেম ১৯৫। ২ মৃতবৎ বা নির্জীব হওয়া। "দিন রাত ঘুরে ঘুরে মরেন কেবল।—হেম ৩৮৬। ৩ ব্যথিত হওয়া। "বাচিলে যৌবন আল ঐ তাপেতে মবি শ্রী ৫৮। ৪ শুষ্ক হওয়া। "জল, রস মরা। ৫ কমিয়া যাওয়া। 'ভাঁটায নদীর জল মরে। ৬ পাপগ্রস্ত হওয়া। "গর্হিতো করয়ে যদি মহা-অধিকারী। নিন্দার কি দায়, তাঁরে হাসিলেই মরি॥—চৈ ভা ৪৭৮। ৭ ব্যভিচারিণী হওয়া। "কমল বলিলেন, 'বুঝিছি—মরিযাছ। মর, তাতে ক্ষতি নাই —কিন্তু সঙ্গে সঙ্গে অনেকে মরে যে?—ব বি ২৫। ৮ সর্ব্বস্বান্ত হওয়া, দুর্দ্দশাপন্ন হওয়া। দ্র '(৭)। ৯ ক্ষীণস্রোত ও স্বল্পজল হওয়া। "গাঙ বা নদী মরা। ১০ জীর্ণ হওয়া। 'শিবের স্মরণে বিষ যামুথে মর ম.ম ২১৯। ১১ সপ্রণয গালিসূচক। "ঝগড়া ত বাদ তব নাই। তাতে কি উদব তোর নাহি ভরে পোড়ামুখি!, শিশু দুটী নিয়ে মর তাই।—ন ১০৮৮। [মনু—মবিনু, মবিলাম। 'মনু মনোদুখে। —ব ৮। মর।—১ সপ্রণয গালি। "মর। লো নির্লজ্জ আই। তুই ত মাসাশ।—ভা চ ৩৫৬। ২ সক্রোধ গালি। আমাব বুকের দিকেই তাকিয়ে রয়েছে। মর।- মা ৩২৬। মব গিয়া—ম'বগে (সপ্রণয গালি)। "তোর নারী-ধর্ম্ম নিয়া মব গিযা।—ন ১০৮৮। মরবার —মরিবার, মরার। "গো চ ১৭৯। মবিয়া যাই—মোহিত হই। "আই আই মবিযা যাই রূপেব নিছনি।—জ্ঞা ১৯। মরুক—বিবক্তিসূচক। "যা হবার হয়েছে, মরুক।—দা ৫৬৩। মরুক। সে থাক।—মা ৩৪৬। তা মরুক, সে নযানবৌ বুঝবে—তুই খাসনে কেন?—ব প্র ৩৬৮। মরোঁ —মরি। "মো মবোঁ।—ব ৯৫, মরোঁ মরোঁ সই। বন্ধুব বালাই লৈয়া ৯৬। মৈল, -লা—মারল। 'মৈল চৈ ভা ১২০। মৈলা ক চ ১৬১। ক্ষুধা মরা—ক্ষুধাব তীব্রতা নষ্ট হওযা। জোযার মরা—জোয়ারেব বেগ কমা। "এদিকে জোয়াব মরে এলো।—হু ১৭৩। ধনে প্রাণে মরা —সর্ব্বস্বান্ত ও প্রাণান্ত হওযা। ধূলো মরা—জলে ধূলো নষ্ট হওযা। পেট মরা—ভোজনশক্তি কমা। ভাঁটা মবা—ভাঁটাব টান যাওয়া। "আরে কর্ত্তা, অগন বাটা মবিনি গো।—আ দু ১১২। ভেবে মরা —চিন্তায় মৃতবৎ বা অভিভূত হওয়া। "গান ৯৬। মরমে মবা—মর্ম্মাহত হওয়া। মরা হাজা—অনাবৃষ্টিতে পোড়া, অতিবৃষ্টিতে বোড়া। রস মরা —রস শুখান, আস্পর্দ্ধা কমা। মবিলা, -লোঁ (মরিলাম), মরিঞা, -রিতাহোঁ (মরিতাম), -রিতেঁ, -তোঁ, -বেঁ, -বোঁ, মরোঁ, মৈল, -লা, -লিসি (মরিলি), মৈলী (স্ত্রীলিঙ্গে), -লো (শ্রী কী)। মলুঁ—মরিলাম। "ব ১৯।]

মরক পুং [√মৃ+অক (বুন্)-ণ] মারি, মারক, মড়ক (plague, epidemic)। "বিষ্ণু ৯ ৩২। বৃহৎসংহিতা ৫ ২৭।

মরকট বি [মর্কট > (স্বরাগমে) °ট] বানর। "°রূপে কৃ ৩৩৫।

মরকত ক্লী [মরক+ √তৃ+অ (ড)-ণ (অ টা)] হরিদ্বর্ণমণিবিশেষ হরিন্মণি, পান্না (emerald)। "ভ ৪ ২৫ ১৫। °সদৃশানি শষ্পাগ্রাণি। —পঞ্চ ১১২। [°মণি (পুং)—মরকত। °শকল (ক্লী)—মরকত-খণ্ড। "শ্রী গো ৮৪। °শিলা (স্ত্রী)—মবকতপ্রস্তর। "°শিলাবদ্ধ-সোপানমার্গা (বাপী) উ মে ১৫। °শ্যাম (বিণ)—মকরতসদৃশশ্যামল। "ভ ৮.৬৩।]

মরকতময় বিণ [°ত+ময় (ময়ট্)] মরকতবিকার। "মরকতময়-মেদিনী মাঘ ৪.৫৬।

মরণ ক্লী [√মৃ+অন (ল্যুট্)-ভা] ১ মৃত্যু, নাশ। বিপ 'জনন'। "পুত্র° রা ১.১.২১। সম্ভাবিতস্য চাকীর্ত্তির্মরণাদতিরিচ্যতে গী ২ ৩৪। যাবজ্জননং তাবন্মরণম্ (মোহমুদ্গর)। রূপহীন মরণেরে মৃত্যুহীন অপরূপ সাজে চ কা ৪৬৬। সুখ আছে সেই মরণে স স্ব ১১। মরণ রে, তুঁহু মম শ্যাম সমান।—গান ১৬০। ২ [+অন-ণ] বৎসনাভ বিষ। [°দশা (স্ত্রী)—মৃত্যুদশা, মরণাবস্থা। "জা ১৮। °ধর্ম্মা (-র্ম্মন্) বিণ —মবণশীল। "মর্ত্ত্যা মরণধর্ম্মাণঃ ক সা ৫৬ ২৬২। °নিশ্চয় (বিণ) —প্রাণত্যাগে কৃতসঙ্কল্প। °ভীরু (বিণ)—মবণভয়শীল।] [°কাঁপনি (বি)—মৃত্যুযন্ত্রণাজন্য কম্প। 'দা ৮১৪। °কাঠি (বি)—(গল্পে) যে রূপার কাঠির স্পর্শেই মৃত্যু হয়, (গৌণার্থে) মৃত্যুর কারণ। "মাটিই আবার মরণ-কাঠি, মাটির কোলে উদয-লয়।—কু কে ৯০। °কামড় (বি)—সাংঘাতিক দংশন। মরণ আব কি।—সপ্রণয় গালি (স্ত্রীভাষা)। "সে (সুভাষিণী) কাশিতে কাশিতে উঠিয়া গেল,—বলিল, 'মরণ আর কি।—ব বি ৪০০। ব প্র ৩৪৬। মরণ-পাখা উঠা—(পিঁপড়া পাখা উঠিলেই মরে, ইহা হইতেই গৌণার্থে) মৃত্যুর কারণ উপস্থিত হওয়া। "উঠেছে তোর মরণ-পাখা।—দা ৮০৮। মরণ-বাঁচনের সাথী—বিপদে সম্পদে সহায়, সুখ-দুঃখে সহচর। মবণ-বাড় বাড়া—১ মরণের নিমিত্ত স্পর্দ্ধান্বিত হওয়া। 'এত বৃদ্ধি ভাল নয়, তোর মরণ-বা'ড় বেড়েচে। —জা ২১। ২ মৃত্যুর পূর্ব্বে হৃষ্টপুষ্টাঙ্গ হওয়া।]

মরণাত্মক বিণ [মরণ আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] মারণশক্তিবিশিষ্ট, মারাত্মক, সাংঘাতিক।

মরণান্ত বিণ [বহুব্রী] মরণে যাহার সমাপ্তি, মরণাবসায়ী, মরণাবধি। —ন্তিক বিণ [°ন্ত+ইক (ঠন্)] 'মরণান্তবিশিষ্ট', মবণাবধি। "রোগং লভতে মরণান্তিকম্ মহা ১৪ ১৭ ১৩।

মরণাপন্ন বিং মৃতদশাপ্রাপ্ত, মুমূর্ষু, মর-মর।

মরণাশৌচ বি মৃত্যুজন্য অশৌচ বা অশুচি অবস্থা।

মরণোন্মুখ বিণ [স ত] মৃত্যুদশাপন্ন, মর-মর।

মরত বি [স° মর্ত্ত > (স্বরাগমে) °ত, পদ্যে, তু সং 'মরত'—মৃত্যু] পৃথিবী। "সরগ মরত নাহি ছিল।—শূ ২, ৬৮। [°ভুবন (বি)—মর-লোক, পৃথিবী। "ম ২৬৪।]

মরদ বি [ফা মর্দ্] ১ পুরুষ, মর্দ্দ (male)। ২ মানুষ (man)। ৩ সাহসিক পুরুষ, বীর। "এ মবদের মুরদখানা।—গান ১৮। ৪ মনুষ্যত্ববিশিষ্ট লোক, বাস্তবিক মানুষ। "মরদ্ কি বাত। হাতী কি দাঁত॥—ন.ভ ৩৩। বি বু ৩১। ৫ স্বামী। "গো চ ৭৫। ৬ রাজ-পুরুষ। "কোন মরদে সাধিয়া লবে তোর বিলাতের কড়ি গো চ ১৮৩। —দানি বি [ফা 'মর্দানহ্'—বীরোচিত] বীরত্ব, পুরুষত্ব। "দা ৬০৩।

মরদানা, মর্দ্দানা[১] বি [মটরদানা > °না (?)] স্বর্ণের করভূষণ-বিশেষ। "মরদানা ব প ১৮৯৯। তিন পাক মর্দ্দানা।—দা ১৪৮০।

মরদানি দ্র 'মরদ'।

মরন্দ পুং [মকরন্দ > °ন্দ, পৃষো, তু 'সং মকরন্দ > প্রা মযরংদ, 'মযরংদ'—কুসুমরজঃ (দেশী ৬ ১২৩)] ১ পুষ্পমধু। "°মুদিত মত্ত মধুকর গো ৮৯। °ঘ্রাণে অ শু ১১৭। ২ মধু।" °করুণ চৈ ম ১০৩।

মরম বি [মর্ম্ম > (স্বরাগমে) °ম, হি, মৈ °ম] ১ হৃদয়, মন। "মরমী জনের মরমে বাজে বি প ১৫০। (শ্যাম নাম) কাণের ভিতর দিয়া, মরমে পশিল গো চ দা ১, বিলসিতে মন, হইল মরমে পুনি ৬৫] শ্যামের পিরীতি, মরমে রহল শেল চ সা ১৩৯। মরম কথাটী কহে। —ব ১৯। ২ মনের কথা, মনোগত বিষয়। "যে ছিল মবমে, মনের ভরমে, মরম তাহারে কই চ দা ৭০। না জানি মরম কিবা আছে। —ব ৪৮। ৩ মনোবেদনা, মনঃপীড়া। "না পাই মরমি জনা কহিতে মরম চ.দা ১০৩। শুন মরম সই শ্রী মা ৮৫। ৪ তত্ত্ব, রহস্য। "যে জন না জানে, পিরীতি মরম, সে কেন পিরীতি করে চ.দা ১২১, শৃঙ্গার

মনের মরম বুঝে। মরম বুঝিয়া ধরম মজে।—১৫৪। —রমি, মী বিং [°ম+ই৮, ঈ৭, সং মর্মিক] যে মর্মকথা বুঝে, ব্যথার ব্যথী, সহৃদয়। "মরমী জনা বি.প ১৫০। না পাই মরমি ('মরমী'—চ.সা ১৪১) জনা কহিতে মরম চ.দা ১০৩; মরমের মরমী নহিলে না জানে মরমের বেদনা ১২৪। কৃ.কে ৪৫। [মরমক বাত—মনের কথা। "বি.প ১৫১।]

মরমর[১] বি [সং মর্মর > (স্বরাগমে) °র] বৃক্ষপত্রের মৃদুশব্দ। "পাদপ…মরমর শবদ করে স্ব.প্র ৩৮, ১২৪। মৃদু °র।—গান ১২৩।

মরমর[২] বিং [[মর[২] > °র (দ্বিত্ব)] ১ মৃতপ্রায়, মুমূর্ষু। ২ অতিব্যথিত। "কভু মরমর পাতাকুলের মর্মরে।—মা ১৪৮।

মরমি, মরমী দ্র 'মরম'।

মরষ, -স সর্ম [সং মর্ষ > (স্বরাগমে) মরষ > °ষ,-স; অপ্র] ক্ষমা করা; সহা। "মরসিব কেহ্নে শ্রী.কী ২২১। সব মরষিঅা তাক জিজ্ঞ বনমালী ২৮৬।

মরস দ্র 'মরষ'।

মরা বিং [মড (দেশী ৬১৪১) > মড়া, -বা; দ্র 'মড়া'] ১ মৃত। "মরা স্বামী বি পা ৩৭৩। কটি কট্ট সন্তোমরা হস্তিছালা ভা চ ৪৩। ২ শুষ্ক। "(রত্নাকর) বলিল অনেক কষ্টে মরা কাঠপান।—কৃ ৪। ৩ নিপীড়িত অতিব্যথিত। "(ধনী) জীয়ন্তে মরমে মরা বি সু ১১৫। ৪ খোলে-পড়া বসা। "আঁত অতি মরা শ্রী ৮, কালি চুণ দিয়া মরা আঁতটা পুরা ১০২। ৫ দীন, দরিদ্র। "তোমার কল্যাণে কোন ধনে নই মর শ্রী ১৭৪। ৬ জলশূন্য, শুষ্ক। "এবার তোর মরা গাঙে বান এসেছে, জ মা বলে' ভাসা তরী।—গান ২৩১। ৭ একান্তবশীভূত। "আমার প্রা পীরিতিতে মরা শ্রী ৫৯। —রা বি ১ মৃত নরদেহ। "°দাহ।—কৃ ১০ ১১। মরার উপরে কেন খাঁড়ার প্রহার।—ন ৫৪১। ২ গালি। "বুড় মরা দোকান লিগ আসিয়া গো.চ ২৩৭। ৩ [মর[২] + আ৬] মরণ বিপ 'বাঁচা'। "তুমি মরিলে আমার মরার অধিক হইবে ব.প্র ৪১১ [মরা কটাল—কটালের জল মরার সময়। মরা কাগজ—বহুদিনে পুরাতন হিসাবপত্রাদি। মরাকান্না—মৃত্যুহেতুক ক্রন্দন, বিসম্বদুর্ঘটনা হেতুক ক্রন্দন। "যে বাইয়ত দাদন লইয়া আইসে, সেই রাইয়তে বাড়ীতে মরাকান্না পড়ে।—নী ৫৮। মরা গাঙ—শুখনা বা পুরিয়া উঠা নদী। দ্র 'মরা (৬)। মরা গাঙ কুমীরে ভরা—(গৌণার্থে) এবে দীনদরিদ্র, তাহাতে হিংসাদ্বেষে পরিপূর্ণ বা ভরপুর। মরা চামড়া—শুষ গাত্রচর্ম্ম; খুসকি। মরা জবা—মৃত ও জীর্ণ, রোগা-কুড়ে। মরা টাক —যে টাকার সুদ নাই। মরা ধার—অস্ত্রের মোটা (blunted) ভোঁতা ধার। মরা পথ—যে পথের শেষের মুখ রুদ্ধ। মরা পা —তেজোহীন পারদ। মরা পেট—যে পেট অল্প খাওয়েই ভরে। মরা বা —যে বানের বেগ কমিয়া গিয়াছে। মরা মাটি—যে মাটিতে আ নাই। যেমন, পুরান দেয়ালের মাটি। মরা মানুষ—মৃতবৎ প্রতীকার অসমর্থ দরিদ্র। "বাপু, মরা মানুষের উপর প্রভুত্ব গ্রহণ করিয়া জীয় মানুষের কাছে গিয়াছ চালাকি করিতে!—ঘ ১৯। মরা মাস—দেহে শুষ্ক মাংস, খুশকি (dandruff)। মরা সোনা—পাদ-মিশান সোনা।

মরাই বি সর্থ 'মড়াই'। [মিথ্যার মরাই—মিথ্যার আধার; অত্য মিথ্যাবাদী। "মিথ্যার মরাই বেটা শ্রী.মা ১১১,-২।]

ম(মা)রাঠা বি [সং মহারাষ্ট্র > প্রা মরহট্ঠ (হে ২.১১৯) > °ঠা, হি মরহঠা; ঠ মরাঠা] ১ মহারাষ্ট্রবাসী। "মারাঠা দস্যু আসিছে রে ঐ।—কথা ১১৯। ২ মহারাষ্ট্রদেশ। "মরাঠার যত পতঙ্গপাল।—কথা ১১৯ —রাঠী বি [হি মরহঠী; ঠ মরাঠী] ১ মহারাষ্ট্রের ভাষা। ২ মহারাষ্ট্র বাসী। "°ঠী অশ্বখুরে। কথা ১১৯।

মরাঠী দ্র 'মরাঠা'।

মরাজা ঝিঙ্গিন চিহ্নণ (ত্রিকাণ্ডশেষ)। —রাল পুং [√মৃ + আল (আলচ —ক (?); তু 'মরালী'—সারসী—(দেশী ৬.১৪২)] ১ রাজহংস। "যে জন না দেখিয়াছে বিভার চলন। সেই বলে ভাল চলে মরাল বারণ॥ —ভা.চ ২৯১। উড়িল °রাজ ব.প্র ১২০। ২ হংস (নৈ.টীকা)। "°মোহ নৈ ৬.৭২; °নিকার গী.গো ১১.৩। ৩ কারণ্ডব। ৪ অশ্ব। ৫ কজ্জল। ৬ মেঘ। ৭ দাড়িমীবন। ৮ খল। —রালী স্ত্রী [°ল + স্ত্রী ঈ (ঙীষ)] রাজহংসী; হংসী। —রালক পুং কলহংস। [°গামিনী (বিং)—রাজহংসের ন্যায় মন্থরগামিনী। "ম ৬১৫।]

মরালক দ্র 'মরাল'।

মরি অব্য [প্রা হমারি (সকটাক্ষ বিস্ময়—সংক্ষিপ্তসারব্যাকরণ, প্রাকৃত-পাদ ৫.৯৯) > বা আমরি, আহা মরি,—'মরি'] ১ সকটাক্ষ (সদৃষ্টি-পাত) বিস্ময়। 'মরি মরি কি চমৎকার চিত্র করিয়াছে!—সী ৭। ২ মনোবেদনাপ্রকাশ। "মরি লো মরি, আমায় বাঁশিতে ডেকেছে কে। —গান ১৪৫। ৩ দুঃখপ্রকাশ। "উহু মরি মরি, বাজিছে চরণে নব নব কুশাঙ্কুর (গান)। ৪ অনুতাপপ্রকাশ। "আহা মরি মরি, সঙ্কেত করিয়া, কত না যাতনা দিনু চ.দা ৬৯। ৫ (কাকু হেতু) নিন্দা-প্রকাশ। "মরি মরি, কামিনী বরিবে তোরে নাকি?—বা.দ ১২৮।

মরি(রী)চ পুং [√মৃ + ইচ-ণ (অ.টী), পৃষো; Mauritius দ্বীপ হইতে নাম (?); হি মির্চ, ঠ মিরচী] পানের মত লতাবিশেষ (Piper nigrum)। "মরীচ-কেদারে।—বঙ্গ ২১৮। —চ স্ত্রী ১ মরিচলতার গোল কৃষ্ণ কটু ফল, গোলমরিচ, কৃষ্ণ লঙ্কা (Black pepper)। "ক.চ ১৩৫। চই-মরীচ চৈ.চ ৮৪ মরিচ ৩১২। মরীচ ভা.চ ৮৬। ২ লঙ্কামরিচ। "কোল কৈল মরিচের ঝালে ব প ৪৭৯। মরিচ মুগডালী: মরিচ-পত্র বি.পা ১৬৭। মরিচ গুঁড়া: মরিচের ঝোল ম.ম ৯৫। মরিচবাঞ্জন বা.ম ১৫১। [মরিচালাড়ু—মরিচচূর্ণে মিশ্রিত লাড়ু। "চৈ.চ ১৫৮।]

মরিজাদ, -য়াদ বি [সং মর্য্যাদা > (স্বরাগমে) মরিয়াদ, -জাদ; হি মরজাদ, -দা] ১ সীমা, অবধি। "রস মরিয়াদ।—গো ১৫২; রস-বতী রসমরিয়াদ ১৭৪। মহোদধি উছলল, ডুবল কুলমরিজাদ রা.পে ৫২। ['মরিজাদ'—সীমা, গৌরব।] ২ সম্মান, গৌরব। "(কথা কহ) নিজ মরিয়াদ গোপীসমাজে রাখিয়া ভ.প্র ৪৪৮। অব আর না রহ, কুলকি মরিজাদ।—ব ৭৪। দ্র (১)।

মরি(রী)য়া বিং [সং মৃত > প্রা মরিঅ > বা °য়া; হি মরৈয়া] ১ 'আমি মরিয়াছি' ভাবিয়া জীবনে নির্মম, প্রাণপণ করিয়া বিপদ্-নিবারণে প্রস্তুত বা দৃঢ়সংকল্প। "ইংরেজরা মাগ, ছেলে ও স্বজাতির শোকে একেবারে মরিয়া হয়ে উঠেছিলেন।—হু ৯০। ২ প্রাণপণ চেষ্টার নিমিত্ত নির্ব্বন্ধাতিশয়যুক্ত। "একদিকে প্রজার বেদনাকে উপেক্ষা করিয়া বল একান্ত প্রবল মূর্ত্তি ধরিতেছে, অন্য দিকে দুর্ব্বলের নিরাশ মনোরথ …প্রতিদিন, মরিয়া হইয়া উঠিতেছে।—রবীন্দ্র। ৩ বিপদুদ্ধারবিষয়ে হতাশ বা নিরুপায়। "(হিসাবপত্র) মরীয়া হইয়া সই করিয়া যাইতাম, বুঝিবার চেষ্টা করিতাম না।—গ.স ১০০।

মরিয়াদ দ্র 'মরিজাদ'।

মরিল বিং [মর[২] + ইল[২]; অপ্র] মৃত। "মরিল জনেরে অকারণ কর তাপ।—ম ৬৩; মরিল শরীরে যেন পাইল জীবন ১৬৮; মরিল জনেরে কোথা পাবে দেখিবারে ৩০৯।

মরীচ দ্র 'মরিচ'।

মরীচি পুং [√মৃ + ঈচি, উ ৪.৭০] ১ সপ্তর্ষির একতম মুনিবিশেষ। [ইনি দশ প্রজাপতির অন্যতম। সৃষ্টির নিমিত্ত ধ্যানরত ব্রহ্মার মানস হইতে ইঁহার উৎপত্তি। কশ্যপ ইঁহার পুত্র (ভ ৩.২২; ৪.১)। মনুর মতে, ইনি মনুর তপোবলে সৃষ্ট দশ প্রজাপতির একতম (মনু ১.৩৪,-৫)] ২ মরুদ্গণের একতম। 'মরীচির্মরুতামস্মি গী ১০.২১। ৩ কৃপণ। —রীচি পুং, স্ত্রী [+ ঈচি-ণ (অ.টী)] ১ কিরণ, কর, রশ্মি (সায়ণ)।

"ভবো ১০.১৭৭১। অর্ক° রঘু ১৩.৪। চন্দ্র° শ ৬.১৮। ২ অশোক। ৩ মরীচিকা। ৪ বিস্ফুলিঙ্গ। "মরীচ্যা ইব নিপেতুরগ্নেঃ রা ১.৫৬ ১৮। [°গর্ভ (বিণ)—কিরণগর্ভ, অন্তঃকিরণবান্। °তোয় (ক্লী)—মরীচিকা। °প (বিণ)—চন্দ্রকিরণমাত্রপানে তৃপ্ত (যতি)। "মহা ১৪ ৯২.৬। °প (পুং)—যতিবিশেষ। "মহা ১২১১৫। °মালী (-লিন্) বিণ —কিরণমালাবান্। "সবিতরি…°মালিনি।—হি ১৫২।]

মরীচিকা স্ত্রী [°চি+ক (কন্)+স্ত্রী আ (টাপ)] 'সূর্য্যকিরণ-প্রতিকৃতি', গ্রীষ্মে বালুকাপ্রতিফলিত জলবৎ প্রতীয়মান রবিকরমালা, মৃগতৃষ্ণা। "ন হি মোহয়তি প্রাজ্ঞং লক্ষ্মীমরুমরীচিকা ক সা ৪ ১৩৪। রজ ২১। মরীচিকা মরুদেশে, নাশে প্রাণ তৃষাক্লেশে।—মাইকেল।

মরীচী (-চিন্) পুং [°চি+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -চিনী] মরীচিমান্, কিরণযুক্ত, সূর্য্যচন্দ্রাদি। 'মহা ৫৩৭২।

মরীয়া দ্র 'মরিয়া'।

মরু পুং [√মৃ+উ-খি, উ ১৭, Av mauru, আ মহ্রুক্] ১ নির্জ্জলদেশ, বালুকাময় তৃণাদিহীন স্থান, ধন্ব। "মরুপৃষ্ঠান্যুদম্ভাংসি (চকার সঃ) রঘু ৪ ৩১। °মরীচিকা ক সা ৪ ১৩৪। °দেশ।—রজ ২১। ২ মরুবক। ৩ পর্ব্বত। ৪ (বহুব) দেশবিশেষ, মাববাবদেশ, দশেরকদেশ (অ চি)। "রজ ৫। [°কচ্ছ (পুং)—দেশবিশেষ। '°নিবাসিন্ (পাঠান্তর) মহা ২৫১১০। °দ্বিপ (পুং)- উষ্ট্র। °পথ (পুং) °পৃষ্ঠ (ক্লী) —মরুদেশ। 'মরুপৃষ্ঠানি রঘু ৪ ৩১। যে নদী মরুপথে হারাল ধারা, জানি হে জানি তাও, হয়নি হারা।- রবীন্দ্র। °ভূ, °ভূমি, °মহী (স্ত্রী) —মরুস্থল। '°মি।—মে ১২৩। মরুভূ-হিয়ায় অশ্রু ৮১। °স্থল (ক্লী), °স্থলী (স্ত্রী)—মরুদেশ। °স্থলী।—হি ১১০।]

মরুৎ পুং [√মৃ+উৎ (উতি)-ণ, উ ১৯৪] ১ যাহা দ্বারা মরে (অ টী), সমীরণ বায়ু। 'মরুতো ববুঃ সুখাঃ রঘু ৩ ১৪। ২ পবনদেব। "সুতং মরুতঃ কি ২২৫। ৩ বায়ুকোণের দিকপাল। ৪ অমর, দেব। "রঘু ১২ ১০১। মরুদ্গণ।—ম ৬৫৭। ৫ মরুবক (ভাবপ্রকাশ)। ৬ (বহুব) প্রাণাদি পঞ্চ বায়ু। 'মরুতঃ পঞ্চ রঘু ৮ ১৯। অন্তশ্চরাণাং মরুতাম্ কু স ৩৪৮। ৭ উনপঞ্চাশৎ পবন। "মরীচির্মরুতামস্মি গী ১০.২১। মনু ৩৮৮। —রুৎ স্ত্রী প্রস্থিপর্ণ। —রুৎ স্ত্রী পৃক্কা। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ক্রিয়া (স্ত্রী)—বাতকর্ম্ম। °কোণ (পুং)—বায়ুকোণ। °পট (পুং)—বায়ুবোধক বস্ত্র, বাতবস্ত্র, পা'ল (sail)। °পতি (পুং)—১ দেবরাজ। "°তিং শক্রমিব গো বা ৪২৮৪। ২ ইন্দ্র। 'ভ ৩ ১৯২৪। °পথ (পুং)—সুরবর্ত্ম, আকাশ। °পাল (পুং)—ইন্দ্র। °পুত্র, °সুত, °সূনু (পুং)—১ হনুমান। "°ত ভ ৯১০.১৯। ২ ভীমসেন।]

মরুজা বি [অসাধু] মুরজবাদ্য। "শ্রী.মা ৫০।

মরুত[১] পুং ['মরুতশব্দোঽপ্যুৎপন্নঃ, উ ১৯৪, তত্ত্ববোধিনী, তু 'সং মরুৎ >প্রা মরুঅ] ১ বায়ু। ২ দেবতা। [°পথ (বি)—আকাশ। "কখিল মরুতপথ না চলে বাতাস।—ম ৭৯১।]

মরুত[২] বি [অসাধু] মরকত। "°ত পাথরে ঘাট বান্ধে ম ম ৫০।

মরুত্ত পুং সূর্য্যবংশীয় রাজবিশেষ। "ভ ৯ ২.২৬। [ইনি উশীরবীজ দেশের রাজা। দিগ্বিজয়ী রাবণ মাহেশ্বরযজ্ঞে দীক্ষিত ইঁহাকে যুদ্ধার্থ আহ্বান করেন। রাবণের আহ্বানে ইনি যুদ্ধার্থ উদ্যোগী হইলে, গুরু সংবর্ত্ত, 'দীক্ষিতের ক্রোধ ও যুদ্ধ বিহিত নহে', বলিয়া ইঁহাকে নিবৃত্ত করেন। রাবণ ইহাতেই মরুত্তকে নির্জ্জিত মনে করিয়া হৃষ্টচিত্তে প্রত্যাবৃত্ত হন। (রা ৭.১৮শ সর্গ। কৃ ৪০৮)]।

মরুত্বান্ (-ত্বৎ) বিণ [মরুৎ+বৎ (বতুপ্), অস্ত্যর্থে-১ব, স্ত্রী -ত্বতী] ১ বায়ুযুক্ত। "বভৌ মরুত্বান্ বিকৃতঃ সমুদ্রঃ ভট্টি ১০ ১৯। —ত্বান্ পুং 'দেবগণযুক্ত', ইন্দ্র। "মরুত্বৎ—ঋগ্বেদ ১.১০১.১, রঘু ৩.৪, শ ৭১, ভট্টি ১০.১৯। বিভবেতে যেন মরুত্বান্।—ম ৪৪। ম.পা ১৬; ২৪। ২ বায়ুপুত্র, হনুমান্। "ভট্টি ১০ ১৯। ৩ 'বায়ুবাহন', মেঘ। —ত্বান্ পুং, বহুব [+বৎ স্বার্থে] ১ মরুদ্গণ। "গো রা ৬.৮৭৫। মহা ২.৭.৭। ২ [বাঙলায়, অপ্র] মরুৎ, বায়ু। কৃ ১৯৮।

মরুৎসখ পুং [মরুতের সখা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ বায়ুসখ। "°খৈঃ…ঘনৈঃ রঘু ১১.৩। ২ অগ্নি। "রঘু ২.১০। ৩ ইন্দ্র।

মরুদ্গণ পুং [ষ ত] ১ মরুৎসমূহ, দেবগণ। 'শত্রুঃ সর্ব্বৈঃ সহ মরুদ্গণৈঃ বা ১.৬৩২৬, ন° ৬৫.২০। ২ বায়ুগণ।

মরুদ্বর্ত্ম (-র্ত্মন্) ক্লী [ষ.ত] 'দেবপথ', সুরবর্ত্ম, আকাশ।

মরুদ্বেগ পুং [ষ ত] বায়ুবেগ, বাতজব।

মরুব পুং [মরু+√বা গতি+অ (ক)-ক (অ টী), উত, তু 'মরুবক', হি মরুবা] বৃক্ষবিশেষ, মরুয়া, নাগদানা। —বক পুং [°ব +ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'মরুব'। ২ মদনবৃক্ষ, ময়নাগাছ (অ কো)। ৩ জম্বীরভেদ। ৪ পুষ্পবৃক্ষবিশেষ। ৫ স্বল্পপত্র-তুলসী। —বক স্ত্রী মরুবকপুষ্প। "ক চ ৩৯। —বক পু° ১ ব্যাঘ্র। ২ রাহু।

মরুবক দ্র 'মরুব'।

মরুয়া বি [সং মরুবক >প্রা মরুঅঅ (প্রাম) >বা (মরুআ) °য়া, হি মরুআ,-রা, 'মারুআ'—মরুবক পুষ্প (শূ ৩০)] পুষ্পবৃক্ষবিশেষ। "বি.পা ১০৩। —কয়া বি মরুবকপুষ্প। 'শ্রী ম ৮২।

মরেসা বি [আ মুরস্সা] বস্ত্রখচিত বস্ত্রবিশেষ। জা ৩৬।

মর্ক পুং [√মর্চ্ শব্দ+ক (কন)-ক, পৃষো, উ ৩৪৩] ১ শরীরবায়ু। ২ বানর, মর্কট। 'ভ ৩২১৪৪, ৭১৪.৯।

মর্কট পুং [√মর্ক্ গতি+অট (অটন্)-ক (অ টী), cf, Dravidian root 'mara'—a tree (Caldwel)] ১ বানর। "তৈত্তিরীয়-সংহিতা ৬৪৫৭। °লোচন ভ ৪২১২। যেন ধবে মর্কট মক্ষিকা ক চ ১৬১। ২ ঊর্ণনাভ, মাকড়। ৩ গলগণ্ডপক্ষী, হাড়গিলা। ৪ স্থাবরবিষভেদ। ৫ রতিবন্ধভেদ। —র্কটক পু° ১ বানর। ২ ঊর্ণনাভ। ৩ মৎস্যবিশেষ। ৪ শস্যবিশেষ। —র্কটী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ বানরী। ২ কপিকচ্ছু। ৩ করঞ্জভেদ, মাকড়া করঞ্জা। [°তিন্দুক (পু°)—তিন্দুকবিশেষ, কুপীলু, মাকড়া কেঁদু (?)। °বাস (পুং) —লতাতন্তু। °শীর্ষ (ক্লী)—হিঙ্গুল।]

মর্কটক দ্র 'মর্কট'।

মর্কটখেলা বি বালকের খেলাবিশেষ। "মর্কটখেলা খেলে—এক চরণে দাণ্ডার চৈ ম ৩৯। খেলায় মর্কটখেলা ন প ১০৪।

মর্কটবৈরাগ্য বি মর্কটবৈরাগীর লক্ষণ—অন্তরে বিষয় চিন্তা ও গোপনে স্ত্রীলোকের সহবাস, বাহিরে কৌপীন-বহির্ব্বাসাদিধারণ। "°গ্য না কর লোক দেখাইয়া। যথাযোগ্য বিষয় ভুঞ্জ অনাসক্ত হৈয়া।—চৈ চ ১৭৯, ২৮৯। ['মর্কট' শব্দ নিন্দার্থক।]

মর্কটী দ্র 'মর্কট'।

মর্চা[১], **-চে**[১] বি [ফা মর্সিয়, মৈ মরসীআ] মৃতের জন্য শোক, মৃত্যুতে শোকসম্বন্ধী কবিতা বা সঙ্গীত।

মর্চা[২], **-চে**[২] বি [ফা মুর্চ্, মোরচা] লৌহমল, জঙ্গ (rust)। "মরচেপড়া গরাদে প.কা ৬৯, ৭১।

মর্চে[১]; **মর্চে**[২] দ্র 'মর্চা'[১], মর্চা[২]।

মর্জ্জ অর্ম্ম [স° √মস্জ্—মজ্জ্ >বা °র্জ্জ ('র'-আগম, তু 'বা √বর্জ্জ] ১ নিমগ্ন হওয়া, ডোবা। "অন্য দেশে মৈলে অস্থি গঙ্গাএ তার মর্জ্জে। —গ ৩। ২ অবগাহন করা। "ঐরাবত মর্জ্জিয়া ত সেই জলে করে জলপানে।—গ ৬০। ৩ অভিনিবিষ্ট হওয়া। 'তাতে (সেই অঙ্গে) মর্জ্জি গেল মন না ফিরিল আর।—গ ৪৩। ৪ বিনষ্ট হওয়া, লয় পাওয়া। "তবে সকল সৃষ্টি, মর্জ্জিব ব্রহ্মার দৃষ্টি, স্বর্গ মর্ত্ত্য মর্জ্জিব পাতাল।—গ ২০৫।

মর্জি, -র্জী বি [আ মর্‌জী] ১ ইচ্ছা। "হঠাৎ কি যে মর্জি হ'ল (তফাৎ হয়ে গেলাম দোঁহে) কু.কে ২৩; মনের নিজের মর্জি আছে ৭৫,-৮। পোদা-ভালার মর্জি।—মা ৩২৩। হুজুরেব মর্জি মবারকে কি হয় বলিতে পারি না ব.প্র ৪৪৭। ২ সম্মতি। [আল্লার মর্জি—ঈশ্বরেচ্ছা, ভগবদিচ্ছা।]

মর্জী দ্র 'মর্জি'।

মর্টগেজ বি [E mortgage] বন্ধক (জমি-জমা সম্বন্ধে)।

মর্ত্ত পুং [√মৃ+ত (তন্)-ক, উ ৩৮৬] ১ 'মর', মনুষ্য। ২ [+ত -ধি] পৃথিবী। —র্ত্ত্য বিণ [মর্ত্ত+য (যৎ), তু 'মর্ঘ্য'—মরণধর্ম্মা (সায়ণ—ঋগ্বেদ ১০ ৪০ ২)] 'মর্ত্তভব', পৃথিবীস্থ, মরণধর্ম্মবান্ (শ্রীধর)। "নৃণাম্…মর্ত্ত্যানাম্ ভ ১ ১৬ ৭। —র্ত্ত্য পুং ১ মনুষ্য। "ঋগ্বেদ ১ ১৯ ২; ২ ৭.২। অর্থং বিনা নৈব যশশ্চ মানং প্রাপ্নোতি মর্ত্ত্যোঽত্র মনুষ্য-লোকে।—পঞ্চ ৫ ২৫। ২ মনুষ্যলোক, পৃথিবী। 'গ ২০৫। —র্ত্ত্য ক্লী শরীর। "ভ ৩ ৩৩ ৩২। [°সীমা (বি)—পৃথিবীর সীমা। 'কা ৪৫।]

মর্ত্তব্য বিণ [√মৃ+তব্য-ভা] মরণীয়। "গো রা ৬ ৯১ ৭। বিস্তৈবৈ সমং কামং মর্ত্তব্যং ব্রহ্মবাদিনা মনু ২.১১৩।

মর্ত্তমান দ্র 'মর্ত্তমান'।

মর্ত্ত্য দ্র 'মর্ত্ত'। [°ধর্ম্ম (পুং)—মানবধর্ম্ম, মরণশীলতা। "মহা ৭.১০৭.২৩। °ধর্ম্মা (-র্ম্মন্) বিণ—মরণধর্ম্মবান্। "মহা ২ ৭০ ১৪। °ভাব (পুং)- মনুষ্যধর্ম্ম, মানবপ্রকৃতি। °ভুবন, °মণ্ডল (ক্লী), °লোক (পুং)—মনুষ্যলোক, পৃথিবী। "°লোক।—কঠোপনিষৎ ১ ২৪, গী ৯.২১। ব.প্র ২৭৬।]

মর্দ্দ[১] বিণ [√মৃদ্+অ (অণ্)-ক, স্ত্রী -র্দ্দা] মর্দ্দক, পীড়ক, নাশক। "অরি°, কাম°, চক্র°। [সমাসে উত্তরপদ]। —র্দ্দ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ মর্দ্দন, ক্ষোদ, চূর্ণন, পেষণ। "সোঢাস্মি বিপুলং মর্দ্দম্ মহা ১.১৮ ১০। ২ যুদ্ধ। "গ্রহমর্দ্দ ভ ১ ১৪ ১৭। ৩ সংঘর্ষ, বিঘট্টন। —র্দ্দক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ সর্থ 'মর্দ্দ' (বিণ)। "কাস°, চক্র°। ২ সংবাহক। "অঙ্গ°। —র্দ্দন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ ক্ষোদক, চূর্ণয়িতা, নিষ্পেষক। ২ পীড়ক, দলন, দমন। "অমিত্রদল° বা ২ ৯৩ ২৪। অরি° মহা ৩ ৬৪ ৭৯। কালিয়°, ক্ষত্রিয়°, চন্দ্রার্ক°, পর°, সমর° (SW)। ৩ নাশক, হন্তা। "মধুকৈটভ°। —ম ১০৮৬। কেশি° ভা চ ১৬০ —র্দ্দন ক্লী [+অন -ভা]। ১ ক্ষোদ, চূর্ণন, পেষণ। ২ সংবাহন। "দেহ° মনু ২ ১৭৮, কুল্লুক। ৩ অভ্যঞ্জন, ম্রক্ষণ। "অভ্যঙ্গ° (পঞ্চ)। তৈলকজ্জলমর্দ্দন ক সা ৪.৫৭। ঘৃতাদষ্টগুণং তৈলং মর্দ্দনান্ ন তু ভক্ষণাৎ চৈ চ ৩২২। ৪ কদন, নাশন। "ভ ৩ ৪ ২, হিম° ৩.২৬ ৪০। ৫ পীড়ন, দলন। অরি° ক.সা ৩০. ৮৭। পয়োধরপরিসর° গী গো ২৬। শি ১০৫। ৬ সংঘর্ষ। "গ্রহ-মর্দ্দন। ৭ উচ্ছেদ, উৎসাদন। ৮ আঘাতে ধান্যাদিপৃথক্করণ, মলন। ধান্যাদিমর্দ্দনস্থানাৎ মনু ১১.১৭, কুল্লুক। ৯ [+অন-ধি] পেষণাধার, খল। "যব°। —র্দ্দনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] চূর্ণনীয়, পেষণীয়। —র্দ্দিত বিণ [√মর্দ্দি+ত (ক্ত)-র্ম্ম] ১ চূর্ণীকৃত, নিষ্পিষ্ট। ২ গ্রন্থিত (শ ক)। ৩ বিদলিত। "কপর্দ্দ° ভা চ ১৬৮। —র্দ্দিতব্য বিণ [√মৃদ্+তব্য -র্ম্ম] ১ মর্দ্দনীয়। ২ পীড়নীয়, উৎসাদনীয়। "শিলয়া নগরং বাপি মর্দ্দিতব্যম্ মহা ৩ ১৫১ ১০। —র্দ্দী (-র্দ্দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্দ্দিনী] সর্থ 'মর্দ্দ' বিণ। "রিপু°। মহিষমর্দ্দিনী—হু ৯০। ২ চূর্ণয়িতা, খণ্ডয়িতা। "লোষ্ট° মনু ৪ ৭১।

মর্দ্দ[২] বি [ফা মর্‌দ্] ১ পুরুষ। "মেয়ে রাজা মর্দ্দের মর্যাদা নাহি রাখে শ্রী.মা ৯১। মর্দ্দের মর্দ্দনে মেয়ে টেকে কতক্ষণ শি ১০৫,-৬। ২ বীর, সাহসিক। ৩ বলবান্ ব্যক্তি। "ছয় বেহারা,—মর্দ্দ তারা কু কে ৩১। ৪ স্বামী। "পল্লীগ্রামে মেয়ে মর্দ্দে খেতে খাটেন পা প্র ১৫৯। —র্দ্দানা[২], -নি, -নী বি [দ্র 'মরদ'] বীরত্ব, পৌরুষ। "মর্দ্দানা আমার ছিল ছুটে গেলাম রাত্রে শ্রী.মা ৯১। যাও যাও ওহে কান্ত। ঘরে এসে মর্দ্দানী।—দা ২০৫৫। কাটিলে গর্দানী, কোথায় মর্দ্দানী।—মদ ৯। °নি বা.দ ২৩৫। ভাবি ত মর্দ্দানি।—হেম ৩৮৭। কর সারা দিন, মর্দ্দানি।—ম ১১২৫। [মর্দ্দানা কস্ত—পুরুষোচিত ব্যায়াম। "আ ছু ৬৫।]

মর্দ্দ[৩] সর্ম্ম [সং √মৃদ্—মর্দ্দন > মর্দ্দ, হি, ঠ √মর্দ] পীড়ন করা, বিনাশ করা। "মোর সৈন্য মর্দ্দিবার কেবা শক্তি ধরে অ.প ৭০। মহিষে মর্দ্দিয়ে দশভুজ।—হু ৯০।

মর্দ্দক, -র্দ্দন দ্র 'মর্দ্দ[১]'।

মর্দ্দনিয়া বি [°ন+ইয়া[২], অপ্র] যে ভৃত্য তৈলাভ্যঙ্গ করে বা তেল মাখায়। "মর্দ্দনিযা এক রাণ করিতে মর্দ্দন চৈ চ ৩২২।

মর্দ্দনীয় দ্র 'মর্দ্দ[১]'।

মর্দ্দল পুং [মর্দ+ √লা+অ (ক)-ক (অ টী)] ১ বাদ্যবিশেষ, মাদল। দ্র 'মৃদঙ্গ'। "মহা ৮ ৪৪ ১৯। শ্রী মা ১৭৭। মর্দ্দল মৃদবর্দ্ধনরব ন প ১৫১। ২ মর্দ্দলধ্বনি। "অণনিশন্মর্দ্দলঃ (ঘনাগমঃ)।—ঋতু ২ ১। [°মণ্ডল (ক্লী)—মর্দ্দলসমূহ। "°ধ্বনি মাঘ ৬ ৩১।]

মর্দ্দানা[১] দ 'মরদানা'।

মর্দ্দানা[২], মর্দ্দানি, -নী ; মর্দ্দিত, -তব্য ; -র্দ্দী দ্র 'মর্দ্দ[২], মর্দ্দ[১]'।

মর্ম্ম (-র্ম্মন্) ক্লী [√মৃ+মন্ (মনিন্)-ধি, উ ৪ ১৪৪, সমাসে 'মর্ম্মন' > মর্ম্ম (পূর্ব্বপদ) –মর্ম্মগ, মর্ম্মচ্ছিদ্] ১ প্রাণস্থান (অ টী), জীবস্থান, মর্ম্মস্থান (সায়ণ)। 'ঋগ্বেদ ১ ৬১ ৬। মর্ম্মণ্যভিহত্তে ময়ি রা ২ ৬১ ০৯। আয়ুর্মর্ম্মাণি বক্ষতি।—হি ২ ১৪। ভ ৩ ৪ ১। উ.চ ৩ ৩৫। স্বহৃদয়° গী গো ৪৩। হানে নারীমৃগী-মর্ম্ম চৈ চ ৩০৪। [দেহে শত, মতান্তরে সপ্তোত্তর শত (১০৭) মর্ম্ম আছে। 'মর্ম্মশতম্ বিষ্ণু ৯৬ ৮৬। সপ্তোত্তরং মর্ম্মশতম্ যাজ্ঞ ৩ ১০২।] ২ সন্ধিস্থান। ৩ তত্ত্ব, রহস্য। 'ধর্ম্মাগমমর্ম্মপারগ।—নৈ ২ ৯। ৪ হৃদয়, বক্ষঃস্থল। 'বাণ উদ্ধৃতো মর্ম্মতঃ রা ২ ৬৪ ১৭। ৫ রন্ধ্র, ছিদ্র (vulnerable point)। ৬ গূঢ়ার্থ, প্রচ্ছন্নাভিধেয়। "কাব্যমর্ম্মপ্রকাশিকা টীকা।—নাগেশভট্ট। মর্ম্ম শ্রী ২৫৬। ৭ দুশ্চরিত (মিতাক্ষরা)। "ন কঞ্চিন্ মর্ম্মণি স্পৃশেৎ যাজ্ঞ ১ ১৫৩। ৮ (বাঙলায়) হৃদয়ভূত, প্রাণস্বরূপ। "অধ্যক্ষ প্রভুর মর্ম্ম দুইজন চৈ চ ৪৪, (স্বরূপ দামোদর) প্রভুর অত্যন্ত মর্ম্ম ১৩৫। ৯ নিভৃতদেশ, একান্ত। 'দুই চোর চলি যায় নিজ মর্ম্মস্থানে চৈ.ভা ৩২। ১০ গূঢ় বিষয়, গোড়ার কথা। "বর্ণহীন হও তুম্বি মীনোদরে জন্ম। আপনে না জান কেনে আপনার মর্ম্ম॥—ম.পা ৭। [°গ (বিণ)—মর্ম্মস্পৃক্, নিদারুণ। °ঘাত (পুং)—মর্ম্মপীড়ন। °ঘাতী (-তিন্), °ঘ্ন বিণ—হৃদয়স্পৃক্, সাংঘাতিক। °ত্র (ক্লী)—'মর্ম্ম-রক্ষক', বর্ম্ম। °পারগ (বিণ)—রহস্যপারগত, সম্যক্তত্ত্ববিৎ। দ্র '(৩)। °পীড়া, °ব্যথা (স্ত্রী)—হৃদয়বেদনা, অন্তরব্যথা। °বিৎ (দ্), °বেদী (-দিন্) বিণ—রহস্যজ্ঞ, মর্ম্মজ্ঞ। °বিদারণ (বিণ) —হৃদয়বিদারক, মর্ম্মঘাতক। "শক্র° (খড়্গ—S W)। °বেধী (-ধিন্) বিণ—সর্থ 'মর্ম্মবিদারণ'। °স্থল, °স্থান (ক্লী)—জীবিতস্থান, মর্ম্ম। "মর্ম্মস্থানে দংশন করিনু ব প ৭৯৩। °স্পৃক্ (-শ্) বিণ—অরুন্তুদ, মর্ম্মপীড়ক, নিদারুণ, কঠোর। °হা (-হন্) বিণ—মর্ম্মঘাতক, নিদারুণ।

মর্ম্মচ্ছিৎ (-দ্) বিণ [মর্ম্মন্+ √ছিদ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত] ১ মর্ম্মচ্ছেদক, হৃদয়বিদারক। "বাগসিস্তীক্ষ্ণো মর্ম্মচ্ছিৎ (S.W.)। ২ মর্ম্মস্পর্শী, সাংঘাতিক। —চ্ছেদ পুং [ষ ত] মর্ম্মভেদ, হৃদয়বেধন। "°পরৈর্বচোভিঃ উ চ ৩ ৪৬। —চ্ছেদী (-দিন্) বিণ [+ইন (ণিনি)-ক -১ব, উ.ত] সর্থ 'মর্ম্মচ্ছিৎ (১)। "প্রহরতি বিধিমর্ম্মচ্ছেদী উ.চ ৩.৬২।

মর্ম্মচ্ছেদ, -চ্ছেদী দ্র 'মর্ম্মচ্ছিৎ'।

মর্ম্মজ্ঞ বিণ [মর্ম্মন্+ √জ্ঞা+অ (ক) ; উ.ত] ১ রহস্যবিৎ, তত্ত্বজ্ঞ। অনেনাশীতিজেন ময়াং মর্ম্মজ্ঞাঃ পরিভূতাঃ।—হি ৩১/৮। ইতিহাসের মর্ম্মজ্ঞ।—কাদ ২। ২ মর্ম্মস্থানবিৎ। (সঃ) রাক্ষসস্য স্তনাভ্যাসে মর্ম্মজ্ঞো হৃদয়ং প্রতি (মুষ্টিমপাতয়ৎ) গো.রা ৬.৭৮.২২। ৩ মন্ত্রবিৎ। "পঞ্চ ১.২৭১। —জ্ঞ পুং প্রাজ্ঞ, পণ্ডিত।

মর্ম্মভেদ পুং [ষ ত] ১ সর্থ 'মর্ম্মচ্ছেদ'। ২ রহস্যভেদ, গুহ্যপ্রকাশ। —ভেদন পুং [ষ ত] 'মর্ম্মভেদক', শর। —ভেদী (-দিন্) বিণ [মর্ম্মন্ + √ভিদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] মর্ম্মভেদনশীল, হৃদয়বেধক, মর্ম্মচ্ছিৎ। "বাণৈঃ…মর্ম্মভেদিভিঃ গো রা ৩ ৩১ ২৮। মর্ম্মভেদিকর্ম্মে প.ভূ ৩৭।

মর্ম্মভেদন, মর্ম্মভেদী দ্র 'মর্ম্মভেদ'।

মর্ম্মর১ বিণ [°র+অ (অচ্) অস্ত্যর্থে] ১ মর্ম্মরধ্বনিযুক্ত, মর্ম্মরশব্দবান্। "মর্ম্মরীভূতাঃ (কীচকধ্বনিহেতবঃ) রঘু ৪ ৭৩। °পত্রমোক্ষাঃ কু স ৩ ৩১। ২ মর্ম্মরায়মাণ। "মর্ম্মরঃ (পাঠান্তর)…রাজতালীবনধ্বনিঃ রঘু ৪.৫৬। —র্ম্মর পুং [মর্ম্মন্+ √রা+অ (ক)-ক, (অ টী), উ ত, ধ্বন্যাত্মক, cf, Gr mormurein—to rush and roar as water, L murmurare, F murmurer, E murmur] ১ পর্ণধ্বনি (অ.কো), পত্রশব্দ। "তালীবনমর্ম্মরেষু (অম্বুরাশেস্তীরেষু) রঘু ৬ ৪৭। পাতাকুলের মর্ম্মরে।—মা ১৪৮। তরু° স স্ব ৮। মর্ম্মর তানে চ কা ৩২৪। শুনি মর্ম্মর পল্লবপুঞ্জ।—গান ১৭৫। °ভাষে কু কে ৪, পর্ণরাশি-মর্ম্মরমঞ্জীর ১১। বৃক্ষপল্লবের প্রবল মর্ম্মরশব্দ ব প্র ৩৯। বকুলপত্রমালায় °শব্দ ব দ্বি ২৮। ২ বস্ত্রধ্বনি, অর্থাৎ কাপড়ের মড়মড় শব্দ (অ কো)। —র্ম্মরী পীতদারু।

মর্ম্মর২ বি [Gr marmaros, L marmor, E marble, ফা মরমর্ (গ্রীকমূলক)] মার্ব্বেল পাথর। "মর্ম্মরের বিশাল বৃষ ব প ১৫১৭। মর্ম্মরপ্রস্তরসকল কে হর্ম্ম্যতল হইতে খুলিয়া তুলিয়া লইয়া গিয়াছে ব প্র ৩৩৪।

মর্ম্মর৩ অশ্ম [মর্ম্মর১ > °র, পদ্যে, স° √মর্ম্মরায়] মর্ম্মর শব্দ করা। "মর্ম্মরিছে পাতা।—মে ৩৫, নড়িছে বিষাদে, মর্ম্মরিয়া পাতাকুল ১১২। —র সর্ম্ম ১ মর্ম্মর শব্দে উচ্চারণ করা। "অরণ্য উঠায়ে লক্ষশাখা, মর্ম্মরিছে মহামন্ত্র।—কা ৪৩। ২ মর্ম্মর (মড়মড়)-শব্দে ধ্বনিত করা। "অন্ধ কারাগার, -হিল্লোলিয়া মর্ম্মরিয়া,—চলে' যাই সমস্ত ভূলোকে চ.কা ১৩৬। ৩ [Cf, E. murmur] মৃদুস্বরে কানের কাছে বলা। "গান তা' শুনি' কর্ণমূলে, মর্ম্মরিয়া কহে,—নহে নহে নহে চ.কা ৩২৭।

মর্ম্মরিত বিং [মর্ম্মর+ইত (ইতচ)] মর্ম্মরশব্দযুক্ত। "মর্ম্মরিত, ধরণীর বনভূমি।—কা ৬৩। মর্ম্মরিত পাতায় পাতায় প কা ৩৭। মর্ম্মরিত কূজনে গুঞ্জনে চ কা ৩৮৯।

মর্ম্মরী দ্র 'মর্ম্মর'।

মর্ম্মাতিগ বিণ [মর্ম্মন্+অতি- √গম্+অ (ড)-ক, উ.ত] 'মর্ম্মাতি-গামী', মর্ম্মভেদী, হৃদয়বেধক। "°গৈঃ শরৈঃ গো রা ৪ ৮ ২। °গং শোকম্ মহা ১৩ ২৪ ১০। °গৈঃ…বাক্সায়কৈঃ মাঘ ২০.৭৭।

মর্ম্মান্তিক বিং মর্ম্মান্তসম্বন্ধী, মর্ম্মভেদী, হৃদয়বিদারক। "মর্ম্মান্তিক মহান্ নিশ্বাস্।—কা ৪৫; °ক এই মিথ্যা বাক্যশেল।—৫২। °ক মনঃ-পীড়া ব প্র ৪১২। °ক যাতনা ন ত ৮২। —ন্তিক ক্রি.বিং হৃদয়গতভাবে, আন্তরিক। "যদি পৃথিবীতে এমন কেহ থাকে, যে তোমাকে মর্ম্মান্তিক ভালবাসে, তবে তাহাকে স্বপ্নে দেখাইতে পারি ব.প্র ২৩২।

মর্ম্মাবরণ ক্লী [ষ.ত] 'মর্ম্মাচ্ছাদন', মর্ম্মত্র, বর্ম্ম। মর্ম্মাবরণভেদিভিঃ (শরৈঃ) মহা ৬ ১১৯.১০।

মর্ম্মাবিৎ (-ধ্) বিণ [মর্ম্মন্+ √ব্যধ্+ক্বিপ্ (০)-ক-১ব ; পূর্ব্ব-পদ দীর্ঘ ; উ.ত ; স্ত্রী -ৎ] মর্ম্মবেধক। "°বিদ্ রাজঃ ভট্টি ৫.২২।

মর্ম্মাহত বিং মর্ম্মে আঘাতপ্রাপ্ত ; মর্ম্মপীড়িত।

মর্ম্মিক বিণ [মর্ম্মন্+ইক (ঠন্)] মর্ম্মবিৎ, তত্ত্বজ্ঞ।

মর্য্যাদা স্ত্রী [মরি-আ+ √দা+অ (অঙ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্), পূর্বো, 'মর্য্যাদা—ব্যবস্থা (ঋগ্বেদ ৪ ৫.১৯ ; ১০.৫.৬)] ১ ন্যায়পথ-স্থিতি, ধারণা, স্থিতি। "লোকস্য মর্য্যাদা সুব্যবস্থিতা মহা ৩ ১৫১.৪৯। ২ সীমা, অবধি। "মর্য্যাদাভেদকঃ মনু ৯.২৯১। যাজ্ঞ ২ ১৫৮। ৩ ক্ষেত্রসীমা, আলি। "মর্য্যাদায়াঃ প্রভেদে যাজ্ঞ ২ ১৯৮। ৪ বেলা, কূল। "সরিতাং চ পতিঃ সত্যাং মর্য্যাদাং স্থাপিতঃ পুরা গো.রা ২.১১.৫। ৫ সীমাচিহ্ন। "°গিরি। ৬ সদাচারক্রম। "আঃ তাতাপবাদভিন্ন-মর্য্যাদ।—উ চ ৫৩/৪। পঞ্চ ১.১৫৩। ৭ বিধি। "অত্র প্রভৃতি মর্য্যাদা ময়া লোকে প্রতিষ্ঠিতা মহা ১ ১০৪.৩৪। ৮ নিয়ম, ব্যবস্থা। "(বভূব সচরাচরম্) জগৎ সর্ব্বমর্য্যাদম্ গো রা ৩ ৫৮.১৬। দরশন-লোভেতে কবি মর্য্যাদা লঙ্ঘন। ভোগমণ্ডপে যাঞা করে শ্রীমুখদর্শন॥—চৈ.চ ১৫৩, এই ত মর্য্যাদা প্রভু করিয়াছে আপনে ২৮৬। ৯ প্রচলিতব্যবহার। "তাদৃশ° ত্বমমর্য্যাদমত্য কর্ম্ম করিষ্যসি রা ২.৩৫.১১,-৩, ৪৯.৫। ১০ (ব্যাকরণে) অবধিভূত পরিত্যাগপূর্ব্বক অন্বয়। "পা ২.১.১৩। ১১ (বাঙলায়) গৌরব, সম্মান। "মর্যাদা না ভাঙ্গিহ মর্য্যাদামন্ত জনে কৃ.অ ৩০। মর্য্যাদায় মহোদধি।—ম ৭০১। দুষ্ট মর্য্যাদা লঙ্ঘিল।—চৈ ২০৪। মনুষ্য-মর্য্যাদাগর্ব্ব স.স্ব ৭০। [°অচল, °গিরি, °পর্ব্বত (পুং) সীমাচিহ্নভূত পর্ব্বত। "°গিরি ভ ৫.১৬৮। °ভেদক (পুং)—গ্রাম-নগরাদিসীমাবিনাশক। "মনু ৯.২৯১।]

মর্য্যাদাতিক্রম পুং [ষ ত] মর্য্যাদালঙ্ঘন, সীমাতিক্রম।

মর্য্যাদামন্ত বিং [°দা+মন্ত অসাধু] গৌরববান্। "কৃ.অ ৩০।

মর্য্যাদী (-দিন্) বিণ [দা+ইন্ (ইনি)-১ব] সীমাবান্। "সমুদ্র ইব মর্য্যাদী (S W.)।

মর্শ পুং [√মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ স্পর্শ। ২ প্রণিধান, পরামর্শ, চিন্তা। —র্শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'মর্শ (১)। ২ মীমাংসা। "তপস্বাধ্যায়মর্শন ভ ৩.৩২ ৩৪।

মর্শন দ্র মর্শ'।

মর্ষ পুং [√মৃষ্+অ (ঘঞ্)-ভা] সহন, ক্ষমা। —র্ষণ বিণ [+অ (ল্যুট্)-ক] ১ ক্ষম। "অমর্ষণ রা ২.২৬.৮। ২ নাশন। 'ঈশচেষ্টিতম্ …অঘৌঘমর্ষণম্ ভ ৪.৭ ৬১। —র্ষণ ক্লী [+অন-ভা] সহন, ক্ষমা। "ধর্ষণামর্ষণ গো রা ৪ ১৫.৩। —র্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] সহনীয়। "মর্ষণীয়ং চ তস্য চেষ্টিতম্ গো রা ৫.৬৩ ২৬। মহা ৭.২. ১৯।—র্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, পা ১.২.২০] তিতিক্ষিত, সোঢ়। —র্ষী (-র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্ষিণী] ক্ষমী, সোঢা। "অত্যমর্ষী ভীম ভ ৩.১.১৭।

মর্ষণ, মর্ষণীয়, মর্ষিত, মর্ষা দ্র 'মর্ষ'।

মরসুম বি [আ মউসিম্] ১ উপযুক্ত সময়, অনুকূল কাল। "(আড়ত) এই শীতের মরসুমটা দেখে তুলে দেবেন অ.প্র ৮১। ২ সুযোগ। [মরসুমের মুখ—মরসুমের আরম্ভ।]

মল্ সক [ভ্বা, ও—মলতে ; সেট্] ধারণ।

মল১ বিণ [মল+অ (অচ্) অস্ত্যর্থে] ১ মলবান্, মলিন। ২ নীচ। ৩ দুষ্ট। ৪ দেবাদিপূজায় অশ্রদ্ধ (অ.চি)। —ল পুং, ক্লী [√মল্ +অ (অচ্)-ক ; হি, ঠ মৈল ; ড়, মলি. ; cf. Gr. melas ; L. malus] ১ 'দুর্গন্ধকারক', বিষ্ঠা। ২ বসাশুক্রাদি দেহমল। 'বসা শুক্রমসৃঙ্মজ্জা মূত্রং বিট্ ঘ্রাণকর্ণবিট্। শ্লেষ্মাশ্রু দূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ॥—মনু ৫.১৩৫। "স্বিন্নঃ স্নাত্বা মলাদিব।—অথর্ব্ববেদ ৬.১১৫. ৩। দেহাচ্চৈব মলাশ্চ্যুতাঃ মনু ৫.১৩২। মলবাহিনা (কায়েন)।—হি ১.৪৯। ৩ রেণু, রজঃ, ধূলি। "°পঙ্কানুলিপ্তাঙ্গী মহা ৩.৬৮.১৩। কোটে

কি কমল কভু সমল সলিলে ?—মে ১১২। ৪ লৌহাদিকিট্ট, শ্যামিকা, খাদ। ৫ অসারভাগ। "সুবর্ণস্য মলং রূপ্যং রূপ্যস্যাপি মলং ত্রপু মহা ৫ ৩৯.৮১। ৬ আগন্তুক মালিন্য। "যথাদর্শো মলেন (আব্রিয়তে) গী ৩ ৩৮। মলোপহতপ্রসাদে…দর্পণতলে শ ৭ ৩২। ৭ বিশুদ্ধিনাশক বা দোষনাশক দ্রব্যমাত্র। "ব্রাহ্মণস্যাব্রতং মলম্ মহা ৫ ৩৯ ৭৯, কৌতূহল-মলা সাধ্বী বিপ্রবাসমলাঃ স্ত্রিয়ঃ ৮০। ৮ কলঙ্ক। ৯ শ্লেষ্মাদিবৎ ঘৃণার্হদ্রব্য। 'অন্নং শস্ত্রবিক্রয়িণো মলম্ মনু ৪ ২২০। ১০ পাপ। 'পাপ্মা চ মলমুচ্যতে মনু ১১ ৯৪। 'মনু ২ ১০২। ১১ যৌবনোদ্ভব পিটিকা (সুশ্রুত)। ১২ কর্পূর (শ ক)। ১৩ বাতপিত্তকফ। "রোগাণাং নিদানং কুপিতা মলাঃ। -মাধবকর। ১৪ সমুদ্রফেন (A)। —ল ক্লী তাম্রাদি ধাতু (A)। [°কর্ষণ (বিণ)—মলাপহারক (স্নান)। °ঘ্ন (বিণ) মলনাশক, পঙ্কাদিনিঃসারক। °জ (ক্লী)—'মলজাত, পুষ। °দিগ্ধ (বিণ)– মললিপ্ত (অঙ্গ)। °দূষিত (বিণ)—মলিন (অ কো)। °দ্রাবী (বিন্)—মলনিঃসারক, বিরেচক। °দ্বার বি —গুহ্যদেশ। °ধাত্রী (স্ত্রী) –শিশুর মলাদিপরিষ্কারার্থ ধাত্রী। °পঙ্কী (-ঙ্কিন্) বিণ– মলপঙ্কযুক্ত, মলিন, সংস্কারহীন। °পঙ্কিণী মহা ৩ ৭৬ ৯, ১২৩৮। °পৃষ্ঠ (ক্লী)– পুস্তকের বহিরাবরণ, মলাট। °বাহী (-হিন্) বিণ—বসাশুক্রাদিদেহমলধাবক। "হি ১ ৪৯। °বিশোধন (বিণ)—মলশুদ্ধিকারক। °বিষ্টম্ভ (পুং)—মলাবরোধ। °বিসর্গ (পুং), °বিসর্জ্জন (ক্লী), °শুদ্ধি (স্ত্রী)—মলত্যাগ। °বেগ (পুং)—মল-ত্যাগেচ্ছা। °ভেদিনী (স্ত্রী)—কটুকা। °মথন (বিং)—পাপনাশক। 'কলি' ভা চ ৩১৪। °স্রুতি (স্ত্রী)—মলনিঃসরণ। °হারক (বিণ) —১ মলনাশক। ২ পুরীষাদিনিষ্কাশক, মেথর। শু ২ ১৯৯। ৩ পাপ-হারী। "সমগ্রমলহারকম্ মনু ৮ ৩০৮।]

মল[২] বি [সং 'মণ্ড'—মূল (?), তু 'মল্ল'] বলয়াকার রৌপ্যপাদভূষণ-বিশেষ। "পায়ে গোটা মল শ্রী ৪০। ম ম ১১৪।

মল[৩] সর্ম্ম [সং √মৃদ্ > প্রা √মল (হে ৪ ১২৬), হি, মৈ, সি √মল, প, ঠ, গু √মল] ১ মর্দ্দন করা, ডলা। 'কান মলা। তেল জল কুঁথে মলে শ্রী ৪২। ২ ধান্যাদি মর্দ্দনপূর্ব্বক পৃথক্ করা। "ধান মলা। ৩ মাখান। "ঘৃতে মলিযা ভাত গো চ ১৪৩। ৪ ঘষা। 'ঘোড়ার গা মলা। [মলা[২]—১ সর্থ 'মল[৩]। ২ মর্দ্দিত, দলিত।]

মলন[১] পুং [√মল্+অন (ল্যুট্)-ক] 'বৃষ্টিতাপধারক', পটবাস, তাঁবু। —লন পুং, ক্লী [+অন-র্ম্ম] কর্দ্দম (মেদিনী)।

মলন[২] বি [মল[৩]+অন] মর্দ্দন (শ ক, SW, MW, A), মাড়ান, ডলা, ঘসা। 'দলন মলনটারবাড়াবাড়ি অতি।—রবীন্দ্র।

মলনা বি [ফা মর্‌লানা, অপ্র] মুসলমান পণ্ডিতের সম্মানসূচক উপাধি, মুসলমান পণ্ডিত, মৌলবী। 'পুরন্দর হইল মলনা শূ ১৪১।

মলম বি [ফা মর্‌হম্, তু 'সং মলন'—কর্দ্দম] তৈলাদিঘটিত প্রলেপ (ointment)। "হেম ৬৮৪।

মলমল বি [হি, ঠ, গু মলমল, 'সং মর্ম্মর'—বস্ত্রধ্বনি] সূক্ষ্ম বস্ত্রবিশেষ (muslin)। দা ২৪৬, মলমলের থান ৫৫১। মলমলের ধুতি ব প্র ১৯৭, ঢাকাই মলমল ৩৭১। খেঁসারির ডাল যেন বাঁধা মলমলে বি.বু ১৪।

মলমাস পুং [কর্ম্মধা] দুষ্ট বা মলিন মাস, অমাবস্যাদ্বয়যুক্ত ও রবি-সংক্রান্তিশূন্য চান্দ্র মাস, অধিমাস। 'অমাবস্যাদ্বয়ং যত্র রবিসংক্রান্তি-বর্জ্জিতম্। মলমাসঃ স বিজ্ঞেয়ঃ ॥ [দিন রাত্রির মান ৬০ দণ্ড, কিন্তু তিথির মান ৫৮ দণ্ড, এই হেতু এক চান্দ্রমাসে ৩১ তিথি হয়। এই হিসাবে চান্দ্রবর্ষে সৌরবর্ষ অপেক্ষা ১২ দিন অধিক হয় এবং ২॥ চান্দ্র-বর্ষে এক মাস অধিক হয়। ইহাই চান্দ্র 'অধিকমাস, অধিমাস বা মলমাস'।]

মলম্মা বিং [আ মলম্‌মা', অপ্র] স্বর্ণপত্রমণ্ডিত, গিল্টি-করা। "মলম্মা অম্বরে তাম্র এত শোভা যদি ধরে, দেখি, ভাবি দেখ বিশুদ্ধকাঞ্চন-কান্তি কত মনোহর।—মে ৬১।

মলয় পুং [√মল্+অয় (কয়ন্)-ক, উ ৪ ৯৯, তা, মলয়লম্—'মলৈ' —গিরি (HB 62)] ১ 'চন্দনধারক', চন্দনাদ্রি, দক্ষিণাচল। "মলয়ং দর্দ্দুরং চৈব…অনিলঃ (উপস্পৃশ্য ববৌ) রা ২ ৯১ ২৪। শৈলৌ মলয়দর্দ্দুরৌ রঘু ৪ ৫১ [ইহা পশ্চিমঘাটপর্ব্বত. দাক্ষিণাত্যে মলবার উপকূলে অবস্থিত। ইহা সপ্ত কুলাচলের একতম।] ২ মলবারদেশ। ৩ নন্দনবন। ৪ উপবন। ৫ শৈলাঙ্গ, শৈলাংশদেশ। —য়া স্ত্রী ত্রিবৃতা, তেউড়ি। [°গিরি, °ভূভৃৎ (পুং)—মলয়পর্ব্বত। "°ভূৎ ক সা ৬৮ ৬৮। °দ্রুম, °রুহ (পুং)—মলয়জাত বৃক্ষ, চন্দনতরু। °বাত, °মরুৎ, °সমীর (পুং)—মলয় হইতে প্রবাহিত বায়ু, মলয়পবন। "°র গী গো ১ ২৮। °বাসিনী (স্ত্রী)—দুর্গা।]

মলয়জ বিণ [°য়+√জন্+অ (ড)-ক, উ ত] মলয়জাত। "°জ চন্দন আন চৈ চ ৯২। —য়জ পুং চন্দনবৃক্ষ। "বৃক্ষৈর্মলয়জৈঃ মহা ১. ২৭৬। —য়জ পুং, ক্লী ১ চন্দনকাষ্ঠ। 'বৃহৎসংহিতা ৫১ ১৯। মলয়জ আন চৈ চ ৯২। ২ (বাঙ্‌লায়) চন্দনপঙ্ক। 'অর্দ্ধ মলয়জ অর্দ্ধ ভস্ম কলেবর।—ম ১৭, ১৩৫, শুভ্র °জে লিপ্ত (অঙ্গ) ১৮৯, ভূষণ মলয়জ ১২২৩। [°পঙ্ক (বি)—চন্দনপঙ্ক, চন্দনরস। "অঙ্গে ভসম নহে, মলয়জপঙ্ক বি প ১৫৭। ক চ ১১২। প তৃ ৭৪। °রজঃ (-জস্) ক্লী চন্দনরেণু, শুষ্কচন্দনপঙ্ক। "°জো নেদং ভস্ম গী গো ৩ ১১। °রস (পুং) —চন্দনদ্রব, চন্দনপঙ্ক। °সার (বি)—চন্দনসার, সারচন্দন। "চৈ চ ৯৪।]

মলয়া দ্র 'মলয়'।

মলয়াচল, -য়াদ্রি পুং [কর্ম্মধা] মলয়পর্ব্বত। "°'দ্রেরুপত্যকাঃ (অধ্যাসিতাঃ) রঘু ৪ ৪৬। মলয়াচল ক সা ২২ ৪৫।

মলয়ানিল পুং [ষ ত] মলয়বায়ু। "ক সা ৫৫ ১০৯।

মলয়াপবন, -য়াবাত, -য়াবায়ু বি [অপ্র, তু 'হি মলয়া-গিরি] মলয়বায়ু। "°বাত শ্রী.কী ৩৩৫। °বায়ু বা ম ২৮। °পবন ভ.গ্র ৪৬৮, ম ম ২১৭।

মলয়োদ্ভব ক্লী [বহুব্রী] মলয় যাহার উৎপত্তিস্থান, চন্দন।

মলা[১] বি [মল[১] > °লা, দ্র 'আ[১৩]] ১ মল, ধূলি। "অঙ্গ° চৈ চ ৯১। ২ বিষাদ, দুঃখ। "পরবাসে পরবশ, সদা চিত্তে মলা।—হেম ১৪১। ৩ পাপ। "কাহারও মনে কিছু মলা নাই ব প্র ৪৭৫।

মলা[২] দ্র 'মল[৩]।

মলাট বি [মলপট্ট > প্রা মলঅট্ট > মলট্ট > °ট] পুস্তকের মলধারক বহিরাবরণ (cover)। "রেশমী মলাটে অ গু ৩।

মলাপকর্ষণ ক্লী [ষ ত] মলাপনয়ন, মলশোধন।

মলাপহ বিণ [মল+অপ+√হন্+অ (ড)-ক, উ.ত] মলাপহারক, মলনাশক।

মলাবহ বিণ [মলের আবহ ষ ত] মালিন্যজনক, মলিনীকারক, পাপ-জনক। "মনু ১১ ৭১।

মলাশয় পুং [ষ ত] মলাধার, বৃহদন্ত্র (শার্ঙ্গধর)।

মলি বি [মল+ই[১১]] ১ গাত্রমল। "পিঠালি মাথায়ে কেহ অঙ্গে তুলে মলি।—কৃ ৩৬৫। (মায়ের) গাএ পড়্যাছে মলি ব প ৫০২। জয়া বিজয়া মিলি, গৌরীর তুলিল মলি, কুঙ্কুম চন্দন দিয়া অঙ্গে ক চ ২৭। ২ বস্ত্রমল। "পিন্ধন বসন জীর্ণ ঢাকিয়াছে মলি।—ম ১৯৪। পরিধান-বস্ত্রে তোর না পড়িল মলি ম.ভা ৪০।

মলিদা বি [ফা মলীদহ্, হি মলীদা] অতিকোমল পশমী শীতবস্ত্রবিশেষ। [বোনার পরে ইহা মর্দ্দিত করিয়া ঘন ও কোমল করে, সুতরাং 'মৃদিত' শব্দের প্রাকৃত 'মলিঅ, -য়' শব্দের সহিত ইহার মূলত সম্বন্ধ আছে।]

মলিন বিণ [মল+ইন (ইনচ্) অত্যর্থে (অ টী) ; উ ২ ৪৯] ১ মলযুক্ত, মলদূষিত, ময়লা। "°বসনে উ.মে ২৫। ২ ধূসর, ধুলিময়। ধন্তাস্তনন্নরজসা মলিনীভবন্তি শ ৭ ১৭। ৩ পঙ্কিল আবিল। ৪ অসিত, কৃষ্ণ। "মলিনমপি হিমাংশোর্লক্ষ্ম লক্ষ্মীং তনোতি শ ১ ১৮। নাগযূথমলিনানি· ·তমাংসি মাঘ ৯ ১৮। তমালপত্রমলিন (মৃ)। কাজলমলিন কুচকুঙ্কুম পাখালে রা প ৮। শ্রী ১১৯। ৫ কলঙ্কিত, দূষিত। "কিমিতি মুধা মলিনং যশঃ কুরুধ্বম্।—বে ৩ ৫। ৬ মোহগত, জড়, বিবেকহীন। "প্রায়ঃ সমাপন্নবিপত্তিকালে ধিয়োঽপি পুংসাং মলিনা ভবন্তি।—হি ১ ২৭। ৭ নিকৃষ্ট। "লঘবঃ প্রকটীভবন্তি মলিনাশ্রয়তঃ মাঘ ৯ ২৩। ৮ মলচ্ছন্ন, অস্বচ্ছ। 'মলিনদর্পণ। ৯ মেঘাচ্ছন্ন। ১০ কলুষিত, দূষিত। "তাহাবে মলিন কৈল এক 'রাজ'-নাম চৈ চ ১৪৬। বিষয়ীর অন্নে মন মলিন করয়ে ভ গ্র ২৫০। নির্ম্মলাজ্রিঘ্র না হবে মলিন ম পা ১০৮। ১১ অমার্জ্জিত, অশোধিত, অসংস্কৃত। ১২ অপকৃষ্ট, হেয়। কঃ করোতি শিরঃপ্রণামমলিনং মানম্ (S W)। ১৩ কান্তিহীন, ম্লান। "দীর্ঘাধ্ব° ক সা ১০ ১৬৬। যথা কমলিনী মলিনী যামিনীযোগে বা দ ৯৬। ১৪ নিত্যনৈমিত্তিকক্রিয়াত্যাগী (শ ক)। —লিন ক্লী ১ পাপ। ২ তক্র। ৩ টঙ্কণ। ৪ (বাঙলায) মালিন্য, মল, কলঙ্ক। 'চাঁদের গায়ে মলিন আছে, বাছাব গাযে নাই শি ২৬। —লিনা -নী² রজস্বলা। [°প্রভ (বিণ)—নিষ্প্রভ, হীনকান্তি। °মুখ (বিণ) -কুৰ, খল।]

মলিনতা স্ত্রী, -নত্ব ক্লী [°ন+তা (তল),+ত্ব] ১ মলিনভাব কৃষ্ণত্ব। অঙ্গারঃ শতধা ধৌতো মলিনত্বং ন মুঞ্চতি। দ্রাগ্ধ ধুলে অঙ্গার না ছাড়ে মলিনতা শ্রী ২৪৪। ২ পঙ্কিলতা।

মলিনা দ্র 'মলিন'।

মলিনিত বিণ [√মলিনি+ত (ক্ত)-কর্ম] মলিনীকৃত।

মলিনিমা (-মন্) পুং [°ন+ইমন (ইমনিচ)-ভাব] ১ মলিনভাব মালিন্য। ২ কৃষ্ণত্ব। 'মাঘ ৬ ৪। ৩ কলুষিতভাব।

মলিনী¹ বিং মলযুক্ত। কমলিনী মলিনী (বাসবদত্তা—মদনমোহন)।

মলিনী² দ্র 'মলিন'।

মলিনীকরণ ক্লী [°ন+চ্বি (০)—°নী+ √কৃ+অন (ল্যুট্)-ভা] ১ সমলতাপাদন, ময়লা করা। ২ [+অন-ক] পাতকবিশেষ। মনু ১১ ১২৬, কুলুক। —করণীয় ক্লী [+অনীয় (অনীয়র)-ক] পাতকবিশেষ। মনু ১১ ১২৬। —কৃত বিণ [+ত (ক্ত)-কর্ম] ১ সমলীকৃত। ২ অসিতীকৃত। নিজচ্ছায়ামলিনীকৃতদিকতট ক সা ৬৬ ২৫।

মলিনীকরণীয় দ্র মালিনীকরণ'।

মলিম্লুচ পুং [মলী ম্লুচ (গামী), সুপসুপা] ১ 'মলিনভাবে গামী', তস্কর। "মাঘ ১৬ ৫২। ২ কৃষ্ণবর্ত্ম, অগ্নি।

মলীমস বিণ [মল+ঈমস (ঈমসচ) অত্যর্থে, নিপাতিত, পা ৫ ২ ১১৪] ১ মলযুক্ত, মলদূষিত। ২ মলিন, তিমিরময়। "তমস্কাণ্ডমলীমসং নভঃ মাঘ ১ ৩৮, ১৭ ৫৭। ৩ মলিন, দূষিত। 'প্রাণৈরুপক্রোশমলীমসৈঃ রঘু ২ ৫৩। অকীর্ত্তি° ক সা ৪৯ ৫৫। ৪ মলিন, অসৎ। 'ঈশ্বরা মলীমসামাদদতে ন পদ্ধতিম্ রঘু ৩ ৪৬।

মলোৎসর্গ পুং [ষ ত] মলবিসর্জ্জন, মলত্যাগ।

মলোপহত বিণ [তৃ ত] মালিন্যতিরোহিত, মলনিরাকৃত। "মলোপহতপ্রসাদে···দর্পণতলে শ ৭ ৩২।

মল্ল্ সক [ভ্বা, ও—মল্লতে, সেট্] ধারণ।

মল্ল¹ বিণ [√মল্ল্+অ (অচ্)-ক]] 'বলধারক', বলবান্, বলী। —ল্ল পুং ১ বাহুযোধী, মাল। "প্রভুর্মল্লো মল্লায় (মহাভাষ্য)। মাটিতে রচিত মল্ল মল্ল সহ খেলে।—রঙ্গ ২২। [দ্র 'মল্লযুদ্ধের পারিভাষিক শব্দ' —মহা ৪ ১৩ ২৭-২৯। ভ ১০ ৪৪ ৪, ৫।] ২ সঙ্কীর্ণজাতিবিশেষ। "মহা ২ ৪ ৭। [ব্রাত্য ক্ষত্রিয় হইতে সবর্ণা স্ত্রীতে ইহাদের উৎপত্তি (মনু ১০ ২২)। পরাশরমতে, ইহাদের পিতা কুন্দকার, মাতা তন্তুধারী।] ৩ বলী, শূর। ৪ অসুরবিশেষ। "ভ ৭ ২.৩৪। ৫ মৎস্যবিশেষ। ৬ পাত্র, আধার। ৭ দেশভেদ। "মহা ৪ ১ ১২। ৮ কপোল। ৯ (বাঙ্লায়) তদ্বিষয়ে পণ্ডিত। '(মহাপ্রভু) সঙ্কীর্ত্তনমল্ল-বেশ চৈ ভা ৪৬৪। —ল্লা² স্ত্রী ১ মল্লিকা। ২ পত্রবল্লীরচনা। তু 'মণ্ড'। [°ক্রীড়া (স্ত্রী)—বাহুযুদ্ধ, কুস্তি। °গুরু (বি)—মল্লবিদ্যাশিক্ষক। 'শ্রী ৫১। °ঘটী (স্ত্রী)—নৃত্যবিশেষ (বিক্র)। °জ (ক্লী)—'মল্লদেশজাত', মরিচ। °তূর্য্য (ক্লী)—মল্লবাদ্যবিশেষ। °নাগ (পুং)—ঐরাবত। °বিদ্যা (বি)—মল্লযুদ্ধ-শাস্ত্র। 'শ্রী ৫১। °বেশ (পুং) —বীরধটী। °ভূ, °ভূমি (স্ত্রী)—মল্লরঙ্গভূমি, মল্লযুদ্ধস্থল। °ভূমি (স্ত্রী)—দেশবিশেষ। °যাত্রা (স্ত্রী)—মল্লের যুদ্ধার্থ যাত্রা। °যুদ্ধ (ক্লী)—বাহুযুদ্ধ, নিযুদ্ধ। "মহা ৭ ১৩৭ ৯৫, টীকা। °রাষ্ট্র (ক্লী)—মল্লদেশ। 'মহা ৬ ৯ ৪৪। °শালা (স্ত্রী)—মল্লরঙ্গভূমি, কুস্তির আখড়া।]

মল্ল² বি সর্থ 'মল²'। 'চৈ ভা ৪৫৮। [°তোর, °তোডল (মল্ল+°ল, তু 'হি তোড়া', মল্লজটোডর' (ব প ৯৬৯)—তোডামল, তোড়া। "মল্লতোর শ্রী কী ৩৮১। মল্লতোডল চ দা ২২।]

মল্লক পুং [√মল্ল্+অক (ণ্বুল্)-ক] ১ 'ধারক', দীপাধার। ২ নারিকেলের কঠিনাবরণজাত পাত্র, মালা। ৩ পাত্র।

মল্লডোর বি মল্লের ব্যবহার্য্য ডোর। "মল্লডোর মণ্ডিত মাথায় বীরটুপি শ্রী ৫১, ৬৭।

মল্লদার বি মল্লযোদ্ধা, মাল। শ্রী মা ৫৯।

মল্লভূম বি [সং °মি] মল্লরঙ্গভূমি। "রঙ্গ ১৪।

মল্লা¹ বি [আ মুল্লা] মুসলমান পুরোহিত। বা ম ৮৮। —ল্লানী বি [মল্ল+আনী] মল্লার স্ত্রী। "বা ম ৮৮।

মল্লা² দ্র 'মল্ল¹'।

মল্লার পুং রাগবিশেষ। 'মল্লারে আইসে জল।—দা ৭১৩। পবন মল্লার গীত গাইছে।– গান ১৭৬। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট দুই নি, জাতি সম্পূর্ণ (গী সা)।] —ল্লারী স্ত্রী বসন্তরাগের রাগিণী।

মল্লারি পুং [ষ ত] মল্লাসুরের শত্রু, শ্রীকৃষ্ণ। 'হ ১৭৯ ১২৭।

মল্লারী দ্র 'মল্লার'।

মল্লি, -ল্লী স্ত্রী [তু বল্লি, -ল্লী] ১ মল্লিকালতা। 'মল্লীবল্লী গী গো ১ ৩৬। মল্লি মুকুলিত।—গো ২৪৮। ২ মল্লিকাপুষ্প। 'প্রফুল্ল মালতী মল্লী রা প ১। কর্ণে মল্লিকলি।—রঙ্গ ২০৬।

মল্লিক¹ পুং মলিনচঞ্চুচরণ মল্লিকাপুষ্পবৎ শ্বেতাপাঙ্গ হংসবিশেষ (অ টী)। —কাখ্য পুং [°ক আখ্যা যাহার, বহুব্রী] সর্থ 'মল্লিক¹'।

মল্লিক² বি [আ 'মলিক্'—রাজা] উপাধিবিশেষ।

মল্লিকা স্ত্রী [মল্লি, -ল্লী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ টাপ] ১ পুষ্পলতাবিশেষ, বেলিগাছ। গো রা ৩ ৭ ৩২। মল্লিকানাম্ (কুট্মলেষু) রঘু ১৬ ৪৭। ২ মল্লিকাপুষ্প। 'পা ৪ ৩ ১৬৬, সি। রঘু ১৬ ৫০। মালামুৎফুল্লমল্লিকাম্ ভ ৮ ৮ ৪৪। ৩ মৎস্যভেদ। ৪ [মল্লক+স্ত্রী আ (টাপ)] (মল্লকসদৃশ) মৃৎপাত্রবিশেষ (মেদিনী), মালসা (?)।

মল্লিকাক্ষ পুং [মল্লিকাতুল্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্)] সর্থ 'মল্লিক¹'। মদকলমল্লিকাক্ষ উ চ ১ ৩১।

মল্লিকাখ্য দ্র 'মল্লিক¹'।

মল্লী দ্র 'মল্লি'।

মশ্ অক [ভ্বা,প—মশতি, সেট্] ১ শব্দ। মশক। ২ কোপ।

মশক¹ পুং [√মশ্+অ (অচ্)-ক, মশ+ক (কন) স্বার্থে, ঠ মাশী (মক্ষিকা) > মশ, -শক (?)] ১ কীটবিশেষ, মশা। "শুক্লযজুর্বেদ ২৪ ২৯। উদুম্বর° পা ২ ১ ৪৮। মনু ১ ৪০। সর্ব্বং খলস্য চরিতং মশকঃ করোতি।—হি ১ ৮২। ২ চর্ম্মনির্ম্মিত তৈলাদিপাত্র।

তু মশক২। ৩ চর্ম্মময় জলপাত্র। ৪ [হি মসা] মাষবৎ কৃষ্ণ চর্ম্মরোগ-বিশেষ ; আঁচিল (wart)। [°বারণ (ক্লী)—মশকবারণার্থ চামর। °হরী (স্ত্রী)—মশকনিবারক প্রাবরণ ; মশারী।]

মশ(স)ক২ [ফা মশ্‌ক ; তু 'সং মশক১'] জল বহিবার চামড়ার থলী ; ভিস্তি। "মসক ভিতরে শ্রী ১৭৭। মশক-আকার বা.দ ৬৮।

মশকার্থ বিণ [নি.স] মশকনিবৃত্তার্থ। "মশকার্থো ধূমঃ।

মশগুল বিং [আ মশ্‌গূল্] ১ ব্যাপৃত, নিরত, আবিষ্ট। "কত বড় বড় কলায়ত…সারগম চতুরং ও নক্সাগুলে মশগুল হইয়া আছে আ.হু ২০। ২ পূরিত, ভরা। "আমি চাই মধু° হাওয়া কু.কে ১৫।

মশমশ, মসমস বি [ধ্বন্যাত্মক] জুতার শব্দ। "সারজনেরা…মসমস করিয়া বেড়াচ্ছে আ.হু ৪৮, ১৪৪। দারোগা…°স করে থানায় ফিরে যাচ্চেন।—হু ৯। পা.প্র ১৮৭। হরলাল বাবু জুতা সমেত মসমস করিয়া ঘরের ভিতরে প্রবেশ করিলেন ব.প্র ২৬০। [মসমশান, -নি —মশমশশব্দ-করণ।]

মশলা, -শল্লা, -সল্লা বি [আ মসালহ, হি, ঠ, মৈ মসালা ; গু মসাল, ড় মশলা] ১ রান্নার উপকরণ—জিরা মরিচ ইত্যাদি, বেশার। "গরম°। মশল্লা আনিনু, আগুণে চড়ানু, বিছুরিনু আপন ভাব চ.দা ১০৮। মসল্লা বাটিতে হাতে তুলে নিল শীল ম ম ৯৬। ২ খাদ্য সুরস সুগন্ধি করার নিমিত্ত আবশ্যক উপাদান। "কাসুন্দীর, পানের মসলা। ৩ উপকরণমাত্র। "বাকদের, বোমার, মাথাঘষার মশলা। বিবিধ মসলা, রসেতে মিশায়, রসিক বলি যে তারে চ.দা ১৫০।

মশল্লা দ্র 'মশলা'।

মশহরী স্ত্রী [ষ.ত] সর্থ 'মশকহরী' (দ্র 'মশক১')।

মশা বি [সং মশক > প্রা মসঅ > বা ,শা] মশক। "আমরা তাহার আগে মশা ক.চ ৫৬, মশা হেন °গুলা ২২০। [মশা মারতে কামান সাজা—সামান্য কার্য্যসিদ্ধির নিমিত্ত গুরুতর উদ্যোগ।]

ম(মো)শাই, মশায় বি [মহাশয় > মশায়, -ই ; 'মোশাই' (গ্রাম্য)] ১ সম্মানসূচক সম্বোধনপদ। "মোশাই গো! কুটেল বেটা মোদের সর্ব্বনাশ করলে আ.হু ১৬৫। ২ শব্দের পরে প্রযোজ্য সম্মানসূচক শব্দ। "গুরু°, ঠাকুর° (গো চ), দাদা°, পিসে°, বাবু°, রাজা°। ৩ উপহাস-সূচক শব্দ। "(এখন স্নানযাত্রার ধুম) কেবল ছুতর কাঁশারি কামার ও গন্ধবেণে মশাইরাই রেখেচেন।—হু ১৬২। [মশায় মশায় করা—সম্মান-পূর্ব্বক অনুগ্রহ প্রার্থনা করা।]

মশা(সা)ন বিং [সং শ্মশান > প্রা মসাণ (হে ২.৮৬) > °ন, হি প, মৈ মসান ; ঠ, গু মসাণ] শ্মশান। "মসানে উরিবে ক.চ ২৫৩, মসানে ফিরয়ে দানা ২৬৭। মশানে শ্মশান-অবতার ভা.চ ৪৩৮।

মশায় দ্র 'মশাই'।

মশা(সা)রি, -রী বি সর্থ 'মশহরী' (mosquito-curtain)। "মসারি কৃ.উ ১৫৬। পাটের মশারি ক চ ১৫৯।

মশারী দ্র 'মশারি'।

মশা(সা)ল, মোশাল বি [আ মশ্‌আ'ল্] কাঠিতে জড়ান তেল-মাখা ন্যাকড়া ইত্যাদির মোটা বাতি (torch)। "মোশাল ধরিল বীরগণ শ্রী ম ১৬৮। খোশাল হইয়া পেভি মশাল যোগায় শি ২৪। ধাবায় ধাবায়, মশাল নিবায় ভা.চ ৭৩ ; ৫০২। জোনাকমশাল ব.প্র ৯৬। মশালের রক্তরশ্মি।—কা ৫১। [মশালচী (ফা মশ্‌আ'ল্‌চী) —মশালধারী। "চন্দ্র সূর্য্য মশালচী ভা চ ৫০২।]

মশালচী দ্র 'মশাল'।

মষ্ সক [ভ্বা, প—মষতি ; সেট্] হিংসা (ক.ক)।

মষি, -ষী স্ত্রী [√মষ্‌+ই (ইন্)-র্ম, স্ত্রী ঈ (ঙীষ্)] মসী, কালি। "মষীভবন্ত…অশ্রুবাহাঃ মাঘ ২০.৬৩। মষীলিপ্ত ক.সা ৪.৬৯ ; ৭০ ; মধ্যভাব ৮.৩। দ্র 'মসি'।

মষী দ্র 'মষি'।

মস্ সক [দি,প—মস্যতি ; সেট্] ১ পরিমাণ। ২ (অক) পরিণাম।

মসক দ্র 'মশক২'।

মসজিদ বি [আ মস্‌জীদ্] মুসলমানদিগের উপাসনামন্দির। [মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত—অর্থাৎ সকলেরই অধিকারের সীমা আছে।]

মসজিয়া বি [আ মসজ্জা'] তাললয়সঙ্গত শ্লোক। "জোন দশ বারোকে …সুর করে সংস্কৃত °য়া পড়তে দেখতে পাই।—হু ১১৬।

মসনদ বি [আ মস্‌নদ্] ১ সিংহাসন ; গদী। "তার উপর কত উচ্চ মসনদ ব.প্র ৩৮৫। ২ বড়তাকিয়া, গা-তাকিয়া। "(কৃষ্ণকান্ত) গদির উপর মসনদ করিয়া…তামাকু চড়াইয়া মর্ত্ত্যলোকে স্বর্গের অনুকরণ করিতেছেন ব.প্র ২৭৬।

মসমস দ্র 'মশমশ'।

মসল্লা দ্র 'মশলা'।

মসলন্দ বি সর্থ 'মছনদ'। "রঙ্গ ৯।

মসলিন বি [মসৃণ > °ন (?)] মসৃণ সূক্ষ্ম বস্ত্রবিশেষ। দ্র 'পবিশিষ্ট' ;

মসান দ্র 'মশান'।

মসার পুং [মস্যাধাব] ইন্দ্রনীলমণি। "°গল্বর্কনিভ গো.রা ৩.৪৮.১২ ; °গল্বর্কময় ৫ ৯.১৮। °গল্বর্কসুবর্ণবপ্য মহা ৭.১৫.৫৪। °তারাক্ষি!—নৈ ৯ ১০৪। —সারক পুং সর্থ 'মসাব'।

মসারক ; মসারি, মসারী দ্র 'মসার ; মশারি'।

মসি পুং, স্ত্রী, **-সী** স্ত্রী [√মস্‌+ই (ইন্)-ণ, উ ৪.১১৭, স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'অক্ষরপরিমাণসাধন', লিপিপ্রসাধন অঞ্জন (অ.টী) ; কালী। দ্র 'মষি, -ষী'। "ঋব্যচর্ম্ম°, হস্তিদন্ত° (সুশ্রুত)। মসীকজ্জল-শ্যামকায় ক.ম ৪ ১৩। তরুছায়ামসীমাথা (গ্রামখানি) চ.কা ৮০। ২ দীপশিখাকজ্জল (soot)। "শিবসি মসীপটলং দধাতি দীপঃ।—ভামিনীবিলাস ১৭৩। ৩ নীলশেফালিকাবৃন্ত। ৪ (বাঙ্গলায়) বৈবর্ণ্য, কালিমা। "রোগমসী-ঢালা কালী তনু তাব।—কথা ৩৪। ৫ কলঙ্ককালী। "পূর্ণচন্দ্র মাখে মসী।—শিশু ১১। ৬ কৃষ্ণবর্ণ। "বরণ হয়েছে মসী।—ম ৮২৮। [°কূপী (স্ত্রী), °ধান (ক্লী), °ধানী (স্ত্রী), °ভাণ্ড (ক্লী) —মস্যাধার, দোয়াত। °কূর্চ্চক (পুং)—মসীতুলিকা। °পটল (ক্লী)—দীপশিখাধূমরাশি। °পণ্য (পুং)—লিপিকর (scribe)। °বর্ণ—কৃষ্ণবর্ণ।]

মসি(সী)দ বি [হি মসীদ ; ঠ মশী(সী)দ] সর্থ 'মসজিদ'।

মসিনা বি [সং মসৃণা > °না ; তু 'প্রা মসিণ (মসৃণ—হে ১.১৩০) ; হি মসীনা ; ম'সনে (কথ্য)] তিসী (linseed)। "মসিনাতেল শ্রী ১১৯।

মসিপাত্র ক্লী [ষ.ত] মস্যাধার, দোয়াত। "শি ৭১।

মসি(সী)ল, মহসিল বি [আ মুহ্‌সিল্ ; হি মুহসিল্] ১ রাজস্ব-সংগ্রাহক কর্ম্মচারী ; তহসীলদার। ২ পীড়ন। "মসীল করিবে রাজা দিয়া হাতে দড়ি ক.চ ৮৩। ৩ পেয়াদা। "পিছে দিল মহসিল, সন্নিধানে এক তিল (নারে) বি.মু ৮২। রাক্ষসী মহসিল দিল নিজ অনুচরী ভ.প্র ২৯৭। [মসিল দেওয়া—পীড়ন করা ; পেয়াদা লাগান।]

মসীদ দ্র 'মসিদ'।

মসীনা স্ত্রী [দ্র 'মসিনা'] অতসী, তিসী।

মসীযুদ্ধ বি লেখন, লেখা। আরম্ভিল °দ্ধ।—ম ৪৪৭।

মসীল দ্র 'মসিল'।

মসু(সূ)র পুং [√মস্+উর, ঊর (উরন্, ঊরন্—উ ১.৪৪ ; ৫.৩) -ণ (অ টী)] ১ কলায়বিশেষ, মুসুর (lentil)। ২ চক্রগণ্ডু, গোল-বালিশ। —রা স্ত্রী ১ মসুর। ২ বেশ্যা।

মসূর দ্র 'মসুর'।

মসূরক পুং [মসূর+ক (কন্) স্বার্থে] সর্থ 'মসুর (২)। —রিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ (সাদৃশ্যে) রক্তবটী, বসন্তরোগ। ২ কুট্টনী।—সূরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ বসন্তরোগ। ২ রক্ত-স্রিন্নুং।

মসূরা; মসূরিকা, মসূরী দ্র 'মসুর, মসূরক'।

মসৃণ বিণ [সম্+ √ঋণ্ দীপ্তি+অ (ক)-ক, পৃষো (অ.টী), তু 'মসিণ'—সৃণ (দেশী ৬.১১৮)] ১ অকর্কশ, চিক্কণ। "প্রিয়কো রোমভির্মৃক্তো মৃদুচমসৃণৈর্ঘনৈঃ মাঘ ৪.৬২, মল্লিনাথধৃত বৈজয়ন্তী। শীতল মসৃণ মৌক্তিক হার সী ১৬। ২ স্নিগ্ধ। "°সুকুমারঃ (স্পর্শঃ) উচ ৬ ১৩। (করুণামসৃণৈঃ) কটাক্ষপাতৈঃ (মল্লিনাথ)। সরসমসৃণমপি মলয়জ-পঙ্কম্ গীগো ৪ ১২, °বাণি।—১০.৭। °চন্দন ভা চ ৫৭৮। মসৃণ মলয়জ।—গো ২৪৮। ৩ কোমল। "বিনয়মসৃণা বাচি নিয়মঃ উচ ২২, ৪.২১। —সৃণা স্ত্রী অতসী, মসিনা।

মসৃণা দ্র 'মসৃণ'।

মসৃণিত বিণ [মসৃণ— √মসৃণি+ত (ক্ত)-র্ম্ম] সংস্কার দ্বারা চিক্কণিত। "°রাজপট্টকান্তে (শরীরে) উচ ৫ ১৮।

মস্কর পুং [মকর >°ব স্ (সুট্) আগম, নিপাতিত পা ৬.১.১৫৪] ১ বেণু, বংশ। ২ বক্রবংশ। —স্করী (-রিন) পুং [°র+ইন্ (ইনি) -১ব, নিপাতিত] পাবরাজক সন্ন্যাসী। 'মস্করিব্রত ভক্তি ৫ ৬৩। ক.সা ৪৯ ১৬৫। 'নাম্নদাষেণ মস্করী' এই শাস্ত্রের প্রমাণ চৈ চ ১৪৯।

মস্করা[১], -স্কারা[১] বি [সং মস্কব >°রা] ১ বাঁশ। "মস্কারা পুতিয়া বীব বান্ধে বনমালা ক চ ৯০। ২ [সং মস্করী] পবিব্রাজক। 'ত্রিবঙ্ক মস্করা-দণ্ড ধরে করতলে ক চ ৯২।

মস্করা[২], -স্কারা[২] বি [আ মস্‌খ রহ্] ১ পরিহাসপ্রিয় ব্যক্তি, ভাঁড় (buffoon)। ২ [আ মস্‌খ রী] পরিহাস, ঠাট্টা। [মস্ক(স্কা)রাম—ভাঁড়ামি, ঠাট্টা।]

মস্করী; মস্কারা[১]; মস্কারা[২] দ্র 'মস্কর, মস্করা[১], মস্করা[২]।

মস্‌জ্ অক [তুদা, প—মজ্জতি, অনিট্] ১ স্নান, অবগাহন। ২ মজ্জন। [উদ্—উন্মজ্জন। নি—নিমজ্জন, অন্তর্লয়। "কু স ১.৩।]

মস্ত[১] ক্লী [√মস্+ত (ক্ত)-র্ম্ম (অ টী)] মস্তক। "ছিন্নমস্তা। সুললিত-তিলকবিভূষিত-মস্তঃ (অ টী)। নতমস্তে (কহে) বা দ ৮৩, ১০০। কু কে ৬৫। [°দারু (ক্লী)—দেবদারু (ভাবপ্রকাশ)।]

মস্ত[২] বিং [ফা 'মস্ত্'—মত্ত, কামুক, গর্ব্বিত, ঠ 'মস্ত'—বিপুল, খুব, তু 'সং মস্ত—মস্তদারু, °রাম (খুব বড়—ঢাকা), মস্তারাম (বলবান্—মালদহ)] ১ মত্ত। "আ ফঙ্গে হামেশা মস্ত বি.মু ১৫। ২ অত্যুচ্চ। "মস্তগাছ। ৩ দীর্ঘ, লম্বা। "হস্তিবর মস্ত হস্ত করিয়া ক্ষেপণ বা.দ ৯১। ৪ বিপুল, সুবিস্তৃত, বৃহৎ। "মস্ত বাড়, মাঠ। ৫ প্রচুর, বড়। "মস্ত খরচ। ৬ অনেক, বহু। "কোথাও মস্ত টাকা সই মাত্র হলো।—হু ৩০। ৭ ধনী। "মস্ত লোক। ৮ খুব বেশী। "মস্ত একটা ব্যবচ্ছেদ।—ম ৪৭। ৯ বৈবাহিকক্রিয়াকলাপে সম্মানিত। "মস্ত লোক গো, ভাঙরহাটির দে ওঁরা অ গ্র ৮১। ১০ অতিশুভ। "যেমন ধনের কপাল মস্ত,...তেমনি দানের দরাজ হস্ত।—কা ৯৩। ১১ দুর্লভ। "সস্তা দরে মস্ত মজা কিনে নিলে ভাই।—হেম ৩৮৫। ১২ গুরুতর, সর্ব্বোচ্চ। "(পাত্তরে) মস্ত ভার দিল নৃপবর শ্রী বা। ১৩ অতিশয়, খুব। "মস্ত বড় কিছু।—শিশু ৬০। মস্ত বড় দুটি চোখে প.কা ১৫। ১৪ নিকষ ও বিবাহে দানাদানদোষহীন। "মস্ত কুলীন ও যে।—প.কা ৬৩। ১৫ মহৎ, উদারচেতা। "মস্ত লোক।

মস্তক পুং, ক্লী [মস্ত[১]+ক (কন্) স্বার্থে] ১ শিরঃ, মূর্দ্ধা, মাথা। "গো রা ৫.১৭.২৯। ২ কোন বস্তুর অত্যুচ্চভাগ, শিখর, চূড়া। "পাদ-পান্...পবনোদ্ধুতমস্তকান্ গো.রা ৫ ৯.৯। পর্ব্বত° মনু ৪.৪৭। পর্জ্জুরী°, তাল°, °মজ্জন (সুশ্রুত)। ৩ তালবৃক্ষের মস্তকজাত পত্র বা মাঙ্গ-পাতা। ৪ উপরিভাগ। "চুল্লামস্তকমারোপ্য (পঙ্ক)। [°জ্বর (পুং)—শিরোব্যথা। "লোকত্রয়মস্তকজ্বরং তমাদিদৈত্যাম্ ভ ৭ ৮ ৩৫। °লুঙ্গ (পুং)—ম স্তকের আবরণ সূক্ষ্ম চর্ম্ম। °শূল (ক্লী)—শিরঃপীড়া। °স্নেহ (পুং)—শিরোমজ্জা, মস্তিষ্ক।] [মস্তক উন্নত করা—মাথা তোলা, আধিপত্য বিস্তার করা। "সময় পাইয়া উড়িষ্যার পাঠানেরা পুনর্ব্বার মস্তক উন্নত করিল ব প্র ৯। মস্তক তুলিতে দেওয়া—মাথা উঁচু করিতে দেওয়া, দাসত্ব মোচন করিতে দেওয়া। "স স্ব ৭০।

মস্তানী বিং [ফা মস্তানী (স্ত্রীলিঙ্গে)] মত্তা, কামাতুরা। "কুটিনী গস্তানী, বড যে মস্তানী, উভে উভে দিব শূল ভা চ ৩৯৫।

মস্তিষ্ক পুং, ক্লী [মস্তকমিদা ত গচ্ছ ত মাস্তিষ্কম্।—শুক্লযজুর্ব্বেদ ২৫.২, টীকা, মস্তকপ্রভব ইতি নিপাতিত (অ টী), '°ষ্কঃ'—শিরসোহন্তর-ব স্থতো মাংসলিঙ্গশমঃ (সায়ণ—ঋগ্বেদ ১০ ১৬৩ ১)] শিরোমজ্জা মস্তক-স্নেহ, মগজ। 'গো রা ৬ ৯৫ ২৬। স্বপ্ন শুধু স্বপ্নমাত্র মস্তিষ্ক বকার চ.কা ৮৬।

মস্তু ক্লী [√মস্+তু (তুন্)-ক, উ ১৬৯] ১ দধিভব মণ্ড, দধির মাথ। ২ দধিজল (whey)। ৩ দ্বিগুণজলযুক্ত দধি। [°লুঙ্গ, -লুক (পুং)—মস্তিষ্ক। 'মস্তুলুঙ্গদর্শন।—সুশ্রুত ১ ২৩.১০।]

মস্যাধার পুং [ষত] মসীপাত্র, দোয়াত। "শ্রী মা ৫।

মহ্ সক [ভ্বা, অদন্ত চু, প—মহতি, মহয ত, সেট্] পূজা।

মহ পুং [√মহ+অ (ঘ)-ণ] ১ উৎসব, ক্ষণ। 'মাঘ ৬.১৯। বিবাহ-মঙ্গল° উচ ৬ ৪০। ২ যজ্ঞ, মখ। "ইন্দ্র° মহা ১.৬৩ ২৯। হ ৭২.৫। ৩ [+অ-র্ম্ম] তেজঃ (মেদিনী)। ৪ মহিষ।

মহঃ[১] (-হস্) ক্লী [√মহ্+অস্ (অসুন্)-র্ম্ম-১ব, উ ৪.১৮৮] ১ তেজঃ। ঋগ্বেদ ২ ১৬ ২। নিধিরপি ..মহসঃ উচ ৪.১০, ৫ ২৭। ভ ৩ ১৭ ২৩। মহঃপুঞ্জ চৈ ৩৩। মহামহোময় ভা চ ১৫৮। ২ ঊর্দ্ধ সপ্ত লোকের চতুর্থ লোক, মহোলোক। ৩ মহিমা। ৪ উদক। ৫ [+অস্-ণ] উৎসব। ৬ যজ্ঞ। [মহস্বান্ (-স্বৎ) বিণ—তেজো-যুক্ত, তেজস্বী। "ঋগ্বেদ ১০ ১৩০ ৪। ভ ২ ৬ ৪৫।]

মহঃ[২] (-হর্) [বৈদিক] ব্য ১ সর্থ 'মহঃ[১] (২)। "গ্রীবা মহর্বদনং বৈ জনোহস্য ভ ২ ১ ২৮। ২ সপ্তব্যাহৃতির একতম। মহর্জগৎ (ক্লী), মহর্লোক (পুং)—মহঃ। "মহর্লোক ভ ২.৫ ৩৮, শ্রী ম ২৯৬।]

মহকুমা বি [আ মহ্‌কমহ্] ডেপুটি ম্যাজিস্ট্রেটের অধীন জেলার অংশ (Sub-division)।

মহড়া, মোহড়া বি [মুখ+পারা >মুহারা >মোহরা >মোহড়া (?), হি ঠ মোহরা, মওড়া (কথ্য)] ১ মুখভাগ, প্রথমাংশ, অগ্র-ভাগ। "গরম মেজাজের প্রথম মোহড়াতেই সেই দেবতা গিয়া দর্শন দিয়া ঐ কথা বলিলেন ব.প্র ৫২৫৭ ২ কবিগানের প্রথমাংশ। দ্র 'কবি[২]। ৩ সেনার অগ্র পঙ্‌ক্তি বা মুখ (যাহারা প্রথমে আক্রমণপূর্ব্বক শত্রুকে হটাইবার নিমিত্ত প্রস্তুত হয়)। ৪ শত্রুদলের সম্মুখ আক্রমণ। "শত্রুদলের মহড়া নেওয়া।

মহৎ[১] বিণ [√মহ্+অৎ (অতি)-র্ম্ম, উ ২ ৮৪, মহান্ (পুং), মহতী (স্ত্রী), মহৎ (ক্লী), মহৎ>মহা[১] (কর্ম্মধারয় ও বহুব্রীহিসমাসে পূর্ব্ব-পদ, অন্যত্র 'মহৎ')—'মহাদেব' (পা ৬ ৩ ৪৬), 'মহৎসেবা'; 'শস্ত্র' প্রভৃতি শব্দের পূর্ব্বে 'মহৎ' শব্দের প্রয়োগ নিষিদ্ধ, উহা 'অপকর্ষ'-সূচক।

—'শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে ॥—ভট্টি ১.৪, টীকা।] ১ গুণাধিক, গুণবান্। "নমো মহদ্ভ্যঃ।—ঋগ্বেদ ১.২৭.১৩। বন্দ মাহেশী মহতী শি ৪। ২ বিপুল, বিশাল, অত্যুচ্চ। "°বৃক্ষ, °শমী। ৩ বিশালকায়। "°দ্বিপ °সিংহ। ৪ বিস্তৃত, বিতত। "মহারণ্য, °বন। ৫ দীর্ঘ, আয়ত। "°বাহু, °ভুজ। ৬ বহুসংখ্যক, বিতত (শ্রীধর)। "(পশ্য) মহতীং চমূম্ গী ১.৩। ৭ অসংখ্যক, বহু। "জনস্ত মহতো মধ্যে গো.রা ৫.২৩.২৬। ৮ উদার, অসঙ্কীর্ণ। "°মতি, মহাত্মা। মহান্ মতি ভ.গ্র ৮২। ৯ প্রচুর, পর্য্যাপ্ত। "মহদ্ ভোজ্যম্।—হি ১২৭৬, বাণিজ্যে মহাধনঃ ২২। ১০ প্রখ্যাত, বিশুদ্ধ, উচ্চ। "°কুল, °বংশ। ১১ বৃহৎ, বিপুল। "°বেশ্মন্। ১২ দূর। "যযুঃ শীঘ্রং মহদধ্বানম্ মহা ৩.১৪৫.১২। ১৩ তীব্র, গুরু। "মহতী শিরোবেদনা। ১৪ উগ্র, প্রচণ্ড। "মহাতেজস্ রা ১৫৭৬। ১৫ উৎকট, অতিশয়। "দুঃখেন মহতাবিষ্টঃ রা ১৫৭.৮। ১৬ সর্ব্বাতিশায়ী, দুরত্যয়। "°মায়া। মহামোহময়ে কটাহে মহা ৩৩১২ ১১৮। ম ৫৮০। ১৭ প্রচণ্ড, প্রবল। "°বাত। ১৮ গুরু, আবশ্যক, প্রয়োজনীয়। "মহতী বার্ত্তা। কার্য্যশতং মহৎ।—শু ২.২৬৮। ১৯ তার, উচ্চৈঃ। "°রাব। শব্দো মহান্।—হি ২৭৪৯। ২০ নিবিড়, ঘন। "মহান্ধকার, °তমস্। ২১ প্রবল, দুর্দ্দম। "রিপুর্মহান্ ভ ১০ ৪. ৩৮। ২২ দুঃসহ, সমধিক। "মহাবল, মহাবীর্য্য। ২৩ শ্রেষ্ঠ, প্রধান। "তিন মধ্যে মহৎ জানিব কাহারে শ্রী.ম ২৬৬। বিদ্যানিধি তস্ত (শিষ্য), তস্য রাজেন্দ্র মহান্ ভ.গ্র ১৬৮। ২৪ সাধু, পবিত্র, বিশুদ্ধ। "সীতায়াশ্চরিতং মহৎ রা ১৪৭। ২৫ স্থূল। বিপ 'সূক্ষ্ম'। "ভূতানি মহান্তি মনু ১ ১৮। ২৬ অতিশয় (early)। "মহতি প্রত্যূষে। ২৭ অবসানপ্রায়। "মহতি…অপরাহ্ণে মহা ১১৯০.৪৭। ২৮ বহু; অত্যধিক, চড়া। "°মূল্য, মহার্ঘ। ২৯ গুরু, বিষম। "°বিপদ্, মহতী শঙ্কা।—হি ২৮৯৩। মহৎ প্রমাদে রক্ষা পাইল যজ্ঞানলে।—ম ৫৪২। ৩০ অতিশয়। "°ঘোর। মহামত্ত মল্লগণ।—ম ৫৪২। ৩১ উত্তম, দিব্য। "মহতি স্যন্দনে স্থিতৌ গী ১.১৪। ৩২ অত্যুৎকট, গুরুতম। "মহৎ পাপম্ গী ১ ৪৪। ৩৩ নিরতিশয়পরিমাণ। "বায়ুঃ সর্ব্বত্রগো মহান্ গী ৯.৬। ৩৪ সুদীর্ঘ। 'স কালেনেহ মহতা যোগো নষ্টঃ গী ৪.২। ৩৫ দুরপনেয়, দুশ্ছেদ। "সংশয়ো মহান্ মহা ৩.১৮১ ২৯। ৩৬ গভীর। 'মহানিশা, মহারাত্র। ৩৭ গভীর, বৃহদ্গর্ত্তযুক্ত। "মহৎ কোটরম্—পঞ্চ ১৪৩৮। ৩৮ ভীষণ। "°গ্রহ। ৩৯ অন্তিম, চরম। "স্বামিনো মহতাবস্থা বর্ত্ততে।—পঞ্চ ১৩২৫। ৪০ অলৌকিক, অসাধারণ। "কর্ম্মণা তেন মহতা রা ১ ১৮৩। ৪১ অতিকঠোর, দুশ্চর। "তপশ্চ সুমহৎ তপ্তম্ রা ১.৫৭৮।। এতদ্ভিন্ন বিশেষ্যবিশেষে 'মহৎ' শব্দের নানা অর্থ হয়।] —হৎ পুং ১ মহাত্মা, মনস্বী। বিপ 'কৃপণ, নীচ'। ২ মহাপুরুষ। "মহার্ঘঃ…হি মহতাং কোঽপ্যতিশয়ঃ উ.চ ৬.১১। মহৎসেবা ভ ১.২.১৬, ১৮ ১৯। ৩ মহাদেব (মহা)। "মহতের মাগ সই শি ১০২। [মহতেব—মহাদেবের, ধনীর।] ৪ (মহাকায় হেতু) উষ্ট্র। ৫ (সাংখ্যে) প্রকৃতির প্রথম বিকৃতি, বুদ্ধিতত্ত্ব। "মনু ১.১৫। প্রকৃতের্মহান্ মহতোঽহঙ্কারঃ সাংখ্য ১.৬১। প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান। রূপবান্ হইলা তাতে তনয় মহান্ ॥—ক চ ৯। দু ৫৩। বি.পা ১২। ৬ মঠস্বামী। —হৎ ক্লী ১ মহত্ত্ব। "ছান্দোগ্য ৫.২ ৪। ২ বৃহত্ত্ব, বিপুলতা। ৩ ব্রহ্ম। 'তপসা বিন্দতে মহৎ (শ্রোত্রিয়ঃ—মহা)। ৪ প্রাচুর্য্য। "দর্ভাণাং মহদ্ উপতীর্য্য (S W)। ৫ রাজ্য (মেদিনী)। ৬ তত্ত্বজ্ঞান। —হতী স্ত্রী [°ৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ নারদবীণা। 'মহতী নারদস্য স্যাৎ। "মাঘ ১.১০। ২ বীণাবিশেষ। "বিপ ৯৯। বি সা ৬৭০। ৩ বৃহতী। ৪ বার্ত্তাকী। ৫ শ্রবণান্বিতা ভাদ্রশুক্লদ্বাদশী। [°কন্দ (পুং)—১ রসোনক, রসুন। ২ মূলক। °কপর্দ্দ (পুং)—বৃহৎ কপর্দ্দ; রামকড়ি (?)। °কপিত্থ (পুং)—বিল্ববৃক্ষ। °কর (বিণ)—১ মহাভুজ, দীর্ঘবাহু। ২ প্রচুররাজস্ব। °কর্ম্মা (-র্ম্মন্) বিণ—অদ্ভুতকর্ম্মা। °কলা (স্ত্রী)—পূর্ণিমা। °কল্প (পুং)—ব্রহ্মার আয়ুষ্কালের অন্ত বা পৌরুষদিনান্ত। 'বিষ্ণু ২০.১৭। "ভ ৭.১৫.৬৯। °কবি (পুং)—১ শ্রেষ্ঠকবি—কালিদাসমাঘভারবিপ্রভৃতি। ২ শুক্রাচার্য্য। °কার্ত্তিকী (স্ত্রী)—রোহিণীযুক্তা কার্ত্তিকপূর্ণিমা। °কীর্ত্তি (বিণ)—মহাযশাঃ। °কুমার (পুং)—১ জ্যেষ্ঠরাজপুত্র, যুবরাজ। "শশাঙ্ক ৯৭। ২ সম্রাট্পুত্র। "শশাঙ্ক ১০০। °কুমারামাত্য (বি)—শাসনকর্ত্তার উপাধি। "ব.প্র ১২৬। শশাঙ্ক ২২৭। °কুল (বিণ)—উচ্চবংশজাত কুলীন, অভিজাত। (ক্লী)—সদ্বংশ। "°লসম্ভূত হি ৪১৬ (কথারম্ভ)। °কুষ্ঠ (ক্লী)—ঋক্ষজিহ্বপুণ্ডরীকাদি সপ্ত কুষ্ঠরোগ। °কৃচ্ছ্র (ক্লী)—কঠোরপ্রায়শ্চিত্ত। °কৃষ্ণ (পুং)—মহাকাল সর্প (সুশ্রুত)। °কেশ (পুং)—শিব (মহা)। °কোশ (পুং)—বৃহৎপিধান। °কোশী (স্ত্রী)—নদীবিশেষ। "কু.স ৬ ৩৩। °ক্রতু (পুং)—অশ্বমেধ। "রঘু ৩ ৪৬। °ক্রম (পুং)—মহাপাদক্ষেপ, উরুক্রম, বিষ্ণু। °খর্ব্ব (পুং, ক্লী)—সংখ্যাবিশেষ, 'শতকোটি' (কৃ ২৩৯)। °খাত (ক্লী)—পরিখা। °গণ (পুং)—বিপুল জনসমবায়। °গণপতি (পুং)—গণেশমূর্ত্তিভেদ। "যাজ্ঞ ১.২৯৪। °গদ (পুং)—১ মহাব্যাধি—বাতব্যাধি-প্রভৃতি। 'সুশ্রুত ১.৩৩.৩। ২ মহান্ অগদ, ঔষধবিশেষ। "সুশ্রুত ৫.৫ ২০। °গল (বিণ)—লম্বগ্রীব। °গব (পুং)—গবয়, বনগোরু। °গারুড়ী (বি)—নিপুণবিষবৈদ্য। "শ্রী.ম ১৭৪। °গীত (পুং)—প্রধানগায়ক, শিব। °গুণ (বিণ)—অমোঘশক্তি। "বীজং মহাগুণং ভূয়াৎ মহা ১০.২.৭। °গৌরী (স্ত্রী)—গৌরীমূর্ত্তিভেদ। °গ্রহ (পুং)—'ভীষণগ্রহ', রাহু। °ঘূর্ণা (স্ত্রী)—অতিশয়ভ্রমি। °ঘৃত (ক্লী)—পুরাতনঘৃত। °ঘোর (বিণ)—অতিভীষণ। "মহাঘোর আভা ভা.চ ৪৩। °ঘোষ (বিণ)—উচ্চৈঃশব্দ, মহাধ্বনি। °চক্র (ক্লী)—বৃহচ্চক্রায়ুধ। "মহা ১২০৭৩৫। °চক্রবর্ত্তী (-র্ত্তিন্) (পুং)—সার্ব্বভৌম রাজা। °চণ্ড (বিণ)—অতিকোপন, প্রচণ্ড। °চণ্ডা (স্ত্রী)—চামুণ্ডা। °চমূ (স্ত্রী)—বিপুলবাহিনী, মহাবল। °জব (পুং)—অতিবেগ। °জল (বি)—প্রলয়সলিল। "শি ৭। °জ্ঞানী (-নিন্) বিণ—পরমপণ্ডিত। °জ্যোতিষিক (পুং)—অপকৃষ্টজ্যোতির্ব্বিৎ। °ডীন (ক্লী)—পক্ষীর গতিবিশেষ। দ্র 'ডীন'। °তত্ত্ব (ক্লী)—সর্থ 'মহত্তত্ত্ব' (S.W.)। °তপাঃ (-পস্) বিণ—কঠোরতপস্যাসম্পন্ন, মহাতপস্বী। "মনু ১০.১০৭। °তল (ক্লী)—সপ্ত অধোলোকের একতম। দ্র 'পাতাল'। "চ.বি ২৬৭। °তিক্ত (পুং)—মহানিম্ব। °তিথি (স্ত্রী)—'শুভা তিথি', ষষ্ঠী। °তীর্থ (বি)—শ্মশানের ঘাট। "মে ৩১৫। °তৈল (ক্লী)—মনুষ্যবসা। °ত্যাগ (পুং)—মহাদান, প্রচুরদান। "ব্যবহারো মহাত্যাগঃ ক.সা ২৩.৮৪। °ত্যাগী (-গিন্)—মহাদাতা। (পুং)—মহাদেব। °দণ্ড (পুং)—১ কঠোর দণ্ড, প্রাণদণ্ড। "মহা ১২.৬৯ ৫০। ২ দীর্ঘ ভুজদণ্ড বা দণ্ড। °দশা (স্ত্রী)—গ্রহবৈগুণ্যজন্য দুর্দ্দশা। °দারু (ক্লী)—দেবদারু। °দিক্ (-শ্) স্ত্রী—উত্তরাদি দিক্চতুষ্টয়। °দুর্গ (বিণ)—অতিদুর্গম। °দেশ (পুং)—সমুদ্রপরিবেষ্টিত বৃহদ্ভূখণ্ড (continent)। °দ্রুম (পুং)—১ বিশালবৃক্ষ, তরুবর। ২ শ্রেষ্ঠ তরু, অশ্বত্থ। তু 'গী ১০ ২৬। °দ্রাবক (পুং)—গন্ধকদ্রাবক। °দ্বার (ক্লী)—প্রধান বা বৃহদ্দ্বার। °দ্বিজ (পুং)—১ পক্ষিবর। "মহা ৩.১৩১.৩। ২ কুৎসিত ব্রাহ্মণ। °দ্বিপ (পুং)—মহাগজ। °ধাতু (পুং)—১ শ্রেষ্ঠ ধাতু, স্বর্ণ। ২ বসা। °ধ্বনি (পুং)—মহারব, উচ্চৈঃশব্দ। °নট (পুং)—নটরাজ, শিব। °নবমী (স্ত্রী)—আশ্বিনশুক্লনবমী। "মে ৩১৬। °নরক (পুং)—নরকভেদ। "মনু ৪.৮৮। °নাগ (পুং)—১ মহাহস্তী। ২ মহাসর্প। °নাটক (ক্লী)—নাটকবিশেষ, হনুমদ্রচিত-রামচরিতনাটক। 'সা.দ ৬.২২৩। °নাড়ী

(স্ত্রী)—কণ্ডরা (a large artery)। °নিদ্রা (স্ত্রী)—মৃত্যু। °নিম্ব (পুং)—নিম্বভেদ, ঘোড়ানিম। °নিরয় (স্ত্রী)—নরকবিশেষ। "যাজ্ঞ ৩.২২২। °নির্ব্বাণ (ক্লী)—পরমমোক্ষ, ব্রহ্মসাযুজ্য। "°তন্ত্র। °নৃত্য —(ক্লী) তাণ্ডবনৃত্য। °পঙ্ক (পুং, ক্লী)—গভীর কর্দ্দম। °পশু (পুং) —হস্ত্যশ্বগোমহিষাদি। "মনু ৮ ৩২৪। °পাপ্মা (-প্মন্) বিণ—মহাপাপকারক, অত্যুগ্র। "গী ৩.৩৭। °পুণ্য (বিণ)—অতিপাবন পরমপবিত্র। °পূত (বিণ)—অতিপবিত্র। °পৌর্ণমাসী (স্ত্রী)—যে পূর্ণিমায় বৃহস্পতি চন্দ্রের সহিত অবস্থিত হয়। °প্রকৃতি (স্ত্রী)—দুর্গা। °প্রতীহার (পুং)—পুররক্ষিগণের সেনাপতি, নগরপাল। "ব.প্র ২৬। শশাঙ্ক ৪৩। °প্রদান (ক্লী)—শ্রেষ্ঠদান। °প্রভ (বিণ)—অতিদীপ্ত, বিভাস্বর। °প্রভাব (বিণ)—অলৌকিকবীর্য্য। "°বে (শান্তনবে) মহা ৭.২ ৮। °বংশ (বিণ)—উচ্চবংশজ, কুলীন। °বক্ষাঃ (-ক্ষস্) বিণ—বিশালোরস্ক, ব্যূঢোরস্ক। °বন (ক্লী)—অরণ্যানী। °বন্ধ্যা (স্ত্রী)—যে নারীর একবারও সন্তান হয় নাই, নিরেটবাঁজা। °বরাহ (পুং)—বরাহাবতার বিষ্ণু। "কি ১৪ ৪০। °বাদী (-দিন্)—মহাতার্কিক। °বায়ু (পুং)— ১ মহাভূত মরুৎ, মহাপবন। ২ ঝাত্যা। °বারুণী (স্ত্রী)—শনিবারে শতভিষানক্ষত্রযুক্ত গৌণচান্দ্র চৈত্রের কৃষ্ণত্রয়োদশী। °বার্ত্তিক (ক্লী)—কাত্যায়নকৃত পাণিনিসূত্র-বার্ত্তিক। °বিভূতি (স্ত্রী)—মহতী ঈশ্বরশক্তি, মহৈশ্বর্য্য। °বিরাট্ (-জ্) পুং —মহাবিষ্ণু। °বীচি (পুং)—নরকবিশেষ। "মনু ৪.৮৯। °বৈদ্য (পুং)—বুবৈদ্য। °ব্যাধি (পুং)—দুশ্চিকিৎস্য কুষ্ঠাদি রোগ। °ব্রণ (ক্লী)—দুষ্টব্রণ, নালী ঘা। °ভট (পুং)—মহাযোধ, অতিশূর। "মহাভটসিংহনাদ বা ভা ১৬৮। °ভয় (বিণ) অতিভীতিজনক। °ভয় (বিণ)—অতিভাববান। 'কি ১৪ ৪০। °ভাগবত (পুং) —পরমভগবদ্ভক্ত, মহাবৈষ্ণব। 'ভ ১ ১২.১৭, ৩২। চৈ চ ১১০। °ভাণ্ড (ক্লী)—বৃহদ্ভাজন। °ভাষ্য (ক্লী)—পতঞ্জলিকৃত পাণিনিসূত্রের বৃহদ্ভাষ্যগ্রন্থ। °ভাস্বর, °ভাস্বর (বিণ)—অতিদীপ্তিশীল। °ভিক্ষু (পুং)—শাক্যমুনি। °ভুজ (বিণ)—১ মহাবাহু, দীর্ঘভুজ। "গো রা ২ ৬২ ১৯। ২ মহাবল। 'রঘু ১ ১৩। °ভূত (ক্লী) —পৃথিব্যাদি পঞ্চভূত। 'গী ১৩ ৫ রঘু ১ ২৯। °মণি (পুং)—মহার্ঘমণি, উৎকৃষ্ট রত্ন। "শ ৬ ৬। °মণ্ডুক (পু)—পীতবর্ণ ভেক, সোনাবেঙ। °মতি (বিণ)—১ বুদ্ধিমান, মনীষী। ২ উদারচেতাঃ, মহাত্মা। °মৎস্য (পুং)—১ মহামীন, গ্রাহ (শতপথব্রাহ্মণ)। ২ বৃহৎ মৎস্য। °মনাঃ (-নস্) বিণ—মহাত্মা, মহাশয়। °মন্ত্র (পুং)—অমোঘ মন্ত্র, বৈদিক মন্ত্র. বিষঘ্ন মন্ত্র। °মন্ত্রী (-ন্ত্রিন্) পুং—প্রধানামাত্য। °মহাবারুণী (স্ত্রী)—শুভযোগযুক্ত মহাবারুণী। "গ ১৯২। ব.প ১৪৩১। °মহোময় (বিং)—মহাতেজোময়। "ভা চ ১৫৮। °মান্য (বিণ) —অতপূজ্য। °মার্গ (পুং)—রাজবর্ত্ম, বড়রাস্তা। °মূল্য (বিণ) —মহার্ঘ। (ক্লী)—বহুমূল্য। °মূষিক (পুং)—বৃহৎ মূষিক, মেটে বা গেছো ইঁদুর। °মৃগ (পুং)—১ হস্তী। ২ শরভ। °মেঘ (পুং) —নিবিড় মেঘ। 'গো রা ৩ ২৯ ১। °যশ্বন মহা ৩ ৪২ ৫। °যজ্ঞ (পুং) —১ ভূরিদক্ষিণ যজ্ঞ, মহাসত্র। "°যজ্ঞভাগহর (বিষ্ণু)। ২ গৃহীর স্বাধ্যায়াদি পঞ্চযজ্ঞ। দ্র 'পঞ্চবাণ২। "মনু ৩ ৬৯, ৪ ২২। °মোহন (বিণ)—অতিমোহজনক। °যন্ত্র (ক্লী)—সেতুবন্ধাদি। "মহাযন্ত্রপ্রবর্ত্তনম্ মনু ১১ ৬৪। °যশস্ক, °যশাঃ (-শস্) বিণ—মহনীয়কীর্ত্তি, পুণ্যশ্লোক। °যাত্রা (স্ত্রী)—১ তীর্থগমন, কাশীযাত্রা। ২ প্রত্যাবর্ত্তনহীন যাত্রা, যমপুরযাত্রা। "মে ৩১৬। °যান (ক্লী)—বৌদ্ধসম্প্রদায়বিশেষ। বিপ 'হীনযান'। °যুগ (ক্লী)—সত্যাদি চতুর্যুগ, মনুষ্যের ৪৩,২০,০০০ বৎসর। দ্র 'কল্প'। °যোগী (-গিন্) পুং—'মহাযোগসম্পন্ন', শিব, বিষ্ণু। °যোধ (বি)—মহাযোদ্ধা, মহাবীর। "ম ৫০০, মহাযোধপতি ৭৫১। °রক্ত (বি)—সমশোণিত। "কু ২৭৭। °রজত (ক্লী) —সুবর্ণ। "গো.রা ২ ১০৮ ২০। °রজন (ক্লী)—কুসুম্ভ পুষ্প। °রব, °রাব (পুং)—উচ্চৈঃশব্দ, তারস্বর। °রুদ্র (পুং)—মহাদেবের সংহারমূর্ত্তিভেদ। "ভা.চ ৪২। °রৌদ্র (বিণ)—অতিভীষণ। °রৌরব (পুং) —নরকবিশেষ। "মনু ৪ ৮৮। °লক্ষ্মী (স্ত্রী)—নারায়ণশক্তি। °লোল (বিণ)—অতিলোলুপ। °লোহ (ক্লী)—অয়স্কান্ত, চুম্বক। °শল্ক (পুং)—মৎস্যবিশেষ। "মনু ৩ ২৭২, °শাল (পুং)—মহাগৃহস্থ। "মুণ্ডকোপনিষৎ ১ ১ ৩। °শালি (পুং)—সুরভিধান্যবিশেষ (সুশ্রুত)। °শ্মশান (ক্লী)—কাশী। °শ্বাস (পুং)—শ্বাসরোগভেদ। "°সলোহ। °শ্বেতা (স্ত্রী)—সরস্বতী। °সংক্রান্তি (স্ত্রী)—সূর্য্যের মকররাশিতে সংক্রমণ, মকরসংক্রান্তি। °সত্তা (স্ত্রী)—সততবিদ্যমানতা। °সভা (স্ত্রী)—মহাগৃহ। °সর্গ (পুং)—প্রলয়ের পরে নূতন সৃষ্টি। °সারথি (পুং)—অরুণ। °সার্থ (পুং)—মহাবণিক্সঙ্ঘ। "ম বি ১০৮। °সিংহ (পুং)—শরভ। °সূক্ত (ক্লী)—ঋগ্বেদের দশম মণ্ডলের দশম সূক্ত। °সেন (পুং)—কার্ত্তিকেয়। "ম ম ২১৫। °সেনা (স্ত্রী) —বিপুলবাহিনী, মহাচমূ। °সৌখ্য (ক্লী)—অতিশয়সুখ (পঞ্চ)। °স্নেহ (পুং)—পরমসৌহার্দ্দ। "হি ২ ১। °স্বন, °স্বর (পুং)—মহারাব, উচ্চৈঃশব্দ। °হংস (পুং)—পরমহংস। "ভ ৬ ৫ ২৮। °হনু (বিণ) —উচ্চহনুবিশিষ্ট। "মহাহনুঃ (শার্দ্দূলঃ) মহা ৩ ৬৪ ৩১। °হরি (বি) —নৃসিংহ। 'ম ৭১১। °হবিঃ (-বিস্) স্ত্রী—উৎকৃষ্ট হোমদ্রব্য, গব্যঘৃত। °হাস (পুং)—অট্টহাস।]

মহৎ[২], **-হত্ত** বিং ১ বলবৎ, সবিশেষ। 'বোধ হয়, (ইঁহার) শোকের কোন মহৎ কারণ থাকিবেক।—কাদ ৪৫। ২ প্রধান, শ্রেষ্ঠ। "মহত্তজন-ভরসা মহত যে জন।—মা ১২৩। সেই মহাদুঃখ হবে মহৎ সহায় তোমাদের। —কা ২৮। ৩ বলবান. স্পর্দ্ধিত। "মোর ঘর ভাঙ্গে গঙ্গা কেমন মহৎ। —কৃ ২০। ২ উৎকৃষ্ট, দিব্য। 'সন্তোষগুণটি মানুষের মহৎ গুণ গ স ৫। ৫ গুরুতর, মারাত্মক। দেখিলাম যে, মোগল সেনাপতি হইতে তিলোত্তমার মহৎ অমঙ্গল ব প্র ১৫। মাধবের একটি মহৎ দোষ ছিল। —বিদ্যাসাগর। ৬ মহাত্মা, মহাশয়। "মহৎসেবা। অভিমান ছাড়িয়া .. দলাদলি মিটাইযা ফেলা উচিত। যিনি তাহা করিতে পারেন তিনিই মহৎ।—পা প্র ২০৭। —হৎ বি ১ [স্ত্রি মহতা] সরদার, প্রধান, মণ্ডল। 'মহতের বাড়ি নাগি চলিল গো চ ৪, ৫, ৬। ২ রাজা, ধনী, বড়লোক। 'মহতের ঝি শি ৯০, ১০২।

মহত দ্র 'মহৎ২।

মহতী দ্র 'মহৎ১।

মহৎকুল ক্লী [ষ ত] মহতের বংশ, মহদন্বয়।

মহত্তত্ত্ব ক্লী [কর্ম্মধা] 'মহৎ'-নামক তত্ত্ব। দ্র 'মহৎ১ পুং (৫)। "ভ ৩ ৫ ২৯। মহত্তত্ত্ব হ'তে পরে জন্মে অহঙ্কার বি পা ১২। মহত্তত্ত্ব হৈতে ত্রিবিধ অহঙ্কার চৈ চ ২১১।

মহত্তম বিণ [মহৎ+তম (তমপ), স্ত্রী -মা] ১ বৃহত্তম, অতিবিশাল। ২ ভূস্বামিবিশেষ। "ভয়ে অধিকাংশ মহত্তর মহত্তম…মহানায়কের শরণাপন্ন হইল।—শশাঙ্ক ২২৮। —ত্তর বিণ [+তর (তরপ্), স্ত্রী -তরা] ১ বৃহত্তর, বিশালতর। "(ঈশ্বরম্) বৃহত্তাশ্চ মহত্তরম্ (পাঠান্তর) মহা ৭ ২০০ ৬২। ২ বলবত্তর, প্রচণ্ডতর। "মুমোচ…শরজালং মহত্তরম্ মহা ৩ ১৬ ১৪। ৩ নিবিড়তর, অন্ধকঘন। "মহত্তরেণ তমসা ক সা ২৫ ১৬৪। ৪ উৎকৃষ্টতর, অতিবিশুদ্ধ। 'মহত্তরেণ রক্ষ্যন্তে শীলেনৈব কুলস্ত্রিয়. ক সা ৬৬ ৭। ৫ পূজ্যতর। "পিতা হৈতে মাতা তব অতি মহত্তর।—কৃ ৯৭। ৬ অধিকতর। "(কৃতম্) মহত্তরম্…মম প্রিয়ম্ গো রা ৪ ৪৪ ১২৮। —ত্তর পুং ১ অতিমহান্, শ্রেষ্ঠ। "এষা রঘুকুলমহত্তরাণাং বধূঃ উ চ ৪১২৬। ২ সচিব, অমাত্য। ৩ কঞ্চুকী।

৪ গ্রামাধ্যক্ষ, গ্রামীণ, প্রধান, মণ্ডল। "গ্রামঘোষমহত্তরাঃ (ভরতমনু-জগ্মুঃ) রা ২.৮৩.৩৫। ৫ শূদ্র, দাস। "ক.সা ৫.৩৪। ৬ জমিদার। দ্র 'মহত্তম১ (২)।

মহত্ত্ব ক্লী [মহৎ+ত্ব] ১ মহদ্ভাব, বিশালতা, বৈপুল্য। ২ গুরুত্ব, দুর্ভরতা। ৩ প্রথিমা, স্থৌল্য। "জঘনসা মহত্ত্বম্ মাঘ ১০.৭৭। ৪ পূজ্যত্ব। "ভ ১ ১৬ ৩০। করিলে দূর আপন মহত্ত্ব ক চ ১০৯। ৫ গ্রন্থবিষয়ে আধিক্য। "মহত্ত্বাদ্ ভারবত্ত্বাচ্চ মহাভারতমুচ্যতে মহা ১.১.২৭৪। ৬ শ্রেষ্ঠতা। "শূদ্রোঽপি মহত্ত্বমীয়াৎ রা ১.১.১০০। ৭ উচ্চতা, উচ্ছ্রায়। ৮ গুর্ব্বর্থতা, আবশ্যকতা। ৯ দীর্ঘতা, আয়াম। ১০ মহিমা, মাহাত্ম্য। "গঙ্গার মহত্ত্ব।—গ ১৬১। অজামিল উদ্ধারের যতেক মহত্ত্ব চৈ.ভা ২৫৮।

মহৎসেবা স্ত্রী [ষ ত] সজ্জনপরিচর্য্যা। "পা ৬ ৩.৪৬, সি।

মহৎস্রষ্টা বি মহত্তত্ত্বের স্রষ্টা। "°ষ্টা পুরুষ তিনি চৈ.চ ২৩।

মহদতিক্রম পুং [ষ ত] সাধুবিদ্বেষ, পূজ্যাতিক্রম। "হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ ভ ১০.৪.৪৬।

মহদনুগ্রহ বি মহতের কৃপা। "°নিগ্রহের সাক্ষী চৈ.চ ৩০৪।

মহদাশয় বিং ['মহাশয়' সাধু] মহাত্মা। "ইনি মহদাশয় হইলেও, তোমার অমঙ্গলের কারণ ব.দ্বি ৬।

মহদাশ্রয় পুং [ষ.ত] মহদবলম্বন। "কর্ত্তব্যো °য়ঃ (সু.র)।

মহদ্গুণ বি ['মহাগুণ' সাধু] উৎকৃষ্ট বা প্রশংসনীয় গুণ।

মহদ্দোষ বি ['মহাদোষ' সাধু] প্রধান দোষের বিষয়। "সকল ছেলেকে এবং সকল মেয়েকেই যে উদ্বাহসূত্রে সম্বদ্ধ হইতে হয়, এটা একটা মহদ্দোষ পা.প্র ১৩৮।

মহদ্ভয় বিণ [বহুব্রী] মহাভয়জনক, মহাভয়হেতুভূত। "মহদ্ভয়ং বজ্র-মুদ্যতম্।—কঠোপনিষৎ ৬.৩।

মহনীয় বিণ [√মহ + অনীয় (অনীযর্)-র্ম্ম] ১ পূজনীয়, প্রশস্ত। "°কীর্ত্তেঃ রঘু ২ ২৫। ২ পূজ্য, অনুগ্রহনীয়। "°শাসনঃ (ক্ষিতীশঃ) রঘু ৩.৬৯।

মহন্ত পুং [√মহ + অন্ত (ঝচ্)-র্ম্ম, তু 'সং মহৎ > প্রা মহন্ত (মহামুনি—হে), হি, প, ঠ, গু মহংত, বা মোহন্ত] ১ মঠস্বামী। ২ (বাঙ্গলায়) তপঃসম্পন্ন, মহাতপাঃ। "মহন্ত মুনির ঠাঁই, আমার নাহি বড়াই।—গ ১৭৯। ৩ সাধু, সন্ন্যাসী। "গো.চ ৩৯৮, ৪১৬।

মহম্মদ বি [আ মুহম্মদ্] ইসলামধর্ম্মের প্রবর্ত্তক ধর্ম্মাচার্য্য [৫৭০ খৃষ্টাব্দে আরবদেশে মক্কানগরে ইঁহার জন্ম হয়। প্রসিদ্ধি, ইনি ধর্ম্ম-প্রচারক ঈশ্বরের দূত। ইঁহার পিতা আব্দুল্লা, মাতা আমীনা, কন্যা ফতেমা, জামাতা আলি, দৌহিত্র হাসেন ও হুসেন।] [মহম্মদীয় ধর্ম্ম—মহম্মদ কর্ত্তৃক প্রবর্ত্তিত ইসলাম ধর্ম্ম। "মহম্মদীয় ধর্ম্মই সত্যধর্ম্ম ব.প্র ৭৩।]

মহরম বি [আ মুহর্‌রম্] ১ মুসলমানদিগের বৎসরের প্রথমমাস। ২ মুসলমানদিগের পর্ব্ববিশেষ, গোঁয়ারা। [কারবালা রণক্ষেত্রে হুসেন মহরমের দশম দিনে এজিদের সঙ্গে যুদ্ধে নিহত হন। এই পর্ব্ব তাঁহারই শোকস্মৃতিস্বরূপ। 'মহরম' শব্দের অর্থ 'বিলাপ'। এই পর্ব্বে মুসলমান-সম্প্রদায় হুসেনের মৃত্যুর জন্য শোক প্রকাশ করেন।]

মহরী, -হুরি, -রী, মুহরি, -রী, -হুরি, -রী, মোহরি, -হুরী বি [সং মধুরী > প্রা *মহুরী > বা মহুরী, -রি, মুহরী, -রি, মুহরী, -রি, মোহ(হু)রি, মহরী] ১ বাদ্যবিশেষ। "ধুসরী মহরী কৃ ২৫৬; ম ৭৫২, ম ম ৪৫। ঝাঝরি মহরি।—ম ৮৪৭, মোহরি ৮৪৫, ঢাকা। মুহরি ক.চ ৯৪, মুহরী ২০৩, মুহরী ৩০৮। মহরী শ্রী.ম ৭, মুহরি ১৬৩,-৯। মোহরি চৈ ম ৬৭, মুহরি ৮১। মুহরি চ.বি ২২২, ২৬৫। মোহরি ব.প ৬০৯, গ ৫০। ২ বাঁশীর যে অংশ বাজে, বাঁশীর মুখ। "টিনের মুহরি দেওয়া তল্‌তা বাঁশী।—হু ২২।

মহর্জগৎ, -র্লোক দ্র 'মহঃ২।

মহর্দ্ধি বিণ [মহতী ঋদ্ধি যাহার, বহুব্রী] অতিসমৃদ্ধ, মহাধনী। —র্দ্ধি স্ত্রী [কর্ম্মধা] অতিশয় সমৃদ্ধি; প্রচুরধনবত্তা। "মহর্দ্ধিসম্পন্ন। —পঞ্চ ২১৬২৬।

মহর্ষভ পুং [মহান্ ঋষভ, কর্ম্মধা] মহাবৃষভ। "কি ১৪.৪০।

মহর্ষি পুং [মহান্ ঋষি, কর্ম্মধা] ১ মরীচি প্রভৃতি দশ প্রজাপতি। "রা ১.৫৪.৪। মহর্ষীণাং ভৃগুরহম্ (অস্মি) গী ১০.২৫। অসৃজৎ মহর্ষী-নাদিতো দশ মনু ১৩৪। ২ বাল্মীকি। "রা ১.২.৪০। ৩ ব্যাস। "মহর্ষেঃ (ব্যাসস্য) মহা ১.১.২৫। ৪ নারদ। "মহা ৩ ৬৬.৫। ৫ কণ্ব। "শ ১২৩৪। ৬ শিব। ৭ বুদ্ধ।

মহল বি [আ মহাল্] ১ কলেক্টরীর তৌজিতে এক দফায় লিখিত জমি। ২ জমার সমষ্টি। ৩ জমিদারী, তালুক, এষ্টেট্। ৪ [আ মহল্] রাজপ্রাসাদ, বাড়ী। "আপনার মহলক গেল গো.চ ২৫; ২৩৩। ৫ অধিষ্ঠিত স্থান। "আনন্দে রহিলা মাতা আপন মহলে: (রহে) মহেশ্বরী দেবী ললাট মহলে চ.বি ৩৩২। ৬ [আ মহল্লহ; হি মহল্লা; ঠ মহলা] বাড়ীর বিভাগ। "অন্দর°, সদর°। মহলে নাহিক মহারাজ শ্রী ৭৮। সপ্তম মহলে তোলে চণ্ডীর দেউল ক.চ ৭৯। ৭ [আ মহল্] অন্তঃপুর, অন্দরমহল। "ছয় মাসের কাহিলা রাজা মহলের ভিতর গো.চ ১০। শ্রী ১৫৬; মহল দুয়ারে আসি ডেকে কন রায় শ্রী ১৬৯; ২১৩। শ্রীমতীর মহল ভ.গ্র ৪৩৯। ৮ শহরের বিভাগ; পটী, টোলা, পুরা, পাড়া। ৯ সমাজ। "ছাত্র°, হিঁদু°। মোসলমান মহলেও বাবুর বিলক্ষণ প্রতিপত্তি।—হু ৪০। ১০ দল। "প্যালানাথ বাবুর বাই ও খেমটা মহলে বড় মান।—হু ৪০। —হলা২ বি সর্থ 'মহল' (৬)। "দো°, তে°। [মহলক, -লত (গো.চ)। মহলানবিশ—উপাধিবিশেষ।]

মহলা১ বি [মহল > °লা (?)] ১ শিক্ষিতবিষয়ের পরীক্ষা বা পরিচয়। "পদ্মার নিকটে করে আপন মহলা ক.চ ২৬৬। করাইলা মহলা ময়নার মহীনাথে শ্রী ৫২, তোমার সাক্ষাতে বাপা করিব মহলা: তোর বুঝিনু মহলা শ্রী ৬১। ২ কোন বিষয়ের অভ্যাস। "মহলা করয়ে গজ তুরঙ্গ পদাতি ক.চ ১০১। দিনে দিনে যত সেনা মহলা করিল চ.বি ১২৯। ৩ নৃত্যগীতাদির অভিনয়শিক্ষা বা ছায়াভিনয় (rehearsal)।

মহলা২ দ্র 'মহল'।

মহল্ল১, -ল্লক, -ল্লিক পুং [তু 'আ মহল্, মহল্লহ্] অন্তঃপুররক্ষক, খোজা। —ল্ল২ পুং কঞ্চুকী। —হল্ল৩ বি বাড়ী। "গো.চ ১৮১। —ল্লা বি সর্থ 'মহল (৮)।

মহল্ল২, মহল্ল৩, মহল্লক, মহল্লা, মহল্লিক দ্র 'মহল্ল১।

মহস্, মহাত্মন্; মহসিল দ্র 'মহঃ১; মসিল'।

মহা১ দ্র 'মহৎ১।

মহা২ বিং [দ্র 'মহৎ১] ১ অত্যন্ত, সমধিক। "মহা আনন্দ; মহা উৎসাহ। মহা কুঁড়ে। ২ আড়ম্বরবিশিষ্ট। "মহা উৎসব। ৩ উৎকট। "মহা রাগী। ৪ অতিনিপুণ। "শিনির নন্দন বীর মহা জে ধানুকী অ.প ৭৩। ৫ মারাত্মক। "মহা অনিষ্ট। ৬ অতিভক্তিপূর্ব্বক। "গোপালের মহা সেবা চৈ.চ ৯৫।

মহাঁমদ বি মহম্মদ। "ব্রহ্মা হৈল মহাঁমদ।—শূ ১৪১।

মহাকচ্ছ পুং [বহুব্রী] ১ 'মহাতীর', সমুদ্র। ২ বরুণ।

মহাকাব্য ক্লী [কর্ম্মধা] সর্গবন্ধরূপ অষ্টাধিকসর্গক কাব্যবিশেষ—রঘুবংশ-কুমারসম্ভব-প্রভৃতি। দ্র 'সা দ ৬.৩১৫-৩২৪।

মহাকায় বিণ [বহুব্রী] বিশালদেহ। "গো.রা ৩.৩৬.২৩। —কায় পুং ১ হস্তী। ২ বিষ্ণু। ৩ শিব। ৪ নন্দী। —কায় পুং [কর্ম্মধা] বিশাল দেহ।

মহাকাল পুং [কর্ম্মধা] ১ অনবচ্ছিন্ন কাল। ২ সংহারমূর্ত্তিধর শিব; মহাদেব। "মহাকালেন চ সমম্ (কালিকাধ্যান)। °সীমন্তিনী।—প্রাম ৭।

৩ ভৈরববিশেষ (ভ.বা)। ৪ প্রমথবিশেষ (মেদিনী)। "ম ১২; ৪২। জ্ঞা.চ ৬৩; ৫০২। ৫ উজ্জয়িনীস্থ শিবলিঙ্গবিশেষ। "মিহেশো °হপ্যুঃ ক.সা ১১.৩২; ৩৭.৪। কাদ ১৮। ৬ বিষ্ণু। ৭ নন্দী। ৮ সর্পবিশেষ, ময়াল সাপ। "ক.চ ১৮১। ম.জা ৩৪। ৯ কৃষ্ণবর্ণ লতাবিশেষ; মাকাল। "মহাকালের ফল গো.চ ২৫৮। বি.পা ২৯৫। ১০ (বাংলায়) অস্ত্রবিশেষ। "গ ২৩। —কাল স্ত্রী মহাকালাধিষ্ঠিত-স্থান। "মহাকালনিকেতনস্য বসন্নদূরে কিল চন্দ্রমৌলেঃ রঘু ৬.৩৪। পু.মে ৩৪। —কালী স্ত্রী ১ পঞ্চবক্ত্রা অষ্টভুজা মহাকালপত্নী (তন্ত্র)। ২ জৈনদেবীবিশেষ। [নন্দী মহাকাল (একার্থক)—নন্দী। "ম ১২। ম.ঙ্গ ২১১।]

মহাকালী দ্র 'মহাকাল'।

মহাকুমারগুপ্ত পুং শাসনকর্তার উপাধি। "শশাঙ্ক ২২৭।

মহাকুলীন বিণ [°ল+ঈন (খ)] মহাকুলের অপত্য, সদ্বংশ্য। "°নঃ···দাশরথিঃ ভট্টি ৫.৭৭। °ন তুমি চৈ.চ ৯৫।

মহাক্ষত্রপ পুং [°ত্র+√পা+অ (ক)-ক, উ.ত; cf., Av shoithrapaiti; Gr, L. satrapes; F. satrape, E. satrap, সং ছত্রপতি] মহামণ্ডলেশ।

মহাগন্ধ পুং [বহুব্রী] ১ 'অতিসৌরভ', কুটজ। ২ জলবেতস। —গন্ধ স্ত্রী ১ হরিচন্দন। ২ বোল (gum-myrrh)।

মহাগুরু বিণ [সুপ্সুপা] পরমপূজ্য। "তুমি সে গুরু গুরুর হও °রু। —ম ৬৪৮, °রু পিতামহ ৯৯৫। —গুরু পুং [কর্ম্মধা] ১ পিতা মাতা ও আচার্য্য। "°নিপাত।—অত্রি ১৮৬। মহাগুরু জনক জননী বিসু ১৫৬। পিতা মাতা আচার্য্য···মহাগুরু ব.প ১৭১৯। মহাগুরুর মহাগুরু পা.প্র ৭০। ২ পিতা পিতামহ প্রপিতামহ মাতা ও আচার্য্য। "আশ্বলায়নগৃহ্যসূত্র ৪.৬.৩। ৩ পতি। 'পতিরেকো গুরুঃ স্ত্রীণাম্'। রমণীর °রু ভর্ত্তা বি.সু ১৬০। ৪ অদত্তা কন্যার পিতা ও মাতা।

মহাগোলক বি পরব্রহ্মধাম। "দু ৪৬, ৫৯।

মহাঙ্গ বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী; তু 'মহংগ'—উষ্ট্র (দেশী ৬.১১৭)] মহাকায়। —ঙ্গ পুং ১ শিব। ২ উষ্ট্র। "কণ্টক আহার যেন করয়ে মহাঙ্গ।—চৈ ২০৭। ৩ মহামূষিক। ৪ রক্তচিত্রক।

মহাঙ্গা বিং [সং মহার্ঘ>লি, মহগ্‌ঘ, প্রা মহগ্‌ঘ, *মহংঘ>বা °ঙ্গা, হি মহঁগা; ঠ মহর্গ,-র্ঘ, মংহগী (দুর্ভিক্ষ), মাহাঙ্গা (চট্টগ্রাম); মাঙ্গা, মাগ্‌গি (কথ্য)] দুর্ম্মূল্য।

মহাজঙ্গ বি [মহা+জঙ্গ] মহাযুদ্ধ। "শি ৬৫।

মহাজন পুং [কর্ম্মধা] ১ জনসমবায়, লোকসমূহ। "কশ্মাৎ···°সমাকুলাঃ রা ২.৫৭.১৭। ২ বহুজন, অধিকাংশ লোক। "মহাজনো যেন গতঃ স পন্থাঃ মহা ৩.৩১২.১১৭, পঞ্চ ৫ তুষ্ট। মাঘ ৩২৮। ৩ মহাপুরুষ, সাধুপুরুষ। "ক্রোধ হইয়া কামবান টানে মহাজন।—মী ১০। মহাজন কৃষ্ণদাস জানএ সকল চৈ.ম ১৮৯। দ্র (৯)। ৪ মহাত্মা, মহাশয়। "আমা সভা ছাড়ি কোথা গেল মহাজন।—ম ৯৭৯। কি বলিতে পারি আমি শুন মহাজন ম.বি৮৪,-৫। চ.বি ১৭। তুমি ত পণ্ডিত মহাজন ম.ম ১৩০। ৫ মন্বাদি শাস্ত্রকার। "ভ ৬.৩.২৫। ৬ পূজ্য। "মাঘ ৩.২৮। ৭ ধর্ম্মতত্ত্বজ্ঞ। "সেই লিখি—যেই শুনি মহাজন হৈতে চৈ চ ৩১। ৮ বণিক্, ব্যবসায়ী, সওদাগর। "°লোক গুড় বেপারির ভরে জ.প্র ৩৬০। ৯ (বাংলায়) মূলধনী (capitalist)। "মৃণালিনী। —তুমি ব্যবসায়ী বট। তোমার মহাজন কে? গিরিজায়া।—যে মহাজন।—ব.প্র ১১৭। ১০ মহাবীর। "নিবারণ করে বাণ ভীম মহাজন। —ম ৮৩২। ১১ উত্তমর্ণ। বিপ 'খাতক'। "খাতকদিগের সম্বৎসরের বহু টাকা আবশ্যক, সকলি মহাজনের ঘর হইতে আনে।—নী ৭৩।

মহাজনী বিং [°ন+ঈ°] মহাজনসম্বন্ধী, মহাপুরুষোচিত। "(রায়) দেখে মহাজনী ঠাট গঠনে বুঝায় ব.প ১৪৮৯। —জনী বি ১ মহাজনের কাজ; বণিক্‌কর্ম্ম, সওদাগরী। ২ টাকা-দেনা-নেনা, তেজারতী।

মহাজ্ঞান ক্লী [কর্ম্মধা] ১ শিবারাধনায় শিব হইতে প্রাপ্ত মৃত্যুঞ্জয় জ্ঞান।—ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, প্রকৃতিখণ্ড, ৪৬শ অধ্যায়, ১৫-১৯। ২ (বাংলায়) শিবের সর্ব্বজ্ঞতাশক্তি। "বিমর্শিয়া দেখে হর ভাবি মহাজ্ঞান গো.বি ১৩। ৩ দিব্য গাড়ুরবিদ্যা। "মহাজ্ঞান হরিলাম চান্দর ম ম ৪; মহাজ্ঞান দিল নেতা ৭৫; ৯১,-২।

মহাজ্ঞানী (-নিন্) পুং [°ন+ইন্ (ইনি)-১ব] ১ 'মহাজ্ঞানবান্', পরমপণ্ডিত। ২ মহাদেব। ৩ (বাংলায়) মহাবিষবৈদ্য, মহাগারুড়িক। "মহাজ্ঞানী হয় ওঝা ম.ম ৬৮।

মহাটবী স্ত্রী [কর্ম্মধা] মহাবন। "বিনশন"।—রঙ্গ ৬।

মহাঢ্য বিণ [সুপ্সুপা] মহাধনী। "ক.সা ২৫.১১৮।

মহাতেজস্কর বিং অতিদীপ্ত, সমুজ্জ্বল। "আভরণ °র মে ১৫।

মহাতেজাঃ (-জস্) বিণ [বহুব্রী, স্ত্রী -জাঃ] ১ মহাতেজস্বী, মহাপ্রভাব। "মনু ১.৬২। ২ অতিদীপ্ত, সমুজ্জ্বল। ৩ শত্রুকৃতধর্ষণাসহিষ্ণু, মহাশূর। "রা ১.১.৫৭। —তেজাঃ পুং ১ কার্ত্তিকেয়। ২ অগ্নি। ৩ মহাদেব। —তেজঃ ক্লী [কর্ম্মধা] পাবদ।

মহাতেজী বিং মহাতেজস্বী, মহাপ্রভাব। "চৈ.ভা ৩৪১।

মহাতোদ্য ক্লী [মহৎ আতোদ্য, কর্ম্মধা] বৃহৎ ঢক্কাবিশেষ। "তত্রাহত-মহাতোদ্যো তামপশ্যন্ ক সা ৭১.৭৬।

মহাত্মা (-ত্মন্) বিণ [মহান্ আত্মা যাঁহার, বহুব্রী,-১ব; স্ত্রী -ত্মা] ১ উদারচরিত, মহামনাঃ, মহাশয়। "নারদেন মহাত্মনা বা ১.৩. ৯। স্বিবস্তি মন্দাশ্চরিতং মহাত্মনাম্ কু.স ৫.৭৫। ২ অক্ষুদ্রচিত্ত (শঙ্কর); সুকৃতসংস্কৃতচিত্ত। "গী ৯.১৩। ৩ মহানুভাব। "মনু ১.৪; ৪১ ৪ অক্ষুদ্রস্বভাব (শঙ্কর)। "গী ১১.২০, ৩৭। ৫ অপরিচ্ছিন্নদৃষ্টি, ব্রহ্মভূত (টীকা)। "গী ৭.১৯। —ত্মা পুং ১ পরমাত্মা। "রা ১.১. ৭৮। মনু ১৫৪। ভ ৬.৪.২৮। ২ মহত্তত্ত্ব। "ভ ২.৭.২৫।

মহাত্রান বি [মহত্তর+দান (?)] শূদ্র বা দাসকে প্রদত্ত নিষ্কর ভূমি। "ফকিরান ও লাখেরাজ ও মহাত্রান E.P 95.

মহাদণ্ডনায়ক পুং [কর্ম্মধা] প্রধানবিচারপতি (Chief magistrate)। "শশাঙ্ক ৯৪।

মহাদান ক্লী [কর্ম্মধা] ১ তুলাপুরুষাদি ষোড়শ দান (মৎস্যপুরাণ)। "অত্রি ৩৮৬। ২ (বাংলায়) প্রচুর নদীতরণশুল্ক বা খেয়ার কড়ি। "বারহ বরিষেকের মোর মহাদান শ্রী.কী ৪৩। দেহ মহাদান রাই।—জ্ঞা ১৪৩। —দানী বি ১ মহাদাতা। "শ্রী ২৮। ২ মহাদানগ্রাহক, দানিরাজ। "কাহ্ন মহাদানী শ্রী কী ৪২। জ্ঞা ১৪২; আমি পথে মহাদানী ৮৪৩,-৪।

মহাদানী দ্র 'মহাদান'।

মহাদেও বি [অপ্র] মহাদেব। "ম ম ২১৯।

মহাদেব পুং [কর্ম্মধা] ১ 'শ্রেষ্ঠদেব', শিব। 'যচ্চ বিশ্বং মহৎ পাতি মহাদেবস্ততঃ স্মৃতঃ মহা ৭.২০১.১৩২। ২ শিবের সোমমূর্ত্তি। 'মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ'। ৩ বিষ্ণু। —দেবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মহাদেবপত্নী, ভবানী। "মহা ১৪.৪৩.১৫। ২ [কর্ম্মধা] 'শ্রেষ্ঠ দেবী', মহিষী, মহারানী। "ক.সা ৫.২৯। কু ১৫৫। মহাদেবী দ্রুপদনন্দিনী —ম ৩৭৭। অ.প ৯। ম.পা ১৬৪।

মহাদেবা বি [°ব>°বা, দ্র 'আ'[১৩], অপ্র] মহাদেব। "মী ১৭।

মহাধন বিণ [বহুব্রী] ১ প্রচুরধনবান্, মহাধনী। "বাণিজ্যেন মহাধনাঃ রা ২.৩৬.৩। বাণিজ্যে মহাধনঃ।—হি ২৪। মহামূল্য। ২ "মণিভিশ্চ মহাধনৈঃ রা ২.৩২.১৪। কি ১.৩৮। —ধন ক্লী [কর্ম্মধা] ১ প্রচুরধন, বিপুলবিত্ত। ২ শ্রেষ্ঠধন। দানে নৈব ক্ষয়ং যাতি বিদ্যারত্নং

মহাধনম্ (সু র) । ৩ সুবর্ণ । ৪ সিহ্লক, শিলারস । ৫ মূল্যবান্ পরিচ্ছদ । ৬ মূল্যবান্ দ্রব্যমাত্র । ৭ কৃষি ।

মহাধন্দ বি মহাসংশয়, মহাগোল । "মিথ্যা কথা কহি যেটা পাড় মহাধন্দ ক.চ ১০৯ ।

মহাধমাধম বিং [মহা+অধমাধম] অতিনীচ-নীচ, অতিনীচাশয় । "মুঞি মহাধমাধম চৈ.ম ১২১ ।

মহাধর্ম্মাধ্যক্ষ পুং [কর্ম্মধা] প্রধান বিচারপতি (Chief Justice) । "শশাঙ্ক ৯৪ ।

মহান্ বিণ [দ্র 'মহৎ[১]'] ১ উচ্চৈঃ, তার । "তাহারি মহান্. গম্ভীর মঙ্গলধ্বনি শুনা যায় সমুদ্রে স.ব ১৭ । ২ সুদীর্ঘ । "মর্ম্মান্তিক মহান্ নিশ্বাস ।—কা ৪৫ । ৩ অব্যর্থ, অমোঘ । "মহান্ ঔষধি ।—চু ৫০ । ৪ শ্রেষ্ঠ । "মহান্ গোলক বলি তারে সবে কন ।—চু ২৯ । ৫ মারাত্মক, সাঙ্ঘাতিক । "মহান্ দোষ ।—হ ৭৯ । ৬ অত্যুৎকৃষ্ট । "অত্যুদার মহান্ ভাব পা প্র ৩০ ।

মহানদ পুং [কর্ম্মধা] বৃহৎ নদ । "°দ ব্রহ্মপুত্র ।—কা ৪২ । —নদী স্ত্রী [°দ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শ্রেষ্ঠনদী, গঙ্গা, অলকনন্দা । "মহা ৩. ১৪২.৪ । ২ কটকস্থ নদীবিশেষ ।

মহানন্দ পুং [কর্ম্মধা] ১ মহাহর্ষ । ২ [বহুব্রী] যাহাতে মহানন্দ, মোক্ষ, মুক্তি । ৩ বেণুবিশেষ । —নন্দা স্ত্রী [°ন্দ+স্ত্রী আ (টাপ্)] ১ সুরা । ২ নদীবিশেষ । ৩ মাঘশুক্লনবমী । ৪ অগ্নিকোণস্থদুর্গামূর্ত্তি । 'মহানন্দাগ্নিকোণে (আহ্নাতত্ত্ব) । ৫ (বাঙ্লায়) মহানন্দদায়িনী । "ভা.চ ৫১১ ।

মহানন্দা দ্র 'মহানন্দ' ।

মহানস ক্লী [মহৎ অনঃ (উপকরণ) যাহাতে (অ টা), বহুব্রী, সংজ্ঞার্থে 'অ' (টচ্) পা ৫.৪ ৯৪] রসবতী, রন্ধনশালা, 'পাকভোজনশালা' (শ্রীধর) । "ভ ৪.৫.১৪ । পঞ্চ ৫২/৮ । শ্রী.মা ২৭ । —নসী স্ত্রী রন্ধনশালার পরিচারিকা ।

মহানসী দ্র 'মহানস' ।

মহানাদ বিণ [বহুব্রী] মহাশব্দকারক, মহাধ্বনি । "অশনীশ্চ মহানাদাঃ (উপশিশ্বন্) মহা ৩.৪৪ ৪ । —নাদ পুং ১ হস্তী । ২ সিংহ । ৩ উষ্ট্র । ৪ শঙ্খ । ৫ কাহলবাদ্য । ৬ বর্ষণশীলমেঘ । ৭ [কর্ম্মধা] উচ্চৈঃশব্দ, মহাধ্বনি ।

মহানায়ক পুং [কর্ম্মধা] ১ প্রধান নায়ক । ২ উচ্চপদস্থ সামন্তরাজগণের উপাধি (Archduke) । "শশাঙ্ক ৭১ ।

মহানিশা স্ত্রী [কর্ম্মধা] ১ নিশার মধ্যস্থ প্রহরদ্বয় । 'মহানিশা তু বিজ্ঞেয়া মধ্যস্থপ্রহরদ্বয়ম্ ।—পরাশর ১৯ ২৪ । (মতান্তরে) 'মহানিশা দ্বে ঘটিকে রাত্রের্মধ্যমযাময়োঃ ভ ৯ ১৪.২৭ । ২ দুর্গা ।

মহানীল বিণ [সুপ্‌সুপা] গাঢ়নীল । —নীল পুং ১ মণিবিশেষ, ইন্দ্রনীল । "রঘু ১৮.৪২ । মহামহানীলশিলা মাঘ ১.১৬ । ২ ভৃঙ্গরাজ । ৩ গুগ্‌গুলুবিশেষ । —নীলী স্ত্রী নীলাপরাজিতা ।

মহানীলী দ্র 'মহানীল' ।

মহানুভাব বিণ [বহুব্রী] ১ মহাপ্রভাব, প্রতাপশালী । "°ব নরপতিগণ সী ২৭ । ২ মহাত্মা, মহাশয় । "রা ২.১৮ ৪১ । গী ২ ৫ । মাঘ ১.১৭ । ৩ সুকৃতী, পুণ্যবান্, ধন্য । ৪ ধর্ম্মী, ধার্ম্মিক ।

মহান্ত বি [দ্র 'মহন্ত', হি ঠ, প মহংত] ১ সাধু, মহাভক্ত । "এই মত স্তুতি করে সকল মহান্ত চৈ.ভা ২৯০, ৩৬২ । মহান্ত সব ভক্তিরস্-দক্ষ শ্রী ম ২৬৪ । °স্বরূপে চৈ.চ ৩ ; °স্বভাব ১১৬ ; (বেশ্যা) হৈলা পরম মহান্ত ২৭৩ । ভ.প্র ১১৩,-২৯ । চৈ.ম ৩ । ২ ধর্ম্মপরায়ণ । "(মুরারি) ধর্ম্মচর্য্যায় রত মহান্ত (কৃত্তিবাসের আত্মপরিচয়) । ৩ মঠস্বামী, ধর্ম্মসম্প্রদায়াধ্যক্ষ ।

মহান্বয় বিণ [মহান্ অন্বয় যাহার, বহুব্রী] উচ্চবংশজাত, অভিজাত । "ক সা ৫২.৭৫ । —ন্বয় পুং [কর্ম্মধা] উচ্চবংশ, সৎকুল ।

মহাপক্ষ বিণ [বহুব্রী] ১ বহুসহায় । ২ বহুপুত্রাদিপরিবার, বহুগোষ্ঠী । "মনু ৮.১৭৯ । —পক্ষ পুং 'বৃহৎপক্ষ', গরুড় ।

মহাপঞ্চবিষ ক্লী [কর্ম্মধা] শৃঙ্গী কালকূট মুস্তক বৎসনাভ শঙ্খকর্ণী —এই মিলিত পঞ্চবিষ ; বৃহদ্‌বিষপঞ্চক (রাজনির্ঘণ্ট) ।

মহাপঞ্চমূল ক্লী [কর্ম্মধা] বিল্ব অগ্নিমন্থ শোনাক কাশ্মীরী পাটলা —ইহাদের মিলিত মূল (রাজনির্ঘণ্ট) । "সুশ্রুত ৪.২০.৩২ ।

মহাপথ পুং [মহান্ পন্থা, কর্ম্মধা, সমাসান্ত 'অ'] ১ বিস্তীর্ণ পথ ; রাজবর্ত্ম, বড় রাস্তা । "ছান্দোগ্য ৮.৬ ২ । সুনির্ম্মিত° রা ২.৮০.১৯ । সন্তানকাকীর্ণ° কু স ৭.৩ । ২ বহির্মার্গ । "সুবিভক্ত° রা ১৫.৭ । ৩ মৃত্যুপথ । "পিতা যাতো মহাপথম্ ক.সা ২.৪৩ ; ৩০.৫৯ , (ধর্ম্ম) রাজা ছাড়ি মহাপথ করিল গমন ব.প ৭১০ । ৪ সুষুম্না । ৫ কেদারনাথদর্শনার্থ যাত্রা । ৬ নরকবিশেষ । "যাজ্ঞ ৩.২২৩ । —পথ ক্লী ব্রহ্মরন্ধ্র । [°গম (পুং)—মরণ ।]

মহাপদ্ম পুং [°দ্ম+অ (অচ) অস্ত্যর্থে] ১ 'মহাপদ্মচিহ্নযুক্ত', নাগবিশেষ । দ্র 'অষ্টনাগ' । ২ কুবেরের নিধিবিশেষ । দ্র 'নবনিধি' । ৩ দক্ষিণদিকের দিগ্‌গজ । "রা ১ ৬.২৪ । মভা ৬.৬৪.৫৭ । —পদ্ম ক্লী ১ লক্ষকোটিসংখ্যা (লীলাবতী) ; দশ নিখর্ব্ব (অ.চি) ; শত পদ্মসহস্র (গো বা ৬.৪.৫৮) । °দ্মং নিখর্ব্বং মহা ২.৬৫.৩ । ২ শুক্লপদ্ম । [°পতি (পুং)—মহাপদ্মসংখ্যক সেনা বা ধনের অধিপতি । "ভ ১২.১.৮ ।]

মহাপবন বি বায়ুমণ্ডল । "°ন হরষে ধায় ।—রবীন্দ্র ।

মহাপরাহ্ণ পুং [কর্ম্মধা] অপরাহ্ণশেষ । "পা ৬.২ ৩৮ ।

মহাপাটেশ্বরী বি শ্রেষ্ঠ পাটরাণী । "হবে °রী চ.বি ১৩০ ।

মহাপাত পুং [কর্ম্মধা] পক্ষীর দীর্ঘগতিভেদ । দ্র 'ডীন' । "মহাপাতং নিপাতনম্ পঞ্চ ২.৬০ ।

মহাপাতক ক্লী [কর্ম্মধা] ১ ব্রহ্মহত্যা নিষিদ্ধসুরা-পান চৌর্য্য বিমাতৃগমন—এই চতুর্ব্বিধ পাতক ও এই সকল পাতকীর সহিত সংসর্গ । 'মনু ১১.৫৫ । বিষ্ণু ৩৫.১-২ । ২ গুরুপাপমাত্র । —পাতকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -কিনী] ১ মহাপাতকযুক্ত, কৃতমহাপাতক । "বিষ্ণু ৩৫.৬ । ২ যে পিতা মাতা ভার্য্যা গুরুপত্নী পালন করে না (ব্রহ্মবৈবর্ত্ত) । ৩ মহাপাপকারী । "সী ২২ ।

মহাপাত্র পুং [কর্ম্মধা] ১ মহামন্ত্রী, প্রধানামাত্য । "ক.চ ২৮২ । ব.প ৪৯২ । শ্রী.মা ১৮ । চৈ ১৪৭ । বি সু ১২৩ । ২ (বাঙ্লায়) হিন্দুর উপাধিবিশেষ ।

মহাপায়া, -হাপাল বি [আ মুহাফ.হ , ঠ মহাপা , মৈ মহফ্‌ফা] শিবিকাবিশেষ । "মহাপাল চড়ি মহীপাল সুতা বা.দ ৪৮ ।

মহাপাল দ্র 'মহাপায়া' ।

মহাপীঠ বি বিষ্ণুচক্রে ছিন্ন সতীর অঙ্গ যে যে স্থানে পড়িয়াছিল, সেই সেই স্থান । 'ভা.চ ৫০ ।

মহাপুরাণ ক্লী [কর্ম্মধা] সর্গাদিদশলক্ষণবিশিষ্ট পুরাণ । 'সর্গোঽস্যাথ বিসর্গশ্চ বৃত্তিরক্ষান্তরাণি চ । বংশো বংশানুচরিতং সংস্থা হেতুরপাশ্রয়ঃ ॥ —ভ ১২.৭.৯ ।

মহাপুরুষ পুং [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠনর, পরমপুরুষ, মহাত্মা । "উ.চ ৬৭ । ২ আসুরভাবরহিত পুরুষ । 'বিহায়াসুরং ভাবং মহাপুরুষতাং গতঃ (ভবান্) ভ ৬.১২ ২০ । ৩ নারায়ণ । ৪ বিরাট্ পুরুষ । "চৈ.চ ২৪ । ৫ (বাঙ্লায়) নিজ হস্তের চারি হস্ত পরিমাণ দীর্ঘাকৃতি পুরুষ । 'দৈর্ঘ্য-বিস্তারে যেই আপনার হাতে । চারিহস্ত হয়, মহাপুরুষ বিখ্যাতে ॥ —চৈ.চ ১০ ।

মহাপ্রতীহার পুং [কর্ম্মধা] পুররক্ষিগণের সেনাপতি ; নগরপাল (Prefect of the city)। "শশাঙ্ক ৪৩।

মহাপ্রপঞ্চ পুং [কর্ম্মধা] স্থূল সূক্ষ্ম ও কারণশরীরের প্রপঞ্চের সমষ্টি (বেদান্তসার)।

মহাপ্রভু পুং [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠ অধিপতি , সম্রাট্। ২ পরমেশ্বর। ৩ ইন্দ্র। ৪ শিব। "ভৃঙ্গী কহে, মহাপ্রভু! কি আছে মন্দিরে ভা চ ৮৮। ৫ বিষ্ণু। ৬ শ্রীচৈতন্য। "সর্ব্বাণ্যেব মহাপ্রভুং তব বিনা শূন্যানি মন্যামহে।—মহাপ্রভু বিনা মোরে সব লাগে শূন্য।—চৈ ৪। চৈ চ ৮২। ৭ নিত্যানন্দ। "দুই °ভু চৈ ভা ৪৬৪।

মহাপ্রলয় পুং [কর্ম্মধা] ১ কল্লান্তে বিশ্বের বিনাশ , ত্রিলোকনাশ, সংহার। [কল্লান্তে ব্রহ্মা সুষুপ্তির বশীভূত হইয়া বিষ্ণুর নাভিপদ্মে প্রবেশপূর্ব্বক নিদ্রিত হইলে, বিষ্ণু রুদ্ররূপে জগত্রয় মহাবায়ুতে বিধ্বস্ত, মহাগ্নিজ্বালায় বিদগ্ধ এবং মহাবৃষ্টিতে পরিপূরিত করিয়া অনন্তশয়নে যোগনিদ্রাগত হন। তখন লোকত্রয় বিষ্ণুজঠরে নিহিত হয়।] ২ (ন্যায়) চরমধ্বংসরূপ জন্যভাবের অনধিকরণ-কাল।

মহাপ্রসাদ পুং [কর্ম্মধা] ১ মহান্ অনুগ্রহ। ২ বিষ্ণু-নৈবেদ্যাদি , দেবনৈবেদ্যাদি (ত বা)। 'পাদোদকঞ্চ নির্ম্মাল্যং নৈবেদ্যঞ্চ বিশেষতঃ। মহাপ্রসাদ ইত্যুক্ত্বা গ্রাহ্যং বিষ্ণোঃ প্রযত্নতঃ॥ 'চৈ চ ৯২ , ১৬৪ , কৃষ্ণের উচ্ছিষ্ট হয় 'মহাপ্রসাদ' নাম ৩৩৭। °দ বিষ্ণুর পাইনু ভ গ্র ২৬১। চৈ.ম ১৪। ৩ [বহুব্রী] যাঁহাব মহান অনুগ্রহ, শিব (মহা)। ৪ (বাঙ্লায়) দেবীকে নিবেদিত ছাগপশুমাংস। ৫ স্ত্রীলোকেব সখীত্ব-সূচক সম্বন্ধবিশেষ। "দা ১৫৮২।

মহাপ্রস্থান স্ত্রী [কর্ম্মধা] ১ মরণদীক্ষাপূর্ব্বক উত্তরাভিমুখগমন (রা টীকা], মরণোদ্দেশে হিমালয়পর্য্যন্তপ্রয়াণ (শ ক)। [কৃতকৃত্য দুঃসহতীব্রদুঃখগ্রস্ত ব্যক্তির মহাপ্রস্থানাদি দেহত্যাগের উপায়রূপে বিহিত (মহা ১৭১১, নীলকণ্ঠ।)। 'রা ২৪৭৭। ২ মহাপথ (শ ক), মৃত্যুপথ। —স্থানিক বিণ [°ন+ইক (ঠন্)] মহাপ্রস্থানবিষয়ক। "°কং পর্ব্ব মহা ১ ২ ৮১। [°গমন (স্ত্রী)—মরণোদ্দেশে মহাপথে গমন, অর্থাৎ, হিমালয়-পর্য্যন্ত প্রয়াণ। [কলিকালে ইহা নিষিদ্ধ। দ্র 'উদ্বাহতত্ত্ব'।]

মহাপ্রাণ বিণ [বহুব্রী] ১ দীর্ঘজীবী। ২ মহাবল। "সুমহাপ্রাণঃ·· লোকঃ ভ ৬.১১ ৬। —প্রাণ পুং ১ দ্রোণকাক, দাঁড়কাক। ২ প্রাণবায়ুপ্রধান উচ্চারণ (hard breathing)। ৩ মহাপ্রাণযুক্ত বর্ণ—বর্গের দ্বিতীয় চতুর্থ বর্ণ, শ ষ স হ এই চতুর্দ্দশ ব্যঞ্জন। বিপ 'অল্পপ্রাণ, অল্পাসু'। 'বর্গাণাং দ্বিতীয়চতুর্থৌ শলশ্চ মহাপ্রাণাঃ (তত্ত্ববোধিনী)। ৪ [কর্ম্মধা] মহাবল। ৫ (বাঙলায়) উদারপ্রাণ, মহাত্মা। "মহাপ্রাণ সহিয়াছে পলে পলে, সংসারের ক্ষুদ্র উৎপীড়ন স ব ১৬। —প্রাণী বি (বাঙলায়) প্রাণবায়ু, জীবনশক্তি। "°নীটে আছে কেবল।—দা ১৭ , প্রাণিগণের °ণী ৬৩৫।

মহাপ্রাণী দ্র 'মহাপ্রাণ'।

মহাফল বিণ [বহুব্রী] ১ মঙ্গলপরিণাম, শুভফল। "প্রবৃত্তিরেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা মনু ৫ ৫৬। ২ প্রচুরফলযুক্ত (বৃক্ষাদি)। —ফল ক্লী [কর্ম্মধা] ১ পরমপুণ্য, মহাধর্ম্ম। "মনু ৩ ১২৮। ২ শুভ পরিণাম। ৩ বৃহৎ ফল। —ফল পুং বিল্ববৃক্ষ। —ফলা স্ত্রী ১ কূষ্মাণ্ড-বিশেষ। ২ কটুতুম্বী ; রাজজম্বু , জম্বীর।

মহাফলা দ্র 'মহাফল'।

মহাফেজ বি [আ মুহাফি.য্.যক্.তর্] সরকারের হিসাবপত্রাদির রক্ষক কর্ম্মচারী (record-keeper)। [°খানা—হিসাবপত্রাদির রক্ষার্থ গৃহ (archives)। °গিরি—মহাফেজের কার্য্য বা পদ। "দা ২০৯১।]

মহাবল বিণ [বহুব্রী] ১ অতিবল, বলোত্তর। "মহাবলোঽসৌ দেবং রুষ্ট্রমিচ্ছতি।—হি ৮৭। ২ মহাবিক্রম, মহাবীর। "রামো মহাবলঃ রা ১.১.৩৭। —বল পুং ১ বায়ু। ২ টঙ্ক, সোহাগা। ৩ বুদ্ধ। —বল ক্লী ১ সীসক। ২ [কর্ম্মধা] সর্ব্বাধিক শক্তি। "°ধর।—ম ২৯। —বলা স্ত্রী অতিবলা, পীতবাট্যালক।

মহাবলা দ্র 'মহাবল'।

মহাবলাধ্যক্ষ পুং [ষ ত] প্রধানসেনানী। "শশাঙ্ক ৯৪।

মহাবাই বি [দ্র 'বাই[১]'] মহাবায়ু, কুপিতবাতধাতু। "ভ গ্র ২৫৬।

মহাবাউল বি প্রেমে অতিবিহ্বল বা আত্মহারার উপাধি। "(মহাপ্রভু) °'ল' নাম ধরি, শিষ্য লঞা করিল গমন চৈ চ ৩২৯।

মহাবাক্য ক্লী [কর্ম্মধা] ১ যোগ্যতাদিযুক্ত বাক্যসমূহ। "সা দ ২ ১। ২ ব্রহ্মবিদ্যাপ্রতিপাদক বাক্য—'তত্ত্বমসি', 'ব্রহ্মাস্মি'। ৩ দানাদিতে অভিলাপ (সঙ্কল্পজ্ঞাপন)-বাক্য (ত বা), প্রতিষ্ঠাদিতে উৎসর্গবাক্য (শ ক)। ৪ (বাঙলায়) কুশণ্ডিকায় 'মম ব্রতে তে হৃদয়ং দধামি ইত্যাদি মন্ত্র। "মহাবাক্য বলি যজ্ঞ কৈল সমাধান বি পা ১০০ , ২৯৪।

মহাবান্ বি [অপ্র] রাজ্যবান, রাজা। "জ ৩৭।

মহাবাহু বিণ [বহুব্রী] ১ দীর্ঘভুজ, আজানুলম্বিতবাহু। "রা ১ ১ ৯। ২ মহাবল। 'ভীষ্মো মহাবাহুঃ মহা ৩ ৫৪ ১২। —বাহু পুং ১ বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "বাহুভ্যাং রোদসী বিভ্রন্ মহাবাহুরিতি স্মৃতঃ মহা ৫ ৭০ ৯। গী ৬ ৩৮। ২ বীর। 'ভূয় এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ গী ১০ ১।

মহাবিদ্যা স্ত্রী [কর্ম্মধা] ১ শ্রেষ্ঠ বিদ্যা। ২ দুর্গা, কালী। "মহাবিদ্যা আরাধিলা বিদ্যালাভ হেতু ভা চ ২৬৪। (আরাধিলা) মহাবিদ্যা বি সু ১১৯। ৩ শক্তির কালী প্রভৃতি দশ রূপ। 'কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী। ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা। বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা॥—চামুণ্ডাতন্ত্র। ভা চ ৩১-৩৫। হেম ৩৪৭-৩৪৯। ৪ গঙ্গা (কাশীখণ্ড)। [মহাবিদ্যেশ্বরী (স্ত্রী) —মহাবিদ্যাগণের আদিদেবী দুর্গামূর্ত্তিবিশেষ। "ব প্র ২৯।]

মহাবিভাষা স্ত্রী [কর্ম্মধা] বিভাষাধিকারে সাধারণ বিকল্পার্থ অধিকারসূত্র। "পা ২ ১ ১৮, সি।

মহাবিষুব ক্লী,-বান্ (-বৎ) পুং [কর্ম্মধা] দিবারাত্রির সমতাযুক্ত কাল, সূর্য্যের মেষরাশিতে সংক্রমণকাল, মেষসংক্রান্তি, চৈত্রসংক্রান্তি (vernal equinox)। 'মহাবিষুবমাখ্যাতং কৃতিভিশ্চৈত্রচিহ্নিতম্ (শব্দ-রত্নাবলী)। [°সংক্রান্তি, °বৎসংক্রান্তি (স্ত্রী)—চৈত্রসংক্রান্তি।—তি ৪১৯।]

মহাবিষ্ণু পুং [কর্ম্মধা] মহা সর্ব্বব্যাপক দেব , মহাবিরাট্। "এহো মহৎস্রষ্টা পুরুষ—'মহাবিষ্ণু' নাম চৈ চ ২১১। চৈ ২৪২। হেম ৩৪। [ইনি জলাধারে শয়ান, কৃষ্ণের ষোড়শাংশ, দূর্ব্বাশ্যাম, চতুর্ভুজ, বনমালা-ধর, সস্মিত ও পীতাম্বরধারী (ব্রহ্মবৈবর্ত্ত)।]

মহাবীর পুং [কর্ম্মধা] ১ শৌর্য্যোপেত (সায়ণ), মহাবল, শূর। "ঋগ্বেদ ১ ৩২.৬। ২ ধনুর্দ্ধর। ৩ বিষ্ণু। ৪ গরুড়। ৫ হনুমান্। ৬ সিংহ। ৭ শ্বেততুরঙ্গ। ৮ সন্ধানপক্ষী। ৯ কোকিল। ১০ বজ্র। ১১ যজ্ঞাগ্নি। ১২ শেষজিন। —বীরা স্ত্রী ক্ষীরকাকোলী। [°চরিত (ক্লী)—মহাবীর রামচন্দ্রের চরিতবিষয়ক ভবভূতিকৃত নাটক , বীর-চরিত। "ম চ ১৭।]

মহাবীরা দ্র 'মহাবীর'।

মহাবীর্য্য বিণ [বহুব্রী] ১ মহাবল, মহাশূর। "মহা ১ ২০৯.৩। মহাবীর্য্য যেন সূর্য্য ঢাকিয়াছে মেঘে।—শ ১৯১। ২ দিব্যাস্ত্রবলাদিজাত শক্তিবিশেষ দ্বারা শত্রুজয়ে সমর্থ (রা টীকা)। "রা ১ ১৮। —বীর্য্য পুং ব্রহ্মা। —বীর্য্যা স্ত্রী ১ সূর্য্যপত্নী সংজ্ঞা। ২ মহাশতাবরী।

মহাবীর্য্যা দ্র 'মহাবীর্য্য'।

মহাবৃক্ষ ক্লী [কর্ম্মধা] লক্ষগুণ বৃন্দ। "গো.রা ৬.৪ ৫৭।

মহাবেগ বিণ [বহুব্রী] ১ অতিবেগযুক্ত, মহাজব। "মহা ৭.১৫৪. ১২। ২ অতিদ্রুত। ৩ দ্রুতপ্রবাহ, খরস্রোতাঃ (নদী)। ৪ লঘুৎ-পতন (পক্ষী)। —বেগ পুং ১ গরুড়। ২ বানর। ৩ [কর্ম্মধা] প্রবল বেগ। ৪ জলৌঘ। "°গ সাগরস্ত রা ২.৮০.৪।

মহাবেজ বি [দ্র 'বেজ'] মহাবৈদ্য। "কু ২৬২।

মহাবৈকুণ্ঠ বি সর্থ 'মহাগোলক'। "দ্র ২৯।

মহাবোধি পুং [বহুব্রী] 'মহাবোধসম্পন্ন', বুদ্ধ (অ চি)।

মহাব্যাহৃতি স্ত্রী [কর্ম্মধা] সপ্তব্যাহৃতির মধ্যে শ্রেষ্ঠ ব্যাহৃতি, ভূর্ ভুবর্ স্বর্—এই ব্যাহৃতিত্রয়। 'ভূরাদ্যাস্তিস্র এবৈতা মহাব্যাহৃতয়োঽব্যয়াঃ (ছন্দোগপরিশিষ্ট)। "মনু ২ ৮১, ১১.২২৩। [ব্যাহৃতিগণ ব্রহ্মার হৃদয়াকাশ হইতে উৎপন্ন (ভ ৩ ১২.৪৪)। ইহারা সনাতন, অশুভ-নাশক। যজ্ঞে ইহাদের প্রয়োগ হয়। 'মহব'-প্রভৃতি ব্যাহৃতিচতুষ্টয় এই ব্যাহৃতিত্রয়ের অন্তর্ভূত, এই হেতু ইহা 'মহাব্যাহৃতি'। দ্র 'ছান্দোগ্য ৪.১৭ ১-৩।]

মহাব্যোম বি মহাকাশ, নভোমণ্ডল। "°ম-নীলসিন্ধু—কা ৪৫।

মহাব্রত বিণ [বহুব্রী] ১ দীর্ঘকালব্যাপিব্রতচারী। "রা ১ ৬৫.৭। ২ উদারসঙ্কল্পযুত। —ব্রত ক্লী ১ দ্বাদশবর্ষসাধ্য ব্রতবিশেষ। "বিষ্ণু ৫০.১-৬। ২ অবশ্যপালনীয় সংসঙ্কল্প। "এতন্ মৈত্রী মহাব্রতম্ ম চ ৪.৫৯। ৩ সঙ্কল্পপূর্ব্বক কঠোর ধর্ম্মকর্ম্মানুষ্ঠান। ৪ শরৎকালীন দুর্গাপূজন (তিথ্যাদিতত্ত্ব)। ৫ অরুণোদয়কালে মাঘস্নান (মলমাসতত্ত্ব)। ৬ পাশুপতব্রত। —ব্রতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -তিনী] মহাব্রতচারী। —ব্রতিক, -তী (-তিন) বিণ [°ত+ইক (ঠন্), +ইন্ (ইনি), -১ব, স্ত্রী -কা,—তিনী] পাশুপতব্রতী। "°ক ক.সা ৩৭.৫৪, ৬৬, °তিন্ ৫৯.৬৩। —ব্রতী পুং ১ মহাদেব। ২ যতি।

মহাব্রহ্ম, -হ্মা (-হ্মন্) পুং [মহান ব্রহ্ম, কর্ম্মধা, বিকল্পে সমাসান্ত 'অ' (টচ্), পা ৫ ৪ ১০৫] মহাব্রাহ্মণ, বেদবিদব্রাহ্মণ। "মহাব্রহ্ম-সমূহজুষ্ট ভট্টি ১ ৪, ৪ ১২। —ব্রহ্ম ক্লী পরব্রহ্ম।

মহাব্রাহ্মণ পুং [কর্ম্মধা] ১ বেদবিদব্রাহ্মণ, দ্বিজবর। "ভো মহা-ব্রাহ্মণ, কামমতদভিনন্দনীয়ম্ শ ৫ ১/১। ২ নিন্দিত ব্রাহ্মণ, অধম ব্রাহ্মণ। "°ব্রাহ্মণ। মর্থয মর্থয।—মৃ ১৪/৩।

মহাভাগ বিণ [বহুব্রী] ১ মহাভাগ্যযুক্ত, সৌভাগ্যবান্। "রা ১ ৪১ ২১। °গা মহা ৩ ৬২.১৪। ২ ঔদার্যাধিবিদ্যাদিগুণযুক্ত (মেধাতিথি), দয়াদ্যষ্টগুণযুক্ত (কুল্লুক)। "মনু ৩ ১৯২। °ভাগ শ ৫ ১০। —ভাগ পুং [কর্ম্মধা] মহাভাগ্য, সৌভাগ্য। —ভাগী (-গিন) বিণ [°গ+ইন (ইনি)-১ব] সর্থ 'মহাভাগ (১)। —ভাগ্য বিণ [বহুব্রী] সর্থ 'মহাভাগী'। —ভাগ্য ক্লী [কর্ম্মধা] ১ অতিশুভাদৃষ্ট। "মহা ১.৯৯ ৪৯। ২ মহাফলত্ব (মেধাতিথি)। 'মনু ১১.২৪৫।

মহাভাগী, মহাভাগ্য দ্র 'মহাভাগ'।

মহাভারত ক্লী [কর্ম্মধা] ব্যাসকৃত ভরতবংশীয়গণের বিশাল ইতিহাস-গ্রন্থ। [মহত্ত্ব ও ভারবত্ত্ব হেতু ইহা 'মহাভারত' অথবা ভরতবংশীয় নৃপতি শান্তনুর ইতিহাস বলিয়া ইহা 'মহাভারত' (মহা ১ ১.২৭১-২৭৪, ৯৯ ৪৯)। ইহার বক্তা বৈশম্পায়ন, শ্রোতা জনমেজয়। ইহা পঞ্চম বেদ (বেদান্…মহাভারতপঞ্চমান্—মহা ১.৬৩.৮৯)। মতান্তরে, জনমেজয় ব্রহ্মহত্যাপাপ হইতে মুক্তিলাভের নিমিত্ত ব্যাসের আদেশে বৈশম্পায়নের মুখে মহাভারত-কথা শ্রবণ করেন (দ্র 'ম ৪৮-৫০)। এই হেতু লোকে পাপকথা শুনিলে 'মহাভারত!' বলে। [illegible] স্মরে মহাকবি ভারত 'ভারত' (ভা চ ২৮৭)।]

মহাভিযোগ পুং [কর্ম্মধা] প্রধান অভিযোগ। "যাজ্ঞ ২.৯৭।

মহাভীড় বি অত্যন্ত লোকসংমর্দ্দ। "ন.প ১০০।

মহাভোগ বিণ [বহুব্রী] ১ যাহার আভোগ (সীমা) মহান্; সুপ্রসারী। "°গম্ (ন্যগ্রোধপাদপম্) ক.সা ১৭.১০৬। ২ সুপ্রসর, সুবিশাল। "°গে জ্যোতীরসশিলাতলে ক.সা ৫০.১৭৬। ৩ মহাফল। "মহা ১.২০.১৫। —ভোগ পুং [কর্ম্মধা] ১ মহৎ আবেষ্টন; বৃহৎ মণ্ডল। ২ বৃহৎ ফণ। ৩ [মহা+ভোগ] প্রচুর ভোজ্যদ্রব্য। "ক.সা ২৯.৫৩। ৪ সর্প। —ভোগা স্ত্রী দুর্গা (শ.ক)।

মহাভোগা দ্র 'মহাভোগ'।

মহামণ্ডল পুং [কর্ম্মধা] ১ রাষ্ট্রের প্রধান অধিপতি; রাষ্ট্রাধ্যক্ষ। ২ (বাংলায) মণ্ডলের প্রধান, বড় মোড়ল। "আমি মহামণ্ডল, আমার আগে তোলা ক চ ৯০।

মহামহত্তর বিং বিশাল হইতে বিশালতর, অতিবিশাল। "ও (গিরি-রাজ) যে মহামহত্তর কু কে ১১৩।

মহামহা বি° [দ্র 'মহা[1]] মহা হইতে মহা, অত্যন্ত মহান্, অত্যুৎকর্ষ-বিশিষ্ট। 'মহামহা যোদ্ধাগণ।—ম ৭৩৫। মহামহা ভট্টাচার্য্য চৈ.ভা ৯৪। মহামহা রথী অ প ৭১। °হা জলজন্তু বা ম ১৮৬। °হা ধানুকী শ্রী ম ১১। °হা বলিষ্ঠ লোক চৈ চ ৩৩৭। মহামহা শূর।—কথা ৯৯। মহামহা পণ্ডিত অ.গ্র ১০৩।

মহামহাপ্রসাদ বি ভক্তভুক্তাবশেষ মহাপ্রসাদ বা কৃষ্ণের উচ্ছিষ্ট। 'কৃষ্ণের উচ্ছিষ্ট হয় 'মহাপ্রসাদ' নাম। ভক্তশেষ হৈলে 'মহামহাপ্রসাদ' আখ্যান।—চৈ চ ৩৩৭।

মহামহিম বিং [সং °হিমন্ > °ম (সমাসে পূর্ব্ব-পদ), বাংলায় অসমস্তপদ] মহামহত্ত্ববিশিষ্ট, অতিমহান। "মহামূর্খ হয় মহাশয়, মহা-মহিম মহালক্ষ্মীর বলে।—দা ৬০৬। (সে) মহামহিম দেবীপ্রতিমা-স্বরূপ।—ব প্র ৭০। [মহামহিম পাঠ—জমিদার বা সরকারী উচ্চপদস্থ কর্ম্মচারীর সম্বন্ধে দরখাস্তের পাঠ, দলীলের পাঠ। "মহামহিম শ্রীযুক্ত …কালকটর সাহেব E P 76,-9, 83, মহামহিম শ্রীযুত সাফলারাম রায় 90,-3 যখন মহামহিম পাঠ লেখবার উপযুক্ত হবে, তখন বিলাত-ফিলাত যাবার কথা বোঝা যাবে অ.গ্র ১০৬।]

মহামহিমা (-মন্) বিণ [মহান মহিমা যাহার, বহুব্রী, স্ত্রী -মা (মন্), -মা, -ম্নী] অতিমহত্ত্বযুক্ত, পরমমহান্। "°হিমত্ব (S W)। —হিমা পুং [কর্ম্মধা] ১ অতিমহত্ত্ব। "নম নম হিমাচল।…°মার বিশাল ছন্দ, তোমারে হেরিয়া…উচ্ছলিছে অবিরল।—কু কে ৯৯। ২ অতিশয়-মাহাত্ম্য। 'কৃষ্ণনামের °মা-কথন চৈ চ ৬৯। [°মাময়ী ('°মময়ী' সাধু)—মহামহিমস্বরূপা। "°ময়ী এ যে দেবীপ্রতিমা ব প্র ৫০৭।]

মহামহীয়ান্ বিং অতিমহত্তর, পরমমহিমান্বিত। (গিরিরাজ।) নম মহামহীয়ান্।—কু কে ৯৭।

মহামহোৎসব বি ১ মহাড়ম্বরযুক্ত উৎসব, সঙ্কীর্ত্তনসহভোজনাদিরূপ উৎসব। "প্রতিদিন করে আচার্য্য °সব: রাত্রে °সব সঙ্কীর্ত্তনরঙ্গে চৈ.চ ৮৮। °ঘটা ভ গ্র ২০৮, ৯৬। প্রেম° চৈ ম ১১১। ২ মহানন্দ-ময় ব্যাপার, অন্নদানভোজনাদি উৎসব। "বিবাহ মঙ্গল কার্য্য °সব শ্রী ১৪৪। চারিদিন °সব।—দ্র ১৫। ভা চ ৮৫।

মহামহোদার বিং অতিশয় উদার, অতিমহাত্মা। "শ্রীবাস পণ্ডিত অতিমহামহোদর চৈ ভা ২৩৯।

মহামহোপাধ্যায় পুং [কর্ম্মধা] ১ মহোপাধ্যায়ের শ্রেষ্ঠ বা গুরু, মহাপণ্ডিতের উপাধিবিশেষ। "°কোলাচলমল্লিনাথসূরি। °ধ্যায় অধ্যাপকগণ।—কাদ ২৫। ২ মহাপণ্ডিত। "গুণসিন্ধু মহারাজার তনয় সুন্দর…সর্ব্বশাস্ত্রে °ধ্যায় কৃ.চ ১২। ৩ ইংরাজ-রাজ কর্তৃক প্রদত্ত সংস্কৃতশাস্ত্রাদিতে পণ্ডিতের পাণ্ডিত্যসূচক উপাধি। ৪ (বাঙ্গলায়) চূড়ামণি। "আমি সুবোধকে বলিতাম জম-কুঁড়ে, কুঁড়েমির মহামহো-পাধ্যায় গ.স ১০৭।

মহামাই বি [সং মহামায়া >প্রা মহামাঈ (পৈ), হি °ঈ] দুর্গা, পার্ব্বতী। "নারদ বলেন অবধান মহামাই।—গ্ন ৬৭। শ্রী মা ১৬৭। [মহামাএ (মহামায়া+এ°)—১ গঙ্গা (কর্তৃপদ)। "চলিলা মহামাএ। —প ১৭০। ২ গঙ্গে। "দেখা দেয় মহামাএ।—প ১৮৩।]

মহামাংস স্ত্রী [কর্ম্মধা, দ্র 'মহৎ'] ১ নরমাংস। "°ভোজন ক.সা ২০.২৯১। মহামাংসবলি ক ম ৪ ১৪। °বিক্রয়।—পঞ্চ ৫$\frac{৩}{৪}$। ব প, ৫৭। শ্রী ২৮,-৯। মহামাংস প্রসাদ স্ব প্র ১২৯। ২ গোমহিষাদির মাংস। "গোনরেভাশ্বমহিষবরাহোষ্ট্রোরগোদ্ভবম্। মহামাংসাষ্টকং দেবি দেবতাপ্রীতিকারকম্॥—কৌলার্চ্চনদীপিকা।

মহামাত্য পুং [কর্ম্মধা] প্রধানমন্ত্রী। 'ব প্র ১২৬।

মহামাত্র বিণ [মহতী মাত্রা যাহার, বহুব্রী, স্ত্রী -ত্রা] ১ মহাপ্রমাণ, সুবিশাল। ২ প্রশস্ততম, শ্রেষ্ঠ। '(গাণ্ডিবম্) সর্ব্বায়ুধমহামাত্রম্ মহা ৪ ৪০.৭। ৩ সমৃদ্ধিশালী, সমৃদ্ধ। মহামাত্রায় (ভীমকায়) মহা ২ ৩১ ৬৩। —মাত্র পুং ১ যাহার মাত্রা (পরিচ্ছদ) উত্তম (অ টী), প্রধানামাত্য, প্রধান। রা ২ ৩৬ ১৮, ৩৭ ১। ২ হস্তিশিক্ষাজীবী, হস্তিপক, মাহুত। মনু ৯ ২৫৯। পঞ্চ ১ ১৭২। ৩ হস্তিপকাধিপ, মাহুতের অধ্যক্ষ (ধরণি)। ৪ উচ্চপদস্থ রাজপুরুষ। —মাত্রী স্ত্রী [°ত্র+স্ত্রী ঈ (ঙীষ)] ১ মহামাত্রপত্নী। ২ আচার্য্যপত্নী।

মহামাত্রী দ্র 'মহামাত্র'।

মহামানব বি সমগ্রমানবজাতি। "এই ভারতের মহামানবের, সাগর-তীরে গী লি ১১৯। এই যে পাথর ধুলি ডড়ায় বাতাস, মহামানবের ইহা মৌন ইতিহাস।—কু কে ৮৯।

মহামায় বিণ [মহতী মায়া যাহার, বহুব্রী, স্ত্রী -য়া] ১ পরমকুহকী, অতিমায়াবী। 'ইন্দ্রজিচ্চ মহামায়ঃ গো রা ৫ ৮০ ২। অন্নপূর্ণা মহামায়া ভা চ ১৪। ২ মহামায়াজনক। 'মহামায়াস্ত্র গো রা ১৩০ ১৮। ৩ অতিকপট। —মায় পুং ১ বিষ্ণু। ২ শিব। —মায়া স্ত্রী ১ দুর্গা। "আমোদযুক্তং ব্যসনাসক্তং জন্তুং করোতি যা (মহামায়েতি সা)। —কালিকাপুরাণ। ২ গঙ্গাদেবী। ৩ বুদ্ধজননী। ৪ [কর্ম্মধা] মহতী মায়া, মহাকুহক। ৫ বিষ্ণুর শক্তিবিশেষ। 'মহামায়াধর (বিষ্ণু —মহা)। [ইহা হইতে বিশ্ব উৎপন্ন ও ইহার প্রভাবে অবাস্তব বিশ্ব সত্যরূপে প্রতীয়মান হয়।] —মায়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীষ্)] দুর্গা (শ ক)।

মহামায়া, মহামায়ী দ্র 'মহামায়'।

মহামার বিণ মহাদৌরাত্ম্যকারী, অতিদুর্বৃত্ত। "মোর দেশে পরদল আইল মহামার ম ম ২৩৩। —মার বি [মহামারী > °র] ১ মহা-উপদ্রব, মহাপ্রলয়। "সভে বলে দক্ষযজ্ঞে হৈল মহামার ক চ ১৫। ২ মহাদৌরাত্ম্য। "পাতিয়া বাগুড়া দড়া,…কাননে করিল মহামার ক চ ৫৭। ৩ মহাবিপদ্, মহাকষ্ট। "(জীব) 'মুক্তি করোঁ বোলোঁ' বলি পায় মহামার চৈ ভা ২৬০। অহর্নিশি পড়ে মহামার শি ২০। ৪ মহা-হাহাকার। "অসুরের সেনামধ্যে পড়িল মহামার চ বি ৪৬। ৫ গুরুতর প্রহার। "মহামার করিল বশিষ্ঠে যজ্ঞস্থলে চ বি ১৬২। ৬ প্রবলবেগে আক্রমণ। "পাণ্ডব বলেতে তেজা, আসিয়া দিবেক মহামার।—ম ৫২৫। বীরগণ করে মহামার চ বি ২২৮,-৯। ৭ মহা-হত্যাকাণ্ড। "মহামার করি কালী রণমধ্যে ফিরে চ.বি ২২৯। —মারি বি সর্ব 'মহামার' (৩)। "মহামারির আরম্ভ ব প ১৬৮৯।

মহামারি দ্র 'মহামার'।

মহামারী স্ত্রী [কর্ম্মধা] ১ মহামারাত্মক রোগ, বিসূচিকা, সংক্রামক রোগ। ২ অতিশয় মড়ক (শ.ক), মহামড়ক। ৩ কালী।

মহামাষ পুং [কর্ম্মধা] রাজমাষ। "সুশ্রুত ১.২১ ২৭।

মহামুনি পুং [কর্ম্মধা] ১ মহাতাপস। "বিশ্বামিত্রো মহামুনিঃ রা ১ ৫১.১৯। ২ ব্যাস। ৩ অগস্ত্য। ৪ কৃপাচার্য্য। ৫ শ্রীনারায়ণ। "ভ ১ ১ ২। ৬ কালী। ৭ বুদ্ধ। ৮ ধন্তাক।

মহামেদ পুং, -মেদা স্ত্রী অষ্টবর্গের ঔষধবিশেষ।

মহামেদা দ্র 'মহামেদ'।

মহামোহ পুং [কর্ম্মধা] ১ মহান্ বুদ্ধিভ্রংশ, সংমোহ। "°প্রলুপ্ত স্মৃতি। ২ ভোগেচ্ছা (শ্রীধর)। 'ভ ৩ ১২ ২। —মোহা স্ত্রী দুর্গা।

মহামোহা দ্র 'মহামোহ'।

মহাযমক ক্লী [কর্ম্মধা] পূর্ব্ব শ্লোকের পদসমূহের সহিত পর শ্লোকের পদসমূহের একাকৃতি হইলে 'মহাযমক' হয়। দ্র 'ভট্টি ১০.২০, ২১।

মহারথ পুং [কর্ম্মধা] ১ বৃহৎ রথ, রথোত্তম। 'মহা ৩ ৪২ ১৭। ২ [বহুব্রী] রথযূথপ (মহা ৫ ১৬ ২৮, নীলকণ্ঠ), রথিকবিশেষ। 'একো দশসহস্রাণি যোধয়েদ্ যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥—গী ১ ৪, শ্রীধর। আত্মানং সারথিং চাশ্বান্ রক্ষন্ যুদ্ধ্যেত যো নরঃ (স মহারথসংজ্ঞঃ) মাঘ ৩ ২২, মল্লিনাথ। 'শুক্লযজুর্ব্বেদ ২২ ২২। গো রা ২ ৫৩ ১১। পিতা মম মহারথঃ মহা ৩ ৬৪ ৪৪। দশরথঃ প্রশশাস মহারথঃ রঘু ৯ ১। ২ মহাযোধ। 'মহা ১ ২ ২৫৭। °জয়দ্রথ। —বে ২$\frac{২}{৫}$। ম ৭০৪। রঙ্গ ১০২। —রথী বি [রথী—°থী] মহাযোধ, মহাবীর। পঞ্চ স্বামী হবে পঞ্চ মহারথী।—ম ২১৫। কহ, মহারথি। এ কি মহারথিপ্রথা ?—মে ২০৩।

মহারস বিণ [বহুব্রী] অতিসুস্বাদ, সুস্বাদু। '(ভক্ষ্যাণি) মহারসানি মহা ৩ ১১১ ১৪। —রস পুং ১ খর্জ্জুর। ২ ইক্ষু। ৩ কশেরু, কেশুর। ৪ পারদ। ৫ অষ্টধাতু। ৬ [কর্ম্মধা] সুস্বাদ, সুরস। ৭ [বাঙ্লায়, অসাধু] শিববীর্য্য। 'ম ম ৭। [পারদ 'শিববীজ', এই হেতু, মহারস 'শিববীর্য্য'।] —রস ক্লী কাঞ্জিক। [মহারসাষ্টক (ক্লী)—অষ্টধাতু-বিশেষ। "দরদঃ পারদঃ সস্যো বৈক্রান্তঃ কান্তমভ্রকম্। মাক্ষিকং বিমলঃ …॥—রাজনির্ঘণ্ট।]

মহারাজ পুং [মহান্ রাজা, কর্ম্মধা, 'অ' (টচ)] ১ শ্রেষ্ঠ রাজা, সম্রাট। 'রা ২ ৪৫ ১০। মহা ১ ৬২ ১২। ২ বিংশতি লক্ষ হইতে পঞ্চাশৎ লক্ষ পর্য্যন্ত রৌপ্যমুদ্রারাজস্বের অধিপতি। 'শু ১ ১৮৫। ৩ বিষ্ণু। "ভ ৫ ১৯ ৩। ৪ কুবের। ৫ জিন। ৬ ব্রাহ্মণ গুরু আচার্য্য মুনি সাধু ও পূজার প্রতি প্রযোজ্য সম্মানসূচক শব্দ। '(সুগ্রীবে) ডাকিয়া বলেন সীতা শুন মহারাজ।—কৃ ১৪৩। আসি হরি মহারাজে (গুনাল্য পল্লী) ক চ ১৫৬। মুনি মহারাজে গ ২০৩। মহারাজ (রামানন্দ) চৈ চ ১১২। নরোত্তম প্রেমভকতি মহারাজ।—গো ৫৮। ৭ (বাঙ্লায়) বিশ্বপতি, ভগবান্। 'মহারাজ-চিহ্ন সব দেখি (শ্রীচরণে ধ্বজ বজ্র শোভে) চৈ ভা ২৪, জগন্নাথ মহারাজ ৩৯৭। ৮ ধর্ম্মসম্প্রদায়ের অধ্যক্ষ, মঠাধিপতি। ৯ (অপ্র) 'তত্তজ্জাতিশ্রেষ্ঠ' অর্থে। 'তক্ষক মহারাজ ম ম ৮৪। ১০ ইংরাজরাজ কর্ত্তৃক প্রদত্ত মহাধনীর উপাধি। [°কুলীন (বিণ)—মহারাজকুলের অপত্য। 'রা ২ ৮৮ ৩। °চূত (পুং) —উৎকৃষ্ট আম্রবৃক্ষবিশেষ।]

মহারাজা বি [রাজা > °জা (শ্রেষ্ঠার্থ), সং °জ, লি °জা, অপ্র] সম্রাট্। "মহারাজা যুধিষ্ঠির।—ম ২২৪। ম পা ১৬৫।

মহারাজিক পুং [মহতী রাজি যাঁহাদের, বহুব্রী বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] ১ (বহুব) গণদেবতাবিশেষ। [ইঁহাদের সংখ্যা ২২০]। ২ বিষ্ণু।

মহারাজ্ঞী স্ত্রী [মহতী রাজ্ঞী, কর্ম্মধা] ১ মহিষী বড় রানী। "অর্চি-র্নাম মহারাজ্ঞী ভ ৪ ২৩.১৯। মহারাজ্ঞী নন্দা ব প্র ৪৯৬। ২ দুর্গা। "ক সা ৫৩.১৭২।

মহারাণী বি [দ্র 'রাণী'] মহিষী। '°ণী তারা।—কৃ ২৭৯।

মহারাত্রি স্ত্রী [কর্ম্মধা] ১ ব্রহ্মমরণোপলক্ষিত রাত্রি, ব্রহ্মার দিবসা-

বসানে প্রলয়ের রাত্রি। "হ্ ২১। ২ আশ্বিনশুক্লাষ্টমীর রাত্রি। ৩ অর্দ্ধরাত্রের পর মুহূর্ত্তদ্বয়রাত্রিকাল। ৪ দুর্গা। ৫ গভীররাত্রি।

মহারাষ্ট্র পুং [কর্ম্মধা] ১ মহাদেশ, মহারাজ্য। "°বিবর্দ্ধন রা ১.৫৯। দাক্ষিণাত্যস্থ মহাদেশবিশেষ ; মরাঠা দেশ। ৩ (বহুব) মহারাষ্ট্রবাসিগণ ; মরাঠা। —রাষ্ট্রী স্ত্রী ১ মহারাষ্ট্রের প্রাকৃতভাষা "সা.দ ৬.১৫৯। ২ বর্তমান মহারাষ্ট্রদেশীয় ভাষা। —রাষ্ট্রী বিং [°ষ্ট্র+ঈ^৭] মহারাষ্ট্রবাসী। "°ষ্ট্রী ব্রাহ্মণ চৈ.চ ২৪৭। —রাষ্ট্রীয় বিণ [°ষ্ট্র+ঈয় (ছ)] মহারাষ্ট্রসম্বন্ধী।

মহারাষ্ট্রী দ্র 'মহারাষ্ট্র'।

মহারোগ পুং [কর্ম্মধা] বাতব্যাধি-প্রভৃতি পাপরোগ। 'বাতব্যাধ্যশ্মরীকুষ্ঠমেদোদরভগন্দরাঃ। অর্শাংসি গ্রহণীত্যষ্টৌ মহারোগাঃ প্রকীর্ত্তিতাঃ॥ —রোগী (-গিন্) বিণ [°গ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -গিণী] মহারোগবান্, বাতব্যাধি-প্রভৃতিগ্রস্ত।

মহার্ঘ বিণ [মহান্ অর্ঘ যাহার, বহুব্রী] ১ মহামূল্য, বহুমূল্য। "মহার্ঘ (দান) মহা ১৩ ৭২,৫৩। মহার্ঘাণি রত্নানি ক সা ১২.১৪৫। ২ মহনীয়। "উ চ ৬ ১১। ৩ দুর্ম্মূল্য, মাহাঙ্গা (dear)। —র্ঘ পুং ১ লাবক, লাবপাখী। ২ [কর্ম্মধা] প্রচুর মূল্য। —র্ঘ্য বিণ [°র্ঘ+য (যৎ)] মহামূল্যার্হ, মহামূল্য।

মহার্ঘ্য দ্র 'মহার্ঘ'।

মহার্ণব পুং [কর্ম্মধা] ১ মহাসাগর। "গো রা ৪ ৯.৩৮। °পরিক্ষেপং রঘু ১২ ৬৬। ২ 'প্রাচুর্য্য' অর্থ। "কৃত্য", স্মৃতি° (S W.)। ৩ (বাঙ্লায়) প্রলয়সলিলসিন্ধু। "°শায়ী মহাবিষ্ণু।—হেম ৩৪।

মহার্থ বিণ [মহান্ অর্থ যাহার, বহুব্রী] ১ প্রচুরধনবান্, মহাধন। ২ গভীরার্থ, সদর্থযুক্ত। ৩ মহাপ্রয়োজন, গুর্ব্বর্থ, অত্যাবশ্যক। "দৃষ্টা দেবীতি বচনং মহার্থম্ গো রা ৫.৫৫ ২৫। ৪ মহামূল্য, উৎকৃষ্ট। "গাবো মহার্থাঃ মহা ১৩ ৮১ ২।

মহার্দ্রক ক্লী [কর্ম্মধা] বনার্দ্রক, বুনো আদা।

মহার্বুদ ক্লী [কর্ম্মধা] দশ অর্ব্বুদ, শত কোটি।

মহার্হ বিণ [মহান্ অর্হ যাহার, বহুব্রী] ১ মহামূল্য, শ্রেষ্ঠ। "°শয়ন রা ২.৫৩.৫। °শয্যাপরিবর্ত্তনচ্যুতৈ (স্বকেশপুষ্পৈঃ) কু স ৫.১২। ২ উৎকৃষ্ট, সুরস। "ভোজনেন মহার্হেণ রা ১ ৫২.২১। ৩ মহাপূজাযোগ্য। "বরাজাণি মহার্হাণি রা ১ ৬৬ ১০। —র্হ ক্লী শ্বেতচন্দন।

মহাল ক্লী [মহালয় > °ল (?), তু 'আ মহাল্] ১ রাজ্য। "মহালকে হি বিজিতং।—অশোক-অনুশাসন, ১৩শ গিরিলিপি। ২ অন্তঃপুর। দ্র 'মহল'। "রাজার মহালে উত্তরিল গো চ ১০। ৩ সর্ব 'মহল' (১-৩)।

মহাশক্তি বিণ [বহুব্রী , স্ত্রী -ক্তি] মহাবল, শূর। —শক্তি পুং কার্ত্তিকেয়। —শক্তি স্ত্রী [কর্ম্মধা] অতিশয় বল।

মহাশঙ্খ পুং [কর্ম্মধা] ১ বৃহৎ বা গম্ভীরনাদ শঙ্খ। "গী ১ ১৫। ২ শঙ্খতুল্য মানুষাস্থি, ললাট, নরকপাল। "ব.প ৪২৪। °মালা বি.হু ১৪৫,-৭৪। ৩ লক্ষ লক্ষকোটি সংখ্যা। "গো.রা ৬.৪ ৫৭। ৪ কুবেরনিধিবিশেষ। ৫ সর্পবিশেষ।

মহাশন বিণ [বহুব্রী] ১ 'প্রচুরভাজন', বহুভোজী, ঔদরিক। "মহা ৩.১৯৩ ২৭ ; ২৩৩.১১। ২ দুষ্পূর। "গী ৩.৩৭।

মহাশনিধ্বজ পুং [কর্ম্মধা] মহাবজ্ররূপ ধ্বজ। "রঘু ৩ ৫৬।

মহাশয় বিণ [মহান্ আশয় যাঁহার, বহুব্রী] মহানুভাব, মহাত্মা। "মহাশয় যুধিষ্ঠির ম.বি ১৫৯। নন্দ মহাশয় চৈ.চ ৩০। —শয় পুং ১ মহাত্মা জন, মনস্বী। "সংপ্রাপ্তমপি নেচ্ছন্তি স্বর্গভোগং মহাশয়াঃ ক.সা ৪৫.৮২। অধোমুখ হৈল মহাশয়।—ম ৭৮৯। ২ সম্মানসূচক সম্বোধনপদ। ৩ সমুদ্র। ৪ (বাঙ্লায়) সাধুপুরুষ, সাধু। "মহাশয় আশ্রমের বটপত্র-আদি (দূর গর্ত্তে ফেলায়) ভ.প্র ১৭৭ ; ৩২৩। ৫ শ্বশুরঠাকুর। "ঠাকরূণ গেল হাটে মহাশয়কে আনতে বলেছিলেন॥—নী ১৭। ৬ যাহার বৃত্তি অনিবার্য্য ; মহাপ্রভাবশালী। "মন থা' বলে শুনতে হবে, মনের নাম যে মহাশয় কু.কে ৭৫। [মহাশয়বন্ত (°য়+বন্ত) —মহাশয়বান্, মনস্বী, ধীর। "তুমি মহাশয়বন্ত।—ম.বি ১৬০।]

মহাশল্ক পুং [বহুব্রী] সশল্ক মৎস্য (মেধাতিথি) ; মৎস্যবিশেষ। "মনু ৩.২৭২। যাজ্ঞ ১.২৬০।

মহাশাসন বিণ [বহুব্রী] অব্যাহতনির্দেশ, মহাপ্রভাব। —সন ক্লী [কর্ম্মধা] অপ্রতিহত আদেশ, রাজাদেশ।

মহাশূদ্র পুং [কর্ম্মধা] আভীর। —শূদ্রী স্ত্রী আভীরী (অ.কো)।

মহাশূন্য বি মহাকাশ, আকাশমণ্ডল। "মহাশূন্যে দাঁড়াইয়ে, প্রান্ত হতে প্রান্তে গিয়ে, কে চাহে কাঁদিতে অন্ধকারে (ছবি ও গান)। ২ মহাব্যোম। "মহাশূন্য বিভাসিত।—হেম ৩৪২, কমলাঙ্কিকাবিষ মহাশূন্যে শোভিছে ৩৪৩।

মহাশোকী (-কিন্) বিং [অসাধু] অতিশোকান্বিত। "তার শোকে মহাশোকী রাক্ষসাধিপতি।—মে ৩৭।

মহাষ্টমী স্ত্রী [মহতী অষ্টমী, কর্ম্মধা] আশ্বিন-শুক্লাষ্টমী।

মহাসত্ত্ব বিণ [বহুব্রী] ১ মহাবল, বলী। "গো রা ৫ ৮৫.১৬। ভীম মহাসত্ত্ব গজ এক ধরি অ.প ২১। ২ উদারস্বভাব, মহাত্মা, মহাশয়। "মা বধীস্ত্বং মহাসত্ত্ব প্রিয়ং মাম্ ক সা ৩৭ ৭৫। রাজা বলেন শুন মহাসত্ত্ব ম বি ১১৫। ৩ হর্ষশোকাদ্যনভিভূতস্বভাব (সা দ)। ৪ মতিমান্, ধীর। —সত্ত্ব পুং ১ বুদ্ধ, শাক্যমুনি। ২ কুবের। —সত্ত্ব পুং, ক্লী [কর্ম্মধা] ১ বহুজন্তু। "ধনস্তিঃ...°বধঃ কৃতঃ গো রা ১ ৪১ ২৭। ২ মহাকায় পশু। "দ্বীপিনশ্চ °ত্ত্বান্ মহা ১ ৬৬ ৬৫।

মহাসন ক্লী [কর্ম্মধা] দিব্যাসন, উৎকৃষ্টাসন। "ক সা ১৭.১০৮।

মহাসন্ধিবিগ্রহ পুং [কর্ম্মধা] সন্ধিবিগ্রহাধিকৃত অমাত্যের অধিকার।

মহাসন্ধিবিগ্রহিক পুং [°গ্রহ+ইক (ঠন্)] সন্ধিবিগ্রহবিষয়ে অধিকৃত অমাত্য।

মহাসাগর পুং [কর্ম্মধা] ১ মহাসমুদ্র। ২ (বাঙ্লায়) বিশাল আধার। "সে হচ্ছে তুমি, আলস্য-মহাসাগর গ স ১০৭।

মহাসান্তপন পুং, ক্লী [কর্ম্মধা] সপ্তাহসাধ্য ব্রতবিশেষ। [ইহাতে, গোমূত্র গোময় ক্ষীর দধি ঘৃত কুশোদক—এই ছয় দ্রব্য ছয় দিন খাইয়া সপ্তম দিনে উপবাস করিতে হয় (যাজ্ঞ ৩ ৩১৫। বিষ্ণু ৪৬ ২০। মনু ১১.২১৩, কুল্লুক)। জাবালমতে, গোমূত্রাদি প্রত্যেকটি তিন দিন খাইয়া শেষ তিন দিন উপবাস করিতে হয় (শ.ক)।]

মহাসামন্ত পুং [কর্ম্মধা] সামন্তরাজপ্রধান (great vassal)। "°ন্ত বিনিযুক্তক প্রভৃতি সকলে উপবেশন করিতেছেন ব প্র ১২৬।

মহাসাহস' ক্লী [কর্ম্মধা] ১ অতিবলাৎকারকৃত কার্য্য। ২ অতিশয় দণ্ড। ৩ অতিধৃষ্টতা। —সিক বিণ [°স+ইক (ঠন্), স্ত্রী -কা] অতিসাহসবান্, অতিসাহসী, গোঁয়ার। —সিক পুং ১ প্রসহ্যাপকারী, বলপূর্ব্বাপকারক। "যাজ্ঞ ১.৩৩৬। ২ চৌর।

মহাসাহসিক দ্র 'মহাসাহস'।

মহাসিদ্ধি স্ত্রী [কর্ম্মধা] ঐন্দ্রজালিক শক্তিবিশেষ।

মহাসোয়ার বি মহাসূপকার, প্রধানপাককর্ত্তা (কেদারনাথ ভক্তিবিনোদ)। "জগন্নাথ-মহাসোয়ার চৈ.চ ১৩৪।

মহাস্থান ক্লী [কর্ম্মধা] ১ মহাধাম। "স্বায়ম্ভুবং 'মহাস্থানং' (পাঠান্তর) স গচ্ছতি মহা ১৩.৬৬.৫৭। ২ (বাঙ্লায়) সমৃদ্ধ নগর। "মহাস্থান সাত-গাঁ ক.চ ১১৭।

মহাস্নান বি অগুরু-প্রভৃতি-গন্ধদ্রব্যমিশ্রিত শত ভার গঙ্গা জলে বা শত ঘট তীর্থজলে প্রতিমার স্নান "চ বি ৩৮৩। মহাস্নান করাইল শত ঘট দিয়া চৈ.চ ৯১।

মহাহব পুং [কর্ম্মধা] মহাযুদ্ধ, তুমুলসমর। "মহা ৪.৩২.১০। সংগ্রাম-নাথ অবশ্ব মিটাব মহাহবে আমি তব।—মে ১৯৯।

মহাহি পুং [কর্ম্মধা] ১ বৃহৎসর্প। "°বলয়া (দুর্গা)।—মার্কণ্ডেয়-পুরাণ। ২ শেষনাগ। "°শয়নং হরেঃ।—হি ২৮ (কথারম্ভ)। [°গন্ধ (স্ত্রী)—গন্ধনাকুলী।]

মহাহ্রদ পুং [কর্ম্মধা] ১ বৃহৎ অগাধজল জলাশয়। "গো রা ৪.৪৪.৩২। মনু ১১.২৬৪। °তীরে।—দু ১৯। ২ অগাধজল নদীভাগ; নদীর দহ। "ব.প ৭৯০।

মহি স্ত্রী [√মহ্+ই (ইন্)-র্ম্ম, উ ৪.১১৭; 'মহি'…মহৎ (ঋগ্বেদ ১.৩২.২)] 'পূজ্যা', পৃথিবী। —হি পুং, ক্লী ১ মহিমা। "সর্ব্বাত্মনা মহি গৃণামি ভ ৭.৯ ১২; শ্বেতাত্রেৰ্হরন্ ভগবতো মহিম্ ৮.৮.৪। ২ মহত্তত্ত্ব। "ভ ২.১.৩৫। ৩ [বাঙ্‌লায; অপ্র] দেশ, প্রদেশ। "নদীয়া মহি মুদ বিথারি ন.প ৯০। —হিতা স্ত্রী,-ত্ব ক্লী [মহি+তা (তল্),+ত্ব] মহত্ত্ব, মহিমা। "°তা ভ ১.১৫.১৯, °ত্ব ৩২০.৩। [°পুত্র (বি)—মঙ্গলগ্রহ। "শ্রী মা ২০৬,-২৭।]

মহিত বিণ [√মহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পূজিত, পূজ্য। "বৃত্তং হি মহিতং সতাম্ কু.স ৬.১২] রঘু ১১ ৪৯। রাম° ভট্টি ১০.২। ২ পূজ্য-মান। "অত্র মহিতে জগতাম্ কি ৫.২৪। ৩ অর্চ্চিত। "মহিত ইব মন্দারকুসুমৈঃ গী গো ১১.৩৪। ৪ শ্লাঘ্য। "মহিতাম্ভসঃ…নদীঃ কি ৫.৭। —হিত ক্লী শিবত্রিশূল।

মহিতা, মহিত্ব দ্র 'মহি'।

মহিম বি [আ মুহিম্] যুদ্ধ। "গো চ ৩৩২। ম.গা ৮। শ্রী.মা ১২০,-৫৭। কাড়ুবমহিম তারে দাও পাঠাইয়া শ্রী ১৩০,-৩১,-৩৩,-৪২। মহিম হইল কতে ভা চ ৪৭৬।

মহিমনঃ [মহিম্নঃ >(স্বরাগমে) °নঃ, পদ্যে] মাহাত্ম্যের ("মহি-মনঃ মহাস্তব-পাঠ।—হেম ১৮১।

মহিমা[1] (-মন্) পুং [মহৎ+ইমন্ (ইমনিচ্)-১ব] ১ মহদ্ভাব, মহত্ত্ব, বিশালতা। ২ দৈর্ঘ্য। "নৈ ১.৪১। ৩ মাহাত্ম্য। "ঋগ্বেদ ২.৩৫.৯। শতক্রতোরেব মহিমা স্তুতাঃ শ ৭২/৪। ইহাতে কি আমার মহিমা শ্রী.ম ৪৫; স্মরণ° ২৬৪। অনন্ত গগন, সেই অসীম মহিমা-মগন।—রবীন্দ্র। স.স্ব ২৯। ৪ মাহাত্ম্য, বিশ্বরূপ। "অজানতা মহি-মানং তবেদম্ গী ১১ ৪১। ৫ ঐশ্বর্য্য। "মহ্যাদির্মহিমা তব রঘু ১০.২৮। ৬ শক্তি। "কু.স ২.৬। অপ্রাণ্যমোঘমহিমানি ভ ১.১৫.১৬। স্নেহের এমনই মহিমা সী ৬১। ৭ মহত্ত্ব, উৎকর্ষ, বড়াই। "অধোঽধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপচীয়তে?—হি ২.২। ৮ তেজঃ, প্রভাব। "মহিম্নাম্ (অতিশয়ঃ নির্গ্রাহ্যঃ) উ.চ ৪.২১। হোথা স্তব্ধ মহামৌন ব্রাহ্মণমহিমা স.স্ব ৭০। ৯ উচ্চাধিকার। ১০ (যোগশাস্ত্রে) অণিমাদি ঐশ্বর্য্যের একতম। [যোগী ইহা দ্বারা অল্পকায় হইয়াও পর্ব্বতাদিবৎ মহাকায় হইতে পারেন (মহত্ত্বং যেন ভুবনেঽপি ন সম্মাতি—অ টী)। 'পা.দ ৩.৪৫। ১১ (বাঙ্‌লায়) বিশালতাজন্য গম্ভীরভাব। "(গিরিরাজের) নাইক শব্দ, বিরাট্ স্তব্ধ,—আপন মহিমায়।—কু কে ১১৩। ১২ সাধু-ভাব, ইন্দ্রিয়সংযম। "শ্রীহরিদাসমহিমাকথনং চৈ চ ২৭৬। [দৈবী মহিমা—'দৈব মহিমা' সাধু। "য ৮৫।]

মহিমা[2] বি [দ্র 'মহিমা[1]'; সং মহিমন্ >প্রা মহিমা (পুং, স্ত্রী—হে ১.৩৫); বা °মা (সমাসে, অসমাসে); হি °মা (স্ত্রী), ঠ °মা (পুং, স্ত্রী)] মহত্ত্ব, মাহাত্ম্য। "কি মূর্ত্তি মহিমাময়।—ন ১২৪৭। পরাতে মহিমালক্ষ্মী ভক্তকণ্ঠে বরমালাখানি।—স.স্ব ১৮; হে মহিমা-ময়ী।—২৫।

মহিম্ন বি [সং মহিম্নঃ >বা °ম্ন (শব্দ); অপ্র] শিবমহিমা। "মহিম্নের শ্লোক সব ম.পা ৮। [মহিম্ন স্তব { সং মহিম্ন(ম্নঃ) স্তবঃ }—শিবমাহাত্ম্য-বিষয়ক স্তোত্র। "ভট্টাচার্য্যিরা…মহিম্ন স্তব আওড়াতে আওড়াতে চললেন।—হু ১৫৫।]

মহিলা স্ত্রী [√মহ্+ইর (কিরচ্)-র্ম্ম, (লত্বে) °ল+স্ত্রী আ (টাপ্); (রূপান্তর) 'মহেলা' (অ.টী); তু 'মহিডা' (অশোক-অনুশাসন, নবম গিরিলিপি); দ্র 'ইল[2]'] ১ স্ত্রীমাত্র, নারী। ২ মদ-মত্তা স্ত্রী (শ.ক)। ৩ প্রিয়ঙ্গুলতা। ৪ রেণুকা-গন্ধদ্রব্য। ৫ (বাঙ্‌লায়) ভদ্রনারী (lady)। "শ্বেতাঙ্গী মহিলা।—হেম ২৮৮। ৬ গৃহিণী। "জজ°।—হেম ৩৮৭। [মহিলাহ্বয়া (স্ত্রী)—প্রিয়ঙ্গুলতা।]

মহিষ পুং [√মহ্+ইষ (ইষচ্)-ণ (অ.টী, উ ১.৪৬] ১ পশুবিশেষ, লুলাপ। "ঋগ্বেদ ৯.৮৭ ৭। রা ২.২৫ ১৯। গাহন্তাং মহিষা নিপান-সলিলম্ শ ২.৬। ২ [তু 'মহিষান্'—মহতোঽসুরান্ (ঋগ্বেদ ৮.১২ ৮)] মহিষাসুর। "মহা ৩ ২৩০.৮২। ঘোরনাদৈঃ প্রবিশতি মহিষঃ ভা চ ৭৪৪। ৩ অনুহ্রাদের পুত্র। "ভ ৬.১৮ ১৬। ৪ [+ইষ-র্ম্ম] কৃতা-ভিষেক ভূপাল। 'কৃতাভিষেকে ভূপালে…মহিষঃ স্মৃতঃ (রুদ্র) —হিষী স্ত্রী [°ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মহিষস্ত্রীজাতি। "মনু ৯.৪৮ ২ কৃতাভিষেকা রাজপত্নী, দেবী, পাটরাণী। "রা ১ ৫৭.২। রঘু ১.৪৮। কৌশল্যা মহিষী।—মা ১০১। ৩ রাজপত্নীমাত্র, রাণী। "(মৈথিলি!) ত্বং মমাগ্রমহিষী ভব গো রা ৩.৫৩.৩৪। সর্ব্বা মহিষ্যঃ ভ ৬ ১৪ ১৩; ২৮। °বিবাহে চৈ চ ৩। বাবীন্দ্রমহিষি।—মে ২৭। ৪ সৈরিন্ধ্রী। ৫ ব্যভিচারিণী। ৬ ওষধিবিশেষ। ৭ পক্ষিস্ত্রীজাতি (A.)। ৮ [বাঙ্‌লায়, অপ্র] স্ত্রী। "মালীর মহিষী।—ম ৪০৭, আমি মানবী মহিষী ৫৯৮। মহাপ্রভুর দ্বিতীয়া মহিষী ভ.গ্র ৩৪। [°চর, °ধ্বজ, °বাহন (পুং)—যম। °ঘ্নী, °মথনী, °মর্দ্দিনী, °সূদনী (স্ত্রী) — মহিষাসুরহন্ত্রী', দুর্গা। "°মর্দ্দিনী।—কৃ ৩৫০, দু ৮৯। °পাল, -লক (পুং)—মহিষরক্ষক। "মহিষপাল ক.সা ৬৮.৪৬।]

মহিষা বিং [°ষ+আ[1]°] মহিষদুগ্ধজাত। "°ষা দই ক.চ ৪৩।

মহিষার্দ্দন পুং [ষ.ত] 'মহিষাসুরপীড়ক', কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১ ৩।

মহিষাল বিং মহিষচর্ম্মনির্ম্মিত। "মহিষাল ঢাল শ্রী ম ১৫৫।

মহিষাসুর পুং [কর্ম্মধা] মহিষনামক অসুরবিশেষ। [ইহার পিতা রম্ভ। শিবের বরে রম্ভ সুরজেতা সকলের অবধ্য এই পুত্র প্রাপ্ত হয়। কাত্যায়ন মুনির শাপে নারী দুর্গার হস্তে মহিষ নিহত হয (কালিকা-পুরাণ)।] [°ঘাতিনী, °মথনী, °মর্দ্দনী, °মর্দ্দিনী, °হন্ত্রী (স্ত্রী) —'মহিষাসুরনাশিনী', দুর্গা।]

মহিষী দ্র 'মহিষ'।

মহিষ্ঠ বিণ [মহৎ+ইষ্ঠ (ইষ্ঠন্)] মহত্তম। "ভ ৩ ১৪.৪৭।

মহিষ্মন্ (-ষ্মৎ) বিণ [মহিষ+মৎ (ড্মতুপ্),-১ব, পা ৪.২ ৮৭।] বহুমহিষবান্। —ষ্মান্ পুং [+মৎ অস্ত্যর্থে দেশবিষয়ে পা ৪.২.৬৭] ১ দেশবিশেষ। "পা ৪.২.৮৭। ২ রাজবিশেষ। তু 'মাহিষ্মতী'।

মহী স্ত্রী [মহি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পৃথিবী। "°ক্ষিৎ, °পতি। হেম ৩২২। ২ দেশ, রাজ্য। "ময়না° শ্রী ৬২। নবদ্বীপ° চৈ.ম ২। ৩ ভূমি, জমি। "°প্রদান।—পঞ্চ ১.৩১৩। ৪ মৃত্তিকা, মাটি। "°ময়ী (চণ্ডী)। ম.পা ৭, দগ্ধ মহী ৩৮, °মধ্যে ১১৫। ৫ ভূসম্পত্তি। ৬ 'মৃন্বিকার', পাষাণ, ইষ্টক। "°দুর্গ। ৭ (জ্যামিতিতে) ত্রিভুজাদির ভূমি (base)। ৮ (১) এই সংখ্যা। ৯ [বাঙ্‌লায়, অপ্র] ভারতবর্ষ। "মহী হ'তে লঙ্কাপুরী শতেক যোজন।—দু ৪। [°কম্প (পুং)—ভূমিকম্প। "বৃহৎসংহিতা ৩.১০। °কর (বিণ)—শপথার্থ করে গৃহীতমৃত্তিকা, মৃত্তিকাহস্ত। "বিষ্ণু ৯.৯। °ক্ষিৎ (পুং)—'মহীতে প্রভুত্বকারী', নৃপ, রাজা। "রা ১.৮.১৬। রঘু ১.১১; ১৯.২০। °চর (বিণ)—ভূচর। "মহা ৫.৬৪.৫। °তল (ক্লী)—ভূপৃষ্ঠ, রসাতল, ভূমি। "রঘু ২.৫০। °নাথ (পুং)—ভূপতি, রাজা। "মা ৯৩। শ্রী.মা

১৩; ১৮০। °পতন (ক্লী)—সাষ্টাঙ্গ প্রণাম হেতু ভূতলপতন। "শিরোভিঃ …পাংগুলৈঃ।—রা ২.৪৫.২৭। °পতি (পুং)—১ ভূপতি, রাজা। "মনু ৭.৩৪। ২ সম্রাট্। "রা ১.১.২১। মহা ৩.৫৩৩। °পাল (পুং)—১ 'মহীরক্ষক', রাজা। "রা ২.২৩.২৯। ২ সম্রাট্। "রঘু ২ ৩৪। °পুত্র (পুং)—কুজ, মঙ্গলগ্রহ। "যাজ্ঞ ১.২৯৬। °পুত্রী (স্ত্রী)—সীতা। °পৃষ্ঠ (ক্লী)—ভূতল। °প্রদান (ক্লী)—ভূমিদান। "পঞ্চ ১.৩১৩। °প্ররোহ (পুং)—'মহীজাত', বৃক্ষ। "মহা ১ ১৯৩.৫। °প্রাচীর (ক্লী)—সমুদ্র। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—মহীপতি, রাজা। °ভুক্ (-জ্) পুং—'মহীপাল', রাজা। "ক.সা ২৭.১৩০। °মঘবা (-বন্) °মহেন্দ্র পুং—'মহীন্দ্র', রাজা। "রাজতরঙ্গিণী ২.৬৩; ৪.১০৬। °মণ্ডল (ক্লী)—ভূগোলক, পৃথিবী। "সপ্তসাগরপর্য্যন্তং °লম্ (দশকুমার)। °রন্ধ্র (ক্লী)—বিল, গর্ত্ত। °রুট্ (-রুহ্), °রুহ (পুং)—'মহীজাত', বৃক্ষ। "রুহ রা ২.৮০,১৩, ম পা ৯৫। °রুহ্ কি ৫.১০, ৮.২১। °লতা (স্ত্রী)—কিঞ্চুলুক, কেঁচো। "ক চ ১৮২। রঙ্গ ১৯৭। °সুর (পুং)—ভূদেব, ব্রাহ্মণ (দশকুমার)।]

মহীজ বিণ [মহী+ √জন্+অ (ড) -ক, উ.ত] পৃথিবীজাত, পার্থিব। —জ পুং ১ কুজ, মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। ৩ বৃক্ষ। "সদা ফলৈঃ…মহীজৈঃ মহা ৩.১৩২.১। —জ ক্লী আর্দ্রক। —জা স্ত্রী 'মহীসুতা', সীতা।

মহীজা দ্র 'মহীজ'।

মহীদুর্গ ক্লী [উ লো] পাষাণ বা ইষ্টকে রচিত, বিস্তারের দ্বিগুণ (অর্থাৎ চব্বিশ হস্ত) উচ্চ, উপবিভাগে বিস্তার দ্বাদশ হাত পরিসর, যুদ্ধার্থে উপ রিভ্রমণযোগ্য সাধারণগবাক্ষাদিযুক্ত প্রাকারে পরিবেষ্টিত দুর্গ। 'মনু ৭.৭০।

মহীধর বিণ [ষ.ত] মহীর ধারক', পৃথিবীধারক। "°ধরান্ নাগান্।—হ ২০৪.৬৪। —ধর পুং ১ পর্ব্বত। "রা ২.৪৮.১৪। রঘু ৬.৫২। ২ বিষ্ণু। ৩ শুক্লযজুর্ব্বেদভাষ্যকার ৪ [বাঙ্‌লায়, অসাধু] রাজা। "শ্রী.মা ১৪।

মহীধ্র পুং [মহী+ √ধৃ+অ (ক)-ক, উ ত] ১ 'মহীধারক', পর্ব্বত। "মহা ৫ ১৮৩ ১৬। °পক্ষব্যপরোপণোচিতং স্ফুরৎপ্রভামণ্ডল-মন্ত্রমাদদে।—রঘু ৩.৬০। ভট্টি ২ ১০। ২ বিষ্ণু। ৩ (কুলপর্ব্বতানুসারে) '৭' এই সংখ্যা।

মহীন পুং [মহীর ইন, ষ ত] রাজা। "রঘু ৯ ৫। দ্র 'মল্লিনাথ'।

মহীন্দ্র পুং [ষ ত] মহীর ইন্দ্রতুল্য, রাজা। "শ্রী ১৫১।

মহীপ পুং [মহী+ √পা+অ (ক)-ক; উ.ত] 'মহীপালক', রাজা। "মহা ৩ ১১৯ ১৮। ভা চ ৪৩৬,-৭। রঙ্গ ২৯। হেম ৩২২।

মহীপুর বি মহীরাবণের পুর; পাতাল। "চ বি ২৩৫।

মহীভৃৎ পুং [মহী+ √ভৃ+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত] ১ 'মহী-ধারক', পর্ব্বত। "কু.স ১ ২৭। মেরু° কি ৫ ১। ২ রাজা। "কি ১.২০।

মহীময় বিণ [মহী+ময় (ময়ট্); স্ত্রী -য়ী] ১ মৃত্তিকাবিকার, মৃন্ময়। "(আজ্যস্থালী) মহীময়ী বা কর্ত্তব্যা।—কাত্যায়ন ১০.১৫। কৃত্বা মূর্ত্তিং মহীময়ীম্ (চণ্ডী)। ২ পৃথিবীরূপ। "নাব্যারোপ্য মহীময়্যাম্ ভ ১.৩ ১৫।

মহীয় সক [কণ্ড্বাদি. ভ— √মহী+য (যক্)—°য়তে, সেট] পূজা "সরস্বতী শ্রুতমহতাং মহীয়্যতাম্ শ ৭ ৩৫। ভট্টি ২.৩৮।

মহীয়ান্ (-য়স্) বিণ [মহৎ+ঈয়স্ (ঈয়সুন্)-১ব; স্ত্রী -য়সী ১ মহত্তর। "মহতো মহীয়ানাত্মা।—কঠোপনিষৎ ২.২০। ২ বিপুল "মাঘ ১৮.৪০। ৩ পূজ্য। "মহা ৫.১২০.১৫। তস্মৈ মহতাং মহীয়সে ভ ১.৩.২৬; ৪.৪.২৬। অয়ি মহীয়সী মহারাণী, তুমি মোরে করিয়াছ মহীয়ান্ আজি চ.কা ১৭৭। ৪ গুরু, প্রবল। "অহো মহীয়সী জন্তোর্জীবিতাশা।—ভ ১.১৩.২৩। ৫ মহত্তর, বলবত্তর। "প্রকৃতিঃ খলু সা মহীয়সঃ সহতে নান্যসমুন্নতিং যয়া কি ২ ২১। ৬ পূজ্যতম। "মৃত্যুর বিশ্রাম যেন করে মহীয়ান্ স.ম্ব ২৮। তাহারো চেয়ে সে যে মহীয়ান্ চ কা ৬৬। —য়ান্ পুং ১ মহাত্মা। "গো.রা ৩.৮২.৩৪। সেই মহীয়ান্ মনের মানুষ বি মু ৫২। ২ উত্তম। মহীয়সঃ প্রকৃত্যা মিত-ভাষিণঃ মাঘ ২.১৩।

মহীরুহব্যূহ বি [ষ.ত] বৃক্ষচয়। "মহা° মে ১৩৬; ২৫৯।

মহীশ বি [মহী+ঈশ, ষ.ত] মহীপতি। "ভারত° ভা.চ ১৫৮।

মহীশ্বর পুং [ষ ত] সর্থ 'মহীশ'। "শ্রী.মা ১১০।

মহীসুত পুং [ষ.ত] ১ মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। —সুতা স্ত্রী মহীকন্যা, সীতা।

মহীসুতা দ্র 'মহীসুত'।

মহীসুরা বি [অপ্র] মহীসুর, ব্রাহ্মণ। "ভ গ্র ১৪৩।

মহীসূনু পুং [ষ ত] ১ মহীপুত্র, মঙ্গলগ্রহ। ২ নরকাসুর।

মহু বি [দ্র 'মউ'] মধু। "ও-পদকমলমহু-মধুকর করি দেহ বর চৈ.ম ৯, বরিখয়ে মহু ১৬৮।

মহুকুপ বি সর্থ 'মকুফ'। "শিশুর তলব °প।—দা ২১০৬।

মহুরি[১] ক্রি মোহর করিয়া; আটকাইয়া। "জনু মধু মন হরি, কনয় কুম্ভ ভরি, মহুরি ('মুহরি'—প.ক) রাখত কত বেরি।—গো ১০৪।

মহুরি[২] দ্র 'মহরী'।

মহুল বি সর্থ 'মউল'। "কপোলযুগল তাব মহুলের ফুল শ্রী.কী ৩২, বহুল মহুল ২০৬, গণ্ডযুগ মহুলে ২২৫।

মহেচ্ছ বিণ [মহতী ইচ্ছা যাঁহার, বহুব্রী] ১ মহাশয়। "রঘু ১৮.৩৩। ২ উচ্চপদাকাঙ্ক্ষী। "মহেচ্ছানাং নাশ্রয়ঃ পার্থিবং বিনা।—পঞ্চ ১ ৩৮।

মহেন্দ্র পুং [কর্ম্মধা] ১ মহৈশ্বর্য্যবান্ ইন্দ্র, ইন্দ্র। "বা ১.৪৭ ১০। মহা ৩.৫৫.৫। কু.স ৫ ৫৩। ২ 'ইন্দ্রাধিপতি', বিষ্ণু। ৩ শিব। ৪ শ্রেষ্ঠার্থ, প্রধান। "মহেন্দ্রং সর্ব্বদেবানাম্ মহা ৩ ৫৬.১১। সন্ন্যাসি-মহেন্দ্র চৈ.ভা ৩৪৬। ৫ কুলপর্ব্বতবিশেষ। "মহেন্দ্রকৃতকেতন রা ১.৭৫ ৮। রঘু ৪.৩৯, ৬.৫৪। —ন্দ্রী স্ত্রী মহেন্দ্রবারুণী। [°কেতু, °ধ্বজ (পুং)—সর্থ 'ইন্দ্রধ্বজ'। "°ধ্বজসঙ্কাশ গো.রা ২.৬২.১৮, বৃহৎ-সংহিতা ৩৩.২; °কেতু ৪৪.১৪। °গুরু (পুং)—বৃহস্পতি। °চাপ (পুং)—ইন্দ্রধনুঃ। "হ ২৩২.১৭। °জিৎ (পুং)—গরুড়। °নগরী (স্ত্রী)—অমরাবতী। °মন্দির (ক্লী)—বৈজয়ন্ত। °বারুণী (স্ত্রী)—বড় মাকাল লতা।]

মহেন্দ্রাণী স্ত্রী [মহতী ইন্দ্রাণী, কর্ম্মধা; মহেন্দ্র > °ণী (?)] পূজ্যা ইন্দ্রাণী; শচী। "মহা ৩.৪১.১৩।

মহেন্দ্রী দ্র 'মহেন্দ্র'।

মহেশ পুং [কর্ম্মধা] ১ 'শ্রেষ্ঠ দেবতা'; শিব। "°মোহিনী।—দু ৯৬; বা.দ ৭১। ম.ভা ৫৬। ২ (বাঙ্‌লায়) শিবলিঙ্গ। "আঁচরে ঝাঁপল জনু কনকমহেশ বি প ৩৪। কুচযুগ কনক,-মহেশ সম জানিয়ে।—গো ২০১। কনক° জ্ঞা ১৪১। —শানী বি পার্ব্বতী, উমা। "মহেশী এসেছে পায়া শ্রী.মা ৫০। [°নেত্র (ক্লী)—শিবচক্ষুঃ; (৩) এই সংখ্যা। °মোহিনী (বি)—১ শিবরমণী, দুর্গা। "দু ৯৬। ২ গঙ্গা "বা দ ৭১।]

মহেশান পুং [কর্ম্মধা] মহেশ্বর, শিব। —শানী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীষ্)] পার্ব্বতী।

মহেশ্বর পুং [কর্ম্মধা] ১ মহান্ ঈশ্বর, পরমেশ্বর। "তমীশ্বরাণাং পরমং মহেশ্বরম্।—শ্বেতাশ্বতর ৬.৭। সর্ব্বলোক° গী ৫.২৯; ভূত° ৯.১১; লোক° ১০.৩। আমার মহত্বে মম তোমারি মহিমা, মহেশ্বর।

—সু.শ ২৯। ২ মহাদেব। ৩ বিষ্ণু। ৪ মহান্ প্রভু, অধিপতি। "শক্রঃ ত্রিদশানাং মহেশ্বরঃ মহা ১ ২২৭ ২৯। ৫ মহারাজ। "গোপ্তারং ন নিধীনাং কথয়ন্তি মহেশ্বরং বিবুধাঃ।—পঞ্চ ২ ৭৬। ৬ (বহুব) ইন্দ্র অগ্নি বরুণ যম। "তৎ ক্ষমধ্বং মহেশ্বরাঃ মহা ৩.৫৫ ৮, ৫৭ ২১। ৭ মহান্ দেব। বিপ 'প্রকৃতি'। "শ্বেতাশ্বতর ৪ ১০। —শ্বরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পার্ব্বতী, উমা। "মে ৬৫। ২ কাংস্য-বিশেষ। ৩ (বাঙলায়) কর্ত্রী, রানী। "বরজ মহেশ্বরী (অর্থাৎ যশোদা)।—ব ১২৩,-৫। [°করচ্যুতা (স্ত্রী)—করতোয়া নদী। দ্র 'করতোয়া'।]

মহেশ্বরী দ্র 'মহেশ্বর'।

মহেষু পুং [মহান্ ইষু, কর্ম্মধা] অমোঘবাণ। "কি ১৩ ১৬।

মহেষ্বাস পুং [মহান্ ইষ্বাস যাহার, বহুব্রী] ১ মহাধনুর্দ্ধর, মহাযোধ। "মহা ৫.১৬৪ ২৬, ৬ ৪৫ ১১। অ.প ৬, ৯। মে ১৪৬, ২৮৩। ২ শিব। ৩ [কর্ম্মধা] দিব্যায়ুধ। 'পরিত্যক্ত' কি ১৫ ১।

মহোক্ষ পুং [মহান্ উক্ষা, কর্ম্মধা, 'অ' (অচ) নিপাতিত, পা ৫ ৪ ৭৭] মহাবৃষ। 'রঘু ৩ ৩২, ৪ ২২।

মহোচ্ছব বি [সং মহোৎসব >প্রা মহোচ্ছব, তু 'মচ্ছব'] মহোৎসব। "সদা মহোচ্ছবে।—জ ১৪। শ্রী মা ৪৮, ১১৮,-৭৬।

মহোৎপল ক্লী [কর্ম্মধা] ১ বৃহৎ পদ্ম। ২ পদ্ম (অ কো)।

মহোৎসব পুং [কর্ম্মধা] ১ অতিশয় সুখকর কর্ম্ম বা ব্যাপার। ২ পরমানন্দ, অতিসুখ। সঞ্জাতমনোমহোৎসব ভ ১ ১১ ৩২। ৩ বৈষ্ণবদিগের সংকীর্ত্তনান্তে করণীয় উৎসববিশেষ। "ছুটাপানবিড়া মহোৎসবে পাঞাছিলা চৈ চ ৩২৬।

মহোৎসাহ বিণ [বহুব্রী] অতিশয়োৎসাহযুক্ত, মহোদ্যম। 'সর্ব্ব এব মহোৎসাহাঃ মহা ৫ ৫১ ১। —সাহ পুং ১ বিষ্ণু। ২ রাজ্যাঙ্গ-প্রাপ্ত রাজপুরুষ (শ ক)। ৩ [কর্ম্মধা] অতিশয় উদ্যম।

মহোদধি পুং [কর্ম্মধা] মহাসাগর। 'রা ১ ১ ৭৯। রঘু ৩ ১৭।

মহোদয় বিণ [বহুব্রী] ১ অভ্যুদয়জনক। ২ মহাফল। "বনবাসো মহোদয়ঃ রা ২ ২২ ২৯। মনু ৭ ৫৫। —দয় পুং [কর্ম্মধা] ১ মহাবৃদ্ধি, অভ্যুদয়। 'অপবর্গ' রঘু ৮ ১৬। কি ১ ২০। ২ আধিপত্য। ৩ স্বামী (অ চি)। ৪ মোক্ষ। ৫ কান্যকুব্জদেশ। ৬ অর্দ্ধোদয় হইতে কিঞ্চিদূন যোগবিশেষ (ত বা)। —দয় ক্লী কান্যকুব্জনগরী, কুশস্থল। রা ১ ৩২ ৬। —দয়া স্ত্রী নাগবলা।

মহোদয়া দ্র 'মহোদয়'।

মহোদর বিণ [বহুব্রী, স্ত্রী -রা, -রী] বিশালোদর, লম্বোদর। —দর ক্লী ১ উদরীরোগ। ২ [কর্ম্মধা] বৃহৎ উদর। "জাত" ভ ৯ ৭ ১৭। —দরী স্ত্রী ১ মহাশতাবরী। ২ (বাঙলায) চণ্ডী। 'কৃ ৩৫০।

মহোদরী দ্র 'মহোদর'।

মহোদ্যম বিণ [বহুব্রী] মহোৎসাহ, অত্যুদ্যোগী।

মহোদ্যোগ বিণ [বহুব্রী] সর্থ 'মহোদ্যম'।

মহোন্নতি স্ত্রী [কর্ম্মধা] ১ অতিশয়বৃদ্ধি, অত্যভ্যুদয়। ২ উচ্চাধিকার, উচ্চপদ।

মহোন্মাদ বিণ [বহুব্রী] অত্যুন্মত্ত। —ন্মাদ পুং ১ মহাহর্ষ। ২ রুলুই-মাছ।

মহোপাধ্যায় পুং [কর্ম্মধা] পণ্ডিতের পাণ্ডিত্যসূচক উপাধি।

মহোরগ পুং [কর্ম্মধা] ১ বৃহৎ সর্প। "ভ ৮ ১০ ৪৭। 'ললাটে যেমতি, মণি।—মে ১৫৩। ২ সর্পজাতিভেদ। 'গন্ধর্ব্বাঃ সমহোরগাঃ রা ১.৫৩.১৫। ৩ শেষ। "রঘু ১২ ৯৮। —রগ ক্লী বিষাক্ত তগরমূল।

মহোরস্ক বিণ [মহৎ উরঃ যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্), স্ত্রী -স্কা] বিশালবক্ষাঃ, ব্যূঢোরস্ক। "রা ১.১ ১০।

মহোল্কা স্ত্রী [কর্ম্মধা] ১ মহতী উল্কাবিশেষ। "মনু ৪.১০৩। ২ বৃহৎ জ্বলংকাষ্ঠ বা জ্বলন্ত কাঠ।

মহো(হৌ)ষ্ঠ বিণ [মহা+ওষ্ঠ, বহুব্রী, সমাসে বিকল্পে পররূপ একাদেশ, স্ত্রী -ষ্ঠা, -ষ্ঠী] স্থূলোষ্ঠযুক্ত।

মহৌঘ পুং [কর্ম্মধা] মহান্ জলরাশি, মহাপূর। 'মাঘ ৭ ২৩।

মহৌজঃ (-জস্) ক্লী [মহৎ ওজঃ, কর্ম্মধা] মহাবল। —জস্ক, -জাঃ (-জস্) বিণ [বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্), স্ত্রী -স্কা, -জাঃ] ১ মহাতেজোযুক্ত, মহাতেজস্বী। "মনু ১ ৬১। ২ মহাবল। 'হয়ানাম্ ..মহৌজসাম রা ১ ৫৩ ১৯। কি ১ ১৯।

মহৌজস্ক, মহৌজাঃ দ্র 'মহৌজঃ'।

মহৌষধ ক্লী [মহৎ ঔষধ, কর্ম্মধা] অমোঘ ঔষধ, মহাভেষজ। "ক সা ৬৬ ৩৯। ২ শুণ্ঠী, লশুন পিপ্পলী বৎসনাভ, বারাহীকন্দ। —ষধি, -ধী স্ত্রী [মহতী ওষধি, -ধী, কর্ম্মধা] ১ অমোঘগুণ ওষধি। "°ধী বিশল্যকরণী গো বা ৬ ৮২ ৩৯। কু স ১ ২। মহৌষধি শিখিয়াছ ভুলাইতে নারী।—ম ২৪৯। (বিশল্যকরণী) মহৌষধি ক চ ২৭৩। শি ১৫। রঙ্গ ১২১। ২ বলা অতিবলা প্রভৃতি মহাস্নানার্থ অষ্ট ওষধি (শ ক)। ৩ পৃশ্নিপর্ণী শ্যামলতা ভৃঙ্গরাজ শতাবরী গুড়্‌চী সহদেবী —এই ষড়্‌বিধ ওষধি। ৪ তৃণবিশেষ (মল্লিনাথ)। "কু স ১ ৩০। ৫ সঞ্জীবনী লতা। রঘু ১২ ৬১। ৬ দূর্ব্বা। ৭ লজ্জালু ক্ষুপ। —ষধি স্ত্রী ১ শ্বেতকণ্টকারী ব্রাহ্মী, কটুকা, অতিবিষা। ২ হিল-মোচিকা।

মহৌষধি, মহৌষধী; মহৌষ্ঠ দ্র 'মহৌষধ, মহোষ্ঠ'।

মা[১] সক [দি, ঙ—মায়তে, অদা, প—মাতি, অনিট] ১ মান, পরিমাণ। ২ [হ্বা, ঙ—মিমীতে, অনিট্] পরিমাণ। —অক [হ্বা, ঙ] শব্দ। [অনু—অনুমান। উদ্—উন্মান। উপ—উপমান। নির—নির্ম্মাণ। পরি—পরিমাণ। প্র—প্রমাণ, নিশ্চয়জ্ঞান।]

মা[২] স্ত্রী [√মা+ক্বিপ (০)-ক] ১ লক্ষ্মী। 'মানিষাদ রা ১ ২ ২৫, টীকা। ২ মাতা। ৩ [+ক্বিপ্-ভা] মান, পরিমাণ। [°প২, °পতি (পুং)—লক্ষ্মীপতি, বিষ্ণু।]

মা[৩] বা ১ [Gr mé, আ মা'] বারণ নিষেধ, না। "মা নো বধীঃ। —ঋগ্বেদ ১ ১০৪ ৮। মা দিবা স্বাপ্সীঃ (S W)। মা দাঃ মনু ২ ১১৪। মা নিষাদ প্রতিষ্ঠা° ত্বমগমঃ রা ১ ২ ১৫। মা কর গুলী।—চ ৪৩। মা নিষাদ বলিয়া তাহার উপাখ্যান।—কৃ ৫। [মা(মাঙ) যোগে সর্ব্ব-কালে লুঙ ও অড়াগম নিষেধ (পা ৩ ৩ ১৭৫ ৬ ৪ ৭৪) হয়। এই হেতু 'মা নিষাদ' মা কুরু' 'মাস্তু' ইত্যাদি স্থলে 'মা' নিষেধার্থক শব্দ, 'মাঙ্' নহে (তত্ত্ববোধিনী)। দ্র 'মুগ্ধবোধ' ৯৫৯।] ২ বিকল্প (মেদিনী)। [মা ভৈ, মাভৈ মা ভৈঃ [সং মা ভৈঃ, তু 'মাভাঈ' —অভয়দানে, দেশী ৬ ১২৯)—ভয় করিও না। 'কিছু দূর থাকি কহে মা ভৈঃ মা ভৈঃ।—বি সু ১৭৪। মাভৈ রব ঘন ঘন।—দা ১৭৭৭,-৭৯। মা ভৈ মা ভৈ শব্দে।—হেম ২২৩। মাভৈ মাভৈ বৎস।—ন ১৩৪৯।

মা[৪] বি [সং মাতৃ >প্রা মাআ (হে) >বা 'মা', হি মা', মাঈ, ঠ, গু মা, মাঈ, প 'মা', মৈ মাই, -ঈ, -এ, ড় 'মা', মায়া (চট্টগ্রাম)] ১ মাতা। "মা মা বলিযা রাম উচ্চৈঃস্বরে ডাকে।—কৃ ৯৬। মা হওয়া কি মুখের কথা।—রামপ্রসাদ। ২ মাতৃবৎ পূজ্যা নারী। 'মহালক্ষ্মী মা জানকী কার সাধ্য কাটে।—কৃ ৩০৭। ৩ মাতৃবৎ অভীষ্ট দেবতা, দেবী। মা বিরাজে ঘরে ঘর (রামপ্রসাদ)। আমার মা মা-জানকী। —দা ৮০৯। ৪ কন্যা। ও মা উমা।—ভা চ ৮১। বিরাট।—মা কটি, মা। তোর ৭ উত্তরা।—মা আমার পাঁচ।—ন ১১২৪। ৫ কন্যা-সদৃশী স্নেহপাত্রী। "মা ভাল 'মা' বলে ভা চ ৩০৩। (কিন্তু) কিছু কিছু মা লক্ষ্মীকে.—চঞ্চলা চঞ্চলা ভাব লাগে।—দা ৭১৯।

৬ নারীমাত্র। "তোমার স্বামী কে মা ?—গি.ঝি ১২৪। ৭ পত্নী। "মা, তোমার স্বামীকে বল গে, আমি তোমার পাগল ছেলে।—গি.ঝি ১২৭। ৮ ব্রাহ্মণী। "সীতা কহিলেন মা সম্পদে কিবা কাম।—কৃ ১২৪। ৯ প্রভুপত্নী। "আর শুন্তাহ ছোট মা, সাধু আইল পুরে ক.চ ১৫২। ছোট মা ভা.চ ৫২৯, বড় মা ৫৩২। ১০ স্বামিনী, কর্ত্রী, রানী। "সেজন্তে না মা,—তোমার খাজনা, বঞ্চনা করা তাদের কাজ না।—কা ১২৩। ১১ সুরভি, গাভী। "অবনীতে মহীপতি ছিলাম 'মা' (সুরভিসম্বোধনে) আমি।—ম ৪০৫। ১২ (তাৎপর্য্যার্থে) দেবী সরস্বতী। "(ইনি) বিদ্যায় মূর্ত্তিমান্ মা।—হ ১৩। ১৩ লজ্জায়, বিস্ময়ে। "আই মা, এ লাজ কি রাখিতে ঠাঁই আছে ভা চ ৮২। ওদের ন বউটা কি বজ্জাত মা।—হ ৯। [মাএ—১ মাতাকে। "ম গা ১১। ২ মাতায়। "মাএ পুত্রে কথা কইতে।—গো.চ ৩১৬। মাএ পোএ—মা বেটায়। মা-খেকো ছেলে—যে মাকে খায় অর্থাৎ যে ছেলের জন্মের পরে তাহার মা মরে। "গণ্ডযোগে জন্ম হলে, সে হয় যে মা-খেকো ছেলে।—রামপ্রসাদ। °ঠাকরুণ—১ মাতৃদেবী। ২ পূজনীয়া ব্রাহ্মণী। "নী ৭৫,-৬। মা বলতে নাই, বাপ বলতেও নাই—অর্থাৎ সহায়হীন, সম্পূর্ণ অসহায়। "ব.প্র ৩১৯।

মা[৫] বি সঙ্গীতে স্বরগ্রামে 'মধ্যমে'র সংক্ষেপাক্ষর।

মা[৬] [মাহ > মা] মধ্যে। "পাঁতর মা ভেল আঁতব বারি প.ক ৯৯১।

মাঅ বি [সং মাতা > প্রা মাআ (হে) > বা মাঅ, হিং মায]। মাতা। "শ্রী.কী ২৭, মাঅ দেবকী ৫০। [মাঅক—মাতাকে (শ্রী কী)। মাঅ বাপত—মাতাপিতা অপেক্ষা (শ্রী কী)।]

মাআ বি [সং মায়া > প্রা *মাআ] মায়া। "গ ১৪।

মাই[১] বি [সং মাতা > প্রা মাই (প্রা মাআ > মাযা (প্রা.ল ৫৪ পৃষ্ঠ) > (মাইআ) মাই ?] ১ মাতা। 'মএনামতি মাই গো চ ১৮৪। জগতের মাই।—মী ১, গো বি ৭। যশোমতী মাই।—ব ৫৮। আস্তিক মুনির মাই ম ভা ৮২। ২ মাতৃবৎ পূজনীয়া নারী। "কহ কহ মাই কাঁহা গেলে পাব পিউ শ্রী ম ১৩৭। ৩ পুত্রবধূ। "জটিলা আইল রাইব ঠাঁই। করহ ভোজন শুনহ মাই॥—রা শে ১০০। ৪ নারী। "দুই চারি মাই গো বি ৫৫, কদলির মাই ৫৭,৬৭। ৫ প্রভুপত্নী, মহিষী, রানী। "না ত্যজ না ত্যজ মাই, তোমা বিনা গতি নাই।—ম ১২৫১। ৬ মেয়ে। "মোলাবেচি মাই গো চ ২৩২,-৪। ৭ লজ্জায়। "আজুক লাজ তোহে কি কহব মাই বি.প ১৩৯। ৮ আক্ষেপে। "মাই হে কি সহত জীবক শাতি বি প ৭৪। ৯ [ঠ মাম, মেই (গ্রাম্য)—'মেইএর বোঁটা (হেম ৪০৭)] মাতৃস্তন। "জুলিয়েত তখন সবে মাই ছেড়েচে।—হেম ৪০৭।

মাই[২] [মাহি > °ই] মধ্যে। "সখীগণ চলু ঘর মাই প.ক ১৪১০।

মাইআ বি [দ্র 'মাই[১]'] মাতা। "ও মাইআটি যদি পাইয়ে, বয়ান দিয়া স্তন পিবো ম পা ১৩৩।

মাইকেল বি [E. Michael, আ মীকা'ঈল্] 'দেবদূতবিশেষ', খ্রীষ্টধর্ম্মাবলম্বী মধুসূদন দত্তের উপাধি।

মাইজ বিং [মাঝ > জ, অপ্র] মধ্য। "মাইজখানে।—শূ ২৪, ৫৮। —ইজ বি কলাগাছের মাঝখানের জড়ান্ পাতা। [মাইজ দর্পণ —বরের হস্তস্থিত মাইজ ও দর্পণ। "বি পা ৯৯, ২৮৬।]

মাইঞা, -ইয়া; মায়্যা বি [মাইআ > °য়া, -য়্যা, -ইঞা (সানুনাসিক উচ্চারণে), 'মাইঞা' (মাতা—ত্রিপুরা, উজানচর)] ১ মাতা। "কত দুঃখ দেহ মাইয়া (মাতাকে) চৈ ম ৪৫, টীকা। ২ স্ত্রীজাতি দেবতা। "মাইয়া পূজি হৈলি মোর বৈরী ক.চ ১৯৩। মাইয়া দেবতা ২৮২। ৩ কন্যা। "সকল গোয়ালা মায়্যা, চলিল পসার লয়্যা শ্রী.ম ৬৩। বণিক্যের মাইয়া বি.প ২০৫। বাওনের মাইয়া ব.প ১৬৪,-৫। ৪ স্ত্রী। "নাপিতের মাইয়া: ঘরের মাইয়ার বুদ্ধিতে গো.চ ৬২৪। কার মাইয়া বি.পা ৩৬৭। ব.প ৩৪; ১৪১৭। ৫ স্ত্রীলোক। "মাইয়ার পিয়ান গো চ ১৪।

মাই(হি)তি, -তী বি [আ 'মাহীয়ত্'—তত্ত্ব] উড়িয়াজাতির উপাধিবিশেষ। "শিখিমাহিতী চৈ চ ১৩৩,-৪, ২৬৬।

মাইতী দ্র 'মাইতি'।

মাই(হি)নদার বি [হি মহীনাদার; ঠ মহিনদার] মাসিক বেতনভোগী কর্ম্মচারী বা ভৃত্য। "রাজমাহিনদার কৈল রামানন্দ রায় চৈ.চ ৩১০। তাহা (জমি) যদি কুটির লাঙ্গল গরু ও মাইনদার দিয়া আবাদ হয়।—নী ১৪।

মাই(হি)না, মাহিয়ানা বি [ফা মাহ্—হি মাহিয়ানা, মহিনা, ঠ মহিনা, গু মহিন, তু 'ফা সাল্—ফা সালিয়ানা] মাসিক বেতন। "মাসমাহিনা, বৎসরমাহিনা (শুভঙ্কর)। মাহিযানা পা প্র ৬৫। আমি বিনা মাইনার চাকর কেবল চরণধুলার অধিকারী।—রামপ্রসাদ। —ইনে বি মাহিনা। "অর্দ্ধ অঙ্গ জায়গীর, তবু শিবের মাইনে ভারি। —রামপ্রসাদ।

মাইনে দ্র 'মাইনা'।

মাইফেল, মোয়াফেল বি [আ মহ্‌ফিল্] নৃত্যগীতসভা। "রাত-দিন...আমোদ-প্রমোদ—মোয়াফেল...অবিশ্রান্ত চলিতে আরম্ভ হইল আ হু ১৩৭।

মাইয়া দ্র 'মাইঞা'।

মাইর বি [সং মারি > °র, মা'র, হি, ঠ, গু মার] ১ প্রহার। "যত মাইর খাই বি.প ২৪৫। মাইরের চোটেতে উঠে ক্রন্দনের রোল ব.প ১৪১৫। ২ বিপদ। "দোষ স্বীকার করাই ভাল—সত্যের মাইর নাই আ হু ৩৪। [ভগার মার— দৈব বিড়ম্বন।]

মাইরি বি [P Maria, E Mary (by Mary)] ১ মেরির নামে শপথ, কঠিন দিব্যবিশেষ। "মাইরি, অপরূপ গোরা তনু কাঁতি জ প ৭৯। মাইরি, দিদি।—নী ১৮। মাইরি মালতি, তোর মাথা খাই।—ন ত ১। ২ উপহাসে। "মাইরি! রসের কথা দেখ! ওকে সুন্দর না বলে কেলে ভোমরাকে সুন্দর বলবো ?—গি ঝি ৯৯।

মাইল[১], **-লে, -লেঁ, -লেন্ত, -লেঁা** দ্র 'মার[৩]'।

মাইল[২] বি [E mile] ১৭৬০ গজ দীর্ঘ পথ।

মাইলানি বি [মালিনী > মাইলনী > °নী, -নি] মালিনী। "ব প ৩৬। গো চ ২১৮,-২৯,-৩১।

মাইসর বি [সং মার্গশীর্ষ, হি মগ্‌সর; ঠ মাগেসর, ড় মগশির] অগ্রহায়ণ মাস। "ক চ ৬৯, ১৬৪।

মাউই বি [সং মাতৃক, -কা > প্রা মাউঅ (প্রা.প্র ১.২৯), মাউআ (হে ১ ১৩১), মাঐ (ময়মনসিংহ)] মাতৃবৎ ভ্রাতার বা ভগিনীর শাশুড়ী। "শ্রী ১০২।

মাউগ বি [সং মাতৃগ্রাম > লি মাতুগাম, প্রা মাউগগাম > বা (মাউগা) °গ, মাগ, অপ্র] 'স্ত্রীজাতি, স্ত্রী। "মাউগ পোলা ম.ম ৫৯, মাউগ পুত্রে খাবে ১২৮, ২০৬। মাউগের মত মাউগ ব প ১৭১১। —উগা বিং [°গ+আ[১০]] স্ত্রৈণ। "মাউগা জুগি বলি বাপু না দিও জে খোটা। —মী ২২।

মাউরী বি (সঙ্গীতে) রাগবিশেষ। "ম.পা ১৪৫।

মাউসা বি [সং মাতৃস্বসৃ > প্রা মাউসী > °সা (পুংলিঙ্গে)] মাসীর স্বামী, মেসো। "চান্দর মাউসা বি পা ২৭৫।

মাও বি [সং মাতৃ > প্রা মাউ > বা °ও; মাও (কোচবিহার)] ১ মাতা। "সুমাও, কুমাও গো চ ২৭৫। রজ বীজে জনম তার মাহিক বাপ মাও।—শূ ৩। না চিনিস বাপ মাও ক.চ ১৪৫। ব.প ১৬৪,

মাওপ্রাহে ১৪১৭। জগতের মাও বা.ম ৮; ৬৫; মস্র ১০। চ.বি ৩৪। ২ শাক্তবংনারী। "সুস্থ হইয়া বস মাও ম.ম ২০০। গুলনাএ বোলে মাও শুনহ উত্তর ম.পা ৮৩। ৩ শাশুড়ী। "ম.পা ১৬৪। ৪ পুত্রবধূ। "শুন মাও শাহের কুমারী বা ম ৩০২,-৩১। ৫ ইষ্টদেবী। "কেহে মাও মোরে দেয় ক্লেশ ম.পা ৬২। দুর্গতি নাশিতে মাও দেবেক করি দয়া।—চ.বি ১১৫,-৬। ৬ দেবী। "শুন মাও সরস্বতি মোর নিবেদন ম.পা ১১। [মাও দায় দেওয়া—মাও-সম্পর্ক পাতান; মা বলা। "গো.চ ২৯; ধন্বিরাজ রানিকে মাও দায় দিল ১৮৮।]

মাওড়া বিং [মা-মড়া, মাউরিয়া (গো চ)] মাতৃহীন, মাতৃহীনা। "মাওড়া মেয়ে নইলে, সে বরের বিয়ে হয় না।—ন ত ৪৯।

মাং[1] সর্ব্ব [সং মাম্ (অস্মদ্-দ্বিতীয়া-১ব)] আমাকে। "ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ শ্রী ৩৪৯। মাং কুরু করুণাম্ ম পা ১১৪। বা দ ৯।

মাং[2] 'মারকত' শব্দের সংক্ষেপাক্ষর, হস্তে। "মাং রামধন খাঁ।

মাংস ক্লী [√মন্+স -র্ম্ম, দীর্ঘ, উ ৩ ৬৪, তু 'মাং স ভক্ষয়িতামুত্র যস্য মাংসমিহাদ্ম্যহম্। এতন্ মাংসস্য মাংসত্ব প্রবদন্তি মনীষিণঃ॥—মনু ৫ ৫৫। Cf, Slavonic—'meso', Prussian—'mensa', Lithuanian—'misá'] ১ পিশিত, আমিষ। "স্ব° রা ১ ৬২.১৪। মানুষ° মহা ১.১৫২ ৭। স্বমাংসং পরমাংসেন যো বর্দ্ধয়িতুমিচ্ছতি মনু ৫.৫২। ২ মৎস্যপিশিত, মাছ। "মৎস্য° মনু ৩ ২৬৮। খাইও মাংসখানি তারে দিও কাঁটা বি পা ৩৩৩। ৩ ফলের শস্য বা শাঁস (the fleshy part of a fruit)। "চূতফলে পরিপক্বে কেশরমাংসাস্থিমজ্জানঃ (সুশ্রুত)। [°কচ্ছপ (পুং)—তালুজাত মাংসময় ব্রণ (সুশ্রুত)। °কন্দী (স্ত্রী)—স্ফীতমাংস (সুশ্রুত)। °কর (ক্লী)—রক্ত। °কীল (পুং)—১ মাংসার্ব্বুদ, আব। ২ পিপ্লু, জড়ুর। °গ্রন্থি (পুং)—মাংসপিণ্ড (gland)। °জ, °তেজঃ (-জস্) (ক্লী)—মেদঃ। °প (পুং)—পিশাচবিশেষ। °পচন (ক্লী)—মাংসপাক। °বিক্রয়ী (-য়িন্), °বিক্রেতা (-তৃ) পুং —মাংসবিক্রয়জীবী, মাংসিক, শৌনক। "°য়িণঃ মনু ৩ ১৫২। °ব্রণ (বি)—মাংসস্ফোট। "চৈ চ ১৫৩। °ভক্ষ (বিণ)—মাংসভোজী। °ভেত্তা (-ত্তৃ) পুং—মাংসভেদক। "মনু ৮ ২৮৪। °যোনি (পুং) —প্রাণী। "মহা ৫ ৫৪ ১১। °বস (পুং)—১ রক্ত। ২ মাংসযূষ। °রুচি (বিণ)—মাংসপ্রিয়। "হি ১৪৪। °স্নেহ (পুং)—মেদঃ।]

মাংসপেশী স্ত্রী [ষ ত] ১ অস্থিপর্ব্ব-সন্ধি-প্রভৃতির মাংসপিণ্ডবিশেষ (muscle)। ২ ভ্রূণের রক্তমাংসময় দৃঢ় অবয়ববিশেষ। 'বুদ্বুদঃ সপ্তরাত্রেণ মাংসপেশী ভবেৎ ততঃ (শ ক)। ৩ মাংসপিণ্ড। 'মহা ১. ১১৫.১২।

মাংসল বিণ [মাংস+ল (লচ), স্ত্রী -লা] ১ মাংসযুক্ত, মাংসপ্রচুর। "রক্ত° (সুশ্রুত)। সমাংসলস্ফিচ্।—বৃহৎসংহিতা ৬৮.১৭। ২ মাংসচিত, স্থূল। "উরুযুগল মাংসল।—কাদ ২৬। ৩ বহল, বৃদ্ধিপ্রাপ্ত। "হংসাবলিমাংসলশ্রী।—নৈ ৯ ২৭। ৪ মহান্, উচ্চৈঃ। "উ চ ৩৪, ধ্বনিশ্চ মাঙ্গল্যমৃদঙ্গমাংসলঃ ৬ ২৫। ৫ নিবিড়, ঘন। ৬ পুষ্ট। "মা মা ৯ ১৩। ৭ স্থূল, দৃঢ়, শক্ত। "শাখাঃ শতং মাংসলাঃ।—ভামিনীবিলাস ১.৩৩। ৮ শস্যপ্রচুর, শাঁসাল (ফল)। —সল ক্লী কাব্যে ওজোগুণের ঔদ্ধত্যরূপ অঙ্গবিশেষ। 'ওজঃ সমাসভূয়স্ত্বং মাংসলং পদডম্বরম্ (কাব্যচন্দ্রিকা)।

মাংসসার বিণ [বহব্রী] সবল, স্থূলকায় (শ ক)। "বৃহৎসংহিতা ৬৮ ৯৯। —সার পুং ১ রক্ত। ২ [ষ ত] মেদঃ।

মাংসাৎ (-দ্), -সাদ বিণ [মাংস+ √অদ্+ক্বিপ্ (০),+অ (অণ্),-ক-১ব, উ ত] মাংসভোজী, পিশিতাশন। "মৎস্যাদঃ সর্ব্বমাংসাদঃ মনু ৫.১৫। —সাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ ত] সর্থ 'মাংসাৎ'।

মাংসাদ, মাংসাদী দ্র 'মাংসাৎ'।

মাংসার্ব্বুদ ক্লী [উ লো] মাংসপরায়ণদিগের দূষিতমাংসজ অর্ব্বুদবিশেষ। "সুশ্রুত ২.১১.১৪।

মাংসাশন ক্লী [ষ.ত] মাংসভোজন। "মনু ৫.৭৩।

মাংসাশী (-শিন্) বিণ [মাংস+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব উ.ত] মাংসভোজী, মাংসাদ। "অমাংসাশী।—শতপথব্রাহ্মণ ১৪ ১ ২৯। গো রা ৬ ৭৫ ২০।

মাংসাষ্টকা স্ত্রী [উ লো] মাংসনিষ্পাদ্যা অষ্টকা, গৌণচান্দ্র মাঘের কৃষ্ণাষ্টমী। [ইহাতে মাংস দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ কর্ত্তব্য]

মাংসিক পুং [মাংস+ইক (ঠক)] মাংসবিক্রয়জীবী, কশাই।

মাংসোন্নতি স্ত্রী [ষ ত] মাংসবৃদ্ধি।

মাংসোপজীবী (-বিন্) পুং মাংস+উপ- √জীব্+ইন্ (ণিনি) -ক-১ব, উ ত] সর্থ 'মাংসিক'। "গো রা ২ ৯০.৩১।

মাঃ (-স্) পুং [মাস >মাস্, দ্বিতীয়াদি বিভক্তিতে, পা ৬ ১ ৬৩] ১ মাস। ২ [√মা+অস্ (অসুন্)-ণ, তু 'মস্'—চন্দ্র-মস্, 'ফা মাহ্—চন্দ্র] তিথির ক্ষয়বৃদ্ধির মানসাধন', চন্দ্র। দ্র 'পৌর্ণমাসী'। "ঋগ্বেদ ১০ ১২ ৭।

মাঁইয়া বি [দ্র 'মাইঞা', অপ্র] কন্যা। "রাজার °য়া ম গা ৮।

মাঁগ মর্ম্ম [দ্র 'মাগ[2]', অপ্র] প্রার্থনা করা, চাওয়া। "ভিক্ষা মাঁগি ব প ২৫৭, বিদায় মাঁগ ৫১১, মাঁগো বাপু যেই ইচ্ছা ৫১৩, ভিক্ষা মাঁগে ৫২৯, মাঁগিবে ৭১৮, বর মাঁগ ৭২৭। মাঁগে ভিক ম ম ৯৪, ১৮৩, মাগি ২১৪। [দোষ মাঁগ্যা নিব—দোষ প্রার্থনা করিয়া লইব, অর্থাৎ ক্ষমা করাইব। "আমরা ··মাঁগ্যা নিব তোর সব দোষ ব প ৫৩৪। পরিহার মাঁগম, মাঁগি—দোষপরিহার প্রার্থনা করি। "ব প ৬১০,-১৪। মাঁগী, -গে (শ্রী কী)।]

মাঁদার বি [অপ্র] সর্থ 'মাদার'। "মাঁদার ফুল ম ম ১৩২।

মাকড় বি [সং মর্কট >প্রা মক্কড (হে) >বা °ড়, মাকোর (গো চ), হি মকড়া, -ড়ী, ঠ মাকড (বানর), মৈ মকরা] ১ ঊর্ণনাভ। "মাকড়ের ডিম্ব হেন তোর লঙ্কা দেখি।—কৃ ২৫৩। ২ বানর। "মাকড় বেশ শ্রী কী ২, মাকড়ের হাথে যেহ্ন ঝুনা নারীকল ৭২। মাকড়ের হাথে নারিকল প ক ১৩৯৮। —কড়া বিং [°ড়+আ[1]°] মাকড়ের বর্ণতুল্য, ঈষৎ পিঙ্গল বা পীত। 'মাকড়া বেগুন। মাকড়া শসা। —কড়া বি গেরিমাটিরঙের মেটেপাথর (laterite)। [মাকড় মারলে ধোকর হয—দ্র 'ধোকড়'। মাকড়ের জাল—মাকড়সার জাল। "মাকড়ের জালে যেন বান্ধা গেল হাথী।]

মাকড়সা বি [মর্কটশাব >প্রা *মক্কডসাঅ >বা °সা, 'মাকশা' (গো চ)] মাকড়ের ছানা, (গৌণার্থে) মাকড়। 'দা ১১৮২।

মাকড়া দ্র 'মাকড়'।

মাকড়ি বি [সং মকরকুণ্ডল—'মকর' >°ড়ি] ১ মকরাকৃতি কর্ণভূষাবিশেষ। "কাণে মাকড়ি আদ্র ১২। ২ ঘানির জাঠের আগার লাগান কোশার মত বাঁকামুখ কাঠ।

মাকনা বি [সং মৎকুণ >প্রা মক্কুণ >বা (মাকুণ) °না, হি মকুনা, মখনা ঠ মুকণা হত্তী, মৈ মকুনা] যে হাথীর দাঁত উঠে নাই বা ক্ষুদ্র ক্ষুদ্র দাঁত।

মাকন্দ পুং [সং চূত >প্রা মাকন্দ (নিপাতিত, হে ২ ১৭৪) >মাকন্দ (?), তা 'মাঙ্কাই'—আম্রফল] আম্রবৃক্ষ। "মাকন্দ। ক্রন্দ গী গো ১২ ৩১। আকন্দ বদলে, মাকন্দ পাব ক চ ২০৪,-৪৬। মাধবী মাকন্দ কায়, প্রকাশিত প্রতিভায়।—রঙ্গ ৮৫। —কন্দী স্ত্রী [°ন্দ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ আমলকী। ২ পীতচন্দন। ৩ গঙ্গাতীরস্থ নগরীবিশেষ। 'মহা ৫.৩১.১৯।

মাকন্দী দ্র 'মাকন্দ'।

মাকর বিণ [মকর+অ (অণ্), স্ত্রী -রী] মকরসম্বন্ধী। "°ব্যূহ। —কর ক্লী [+অ সমূহার্থে] মকরসমূহ। "মাকরাকর। —করী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ)] মাঘের শুক্লসপ্তমী, মকরসপ্তমী। [মাকরাকর (পুং)—মকরালয়, সমুদ্র।]

মাকরন্দ বিণ [মকরন্দ+অ (অণ), স্ত্রী -ন্দী] মকরন্দসম্বন্ধী, পুষ্পরসময়। "বিন্দবো মাকরন্দাঃ উ চ ৬ ২৪।

মাকরী দ্র 'মাকর'।

মাক(কো)সা বি [মাকড়সা > °সা] মাকড়সা। "মাকসার জালে. মাতঙ্গ বাঁধিলে, এ রস মিলয়ে তারে চ সা ৩৪১। মাকোসা।—হু ৭০।

মাকাঠি বি [সং কার্পাসা স্থ] কার্পাসের বীজ। [এক মাকাঠিও না —পূর্ব্বে বঙ্গদেশে যখন চরকায় সূতা কাটা প্রচলিত ছিল, তখন ব্যবসায়ীরা সূতার জন্য গৃহস্থকে তুলা ওজন করিয়া দিত, একটু চাহিলে, বলিত 'এক মাকাঠিও না', অর্থাৎ তুলা ত দিবই না, একটি তুলার বীজও দিব না। (গৌণার্থে) কোন দ্রব্যের স্বল্পমাত্রও দিব না।]

মাকা(খা)ল বি [সং মহাকাল] ১ দীর্ঘ প্রতানী লতাবিশেষ, রাখালশসা (Colocynth)। "মাখালের ফল লাল।—ব ২০৫। স্বর্ণকান্তি মাকাল।—মে ২৮১।

মাকু বি [ফা মাকু, ঠ ধোটেং (ধ্বন্যাত্মক ?), ড মাকু, অস মাকো] কাপড় বোনার জন্য পড়েনের সূতাভরা নলীর যন্ত্রবিশেষ, তুরী (shuttle)। "শ্রী মা ১৮৬, ১৯৫। হাতে দেয় মাকু ব প ১৪৮। হাতে দিলেম মাকু। একবার ভ্যা কর ত বাপু॥—স এ ৪৬। [মাকুচোর —কাপড় বোনার সময়ে যেখানে এক সঙ্গে দু তিন খেয়া সূতা থাকে।]

মাকুন্দ, -ন্দে বি° [সং মৎকুণ > প্রা মক্কুণ > বা (মাকুন) °ন্দ ('দ' আগম), হি মকুন] যে পুরুষের গোঁফ-দাড়ি উঠে না। "কাহারো মাকুন্দ মুখ দধি গোঁপ দাড়ি।—কৃ ২১৭। —ন্দ, -ন্দে বি মাকুন্দ পুরুষ। "যদি দেখ 'মাকুন্দে চোপা' (পাঠান্তর—'মাকুন্দ খোপা')। এক পা না যেও বাপা॥—খনা।

মাকুন্দে দ্র 'মাকুন্দ'।

মাকোসা দ্র 'মাকসা'।

মাক্ষি(ক্ষী)ক বিণ [মক্ষিকা+অ (অণ্), দীর্ঘ, পৃষো, স্ত্রী -কী] মক্ষিকাসম্বন্ধী, মক্ষিকাকৃত। "অ° (মধু—SW)। —ক্ষিক ক্লী ১ মক্ষিকাকৃত মধু, মধু। 'পা ৪ ৩ ১১৭। বৃহৎসংহিতা ১৫ ৯। ২ তন্দুলাগুণ উপধাতুবিশেষ, স্বর্ণমাক্ষিক, রৌপ্যমাক্ষিক। [°জ (ক্লী) —সিক্থক, মোম। °ফল (পুং)—মধুনারিকেলবৃক্ষ। °শর্করা (স্ত্রী) —মধুজাত খণ্ডবিশেষ, সিতাখণ্ড।]

মাক্ষীক দ্র 'মাক্ষিক'।

মাখ সর্ম্ম [সং √ম্রক্ষ্ > লি √মক্খে, প্রা √মকখ > বা °খ, ঠ √মাখ] ১ লেপন করা, মাখা। "ঘন করে মাখ ছাই ভা চ ৭১। ২ ভিজান। "(হাত) সহলে সহলে মলে তেলে জলে মাখি শি ১০৫। ৩ [মৈ √মাখ—to impress] মর্দ্দন করা, ডলা। "ময়দা মাখা। ৪ মিশ্রিত করা। "দুধে ভাতে মাখা। —খা সর্ম্ম [°খ+আ৮, লি √মক্খাপে] লেপন করা, মাখান। [মাখা২—সর্থ 'মাখ'। মাখী —মাখিয়া (স্ত্রী কী)। মেখেচুকচুকে—মাখিয়া চুকচুকে হইয়া। "(নবনী) হাতে মুখে °কে বেড়াও।—শিশু ১৮। কথা গায় না মাখা—কথা গ্রাহ্য না করা।]

মাখন বি [সং ম্রক্ষণ (মালিশ) > প্রা মক্খণ (নবনীত—বি মা ৭ ২৬/২৮) > বা °ন, হি মক্খন, ম(মা)খন, ঠ নোনী, লোণী, লোনীত, প মক্খণ, গু মাখণ, সি মখণু, ড় মাখন] ননী। "ব প্র ৬৪৯। [°চোর, -রা—কৃষ্ণ। "°চোর।—দা ১০১।]

মাখা১ বিং [মাখ+আ১২] ১ ম্রক্ষিত, লিপ্ত। ২ মিশ্রিত। "মধুমাখা কথা।—মে ১২১। আগুন-মাখা দারুণ বাতাস।—সা.ম ৫৯। ৩ ব্যাপ্ত, ভরা। "হাসিমাখা মুখখানি ন প ৩৪৫। হাসিরাশি° মুখ।—হেম ৪৩। [°চোপা, °জোখা—সংমিশ্রিত, বিলিপ্ত। °ভাত—ব্যঞ্জনমিশ্রিত অন্ন। "ব.প্র ২৮।]

মাখা২ দ্র 'মাখ'।

মাখামাখি বি [মাখ-আ+মাখ-ই] ১ পরস্পর মাখা। ২ মিশামিশি। "দুই এক জন বুদ্ধিমান লোক তাঁহার নিগূঢ় তত্ত্ব জানিয়া আলগা-আলগা রকমে থাকিত, কখনই মাখামাখি করিত না আ হু ১৪৯।

মাখাল দ্র 'মাকাল'।

মাগ১ বি [দ্র 'মাউগ'] স্ত্রী। "মুখঝাট মারে মাগ শি ৩১, মহন্তের মাগ ১০২। মাগ হয়েছেন বাঞ্ছাকল্পতরু।—দা ১৬১৯। জা ১২। [°মুকো, -খো—স্ত্রৈণ। "°মুখো—জা ৪৫। শালা °খো স এ ৬৫। মাগ-ছেলে—স্ত্রীপুত্র। মাগ-ভাতার (অশ্লীল)—স্ত্রী ও স্বামী। মেগের —মাগের, স্ত্রীর। "ভর্ত্তা হয়েছেন ভৃত্য মেগের কাছে।—দা ১৬২০। জা ৩৬।]

মাগ২ সর্ম্ম [সং √মার্গ্—মার্গয্ > প্রা √মগগ, *মংগ > বা °গ, √মাঁগ, √মাঙ্গ, হি, মৈ , মাঁগ, ঠ, গু √মাগ] ১ প্রার্থনা করা, চাওয়া। "মাগিয়া খাইল ভিক্ষা।—কৃ ২৬৯। অন্য (বর) মাগহ: মাগিয়ে।—ম ৩৬১, ৭২৫, মাগ্যাছিল পঞ্চগ্রাম ১০০৯। আপন পৈত্রিক ভূমি মাগতি পাণ্ডব ম বি ২৬১। ভা চ ৯৯। ২ দিতে বলা। "দুই লক্ষ কাহন তাঁরে রাজা ত মাগিল চৈ চ ৩০৭। ৩ ভিক্ষা করা। "এক ভিক্ষুক আইলা মাগিতে চৈ চ ৬৩। —গা সর্ম্ম [মাগ+আ৮] প্রার্থনা করান। "সামগ্রী মাগাইল চৈ চ ২৯০। [মাগই, -গতি—প্রার্থনা করে। "মাগই পায়।—গো ১৮৯। দ্র (১)। মাগয—মাগে। "পানী না মাগয় চৈ চ ৩৫৩। মাগা—সর্থ 'মাগ২'। 'মাগান—সর্থ 'মাগা'। মাগিয়ে, মাগোঁ—মাগি। "দ্র (১)। মাগেস্ত (গো চ)। মাগোঁ। —জ ৫৩। মাগই, -গয়, -গহ, -গোঁ (প ক)।]

মাগধ বিণ [মগধ+অ (অণ), স্ত্রী -ধী] ১ মগধভব, মগধস্থিত, মগধজাত। ২ মগধসম্বন্ধী। "মাগধী ভাষা সা দ ৬ ১৬০। ৩ মগধদেশীয়। "মাগধঃ (বিপ্রঃ)।—অত্রি ৩৭৯। —গধ পুং ১ মগধজাত সঙ্কীর্ণজাতিবিশেষ। [ইহারা বৈশ্য হইতে ক্ষত্রিয়ায় জাত (মনু ১০. ১৭। যাজ্ঞ ১ ৯৪)। স্তুতিপাঠ ইহাদের বৃত্তি। ইহারা ভাট নামে খ্যাত। ইহারা রাজগণের বংশক্রম জানে ও তদনুসারে স্তুতিগান করে (অ টী)। দ্র 'বিষ্ণু ১৬ ১০। মাগধা বংশশংসকাঃ ভ ১০ ৫ ৫। মনুমতে, স্থলপথে বাণিজ্য ইহাদের বৃত্তি (মনু ১০ ৪৭)। হরিবংশমতে, পৃথুর ব্রহ্মযজ্ঞে সোমরসকুণ্ড হইতে সূত ও মাগধের উৎপত্তি হয়। ঋষিরা ইহাদিগকে পৃথুর স্তবগানে নিযুক্ত করেন, এই হেতু ইহারা সূত বা মাগধ নামে খ্যাত। পৃথু স্তবে তুষ্ট হইয়া সূতকে অনুপদেশ ও মাগধকে মগধ দেশ দান করেন (হ, ৫ম অধ্যায়)।] ২ বংশাবলিকথক। দ্র (১)। 'রা ১.৫ ১১। দুর্য্যোধন° বা.ভা ২ ১/১ ১/২। ম ১১২৯। ম.প ১১৪। ৩ (বহুব) মগধবাসিগণ। "গো রা ৪ ৪০ ২৫। মাগধানাং বরিষ্ঠং জরাসন্ধম্ (হতম্) মহা ১ ১ ১৫৫। ৪ মগধরাজ, জরাসন্ধরাজ। "রাজা মাগধো মগধস্তুতঃ বা ভা ১ ৬৭। ৫ শুক্লজীরক, শামাজীরা। —গধী স্ত্রী [°ধ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মগধরাজপুত্রী। "রঘু ১.৫৭, ৩.১৯। ২ পিপ্পলী। ৩ যূথিকা। ৪ ত্রুটি, গুজরাটী এলাচ। ৫ শর্করা। ৬ শ্বেতজীরক। ৭ মধুরিকা। ৮ বৈশ্য হইতে ক্ষত্রিয়জাতা কন্যা। ৯ মাগধজাতি-স্ত্রী। ১০ মগধদেশীয় প্রাকৃতভাষা। 'সা দ ৬.১৬০। ১১ শোণা নদী।

মাগধী দ্র 'মাগধ'।

মাগন বি [মাগ২+অন, হি মাঁগন] ১ প্রার্থনা, ভিক্ষা, [illegible]

…র্ব মাগনে। রাজা যান মাগনে।—ব.প ১৪। ২ প্রার্থনীয় বিষয়। "যে মাগন, মাগি লব রাজা মোর স্থান।—জ ৫৩। [মাগনা (°ন +আ[১]°)—মাগনে প্রাপ্ত ; ভিক্ষালব্ধ, বিনা মূল্যে প্রাপ্ত। মাগনিআ, -য়া (°ন+ইআ)—ভিক্ষুক। "°আ, -য়া জুগী গো বি ১১৭।]

মাগনা দ্র 'মাগন'।

মাগা, মাগান দ্র 'মাগ'।

মাগী বি [মাগ[১] +ঈ , মৈ 'মৌগী'—নারী , হি মাগ (সীমন্ত)—'মাগী' (সীমন্তিনী) ?]. ১ নারী (অবজ্ঞাসূচক)। "রাক্ষসী মাগী : নটিনী মাগী শ্রী মা ৯৪। কটাক্ষ করিয়া মাগী ডাকিছে শ্রী ৯৮ , ১০৩ , ১৪৪। বি মু ৬৭ , কুটনী মাগী ১০২। কা ৮৯। কে রে মাগি ? —ব.বি ৩৪। ২ স্ত্রী। "মাগী তার কর্তা।—শি ৩১ , সোহাগী মাগীর কানে কাটা কড়ি সোণা ৯০। ৩ মাতা। "ঝি সোহাগী মাগী করে ঝিয়ের বড়াই শি ২৬। ৪ সাধারণ বৈষ্ণবী , সেবাদাসী, ধুমড়ী। "মাগীদিকে কার সাধ্য আঁটে।—দা ৭২। ৫ ইষ্টদেবতার প্রতি ভক্তের সাদর সম্বোধন। "বাজবে গো মহেশের হৃদে, আর নাচিসনে ক্ষেপা মাগী।—রামপ্রসাদ। ৬ সক্রোধ শব্দ। "আ মর মাগি। মিথ্যা বলব কিসের লাগি ?—দা ৫৩৩। ৭ মাতার প্রতি অবজ্ঞাসূচক সম্বোধন-শব্দ। "মা ডাকলে কথা কন না, সন্না মাগী বলে।—দা ১১৯৮ , বুড় মাগী ১১৯৯। [মাগী মিনসে (অবজ্ঞায়)—'তুমি মিনসে, আমি মাগী।—ব ১০। ওই যে মাগী আসচে ঐ মিনসেটার সঙ্গে গি ঘি ১০৪।]

মাগু বি [মাউগ >°গু, মৈ 'মাগু'—নারী , 'মাগুয়া'—স্ত্রৈণ (মালদহ)] স্ত্রী। 'মাগু নৈল ক চ ৫৪ , ৮৫ , ২০৮,-৪৯। [মাগুয়া জুগী—স্ত্রৈণ ভণ্ড যোগী। 'গো চ ৪৬৫। মাগুর—স্ত্রীর , মাগুর মাছ। "মাগুর খাইযা মোটা (ভেড়ে, খেড়ে) ভা চ ৭৫৮।]

মাগুর বি [স° মদ্গুর >প্রা *মগ্গুর >বা °র] মৎস্যবিশেষ। দ্র 'মাগু'।

মাগ্‌গি, মাগ্‌গ্যি বি° [স° মহার্ঘ > লি মহগ্ঘ, প্রা মহগ্ঘ, *মহংঘ >বা (মহগগ) °গ্‌গি,-গ্যি (উচ্চারণ) , হি মহঁগা প মহিংগা, ঠ মহাগ , গু মোংঘু , সি মহংগ , মৈ মঁহগী , মাজ্ঞি (প ক)] মহামূল্য, দুর্মূল্য, আক্রা। "এখানে জিনিষপত্র মাগ্‌গি ব প্র ৫১১। পদ্মমুখি, মিশি মাগ্‌গি ক'রে তুল্লে যে।—নী ৬৪। [মাগ্‌গি গণ্ডা —দুষ্প্রাপ্য অর্থ , পয়সার অভাব। 'এক ত মাগ্‌গি গণ্ডা, লুটল তায় কুঠেল খণ্ডা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

মাগ্‌গ্যি দ্র 'মাগ্‌গি'।

মাঘ বিণ [মঘা+অ (অণ)] মঘানক্ষত্রযুক্ত। "মাঘী চ পৌর্ণমাসীয়ম্ মহা ১৪ ৮৫ ৮।—ঘ পুং [মাঘী+অ (অণ)] ১ মাঘীপৌর্ণমাসীযুক্ত মাস , বৎসরের দশম মাস। "শতপথব্রাহ্মণ ১৩ ৮ ১৪। পৌষমাঘৌ হেমন্তৌ।—সুশ্রুত ১ ৬ ১০। ২ 'শিশুপালবধ'-কাব্য-রচয়িতা মহাকবি। "উপমা কালিদাসস্য ভারবেরর্থগৌরবম্। দণ্ডিনঃ পদলালিত্যং মাঘে সন্তি ত্রয়ো গুণাঃ (সুর)। ৩ মাঘরচিত কাব্য 'শিশুপালবধ'। "কাব্যেষু মাঘঃ কবিকালিদাসঃ (শ ক)। পড়িল ভারবি মাঘ ক চ ২১৫। —ঘী স্ত্রী [°ঘ+স্ত্রী ঈ (ঙীপ্)] মঘানক্ষত্রযুক্তপৌর্ণমাসী, মাঘী পূর্ণিমা। "°তিথি গো রা ২ ৭৯ ১২। [°শুক্ল (পুং—মাঘ-শুক্লপক্ষ। "মনু ৪.৯৬।]

মাঘবত বিণ [মঘবৎ+অ (অণ্) , স্ত্রী -তী] ১ মঘবৎসম্বন্ধী, বাসবীয়। ২ মঘবদ্দেবতাক, ঐন্দ্র (মন্ত্র, হবিঃ)। —বতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ইন্দ্রাধিষ্ঠিতা পূর্ব্বদিক্। [°চাপ (ক্লী)—ইন্দ্রধনুঃ। "মেঘস্য মাঘবতচাপধরস্য উ.চ ৫.১১।]

মাঘবতী দ্র 'মাঘবত'।

মাঘবন বিণ [মঘবন্+অ (অণ্) , স্ত্রী -নী] ইন্দ্রসম্বন্ধী, মাহেন্দ্র। "ককুভং সমলঙ্কুরুত মাঘবনীম্ মাঘ ৯ ১৫। —বনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] পূর্ব্বদিক্।

মাঘবনী ; মাঘী দ্র 'মাঘবন , মাঘ'।

মাঘ্য ক্লী [মাঘ+য (যৎ)] 'মাঘজাত', কুন্দপুষ্প (অ.কো)।

মাঙ্গ সর্ম [দ্র 'মাগ[২]] প্রার্থনা করা। "ভিক্ষা মাঙ্গে ক চ ৩০ , মাঙ্গিল বিদায় ৪৮ , ৮৬, ১২৫ , ২৩৫। ভ প্র ২১। —ঙ্গা[১] সর্ম [মাঙ্গ+আ[৮]] প্রার্থনা করান , মাঙ্গান। "ম গা ১৩। [মাঙ্গ, -ঙ্গএ, -ঙ্গসি, -ঙ্গহ, -ঙ্গিল, -ঙ্গে (শ্রী কী)। মাঙ্গঙ,-ঙ্গি,-ঙ্গো (চ বি ২১ ; ১২১,-৮)। মাঙ্গন, -ঙ্গা[২] —সর্থ 'মাঙ্গ'। "°ন (প ক)।]

মাঙ্গলিক বিণ [মঙ্গল+ইক (ঠঞ্) , স্ত্রী -কী] ১ মঙ্গলপ্রয়োজনক, মঙ্গলার্থ, শুভকর। "°তূর্য্য কি ৬৪। মাঙ্গলিক গান।—কথা ৩। ২ আভ্যুদয়িক। —ক ক্লী আভ্যুদয়িক দ্রব্য।

মাঙ্গল্য বিণ [মঙ্গল+য (ষ্যঞ্) , স্ত্রী ল্যা। ১ মঙ্গলপ্রয়োজনক, মঙ্গলার্থ। ২ মঙ্গল কর্ম্মে সাধু। "ক্ষৌমম্ ..তরুণা মাঙ্গল্যমাবিষ্কৃতম্ শ ৪ ৫। ৩ আভ্যুদয়িক —ঙ্গল্য ক্লী ১ মঙ্গলার্থ হিত , মঙ্গল দ্রব্য ; রত্নাকরণাদি। 'মহা ১২৯ ৩৩। সর্পির্মাঙ্গল্যম্ (সুশ্রুত) ২ মঙ্গলকর্ম্ম। ৩ উৎসব। ৪ মঙ্গলভাব, মঙ্গল। [°মৃদঙ্গ (পুং)—মঙ্গলকর্ম্মে বাদনীয় মৃদঙ্গ , দ্র টীকা'। "উ চ ৬ ২৫।]

মাঙ্গা[১], মাঙ্গা[২] দ্র 'মাঙ্গ'।

মাচ,-ছ বি [স° মৎস্য >লি, প্রা মচ্ছ >বা মাছ,-চ , হি মচ্ছ, মাছ , প, গু, মচ্ছ , ঠ মাসা , সি মছু , ড় মচ্ছ, মাছ , সিংহলী—মস , অস মাছ] ১ মৎস্য। "গ ছ মাছ গো চ ৩৮। (পা টা) একেবারে মাচ-কোটা ক'রে ফেলেচ।—জা ২৯। [মাছের নাম—দ্র 'ভা চ ১২৬। শি ৮৫।] ২ স্ত্রীলোকের মাছের মত কেশভূষণবিশেষ। ৩ প্রেমারার দানবিশেষ। দ্র প্রেমারা'। [ধরি মাছ না ছুঁই পানী—লিপ্ত না হইয়া কৌশলে উদ্দেশ্য সিদ্ধ করি।]

মাচা বি [স° মঞ্চ,-ঞ্চক >প্রা মংচ -চঅ >বা °চা , হি, ঠ মাচা] ১ লাউ কুমড়া ইত্যাদির বাঁশের আধারবিশেষ। 'বাঁশের মাচাটি তার (কুষ্মাণ্ডের) পুষ্পক বিমান।—রবীন্দ্র। ২ খাটের মত বাঁশ-তখতার শয়নস্থান। ৩ ক্ষেত্র শস্যরক্ষকের টোঙ। ৪ ভাঁড়ারে জিনিসপত্র রাখার তাকবিশেষ। "দ্রব্য নাই তার মাচা।—দা ৭১১। ৫ বাঁশ তক্তা ইত্যাদির উচ্চস্থানমাত্র। "হালমাচা। [মাচাত—মাচায, তাকে। 'গো চ ৩৪।

মাচাঙ্গ দ্র 'মাচান'।

মাচাড় বি [সং মৎস্যাদ >প্রা *মচ্ছাড >বা মাছা(চা)ড়, মাছাল] চিলজাতীয় মৎস্যভোজী বৃহৎপক্ষিবিশেষ, কুরর পক্ষী , মাছাল। "তাহার শাখায় বসিয়া মাচাড় পাখী বিকট রব করিয়া নিঃশব্দ সরোবরকে শব্দিত করিতেছিল।—ব ঘ ২৮।

মাচান বি [মহাচাঙ্গ > মাচাঙ্গ > °ন (?), দ্র 'চাঙ্গ[২] , হি মাচান ; ঠ মচাংগ , 'মাচাঙ্গ' (ময়মনসিং)] ১ সর্থ 'মাচা'। ২ চিতায় শবের কাষ্ঠময়শয়নস্থান। "(ময়না) খুঁটি গাড়িয়া মাচান পাতিল গো চ ৪৩। ৩ বিচারকের কাষ্ঠাসন , চেয়ার। "এজলাসে প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন ব প্র ৩৪৩।

মাচি, -ছি বি [সং মক্ষিকা >প্রা *মচ্ছিআ, মক্খিআ > (মচ্ছি) মাছি, -চি , হি মক্খী, মাখী, প মকখী , ঠ মাশী , গু মাখ,-খী , সি মখি , মৈ মাঁ(মা) ছী , অস মাখি, কাশ্মীরী—মছ] ১ মক্ষিকা। "মাছির কামড় গো চ ৩৬ , ডালি ডালি মাছি জাএছ পাছাতে ৩৮। মাচি শ্রী ৩৫ , জা ১১। ওরে আমার মাছ ! আহা কি নম্রতা ধর, এসে হাত জোড় কর, কিন্তু কেন বাস্রি কর, তীক্ষ্ণ শুঁড়গাছি। ২ [হি মক্খী, মাছী , ঠ মশী, -ক্শী, মাশী। লক্ষ্য ঠিক করার নিমিত্ত বন্দুক ইত্যাদির নালের মাথায় লগ্ন ধাতুচিহ্ন (sight)। [মাছিমারা কেরানি

—যে কেরানি মূল লিপিতে লগ্ন মরা মাছি পর্য্যন্তও নকল-লিপিতে অনুকরণ করেন, কাণ্ডজ্ঞানহীন নকল-নবিশ। কোন মূললিপিতে একটা শব্দের সহিত মরা মাছি লাগিয়াছিল, কেরানিও অনুলিপিতে শব্দটি লিখিয়া মাছি মারিয়া লাগাইয়া রাখিলেন।]

মাচিকা স্ত্রী [দ্র 'মাচি'] মক্ষিকা (ত্রিকাণ্ডশেষ)।

মাচিয়া বি [সং মঞ্চকা > প্রা *মংচিআ,-যা > °য়া] দ্রোণী, দোন। "দশ হাজার টাকা স্থায় মাচিয়াএ গ'নিয়া গো চ ২৪২।

মাছ দ্র 'মাচ'। [°পোড়া—পোড়ান মাছ। °মাংস—আমিষমাত্র।]

মাছা বি [মাছ > °ছা, প্রা মচ্ছা (পৈ ২ ৯৩), ঠ মাসা] মাছ। "ঝোল°, বিল°, স্থ° (সমাসে পরপদ)।

মাছরাঙা, -ঙ্গা বি [সং মৎস্যরঙ্ক, -ঙ্গ, ড় মাছরঙ্কা] মৎস্যজীবী ক্ষুদ্র-পক্ষি বংশব (king-fisher)। [°রাঙা জাম—ডাঁশা জাম।]

মাছরাঙ্গা দ্র 'মাছরাঙা'।

মাছি (ছে)তা, মেছেতা বি [মেচক + তা (?) মাছতে (কথ্য), মেসতা (ঢাকা)] ১ গতযৌবনার গালে কাল চিহ্নবিশেষ (ইহা মুখের সৌন্দর্য্য নষ্ট করে)। "খুল্লনার মুখ শশী করে চলচল। মাছিতায মলিন তোমার গণ্ডস্থল॥—ক চ ১৩৪, (লহনা) মাছেতা দেখিয়া মারে দর্পণে চাপড় ১৫৪। ২ [মাছি + তা (তোক ?)] মাছির ডিম। "মাচেষরে মড়া অঙ্গে পড়িল মেছেতা: মেছেতা সকল অঙ্গময় ম ভা ৫০। মাছেতা পড়িবামাত্র কৃমি হৈল তায় শি ৭৯।

মাছাল বি সর্থ 'মাচাড়'।

মাছি দ্র 'মাচি'। [°টেপা—যে গুড়ব্যবসায়ী মাছি টিপিয়া গুড় লয়, (গৌণার্থে) অতিকৃপণ। °পোকা—ক্ষুদ্র মৌমাছিবিশেষ।]

মাছিয়া বি [মাচিয়া > °য়া] উচ্চাসন, সিংহাসন। "গো চ ১৯৪।

মাছুয়া, মেছুয়া, -ছো বিং [মাছ + উয়া২] ১ মৎস্যসম্বন্ধী, মাছের (বাজার, হাট)। ২ মৎস্যভোজী। 'মেছো কুমীর। —ছুয়া বি [হি মছুআ, রা] মৎস্যজীবী, জেলে। "মাছুয়া নিবাস পুরে, জাল বুনে মৎস্য মারে ক চ ৮৯। [মেছো কুমীর—মৎস্যভোজী কুম্ভীরবিশেষ, ঘড়েল। মেছো ঝুল—বড়শীবিদ্ধ মাছের মত ছাড়াইয়া যাওয়ার নিমিত্ত বৃথা চেষ্টা। মেছো রাশ—মাছ ধরার রাশ, অর্থাৎ রাশির শক্তিবিশেষের স্থায় মাছ ধরার বিষয়ে বিশেষ শক্তি বা নৈপুণ্য। মেছো হাট বসা—(গৌণার্থে) অত্যন্ত গোলমাল হওয়া। মেছো হাটা—মাছের হাট। "এ সংসার সেই মেছো হাটা ব প্র ৬১২,-৫০। মেছো হাটা হইয়া উঠা—মেছো হাটার মত গোলমালে পূরিয়া উঠা। "আদালত মেছোহাটা হইয়া উঠিল ব প্র ৬৫০। মুখখানি মেচো(ছো)হাটা—মেছো হাটা যেমন মেছুনীর অশ্লীল গালির হাট, সেইরূপ মুখখানিও অশ্লীল গালির আধার। "বি বু ২।]

মাছেতা দ্র 'মাছিতা।

মাজ১, -ঝ১ বিং [সং মধ্য > লি, প্রা মজ্ঝ > বা মাঝ, -জ, হি মংঝা, ঠ মাজ, প মংজঝ, মাজক, সি মংঝু, মৈ মাঁঝ] মধ্যবর্ত্তী। "মাঝখান। —জ, -ঝ বি ১ মধ্যভাগ, মাঝখান। "দ্বার কর পর্ব্বতের মাজ।—গ ১৫৫। আয়ুধের কড়কড়ি জোয়ালের মাজে শি ৭৫। ২ ব্যবধান, অবকাশ, ফাঁক। 'মুকুতার মোহন গাঁথনি মাজে মাজে শ্রী মা ১৯৩। ৩ অবকাশকাল, ফাঁক। '(আমরা) রং ও নক্সার মাঝে মাঝে সং সেজে আসবো।—হু ১৬০। ৪ অভ্যন্তর, ভিতর। "অরণ্য মাজ অ প ১২৪। কন্দরমাঝ।—ব ৮৬। গৃহ মাঝে চ দা ৪৭। মেঘমাঝে ক চ ১৯। (ফুলধনু) লুকায় মাজার মাঝে ভা চ ১৭৬। ৫ দেহমধ্য, কটি। মাঝ ভেল ক্ষীণ বি প ৩৩। কেশরী জিনিয়া মাঝ ক চ ৪৬। ক্ষীণ মাঝ ব প ৬০১। করি-অরি-মাঝ।—ম ১। করি-অরি মাজে ভা চ ১১। ৬ কদলী-প্রভৃতির মাঝের পাতা, মাইজ পাত। "কদলি মাজের ঢেকী শ্রী মা ৯৯; ১০০। ৭ পূর্ব্ববর্ত্তী বিশেষ্যের স্বরূপবোধক। পৃথিবীর মাজ (অর্থাৎ পৃথিবী...পৃথিবীতে)।—মী ১; গো.বি ৯। চট্টগ্রাম মাজ ম.পা ৬। ভুবনমাজে ভা চ ২৭৬। আনন্দসাগরমাজে খেলিয়া বেড়ায় সা ম ৬৪। [মাজ কপাল—কপালের মাঝখান। "গো চ ২৫৩,-৪। °খান—মধ্যস্থল, অবকাশস্থল। মাঝগঙ্গা (সং মধ্যেগঙ্গ)—গঙ্গার মাঝখান। "ভ প্র ৪৪৩। মাজদরিয়া—দরিয়ার মাজখান। "জা ৩৬। মাঝপথ—পথের মধ্যে। "ক চ ১৪৯। তার মোর মাজ—তাহার ও আমার মধ্যে; অর্থাৎ এই উভয়ে। "কলেবর ভিন্ন মাত্র তার মোর মাজ অ প ৩৫। মাঝ, -ঝত (শ্রী.ক)।]

মাজ২, -ঝ২ বিং [সং মধ্যম > লি, প্রা মজ্ঝিম > বা মাঝি(ঝি)ম > মাঝ, -জ] মধ্যম, দ্বিতীয় (ভাই)। [মাঝ-দা (মাঝম-দা—শ্রীহট্ট) —জ্যেষ্ঠ মধ্যম সহোদর বা অন্য ভাই।]

মাজ৩ বি [সং মজ্জা] কাঠের গুঁড়ির মধ্যস্থ সারাংশ। [ভাতের মাজ —অসিদ্ধ ভাতের মধ্যস্থ অপক্ব অংশ।)

মাজ৪ সর্ম্ম [সং √ মৃজ > লি, প্রা √ মজ্জ > বা °জ, হি √মাঁজ, প √মাংজ, ঠ √মাং(মা)জ, সি √মাজ, গু √মাংজ, ড় √মাজি] ১ ঘষিয়া পরিষ্কার করা। "কো ধনী মাজিছে গা।—চ.দা ২৪। (রাধা) মাজল মোহন মুখ রা শে ৩০। গন্ধ আমলকী দিয়া মস্তক মাজিল চৈ ম ৫৬। মাজিয়া বীণার তার ভা চ ৫৭। ২ মার্জ্জন করা, মোছা। "দিঠি জলছলে, কলধৌত পগ, করি ধৌত মাজব রে। —জ প ৬। মুখ খানি মাজে।—ব ৯৪, করতলে ঘন, বদন মাজই ৯৬। ৩ ঘষিয়া উজ্জ্বল করা। 'কুঙ্কুমে মাজি সাজ মুখ-ইন্দু।—গো ১৬৯, রাই মুখপঙ্কজ, কুঙ্কুমে মাজল।—১০৯। কুঙ্কুমে তনু পুন মাজি ব প ১০৩৯। তনু সিন্দুরে মাজিযা ভা চ ১৭৬, অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে ২৭৮, কি কাজ সিন্দুরে মাজি মুকুতার হার ২৯০। কি কাজ সিন্দুরে মাজি, গজমুক্তাফলরাজি।—রঙ্গ ৮৫। বাহিরিল-রবি নবীন আলোকে দীপ্ত মুকুট মাজি।—রবীন্দ্র। ৪ পরিষ্কার করা, ঝাঁড় দেওয়া। "সুবর্ণমার্জ্জনী দিয়া পথ মাজি যায়।—চৈ ৩। ৫ মসৃণ বা ঘষিয়া পালিশ করা। "সানের মেজে মাজা। ৬ সংস্কার করা। "সুবাসিত তেলে, মাজি চুল, বিনানিলা • বেণী।—মে ৫৮। —জা৩ সর্ম্ম [মাজ + আ৮] পরিষ্কার করান, মাজান। [মাজা৪—সর্থ 'মাজ৪। মাজাঘষা —একার্থক। মাজান—সর্থ মাজা৩। মাজই, -জল (মাজিল, মার্জিত) —প ক। মেজে ঘষে—মাজিয়া ঘষিয়া। "মেজে ঘ'ষে রূপ, ব'লে ক'য়ে পিরীত হয় না।]

মাজন বি [মাজ৪ + অন, দ্র 'মঞ্জন', হি মাঁজনা, ঠ মাজণ] ১ পরিষ্করণ, মার্জ্জন। ২ মার্জ্জনার্থ দ্রব্যমাত্র। —জনা বি [সং মার্জ্জনা > প্রা *মজ্জণা > বা °না] ১ মার্জ্জন, মুছান। "জাগিলে পরে প্রভাত করে, নয়নমাজনা।—শিশু ৫। ২ বাসন মাজা বা পরিষ্কার করা। ৩ গহনা গোল করার নিমিত্ত স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

মাজনা দ্র 'মাজন'।

মাজা১, -ঝা বি [মাজ১, -ঝ > °জা, -ঝা] কটিদেশ। "মাঝা ডম্বুর চ দা ১৬। মাঝা মৃগ-ঈশ।—ম ১৮৩। শ্রী ম ২২। মাজা অতিক্ষীণা ক চ ৪, মাঝা মৃগরাজতুল ১১৫। মুষ্টে ধর মাজা ব প ২৮৮। ক্ষীণ মাঝাখানি চৈ ম ১২৬। মাজাখানি ন প ১২৮। মাজার মাঝে ভা.চ ১৭৬; ২৯১,-৯৯। মাঝায় মৃগেন্দ্র পরিহার।—শি ৮২। [মাজা দোজা —কটি ক্ষীণ। "ভা চ ২৭৯।]

মাজা২ বিং [মাজ৪ + আ১২] ১ মার্জ্জিত, পরিষ্কৃত। "প কা ৪৩। ২ উজ্জ্বল, ফুটন্ত। "রংটা কিছু ফিকে, একটু মাজা হ'লে আরও খুলতো আ হু ৭৪। ৩ তীক্ষ্ণ, প্রখর। "বাবুরামবাবুর মাজা বুদ্ধি নহে আ হু ৯২। ৪ মাজন-দেওয়া, মসৃণ। "মাজা দড়ি, সুতা। [মাজা ...

মাজামাজি, চকচকে। "মাজা মাজা কালো কালো...শরীরখানি ব.প্র ৯৩১।]

মাজা^৩, মাজা^৪, মাজাজ দ্র 'মাজ^৩'।

মাজিজাত বি তাতের মধ্যস্থ দৃঢ় অংশ। দ্র 'মাজ^৩'। "চৈ চ ২৯৭।

মাজিল বিং [মাজ^৩+ইল^২] মাজিত। "বিজুরী" পা চৈ ম ৩৭।

মা(ম্যা)জিস্ট্রেট বি [E. magistrate] জেলার ফৌজদারী বিভাগের প্রধান কর্মচারিবিশেষ। "মাজি" ব.প্র ৩২৭। ম্যাজি" নী ৫৯। [ম্যাজিস্ট্রেটি কর্ম—ম্যাজিস্ট্রেটের অধিকার। "আ দু ৪৭।]

মাজুফল বি [ফা মাজু, হি. ঠ মাজুফল, কৃমিকোষ (বৈদ্যক)] ওক-প্রভৃতি গাছের কীটবিশেষের কৃত অণ্ডাকার কোষবিশেষ (gall-nut), মাজু গাছের নির্যাস (হিন্দীশব্দসাগর)। [ইহা দেখিতে ফলের মত। রঙে ও ঔষধে লাগে।]

মাজুর^১, -রি বি [মাদুর >^*র, -রি] মাদুর। "রাজা মাজুর ব প ৪৯২। বি বু ৩১। মেজেটাতে মাজুর-মোড়া।—লী ৪২।

মাজুর^২ বি মঞ্জরী (?)। 'কলার মাজুর লাল ম ম ১৬৬।

মাজুরি দ্র 'মাজুর^১'।

মাজুষ বি [সং মঞ্জুষা] ১ মঞ্জুষাসদৃশ নীরন্ধ্র গৃহ। "লোহার মাজুষ বা ম ২৫৭-৮, মাজুষ ভিতরে দ্রব্য রাখে ৩০১,-১৩,-১৮। ২ কলা-গাছের ভুর বা ভেলাবিশেষ, মান্দাস। 'কলার মাজুষে: মাজুষে চড়ি তরিবা সাগর ম ম ১৯৯, ২০০।

মাজুন বি [আ মাজুন্, ঠ মাজুম] সিদ্ধিমিশ্রিত মিষ্ট অবলেহ।

মাঝ^১; মাঝ^২; মাঝা দ্র 'মাজ^১, মাজ^২, মাজা^১।

মাঝামাঝি বিং [মাঝ^১+আ+মাঝ^১+ই] ১ মধ্যবর্তী (স্থান)। ২ ভাল মন্দের মধ্যবর্তী, মাঝারিগোছ (জিনিস)। —মাঝি বি প্রায় মাঝখান। নদীর *ঝি। —মাঝি ক্রি বিং প্রায় মধ্যবর্তী সময়। "আশ্বিনের মাঝামাঝি, উঠিল বাজনা বাজি।—শিশু ১১৫।

মাঝার বি [মজ্ঝআর (মধ্য—দেশী ৬।১২১, গাথাসপ্তশতী ১৩) >বা মাঝার, হি মঝার] ১ মধ্য, ভিতর। 'হিয়ার মাঝারে, যতনে রাখিব, বিরল মনের কথা চ দা ১১৩। ২ সর্ব 'মাজ^১ (৭)। 'গগন মাঝার শ্রী কী ১৫৪। মালাটি হিয়ার মাঝারে দোলে।—গো ৯৯। [মাঝার-দুয়ারে—দরজার মাঝখানে, মাঝদরজায়। 'চৈ ভা ৩৮। মাঝারে—মধ্যে, ভিতরে। গো চ ৫৭, ৬৪।]

মাঝারি বিং [প্রা মঝার (মধ্যে—পৈ ১৪৯, টীকা), হি মঝলা, ঠ মঝল (মধ্যম), মাঝারী (মধ্যে), ড় মঝাল] ১ না-বড়-না-ছোট, মধ্যমাকার। ২ না-ভাল না-মন্দ, নিমখাসা। —ঝারি বি কটিদেশ। "কেশরী জিনিয়া মাঝারি খিনি (পাঠান্তর—'মাঝাই খীন', প.ক) বি প ১৫। [*গোছ—মধ্যমপ্রকার।]

মাঝি, -ঝী বি [মাঝ^১+ই^৮, ঈ^৭, হি মাঁঝী, ঠ সুকাণদার (সুকাণ্ডার), মৈ 'মাঁঝী'—বুনা, নাবিক] ১ নৌচালকের মধ্যে প্রধান, নাবিক। "নাই ডারি নাই মাঝি গো চ ১১১,-৯। মাঝি বি পা ২৭৩। দাঁড়ি মাঝী স শ ৮৪। ২ সাঁওতাল-মোড়ল, সাঁওতাল পুরুষ। [মেঝেন (মাঝিনী)—সাঁওতাল-স্ত্রী।] ৩ প্রধান, মোড়ল (?)। "মাঝী পাঁজা চোপদার শ্রী ম ২২৩। [মাঝিমাল্লা—(একার্থক) নাবিক, মাঝি ও দাঁড়ী। "বজরার *ল্লা ব প্র ৩৮৩, তাহারা বজরার মাঝিমাল্লা—নৌকার কাজ করে, আবশ্যকমত লাঠি-সড়কিও চালায় ৪১৩।]

মাঝিয়া, মেঝা, -ঝে, -ঝ্যা বি [মাঝ^১+ইয়া^২ >*য়া, >*ঝ্যা, -ঝে, -ঝা, মাইজাপাল (ঢাকা)] ঘরের মধ্যস্থ তলদেশ, গৃহতল (floor)। "মাঝিয়াতে পড়ে শিলা বিদারিয়া চাল ক চ ৮২। দেখেন মেঝায় এক মনোহর ঝাপি ভা.চ ২৫৮; মেঝায় দিলেক সিঁধ কোথায় বসিয়া ৩৮২। ভূমে মেঝের পরে লোটায় প.কা ৪৩। কাছারির কর্ম-চারীরা...ঘরের তলাসে ঘর ভাঙিয়া, মেঝ্যা খুঁড়িয়া দেখে ব.প্র ৩৭৪। [মেঝা(ঝে)ম (মেঝা+কাম)—ঘরের মেঝের কাজ, অর্থাৎ মেঝা করা।]

মাঞা^৩ বি [মাজ >*ঞা, -ঞ, দ্র ঞ^৩, অপ্র] মাতা। "শ্রী.কী ৩।

মাঞা^১ বি [মায়া >*ঞা, দ্র ঞ^৩, অপ্র] মায়া। "ম গা ৬। গো চ ৩১৫। [*চক্রে—মায়াচক্রে। "মাঞাচক্রে বন্দি ম গা ২।]

মাঞি বি [মাই^১ >*ঞি, দ্র 'ঞ^৩, অপ্র] স্তন, স্তন্য। "খাওসিয়া মাঞি শ্রী ম ২৭।

মাঞ্জস বি সর্ব 'মাজুষ (১)। "লোহার মাঞ্জস বি.পা ২৬৭, ২৬৯ ৩০২,-১১, কালনিদ্রা মাঞ্জসেতে হইল প্রবেশ ৩১৩।

মাঞ্জা^১ বি [মাজা^১ >*ঞ্জা, অপ্র] কটি। "খিন্ন মাঞ্জা ম গা ৩; মাঞ্জা মোটা ৪, ১০, ২৫। গো চ ৩১৮,-৯ [*কাট—নৌকার মাজার সংলগ্ন হা'ল বাঁধার কাষ্ঠখণ্ড (?)। "মাঞ্জা কাট দিয়া তাতে...হা'ল তাতে, লাগাইল বি.পা ১৬২।]

মাঞ্জা^২ বি [মঞ্জন >*ঞ্জা হি মাঁঝা, ঠ মাঞ্জা, -ঝা] ঘুড়ীর দড়িতে মাজনের নিমিত্ত মিশ্রিত সিরিশ ও কাচচূর্ণের আঠাবিশেষ। "*দেওয়া সুতা। [মাঞ্জিয়া—মাজিয়া। "থাল নইলে আঞ্জল মাঞ্জিয়া গো চ ৮৪।]

মাঞ্জিষ্ঠ বিণ [মঞ্জিষ্ঠা+অ (অণ), স্ত্রী -ষ্ঠী] ১ মঞ্জিষ্ঠা দ্বারা রঞ্জিত, মঞ্জিষ্ঠারক্ত। 'চামরেষু..মাঞ্জিষ্ঠেষু মাঘ ১৮৩৪। ২ মঞ্জিষ্ঠাসদৃশ লোহিত। "পীতমাঞ্জিষ্ঠবর্ণ রা ২।৯৪৫। —ষ্ঠ স্ত্রী মঞ্জিষ্ঠাবর্ণ, লোহিত-বর্ণ। —ষ্ঠক, -ষ্ঠিক বিণ [*ষ্ঠ+ক (কন্), মঞ্জিষ্ঠা+ইক (ঠক্)] মঞ্জিষ্ঠারাগরঞ্জিত। "অধোবাসশ্চ *ষ্ঠিকম্ উ চ ৪.২০।

মাঞ্জিষ্ঠক, মাঞ্জিষ্ঠিক দ্র 'মাঞ্জিষ্ঠ'।

মাঞ্জুরী বি [সং মঞ্জুষা, অপ্র] মাদুর। "*বিকিনি ক চ ৮৯।

মাট^১, -ঠ^১ বি [মাটি >*ট -ঠ] ১ মাটি। "*কলাই, *কোটা। ২ [মাটি (জমি, মাঠ—দিনাজপুর)] খোলা জায়গা, প্রান্তর, ময়দান। "নাম্বরের মাঠে চ দা ৫৩। (আজ) ওদের মাটে সিঙ্গির বাগানের প্যালা।—হু ৮। ৩ ভূমি, জমি। "গাছ আরোপিয়া মাঠে, সে আপনি নাহি কাটে, যদি সেই বিষবৃক্ষ হয় ক.চ ২০। তু—"বিষ-বৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু স ২।৫৫। ৪ শস্যক্ষেত্র, ক্ষেত। "মাঠে পেয়ে মাছি ডাঁশ মাতাইল জন্তু শি ৭৯। [*কলাই—চীনাবাদাম। *কোটা—মাটির দোতলা বাড়ি। মাটে, মাটে-ঘাটে যাওয়া—শৌচে যাওয়া। মাঠ করা—আবাদ করা। "মাঠ ক'রে মৈ দিয়া মাটি কৈল চূর্ণ শি ৭৫। মাঠ-হারে—শস্যক্ষেত্রের বা হাসিল জমির দরে। "ঐ সকল জমি হাসিল হইয়া মাঠ-হারে বিলি হয় আ দু ১৬১। মাঠান—ক্ষেত্রযোগ্য ভূমি। "জমি তাবত মাঠান E P. 81। মাঠে গোঠে—সর্বত্র। 'কোকিল ভ্রমর মোর বুল মাঠে গোঠে চৈ.ম ১৮৯।]

মাট^২, -ঠ^২ সর্ব [সং মৃষ্ট >প্রা মট্ঠ >বা *ঠ, -ট] মৃষ্ট বা মার্জ্জিত করা, মাজিয়া মসৃণ করা। "চিয়াড়ে চৌদিক মাঠে চৌরস কপালে শ্রী ১৮২। [মাটা^২, -ঠা^৩—সর্ব 'মাট^২। মাটা (মাট^২+আ^১২) —মার্জ্জিত, মণ্ডিত, মোড়া। "নূপুর· চামী করে মাটা শ্রী মা ১৫৬, হীরামাটা কড়ি ১৭৬। মাঠনি—ঘর্ষণকৃত মসৃণতা। "প্রবাল মুকুতা, গাঁথনি মাঠনি কত প ক ১২৯১।]

মাটা^১ বি মেথিশাক। "ব প ২২১।

মাটা^২ দ্র মাট^২।

মাটাপালাম বি [(?), *বালাম (কথা)] মোটা বস্ত্রবিশেষ।

মাটাম বি [মাত্রামান (?), ড় মটাম] কাঠে সমকোণ দাগ টানার নিমিত্ত ছুতারের সমকোণ যন্ত্রবিশেষ (carpenter's square)। "লাফিয়ে উঠলাম তক্তার উপর মাটামভাবে সোজা।—হাসির গান। [*সহি—মাটামের মাপে সমকোণস্থিত, খাড়া।]

মাটি, -টী বি [সং মৃত্তিকা > লি মত্তিকা, প্রা মট্টিআ, মিট্টিআ > বা মাটি, -টী ; হি মট্টি, মাটী, মিট্টি ; ঠ মাত্তী ; প মিট্টী ; গু মাটী, মিট্টী ; সি মিটী, ড় মাটী ; মৈ মাঁটী ; মাডি (চট্টগ্রাম)] ১ মৃত্তিকা-মাত্র। "আটাল°, চীনা°, তিলক°, দোআঁশ°, বেলে°। মাটী কেনে খায় চৈ.চ ৫৪। যে মাটিতে ভাঁড় গড়ে রে, তাতেই মানুষ মানুষ হয় কু কে ৯০। ২ পৃথিবী। "এই মাটি গো, এই পৃথিবী কু কে ৮৯, তড়িৎ-সূতার লাটাই মাটি ৯০। ৩ ভূতল। "কেঁপে গেল সিমুলের মাটী শ্রী যা ৬৬ ; কেঁপে গেল জালন্দার মাটী ৬৭। বরণ করিবে কি মাটি, মাটিতে শুয়ো।—স্ব প্র ৩৭। ৪ জমি (দিনাজপুর)। ৫ রাজ্য। "আমার মাটি লাগায় মোরে মাটি।—রবীন্দ্র। ৬ ধূলা। "মাটির ভয়ে রাজ্য হবে মাটি।—রবীন্দ্র। দ্র '(৫)। ৭ বাস্তু, ভিটাবাড়ি। "আত্ম মাটী : নিজ মাটী : চাটাগ্রাম পূর্ব্বমাটী ম গা ১২। এই হোচেনের বাটী, সাত পুরুষের মাটী বা ম ৮৮। ৮ গৃহতল। "ম গা ১৪। [মাটি করা —মাটিতে পরিণত করা, নষ্ট বা পণ্ড করা। মাটি কামড়াইয়া থাকা বা নেওয়া—কুস্তি-ইত্যাদিতে মাটি আঁকড়াইয়া থাকা। মাটি, -টী খাওয়া—শিশুর মত হওয়া, বোকামি করা। "বি স্থ ৩৬। হায় কেন মাটী খেয়ে এখানে রহিনু ভা চ ৩৬৮, মাটী খেয়ে কয়েছিনু ৪১৩, মাটী খেয়ে বিদেশে আইনু ৪৮৭। মাটি দেওয়া—গোর দেওয়া, সমাধিস্থ করা। "গো.চ ১৮৬। মাটি দেহ নিঞা চৈ ভা ১২২। মাটি তাবান —বসার স্থান গরম করা, অর্থাৎ অলসভাবে বসিয়া থাকা। (সকল) মাটি মাড়াইয়া চলা—আস্তে আস্তে চলা। "পা প্র ৩৪। মাটি হওয়া —ব্যর্থ হওয়া। "মাটীর পরে তা'র করুণা মাটি হ'ল।—গান ১৫১। মাটি হ'য়ে থাকা—মাটির মত অতিসহিষ্ণু হইয়া থাকা। "মাটি হ'য়ে আছি মা। আমাতে আমি নাই।—দা ১৪৬৬। মাটির দর—(গৌণার্থে) অত্যল্প মূল্য। মাটির দেহ—ক্ষিতির পরিণামভূত দেহ। Cf. "Dust thou art, to dust returnest" মাটির মানুষ—মাটির পুতুলের মত শান্তস্বভাব লোক, ভাল মানুষ। মাটিতে পা না পড়া—অ তদ্রুত যাওয়া। তু "পশ্চোদগ্রপ্লুতত্বাদ্ বিয়তি বহুতরং স্তোকমুর্ব্ব্যাং প্রয়াতি শ ১.৭। শরীর মাটী মাটী করা—আলস্য হেতু শরীর শিথিল হওয়া। "কাঁচা ঘুম ভাঙ্গাতে শরীরটা মাটী মাটী করিতেছে আ দু ১৪।]

মাটি(টা)য়া, মেটে[১] বিং [মাটি, -টা+ঈয়া > °য়া > (মেটীয়া) °টে] ১ মৃত্তিকাসম্বন্ধী, মাটিতে করণীয়। "মেটে খেলা (দিগবাজি ইত্যাদি)। ২ মাটির মত বর্ণবিশিষ্ট। "মেটে চিল, মেটে রঙ্। ৩ মাটি হইতে প্রাপ্ত, ভূগর্ভস্থ। "মেটে তেল (কেরোসিন ইত্যাদি)। ৪ মৃত্তিকাংশযুক্ত। "মাটিয়া পাথরা ক চ ৫০, ২১০। ৫ [তু সং মার্ত্তিক > প্রা *মট্টিঅ > বা °য়া] মৃত্তিকানির্ম্মিত, মৃন্ময়। 'মেটে ঘর, পাত্র, সাজ। —টিয়া বি [প্রা মট্টিআ > °য়া, দ্র 'মাটি' ; অপ্র] ১ মাটি। "কাঁকড়ার মাটিয়া ব.প ৩৯। ২ সর্পবিশেষ, মেটে সাপ। "বা ম ৩০৪। [মাটিয়া পাথরা—মেটে পাথরের থালা। দ্র মাটিয়া বিং (৪)।]

মাটী ; মাটীয়া দ্র 'মাটি, মাটিয়া'।

মাটো বি [সং মৃদু] ১ মৃদু, অপ্রখর, ধীর। "মাটো আঁচ, জ্বাল। ২ অতীক্ষ্ণ, ভোঁতা। 'মাটো ধার। —ঠো বিং [মাটো > °ঠো] ন্যূন, অপকৃষ্ট। "এর তুলনায় 'ওগো' আমার খাসা,—যদিও,—মানি—একটু ঈষৎ মাঠো।—কু কে ৭২।

মাঠ[১] ; মাঠ[২], মাঠনি দ্র 'মাট[১], মাট[২]।

মাঠর পুং [√মঠ্ নিবাস+অর (অরণ্)-ক] ১ 'সূর্য্যসমীপবাসী', সূর্য্যপার্ষদবিশেষ। "মভা ৩৩.৬৮। ২ বিপ্র।

মাঠা[১] বি [সং মস্ত (মথিত) > প্রা মথ্, *মট্ঠু > বা (মাঠু) °ঠা, হি মট্ঠা ; ঠ মটা, -ঠ্ঠা ; মৈ মঠা] ১ নির্জ্জল ঘোল ; ঘোল। "দধি দুগ্ধ মাঠা চৈ.চ ৯১। ২ দধির উপরিস্থ স্নেহপদার্থ ; ননী। "পাত্র দুই-তিন মাঠা করেন ভক্ষণ চৈ.চ ৪৩। ৩ [মাথা > °ঠা] দইএর মাথা বা চাল। [মাঠাতোলা—ননীতোলা।]

মাঠা[২] সর্ম্ম [মাঠ[২] > °ঠা] চাঁছিয়া পরিষ্কার করা বা সূক্ষ্ম করা। "দাদ দিয়া কলম মাঠাইলে বসিয়া গো.চ ২৭৬।

মাঠা[৩] ; মাঠান দ্র 'মাট[২] ; মাট[১]।

মাড়[১] বি [সং মণ্ড > প্রা মংড > বা °ড় ; হি মাঁড়] ১ ফেন। "ভাতের মাড়। ২ যবাদির কাথ। ৩ সূতায় দেওয়ার নিমিত্ত কাই-বিশেষ। "°দেওয়া সূতা। ৪ [ড় মাড়] (ফেনের মত ভাসমান) গুচ্ছবদ্ধ কাষ্ঠাদি। "কাঠের, বাঁশের মাড়। ৫ হিন্দুর উপাধি।

মাড়[২] সর্ম্ম [সং √মৃদ্ > লি √মদ্দ, প্রা √মড্ড > বা °ড় ; হি √মাঁড়, মৈ √মাড়] ১ মর্দ্দন করা, চূর্ণ করা, গুঁড়া করা। "খলে ঔষধ মাড়া। ২ পেষণ করা। "কলে আখ মাড়া।—ড়া[১] সর্ম্ম [মাড়[২] > °ড়া] পা দেওয়া, যাওয়া। "রমা যে অঞ্চলে থাকিত সীতারাম আর সে প্রদেশ মাড়াইতেন না ব প্র ৪৫৮। —ড়া[২] সর্ম্ম [মাড়+আ[৮]] মর্দ্দিত করান, পদদলিত করান। 'গোরু দিয়া ধান মাড়ান। [মাড়ন (মাড়+অন)—মর্দ্দন, দলন। "মাড়নে মড়িল মৎস্য শ্রী ৯০। মাড়া[৩] —সর্থ 'মাড়[২]। মাড়ান—সর্থ 'মাড়া[২]। মাড়ামাড়ি (মাড়-আ+মাড়-ই) —পরস্পর মাড়ান, অত্যন্ত দলন। মাড়ামাড়ি গেল—মর্দ্দিত হইল, নষ্ট বা ব্যর্থ হইল। "পড়িনু যত মন্ত্র, কন্দলে গেল মাড়ামাড়ি ভা.চ ৫৩২।

মাড়ন দ্র 'মাড়[২]।

মাড়ব পুং লেট হইতে ধীবরকন্যায় জাত বর্ণসঙ্করজাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্ত, ১০ম অধ্যায়)।

মাড়লি বি [দ্র 'মারুলি', অস মারলি] ঘরের খুঁটির মাথায় বসান বাঁশ বা পাড় (যাহার উপরে চাল থাকে)। "মাড়লি খাইল ঘুনে খসি পড়ে পালা।—মী ২১। —লী [মণ্ডলী > °লী] প্রাতঃকালে ঘরের নিকটে উঠানে গৃহিণীর কৃত গোবরের মণ্ডলাকার লেপবিশেষ (বীরভূম)।

মাড়লী দ্র 'মাড়লি'।

মাড়া[১], মাড়া[২], মাড়া[৩], দ্র 'মাড়[২]।

মাড়ি বি [মাড়[২] > °ড়ি, সং 'মাঢি—দন্তশিরা] যাহা দ্বারা খাদ্য মাড়ে, চোয়ালের সন্নিহিত দন্তমূল (gum)। "দেখা যায় মাড়ি।—রঙ্গ ৯। কেহ খুব হা করিয়া মুখ নাড়িয়া দন্তের মাড়ি বাহির করিয়া খাইতেছে পা প্র ২৯।

মাড়িল বিং [মাড়[২]+ইল[২]] মর্দ্দিত, নিষ্পিষ্ট, মাড়া। "মাড়িল হিঙ্গুল যেন রাতা উতপল চৈ ম ৩৭।

মাড়ু(ড়ো)য়া বি [হি মড়ুআ] বজরাজাতীয় শস্যবিশেষ। "মাড়ুয়া ক চ ১৯১, ২৪৬, ভা.চ ৪৯৬। মাড়োয়া চৈ ম ১৭০।

মা(মে)ড়ুয়াবাদী, মেড়ো বি মাড়োয়ারী (অবজ্ঞায়)। "মাড়ুয়াবাদী।—ম ৩৪৩। মেড়ুয়াবাদী।—হু ১০১।

মাড়োয়া দ্র 'মাড়ুয়া'।

মাড়োয়ার বি [হি মার্‌বাড়, মেবাড়] ১ মিবার রাজ্য। "°দূত। —কথা ১২০। ২ মিবার রাজ্যের চতুর্দ্দিকস্থিত দেশ (হিন্দীশব্দসাগর)। —য়ারী বি [হি মারবাড়ী] ১ মাড়োয়ার দেশের অধিবাসী। ২ মাড়োয়ার দেশের ভাষা।

মাড়োয়ারী দ্র 'মাড়োয়ার'।

মাড্ডুক, মাড্ডুকিক পুং [মড্ডুক+অ (অণ্), +ইক (ঠক্)] মড্ডুকবাদনশিল্পী, মড্ডুকবাদক। "পা ৪.৪ ৫৬।

মাঢ়ি স্ত্রী [√মাহ্ মান+তি (ক্তিন্)—শ.ক] ১ দন্তমূল। ২ পত্র-শিরা। ৩ দন্তশিরা। ৪ পত্রভঙ্গ। ৫ দন্তপ্রকাশন (অ.টী)।

মাণ বি [সং মাণক] মানকচুগাছ। "মাণের পত্র ব.প ৩২২।

মাণ(অ)ক পুং [√মা+অক (অকচ্), মুট্, মুট্ (ত.থা); মান (পরিমাণ) > °ক (?)] মানকচু গাছ। —ক স্ত্রী মানকুল, মানকচু।

মাণব পুং [মনু+অ (অণ্), ণত্ব—'অপত্যে কুৎসিতে মূঢে মনোরৌৎসর্গিকঃ স্মৃতঃ। নকারস্য চ মূর্দ্ধন্যস্তেন সিধ্যতি মাণবঃ—পা ৪.১.১৬১, তত্ত্ববোধিনী।] ১ মনুর অপত্য; মনুষ্য। ২ মূঢ়, অর্থাৎ অনধীতবেদ মনুষ্য। ৩ কুৎসিত, অর্থাৎ বিহিতানুষ্ঠানহীন মনুষ্য। ৪ বালক (শ.ক); ব্রাহ্মণবাল (A.)। ৫ ষোড়শযষ্টিক হার (অ.চি)। —বক পুং [°ব+ক (কন্)] ১ সর্ব মাণব (২; ৩)। ২ ষোড়শযষ্টিক বা বিংশতিযষ্টিক হার। 'বিংশতিভির্মাণবকঃ।—বৃহৎসংহিতা ৮১.৩৩। ৩ অনুকম্পিত মাণব, পুরুষবরাক। "কেন আত্তগন্ধো মাণবকঃ শ ৬২২। ৪ কুপুরুষ। ৫ হ্রস্বমাণব, বটু, বালক, বামন। "মায়ামাণবকো হবিঃ ভ ৮।১৯.৩২। —বিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] বালিকা, কুমারী। "অনুজ্ঞাতো মাণবকো মাণবিকাম্ পা ৩.৪.৭২, কাশিকা। —বীন বিণ [°ব+ঈন্ (খঞ্)] মাণবের হিতকর। "পা ৫।১।১১। —ব্য স্ত্রী [°ব+য (যঞ্)] মানবসমূহ। "পা ৪ ২.৬২।

মাণবক, মাণবীন, মাণব্য দ্র 'মাণব'।

মাণিক বি [সং মাণিক্য > প্রা মাণিক্ক > বা (মাণীক) °ক, হি °ক, ঠ মাণীক, মৈ মানিক] ১ মাণিক্য, পদ্মরাগ। 'মাণিকে করিল চক্ষু দান ক.চ ২২২। মাণিক-অঙ্গুরী ম.ভা ৪৪। সাতরাজার-ধন-মানিক-গাঁথা গলার মালাখানি।—শিশু ৪৪। ২ মাণিকের মত আদরের ধন। "গোকুল-মাণিক কে হরি নিল ব প ১০১৯। ৩ শিশুর আদরের ডাক বা নাম। "দুধ খেয়ে শোও লক্ষ্মী মাণিক।—কা ৯৫। ৪ মাণিকের মত মহামূল্য দ্রব্য বা আদরের ধন। ৫ মাণিকপীর। [°নয়ন—মাণিকের চোখ। "ম ১৯৩। °পীর—মুসলমানের গোরুর দেবতা। "জা ৩৪।]

মাণি(নি)কজোড়, -যোড় বি ১ পক্ষিবিশেষ (Dissura episcopus)। "চরণ দেখে মাণিকযোড়, উড়ে গিয়েছে উ'ড়র মুলুকে।—দা ৬২২। (সব শর) মাণিকজোড়ের ঘর।—শিশু ৪৭। [ইহার দুই পা মাণিকের মত লাল, যেন জোড়া মাণিক, এই হেতু নাম।] ২ জোড়া মাণিক, (গৌণার্থে, উপহাসে) অসৎপ্রকৃতির ব্যক্তিদ্বয়, মিলমাফিক দুই জন। "মিলমাফিক লোক পাইলে মাণিকজোড় হয় আ দু ৭০। শ্রীনাথ।—মাণিকজোড়। (হেমচাঁদ ও নন্দেরচাঁদের দাড়ি ধরিয়া)।—লী ৪।]

মাণি(নি)কভাণ্ডার বি মাণিক্যাদি মহামূল্য দ্রব্যের ভাণ্ডার, মণিস্বর্ণরৌপ্যমুদ্রাদির কোষ; রাজারাজড়ার ভাঁড়ার। "গঠন বিস্তার, মানিকভাণ্ডার।—খু ১৩৩। মাণিকভাণ্ডারে আনে আভরণপেড়ি ক.চ ১৫৪; পিতৃপিতামহের বিত্ত,…বাষ কর মাণিকভাণ্ডারে ২১৯; (ডিঙ্গার) পিছে গড়ে মাণিকভাণ্ডার ২২২।

মাণিকযোড় দ্র 'মাণিকজোড়'।

মাণিকা স্ত্রী [মাণক+স্ত্রী আ (টাপ্)] অষ্টপলপরিমাণ।

মাণিক্য স্ত্রী [মণিক+য (ষ্যঞ্) স্বার্থে পা ৭.৩.৩১, সি, তু 'মাণিক্ক (ক্য > ক্ক > ক্ষ, ক্ষ)—মী ৫] ১ পদ্মরাগ, শোণরত্ন, মাণিক। 'পক্বদাড়িমবীজাভং মাণিক্যং শিখরং বিদুঃ (S.W.)। "°গুরুভাবর ক.সা ২৬.৪৪। সুবর্ণের বাণিজ্যে মাণিক্য দিয়ে ডালি।—কু ৩১৮। দ্বিগুণ বাড়িল প্রেম, মাণিক্যজড়িত হেম বি.সু ১৪৯। ২ (গৌণার্থে) রত্ন। "গরুড়মাণিক্যময় ক.সা ২৩.৪১। ৩ কদলীবিশেষ। —ণিক্যা স্ত্রী জ্যেষ্ঠী।

মাণিক্যা দ্র 'মাণিক্য'।

মাণিমন্থ স্ত্রী [মণিমন্থ+অ (অণ্)] 'মণিমন্থপর্বতজাত', সৈন্ধব (অ.কো)।

মাণ্ডবী স্ত্রী কুশধ্বজকন্যা ভরতপত্নী। 'রা ১.৭৩.৩২। "সী ৭।

মাণ্ডব্য পুং [মণ্ডু+য (যঞ্)] 'মণ্ডুগোত্রাপত্য', তাপসবিশেষ। [ইঁহার অন্য নাম অণীমাণ্ডব্য, দ্র মহা ১।১০৭-১০৮।]

মাণ্ডলিক বিণ [মণ্ডল+ইক (ঠক)] ১ মণ্ডলসম্বন্ধী। ২ মণ্ডলরক্ষক (S.W.)। —লিক পুং ১ চারি লক্ষ হইতে দশ লক্ষ পর্যন্ত রাজস্বের অধিকারী নৃপ। "শু ১।১৮৪। ২ দেশাধ্যক্ষ।

মাণ্ডুয়া বি [মাণ্ড+উয়া²] মণ্ডযুক্ত, মাড়-দেওয়া। "মাণ্ডুয়াবসন চৈ.ভা ৫১৭, মাণ্ডুয়া-বস্ত্র ৫১৮।

মাণ্ডূক, -কি পুং [মণ্ডূক+অ (অণ্), +ই (ইঞ্)] মণ্ডূকাপত্য, ভেকশিশু। —ণ্ডুকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ভেকী। "কূপমাণ্ডুকী ভক্তি ৫৮৫।

মাণ্ডুকি, মাণ্ডুকী দ্র 'মাণ্ডুক'।

মাৎ বি [আ মাত্] ১ পরাজয়, হার। "কস্রে বাজি মাৎ।—হেম ৩৮৫। ২ দাবাখেলায় পরাজয়। দ্র 'শতরঞ্চ'। [বাজি মাৎ করা —বাজিতে পরাজয় করা।]

মাত¹, -থ² '-ত, -থ' বি [সং মস্ত > প্রা মথ্ > বা মাথ, -ত ১ দইএর জল। "দধির মাত।—দা ৩৫৯। ২ গুড়ের অসার পাতলা অংশ। বিপ 'সার'। "মাতগুড়। [মাত কাটা—মাত বার হওয়া।]

মাত² বি [সং মাতৃ—মাতা, হি মাত] জননী। "বাপ মাতে গো.চ ৪৭৬। কৈছন নন্দ যশোমতি মাত।—গো ২৪১। —ত বি [সং মাতঃ, পদ্যে] জননি (সম্বোধনে)। "ভাল দুঃখ দিলে মাত পেয়ে অসময়।—কৃ ৩৫৩।

মাত³ অর্ম্ম [মত্ত > মাত > °ত, হি, ঠ √মাত] ১ মত্ত হওয়া, নেশায় বিভ্রান্ত হওয়া। "মদ-মাংসে মজিয়া মাতিল ডোম যত শ্রী ২২১। আমার মন-মাতালে মেতেছে আজ।—রামপ্রসাদ। পূর্ণাগা পিসী, মাতিল মদন-মদে।—মে ৮৫। ২ আনন্দে বিহ্বল হওয়া। "মধু মাতিয়া, নব কোকিলকুল গায় বি.প ৯৭। ৩ মদে মত্ত হওয়া। ৪ বিষয়বিশেষে উৎসাহে অতিশয় নিবিষ্ট হওয়া। "খেলায় মাতা। ৫ রসাবেশে বিহ্বল হওয়া। "সে রসে মাতিয়া দেখিব বিবাহরঙ্গ।—ন প ১৫৪। ৬ মত্ত হওয়া, বিমোহিত হওয়া। "নব নব খেলন, বিদ্যাপতি মতি মাতে বি প ৯৭। ৭ ফেনিল হওয়া, গাঁজিয়া উঠা। "খেজুররস, তালরস মাতে। ৮ কাঁপিয়া উঠা। "বর্ষায় গুড় মাতে। ৯ উত্তেজিত হওয়া। "আলিঙ্গন প্রেমরসে মাতিল মদন ভা.চ ৩৩০। ১০ উচ্ছৃঙ্খল হওয়া। ১১ (কামতাবিহারী) কহা। "দুর্গা নিজগুণে, কলমে বসিয়া মাতে চ.বি ২। [মাত বোল—বলা-কহা, কথাবার্তা। "ন শুনিয় মাত বোলে।—ব.প ১৭২৯। দ্র '(১১)। মাতামাতি —পরস্পর মাতা; অত্যন্ত উচ্ছৃঙ্খল আচরণ। মাত করা—পরাজয় করা। "(আমরা) গলাবাজীতে মাত করি ন ত ৫৮।]

মাতঃ বি [সং মাতৃ > মাতঃ (সম্বোধন-১ব)] ১ জননি। "হারীত বলেন মাতঃ করি নিবেদন।—কৃ ৮। ঐরাবতবক্র মাতঃ ম.পা ৬০। ম.ম ২০৪। ২ দেবি, ইষ্টদেবি। "যেমতি, মাতঃ! বসিলা আসিয়া, বাল্মীকির রসনায়।—মে ২। ৩ মাতৃবৎ পূজনীয়। "মে ২৭২। ৪ কন্যে, বৎসে। "শুন মাতঃ সত্যবতি ব প ১:৮। ৫ স্ত্রীমাত্র-সম্বোধনে। "(ভিক্ষু) কহে—'ধন্য মাতঃ করি আশীর্বাদ।—কথা ৭।

মাতঙ্গ পুং [মাতঙ্গ+অ (অণ্)] ১ মতঙ্গমুনির শাপে জাত বা মতঙ্গের অপত্য (অ.টী); হস্তী। "রা ১ ৬.২৩। [মাতঙ্গ ত্রিবিধ—দ্র 'রা ১.৬.২৫।] ২ শ্বপচ, চাণ্ডাল। "°পতি ক.সা ৭১.১১, °রাজ ১৪।

৩ কিরাতজাতিবিশেষ (শ.ক) ৪ (মাতঙ্গপ্রিয় ?) অশ্বত্থবৃক্ষ। ৫ (জ্যোতিষে) যোগবিশেষ। ৬ শ্রেষ্ঠার্থ। "বলাহক°।—হ ৭৫.২। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হস্তিনী। ২ চাণ্ডাল-স্ত্রী। ৩ মহাবিদ্যাবিশেষ। 'তা.চ ৩৪। [°কুমারী (স্ত্রী)—চাণ্ডালকন্যা। °জ (বিং)—হস্তিজাত। °নক্র (পুং)—মাতঙ্গাকৃতি গ্রাহ; জলহস্তী। "রঘু ১৩.১১। °পতি (পুং)—চাণ্ডালরাজ। °মকর (পুং)—মাতঙ্গাকার মকর; মহামৎস্যবিশেষ (শ.ক)। °রাজ (পুং)—১ চাণ্ডালপতি। ২ (বি) 'গজপতি', ঐরাবত। "ম ২৪১।]

মাতঙ্গমোতি বি গজমুক্তা। "জ ৫১।

মাতঙ্গিনী বি [°ঙ্গ+ইনী, সং °ঙ্গী] হস্তিনী। "মে ৩৬, °যূথ ৮৫। মদমত্ত° উলঙ্গিনী নেচে ধায় (শ্যামাসঙ্গীত)।

মাতঙ্গী দ্র 'মাতঙ্গ'।

মাতন বি [মাত°+অন] ১ উন্মত্ত হওয়া; মাতা। ২ বিহ্বল নৃত্য। "শালের বনে ফুলের মাতন হ'ল সুরু প.কা ২। ৩ উদ্দাম নৃত্য। "ঝড়ের মাতন।—চ কা ৪৫৫। [দুপুরে মাতন—মহরমে দুপুরবেলায় মুসলমানদিগের ভাবোন্মাদ নৃত্য।]

মাতব(ব্ব)র বিং [আ মু'আ'তবর; হি মাতবর; ঠ মাতব(ব্ব)র] ১ বিশ্বসনীয়, বিশ্বস্ত। "মজুন্দার মাতবর উকীল রাখিলা ভা.চ ৫২৩। মাতবর সনন্দ যুরত E.P. 95. ২ মান্যগণ্য, প্রতিষ্ঠাপন্ন। "এই সাধুচরণ একজন মাতব্বর রাইয়ত।—নী ১৩। দুইজন পাড়ার মাতব্বর লোক অগ্রসর হইল ব প্র ৩৫৩। ৩ উৎকৃষ্ট, অমোঘফল। "মাতব্বর মাতব্বর ঔষধ পড়িলে আরাম হইলেও হইতে পারে আ দু ৯৫।—রী বি [আ মু'আ'তবরী] ১ বিশ্বস্ততা, বিশ্বাস। ২ মান্যতা, প্রতিষ্ঠা।

মাতব্বর, মাতব্বরী দ্র 'মাতবর'।

মাতরপিতৃ পুং, দ্বিব [মাতা ও পিতা, দ্বন্দ্ব; মাতৃ > মাতর, 'অর' (অরঙ্) আদেশ, পা ৬.৩.৩২, সি, তু 'পিতরামাতরা' (ছান্দস) পা ৬.৩.৩৩, কাশিকা] মাতাপিতা।

মাতরি বি [হি, মৈ মতারী; ফা মাদর্; অপ্র] মাতা। "দক্ষিণা মাতরি ভ.প্র ১৪৮; করুণা মাত'রি ১৫০।

মাতরিপুরুষ পুং [পাত্রেসমিতাদি, নিপাতিত] মাতৃবিষয়ে যে পুরুষ; কুৎসিত জন; ভীরু পুরুষ।

মাতরিশ্বা (-শ্বন্) পুং [মাতৃ+ √শ্বি+অন্ (কনি)-ক-১ব, নিপাতিত, উ ১.১৫৬] ১ যাহা আকাশে বাড়ে, বায়ু। "মাতরিশ্বা বা অর্হমগ্নি।—কঠোপনিষৎ ৩.৮। ২ প্রাণ। "ভ ১.১০.২৩।

মাতল বিং [হি মাতবালা; মৈ মাতাল] ১ নেশায় চুর, মত্ত। "লোচন-যুগল ভৃঙ্গ-আকার। মধু মাতল কিয়ে উড়ই না পার॥—বি.প ৩৮। ২ মধুপানার্থ বিহ্বল। "মাতল নয়ন-ভ্রমর জনু ভ্রমি ভ্রমি, উড়ি পড়ত শ্রুতি উতপল মূল।—গো ৮৩; মাতল ভ্রমরা…বুলে ৯৯। মাতল ভ্রমরাগণ চ.সা ১৬৭। ৩ মদমত্ত। "মাতল করী নাহি অঙ্কুশ মান বি.প ৮৩। মাতল কুঞ্জর চৈ ম ১০৫। মাতল কুঞ্জর-গমনে ন.প ২৯২। ৪ গর্ব্বমত্ত। "মাতল ঐরাবত।—গ ১৫৮। ৫ উত্তিক্ত, উদ্দীপ্ত। "অতনু মাতল।—রু ৬২। ৬ রণমত্ত। "দাদামি দলবল, মহীমাঝে মাতল ব.প ৪৪৫। —তল ক্রি.বিং মত্তভাবে। "(কানু) মাতল রোই ধরল ধনি কোরে প.ক ২৫.২। [মাতল—মাতিল। "নাসা সৌরভ-আণ মাতল জ প ১৯। মাতলামি (°ল+আমি[২]) —মাতালের কাজ; মত্তভাব।]

মাতলি পুং [মতল+ই (ইঞ্); তু 'মাতলিন্' (ঋগ্বেদ ১০.১৪.৩)] মতলের অপত্য (অ.টী); ইন্দ্রসারথি। [°সারথি (পুং)—ইন্দ্র। "রঘু ৩.৬৭।]

মাতা[১] (-তৃ) স্ত্রী [√মা+তৃ (তৃচ্)-র্ন, উ ২.৯৬; Av. matar; ফা মাদর্; Gr. mētēr; L. mater; Ger. mutter; Lith. matė; Slav. mate; A.S. moder; E. mother; সমাসে পূর্ব্বপদ 'মাতৃ'—'মাতৃ'-গণ; বহুব্রীহিতে পরপদ 'মাতৃ' স্থানে 'মাতৃক' —দেব-'মাতৃক', নদী-'মাতৃক'] ১ 'পূজনীয়া', জননী। "কৈকেয়ী মাতঃ। গো.রা ৬.৮২ ১৩১। [মাতা ষোড়শবিধ—"স্তনদাত্রী গর্ভধাত্রী ভক্ষ্যদাত্রী গুরুপ্রিয়া। অভীষ্টদেবপত্নী চ পিতুঃ পত্নী চ কন্যকা॥ সগর্ভজা যা ভগিনী পুত্রপত্নী প্রিয়াপ্রসূঃ। মাতুর্মাতা পিতুর্মাতা সোদরস্য প্রিয়া তথা॥ মাতুঃ পিতুশ্চ ভগিনী মাতুলানী তথৈব চ। মতান্তরে সপ্তমাতা—'আদৌ মাতা গুরোঃ পত্নী ব্রাহ্মণী রাজপত্নিকা। গবী ধাত্রী তথা পৃথ্বী সপ্তৈতা মাতরঃ স্মৃতাঃ॥] ২ পিতৃপত্নীমাত্র। ৩ প্রসবিত্রী। "মাতরং মঙ্গলানাম্ উ.চ ৫.৩১। ৪ কন্যা। "মাতর্দেবযজনসম্ভবে সীতে।—উ.চ ৪ষ্ঠ। ৫ মাতৃবৎ পূজনীয়া নারী। ৬ পিতামহী, মাতামহী, পিতৃব্যপত্নী ইত্যাদি। দ্র '(১)। ৭ অভীষ্টদেব-পত্নী; দেবী। ৮ পুত্রবধূ। ৯ পৃথিবী। "ঋগ্বেদ ১৮৯.৪। ১০ গবী, গাভী। ১১ লক্ষ্মী। "ক.চ ৩। ১২ দুর্গা। ১৩ রেবতী। ১৪ আকাশ। "মাতরিশ্বন্। ১৫ অসুরনিধনকালে ব্রহ্মাদির অষ্ট শক্তি। [ব্রাহ্মী মাহেশ্বরী ঐন্দ্রী বারাহী বৈষ্ণবী কৌমারী চামুণ্ডা চর্চ্চিকা—এই অষ্ট শক্তি; (মতান্তরে) ব্রাহ্মী বৈষ্ণবী ঐন্দ্রী রৌদ্রী বারাহী কৌবেরী কৌমারী—এই সপ্ত শক্তি।] ১৬ আখুপর্ণী, জটামাংসী প্রভৃতি। ১৭ (বাংলায়) স্ত্রীমাত্র। "কদলির মাতা গো.বি ১০৯। [°গণ (মাতৃগণ) পুং—ষোড়শ মাতৃকা। °গন্ধিনী (স্ত্রী)—মাতৃগন্ধবিশিষ্টা, মাতৃস্বলেশযুক্তা, নামমাত্র মাতা। "গো.রা ২.৭৫ ১২। °গোত্র (ক্লী)—মাতৃকুল, মাতামহবংশ। °গ্রাম (পুং) —মাতৃজাতিগণ, নারীজাতি। °ঘাত, °ঘাতক, °ঘাতী (তিন্), °ঘ্ন (পুং)—মাতৃহত্যাকারী। °চক্র (ক্লী)—ষোড়শমাতৃকাগণ। °দেব (বিণ)—যাহার মাতা দেববৎ পূজ্য; মাতৃপূজক। "তৈত্তিরীয় ১.১১.২। °নন্দন (পুং)—কৃত্তিকাগণের পুত্র কার্ত্তিকেয়। °বৎসল (বিণ)—মাতৃভক্তিমান্। °মণ্ডল (ক্লী)—১ মাতৃকাগণ। ২ নেত্রদ্বয়ের মধ্য (শ.ক)। 'নেত্রয়োর্মাতৃমণ্ডলম্।—কাশীখণ্ড ৪২। "মাতৃমণ্ডলবিদ্।—বৃহৎসংহিতা ৬০ ১৯। °মাতা (-তৃ) স্ত্রী—পার্ব্বতী। °যজ্ঞ, °যাগ (পুং)—মাতৃকাযাগ।]

মাতা[২] (-তৃ) পুং [√মা+তৃ (তৃচ্)-ক-১ব] ১ পরিমাণকর্ত্তা। ২ জ্ঞাতা।

মাতা[৩] স্ত্রী [তু 'মাতৃ'—মাতা (-১ব)] জননী। "বিশ্বমাতাম্…প্রণমাম্যহম্ (শ.ক)।

মাতা[৪] বি [দ্র 'মাথা'; অপ্র] মস্তক। "গো.চ ১৩৭। ম গা ১২। কুমুদিনী মাতা হেঁট কল্লেন।—হ ৪৯। মড়ার মাতা।—নী ৯৩। মাতায় পাগড়ি 'ঙ'।—জা ৫৭।

মাতা[৫] বি [মাত°+আ[৬]] সর্থ 'মাত[২]'।

মাতা[৬] বিং [মত্ত > °তা] ১ মত্ত, বিহ্বল। "মদনমঞ্জরী মদনে মাতা রা শে ১০৪। ২ মদমত্ত। "যদি বৈষ্ণব-অপরাধ উঠে হাতী মাতা চৈ.চ ১৯৯।

মাতা[৭] সর্ম্ম [মাত°+আ[৮]] ১ মত্ত করা; ক্ষেপান। ২ বিহ্বল করা। [মাতাইল জঙ্গ—১ তুমুল যুদ্ধ বাধাইল। "মহাকাল মাতাইল জঙ্গ শি ১২। ২ ভীষণ আক্রমণ করিল। "মাছি ডাঁশ মাতাইল জঙ্গ শি ৭৯। মাতান—সর্থ 'মাতা[৭]'।]

মাতাগুরু বি [অপ্র] গুরুমা, গুরুপত্নী। "ভ.প্র ৩১৭।

মাতাপিতা (-তৃ) পুং, দ্বিব [মাতা ও পিতা, দ্বন্দ্ব, সমাসে 'আন্' (আনঙ্), পা ৬.৩.২৫] জননী-জনক। "রা ২.১১১.৯। মনু ৯.১৭৪। [°ঘাতক (-তৃ-) বিণ—জনকজননীহত্যাকারক। °বিহীন (বিণ) —মৃতমাতাপিতৃক। "মনু ৯.১৭৭।]

মাতাপুত্র পুং, দ্বিব [দ্বন্দ্ব, দ্র 'মাতাপিতা'] জননী ও পুত্র। "রা ১.৫৭.৯।

মাতাম দ্র 'মাতা⁹'।

মাতাম বি [মাতামহ > °ম : কথ্য] মাতামহ। "হেম ৩২০।

মাতামহ পুং [মাতৃ+আমহ (ডামহচ্), নিপাতিত, পা ৪.২.৩৬] ১ 'মাতৃপিতা', আজা। "°নিবেশন রা ২ ৬৭.৬। মনু ৩ ১৪৮। মাতামহালয়ে।—মা ১০২। ২ (বহুব) মাতৃবংশে জাত পূর্ব্বপুরুষগণ (অ.চি)। "যাজ্ঞ ১.২২৮। ৩ [মাতামহ ও মাতামহী, এক. দ্বন্দ্ব] (দ্বিব) মাতার পিতা ও মাতা। —মহী স্ত্রী [°হ+স্ত্রী ঈ (ঙীষ্)] মাতৃমাতা, আজী, আই।

মাতারি বি [দ্র 'মাতরি ; অপ্র] মাতা। "ভা.চ ৪৯৫।

মাতাল বিং [দ্র 'মাতল'] ১ নেশায় চুর, মত্ত। "কামমদে মাতাল ভা.চ ৩৩০। রক্ত আলোর মদে মাতাল ভোরে চ কা ৪৫৩। ২ উত্তেজিত অধীর। "ঘুঁড়ি দেখি মদনে °ল হলো হয় শ্রী ১৭০।—তাল বি মত্ত ব্যক্তি। "আমার মন-মাতালে মেতেছে আজ, মদ-মাতালে মাতাল বলে।—রামপ্রসাদ। ব প ১৫৩৫। —তালি বি [°ল+ই] মাতালের কাজ : মাতলামি। "শ্রী ২২১।

মাতালি দ্র 'মাতাল'।

মাতি, -তিয়া বিং [মত্ত > মাত > °তি, -তিয়া ; বৈষ্ণবসাহিত্যে] মত্ত। "ভবখিত মহী মাতিয়া।—গে। ২৯। শ্যাম মোহন মদনে মাতি : নবীন রসাল,-মুকুল-মধু-মাতিয়া, নবকোকিলকুল গায় প.ক ১৪৩২।

মাতিয়া দ্র 'মাতি'।

মাতিল বিং [মাত³+ইল² , অপ্র] মত্ত। "°ল কুঞ্জর চৈ ম ৪০।

মাতু বি [সং মাতা , হি মাতু , অপ] মাতা। "কুন্তী মাতু প্রণামিয়া বন্দিল নৃপতি অ.প ১২ , কুন্তী মাতু দেখ গিয়া ২৩।

মাতুঃষ্বসাপতি বিং [সং °ষ্বসৃপতি] মেসো। "শ্রী মা ১৩২।

মাতুল পুং [মাতৃ+উল (ডুলচ্) , 'মাতুব্' ভ্রাতা—মাতুব > °ল (?), তু 'দ্বৈমাতুর, যাণ্মাতুর'] ১ মাতৃভ্রাতা, মামা। "গী ১২৬। ২ মদন-বৃক্ষ। ৩ ধুস্তূরবৃক্ষ। ৪ ব্রীহিবিশেষ। —তুলা,-লানী,-লী স্ত্রী [°ল +স্ত্রী আ (টাপ্),+ঈ (ঙীস্), বিকল্পে আন্ (আনুক্)+ঈ (ঙীষ্) , তু 'মল্লাণী'— মামী (দেশী ৬.১১২!] মাতুলপত্নী, মামী। 'পা ৪.১.৪৯, সি। °লা মুগ্ধবোধ ২৭২। "লী মনু ২ ১৩১। °লীগণ। —ম ২৩৩ ; °লী ২৮৪, ৬৯৯। —লানী, স্ত্রী ১ কলায়। ২ ভঙ্গা। ৩ শণ। ৪ প্রিয়ঙ্গু। [মাতুলপুত্রক (পুং)—ধুস্তূরফল।]

মাতুলঙ্গ, -লিঙ্গ, -লুঙ্গ, -ঙ্গক পুং বীজপুর, ছোলঙ্গবৃক্ষবিশেষ, টাবা (অ.টী)। —লুঙ্গ, -ঙ্গক ক্লী বীজপূরফল, টাবালেবু। "°লিঙ্গ ক সা ৫৩ ৩৫ ; ৪০। গুঞ্জ শোভে মাতুলুঙ্গ ক.চ ১।

মাতুলা, -লানী,-লী ; মাতুলিঙ্গ, -লুঙ্গ, -ঙ্গক দ্র 'মাতুল ; মাতুলঙ্গ'।

মাতুলেয় পুং [মাতুলা. -লী+এয় (ঢক)] মাতুলার পুত্র , মামাত ভাই। "ভ ১.৯.২০ ; ৭.১৫.৭৬। —লেয়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] মাতুলকন্যা, মামাত বোন।

মাতুল্য ক্লী [°ল+য (যৎ)] মাতুলে ভব , মাতুলগৃহ। "বাল এব হি মাতুল্যং ভরতো নায়িতস্ত্বয়া গো রা ২.৭.২৪।

মাতৃক বিণ [মাতৃ+ক (ঠঞ্), পা ৪ ৩ ৭৮ , স্ত্রী -কী] ১ মাতা হইতে আগত , মাতৃসম্বন্ধী। "অংশম্…মাতৃকঞ্চ ধনুরূর্জ্জিতং দধৎ রঘু ১১.৬৪ ; ৯০। পাপং মাতৃকম্।—অত্রি ৩২৮। ২ মাতৃদত্ত। "অলঙ্কার নাদদীত মাতৃকম্ মনু ৯.৯২। —তৃক পুং মাতুল। —তৃক ক্লী মাতুলগৃহ। "ভরতো বিললাপার্ত্তো মাতৃকাদাগতো গৃহম্ গো.রা ১.১.৩৬ —তৃকা স্ত্রী [+ক (কন্) স্বার্থে] ১ মাতা (মেদিনী)। ২ ধাত্রী ৩ পিতামহী। ৪ ব্রাহ্মী-প্রভৃতি শক্তি। দ্র 'মাতা' (১৫)। ৫ মূলকারণ, যোনি। ৬ (বহুব) তন্ত্রে ষট্‌চক্রের অকারাদি ক্ষ-কারান্ত বর্ণমালা ; মাতৃকাবর্ণগণ। ৭ বর্ণময় তান্ত্রিকচিত্রসমূহ। ৮ গৌর্য্যাদি ষোড়শগণ। 'গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ॥ শান্তিঃ পুষ্টির্ধৃতিস্তুষ্টিরাত্মদেবতয়া সহ। আদৌ বিনায়কঃ পূজ্যঃ অন্তে চ কুলদেবতা॥ মতান্তরে, 'শান্তি' 'কুলদেবতা' ভিন্ন চতুর্দ্দশ মাতৃকাগণ (কাত্যায়ন ১ ১১,-২)। ৯ দেবীভেদ (মেদিনী)। ১০ দেবী। "ও কি মূর্ত্তি, পায় স্ফূর্ত্তি, রণমাতৃকার। —রঙ্গ ২২২।

মাতৃতঃ (-তস্) ব্য [মাতৃ+তঃ (তসি), তৃতীয়ার্থে] ১ মাতৃক্রমে। মনু ৯.১২৫। ২ মাতৃবিবাহক্রমে। "মনু ৯.১২৪।

মাতৃপক্ষ বিণ [°ক্ষ+অ (অচ্)] মাতৃপক্ষবিশিষ্ট, মাতৃকুলজাত। —পক্ষ পুং [ষ ত] মাতৃবংশীয় মাতামহপ্রভৃতি। "মাতৃপক্ষ পক্ষ গোত্র ত্যজিবেক নারী বি.পা ২৫৭।

মাতৃপিতা (-তৃ) পুং, দ্বিব [দ্বন্দ্ব সমাসে পূর্ব্বপদ , তু 'মাতাপিতা'] জনকজননী। "ভ্রাতৃমাতৃপিতৃপ্রাপ্তম্…স্ত্রীধনম্ মনু ৯.১৯৪। মাতৃপিতৃপরে (ব্রাহ্মণে)।—অত্রি ৩৩৪। মাতৃপিতৃত্যাগী পুত্রে ম.পা ৩৫। মাতৃপিতৃপাদপদ্ম।—মে ২০৯। [মাতৃপিতৃ ('মাতাপিতা' সাধু) —"মাতৃপিতৃ প্রণমিবা ম পা ১৭৫। মাতৃপিতৃবৎ—জনকজননীতুল্য। "শু ২.১৭১।]

মাতৃবৎ ব্য [মাতৃ+বৎ (বতিচ্)] মাতৃবিষয়ে যথা ; মাতার তুল্য। "(পিতুর্ভগিন্যাং মাতুশ্চ) মাতৃবদ্ বৃত্তিমাতিষ্ঠেৎ মনু ২.১৩৩।

মাতৃবন্ধু, -বান্ধব পুং [ষ ত] ১ মাতার আত্মীয় ; মাতুল। "মাতৃবন্ধুনিবাসিনং ভবতম্ রঘু ১২ ১২। ২ (বহুব) মাতার পিতৃষ্বসার পুত্রগণ, মাতৃষ্বসার পুত্রগণ ও মাতার মাতুলপুত্রগণ। 'মাতুঃ পিতৃষ্বসুঃ পুত্রা মাতুর্মাতৃষ্বসুঃ সুতাঃ মাতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবাঃ॥

মাতৃবান্ধব দ্র 'মাতৃবন্ধু'।

মাতৃভক্তি স্ত্রী [স.ত] মাতৃবিষয়ে-ভক্তি বা অনুরাগ। "মাতৃভক্তির খোসনাম বাহির করা সহজ ব্যাপার পা প্র ৭৪।

মাতৃভাষা বি শিশু মায়ের কোলে থাকিয়া যে ভাষা বলিতে শিখে ; পিতা মাতা বা আত্মীয়ের সহবাসে শিশুর প্রথমে শিক্ষিত ভাষা। "মাতৃভাষার অনুবাদরূপ সূর্প দ্বারা ইংরাজি গ্রন্থগুলিকে ঝাড়িয়া লইবার পরামর্শ আমি সকল ইংরাজী-পাঠককেই দিতেছি পা.প্র ১৬৫।

মাতৃভূমি বি মাতৃবৎ পূজনীয় দেশ , জন্মভূমি। "আমাদের °মি রাজপুতানায়। সকল শরীরে ছুটে রুধিরের ধার।—রঙ্গ ১০৭।

মাতৃষ্বসা (-স্বসৃ) স্ত্রী [ষ.ত, ষত্ব] মাতৃভগিনী, মাসী। "মনু ২ ১৩১। —ষ্বসেয়, -ষ্বস্রীয় পুং [°সৃ+এয় (ঢক্),+ঈয় (ছণ), পা ৪ ১.১৩৪] মাতৃষ্বসৃপুত্র, মাসতুত-ভাই। "°সেয় গো.রা ১.৪৬ ১৬। —ষ্বসেয়ী, -ষ্বস্রীয়া স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্),+স্ত্রী আ (টাপ্)] মাতৃষ্বসৃকন্যা, মাসতুত বোন। "°য়ী মহা ৩ ২২৩.৫।

মাতৃহা (-হন্) পুং [মাতৃ+ √হন্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -তৃঘ্নী] কৃতমাতৃবধ। "পা ৩.২.৮৮, কাশিকা।

মাতোআল, -তোয়ার, -রা, -য়াল, -লা, -লি [হি মতৱালা (মত্ত+ৱালা), দ্র 'ওয়ার³ ; ড় মাতু-আলা] ১ মত্ততাযুক্ত, নেশায় মত্ত, মাতাল। "গুড়িব ভাটিঘরাত মাতো-আল ঘিরিয়া নবে গো.চ ১৮১। দুই মাতোয়াল চৈ.ভা ২৪৯,-৫৩,-৮৮। নিন্দা কৈল বলি মাতোয়াল চৈ চ ৪০। (প্রভু) নাচে যেন মাতোয়াল চৈ.ম ১২২। মদে মাতোয়াল, করিযূথ।—রঙ্গ ৮৬। ২ গর্ব্বে মত্ত। "বীরমদে মাতোয়ালা। —রঙ্গ ২২ ; (বালা) মান-মদে মাতোয়ালা ৯৬। মদগর্ব্বে মাতোয়াল। —হেম ২১। ৩ আনন্দে মত্ত বা আত্মহারা। "(বরিষার মেঘ দেখি চাতক) পিউ পিউ ডাকে মাতোয়ালি চৈ.ম ৬। হর্ষে মাতোয়ারা স্ব.প্র ২৯। ৪ প্রেমে বা ভাবে বিহ্বল। "(নিত্যানন্দ) গোয়াগুণ-গরবে

গর্গর মাতোয়ার চৈ.ম ২ ; প্রেমে গরগর মাতোয়াল ৫৮। প্রেমপূর্ণ …রহত মাতোয়ার ম.প ৮; ভাবে মাতোয়াল ২৫৮। ৫ মধুপানে মত্ত। "(ভ্রমর!) তুই মাতোয়াল, মোরে হইলি কাল ব প ৩৬০। ৬ কামে মত্ত। "(অলি হৈলা) কামমদ মাতোয়াল ক চ ১৬৬।

মাত্তা বি [সং মাত্রা >প্রা মত্তা >বা °ত্তা] বিত্ত, টাকা-কড়ি: অলঙ্কার ; রত্ন। "ধন কড়ি মাল মাত্তা বিফল সকল ব প ৩৯৬। এঙ নহি তো তেরা মাত্তাঃ যেত্তা মাত্তা গিয়া রা স ৩১, ৩৩।

মাত্র১ বিণ [মাত্রা >°ত্র (বহুব্রীহিতে উত্তরপদ) স্ত্রী -ত্রা] ১ তৎ-পরিমাণ। "তালমাত্রমথোৎপ্লুতা গো রা ৩ ৫০.১৯। প্রকিরতি শকুৎ-পিণ্ডকানাত্রমাত্রান্ উ চ ৪ ২৭। ২ তদুপযোগী। "প্রাণধারণমাত্রা-মশনক্রিয়াং কুর্ম্মঃ।—পঞ্চ ৫ ১/২ ৮/৫। ৩ তৎসংখ্যক। "জঘান শতমাত্রং চ যোধানাম্ (SW.)।

মাত্র২ স্ত্রী [√মা+ত্র (ত্রন্)-ণ] ১ কাৎস্ন্য, সাকল্য, তৎসমূহ। "প্রাণি°, মানুষ°। জীবমাত্রং ন হিংস্যাৎ (অ টী)। ২ অবধারণ, কেবলার্থক। "চিদেব চিন্মাত্রম্ (সি)। পয়োমাত্রং ভুঙ্‌ক্তে (অ টী)। সাবিত্রীমাত্রসারঃ…বিপ্রঃ মনু ২ ১১৮। জাতিমাত্রেণ কিং কশ্চিদ্ধন্যতে পূজ্যতেঽপি বা।—হি ১ ৫৯। স্বামিসেবা করি মাত্র।—কৃ ১০৩, সব মাত্র ইন্দ্রজিৎ ছিল আপন সাজে ২৪৯। একখানিমাত্র চৈ ভা ৪৫১। সবে মাত্র জীবন হারাবে ব প ৮২২। স্বরূপগোসাঞিমাত্র জানেন একান্ত চৈ চ ১৭। সেইমাত্র কুকুর চৈ ২০৩। ঘর মাত্র একটী ছেল।—দা ২৫১। মাত্র পূর্ণ নারায়ণ।—ন ৯৩৮। কঙ্কালমাত্রাবশিষ্টা সী ৯৭,-৮। তাহার চিহ্ন রহিয়াছে মাত্র ব.প্র ৮০, সে বঞ্চকমাত্র ১৫৫, বয়স পনর বৎসর মাত্র ১৮২, নয়নের অন্তরাল হইল মাত্র—প্রবণের নাহ ৩১৮। ৩ ক্রিয়ার অব্যবহিত পরবর্ত্তী কাল। "জাতমাত্রে, ভুক্তমাত্রে (SW.)। জাত-মাত্রাঞ্চ তাং দৃষ্ট্বা বৈদর্ভঃ (হ্যবেদয়ত) মহা ৩.৯৬ ২৩। স বিদ্ধমাত্রঃ কিল নাগরূপমুৎসৃজ্য…কান্তং বপুর্ব্যোমচরং প্রপেদে রঘু ৫ ৫১। [সমাসে উত্তরপদ। বাঙলায় সর্ব্বত্র তাহা দেখা যায় না। "(কুম্ভকর্ণ) হৈলে মাত্র দেব দানব নাহি ধরে টান কৃ উ ২৭। দ্বার খুলিয়া যাইবামাত্র যুবা যেমন মন্দিরাভ্যন্তরে প্রবেশ করিলেন ব প্র ৪, পবিচ্ছদদৃষ্টিমাত্র জানিতে পারিলেন যে, তাহারা তাঁহার রাজপুত সেনা ৭।] —ক্রি বি° ১ ক্রিয়ার অব্যবহিত পরে। "বোলিয়া মাত্র গেলেন।—গ ২০৩। জ্ঞানহত হবামাত্র করয়ে রোদন।—ম ১০৫৩। দেখি মাত্র জানে চৈ চ ১৪৪। তব পত্র পাবামাত্র, শিহরিল সর্ব্বগাত্র বি সু ৪৪। পাবামাত্র কৃ চ ৭৫। ২ কেবল। "তাৎপর্য্য নাহিক মাত্র পুস্তক বাঢ়য় ভ গ্র ১৪৪। [যেইমাত্র—যে সময়েই, যখনই। "যেইমাত্র শুনিলেন মুকুন্দের গীতে চৈ.ভা ৭৯। নামমাত্র—কেবল নামে, কাজে নয়। "ডুণ্ডুভ বলেন আমি নাম-মাত্র সাপ।—ম ৫। পরিশ্রমমাত্র—কেবল অর্থাৎ ব্যর্থ পরিশ্রম। "পরিশ্রমমাত্র হিতে বিপরীত হয ভ গ্র ২৯৫।]

মাত্র৩ প্র [সং মাত্রচ (পা ৫.২ ৩৭), স্ত্রী -ত্রী,—উরুমাত্রী (সি)] প্রমাণ, পরিচ্ছেদকমাত্র (আকারে দৈর্ঘ্যে বিস্তারে উচ্চতায় গভীরতায় দূরত্বে আধিক্যে)। "অঙ্গুষ্ঠ°, উরু°, ক্রোশ°, তাবৎ°, তাল°, যব°। রেখা° রঘু ১ ১৭।

মাত্রা স্ত্রী [√মা+ত্র (ত্রন্)-ণ+স্ত্রী আ (টাপ্), উ ৪ ১৬৮] ১ পরিমাণসাধন, পরিমাণবস্তু, পরিচ্ছেদকমাত্র। "অঙ্গুষ্ঠপর্ব্ব°, প্রাদেশ°, বাহু° (SW.)। হস্তমাত্রোঽঙ্কুশঃ (অ.টী)। ২ পরিচ্ছদ, পুরস্কার (অ টী); হস্ত্যাদি (শ.ক)। "মহামাত্র। ৩ [+ত্র-র্থ] অল্প, লেশ। "শাকস্য মাত্রা (অ টী)। ৩ অবয়ব (মেধাতিথি), অংশ। "মনু ৭.৪, ৫। সুরেন্দ্রমাত্রাশ্রিতগর্ভগৌরবাৎ রঘু ৩.১১। ৪ ভাগ। "মূর্ত্তি° মনু ১.১৯। ৫ পরিমাণের হার, মান (standard)। ৬ (ছন্দে) বর্ণোচ্চারণে কালমানভেদ (syllabic instant)। 'কালেন যাবতা পাণিঃ পর্য্যেতি জানুমণ্ডলে (সা মাত্রা)। চাষস্তু বদতে মাত্রাম্ (চাষপক্ষীর রবকাল মাত্রা)।—ভৈ ১.৩৩, ব্যাখ্যা। "একমাত্র, দ্বিমাত্র, ত্রিমাত্র, অর্দ্ধমাত্রক।—শ্রুতবোধ ৩। ৭ শক্তি। "রাজেতি কিয়তী মাত্রা ধীমতামপ্রমাদিনাম্।—পঞ্চ ১.৪১। ৮ (সঙ্গীতে) গীতকালের মানবিশেষ। ৯ কর্ণভূষণ, ভূষণ। ১০ বিত্ত, ধন; রত্ন। "পঞ্চ ১ ১/২ ৮/২। ১১ অক্ষরের উপরিস্থ তির্য্যগ রেখা; অক্ষরাবয়ব। "লুপ্ত 'অ'-কার, মাত্রাহীন 'হ' (২)। চৌত্রিশ অক্ষর খালি রেখে 'ধ'-য়ের মাথায় মাত্রা।—দা ৭৫৮। ১২ ইন্দ্রিয় (শঙ্কর), ইন্দ্রিয়বৃত্তি (শ্রীধর)। "°স্পর্শ গী ২.১৪। ১৩ পৃথিব্যাদিভূতভাগ। "পঞ্চভ্য এব মাত্রাভ্যঃ মনু ১২.১৬। ১৪ সূক্ষ্মরূপ। 'অস্ত (নভসঃ) মাত্রা ভ ২.৫.২৫। ১৫ পরিমাণ (মেধাতিথি)। "প্রাণযাত্রিকমাত্রঃ স্যাৎ মনু ৬ ৫৭। পুবামাত্রা লইয়া আসব স্ব প্র ১২৩। যত্ন পুরা মাত্রা চ.কা ৩২৭। °ভেদ পা প্র ৬৭। বোধ হয়…মাত্রাতিক্রম হইয়া থাকিবে।—য ১৭। ১৬ পাত্রদণ্ডাদি (মেধাতিথি), কমণ্ডলু-প্রভৃতি। "মনু ৬ ৫৭। ভট্টী ৫ ৬২। ১৭ দ্রব্য (SW)। [°গুরু (বিণ)—মাত্রা হেতু দুষ্পচ (খাদ্য)। °চ্যুতক (স্ত্রী)—বচনাবিশেষ। দ্র 'চ্যুতাক্ষরা'। °ছন্দঃ (-ন্দস্), °বৃত্ত (স্ত্রী)—মাত্রানুসারে রচিত ছন্দঃ—আর্য্যা পজ্ঝটিকা ইত্যাদি, জাতি। তু 'বর্ণবৃত্ত'। °ভস্ত্রা (স্ত্রী)—ধনাধার, মুদ্রা-কোষ (money bag)। °লাভ (পুং)—বিত্তলাভ। °সমক (স্ত্রী)—মাত্রাসাম্যযুক্ত ছন্দোভেদ, বর্ণবৃত্ত, সমবৃত্ত। °স্পর্শ (পুং) —ইন্দ্রিয়সম্পর্ক, ইন্দ্রিয়বৃত্তিসম্বন্ধ।]

মাত্রার্দ্ধ স্ত্রী [ষ ত] ছন্দে মাত্রার অর্দ্ধাংশ।

মাত্রাসঙ্গ পুং [স ত] পাত্রদণ্ডাদিতে আসক্তি। দ্র মাত্রা (১৬)।

মাত্রিকা স্ত্রী [মাত্রা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] অর্থ 'মাত্রা' (৬)।

মাৎসর, -সরিক বিণ [মৎসর+অ (অণ্)+ইক (ঠক্), স্ত্রী -রী; কী] মৎসরসম্বন্ধী, মৎসরপর, দ্রোহযুক্ত। "°ক (বচস্)।

মাৎসরিক দ্র 'মাৎসর'।

মাৎসর্য্য স্ত্রী [মৎসর+য (ষ্যঞ্) স্বার্থে] ১ পরগুণদ্বেষ, দ্বেষ। "মহা ৩ ১২ ৩৫। °রাগোপহতাত্মন্ কি ৩ ৫৩। °বিনদশন (মাইকেল)। ২ প্রতিকূলতা। "অহো বস্তুনি মাৎসর্য্যমহো ভক্তিবৎবস্তুনি ক.সা ২১ ৪৯।

মাৎস্য বিণ [মৎস্য+অ (অণ), স্ত্রী -স্যী] মৎস্যসম্বন্ধী মৎস্যভব। "মাৎস্য (মাংস) যাজ্ঞ ১ ২৫৮। রূপম্…মাৎস্যম্ ভ ১ ৩ ৩৫। —স্য পুং [বৈদিক] মৎস্যরাজ। "মহা ৫ ৪৮.৩৮। হ ১৬১ ১৬।

মাৎস্যন্যায় পুং [কর্ম্মধা] মৎস্যসম্বন্ধী ন্যায় অর্থাৎ মৎস্য যেমন ক্ষুদ্র মৎস্য ভক্ষণ করে, সেইরূপ অরাজক রাজ্যে প্রবল দুর্ব্বলকে ধ্বংস করে। তু 'নারাজক জনপদে স্বকং ভবতি কস্যচিৎ। মৎস্যা ইব জনা নিত্যং ভক্ষয়ন্তি পরস্পরম্॥—রা ২ ৬৭ ৩১। মহা ৩ ১৮৭ ৭৮।

মাৎস্যিক পুং [মৎস্য+ইক (ঠক্)] ধীবর। "পা ৪.৪ ৩৫।

মাৎস্যেয় পুং, বহুব [মৎস্য+এয় (ঢক)] মৎস্যদেশজ, মৎস্যদেশ-বাসিগণ। "মৎস্যেয়ানামধিপো বৈ বিরাটঃ মহা ৫ ২২ ১৯।

মাথ১ পুং [√মথ্+অ (ঘঞ্)-ভা] ১ মন্থন। ২ ধ্বংস।

মাথ২ দ্র 'মাত১'।

মাথট বি [হি মথৌট (?), ড় মথোট, মাথা—°ট] মাথা পিছু চাঁদা, সাধারণ হিতকর কার্য্যের নিমিত্ত চাঁদা করিয়া সংগৃহীত টাকা। [মাথট চারান—লোকের অবস্থানুসারে মাথট ভাগ করা। মাথট তোলা —মাথট সংগ্রহ করা। মাথট বসান—মাথট স্থির করা।]

মাথা বি [সং মস্তক >প্রা মত্থঅ, মত্থা (হে) >বা °থা, -তা; হি, ঠ মাথা; প মথা; গু মাথু; সি মাথ; মৈ মাঁথ, -থা, মাথ, -থা; ড়

মস্তক] ১ মস্তক। "মাথার ক্যাশ গো চ ৪৭। গীতা নাড়ে হাতটি বাঘের নাড়ে মাথা।—কৃ ২১২। ২ বুদ্ধি। "মাথায় আসা, ঢোকা। আঁটে মাথা থাকা। ৩ (সাদৃশ্যে) প্রধান, শ্রেষ্ঠ, চূড়া। "গ্রামের মাথা। ৪ উৎকৃষ্ট বা সেরা জিনিষ। ৫ অত্যুচ্চ ভাগ। "গাছের বা দেওয়ালের মাথা। ৬ আগা, মোচ। "কলমের মাথা। ৭ শেষভাগ। "রাস্তার মাথা। ৮ সীমা। "জমির মাথা। ৯ পুরোভাগ। 'নৌকার মাথা। ১০ কেশ। "মাথা আঁচড়ান, বাঁধা। ১১ মস্তিষ্ক। "মাথা গরম হওয়া। ১২ অক্ষরের উপরিভাগ। "যিনি রাজা মহারাজা কি এমনি একটা কিছু মাথায় পাগড়ি ঙ' হইলেন ব প্র ৬৩৬। ১৩ প্রারম্ভ, প্রথমভাগ। "খিদের মাথায় না খেলে খিদে পড়ে যায়। ১৪ দইএর উপরিভাগ বা চাল। "দধি যদি দিদি। রাখি পেতে,…সে মাথা খেতে চায়।—দা ১৫৩। ১৫ বিরক্তিতে। "১ম প্রতিবাসী।—মন্মথ বাবু, এ কি শুনতে পাচ্ছি? মন্মথ।—আর আমার মাথা।—অ প্র ৮৯। [°ঘষা—চুল ঘষিয়া পরিষ্কার করার সুগন্ধি মশলাবিশেষ। "ম ভা ১৯। °ধরা—মাথায় সংসারের ভারবহনে সমর্থ, সাবালগ। "ছেলেটি মাথাধরা হলেই চাকরী ছাড়বো। °পাগলা—ঈষৎ বিকৃতমস্তিষ্ক, পাগলাটে। °ফাড়া—যে দলীলের উপরিভাগ ফাড়া, নাকচ (দলীল ইত্যাদি)। "মাথাফাড়া খত। °ব্যথা—১ শিরঃপীড়া। "ধৈর্য্য হও এখনি খণ্ডিব মাথাব্যথা।—ম ৫৬৩। ২ চিন্তাজন্য মস্তিষ্কবিকার। "তাহাদের মড়া নিয়া তাহারা মরুক গিয়া, তোর কেন মাথাব্যথা হেন?—ন ১০৮৪। °ভারী—আগাভারী (দেয়াল)। °মাথি—১ পরস্পর মাথায় মাথায় আঘাতপূর্ব্বক কৃত যুদ্ধ। "°থি রণ চৈ চ ২৫। ২ মস্তকের উপরিগত, ঠিক দুপর। "°থি বেলা। °মারা—গৃহীতসারভাগ, সারহীন (জিনিস)। °মুট—ঝাকামুট। °মুড়—(একার্থক) মাথা। "আমি মাথামুড় খুঁড়ে মরব গি দ্বি ১১৩। °মুণ্ড—১ আবোল তাবোল, প্রলাপ। "সন্ন্যাসী ঠাকুর… মাথামুণ্ড কি বকিতে ছ?—ব প্র ২৩০। ২ বিষাদসূচক। "(দিদি!) আমারে বিমুখ বিধি, মাথামুণ্ড কি আর বলিব।—কাব্যনির্ণয়।] [মাথা আঁচড়ান—কেশ-সংস্কার করা। মাথা উঁচু করা—গর্ব্বপ্রকাশ করা, আত্মসম্মান দেখান। "আমাদের দারিদ্র্যই অন্য লোকের ধনের চোখে মাথা উঁচু করিয়াছে গ স ৯০। মাথা কাটা যাওয়া—লজ্জায় মৃতবৎ হওয়া। মাথা কাটা হওয়া—মাথা ছিন্ন হওয়া, অপমানে মৃত্যু হওয়া। "বিনা নিমন্ত্রণে গেলে হবে মাথা কাটা ক চ ১২। মাথা কাড়া দেওয়া—লম্বা হওয়া। মাথা কুটাকুটি—১ অত্যন্ত দুঃখে মাথা খোঁড়া। "ভা চ ৮০। ২ মাথা ঘামান। "যখন নব্য বাবু…জমাখরচ লইয়া মাথা কুটাকুটি করিতেছেন, তখন তুমি…ডাকিলে, 'কুহু' ব প্র ২৬৫। মাথা কোঁড়া, কোটা, খোঁড়া—দুঃখে মাটিতে মাথা আহত করা বা ঠোকা। মাথা খাওয়া—১ মাথার দিব্য দেওয়া। "যেও না উহার (লজ্জাবতীর) কাছে খাও মোর মাথা।—হেম ২৪৬। ২ সর্ব্বনাশ করা। "কি কার্য্য করিলে বাপু খায়্যা মোর মাথা ভ.প্র ৪৭। ন ৫০০। ৩ (বালকের) ভবিষ্যৎ নষ্ট করা। ৪ মাথার দিব্যগ্রস্ত হওয়া, বধের পাতকে লিপ্ত হওয়া। "(কোকিল!) আর যদি কাড়রা, মদনের মাথা খা ক চ ১৪৫। মাথা খারাপ—মস্তিষ্ক বিকৃত। মাথা গরম করা—কোপজ্বলিত হওয়া। মাথা গরম হওয়া—মস্তিষ্ক বিকৃত হওয়া। মাথা ঘষা—মাথা ঘষার মশলায় চুল ঘষিয়া পরিষ্কার করা। মাথা ঘোরা—মাথার মধ্যে ঘূর্ণি অনুভূত হওয়া। মাথা ঘোরান—ক্রোধে মস্তকঘূর্ণন। মাথা চালা—গাজনে শিবকে প্রদক্ষিণ করিয়া হুমড়ি খাইয়া সন্ন্যাসীদিগের মাথা ঠোকা। "প্রায় আধঘণ্টা মাথা চালা হলো, তবু ফুল আর পড়ে না।—হু ৩। মাথা চুলকান—মস্তকের পশ্চাদ্ভাগে হস্তামর্শন (প্রশ্নের উপযুক্ত উত্তর দিতে না পারার চিহ্ন)। মাথা ছাড়া—শিরোবেদনা দূর হওয়া। মাথা ঠাণ্ডা—মেজাজ শান্ত বা ধীর। মাথা ঠিক রাখা—মস্তিষ্ক প্রকৃতিস্থ রাখা; মাথা ঠাণ্ডা রাখা। মাথা ঠেকান—মাথা সংলগ্ন করা, প্রণামে মাথা নত করা। "ও আমার দেশের মাটি, তোমার পরে ঠেকাই মাথা।—গান ২২৯। মাথা তোলা—প্রাধান্য লাভ করা, মান্যগণ্য হওয়া। "তদন্তরে আসিয়া তুলিতে মাত্র মাথা। এমন সংযোগ আনি করিল বিধাতা॥—ম ৫৩৫। মাথা দেওয়া—মাথায় ভার লওয়া, দায়িত্ব লওয়া। মাথা ধরা—শিরোবেদনা অনুভূত হওয়া। মাথা নীচু করা—ক্রিয়াকলাপহীন হইয়া সাধারণ লোকের মত থাকা। "করে' আছি মাথা নীচু, অন্ন স্বল্প পাই।—কথা ৬৯। মাথা নোয়ান—মাথা নত করা, পরাজয় স্বীকার করা, প্রণতি করা। মাথা নেই, তার মাথাব্যথা—মস্তকহীনের শিরোবেদনার ন্যায় অমূলক বিষয়। মাথা বাঁধা—কেশরচনা করা, চুল বাঁধা। মাথা বেচা—মাথার বিষয়ে নিঃস্বত্ব হওয়া, আত্মসমর্পণ করা। "রঘুনাথের পায়ে মুক্তি বেচয়াছো মাথা চৈ চ ২৭৮। মাথা মারা—গৃহাদির মটকা ছাওয়া, পাঁচীলের মাথা আঁটা। মাথা রাখা—১ রৌদ্র হইতে মাথা রক্ষা করা। 'ছাতা দিয়ে মাথা রাখা। ২ আশ্রয়পূর্ব্বক বিশ্রাম করা। "উপায় করিয়া দেহ মাথা রাখিবার ভ প্র ১৮৬। মাথা হেঁট বা হেঁঠ করা—১ লজ্জায় মাথা নত করা। "শুনিয়া মায়ের বাক্য মাথা হেঁট কৈল।—কৃ ৩, ১৯। উচিত বলিতে পাছ মাথা কর হেঁঠ ক চ ২১৬। ২ চিন্তায় মাথা নত করা। "উদাস ভাবিয়া মনে হেঁট করে মাথা শ্রী ৬৯। ৩ উপদেশগ্রহণের চিহ্নস্বরূপ মাথা নত করা। "কিছু না কহিয়া ভীম হেঁট কৈল মাথা।—ম ৪৮২। মাথা হেঁট হওয়া—নিন্দায় বা লজ্জায় মাথা নত হওয়া। 'উচ্চ মাথা হৈল হেট ভা চ ৩৭৬। মাথায় আসা—বুদ্ধিতে আসা। মাথায় উঠা—মস্তক আক্রমণ করা, বশীভূত করা। "একশানন্দিনী ক্রমে মাথায় উঠিতে লাগিল ব দ্বি ৩০। মাথায় উঠা বা চড়া—অনুচিত আদরে অশিষ্ট হওয়া। মাথায় কাপড় দেওয়া—লজ্জানিবারণার্থ স্ত্রীলোকের মাথা আঁচলে ঢাকা। "রোহিণী মাথায় কাপড় দিয়া উঠিয়া দাঁড়াইল ব.প্র ২৬০। মাথায় চক্র ঘোরা—ইহা অতিলোভাভিভূতের উদাহরণ। "কারো মাথায় চক্র ঘোরে কু কে ১১৮। দ্র 'পঞ্চতন্ত্রের পঞ্চমতন্ত্রস্থ দ্বিতীয় কথা। মাথায় তোলা—অনুচিত আদর দিয়া অশিষ্ট করা। মাথায় থাকা—মস্তকে অবস্থান করা, পূজনীয় হইয়া থাকা। "শিব কন,… আছেন জাহ্নবী জটে,…মাথায় থাকুন উনি।—দা ১৬৬৩। মাথায় পাগড়ী 'ঙ'—মাথায় পাগড়ী-বাঁধা 'ঙ'-অক্ষর। মাথায় পাগড়ি 'ঙ' হওয়া—মোড়ল-মাতব্বর হওয়া। দ্র 'মাথা (১২)। মাথায় ভারী—উপরিভাগ গুরু (নিম্নে লঘু—top-heavy)। মাথায় মাথায়—উভয়সীমা পর্য্যন্ত। মাথায় হাত দিয়া বসা—অতিচিন্তান্বিত হওয়া। "(বোলতা চোঁড়ারা) আমোদের সূত্র না পাইলে ঘরে আসিয়া মাথায় হাত দিয়া বসে আ দু ৯৫। মাথায় হাত বুলান—মাথায় হাত দিয়া আশীর্ব্বাদ করিয়া ভুলাইয়া কিছু সংগ্রহ করা। মাথার কিরে—'আমার মাথা খাও'—এই দিব্য। "(রঞ্জা বলে) মায়ের মাথার কিরে না কর জঞ্জাল শ্রী ম ১৫৭। কেহ কহে দাঁড়া লো মাথার কিরা লাগে বি সু ১২১। মাথার খুলি—শিরোস্থি, কপাল। "(আছাড়ে) ভাঙ্গিল মাথার খুলি।—কৃ ২১৩। মাথার গোল—মস্তিষ্ক বিকৃতি। মাথার ঠাকুর—শিরোধার্য্য দেবতা, অতি পূজনীয় ব্যক্তি। "ঘরে শুয়্যা ঘুম যাও মাথার ঠাকুর ব প ৪৮১। চক্ষের মাথা খাওয়া—দৃষ্টিশক্তিহীন হওয়া, গালিবিশেষ। "দা ৫৩৩। অ প্র ৭৪। চার দিনের মাথায়—চতুর্থ দিবসে। বেটার মাথা খাওয়া—নির্ব্বংশ হওয়া। "দা ৫১৬। রাগের মাথায়—ক্রোধের প্রথম উত্তেজনায়।]

মাথাইল বি [মাথাল (বীরভূম, দিনাজপুর)] তালপাতার ছাতাবিশেষ; টোকা। "মাথাইল লাঙ্গল ব প ১৬৮২।

মাথাল, -লো বিণ [মাথা+আল^৮] ১ মাথা-ওয়ালা, বুদ্ধিমান্‌। ২ প্রধান। "মাথালো মাথালো বড় লোক।—হু ৬২।

মাথালো দ্র 'মাথাল'।

মাথি বি [হি 'মাঁথ'—মাথা] তালজাতীয় গাছের মাথার মধ্যস্থ কোমলাংশ। "খেজুরের, তালের সুপারির মাথি।

মাথুর বিণ [মথুরা+অ (অণ্‌); স্ত্রী -রী] ১ মথুরাসম্বন্ধী, মথুরাভব, মথুরাস্থিত। ২ মথুরাবাসী। —থুর পুং, বহব ১ মথুরাবাসিগণ। "পা ২ ৩ ৪০, সি। রাজেন্দ্রঃ মাথুরাণাম্‌।—হ ১১৩.৫৩। ২ [+অ স্বার্থে] মথুরা দেশ। "মাথুরান্‌…বিষয়ান্‌ বুভুজে ভ ১০ ১.২৭। ৩ (বাঙলায়) শ্রীকৃষ্ণের মথুরালীলা-বিষয়ক পদাবলী বা যাত্রা। "ভা.চ ১৬১।

মাথুর‍্যা বি [মথুরীয়া > °র‍্যা, দ্র 'এ^৭; হি মথুরিয়া; অপ্র] মথুরা-বাসী। "কনোজ মাথুর‍্যা গুর্জ্জরাতী ব প ৩১৫।

মাদ^১ [√মদ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ মত্ততা। ২ হর্ষ। ৩ গর্ব্ব। ৪ ইন্দ্রিয়মোহ। —দক বিণ [√মদ্‌+ই (ণিচ্‌)+অক (ণুল্‌)-ক, স্ত্রী -দিকা] ১ মাদয়িতা, মত্ততাকর। "মন্ত হৈতে মাদক-দর্শন মন্ত বর।—চৈ ২৮। ২ হর্ষজনক। —দক পুং দাত্যূহপক্ষী। —দন বিণ [+অন (ল্যুট্‌), স্ত্রী নী] ১ সর্থ 'মাদক (১)। "গন্ধ°। ২ মদকর, হর্ষজনক। "ঋগ্বেদ ৭.৩১.১। মদন মাদন।—ব ৬১। —দন পুং ১ মদন। ২ মদনবৃক্ষ। ৩ ধুস্তূর। —দন ক্লী ১ লবঙ্গ। ২ [+অন-ভা] মত্তীকরণ, মাতান। ৩ হর্ষোৎপাদন, প্রীণন। ৪ (বৈষ্ণবসাহিত্যে) অধিরূঢনামক মহাভাববিশেষ। 'অধিরূঢ মহাভাব—দুইত প্রকার। সম্ভোগে 'মদন', বিরহে 'মোহন' নাম তার॥—চৈ.চ ২৩০। —দনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীষ্‌)] বিজয়া। —দনীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-ক, বাহুলকে] মাদক, মত্ততাকর। "মাদনীয়ানি পানানি মহা ৭.৬২.১০।

মাদ^২ বি [মাল > °দ (পদ্যে মিলের জন্য)] মালা। "করি করে সোপল মালতী মাদ বি.প ৭৮।

মাদক, -দন, -দনী, -দনীয় দ্র 'মাদ^১'।

মাদল বি [সং মর্দ্দল > লি, প্রা মদ্দল > বা °ল] ১ মৃদঙ্গ। "মী ১৭। গো.বি ৯২। কৃ ২৭০। ম ৭৩৫। ২ সাঁওতালের বাদ্যবিশেষ। [মাদলে হাত দিল—মাদলে আঘাত করিল, মৃদঙ্গধ্বনি করিল। "মী ১৬। গো.বি ৯৩।]

মাদা^১, **-দী** বি [ফা মাদহ্‌, মাদীন, হি, ঠ মাদা, -দী; গু মাদা; তু 'প্রা মাদু (মাতৃ); মাদাপিদরা (মাতাপিতরৌ শ ৬১৪); মেদী (গ্রাম্য)] পশ্বাদির স্ত্রীজাতি।

মাদা^২ বি ['থান' (দিনাজপুর)] বীজের মাতৃতুল্যস্থান, অর্থাৎ বীজ পোতার স্থান (২৪ পরগণা)।

মাদার বি [মন্দার > °র] ১ শিমুলগাছ। ২ ডেফলগাছ (monkey-jack)। ৩ ডহফল, ডেফল।

মাদী দ্র 'মাদা^১'।

মাদী(দো)য়ান বি [ফা মাদীয়ান্‌] ঘোটকী।

মাদুর বি [সং মন্দরা; অস °রি] মাদুরকাঠি বা পাতি তৃণের নির্ম্মিত শোওয়ার চেটাইবিশেষ। [°কাঠি—মুস্তকাদির ন্যায় তৃণবিশেষ (Cyperus tegetum)। [ইহার শুখনা চেরা ডাঁটায় কাঠির মাদুর হয়।]

মাদুলি বি [মাদল > °লি; মাদলি (গ্রাম্য); হি ঢোলনা] ১ মাদলের আকারের সোনার অলঙ্কারবিশেষ। "কনকমাদুলিময় হারে শ্রী.ম ৯৮। ২ মাদুলির মত কবচের (amulet) স্বর্ণাদির কোষ।

মাদৃক্‌ (-শ্‌), -দৃক্ষ, -দৃশ বিণ [অস্মদ্‌+দৃশ্‌+ক্বিপ্‌ (০),+স (ক্স),+অ (কঞ), -র্থ, কর্ম্মকর্তৃবাচ্যে (ভাষ্য); স্ত্রী -ক্‌, -ক্ষা, -শী] যাহাকে আমার মত দেখা যায়; যে আমার মত দেখায়; মৎসদৃশ। "ধৃষ্টদ্যুম্নস্য ভগিনী…মাদৃশী মহা ৩.১২.৬১; মাদৃশাং প্রেক্ষ্য সঙ্কটম্‌ (পাঠান্তর) ৭.১০৯.৪। মাদৃশাং গিরঃ কি ১.২৫।

মাদৃক্ষ, মাদৃশ দ্র 'মাদৃক্‌'।

মাদোয়ান দ্র 'মাদীয়ান'।

মাদ্র পুং [মদ্র+অ (অণ্‌)] মদ্রদেশপতি, মদ্ররাজ। —দ্রী স্ত্রী [+অ অপত্যার্থে+স্ত্রী ঈ (ঙীপ্‌), পা ৪.১.১৭৭] মদ্ররাজকন্যা। তু 'মদ্রী'। [ইনি পাণ্ডুর দ্বিতীয়া পত্নী, নকুল ও সহদেবের জননী। (মহা ১.১১৩,-১২৪ অধ্যায়)] [°দ্রীনন্দন, °দ্রীসুত (পুং)—মাদ্রীপুত্র নকুল ও সহদেব। "°ত মহা ১.১.১১১। °দ্রীপতি (পুং)—পাণ্ডু।]

মাদ্রবতী স্ত্রী [মাদ্র+বৎ (বতুপ্‌)+স্ত্রী ঈ (ঙীপ্‌)] মদ্ররাজকন্যা, মাদ্রী। "মাদ্রবতীসুত মহা ২.৩১.৭৩, ৩.২৭০.১৭।

মাদ্রাজি বিং [°জ+ই^৮] মাদ্রাজে নির্ম্মিত। "তার উপর মাদ্রাজি খেরোর জাজিম হাসচে।—হু ৩৫।

মাদ্রাসা বি [আ মদ্রসহ্‌] মুসলমানদিগের কলেজ।

মাদ্রী, মাদ্রীনন্দন, মাদ্রীপতি, মাদ্রীসুত দ্র 'মাদ্র'।

মাদ্রেয় পুং [মাদ্রী+এয় (ঢক্‌)] ১ মাদ্রীপুত্র; সহদেব। "মহা ২ ৩১.৫১; ৭৯.২৮। ২ নকুল।

মাধব বিণ [মধু+অ (অণ্‌); স্ত্রী -বী] ১ মধুসম্বন্ধী, বাসন্ত, বসন্তকালীন। "হ ২১৭ ১৮। শ্রীর্মাধবী মা.মা ৩.৫। মাধবীমিব মঞ্জরীম্‌ ক.সা ৪৫.৩৩৬। মাধবী নিশীথিনী অ.গু ৮৯। ২ মধুময়, মধুবিকার। ৩ মধুবংশজাত। "সুভদ্রাং…মাধবীম্‌ মহা ১১ ১৫১। ৪ [মাধব +অ] মাধবসম্বন্ধী, মধুবংশীয়সম্বন্ধী, কৃষ্ণসম্বন্ধী। —ধব পুং [+অ স্বার্থে] ১ মধুকাল, বসন্ত। ২ কামসখ বসন্ত। "স্মর পর্যুৎসুক এষ মাধবঃ কু.স ৪.২৮। ৩ মধুর (বসন্তের বা পুষ্পমধুর) সম্বন্ধী (অ.টী), বৈশাখমাস। "যথা বনং মাধবমাসি মহা ৩.১১২.৮। মধু° রঘু ১১.৭। ম ৫১৫। মধুমাস অপাষ মাধব পববেশ ক চ ১৭৪। চৈ ভা ৩। ৪ [+অ অপত্যার্থে, অথবা মার ধব, ষ.ত] 'মধুবংশীয়, লক্ষ্মীপতি', শ্রীকৃষ্ণ। "রাধা° গী.গো ১১। ৫ যাদবমাত্র। ৬ (বহব) যাদবগণ, বৃষ্ণিগণ। 'মাধবা বৃষ্ণয়ো রাজন্‌ যাদবাশ্চেতি সংজ্ঞিতাঃ ভ ৯.২৩.৩০। ৭ অক্রূর। "ভ ১০.৩৯ ৮। ৮ (বিষ্ণুর অবতার) পরশুরাম। ৯ ইন্দ্র। ১০ শিব। ১১ মধুকবৃক্ষ। ১২ কৃষ্ণমুদ্গ। ১৩ আয়ুর্ব্বেদবিৎ পণ্ডিত-বিশেষ। "°নিদান। —ধব ক্লী ১ মধুরতা, স্বাদুতা। ২ মদিরাভেদ। —ধবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্‌)] ১ মধুবংশীয়া কন্যা; কুন্তী, সুভদ্রা। ২ মধুমাসে কুসুমিতা লতাবিশেষ; অতিমুক্তক, বাসন্তী। "শ ৩.৬। ৩ মধুবিকারজাত মদিরাবিশেষ, মাধ্বী। ৪ মধুজাত শর্করা; মধুশর্করা। ৫ মধুরিকা। ৬ কুট্টনী। ৭ রাগিণীবিশেষ। ৮ 'মাধবসম্বন্ধিনী', মাধবপত্নী, হরিবধু, রুক্মিণী-প্রভৃতি। "মাঘ ৮. ১২। °গণ শ্রী.ম ২১৯। ৯ বিষ্ণুপত্নী; পৃথিবী। 'বিষ্ণোর্বরাহরূপস্য পত্নী সা শ্রুতিসম্মতা—ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড ৮.২৪। "মাধবী দেবী বিবরং দাতুমর্হতি রা ৭.৯৭.১৪। ১০ 'মাধবশক্তি', দুর্গা। "ভ ১০. ২.১২। ১১ মাধবপ্রিয়া রাধা। "বি মা ৭ ২৭। বিহরই মাধব মাধবী। —গো ১৬০; ২৪৮। রা শে ৬৫। ১২ তুলসী। ১৩ মাধবীপুষ্প। "মাধবিকাপরিমল গী.গো ১ ৩৩। [°প্রিয় (ক্লী)—চন্দনবিশেষ। °বল্লী (স্ত্রী)—মাধবী লতা। °শ্রী (স্ত্রী)—বসন্তলক্ষ্মী।]

মাধবক পুং [মধু+অ (অণ্‌)+ক (কন্‌) স্বার্থে (অ.টী)] মধুকৃত মদ্য; মধুকপুষ্পকৃত মদ্য (স্মৃতি)।

মাধবিকা স্ত্রী [°বী+ক (কন্‌)+স্ত্রী আ (টাপ্‌)] ১ মাধবীলতা। ২ মাধবীকুসুম। "°পরিমললিতে (বসন্তে) গী.গো ১.৩৩।

মাধবী দ্র 'মাধব'। [°মণ্ডপ (পুং, ক্লী)—মাধবীলতাগৃহ, মাধবী-কুঞ্জ। °লতা (স্ত্রী)—মাধবী। °বন (ক্লী)—মাধবীবাটিকা।]

মাধাই বি [মাধব+আই॰] ১ সখা মাধব। "হাসি মুখ নিরখয়ে চাঁদ মাধাই বি.প ১৩৯। রমই মাধাই গোপরমণী শ্রী ম ৮৭ ; ১৪৩। ২ চৈতন্যের সমসাময়িক নবদ্বীপের দস্যুবৃত্তি ব্রাহ্মণবিশেষ।

মাধুক বিণ [মধুক+অ (অণ্)] মস্তকর (নীলকণ্ঠ)। "মৈরেয়কং চ বৈদেহঃ সম্প্রসূতেঽথ মাধুকম্ মহা ১৩.৪৮.২০।

মাধুকর বিণ [মধুকর+অ (অণ্), স্ত্রী -রী] ১ মধুকরসম্বন্ধী, মধুকরবৃত্তিসদৃশ। "চরেন্ °করীং বৃত্তিমপি ম্লেচ্ছগৃহাদপি।—অত্রি ১৫৯। আস্থায় বৃত্তিং মাধুকরীম্ ভ ১১৮৯। ২ মধুকর হইতে আগত। —করী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মধুকর যেমন বহু পুষ্প হইতে মধু সংগ্রহ করে, সেইরূপ বহু গৃহস্থ হইতে অন্নভিক্ষাসংগ্রহ, মাধুকরীলব্ধ ভিক্ষান্ন। "একমাস মাধুকরী কর অঙ্গীকার চৈ চ ১৭১, কাঁহা মাধুকরী ১৯৮, মাধুকরী গ্রাস ২০৫। ২ বানপ্রস্থের পক্ষ গৃহস্থ হইতে গৃহীত ভিক্ষান্ন। —কুরি, -রী বি [°করী' সাধু] ভিক্ষাসংগ্রহ, ভিক্ষান্ন। "কেহ মাধুকুরী করি উদর ভরেন ব প ১৫১৫। মোরে কিছু দেহ মাধুকুরি ভ গ্র ২০।

মাধুকরী, -কুরি, -কুরী দ্র 'মাধুকর'।

মাধুপর্কিক বিণ[মধুপর্ক+ইক(ঠক)] মধুপর্কসম্বন্ধী, মধুপর্কদানকালে পূজ্যতা হেতু লব্ধ (ধন)। 'মনু ৯.২০৬।

মাধুর বিণ [মধুর+অ (অণ্), স্ত্রী -রী] ১ মধুরসম্বন্ধী, মধুরদ্রব্যজাত, গৌড়। ২ [+অ স্বার্থে] মধুর, প্রীতিকর। ৩ [মধুরা+অ] মধুরা (মথুরা) হইতে আগত, মধুরাবাসী। —ধুর পুং চাটুকার। 'অত্রি ৩৭৯। [চাটুকার বিপ্র বৃহস্পতিতুল্য পণ্ডিত হইলেও পূজ্য নহেন।] —ধুর ক্লী মল্লিকাপুষ্প। —ধুরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মধুরভাব, মধুরতা, মাধুর্য্য। 'কেলিমাধ্বীক° বি মা ৭ ৪১। বিম্বাধর° গী গো ৩ ১৫। যা গোবিন্দরসপ্রমোদমধুরা সা মাধুরী মাধুরী (সু র)। রূপলাবণ্যের মাধুরী সী ৮৮। ২ কমনীয়তা, চারুতা। ৩ মধুজাত মদ্য।

মাধুরী দ্র 'মাধুর'।

মাধুর্য্য ক্লী [মধুর+য (ষ্যঞ্)] ১ মাধুরী, মধুরতা, রামণীয়ক, মনোহারিতা। "অহো গীতস্য মাধুর্য্যং শ্লোকানাং চ বিশেষতঃ রা ১ ৪. ১৭। রূপ গীতে চ মাধুর্য্যম্ রঘু ১৫ ৬৫, ১৮ ১৩। ২ কমনীয়তা, কান্তি। ৩ দেহের অনির্ব্বাচ্য রূপবিশেষ। 'রূপং কিমপ্যনির্ব্বাচ্যং তনোর্মাধুর্য্যমুচ্যতে (উজ্জ্বলনীলমণি)। ৪ যে গুণ হেতু কাব্যশ্রবণমাত্র চিত্ত দ্রবীভূত হয়, কাব্যগুণবিশেষ। 'চিত্তদ্রবীভাবময়ো হ্লাদো মাধুর্য্যমুচ্যতে সা দ ৮ ২। ৫ সকল অবস্থাবিশেষে রমণীয়তা (সা দ ৩ ৯৭)। [ইহা যৌবনে নায়কের ও নায়িকার স্বভাবজ অলঙ্কারবিশেষ (সা দ ৩. ৯০)।] ৬ (বৈষ্ণবসাহিত্যে) গোপিকা-প্রভৃতির শ্রীকৃষ্ণবিষয়ক মধুররস। 'মধুররসভক্তমুখ্য—ব্রজে গোপীগণ। মহিষীগণ লক্ষ্মীগণ —অসংখ্যগণন॥—চৈ চ ২০০। [°ব্যঞ্জক (বিণ)—মাধুর্য্যসূচক। "সা দ ৯.২।]

মাধূক বিণ [মধূক+অ(অণ); স্ত্রী -কী] ১ মধূকবিকার, মধূকপুষ্পজাত (সুরা)। ২ মধুরভাষী। "মনু ১০ ৩৩। —ধূক ক্লী মধূকপুষ্পজাত মদ্য, মাধ্বী। দ্র 'মনু ১১ ৯৫, কুল্লূক।

মাধ্যন্দিন বিণ [মধ্যন্দিন+অ (অণ্), স্ত্রী -নী] ১ মধ্যন্দিনসম্বন্ধী (সায়ণ), মাধ্যাহ্নিক। "মাধ্যন্দিনে সবনে।—ঋগ্বেদ ৩ ২৮ ৪। 'মাধ্যন্দিনং' (পাঠান্তর) সবনম্ রা ১ ১৪ ৬। °সবনসময় ক সা ৪৫. ৩৮৬। ২ [মধ্যম্+দিন (দিনণ্), পা ৪.৩.৬০, কাশিকা] মধ্যভব, মধ্যস্থিত। —ন পুং ১ যাজ্ঞবল্ক্যের শিষ্য। 'ভ ১২ ৬.৭৪। ২ মাধ্যন্দিনশাখার অধ্যেতা বা বেত্তা (মহীধর)। —ন ক্লী মাধ্যন্দিনপ্রোক্ত শুক্লযজুর্ব্বেদের শাখাবিশেষ। "°শাখা। —নীয় বিণ [°ন+ঈয় (ছ)] মাধ্যন্দিনসম্বন্ধী।

মাধ্যম বিণ [মধ্য+ম (মণ্), পা ৪.৩.৬০, কাশিকা] ১ মধ্যভব, মধ্যস্থ, মধ্যবর্ত্তী। ২ মধ্যম, মধ্যজাত। —ম বি দুইএর মধ্যস্থিত কার্য্যসাধক উপায় বা সহায়। যেমন, বাংলার মাধ্যমে ইংরেজি শেখা। —মক, -মিক বিণ [°ম+ক (কন্) স্বার্থে, মধ্যম+ইক্ (ঠক্); স্ত্রী -মিকা; -কী] মধ্যস্থ। —মিক পুং, বহুব মধ্যভারতীয়দেশসমূহ।

মাধ্যমক, মাধ্যমিক দ্র 'মাধ্যম'।

মাধ্যস্থ বিণ [মধ্যস্থ+অ (অণ্) স্বার্থে] মধ্যস্থ, পক্ষপাতহীন, উভয়হিতৈষী। —ধ্যস্থ ক্লী [+অ ভাবে] ১ মধ্যস্থভাব, পক্ষপাতরাহিত্য। ২ পুত্রদারধনাদিতে মমতাত্যাগপূর্ব্বক ব্রহ্মবুদ্ধিতে সর্ব্বত্র সমদর্শন (কুল্লূক)। "মনু ৪ ২৫৭।

মাধ্যস্থ্য ক্লী [মধ্যস্থ+য (ষ্যঞ্)] ১ মধ্যস্থভাব, ঔদাসীন্য। "অভ্যর্থনাভঙ্গভয়েন সাধুর্মাধ্যস্থ্যমিষ্টেঽপ্যবলম্বতেঽর্থে কু স ১.৫২। ২ মধ্যস্থের কার্য্য, মধ্যস্থতা।

মাধ্যাহ্নিক বিণ [মধ্যাহ্ন+ইক (ঠঞ্), স্ত্রী-কী] মধ্যাহ্নভব, মধ্যাহ্নসম্বন্ধী, মাধ্যন্দিন (ক্রিয়া, স্নান)।

মাধ্ব বিণ [মধু+অ (অণ্), ষণ্ নিপাতিত, পা ৬ ৪ ১৭৫, কাশিকা, স্ত্রী -ধ্বী] ১ মধুবিকার, মধুকৃত। ২ মাধুর্য্যোপেত (সায়ণ)। "মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ।—ঋগ্বেদ ১ ৯০ ৬, ৮। ওষধিরা আমাদের পক্ষে মাধ্বী হউক চা পূ ৯৫। ৩ মধুর, মোহন। "মাধ্ব্যা গিরা ভ ৩.৯ ২৫। কথা মাধ্বী শি ১০২। —ধ্বী স্ত্রী [°ধ্ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মধূকপুষ্পজাত সুরা। "মনু ১১ ৯৫। ২ মাধবীলতা। ৩ মধুরকণ্টক মৎস্যভেদ। ৪ মধ্বাচার্য্যপ্রবর্ত্তিত বৈষ্ণবসম্প্রদায়। দ্র 'মধ্ব'। 'শ্রীমাধ্বীরুদ্রসনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ (S.W.)। শ্রী রুদ্র মাধ্বী আর সনক চতুর্থ (সম্প্রদায়) ভ গ্র ১৬৭।

মাধ্বিক পুং [মধু+ইক (ঠক), নিপাতিত] ১ মধুপণ্যবান্ (নীলকণ্ঠ), মধুব্যবসায়ী। "মহা ২ ৬২ ৫। ২ [সং মাধ্বীক] (বাঙ্লায়) মধু; মধুজাতমদ্য। "অধর বন্ধুক, মাধ্বিক-অধিক।—ব ৩০।

মাধ্বী দ্র 'মাধ্ব'।

মাধ্বীক ক্লী [মাধ্বী+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'মাধ্বী (১)। "মহা ৩ ২৭৭ ৪০। সাধ্বী মাধ্বীক।—গী গো ১২ ২৯। °কেলি বি সা ৭.৪১। আজিহ নাচয়ে শিব পিবই মাধ্বীক চৈ ম ৮। ২ মকরন্দ, পুষ্পরস। "ধয়তু নলিনে মাধ্বীকম্···ভ্রমরোৎকরঃ।—নৈ ১৯ ৩৩। [°ফল (পুং) —মধুনারিকেলবৃক্ষ।]

মান্ সক [ভ্বা, চু, প—মানতি, মানয়তি, সেট্] পূজা। —ন্ সক [ভ্বা, ও—মীমাংসতে (√মান্+সন্— √মীমাংস, পা ৩ ১ ৬), সেট্] বিচার (ক ক), মীমাংসা। [অব—অবমাননা। সম্—সম্মাননা]

মান[১] পুং [√মান্+অ (অচ্)-ভা] ১ পূজা, সম্মান, সৎকার। বিপ 'অপমান'। 'মানাপমান গী ৬ ৭। নৃপমানভাক্ মনু ২ ১৩৯। দারিদ্র্যান্তপরা মূর্ত্তির্যন্ মানদ্রবিণাল্পতা।—পঞ্চ ২ ১৬৭। কঃ কুর্ব্বীত শিরঃপ্রণামমলিনং মানম্ (S W.)। ২ চিত্তসমুন্নতি, অর্থাৎ অন্য হইতে আপনার উৎকর্ষকল্পন হেতু চিত্তের উন্নতি (অ টী), ধনাদিবাহুল্যে আত্মবিষয়ে চিত্তোন্নতি, 'আমার সমান কেহ নাই'—এইরূপ মনন (শ.ক), অভিমান। "মনু ৪ ১৬৩। মানোন্নতেন···মূর্দ্ধা রঘু ১৬ ৮১। মদমানসমুদ্ধত কি ২ ৪৯। ৩ আপনার প্রতি পূজ্যতাবুদ্ধি, আত্মসম্মানবোধ। ৪ কুলশীলাদিজন্য অভিমান। "মহৌজসো মানধনাঃ কি ১ ১৯। ৫ একত্র স্থিত অনুরক্ত দম্পতির অভীষ্ট আলিঙ্গনবীক্ষণাদিবিরোধী ভাববিশেষ, প্রণয়জাত বা ঈর্ষ্যাজন্য কোপ। 'দম্পত্যোর্ভাব একত্র সতোরপ্যনুরক্তয়োঃ। স্বাভীষ্টাশ্লেষবীক্ষণাদিবিরোধী মান উচ্যতে॥—উজ্জ্বলনীলমণি। সা দ ৩.১৯৮,-৯। যেই ক্রোধে দম্পতির রসের বিচ্ছেদ (সেই মান) ভা.চ ৭১১। "ত্যজত মানমলং বত বিগ্রহৈঃ রঘু ৯.৪৭।

°ভঙ্গপটু মাঘ ১০.২৫। মূক যদি মানমবিদানম্ গী.গো ১০.২। বচন-অমিয় বিনে যে নাহি জীয়ে। মান-কুলিশ দরশায়সি কিযে।—গো ২০৫। চৈ চ ২৩০। ৬ [√মন্+অ (ঘঞ্)-ভা] গ্রহ, অবরোধ, জ্ঞান। ৭ (বাঙ্লায়) কৌলীন্যাদি হেতু সামাজিক অর্থাদিদান, সম্মানার্থ দান। "জনে জনে মান নিয়া বিদায় হইল।—ম ৪০৩। ৮ রাধিকার মানবিষয়ক পাঁচালী যাত্রা বা পদাবলী। [°কলহ, °কলি (পুং)—মানহেতুক বিরোধ। °কৃৎ (বিণ)—সম্মানকারক, মানদ। "মহা ৭ ৪৯.১৫। °ক্ষতি (স্ত্রী) মান ভঙ্গ, সম্মানহানি। °গ্রন্থি (পুং)—প্রণয়-কোপবন্ধ। "কেশববংশজগীতিঃ...গোপীমানগ্রন্থিবিমোচনী (শ ক)। °দ্র'বিণ (ক্লী)—সম্মানরূপ ধন, মানধন। °ধন (বিণ)—যাঁহার কুল-শীলাদিমানই ধন, মানৈকবিত্ত। "মানধনাগ্রযায়ী (বিশাংপতিঃ) রঘু ৫৩। কি ১.১৯। °ধ্মাত (বিণ)—অভিমানস্ফীত। °পত্র (বি) সংবর্দ্ধনাসভায় সংবর্দ্ধিতের সম্মানের বর্ণনাপত্র। °পরিখণ্ডন (ক্লী) —মানবিভঙ্গ। °পর (বিণ)—অভিমানবান। "মাঘ ৯ ৫৭। °প্রাণ (বিণ)—যাঁহার মান প্রাণবং প্রিয়, মানজীবিত। "ক সা ৩৯ ১৬৩। °বর্দ্ধন (বিণ)—সম্মানবৃদ্ধিকব। °ভঙ্গ (পুং)—মানক্ষতি। "মানিনা মানভঙ্গে (ভবতি মরণম্)।—সু র। °ভাক (-জ) বিণ—মানপ্রাপ্ত মান্য। "মনু ২.১৩৯। °ভৃৎ (বিণ)—অহঙ্কারী। "কি ২.৪৪। °মহাঃ (-মহৎ) বিণ—অতিমানী।]

মান² ক্লী [√মা+অন (ল্যুট্)-ভা] ১ পরিমাণ। "°দণ্ড। দেবমানে একস্তরি যুগে মন্বন্তরা।—হ্ব ২৫। চৈ চ ২১৫। ২ তুলাদি দ্বারা পরিমাণ, উন্মান। "বৃটতুলামান।—পঞ্চ ১২৩। ৩ অঙ্গুল্যাদি দ্বারা পরিমাণ। 'অঙ্গুল্যাদ্যং স্মৃতং মানম্।—শু ২ ৩৫২। "সূত্রহস্তাস্ততো মান চতুর্বাদবপুঙ্গবাঃ।—হ ১১৬ ১০। (ধটে) বামেতে পাপের, মান নিরূপণ হয়।—হেম ১১৭। ৪ [+অন-ণ] 'পরিমাণসাধন', মানদণ্ড মাপকাঠি। ৫ পরিমাণপাত্র, প্রস্থদ্রোণাদি। "মনু ৮ ৪০৩। যাজ্ঞ ২ ২৪৩। ৬ কৃষ্ণল, রক্তিকা, রতি। ৭ প্রমাণ। "ন তাবদন্তঃকরণমিন্দ্রিয়মিত্যত্র মানমস্তি (S.W)। ৮ উপমান। "বল্লকীগুণস্বান" মাঘ ৪.৫৭। ৯ প্রমাণ, অর্থাৎ পরিমাণসাধন। "তালঃ কালক্রিয়ামানঃ (অ কো)। ১০ (সঙ্গীতে) তালের বিরামস্থান, গৃহ (শ.ক) [সম বিষম অতীত অনাগত—ভেদে মান চতুর্ব্বিধ।] ১১ কালপরিমাণ বিশেষ। 'ব্রাহ্মং দিব্যং তথা পিত্র্যং প্রাজাপত্যং গুরোস্তথা। সৌরং সাবনং চান্দ্রমার্ক্ষং মানানি বৈ নব॥ ১২ (বাঙ্লায়) দ্রব্যপরিমাণ বিশেষ, মণ (?)। "এক মান চাউল চৈ ভা ৪৮৯। তিন মান তণ্ডুলে ...ভাত চৈ.চ ১৭০, চালু এক মান ২৬৬। [°দণ্ড (পুং)—পরিমাণ দণ্ড, মানযষ্টি। "কু স ১.১। (হিমালয়) যেন পৃথিবীর মানদণ্ড শি ১৫ সূর্য্যের পথ আমাদের দুঃখের মানদণ্ড ব.প্র ৬২০। °যোগ (পুং) —মানোপায় প্রস্থদ্রোণাদি। "মনু ৯.৩৩০।]

মান³ বি [সং মানক] ১ মানকচুগাছ। ২ মানকচু। "চৈ.চ ৮৪ [°চাকী—মানকচুর চক্রাকার খণ্ড। "চৈ চ ৮৪। °দল—মানকচু পাতা। "ম.পা ৪৫। °বড়ী—মানকচুর বড়ী। "ক চ ১৫৮।]

মান⁴ সর্ম্ম [সং √মান—মানয> প্রা √মাণ >বা °ন, সং √ম >প্রা √ মণ> বা °ন (তু 'মাণিঅ'—মন্ততে—পৈ), √মাণ (শ্রী কী হি, ঠ, গু, মৈ √মান ; সি √মন (মনণু), ড় √মণ] ১ পূজা করা সম্মান করা। "কারে নাহি মানে ভা চ ৩৮, ভয়েতে সবারে মান যারে তারে মানি ২০১। ২ ভজনা করা, ভক্তি করা। "হেন প্র যে না মানে, সে ভাড়িয়া গাঁড়িয়া শূকর ন প ৩৫৯। ৩ স্বীকার করা "স্বতন্ত্র ঈশ্বর প্রভু—কভু না মানিল চৈ চ ১০৮ ; কায়মনে মুক্তি এ মানো ২১৬। কু কে ৭২। ইহা মানি যে, হাতের রেখা দেখিয়া কেহ পর্য্যন্ত ঠিক বলিতে পারে নাই ব.প্র ২৩১। ৪ বিশ্বাস করা। "প্রাকৃ করিয়া মানে বিষ্ণুকলেবর চৈ চ ৩৫। নাহি মানে কর্ম্ম ভা চ [illegible]। ৫ তদ্রূপে স্বীকার করা। "নাহি মানে পাতশাহ ভা চ [illegible]। ৬ ভাল বলিয়া বোধ করা। "(কর্ম্ম) মন না মানিলে করে পশ্চিম ভর্ৎসন চৈ.চ ১৪৮। ৭ গ্রাহ্য করা, গণনা করা। "মাতল করী নাহি অঙ্কুশ মান বি.প ৮৩, পন্থ বিপথ নাহি মান ৮৯। কেহ কাহা নাহি মানে চ দা ৬৭, ৯১। তভো মানা নাহি মানে চৈ ভা ৪২। না মান সে হানি।—হ্ব ২২। নাহি মানে কোরাণ তাবিজ মজবুত ভা চ ৪৯৯। ৮ মানসিক বা মানত করা। "যমুনাক মান রাধা ফুল সিন্দুর শ্রী কী ১৫৮। সিন্নি মেনেছিল পীরে রা স ৩৫। সির্ণি মেনেঃ পূজা মানে ভা চ ৭৩০। যা মেনেছ দেব নাই চ কা ৩১০। ৯ মনে করা, বোধ করা। "প্রাণ পীড়ন, রাই মানই বি প ৮৫, ১১৬। সুবরণ বরণ হেরি নিজ কুবরণ, মানি জ প ২। চৈ ভা ২৯৩। ভাল নাহি মানি চৈ চ ৩০৩, দুঃখ কাছে মানে ৩১৪। মানিল বিস্ময় ব প ৮১৫। মানল স্বপন সমান।—ব ১৯৭। নিমেখে যুগ মানই।—গো ২৬০। সুত করি কেন মান চৈ ম ৫৫। জ্ঞা ২০৫। দুর্য্যাধন মরণ মানিল ম বি ৪৫। দুখে সুখ মানে ভা চ ৩৮। ১০ গ্রহণ করা, মানা। "বন্ধন মানিনু কিছু বুঝিবার তরে।—কৃ ২১৫। তথাপি মায়ের মন মানে নাই কিছু শ্রী মা ১৫৮। বোধ মান মাগো রোদন কর বৃথা ব প ৭৪৫। নাযবী না মানযে বোধ।—জ্ঞা ৬৯। দেবো মানিয়া প্রবোধ ভা চ ১০৮। ১১ রক্ষা করা। "গোপালে সাজায়ে দেহ, মোর মিনতি মানহ।—ব ৫০। ১২ পালন করা। "নিয়ম মানা। ১৩ বিচার করা। "তার জন্য এত তেজ গুরু লঘু না মানিস।—কৃ ২৪৯। সবহু মতঙ্গজ মোতি নাহি মানি বি প ৫৩। [মানএ,-নসি,-নহ-নি,-নিঅা-নিবো,-নিলা,-নু-নো,-নৌ (শ্রী কী)। মান-নই,-নল,-লু,-নসি,-নহ,-নিযে (প ক)। মানা—সর্ম্ম 'মান⁴। আশ্চর্য্য মানা—বিস্ময়জনক মনে করা। শুনি দেখি সর্ব্ব-লোক আশ্চর্য্য মানিল চৈ চ ৬৫। বোধ মানা—প্রবোধবাক্য গ্রহণ করা, আশ্বস্ত হওয়া। 'দ্র (৮)।]

মানক দ্র 'মাণক'

মানকা বি [মান²—মানক> °কা, হি 'মনকা' (মণিক)—জপ-মালার প্রস্তরাদির গুলি] সেতার-প্রভৃতির তারের সুর ঈষৎ কম-বেশী করার নিমিত্ত তারে পরান সচ্ছিদ্র গুলি। দ্র 'সেতার'।

মানত বি [মানিত> °ত (?), হি মনৌতি, মন্নত, ঠ মানত, -তা, গু মানতা] ১ যাহা দেবতার কাছে মানা যায়, অভীষ্টপূরণে দেবতা-বিশেষের নিকটে প্রতিজ্ঞানুসারে পূজা দেওয়ার সঙ্কল্প, মানসিক (vow)। "করহ মানত রক্ষা—করিযো না খেলা, ক্রুদ্ধ দেবতার সনে। —চ কা ৩০১। ২ (অসাধু) আশীর্ব্বাদ। "এই গো। মানত করি, সুচির আইওৎ ধরি, পুত্র পৌত্র ল'যে কর সুখ বা দ ২৪৬। [মানত করা (হি মন্নত মানসা)—মানসিক করা।]

মানদ বিণ [মান+ √দা+অ (ক)-ক, উ ত] ১ মানদাতা, সম্মান-কারক। "রা ২ ৩৪.২৪, ৯৬ ২৭। মগ ৩.৫৬ ৪। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ চৈ চ ৬১। ২ গর্ব্বনাশক।—দ স্ত্রী অস্ত্রবিশেষ। "রা ১ ২৭ ২০।

মানন ক্লী.-না স্ত্রী [√মান্+অন (ল্যুট্), +অন (যুচ), ভা, স্ত্রী আ (টাপ্)] ১ সম্মাননা, পূজা, মান। "অশ্বিনোর্মাননার্থম্ গো.রা ৫.৫৮ ১৪। ধন যদি থাকে হয় সর্ব্বত্র মানন।—ম ১০৬০। (খুলনা) যুড়িয়া উভয় পাণি করয়ে মাননা ক চ ১৪৪ ; বিষ্ণুর বিষ্ণুত্ব যাঁর করিয়া মাননা ভা চ ১১৮ ; ১২০। সাধে মন করে কি মাননা ? ব.সু ১৬। ২ হনন, বধ। "মাঘ ১৬২। —ননা বি ১ (বাঙ্লায়) আদর, যত্ন। "এবে দিন দশ মোরে করিল মাননা ক চ ১৬৬। ২ প্রার্থনা। "প্রদক্ষিণ করি রামা করেন মাননা ক.চ ১৯২। ৩ অভীষ্ট

বিয়। "মধুপুরে গেল কৃষ্ণ সাধিতে মাননা শ্রী.মা ৪৯। ৪ মানসিক মানত। "শ্রী মা ৯০। এক মনে মোর গীত যে করে মানমা ভা.চ ১৯৮। —মনি বি সর্থ 'মাননা (৩)।

মানমা, মানমি দ্র 'মানন'।

মাননীয় বিণ [√মান্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পূজ্য, মান্ত। "রঘু ২.১১। কু.স ১.১৮। —নয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] সর্থ 'মাননীয়'। —নয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] পূজয়িতা, সম্মানয়িতা। "মহা ৩ ৪৫ ১০।

মানব বিণ [মনু+অ (অণ্); স্ত্রী -বী] ১ মনু হইতে আগত (সায়ণ); মনুসম্বন্ধী। "ঋগ্বেদ ৮ ৩০.৩। মানবো বংশঃ ভ ৯.১.৭। মানবস্য রাজর্ষিবংশস্য উ.চ ৩১/২। এক মন্বন্তরা মানব মানেতে লাগে। —দ্রু ২৭। ২ মনুপ্রোক্ত। "মানবস্তাস্য শাস্ত্রস্য মনু ১১.১০৭,-২৬। ৩ [°ব+অ] মানবসম্বন্ধী, মানুষ। —নব পুং [মনু+অ] ১ মনুর অপত্য; মনুষ্য, মনুজ। 'ব্রহ্মক্ষত্রাদয়স্তস্মান্ মনোর্জাতাস্তু মানবাঃ মহা ১.৭৫.১৪। "মনু ২.৯; ২০। ২ (বহুব) মনুষ্যজাতি। ৩ (বহুব) প্রজা, প্রকৃতি। ৪ বাল (শক)। তু 'মাণব'। —নব স্ত্রী ১ মনুষ্য-দেহের দৈর্ঘ্যসদৃশ পরিমাণবিশেষ। তু 'পুরুষ'। ২ প্রায়শ্চিত্তভেদ। "মনু ১১.১৪৭, কুল্লুক। ৩ অস্ত্রভেদ, 'রা ১.৩০ ১৭। —নবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মানবস্ত্রীজাতি, মানুষী, নারী। "নৈ ৯.৪১। ২ মনুকন্যা। "প্রসূতিং মানবীম্ ভ ৪ ১.৪৬। [°দেব, °পতি (পুং) —নরদেব, রাজা, সম্রাট্। "°ব রঘু ১৪ ৩২। °ধর্ম্মশাস্ত্র (ক্লী)—মনুপ্রোক্ত ধর্মগ্রন্থ, মনুস্মৃতি। 'ব.প্র ১২৭। °পুরাণ (ক্লী)—মনুপ্রোক্ত উপপুরাণভেদ। °রাক্ষস (পুং)—নররূপী রাক্ষস, রাক্ষসবৎ ক্রূর নর। "তেঽমী মানবরাক্ষসাঃ পরহিতং স্বার্থায় বিঘ্নন্তি যে।—ভর্তৃহরি। °সূত্র (ক্লী)—মনুকৃত গৃহ্যসূত্র ও শ্রৌতসূত্র।]

মানবলীলা বি মনুষ্যের ক্রিয়াকলাপ, সংসারজীবনযাত্রা। [মানবলীলা সংবরণ করা—মনুষ্যলোক ত্যাগ করা, মরা।]

মানবান্(-বৎ) বিণ [মান+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] ১ মানী। ২ অভিমানী। —বতী স্ত্রী কোপবতী। "মাঘ ৯.৮৪।

মানবিনী বি [°ব+ইনী, সং °বী, অপ্র] মানবী, নারী। "°ভাবে ...ধ'রব এ গর্ভে আমি তোমা।—মা ১১৩। লী ১১৫।

মানবীয় বিণ [°ব+ঈয় (ছ)] মনূপদিষ্টধর্ম্মসম্বন্ধী। "°সংহিতা মনু ১.৪, কুল্লুক। —বীয় স্ত্রী প্রায়শ্চিত্তভেদ। "মনু ১১.১৪৭, কুল্লুক

মানবেন্দ্র পুং [মানব ইন্দ্রতুল্য, উপ স] মানবশ্রেষ্ঠ, নরেন্দ্র, রাজা। "মনুনা মানবেন্দ্রেণ যা পুরী নির্ম্মিতা রা ১.৫.৬।

মানভঞ্জন বি শ্রীকৃষ্ণ কর্তৃক রাধিকার মানভঙ্গবিষয়ক পাঁচালীগান যাত্রা বা পদাবলী। "দা ৩৮৯।

মানয়িতব্য, মানয়িতা দ্র 'মাননীয়'।

মানরন্ধ্রা স্ত্রী [মানার্থ রন্ধ্র যাহাতে, বহুব্রী, স্ত্রী -আ (টাপ্)] কাল-মানজ্ঞাপক সরন্ধ্র তাম্রঘটীযন্ত্রবিশেষ। দ্র 'ঘটিকা'।

মানস বিণ [মনস্+অ (অণ্), স্ত্রী -সী] ১ মনঃসম্বন্ধী, মানসিক। বিপ 'শারীর'। "ব্যোভু বো মানসো জ্বরঃ মহা ৩ ৯৬.১৮। আধির্মানসী ব্যথা (অ.কো)। ঈশ্বর মানস প্রত্যক্ষের বিষয় ব.প্র ৪০৫। ২ মনঃ দ্বারা উৎপাদিত; মনঃসঙ্কল্পমাত্রজাত, মনঃসঙ্কল্পজ, অযোনিজ। "গী ১০.৬। স মানসীম্ (কন্যাম্ উপযেমে) কু.স ১.১৮। কিং মানসী সিদ্ধিঃ শ ৪১/২। ৩ মনোনির্ব্বর্ত্ত্য, মনঃসাধ্য। "তপো মানসম্ গী ১৭.১৬ সাহস্রো মানসঃ (জপঃ) মনু ২.৮৫। ৪ মনোবিষয়ীভূত, ধ্যান-বিষয়ক। ৫ মনঃস্থিত, অমুক্ত। ৬ মনঃকল্পিত। ৭ মানসসরঃসম্বন্ধী, মানসচারী। "ভ ১.৫.১০। —নস পুং 'মনোধ্যেয়', বিষ্ণু। —নস ক্লী [+অ স্বার্থে] ১ মনঃ, চিত্ত, হৃদয়। "অপাঙ্গ°, দীন°, বিস্মিত°। প্রসন্নেন্দ্রিয়মানস রা ১.৫৩.২৪। গিরিশপ্রতিসক্তমানসা কু.স ৫.৩। মানসে কাটিল সীঁদ চ দা ৬৬। মম মানস শুকপাখি!—দা ২১৮০। ২ কৈলাসস্থিত ব্রহ্মার মানসনির্ম্মিত সরোবিশেষ। 'কৈলাসশিখরে রাম মনসা নির্ম্মিতং সরঃ। ব্রহ্মণা প্রাগিদং যস্মাৎ তদভূন্ মানসং সরঃ॥ —গো.রা ১.২৭ ৭। রা ১.২৪.৮। "°রাজহংসীঃ রঘু ৬.২৬। পূ.মে ১১। মুনিজনমানসহংস।—গী.গো ১.১৮। ভারত-মানস,-মানস-সারস ভা.চ ২৯০। মানসে মা, যথা ফলে, মধুময় তামরস।—মা। যাইতে মানস সরে, কারো না মানস সরে।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। [প্রসিদ্ধি, মানস-সরোবর রাজহংসগণের জন্মস্থান: বর্ষাকালে হংসগণ ক্রীড়ার্থ মানসে সমবেত হয় (জলধরসময়ে মানসং যান্তি হংসাঃ—সা.দ ৭.২৩)।] ৩ লবণবিশেষ। ৪ (ব্যবহারে) মৌনসূচিত সম্মতি। ৫ [সং 'মানস' মূল (?), আ 'মন্‌শা', ফা 'মনিশ্'—ইচ্ছা, হি, ঠ মনসা] (বাঙ্গলায়) ইচ্ছা, অভিলাষ। "আমি যে মানস কৈনু তাহাতে ভ.গ্র ২৫৪। তুয়া মন-মানস, এতিখণে পূবল রা শে ৮৯। [°চারী (-রিন্) বিণ—মানস-সরোবিহারী। "হ ২৩.১। (পুং) রাজহংস। °জন্মা (-ন্মন্) পুং —১ মনোভব, কাম। ২ রাজহংস। °জপ (পুং)—জপবিশেষ। দ্র 'মনু ২.৮৫; হারীত ৪.৪৪। বিপ 'উপাংশুজপ'। °তীর্থ (ক্লী) —রাগাদিহীন বিশুদ্ধ চিত্ত। °পূজা (স্ত্রী)—মনঃকল্পিত গন্ধপুষ্পাদি পূজোপচারে ইষ্টার্চ্চনা। °বেগ (বিণ)—মনোবেগতুল্যবেগবান্, মনোজব, অতিলঘু। °ব্রত (ক্লী)—অহিংসা সত্য অস্তেয় ব্রহ্মচর্য্য শুচিতা—এই মনঃসাধ্য পঞ্চ তপঃ (বরাহপুরাণ)। °রুক্ (-রুজ্) স্ত্রী—মনোব্যথা, আধি। °সন্তাপ (পুং)—মনঃপীড়া, মনোজ্বর। °সেবন (বি)—মন দ্বারা সেবা, তদ্‌গতচিত্তে ভজন। "চৈ.চ ৪৩।]

মানসরোবর বি [মানস >মান, হি °র; অপ্র] মানসসরোবর। "কৃ ২৩১। °হংস অপ্রাকৃতময় ভ.গ্র ২২৩।

মানস-সরস বি [সং মানসসরস্] মানসসরোবর। "মে ৪।

মানসা বি [দ্র 'মানস (ক্লী) (৫)] মানত।

মানসালয়, -সৌকাঃ (-কস্) পুং [মানস আলয় ওকঃ যাহার, বহুব্রী, -১ব] 'মানসসরোবাসী', হংস, রাজহংস।

মানসিক বিণ [°স+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ মানসসম্বন্ধী, মানস। ২ মনোভব, মানসজাত। ৩ মন-উপাধিক (বিষ্ণু)। "মহা ১২.৩৩৮ ৪। [মানসিক অনুবাদ—মনে-মনে, অর্থাৎ অলিখিত তর-জমা। "মাতৃভাষায়...মানসিক অনুবাদ পা.প্র ১৬৫। °ক দর্পন —মনশ্চক্ষু, মানসনেত্র। "যে দেহ, যে দিকে জগৎসিংহ নয়ন ফিরান, সেই দিকে মানসিক দর্পনে দেখিতে পান ব.প্র ৭৪।]

মানসুরে '-ন্-' বি [আ 'মন্‌সূর্'—বিজয়ী] দুর্দ্দান্ত, ডাকাত, খুনে ঠেঙাড়ে। "ওটা মানসুরে মাসুল দাগী।—দা ২০৯৫।

মানসূত্র ক্লী [ষত] ১ পরিমাণার্থসূত্র; প্রমাণসূত্র, মাপসূতা। ২ স্বর্ণাদিকৃত কটিবন্ধনসূত্র; সোনার গোট।

মানহা (-হন্) বিণ [মান+ √হন্+ক্বিপ্ (০)-ক -১ব: উ.ত; স্ত্রী -ঘ্নী] মাননাশক, মানভঙ্গকারক। "°হা ভব শত্রূণাম্ (S.W.)।

মানহানি স্ত্রী [ষত] মানক্ষয়, মানভঙ্গ।

মানা[1] বি [মন (দেশ্য—কুমারপালচরিত ৮ ৪৬, টীকা) > °না, আ মনা', হি, ঠ, গু, ড় মনা, তু 'সং মা, না—নিষেধে] বারণ, নিষেধ। "মানা কৈলা ম.গা ১১। কৃ ১৪৬। ম ৩৮৩, এক নারী না আইল স্বামীর মানায় ৪০৩। শ্রী.ম ২২৮। শ্রী ৫৯। মানা নাহি মানে চৈ.ভা ৪২। চৈ.চ ৬৪,-৫। কেহ করে মানা ভা.চ ৩৯৩। শুনে নাই মানা শি ২৪। ভ.গ্র ৩০২। দিব্য দিয়া মানা তারে করিব।—মা ১০২। ও যে মানে না মানা।—গান ১৬৭।

মানা[2] বি (?) "কাড়িয়ে সোহাগের টানা, জড়িয়ে সূতো প্রেমমানার

মুখে লো।—দা ২১২৪; প্রেমের মানায়, সুতো মানায় না আর, —টানায় কোঁচকা লাগিল লো ২১২৫।

মানা³ সর্ক [মান⁴+আ⁸ ; হি √মনা] ১ সম্মান করান। "মানাও সেই বামণেরে মিটিবে প্রলয় ভা.চ ৪৯৯। ২ স্বীকার করান। "যমেরে মানাইমু ম গা ২৫। মানাবি : মানাইবি গো চ ৪৬৪। মানায়ত নায়র দূরে রহু লাজ বি.প ১৪৮। ঘরে আইলে মানাইয় সবারে রা শে ৭২, মানাইল নারায়ণ ৮৬। প্রতি ঘরে ঘরে বুলি, গোরস করিয়া চুরি, মানাইতে না পারি এখন শ্রী.ম ২৮। ৩ বশীভূত করা, অনুরক্ত করা। "কামিনী মানায়বি করিয়া ছলা রা.শে ১১৮। ৪ বিশ্বাস করান, পালন করান। ৫ ভাল বাসান। "পুরে গুরুলোক যত, তাহা সবাকার মত, হবে, রবে মানায়ো সেবায় বি সু ১৬২। [মানিয়ে জুনিয়ে থাকা —নম্রতা স্বীকার করিয়া, অর্থাৎ মিলিয়া-মিশিয়া থাকা। 'দাঙ্গাফেসাত আর করো না, মানিয়ে জুনিয়ে গিয়ে সেখানে থাক।—জা ২৪।] [মানান³—সর্ক 'মানা³'।]

মানা⁴ অক [মান¹+আ⁹ > °না] ১ মান পাওয়া, তদুপযোগী হওয়া; সুশোভন বা সুসঙ্গত হওয়া, ভাল দেখান, খাপ খাওয়া, খোলা। "লালের কোলে জরদ মানায় না। কালো কালো বৈষ্ণবীগুলি, তাদের নাকে রসকলি, মানায় যেমন,—গোরোতে তা হয় না।—দা ৪৩৭। ২ [মানা³ > °না ?] নিবারিত হওয়া, আটক হওয়া, জড়িত থাকা। দ্র 'মানা²'।

মানান¹ '-ন্-' বি সুসঙ্গতি, শোভনভাব, মিল। [°সই—সুসঙ্গত, সুশোভন, সুদৃশ্য। "কখনো দিশী কখনো বিলিতী হইলে কোনটাই মানানসই হয় না।—রবীন্দ্র।]

মানান² বি [মান⁴+অন > মানন > °ন, অপ্র] ১ মানত, মানাসক। "কত ঠাঁই বাচা বান্ধে করিয়া মানান শ্রী ২৩, রুষ্ট হ'লে শোধিতে মানান ২৯। ২ মানত করিয়া প্রাপ্ত সন্তান। "সেই শিশু আমার মানান শ্রী ২৬।

মানান্তর বি [মন্বন্তর > °র] দুর্ভিক্ষকাল, আকাল।

মানান্ধ বিণ [সুপ্সুপা] মানে হিতাহিতজ্ঞানহীন, অভিমানমূঢ়।

মানাপমান পুং দ্বিব [দ্বন্দ্ব] সৎকারাতিরস্কার। "গী ১৪.২৫।

মানার্হ বিণ মান+ √অর্হ্+অ (অচ্)-ক, উত] মান্য। "মনু ২.১৩৭।

মানাসক্ত বিণ [স ত] মানযুক্ত, অভিমানী, গর্ব্বিত।

মানিকা স্ত্রী [মান+ইক (ঠক্)+স্ত্রী আ (টাপ্)] ১ পরিমাণে সাধু; শরাব, শের (বৈদ্যকপরিভাষা—শ.ক)। ২ মদ্য।

মানিত বিণ [√মান্+ত (ক্ত)-র্ম] পূজিত। "গো রা ৫.৭.৫৫। মহা ৪.৪.১২। ভ ১.৪ ২৮। —নিত ক্লী [+ত -ভা] পূজা।

মানিতা স্ত্রী, -ত্ব ক্লী [°নিন্+তা (তল্),+ত্ব] ১ মানিভাব, পূজ্যতা। ২ অভিমানিতা। "ক তে পুরুষমানিত্বম্ মহা ১.৪০.৩১, অকৃতে কৃতমানিত্বমজ্ঞানে জ্ঞানমানিতা ১৪.৩৬.১৪।

মানিত্ব দ্র 'মানিতা'।

মানী (-নিন্) বিণ [মান+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -নিনী] ১ মানবান্, মান্য। "মানিনো মানয়ৈঃ কালে ভট্টি ১৯.২৪। মানিনাং মানভঙ্গে (ভবতি মরণম্)।—সু.র। ২ অহঙ্কারী, গর্ব্বিত। "পরবৃদ্ধিমৎসরি মনো হি মানিনাম্ মাঘ ১৫১। কি ১.৪১। চাহিলা দুয়ার পানে অভিমানে মানী।—মে ২০১। ৩ কোপযুক্ত। ৪ [√মন্+ইন্ (ণিনি)-ক-১ব] যে আপনাকে (তাদৃশ, সেইপ্রকার) মনে করে বা ভাবে। "দর্শনীয়মানী, পণ্ডিতমানী পা ৩.২.৮৩, কাশিকা। প্রাজ্ঞমানিনী রা ২.৭০.১০, সুভগমানিনী ৯২.২৬, পুরুষমানিন্ ১০৯ ৪। স্তেনমস্তেনমানিনম্ মনু ৮.১৯৭। কৃতার্থ°, পটু°, প্রাজ্ঞ° (S.W.)। [সমাসে উত্তরপদ। তু 'অয়ং লোকো, নাস্তি পর ইতি 'মানী' (কঠোপনিষৎ ২.৬)।] ২ [√মান্+ইন্-ক-১ব] মাননয়িতা, পূজয়িতা। —নিনী স্ত্রী [°ন্+ঈ (ঙীপ্)] ১ অভিমানবতী। "রঘু ১৩.৩৮। কু.স ৫.৫৩। ২ মানবতী, কোপবতী নায়িকা। "ন মানিনী সংসহতেঽন্যসঙ্গমম্ ভট্টি ২.৬। মাধবে মা কুরু মানিনি। মানম্ গী.গো ৯.২। সো গি রধররব, (কুচ) নখরে বিদারল, বিচলিত মানিনীমান। —গো ১৫৪।

মানুখ বি [মানুষ > °খ, দ্র 'খ²', হি, ঠ °খ] মানুষ (প ক)।

মানুষ বিণ [মানুষ+অ (অণ্) স্ত্রী -ষী 'মানুষী'—মনোঃ সম্বন্ধিনী (ঋগ্বেদ ১ ৭২ ৮ সায়ণ)] ১ মানুষসম্বন্ধী, মানবীয়। "মানুষীং তনুমাশ্রিতম্ গী ৯.১১, মানুষং রূপম্ ১১.৫১। মানুষী শক্তি চৈ.ভা ৪০৯। ২ মানুষ হইতে আগত, মনুষ্যকর্ত্তৃক। "মানুষীণাম্…আপদাম্ রঘু ১ ৬০। ৩ মানুষদেবতাক। "যজুর্ব্বেদস্তু মানুষঃ মনু ৪.১২৪। —সুষ পুং [মনু+অ (অঞ্), ষ্ (ষুক) আগম, পা ৪.১ ১৬১, স্ত্রী -ষী; আ মা'নুষ্—সহচর] ১ মনুষ্যজাতি, মানব। "দৈবমানুষয়োরত্র ব্যক্তা ব্যক্তির্ভবিষ্যতি রা ২ ২৩.১৮। মনু ৯.২৮৪। ২ পুরুষ। ৩ (জ্যোতিষে), মিথুন, কন্যা, তুলা—এই তিন রাশি। ৪ (বাঙ্গলায়) মনুষ্যোচিতগুণবান্ ব্যক্তি, পৌরুষসম্পন্ন পুরুষ। "আর কবে ভাই মানুষ হবে? দেখে তোর আকার-প্রকার, আচার-বিচার, মানুষ কবে মানুষ কবে? —ঈশ্বরচন্দ্র গুপ্ত। মানুষ হইতে দাও তোমার সন্তানে।—স স্ব ৫৬। যে মাটিতে ঘট গড়ে রে তাতেই মানুষ মানুষ হয়।—কু কে ৯০। ৫ গৃহকর্ম্মে নিপুণ ব্যক্তি। "(পত্নীর হস্তে গৃহকার্য্যের ভার দিলে) তাঁহাকেও মানুষ করিয়া তুলিবে পা প্র ৩৩। ৬ প্রেমিক জন, রসিক। "যে জন মানুষ, যে জানে মানুষ, মানুষে মানুষ চিনে চ সা ৩৪৯। ৭ লায়েক, সাবালগ। "মানুষ হইলি তুই মোর খেয়ো, অধমপাপিষ্ঠ।—স্ব প্র ১৭৯। সে ত এই বাড়ীতেই খাইয়া মানুষ ব প্র ২৩৫। ৮ ব্যক্তি, লোক। "ছেলে°, ভাল°, মেয়ে°। ৯ মানুষের দৈর্ঘ্য-পরিমাণ। দ্র 'পুরুষ (৭)। "একমানুষ জল। —সুষ ক্লী ১ মনুষ্যভাব, মনুষ্যত্ব, মানবধর্ম্ম। ২ পৌরুষ, পুরুষত্ব। [°তীর্থ (ক্লী) অঙ্গুলির অগ্রভাগ। 'অঙ্গুল্যগ্রে মানুষম্ (তীর্থম্)।—বশিষ্ঠ ৩। °দৈবিক (বিণ)—মানুষদেবসম্বন্ধী। "অহোরাত্রে…মানুষদৈবিকে মনু ১ ৬৫। °রাক্ষস (পুং)—রাক্ষসপ্রকৃতি নর, নরপিশাচ। °রাক্ষসী (স্ত্রী)—নরপিশাচী। "ক সা ৬৫.৩৫। °লৌকিক (বিণ)—মনুষ্যলোকসম্বন্ধী। °সম্ভব (বিণ)—মনুষ্যজাত।] মানুষ করা—লালন-পালন করিয়া বড় করা, মনুষ্যধর্ম্মযুক্ত করা। মানুষ বলা—মনুষ্যনামে অভিহিত করা। মানুষ হওয়া—১ মনুষ্যোচিত গুণসম্পন্ন হওয়া। ২ মনুষ্যযোনিপ্রাপ্ত হওয়া। মানুষের মত মানুষ —পৌরুষবিশিষ্ট মহাত্মা ব্যক্তি। মরা মানুষ—দ্র 'মরা'।]

মানুষতা স্ত্রী, -ষত্ব ক্লী [°ষ+তা (তল্),+ত্ব] ১ মানুষভাব, মনুষ্যোচিতধর্ম্ম, মনুষ্যগুণ। "°ত্ব ক সা ৪৫.৩৪১। ২ পৌরুষ।

মানুষ-মানষেতা, -ত্বা বি [মানুষতা, -ত্ব > °তা, -ত্বা] মানুষের মনুষ্যোচিত কার্য্য। "°ত্বাও কত্তে পারবো না স এ ৪৮।

মানুষমুনুষ বি [মানুষ+মুনুষ (অনু শব্দ)] মনুষ্যোচিতগুণবান্ ব্যক্তি। "মতি মানুষমুনুষ হইলে, তাহাকে সকল বিষয়ের ভার দিয়া আমরা কাশীতে গিয়া বাস করিব আ দু ৩০।

মানুষাদ পুং [°ষ+ √অদ্+অ (অণ্)-ক, উ.ত] নরখাদক, রাক্ষস।

মানুষিক বিণ [°ষ+ইক (ঠক্), স্ত্রী -কী] মানুষসম্বন্ধী।

মানুষিণী বি [°ষ+ইনী ; সং °ষী ; অপ্র] নারী। "ম ৫৯২।

মানুষ্য বিণ [মনুষ্য+অ (অণ্) ; স্ত্রী -ষ্যী] মনুষ্যসম্বন্ধী, মনুষ্যোচিত। "মানুষ্যো (পাঠান্তর)…পক্ষঃ মহা ১ ১৫২.১১। —ষ্য ক্লী ১ মনুষ্যভাব,

মানুষত্ব। "(সঃ) লক্কা…মানুষং বিষয়েষু বিষজ্জতে ভ ৪.২৩.২৮। ২ পৌরুষ। ৩ মনুষ্যদেহ, নরযোনি। "পাপে প্রবাহি °ত্বম্ ক.সা ২৭,৩১। —ষক বিণ [°ষ্য+ক (কন্) স্বার্থে] ১ মনুষ্যসম্বন্ধী, মানবীয়। "মানুষকং ভাবম্ গো.রা ১.৩৫.১৪। ২ মনুষ্যোচিত। "কৃতং °কং কর্ম্ম মহা ৫ ৭৭ ৮০। —ষ্যক ক্লী [মনুষ্য+অক (বুঞ্) বৈদিক] মনুষ্যসমূহ। "পা ৪.২ ৩৯।

মানে[1] বি [আ মানা',-নী ; ঠ মানা] ১ অভিধেয়, অর্থ (meaning)। "মানে করা, বলা। মানের বহি। ২ অভিপ্রায়, উদ্দেশ্য, আশ্রয়, তাৎপর্য্য। "কথার মানে।

মানে[2] [মান+এ৫] ১ পরিমাণে, দিবসের পরিমাণে, অর্থাৎ দিনে। "কন্তা বলে থাক আজিকার মানে ঘরে। কালি সঙ্গে করি দিব যাইহ ক্ষেত্রেরে।—অ ৭৬। ২ তুলায় ওজনে, অর্থাৎ তুলনায়। "তার মানে এ জিনিসটা ভাল।

মানোজ্ঞক ক্লী [মনোজ্ঞ+অক (বুঞ্)] মনোজ্ঞতা।

মানোৎসাহ পুং [উ.লো] আত্মসম্মানহেতুক কার্য্যোদ্যোগ। "আত্মনঃ শক্তিমুদ্বীক্ষ্য মানোৎসাহং চ যো ব্রজেৎ পঞ্চ ১,২৫৯।

মানোন্নতি স্ত্রী [ষ ত] সম্মানবৃদ্ধি। "মানোন্নতিং দিশতি দিক্ষু তনোতি কীর্ত্তিম্ (সৎসঙ্গতিঃ)—সু.র।

মানোন্মাদ পুং [উ লো] মানহেতুক মত্ততা বা বুদ্ধিভ্রংশ।

মানোয়ার বি [E man-of-war] যুদ্ধের জাহাজ, রণতরি। —য়াবী বিং রণতরিসম্বন্ধী।

মান্ত্রিক পুং [মন্ত্র+ইক (ঠক্)] মন্ত্রকুশল, ঐন্দ্রজালিক।

মান্থর্য্য ক্লী [মন্থর+য (ষ্যঞ্)] মন্থরভাব, মান্দ্য, প্রতিবন্ধ। "বোদ্ধ-বুদ্ধি° ।—কাব্যাদর্শ ৩ ১৪৯, টীকা।

মান্দার পুং [মন্দার > °র (?)] মাদারগাছ, শিমুল। "গন্ধহীন পুষ্প আমি মান্দারের ফুল গো বি ৩৮। মান্দারের সার বা ম ২০৯, বি পা ২১৯। ম.ম ১৩৩। গুপারী বাগে মান্দার রো। —খনা।

মান্দাল বি [সিং মর্দ্দল, >প্রা মদ্দল, *মংদল > বা °ল , অপ্র] মৃদঙ্গ। "কাঁকড়ায় মান্দাল বাজায় গো চ ১০৬।

মান্দাস বি ['মঞ্জুষা'—মূল (?)] ১ মঞ্জুষা, পেটিকা। "মান্দাস করিয়া কর্ণে ভাসাইয়া দিল।—ম ১০১৫। ২ সর্থ 'মাজুষ (২)। "কলার মান্দাস গড় ম ভা ৪১, ৪২।

মান্দ্য ক্লী [মন্দ+য (যক্)] ১ মন্দভাব। "ভ ৫.২১.৩ ; ২২ ৭। ২ মৃদুতা, ধীরভাব। "শৈত্য ও সৌগন্ধ মান্দ্য ত্রিবিধ পবন বি সু ২০। ৩ জাড্য, জড়তা। "বুদ্ধি°। ৪ মূঢ়তা। ৫ পাকশক্তিহ্রাস। "অগ্নি°। ৬ অস্বাস্থ্য, রোগ। "ক.সা ২৪.১৩৫ ; °ব্যাজ ১৬৮। ৭ আলস্য। ৮ কাপট্য। "প্রবচনে মান্দ্যম্।—পঞ্চ ১.২০২।

মান্ধাতা(-তৃ) পুং [মাম্+ √ধে+তৃ (তৃচ্)-ক-১ব] 'মাং ধাতা —অর্থাৎ আমাকে পান করিবে'; সূর্য্যবংশীয় রাজবিশেষ ; [ইনি যুবনাশ্বের পুত্র। অপুত্রক যুবনাশ্ব নির্ব্বেদ হেতু মুনিমণ্ডলে আশ্রয় গ্রহণ করিলে, মুনিগণ যুবনাশ্বের পুত্রার্থ যজ্ঞ করিয়া মন্ত্রপূত জলকলস বেদিমধ্যে রাখিয়া নিদ্রিত হন। যুবনাশ্ব তৃষ্ণার্ত্ত হইয়া সেই জল পান করিয়া গর্ভ ধারণ করেন। পরে যথাকালে কুক্ষি ভেদ করিয়া শিশু নির্গত ও রাজা পঞ্চত্বপ্রাপ্ত হইলে, মুনিরা কহিলেন,—'এই শিশু কাহার স্তন পান করিবে ?' ইন্দ্র বলিলেন,—'এই শিশু আমাকেই পান করিবে (মাময়ং ধাস্যতি)'। এই বলিয়া ইন্দ্র শিশুর মুখে অমৃতস্রাবিণী প্রদেশিনী অর্পণ করিলে, শিশু অঙ্গুলি পান করিয়া বর্দ্ধিত হইল। 'মাময়ং ধাস্যতি' হইতে 'মান্ধাতা' (মাম্+ধাতা) নামের উৎপত্তি। ইনি চক্রবর্ত্তী হইয়া সদ্বীপা পৃথিবী ভোগ করেন (বিষ্ণুপুরাণ ৪.২ ১৪-১৮। মহা ১.১২৬তম অধ্যায়)।] [মান্ধাতার আমল—মান্ধাতার শাসনকাল; (গৌণার্থে) অতিপ্রাচীন কাল।]

মান্মথ বিণ [মন্মথ+অ (অণ্), স্ত্রী -থী] ১ মন্মথসম্বন্ধী। "মান্মথং রণম্।—নৈ ২.৩৬। ২ কামজ। "আচার্য্যকং বিজয়ি মান্মথমাবিরাসীৎ মা.মা ১ ২৬ ; ২.৪।

মান্য বিণ [√মান্+য (যৎ)-র্ম্ম] মাননীয়, পূজ্য, অর্চ্চনীয়। "গো.রা ১.১৭.১৫। ন মানমান্যো মুদমাদদীত মহা ১ ৯০,২৫। মান্যো স্নাতক পার্থিবৌ মনু ২.১৩৯। মান্যঃ স (ঈশ্বরঃ) মে রঘু ২ ৪৪। না কৈল আমারে মান্য।—মী ৮। মান্য জনে।—ম ৫১২, ৭১০। মান্য সবাকার শ্রী মা ৩৮। চৈ.চ ১০১। ভব যারে করেন মান্য।—দা ১৫১। যে বাঙ্গালী ছেলেবেলায় পিতামাতাকে মান্য করিতে শিখে নাই পা প্র ১১৮। সেকালে মুসলমান ফকিরেরা বড় মান্য ছিল ব.প্র ৪৩৯। মান্য বদান্য বন্ধু ভ্রাতা।—গী ৫১।—ন্য বি [বাঙ্লায় ; অপ্র] ১ সম্মানার্থ দেয় ধনাদি, উপহার, মান। "দ্রুপদ রাজার মান্য দেহ বহু ধন।—ম ২২৪। ২ সম্মান, সমাদর। "সির্ব পুত্র রাগ বাপু দিয়া মান্য দান। —মী ২৪। নহে বা লাঘব পাইবা মান্য পরিহরি গো বি ৮৭। বহু মান্য করে।—ম ৪৩২। °হীন।—দা ২০৩৮। [মান্য করা—মাননীয় করা, অর্থাৎ সম্মান করা। "চৈ চ ১৯৭। ভ প্র ৪১৬। °গণ্য (বিং)—মাননীয় ও গণনীয়, পূজ্য ও শ্রদ্ধার্হ। °বর (বিং)—অতিমাননীয়, মহামান্য। °স্থান (ক্লী)—মান্যত্বকারণ (কুল্লুক), সম্মানাস্পদ। "মনু ১৩৬।]

মান্যতা স্ত্রী,-ত্ব ক্লী [মান্য+তা (তল্), + ত্ব] মান্যভাব, পূজ্যত্ব। "মান্যত্বমায়াতি জনস্য জাত্যাম্।—বৃহৎসংহিতা ৮৫ ৪। °তা অধিক ব প ৬১৫, বি পা ৩০৫, বা ম ৩৯৩ ; ম.পা ১২৭।

মান্যত্ব দ্র 'মান্যতা'।

মান্যমান বিণ [√মান্+মান (শানচ)-র্ম্ম] পূজ্যমান, মাননীয়। "(এতে) চরন্তে মান্যমানা বৈ প্রদাস্যন্তি সুখং তব মহা ১৩ ৩১.২৭। মান্যমানের মান্য হীন।—দা ৭০, সেই ধন্য মান্যমান ১৮৬, গেল দ্বিজের মান…মান্যমান মুচি ৫৭৪, জাম্ববান ওদের কাছেই মান্যমান ১১২৮। যার স্বামী অকৃতী, তাকে সে যুবতী, নাহি করে মান্যমান লু.র ৯১।

মান্যানী বিং [সং মান্যা, দ্র 'আনি৩, অপ্র] পূজ্যা। "কৃ.অ ২৭।

মাপ[1] বি [সং √মাপি—মাপন>°প, ত্তি, ঠ, গু মাপ] ১ দৈর্ঘ্য বিস্তার বা বেধের পরিমাণ (dimension)। "জমির মাপ। তথ্তার মাপ। বরজ মাপের কালি।—শুভঙ্কর। ২ হস্তাদি দ্বারা বস্ত্রাদির দৈর্ঘ্য-পরিমাণ। "প্রমাণ ধুতি মাপে ১০ হাত। ৩ প্রস্থাদি দ্বারা ধান্যাদির পরিমাণ। ৪ শঙ্খাদির ব্যাসের পরিমাণ। "অনন্তের, বালার, শাঁখার মাপ। °জোঁখ। ৫ ধান্যাদির প্রায় তিন মণ (বীরভূম)। [°কাঠি, °বাড়ি—মাপের কাঠি, মানদণ্ড। °জোঁখ—দুই বস্তুর পরিমাণ ও তাহাদের তুলনা। "মাপজোঁখ বুঝিয়া বলিল দৃঢ়তর শি ১০৪। °দড়ী —মানরজ্জু, রশি। °দার (ঠ মাপাড্যা, -পারী)—যে মাপে। °সই —পরিমাণ মত, না-বড়-না-ছোট। "ইংরাজের বেশভূষা কাটাছাঁটা মাপসই।—রবীন্দ্র।] [মাপ খাওয়া—মাপে অধিক হওয়া। "খাম ধান মাপ খায়।]

মাপ[2],-ফ বিং [আ মু'আফ.] ১ যাহা ক্ষমা বা মার্জ্জনা করা হইয়াছে (pardoned, excused)। "তাহা মাফ করিল E.P 55 ২ রহিত, ছাড়। "খাজনার সুদ মাফ হওয়া। —ফ বি [আ মু'আফি] ক্ষমা, মার্জ্জনা। "জান যায়…মাফ কর বাবা।—আ.দু ৭৭। তোমার সকল কসুর মাফ করা গেল ব.প্র ৪৮২।

মাপ[3] সর্ম্ম [সং √মাপি ; হি, ঠ, গু √মাপ ; হি, মৈ √মাপ, ড

√মপ] পরিমাণ করা ; মাপা (to measure)। "মাপে কোণে দিয়া দড়া, পনর কাঠায় কুড়া ক.চ ৬ ; ৮৫। মাপি চাউল দিলেক ত্বরিত ম পা ৫৫। গণ্ডা ভণ্ডা ঝাড় আদি যতেক মাপিবে।—শুভঙ্কর। —পা সর্ক [মাপ+আ৮] পরিমাণ করান ; মাপান। [মাপা—সর্থ 'মাপ৩। মাপাজোঁখা—সর্থ 'মাপজোঁখ। দ্র 'মাপ১। মাপান—সর্থ 'মাপা'।]

মাপন পুং [√মাপি+অন (লুট্)-ণ],'মানসাধন', তুলা, তুল দাঁড়ি-পাল্লা। —পন ক্লী, —না স্ত্রী [+অন (লুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্) পরিমাণ, মাপা (measuring)। "মাপনেয়ং প্রবর্ত্তিতা মহা ১.৫১ ১৬।

মাপনা দ্র 'মাপন'।

মাপা, মাপাজোঁখা, মাপান দ্র 'মাপ৩।

মাপি সক [√মা+ই (ণিচ স্বার্থে)—°পি—চু.প মাপযতি , সেট্] পরিমাণ, মাপা (to measure)। "তং দেশং মাপয়ামাসুঃ (ঋত্বিজঃ) মহা ১ ৫১ ১০। মৃ ৩ ১৬ , মাপয়িত্বা কর্ম্ম সমারভে ৩১৬।

মাফ দ্র 'মাপ২।

মাফিক, মোয়াফিক বিং [আ মুয়াফিক্ , হি মুআফিক , ঠ মাফক] ১ অনুকূল, অনুযায়ী, মত। "মনঃকথা মাফক কহেন মহামাই শ্রী.মা ১১৫। মতির মাফিক গতি শ্রী ১১৫। সরোয়া মাফিক করোয়া নিল ক'র।—গা ১৯৯৯। আরবা মাফিক দুচারি রেখা ব সু ৩০। মাফিক বন্দ.বস্ত E P 65, মৌয়াফিক হুকুমনামা 66 ২ যোগ্য, উপযুক্ত। "মিল মাফিক লোক পাইলে মাণিকজোড় হয় আ হু ৭০। ৩ প্রকার, রকম। "এক এসমাফিক মোরে বল'ল—কেল তোমাকে শক্তশক্ত বল্'ত পারে আ হু ৯২। ৪ সদৃশ, তুল্য, মত। "তেনার সুরত জেলেখার মাফিক, আর ..ফেরেস্তার মাফিক বুজসমজ আ হু ১৪১। Great General হাম হো শক্তা হায—ড্রাইব্কা মাফিক। —ব দ্বি ১৪৭। [হুকুম মাফিক—আদেশানুযায়ী। 'রা স ১৬৶০।]

মাবদি বিং [মাবধী > °দি, অপ্র] মাতৃহন্তা। "গো চ ১২৬।

মাভৈ, মা ভৈ, মা ভৈঃ দ্র 'মা৩।

মাম পুং ['মম্মী, মামা,-মী'—মাতুলানী (দেশী ৬ ১১২) >'°ম' (পুংলিঙ্গ), মৈ 'মাম'—মাতুল] মাতুল (সম্বোধনে)। "মাম কিমন্ত ত্বয়া নাহারবৃত্তিরনুষ্ঠীয়তে, মাম কিং তদ্বৈরাগ্যকারণম্।—পঞ্চ ১২৩২ , ১২৩৬ ১৪৯।

মামক বিণ [অস্মদ্+অ (অণ), অস্মদ্ >মমক (একবচনে), পা ৭.৩ ৪৪, সি , স্ত্রী -মকী (পা ১.১ ১৯, কাশিকা), -মিকা] ১ মদীয়, মৎসম্বন্ধী। "মামকং বচঃ।—ঋগ্বে ১০.১৭ ১৪। মামকং ধনম্ রা ২ ৩১ ৩৫। °কাঃ গী ১.১ , °কা ৯ ৭। ভার্য্যামেনাং মামকীম্ ক সা ৩২ ১৪৭। ব্রাহ্মণ মামকী তনু বি সু ১৭৭। ২ স্বার্থপর, লোভী (A.)। —ক পুং ১ কৃপণ (A)। ২ [মাম+ক (কন্) স্বার্থে] মাতুল (মেদিনী)। —কীন বিণ [°ক+ঈন (খঞ্), স্ত্রী -না] মদীয়। "প্রজ্ঞানং °নম্ ক সা ৩২ ১৪৫। °কবিতা—ভামিনীবিলাস।

মামকী, মামকীন দ্র 'মামক'।

মামড়ি বি [মাস-মড়া > °ড়ি] ঘাএর মুখের মরা বা শুখনা মাংস (slough)।

মামলা বি [আ মুআমলহ্ , হি, ঠ °লা , গু মামল] ব্যবহারিক বিষয় , অভিযোগ, মোকদ্দমা। "যেন রাঙ্গা আমলা তুলে মামলা, গামলা ভাঙ্গে না।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [°বাজ—মামলায় পটু , মামলাপ্রিয় (litigant)। "নী ১২।]

মামা বি [সং মাম,-মক , হি, ঠ, মৈ মামা , গু মাম ; ফা 'মামা' —মাতা] মাতুল। "মামা কংসাসুর শ্রী কী ৫০। —মী বি [মামা +ঈ৬ , দ্র 'মাম' ; আ১৩, 'মামী' (গাথাসপ্তশতী ১ ৯৩) ; হি, ঠ, গু, মৈ মামী ; তু 'মামি' (সখি—হে ২.১৯৫)] মাতুলানী। "শ্রী.কী ২৪৭। [°ঠাকুর—(শূদ্রপক্ষে) ব্রাহ্মণ মাতুল। °শ্বশুর—স্বামীর মাতুল। মামাইত, মামাত ভাই—মামার পুত্র। "°ইত ভাই ক.চ ১৮২। মামাত দেওর—স্বামীর কনিষ্ঠ মাতুল পুত্র। মামাত শালা—মামা-শ্বশুরের পুত্র। মামাত শালী—মামাশ্বশুরের কন্যা। মামাত বোন —মামার কন্যা।]

মামাইত, মামাত দ্র 'মামা'।

মামী দ্র 'মামা'। [°ঠাকরুণ—(শূদ্রপক্ষে) ব্রাহ্মণ মাতুলের স্ত্রী। °মা—মাতৃবৎ মামী বা মামীশাশুড়ী। °শাশুড়ী—স্বামীর মামী।]

মামু বি [হি মামূঁ] মামা (মুসলমানসম্বন্ধে)।

মামুর বিং [আ মামুর্] পূর্ণ। "মামুর বাবরুচিখানা ভা চ ৪৯৭।

মামুল, -লী বিং [আ মা'মূলী] ১ চিরপ্রচলিত, নিয়মিত, নিয়ত। "মামুলী আদায়। মামুল মত সেবা পূজা E.P. 52 ২ সাধারণ।

মামুলী দ্র 'মামুল'।

মাম্‌দো বি ['মহম্মদীয়'—মূল] ১ ভূতযোনিপ্রাপ্ত মুসলমানের আত্মা। "মামদোভূত শকটের সাবাথ।—য ২৩। ২ গালিবিশেষ। "নীল-মামদো।—নী ৬৭।

মাম্‌লেট বি [E omelet] ডিমের বড়াবিশেষ।

মায়১ বিণ [মায়া+অ (অচ্)] 'মায়াযুক্ত', মায়াবী, কুহকী। —য় পুং ১ ঐন্দ্রজালিক, জাদুকর। ২ মায়াবী, বিষ্ণু। "মহা ১৩ ১৪ ৩১৬। ৩ অসুর (মেদিনী)।

মায়২ বি° [স° মাতৃ (মাতা) >প্রা মায়া , হি, ঠ, গু মায়] ১ মাতা। "ধন্য মায় বাপ।—মী ১২। শ্রী কী ১৫১। মায় সোণাই না জীব আমার মৃত্যু শুনি ব প ১৭৭। কাঙ্গালিনী মায় শ্রী ম ২৬। ম.ম ৯১। গণেশের মায়।—দু ৯৬। ২ ইষ্ট দেবতা। "কিছু নিবেদিয়ে শুন তারা মায়।—দু ৫৪। ৩ মাতৃতুল্য নারী। "বল তারা মায়, কার মুখ চাহি রব।—দু ৯৯।

মায়৩ অব্য [আ মা'এ] সহিত, সহ। ঢাক মায় রোশোনচৌকী। —হু ১৫১ মায় বাতি বেলশর্ঠন ১৫২ , বাবু মায় ষ্টাফ্...উঠানে দাঁড়িয়েছেন ১৯০। রাজা মায় কেল্লা সেলেখানা ব প্র ৪৭৫।

মায়া স্ত্রী [ময+অ (ণ)+স্ত্রী আ (টাপ্), √মা+য-ধি+স্ত্রী আ (অ টী উ ৪ ১০৯), মাশ্চ মোহার্থবচনো যাশ্চ প্রাপণবাচকঃ। তাং প্রাপয়তি যা নিত্যং সা মায়া পরিকীর্ত্তিতা॥ 'মাযা'—প্রতিকূল কপট বিশেষ (সায়ণ—ঋগ্বে ১ ১২ ৭), তু 'সং মাতা >প্রা মাআ (হে), মায়া (প্রা ল, ৫৪ পৃষ্ঠ)। "মাআধব : কত মাআ (শূ)] ১ 'দেবতা-বঞ্চনার্থ ময়-নির্ম্মিতা , যাহাতে বিশ্ব মিত হয়', ইন্দ্রজাল, শাম্বরী, কুহক , ঐন্দ্রজালিকী ক্রিয়া। "°মৃগ গো.রা ৩ ৪৯ ২১। (প্রমদাঃ) মায়াশ্চ ময়কৃতাঃ মহা ১৩ ৪০ ৪০। স্বপ্নো নু মায়া নু শ ৬ ১০। ২ শাঠ্য, ধূর্ত্ততা, কাপট্য। "কহিব সকল কথা না করিব মায়া।—মী ৮। জিনিতে প্রজার মাযা, জমি দিবে মাপিয়া ক.চ ৮৫। ত্রাহি...না করিহ মাযা ম পা ১৭০। এত মায়া জান তুমি কপট রাক্ষসী ম ম ২১৪। ৩ মায়াকল্পিত বা অসত্য বিষয়। "মায়াং মযোদ্ভাবা পরীক্ষিতোঽসি রঘু ২ ৬২ , ১২ ৭৪। ৪ ছদ্ম, ব্যপদেশ, ব্যাজ। "মনু ১.৮২। ৫ কূট, অন্যথাকারদর্শন ('কূট' শব্দে অ টী)। ৬ প্রজ্ঞা (ঋগ্বেদ ১.১১.৭), বুদ্ধি (ত্রিকাণ্ডশেষ)। ৭ দম্ভ , ক্ষুদ্রোপায়। ৮ পরমেশ্বরের শক্তি। "মম মায়া দুরত্যয়া গী ৭.১৪। না বুঝসি মোর মায়া শ্রী কী ১০৬। ৯ দুর্গা। তু 'মাতা'। "ভ ২ ৬.৩। ১০ লক্ষ্মী। ১১ বুদ্ধদেব-জননী। ১২ (সাংখ্যে) প্রকৃতি। 'মায়াং তু প্রকৃতিং বিদ্যাৎ।—শ্বেতাশ্বতরোপ-নিষৎ ৪ ১০। ১৩ (বেদান্তে) দৃশ্যমান মিথ্যাজগতের সত্যরূপে প্রতীতিকারণ , অবিদ্যা, অজ্ঞান। [এই মায়া হেতু রজ্জুতে সর্পভ্রমবৎ ব্রহ্মে অবস্তুর ভ্রম হয় ও দৃশ্যমান জগৎ সত্য বলিয়া প্রতীত হয়। ব্রহ্ম-

জ্ঞানে মায়াপগম হেতু সব ব্রহ্মময় বোধ হয়।] ১৪ (শৈবমতে) আত্মার চতুর্ব্বিধ পাশের একতম (A.)। ১৫ কৃপা (শ.ক)। ১৬ [হি, ঠ °য়া] (বাঙলায়) মমতা, স্নেহ। ১৭ দেবতার বিশেষ বিশেষ শক্তি। "দৈত্যবধে হৃষ্ট হ'য়ে যত দেবগণ। নিজ নিজ মায়া সভে করিল অর্পণ॥—ম ৫৭৯। ১৮ স্ত্রীলোক, মেয়ে। "মায়া সব যায়া আইসা নিমন্ত্রণ কর।—বণ ১৮৭২। ১৯ ক্ষুদ্রমৎস্যবিশেষ, মৌরলা মাছ। [°কার, °কৃৎ, °জীবী (-বিন্) পুং—ঐন্দ্রজালিক, জাদুকর। °কিরাত (পুং)—ছদ্মরূপ ব্যাধ। "মায়াকিরাতো গিরিশঃ ভ ৩.১ ৩৮। ম ৪৯৩। °দেবী (স্ত্রী)—বুদ্ধজননী। "°বী-সুত (অ কো)। °দ্যূত (বি)—কপটপাশকক্রীড়া। "ম ৬৩২। °ধর (বিণ)—কপট, মায়াবী। °পটু (বিণ)—ছদ্মকুশল, কপটী। °পতি (পুং)—লক্ষ্মীপতি, বিষ্ণু। "শঙ্করাত্র ৪ ৩ ১৮। °প্রয়োগ (পুং)—কপটাচরণ, ছদ্মব্যবহার। "পঙ্ক ১ ২০২। °ফল (ক্লী)—মাইফল (শ ক), মাজুফল (হিন্দীশব্দসাগর)। °বচন (ক্লী) কপটবাক্য, মিথ্যাকথা। °বিৎ (-দ্) বিণ—মায়াকুশল, মায়াবী। "মহা ১.২০৯ ২০। °মনুজ (পুং)—মায়াশ্রয়ে নররূপী, মায়ামানুষ। "মায়ামনুজ ঈশ্বরে ভ ৭.১ ২৮। °যোগ (পুং)—ছদ্মাচরণ, কপটাচার। °যোধী (-ধিন্) বিণ—ছলপূর্ব্বক যুদ্ধকারী, কপটযোধ। °রসিক (বিণ)—মায়াবসজ্ঞ, ছদ্মনিপুণ। °সুত (পুং)—বুদ্ধদেব।] [মায়া পাতা—দ্র 'পাত'। 'শ্রী কী ১০১। মায়ার পুতলি, পুত্তলি—মূর্ত্তিমতী মায়া, মায়ার আধার। "নানা মায়া ধরে দুষ্ট মায়ার পুতলি: মায়ার পুত্তলি।—কৃ ১৩৮। মায়ার ফাঁদ—মায়াপাশ, কপট-প্রবন্ধ। "পাতিয়া মায়ার ফাঁদ।—কৃ ১৩৮।]

মায়াকান্দন, -কান্না বি কপটক্রন্দন, লোকদেখান কান্না। "পদ্মাবতী °কান্দন ছাড বি পা ৩৫৩। (বাঞ্ছারামবাবু) বাবুরাম বাবুকে দেখাইবার জন্য মায়াকান্না কাঁদিতে লাগিলেন।—আ দু ৬১।

মায়াকান্না দ্র 'মায়াকান্দন'।

মায়াচণ বিণ [°য়া+চণ (চণপ্)] মায়াখ্যাত। "ভট্টি ২ ৩২।

মায়াচার বিণ [মাযা+আ-√চর+অ (অণ)-ক, উ ত, স্ত্রী -রী] কপটাচারী, ধূর্ত্ত, শঠ। বিপ 'সাধ্বাচার'।

মায়াছান্দ বি ছদ্মবেশ। "°ন্দে ডোমিনীবেশে ম ম ২২৭।

মায়াজল, মায়াবারি বি মায়াসৃষ্ট জল। "ম ৫৭১,-৮।

মায়াজাল বি ১ মায়াপাশ, কপটপ্রবন্ধ। 'ভাণ্ডিবারে পাতে °ল।—কৃ ১৩৮। ২ মৃত্যুর পূর্ব্বে রোগীর রোগজন্য দৃষ্টিক্ষীণতা।

মায়াতন্ত্র বিং মায়াবশ। "জীব মায়াতন্ত্র শ্রী ম ২৬২।

মায়াত্মক বিণ [বহুব্রী. সমাসান্ত 'ক' (কপ্)] মায়ামূলক।

মায়াধিক বিণ [স.ত] মায়াবিষয়ে অধিক, অতিমায়াবী।

মায়ানাট বি মায়াকল্পিত লীলা, ছদ্মাভিনয়। 'চৈ চ ১১৮।

মায়াপ্রপঞ্চ বি মায়ার বিস্তার, মায়ার ব্যক্তি বা সৃষ্টি। "এ মায়া-প্রপঞ্চময় ভবের রঙ্গমঞ্চ-মাঝে পা ঝো ২৫৯। এই মায়াপ্রপঞ্চময় জগতের মধ্যে পা প্র ৬৭।

মায়াফাঁশ, -স বি মায়াপাশ, মায়াবন্ধন। "°স ভ গ্র ১৬৩।

মায়াফাঁস দ্র 'মায়াফাঁশ'।

মায়াবতী দ্র 'মায়াবান্'।

মায়াবন্ধ বি কপটপ্রবন্ধ, ছলনা। "গো চ ৪৩১।

মায়াবাজি বি মায়ার খেলা। "ধর্ম্মের °জি শ্রী ৩২।

মায়াবাদ পুং [ষ ত] মায়াসম্বন্ধী মতবিশেষ, দৃশ্যমান জগৎ মায়ার সৃষ্টি, সুতরাং মিথ্যা, অথবা ব্রহ্মব্যতিরিক্ত সমস্ত বস্তুই অনিত্য ও অসত্য—এই সিদ্ধান্ত। —বাদী (-দিন্) পুং যিনি মায়াবাদানুসারী, বেদান্তী। "মায়াবাদিগণ চৈ.চ ১২৩,-৮৪, মায়াবাদী 'নির্ব্বিশেষ ব্রহ্ম-হেতু' অন্ন ২৪৭।

মায়াবান্ (-বৎ) বিণ [মায়+বৎ+(বতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ কপটবান্ (সায়ণ), মায়াযুক্ত, মায়ী। "ঋগ্বেদ ৪.১৬ ৯। মায়াবন্তি চরিত্রাণি ভ ৩.১৩.৪৮, শ্রীধর। ২ ঐন্দ্রজালিক, মায়াবী। ৩ কপট, ধূর্ত্ত। ৪ অসত্য। —বান্ পুং কংসরাজ। —বতী স্ত্রী [°ৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] কামপত্নী রতি। দ্র 'বিষ্ণুপুরাণ ৫,২৭শ অধ্যায়।

মায়াবারি দ্র 'মায়াজাল'।

মায়াবী (-বিন্) বিণ [মায়া+বিন্ (বিনি)-১ব, স্ত্রী -বিনী] ১ মায়াযুক্ত, মায়িক, মায়াকার। "মায়াবিনং বৃত্রম্।—ঋগ্বেদ ২ ১১.৯। রা ১ ১ ৫২। রঘু ১০ ৪৫। ২ ধূর্ত্ত, শঠ। —বী পুং ১ ঐন্দ্রজালিক, বাজিকর। "ভ ৫ ২৪ ১৬। ২ মায়াবল্বিষয়। "কি ১৩০। ৩ (বাঙলায়) মায়াশক্তিমান্ ঈশ্বর। "এ কি কৌশল খেলেছ মায়াবী, বুঝি দিলে মোরে ফাঁকি।—কথা ৬২।

মায়াবীজ বি দুর্গার বীজমন্ত্র 'হ্রীং'। "দু ৪৫।

মায়ামমতা বি কৃপা ও স্নেহ, স্নেহমমত্ব।

মায়াময় বিণ [মায়া+ময় (ময়ট্), স্ত্রী -য়ী] ১ মায়াবিকার, মায়া-রচিত। "(দদর্শ অহল্যাম্) দিব্যাং মায়ামযীমিব রা ১ ৪৯.১৪, ৬.৮১.৫। °শূকর ভ ৩ ১৩ ২৫। ২ মায়াপ্রচুর, ঐন্দ্রজালিক। ৩ মিথ্যা। —ময় ক্লী অস্ত্রবিশেষ। "রা ১ ২৭ ১৯।

মায়ামুণ্ড বি মায়ায় রচিত কাহারো মুণ্ডসদৃশ মুণ্ড, অনুরূপ মিথ্যা মুণ্ড। "কান্দে সীতা মায়ামুণ্ড লৈয়া।—কৃ ২৪৩। শ্রী ১৮২।

মায়ামৃগ পুং [উ লো] মায়ারচিত মৃগ, মিথ্যামৃগ। "কৃ ১৩৮।

মায়ামো বি [°মোহ > °মো] মায়া-মমতা। "মাতা তব মায়া-মো ক চ ৬, ৩০, ২২৪,-৪৯। শ্রী ৭৬, ২০২।

মায়ামোহ, -হো বি কপটপ্রবন্ধ, ছল-কলা। "এতেঁ কেহ্নে রাধা পাতসি মায়ামোহো শ্রী.কী ৩৬৯। [°হো পাতা—ছল-কলার অব-তারণ করা, ছলনা করা।]

মায়ামোহো দ্র 'মায়ামোহ'।

মায়াযন্ত্র ক্লী [উ লো] মায়ারচিত যন্ত্র বা কূটকৌশলকার্য্য। "স্বমায়া-যন্ত্রপুত্রিকা ক সা ২৯ ১৮, °কবণ্ডিকা ৩৭।

মায়ারণ বি কপটযুদ্ধ, চোরাযুদ্ধ। "কৃ ৪১০।

মায়ারথ বি কামচারী গন্ধর্ব্বরথ। "ম ৫০৯।

মায়াল বি [মহাকাল > °ল] বিষধর সর্পবিশেষ।

মায়াসরোবর বি মায়াসৃষ্ট সরোবর। "ম ৫৭৬।

মায়াসীতা স্ত্রী [উ লো] ১ হরণের পূর্ব্বে যোগে অগ্নিকৃত সীতা-প্রতিকৃতি (ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড, ১৪শ অধ্যায়), হরণের পূর্ব্বে রামাদেশে সীতাকৃত স্বীয় ছায়ামূর্ত্তি (অধ্যাত্মরামায়ণ ৩ ৭ ২-৪)। "°তা নিল রাবণ চৈ চ ১২৮। ২ মায়ায় ইন্দ্রজিৎকৃত সীতাপ্রতিমূর্ত্তি (রা ৬ ৮১ ৪-৫) মধ্যে বিদ্যুজ্জিহ্বকৃত সীতামূর্ত্তি (কৃ ৩০৫)।

মায়ি দ্র 'মায়ী'।

মায়িক বিণ [মায়া+ইক (ঠন্), স্ত্রী -কা, পা ৪ ২ ১১৬] ১ মায়া-বান্, মায়াবী। ২ বঞ্চক, ধূর্ত্ত। "অ°। ৩ মায়ারচিত, মায়াসৃষ্ট (জগৎ)। "মায়িক ভূতের তথি (বৈকুণ্ঠে) জন্ম নাহি হয় চৈ চ ২৩, চিদানন্দ কৃষ্ণের বিগ্রহ 'মায়িক' করি মানি ২৪৬। ৪ অসত্য, অলীক। ৫ (বাঙলায়) প্রাকৃত, সাধারণ। "অন্যে না বুঝয়ে তাহার রীত। মায়িক লোকে সে সদা নিন্দিত॥—দু ৫২। —য়িক পুং মায়াকার, ঐন্দ্রজালিক। "(অহম্) পরবান্ দারুপাঞ্চালী °কস্য যথা বশে। —দেবীভাগবত ৪.১৯.৪। —য়িক ক্লী মায়াফল।

মায়ী (-য়িন্) বিণ [মায়া+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -য়িনী] ১ 'মায়া-বান্', মায়োপেত, মায়াবী (সায়ণ)। "ঋগ্বেদ ১ ৩২ ৪, মায়িনং মৃগম্ ৮০.৭, মায়িনঃ...রক্ষসঃ ৮,২৩.১৪। কু স ২.৪৬। কি ১৩০'

(যোগমায়া) বড় বড় মায়ী জন মোহে এক তিলে শ্রী.ম ২১৮। ২ কপট, শঠ। ৩ অসত্য, মিথ্যা। —য়ী পুং ১ মায়াকার, ঐন্দ্রজালিক। ২ মায়াধিক পরমেশ্বর। 'মায়িনং তু মহেশ্বরম্ (বিদ্যাৎ)।—শ্বেতাশ্বতর ৪ ১০। ৩ শিব। ৪ ব্রহ্মা। ৫ অগ্নি। ৬ কংসরাজ। ৭ মায়াবিষয়। "বয়ন্তি…মায়িনং পুরুষং গুণাঃ ভ ২ ৫ ১৯। —য়ি স্ত্রী ইন্দ্রজালবিদ্যা, কুহক।

মায়ু পুং [√মা+উ (উণ্)-ক, উ ১১] ১ 'শরীরে তাপপ্রক্ষেপক' (অ টী), পিত্ত। ২ পিত্তপ্রধান ধাতু।

মায়ুর বিণ [ময়ূর+অ (অণ), স্ত্রী -রী] ১ ময়ূরসম্বন্ধী। "রা ২.৯১ ৭০। মাংসং মায়ূরম্ মহা ১৩ ১০৪ ৯৩। ২ ময়ূররবসদৃশ। "মায়ূরী মদয়তি মার্জনা মনাংসি মা মি ১২১। ৩ ময়ূরাকৃতি। "মায়ূরং রথম্।—হ ১ ৯০ ১০। ৪ ময়ূরপুচ্ছরচিত। ৫ ময়ূরবর্ণসদৃশ। "মায়ূরং কেয়ূরম্।—বৃহৎসংহিতা ৪৩ ৪৪। —য়ূর স্ত্রী ময়ূরসমূহ। "পা ৪ ২ ৪৪, কাশিকা। —য়ূর বি [মারু > °র ? (গী সা)] রাগ-বিশেষ। "প র ২, ৭। —য়ূরক পুং [°র+ক (কন্) সংজ্ঞার্থে] লীলাময়ূরশুকাদিগ্রাহী, ময়ূরপুচ্ছ দ্বারা ছত্রাদি-ব্যজন-কারী (রা টীকা)। রা ২ ৮৩ ১৩, —য়ূরিক পুং [°র+ইক (ঠক্)] ময়ূরঘাতক। "পা ৪ ৪ ৩৫। —য়ূরী স্ত্রী অজমোদা।

মায়ূরক, মায়ূরিক, মায়ূরী দ্র 'মায়ূর'।

মায়্যা বি [মায়া+°য়্যা] ১ স্ত্রীজাতি। 'মায়্যা দেবতা ক ৮ ২৯০। মায়্যা ছার জাতি ব প ১৩৫৭, মায়্যা মানুষের নামে ১৩৭১। ২ কন্যা। "ক্ষত্রকুলে কেহ নাহি বিভা দেয় মায়্যা।—ম ২৫৩। বারুএর মায়্যার করিছি দর্প চুর শ্রী মা ১১০। ৩ নারী, বধূ। 'গোআলা মায়্যা শ্রী ম ৬৩। গোপের ম্যায়ার কাছে তুমি বড়ই অসুর ব প ৭৮৯, ৯১২। যুবতী মায়্যা শ্রী ম ৬৬। ৪ স্ত্রীলোক। 'মায়্যা হয়্যা হরকরা পণে সব পুরে ব প ১৪৭৭।

মার১ বিণ [√মৃ+ই (ণিচ)— √মারি+অ (অণ্)-ক, স্ত্রী -রী] মারক, বিনাশক, ঘাতক। 'অশ্ব°, অহি°, খড়্গি°, পশু° [সমাসে উত্তরপদ]। —র পুং [+অ (অচ্)-ভা] ১ মারণ, বিনাশ, বধ। 'পশুমারেণ (মহা—S W)। ক্ষুন্মারকৃৎ।—বৃহৎসংহিতা ৩ ৩১। মারোত্তম গী গো ৩ ১৪। ২ মারণ, তাড়ন। 'মারাঙ্কে রতিকেলিসঙ্কুল-রণারম্ভে গী গো ১২ ১২। ৩ [+অ (অচ্)-ক] 'বিরহিমারক', কাম। 'মারশৃঙ্খলয়া দৃশা ক সা ৭ ৬২। মার মারণের সাধা।—ম ১৮৩। হিয়ার ভিতরে… বিঁধিলে বাণ যে মার চ দা ১৫। তার ধ্বনি মারে মারে বা দ ৬১। ৪ মৃত্যু। ৫ বিঘ্ন। ৬ ধুস্তুর। ৭ (বৌদ্ধধর্মে) ধ্বংসশীল অসৎপ্রবৃত্তিসমূহের অধিষ্ঠাত্রী দেবতা। 'মারজিৎ। মারবধূ। —পক্ষ ৫ ১৪। চ ২৯। [°জিৎ (পুং)—১ মহাদেব। ২ বুদ্ধদেব। °মোহিত (বিণ)—কামাভিভূত। °রিপু (পুং)—স্মরহর, মহাদেব।]

মার২ 'মা'র' বি [মারি > °র] ১ প্রহার, আঘাত। "মুষলের মারে কার মাথা গেল ফেটে শি ৬৫। ২ বিনাশ, ধ্বংস। 'সাবধানের ঘরে মার নেই। ৩ শাসন, পীড়ন। "ভগার মার (দ্র 'ভগা')। ৪ বিপদ, বিঘ্ন। 'সিদ্ধে পথে থাকিলে মার নাই।—আ দু ১৬৯। [°দস্তুর —(খেলায়) দস্তুরমত প্রতিবন্ধক। °পেঁচ (হি 'মারপেচ'—ধূর্ত্ততা) —কূট প্রয়োগকৌশল। এ একটা কথার মারপেচ বলিয়া বোধ হইতেছে।—অ শী ৯। °পেঁচি—মারপেঁচযুক্ত, কূটকৌশলবিশিষ্ট। "জেরার মারপেঁচি কথা আ দু ১৮৩। °মুখ, -খো—মারিতে উদ্যত। °মূর্ত্তি—সংহারমূর্ত্তি, ক্রোধে রুদ্রস্বরূপ। মার খাওয়া—প্রহার ভোগ করা। মার দেওয়া—প্রহার করা।]

মার৩ সর্ম [সং √মারি—মারয়্ > লি √মারে, প্রা √মার > বা °র, হি, ঠ, ও, মৈ, ড়, অস √মার] ১ বিনাশ করা, বধ করা। "মারিছি আজার ভাই গো.বি ১৮৬। বেগে যায় নারায়ণ তাঁহাকে মারিতে।—ম ৮০০। ২ প্রহার করা, মারা। "ভাল ভাণ্ডা লইয়া মারন্তি ঃ মুষ্টিএ মারেন্ত কেহ অ প ৬০। মেঘনাদে বেড়ি বানর মারে। —কৃ ৩১১। ৩ লক্ষ্যে আঘাতার্থ প্রয়োগ বা নিক্ষেপ করা। "এক ঢেউ মারিলেন ঐরাবত পরে।—কৃ ১৯। কারে মারে মুষ্টিঘাত কারে মারে লাথি।—ম ৮৪৭। মারন্তি শরজাল ম বি ২০৫। মারিলেক বাণ শ্রী.ম ৫১। মারে বাণ চ বি ৫১, ৬২। লাথি কীল মারিছে ভা চ ৪৪। পাথশাট মারি কেহ খেদাইছে দূরে, সমলোভী জীবে।—মে ১৫। ৪ লক্ষ্যে প্রতিহত করা। "কপালে কঙ্কণ মারি কান্দয়ে ব.প ৬৬০, রাজা কান্দে হস্ত মারে আপন মাথায় ১২০৩। কপালে কঙ্কণ মারে ভা চ ৬৫। (হাতুড়ি) মারিল নির্ঘাত শি ৭১, মস্তকে মারিতে তুলে বাড়ি ১০৬। ৫ পাক করা। "সে চিনি মারিয়া কে বা ফেণি তুলিল গো।—চৈ ম ৯৬। মিছরি মারিষা ফেনি রা শে ২২। ৬ তাপে শুষ্ক করা। "মাংসের এঁসানি মারে শ্রী ৩১। ৭ ছেঁচিয়া ফেলা। "কাট মার পাণী শ্রী কী ১৫৬। ৮ বন্ধ করা, আটকান। "পদাঘাতে যোগ মারে শি ৮১। ৯ দন্তাঘাত লাগান। "আঙ্গুলে মারে বজ্রকামর ম.ম ১৯৩। ১০ ঠুকিয়া বসান। "খীল, জলুই, পেরেক মারা। ১১ সংলগ্ন করা, আঁটা, লাগান। "তথ্তা, তালি মারা। ১২ দেওয়া। "গোর্থে মারে ভুড়ি গো বি ১৮৬। পিচকারী মারে শ্যামে গোপিনী সকল।—ব ১৩১। ১৩ প্রক্ষেপ করা। "মাবয়ে আবীর গোরী কস্তূরী চন্দন।—ব ১৩২। [মাইল—মারিল। 'চৈ চ ৩২০। মাইলে—মারিলে। "ম ১১০। মাইর ধৈর খাওয়া—ধৃত হইয়া প্রহার ভোগ করা। "গো চ ২৯। মাইরবে —মারিবে। "ব প ৫৯। মারকাট (হি °ট)—মারা কাটার কাজ, যুদ্ধ-বিগ্রহ। মারধর—ধরিয়া মারা, বিশেষ পীড়ন। মারন্তি, মারেন্ত —সর্থ 'মার৩ (২)। মার মার করা—'মার মার' বলা। 'বা ম ৪২। মেল —মারিল। "দু ৯৯। মেরে কেটে—১ বিশেষ পীড়ন করিয়া। ২ বাদ সাদ দিয়া, অর্থাৎ বিশেষ সময়সংক্ষেপ করিয়া। "আর মেরে কেটে দাদা ডেড়টা মাস।—অ গ্র ৭০। মাইল (মারিল), -লে, লেঁ, -লেন্ত, -লোঁ, মায়িল, -লি, -লেঁ, মাবিঁআ, -এ৷, -তে, -লেঁ, -লো, -লোঁ, -বোঁ, -রো (শ্রী কী)। মারহুঁ, -রিমু, -কম (গো চ)। অঙ্গ, গা মারা —গাত্রসঙ্কোচ করা। 'অঙ্গ মারি মারি,…রহিল বারি নেহারি শ্রী ম ৫৯। ইয়ারকি মারা—(অবজ্ঞায়) রঙ্গরস করা। উঁকি মারা—দ্র 'উঁকি'। কঙ্কণ মারা—কঙ্কণের আঘাত করা। দ্র 'মার৩ (৪)। কপাট মারা—কপাট বন্ধ করা। "শুতিষা রহিল ঘরে কপাট মারিয়া চৈ চ ৩২২। কোদাল মারা—কোদালে জমি খোঁড়া। 'কোদাল মেরে চাষ। আর শত্রু নিয়ে বাস॥—প্রবচন। খীল মারা—দ্র 'মার৩ (১০)। গটরা মারা—দ্র 'গটরা'। গাপ মারা—দ্র 'গাপ'। গুড়ি মারা—দ্র 'গুড়ি'। গেঁড়া মারা—হ্রস্বাকৃতি হওয়া। দ্র 'গেঁড়া১। ঘা মারা—আঘাত করা। চাল মারা—(অবজ্ঞায়) বাহাদুরি দেখান। দ্র 'চাল১। চুপ মারা—চুপ করা। চোট মারা—অস্ত্রাঘাত করা। জলুই মারা—দ্র 'মার৩ (১০)। জা'ত মারা—বিরুদ্ধ আচারে অন্যের জাতি নষ্ট করা। টাকা মারা—অসদুপায়ে অর্থ আত্মসাৎ করা। টিকিট মারা—টিকিট লাগান। টেক্কা মারা—দ্র 'টেক্কা'। ডানা মারা—পাখার ঝাপটা মারা। দম্ মারা—জোরে মাদকদ্রব্যের ধূম টানিয়া দম্ বন্ধ করা। "মার দম্ ক'সে দম্ গাঁজার কল্কে তুলে।—জা ৩১। দরকচা মারা—অর্দ্ধপক্ক হওয়া। "তরকারি, ফোড়া দরকচা মারে। দৌড় মারা—বেগে দৌড়ান। ধুলা, -লি মারা—জলাদিসেকে ধুলা সংহত করা। "চন্দনের ছড়া দিয়া মারিলেক ধূলি।—ম ১৮০। পথ মারা—পথ রুদ্ধ করা। পাশ মারা —দেহপার্শ্ব সংযত করা, অবয়বসঙ্কোচপূর্ব্বক শিষ্ট হওয়া। "দাণ্ডাইতে নারে চর নাহি মারে পাশ।—কৃ ২৩৭। পেট মারা—ভোজন শক্তি

করান। পেরেক মারা—দ্র 'মার৩ (১০)। প্রাণে মারা—প্রাণনাশ করা। "কারু প্রাণে না মারিল ব.প ৩৫৯। বোকা মারা—হতবুদ্ধি হওয়া। ভাতে মারা—আহার বন্ধ করিয়া পীড়িত করা। "মারে মারবো না হাতে। তারে মারবো ভাতে॥—প্রবচন। মটকা মারা—১ দ্র 'মটকা৪'। ২ ঘরের মটকা ছাওয়া। মদ মারা—(নিন্দায়) মদ খাওয়া। "মদ মেরে মেতে থাকে শ্রী ২২৯। মার্কা মারা—দ্র 'মার্কা'। মালকোঁচা মারা—মল্লের ন্যায় কোঁচা দুই পায়ের ভিতর দিয়া লইয়া কাছার সহিত গুঁজিয়া দেওয়া। মুখ মারা—প্রস্তাববিশেষ বন্ধ করা। মুড়া মারা—কোনো বিষয়ের সমাপ্তি বা চূড়ান্ত নিষ্পত্তি করা। মেরে খুন করা—প্রহারে প্রাণান্ত করা; অত্যন্ত প্রহার করা। "ছাগ মেষ যথা পায়, মস্তুরি খুন করে তায় ক.চ ৯০। দ্র 'খুন'। শিঙ্গা মারা—শিঙ্গায় ফুক মারা; শিঙ্গা বাজান। "শিঙ্গা মারে কালু ব.প ৪২১। হাঁফ মারা—শ্রমজন্য হাঁপ বা ঘন নিশ্বাস দূর করা, জিরান। হাত মারা—অন্যের অর্থ হাতে পাইয়া আত্মসাৎ করা। হুঁকা মারা—১ উচ্চজাতির হুঁকায় নীচজাতি তামাক খাইয়া হুঁকা অব্যবহার্য্য করা। ২ হুঁকা বন্ধ করা, সমাজে সহভোজনাদি বর্হিত করা। মারই, -রসি, -রিঅ, -আ, -রিহসি (চ)।]

মারক বিণ [√মৃ+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -রিকা] ১ বিনাশক, ঘাতক। "ইয়ম্…নার্য্যেকাদশমারিকা ক.সা ৬৬ ৭৭, ৮০। ২ ভস্মীকারক। "লোহ°। —রক পুং ১ মরক, মারি, উৎপাত। ২ শ্যেন। ৩ ঘাতক, জল্লাদ। ৪ [মার১+ক (কন্) স্বার্থে] কাম।

মারকত বিণ [মরকত+অ (অণ্), স্ত্রী -তী] ১ মরকতবিকার, মরকতরচিত। "ভ ৩ ১৫ ২০। ২ মরকতসম্বন্ধী, মরকতসদৃশ। "কাচঃ কাঞ্চনসংসর্গাদ্ ধত্তে °তীং দ্যুতিম্ হি ৪১ (কথারম্ভ)।

মারকুটে বিং [°ট+এ৭, ঠ °কূট, শু °ট—মারা ও কুটা] যে মারে ও কোটে; যে একটুতেই রাগিয়া মারে।

মারগ '-র্-' বি [সং মার্গ] পাছা। "গো চ ২৭৪।

মারণ বিণ [√মৃ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] নাশক, ঘাতক। —বণ ক্লী [+অন-ভা] ১ হনন, বধ, হিংসা। 'মনু ৫.৩৮, মনুষ্য° ৮ ২৯৬। পশু° শ ৬.১। সিংহিকা°। —কৃ ২০২। মার°।—ম ১৮৩। অসুর° চৈ.চ ১২। ২ ভস্মীকরণ। "ধাতু° ব.প ৩১৭। ৩ [+অন-ণ] 'বিনাশসাধন', অভিচারকর্ম্মবিশেষ। দ্র 'অভিচার (৪)। "°কর্ম্মন্, °কৃত্য। ন শস্তং মারণং কর্ম্ম (পঞ্চরাত্র)। ৪ বিষ-বিশেষ। ৫ (বাঙ্লায়) প্রহার মা'র। "খুলনা মরিল মারণে ক.চ ১৪০। মারণের চিহ্ন শ্রী ম ২৮৯, চৈ.চ ২৫২। শ্রী.মা ১৪৬। খাইল মারণ চৈ.ভা ২৬৪। রাখিল মারণ ম.ভা ২১। বা.ম ২৩৩,-৬। মারণের চোটে বি.সু ১০২। [মারণের বিষ—প্রহারজন্য বেদনা। "বি.পা ২৪৭। গন্ধর্ব্ব মারণ—গন্ধর্ব্বের মার, যৎপরোনাস্তি প্রহার। "ম.বি ১৮৪।]

মারপিট, -ঠ বি [ঠ, শু °পীট] মারা ও পেটা, বেদম মার; মারা (beating and buffeting)। "আশমানি মারপিট তৃণজ্ঞান করিয়া বিমলার নিকট নৃত্যের পরীক্ষা দিতেছে ব প্র ১০৩, মারপিঠের দাগ ৩২৭।

মারপিঠ দ্র 'মারপিট'।

মারপেঁচ, মারপেঁচি দ্র 'মার২।

মারব বিণ [মরু+অ (অণ্), স্ত্রী -বী] মরুসম্বন্ধী, মরুভব, মরুস্থিত। "মলোদর ১.৪১। [°দ্বীপ (বি)—মরুস্থ উর্ব্বরভূমি।]

মারলি বি [মাড়লি > °লি] উঠান (?)। কাহার মারলি দিয়া কেহ নাহি যাই গো.চ ৫।

মারহাটা, -ঠা বি [সং মহারাষ্ট্র > প্রা মরহট্‌ঠ (হে) > বা °ঠা, টা] মহারাষ্ট্রদেশ; মহারাষ্ট্রবাসী; মরাঠা। [মারহাটিয়া রাগ—মহারাষ্ট্রীয় রাগ। "চৈ.ম ৩।]

মারহাঠা দ্র 'মারহাটা'।

মারা বিং [মার৩+আ১২, হি মারা] ১ মারিত, নিহত। ২ সংলগ্নী-কৃত, লাগান। "মার্কা°। রাস্তার মোড়ে মোড়ে…এস্তেহার মারা গেছে।—হ ২১৪। ৩ [মার১ > °রা] মারক, ঘাতক। "পাখী°, মাছ°। ভক্ত-মারা, এ নাম সারা জাগিল এই ভবে।—হু ২৪। —রা বি [+আ৬] সর্থ 'মার৩। [মারা ধরা—মারা, বিশেষ পীড়ন। মারামারি—পরস্পর মারা। মারা যাওয়া—১ মৃত্যুকে পাওয়া, মরা। ২ নষ্ট হওয়া, অপহৃত হওয়া; হারান। "(জিনিষ) নয় মারা যায় ঠগের ধারায়।—কা ১১৫।]

মারাঙ্ক পুং [মারের অঙ্ক, ষ ত] কামচিহ্ন, তাড়নচিহ্ন। "মারাঙ্কে রতিকেলিসঙ্কুলরণারম্ভে গী গো ১২.১২।

মারাঠা, মারাঠী দ্র 'মরাঠা'।

মারাত্মক বিণ [মার আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -ত্মিকা] হিংস্রস্বভাব, হিংস্রক, দারুণ। "হি ১২।

মারামারি বি [মার২-আ+মার২-ই, হি °র, ঠ, শু °র, -রী; মৈ °রি] পরস্পর মারা বা লড়া, হানাহানি।

মারি, -রী স্ত্রী [√মৃ+ই (ণিচ্)+ই (ইন্)-ভা, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ১ মারণ, হনন, বধ। ২ [+ই-ক] উৎপাত, মরক, মড়ক। "মারীভয়, মহা°। মারী।—ম ১২৮১। আমরা মারী নিয়ে ঘর করি কু.কে ১৬০। ৩ বসন্তরোগ। ৪ বর্ষ, বৃষ্টি। ৫ (বাঙ্লায়) প্রহার, মা'র। "মারি খেয়ে কুম্ভকর্ণ হইল বিবর্ণ।—কৃ ২৭৬। —রিকা স্ত্রী সর্থ 'মারি (২)। —রী স্ত্রী চণ্ডী (শ.ক)। [°গুটিকা (বি)—বসন্তের গুটি, বসন্তস্ফোট। "মারীগুটিকায় ভরে গেছে তার অঙ্গ।—কথা ৩৩।]

মারিকা দ্র 'মারি'।

মারিচ বিণ [মরিচ+অ (অণ্), স্ত্রী -চী] ১ মরিচবিকার, মরিচ-নির্ম্মিত। ২ মরিচসম্বন্ধী। "চূর্ণেন…°চেন।—হ ১৪৮.৫৯। —চিক বিণ [+ইক (ঠক্)] মরিচ দ্বারা সংস্কৃত। "পা ৪.৪.৩।

মারিচিক দ্র 'মারিচ'।

মারিত বিণ [√মৃ+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] ১ বিনাশিত, হত। ক.সা ৬৬৮১। ২ ভস্মীকৃত। "অসমাণ্ড্ মারিতং স্বর্ণং বলং বীর্য্যঞ্চ নাশয়েৎ (ভাবপ্রকাশ)।

মারিষ পুং [তু 'মার্ষ >(স্বরাগমে) প্রা *মারিস] (নাট্যে) আর্য্য। "মারিষ ইতস্তাবৎ।—বিক্র ১½। মা মা ১¾। উচ ১⅘। [নাট্যে সূত্রধার পারিপার্শ্বিককে 'মারিষ' শব্দে সম্বোধন করেন (সা.দ ৬.১৪৮)। নাটক ভিন্ন অন্যত্রও ইহার প্রয়োগ আছে। "মহা ১২২১৯। ভ ১ ১৪ ২৬।]

মারী১ (-রিন্) বিণ [√মৃ+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -রিণী] ১ মরণশীল। ২ [+ই (ণিচ্)+ইন্-ক] মারয়িতা, হন্তা। "জয় মহিষাসুরমারিণি ক সা ৭৮ ৯০। [সমাসে উত্তরপদ।]

মারী২, মারীগুটিকা দ্র 'মারি'।

মারীচ বিণ [মরীচি+অ (অণ্), স্ত্রী -চী] মরীচিসম্বন্ধী, মরীচি-প্রোক্ত। —রীচ পুং ১ মরীচির অপত্য—পৌত্রাদি। "পা ৪ ১ ১২২, কাশিকা। ২ মরীচিপুত্র, কশ্যপ। 'মারীচং কশ্যপম্ রা ১.৪৬ ১। মহা ১৩৮৫.১০৭। শ ৭.৯। ভগবান্ মারীচঃ।—ভ ৬.১৮ ৪৪। ৩ যাজক-ব্রাহ্মণ। ৪ রাজহস্তী। ৫ ককোলক। ৬ রাক্ষসবিশেষ। [ইহার মাতা তাড়কা, পিতা সুন্দ। বিশ্বামিত্রের তপোবনে মারীচ রামশরে আহত হইয়া সমুদ্রমধ্যে ও বনে মুনিবেশে অবস্থান করিত। রাবণের

প্রবর্তনায় মারীচ সীতাহরণার্থ মায়ামৃগ রূপে জনস্থানে প্রবেশ করিলে, রাম কর্তৃক নিহত হয়।] —রীচ ক্লী মরীচসমূহ, মরীচবন। "রঘু ৪.৪৬। —রীচী স্ত্রী মায়াদেবী। —রীচ্য পুং (বহুব) মরীচিপুত্রগণ। "মনু ৩.১৯৫।

মারীচী, মারীচ্য দ্র 'মারীচ'।

মারুণ্ড পুং [ফা মার্ (সর্প) + অণ্ড ?] ১ সর্পাণ্ড। ২ (সর্পাকার ?) মার্গ, পথ। তু 'মারুলি'। ৩ গোময়মণ্ডল। দ্র 'মাড়লি'।

মারুত বিণ [মরুৎ+অ (অণ্) ; স্ত্রী তী] মরুৎসম্বন্ধী, মরুদ্‌বিকার (সায়ণ)। "মারুতং গণম্। —ঋগ্বেদ ১.১৪.৩। ব্রতমেতদ্ধি মারুতম্ মনু ৯.৩০৬। —রুত পুং [+অ স্বার্থে] ১ মরুৎ, বায়ু। "গিরিগুহা …মুক্তমারুতা গো.রা ৪.২৫.১৪। নিশা…সুখশীতমারুতা মহা ৫.১৮৪. ২৯। রঘু ২.৩৪। মারুত মারত ধাব।—গো ২৫৩। °চালিত প.ভূ ৩৮। ২ (বহুব) ঊনপঞ্চাশৎসংখ্যক পবন। দ্র 'রা ১.৪৬-৪৭শ সর্গ। ভ ৬.১৮শ অধ্যায়। কু ৬৮। ৩ পবনদেব। ৪ শরীরবায়ু, বায়ু-ধাতু। "°কোপেন, °রোগ (সুশ্রুত)। ৫ প্রাণনামক বায়ু। "মনু ৯.৩০৬। ৬ গর্ভাধানে বিহিত অগ্নিবিশেষ। 'অগ্নিস্তু মারুতো নাম গর্ভাধানে বিধীয়তে। ৭ নিশ্বাসবায়ু। "বৃহৎসংহিতা ৬৭.৭। —রুত ক্লী মারুতদেবতাক স্বাতিনক্ষত্র। —রুতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] মারুতাধিষ্ঠিত দিক্; বায়ুকোণ। [°কোপন (বিণ)—বাতধাতুর কোপজনক; বাতদোষকর। °পূর্ণ (বিণ)—বায়ুপূরিত। "°রন্ধ্রৈঃ রঘু ২.১২। °রোগ (পুং)—বায়ুরোগ। °সুত, °সূনু (পুং)—পবনপুত্র, হনুমান্। "মারুতসূনু গো.রা ৫.৪২.১৮।]

মারুতব্রত ক্লী [কর্মধা] মরুৎসম্বন্ধী ব্রত; প্রাণবায়ু যেমন সকলের অন্তরে প্রবেশ করিয়া বিচরণ করে, সেইরূপ রাজা চর দ্বারা স্বরাজ্যে ও শত্রুমণ্ডলের ভিতরে প্রবেশ করিবেন। 'মনু ৯.৩০৬।

মারুতাত্মজ পুং [ষ.ত] হনুমান্। "গো.রা ৫.৪২.১২।

মারুতায়ন ক্লী [ষ.ত] বায়ুপথ, বাতায়ন, গবাক্ষ।

মারুতাশন বিণ [মরুত অশন যাহার, বহুব্রী] পবনাহার, বায়ুমাত্র-ভক্ষক। "মহা ৫.১০৬ ১৩। একাহং মারুতাশনঃ (স্যাৎ)।—পরাশর ৮.৪৪,-৫,-৬। —শন পুং পবনাশন, সর্প।

মারুতি পুং [মারুত+ই (ইঞ্)] ১ মারুতপুত্র, হনুমান্। "গো.রা ৫.৬.২৪। রঘু ১২.৬০। ২ ভীমসেন। "ম ১১১৮।

মারুলি বি [সং মারুণ্ড > প্রা *মারুল্ল > বা °লি, মাড়লি; দ্র 'ই[১১]; তু 'মারঅলি, মাল্লি' (গো চ ১০৯,-১০; ২১৫,-৬)] পথ। "গো.চ ২; মারুলি বান্দি নইব ২১৪,-৫,-২২।

মারোআ, -য়া বি [সং মণ্ডপ > প্রা মংডব > বা (মঁড়ৱা) °আ, -য়া; হি মঁাড়ৱ; ঠ মাংডর, মাংড়ৌ; অপ্র] ১ বিবাহাদি বা অন্ত কোন শুভকার্য্যের নিমিত্ত রচিত ছায়ামণ্ডপ। "শাল সৌল বনাই হৈয়া °ধায় কলা গাড়ে গো.চ ১০৬; রাজার মস্তক খেউরি করে মারোআএ বসিয়া ১৫৩; ১৬০। ২ মণ্ডপের খুঁটি। "পাচ গাছি করি মারোআ গাড়িলে সারি সারি গো.চ ১৬২।

মারোয়া দ্র 'মারোআ'।

মার্কণ্ড, -ণ্ডেয় পুং [মৃকণ্ড+অ (অণ্),+এয় (ঢক্), পা ৪.১. ১২৩; ১৩৩] মৃকণ্ডমুনির পুত্র। "মার্কণ্ডেয় রা ২.৬৭.৩। মার্কণ্ড। —হ ২৬৩.৭২। মার্কণ্ড বি.পা ১৯; দা ১৭৩৪। মার্কণ্ডপুরাণ চ.বি ৯১। মাকণ্ডেয় সর চৈ.ম ১৬৪। [ইনি ভৃগুবংশজাত (ভ ১২.৯.১০; ২৭)। বহু বর্ষ হরির আরাধনা করিয়া ইনি মৃত্যু জয় করেন। হরির সাধনায় ইঁহার ছয় মন্বন্তর অতীত হয়। ইন্দ্র সপ্তম মন্বন্তরে ইঁহার তপোভঙ্গের চেষ্টা করিয়া বিফলমনোরথ হইলে, নারায়ণ-রূপ হরি ইঁহার সমীপে আবির্ভূত হন এবং স্তবে তুষ্ট হইয়া বর দিতে ইচ্ছা করিলে, ইনি মায়া দেখিবার ইচ্ছা করেন, ভগবান্‌ও মুনিকে 'তথাস্তু' বলিয়া প্রস্থান করেন। অতঃপর একদা ইনি যখন পুষ্পভদ্রাতটে সন্ধ্যোপাসনায় নিরত ছিলেন, তখন ভীষণ বাত্যা উত্থিত হইল, সঙ্গে সঙ্গে প্রলয়মেঘমালা প্রবল বারিধারা বর্ষণ করিতে লাগিল, চতুঃসমুদ্রের উত্তাল তরঙ্গমালা পৃথিবী গ্রাস করিতে উদ্যত হইল। এইরূপ মায়ার উৎপাতে পতিত হইয়া, ইনি একাকী ক্ষুধাতৃষ্ণার্ত্ত দিগ্‌বিদিগ্‌জ্ঞানশূন্য ও পরিশ্রান্ত হইয়া বহু বর্ষ যাপন করেন এবং ভ্রমণ করিতে করিতে পৃথিবীর উন্নতপ্রদেশে এক ক্ষুদ্রবটের ঈশানদিকের শাখায় পত্রপুটে শয়ান এক সর্ব্বাঙ্গসুন্দর মরকতশ্যাম শিশু দেখিতে পান। শিশুর দর্শনে আনন্দিত হইয়া জিজ্ঞাসার্থ নিকটে উপস্থিত হইলেই, ইনি মশকের ন্যায় শ্বাসের সহিত শিশুর উদরে প্রবিষ্ট হইয়া প্রলয়ের পূর্ব্বের ন্যায় সমস্ত বিশ্ব শিশুর উদরে বিদ্যমান দেখিতে পাইলেন এবং দেখিতে দেখিতে নিঃশ্বাসের সহিত নির্গত হইয়া প্রলয়সাগরে নিক্ষিপ্ত হইলেন। তখন সেই বট ও শিশুকে দেখিয়া যেমন ইনি আলিঙ্গন করিতে উদ্যত হইলেন, অমনিই শিশু অন্তর্হিত হইলেন, বট সলিল এবং প্রলয়ও তিরোহিত হইল। এই-রূপে নারায়ণের যোগমায়ার প্রভাব অবগত হইয়া, ইনি তাঁহারই শরণাপন্ন হইলেন। অতঃপর ইনি স্তবে তুষ্ট শিবের নিকটে আকল্পান্ত যশঃ পুণ্য অজরামরতা ত্রৈকালিক জ্ঞান ও বিজ্ঞান বররূপে প্রাপ্ত হন (ভ ১২.৮-১০ম অধ্যায়)।] [মার্কণ্ডের প্রমাই—মার্কণ্ডেয়মুনির পরমায়ুর ন্যায় দীর্ঘ আয়ু। "অ.প্র ৮০।]

মার্কণ্ডেয় দ্র 'মার্কণ্ড'।

মার্কণ্ডেয়পুরাণ ক্লী অষ্টাদশপুরাণান্তর্গত মার্কণ্ডেয়কৃত পুরাণবিশেষ।

মার্কা বি [P. marka ; E. mark] চিহ্ন, বিশেষ আঁক বা ছাপ। [মার্কা করা, দেওয়া, মারা—চিহ্নিত করা। মার্কা-মারা—১ চিহ্নিত, ছাপ-দেওয়া। ২ (নিন্দায়) সব-চিন। "°রা ছেলে।]

মার্কিন বি [E. American] ১ আমেরিকার যুক্তরাজ্যনিবাসী। "মার্কিনদিগের দেশেও অধিক বয়সে বিবাহ করিবার নিয়ম পা.প্র ৩। ২ আমেরিকার যুক্তরাজ্যের মোটা সূতীকাপড়।

মার্কুলি বি [E. mercury , গ্রাম্য] উপদংশের পারদঘটিত ঔষধ। [মারকুলির মুখ আনা—শরীরের পারা বাহির করার নিমিত্ত পায়ে শুল বসাইয়া ঘা করা।]

মার্কেট বি [E. market] হাট, বাজার।

মার্গ্ স.ক [চু, প—মার্গয়তি, মার্গতি (বিকল্পে ণিচ্); সেট্] অন্বেষণ। —র্গ্ সক [চু,প—মার্গয়তি; সেট্] ১ সংস্কার। ২ গতি (ক.ক)। ৩ যাচন। "যাজ্ঞ ২.৬৭। বরমার্গীৎ ভট্টি ১.১২।

মার্গ[১] পুং [√মার্গ্+অ (অচ্)-ভা] ১ অন্বেষণ, প্রতিসন্ধান। ২ গতি, প্রয়াণ। ৩ [+অ-ণ] 'গমনসাধন', অয়ন, বর্ত্ম, পথ। "ভ্রষ্ট° গো.রা ৪.১৫.২৯। রাজ° মনু ৯.২৮৮। অগ্নিশরণ° শ ৫১/৬। মার্গং তাবচ্ছৃণু পু.মে ১৩। ৪ পদ্ধতি। "বিচার° কু.স ৫.৪২। ৫ শাস্ত্র-বিহিত আচারপথ বা অনুষ্ঠানপদ্ধতি। "শাস্ত্র°। শ্রুতি° ক.সা ৩১.৩। ৬ বংশগত আচারক্রম। "কুল°। পিতৃপৈতামহে মার্গে মহা ১.১৫৮.১৪। মনু ৪.১৭৮। ধর্ম্মমার্গপরিভ্রষ্ট (বেতালপঞ্চবিংশতি)। ৭ বায়ুসঞ্চার-পথ। "বায়োঃ…মার্গম্ শ ৭.৬। ৮ গ্রহাদিপরিক্রমণপথ; কক্ষ। "°পথ। ৯ ইন্দ্রিয়পথ, গোচরতা। "মার্গাতীতায়েন্দ্রিয়াণাং নমস্তে কি ১৮.৪০। ১০ উপায়, প্রশস্ত উপায়। "অ°, সু°। শান্তিমার্গোৎসুকঃ (অভূৎ) রঘু ৭.৭১। ১১ ব্যবহারপদ, বিবাদবিষয়, অভিযোগস্থান। "মনু ৮.৩। ১২ বৈদর্ভ্যাদিরীতি। "মার্গাভেদরূপা সমতা কচিদ্দোষঃ কা.প্র ৮৭/৪। ১৩ বুদ্ধপ্রদর্শিত সংসারদুঃখমুক্তির উপায়। ১৪ ব্রণ, ক্ষত। "শল্য° রঘু ১৪.৪। ১৫ চিহ্ন, নির (মল্লিনাথ)। "শোণিবেষ্টন° রঘু ৫.৩৮। ১৬ নৃত্যগীতাভিনয়ের বিশিষ্টরীতি (A.)। ১৭ (অ্যাসির্দিক্তে) নৃত্যাদিখণ্ড (A.)। ১৮ শুক্রবার। "বা.ম ৮৩। বি.পা ৩৩৫। ম.ম

৩৮.। অরে মার্গ কাটে বি.হু ৮৯। ১৯ (বাঙ্গলায়) পাহাড়। "ফিরে মার্গে ধড়ি, হাতে নড়ি, বাথানে চরায় গাই।—ঘা ৫৫১। [°ক্লেশ (পুং)—অধ্বখেদ, পথিগমনক্লেশ। °তোরণ (ক্লী)—রাজপথের ধনুরাকৃতি দ্বারদেশ। "রঘু ১১ ৫। °দর্শক, °পরিণায়ক (পুং)—পথিপ্রদর্শক, পথিপ্রজ্ঞ। °দ্রুম, °শাখী (-খিন্) পুং—পথিপার্শ্বস্থ বৃক্ষ। "নামধেয়ানি পৃচ্ছন্তৌ বন্যানাং মার্গশাখিনাম্ রঘু ১.৪৫। °ম ক সা ১০৬২। °ধেনু (পুং), °ধেনুক (ক্লী)—যোজনপরিমাণ (শ ক) (যোজন চার ক্রোশ, ইহাতে বোধ হয়, চতুষ্পাদ শিলাময়ী ধেনুমূর্ত্তি যোজনের চিহ্নরূপে ব্যবহৃত হইত)। °প, °পতি (পুং)—বর্ত্মরক্ষক কর্ম্মচারী (রাজতরঙ্গিণী)। °পথ (পুং)—১ কক্ষপথ। "সূর্য্যমার্গপথ গো বা ৩ ৬১ ৯। ২ (বাঙ্‌লায়) গুহদ্বার। "মী ৭। গো বি ৩২,-৩। °বন্ধন (ক্লী)—মার্গনিরোধ, প্রাচীর। °ভূমি (স্ত্রী)—মার্গতল, পথিপৃষ্ঠ। "কূর্ম্মপৃষ্ঠা °স্মিঃ কার্য্যা।—শু ১ ২৬৬। °বশানুগ, °বশায়াত (বিণ)—পথিপার্শ্বস্থ। "°গ গো রা ৩ ১৬ ২। °রক্ষক (পুং)—মার্গাধ্যক্ষ। °শোধক (পুং)—মার্গপরিমার্জ্জক। "রা ২ ৮২ ২০। °স্থ (বিণ)—পথিস্থিত। °সংস্করণ (ক্লী), °সংস্কার (পুং)—মার্গপরিষ্করণ। "শু ৪ ১ ১০৮, ২ ১২৯। °হর্ম্ম্য (ক্লী)—পথিপার্শ্বস্থ অট্টালিকা। 'ক সা ৩০ ১।]

মার্গ২ বিণ [মৃগ+অ (অণ), স্ত্রী -র্গী] মৃগসম্বন্ধী। "মার্গ (মাংস) গো রা ২ ১০০ ৬৩। —র্গ পুং ১ মৃগমদ, কস্তূরী। ২ [মার্গশীর্ষ—মার্গ] অগ্রহায়ণ মাস। ৩ মৃগশিরাঃ নক্ষত্র।

মার্গণ বিণ [√মার্গ +অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] ১ অন্বেষ্টা, অন্বেষণকারী। ২ যাচক। —র্গণ পুং ১ 'লক্ষ্যগামী', শর। 'অনঙ্গ°, স্মর°। গো রা ৩ ২৫ ৫। মার্গণৈঃ ক্ষতমার্গণৈঃ।—মহা ৬ ১১৮ ৪৮। রঘু ৯ ১৭। ভব° কি ১৭ ৩১। ২ যাচক, অর্থী। ৩ পাঁচ (৫) সংখ্যা। —র্গণ ক্লী, -ণা স্ত্রী [+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ)] ১ সংবীক্ষণ, অন্বেষণ। "যতধ্বং নলমার্গণে মহা ৩ ৬৯ ১৪, ৬ ১১৮ ৪৮। ২ যাচঞা, প্রণয়।

মার্গব পুং ব্রাহ্মণ হইতে আয়োগবীতে জাত জাতিবিশেষ, দাশ, কৈবর্ত্ত। "মনু ১০ ৩৪। [ইহারা নৌকর্ম্মজীবী।]

মার্গশির, -শীর্ষ, -র্ষক পুং [°রী, °র্ষী+অ (অণ্), ক (কন্) স্বার্থে, °শিরস্ (S.W)] মার্গশিরীপূর্ণিমাযুক্ত মাস, অগ্রহায়ণ মাস। "°র্ষ গী ১০ ৩৫, চৈ চ ২০৯। —শিরী, -শীর্ষী স্ত্রী [মৃগশিরা, -শীর্ষ +অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] মৃগশিরানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী।

মার্গশিরী, মার্গশীর্ষ, মার্গশীর্ষক, মার্গশীর্ষী দ্র 'মার্গশির'।

মার্গাগত, -র্গায়াত পুং [প ত] পথিক। "মার্গায়াতেন কেনচিৎ (পৃষ্টঃ) ক সা ৩৩ ৩২, মার্গাগত ৬৪ ৬৮।

মার্গায়াত দ্র 'মার্গাগত'।

মার্গিক পুং [মার্গ+ইক (ঠক্)] ১ 'মার্গকুশল', পথিক। ২ [মৃগ +ইক] 'হরিণঘাতক', ব্যাধ। "পা ৪ ৪ ৩৫, সি।

মার্গিত বিণ [√মার্গ্ +ত (ক্ত)-র্ম্ম] ১ অন্বিষ্ট, গবেষিত, কৃতান্বেষণ। "°মৃগ কু স ১ ১৫, মল্লিনাথ। ২ যাচিত, প্রার্থিত। "যাজ্ঞ ২ ৬৭। —তব্য বিণ [+তব্য (তব্যৎ)-র্ম্ম] অন্বেষণীয়, প্রতিসন্ধেয়। "মার্গিতব্যা তু বৈদেহী গো রা ৩ ৭৮.১৬।

মার্গী (-র্গিন্) পুং [মার্গ+ইন্ (ইনি)-১ব] ১ বনমার্গবিশেষরক্ষানিযুক্ত পুরুষ। "রা ২ ৮০ ২। ২ মার্গনির্দ্দেশক, নায়ক।

মার্গ্য বিণ [√মৃজ্+য (ণ্যৎ)-র্ম্ম, পা ৭ ২.৫২, সি] মার্জ্জনীয়, অপনেয়। "মন্যুস্তস্য ত্বয়া মার্গ্যঃ ভট্টি ৬ ৫৩।

মার্জ্ অক [চু, প—মার্জ্জয়তি; সেট্] ১ শব্দ। ২ (সক) মার্জ্জন (ক.ক)।

মার্জ্জ১ বিণ [√মৃজ+অ (অণ্)-ক, স্ত্রী -র্জ্জী] মার্জ্জক, শোধক, পরিষ্কারক। "অস্ত্র°, শস্ত্র°। —র্জ্জ পুং ১ নির্ণেজক, রজক। ২ বিষ্ণু। ৩ [√মার্জ্জি+অ (অচ্)-ভা] মার্জ্জনা, শোধন, পরিষ্করণ। —র্জ্জক বিণ [+অক (ণ্বুল্)-ক] শোধক, পরিষ্কারক। "কেশ°। —র্জ্জন বিণ [+অন (ল্যুট্)-ণ, স্ত্রী -নী] মার্জ্জনসাধন, শোধনদ্রব্য। "কেশমার্জ্জনী, গাত্রমার্জ্জনী। —র্জ্জন পুং লোধ্রবৃক্ষ। —র্জ্জন ক্লী [+অন -ভা] ১ শোধন, পরিষ্করণ। "মনু ৫ ১১৬। যাজ্ঞ ১ ১৮৫, উচ্ছিষ্ট° ২০৯। ২ প্রক্ষালন, ধাবন। "মন্দির° চৈ চ ১৪৭। ৩ প্রোঞ্ছন, পোঁছা। "অশ্রু° ক সা ৭১ ১৯৩। মুখের মার্জ্জন শ্রী মা ৮৫। ক্ষালন° চৈ চ ১৪৭। অশ্রুধারা° সী ২৫। ৪ ঘর্ষণপূর্ব্বক পরিষ্করণ, মাজা। ৫ সম্মার্জ্জনী দ্বারা মলাপনয়ন, ঝাঁড় দেওয়া। ৬ অভ্যঙ্গযোগে গাত্রনির্ম্মলীকরণ, গা ঘষিয়া পরিষ্কার করা। "গাত্র°। ৭ সন্ধ্যাকৃত্যে মন্ত্রসহিত মস্তকে জলপ্রোক্ষণপূর্ব্বক দেহশোধন। "যাজ্ঞ ১ ২২। ৮ বাদনার্থ মৃদঙ্গের পুষ্করে (তলায়) জলমিশ্রিত ভস্মলেপন। "কৃতমার্জ্জনমর্দ্দল মাঘ ৬ ৩১। ৯ (বাঙ্‌লায়) অবমর্ষণ, স্পর্শ। "হস্তমার্জ্জনে জানিলেন, দ্বার বহির্দ্দিক হইতে বন্ধ হয় নাই ব প্র ৩। —র্জ্জনা স্ত্রী [√মার্জ্জ +অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্ব মার্জ্জন (১)। "শরীর° বি পা ২৮৫। চৈ চ ১৪৭। ২ সর্ব 'মার্জ্জন (২)। "গাত্র° প ভূ ৫১। ৩ মুরজতাড়না, মূর্চ্ছনা (টীকা)। "মায়ূরী মাদয়তি মার্জ্জনা মনাংসি মা মি ১ ২১। ৪ (বাঙ্‌লায়) ক্ষমা। "সর্ব্ব দোষ মার্জ্জনা ক'রে কৃপা করি তাকে।—কৃ ২৫০। আমার অপরাধ মার্জ্জনা করিবেন সী ৩০। —র্জ্জনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ)] সম্মার্জ্জনী। "চৈ চ ১৪৭। —র্জ্জনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ শোধনীয, প্রক্ষালনীয়। ২ (বাঙ্‌লায়) ক্ষমার্হ।

মার্জ্জ২ সর্ম্ম [সং √মার্জ্জি—মার্জ্জন > °র্জ্জ, তু 'মাজ্র'৪] ১ পরিষ্কার করা, ঝাড়া। "সিংহাসন মার্জ্জি চারিভিত সে শোধিল চৈ চ ১৪৭। তল সকল মার্জ্জিল।—চৈ ২২৬। ২ বেশভূষায় শোভিত করা। "রাজআজ্ঞা পালি আজ্ঞি শরীর মার্জ্জিয়া অ প ২৩।

মার্জ্জন, মার্জ্জনা, মার্জ্জনী, মার্জ্জনীয় দ্র 'মার্জ্জ১'।

মার্জ্জার পুং [√মৃজ্+আর (আয়ন্)-ক, উ ৩ ১৩৭] ১ যে থাইয়া মুখ শোধন করে, বিড়াল। 'গো রা ২ ১২৫ ২। মনু ৪ ১২৬। ২ খট্টাশ, গন্ধমার্জ্জার। ৩ রক্তচিত্রক। ৪ দম্ভার্থ জপযজ্ঞতপস্যার অনুষ্ঠাতা। —রক পুং ১ বিড়াল। "মহা ১ ২৩২ ২৪। ২ ময়ূর। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ)] ১ মার্জ্জারস্ত্রীজাতি, বিড়ালী। ২ খট্টাশী। ৩ [+আর -ণ] 'কেশাদিশোধনসাধন', কস্তূরী। [°কণ্ঠ (পুং)—'বিড়ালস্বরতুল্যস্বর', ময়ূর। °করণ (ক্লী)—রতিবন্ধভেদ। °কর্ণী (স্ত্রী)—মুদ্গপর্ণী।]

মার্জ্জারক দ্র 'মার্জ্জার'।

মার্জ্জারলিঙ্গী (-ঙ্গিন্) পুং [°ঙ্গ+ইন্ (ইনি)-১ব] মার্জ্জারব্রতাচারী, বৈড়ালব্রতিক। 'মনু ৪ ১৯৭। বিষ্ণু ৯৩ ১০।

মার্জ্জারী দ্র 'মার্জ্জার'।

মার্জ্জালীয় পুং [√মৃজ্+আলীয় (আলীয়চ্)-ক, উ ১ ১১৩] ১ মার্জ্জার। ২ কিরাত বা শুদ্ধদেহ (নীলকণ্ঠ)। "মহা ১ ৩৯ ৭৮। ৩ শূদ্র।

মার্জ্জিত বিণ [√মার্জ্জ +ত (ক্ত)-র্ম্ম] ১ শোধিত, পরিষ্কৃত। "রসানে মার্জ্জিত, হেম-কান্তি।—মে ৫৮। ২ ক্ষালিত, ধৌত। "তৎপাদশৌচসলিলৈর্মার্জ্জিতালকবন্ধনঃ ভ ৪ ২২ ৫। ৩ মৃদিত, মাজা। ৪ সম্মার্জ্জনীশোধিত, ঝাঁড়-দেওয়া। ৫ প্রোঞ্ছিত, মোছা। ৬ (বাঙ্‌লায়) সামাজিক ক্রিয়ায় বিশুদ্ধ। "মার্জ্জিত মৌলিক যত শ্রী ১২। —র্জ্জিতা স্ত্রী দধিখণ্ডমধুঘৃতমরিচাদিকৃত কর্পূরাদিবাসিত সদ্ভক্ষ্যবিশেষ। (অ.টী), রসালা।

মার্জ্জিতা দ্র 'মার্জ্জিত'।

মার্ত্তণ্ড পুং [মৃতণ্ড+অ (অণ্)—মার্ত্তণ্ড ; মার্ত্তাণ্ড (দীর্ঘমধ্য—বাচস্পতি)—অ.টী ; বস্তুতঃ 'মৃতাণ্ড'—মার্ত্তাণ্ড > মার্ত্তণ্ড ; তু 'মার্ত্তাণ্ডো মৃতাদ্ ভিন্নাদণ্ডাদুৎপদ্যমানঃ পক্ষী (সায়ণ)—অর্থাৎ মৃত বা ভগ্ন অণ্ড হইতে উৎপদ্যমান পক্ষী (ঋগ্বেদ ২.৩৮.৮), (গৌণার্থে) আকাশে পক্ষিসদৃশ 'সূর্য্য' (?) ; 'মার্ত্তাণ্ড' সূর্য্য (ঋগ্বেদ ১০.৭২.৮), মার্ত্তাণ্ডং মৃতাদ্ ব্রহ্মাদণ্ডাজ্জাতং মার্ত্তাণ্ডনামানং সূর্য্যম্ (সায়ণ—ঋগ্বেদ ১০.৭২.৯) ; মৃতেঽণ্ড এব এতস্মিন্ যদভূৎ ততো মার্ত্তণ্ডঃ (ভ ৫.২০.৪৪), অর্থাৎ সূর্য্য এই অচেতন অণ্ডে (ব্রহ্মার অণ্ডের পূর্ব্বোত্তর কপালদ্বয়ের মধ্যে) প্রবিষ্ট হইয়াছিলেন বলিয়া 'মার্ত্তণ্ড' ; অতএব, মূল 'মার্ত্তাণ্ড' হইতে পরে 'মার্ত্তণ্ড' শব্দ।] ১ মৃতাণ্ডের অপত্য (অ.টী), মৃত, অর্থাৎ উপবাস হেতু শুষ্ক গর্ভাণ্ড হইতে উৎপন্ন ; সূর্য্য। "গো.রা ৫.৩.৪৯। উচ ৬.৩। ম.পা ৩। °ময়ূখমালা।—রঙ্গ ২১। [দৈত্যদানবগণ বলপূর্ব্বক ত্রিভুবন ও দেবতার যজ্ঞভাগ গ্রহণ করিলে, দেবমাতা অদিতি সূর্য্যারাধনা করিয়া সূর্য্যতেজোময় গর্ভ ধারণ করেন। পরে অদিতি শুচি হইয়া গর্ভধারণার্থ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিব্রত গ্রহণ করিলে, কশ্যপ ঈষৎ রুক্ষবাক্যে কহিলেন,—'দেবি, কেন উপবাসে গর্ভাণ্ড বধ কর'। কশ্যপের এই কথা শুনিয়া অদিতি কুপিতা হইয়া তৎক্ষণাৎ গর্ভ ত্যাগ করিয়া বলিলেন,—'এই দেখ, গর্ভ বধ করি নাই'। সেই কশ্যপকথিত 'মারিত গর্ভাণ্ড' হইতে 'মার্ত্তণ্ড' জন্মগ্রহণ করেন (মার্কণ্ডেয়পুরাণ—সূর্য্যমাহাত্ম্য)। দ্র 'হ ৯.৪।] ২ অর্কবৃক্ষ। ৩ (বহুব) দ্বাদশ আদিত্য। ৪ বার (১২) এই সংখ্যা। "শ্রুতবোধ ৪০। ৫ শূকর। [°মণ্ডল (ক্লী) —সূর্য্যমণ্ডল। মার্ত্তণ্ডার্ঘ্য (বি)—সূর্য্যার্ঘ্য। "ম.পা ১০৩, ১৭৫।

মার্ত্তিক বিণ [মৃত্তিকা+অ (অণ্) ; স্ত্রী -কী] মৃত্তিকাবিকার, মৃন্ময়। —র্ত্তিক পুং শরাব। —র্ত্তিক পুং, ক্লী মৃন্ময়পাত্র, কলস, ঘট। —র্ত্তিক ক্লী মৃৎপিণ্ড, মৃদ্‌ঘেন, ঢিল। "°শকল।

মার্ত্ত্য বিণ [মর্ত্ত্য+অ (অণ্), স্ত্রী -র্ত্ত্যী] মর্ত্ত্যসম্বন্ধী, নশ্বর। —র্ত্ত্য ক্লী ১ নশ্বরতা, মরণধর্ম্ম। ২ দৈহিকধাতুমল। "ভ ৩.৩৩.২।

মার্দ্দঙ্গ, -ঙ্গিক পুং [মৃদঙ্গ+অ (অণ্),+ইক (ঠক্)] ১ 'মৃদঙ্গবাদনশিল্পী', মৃদঙ্গবাদক, পাখোয়াজী। "পা ৪.৪.৫৫, কাশিকা। রা ২.৯১.৪৯। ২ খোলবাদক। "চৈ চ ১৫১।

মার্দ্দঙ্গিক দ্র 'মার্দ্দঙ্গ'।

মার্দ্দব ক্লী [মৃদু+অ (অণ্)] ১ মৃদুভাব, কোমলবস্তুরও সংস্পর্শাসহতা। 'মার্দ্দবং কোমলস্যাপি সংস্পর্শাসহতোচ্যতে। ২ মৃদুত্ব, অকাঠিন্য। "ব্রণো যাতি মার্দ্দবম্ (সুশ্রুত)। অভিতপ্তম্ অয়োঽপি °বং ভজতে রঘু ৮.৪৩। ৩ কণ্টকপাষাণাদিরাহিত্য। "(পন্থাঃ) মার্দ্দবযুক্তঃ রা ২.৫৫ ৯। ৪ চিত্তের অকাঠিন্য ; অপরুষভাব, রুক্ষতা। "ভ ১.১৬.২৮। চৈ.চ ১৬১। ৫ পরদুঃখদর্শনে পীড়াবোধ। ৬ অক্রুরতা। "রা ২.৫২ ১৭। গী ১৬.২। ৭ শান্তভাব, ধীরতা। —র্দ্দব পুং বর্ণসঙ্করজাতিবিশেষ।

মার্দ্দল বি [সং মর্দ্দল, তু 'মাদল', অপ্র] বাদ্যবিশেষ (শ্রী.মা)।

মার্দ্বীক বিণ [মৃদ্বীকা+অ (অণ্), স্ত্রী -কী] মৃদ্বীকাবিকার, দ্রাক্ষারসকৃত। "(প্রহৃষ্টঃ) চচাম মধু মার্দ্বীকম্ ভট্টি ১৪ ৯৪। —ক ক্লী দ্রাক্ষামদ্য। "মাঘ ৮.৩০।

মারফৎ, -তে অব্য [আ মা'রুফ.ত্] (কাহারও) দ্বারা, হাতে। "মালগুজারির সরবরাহ তোমার মারফতে করিব E.P. 67. দ্র 'মাং২। [°ফতী—মারফতে প্রাপ্ত (টাকা)।]

মারফতী, মারফতে দ্র 'মারফৎ'।

মার্ব্বল, মারবেল বি [E. marble] ১ প্রস্তরবিশেষ। "মারবেল মারা গিলটী হলে।—হেম ৩৮৫। এই প্রকার মার্ব্বলপাথরের পিণ্ডদান-প্রথা আমাদের কাছে অভ্যস্ত নহে চা.পু ১। ২ শিশুর খেলনা পাথরের গুলি। "মারবেল খেলা। [মারবেল কাগজ—মারবেলের মত নানা রঙ্গে চিত্রিত কাগজবিশেষ।]

মারবেল দ্র 'মার্ব্বল'।

মার্ম্মিক বিণ [মর্ম্মন্+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] মর্ম্মবিৎ, তত্ত্বজ্ঞ, রসজ্ঞ। "°কঃ কো মরন্দানামন্তরেণ মধুব্রতম্ (ভামিনীবিলাস)।

মার্ষ পুং [√মৃষ্+অ (ক)-ক—মৃষ+অ (অণ্) স্বার্থে] ১ (নাট্যে) পূজ্য, মান্য। তু 'মারিষ'। ২ মারিষশাক (ভাবপ্রকাশ)।

মার্ষ্টব্য পুং [√মৃষ্+তব্য (তব্যৎ)-র্ম্ম] মার্জ্জনীয়, শোধ্য, ক্ষালনীয়। "পা ৭.২.১১৪, কাশিকা। (উচ্ছিষ্টং) মার্ষ্টব্যম্ মনু ৩.২৬৫, কুল্লুক। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] মার্জ্জন, শুদ্ধি, ক্ষালন, ধাবন।

মার্ষ্টি দ্র 'মার্ষ্টব্য'।

মাল১ পুং [√মা+র (রন্)-র্ম্ম, নিপাতিত, উ ২.২৮] ১ (বহুব) পার্ব্বতীয় অসভ্য ম্লেচ্ছজাতিবিশেষ (অ.চি)। তু 'মল্ল১ (২)। ২ মালভূমিবহুল বঙ্গের পশ্চিমস্থ দেশবিশেষ (A)। ৩ [মা (লক্ষ্মী)+ √লা +অ (ক)-ক, উ ত] 'লক্ষ্মীগ্রাহক', বিষ্ণু। —ল ক্লী ১ উন্নতভূতল (উৎপল), শৈলপ্রায় উন্নতস্থল (মল্লিনাথ)। "ক্ষেত্রমারুহ্য মালম্ পূ মে ১৬। ২ ক্ষেত্র। ৩ গ্রামসমীপস্থ বন, গ্রামান্তরাটবী (অ.চি)। ৪ শাঠ্য, কপট (অ.চি)। [°ভূমি (বি)—উচ্চসমতল স্থান (tableland)।]

মাল২ [সং মল্ল > বা °ল, হি, ঠ মাল] ১ বাহুযোদ্ধা, কুস্তিগীর। "শ্রী ৬৬, ১২২। মালে মালে মুণ্ডে মুণ্ডে ভা.চ ৪৬২। মালগুলা বি.সু ১৭। ২ সাপুড়িয়া, বেদে। দ্র 'মাল১ পুং (১)। "মাল বৈসে পুরের বাহিরে ক.চ ৮৯ ; মাল, সর্প আনে মহাকাল ১৮১। চ.দা ৩১। [ইহারা নানা তন্ত্রমন্ত্র জানে, সাপ ধরে ও তুম্বড়ি বাজাইয়া সাপ খেলায়।] [°কাঠ—মল্লের ব্যায়ামার্থ নিখাত কাষ্ঠস্তম্ভ। পুতিল মালকাঠ শ্রী মা ৪৩,-৬। °কোঁ((কো)চা—মল্লের মত দুই পাএর ফাঁক দিয়া ঘুরাইয়া কাছার সহিত গোঁজা কোঁচা। "মালকোঁচা-মারা ব.প্র ৪১৩, ধুতি মালকোঁচা-মারা ৪৯০। ঢাকাই সাড়ি মালকোচা করে পরা।—হু ১। °বিদ্যা—মল্লযুদ্ধাদি। "ক.চ ৮৭।]

মাল৩ বি [সং মাল্য > প্রা মল্ল (হে) > বা °ল ; গদ্যে ; হি মাল] মাল্য। "কুসুমমাল বি.প ২১৫। হাড়মাল ক.চ ১ ; ভা.চ ১০৩। কাঞ্চনকমলমাল শ্রী.ম ২০৮। মালজাল।—দু ৮। বিশাল বক্ষ, মাল অতুল দোলনা ন.প ২৬৫।

মাল৪ বি [আ মাল্] ১ ধন, টাকা, গহনা-গাঁটি। "জমের কতেক মাল ধারি গো.চ ১৭৬ ; বার রাজার মাল ৩২৯। মাল সরান ভিন্ন ত উপায় দেখি নি গি.ঘি ১২৮। ২ দ্রব্য, আসবাব, সামগ্রী। "°খানা। ৩ পণ্যদ্রব্য (goods)। "°গাড়ী, °গুদাম, °বাবু। ৪ উপাদান, উপকরণ। "°মশলা। ৫ সারদ্রব্য, খাঁটি জিনিস। "ক্ষেতবিশেষে আখ পাট মালে কম-বেশী হয়। ৬ রাজস্ব (revenue)। ৭ সুস্বাদু সারী খাদ্য। ৮ যে পাত্রে নীল প্রস্তুত হয়, তাহার তলে জমাট নীল। ৯ উপভোগ্য বিষয় ; স্ত্রীলোক। "ছোট সাহেব এমন মাল পেলে ত লুপে নেবে।—নী ১০। ১০ ভূসম্পত্তি (property)। ১১ [মহাল > °ল] মহাল, অর্থাৎ জমিদারের যে জমির খাজনা কলেক্টরীতে দাখিল করিতে হয়। [মাল-আদালত—দেওয়ানী -আদালত। "আ.দু ১। °কোশ, -ষ [বি] সর্ব 'মালকৌশ'। "ভা.চ ৫৭। °খাজনা —মালজমির বা জমিদারের খাজনা। "ব.প্র ৫১২। °খানা (হি °না) —ভাণ্ডার। "ভা.চ ২৭০। °গাড়ী—মাল বহার গাড়ী (waggon)। °গুজার, -রি, -রী—সরকারের প্রাপ্য মালজমির খাজনা ; রাজস্ব। "°র গো.চ ৩। °রি E.P. 44. °গুদাম—মাল রাখার ঘর। "জমী

—অধিকারের জমি। বিণ 'ক্রমান্তর'। °জামিন (ঠ °জামীন)—মাল-রক্ষার নিমিত্ত প্রতিভূ। °দার—সম্পত্তিশালী ব্যক্তি, ধনী। °ম(মা) ত্তা—ধনরত্নাদি, টাকাকড়ি। "মালমত্তা উড়াইল ব.প ১৪০১। °মাত্তা শ্রী.সা ৭৪। তল গেল মাল-মাত্তা ভা.চ ৪৫৫। °মসলা—উপকরণদ্রব্য, উপাদান।]

মালই বি ['মালাই'চাকি—°ই] সর্ব 'মালাইচাকি'। "মালই কাটিলে তোমরা হাঁটিতে নারিবে গো চ ৪৬৪।

মালক[১] পুং [√মল্+অক (ণ্বুল্)-ক] ১ 'রোগাভাবধারক', নিম্ব (অ কো)। ২ [মাল[১]+ক (কন্) স্বার্থে] সর্ব 'মাল[১] ক্লী (৩)। ৩ সর্ব 'মল্লক (২)। —লক ক্লী, -কা স্ত্রী [মালা+ক (কন্) স্বার্থে +স্ত্রী আ (টাপ), ক্ষিপকাদি] মালা, মাল্য। "কপালমালক ভা চ ১৫৮।

মালক[২] '-ক্' বি [মাল[২] > °ক] ১ মল্লের লম্ফ। "মালক মারিয়া ধেয়ে সেনে ধরে তেড়ে শ্রী ৬৮, শূন্যে মারি মালক মল্লের মাঝে পড়ে ৬৯। ২ মল্লের হুঙ্কার, মালশাট। "উপরে মালক ছাড়ে করি বীরদাপ শ্রী ৮৩।

মালকা দ্র 'মালক[১]'।

মালকোশ পুং [°কোশ+অ (অণ)] 'মালের (হরির) কোশ (কণ্ঠ) হইতে নির্গত' (শ ক), মালকোশ রাগ। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট কোমল গ ধ নি, জাতি ঔড়ব রি ধ বর্জ্জিত (গী সা)। ইহার নামান্তর 'কৌশিক' (শ ক)।] [মালকোশ মল্লকৌশিকের অপভ্রংশ, কৌশিকের এক অর্থ—সাপুড়ে—এতদ্দেশে সাপুড়েকেও মাল বলে, পুরাকালে হিন্দুস্থানী মালেরা বোধ হয় উত্তম গায়ক ছিল, এখনও হিন্দুস্থানী সাপুড়িয়ারা উত্তম তুম্বড়ী বাজায়, পুরাকালে তাহারা যে সুরে গান করিত, সেই সুরের নাম মল্লকৌশিক রাখা হইয়া থাকিবে, এবং হেমন্তে...মালেরা ফিরি করিতে বাহির হয় বলিয়া, মালকোশ হেমন্তে গাওয়ার রীতি হইয়া থাকিবে (গী সা, ১ম ভাগ, ১২৮ পৃষ্ঠ)]

মালখণ্ডী বি রাঢীয় ব্রাহ্মণের উপাধি। 'ক চ ৮৬।

মালচক্রক ক্লী 'অস্থিমালার চক্রতুল্য', জঙ্ঘোরুসন্ধি (hip-joint), জানূপরিস্থ চক্রাকার অস্থি, মালাইচাকি।

মালঝাঁপ বি বাঙলা ত্রিপদীচ্ছন্দোবিশেষ। "কৃ ১৯৮। কি রূপসী, অঙ্গে বসি, অঙ্গ খসি পড়ে। প্রাণ দহে, কত সহে, নাহি রহে ধড়ে॥ —বি সু ৪৭।

মালঞ্চ বি [সং মালাপঞ্চ > প্রা *মালাঅংচ > (মাল°চ) °ঞ্চ] ১ পুষ্পোদ্যান। "পরভুর মালঞ্চ এ।—শূ ২৮। ২ মালীর ফুলবাগান। "মালী বৈসে গুজরাটে, সদাই মালঞ্চে থাটে ক চ ৮৯। ঐ দেখা যায় বাড়ী আমার, চারিদিকে মালঞ্চে যেরা ব প ১৬২৬। যৌবন-মালঞ্চে কান্তির বিকাশ অ গু ৩০, ৮০।

মালট বি [মালসাট > °ট] সর্ব 'মালশাট'। "অমনি মালট মারে শ্রী ৫২, চাল মুড়ে মালট মারিছে লাফে লাফে ১৯০।

মালতি, -তী স্ত্রী [√মল্+অত (অতচ্, বাহুলকে)-ক+স্ত্রী ঈ (ঙীষ্), উপধাদীর্ঘ, উ ৩ ১১০, মাল (বিষ্ণু)+√অত্+ই (ইন্) -ক+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'যাহা সৌরভ ধারণ করে, যাহা বিষ্ণুকে পায়' (অ টী), পুষ্পলতাবিশেষ, জাতি। "মালত্যঃ...সুপুষ্পিতাঃ গো.রা ৩.৭৯.৩২। ২ মালতীপুষ্প। "জালকৈর্মালতীনাম্ উ মে ৩৭। ঋতু ২.২৪। মালতীনাং রজোভিঃ মাঘ ১১ ১৭। ৩ কুট্মল, কোরক (A)। ৪ (সাদৃশ্যে) জ্যোৎস্না। ৫ যুবতি। ৬ নিশা। ৭ নদীবিশেষ। "°তীরজ (অ চি)।—তী ১ (বাঙলায়) ভবভূতিকৃত 'মালতীমাধব'। "ক.চ ২১৫। ২ মালতীবৎ শুভ্র মিষ্টান্নবিশেষ। "রা পে ২২। [°ক্ষারক (পুং)—মালতীতুল্য ক্ষারক; টঙ্কণ। °তীরজ (ক্লী)—'মালতীনদী-তীরজাত', শ্বেতটঙ্কণ। °পত্রিকা (স্ত্রী)—'মালতীপত্রীতুল্যা', জাতীপত্রী, জয়িত্রী। °ফল (ক্লী)—জাতীফল (ভাবপ্রকাশ)। °মাধব (ক্লী) —ভবভূতিকৃত মালতীমাধববিষয়ক প্রকরণ। °মালা (স্ত্রী) ১ মালতী-পুষ্পমাল্য। "সা দ ১০-$\frac{৪}{৫}\frac{০}{১}$। ২ ছন্দোবিশেষ।]

মালতী দ্র 'মালতি'।

মালপুয়া, -পো বি [হি মালপূআ, -পূরা, ঠ মালপূরা, -বা,—মাল (?)+প্রা পূর (পূপ), ড় অপূপ] মিশ্রিত ময়দাগুড় ইত্যাদির ভাজা রসে ফেলা পিষ্টকবিশেষ। "°পো।—হু ৬৮, গি ছি ৭৫।

মালপো দ্র 'মালপোয়া'।

মালব বিণ [°ব+অ (অণ্), স্ত্রী -বী] মালবসম্বন্ধী, মালবভব। —লব পুং [মাল[১]+ব অস্ত্যর্থে, পা ৫ ২ ১০৯, বার্ত্তিক] ১ মধ্যভারতস্থ দেশ-ভেদ, অবন্তি। ২ মালবরাজগণ। "বৃহৎসংহিতা ৪ ২৪। ৩ (বহুব) অবন্তিবাসিগণ। ৪ রাগবিশেষ। "গী গো ৭৩। [ইহা তৃতীয় প্রহরে গেয়, ইহার ঠাট রি ধ কোমল, গ নি কড়ি, জাতি সম্পূর্ণ।] [°দেশ, °বিষয় (পুং)—মালব। "শ ক সা ৫৩ ৮৯। °র হি ৪$\frac{২}{১}\frac{৫}{৬}$। °শ্রী (স্ত্রী) —মালশ্রীরাগিণী।]

মালবাধীশ, -বেন্দ্র পুং [ষ ত] মালবরাজ।

মালবীয় বিণ [°ব+ঈয় (ছ)] মালবদেশীয়। 'ক সা ২০ ১৬৬।

মালবেন্দ্র দ্র 'মালবাধীশ'।

মালভারী (-রিন্) বিণ [মালা+√ভৃ+ইন্ (ণিনি)-ক -১ব, হ্রস্ব (পা ৬ ৩ ৬৫), স্ত্রী -রিণী] মালাধারী। 'মল্লিকামালভারিণ্যঃ (অভি-সারিকাঃ)।—কাব্যাদর্শ ২ ২১৫।

মালম বিং সর্ব 'মালুম'। "শ্রীযমালয়াধিপতি কৃতান্ত মালম করিবা। —য ৭। [মালম করিবা—জানিবা।]

মালয় বিণ [মলয়+অ (অণ্), স্ত্রী -য়ী] মলয়সম্বন্ধী, মলয়গিরিস্থিত, মলয়াদ্রিসম্ভব। "শীতমালয়ানিলাবধুতবালয়া।—নলোদয় ২ ৩৭। —লয় পুং চন্দনবৃক্ষ।—লয় ক্লী ১ চন্দনপঙ্ক। ২ মলয়দ্বীপ।

মালশাট, -সাট বি [মাল[২]+শাট, সাট (সং শব্দ > প্রা সদ্দ > বা সড্ড > সাড়, শাড়, সাট, শাট)] ১ মল্লের বা বীরের স্পর্দ্ধাপূর্ব্বক গর্জ্জন বা হুঙ্কার, সিংহনাদ। "মালশাট দিয়ে বীর রঘুনাথে বলে।—কৃ ২৮১। বীর মারে মালসাট ক চ ৯৭। ঘন মালশাট মারি, ঝাঁপ দিলা কালিদহ জলে ব প ১১২৬। এ বোল বলিয়া কৃষ্ণ মারে মালসাট। লঙ্কার দুয়ারে যেন লাগিল কপাট॥—শ্রী ম ১০৭। মারে মালসাট শ্রী ৫২, ১৯০। মালসাটে, শবদে ব্রহ্মাণ্ড ফাটে ন প ৬৮২। মারে মালশাট শি ১৪। মল্লগণ-মালসাটে, ফুটি হেন মাটি ফাটে ভা চ ২৬৬। ২ সক্রোধ হুঙ্কার। "কোপে ধন্বন্তরি বলে মালসাট দিয়া বা ম ১১৬। ৩ বীরের রণজয়ধ্বনি, সিংহনাদ। "রণ জিনি ডোমগণ মারে মালসাট শ্রী ২৬৩। ৪ হর্ষাতিশয়ে হুঙ্কার। "রাজপুর পেয়ে তবে মারে মালসাট শ্রী ৪৬। তা দেখিয়ে উঠে সাধু মালসাট দিয়া ম ভা ১৭। ৫ উৎসবে সহর্ষ হুঙ্কার। "কপিগণ স্থানে স্থানে মালসাট মারে।—হু ১৪, ৩৩। [মালসাট উলটি —মালসাট দিয়া দিগ্‌বাজি খাইয়া। "শ্রী ১২২। মালসাট দেওয়া, মারা —হুঙ্কার করা]

মালশী, -সী[২] বি [সং মালশ্রী > প্রা *মালশ্‌শী,-স্‌সী > °শী, -সী, তু °সী (স্ত্রী)—শ ক] ১ রাগিণীবিশেষ। "মালশী ক চ ১৬০। মালসী হু ১৩, ম পা ৭।

মালশ্রী স্ত্রী [মালবশ্রী > °শ্রী] রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা ৪র্থ প্রহর, ঠাট কড়ি ম, ঔড়ব রি ধ বর্জ্জিত (গী সা)।]

মালসা বি [মালা+হি সা (মত) > মালাসা > °সা (?); দ্র 'সং মল্লিকা (৪)] মালার মত মৃৎপাত্রবিশেষ। —সী[৩] বি [°সা+ঈ, দ্র 'ঈ[৯]] ছোট মালসা। [°ভোগ—বৈষ্ণবদিগের মহোৎসবে মালসায়-করা

ঠাকুরের চিপিটকাদি ভোগ। "কোথা যাও মনোহর মালসাভোগ ফেলে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

মালসাট দ্র 'মালশাট'।

মালসী[১] স্ত্রী ১ কেশপুষ্পবৃক্ষ। ২ মালসীপুষ্প। "তুলসী মালসী ম ম ৭, ৩৮, ৫০।

মালসী[২] দ্র 'মালশী'।

মালসী[৩] দ্র 'মালসা'।

মালা[১] স্ত্রী [মা+√লা+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্), উ.ত : তু 'তা মালায়—পুষ্প] ১ শোভাধারিণী', মস্তকে ন্যস্ত পুষ্পদাম (অ.টী), স্রক্, মাল্য। "আশ্বলায়নগৃহ্যসূত্র ৩৮.১৭,-৮। গোভিল ৩.৫.১০। শিরসি বকুলমালাং (রচয়তি)।—ঋতু ২.২৪। মদনমথনমৌলের্মালতী-পুষ্পমালা (জাহ্নবী)।—গঙ্গাষ্টক ৪। ২ (গৌণার্থে) মস্তকভিন্ন অবয়বে বা অন্যত্র ন্যস্ত পুষ্পদাম। "(আয়ুধে) মালাদামভিরাসক্তে রা ২.৩৩.২। আমৃষ্টবক্ষোহরিচন্দনাঙ্কা মন্দারমালা শ ৭২। গলাএ রতনের মালা গো.চ ৫৭। মালামাঝে পত্র দিব ভা.চ ১৯৩। ৩ মালাকারে গ্রথিত বস্তুমাত্র। "গলে মুণ্ডমালা ভা.চ ৪৩। ৪ জপার্থ মাল্য, অক্ষসূত্র, জপমালা। "শুদ্ধস্ফটিক° ।—পঞ্চরাত্র ১.৭.৮৩। গো চ ৩৫, রুদ্রাক্ষের মালা ৪৭৮। ৫ হার। "রত্ন° ।—পঞ্চ ৫.৮১। ৬ শ্রেণী, পঙ্‌ক্তি, রাজী। "নারাচ° গো রা ৬.৭৯.৬১। জ্বালা°, মেঘ° (SW)। হংস° কু.স ১.৩০। আবদ্ধমালাঃ (বলাকাঃ) পূ.মে ৯। অলি° মাঘ ৪.৫৭। নবদলমাল-তমালে গী গো ১৩০। নক্ষত্রদল অম্বর-মালা প তৃ ৩৬। ৭ লেখা, রেখা। "তড়িন্°, বিদ্যুন্°। ৮ সমূহ, নিচয়। "নাম°, মরীচি°। হেরি হাসয়ে সখী-মালা।—ব ১১৪। ৯ ক্রম, পর্য্যায়। "অক্ষর°, বর্ণ°। ১০ (অলঙ্কারে) স্বাভীষ্টসিদ্ধির নিমিত্ত অনেক কার্য্য-জ্ঞাপন (সা.দ ৬.১৮৯)। দ্র 'শ ৩ ১৭। [°গুণ (পুং)—মালার যষ্টি ; হার। °গ্রন্থি (পুং)—মালাদূর্ব্বা। °তৃণ (স্ত্রী)—ভূস্তৃণ, গন্ধখড়। °ধর (বিণ)—মাল্যধারী। °নিদর্শনা (স্ত্রী)—মালারূপ নিদর্শনালঙ্কার। "কা.প্র ১০.৯৭। °রূপ (বিণ)—শ্রেণীবদ্ধ, পরম্পরিত। °রূপক (স্ত্রী)—মালারূপ রূপকালঙ্কার। "কা.প্র ১০.৯৪।] [মালা জপা —জপমালার গুলিকা-গণনায় ইষ্টনাম জপ করা। মালা ঠক্‌ঠক করা —মালা জপা (উপহাসে)। মালা বদল করা—১ বিবাহে বরকন্যার পরস্পর মালাপরিবর্ত্তন করা। ২ মালাপরিবর্ত্তনপূর্ব্বক গান্ধর্ব্ব বিবাহ করা। তু 'মনে মনে মনমালা বদল করিয়া। ঘরে গেলা দুঁহে দুঁহা হৃদয় লইয়া।—ভা.চ ৩০৯।]

মালা[২] বি [সং মল্লক >প্রা মল্লয়, *মল্লঅ, মল্লআ, -যা >বা (মল্লা মালিআ, -য়া) °লা, হি মলিয়া, য়াল.।, বেলা, মালই (ঢাকা), মালুই (দিনাজপুর), মালাই (নদীয়া)] ১ নারিকেলের কঠিন আবরণ বা আবরণের খণ্ড। "গাছে লাগাএ মালা : ছালামালা ম গা ২৩। গো চ ৩৭১, ছোলা মালা ৩৭২। ২ (সাদৃশ্যে) সর্থ 'মালাইচাকি' (চব্বিশ-পরগনা)।

মালা[৩] বি [মাল্লা >মালা] জালিক, জেলে। "দুই প্রহরের সময় মালারা প্রায় আহার করিতে যায় আ.দু ৭, ১৪৪।

মালাই বি [ফা বালাই, হি, ঠ মলাঈ] দুধের সর (cream)। "'বরফ'! 'মালাই'। চীৎকার শুনা যাচ্ছে।—হু ৬।

মালাইচাকি বি [সং মালচক্রক—মাল >মালাই, দ্র 'মালা[২] (২)] জানুসন্ধির উপরিস্থ চক্রাকার অস্থিখণ্ড (knee-pan)। "হাটুর মালাই-চাকি রাঘববোয়ালে গিলে ম.ভা ৫৩, ৬২, ৬৩।

মালাকর,-কার পুং [ষ.ত ; মালা+ √কৃ+অ (অণ্)-ক ; উ.ত] 'মালাগ্রন্থনকারক', বর্ণসঙ্করজাতিবিশেষ, মালিক, মালী। "°কার গো.রা ২.৯০.২০ ; পঞ্চ ১ ২৪৩ ; ম ১০৪২ ; চৈ.চ ৪০। মালাকারদারা হীরা বি.সু ২৫। °কর ম.ম ১৯৯ ; ২০০। [বিশ্বকর্ম্মা হইতে শূদ্রার গর্ভে ইহাদের উৎপত্তি (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। (মতান্তরে) তৈলিকীর গর্ভে জাত কর্ম্মকারপুত্র (পরাশর-পদ্ধতি)।] —কারী স্ত্রী [°কার+স্ত্রী ঈ (ঙীষ্)] মালাকারজাতি-স্ত্রী, মালাকারপত্নী। "বৃহৎসংহিতা, ৭৮.৯।

মালাকার দ্র 'মালাকর'।

মালাদীপক স্ত্রী [উ লো] মালাকার দীপকালঙ্কার। [পূর্ব্ব পূর্ব্ব বস্তু দ্বারা উত্তর উত্তর বস্তু বিশেষিত হইলে 'মালাদীপক' হয় (কা.প্র ১০.১০৪)।]

মালাম বি [মাল[২]+আম[৩]] মালের কাজ : বাহুযুদ্ধাদি, কুস্তী লড়া। "মালে করে মালাম ভা চ ৫৯।

মালামাল বি [ফা '°ল্'—ধনধান্যপূর্ণ, সম্পন্ন] টাকা-কড়ি, আসবাব-পত্র। "পথে লুটো মালামাল।—দা ৫৭০।

মালি বি [সং মালী (-লিন্)] মালাকার। "গো চ ১১৫।

মালিক[১] পুং [মালা+ইক (ঠক্)] ১ 'মালানির্ম্মাণশিল্পী, মালাকার। "পঞ্চ ৫ ৬৪। ২ [+ইক স্বার্থে, বাহুলকে] পুষ্পমাল্য (মেদিনী)। ৩ পক্ষিবিশেষ। —লিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ মালা। "দোলত ফুলমালিকা বা.দ ১৩৮। ২ শ্রেণী। ৩ গ্রীবালঙ্কার, হার। ৪ নবমালিকা। তু 'মল্লিকা'। ৫ কন্যা। ৬ ক্ষুমা, তিসী। [ইহার ডাঁটায় মালা হয়।] ৭ (মালাতুল্য) প্রাসাদ, হর্ম্ম্য। ৮ সুরাভেদ। ৯ পক্ষিবিশেষ।

মালি(লে)ক[২] '-ক্' বি [আ মালিক] ১ স্বামী, অধিকারী (owner)। ২ প্রভু, মনিব (master)। ৩ ভূস্বামী (landlord)। ৪ কর্ত্তা, নিয়ন্তা। "খোদাওন্দা মালিক E P 78 খোদা মালেক। আমা হইতে এ বিষয়ের কিছু হইবে না।—ব.প্র ৪৪৬। —কান, -কানা বিং [আ মালিকানা] স্বামিগত (proprietary)। "আমার মালেকান স্বত্ব গি.ঘি ১২৮। —কানা বি ১ প্রজার নিকটে মালিকের প্রাপ্য দস্তুরী। "৬৪৷৴॥ টাকা মালিকানা বাদে E.P 80. ২ স্বামিত্ব, স্বত্ব। —লিকী বিং [°ক+ঈ[৭]] স্বামিগত (স্বত্ব)।

মালিকা ; মালিকান, মালিকানা, মালিকী ; মালিনী দ্র 'মালিক[১], মালিক[২], মালী[১]।

মালিন্য স্ত্রী [মলিন+য (ষ্যঞ্)] ১ মলিনভাব, মলযুক্ততা। ২ শ্যামতা, কালিমা। "মালিন্যং ব্যোম্নি পাপে (বর্ণ্যতে) সা.দ ৭ ২৩। ৩ কালুষ্য, দূষিতভাব। ৪ ম্লানভাব, বৈবর্ণ্য। "বদন°। ৫ অপ্রসন্নতা। "(চিন্তা) হৃদি °দায়িনী ক.সা ১০ ১৮২।

মালিম বি [আ মুআল্লিম্ ; ঠ মালীন] 'জাহাজের পরিচালক' ; কর্ণধার, মাঝি। "ম.ম ১২১, ১৪০।

মালিয়াৎ বি [আ মালিয়ত্] ধন, টাকা-কড়ি। "কহ তুঝে কেত্তা মালিয়াৎ দিয়া সোহি বি সু ১০১।

মালিশ বি [ফা °শ্] ১ মর্দ্দন, ঘর্ষণ। ২ পালিশ করা (polishing)। ৩ মালিশ করার ঔষধ (liniment)।

মালী[১] **(-লিন্)** বিণ [মালা+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -লিনী] ১ মালা-বান্, মাল্যযুক্ত। "যৈঃ পুষ্পৈঃ কিংশুকাম্ পশ্য মালিনঃ রা ২.৫৩.৬। বিদ্যাবলিঃ…জালকমালিনী ভ ৮.২০.১৭। (তরুণী) মালতীমালিনী চ.কা ২৫০। ২ মালারূপে তত্তদ্‌বস্তুবিশিষ্ট। "অংশু°, কিরণ°, মরীচি°। সমুদ্রমালিনী। (পৃথ্বী—রা)। নৃমুণ্ডমালিনী নামে উগ্রচণ্ডা।—মে ৮২। ৩ শ্রেণীমান্, পঙ্‌ক্তিযুত। "সুচ্ছ্রিতধ্বজমালিনী (অযোধ্যা) রা ২.৪৩.১০। বেলাতটেনেব ফলবৎপূগমালিনা রঘু ৪.৪৪। সুবর্ণদীপমালিনী (কনকলঙ্কা)।—মে ১১০। ৪ হারযুক্ত। "শক্তিঃ কাঞ্চনমালিনী গো.রা ৬৮০.২১। হেমমালী…রাজী মহা ৩.২৭৯.১৮। —লী পুং ১ মালাবিক্রয়ী জাতিবিশেষ; মালাকার। "মালীঘরের পুষ্প গো চ ৩৬৭।

ম.প ৩০। ২ [হি মালী] (বাঙ্লায়) যাহারা ফুলফলের বাগান করে ; উদ্যানপালক (horticulturist)। "উদ্যানে যতনে মালী এর বৃক্ষ পালে (পদ্যপাঠ, ২য় ভাগ)। —লিনী স্ত্রী [°লিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মালিকপত্নী। "স্ত্রিয়াং ধূর্ত্তা চ মালিনী (S.W.)। ভা.চ ২৮০। ২ মাতৃকাভেদ। ৩ দুর্গা। ৪ সপ্তবর্ষবয়স্কা কুমারী। ৫ দুর্গার সখীভেদ। ৬ অপ্সরোবিশেষ। "মহা ৪.৯১৬। ক.সা ৪৫.৩.৫২। ৭ মন্দাকিনী। ৮ বিভীষণ-জননী। "মহা ৩.২৭৪.৮। ৯ নদীবিশেষ। "°তরঙ্গ শ ৩.৩। ১০ চম্পানগরী। ১১ ছন্দোবিশেষ। 'শ্রুতবোধ ৩৫। রঘু ২.৭৫, মল্লিনাথ। ১২ অগ্নিশিখা বৃক্ষ ; দুরালভা।

মালী[2] বি [সং মল্লী > বা °লী , তু 'মাহ্লী (গ্রী.কী)] মল্লিকাপুষ্প। "বকুল চম্পক মালী ব.প ২৯০।

মাল্ল পুং ১ সঙ্কীর্ণজাতিবিশেষ। তু 'মল্ল'। ২ পত্রলতা।

মালুধান পুং চিত্রসর্প, আজিনা। "°নকুল (হর্ষচরিত—অ.টী)।

মালুম[1] বিং [আ মন্নলূম্] ১ বোধগত, জ্ঞাত, বিদিত। "আমারে মালুম খুব হিন্দুর ধরম ভা.চ ৪২৯। E.P. 61. ২ সুস্পষ্ট, পরিস্ফুট, প্রত্যক্ষ। "বেমালুম রিফু। [মালুম করা—বোধগত করা ; ঠাহরান, বোঝা, জানা। "ব.প ২১৬। এ কথা ত কেউ মালুম কত্তি পারবে না।—মা ৩২৮,-৩৩। মালুম হওয়া —বোধ হওয়া। "মোর মালুম হয় ওনা দেওয়ানা হয়েছে আ.হু ৯২।

মালুম[2] বি [?] 'মাড়লি'। "মালুম খসিল গো.বি ১১০।

মালুমকাট, -ঠ, -কাষ্ঠ, -র্ষ্ঠ, মালুমগাছ বি [ড় দিগ্‌বারণ খণ্ড] নৌকায় খাড়াভাবে বসান যে দীর্ঘ কাষ্ঠস্তম্ভ বহু দূর হইতে মালুম বা দৃষ্টিগোচর হয়। "দুই প্রহরের পথে যার মালুমকাষ্ঠ দেখি ক.চ ১৯১ ; ২২২। °কাষ্ঠ বি.পা ১৫৯ ; ভাঙ্গিল মালুমকাট ২৩২ ; মালুমকাষ্ঠ ধরি কেহ ফেলাইল উপারি ২৩৫। মালুমকাষ্ঠ দিল গাড়ি ব.প ২২০। মালুমগাছ তুলিল বা.ম ১৪৫ ; ভাঙ্গিল মালুমকাঠ ২২৩ ; ধরিয়া মালুমগাছ কেহ মারে টান ২৩৬।

মালুমকাঠ, মালুমকাষ্ঠ, মালুমকার্ষ্ঠ, মালুমগাছ দ্র 'মালুমকাষ্ঠ'।

মালূর পুং [মা+ √লূ+র (রক্)-ক ; তু 'মালূর'—কপিত্থ (দেশী ৬. ১৩০)] 'অন্যবৃক্ষের শোভানাশক' ; বিল্ব। "°পত্র। °ফল নৈ ১.৯৪। মালূরের দল ম.পা ৯ ; ১০। —লূর স্ত্রী বিল্বফল। "বক্ষের উপর যুগল মালূরে ম.পা ৯৫। [সর্ব্বত্র ধৃতপাঠ 'মালুর'।]

মালেক, -কান, -মা দ্র 'মালিক'[2]।

মালেয় পুং [মালা+এয় (ঢক্)] 'মালাশিল্পী', মালাকার।

মালোপমা স্ত্রী [উ.লো] মালারূপা উপমা ; উপমাবিশেষ। [এক উপমেয়ের বহু উপমান হইলে, 'মালোপমা' হয়। 'মালোপমা যদেকস্যোপমানং বহু দৃশ্যতে সা.দ ১০.২৬।]

মাল্য ক্লী [√মল্+য (ণ্যৎ)-র্ম্ম (অ.টী)] ১ মস্তকে ধার্য্য ; মস্তকে পরিধেয় পুষ্পদাম ; মালা। "বহিঃ (কেশকলাপাদ্ বহিঃ) মাল্যং ন ধারয়েৎ মনু ৪.৭২। শিরোভিরুহ্যন্তে নরাধিপৈর্মাল্যমিবাস্ত শাসনম্ কি ১.২১। ২ মালামাত্র। দ্র 'মালা'[1] (২)। "রা ১.৫৮.১১। মাল্যাম্বরধর গী ১১.১১। মনু ২.১৭৭। (সা) মাল্যেন তান্…জঘান কু.স ৭. ১৯। ৩ পুষ্প। "°দামন্ রা ২.৩৩.২। অন্যেন মাল্যেন বাসিতং তিলসর্ষপম্ (মহা—শ.ক)। [°কার, °কারী (বি)—মালাকার। "ম.পা ৬০। °গ্রন্থন (ক্লী)—মালারচনা। °জীবক, °জীবী (-বিন্), °বৃত্তি পুং—মালাকার। "°বক।—হ ৮৪.২১। °দাম (-মন্) স্ত্রী—পুষ্পমালা। দ্র 'মালা' (৩)।]

মাল্যবান্ (-বৎ) বিণ [মাল্য+বৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -বতী] মাল্যযুক্ত, মাল্যশোভিত। "শিরোরুহেষু…মাল্যবৎসু মহা ১.১৭০.৩৩ ; (সভা) মাল্যবতী ৫.১.২। —বান্ পুং ১ দাক্ষিণাত্যস্থ পর্ব্বতবিশেষ। "রা ৪. ২৮.১। রঘু ১৩.২৬। উ.চ ১.৩০। ঐ পর্ব্বতের নাম মাল্যবান্ সী ১৩। [ইহা ইলাবৃত ও কেতুমাল বর্ষের সীমাপর্ব্বত (ভ ৫.১৬.১০)।] ২ রাবণের মাতামহ সুমালীর ভ্রাতা।

মাল্যাপণ পুং [ষ.ত] মাল্যবিক্রয়াপণ, মালার দোকান। "রা ২.৭১. ৪১। ভক্ষ্য° মহা ২.২১.২৫। °বৎ।—হ ৮৪.১৯৯।

মাল্ল পুং লেট হইতে তীবরকন্যায় জাত সঙ্কীর্ণ জাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।

মাল্লা বি [আ মল্লাহ্] ১ নাবিক, মাঝী। "মাঝী°। ২ জাতিবিশেষ।

মাল্লি বি [মাড়লি > °ল্লি] সর্থ 'মাড়লি'[1]। "গো.চ ২১৫,-৬,-৭।

মাশুল[1], **মাহুল**[1] বি [আ মহ্সূল্] ১ শুল্ক, ডাকের শুল্ক (duty, fee)। ২ মালের শুল্ক (freight)। ৩ নদীপারের শুল্ক ; তরপণ্য, খেয়ার কড়ি। "বা.ম ৩৮৫।

মাশুল[2], **মাহুল**[2] বি [আ মশ্হূর্] বিখ্যাত, নামজাদা (নিন্দায়)। "আতিচোর পাতিচোর হ'তে হ'তে মাশুলচোর।—প্রবচন। [মাহুল দাগী—বিখ্যাত দূষিত ব্যক্তি। "দা ২০৯৫।]

মাষ পুং [√মষ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ ব্রীহিবিশেষ, মাষকলাই গাছ। ২ [মাষ+অ (অণ্) প্রত্যয়লোপ, পা ৪.৩.১৬৬, সি] মাষফল, মাষকলাই। "যবাশ্চ মে মাষাশ্চ মে (যজ্ঞেন কল্পন্তাম্)।—শুক্লযজুর্ব্বেদ ১৮.১২। মাষানশ্বে তিলেভ্যঃ প্রতিষচ্ছতি পা ২.৩.১২, কাশিকা। মাষোনং কার্ষাপণম্ পা ২.১.৩১, সি। মাষো বহুমলঃ (রাজবল্লভঃ)। °বড়া চৈ চ ৮৪। ৩ পঞ্চ কৃষ্ণল বা পঞ্চদশ যব পরিমাণ, অষ্টগুঞ্জা পরিমাণ। 'কৃষ্ণলপঞ্চকং মাষঃ বিষ্ণু ৪ ৭ ; যাজ্ঞ ১.৩৬৩। গুঞ্জাভিরষ্টাভির্মাষঃ (বৈদ্যকপরিভাষা)। [এ বিষয়ে মতভেদ আছে।] ৪ মাষাকৃতি চর্ম্মরোগভেদ। ৫ মূর্খ। —ষক পুং [°ষ+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'মাষ (১ ; ২)। —ষক পুং, ক্লী [+ক প্রকারবচনে, পা ৫.৪.৩] ১ 'মাষবিশেষ', পঞ্চরক্তিক পরিমাণ ; পাঁচ রতি। দ্র 'মাষ (৩)। ২ দুই রতি পরিমাণ। 'মনু ৮.১৩৫। "পঞ্চমাষিকঃ (দণ্ডঃ) মনু ৮.২৯৮। [°কলায় (পুং)—মাষকলাই (ফল)। °তৈল (ক্লী)—পাকতৈলবিশেষ। °পিষ্ট (ক্লী)—মাষচূর্ণ। °বর্ণ (বিণ)—মাষসদৃশবর্ণ। °সূপ (পুং)—মাষযূষ।]

মাষক দ্র 'মাষ'।

মাষা, -সা বি [সং মাষ, -ষক > প্রা মাস, -সঅ > বা মাসা -ষা ; হি মাষা, -সা , ঠ মাসা] পরিমাণবিশেষ। দ্র 'মাষ'। "আনা মাসা আদি রা.স ১৬৶। আট রতিতে মাসা (স্বর্ণাদির)। দশ রতিতে মাসা (বৈদ্যের)। —শুভঙ্কর।

মাষ্টার বি [E. master] ১ শিক্ষক, ইংরাজীর শিক্ষক। "হেড্°, °গিরী। স্কুলমাষ্টারগিরি আ.হু ১৮। ২ অধ্যক্ষ, প্রধান কর্ম্মচারী। "পোষ্ট°, ষ্টেশন°। [মাষ্টারী—মাষ্টারের কাজ।]

মাস্ পুং [√মা+অস্ (অসুন্)-ক, উ ৪.১৮৯] ১ 'মাসমাপক', চন্দ্র। "ঋগ্বেদ ১০.১২.৭। ২ [মাস > °স্, পা ৬ ১.৬৩] মাস। "ঋগ্বেদ ১.২৫.৮। মাসি।—অথর্ব্ববেদ ৮.১০.১৯ , মনু ২.৩৪। মাসি ভাদ্রপদে শ্রী.য ১৩।

মাস[1] পুং, ক্লী [√মস্+অ (ঘঞ্)-র্ম্ম ; মাস্ (চন্দ্র)+অ (অণ্) সম্বন্ধার্থে (অ.টী)] ১ যাহা পক্ষদ্বয় বা সৌরাদি মান দ্বারা পরিমিত ; পক্ষদ্বয়াত্মক কাল, বৈশাখজ্যৈষ্ঠাদি। "ঋগ্বেদ ৩.৩১.৯। মনু ১.৬৬। [চান্দ্র, সাবন, ভাস্কর বা সৌর, নাক্ষত্র—এই চতুর্ব্বিধ মাস। 'চান্দ্রঃ শুক্লাদিদর্শান্তঃ সাবনস্ত্রিংশতা দিনৈঃ। একরাশৌ রবির্যাবৎ কালং মাসঃ স ভাস্করঃ। সর্ব্বর্ক্ষপরিবর্ত্তৈস্ত নাক্ষত্র ইতি চোচ্যতে।—ব্রহ্মসিদ্ধান্ত। ত্রিশ তিথিতে চান্দ্রমাস, ত্রিশ ষষ্টিদণ্ডাত্মক অহোরাত্রে নাক্ষত্র মাস, ত্রিশ সূর্য্যোদয়ে সাবন মাস, সংক্রান্তিতে ভাস্কর মাস।] ২ বার (১২) এই সংখ্যা। [°কালিক (বিং)—মাসকালভব, মাসিক। "বেতনং °কম্

মহা ২ ৬১ ২০। °জাত (বিণ)—যে এক মাস জন্মিয়াছে, মাসবয়স্ক। "পা ২ ২.৫। °দেয় (বিণ)—মাসে পরিশোধনীয় (ঋণ)। "পা ২ ১ ৪৩। °পাক (বিণ)—মাসের মধ্যে যাহা পাকে। °প্রবেশ (পুং)—মাসারম্ভ, মাসোপক্রম। °মান (পুং)—মাস দ্বারা যাহার পরিমাণ, বৎসর। °সঞ্চয়িক (বিণ)—মাসবৃত্তিযোগ্যানীবারাদিসঞ্চয়বান্। "মনু ৬ ১৮।]

মাস[2] পুং [তু 'সং মাষ > প্রা মাস] সর্থ 'মাষ'। "হু ৪৪।

মাস[3] '-স্' বি [সং মাংস > প্রা মাস (প্রা.প্র ৪ ১৬), মংসু (হে ১ ২৬) : হি, ঠ °স, মৈ °স,-সু, মাঁস (চ)] মাংস। 'কামড়ে খাব মাস। —কৃ ২৪৮। কাঁচা মাস শ্রী ১৬৭। পৃষ্ঠেব খাবে মাস শি ৭৮। ওষ্ঠ-মাস স্ব প্র ৯৬। [°পালানে—যে গাভীর পালান মাংসাধিক্য হেতু স্থূল, মাংসপীনোধ্নী। বিপ 'মউপালানে'।]

মাস-ওয়ারী বিং [ফা মহ্ৱারী] মাসিক (হিসাব)।

মাসকাবার বি [দ্র 'কাবার'] মাসের শেষ। —কাবারী বিং মাসশেষ-সম্বন্ধী, মাসশেষের (হিসাব)। —বারী বি মাসশেষের হিসাব।

মাসচটক বি রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের উপাধি। [ইহাদেব পূর্ব্ব-পুরুষ বুড়ো মাসচটক গ্রামে বাস করিয়াছিলেন বলিয়া তদীয় সন্তান-গণেব ঐ উপাধি।] "ক চ ৮৬।

মাসড়া, -রা, -সহরা বি [আ মুশহরা, ঠ মুশারা] মাসিক বৃত্তি। "মাসড়া সাধে দেড় বুড়ি কড়ি গো চ ১। মাসরা ব প ২৮। কোথাও মাসড়া কড়ি, কেহ দেখ দালি-বড়ি ক চ ৮৭।

মাসড়ো বি ['শ্মশ্রু'—মূল, হি মসূড়া] দন্ত পঙক্তির মূল (gum)।

মাসতম বিণ [মাস+তম (তমট্)] মাসের পূরণীভূত (দিবস)। 'মাসস্ত পূরণো মাসতমো দিবসঃ পা ৫ ২ ৫৭।

মাসতাত,-তুত বিং [তু 'খুড়তাত, মৈ মসিঔত] মাতৃস্বস্রীয়, মাসীর পুত্রকন্যারূপে সম্বন্ধবিশিষ্ট (ভাই, বোন)। "°তাত ভাই ম ম ১৭৪। চোরে চোরে মাসতুত ভাই (হি চোর চোর মৌসিয়া ভাঈ)।—প্রবচন।

মাসতুত দ্র 'মাসতাত'।

মাসমাহিনা বি ১ মাসিক বেতন। "মাসমাহিনা যার যত, দিন তার পড়ে কত।—শুভঙ্কর। ২ মাসিকবেতনানুসারে দৈনিক বেতন কষিয়া বাহির করার নিয়ম (শুভঙ্কর)।

মাসরা, মাসহরা ; মাসা দ্র 'মাসড়া, মাষা'।

মাসাধিপ, -পতি পুং [ষ ত] মাসের অধিষ্ঠাতা গ্রহ।

মাসাধিপতি দ্র 'মাসাধিপ'।

মাসানুমাসিক বিণ [°মাস+ইক (ঠঞ্)] মাসানুমাসভব, প্রতি-মাসভব। 'শ্রাদ্ধ' কুর্য্যান্ মাসানুমাসিকম্ মনু ৩ ১২২।

মাসান্ত পুং [ষ ত] ১ 'মাসশেষ', অমাবস্যা (মুখ্যচান্দ্রমাসে)। "যাত্রা মাসান্তে মরণং ধ্রুবম্ (সমযপ্রদীপ)। ২ পূর্ণিমা (গৌণচান্দ্রমাসে)। "প তৃ ৭। ৩ সংক্রান্তিদিন।

মাসাবধিক বিণ [মাস অবধি যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) : স্ত্রী -কা] মাস যাহার সীমা, মাসপর্য্যন্ত।

মাসাশ, -সাস শি [মাসী+শাস, -স > মাসশাশ, -স > °শ, -স, মাহুস (দিনাজপুর), মা(মু)সোস্ (মালদহ)] স্বামীর বা স্ত্রীর মাসী, মাসশাশুড়ী। "মাসাস বি সু ৬৬, লী ১৪,-৬। °শ ভা চ ৩৫৬।

মাসাস দ্র 'মাসাশ'।

মাসাহার বিণ [বহুব্রী] মাস গেলে যাহার আহার (রা টী), মাসাত্যয়ভোজী। "পঙ্কতপা মাসাহারঃ রা ১ ৪২ ১৩।

মাসিক বিণ [মাস+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ মাসসম্বন্ধী, প্রতি-মাসভব। "মাসিকং শ্রাদ্ধম্ মনু ৩ ১২৩। ২ মাসে দেয় (ঋণ)। "পা ৪ ৩ ৪৭। ৩ এক মাস সৎকারপূর্ব্বক ব্যাপারিত বা নিযুক্ত। "মাসি-কোহধ্যাপকঃ পা ৫ ১ ৮০। ৪ এক মাস বেতন দ্বারা ক্রীত বা নিযুক্ত। "মাসিকঃ কর্মকরঃ। ৫ যাহা এক মাস হইয়াছে বা হইবে। "মাসিকো ব্যাধিঃ। মাসিক উৎসবঃ। ৬ মাসে উপশমনশক্য, লভ্য, কার্য্য বা সুকর। "মাসিকো ব্যাধিঃ। °কঃ পটঃ। °কং চান্দ্রায়ণম্। °কঃ প্রাসাদঃ (কাশিকা), পা ৫ ১ ৯৩। —সিক স্ত্রী ১ প্রেতের সম্বৎসরে প্রতিমাসে মৃততিথিতে কর্ত্তব্য শ্রাদ্ধ। ২ পিতৃগণের প্রতিমাসে অমাবস্যায় করণীয় শ্রাদ্ধ ; অন্বাহার্য্য, পার্ব্বণশ্রাদ্ধ। দ্র 'মনু ৩.১২৩।

মাসী বি [সং মাতৃষসা > প্রা মাউসিআ (হে ১ ১৩৪), মাউসী (প্রা ম) > বা °সী, হি মউসী, মাসী, মৌসী, ঠ মাৱশী,-সী, গু মাসী, মৈ মৌসী, ড় মাউসী] মাএর বোন। "ভা.চ ২৮৫। [°পতি —মেসো। "ভ প্র ১৬৪। °পিসী—মাসী ও পিসী।]

মাসীন বিণ [মাস+ঈন (খঞ্)] মাসজাত। "পা ৫ ১.৮১। —স্য বিণ [+য (যৎ), স্ত্রী স্যা] সর্থ 'মাসীন'। "দ্বি°, পঞ্চ°, বহু°।

মাসুয়া, -স্যা[2], -স্বা, মেসো, -স্বা বি [মাসী+উয়া[2], ঈয়া > মাসুয়া, মাসীয়া > (মাস্বা, মাসো) মেস্বা, মেসো, মাস্যা, হি মৌসা, -সিয়া, ঠ মায়সা, ড় মউসা] মাসীর স্বামী। "মেস্বা করিলেন কোলে : মেসো শ্রী মা ১১৯, মাস্যার কল্পনা ১৫৫। মেসো বটে মহীপতি শ্রী ৬৫। সম্বন্ধে তুমি মাস্বা ব প ৪৭৮। মাসুয়া কৃষ্ণের ভ প্র ১৪২। শিব কি তোর মেসো শি ৮২। রজনীর মাসী মাসুয়া ব প্র ২৬৩। মেসো গি দ্বি ১০৪।

মাসুরী স্ত্রী [°রী (দেশী ৬ ১৩০)] ১ শ্মশ্রু, দাড়ি। ২ মাতৃষসা। 'মাতৃর্ভগ্নী চ মাসুরী।—শ ক, 'সম্বন্ধ' শব্দ দ্রষ্টব্য।

মাস্তুল[1] ; **মাস্তুল**[2] দ্র 'মাশুল[1], মাশুল[2]'।

মাসূর বিণ [মসূর+অ (অণ), স্ত্রী -রী] মসূরবিকার (সুশ্রুত)।

মাস্তুল বি [P. mastro, E mast, হি মস্তূল, ঠ মস্তূর] পা'ল বাঁধার নিমিত্ত নৌকা-প্রভৃতির মাঝখানে খাড়া-বসান দীর্ঘ কাষ্ঠখণ্ড বা বংশখণ্ড।

মাস্য দ্র 'মাসীন'।

মাস্যা[1] বিং [মাসীয়া > °স্যা] মাসসম্বন্ধী, মাসের। [বাবমাস্যা—বার মাসের বর্ণনা। "খুল্লনার বারমাস্যা ১৬৪,-৫।]

মাস্যা[2], **মাস্বা** দ্র 'মাসুয়া'।

মাহ[1] বি [সং মাস, ফা মাহ্, হি, ঠ, গু মাহ] মাস। "মাহ ভাদর বি প ১৭২, শ্রাবণ মাহ ১৭৪। [মাহরমাহ—মাসে মাসে। "মাহরমাহ মালগুজারির সরবরাহ করিব E P 67]

মাহ[2], **-হা** [সং মধ্যে, প্রা মহ (পৈ), হি মাহঁ, ঠ মাহে, মৈ মঁাহ] ১ মধ্যে। "কণ্টকমাহ কুসুম পরকাশ বি প ২৫, হিয়া মাহা ২৯, বিরহসিন্ধুমাহা ১০৫। হিয় মাহ জ প ৫৯। জল মাহা পৈঠি।—গো ৭ ; গেহ মাহ ৮, হিয়া মাহা ৯৬, কুঞ্জ মাহা লুঠই ১১০, তনু মাহ ২৩৫। বৈঠলি পিয়া হিয়া মাহ প র ৫০। জগ মাহা জ্ঞা ২৯। মন মাহা রা পে ১। মন মাহা ব প ১০৪৭, হিয় মাহা ১০৪৮, তথি মাহ ১০৫০। ২ তলে। "মহী মাহা গড়ি যাতি।—গো ২৪৮। মুরছি গোরী পড়ল ক্ষিতি মাহ।—ব ১০৯।

মাহা দ্র 'মাহ'।

মাহাকুল, -কুলীন পুং [মহাকুল+অ (অঞ্), +ঈন (খঞ্)] মহাকুলের অপত্য। "পা ৪.১ ১৪১।

মাহাকুলীন দ্র 'মাহাকুল'।

মাহাত্মিক বিণ [মহাত্মন্+ইক (ঠক্), স্ত্রী -কী] মহাত্মসম্বন্ধী, রাজ্যপদাধ্যসর্ব্বাধিপত্যলক্ষণ (স্থান)। "রাজ্ঞো মাহাত্মিকে স্থানে সদ্যঃশৌচং বিধীয়তে (মনু)।

মাহাত্ম্য ক্লী [মহাত্মন্+য (ষ্যঞ্)] ১ মহাস্বভাব, মহাস্বভাবতা, ঔদার্য্য। "মনের মাহাত্ম্য।—হেম ২৬৫। ২ অনতিশয়ৈশ্বর্য্য, ঐশ্বর্য্য। "মাহাত্ম্যমপি চাব্যয়ম্ (ময়া শ্রুতম্) গী ১১.২। ৩ সর্ব্বনিয়ন্তৃত্ব। "রামস্য...মাহাত্ম্যম্ রা ২,৪৪.৮। ৪ সদাচারনিরতত্ব ও অসদাচার-

আলিতা। "অভ বংশস্ত মাহাত্ম্যম্ রা ২.৭২.৪৩। ৫ আভিজাত্য। "হুঁহু গোজসে আর্য্যপুত্র এত্তেন বিনয়মাহাত্ম্যেন উ চ ১২১৬। ৬ সচ্চরিত্রতা, সাধুশীলতা, পাতিব্রত্য। "(এতে) বক্তা বিদুর্মাহাত্ম্যম্ উ.চ ৪.৫। ৭ মহিমা, প্রভাব, লোকোত্তরশক্তি। "গোশকৃতঃ…মাহাত্ম্যম্ মহা ১৩ ৮২.২৭। গঙ্গা° ক সা ৪২ ১৬২। একাদশী° ম ১০৬৩। ৮ গৌরব, গুরুত্ব। "কদাচিদ্ বীজমাহাত্ম্যাৎ ক্ষেত্রমাহাত্ম্যতঃ কচিৎ। নীচোত্তমত্বং ভবতি…।—শু ৪.৪ ৩৭। ৯ দেবতার মাহাত্ম্যবিষয়ক গ্রন্থ। "গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।—গীতামাহাত্ম্য ৮২। প্রথম মাহাত্ম্য শ্লোক, পুছে ফেলে তিন শ্লোক।—কৃ ৩৫৪।

মাহাদেই বি [মহাদেবী > °ই, অপ্র] মহারানী। "খেতু হবে পাটরাজা তোমরা মাহাদেই গো চ ১৮৫।

মাহানিন্দা বি মহানিদ্রা। "°ন্দা যাসি কেহে শ্রী কী ২৮৬।

মাহাপ্রাণ বিণ [মহাপ্রাণ+অ (অঞ্)] মহাপ্রাণপ্রযত্নযুক্ত (বর্ণ)। "পা ৪ ১ ৮৬।

মাহারাজ্য ক্লী [মহারাজ+য (ষ্যঞ্)] মহারাজকর্ম্ম।

মাহারাষ্ট্রী স্ত্রী [মহারাষ্ট্র+অ (অণ)+স্ত্রী ঈ (ঙীপ্)] মহারাষ্ট্র-ভাষা। 'ভাষয়া মাহারাষ্ট্র্যা (S W)।

মাহি১ বি [মাই১ > °হি (হ-আগম)] মা, মাতৃতুল্যা নারী। "মী ১৪।

মাহি২ অব্য [হি মাহিং, তু 'মাহ২'] মধ্যে, ভিতরে। 'চচল চৌদল মাহি ন প ১৬২। শোহত সমরক মাহি।—গো ৬৬।

মাহিনদার; মাহিনা, মাহিয়ানা দ্র 'মাইনদার, মাইনা১'।

মাহিষ বিণ [মহিষ+অ (অণ), স্ত্রী -ষী] ১ মহিষসম্বন্ধী, মহিষ-সদৃশ। "মাহিষং রূপম্ গো রা ৪ ৯ ৬০। মাংসেন…মাহিষেণ মহা ১৩ ৮৮ ৮। ২ মহিষীসম্বন্ধী, মহিষদুগ্ধজাত। "মাহিষম্ (ক্ষীরম্) মনু ৫.৯। মাহিষ দই ক চ ৪৪।—ষ ক্লী অন্তঃপুর। —ষক পুং [মাহিষ+ক (কন্) স্বার্থে] মহিষপালক। —ষিক পুং [মহিষ+ইক (ঠক্)] ১ 'মহিষপালনজীবী', মহিষপালক। ২ [°ষী+ইক] মহিষী (ব্যভি-চারিণী)-পতি, দুষ্টাস্ত্রীরক্তপতি (স্কন্দপুরাণ, কাশীখণ্ড—শ ক)। ৩ ভগদ্বারা উপার্জ্জিত স্ত্রীধনোপজীবী। "বিষ্ণুপুরাণ ২ ৬,১৫, শ্রীধর। যমসংহিতা ৩৫।

মাহিষক, মাহিষিক, দ্র 'মাহিষ'।

মাহিষেয় পুং [মহিষী+এয় (ঢক্)] মহিষীপুত্র, পাটরানীর ছেলে।

মাহিষ্মতী স্ত্রী [মহিষ্মৎ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] মহিষ্মান্ (মুচুকুন্দ) কর্ত্তৃক নর্ম্মদাতীরে প্রতিষ্ঠাপিত হৈহয়গণের রাজধানী। দ্র 'কার্ত্তবীর্য্য'। "রঘু ৬ ৪৩। [মহাভারতে, মাহিষ্মতীরাজ 'নীল', রাজসূয়দিগ্বিজয়ে সহদেব কর্ত্তৃক পরাজিত হন। দ্র 'মহা ২ ৩১শ অধ্যায়।]

মাহিষ্য পুং [মহিষ+য (ষ্যঞ্)] 'মহিষপালনে সাধু', সঙ্করজাতি-বিশেষ। [ক্ষত্রিয় হইতে বৈশ্যার গর্ভে ইঁহাদের উৎপত্তি। পশুপালন ইঁহাদের বৃত্তি। 'যাজ্ঞ ১ ৯২।]

মাহুত বি [সং মহামাত্র, হি মহাবত, ঠ মহাত,-দ, ক্ষাত, মাহুত, -দ] হস্তিচালক। "গো.চ ৭৮।—হুতী বি [°ত+ঈ, অপ্র] গজারূঢ়সৈন্য, নিষাদী। "ভা চ ৪৪।

মাহুতী দ্র 'মাহুত'।

মাহুর বি [সং মধুর > প্রা মহর > বা °র, হি °র ; ঠ °র (গুড়)] বিষ, তীব্র বিষ। "গো.চ ৪৭৭। ক চ ১৪২।

মাহেন্দ্র বিণ [মহেন্দ্র+অ (অণ্), স্ত্রী -ন্দ্রী] ১ মহেন্দ্রসম্বন্ধী, ইন্দ্রদত্ত। "রঘু ১২ ৮৬। ২ ইন্দ্রদেবতাক, ঐন্দ্র (মন্ত্র, হবিঃ)। "অস্ত্রম্…মাহেন্দ্রম্ মহা ৭.১৫৫ ৮। ৩ পার্জ্জন্য, মেঘজন। "মাহেন্দ্র-মস্তঃ রঘু ৭.৮৫। ৪ ইন্দ্রসম্বন্ধী। "ধনুর্বিয়তি মাহেন্দ্রম্ ভ ১০.২০ ১৮। ৫ ইন্দ্রাধিষ্ঠিত, ইন্দ্রপালিত। "মাহেন্দ্রী দিক্ মহা ৭ ১৮৩.৪৬। —হেন্দ্র পুং ১ শুভদণ্ডবিশেষ। "যি পা ৪২, ৫০, ১৬১। [রবি-প্রভৃতি সপ্ত বারে বায়ু বরুণ যম ও মহেন্দ্রের এক এক দণ্ড থাকে। বরুণমহেন্দ্র-দণ্ড শুভ, অন্য দুইটি অশুভ।] ২ দিবসের সপ্তম মুহূর্ত্ত। —হেন্দ্র ক্লী ইন্দ্রদেবতাক অস্ত্র। "ভট্টি ১৫ ৯৩। —হেন্দ্রী স্ত্রী ১ পূর্ব্বদিক। ২ ইন্দ্রাণী। ৩ গবী।

মাহেন্দ্রী দ্র 'মাহেন্দ্র'।

মাহেয় বিণ [মহী+এয় (ঢক্), স্ত্রী -য়ী] মহীবিকার, মৃৎকৃত, মৃন্ময়। "কুম্ভৈর্মাহেয়ৈঃ মহা ৮ ১০ ৪৪। —হেয় পুং ১ মহীপুত্র, মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। ৩ প্রবাল। —হেয়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] সৌরভেয়ী, গবী। "মহা ৪ ১৭ ১১।

মাহেয়ী দ্র 'মাহেয়'।

মাহেশ ক্লী [মহেশ+অ (অণ্)] মহেশকৃত ব্যাকরণবিশেষ। —হেশী স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীপ্)] দুর্গা (দেবীপুরাণ)। "শি ৪।

মাহেশী দ্র 'মাহেশ'।

মাহেশ্বর বিণ [মহেশ্বর+অ (অণ্), স্ত্রী -রী] ১ মহেশ্বরসম্বন্ধী। "মাহেশ্বরী প্রজা মহা ১৩ ১৪ ২৩৩। ২ মহেশ্বরদেবতাক, শৈব। "মাহেশ্বর° চাপম্।—হ ৪২ ১৩১। —শ্বর পুং শৈব। —শ্বর ক্লী শিব-পুরাণ। —শ্বরী স্ত্রী [°র+ঈ (ঙীপ্)] ১ শিবশক্তি, দুর্গা। "দু ৪৩। ২ মাতৃকাভেদ। ৩ যবতিক্তা। ৪ নীলধ্বজরাজের পুরী। তু 'মাহিষ্মতী'। "মাহেশ্বরী পুরে রাজা নীলধ্বজ নাম ম ১১৩৭। মাহেশ্বরী-পুরীশ্বর নীলধ্বজ রথী।—মা ১১৭।

মাহেশ্বরী দ্র 'মাহেশ্বর'।

মি১ সক [স্বা,উ—মিনোতি, মিনুতে, অনিট্, ণিচ— √মাপি, পা ৬ ১ ৫০] ক্ষেপণ। [অনু—অনুমিতি। উপ—উপমিতি। প্র—প্রমিতি, প্রমাণ।]

মি২ [আমি২ > মি] ভাব, ধর্ম্ম। "খলো°, ডেঁপো°, পেজো°।

মি৩ অর্ম্ম [সং √মিদ্] স্নিগ্ধ হওয়া, আর্দ্র বা নরম হওয়া, মিইয়া যাওয়া। "বর্ষায় খই, মুড়ি মিইয়া যায় বা মিয়ে যায়। রবিঠাকুরের কবিতার মতো মিইয়ে পড়া হাল ছাড়া বিলাপ নয়।—শেষের কবিতা।

মিউজিয়ম্ [E museum] কৌতুকজনক বিবিধ বস্তুর ও শিল্পের ভাণ্ডার, জাদুঘর।

মিউনিসিপালিটি বি [E municipality] স্থানীয় প্রতিনিধি-বর্গ কর্ত্তৃক নগরের বা গঞ্জের পথঘাট-প্রভৃতির রক্ষার ও স্বাস্থ্যরক্ষার উপায়ের ব্যবস্থা।

মিউমিউ বি [ধ্বন্যাত্মক, তু 'প্রা মিউ (মৃদু)] বিড়ালছানার মৃদু রব। তু 'মেওমেও'।

মিগ বি [সং মৃগ > লি, প্রা মিগ] হরিণ। "মরা মিগ : মিগর গাত্র শূ ১১১, ব.প ১১৪। —গী বি [সং মৃগী > লি, প্রা মিগী] হরিণী। "বনর মিগীক : মিগীর ছাল শূ ১১০।

মিছ (ছি)রি, -রী, মিশ্রি, -শ্রী বি [আ মিস্‌রী, হি মিস-(সি)রী, ঠ মিসরী, মিশ্রী, তু 'মৎস্যণ্ডী'] 'মিসরদেশীয়', স্ফটিকসদৃশ শর্করাখণ্ডবিশেষ (sugar-candy)। "মিছরি।—শ্রী ৪২, মিশ্রি চৈ.চ ২০০। মিছিরি ভ প্র ১৮১ : ভা.চ ৩২৮। [মিছরির খড়্গ —মধুত্বকটুত্বযুক্ত বাক্যে ভর্ৎসনা, মিঠে-কড়া ভর্ৎসনা। 'মিষ্টবাক্যে ভর্ৎসে তাতে মধুর কটুত্ব। তাহে 'সিতাখণ্ডী' মিছরির খড়্গ অর্থ॥ —ভ.প্র ১৫৪। মিছরীর কুঁদো—মিছরীর গোটা চাপ। মিছরীর ছুরী —(হি মীঠী ছুরী)—বাহ্যে মধুরভাষী অন্তরে কুটিল, অর্থাৎ বিষকুম্ভপয়োমুখ ব্যক্তি।]

মিছরী দ্র 'মিছরি'।

মিছা, -ছে বিং [সং মিথ্যা > লি, প্রা মিচ্ছা > বা (মীছা) 'ছা, মীছ (প ক)] ১ অসত্য। "মিছে কথা ক'য়ে, মিছে বশ ল'য়ে, মিছে কাজে নিশি-যাপনা।—গান ২১৮। সত্যি মিছে দেশ না কাছে গি খি ১১৬। ২ অন্তঃসারশূন্য, ভুয়া। দ্র '(১)। ৩ অনর্থক, ব্যর্থ। "ও পারে মানুষ ডাকে, খেয়া মিয়া মিছাপাকে, এতক্ষণ হৈত ভরা তিন শ্রী ম ৬৩। দ্র '(১)। ৪ অমূলক। "মিছা বাদ হৈল বিপরীতি ক চ ২২০। ৫ হেয়, উপমার অযোগ্য। "কি ছার মিছার কামধনু বাণে ভুলে। ভুরুর সমান কোথা ভুরুভঙ্গে ভুলে।—ভা চ ২৯০। [মিছামিছি —অনর্থক, বৃথা। মিছে মানুষ—অকর্মণ্য লোক। মিছেমিছি ঘুরা —উদ্দেশ্যহীনভাবে বা সখ ক'রে বেড়ান। "হু ৮৮। মিছাই, -এ, -এঁ, -ছেঁ (শ্রী কী)।]

মিছিরি, মিছিরী দ্র 'মিছরি'।

মিছি(সি)ল বি [আ মিস্‌ল্‌] ১ মোকদ্দমার কাগজপত্র, নথী (file)। "সেরেস্তাদার…রাশি রাশি মিছিল লইয়া সাহেবের নিকট পড়িতেছে আ হু ১০৪। বন্দোবস্তী মিসিল E P 81 ২ (বাঙলায়) শোভাযাত্রা (procession)। [°নবিস—মোকদ্দমার কাগজপত্র-রক্ষক। "দা ২০১৯।]

মিছিলা বি [বা মিশল, ঠ মিসল, -লা (মিশ্রণ)] মিশ্রণ, মিশামিশি। "কর্মজ্ঞান-মিছিলাতে ব্যভিচার হয় ভ প্র ৭১।

মিছে দ্র 'মিছা'।

মি(মে)জরাব, মেজরাপ বি [আ মিজরাব] সেতার বাজানর নিমিত্ত তারের মোটকবিশেষ। 'কেহ সেতারার মেজরাপ হাতে দেয় আ হু ১৪৩।

মিঞা, মিয়া বি [ফা মিয়ান্‌, হি মিয়াঁ, ঠ মিবা, -বাঁ, মঁ্যা, মৈ মিঞাঁ] ১ মান্য পদস্থ বা ভদ্র মুসলমান। "কাজির ভাই কাজির শালা সব হৈল মিঞা : কালু মিঞা : হাজি মিঞা ব প ২১৪। মিঞা শ্রী ১৩১, মিয়াগণ ১৬৪। ২ মহাশয় (মুসলমানের সম্বোধনে)। ৩ মালিক, মনিব। "মিয়ারে কহিছে বান্দী ভা চ ৪৯৫। ৪ প্রধান, মণ্ডল। 'আপন টোপর লৈয়া, বসিল গাঁয়ের মিয়া ক চ ৮৬। ৫ স্বামী, খসম। ৬ ওঝা। "মিঞা দিল লিখিয়া তাবিজ বোঝা বোঝা ভা চ ৪৯৫। ৭ শিক্ষক, ওস্তাদ। 'টপ্পা গাবে শরি মিয়ার। —দা ১৯৭৯। ৮ (বাঙলায়) মান্য বড় ভাই। 'বড়', মেজ°।

মিজিমিজি বিং [(?)] নেশায় মিটমিটে বা বুড়্‌বুড়্‌। "(বরের) বদনে রদন পড়ে মিজিমিজি আঁখি।—শি ২৭।

মিট অক [√মিট (দেশী)—তু 'মিটাবহ' (লোপয়—পৈ), হি, ঠ, প, গু, সি √মিট, মৈ √মেট, ড √মিট মীটই, -টব, -টল (প ক)] ১ লুপ্ত হওয়া, দূর হওয়া, ঘুচা, যাওয়া। "মিটব কি হিয় বিবাদ জ প ৮। বরঞ্চ মরণ ভাল (পুত্রশোক) মিটে এককালে শ্রী যা ১৭। মনস্তাপ ম'লেহ না মিটে শি ৯। মানাও সে বামদেরে মিটিবে প্রলয় ভা চ ৪৯৯, মিটুক জঞ্জাল ৫০০। ২ অদৃশ্য হওয়া, মুছিয়া যাওয়া। "অলকা তিলকা মিটি গেলহি বি প ৬৮। মিটল উজ্জ্বল, চন্দন, কজ্জল। —ব ১১৬ মিটল চন্দন ১২৬। ৩ নিষ্পন্ন হওয়া। "কাজ মিটা। ৪ শান্ত বা তৃপ্ত হওয়া। 'গভীর প্রাণের তৃষা মিটিল না মিটিল না। —রবীন্দ্র। ৫ শান্ত হওয়া। "জ্বালা, রাগ মেটা। ৬ চরিতার্থ বা পূর্ণ হওয়া। "না মিটল আশা রে ব প্র ১১৬, লোকে বলে, রাজা-রাজড়ার আশা কিছুতেই মিটে না।—১১৯। ৭ অবসান হওয়া। "বিবাদ মেটা। ৮ চুকিয়া যাওয়া। "হিসাব মেটা। ৯ মিলিত হওয়া। 'জিনিয়া বিচারে, না বরিলি কারে, শেষে মিটে গেলি চোরে ভা চ ৩৭১। —টা[২] সর্ম [°ট+আ[৮], প্রা √মিটা—মিটাবহ (লোপয়—পৈ), হি √মিটা, ঠ √মিট, মৈ √মেটার] ১ দূর করা, অপনয়ন করা। "কৈছে মিটায়ব মান বি.প ১১৭ (রাইএর) খেত কোন মিটাবই জ প ৩৩। ২ উপশমিত করা। "শেষে পুন অর দিবা মিটাইয়া বৃষ্টি ভা.চ ৩৫৪। ৩ চরিতার্থ করা, পূর্ণ করা। "সংগ্রাম-সাধ অবশ্য মিটাব, মহাহবে আমি তব।—মে ১৯৯। যখন বা পাস্‌ মিটায়ে নে আশ চ.কা ৩৫৩। [মিটন—বিলোপন, লুপ্ত করা। "পাষাণের রেখ যেন মিটন না যায়। —জ্ঞা ১৭০। মিটমাট—বিবাদের অপনয়ন, বিবাদনিষ্পত্তি বা মীমাংসা। মিটা[২]—সর্ব 'মিট'। মিটান—সর্ব 'মিটা'।]

মিটন, মিটমাট দ্র 'মিট'।

মিটমিট, মিটিমিটি বি [স° √মীল্‌, ঠ √মিট, মীট, মিষ] ১ চক্ষুর ঈষৎ উন্মীলননিমীলন-ভাব। "কোটরে নয়ন দুটী মিটিমিটি করে ভা চ ২১০। কোটরে চক্ষু, অতি সূক্ষ্ম, করিছে মিটিমিটি। —দা ৫৫৭। চোক দুটী মিটমিট করিতেছে আ হু ১০৪। ২ জ্যোতিষ্কের বা দীপালোকের মৃদুভাব। "তারা মিটিমিটি করে।—শিশু ১৩০। একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে ব প্র ৬২৩। —মিট বিং ঈষৎ উন্মীলিত। "মিটমিট নয়নেতে চাহে যাব পানে ব প ১৪৮৬। —মিটে বিং [°ট+এ[৭]] ১ যাহা মিটমিট করিয়া জ্বলে, ক্ষীণালোক-বিশিষ্ট, মৃদু। "সে (আলো) প্রদীপের আলোর মত, একটু একটু মিটমিটে ব প্র ৫২। মিটমিটে পিদীপ, আর পিটপিটে ভাতার অসহ্য। —প্রবচন। ২ বাহিরে মৃদু অর্থাৎ ভালমানুষ, কিন্তু ভিতরে খল। "এই সমস্ত ভালোমানুষ ছেলেরাই মিটমিটে শয়তান গ স ১০৮। [মিটমিটান —মিটমিট করা। মিটমিটিয়ে জ্বলা—ক্ষীণালোক দেওয়া। "গ্যাসের আলো °য়ে জ্বলে।—শিশু ২৯। মিটমিটে ডা'ন—অন্তর্দুষ্ট খল।]

মিটমিটান, -মিটে, মিটিমিটি দ্র 'মিটমিট'।

মিটিরমিটির ক্রি বিং ঈষৎ উন্মীলিত-নিমীলিতভাবে। "ঐ নীল বানরটা, কোণে ব'সে মিটিরমিটির চায়।—দা ১২৫৯।

মিটুলি বি [ধ্বন্যাত্মক (?), মিচুড়ি (দিনাজপুর), মেচুলি (বর্দ্ধমান), মেচড়ি, মুটমুটি (বাঁকুড়া)] ১ পুঁইশাকের বীজ (খাওয়ার সময়ে মুটমুট করে)। ২ (মেটে রঙের ?) পাঁটার যকৃৎ। "মদ আর একখানা পাঁটার মিটুলি দিতে পারিস ?—গি খি ৭৭।

মি(মী)ঠ, -ঠা বি° [সং মিষ্ট, মৃষ্ট > প্রা মিট্‌ঠ > বা মী(মি)ঠ, -ঠা, হি মীঠা, ঠ মীঠ (লবণ), মৈ মীঠ, প মিট্‌ঠা, গু মীঠু, সি মিঠ, ড়, অস মিঠা] ১ মিষ্ট, মধুর। বিপ 'তিত,-তা'। "(ইক্ষুরস) পাছিলে লাগিল মীঠ চ দা ১০৮। মিঠা ঘোল ক চ ২০৯। মিঠা তাল বি পা ১৯৫। মিঠা পান বা ম ১৪৭। মিঠা পান মিঠা গুয়া ভা চ ৩২৯। ২ সুখকর। "হাম না বুঝিয়ে রস তীত কি মীঠ বি প ৮২। দেখা-দেখি বড় মিঠ শ্রী.কী ৯৯। জ্যেঠ হি মিঠ, কহত সব রঙ্গিণী।—গো ২৩৯। মুকতি চেয়ে বাঁধন মিঠা, মায়ের মায়া-ফাঁদে।—শিশু ১৫। ৩ শ্রুতিসুখ-কর, সুকোমল। "মিঠা সুর, বোল। ৪ নেত্রপ্রীতিকর। "মিঠ হাস শ্রী কী ৯৯। ৫ যাহা লোণা নহে, মিষ্ট। "মিঠা পানী ক.চ ১৯৩। ৬ অতীব্র, অর্থাৎ যাহা সাজ্যাতিক নহে। "মিঠা বিষ। ৭ লবণাংশহীন, ক্ষাররহিত (দেশ, হাওয়া)। —ঠা বি [বি মীঠা] ১ মিষ্ট খাদ্য, মিষ্টান্ন। "পঞ্চাশ ব্যঞ্জন মিঠা ক চ ১৩৩, সাধ করে খাইতে মিঠা ২০৯। ২ মিষ্টস্বাদ, মধুরতা। "দধি দুগ্ধ থাকিতে মাটিতে মিঠা পাইলে ব.প ৭৭৮। ৩ মিষ্ট সুর। "(শ্যাম) অমিয়া অধিক বোলয়ে মিঠ।—জ্ঞা ১২৫। [মিঠ-কুমড়া—সকরী-কুমড়া। মিঠাগুয়া—চিকিনসুপারি। মিঠা-পান—মিষ্টস্বাদ একজাতীয় পান। "ভা.চ ৩২৯।]

মিঠা দ্র 'মিঠ'।

মি(মে)ঠাই বি [হি মিঠাঈ (মিঠা+ঈ[৭] ?), ড় মিঠা] ১ মিষ্ট-খাদ্য, খাজা গজা পানতুয়া জিলেপি ইত্যাদি। "খাজা গজা আদি করি সুখের মেঠাই।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ক্ষীরের মিঠাই (পদ্যপাঠ, ১ম ভাগ)।

ক্ষীর কই, মিঠাই কই (শিশুশিক্ষা, ৩য় ভাগ)। ২ মতিচুর। [°ওয়ালা মিষ্টবিক্রেতা, মিঠাইকর। °কর—যে মিঠাই প্রস্তুত করে। °মণ্ডা —সন্দেশ-মিঠাই।]

মিঠাকড়া বিং মিষ্ট ও কটু, মাধুর্য্যকটুতা-মিশ্র, ঈষৎ মিষ্ট ও ঈষৎ কর্কশ (কথা, ঘোল)। [মিঠা(টে)-কড়া তামাক—যে তামাক খুব কড়া ও একেবারে দম্‌-হীন নয়। "(রাম) মিটেকড়া তামাক সেজে বড় দেখে মল করে হুঁকা আনিয়া দিল আ হু ৯।

মিঠাজামী বি মিষ্ট জামীর (?)। "বি.পা ১০২,-৯৫ ২১৭।

মিঠান বি [মিঠা+থান (স্থান)] মিঠা দেশ। দ্র 'মিঠা (৭)। —ঠানি বি [মিঠা+পানি] মিষ্টজল, মিষ্টরস, বৈদগ্ধ্যকলা। "চিটের চিটানি. খেতের মিঠানি. সকলি জানি যে আমি চ দা ৩০।

মিঠানি দ্র 'মিঠান'।

মিঠাবিষ বি [মীঠিগরল (প ক), হি °ষ] বৎসনাভ, কাঠবিষ।

মিঠি বি° [মিঠ+ই[১১], তু 'মিষ্ট'] মিষ্ট। 'মিঠিভাবে শ্রী.ম ১৪১।

মিঠিরি বি মিষ্টান্নবিশেষ। "শাকবা মিঠিরি থিরি রা.শে ৫১।

মিঠে বি° [মিঠা >°ঠে] ১ মিষ্ট, মধুর। "মিঠে গুয়া পান বা দ ২২৮। ২ অতীব্র, তেজে কম। "মিঠে পাথরিয়া চুণ বা দ ২২৮। ৩ প্রিয়দর্শন, কান্ত। "অমৃত-অধিক গোরা-অঙ্গ লাগে মিঠে চৈ ম ৭৪। ৪ শ্রুতিসুখকর। "কত মিঠে রাগিণী বাজিল ব প্র ৩৭৯। ৫ ঈষৎ তন্দ্রাযুক্ত। '(কৃষ্ণকান্ত) আফিমের নেশায় মিঠে-রকম ঝিমাইতেছিলেন ব প্র ২৬২। ৬ নেত্রপ্রীতিকর। 'দুইখানি পাতলা রাঙ্গা ঠোঁট মিঠে মিঠে হাসিতেছে ব প্র ৩৫০। [মিঠে খিলি—মিঠা পানের খিলি। "এক দোনা মিঠে খিলি।—হু ৮৪। মিঠে-পান—মিষ্ট পানবিশেষ।]

মিড়, মীড় বি [সং √মৃদ্ (?)] অতি ঘন সংলগ্ন 'আশ' (গী সা।)। [তাম্বুরার তারে ঘা দিয়াই কাণে পাক দিলে, গোঁঙাও করিয়া ধ্বনি যেরূপ ক্রমশ উচ্চ কিম্বা নীচ হয়, তাহাই মীড়ের আওয়াজ (গী সা)।]

মিড়মিড় বি [মিটমিট >°ড়] সর্থ 'মিটমিট'। —মিড়ে বিং [মিটমিটে >°ড়ে] মৃদু, ক্ষীণ। "°ড়ে আলো আ হু ৫৬।

মিত[১] বিণ [√মা, √মি+ত (ক্ত)-র্ম] ১ কৃতপরিমাণ, পরিমিত, মাপা। "ভেদৈরভিমিতৈঃ (SW)। ২ পরিচ্ছিন্ন, অবধীকৃত। "অমেয়ো মিতলোকস্ত্বম্ রঘু ১০ ১৮। ৩ পরিমিত, স্বল্প। 'অমিতাত্মন্ ৩ ১৬৬৮। মিতং দদাতি হি পিতা মিতং মাতা মিতং সুতঃ। অমিতস্য হি দাতারং ভর্তারং কা ন পূজয়েৎ ॥—SW। অশ্নীয়াদক্ষারলবণং মিতম্ মনু ১১ ১১০। গিরঃ…মিতাঃ রঘু ৯ ৩৪। ৪ নিয়মিত, নিয়ন্ত্রিত। "°ব্যয়, মিতাহার। ৫ পরিমিতশব্দ, অল্পাক্ষর। "মিতং চ সারং চ বচো হি বাগ্মিতা।—নৈ ৯ ৮। মিতমবদৎ…হনুমান্ ভট্টি ১০ ১৭। পৃষ্টঃ সত্যং মিতং ব্রূতে স ভৃত্যোঽর্হো মহীভুজাম্।—পঞ্চ ১ ৯৫। ৬ সংখ্যাত, গণিত। "সপ্তকল্পমিতাঃ সমাঃ।—গীতামাহাত্ম্য ৬৮। এভিঃ (অব্দবৈঃ) মিতঃ কল্পঃ ভ ৮ ১৩ ৩৬। ৭ ক্ষিপ্ত। ৮ নির্ম্মিত (A.)। —ত পুং বিনায়ক। "যাজ্ঞ ১ ২৮৪। [°বাক (-চ্), °ভাষী (-ষিন্)—স্বল্পবাক। "°ষিন্ মাঘ ২ ১৩। °ব্যয়ী (-য়িন্) বিণ —পরিমিতব্যয়কারী (frugal)। °ভুক্ (-জ্), °ভুক্ত (বিণ) —পরিমিতভোজী, মিতাশন। "°ভুক্ চৈ চ ২২৪। °মতি (বিণ) —অল্পবুদ্ধি, ক্ষুদ্রচেতাঃ।]

মিত[২] বি [সং মিত্র >লি, প্রা মিত্ত >বা (মীত—প ক) °ত, হি মীত] মিত্র, বন্ধু। "ইন্দ্র বলে দশরথ তুমি মোর মিত।—কৃ ৩৯, ২৫৯। ব প ৫০১। সুতমিতরমণী-সমাজে বি.প ২১৮। —তিন, -নী বি [মিত+ইনী ; মিতিনী >°ন] ১ মিত্রপত্নী। "সাতিনী মিতিনী ভা.চ ৫৪৫। ২ মিত্রতাপন্না নারী, সখীত্বসূচক সম্বন্ধবিশেষ। "সই সেগাঙিন মিতিন শ্রী মা ৮৪, ৮৬। পা প্র ৪৯, কন্যার মিতিন ৫১। [°বর—সর্থ 'নিতবর'। "পা প্র ৫১। °কন্যা—বিবাহে কন্যার শ্বশুর-গৃহে গমনকালে কন্যার সঙ্গিনী মিতিন বা সখী। "পা প্র ৫১।

মিতম্পচ বিণ [মিত+ √পচ+অ (খশ্)-ক, 'ম্' (মুম্), উত, স্ত্রী -চা] স্বল্পপাচক। "অমিতম্পচ ভট্টি ৬ ৯৭।

মিতা বি [মিত >°তা] ১ মিত্র। "শ্রী মা ১০৪। ভ প্র ৭৯। লক্ষ্মীকান্ত মিতা শি ৩৪। ২ মিত্রতা। "সেই করালে রামের সনে সুগ্রীবের মিতা।—কৃ ২৪৮।

মিতাক্ষর বিণ [বহুব্রী] ১ পরিমিতবর্ণ, স্বল্পাক্ষর। 'কু স ৫ ৬৩। ২ ছন্দোবদ্ধ। —ক্ষরা স্ত্রী ১ সংক্ষিপ্ত ব্যাখ্যানগ্রন্থ। ২ বিজ্ঞানেশ্বর-ভট্টারক-কৃত যাজ্ঞবল্ক্যস্মৃতির ব্যাখ্যাগ্রন্থ।

মিতাক্ষরা দ্র 'মিতাক্ষর'।

মিতার্থ, -র্থক পুং [মিত অর্থ যাহার, বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] যাহার বক্তব্য স্বল্প, মিতার্থভাষী দূতবিশেষ। 'সা.দ ৩ ৪৯। —তার্থ পুং [কর্ম্মধা] পরিমিত বক্তব্য বিষয়। "মিতার্থভাষিন্ সা.দ ৩ ৪৯।

মিতার্থক দ্র 'মিতার্থ'।

মিতালি বি [°তা+আলি[৪]] মিত্রতা। 'প্রথমে করেন রাম চণ্ডালে মিতালি কৃ ৬২, ১৫২,-৬৮, হনু ভানু দুই জনে করিব মিতালি ৩২৩।

মিতাশন, -তাহার বিণ [বহুব্রী] ১ পরিমিতভোজী, নিয়মিত-ভোজন। ২ স্বল্পাহার। "মহা ৩ ১৪১ ২৮। যাজ্ঞ ৩ ৫৪।

মিতাহার দ্র 'মিতাশন'।

মিতি স্ত্রী [√মা+তি (ক্তিন্)-ভা] ১ মান, পরিমাণ। "অষ্টশতৈঃ পলৈর্মিতিঃ।—বৃহৎসংহিতা ৬৯ ২৫। ২ পরিচ্ছিত্তি, সিদ্ধান্তকরণ। ৩ [+তি-ণ] বিজ্ঞান, তথ্যজ্ঞান। ৪ প্রমাণ।

মিতিন, মিতিনী দ্র 'মিত[২]'।

মিত্তিকা বি [সং মৃত্তিকা >লি মত্তিকা. প্রা মিত্তিআ, মিতিজ্জা (গো চ ৩৬, ১০৮), অপ্র] মাটি। 'গঙ্গার মিত্তিকা শূ ২৬,-৭।

মিত্তু, -র্ত্তু বি [অপ্র, দ্র 'মৃ[১]'] মৃত্যু। "মির্ত্তু।—মী ৪৬। মিত্তুকালে না দেখিলুম গাভুর সিন্ধার মুখ গো বি ১১৬, ১৩১, ১৭৭।

মিত্র, -ত্র পুং [√মিদ্+ত্র (ত্রক)-ক, √মী (গতি)+ইত্র (ডিত্র) -ক (অ টী), √মি+ত্র (ত্রক)-ক (A), উ ৪ ১৬৩, প্রথম পক্ষে দ্বিতকার পাঠ 'মিত্র', 'মিত্র'—অহরভিমানী দেব (ঋগ্বেদ ৩ ১১ ১, সায়ণ), 'মিত্র' আবিষ্টলিঙ্গ—"ইয়ং মিত্রম্, অয়ং মিত্রম্ (অ টী)] ১ 'সর্ব্বভূতে স্নেহকারক', যিনি সব জানেন (অ টী), 'কিরণক্ষেপক', সূর্য্য। "গো রা ২ ২৫ ২২। মিত্রের মিত্র সহবাসী. চক্রকে লুঠে আসি চৈ চ ৩৪৭। ২ দ্বাদশ আদিত্যের একতম। দ্র 'আদিত্য'। ৩ (দ্বিব) মিত্রাবরুণ। "ভ ২ ১ ৩২। ৪ মরুদ্‌-বিশেষ (শ ক), ৫ (বাঙলায়) কায়স্থের ও বারুইএর উপাধি। —ত্র ক্লী ১ সখা, বন্ধু। "পত্নী হি সর্ব্বস্য মিত্রম্।—তৈত্তিরীয়সংহিতা ৬ ২ ৯ ২। রা ১ ৫২ ৯। নাস্তি ভার্য্যাসমং মিত্রম্‌নরস্যার্ত্তস্য ভেষজম্ মহা ৩ ৬১ ৩০। হি ১ ২২৩,-৪। ২ প্রীতিকর্ত্তা। "ভ ১ ৯ ২০। ৩ অরিভূমির অগ্রবর্ত্তী রাজা। দ্র 'অরি[১] (২)। "মনু ৭ ১৫৮। —ত্রা স্ত্রী [সুমিত্রা >°ত্রা] ১ লক্ষ্মণজননী। ২ অপ্সরোবিশেষ। ৩ মৈত্রেয়জননী। "ভ ৩ ৪ ৩৬। [°করণ (ক্লী)—মিত্রীকরণ, সখ্যকরণ। "পা ১ ৩ ২৫, সি। °কর্ম্ম (-র্ম্মন্), °কার্য্য, °কৃত্য (ক্লী), °কৃতি (স্ত্রী) —সুহৃৎকার্য্য। "মিত্রকার্য্য গো রা ৬ ১০৭ ১২। মিত্রকৃত্যাম্ রঘু ১৯. ৩১। °কাম (বিণ)—মিত্রলাভেচ্ছু। °গুপ্তি (স্ত্রী)—মিত্ররক্ষণ। °ঘ্ন (বিণ)—মিত্রদ্রোহী, বিশ্বাসঘাতক। °দ্রোহ (পুং)—মিত্রহিংসা।

"গী ১.৩৭। ম ৯৪৪। °দ্রোহী (-হিন্), °ধ্রুক্ (ধ্রুহ্) বিণ—মিত্রাপকারক, মিত্রজিঘাংসু। "°দ্রোহিন্ ক.সা ৫৮৭। °ধ্রুহ্ মহা ৫ ৩৫ ৪৬, যাজ্ঞ ১ ২২৩। °দ্বিট্ (-ষ্), দ্বেষী (-ষিন্) বিণ—মিত্রবিরোধী, মিত্রহিংসক। °নন্দন (বিণ)—মিত্রপ্রীতিকর। °বৎসল (বিণ)—মিত্রপ্রিয়, মিত্রে প্রণয়বান্। °বরণ (ক্লী)—মিত্রস্বীকরণ, মিত্রীকরণ। °বিষয়, °ভাব (পুং)—মিত্রতা, মৈত্রী। °ভেদ (পুং)—সুহৃদ্ভেদ, প্রণয়ভঙ্গ। °মিত্র (ক্লী) বিজিগীষু রাজার মিত্রের মিত্র। 'মনু ৭ ১৫৬। কামন্দক ৮ ৪৭,-৮। °মুখ (পুং)—কপটমিত্র। °লব্ধি (স্ত্রী), °লাভ (পুং)—সুহৃৎপ্রাপ্তি। "°লাভ হি ৯ (অবতরণিকা)। °সপ্তমী (স্ত্রী)—অগ্রহায়ণের শুক্লসপ্তমী। °সংপ্রাপ্তি (স্ত্রী)—মিত্রলাভ। "পঞ্চ ২/১। °সহ, °সাহ (বিণ)—মিত্রবৎসল। "°সাহ মহা ১ ৯৩ ২৮, °সহ ১৭৬ ২৫। °হা (-হন্) বিণ—মিত্রঘাতী।]

মিত্র দ্র 'মিত্র'।

মিত্রজ, -জা বি মিত্রবংশজাত ব্যক্তি।

মিত্রজা দ্র 'মিত্রজ'।

মিত্রতা স্ত্রী [°ত্র+তা (তল্)] মিত্রভাব, মৈত্রী। "ক সা ২৪.১৬৯। —ত্রত্ব ক্লী [+ত্ব] সর্থ 'মিত্রতা'। "হি ১/২৩/২৬।

মিত্রত্ব দ্র 'মিত্রতা'।

মিত্রা দ্র 'মিত্র'।

মিত্রাক্ষর বিং যে ছন্দে শ্লোকেব দুই চরণেব শেষ দুই শব্দের অক্ষর একপ্রকার। —ক্ষর বি চরণের শেষ একরূপ অক্ষর। "এক গাইতে আর গায় নাহি °র ম ম ৩। [বাঙ্লায় মিত্রাক্ষর ছন্দই অধিক। 'বিক্রমোর্ব্বশী'র চতুর্থাঙ্কে ও প্রাকৃতপৈঙ্গলে প্রাকৃতে, এবং গীতগোবিন্দে ও মোহমুদ্গর-প্রভৃতিতে সংস্কৃতে মিত্রাক্ষর দেখা যায়।] [মিত্রাক্ষর-ছন্দ—মিত্রাক্ষরযুক্ত ছন্দোবিশেষ (rhyming verse)।]

মিত্রাবরুণ পুং, দ্বিব [দ্বন্দ্ব, 'আন্ (আনঙ্)] মিত্র ও বরুণ।

মিত্রামিত্র ক্লী, একব [সদ্ব] ১ মিত্র ও শত্রু। "°ত্রস্ত চার্জ্জনম্ মনু ১২ ৭৯। —মিত্র ক্লী, দ্বিব [দ্বন্দ্ব] সর্থ "°মিত্র।' পা ১ ৪ ১৫০।

মিত্রোদয় পুং [ষ ত] ১ সূর্য্যোদয়। ২ মিত্রাভ্যুদয়, সুহৃৎসমৃদ্ধি।

মিত্রোপস্থান ক্লী [ষ ত] সূর্য্যোপাসনা। "°নে বিনিয়োগঃ।

মিথ সক [ভ্বা, এ—মেথতি, -তে; সেট্] ১ বধ, হিংসা। ২ মেধা, ধারণা। "মেথতি, -তে শাস্ত্রার্থং শিষ্যঃ, ধারয়তীত্যর্থঃ (ক ক)। ৩ (অক) সঙ্গ, সঙ্গম। "মেথতি, -তে ধীরো গুণিনা, সংগচ্ছতে ইত্যর্থঃ (ক.ক)।

মিথঃ(-থস্), -থো ব্য ১ সহ, অন্যোন্য, পরস্পর। "ঋগ্বেদ ৭ ৫৬ ২। সর্ব্বে সংজজল্পুরথো মিথঃ রা ১ ৭৪ ২১। সম্ভাষতে মিথঃ মনু ৮ ৫৫। শ ২/১/২। ২ রহঃ, একান্তে, নিভৃতে। "রা ২ ৩৪ ৩০। মনু ৮ ১৯৫। গৃহিণী সচিবঃ সখী মিথঃ রঘু ৮ ৬৭। কু.স ৩ ২।

মিথি পুং নিমিপুত্র রাজর্ষি জনকের পূর্ব্বপুরুষ। "রা ১ ৭১ ৪। —থিল পুং ১ সর্থ 'মিথি'। দ্র 'জনক (২)। ২ মিথিলাবাসিগণ। "মহা ৩. ২৫৩.৮। —থিলা স্ত্রী [√মথ্+ইল (ইলচ্)-থি+স্ত্রী আ (টাপ্), নিপাতিত, উ ১৫৭] জনকরাজের পুরী বিদেহরাজধানী ত্রিহুত। "মিথিলাপতি সী ৫১।

মিথিল, মিথিলা দ্র 'মিথি'।

মিথিলাধিপতি, -লেশ পুং [ষ ত] মিথিলারাজ (জনক)। "মিথিলাধিপতিং শূরং জনকম্ রা ১ ১৩ ২১।

মিথিলেশ দ্র 'মিথিলাধিপতি'।

মিথুন বিণ [√মিথ্+উন (উনন্)-ক, গুণাভাব, উ ৩ ৫৫, স্ত্রী-না] ১ যুগ্মবিশিষ্ট, দ্বয়। "সপ্তী···মিথুনা বহতো রথম্।—ঋগ্বেদ ৮.৩৪ ১৮। অন্যোন্যমিথুনাঃ সর্ব্বে মহা ১৪.৩৫.৪। জায়ন্তে মিথুনাঃ প্রজাঃ।—মার্কণ্ডেয়পুরাণ ৪৯.২২। ২ অভিভাবক, নাশক। "তমসো মিথুনং সত্বং সত্বস্য মিথুনং রজঃ মহা ১৪.৩৫.৬। —থুন ক্লী ১ স্ত্রী-পুরুষদ্বয়, যুগ্ম, দ্বন্দ্ব, যুগল, দম্পতি। "ক্রৌঞ্চ° রা ১.২.১৫। (সা) মিথুনং (ইন্দ্রসেনাং সহ ভ্রাত্রা) প্রেষয়ামাস মহা ৩.৭৫ ২৪। অমর-মিথুন পূ মে ১৮। মিথুনং পরিকল্পিতং ত্বয়া সহকার ফলিনী চ ননু রঘু ৮ ৬১। ২ যমজ, যমল (পুত্রদ্বয়, কন্যাদ্বয়, পুত্রকন্যা)। ৩ দ্বিসংখ্যক, দুই। "সর্ব্বে চ মিথুনং (বরদ্বয়ম্) দত্তঃ মহা ৩.৫৭.৩৮। ৪ (জ্যোতিষে) তৃতীয় রাশি (Gemini)। "মিথুনে মিথুনে যেই, ধন্য পুণ্যবন্ত সেই বি.সু ১৫২। ৫ (ব্যাকরণে) উপসর্গযুক্ত ধাতু (A.)। ৬ [+উন -ভা] সঙ্গম, মেলন, স্ত্রীসম্ভোগ। [°ভাব (পুং)—যুগলভাব, যুগ্মতা; সঙ্গম। °যমক (ক্লী)—যমকবিশেষ। দ্র 'ভট্টি ১০.১২। °ব্রতী (তিন্) বিণ—দাম্পত্যধর্ম্মবান্। "ভ ৯ ৬ ৫১।]

মিথুনীভাব পুং [°ন+চ্বি (০)+ভূ+অ (ঘঞ্)-ভা] স্ত্রীসম্ভোগ, মৈথুন। "ভ ৫ ১৪ ৩০।

মিথুনেচর পুং [°ন+√চর্+অ (ট)-ক; অলুক্] 'যুগলচারী', চক্রবাক। "(যমুনাম্) সেবিতাং °রৈঃ।—হ ৬৮.৩১।

মিথ্যা ব্য [তু 'মিথুয়া'—মিথ্যাভূত (ঋগ্বেদ ৭ ১০৪ ১৩, Av. mitha] ১ অলীক, অসত্য। "মনু ৯ ২৮৪। মিথ্যৈব ব্যসনং বদন্তি মৃগয়াম্ শ ২ ৫। ২ ভ্রমমূলক। "মিথ্যৈব ব্যবসায়স্তে গী ১৮ ৫৯। মহা ১৩.৬.৩৮। ৩ নিরর্থক, নিষ্ফল। "রঘু ১৮ ৪২। ভট্টি ৮.৪৪। ৪ সব্যাজ, কপট। "°শঠো মিথ্যাবিনীতশ্চ বকব্রতচরো দ্বিজঃ মনু ৪ ১৯৬। ৫ অসত্য-প্রতীয়মান, অসদ্ভাসমান। 'যদসদ্ভাসমানং তন্ মিথ্যা স্বপ্নগজাদিবৎ। —থ্যা স্ত্রী অধর্ম্মপত্নী (ব্রহ্মবৈবর্ত্ত)। [°কর্ম্ম(-র্ম্মন্) ক্লী—অনর্থক কার্য্য। °কারুণিক (বিণ)—কপটদয়ালু। "পঞ্চ ৫ ১৪। °কৃত (বিণ)—বৃথানুষ্ঠিত। °কোপ, °ক্রোধ (পুং)—কৃতকরোষ, কপটকোপ। °ক্রয় (পুং)—অন্নমূল্যে ক্রয়। "পঞ্চ ১/২/৩। °গ্রহ (পুং)—বৃথা আগ্রহ, নিষ্ফলনির্ব্বন্ধ। °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী)—ভ্রমমূলক বোধ, ভুল বোঝা। °চর্য্যা (স্ত্রী)—মিথ্যাচরণ, কপটাচার। °জল্পিত (ক্লী)—অসত্যবচন, অনৃতবাক্। °জ্ঞান (ক্লী)—ভ্রম। °দর্শন (ক্লী), °দৃষ্টি (স্ত্রী)—কর্ম্মকলাপবাদক জ্ঞান, নাস্তিকতা (অ কো)। °নিরসন (ক্লী)—'মিথ্যানিরাসকাবক', শপথ। °পণ্ডিত (বিণ)—অন্তঃসারহীন আকৃতিমাত্রে পণ্ডিত। "ক সা ৬ ১২৬। °পুরুষ (পুং)—মানবপ্রতিমূর্ত্তি। °প্রতিজ্ঞ (বিণ)—প্রতিজ্ঞাভঙ্গকারী, অসত্যসন্ধ। °প্রত্যয় (পুং)—অলীকপ্রতীতি, ভ্রমজ্ঞান। °প্রবৃত্তি (স্ত্রী)—ভ্রান্ত ইন্দ্রিয়বৃত্তি। °বচন, °বাক্য (ক্লী), °বাদ (পুং)—অলীকবাক্য, মৃষাবাদ। "রঙ্গ ৭। °বাক (-চ্), °বাদ, °বাদী (-দিন্) বিণ—অনৃতভাষী, মিথ্যাকথনশীল। °বার্ত্তা (স্ত্রী)—অমূলককিংবদন্তী। °ব্যাপার (পুং)—পরাধিকারচর্চ্চা। °মতি (স্ত্রী)—মিথ্যাবুদ্ধি, ভ্রান্তি (অ কো)। °যোগ (পুং)—ভ্রান্ত বা অসাধু প্রয়োগ। °সাক্ষী (-ক্ষিন্) পুং—কূটসাক্ষী। দ্র 'যাজ্ঞ ২.৮২। °সাক্ষ্য (ক্লী)—মিথ্যা সাক্ষিকথিত বিষয়।] [(সকল) মিথ্যা করা—(সকল) অভিযোগ মিথ্যা, ইহা বলা। "কৃ.প ৭৭৮। মিথ্যার জাহাজ, মরাই—দ্র 'মরাই'।]

মিথ্যাচার বিণ [বহুব্রী] ১ কপটাচার, দাম্ভিক। ২ যে বাহ্যেন্দ্রিয় সংযত করিয়া মনে ইন্দ্রিয়বিষয়সমূহ স্মরণ করে, মৃষাচার, পাপাচার। "গী ৩৬। —চার পুং [কর্ম্মধা] ১ কাপটাচরণ, দম্ভ। ২ ভ্রান্ত-চিকিৎসা (সুশ্রুত)।

মিথ্যাধ্যবসিতি স্ত্রী [কর্ম্মধা] ১ মিথ্যা অধ্যবসায়। ২ অর্থালঙ্কার-বিশেষ। [কোন বিষয়ের মিথ্যাত্বসিদ্ধির নিমিত্ত মিথ্যাভূত বিষয়ান্তর কল্পনা 'মিথ্যাধ্যবসিতি' অলঙ্কার। যথা, "বেশ্যাং বশয়েৎ খস্রজং বহন্।—কুবলয়ানন্দ ১২৬।]

মিথ্যাপ্রতিজ্ঞা স্ত্রী [কর্মধা] অলীকদায়।
মিথ্যাভিধান স্ত্রী [কর্মধা] অসত্যকথন, মিথ্যাভাষণ।
মিথ্যাভিযোগ পুং [কর্মধা] অমূলক অভিযোগ, মিথ্যা নালিশ। —যোগী (-গিন্) বিণ মিথ্যাভিযোগকারী। "যাজ্ঞ ২.১১।
মিথ্যাভিশংসন স্ত্রী [কর্মধা] অবিদ্যমানদোষাবিষ্কারপূর্বক দূষণ, মিথ্যা দোষ উদ্ভাবন করিয়া দোষ দেওয়া। "যাজ্ঞ ২.২৯২।
মিথ্যাভিশস্ত, -শস্ত বিণ [সুপ্সুপা] মিথ্যারোপিতদোষ, বৃথাদূষিত। —শস্তি স্ত্রী, -শাপ পুং [কর্মধা] অমূলক অপবাদ, মিথ্যাদূষণ। "°শস্তি।—হ ৩৯.৫৭, °শাপ ৫৮।
মিথ্যাভিশস্ত, -শস্তি, -শাপ দ্র 'মিথ্যাভিশস্ত'।
মিথ্যাভিযঙ্গ পুং [কর্মধা] মিথ্যা আক্রোশ বা দোষারোপ।
মিথ্যাহার পুং [কর্মধা] অপকারী খাদ্য, কুপথ্য (সুশ্রুত)।
মিথ্যোত্তর স্ত্রী [কর্মধা] অভিযোগে প্রত্যর্থীর মিথ্যা উত্তর।
মিথ্যোপচার পুং [কর্মধা] ১ কপটসেবা। ২ বিসদৃশচিকিৎসা (সুশ্রুত)।
মিথ্যুক বি [দ্র 'উক'] মিথ্যাবাদী। মিথ্যুক পাপাত্মা এরা—হেম ১০৩,-৪, মিথ্যুক বঞ্চক বেশে ১২৮।
মিদ্ অক [ভ্বা, ঙ, দি, প, চু, প—মেদতে, মেদ্যতি (পা ৭৩৮২), মেদয়তি (ক ক), সেট্] স্নেহ, স্নিগ্ধীভাব। —দ্ সক [ভ্বা, এ —মেদতি, -তে, সেট্] ১ মেধা, ধারণা। ২ বধ (ক.ক)।
মিদুর-বিং [সং মৃদুল] মৃদু, কোমল। "°র মধুর হাসি।—জ্ঞা ৪৯।
মিধ্ সক [ভ্বা, প—মেধতি, -তে, সেট্] ১ মেধা, ধারণা। ২ হিংসা, বধ। ৩ (অক) সঙ্গম, মেলন (ক ক)। "গৃহমেধিন্ · রঘু ১৭।
মিনতি বি [স° বিজ্ঞপ্তি > প্রা বিন্নত্তি > বা °তি, হি বিনতি, মিনতী মিন্নত, ঠ বিনংতি, মিন্নত, মিংনত, -তী ; গু বিনতি, -নংতি, প, সি মিংনত, ড মিনতি, মৈ মিনতী, আ মিন্নত্, তু 'মিন্নতি (ম.গা ২৮), °তী (শ্রী কী)] ১ প্রার্থনা। "কাকুতি°।—ম ১২১২। রেখো মা দাসেরে মনে, এ মিনতি করি পদে।—মা। ২ বিজ্ঞপ্তি, নিবেদন। "শ্রীমন্তের লইল পরাণ। মিনতি করিও রাজস্থান।—ক চ ২৫০।
মিনমিন বি [বিন্দু বিন্দু > °ন (?)] ১ বিন্দুবিন্দুভাব। "মিনমিন ক'রে ঘাম বেরুচ্ছে। ২ ক্ষীণধারার ভাব। "মিনমিন ক'রে জল পড়ছে। —মিনে বি (বিন্দু বিন্দু হেতু) ঘামরোগ। তু 'মিলমিলে'। —মিনে বি° [সং মিম্মিন, হি °ন] যে নাকীসুরে কথা বলে। "এটা °নে ঘ্যানঘেনে, প্যানপেনে ব ছি ৩৬।
মিনমিনে দ্র 'মিনমিন'।
মিনষে, -সা, -সে, মিনিসা বি [সং মানুষ, ড় মিণিস] ১ মানুষ, লোক (ব্যঙ্গোক্তিতে)। "বুড়াবুড়া মিনিসা হ'য়ে কেমন কর সন্না শি ৮৩। ২ মানুষ (অবজ্ঞায়, গালিতে)। "হেথায় রাখাল-মিনসা থাকে শু.প্র ৩০৭। একি? এক মিনসে। চোর না কি? মলো মিনসে, রাজার ঘরে চুরি।—ব প্র ১৮০,-১। পোড়ার মুখ মিনষে ন.ত ৪৫। আ'মর্ মিনসে, ন্যাকরা করিস না কি?—গি.ছি ১০৫। [সর্বত্র পাঠ 'মিন্সে'] ৩ স্বামী। "মিনসে রাজ্যের কু।—শ্রী ৯২। মিনসে দেখছ খেয়ে-মুয়ে।—দা ৯৮২। ৪ ভালমানুষ (কোপে)। "এখন হইস যদি মিনসের পো। তবে কাঁটা খান খাইয়া মাছখানা থো।—সা.সা ৩৭। ৫ পুরুষ। "দূর থেকে মাগী কি মিনসে বোঝা যায় না। ৬ মানুষ অর্থাৎ বাপ (অবজ্ঞায়)। "দিবানিশি মিনসে চেঁচায়, ফিরে কেহ নাহি চায়।—দা ২১০১। ৭ বয়ঃপ্রাপ্ত লোক; যুবা।
মিনসা, মিনসে দ্র 'মিনষে'।
মিনা১, -নে১, মীনা বি [ফা মীনা] ১ ধাতু-প্রভৃতির উপরে কাচের মত কলাই-বিশেষ (enamel)। "গগন-ভরা তারার মীনা কু কে ১৫৮। ২ একপ্রকার নীলপাথর। ৩ সোনা-রূপার উপরে রঙ-বিরঙের কাজ। [°কার—যে মিনার কাজ করে (enameller)। °কারী —মিনাকারের কাজ, মিনা-কলাইএর কাজ। মিনা করা—ধাতু-পাত্রাদিতে মিনা-কলাই করা। মিনা-করা—মিনার কাজ-করা। "°রা খাড়ু। মিনে-করা—নানা রঙ্গবিরঙ্গে চিত্রিত করা। "সেই (ঘাসের) ক্রেমখানা…লাল কালা সবুজ গোলাপী সাদা জরদ নানাবর্ণ ফুলে মিনে-করা ব প্র ২৬৭।]
মিনা২, -নি২, নে২ অব্য [বিনা, -নি, -নে > °না, -নি, -নে, ব > ম, তু 'মিনতি'] বিনা। "খয়রাত নিষ্কর মিনা দেবত্তুলী ব প ১৮৫৮। মিনে সুতে মালতীর গেঁথে দেয় হার শ্রী মা ৯২ ; মিনি সুতে মালা গাথে ৯৫। আহা, মিনি কড়িতে হয়, প্রাণটা একেবারে বাসীথোপ দিয়ে নিয়েছে অ গ্র ১৪০, ও মিনি মাইনের চুলোর চাকরীর মুখেতে দে ছাই : মিনি দোষে ১৫৬।
মি(মী)নার মি [আ মীনার] ১ ইষ্টকপ্রস্তরাদিকৃত অত্যুচ্চ গোল চূড়াকৃতি স্তম্ভ। "'কুতব-মিনার' নামে স্তম্ভ ভয়ঙ্কর।—সুরধুনীকাব্য ২৩। ২ মসজিদের কোণে চূড়াকার উচ্চ স্তম্ভ। ৩ মন্দিরচূড়া।
মিনাহ অব্য [মিনা২ > °হ] বিনা, বাদে।
মিনি১ বি [মেনী > °নি] বিড়ালী, বিড়ালীর নাম। "সঙ্গে শুধু নিয়ে আসি মিনি বিড়ালটিকে।—শিশু ৪৫।
মিনি২ দ্র 'মিনা২'।
মিনিট বি [E minute] ঘণ্টার ষাটভাগের ভাগ।
মিনিসা ; মিনে১ ; মিনে২ দ্র 'মিনষে, মিনা১, মিনা২'।
মিম্মিন বিণ [°ন (ত বা)] সানুনাসিকবাক্যবিশিষ্ট, খোনা (শ ক)। "আবৃত্যা বায়ুঃ সকফো ধমনীঃ শব্দবাহিনীঃ। নবান্ করোত্যক্রিয়কান্ মূকমিম্মিনগদ্গদান্।—মাধবকর।
মিমঙ্ক্ষা স্ত্রী [√মস্‌জ্ + স (সন্) — √মিমঙ্ক্ষ + অ-ভা + স্ত্রী আ (টাপ্)] মজ্জনেচ্ছা, স্নানেচ্ছা। —ঙ্ক্ষু বিণ [+ উ-ক] মজ্জনেচ্ছু, স্নানেচ্ছু। "দন্তিনঃ…মিমঙ্ক্ষোঃ মাঘ ৫৩৭।
মিমঙ্ক্ষু দ্র 'মিমঙ্ক্ষা'।
মিমর্দিষু বিণ [√মৃদ্ + স (সন্) + উ-ক] মর্দনেচ্ছু, দলনেচ্ছু। "(ত্বম্) ধার্তরাষ্ট্রান্ মিমর্দিষুঃ মহা ৫.৭৫৪।
মিয়া দ্র 'মিঞা'। [°মল্লার—রাগবিশেষ। { ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট কোমল গ ও নি, জাতি সম্পূর্ণ (গী সা)}।]
মিয়াদ বি [আ মিয়াদ্] ১ নির্ণীতকাল, নির্দিষ্ট সময় (term)। "যে দিন ভবের মিয়াদ ফুরাবে ভাই, আগল যাবে সরে।—গান ১০৯। ২ দলিলে নির্দিষ্ট কাল। "মিয়াদি পাট্টার মিয়াদ ফুরাইয়াছে ব.প্র ৬৩৭। ৩ কারায় নির্দিষ্ট অবরোধকাল, কয়েদের সময়। "বেশী মিয়াদের ইচ্ছা কর কেন?—ব প্র ৬৪৮। —য়াদি, -দী বিং [°দ + ই৮, ঈ৭ ; আ মিয়.দী] নির্দিষ্টসময়-বিশিষ্ট (দলিল ইত্যাদি)। দ্র 'মিয়াদ (২)। [°খাটা—কারাদণ্ডিত। মিয়াদ খাটা—নির্দিষ্টকাল কারাদণ্ড ভোগ করা। "আ.দু ১৭৩।]
মিয়ানী বি [ফা মিয়.নি] পাল্কিবিশেষ। "মিয়া হৈল মিয়ানী ওস্তার ঘাড়ে বোঝা ভা.চ ৪৯৫।
মিয়েঁও বি [ধ্বন্যাত্মক] বিড়ালছানার ডাক। "শিশু ৩১।
মি(মী)র বি [ফা মীর্] ১ প্রধান, মুখ্য। "°মিঞা, °মুন্সী। "(পুরীর) প্রথমে বিস্তর বৃক্ষি-অন্ধকের মীর শ্রী ম ২৪৩। ২ সৈয়দ-দিগের উপাধি। ৩ মীর-উপাধিধারী সৈয়দ। "(সাজে) মির মন্দপাজি শ্রী মা ১৮৭। [°জাদা—মীরের ছেলে। "কত °দা (বসিল) শ্রী ১৩। °বকশী—প্রধান বকশী। °মিঞা, -য়া—মীর-উপাধিধারী ভদ্র মুসলমান।

"°এা শ্রী ১৩১,২১৮, °য়াগণ ১৫, ১৬৪। °মুনশী—প্রধান মুনশী (head clerk)।]

মিরগা(গে)ল, মৃগাল বি [সং মৃগল, ড মিরকালি, অস মিরিকা, মিরকা (মালদহ): মিড়কা, মিরগেল (বাঁকুড়া), মিরিগ (বীরভূম), মিরগেল (চব্বিশপরগনা)] মৎস্যবিশেষ (Cirrhina mirgala)। "মৃগাল শ্রী ১৭৯, ভা চ ১২৬।

মিরগী বি [সং মৃগী, হি, ঠ মিরগী, মির্গী] অপস্মার রোগ (Epilepsy)।

মিরগেল দ্র 'মিরগাল।

মিরজা বি [ফা মির্‌জা] মীরজাদা, মোগলের উপাধি। "°পুর।

মি(মে)রজাই বি [ফা মিরজাঈ] কোমরপর্য্যন্ত বন্দদার একপ্রকার জামা। "গাজের মেরজাই গায় আ হু ৬৬। জামদানের মেরজাই।—মা ৩৩১। মেরজাই ব প ১৭৯৩। মেরজাইটিও বিলক্ষণ ধোবো।—হু ১৬৩।

মিরদাড়া বি [অপ্র] মেরুদণ্ড। "গো চ ৭৯।

মিরাশ বি [আ মীরাস্, ঠ মিরাস, 'মিরাশ' (শ্রীহট্ট)] পৈতৃক সম্পত্তি বা রাজ্য। "বাপের মিরাশ: দাদার মিরাশ ম গা ৬। (কাজি বলে) আমার মিরাশে কেন ভূ্তের প্রচার ম ম ৬১।

মির্ত্তু দ্র 'মিত্তু'।

মিল্ অক [তুদা, এ—মিলতি, -তে, সেট্, বিকল্পে কুটাদি (কুলচন্দ্র—ক ক)] শ্লেষ, সমৃদ্ধীভাব (ক ক), মেলন। "মিলতি, -তে লতা বৃক্ষেণ। [সম্—সম্মেলন।]

মিল[১] বি [সং মেল] ১ ঐক্য, ঐকমত্য। "মনে মনে মিল। লেগে গেল খিল॥—ম ত ২৩। ২ সদ্ভাব, প্রণয়। ৩ সাদৃশ্য, সরূপতা। "আধ গরল গিলিয়া গলা হইয়াছে নীল। ইথে বৈকুণ্ঠের কণ্ঠে কণ্ঠে ভাল আছে মিল॥—বা.দ ৯৯। ৪ অনন্যভাব, একরূপতা। "কথায় কাজে মিল থাকা। ৫ সুরের সঙ্গতি, সংবাদিতা। "রবাব খমক বীণা সুমিল করিয়া। (রাধা) প্রবেশিল বৃন্দাবনে…॥—জ্ঞা ১৯৭। ৬ সংশ্লেষ, জোড়। 'কাঠে কাঠে মিল খাওয়ান। ৭ মিশ্রণ, মেশা। ৮ মেলন, সমাগম। "শনিবার রবিবার যদি মিল হয়। বর্ব্বর পুরুষ হৈলে নারীর পাশে রএ।—ম গা ১। ৯ পদ্যে দুই চরণের শেষ অক্ষরের অভেদ। [মিল করা—১ মিলিত করা, জোড়া। ২ তুলনা করিয়া ঠিক করা (to tally)। ৩ সদ্ভাব স্থাপন করা। মিল খাওয়া—১ মিলিত বা সংশ্লিষ্ট হওয়া, মিশ্রিত হওয়া। ২ একরূপ হওয়া, অভেদ হওয়া, খেলাপ না হওয়া। মিল থাকা—১ সদ্ভাব থাকা। ২ সাদৃশ্য থাকা।]

মিল[২] অর্ম্ম [সং √মিল্ > প্রা √মিল, হি, মৈ √মিল] ১ মিলিত বা সঙ্গত হওয়া। "ধৈরজ ধর চিতে মিলব মুরারি বি প ১৭৬। শ্যাম কোরে মিলল রসের মঞ্জরী।—জ্ঞা ১৯৭। তথায় তোমার স্বামী মিলিবে তোমাবে ক চ ২২। ২ সংযুক্ত হওয়া। "কুণ্ডল কুসুমমাল করু সঙ্গ। জনু যমুনা মিলু গঙ্গ-তরঙ্গ॥—বি প ২১৫। ৩ এক বা অভেদ হওয়া। "মত মিলা। ৪ সদৃশ বা একরূপ হওয়া। "চেহারায় মিলা। ৫ অনুরূপ বা একপ্রকার হওয়া। "কথায় কাজে মিলা। ৬ স্বরে সংবাদী হওয়া; বেসুরা না হওয়া। "সুরে মিলা। ৭ মিলিত বা দলবদ্ধ হওয়া। "দশে মিলি করি কাজ। হারি জিতি নাহি লাজ॥—প্রবচন। গাহে পিককুল মিলি।—মে ৫৫। ৮ মিশিয়া এক হওয়া (to coincide)। ৯ তুলনায় ঠিক হওয়া (to tally)। ১০ যোগ্য সুসঙ্গত বা সমকক্ষ হওয়া, ঠিক হওয়া (to match)। "উত্তমে উত্তমে মিলে অধমে অধম।—ভা চ ৩২২। ১১ অনুরূপ হওয়া; খাপ খাওয়া (to suit)। ১২ কার্য্যে পরিণত হওয়া, খাটা। "মিলিবেক শ্রীমন্দিরে শুন্ন বচন।—মী ২৫। ১৩ প্রাপ্ত হওয়া, সুলভ হওয়া। "ভাগ্যে মিলয়ে ইহ শ্যাম রসবন্ত বি প ১০২,-৩। বিরিখের ফল নহে ত পিরীতি, নাহি মিলে যথা তথা চণ্ডী ১২৮। যতন নহিলে নাহি মিলয়ে রতন ভা.চ ২৬৪। ১৪ উপস্থিত হওয়া। "হেন কালে চারি বধু সাক্ষাতে মিলএ ম.গা ২০। প্রভাতে মিলিলা আসি আপনার ঘরে ম পা ৩৮, ৫৫। ১৫ জুটা। "পরিতে না মিলে পরিধান ক চ ১৪৩। কোন দিন অনশন, কোন সন্ধে মিলে ম পা ৪৫। ১৬ দ্রবীভূত হওয়া, গলা। "পাষাণ মিলিয়া যায় ও মধুর বোলে।—জ্ঞা ১৯। ১৭ বিলীন হওয়া, মিশিয়া যাওয়া। "তাম্বুলের রাগ, অধরে মিলিল।—ব ১৬২। সমীরণে মিলে গেল বনের বিলাপ-তান।—গান ১২৪। ১৮ ঠিক হওয়া। "অঙ্ক, কোষ্ঠীর ফল মিলা। ১৯ (গণনায়) সংযোগে শুভ হওয়া। "বর কন্যার দুই রাশি মিলা। ২০ [মেল° > °ল] (নৌকা) ছাড়িয়া যাওয়া। "প্রথমে মিলিল শঙ্খ-চোর: চতুর্থে মিলিল দুর্গাবর বি পা ১৮১। ২১ পদ্যে দুই চরণের শেষ অক্ষর একরূপ হওয়া। [মিলা[২], মেলা—সর্ম্ম 'মিল[২]। মিলা-মিশা, মেলা-মেশা—মিলিত হওয়া ও সংসর্গ করা, সকলপ্রকারে যোগ। মিলি-জুলি, মিলে-জুলে, মিলে-যুলে (হি মিলনা জুলনা)—১ মিলিত-যুক্ত হইয়া, মিলিয়া-মিশিয়া, একমত হইয়া। "লোক সার্থক হোক পাশা-পাশি মিলেজুলে কু.কে ৯৬। আইস, মিলেযুলে থাকা যাউক আ.হু ১৭৩। ২ জড়াজড়ি করিয়া। "পুষ্পলতা মিলিজুলি,…করিছে কোলা-কুলি স্ব প্র ৭। মিলন্তেই (মিলে), মিলিল (চ)। মিল, -লি, -লিঞা, -লিহে, -লী (শ্রী কী)।]

মিল[৩] সর্ম্ম [সং √মীল্ > প্রা √মীল] ১ উন্মীলিত করা; খোলা। "আঁখি মিলি নাহি চাহে নারী ক চ ২০। নয়ন মিলহ বাপা।—দ্ব ৫৬। আঁখি মিলি কান্দে।—জ্ঞা ৫। নয়ন মিলিলা হয় ভা.চ ৬৩। দেখ পুনঃ নয়ন মিলিয়া।—মে ১৩৬, মিল প্রিয়ে, কমললোচনে ১৬২,-৯৬। ২ [সং √মিল্] মিলিত করা, একত্র করা। "অর্ব্বুদ অর্ব্বুদ বৎস সঙ্গে মিলি নিল ব প ৮৩৯।

মিলজুল বি [হি মিলনা-জুলনা] মেলনযোগ, বন্ধুভাবে মেলন, মেলা-মেশা। "দুই জনকে মিলজুল করিয়া দিবে E P 120

মিলন ক্লী [√মিল্ + অন (ল্যুট্)-ভা, কুটাদি, গুণাভাব] ১ সংশ্লেষ, সঙ্গ, সংযোগ। ২ সমাগম, সন্নিপাত, সমবায়। "কোথায় মিলন হয় অধম উত্তমে ভা চ ৩২২। সতীর মিলন সতীর সনে।—দা ২০৭৯। ৩ সম্পর্ক। "ব্যালনিলয়মিলনেন গরলমিব কলয়তি মলয়সমীরম্ গী গো ৪ ২। ৪ সংসর্গ। ৫ (বাঙলায়) মিশ্রণ। "যৈছে দধি সিত ঘৃত মরীচ কর্পূর। মিলনে 'রসালা' হয় অমৃতমধুর॥—চৈ চ ২০০। ৬ ঐক্য, এক-ভাবত্ব। "আঁখি কি মজাতে পারে না হলে মনমিলন (নিধুবাবু)। ৭ শুভ সংযোগ। 'দৈববলে দুই রাশি হইল মিলন ম ভা ২৩।

মিলমিলা বিঁ [E measles] হামরোগ।

মিলা[১] অর্ম্ম [মিল[২] √°লা] ১ মিলিত হওয়া, সংলগ্ন হওয়া; লাগা। "দিবসের শেষ আলোক মিলাল, নগরসৌধপরে।—কথা ২৮। (সাধ্বী-দিগের) হাসি উপচিয়া পড়ে না—মুখের হাসি মুখেই মিলাইয়া থাকে পা প্র ১৬। তু '(স্বকীয়ার হাস্য) কদাচ অধর বিনা অন্যদিকে যায় না ভা চ ৬৬৭। ২ সংসক্ত হওয়া, লাগিয়া থাকা। "নিমিখ মিলায় তার প্রভুর বদনে ব প ২৬৫। ৩ অব্যক্ত থাকা; মুখে লীন হওয়া। "কাহার সুধাময়ী বাণী, মিলায় অনাদর মানি?—স স্ব ৬৪। ৪ মিলাইয়া যাওয়া; দ্রবীভূত হওয়া, গলা। "ননীর পুতলী যেহ্ন বড়ায়িল। রোদে দাণ্ডাইলেঁ মিলাওঁ॥—শ্রী কী ৬১। আতপে মিলায় যেন ননীর পুতলী।—কৃ ১০৭। ননীর পুতলি সীতা আতসে মিলায় ৩০৭। পাষাণ মিলাঞা যায় গায়ের বাতাসে ব ৭১। ননীর পুতলী তনু রৌদ্রেতে মিলায় চৈ ম ১৩৩। ৫ কান্তিহীন বা ম্লান হওয়া। "রৌদ্রে মিলায় মুখশশী ব.প ৫৩২। ৬ গলিয়া মিশ্রিত হওয়া। "(সে প্রেম দেখিতে) শুষ্ককাষ্ঠ-পাষাণাদি

মিলায় তুষিতে চৈ.ভা ১৭২। ৭ অকপটচিত্তে মিলিত হওয়া। "নারী মিরাজ, দেহ নিরমিত, নাহ নামে মিলান্তি।—গো ২৫৪। ৮ মিশিয়া যাওয়া। "দশন মুকুতা পাঁতি, অধর মিলায়ত বি.প ১৮ ; বি.সা ২০। অধরে মিলায় হাসি।—গান ১২৫। —লা² সর্ক [মিল²+আ^৮; হি √মিলা; মৈ √মিলার] ১ মিলিত করা। "ধৈরজ ধরহ মিলায়ব আন বি.প ৬৭; ৬৭। বিধি বর মিলাইল ভালা ম.গা ২০। দোঁহ-মনকথা বুঝি কির যে মিলায় ত গ্র ৩৯১। নিতাই করুণানিধি। আনি মিলায়ল বিধি॥ —প.প ৩৮৩। ২ মিলিত অর্থাৎ দৃষ্টিপথগত করা। "কত না যতনে বিধি আনি মিলায়ল, দেখলু নয়ান স্বরূপে বি.প ২৬। ৩ সংযুক্ত করা; লাগান। ৪ আওয়াজ ঠিক করা। ৫ একমত করা। ৬ (পদ্যে) মিলবিশিষ্ট করা। ৭ জোটান। ৮ মূলানুসারে প্রতিলিপি ঠিক করা। ৯ তুলনা করিয়া দেখা। ১০ মিলিত বা দলভুক্ত করা। ১১ মিশ্রিত করা; মিশান। [মিলান—সর্থ 'মিলা¹।]

মিলা², মিলামিশা ; মিলান দ্র 'মিল², মিলা¹।

মিলায়ন বি [মিলান > °ন, অপ্র] মেলন, সংযোগ। "সোনায় সোহাগা যেন মিলায়ন গো।—শি ২৮।

মিলিত বিণ [√মিল্+ত (ক্ত)-ক] ১ সংশ্লিষ্ট, সংযুক্ত। "নবনীত-মিলিতপায়স (পঞ্চরাত্র)। যেন নীলমণি স্ফটিকে মিলিত হ'য়ে রহে বা.দ ৯৮। ২ সঙ্গত। ৩ সমাগত, সমবেত। "মিলিতালিকুলাকুলা ক.সা ৩৮ ১১৬। ৪ মিশ্রিত। ৫ সংঘটিত। "তদুক্তং সর্ব্বং মিলিতম্ (S W)।

মিলিন্দ পুং [?] ভ্রমর। "পরিণতমকরন্দমার্মিকান্তে···মিলিন্দাঃ। —ভামিনীবিলাস ১৭, বিদধতু গুঞ্জিতং °ন্দাঃ ১৪।

মিশ¹ বি [সং মিশ্র > প্রা মিস্‌স, মীস > বা (মীশ) °শ] ১ মিশ্রণ, সংযোগ। ২ মিল। [মিশ খাওয়া—মিশিয়া যাওয়া, মেশা, মেলা। "তেলে জলে মিশ খায় না।]

মিশ², -শা¹ অর্ক [সং √মিশ্র—মিশ্রয > লি, প্রা √মিস্‌স > বা °শ, -শা; হি √মিস] ১ মিশ্রিত হওয়া, মিশ খাওয়া, মিশা। "তেলে জলে মিশে না। ২ মিলিত হওয়া, যুক্ত হওয়া। "প্রভু বোলে—'ও বেটা যখন যথা যায়। সেই মত কথা কহি তথায় মিশায়॥—চৈ ভা ২৩৬। চ বি ৭১, (অভয়ার অঙ্গে) বাহনগণ···মিশায় ৩২৩। ভদ্রেতে মিশান ভদ্র।—দা ২০৭৯। ৩ মিলিত হওয়া, লীন হওয়া। "জলের বিম্ব জলে উদয়, জল হ'য়ে সে মিশে জলে।—রামপ্রসাদ। জল গিয়া মিশায় জলে। —দা ২০৭৯। ৪ অন্তর্হিত হওয়া; লুকান। "জলেতে মিশায় সেই সুবর্ণের ঘট ম.ম ৫৭। বলে, ওমা কোথায় যাই।—মাটি ফাটে,—তাতে মিশাই!—দা ১৫৮৩। —শা² সর্ক [মিশ²+আ^৮] ১ মিশ্রিত করা, মিশান। "সিদ্ধি মিশাইয়া, ধুতুরা খাইতে হবে ভা চ ৭২ ; ২৮৪। ২ সমন্বয় বা সংবাদী করা। "যন্ত্রের স্বর-তরঙ্গে গলা মিশাইয়া, বসন্ত-কোকিল কি হে দিতেছ ঝঙ্কার?—ন ৪৭১। [মি(মে)শা—সর্থ 'মিশ²। মি(মে)শান—সর্থ 'মিশা'। মেশে—মিলিত হয়। "মেষের সঙ্গে মেষে মেশে।—দা ২০৭৮।]

মিশকাল, -লি, মিসকালি, -লো বিং ১ মিশির মত কাল, গাঢ় কৃষ্ণবর্ণ। "বলির ব্যাখ্যা মিশকালি।—দা ৪৩৭; °লি কালীর পাঁঠা ৯২১। মিশকাল কয়েদি আ.হু ১৭৪। মিসকালো···তাঁব একটি উকিল বন্ধু প.স ১৩৮। ২ মলিন, বিবর্ণ। "মিসকালি সুবর্ণ তোমায়!—অ.গু ৯১।

মিশকালি দ্র 'মিশকাল'।

মিশনরি বি [E. missionary] ধর্মপ্রচারক; খ্রীষ্টধর্ম প্রচারক।

মিশমিশ বি [মিশি > °শ, দ্বিত্ব] মিশির মত গাঢ়কৃষ্ণভাব। "জাম পাকলে মিশমিশ করে। —মিশে বিং গাঢ় কৃষ্ণ; ঘোর কাল। "কাল মিশমিশে চুল, মেঘ।

মিশমিশে দ্র 'মিশমিশ'।

মিশা(শো)ল বিং [সং মিশ্র > প্রা মীসালিঅ (হে ২ ১৭০) > বা (মীসাল) মিশা(শো)ল; হি মিসর; ঠ মিসল (মিশ্রণ)] ১ মিশ্র, মিশ্রিত। "জাতিফল এলাচি মিশাল: পিপলি···মরিচ মিশাল বি.পা ১৬৮। (প্রভুর) হাসি অমিয়া মিশাল চৈ.ম ৬২। ভাষা যাবনী মিশাল ভা.চ ৪৭৫। ২ মিলিত। "(ঢালি পদাতিক) মিশাল হ'য়ে ছোটে শ্রী মা ১০৫; ধাইল ডোমের শিশু হইয়া মিশাল (ধৃতপাঠ—'মিসাল') ১১৭। ৩ সহিত। "বরগো বাজে সাহিনী-মিশাল চৈ.ম ৮১। —ল বি ১ মিশ্রণ। "(রূপ) কস্তূরী মিশালে মাখি ভা.চ ২৭৮। দুয়ের মিশল, কেমনে ঘটিতে পারে শ.প্র ১৭। ২ সংঘটন, এক সময়ে ঘটা। "পাঁচ দুখে মিশাল কেমনে বুক বাঁধে শ্রী ২৪৬। ৩ দল, সঙ্গ। "আয়োর মিশালে বুড়ী নানা কাচ কাচে ক চ ১১৯। আমি ফরিয়াদী ফরিয়াদীর মিশালে ভা চ ৪০৭। ৪ মিশ্রিত দ্রব্য, ভেজাল। ৫ সঙ্গ। "তাল কলা কুসিয়ারি তাহার মিশালে বি.পা ১৬৮। জয়ঢাক বীরঢাক তাহার মিশালে বা.ম ৩৯। মিশালে বিস্তর হিন্দু ঠেকে গেল দায়।—ভা.চ ৪৯৬। —শালি, -লী বিং [°ল+ই^৮, ঈ^৭] মিশ্রিত। "বড়া পিঠা ভাজিলেক চিনিয়ে °লি বি.পা ১৬৮। [পাঁচ°—নানাদ্রব্যে মিশ্রিত।]

মিশা¹, মিশা² দ্র 'মিশ²।

মিশা³ বিং [মিশ+আ^১২; তু 'সং মিশ্রিত > প্রা মিস্‌সিঅ, -য়] ১ মিশ্রিত, মিলিত। "মুখে হাসি মিশা প.র ৩৭। ২ সংস্পৃষ্ট, মাখা। "নিশ্বাসে দুলিছে, রতন বেশর, হাসিখানি তাহে মিশা।—জ্ঞা ১৩৩। —শামিশি বি [মিশ-আ+মিশ-ই] ১ শক্রভাবে পরস্পরমিলন। "দুই দলে মিশামিশি : দুই বীরে মিশামিশি।—ম ৯০০। ম.বি ১৮৯। ২ সংসর্গ। ৩ পরস্পর ঘনিষ্ঠতা, মিলামিলি, মিলজুল।

মিশান ; মিশামিশি ; মিশাল দ্র 'মিশ², মিশা², মিশল।

মিশি¹, -শী¹, -সী স্ত্রী ১ জটামাংসী (অ কো)। ২ মধুরিকা।

মিশি², -শী² বি [ফা 'মিসি'—তাম্রঘটিত, হি মিস্‌সী, ঠ মিশি, -শী, -সি, -স্‌সী, গু মসী, মিসী, -স্‌সী, মৈ মিসী, ড় মিশি] মাজুফল হিরাকস তুতিয়া লৌহচূর্ণ ইত্যাদির মিশ্রণে জাত দন্তমার্জ্জনবিশেষ। "(পিরীত যেমন) মিশী আর দন্তে।—দা ২০৮২। মধুর অধরগুলি ···সাধের মিশিতে ভরিযা যাইতে লাগিল ব.প্র ৩৭৬। পদ্মমুখি, মিশি মাগ্‌গি ক'রে তুল্লে যে।—নী ৩৪।

মিশী¹ ; মিশী² দ্র 'মিশি¹, মিশি²।

মিশুক বিং [মিশ্র+উক³] যে অন্যের সহিত সহজে মিশিতে পারে; আলাপ-পরিচয়ে কুশল (sociable)।

মিশ্র¹ সক [অদন্ত চু, প—মিশ্রয়তি; সেট্] ১ মিশ্রণ; সংযোজন (ক ক)। "বাচং নং মিশ্রয়তি যদ্যপি মদ্‌বচোভিঃ শ ১ ২৮। ২ সম্পর্ক। [বি, সম্—সম্যক্ মিশ্রণ।]

মিশ্র² বিণ [√মিশ্র+অ (অচ্)-র্ম, স্ত্রী -শ্রা] ১ মিশ্রিত। "ঐঙ্গুদং বদরৈর্মিশ্রং পিণ্যাকম্ রা ২.১০৩ ২৯। মনু ৩.২৬। ২ সঙ্কুল। "সল্লকী-বদরীমিশ্রম্ (কাননম্) রা ২.৫৫.৮। ৩ সম্পৃক্ত, সম্বন্ধবিশিষ্ট। "জলমিশ্রেণ বায়ুনা মহা ৩.১৪৪.১৮। ৪ সঙ্কীর্ণ, অবিশুদ্ধ। "°জাতি। ৫ স যুত। "প্রয়াণধ্বনিমিশ্রতূর্য্যাঃ রঘু ১৬.৩২। —শ্র পুং ১ শ্রেষ্ঠ, পূজ্য। "আর্য্যমিশ্রাঃ প্রমাণম্ মা.মি ১ঙ্ক। ২ শ্রেষ্ঠ পণ্ডিত (সম্ভ্রমসূচক)। "বাচস্পতি°, মণ্ডন°। ৩ প্রধান, প্রমুখ। "ক তে শার্ঙ্গরবমিশ্রাঃ শ ৪ঙ্ক। মরীচিমিশ্রা ঋষয়ঃ ভ ১.৬ ৩১; প্রসূতিমিশ্রাঃ স্ত্রিয়ঃ ৪ ৫ ৯। ৪ চতুর্ব্বিধ গজজাতির একতম। ৫ উগ্রাদি সপ্তগণান্তর্গত কৃত্তিকা-বিশাখাগণ। ৬ (সঙ্গীতে) শ্রুতিবিশেষ। ৭ কান্যকুব্জসারস্বত-প্রভৃতি ব্রাহ্মণের উপাধি। "জগন্নাথ মিশ্রবর চৈ.চ ৫১। ৮ [+অ (অচ্)-ক] সর্থ 'মিশ্রক' পুং (১)। "°চোর, °চৌর। —শ্রা স্ত্রী ১ মিশ্রিত দ্রব্য। ২ চাণক্যমূলক; ৩ সমূল কুসীদ। ৪ (বাঙ্‌লায়) মিশ্ররাশি।

"°সঙ্কলন °ব্যকলন, °গুণন, °ভাগহার। [°কেশী (স্ত্রী)—অপ্সরো-বিশেষ। "ম ৪২৮। °চো(চৌ)র (পুং)—যে অপকৃষ্ট দ্রব্যের সহিত ধান্যাদি মিশ্রিত করে; মিশ্রক। "°চৌর বিষ্ণু ৪৫.১০। °জ (পুং)—অশ্বতর, খচ্চর। °জাতি (বিণ)—সঙ্কীর্ণ অর্থাৎ ভিন্নজাতি পিতামাতা হইতে জাত। °ধন (ক্লী)—বৃদ্ধিসহিত মূল। °ধান্য (ক্লী)—অপদ্রব্যমিশ্রিত ধান্য বা শস্য। °পুষ্পা (স্ত্রী)—'সংশ্লিষ্টপুষ্পা', মেথিকা। °বৃত্ত (ক্লী)—মিশ্র, অর্থাৎ লৌকিকালৌকিকমিশ্রিত আখ্যান। °ব্যবহার (পুং)—বৃদ্ধিসহিত মূলধনের অভিযোগ]

মিশ্রক বিণ [মিশ্র+ক (কন্); স্ত্রী -কা (?)] ১ মিশ্রিত; সঙ্কীর্ণ। "°চিকিৎসিত (সুশ্রুত)। ২ সঙ্কীর্ণ, বিবিধ (miscellaneous)। —শ্রক পুং [√মিশ্র+অক (ণ্বুল্)-ক] ১ মিশ্রণকর্ত্তা। ২ অপ-দ্রব্যের সহিত ধান্যাদির মিশ্রণকারক। "মনু ১১ ৫১। —শ্রক ক্লী ১ ক্ষারমৃত্তিকাজাত লবণ, ঔষরলবণ। ২ ইন্দ্রোদ্যান। ৩ তীর্থবিশেষ মহা)। [মিশ্রকাবণ (ক্লী)—ইন্দ্রোদ্যান। দ্র 'পা ৮.৪.৪।]

মিশ্রণ ক্লী [√মিশ্র+অন (ল্যুট্)-ভা] ১ সংযোজন, সংশ্লেষণ। "বাঙ° (S.W.)। ২ সঙ্কলন (addition)।

মিশ্রবর্ণ বিণ [বহুব্রী] নানাবর্ণযুক্ত, শবল, বিচিত্র। —বর্ণ পুং ইক্ষু-বিশেষ। —বর্ণ ক্লী কৃষ্ণাগুরু। —বর্ণা স্ত্রী বার্ত্তাকী।

মিশ্রবর্ণা দ্র 'মিশ্রবর্ণ'।

মিশ্রিত বিণ [√মিশ্র+ত (ক্ত)-র্ম্ম] ১ সংযুত, সংশ্লিষ্ট। "সুরনর-মৃগমিশ্রিতজলচরাকৃতি ভ ৬ ৯.৪০। ২ সহিত। "শকৈর্যবনমিশ্রিতৈঃ রা ১.৫৪.২১। ৩ সঙ্কীর্ণ, বিবিধ। —শ্রিত ক্লী [+ত-ভা] মিশ্রণ। "সন্ধি° সা.দ ৩.২৬৭। —শ্রিতা স্ত্রী সংক্রান্তিবিশেষ। 'মিশ্রিতা …মিশ্রিতর্ক্ষে'স্তু সংক্রমে (তিথ্যাদিতত্ত্ব)।

মিশ্রিতা দ্র 'মিশ্রিত'।

মিশ্রীকরণ ক্লী [মিশ্র+চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] মিশ্রণ। "পা ২.১.৩৫। —শ্রীকৃত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] মিশ্রিত।

মিশ্রেয়া স্ত্রী মধুরিকা, মৌরি (অ কো)।

মিষ্ সক [ভ্বা, প—মিষতি; সেট্] সেচন। —ষ্ অক [তুদা, প—মিষতি, সেট্] স্পর্দ্ধা, গর্ব্ব; পরাভিভবেচ্ছা (ক.ক)। [উদ্—উন্মেষ। নি—নিমেষ। "গী ৫.৯।]

মিষ পুং [√মিষ্+অ (ঘঞর্থে ক)-ভা] স্পর্দ্ধা, অভিভবেচ্ছা। —ষ ক্লী [+অ-ণ] ছল, ব্যাজ, ব্যপদেশ। "নৈ ১.১১৮। বদনে বিনিবেশিতা ভুজঙ্গী পিশুনানাং রসনামিষেণ ধাত্রা।—ভামিনীবিলাস ১.১০৯। (বৃক্ষ সব) মধুমিষে বহে অশ্রুধার চৈ চ ৩৪০।

মিষ্ট বিণ [√মিষ্+ত (ক্ত)-ক] ১ স্পর্দ্ধিত। ২ [+ত-র্ম্ম] সিক্ত, আর্দ্রীকৃত। ৩ [তু 'সং মৃষ্ট>প্রা মিট্‌ঠ (রসে—হে ১.১২৮); 'স্বাদিতানি—'মৃষ্টী'কৃতানি; 'মিষ্টী'কৃতানি (শুক্লযজুর্ব্বেদ ২৯.১০, উবট; মহীধর)] ১ মধুররসযুক্ত, মধুর। "মিষ্টমন্নম্ গো.রা ১.১৯.২৩। ২ শ্রুতিসুখকর, কোমল। "°বাক্য, °স্বর। ৩ প্রীতিকর, সুরভি। "°গন্ধ। —ষ্ট পুং মধুররস। —ষ্ট ক্লী মধুরখাদ্য; মোদকাদি দ্রব্য; মিষ্টান্ন। "একাকী মিষ্টমশ্নাতু যস্তার্ব্যোহনুমতে গতঃ গো রা ২.৭৯.২৩। °ভুক্ মহা ৩.৯২ ২০। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—মধুরপাককারক, নিপুণ-পাচক। "°র্ত্তা (পাঠান্তর) মহা ৩.৭০.৬। °পাক (পুং)—শর্করারসে পক্ব ফলাদি; মোরব্বা।] [°মুখ (বি)—মধুরবাক্য। মিষ্টমুখ করা—মিষ্টদ্রব্য খাওয়া। গুড়-জল করা (বীরভূম)।]

মিষ্টকুমুড় বি সফরী কুমড়া, মিটকুমড়া। "বা.ম ১৪৭।

মিষ্টবাত বি [হি বাত] মধুরবাক্য। "চৈ চ ৮৯।

মিষ্টমুখ বিণ মধুরভাষী, সন্তুষ্ট। "হুতাবেচা কড়ি যদি দিতে পারি তায়। তবে মিষ্টমুখ, নহে রুষ্ট হ'য়ে যায়।—ভা.চ ৪০৯।

মিষ্টান্ন ক্লী [কর্ম্মধা] ১ মিষ্টখাদ্য। ২ লড্ডুকমোদকাদি; সন্দেশ মিঠাই ইত্যাদি (sweetmeat)। "°দায়িন্ মহা ১৩.৬৬.২৪। কন্যা বরয়তে রূপং মাতা বিত্তং পিতা শ্রুতম্। বান্ধবাঃ কুলমিচ্ছন্তি মিষ্টান্ন-মিতরে জনাঃ কু.স ৫.৭২, মল্লিনাথ।

মিষ্টি বিং [মিষ্ট+ই[১১]] ১ মিষ্ট, মধুররসযুক্ত। "অতি মিষ্টি সুক্তস মধু।—দা ৫৮০। বড় রাণীর দুদ বড় মিষ্টি।—জা ২৬। ২ শ্রুতিসুখকর। "কালো কোকিলের স্বর মিষ্টি।—দা ৪৩৭। মিষ্টি কথাটি সবার সনে।—কা ৮৭। ৩ প্রীতিজনক, সুখকর। "কথার মধ্যে মিষ্টি অংশ. অনেকখানিই হবেক ধ্বংস।—কা ১০৬। [°মুখ—মিষ্টবাক্য। "মিষ্টিমুখে বিদায় নিয়ে এলেই হ'ত গি.দ্বি ১০৩। মিষ্টিমুখ করা—সর্থ 'মিষ্টমুখ করা'। দ্র 'মিষ্ট'। মিষ্টিমুখ দেওয়া—মিষ্টি কথা বলা।]

মিসকালি, মিসকালো দ্র 'মিশকাল'।

মিসমিসে বিং [দ্র 'মিশমিশ'; তু ' √মিসমিস—দীপ্তি পাওয়া (দেশী—প্রা.ম)] সর্থ 'মিশমিশে'। "কি মিসমিসে কোঁকড়া কোঁকড়া চুলের গোছা!—ব.প্র ৪৭৬।

মিসাল বিং [দ্র 'মিশল'] মিশ্রিত। "(গঙ্গা) ভাজিয়া জাজাল (?). করিছে মিসাল. পঙ্ক বালুকাএ পানি।—গ ১৬৭।

মিসী দ্র 'মিশি'।

মিস্ত্রি, -স্ত্রী বি [P. mestre; E. mistry, mestri (Kampos); cf., master; হি মিস্তরী; ঠ মিস্তরী, মিস্ত্রী; গু মিস্তরী] নিপুণ শিল্পকার; কারিগর (mechanic)। "ছুতার°, রাজ°।

মিস্ত্রী দ্র 'মিস্ত্রি'।

মিহ্ সক [ভ্বা, প—মেহতি, অনিট্] ১ সেচন, ক্ষরণ। ২ মূত্রপুরীষ-করণ (কুল্লুক)। "মনু ৪.৫২।

মিহি, -হী বিং [হি মহীন (মহা+ক্ষীণ?), মিহীন] ১ সূক্ষ্ম, পাতলা। বিপ 'মোটা'। "মিহি বস্ত্র ভ.গ্র ১৯২। ২ সরু (চা'ল)। ৩ সূক্ষ্ম, সূঁচল (pointed)। ৪ জিল (সুর)। ৫ ছোট। "°দানা। ৬ সূক্ষ্ম, নিষ্পিষ্ট (গুঁড়া)। ৭ ক্ষীণ, সরু। বিপ 'স্থূল'। "মিহি কোমর বাঁধ কসে'।—গান ১৮। [°দানা—ছোট দানা, মোতিচূরবিশেষ।]

মিহিকা স্ত্রী [√মিহ্+ক (কপ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ নীহার, তুহিন, হিম। ২ কুজ্ঝটী (A.)।

মিহির পুং [√মিহ্+ইর (কিরচ্)-ক, উ ১.৫২; তু 'সং মিত্র; Av. mithra—the angel presiding over light; ফা 'মিহ্‌র্'—সূর্য্য; মিথ্‌র>মিহর>°র (?)] ১ 'মেঘরূপে সেচক' (অ.টী); সূর্য্য। তু 'আদিত্যাজ্ জায়তে বৃষ্টিঃ (মনু)। "মহা ৩.৩.৬১। নৈ ১৩.৫৫। ম ২; প্রতাপে মিহির ৩০। শ্রী.মা ১৯১। সূর্য্যমুখী…°বিরহে।—মে ৭৯; ২৫৫। 'ঘারিক' বঙ্গের মিহির—হে ২৯৪। ২ অর্কবৃক্ষ। ৩ মেঘ। ৪ বায়ু। ৫ চন্দ্র (শ.ক)। ৬ বরাহমিহির। [°জা (বি)—'সূর্য্যসুতা', যমুনা। "গো ২৪৮। °নন্দন (বি)—কর্ণ। "ম ৮৫৬। °মণ্ডল (বি)—সূর্য্যমণ্ডল। "ঝলমল কুণ্ডল, মিহিরমণ্ডল ম ৬৫০। প ভৃ ৩৬। °বংশ (বি)—সূর্য্য-বংশ। "°শজ।—কৃ ২৯১। °স্যন্দন (পুং)—সূর্য্যরথ। "নৈ ২.৩৬।]

মিহী দ্র 'মিহি'।

মী সক [দি, ও—মীয়তে; ক্র্যাদি, ঞ—মীনাতি, -মীতে; অনিট্] ১ হিংসা। "আময়। ২ [চু, ভ্বা, প—মায়য়তি, ময়তি; অনিট্] গতি। ৩ মতি, বোধ (ক.ক)।

মীঠ, মীঠা দ্র 'মিঠ'।

মীড় দ্র 'মিড়'।

মীঢ় বিণ [মিহ্+ত (ক্ত)-ক] মূত্রিত, কৃতমূত্রত্যাগ।

মীঢ়্বান্ (-ঢ়্বস্) পুং [√মিহ+বস্ (ক্বসু)-ক-১ব, নিপাতিত, পা ৬.১.১২, ছান্দস] ১ বর্ষক (নীলকণ্ঠ)। "মহা ৩.৩৯.৭৭। ২ শিব। "ভ ৪.৭.৯।

মীন পুং [√মী+ন (নক্)-র্ম্ম, উ ৩.৩ ; তা 'মীন', কর্ণাটী 'মিন্নু' (H.B. 62)] ১ মৎস্য। "°সংক্ষোভ রা ২ ৪০.৩৫। মনু ১১.৬৮। জলগমীন ইব হ্রদঃ রঘু ১.৭৩। ঋতু ১.১৯। নেত্রযুগ্ম মীন—ম ১৮৩। ২ মীনরাশি (Pisces)। [ইহাতে জন্মিলে নর রত্নকাঞ্চনপূরিত অঙ্গ-রোমা মহাপ্রাজ্ঞ দীর্ঘকালপরীক্ষক হয়।] ৩ বিষ্ণুর মৎস্যাবতার। "কেশব ধৃতমীনশরীর গী.গো ১.৫। ৪ কামের মীনাকার রথধ্বজ। "°ধ্বজ। ৫ (বাঙলায়) চৈত্রমাস। "বি স্থ ১৫৫। [°কেতন, °কেতু, °ধ্বজ (পুং)—কামদেব। "মীনকেতনসেনানায়ক (দশকুমার)। °তু। —ম ১১৩২, ক চ ১৩২, বি স্থ ১৫৫। °গন্ধা (স্ত্রী)—মৎস্যগন্ধা, সত্যবতী। "শ্রী.মা ৫০। °ঘাতী (-তিন্) পুং—কেবর্ত্ত, ধীবর, বক। °ধাবনতোয় (ক্লী)—মৎস্যপ্রক্ষালনজল, মাছধোয়া-জল। °নাথ (পুং) —যোগশাস্ত্রাধ্যাপকবিশেষ। °রঙ্ক, °রঙ্গ (পুং)—মৎস্যরঙ্ক। °রাশি (পুং)—১ রাশিবিশেষ। ২ (বাঙ্‌লায়) মীনরাশি পুরুষ। "মীন-রাশির কল্যাণ ক চ ১৫৬। °লাঞ্ছন (পুং)—মীনধ্বজ, কাম।] [°পোড়া (বি)—পোড়া মাছ। "ম ৪০০।]

মীনা, মীনাকার, -রী দ্র 'মিনা[১]'।

মীনাঙ্ক পুং [বহুব্রী] 'মীনচিহ্ন', কামদেব।

মীনাণ্ড ক্লী [ষ.ত] মৎস্যডিম্ব। —ণ্ডী স্ত্রী শর্করা।

মীনাণ্ডী দ্র 'মীনাণ্ড'।

মীনালয় পুং [ষ ত] 'মৎস্যাশয়', সমুদ্র।

মীনেন্দ্র বি [উপ স] মীনশ্রেষ্ঠ, মৎস্যরাজ। '°ন্দ্র তিমি।—মা ১২৩।

মীমাংসক পুং [√মীমাংস+অক (ণ্বুল্)-ক, দ্র 'মান্'] ১ মীমাংসা-কারক, সিদ্ধান্তকারক, বিচারক। "কাব্য°। ২ [°সা+অক (বুন্)] মীমাংসাদর্শনবেত্তা, মীমাংসাধ্যেতা। "পা ২.১ ৫৩, সি। (যং সমুপাসতে) কর্ম্মেতি মীমাংসকাঃ (সু.র)। চৈ.চ ১২৩। ৩ (বাঙ্‌লায়) সিদ্ধান্তপূর্ব্বক বিবাদমীমাংসাকারক। —সন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ মীমাংসা, সিদ্ধান্ত। ২ [+অন (যুচ্) -ক] মীমাংসক। 'পা ৩.২.১৪৯, কাশিকা। —সা স্ত্রী [+অ-ভা +স্ত্রী আ (টাপ্), বৈদিক] ১ বিচার, বিচারপূর্ব্বক তত্ত্বনির্ণয় বা সিদ্ধান্ত। "কাব্য°, কাল°। মীমাংসায় মীমাংসার না হয় সম্পর্ক ভা.চ ৩২৬। ২ জৈমিনিকৃত দর্শনশাস্ত্রবিশেষ। "মীমাংসা কৃতমুন্মমাথ সহসা হস্তী মুনিং জৈমিনিম্—পঞ্চ ২.৩৬। ভা.চ ৩২৬। [মীমাংসা দুই ভাগে বিভক্ত,—পূর্ব্বমীমাংসা, উত্তরমীমাংসা। পূর্ব্বমীমাংসা জৈমিনিকৃত, উত্তরমীমাংসা বা বেদান্ত ব্যাসপ্রণীত।] —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, বৈদিক] ১ বিচারিত। "অমীমাংসিত-কর্ম্মন্ ভ ৬.৫.৩৭। ২ তত্ত্ব-বিচারপূর্ব্বক নির্ণীত, সিদ্ধান্তিত। "হিরণ্ময়ী সীতাপ্রতিকৃতি-সমভি-ব্যাহারে যজ্ঞানুষ্ঠান করাই…মীমাংসিত হইল সী ৬৮। —সিতব্য, -স্য বিণ [+তব্য, +য (ণ্যৎ), -র্ম্ম] বিচার্য্য, মীমাংসার্হ। "(সৌমিত্রিঃ) বিক্ষোরমীমাংস্যভাগমাত্মানাং প্রত্যন্বস্মরৎ রা ৬.৫৯.১১০,-২০। মনু ৫.১২০, কুল্লুক।

মীমাংসন দ্র 'মীমাংসক'।

মীমাংসা দ্র 'মীমাংসক'। [°কৃৎ (পুং)—মীমাংসাদর্শনকার জৈমিনিমুনি। "পঞ্চ ২.৩৬।]

মীমাংসিত, মীমাংসিতব্য, মীমাংস্য; মীর দ্র 'মীমাংসক, মির'।

মীল্[১] অক [ভ্বা, প—মীলতি, সেট্] নিমেষ, সঙ্কোচ। "তন্দ্রা নিমীলতুর্নেত্রে ভট্টি ১৪ ৫৪। মীলন্তি রিপুনারীণাং মুখপদ্মবনানি চ (কবিরহস্য)। [উদ্—১ উন্মীলন। "জাম্ববান্…উন্মীলীচ্চ লোচনে ভট্টি ১৫.১০২। উদ্‌গমন, প্রসরণ। "উন্মীলন্তি…পিকানাং গিরঃ গী গো ১.৩৭; উন্মীলন্মধুগন্ধ ৩৮। ৩ উদয়। "চন্দ্রোহয়মুন্মীলতি (মহানাটক)। নি—নিমীলন। "নিমীল্য নেত্রে সহসা ব্যবুধ্যত কু.স ৫.৫৭। প্র —প্রমীলন, তন্দ্রা।]

মীল[২] অর্ম্ম [সং √মিল্, বৈষ্ণবসাহিত্যে] মিলিত হওয়া। [মীলই, -লব, -বি, -লহ, -লল, -লহ, -লু (প ক)।]

মীলন ক্লী [√মীল্+অন (ল্যুট্)-ভা] ১ নিমীলন, চক্ষুর্মুদ্রণ। "মীলনং দৃশোঃ কি ৯.৫০, মল্লিনাথ। ২ নিমেষ। ৩ মুকুলীভাব। —লিত বিণ [+ত (ক্ত)-ক] ১ নিমীলিত। "অর্দ্ধমীলিতলোচনা ক.সা ২০.৫০। মুনিম্…°লোচনম্ ভ ১.১৮.২৫। ২ সঙ্কুচিত। "°ধিয়াম্ …নৃণাম্ ভ ২.৭.৩৬। ৩ মুকুলিত। ৪ তিরোহিত (A.)। —লিত ক্লী [+ত-ভা] ১ মীলন। ২ অর্থালঙ্কারবিশেষ। [সহজ বা কৃত্রিম ভাবে সমানলক্ষণ কোন বস্তু কর্ত্তৃক অন্য বস্তুর তিরোধান বুঝাইলে 'মীলিত' অলঙ্কার হয় (সা.দ ১০ ৮৯)।]

মু[১] বি [সং মুখ >প্রা মুহ >বা মুহ, মু, হি মুঁহ, মৈ মুহ, মুঁহ, ড় মুহ, কা 'মু'—কেশ] মুখ। "কর্পূর তাম্বুল বিনা শুকাইল মু। —ক.চ ১২০, চান্দপারা মু ১৫৭। (গওার) হুঁচুরে পড়ে মুচড়িয়া মু।—শ্রী ১৬০, মুখানি ২৪০, ন ১১২৪। [মুখানি—মুখটি (আদরে)। মুআড়ে, মুঞে, মুয়ে (মু+এ[৫], দ্র 'ঞ[৪]')—মুখে। "পড়েছে…বাঘের °ড়ে শ্রী মা ৭৯। মুঞে ক.চ ৫৩, শ্রী ১১৯। মুয়ে অ.প ১২৪। আ মুয়ে আগুন।—গি.দ্বি ১১২। মু সামালো—মুখ সামলাও, মুখ সংযত কর। "মু সামালো খুব নাহি কর বের বের বি স্থ ১০১। পোড়ামুঞে —পোড়ামুখ (গালি)। "°ঞে কাক শ্রী মা ১৪৪। লোকমুঞে —লোকমুখে। "ব প ৫৩৭। উভমুণ্ডা (মুহা >মুআ >°ণ্ডা) —ঊর্দ্ধমুখ। "ক চ ১০২। একমুণ্ডা—একমুখ, একধার। "একমুণ্ডা ঘরখানে ক চ ১০২। গোমুণ্ডা—গোমুখ ভূতবিশেষ। "শ্রী মা ১৪৮।]

মু[২] সর্ব্ব [সং বয়ম্ >প্রা মো (হে) >বা 'মু' (একবচনে), হি মৈঁ, ঠ মী, মৈ মেঁ, ড মুঁই] আমি। "এ দুখ কহব মু কায় জ.প ২৯। মু দেখিনু ন প ১৩৫। মু মনু কাঁদিয়া প র ৮০। ঘর মু যাইতে। নারিলুঁ সই প ক ১৪৯, ২৬৭। মু জাঙ নিছনি। [মুঙ্কোকে—মোকে, আমাকে। "মুঙ্কোকে প্রসন্ন হএ করহ উদ্ধার অ প ৬৭।]

মুই, মুঁই, মুঞি, -ঞিঁ, মুহি সর্ব্ব [মু[২]+ই[৪] >মুই, -ঞি, (দ্র 'ঞ[৪]') মুঁই, (হ-আগমে) মুহি, মুই, -হি (C.G. § 274)] ১ আমিই। "মুঞি সেই, মুঞি বিশ্ব ধরোঁ চৈ ভা ৮৪, মুঞি উদ্ধারিলু মোর গজেন্দ্র কিঙ্কর ৩৭৯। মুই সেই, মুই সেই ন প ১৬৮। ২ আমি। "কেস মুই ফেলাও মুড়িয়া গো চ ১৭৭, মুঞি ২২৭। ব্রহ্মানি আচার মুহি।—মী ১৩, ৩১, মুই ১৫, গ ৬৫, মুঞি ১০৩। মুই, মুহি। —ম গা ১০। মুই ভোগম বসুমতী অ.প ১০, মুঞিঁ ১৫, ২১,-৩, মুঞি জাম ২৯। মুঁই ব প ৬১৯, মুঞি ৬২০। মুঞি।—ম ১০, ৩৭৮, বি পা ১২৯, চ বি ২, বি প ৭০, ২২০, শ্রী.ম ১৪৩, চৈ চ ১৭, চৈ.ম ৬১। বন্দোঁ মুঞি ক চ ৫, মুই ৫০; ম ম ১৯৯। তুহি পঙ্কজিনী মুহি ভাস্কর লো।—ভা চ ৩৩২। মুহি তুহ কুল-কামিনী।—রজ ১১০। মুই আ দু ৯২। [মুঞি হেন—আমি যেমন তেমন, আমার মত। "মুঞি হেন জনে অ প ২৩।]

মুঁ বি [দ্র 'মু[১]', অপ্র] মুখ। "ব প ৪৪৩।

মুঁই দ্র 'মুই'।

মুঁড়া সর্ম্ম [সং √মুণ্ড্—মুণ্ডয়্—প্রা √মুংড >বা (মুঁড়) °ড়া ; হি √মুঁড] ১ মুণ্ডিত করা, মুড়ান। "রাজার বেটা মুঁড়াইবে মাথা ব.প ৫৯। ২ কেশ ছেদন করা। "খুরূপা বাণেতে তার মুঁড়াইল কেশ ব.প ৮৩৪।

মুঁদ সর্ম্ম [সং √মুদ্রি—মুদ্রয়্ >প্রা √মুদ্দ, *মুংদ >বা °দ, হি √মুঁদ (অর্ম্ম), অপ্র] মুদ্রিত করা; নিমীলিত করা। "নয়ন মুঁদিলে দেখে দূর্ব্বাদলশ্যাম ব প ৫২৬।

মুক্ (-চ্) বিণ [√মুচ্+ক্বিপ্ (০)-ক-১ব; স্ত্রী -চ্] ১ বর্ষী। জল°, পয়ো°, বারি°। অশনি° মহা ১.২২৭.১৫। বন° রঘু ৯ ২২। নানাযুধ° ভ ৩.১৯ ১৯। ২ মোচক, কারক। "শরবৃষ্টিমুচা ধনুষা রঘু ৯.১২। ৩ নিঃসারক। শ্রমফেনমুচা···তুরঙ্গমেণ রঘু ৯.৭২। ৪ নাশক। "অংহো°, আগো°, দোষ° (S.W.)। [সমাসে উত্তরপদ]

মুকটি, -টী, -কুটি, -টী[১] বি [মুটকি,-কী > °টি, -টী, °কুটি, -টী : অস মুকুটি] মুষ্টিঘাত, কীল, ঘুসি। "চাপড় মুকুটি : মুকুটির ঘায়ে। —কৃ ২৫৭। মুকটী ক.চ ১৫ ; বজ্রমুকটি ৫১,-২। মুকুটীর ঘায়ে তোর মস্তক ভাঙ্গিব বা.ম ৩৪২।

মুকটা দ্র 'মুকটি'।

মুক(কু)তি বি [সং মুক্তি > (স্বরাগমে) °তি] ১ মুক্তি, নির্ব্বাণ। "হেনমতে মুকুতি লভিল গোপীগণে রা.প ৪। ২ অব্যাহতি, ছাড়ান। "মুকতি চেয়ে বাঁধন মিঠা, মায়ের মায়া-ফাঁদে।—শিশু ১৫। —কুতি বিং মুক্ত। "সর্ব্বপাপে হএ সে মুকুতি।—গ ১১৩। [মুকুতিপদ—মোক্ষ-পদ। "পরম °দ পাএ।—গ ১৮৭।]

মুকেয় পুং [স্ত্রী -য়ী] পশুবিশেষ। "পা ৪.১.৬৩, সি।

মুকেল বিং ['মুক্কল'—স্বৈর, স্বতন্ত্র, বন্ধনরহিত (দেশী ৬.১৪৭) ; প্রা মুক (মুক্ত)+ল (স্বার্থে) ; অপ্র] ১ বন্ধনহীন, মুক্ত, এলো। "মাথায়ে মুকল জটা বি.পা ২৭৭। গৌরকলেবর, লোটায়ে মুকলচুলি চৈ.ম ১৩২। ২ অবাধ, খোলা। "ক্ষেত্র যাইতে পথ দিব করিয়া মুকল।—জ ২৫। ৩ অনাবৃত, খোলা। "সর্ব্বাঙ্গ °ল ৬৪২।

মুকো সর্ম্ম [সং মুক্ত > প্রা মুক্ক (হে) > বা মুক ; মুক+আ[৯] ; অপ্র] মুক্ত করা ; খোলা। "অদ্বৈতেরে বলিয়া গীতার সত্য পাঠ। বিশ্বম্ভর মুকাইল ভক্তির কপাট চৈ.ভা ২৩৪।

মুকাবিলা, মোকাবি(বে)লা বি [আ মুক.াবলহ্] ১ সম্মুখ, উপস্থিতি (presence)। ২ তুলনা, উপমা.। "তেরা মোকাবিলা নাহি কোহি বি.সু ৯। তাঁহাদের ভাবী জামাইয়ের মূল্য···ভাবী শ্বশুরের সঙ্গে মোকাবিলা করিতে চাহিয়াছিলাম।—গ.স ১৩৮। নকসা মুকা-বিলা E.P. 75. [মুকাবিলা করা—কোন বিষয় উভয়ের, অর্থাৎ অভি-যুক্ত ও অভিযোক্তার, সামনাসামনি মিলান। মুকাবিলা প্রতিবাদী —কোন বিষয় বিচারকের সম্মুখে মিলাইবার নিমিত্ত প্রতিবাদীর পক্ষীয় সাক্ষী।]

মুকু পুং [√মুচ্+উ-ভা, ন্যাঙ্কাদি—মুকু : অথবা মুক্তি > মুকু, মনীষাদি (মুগ্ধবোধ-টীকা) ; তু 'সং মুক্তি, মুক্ত > প্রা মুক্কি, মুক ; মুক > মুকু (?)] মুক্তি, মোক্ষ। "মুকুন্দ (মুকুম্-দ)।

মুকুট ক্লী [√মঙ্ক্ (মণ্ডন)+উট (উটন্)-ক, পৃষো (অ.টী) ; 'মুকুট' (ভাসকার) ; মুকুল > মুকুড, -ট (?) ; তা.মু (তিন)+কুট (উপর্য্যু-পরি স্থিত বর্ত্তুলাকার ছোট ছোট ভাগ) ; কন্নাডী—'মুকুর'] ১ শিরো-ভূষণবিশেষ, কিরীট, শেখর (crown)। "শিরস্তস্থ মুকুটোপচিতম্ গো.রা ৬.৭৭.২৯। °মণিমরীচি।—পঞ্চ ত্ত্ব (কথামুখ)। মাথার মুকুট খসি পড়ে ভূমিতলে।—কৃ ৫৩। ২ চূড়া, শিখা। ৩ কূট, শিখর। "ত্রি°। ৪ (বাঙ্লায়) বরের টোপর। "হেমমুকুট শিরে,···সাজিলেক চান্দর কুমার বি.পা ২৮৬। শিবের মুকুট মাথে বা.ম ৩৫। ৫ বিবাহে কন্যার টোপর বা মউড়। "খুল্লনা—মাথায় মুকুট আল্যাম বাসে। কভু নাঞি বসি প্রভুর পাশে॥—ক.চ ১৩৮। —কুটী[২] স্ত্রী অঙ্গুলিমোটন (শ.ক)।

মুকুটমণি পুং [ষ.ত] ১ কিরীটমণি, চূড়ামণি। দ্র 'মুকুট (১)। ২ (বাঙ্লায়) শ্রেষ্ঠ, প্রধান। "সাজল চক্রপাণি, মল্লমুকুটমণি শ্রী.ম ১২৮। রসিক° ব.প ৮৩৭। ব্রজরমণীগণমুকুটমণি (রাধা)।—গো ৯১। খৃষ্টের মুকুটমণি ভ.গ্র ৩৮৮।

মুকুটামুকুটি বি [মুকুটি-আ+মুকুটি -ই ; সং মুষ্টামুষ্টি] মুষ্টিঘাতপূর্ব্বক যুদ্ধ ; ঘুসাঘুসি, কীলাকীলি। "°টি বুকে।—ম ২৭৯।

মুকুটি, মুকুটী[১] **; মুকুটী**[২] দ্র 'মুকটি ; মুকুট'।

মুকুটী[৩] **(-টিন্)** বিণ [°ট+ইন্ (ইনি)-১ব] মুকুটধারী। "(শূরঃ) কুণ্ডলী মুকুটী মহা ৭.১১৩.২৭।

মুকুত, -তা বি [মুক্ত, -ক্তা > (স্বরাগমে) °ত, -তা] মুক্তা (প.ক)।

মুকুতা ; মুকুতি, মুকুতিপদ দ্র 'মুকুত ; মুকতি'।

মুকুন্দ পুং [মুকু অথবা মুকুম্ (অব্যয়)+ √দা+অ (ক)-ক, বিভক্তির অলুক্ ; উ.ত (মুগ্ধবোধটীকা)] ১ মুক্তিদাতা, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "মহা ১৩.১৪৯.৬৮। °সেবিন্ ভ ১.৫.১৯। ২ 'রোগমুক্তি-দাতা', পারদ। ৩ কুবেরের নিধিবিশেষ। দ্র 'নিধি'। ৪ রত্নভেদ। ৫ কুন্দুরু। ৬ চক্রবিশেষ। —ন্দক পুং ষষ্টিকব্রীহি।

মুকুন্দক দ্র 'মুকুন্দ'।

মুকুর পুং [মুখ+ √রা+অ (ক)-ক, পৃষো (অ.টী) ; উ.ত] ১ দর্পণ, আরশি। "প্রতিমাম্···উদ্বহতা মুকুরেণ মাঘ ৯.৭৩। নৈ ৪. ৫৯। মুকুরে হেরিয়া মুখ, উপজিল মহাসুখ ব.প ১৪৪৭। নখমণিমুকুর-আভা।—জ ১ ; মরকত-মঞ্জুমুকুর, মুখমণ্ডল—গো ৮৫। কুণ্ডল শ্রুতি-গণ্ড-মুকুর ন.প ২৬৫। বি সু ৫২। মনের মুকুর-তলে সা.ম ৩৪। হৃদয়-মুকুরে।—হেম ৩৫৯। তুষার-মুকুরে কু.কে ১০৭। ওই মুকুরে সূর্য্য তারা মুখ দেখে সবাই ১১৩। চক্ষু-মুকুরেতে অ.গু ১০৫। ২ কোরক, কুঁড়ি। তু 'মুকুল'। ৩ বকুলবৃক্ষ। ৪ কুমারের চাক-ঘুরান লাঠি ; কুলালদণ্ড। ৫ মল্লিকালতা। ৬ কোলিবৃক্ষ।

পুং, ক্লী [√মুচ্+উল (ঘুলক্)-ক (অ.টী) ; cf., Dravidian—'mugut.' ; root—'mug' to shut up as a flower (Caldwell)] ১ বিকাসোন্মুখ কলিকা, কুট্মল, কুঁড়ি। "°জালমশোভত কিংশুকে রঘু ৯.৩১। পূ.মে ২১। আমীলিতনয়ননলিনমুকুলযুগল ভ ৫.২.৫। °ঝালরে।—মা ১২৭। ২ মুকুলাকৃতি বস্তুমাত্র। "আলক্ষ্যদন্তমুকুলান্ শ ৭.১৭। দশন° উ.চ ১.২০। ৩ দেহ। ৪ আত্মা। ৫ (বাঙ্লায়) মুকুলাকৃতি স্তন। "কঞ্চুকে যব কর দেল। হৃদয়ে মুকুল তব ভেল॥—জ্ঞা ২২৫। [°ভাব (পুং)—অবিকাসভাব। "কু.স ৩.২৯, মল্লিনাথ।

মুকুলাগ্র ক্লী [বহুব্রী] মুকুলবৎ সূক্ষ্মাগ্র অবচারণার্থ শস্ত্রবিশেষ (সুশ্রুত—S.W.)।

মুকুলিকা স্ত্রী [°ল+ইক (ঠন্)+স্ত্রী আ (টাপ্)] ১ যাহার সম্বন্ধে চক্ষুর মুকুলভাব আছে ; শিশুকে ঘুম পাড়ানর নিদ্রাকর্ষক গুনগুনস্বর (M.W.)। ২ (বাঙ্লায়) মুকুলাকার কর্ণভূষণ। "শ্রবণ-উপরদেশে, হেমমুকুলিকা ভাসে ক.চ ১৯ ; হেম° কর্ণে ১৫৯। ৩ মুকুল-সদৃশ বিকাসোন্মুখী। "কোনো কালে ছিলে না কি মুকুলিকা বালিকা-বয়সী, হে অনন্তযৌবনা উর্ব্বশি !—চ.কা ২০২।

মুকুলিত[১] বিণ [°ল+ইত (ইতচ্)] ১ সঞ্জাতমুকুল, কুট্মলিত, কোরকিত। "(অশোকান্) মুকুলিতান্ গো.রা ৫.৯.৮। °চূত গী.গো ১.৩৪। °স্বর্ণলতিকা।—মা ১২৭। ২ নিমীলিত। "মুকুলিতাক্ষীং (দুহিতরম্) কু.স ৩.৭৬। সুখমুকুলিতনেত্রা মাঘ ১১.১০। দরমুকুলিত-নয়নসরোজ গী.গো ১৭। °লোচন পো.ম ২১। ৩ (বাঙ্লায়) মুকুলাবস্থাগত, বিকাসোন্মুখ। "মাধবি মুকুলিত মালতি ফুল বি.সা ১০৪ ; বি.প ৮৩। ৪ মুকুলাকৃতিস্তনবিশিষ্ট। "হৃদয় মুকুলিত হেরি হেরি থোর প.র ১৮।

মুকুলিত[২] বিং [মুকল > মুকলিত > °ত ; অপ্র] মুক্ত, এলো। "°ত কেশভার গলিত বসন।—ম ৩৭০,-৪। লজ্জা° মুখে চ.কা ১২২।

মুকুলিতাক্ষ বিণ [মুকুলিত অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) ; স্ত্রী -ক্ষী] নিমীলিতনেত্র। "°ক্ষীং (মুদ্রিতরম্) কু.স ৩.৭৬ ; কাব্য ৭৮।

মুকুলী(-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি)-১ব] মুকুলিত, কোরকযুক্ত। "মুকুলিনি রণৎকোকিলে বালচূতে মা.মা ৩.১২।

মুকুলীকৃত বিণ [°ল+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম] ১ সম্পুটীকৃত। "অগ্রহস্তে মুকুলীকৃতাঙ্গুলৌ কু.স ৫.৬৩। ২ সঙ্কোচিত ; মুকুলতাপ্রাপ্ত। "মাঘ ১২.৮।

মুকেদ্দ বি [আ মুক.দম্] ১ প্রধান প্রহরী। "মুকেদ মহলে চৌকি থাকে রায় রায় শ্রী ১৫৬ ; মহলে মুকেদ যেন লখে ডোমনী থাকে ২১৩। ২ গ্রামনায়ক, গ্রামণী, মোড়ল। "মুকেদে মহল তুলে দিবে হাতাহাতি শ্রী ২০।

মুকেরি বি [?] যাহারা বলদে পণ্য লইয়া দূরদেশে বিক্রয় করে; বলদীয়া মুসলমানজাতিবিশেষ। "(কেহ) বলদে বাহিয়া নাম বলায় মুকেরি ক চ ৮৬।

মুকোস বি [মুখকোশ, -ষ > প্রা *মুখওস > বা মুখোস, -কোস, -খস, -শ] মুখাবরণ। "পদ্মলোচন প্রকৃত হিন্দুর মুখোস পরে সংসাররঙ্গভূমিতে নাব্লেন।—হু ১৪৩।

মুক্খি,-খ্খী বিং [সং মুখ্য > প্রা মুক্খ > বা °খি, -খ্খী] প্রধান, বড়। "হরিভদ্দর খুড়ো কায়স্থ মুখ্খীকুলীন।—হু ১২১। —ক্খি,-খী বি [হি মুক্খী] পারাবতবিশেষ। "°পায়রা।

মুক্খু,-খ্খু বিং [সং মূর্খ > প্রা মুক্খ > বা মুক্খু, -খ্খু] মূর্খ। "একটি কাশ্মীরি মুখ্খু বড় মানুষ বলেছিলেন।—হু ১৩০।

মুক্ত[১] বিণ [√মুচ্+ত (ক্ত)-র্ম] ১ ত্যক্ত, হীন। "হর্ষামর্ষভয়োদ্বেগৈর্মুক্তঃ গী ১২.১৫। °শেষবিরোধেন রঘু ১০.১৩। °সমস্তসঙ্গ ভ ১.১৯ ৭। ২ বিরহিত। "ঘনমুক্ত ইবোডুরাট্ গো বা ৫ ৭৬.২০। উরঃ কাঠিন্যমুক্তস্তনম্ শ ১.৬। ৩ শিথিলিত। "মুক্তেষু রশ্মিষু নিরায়তপূর্ব্বকায়াঃ (রথ্যাঃ) শ ১৮। ৪ অনিয়ন্ত্রিত, অবদ্ধ। ৫ বিক্ষিপ্ত। "(পুষ্পবৃষ্টিঃ) বিদ্যাধরহস্তমুক্তা রঘু ২ ৬০। ৬ প্রেরিত, নিক্ষিপ্ত (শরাদি)। ৭ নিরাকৃত, নিরস্ত। "মন্থরাদয়শ্চ মুক্তাপদঃ…যথাসুখমাস্থিতাঃ।—হি ১২ৃৃ৬। ৮ পরিত্রাত, রক্ষিত। "বধমুক্তেন তেন সঃ (আষযৌ পুরীম্) ক.সা ২৮.১৫০। ৯ অপাবৃত, নিরর্গলীকৃত। "মোরে ডাকি লয়ে যাও মুক্তদ্বারে,—তোমার বিশ্বের সভাতে।—রবীন্দ্র। ১০ নির্বৃষ্ট, উদ্গীর্ণ, উদ্বমিত। ১১ ত্যক্ত, নিঃসারিত, পাতিত। "নখরক্রমুক্তৈর্মুক্তাফলৈঃ কু.স ১.৬। ১২ ত্যক্ত, দত্ত। ১৩ [+ত-ক] বন্ধনরহিতীভূত, বন্ধনশূন্য। "আলানান্ মুক্তো গজঃ (ক.ক)। ১৪ মুক্তিপ্রাপ্ত। "যোনিমুক্ত—শ্বেতাশ্বতর ১.৭। ১৫ বহির্ভূত, নির্গত। "পরিধের্মুক্ত ইবোষ্ণদীধিতিঃ রঘু ৮.৩০। ১৬ স্রস্ত, পর্য্যাকুল। "মুক্তকেশ—মেঘমালা মে ১৯। ১৭ অপ্রতিবন্ধ, অবাধ। "সা মুক্তকণ্ঠঃ…চক্রন্দ রঘু ১৪. ৬৮। ১৮ স্খলিত, পতিত। ১৯ মোক্ষপ্রাপ্ত। ২০ অস্থিত। "উভয়োরপ্যরোমুক্তং যদন্নম্ মনু ৩.২২৫। ২১ (বাঙ্লায়) বেষরহিত। "সশস্ত্র দেখিয়া তারে, শরীর মুকত করে, যম যেন যদুবীর উঠে শি ৫৫। ২২ পরিষ্কৃত। "জায়গা মুক্ত করা। —ক্ত পুং সংসারবন্ধনরহিত নিরাসক্ত নিরীহ পুরুষ। "জীবন্মুক্ত (পঞ্চরাত্র)। —ক্তক ক্লী [মুক্ত +ক (কন্) স্বার্থে] ১ ক্ষেপণীয় অস্ত্র; শরাদি। ২ অর্থগ্রহণার্থ পদান্তরনিরপেক্ষ একমাত্র শ্লোক। 'সা.দ ৬.৩১৪। "কাব্যাদর্শ ১ ১৩। ৩ সমাসরহিত গদ্য। 'সা.দ ৬.৩৩১। [°কচ্ছ (পুং)—বৌদ্ধ। (বিং) —কাছাখোলা। "ব্রাহ্মণেরা…মুক্তকচ্ছ হইয়া ঊর্দ্ধশ্বাসে পলায়ন করিতে লাগিলেন ব.প্র ৬১৪। °কঞ্চুক (বিণ)—ত্যক্তনির্মোক, খোলশ-ছাড়া (সর্প)। °কণ্ঠ (বিণ)—অপ্রতিবন্ধস্বর, উচ্চৈঃস্বর। "রঘু ১৪.৬৮। °কর, °হস্ত (বিণ)—দানে অবাধহস্ত; দানশীল, দাতা। °চক্ষুঃ (-ক্ষুস্) বিণ—উন্মীলিতনেত্র। °চেতাঃ (-তস্) বিণ—সংসারাসক্তিরহিতচিত্ত; সংসারবিরাগী। °ধ্বনি (বিণ)—কৃতধ্বনিত (মেঘ)। °নিদ্র (বিণ) —ত্যক্তনিদ্র, জাগরিত। "ক.সা ১০.৭২। °নির্মোক (বিণ)—সর্প 'মুক্তকঞ্চুক'। °বন্ধন (বিণ)—১ বন্ধনরহিত, পাশমুক্ত। "হি ১.৫৪। ২ সংসারবন্ধনশূন্য। °বসন (বিণ)—ত্যক্তবস্ত্র, দিগম্বর। (পুং) —ক্ষপণক। °মূর্দ্ধজ, °শিখ (বিণ)—মুক্তকেশ। "রা ২.৬৯.৮। ভ ৩.১৯.১৯। °লজ্জ (বিণ)—লজ্জারহিত। °শৈশব (বিণ)—উত্তীর্ণশৈশব, প্রাপ্তযৌবন। °সংশয় (বিণ)—ত্যক্তসন্দেহ, নিঃসংশয়। °সঙ্গ (বিণ)—ত্যক্তাভিনিবেশ, ত্যক্তফলাভিসন্ধি। "গী ১৮.২৬।]

মুক্ত[২] '-ক্তো' বি মুক্তা। [°ল (মুক্ত+ল°), তু 'শীতল'] মুক্তামুক্ত, মুক্তাগাঁথা। "মুক্তল পাটের ছাদি বি.পা ১৫৯; মুক্তল পাটের থুপ ২৫৪,-৯৭।

মুক্তক দ্র 'মুক্ত[১]'।

মুক্তকেশ বিণ [বহুব্রী ; স্ত্রী -শা, -শী] অবদ্ধকেশ, পর্য্যাকুলকেশ। "গো.রা ৩ ৩২.৩১। মনু ৭.৯১। মে ১৯। বা.দ ৭৪। —কেশী বি (বাঙ্লায়) কালী। "আমার মুক্তকেশীর শক্ত বেড়া, তার কাছেতে যম ঘেঁষে না।—রামপ্রসাদ। বা.দ ৭৪।

মুক্তকেশী দ্র 'মুক্তকেশ'।

মুক্তবেণী বি ১ বিযুক্ত নদীস্রোত বা স্রোতস্বিনী। "মুক্তবেণীর পর যুক্তবেণী কোথায় দেখিয়াছ?—ব.প্র ২৯৫। ২ অবদ্ধবেণী।

মুক্তল দ্র 'মুক্ত[২]'।

মুক্তা স্ত্রী [মুক্ত+স্ত্রী আ (টাপ্), তা মুক্ত] ১ 'যাহা শুক্তিত্যক্তা'; রত্নবিশেষ, মৌক্তিক, মোতি। "মনু ৯.৩২৯। মুক্তাজালান্তরকিশলয়েষ্বগ্রলেশাঃ উ.মে ৪৫। হারোঽয়ং হরিণাক্ষীণাং লুঠতি স্তনমণ্ডলে। মুক্তানামপ্যবস্থেয়ং, কে বয়ং কামকিঙ্করাঃ॥—অমরুশতক। [মুক্তার উৎপত্তিস্থান—গজাহিকোলমৎস্যানাং শীর্ষে মুক্তাফলোদ্ভবঃ। ত্বক্‌সারশুক্তিশঙ্খানাং গর্ভে মুক্তাফলোদ্ভবঃ॥ দ্র 'বৃহৎসংহিতা ৮১.২৯।] ২ পুংশ্চলী। ৩ রাস্না। [°কলাপ (পুং), °মালা (স্ত্রী)—মুক্তাহার। "কু.স ১.৪৩; মুক্তাকলাপীকৃত ৩.৫৩। ভা.চ ৬০৬। °দাম (-মন্) ক্লী—মুক্তাগুণ, মুক্তাহার। °পটল (ক্লী)—মুক্তাসমূহ। °প্রলম্ব (পুং)—মুক্তাহার। °প্রসূ, °মাতা (-তৃ) স্ত্রী—শুক্তি। °মণি (পুং), °রত্ন (ক্লী)—মুক্তারূপ মণি, মুক্তা। °লতা (স্ত্রী)—মুক্তাহার। °শুক্তি (স্ত্রী)—মুক্তার আধার ঝিনুক; শুক্তি। °সার (পুং)—মুক্তাবর, উৎকৃষ্ট মুক্তা। "রঘু ৪.৫০। °স্থূল (বিণ)—মুক্তাতুল্য স্থূল; মুক্তাপীন। দ্র 'মুক্তা (১)। °স্ফোট (পুং), -টা (স্ত্রী)—'মুক্তাবিকাশস্থান', শুক্তি (অ.কো)। °স্রক্ (-জ্) স্ত্রী, °হার (পুং)—মুক্তামালা।] [মুক্তিল (অপ্র) —মুক্তায় শোভিত করিল। "মে ৭৯।

মুক্তাগার ক্লী [ষ.ত] 'মুক্তাধার', শুক্তি।

মুক্তাগুণ পুং [ষ.ত] ১ মুক্তাদাম, মৌক্তিকহার। "পু.মে ৪৬। ২ মুক্তার উৎকর্ষ; মুক্তাবৈশদ্য। "ত এব মুক্তাগুণশুদ্ধয়োঽপি হর্ম্ম্যেষু মূর্চ্ছন্তি ন চন্দ্রপাদাঃ রঘু ১৬.১৮।

মুক্তাজাল ক্লী [ষ.ত] ১ মুক্তাসমূহ। "মুক্তাজালময়ীং পার্শ্বে বাপীম্ মহা ৩.১৯২.১৭। ২ মৌক্তিকসর, মুক্তামালা। "গো.রা ৪.৫১.৭। °গ্রথিতমলকম্ পু.মে ১১; ৩৫।

মুক্তাঝুরি বি [ঢ় মুয়াকানী] ১ বর্ষাজাত বন্য ক্ষুপবিশেষ। [ইহার ফুলের উপচ্ছদ মুক্তার মত ঝুলে। পাতা মল-নিঃসারক বলিয়া অন্য নাম 'মুক্তপুরীষ', 'মুক্তবর্ষী' (Acalypha Indica)। ২ মুক্তাময় ঝালর। "(গিরিরাজ !) অমৃত ঝোরার মুক্তা-ঝুরিতে উজ্জ্বল তব সাজ! —কু.কে ৯৭।

মুক্তাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী : স্ত্রী -ত্মা] সংসারমুক্ত চিত্ত।

মুক্তাপাঁতি বি মুক্তাশ্রেণী, মুক্তামালা। "ভ.গ্র ৪৩০।

মুক্তাফল ক্লী [কর্ম্মধা] ১ মৌক্তিক, মুক্তা। "অশ্রুবিন্দুন্ °স্থূলতমান্ রঘু ৬.২৮। কু.স ১.৬। মুক্তাফলায় করিণম্ (নিহন্তি)—মুগ্ধবোধটীকা। ২ কর্পূর। ৩ লবনীফল, লোনা। ৪ মল্লিকাবিশেষ, মোতিয়া বেল। [°জাল (ক্লী), °লতা (স্ত্রী)—মুক্তাকলাপ, মুক্তাহার। "°ল কু.স ৭.৮৯। স্বচ্ছমুক্তাফললতা (S.W.)।]

মুক্তাবলি, -লী স্ত্রী [বহুব্রী] 'মুক্তারাজিযুক্ত', মুক্তাহার। "°লী গো.রা ২.১২৫.৭। °লী কণ্ঠগতা রঘু ১৩.৪৮।

মুক্তাবলী দ্র 'মুক্তাবলি'।

মুক্তামণিসর পুং [ষ.ত] মুক্তামণিহার। "উ.চ ১.২৯।

মুক্তাসন বিণ [বহুব্রী] ত্যক্তাসন, আসন হইতে উত্থিত। "রঘু ৩.১১। —সন ক্লী [ষ.ত] মুক্তের আসন ; সিদ্ধাসন।

মুক্তি স্ত্রী [√মুচ্+তি (ক্তিন্)-ভা] ১ মোচন, মোক্ষণ, ত্যাগ, বিসর্গ। "দেহ° ক.সা ৫.১৪০। ২ বিরহিতীভাব, রাহিত্য, মোচন। "মাতুর্দাসত্ব-মুক্তিং কদ্রুমযাচত ক.সা ২২ ১৮৫ ; শাপ° ৩৪.১৩৯। ৩ নিপাতন, নিক্ষেপ। "বাণ° (S.W.)। ৪ বন্ধনরাহিত্য। ৫ নির্ব্বাণ, মোক্ষ। [সার্ষ্টি সারূপ্য সালোক্য সাযুজ্য নির্ব্বাণ ভেদে মুক্তি পঞ্চবিধ।] ৬ উদ্ধার, ত্রাণ, মোচন। ৭ সংসারবন্ধনরাহিত্য। "জীবন্মুক্ত (S.W.)। ৮ (ন্যায়ে) আত্যন্তিকদুঃখনিবৃত্তি, অপবর্গ। [°ক্ষেত্র (ক্লী)—মুক্তিতীর্থ কাশী। °দ (বিণ)—মোক্ষদাতা। °মার্গ (পুং) —মোক্ষোপায়। °মুক্ত (পুং)—শিহ্লক, শিলারস।]

মুক্তিদরখাস্ত বি [ফা মুফ্.ত্ (?)] নামশূন্য (anonymous) দরখাস্ত।

মুক্তিপদ বি মুক্তিস্থান, মোক্ষপদ। "ম ১০৯৫।

মুক্তিমণ্ডপ পুং [ষ.ত] ১ বিশ্বেশ্বর ও জগন্নাথের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ। ২ (বাঙ্লায়) চরিত্রনাশক অপকৃষ্টস্থান , গুলি মদ ইত্যাদির আড্ডা ; বেশ্যালয়। "ভায়া, মুক্তিমণ্ডপে চল গুলি খাওয়া যাক।—লী ৬ ; মুক্তি-মণ্ডপে চল, গুলি টানি গে, পাঁচ ইয়ার নিয়ে মদ খাইগে ১৫ ; ৪৪।

মুক্তিয়ার, মোক্তার বি [আ মুখ্.তার্] ১ ফৌজদারী আদালতের উকীলবিশেষ। ২ আদালতে মোকদ্দমা ইত্যাদির তদ্বিরের নিমিত্ত জমিদারের প্রতিনিধি-কর্ম্মচারী। "মুক্তিয়ারকে লেখ, সাক্ষ্য আদায় না হলে কেউ বাইরে যেতে না পারে।—নী ৩০।

মুক্ষ, -ক্ষা, -ক্ষ্য বিং [অপ্র] মুখ্য। "মুক্ষা দেব গো.বি ১৬ , মুক্ষ-পাটেশ্বরি ৮৫। মুক্ষ্যপাত্র ব.প ১৬৮৫। —ক্ষ বি [অপ্র] ১ মোক্ষ। "সেই লোক মুক্ষ জাএ।—গ ৯৮,-৯। ২ (অপ্র) মুখ। "যে মুক্ষে খাইবা তুমি সে মুক্ষে বরশ্চিবা ম.গা ২৯।

মুক্ষা, মুক্ষ্য দ্র 'মুক্ষ'।

মুখ ক্লী [√খন্+অ (অচ্)-র্ম্ম, -ণ, ডিৎ, 'মু' (মুট্) আগম, উ ৫.২০ ; 'মুখ'—চক্ষুরাদীন্দ্রিয় (ঋগ্বেদ ৪.৩৯.৬)] ১ 'বিধাতা কর্ত্তৃক খাত (প্রজাস্থজা যতঃ খাতং তস্মাদাহুর্মুখং বুধাঃ—অ.টী) , খাদ্যখনন-সাধন' ; বক্ত্র, বদন, তুণ্ড (mouth)। "°প্রিয়, °মধু। ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ।—ঋগ্বেদ ১০.৯০.১২। অগ্নিমুখাঃ দেবাঃ।—শতপথব্রাহ্মণ ৭.১.২.৪। মনু ১.৩১। দংষ্ট্রাকরালানি চ তে মুখানি গী ১১.২৫। প্রিয়ামুখোচ্ছ্বাসবিকম্পিতং মধু।—ঋতু ১.৩। মুখে বোল নাহি শ্রী.কী ২৫। (হুতাশন) সর্ব্বদেব-মুখ হেন অ.প ৫৭। পরনারী-মুখে মুখ দেয় যেই জন। তার মুখে মুখ দেয় সে নারী কেমন॥—ভা.চ ৩৬৪। পঞ্চমুখে পঞ্চমুখ কহেন উমারে।—মে ১১৯। [মুখস্বরূপ—ওষ্ঠৌ চ দন্তমূলানি দন্তা জিহ্বা চ তালু চ। গলো গলাদিসকলং সপ্তাঙ্গং মুখমুচ্যতে॥ —ভাবপ্রকাশ।] ২ মুখোপলক্ষিত সমুদয় মুখভাগ ; বদনমণ্ডল (face)। "°কমল, °চন্দ্র, চন্দ্র°। খলূকরমুখানুগম্ মনু ৮.২৩৯। সজ্জনং মুখম্ পূ.মে ২৪। রঘু ৩.২। ৩ শিরঃ। "স্বমুখৈরর্চ্চিতেশ্বরম্ (অরাতিম্) রঘু ১২.৮৯। ৪ মুখস্বরূপ, প্রতিনিধিবক্তা, মুখপাত্র। "ত্বং মে মুখং ভব।—বিক্র ১২/৬। ৫ পক্ষিচঞ্চু, ঠোঁট। "শুকমুখভ্রষ্ট ভ ১.১.৩, শ্রীধর। ৬ (পশুর) পোত্র, প্রোথ (snout, muzzle)। ৭ গৃহাদির নিষ্ক্রমণ-প্রবেশপথ ; হট্টমণ্ডপাদির ও অঙ্গনাদির প্রবেশনির্গমমার্গ ; নিঃসরণ। "সুমুখা শালা পা ৪.১.৫৪, সি। ৮ সম্মুখভাগ, প্রারম্ভদেশ। "বিন্ধ্যা-টবীমুখে বিরাধসংরোধঃ উ চ ১২/৫। ৯ দ্বার। "শতমুখে বিলে।—হি ১.৩৯। কোটর° শ ১.১৪। ১০ বিবর। "তূণী° রঘু ৯.৫৬। পুষ্কর° মাঘ ৫.৩০। ১১ প্রাগ্ভাগ, পুরোভাগ। "বনরাজিবধূ° মাঘ ৬.৪৬ ; ১৬.৫৭। পৃতনা° ভ ১.৯.৩৬। শত্রুপ্রবাহ° ব.প্র ২০ ; কেন বানের মুখে কুটার মত সংসারস্রোতে ভাসিয়া চলিলাম !—২১০। ১২ প্রারম্ভ। "দিবা°, রজনী°। ক্ষণদা° রা ২.৫০.৭। দিবস° রঘু ৫.৭৬। কু.স ৬.৩০। প্রবেশের মুখে।—হেম ৮৩। ১৩ বেধনপথ, ফল। "অপ্রাপ্তমুখঃ শিলীমুখঃ কু.স ৫.৫৪। ১৪ প্রাদুর্ভাব। "কৌমুদী° রঘু ৩.১। ১৫ পৃথগ্-ভাব, বিভাগ। "বলানি…অনেকমুখানি ভট্টি ২.৫৪। ১৬ শরাগ্রভাগ। "অধোমুখৈরূর্দ্ধমুখৈশ্চ পত্রিভিঃ রঘু ৩.৫৭। ১৭ অস্ত্রধারা, অস্ত্রাদির তীক্ষ্ণাগ্র। "যে মুখে কণ্টক বসে, সে মুখে কণ্টক খসে ম.ম ২১২। ১৮ স্তনাগ্র, চুচুক। "আনীলমুখং স্তনদ্বয়ম্ রঘু ৩.৮। কু.স ১.৪০। ১৯ পাত্রাদির পূরণরেচনার্থ নালবক্ত্রাদি। "বিষকুম্ভং পয়োমুখম্।—হি ১.৭৮। অধোমুখে আধার-ধুননে ধায় ধন শি ৩৫। ২০ সেনাগ্রভাগ। "চমূ° গো রা ৬.২৯ ২৯। ধ্বজিনী° মহা ৩.২৭০.৭। ২১ আনদ্ধ-বাদ্যের বাদনীয় ভাগ। "মৃদঙ্গো মুখলেপেন করোতি মধুরধ্বনিম্ (S.W.)। ২২ নদীসঙ্গমস্থান, মোহানা। "নদী° রঘু ৩.২৮। ২৩ দিগ্ভাগ। "অন্তর্°, বহির্°। ২৪ প্রসাবণপ্রবৃত্তি। "উপপন্না হি দারেষু প্রভুতা সর্ব্বতোমুখী।—শ ৫.২৬। ২৫ উপরিভাগ। "ভাসিল শিলা…, জল-মুখে।—মে ২৯৮। ২৬ মুখবন্ধ, উপোদ্ঘাত, প্রস্তাবনা। "কথা° (পঞ্চ)। ২৭ উপায়, অভ্যুপায়। "সখীমুখেন সা…পিতরম্ (অযাচতা-রণ্যবাসমাত্মনঃ) কু.স ৫.৬। ২৮ আদি, মূল। ২৯ আদি, প্রভৃতি। "স্বয়ংবর° শু ৪.৭.৩২৩। ৩০ বেদ। ৩১ শব্দ (মেদিনী)। ৩২ প্রধান, মুখ্য। "রাজা মুখং মনুষ্যাণাং নদীনাং সাগরো মুখম্ মহা ২.৩৮.২৭। পিতা মুখবংশজাত ভা চ ২৫৪। ৩৩ আদ্য। "সাবিত্রী বিজ্ঞেয়ং ব্রহ্মণো মুখম্ মনু ২.৮১। ৩৪ (লক্ষণায়) অভিভাষণব্যাপার। "কু.স ৬.২। ৩৫ (নাটকে) পঞ্চসন্ধির একতম। 'সা দ ৬.৭৬। ৩৬ (গণিতে) শ্রেঢ়ীর আদিরাশি (first term)। ৩৭ (জ্যামিতিতে) ক্ষেত্রের বিপরীত বাহু। ৩৮ (বাঙ্লায়) বাক্য, ভাষা। "মুখ ভাল না চাব কি। ভাত ভাল না খাব কি॥—প্রবচন। ছোটমার কথা ধরিও না—তাঁর মুখ ঐ রকম ব.প্র ২০৩। ৩৯ গহনার প্রান্তভাগ। "অনন্তের, বালার, মাকড়ির মুখ। ৪০ মুখোপাধ্যায়। "মুখ কৃষ্ণজীবন ভা.চ ২৩,-৪ ; °বংশজাত ২৫৪। —খ পুং ডহু (শ.ক)। [°কমল (ক্লী)—কমলতুল্য প্রফুল্ল মুখ। °গত (বিণ)—মুখমধ্যস্থ। °গ্রহণ (ক্লী)—মুখচুম্বন (দশকুমার)। °ঘণ্টা (স্ত্রী)—হুলহুলীধ্বনি (ত্রিকাণ্ড-শেষ)। °চন্দ্র, °চন্দ্রমাঃ(-মস্) পুং—চন্দ্রবৎ কান্তমুখ ; সৌম্যমুখ। °চপল (বিণ)—বাচাল। "°লত্ব।—বৃহৎসংহিতা ১০৪.২। °চাপল্য (স্ত্রী) —বাচালতা। °চপেটিকা (স্ত্রী)—মুখে চপেটাঘাত। "দুর্জন°। °চূর্ণ (ক্লী)—মুখালঙ্করণার্থ চূর্ণ বা গুড়িকা। "রঘু ৯.৪৫। °চ্ছদ (পুং) —মুখাবরণ, অবগুণ্ঠন। °চ্ছবি (স্ত্রী)—মুখরাগ। °জ, °জন্মা (-ন্মন্) পুং—'মুখ হইতে জাত', ব্রাহ্মণ। দ্র 'মুখ (১)। °দূষিকা (স্ত্রী) —যুবার মুখদূষকপিড়কাভেদ ; যৌবনপিড়কা, বয়সফোড়া। °দোষ (পুং)—পরুষবাক্য, কটুভাষিতা। "পঞ্চ ৪.৪৮। ক.চ ১০৮। বা.ম

১২৭৫ ম.ব্র ১৪৪। °ধাবন (ক্লী)—মুখপ্রক্ষালন। °নাসিকা (স্ত্রী) —মুখসহিত নাসিকা। "°কাবচন পা ১.১.৮। °পট (পুং)—মুখাবরণ-বস্ত্র, অবগুণ্ঠন। "পূ.মে ৬২। °পাক (পুং)—মুখদাহ (সুশ্রুত)। °পূরণ (ক্লী)—মুখপূরকদ্রব্য, গণ্ডুষ, কবল, গ্রাস। °প্রসাদ (পুং) মুখ-প্রসন্নতা, মুখবৈশদ্য। °প্রিয় (বিণ)—মুখরুচিকর, মুখরোচক। (পুং) নারঙ্গ। °প্রেক্ষী (-ক্ষিন্) বিণ—অভিপ্রায়জিজ্ঞাসু, মুখনিরীক্ষক। °বন্ধ (পুং)—গ্রন্থারম্ভকসন্দর্ভ, আমুখ, উপোদ্‌ঘাত, ভূমিকা। "চৈ চ ৪৯। °বন্ধন (ক্লী)—মুখাবরণ, ঢাকনী। °বাদ্য (ক্লী)—১ 'মুখমারুতে বাদনীয়', বক্রনালবাদ্য, শুষিরবাদ্য। ২ (শিবার্চ্চনায়) গালবাদ্য °বাসন (ক্লী)—১ কর্পূরাদিযুত মুখবাসক দ্রব্য; আমোদী। ২ কর্পূর-গন্ধ। °ব্যাদান (ক্লী)—মুখবিস্তার, আস্যবিহরণ, হাঁ করা। °ভঙ্গ (পুং —রোগজন্য মুখবিকার, মুখবৈরূপ্য। °ভঙ্গি (স্ত্রী)—উপহাসাদিসূচক মুখবিকার, মুখভেঙচান। °ভেদ (পুং)—মুখবিরূপীকরণ। °মণ্ড (বিণ)—মুখভূষাকর, মুখশোভন। °মণ্ডল (ক্লী)—বদনমণ্ডল, মুখ °মারুত (পুং)—মুখনিঃসৃত বায়ু, ফুৎকার। °মার্জ্জন (ক্লী)—মুখ-ধাবন, মুখশোধন। °মুদ্রা (স্ত্রী)—সর্থ 'মুখভঙ্গি'। °যন্ত্রণ (ক্লী), °রজ্জু (স্ত্রী)—কবিকা, লাগাম। °রন্ধ্র (ক্লী)—বংশীর মুখচ্ছিদ্র, বাঁশীর মুখ °রাগ (পুং)—মুখবর্ণ। "রঘু ১২ ৮। °রুক্ (-জ্) স্ত্রী, °রোগ (পুং —মুখসম্বন্ধী পীড়া, বক্ত্রাময়। °রেখা (স্ত্রী)—মুখের গঠন, মুখাকৃতি °লেপ (পুং)—মৃদঙ্গাদির মুখের লেপনদ্রব্য। দ্র 'মুখ (১৯)। °শশী (-শিন্) পুং—সর্থ 'মুখচন্দ্র'। °শালা (স্ত্রী)—গৃহপ্রবেশদ্বারস্থ গৃহ, দ্বার প্রকোষ্ঠ, অলিন্দ (vestibule)। °শোষ (পুং)—ভয়রোগাদিজন্য মুখের নীরসতা। "সী ৩৬। °শ্রী (স্ত্রী)—মুখকান্তি। °সন্ধি (পুং)— 'মুখ (৩৫)। °সম্ভব (বিণ)—মুখজাত। (পুং)—ব্রাহ্মণ। °সুখ (বিণ)—উচ্চারণে সুখকর, সুখোচ্চার্য্য। °স্রাব (পুং)—লালা। °হাস (পুং)—মুখবিকাস; মুখহাস্য। "মাঘ ১১.৪৭।] [মুখ আনা—নিঃসার পার্থ বিষপদার্থ ঘা-মুখে আনা। "মারকুলিব (পারার) মুখ-আনা। মুখ উঁচু করা—মুখ তোলা, মুখ তুলিয়া চাওয়া। মুখ উজ্জ্বল করা—সৎকার্য্যে খ্যাতিতে মুখ প্রফুল্ল করা। মুখ করা—১ মুখভঙ্গি করা, ভর্ৎসনা করা। ২ (ফলের) মুখ কাটা। (আম্র) মুখ করি দিল ব.প ১৩০০ মুখ ক'রে বলা—অহঙ্কারপূর্ব্বক বলা, বাহাদুরী করা। মুখ কাল করা —মুখ কলঙ্কিত করা। "এতদিনে দৈত্যবালা, এ মুখ করিয়া কাল শচীরে বিন্ধিল বিষবাণে।—হেম ১৩৮। মুখ খাওয়া—কড়া কথা শুনা গালি খাওয়া। "তা না হ'লে মায়ের কাছে মুখ খেতে খেতে প্রাণ যাই আ.দু ৬১। মুখ খারাপ, খিস্তি করা—অশ্লীল কথা বলা। মুখ খিচা —সর্থ 'মুখ ভেঙচান'। মুখ খুলা (হি—মুঁহ খুলনা)—বলিতে আরম্ভ করা; বলার শক্তি হওয়া। "এই ত তোর মুখ খুলে গেচে।—লী ৪৩ মুখ চলা—মুখের কাজ (ভোজন) চলা; কথা বলায় নিপুণতা থাকা মুখ গুঁজিয়া থাকা—মুখ হেঁট করিয়া থাকা। মুখ চাওয়া—মুখাপেক্ষী হওয়া, প্রত্যাশা করা।"এহেন রূপসী, বাপঘরে বসি, বল কার মুখ চেয়ে শি ১০১। ব.প ৭০৯। মুখ-চাওয়া-চাওয়ি—বিস্ময়ে হতবুদ্ধি হইয়া পরস্পর মুখাবলোকন। "(নিশাকরকে) দেখিয়া ভৃত্যেরা পরস্পর °য়ি করিতে লাগিল ব.প্র ৩১৫। মুখ চুন করা বা হওয়া—ভয়ে মুখ বিবর্ণ করা বা হওয়া। মুখ ছাড়া—উচিত জবাব দেওয়া মুখ ছুটান—পটু পটু করিয়া উচিত কথা বলা। "মাইনেটা জমিয়ে (বেটী) বড় মুখ ছুটিয়েছে অ.গ্র ৭৯। মুখ ঢাকা—১ মুখ লুকান। ২ হাতে মুখ চাপিয়া বলিতে না দেওয়া। "কে শিখাই এ-লোকে, কহে কোন বাত? ইহাসভার মুখ ঢাক দিয়া নিজহাত —চৈ.চ ৭৮। মুখ তুলে চাওয়া বা দেখা—অনুকূল হইয়া কৃপাদৃষ্টি করা। "কখন যদি ভগবান, দুখিনীরে মুখ তুলে চান।—দা ৫৩। মুখ তোলা—হেঁট মুখে সহ্য করা; উচিত উত্তর না করা। "সেই সুতা বান্ধি রাখে খুলনা অঞ্চলে। গালি দিলে, সাধু লেন মুখ নাহি তুলে॥—ক.চ ১২৪। মুখ থাকা—বলার পথ থাকা; বলার শক্তি থাকা; প্রবেশের পথ থাকা। মুখ থুবড়ে পড়া—মুখে আহত হইয়া পড়া। "বাছা...এমনি মুখ থুবড়ে পড়ে গিছলো যে কপালটা একেবারে থেঁতো-মেতো হয়ে গিছলো।—হেম ৪০৭। মুখ দেখা—নববধূর মুখ দেখিয়া লৌকিকতা করিয়া আশীর্ব্বাদ করা। মুখ দেখান—১ সম্মুখীন হওয়া, সপ্রতিভভাবে সম্মুখে যাওয়া। "পঞ্চমুখের কাছে মুখ, কোন মুখে দেখাব।—দা ১১১। আমি যে নৃশংস আচরণ করিয়াছি, তাহাতে...কেমন করিয়া তাঁহার নিকট মুখ দেখাইব সী ৮৪। ২ ঘোমটা তুলিয়া নববধূর মুখ দেখান। মুখ ধরা, নেওয়া—ওল কচুতে মুখ চুলকান। মুখ ধরা—উচিত উত্তর করিতে আরম্ভ করা। মুখ ধোওয়া—মুখপ্রক্ষালন (প্রাতঃকৃত্য); আচমন। মুখ নাড়া—ভোজনার্থ মুখসঞ্চালন। মুখ পাওয়া—অনুকূল বা দরদের কথা শুনা। মুখ ফিরান—১ মুখ প্রত্যাবৃত্ত করা, ফিরিয়া দেখা। ২ বিরক্তভাবে মুখ ঘুরান। মুখ ফুটা—স্পষ্ট কথায় প্রকাশ করা। "মনে পূর্ণ অভিলাষ মুখ নাহি ফুটে শ্রী ৯৩। বুক কাটে ত মুখ ফোটে না (গান)। মুখ ফুলান—ক্রোধে মুখ স্ফীত করা। মুখ বদলান—অন্য খাদ্যে মুখের স্বাদ পরিবর্ত্তন করা। মুখ বাড়া—মুখে বড় বা অযোগ্য কথা বাহির হওয়া, ছোট মুখে বড় কথা বাহির হওয়া। "তোবেটার বড মুখ বেড়েছে আ.দু ৮। মুখ বিগড়ান—মুখ বিস্বাদ হওয়া, মুখ অসংযত হওয়া। মুখ ভার বা ভারি করা—অপ্রসন্নভাব ধারণ করা; রাগ করা। "(ঠকচাচা) কখন হাসিতেন—কখন মুখ ভারি করিতেন আ.দু ১০৮। মুখ ভেঙচান —ক্রোধে মুখভঙ্গি করা। মুখ মারা—১ মুখ বন্ধ করা। ২ ভোজনে অনিচ্ছা জন্মান। মুখ মোড়া—১ গহনার মুখ বাঁকান। "মাকড়ির মুখ মোড়া। ২ পরাঙ্মুখ হওয়া, অস্বীকার করা। "কেহ যদি গোঠে যেতে মুখ মোড় ভাই ব.প ৮১১। মুখ রাখা বা রক্ষা করা—সম্ভ্রম রক্ষা করা। "(জগদীশ!) আজিকার দিন মুখ রাখিও ব.প্র ৪৯৬। মুখ শুকান —ভয়ে মুখ নীরস হওয়া। "দ্বারের শব্দ শুনিয়া দিগগজের মুখ শুকাইল ব.প্র ২৮। মুখ সামলান—মুখ সংযত করা, যা-তা না বলা। মুখ সিটকান —ঘৃণায় বা বিরক্তিতে মুখ বিকৃত করা। মুখে—অভিমুখে, দিকে। "দেশমুখে রথখান চালাহ কৃ অ ১৩। রহে সবে রাই-মুখে চায়্যা ব.প ৮৫২। মুখে আগুন—গালিবিশেষ। "নিদ্রাব মুখে আগুন।—দা ২৬। মুখে খৈ ফুটা—খৈ ফুটার মত তড়-বড় করিয়া কথা বলা। "বচন বলিতে মুখে যেন খৈ ফুটে শ্রী.মা ১১৮। মুখে চুন কালি দেওয়া—অপমান করা। "শ্রী.মা ১৮। মুখে ছাই—(ঘৃণায়, ক্রোধে) গালিবিশেষ। "ভাতার পুতের মুখে ছাই শ্রী ৯৪। চাকরির মুখে ছাই ভা.চ ২৬৮। মুখে জল আসা—অতি লোভে মুখ লালায়িত হওয়া। মুখেত—মুখ হইতে। "চ.বি ২৭। মুখে দড়—বচনে পটু; বলিতে-কহিতে নিপুণ। "সেই বিপ্র নির্ভয়, মুখে বড় দড় চৈ.চ ১৯২। মুখে দেওয়া, ফেলা—স্বাদ লওয়া, খাওয়া। মুখে ধুলা উঠা—(ভয়ে চিন্তায় তৃষ্ণায়) মুখ ধুলার মত নীরস হওয়া। "মুখে ধুলা উঠে তার হৃদয়ে তরাস ক চ ২৭৬। চিন্তায় আকুল কংস ধুলা উঠে মুখে শ্রী.ম ১৬। মুখে মুখে উত্তর—১ না লিখিয়া মৌখিক (oral) উত্তর করা। ২ সামনে থাকিয়া উত্তর করা (ধৃষ্টতায়)। মুখে মুখে থাকা—১ মুখের কথামাত্রে স্থির হওয়া, লিখিতভাবে নহে। ২ পরস্পর সম্মুখীন হইয়া থাকা। ৩ (পতিপত্নী-সম্বন্ধে) একসঙ্গে থাকা। মুখে মুখে ভাব—মৌখিক বা লোক-দেখান প্রণয় (আন্তরিক নহে)। মুখে মুখে যোগান—কথা বলামাত্রে আনিয়া দেওয়া। মুখে রোচা —মুখপ্রিয় হওয়া। মুখে শক্ত—কথামাত্রে সাহসী (কার্য্যতঃ নহে)। মুখের উপর কথা বলা—সামনে ধৃষ্টতাসূচক কথা বলা বা উত্তর করা। মুখের কথা—মৌখিক বাক্যমাত্র, কেবল বচনসাধ্য। "মা হওয়া কি

মুখের কথা।—রামপ্রসাদ। মুখের কথা মুখে থাকা—মুখের কথা (অর্থাৎ যাহা বলা হইতেছিল, তাহা) শেষ না হওয়া। "ব্রজেশ্বরের মুখের কথা মুখে রহিল, দুই জনে চমকিয়া সম্মুখে চাহিয়া দেখিল পাঁচখানা ছিপ আসিতেছে ব.প্র ৪০৯। মুখের দিকে তাকান—১ কষ্টে সহানুভূতি-পূর্ব্বক দরদ দেখান। "তার সংসারে আর কেউ নাই যে মুখের দিকে তাকায়। ২ সাহস করিয়া মুখের দিকে চাওয়া। "রাশ-ভারী লোকের মুখের দিকে তাকান যায় না। মুখের প্রসাদ—মুখে স্থিত দেবতার প্রসাদ। "মুখের প্রসাদ ভ্রষ্ট, সকল দ্রব্যের শ্রেষ্ঠ ব.প ১৫০০। মুখের সাপটে দড়—মুখেই ক্ষমতা প্রকাশে পটু। "মুখের সাপটে দড়, বিপদে অজ্ঞান।—হেম ৩৯০। মুখ্‌খে—মুখে। "গো চ ৩৯। উঁচু মুখ নীচু হওয়া—উচ্চ মাথা হেঁট হওয়া; অপযশে গৌরব নষ্ট হওয়া। উনানের মুখ—উনানে কাঠ দেওয়ার পার্শ্বস্থ ছিদ্র। "এক মুখে জ্বাল দেয় নয় মুখে জ্বলে বা.ম ১৪৮; ২৮৭। ছোট মুখে বড় কথা—নীচের মুখে উচ্চের কথা। "ছোট মুখে বড় কথা তোমরা ভালবাস না ব.প্র ২১০। দমবন্ধর মুখে—দম বন্ধ হওয়ার প্রারম্ভে। "যেন দমবন্ধর মুখেই কোপটি পড়ে, নইলে বেধে যাবে অ.গ্র ৭২। সঞ্চয়ের মুখ—সঞ্চয়ের প্রারম্ভ; স্বল্প সঞ্চয়। "তাহারা এক্ষণে আর সঞ্চয়ের মুখ দেখিতে পায় না, ঋণদায়ে জড়িত হইতেছে পা.প্র ১৫৭।]

মুখ-করা বিং মুখ-কাটা (নারিকেল)। "°রা নারিকেল ব.প ১৩০০: যত্তপি মাসেকের বাসি মুখ-করা নারিকেল চৈ.চ ৩১৫।

মুখচঙ্গ, মুচঙ্গ, মুরসঙ্গ, মোচঙ্গ, মোচোং বি ['মুখচঙ্গ'—মূল: হি মুঁহচঙ্গ, মুরচঙ্গ] ফুৎকারে বাদনীয় লৌহের চঙ্গাকার (চোঙার আকারে) বাদ্যবিশেষ। "মোচঙ্গ।—কু ২৭০; ভা.চ ৩২৯। শ্রী.মা ২১; দু ১৩। মুরসঙ্গ ন.প ১২৯। মুখচঙ্গ শি ১৩। মোচোং।—হু ৪৭।

মুখচন্দ্রমা বি [°মাঃ (-মস্)] মুখচন্দ্র। "ন.প ১১২।

মুখচন্দ্রিকা স্ত্রী বিবাহকালে শুভক্ষণে বর-কন্যার পরস্পর মুখচন্দ্রদর্শন-রূপ স্ত্রী-আচারবিশেষ; শুভদৃষ্টি। "বা.ম ৭১; ৮০; ২৮৫। ম.পা ৩৮; ১৭৩। ম.ম ২১৮। চৈ.ভা ৭৫।

মুখচিরা বি [মুখ+চিরা[1]] পাগড়ীতে ব্যবহার্য্য সোনার ভূষণবিশেষ। "সরবন্দ শিখরে সোণার মুখচিরা শ্রী ১২০।

মুখচোরা বিং [হি মুঁহচোর] যে কথা কহিতে চোরের মত ভীরু, লোকের সামনে যে কথা বলিতে সঙ্কুচিত, আলাপ-লাজুক। "নূতন বৈরাগী মুখচোরা।—দা ৬১০। (মুখ) খুলবে না ত কি নইচে বন্দ হ'য়ে থাকবে? আমি ত আর মুখচোরা নই!—লী ৪৩।

মুখছানি বি [সান > ছান, -নি] মুখভঙ্গি দ্বারা কৃত সঙ্কেত।

মুখছোপ্পা বি মুখের উপরে তর্জ্জন-গর্জ্জনে হতবুদ্ধিভাব বা অপ্রতিভ-ভাব। "মানগোবিন্দ মুখছোপ্পা খাইয়া আসিয়া বলিল যে—কালই দিন ভাল আ.দু ১৪৩।

মুখজোর বি [হি মুঁহজোর (বিং)] ১ কেবল কথায় বলপ্রকাশ বা তেজ দেখান। ২ বলার ক্ষমতা।

মুখঝামটা বি [মুখ+ঝামটা] রোষে অপ্রসন্ন মুখভঙ্গি বা মুখনাড়া। "ঠকচাচাকে মধ্যে মধ্যে দুই একবার মুখঝামটা খাইতে হইত আ.দু ১০৮। আমি মরি সাহেবের মুখঝামটা খেয়ে অ.গ্র ১২৬।

মুখটি[1], -টী বি ১ ভরদ্বাজগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ধাঁদু মুখটী গ্রামে বাস করেন, এই হেতু তদীয় সন্তানগণের ঐ উপাধি।] "মুখটী ক.চ ৮৬; বাপেরা কুলে মুখটি ১৬৬। কুলের মুখটি ভা.চ ২২। ২ ['মুখপট্টিকা, -ট্টি'—মূল] শিশি ইত্যাদির মুখাবরণ; ছিপি।

মুখটি[2] বি সর্থ 'মুকটি'। "অভয়া নাশেন শূল মুখটি-তাড়নে চ.বি ৩০৬।

মুখটী দ্র 'মুখটি[1]'।

মুখড় বিং [মুখর > °ড়] স্পষ্টভাষী, দুর্ম্মুখ। "ধনামামা বড় মুখড়—জিজ্ঞাসা করিল—গ্রামটাকে তো পুড়িয়ে খাক করলে—আবার গঙ্গাকে জ্বালাচ্ছ কেন?—আ.দু ১৪৪।

মুখতঃ (-তস্) ব্য [মুখ+তস্ (তসি)] মুখ হইতে; মুখে। "(ভুজঙ্গন্) মুখতঃ পাটয়ামাস মহা ৩.৬৩.২৮।

মুখদুষী বি [মুখদোষী > °ষী] কটুভাষী, দুর্ম্মুখ।

মুখদেখান, -নী বিং নববধূর মুখ দেখাইয়া প্রাপ্ত (অর্থাদি)।

মুখদেখানী দ্র 'মুখদেখান'।

মুখনল বি [হি মুঁহনাল] আলবোলার নলের মুখে লাগান স্বর্ণাদির নল। "পোর্‌জরের সটকা—সোণার মুখনলে মতির খোপ ব.প্র ৩৮৫; ৩৯১।

মুখনাড়া বি মুখভঙ্গিপূর্ব্বক ভৎর্সনা; মুখঝামটা। "তোর মুখনাড়া আর সয় না।—দা ৯৫৫।

মুখনালি, -লী বি ঘোড়ার লাগাম। "°লি ক.চ ২৬৩, শ্রী ১২৫।

মুখনালী দ্র 'মুখনালি'।

মুখপঙ্কজ, -পদ্ম ক্লী [উপ.স] ১ পদ্মবৎ প্রফুল্ল কমনীয় মুখ। "যবনীমুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ রঘু ৪ ৬১। ২ [কর্ম্মধা] মুখরূপ পদ্ম। "(মজুন্দার) পদ্মমুখী-মুখপদ্মে হৈল মধুকর ভা.চ ৫৩৬।

মুখপ(ফ)টকা বিং [হি মুঁহফট] ভাল মন্দ বিচার না করিয়া যাহা মুখে আসে তাহাই পট করিয়া বলে এমন; অসংযতভাষী, বদজবান; স্পষ্টবক্তা, মুখর।

মুখপদ্ম দ্র 'মুখপঙ্কজ'।

মুখপাত বি [মুখপট্ট > °পাট > °ত] ১ কাপড়ের মুখের জমি বা প্রথমাংশ। ২ (গৌণার্থে) আরম্ভ, গোড়া, ভূমিকা। ৩ আদি, প্রধান। "(বুড়ো) খৃষ্টানের মুখপাত।—হেম ৩৭৯। ৪ বাক্সের গায়ে চাবির ছিদ্রের উপরে লাগান সচ্ছিদ্র ধাতুর পাত। "বাক্সের জন্মাবধি কোন-অংশে পেতলের সাজ নাই, পুরাকালে একখানি পেতলের মুখপাত ছিল।—ব ৫।

মুখপাত্র বি কথাবার্ত্তায় প্রতিনিধি; অগ্রণী।

মুখপোড়া বিং পোড়ামুখ, কালমুখ। "হনূমান্ °ড়া, বানর °ড়া নয়।—পোড়া বি ১ রামভক্ত হনূমানের নাম। "(হনূ) লেজটা লয়ে মুখে ভরে, মুখটো পুড়ে নাম হলো মুখপোড়া।—দা ১১৮১। ২ হনূমান্; গালিবিশেষ। "মর্ মুখপোড়া, তোর মুখে নুড়ো জ্বেলে দিই গি.ঝি ১০৫।

মুখফটকা দ্র 'মুখপটকা'।

মুখফোঁড়, -ড়া বিং কটুবাক্যে ব্যথিত করে এমন; 'মুখপটকা', মুখর। "মুখফোঁড়া মোর বলে হেদে কি জঞ্জাল বি.মৃ ১৬৬। কেহ কেহ উলার ব্রাহ্মণের ন্যায় মুখফোঁড়া রকমে আপনার অভিপ্রায় একেবারে ব্যক্ত করে আ.দু ১৪৬।

মুখফোঁড়া দ্র 'মুখফোঁড়'।

মুখফোটা বি মুখ ফুটাইয়া বিরুদ্ধে কিছু বলা। "তাঁরা যা করেন, যাইব শুনিয়ে, মুখফোটা তাহে উচিত নয় ব.মৃ ৬০।

মুখবাজী বি [°জ+ঈঙ] মুখবাজের কাজ, বাচালতা।

মুখবাস পুং [মুখ+√বাস্+অ (অণ্)-ক; উ.ত] ১ 'মুখবাসদ্রিভা', আচমনান্তে সেব্য কর্পূরাদি গন্ধদ্রব্য। "তুলসীমঞ্জরী সহ দিল মুখবাস চৈ.চ ৮৬; ১৭১। শ্রী ম ১৫৬। আচমন সারি তলপে মুখবাস।—ব ১২৯। ২ গন্ধতৃণ।

মুখবীথি বি [রাজদন্তাদি] বীথিরূপকের প্রারম্ভ। "উদ্‌ঘাত্যক-নাম এই মুখবীথি-অঙ্গ চৈ.চ ২৬২।

মুখমুক বি বলার ক্ষমতা ও সাহস-ভরসা।

মুখমদ বি [সং বদনমদিরা] সীধুগণ্ডূষ, নারীমুখামৃত। "যদিও সে (বকুল) পায় না নারীর, মুখমদের ছিটা চ.কা ৩৪৩।

মুখমধু বিণ [বহুব্রী] যাহার মুখে মধু ; প্রিয়ংবদ, মধুবাক্‌। "অহং অত···মুখমধো: হৃদয়স্থিতবিষস্ত হস্তাভ্যাসম্‌ উপগতা শ ৫২১৪। —মধু খি বারীমুখামৃত, মুখমদিরা। "(সখি!) মধুকর তৃপ্ত কর মুখমধু দিয়া ভ.গ্র ৪৩৬।

মুখমিঠে, -মিঠি বিং মধুরভাষী, প্রিয়ংবদ। "°ঠি হেম ৩৮০।

মুখমিঠি দ্র 'মুখমিঠে'।

মুখয্যা, -য্যে, মুখুজ্যা বি [মুখোপাধ্যায়—মুখ+উপাধ্যায় >প্রা মুখ+ওজ্‌ঝায়>বা(মুখুজ্‌ঝায়> °জ্ঝা) মুখুজ্যা, মুখয্যা] মুখোপাধ্যায়। "মুখয্যের হুত : কৃষ্ণানন্দ মুখয্যা ভা.চ ২৩,-৪।

মুখয্যে দ্র 'মুখয্যা'।

মুখর বিণ [মুখ+র ; স্ত্রী -রা] ১ 'নিন্দিতমুখবান্‌', পরুষভাষী, দুর্মুখ। "বেণ্যাতে মুখর বড় অলঙ্কারকুণ্ড ক.চ ১৭৮। চৈ.ভা ১৬৬। মুখর জগতের মুখ পার আচ্ছাদিতে ?—চৈ.চ ২৬৯ ২ বহুভাষী, বাচাল। "একা ভার্য্যা (সরস্বতী) প্রকৃতিমুখরা (সু র)। মুখরা খণ্ডেম গর্ভদাসী (রত্নাবলী)। নিস্তব্ধ করিয়া দিব মুখরা নগরী।—কা ৬। ৩ ধ্বনিত, শব্দায়মান। "স্তম্বেরমা °শৃঙ্খলকর্ষিণঃ রঘু ৫.৭২ ; প্রতিশ্রুন্মুখরাঃ ১৩.৪০। °ককুভ উ চ ২.১৪, ১৯। দোহন° গোষ্ঠে স.স্ব ৪৬। উর্ম্মি° সাগরের চ.কা ১৫৩। ৪ শিঞ্জিত! "মুখরমধীরং ত্যজ মঞ্জীরম্‌ গী.গো ৫.১১। °নূপুরশালী ক.চ ১১২। মুখরমঞ্জীর দুটি পায় ব.প ১০৯৯। ৫ গুঞ্জন-ধ্বনিত। "গুঞ্জন্মধুব্রতমণ্ডলীমুখরশিখরে গী.গো ২.১। ৬ গুঞ্জনপর। "মেলি মধুকরী, মুখর মধুকর, মাতি মধু পিবি গুঞ্জ।—গো ২৪৮। চরণনিকটে তাহে (মধুকরে) দেখিয়া মুখর শ্রী.ম ১৪২। ৭ কূজিত-ধ্বনিত। "মধুতরলপিকনিকরনিনদমুখরে (শিখরে) গী.গো ১১.২০। ৮ চপল। "অন্তঃকূজন্মুখরশকুনঃ···বনান্তঃ উ.চ ২.২৪। রঙ্কাম্বরমুখর-মুখ (S.W.)। ধিক্কারমুখরতাম্রৈর্বদনৈঃ ক.সা ৪৫.৩৯৪। ৯ অতি-প্রকট। "বাচম্‌···অরূপমুখরাম্‌ ভ ৫ ২.১০। স্তুতিমুখরমুখশ্রী ক সা ২.৮১। ১০ ব্যঞ্জক, দ্যোতয়িতা (A.)। ১১ উপহাসক (A.)। ১২ [+ √রা+অ (ক)-ক ; উ.ত] অগ্রগামী, নায়ক। "যদি কার্য্যে বিপত্তিঃ স্যাৎ মুখরস্তত্র হন্যতে।—হি ১.২৮। —খর পুং ১ কাক। ২ শঙ্খ। —খরী স্ত্রী কবিকা, লাগাম।

মুখরক্ষা বি সম্ভ্রম বজায় রাখা, মানরক্ষা (saving face)।

মুখরিকা স্ত্রী [মুখরী+ক (কন্‌) স্বার্থে+স্ত্রী আ (টাপ্‌)] ১ মুখরী, কবিকা। ২ 'মুখগ্রহীত্রী', বচন। "মুখরিকামৃত ভ ৫.২৫.৭।

মুখরিত বিণ [√মুখরি+ত (ক্ত)-র্ম্ম] ১ সশব্দীকৃত, ধ্বনিত। "অলি-মালামুখরিতককুভ্‌ মা মা ১.১। মুখরিতরসন গী.গো ৭.১৬ ; °মণি-মঞ্জীর ১১.৩। অম্বর মুখরিত শ্রী.ম ৭০। মৃদুপবনহিল্লোলে···বৃক্ষসকলের পত্র মুখরিত হইতেছে ব.প্র ১০৫। ২ বাদিত। "°মুরলীসুতান।—গো ৮৫। —রীকৃত বিণ [মুখর+চ্বি (◦)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] সশব্দীকৃত। "ভ্রমরীমুখরীকৃতম্‌ (গৌরীচরণপঙ্কজম্‌)।—কুবলয়ানন্দ ১।

মুখরী ; মুখরীকৃত দ্র 'মুখর ; মুখরিত'।

মুখরুচি বি মুখপ্রভা। "°চি কত শুচি।—ম ১৯১।

মুখরোচক বিং মুখের রুচিকর ; মুখপ্রিয়।

মুখলাজ বি কুকর্ম্ম হেতু আত্মীয়স্বজনকে মুখ দেখানর জন্য লজ্জা ; লোকলজ্জা, চক্ষুলজ্জা। "বারে বারে সহিলুঁ তোমার মুখলাজে ক.চ ১৮। (কংস) পাইয়া বোলের সার, এড়িল করবী-ভার, মুখলাজে করিয়া পিরীতি শ্রী.ম ৮।

মুখশ, -স, -খোস বি [দ্র 'মুকোস'] ১ মুখাবরণ। "নানা রঙের মুখোস।—শিশু ২২। দুঃখের মুখস পরা সংসারের সুখ অ.শু ১২৬। সেখানে একটা মুখশ আছে, সেইটে মুখে বেঁধে নে।—ন.ত ৭২ ; হোঁদোল-কুঁৎকুতের মুখশ ৭৩। ২ গো-প্রভৃতির মুখে বাঁধার নিমিত্ত দড়ির বা কঞ্চির মুখকোশ। ৩ লাগাম (অসাধু)। "বাজীরাজী ···চিবাইয়া রোষে, মুখস।—মে ২৪।

মুখশুদ্ধি স্ত্রী [ষ.ত] ১ মুখপরিষ্করণ। ২ (বাঙ্‌লায়) ভোজনান্তে মুখশোধন-দ্রব্য হরীতকী-প্রভৃতি। "হরীতকী মুখশুদ্ধি কৈলা নারায়ণে কৃ.অ ২৮। বা.ম ৯৭। —শোধন পুং [ষ.ত] 'মুখশুদ্ধিকর', কটুরস। —ধন ক্লী ১ মুখপরিষ্করণ। ২ ত্বচ, দারুচিনি। ৩ (বাঙ্‌লায়) ভোজনান্তে হরীতকী-প্রভৃতি দ্বারা মুখের শুদ্ধিকরণ। "ম.ম ২৭ ; ৭৯। —শোধী (-ধিন্‌) পুং জম্বীর।

মুখশোধন, মুখশোধী দ্র 'মুখশুদ্ধি'।

মুখস দ্র 'মুখশ'।

মুখসাট বি ১ তর্জ্জনগর্জ্জনপূর্ব্বক কটুবাক্য। "ভার্য্যার বিস্তর ভাগ্য ভাঙ্গী যার ভর্ত্তা। মুখসাট মারে মাগ, মাগী তার কর্ত্তা॥—শি ৩১। ২ নৌকার মুখে প্রচণ্ড তরঙ্গের আঘাত। "নায়ে খাইল মুখসাট, ভাঙ্গিল, মালুমকাট বি.পা ২৩২।

মুখসাপট বি মুখে ক্ষমতাপ্রকাশ, শূন্যগর্ভ গর্ব্বপ্রকাশ।

মুখস্থ বিং [সং কণ্ঠস্থ] মুখে আবৃত্তিযোগ্য ; উত্তমরূপে অভ্যস্ত।

মুখা অর্ম্ম [মুখ+আ°] ১ মুখে আসা ; নির্গমনের নিমিত্ত মুখে জমা। ২ উদ্‌গ্রীব হওয়া ; এগিয়ে থাকা। "পাওনাদারেরা একেবারে মুখিয়ে (মুখাইয়া) আছে অ.গ্র ৮০।

মুখাকার পুং [ষ.ত] মুখবিকার, মুখভঙ্গি। "মুখাকারৈস্তথাপরাঃ (দেবগন্ধর্ব্বকন্যাঃ সীতামাশ্বাসয়ন্তি স্ম) গো.রা ৫.২৪.১১।

মুখাগ্নি পুং [কর্ম্মধা] ১ দেবতার মুখভূত যজ্ঞীয় অগ্নি। ২ দাবানল (শ ক)। ৩ [বহুব্রী] ব্রাহ্মণ। ৪ অগ্নিমুখ ভূতযোনিবিশেষ। ৫ [উ লো] শবমুখে দত্ত অগ্নি। [শাস্ত্রে শিরঃস্থানে মুখাগ্নি দেওয়ার বিধি (শ.ক)।]

মুখাগ্র ক্লী [ষ ত] মুখের অগ্রভাগ। "মুখাগ্রে ক্রোড়-হলয়োঃ পোত্রম্‌ অ কো, নানার্থবর্গ, ১৭৯।

মুখাদিম, মোকাদিমা, -খাদিম বি [আ মুক.দ্দম্‌] গ্রামাধ্যক্ষ, গ্রামণী। "মোখাদিম শ্রী.মা ১১৯ ; মুখাদিম ১৩৭। মোকাদিমা বি.হ্ ১৬।

মুখানল বি সর্থ 'মুখাগ্নি (৫)।

মুখানি বি [মু° +খানি ; বৈষ্ণবসাহিত্যে] মুখখানি। "মুখানি মাজিয়া বিপ ২১৩। চ.দা ৭০। প.র ১৭। শ্রী.ম ৩০০। শ্রী.মা ১১৪। গ ৩৯। মুখানি মুছিয়া শ্রী ৪৮। মুখানি গড়িল ভা চ ২৯৬।

মুখানিল পুং [উ লো] মুখনির্গতবায়ু, ফুৎকার। "ক.সা ৬০.১০৬।

মুখাপেক্ষ, -ক্ষী বিং যে অন্যের মুখ তাকায় ; কার্য্যার্থ অন্যের প্রত্যাশী বা সাহায্যার্থী। "অন্যদীয় মুখাপেক্ষতা পা.প্র ১৪০।

মুখাপেক্ষী দ্র 'মুখাপেক্ষ'।

মুখাব্জ, -খাম্বুজ, -খারবিন্দ ক্লী [উপ স] কমলতুল্য কান্ত-প্রফুল্লমুখ। "সীতার মুখারবিন্দ সী ১৬।

মুখাময় পুং [মুখের আময়, ষ.ত] মুখরোগ।

মুখা(খো)মুখি, -খী বি [মুখ-আ+মুখ-ই] ১ মুখে মুখে যুদ্ধ ; বাগ্‌যুদ্ধ, বাক্‌কলহ। "মুখামুখি ছেড়ে শেষে হাতাহাতি হয় (পদ্যপাঠ, ২য় ভাগ)। মুখোমুখি হইতে হইতে হাতাহাতি হইবার উপক্রম আ.দু ১৩৪। ২ মুখে মুখে আঘাতপূর্ব্বক যুদ্ধ। "হাথাহাথি মুখামুখি চরণে চরণ (রণ) শ্রী.ম ২৭৯। ৩ অভিমুখভাবে দর্শন। "মূষিক বিড়ালে মুখামুখী নিত্য করে চ.বি ১৩। ৪ বরকন্যার অভিমুখভাবে দর্শন ; শুভ-দৃষ্টি। "অন্তপট ঘুচাইয়া করে মুখামুখি ম.ম ১৮০। —মুখি, -খী বিং ১ মুখে মুখে কৃত। "তার পাছে যুদ্ধ মুখামুখি চৈ.চ ৩৪৬। ২ (পাত্রের) মুখপর্য্যন্ত (brimful)। "কলসীর মুখামুখি জল। —মুখি, -খী ক্রি.বিং

১ অভিমুখভাবে, সামনাসামনি। "দুই ঘোড়া মুখামুখী হৈল দরশন অ.প ১১৪। মুখামুখি দুজনে বাজিল ঘোর রণ শ্রী.মা ১৭০। গালাগালি বোলাবোলি হইল মুখামুখি চ.বি ১৪১। মুখোমুখি হাসিছে শিশুগুলি চ.কা ৭। ২ মৌখিকভাবে (orally)। "প্রশ্নের মুখোমুখি উত্তর করা।

মুখামুখী দ্র 'মুখামুখি'।

মুখামৃত বি অধরসুধা, লালা। "সীতা বলে মুখামৃত দেহ হনুমন্ত।—কৃ ২১৮। কহেন সীতে, °ত লেজে দিতে।—দা ১১৮১।

মুখাম্বুজ, মুখারবিন্দ দ্র 'মুখাব্জ'।

মুখারি বি [?] ভাত-ঘোঁটার ঘোঁটনা (?)। "ব.প ১২৯.

মুখাসব পুং [ষ.ত] মুখামৃত। "রঘু ১৯.১২।

মুখি, -খী বি [মুখ+ই১১; 'বৈ' (দিনাজপুর)] কচু-প্রভৃতির কন্দ-নিঃসৃত অঙ্কুর। "মুখী কচু ক.চ ৪৪। কচুর মুখি বি.পা ১৬৬।

মুখী দ্র 'মুখি'।

মুখেন্দু পুং [উপ.স] মুখচন্দ্র।

মুখো বিং [মুখ+ও৬] অভিমুখ। "উত্তর°, পূর্ব্ব°, এই°। কুন্দ যাইবে না—আর সে বাড়ীমুখো হইবার মত নাই ব.প্র ৩৭।

মুখোপাধ্যায় বি [মুখ+উপাধ্যায়] ভরদ্বাজগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। [শ্রীহর্ষের পুত্র ধাঁদু মুখটী গ্রামে বাস করেন ও তিনি উপাধ্যায় ছিলেন।]

মুখোষ বি সর্ব 'মুখশ'।

মুখোমুখি, -খী; মুখোস দ্র 'মুখামুখি; মুখশ'।

মুখখী; মুখখু দ্র 'মুকখি, মুকখু'।

মুখ্য বিণ [মুখ+য (যৎ); স্ত্রী -খ্যা] ১ মুখভব, মুখস্থিত। "মুখ্যা বিপ্রষঃ মনু ৫.১৪১। ২ [+য স্বার্থে (স্ব.টী)] আদিভব, প্রধান। "গণা মুখ্যাঃ মনু ৩.২০০। ভব্যমুখ্যাঃ সমারম্ভাঃ রঘু ১৭.৫৩। ৩ [+য, পা ৫.৩.১০৩] 'মুখতুল্য'—যেমন হস্তাদি সকল অবয়বের পূর্ব্বে মুখ প্রতীয়মান হয়, সেইরূপ লক্ষ্যার্থ ব্যঙ্গ্যার্থের প্রতীতির পূর্ব্বে অবগত (অর্থ); শব্দব্যাপারের অব্যবহিত পরে বোধগত (অর্থ)। "স মুখ্যোঽর্থঃ কা.প্র ২৮। —খ্য পুং ১ আদি, প্রভৃতি। "নারায়ণীমুখ্যং মাতৃচক্রম্ ক.সা ৫৩.৭৬। ২ প্রধান, নায়ক। "শ্রেণী° রা ২ ২৬.১৪। যোধ° গী ১১.২৬। দ্বিজাতি° মনু ৩.২৮৬। ৩ শাস্ত্রাদেশক্রমে প্রথম কল্প। —খ্য ক্লী ১ বেদপাঠ; বেদপাঠনা। ২ শুক্লপ্রতিপদাদি দর্শান্ত মাস; মুখ্যচান্দ্রমাস। [°চান্দ্র (পুং)—চান্দ্রমাসবিশেষ। দ্র 'মুখ্য ক্লী (২)। বিপ 'গৌণচান্দ্র'। °নৃপ, °পতি, °রাট্ (-জ্), °রাজ (পুং) —প্রধানরাজ, সার্ব্বভৌম। °মন্ত্রী (-ন্ত্রিন্) পুং—প্রধানসচিব, মহামাত্য। °সর্গ (পুং)—স্থাবরসৃষ্টি। 'মুখ্যা বৈ স্থাবরাঃ স্মৃতাঃ (বরাহপুরাণ)।]

মুখ্যকুলীন বি জন্মমুখ্য-প্রভৃতি চারিপ্রকার কুলীন কায়স্থ। "ভা.চ ২৩৮। [জন্মমুখ্য বাড়ীমুখ্য সহজমুখ্য কোমলমুখ্য—এই চারিপ্রকার কুলীন কায়স্থ। 'সম্বন্ধনির্ণয়', ১৫৩ পৃষ্ঠ।]

মুখ্যতঃ (-তস্) বা [মুখ্য+তঃ (তসি)] প্রধানভাবে।

মুখ্যাটি বি মুখটি, মুখোপাধ্যায়। "ব.প ৩১৫।

মুখ্যার্থ পুং [কর্ম্মধা] শব্দের অভিধাবৃত্তিগম্য অর্থ; বাচ্যার্থ। দ্র 'মুখ্য (৩)। বিপ 'গৌণার্থ, লক্ষ্যার্থ, ব্যঙ্গ্যার্থ'। "সা.দ ২.৫।

মুখ্যিকুলীন, -খ্যী বি সর্ব 'মুখ্যকুলীন'। "কোর্টে কোর্টে দিয়েছে সাক্ষী,…সে মুখ্যিকুলীন হলো।—দা ২০১৮। মুখ্যী কনিষ্ঠ উঠে গিয়ে এখন এম্.এ., বি.এ. হয়েছে অ.গ্র ৭০।

মুখ্যী দ্র 'মুখ্যিকুলীন'।

মুগ বি [সং মুদ্গ > লি, প্রা মুগ্গ > বা (মুগ) °গ; হি মুঁগ; ঠ মুগ; প মুগ্গ; সি মুঙু; মুলতানী—'মুংগ'; ড় মুগ] ১ রবিশস্যবিশেষ (Phaseolus radiatus)। ২ কলায়বিশেষ। "কৃষ্ণ°, সোনা°। সোনামুগ-দাল (সুরধুনীকাব্য)। [মুগের অঙ্কুর—ভিজান অঙ্কুরযুক্ত সোনামুগ। "বি.পা ১৬৮।]

মুগধ বিং [সং মুগ্ধ > (স্বরাগমে) °ধ; বৈষ্ণবসাহিত্যে] ১ সুন্দর, মনোহর। "ঐছন মুগধ বচন রচন প.ক ৭৪৪। ২ উৎকৃষ্ট, ভাল। "এ রূপ মুগধ ঝুরি রা.পে ৫১। ৩ মূঢ়, মূর্খ। "(তুহ্মি মাতৃ কর বধ) পৃথিবীতে জন্মিয়াছ তুহ্মি সে মুগধ অ.প ১০৭। ৪ মুগ্ধ, মোহিত। "কানু হেরইতে ভেল পরমাদ॥ তব ধরি অবোধী মুগধ হাম নারী। বি.প ৪৩। —ধল বিং [°ধ+ল) ১ মুগ্ধ, মোহিত। "রাধামাধব-ভাব। না বুঝল মুগধল গোবিন্দদাস।—গো ১৩৭। ২ মোহিত। "বসন পরাইতে, মুগধল নাগর, খখি রহল যব নাহ।—ব ১১০। [মুগধে —মূঢ়ে, মূর্খলোকে। "শ্রী.কী ৫৬।]

মুগধল দ্র 'মুগধ'।

মুগধি, -ধিনী, -ধী বিং [°ধ+ই১০, ইনী, ঈ৬] ১ মুগ্ধা, সরলা। "শুন শুন মুগধি মঝু উপদেশ বি.প ৫৫। °নী বালা।—গো ১২২; পবিজন বচনে, মুগধি সম হাসই ১৩৭। ২ সরলা, রসকলানভিজ্ঞা। "তুহু রস সাগব, মুগধিনী নাবী বি প ৬৪। ৩ মূঢ়া। "মুগধী রাধা শ্রী.কী ২৭; তো মুগধি আপনে, ছাড়িলী বনমালী ৩৮৬। —ধি, -ধিনী বি ১ মুগ্ধা নায়িকা। "ঐছন বচন, শুনিয়া বর মুগধিনী,…কালিন্দি-তীরহি গেলি প.ক ৬৫; হা হা সে মুগধি, রূপের অবধি ১৮৭। শিবোমণি মুগধিনী।—ব ৮০, কুলেতে যতন করে কোন বা মুগধি ১৫১। ২ [মৌগ্ধ্য > °ধি] মুগ্ধা নায়িকার স্বভাব। "ধৈরজ ধরি হরি, অঞ্চল পরশিতে, ধনিক মুগধি পবকাশ প.ক ৫০। [মুগধী রমণি —মূঢ়া রমণী। "চ.বি ২০৮।]

মুগধিনী, মুগধী দ্র 'মুগধি'।

মুগসাউলী বি [সাউনী > °লী; মুগছাউনী (দিনাজপুর)] মুগের ছাউনী (আবরণ)-দেওয়া পুলীপিঠা। "ক.চ ১৫৮।

মুগা বি [অস মুগা (বি); 'মুগা'—ঈষৎপিঙ্গল (মুদ্গ > মুগা?) মুগা-কীটের কোষজাত রেশম বা রেশমের পীতবস্ত্র; মুগাকোষ।

মুগুধনী, -ধিনি বিং [মুগধিনী > °নী, -ধিনি] মুগ্ধা, মোহিতা। "মুগুধিনি রমনি তুয় লাগি রোয় বি.সা ৬৯। —ধনী বি মুগ্ধা নায়িকা। "মুগুধনী মানিনী করয়ে মান ব.প ১০১৭। —গুধা বিং মুগ্ধা, সরলা। "প্রমদা-নামিনী, মুগুধা কামিনী স্ব.প্র ৭৬। —গুধি বিং মুগ্ধা, আকৃষ্টা। "তুয়া গুণে লুবুধি মুগুধি ভেল সোয় বি.প ১৮৮।

মুগুধা, মুগুধিনি, মুগুধী দ্র 'মুগুধনী'।

মুগুর বি [সং মুদ্গর > লি, প্রা মুগ্গর > বা (মুগর) °র; হি মুগদর; ঠ মুগদল, মুদগল; মৈ মুংগর, মুগদর] ১ ব্যায়ামার্থ কাষ্ঠময় গদা। ২ কামারের বড় কাঠের হাতুড়ি। ৩ গদাসদৃশ কাষ্ঠখণ্ডমাত্র। [মুগুর ভাঁজা—ব্যায়ামার্থ নানাভঙ্গিতে মুদ্গরসঞ্চালন। যেমন কুকুর, তেমনি মুগুর—দ্র 'কুকুর'।]

মুগোরা বি [হি মুগরা; অপ্র] মুদ্গর, তদাকৃতি দ্রব্য। [সোনার মুগোরা—সোনার দণ্ড বা বাঁট। "বি.পা ২১৭।]

মুগ্ধ বিণ [√মুহ্+ত (ক্ত)-ক (পা ৮.২.৩৩); তু 'মূঢ়'] ১ মূঢ়, অবিবেক। "ঋগ্বেদ ৫.৪০.৫। ২ সরল, অকপট। "মুগ্ধাসু তপস্বিকন্যাসু শ ১.২২। অয়ি মুগ্ধে বিমুঞ্চ মানম্ উ.চ ১.৪৬। °ব্যবহারে।—কা ৬৬। অয়ি মুগ্ধে! তাহাও কি আবার তোমাকে বলিতে হইবেক!—সী ১৪। ৩ মূঢ়, রতিকলানভিজ্ঞ। "প্রবিরলা ইব °বধূকথাঃ রঘু ৯.৩৪। মুগ্ধারাঃ স্মরললিতেষু চক্রবাক্যাঃ মাঘ ৮.১৩। মা.মা ৭.১। ৪ মুহ্য। "মদন-প্রগলভব্যাপারঃ স্ফুরতি হৃদি মুগ্ধশ্চ বপুষি উ.চ ৬.৩৫। ৫ কোমল, সুরতমুচ্‌। "মুগ্ধামজাতরজসং কলিকাম্ সা.দ ৩২২৮। ৬ [√মুহ্ (অন্তর্ভাবিতণার্থ)+ত-ক (ত.বা)] মোহন, সুন্দর, মনোহর, রুচির।

""স্নিগ্ধাঞ্জনাভিঃ পু.মে ১৪। °মূর্দ্ধজময় মাঘ ৫.৩০ ; °গণ্ডফলক ৯ ৪৭ ; °কুচাগ্রা ১০.৪৩। মুগ্ধালোকম্...মুখম্ উ.চ ১২০, ৩.৫ ; মৃদু°মৃণাল ৫৮) মুগ্ধ মধুমাধবের গান কু কে ৪০। —গ্ধা স্ত্রী নায়িকাবিশেষ। 'প্রথমাবতীর্ণযৌবনমদবিকারা রতৌ বামা। কথিতা মৃদুশ্চ মানে সমধিক-লজ্জাবতী মুগ্ধা॥—সা দ ৩৫৮। চৈ চ ১৬১। [°দৃক্ (-শ্) বিণ —সুনেত্র, মুগ্ধাক্ষ। °ধী, °বুদ্ধি, °মতি (বিণ)—মূঢ়মতি, মূর্খ। ""দ্ধি ক.সা ৬১২, °ধী ২৪৪। °বধূ (স্ত্রী)—সরলজায়া, সুরতমূঢ়স্ত্রী। "রঘু ৯.৩৪। °বিলোকিত (ক্লী)—মোহনবিলোকন, সরলদৃষ্টি। "শ ২.৩। °স্বভাব (বিণ)—সরলপ্রকৃতি, অমায়। "সী ১০।]

মুগ্ধকর বিং ['মোহকর' সাধু] মোহজনক, মোহন, প্রীতিকর। "ফুল. ...চিত্তমুগ্ধকর।—ন ৭৭০, বীণা মুগ্ধকরী ৮৮২। ইন্দ্রিয়মুগ্ধকরসামগ্রী ব.প্র ৯১।

মুগ্ধতা স্ত্রী, -ত্ব ক্লী [মুগ্ধ+তা (তল্),+ত্ব] ১ মুগ্ধভাব, মূঢ়তা। ২ সারল্য। ৩ সৌন্দর্য্য, কমনীয়তা।

মুগ্ধত্ব দ্র 'মুগ্ধতা'।

মুগ্ধবোধ ক্লী [মুগ্ধ+ √বোধি+অ (অণ)-ক, উ ত] 'মূঢ়ের বোধয়িতা', বোপদেবকৃত ব্যাকরণ। ""কার, °প্রদীপ।

মুগ্ধভাব পুং [কর্ম্মধা] ১ মূঢ়তা। সরলভাব। "ভ ৫ ৮ ১৩।

মুগ্ধাক্ষী স্ত্রী [মুগ্ধ অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্), স্ত্রী ঈ (ঙীপ্)] সুলোচনা। "বিয়োগমুগ্ধাক্ষ্যাঃ উ চ ৩ ৪৪।

মুগ্ধাগ্রণী পুং [ষ ত] অতিমূঢ়, মহামূর্খ। "ক সা ৬৫ ১৮০।

মুগ্ধানন বিণ [বহুব্রী, স্ত্রী -না] সুমুখ, শোভনানন।

মুগ্ধালোক বিণ [বহুব্রী] রুচিরশোভ, শোভনদর্শন। "দশনমুকুলৈর্মুগ্ধা-লোকং শিশুর্দধতী মুখম্ উ চ ১২০।

মুগ্ধেন্দু পুং [কর্ম্মধা] 'শোভনশশী', চন্দ্রকলা। [°শেখর (পুং)—'চন্দ্র-কলাপীড়', শিব। "রঘু ১১, মল্লিনাথ।]

মুঙা দ্র 'মু১'।

মুচ্ সক [তুদা, প—মুঞ্চতি, -তে, অনিট্] ১ মোক্ষ, ত্যাগ। ২ ক্ষেপন, বর্ষণ। ৩ বিস্রংসন। "(দারুকঃ) মুমোচ সর্ব্বং যোক্ত্রাদি মহা ৫.৮৪ ২২। ৪ বন্ধনরহিতীকরণ। "(দারুকঃ) হয়ান্ মুক্ত্বা মহা ৫ ৮৪ ২২। ধেনুমৃষের্মোচ রঘু ২ ১। ৫ (অক) বন্ধনরহিতীভাব। "আলানাৎ মুক্তো গজঃ (ক ক)। —চ্ সক [ভ্বা, ও—মোচতে, অনিট্] ১ চূর্ণী-করণ। ২ (অক) শাঠ্য। ৩ দম্ভ। —চ সক [চু, প—মোচয়তি, সেট্] মোচন। [অব, উদ্—উন্মোচন। "ভট্টি ৩.২২। আ—আমোচন, পরিধান। "আমুঞ্চদ্ বর্ম্ম ভট্টি ১৭৬। নির্—নির্ম্মোচন, উৎকর্ত্তন। প্র —মুক্তি। প্রতি—১ প্রতিদান, প্রত্যর্পণ। "রঘু ৩.৪৬। ২ পরিধান, ধারণ। "ইমাং মালাং সুগ্রীবঃ প্রতিমুঞ্চতু গো রা ৪ ১৬ ৫১। বি—বিমুক্তি, ত্যাগ।]

মুচ(চু)ক, -কা [অর্দ্ধ স্মিতক>মিতক >মিচক >°ক, -কা (?), হি √মুসকরা, -কা (স্মিত+কৃ)] স্মিত করা, একটু হাসা (to smile)। [মুচকি মুচকি হাস—অল্প অল্প হাস্য। "চ দা ২২। মুচকি মুচকি হাসে —অল্প অল্প হাসে। "ভ.প্র ৪৪৪। রঙ্গ ২১৮। মুচকি হাসি—ঈষৎ হাস্য, স্মিত। "মুচকি হাসিতে (অমিয়ার সায়র যেন) চৈ.ম ৩৭। মুচকি হাসিয়া—অল্প হাসিয়া "শ্রী ৭০। ভ.প্র ৪৪৬। মুচকে হাসি—ঈষৎ হাস্য। শ্রী.কী ৩২৫। আধ মুচকি—অল্প হাসিয়া। "ব ১৫৫। মুখ মুচুকাই —মুখে অল্প হাস্য করিয়া। "হাসত না হাসত মুখ মুচকাই। —জ্ঞা ২৯। °কন, -কান—সর্থ 'মুচক'। মুচকায়ই, -য়নি (মুচকানি) প.ক।]

মুচকা দ্র 'মুচক'।

মুচ(চু)কুন্দ পুং ১ ইক্ষ্বাকুবংশীয় রাজবিশেষ [ইঁহার পিতা মান্ধাতা। ইনি দেবগণকে অসুরের উপদ্রব হইতে বহুকাল রক্ষা করেন। প্রসন্ন দেব-গণ বর দিতে ইচ্ছা করিলে, ইনি প্রার্থনা করেন—আমি অত্যন্ত শ্রান্ত, নিদ্রা যাইব, কিন্তু যে আমার নিদ্রাভঙ্গ করিবে, সেই ভস্মীভূত হইবে। দেবতারা 'তথাস্তু' বলিয়া প্রস্থান করিলে, ইনি গুহায় প্রবেশপূর্ব্বক নিদ্রিত হন। এই সময়ে কালযবন শ্রীকৃষ্ণের অনুসরণে ঐ গুহায় প্রবেশ-পূর্ব্বক শ্রীকৃষ্ণবোধে ইঁহাকে পদাঘাত করিলে, ইঁহার সকোপ দৃষ্টিতে কালযবন ভস্মীভূত হয়। পরে শ্রীকৃষ্ণের দর্শনলাভ করিয়া নারায়ণজ্ঞানে স্তুতিপূর্ব্বক ইনি তাঁহার শরণাপন্ন হন এবং ভগবানের বরে অনপায়িনী ভক্তি লাভ করেন (ভ ১০.৫১)।] ২ পুষ্পবৃক্ষবিশেষ (Plerospermum acerifolium)। —কুন্দ ক্লী মুচকুন্দপুষ্প। "বি সু ৩২। [°প্রসাদক (পুং)—শ্রীকৃষ্ণ।]

মুচঙ্গ দ্র 'মুখচঙ্গ'।

মুচ(চা)ড়, মু(মো)চড়া, মুচুড়, মোচড় সর্ম [সং মুচুটী >বা (মুচুডী) মুচুড়, °চড, °চড়া, মোচড় ; হি √নিচোড] ১ মুটিত করা, মোড়া দেওয়া (to wring)। "দুই হাতে মুচড়িয়া মাথা ছিড়ি খায় বি পা ৩১৯। মোচড়িয়া বৃক্ষ সব ফেলায় ভাঙ্গিয়া বা ম ৪২। দশ বিশ জনের মুচড়ে ভাঙ্গে ঘাড শ্রী মা ১২৭। ঘাড় মুচড়িয়া চ বি ২২৯। মোচড়ে কলিকা ম ম ৯। আঙ্গুল মুচডি যে অঙ্গুরি খুলি নিলা ভ প্র ২৩২, ঘাড় মুচাডিয়া ধরি কহে ৪২২। শি ৬৫। ২ মোড়া দিয়া ভাঙা। "ঘাড় মুচডিল মহাবল।—ম ১৭৩। ডাল মূল মুচডিয়া লইল মধ্যথান চ.বি ৯৫। ৩ ঘৃষ্ট করা, ঘষা। "অমনি হুঁটুবে পড়ে মুচুডিয়া মু।—শ্রী ১৬০। ৪ মর্দ্দন করা, মলা, ডলা। "হাথে হাথ মোচড়ে কৃ.উ ৩৪। ৫ পাক দেওয়া, পাকান। "দুই চক্ষু ঘুরাইয়া মোচড়যে দাড়ি বা ম ২৩৫। মুচড়য় দাডি বি পা ২৪৫। মোচড়এ দাড়ি শ্রী মা ১৮ ; মোচড়য়ে দাড়ি ১০৮। মুচড়ায় দাড়ি শ্রী ১১, মোচড়ে দাডি ১১৫। [মু(মো)চড়ান —সর্থ 'মুচড'। মোচড়, -ড়া—মোটন, মোড়া। "দুই পাযে কলেবর ধরিযা অসুরে। মোচড়া দিলেন...॥—শ্রী ম ১০৮। তম্বুরার কান মুচড়ান —সুর ঠিক করার নিমিত্ত তম্বুরার কানে মোড়া দেওয়া বা কান ঘুরান। "ব প্র ৩১৪।]

মুচড়া, মুচড়ান দ্র 'মুচড'।

মুচল(লি)কা, মোচলকা, মোছলেকা বি [র্ক—'মুচলকা' —অঙ্গীকারপত্র, হি মুচলকা, ঠ মুচলকা, -ক্কা, প মুচল্লকা] ভবিষ্যতে আইনের বিরুদ্ধ কোন অন্যায় কর্ম্ম না করার বা নির্দ্দিষ্ট সময়ে আদালতে উপস্থিত হওয়ার প্রতিজ্ঞাপত্র, প্রতিজ্ঞাভঙ্গে অর্থদণ্ডের স্বীকারপত্র। "দু চার নিমগোছের দাঙ্গার দরুণ পুলিসেও দুই এক মোছলেকা হয়ে গিয়েচে।—হ ৫৪। জে জরিমানা হইবেক তাহা দিব এবং এতদর্থে মুচলিকা পত্র দিব E P 94 [মুচলকা নেওয়া, দেওয়া।]

মুচলিকা দ্র 'মুচলকা'।

মুচাড় দ্র 'মুচড'।

মুচি১, -চী বি [সং √মুচ্ (?) হি, গু মোচী, ঠ মোচী, -চেকরী, ড় মোচি, অস মুচীয়ার] ১ যাহারা মৃতপশুর চর্ম্ম মোচন করে বা ছাড়ায়, চর্ম্মকার, চামার। "মুচি হ'য়ে শুচি হয় যদি কৃষ্ণ ভজে। শুচি হ'য়ে মুচি হয় যদি কৃষ্ণ ত্যজে॥ ২ [আ মুজী] দুর্ব্বৃত্ত, দুরাচার, মনুষ্যত্বহীন, কৃপণ। "মুচীর আক্কেল, ব্যবহার।

মুচি২ বি সর্থ 'মুছি (২)। "খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি। ছ্যাঁক ছ্যাঁক শব্দ হয় ঢাকা দেন মুচি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

দ্র 'মুচি১'।

মুচুক, মুচুকা দ্র 'মুচক'।

মুচুকুন্দ, মুচুকুন্দপ্রসাদক দ্র 'মুচকুন্দ'।

মুচুটী স্ত্রী ১ অঙ্গুলিমোটন। ২ মুষ্টি, মুঠা (অ চি)।

মুচুড় দ্র 'মুচড়'।

মুচ্ছুদ্দি, -দ্দী, মুৎস্থদ্দি, -দ্দী বি [আ মুত্‌সদ্দী] ১ আফিসের ভারপ্রাপ্ত কর্ম্মচারী; জিম্মাদার, এজেন্ট। "মুচ্ছুদ্দি।—হেম ৩৭৭। একজন সাহেবের মুৎসুদ্দি না হইলে আমার কাজকর্ম্ম জমকাবে না আ.চু ১৪১,-৯। ২ মুন্সী, কেরানী। "উকিলের মুৎসুদ্দি আ.চু ১৮০। [°গিরী—মুচ্ছুদ্দীর বা কেরানীর কাজ।]

মুচ্মুচ বি [মচমচ + °চ (মৃদ্বর্থে)] ভাজা চিবানর বা শুখনা পাতা ভাঙার মৃদু শব্দ। —মুচি, -চে বিং [চ+ই, এ] মুচ্‌মুচশব্দকারক, টাটকাভাজা, তাজা। "সুধাকচি মুচ্‌মুচি লুচি কতগুলি ভা.চ ৫৪৮। —মুচে বিং অতিশুষ্ক (পত্র)।

মুছ[1] বি [দ্র 'মোচ'[1]] শ্মশ্রু। "দাড়ি মুছে বি.পা ২৩৯।

মুছ[2], **মোছ**[1] সর্ম্ম [পুঁছ > °ছ (?)] বস্ত্রাদির দ্বারা গাত্রাদির জল-ইত্যাদি অপসারণ বা পরিষ্কার করা; মোছা (to wipe)। "মুছিলাঙ্গ নয়নের পাণী শ্রী.কী ৩১২; মুছিঞাঁ পেলাইবোঁ সিসের সিন্দুর ৩৩৬,-৯২। আঁচলে শ্রমজল মোছল মোরি বি.প ১৪৫। মুখানি আমার মুছে চ.দা ৭০। —হ অর্ম্ম লুপ্ত হওয়া। "কস্তূরী চিত্র মোছিল ভ.গ্র ৩৯৭। —ছা সর্ম্ম [মুছ > °ছা] সর্থ 'মুছ'[2] (সর্ম্ম)। "মুছায়ল বদন চাঁদ আপন অঞ্চলে।—জ্ঞা ৯৯। [মুছই (প.ক)। মু(মো)ছন—মোছা। "মান-নীরে স্নান দয়া-আঞ্জোছায় মোছন ভ.গ্র ৩। মু(মো)ছা—সর্থ 'মুছ'[2]। মু(মো)ছান—সর্থ 'মুছা'।]

মুছন, মুছা, মুছান দ্র 'মুছ'[2]।

মুছলমে ক্রি.বিং [আ 'মুসল্লম্'—সমস্ত, মোছলমে (কথ্য)] সমগ্র-ভাবে, নিরবশেষভাবে। "মুছলমে না থাকা।

মুছাপ বি [?] গুরু (?)। "মুছাপের দিব্য কর ম.ম ৫৫।

মুছি বি [সং মূষ, ঠ মূস] ১ সোনা রূপা ইত্যাদি গলানর মৃৎপাত্র-বিশেষ (crucible)। ২ ছোট শরার মত আসকিয়া পিঠা গড়ার মাটির ঢাকনী। ৩ কচি নারিকেল।

মুছিদ বি মুরশীদ, দীক্ষাগুরু। "ম.ম ৫৭।

মুজরা বি [আ মুজ্‌রা] ১ বাদ, ছাড়, কাটান। "দেনার টাকা খাটনীতে মুজরা দেওয়া। ২ নমস্কার, সেলাম। "সবে হরিধ্বনি কর মুজরা সেলাম রা.স ৪০। ৩ জীবিকার্থ বৈঠকী গান। ৪ মজুরী। "খুজরা কাজে মুজরা নেই।—প্রবচন।

মুজাইম, মু(মো)জাহেম বি [আ মুজ্‌াহিম্; মোজাম (কথ্য)] বাধা, প্রতিবন্ধক। "কোন বাবতে মোজাহেম না হইবা E.P.60; জমি ...ইহার দখলে ছাড়িয়া দিবা কুন দকাতে মুজাইম না হইবা 61. [°ম দেওয়া—আপত্তি করিয়া বাধা দেওয়া। °মে পালাস করা—আপত্তি করিয়া (বিষয়) দায় হইতে উদ্ধার করা।]

মুজাহেম দ্র 'মুজাইম'।

মুঝে সর্ব্ব [সং মহ্যম্ (অস্মদ্-৪র্থী -১ব) > প্রা মজ্ঝ (ঘ) > বা °ঝে; হি মুঝে; বৈষ্ণবসাহিত্যে] ১ আমাকে। "মুঝে কত পরিখসি আর বি.প ১৭১। মুঝে ভেজল কান প.ক ১২৬। খিলাও কুছ মুঝে রা.স ১০; কহ মুঝে ৩৩। ২ আমার প্রতি বা উদ্দেশে। "জানলুঁ অবহুঁ কয়ল মুঝে বাত প.ক ১৫১। ৩ [সং মম > প্রা মজ্ঝ] মম, আমাব। "ক্যা হোগা আখের মুঝে বি.সু ১৬।

মুঞি, -ঞি ; মুঞে দ্র 'মুই; মু'।

মুঞ্চ সর্ম্ম [সং√মুচ্ (মুঞ্চ্) > °ঞ্চ; বৈষ্ণবসাহিত্যে] পরিত্যাগ করা। "গিরি সম গরুঅ মান নাহি মুঞ্চসি বি.প ১২০। অনিল ভরে জম্বু, তমাল তরুবর, মুঞ্চ সুমনস-জাল প.ক ৪৮৮। [মুঞ্চ—পরিত্যাগ কর। "মুঞ্চ ময়ি মানমনিদানম্ গী.গো ১০.২।]

মুঞ্জ্ সক [ভ্বা, প—মুঞ্জতি; সেট্] ১ মার্জ্জন, শোধন। ২ (অক) শব্দ। —গ্র সক [চু, প—মুঞ্জয়তি; সেট্] ১ মার্জ্জন। ২ (অক) শব্দ, ধ্বনি (ক.ক)।

মুঞ্জ পুং [√মুঞ্জ্ + অ (অচ্)-ণ, ছান্দস] ১ তৃণবিশেষ। "মনু ২.৪৩। গো.চ ৪৭৮। মুঞ্জাটবী চৈ.ম ১৮২। [ইহাতে বিপ্রের মেখলা প্রস্তুত করার বিধি আছে।] ২ উপবীত। ৩ শর, বাণ (শ.ক)। ৪ ভোজ-রাজের পিতৃব্য ধারারাজ। [°কেশ (পুং)—১ 'মুঞ্জতুল্য-কেশ', বিষ্ণু। ২ শিব। °কেশী (-শিন্) পুং—'মুঞ্জতুল্যকেশবান্', বিষ্ণু। °বন্ধন (ক্লী)—মুঞ্জমেখলাধারণ। °মেখলী (-লিন্) পুং ১ বিষ্ণু। ২ শিব। °বাসাঃ (-সস্) পুং—'তৃণতন্তুবাসাঃ', শিব। "মহা ৭.২০১.৩৬।]

মুঞ্জর অর্ম্ম [সং মঞ্জর, -রী > বা °র (নামধাতু)] ১ মঞ্জরীযুক্ত হওয়া; পুষ্পিত হওয়া। "মৃত বৃক্ষ মুঞ্জরিল শ্রী.মা ৩৩; মুঞ্জরিল মালঞ্চ ১৩২। মুঞ্জরিল কুঞ্জবন।—মা ১৪৭; মুঞ্জরয়ে তরুবল্লী ১৬৫। ২ বিকসিত হওয়া। "আমারে ফিরায়ে লহ, সেই সর্ব্বমাঝে, যেথা হ'তে অহরহ, অঙ্কুরিছে মুকুলিছে মুঞ্জরিছে প্রাণ চ.কা ১৪৬।

মুঞ্জরিত বিং [সং মঞ্জরিত] মঞ্জরীযুত, পুষ্পিত। "°কুঞ্জে, শুনি পিকবরধ্বনি।—মে ৪৭। °ত ব্রততীর বাহুপাশে।—মা ১২৬।

মুট্[1] সক [ভ্বা, প—মোটতি, সেট্] মর্দ্দন, চূর্ণীকরণ। [চু, প —মোটয়তি; সেট্] চূর্ণীকরণ (ক.ক)। [তুদা, প মুটতি; সেট্] আক্ষেপ, তিরস্কার। চূর্ণীকরণ (ক.ক)। "মোটন।

মুট্[2] (**-ষ্**) বিণ [√মুষ্ + ক্বিপ্ (০)-ক-১ব] ১ অপহারক। 'বলিমানমুষ্' মাঘ ৬.২৭। অথ° ভ ৪.১৯.৩৬। ২ হারক, নাশক। "ঘনতিমিরমুষি জ্যোতিষি মাঘ ৪.৬৭। ৩ অনুকারী, তৎসদৃশ। কুন্দ-ক্ষেপানুগমধুকরশ্রীমুষাম্ পু.মে ৪৭।

মুট, -ঠ বি [সং মুষ্টি > লি, প্রা মুট্‌ঠি, মুট্‌ঠী (হে ২.৩৪) > বা (মুঠি, -ঠী, -টি, -টী) মুঠি, -ঠী, -টি, -টী, মুঠ, -ট; হি মুট্‌ঠী, মুঠ; ঠ মুঠ; প মুঠ্‌ঠ, গু মুঠ্‌ঠ, মুঠ, -ঠী; সি মুঠি; ড় মুঠি, অস মুঠি] ১ মুষ্টি, মুঠা। "°ট গো চ ১০৯, °ঠ ২৯৩। মুঠে নিচোড়িয়া তাহে দিল আদারস ক.চ ১৫০। ২ করাঙ্গুলির বেষ্টন। "মুঠে পাই ক্ষীণ মাঝাখানি চৈ.ম ১২৬। ধন-ঘড়াটি ধরবে আঁটি লাখ্ আঙুলের লোহার মুঠ।—কু.কে ১৫৩। ৩ খড়্গমুষ্টি, বাঁট, হাথল। "তাড়িপত্র করবাল, মুট যার পুরটরচিত ক.চ ৭৫। গ্রী.মা ৪৫। স্বর্ণমুট খাপ ভ.গ্র ২২৭। ৪ মুষ্টিপরিমিত বা পাণিপুটপরিমিত দ্রব্য। "(কালকূট) মহাদেব খাইল একমুট ম.ম ১২। ৫ মুষ্টির অঙ্গুলির মত যুক্ত বা যোড়া। "রাম লক্ষ্মণ দুইমুট শঙ্খ ম.গা ১০; ২৫,-৬। [মুটমাত—মুষ্টিবদ্ধ হস্তের পরিমাণ। মাটিমুটটা—এক-মুষ্টি মাটি। আ.চু ১৫৯।]

মুট(ঠ)কলম বি মুটা করিয়া ধৃত কলম। "পাঠশালে শিশু মুঠকলমে তালপাতে লেখে।

মুটকি[1], **-কী, মুঠকি** বি [মুট, -ঠ+ক স্বার্থে+ই[11]] ১ মুষ্টি। "বজ্রের মুটকি কৃ.উ ১৩৮। মারয়ে মুটকী।—কৃ ৩২৪। মুটকির ঘাত।—ম ৪৮৩। মুটকি মারিল মুণ্ডে ক.চ ১৫; দারুণ মুটকী মারি ৫৩। বজ্র মুঠকি শ্রী ৫৩। মুটকি মারি ভাঙ্গিল দশন ব.প ৭৭৪। ২ মুষ্টিঘাত, কীল। "মুটকি মারে সেনা।—ম ৮৪৪। মুটকিতে কোটি মল্ল মারে চৈ.ম ১৮৭।

মুটকি[2] বি [মটকী > °কি, দ্র 'মটকা'[3]] মৃৎপাত্রবিশেষ, কেঁড়ে। "গোবিন্দদাস মুটকি লই ধায়: (গোরস) মুটকি মুটকি ভরি রাখত চারি।—গো ৫।

মুটকী দ্র 'মুটকি'[1]।

মুটমুট বি [মটমট > °ট (মৃদ্বর্থে)] মৃদু মটমট শব্দ। দ্র 'মট'। "সরু ডাল °ট করে ভাঙে। [°টী—পুঁইশাকের বীজ (বিদ্যাসাগরকৃত 'শব্দসংগ্রহ')।]

মুটা, -ঠা বিং [মুঠ, -ঠ >°টা, -ঠা] মুষ্টিপরিমিত। "এক মুটা টাকা শ্রী.মা ৫৮। —টা, -ঠা বি ১ মুষ্টি। "মুঠা করে সর্বে নিঙুড়ি মাথে তেল শ্রী.মা ৬৫। মুঠা করি সরিষা বাহির করে তেল।—শ্রী ৫৩। গোপতে মুঠার এক মরিচ রাখিয়া ত গ্র ৪০৯। ২ মুষ্টিপরিমিত দ্রব্য। "চারি হাতে মুঠা ধরি দিলে গজমুখে শি ৩১। খয়রাত না করে এক মুঠা বা স ১০। মাটিমুটা ধরি যদি সোণামুটা হয় ভা চ ২৩৫। সুখ নব নব, মুঠা মুঠা লয় কুড়াযে স.ব ৩০। মাটিমুটটা ধরিলে সোণামুটা হইয়া পড়ে আ.ছু ১৫৯। [মুঠা বাঁধা—মুঠা করা। মুঠার মধ্যে রাখা—মুষ্টিগত দ্রব্যের ন্যায় সম্পূর্ণ বশে রাখা।]

মুটি, -টী, -ঠি, -ঠী বি [দ্র 'মুট'] ১ মুষ্টি। 'দিঢ় করি নিল মুঠি শূ ৯৯। মারিল বজ্রমুটি শ্রী ১২৩। দৃঢ় মুঠি শ্রী ম ৬৯। ২ মুষ্টিমিত দ্রব্য। "(ধন) দেন মুটী মুটী শূ ৯৩। মুঠি মুঠি করে (দিতে ঝুলি এল পূরে) শি ৩০, দুই হাতে মুঠি ধরে ছটি মুখে খায ৩১। মুঠি মুঠি তুলি রতন-কণিকা।—কথা ৫। ৩ ভাবের মুষ্টি দ্বারা ধরার স্থান। 'সুচাছে চাছিল তার দুই মুঠী শ্রী কী ১৬৮। ৪ মুষ্টিভিক্ষা। "ভিক্ষুক না পায় মুটি।—দা ৯১৮।

মুটিয়া, -টে[২] বি [মোট+ইয়া[২] >মোটিয়া >°যা, °টে, দ্র 'এ[৭]', হি মোটিযা] মোট-বাহক, ভারবাহী, কুলি।

মুটী দ্র 'মুটি'।

মুটুকামুটুকি, মুঠকামুঠকি বি [মুট(ঠ)ক -আ+মুট(ঠ)ক -ই >°টুকি, °ঠকি, সং মুষ্টা(ষ্টী)মুষ্টি] মুঠামুঠি, কীলাকীলি। "°ঠকি হয় ঘোর দরশন কৃ উ ১৪৩। °টুকি বা ম ৮। মুঠকামুঠকি তবে লাগে দুই বীরে শ্রী ম ২২৮।

মুটুকি, -কী বি [মুটকি, -কী >°কি -কী] মুষ্টি। 'মুটুকির ঘাযে প্রাণ হারাইল শ্রী ম ২৭৫। মাবিল ··মুটুকী চৈ ভা ২৫৪।

মুটুকী দ্র 'মুটুকি'।

মুটে[১], -ঠে বি লাঙ্গলের মুঠায় ধবার কাষ্ঠখণ্ড।

মুটে[২] দ্র 'মুটিযা'।

মুঠ; মুঠকলম; মুঠকামুঠকি; মুঠকি; মুঠা; মুঠি; -ঠী; মুঠে দ্র 'মুট, মুটকলম, মুটুকামুটুকি, মুটকি[১], মুটা, মুটি, মুটে[১]।

মু(মু)ড়[১], -মুড়া[৫], মুড়া বি [সং মুণ্ড >প্রা মুংড >বা মু(মূ)ড়, -ডা, হি মুংড, মূড়, ঠ মুংড, মৈ মু ড, মূডী, মুড়, অস মূড়] ১ মস্তক, মাথা। "আপন করে হাম, মূড মুডায়নু (মুড় মুডায়ল—বি সা ৪২১) কানুক প্রেম বাটাই বি প ১৮৩। খাইনু আপন মূড চ দা ১০৮। কটক নড়ে মুডে মুড়ে।—কৃ ২৬৯,-৭০, ঘাড়ে মুডে বান্ধি ৪১৭। ছাগলেব মুড় ক চ ১৮। মাহুতে মুড (হানিছে) শ্রী ১৪২। হেট-মুডে ব প ৭৪৭। ২ মাছের মাথা। "কাতলার মুড়া ভা চ ৫৪৭, বান্ধিলেন মুডা ৫৪৮। ৩ কন্দ, গেঁড় (bulbous root)। "কচুব মুড়া বা ম ২৬৩, হরিদ্রার মুড়া ২৮৭। ৪ নৌকাব অগ্রভাগ। ৫ নৌকার তলা। "পাতালে ঠেকে (ডিঙ্গার) মুড় ম.ম ১২১, ব প ২০১। ৬ [সং কুটক] লাঙ্গলের ঈশে সংলগ্ন সচ্ছিদ্র বক্র কাষ্ঠখণ্ড (a plough without a pole)। ৭ শিখর, চূড়া। "গিরি-মুডা উপাড়িয়া করে ছারখাব ব প ১৮৫১। ৮ প্রান্ত, সীমা। "এ-মুড়া হ'তে ও-মুডা অবধি।—স্ব প্র ১৫৯। ৯ শেষ। "সীমামুড়া পর্য্যন্ত কাটিল থাই বি সু ১০৪। [কাপড়ের মুড়া—বস্ত্রাঞ্চল।]

মুড়[২], মোড়[৪] সর্ম্ম [সং √মুট্, বা √মু(মো)ড, হি √মুড়, ঠ √মংডার, 'মোড়িঅ' (মর্দ্দয়িত্বা)।—চ] ১ চূর্ণ করা, নষ্ট করা, ভাঙ্গা। "বিকল প্রেমক আঁকুর মোরি: রোপিয়া প্রেমিক বীজ, অঙ্কুরে মোড়লি বি.প ১৮২। ২ মোটন করা, মোড়া দেওয়া, ফিরান। পিয়-পরিরম্ভণে মোড়বি অঙ্গ বি প ৫২, মোড়ই সব অঙ্গ ৬৪, পাশ মোড়ি ১৩৪; উর মোড়ি বৈঠনু হরি করি পীঠ ১৩৯, মুখ মোড়ি অধর-রস নেল ১৪০। হাসি মুখ মোড়ই।—গো ১২২, মোড়সি অঙ্গ ২০০। হাসি মুখ মোড়য়ে ব প ১০১৩। নিশসি মোড়ই অঙ্গ।—ব ৭২, ১২০। বিহসি তনু মোড়ই প ক ৭৩। ৩ বক্র করা, বাঁকান। "জোলুয়ে নেজনা মুড়ি মুড়ে রাখে আল শি ৭২। ৪ প্রত্যাবৃত্ত করা, ফিরান। "দ্রোণপুত্র বিলাপয়ে মুখে মুখ মুড়ি।—ম ৯৭৮। এইমত পরস্পর পড়ে হুড়াহুড়ি। পরস্পর বাড়ে, কেহো মুখ নাহি মুড়ি॥—চৈ চ ১৮। ৫ সঙ্কুচিত করা (to fold)। "চাকুর ফলা মোড়া। অঙ্গুলী মুড়িয়া যায়, সাপিনী ফিরিয়া চায়, ছুঁয়ে যায় বাদিয়ার দাপনা চ দা ৩১। ৬ মোড়া দেওয়া, মলা। "মারিছে কৃষক বড় পুচ্ছমূল মোড়ে।—ম ৩৮৪। [মোড়, -ডই, -ড়সি, -ড়ি (প ক)। মোড়ন, মোড়া—সর্ম্ম 'মুড়[২]। মোডিআঁ, -ড়িএ (শ্রী কী)। মুখ মোড—মুখ ফিরাও, অস্বীকার কর। "ব প ৮১১।]

মুড়[৩], -ড়া[৬] সর্ম্ম [সং √মণ্ড্ >প্রা মংড >বা (মড়) °ড়, হি '√মচ' —আবেষ্টন করা, তা '√মুড়ু'—আবৃত করা] ১ আচ্ছাদন বা ঢাকনা করা, ঢাকা দেওয়া। "ঢাল মুড়ে মালট মারিছে লাফে লাফে শ্রী ১৯০, সরল সাধিয়া শূন্যে মুড়াইল ঢাল ১৯১, ঢাল মুড়ে উড়ে পড়ে ১৯৮। ঢালী সব চলিল মাথায় ঢাল মুড়্যা ব.প ৪৭৬। ২ আবৃত করা, বেষ্টিত করা। জড়ান (to wrap)। "কাপড়ে মোড়া। [মোড়া—সর্ম্ম 'মুড়[৩]। ভুটি মুড়ে দিয়া—ভুটিতে মুণ্ড বা দেহ ঢাকিয়া। "ম ম ২০৬।]

মুড়কি, -কী বি [তু 'উকডা'] গুড বা চিনির রসে মাখান খই। '°মুখী, মুড়ী°, চিঁড়া°। উড়কী ধানের মুড়কি (ঘুমপাড়ান গান)। [°মুখী—যে নারীর মুখ মুডকির মত সরু ও গোল। "°খী ময়রাদিদি।—জা ৭। °মাছুলি—মুডকির মত ছোট সোনার মাছুলির উপর-হাতের গহনা। °মালা—মুডকিমাছুলি। "ব প ১৮৯৮। মুড়কি মাখা—গুড মাখিয়া মুড়কি করা। মুডকি-মাখা করা—গুড় বা অন্য তরল দ্রব্যে মুড়কির মত ঝুরঝুরে করিযা মাখা।]

দ্র 'মুড়কি'।

মুড়ন '-নো' বি [সং মুণ্ডন >প্রা মুংডণ >বা °ন, হি মুংড়না] ১ কেশহীনীকরণ, মাথায খুর দেওয়া। "মাথা°। ২ বৃক্ষাদির ডাল-পালা কাটিয়া স্থাণুবৎ করা।

মুড়মুড় বি [মডমড >°ড (মৃদুত্বে), হি মুরমুর] মৃদু মড়মড়-শব্দ। [°ড়ে—মুডমুড শব্দ করে এমন। 'মুড়মুড়ে মুড়ি।

মুড়লা বি [মুড়[১]+ল স্বার্থে >°ল, -লা] ১ বরের টোপর। "ছিজে সূতা বান্ধে হাথে, বান্ধিল মুড়লা মাথে ক চ ৪৭। ২ নৌকার মুডার (মাথার) সজ্জা মাল্যাদি। "ডিঙ্গাশিরে বান্ধিল মুড়লা ক চ ২২২। —ড়লী বি [মুরুলি (চব্বিশপরগনা)] ঘরের দেয়ালের মাথা। "মুড়লী রচিয়া তথা আরোপিল কাট।—ক চ ৭৯।

মুড়লী দ্র 'মুড়লা'।

মুড়া[১], -ড়ো বিং [সং মুণ্ড >প্রা মুংড >বা (মুড়) °ড়া, -ড়ো] ১ মুণ্ডিতমস্তক, নেড়া। 'নেডা°। ২ পত্রহীন, শাখাপত্রহীন, স্থাণুশেষ (বৃক্ষ)। "বীর-বাহুঠেলায় হেলায় বৃক্ষ মুড়া শ্রী ৫৩। ৩ চূড়াপতাকাদি-হীন (রথ)। "লক্ষ্মণেব বাণেতে যে রথ হৈল মূড়া।—কৃ ৩১৬। রথখান হৈল মুডা।—ম ৬৪৪। ৪ আঁচলাছেড়া (কাপড)। "মুড়া সাডী শ্রী ১০২। ৫ ধারহীন, ভোঁতা। "মুড়া দা, বঁটী। ৬ ভূষণহীন (নারী)। ৭ যে ঝাঁটার আগা ক্ষয়প্রাপ্ত। "মোচ যেন মুডা ঝাঁটা বি প ৩৩২। মুড়া ঝাটা শি ৭৬। মুডো ঝাঁটা অ গু ১১০। মুড়ো ঝ্যাটা ন ত ৬৭।

মুডা[২] বিং [মুড়+আ[১২]] আবৃত, ঢাকা। 'ঢাল মুড়া হ'য়ে কেহ ডাকে হান হান শ্রী ২১৪।

মুড়া[৩] বি [মুড়া[১]—মূল] আঁচলা-ছেঁড়া কাপড়, কাপড়ের টুকরা। "লহনা প্রসাদ কৈল একখানি মুড়া ক চ ১৬৫।

মুড়া[৪], মুড়া[২] সর্ম [সং √মুণ্ড্—মুণ্ডয়্ >প্রা √মুংড >বা (মুড়) °ড়া ; হি √মুড়রা ; ঠ √মূংড] ১ মুণ্ডিত করা ; খুর দিয়া কেশহীন করা, মুড়ান। "আপন করে হাম, মুড় মুড়ায়নু (মুড় মুড়ায়ল—বি.সা ৪২১) বি.প ১৮৩। গো.চ ৪৭৮। ২ খুরে কেশ ছেদন করা। "চুল বন্দীর মুড়ায় নাপিত ক.চ ২৭৬। ইহার মুড়াবে জটা কেটা ভা.চ ৩৫১। ৩ খুরে কেশ ছেদন করান। "মুড়ায়্যা কুন্তলভার, নিবে অষ্ট অলঙ্কার। —ক.চ ১৬৩। তারে গুরু মানিয়া মুড়াব জটাভার ভা.চ ৩৫০, হেন বাড়ী বামণ মুড়ায় কি বিচারে ৪৭৯। ৪ মুণ্ডিত করান। "গুরু কাছে মাথা মুড়ায়েছি একবার ভা.চ ৩৫০। ৫ শাখাপত্রহীন করা ; কাণ্ডশেষ করা। "গাছ মুড়ান। ৬ মর্দ্দিত বা পীড়িত করা। "মকর অগাধে যেন মুড়াইল মাছ শ্রী.মা ১২৮। —ড়া অর্ম শ্রীহীন হওয়া ; শুখান। "আমার কথাটি ফুরাল। ন'টে গাছটি মুড়াল ॥—উপকথার শেষ-ছড়া। [মুড়ানি —১ সর্থ 'মুড়া[৪]। ২ মুড়ানি—মুণ্ডনসম্বন্ধী, মুড়ানের। "ধামনা পাগলী বলি, যত পরিবাদ তুলি, বাদ্য বাহে বিষহরি মুড়ানি বি.পা ২২৬। মোড়াওঙ্গা—মুড়াইব। "খেলাপ কহগী বাত শের মোড়াওঙ্গা বি.সু ১০১। মাথা মুড়াইয়া ঘোল ঢালা—দ্র 'ঘোল[১]।

মুড়া[৫] ; মুড়া[৬] দ্র 'মুড়[১], মুড[৩]।

মুড়া(ড়ো)পেট বি সর্থ 'মূঢগর্ভ'।

মুড়া(ড়ো)মাখন বি জল-মরা কাঁচা-খাওয়ার মাখন।

মুড়া(ড়ো)মুড়ি ক্রি.বিং [মুড়-আ+মুড়-ই] এক মুড়া হইতে অন্য মুড়া পর্য্যন্ত ; প্রথমাবধি শেষপর্য্যন্ত। "আমরা হলে মুড়োমুড়ি নারিকেল-মুড়ি ও ঠন্‌ঠনের নিমকীতে (মুখরোগ) দোরস্ত কত্তেম। —হু ১০৫।

মুড়াসা বি [হি মুংড়াসা (মুণ্ড+বাস?)] 'মুণ্ডের বেষ্টনবাস', পাগড়ী। "শালের মুড়াসা বান্ধা ব প ১৪৭৮।

মুড়ি[১] বি [মুড়[১]+ই[১১], ঠ মুংডী, মৈ মূডী] ১ মুণ্ড, মাথা। "মুড়ি আর ভুঁড়ি রোগের ঝুড়ি (প্রবচন)। বড়াই বুড়ীর ভাঙ্গবো মুড়ি।—দা ১৮১। ২ মাছের মাথা। "°ঘণ্ট। ৩ বস্ত্রাদির প্রান্ত (hem)। "মুড়ি সেলাই করা। ৪ চেকবহির যে অর্দ্ধাংশ মালিকের কাছে থাকে। "°চেক্। [°মালা—মুণ্ডমালা। "বাগান বাড়ী কাটি করিল মুড়িমালা বি.পা ১১০। কাটিয়া মুড়িমালা করা—কাটিয়া বেছপ্পর করা। দ্র 'কাট[৪]।]

মুড়ি[২] বি [মুড় >°ড়ি] আচ্ছাদন, ঢাকনা। "লেপ মুড়ি দেওয়া।

মুড়ি[৩] বি [মুড় (ধ্বনিবিশেষ)+ই[৮] ; ড় মুড়ি ; উরুন (ঢাকা), তু 'হুড়ুম' ; ধ্বন্যাত্মক] হালকা ফাঁপা ভাজা চাল। "মুড়ি-আনি গো.চ ২৩০,-১। পোকা তাহে মুড়ি প্রায়, বিজবিজ করে তায়।—কাব্যনির্ণয়। নারিকেল°।—হু ১০৫। [মুড়ি মিছরীর এক বা সমান দর —(গৌণার্থে) উৎকৃষ্ট ও অপকৃষ্টের সমান গৌরব। °আনি (মুড়িআলী >°নি, দ্র 'আলা', অপ্র)—মুড়িওয়ালী, মুড়িবেচুনী। "গো.চ ২৩০।]

মুড়িআলা বি [মুড়ি+আলা (পালক, দ্র 'ওয়ার[৩]), অপ্র] 'মস্তক-রক্ষক', শিরোভূষা, মুকুট। "মাথায় °লা শ্রী.ম ১৭০।

মুড়ো দ্র 'মুড়া[১]।

মু(মু)ঢ়া বি [সং মূর্দ্ধা (°র্দ্ধন্) >প্রা মুংঢা (হে ১.২৬) >বা মু(মু)ঢ়া ; অপ্র] মাছের মাথা। "কই মাছের পোঁটা মুঢ়া ক.চ ১৪২, রুই মুঢ়া : মুঢ়া ল'য়ে যায় ১৫০। —ঢ়া বিং [মুড়া[১] >মুঢ়া] অঞ্চল-রহিত, আঁচলা-ছেঁড়া, টুকরা। "কাঁকালে তুলিয়া বান্ধি মুঢ়া কানিখানি ক.চ ১৬৪।

মুণ্ড্ সক [ভ্বা, প—মুণ্ডতি ; সেট্] ১ খণ্ডন, কেশচ্ছেদন, লোম-রহিতীকরণ। "মুণ্ডতি মুণ্ডং নাপিতঃ (ক.ক)। ২ মর্দ্দন। —ণ্ড্ সক [ভ্বা, ঙ—মুণ্ডতে ; সেট্] ১ মার্জ্জন, শোধন (ক.ক)) ২ (অক) মজ্জন।

মুণ্ড বিণ [√মুণ্ড্+অ (ঘঞ্)-র্ম ; মুণ্ড+অ (অচ্) অস্ত্যর্থে (অ.টী)] ১ কেশরহিতীকৃত, মুণ্ডিত। "মনু ২.২১৯ ; ৮.৯৩। ২ শাখাপল্লবহীন, স্থাণুশেষ। "°তালবন মহা ৬.১০৬.১৪। ৩ শৃঙ্গহীন (পশু)। ৪ ধার-হীন, তীক্ষতারহিত, ভোঁতা (অস্ত্রাদি)। ৫ শূকহীন, শূকরহিত (ধান্য)। ৬ ক্ষুদ্র, নীচ। —ণ্ড পুং ১ মুণ্ডিতমস্তক পুরুষ ; মুড়া, নেড়া। "মুণ্ডো ভাপয়তে পা ১.৩.৬৮, সি। যাজ্ঞ ১.২৭২। ২ কেশহীন মস্তক, নেড়ামাথা। ৩ ললাট। ৪ শাখাপল্লবহীন বৃক্ষ ; স্থাণুবৃক্ষ। ৫ রাহু। তু 'রাহোঃ শিরঃ'। ৬ [+অ (অচ্)-ক] শুম্ভসেনানী দৈত্যভেদ। "°নাশিনী ক.চ ২৫৩। °নিপাতিনী ভা.চ ৫৮। ৭ নাপিত। ৮ (বহুব) জাতিবিশেষ। "মহা ৬.৫৬.৯। —ণ্ড ক্লী ১ শিরঃ, মস্তক। "পলিতং মুণ্ডম্ (মোহমুদ্গর)। কাটা°।—কৃ ২৯৩। মীন° ম.পা ৮৬। ২ মুণ্ডায়স, লৌহ। ৩ বোল। ৪ মুণ্ডকোপনিষৎ। —ণ্ডা[২] স্ত্রী [মুণ্ড+স্ত্রী আ (টাপ্) ১ পরিব্রাজিকা। ২ বিধবা। ৩ মুণ্ডীরিকা বৃক্ষ। [°চণক (পুং)—মুণ্ডাকার চণক ; কলায়, মটর। °জ (ক্লী) —সারলৌহ, ইস্পাত। °ধান্য (ক্লী), °শালি (পুং)—শূকহীন ধান্য। °লৌহ (ক্লী)—লৌহ।] [মুণ্ডিআঁ—মুণ্ড বা মুণ্ডিত করিয়া। "শ্রী.কী ৩৩৬ ; ৩৫০।]

মুণ্ডক ক্লী ১ অথর্ব্ববেদের উপনিষৎ। ২ শিরঃ, মুণ্ড।

মুণ্ডন ক্লী [√মুণ্ড্+অন (ল্যুট্)-ভা] পরিবাপণ, কেশচ্ছেদন। "পা ৫.৪.৬৭, কাশিকা। প্রয়াগে মুণ্ডনম্ (পঞ্চবাত্র)।

মুণ্ডনিপাতিনী বি 'মুণ্ডদৈত্যনাশিনী', দুর্গা। "ভা.চ ৫৮।

মুণ্ডপাত বি মুণ্ডচ্ছেদন, গালিবিশেষ। "মনে মনে ললিতলবঙ্গলতার মুণ্ডপাত করিতে করিতে আমি সে স্থান হইতে পালাইলাম ব.প্র ১৯৯।

মুণ্ডমণ্ডলী স্ত্রী [ষ.ত] ১ মুণ্ডিতমস্তকসমূহ। ২ 'শিরঃসমূহ', অসার-সৈন্যগণ। "বরমল্পবলং সারং ন বহ্বী °লী।—হি ৩.৯২।

মুণ্ডমালা স্ত্রী [ষ.ত] মুণ্ডসমূহের মালা। "°তন্ত্র। তোমার °লা কেড়ে নিয়ে, অম্বলে সম্ভার চড়াব—রামপ্রসাদ। —মালিনী স্ত্রী [°লা+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'মুণ্ডমালাবতী', কালী। [মুণ্ডমালার দাঁত-খামুটি—মুণ্ডমালার দাঁতখামুটি বস্তুত ভয়ের কারণ নহে ; সেইরূপ বৃথা ভয় দেখান। "এখন মুণ্ডমালার দাঁতখামুটি, ব'সেছে পাখা গুড়িয়ে। —দা ১১৩১, ২০৫৫। কেটে মুণ্ডমালা দেওয়া—দ্র 'কাট[৪]।]

মুণ্ডা[১] সর্ম [মুণ্ড+আ[৯]] নিঃশেষে কেশচ্ছেদন করান ; মুড়ান। "মুণ্ডায়্যা ভাঁড়ুর মুণ্ড,…দুই গালে দেহ চূণকালি ক.চ ১০৯। মুণ্ডাইয়া মাথা ব.প ৫৩১ ; মস্তক মুণ্ডাঞা ১১৯৪। [মুণ্ডান—সর্থ 'মুণ্ডা[১]। বিষহরি মুণ্ডান বাদ্য—মনসার মাথামুড়ানর বাজনা। "বি.পা ১৮৭। মুণ্ডায়িবোঁ —মুড়াইব। "শ্রী.কী ৮৮।]

মুণ্ডা[২] দ্র 'মুণ্ড'।

মুণ্ডায়স ক্লী [মুণ্ড অয়ঃ, কর্ম্মধা, 'অ' (অন্)] মুণ্ডলৌহ।

মুণ্ডি সক [√মুণ্ড্+ই (ণিচ্)—চু, প—মুণ্ডয়তি ; সেট্] মুণ্ডন। "(সগরঃ) অর্দ্ধং শকানাং শিরসো মুণ্ডয়িত্বা ব্যসর্জ্জয়ৎ।—হ ১৪.১৫।

মুণ্ডিত বিণ [√মুণ্ড্+ত (ক্ত)-র্ম] কৃতমুণ্ডন, পরিবাপিত। "°মূর্দ্ধন্ ক.সা ৪৪.৫৯। নাপিতবধূর্মুণ্ডিতা।—হি (S.W.)

মুণ্ডী[১](-ণ্ডিন্) বিণ [মুণ্ড+ইন্ (ইনি)-১ব] ১ কেশচ্ছেদনবান্ ; মুণ্ড। "মহা ১৩.১৪.৩৮০। ২ শৃঙ্গহীন (মৃগ)। —ণ্ডী (-ণ্ডিন্) পুং [মুণ্ড্+ইন্ (ণিনি)-ক-১ব] নাপিত।

মুণ্ডী[২] বি [মণ্ডা+ই[৯]] ১ ছোটমণ্ডা বা সন্দেশ। "মণ্ডা মুণ্ডী ক্ষীর দুগ্ধ।—দা ৮৮৭। ২ মুণ্ডীর মত দ্রব্য। "রস°।

মুণ্ডু বি [মুণ্ড+উ[৭]] ১ মুণ্ড, মাথা। "°পাত, °মালা।—গো.চ ২৭৭। কাটা° শ্রী.মা ২৬। সাদা কালার সমান হবে—সবার মুণ্ডু ঘুরে।—হেম

৬৮৩। ২ (বিরক্তিতে, ক্রোধে) গালি। [°পাত, °প্পাত—(ক্রোধে, বিরক্তিতে) গালি। "কামিনী।—মাজখানেতে কে? হাবার মা—মাজ-খানেতে আমার মুণ্ডুপাত।—জা ১৩।]

মুৎ(-দ্) স্ত্রী [√মুদ্+ক্বিপ্ (০)-ভা-১ব] ১ হর্ষ, প্রীতি। "ঋগ্বেদ ৫.৫৩ ৫। পিতুর্মুদং তেন ততান সোঽর্ভকঃ রঘু ৩২৫, ৭৩০। মাঘ ১.২৩। ক্রীড়া° গী গো ৯ ১০। ২ [ক্বিপ্-ণ] বৃদ্ধিনামক ঔষধ।

মুত১, মুত২ বি [সং মূত্র >প্রা মুত্ত >বা মু(মূ)ত, হি, ঠ মূত, গু মুতর] মূত্র। [পুতের মুতে কড়ি—ছেলে যেমনই হউক, কিছু-না-কিছু ধন উপার্জ্জন করিবেই।]

মুত২, মুত৩ অর্ম্ম [সং √মূত্রি—মূত্রয়্ >প্রা √মুত্ত >বা মু(মূ)ত, হি √মূত, ঠ. মৈ √মূত] মূত্রত্যাগ করা, মুতা। "রাবণেব মুকুটেতে নীলবীর মুতে।—কৃ ২৭২। (নেঙ্গটা) মূতয়ে যজ্ঞের কুণ্ডে ক চ ১৬। মুতিলেন তাঁর থালে ন প ২১৭। যজ্ঞকুণ্ড পূরি মুতিছে ভা চ ৪৫। —তা সর্ম্ম [°ত+আ৮] মূত্রত্যাগ কবান। [মু(মূ)তা—সর্থ 'মুত২। মু(মূ)তান—সর্থ 'মূতা'।]

মুতা দ্র 'মুত২'।

মুতীম বি [মোতিম > °ম] মৌক্তিক। "মুতীম হার শ্রী কী ৮৪।

মুৎফরাক্কা, মোৎফরেক্কা বি° [আ মুত্ফ়বরিক্ —পৃথক] যে মোকদ্দমা নম্বরওযাবী নহে, ছোট-খাট মোকদ্দমা। "মোৎফরেক্কাব তদ্বির।—হু ১২।

মুৎসুদ্দি, -দ্দী দ্র 'মুচ্ছুদ্দি'।

মুথা, -থো বি [সং মুস্ত, -স্তা >প্রা মুথ, -থা > বা মুথ, -থা, হি, ঠ, প মোথা, গু, সি মোথ, ড মুথা] কুন্দমূল তৃণবিশেষ (Cyperus rotundus)। "নাগর°। মুথা ক চ ৫৪।

মুদ্ অক [ভ্বা, ঙ—মোদতে, সেট্] হর্ষ। —দ্ সক [চু, প—মোদযতি, সেট্] সংসর্গ, মিশ্রণ। 'মোদযতি ঘৃতেনান্নং লোকঃ। [অনু—অনু-মোদন। আ—আমোদ। প্র—প্রমোদ, হর্ষ।]

মুদ১ বি [সং মুদ্ >প্রা মুদা > বা মুদ, হি মুদ, -দা] হর্ষ। "নদিয়া মহি মুদ বিথারি ন প ৯০, রাসবস-মুদ মাতি ৩৩৮। [°বর্দ্ধন—হর্ষ-বর্দ্ধক। "মর্দ্দল মুদবর্দ্ধন ন প ১৫১। °মতি—হৃষ্টচিত্ত। "ন প ১৪৬। °সদন—প্রচুবানন্দাধাব। 'অদ্বৈত মুদসদন ন প ৩৯১।]

মুদ২ সর্ম্ম [সং √মুদ্র—মুদ্রয্ >প্রা √মুদ্দ, * √মুংদ > বা °দ, হি √মুঁদ, ঠ মুংধ, মৈ √মুন] ১ মুদ্রিত করা, নিমীলিত করা। "মুদই দুই আঁখি বি প ৭৪; মুদি বহু দুনয়ান বি প ৮১। দিঠি মুদল। —ব ১২৬। নযন মুদসি।—জ্ঞা ২০১। মুদয়ে নয়ান শ্রী কী ৩৭৮। ২ আবৃত করা, ঢাকা। "শ্রবণ মুদই দুই পাণি বি সা ২৪৩, বি প ১১৬। মুদিয়া রহল কাণে চ দা ১১১। মুদিল শালেব চিহ্ন ঢালিয়া সিন্দুর শ্রী ৩৭। গাড়ী মুদে যাওয়া।—হেম ৩৯০। ৩ লুকায়িত করা, লুকান। "মুহিরে মুদল জনু রতন ভাণ্ডারে বি প ৮০। ৪ বন্ধ করা, রোধ করা। 'দুয়ার মুদিয়া দিল যেমন নিতানি ভ গ্র ৩০৩। —দ অর্ম্ম ১ বিলুপ্ত হওয়া, বুঁজা। "কাণে ছেঁদা মুদে যদি তবে সে প্রমাণ ভা চ ৩৮৪। ২ কুট্মলিত হওয়া (ফুল)। [মুদা২—সর্থ 'মুদ২। মুদয়ে, মুদল (মুদ্রিত), মুদসি, -দি (প ক)।]

মুদঙ্গ বি [মৃদঙ্গ > °ঙ্গ, তু ' √মৃ—মুমুর্] মৃদঙ্গ, খোল। "দ্রিমি দ্রিমি, দ্রম্ভু বাজত মধুর মুদঙ্গ ন প ৩৩৮।

মুদড়ী, -ড়ি বি [মুদ্রিকা >(স্বরাগমে) মুদরিকা > °রি, -ড়ী, হি মুঁদরী] অঙ্গুরীয়ক। "লাখেকের মুদড়ী শ্রী কী ২৭৯। °রি বি প ৯০, অঙ্গুলিক মুদরি, সোই ভেল কঙ্কণ।—গো ২৫২।

মুদরি দ্র 'মুদড়ী'।

মুদা১ স্ত্রী [√মুদ্+অ (যঅর্থে 'ক')-ভা+স্ত্রী আ (টাপ্), মুদ্+আপ্ (ভাগুরি), তু 'সং মুদ্ >প্রা মুদা] হর্ষ।

মুদা২ দ্র 'মুদ২'।

মুদাফৎ বি [[ফা মুদাফ ত্] জমি বা জমাব মূল অধিকারী, অর্থাৎ প্রথমে যাহার নামে জমি-জমা থাকে। —ফতী বিং মুদাফতের নামীয় (জমা)।

মুদারা বি ['মন্দ্র' মূল] (সঙ্গীতে) স্বরসপ্তকেব মধ্যম সপ্তক। দ্র 'উদারা'। "(কণ্ঠ) মুদাবায মধ্যালোকে…,সেই সুধা-জ্যোৎস্নায় করিল বর্ষণ।—ন ৮৯৩।

মুদি, -দী বি [হি, ঠ, প, গু, ড মোদী] চাল ডাল নুন তেল ইত্যাদিব বিক্রেতা (grocer)। "মুদি গো চ ৪৮৭। °দি চৈ চ ১৯৫। [°খানা (হি মোদীখানা)—মুদিব দোকান।]

মুদিত১ বিণ [√মুদ্+ত(ক্ত)-ক] হর্ষাবিষ্ট, হৃষ্ট। "কোশলো নাম মুদিতঃ স্ফীতো জনপদঃ রা ১ ৫.৫, ৪৫ ৪৫। (তাং কুমারঃ) মুদিতো ববন্দে কু স ১৩ ৩১। রঘু ১২ ৭। °হিয ন প ৩৪৭। মধুমুদিতমন ভা চ ১৪১। —দিত ক্লী [+ত-ভা] ১ হর্ষ। ২ আলিঙ্গনবিশেষ (শ ক)। —দিতা স্ত্রী [°ত+স্ত্রী আ (টাপ্)] হর্ষ।

মুদিত২ বিং [মুদ২+ইত২, সং মুদ্রিত] ১ নিমীলিত। "মুদিত নয়ান বি.প ৬১। মুদিত দিঠি।—জ প ৩১। শ্রী ৩৭। ২ মুকুলিত। "মুদিতা নলিনী।—ন ১০১৩। ৩ মুদ্রিত, রুদ্ধ। "প্রথম যৌবন, মুদিত ভাণ্ডাব, তাত না সাধাএ চুরী শ্রী.কী ৯৮.১৫০,-১।

মুদিতা দ্র 'মদিত১'।

মুদিতোন্মুখ বিং ['মুদ্রণোন্মুখ' সাধু] নিমীলনোন্মুখ। 'প্রদোষে সুধাংশু দেখি, পদ্ম যেন মুদিত উন্মুখে ভ গ্র ১১১। কোন রমণীব রূপ অপরাহ্নে স্থলপদ্মের ন্যায় নির্ব্বাস °থ ব প্র ৫২।

মুদির পুং [√মুদ+ইব (কিবচ্)-ণ, উ ১ ৫২] ১ 'হর্ষসাধন' মেঘ। "(হবিম্) মেদুরমুদিরবেশম্ গী গো ২ ৩। কৃষ্ণ-অঙ্গ শোভে যেন মেদুর মুদির।—ম ৪৯, ১০৮, মুদির-ঈষৎশ্যামা ১৫৪। °মরকত মধুর মূরতি।—গো ৮১। ২ [+ইর-ক] কামুক। ৩ ভেক। ৪ খঞ্জন। "মুদিরেক্ষণ।

মুদিরেক্ষণ ক্লী [ষ ত] মেঘদর্শন। ন "কদাপি কৃষ্ণমুদিরেক্ষণং বিনা, মুদিবেক্ষণে ক্ষণমপি শ্বসিত্যসৌ বি মা ৭ ৩৪। —ক্ষণা স্ত্রী খঞ্জননয়না। "বি মা ৭.৩৪।

মুদিরেক্ষণা দ্র 'মুদিরেক্ষণ'।

মুদী দ্র 'মুদি'।

মুদো বি [সং মূর্দ্ধন্ >প্রা মুদ্ধ > বা মুদ, -দো] ১ মূর্দ্ধাকৃতি গ্রন্থি, গোল গাঁঠ, বোতাম। "ঘুনশিব মুদো। ২ গণককে দেওয়াব নিমিত্ত চাল পয়সা ইত্যাদির পুঁটলি (An offering made to an astrologer or fortune-teller (Carey)। 'গিন্নি শনিবারে একটা সুপুরি পয়সা ও সওয়া কুনকে চেলেব মুদো বাঁধেন,·· দাসী সেই মুদোটি নিয়ে জানের বাড়ি যায়—হু ১২৭।

মুদ্গ পুং [√মুদ্+গ (গক)-ক, উ ১ ১২৭] ১ জলবায়স, পানী-কৌড়ী। তু 'মদগু'। ২ [+গ-ণ] শমীধান্যভেদ, মুগের গাছ (Phaseolus Mungo)। "মনু ৯ ৩৯। কৃষ্ণ°, পীত°, বন° (S.W.) ৩ মুদ্গবীজ, মুগকলায়। ৪ আবরণ (Wilson)। "স°। [°পর্ণী (স্ত্রী)—বনমুদ্গ, মুগানী। °মোদক (পুং)—মুদ্গকৃত মোদক, মতি-চুর (ভাবপ্রকাশ—শ ক)।]

মুদ্গবড়া বি মুগের বড়া বা পিষ্টক। "চৈ চ ৮৪।

মুদ্গর পুং [মুদ্ (হর্ষ), তাহার গর (নাশক), ষ ত] ১ 'হর্ষনাশক', লৌহ-ময় আয়ুধবিশেষ, অয়োঘন, ঘন। "কালমুদ্গরহস্ত গো রা ৩.৫৪ ১০।

শূল° হত্বা মহা ১.২১০.৩। শিলানিষ্পিষ্টমুদ্গরাঃ (রণঃ) রঘু ১২.৭৩। কু ২। ২ মুদ্গরসদৃশ দ্রব্যমাত্র; মুগুর। ৩ কোরক। ৪ লোষ্টভেদনার্থ কাষ্ঠখণ্ড। ৫ কর্ম্মারবৃক্ষ, কামরাঙা গাছ। —র ক্লী মল্লিকাবিশেষ। [°ফল (পুং)—কর্ম্মারবৃক্ষ।]

মুদ্গল পুং ১ গোত্রকারকমুনিবিশেষ। ২ উপনিষদ্‌ভেদ।

মুদ্গাঙ্কুর বি মুগের অঙ্কুর, ভিজান গোটামুগ। "চৈ.চ ১৫৮।

মুদ্গার্দ্রবট পুং [উ লো] মুগ ও আদার বড়া (ভাবপ্রকাশ)।

মুদ্দ, মুরদ, মুর্দ্দা বি [ফা মুর্‌দহ্, তু 'প্রা মুদ' (মৃত—ক.ম ১২/১৫।] মৃতদেহ; শব। "জ্ঞানহত কাষ্ঠবুদ্ধ্যে মুরদরে (পাঠান্তর 'মুদ্দব') ধরিয়া ভ.গ্র ১৯৮। কেত্তা মুর্দ্দা অ.গ্র ৩২।

মুদ্দই বি [আ মুদ্দ'ঈ] শত্রু, দুশমন, কড়া। "হাকিম ভারি °ই, মাসের হদ্দে চৌদ্দই, সূর্য্য-অস্ত হইলে দফা ফরসা।—দা ২১৩২।

মুদ্দ(র্দ্দ)ত্ বি [আ মুদ্দত্] ১ কালপরিমাণ, নির্দ্দিষ্ট কাল। "মুর্দ্দত সর্ত্তের বরস: এই মুর্দ্দতের মৈদ্ধে E.P. 87 ২ বহুকাল। "পুরুষ ২ মুদ্দত্ (ধৃতপাঠ 'মুদ্দ্যুত') হইতে E.P. 48 —তি বি সর্থ 'মুদ্দত্ (১)। "আর দ্রব্যের মুদ্দতি করি ঘরে পাঠাইল চৈ.চ ৩০৮। —তী বিং [°ৎ +ঈ°] নির্দ্দিষ্টকালসম্বন্ধী, মেয়াদী। [°তী হুণ্ডি—যে হুণ্ডির টাকা নির্দ্দিষ্ট কালের মধ্যে দিতে হয়।]

মুদ্দতী দ্র 'মুদ্দত্'।

মুদ্দ(দ্দো)ফরাশ, মুর্দ্দাফরাশ বি [ফা মুর্‌দহ্+ফরোশ্] নীচ জাতিবিশেষ। [ইহারা শ্মশানে মৃতদেহ বহন ও দাহ করে।]

মু(মো)দ্দা বি [আ মুদ্দা'আ] ১ অভিপ্রায়, উদ্দেশ্য। ২ [আ মাদ্দহ্] সার, তাৎপর্য্য। "মোদ্দা কথাটা, একটা মেয়ে মানুষ চাই।—জা ৪৬। [মোদ্দা কথা—সার কথা।]

মুদ্দাই বি [দ্র 'মুদ্দই'] ১ প্রতিদ্বন্দ্বী, শত্রু। "দুই এক কথা যদি আনয়ে ভাবিয়া। মধ্যস্থ মুদ্দাই হ'য়ে দেয় ভুলাইয়া॥—ভা.চ ৩২৬। ২ বাদী (plaintiff)।

মুদ্রণ ক্লী [√মুদ্রি+অন (ল্যুট্)-ভা] ১ মুদ্রিত করা, মোহর করা (sealing)। ২ মুদ্রাঙ্কণ (printing)। ৩ চিহ্নকরণ, অঙ্কন (marking)। ৪ বন্ধ, নিরোধ। "অসহৃদয়ানাং মুখমুদ্রণায় (S.W)। ৫ নিমীলন।

মুদ্রা স্ত্রী [√মুদ্+র (রক্)-ণ+স্ত্রী আ (টাপ্), উ ২.১৩] ১ প্রত্যয়-কারিণী (উ.বৃত্তি), নামের মোহর (seal)। "স্বমুদ্রোপবিচিহ্নিতম্ (শাসনম্) যাজ্ঞ ১.৩১৯। ভাঙ্গিয়া তাহার মুদ্রা লাগিল পড়িতে ব প ৬৩৬। মুদ্রা মুক্ত করি পরে, পত্র পড়ে কন্যা বরে।—রঙ্গ ৩০। ২ নামাক্ষর-যুক্ত অঙ্গুরীয়ক; ছাপের আঙটি। "মহা ১.১৩১ ৩২। শ ৬ ১/২২। অনয়া মুদ্রয়া মুদ্রয় এনম্।—মু ১ ২/২৪। ৩ লিপিবিশেষ, ছাপার অক্ষর। [মুদ্রালিপি শিল্পলিপি লেখনীকৃতলিপি গুণ্ডিকালিপি—এই পঞ্চবিধ লিপি।] ৪ স্বর্ণরৌপ্যাদিমুদ্রা—মোহর টাকা পয়সা। "(পদ্মলক্ষণ-লক্ষিতাঃ) মুদ্রাঃ মহা ৩.৮২.৬৬। ৫ চিহ্ন। "পদ্মমুদ্রাপদাম্বুজঃ (এষঃ কৈটভার্দ্দনঃ) ভ ৩.২৪.১৭। ত্রিভুবনজয়মুদ্রা দ্রৌপদী বা.ভা ১.৮৭। সিন্দূরমুদ্রাঙ্কিতঃ (বাহুঃ) গী.গো ৪.২৩। ৬ শরীরে ধার্য্য ভগবদায়ুধাদি-চিহ্ন; ছাপ। ৭ প্রতিষ্ঠাজ্ঞাপনার্থ মুদ্রা (medal)। ৮ মুদ্রাঙ্কিত অনুজ্ঞাপত্র (pass)। "ন চামুদ্রোঽভিনির্যাতি ন চামুদ্রঃ প্রবেশ্যতে মহা৩ ১৫.১৯। অনুগৃহীতমুদ্র।—মু ৫ ১/৩। ৯ তালক, তালা (lock)। ১০ নিবর্ত্তকদ্রব্য, বন্ধ, ছিপি। "দীয়তে পিশুনলোকমুখেষু মুদ্রা ক ম ৩ ৯। ১১ গূঢ়বিষয়, রহস্য। "ইয়ং তু শাম্ভবী মুদ্রা গুপ্তা কুলবধূরিব (S.W.)। তাঁর বাক্যক্রিয়ামুদ্রা বিজ্ঞে না বুঝয় চৈ চ ২২৯; ৩০৩। তাঁহার চরিত্রমুদ্রা বিজ্ঞে না বুঝয় ভ.গ্র ৭৫; ক্রিয়া° ১৭২। ১২ ভঙ্গি, নির্ম্মাণপ্রকার। "সৈবৌষ্ঠ° উ.চ ৬.২৭। ১৩ মুদ্রণ, নিমীলন, বন্ধ। "নিদ্রা° মা.মা ২.১১। ১৪ সঙ্কোচ, মুকুলিতভাব। "°ভাজঃ পদ্মিনী-নাম্ সা দ ৯.৫। ১৫ গীতবাদ্যাদিকালে অঙ্গভঙ্গি। ১৬ পূজাজপধ্যান-প্রভৃতিতে দেবতাবিশেষের প্রীতিকরী বিবিধ করাঙ্গুলিরচনা। 'মোদনাৎ সর্ব্বদেবানাম্ (মুদ্রা)। ১৭ অলঙ্কারবিশেষ। [প্রস্তুতবিষয়ের অর্থসূচক পদসমূহ দ্বারা সূচনীয় বিষয়ের নির্দ্দেশকে 'মুদ্রালঙ্কার' কহে। 'সূচ্যার্থ-সূচনা মুদ্রা প্রকৃতার্থপরৈঃ পদৈঃ। নিতম্বগুর্ব্বী তরুণী দৃগ্‌যুগ্মবিপুলা চ সা॥—কুবলয়ানন্দ ১৩৮। 'যুগ্মবিপুলা' নায়িকাবর্ণনপর হইলেও, ঐ অনুষ্টুভের 'যুগ্মবিপুলা' নাম সূচনা করিতেছে।] ১৮ (বাঙলায়) মুদ্রারাক্ষস রূপক। "ক চ ২১৫। ১৯ স্ফটিক বা হস্তিদন্তের কুণ্ডল। "গো.চ ৪৭৮। [°কার (পুং)—যে সীলে অক্ষর খোদে; মুদ্রাক্ষরকারক। °মার্গ (পুং)—'রহস্যপথ', ব্রহ্মরন্ধ্র। °যন্ত্র (ক্লী)—ছাপার যন্ত্র; প্রেস্। "°যন্ত্রালয়। °রক্ষক (পুং)—যে মোহর (নামাঙ্কিত সীল) রাখে। °রাক্ষস (ক্লী)—বিশাখদত্তকৃত সংস্কৃত রূপকবিশেষ। °লিপি (স্ত্রী)—মুদ্রাকৃত অক্ষর, ছাপার অক্ষর। দ্র 'মুদ্রা (৩)। °স্থান (ক্লী)—নামাঙ্কিত অঙ্গুরীয়ধারণস্থান। "°নং পরামৃশ্য শ ৫ ২/২২।]

মুদ্রাক্ষর ক্লী [উ.লো] ১ মুদ্রাকৃত অক্ষর, মুদ্রালিপি, ছাপার অক্ষর। ২ অঙ্গুরীয়ের উপরি উৎকীর্ণ নামাক্ষর। "শ ১ ২/২৮।

মুদ্রাঙ্ক বিণ [বহুব্রী] যাহাতে মুদ্রাচিহ্ন আছে, মুদ্রাঙ্কিত, মোহর-করা। —ঙ্কণ ক্লী [তৃ.ত] মুদ্রাদ্বারা চিহ্নীকরণ, ছাপা। —ঙ্কিত বিণ [তৃ.ত] ১ মুদ্রা দ্বারা অঙ্কিত, মুদ্রাচিহ্নযুক্ত। ২ চিহ্নাঙ্কিত। "কমলা-কপোলমকরীমুদ্রাঙ্কিতোরঃস্থল।—প্রবোধচন্দ্রোদয় ১।

মুদ্রাঙ্কণ, মুদ্রাঙ্কিত দ্র 'মুদ্রাঙ্ক'।

মুদ্রাদোষ বি ১ সর্থ 'মুদ্রা' (১৫)। ২ কথা কহার সময়ে ভাবসূচক অঙ্গভঙ্গি বা অনর্থকবাক্যপ্রযোগ (mannerism)।

মুদ্রাশঙ্খ বি [সং মৃদ্দাবশৃঙ্গক (বাঙ্গালা শব্দকোষ), ফা মুর্‌দারসংগ্, হি মুরদাসংগ,-সিংগী : ঠ মুরদারশিংগ] খনিজ সীসকভস্মবিশেষ (litharge)।

মুদ্রি সক [মুদ্রা+ই (ণিচ্)—মুদ্রি, চু, প—মুদ্রয়তি, সেট্] ১ মুদ্রণ, ছাপযুক্ত করা (to seal)। দ্র 'মুদ্রা (২)। "হ ১১৫.৩২। ২ চিহ্নিত করা (to mark, impress)। ৩ অবরোধ (to close up)। "বিবরাণি মুদ্রয়ন্ দ্রাগূর্ণায়ুরিব সুজনো জয়তি।—ভামিনীবিলাস ১ ৮৮। ৪ মুদ্রাঙ্কণ (to print)।

মুদ্রিকা স্ত্রী [মুদ্রা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'মুদ্রা (১-৫)। ২ ছেদনভেদনে ব্যবহার্য্য শস্ত্রবিশেষ। "সুশ্রুত ১৮.২; ৩। ৩ (বাঙলায়) অঙ্গুরীয়। "সুবর্ণ° চৈ.ভা ৪৫৮। মুদ্রিকা খেচনি য়া.পে ৩২।

মুদ্রিত বিণ [√মুদ্রি+ত (ক্ত)-র্ম্ম, মুদ্রা+ইত (ইতচ্)] ১ কৃতমুদ্রণ, মোহর-করা (sealed)। "অঙ্গুরীয়কমুদ্রিতা (পেটিকা)।—দশকুমার। ২ চিহ্নিত, অঙ্কিত, রাজিত। "কাশ্মীরমুদ্রিতমুরঃ গী.গো ১.২৬; সিন্দূরেণ দ্বিপরণমুদা মুদ্রিতঃ (ভুজদণ্ডঃ) ১১.৩৪। ৩ মুদ্রাঙ্কিত। (printed)। ৪ নিমীলিত। "নিদ্রামুদ্রিতলোচনা ক.সা ৬৩.১৯৪। ন.প ১২। চক্ষু রসে অর্দ্ধ° ব প্র ২৮। ৫ সঙ্কুচিত, কুট্মলিত (পুষ্প)। ৬ নিবারিত। "মুদ্রিতাশ্বজনসংকথন।—নৈ ৫.১২। ৭ বেষ্টিত। "সপ্তসমুদ্রমুদ্রিতমহী ম.চ ২৩৬। ৮ মুদ্রাযুক্ত। দ্র 'মুদ্রা' (১৬)। —ত ক্লী [+ক্ত-ভা] ১ মুদ্রণ, মুদ্রাকরণ, ছাপ। "নীচেষুপকৃতং রাজন্ বালুকাসু মুদ্রিতম্ (S.W.)। ২ নিমীলন। "অবিরল মুদ্রিতোন্মুখনেত্রে বারিধারা পড়িতেছিল ব.বি ৫।

মুদ্রিতাক্ষ বিণ [মুদ্রিত অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্); স্ত্রী -ক্ষী] নিমীলিতনেত্র।

মুধা ব্য ১ ব্যর্থ, বিফল। "মুধা জ্ঞানং মুধা কৃতং মুধা সেবা মুধা অন্ন

মহা.এ৪.৩৮.৪ ; ৯। হেন কৃষ্ণাধরসুধা, যে কৈল অমৃত মুধা চৈ.চ ৩৪০। ২ মিথ্যা। "রাত্রিঃ সৈব পুনঃ স এব দিবসো মত্বা মুধা জন্তবঃ।—ভর্তৃহরি।

মুদ অর্গ [দ্র 'মুদ্‌২'] মুদ্রিত বা সঙ্কুচিত হওয়া। "মুদি গেল কুমুদিনী, ভাইভ তোহর ধনি, মুদল মুখ অরবিন্দা বি.প ১২০।

মুনকির বি [আ মুন্‌কির্‌] মিথ্যাবাদী। "যাহারা দেবীর নিকট দান পাইয়া ঘরে অর্থ লইয়া আসিয়াছিল, তাহারা সব মুনকির—বলে টাকা কোথা ?—ব.প্র ৪০০।

মুন(মো)ফা বি [আ মুনাফা'] ১ ব্যবসায়ে মূলধনের অতিরিক্ত ধন, লাভ। "গচ্ছিত টাকার সুদ জোগাইতে লাগিলাম কিন্তু সেটা মুনাফা হইতে নয় গ স ৯৭। ২ হস্তবুদ হইতে মালগুজারী বাদ দিলে যে টাকা অবশিষ্ট থাকে। "অমুক তালুকের মুনাফা কত?—আ.হু ২৩।

মুনাফা দ্র 'মুনফা'।

মুনাদি বি [আ মুনাদী] ঢোল পিটাইয়া কোন বিষয়ের ঘোষণা, ঢেঁড়রা। "হাটে বাজারে গাজি মুনাদি ফিরাই ব প ১৮৫৩,-৭।

মু(মো)নাসিব,-সেব বিং [আ মুনাসিব্‌] যোগ্য, উচিত, ঠিক। "লেড়্‌খা···বেতমিজ ও বজ্জাত হলো, এলাজ দেওয়া মোনাসেব আ.হু ৯২, হেন্দুর লেড়্‌খা হয়ে হেন্দুর মাফিক পালপার্ব্বণ করা মোনাসেব ৯৩।

মুনি১ বিণ মৌনী। "মনু ৬ ৪১,-৩। —নি পুং [√মন্‌+ই (ইন্‌)-ক, উ ৪ ১২২, 'মুনিঃ'—মননান্‌ মুনিঃ স্তোতা (ঋগ্বেদ ৭ ৫৬ ৮, সায়ণ)] ১ মননশীল (শঙ্কর), বেদার্থমননশীল (শ্রীধর)। "মুনীনামপ্যহং ব্যাসঃ গী ১০ ৩৭। ভ ১ ৮ ২০। 'মুনি' শব্দে মননশীল, আর কহে মৌনী চৈ.চ ২৩৩, কৃষ্ণমনন 'মুনি' ২৪১। ২ সন্ন্যাসী, মননশীল সন্ন্যাসী (গী.টীকা) : "বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে।—গী ২.৫৬, ৬৯। ৩ মৌনব্রতী, বাচংযম (অ.কো)। ৪ মননহেতু সর্ব্বজ্ঞ পরমাত্মা (কুল্লুক)। 'নিত্যং স্থিতস্তে হৃদ্যেষ পুণ্যপাপেক্ষিতা মুনিঃ মনু ৮ ৯১। মাঘ ১ ১। ৫ ঋষি, তাপস। "রা ১ ৪ ১৫,-৬। মনু ১ ১১০। মুনিহোমধেনুঃ রঘু ২ ২৬, ৫৫। নৈ ১ ১৩৩। ৬ শাকপত্র-ফলমূলভোজী বনবাসী নিত্যশ্রাদ্ধরত ব্রাহ্মণ। 'অত্রি ৩৬৬। ৭ অগস্ত্য। "মুনি কহ বিবরণ।—কৃ ৩৯৩। ৮ ব্যাস। ৯ পাণিনি, কাত্যায়ন, পতঞ্জলি। "°ত্রয়(সি)। ১০ জিন, বুদ্ধ। ১১ (বহুব) সপ্তর্ষি। ১২ সপ্তর্ষিসংখ্যানুসারে (৭) সংখ্যা। "শ্রুতবোধ ৪। মুনি তিন গুণ করি (৭×৩)।—জ্ঞা ২৩২। ১৩ আম্রবৃক্ষ, প্রিয়াল, পলাশ, দমনক। —নি, -নী স্ত্রী [°নি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্‌)] ১ মননশীলা নারী, স্ত্রী-মুনি। "মুনিরিয়ং ব্রাহ্মণী। মুনীয়ং ব্রাহ্মণী।—উ ৪ ১২২, উজ্জ্বল। ২ দক্ষকন্যা, কশ্যপপত্নী। 'মহা ১.৬৫ ১২। [°কুমার, °দারক (পুং)—ঋষিতনয়। °চ্ছদ (পুং)—সপ্তপর্ণ বৃক্ষ। °তনয়া (স্ত্রী)—মুনিকন্যা। "শ ১ ২৬। °তরু, °দ্রুম (পুং)—অগস্ত্যের প্রিয় তরু, বকবৃক্ষ। "মুনিদ্রুম নৈ ১.৯৬। °ত্রয় (ক্লী)—পাণিনি, কাত্যায়ন ও পতঞ্জলি—এই তিন মুনি। °পিত্তল (ক্লী)—তাম্র। °পুঙ্গব (পুং)—মুনিশ্রেষ্ঠ, মুনিবর। °পুত্র (পুং)—১ মুনিতনয়। ২ দমনকবৃক্ষ (ভাবপ্রকাশ)। °পুষ্প (ক্লী)—বকপুষ্প। °পূগ (পুং) —গুবাকবিশেষ, রামপূগ। °বন (ক্লী)—মুন্যধ্যুষিত বন, তপোবন। "°বনতরুচ্ছায়াং (শিশ্রিয়ে) রঘু ৩ ৭০। °বৃক্ষ (পুং)—সরল, পলাশ, শোনাক। °বৃত্তি (বিণ)—মুনিবৃত্তির ন্যায় যাহার বৃত্তি, তাপসবৃত্ত, বানপ্রস্থাশ্রমী। "রঘু ১.৮। °বৃত্তি (বি)—মুনির কার্য্য। "বার্দ্ধক্যে আপনার কাজ ফুরাইয়াছে, বিবেচনা করিয়া পরহিতে রত হও। এই মুনিবৃত্তি যথার্থ মুনিবৃত্তি।—ব.প্র ৬৪১। °বেশ (পুং)—তাপস-পরিচ্ছদ। "মুনিবেশধর। °ব্রত (ক্লী)—চান্দ্রায়ণাদি তাপসব্রত। কু.স ৫.৪৮। °ভেষজ (ক্লী)—১ মুনির ঔষধ ; হরীতকী। ২ লঙ্ঘন, উপবাস। °স্থল, °স্থান (ক্লী)—তপোবন।]

মুনি২ বি [মণি > °নি, অপ্র] মণি। "বহু মুনি সুগঠিত (রথ) অ.প ৫১। মুনিমুকুতার পাঁতি শ্রী ২৪০। মুনির মোহন মালা শি ১।

মুনি৩, **-নিয়া** বিং [মণ+ইঁ৮, ইয়া২ > মণি, -ণিয়া > °নি, -নিয়া ; অপ্র] মণ-পরিমাণে ভারী। "চালিশ মুনি সোডা : পঞ্চাশ মুনি টৌপ : নয় মুনিয়া লোহার খড়ম গো চ ২৪৪।

মুনিব বি সর্থ 'মনিব'। "মুনিব মন্দ নয় : মুনিবের পক্ষে ভাল ব প্র ৩২১। —বনী বি [°ব+নী] মুনিবের স্ত্রী ; প্রভুপত্নী। "মুনিবনীর পক্ষে বড় মন্দ ব.প্র ৩২১। [°ঠাকুর—দ্র 'মনিব'। °ঠাকরুণ—সর্থ 'মনিব ঠাকরুন' (দ্র 'মনিব')। "°ণ বড় হারামজাদা ব প্র ৩২১।]

মুনিমন্ত, -মন্ত্র বি মুনিব মন্ত্র, মহামন্ত্র। "মুনিমন্ত্র গিয়ান গো চ ৩৭, ১২৫। অস্তমিত যামিনিকান্ত। কি ফল ভেল মুনিমন্ত (পাঠান্তর 'মণি-মন্ত'—প.ক)।—গো ২২৯।

মুনিমন্ত্র দ্র 'মুনিমন্ত'।

মুনিয়া দ্র 'মুনি৩'।

মুনিষ বি [সং মনুষ্য, '°ষ' (মনুষ্যোচিতগুণবান্‌—চট্টগ্রাম) মুনিস (অ অ—ধৌলিলিপি)] মজুর। "মুনিষ খাটা। —নিষ্য বি মনুষ্য। "মুনিষ্য-জনম ম গা ১। —নিস বি চাকর। "মুনিসে মাথায় তৈল শ্রী মা ৯৬। —নিসা বি ১ [মিনিসা > °সা] সর্থ 'মিনষে (২)। "গোলাবেচা মুনিসাও হইল বৈষ্ণব চৈ ভা ৩২৩। ২ সর্থ মিনষে' (৩)। "ভাঙ্গ খায় মুনিসা : °সারে খেদায় বি পা ৬০।

মুনিষ্য, মুনিস, মুনিসা দ্র 'মুনিষ'।

মুনী দ্র 'মুনি১'।

মুনীন্দ্র পুং [মুনি ইন্দ্রতুল্য, উপ স] ১ মুনিশ্রেষ্ঠ, মহামুনি। "বি স্ম ১১১, ১৫৯। ২ শিব। ৩ ভরতমুনি। ৪ জিন। ৫ গৌতম।

মুনীশ পুং [ষ ত] ১ মুনিশ্রেষ্ঠ। ২ বাল্মীকি। ৩ শাক্যমুনি। —নীশ্বর পুং [ষ ত] ১ বিষ্ণু। ২ বুদ্ধ।

মুনীশ্বর দ্র 'মুনীশ'।

মুন্দ সর্ম [দ্র 'মুদ্‌২] ১ বন্ধ করা, রোধ করা। "কো ইহ মুন্দল কুঞ্জক বাট প.ক ৩৪১। ২ নিমীলিত করা, বুঁজান। "মুন্দি রহত দুই নয়ানে প.ক ৫৫২, ক্ষণে আঁখিযুগ মুন্দে ১৭৪৬।

মুন্যন্ন ক্লী [ষ ত] বানপ্রস্থের অন্ন নীবারাদি। "মনু ৩.২৫৭,-৭২, ৫ ৫৪, ৬ ৫। ভ ৭ ১৫.৭, ১২।

মুন্যৃষভ বিণ [মনি ঋষভতুল্য, উপ স] মুনিশ্রেষ্ঠ। "ব প্র ২৬৮।

মুন্‌শী, -সি, -সী বি [আ মুন্‌শী] ১ যে রাজকর্ম্মচারী পত্রাদির মুসাবিদা করেন, লেখক, কেরানী। "মুনসীপ্রধান ভা চ ২৪, রাজার মুনশী ৪১৬, মুনসী ৫০১,-৪১। ২ ফারসী বা উর্দ্দুর শিক্ষক। "পুত্রকে পারসি পড়াইবার জন্য রাবুরাম বাবু একজন মুনসি অন্বেষণ করিতে লাগিলেন আ হু ৬। ৩ সম্মানসূচক উপাধিবিশেষ। 'টাকীর জমিদার কালীনাথ মুনশী। [°খানা—মুনশীর আফিস্‌। °গিরী—মুনশীর কার্য্যদক্ষতা বা কার্য্য। °জী—মুন্‌শী মহাশয়। "ভা চ ৪১৬। °য়ানা (ফা °যানা) —দক্ষ মুন্‌শীর যোগ্য, মুন্‌শীর দক্ষতা।]

মুন্‌সি দ্র 'মুন্‌শী'।

মুন্‌সিব, -সেফ, মোন্‌সব বি [আ মুন্‌সিফ্‌] বিচারক, দেওয়ানী আদালতের বিচারক। "বাসল প্রেতের হাট, মুনসিব সর্ব্বমঙ্গলা ক চ ২৬৮। —সেফী বিং মুনসেফের সম্বন্ধী (আদালত)। —সেফী বি [ফা মুন্‌সিফী] মুন্সেফের পদ বা কার্য্য।

মুন্‌সী ; মুন্‌সেফ, মুন্‌সেফী দ্র 'মুনশী ; মুনসিব'।

মুফেদ বি [আ মুফিদ্‌] হিতকারী, শুভাকাঙ্ক্ষী। "(কালু) দলুই সকলি সাতে থাকিবি মুফেদ শ্রী ২০৮।

মুফ্‌তী বি [ফা মুফ্‌তী] মহম্মদীয় আইনের ব্যাখ্যাকার।

মুমুক্ষা স্ত্রী [√মুচ্+স (সন্)— √মুমুক্ষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ মুক্তির ইচ্ছা; মোচনেচ্ছা। "মহা ১.২২৭.৭। লিঙ্গাদসতো মুমুক্ষয়া ভ ৩.১৯.২৭। ২ মোক্ষলাভেচ্ছা। "চৈ.চ ২৩৭। ৩ বিপত্তিত্রাণেচ্ছা। —মুমুক্ষু বিণ [+উ-ক ; স্ত্রী -ক্ষু] ১ মোক্ষলাভেচ্ছু। "গী ৪.১৫। ভ ১.২. ২৬। তার কোটিমধ্যেতে মুমুক্ষু এক নর।—কৃ ২২৫। ২ মোচনেচ্ছু, নিক্ষেপেচ্ছু। "মৃগেষু শরান্ মুমুক্ষোঃ (তস্য) রঘু ৯.৯৮। ৩ পরিত্রাণেচ্ছু। "(প্রকৃতীঃ) ক্লেশামুমুক্ষুঃ মহা ২.৪৯ ১৩। ৪ ভবমোচনেচ্ছু, বিরক্ত। "কু.স ২.৫১। ৫ ত্যাগেচ্ছু। "মর্ত্যাভাবং মুমুক্ষুঃ ক.সা ৫.১৪০।

মুমুষিষু পুং [√মুষ্+স (সন্)— √মুমুষিষ+উ-ক] মোষণেচ্ছু, চৌর। "ভট্টি ৭ ৯৯।

মুমূর্ষা স্ত্রী [√মৃ+স (সন্)—মুমূর্ষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] মরণেচ্ছা। "মুমূর্ষা চোপজায়তে গো রা ৬.৮২.৭। ভট্টি ৫.৫৭। —মুমূর্ষু বিণ [+উ-ক , স্ত্রী -র্ষু] ১ মরণেচ্ছু, মরণাভিলাষী। "গো.রা ৬.১৬. ৬২। ২ [+স আশঙ্কার্থে+উ-ক, পা ৬.৪.১৭, সি] মরণাশঙ্কাবিষয়ীভূত, আসন্নমৃত্যু, প্রাপ্তকাল। "(সা) পদা চৈনং (সর্পম্) সমাক্রামন্ মুমূর্ষুঃ মহা ১ ৮.১৮। মুমূর্ষূণাম্…স্যাবিক্রবা গিরঃ ৭.৮ ১১। গর্দ্দভঃ …দুর্ব্বলো মুমূর্ষুরিবাভবৎ।—হি ৩$\frac{৯}{১০}$। ৩ মরণাবস্থাগত, ম্রিয়মাণ, মর-মর (about to die)। "(কে) মুমূর্ষু প্রাণীরে করে নিরীক্ষণ ? —হেম ৩২৪। অশ্ব পথিমধ্যে মুমূর্ষু অবস্থায় দেখিয়া তিনি চিন্তামগ্না হইলেন ব.প্র ৩১, ঘোটক মুমূর্ষু হইয়া ভূতলে পড়িল ১৪৬। ৪ (বাঙ্‌লায়) নিষ্প্রভপ্রায়। "অস্তগামী মুমূর্ষু কিরণে।—অ শু ৫২।

মুয়া, মোয়া, মো বি [সং মোদক > প্রা মোঅঅ,-অব > বা (মোআ) মো(য়্)য়া] ১ মোদক। "(কেহ) মুয়া বলে মুখে ভরে মানুষের মুড় শ্রী ১৬৭, মুয়া মুড়ি মুড়কি ১৬৯। ভাত রোচে না রোচে মো। চিড়ে রোচে পো-পো॥—প্রবচন। ২ খই মুড়ি ইত্যাদির লাড়ু। "ঢ্যাপের মো।

মুর্ সক [তু, প—মুরতি ; সেট্] বেষ্টন।

মুর[1] পুং [√মুর্+অ (ক)-ক] দৈত্যবিশেষ। "মাঘ ২.১। মধুমুরনরকবিনাশন (S.W.)। মন্দমধুমুরমান হরে।—বা.দ ৪। —র ক্লী [+অ (ঘঞর্থে ক)-ভা] বেষ্টন। "°জ। —রা স্ত্রী ১ নন্দরাজ-স্ত্রী চন্দ্রগুপ্তজননী। তু 'মৌর্য্য'। ২ গন্ধদ্রব্যবিশেষ। [°জিৎ (পুং)—'মুরজয়ী', কৃষ্ণ। "গী গো ১১.৩৪। °দ্বিট্ (-ষ্) পুং—'মুরদ্বেষী', কৃষ্ণ; বিষ্ণু। °বৈরী (-রিন্), °রিপু (পুং)—'মুরশত্রু', কৃষ্ণ, বিষ্ণু। "°বৈরিন্ গী.গো ১০.৯। °ভিৎ (-দ্) পুং—'মুরভেদক', কৃষ্ণ। "বি.মা ৭.৪২। চৈ.চ ৫৯। °মথন, °মর্দ্দন (পুং)—'মুরপীড়ক', কৃষ্ণ ; বিষ্ণু। °হর (বি)—'মুরনাশক', কৃষ্ণ, হরি। "মুরহর পুরহর এক দেহে বা.দ ৯৮। °হা (-হন্) পুং—'মুরনাশক', কৃষ্ণ।]

মুর[2] বি [মুড় > °র] প্রান্ত, কূল। "ডুবিব ডিঙ্গা নদীর মুরে লাগে বি পা ২২৮ ; ডুবিলেক মধুকর সাগরের মুরে ২৩৭ ; বীরভদ্র নামিলেন সমুদ্রের মুর ৩৬৪।

মুরগণ্ড পুং [কর্ম্মধা] বেষ্টক গণ্ড , বরণ্ড, বয়স-ফোড়া।

মুরগী বি [ফা মুর্গী , cf., Av. 'merega'—bird , Pahlavi —'murg'] কুক্কুটী।

মুর(রু)চা, মুরুজা[2] বি [ফা মরর্চা , হি মোরচা] গড়ের খাত ; পরিখা। "মুরুজা ভা.চ ২৬৬ ; থানা দিল চারিদিকে মুরুচা করিয়া ৪৫৯, ৫০১। [মুরচাবন্দি—পরিখার চারি ধারে থানায় থানায় দুর্গরক্ষার্থ সেনানিয়োগ। সেনাপতি…যে স্থানে দাউদের সেনার মুরচাবন্দি পৌছিলেন ব.প ১৬৮৭। মুরচাবন্দি করা (হি মোরচাবন্দী করনা)—পূর্ব্বোক্তভাবে সেনানিয়োগ করা। "(আমি) থানাজাতে সৈন্য মুরচাবন্দি করিয়া মজবুতিতে…কর্ত্তৃত্ব করিব : দাউদ থানাজাতে মুরচাবন্দি করিল ব.প ১৬৮৫।

মুর(রু)ছ্,-রছা অর্দ্ধ [সং √মূর্চ্ছ্ > (স্বরাগমে) মু(মু)-রছ, -রুছ ; হি √মুরছ ; মৈ √মুরছা ; বৈষ্ণবসাহিত্যে] মূর্চ্ছিত হওয়া। "মুরুছি পড়িল গোপী রা.প ২। মুরুছি জ.প ১। অনঙ্গ মুরুছে।—৭৮ ; উঁহি রুক্ত কোটি, মদন মন মুরুছল ('মুরছায়ল' ১৫—প.ক) ; মদন মুরুছাওল ২১। মুরুছি পড়য়ে শ্রী.ম ১২৮। মুখানি নিরক্ষে মুরছাএ।—গ ৩৪। [মুরছই, -ছল, -লি, -ছি ; মুরুছয়ে, -ছল, -ছায়, -য়ই (প.ক)।]

মুরছ(ছা)ন বি [মূর্চ্ছন > (স্বরাগমে) °ন ; হি মুরছান] মূর্চ্ছা। "°ছন প.ক ২৪২৭ ; °ছান ১৭২৩। —রুছা বি [হি মুরছা] মূর্চ্ছা। শ্রী.কী ২৮১। মদন মুরছা পায় প.র ৩৪। —র(রু)ছিত বিং [মূর্চ্ছিত > °ত ; হি মুরছিত] মূর্চ্ছাপ্রাপ্ত। "প.ক ৩৫ ; ৯১।]

মুরছা ; মুরছান দ্র 'মুরছ ; মুরছন'।

মুরজ পুং [মুর+ √জন্+অ (ড)-ক , উ.ত] ১ 'সংবেষ্টনজাত' (অ.টী), মৃদঙ্গ, পাখোয়াজ। "°পণবমেঘঘোষ রা ২.৬৯.৪১। প্রহত° উ মে ১। ক.চ ৪। শ্রী.ম ১৬৮। মে ৭। ২ মুরজাকারে নিবদ্ধবর্ণাত্মক চিত্রালঙ্কারবিশেষ। "সা দ ১০.১৩, টীকা। —রজা স্ত্রী ১ মৃদঙ্গ ; ঢক্কা (শব্দার্ণব)। ২ কুবেরপত্নী। [°ফল (পুং)—'মুরজাকারফল', পনসবৃক্ষ। °বন্ধ (পুং)—চিত্রালঙ্কারবিশেষ। দ্র মুরজ (২)। "মাঘ ১৯. ২৯।]

মুরজা দ্র 'মুরজ'। [°মোহন (বি)—কুবের। "মা ১৪৪।]

মু(মু)রত বি [মূর্ত্তি > (স্বরাগমে) মুরতি > °ত ; হি মুরত ; মৈ মুরত] মূর্ত্তি, রূপ। "মাইলানী রূপ হইল মুরত বদলাইয়া ব.প ৩৬। মুরত গো চ ৩২। —রত বি [মূর্ত্ত > °ত] মূর্ত্তিমান্। "স্বরতমুরত দুই প.ক ১০৬২। —রতি বি মূর্ত্তি। "মুরতি জ.প ১১। মুরতিবিকাশ প.ক ৭৭।

মুরতি দ্র 'মুরত'।

মু(মু)রদ[1] বি [মুরত > °দ] ১ মূর্ত্তি, দেহ। "এই মরদের মুরদখানা। —গান ১৮। ২ মূর্ত্তি, প্রতিমূর্ত্তি। "তাহাতে (বজরাতে) কত রকম মুরদ আঁকা আছে ব.প্র ৩৭৮। ৩ [আ মুরাদ (?)] শক্তি, সামর্থ্য, পুরুষত্ব। "মুরদ হবে না আড়াই বুড়ি, সাহস কেন তোর এত।—দা ৯৫৩।

মুরদ[2] দ্র 'মুদ্দ'।

মু(মো)রব্বা বি [আ মুরব্বা , ঠ মু(মো)রংবা] চিনির বা মিসরীর রসে পাক-করা ফল বা মূল।

মুরব্বি, -ব্বী, মুরুব্বি, -ব্বী বি [আ মুরব্বী] ১ প্রতিপালক, রক্ষক, আশ্রয়দাতা। ২ সহায়, পৃষ্ঠপোষক। ৩ অভিভাবক। "আমি মুরব্বিহীন, আপনাকে আমি মুরব্বি কল্যেম বি.বু ৯। ৪ শিক্ষক, গুরু। "হালফিল্‌ই বা কোন্ কম্পাস ধ'রে জাহাজ চালাতে পাচ্ছ, সেও তো গোরা কাপ্তেনকে মুরুব্বি ধরতে হবে।—অ.গ্র ১০৫। ৫ প্রবীণ বা পাকা লোক। [মুরব্বিআনা—১ অভিভাবকের কার্য্য ; কর্ত্তৃত্ব। "যাহার ধীশক্তি পরিস্ফুট হয়, সে…মুরব্বিআনা করিতে ভালবাসে পা.প্র ৮১। ২ মুরব্বির মত (চাল)। মুরুব্বি কাড়া—মুরুব্বি করা।]

মুরব্বী দ্র 'মুরব্বি'।

মুরল পুং [মুর+ √লা+অ (ক)-ক] ১ 'বেষ্টনগ্রাহক' ; ক্ষুদ্রমৎস্যবিশেষ, মৌরলামাছ (?)। "সুশ্রুত ১.৪৬.১১৭। ২ (বহুব) মুরলদেশ ; মুরলবাসিগণ ; মুরলরাজগণ। —রলা স্ত্রী মুরলদেশীয় নদী ; নর্ম্মদা (ত্রিকাণ্ডবিশেষ), কেরলদেশীয় নদীবিশেষ (মল্লিনাথ)। "রঘু ৪.৫৫। সপি মুরলে কিমসি সম্ভ্রান্তেব উ.চ ৩$\frac{৭}{১}$। —রলী স্ত্রী [°ল+ঈ (ঙীষ্) ; মুলী (বাঁশ) > °লী (?) ; মুররী (ম.পা ১৬০) ; মুরুলী (শ্রী.ম ১৬৮)] 'অঙ্গুলিবেষ্টনগ্রাহিণী', বংশী, বংশনালিকা। "মুরলী করাও উপদেশ। —জ্ঞা ১০৮। °ধ্বনি।—মে ১০৯। [°ধর (পুং)—কৃষ্ণ। °বদন (বি)—যাহার মুখে মুরলী ; কৃষ্ণ। "চৈ.চ ১৫৪।]

মুর্শি(-শী)দ বি [আ মুর্‌শিদ্] মুসলমানের দীক্ষাগুরু।

মুরশীদ দ্র 'মুরশিদ'।

মুরেফজ দ্র 'মুখচন্দ্র'।

মুরারি পুং [ষ.ত : °রী (শ্রী.কী ; শ্রী.মা ৪৩)] ১ 'মুরদৈত্যশত্রু', কৃষ্ণ। "ভ ৩.৭.১৪, গী.গো ১.৩৯। (মুরেশ্বরী) মুরারিচরণচারী।—হ ১৬। °মুরলী ধ্বনি।—মে ১০৯। হরে মুরারে ব.খি ৯১। ২ 'মুরারি-নাটক' বা 'অনর্ঘরাঘব' নাটকের রচয়িতা মহাকবিবিশেষ। "মে ১০৯। ৩ (বাংলায়) অনর্ঘরাঘব নাটক। "ক.চ ২১৫। শ্রী.মা ৪৩।

মুরুক্ষ, -রুখ, -খ্যু বিং [মূর্খ >(স্বরাগমে) মুর(রু)খ, মুরুখ, মূর্খ >প্রা মুরুক্‌খ (হে ২.১১২) >বা (উচ্চারণসাম্যে) °ক্ষ, -খ্যু ; অপ্র ; °ক্ষ, -খ্যু (গ্রাম্য), হি মুরখ, মৈ মুরুখ] ১ মূর্খ। "(এই পুত্র) হইবে মুরুখ।—ম ১৬০। মুরুক্ষেরে অক্ষর দেখাইলে কি ফল গো.বি ১৩৩। আমায় বল মুরুখ্যু অ গ্র ২৯। না বুঝিঞা শাস্ত্রজ্ঞান করয়ে মুরুখ চৈ ম ১৮। ২ মূঢ়, ভ্রান্তবুদ্ধি, বিবেকহীন। "এত শুনি কহে তবে কীচক মুরুখ।—ম ৬০২।

মুরুখ, মুরুখ্যু দ্র 'মুরুক্ষ'।

মুরুগা বি [সং মূর্বা ; মুর্গা (গ্রাম্য)] মূর্বালতা। "যৌতুকের বাঁশে দিল মুরুগার চড়া ক.চ ৫১।

মুরুচা ; মুরুছ, মুরুছা ; মুরুছিত দ্র 'মুরচা, মুরছ ; মুরছন'।

মুরুজ পুং মুরজ। "পঞ্চরাত্র ১.১১২। চ.বি ২৬৫।

মুরুজা[১] বি [দ্র 'আ[১৩]'] মুরজ। "শ্রী মা ১৬০।

মুরুজা[২] দ্র 'মুরচা'।

মুরুতি, মুরত, -তি, -রদ, -রুত বি [মূর্তি >(স্বরাগমে), মুরতি, -ত, -রদ, -রুত, মুরুতি, মুরুতী (শ্রী.কী)] ১ মূর্তি, রূপ। "হেম মুরতি বি প ৬২। ব্রজবালকমুরুতি রা.প ১৯। মুরতি চ.দা ৬। পরম মুরুতি।—গ ৩৫। 'আছি কাঠের মুরদ খাড়া মাত্র গণনাতে সবে।—রামপ্রসাদ। ২ প্রতিমূর্তি, প্রতিমা। "মাটী কাঠ পাথরের গড়িয়া মুরুত (হিন্দু পুজে) ভা চ ৪৮০। প্রাণপ্রতিষ্ঠা নাই যাতে, সে মুরত নাহি চাই কৃ.কে ১৩৮।

মুরুব্বি, মুরুব্বিআনা, মুরুব্বী দ্র 'মুরব্বি'।

মুর্চ্ছ্ অক [ভ্বা, প—মূর্চ্ছতি, সেট্] সর্ব 'মূর্চ্ছ্'। "মূর্চ্ছা পা ৮.২. ৭৮, কাশিকা।

মুর্দত্ ; মুর্দা, মুর্দাফরাশ দ্র 'মুর্দত্, মুর্দ, মুর্দফরাশ'।

মুর্দ্দল বি ['মর্দ্দল' মূল (?)] বাদ্যবিশেষ। "গো.চ ৪৯।

মুর্ব্ব সক [ভ্বা, প—মূর্বতি, সেট্] বন্ধন।

মুর্মুর পুং [ধ্বন্যাত্মক] ১ 'মুর্মুরশব্দকারক', তুষানল, কুকুল। "মাঘ ৬.৬। নৈ ৪ ১০৫। ২ কামদেব। ৩ সূর্যাশ্ব।

মুলতবী বিং [আ মুল্‌তবী] স্থগিত (postponed)। "মোকদ্দমা মুলতবী রাখা।

মুলতান, -নী বি রাগিণীবিশেষ। [ইহার সময় ২য় ও চতুর্থ প্রহর, ঠাট কোমল রি গ ও ধ, দুই ম, জাতি সম্পূর্ণ (গী সা)।] —তান বি পঞ্জাবের নগরবিশেষ। —তানী বিণ মুলতানসম্বন্ধী।

মুলতানী দ্র 'মুলতান'।

মুলা, মুলো, মূলা[২], **মূলো** বি [সং মূলক >প্রা মূলঅ >বা মু(মূ)লা] ব্যঞ্জনের উপকরণ কন্দবিশেষ (radish)। "দন্তগুলা…মাঘ মাসের মূলা গো.চ ২৪৪। বিকট দশনগুলা, মাঘ মাসে যেন মূলা ক.চ ৭৬। মূলাদাঁতী ম.ম ১১২।

মু(মো)লাকাত '-ত্' বি [আ মুলাক়াত্] সাক্ষাৎকার, দেখা। "বিবির সাতে কি মোলাকাত হলো না ?—আ.হু ১৮৯।

মুলিবাঁশ, -স বি একপ্রকার ফাঁপা সরু বাঁশ। "°শের বেড়া ম.গা ৪। °সের বেড়া গো.চ ৩২১।

মুলিবাস দ্র 'মুলিবাশ'।

মুলু(লু)ক বি [আ মুল্‌ক্] দেশ, রাজ্য। "আমুয়া মুলুক ক.চ ২২৮ ; আমুয়া মুলুক ২৯৫। মুলুকের পতি চৈ.ভা ১২০.-১। দক্ষিণ মুলুকে ভ গ্র ২২৮। মুলুক বি.সু ৯। মুলুক যুড়ে সকলি হলো কংস।—দা ৭১ ; ১৬৩৩। মুলুক স্ব প্র ১০০। উঃ, মগের মুলুক আর কি।—ন.ত ৪। মুলুক খালিসা E P 58,-9 [মুলুকচাঁদা—দেশের প্রীতিকর। "যত নীলের শাদা, মুলুকচাঁদা, শাদা কেহ নয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। °জোদা—দেশবিখ্যাত (লোক)। °জোড়া—দেশব্যাপী।]

মুল্লা বি সর্ব 'মোল্লা'। [°গিরি—মোল্লার কাজ। "সে আসার বাড়ি দিয়া, সকল ঘট ভাঙ্গিয়া, °রি করিলু জাহির ব.প ২১৬।]

মুল্লুক দ্র 'মুলুক'।

মুশ(ষ, স)ল পুং, ক্লী [√মুষ্, -স্+অল (কলচ্)-ক 'মুশল (বিশ্বকোষ—উ ১.১০৬, টীকা, সি)] ১ তণ্ডুলকণ্ডনার্থ লৌহমুখ দণ্ড, কণ্ডনদণ্ড, অয়োগ্র, মোনা (pestle)। 'মুসল।—অথর্ববেদ ১০.৯. ২৬, পা ৮.৩.১১০। সন্নমুষলে মনু ৬.৫৬। মুষল ম ম ৪৪। মুষলে কুশল নাহি শি ৭৬। ২ আয়ুধ বিশেষ। "মুষল গো.রা ১ ৪১.২১। মুষল মহা ১৬.১.১৯, মনু ৮.৩১৫। দণ্ডমুশলপ্রহার।—পঞ্চ ১৩১৬৩। মুষল।—ম ১২২৯। ৩ শল্যাস্ত্রবিশেষ (সুশ্রুত)। ৪ (বাংলায়) কুলনাশন মূর্খ পুত্র। "বাবুরাম ভাল মুষলং কুলনাশনং রাখিয়া গিয়াছেন আ.হু ১৫২। [মুষলধারে—মুষলবৎ স্থূলবৃষ্টিধারায়। "বরিষ মুষলধারে ক চ ৮২। শ্রী.ম ৭৬। মুষলধারে গালিবর্ষণ—অজস্র গালি দেওয়া। "চা.পু ৪৪।]

মুশলধারা বি মুশলের মত স্থূল বৃষ্টিধারা। "(মেঘ) অম্বর ঢাকিয়া, বরিষয়ে মুশলধারা শ্রী.মা ১৭৮।

মুশ(স্)কিল বি [আ মুশ্‌কিল্] বিপদ্, বিঘ্ন, ক্লেশ, গোলযোগ। "যা বলিলে তা করিতে মুস্‌কিল কি আছে।—কৃ ২৫০। [মুশ্‌কিল আসান করা—বিপদ্ নিবারণ করা। মুশকিলে পড়া—বিপন্ন হওয়া। মুশকিলে ফেলা—বিপন্ন করা।]

মুষ্ সক [ক্র্যা, প—মোষতি, সেট্] ১ বধ (ক.ক)। ২ [দি,প —মুষ্যতি] ছেদন। ৩ [ক্র্যা, প—মুষ্ণাতি] চৌর্য, লুণ্ঠন, বঞ্চন।

মুষ, -স সর্ম [সং √মুষ্ >প্রা √মুস >বা °ষ, -স] ১ চুরি করা, লুণ্ঠন করা। "ধুসে মুসে সকল লইবে ধরা ধন শ্রী.মা ৮০। মা বাপকে নাশ্রি পুষে, ইষ্ট কুটুম্ব মুষে।—ধর্মপূজাবিধান, ২৪৮ (বঙ্গীয় সাহিত্য-পরিষৎ)। ২ প্রতারণা করা। "বাগদিনীবেশে মুষে ঝিশাখের মা।—শি ১০৮। [ধুসে মুষে লওয়া—ধুয়ে মুসে বা সর্বস্বান্ত করিয়া লুণ্ঠন করা।]

মুষক পুং [√মুষ্+অ(ক)-ক+ক (কন্) স্বার্থে] মুষিক।

মুষ(স)ড়া অর্ম [সং মুষিত >প্রা *মুসিদ, -ড >বা (মুসিডা) °ড়া] ১ মুষিতবৎ হওয়া, উৎসাহহীন বা হতোদ্যম হওয়া (to be depressed)। "মহামহোপাধ্যায় মথুরানাথ মুসড়ে গিয়েছেন।—হু ৬৬। ২ ম্লান হওয়া, শুষ্কপ্রায় হওয়া, আমরান। [মুষ(স)ড়ান—সর্ব 'মুষড়া'।]

মুষ(স)ল দ্র 'মুশল'। [মুস(স)লোলূখল (ক্লী)—মুষল ও উলূখল। "মনু ৩.৮৮।]

মুষ(স)লী স্ত্রী (সাদৃশ্যে) গৃহগোধিকা, টিকটিকী। —লী (-লিন্) পুং [°ল+ইন্ (ইনি)-১ব] ১ মুষলধারী', বলদেব। "মুষলী।—ম ৯৫১। ২ শিব। "মহা ৭.২০০.৬৫।

মুষা, -ষী স্ত্রী [√মুষ্+অ (ক),+ই (ইন্)-ক, স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীষ্)] তৈজসাবর্তনী, অর্থাৎ স্বর্ণাদির আবর্তনপাত্র ; মুচি (crucible)।

মুষিত বিণ [√মুষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ হৃত। "পানমদেন মুষিতা স্মৃতিঃ ক.সা ৫৬.২৮৮ ; মারমুষিতত্রপা ৬৬.৯০। ২ চোরিত, লুণ্ঠিত। "মুষিতাশেষকোষা ক.সা ১৩.১০৩। ৩ খণ্ডিত, বিয়োজিত। দ্র 'ভট্টি ১৫.১৬। ৪ অপহৃত। "নয়মুষিতপ্রাখ্য ভট্টি ৫.৮৪। ৫ হৃতসর্ব্বস্ব। "ন বেৎসি মুষিতমাত্মানম্ (কাদম্বরী)। ৬ রুদ্ধ, বারিত। "সৈন্যরেণুমুষিতার্কদীধিতিঃ রঘু ১১.৫১। ৭ প্রলোভিত। "তন্মুখামোদ° ভ ৯.১৪.২৫। ৮ হৃতদৃষ্টি, অন্ধীকৃত। "তেজসা তস্য দিবোন চক্ষুংষি মুষিতানি বঃ মহা ১.১৭৯.৫। ৯ হৃত, আকৃষ্ট (মনস্)। ১০ বঞ্চিত। "মুষিতোঽস্মি মহাত্মভিঃ ভ ১.১৩.৩৭। মুষিতোঽস্মি দৈবেন।—নাগানন্দ ৫$\frac{২}{২৯}$। ১১ হৃতবুদ্ধি, হতবুদ্ধি। "মহতা ভয়েন মুষিতঃ।—হি (S.W.)। —ষিত ক্লী অপহৃত দ্রব্য, লোপ্ত্র। [°চেতাঃ (-তস্) বিণ—মোহিতচিত্ত। "মায়য়া মুষিতচেতস্ ভ ৮.১২.১০। °ত্রপ (বিণ)—হৃতলজ্জ। °স্মৃতি (বিণ)—হৃতস্মরণশক্তি।]

মুষী দ্র 'মুষা'।

মুষ্ক পুং [√মুষ্+ক (কক্)-ক, উ ৩.৪১, তু 'ফা 'মুশ্ক্'—চর্ম্মস্থলী, E. musk] ১ 'শুক্রাপহারক', বৃষণ, অণ্ড (testicle)। "কিম্ স্বাবান্ মুষ্কয়োর্বদ্ধ আসতে।—ঋগ্বেদ ১০.৩৮.৫। ইন্দ্রো °বিয়োগং মেষবৃষণত্বং চাবাপ মহা (S.W.)। °দ্বয়ং লম্বমানম্।—হি ২$\frac{২}{২৯}$। ২ অণ্ডকোষ (scrotum)। ৩ মাংসল, বলবান্ পুরুষ। ৪ সংঘাত, রাশি। ৫ ঘণ্টাপারুল বৃক্ষ। ৬ (বাঙ্‌লায়) ষণ্ডা-গুণ্ডা (অবজ্ঞায়)। [°কচ্ছু (স্ত্রী)—মুষ্কজাত পিটিকা বা ফুসকুড়ি (সুশ্রুত)। °দেশ (পুং)—মুষ্কস্থান, মুষ্ক। °দ্বয় (ক্লী)—অণ্ডযুগল। "দ্র 'মুষ্ক (১)। °শূন্য (বিণ) বৃষণহীন, খোজা। °শোফ (পুং)—মুষ্কবৃদ্ধি (সুশ্রুত)।]

মুষ্কর বিণ [মুষ্ক+র] মুষ্কবান্, প্রলম্বাণ্ড। "পা ৫.২.১০৭।

মুষ্কিল বি সর্থ 'মুশ্‌কিল'। "ভারি °ল হবে।—দা ৯৪০।

মুষ্ট[১] বিণ [√মুষ্+ত(ক্ত)-র্ম্ম ; তু 'মুষিত'] ১ চোরিত, লুণ্ঠিত। "মুষ্টম্…স্বমর্থম্ শ ৫.২০। ২ অন্ধীকৃত। "জনাঃ…তেজসা মুষ্টদৃষ্টয়ঃ ভ ১০.৫৬.৫। —ষ্টক ক্লী রাজসর্ষপ।

মুষ্ট[২] বি [অপ্র] অসির মুষ্টি। "সোনার মুষ্ট তলওার ম.গা ২৪।

মুষ্টক দ্র 'মুষ্ট[১]'।

মুষ্টা(ষ্টী)মুষ্টি ব্য [মুষ্টি+মুষ্টি, সমাসান্ত 'ই' (ইচ্), পূর্ব্বপদের অন্ত্যস্বর দীর্ঘ (পা ৬.৩ ১৩৭), বিকল্পে 'আ'-কার (মুগ্ধবোধ ৩৪৯)] মুষ্টিতে মুষ্টিতে প্রহারপূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ ; কীলাকীলি।

মুষ্টি পুং, স্ত্রী [√মুষ্+তি (ক্তিচ্)-ণ, সংজ্ঞার্থে ; তু 'ফা 'মুশ্ত্'—মুষ্টি] ১ যাহা দ্বারা অঙ্গুলি মুদিত হয় ; মুদিতাঙ্গুলি পাণি ; বদ্ধপাণি, মুঠা। "(ত্বম্) ইন্দ্রস্য মুষ্টিরসি।—ঋগ্বেদ ৬.৪৭.৩০। বাবচ্ছিন্নেন মুষ্টিনা গো.রা ৩.৫০.১৭। রঘু ৯.৫৮। মুষ্টিতে ধরিতে পারি সীতার কাঁকালি। —কৃ ৫৮। ২ মুষ্টিঘাত। "ত্বাং মামকো মুষ্টির্নয়িষ্যতি যমালয়ম্ গো.রা ৬.৩৬.৪২। ৩ মুষ্টিপরিমিত দ্রব্য ; একমুঠা। "কুশ°, দর্ভ°। লাজ° কু স ৭.৬৯। শ্যামাক° শ ৪.১৪। ৪ খড়্গাদির মুষ্টিধার্য্য অংশ ; ৎসরু, বাঁট। "দৃঢ়তরনিবদ্ধ° (কৃপাণ)। লীলাবজ্র° ক.সা ৩৫.৪২। ৫ কুঞ্চির অষ্টভাগ ; একছটাক। 'অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ মনু ৭.১২৬, কুল্লুক। ৬ (বৈদ্যকে) পলপরিমাণ ; চারি তোলা। ৭ সংক্ষেপ। ৮ [+তি (ক্তিন্)-ভা] মোষণ, অপহরণ। ৯ [+তি-ধি] শস্যগোপনকাল, দুর্ভিক্ষ (নীলকণ্ঠ)। "মহা ২.৫.৬৪। [°করণ (ক্লী)—মুষ্টিবন্ধ, মুঠা বাঁধা। °গ্রহ (পুং)—মুষ্টিদ্বারা গ্রহণ। °গ্রাহ্য (বিণ)—মুষ্টি দ্বারা গ্রহণযোগ্য ; কৃশ, তনু (কটি)। °ঘাত, °পাত, °প্রহার (পুং)—মুষ্টিহনন, কীল মারা। °দেশ (পুং)—চাপমধ্যভাগ। "হ ৮৪.৫৭। °দ্যূত (ক্লী)—মুষ্টিসাধ্য ক্রীড়াবিশেষ ; পরমুট-খেলা, জোড়বিজোড় (?)। °বন্ধ (পুং)—১ মুষ্টিকরণ। ২ মুষ্টিমিত দ্রব্য, শাকাদির আটি। °মেয় (বিণ)—১ মুষ্টিপরিমিত, মুষ্টিগ্রাহ্য। "মধ্যেন মুষ্টিমেয়েন ক.সা ৫৫.৪৯। ২ অত্যল্প (দ্রব্য)। °যুদ্ধ (ক্লী)—মুষ্টিপ্রবৃত্ত যুদ্ধ ; মুষ্টামুষ্টি। "মহা ৭.৩১.২৮। °বিসর্গ (পুং)—মুষ্টিবিশ্লেষ, মুঠা খোলা।] [মুষ্টেক—এক মুষ্টি শাস্য। "°ক পাইলুম ম.গা ১২।]

মুষ্টিক পুং [মুষ্টি+ক (কন্) সংজ্ঞার্থে] ১ 'শত্রুবলমোষক', কংসমল্লবিশেষ। [মুষ্টিক বলরাম কর্ত্তৃক মল্লযুদ্ধে নিহত হয় (ভ ১০.৪৪. ২৪,-৫)।] ২ হস্তের অবস্থানভেদ। ৩ 'মোষণপ্রয়োজনক', স্বর্ণকার। ৪ নীচজাতিবিশেষ, ডোম। —ষ্টিক ক্লী ১ একস্থানে মুষ্টিপাতের ভাব দেখাইয়া অন্যত্র মুষ্টিপাতন (নীলকণ্ঠ) ; মুষ্টিযুদ্ধভেদ। "মহা ২.২৩.২০। ২ (বাঙ্‌লায়) মুষ্টি। "°প্রহার।—ম ১৮৭ ; °প্রমাণ ১০৬৫। শ্রী.মা ৭৫। মুষ্টিকাঘাত ষ.প ৮১৫। ৩ মুষ্টিপরিমাণ দ্রব্য। "বিষ্ঠা°।—ম ১০৬৫। [মুষ্টিকান্তক (পুং)—'মুষ্টিকনাশক', বলরাম।]

মুষ্টিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] অঙ্গুলিবিন্যাসবিশেষ। [°কথন (ক্লী)—মুষ্টিকা দ্বারা সূচন। "অক্ষরমুষ্টিকাকথন (S.W.)।]

মুষ্টিন্ধম বিণ [মুষ্টি+ √ধ্মা+অ (খশ্)-ক, 'ম্' (মুম্) আগম ; উ.ত ; স্ত্রী -মা] মুখমারুতে মুষ্টিবাদক।

মুষ্টিন্ধয় বিণ [মুষ্টি+ √ধে+অ (খশ্)-ক, 'ম্' (মুম্) আগম ; উ.ত ; স্ত্রী -য়ী] যে মুঠা চোষে ; মুষ্টিপায়ী (শিশু)।

মুষ্টিভিক্ষা বি মুষ্টিমিত ভিক্ষার্থ দেয় তণ্ডুল। "(কেহ) করে দান টাকা মোহর, কেহ দেয় মুষ্টিভিক্ষা।—দা ৯৩৬। পা প্র ৫৮।

মুষ্টিযোগ বি বিশেষপরিমাণ বকালের যোগে প্রস্তুত ঔষধ ; টোটকা। "মুষ্টিযোগ জানি কটা, পাচড়ায় আকন্দের আটা।—দা ৩৬৩। কতই মুষ্টিযোগ প.কা ১০।

মুষ্টীমুষ্টি দ্র 'মুষ্টামুষ্টি'।

মুষ্ট্যষ্টক ক্লী [মুষ্টির অষ্টক, ষ.ত] আটমুঠা পরিমাণ ; কুঞ্চি।

মুসক বি সর্থ 'মশক[২]। "মুসকের মত ভুঁড়ি।—হু ২০৩।

মুসকুল বি ['অশকুন'-স্থলে °ল (লিপিপ্রমাদ ?)] দুর্নিমিত্ত। "মুসকুল বাণ কাটিয়া গেল কতদূর। আব মুসকুল তবে দেখিল প্রচুর॥ —অ.প ১০৩।

মুস(সা)বিদা বি [আ মুসব্‌বদাহ্] দলিল পত্র ইত্যাদির পাণ্ডুলিপি বা খশড়া (draft)।

মুসব্বর বি [আ মুসব্‌বর্] অগুরুজাতীয় বৃক্ষের ঘনরস। "মুস্ক ও °র মেশানো ইরাণী তামাকের খোসবে বাড়ী মাত।—হু ২০৩।

মুসমা বি [ফা মুসম্‌হা] ওয়াসীল, বাদ। "তাহার জমা ডৌলে মুসমা ছিল আ.দু ১৬১।

মুসম্মৎ বি [ফা মুসম্মাত্] নামধারিণী, নাম্নী। "আমাদের কাছারিতে মেয়ের নামেতে 'মুসম্মৎ' দেয় স.এ ৫৬।

মুসল দ্র 'মূশল'। [মুসলায়ুধ (পুং)—বলরাম।]

মুসলমান, মোছ(স)লমান বি [আ মুসল্‌মান্] ১ 'বিশ্বাসী', মহম্মদীয় ধর্ম্মে বিশ্বাসী। ২ মহম্মদধর্ম্মানুরাগী সম্প্রদায়বিশেষ ; তৎসম্প্রদায়ের ব্যক্তি। "ভাবি দেখ আগে হিন্দু মুসলমান পাছে ভা.চ ৪৮২। মোছলমান ভ.গ্র ২৪৯ ; আ.দু ৭৫ ; মোসলমান সহবাসে।—হু ৪০। সেই অবধি আমি মোছলমান ব প্র ৭৩। —মানী বিং [ফা মুসল্‌মানী] মহম্মদধর্ম্মসম্বন্ধী। —মানী বি ১ মহম্মদপ্রবর্ত্তিত ধর্ম্ম ; মুসলমানধর্ম্ম। "হাদিছে জানিয় মুসলমানী গো.চ ৪৪৪। ২ মুসলমানের স্ত্রী বা স্ত্রীজাতি। ৩ মুসলমানের লিঙ্গচর্ম্মচ্ছেদন ; সুন্নত।

মুসলমানী দ্র 'মুসলমান'।

মুসলামুসলি ব্য [মুসল+মুসল, সমাসে 'আ', 'ই' (ইচ্), বহুব্রী] মুসলে মুসলে প্রবৃত্ত যুদ্ধ ; পরস্পর মুসলাঘাত-যুদ্ধ।

মু(মো)সলিম বি [আ মুস্‌লিম্] মুসলমান।

মুষলী, মুষলোলূখল দ্র 'মুষল'।

মুষল্য বিণ [°ল+য (যৎ)] মুষলপ্রহারে বধ্য (অ কো)।

মুসা বি [E. Moses] ইহুদিনেতা শাস্ত্রকার মহাপুরুষবিশেষ।

মু(মো)সাফির বি [আ মুসাফি.র্] যাত্রী, পথিক। [°খানা —ধর্ম্মশালা, সরাই। মুসাফিরী—যাত্রা ; প্রবাস।]

মুসাবিদা দ্র 'মুসবিদা'।

মু(মো)সাহেব বি [আ 'মুসাহেব.'—সহচর] চাটুকার সহচর ; খোসামুদে। "মুসাহেব বসিয়া সকল বরাবর। আজ্ঞা বিনা কারো মুখে না সরে উত্তর॥—ভা.চ ৪১২। হেম ৩৮৫। —হেবী বি মুসাহেবের পদ বা কার্য্য।

মুসাহেবী দ্র 'মুসাহেব'।

মুসুর, -রি বি [সং মসূর] মসূরকলাই। "মুসুরি ক.চ ২০৪।

মুসুরি দ্র 'মুসুর'।

মুস্ক বি [E. musk] মৃগনাভি। "দ্র 'মুসব্বর'।

মুস্কিল বি সর্থ 'মুশ্‌কিল'। [মুস্কিল-আসান—মুসলমান ফকিরবিশেষ। ইহারা রাত্রিতে পিতলের প্রদীপবিশেষ জ্বালিয়া হাতে লইয়া 'মুস্কিল-আসান' বলিয়া ভিক্ষা করে। "এই একটা মুস্কিল-আসান আসচে, ওর পিছনে পিছনে আলোয় আলোয় এই বেলা প্রস্থান করি।—মা ৬৪১। মুস্কিলে আসান—বিপদে শান্তিদাতা বা রক্ষাকর্ত্তা ভগবান্। "এইবার রক্ষা কর মুস্কিলে আসান।—হেম ৩৭৯। মুস্কিলের লেখা—বিপদের কথা। "মাটির ঘরেতে (টাকা) হবে না গাড়া, সম্মুখ বরষার ইট পোড়া, হয় কি রূপে, মুস্কিলের লেখা।—দা ৯৭৪।]

মুস্ত্ সক [চু, প—মুস্তয়তি , সেট্] রাশীকরণ।

মুস্ত পুং, **মুস্তক** পুং, ক্লী, **-স্তা** স্ত্রী [√মুস্ত্‌+অ (অচ্)-ক, স্ত্রী আ (টাপ্) ; √মুস্ খণ্ডন+ত (তক্)-র্ম্ম (অ.টী), +ক (কন্) স্বার্থে] কন্দযুক্ত তৃণবিশেষ ; মুথা (Cyperus Rotundus)। —স্ত, -স্তক ক্লী মুস্তমূল। —স্তক পুং [°স্ত+ক (কন্)] স্থাবরবিষভেদ।

মুস্তক দ্র 'মুস্ত'।

মুস্তফি, -ফী বি [আ মুস্‌তৱফ়ী] ১ প্রধান কেরানী। "মুস্তফি ।১৮৭। ২ উপাধিবিশেষ।

দ্র 'মুস্তফি'।

মুস্তা দ্র 'মুস্ত'। [°ক্ষতি (স্ত্রী)—মুস্তকোৎখনন, মুথা খোঁড়া। "শ ২.৬। °প্ররোহ (পুং)—মুস্তাঙ্কুর। "রঘু ৯.৫৯। °স্তম্ব (পুং)—মুস্তাগুচ্ছ, মুথার ঝাড়। "রঘু ১৫.১৯।]

মুস্তাভ ক্লী [উ.বহুব্রী] মুস্তার স্থায় আভা যাহার , নাগরমুথা।

মুহ্ অক [দি, প—মুহ্যতি , বিকল্পিতেট্] বৈচিত্ত্য, জ্ঞানরহিতীভাব (ক.ক) ; অবিবেক, মোহ। [বি—বিমোহ। সম্—সম্মোহ।]

মুহ১ বি [দ্র 'মু১'] মুখ। "তা মুহ চন্দী কমলরস পীবমি।—চ ৯। হাস্ত পরিহাস মুহে, অবিরত মুহে মুহে শ্রী ম ১৯৯। মুঞি সত্য করিয়াছোঁ আপনার মুহে চৈ.ভা ২৩৮। বানর-মুহে কি শোভয় পাণ ব.প ১০১৩।

মুহ২ সর্ম্ম [সং √মোহি—মোহয়্ >প্রা √মোহ >বা °হ] মুগ্ধ করা। "সেএ দেশে থাকিয়া দেবী সকল মুহিল গো বি ৩৩।

মুহরি১, মুহরী২, মুহরীর, মুহুরি১, মুহুরী২, মোহরের বি [আ—মুহর্‌রির্] লিপিকর, মুনশী। "(ত্রিপুরদাস) মোহরের ভ.গ্র ৩১৩। হিসাবের মুহরীর ভা.চ ৪০৭ ; নিকাশের মুহরীর ৪০৮। [মুহুরিগিরী—মুহরির পদ বা কার্য্য।]

মুহরি২ ; মুহরী১, মুহরী২ দ্র 'মহরী ; মুহরি১'।

মুহরী৩ বি [হি °রী, মোহরী ; মুহ১—মুখ (?)] ১ পয়োনালী, ড্রেন। ২ পাজামার পাএর অংশ বা পা।

মুহান, -না, মোহনা, -হান, -না বি [মুহ১+হান (থান>হান) >মুহান,-না, মোহান,-না,-হনা ; হি মুহানা] নদী-প্রভৃতির মুখস্থান, অর্থাৎ জলপ্রবেশ ও জলনির্গমের পথ। "মোহনা বাহিয়া (উপনীত সদাগর দুর্জ্জয় মগরা) ক.চ ২২৯ ; মোহনাতে সীতাখালী ২৩৯। অবধি করুণাসিন্ধু কাটিয়া মুহান। ঘরে ঘরে বুলে প্রেম করুণার বান॥—ন.প ৩৭৬। দক্ষিণ মোহান হৈল জল যেতে নালা শি ৭৪। খুলে যায় প্রাণের মোহানা ; আসে সুখ-বন্যা তোলপাড় করি।—অ.গু ১১৩।

মুহানা দ্র 'মুহান'।

মুহি দ্র 'মুই'।

মুহির পুং [√মুহ্‌+ইর (কিরচ্)-ণ, উ ১.৫২] ১ কামদেব। "বি.প ৮০। ২ [+ইর-ক] মূর্খ।

মুহুঃ(-হুস্) বা ১ অভীক্ষ্ণ, পুনঃপুনঃ, বারংবার, 'ভূয়ো ভূয়ঃ' (সায়ণ)। "ঋগ্বেদ ৭ ২০ ২ , অন্তর্হিতো মুহূর্ভূত্বা পুনঃ সংদর্শয়ত্যপি। দদৃশে মুহুরা-সন্নে মুহুর্দূরাদদৃশ্যত॥—গো.রা ৩.৫০ ১০। মুহুরনুপততি স্যন্দনে বদ্ধদৃষ্টিঃ (অয়ম্) শ ১.৭। ঋতু ১.১৩। উ.মে ৪৪। ২ নিরন্তর, সতত। ক্ষণ-প্রভাসম মুহুঃ হাসে, রতনসম্ভবা বিভা।—মে ৪। ৩ কদাচিৎ, কথনও। "মুহুর্লক্ষ্যোদ্ভেদা মুহুরধিগমভাবগহনা নীতিঃ।—মু ৫ ৩। মুহুরুৎপততে বালা মুহুঃ পততি বিহ্বলা (স্থ.র)। [°ভাষা (স্ত্রী)—পুনঃপুনঃ কথন।]

মুহুচ্ছিত, -চ্চিত, -শ্চিত, মুহুর্চ্ছিত বিং ['মূর্চ্ছিত' মূল ; অপ্র] মূর্চ্ছাগত। "মুহুশ্চিত।—গ ৪৯ ; মুহুচ্ছিত হইয়া রাজা পড়িল পাষাণে ১১৭। মুহুচ্চিত অ.প ১৯ , ২০ ; ৪১ ; মুহুশ্চিত ৩৭ ; মুহুর্চ্ছিত ১২১,-২৮।

মুহুরি১, মুহুরী১ ; মুহুরি২, মুহুরী২, মুহুরিগিরী দ্র 'মহরী ; মুহরি১'।

মুহুর্ম্মুহুঃ ব্য [মুহুঃ+মুহুঃ] পুনঃপুনঃ। "মাঘ ১.১০। পুরনারীব্রজ, মুহুর্ম্মুহুঃ হুলাহুলি দিতেছে চৌদিকে।—মা ১০১।

মুহূর্ত্ত পুং, ক্লী [√হূর্চ্ছ্ কৌটিল্য+ত (ক্ত)-ক, বাহুলকে 'মু' (মুট্) আগম, দীর্ঘ, 'ছ' লোপ, পা ৮.২.৭৮ , ৬.৪ ২১] ১ যে শুভাশুভদর্শন-হেতু রাত্রিদিবস কুটিল করে (অ.টী) ; দিবসের পঞ্চদশ ভাগ ; দ্বাদশ-ক্ষণ ; দণ্ডদ্বয় বা ৪৮ মিনিট্। "দ্বাদশ ক্ষণেতে হয় মুহূর্ত্তগণন।—ম ৯৫০। ২ ক্ষণমাত্র, অল্পকাল। "ত্রির্যাদ্দিবঃ পরি মুহূর্ত্তমগাৎ।—ঋগ্বেদ ৩.৫৩ ৮। মুহূর্ত্তমিব নিঃশব্দমাসীৎ রা ২.৫৫ ২৪। গো.রা ৬.৯২.৩৫। রঘু ৩.৫৩। স্থিত্বা…মুহূর্ত্তম্ পূ.মে ১৯। ৩ কালমাত্র (কুল্লূক)। "ব্রাহ্মে মুহূর্ত্তে বুধ্যেত মনু ৪.৯২। —হূর্ত্ত পুং জ্যোতির্বিৎ। —হূর্ত্তক ক্লী [°র্ত্ত+ক (কন্) স্বার্থে] মুহূর্ত্ত। "তিষ্ঠ তাবন্ মুহূর্ত্তকম্ মহা ১.১৩৩.২।

মুহূর্ত্তক দ্র 'মুহূর্ত্ত'।

মুহ্যমান বিণ ['মুহ্যন্' সাধু] ১ মোহপ্রাপ্ত। "মুণ্ডকোপনিষৎ ৩.১.২। ঋগ্বেদ ১.১৬৪.২০, সায়ণ। মুহ্যমান প্রাণ কু.কে ৪০। ২ [বাঙ্‌লায় ; অপ্র] মোহপ্রাপ্ত, মূর্চ্ছিত। "(রাম) সীতা বলি হৈল মুহ্যমান ম.পা ১০২।

মূ সক [ভ্বা, ঙ—মবতে ; সেট্] বন্ধন।

মূক বিণ [√মূ+ক (কক্)-র্ম্ম, বাহুলকে, উ ৩.৪১ ; স্ত্রী -কা] ১ 'বদ্ধবাক্', বাক্যরহিত, অবাক্, বোবা। "শুক্লযজুর্ব্বেদ ৩০.১৯। মূকং করোতি বাচালম্ (যৎকৃপা)।—গীতামঙ্গলাচরণ। মূকান্ বাগীশানপি কুর্ব্বতে (কৃতিনাং গিরঃ) মাঘ ২.২৫। অমূকেরে মূক করে।—চৈ ১৫। ২ নিঃশব্দ, নীরব। "মূকাণ্ডজম্ (কাননম্) কু.স ৩ ৪২। (চোর) ভয়ে মূক ভা.চ ৩৯১। মূক বনে স.স্ব ২৩। ৩ তূষ্ণীম্ভূত, মৌনী। "সখীম্…বিষাদমূকাম্ গী.গো ৭.১২। ৪ ধ্বনিহীন, নিক্কণরহিত। "মূকীভূতবীণা (কাদম্বরী)। ৫ দীন, দরিদ্র। —ক পুং ১ বাক্যহীন

জন। "(স্ত্রিয়ঃ) মূকা ইব স্থিতাঃ গো.রা ২.৪৮.১৩। মনু ৭.১৪৯। মূকে পটুতা (যাঁব কটাক্ষেতে) ।—হু ২। মূক-মুখে, দিতে হবে ভাষা স স্ব ১৩। ২ মৎস্য।

মূকতা স্ত্রী, -ত্ব ক্লী [মূক+তা (তল্),+ত্ব] ১ মূকভাব, বাগ্‌বিকলতা। ২ বাক্যহীনতা, বাগ্‌রাহিত্য। "অহং হর্ষমাপন্না পুনর্মূকত্বমাগতা গো রা ৬ ৯৮.১৬। ৩ নিঃশব্দতা, শিঞ্জিতহীনতা। "মুখরয়োর্মঞ্জীরয়োর্মূকতা সা দ ৩২২৪।

মূকত্ব দ্র 'মূকতা'।

মূকাণ্ডজ বিণ [মূক অণ্ডজ যাহাতে, বহুব্রী] নিঃশব্দপক্ষিসরীসৃপাদি (কানন)। "কু স ৩ ৪২।

মূখ বি [সং মূর্খ > প্রা মুকখ > বা °খ] মূর্খ। দ্র 'ছোঁচকা'।

মূড়, মূড়া[১] ; মূড়া[২] দ্র 'মড[১] , মুড়া[৪]।

মূঢ় বিণ [√মুহ্‌+ত (ক্ত)-ক, হ >ঢ্, ত >ধ >ঢ, 'ঢ'-লোপ, উ >ঊ, তু 'সং মুগ্ধ >প্রা মুড্‌ঢ (প্রাম) >মূঢ] ১ মোহপ্রাপ্ত, অবিবেকী (শঙ্কর), তত্ত্বজ্ঞানহীন। "(তে) মূঢা জন্মনি জন্মনি (মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্) গী ১৬ ২০। ২ কার্যাপবিজ্ঞানহীন, কর্তব্যজ্ঞানশূন্য, হতবুদ্ধি। "প্রত্যাসন্নবিপত্তিমূঢমনসা° প্রায়্যা মতিঃ ক্ষীয়তে।—পঞ্চ ২.৪। কি ২.৪৯। ৩ স্নেহানুবন্ধ হেতু মুগ্ধ। "একাত্মজা যে জননী যোষিন্ মূঢা ভ ১ ৬ ৬। ৪ নীচ, তির্যাক। "°যোনিষু (জায়তে) গী ১৪.১৫। ৫ মূর্খ। "বিচার° রঘু ২ ৪৭। প্রতিপত্তি° মাঘ ৯ ৭৭। ৬ বিধুর। "স্ত্রীমূঢাণাং ভবতি নিষ্ফলপ্রেরণা চূর্ণমুষ্টিঃ উ মে ৭। ৭ বিপথগত, পথিভ্রষ্ট। "মহার্ণবে নৌরিব বাতমূঢা গো বা ৫ ১৮৮। ৮ ব্যাপৃত। "ধনুষ্কর্ষণমূঢহস্তম্ রঘু ৭ ৬২। ৯ স্বস্থানভ্রষ্ট। "°গর্ভ। ১০ তন্দ্রিত, বাল, জড় (শ ক)। ১১ ভ্রান্ত। "ভট্টি ৬.১১৯। ১২ ভ্রান্তিজনক, মোহজনক। "ন মে মূঢা দিশঃ মহা ৩ ১৫৭ ৪৮। ১৩ বিচেষ্ট (ত্রিকাণ্ডশেষ)। ১৪ মূর্চ্ছিত (অ কো, নানার্থবর্গ ৮২) ।—ঢ পুং ১ মূঢ়জন, অবিবেকী। "অবজানন্তি মাং মূঢাঃ গী ৯ ১১। মূঢ জহীহি ধনাগমতৃষ্ণাম্ (মোহমুদ্গর)। ২ অসমীক্ষ্যকারী, মূর্খ। "মূঢঃ পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ মা মি ১.২। ৩ (বহুব) সাংখ্যে মূলপদার্থ (elements)। —ঢ ক্লী [+ত-ভা] মোহ। [°গর্ভ (পুং)—গর্ভকালে স্বামিসহবাসাদি কারণে বন্ধন হইতে মুক্ত গর্ভ। দ্র 'সুশ্রুত' ২.৮.২। "মূঢগর্ভবিমোচন।—পরাশর ৯ ৪৫। °গ্রাহ (পুং)—অবিবেকনিশ্চয় (শঙ্কর)। "গী ১৭ ১৯। °চেতন, °চেতাঃ(-তস্) বিণ—মূঢমতি, ভ্রান্তবুদ্ধি। "°নঃ রঘু ৮ ৮৮। °ধান্য (ক্লী)—শূকহীনধান্য (সুশ্রুত)। °ধী, °বুদ্ধি, °মতি, °মনাঃ (-নস্) বিণ—মন্দমতি, মূর্খ। "মূঢবুদ্ধি ক.সা ৩৯.১৮১। °প্রভু (পুং)—মূঢেশ্বর, অতিমূঢ। "ক সা ৬১.২৮৮। °যোনি (স্ত্রী)—পশ্বাদিযোনি, তির্য্যগযোনি। °গী ১৪ ১৫। °সত্ত্ব (বিণ)—মন্দমতি।]

মূঢ়া দ্র 'মূঢা'।

মূঢ়াত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] মূঢমতি, মূর্খ।

মূত[১] বিণ [√মূ+ত (ক্ত)-র্ম্ম] বদ্ধ। "জীমূত। —ত ক্লী ধান্যরক্ষার্থ তৃণময় আধারবিশেষ, মরাই (?)। "শতপথব্রাহ্মণ ২ ৬ ২.১৭ (শ ক)।

মূত[২] ; মূত[৩], মূতা, মূতান দ্র 'মূত[১], মূত[২]।

মূত্র্ অক [অদন্ত চু, প—মূত্রয়তি, সেট] প্রস্রাব। "ভ ৪.৫.১৫।

মূত্র ক্লী [√মূত্র্+অ (অচ্)-ক] প্রস্রাব, মূত। "শুক্লযজুর্বেদ ১৯ ৭৬। ন মূত্রং পথি কুর্বীত ন ভস্মনি ন গোব্রজে মনু ৪.৪৫। [°কর (বিণ)—মূত্রজনক। °কৃচ্ছ্র (ক্লী)—মূত্রজন্য কৃচ্ছ্র, মূত্ররোগভেদ, মূত্ররোধ, অশ্মরী। "সুশ্রুত ২.৩.৪। °কোশ (পুং)—মূত্রাশয়। °ক্ষয়, °সংক্ষয় (পুং)—মূত্রহ্রাস। °জঠর (পুং, ক্লী)—মূত্রাবরোধ হেতু বস্তির আধ্মান। °দোষ (পুং)—প্রমেহ (শ.ক)। "সুশ্রুত ২.৩.১৫। °নিরোধ, °প্রতিঘাত, °রোধ (পুং)—মূত্রপ্রতিবন্ধক-রোগবিশেষ। °পথ, °মার্গ, °প্রসেক (পুং)—মূত্রনির্গমননালী (urethra)। "°মার্গ সুশ্রুত ২.৩.১৩। °পরীক্ষা (স্ত্রী)—মূত্রের দোষগুণবিচারার্থ পরীক্ষা (uroscopy)। °পুট (ক্লী)—নাভির অধোভাগ (শ ক), বস্তি। °বর্দ্ধক (বিণ)—মূত্রবৃদ্ধিকারক। °বহ (বিণ)—মূত্রবাহক (নাড়ী)। "সুশ্রুত ২.৩.১৪। °শকৃৎ (ক্লী)—মূত্র ও মল, বিণ্‌মূত্র। °শুক্র (ক্লী)—মূত্রসহিত-শুক্রনির্গমন রোগভেদ। °শূল (পুং, ক্লী)—মূত্রদোষজন্য শূল (urinary colic)। °সঙ্গ (পুং)—মূত্রনিরোধ, জ্বালাকর রক্তবৎ মূত্রকরণ।]

মূত্রাঘাত পুং [বহুব্রী] মূত্রনিরোধক রোগবিশেষ।

মূত্রাতিসার পুং [ষ.ত] বহুমূত্ররোগ (diabetes)।

মূত্রার্ত্তি স্ত্রী [ষ.ত] মূত্রত্যাগকালে জ্বালা বা বেদনা।

মূত্রাশয় পুং [ষ ত] ১ মূত্রাধার। ২ মূত্রপুট (bladder)।

মূত্রিত বিণ [√মূত্র+ত (ক্ত)-ক] ১ কৃতমূত্র, মীঢ। ২ [মূত্র+ইত (ইতচ্)] সঞ্জাতমূত্র। ৩ মূত্রদূষিত।

মূত্রোৎসর্গ পুং [ষ ত] মূত্রত্যাগ, মূত্রণ।

মূর(রু)খ বিং [দ্র 'মূকথ, Av. mŭraka] ১ মূর্খ, বিচারশক্তিহীন। "অচল হিত, কবযে মূরুখ জনে, মানয়ে সবিষ প্রমাণ।—জ্ঞা ২০৫। ২ রসকলানভিজ্ঞ, অরসিক। "কো কহে রসিকশেখর বব কান। তুহুঁ সম মূরখ জগতে নাহি আন॥—বি প ১২৩। ৩ মন্দ, অপটু। "জগদানন্দ মূঢ়, মূরুখ তছু গুণ, বরণিতে করতঁহি আশ।—জ.প ১৪।

মূরছ অর্ম্ম [দ্র 'মূবছ'] মূর্চ্ছিত হওয়া। "হেরইতে মূবছই অসীম কুসুমশর।—ব ১২, মূরছি গোরী পড়ল ১০৯। কোন গোপী মূরছিঞা হয় অচেতন ব প ৮৬৫, ১০৪৮। মা যবে ছিল কিশোরী মেযে, করুণ তারি পরাণ ছেয়ে, মাধুরীরূপে মূরছি ছিল (কচি কোমলতা)।—শিশু ৭। —রছা[২] অর্ম্ম [°ছ > °ছা] মূর্চ্ছিত হওয়া। "ভুবি বিরহ-জ্বরে ভরি মূরছান ব প ১০৪৭।

মূরছা[১] বি মূর্চ্ছা, মোহ। "ঈষত হাসির, তরঙ্গ হিলোলে, মদন মূরছা পায়।—গো ৯৮। —ছিত বিং [মূর্চ্ছিত > °ত] মোহপ্রাপ্ত, মুগ্ধ, মোহিত। "সো সব গণইতে ভেলি মূরছিত বি প ১৫৪।

মূরছা[২] ; মূরত, মূরতি; মূরদ দ্র 'মূবছ, মূকতি; মূরদ'।

মূরুখ ; মূরুত দ্র 'মূরখ, মূকতি'।

মূর্খ বিণ [√মুহ্‌+খ -ক, √মুহ—মূর্, উ ৫.২২, √মূছ+খ -ক, 'ছ'-লোপ (অ টী), স্ত্রী -র্খা] ১ 'মোহপ্রাপ্ত', মূঢ, বালিশ, অজ্ঞ। "অরতী মূর্খা।—তৈত্তিরীয়সংহিতা ৭ ১.৬.৪। মনু ৪ ৭৯। মৌনান্ মূর্খঃ (ভবতি সেবকঃ)।—হি ২ ২৫। মূর্খঃ পরাপবাদেষু ন চ শাস্ত্রেষু মোহভবৎ ক.সা ৫৬ ৩০। মূর্খ পুত্র যমের স্বরূপ।—ব.প ১৩৭৯। ২ অপরিপক্কবুদ্ধি, বাল। ৩ গায়ত্রীরহিত, সার্থগায়ত্রীরহিত (শ.ক)। —র্খ পুং ১ মূঢ় জন, মন্দধী। ২ বিদ্যাহীন জন, অবিদ্বান্। "তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিন্ন ভাষতে।—চাণক্য। অজাতমৃতমূর্খাণাং বরমাদ্যৌ ন চান্তিমঃ।—হি ১৩ (কথারম্ভ)। ৩ অবিমৃশ্যকারী, অপরিণামদর্শী। "পশ্যতো বকমূর্খস্য নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ।—হি ৪.১০। ৪ বিষয়জ্ঞানহীন, অবিবেকী। "উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন শান্তয়ে।—হি ৩.৪। ৫ মাষ। [°পণ্ডিত (পুং)—লোকাচারবিবর্জ্জিত শাস্ত্রকুশল জন। "পঞ্চ ৫.৩৯। মণ্ডল (ক্লী)—মূর্খসমূহ। °শত (ক্লী)—বহুমূর্খ।]

মূর্খতা স্ত্রী, -ত্ব ক্লী [মূর্খ+তা (তল্),+ত্ব] মূঢ়তা। "স্বকার্যমুদ্ধরেৎ প্রাজ্ঞঃ কার্যভ্রংশে হি মূর্খতা।—পঞ্চ ৩ ২৩১।

মূর্খরাজ বি মূর্খশ্রেষ্ঠ, মহামূর্খ। "চৈ.চ ১৯৩।

মূর্চ্ছ্ অক [ভ্বা, প—মূর্চ্ছতি ; সেট্] ১ মূর্চ্ছা, মোহ, জ্ঞানরহিতীভাব। "মূর্চ্ছিতং মূর্চ্ছং তেন (ক.ক)। ২ উচ্ছ্রয়, বৃদ্ধি। "মূর্চ্ছতি রোগঃ (ক.ক)। রঘু ১২.৫৭। ৩ প্রাদুর্ভাব। "মূর্চ্ছন্ত্যমী বিকারাঃ প্রায়েণৈশ্বর্য্য-মত্তেষু শ ৫.১৮। ৪ প্রসরণ (মল্লিনাথ)। "(ন রংহঃ) শিলোচ্চয়ে মূর্চ্ছতি মারুতস্য রঘু ২.৩৪। শ ৭.৩২।। —র্চ্ছ্ সক ব্যাপ্তি। দ্র 'মূর্চ্ছিত (৬ ; ৭)। কু স ৬.৫৯। রঘু ৬.৯।

মূর্চ্ছে অর্ম [সং √মূর্চ্ছ্] মূর্চ্ছিত হওয়া ; বিহ্বল হওয়া। "গগন মগন হল গন্ধে, সমীরণ মূর্চ্ছে আনন্দে।—গান ৬৯। —র্চ্ছে সর্ম মূর্চ্ছিত করা, অচেতন করা। "মৌন স্তব্ধতারে বেদনায় পীড়িয়া মূর্চ্ছিয়া চ.কা ২১৩।

মূর্চ্ছন বিণ [√মূর্চ্ছি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ মোহকর। ২ বর্দ্ধন, বৃদ্ধিকর। —র্চ্ছন স্ত্রী ১ বিশ্বামিত্রের অস্ত্রবিশেষ। "গো.রা ১.৩০.১৭। ২ কামের অস্ত্রবিশেষ। "পঞ্চরাত্র ১.১১.৩০। —র্চ্ছন স্ত্রী, -না স্ত্রী [+অন (ল্যুট্, যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ মূর্চ্ছা, মোহ। "°না কি ৯.৫০, মল্লিনাথ। সা.দ ৩.১৫০। ২ উচ্ছ্রায়, বৃদ্ধি। ৩ গন্ধকের যোগে পারদভস্মীভাব। "ব.প্র ৫১৩। —র্চ্ছনা স্ত্রী [+অন-খি] ১ (সঙ্গীতে) গীতাঙ্গবিশেষ ; স্বরের আরোহাবরোহক্রমভেদ (মল্লিনাথ)। "স্বরঃ সংমূর্চ্ছিতো যত্র রাগতাং প্রতিপদ্যতে। মূর্চ্ছনামিতি তামাহুঃ কবয়ো গ্রামসম্ভবাম্ ॥—সঙ্গীতদামোদর। "উ.মে ২৫। মাল ১.১০। মূর্চ্ছনা একুশ নাম ভা চ ১৩। মর্ত্ত্যরাগিণীর, সকল মূর্চ্ছনা।—কা ৬৪। কু.কে ২২, ১২২। [স্বরগ্রামের প্রত্যেক সুর হইতে তাহার উচ্চ বা খাদ অষ্টম পর্য্যন্ত সমস্ত সুরের যে আরোহণ ও অবরোহণ, তাহার নাম মূর্চ্ছনা। যথা,—সা, -রি, -গ, -ম, -প, -ধ, -নি, -সা, এই এক মূর্চ্ছনা ; রি, -গ, -ম, -প, -ধ, -নি, -সা, -রি, এই আর এক মূর্চ্ছনা,...এই প্রকার প্রতি গ্রামে সাত মূর্চ্ছনা ; তাহাতেই তিন গ্রামে একবিংশতি মূর্চ্ছনা হইয়াছে (গী.সা)। 'ক্রমাৎ স্বরাণাং সপ্তানামারোহশ্চাবরোহণম্। সা মূর্চ্ছেত্যুচ্যতে গ্রামস্থা এতাঃ সপ্ত সপ্ত চ ॥—মাঘ ১.১০, মল্লিনাথ।] ২ (হনুমন্মতে) ষড়্জাদি স্বর হইতে ঋষভাদিস্বরের উত্থানে যেখানে স্বরের বিরাম, তাহা মূর্চ্ছনা, (ভরতমতে) বাদ্যের বা গানের সময়ে যেখানে হস্তের বা গলের কম্পন, তাহা মূর্চ্ছনা (শ.ক)।

মূর্চ্ছনা দ্র 'মূর্চ্ছন'।

মূর্চ্ছমান বিং [সং মূচ্ছন্ ; তু 'কম্পমান' ; অপ্র] মূর্চ্ছিত। "বৃষ-কেতু বীর পড়ে হইআ মূর্চ্ছমান অ.প ৫৪।

মূর্চ্ছল বি সর্ব 'মূর্চ্ছল'। "ব.প ৪৪।

মূর্চ্ছা স্ত্রী [√মূর্চ্ছ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কশ্মল, মোহ। "গো.রা ২.১৬.২১। প্রহারমূর্চ্ছাপগমে রঘু ৭.৪৪। উ.চ ৩.১২। ২ উচ্ছ্রায়, বৃদ্ধি। ৩ সর্ব 'মূর্চ্ছনা (১)। ৪ সর্ব 'মূর্চ্ছন (৩)। "মূর্চ্ছাং গতো মৃতো বা নিদর্শনং পারদোঽত্র রসঃ।—ভামিনীবিলাস ১.৮০। [°পরিপ্লুত, °পরীত (বিণ)—মূর্চ্ছাভিভূত, মূর্চ্ছিত। °প্রদ (বিণ)—মোহজনক।]

মূর্চ্ছাগতি বি [অসাধু] মূর্চ্ছাপ্রাপ্তি। "রাম লেগে কৌশল্যার যথা মূর্চ্ছাগতি শ্রী.মা ১৬২।

মূর্চ্ছাপগম পুং [ষ.ত] মোহাবসান। "প্রহার° রঘু ৭.৪৪।

মূর্চ্ছাপন্ন বিং মূর্চ্ছাগত, মূর্চ্ছিত। "কৃ ১৪৬। শ্রী.মা ১১।

মূর্চ্ছাল বিণ [মূর্চ্ছা+ল (লচ্)] মূর্চ্ছাযুক্ত, মূর্চ্ছিত (অ.কো)।

মূর্চ্ছিত বিণ [মূর্চ্ছা+ইত (ইতচ্)] ১ সঞ্জাতমূর্চ্ছ, মূর্চ্ছাপন্ন। ২ ভস্মীভূত (পারদ)। ৩ মূর্চ্ছনাযুক্ত (গীত)। "রা ২.১১৪.১৯। ৪ বৃদ্ধিপ্রাপ্ত, বৃদ্ধ। "কালাগ্নিমিবিব মূর্চ্ছিতঃ গো.রা ৬.৭৫.৪। ইদং মূর্চ্ছিতং বলম্ মহা ৬.৯.১। ৫ উচ্ছলিত, স্ফীত। "পয়োধিরিন্দুদয়-মূর্চ্ছিতঃ (সা.দ)। ৬ [√মূর্চ্ছ্+ত (ক্ত)-ক] ব্যাপ্ত (রা.টীকা), প্রসৃত। "মাল্যগন্ধশ্চ মূর্চ্ছিতঃ (স প্রবাতি) রা ২.১১৬.২০। তন্নাদং দিক্ষু মূর্চ্ছিতম্ ক.সা ৭০.২১। ঘন শিলাবৃষ্টি হয়ে, মূর্চ্ছিত হইল ধরাতল।—ম ১১১৮। মধ্যাহ্নের জ্যোতি, মূর্চ্ছিত বনের কোলে চ.কা ২১১। কত জনমের মূর্চ্ছনা তাতে, মূর্চ্ছিত কত স্মৃতি!—কু.কে ২২। ৭ [+ত -র্চ্ছ] ব্যাপ্তচিত্ত (রা.টীকা)। "রাবণঃ ক্রোধমূর্চ্ছিতঃ রা ১.১ ৪৯। উর্বশী ক্রোধমূর্চ্ছিতা মহা ৩.৪৬.৪৮। শোকমূর্চ্ছিত ভট্টি ৬.২৩। [√মূর্চ্ছি +ক্ত—'টীকা']। ৮ [বাঙ্গলায়, অপ্র] অতিমোহিত। "পূর্ণিমার চন্দ্র যেন উদয় গগনে। মূর্চ্ছিত হইল সবে সীতা দরশনে॥ জানকীরে দেখে যেই সে হয় মূর্চ্ছিত।—কৃ ৩৬৬। —র্চ্ছিত স্ত্রী আলাপবিশেষযুক্ত গীত (শ্রীধর)। দ্র '(৩)। "কলপদায়তমূর্চ্ছিত ভ ২.৭.৩৩।

মূর্ত্ত বিণ [√মূর্চ্ছ্+ত (ক্ত)-ক, পা ৬.৪.২১, ৮.২.৫৭ ; ৭৮। ১ মোহপ্রাপ্ত, মূর্চ্ছিত (অ.কো)। ২ মূঢ় (অ.কো)। ৩ [মূর্ত্তি+অ (অচ্)] মূর্ত্তিমান্, শরীরী, পরিচ্ছিন্ন (মল্লিনাথ)। "মূর্ত্তো বিঘ্নস্তপস ইব শ ১.৩০। মূর্ত্তং যশ ইব রঘু ২.৬৯। প্রসাদ ইব মূর্ত্তস্তে স্পর্শঃ উ.চ ৩ ১৪। দেবতার মূর্ত্ত আশীর্বাদ কু.কে ৪১। ৩ কঠিন। ৪ ভূতাত্মক, ভৌতিক।

মূর্ত্তি স্ত্রী [√মূর্চ্ছ্+তি (ক্তিন্)-ক ; দ্র 'মূর্ত্ত'] ১ যাহা বাড়ে, তনু দেহ, শরীর। "(সূক্ষ্মাভ্যঃ) °মাত্রাভ্যঃ মনু ১.১৯। স্বমূর্ত্তিলাভ প্রকৃতিং ধরিত্রীং লতেব সীতা সহসা জগাম রঘু ১৪ ৪৫। ২ শরীরাবয়ব। "ন হি মে...ক্ষয়ং যান্তি মূর্ত্তয়ঃ রা ১.৬৪.২০। ৩ অবতার। "অষ্ট° রঘু ২.৩৫ ; স্বমূর্ত্তিভেদেন ৩.২৭। ৪ আকৃতি। "করুণস্য মূর্ত্তিরিব (জানকী) উ চ ৩.৪। ৫ স্বরূপ। "আচার্য্যো ব্রহ্মণো মূর্ত্তি পিতা মূর্ত্তিঃ প্রজাপতেঃ। মাতা পৃথিব্যা মূর্ত্তিস্তু ভ্রাতা স্বো মূর্ত্তিরাত্মনঃ॥—মনু ২.২২৫ ; ভ ৬.৭ ২৯। ৬ শরীরপার্থিবভাগ। "মনু ১২.১২০। ৭ প্রতিকৃতি, প্রতিমা। "ত্রিভুবন যে মায়ের মূর্ত্তি ; ধাতু পাষাণ মাটির মূর্ত্তি। —রামপ্রসাদ। ৮ দ্রব্য, সত্ত্ব। ৯ কাঠিন্য, ঘনতা। "পা ৬.১.২৪। ১০ সৌন্দর্য্য। ১১ ব্যক্তি, অবভাস। [°ধর (বিণ)—শরীরধারক, রূপধৃক্। "বেদা যথা মূর্ত্তিধরাঃ ভ ১ ১৯ ২৩। °বিঘ্নেশ (পুং)—শিবের বিঘ্নহর শর্বভবরুদ্রাদি অষ্টমূর্ত্তি। °সঞ্চর (বিণ)—মূর্ত্তিধারণপূর্ব্বক সঞ্চারী ; মূর্ত্তিমান্। "ধর্ম্মস্য প্রসাদো °রঃ উ.চ ৬.১০। °সেবন (স্ত্রী) মূর্ত্তিপূজা।]

মূর্ত্তিমন্ত বিং [মূর্ত্তি+মন্ত²] ১ মূর্ত্তিমান্, শরীরী। "(দুর্য্যোধন) মূর্ত্তিমন্ত যেন কলি।—ম ১০৮। মূর্ত্তিমন্ত হৈয়া তথা রৈলা দুই জনে। —গ ১৯৭। মূর্ত্তিমন্ত তুমি কৃষ্ণপ্রেমভক্তিধন চৈ.ভা ১৮১, ৪৯৪। কলি °মন্ত চৈ.ম ৯৩। ২ সাক্ষাৎ সরস্বতীতুল্য ; মহাপণ্ডিত। "পুত্রটি অতি সুজন, লিখিতে পড়িতে মূর্ত্তিমন্ত ব.প ১৬৭৯, তিন জনেই...বাঙ্গলা ও নাগরি আদিতে মূর্ত্তিমন্ত ১৬৮৩। ৩ (কাকূক্তিতে) বিদ্যালেশহীন। "তুমি যেমন বিদ্যাবন্ত, লেখাপড়ায় মূর্ত্তিমন্ত, জানি কান্ত।—দা ৬১৮।

মূর্ত্তিমান্ (-মৎ) বিণ [মূর্ত্তি+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ দেহবান্, মূর্ত্ত, রূপধৃক্। "উপতস্থুর্মহাত্মাণি মূর্ত্তিমন্তি নৃপাত্মজম্ রা (S W.)। শকুন্তলা মূর্ত্তিমতী চ সংক্রিয়া শ ৫.১৫। হৃদয়ম্...বৈদেহ্যা ইব মূর্ত্তিমৎ রঘু ১২.৬৪। মূর্ত্তিমানিব মহোৎসবঃ উ.চ ১.১৮। মূর্ত্তিমতী করুণা কি শ্রদ্ধা উপস্থিতা।—কু ১২৪ ; মূর্ত্তিমান্ হয়ে অগ্নি আসি দিল দেখা ২৮৩। মূর্ত্তিমতী প্রতাপলহরী।—রঙ্গ ২১৯। আঁ মরি! কিবা কবিতা—সাক্ষাৎ সরস্বতী মূর্ত্তিমান্ আ.দু ৮০। বিদ্যায় মূর্ত্তিমান্ যা!—হু ১৩। ২ কঠিন। —মান্ পুং দেহ।

মূর্দ্ধ পুং [মূর্দ্ধন্—°র্দ্ধ, তু 'দ্বিমূর্দ্ধ, ত্রিমূর্দ্ধ' ; অপ্র] মস্তক। "মণিভূষিত-মূর্দ্ধায় নমঃ ; বিচিত্রমণিমূর্দ্ধায় নমঃ মহা ১৩.১৪.৩০৩।

মূর্দ্ধক পুং [মূর্দ্ধন্+ক (কন্) সংজ্ঞার্থে] ক্ষত্রিয়।

মূর্দ্ধন্য বিণ [মূর্দ্ধন্+য (যৎ), টিলোপাভাব, পা ৬.৪.১৪৪, ১৬৮ ; স্ত্রী -ন্যা] ১ মূর্দ্ধভব, শিরঃস্থ। "°রত্ননিকর মাঘ ৫.৩০। মূর্দ্ধন্যঃ কুসুমে

সিতাংশুম্ (S.W.)। ২ শিরোজাত। "মণিং জহার মূর্দ্ধন্যং দ্বিজস্য ভ ১.৭.৫৫। ৩ মূর্দ্ধস্থানে উচ্চারিত; মূর্দ্ধস্থানক (বর্ণ)। "ঋটুরষাঃ ট ঠ ড ঢ ণ বা মূর্দ্ধন্যাঃ।—মুগ্ধবোধ ৩। ৪ শ্রেষ্ঠ, মুখ্য। "বীর°। হংহো ধন্যানাং মূর্দ্ধন্য গোবিন্দ বি.মা ৭৯; রাধে, বিদগ্ধবধূনাং মূর্দ্ধন্যাসি বি মা ৭৯৬।

মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং [√মুহ্+অন্ (কনিন্), 'উ', 'হ্' স্থানে 'উ' 'ধ্' 'র্' (রম্) আগম, উ ১.১৫৬; √মৃ+অ (অণ্), 'মৃ' স্থানে 'মূর্দ্ধ' আদেশ (অ টী); √মূর্ব্ব বন্ধন+কনিন্ (শ.ক); ছান্দস; সমাসে পূর্ব্বপদ 'মূর্দ্ধন্' > 'মূর্দ্ধ'—যথা, মূর্দ্ধজ] ১ যাহা আহত হইলে মোহপ্রাপ্ত বা মৃত হয়, মস্তক, শিরঃ। "ঋগ্বেদ ৪.২ ৬। কুসুমস্য সিদ্ধা মূর্দ্ধ্নি স্থিতি উ.চ ১.১৪। হি ১.১৪১। ২ ললাট, ভালদেশ। ৩ বক্ত্রবিবরের উপরিভাগ—মূর্দ্ধন্য বর্ণের উচ্চারণস্থান (তৈ ২.৩৭, ব্যাখ্যা)। ৪ উপরিভাগ; অধিপতিপদ। "(নলঃ) অতিষ্ঠন্ মনুজেন্দ্রাণাং মূর্দ্ধ্নি মহা ৩ ৫৩.২। ৫ বৃক্ষাগ্রভাগ, শিখর। "অনুভর্ত্তি মূর্দ্ধ্না পাদপস্তীব্রমুষ্ণম্।—শ ৫৭। ৬ শৃঙ্গ, শিখর। "নগমূর্দ্ধনি গো রা ১.৬৯.১৯। বৃক্ষান্ ...দদৃশুর্গিরিমূর্দ্ধনি মহা ৩ ১৪৩৩। পু মে ১৭। ৭ রণক্ষেত্রের শিরোভাগ বা অগ্রভাগ। "রণমূর্দ্ধনি গো.রা ৩.২৫ ১৮। সংযুগমূর্দ্ধনি রঘু ৯ ১৯। সংগ্রামমূর্দ্ধনি ভ ১.১৫.৩০। ৮ শ্রেষ্ঠ, প্রধান। ৯ অগ্র, মূল °জ্যোতি (-তিস্) (S.W.)। [°জ (পুং)—১ মূর্দ্ধজাত, শিরোরুহ, বিকীর্ণমূর্দ্ধজা (সা বিললাপ) কু.স ৪৪। দু ১০। ২ কেশর, সটা। কেশ। "শ ১.২৭। স্ত্রী—ব্রহ্মবক্ত্র। °ধর (বিণ)—শিরোধারক (শিরা)। °পিণ্ড (পুং) মত্তহস্তীর মস্তকস্থপিণ্ডবৎ অংশ। °বেষ্টন (স্ত্রী)—উষ্ণীষ।]

মূর্দ্ধক পুং [মূর্দ্ধন্+ক (কন্) সংজ্ঞার্থে] ক্ষত্রিয়।

মূর্দ্ধান্ত পুং [ষ.ত] মূর্দ্ধশেষ, চূড়া, শিখা। "ক.সা ৬৫ ১১৯।

মূর্দ্ধাবসিক্ত পুং [স.ত] ১ 'মস্তকে কৃতাভিষেক', রাজা। ২ ব্রাহ্মণ হইতে পরিণীতা ক্ষত্রিয়ায় জাত পুত্র। "যাজ্ঞ ১.৯১।

মূর্দ্ধাভিষিক্ত বিণ [স.ত] ১ রাজ্যার্পণকালে মস্তকে কৃতাভিষেক প্রথম ক্ষত্রিয় (অ.টী); (গৌণার্থে) ক্ষত্রিয়সামান্য, রাজন্য। "অয়ং মূর্দ্ধাভিষিক্তস্থিতি মেহত্র মানসম্ মহা ৪ ৭.৭। রাজ্ঞো °ক্তস্য বধো ব্রহ্মবধাদ্ গুরুঃ ভ ৯.১৫.৪১। ২ রাজা। "রঘু ১৬.৮১। ৩ সচিব (A.) ৪ সর্ব 'মূর্দ্ধাবসিক্ত (২)। —ভিষেক পুং [স.ত] রাজ্যার্পণে মস্তকে তীর্থজলাভিষেক।

মূর্দ্ধ্নিবর্ত্তী বিং [অসাধু] মস্তকে স্থিত; শ্রেষ্ঠ। "নৈসর্গিক শক্তি সকলের মূর্দ্ধনিবর্ত্তী পা প্র ৯৪। তু 'স্বভাবো মূর্দ্ধ্নি বর্ত্ততে।

মূর্ব্ব্ সক [ভ্বা, প—মূর্ব্বতি, সেট্] বন্ধন।

মূর্ব্বা, -র্ব্বিকা, -র্ব্বী স্ত্রী [√মূর্ব্ব্+অ (অচ্)-ক (অ টী), +স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীষ্), ক (কন্) স্বার্থে+স্ত্রী আ] যে ধনুককে গুণরূপে বাঁধে; লতাবিশেষ, মোরটা, সূচীমুখ বা মোরগা লতা (অ টী)। "মূর্ব্বাবণ, -ন পা ৮.৪.৬, কাশিকা। [মূর্ব্বাময় (বিণ)—মূর্ব্বাবিকার, মূর্ব্বাত্বগ্‌রচিত। "মূর্ব্বাময়ী জ্যা মনু ২.৪২, কুল্লুক।]

মূল্ অক [ভ্বা, প, ও (ক.ক)—মূলতি, -তে; সেট্] প্রতিষ্ঠা, স্থিতি। —ল্ সক [চু, প—মূলয়তি; সেট্] রোপণ। "মূলয়তি তরুং লোকঃ (ক.ক)। [উদ্—১ উন্মূলন, উৎপাটন। "তৃণানি নোন্মূলয়তি প্রভঞ্জনঃ। —হি ২.৮৭। ২ বিনাশন। "উন্মূলয়তি যঃ শত্রুন্মূলয়তি তমাংসি চ —কবিরহস্য। নির্—নির্ম্মূলন, বিনাশন।]

মূল[১] বিণ ১ প্রধান। "মূলায়তনাৎ রঘু ৩.৩৬। ২ নিজ (শ.ক)। —ল স্ত্রী [√মূ+ল(র)-ক; √মূল্+অ (অচ্)-ণ; অর্দ্ধর্চাদি; তু 'মূর' —মূর (অথর্ব্ববেদ ১.২৮.৩); মূলম্, মূরম্ পা ৮.২.১৮, কাশিকা] ১ বৃক্ষাদির বন্ধনকারক বা স্থিতিসাধন; শিফা, শিকড়। মূলানি চ কন্দানি চ মনু ৩.২২৭। শাখিনো ধৌতমূলাঃ শ ১.১৪, টীকা। ২ মূলক, মূলা (radish)। ৩ শূরণ। ৪ পিপ্পলীমূল। ৫ পুষ্করমূল। ৬ বৃক্ষাদির নিম্নতম ভাগ; অধঃপ্রান্ত, গোড়া। "বৃক্ষ° মনু ৪.৭৩। অঙ্গুষ্ঠ° রঘু ৭.১০। শূলে হ'তে শূল দেও মূল থাকু হাতে শি ৬৯। ৭ পাদদেশ, তলভাগ। "গিরি°, পর্ব্বত°। ৮ পাদ (সায়ণ), চরণ (উণাদিকোষ)। "মূলং যাতুধানস্য বৃশ্চ।—ঋগ্বেদ ১০.৮৭.১০। ৯ দিক্‌প্রান্ত। "প্রাচীমূলে উ.মে ২৮। ১০ আরম্ভ, উপক্রমাংশ, গোড়া। "আ মূলাৎ শ্রোতুমিচ্ছামি।—শ ১২৪। ১১ প্রতিষ্ঠা। "নামূলং লিখ্যতে কিঞ্চিৎ (মল্লিনাথ)। ১২ উৎপত্তিস্থান, আদ্য, কারণ। "কুতোমূলমিদং দুঃখম্ মহা ১.১৬০.১। ধর্ম্মস্য ব্রাহ্মণো মূলম্ মনু ১১.৮৪। প্রভুত্বং ধনমূলম্। —হি ১.১৩০। এত বিলম্ব হইল কোন মূলে বা.ম ৩৫৪। মূল কর্ম্মসূত্র শ্রী মা ৩৮। ১৩ আদিগ্রন্থ। "মেনকা করিল পূজা উচ্চারিয়া মূল শ্রী.মা ৪৮। ১৪ প্রধান নগর বা পুর। ১৫ আরম্ভস্থান, সন্ধি। "কর্ণ°, বাহু°, শ্রুতি°। ১৬ অন্তরাল, মধ্য। "গভীরনাভিমূলা মাঘ ৭.৩৪। ১৭ সমীপ, নিকট। "ভবন্তাবপি চ ক্ষিপ্রং মম মূলমুপৈষ্যতঃ রা ২.৬৪.৪৯। ১৮ নিম্নদেশ। "ঘনা ঘনমূলা ভূরিবৃষ্টিকরাঃ।—বৃহৎসংহিতা ৩০.১৮। ১৯ মূলধন, ভাণ্ড, পুঁজি। বিপ 'বৃদ্ধি'। "মূল বিনু পরধনে মাগয়ে বেয়াজ বি.প ৪৬। ২০ (গণিতে) বর্গমূল। ২১ রাজার স্বীয় দুর্গরাষ্ট্র (কুল্লুক), স্বনিবাসস্থান (মল্লিনাথ)। "মনু ৭.১৮৪। গুপ্তমূলপ্রত্যন্তঃ রঘু ৪.২৬। ২২ অস্বামী বিক্রেতা, অর্থাৎ যে স্বামী না হইয়া দ্রব্যাদি বিক্রয় করে। "মনু ৮.২০২। ২৩ পটাদির উৎপত্তিকারণ (কাশিকা), পটাদির উৎপাদনার্থ বণিক্ কর্ত্তৃক বিনিযুক্ত দ্রব্য, অর্থাৎ প্রদত্ত উপকরণ। 'পা ৪.৪ ৯১, কাশিকা; তত্ত্ববোধিনী ২৪। আদিমনিবাসী। ২৫ পুরুষপরম্পরাগত ভৃত্য। "হি ২২৩৪। ২৬ অঙ্গুলির অবস্থানবিশেষ। ২৭ বন, গহন। ২৮ নিকুঞ্জ। —ল পুং, স্ত্রী, —লা স্ত্রী সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত উনবিংশ নক্ষত্র, মূলানক্ষত্র। [ইহা শুক্লমূর্ত্তি, নবতারাযুক্ত, সিংহপুচ্ছাকার। নির্ঋতি ইহার দেবতা। ইহাতে জন্মিলে নর সমূলে কুল-ধ্বংস করে।] —লা[১] স্ত্রী ১ শতাবরী। ২ মূলনক্ষত্র। —লী[২] স্ত্রী জ্যেষ্ঠী। [°কার (পুং)—মূলগ্রন্থ রচয়িতা। °কারণ (স্ত্রী) —প্রধানকারণ। "ক্রিয়াণাং খলু ধর্ম্যাণাং সৎপত্ন্যো মূলকারণম্ কু.স ৬.১৩। °কারিকা (স্ত্রী)—১ মূলগ্রন্থার্থপ্রকাশক শ্লোক। ২ মূলধনের বৃদ্ধিবিশেষ। °খানক (পুং)—মূলোৎপাটনজীবী, অর্থাৎ যে ওষধিমূল খনন করিয়া জীবিকার্জ্জন করে। "মনু ৮.২৬০। °গুণ (পুং)—মূলরাশির পূরক অঙ্ক বা মান (coefficient)। °গ্রন্থ (পুং)—আদিগ্রন্থ, মূলবই (original)। °ছিন্ন (বিণ)—ছিন্নমূল। °চ্ছেদ (পুং) —মূলকর্ত্তন; উৎপাটন। "বৃহৎসংহিতা ৫৫.৫। °জ (বিণ)—মূল হইতে জাত (উৎপলাদি)। °জাতি (স্ত্রী) আদিযোনি; বীজ। °দ্রব্য, °ধন (স্ত্রী)—মূলবিত্ত, পুঁজি। °দ্বার (স্ত্রী)—প্রধানদ্বার। "°বৃহৎসংহিতা ৫৩.৮২। °ধাতু (পুং)—রসধাতু (অ.চি)। °নগর (স্ত্রী) —আদিনগর। বিপ 'শাখানগর'। °নিকৃন্তন (বিণ)—মূলচ্ছেদকর, সমূলনাশক। °পুরুষ (পুং)—বংশের অবলম্বভূত জন। "মূলপুরুষাবসান শ ৬২৪। °বচন (স্ত্রী)—মূলপঙ্‌ক্তি। °বিত্ত (স্ত্রী)—মূলধন। °বিনাশন (স্ত্রী)—মূলক্ষয়, মূলোৎপাটন। "গো.রা ৪.১৯.১১। °বিরেচন (স্ত্রী)—মূলজাত বিরেচক ঔষধ। °ব্যসনবৃত্তি (স্ত্রী)—বধ্যের মারণরূপ জীবিকা। "°বৃত্তিমান্ মনু ১০.৩৮। °ব্রতী (-তিন্)—কেবলমূলভোজী। °ভব (বিণ)—মূলজাত। °ভৃত্য (পুং)—দ্র 'মূল (২৫)। °মন্ত্র (পুং)—বীজমন্ত্র। "ম ১০৬৬। ম ম ২১। °রামায়ণ (স্ত্রী)—আদি বাল্মীকীয় রামায়ণ। °রাশি (পুং)—অঙ্কসংখ্যা—১, ২, ৩ ইত্যাদি (cardinal number)। °শকুন (পুং)—প্রথম দৃষ্ট শকুন বা নিমিত্ত। "বৃহৎসংহিতা ৯৫.৬০। °সাধন (স্ত্রী)—প্রধান উপায়। °স্থান

(ক্লী)—১ আজস্থান, প্রতিষ্ঠাভূমি, ভিত্তিভূমি। ২ আকাশ। ৩ মূলতান দেশ। °স্রোতঃ (-তস্) ক্লী—প্রধানপ্রবাহ। °স্বামী (-মিন্) পুং —যথার্থ অধিকারী। °হর (বিণ)—মূলবিনাশী, সর্ব্বনাশকর। "অনর্থং মূলহরম্ গো.রা ২.৬৮.১৩। °রোঽধর্ম্মঃ মনু ৮.৩৫৩।] [মূল কথা —গোড়ার কথা; প্রধান বিষয় বা কারণ। মূল-গা'ন—প্রধান গায়ক। বিণ 'দোহার'। "দেবগণ দোহার গণেশ °গা'ন মূল শি ৭২। মূল বই—অর্থ 'মূলগ্রন্থ'। মূল-শিকড়—প্রধান শিকড়। মূল-সন্ন্যাসী —গাজনে প্রধান সন্ন্যাসী। "হু ৮১। মূলে—১ আদৌ, আরম্ভে, গোড়ায়। "মূলে ভুল। ২ আদৌ, একেবারে। "মূলে ছিল না নাড়ী। —দা ৪৩১। মূলে মাছুর নেই, তার উত্তর শিয়র—(গৌণার্থে) যাহাকে লইয়া ব্যবস্থা, তাহার অভাবে ব্যবস্থা অনাবশ্যক।]

মূল[2] বি [সং মূল্য > প্রা মু(মো)ল্ল > বা মূল; হি, ঠ মোল; গু মূল; ড় মূল] ১ মূল্য। "দাহিতে কনক দ্বিগুণ হয়ে মূল বি.প ৫৩। ম ৪৭৯। ক চ ৭৪; ২১১। বা ম ১১১; মূলে যদি যাটি হয় বদলে কি ফল ২০৮; ছুকড়ার মূল ৩৬২। ব.প ২৮৯। ম.ম ১৩২। প্রেম পরশ রস আরতি অমূল।—জ্ঞা ৭৬। শ্রী.ম ২৪৬। ভা.চ ২৮৪; বিনা মূলে কিনিলে আমারে ৩৪২। অমূল রতন।—মে ১৮৬; ২৫১। ২ মূল্যনিরূপণ। "গৃহী লোক আসি সভে করি নিল মূল।—ম ৪০২। [মূলে—দরে। "শও°, কুড়ি°, পণ°, পুঁজি°, তোলা°, ঝুড়ি° ক.চ ১৫৬। মূলাইয়া, মূল্যা—দর করিয়া। "মূল্যা লয় চিনি-গোলা, তৈল কিনে মূলাইয়া ঘটি ক.চ ৭৬। ছাগল মূলানে—ছাগলের দরে। "(কালকেতু মোরে) ছাগল মূলানে লয়ে বেচে ক.চ ৫৫।]

মূলক বিণ [মূল+অক (বুন্), পা ৪.৩.২৮] ১ মূল-নক্ষত্রে জাত। ২ [+ক (কপ্)] তন্মূলযুক্ত। "ঈর্ষ্যা°, ভ্রান্তি°। আশ্রমাঃ…গার্হস্থ্য-মূলকাঃ মহা ১৪.৪৫.১৩। [সমাসে উত্তরপদ]। —লক পুং স্থাবর-বিষভেদ। —লক পুং, ক্লী ১ কন্দাকারখাদ্যভেদ, মূলা। "মনু ৮.৩৪১। যাজ্ঞ ১.২৮৮। ২ কচুবিশেষ। ৩ মূলখাদ্যমাত্র। [°পণ (পুং) —বিক্রয়ার্থ মূলকের (মূলার) পরিমিত মুষ্টি বা আটি। "পা ৩.৩.৬৬।]

মূলকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [উ.লো] 'মূলসাধ্য কর্ম্ম'; ঔষধাদি দ্বারা বশীকরণ; ঔষধাদিমূল দ্বারা ত্রাসন উচ্চাটন স্তম্ভন বশীকরণ প্রভৃতি কার্য্য (অ.টী), মূলনিখননপদপাংশুগ্রহণাদি (কুল্লূক), বশীকরণাদি (মেধাতিথি)। "মনু ৯.২৯০; ১১.৬৪।

মূলকৃচ্ছ্র, পুং, ক্লী [উ.লো] মূলাহার বা মৃণালভোজনদ্বারা সাধ্য ব্রত-বিশেষ। "মূলকৃচ্ছ্রঃ স্মৃতো মূলৈঃ (মার্কণ্ডেয়পুরাণ)। বিসাভ্যবহারেণ মূলকৃচ্ছ্রঃ।—বিষ্ণু ৪৬.১৫।

মূলত্রিকোণ ক্লী [কর্ম্মধা] সূর্য্যাদি গ্রহের রাশিরূপ গৃহ, অর্থাৎ সূর্য্যের সিংহ, চন্দ্রের বৃষ, মঙ্গলের মেষ, বুধের কন্যা, গুরুর ধনু, শুক্রের তুলা, শনির কুম্ভ রাশিরূপ গৃহ।

মূলপ্রকৃতি স্ত্রী [কর্ম্মধা] ১ বিশ্বের আদিকারণ; প্রধান, আদ্যাশক্তি। "সাংখ্য ৩। মূলপ্রকৃতি, নাস্তি আকৃতি।—হু ৩। ২ (বহুব) মণ্ডলের মূলভূত—মধ্যম বিজিগীষু উদাসীন ও শত্রু। 'মনু ৭.১৫৫,-৬।

মূলা[1] **; মূলা**[2]**, মূলো ; মূলাইয়া** দ্র 'মূল[1]; মূলা; মূল[2]।

মূলাধার পুং [কর্ম্মধা] ১ ষট্‌চক্রান্তর্গত আদ্য চক্র। "মূলাধারে কুণ্ডলিনী বন্দো শি ৪। [ইহা গুহ্য-লিঙ্গের মধ্যে অঙ্গুলিদ্বয়মিত স্থান এবং কুণ্ডলিনীশক্তির প্রধান আধার। ইহা লোহিত ও চতুর্দ্দল, ব শ ষ স চতুর্দ্দলের মাতৃকাবর্ণ। ইহাতে ইচ্ছাজ্ঞানক্রিয়ারূপ ত্রিকোণমধ্যে স্বয়ম্ভূলিঙ্গ অবস্থিত। এই স্বয়ম্ভূকে সার্দ্ধত্রিবলয়াকারে বেষ্টিত ও তাঁহার অমৃতনির্গমন-স্থানে মুখ লগ্ন করিয়া ভুজগরূপা কুণ্ডলিনী নিদ্রিতা আছেন। সাধক সাধনাবলে কুণ্ডলিনীকে জাগরিতা করিয়া সহস্রারে সদাশিবের সহিত সম্মিলিতা করেন। ইহা সাধনার চরম ফল। 'প্রসুপ্ত ভুজগাকারা শিবে যেয়ে কুণ্ডলিনী (শ্যামাসঙ্গীত)। দ্র 'ষট্‌চক্র'।] ২ নাভি। ৩ (বাঙলায়) প্রধান আশ্রয়, আদিস্থান, গোড়া। "যিনি ভবকর্ণধার, দুষ্কৃতের মূলাধার ম.পা ৮৯। ভবের মূলাধার।—দা ১৬০; (নিত্রে!) রাধার মূলাধার কোথা লুকালি ৫২৮; পাণ্ডবের মূলাধার তুমি ৯০২। বা.দ ২৫৩। যিনি জীব-মূলাধার।—হেম ৮০। ৪ মূলের আধার; মূল-বন্ধনস্থান। "সে প্রতিমা জগৎসিংহের হৃদয়মধ্যে বদ্ধমূল হইয়াছিল, তাহাকে উন্মূলিত করিতে মূলাধার হৃদয়ও বিদীর্ণ হইবে ব.গ্র ৭৪।]

মূলান দ্র 'মূল[2]।

মূলায়তন ক্লী [কর্ম্মধা] প্রধানস্থান। "রঘু ৩.৩৬।

মূলিক পুং [মূল+ইক (ঠন্)] ১ 'মূলবিক্রয়জীবী। ২ মুনি।

মূলী[1] **(-লিন্)** বিণ [মূল+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -লিনী] মূলযুক্ত, স্থূলমূল। "মূলিনী (আদিত্যপর্ণিনী)।—সুশ্রুত ৪.৩০.১০। —লী পুং বৃক্ষ।

মূলী[2] দ্র 'মূল[1]।

মূলীকরণ ক্লী [মূল+চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] বর্গমূল-নিষ্কাশন। —লীভূত বিণ [+ √ভূ+ত(ক্ত)-ক] আদীভূত।

মূলোচ্ছেদ পুং [ষ.ত] মূলক্ষয়, সমূলবিনাশ। "কাদ ১১১।

মূলোৎখাত বিণ [বহুব্রী] উৎখাতমূল, সমূলখাত। "সর্ব্বথা °তা বয়ং বিনষ্টাঃ স্মঃ (পঞ্চ)। —খাত ক্লী [ষ.ত] মূলোৎখনন।

মূলোৎপাটন ক্লী [ষ.ত] উন্মূলন।

মূল্য বিণ [মূল+য (যৎ)] ১ যাহা মূলোৎপাটন বিনা সংগ্রহ করা অশক্য (তত্ত্ববোধিনী); সমূলে উৎপাটনীয়। "মূল্যা মুদ্গাঃ পা ৪.৪.৮৮, সি। ২ মূলদ্রব্যের সহিত যে অতিরিক্ত দ্রব্য বিক্রেতার সম্মতিতে লাভ করা যায়। দ্র 'মূল (২৩)। [পটাদির উৎপাদনার্থ বণিকের কারুগণকে যে মূল, অর্থাৎ তুলাদি উপকরণ দিতেন, কারুগণ ঐ মূলে বস্ত্রাদি প্রস্তুত করিয়া পারিশ্রমিকস্বরূপ অতিরিক্ত উপকরণ গ্রহণ করিতেন, ইহাই কারুদিগের লাভ এবং মূল হইতে গৃহীত বলিয়া এই লাভ-ভাগ মূল্য, অর্থাৎ ঐ লাভাখ্য মূল্যে বণিকেরা শিল্পীর নিকটে পটাদি পাইতেন। যখন চরকায় সূতা কাটা ছিল, তখন ব্যবসায়ীরা নির্দ্দিষ্টপরিমাণ সূতা দিবার বন্দোবস্ত করিয়া গৃহস্থকে তুলা দিতেন; গৃহস্থ তদনুসারে সূতা দিয়া অতিরিক্ত যে তুলা পাইতেন, তাহাই তাঁহার পরিশ্রমের মূল্য বা লাভ। এই নিয়মে ভাচায় চাউল প্রস্তুত করার প্রথা আছে। এক্ষণে 'মূল্য' মূলাতিরিক্ত 'লাভ' নহে, পটাদি যে অর্থে বিক্রীত হয়, তৎসমুদয়ই (অর্থাৎ লাভসহিত মূল) 'মূল্য'। দ্র "পা ৪.৪.৯১, তত্ত্ববোধিনী। ৩ মূলের সমান। "মূলেন সমো মূল্যঃ পটঃ (কাশিকা)। —ল্য ক্লী ১ বিনিময়ে প্রদত্ত অর্থ; অর্ঘ, দাম। "রা ১.৬১.১৫। মনু ৮.১৪৪। (কেচিৎ) ক্রীণন্তি প্রাণমূল্যৈর্যশাংসি মাঘ ১৮.১৫। কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া।—ভর্ত্তৃহরি। °ক্রীত: কৃপামূল্যে…ক্রীত চৈ.চ ১৪২। ২ মূলধন। "ক.সা ৬.৩৪। ৩ বেতন। "মূল্যেন যঃ কর্ম্ম করোতি স ভৃতকঃ (S.W.)। ৪ নিষ্ক্রয়। "ক.সা ১২.১৩৯। ৫ লাভ। দ্র 'মূল্য' বিণ (২) ৬ (বাঙলায়) গুরুত্ব, সারবত্তা। তোমাকেও উপদেশে—না জানে আপন মূল্য চৈ.চ ২৮১। —ল্যক ক্লী [মূল্য+ক (কন্) সংজ্ঞার্থে] ১ দ্রব্যনির্ম্মাণব্যয়, মজুরী। "শু ২.৩৫৩। ২ [+স্বার্থে] মূল্য।

মূল্যক দ্র 'মূল্য'।

মূল্যবান্ (-বৎ) বিং মহামূল্য, দামী। "তাঁহার (উকিলের) মূল্য-বান্ সময়, যাহা মিনিটে মিনিটে টাকা প্রসব করে ব.গ্র ৬৪৪।

মুষ্ সক [ভ্বা, প—মূষতি; সেট্] স্তেয়, লুণ্ঠন।

মূষ পুং [√মূষ্+অ(অচ্)-ক; ফা মূশ্; Gr., L., Ger., A.S.

Danish, Swedish, Icelandic—'mus'; Slav. mysi ; E. mouse] ১ 'লুণ্ঠক', মূষিক। "°রাজ। ২ [+অ (ষঞ্)-ষি] সর্থ 'মুষা'। —ষক পুং [°ষ+ক (কন্) ; ফা 'মুশক্'—ছুঁচা] ১ ইন্দুর। "রা ২ ৩৩ ১৯। °স্পর্শ।—কাত্যায়ন ২.১৪। কৃ ২৪৮। ২ [+ক ক্ষুদ্রার্থে] ক্ষুদ্র মুষ, গিরিকা, নেঙটি। ৩ [√মুষ্+অক (ণ্বুল্)-ক] তস্কর, চোর। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] লুণ্ঠন, স্তেয়, অপহরণ। —ষী স্ত্রী [°ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মূষিক। ২ সর্থ 'মুষা'। —ষীক পুং, -কা স্ত্রী—মূষিক।

মুষক দ্র 'মুষ'। [°বাহন (পুং)—গণেশ।]

মুষগ বি মুষকবাহন, গণেশ। "শি ৩২, ১০৭।

মুষা স্ত্রী [মুষ+স্ত্রী আ (টাপ্), মুষা, -সা (চ)] ১ মূষিকস্ত্রীজাতি। ২ সর্থ 'মূষা'। "মনু ৬.৭১, কুল্লুক। ৩ গবাক্ষ (A.)। ৪ [মুষ >°ষা] (বাঙ্লায়) মূষিক। "ম ৭, ৭২৭, °শিশু ৭২৮। গণার মূষা ক চ ৩১, ২৭৬, ম ভা ১৩। ভা.চ ১২৮।

মুষিক পুং [√মুষ্+ইক (কিকন্)-ক, দীর্ঘ, উ ২.৪২] ১ ইন্দুর। "বিবৃদ্ধমূষিকা বথ্যা মহা ১৬ ২ ৫। °মিত্র।—হি ১ ৫৪। ২ চোর। [°নির্বিশেষ (বিণ)—মূষিকতুল্য। "হি ৪$\frac{১}{১}\frac{৪}{৫}$। °পর্ণী (স্ত্রী)—ইঁদুরকানী পানা। °রথ (পুং)—গণেশ। °বিষাণ (ক্লী)—মূষিকশৃঙ্গবৎ নিতান্ত অসম্ভব বিষয়। °স্থল (ক্লী)—মূষিকোৎকীর্ণমৃত্তিকাস্তূপ, মূষিকোৎকর।]

মুষিকা স্ত্রী [মূষা+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ ইন্দুর। "বাল°। ২ সর্থ 'মূষা'। ৩ মূষিকপর্ণী। ৪ মূষিক-স্ত্রীজাতি।

মুষিকাঙ্ক পুং [বহুব্রী] 'মূষিকচিহ্ন', গণেশ।

মুষিকাদ পুং [°ক+ √অদ্+অ (অণ)-ক. উ.ত] 'মূষিকভক্ষক', আখুভুক, বিড়াল।

মুষিকোৎকর পুং [মূষিকের উৎকর, ষ ত] মূষিকের উৎক্ষিপ্ত মৃত্তিকা, মূষিকস্থল, ইন্দুরের মাটি। "মৃ ৩$\frac{২}{১ ৩}$।

মুষী, মুষীক, মুষীকা দ্র 'মুষ'।

মুষীকরণ ক্লী [মূষা+চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] মূষায় স্বর্ণাদি ধাতুর আবর্ত্তন, মুছিতে ধাতু গলান।

মৃ অক [তুদা. ঙ—ম্রিয়তে, অনিট্] প্রাণত্যাগ, মরণ। [অনু—অনুমরণ। "বৃদ্ধং তম্…মহিষ্যনুমরিষ্যতি ভ ৯ ৮ ৩।

মৃকণ্ড, মৃকণ্ডু পুং ঋষিবিশেষ। "মৃকণ্ডু পা ৪.১ ১২৩। [ইনি ভৃগুর পৌত্র। ইঁহার পিতা ধাতা, মাতা আয়তি, পুত্র মার্কণ্ডেয় (ভ ৪ ১. ৪২-৪৪)।]

মৃগ্ সক [দি, প—মৃগ্যতি, সেট্] মার্গণ, অন্বেষণ (কাতন্ত্রাদি —ক.ক)। —গ সক [অদন্ত চু, ঙ—মৃগয়তে, সেট্] অন্বেষণ। "নৈষধং মৃগয়াণেন…ময়া মহা ৩.৭০.২। রামো মৃগং মৃগয়তে বনবীথিকাসু (মহানাটক)।

মৃগ পুং [মৃগ্+অ (অচ্)-র্ম্ম] ১ ব্যাধ কর্ত্তৃক মার্গণীয়, হরিণ। "ঋগ্বেদ ১.৩৮.৫। মনু ১১ ৬৯। আশ্রম° শ ১$\frac{২}{১ ০}$; °শরীর ১.১০। °গোধরে! —ভা.চ ৩২২। ২ পশুমাত্র। "ঋগ্বেদ ১০.১৪৬.৬। নানামৃগগণাকীর্ণ রা ১.৫১.২৩। মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহম্ গী ১০.৩০। মাঝা মৃগবাজতুল ক.চ ১১৪। দশ দিশ পূবল খগ-মৃগ-গানে।—ব ১১২। ৩ মৃগয়ার্থ পশু। "°রমণ। ৪ চন্দ্রস্থ মৃগাকৃতি চিহ্ন। "মৃগাঙ্ক। ৫ মৃগনাভি। ৬ হস্তিবিশেষ। ৭ চারিজাতি পুরুষের একতম। 'বদতি মধুরবাণীং দীর্ঘনেত্রোঽতিভীরুশ্চপলমতিসুদেহঃ শীঘ্রবেগো মৃগোঽয়ম্॥ "মৃগে তুষ্টা চ চিত্রিণী (রতিমঞ্জরী)। পতি মৃগ চিত্রিণীর ভা.চ ৭২৩। ৮ মৃগশিরা নক্ষত্র। ৯ মার্গশীর্ষমাস। ১০ মকররাশি। ১১ [+অ-ণ] মুদ্রাবিশেষ। "মৃগবরাভীতিহস্তম্ (মহেশং ধ্যায়েৎ)। [অঙ্গুষ্ঠ মধ্যমা ও অনামিকা সংযুক্ত করিয়া, তর্জ্জনী ও কনিষ্ঠা উচ্চ করিয়া রাখিলে 'মৃগমুদ্রা' হয়। ১২ যজ্ঞবিশেষ। ১৩ শাকদ্বীপস্থ জনপদভেদ। ১৪ [+অ -ভা] মার্গণ, অন্বেষণ। "কনকমৃগতৃষ্ণাঙ্কিতধী সা.দ ০$\frac{২}{১}\frac{৪}{৫}$। ১৫ অনুসরণ। ১৬ যাচ্ঞা। ১৭ (বাঙ্লায়) মৃগাকৃতি ছাবা। "সর্ব্বাঙ্গে শোভিত ছাবা, কলি মৃগ বাঘ থাবা ভা.চ ১৫১। —মৃগী স্ত্রী [মৃগ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হরিণী। "রা ২.২৪ ১৯। শ ৬.১৭। মৃগী, তেঁজই তীপনি শাস বি.প ৮৪। °পাল চৈ.চ ১৮৬। ২ স্ত্রীজাতিবিশেষ। ৩ অপস্মাররোগ। "চৈ.চ ১৬৮। °গ্রস্ত।—হেম ১০৬। ৪ ছন্দোবিশেষ। [°কানন (ক্লী)—মৃগয়ার্থপশুপূর্ণ বন, মৃগবাবন। "ক.সা ৫৪.৩। °কেতন (পুং)—'মৃগচিহ্ন', মৃগাঙ্ক, চন্দ্র। °ক্ষীর (ক্লী)—মৃগীদুগ্ধ। "পা ৬ ৩.৩,৫ সি। °গ্রহণ (ক্লী)—বধার্থ মৃগাদিগ্রহণ। "মনু ৫.১৩০। °চর্য্যা (স্ত্রী)—মৃগবৃত্তি, অর্থাৎ মৃগের ন্যায় যদৃচ্ছালব্ধ ফলমূলে প্রাণধারণ। "মহা ৫.১২১.২০। ভ ৫.৫.৩৪। °চারী (-রিন্) বিণ—মৃগের ন্যায় যদৃচ্ছালব্ধফলমূলজীবী। "মহা ৫.১২১.২৪। °জাতি (স্ত্রী)—হরিণমাত্র। °জালিকা (স্ত্রী)—মৃগবন্ধনজাল, বাগুরা, পাশ। °জীবন (পুং)—মৃগজীবী, ব্যাধ। "মহা ৩ ৬৩ ২৮। °জীবী (-বিন্) বি—সর্থ 'মৃগজীবন'। "ম ৪৪২। °তৃট্ (-ষ্), °তৃষা, °তৃষ্ণা, °তৃষ্ণি, °তৃষ্ণিকা (স্ত্রী)—জলভ্রম হেতু মৃগের তৃষ্ণা যাহাতে, মরীচিকা। "°তৃষ্ণিকা গো.রা ৫ ৩১.৪০, শ ৬ ১৬, ন ১১৯১, সী ৮২। °তৃষ্ণি ভ ৭ ৯.২৫ ; °তৃষ্ণা শি ৩৫। °তোয (ক্লী)—মরীচিকাজল। °দংশ, -শক (পুং)—কুক্কুর। "°শক (অ.কো)। °দাব (পুং)—মৃগকানন ('a deer park')। "কু.কে ৯৪। °দৃক্ (-শ্), °নয়না, °নেত্রা স্ত্রী—কুরঙ্গনয়না, মৃগাক্ষী। "°দৃশ্ মাঘ ৯.৫৩ ; উ চ ৬ ৩৫। °দ্যু (বিণ)—মৃগয়াপ্রিয়। "ভট্টি ৫ ৪৭। °দ্বিট্ (-ষ) পুং—'মৃগহিংসক', সিংহ। °ধর (পুং)—শশধর, চন্দ্র। "মাঘ ৯.৩৪। °ধূর্ত্ত, -র্ত্তক (পুং)—শৃগাল। °নাথ (বি) মৃগেন্দ্র, সিংহ। "ম ১৫ ; ২১৬। °নাভি (পুং)—মৃগের নাভিজাত সুরভিদ্রব্যভেদ, কস্তূরী। "কু স ১.৫৪। (স্ত্রী) কস্তূরীমৃগের নাভি। "রঘু ৪.৭৪। °পোত (পুং)—হরিণশাবক, হরিণক। °প্রভু (পুং) —'মৃগরাজ', সিংহ। "ক.সা ৬০.২০০। °বধাজীব (পুং)—'পশুবধজীবিক', ব্যাধ। °বধূ (স্ত্রী)—মৃগ-স্ত্রীজাতি, মৃগী, হরিণী। °বন (ক্লী) —মৃগয়ার্থমৃগপূর্ণ বন, মৃগকানন। °বন্ধনী (স্ত্রী)—বাগুরা, পাশ। °বাহন (পুং)—'হরিণযান', পবনদেব। °মন্দ,-ন্দ্র (পুং)—হস্তিজাতিবিশেষ। "°ন্দ গো রা ১.৬.২৭। °ন্দ্র রা ১.৬.২৫। দ্র 'রা টীকা'। °মাতৃকা (স্ত্রী)—হরিণী (সুশ্রুত)। °মাস (পুং)—মার্গশীর্ষমাস। °মুখ (পুং)—মকররাশি। °যূথ (ক্লী)—পশুসমূহ। "মাঘ ২.৫৩। °রমণ (ক্লী)—আখেটক, মৃগয়া। "পা ৬.৪.৯১, সি। °রাট্ (-জ্) —পুং ১ সিংহ। "মাঘ ৯.১৮। ২ সিংহরাশি। ৩ ব্যাঘ্র। °রিপু (পুং)—সিংহ। °রোচনা (স্ত্রী)—গোরোচনা। "শ ৪$\frac{৪}{৫}$। °রোমজ (বিণ)—মৃগলোমজাত, রাঙ্কব (বস্ত্রাদি)। °লক্ষ্মা (-ক্ষ্মন্) পুং —'মৃগচিহ্ন', মৃগাঙ্ক, চন্দ্র। °লাঞ্ছন (পুং)—১ মৃগাঙ্ক। "চন্দ্রমা °নঃ (খ্যাতঃ) মাঘ ২.৫৩। ২ চন্দ্র। "ক.ম ৪$\frac{২}{১}\frac{৭}{৮}$। °লেখা (স্ত্রী)—মৃগরূপ রেখা, মৃগাঙ্ক। "রঘু ৮.৪২। °লোচন (বিণ)—হরিণ-নেত্র, মৃগাক্ষ। "ভট্টি ৫.৪৯। °লোচনা। (স্ত্রী)—মৃগাক্ষী। °শাব, -বক (পুং) হরিণশিশু। °শ্রেষ্ঠ (পুং)—ব্যাঘ্র। °মহা ৩.৬৪.৩৫। °হন্তা (-ন্তৃ), °হা (-হন্) পুং—'পশুঘাতক', ব্যাধ। "°হন্ মহা ৫.৬৪.৬, ৯ ; ভ ৬.১৮.৫৭।]

মৃগ-আঁখি বি মৃগলোচনা স্ত্রী, সুন্দরী। "শ্রী.ম ৬০।

মৃগঙ্ক বি [সং মৃগাঙ্ক ; তু 'ময়ঙ্ক'] চন্দ্র। "দহই মৃগঙ্কা বি প ১৯২।

মৃগণা স্ত্রী [√মৃগ+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] অন্বেষণ, মার্গণ (অ.কো)।

মৃগপতি বি ১ মৃগরাজ, সিংহ। "°পতি।—ম ৫৯০। অ.প ১২৩।

ক.চ ৬৬১। ২ ব্যাঘ্র। ৩ দীর্ঘশৃঙ্গহরিণবিশেষ। [°রাজ (অপ্র) —সিংহরাজ, মহাসিংহ। "অ.প ১২৪।]

মৃগব্য ক্লী [মৃগ+ √ব্যধ্+অ (ড)-ঘি] মৃগয়া, আখেট। "মৃগব্য-মচরদ্ বনে (মার্কণ্ডেয়পুরাণ)। °সত্রকাম কি ১৩.৯। [°সত্রকাম (বিণ)—মৃগয়ারণ্যকাম, মৃগয়াভূমিপরিগ্রহার্থী।]

মৃগব্যাধ পুং [মৃগ+ √ব্যধ্+অ (অণ্) -ক , উ ত] ১ 'মৃগবেধক', ব্যাধ। "মহা ৩.৬৩.২৬ , ৩৩। ২ কিরাতরূপী শিব। "মহা ১৪.৮.১৮। ৩ একাদশ রুদ্রের একতম। "মহা ১.৬৬.২।

মৃগমণি বি [তু 'নৃমণি' ; অপ্র] 'মৃগশ্রেষ্ঠ', সিংহ। "শ্রী.ম ১০৪।

মৃগমদ পুং [মৃগের মদ যাহা হইতে, বহুব্রী] ১ মৃগনাভি, কস্তূরী (অ.কো)। "ক.সা ২২.৯৬। °তিলক গী.গো ৭.২২ ; °পত্রক ১২.১৮। হৃদয়ক মৃগমদ বি প ২১২। মৃগমদ মসি বি.সা ৪১১। কৃ ২৬৯। চৈ.চ ১৫ ; কৃষ্ণের উজ্জ্বলরস °ভর ১১৭ , মৃগমদ বস্ত্রে বান্ধি কভু না লুকায় ১৯১। °বিন্দু চিবুক উপর।—জ্ঞা ১৯৪। °রস।—গো ১৯৯। ভালে °বিন্দু ভা.চ ১৭৬। ২ (বাঙ্লায়) হরিণের গর্ব্বহেতু—চক্ষু। "কাড়ি নিল মৃগমদ নয়নহিল্লোলে ভা চ ২৯০। °বাসা (স্ত্রী)—১ 'মৃগমদগন্ধ-যুক্তা', কস্তূরীমল্লিকা। ২ কস্তূরীর থলী।]

মৃগয়া স্ত্রী [√মৃগ+অ (শ)-ঘি, য (যক্) নিপাতিত+স্ত্রী আ (টাপ্), পা ৩৩.১০১, সি] 'যাহাতে মৃগ অন্বেষণ করে' , আখেট, শিকার। "রা ২ ৪৯ ১৫,-৬। রঘু ৯ ৬৯। মে ১১৫। [ইহা কামজ-ব্যসনবিশেষ। দ্র 'মনু ৭.৪৭।] [°ক্রীডন (ক্লী), °ক্রীড়া (স্ত্রী) মৃগয়া-রূপ ক্রীড়া। °ধর্ম্ম (পুং)—মৃগযাবিধি। °বন (ক্লী)—মৃগযার্থ বন , মৃগকানন। "জগাম °বনম্ ক সা ২৭ ১৫৩। °বিহার (পুং)—মৃগয়া-পর্য্যটন। °বিহারী (-রিন্) বিণ—মৃগয়াবিহরণশীল, আখেটপর্য্যটক। "°রী পার্থিবো দুষ্মন্তঃ শ ১$\frac{৩}{৮}$। °বেশ (পুং)—মৃগয়াকালোচিত পরিচ্ছদ। "শ ২$\frac{৭}{৮}$। °যান (ক্লী)— মৃগবধার্থ যাত্রা , মৃগয়াগমন।]

মৃগয়াপবাদী (-দিন্) বিণ [°য়া+অপ- √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব , উ ত] মৃগয়ায় দোষোদ্ভাবক, মৃগয়ানিন্দক। "শ ২$\frac{৪}{৫}$।

মৃগয়ারণ্য ক্লী [উ.লো] মৃগযার্থ বন , মৃগকানন। "কারয়েন্ মৃগয়া-রণ্যং ক্রীড়াহেতোর্মনোরমম্।—কামন্দক ১৪ ২৮।

মৃগয়াশীল বিণ [মৃগযা+ √শীল+অ (অণ্)-ক , উ ত] মৃগয়ানিরত। "মৃগয়াশীলস্য রাজ্ঞঃ শ ২$\frac{৩}{৫}$।

মৃগয়ী বি [অসাধু] মৃগয়াকারী। "হেম ১৫৭।

মৃগয়ু পুং [মৃগ+ √যা+উ (কু)-ক, উ ১ ৩৭ , মৃগান্ কাময়ন্তে মৃগয়বঃ (মহীধর)] ১ 'যথার্থ মৃগানুযায়ী' , মাংসবিক্রয়ার্থ মৃগাদিপশু-হন্তা , ব্যাধ, লুব্ধক। "শুক্লযজুর্ব্বেদ ১৬ ২৭। মনু ৪.২১২। ভট্টি ৪.৪৪। ২ শৃগাল। ৩ ব্রহ্মা (মেদিনী)।

মৃগরাজ পুং [মৃগের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ 'পশুশ্রেষ্ঠ', সিংহ। "গো.রা ২.১২.৪ , °সেবিত ৪.২৬ ২৫। °শাব রঘু ৬ ৩। ম ৬০২। মাঝা °তুল ক চ ১১৪। ২ সিংহরাশি। ৩ ব্যাঘ্র। "মহা ১.১৪০.৩৬ ; ৪৩। ৪ হরিণশ্রেষ্ঠ, মৃগবর। "গো.রা ৩.৪৯ ৫৫। ৫ [তৃ.ত] 'মৃগ দ্বারা শোভমান' , চন্দ্র। "°ধারিন্, °লক্ষন্। [°ধারী (-রিন্) পুং—'হরিণধারী', চন্দ্র। "কথং ভগবান্ মৃগরাজধারী। (পাঠান্তর 'মৃগচারী')।—বিক্র ৪$\frac{৩}{৪}$। °লক্ষা (-লক্ষন্) পুং—১ সিংহ-চিহ্নধারী, 'মহাপুরুষ, সিংহোপাধিক' (টীকা)। "মৃগরাজলক্ষ্মণো ভট্ট-নারায়ণস্য।—বে ১$\frac{৫}{৬}$। ২ চন্দ্র।]

মৃগশির, -রঃ (রস্) ক্লী, -রা স্ত্রী,-রাঃ(-রস্) পুং, -শীর্ষ পুং, ক্লী, -র্ষা স্ত্রী,-র্ষা (-র্ষন্) পুং [উ.বহুব্রী] মৃগশিরের ন্যায় যাহার শির ; সপ্তবিংশতি নক্ষত্রের পঞ্চম নক্ষত্র। [ইহা বিড়ালপদাকৃতি, ত্রিতারকা-যুক্ত, চন্দ্রদেবতাক। ইহাতে জাত নর ধনুরভ্যাসে রত, বিনীত, গুণিগণে অনুরক্ত, আশ্রিতে স্নেহবান্ ও সন্মার্গবর্ত্তী হয়।]

মৃগাক্ষী স্ত্রী [মৃগাক্ষির ন্যায় অক্ষি যাহার, উ বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্), স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মৃগনয়না। "উ.মে ৩৪। ২ ইন্দ্রবারুণী।

মৃগাঙ্ক পুং [বহুব্রী] ১ যাহার অঙ্কে মৃগ অর্থাৎ মৃগাকার ভূচ্ছায়া (অ.টী) , মৃগ যাহার চিহ্ন ; চন্দ্র। "ক.চ ৩৯। ২ কর্পূর। ৩ 'মৃগচিহ্ন', পবনদেব। [°তনয় (পুং)—চন্দ্রসুত, বুধ। °বন্ধু (পুং)—'চন্দ্রসহায়', কামদেব। °মণি (পুং)—চন্দ্রকান্তমণি। "মৃগাঙ্কমণিপুত্তলী ক ম ৪$\frac{২}{৮}$। দ্র ৮। °মৌলি (পুং)—চন্দ্রচূড়, শিব। °শেখর (বি) —চন্দ্রশেখর, শিব। "ভা.চ ১৫৭।]

মৃগাঙ্গনা স্ত্রী [ষ ত] হরিণী। "কু.স ১.৪৭।

মৃগাজিন ক্লী [ষ.ত] মৃগচর্ম্ম। "ভট্টি ৫.৪৯।

মৃগাজীব পুং [বহুব্রী] ১ মৃগজীবন, ব্যাধ। ২ তরক্ষু।

মৃগাটবী স্ত্রী [উ লো] মৃগার্থ বন ; মৃগকানন।

মৃগাণ্ডজা স্ত্রী [ষ.ত] মৃগাণ্ডবৎ নাভি হইতে জাত , কস্তূরী।

মৃগাদ পুং [মৃগ+ √অদ্+অ (অণ্)-ক , উ.ত] 'মৃগভক্ষক', তরক্ষু।

মৃগাদন পুং [বহুব্রী] ১ 'মৃগাশন', তরক্ষু। ২ চিত্রক। "মা ১২২। বা দ ৯৩। —দনী স্ত্রী ইন্দ্রবারুণী। দ্র 'ইন্দ্রবল্লরী'।

মৃগাদনী দ্র 'মৃগাদন'।

মৃগাধিপ পুং [ষ.ত] 'মৃগের অধিপতি', মৃগেন্দ্র। "কেশরী…°পঃ মাঘ ২ ৫৩। —ধিরাজ পুং [ষ.ত] সিংহ। "রঘু ২.৪১

মৃগান্তক পুং [ষ ত] 'পশুনাশক', চিত্রব্যাঘ্র।

মৃগাবিৎ (-বিধ্) পুং [মৃগ+ √ব্যধ্+ক্বিপ্ (০)-ক-১ব , পা ৬.১.১৬ ; ৩ ১১৬ , উ.ত] 'মৃগবেধক', ব্যাধ। "ভট্টি ২.৭। শ্রী ৭৬।

মৃগারাতি পুং [ষ.ত] ১ 'পশুশত্রু', সিংহ। "বালমৃগারাতিপোত ক.সা ৭০.১২২। ২ কুক্কুর।

মৃগারি পুং [ষ.ত] ১ 'মৃগশত্রু', সিংহ। "ক সা ২১.১৫। ২ ব্যাঘ্র। ৩ কুক্কুর। ৪ রক্তশিগ্রু বৃক্ষ।

মৃগাল দ্র 'মিরগাল'।

মৃগাস্য পুং [উ. বহুব্রী] 'মৃগমুখ', মকররাশি।

মৃগিণী বি [মৃগ+ইনী , অপ্র] হরিণী। "ম পা ৪১।

মৃগিত বিণ [√মৃগ+ত (ক্ত)-র্ম্ম] মার্গিত, অন্বিষ্ট (অ কো)।

মৃগী দ্র 'মৃগ'। [°লোচনা (স্ত্রী)—হরিণীনয়না স্ত্রী। °পতি (পুং) —কৃষ্ণ। "পঞ্চরাত্র ৪.৮ ৪৭।]

মৃগেক্ষণা স্ত্রী [উ.বহুব্রী] মৃগাক্ষী। "বৃহৎসংহিতা ৪৮.১৪।

মৃগেন্দ্র পুং [মৃগ ইন্দ্রতুল্য, উপ স] ১ 'মৃগশ্রেষ্ঠ', সিংহ। "গো.রা ২.২০. ৩। রঘু ২ ৩০। °বিহার।—ম ৬৩৮। °বিক্রম প.তৃ ৭৭। ২ সিংহরাশি। ৩ ব্যাঘ্র। [°গামী (-মিন্)—সিংহগামী। "রঘু ২ ৩০। °বাহিনী (বিং)—সিংহবাহিনী। "চণ্ডী °নী ম.পা ৪৯।]

মৃগেন্দ্রাসন ক্লী [উ লো] সিংহচিহ্নিত আসন , সিংহাসন (অ.চি)।

মৃগেশ বি মৃগরাজ, সিংহ। "°বাহিনী।—কৃ ৩৭২। ম ১৮৩।

মৃগেশ্বর পুং [ষ.ত] ১ মৃগরাজ, সিংহ। "ঋতু ১.১৪। ২ সিংহরাশি।

মৃগোত্তম পুং [স.ত] হরিণশ্রেষ্ঠ, মৃগবর। "গো.রা ৩ ৪৯.৫৪। —ত্তম ক্লী মৃগশিরা নক্ষত্র। "মহা ১৩ ৮৯.৩। —ত্তমাঙ্গ ক্লী [ষ ত] মৃগের উত্তমাঙ্গ , মৃগশিরা।

মৃগ্য বিণ [√মৃগ্+য (যৎ)-র্ম্ম] অন্বেষণীয়, মার্গণীয়। 'কু.স ৫.৪১। অত্রৈব মৃগ্যাঃ পুরুষঃ ভ ৭.৭.২৩।

মৃচ্চয় [পুং [মৃৎ+চয় , ষ.ত] মৃত্তিকারাশি , মৃৎস্তূপ।

মৃচ্ছকটিক ক্লী [মৃৎকৃত শকটিকা যাহাতে, বহুব্রী] যে প্রকরণে

মৃচ্ছকটিকাবিষয় আছে, শূদ্রকনৃপতিকৃত প্রকরণবিশেষ। "মৃ ১২। —টিকা স্ত্রী [উ.লো] মৃত্তিকাকৃত ক্ষুদ্রক্রীড়াশকট।

মৃচ্ছকটিকা দ্র 'মৃচ্ছকটিক'।

মৃজ্, অক [অদা, প—মার্ষ্টি, বিকল্পিতেট্] ১ শুদ্ধীভাব। "মার্ষ্টি তীর্থোদকৈর্নিত্যম্ (ক.ক)। ২ (স.ক) শুদ্ধীকরণ। "অমার্জীচ্চাসিপত্রাদীন্ ভট্টি ১৫ ১১১। —জ্, সক [স্বা, চু, প—মার্জ্জতি, মার্জ্জয়তি; স্বাদি বিকল্পিতেট্, চুরাদি সেট্,] ১ শোধন। ২ ভূষণ (ক.ক)। [পরি, বি, সম্—পরিমার্জ্জন, শোধন, মলাপনয়ন।]

মৃজ পুং [√মৃজ্+অ (ঘঞর্থে ক)-ভা] ১ শুদ্ধি, শোধন। ২ [+অ -র্ম] মর্দ্দলবাদ্য। —জা স্ত্রী [+অ (অঙ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ মার্জ্জন, শুদ্ধি। "ভট্টি ২ ১৩। ২ শোধন, মলাপনয়ন। "(বৈদেহীম্) মৃজাবিহীনাং দীপ্তাঙ্গীম্ গো.রা ৫.২১.৫। °বৎ ভট্টি ৫.৬২। ৩ ছায়া, কান্তি। '(অভ্যঙ্গঃ) °বর্ণবলপ্রদঃ।—সুশ্রুত ৪.২৪.১৭। —জ্য বিণ [+য [ক্যপ্)-র্ম, তু 'মার্গ্য'] ১ মার্জ্জনীয়, শোধনীয়। ২ অপনেয়। "মৃজ্যঃ শোকস্তেন তে ভট্টি ৬ ৫৬। [মৃজাবিহীন (বিণ)—শোধনহীন, সমল।]

মৃজা, মৃজ্য, মৃজাবিহীন দ্র 'মৃজ'।

মৃজু বিং [অপ্র] মৃদু, দুর্ব্বল। "ম ম ৯৪।

মৃজ্জ বিং [মৃৎ+জ] মৃত্তিকাজাত, মৃন্ময়। "মৃজ্জ পাত্রে শ্রী.মা ১২৬।

মৃড্, অক [তুদা, প—মৃডতি, সেট্] ১ মধুরধ্বনি। ২ হৃষ্টীভাব, অর্থাৎ হৃষ্ট হওয়া (ক ক)। —ড্, সক [ক্র্যা, প—মৃড়্ণাতি, সেট্] ১ মর্দ্দন। তু '√মৃদ্'। ২ হৃষ্টীকরণ (ক ক)। "অমৃড়িত্বা সহস্রাক্ষম্ নৈকা ধাত্রা বিনির্ম্মিতা ভট্টি ৭ ৯৬।

মৃড় পুং [√মৃড়্+অ (ক)-ক] 'যিনি হৃষ্ট'; শিব। —ড়ন স্ত্রী [+অন (ল্যুট্)-ভা] হৃষ্টীকরণ, আনন্দন, প্রসাদন। "মৃড়নায় হি লোকস্য ভ ৮ ৭.৩৫। —ড়া, -ড়ী স্ত্রী [মৃড়+স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীষ্)] 'হৃষ্টা', দুর্গা (শ ক)। —ড়ানী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীষ্), 'আন্' (আনুক্) আগম] 'মৃড়পত্নী', দুর্গা। "চ.বি ১৭৩। [মৃড়ানীপতি (পুং)—শিব। "গী.গো ১২.১৪।]

মৃড়ন, মৃড়া, মৃড়ানী, মৃড়ানীপতি, মৃড়ী দ্র 'মৃড়'।

মৃণাল পুং, ক্লী [√মৃণ্ হিংসা+আল (কালন্)-র্ম, উ ১.১১৫; মৃৎ+নাল > মৃন্নাল > মৃনাল > °ণ (?)—ইহা পদ্মকন্দ হইতে জাত মৃত্তিকাস্থিত শ্বেত অকণ্টক ও কোমল।] ১ যাহা ভক্ষণার্থ হিংসিত হয়; বিস, মোলাম। "গো রা ৬.৯৬.৩। °রজতপ্রভঃ (রামঃ) মহা ৩.১১৯ ৪। মৃণালৈকবসনম্ (বপুঃ) শ ৩ ৫। শৃ ১। °কোমলং বিক্র ৩.১৩। °কোমলৌ বাহূ।—বিষ্ণু ১.২৫। (বিধিঃ) মৃণালে দোর্দ্দণ্ডম্ (ব্যথিত) বি মা ৭.৫৫। হিমকুন্দমৃণালাভং (নবগ্রহস্তব)। কু ৫৭। নিন্দিত মৃণাল (ভুজ)। —ম ১৮৩। ভুজভয় পঙ্কে মৃণাল লুকাএল বি সা ৭৪। বি প ৯। বাহুযুগ °সঙ্কাশ ক.চ ২৪০। চৈ.চ ৩৪৭। (ভার্গব) মৃণালের সম ম.পা ৪। °ভুজ।—মে ৫। °চরণ।—ন ১০২১। (ভুজ) কনক মৃণালরাজে ভা.চ ৯; (কর) মৃণালের গর্ব্বহর ১৫। কাদ ৫৭। ২ পদ্মনাল, পদ্মের ডাঁটা। "সমৃণাল ইব হ্রদঃ গো.রা ৪.১৪.২। মৃণালবন্তি চ নলিনীপত্রাণি নীয়ন্তে শ ৩২। শূদ্রং মৃণালাদিব রাজহংসী বিক্র ১.১৮। দন্তমৃণালভঙ্গাঃ (চিত্রদ্বিপাঃ) রঘু ১৬ ১৬। নৈ ১.১৩.৭। (রাজহংসগণ) মৃণাল খায়।—প ১৮। মৃণালসন্ধি ম.ম ৭। (বায়) মৃণালে গড়িল ভুজ কাঁটা ফেলাইয়া ভা চ ২৯৬। ডোবে…মৃণাল যথা জলে, যবে কুবলয়ধন লয় কেহ হরি। —মে ৯; ৪৯, কণ্টকময় যথা, মৃণাল ৮২; মৃণালগ্রামলকরপদ-তলে, লোহিত কমল ফুটিয়ে রস।—ব.সু ৪২। (রাজহংস) মৃণাল উপাড়ি খায়।—হেম ৪৬, পদ্মের মৃণাল ২৪৭। নবরাজ্য-নীরজের অজয় মৃণাল, কৃষ্ণনাম।—ন ১৩৪৫। কণ্টকে গঠিল বিধি মৃণাল অধমে।—ম.প্র ১১৯; মৃণাল-উপরে মৃণালিনী ১২০। ৩ পদ্মকন্দ (শ্রীধর); পদ্মাদিকন্দ (শ.ক)। "মহা ১৩.৯৪.৮। বৃষং °ধবলম্ ভ ১.১৭.২। —লাজ ক্লী বীরণমূল, উশীর। [°কোমল (বিণ)—মৃণালমৃদু। °জালক (ক্লী) —পদ্মনালসমূহ। "কতু ১.১৯। °ধবল (বিণ)—মৃণালশ্বেত। °পত্র (ক্লী)—পদ্মপত্র। °ভঙ্গ (পুং)—মৃণালখণ্ড, বিসচ্ছেদ। °বল্লী, °লতিকা (স্ত্রী)—বিসবল্লী, মৃণাল। °বলয় (পুং, ক্লী)—মৃণালরচিতবলয়। °মৃদু (বিণ)—মৃণালকোমল। "কু.স ৬.৬৮। °সূত্র (ক্লী)—বিসতন্তু। "কু.স ১৪০। °হার (পুং)—হাররূপ মৃণাল, বিসসূত্র।]

মৃণালিকা, -লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্), °লী+ক (কন্) স্বার্থে +স্ত্রী আ (টাপ্)] মৃণাল, 'পদ্মিনীকন্দ' (মল্লিনাথ)। "মৃণালী পঙ্কলিপ্তা গো রা ৫.১৯ ১৬, মহা ৩.৬৮.১৩,-৬। মৃণালিকাপেলবং (স্বমঙ্গং) কু স ৫ ২৯। মৃণালীদুর্ব্বলান্যঙ্গকানি উ.চ ১ ২৪। মৃণালী বাণালী জয়তি চ জলার্দ্রা তনুলতা ক.ম ২ ১১।

মৃণালিনী স্ত্রী [°ল+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মৃণালযুক্ত দেশ, পদ্মস্থান। ২ পদ্মিনী। "রঘু ১৬.৭। ৩ মৃণালসমূহ।

মৃণালী দ্র 'মৃণালিকা'।

মৃণ্ম(ন্ম)য় বিণ [মৃদ্+ময় (ময়ট্): 'মৃন্ময়' সাধু, 'ন্' পদান্তস্থ; তু 'হিরণ্ময়', স্ত্রী -য়ী] ১ মৃদ্বিকার, মৃত্তিকারচিত। "মৃন্ময়গৃহম্।—ঋগ্বেদ ৭.৮৯.১। মৃন্ময়ে…পাত্রে রঘু ৫.২। মৃণ্ময় লিঙ্গ।—ম ২৪৪। মৃণ্ময়। —দু ১৫, মৃণ্ময়ী ৪৭। মৃণ্ময়ী বিষহরি। ব.প ২৬৭, মৃণ্ময়ী বিষহরি ম.ভা ৫৩, মৃণ্ময়ী মনসা শ্রী.মা ৮০। ২ (বাঙ্গালায়) মৃত্তিকাবয়ব, মৃত্তিকামূর্ত্তি। "এই আমার জননী জন্মভূমি—এই মৃণ্ময়ী— মৃত্তিকা-রূপিণী ব.প্র ৬১৬। —ময় ক্লী মৃত্তিকারচিত পাত্র, মৃদ্ভাণ্ড। "(শুধ্যতি) পুনঃপাকেন মৃন্ময়ম্ মনু ৫.১২২। —য়ী বি মৃত্তিকানির্ম্মিত দেবীপ্রতিমা। "মৃণ্ময়ী গঠন।—দু ৬, ৭। [মৃণ্ময় পৃথিবী—মাটির পৃথিবী, অর্থাৎ যাহা স্বর্গ নহে। "এ (আয়েষা) চমৎকার-কারিণী, পরহিত-মূর্ত্তিমতী, কেমন করিয়া এই মৃণ্ময় পৃথিবীতে অবতরণ করিল?—ব.প্র ৭০।]

মৃৎ(-দ্) স্ত্রী [√মৃদ্+কিপ্ (০)-র্ম (অ.টী)] ১ মৃত্তিকা। "শুক্লযজুর্ব্বেদ ১১ ৫৫। মৃৎসুরভি রঘু ৩.৩। মৃদাং চয়ঃ উ.চ ২.৪। যাজ্ঞ ১.১৭। হেম ১০৭। মৃৎপ্রাচীর ব.ঋ ৩৪। ২ মৃত্তিকাপিণ্ড, লোষ্ট। "মনু ৫. ১৩৬। ৩ উদ্ধৃতমৃত্তিকা, মৃত্তিকাস্তূপ। "মনু ৪.৩৯। ৪ সুগন্ধিমৃত্তিকাবিশেষ, তুবরী। [°কণ (পুং)—মৃত্তিকালেশ। °কর (পুং)—কুম্ভকার। °কর্ম্ম (-র্ম্মন্ ক্লী—মৃত্তিকায় পাত্রাদিনির্ম্মাণ। °কাংস্য (ক্লী) —শরাব। °কুণ্ডিকা (বি)—মৃৎপাত্রবিশেষ। "চৈ.চ ৮৪, ১৭০। °পাত্র (ক্লী)—মৃন্ময়ভাজন। °প্রক্ষেপ (পুং)—মৃত্তিকাচূর্ণক্ষেপণ। "মনু ৫.১২৫।]

মৃত বিণ [√মৃ+ত (ক্ত)-ক] ১ গতপ্রাণ, উপরত, গতাসু। "প্রসুপ্তং বা মৃতং বা মহা ৫.১৮৫ ১৭। অজাতমৃতমূর্খেভ্যো মৃতাজাতৌ সুতৌ বরম্।—পঞ্চ ৪ (কথামুখ)। যে পরাধীনতাং যাতাস্তে চেজ্জীবন্তি কে মৃতাঃ।—হি ২ ২০। ২ মৃততুল্য। "উষা মৃতং কং চন বোধয়ন্তী। —ঋগ্বেদ ১.১১৩.৮। ৩ অকর্ম্মণ্য; ব্যর্থ, বিফল, বন্ধ্য, হত। "মৃতো দরিদ্রঃ পুরুষো মৃতং মৈথুনমপ্রজম। মৃতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং মৃতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।—পঞ্চ ২ ১০১। ৪ নাশপ্রাপ্ত, নষ্ট। "মৃতাত্তোজা বাগ্মী গো.রা ৫.৩৬ ১২। ৫ ভস্মীভূত (ধাতু)। তু 'মারিত'। ৬ মরণযুক্ত, অল্পবান্। "জীবন্ মৃতবৎ ন মমৈব রাজন্।—ভ ৫.১০.১১। —ত ক্লী [+ক্ত-ভা] ১ মৃত্যু, মরণ। "শ্রেয়োহস্য মে মৃতম্ গো.রা ২.২৯.৭। শ্রেয়ো মৃতং মন্যে মহা ১৩.১.১১। ২ (মরণসাদৃশ্যে) যাচনবৃত্তি (অ.কো); যাচিত, দ্রব্য ভিক্ষালব্ধবস্তু, ভৈক্ষ। 'মৃতন্তু যাচিতং ভৈক্ষম্ মনু ৪.৫। মৃতন্তু নিত্যযাচ্ঞা স্যাৎ ভ ৭.১১.১৯। —ত পুং ১ মৃতজন। "মৃতস্য লিপ্সা (নহি দৃষ্টপূর্ব্বা)।—সু.র। ২ (বাঙ্গালায়) মৃতদেহ, শব। "(পিপীলিকা)

না আইসে মৃত খাইতে।—কৃ ২ ; খায় মৃত-মাস ৪১৮। [°গর্ভা (স্ত্রী) —মৃতবৎসা। °গৃহ (ক্লী)—সমাধি (tomb)। °চেল (ক্লী)—শব-বস্ত্র। "মনু ১০ ৫২। °জীবন (বিণ)—মৃতোজ্জীবক। °দার (বিণ) —বিপত্নীক। °দেহ (পুং)—শব। °ধবা (স্ত্রী)—বিধবা। °নির্য্যাতক (পুং)—শববাহক। °প্রায় (বিণ)—মৃততুল্য। °বাসর (পুং)—মৃত্যু-দিবস, মৃতাহ। °ভর্তৃকা (স্ত্রী)—মৃতপতি, বিধবা। °মাতৃক (বিণ) —মাতৃহীন। °শঙ্কা (স্ত্রী)—মৃত্যুভয়। °শব্দ (পুং)—মরণবার্ত্তা। °সংস্কার (পুং)—মৃতদেহদাহাদি ; অন্ত্যেষ্টিক্রিয়া। °সূতক (ক্লী)—১ মৃত-গর্ভপ্রসব। ২ মরণজননাশৌচ। "বৃহৎসংহিতা ৯৮.১৪। °স্নাত (বিণ) —মৃতের উদ্দেশে কৃতস্নান, অপস্নাত। °স্নান (ক্লী)—মৃতের উদ্দেশে অন্ত্যেষ্টির পরে স্নান ; অপস্নান। °হার, °হারী (-রিন্) পুং—মৃতদেহ-বাহক, শবনির্হারক। "মার্কণ্ডেয়পুরাণ ৩৫.২৮ ; ৩৬।]

মৃতক বিণ [মৃত+ক (কন্)] ১ মৃত। ২ মৃততুল্য। "জীবন্তো মৃত-কাশ্চান্যে য আত্মম্ভরয়ো নরাঃ।—দক্ষ ২.৩৩। ভ ১.১৫.৬। —তক পুং মৃতদেহ, শব। "মৃতকান্ পূতিকানৎসি মহা ৩.৯.১১। এক মৃতক মোর জালে আইল চৈ.চ ৩৪৫। —তক ক্লী ১ মরণ। ২ মরণাশৌচ। "মনু ৫.৭৯, কুল্লুক। মৃতকে সূতকে চৈব (S.W.)।

মৃতকল্প বিণ [মৃত+কল্প (কল্পপ্)] ঈষদসমাপ্ত মৃত; মৃততুল্য। "মৃত-কল্প নন্দ যশোমতী ব.প ৭৯৯।

মৃতণ্ড, -তাণ্ড পুং [মৃত অণ্ড যাহার, বহুব্রী, মৃতাণ্ড >মৃতণ্ড (শকন্ধ্-বাদি)] যাহার গর্ভাণ্ড উপবাসশুষ্ক, সূর্য্য। দ্র 'মার্ত্তণ্ড'।

মৃতপ, -পা পুং [মৃত+ √পা+অ (ক), +ক্বিপ্ (০), -ক ; উ.ত] 'মৃতদেহরক্ষক', শববস্ত্রাদিহারী, মৃষ্টিকা, ডোংবা (রা.টীকা) ; শ্মশানাধি-কারী (নীলকণ্ঠ)। "রা ১ ৫৯.১৯। মহা ১৩ ৪৮.২১। পা ২.৪.১০, কাশিকা। [ইহারা ধীবর হইতে ব্রাহ্মণকন্যায় জাত (পরাশরপদ্ধতি)। ইহারা শব রক্ষা করে, শব শ্মশানে লইয়া যায়, শববস্ত্রাদি গ্রহণ করে।]

মৃতপা দ্র 'মৃতপ'।

মৃতবৎ ব্য [মৃত+বৎ (বতি)] মৃততুল্য, মরার মত। "হি ১৮/৩৪।

মৃতবৎসা, -সিকা স্ত্রী [মৃত বৎস যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্) ; °সা +ক (কন্)+স্ত্রী আ] গর্ভাবধি বর্ষত্রয় পর্য্যন্ত যে নারীর সন্তান পুনঃ পুনঃ মরে ; মৃতাপত্যা, অজীববৎসা, মড়াঞ্চে পোয়াতি। 'গর্ভসম্রাত-মাত্রাদ্ বা পক্ষান্ মাসাচ্চ বৎসবাৎ। ম্রিয়তে দ্বিত্রিবর্ষাদ্ বা যস্যাঃ সা মৃতবৎসিকা॥ "°সা বি.পা ২০৭। বা ম ৯৫। [মৃতবৎসা গাই—বৎস-হীনা গাভী। "শ্রী.ম ১৭৪।]

মৃতবৎসিকা দ্র 'মৃতবৎসা'।

মৃতসঞ্জীবন বিণ [ষ.ত] মৃতের জীবনদায়ক ; মৃতোজ্জীবক। "মৃত-সঞ্জীবনৌষধ ক.সা ১৭.১৫। মৃতসঞ্জীবন মন্ত্রে প্রাণ সঞ্চারিল ম.ভা ৬১। —বন ক্লী ১ মৃতের প্রাণদান ; মৃতোজ্জীবন। ২ মৃতসঞ্জীবনী বিদ্যা। "সর্ব্বং মৃতসঞ্জীবনাদিকম্।—মার্কণ্ডেয়পুরাণ ২৪.৪২। —বনী স্ত্রী [°ন +স্ত্রী (ঙীপ্)] ১ মৃতজীবনার্থিকা বিদ্যা। "গতিহীন ক্ষীণ প্রাণী, দেখি মৃতসঞ্জীবনী, প্রকাশিল হরিনামমন্ত্র ন.প ৩৫৯। ২ গোরক্ষদুগ্ধা।

মৃতসঞ্জীবনী দ্র 'মৃতসঞ্জীবন'।

মৃতা বি [মৃত >মৃতা, তু 'মড়া' : অসাধু] মৃতদেহ, শব। "মৃতামাংস ম.পা ১০৯ ; মৃতামেদ ১২৯,-৪৩, মৃতা কলেবর ১৫৮।

মৃতাণ্ড দ্র 'মৃতণ্ড'।

মৃতাশৌচ ক্লী [উ.লো] মরণহেতুক অশৌচ ; মৃতক।

মৃতাহ পুং [মৃতের অহ (অহন্), ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্) ; তু "হনি' (মার্কণ্ডেয়পুরাণ ৩০.৮ ; ৯)] মৃত্যুদিবস। "ভ ৭.১৪.২৩।

মৃতি স্ত্রী [√মৃ+তি (ক্তিন্)-ভা] মরণ। "ছন্দ" ভ ১.৯.২৯।

মৃত্তিকা স্ত্রী [মৃদ্+তিক (তিকন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), পা ৫.৪.৩৯] ১ মৃৎ, মাটি। "শুক্লযজুর্ব্বেদ ১৮.১৩। °শর্কর ক.চ ১৯০। ২ সুগন্ধিমৃত্তিকা-ভেদ, তুবরী। [°লিঙ্গ (বি)—মৃন্ময় শিবলিঙ্গ ; পার্থিবশিব। "ম ৪২৬।]

মৃৎপিণ্ড পুং [ষ.ত] মৃত্তিকার তাল, পিণ্ডাকার মৃত্তিকা। [°বুদ্ধি (বিণ)—যাহার বুদ্ধি মৃৎপিণ্ডতুল্য ; জড়মতি। "ময়া অপি মৃৎপিণ্ড-বুদ্ধিনা তথা এব গৃহীতম্ শ ৬/৮।]

মৃত্যু পুং [√মৃ+ত্যু (ত্যুক্)-ভা, উ ৩.২১ ; স্বয়োর্মৃত্যুঃ ; পুংনপুংস-কয়োর্মৃত্যুঃ (সাহসাঙ্ক—অ.টী)—'মৃত্যু' ত্রিলিঙ্গ ; ক্লীবলিঙ্গ—"প্রমাদো মৃত্যুনঃ পদম্ (পালি—'পমাদো মচ্চুনো পদং।—ধম্মপদ ২.১) ; সং মৃত্যু >পা মচ্চু ; পা মচ্চুনো (ষষ্ঠী -১ব), ইহারই সংস্কৃতে 'মৃত্যুনঃ', সুতরাং 'মৃত্যু' ক্লীবলিঙ্গ, পুংলিঙ্গ হইতে 'মৃত্যোঃ' হয় ; ক্লীবলিঙ্গের ইহা একমাত্র উদাহরণ ; ক্লীবত্ব বিবেচ্য ; স্ত্রীলিঙ্গের উদাহরণ নাই। দ্র 'অ.টী'।] ১ মরণ, নিধন, অন্ত। "মৃত্যোর্মুক্ষীয়।—ঋগ্বেদ ৭.৫৯.১২। জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ গী ২.২৭, মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহম্ ১০.৩৪। মৃত্যু সে ধরে মৃত্যুর রূপ।—রবীন্দ্র। ২ মৃত্যুর অধিষ্ঠাত্রী দেবতা ; যম। "সুগ্রীবাৎ ক্রুদ্ধান্ মৃত্যুমুখাৎ গো.রা ৫.১.২৯। ভ ২.৬.৯। ৩ বিষ্ণু। ৪ নির্ঋতিগর্ভজাত অধর্ম্মপুত্র। ৫ মৃত্যুস্বরূপ কংস। "ভ ১০.১.৪৯। ৬ দৈব (S.W.)। ৭ (জ্যোতিষে) সপ্তদশ যোগ। "বৃহৎসংহিতা ১০৪.২২। [°কর, °দ (বিণ)—মৃত্যুজনক, সাংঘাতিক। °তূর্য্য (ক্লী) —অন্ত্যেষ্টিতে বাদনীয় ঢক্কাবিশেষ। °দূত (পুং)—মৃত্যুসূচক। "মৃত্যুদূতঃ কপোতোহয়ম্ ভ ১.১৪.১৪। °দ্বার (ক্লী)—মৃত্যুপথ। "হি ১/৪৪। °নাশক (পুং)—'মৃত্যুহারক', পারদ। °নাশন (স্ত্রী)—অমৃত, সুধা। "ক সা ৪১.৫৯। °পতি (বি)—যম। "ম ৫৬৫,-৬। °পথ (পুং)—মৃত্যু-মার্গ। "গো.রা ৬.৩৬.১১৮। ভ ৯.৮.১৩। °পা (পুং)—মৃত্যুপতি', শিব (মহা)। °পাশ (পুং)—কালপাশ। "°পাশ গো রা ২.১১৪.৫। রা ৩.২৯.২৭। °ভীত (বিণ)—মরণ হইতে শঙ্কিত, মৃত্যুভীরু। °রাট্ (-জ্) পুং—মৃত্যুপতি, যমরাজ। °লোক (পুং)—যমলোক, প্রেতপুর। "গো.রা ৬.৩৬.৭২। °হেতু (পুং)—মরণকারণ।]

মৃত্যুকন্যা স্ত্রী [ষ.ত] মৃত্যুর অধিদেবতা ; মৃত্যুদেবী। 'ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড ৫১তম অধ্যায়। "মৃত্যুকন্যা আদি করি সব নাশ পায় দু ২৮, মৃত্যুকন্যা বলি আছে একজনা ৫৭।

মৃত্যুকল্প বিং ['মৃতকল্প' সাধু ; অপ্র] মৃততুল্য। "ব.প ৯৫৭।

মৃত্যুঞ্জয় বিণ [মৃত+ √জি+অ (খচ্)-ক, 'ম্' (মুম্) আগম, উ.ত ; স্ত্রী -য়া] জিতমৃত্যু, মৃত্যুহীন, অমর। "তুমি প্রভু মৃত্যুঞ্জয়, তোমার হইল ক্ষয় ম.ম ৪৩। যে তোমার প্রসাদে, মৃত্যুঞ্জয়, যথা মৃত্যুঞ্জয় উমাপতি।—মে ৩। —য় পুং ১ শিব। "দু ২৮। °জায়া বা.দ ৭১। ২ জ্বরনাশক মৃত্যুঞ্জয়রস। —য়ী বিং (অসাধু) মৃত্যুজয়-কারিণী। "মৃত্যুঞ্জয়ী আশার সঙ্গীতে স.স্ব ১৫।

মৃত্যুপ্রায় বিং ['মৃতপ্রায়' সাধু ; অপ্র] মৃত্যুর মত, অর্থাৎ মৃততুল্য। "মৃত্যুপ্রায় থাকে মামা নাহি নাড়ে গা।—শি ৭৭।

মৃত্যুবৎ ক্রি.বিং ['মৃতবৎ' সাধু ; অপ্র] মৃতের মত। "মূর্চ্ছি…হইলুম মৃত্যুবৎ ব.প ৬১০ ; ৭৯৪।

মৃত্যুবাণ বি ১ রাবণের মৃত্যুজনক অমোঘ ব্রহ্মাস্ত্র। "রাবণের মৃত্যুবাণ রাবণের ঘরে।—কৃ ৩৫৫। আ.চু ১৯১। [বাল্মীকীয় রামায়ণে ইহা '(যৎ প্রাদাদগস্ত্যঃ) ব্রহ্মদত্তং মহদ্বাণমমোঘং যুধি' এইরূপে বর্ণিত হইয়াছে। ব্রহ্মা ইহা ইন্দ্রকে প্রদান করেন ; ইন্দ্র অগস্ত্য দ্বারা ইহা রামচন্দ্রকে অর্পণ করেন। এই বাণে রাবণ নিহত হয় (রা ৬.১০৮.৪)। কৃত্তিবাসমতে, ব্রহ্মা রাবণের তপস্যায় তুষ্ট হইয়া 'মৃত্যুবাণ' রাবণকে প্রদান করেন (কৃ ৩৫৫)] ২ (গৌণার্থে) অমোঘ বিপৎপ্রতীকারোপায়।

মৃত্যুরায় বি [মৃত্যু+রায়] মৃত্যুরাজ, যমরাজ, ধর্ম্ম। "ম ৫৯৭।

মৃৎস্না স্ত্রী [মৃদ্+স+স্ত্রী আ (টাপ্)] প্রশস্তমৃত্তিকা। "পা ৫.৪.৪০।

—স্ন পুং, ক্লী চূর্ণ, গুঁড়া (সুশ্রুত)। —স্না স্ত্রী [+স্ন+স্ত্রী আ] ১ প্রশস্তমৃত্তিকা (অ.টী)। ২ মৃত্তিকা। "স্বমাদিরস্তো জগতোঽস্ত মধ্যং ঘটস্য মৃৎস্নেব ভ ৮.৬.১০।

মৃৎস্ন, মৃৎস্না দ্র মৃৎসা'।

মৃদ্ সক [ক্র্যা, প—মৃদ্নাতি, সেট্] মর্দ্দন, চূর্ণীকরণ। [অব, অভি —অবমর্দ্দন, আক্রমণ, ভঙ্গ, দলন। বি—বিমর্দ্দ, ঘর্ষণ। সম্—সংচূর্ণন, পীড়ন।]

মৃদং বি [সং মৃদঙ্গ, অপ্র] পাখোয়াজ। "ব.প ২৮৯; ৭০৫।

মৃদক্ষুর, -ক পুং হারীত. হরিয়াল (Columba Hariala)।

মৃদঙ্গুর দ্র 'মৃদক্ষুর'।

মৃদঙ্গ 'পুং [√মৃদ্+অঙ্গ (অঙ্গচ্)-র্ম, উ ১.১২০; মৃৎ অঙ্গ যাহার (অ টী), বহুব্রী] ১ 'যাহা আহত হয়, যাহা মৃন্ময়, মুরজ, পাখোয়াজ। "°ঘোষ রা ২.১০৩.৩৯। মহা ৩.২৬৯.৬। ম ৭৩৫। [খদিররক্তচন্দনাদি কাষ্ঠের বাদ্য 'মর্দ্দল'। ইহা সার্দ্ধহস্ত দীর্ঘ। ইহার বামমুখ ১২ বা ১৩ অঙ্গুলি, দক্ষিণমুখ এক-আধ অঙ্গুলি কম। ইহার দক্ষিণমুখে খরলি (লেপবিশেষ) ও বামমুখে পুরিকা বাদনার্থ লাগাইতে হয়। মর্দ্দল মৃত্তিকারচিত হইলে 'মৃদঙ্গ' বলে (শ.ক)। সুতরাং, কাষ্ঠময় 'মর্দ্দল', পাখোয়াজ; তৎপর্য্যায় 'মৃদঙ্গ' 'মুরজ' (অ কো)। মৃন্ময় 'মর্দ্দল', খোল। মহাভারতে 'মৃদঙ্গানকশঙ্খানাং মর্দ্দলানাঞ্চ নিস্বনৈঃ (মহা ৮.৪৪.১৯)—এই শ্লোকে উভয়ের উল্লেখ হেতু পূর্ব্বোক্ত অর্থদ্বয়ই অনুমিত হয়। সাঁওতালের 'মাদল' বাদ্য মৃন্ময়, খোলের মত স্থূলমধ্য নহে, প্রায় পাখোয়াজের মত। মীনচেতনে 'মৃদঙ্গ' 'মাদল এবং গোরক্ষবিজয়ে 'ম্রেতং' (মৃদঙ্গ), 'মাদল' একার্থসূচক (মী ১৭, গো.বি ৮০, ৯২)। ইহা কি সাঁওতালের বাদ্য 'মাদল', না 'পাখোয়াজ'?] ২ খোলবাদ্য। "যেনাং শ্রীকৃষ্ণলীলাললিতগুণরসে সাদরৌ নৈব কর্ণৌ। ধিক্ তান্ ধিক্ তান্ ধিগেতান্ কথয়তি সততং কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ॥ —সুর। ৩ ঘোষ, শব্দ। ৪ বংশ, বাঁশ (A.)। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ঘোষাতকী, শ্বেতঘোষা (শ.ক)। ২ [°ঙ্গ+ঈ[১]; সং মার্দ্দঙ্গিক] (বাঙলায়) মৃদঙ্গবাদক, পাখোয়াজী। "মৃদঙ্গী সমস্ত খেল কিন্নর-আকৃতি ভা.চ ২৪।

মৃদঙ্গার বি মৃত্তিকান্তর্গত অঙ্গার, পাথরীয়া কয়লা।

মৃদঙ্গী দ্র 'মৃদঙ্গ'।

মৃদা স্ত্রী [মৃদ্+আ (আপ্—ভাগুরি); তু 'প্রা দিসা (দিশ্)] মৃত্তিকা। "বিম্বং মৃদয়োপলিপ্তম্।—শ্বেতাশ্বতর ২.১৪। গঙ্গামৃদা।—দ্র ৭; গঙ্গাতীরমৃদা ২০।

মৃদিত বিণ [√মৃদ্+ত (ক্ত)-র্ম; ছান্দস] ১ কৃতমর্দ্দন, সংমৃষ্ট। "°পল্লবরঞ্জক মাঘ ৪.৬১। ২ চূর্ণীকৃত। ৩ দলিত, পীড়িত, ডলা। "মৃদিতাঃ...কমলস্রজঃ রা ২.৯৪.২৫। সুরতমৃদিতা বালবনিতা। —ভর্ত্তৃহরি। ৪ বিলুলিত, বিলোড়িত। "মৃদিতকিসলয়ঃ (অশোকঃ) কি ১০৯। ৫ পদদলিত। ৬ ঘর্ষণপূর্ব্বক অপনীত।

মৃদু বিণ [√মৃদ্+উ (কু)-র্ম (অ.টী); স্ত্রী -দু, -দ্বী[১]] ১ কোমল, সুকুমার। বিপ কঠিন'। "শুক্লযজুর্ব্বেদ ১১.৫৫। মৃদু বস্তু হিংসিতুং মৃদুনৈবারভতে প্রজান্তকঃ রঘু ৮.৪৫; ৫৭। মৃদুনি মৃগশরীরে শ ১.১০; ২ আর্দ্র, কোমল। "কৃপামৃদুমনাঃ (বাণং প্রতিসংজহার) রঘু ৯.৫৭। ৩ ধীরপ্রবাহ, মন্দ। "খাতমূলমনিলো নদীরয়ৈঃ পাতয়ত্যপি মৃদুস্তটদ্রুমম্ রঘু ১১.৭৬। ৪ অতীক্ষ্ণ, অহিংস্র (অ.টী)। ৫ নিঃসত্ত্ব, তেজোহীন, পৌরুষরহিত। "মৃদুর্হি পরিভূয়তে রা ২.২১.১১। তস্মান্ নাত্যুৎসৃজেৎ তেজো ন চ নিত্যং মৃদুর্ভবেৎ মহা ৩.২৮.২৩। স হংসত্তব রাজা সর্ব্বথা মৃদু।—হি ৩/১৮। ৬ শান্ত, কোমলস্বভাব। "কথিতা মৃদুশ্চ মানে...মুগ্ধা সা.দ ৩.৫৮। মৃদু সদ্‌গুণ (তুমি) চৈ.চ ১৫৫। ৭ অনিষ্ঠুর। "মনু ৪.২৪৬। ৮ অ-পরুষ, শ্লক্ষ্ণ। "°বাচ্ মনু ৯.৩৩৫। ৯ অতীব্র, অতীক্ষ্ণ। "(বদরীম্) জাতাং হিমমৃদুস্পর্শে দেশে মহা ৩.১৪৫.২৪। ১০ নম্র, নমনশীল। "তৃণানি নোন্মূলয়তি প্রভঞ্জনো মৃদূনি।—হি ২.৮৭। ১১ নবোদ্গত, অচিররূঢ়। "(বদরীম্) পত্রৈঃ...উপেতাং মৃদুভিঃ মহা ৩.১৪৫.২০। °শাদ্বলসংস্থিত বাজ ২.৭। ১২ অতীক্ষ্ণ (অস্ত্রাদি)। ১৩ অমুচ্চৈঃ, নীচৈঃ। "বাগ্‌ভির্মৃদ্বীভিঃ গো রা ৪.২.২। বয়সি মৃদু কর্ণান্তিকচরঃ শ ১.২১। ১৪ অদৃঢ়, শিথিল। "°কীল, °পাশ, °মুখ (সুশ্রুত)। —দু পুং শনৈশ্চর। —দু ক্লী ১ দয়াপ্রধান। বিপ 'ক্রূর'। "মনু ১.২৯। ২ সাম। "মৃদুনা দারুণং হন্তি মৃদুনা হন্ত্যদারুণম্। নাসাধ্যং মৃদুনা কিঞ্চিৎ তস্মাৎ তীব্রতরং মৃদু॥—মহা ৩.২৮.৩১। ৩ কোমলতা, সৌকুমার্য্য। "মৃদুল। —দ্বু স্ত্রী ঘৃতকুমারী। —দুক বিণ [°দু+ক (কন্)] মৃদু, কোমল; নম্র। [°কার্ষ্ণায়স, °কৃষ্ণায়স (ক্লী)—সীসক। °কীল (বিণ)—যাহার কীল শিথিল; আলগ-খীল (যন্ত্র)। "সুশ্রুত ১.৭.১৫। °কোপ (বিণ)—শান্তস্বভাব। °কোষ্ঠক (বিণ)—উদরাময়বিশিষ্ট। °গণ, °বর্গ (পুং)—(জ্যোতিষে) চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী নক্ষত্র। °গমন, °গামী (-মিন্) বিণ —মন্দগতি, মন্থরগমন। °চ্ছদ, °ত্বক্ (-চ্) (পুং)—ভূর্জ্জবৃক্ষ। °তীক্ষ্ণ (ক্লী)—বিশাখাসহিত কৃত্তিকানক্ষত্রগণ। "বৃহৎসংহিতা ৯৮.১১। °পর্ব্বক (পুং)—'নমনীয়পর্ব্বা', বেত্র। °পাণি (বিণ)—সুকুমারকরতল। °পাশ (বিণ)—শিথিলরজ্জু, শ্লথবন্ধন (যন্ত্র)। "সুশ্রুত ১.৭.৫। °পূর্ব্ব (বিণ)—সামপূর্ব্বক। °প্রযত্ন (বিণ)—অল্পচেষ্টিত। °প্রৌঢ় (বিণ)—মৃদুতাপূর্ণ, মৃদু। °বাক্ (-চ্), °ভাষী (-ষিন্) বিণ —শ্লক্ষ্ণবাক্, প্রিয়ংবদ। °বাত (পুং)—ধীরসমীর, মন্দানিল। °মুখ (বিণ) —শিথিলমুখ (যন্ত্র)। "সুশ্রুত ১.৭.১৫। °স্পর্শ (বিণ)—সুকুমারস্পর্শ। দ্র 'মৃদু (৯)। °হৃদয় (বিণ)—কোমলান্তঃকরণ, দয়াপ্রবণ।]

মৃদুক দ্র 'মৃদু'।

মৃদুতা স্ত্রী [মৃদু+তা (তল্)] মৃদুভাব, শান্তি। "যদি...ন ক্রোধো মৃদুতাং ব্রজেৎ গো.রা ৬.৫.১১। রঘু ৫.৫৪।

মৃদুল বিণ [মৃদু+ল (লচ্), স্ত্রী -লা] ১ মৃদুতাযুক্ত, মৃদু, কোমল। "°তাম্রলতান্ত মাঘ ৬.২। °কলেবর গী গো ১১.২৬। মৃদুল তনুখানি ন.প ৩৮৬। ২ অনুগ্র, শান্ত। "পূর্ব্বলাবণ্যের মৃদুলতরপ্রভাপরিবেষ্টিত ব.প্র ১০১। —দুল ক্লী অগুরুবিশেষ। [°গামিনী (বিং)—ধীরপ্রবাহযুক্তা, মৃদুবাহিনী। "(সে তটিনী) মৃদুলগামিনী স.শ ৮৩। °গামী (-মিন্) বিং—ধীরগতি।]

মৃদুহাসী (-সিন্) বিং স্মিতকারী। "মৃদুহাসিনি।—ভা.চ ১৮০।

মৃদূৎপল ক্লী [কর্ম্মধা] নীলপদ্ম।

মৃদ্‌ঘট পুং [উ.লো] মৃত্তিকারচিত ঘট, মৃন্ময় কলস।

মৃদ্ভাণ্ড ক্লী [উ লো] মৃন্ময় ভাজন; মৃৎপাত্র।

মৃদ্ভাজন বি সর্থ 'মৃদ্ভাণ্ড'। "চৈ.চ ৯১।

মৃদ্বঙ্গ বিণ [মৃদু অঙ্গ যাহার, বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] কোমলাঙ্গ। "মৃদ্বঙ্গীমুদ্বহেৎ স্ত্রিয়ম্ মনু ৩.১০। —ঙ্গ ক্লী বঙ্গ। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] কোমলাঙ্গী নারী।

মৃদ্বী[১] দ্র 'মৃদু'।

মৃদ্বী[২] স্ত্রী [মৃদু+স্ত্রী ঈ (ঙীষ্)] কপিলদ্রাক্ষা। —দ্বীকা স্ত্রী [মৃদ্বী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'মৃদ্বী[২]'। "পৃথুমৃদ্বীকা মহা ৭.৬.২৭। ২ দ্রাক্ষা।

মৃদ্বীকা দ্র 'মৃদ্বী[২]'।

মৃধ্ অক [ভ্বা, উ—মর্দ্ধতি, -তে; সেট্] আর্দ্রীভাব, ক্লেদন।

মৃধ ক্লী [√মৃধ্+অ (ক)-ক; √মৃ+ধ (ধক্)-ধি (অ.টী); 'মৃধ' (পুং)—যুদ্ধ (ভ ৩.১৮.১৮)] যাহা শোণিতার্দ্র হয়; যাহাতে মরে;

সমর, যুদ্ধ। "মহামৃধ রা ২.৪০.৭, ৬১.২০, মহা ১২.১১৪। মনু ১৩.৭৫। [°ভূ (স্ত্রী)—রণভূমি।]

মৃধা বি [সং 'মৃধ' মূল (?)] লাঠিয়াল। "আৰি মৃধা বি পা ১৬৪,-৫, ২৫৫; ২৭৩।

মৃন্ময়, মৃন্ময়ী দ্র 'মৃণ্ময়'।

মৃল্লোষ্ট পুং, ক্লী [ম ত] মৃত্তিকাসম্বন্ধী লোষ্ট (মেধাতিথি)। "ন মৃল্লোষ্টঞ্চ মৃদ্নীয়াৎ মনু ৪ ৭০।

মৃশ্, সক [তুদা, প—মৃশতি, অনিট্, ' √মৃষ্' ইতি মূর্দ্ধন্যান্তপাঠ হেয় (ক ক)] ১ মর্শন, চিন্তা, প্রণিধান। ২ পরামর্শ। ৩ স্পর্শন। [আ—১ আমর্শন, স্পর্শ। ২ আক্ষেপ, আক্রমণ। "কু স ২ ৩১। পরা—পরামর্শ, জ্ঞান, বিতর্ক, বিবেক, স্পর্শ। বি—১ বিমর্শ, আলোচনা। "ভট্টি ৩ ৭। ২ বিতর্ক।]

মৃষ্, সক [ভ্বা, প—মর্ষতি, সেট] ১ সেচন। ২ [ভ্বা, দি, এ চু, প—মর্ষতি, -তে, মৃষ্যতি, -তে, মর্ষয়তি] ক্ষমা, সহন। "মর্ষয়েদ্ ধর্ষণাং যোহত্র বংশজাং পবনির্ম্মিতাম্।—পঞ্চ ৫ ৭৬। —ষ সক [অদন্ত চু, প—মৃষয়তি, সেট্] ক্ষমা। [অপ—নিন্দা। পরি—ক্ষমা।]

মৃষা ব্য ১ মিথ্যা, অসত্য। "মনু ৩ ৫৩। ২ ব্যর্থ, বৃথা। "ন মৃষা শ্রান্তম্।—ঋগ্বেদ ১ ১৭৯.৩। অস্ত জন্ম মৃষা ভ গ্র ২৯০। ৩ অযুক্ত, অন্যায়। "যদ্ বক্ত্রং মুহুরীক্ষসে ন ধনিনাং ন চাটুং ব্রবে মৃষা।—ভর্ত্তৃহরি। ৪ মিথ্যাবাক্য। "সাক্ষ্যেঽনৃ বদতাং মৃষা মনু ৮ ৭১। ৫ অসত্য। "বর্জ্জনীয়ং (পাঠান্তর) মৃষা বুধৈঃ মহা ১৩ ১৪৪ ২৭। [°জ্ঞান (ক্লী)—মিথ্যাবুদ্ধি, মূঢ়তা। 'ক সা ৬২ ১৯২। °দৃষ্টি (বিণ)—মিথ্যাসিদ্ধান্তবান। 'ভ ৭ ১০ ১৬। °ধ্যায়ী (-য়িন্) বিণ—মিথ্যাধ্যানশীল, দাম্ভিক। °বচন (ক্লী), °বাদ (পুং)—১ মিথ্যাবাক্য। "মিথ্যাবাদপরায়ণ মহা ৩ ১৮৮ ৩৫। ২ চাটুবাক্য, উপহাসবাক্য। °বাদী (-দিন্) বিণ—১ মিথ্যাবাদী। ২ মিথ্যাভিযোক্তা। মৃষানুশাসী (-সিন্) বিণ—অন্যায়ানুশাসনকারী। "মৃষানুশাসিনঃ পাপাঃ (নরাধিপাঃ) মহা ৩. ১৮৮ ৩৫।]

মৃষোদ্য বিণ [মৃষা+ √বদ্+য (ক্যপ্)-র্ম্ম, উ ত] মিথ্যাবাচ্য। উচ্চ্রায়সৌন্দর্য্যগুণা মৃষোদ্যাঃ মাঘ ৪ ১০।—দ্য ক্লী [+য-ভা] মিথ্যাবাদ, মিথ্যাকথন। "উ চ ৪২৭/১৮। ভট্টি ৫.৬০।

মৃষ্ট বিণ [√মৃষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সিক্ত, কৃতসেচন। ২ সোঢ, কৃতসহন। ৩ লিপ্ত, অভ্যক্ত। "মৃষ্টানুলেপনা গো রা ২ ৯০ ৩১। ৪ [√মৃজ্+ত-র্ম্ম] স্বাদু, মিষ্ট, মধুর। "মৃষ্টমন্নম্ রা ১ ১৮ ৩১। পানীয়ং পীত্বা মৃষ্টম্ ভ ১০ ৩৯ ৩৯। ৫ উপসংস্কৃত, সুপক্ক, সুরস। "মৃষ্টান্নানি রা ২ ২৪ ৩। ৬ সুরভি, ঘ্রাণতর্পণ। "°গন্ধ (সুশ্রুত)। ৭ শোধিত, নির্ণিক্ত, অপগতমল (অ কো)। "সুমৃষ্ট সুসিক্ত যত, পুরমার্গ চতুষ্পথ শি ৪৭। ৮ শুদ্ধ। "°হাটকবর্ণিনী রা ৩ ৪৩ ২। ৯ উজ্জ্বল। "যুবানো °কুণ্ডলাঃ মহা ৩.১২৩ ১৮। কন্যাশ্চ °কুণ্ডলমণ্ডিতাঃ ভ ৪ ২১.৪। ১০ রুচিকর (শ্রীধর), নির্ম্মল। "কৃষ্ণায় °যশসে ভ ৬ ৯.৪৫। ১১ উদ্বর্ত্তনপূর্ব্বক স্নাপিত। "দৈত্যেন্দ্রম্…মাতৃমৃষ্টালঙ্কৃতম্ ভ ৮.৫ ১৯। ১২ প্রক্ষালিত। "অত্যো ন মৃষ্টঃ (প্রক্ষালিতঃ অশ্ব ইব—সায়ণ) ঋগ্বেদ ৯ ৮২ ২। ১৩ [√মৃশ্+ত-র্ম্ম] ১ চিন্তিত, পরামৃষ্ট, বিতর্কিত। ২ স্পৃষ্ট। —ষ্ট ক্লী ১ মৃষ্টান্ন, স্বাদু, সুরসান্ন। "(সূতঃ) মৃষ্টকর্ত্তা চ ভোজনে মহা ৩.৭০ ৬। মৃষ্টং কদন্নং বাভ্যবহরতি (সঃ) ভ ৫ ৯ ৯। ২ মরিচ। [°কর্ত্তা (-র্ত্তৃ)—মিষ্টান্নাদিপাচক। °কুণ্ডল (বিণ)—উজ্জ্বলকুণ্ডলধর। °গন্ধ (পুং)—সুগন্ধ, সৌরভ। °যশাঃ (-শস্) বিণ—শুভ্রকীর্ত্তি। °বাক্য (বিণ)—মিষ্টভাষী, প্রিয়ংবদ। °সলিল (বিণ)—স্বাদুজল।]

মৃষ্টানুলেপন বিণ [বহুব্রী] লিপ্তচন্দনপঙ্কাদিক।

মৃষ্টাশন বিণ [বহুব্রী] মিষ্টান্নভোজী, স্বাদুভুক্।

মৃষ্টি স্ত্রী [√মৃজ্+তি (ক্তিন্)-ভা] ১ শুদ্ধি, মার্জ্জন, প্রক্ষালন। ২ অন্নাদির সংস্কারবিশেষ। "মনু ৩ ২৫৫।

মে[1] সর্ব্ব [সং মে (আমার), বাঙলায় কর্ম্মকারক, অসাধু] আমাকে। "দুঃখে ত্রাহি মে ত্রাহি মে চক্রপাণি ব প ৯৪৩।

মে[2] বিভ [সং ই (ঙি)—স্মিন্ >প্রা ম্মি (হে ৩ ৫৯) >বা মে, হি মেঁ, ঠ 'ঈং'] অধিকরণে সপ্তমী বিভক্তি। "বারো বরিষ-মে রা স ৩১। এক-মে হাজার…কহা ভা চ ৪৩৬, মশান মে ৪৬৭।

মে[3] বি [E. May] ইংরাজী বৎসরের পঞ্চম মাস।

মেইকাঠ, -ইখুঁটি বি [সং মেধি >প্রা মেহি (প্রা ল ৩.১৩), মেঢি >বা মেই, হি মেথ (খোঁটা), ঠ মেচ,-ঢী, ড় মেচিথম্বা (মেধিস্তম্ভ), মেযে খুঁটি (চব্বিশপরগনা)] খামারে খলের মাঝখানে পোতা কাষ্ঠস্তম্ভ (ধান মাড়াই এর সময়ে যাহাতে দড়ি বাঁধিয়া বলদ ঘুরায়)।

মেইখুঁটি দ্র 'মেইকাঠ'।

মেইদি বি সর্ব 'মেদি'। "মাথাছাটা মেইদি কেহ।—হেম ৬৭৮।

মেইল বি [মেল > °ল ('ই' আগম), অপ্র] মেলন, পঙ্ক্তি, সারি। "আদা হরিদ্রা লাগায় মেইল করিয়া বি পা ১০২।

মেওমেও, ম্যাওম্যাও বি [ধ্বন্যাত্মক] ১ বিড়ালের উচ্চ ডাক। তু 'মিউমিউ'। 'ব প্র ৬২৩। ২ তানপুরার তারের গম্ভীর শব্দ। "তানপুরা মেওমেও করিয়া ডাকিতেছে আ দ্র ২৭। (তম্বুরার) তারের মেও-মেও ব প্র ৩১৫। [মেও ধরা—বিড়ালের গলায় ঘণ্টা বাঁধার পরামর্শে, বিড়ালের মেও অর্থাৎ মুখ বন্ধ করা (গৌণার্থে) বিপদের মূলকারণের প্রতিবিধান করা।]

মেওয়া, মেবা বি [ফা মেয়া] ১ ফল, খাদ্যফল। ২ কিশমিশ বাদাম আখরোট পেস্তা ইত্যাদি শুষ্ক উৎকৃষ্ট ফল। "দ্রাক্ষা বাদাম মেওয়া যত আর চৈ চ ৩৪৭। মণ্ডা মতিচুর মেওয়া।—দা ৯৭৭। মেবা নানাজাতি।—রঙ্গ ৮, ৯, ইরাণেতে যত মেবা জনমিয়া থাকে।—রঙ্গ ১০। ৩ উৎকৃষ্ট খাদ্য ফলমাত্র বা দ্রব্যমাত্র। "তা ভিন্ন অনেক মেবা হেনরূপ আছে। এ দেশ (ভারত) ব্যতীত আর কোথা নাহি বাঁচে।—রঙ্গ ১০। নানাবিধ মেওয়া ও মিছরির কোড়ন।—চ ৮০। [মেওয়ার বাগান—ফলের বাগান।]

মেওয়াতি বি [মেওয়াত+ই৮, হি মেবাতী (মেবাত+ঈ)] মেওয়াতদেশের অধিবাসী সিপাহী। "মেওয়াতির থানা বি সু ১৫। [রাজপুতানা ও সিন্ধুদেশের মধ্যস্থ দেশের প্রাচীন নাম 'মেবাত'।]

মেক্, -খ্ বি [ফা মেখ্] লোহার গজাল বা মোটা পেরেক, পেরেক। "শুল"। [ম্যাকম্যাক ক'রে ফোটা (মেক >ম্যাক)—লোহার পেরেকের মত গায় বেঁধা। "কাঁটা ম্যাকম্যাক করে ফোটে।]

মেকদার বি [আ মিক্দার] আকার, আকারপরিমাণ, পরিমাণ (quantity), পরিমাপ (measure)।

মেকল, মেখল[2] পুং (ভারতের মেখলাসদৃশ) বিন্ধ্যপর্ব্বত (অ টী), নর্ম্মদার উৎপত্তিস্থান বিন্ধ্যানিতম্বদেশ। —ল পুং, বহুব ১ মেখলদেশ। "মেখলান্ (সমুদাগরৎ) রা ৪ ৪১ ৯। ২ মেকলবাসিগণ। "মেকলাঃ মহা ৭.৪.৮। [°কন্যকা, °লাদ্রিজা (স্ত্রী)—'বিন্ধ্যকন্যাতুল্য' বা 'মেকল ঋষির কন্যা' (অ টী), 'বিন্ধ্যজাতা', নর্ম্মদা।]

মেকামেকি, -কী বি [ধ্বন্যাত্মক] পরস্পর বিবাদ। "আঁকশলী পোয়া মোনা পড়ে মেকামেকী ভা চ ৭৯। পিশাচের মেকামেকি বা.দ ২৩৯।

মেকামেকী দ্র 'মেকামেকি'।

মেকি, -কী বিং [E. making (?)] ১ কৃত্রিম, নকল, জাল (counterfeit)। "(টাকা) ছটা ছিল মেকী বি.সু ৩৬। মনে মনে

জানছি যেটা মেকি, পরের চোখে তারেই খাঁটি দেখি।—কু.কে ১৮৯। ইহা মেকি অত্যুক্তি—খাঁটি নহে।—রবীন্দ্র। ২ কপট, ভণ্ড। "নারদে বেটা, বড় ঠেটা মুনির মধ্যে মেকি।—দা ৭২৪। —কি, —কী বি ১ কৃত্রিম জিনিস। "মেকী এবং খাঁটির এক দর চা.পূ ১৪। ২ গিলটি-করা সোনা। "(কান্তাম্বলে) কি পাইলে কাব্য লিখে, সোণা কিম্বা মেকি।—হেম ৩৮৮। ৩ জাল মুদ্রা। "রাঙ্গ তামা মেকী মেলে, রাশিতে মিশায়ে ফেলে, ফুলে বেটা নিজি বদলিয়া ভা.চ ২৮৪। [মেকি চালান—কৃত্রিম জিনিস ব্যবহারে লাগান। "মহারাজ, আমার কাছে মেকি চালান তাঁর ন.ত ২৪। মেকী টাকায় ঘন নিশান—কৃত্রিমবিষয়ে সমধিক আড়ম্বর।]

মেকী দ্র 'মেকি'।

মেকুড় বি [ধ্বন্যাত্মক; মেকুর (ময়মনসিং), মিউর (চট্টগ্রাম)] 'যে 'মেউ' রব করে'; বিড়াল।

মেখল[১] পুং [√মি+খল-র্ম (অ,টী)] 'যাহা মধ্যভাগে ক্ষেপণীয়'; সর্থ 'মেখলা (১)। "(রাবণঃ) শ্রোণিসূত্রেণ মহতা মেখলেন সুসংবৃতঃ গো রা ৫.২৪.২৬। —খলা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্); ছান্দস] ১ স্ত্রীকটিভূষণবিশেষ, কাঞ্চী, রসনা, চন্দ্রহার। "বিলাস° রঘু ৮.৬৪। নিতম্ববিম্বৈঃ সদুকূলমেখলৈঃ।—ঋতু ১.৪। মাঘ ৪.৪০; ১৬.৭৬। শঙ্খ কুণ্ডল মেখলা।—ম ১২৬০। শ্রোণিদেশে ভাতিল মেখলা।—মে ১০৪। লুটায় মেখলাখানি তাজি কটিদেশ চ.কা ২১১। ২ কটিবন্ধ, কটিবেষ্টনী। "(পুরীম্) সালমেখলাম্ রা ১.৫.১২। মহীং সাগরমেখলাম্ মহা ৩.১০৭.৬৪; গঙ্গাং গগনমেখলাম্ ১০৯.৯। অর্ণবমেখলায়াঃ দিশঃ রঘু ৬ ৬৩। (ইন্দ্রজিৎ) রাম লক্ষ্মণের কাটি পাড়িল মেখলা।—কৃ ২৫৯। দুটী ভায়ে পরে দিব্য দুকূল মেখলা শ্রী.মা ৬৩। বসুধা বেষ্টিত যার কীর্ত্তি-মেখলায়।—রঙ্গ ৮২। ৩ উপনয়নকালে ধারণীয় ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যের মুঞ্জমূর্ব্বাশণতন্তুময় সূত্রত্রয়। "মনু ২.৪২। সোণার মেখলা।—কৃ ১১৫; স্বর্ণশিবলিঙ্গ তাহে কাঞ্চন° ৪১০। ৪ খড়্গাদিনিবন্ধন, অর্থাৎ খড়্গাদির মুষ্টিবেষ্টনী, যাহা থাকায় আঘাতকালে খড়্গাদি মুষ্টিচ্যুত হয় না। ৫ শিঞ্জনিকা, চর্ম্মরজ্জ্বাদি (শ.ক)। ৬ অশ্বের উদরবেষ্টন চর্ম্মরজ্জু; বরত্রা। ৭ (মেখলাস্থান) নিতম্ব, শ্রোণি। ৮ পর্ব্বতমধ্যভাব, গিরি-নিতম্ব। "আমেখলং সঞ্চরতাং ঘনানাম্ কু.স ১.৫। বিমলোপলমেখলাস্ত মাঘ ৪.৪০; ১৬.৭৬। ৯ বেদির সীমাসূত্র। "বেদি° ভ ৪.৫.১৫। ১০ হোমকুণ্ডোপরি মৃদ্ঘটিতবেষ্টনবিশেষ (শ.ক)। ১১ মেখলকন্যা, নর্ম্মদা। ১২ (বাঙ্লায়) সর্থ 'মেখলি'। "মেখলা এড়িয়া পাইলে লেপ নেহালি।—মী ২৩। ১৩ যজ্ঞকুণ্ডের বেষ্টন বা বেড়। "ছয় যোজন কুণ্ডের মেখলা।—কৃ ৪১৭। ১৪ যজ্ঞশালা। "চারি ক্রোশ বান্ধিয়াছে যজ্ঞের মেখলা।—কৃ ৪৭। [°দাম (-মন্)—কটিবন্ধসূত্র। °পদ (ক্লী)—মেখলা-স্থান, নিতম্ব। "ক.সা ৫.৩২। °বন্ধ (পুং)—মেখলাবন্ধন।]

মেখল[২]; **মেখলা** দ্র 'মেকল; মেখল[১]'।

মেখলি বি [সং মেখলা; হি মেখলী] হাত-কাটা উপর-চওড়া নীচে-সরু সাধুর পরিধেয় পরিচ্ছদবিশেষ। "সিদ্ধ ঝুলি মেখলি দিয়া গাএ গো.বি ৪৫; কাথা মেখলি ৭৬; ১২৬।

মেখলিক, -লী (-লিন্) বিণ [°লা+ইক (ঠন্), +ইন্ (ইনি), -১ব; স্ত্রী -কা, -লিনী] মেখলবান্, মেখলাধারী। "(অহম্) মেখলী-কৃতঃ মহা ১৩.১৪.৩৮০। —লী পুং ব্রহ্মচারী। "মেখলীনাং (দীর্ঘ আর্য) মহাসঙ্ঘঃ রা ২.৩২.২১।

মেখলী দ্র 'মেখলিক'।

মেখ্ দ্র 'মেক্'।

মেঘ পুং [√মিহ্+অ (অচ্)-ক, হ্ >ঘ্, স্তবকাদি; 'মেঘ'—সেক্তা জলদ (ঋগ্বেদ ১.১৮২.৮, সায়ণ); Av. maeg; ফা 'মেগ্'—মেঘ, কুজ্ঝটিকা] ১ 'সেচক', জলদ, জলধর, ঘন। "°নিঃস্বনা রা ১.৫৪.৭। ধূমজ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ ক মেঘঃ পূ মে ৫; পুষ্পমেঘীকৃতাত্মা (ভবান্) ৪৩। রক্তোমেঘ মহা (S.W.)। ২ মুস্তক। ৩ রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট স্বাভাবিক, জাতি খাড়ব ধ বর্জ্জিত (গী সা)।] [°কফ (পুং)—করকা, শিল। °কাল (পুং)—মেঘা-গম, বর্ষাকাল। °গম্ভীর (পুং)—মেঘধ্বনিবৎ গম্ভীর; মেঘমন্দ্র। "°মন্দ্র চৈ.ম ৪৯। মেঘগম্ভীর আরাবী (বৃষভ) প.তৃ ১৪। °গর্জ্জন (ক্লী)—মেঘধ্বনি, স্তনিত। °ঘটা (বি), °জাল (ক্লী)—মেঘমালা, কাদম্বিনী। "°ঘটা ব্র.প ৫। মেঘজাল প.তৃ ৬। °চাপ (বি)—মেঘস্থ ধনু; ইন্দ্র-ধনু। "ম ৬৪০। °জ (বিণ)—মেঘজাত, মেঘবৃষ্ট (অম্বু)। °জ্যোতিঃ (-স্) ক্লী—মেঘাগ্নি, ইরম্মদ, বাজ (অ.কো)। °তিমির (ক্লী)—মেঘাচ্ছন্ন-দিন, দুর্দ্দিন। °দূত (ক্লী)—যে কাব্যে মেঘ দূত; কালিদাসকৃত খণ্ড-কাব্যভেদ। "ক.চ ২১৫। °পঙ্ক্তি (স্ত্রী)—মেঘরাজি। °বপুঃ (-স্) ক্লী—মেঘদেহ। "মেঘবপুঃপ্রখ্যং স্যন্দনম্ মহা ২.৪৫.৬০। °বর্ণ (বিণ)—ঘনশ্যাম। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী, °মার্গ (পুং)—'মেঘপথ', আকাশ। °বহ্নি (পুং)—সর্থ 'মেঘজ্যোতিঃ'। °বাহন (পুং)—'মেঘযান', ইন্দ্র। "মাঘ ১৩ ১৮। মে ৪১। °বিতান (পুং)—'মেঘবিস্তার', মেঘসমূহ। "বৃহৎ-সংহিতা ১০৪.৪৬। °বিস্ফূর্জ্জিত (ক্লী)—মেঘগর্জ্জন, স্তনিত। "নিশাঃ ...লসন্মেঘবিস্ফূর্জ্জিতাঃ (ছন্দোমঞ্জরী)। °মল্লারিকা (স্ত্রী)—সর্থ 'মল্লার'। °মালা (স্ত্রী)—মেঘরাজি, কাদম্বিনী। "উ.চ ২.২৩। ম ৬৪০। °যোনি (পুং)—'মেঘের জন্মস্থান', ধূম। °রব °রাব (পুং)—মেঘধ্বনি, স্তনিত। "নাদো মেঘরবোপমঃ হ ১১৩.৫৭। °রস (সং ঘনরস) বি—'মেঘদ্রব', জল। "শি ৭৪। °রাগ (পুং)—সর্থ 'মেঘ (৩)। °রাজি, -জী, °রেখা, °লেখা (স্ত্রী)—মেঘশ্রেণী, মেঘমালা। "°লেখাবিনির্মুক্তম্...শশিমণ্ডলম্ মহা ৪.১৬.৪৭। °রেখা।—বৃহৎ-সংহিতা ৪৭.১৯। °শ্যাম (বিণ)—ঘনশ্যামল। °সংঘাত (পুং)—মেঘ-সমূহ। °সার (পুং)—চীনকর্পূর। °সুহৃৎ (-দ্) পুং—ময়ূর। °স্তনিত (ক্লী), °স্বন, °হ্রাদ (পুং)—মেঘগর্জ্জন, মেঘনিঃস্বন। "মহামেঘস্বন মহা ৩.৪২.৫।] [মেঘ করা—মেঘ আসিয়া জমা। মেঘ কাটা—মেঘ উড়িয়া যাওয়া। মেঘ মেঘ করা—মেঘাচ্ছন্নভাব করা; মেঘলা করা।]

মেঘ-আন্ধারী বিং [°র+ঈ°] মেঘান্ধকারযুক্ত। "শ্রী.কী ৩৫০।

মেঘঙ্কর বিণ [মেঘ+√কৃ+অ (খচ্)-ক; উ.ত, স্ত্রী -রা] মেঘ-জনক] "মেঘঙ্করম্...ঋতুম্ ভট্টি ৬.১০৪।

মেঘডম্বর পুং [ব.ত] ১ মেঘাড়ম্বর, মেঘগর্জ্জন, ঘনঘটা। "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘু-ক্রিয়া॥—উদ্ভট। বাছিয়া পরিলেক নীল অম্বর, মদন-হেমগৃহে মেঘ-ডম্বর ভা.চ ৬৯১। নিবিড় মেঘডম্বরে।—হেম ১২৭। ২ (বাঙ্লায়) ঘনঘটার ন্যায় নীল শাড়ীবিশেষ। "শাড়ী মেঘডম্বরে করিল বাঘাম্বর ভা.চ ৪৪৫।

মেঘডম্বুর, -ডুম্বুর বি [°ম্বর > °র] ঘনঘটার মত নীলবস্ত্রের ছাতা। "মেঘডম্বুর ছত্র ধরিলেক তুলি ব.প ২৫১। মেঘডুম্বুর ছত্র বি.পা ২৭৭। —ডুম্বর, ডুম্বুর বি সর্থ 'মেঘডম্বর (২)। "মেঘডুম্বুর পরিধান। —দা ১৫৭৩।

মেঘনাদ বিণ [উ.বহুব্রী] মেঘশব্দতুল্যশব্দযুক্ত, মেঘগম্ভীরধ্বনি। "(রথোত্তমম্) মেঘনাদম্ রা ২.১৬.২৯। —নাদ পুং [ব.ত] ১ মেঘ-শব্দ, স্তনিত। "গো.রা ১.৯.৬৪। মহা ৩.৩৭.৭। ২ [উ.বহুব্রী] 'মেঘনাদতুল্যনাদ', ইন্দ্রজিৎ। "রঘু ১২.৭৬। ৩ বরুণ (মেদিনী)। ৪ পলাশবৃক্ষ। —নাদী (-দিন্) বিণ [মেঘ+√নদ্+ইন্ (ণিনি) -ক-১ব; উ.ত] মেঘতুল্যশব্দকারক। "মহা ৩.১৬৬.৫। [°জিৎ (পুং)—'মেঘনাদজয়ী', লক্ষ্মণ।]

মেঘনাদানুলাসী (-সিন্) পুং [°দ+অনু- √লস্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত] 'মেঘশব্দে নৃত্যকারী', ময়ূর (অ কো)।

মেঘনাল বি [মেঘনীল > °ল (?)] ১ মেঘতুল্য নীল শাড়ী বা নীলাম্বর। "ম.গা ৯, ১০। ২ সর্থ 'মেঘডম্বুর'। "ম.গা ২২।

মেঘনির্ঘোষ, -নির্হ্রাদ বিণ [উ বহুব্রী] মেঘশব্দতুল্যশব্দ, মেঘগম্ভীরস্বর। "°ঘঃ...নৈষধঃ মহা ৩ ৭৩ ১১। °দয়া বাচা ভ ৪ ১৫ ২১। —ষ, -দ পুং [ষ.ত] মেঘনিঃস্বন, স্তনিত।

মেঘনির্হ্রাদ দ্র 'মেঘনির্ঘোষ'।

মেঘপুষ্প ক্লী [ষ ত] ১ মেঘের পুষ্পতুল্য, জল। ২ নদীজল। ৩ পিণ্ডাভ্র, করকা। —পুষ্প পুং ১ ইন্দ্রাশ্ব। ২ শ্রীকৃষ্ণের অশ্ববিশেষ। "মহা ৪ ৪৫ ২১। শি ৪৭।

মেঘভাঙ্গা বিং মেঘমুক্ত, শারদ। "আসিল শরৎ,, মেঘভাঙ্গা পৌর্ণমাসী কত মনোহর, নীল যমুনার তীরে।—ন ৮৬৫।

মেঘমণি বি [অপ্র] মেঘশ্রেষ্ঠ, মহামেঘ। 'যেন বায়ে খণ্ড খণ্ড কৈল মেঘমণি।—ম ৭৭১।

মেঘমন্দ্র বিং মেঘগম্ভীর। "°স্বরে চ কা ১৪২। —দ্র বি মেঘের গম্ভীর গর্জন। "কি মেঘমন্দ্র ঘন ঘন গরজিয়া, বিজ্ঞাপিছে বিধাতার ক্রোধ ভয়ঙ্কর।—ন ৪১২। (মহাপাপ) মেঘমন্দ্র মন্দ্রিল অম্বরে—হেম ১৮৮।

মেঘমল্লার বি সর্থ 'মল্লার°'। "°র গম্ভীর।—ন ৪১৪।

মেঘমেদুর বিণ [সুপ্সুপা] মেঘস্নিগ্ধ, মেঘাচ্ছাদিত। 'গী গো ১ ১। —দুরিত বিণ [তৃ ত] মেঘসান্দ্রীকৃত, ঘননিবিড়ীকৃত। "মেঘমেদুরিত-নীলিমা ··গিরিঃ প্রস্রবণঃ উচ ১২২১।

মেঘযামিনী বি মেঘাচ্ছন্ন রাত্রি। "মেঘযামিনী অতি ঘন আন্ধিয়ার।—জ্ঞা ১৯২।

মেঘরুচিবসন বি মেঘবর্ণবস্ত্র, নীলাম্বর। "ব প ১১৩২।

মেঘলা বিং [মেঘ+আলা° > °লা] মেঘযুক্ত, মেঘাচ্ছন্ন। "মেঘলা দিনের গান।—শিশু ৮৭। মেঘলা দিনে চ কা ৩৫৮।

মেঘসখা বি [°খ' সাবু] মেঘবন্ধু। "প তৃ ৩৪।

মেঘাকাশ পুং [উ লো] মেঘস্থ জলে প্রতিবিম্বিত আকাশ। 'তত্র (মেঘমণ্ডলে) জলে প্রতিবিম্বিততয়া স্থিতঃ আকাশঃ মেঘাকাশঃ।—পঞ্চদশী ৬ ২০, টীকা।

মেঘাগম পুং [মেঘের আগম যাহাতে, বহুব্রী] প্রাবৃট্, বর্ষা। "মেঘাগমারম্ভে যেন চাতকসকল ব প ১২৭০।

মেঘাটোপ পু [ষ ত] মেঘাডম্বর, ঘনঘটা। "ক সা ৩৭৮৪।

মেঘাড়ম্বর পুং [ষ ত] সর্থ 'মেঘডম্বর'। '°কারণ ব খি ৪।

মেঘাত্যয় বি [বহুব্রী] মেঘাপগমকাল, শরৎ। "বঙ্গ ৩০।

মেঘান্ত পুং [মেঘের অন্ত যাহাতে, বহুব্রী] সর্থ 'মেঘাত্যয়'।

মেঘাবৃত বিণ [তৃ ত] মেঘপরিব্যাপ্ত, মেঘাবৃত।

মেঘাম্বর বি মেঘবর্ণ বস্ত্র, নীল শাটীবিশেষ। "ব প ১২৯১।

মেঘালোক পুং [মেঘের আলোক, ষ ত] মেঘদর্শন। 'পূ মে ৩।

মেঘিনী বি [মেঘ+ইনী, অপ্র] সংবর্ত্তাদি মেঘের স্ত্রী। "ম ২৬৮।

মেঘী বি [মেঘ+ঈ°, 'মেগি' (শূ ১১৫)] মেঘবর্ণধান্যবিশেষ। "কালা কার্ত্তিক মেঘী বুনিলেন ব প ১১৬।

মেঘোদক ক্লী [ষ.ত] মেঘজল, বৃষ্টি।

মেঘোদয় পুং [ষ ত] মেঘাবির্ভাব, মেঘপ্রকাশ।

মেঘোপল পুং [ষ ত] 'মেঘশিলা', করকা।

মেচক বিণ [√মচ্ বর্ণান্তরের সহিত মিশ্রীভাব+অক (বুন্)-ক, অ >ই, উ ৫ ৩৭, অ টী] কৃষ্ণ, অসিত, শ্যামল, কাল। "মেচকে বাসসি পূ.মে ৫৯। কঠোরপারাবতকণ্ঠমেচকম্ (বপুঃ) উচ ৬.২৫। গজকদম্বকমেচকম্···বীক্ষ্য নবাম্বুদম্।—মাঘ ৬.২৬। —চক পুং ১ শ্যামবর্ণ, কালবর্ণ। "ময়ূরমেচক মা মা ৬.৫। ২ ময়ূরচন্দ্রক। "ব ৬৬। ৩ ধূম। ৪ মেঘ। ৫ শোভাঞ্জনবৃক্ষ। ৬ চুচুক। —চক ক্লী ১ নীলাঞ্জন। ২ অন্ধকার। —চকিত বিণ [°ক+ইত (ইতচ্)] 'জাতমেচক', শ্যামল।

মেচু(ছু)নী, -চ্চুনী বি মাছবেচুনী জেলে-বাগদির মেয়ে। "মেচুনী।—হ ৭। মেছুনীরা গালি পাড়িতে লাগিল ব গ্র ৬১৩।

মেছুনী, মেছুনী ; মেছুয়া, মেছো ; মেছেতা দ্র 'মেচুনী ; মাছুয়া, মাছিতা'।

মেছ্(স্)মার বিং [আ মিস্মার্] ভূমিসাৎকৃত, বিধ্বস্ত, উচ্ছিন্ন। [মেস্‌মার করা—ভাঙিয়া-চুরিয়া নষ্ট করা বা বিধ্বংস করা।]

মেজ¹ বি [বৈজি > °জ] সর্থ 'বৈজি'। "(গোদারে) সর্ব্বাঙ্গ ভরিয়া মেজ যেন কাটা খুচি বি পা ৩৩৫।

মেজ² বি [ফা মেজ্, P mesa] টেবিল। "লী ৪২।

মেজকী বি [মেজো-ক+ঈ° > °কী] মেজো জা।

মেজদা বি সর্থ 'মাঝ-দা' (দ্র 'মাঝ²')। —দী বি মেজদিদী।

মেজমান বি [ফা মেজ্ বান্] আতিথ্যকারক (host)। "কাজির মেজমান হইলে আগে তারে আনে ম ম ৫৪।

মেজমেজ 'ম্যাজম্যাজ' বি [(?), ভাবাত্মক] শ্লেষ্মা হেতু শরীরের জড়তা। —মেজে বিং [°জ+এ°] মেজমেজভাবাপন্ন।

মেজর বি [E major) সৈন্যবিভাগে কাপ্তেনের উপরিস্থ এবং লেফটেনাণ্ট্ কর্নেলের নিম্নস্থ কর্ম্মচারী।

মেজরাপ, মেজরাব দ্র 'মিজরাপ'।

মেজাজ বি [আ মিজাজ] ১ স্বভাব প্রকৃতি (temper)। "বদ°। দ্র 'আলি°। ২ মনের অবস্থা, তবীয়ত (mood)। "মেজাজ গিয়েছে খুলে সা ম ৩৭। ভাল নেই বড় রাণীর মেজাজ।—কা ১২৯। কখন কার মেজাজ কেমন থাকে, তার ঠিকানাই নাই ব প্র ২৯১, রায় সাহেব। আপনার মেজাজ সরীফ।—৪৪৬। [মেজাজ খোলা—মনের উদার ভাব হওয়া। মেজাজ গরম—রূক্ষ স্বভাব। মেজাজ ঠাণ্ডা—শান্ত প্রকৃতি। মেজাজ সরীফ—(আ মিজাজ্ শরীফ্)—শারীরিক কুশল-প্রশ্নসূচকবাক্য, মঙ্গল ত।]

মেজিষ্টার, মেজেষ্টর, ম্যাজিষ্ট্রেট্ বি [E magistrate] ফৌজদারী আদালতের প্রধান বিচারক। "ডেপুটিম্যাজিষ্ট্রেট্। অনরেবী মেজেষ্টর।—হু ৮৯।

মে(ম্যা)জেণ্টা, -ণ্টার বি [E magenta] আলকাতরা হইতে প্রস্তুত গাঢ় লাল রঙবিশেষ। [ইটালির Magenta প্রদেশে যুদ্ধের সময়ে এই রঙ প্রচলিত হয়, এই হেতু নাম 'magenta'।

মেজো, -ঝো বি° [দ্র 'মাজ²'] মধ্যম। "মেজোতালুই ন ত ৭৭।

মেঝ্যা, -ঝাম, -ঝো, -ঝ্যা ; মেঝো দ্র 'মাঝিয়া, মেজো'।

মেট¹ বি [সং মেঠ] ১ মাহুত। ২ [E mate, হি মেট] মজুরের সরদার, জমাদার। "কেরাণী দেয়ান আদি বড় বড় মেট। সাহেবের ঘরে ঘরে পাঠাতেছে ভেট।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৩ জাহাজের পরিচালক, মালিম। [°মিস্তিরি—সহকারী মিস্ত্রি। "গুরুদাস শুই সেকেণ্ড কোম্পানির বাড়ীর 'মিস্তিরি।—চ ১৬০।]

মেট² অর্ম [মিট > °ট] ১ শান্ত বা নির্ব্বাপিত হওয়া। "মেটব হৃদয়ক তাপ।—ব ১২২। অনুখন ধরণী-শয়নে কত মেটব, সুতনু অতনুশর-জ্বালা প ক ১৫৮। সো তনু পরশক্রে, তাপ সব মেটয়ে।—জ্ঞা ৩০। ২ পূর্ণ হওয়া। "আশা পরম, দুখদ পুন মেটউ প ক ১৭৭। ৩ অন্তর্হিত বা দূর হওয়া। "সকল দুখ মেটল প ক ২২০। ৪ লুপ্ত হওয়া। "চুম্বনে মেটল কুঙ্কুম রাগ।—ব ১১৮। —ট সর্ম ১ মীমাংসা করা, মিটান। "আধ আধ করি, কি বিধি মেটল, অরুণ চান্দ কি বাদ।—ব ৪৫। ২ লোপ করা, থামান, মোছা। "গোপউহু অধরে

মেটই লোর। তবহ্‌ঁ চরকি পড়ু আঁচর শুর।—ব ৭৬। ৩ চয়ন করা, তোলা। "কেশর-কুসুম, হেরি হাম কৌতুকে, ভুজযুগে মেটল তাই প.ক ২৪৪। ৪ প্রক্ষালন করা। "গঙ্গাজলে মেটিলে কি না যায় মেটন ব.প ১৩৯৮। —টা সর্ম [মিটা > °টা, তু 'প্রা মেটাব—লোপয় (পৈ), দ্র 'মিট'] ৫ পূর্ণ করা। "আশ মেটালে ফেবে না কেহ। —গান ৫৩। ২ সর্থ 'মিটা'। [মেটন—প্রক্ষালন। "না যায় মেটন ব প ১৩৯৮। মেটল—লুপ্ত। "মেটল যাবকপদে পুন লেপ ব প ১০৪০। মেটা১—সর্থ 'মেট২'। মেটান—সর্থ 'মেটা১']

মেট৩, -টা২ সর্ম [সং মৃষ্ট (স্পৃষ্ট) > প্রা মিট্‌ঠ > বা (মিট) °ট, -টা] স্পৃষ্ট করা, সংলগ্ন করা, লাগান। 'বাড়ীময় দিলেক মেটিষা বীতহোত্র শ্রী.স্মা ২০৫। আগুন মেটায়ে দিল মেনকার গায় শি ২৬, শিব অনুমতি দিল, আগুন মেটায়ে দিতে তায় ১১২। [মেটায্যা—মেটাইয়া, লাগাইযা। "চৌপায়ীতে আগুন মেট্যায়্যা দিহ আজি ব প ১৩৫৬।]

মেটন, মেটল, মেটা১ ; মেটা২ দ্র 'মেট২', মেট৩।

মেটুলি, -টে২, -টেলি২ বি সর্থ 'মিটুলি (২)'। "পাঁঠার °লি।

মেটে১ বি° সর্থ 'মাটিয়া'। —টে বি ১ মৃন্ময় বৃহৎ কলসীবিশেষ। ২ মাটির কাজে, অর্থাৎ সিঁধ-কাটা ইত্যাদি কার্য্যে নৈপুণ্য হেতু উপাধি-বিশেষ। "ইন্দে মেটে উঠাইল পান।—শ্রী ২১৬.-৭। [°চিল—কাল-রঙের চিল, গোদা চিল। "ভা চ ১২৭। °গর্ব্ব—অসার বা বৃথা গর্ব্ব। "ফেটে মরিস মেটে গর্ব্বে।—দা ৮০৯। °জাঁক—বৃথা আড়ম্বর। 'মেটে জাঁকে ফেটে যাচ্ছে মাটি।—দা ১৫৬১। °তেল—ভূগর্ভজাত তৈলবিশেষ (petroleum)। °রঙ—মাটির মত রঙ।]

মেটে২ দ্র 'মেটুলি'।

মেটেল বি [মাটি+আল৮ > মাটাল > °ল] বালুকাশূন্য খাঁটি মাটি। "মেটেলও নয়, বেলেও নয়, দো-আসলা মাটি।—দা ২০৭১। [মেটেল মাটি—শস্যোপযোগী ক্ষেত্রের মাটি।]

মেটেলি১, -লী বি মেটে রঙের সর্পবিশেষ (Tropidonotus stolatus)। "ঢেমনা মেটেলী ভা চ ১২৯।

মেটেলি২ ; মেটেলী দ্র মেটুলি, মেটেলি১।

মেটেসিঁদুর বি পারদের পরিবর্ত্তে যদি সীসক গলান যায় এবং ক্রমাগত লৌহদণ্ড দ্বারা মন্থন করা যায়, তাহা হইলেও একপ্রকার লোহিত বর্ণ ভস্ম উৎপন্ন হয়, তাহাই তান্ত্রিকশাস্ত্রোক্ত 'নাগসিন্দুর', চলিত ভাষায় ইহাকে 'মেটেসিঁদুর' বলে।—নব্য রসায়নী-বিদ্যা—প্রফুল্লচন্দ্র রায়, পৃষ্ঠ ৫।

মেটো, -ঠো বিং [মাট, -ঠ+ও৬] মাট-সম্বন্ধী, মাটের যোগ্য, মাটের। [মেটো ইংরেজি—মাটের অর্থাৎ ইংরেজ চাষীর ইংরেজীর মত অশুদ্ধ কথ্য ইংরেজী। "হেটো ইংরেজি, মেটো ইংরেজি ছেঁড়া ইংরিজিতে নলীবাবুর বৈঠকখানা·· বিকৃত হইযা উঠে ব প্র ৬০১। মেঠোগান—মাঠে চাষীর গাওয়া সাদা-সিদে সুরের গান। 'মেঠো গানের সুর যা'চ্ছিল মনে প.কা ৭২। মেঠোসুর—চাষীর আসাধা বা সহজ গলার সুর। "মেঠো সুরে কাঁদে যেন অনন্তের বাঁশী চ কা ১১০।]

মেংঠ, মেংড, মেঠ১ পুং ['মেংঠ'—হস্তিপক (দেশী ৬ ১৩৮), মেংঠ > মেংড, মেঠ (?)] হস্তিপক, মাহুত।

মেংড, মেঠ১ দ্র 'মেংঠ'।

মেঠ২ পুং [সং মেঢ্র > প্রা মেড্‌ঢ, মেংঢ > মেঢ, -ঠ (?)] মেষ।

মেঠাই দ্র 'মিঠাই'।

মেঠি, -ঠী, মেথি৩, -থী২ স্ত্রী [√মেথ্‌ সঙ্গম+ই (ইন্)-থি, উ ৪ ১১৭, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), মেথি, -থী > °ঠি, -ঠী (থ > ঠ, দ্র 'প্রা ল ৩ ১৬), 'খি (ছান্দস)] ১ খলে নিখাত গোবন্ধনস্তম্ভ, মেই-কাঠ। "মেঠীভূত।—কাশীখণ্ড ২১.৮০। ২ গবাদিবন্ধনস্তম্ভ। ৩ স্তম্ভ। ৪ শকটের যুগকাষ্ঠের আধারকাষ্ঠ।

মেঠী দ্র 'মেঠি'।

মেঠে বি [?] ইতর স্ত্রীলোকের হাতের গহনাবিশেষ ; কড় (?)। "হাতে মেঠে···যোগিনীর বেশ শি ৩৪ ; ৮৩।

মেঠো, মেঠোগান, মেঠোসুর দ্র 'মেটো'।

মেড় বি ['মণ্ড' মূল (?)] ১ প্রতিমার চাল (ময়মনসিং)। ২ [হি 'মেড়িয়া'—মণ্ডপ] মন্দির। "কামাখ্যার মেড় : দেবীর মেড় যোজন প্রমাণ ব প ৪০৪।

মেড়া, -ঢ়া, ম্যাড়া বি [সং মেঢ্র > প্রা মেড্‌ঢ, মেংঢ > বা °ঢা, -ড়া ; হি মেংঢা, মেঢা, ঠ মে ঢ, গু মেংঢ] ১ মেষ। ২ (সাদৃশ্যে) নির্ব্বোধ, গালিবিশেষ। "ঐ ব্যাটা উড়ে ম্যাড়া।—লী ৭২। ৩ ঠকঠকী তাঁতের যে কাষ্ঠখণ্ড মাকুতে প্রতিঘাত করিযা মাকু চালায়। —ড়ী, -টী বি [ঠ মেংটী] মেষ-স্ত্রীজাতি, মেষী। [খোঁটার জোরে মেড়া লড়ে—দৃঢ়-লগ্ন পায়ের জোরে মেড়া লড়ে, আশ্রয়ের বলে আশ্রিত প্রতিদ্বন্দ্বিতা করে।]

মেডাল, -ডেল বি [E medal] বিষযবিশেষে নৈপুণ্য হেতু পুরস্কার-স্বরূপ স্বর্ণাদির প্রতিষ্ঠামুদ্রা, পদক। "মেডেল ও সার্টিফিকেট-ওয়ালা বড় বড় বাইযেরা।—হু ৬০।

মেড়ুদাড়া বি মেরুদণ্ড। "°ড়া ভাঙ্গিল শুক গো বি ১০৯।

মেড়ুয়া, মেড়ুয়াবাদী দ্র 'মাড়ুয়াবাদী'।

মেড়ে বি [সং মাটি] সর্থ 'মাটি'। 'শ্রী মা ৯৪।

মেড়ো বি ['ম'ড়চা' মূল] মল, ময়লা। [মেড়ো পড়া—১ মলিন হওযা। ২ প্রতিপত্তিহীন হওয়া, ছোপ খাওযা, কানা পড়া। "হিন্দু কলেজ হওয়াতে শরবোরণ সাহেবের স্কুল কিঞ্চিৎ মেড়ো পড়িয়াছিল আ চ ১৭। মেড়মেড়ে—মেড়ো-পড়া, মলিন।]

মেঢ়া দ্র 'মেড়া'।

মেঢী স্ত্রী [মেধী > মেঢী] সর্থ 'মেঠি (১)'। [মেঢীভূত (বিণ) —খলদামস্তম্ভীভূত (নীলকণ্ঠ)। "মহা ৩ ১০ ১৬।]

মেঢ্র পুং, ক্লী [√মিহ্‌+ত্র (ষ্ট্রন্)-ণ, পা ৩ ২ ১৮২।] 'মেহনসাধন', শিশ্ন। "মনু ৮ ২৮২। ভ ২ ১ ৩২। ম পা ১, ২৮, ৬০। —ঢ্র পুং মেষ। —ঢ্রক পুং [°ঢ্র+ক (কন্)] সর্থ 'মেঢ্র'। [°চর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ত্বক (চ) স্ত্রী—শিশ্নাগ্রস্থ চর্ম্ম (prepuce)।]

মেঢ্রক দ্র 'মেঢ্র'।

মেণ অব্য [মেনে > °ণ] ১ বিনীতপ্রার্থনায়। 'মোর বাণীগুটি দিআ মেণ দাণে।···বাথহ সমানে ল।—শ্রী কী ৩১৪। ২ অবধারণে। "জাণি মেণ ··কাহ্নের কাহিণী শ্রী কী ৩২১।

মেণ্ড পুং সর্থ 'মেণ্ঠ'।

মেণ্ঢ, -ণ্ঢক পুং [তু 'সং মেঢ্র > প্রা মেংঢ] ১ মেষ। ২ শিশ্ন।

মেণ্ঢক দ্র 'মেণ্ঢ'।

মেতর, -থর বি [ফা মেহ্‌তর্] মলপরিষ্কারক, ঝাড়ুদার (sweeper)। —রানী বি [°র+আনী, ফা মেহ্‌ত্রানী] ১ মেতরের স্ত্রী, ঝাড়ু-দারনী। ২ (সাদৃশ্যে) নীচজাতি স্ত্রী। "মথুরায় এসে করলে শেষে মেথরাণীকে রাণী।—দা ৫৭৬।

মেথর দ্র 'মেতর'।

মেতি, -থি১ বি [সং মেথিকা, -থী] মেথিশাকের বীজ, রান্নার মশলা-বিশেষ (fenugreek)। "মেতি ক চ ১৫৬, মেথি ১৫৭।

মেথি১ দ্র 'মেতি'।

মেথি২ বি বিমা-কোম্পানি শতকরা যে হারে টাকা লয়, ধরাট।

মেথি৩ ; মেথিনী দ্র 'মেঠি, মেথিকা'।

মেথিকা, -থিনী, -থী১ স্ত্রী ক্ষুপবিশেষ, মেথিশাক (Trigonella Foenum graecum)। [ইহার বীজ মেথি।]

মেধী১ ; মেথী২ দ্র 'মেথিকা, মেঠি'।

মেদ পুং [√মিদ্+অ (অচ্)-ক] ১ শরীরস্থ মাংসজাত ধাতুবিশেষ ; বসা। "(বৈতরণী) °মাংসাস্থিসঙ্কুলা গো.রা ৪.৪৪.৬৫। বি.পা ১৫। ম.পা ১৩। ২ বর্ণসঙ্করজাতিবিশেষ। "মহা ১৩.২২.২২। মনু ১০.৩৬, ৪৮। ৩ ঐরাবত-কুলজাত অশ্ববিশেষ। 'মহা ১.৫৭.১১। ৪ অলম্বুষাবৃক্ষ। —দা² স্ত্রী ওষধিবিশেষ। [°কৃৎ (ক্লী)—মাংস। °জ (পুং)—ভূমিজগুগ্গুলু।]

মেদঃ (-স্) ক্লী [√মিদ্+অস্ (অসুন্)-ক-১ব] ১ সর্থ 'মেদ (১)। "ঋগ্বেদ ৩.২১.৪। গো রা ৩.৭৫ ৫২। মনু ৩.১৮২। ২ মেদোবর্দ্ধক রোগবিশেষ। ৩ সর্থ 'মেদ (২)। "মেদোক্ত (S.W.)। [°পুচ্ছ '-দঃপু-' (পুং)—স্থূলপুচ্ছ মেষবিশেষ, দুম্বা (সুশ্রুত)। °ছেদ '-শ্ছে-' (পুং)—মেদোনাশ, বসাপগম। "মেদশ্ছেদকৃশোদরম্ (বপুঃ) শ ২ ৫। °কৃৎ '-স্কৃ-' (ক্লী)—'মেদোজনক', মাংস। °তেজঃ (-জস্) '-স্তে-' ক্লী —'মেদের তেজঃস্থান', অস্থি। °পিণ্ড '-স্পি-' (পুং)—পিণ্ডীভূত মেদঃ, মেদোঘন। °গ্রন্থি '-দো-' (পুং)—মেদোর্ব্বুদ। °ঘ্ন (বিণ) —মেদোনাশক, মেদশ্ছেদকর। °জ, °ভব (ক্লী)—'মেদোজাত' অস্থি। °দোষ (পুং)—অতিস্থৌল্য। °রোগ (পুং)—মেদোদোষ।]

মেদক পুং [√মিদ্+অক (ণ্বুল্)-ক] মদ্যকল্ক, মেধা (শ ক)।

মেদস্বী (-স্বিন্) বিণ [°দস্+বিন্ (বিনি)-১ব, স্ত্রী -স্বিনী] মেদোযুক্ত, স্থূল, মাংসল। "মাঘ ৫ ৬৪।

মেদা¹ বিং ['মৃদুক' মূল (?), তু 'ফা মাদহ্—মাদী] মৃদুবুদ্ধি, মন্দমতি, বোকা। [মেদা মারা—বোকা হওয়া]

মেদা² দ্র 'মেদ'।

মেদি, -দী¹, -ধী¹ বি [স° মেন্ধিকা, -ন্ধী, হি মেহঁদী, ঠ, গু মেংদী] ক্ষুপবিশেষ, মেদীগাছ। 'মেদিপাতা দিচি পদ্মকরে।—জা ৪২।

মেদিনী স্ত্রী [মেদ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্), তু 'মেদিন্'—মেদোযুক্ত (ঋগ্বেদ ১০ ৩৮ ২)] ১ 'মধুকৈটভের মেদে অভিপবিপ্লুতা', ধরা, ধরণী, পৃথিবী। 'মধুকৈটভযোঃ কৃৎস্না মেদসাভিপবিপ্লুতা। তেনেয়ং মেদিনী দেবী প্রোচ্যতে ব্রহ্মবাদিভিঃ॥ —হ ৬.৪৫। সেহি মেদমাংসে হয় পৃথিবীসৃজন। মেদিনী হইল নাম সেহ সে কারণ॥—বি পা ১৫। মধু-কৈটভের মেদে হইল মেদিনী ম পা ১৩। 'মং৷ ৩.৭৩ ৮। রত্নসূরপি মেদিনী রঘু ১.৬৫। মোদনা হইল মাটি নিতম্ব দেখিয়া ভা চ ২৯১। ২ ভূমি, স্থল। 'যুদ্ধমেদিনী গো রা ৬ ১৯.১৬। ৩ ভূতল। "ব্যসুঃ পপাত মেদিন্যাম্ মহা ৩ ৬৩ ৩৯। ৪ স্থান, স্থল। ৫ রাজ্য। "রাজা রাজ্যপরিভ্রষ্টঃ পুনর্লব্ধেব মেদিনীম্ মহা ৩ ৬৮ ২৩। রঘু ৪.৪৩। ৬ সংস্কৃত-কোষকার মেদিনীকর, তৎকৃত 'নানার্থরত্নকোষ'। [°কোষ (পুং) —দ্র 'মেদিনী (৬)। °জ (পুং)—কুজ, মঙ্গলগ্রহ। °ধর (পুং) —ভূধর, পর্ব্বত। °পতি (পুং)—ভূপতি, রাজা।]

মেদিনীশ পুং [ষ ত] পৃথিবীপতি, রাজা।

মেদী¹ ; মেদী² দ্র 'মাদা, মেদি'।

মেদুর বিণ [√মিদ্+উর (ঘুরচ্)-ক, স্ত্রী -রা] ১ 'স্নেহনশীল', স্নিগ্ধ। "মেঘৈর্মেদুরম্বরম্ গী গো ১ ১, মেদুরমুদিরমুবেশম্ (হরিম্) ২ ৩, ৭ ৪২। কৃষ্ণ-অঙ্গ শোভে যেন মেদুর মুদির।—ম ৪৯। উষার মেদুর বায় অ গু ৩৪। ধ্বনি মেদুর কু কে ৬৫। মেদুর সমীর প তৃ ৬। ২ সান্দ্রস্নিগ্ধ, নিবিড়-স্নিগ্ধ, ঘনচিক্কণ (অ টী)।

মেদুরিত বিণ [√মেদুরি+ত (ক্ত)-র্ম্ম] সান্দ্রীকৃত, নিবিড়ীকৃত। "মেঘমেদুরিতনীলিমা...প্রস্রবণঃ উ চ ১২/৪/৬।

মেদোর্ব্বুদ ক্লী [উ লো] মেদোজাত অর্ব্বুদ, মেদোগ্রন্থি।

মেদ্য বিণ [মেদ+য (যৎ)] ১ মেদভব, মেদযুক্ত। "মাংসং ভৃশমেদ্যং ত্যজেৎ (বাগ্ভট)। ২ ঘন। বিপ 'দ্রব'।

মেধ্ অক [ভ্বা, এ—মেধতি, -তে ; সেট্] ১ সঙ্গম। "প্রজায়ৈ গৃহ-মেধিনাম্ রঘু ১ ৭। ২ মেধা। ৩ (সক) বধ (ক ক)।

মেধ¹ পুং [√মেধ+অ (ঘঞ্)-ধি] ১ যাহাতে (পশু) হত হয় ; যজ্ঞ। "অশ্ব°, গো°, নর°, নৃ°, হয়°। অশ্বং মেধায় প্রোক্ষিতম্।—শুক্ল-যজুর্ব্বেদ ২২.১৯। মহা ১.১২৩ ৪২। ২ [+অ-র্ম্ম] যজ্ঞীয় পশু। [°জ (পুং)—'যজ্ঞজাত', বিষ্ণু।]

মেধ² বি [অসাধু] মেদ। "আস্ত্র° চ বি ১২৬ ; ২৯২।

মেধস পুং দেবীমাহাত্ম্যবক্তা ঋষিবিশেষ। "চ বি ৩৪৭।

মেধা স্ত্রী [√মেধ্+অ (অঙ্)-ধি+স্ত্রী আ (টাপ্), 'মেধা'—প্রজ্ঞান (ঋগ্বেদ ২ ৩৪ ৭।)] ১ 'যাহাতে সর্ব্ব বহুশ্রুত সঙ্গত হয়', গ্রন্থাদিতে ধারণাশক্তিযুক্ত বুদ্ধি, ধারণাবতী বুদ্ধি। "কঠোপনিষৎ ২.২৩। গী ১০. ৩৪। আয়ুষ্মন্তং সুতং সূতে যশোমেধাসমন্বিতম্ মনু ৩.২৬৩। [নঞ্ সু দুর্ অল্প মন্দ শব্দের পরবর্ত্তী 'মেধা' > মেধস্। যথা—অমেধাঃ (-ধস্), সুমেধাঃ ইত্যাদি।] ২ বুদ্ধি (মেদিনী)। "অকুণ্ঠমেধস্ ভ ১ ১৯.৩১ ; ১২ ৬ ৩৫। ৩ দক্ষ কন্যা ধর্ম্মপত্নী। "ভ ৪ ১ ৪৮। ৪ মাতৃকাবিশেষ। দ্র 'মাতৃকা (৮)। "গো রা ২ ২৫ ২৬। ৫ সরস্বতীমূর্ত্তিবিশেষ (A.)। [°কাম (বিণ)—মেধাভিলাষী। °কৃৎ (বিণ)—মেধাবর্দ্ধক, মেধাজনক। "মেধাগ্নিবলশুক্রকৃৎ (বাগভট)। °জনন (বিণ)—সর্থ 'মেধাকৃৎ'। 'মহা ১ ৮৫ ১০১। (ক্লী)—মেধাবর্দ্ধনার্থ সংস্কারবিশেষ।]

মেধাবান্ (-বৎ) বিণ [মেধা+বৎ (বতুপ্)-১ব] মেধাবী।

মেধাবী (-বিন্) বিণ [মেধা+বিন্ (বিনি)-১ব, স্ত্রী -বিনী] ১ ধারণাবদ্বুদ্ধিযুক্ত, মেধাবান্। "যাম্...মেধাং মেধাবিনো বিদুঃ। —অথর্ব্ববেদ ৬ ১০৮ ৪। বা ১ ৪ ৬। প্রফুল্ল মেধাবিনী—সে কথা ভুলে নাই ব প্র ৪০৮। ২ বুদ্ধিমান্, মতিমান্। "পঞ্চ ১ ৬৫। ৩ আত্মজ্ঞান-লক্ষণমেধাবান্ (শঙ্কর), প্রজ্ঞাবান্, স্থিরবুদ্ধি। "গী ১৮ ১০। —ধাবী পু ১ প্রাজ্ঞ, পণ্ডিত। ২ শুকপক্ষী। ৩ মদিরা। ৪ ব্যাড়িমুনি। —বিনী স্ত্রী ১ ব্রাহ্মী। ২ সারিকা।

মেধাবিনী দ্র 'মেধাবী'।

মেধি, -ধী² স্ত্রী [√মেধ+ই (ইন্)-ধি, উ ৪.১১৭, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ)] সর্থ 'মেঠি'। "(জ্যোতিষাং চক্রম্) যস্মিন্ ভ্রমতি মেধ্যামিব গবাং গণঃ ভ ৪ ১২ ৩৮। [মেধিভূত (বি°)—মেধিসদৃশ। "এই মতে মেধিভূত হেম গিরিবর।—গ ৬৪। মেধিরোপণ (ক্লী)—মেধিনিখনন, মেইকাঠ পোতা। "কৃ.স ১২/২/৯। মেধীস্তম্ভ (পুং)—মেধীরূপ স্তম্ভ, মেই খুঁটি। "ভ ৫.২১৩।]

মেধিষ্ঠ বিণ [মেধাবিন্+ইষ্ঠ (ইষ্ঠন্)] মেধাবত্তম, অতিমেধাবী।

মেধী¹ ; মেধী², মেধীরোপণ, মেধীস্তম্ভ দ্র 'মেদি, মেধি'।

মেধ্য বিণ [√মেধ্+য (ণ্যৎ)-র্ম্ম (অ.টী), মেধ+য (যৎ)] ১ মেধনীয়, সঙ্গমনীয় (অ.টী), মেধার্হ, যজ্ঞার্হ। মেধ্য...তুরঙ্গে রঘু ১৩ ৩। ২ পবিত্র, পূত। "মেধ্যান্ মৃগান্ বা ২.৫৫ ৩২। ফলমূলাশনৈর্মেধ্যৈঃ মনু ৫ ৫৪। মেধ্যোন (প্রস্রবেণ) রঘু ১.৮৪। মেধ্যাবিবিক্তবৃত্তিঃ (সঃ) ভ ৩.১ ১৯। ৩ স্পর্শভক্ষণাদিদোষশূন্য। ৪ বিহিতলক্ষণসম্পন্ন (বলি)। ৫ [মেধা+য, পা ৫.১.২] মেধাকৃৎ, মেধাজনক। —ধ্য পুং ১ ছাগ। ২ খদিরবৃক্ষ। ৩ যব। —ধ্যা স্ত্রী ১ রোচনা। ২ কেতকী, জ্যোতিষ্মতী-লতা, ব্রাহ্মী, শমী, রক্তবচা, শ্বেতবচা, শঙ্খপুষ্পী।

মেধ্যা দ্র 'মেধ্য'।

মেন, -নো ক্রি [মেনে > °ন, -নো] মনে করি বোধ করি, আমার মনে হয়। "হেন ভাগ্যবতী, কে আছে এমতি, পাবে পতি জিনি মদন, মেনো ন প ১২৩, অর্দ্ধকান্দনে অদ্ভুত শোভা মেন ২১৫। [পদ্যে মিলের জন্য 'মেন, -নো'।]

মেনকা স্ত্রী [√মন্+অক (বুন্)+স্ত্রী আ (টাপ্), এত্ব, ক্ষিপকাদি, পা ৬ ৪ ১২০, কাশিকা] ১ অপ্সরোবিশেষ, স্বর্বেশ্যা। দ্র 'অপ্সরাঃ'। "রা ১.৬৩ ৪। শ ১২/৩/৩। ২ [মেনা+ক (কন্), স্বার্থে+স্ত্রী আ,

ঋিপকাদি] হিমালয়মহিষী উমাজননী মেনা। [°প্রাণেশ (পুং) —হিমালয়রাজ।]

মেনকাত্মজা স্ত্রী [ষ.ত] ১ উমা। ২ শকুন্তলা।

মেনা স্ত্রী [তু 'মেনা'—স্ত্রীনাম, নারী (ঋগ্বেদ ১.৬২.৭ ; ২.৩৯.২, সায়ণ) ; 'মেনা' (শ্রীহট্ট)—দুষ্ট পুরুষ বা স্ত্রী, যে কথা বলে না, চুপ করিয়া থাকে।] হিমালয়রাজের মহিষী উমাজননী মেনকা। "মেনাম্ …উপযেমে কু.স ১.১৮। ভ ৪.৭.৫৮। [ইনি মেরুর কন্যা, ইঁহার জ্যেষ্ঠা কন্যা গঙ্গা, কনিষ্ঠা উমা (রা ১.৩৫.১৩-১৫)। মতান্তরে, ইনি পিতৃগণের মানসী কন্যা (ব্রহ্মাণ্ডপুরাণ, কু.স ১.১৮, মল্লিনাথ। কূর্ম্মপুরাণ ১২শ অধ্যায়)] [°জা (স্ত্রী)—'মেনাজাতা', উমা। °ধব (পুং)—হিমালয়রাজ।]

মেনী বি [মেনা >°নী] ১ স্ত্রীলোক, স্ত্রী। ২ বিড়ালী। তু 'মিনি'। [মেনীমুখো—মেয়ে মানুষের মত যে পুরুষের মুখে কথা বার হয় না ; লাজুক, মুখচোরা। "কর্ত্তাপনা করা অমন মেনীমুখোর কাজ নয়!—অ.গ্র ৮০।]

মেনে অব্য [মনে >°নে] ১ বিতর্ক, সংশয়। "সে মেনে নাগর কে চ.দা ১৩। না জানি কি মেনে হয় আজি সে রাজার ব.প ১২৭৬। কি মেনে করিতে লীলা।—চৈ ৯৪। কেউ মেনে দেখিবে পাছে॥—দা ২৫২। ২ অবধারণ, নিশ্চয়। "আর মেনে সীতার জীবনে নাহি কায ব.প ৫১০। কুমার মনুষ্য মেনে নয়।—শ্রী ৯৮। বিদরে মেনে বুকে শ্রী.ম ১১৮। চৈ ৬০ ; শ্রীমুখদর্শন মেনে হৈল ১০১। জীবন…মেনে ত্যজি শি.স্থ ৪৭ ; ৭০। আজ মেনে আলিঙ্গন দে।—শ্রী ৪১। এ তো…অসঙ্গত মেনে ভ.গ্র ২৭০। সে মেনে তোমার দিকে আছে ভা.চ ৩৫৭ ; সাপ মেনে নয় ৩৮২। কিন্তু মেনে না জানে ঝগড়া ছুঁড়ি।—ন ১০৮৭। ৩ সিদ্ধান্ত। "টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধন-হরা, বুঝিল এ মেনে আজবোজ ভা.চ ২৮৩। ৪ সিদ্ধান্তে অনাস্থা। "শুনেছি, তার তো যশোদা মা নয়। যা হৌক মেনে, রাধা! শোন।—দা ৫৩৫। সে যা হোক মেনে, এখন দে, টাকা দে।—মা ৩২৮! ৫ বিরক্তি। "বিদ্যা বলে এড় মেনে ঠাট কর কত!—ভা.চ ৩৫৪। হত্যা হই হউক মেনে হাস যুবরাজ : ঘুম গেল ধুম বড় ঘর মেনে ছাড়ি বি.সু ৬২। থাক মেনে।—হেম ১৪৪। থাক্ মেনে থাক্. তব ভালবাসা।—ন ১০৭৩। ৬ ক্রোধোক্তি। "হাত নেড়ে হীরা বলে থাক মেনে থাক। বুঝা গেল আর মেনে বাড়া কথা রাখ॥—বি.সু ১০২। ৭ বিস্ময়। "(মায়ায়) কোটি কোটি ব্রহ্মাণ্ড হইল এক ঠাঁই। কেমন হইল মেনে মনে আসে নাই!—ভা.চ ১০৯ ; কেমন দেবতা মেনে বুড়ী ঠাকুরাণী!—২৩৪। ৮ অভীষ্টলাভে হর্ষ। "মেনেছিলাম সত্যপীরে, পীর মেনে চেয়েছেন ফিরে।—দা ৭৬৫। ৯ হর্ষে বিষাদ বা আক্ষেপ। "কেমন দেবতা মেনে দেখা দিয়েছিলা। অভাগীর ভাগ্যদোষে পুন লুকাইলা॥—ভা.চ ২২৮। ১০ বিনীত প্রার্থনা। "(নাগর!) ছরু যাহ মেনে, বেদনা লাগয়ে, কাঁচলি ছিঁড়িয়া গেল!—ভ.গ্র ৩৯৭। ১১ নিমিত্ত। "স্ত্রী মেনে বিবাদ বহুল হেন জানি ম.বি ৪০। ১২ নিন্দা, ঘৃণা। "আইবুড়তে যেন আই!. ছি ছি মেনে! এ আর কেমন গো!—দা ৭২৮ ; ছি ছি মেনে আর এসো না!—৭৭১। ১৩ বাক্যালঙ্কার। "এসো বৈস এয়ো, হৌক মেনে যেয়ো, বল সে কেমন জন ভা.চ ৩০৩। ১৪ ধিক্কার। "কেহ বলে যাও মেনে মুখ না দেখাও!—ভা.চ ১৭১। [ম্যানে—ক্রোধোক্তি (গ্রাম্য)। "আরে থোও ম্যানে ঠাহর! আমার লহু গরম হয়ে উঠতিছে!—মা ৩৩২।]

মেনেতে [মানে² >মানেতে >°তে] তুলনায়। "সিন্ধার মেনেতে নাহি মোর সমসর।—মী ৮। [মেনেতে—মাঝে (টীকা)।]

মেনো দ্র 'মেনা'।

মেন্ধিকা, -ন্ধী স্ত্রী ক্ষুপবিশেষ, মেধীগাছ।

মেন্ধী দ্র 'মেন্ধিকা'।

মেবা দ্র 'মেওয়া'।

মেম বি [E. madam, ma'am (colloquial)] ইউরোপীয় মহিলা। [মেম-সাহেব—মাননীয়া মেম।]

মেম্বর বি [E. member] সভার সভ্য ; সদস্য।

মেয় বিণ [√মা+য (যৎ) কর্ম্ম] মানার্হ, পরিমেয়, পরিচ্ছেদ্য। "ধরিমমেয়ানাং মনু ৮.৩২১। অমেয়ো মিতলোকস্ত্বম্ রঘু ১০.১৮। মধ্যেন মুষ্টিমেয়েন ক.সা ৫৫.৪৯।

মেয়া, -য়ে, -য়্যা বি [মাইয়া >মেয়া, -য়ে ; মায়্যা >মেয়্যা] ১ স্ত্রীলোক। বিপ 'মদ্দ, -র্দ্দ'। "মেয়ে যত ধেয়ে করে পাট শ্রী ৪৮ ; এক মেয়ের লাজ হলে সকল মেয়ের লাজ ৯৮ ; ১০৫ ; ২২৯। মদ্দ যায় গোঠে মাঠে মেয়ে থাকে ঘরে শি ৭২ ; থাকুক মর্দ্দের দায় মোহ যায় মেয়ে ১০৬। সে মেয়ে কেমন মেয়ে বটে ভা.চ ৩৪২। ২ স্ত্রী, ঝি, বউ। "কোচের মেয়্যা ক.চ ২৭। আইল সব বণিক্যের মেয়া বি.পা ২৭৬। ৩ গৃহিণী, গিন্নী। "আশীষ করেন যত মেয়ে শ্রী.মা ৩৯। ৪ স্ত্রী। "মদ্দের করজ হৈলে মেয়ে দেয় টেলে শি ৭৩ ; মন মজিল পারা মাঠে পেয়ে পরের মেয়ে ৮৩। ৫ সামান্য স্ত্রীলোক। "এ ত মেয়ে নয় দেবতা নিশ্চয়!—ভা.চ ২৫৬। ৬ কন্যা। "বাক্সয়ের মেয়ে শ্রী.মা ৮৯। আমার উমা মেয়ের চূড়া ভা.চ ৭৯ ; ৪০০। (রুক্মিণী) সুর মেয়্যা শি ৫০। মা ডাকিল—মেয়ে কাছে আসিল ব.প্র ৩৩৯। ৭ বলহীনা নারী ; অবলা। "পিতা হৈল পুত্রবৎ আমি হলেম মেয়ে শি ৪৬। ৮ পাত্রী, বিয়ের ক'নে। ৯ কন্যাসদৃশী স্নেহপাত্রী। "মাসী কি রে মেয়ে!—কা ১০৭ ; বোকা মেয়েটি এ ১১৭। ১০ ভক্তের পক্ষে ইষ্টদেবতা। "সে যে কৃতান্তদলনী শ্যামা বড় ক্ষ্যাপা মেয়ে।—রামপ্রসাদ। [মেয়েটা—সস্নেহ উক্তিতে। "শিখিয়ে দে ঐ বোকা মেয়েটাকে।—কা ১০৭ ; বোকা মেয়েটার শোন ব্যাখ্যানা ১১৬।]

মেয়ে দ্র 'মেয়া'। [°ঘর—অন্দর। "মেয়েঘরে কিসের মাতন সারাদিন শি ১০৬। °ছেলে—কন্যাসন্তান। °জন—মাতৃসদৃশী পরনারী। °নাতি, °লাথি—স্ত্রীলোকের পদাঘাত। "ভাই, ঢেঁকির দল!…যখনই পিঠে রমণী-পাদপদ্ম ওরফে মেয়েলাথি পড়ে, তখনই তোমরা ধান ভান ব.প্র ৬২৮। তা নইলে মেয়েনাতি দিয়ে মুখ ভেঙ্গে দিতাম!—নী ২২। °পাঁচালি—স্ত্রীলোকের পাঁচালির দলের গান। "(আজ) ওদের পাড়ায় মেয়েপাঁচালি।—হু ৮। °মদ্দ, -র্দ্দ—স্ত্রী-পুরুষ। °বুদ্ধি—স্ত্রীলোক-সুলভ অপরিপক্ব বুদ্ধি। "পতি কামিনীর মেয়েবুদ্ধি ব'লে রাগ করেন না।—লী ১৩। °বেভার—স্ত্রীলোকের মধ্যে পরস্পর হাতে-হাতে ঋণদানাদান। "মেয়েবেভারে টাকা কর্জ্জ করা। °মানুষ—১ স্ত্রীলোক। ২ পৌরুষহীন পুরুষ ; কাপুরুষ। °মুখো—১ সর্থ 'মেনীমুখো' (দ্র 'মেনী')। ২ স্ত্রীবশ, স্ত্রৈণ। "মেয়ে-মুখো যার পতি, মাগ হয় তার আত্মমতি।—দা ২০০।]

মেয়েলি, -লী বিং ['মেয়ে' মূল]. ১ স্ত্রীলোকোচিত, মেয়ের মত (গড়ন, ঢঙ)। ২ স্ত্রীসুলভ। "এ মেয়েলি বুদ্ধির কাজ।—রাজসিংহ, -বঙ্কিম। ৩ মেয়েদের মধ্যে প্রচলিত (কথা, ভাষা)।

মেয়েলী ; মেয়্যা ; মেরজাই দ্র 'মেয়েলি ; মেয়া ; মিরজাই'।

মেরা সর্ব্ব [সং মদীয় >প্রা মের (প্রা.ম) >°রা ; হি মেরা] আমার। "মেরা ঠাই গো.চ ৪২৩,-২৬। আন নহিব পতি মেরা শ্রী.ম ১৬২। রা.স ১২। —রী সর্ব্ব [হি মেরী (স্ত্রীলিঙ্গ)] আমার। "শ্রীরঙ্গ! দেহ বসন ছাড়ি মেরি শ্রী.ম ৬০ ; যে মেরি ভকত হয় ৭২ ; (যদুনাথ) তনু মেরি ১৪২ ; স্ত্রী পুত্র আদি মেরি ১৫২ ; (তেরি পগ) মেরি (অর্থাৎ গোপীর) সঙ্গে রহ অবিরাম ২৫০।

মেরাপ, -ব বি [আ মেহ্‌রাব্‌] ১ দরজার উপরে অর্দ্ধবৃত্তাকার খিলান; (সাদৃশ্যে) তোরণ। "দুই দিগ হইতে পড়িয়া দুই চাল। মেরাপের স্থায় মধ্যে রহে সক্তিহল॥—ভ.গ্র ৪১৩। তরুলতার মেরাপ আ.দু ১২১। ২ উৎসবাদিতে রচিত তোরণযুক্ত আসর।

মেরাব দ্র 'মেরাপ'।

মেরামত বি [আ মরম্মত্‌] জীর্ণসংস্কার (repair)। [মেরামতী (°ত+ঈ°)—জীর্ণসংস্কারসম্বন্ধী (খরচ)।]

মেরি(রু)নো বি [P. Merino] স্পেনের মেরিনো মেষের লোমজাত সূক্ষ্ম বস্ত্রবিশেষ। "মেরুনোর চাদর।

মেরু পুং [√মি+রু-ক, উ ৪.১০১] ১ উচ্চতা হেতু জ্যোতিঃক্ষেপক (অটী); পর্ব্বতবিশেষ, সুমেরু, হেমাদ্রি। "(বৈদেহী পতিম্‌) ন জহাতি রতা ধর্ম্মে মেরুমর্কপ্রভা যথা রা ২.৪০.২৪। মেরুঃ শিখরিণামহম্‌ গী ১০.২৩। কু.স ১.২। [ইহা পৌরাণিক পর্ব্বত। ইহা স্বর্ণরত্নময়, এই হেতু ইহার নাম 'হেমাদ্রি', রত্নসানু'। ইহার পৃষ্ঠ স্বর্গ, এই হেতু ইহা 'সুরালয়'। ইহা ইলাবৃত বর্ষের নাভিদেশে স্থিত (দ্র 'জম্বুখণ্ড')। সূর্য্যাদি গ্রহগণ ইহার চতুর্দ্দিকে ভ্রমণ করে। গঙ্গা ইহার চূড়া হইতে চারি ধারায় পৃথিবীতে অবতীর্ণা হন (কৃ ১৯)।] ২ জপমালার মুখদ্বয়ের সন্ধিস্থ অগ্রবর্ত্তী মধ্যগুলিকা। "ব.প ১৪৮২। ৩ হার-মধ্যমণি, নায়কমণি। ৪ ষট্‌কোণ দ্বাদশভৌম বিচিত্রকুহর চতুর্দ্বার দ্বাত্রিংশদ্ধস্ত বিস্তীর্ণ প্রাসাদবিশেষ। "বৃহৎসংহিতা ৫৬.১৭; ২০। ৫ (তন্ত্রে) অবস্থানভেদে অঙ্গুলিপর্ব্ববিশেষ। ৬ (বাঙলায়) গুলি খাওয়ার হুঁকা। ৭ পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত। —রুক পুং যক্ষধূপ, ধুনা। [°কূট (পুং, ক্লী)—মেরুশৃঙ্গ। °দুহিতা (-তৃ) স্ত্রী—মেরুকন্যা। "ভ ৫.২.২৩। °ধামা (-মন্‌) পুং—'মেরুবাসী', শিব (মহা)। °পৃষ্ঠ (ক্লী)—স্বর্গ। °মন্দর (পুং)—১ মেরুপার্শ্বস্থ পর্ব্বতবিশেষ। 'ভ ৫.১৬.১১। ২ (বাঙলায়) মেরু ও মন্দর পর্ব্বত। "চৈ.চ ১৫৯। °যন্ত্র (ক্লী)—(গণিতে) তুর্কবৎ যন্ত্রবিশেষ।]

মেরুক দ্র 'মেরু'।

মেরুগুঁটি বি সর্থ 'মেরু (২)'।

মেরুদণ্ড বি ১ পৃথিবীর মেরুদ্বয়সংযোজক কল্পিত রেখা (axis)। ২ পৃষ্ঠমধ্যস্থ দণ্ডবৎ দীর্ঘ অস্থি; পৃষ্ঠবংশ, শিরদাঁড়া। —দণ্ডী (-ণ্ডিন্‌) বিং মেরুদণ্ডবান্‌ (প্রাণী, vertebrate)। "গো.বি ১০৯।

মেরুদাঁড়া, -দানা বি [সং °দণ্ড, °না (অপ্র)] সর্থ 'মেরুদণ্ড (২)'। "ভাঙ্গি গেল °ড়া।—মী ২১। °না গো.বি ১০৯।

মেরুদানা; মেরুনো দ্র 'মেরুদাঁড়া; মেরিনো'।

মেরোয়া বিং ['মেড়া' মূল (?)] দুর্দ্দান্ত। "মতিলাল ক্রমে ক্রমে মেরোয়া হইয়া উঠিল আ.দু ৬৫। —রোয়া বি [(?)] নরবলি। "এইমতে ফিরে তারা মেরোয়া চাহিয়া। জড়ভরতেরে তারা পাইলেক গিয়া॥ মেরোয়া লইয়া দিল রাজা বিদ্যমান।—ম ১০৩৭,-৮।

মের্দোম বি [মৃদঙ্গ > মৃদঙ > °ম] মৃদঙ্গ, খোল। "দু ১২০।

মেল১ পুং [√মিল্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ মেলন, সঙ্গ, সমাগম। "কদ্রা যথা তেন রাত্রো মেলঃ ক.সা ৭১.৩০০। বিদ্যাপতি কহে হবে পুন মেল বি.প ১৮৪। প্রিয়া সহ প্রভু বিলসয়ে সখী মেলে ন.প ৪২১। দারুণ ফণীর মেলে, কেমনে আছহ একেশ্বর শ্রী.ম ৪৯। দোঁহে এক মেলে যায়।—অ্রা ৫০। একেশ্বর যাবেন শিব স্ত্রী না নিবে মেলে ম.ম ৬। ২ সঙ্গম, সংযোগ, সংশ্লেষ। "(যশোদা) সুমেল দেখিয়া, দিবাকর ঠাকি, কি হেতু মাগল বর।—অ্রা ৬০। ৩ সমবায়। ৪ রাঢ়ীয় কুলীনদিগের বিভাগবিশেষ। [দেবীবর ঘটক কুলীনদিগকে ছত্রিশ মেলে বা শাখায় বিভক্ত করেন। 'মেল' কৌলীন্যহীনতার পরিচায়ক।] ৫ [+অ-ধি] মেলনস্থান, মেলা। ৬ সমাজ, সভা, দল। "যখন প্রবিষ্ট হন সেবকের মেলে! তখন তাসেন এইমত কুতুহলে॥—চৈ.ভা ২৪৮। দেবের মেলে গেলাম আমি ম.ম ১৮৩। ৭ (বাঙলায়) মিশ্রণ, মিশাল। "রাজ তামা মেকী মেলে, রাশিতে মিশায়ে ফেলে ভা.চ ২৮৪। —লক পুং [মেল+ক (কন্‌) স্বার্থে] ১ সর্থ 'মেল (১; ২)'। ২ সমবায়। "পক্ষিণাং মেলকং কৃত্বা…গরুড়স্ত সমীপং গতঃ।—হি ২১২। ৩ সর্থ 'মেল (৫)'। —লন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ সর্থ 'মেল' (১)। "একত্র রাজ্ঞীনাং মেলনম্‌ ক.সা ৩৯.১০। মানায়ে পুরুষ-সঙ্গে মেলন যে হয় ভা.চ ৭১৩। ২ সর্থ 'মেল' (২, ৩)। ৩ সাহচর্য্য। ৪ মিত্রভাব, মেশা। ৫ যুদ্ধ। "সুরাসুরবসৈন্য" (S.W.)। [°বন্ধন (বি)—মেলে বিভাগকারণ, মেল বাঁধা। দ্র 'মেল (৪)'! মেল ভাঙা—মেলান্তরে কন্যাদান করা। মেলে-মিশালে—সঙ্গে-সাথে।]

মেল২ বি [E. mail] ডাক। [°ট্রেন—ডাকগাড়ী।]

মেল৩ সর্ম্ম [সং √মুচ্‌ > প্রা √মেল্ল (হে ৪.৯১) > বা °ল] ১ বন্ধনমুক্ত করা; খোলা, ছাড়া। "প্রথমে ভ্রমরার জলে, শ্রীমন্ত তরণী মেলে ক.চ ২২৭,-৩১। মেলিল ডিঙা বা.ম ১৭৭। ডিঙ্গা মেলি করিল গমন বি পা ১৮৩। উদতারা মেলিলেক ম.পা ১২৯। ২ অঙ্কুর বা পত্র ছাড়া, অর্থাৎ বহির্গত করা। "জন্মিয়া সে খানে যদি ছড়া মেলে এথা বা.ম ৩৩০; সিদ্ধ ধানে ছড়া মেলে ৩৯২। সিদ্ধ হরিদ্রায় যদি মেলিলেক পাতঃ ভাজা কলাই মুগে যদি মেলিল অঙ্কুর ম.ম ২০১, ২৩২। ৩ প্রসারিত করা। "পাখা মেলা। ৪ বিস্তার করা, ব্যাদান করা; ফাঁক করা। "রথশুদ্ধ গিলিবারে দুই ঠোঁট মেলে।—কৃ ১৪৪। ৫ প্রবাহিত করা; ছাড়া। "দেআ মেলিল বিষম বা।—শ্রী.ম ৬৭। ৬ উন্মীলিত করা। "ধূলাতে ডেলাতে বৃষ্টি, মেলিতে না পারে দৃষ্টি ক.চ ১২৪। ৭ উদ্ঘাটন করা; খোলা। "কবাট মেলিয়া ঘরে সামাইল চণ্ডী ম.ম ১৭। ৮ উড্ডীন করা; উড়ান। "ধ্বজধর বলী, মেলিলা কেতনবর।—মে ২৫। ৯ [মল৩ > °ল] মর্দ্দন করা; মলা। "মাথার পাগড়ী কেহ মেলে দুই পায় ম.ম ৫৫। —ল অর্ম্ম [সং √মিল্‌ > °ল; হি √মেল] ১ মিলিত হওয়া, মিলা, জুটা। "চরণ উপরে পড়ি, দশ চাঁদ মেলি ক্রীড়ি।—জ ১। লাখ কোটি লোক মেলি হিলুয়ানি বোলে চৈ.ভা ৩৩৫। ২ উপস্থিত হওয়া। "তিলোত্তমা চিত্ররেখা উষা সঙ্গে করি। নৃত্য করিতে মেলে রম্ভা ঋপেশ্বরী॥—ম.ম ৩৭, (দেবরাজ) মেলে মন্দাকিনী-তীরে ৩৮, সেই বাঁকে মেলে গিয়া মহাসাধু হরি ২০৪। [মেলা২—সর্থ 'মেল৩'। মেলি মারে, মেলি হানে (হি '√মেল'—ছোড়া)—ছুড়িয়া মারে। "(জল) মুখ চাহিয়া মেলি মারে: রক্ত চন্দন মেলি হানে বি.পা ২৯৯। মেলে—সমবায়ে, মধ্যে। "অনন্ত সিধার মেলে তুম্মি হইব দাতা গো বি ১১৭। মেলে দেওয়া—শুখানর নিমিত্ত ছড়াইয়া দেওয়া। মেল, -লি,-লিলি (চ)। মেলি,-লু (মিলিয়া, মিলিলাম)।—প.ক।]

মেলক, মেলন দ্র 'মেল১'।

মেলতা 'ল-' বি কবিগানে বা কীর্ত্তনগানে মহড়ার সহিত সুরে মিলিত গানের অংশবিশেষ। "লু.র ২৬,-৭,-৯, ৩৫,-৬।

মেলা১ স্ত্রী [√মিল্‌+ই (ণিচ্‌)+অ (অঙ্‌)-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ মেলন, সমাগম। "অহিসঙ্গে যার মেলা ক.চ ১৪; প্রবাসী জনের তথা মেলা ৭৯। সে (ভ্রমর) করে কুমুদে মেলা ভা.চ ৩৫৩। নদীর চরে, চখা-চখীর মেলা।—গান ৯৩। ২ সঙ্গ, সংযোগ। ৩ [+অ-ধি] সভা, সমাজ। "দেব দৈত্য গন্ধর্ব্ব আদির যত মেলা।—কৃ ৩৭৭। ভাঙ্গিল মুনির মেলা।—ম ৪৬৬। বান্ধবের মেলা ক.চ ৪৭। রাখালের মেলা ব.সু ১৩। ভেঙেছে ফুলের মেলা।—গান ১২৪, এ কি শুধু হাসি খেলা, প্রমোদের মেলা ২১৮। ৪ মসি। ৫ অঞ্জন। ৬ নীলীবৃক্ষ। ৭ (সঙ্গীতে) স্বরগ্রাম। ৮ [হি, ঠ মেলা] (বাঙলায়) আধিক্য, প্রাচুর্য্য। "চতুর চতুরা পেয়ে চাতুরীর মেলা। নিত্য নিত্য নূতন নূতন

রসে গেলা ॥—ভা চ ৩৬২। এলোমেলোর মেলা চ কা ৩২৮। ৯ পর্ব্বাদিতে বা উৎসবে বহু লোকের সমাগম, তাদৃশ লোকসমাগমোপলক্ষ্যে বাজার। "মাঘ°, হরিহরক্ষেত্রের মেলা। ১০ পুঞ্জ, রাশি। "তিমির° ক চ ৯। ১১ সাক্ষাৎকার, দর্শন। "মহা-অন্ধকারে দিলা মেলা ক চ ১৭। ১২ অনেকখানি। "সকাল থেকে পড়েছি যে মেলা।—শিশু ২৫। —লা বিং (বাঙ্লায়) বহু, অনেক। "টাকা-কড়ি মেলা আছে ট্যাকশালে। —শিশু ১০৯, মেলা লোক ১১৭। শকুনি মেলাই—স্ব প্র ১৩৮।

মেলা[২] দ্র 'মেল[৩]'।

মেলা[৩] বি [মিলা > °লা] ১ মেলন, সঙ্গম, সঙ্গ, সাহচর্য্য। "°মেশা। ২ প্রাপ্ত হওয়া, জুটা। "চাকরী মেলা। ৩ সদৃশ বা সমকক্ষ হওয়া, দ্র 'মিল[২]'। —লান[২] [মেল[৩] > মেলা > °ন] ১ উন্মীলন, খোলা। "চোখ মেলান। ২ প্রসারণ, ছড়ান। "হাত পা মেলান। ৩ [মিলান > °ন] মিশান। [মেলামেশা—দ্র 'মিল[২]'। জুড়ি মেলা—সমকক্ষ পাওয়া।]

মেলান[১] বি° [মেল[৩] > °ন] গন্তব্যপথের অনুকূলভাবে প্রবাহিত (বায়ু)। [মেলান বায়—অনুকূল বায়ুতে। "ক চ ২২৭।]

মেলান[২] দ্র 'মেলা[৩]'।

মেলানি, -নী বি [মেলন + ই[৮], ঈ[৭]] ১ 'মেলনসম্বন্ধী', বুটুম্বাদির সহিত মেলনে (সাক্ষাৎকারে) দেয় সামগ্রীসম্ভাবরূপ সামাজিক উপহারবিশেষ। "আগু বাড়াইয়া নিল মেলানিব ভাব ম ভা ২৫, পুতি রাথ মেলানীর ভার: পাইযা মেলানি তবে মায়েরে দেখিব ৪৬। ২ বিদায়কালে মেলনে দেয় উপহারসামগ্রী। "নৃপতিরে মেলানী করিল বুহিতাল ক চ ১৫২। মেনকা মেলানীভার দিয়াছে কিঞ্চিত ভা চ ৮৮। ৩ বিদায়ে আলিঙ্গনপাদবন্দনসম্ভাষণাদি সামাজিক শিষ্টাচার, আমন্ত্রণ। "মেলানি করিয়া দেশে যায় বিভীষণ।—কৃ ৪৯৩,-৬। দেবরাজে মেলানি করি সত্তে গেলা ঘর কৃ উ ১০। কৃষ্ণের মেলানি করি খগপতি চলে। —ম ২৮৮। (সদাগর) লহনাখুল্লনা-স্থানে করিয়া মেলানি। বাহিযা অজয় নদী পাইল ইন্দ্রাণী ॥—ক চ ১৯৫। (সকল মুনির করি চরণ-বন্দন) মেলানি করিয়া দোঁহে চলিল তখন।—জ ১৩। মেলানি করিযা চলে যত বিদ্যাধর ম ম ৩৭, (কামাব) মেলানী করিয়া গেল ১৭১। ৪ বিদায়গ্রহণ। "করিতে মেলানি, কি হৈল না জানি, জাগল দারুণ লেহা রা শে ৮৪। ৫ বিদায়। "যতেক লোকে তাকে দিলত মেলানি কৃ উ ১০। এখন মেলানি দিলাম সভার ভিতর।—কৃ ৩৬৭। এত বলি খগবরে করিল মেলানী।—ম ২১, (যুধিষ্ঠির) বৃদ্ধগণে গেল মাগিতে মেলানি ১৪৭। দেশের তরে যাই মিতা দেও হে মেলানী ম ম ১৩২, মেলানী দেও ঠাকুরাণী ২৩৭। গুরুস্থানে মেলানি লইলাম ব প ৪৯১। [°ভার—উপহারসামগ্রীসমূহ। "ম ভা ৪৪। দ্র 'মেলানি (২)'।]

মেলানী দ্র 'মেলানি'।

মেলাপক পুং [মেল + ই (ণিচ) > √মেলাপি (বাহুলক ?) + অ (অচ)-ভা + ক (কন) স্বার্থে, তু '√সন্তাপি', পা ৩ ১২৫] ১ মেলন, সংযোজন, সংশ্লেষণ। ২ গ্রহগণের মেলন (A)। ৩ সংসর্গ (S W)। ৪ সমূহ। "মহাজন°।—পঞ্চবিংশ।

মেলাপাড়া বি [মেলা (মল্ল) + পাড়া] মল্লগণ (?)। "মেলাপাড়া মালক মারিয়া লাফে লাফে (চলিতে মহী কাঁপে) শ্রী ১৫৫।

মেলি বি [মেল[১] + ই[১১]] ১ মেলন, সমবায়। "সহস্র সহস্র শিশু মেলি করিঞা। মদনমোহন চলে বাছুর লইঞা ॥—ব প ৮৩৯। ২ মেলন, সমাগম। "এ সখি মানিয়ে হরি সঞে মেলি। যব হোয়ে ঐছন মনোভব-কেলি ॥—ক ২৩৫। ৩ সমাজ। "বন্ধুজন মেলি করি, বিচার করেন গিরি ক.চ ২০। [মেলি—মেলে, সঙ্গে। "(গোবী) পেলই সহচরি মেলি প.ক ১৬৬। মেলি—প্রসারিত করে; বায়ুতে উড়ায। দ্র 'মেল[৩] (৮)'। "পবন তরল বসন মেলি। দামিনী বেঢ়লি চাঁদনি বেলি ॥—জ্ঞা ৫৫।]

মেশা, মেশান দ্র 'মিশ[২]'।

মেশামেশি বি সর্থ 'মিশামিশি'।

মেষ পুং [√মিষ্ + অ (অচ)-ক, 'মেষ'—অজ (ঋগ্বেদ ১০.২৭.১৭, সায়ণ) আ মেশ্] ১ 'স্পর্দ্ধাকারক', মেঢ্র, ভেড়া। "ঋগ্বেদ ১.৪৩ ৬। শুক্লযজুর্বেদ ৩ ৫৯। ২ মেষরাশি। "বি স্ম ১৫২। —ষী স্ত্রী [মেষ + স্ত্রী ঈ (ঙীষ)] মেষস্ত্রীজাতি, ভেড়ী। "ঋগ্বেদ ১ ৪৩.৬। শুক্লযজুর্বেদ ৩ ৫৯। [°কম্বল (পুং)—মেষলোমজ কম্বল। °পাল, °পালক (পুং) —মেষরক্ষক। °বল্লী (স্ত্রী)—অজশৃঙ্গী। °বৃষণ (পুং)—মেষাণ্ড। °যূথ (স্ত্রী)—মেষসমূহ। 'পঞ্চবিংশ। °শৃঙ্গ (পুং)—স্থাবরবিষভেদ। °শৃঙ্গী (স্ত্রী)—অজশৃঙ্গী।]

মেষাণ্ড পুং [উ বহুব্রী] ইন্দ্র। দ্র 'ব্রা ১ ৪৯ ৬।

মেস বি [E mess] যে বাসায় কতকগুলি লোক একসঙ্গে থাকে ও খায় এবং যেখানে তাহাদের পাকও একসঙ্গে হয়।

মেস্তুয়া বি [মাস্তুযা > °য়া] সর্থ 'মাস্তুযা'। "বা ম ১৩৬।

মেসো দ্র 'মাস্তুযা'।

মেস্তা বি [(?) জবাগাছের মত ক্ষুপবিশেষ (Red sorrel)। [ইহার আঁশে দড়ি হয়। ফুলের লাল আবরণ টক, ইহাতে অম্বল ও আচার হয়।]

মেস্বা দ্র 'মাস্তুযা'।

মেহ[১] পুং [√মিহ + অ (ঘঞ)-ভা] ১ মূত্রত্যাগ, মূত্রণ, মোতা। ২ মেহন (মধাতিথি), মলমূত্রত্যাগ। 'মনু ৪ ৫২। নাপ্সু মেহং কুর্ব্বীত। —মার্কণ্ডেযপুরাণ ৩৪ ৩৪। ৩ [+ অ র্শ্ব] মূত্র। ৪ [+ অ (অচ্)-ক (অ টী)] 'মূত্রকারক', ব্যাধিভেদ, বহুমূত্রতা। ৫ [তু 'সং মেষ > প্রা মেস, *মেহ] মেঢ্র। ৬ ছাগ। দ্র 'মেষ'। [°ঘ্নী (স্ত্রী)—হরিদ্রা।]

মেহ[২] বি [সং মেঘ > পা মেহ (প্রা ল ৩ ১০), হি, মৈ মেহ, বৈষ্ণব-সাহিত্যে] মেঘ। "করুণ মেহ।—চ ৪৭। মেহ বরিষে জনু মোতিম হারা বি প ২২, ১৭৩। শীতল সনেহ মেহ সব বিতরল জ.প ৬৯। দুহু দিঠি মেহ সঘনে বরিখনিযা।—ব ১৫। বরিখয়ে নযনে ঘন মেহা। —গো ৪২, সো আনন্দ বস, জগ ভরি বরিসল, বিদ্যাপতি রস মেহা ৫৯, প ক ২৩৮৬। ন প ২৬৩।

মেহগেনি, -গ্নি, -হাগিনী বি [E Mahogany] নিম্ব-জাতীয় বৃহৎ বৃক্ষবিশেষ (Swietenia mahagoni), মেহগ্নির কাঠ। "মেহাগিনীর মঞ্চ জুড়ি, পঞ্চ হাজার গ্রন্থ চ.কা ৩২৭। মেহগেনী কাটের মেজটা।—লী ৪২।

মেহন ক্লী [√মিহ্ + অন (ল্যুট্)-ভা] ১ মূত্রত্যাগ। ২ মূত্র। ৩ [+ অন-ণ] শিশ্ন। 'ঋগ্বেদ ১ ১৬৩ ৪। প্রমন্থ° সুশ্রুত ১ ৩২ ২। —হন পুং মুষ্ককবৃক্ষ।

মেহনত বি [আ মহ্নত] পরিশ্রম। —নতানা বি [আ মেহনতানা] পারিশ্রমিক, মজুরী। "তাহার মেহনতানা দুই চারি হাজার ধরিয়া দিলেই হইবে ব প্র ২৩৩। —নতী বিং [আ মেহ্নতী] ১ কষ্টসহিষ্ণু। ২ [°ত + ঈ[৭]] শ্রমসাধ্য (কাজ)। —নতী বি পারিশ্রমিক।

মেহি বিং সর্থ 'মিহি'। "মেহি মেহি কাপড় গো.চ ২৮৩।

মেহেদি বি [দ্র 'মেদি'] সর্থ 'মেদি'।

মেহেরবান বিং [ফা মেহর্বান্] সদয়, দযালু, মেহবান্। —বানি, -নী বি [ফা মেহর্বানী] দয়া, অনুগ্রহ। "কর্ত্তাবাবু।...আমার উপর °নী না করলে আমি আর যাব কনে?—মা ৩২৪। বাদশাহজাদী মেহেরবানি ফরমাইয়া ইয়াদ করিতেছেন ব দ্বি ৩৫০।

মৈ[১] বি [মই > মৈ, দ্র 'ঐ[১]'] সর্থ 'মই'। "মৈ দিয়া মাটি কৈল চূর্ণ শি ৭৫। [পাকা ধানে মৈ দেওয়া—দ্র 'মই'।]

মৈ[২], **মৈঁ** সর্ব্ব [সং অহম্ > প্রা ম্মি, হি মৈং] আমি। "মৈ কহা: মৈ গয়া ভা চ ৪৩৩। মৈঁ ভুখা ফকীর হুঁ রা স ১০।

মৈচ্যান্দর বি [মৎস্যেন্দ্র (মৎস্য+ইন্দ্র), মৎস্য > মৈৎস্য, মৈচ্ছ, -চ্য, ইন্দ্র > ইন্দর] মীননাথ। "মী ১৭।

মৈত্র বিণ [মিত্র+অ (অণ্), স্ত্রী -ত্রী] ১ মিত্রসম্বন্ধী, মিত্রদত্ত, মিত্রসকাশে লব্ধ। "মৈত্রম্ (ধনম্) মনু ৯ ২০৬। যাজ্ঞ ২ ১২০। ২ মিত্র-দেবতাক, মিত্রদৈবত্য। "এন্তো মৈত্র্যঃ।—শুক্লযজুর্বেদ ২৪ ৮। মৈত্রে মুহূর্তে গো রা ২ ৯৭ ২৭, কু স ৭ ৬। ৩ [মৈত্র+অ (অচ্) অস্ত্যর্থে, স্ত্রী -ত্রা] মিত্রতাবান্, মিত্রভাবাপন্ন। "গী ১২ ১৩। করুণ মৈত্র চৈ চ ২২৪। ৪ স্নেহযুক্ত। "মৈত্রেণেক্ষস্ব চক্ষুষা রা ১ ৫২ ১৭। —ত্র পুং [+অ স্বার্থে] ১ মিত্র। "পা ৫ ৪ ৩৬, কাশিকা। মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে মনু ২ ৮৭। ম ১৮৬। নিজ মৈত্র সঙ্গ।—জ ৭৪। মৈত্র বলিয়া তবে কৈল সম্ভাষণ ভ গ্র ৭৯। দু ৬৩,-৭। ব প ৪৯৯। ২ (মিত্র-দেবতাক) পায়ু, গুহ্য। "মনু ১২ ৭৪। ৩ ব্রাত্য বৈশ্য হইতে সবর্ণায় জাত জাতিবিশেষ। 'মনু ১০ ২৩। ৪ আদিত্যবিশেষ, মৈত্র। ৫ (জ্যোতিষে) দ্বাদশ যোগ। ৬ মিত্রতামূলক সন্ধিভেদ। 'কামন্দক ৯ ২১। ৭ কাশ্যপগোত্র বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের গাঁই বা উপাধি। [ইঁহাদের আদিপুরুষ সুষেণ। কুলীন মৈত্রেয়, সুষেণ হইতে অধস্তন দ্বাদশ পুরুষ। 'মৈত্রেয' হইতে 'মৈত্র'।] —ত্র ক্লী [+অ ভাবে] ১ মিত্রতা, সখ্য। "মৈত্রেণান্নমদ্যাৎ।—শতপথব্রাহ্মণ ২ ৩ ২ ১২। মনু ৮ ১১৮,-২০। সতাং সাপ্তপদং মৈত্রম্।—পঞ্চ ২ ৪৯। মৈত্র কর দুই জন কৃ উ ৯০। ২ (মিত্র-দেবতাক) অনুরাধানক্ষত্র। ৩ মিত্রদৈবতসন্ধ্যাবন্দন। 'কৃত° ভ ১ ১৩ ২৯। ৪ মিত্রসমূহ। ৫ [মৈত্র+অ] 'মৈত্রভব, পায়ুভব', পুরীষোৎ-সর্গ। —ত্রক ক্লী মিত্রতা। "তারা°। —ত্রী[১] স্ত্রী [মৈত্র+স্ত্রী ঈ (ঙীপ)] ১ মিত্রতা, বন্ধুত্ব। 'গো রা ৬ ১০ ৮। নৈষাং দারেষু কুর্বীত মৈত্রীম্ মহা ৪ ৪ ১৮। অকস্মাদাগন্তুনা সহ মৈত্রী ন যুক্তা।—হি ১$\frac{৫}{৫}\frac{২}{৭}$। গরুড সহিত ব্রহ্মা মৈত্রী করাইল।—ম ২৯। ২ সংসর্গ, সম্পর্ক। "স্ফুটিত-কমলামোদমৈত্রীকষায়ঃ (শিপ্রাবাতঃ) পূ মে ৩১। ৩ অনুরাধানক্ষত্র। [°নক্ষত্র, °ভ (ক্লী)—মিত্রদেবতাক অনুরাধানক্ষত্র। °সূত্র (ক্লী) —মিত্রতাবন্ধন (S W)।]

মৈত্রক দ্র 'মৈত্র'।

মৈত্রতা স্ত্রী [°ত্র+তা (তল্)] মৈত্রভাব, মিত্রতা। "মনু ২ ৬, কুল্লুক। "তার সনে মৈত্রতা কর নরপতি অ প ১২৫। দু ২৯। চ বি ৩৪৪। ভযমৈত্রতাপ্রদর্শনপূর্ব্বক আ দু ১৭৯।

মৈত্রাবরুণ পুং [মিত্রা° +অ (অণ্)] ১ 'মিত্রাবরুণসম্বন্ধী', অগস্ত্য। ২ বসিষ্ঠ। "উ চ ৫ ২৮। ৩ বাল্মীকি। ৪ ঋত্বিগবিশেষ। —রুণি পুং [+ই (ইঞ্), অপত্যার্থে] ১ বসিষ্ঠ। 'উ চ ১$\frac{২}{১}\frac{২}{২}$। ২ অগস্ত্য। ৩ বাল্মীকি।

মৈত্রাবরুণি দ্র 'মৈত্রাবরুণ'।

মৈত্রায়ণ ক্লী [মৈত্র অযন, কর্ম্মধা] মিত্রভাবরূপ মার্গ, মৈত্রীমার্গ। "ন হিংস্যাৎ সর্ব্বভূতানি মৈত্রায়ণগতশ্চরেৎ (S W)।

মৈত্রী[১] দ্র 'মৈত্র'। [°পূর্ব্ব (বিণ)—মিত্রতাপূর্ব্বক, প্রণযপুরঃসর। °বল (বিণ)—মিত্রতাবলযুক্ত। (পুং)—বুদ্ধদেব। °ভাব (পুং)—মৈত্রীরূপ ভাব, মিত্রতা।]

মৈত্রী[২] (-ত্রিন্) বিণ [মৈত্র+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ত্রিণী] মৈত্র-বান্, মৈত্রাপন্ন। "স পিতা স মৈত্রী জননী চ সা (S W)।

মৈত্রেয় বিণ [মিত্র+এয় (ঢক) বাহুলকে, স্ত্রী -যী] মিত্রে (সর্ব্ব-ভূতাভয়প্রদে) সাধু (নীলকণ্ঠ)। "মহা ৩.৩ ২৭। —ত্রেয় পুং [মিত্রযু +এয় (ঢঞ্), নিপাতিত, পা ৬ ৪ ১৭৪, কাশিকা] ১ মিত্রযুর অপত্য। "হ ৩২ ৭৪। ২ বৈদেহ হইতে আয়োগবী স্ত্রীতে জাত সন্তান। "মনু ১০ ৩৩, কুল্লুক। ৩ সর্থ 'মৈত্র' পুং (৭)। —য়ক পুং সর্থ 'মৈত্রেয়' (২)। 'মনু ১০.৩৩। —ত্রেয়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] যাজ্ঞবল্ক্য-পত্নী। "বৃ কে ১৫১।

মৈত্রেয়ক, মৈত্রেয়ী দ্র 'মৈত্রেয়'।

মৈত্র্য ক্লী [মিত্র+য (ষ্যঞ্)] মিত্রভাব, মিত্রতা, মিত্রকর্ম্ম। "প্রাহুঃ সাপ্তপদং মৈত্রম্।—পঞ্চ ৪ ৬৬। হি ১$\frac{৪}{৪}\frac{৪}{৫}$।

মৈৎস্য বি [মৎস্য > °স্য, অসাধু] মাছ। "ম গা ১১।

মৈথিল বিণ [মিথিলা+অ (অণ), স্ত্রী -লী] ১ মিথিলাসম্বন্ধী। ২ মিথিলাভব। —থিল পুং ১ মিথিলাধিপতি। মৈথিলস্য…জনকস্য রা ১ ৩১ ৬। জনকো মৈথিলঃ মহা ১২ ৯৯ ৩। ২ জনক। "মহা ১২ ৯৯ ১। রঘু ১১ ৩২, ৪৮। ৩ (বহুব) মিথিলাবাসিগণ। —থিলী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীপ্)] 'মিথিলাভবা', সীতা। "রা ১ ১.৫৩। রঘু ১২ ২৯, °তনয় ১৫ ৩৭।

মৈথিলী দ্র 'মৈথিল'।

মৈথিলেয় পুং [°লী+এয় (ঢক)] ১ মৈথিলীপুত্র। "রঘু ১৫. ৬৩। ২ কুশ, লব। "রঘু ১৫ ৩১। ৩ কুশ। "রঘু ১৬ ৪২।

মৈথুন বিণ [মিথুন+অ (অণ্), স্ত্রী -নী] ১ মিথুনসম্বন্ধী, মিথুন-সাধ্য। ২ মৈথুনাখ্য। "স্ত্রীণাং ভোগে চ মৈথুনে মনু ৮ ১০০। ৩ সুরত-সম্বন্ধী, মৈথুনসময়ধৃত। 'মৈথুনং বাসঃ মনু ৪ ১১৬। ৪ যুগলভাবগত। —থুন ক্লী ১ মিথুনকর্ম্ম, সুরত, রত। শতপথব্রাহ্মণ ১০ ৪ ৪.১। গো রা ১ ৩৮ ৭। স্পৃষ্টমৈথুনা মনু ৮ ২০৫। মৃতং মৈথুনমপ্রজম্।—পঞ্চ ২.১০১। °সময।—ম ১১০। [অষ্টাঙ্গ মৈথুন—'স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণম্। সংকল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানিষ্পত্তিরেব চ॥—দক্ষ ৭.৩১-৩২। ২ মিথুনসাধ্য অগ্ন্যাধানকর্ম্ম-পুত্রোৎপাদনাদি। "মনু ৩ ৫। ৩ বিবাহ। ৪ সঙ্গতি, সঙ্গত, সম্বন্ধ (union)। [°গত (বিণ) —সুরতনিরত। °গমন (ক্লী)—সুরত। °জ্বর (পুং)—মৈথুনজন্য পীড়া, কামজ্বর। "মহা ১৩ ২১ ৫। °ধর্ম্ম (পুং)—সুরত। °ধর্ম্মী (-র্ম্মিন্) বিণ—মিথুনধর্ম্মবান্, দাম্পত্যসুখযুত। "মীনরাজস্য·· মৈথুন-ধর্ম্মিণঃ ভ ৯ ৬ ৩৯। °বাসঃ (-সস্) ক্লী—মৈথুনসময়ধৃত-বস্ত্র। দ্র 'মৈথুন (৩)। °বৈরাগ্য (ক্লী)—মৈথুনবিরক্তি।]

মৈথুনিকা স্ত্রী [মিথুন+অক (বুন্)+স্ত্রী আ (টাপ)] মিথুনক্রিয়া-নিষ্পাদন, বিবাহরূপসম্বন্ধ। "পা ৪ ৩ ১২৫।

মৈথুনী (-নিন্) বিণ [°ন+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -নিনী] মৈথুনবান্, কৃতমৈথুন। "স্নানং মৈথুনিনঃ স্মৃতম্ মনু ৫ ১৪৪। —থুনী পুং সারস।

মৈথুন্য বিণ [মিথুন+য (যৎ)] মৈথুনার্থ হিত, মৈথুনেচ্ছাঘটিত। মনু ৩ ৩২।

মৈদ্ধ, -ধ্য বি [মধ্য > মৈধ্য, -দ্ধ, অসাধু] মধ্য, ভিতর। পুরী মৈধ্যে ম গা ১৬, কুণ্ড মৈধ্যে ২১। গাছ মৈধ্যে বীজ জেন গো বি ৪, মৈধ্য দেস ৬০, নারীর মৈদ্ধে ১০৬, মৈদ্ধখানি ১৪০, নদী মৈদ্ধেতে ১৪৪।

মৈধ্য দ্র 'মৈদ্ধ'।

মৈনা, মৈনামতী বি [ময়না, -নামতী > °না, °তী] ময়নামতী। "°মতী ম গা ১ ১২, ১৩, মৈনা সুবদনী ২১, ২৩।

মৈনাক পুং [মেনকা+অ (অণ্), পৃষো] 'মেনকাভব', হিমালয়-পুত্র পর্ব্বতবিশেষ। "রা ১ ৩ ২৭। হিমালয়তনয় মৈনাক।—কৃ ২৩০। [ইন্দ্র বজ্রাঘাতে যখন পর্ব্বতের পক্ষচ্ছেদন করেন, তখন সমুদ্রের সখা মৈনাক সমুদ্রে নিমগ্ন হইয়া স্বীয় পক্ষ রক্ষা করেন। দ্র 'কু স ১২০। তু 'অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই ভা চ ২৫৫।] [°ভগিনী, °স্বসা (-সৃ) স্ত্রী—পার্ব্বতী, উমা।]

মৈনাকানুজা বি [ষ.ত] মৈনাকের কনিষ্ঠা, পার্ব্বতী, দুর্গা। "(শরদে) দেখিনু মৈনকানুজা ভা চ ৭৩৩।

মৈন্দ পুং ১ বানরবিশেষ। "রা ১ ১৭ ১৪। ২ অসুরবিশেষ। [মৈন্দ কৃষ্ণ কর্তৃক নিহত হয় (হ ৪২ ১৬১, ১৬২)।] [°মর্দ্দন, °হা (-হন্) পুং—কৃষ্ণ, বিষ্ণু।]

মৈরেয়, -য়ক পুং, ক্লী [মায়+এয় (চক্), নিপাতিত (অ.টী)] ১ 'কামজনক', ধাত্রীধাতকীগুড়বারিকৃত মদ্য (রা.টীকা) : ধাতকী-পুষ্পগুড়ধান্যাম্লমিশ্রিত মদ্য (অ.টী)। "রা ১.৫৩.২। পীতমৈরেয়রিক্তং কনকচষকম্ ১১.৫১। সুশ্রুত ১.৪৫.১৭৬। মৈরেয়কমধুপানে (মতি-ভ্রষ্ট যদুগণ) শ্রী.ম ৩১৮। ২ গুড়বিকারজাত বা মধুবিকারজাত মদ্য। "গুড়মৈরেয়ঃ, মধুমৈরেয়ঃ পা ৬.২.৭০, কাশিকা।

মৈরেয়ক দ্র 'মৈরেয়'।

মৈল বিঃ [মইল > °ল, দ্র 'ঐ১'] মৃত। "মৈল বাপের হাড় গো.চ ৮৭। মৈল প্রাণ পাইল।—ম ১৬৮। মৈল মড়া জীয়াইল বি.পা ৩৭০। —ল বি মৃতদেহ। "মৈল হেন পড়িযা রহিল বি পা ২০২। [মৈল, -লা —মরিল। "মৈল কি না দেগ ম.গা ১৮। বাসঘরে মৈল প্রভু ক.চ ১৬১। মৈল মৈল বি.পা ২০২। মৈল করি—মৃতের ভান করিয়া। "ম.গা ১৮। গো.চ ৩৫৮। দ্র 'মর২'।]

মৈলান বিঃ [সং মলিন > প্রা মইল (প্রা.প্র ৪ ৩১) > বা (মইলন) °ন ; হি মৈল] ১ মলযুক্ত, দোষদূষিত। "অব রসলালস, কিয়ে দরশায়সি, নিলজ লোহ মৈলান।—গো ১৯৫। ২ [সং ম্লান > প্রা মিলাণ (হে) > বা (মইলান) °ন] ম্লান, কান্তিহীন, নিষ্প্রভ। "শিশের সিন্দুর হাতের শাখা মৈলান দেখিল গো.চ ২৪। মুখ মোদনে, মরকত মুকুর মৈলান।—গো ৮৮ ; তনুরুচি দিনকব-কিরণে মৈলান ১০৩। ব ৮৯। সোণার নলিন, আতপে যেন মৈলান চৈ ম ৪৪ ; ৫৪।

মৈলিসি, -লী, -লোঁ দ্র 'মর২'।

মৈশ্চ বি [মৈৎস্য > মৈচ্ছ > °শ্চ, অসাধু] মাছ। "মৈশ্চের গোরেত গো বি ১২১,-২, ১৮৪।

মৈষ বি [মইষ > °ষ] মহিষ। "বলি দিবে মৈষ বা.ম ৬২ ; ৮৮ ; ৯৪। ম.পা ১১১,-৫৭,-৬৯,-৭৬। মৈষপালগণ ব.প ১৮৫৭। [মৈষাসুর—সর্থ 'মহিষাসুর'। "ম.পা ২৩। চ.বি ৪৪। ব প ১৪১৬।]

মো১ বি [মোহ > মো] ১ মূর্চ্ছা। "(না দেখি এক পো) সভে পাইল বড় মো শ্রী.ম ৫০। সর্প সর্প করিযা লখাই তখন হইল মো।—ম.ম ১৮১। ২ মায়া, মমতা। "শিশু কান্দে দুগ্ধ দিতে নাহি করে মো ক.চ ১১৯। তাজে সংসারের মো ব.প ৪৩৮। দেবর দুর্ম্মদ করিবে মো রা.শে ১০১। ৩ মায়াজন্য দুঃখ। "ভাঙ্গের ছাকনা গেল তারে বড় মো ক.চ ২০৮। হেল্যার দেখিয়া দুঃখ হয়ে হৈল মো।—শি ৭৫। [মায়া° —দ্র 'মায়ামো'।]

ম্লেচ্ছজাতি স্ত্রী [ষ ত] পুলিন্দাদি ম্লেচ্ছগণের জাতি। 'পুলিন্দা নাহলা নিষ্ট্যাঃ শবরা বরুটা ভটাঃ। মালা ভিল্লাঃ কিরাতাশ্চ সর্ব্বেঽপি ম্লেচ্ছজাতয়ঃ॥—অ চি।

ম্লেচ্ছদেশ পুং [ষ ত] ম্লেচ্ছাধ্যুষিত দেশ চাতুর্ব্বর্ণ্যব্যবস্থারহিত স্থান, শিষ্টাচাররহিত ভারতবর্ষের অন্তদেশ (অ টী)। 'চাতুর্ব্বর্ণ্যব্যবস্থানং যস্মিন্ দেশে ন বিদ্যতে। ম্লেচ্ছদেশঃ স বিজ্ঞেয় আর্য্যাবর্ত্তস্ততঃ পরম্॥—বিষ্ণু ৮৪ ৪। "মনু ২ ২৩।

ম্লেচ্ছন ক্লী [√ম্লেছ্+অন (ল্যুট্)-ভা] ১ অপভাষণ, অব্যক্তকথন।

২ অনার্যভাষায় উক্তি, অসংস্কৃত কথন। —চ্ছিত ক্লী [+ত (ক্ত) -ভা] ১ অব্যক্তকথিত ভাষা, অপভাষা, পরভাষা (শ.ক)। ২ অসংস্কৃত-কথন, অশুদ্ধ শব্দ বা বাক্য। —তক ক্লী [°ত+ক (কন্) স্বার্থে] সর্ব 'ম্লেচ্ছিত'।

ম্লেচ্ছিতক দ্র 'ম্লেচ্ছিত'।

ম্লেচ্ছ্ অক [ভ্বা, চু, প—ম্লেচ্ছতি, ম্লেচ্ছয়তি, সেট্] ১ দেশ্যোক্তি, গ্রাম্যোক্তি, অসংস্কৃতকথন। 'ম্লেচ্ছয়তি, ম্লেচ্ছতি মূঢ়ঃ (ক ক)। ২ অব্যক্তশব্দ, অস্ফুটশব্দ। ৩ অব্যক্ত, অর্থাৎ কুৎসিত বাক্য (ক.ক)।

ম্লৈ অক [ভ্বা, প—ম্লায়তি, অনিট্] হর্ষক্ষয়, কান্তিসংক্ষয়। "রঘু ১১ ৯। ম্লায়তি চন্দ্রো দিবসে (ক ক)।

য

য[1] ষড়্বিংশ ব্যঞ্জনবর্ণ ও প্রথম অন্তঃস্থবর্ণ। [ইহা উচ্চারণ করিতে হইলে, জিহ্বার অন্ত ও মধ্য দ্বারা তালু স্পর্শ করিতে হয়, অর্থাৎ য-কারের উচ্চারণে জিহ্বার অন্ত ও মধ্য করণ এবং তালু স্থান (তৈ ২ ৪০)। পাণিনিমতে, ইহার উচ্চারণস্থান তালু (ই-চু-য-শানাং তালু, পা ১.১ ৯, সি)। সন্ধির নিয়মে (ইকো যণচি, পা ৬ ১ ৭৭) ই-কারাদি-স্থানে য-কারাদি অন্তঃস্থ বর্ণ হয় বলিয়া, উহারা সন্ধ্যক্ষর (semi-Vowels)। সংস্কৃতে ইহার উচ্চারণ সন্ধ্যনুসারে 'ইঅ', কিন্তু বাঙলায় শব্দের কেবল আদ্য য-কার উচ্চারণে 'জ'-কারের ন্যায় হয়, শব্দের মধ্যস্থিত বা অন্তস্থিত য-কার অনেকটা 'ইঅ'এর মত উচ্চারিত হয়, যেমন,—যবন, নয়ন, বিনয় ইত্যাদি। প্রাকৃতে শব্দের আদ্য 'য'-কার-স্থানে 'জ'-কার হয় (প্রা প্র ২ ৩১), যেমন,—জস (যশস্), জকখ (যক্ষ) ইত্যাদি (দ্র 'জ[4]')। সুতরাং বাঙলায় 'য'-কারের 'জ'-কার উচ্চারণ প্রাকৃতমূলক। প্রাচীন বাঙ্লায়, 'পায়, যায়' (অর্থাৎ পাও, যাও—ব প ১৩৯) ইত্যাদির 'য'-কার, 'য'-কারের 'ইঅ'-উচ্চারণের 'অ'-কার-স্থানে সবিন্দু 'য়'-কার (তু 'য়[4]')।]

য[2] পুং [√যা+অ (ড)-ক] ১ 'যাতা', বায়ু। ২ যশঃ। ৩ যান। ৪ রশ্মি।

য[3] পুং (ছন্দঃশাস্ত্রে) আদিলঘু শেষগুরু বর্ণত্রয় জলদৈবত লক্ষ্মীফলক গণ-বিশেষ, 'য'-গণ (Bacchius)। 'আদিলঘুর্যঃ।

য[4] বি সর্ব 'জ[3]'। "এক-য কাঠ, তথ্তা।

য[5] স বিং [যত >য] যত, যৎসংখ্যক। "যয় মাস গর্ভ নারীর নাম য অক্ষর। যয় জন গুনে পঙ্ক দিয়ে এক কর॥—ব প ১৩। [যয়—যত। য'টা…সবগুলি—যে কয়েকটি ..যে সব কটি। "য'টা টাকা দিয়াছিলা সবগুলি খোঁটা ভা চ ২৮৫। য'দিন ·ত'দিন—যে কয়েক দিন…সেই কয়েক দিন। "অন্ধ গতিহীন, আছিনু য'দিন, সয়েছিল ত'দিন। —স্ব প্র ১৮০। য'বার…ত'বার—যে কয়েক বার…সেই কয়েক বার। "য'বার আমার ইচ্ছা হয়, ত'বার মুণ্ডেতে লাথি মারব।—দা ২১১২। য'দিন…সে ক'দিন—যত দিন ·সেই কয়েক দিন। "মাতৃগর্ভে য দিন থাকে বস্ত্রশূন্য, সে ক'দিন তো জীবের থাকে হে চৈতন্য।—দা ২৬৩।]

য়[1] কা.ক্তি [এ[5] >য়ে >য়] ১ আ-কারান্ত শব্দে কর্ত্তৃকারকের প্রথমা বিভক্তি। "বিধাতায় উপস্থিত কৈল শত্রু গুরু ম পা ৪৭। মোর বাক্য ব্রহ্মায় না লঙ্ঘে ম ম ২৭। গাঁয় মানে না আপনি মোড়ল।—প্রবচন। ২ কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "চেড়ীরে মারিল, পাছে প্রহারে আমায়।—কৃ ১১৩। মুনির হৈল পাপমতি, ত্রিলোকে রাখিল খাথায় বি.পা ৯১। ৩ [তু 'লি 'য' (তৃতীয়া),—কঞ্ঞা (কন্যা) —কঞ্ঞায় (কন্যয়া)] করণকারকে তৃতীয়া বিভক্তি। "কোমল পর্ণয় ভরগণ শোভে ব প ১৬৫৯। (প্রেতভূতগণ) থাবায় থাবায়, মশাল নিবায় ভা চ ৭৩। ৪ কর্ত্তায় তৃতীয়া। "বসুধা বেষ্টিত যায় কীর্তি-মেখলায়।—রঙ্গ ৮২। ক্ষুধায় তৃষ্ণায় পীড়িত। ৫ 'হেতু'-অর্থে তৃতীয়া বিভক্তি। "মায়ায় মৃদঙ্গ বদ্ধ তার করতলে।—কৃ ২। ৬ ক্রিয়াবিশেষণে তৃতীয়া। "ডোমের কুমারী তুমি সর্ব্বথায় নয় বা ম ৩৯১। দ্র 'সর্ব্বথায়'। ৭ 'সহ'-অর্থে তৃতীয়া। "ছেলেয় ছেলেয় ঝকড়া, মেয়েয় মেয়েয় ঝকড়া, ছেলেয় বুড়োয় ঝকড়া, শাশুড়ি বৌয়ে ঝকড়া পা প্র ১৫০। ৮ [তু 'লি 'য'—কঞ্ঞায় (কন্যায়াম্)] একদেশ-আধারে সপ্তমী বিভক্তি। "চলিমু বনয় অ প ৫, ধন্য ধন্য ধনঞ্জয়, তোর জন্ম ভুবনয় ৩০। অকুমারী বাপের ঘরয় ব প ৬৯২, জন্ম মোর চন্দ্রবংশয় ৬৯৩। ৯ কালাধারে সপ্তমী। "এহি মাত্র থাইব আহ্মি তোহ্মার বক্ষয় অ প ৯৪, ত্যজিয়াছে প্রাণ সেই পুত্রের রণয় ১০৮। শ্রাবণ মাসয় বি পা ৬৪। ১০ বিষয়াধারে সপ্তমী। "হেন সব সমরে পুত্র জিনিল রণয় ব প ৬০৮, যাইবা তুহ্মি অশক্য রণয় ৬৩২। সেই হতে পদ্মাবতী বিষয় (বিষ-বিষয়ে) অধিকারী বি পা ৬৫। প্রহার করায় ও কামড়ানয় এবং আঁচড়ানয় ছেলেদের স্নায়ু ও পেশী সঞ্চালন জন্য সুখানুভূতি পা প্র ১৫১। ১১ যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্যের ক্রিয়ার কাল নিরূপিত হয়, তাহাতে সপ্তমী। 'কিন্তু কাল, সদাত্মা-ক্ষেত্রের শোভাকর, উপেক্ষায় (উপেক্ষা করিলে) রেখে যায় মরু ঘোরতর।—প তৃ ১৪। [অপেক্ষায় —দ্র 'অপেক্ষণ'। জিয়ন্তয় মরা—জীয়ন্তে মরা, জীবিতকালে মৃতবৎ। 'একতিল না দেখিলে জিয়ন্তয় মরা কৃ অ ১।]

য়[2] ক্রি ক্তি [দ্র 'অ[7]'] ১ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানকালে প্রথম পুরুষের বিভক্তি। 'যুগী পায় জেই ঠাই, মারিবা যে কালায নিশ্চয।—মী ৬। কোথা চলি যায়: কহিতে না যুআয গো বি ৩, ঘসয়, নিকলয় ১৯৪। আপনি ত দেয় দৃষ্টি।—গ ১৪। পাডয় (পাড়ে), রাখয (রাখে), করয় ব প ৭৫৯, বেডায়, চরায, ভরয়, বরিষয, রয় ৮১৮, সৃজয, লেখয় ১৩১০। হোয বি প ২২১। কয়।—ম ৬১৯। নেয় ম ম ৯৫, থায়, পায় ১২৯, দয় (দহে), সয় ২১৮। কর্ম্মভোগ ভোগয় পুরুষে বি পা ৮৩। প্রবোধয় চৈ ভা ১৬৫। ভজয় চৈ চ ২৪০। [তু 'যাহে (যায) বি পা ২৩৭, পাড়হে (পাডে) ২৩৯] ২ [সং থ >প্রা হ >অ >য়—সং ভরথ >প্রা হোহ >বা (হোঅ) হোয়] কর্তৃবাচ্যে বর্ত্তমানকালে মধ্যম পুরুষের একবচনের বিভক্তি। 'সত্ত্ব রজ তম তুহ্মি হোয় তিন গুণে। —গ ৭৩, মুনির পুত্র না হোয় তুহ্মি ৭৮। তুমি যেই চায় (চাও)।—মী ১৪। গৌরী বলেন আর কেন ভুলায় (ভুলাও) বচনে ব প ১৫৪, উঠ উঠ বিপুলা যে কত নিদ্রা যায় ১৭৭,-৯। ৩ [হ[5] >অ >য়] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় মধ্যমপুরুষের একবচনের বিভক্তি। "হয়।—মী ৫, পথ এড়ি দেয় (দেও) মোরে ৭, চলিয়া যায় ঘর: জায় জায় (যাও যাও) ১৪। কহি দেয় মোর সয়নের স্থিতি গো বি ৩, খুলি দেয় পুত্র ১১৬। তুহ্মি দেয সন্বিধান অ প ৬, হইয ৭, ৮, দিয় ৯, তুহ্মি .. দেয় পরিচয় ১৪। দেখায় (দেখাও) কৃ.অ ২৬, হে রাম সংসারে তরয় ২৭। থায়, থসায় (থসাও) বি পা ৭৭। তরাইথা নেয় রে সীতার পতি ৩৬১। লেখে দেয় শ্রী মা ১১২। কেন দুঃখ পায় চলে যায় নিজ ঘরে ব প ১৩৯, লয় ১৪১, চায় ১৭৭, পাঠায় চর ৫৮১, তুমি ভীমেরে বুঝায় ৮৮১। ৪ ভবিষ্যৎসামীপ্যে অনুজ্ঞাসূচক মধ্যম-পুরুষের একবচনের বিভক্তি। "শীঘ্রগতি চল যাই, নিয় রে আমায় ঠাই, ঘরে মুদ্রা আছে লক্ষকুটী।—মী ১৩। [রহয় (√রহ+অ > °য়) —রহ, থাক। "নৃপতিক রক্ষক হইয়া রহয় প্রধানে ব.প ৬৩২। আইস (আসিঅ >আস, আইস)।—"কৃ অ ৩, বস্য ৪, জায়্য (√জা-ইহ[3] >জাহিঅ >জাহ >জায়্য) ১১; মার‍্য ২৯, হয়্য ৩৩। আস্য। —ম ৩৯, ভাঙ্গ্য ৫৬, কর‍্য ১১৪৮। থাক্য, ডাক্য ক.চ ৩৬; আস্তো ২০৩,-৪৩, হয়্য, কর‍্য ২২৩, কয়্য, বল্য ২৫০। কয়্য।—হু

২৫, আত্ত ২৮, রেখ্যা ৩২। মাত্ত ব প ৪৩১। আত্ত আত্ত।—চৈ ৭৫, লেখ্যা ৭৭। বাহ্যো, পায়্যো, ধায়্যো জ্ঞা চ ৬৯৯।]

য্য³ প্র [ইল > লিঅ > ল্য (ইঅ > য)—পাইল > পালিঅ > (পাল-ইঅ) পাল্য] দ্র 'ইল²(২)। "আল্য কৃ উ ৮০,-১। জন্মাল্য।—ম ৫১। দেখাল্য ক চ ২, বসাল্য ২৪, ধরাল্য ৮৬। হৈল্যা।—শূ ১২৭। আল্যা, হল্যা।—জ ৮, পাল্যা ৯, হল্যো ১৫। উঠাল্যা।—চৈ ৭৮, বাঙ্গাল্য ২২৮।

য্য⁴ [অপ্র] শব্দের আদ্য 'অ'-কারস্থানে উচ্চারণসাম্যে 'য়'। "য়বধান (অবধান)।—মী ২৪, য়াসন, য়এ, য়াপনি ২৫, য়বসেস ২৬। য়ঙ্গুলি ম গা ২৫। য়এ গো বি ৯৯, য়খন ১০৩, য়এ ১১৬, য়ন্তর ১৩১, য়ন্তেত্ত ১৩৪, য়খনে ১৩৫, য়তি ১৬৩, য়বসেসে ১৭৫, য়খোলে (অকূলে?) ১৮০। য়ঙ্গ ম গা ১৫।

যই ক্রি ক্তি [অই² > য়ই] কর্তৃবাচ্যে বর্তমানকালে প্রথমপুরুষের ক্রিয়ার বিভক্তি। 'আপনে গায়ই উচ্চধ্বনি চৈ ভা ২১১। সীঁখি বনায়ই।—গো ২, ব প ১০৩৯।

যইছে ক্রি বি [সং যাদৃশ > প্রা জইস (হে ৪ ৪০৩) > বা 'ছ+এ', তু 'জৈছে', বৈষ্ণবসাহিত্যে] যে প্রকারে, যেমন। 'মাতৃদত্ত কৃষ্ণ যইছে করিলা ভোজন।—চৈ ৮৩।

যঁহা, -হি ক্রি বি [সং যস্মিন্ > প্রা জহিং (হে) > বা (জহিঁ) যঁহি > 'হা, হি মৈ জহাঁ যহি (প ক)] যেখানে। —হি যে আদিখণ্ডে। যঁহি শিশুরূপ ক্রীড়া করে নারায়ণ চৈ ভা ৪৬। [যঁহা যঁহা…উঁহি উঁহি। 'যঁহা যঁহা পদযুগ ধরই। উঁহি উঁহি সরোরুহ ভরই॥—বি সা ৩৬, ব প ১০০৭।]

যঁহি দ্র যঁহা।

যক 'জক' বি [সং যক্ষ > লি যকখ, প্রা জকখ > বা যক, জক] ১ যক্ষ। যকের ন্যায় টাকার পুটলি চৌকী দিয়া কি জন্য থাকিব?—পা প্র ১৭৩। ২ ধনশালী কৃপণ। [যকের ধন—কৃপণের দানভোগ-রহিত রাশীকৃত বিত্ত।]

যকার পুং [কম্মধা] 'য'-বর্ণ, য। কাব্যাদর্শ ১৬৫।

যকৃৎ স্ত্রী [যম (সংযমন)+ √কৃ+ক্বিপ (০)-ক-১ব, পৃষো (অ টী), cf., L jĕcur] ১ কুক্ষির দক্ষিণপার্শ্বস্থ মাংসপিণ্ড, কাল খণ্ড (liver)। ২ যকৃদ্বর্দ্ধক রোগভেদ। [°কোষ (পুং)—যকৃদাবরক সূক্ষ্মচর্ম্ম। যকৃদুদর (স্ত্রী)—যকৃদ্বৃদ্ধি।]

যক্কি বি [দ্র যক, যকখ+ই¹² > 'যকখি > 'ক্কি, গ্রাম্য] যক্ষ, কৃপণ। "যক্কির ধন।

যক্ষ্‌ সক [চু, উ—যক্ষয়তে, সেট্] পূজা। 'যক্ষয়তি যক্ষং ধনার্থী (ক ক)। [যক্ষ্—'যক্ষাম' (লোট-আম আর্ষ?)। রা ৭ ৪ ১২।]

যক্ষ পুং [√যক্ষ্+অ (ঘঞ্)-র্ম্ম, যক্ষ (স্ত্রী)—পূজা (ঋগ্বেদ ৭ ৬১.৫), 'যক্ষ'—পূজ্য (কেনোপনিষৎ ১৫)] ১ দেবযোনিবিশেষ কুবেরের ও তদনুচর (কুল্লুক)। 'মহা ৩ ৫৩ ১৩। মনু ১ ৩৭। পু মে ১। যদি কাহাকে না দিয়া মরি, তবে যক হইয়া টাকার কাছে ঘুরিয়া বেড়াইব ব প্র ৩৫৭। [কুবের ইহাদিগের অধিপতি (তু 'বিত্তেশো যক্ষরক্ষসাম্ গী ১০ ২৩)। ইহারা কুবেরের সহচর, রক্ষক (হ ২৪৩ ২৮), ধনরক্ষক ও উদ্যানপালক। ইহারা সকলেই ধনাধিপতি।] ২ কুবের। ৩ গুহ্যকমাত্র। ৪ ইন্দ্রগৃহ, বৈজয়ন্ত। ৫ ধনরক্ষক। ৬ ভূতবিশেষ। ৭ (জৈনমতে) ব্যন্তরবিশেষ। ৮ (বাঙ্‌লায়) যক্ষধূপ (?)। "ভ গ্র ১৬০।—ক্ষী স্ত্রী [যক্ষ+স্ত্রী ঈ (ঙীব্)] ১ যক্ষস্ত্রীজাতি, যক্ষভার্য্যা। "গো রা ১ ২৮৮, ১১। রা ১ ২৬ ১৯। ২ কুবেরপত্নী। [°কর্দ্দম (পুং)—কর্পূর অগুরু কস্তূরী কঙ্কোল—ইহাদের সমভাগমিশ্রণজাত যক্ষপ্রিয় অনুলেপনবিশেষ (অ টী)। °গ্রহ (পুং)—যক্ষের পুরুষাশ্রয়, যক্ষাবেশ। "মহা ৩ ২২৯ ৫৩। °তরু (পুং)—যক্ষপ্রিয়বৃক্ষ, বট। তু 'ইহ বটে যক্ষঃ প্রতিবসতি।—সাংখ্য ৫, তত্ত্বকৌমুদী। °ধূপ (পুং)—যক্ষপ্রিয় ধূপ, সর্জ্জরস, ধুনা। °পতি °রাজ (পুং)—কুবের। °বিত্ত (বিণ)—যক্ষের বিত্তের ন্যায় যাহার বিত্ত কেবল রক্ষণীয়, কেবলধনরক্ষক। "ভ ১১ ২৩৯ ২৪। °রস (পুং)—যক্ষপ্রিয় রস, পুষ্পমধু, মদ্যাসব। °রাট (-জ্) পুং—১ কুবের। গো রা ৪৪৩০। ২ যক্ষপতি (মণিভদ্র)। "মহা ৩ ৬৪ ১৩০। °রাত্রি (স্ত্রী)—যক্ষপ্রিয়া রাত্রি, কার্ত্তিকপূর্ণিমারাত্রি, দীপালী (শ ক)। °সাধন (স্ত্রী)—যক্ষোপাসনা।]

যক্ষাধিপ, -ধিপতি পুং [ষ ত] যক্ষরাজ, কুবের।

যক্ষাধিপতি দ্র যক্ষাধিপ।

যক্ষাবাস পুং [ষ ত] 'যক্ষবাসস্থান', বটতরু।

যক্ষিণী স্ত্রী [যক্ষ (পূজা)+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ), তু 'যক্ষী', লি 'যকখিনী, প্রা জকখিণী] ১ যক্ষস্ত্রীজাতি, যক্ষভার্য্যা। যক্ষিণ্যাঃ (তাটকায়াঃ) রা ১ ২৬ ১০। কু ৩৩৫। ক চ ২৪১। ম ম ৭৬। ২ কুবেরপত্নী। ৩ দুর্গাসহচরীবিশেষ। ৪ (বাঙ্‌লায়) দুর্গা। ম পা ৫২, ১৪৮।

যক্ষেন্দ্র, -ক্ষেশ, -ক্ষেশ্বর পুং [উপ স ষ ত] ১ 'যক্ষপতি', কুবের। ২ যক্ষশ্রেষ্ঠ। যক্ষেন্দ্রাংস্ত মহাবলান্ রা ৭ ১৪ ২০। বসতিরলকা নাম যক্ষেশ্বরাণাম্ পু মে ৭।

যক্ষেশ, যক্ষেশ্বর দ্র যক্ষেন্দ্র'।

যক্ষ্ম পুং [√যক্ষ+ম (মন্)-র্ম্ম উ ১ ১৩৭] 'পূজ্য', রোগরাজ, রাজ-যক্ষ্মা, ক্ষয়, শোষ। 'স্বয়ং স যক্ষ্মং হৃদয়ে নি ধত্তে।—ঋগ্বেদ ১ ১২২ ৯। শতস্য যক্ষ্মাণাম্।—শুক্লযজুর্বেদ ১২ ৯৭। মার্কণ্ডেয়পুরাণ ৩৪ ১০১।—ক্ষ্মা (-ক্ষ্মন্) পুং [+মন্ (মনিন্)-র্ম্ম ১ব, উ ৪ ১৫০, টীকা, যক্ষ্মন্ > যক্ষ্ম (সমাসে পূর্ব্বপদ)—যক্ষ্মগ্রস্ত] সর্ব 'যক্ষ্ম'। "যক্ষ্মণা সমগৃহ্যত মহা ১ ১০১ ৭০। ভ ৯ ২২ ২৪। তার পাশে বসি যক্ষ্মা শোণিত উগরে।—মে ২৬৭। [°গ্রহ (পুং)—যক্ষ্মাক্রমণ। °গ্রস্ত (বিণ)—যক্ষ্মাক্রান্ত, ক্ষয়-রোগব্যাপ্ত (শ্রীধর)। "ভ ৬ ১৩ ১২। °ঘ্নী (স্ত্রী)—'যক্ষ্মানাশিকা, দ্রাক্ষা।]

যক্ষ্মা দ্র 'যক্ষ্ম।

যক্ষ্মী (-ক্ষ্মিন্) বিণ [যক্ষ্ম -ক্ষ্মন্+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ক্ষ্মিণী] যক্ষ্মরোগবান্, ক্ষয়গ্রস্ত। মনু ৩ ১৫৪। ব্রহ্মহা যক্ষ্মী।—বিষ্ণু ৪৫ ৩।

যখন, -নে ক্রি বি [সং যৎক্ষণে > প্রা জকখণে, জখণ (পৈ) > বা জখন, যখন °ন+এ°, মৈ জখন °ণ, 'নে (শ্রী কী), জব্ব (ময়মনসিংহ) য্যালায় (যে বেলায়—কোচবিহার)] যে ক্ষণে, যে সময়ে। যখন প্রলয়ে হরি অনন্ত-শয়নে ক চ ৩। যখনে অ প ৬। যখনে যে পড়ে মনে, হয় তেনমন চৈ ম ১১৭।—খন অব্য [তু 'সং যদ্] যে হেতু (because)। "বশিষ্ঠদেব যখন এরূপ আশীর্বাদ করিতেছেন, তখন অবশ্যই আমাদের মনোরথ সম্পন্ন হইবেক।—সী ৪। যখন আসা হইয়াছে, তখন আর ফেরা যায় না ব প্র ৩৪১। [যখন তখন—যে সময়ে সেই সময়ে। স শ ৮৪, -৫। যখন ৽ তখনে। "ব প ৮০৫। যখন তখন—যে-কোন সময়ে সর্বদা। শ্যামল-বরণ হিরণ-পিঁধন, বসি থাকে যখন তখন, সে জন পড়েছে বুঝি মনে।—চ দা ১২। ২ ইচ্ছানুসারে যে-কোন সময়ে। চাদরেতে যখন তখন গন্ধ মাখার ঘটা প কা ৪৫। যখন যেমন, তখন তেমন—অবস্থানুসারে ব্যবস্থা।]

যখন, -নে; যগণ; যজ্ঞ দ্র 'য়⁸, য³, জঙ্গ।

যছু সর্ব [সং যস্য > প্রা জস্স (হে) > বা 'ছু, বৈষ্ণবসাহিত্যে] যাহার, যাঁহার। "যছু গুণ গায় অনন্ত।—গো ৫৭, যছু পদপল্লব ৬০, যছু শরে ১০৯, যছু পর ১৩২। যছু লাগি প ক ৭৬। যছু পাদপদ্ম-গর্ম্ম, পতিতপাবনী জন্ম।—জ ২।

যজ্ সক [ভ্বা, উ—যজতি, -তে ; অনিট্] ১ দেবপূজা, যাগ। "যজতি বিষ্ণুং সুধীঃ (ক.ক)। ২ দান। "পশুনা রুদ্রং যজতে, পশুং রুদ্রায় দদাতীত্যর্থঃ (ক.ক)। ৩ সঙ্গকৃতি, সঙ্গকরণ। "যজতি সন্তং সাধুঃ, সতা সহ সঙ্গং করোতীত্যর্থঃ (ক.ক)। —জ্ অক ক্রীড়া। "যজতি জনঃ ক্রীড়তীত্যর্থঃ (ক ক)।

যজ সর্ম্ম [সং √যজ্, ঠ, গু √যজ] ১ পূজা করা। "কিশোরা কিশোরী যাহাকে ভজে। শুক্ল বস্ত্র সেই সদা যজে॥—চ দা ১৫৪। যজ্ঞে যজে প্রভু : যজ্ঞে যজিয়া এবে শোধ দেব-ঋণ শ্রী ম ২৫৫। যজে যব-প্রমাণ (লিঙ্গ) : যজে সুরবধু শি ১২। ২ ভজনা করা। "শৃঙ্গার রসের মরম বুঝে। মরম বুঝিয়া ধরম যজে॥—চ দা ১৫৪। ৩ পূজা করা, কীর্ত্তন করা। "হরিনাম সুখে যজ বে।—ভা চ ১৫৪। —জ অক যজ্ঞ করা, ধর্ম্মকর্ম্মানুষ্ঠান করা। "চতুঃসন নাবদ ব্যাসাদি মূর্ত্তি হৈঞা। জীবেরে লওয়াই ধর্ম্ম আপনে যজিয়া॥—চৈ ২৪৪।

যজতি পুং [√যজ্+তি (শ্তিপ্) ধাতুনির্দ্দেশে] যজ্-ধাতু। "জুহোতি-যজতি-ক্রিয়াঃ মনু ২.৮৪। [°ক্রিয়া—যাগ। °দেশ (পুং), °স্থান (ক্লী)—যাগস্থান, বেদি।]

যজন ক্লী [√যজ্+অন (ল্যুট্)-ভা] ১ দেবপূজন, যাগকরণ। "মনু ১.৮৮। তব যজনায ভ ৪.৭ ৩৩। যজন যাজন কৃ উ ২৮৭, ম ১০৫২। [ইহা ব্রাহ্মণেব ষট্কর্ম্মান্তর্গত কর্ম্ম। ২ [+অন-ণ] যজ্ঞ, দেবপূজনকর্ম্ম। ৩ [+অন-ধি] যজ্ঞস্থান। "গো বা ১ ৬৪ ২৩। ভ ৪.৪.৬। দেবি দেবযজনসম্ভবে উ চ ১$\frac{৭\,৩}{৪\,৪}$।

যজমান বিণ [√যজ্+মান (শানচ্)-ক, স্ত্রী -নী] যে যাগ কবিতেছে বা কবে, যাগকাবী। —মান পুং [বৈদিক] ১ যজ্ঞে 'আমাব ইষ্ট-সম্পাদনার্থ আপনি যথার্হ কর্ম্ম করুন'—এই বলিযা যিনি ঋত্বিগগণকে যজ্ঞার্থ আদেশ করেন, যাগবিষয়ে আদেষ্টা, ব্রতী, যষ্টা। "°হবিস্ ভ ৩.১৬.১৮। ম.পা ১৪৫। ২ গৃহপতি। ৩ প্রতিপালক। ৪ মহাদেবের পশুপতিমূর্ত্তি। ৫ [ঠ 'যজমান'—ধনী] (বাঙ্লায) ধনী, দাতা। "এই পট্টডোরীর তুমি হও যজমান চৈ চ ১৬৪। [°লোক (পুং) —যষ্টলোক, স্বর্গ। "রঘু ১৮ ১২। °শিষ্য (পুং)—যাগকাবী ব্রাহ্মণশিষ্য।]

যজমানিঞা, -মেনে বিং [°ন+ইয়া > °নিযা > °ঞা] যাজন-বৃত্তি। "ভ গ্র ২৮৮। যজমেনে বামুনের রীত পেলে খুলেই বড় প্রীত। —দা ১০৪৭।

যজমানী বি [°ন+ঈ৭, হি °নী] যজমানবৃত্তি।

যজমেনে দ্র 'যজমানিঞা'।

যজা সর্ম্ম [যজ+আ৮] ১ যাগ করান, যজ্ঞে প্রবর্ত্তিত কবা। "যুধিষ্ঠিরে যজাইলেন জবাসন্ধ মারি শি ৪৪। হাড়ি ডোম চণ্ডাল যজাও কদাচাব ব প ২১৮। ২ অপবিত্র করা, নষ্ট কবা। "কোন জাতি জগতে যজাতে নাই বাকি শ্রী ৫৭, জাতি যদি যজায় যবনে ১১৬। [অব্রাহ্মণ যজ্ঞ করাইলে, যজ্ঞ অপবিত্র হয়। ইহা হইতে এই অর্থ (?)। [যজান —অপবিত্র করা।]

যজি পুং [√যজ্+ই (ইন্)-ভা] ১ যাগ। "মনু ১০.৭৯। ২ [+ই ক] যষ্টা।

যজী (-জিন্) বিণ [√যজ্+ইন্ (ণিনি)-ক-১ব] যাগকারী (S.W.)।

যজুঃ (জুস্) ক্লী [√যজ্+উস্ (উসি)-ণ] ১ 'দেবগণের পূজা-সাধন', ঋক্সাম-ভিন্ন যজ্ঞে বিশেষভাবে উচ্চার্য্য আবশ্যক মন্ত্রসমূহ, মন্ত্র (সায়ণ)। "যজুষা রক্ষমাণা।—ঋগ্বেদ ৫.৬২.৫। নিকাতো যজুষাম্ ভ ১৪২১। ২ যজুর্ব্বেদ। "গী ৯.১৭। [যজুর্ব্বিৎ (-দ্) —যজুর্ব্বেদজ্ঞ।]

যজুর্ব্বিৎ দ্র 'যজুঃ'।

যজুর্ব্বেদ পুং [কর্ম্মধা] যজুর্নামক বেদবিশেষ। [যজ্ঞানুষ্ঠানে মন্ত্রসমূহ ও নিয়মপালন ইহার বিষয়। ইহা গদ্যগ্রন্থ। ইহার বিভাগ ক্রিয়ামূলক। ইহার শাখা—কৃষ্ণযজুর্ব্বেদ বা তৈত্তিরীয়সংহিতা এবং শুক্লযজুর্ব্বেদ বা বাজসনেয়িসংহিতা।] —র্ব্বেদী (-দিন্) বিণ—যজুর্ব্বেদবিৎ, যজুর্মন্ত্রব্রাহ্মণাত্মককৃৎস্নশাখাধ্যেতা। "মনু ৩.১৪৫, কুল্লুক।]

যজুষ্পতি পুং [ষ.ত] বিষ্ণু। "ভ ৪.১৯ ১১।

যজ্ঞ পুং [√যজ+ন (নঙ্)-ভা] ১ যজন, যাগকরণ। ২ পূজা। "ব্রহ্ম°, পিতৃ°, নৃ° মনু ৩.৭০। ৩ [+ন-র্ম] অগ্নি। ৪ বিষ্ণুর অবতারভেদ। "ভ ২ ৭.২। ৫ [+ন-ধি, 'যজ্ঞ'—হবিস্ (ঋগ্বেদ ৭.২.২)] 'যাহাতে দেবতা পূজিত', অধ্বর, ক্রতু, যাগ। "যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি গী ১০.২৫। ৬ যজ্ঞস্থানীয় (নীলকণ্ঠ), সৎকার্য্যমাত্র, পুণ্যকর্ম্ম। "দ্রব্য°, তপো°, যোগ°, স্বাধ্যায়জ্ঞান° গী ৪.২৮। ৭ বিষ্ণু, পরমেশ্বর, পবমেশ্বরারাধন। "যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ গী ৩.৯। ৮ যজ্ঞমূর্ত্তি। "ভ ৪.৭ ৪১। ৯ মৃগরূপধারী যজ্ঞ বা যজ্ঞদেবতা। "মৃগরূপ ধবি যজ্ঞ যায পালাইয়া ব প ১২৩। দ্র 'শ ১ ৬। ১০ (বাঙ্লায়) যজ্ঞসাধ্য কুশণ্ডিকা। "বা ম ৩৫। যজ্ঞস্থল বি.পা ৫১, ১০০, ২৯৪। ম পা ৩৮। ম ম ২৭। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—যজ্ঞীয়কার্য্য, ঋত্বিক্কার্য্য। "বা ১ ১৩ ৬। মনু ২.২০৮। °কাল (পুং)—দর্শ ও পৌর্ণমাসী। °কীলক (পুং)—যূপ। °কুণ্ড (ক্লী) যজ্ঞাগ্নিস্থাপনার্থ কুণ্ড। "ভা.চ ৪৫। °কৃৎ (পুং)—১ যজ্ঞকর্ত্তা। "ভ ৪.৪.৭। ২ বিষ্ণু। °ক্রিয়া (স্ত্রী)—যাগকর্ম্ম। "ক.সা ৮২ ৯। °গম্য (বিণ)—যজ্ঞফল-প্রাপ্য। °ঘ্ন (পুং)—'যজ্ঞবিঘ্নকর', রাক্ষস। °ছাগ '-চ্ছা' (পুং)—যজ্ঞার্থ ছাগ। "হি ৪$\frac{৫\,৭}{৫\,৮}$। °ত্রাতা (-তৃ) পুং—'যজ্ঞরক্ষক', বিষ্ণু। °দক্ষিণা (স্ত্রী) —যজ্ঞকার্য্যার্থ দেয় শ্রমমূল্য। "বা ২.৭৫.২৬। °দীক্ষা (স্ত্রী)—যজ্ঞ-নিযমগ্রহণ। "মনু ২.১৬৯। °ধ্রুক্ (-দ্রুহ্) পুং—'যজ্ঞহিংসক', রাক্ষস। "ভট্টি ৪ ২৭। °ধীর (বিণ)—যজ্ঞকর্ম্মকুশল, যাগবিধিজ্ঞ। °নেমি (পুং)—কৃষ্ণ। °পশু (পুং)—যজ্ঞার্থ পশু, ছাগ, ঘোটক। "ভ ৪.১৯ ১১। ব প ১২৩। °পাত্র (ক্লী)—চমসস্রুবাদি যজ্ঞভাজন। "গো বা ২.৮২ ৩২, -৪। °পুমান্ (-মস্), °পুরুষ (পুং)—যজ্ঞরূপ পুরুষ, বিষ্ণু। "°ষ ভ ২ ৭.১১, °ন্ ৪.২৫.২৯। °ফলদ (পুং)—যজ্ঞ-ফলদাতা কৃষ্ণ। °বরাহ (পুং)—যজ্ঞরূপ বরাহ, বরাহাবতার বিষ্ণু। "চৈ ভা ১৭২। °বল্লী (স্ত্রী) সোমলতা। °বাট (পুং)—যজ্ঞভূমি, যজ্ঞস্থল। "রা ১.৫০ ১। মহা ৩ ১০৭ ৫৯। °বাহ (বিণ)—যজ্ঞ-নির্ব্বাহক। "মহা ১ ২২৯ ২৫, যজ্ঞবাহাশ্চ যে মন্ত্রাঃ ২.৭ ২৩। °বাহন (পুং)—১ 'যজ্ঞনির্ব্বাহক', ব্রাহ্মণ। ২ 'যজ্ঞযানক', বিষ্ণু, শিব (মহা) ৷ °বিৎ (-দ্) বিণ—যজ্ঞবিধিজ্ঞ, যাগকুশল। °বীর্য্য (পুং) —যাঁহার যজ্ঞ স্বর্গাদিফলজননার্থ সমর্থ ; বিষ্ণু। "ভ ৬ ৯ ৩১। °বৃক্ষ (পুং)—বটবৃক্ষ। °বেদি, -দী (স্ত্রী)—যজ্ঞার্থ সংস্কৃতপিণ্ডিকা। °ভাগ (পুং)—১ যজ্ঞহবিরংশ। "কল্পিত° কু.স ১.১৭। ২ দেবতা। "°ভাগেশ্বর। °ভাগভুক্ (-জ্) বিণ—যজ্ঞাংশভোজী (দেবতা)। "কু স ৬ ৭২। °ভুজো দেবাঃ ভ ৮.১৪.১৬। °ভাগহর (বিণ)—যজ্ঞাংশ-গ্রাহক (রাক্ষসাদি)। °ভাজন, °ভাণ্ড (ক্লী)—সর্ব 'যজ্ঞপাত্র'। °ভাবন (বিণ) যজ্ঞ দ্বারা অভিমুখীকরণীয় (বিষ্ণু)। "ভ ৩.১৩.৩৪। °ভাবিত (বিণ)—হবির্ভাগসংবর্দ্ধিত, যজ্ঞতোষিত। "গী ৩.১২। °ভুক্ (-জ্) পুং—'যজ্ঞাংশভোজী, বিষ্ণু। "ভ ৪ ১৩ ৩২। °ভূমি (স্ত্রী) —যজ্ঞবাট। "রা ১.১২.১৬। °ভৃৎ (পুং)—১ 'যজ্ঞরক্ষক', বিষ্ণু। ২ যজমান। "বৃহৎসংহিতা ১৩.১১। °ভোক্তা (-ক্তৃ)—'যজ্ঞপালক', বিষ্ণু, কৃষ্ণ। তু 'ভোক্তারং যজ্ঞতপসাম্ গী ৫ ২৯ ; ৯.২৪। °মণ্ডল (ক্লী)—যজ্ঞভূমি। "গো.রা ৩.৪ ১২। °মুখ (ক্লী)—যজ্ঞের মুখস্বরূপ

আদি। °মূর্ত্তি (পুং)—'যজ্ঞরূপ', বিষ্ণু। "বিষ্ণু ১ ৪৯। °রস (পুং)—'যজ্ঞবীর্য্য', সোমরস। "হ ৪৭৭। °রাট্ (-জ্)—'যজ্ঞাধিপতি', চন্দ্র। °রেতঃ (-তস্) ক্লী—সোমরস। °লিঙ্গ (পুং)—বিষ্ণু। °শরণ (ক্লী), °শালা (স্ত্রী)—যজ্ঞগৃহ। "°লা ভ ৪.৪.২১, ব প ১২৩। °শাস্ত্র (ক্লী)—যজ্ঞানুষ্ঠানশাস্ত্র। "মনু ৪ ২২। °শিষ্ট (ক্লী)—১ বৈশ্বদেবাবশিষ্টান্ন। "°শিষ্টাশিনঃ (সন্তঃ) গী ৩ ১৩। ২ পাকযজ্ঞাবশিষ্টান্ন। "মনু ৩.১১৮। °শূকর (পুং) সর্ব 'যজ্ঞবরাহ'। "ভ ৩ ১৯ ১৫। °শেষ (ক্লী)—দর্শপৌর্ণমাসাদিযজ্ঞশিষ্ট পুরোডাশাদি, অমৃত। "মনু ৩ ২৮৫। °সদঃ (-দস্) ক্লী—যজ্ঞসভা। "ভ ৪ ৪ ৯। °সদন (ক্লী)—যজ্ঞশালা। "ভ ৯ ৬ ২৭। °সার (পুং)—বিষ্ণু। °সিদ্ধি (স্ত্রী)—যজ্ঞসমাপ্তি। °সূত্র (ক্লী)—যজ্ঞোপবীত। "রা ১.৪ ২১। গ ৪১। চৈ ভা ৩৬। °সেন (পুং)—'যাহার যজ্ঞ সেনাতুল্য', দ্রুপদরাজ। "মহা ২ ৪ ৩১। ম ২০৯। °স্থল, °স্থান (ক্লী)—যজ্ঞভূমি। °হন (বিণ)—যে দক্ষিণাহীন দেবতাস্বরূপজ্ঞানহীন যজ্ঞ করে, তাদৃশ বৃথাপশুবীজঘাতী (নীলকণ্ঠ)। "মহা ৩ ৪৩ ৬। °হা (-হন্) বিণ—যজ্ঞবিঘ্নকারক। "জহি যজ্ঞহনং তাত মহেন্দ্রম্ ভ ৪ ১৯ ১৫।]

যজ্ঞপতি পুং [য ত] ১ 'যজ্ঞাধিদেব', বিষ্ণু। "ভ ২ ৪ ২০। ২ সোম। "শুক্লযজুর্ব্বেদ ৮ ২৫। ৩ যজ্ঞপ্রবর্ত্তক যজমান। —পত্নী স্ত্রী [°তি+স্ত্রী ঈ (ঙীপ), ন্ (নুক), পা ৪ ১ ৩৪] যজমানপত্নী। "মহা ১ ১৯৯ ৭।

যজ্ঞপত্র বি যজ্ঞপুরুষের মুঞ্জতৃণপত্রকৃত মেখলা। "ক চ ১০।

যজ্ঞপাটা বি [যজ্ঞপত্র > °পট্ট > °টা] মুঞ্জমেখলা, উপবীত। হৃদে যজ্ঞপাটা শোভে ক চ ১।

যজ্ঞবল্ক পুং [য ত] যজ্ঞের বল্ক (বক্তা), যাজ্ঞবল্ক্যপিতা। 'যজ্ঞস্য বল্কো বক্তা যজ্ঞবল্কঃ, তস্যাপত্যং যাজ্ঞবল্ক্যঃ।—শঙ্কর, বৃহদারণ্যকোপনিষৎ ১ ৪.৩।

যজ্ঞশীল বিণ [যজ্ঞ+ √শীল+অ (অণ)-ক, উ ত] যজ্ঞকরণশীল, যাগকারী।

যজ্ঞাংশভুক্ (-জ) পুং [°শ+ √ভুজ্+কিপ্ (০)-ক-১ব, উ ত] 'যজ্ঞভাগভোজী', দেবতা। 'কু স ৩ ১৪।

যজ্ঞাগার ক্লী [য ত] যজ্ঞশালা। "মহা ২ ২১ ৩৪। মে ১৯৫।

যজ্ঞাঙ্গ পুং [যজ্ঞ+ √অঙ্গ +অ (অণ্)-ক উ ত য ত (ত বা)] ১ যোগ্যতা হেতু যে যজ্ঞকে প্রাপ্ত হয় (অ টী), উদুম্বর, যজ্ঞডুমুর। ২ খদিরবৃক্ষ। ৩ ব্রাহ্মণযষ্টিকা। ৪ বিষ্ণু। —জ্ঞাঙ্গ ক্লী ১ যজ্ঞাবয়ব। ২ যজ্ঞসাধন সোমলতাদি। "°যোনিত্বমবেক্ষ্য যস্য কু স ১ ১৭। —জ্ঞাঙ্গা স্ত্রী সোমবল্লী।

যজ্ঞাঙ্গা দ্র 'যজ্ঞাঙ্গ'।

যজ্ঞাত্মা (-ত্মন্) পুং [বহ্ব্রী] 'যজ্ঞমূর্ত্তি', বিষ্ণু। ভ ৪ ৭.৩৩।

যজ্ঞান্ত পুং [য ত] ১ যজ্ঞশেষ, যাগসমাপ্তি। ২ যজ্ঞশেষে করণীয় স্নানাদিক্রিয়া, অবভৃথ। [°কৃৎ (পুং)—বিষ্ণু।]

যজ্ঞাবয়ব পুং [বহ্ব্রী] 'যজ্ঞমূর্ত্তি', বিষ্ণু। "ভ ৩ ১৮.১৯।

যজ্ঞায়তন ক্লী [য ত] যজ্ঞশালা। "রা ১ ১৩ ৩৭। মহা ৩ ১২৪ ৬।

যজ্ঞায়ুধ ক্লী [য ত] যজ্ঞের আয়ুধসদৃশ স্রুবচমসাদি।

যজ্ঞারি পুং [য ত] 'যজ্ঞশত্রু', শিব (শ ক)।

যজ্ঞার্হ বিণ [যজ্ঞ+ √অর্হ্+অ (অচ)-ক, উ ত, স্ত্রী -র্হা] যজ্ঞযোগ্য, যাগোপযোগী। —র্হ পুং, দ্বিব অশ্বিনীকুমারদ্বয়।

যজ্ঞি বি [কথ্য] যজ্ঞ। [যজ্ঞির বিড়াল—যে বিড়াল কেবল যজ্ঞের ভোজেই আসে। "তাঁরা বোধ হয়,…আমাদের মত যজ্ঞির বিড়াল।—হ ১১৭।]

যজ্ঞিয় বিণ [যজ্ঞ+ঈয় (ঘ)] ১ যজ্ঞকর্ম্মযোগ্য, যজ্ঞার্হ। "ঋগ্বেদ ৪ ২.২০। যজ্ঞিয়ো দেশঃ পা ৫.১.৭১। মনু ২.২৩। ভ ১০.৭৪.৬। ২ যজ্ঞার্থহিত, যজ্ঞপালক। "ভ ৩ ৭ ৪১। ৩ পূর্ব্বে যজ্ঞে পরিকল্পিত। "যজ্ঞিয়ং ন লভে পশুম্ রা ১.৬১ ১৪। ৪ মেধ্য, পবিত্র। —জ্ঞিয় পুং ১ দ্বাপরযুগ। ২ পলাশ, খদির। —জ্ঞিয় ক্লী যজ্ঞোপযোগী স্রুক্স্রুবাদিসম্ভার। "যজ্ঞিয়ং চ কৃতং সর্ব্বং পুরুষৈঃ।—রা ১ ১৩ ৩৭। [°দেশ (পুং)—যজ্ঞার্হ দেশ। °শালা (স্ত্রী)—যাগমণ্ডপ (শ ক)।]

যজ্ঞী (-জ্ঞিন্) পুং [যজ্ঞ+ইন্ (ইনি)-১ব] বিষ্ণু। "মহা ১৩ ১৪৯.১১৮।

যজ্ঞীয় বিণ [যজ্ঞ+ঈয় (ছ)] ১ যজ্ঞসম্বন্ধী। ২ যজ্ঞার্হ, যজ্ঞোপযোগী। "অহনি °য়ে মহা ৩ ১২৪ ৬। —য় পুং উদুম্বর।

যজ্ঞেশ পুং [য ত] 'যজ্ঞাধিদেব', বিষ্ণু। 'ভ ১.৩ ৭।

যজ্ঞেশ্বর পুং [য ত] 'যজ্ঞপতি', বিষ্ণু। "ভ ১ ১১ ৩৩।

যজ্ঞোডুম্বর পুং [উ লো] যজ্ঞার্হ উডুম্বর, উডুম্বরবৃক্ষ।

যজ্ঞোপবীত ক্লী [উ লো, য ত] যজ্ঞসংস্কৃত বা যজ্ঞপুরুষের উপবীত, ব্রহ্মসূত্র, যজ্ঞসূত্র, পৈতা। "মৃ ৩ ১৫/১৬। কৃ ৭৭। নাগযজ্ঞোপবীত ভা চ ৩৪। —বীতী (-তিন্) বিণ [°ত+ইন (ইনি)-১ব, স্ত্রী -তিনী] যজ্ঞোপবীতবান্, যজ্ঞসূত্রধারী। "নিত্য° মহা ৫ ৪০.২৫, নাগ° ১০ ৬ ৪। বক্ষ্ণ° ।—হ ৬৫.৫।

যজ্যু পুং [√যজ+যু (যুচ)-ক, উ ৩ ২০] ১ 'যাগকারী', যজমান। ২ যজুর্ব্বিৎ ব্রাহ্মণ, অধ্বর্যু।

যজ্বা (-জ্বন্) বিণ [√যজ+বন্ (ঙ্বনিপ)-ক-১ব, স্ত্রী -জ্বরী] ১ বিধিপূর্ব্বক কৃতযাগ। "রঘু ১ ৪৪, ৩ ৩৯। ২ যাগশীল। "রা ১ ৬ ২। মনু ১২ ৪৯। ৩ যজমান। "যজ্বনঃ (ব্রাহ্মণস্য) মনু ১১ ১১।

যড় বিং [জড়° > °ড অসাধু] ১ মিলিত, সমবেত। "ছকুড়ি নাগর হয়ে যড়। দুই ভায়ে দারুণ বন্ধন দিল দড় ॥—শ্রী ১১১। ২ যুক্ত, জোড়া। 'দুহাত পাতিয়ে নিতে হাত হলো যড় শ্রী ১০৪।

যড়িত বিং [অসাধু] জড়িত, খচিত, মণ্ডিত। (ইন্দ্রন) যড়িত করিল কত রজত রতনে শ্রী ৬২।

যত্ অক [ভ্বা, ঙ—যততে, সেট] প্রযত্ন, চেষ্টা। —ত্ সক [চু, প—যাতয়তি, সেট্] ১ পরিভব, তিরস্কার। ২ তাড়ন (ক ক)। ৩ ভূষণ। [আ—বশীভাব। নির—১ প্রত্যর্পণ। ২ পরিবর্ত্ত। ৪ প্রতিরূপশোধন, নির্য্যাতন। প্র—প্রযত্ন।]

যৎ বি [সং যতি] বিষমপদী তালবিশেষ। [এই তালের মাত্রাসমষ্টি চৌদ্দ, তাহা চারি পদে বিভক্ত হইয়া, তিন তালি ও এক ফাঁক প্রাপ্ত হয়। ১ম ও ৩য় পদে তিন তিন মাত্রা এবং ২য় ও ৪র্থ পদে চারি চারি মাত্রা, অর্থাৎ ইহাতে একবার তিন মাত্রা অন্তরে, তৎপরে চারি মাত্রা অন্তরে প্রস্বন ও তালি পড়ে (গী সা)।]

যত[১] বিণ [√যম্+ত (ক্ত)-ক] ১ উপরত, নিবৃত্ত। ২ [+ত-র্ম, 'যত'—ধৃত (ঋগ্বেদ ৯ ২৮ ৪)] সংযত, নিগৃহীত, নিয়ন্ত্রিত। "°মৈথুন গো রা ১ ৩৪ ১১। °চিত্তাত্মা গী ৪ ২১, যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ ৫ ২৮, °বাককায়মানসঃ ১৮ ৫২। ৩ উপসংহৃত, উপশমিত। "(নিগুর্ণঃ) °মন্যুবভানত ভ ৭ ৯ ৫১। ৪ পূরিত, স্তম্ভিত ও রেচিত। "(গায়ত্রীম্) ত্রিঃ পঠেদ্ বা যতপ্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে —অত্রি ২৯২। —ত ক্লী [+ত-ভা] ১ উপশম, নিবৃত্তি। ২ সংযম। [°গীঃ (-গির্) বিণ—বাচসংযম, সংযতবাক। "রঘু ৯ ২১। °চিত্ত, °চেতাঃ (তস্), °মানস (বিণ)—সংযতমনাঃ। °তসাম্ গী ৫ ২৬। °বাক(-চ্) বিণ—সংযতবাক্য, মৌনী। "ভ ৪ ৮ ৫৬। °ব্রত (বিণ)—ধৃতব্রত, ব্রতচারী। 'মহা ১.১৮৪.১২। °মন্যু (বিণ)—উপশমিতকোপ। °মৈথুন (বিণ)—সংযতকাম।]

যত[২] বিং [লি যত্তক, দ্র 'জত'] ১ যৎপরিমাণ। "তীক্ষ্ণ সূচি অগ্রে তুমি আচ্ছাদয়ে যত। বিনা যুদ্ধে পাণ্ডবেরে নাহি দিব তত॥—ম ৭২৪,

যতেক…তারা। "যতেক শৃগাল তারা গেল বনে বনে ম.ভা ৫২। ৯৩৭। ২ যৎসংখ্যক। "যত অণ্ডসন্নিবেশ চৈ চ ২৩। যত যোধ শত শত।—মে ৬। যত আনা তত গণ্ডা।—শুভঙ্কর। ৩ যাবৎপ্রকার, যত-রকম, নানাবিধ। "পোতিক মাণিক যত (আনিমু) চ দা ৩৬। যত অকুশল দেখি।—ম ১০৮। ৪ যৎসংখ্যক তৎসমুদয়, অর্থাৎ সকল। "(গেলী) তার পাছে যত গোয়ালিনী শ্রী কী ১৪৫। যত পোতামাঝিগণ ক চ ১০৫। যত দেবগণ বা ম ৪২। যত শিশু মেলি, বাপিল খাটুলি ম.ভা ৩১। —ত ক্রি বিং যে পরিমাণে, যে প্রকারে। "এই চারি ধর্ম্মে আমি যত তুষ্ট নই। একা গুরুসেবায় ততেক তুষ্ট হই॥—শ্রী ম ২৪৪। —তক বিং যৎসংখ্যক, যে সকল। 'আমার কটক যতক যমের দোসরে চ বি ২৪৬। [যতএ. সব—যাহা কিছু…সব। "যতএ মনোরথ, সব ভেল অনরথ ব প ১০৩৭। যত কিছু—যাহা কিছু। "শ্রী.কী ৫০। চৈ ভা ১৪৬। যত গুটি—যতগুলি, যত। "যত গুটি সাগরের বালা গো চ ৪। যতগুটি ‥অতগুটি—যতগুলি ‥ততগুলি। "গো চ ৬২। যতগুলি …সকলগুলি। "(আন রে) সকলগুলি, যতগুলি ধুতুরার ফল ভা চ ১০৩। যত ঘড়ি—যখন। "গো চ ৪৪। যত…তত (লি যত্তক…তত্তক, প্রা জে ত্তিঅ—ক ম ১৮)।—১ যৎপরিমাণ, যৎসংখ্যক ‥তৎপরিমাণ, তৎসংখ্যক। 'যত দেব তত মূর্ত্তি।—দু ৮৫। দ্র (১, ২)। পা প্র ১১। ২ যত অধিক…তত অধিক। "যত আনি তত নাই ভা চ ১০৪। যত হাসি তত কান্না গি দ্বি ১০৫। যত ‥তা সবা—যৎসংখ্যক ‥সে সকল। "মে ১৬। যত…সে সব। "কৃ ৯৩। যত যত—সমুদয় যত। "যত যত কথা ম ম ২১১। যত যত ‥কে—সাকল্যে যত ‥তাহাদের মধ্যে কে। "কৃ ৯৬। যত যত ‥সভা—সাকল্যে যত…সে সব। "যত যত ভক্তগণ বৈসে বৃন্দাবনে। নম্র হৈয়া শিরে ধরোঁ সভার চরণে॥—চৈ চ ৬৯। যত সব—যতগুলি সে সব। "আইল যত সব নটে শ্রী ম ২৭২। যতহুঁ—যতই। "প ক ৩৯।]

যত[৩] ক্রি.বিং [সং যতঃ] যত্র, যেস্থানে। "যত জীব তত শিবরূপে নারায়ণ। —ম ৫৪৩। [যত্র…তত—যত্র ..তত্র।]

যত ক্রি ক্তি [আত > বা য়তি > °ত, দ্র 'ওত৩'] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান-কালে প্রথম পুরুষের একবচনে ক্রিয়ার বিভক্তি। 'হোযত মনহু উল্লাস ব প ১০৮৯। হোয়ত, রোযত প ক ১৮। লালন সুন্দর বিগ্রহ নিগ্রহ, হোয়ত বোযত ভাট।—বি সু ১৩৭।

যতঃ (-তস্) ব্য [যদ্+তস্ (তসিল্), যদ্ > য] ১ যে বস্তু বা ব্যক্তি হইতে। "তৎ ক্ষেত্রম্ ..যতঃ গী ১৩ ৩। আদদীত যতো জ্ঞানম্ মনু ২ ১১৭। যতস্ত্বয়া জ্ঞানমশেষমাপ্তম্ রঘু ৫ ৪। ২ যে স্থান হইতে। "যত উ আগন্।—ঋগ্বেদ ২ ২৪.৬। ৩ যে দিক বা দিগ্‌ভাগ হইতে। ৪ যে হেতু, যে কারণে। "জ্ঞাতিদাসী যতো জাতা রা ২ ৭.১। (হরম্) ন বেৎসি নূনং যত এবমাথ মাম্ কু স ৫ ৭৫। পঞ্চ ১ ৩৬৩। ৫ যে দিন বা সময় হইতে। "যতঃ প্রভৃতি সাবিত্রী পিত্রা দত্তা মহা ৩ ২৯৫ ২৭। ৬ যে দিনে বা সময়ে। "যতো জাতা হি ভামিনী মহা ৪ ৩.১৭। ৭ যে নিমিত্ত হেতু, যে বিষয় প্রতি। "যতো যতো নিশ্চরতি মনঃ গী ৬.২৬। ৮ যে স্থানে, দিকে বা দেশে। "যতো যতঃ ষট্‌চরণোঽভিবর্ত্ততে ততস্ততঃ প্রেরিতবামলোচনা (ইয়ম্) শ ১ ২১, টীকা। ৯ যাহা দ্বারা বা যাহাতে। "ধর্ম্মো যতঃ স্যাৎ তদুপক্রমেত রা ২.২১ ৫৮। ১০ যে দিকে বা পক্ষে। "যতো ধর্ম্মস্ততো জয়ঃ ৫ ৩৯ ৯। বি সু ১১২।

যতক দ্র 'যত২'।

যতন[১] ক্লী [√যত+অন (ল্যুট্)-ভা] যত্ন, চেষ্টা। —তনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-ভা] চেষ্টিতব্য। "সদৈব যতনীয়ম্ (মুক্তৌ)।

যতন[২] বি [সং যত্ন > বা (স্বরাগমে) °ন, পদ্যে] ১ যত্ন, চেষ্টা, উদ্যোগ। "অনেক যতন শ্রী.কী ২২০। একা যাব বর্দ্ধমান করিয়া যতন। যতন নহিলে নাহি মিলয়ে রতন॥—ভা চ ২৬৫। ২ আদর। "যা দেখিঞা কাহ্নাঞি করন্তি যতন শ্রী.কী ৮৮; কিসকে যতন ১৫৯। যতনে পুছয়ে প ক ১৫৫। ৩ সাবধানতা, সতর্কতা। "যতন করিঞা তাক রাখে আইহনে শ্রী কী ১৭।

যতম বিণ [যদ্+অতম্ (ডতমচ্), পা ৫.৩.৯৩; স্ত্রী -মা] বহুর মধ্যে যে। "যতমো ভবতাং কঠঃ (কাশিকা)। —তর বিণ [+অতর (ডতরচ্), পা ৫ ৩ ৯২, স্ত্রী -রা] দুইএর মধ্যে যে। "যতরো ভবতোঃ পটুঃ (কাশিকা)।

যতর দ্র 'যতম'।

যতাত্মা (-ত্মন্) বিণ [যত আত্মা যাহা কর্ত্তৃক, বহুব্রী,-১ব; স্ত্রী -ত্মন্] ১ নিয়তচিত্ত, সংযতমনাঃ। "কু স ৩ ১৬। ২ সংযতেন্দ্রিয়। "গো রা ১ ৪৪ ১১। মনু ১১ ২১৬।

যতাহার বিণ [বহুব্রী] নিযতভোজন, মিতাশন।

যতি[১] পুং [√যত্+ই (ইন্)-ক, উ ৪ ১১৭] ১ 'মোক্ষার্থ যতমান'; যিনি নির্জ্জিতেন্দ্রিয়গ্রাম, জিতেন্দ্রিয় (অ টী)। ২ সন্ন্যাসী। "মুণ্ড-কোপনিষৎ ৩ ১ ৫। যতীনাং যতচেতসাম্ গী ৫ ২৬। মনু ৫.১৩৭; ৬ ২৬। ৩ ভিক্ষু। "রঘু ৮ ১৬। ৪ শিব। "মহা ১৪ ৮ ১৭। ৫ বিধবা। [°চান্দ্রায়ণ (ক্লী)—যতির অনুষ্ঠেয় চান্দ্রায়ণবিশেষ। "মনু ১১.২১৯। °ধর্ম্ম (পুং)—শাস্ত্রবিহিত যতিকর্ত্তব্য। দ্র 'মনু ৬ ৫৪-৮৫। °পাত্র (ক্লী)—অলাবুদারুমৃত্তিকাবংশাদিগঠিত নির্ম্মিত যতির ভিক্ষাপাত্র। 'মনু ৬.৫৪। °মৈথুন (ক্লী)—দুষ্ট যতির মৈথুনতুল্য গোপনীয় মৈথুন, খঞ্জনরত (ত্রিকাণ্ডশেষ)।]

যতি[২] স্ত্রী [√যম্+তি (ক্তিন্)-ভা] ১ উপরতি, নিবৃত্তি। ২ সংযম, নিগ্রহ। ৩ বিরাম, বিশ্রাম। ৪ (ছন্দঃশাস্ত্রে) নিয়মিতস্থান, পদচ্ছেদ বা পদবিরাম, পাঠবিচ্ছেদ (caesura)। "কাব্যাদর্শ ৩ ১৫২। ৫ [+তি-ধি] জিহ্বেষ্টবিশ্রামস্থান। 'যতির্জিহ্বেষ্টবিশ্রামস্থানম্। —ছন্দোমঞ্জরী। ৬ সম্বন্ধ (শ ক)। ৭ [+তি-র্ম্ম] তালবিশেষ, যৎ। "°তাল গী.গো ৭১/২ ২/৩। [°ভ্রষ্ট (বিণ)—যতিশূন্য। "কাব্যাদর্শ ৩. ১৫২।]

যতি[৩] সর্ব্ব, বিণ [যদ্+অতি (ডতি), নিপাতিত (মুগ্ধবোধ ৫০৮)] যৎপরিমাণ, যাবৎ, যতগুলি। "ঋগ্বেদ ১০.১৫.১৩। [°খন—যতক্ষণ। "হরি অভিসর, যতিখন জীবই রাই।—গো ১৮৮।]

যতিত বিণ [যত্+ত (ক্ত) ক] ১ চেষ্টিত, কৃতযত্ন। ২ [+ত-ভা] চেষ্টিত। "যতিতং বৈ মযা পূর্ব্বম্ মহা ১.১৫৭.২৬। —তিতব্য বিণ [+তব্য-ভা] চেষ্টিতব্য।

যতিনী দ্র 'যতী১'।

যতী[১] **(-তিন্)** পুং [যত+ইন্ (ইনি)-১ব, স্ত্রী-তিনী] 'সংযম-বান্', সর্ব 'যতি১ (১-৩)। "পঞ্চরাত্র ১.১০.৮০। চৈ.ভা ৭১; ১৩৭। —তিনী স্ত্রী 'সংযমবতী', বিধবা।

যতী[২] স্ত্রী [যতি১+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ)] ১ বিধবা। ২ (বাঙ্গালায়) বিধবা ব্রাহ্মণী। "যতীরূপে গেলা পদ্মা ওঝার ভবন ম.ম ৮৭; ১৫৯। [°পনা—বিধবার ধর্ম্ম। "মায়ের নিকটে বসি কর যতীপনা ম ম ২০৫।]

যতীন্দ্র পুং [উপ স] যতিশ্রেষ্ঠ, মহাযতি।

যতেক বিং [যত২+ক > যতক > °ক; লি যত্তত; হি জেতিক, মৈ জতেক, ড় যেতিকি] ১ যৎসংখ্যক, যত, সব। "যতেক প্রবন্ধ সব জানহ আপনে শ্রী কী ৩০। যতেক দেবগণ বা ম ৩৯। যতেক মনকথা চৈ ভা ৫১৭। ২ যত সব। "তোমা দরশনে আইল যতেক বৃদ্ধক: যতেক বৃদ্ধক গেল আপন ভবনে।—ম ৫৫৮। যতেক নৃপগণ: যতেক পাণ্ডব শ্রী.ম ২৫৩। হকাই মকাই,…যতেক ছাগল-ধরা ম.ভা ৫১। [যতেক …ততেক—যত…তত। "দুয়ার যতেক, দুয়ারী ততেক ভা.চ ৩১৭।

যতেক যত্তেক—যত যত ; যত সব। "শ্রী কী ১৩৭। যতেক…সকলি —"যতেক ব্রহ্মাণ্ড আছে, সকলি তাহার কাছে ভা.চ ১১৪।]

যতেন্দ্রিয় বিণ [বহুব্রী] সংযতেন্দ্রিয়। "°মনোবুদ্ধিঃ গী ৫.২৮।

যৎকারণ ক্রি.বিণ [বহুব্রী] যদ্ধেতু, যন্নিমিত্ত।

যৎকালীন ক্রি.বিং [অপ্র] যখন। "°ম পেয়াদারা আমার বাটী তল্লাস করে তখন তাহারা ঐ লোককে পায় নাই আ.দু ১০৬।

যৎকিঞ্চ বি [°ঞ্চন > °ঞ্চ ; অসাধু] যাহা-কিছু, যে-কোন-দ্রব্য। "যৎকিঞ্চ অনিবেদিতমাত্রেতে ভক্ষণ ভ.প্র ২৯০।

যৎকিঞ্চিৎ ব্য স্বল্প, যাহা-কিছু। "যৎকিঞ্চিদপি দাতব্যং যাচিতেনান-সূয়য়া মনু ৪.২২৮। যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্য আ.দু ১৪৭। —ঞ্চিৎ অব্য ১ পল্লবগ্রাহিবিদ্যা, উপরি-উপরি কিছু। "অনেকে যৎকিঞ্চিৎ ফুলতোলা রকম শিখিয়া…শিক্ষক হইয়া বসেন আ.দু ৮৭। ২ অল্প-কিছু খাদ্য। "মহাশ্বেতার অনেক প্রযত্নে যৎকিঞ্চিৎ আহার করিলেন।—কাদ ৮৭। ভূত মহোদয়…নূতন জামাইয়ের মত যৎকিঞ্চিৎ জলযোগ কত্তে সম্মত হলেন।—হু ১২৮। ৩ যাহাকিছু। "একদিন রাধার মানে, লেখাপড়া বিদ্যমানে, যৎকিঞ্চিৎ দেখেছি কেশব।—দা ৬১৮। ৪ কিছু, একটু। "যৎকিঞ্চিৎ অভিনিবেশপূর্ব্বক পা.প্র ৬৪। [যৎকিঞ্চিৎ কিছু—অল্প-কিছু। "যৎকিঞ্চিৎ কিছু দেই তাহা অঙ্গীকর ভ প্র ২৫১।

যৎকুৎসিৎ, -সিত বিং ১ সর্ব 'অৎকুচ্ছিত'। ২ অকুলীন, বংশমর্য্যাদা-হীন, জঘন্যবৃত্তি। "আজ্ঞা করুন যৎকুৎসিৎ ব্রাহ্মণে ভগিনী সম্প্রদান কবিঃ রাজার ভাগিনেয়ী অমুক যৎকুৎসিৎ ব্রাহ্মণে বিবাহ করে ব প ১৬৭৭।

যৎকুৎসিত দ্র 'যৎকুৎসিৎ'।

যৎকৃতে ব্য যন্নিমিত্ত, যদর্থে। "মহা ৩.৬৪.৮৮।

যৎকে ক্রি.বিং [যত², -ক + এ⁶] যে পরিমাণে। "যৎকে আয়, তৎকে ব্যয়। —তকের [যত-ক + এর] যত টাকার। "যতকের শিরণি তার চৌথাই দক্ষিণা রা স ৪০।

যত্ত বিণ [√যত্ + ত (ক্ত)-ক] ১ কৃতপ্রযত্ন। "গোপালা যত্তা আত্তশরাসনাঃ ভ ১০.১১,৩১। ২ সজ্জ, সশস্ত্র। "সৌমিত্রিমব্রবীদ্ রামো যত্তো ভব রা ১.৩০.৭। ৩ সাবধান, অপ্রমাদ। "(স বনানি) পশ্যন্ যত্তো যযৌ রা ২.৫৭.৪। শপ্তোঽসি মম পুত্রেণ যত্তো ভব মহীপতে মহা ১.৫০.১৪। ৪ যত্নবান্। "ভ ৪.১০.২২। ৫ সজ্জীকৃত, যুক্ত। "বাহ্লীকেন রথং যত্তমাস্থায় মহা ২.৫৭.২০।

যত্ন পুং [√যত্ + ন (নঙ্)-ভা] ১ চেষ্টা, উদ্যম, উদ্যোগ, ব্যবসায়। "যত্নমন্বেষণে তস্যাঃ কুরু গো রা ৩.৬৮.৯। কুর্য্যাদধ্যয়নে যত্নম্ মনু ২.১৯১। যত্নে কৃতে যদি ন সিধ্যতি কোঽত্র দোষঃ।—হি ৩১ (কথারম্ভ)। কু স ১.৩৫। অবন্ধ্যযত্নাঃ (বভূবঃ) রঘু ৩.২৯। ২ অবধান, অপ্রমাদ। "উপদিষ্টম্…শাস্ত্রং যত্নেন ধীমতা রা ২.৭৫.২৮। তৎ প্রতিপাত্রমাধীয়তাং যত্ন শ ১⅟₂। ৩ প্রযত্ন, সমাদর। "যত্নেন ভোজয়েচ্ছ্রাদ্ধে বহ্বৃচং বেদপারগম্ মনু ৩.১৪৫, ২৩৪। [°প্রতিপাদ্য (বিণ)—চেষ্টাসাধ্য। "পা ১.২ ৫৩, কাশিকা।]

যত্নবান্ (-বৎ) বিণ [যত্ন + বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] যত্নযুক্ত, সচেষ্ট, উদ্যোগী, ব্যবসায়ী। "রা ১.৬৭ ১৪। মনু ৯.২২২।

যত্নাক্ষেপ পুং [বহুব্রী] অর্থালঙ্কারবিশেষ। [আপনার অপ্রিয় কিন্তু অন্যের প্রিয় কোন বিষয় বলিবার যত্ন সত্ত্বেও অনর্থসম্ভাবনাসূচনার্থ সেই যত্নের বিপরীত ফলোৎপত্তি (অর্থাৎ স্বীয়প্রিয়বিষয়কথন) হইলে 'যত্নাক্ষেপ' হয় (কাব্যাদর্শ ২.১৪৮)।]

যৎপরোনাস্তি বিং [যৎপরঃ + ন + অস্তি] 'যাহার পর নাই, অত্যন্ত, অতিশয়। "সীতা দেখিয়া যৎপরোনাস্তি আহ্লাদিতা হইলেন সী ৭। °স্তি আমোদ পা.প্র ২৪। °স্তি পীড়িত ব.প্র ৩। [বোধ হয়, 'যার-পর-নাই' > °স্তি (সাধু ভাষা।]

যত্র ব্য [যদ্ + ত্র (ত্রল্)] ১ যে স্থানে বা দেশে। "যত্র রামো গমিষ্যতি রা ২.৩৫.১০। মনে ভাবি বসি যত্র শ্রী ২। ২ যে কালে; যদা। "ঋগ্বেদ ১.৮৩.৬। কুর্ব্বাণা যত্র কর্ম্মাণি ভ ১.৫.৩৬। ৩ যে বিষয়ে বা ব্যাপারে। "যত্র তস্য রমেন্ মনঃ মনু ২ ২২৩। যত্র দাতা গ্রহীতা চ স্বয়ং কুশিকনন্দনঃ উ.চ ১ ১৭। [যত্র কুত্র, যত্র কুত্রচিৎ—যে-কোন স্থানে ; সর্ব্বত্র। "যত্র কুত্র রা ৭.২০ ১০। যত্র কুত্রাপি—যে-কোনও স্থানে (সপ্তম্যন্ত পদ)। "যত্র কুত্রাপি জন্মনি ক সা ৮০.৪১। যত্র তত্র—যেখানে সেখানে। "ক সা ৬৪.৯৯। যত্র যত্র—যেখানে যেখানে ; যে-যে স্থানে। "ভ ৫.১৬ ১। যত্র…তত্র—যেখানে…সেখানে। "যত্র জীব তত্র শিবরূপে নারায়ণ।—ম ৪৭৭। যত্র যত্র…তত্র তত্র—"যত্র যত্র ধূমস্তত্র তত্র বহ্নিঃ। যত্র আয়, তত্র ব্যয়—যেমন আয়, তেমনি ব্যয়। "পা.প্র ৩৮।]

যত্রতত্রশয় বিণ যেখানে-সেখানে শয়নকারী, যাহার শয়নস্থান নির্দ্দিষ্ট নাই, অনির্দ্দিষ্টনিদ্রাস্থান। "মহা ৫.৯৯.১৪।

যত্রত্য বিণ [যত্র + ত্য (ত্যপ্)] যত্র ভব ; যৎস্থানস্থ। "ভ ৫ ২.১২।

যত্রসায়ংগৃহ, -সায়ংপ্রতিশ্রয় বিং যেখানে সন্ধ্যা সেখানেই যাহার গৃহ, অর্থাৎ রাত্রিযাপনার্থ আশ্রয়। "জরৎকারুঃ…°গৃহো মুনিঃ মহা ১.৪৫.১, °যা ৩.৬৫.৫৬। °হ।—পরাশর ৭.৫।

যত্রসায়ংপ্রতিশ্রয় দ্র 'যত্রসায়ংগৃহ'।

যত্রাস্তমিতশায়ী (-য়িন্) বিং যেখানে সূর্য্য অস্তমিত, সেখানেই যে শয়ন করে ; যত্রসায়ংশায়ী (মহা—M.W.)।

যথ বিং [যত² > যথ, অসাধু] যত। "সেই যর্শ্মে পরাক্রমা হই গেল যথ গো.বি ২ ; যথ ধন ৮৬। দেব যথ ম.পা ৫৭।

যথা¹ ব্য [যদ্ + থা (থাল্)] ১ যে প্রকারে, যেমন (ক্রিয়াসাম্যে)। "পিতা পুত্রেভ্যো যথা।—ঋগ্বেদ ৭.৩২.২৬। বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাং যথৈব তথা জড়ে উ.চ ২.৪। তরুরাজি যথা গিরিশিরে,…লড়ে ভূকম্পনে।—মে ৬৩। ২ যেমন (উপমানবাচক)। "আসীদিয়ং দশরথস্য গৃহে যথা শ্রীঃ উ.চ ৪.৬। হস্তে শূল, শালবৃক্ষ অভ্রভেদী যথা।—মে ২৪। ৩ যে (বাক্যারম্ভে—that)। "জ্ঞায়ত এব যথায়মাশ্রমস্তপোধনস্যেতি।—শ ১⅟₄। ৪ নির্দ্দেশ, যেমন (উদাহরণে—for instance)। "যত্র যত্র ধূমস্তত্র তত্র বহ্নির্যথা মহানসে। দামোদর কহিলেন, বিষ্ণু-পুরাণে আছে, যথা—ব.প্র ১২৭। ৫ অভিপ্রায়ার্থে (so that)। "দর্শয় তং চৌরসিংহং যথা ব্যাপাদয়ামি (A.)। ৬ যে প্রকারে। "যথা ন বিঘ্নাঃ ক্রিয়ন্তে যজ্ঞাঙ্গেষু রা ১.১৩.৩। কু.স ৪.৩৬। ৭ সদৃশ, ভাবিকলানুরূপ (মল্লিনাথ)। "নুদতি পবনশ্চানুকূলো যথা ত্বাম্ পু.মে৯। ৮ অনতিবৃত্তি, অনতিক্রম। "যথাশক্তি। যথা আজ্ঞা! আমি তবে এখন বিদায় হই।—মা ২৯০। ৯ যোগ্যতা; বীপ্সা। "পা ২.১.৬, সি। ১০ সম্যক্, সত্য, ঠিক। "যথা শ্রুতং বেদবিদাংবর ত্বয়া কু.স ৫. ৬৪। বিচাকন কথা মোর যথা কি অযথা ব.প্র ১০৬। ১১ অসাদৃশ্য। "যথাবৃদ্ধং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব পা ২.১.৭, কাশিকা। ১২ যাদৃশ (রা টীকা)। "°তত্ত্ব, °বল। ১৩ [বাঙ্লায়, অপ্র] যেন। "হস্তেতে পাইলা যথা আকাশের চান্দ ভ.প্র ২১। [°কর্ত্তব্য, °কার্য্য (ক্লী) —কালোচিত বিধেয় বিষয়। "উৎপন্নে কালে যথাকার্য্যমনুষ্ঠেয়ম্।—হি ৪⅟₆। অয়মেব যথাকর্ত্তব্যং পৃচ্ছ্যতাম্ ৪⅟₆। °কর্ম্ম (ব্য)—কর্ম্মানু-সারে, কর্ম্মানুরূপ। °কল্প (ব্য)—শাস্ত্রানুসারে, যথাশাস্ত্র। "রা ১. ১২.১৬; ৬০.১০। °কাম (ব্য)—যথাভিলাষ, ইচ্ছানুরূপ, যথেচ্ছ। "রা ২.৫৮.২৯। রঘু ১.৬; ৪.৫১। °কামী (-মিন্) বিণ—১ যথাভি-লাষী, স্বেচ্ছাচারী, স্বতন্ত্র। ২ অন্যের ইচ্ছানুরূপ প্রবৃত্ত। "যাজ্ঞ ১.৮১। °কাল (বি)—কালানতিক্রমপূর্ব্বক, যোগ্যকালে। "মনু ৭.২২১। °কালপ্রবোধিণাম্ রঘু ১.৬। °কৃত (বিণ)—১ যথাকারে রচিত। "মনু ৮.১৮৩। ২ যথাবিধি অনুষ্ঠিত। ৩ যথাঙ্গীকৃত। "যাজ্ঞ ২.২০৩

°ক্রম (ব্য)—ক্রমানুসারে, পর্য্যায়ক্রমে। "রা ১.৭০.১৮। রঘু ৩ ১০। °ক্ষম (ক্রি বিণ)—ক্ষমতানুসারে, যথাশক্তি। "ক সা ২৮.১৬৫। °খেল (ব্য)—সলীল, সবিলাস। °গুণ (ব্য)—গুণানুসারে। °চিন্তিত (বিণ) —যথাভাবিত। "ক সা ১৯.২। °জাত (বিণ)—অজ্ঞ, মূঢ় (অ কো)। °জ্ঞান (ব্য)—জ্ঞানানুসারে, যথাবুদ্ধি। °জ্যেষ্ঠ (ব্য)—জ্যেষ্ঠানুক্রমে, অনুজ্যেষ্ঠ। °তত্ত্ব (ব্য)—তত্ত্বানুসারে, যথাযথ। 'রা ২.৭২ ৩৫। °তত্ত্ব (স্ত্রী)—যাদৃশ তদ্ভাব (ব্রহ্মর্ষিত্ব)। "রা ১ ৫১ ১৬। °তথ্য (ব্য) —তথ্যানুসারে, যথার্থভাবে। "মহা ৩ ৮২ ১৩। °দায় (ব্য)—দায়ানুসারে, অংশানুরূপ। °দিশ (ব্য)—দিগনুসারে। "ভ ৫ ১৬ ২৯। °দৃষ্ট (ব্য)—দৃষ্টানতিক্রমপূর্ব্বক, যথাবলোকিত। "মনু ৮ ৭৬, ১০১। °দেশ (ব্য)—দেশানুসারে। "মনু ৮ ৪ ৬। ভ ৪ ২২ ৫০। °নাম (বিণ) —যথাভিধান, অনির্দ্দিষ্টনামা। °নিদেশ (ব্য)—যথাশাসন, আদেশানুরূপ। "রা ২ ৩৪ ৪৫। °নির্দ্দিষ্ট (বিণ)—যথোক্ত। "°ষ্টপরিবারো রাজা শ ২$\frac{৫}{১}$। °ন্যস্ত (বিণ)—যে প্রকারে ন্যাসীকৃত বা নিক্ষিপ্ত (দ্রব্য)। "মনু ৮ ১৮৩। °ন্যায় (ব্য)—ন্যায়ানুসারে, যথাবিধান, যথাশাস্ত্র। "মনু ১১, ৭২। °ন্যুপ্ত (বিণ)—যেপ্রকার ক্রমে দত্ত (পিণ্ড)। "মনু ৩ ২১৮। °পণ্য (ব্য)—পণ্যানুরূপ, পণ্যদ্রব্যানুসারে। 'মনু ৮ ৩৯৮। °পূর্ব্ব (ব্য)—১ পূর্ব্ববৎ। "মনু ১১.১৮৮। ২ যথাক্রম। "এতে মান্যা যথাপূর্ব্বম্ যাজ্ঞ ১ ৩৫। °প্রধান (ব্য)—প্রধানানুক্রমে, যথার্হ। "সুরান ··সম্ভাবয়ামাস যথাপ্রধানম্ কু স ৭.৪৬। °প্রয়োগ (ব্য)—প্রয়োগানুসারে। °প্রাণ (ব্য)—যথাশক্তি। "মহা ৪ ২২ ৬৪। °প্রার্থিত (বিণ)—যথেষ্ট, ইচ্ছানুরূপ। 'রঘু ১৪ ২৫। °বয়ঃ (-য়স্) ব্য—যথাবয়ঃক্রম। "রা ২ ৩৫.৯। ভ ১০ ৮৯ ৬১। °বর্ণ (ব্য)—বর্ণধর্ম্মানুসারে। "ভ ১ ৯ ২৬। °বল (ব্য)—যথাশক্তি। "ভ ৪ ২২ ৫০। °বল (স্ত্রী)—যাদৃশ তপোবল। "রা ১ ৫১ ১৬। °বস্তু (ব্য)—বস্তুতঃ, যথাযথ। "তদ্ যথাবস্তু সন্দিশ্য ক সা ১৬ ৫৭। °বিত্ত, °বিভব (ব্য) —বিত্তানুরূপ। "°বিত্ত ভ ৪.২২ ৫০। °বিধ (বিণ)—যাদৃশপ্রকার। "রঘু ১৩ ১৯। °বিধি (ব্য)—যথাশাস্ত্র। "মনু ৭ ২। রঘু ১ ৬। °বুদ্ধি (ব্য)—যথামতি, যথাজ্ঞান। "যথাবুদ্ধি···অভিধীয়তাম্ গো রা ৪ ৩২.৫। °বৃদ্ধ (ব্য)—বৃদ্ধানুক্রমে। "কু স ৬ ৪৯। °ভাব (বিণ) —যাদৃকসত্ত্ববান্। "ভ ২ ৯ ৩১। °ভূত (ব্য)—যথাসত্য, যথার্থ, সত্য। "যথাভূতমিদ° কর্ত্তাস্মি মহা ৩ ১৬৮ ৭৯। °মতি (ব্য)—যথাবুদ্ধি, যথেচ্ছ। "রা ২ ৭৮ ৯। °মান (ব্য)—পরিমাণানুরূপ। °যুক্ত (ব্য) —যথোচিত। "যথাযুক্ত° বিধীয়তাম্ ক সা ৩২ ৭। °যোগ (ব্য) —যথাসংখ্য (মেধাতিথি)। "মনু ৫ ৯২। °যোগ্য (বিণ)—যথোচিত। °যোগ্য (ব্য)—যোগ্যতানুসারে, যথার্হ। °রুচি (ব্য)—রুচ্যনুসারে, যথাভিলাষ। "ভ ৩ ২৪ ১৫। °রূপ (বিণ)—যাদৃশ। "মম প্রীতির্যথারূপা।—রা ২ ৯১ ৪, সীতা° যথারূপাম্ ৭ ৯৮ ৯। °রূপ (ব্য) —১ যথাকার, রূপানুসারে। "ভ ১০ ৮৯ ৬১। ২ বর্ণানুসারে। "ভ ৫.১৬ ২৯। °লব্ধ (বিণ)—যথাপ্রাপ্ত, অনায়াসলব্ধ। "রা ২.২৮ ১৭। °শক্তি (ব্য)—শক্ত্যনুসারে, যথাসামর্থ্য। "হি ২$\frac{৪}{১২৩}$। °শাস্ত্র (ব্য) শাস্ত্রানুসারে, যথাবিধি। "মনু ৭ ৩১। °শীল (ব্য)—শীলানুসারে। "ভ ৩.২৪.১৫। °শ্রুতি (ব্য)—বেদবিধানানুসারে। "শ ৬ ২৫। °সংস্থ (ব্য)—সংস্থানুসারে, যথাবস্থ। °সংখ্য (ব্য)—সংখ্যানুসারে। "ভ ১০. ৬৫ ৪। °সময় (ব্য)—১ যথাকাল, যোগ্যকালে। "মহা ১ ১৩৪.২১। ২ যথানিয়ম। °সম্বন্ধ (ব্য)—সম্বন্ধানুসারে, সম্পর্কানুরূপ। "ভ ১০. ৬৫.৪। °সম্ভব (বিণ)—সম্ভবানুরূপ, সম্ভাব্য। °স্থান (ব্য)—স্থানানুসারে, স্থানানুরূপ। °স্থিত (বিণ)—যথাবৎ স্থিত, যথাতথ, সত্য। "ভক্তি ৬ ৮। °স্থিত (বিণ)—যথাবস্থিত, যাদৃকস্থিত। "ক.সা ৫৩.৪৩। °স্বৈর (ব্য)—যথাস্বেচ্ছ, যথেচ্ছ। "ব্রূহি সর্ব্বং যথাস্বৈরম্ মহা ১৩,৬৮. ১৪।] [যথা···তথা—১ যেমন···তেমন। "গী ১১.২৯। যথানুরূপং তথা ফলম্। যথারণ্য তথা গৃহ।—দা ৭১১। ২ যে প্রকারে···সেই প্রকারে। "যথা বন্ধুজনশোচ্যা ন ভবতি তথা নির্ব্বাহয় শ ৩$\frac{২}{১৬}$। যথা···যথা···তথা —যেমন ··যেমন ··তেমন। "রঘু ৩ ৪৯, ৪.১২।]

যথা² ক্রি বি° [সং যত্র > মাগধী প্রা যত্থ > বা °থা, দ্র 'যেথা', 'যথা' (শ্রী কী)] যেখানে। "মাথা লয়ে যায় নন্দী যথা পঞ্চানন ক চ ২৭। যথা জলতলে,··বারুণী রূপসী বসি।—মে ২৫। যথা ধর্ম্ম জয় তথা। —মা ১৩৫। [যথাএ, -থাতে—যথা, যেখানে। "যথাএ বসতি অ.প ৬২। যথাতে শ্রীহরি ব প ৫৬২, চ বি ৬৮, ১২৮। যথা তথা—১ যে-কোন স্থানে। "যথা তথা থাক রাম তুমি ভগবান্।— কৃ ১২৫। যথা-তথা যাই, তো-সভার ঠাঁই, আছিয়ে জানিহ এহো চৈ ম ১৩২। ২ যেখানে-সেখানে, সর্ব্বত্র। "আমার শত্রুর গুণ গাহ যথা তথা। —ম ৬২০। বলিয়াছ যথা তথা ম ম ৮৪। ন.প ২১৬। শ্রী ম ২৭২,-৩। দা ৪৬৫। ৩ যথা ইচ্ছা তথা। "যথা তথা যাহ সীতা আপনার সুখে ব প ৫০৮। ৪ যখন-তখন, যে-কোন সময়ে। "সাতে পাঁচে অনুমানি যায় যথা তথা চৈ ম ৫৮। যথা···তেন—যেমন···তেমন। "ম ৬৭৩। যথা যথা—যেমন যেমন। "সমর হইল যথা যথা।—ম ১২৩৩। যথা যথা ··তথা তথা। "যথা যথা পণ তথা তথা এই রঙ্গ ভা চ ৪১৮।]

যথাংশ ব্য [অব্যয়ীভাব] অংশানুসারে, যথাভাগ।

যথাকথঞ্চিৎ ক্রি.বি° যে-কোন প্রকারে, কোন রকমে। "°ঞ্চিৎ করি সে লীলা কথন চৈ চ ৮৯। (পিতা) আমার আহারাবশিষ্ট ··ভোজন করিয়া °ঞ্চিৎ জীবন ধারণ করিতেন কাদ ৬, ২০।

যথাকথঞ্চিদ্রূপে ক্রি বি° যে-কোন প্রকারে, কষ্টে-সৃষ্টে। "তিনি অযাচিতপ্রাপ্ত অন্নবস্ত্রাদিতে °দ্রূপে গ্রাসাচ্ছাদন ও পরিবারপরিপালন করত কালক্ষেপ করেন ব প ১৭১৭। [°দ্রূপে কিঞ্চিদ্ভোজন করিয়া —যে-কোন প্রকারে, অর্থাৎ তাড়াতাড়ি কিছু খাইয়া। "ব প ১৭২২।]

যথাকথিত বিণ [সুপ্সুপা] যথোক্ত।

যথাকার [যথা² + কার²] যেখানকার, যে স্থানের। "ধন পেয়ে যে জন না করে বিতরণ। যথাকার ধন তথা যায় অকারণ॥—কৃ ৩৯৩। বান্ধিয়া বান্ধিয়া সব করিল সুসার। সুবর্ণ রজত ভাণ্ড যেই যথাকার॥ —শ্রী ম ২৩। —কারে ক্রি বি° [°র + এ°] যেখানে। "(সভে) লইয়া আইলা শব গুরু °রে ভ গ্র ২৪৩।

যথাখ্যাত বিণ [সুপ্সুপা] যথাকথিত, যথোক্ত। "গো রা ৩ ৮.২৪।

যথাখ্যান ব্য [অব্যয়ীভাব] পরিচয়ানুসারে। "ক.সা ২৯ ৩৩।

যথাগত বিণ [সুপ্সুপা] ১ যে প্রকারে আগত, যাদৃশ ভূমিষ্ঠ তাদৃশ, মূর্খ। তু 'যথাজাত'। ২ যে পথে আগত সেই (পথ)। "যথাগতেনৈব মার্গেণ (অযোধ্যামগমন্ সর্ব্বে) বা ২ ৪৭ ১৫। —গত ব্য [অব্যয়ীভাব] যথাগমনপথ। "প্রতিজগ্মুঃ···গন্ধর্ব্বাশ্চ যথাগতম্ রা ২ ৯১ ৮২। যথাগতং মাতলিসারথির্যযৌ রঘু ৩ ৬৭।

যথাগম ব্য [অব্যয়ীভাব] যথাপ্রাপ্ত। 'রা ৭ ৮৮.৪।

যথাচার ব্য [অব্যয়ীভাব] যথাপদ্ধতি। "গো রা ৪ ৪০ ৮।

যথাজ্ঞপ্ত বিণ [সুপ্সুপা] যথাদিষ্ট, যথোক্ত। "যথাজ্ঞপ্তম্···চক্রুর্নৃপতিশাসনম্ গো রা ১ ১১ ২৪। —জ্ঞপ্ত ব্য [অব্যয়ীভাব] আজ্ঞপ্তানুরূপ, যথাদেশ। "গো রা ২ ৮৭ ১৮।

যথাতে ক্রি বিঃ [যথা² + তে, 'যথা' সাধু] যথা, যেখানে। "যথাতে গোবিন্দ আছে কৃষ্ণ ধনঞ্জয় অ.প ১২২।

যথাতথ ব্য [অব্যয়ীভাব] তথানতিক্রমপূর্ব্বক, যথার্থ। "যথাতথম্ (যাহর্হসুপচক্রমে) রা ২.৭২.৪৬। যথাতথম্ (বক্তুমর্হসি) মহা ৩.১১০. ৩১। ভ ৬ ১.৪১।

যথাদিষ্ট বিণ [সুপ্সুপা] যথোক্ত। "°ষ্টেন মার্গেণ ক.সা ৪০,৮৮।

যথানদেশ ব্য [অব্যয়ীভাব] নস্থ্যাদিদেশানুসারে। "মনু ৮ ৪০৬।

যথাধিকার ব্য [অব্যয়ীভাব] অধিকারানুরূপ। "ভ ৪.৩১ ৩৩।

যথানুপূর্ব্ব্য ব্য [অব্যয়ীভাব] আনুপূর্ব্ব্যক্রমে। "°করণ।

যথানুভূত ব্য [অব্যয়ীভাব] যথাজ্ঞাত। "গো.রা ৩ ৪.৪।

যথাপরাধ বিণ [°ধ (অব্যয়ীভাব), °ধ+অ (অচ্)] দোষানতিক্রমবান্, দোষানুরূপ। "°দণ্ডানাম্ (রঘূণাম্) রঘু ১ ৬।

যথাপ্রদেশ ব্য [অব্যয়ীভাব] ১ যথাস্থান, যথাক্রম। "কু স ১ ৪৯। ২ দেশভেদানতিক্রমে, অর্চ্চিরাদিমার্গে (নীলকণ্ঠ)। "যো ব্রহ্ম জানাতি যথাপ্রদেশম্ মহা ৩.১৮৬ ৫।

যথাপ্রাপ্ত বিণ [সুপ্সুপা] ১ যথাধিগত (কার্য্য)। "যথাপ্রাপ্তমকুর্ব্বা গো রা ৪.৫৩ ৩। ২ যথাবগত (বিষয়)। "(যে সভ্যাঃ) যথাপ্রাপ্তং ন ব্রুবতে তে সর্ব্বেঽনৃতবাদিনঃ বা ৭ ৪৯, টীকা ৩ ৬৪। ৩ যথাগত, অবস্থানুরূপ। "অন্যথাহং যথাপ্রাপ্তা° গতিং গচ্ছামি।—হি ৩১১০৪। —প্রাপ্ত ব্য [অব্যয়ীভাব] যথাগত, প্রাপ্তানুরূপ। "পা ৩ ২ ১০৮, কাশিকা।

যথাবকাশ ব্য [অব্যয়ীভাব] ১ যথাস্থান, স্বস্থানে। "প্রালম্বমুৎকৃষ্য যথাবকাশম্ (অপরঃ নিনায়) রঘু ৬ ১৪। ২ যথাবসর।

যথাবৎ ব্য [যথা+বৎ (বতি)] ১ যে প্রকারে অনুষ্ঠানার্হ তদ্রূপে, যথার্হ। "রা ২ ২১ ৬০। যথাবদনুপূর্ব্বশঃ (ধর্ম্মান্নো বক্তুমর্হসি) মনু ১২, ৭.৩৬। যথাবদ্বিহিতাধ্বরায় রঘু ৫ ১৯। ২ যথাবিধি। "(বিদ্যাম্) অধ্যাপিপদ্ গাধিসুতো যথাবৎ ভট্টি ২ ২১। ৩ সম্যক। লিপের্যথাবদ্গ্রহণেন বাঙ্ময়ম্ (আবিশৎ) রঘু ৩ ২৮। ৪ সর্ব্ববিষয়ে নিঃসংশয়ভাবে। "অযথাবৎ প্রজানাতি গী ১৮ ৩১।

যথাবসর ব্য [অব্যয়ীভাব] অবসরানুসারে।

যথাবস্থ ব্য [অব্যয়ীভাব] অবস্থানুরূপ। "ক সা ৮৭ ২৬।

যথাবিধ ক্রি বি° [অসাধু] যথাবিধি, নিয়মানুসারে। "জোড়হাত জয়সিংহ যথাবিধ কয় শ্রী মা ৮৯।

যথাবৃত্ত বিণ [বহুব্রী] ১ যাদৃশবৃত্ত, যথাচার। "যথাবৃত্তঃ স কৌরবঃ মহা ৫ ৬.৪, ৫। মনু ৭ ১। ২ বৃত্তলক্ষণানুসারে নিবদ্ধ (বা টীকা)। "রা ৭ ৭১.১৬। ৩ অতীত। "তস্মিন্ গীতে যথাবৃত্ত° বর্ত্তমানমিবাশৃণোৎ রা ৭.৭১.১৮। —বৃত্ত ক্লী [কর্ম্মধা] যাদৃশ চরিত। 'শৃণু ·যথাবৃত্তং বনে নিবসতঃ (জম্বুকস্য) মহা ১ ১৪০ ২৫। —বৃত্ত ব্য [অব্যয়ীভাব] সংঘটিতবিষয়ানুসারে। —বৃত্তি ব্য [অব্যয়ীভাব] যথাজীব, কর্ম্মানুরূপবৃত্ত্যনুসারে। "(বর্ণাঃ) জায়ন্তে যথাবৃত্তি মহা ১৩ ৪৮ ৩১।

যথাভাগ ব্য [অব্যয়ীভাব] ১ যথাংশ, বিভাগানুসারে। "রা ২ ১০১.২৫। ২ বিভক্তস্বস্থানগ্রহণপূর্ব্বক। "যথাভাগমবস্থিতাঃ (ভবন্তঃ) গী ১.১১। ৩ যথাস্থান। "যথাভাগমবস্থিতে রঘু ৬ ১৯।

যথাভাব বিণ [বহুব্রী] যাদৃশভাব, যাদৃকসত্ত্ববান্। "যাবানহং° যথাভাবঃ ভ ২.৯ ৩১। —ভাব পুং [কর্ম্মধা] যাদৃশপ্রকার, অবিকলতা। "মনু ৮.৯৫, কুল্লূক।

যথাভিপ্রেত, যথাভিমত, যথাভিলষিত, যথাভীষ্ট বিণ [সুপ্সুপা] যথেপ্সিত, যথেষ্ট। "বচনং যথাভিলষিতম্ রা ২ ১১৫ ৭। অযথাভিপ্রেতাখ্যানে পা ৩ ৪.৫৯। তদ্ যথাভীষ্টম ক সা ৩৪ ২৩৩, যথাভিমতভোগভুজ্ ৪৪ ১৮৮। যথাভিমতদেশ।—হি ১২২২।

যথাভ্যর্থিত বিণ [সুপ্সুপা] যাদৃকপ্রার্থিত, প্রার্থনানুরূপ।

যথামুখ ব্য [মুখের সদৃশ, অব্যয়ীভাব] প্রতিবিম্ব। "পা ৫ ২ ৬, সি। —মুখীন বিণ [°খ+ঈন (খ)] যথামুখের (প্রতিবিম্বের) দর্শনস্থান; প্রতিবিম্বাশ্রয়। "(মৃগঃ) যথামুখীনঃ সীতায়াঃ পুপ্লুবে ভট্টি ৫.৪৮।

যথায়, যথায়ে ক্রি বিং [যথা২+য়১, য়ে১, 'যথা' (সাধু)] যথা, যেখানে। "যথায় কাননে পড়ি নৃপতিনন্দন।—ম ৫৬৩। যথায়ে মালিনী ভ.গ্র ৩৮৭। [যথায়…তথায়। "যথায় তোমার বিষয় তথায় হৈল ঠেক ম.ম ১১১।]

যথাযথ ব্য [যথা১—যথাযথা > °থ, 'যথাস্ব' অর্থে দ্বিত্ব, ক্লীবত্ব নিপাতিত, পা ৮ ১.১৪, ছান্দস] ১ যথাস্ব, যথাস্বভাব, যথাপ্রকৃতি, যথার্থ। "জ্ঞাতঃ সর্ব্বে পদার্থা যথাযথম্।—কাশিকা। কি ৮ ২। যথাযথ বর্ণন সী ৯২। ভাবগুলি যথাযথ কি না পা প্র ১৬৩। ২ যথাস্ব, অসঙ্কীর্ণরূপ। "কি ১ ১১। ৩ বয়োবলাদ্যনুরূপ। "হে গোপা বিচরিষ্যামো দ্বন্দ্বীভূয় যথাযথম্ ভ ১০ ১০ ১৯। ৪ স্বস্বস্থানে। "মুথাস্ত্বর্থা বিপ্রকীর্ণা যথাযথম্ সা দ ৬৮০।

যথারূপ ক্রি বিং যথারূপে, যথাবিধি। "(লাউসেন ভূপ) প্রদক্ষিণ করিল প্রণাম যথারূপে শ্রী মা ১৮৫।

যথার্থ বিণ [°র্থ+অ (অচ্)] ১ 'অর্থানতিক্রমবান্', অবিতথ, সত্য। "বাক্যম্ ··যথার্থম্ গো.রা ৩ ৬০ ৩৯। স্তুতীঃ শ্রুত্বা যথার্থাঃ কু.স ২ ১৬। বচস্তস্য যথার্থম্ ১৭ ৪৯। ২ ভ্রমরহিত (অনুভব)। ৩ [যথাভূতোঽর্থো যস্য (মল্লিনাথ)] অন্বর্থ, সার্থক। "রঘু ১৫.৬। শিশুপালতাং যথার্থাম (করিষ্যতেঽসৌ) মাঘ ১৬ ৮৫। °তা কি ৮.৪৯। ৪ অকপট, অব্যাজ। ৫ সফল, অমোঘ। 'স্বপ্ন…যথার্থঃ ক.সা ৪৬ ১৪৭। —থার্থ পুং [উ লো] যথাভূত অর্থ, অনুগতার্থ। "কু.স ৫ ৭৭, মল্লিনাথ। —থার্থ ব্য [অব্যয়ীভাব] অর্থানুসারে, যথাবস্তু, সত্য। "°ভাষী।—গো.বা ৪ ৩৯ ৪৩। [°কথন (ক্লী)— সত্যকথন। "পা ৭ ৩ ১০১, সি। °নামক, °নামা (-মন্) বিণ—সার্থকনামা। 'পরন্তপো নাম যথার্থনামা রঘু ৬ ২১। °বক্তা (-ক্তৃ), °বাদী (-দিন্), ভাষী (-ষিন) বিণ—সত্যবাদী। "°ভাষী (লক্ষ্মণপূর্ব্বজন্মা) রঘু ১৪.৪৪। °বর্ণ (পুং)—যথাভূতার্থের বর্ণয়িতা, চর, দূত।]

যথার্থতঃ (-তস্) ক্রি বিণ [°র্থ+তস্ (তসি)] যথার্থভাবে, সত্য। "তে কথয়িষ্যামি শৃণু রাজন্ যথার্থতঃ।—হি ৮৫ ৫৬।

যথার্থিত বিণ [সুপসুপা] যথাপ্রার্থিত, প্রার্থনারূপ। "সন্তুষ্টা চ সা তস্মৈ যথার্থিতমদাপযৎ ক সা ৭৩ ২৪৭।

যথার্হ বিণ [সুপ্ সুপা] ১ যথাযোগ্য, যথোচিত। 'স্বাগতেন যথার্হেণ গো বা ৬ ১১১.৩১। আসনেষু যথার্হেষু ক সা ৫০ ১০৮। ২ যথার্চ্চনীয়। 'ব্রাহ্মণেভ্যো যথার্হেভ্যঃ মহা ১৫ ২ ৭। ৩ যোগ্যতানুরূপ। —থার্হ ব্য [অব্যয়ীভাব] যোগ্যতানুরূপ, যথাযোগ্য, যথোচিত। "অনুক্রোশঃ …যথার্হ° ময়ি বঃ কৃতঃ রা ২ ৫০.৫। মনু ৫ ১১৪, রঘু ১৬ ৪০। [°বর্ণ (পুং)—যথার্হবর্ণয়িতা, চর (অ কো)।]

যথার্হতঃ (-তস্) ক্রি বিণ [°র্হ+তস্ (তসি)] যথা সম্মানার্থ, যথাযোগ্য। "মনু ৯ ১৯৩।

যথালাভ ব্য [অব্যয়ীভাব] ১ লাভানুসারে, যথাপ্রাপ্ত। "যাজ্ঞ ১.৩০৫। বৃহৎসংহিতা ৪৮ ৪১। ২ (বাঙ্গলায়) যৎকিঞ্চিৎপ্রাপ্তি। "যথালাভেতে সন্তোষ চৈ চ ৬১।

যথাশয় ব্য [অব্যয়ীভাব] বাসনানুসারে। "ভ ৬ ৪ ৩৪।

যথাশ্রম ব্য [অব্যয়ীভাব] আশ্রমধর্ম্মানুসারে। 'ভ ১ ৯ ২৬।

যথাশ্রুত বিণ [সুপ্সুপা] যথাকর্ণিত। "সৈষ মার্জ্জারঃ প্রাপ্তোঽস্মাভির্যথাশ্রুতঃ ক.সা ৬৫ ১৬৮। —শ্রুত ব্য [অব্যয়ীভাব] ১ শ্রুতানুসারে, যথাকর্ণিত। "তদ ব্রুযাদ্ ·যথাশ্রুতম্ মনু ৮.৭৬, যথাশ্রুতম্…বদ ১০১। ২ যথাজ্ঞান।

যথাসংখ্য ক্লী ক্রমযুক্ত পদার্থের পরে যথাক্রমে সম্বন্ধ, অর্থালঙ্কারবিশেষ। [পূর্ব্বে যে ক্রমে যে সংখ্যায় পদার্থসমূহ উদ্দিষ্ট হইয়াছে, পশ্চাৎ সেই ক্রমে সেই সংখ্যায় পদার্থসমূহের সম্বন্ধ হইলে, 'যথাসংখ্য' হয় "সা.দ ১০.৭৯। কা.প্র ১০.১০৮।] —সংখ্য ব্য [অব্যয়ীভাব] সংখ্যানু-

সারে, যথাক্রমে। 'হৃংকণ্ঠতালুগাজিহ্ব (অজিঃ) যথাসংখ্যং দ্বিমাত্রয়ঃ (শুধ্যেরন্) যাজ্ঞ ১ ১১। ভ ৩.৫.৩৭।

যথাসম্ভাবিত বিণ [সুপ্‌সুপা] যথাসম্ভব।

যথাসর্ব্বস্ব বি নিজ যাহা কিছু, সব, সাকল্যে সর্ব্বস্ব।

যথাস্ব ব্য [অব্যয়ীভাব] ১ যথাস্বভাব, যথাযথ, যথাস্বীয় (সি)। "পা ৮.১ ১৪। ২ যথাস্বস্থান, যথাস্থানে। 'অব্যাসতে চীরভৃতো যথাস্বম্ রঘু ১৩ ২২। ৩ যথাস্বীয (সি)। "গতিং প্রাপ্স্যন্তি…যথাস্বম্ মহা ৩.৪১ ২৩। ৪ যথাক্রম। "রঘু ১৭ ৬৫। ৫ আত্মানতিক্রমপূর্ব্বক, স্বস্ব-ভাবে। "যথাস্বমাশংসিতবিক্রমাঃ…পরে কি ১৪.৪৩।

যথাহার পুং [উ লো] যথালব্ধাহার। "বা ২ ২৮ ১৭।

যত্থি-তত্থি ক্রি বি° [যথাতথা > °থি] যেখানে-সেখানে, যে কোন স্থানে। "কত কাল গুপ্তে গোঙাইল °থি।—ম ১৮৮।

যথেচ্ছ বিণ [°চ্ছ (ব্য)+অ (অচ্)] যথেচ্ছাবান্, ইচ্ছানুরূপ। —থেচ্ছ, -চ্ছক ব্য [অব্যয়ীভাব] যথাভিলাষ, ইচ্ছানুরূপ। "কথযস্ব যথেচ্ছকম্ মহা ৮ ২ ২৬। তস্থৌ যথেচ্ছম্ ক.সা ২০ ২২৯। যথেচ্ছ বিহরি কৃষ্ণ করে অন্তর্দ্ধান চৈ চ ৯।—থেচ্ছা স্ত্রী [উ লো] যথাভূত ইচ্ছা, স্বেচ্ছা, স্বৈর। "স্বজনৈঃ সহ নন্দন্ যথেচ্ছযা ক সা ৫৪.১৩১। অশ্ব যথেচ্ছা গমন করিতে লাগিল।—ব প্র ৩।

যথেচ্ছাচার পুং [কর্ম্মধা] ইচ্ছানুরূপ আচরণ, স্বৈরাচার।—চারী (-রিন্) বিং ইচ্ছানুসারে কার্য্যকারী, স্বৈরাচারী।

যথেপ্সা স্ত্রী [উ লো] যথাভূত ঈপ্সা, যথেচ্ছা। "বিহারৈর্মোহিতশ্চ যথেপ্সয়া মহা ৩ ২.৭০।—প্সিত বিণ [সুপ্‌সুপা] যথাভিমত, যথাভীষ্ট। "কামান্…যথেপ্সিতান্ গো রা ১ ১৩ ৪৩, মহা ৩.৩ ৩১। ভট্টি ২ ২৮।—প্সিত ব্য [অব্যয়ীভাব] ঈপ্সিতানুরূপ, যথেষ্ট, যথাকাম। "সন্ধিদেশ যথেপ্সিতম্ ক সা ১৬ ৬০।

যথেপ্সিত দ্র 'যথেপ্সা'।

যথেষ্ট বিণ [সুপ্ সুপা] ১ যথাভিমত, যথেপ্সিত। "যথেষ্টাং প্রাপ্নুয়াদ্ গতিম্ মনু ১১ ১২৬। °গতয়োঽভবন্ রঘু ১৭ ২০। °দেশ।—হি ১$\frac{৫}{৫}\frac{৩}{৪}$। বস্ত্রে লজ্জানিবারণ হইলেই ধার্ম্মিকের পক্ষে যথেষ্ট অ শী ৪। ২ (বাঙলায়) প্রচুর, পর্য্যাপ্ত (খাদ্যাদি) ৩ অতিশয়, অত্যন্ত। "আমি যে গরীব নই যথেষ্ট, গরিবীযানায সে মাগী শ্রেষ্ঠ।—কা ৮৯। যথেষ্ট স্বেদ কৃ.চ ৭, যথেষ্ট আহ্লাদ ১২। ৪ অনেক, বিবিধ। 'যথেষ্ট ভূষণ শ্রী মা ৪।—থেষ্ট ব্য [অব্যয়ীভাব] যথাভিলষিত, ইচ্ছানুসারে। 'তদ্ বুভুজে সা যথেষ্টম্ ক.সা ৩২ ১৮০। করুক যথেষ্ট জগন্নাথ দরশন চৈ চ ৩২৮। [°গতি, °সঞ্চারী (-রিন্) বিণ—স্বৈরগতি, যথেচ্ছগামী। °চারী (-রিন্) বিণ—যথাভিমতচরণশীল, স্বৈরগামী। (পুং)—পক্ষী। °ষ্টাচরণ (ক্লী), °ষ্টাচার (পুং)—স্বৈরাচরণ, যথেচ্ছকরণ।]

যথেষ্টাসন বিণ [বহুব্রী] যথেষ্টচেষ্ট, যথেচ্ছচরণপ্রসারাদিক। "গুরোস্তু চক্ষুর্বিষয়ে ন যথেষ্টাসনো ভবেৎ মনু ২.১৯৮।

যথোক্ত বিণ [সুপ্‌সুপা] যথাকথিত, পূর্ব্বোক্ত। "মনু ৫ ২। °ব্যাপারা শকুন্তলা শ ১$\frac{২}{১}\frac{৬}{৭}$। °ব্রতপারণান্তে রঘু ২ ৭০।—থোক্ত ব্য [অব্যযী-ভাব] যথাকথিত, প্রাগুক্ত। "নিদেশং যথোক্তমনুপালয়ন্ রা ২ ৩৪.৪৩।

যথোত্তর ব্য [অব্যযীভাব] উত্তরোত্তরক্রমে, যথাক্রমে। "শ্রৈষ্ঠ্যমেষাং যথোত্তরম্ মনু ১২ ৩৮।

যথোদিত বিণ [সুপ্‌সুপা] ১ যথোক্ত। "যথোদিতেন বিধিনা মনু ৪ ১০০, ৫ ১। ২ যথোক্তলক্ষণ। "নিমন্ত্রযেত…বিপ্রান্ যথোদিতান্ মনু ৩ ১৮৭। ৩ শাস্ত্রে যথাবিহিত, শাস্ত্রসম্মত। "ধর্ম্যান্ যথোদিতান্ মনু ৭ ২০৩।

যথোদ্দিষ্ট বিণ [সুপ্‌সুপা] ১ যথাদিষ্ট, যথাজ্ঞপ্ত। "আনয়স্ব যথোদ্দিষ্টম্ (সর্ব্বসম্ভারবিস্তরম্) গো রা ২ ৮১.৩২। ২ যথাকীর্ত্তিত, যথোক্ত। "ইতরেষু ত্বপাঙ্‌ক্তেযেষু যথোদ্দিষ্টেষ্বসাধুষু মনু ৩.১৮২। যথোদ্দিষ্টব্যাপারা শকুন্তলা শ ৪$\frac{৮}{৫}$।

যথোদ্দেশ ব্য [অব্যয়ীভাব] যথাপ্রদেশ, যথাস্থান। "নিবিষ্টমাত্রে সৈন্যে তু যথোদ্দেশম্ রা ২.৯৮ ২।

যথোপজোষ ব্য [অব্যয়ীভাব] যথাসুখ। "রা ২ ৮৯.২২।

যথোপদেশ ব্য [অব্যয়ীভাব] যথানুশাসন, যথাশাস্ত্র। "তত্রেত্তি-কৃত্যমুপশিক্ষ যথোপদেশম্ ভ ৩ ২৩.১১।

যথোপপন্ন বিণ [সুপসুপা] অনায়াসে সম্পন্ন। "ভ ১০.৮৬.৪১।

যথোপযোগ ব্য [অব্যয়ীভাব] যথাযোগ্য, যথার্হ। "যথোপযোগো-পহ্নতৈরুপচারৈঃ ক সা ৪৯ ১৭৯।

যথৌচিত্য ব্য [অব্যয়ীভাব] ঔচিত্যানুরূপ, যথোচিত। "কে চ হর্ষাদ্ যথৌচিত্যমাশীর্ভিস্তা অবর্দ্ধয়ন্ ক সা ১১০.১১৯।

যদ্[১] সর্ব্ব যে যাহা (ব্যক্তি বস্তু ইত্যাদি)। "যস্মাচ্চ যেন চ যদা চ যথা চ যচ্চ, যাবচ্চ যত্র চ শুভাশুভমাত্মকর্ম্ম।—পঞ্চ ২ ২০। যদংশেতে প্রকৃতি পুরুষ শি ১১১। যৎপদস্মরণে।—দা ২০।

যদ্[২] ব্য ১ যে হেতু, যে কারণে। "ঋগ্বেদ ১ ১৩১ ৪। ব্যাবৃত্তা যৎ পরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতা স্থিতা রঘু ১ ২৭। ২ বাক্যারম্ভে, যে (that)। "ন চৈতদাশ্চর্য্যতমং যৎ ত্বং জ্যেষ্ঠঃ সুতো মম। অপানৃত-কথং পুত্র পিতরং কর্ত্তুমিচ্ছসি॥—রা ২ ৩৪.৩৮। মনু ১ ১০; ৯ ৯৯। ব্রহ্মণাস্মি অভিহিতঃ যদ্ শ্বাপদানাং মধ্যে কশ্চিদ্রাজা নাস্তি।—পঞ্চ ১$\frac{২}{২}\frac{৮}{৮}\frac{৪}{৫}$। ৩ যদ্যপি, যদি (মল্লিনাথ)। "যদ্ বা জয়েম যদি বা ন জযেযুঃ গী ২ ৬। পূ মে ২৭।

যদন্ন বিণ [বহুব্রী] যদাহার, যদশন। "রা ২.১০৩ ৩০, ১০৪ ১৫।

যদবধি ক্রি বি° যে সময়-পর্য্যন্ত, যে সময হইতে। "যদবধি হাঁদা পেট হেরেছি নযনে। পূর্ণচন্দ্র কার্ত্তিকেয় নাহি ধরে মনে॥—ন.ত ৫৯। [যদবধি…তদবধি—যে সময়-পর্য্যন্ত…সেই সময়-পর্য্যন্ত। "যদবধি লাউসেন না জিনে ঢেকুর॥ তদবধি অজয়ার এক আঁটু জল।—শ্রী.মা ১৬৫।]

যদর্থ বিণ [বহুব্রী] যৎপ্রযোজনক, যন্নিমিত্ত। "বযং যদর্থান্তব পাদমূলং সমাগতাঃ ভ ৮ ৬ ১৪।—দর্থ ক্রি বিণ যন্নিমিত্ত, যে প্রয়োজনে বা উদ্দেশ্যে। "যদর্থ° যজসে নৃপ রা ১.১.৬২০। শ্রূযতাং যদর্থমস্মি হরিণা ভবৎসকাশং প্রেষিতঃ শ ৬$\frac{২}{৩}\frac{৯}{৬}$।—দর্থে ক্রি.বিণ সর্থ 'যদর্থ'।

যদা ব্য [যদ্[১]+দা] ১ যে সময়ে, যখন। "ঋগ্বেদ ৭.৩.২। ২ যতঃ, যেহেতু। "কু স ৫ ৫৮। ৩ যদি। "পত্র° নৈব যদা করীরবিটপে দোষো বসন্তস্য কিম্।—ভর্তৃহরি। [যদা…তদা—যখন…তখন। "যদা ক্ষয়ং গতং সর্ব্ব° তদা বিষ্ণুঃ (অমৃতং অহরৎ) বা ১ ৪৫.৪২। যদা যদা …তদা, তদা তদা—১ যখন যখন…তখন, তখন তখন। "যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥—গী ৪.৭। ত্বমেষ্যসি যদা যদা। তদা তদা বটতরোমূলাৎ প্রাপ্স্যসি মামিতঃ॥—ক সা ২৫ ২১৬। ২ যৎকাল-পর্য্যন্ত…তৎকাল-পর্য্যন্ত। "মূষিকশব্দং যদা যদা শৃণোতি, তদা তদা তং বিড়ালম্…সংবর্দ্ধয়তি।—হি ২$\frac{৮}{৮}\frac{৩}{৪}$। যদা প্রভৃতি…তদা প্রভৃতি—যে সময হইতে…সেই সময় হইতে, সর্ব্বদা। "ত্বং যদা প্রভৃতি হ্যস্মিন্নাশ্রমে তাত বর্ত্তসে। তদা প্রভৃতি রক্ষাংসি বিপ্রকুর্ব্বন্তি তাপসান্॥—গো রা ৩.১.২০। যদৈব…তদৈব—যখনই …তখনই। "যদৈব রাজ্যে ক্রিয়তেঽভিষেকস্তদৈব যাতি ব্যসনেষু বুদ্ধিঃ।—পঞ্চ ৫ ৬৫। যদা তদা—যখন তখন, সর্ব্বদা। "(কালচক্রে) কভু ঊর্দ্ধে কভু নীচে, কভু আগে কভু পিছে, এই ভাব দেখ যদা তদা।—রঙ্গ ১১৫।]

যদি ব্য ১ পক্ষান্তর, বিকল্প, চেৎ। "বজাম দেবান্ যদি শক্নবাম।—ঋগ্বেদ ১.২৭.১৩। মনু ৫.১০২। হি ১.৬। ২ প্রশ্ন, কি। "বদ প্রযোগে

স্ফুটচন্দ্রতারকা বিভাবরী যন্তরণার কদ্যতে কু.স ৫ ৪৪। ৩ গর্হা, নিন্দা (মেদিনী)। ৪ সম্ভাবনা। [যদি...ততঃ, তদ্, তদা, তর্হি, তদানীম্ —যদি...তার পরে, তবে, তখন, তাহা হইলে। "যদি ভিন্দ্যাদ্ ভবান্ সালানিমানেকেষুণা ততঃ। জানীয়াং ত্বাং মহাবাহো সমর্থং বালিনো বধে ॥—গো.রা ৪ ৯.৯৯। কেয়ং স্যাদ্ যদি মর্ত্যস্ত্রী তৎ কথং সিংহবাহনা ক.সা ২২.৮১। যদি হরিস্মরণে সরসং মনঃ,...শৃণু তদা জয়দেবসরস্বতীম্ গী.গো ১.৩। যদ্যেবং তর্হি মদীয়মেতদ্ বনম্।—পঞ্চ ১২/২৪/৮৯। যদি বা —১ অথবা যদি। "দাতব্যো যদি বাবশ্যং প্রিয়াবৈঃ তে বরঃ প্রভো গো রা ২.৬১ ৫। যদি বা ন জয়েয়ুঃ গী ২.৬। ২ অথবা। "উ চ ৪ ৫। যদি···(তবে)—"তুমি যদি ছাড় দয়া আমি না ছাড়িব।—কৃ ১৮১। যদি কালী কূল দেন, কূলে আগমন ভা চ ২৬৪। যদি বা···(তবে) —যদি···(তবে)। "যদি বা আইসে পার্থ ··।···কেন এত ভয়?—ম ৬৩১। যদি বা খেলিবে, হারিলে কি দিব ক চ ২৮। যদি···তথাপি। "নিন্দক বেদান্তী যদি, তথাপি সংহাবে চৈ ভা ২৯৬। যদিই—বিকল্পের আধিক্যে, একান্ত পক্ষে যদি (even if)। যদিও (পক্ষান্তরস্বীকারে) ···তথাপি, তবু। "যদিও করেছ হেন অবস্থা আমার। তবু পারি ভাল-মন্দ করিতে বিচার ॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত। যদিচ (পক্ষান্তরস্বীকারে) ···তবে, তথাপি—যদ্যপি ..তাহা হইলেও। "যদিচ রামের হাতে হয়ত মরণ। একান্ত বৈকুণ্ঠে যাব···॥—কৃ ৩১৬। যদিচ কল্যাণ চাহ, পূর মোর আশ বি পা ৯০। বিদ্যাসাগর যদিচ ব্রাহ্মণ,·· তথাপি যাহাকে বলে কাণ্ডজ্ঞান, সেটা তাঁহার যথেষ্ট ছিল চা পূ ৫০। 'যদি' থাকা —কোন বিষয়ে বিকল্প থাকা। 'যদি'র কথা—বিকল্পের বিষয়।]

যদিই, যদিও, যদিচ, যদিবা দ্র 'যদি'।

যদিস্যাৎ [যদি স্যাৎ অপ্র] যদি। "তবু যদিস্যাৎ রাজা রণে হয় দক্ষ শ্রী ১৬, দয়া হৈল যদিস্যাৎ ৩২, দেবী এত বচন বলিল যদিস্যাৎ ৫৭, ১৭৩। তব যদিস্যাৎ কভু করেন ঈশ্বর ব প ৪১৫। —স্যাতে [অসাধু] যদি। "যদিস্যাতে তবোদরে দুহিতা জন্মএ ম পা ১০৮ যদিস্যাতে খুল্লনারে তুষ্কি হিংসা কর ১০৯, যদিস্যাতে মিথ্যা কহে ১১৩। [যদিস্যাৎ ...তবে। "ব প ১৮১৩।]

যদীয় বিণ [যদ্[১] + ঈয় (ছ)] যৎসম্বন্ধী, যাহার। "মনু ৫ ১৫, ৯ ১৭০, কুল্লূক। যদীয়াং পদবীম্ ভ ১০ ৫৯ ৪৪।

যদু পুং ['যদু'—রাজবিশেষ (ঋগ্বেদ ১ ৫৪ ৬)] ১ চন্দ্রবংশীয় ক্ষত্রিয়-বিশেষ। [ইঁহার পিতা যযাতি, মাতা দেবযানী। পিতার জরাগ্রহণে অসম্মত হওয়ায়, পিতা এই শাপ দেন যে, তোমার বংশে কেহই রাজা হইবেন না। ইঁহার বংশ যদুবংশ নামে খ্যাত। কৃষ্ণ এই বংশে অবতীর্ণ হইয়াছিলেন। যদুবংশ বিপুল হইলে, প্রভাসে সুরাপানমত্ত যাদবগণ পরস্পর যুদ্ধে ও এরকাঘাতে ধ্বংসপ্রাপ্ত হয়।] ২ (বহুব) যদুর অপত্যগণ (লক্ষণা)। "মহা ১ ১.৪৬। নিরুধ্যমানা যদুভিঃ কথঞ্চিৎ মাঘ ৩ ২৯। কৃষ্ণঃ সার্জ্জুনা যদুভির্বৃতঃ ভ ১ ১২ ৩৭। [°কুল (ক্লী)—যদুবংশ। °কুলোদ্ভব (পুং)—'যদুবংশজ', শ্রীকৃষ্ণ। °কুলোদ্বহ (পুং) —'যদুকুলধুরন্ধর', শ্রীকৃষ্ণ। °নন্দন, °নাথ, °পতি (পুং)—'যদুগণের হর্ষবর্দ্ধন, অধিপতি, শ্রীকৃষ্ণ। 'যদুপতেঃ ক গতা মথুরাপুরী।—রূপ-সনাতন। জয় যদুনন্দন।—ম ১২০৯। °পুঙ্গব (পুং)—'যদুশ্রেষ্ঠ', শ্রীকৃষ্ণ। °বংশ (পুং)—যদুকুল। °বীরমুখ্য (পুং)—যদুবীরশ্রেষ্ঠ (শ্রীকৃষ্ণ)। "কৃষ্ণঃ °খ্যঃ মহা ১.১৮৭ ৯। °শ্রেষ্ঠ (পুং)—'যদুপ্রধান', শ্রীকৃষ্ণ।]

যদুচন্দ্র বি 'যদুগণের চন্দ্রতুল্য', অনিরুদ্ধ। "শি ৫৬।

যদুবীর বি 'যদুর মধ্যে বীর্যবান্', শ্রীকৃষ্ণ। 'ম ৫১৯।

যদুমণি বি 'যদুশ্রেষ্ঠ', শ্রীকৃষ্ণ। "ম ৩৩৩। শ্রী মা ২১০।

যদুরায় বি 'যদুরাজ', শ্রীকৃষ্ণ। "ম ৭০৯। বা ম ১৫৩। শি ৫০।

যদূদ্বহ বিণ [ব ত] যদুধুরন্ধর, যদুকুলভারবাহক (শ্রীকৃষ্ণ)।

যদৃচ্ছা স্ত্রী [যাদৃক্ ইচ্ছা (পৃষো), বা ঋচ্ছা (ভাব, অভিপ্রায়)—ময়ূর-ব্যংসকাদি (অ টী), কর্ম্মধা] ১ অভিসন্ধান বিনা স্বতন্ত্রভাবে আবৃত্তি (অ টী); স্বাতন্ত্র্য, স্বৈরিতা, স্বেচ্ছা, স্বচ্ছন্দ। "প্রাসাদম্ . আরুরোহ যদৃচ্ছয়া রা ২.৭১। "মনু ৭ ১৬৫। রঘু ৩ ৪০। ২ অপ্রার্থিততা, স্ব-প্রযত্নব্যতিরেক। "যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারম্ গী ২ ৩২, °লাভসন্তুষ্টঃ ৪ ২২। °লব্ধ ফলমূলমাত্র আহার সী ৮৮। ৩ দৈবগতি। "যদৃচ্ছয়া দরীগৃহদ্বারবিলম্বিবিম্বাঃ...জলদাঃ কু স ১ ১৪। °সংবাদঃ কিমু উ চ ৫ ১৬। [°লাভ (পুং)—স্বপ্রযত্নব্যতিরেকে প্রাপ্তি। °সংবাদ (পুং)—আকস্মিক সমাগম।] [°ক্রমে (ক্রি বিং)—স্বাতন্ত্র্যভাবে, স্বেচ্ছাক্রমে। "কাদ ৪২।]

যদৃচ্ছাশব্দ পুং [উ লো] স্বেচ্ছাপ্রকল্পিত শব্দ, জাতিক্রিয়াগুণবিষয়ে প্রবৃত্তিনিমিত্তশূন্য ইচ্ছাকল্পিত ডিথাদিশব্দ। "মাঘ ২ ৪৭।

যদ্দিন ক্রি বিং [কথ্য] যত দিন, যে কাল পর্য্যন্ত। "চাপরাস যদ্দিন, মান তদ্দিন।—জা ৮।

যদ্ভবিষ্য পুং [যৎ ভবিষ্য যাহার, বহুব্রী] 'যাহা হইবে, হইবেই'—এই-রূপ যে বলে, দৈবপর, অদৃষ্টবাদী। "যদ্ভবিষ্যো বিনশ্যতি।—হি ৪.৫।

যদ্যপি ব্য [যদি + অপি] অবধারণ, বিকল্পিতের নিশ্চয, যদিও (although)। "যদ্যপ্যেতে ন পশ্যন্তি (দোষম্) গী ১ ৩৭। বাচং মিশ্রয়তি যদ্যপি মদ্বচোভিঃ শ ১ ২৮। মাঘ ১৬ ৮২। খলের শরীরে পাপ যদ্যপি না থাকে।—কৃ ২৫০।

যদ্যপিও, -পিচ, -পিহ অব্য ['যদ্যপি' সাধু] যদিও। "ক্ষণক্রমে দিন গত যদ্যপিহ হৈল ম পা ৬০, ১০৩। °হ ভ গ্র ২১০। ত্যাজ্য হব যদ্যপিচ আমি যাই তথা বি সু ১১১। যদ্যপিও যিশুখ্রীষ্টের শিষ্যেরা···আপন ধর্ম্মের উৎকর্ষের উপদেশ করিয়াছেন (রামমোহন রায়)।—সা সা ২২১,-২। [যদ্যপিহ...তথাপিহ—যদিও...তথাপি। "ভ গ্র ২২২।]

যদ্যপিচ দ্র 'যদ্যপিও'।

যদ্যপিস্যাৎ অব্য [অসাধু তু 'যদিস্যাৎ'] যদি। "°স্যাৎ এমত২ রচনা গড়না হইত তবে কি সে লোক না পাঠাইয়া রহিত।—ব প ১৬৯২।

যদ্যপিহ দ্র 'যদ্যপিচ'।

যদ্বৎ ব্য [যদ্[১] + বৎ (বতি)] যৎসদৃশ, যেপ্রকার, যেমন। [যদ্বৎ ...তদ্বৎ, এবম্—যেমন · তেমন, একরূপ। "সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে গী ২ ৭০। যদ্বৎ···এবম্। ভ ১.১৫ ২৫, ২৬।]

যদ্বা সর্ব্ব [যদ্[১] + বা] যাহা। [যদ্বা তদ্বা—১ যাহা-তাহা, যা-তা, নিজবোধানুরূপ। "নির্বিশেষ ব্রহ্ম তারা নিরূপিতে নারে। তথাপি যে যদ্বা তদ্বা প্রতিপন্ন করে॥ স্বপক্ষ রাখিতে তার দুরাগ্রহমাত্র।—চৈ ১০৯। ২ সিদ্ধান্তবিরোধী বিষয়। "যদ্বা তদ্বা কবির বাক্যে হয় রসাভাস চৈ চ, ২৮৬।

যদ্বিধ বিণ [যে বিধা যাহার, বহুব্রী] যাদৃশ। "রা ২ ৮৭.১৪।

যদ্বৃত্ত ক্লী [কর্ম্মধা] যচ্চরিত। "রামায কথিতং যদ্বৃত্তম্ (মম মাতুঃ) রা ১ ৫১ ৬। নন্দস্য যদ্বৃত্তম্ ক সা ৫ ১০৮।

যনি, -নু অব্য [দ্র 'জনি, -নু, জ > য (উচ্চারণসাম্যে)] যেন। "সিন্দুরে মণ্ডিত যনি পঙ্কজ-পাতা ব প ১০১০, যনু জলধরে বিধুমালা ১০৪২, যনি ১০৫৪, যনু নাহবিরহ-হুতাশ ১০৮৫। উনমত অনুপন যনু মদকুঞ্জর ন প ২৫৫, যনু সুরধুনী-ধারা ২৯৩, হাসত মধুর সুধা যনু ঝরই ১৮৮।

যনু দ্র 'যনি'।

যন্নু ক্রি ক্তি [অন্নু[২] > যন্নু] সর্থ 'অন্নু[২]। "পাশ মোড়ি হাম লুকায়নু হাস বি.প ১৩৪, আজু শুভ নিশি পোহায়নু হাম ২০৮।

যন্ত ক্রি ক্তি [অন্ত[৪] > যন্ত] সর্থ 'অন্ত[৪]। 'করায়ন্ত যুধিষ্ঠির রাজা দরশন অ.প ৪৪, পড়ায়ন্ত ৬০, নেয়ন্ত ৮৬। নেয়ন্ত গো বি ৪৭। যায়ন্ত নরনাথে

ব প ৬৪১, সকলকে দেযন্ত ১৩১১। —ন্তি, -ন্তী [অন্তি° > য়ন্তি,-ন্তী] সর্ব 'অন্তি°। "নাবী লোকে দেয়ন্তী জোকায় ব প ২৩০। জোকার দেয়ন্তী নারীগণ বি পা ৬৪, দেয়ন্তি ৭৩ ১৪৭, ২৭৬,-৮৫, মঙ্গল গায়ন্তী ১৪৬, দেয়ন্তী ১৮০।

যন্তা (-ন্তৃ) বিণ [√যম্+তৃ (তৃচ)-ক -১ব স্ত্রী -ন্ত্রী] নিয়মযিতা (সায়ণ)। "ঋগ্বেদ ১.১৬২ ১৯। —ন্তা পুং ১ নিযন্তা, সূত, সারথি। "রা ৭.৭ ২৯। রঘু ১ ৫৫। বথযন্তা।—ম ৬১৯, কি ভয় কোরবে যাব যন্তা বৃহন্নলা ৬৫৪। বিকর্ত্তনযন্তাব অনুজ ম পা ১৩৩। ২ হস্তিপক, মাহুত। "রঘু ৪ ৩৯। মাঘ ১২ ২৮। ফিবায উপবে যন্তা দন্তাবলঘটা বা ম ১৮৮।

যন্তি বিং [সং যান্তী (√যা+শতৃ+স্ত্রী ঈ) > °ন্তি] যাতা, গতা। "জানু-যন্তি, বৈজয়ন্তী,-মালে মধুপ লোভয়ে প ক ২৬৫৬।

যন্ত্র্ সক (চু, প—যন্ত্রয়তি, সেট্) সঙ্কোচন, বন্ধন, নিযন্ত্রণ [নি —নিযমন, বন্ধন।]

যন্ত্র ক্লী [√যন্ত্র +অ (অচ্)-ভা √যম্+ত্র-ভা, উ ৪ ১৬৬] ১ নিযন্ত্রণ, নিয়মন, বন্ধন। ২ [+অ, +ত্র, -ণ] নিযন্ত্রণসাধন। "ভুজযন্ত্রনিপীডিত গো.বা ৪ ১০ ৩১। ৩ নিগড, পাশ, চর্ম্মরজ্জু, বল্গা। ৪ মহাবাতে জলাশয়ে নৌকাস্তম্ভক লোহলাঙ্গলময় বন্ধনোপায়বিশেষ, নোঙ্গব। "নাবং °যুক্তাম্ মহা ১ ১৪১ ৫। ৫ কৌশলপূর্ব্বক কার্য্যসাধনোপায, দারুযন্ত্রাদি (শ ক), কল (instrument)। 'কূপ°, ঘটী°, জল°, তৈল°, °ধারাগৃহ। °মুক্তং বারি (S W)। যন্ত্রোৎক্ষিপ্তা ইবোপলাঃ রা ৪ ৬৪ ২৪। ৬ অগ্নিযন্ত্র, কামান বন্দুক ইত্যাদি (শ ক)। '(দুর্গাণি) যন্ত্রৈশ্চ পরিপূর্ণানি মহা ২ ৫ ৩৬। ৭ তৈলকুপীডক যন্ত্র, ঘানি ইত্যাদি। "যাজ্ঞ ৩ ২৪০। ৮ (বৈদ্যকে) যন্ত্রসাধ্য কর্ম্মে পটু হস্ত। 'সুশ্রুত ১ ৭ ২। ৯ মন ও শরীরের শল্যোদ্ধারক উপায়। বি প 'শস্ত্র'। "স্বস্তিক°, সন্দংশ°, তাল°, নাডী° ।—সুশ্রুত ১ ৭ ৩। ১০ (তন্ত্রে) দেবাদ্যধিষ্ঠান-চক্রভেদ। 'যন্ত্রবিহীন পূজা।—দু ৩। শ্রী মা ৮২। শবপদতলে যন্ত্র লিখিল ত্রিকোণ বি সু ১৭৪। ১১ ধনুঃ। 'যন্ত্রেণেরিতঃ শরঃ ক সা ১৮ ৯২। ১২ চক্র। "মহা ১.৩১৩। ১৩ ঔষধপাকার্থ পাত্রবিশেষ। ১৪ সূত্রধারের দারুবেধক অস্ত্র, ভ্রমব। ১৫ শরীরযন্ত্র। 'ভ্রাময়ন সর্ব্ব-ভূতানি যন্ত্রারূঢানি মায়য়া গী ১৮ ৬১। ১৬ জ্যোতিশ্চক্রাদিপর্য্যবেক্ষণ-সাধন পদার্থ। ১৭ রক্ষাকরণ্ড (amulet)। ১৮ বাদ্য। 'অঙ্গ° যন্ত্র° ভবান্ যন্ত্রী ন মে দোষা ন মে গুণাঃ (মহা)। প ক ৪৮৩। যন্ত্র তন্ত্র ফেলায়ে পলায় সখীগণ ভা চ ৩৩০। °দল।—মে ১৫। ১৯ (বাঙ্লায) দেহস্থিত কর্ম্মশীল চক্ষুরাদি ও প্লীহা যকৃৎ ইত্যাদি। 'যান্ত্রিক দোষ। [°করণ্ডিকা (স্ত্রী)—যন্ত্রপেটিকা। "ক সা ২৯ ২১। °কর্ম্মকৃৎ (পুং) —যন্ত্রকর্ম্মকারক, কারু, কারিগর। 'গো রা ২ ৯০ ১২। °কোবিদ (পুং)—ক্ষেপণীয়াদিযন্ত্রকর্ম্মকুশল। 'বা ২৮০ ২। °গৃহ (ক্লী) —১ তৈলিকশালা ঘানিঘর, যন্ত্রনিঃসারিতজলধারার গৃহ, কৃত্রিমধারা-গৃহ। "পূ মে ৬১। °চেষ্টিত (ক্লী)—যন্ত্রকার্য্য, কুহকক্রিয়া, মায়াবিদ্যা। "ক সা ২৯ ৪১। °তক্ষা (-ক্ষন্) পুং—সূত্রধার, ছুতার। 'ক সা ৪৩ ২২৩। °দৃঢ (বিণ)—তালক-নিরুদ্ধ, তালা দেওয়া (দ্বার)। ২ °মাল (ক্লী)—মালাকৃতি যন্ত্র। °পীডা (স্ত্রী)—যন্ত্র দ্বারা নিষ্পেষণ, কলে মাডা। °পুত্রক (পুং), পুত্রিকা (স্ত্রী)—যন্ত্রচালিত পুত্তলিকা, কলের পুতুল। "°কা ক সা ২৯ ১। °পূত (বিণ)—যন্ত্রশোধিত (জল)। °পেষণী (স্ত্রী)—পেষণযন্ত্র, জাতা। °প্রবাহ (পুং)—যন্ত্রসঞ্চারিতজল-ধারা। "রঘু ১৬ ৪৯। °বিদ্যা (স্ত্রী)—শল্যশাস্ত্র। দ্র 'যন্ত্র (৯)। °বিমান (পুং, ক্লী)—যন্ত্রচালিত রথ, কলের গাডী। °ময়ূরক (পুং) —যন্ত্রচালিত ময়ূর, কলের ময়ূর (কাদম্বরী)। °মার্গ (পুং)—জল-নিয়ন্ত্রণার্থ পথ, জলনালী। °শর (পুং)—যন্ত্রচালিতশর। "ক সা ৬১. ১০৪। °সূত্র (ক্লী)—সীসকাদিগোলপ্রক্ষেপক লোহময় যন্ত্রের সূচক শাস্ত্র (নীলকণ্ঠ)। "মহা ২ ৫ ১২১।] [যন্ত্র বাঁধা—বাদ্যযন্ত্রের সুর সুসঙ্গত বা ঠিক করা।]

যন্ত্রক পুং [√যন্ত্র্+অক (ণ্বুল্)-ক] ১ নিয়ন্ত্রয়িতা, নিয়ামক। ২ জলপ্রবাহাদিনিয়ন্ত্রণসমর্থ, সেতুপ্রভৃতিনির্ম্মাতা। "রা ২.৮০.১। ৩ যন্ত্রকলাবিৎ, কারু। —ন্ত্রক ক্লী ১ ব্রণাদিতে পট্টবন্ধ, পট্টিকা (bandage)। "সুশ্রুত ৪ ২.৪৯। ২ [যন্ত্র+ক (কন্) স্বার্থে] কুন্দ, কুঁদযন্ত্র। —ন্ত্রিকা স্ত্রী কনিষ্ঠা শ্যালিকা।

যন্ত্রণ ক্লী, -ণা স্ত্রী [√যন্ত্র্+অন (ল্যুট্), +অন (যুচ্),-ভা, স্ত্রী আ (টাপ)] ১ নিয়মন, সংযম, নিগ্রহ। "আহার° ।—সুশ্রুত ৬ ৪১; ১৪। ২ সঙ্কোচ। "হ্রীযন্ত্রণাং তৎক্ষণমন্বভূবন্ কু স ৭৫। হ্রীযন্ত্রণামান-শিরে…বিলোচনানি রঘু ৭ ২৩। ৩ বন্ধন। "নিবিডপীনকুচদ্বযযন্ত্রণা। —নৈ ৪ ১০। কৃতযন্ত্রণা ক সা ৬১.২৪৯। ৪ রক্ষণ, ত্রাণ। ৫ নিয়ম। 'স্নানাদিযন্ত্রণাহীন ক সা ২৭ ১৯। ৬ পীডা, ক্লেশ। "অলমলমুপচার-যন্ত্রণয়া মা মি ৪৳। ৭ ক্ষতাদিতে পট্টিকাবন্ধন। —ন্ত্রণী, -ন্ত্রিণী স্ত্রী স্ত্রীর কনিষ্ঠা ভগিনী।

যন্ত্রণা, যন্ত্রণী দ্র 'যন্ত্রণ'।

যন্ত্রতন্ত্র বি যন্ত্র ও তন্ত্রি, মৃদঙ্গাদি ও বীণাদিবাদ্য। "ভা চ ৩৩০।

যন্ত্রপাতি বি যন্ত্রাদিসমূহ, যন্ত্র ও সাজসরঞ্জাম।

যন্ত্রপুষ্প বি কাল অপরাজিতা। 'দা ৪৩৭।

যন্ত্রবিজ্ঞান, -বিদ্যা বি যন্ত্রনির্ম্মাণ-যন্ত্রপ্রয়োগ-বিষয়ক-শাস্ত্র, যন্ত্র-কলা (mechanics)।

যন্ত্রবিদ্যা দ্র 'যন্ত্রবিজ্ঞান'।

যন্ত্রশিল্পী বি যন্ত্রসম্বন্ধিকর্ম্মকৌশলবিৎ (mechanic)।

যন্ত্রারূঢ় বিণ [দ্বি ত] ১ দারুযন্ত্রাধিষ্ঠিত, শরীরাধিষ্ঠিত, দেহাভিমানী (শ্রীধর)। "গী ১৮ ৬১। (আপনে ঈশ্বর) যন্ত্রআরূঢ মায়াএ ভ্রমান সকল।—গ ৬৪। ২ যন্ত্রাধিষ্ঠিত।

যন্ত্রালয় পুং [ষ ত] ১ মুদ্রাযন্ত্রগৃহ, ছাপাখানা, প্রেস্। ২ যন্ত্রগৃহমাত্র (power-house)।

যন্ত্রিক বি যন্ত্রবাদক। "°ক না হলে যন্ত্র কেমন করে বাজে ম ম ২।

যন্ত্রিকা; যন্ত্রিণী দ্র 'যন্ত্রক, যন্ত্রণ'।

যন্ত্রিত বিণ [√যন্ত্র +ত (ক্ত)-কর্ম্ম] ১ নিযমিত, নিগৃহীত, নিয়ন্ত্রিত। "যন্ত্রিতো নিযমৈরুগ্রৈঃ রা ৭ ৩ ১১। ২ বদ্ধ। "অযন্ত্রিতদ্বারিপা (রাজধানী) রা ২ ৮৮ ২৪। ৩ বশীকৃত। 'পিতৃবচননিযোগ° গো.রা ২ ১৫ ৩৬। স্নেহকারুণ্য° মহা ৩ ১ ৩৩। গুণশীল° ভ ৪ ২০ ১৭। ৪ প্রতিবদ্ধ। "শাপযন্ত্রিতপৌলস্ত্যবলাৎকারকচগ্রহৈঃ রঘু ১০ ৪৭। ৫ শাস্ত্রনিযন্ত্রিত। "বিপ্রঃ সুযন্ত্রিতঃ মনু ২ ১১৮। ৬ কৃতপ্রয়াস (রা টীকা)। "তৎকৃতে চ বয়ং সর্ব্বে যন্ত্রিতাঃ রা ৭ ৯ ৯। ৭ শ্রুতিস্মৃতি-মর্য্যাদালজ্ঘী (রা টীকা)। "মাতৃকার্য্যাণি কৃত্বা পরমযন্ত্রিতঃ রা ১.৭৭.২২। [°বাক (-চ) বিণ—সংযতবাক, বাচংযম।]

যন্ত্রিয়া বি [যন্ত্র+ইয়া[২]] যন্ত্রবাদক। "প ক ৪৮৩।

যন্ত্রী (-ন্ত্রিন্) বিণ [যন্ত্র+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ন্ত্রিণী] ১ যন্ত্র-বান্, যন্ত্রযুক্ত। ২ রক্ষাকরণ্ডযুক্ত। ৩ সজ্জিত (অশ্ব)। ৪ [√যন্ত্র্ +ইন্ (ণিনি)-ক-১ব] নিয়মযিতা, নিযন্ত্রয়িতা। ৫ বন্ধনকারক। "রা ১ ১ ৭৬। ৬ পীডক। ৭ (বাঙ্লায) নেতা। "বুঝিলু আপনি যন্ত্রী দেব নারাযণ।—ম ৯৬৭। ৮ বাদক। "তুমি তারা যন্ত্রী।—দু ৯১। ম ম ২। দেহযন্ত্রে যন্ত্রী যেই জন।—দা ৭১২। পডিয়াছে যন্ত্রীদল। —মে ১৫। ৯ [সং যন্তা (-ন্তৃ) > যন্ত্রী, অসাধু] সারথি। "ব.প ৭৫৩।

যন্নিমিত্ত বিণ [বহুব্রী] যৎকারণ। "°ত্বং মে দৈন্যম্ রা ২.৬৯.৭।

যন্মাত্র বিণ [যদ্ মাত্রা যাহার, বহুব্রী , স্ত্রী -ত্রা] যৎপরিমাণ, যৎকিঞ্চিৎ। "যন্মাত্রমিষ্টানিষ্টম্ মহা ১১ ৪ ১০।

যব[1] পুং [√যু+অ (অপ্)-র্ম , কা জর্] ১ শূকধান্যবিশেষ, শিতশূক। "পচ্যন্তে যবঃ।—ঋগ্বেদ ১ ১৩৫ ৮ , ৮ ২ ৩। ব্রীহি° মনু ৩.২৬৭। যবাঃ প্রকীর্ণা ন ভবন্তি শালয়ঃ।—মৃ ৪ ১৭। ২ ষড়্ গৌরসর্ষপপরিমাণ। 'সর্ষপাঃ ষড়্যবঃ মনু ৮ ১৩৪ , যাজ্ঞ ১ ৩৬৩ , বিষ্ণু ৪ ৫। ৩ অঙ্গুলির ষষ্ঠাংশ (ত্রিকাণ্ডশেষ) বা অষ্টমাংশ পরিমাণ (বৃহৎসংহিতা ৫৮ ২)। ৪ অঙ্গুলিস্থ যবাকার চিহ্ন। [অঙ্গুলিভেদে ও অঙ্গুলিস্থানভেদে ইহা ধনপুত্রাদিপ্রাপ্তিসূচক।] ৫ মুখে মুখে সংশ্লিষ্ট কূর্মপৃষ্ঠাকার কাচফলকদ্বয় (double convex lens)। ৬ (বাঙলায়) কড়ার সপ্তবিংশ ভাগ। 'সাতাইশ যবে বট বিচার (শুভঙ্কর)। [°ক্রী (পুং)—যবক্রেতা। °ক্ষার (পুং)—যবাঙ্কুরভস্মজাত তীব্র ক্ষার (অ কো , সুশ্রুত)। °ক্ষোদ (পুং)—যবচূর্ণ। °খল (পুং) যব মাড়ার স্থান , খল। °জ (পুং)—সর্থ 'যবক্ষার'। °তৈল (ক্লী)—যবচূর্ণাদিযুক্ত পক্বতৈল। °দ্বীপ (পুং)—যবনামক দ্বীপ , যাবা। °নাল (পুং) —দেবধান্য দেধান। °নালজ (পুং)—যবনালজাত ক্ষার যবক্ষার। °পাস (পুং)—যবক্ষেত্ররক্ষক। 'পা ৬ ২ ৭৮। °পিষ্ট (ক্লী)—যবচূর্ণ, বার্লি (সুশ্রুত)। °প্ররোহ (পুং)—যবাঙ্কুর। 'কু স ৭ ১৭। °বুস (পুং)—যবত্বক, যবের ভুসি। °শূক °শূকজ (পুং)—যবক্ষার। °সক্তু (পুং)—যবচূর্ণবিশেষ যবের ছাতু। °সুরা (স্ত্রী)—যবজাত সুরা।]

যব[2] '-ব্ ক্রিবিং , সং যদা > পা জব (পৈ) , হি মৈ জব] যখন। জীব নিকসব যব বি প ৫৬ , ২২০। যব কাবে পরশল : যব আওব। —ব ৮৭। মাধব সঞে যব বাধা ব প ১০২১। [যববি—যখন হইতে। প ক ১৫৫,-৯২। যবহু—যখনই। 'প ক ১৫। যব .তব, তবে —যখন তখন। "তবে যৌবন যব সুপুরুখ সঙ্গ বি প ৪৯, যব তব ১৫৩ , জ্ঞা ৬৯ , প ব ৬৭।]

য়ব ক্রি ক্তি [অব[4] > য়ব] সর্থ 'অব[4]। বিরহে গোঙায়ব ।ব প ১৭৬ আযব, দেয়ব ২ ৫ , হামক বৈঠাযব কোর ২০৭। জীযব ব প ১০১৯, গোওায়ব, শুকাযব ১০২২ , কণ্ডন পাতয়ায়ব ১০৫০ , পাহিবাযব ১০৭৭ , শিথায়ন ১১২০। উঠাযব।—গো ২০১ , পায়ব, যাযব ২১৮। গিরায়ব।—ব ৮৯ , যুঝায়ব, লেয়ব ৯০ , হোয়ব ১১১ , দেয়ব ১২১ , চিয়াযব ১২৩।

যবক্য বিণ [°ক+য (যৎ)] যববপনযোগ্য (ক্ষেত্র)। 'পা ৫ ২ ৩।

যবন পুং [√যু+অন (যুচ)-ক, উ ২ ৭৪ , তু 'জবন'] ১ সগররাজ কর্ত্তৃক বেদবাহিষ্কৃত ক্ষত্রিয়গণ। দ্র 'ম্লেচ্ছ (২)। 'বা ১ ৫৪ ২১। ২ যযাতিসুত তুর্বসুর যবনদেশজাত পুত্রগণ। '(সুতাঃ) তুর্বসোর্যবনাঃ স্মৃতাঃ মহা ১ ৮৫ ৩৪। মৎস্যপুরাণ, ৩৪শ অধ্যায়। 'মহা ২ ৩২ ১৭। ৩ দেশবিশেষ (Ionia)। দ্র 'জবন (৩)। [যবনদেশ—Sometimes applied to Ionia, Greece, Bactria and more recently to Arabia —Wilson] ৪ আওনিয়াবাসী, যুনানী গ্রীক। দ্র 'ভা উ, দ্বিতীয় ভাগ, উপক্রমণিকা ১৪২ পৃষ্ঠ, টীকা। ৫ বৈদেশিক, বর্ব্বর। ৬ ইউরোপীয়, ইঙ্গরেজ (বিষ্ণুপুরাণ—শ ক)। "লুটে খায় কুঠেল যবন।—হেম ৩৮৭। ৭ মুসলমান। "যবনে যজাব জাতি শ্রী ১১৬। ভা চ ৫০৬,-৮। অস্ত গেল যবনের গৌরব-ভাস্কর। —ন ৫০৮। ৮ (বহুব) গ্রীকগণ, গ্রীকজ্যোতির্ব্বিদ্‌গণ। ৯ কালযবন। "যবনারি'। ১০ বেগাধিক অশ্ব। তু 'জবন' পুং (১)। ১১ গোধূম। ১২ গর্জ্জরতৃণ, গাজর (?)। ১৩ তুরঙ্ক, সিহ্ল। ১৪ বেগ। তু 'জবন' (ক্লী)। —বনী [°ন+ঈ (ঙীষ)] ১ যবনস্ত্রী, পারসীকস্ত্রী। "°মুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ রঘু ৪ ৬১। ২ গ্রীকস্ত্রীজাতি। "যবনী রাণীর বক্ষে জাগিছে মৌর্য্যমণি কু কে ১৫১। ৩ মুসলমানস্ত্রীজাতি। "চৈ ম ১১২, ১১৫। [সংস্কৃত নাটকে দেখা যায়, যবনীরা রাজার সঙ্গে থাকিতেন এবং প্রয়োজন হইলে ইঁহারা রাজাকে চাপশর দিতেন। 'এষঃ বাণাসনহস্তাভিঃ যবনীভিঃ...পরিবৃতঃ ইতঃ এব আগচ্ছতি প্রিয়বয়স্যঃ (শ ২৲), ৬২২। নিষ্ক্রান্তা ধনুগ্রাহিণী যবনী (বিক্র ৫২)। প্রবিশ্য চাপহস্তা যবনী (বিক্র ৫২)। ইঁহারা, বোধ হয়, 'যুনানীরমণী' ছিলেন।] ৪ যবনিকা। তু 'জবনিকা'। ৫ (বাঙ্লায়) মুসলমানপত্নী হিন্দুনারী। 'হংসনে যবনী পাতকিনী।—কা ৫৪। [°দেশ (পুং)—যবনবাসস্থান। দ্র 'যবন (৩)। °দিষ্ট (পুং) —গুগ্গুলু। °প্রিয় (পুং)—মরিচ।]

যবনানী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীষ), 'আন্' (আনুক) আগম] যবনের লিপি। "পা ৪ ১ ৪৯। মুগ্ধবোধ ২৭৪।

যবনারি পুং [ষ ত] 'কালযবনশত্রু', শ্রীকৃষ্ণ।

যবনিকা স্ত্রী [°নী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ)] ১ যবনস্ত্রী, যবনকন্যা। শ ৬২২। ২ সর্থ 'জবনিকা'। তু 'যমনিকা'।

যবনিয়া বিং [°ন+ইয়া[2]] যবনদেশীয, আরবদেশজাত। "যবনিয়া অশ্বপর যবন আসোবার ক চ ২৬৪।

যবনী দ্র 'যবন'।

যবনেষ্ট পুং [ষ ত] লশুন পলাণ্ডু , রাজপলাণ্ডু। —ষ্ট ক্লী গৃঞ্জন।

যবফল পুং [বহুব্রী] বংশ , কুটজ , প্লক্ষ , জটামাংসী।

যবমধ্য বিণ [উ লো] যাহার মধ্য যবমধ্যবৎ স্থূল ও উভয় প্রান্ত সূক্ষ্ম। —মধ্য পুং ঢক্কাবিশেষ। —মধ্য ক্লী ১ চান্দ্রায়ণবিশেষ। দ্র 'চান্দ্রায়ণ'। ২ [ষ ত] যবের মধ্যপরিমাণ।

যবময় বিণ [°ব+ময় (ময়ট্), স্ত্রী -য়ী] যববিকার যবপ্রচুর।

যবমাত্র বিণ [যব মাত্রা যাহার, বহুব্রী] যবপরিমাণ।

যবমান্ (-মৎ) বিণ [যব+মৎ (মতুপ্)-১ব] ধান্যবিশিষ্ট (সায়ণ) যববিশিষ্ট। "ঋগ্বেদ ৯ ৬৯ ৮।

যবস পুং, ক্লী [√যু+অস (অসচ)-র্ম, উ ৩ ১১৯ , Av 'yava' —fodder] ঘাস। ঋগ্বেদ ৭ ১৮ ১০ ৮৭ ২। রা ২ ৪৬ ১২। মনু ৭ ৭৫। 'ষ এবাদৌ 'স' এবান্তে মধ্যে ভবতিমধ্যমঃ। য এবং ন বিজানীয়াৎ তস্মৈ স এব দীয়তাম॥—অ টী।

যবস্থব, যবুস্থবু বি ['যুবস্থবির' মূল , সং যুবজরস্ , যবস্তব (মালদহ), যপুগপু (বাকুড়া) , যবুস্থবু (চব্বিশপরগনা)] যে যুবা স্থবিরবৎ , বৃদ্ধতুল্য নিষ্কর্ম্ম অলস যুবা। [যবস্থাব—তুচ্ছভাব। শালকে রেখে °বে, চটে দিয়েছেন মাবকা।—দা ৭৫৮।]

যবাগূ স্ত্রী [√যু+আগূ (আগূচ)-র্ম, উ ৩ ৮১ , 'যব' মূল (?)] ১ ষড়্গুণজলে পক্ব যবচূর্ণাদির ঘন দ্রবদ্রব্যবিশেষ , প্রাণা, যাউ। 'তৈত্তিরীয়সংহিতা ৬ ২ ৫ ২। মনু ৬ ২০। [তণ্ডুল°, ক্ষীর°, রস° (সুশ্রুত)। ২ যবমণ্ড (অ চি)। [বোধ হয়, ইহা মুখ্য অর্থ।]

যবাগ্রজ পুং [ষ ত , উ ত] যবাগ্র হইতে জাত , যবক্ষার।

যবানিকা, -নী স্ত্রী [যব+স্ত্রী ঈ (ঙীষ), 'আন্' (আনুক) আগম, °নী+ক (কন) স্বার্থে+স্ত্রী আ (টাপ)] দুষ্ট যব , ওষধিভেদ, যোয়ান। পা ৪ ১ ৪৯, সি।

যবানী দ্র 'যবানিকা।

যবাম্ল ক্লী [ষ ত] পঞ্চগুণ জলে সিদ্ধ যব , যবের ভাত।

যবাম্লজ ক্লী [°ম্ল+ √জন্+অ (ড)-ক , উ ত] যবাম্লজাত, কাঞ্জিক, কাঁজি সৌবীর।

যবাস পুং ১ দুরালভা। ২ খদিরভেদ। [°শর্করা (স্ত্রী)—সুধামোদক (সুশ্রুত)।]

যবাহ্ব পুং [বহুব্রী] যবাক্ষর। 'সুশ্রুত ৪ ২০ ১৩।

য়বি ক্রি.ক্তি [অবি[2] > য়বি] সর্থ 'অবি[2]। 'দেয়বি ভজ বি প ৫২ ,

শুণ গায়বি ১৫১। আনতহি দেয়বি চিত।—গো ১৫০। মানায়বি করিয়া ছলা: দেয়বি হাস রা.শে ১১৮, নীবি খসায়বি ১১৯। মিলায়বি ব প ১১২০। দ্র 'অবি²।

যবিষ্ঠ বিণ [যুবন+ইষ্ঠ (ইষ্ঠন্), স্ত্রী -ষ্ঠা] বহুর মধ্যে যুবা, যুবতম, কনিষ্ঠ। "ঋগ্বেদ ১ ১৬১.১। ভ্রাতুর্যবিষ্ঠস্য সুতান্ ভ ৩ ১.৬। —বিষ্ঠ পুং কনিষ্ঠ ভ্রাতা। —বীয়ান্ (-য়স্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী] ১ দুইএর মধ্যে যুবা, যুবতর, কনীয়ান্। "আস্তং রাজ্যমিদম্...ভ্রাতা যবীয়সা গো রা ২ ৬২ ২৭। আর্য্যস্য ত্বং ভার্য্যা ভব যবীয়সী রা ৩.১৮ ১০। যবীয়সীং সদৃশীং ভার্য্যাং বিন্দেৎ।—বসিষ্ঠ ৮। ২ কনিষ্ঠ। "মনু ২ ১২৮। ভ ৪ ১৩.১১। —যান পুং ১ কনীযান্ ভ্রাতা, অনুজ। ২ শূদ্র। "মহা ১ ১৭০.৫২।

যবীয়সী, যবীয়ান্ দ্র 'যবিষ্ঠ'।

যবে ক্রি বিং [যব² + এ⁶] যখন। [যবেত—যখনই। "হেন বাক্য মেঘবর্ণ যবেত বলিল অ প ১৪। যবে...তখনি। "তখনি করিতাম যদি হৈল যবে মনে।—কৃ ৩৬০। ব প ৯৩৩। যাহে যবে যাবে মন, কৈও মোরে আনিব তখনি ভা চ ২৮৩। যবে...তখন, তবে (উহ্য)। "আপনি খুলিয়া আমি ফেলাইনু দূরে৹ আভরণ, যবে পাপী আমারে ধরিল৹ বনাশ্রমে।—মে ১১৪। যবে...তবে—যখন...তখন। তবে যবে...তবে ...তবে...তবে। "চৈ ভা ১৩।]

যবেঁ ক্রি বি° [যবে > যবেঁ, দ্র '˜' (৩), তু 'জবেঁ (দো)] যখন। "শ্রী কী ২৮। [যবেঁ...তবেঁ (জবেঁ...তবেঁ—চ ২১, জব্বেঁ...তব্বেঁ—দো ১০৭) —১ যখন...তখন। "শ্রী কী ৪৭। ২ যদি...তাহা হইলে। "শ্রী কী ১১। যবেঁহ—যখনই।]

যবোত্থ ক্লী [যব হইতে উত্থ (উত্থিত), প ত] সর্থ 'যবাম্লজ'।

যবোদর বি যবের মধ্যভাগ। [°স্থূল—যবমধ্যসদৃশস্থূল।]

যব্য বিণ [যব+য (যৎ)] ১ যবোৎপত্তিযোগ্য (ক্ষেত্র)।—অ কো। ২ যবার্থ হিত। "পা ৫.১ ৭। —ব্য পুং যবসমূহ। "শুক্লযজুর্ব্বেদ ২৩.৮।

যম্ অক [ভ্বা, প—যচ্ছতি, অনিট্] ১ উপরম, বিরতি, নিবৃত্তি। "যচ্ছতি পাপাৎ সাধুঃ (ক ক)। ২ [দি, প—যম্যতি, অনিট্] যত্ন (ক.ক)। —ম্ সক [চু প—যময়তি, যাময়তি, সেট্] ১ পরিবেশণ, অন্নাদিদান। "যময়ত্যন্নং গৃহী, (মতান্তরে) যাময়ত্যন্নং গৃহী (ক ক)। ২ অপরিবেষণ। 'নিয়ময়সি বিমার্গপ্রস্থিতানাত্তদণ্ডঃ শ ৫ ৮। (মতান্তরে) নিয়াময়তি, সংযাময়তি (ক ক)। ৩ পরিবেষণ, বেষ্টন (ক.ক)। [আ—১ আয়াম, দীর্ঘীকরণ। "পা ১ ৩ ২৮। ২ উপসংহার। "ভট্টি ৬ ১১৯। উদ্—উদ্যম। উপ—১ ভার্য্যাস্বীকার, বিবাহ। "পা ১ ৩ ৪৬। ২ স্বীকারমাত্র। "শাস্ত্রাণ্যুপায়ংসত ভট্টি ১ ১৬। নি—নিয়ম, নিগ্রহ, শাসন। "রঘু ৩ ৪৫। বি-আ—১ ব্যায়াম। "ভট্টি ৬ ১১৯। ২ সজ্জীকরণ। "ভট্টি ৬ ১১৯। সম্—সংযম, সংগ্রহ, বন্ধন। "পা ১.৩ ৭৫।]

যম বিণ [√যম্+অ (অচ্)-ক, স্ত্রী -মা] ১ যমজ। ২ যুগল, দ্বয়। "যমৌ রক্ততলৌ পা.দী মহা ২ ১৪৪.২০। ৩ [দ্র (৮), স্ত্রী -মী] যমদৈবত। "যমীং গাথাম্ যাজ্ঞ ৩ ২। —ম পুং [+অ (অপ)-ভা] ১ উপরম, নিবৃত্তি। ২ নিগ্রহ, সংযম, নিয়ন্ত্রণ। "যমেন বাচাম্ ভ ৫ ৫.১২। ৩ প্রতিবন্ধ, প্রশমন। ৪ আত্মসংযম, দম। ৫ [+অ-ণ] 'সংযমসাধন', যাহা শরীরসাধনাপেক্ষ নিত্য কর্ম্ম—অহিংসা অস্তেয় ব্রহ্মচর্য্যাদি (অ টী)। 'অহিংসা সত্যবচনং ব্রহ্মচর্য্যমকল্কতা। অস্তেয়ম্ ...॥ মনু (শ.ক)। (মতান্তরে) ব্রহ্মচর্য্যাদি দশ (যাজ্ঞ ৩.৩১২), আনৃশংস্যাদি দশ (অত্রি ৪৮)। ৬ (যোগশাস্ত্রে) অষ্টাঙ্গ যোগের একতম। দ্র 'অষ্টাঙ্গ (৩)। 'অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ পা.দ ২.৩০। ৭ নিয়মমাত্র। ৮ [যম+অ (অচ্) 'অত্যর্থে'; √যম্+অ (অচ্)-ক (অ.টী)] 'যমযুক্ত, উপরময়িতা'; শমন, কৃতান্ত, কাল। "যমঃ সংযমতামহম্ গী ১০.২৯। বিদ্ধি মাং ত্বং শুভে যমম্ মহা ৩.২৯৬ ১২। যম জামাই ভাগনা। তিন নয় আপনা॥—প্রবচন। [ইঁহার পিতা সূর্য্য, মাতা সংজ্ঞা। ইনি বিবস্বানের পুত্র—'বৈবস্বত', পিতৃগণের অধিপতি—'পিতৃপতি', প্রেতগণের রাজা—'পরেতরাট্', শ্রাদ্ধের অধিষ্ঠাতা দেব—'শ্রাদ্ধদেব', যমুনার ভ্রাতা—'যমুনাভ্রাতা'। ইনি দক্ষিণদিকের দিক্পাল। প্রেতের ধর্ম্মাধর্ম্মের বিচারক বলিয়া ইনি 'ধর্ম্মরাজ' বা 'ধর্ম্ম' (Gr Pluto)। ইনি রক্তবাসাঃ বদ্ধমৌলি বপুষ্মান্ সূর্য্যসম শ্যামোজ্জ্বল রক্তনেত্র পাশহস্ত ভয়ঙ্কর (মহা ৩.২৯৬ ৮, ৯)।] ৯ (সর্ব্বসংযমন হেতু) পরমাত্মা। "মনু ৮.৯২। ১০ (যমভ্রাতৃত্বে) শনি। ১১ কাক। [মরুত্তরাজের যজ্ঞে আহূত যম রাবণভয়ে কাকরূপ ধারণ করেন। 'সংবৃত্তো ধর্ম্মরাজস্তু বায়সঃ (রা ৭ ১৮ ৫)। 'যম কাকরূপ হন' (কৃ ৪০৮)।] ১২ বিষ্ণু (মহা)। ১৩ সংহিতাকার মুনিবিশেষ। "°সংহিতা। ভা.চ ১৩২। ১৪ যুগলের একতর। ১৫ সহচর, সহায়। ১৬ দুই (২) সংখ্যা। —ম পুং দ্বিব ১ যমজাত সন্তানদ্বয়। ২ অশ্বিনীকুমারদ্বয়। ৩ নকুলসহদেব। ৪ (বাঙ্লায) বিপত্তির কারণ। "বলে কর্ম্ম বাঁকা হৈলা শাঁপা হৈল যম।—শি ১০৬। ৫ 'উৎকর্ষ'-সূচক। "খেড়ে ভেড়ে এক সম, ঝক মারিবার যম ভা চ ৭৩৮। —ম ক্লী ১ যুগল, মিথুন। ২ (ব্যাকরণে) সংযুক্তবর্ণ। ৩ [+অ-ধি] 'স্বরবিরামস্থান', উচ্চতম স্বর (pitch)। —মী² স্ত্রী যমভগিনী, যমুনা। [°কিঙ্কর (পুং)—যমদূত। °কীট (পুং)—মারাত্মক কীটভেদ; ঘুরঘুরে পোকা। °কেতু (পুং)—যমের কেতুতুল্য, মৃত্যুসূচক লক্ষণ। "ভ ১১ ৩০ ৫। °ক্ষয় (পুং), °গৃহ (ক্লী)—যমসদন, যমালয়। "°ক্ষয় ৬ ১০১ ১২, মনু ৬ ৬১। °ঘণ্ট (পুং)—(জ্যোতিষে) যোগবিশেষ। °ঘ্ন (পুং)—'যমভয়হর', বিষ্ণু। °জিৎ (পুং)—মৃত্যুঞ্জয, শিব। °তর্পণ (ক্লী)—যমধর্ম্মরাজাদি চতুর্দ্দশ যমের তর্পণ। °দণ্ড (পুং)—যমের দণ্ডাস্ত্র। "রা ২ ৫৬ ১৯। °দিক্ (-শ্) স্ত্রী—যমাধিষ্ঠিতা দক্ষিণদিক্। °দূত (পুং)—১ যমকিঙ্কর। "যমদূতাকৃতি মেঘ।—মা ৩৫৬। ২ কাক। °দৈবত, °নক্ষত্র (ক্লী), °দেবতা (স্ত্রী)—যমাধিদৈবতভরণীনক্ষত্র। °দ্বিতীয়া (স্ত্রী)—(যমপ্রিয়া) ভ্রাতৃদ্বিতীয়া। °ধানী (স্ত্রী)—যমালয়। °ধার (পুং)—মারাত্মক দ্বিধার অস্ত্রবিশেষ। "নখর যমধার ক চ ৫৩, ৭৬। শ্রী ১৭৮। তরবার যমধার ভা চ ৩৯১। °পট (পুং)—যম-যমদূত-নরকাদির চিত্র। °পত্নী (স্ত্রী)—যম-স্ত্রী, ধূমোর্ণা ও বিজয়া। °পাশ (পুং)—অঙ্গুষ্ঠমাত্রপুরুষবন্ধনার্থ যমের পাশাস্ত্র। দ্র 'মহা ৩ ২৯৬ ১৭। °পুর (স্ত্রী)—যমনগর, সংযমনী। °পুরুষ (পুং)—যমকিঙ্কর। "ভ ৫ ২৬ ৮। °বাহন (ক্লী)—মহিষ। °বিষয় (পুং)—যমলোক। "গো রা ৩ ৫৪.২৮। °ভগিনী (স্ত্রী)—যমুনা। দ্র 'বড়বা'। °ভট (পুং)—যমযোধ, যমদূত। °মন্দির (ক্লী)—যমালয়। "ম ৫৮০। °যাতনা (স্ত্রী)—১ যমকৃত পাপিগণের পীড়ন। "যমযাতনা পরলোকে চৈ.ভা ৪৩৮। ২ নিদারুণপীড়া। "মহাযমযাতনা হইল চৈ.ভা ৪৭১। °রাট্ (-জ্), °রাজ (পুং)—'যমকিঙ্করসমূহে বিরাজিত', মৃত্যুপতি যম, শমন। "°রাট্ শ্রী ১৯০। ব.প ৪৩৬। °রাষ্ট্র (ক্লী), °লোক (পুং)—শমনভুবন। °শ্রায় (পুং)—যমাশ্রিতদিক্, দক্ষিণদিক্। °সংহিতা (স্ত্রী)—যমকৃত স্মৃতিশাস্ত্র। °সদন, °সাদন (ক্লী)—শমনভবন, যমপুর। "°সাদন গো রা ২.৩৭. ২৪। °সদন ভ ৫.২৬ ৩১। °সভ (ক্লী), °সভা (স্ত্রী)—যমবিচারালয়। "°সভ পা ৪.৩ ৮৮, °সভা ২.৪ ২৩। [ক্লীবত্ব নিপাতিত।] °সূক্ত (ক্লী)—যমস্তোত্রবিশেষ। "যাজ্ঞ ৩.২। °সূর্য্য (ক্লী)—পশ্চিমা-

ভিমুখ ও উত্তরাভিমুখ গৃহ। "বৃহৎসংহিতা ৫৩ ৩৯। °স্বসা (-স্বৃ) স্ত্রী—১ 'যমভগিনী' যমুনা। দ্র 'বড়বা'। ২ দুর্গা। 'জ্যেষ্ঠা যমস্ব ভগিনী।—হ ৫৯৪।] [যম ডাকা—'যম। নেও' বলিয়া মৃত্যু-কামনা করা। যমে ধরা—যমের মুখে পড়া, সাঙ্ঘাতিকভাবে বিপন্ন হওয়া। যমে ধরার মত ধরা—অমোঘ সাঙ্ঘাতিক আক্রমণ। যমের অরুচি—মৃত্যুকামনা করিলেও, যাহাকে যমে গ্রাস করে না, সকলের অশ্রদ্ধাভাজন, গালিবিশেষ। যমের জাঙাল—আকাশে জাঙালের মত নক্ষত্রপুঞ্জ (Nebula)। যমের দোর—যমালয়ে প্রবেশপথ, মৃত্যুপথ। "ভাইএর কপালে দিলাম ফোটা। যমের দোরে পড়লো কাঁটা॥ যমের বাড়ী যাওয়া—মরা, গালিবিশেষ। যমেরি ভুল—যমের নিশ্চয় ভুল, গালিবিশেষ। "আ মরি আ মরি যমেরি ভুল ন ত ৯। যমের মা—যে অশীতিপর বৃদ্ধার মৃত্যু নাই, থুন-থুনে বুড়ী। যমের সঙ্গী করা—যমসহচর করা, অর্থাৎ মারিয়া ফেলা।]

যমক বিণ [যম+ক (কন্) স্বার্থে] ১ যমজ। 'যমক লক্ষ্মণ আর, শত্রুঘ্ন পুরুষসার ক চ ২৩৭। ২ সদৃশ। "মণ্ডলানি বিচিত্রাণি যমকানি মহা ৩ ১৯৮। ৩ দ্বিসংখ্যক। "°স্নেহ (সুশ্রুত)। ৪ [√যম্+অক (ণ্বুল্)] নিরোধক। "যমকং মণ্ডলম্ মহা ৪ ৫৭ ৪২। —মক পুং ১ সংযম, নিগ্রহ। ২ যমজ সন্তান। "যমক সে-দুটি স্ব প্র ১৭। ৩ যুগলের একত্র। ৪ সর্থ 'যম (৫)। —মক ক্লী শব্দালঙ্কার-বিশেষ। [পূর্ব্ব উচ্চারিত পৃথগর্থ সার্থক স্বরব্যঞ্জনসমূহের পরে তাদৃশক্রমে আবৃত্তি হইলে 'যমক' হয় (সা দ ১০৮। কাব্যাদর্শ ১ ৬১)। যমক নানাবিধ—আদ্য°, মধ্য,° অন্ত° ইত্যাদি। দ্র 'ভট্টি ১০ ১-১২।]

যমকা বিং [সিং যমকৌ > প্রা জমক্কা (পৈ)] যমজ। °কা ছেলে।

যমখণ্ডাতি বিং সাঙ্ঘাতিক খড়্গাস্ত্রধারী। দ্র 'খণ্ডাতি'। 'রাহুত মাহুত, হানে যুথ যুথ, কোটাল যমখণ্ডাতি শ্রী ১৬।

যমঘর বি যমালয়। ম ৫৮০।

যমজ বিণ [যম+ √জন্+অ (ড)-ক, উ ত] এককালে একগর্ভে জাত। "পুত্রকৌ যমজৌ ক সা ২৩ ৯১। যমজ যুগল।—ম ৩৪৫, যমজ সোদরদ্বয় ১২৬২। যমজ কুমার সী ৫৯। —মজ পুং, দ্বিব যমজাত সন্তানদ্বয়। "ৎসারুকৌ যমজাবুভৌ মহা ১ ১৩২ ৬২।

যমজাত, -তক বিণ [সুপসুপা] যমজ। 'কুশলবৌ ·যমজাতকৌ বা ৭ ৬৬ ৯, যমজাতৌ কুশলবৌ ৯৭ ৫। —জাত, -তক পুং, দ্বিব যমজ সন্তান।

যমজাতক দ্র 'যমজাত'।

যমদংষ্ট্রা স্ত্রী [ষ ত] ১ যমদশন, কালগ্রাস, মৃত্যুমুখ। "সাত্যকিম্ যমদংষ্ট্রান্তরং গতম্ মহা ৭ ১০৮ ১৮। ২ শস্ত্রবিশেষ। "মহা ১ ১৯ ১২, নীলকণ্ঠ। ৩ সাংঘাতিক বিষভেদ। ৪ বহুব, (রোগপ্রাদুর্ভাবকাল) আশ্বিনের শেষ অষ্টাহ ও কার্ত্তিকমাস।

যমদণ্ডী বিং যমকৃতদণ্ডভোগী, যমের দণ্ডনীয়। "চৈ চ ১০৪।

যমদূতিকা স্ত্রী [ষ ত] যমের দূতিকাতুল্য, তিন্তিড়ী, তেঁতুল। "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং স্বায়ম্ভুমৌ প্রাণদা যমদূতিকা॥—উদ্ভট।

যমধর বি [সং যমদংষ্ট্রা, 'জমধড়' দ্র 'মহা ১ ১৯ ১২, নীলকণ্ঠ, তু 'যমধাব'] সর্থ 'যমদংষ্ট্রা (২)। "হীরামুটি যমধর ক চ ৭৫, ২২৪,-৬১। ডানভাগে বান্ধিল যুগল যমধর শ্রী ১৯০।

যমন বিণ [√যম্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ সংযমকারক, নিয়ামক। ২ নিগ্রাহক, শাসিতা। —মন পুং ১ সংযমনকর্ত্তা। "শুক্লযজুর্ব্বেদ ৯ ২২। ২ যমরাজ। —মন ক্লী [+অন-ভা] ১ সংযমন, নিয়ন্ত্রণ। "স্বং যমনাদ্ যতিরুচ্যতে।—হ ১.২৭৯ ৫১। ২ নিগ্রহ, শাসন, দমন। "কালিয়স্য যমনম্ (রাজতরঙ্গিণী)। ৩ উপরতি, নিবৃত্তি। —নিকা স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)+ক (কন্)+স্ত্রী আ (টাপ্), তু 'যবনিকা'] তিরস্করণী, পর্দ্দা।

যমনিকা দ্র 'যমন'।

যমপুকুর বি বালিকার করণীয় ব্রতবিশেষ। [কার্ত্তিকের প্রথম হইতে সংক্রান্তি পর্য্যন্ত এই ব্রত করিতে হয়। যমের পূজাই ইহার উদ্দেশ্য। কার্ত্তিক মাস 'যমমাস', বোধ হয়, এই হেতু কার্ত্তিক মাস এই ব্রতের যোগ্য সময়।]

যমফোসকা বি সাংঘাতিক পীড়ায় সর্ব্বদা শয্যাগত থাকায় গায়ে যে ফোসকা হয়। [সাধারণের বিশ্বাস, ইহা যমযাতনার ফল।]

যমবাড় 'ড়' বি ১ মৃত্যুর পূর্ব্বে শরীরের অতিশয় পরিপুষ্টি ও শ্রীবৃদ্ধি, মরণ-বাড়। ২ সর্ব্বনাশের মূলীভূত অত্যন্ত স্পর্দ্ধা।

যমবান্ (-বৎ) বিণ [যম+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] সংযমী, বশী। "রঘু ৯ ১।

যমব্রত ক্লী [কর্ম্মধা] ১ সংযমরূপ ব্রত, ব্রহ্মচারীর ইন্দ্রিয়নিগ্রহরূপ ব্রত। ২ [ষ ত] যমের ব্রতের ন্যায় ব্রত যেমন যম মরণকালে শত্রু-মিত্র বিচার না করিয়া সকলকে যথান্যায় শাসন করেন, সেইরূপ অপরাধকালে রাজার রাগদ্বেষত্যাগপূর্ব্বক ন্যায়ানুসারে প্রজাশাসনরূপ রাজধর্ম্মবিশেষ। 'মনু ৯ ৩০৭।

যমমাস বি রোগাদি হেতু যমপ্রিয় কার্ত্তিকমাস। তু 'যমদংষ্ট্রা'।

যমরাড় বি [সং °রাট্, -ড] যমরাজতুল্য ভীষণ যোদ্ধা। 'বীর যমরাড়, বুঝিয়া বিরাড়, বিপদে না বান্ধ বুক শ্রী ১৪২।

যমরায় বি [যম+রায়, সং যমরাজ্] যমরাজ। "ম.ম ১১২।

যমল বিণ [যম+ √লা+অ (ক)-ক, উ ত] 'যমগ্রাহক', যুগল, দ্বিতয়। "যমলং জাতং কুসুমফলম্।—বৃহৎসংহিতা ৪৬ ৩৩, যমলোদ্ভব ৫৩। —মল পুং ১ (দ্বিব) মিথুন, যুগল, যুগ্ম। ২ দুই (২) সংখ্যা। —মল ক্লী যুগ্ম, যুগল। —মলী স্ত্রী হিক্কাবিশেষ (সুশ্রুত)। —মলী স্ত্রী চোটিকাদ্বয়, শাটীদ্বয় (শ ক)। [°পত্র, °পত্রক (পুং) —কোবিদারবৃক্ষ।]

যমলজ্জা বি যেরূপ লজ্জা যমের মত ধরিয়া লোককে মৃতবৎ করে, অত্যন্ত লজ্জা। 'এ দিকে °জ্জা উপস্থিত আ দু ১০৪।

যমলার্জ্জুন পুং, দ্বিব [কর্ম্মধা] গোকুলজাত যুগল অর্জ্জুনবৃক্ষ। "ক চ ২১৩। [কুবেরপুত্র নলকুবর ও মণিগ্রীব নারদশাপে অর্জ্জুনরূপে বৃক্ষযোনি-প্রাপ্ত ও শ্রীকৃষ্ণস্পর্শে শাপমুক্ত হন (ভ ১০ ১০)।] [°হা (-হন্) পুং—যমলার্জ্জুননাশক শ্রীকৃষ্ণ।]

যমলী দ্র 'যমল'।

যমানিকা, -নী স্ত্রী [√যম্+অন (ল্যুট্)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্), পৃষো, :নী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] অজমোদা, যবানী, জোয়ান (Ptychotis Ajowan)।

যমানী দ্র 'যমানিকা'।

যমানুগ, -নুচর পুং [ষ ত] যমসহচর, যমদূত।

যমানুচর দ্র 'যমানুগ'।

যমান্তক পুং [ষ ত] ১ 'যমের অন্তকারক', মৃত্যুঞ্জয়, শিব। ২ [দ্বন্দ্ব] বৈবস্বত ও কাল (নীলকণ্ঠ), যম ও মৃত্যু। "(তয়োঃ) °সমানয়োঃ গো রা ৬ ৭৯ ৫৫। °সম মহা ২ ১৭ ১৫। ৩ [কর্ম্মধা] অন্তকর যম, যম। ৪ (বাংলায়) যমের যম, অতিভীষণ। 'খগান্তক মৃগান্তক, দুই ভাই যমান্তক ক চ ১২৫।

যমারি পুং [ষ ত] 'যমভয়হর', বিষ্ণু। 'পঞ্চরাত্র ৪.৩ ৭০।

যমালয় পুং [ষ ত] যমসদন, যমপুর। 'ভ ৫ ২৬ ৩৭।

যমাষ্টক বি সর্থ 'যমদংষ্ট্রা (৪)।

যমিত বিণ [√যমি+ত (ক্ত)-র্ম্ম] ১ নিবর্ত্তিত, নিয়মিত, নিগৃহীত।

২ বদ্ধ, সংযমিত। 'একহস্তযমিতাঃ…মূর্দ্ধজাঃ শ ১ ২৭। ৩ কর্ত্তিত। "অযমিতনখেন (করেণ) উ মে ৩১।

যমী[১] **(-মিন্)** বিণ [যম+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -মিনী] যমবান্, যতেন্দ্রিয়। —মী পুং সংযমী পুরুষ, বশী।

যমী দ্র 'যম'।

যমুনা স্ত্রী [√যম্+উন (উনন্)-ক+স্ত্রী আ (টাপ), তু 'জউণা (চ), প্রা 'জউণা'] 'গঙ্গায নিবৃত্তা', নদীবিশেষ, কালিন্দী। "ঋগ্বেদ ৭ ১৮ ১৯। রা ২ ৭১ ৬। বাধামাধবযোর্জয়ন্তি যমুনাকূলে রহঃকেলয়ঃ গী গো ১ ১। [ইহা হিমালয়ের যমুনোত্রী শৃঙ্গ হইতে নিঃসৃত হইয়া, এলাহাবাদে গঙ্গা ও অন্তঃসলিলা সরস্বতীর সহিত মিলিত হইয়াছে। নদীত্রয়েব সঙ্গম ত্রিবেণী বা যুক্তবেণী হিন্দুদিগের পরমপবিত্র তীর্থ।] ২ দুর্গা (দেবীপুরাণ)। ৩ যমের ভগিনী। [°জনক (পুং) —সূর্য্য। দ্র 'বড়বা'। °পতি (পুং)—বিষ্ণু। °ভিৎ (-দ্) পুং —বলরাম। দ্র 'যমুনাকর্ষণ'। °ভ্রাতা (-তৃ) পুং—যম।]

যমুনাকর্ষণ বি বলরাম কর্ত্তৃক হলাগ্র দ্বারা যমুনার আকর্ষণ। "°লীলা দেখয়ে সকলে চৈ চ ৬৩। [এক সময়ে বলরাম যমুনাতীরস্থ উপবনে গোপীগণের সহিত বিহার করিতে করিতে যমুনাকে ক্রীড়ার্থ আহ্বান করেন। যমুনা মত্ত বলরামের কথায় অনাদর প্রদর্শন করিলে, কুপিত বলরাম হলাগ্রে যমুনাকে আকর্ষণ করেন। দ্র 'ভ ১০ ৬৫। তু 'গী গো ১ ১২।]

যমুনোত্রি, -ত্রী বি [তি যমুনোত্তরী (যমুনা+উত্তরী), দ্র 'গঙ্গোত্রী'] ১ গাড়োয়ালের পার্শ্বস্থ হিমালয়ের অংশভূত পর্ব্বতবিশেষ। "কালিন্দীর কৃষ্ণ জলরাশি, যমুনোত্রি নগবুক (বহে)।—হেম ১০৯। ২ যমুনার উৎপত্তিস্থান—নির্ঝর। "যমুনোত্রি পূত ঝর।—হেম ৯৮।

যমুনোত্রী দ্র যমুনোত্রি'।

যমেশ স্ত্রী [বহুব্রী] 'যমদেবতাক', ভরণী। 'বৃহৎসংহিতা ৭ ৫।

যমেশ্বর পুং [ষ ত] শিবলিঙ্গবিশেষ, শিব।

যযাতি পুং চন্দ্রবংশীয নৃপতিবিশেষ। 'যযাতেঃ…নহুষস্য।—ঋগ্বেদ ১০ ৬৩ ১। বা ১ ৭০ ৪২। মহা ১ ১ ৪৭। যযাতেরিব শর্ম্মিষ্ঠা শ ৪ ৭। [ইঁহার পিতা নহুষ। ইনি শুক্রসুতা দেবযানীকে কূপ হইতে উদ্ধার করিয়া শুক্রের আজ্ঞানুসারে বিবাহ করেন। দেবযানীকে অপমানিত করায় দৈত্যেশ্বর বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠা শুক্রকন্যার সহিত পরিচারিকাভাবে গমন করেন। কিয়ৎকাল পরে ইনি শর্ম্মিষ্ঠাকে বিবাহ করেন। দেবযানী ইহা জানিতে পারিয়া, পিতার নিকটে অভিযোগ করিলে, শুক্র, 'অকালে জরা হইবে' বলিয়া অভিশাপ দেন। অভিশপ্ত হইয়া ইনি শুক্রকে বিনীতবাক্যে প্রসন্ন করিলে, 'অন্যে জরা সংক্রমণ করিয়া তাহার যৌবনগ্রহণপূর্ব্বক বিষয় ভোগ কর',—এইরূপে শাপান্ত করেন। তখন ইনি ক্রমে ক্রমে দেবযানী ও শর্ম্মিষ্ঠার পুত্রগণকে জরার বিনিময়ে যৌবনপ্রদানের নিমিত্ত অনুরোধ করেন, কিন্তু কেহই জরা-গ্রহণে সম্মত হইলেন না, শর্ম্মিষ্ঠার কনিষ্ঠ পুত্র পুরুই জরা গ্রহণ করেন। এইরূপে যৌবনপ্রাপ্ত হইয়া ইনি সহস্র বর্ষ বিষয় ভোগ করেন এবং ভোগতৃষ্ণার শান্তি নাই জানিয়া পুরুকে যৌবনপ্রত্যর্পণপূর্ব্বক রাজপদে অভিষিক্ত করিয়া বিষ্ণুসেবার্থ বনবাস আশ্রয় করেন। 'মহা ১ ৮১তম-৮৬তম অধ্যায়।] [°জ (বিণ)—যযাতি হইতে জাত। "রা ১ ৭ ৪২।]

যয়ু পুং [√যজ্+উ-ণ, পৃষো (অ.টী), উ ১ ২১] অশ্বমেধীয় অশ্ব।

যর্হি অব্য [যদ্[১]+র্হি (র্হিল্), অনদ্যতনে, পা ৫ ৩ ২১, ছান্দস] যদা, যখন। 'ভ ১ ৮ ৩৮; ১১ ৯, ১৮ ৬।

যল ক্রি প্র [অল[২] >যল] সর্ব 'অল[২]। 'ফুয়ল বি প ৭৮, আয়ল ১২৭, বৈসায়ল, দেয়ল ১২৮, বনায়ল, নেয়ল ১৩৫। লুকায়ল হাস ব.প ১০১৪, ধরণী লোটায়ল ১০১৫, কয়ল ১০১৯, দেয়ল, পরায়ল ১০৩৯; করায়ল ১০৮২। সিনায়ল।—ব ১০৮, রজনী পোহায়ল ঃ উঠায়ল ১২১, ছোড়ায়ল ১৭৪, হোয়ল ১৭৭, শয়নে শুতায়ল ১৮৫; লেয়ল কোরে ১৯৭। উ(উ)যল (দ্র 'উয়ল')। —লি [অলি° >য়লি] সর্ব অলি°। "নিন্দায়লি দুষ্ট জন।—ব ১০২। বাড়ায়লি ব প ৯৯০, দরশায়লি (স্ত্রীলিঙ্গে) দেহ ১০৩৮, হারায়লি…গোরী ১০৪৮।

যশ বি [সং যশস্ >লি, প্রা যস, হি, ঠ, গু, অস 'যশ', মৈ জস, যশ] কীর্ত্তি। "আয়ুর্যশবৃদ্ধি।—ম ২৮, °প্রদ ৬২৬, যশ নাম ৭৩৫। যশের মন্দিরে।—মে ১০৮। কবি-যশ স শ ১। যশের ভিখারী।—গান ২১৮। [°ধামিনী—যশোনিলয, যশস্বিনী। 'জ প ৩৪। °মন্ত (সং যশস্বান) বিং—যশস্বী। "ভ গ্র ১২০।]

যশঃ (-শস্) ক্লী [√অশ+অস্ (অসুন)-ক, য (যুট্), উ ৪ ১৯০; 'যশস্'—তেজস্ (ঋগ্বেদ ৪ ১ ১৬)] ১ 'সর্ব্বত্র ব্যাপী', কীর্ত্তি, সুখ্যাতি। বা ২ ৭৪ ৩০। মনু ২ ১২১। কবিযশঃপ্রার্থী গমিষ্যামুপহাস্যতাম্ রঘু ১.৩। ২ শৌর্য্যাদিজাত খ্যাতি। 'দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদিপ্রভবং যশঃ। —মাধবী (শ ক)। 'ন তদ্ যশঃ শস্ত্রভৃতাং ক্ষিণোতি রঘু ২ ৪০। স জীবতি যশো যস্য কীর্ত্তির্যস্য স জীবতি। অযশোঽকীর্ত্তিসংযুক্তো জীবন্নপি ন জীবতি॥—সু ব। ৩ জীবিতের খ্যাতি। মনু ৪ ৯৪, ১১ ৪০। [°কায (পুং), °শরীর (ক্লী)—কীর্ত্তিরূপ দেহ। "°শরীরে ভব মে দয়ালুঃ রঘু ২ ৫৭। °পটহ (পুং)—যশার্থ পটহ (অ টী), ঢক্কা। °শেষ (বিণ)—যাহার যশঃ অস্ত, মৃত।]

যশদ স্ত্রী [?] দস্তা (ভাবপ্রকাশ)।

যশস্কর বিণ [যশস্+√কৃ+অ (ট)-ক, উ ত, স্ত্রী -রী] 'যশঃ-করণশীল', কীর্ত্তিজনক। 'যশস্করং কাব্যম্ বা ১ ২ ৪২। মনু ৮ ৩৮৭। ভট্টি ১ ৯।

যশস্কাম বিণ [যশস্+√কম্+অ (অণ)-ক, উ ত, স্ত্রী -মী] যশঃপ্রার্থী, যশোলিপ্সু।

যশস্য বিণ [যশস্+য (যৎ), পা ৫ ১ ১১১, বার্ত্তিক, স্ত্রী -স্যা] ১ 'যশঃপ্রযোজন', যশোর্থ। ২ যশের নিমিত্ত হিত (কুল্লুক), যশস্কর। 'রা ২ ২৭ ৩। ইদং যশস্যম্ মনু ১ ১০৬। যশস্যম্ (অন্নম্) ২ ৫২। ৩ যশোভাজনভূত। "অহং যশস্যা ধন্যা চ যস্যাস্ত্বং সমুপস্থিতা গো রা ২ ৩৮ ৩৩। —শস্যা স্ত্রী জীবন্তী ওষধি।

যশস্যা দ্র 'যশস্য'।

যশস্বান্ (-স্বৎ) বিণ [যশস্+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -স্বতী] কীর্ত্তিমান্। —শস্বী (-স্বিন্) বিণ [+বিন (বিনি)-১ব, স্ত্রী -স্বিনী] ১ সর্ব 'যশস্বান্'। ২ খ্যাতিমান, বিখ্যাত। "যশস্বিনী (অযোধ্যা) বা ২ ৭১ ১৭। —স্বিনী স্ত্রী [°স্বিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বনকার্পাসী, যবতিক্তা মহাজ্যোতিষ্মতী। ২ গঙ্গা। "কাশীখণ্ড ২৯ ১৪১।

যশস্বিনী, যশস্বী দ্র 'যশস্বান্'।

যশুরে বি যশোহরের কৈ মাছের মত মাথা-মোটা শীর্ণদেহব্যক্তি, যশোরে জাত। [যশুরে কৈ—"স্কুলের ছেলেরা তাঁহাকে (ঈশ্বরচন্দ্রকে) যশুরে কৈ ও তাহার অপভ্রংশে কশুরে জৈ বলিয়া ক্ষ্যাপাইত চা.পু ৩৯।] [বাস্তবিক যশুরে কৈ মাথা-মোটা নয়, দীর্ঘকাল জীয়ন্ত থাকায়, দেহ শুকায়, মাথা শুকায় না, দেহের অনুপাতে মোটা হইয়া যায়।]

যশোঘ্ন বিণ [যশস্+√হন+অ (টক্)-ক, উ ত, স্ত্রী -ঘ্নী] ১ ইহলোকে খ্যাতিনাশক। "অধর্ম্মদণ্ডনং লোকে যশোঘ্নং কীর্ত্তিনাশনম্ মনু ৮ ১২৭। ভ ৪ ২ ১০। ২ কীর্ত্তিনাশক।

যশোদ বিণ [যশস্+√দা+অ (ক)-ক, উ ত, স্ত্রী -দা] যশোদাতা, কীর্ত্তিকর। —শোদ পুং, ক্লী পারদ। —শোদা স্ত্রী [°দ+স্ত্রী আ (টাপ্)] নন্দগোপপত্নী শ্রীকৃষ্ণের পালকমাতা। "°গর্ভসম্ভূতা (দুর্গা) মহা ৪.৬.২।

যশোদা দ্র 'যশোদ'। [°আনন্দ, °নন্দন, °সুত (পুং)—'যশোদার আনন্দকর', যশোদার পুত্র; শ্রীকৃষ্ণ।]

যশোদ্বার বি কীর্তির প্রবেশপথ। "সেই চিহ্ন লক্ষ্য ক'রে, অন্ত কোন জন পরে, যশোদ্বারে আসিবে সত্বর।—হেম ২৪৭।

যশোধন বিণ [বহুব্রী] যশঃ যাঁহার উৎকৃষ্ট ধন, কীর্তিধন। "রঘু ২.১, যশোধনানাং হি যশো গরীয়ঃ ১৪.৩৫। হরিশ্চন্দ্র যশোধন।—কৃ ৮, ৭৫। ক.চ ৭৫০। —ধন স্ত্রী [কর্মধা] যশোরূপ উৎকৃষ্ট ধন। "মহা ১.১৭০.৫১।

যশোধর বিণ [ষ.ত] যশের ধারক, কীর্তিস্থাপক। "গুড়াকেশ° ভ ১.১৭.৩১। —ধরা স্ত্রী বুদ্ধদেবপত্নী বাহুলজননী।

যশোধরা দ্র 'যশোধর'।

যশোধা বিণ [যশস্+√ধা+ক্বিপ্ (০), উ ত] কীর্তিধারী। "যশোধা রথযূথপানাম্ ভ ৩ ১.৩৮।

যশোধাম (-মন্) ক্লী [ষ ত] যশোনিলয়। "ভ ৮.৪ ৪।

যশোনিধি বিণ [বহুব্রী] যশঃ যাঁহার রত্ন, যশোধন।

যশোভাগী (-গিন্) বিণ [ষ ত] কীর্তিভাক, যশস্বী।

যশোভৃৎ বিণ [যশস্+√ভৃ+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত] যশোধারক, কীর্তিমান্। "(ত্রীণি শ্লোকসহস্রাণি) মুনিনা সম্প্রণীতানি কৌরবাণাং যশোভৃতা মহা ১ ২ ২৯০।

যশোমতী বি ['যশস্বতী' সাধু] যশোদা। "ম ১০১৪।

যশোর বি [যশোহর > °র] ১ জেলাবিশেষ। ২ বঙ্গবীর প্রতাপাদিত্যের রাজধানী। "°নগর ধাম, প্রতাপাদিত্য নাম ভা.চ ২৬০। [যশোরেশ্বরী—যশোরের অধিষ্ঠাত্রী দেবী, প্রতাপাদিত্যের প্রতিষ্ঠাপিতা শিলাময়ী কালীপ্রতিমা। "ভা.চ ৪৬১।]

যশোলব বি কীর্তিকণ, কিঞ্চিৎ যশ। "ম পা ১, ১২০।

যশোহর বিণ [ষ ত] যশের হারক, যশোনাশক, অকীর্তিকর। "পাপম্ …যশোহরম্ গো বা ২ ১১০ ৫। মহা ১ ১৫৩ ২৬।

যশোহা (-হন্) বিণ [যশস্+√হন্+ক্বিপ্ (০)-ক -১ব, উ ত, স্ত্রী -ঘ্নী] যশোনাশক, কীর্তিহর। "ভ ৬ ৫.৩৮।

যষ্টব্য বিণ [√যজ্+তব্য-র্ম] ১ পূজ্য। "ত্বমসি যষ্টব্যঃ মহা ৩.১২.৫১। ২ [+তব্য-ভা] যজনীয়। "গী ১৭.১১। ভ ৩ ২৯.১০। —ষ্টা (-ষ্টৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] যাগকর্তা। "মহা ৩.১২.৫১।

যষ্টি পুং, স্ত্রী [√যজ্+তি-ণ, উ ৪ ১৭৯] ১ লগুড়, দণ্ড, লাঠি, ছড়ি। "বেণু° ।—শতপথব্রাহ্মণ ২ ৬ ২ ১৭। বৈণবীং ধারয়েদ্ যষ্টিম্ মনু ৪.৩৬। বেত্র° শ ৫.৩। দৃষ্টিহীনের যষ্টি তো নয়ন গো।—দা ৭৩০। বেণু° —কাদ২। ২ পিঞ্জরস্থ দণ্ড, দাঁড়। "বাস° উমে ১৮। ৩ শস্তনাল, ডাঁটা। ৪ শাখা। "(পঙ্ক্ত) পুষ্পিতাঃ কর্ণিকারস্ত যষ্টীঃ গো.রা ৩ ৭৯ ৩০। চূতযষ্টিরিবাভ্যাসে মধৌ পরভৃতোন্মুখী (বভৌ) কু স ৬.২। কদম্ব° উচ ৩.৪২। ৫ ধ্বজদণ্ড। "ধ্বজ° ৬ ভুজদণ্ড। "ভুজ° রঘু ১১.১৭। ৭ হারলতা, প্রতিসর, হারের নর্। "(হার) বিলোল° কু.স ৫৮। হার° ক.ম ৩২। ৮ হার। "মুক্তাময়ী যষ্টিঃ রঘু ১৩.৫৪। ৯ মুক্তাহারবিশেষ। ১০ তন্ত, সুত্র। "মণি°। ১১ লতা। ১২ নল (reed)। ১৩ 'কৃশতা, তনিমা' অর্থে। "অঙ্গ° কু স ৫৮৫। শরীর° রঘু ৬ ৬৫, গাত্র°।—ঋতু ৪.১৫। তনু° ক.ম ২.২৪। ১৪ পুষ্করিণী-প্রভৃতিতে নিখাত কাষ্ঠদণ্ড, রইকাঠ। "মনু ৯.২৮৫। ১৫ ইক্ষুদণ্ড। ১৬ যষ্টিমধু। ১৭ ভার্গী। [°গ্রহ (বিণ)—যষ্টিধারী, দণ্ডপাণি। "পা ৩.২.৯, সি। °নিবাস (পুং)—১ যষ্টিরূপ বাসস্থান, বাসযষ্টি, দাঁড়। "রঘু ১৬ ১৪। ২ উন্নতদণ্ডোপরি কপোতপালিকা। °প্রাণ (বিণ)—যাহার যষ্টি প্রাণতুল্য; স্থবির। "অবিরথঃ…°প্রাণঃ মহা ১.১৩৭.১। °মধু, °মধুক (ক্লী), °মধুকা (স্ত্রী)—যাহার দণ্ডে মধু; বৃক্ষবিশেষের শুষ্ক কন্দ (Glycyrrhiza glabra)।

যষ্টিক পুং [যষ্টি+ক (কন্) স্বার্থে] ১ যষ্টি। ২ [+ক সংজ্ঞার্থে] জলকুক্কুট, পানকৌড়ি। ৩ টিট্টিভ। —ষ্টিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ যষ্টি। "মমাজন্তাজযষ্টিকা গো.রা ২.৬৬ ২৩। ২ একযষ্টিক মুক্তাহার। ৩ আয়তাকার পুষ্করিণী, বাপী। ৪ যষ্টিমধু।

যষ্টিকা দ্র 'যষ্টিক'।

যষ্টী স্ত্রী [যষ্টি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'যষ্টি'। —ষ্টীক ক্লী যষ্টীমধু। [°মধু (ক্লী)—যষ্টিমধু।]

যষ্টীক দ্র 'যষ্টী'।

যষ্ট্যাহ্ব ক্লী [যষ্টী আহ্বা যাহার, বহুব্রী] যষ্টিমধু (সুশ্রুত)।

যস্ অক [দি, প—যস্যতি, সেট্, সংযমস্ত(স)তি, পা ৩ ১.৭১,-২] যত্ন। [আ—আয়াস, খেদ। "ভট্টি ৬ ৬৯। প্র—প্রয়াস। "মৈ ১. ১২৫।]

যসি ক্রি.ক্তি [অসি° > যসি] সর্থ 'অসি°'। "এহি ক্ষণে মোকে যদি না দেয়সি বিহা অ.প ১৩১। শিশু হইয়া শিখায়সি এমত কথন গো.বি ১৮৯। রোয়সি কাণ্ডে ব.প ১০১৬, তাপয়সি গাত ১১১৪। পলায়সি রণে ম বি ২০৮। দশনে চোরায়সি মোতিম পাঁতি।—জ্ঞা ১৫১। [দেখায়সী,-সসি—দেখাইতেছিস (শ্রী.কী)।]

যস্ত [যদ্[১]+স্ত (ষষ্ঠী-১ব)] যাহার, যাঁহার। "তব পদে ভক্তি যস্ত ম.পা ১৩, নির্জরার গুরুদেব যস্ত কেন্দ্র হএ ৮৯, কুগ্রহে কি করে যস্ত কেন্দ্রী সুরাচার্য্য ১৭১।

যহাঁ ক্রি.বিং [যহিঁ > যহাঁ, হি জহাঁ] যেস্থানে। "যহাঁ যদুনন্দন, করত গোচারণ, তুরিতে গমন করু তাই।—গো ১১। যহাঁ কুন্দ-কুসুম কেতকী হসন্ত ব.প ১০১৭।

যহি, যহিঁ ক্রি বিং [সং যস্মিন্ > প্রা জহিং (হে) > বা যহিঁ, যহি, হি জহী] যে স্থানে। "যহিঁ অবতীর্ণ হৈলা চৈতন্তগোসাঞি চৈ.ভা ২৬, যহি অবতীর্ণ হইলেন দ্বিজমণি ২৭, যহি ১১৭, ৩৯১।

যা[১] সক [অদা, প—যাতি, অনিট্] গতি, প্রাপ্তি। "যাবদয়ং ন যাত্যেষ কৃতকর্মা দিবাকরঃ রা ৬.১০১.৫৪। [অতি—অতিক্রম। "ভট্টি ২.৫১। অনু—অনুগমন। অপ—অপযান, পলায়ন। অভি—অভিযান, আক্রমণ। "রঘু ৫.৩০। আ—১ আগমন। ২ প্রাপ্তি। "রঘু ১৯ ৫০। উদ্—উদ্গমন, উদয়। প্র—১ প্রয়াণ। "ভট্টি ৩.৩৬। ২ মরণ। "প্রয়াণকালে গী ৮ ১০। প্রতি—প্রতিনিবৃত্তি, ফিরে যাওয়া। "রা ২ ৫২ ৩৯। রঘু ৮. ৯১। প্রতি-উদ্—প্রত্যুদ্গমন।]

যা[২] বি সর্থ 'জা[১]'। "দুই যায়ে…গা ধুয়ে এস।—নী ২৪।

যা[৩] সর্ব [সং যদ্ > লি 'য', প্রা 'জ', ঠ জোঁ (ক্লীবলিঙ্গ), ড় যে] যাহা, যে (বস্তু ব্যক্তি বিষয় ইত্যাদির পরিবর্তে)। "মুনিরে বাঁচাই আমি যা করে ঈশ্বর।—ম ৯৪৩। পুলকিত সব গা, আপাদ মস্তক যা চৈ ম ৫০। [যাই—যাহাই। যা-ইচ্ছা (সং যথেচ্ছ > প্রা জহিচ্ছ—পৈ)—যথেচ্ছ, ইচ্ছানুরূপ। যা-ইচ্ছা-তা—ইচ্ছানুরূপ কোন বিষয় বা বস্তু। যাক, যাকর, যাকু—যাহার। 'যাক দরশ বি.প ১০২। যাকর মরমে ১১০, -৮২। গো ২৮, ৯৮। যাকর…তাকর। "বি প ২০২। যাকর রচিত (গীত) প ক ১৫। যাকু চরণ ধেআই শ্রী ম ২১৬। যা' করে আসা —(ক্রোধে) যে বিভীষিকাময় ভাব ক'রে আসা। যা-কিছু—যৎকিঞ্চিৎ, অল্প কিছু। যা-তা—ইচ্ছানুরূপ, যে-কোন (বিষয়, বস্তু, কথা)। যাতে —যাহাতে, যে-হেতু। "নারের অয়ন যাতে করহ পালন চৈ চ ৬; ৮; ২৩, অংশ হৈতে অঙ্গ যাতে হয় অন্তরঙ্গ ২৯। যাতে-তাতে—যে-কোন প্রকারে। যা…তা। "যা বলিলে তা করিতে মুস্কিল কি আছে।—কৃ ২৫০। যাথে—১ যাহাতে। "চৈ.ম ৮৯। ভ প্র ২২৭। ২ যে প্রকারে।

"যাথে জেম্মা হয় রণ চ.বি ১০৮। যাথে যাথে। "দু ৬২। যা-যা—যাহা-কিছু। যার-তার—যে-কোন ব্যক্তির। যার…তার। "যার শিল তার নোড়া। তারই ভাঙ্গি দাঁতের গোড়া॥—প্রবচন। যার-পর-নাই—১ যৎ-পরোনাস্তি (দুঃখ)। ২ অনুত্তম, উৎকৃষ্টতম। "ধ্রুবে যে দিয়াছ পদ যার-পর-নাই শ্রী ৮১। যার…সে। "যার রস আছে, সে চিরকাল নবীন ব.প্র ২০। যারে-তারে—নির্বিচারে যে-কোন ব্যক্তিকে; সকলকে। "(প্রেম) যারে-তারে কৈল দান চৈ.চ ৮২। যাক (যাহাকে), যাত (যাহাতে)—শ্রী.কী।]

যা[৪] অব্য [জা[৪]—মূল (?)] বিস্ময়প্রকাশ। "এ দিকে সকলের তাক্ লেগে গ্যালো 'যা', ইনি কেমন করে ঘরে ছিলেন!—হু ৭৪।

যা[৫] অর্ম [সং √যা > জি, প্রা √যা (তু 'প্রা জাই, জাসি—হে) > বা যা; হি, ঠ, মৈ √জা; ড় √যা] ১ গমন করা; যাওয়া। "আজ্ঞা কর মাতা আজি আমি যাই বন।—কৃ ৯৮। যায় যোগ্য ধাম বি.সু ৪। ২ হাঁটা, চলা, অগ্রসর হওয়া। "কোন পথে যাই বল শ্রীরাম লক্ষ্মণ।—কৃ ৬৬। ৩ যাত্রা করা। "শ্রবণাদি ছয় ঋক্ষ না যাই দক্ষিণে ক.চ ১৯০। ৪ প্রবেশ করা; ঢোকা। "(পুষ্প) সাজাইয়া ল'য়ে যায় মহা-মায়ার ঘর।—কৃ ৩৩৭। ৫ (জমা খরচে) বাদ পড়া; বিযুক্ত হওয়া। ৬ অপহৃত হওয়া; হারান। "অল্প লইয়া থাকি তাই মোর, যাহা যায় তাহা যায়।—রবীন্দ্র। ৭ অধিকারচ্যুত হওয়া। 'যায় বঙ্গসিংহাসন।—ন ৫০১। ৮ নাশপ্রাপ্ত বা নষ্ট হওয়া। "যায় স্বাধীনতা-ধন।—ন ৫০১। যা যায়, তা আর আসে না ব.প্র ২৯৫। ৯ প্রাপ্ত হওয়া; পৌঁছান। "এই পথে তিন দিনে যাই মম ঘরে।—কৃ ৬৬। ১০ ক্ষতি বা অসুবিধা হওয়া। "সংসারের কিবা যায় আসে, সে নিরীহ জীব মরে কিম্বা বাঁচে?—মন্দ্র ৮২। তাতে কিছু আসে যায় না। ১১ স্খলিত হওয়া; খসা। "ধিক (অধিক) হস্ত চক্ষু যাবে পরশনে যার।—ম ৩৩৩। ১২ অদৃশ্য হওয়া। দ্র '(১১)। ১৩ দূর হওয়া; অপনীত হওয়া। "(কালী নাম) জপিলে জঞ্জাল যায় বি.সু ৪। ১৪ অতীত হওয়া। "দুই তিন যায় মাস ক.চ ২১২। চৈ.ভা ৩৭। বয়সে কি যৌবন যায়? যৌবন রূপে আর মনে।—ব.প্র ২০। ১৫ টিকিয়া থাকা (to last)। "তাঁতের কাপড় অনেক দিন যায়, কলের কাপড় যায় না। ১৬ স্ত্রীসহ-বাসার্থ যাওয়া। "রবিবারে না যাইব নারীর সাক্ষাৎ ম.গা ১। ১৭ অবসান হওয়া। "বেলা যায়-যায়।—কথা ১২১। ১৮ প্রাণত্যাগ করা, মরা। "ভীষ্ম বলে যাব আমি উত্তরায়ণেরে।—ম ৮১২। এমন সকল ছেলে রেখে চেকে যাওয়া—বড় পুণ্য না হইলে হয় না।—আ দু ২১৮। ১৯ (গণিতে) ভাজক দ্বারা ভাজ্য বিভক্ত হওয়া। "১০ এর মধ্যে ৫ দুবার যায়। ২০ বর্ত্তমান হওয়া; বর্ত্তান। "রাজার রাজ্যে পাপ করিলে রাজার পাপ যাকে ব.প ৪৯৯। ২১ অসমাপিকা ক্রিয়ার পরে ক্রিয়াসমাপ্তি-সূচক। "প'ড়ে, ম'রে, হ'য়ে যাওয়া।—সক প্রাপ্ত হওয়া; পাওয়া, করা। "বিশ্বাস যাই।—ম ৮৪১। কে…যাবেক প্রত্যয় শ্রী মা ২১৭। প্রত্যয় যাই মনে ব.প ৩৪৫। হরিশ্চন্দ্র নির্বংশ যা।—শ্রী ২৭। ক্ষয় যায় সে চৈ.ভা ৭১। কুল ' ইথেক নাশ চৈ.চ ৯৬; ২৯২। না যাহ প্রতীত চৈ.ম ৫৭। কে যাবে প্রতীতে।—ব ৯৫। প্রত্যয় যায় ভ.প্র ২২৭; দুই যায় ক্ষয় ২৫৮; যায় নাশ (সং নাশং যাতি) ৪০৯। বিষ যাউক ক্ষয় ম.ম ৭৫; ক্ষয় যা ভস্ম যা কালকূট বিষ ২২০। ক্ষণে মোহ যায় ভা.চ ৩১৮। হাতের ন ক্ষয় যাক।—নী ১৯। [যাইল—গেল। "রঙ্গ ৩১। যাউ (সং যাতু)—১ যাউক, বহির্গত হউক। "যাউ আমার পরাণ ক.চ ৫৯। ২ নষ্ট হউক। "পরমার্থ যাউ চৈ.চ ১৪৫। যাউক, যাক, -কু (যাউ-ক > যাউক, যাকু, -ক)। "নিয়া যাকু পারিজাত শ্রী.মা ১৮৯। যাউক, যাক—তৎ-প্রসঙ্গ পরিত্যক্ত হউক। "রূপ যাউক, গুণ শুনিয়াছি ব.প্র ১৯৭। যাওত—যাইতেছে। "জ্ঞা ১০৪। যাওয়া আসা—১ যাতায়াত। "করি রাজ-মহলে যাওয়া-আসা ব.প ১৬২৭। ২ সংসার হইতে যাওয়া ও সংসারে আসা; জন্ম-মৃত্যু। "বৃথা হলো যাওয়া আসা।—দা ১২০৩। যাওয়াব—গমন করাব। "শ্রী ১৮৬। যাও—যাই। "বি.প ১৬৫। নিবৃত্তি-সুখ তায়।—ব ২১। যাচ্ছি-যাব করা—গমনে শৈথিল্য করা। যাছি—যাইতেছি। "লয়া যাছি তোমার গোপাল।—ব ৪৭। যাতে—যাইতেছে; যায়। "সঙ্কট বাটহি আওত যাত বিশঙ্ক।—গো ১৩৭। যাতি, যাতিয়া (যায়)।—প.ক। যান্ত (সং যান্তি)—যান। "অ.প ১২। যাবই—যাইতেছে। "জ.প ৪৪। যাবা—যাওয়া। "ঘুচিল বাসুড্যা যাবা শ্রী.মা ১৩। ভ.প্র ২৫০। যায়-যায়—১ মৃতপ্রায়। ২ প্রায় অধিকারচ্যুত। ৩ অবসানপ্রায়। দ্র 'যা[৫] (১৭)। যায়ল—গেল। "লাজে না যায়ল এ কঠিন জীব বি.প ১৪১। যায়া—যাইয়া। "ব.প ৩৯। যা যা—যাও যাও। "যা যা গুরু ব্রাহ্মণ ব.প ৪৬। যাল—যাইল, গেল। "অন্ধকার যাল শ্রী.কী ১৩। অগ্রে যাওয়া (সং অগ্রে যা)—অগ্রসর হওয়া; আগে পৌঁছান; নায়ক হওয়া (to lead)। অস্ত যাওয়া (সং 'অস্তং যা)—অস্তমিত হওয়া। নিদ্রা যাওয়া (সং নিদ্রাং যা)—ঘুমান। পারে যাওয়া (সং পারং যা)—নদীর অপর তীরে যাওয়া। করা যায় (তু 'স্রং কার্য্যতে > প্রা কারিজ্জই')—কর্ম্মবাচ্যের ক্রিয়া। "কপালের কথা তায় কিবা যায় করা শি ১০৭। এইরূপ "না যায় উচ্চার (চ.বি ২৯)। জীতে কি পাসরা যাব কানু।—জ্ঞা ১০৬। যাইউ, -তেঁ, -তোঁ, -ইবাক, -বেঁ, -বোঁ, যাএ, -ওঁ, -ঞা (শ্রী কী)। যাবু -মু (গো.চ)। যাই (যায়, যাইয়া), যাইহ, -ছি, -ইয়ে, -ইহ, যাঙ্, যাওই (প.ক)। যৈ (যাই > যই > যৈ)—যাইয়া। "অ.প ১০।]

যা[৬] প্র [ইআ[২] > যা, ্যা] সর্থ 'ইআ[২]। "পাঠায়্যা কৃ.অ ১; জিজ্ঞাস্যা ৯। কব্যাছি।—ম ৭৫৯, দাণ্ডায়্যা ১১৭৪। ভাস্যা ক.চ ৮৫; গুচ্যাছ ১৫২, পূর‍্যাছি, বায়্যা ২০৫, পাঠায়্যাছিলাম ২২০, কিন্যা ২৪৬। মাগ্যা।—ক্র ২৮; খায়্যা ৭২। ঘনায়্যা শ্রী.ম ১১, পায়্যা ২৩। চন্দ্র্যা, পায্যা ব.প ৫৩; হয়্যা ৮১, যায়্যা ৮৩; আল্যা ৯১৬, লুকায়্যা ১১১০, মেটায়্যা ১৩৫৬; উড়্যা ১৩৬২। ধেয়্যা শ্রী.ম ১৪; উঠ্যা ১৯; ডেক্যা ২৪, রয়্যা, গায়্যা ৫২; ফিক্যা ৬১; ঢেল্যা ১৩৯; এন্যা ১৫৪। হযা চ.বি ৯১। জ্বল্যা শি ২৬। বস্যায়্যাছ ভা.চ ৬৭৪, পায়্যা ৬৭৭; ছাড়্যা ৭০০। [প্রাচীন বাঙ্লায় ভূরি প্রয়োগ]। [আল্যা—আইলা। "কৃ.উ ১০৬। হল্যান (হইলান > °ন)—হইলেন। "ম ১০৯৭।]

যা[৭] প্র [ইআ[২] > যা, ্যা] সর্থ 'ইয়া[২]। "বল্লাল-সেন্যা ক.চ ২১৬। মাথুর‍্যা ব.প ৩১৫; বারমাস্যা ৩৬৮; রায়বাঁশ্যা ৪১৩। অমঙ্গল্যা শি ১১, বিপাক্যা ২৭; ৯১।

য়া[১] প্র [স্বার্থে 'ক' > অ > আ > য়া: বৈষ্ণবসাহিত্যে] শব্দের উত্তর স্বার্থিক বা অনুকম্পার্থক প্রত্যয়। "ছাতিয়া, বিজুরিপাঁতিয়া, রাতিয়া বি.প ১৭২; গুরুয়া ১৮৫। যাদুয়া চ.সা ৬০। বন্ধুয়া, ইন্দুয়া, প্রেম-সিন্ধুয়া।—গো ৩১; বিন্দুয়া ৩২; পাঁতিয়া ১৬০। হরিয়া নাগিতে ক.চ ১০৯। [বরিখন্তিয়া, হন্তিয়া—'য়া' সুরের জন্য (?)। "বি.প ১৭২।]

য়া[২] [আ > য়া, তু 'প্রা পায়াল (পাতাল—হে ১.১৮০)] উচ্চারণানু-সারে 'আ' স্থানে 'য়া'। "য়ার (আর) শ্রী.কী ১০। য়াছএ গো.বি ৮; য়াইল ৯; য়াস্ত (অস্ত) ২৫; য়াত্র (অত্র) ৬০; য়ানহ ৯২; য়াউ (আয়ু) ৯৪, য়াপনে ১০১; য়াপনায় ১০৪; য়ানল ১৭২। [গোরক্ষ-বিজয়ে ভূরিপ্রয়োগ।]

যাই[১] বি [সং জাতি > প্রা জাই > বা °ই] জাতিফুল। "ম.ম ৩৮।

যাই[২] অব্য [সং যদা > প্রা জই > বা (জাই) °ই] যেই, যখনই। "বিষ্ণুপাদপদ্ম যাই দেখিল নয়নে চৈ.ম ৮৭। খুব সচ্ছল পুরুষ যাই গেলেন, অমনি দেনার দায়ে ঘটী, বাটী, স্ত্রীর খোপা বাঁধিবার দড়িগাছিটা পর্য্যন্ত নিলামে উঠে।—পা.প্র ১৭৪। যাই আসবে, আর গলায় আঁচল

"দিয়ে-তৈমে নিয়ে যাব ।—জা ২৫ । [যাই···অমনি, আর । দ্র 'শিষ্ট-প্রয়োগ' ।]

যাহি° ক্রি.বিং [সং যস্মাৎ > প্রা জাহি (ষ, Appendix 154) -'ওর্বা 'ই] যে হেতু । "পুরুষ মানুষ তৈজসের মধ্যে কলসী । সদাই অন্তঃশূন্য—আমরা যাই গুণবতী, তাই জল পুরিয়া পূর্ণকুম্ভ করিয়া রাখি ক.গ্র ৩৯০ ।

যাউ বি সর্ব 'জাউ' । "দধির সহিত খুদেব যাউ ক চ ২০৯ । পুরাণ খুদের যাউ কিছু তার কোণ ব প ৩৫৬ ।

যাওন বি [যা২ + ওন] গমন, প্রস্থান, যাত্রা । 'তথা যাওন নিশ্চয় জা চ ৫১৩ । না যাওন ভাল নহে কাজ বি হ ১৬২ । বাসায় যাওন কৃ চ ৪৫ , যাওনের কারণ ৫৭ । [°কালে—যাওযার সময়ে । "ভ গ্র ৩০৩ । °কালীন—যাত্রার সময় কথিত । "°বেণীবাবুর কথা স্মরণ হইতে লাগিল আ দু ১১৭ ।]

যাঁ সর্ব [সং যেষাম্ > প্রা জাণ > বা (ভাব) যাঁর > যাঁ (বিভক্তি-হীন) ।—যাঁরা, যাঁকে, যাঁদিগকে ইত্যাদি (কর্তার একবচনভিন্ন অন্য কারকের সকল বচনে) , যিনি (কর্তা-১ব)] কর্তার বহুবচনে ও অন্য কারকে 'যিনি'-স্থানে প্রযোজ্য সর্ব্বনাম । "নিরন্তর ভজ তাঁরে, বিশ্বাধার বল যাঁরে ।—রামমোহন রায় । [যাঁক—যাঁহার । "প ক ১১ । যাঁব-তাঁব—যে-কোন সম্ভ্রান্ত ব্যক্তির । যাঁর- তাঁর—যাঁহার ···তাঁহাব । যাঁ-সভা ··তাঁবা—যাঁহাবা তাঁহারা । "যাঁ-সভা-উপবে কৃষ্ণের প্রিয় নাহি আন । তাঁরা আপনাকে করে স্বামী অভিমান ॥—চৈ চ ৩০ । যাঁ-সভাব তাঁ-সভার—যাঁহাদের তাঁহাদের । "যাঁ-সভার স্মরণে পাই চৈতন্য চরণ ।···এতএব তাঁ-সভার বন্দিয়ে চরণ ॥—চৈ চ ৪১ ।]

যাঁওকোঁ বি [ধ্বন্যাত্মক] ভেকরব । 'বেংগুলা আশে পাশে যাঁওকোঁ যাঁওকোঁ' করিয়া ডাকিতেছে আ দু ১১১ ।

যাঁক দ্র 'যাঁ' ।

যাঁচ সর্ম [সং √যাচ্—যাচ্ঞা > °চ , হি √যাঁচ] প্রার্থনা করা । "ব প ১৩৫ । —চা সম্ম [যাঁচ + আ৮] যাচ্ঞা করান । 'আপনাব যৌবন যাঁচায় চ দা ২ ।]

যাঁচা ; যাঁত১ দ্র 'যাঁচ জাঁত১' ।

যাঁত২ সর্ম [জাঁত২ > °ত] ১ সংবাহন কবা , ডলা । যাঁতিমু ('যাতিমু' —পাঠান্তর) হস্ত পাও গো চ ১৭৫ । অঙ্গ যেন যাঁতযে কিঙ্করে ক চ ৫৩ । ২ চাপিয়া ধরা , চাপা । 'নাহরি কোরহি যাঁতি প ক ২৪৮২ , যাঁতই দক্ষিণ পাশ ২৭৪২ । [যাঁতা২—সর্ম যাঁত২ ।]

যাঁতা১ বি [জাঁতা > °তা] সর্ব 'জাঁতা (৩)' । "বাতাস মণ্ডল যাঁতা ছাইআ লইল ব প ১১৪ । [যাঁতা ছাইআ—যাঁতা চামড়ায় আচ্ছাদিত করিয়া ।]

যাঁতা২ ; যাঁতি ; যাঁয় দ্র 'যাঁত২ , জাঁতি , যাঁ' ।

যাঁহা১ সর্ব [যাঁ > (দীর্ঘ উচ্চারণে) যাঁআ > যাঁহা , যিনি' (কর্তা -১ব) , যাঁহারা, যাঁহাকে, যাঁহাদিগকে ইত্যাদি (কর্তাব একবচন ভিন্ন অন্য কারকের সকল বচনে)] সর্ব 'যাঁ' । যাঁহা হইতে সকলেব সৃষ্টি ভা চ ১৮৬ । করিতে যাঁহাব স্তুতি, অবসন্ন হয় শ্রুতি ।—রামমোহন রায় । [যাঁহারা · তাঁহারা , যাঁহাকে তাঁহাকে ইত্যাদি (সাপেক্ষ —correlatives) ।]

যাঁহা২ ক্রি বিং [যঁহা > যাঁহা] সর্ব 'যঁহা' । "গোপ-গোপী-সঙ্গে যাঁহা কৃষ্ণের বিলাস চৈ চ ২২ , ৩০২ । [যাঁহা-তাঁহা—যেখানে-সেখানে । সর্ব্বত্র । "চৈ চ ৪০ , ৬৭ , ৭১ , ১২১,-৯০ । যাঁহা···তাঁহা—যেখানে ...সেখানে । "এই যাঁহা নাহি, তাঁহা ভক্তি অহৈতুকী চৈ চ ২৬৩ । যাঁহা ...তাঁহা তাঁহা । "ব প ১০৫০ । যাঁহা···তাঁহি—যেখানে···সেখানেই । "যাঁই যাঁহা বৈঠই, তাহি যাই উপনীত ।—ব ৮০ । যাঁহা যাঁহা···তাঁহা । "চৈ.চ ১৫ । যাঁহা যাঁহা···তাঁহা তাঁহা, তাঁহি তাঁহি । "বি প ২৯ । যাঁহা ···তহু ঠাম । "ব প ১০৫০ । যাঁহা বায়ায়, তাঁহা তিপায়—গুরুতর বিষয়ের সহিত স্বল্প বিষয়ের যোগ (অসহনীয় নয়) ।]

যাগ পুং [√যজ্ + অ (ঘঞ্)-ঘি] ১ 'যাহাতে দান আছে' (অ টী) , মখ, ক্রতু, যজ্ঞ । "পা ৪ ২ ২৪, কাশিকা । যাগস্থ যাজ্ঞ ৩ ২৫১ । রঘু ৮ ৩০ । ২ বলি, হোমদ্রব্য । [°কণ্টক (পুং)—বেদের মন্ত্র মন্ত্র-দেবতা ছন্দঃ ঋষি ব্রাহ্মণ ইত্যাদি বিষয়ে অজ্ঞ যাগকর্তা । °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী —যজ্ঞকার্য্য । °মণ্ডপ (পুং, ক্লী)—যজ্ঞশালা । °সূত্র (ক্লী)—যজ্ঞোপবীত (S W) ।]

যাচ্ দ্বিক [ভ্বা, আ—যাচতি, -তে , সেট্] ১ যাচ্ঞা, প্রার্থনা , ভিক্ষা । ২ গ্রহণার্থ প্রেরণ । "যাচতি বিত্তং গুরবে শিষ্যঃ (ক ক) ।

যাচ সর্ম [সং √যাচ > প্রা √যাচ] ১ প্রার্থনা করা , চাওয়া । 'দক্ষিণা যাচযে দ্বিজ ।—ম ৪০ । কভু না যাচয় ভ গ্র ৭৭ । ভারত যাচত ভকতিলেশ ভা চ ৭৫ । ২ গ্রহণার্থ প্রবর্ত্তিত করা । তুষ্ট হয়্যা বর তারে যাচে ব্যোমকেশ ।—ম ৮৭৩ । তুষ্ট হৈয়া বব তাবে যাচে বিশ্বেশ্বর ।—অ ৩৩ । ভকতবৎসল ভগবান্ যাচ বব শি ৪৫ । প্রেমধন, যাচিযা বিলায় জগজনে ।—ব ৫ । (ফুল) যাচলে নেয না পুনর্ব্বার ব প ১৬২৬ । [যাচিতে, যাচু (যাচুক) যাচো (শ্রী কী) । যাচই, যাচাওয়ে (প ক) ।]

যাচ, -চি, -চে, -চেন দ্র 'যাচ' ।

যাচক বিণ [√যাচ + অক (ণ্বুল)-ক স্ত্রী -চিকা] যাচনশীল, অর্থী, প্রার্থয়িতা । রা ৭ ৯২ ১১ । যাজ্ঞ ৩ ১৩৯ । —চক পুং ১ প্রার্থী জন । তৃণাদপি লঘুস্তূলস্তূলাদপি চ যাচকঃ । বায়ুনা কিং ন নীতোঽসৌ মামেবং প্রার্থয়েদিতি ॥—সু ব । ২ ভিক্ষুক । —চকী স্ত্রী ভিক্ষুকী । 'মহা ১ ৭৮ ১১ । —চন্ ক্লী [+ অন (ল্যুট্)-ভা] যাচ্ঞা, প্রার্থনা, ভিক্ষা । "ভ্রান্তং যাচনতৎপরেণ মনসা (S W) । দুহিতৃ°, বসতি°, °তৎপর । বধ্যাতামভয়যাচনাঞ্জলিঃ রঘু ১১ ৭৮ । —চনক পুং নিত্য যাচন দ্বারা পবোদ্বেজক (কুল্লুক) , হেয় যাচক । "মনু ৩ ১৬৫ । —চনা স্ত্রী [+ অন (যুচ)-ভা + স্ত্রী আ (টাপ)] সর্ব 'যাচন' । 'সাধু কুবন্ধ যাচনাম্ রা ২ ২৭ ২৩ । যাচনা মাননাশায় ।—চাণক্য । —চনীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রার্থনীয় । —চনীয় ক্লী [+ অনীয় ভা] যাচন ।

যাচন দ্র 'যাচক । [°দার—যে যাচাই কবে (appraiser) ।]

যাচনক, যাচনা, যাচনীয় দ্র যাচন' ।

যাচা সর্ম [যাচ + আ৮] ১ প্রার্থনা করান গ্রহণার্থ প্রবর্ত্তিত কবা চাওয়ান । আপনার যৌবন যাচায় চ দা ৩২ । রে ঘবে ফিরে কেন প্রেম যাচাইয়া চৈ ম ৬ । আপনি তোমায় বব যাচাই শ্রী ম ১৫২ । ২ প্রার্থনা কবিয়া পণ্যের গুণদোষ পরীক্ষা করাইয়া মূল্যনিরূপণ কবা , যাচান । [যাচাই—পণ্যের মূল্যনিরূপণ । যাচান— সর্ব যাচা' । যাচাই কবা—পণ্যেব মূল্য নির্দ্ধারণ করা ।]

যাচাই, যাচান দ্র 'যাচা ।

যাচিকা বি পরপুরুষেব সহবাসার্থিনী নারী উপযাচিকা । 'যাচিকা যুবতী ছাড়া অধর্ম্ম বিস্তর শ্রী মা ৫০ ।

যাচিঞা, -চিঞা১ বি [সং যাচঞা > (স্বরাগমে) °ঞা,-ঞা অসাধু] ১ প্রার্থনা । "(দক্ষিণার্থ হেতু) যাচিঞা কবিলুঁ ।—ম ১১৯১ । মোর কিছু যাচিঞা আছয় ভ গ্র ৭৪ , যাচিঞা করিল ২০৯ । যাচক যাচিঞা করু চৈ ম ২৬ , ৩৪ । ২ ভিক্ষা । 'যাচিঞা কবিয়া কবি উদর ভরণ । —ম ৭১৪ । ৩ যাচিত ভিক্ষালব্ধ দ্রব্য । (মুষ্টিভিক্ষা বিন্দু) যতেক যাচিঞা সব অনাচার হয়ে ভ গ্র ২৫০ । —চিঞা বি সর্ব 'যাচিকা' । "যুবতী যাচিঞা হলে দোষ নাহি তায় শ্রী ৫৮ ।

যাচিঞা১ দ্র 'যাচিঞা' ।

যাচিত বিণ [√যাচ্+ত(ক্ত)-র্ম্ম] প্রার্থিত, অভ্যর্থিত। "দিষ্ট্যা ন যাচিতস্ত্বেবং রাঘবো বধ্যতামিতি গো.রা ২.৬১.২৩। —চিত ক্লী [+ত -ভা] ১ যাচ্ঞা, ভিক্ষা। ২ যাচিত দ্রব্য ; ভিক্ষান্ন। ৩ বিবাহাদি উৎসবে প্রার্থনাপূর্ব্বক গৃহীত (চাহিয়া-লওয়া) বস্ত্রালঙ্কারাদি। "যাজ্ঞ ২.৬৮। —তক ক্লী [°ত+ক (কন্) স্বার্থে] সর্থ 'যাচিত (২ ; ৩))

যাচিতক দ্র 'যাচিত'।

যাচিতা (-তৃ) বিণ [যাচ্+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী] ১ যাচক, প্রার্থক, যাচমান। "অযাচিতারম্···দেবদেবম্ কু.স ১.৫২ ; ৬.৮২। ২ ভিক্ষাকারক।

যাচিষ্ণু বিণ [√যাচ্+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক ; স্ত্রী -ষ্ণু] যাচনশীল, প্রার্থয়িতা। "মহা ১.১৭৮.১৫। °তা মনু ১২.৩৩।

যাচ্ছেতাই বি [যা-ইচ্ছা-তাই > °ই] যা মুখে আসে, তাই ; অশ্লীল ভাষা। "(দনু বাবুর বাপ) দনু বাবুকে যাচ্ছেতাই বলে গাল মন্দ দিতে লাগিলেন।—হ ৫৮। —তাই বিং (গৌণার্থে) কদর্য্য, কুৎসিত, মন্দ।

যাচ্ঞা স্ত্রী [√যাচ্+ন (নক্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ যাচনা, প্রার্থনা। "যাচ্ঞা মোঘা বরমধিগুণে পূ.মে ৬। মৃতং তু নিত্যযাচ্ঞা স্যাৎ ভ ৭.১১.১৯। ধিক্ সে যাচ্ঞা,—ফলবতী নাচ কাছে।—মা ১৪৫। ২ ভিক্ষা। "যচ্চাত্রৈব যাচ্ঞয়া জীবনং তদতীব গর্হিতম্।—হি ১২⁴⁄₅₂। [°জীবন (ক্লী)—ভিক্ষায় প্রাণধারণ। °প্রাপ্ত (বিণ) —প্রার্থনালব্ধ, ভিক্ষালব্ধ। °বচঃ (-চস্) ক্লী—প্রার্থনাবাক্য। °ভঙ্গ (পুং)—প্রণয়ভঙ্গ, প্রার্থনাবৈফল্য।]

যাচ্য বিণ [√যাচ্+য (ণ্যৎ)]-র্ম্ম, কুত্বাভাব, পা ৭.৩.৬৬] যাচনীয়, প্রার্থয়িতব্য। "মনু ৮.১৮১ ; ১০.১১৩। —চ্য ক্লী [+য-ভা] যাচনা। "যাচ্যমাকরনীশস্ত অভিহারম্ মহা ১৩.৬০.৪।

যাছ, -চ ক্রি. ক্তি [ইআছ > য়াছ, -চ] সর্থ 'ইআছ'। "দেখ্যাচ কৃ.অ ৩৩। পায়্যাছ ব.প ৫২৩ ; বস্যাছ ৫৩৭ ; ধর‍্যাছ ১৩৫৫। দ্র 'ইআছ'। —ছি,-চি সর্থ 'ইআছি'। দ্র 'ইআছি'। দেখ্যাছি কৃ.অ ৩৩। —ছে,-চে সর্থ 'ইআছে'। চল্যাচে কৃ.অ ২৯। —ছেন, -চেন সর্থ 'ইআছেন'। "বস্যাচেন কৃ.অ ১ ; বস্যাছেন ৩। দ্র 'ইআছেন'।

যাজক পুং [√যজ্+অক (ণ্বুল্)-ক] ১ যাগকৃৎ, যাজ্ঞিক। "মনু ৩.১৬৪। যাজক দক্ষিণা পাইলে সে গৃহে কি কার্য্য শ্রী.ম ১৪২। মুখরিত পিককুল যাজক তায় ব.প ১০৮১। ২ রাজহস্তী। —জন ক্লী [+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ যজ্ঞ করান , ব্রাহ্মণের ষট্-কর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ (মনু ১.৮৮। যাজ্ঞ ১.১১৮)। "রা ১.৫৮.৫। ম ১০৫২। তুমি যজন যাজন কৃ.উ ২৮৭। ২ (বাঙ্লায়) সন্ধ্যো-পাসনা। "(রামি !) তোমার ভজনে, ত্রিসন্ধ্যা যাজনে তুমি সে গলার হারা চ.দা ১৫৪। ৩ (অসাধু) যজন, যজ্ঞ। "আজন্ম যাজন কৈলে।—দু ১৭। —জয়িতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] যজ্ঞকারয়িতা। —জি পুং [√যজ্+ই (ইঞ্)-ভা, উ ৪.১২৪] ১ যজ্ঞ। ২ [+ই-ক] যাগকর্ত্তা। —জী (-জিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক ১ব] ১ যজনশীল, পূজনশীল, পূজয়িতা। "যান্তি মদ্যা-জিনোঽপি মাম্ গী ৯.২৫ ; ৩৪। নিত্য°, সোম° (S.W)। ২ শাস্ত্যাদিকর্ত্তা। "গ্রাম° যাজ্ঞ ১.১৬৩।

যাজকতন্ত্রতা বি ধর্ম্মভাবের অধীনতা। "পা.প্র ৩০।

যাজন, যাজয়িতা, যাজি, যাজী দ্র 'যাজক'।

যাজুষ বিণ [যজুস্+অ (অণ্) ; স্ত্রী -ষী] যজুঃসম্বন্ধী, যজুর্ব্বেদীয়। —জুষ পুং যজুর্ব্বেদবিৎ।

যাজ্ঞবল্ক্য পুং [যজ্ঞবল্ক+য (ষ্ণঞ্)] যজ্ঞবল্কের গোত্রাপত্য সংহিতাকার মুনিবিশেষ ; যোগীশ্বর। [ইনি ব্যাসশিষ্য বৈশম্পায়নের নিকটে যজুর্ব্বেদ অধ্যয়ন করেন। কোন কারণে কুপিত গুরুর আদেশে অধীত যজুঃসমূহ উদ্গীর্ণ করিয়া, ইনি গুরুর অনধিগত বেদলাভার্থ সূর্য্যের আরাধনা করিলে, সূর্য্যদেব বাজিরূপে আবির্ভূত হইয়া ইঁহাকে অন্যের অবিজ্ঞাত যজুঃসমূহ প্রদান করেন। এই যজুর্গণ শুক্ল-যজুর্ব্বেদ নামে খ্যাত। দ্র 'তৈত্তিরীয়'। ইনি কণ্ব মধ্যন্দিন প্রভৃতি সপ্তদশ শিষ্যকে এই বেদ অধ্যয়ন করান ; তদনুসারে ইহা সপ্তদশ শাখায় বিভক্ত। শাখাসমূহের মধ্যে মাধ্যন্দিনী শাখা সমধিক প্রচলিত।] —বল্কীয় বিণ যাজ্ঞবল্ক্যসম্বন্ধী। "মনু ৪.২১২, কুল্লুক।

যাজ্ঞসেনি পুং [যজ্ঞসেন+ই (ইঞ্)] যজ্ঞসেনপুত্র, শিখণ্ডী। "মহা ৭.৬.৩৮। —সেনী স্ত্রী [°নি+স্ত্রী ঈ (ঙীপ্)] যজ্ঞসেনপুত্রী, দ্রৌপদী। "মহা ৪.৪.৫৬। পিতৃনামে দ্রৌপদী যজ্ঞেতে যাজ্ঞসেনী। —ম ১৬৫,-৯৩ ; ৩৬৭।

যাজ্ঞসেনী দ্র 'যাজ্ঞসেনি'।

যাজ্ঞিক বিণ [যজ্ঞ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ যজ্ঞসম্বন্ধী ; যজ্ঞ-হিতকর। ২ দীক্ষাসম্বন্ধী (জন্ম)। "ভ ৪.৩১.১০। —জ্ঞিক পুং ১ যাগকর্ত্তা, যাজক, ঋত্বিক্। ২ যজ্ঞে সাধু ; যাগবিধিজ্ঞ। ৩ কুশ-তৃণ, রক্তখদির অশ্বত্থ ; পলাশ। —জ্ঞিক্য পুং [°ক+য (ঞ্য)] যাজ্ঞিকের ধর্ম্ম বা আম্নায়। "পা ৪.৩.১২৯, সি।

যাজ্ঞিক্য দ্র 'যাজ্ঞিক'।

যাজ্ঞিয় বিণ [যজ্ঞিয়+অ (অণ্) স্বার্থে ; স্ত্রী -য়ী] ১ যজ্ঞিয়, যজ্ঞার্হ (দ্রব্য, কাল)। ২ যজ্ঞসম্বন্ধী, মেধ্য। —জ্ঞিয় পুং ১ যাজ্ঞিক। ২ যজ্ঞার্হদেশেচ্ছু। "হ ২০২.৭।

যাজ্য বিণ [√যজ্+য (ণ্যৎ)-র্ম্ম, পা ৭.৩.৬৬] ১ যজনীয়, যজনার্হ। ২ [√যাজি+য (যৎ)-র্ম্ম] যাজনযোগ্য, যাজনার্হ। "যাজয়েচ্চাপি যাজ্যান্ মহা ৫.২৯.২৩। মনু ৩.১৪৮। যাজ্ঞ ১.১৩০। রঘু ১.৮৬। ৩ শাস্ত্রানুসারে যজ্ঞাধিকারী। —জ্য পুং ১ যজমান। "মনু ৮.৩১২। ২ শিষ্য, শাসনার্হ (শ.ক)।

যাঠা বি সর্থ 'জাঠা (১)। "বচন বুকে বাজে যেন যাঠা শ্রী ২৩।

যাত বিণ [√যা+ত (ক্ত)-ক] ১ গত, প্রস্থিত। ২ পলায়িত। ৩ অভ্যুপেত, প্রাপ্ত। "অবিজ্ঞাতাং গতিং যাতে দেবদেবে জনার্দ্দনে। —বিষ্ণু ১.১৯। ৪ অতীত, অতিক্রান্ত, ভূত। "সামুদ্রবিদ্ বদতি যাতমনাগতঞ্চ।—বৃহৎসংহিতা ৬৮.১। ৫ আয়াত, প্রাপ্ত। "প্রথমা রাত্রির্যাতা জনপদাদ্ বহিঃ রা ১.৫৩২। ৬ নাশপ্রাপ্ত, তিরোহিত, গত। "কাপ্যপি যাতস্তবাপি বিবেকঃ।—ভামিনীবিলাস ১.৬৭। ৭ শাস্ত্রার্থানুসারে চলিত বা কৃতানুষ্ঠান। "যেনাস্য পিতরো যাতা যেন যাতাঃ পিতামহাঃ মনু ৭.১৭৮। —ত ক্লী [+ত-তা] ১ গমন, গতি। "যাতায়াত। ২ অতীতকাল। দ্র 'যাত (৪)। ৩ অভি-নির্যাণ, যান। ৪ হস্ত্যারোহীর পাদকর্ম্ম ; মাহুতের পদাঘাতে হস্তি-চালন। ৫ [+ত-থি] মার্গ। "ইদং যাতং রমাপতেঃ পা ৩.৪.৭৬।

যাতন ক্লী [√যাতি+অন (ল্যুট্)-ভা] ১ প্রত্যর্পণ, প্রতিদান, শোধন। "বৈরস্য যাতনম্ মহা ৯.৫.১৮। ২ প্রতিহিংসা। —তনা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'যাতন (১)। ২ প্রতিক্রিয়া। "মহা ১.৫০.৩৭। ৩ অতিবেদনা, তীব্রবেদনা (অ.কো)। "যাতনাং ঘোরাম্ গো.রা ৫.১৯.৯। নানা যাতনা মৃত্যুহেতবে ভ ৭.১.৪৬। ৪ নরকপীড়া।

যাতনা দ্র 'যাতন'। [°গৃহ (পুং)—পীড়াকরস্থান, নরক। "ভ ৬.৩.৯।]

যাতব্য বিণ [√যা+তব্য] ১ গন্তব্য। ২ অভিযানার্হ।

যাতযাম বিণ [বহুব্রী] ১ যাহার যাম (ভোগকাল) যাত ; জীর্ণ, প্রাপ্তপরিণাম (অ.টী)। ২ জীর্ণ, গতবয়াঃ। "ভক্তি ৫.৩৯। ৩ মন্দপক্ব, অর্দ্ধপক্ব, শৈত্যাবস্থাপ্রাপ্ত (গী.টীকা)। "যাতযামম্ (ভোজনম্) গী

১৭.১০। ৪ গতবীর্য্য। "অ° ভ ৪.১৩.২১ ; ১৯.২৮। ৫ গতসার। "ভ ৩.২৩.৩৫। ৬ পরিভুক্ত, ভুক্তোজ্‌ঝিত, ভোগানন্তর পরিত্যক্ত। "হবিরাজ্যং পুরোডাশঃ কুশা যূপাশ্চ খাদিরাঃ। নৈতানি যাতযামানি কুর্ব্বন্তি পুনরধ্বরে।—রা ২.৬১.১৭। ৭ বিজ্ঞাত। "অথাতযামযজুস্ ভ ১২.৬.৭২।

যাতা (-তৃ) বিণ [√যা+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী-ত্রী] গন্তা, প্রস্থাতা। "পুষ্যাণামগ্রযাতৃণাং সহস্রাণি রা ৭.২১.২৮। —তা পুং ['যাতা' —হন্তা (ঋগ্বেদ ১.৩২.১৪)] ১ সারথি-প্রভৃতি। "মনু ৮.২৯০। ২ পথিক (A.)। —তা স্ত্রী [√যত্‌+ঋ (ঋন্)-ক-১ব, বৃদ্ধি, উ ২.৯৬] পতিভ্রাতৃ-পত্নী, জা। "সাদ ৩৬৮।

যাতায়াত ক্লী [স ম] গমনাগমন, গতাগত। "যাতায়াতমতন্দ্রিতং জলনিধেঃ ভ ১২.১৩.২। —য়াত ক্লী, দ্বিব [দ্বন্দ্ব] গমনাগমন। "রঘু ১২ ৩৫, মল্লিনাথ। যাতায়াতে সকলে রহিত বি মু ১৫৩।

যাতি বি [অসাধু] সর্থ 'জাতি (১১)। "যাতি যুতি শ্রী ১০৬, ২৪৯। দু ৬৩।

যাতিফল বি [অসাধু] সর্থ 'জাতিফল' (দ্র 'জাতি')। "দু ৩৮।

যাতু পুং [√যা+তু-ক, উ ১ ৭৩] ১ কাল। ২ বায়ু। ৩ পথিক। —তু স্ত্রী ['যাতু'—হিংসা (সায়ণ), যাতু (পুং)—রাক্ষস (সায়ণ) —ঋগ্বেদ ৫ ১২ ২ ; ৭ ২১ ৫, (Av. jadu)] 'অন্তপ্রাপক' (অ টী), রাক্ষস। [°ঘ্ন (পুং)—'যাতুনাশক', গুগগুলু।]

যাতুঘ্ন দ্র 'যাতু'।

যাতুধান পুং [যাতু+ √ধা+অন (যু)-ক (অ টী), তু 'জাতুধান'] যাতুব, অর্থাৎ স্বজাতির পোষক, রাক্ষস। "ঋগ্বেদ ৭ ১০৪.১৫। রা ৭.৫৯ ২০। ভট্টি ২.২৯। শি ৫৭।

যাতে, যাতে-তাতে দ্র 'যা°।

যাতোদ্যম বি [অপ্র] গমনে উদ্যোগ। "চৈ ১৬১।

যাত্রা স্ত্রী [√যা+ত্র (ত্রন্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ গমন, প্রস্থান, প্রযাণ। "অব্রবীদ্ রাজা খো যাত্রেতি বা ১.৬৮ ১৮। যাত্রাকালে ম ম ১৭৩। ছন্দোময়ী!, সেথায় করিবি যাত্রা?—চ কা ৩২৭। ২ দেশান্তরগমন। ৩ বিজিগীষুর যুদ্ধার্থ প্রযাণ, অভিনির্যাণ, অভিযান। "মার্গশীর্ষে শুভে মাসি যায়াদ্ যাত্রাং মহীপতিঃ মনু ৭.১৮২। যাত্রার্থ।—হি ৩৬২। ৪ দণ্ডযাত্রা, দুর্ব্বলশত্রু-দণ্ডার্থ অভিযান। "রঘু ১৭ ৫৬। ৫ তীর্থগমন। "তীর্থযাত্রাপর্ব্বন্। ৬ অত্যয়, অতিপাত। ৭ স্থিতি, ব্যবহার, নির্ব্বাহ (শ্রীধর)। "শরীর° গী ৩.৮। ভ ১০ ৮৬ ১৫। ৮ প্রাণস্থিতি। "যাত্রামাত্রং চ ভুঞ্জীত কেবলং প্রাণধারণম্ মহা ১৪ ৪৬.২৩। °মাত্রপ্রসিদ্ধি মনু ৪ ৩। ৯ আচার, ব্যবহার। "লোক° মনু ৯.২৫,-৭, ১১ ১৮৫। ১০ [+ত্র-ক] তীর্থযাত্রিগণ। ১১ [+ত্র-ণ] 'আনন্দপ্রাপ্তিসাধন', উৎসব। "দোল°, রথ°। কালপ্রিয়নাথস্য যাত্রাযাম্ ১২। গরুড়স্য যাত্রাপ্রসঙ্গেন।—হি ৩২২। ক সা ১০.৮৭। শঙ্কর° ।—ম ৫৯৪। যাত্রা…ওচনষষ্ঠী চৈ.ভা ৫১৭। ১২ দৃশ্যপটহীন নাটকাভিনয়োৎসব। "যাত্রোৎসবে সঙ্গতিঃ (নাশস্য হেতুঃ স্ত্রিয়াঃ)।—হি ১.১২০। ১৩ জীবিকা, বৃত্তি। "যাত্রাভিরনুরূপাভিরনুগ্রাহ্যা হিতাত্মরা মহা ১৪ ৫.৪৩। ১৪ উপায়। ১৫ যানমাত্র। ১৬ (বাঙ্‌লায়) বার, দফা (occasion)। "এ যাত্রা তবে বেঁচে যায় প্রাণ।—কা ১৪২। সে যাত্রা রক্ষা পাইল ব.প্র ২০৪। ১৭ সমবেতজনশ্রেণী, মিছিল (procession)। [°কর (বিণ) —প্রাণস্থিতিকারক। °করণ (স্ত্রী)—যুদ্ধার্থ অভিনির্য্যাণ। "হি ৩২২। °কার (পুং)—যাত্রাশাস্ত্রকারক। "বৃহৎসংহিতা ৮৬.৩। °প্রসঙ্গ (পুং)—উৎসবোপলক্ষ্য। দ্র 'যাত্রা (১১)। °মাত্র (ক্লী) —প্রাণস্থিতিমাত্র। দ্র 'যাত্রা (৮)।] [যাত্রাওয়ালা বি ১ তীর্থযাত্রার পাণ্ডা বা সেখো। "যে যাত্রাওয়ালার সঙ্গে আমরা যাইতেছিলাম, তিনি আমার প্রতি কিছু কৃপাদৃষ্টি করার লক্ষণ দেখিলাম ব প্র ৪৬১। ২ উৎসবে অভিনয়ব্যবসায়ী।]

যাত্রাঘট বি মঙ্গলকর যাত্রাকালীন পূর্ণকুম্ভ। "ভাঙ্গিল যাত্রাঘট ম.ম ১৭৩।]

যাত্রাভঙ্গ বি অমঙ্গল হেতু যাত্রার ব্যাঘাত। [নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গ—(গৌণার্থে) পরের অপকারের নিমিত্ত আপনার মহাক্ষতিকরণ।]

যাত্রাসিদ বি [°দ্ধি] যে শাড়ী পরিলে যাত্রাসিদ্ধি হয়; ভাল শাড়ী-বিশেষ। "প্রথমে পরেন সাড়ী নামে যাত্রাসিদ ব.প ২৮৮।

যাত্রিক বিণ [যাত্রা+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ যাত্রাসম্বন্ধী, প্রাস্থানিক। ২ অভিযানসম্বন্ধী। ৩ প্রাণমাত্রধারণোচিত। "যাত্রিকং ভৈক্ষম্ মনু ৬.২৭। ৪ ব্যাবহারিক, লোকসিদ্ধ। ৫ যাত্রাহিতকর। —ত্রিক পুং [+ইক (ঠন্)] ১ 'যাত্রাবান্', পথিক। ২ তীর্থযাত্রী। "যাত্রিকের ঠাট ক চ ১৯৬। যাত্রিকের ছলে চৈ.চ ৭৭; °লোক ১৫৬। °সমূহ চৈ ম ১৫৮। যাত্রিকেব ছলে।—চৈ ১৫৮। ৩ যাত্রা, উৎসব, উপায় (ত.বা)। —ত্রিক ক্লী ১ যাত্রোপযোগী বর্ম্মবাহনায়ুধযাত্রাবিধান। "মনু ৭ ১৮৪। ২ অভিযান। ৩ যাত্রাহিত নক্ষত্রাদি (ত.বা)। ৪ (বাঙ্‌লায়) যাত্রাকালেব মঙ্গলসূচক দ্রব্য, যাত্রামঙ্গল পূর্ণকুম্ভাদি। "গোধিকা যাত্রিক নয় ক চ ৫৭। যাত্রিক দ্রব্যসকল সম্মুখে রাখিয়া …মঙ্গল ধ্বনি করিতে লাগিল কু চ ৭০।

যাত্রী (-ত্রিন্) বিণ [যাত্রা+ইন্ (ইনি)-১ব] ১ যাত্রাবান্, অভিযানবান্। "কামন্দক ১২ ১৯। ২ [সং যাত্রিক] তীর্থযাত্রী। "দুকূলে যাত্রীর ঠাট ক.চ ১৯৬। আমি এক যাত্রীর দলে যুটিয়া শ্রীক্ষেত্রে যাইতেছিলাম ব.প্র ৪৬১।

যাথাকাম্য ক্লী [যথাকাম+য (ষ্যঞ্)] যথাকামতা, যথেচ্ছাচার।

যাথাতথ্য ক্লী [যথাতথ+য (ষ্যঞ্)] যথাতথভাব, যাথার্থ্য, যথার্থতা। "তে…°থ্যেন পৃচ্ছতঃ রা ৭ ১২ ১৩। ভ ১১ ১৬ ২।

যাথার্থ্য ক্লী [যথার্থ+য (ষ্যঞ্)] যথার্থভাব, তত্ত্ব, স্বরূপ। "ন সন্তি °বিদঃ পিনাকিনঃ কু স ৫ ৭৭। যাথার্থ্যং বেদ কস্তব রঘু ১০.২৪। আত্ম-যাথার্থ্য ভ ১.১২.২৮।

যাদ বি [জাদ[১] > °দ, অসাধু] বন্ধসূত্র, ফিতা। "নীবী যে বান্ধল বেড়ল যাদ।—জ্ঞা ৫৬।

যাদঃ (-দস্) ক্লী [√যা+অস্ (অসুন্)-ক, 'দ' আগম (অ.টী)] ১ 'বেগগামী', জলজন্তু। "যাদোগণ গো রা ১ ৪২ ৭। বরুণো যাদসামহম্ গী ১০ ২৯। রঘু ১ ১৬। যাদোগণে বরুণ আমি শ্রী.ম ২৯৬। যাদোগণেশ্বর ভা চ ১১। ২ উদক। ৩ সরিৎ। [°ঈশ '-দঈ-' (পুং) —'জলজন্তুপতি', সমুদ্র। °পতি '-দঃপ-' (পুং)—১ সমুদ্র। "যাদঃপতিবোধঃ।—যে ৩০। হেম ১৫৯। ২ বরুণ।]

যাদব বিণ [যদু+অ (অণ্), স্ত্রী -বী] যদুসম্বন্ধী। "যাদবং কুলম্ ভ ১১. ১ ৩। যাদবো বংশঃ।—হ ৯৫ ৪৮। —দব পুং [+অ অপত্যার্থে] ১ যদুর অপত্য বা পুত্রপৌত্রাদি। "হে কৃষ্ণ হে যাদব গী ১১.৪১। অযাদবীং মহীম্ ভ ১০ ৫০.৩। কৃষ্ণ যাদবায় নমঃ চৈ চ ৬৪। ২ শ্রীকৃষ্ণ। "যাদব কহেন রাজা কব অবধান।—ম ৪১৬। —দবী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ যদুবংশীয়া স্ত্রী। ২ [যাদব+ই (ইঞ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] যাদব শূরের অপত্য-স্ত্রী। দ্র 'নীলকণ্ঠ'। "যাদবী কন্যা মহা ১.১১০. ৫। ৩ কুন্তী। "°পুত্র (S.W)। ৪ যদুবংশীয়া স্ত্রী, সুভদ্রা। "তাঁর আজ্ঞা বিনা বিভা করিব যাদবী।—ম ২৩৫। ৫ দুর্গা। [°নন্দন (বি) —'যদুগণের আনন্দবর্দ্ধন', শ্রীকৃষ্ণ। "ম ১১১৫। °শার্দূল (পুং) 'যাদবশ্রেষ্ঠ', শ্রীকৃষ্ণ। "মহা ১৩ ১৪.৪২৯। °শেখর (বি)—'যাদবশ্রেষ্ঠ', যদুবীরগণ। "ম ২০৬।]

যাদবানন্দ বি 'যাদবহর্ষজনক', শ্রীকৃষ্ণ। "শ্রী ৭০।

যাদবী দ্র 'যাদব'।

যাদবেন্দ্র পুং [উপ.স] 'যাদবশ্রেষ্ঠ', শ্রীকৃষ্ণ। "শি ৫৬। প.র ১০।

যাদশাপন্ন বিং যাওয়ার দশা প্রাপ্ত, মৃতপ্রায, মুমূর্ষু।

যাদসাংনাথ, -পতি, -প্রভু পুং [অলুক্] ১ সমুদ্র। ২ বরুণ।

যাদু[১] বি [জাদু > °দু] সর্থ 'জাদু[১]'। "বড সাধ ছিল যাদু বিভা দিব হবে বধু শ্রী.মা ২৬। এস যাদু আমাব বাড়ী ব.প ১৬২৭। ম ৮৫৩। [°মণি—১ সর্থ 'জাদুমণি'। "কৃ ১৭। "ব.প ৭৯৪। ন ৯২১। ২ বালককৃষ্ণ। "আনন্দিত নন্দরাণী, সাজাইয়া যাদুমণি।—গো ৬২। চ.সা ৬০। °রায় (তু 'যদুরায়)—যাদুমণি। "ব প ৭৯৭।]

যাদু[২] বি [জাদু[২] > °দু] ১ সর্থ 'জাদু[২]'। "জানে কিছু যাদু ভ.গ্র ২৪৮। (কোকিল।) তোমাব কুহুরবে কিছু যাদু আছে ব.প্র ২৬৫। যাদুর জোরে : যাদু জানে ন.ত ৯৩। ২ কুহকমুগ্ধ। "কোন ফুলে বঁধু, পান করো মধু, হয়্যা আলে যাদু, পোড়াতে মোরে ভা.চ ৬৭৬। [°কর—সর্থ 'জাদুকর'। "ভালুকে, শৃঙ্খলিয়া যাদুকর পেলে।—মে ১৭। ধনঞ্জয়, যাদুকর হইবে নিশ্চয়।—ন ৯৭২। °করী—কুহকিনী। "যাদুকবি। এত যাদু শিখিলি কোথায?—অ শু ৩। °গিরি—সর্থ 'জাদুগিরী'। "চা.পূ ৭৫। °গীর (ফা জাদুগ.র)—ঐন্দ্রজালিক (magician)। "অরে গুণ্ডা জাদুগীব ব.প ১৪৮৮। যাদু করা—কুহকে মুগ্ধ কবা। "থাকে না নড়ন চড়ন ফিরণ ঘুরণ যাদু ক'রে রাখে তাবে ব.প ১৮.৯৫। মাগী তোমাকে যাদু করেচে ন.ত ৯৩।]

যাদুয়া বি [যাদু[১] + য়া[১]] ১ আদবেব বাছা বা ধন। "যাদুযা নাচিছে দেখ মোর প.র ৮। ২ [যাদু[২] + য়া[২]] যাদু, কুহক। "যাদুযাব পাকে ভববস ধন গেল অবে বাই ক চ ২০৭। [যাদুয়া দুলাল—আদবেব ধন। "চ সা ২৯৪। যাদুয়া মণি—যাদুমণি। "চ.সা ৬০।]

যাদৃক্ (-শ্), -দৃক্ষ, -দৃশ বিণ [যদ্ + √দৃশ্ + ক্বিন্ (০), + স (ক্স), + অ (কঞ্), -র্ম্ম, কর্ম্মকর্ত্তৃবাচ্য (ভাষ্য), স্ত্রী -ক্, -শা, -শী] যাহার মত (ইহাকে) দেখে, যাহাব মত (ইহা) দেখায়, যৎপ্রকার, যদ্বিধ, যেমন। "যাদৃগেব দদৃশে তাদৃগুচ্যতে।—ঋগ্বেদ ৫.৪৪.৬। সাধু যাদৃক্ কুরুষ মে গো বা ২ ১১৭ ২১। যাদৃশ° কর্ম্ম মনু ১.৪২। যাদৃশী ভাবনা।—পঞ্চ ৫.৯৮। গৃহিণী যাদৃশী মান্তা, বিমলা…প্রায় তাদৃশী মান্তা ছিলেন ব.প্র ১৩।

যাদৃক্ষ দ্র 'যাদৃক্'।

যাদৃচ্ছিক বিণ [যদৃচ্ছা + ইক (ঠক্), স্ত্রী -কী] ১ যদৃচ্ছাসম্বন্ধী, স্বৈর, স্বতন্ত্র। ২ আকস্মিক, অতর্কিতোপনত। "ঘুণাক্ষরবদ্ যাদৃচ্ছিকমিদম্ মাঘ ৩.৫৮, মল্লিনাথ। ৩ স্বপ্রয়োজনসঙ্কল্প-শূন্য। "আবদ্ধ্য বীণাং রণযন্ যযৌ যাদৃচ্ছিকো মুনিঃ ভ ১.৬.৩৮।

যাদৃশ দ্র 'যাদৃক্'।

যাদোনাথ পুং [ষ.ত] ১ 'যাদঃপতি, বরুণ। "(অভূৎ) যাদোনাথঃ শিবজলপথঃ কর্ম্মণে নৌচরাণাম্।—রঘু ১৭ ৮১। ২ সমুদ্র।

যান[১] ক্লী [√যা + অন (ল্যুট্)-ভা] ১ গমন, চলন, পাদচার। "অশোকবনিকাযান রা ১.৩ ৩০। পৃবগৃহে যানম্ যাজ্ঞ ১.৮৪। দীর্ঘযানপ্রপীড়িত।—হি ৩.৯৪। ২ যান বা বাহন দ্বারা গমন। "শিবিকা° গো রা ২.৩৪. ১৩। গবাশ্ব যানং পৃষ্ঠেন মনু ৪ ৭২ ; অব্যবধান উষ্ট্রখরাভ্যাং যানে ১১. ২০২, কুল্লূক। ৩ জলপথে গমন। "সমুদ্রযানকুশলাঃ (বণিগাদয়ঃ) মনু ৮.১৫৭। ৪ শত্রু রাজার বিরুদ্ধে যাত্রা, অভিযান। "মনু ৭.১৬০। ৫ উৎসবকালে সমবেত যাত্রা (procession)। ৬ [+ অন-ণ] 'স্থানান্তরগমনসাধন', গমনসাধনরথ (সায়ণ)। "ঋগ্বেদ ৪.৪৪.৬। যানৈশ্চ শকটৈশ্চ।—রা ২.১১৩.২০। যানং সম্মার কৌবেরম্ রঘু ১৫.৪৫। কু.স ৬.৭৬। ৭ শকট, শিবিকা, দোলা। "গোহশ্বোষ্ট্র° মনু ২.২০৪, ৮.২৯০ ; উষ্ট্র°, খর° ১১.২০২। ৮ বাহন, হস্ত্যাদি। ৯ জলপথে গমনসাধন—পোত, তরী, উডুপ ইত্যাদি। "°ভঙ্গ। ১০ গমনসাধনমাত্র। নৌ° গো.রা ১.৯.৬৩। শিবিকা° 'রথ°, ২.৩৪ ১৭। হংসের যানেন ভ ৩.২৪.২০ ; হংস° ৫.১.৯। ১১ মার্গ, পথ। "দেব° পিতৃ°। ১২ (বৌদ্ধমতে) মহাপরিনির্ব্বাণোপায়। "মহা°, হীন°। [°কর (পুং)—শকটাদি-নির্ম্মাতা, সূত্রধার। "বৃহৎসংহিতা ১০.১৭। °গ (বিণ)—শকটাদিগামী, যানারূঢ। "মনু ৪.১২০। °পাত্র (ক্লী)—পাত্রতুল্য যান ; পোত, জাহাজ। "যানপাত্রং সমারুহ্য প্রতস্থেহম্বুধিবর্ত্মনা ক সা ১৮.২৯৩। °পাত্রিকা (স্ত্রী)—ক্ষুদ্রপোত। "ক সা ১০১.১৮৭। °বাহ (বি)—শিবিকাদিবাহক, বেহারা। "°দল।—মে ১৬৩। °ভঙ্গ (পুং)—পোতভঙ্গ, নৌব্যসন (shipwreck)। °মুখ (ক্লী)—রথাদির পুবোভাগ (অ.কো)। °যাত্রা (স্ত্রী)—পোতগমন, সমুদ্রযাত্রা। °যান (ক্লী)—যানগমন, অশ্বাদি বা শকটাদি দ্বারা গমন। °শালা (স্ত্রী)—রথরক্ষণার্থ গৃহ ; রথশালা। "রা ৩.৩৫.৩ ; ৪। °স্বামী (-মিন্) পুং—রথাদির অধিকারী। "মনু ৮.২৯০।

যান[২] সর্ম্ম [জান[৪] > যান, অসাধু] অবগত হওয়া, জানা। ত্রিজগতে নাই যানি এমন সুন্দরী।—মী ৩। এহা যানি বড়াযি, করহ যতন শ্রী কী ১৭ ; যানে ৯৫, আপণে গুণিআঁ যান ৩২০। [যাণিল, যাণাইবোঁ (শ্রী কী)।]

য়ানা ; য়ানি দ্র 'আনা[৪] ; আনি[২]।

যানারোহ বি° যানে আরূঢ, বাহনারূঢ়। "ম ২৬৮।

যানাসন ক্লী, দ্বিব [দ্বন্দ্ব] দ্র 'যান[১] (৪), আসন[১] (৩)। "মনু ৭.১৬২।

যানাস্তরণ ক্লী [ষ.ত] শকটাদির আস্তবণ বা চাদব।

যাপ সর্ম্ম [সং √যাপি—যাপয্ > পি √যাপে, প্রা √জার > বা °প ; হি √যাপ] যাপন করা। "এইরূপে কত কাল উভয়ে যাপিল।—ম ৯৫১। (শ্যামা) প্রহব যাপিতেছিল।—কথা ৩৫।

যাপক বিণ [√যা + ই (ণিচ্)— √যাপি + অক (ণ্বুল্)-ক] ১ গময়িতা, প্রেরক। ২ প্রাপক। "তীর্থস্নাশিনাং যাপকং নৃণাম্ ভ ৩.২৩.২৩। —পন বিণ [+ অন (ল্যুট্)-ক] ১ গময়িতা, যাপক। "যামাঃ স্বান্তরযাপনাঃ ভ ৩.২৬.৩৫। ২ প্রতিকাবক, উপশময়িতা। "অস্মাস্বপি হি যাপনম্ মহা (S.W)। —পন ক্লী [+ অন-ভা] ১ কালক্ষেপ, কালাতিক্রম। "কাল°। আত্ম° পা ৬ ১ ১৪৬, সি। ২ বর্ত্তন (মেদিনী), পালন, রক্ষণ। "দেবতাতিথিশেষেণ কুরুতে 'দেহযাপনম্' (পাঠান্তর) মহা ৩.২৫৯ ৬। ৩ নিরসন, ক্ষেপণ। —পনা স্ত্রী [+ অন (যুচ্) + স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'যাপন' ক্লী (১)। "নলোদয় ২.১৮। নিশি°। —গান ২১৮। ২ উপদেশ। "ধর্ম্মযাপনা (ধর্ম্মোপদেশ—নীলকণ্ঠ) মহা (S.W.)। —পিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ১ গমিত, অতিবাহিত, নীত (কাল)। ২ অপসারিত, অপনীত। "প্রমদয়া মদযাপিতলজ্জয়া রঘু ৯ ৩১। ৩ প্রাপিত, নীত। "(মহোদধিঃ) যাপিতো যেন পীতসলিলোহমরপ্রিয়ম্।—বৃহৎসংহিতা ১২.৪। ৪ অপনীত, চিকিৎসিত (বোগ)। —প্য বিণ [+ য (যৎ)-র্ম্ম] ১ যাপনীয়, অপসার্য্য, নিরসনীয়। ২ অপনেয়, চিকিৎস্য (রোগ)। ৩ কুৎসিত, নিন্দিত। "পা ৫. ৩.৪৭। বৃহৎসংহিতা ৪.২১। ৪ ক্ষেপণীয় (কালাদি)। ৫ যাপনীয়, নিঃশেষে অপ্রতিকার্য্য (ব্যাধি)। "সুশ্রুত ২.১.৪৪। —প্য পুং রোগবিশেষ, অর্থাৎ যে রোগ ঔষধের ক্রিয়া ধারণ করে, কিন্তু ক্রিয়া নিবৃত্ত হইলে প্রবল হয় (ভাবপ্রকাশ)। [যাপ্যযান (ক্লী)—অধম যান ; শিবিকা (অ কো)।]

যাপন, যাপনা, যাপিত, যাপ্য, যাপ্যযান দ্র 'যাপক'।

যাব পুং [√যু + অ (অপ্)-র্ম্ম] 'মিশ্রীকৃত,' অলক্ত, লাক্ষা, 'আলতা (lac)। "°যোগ নৈ ২২.৪৬। —বক[২] পুং [যাব + ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'যাব'। "সযাবকসব্যপাদরেখা কি ৫.৪০। গী.গো ৭.২৭। চরণে

যাবক লেখা ব.প ৭৮৮। চরণে যাবক রচে।—ত্রা ৮০। ত্র.প্র [illegible] ‘ (বাঙ্লায়) যাবকসদৃশলোহিতবর্ণ। "কোকনদদর্পহর, বেষ্টিত যাবক কত্র ক.চ ৮। —বক পুং [+অক (শক)-র্ম (অ টী)] কাশ্মীরদেশজ কুলশী, কুল্মাষ; (মতান্তরে) বোরোধান্ত, অর্দ্ধস্বিন্নযবাদি (অ:টী)। [যাবক-পাবক (বি)—যাবকসদৃশ লোহিত, অর্থাৎ প্রজ্বলিত অগ্নি। "শ্রী ৮৪।]

যাবক[1] পুং, ক্লী [যব+অ (অণ্)—যাব+ক (কন্) স্বার্থে] যব-বিকার, যবান্ন, যবাগূ। "মনু ১১ ১২৬। অগ্নি ২৫৬। বিষ্ণু ৩৯ ২। "গোমূত্রে ভ ৯.১০.৩৪।

যাবক[2] দ্র 'যাব'।

যাবচ্ছক্য ব্য [যাবৎ শক্য, অব্যয়ীভাব] যাবচ্ছক্তি, শক্ত্যনুসারে। "যাবচ্ছক্যমমুষ্যাং বন্ধনং ছেৎস্যামি।—হি [illegible]।

যাবজ্জীব ব্য [যাবৎ+ √জীব্+অম্ (ণমুল্)-ভা, মৈ জাবজ্জীব, বৈদিক] 'জীবনপর্য্যন্ত', আমরণ। "যাবজ্জীবং বিবাসোঽয়ম্ রা ২ ৩৬ ২৪। ভ ৫.১৬ ২৫। (ন্যায়াচার্য্য ভগবান্) যাবজ্জীব আসি রহিলেন পুরুষোত্তমে চৈ ১৫৯।

যাবজ্জীবন ক্রি বিং [সং যাবজ্জীবনম্] প্রাণধারণপর্য্যন্ত, আমরণ। "সে ব্যক্তি যাবজ্জীবন হেনবিকে ত্যক্ত করিয়া নিত্য তজ্জাসনোন্নজ্বক হইল ব প ১৭২৬।

যাবৎ[1] বিণ [যদ্+বৎ (বতুপ্), যদ্ > যা, যাবান্ (পুং), যাবতী (স্ত্রী), °ৎ (ক্লী)] ১ যৎপরিমাণ, যৎপ্রমাণ, যত। "যাবদোজঃ।—ঋগ্বেদ ৭ ৯১ ৪। যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে গী ২ ৪৬। যাবতী সম্ভবেদ্ বৃদ্ধিঃ মনু ৮ ১৫৫। ২ সাকল্যে, যৎসংখ্যক, যতগুলি। "যাবন্নরঃ।—ঋগ্বেদ ৭ ৯১ ৪। তে তু যাবন্ত এবাজৌ রঘু ১২ ৪৫। ৩ (বাঙলায) যত বা যতগুলি সব, সকল। "জিজ্ঞাসিল জগন্নাথে যাবৎ অবান্তর শ্রী মা ২৩, যাবৎ ভকতা কৈল জগতী নির্ম্মাণ ৩০। যাবৎ দেশীয় রাজা কৃ চ ৩৫। যাবৎ সভাস্থ লোকেরা ব প ১৭২৬। সেই দেবতার...পূজার জন্যই তাঁহার যাবৎ ক্রিয়া পা প্র ১৮। [যাবৎ...তারা, সব, সর্ব্ব। "যাবৎ বৃত্তান্ত সব কহিলেন তাঁকে।—ম ৭২০। শিবানন্দেব প্রকৃতি-পুত্র যাবৎ এথায। আমাব অবশেষপাত্র তারা যেন পায়॥—চৈ চ ৩২০। কাজী হাজী কারী আদি যবন যাবৎ। সর্ব্বশুদ্ধ পাতশা হইল দণ্ডবৎ॥—ভা চ ৫০৮। [°প্রমাণ (বিণ)—যাবৎপরিমাণ, যত বড়। °মাত্র '-স্মা-' বিণ —যাবৎপরিমাণ। "কু স ২ ৩৩।]

যাবৎ[2] ব্য ১ অবধি, মর্য্যাদা। "যাবদ্ গঙ্গাং তাবৎ তিষ্ঠ (অ টী)। তৎ কিয়ন্তমবধিং যাবৎ উ চ [illegible]। মহাপ্রভু বোলে জন্ম যাবৎ আমার। এমন অন্নের স্বাদু নাহি পাই আর॥—চৈ ভা ৩৫১। চৈ চ ১১১। যাবৎ না অস্ত থানে নিকা গিয়া বয় ম.ম ৫৯। এ কলঙ্ক রহিল যাবৎ চন্দ্রা-দিত্য বি.সু ১০২। ২ এই সময়ে, এখন (in the meantime)। "যাবদিমাং ছায়ামাশ্রিত্য প্রতিপালয়ামি।—শ [illegible]। ৩ সাকল্য। "যাবৎ কার্য্যং তাবৎ কুরু (অ টী)। ৪ মান, প্রমাণ। "যাবদ্দত্তকং তাবদ্ মুক্তম্ (অ টী)। ৫ পরিচ্ছেদ (মেদিনী)। "যাবৎ বিটপান্ত-রেণাবলোকয়ামি শ ৩[illegible]। ৬ অবধারণ, ইয়ত্তাপরিচ্ছেদ। "যাবত্তঃ শ্লোকাস্তাবন্তোঽচ্যুতপ্রণামাঃ—পা ২.১.৮, সি। ৭ যদা, যখন, যেমন। "(সঃ) স্বকণ্ঠে পাশং নিয়োজ্য শাখায়ামাত্মানং নিবধ্য যাবৎ প্রক্ষিপতি তাবদেকঃ পুমানাকাশস্থ এবেদমাহ।—পঞ্চ [illegible]। বাল্য বয়স যাবৎ হাতে খড়ি দিল চৈ চ ৫০। ৮ যে হেতু; যে কারণে। "কু স ৩.৪। ৯ প্রশংসা, অধিকার, সম্ভ্রম; পক্ষান্তর (মেদিনী)। [°অধ্যয়ন '-বদধ্য-' (ব্য)—অধ্যয়নকালপর্য্যন্ত, আপাঠপরিসমাপ্তি। "মনু ২ ১৪১। °অন্ত (ব্য)—শেষপর্য্যন্ত, আসমাপ্তি। °অমত্র (ব্য)—ভোজনপাত্র-সংখ্যানুসারে। দ্র 'অমত্র (২)। °অর্থ (ব্য)—১ যাবৎপ্রয়োজন, প্রয়োজনানুরূপ। ২ যাবদভিধেয়, অভিধেয়সম্মিত (পদ)। "যাবদর্থ-পদাং বাচম্ মাঘ ২ ১৩। °অর্থ (বিণ)—১ যাবৎপ্রয়োজন। "মনু ২.১৮২। ২ দেহনির্ব্বাহাধিকধনস্পৃহা-শূন্য। "ভ ২.২৩; ৪.৩। °আভূতসংপ্লব (ব্য)—প্রাকৃতপ্রলয়পর্য্যন্ত। "যাজ্ঞ ৩.১৮৮। °আয়ুষ (ক্রি.বিণ)—কর্ম্মার্জ্জিতায়ুঃপর্য্যন্ত। "ছান্দোগ্য ৫ ৯.২। °ঈপ্সিত (ব্য) —যাবদিষ্ট, ইচ্ছাপূরণপূর্ব্বক। "মাংসানি...ভক্ষ্যন্তাং যাবদীপ্সিতম্ গো রা ২.১০০ ৪৯। °উক্ত (ব্য)—যাবৎকথিত, কথিতানুরূপ। °কাল (ব্য)—যৎকালপর্য্যন্ত। °বল (ব্য)—যথাশক্তি। °ভাষিত (ব্য) —সর্থ 'যাবদুক্ত'। "°সন্দেশহার সা দ ৩ ৪৯। °সত্ত্ব (ব্য)—যাবদ্ধৈর্য্য, সহিষ্ণুতানুসারে। "ভ ৬ ১.৬১।] [যাবৎ...তাবৎ...তাবৎ—"যাবজ্জননং তাবন্ মরণম্। তাবজ্জননীজঠরে শয়নম্॥—মোহমুদ্গর। যাবৎ এ সব কথা না হয় প্রচার। তাবৎ শ্রীরামচন্দ্র লহ বাজ্যভার॥—কৃ ৯৭। চৈ.ভা ৩৮৫। চৈ চ ১২৫। ধ ম ৮৫। যাবৎপর্য্যন্ত...তাবৎপর্য্যন্ত (অসাধু) —যাবৎ...তাবৎ। "লোকের যাবৎপর্য্যন্ত অর্থ থাকে, তাবৎপর্য্যন্ত চাকব দাসী নিকটে থাকে আ দু ১৯২। যাবৎশ্বাস তাবৎ আশ—যতক্ষণ জীবন থাকে, ততক্ষণ বিপদুদ্ধারের আশা। "ব.প ১৬৮৯।]

যাবত '-ত' অব্য [অপ্র] সর্থ 'যাবৎ[2]'। "ম ৬৪৭। ক চ ৩।

যাবতিথ বিণ [যাবৎ+অ (ডট্), পূরণে, 'ইথ্' (ইথুক) আগম, পা ৫ ২ ৫৩, স্ত্রী -থী] যাবৎসংখ্যাব পূরণ। "মনু ১.২০।

যাবতী(-দী)য় বিং [যাবৎ+ঈয়, দ্র 'ইয়[2]'; অসাধু, সং —যাবৎ] যত, সব। "তাহা দেখি যাবতীয় নিশাচরগণ (হাহাকার করে)।—কৃ ২২৪। যাবদীয তত্ত্বে শ্রী মা ২৬। যাবদীয় দুঃখপরিত্রাণ বি সু ৩৪। যাবদীয সৈন্তকে কৃ চ ৮, ১১, যাবদীয় পণ্ডিতেরদিগের ২৯, ৩৪, যাবদীয লোক ৬৫, ৭১। যাবদীয় ধন ব.প ১৬৮৯। যাবতীয় লোক আ দু ১২১, যাবতীয দুঃখী ১৮৭। যাবতীয় জাগ্রৎকাল ভা উ, দ্বিতীযভাগ, উপক্রমণিকা ১৫৮।

যাবদীয় দ্র 'যাবতীয'।

যাবন বিণ [যবন+অ (অণ্), স্ত্রী -নী] যবনসম্বন্ধী, যবনদেশজাত। "ন বদেদ্ যাবনীং ভাষাম্ (স্মৃ র)। —বন পুং তুরুষ্কনামক গন্ধদ্রব্য (incense)। —বনী বি যবনভাষা, আরবী বা ফারসী ভাষা। "ভাষা যাবনী-মিশাল ভা চ ৪৭৫।

যাবনাল পুং [যবনাল+অ (অণ) স্বার্থে] যবনাল। —লী স্ত্রী যব-নালশর্করা।

যাবনালী; যাবনী 'যাবনাল, যাবন'।

যাবন্ত বিং [যাবৎ > যা °ন্ত, দ্র 'বন্ত', অপ্র] যাবৎ, যত। "ভূপাল যাবন্ত শ্রী মা ১৪, দুঃখের কথা নিবেদি যাবন্ত ২০। যাবন্ত গড়ের লোক ব প ৩৮১। পায়স করিয়া আদি সূপ করি অন্ত। রাজরাজেশ্বরী ...রাঁধেন যাবন্ত॥—শি ৩২, দোষ ক্ষমহ যাবন্ত ৫২।

যাবর বি [জাবর > °র] সর্থ 'জাবর'। "°র কাটার পা প্র ১৯৭।

যাবশূক পুং [যব°+অ (অণ্)] 'যবশূকবিকার, যবশূকজাত,' যবক্ষার। "সুশ্রুত ৪ ১ ৪৮।

যাম[1] পুং [√যম্+অ (ঘঞ্)-ভা] যম, সংযম। "পা ৩ ৩ ৬৩।

যাম[2] পুং [√যা+ম (মন্)-ক উ [illegible] ১৩৭] 'যাহা যায়, যাহা দিন রাত্রি উপরত হয়', অহোরাত্রের অষ্টমাংশ, প্রহর, তিন ঘণ্টা। "উত্থায় পশ্চিমে যামে মনু ৭ ১৪৫। পশ্চিমাদ্ যামিনীযামাৎ রঘু ১৭.১। যাম-মাত্র উ মে ৩৬। শ্রী ২১, ১২৯। [°ঘোষ (পুং) কুক্কুট; ঘটীযন্ত্র। °তূর্য্য (ক্লী)—যামাবসানসূচক বাদ্য। "রঘু ৬ ৫৬। °দুন্দুভি (পুং) —যামাবসানসূচক দুন্দুভি। "বা ২ ৮১ ২। °নালী (স্ত্রী)—যামসূচক-নালীযন্ত্র, ঘড়ী। °বৃত্তি (পুং)—যামসম্বন্ধী কার্য্য, প্রহরিকার্য্য (কামন্দক)।]

যাম[৩] বিণ [যম+অ (অণ্); বৈদিক] যমসম্বন্ধী, যমকারিত (কুল্লুক); "যামীস্তা যাতনাঃ প্রাপ্য স জীবঃ (পুনরপ্যেতি) মনু ১২.২।

যামবতী স্ত্রী [যাম+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'ত্রিযামযুক্তা', যামিনী। "কি ৮.৫৬।

যামল ক্লী [যমল+অ (অণ্)] ১ যমলভাব, যুগল (অ.চি)। ২ তন্ত্রশাস্ত্রবিশেষ। "আদিত্য°, ব্রহ্ম°, রুদ্র°।

যামাতা (-তৃ) পুং [দ্র 'য[১]] সর্থ 'জামাতা' (শ.ক)।

যামি, -মী[১] স্ত্রী [জামি, -মী >যামি, দ্র 'উ ৪.৪৩, টীকা, দ্র য[১]] ১ ভগিনী। "°মি মাঘ ১৫.৫। ২ ভগিনীস্নুষাদি (কুল্লুক); স্নুষা। "যামী মনু ৪.১৮০; যামি ১৮৩। ৩ কুলস্ত্রী। ৪ রাত্রি। "অশ্রুসলিল-ধৌত হৃদয়ে থাক দিবস যামী।—রবীন্দ্র। দগ্ধ হব আমি, নরক-অনল-মাঝে নিত্য দিন যামী।—কা ৭১।

যামিক বিণ [যাম+ইক (ঠক্)] 'যামে নিযুক্ত', প্রহরিক। "যামিকঃ পুরুষঃ ক সা ৪.৬৩। —মিক পুং প্রহরজাগরূক, প্রহরী। "নৈ ৫.১১০। —মিকা স্ত্রী [+ইক (ঠন্)+স্ত্রী আ (টাপ্)] যামিনী।

যামিকা; যামিত্র, যামিত্রবেধ দ্র 'যামিক; জামিত্র'।

যামিনী স্ত্রী [যাম+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'যামবতী', রাত্রি। "পূর্ণচন্দ্রপ্রদীপা চ যামিনী সমবর্ত্তত গো.রা ৬.১৪.২৪। অসিত° কি ৫.৪৪। যামিনী না যেতে জাগালে না কেন, বেলা হ'ল মরি লাজে!—গান ১৬২। ২ হরিদ্রা (শ.ক)। [°দয়িত, °নাথ, °পতি, °রমণ (পুং)—১ চন্দ্র। "°পতি ভ ১০.৩৫.২৫। ২ কর্পূর।]

যামী[১] দ্র 'যামি'।

যামী[২] ['যম'+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] যমাধিষ্ঠিতা দিক্, দক্ষিণদিক্। "যাম্যাং সংযমনীম্ ভ ৫.২১.৭। যাম্যাং শুয়ো ন ব্রজেৎ (শ.ক)।

যামুন বিণ [যমুনা+অ (অণ্), স্ত্রী -নী] ১ যমুনাসম্বন্ধী। "স্রোতসা যামুনেন মহা ৭.৩.৪। অম্বু যামুনম্ সা দ ১০⅔। যামুনে মিলল গঙ্গ তরঙ্গ বি.প ১৪৯। কৈছনে যায়ব যামুন তীর ১৬৪, গো ১৩০। ২ যমুনাতীরজাত। "বনৈশ্চ যামুনৈঃ রা ২.৫৫.৮। —মুন পুং (বহুব) যমুনাতীরস্থিত জনপদভেদ। "ভ ১.১০ ৩৪। —মুন ক্লী ১ যমুনাজাত কুলথাকার চাক্ষুষ্য নীলপ্রস্তরভেদ (অ.টী), স্রোতোঞ্জন। ২ তীর্থবিশেষ (মহা)।

যাম্য[১] বিণ [যম+য (ণ্য), পা ৪.১৮৫, কাশিকা] ১ যমসম্বন্ধী। "সভাং যাম্যাম্ মহা ২.৮.১। মনু ৮.১৭৩। ২ 'যমদেবতাক', দক্ষিণ। "দিশং যাম্যাম্ রা ২.১০৩ ২৬। দ্বারং ররজ্জতুর্যাম্যম্ ভট্টি ১৪.১৫। যাম্যদিক শ্রী.মা ৮৪। —ম্য পুং ১ যমদূত। ২ [যামী+য (যৎ)] 'যামীদিগ্‌ভব', চন্দনবৃক্ষ। ৩ 'দক্ষিণদিগ্‌বাসী', অগস্ত্য। ৪ সব্যেতর হস্ত, ডান হাত। "যাম্যসৌম্যয়োঃ (লক্ষ্মীধ্যান)। ৫ বিষ্ণু। ৬ শিব; যামকর্ত্তা কাল (নীলকণ্ঠ)। "মহা ৭.২০১.৩০; ১৪.৮.১৪। —ম্য ক্লী যমদেবতাক ভরণীনক্ষত্র। —ম্যা স্ত্রী ১ দক্ষিণদিক্। ২ যামিনী (ত্রিকাণ্ডশেষ)। [°দিক্ (বি)—দক্ষিণদিক্। "ম ১২৬৭। °পাশ (পুং)—যমপাশ। "ভ ৬.২.২০। °বক্ত্র (বিং)—দক্ষিণমুখ। "শ্রী.মা ১৪৪। °ভিত (বি)—দক্ষিণভাগ, ডান পাশ। "যত রাজরাজেশ্বর বৈসে যাম্যভিত।—ম ৩১৮,-২৬। °হাথ (বি)—দক্ষিণহস্ত। "ম ১২১৭।]

যাম্য[২] বি ১ ডান দিক্। "যাত্রাকালে যাম্যে দেখে (মৃগ, ব্রাহ্মণ) ব.প ৪৩০। ২ দক্ষিণহস্ত। "যাম্যে বরাভয়-দান বি.স্থ ৫। ৩ [সং যাম্যা] দক্ষিণদিক্। "যাম্যে দামোদর নদ বি.স্থ ১৭। [°কর—দক্ষিণহস্ত। "বি.স্থ ৮৩।]

যাম্যা দ্র 'যাম্য[১]'।

যাম্যায়ন ক্লী [স.ত] সূর্য্যের দক্ষিণদিকে গমন; দক্ষিণায়ন।

যাযজূক বিণ [√যজ্+য (যঙ্)— √যাযজ্য+উক, য-লোপ, পা ৩.২.১৬৬; বৈদিক] পুনঃ পুনঃ যাগকরণশীল; যজনশীল। "রাজা ...যাজজূকঃ রা ২.৭২.১৫। ভট্টি ২.২০।

যাযাবর বিণ [√যা+য (যঙ্)—যাযায+বর (বরচ্)-ক, য-লোপ, পা ৩.২.১৭৬; স্ত্রী -রা] পুনঃপুনঃ গমনশীল; একত্র অনিয়তনিলয়; পর্য্যটনশীল। "ভট্টি ২.২০। —বর পুং ১ পরিব্রাজক। 'যাযাবর বিপ্র-নামে যাযাবর হ্বান ব্র.প ১৮। ২ জরৎকারু। ৩ ঋষিগণবিশেষ। 'যাযাবরা নাম বয়মৃষয়ঃ মহা ৯.৪৫.১৬; যাযাবরা গণাঃ ১২.২৪৩.১৯। "যাযাবর-বংশে জন্ম জরৎকারু মুনি।—ম ৬। ৪ অশ্বমেধীয় অশ্ব। —বর ক্লী যাযাবরবৃত্তি, প্রত্যহ ধান্যযাচ্ঞা। "ভ ৭.১১.১৬।

যায়ী (-য়িন্) বিণ [√যা+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] ১ গামী। "যায়িন্যা ধ্বজিন্যা রা ২ ৯৩.১। বীরেণ পৃষ্ঠতো যায়িনা মহা ২.২.৩০। ২ প্রাপক। "চিত্রকূটযায়িনি বর্ত্মনি ব.চ ১⅔। ৩ [+ইন্ শীলার্থে] গমনশীল। "বাজিভিঃ শীঘ্রযায়িভিঃ রা ২.৫৭.৮। অনুলোমযায়ী (তুরগঃ)।—বৃহৎসংহিতা ৯৩.১৪। ৪ বিনশ্বর। "ভূতসংসারে নিত্যং সততযায়িনি মনু ১.৫০। ৫ অতিক্রমণশীল। "শতযোজনযায়িভিঃ (হয়ৈঃ) মহা ৩.৭৪.৯। ৬ চলনশীল, চলিষ্ণু। [সমাসে উত্তরপদ]। ৭ [+ইন্ ভবিষ্যদর্থে] গামী। "ভর্ত্তুঃ সংগ্রামযায়িনঃ রঘু ১৭.৮।

যাষ্টীক বিণ [যষ্টি+ঈক (ঈকক্)] যষ্টিপ্রহরণ, যষ্টিহেতিক।

যাসু সর্ব্ব [সং যস্য >প্রা জস্স (হে) >বা °সু] যাহার, যাঁহার। "যাসু মকরন্দ, পরসিয়া অঙ্ক, শমন জিনিয়া করে দম্ভ শ্রী.ম ২১৭।

যাস্ক পুং [যস্ক+অ (অণ্)] 'যস্কাপত্য, নিরুক্তকার মুনিবিশেষ।

যাহা সর্ব্ব [যা > °হা (দীর্ঘ উচ্চারণে 'হ' আগম, দ্র 'হ[১]')] সর্থ 'যা'। "যাহা জিনিতে কিষ্কিন্ধ্যায় গিয়াছিলি একবার।—কৃ ২৪৯। [যাহা-তাহা—১ যা-তা, যে-কোন-প্রকার বস্তু। "যাহা-তাহা পাই, ছাড়িনেক ভাই ছাড়িনে চ.কা ৩৬২। ২ নানাপ্রকার ছোট-বড় ঘটনা। "রোজ কত কি ঘটে যাহা-তাহা,—এমন কেন সত্যি হয় না, আহা!—শিশু ৪৪। যাহা…তাহা—যে বস্তু…তাহা। "যাহা চাই তাহা পাই নাম কল্পতরু।—কৃ ১। যাহা যায় তাহা যায়।—রবীন্দ্র। যাহাকে-তাহাকে—যে-কোন ব্যক্তিকে। যাহে—১ যাহা দ্বারা; যে হেতু। ২ যাহা হইতে। "আশ্চর্য্য সে ইন্দ্রজাল! হে নিদ্রে! তোমার, স্বপন সম্ভূত যাহে প.ভূ ১৬। যাহে…তাহে—যাহাকে…তাহার কাছে। "জীবন সোঁপল যাহে তাহে কিয়ে লাজ বি.প ১৪১।]

যাহাঁ[১] ক্রি.বিং [যহাঁ > °হাঁ] যেখানে। "সেই ব্যাখ্যা করে, যাহাঁ যেই পড়ে জানি চৈ চ ৩০২। [যাহাঁ…তাহাঁ—যেখানে…সেখানে। "যাহাঁ বিলপয়ে বর কান। তাহাঁ সখি কয়ল পয়ান॥—প.ক ৪৮। যাহাঁ যাহাঁ…তাঁহা তাঁহা। "যাহাঁ যাহাঁ নিকসয়ে তনু তনু-জোতি। তাহাঁ তাহাঁ বিজুরি চমকময় হোতি॥—প.ক ৮৬।]

য়ি ক্রি.ক্তি [ই৬ >য়ি] সর্থ 'ই৬। "দেয়ি শ্রী.কী ৮২। ফিরয়ি কৃ.অ ১৭। চিহ্নয়ি ব.প ১০১২; রচয়ি ১০৮২।

যিঁহ, -হো সর্ব্ব [সং যদ্, মৈ জিন্‌হ (কর্ত্তা, বহুবচন—গৌরবে) >বা যিঁহ,-হো, যিহোঁ; নেপালী—জিন্‌হ; রিয়াঈ—জেন্‌হ (বহুবচন—G.H.)] যিনি। "যিঁহো কৃষ্ণ স্বামী দিলা তাঁরে দিব কি শি ৪৮। প্রেমহেমদানে যিঁহ পূর্ণ কৈল কাম রা.স ৪। [যিঁহ,-হো…তিঁহ,—হো। "তাঁহার কারণ যিঁহো শ্রীনন্দনন্দন…তিঁহ আসি নবদ্বীপে কৈলা অবতার॥—চৈ ৯।]

য়িঞা প্র [ইঞা >য়িঞা] সর্থ 'ইঞা[২]। "কাড়ায়িঞা, ডুবায়িঞা, ধায়িঞা, লয়িঞা, লোটায়িঞা, হয়িঞা (শ্রী.কী)।

য়িতে প্র [ইতে[২] > °তে] ১ সর্থ 'ইতে[২]। "নখরশিখরে, লেখি বুঝায়ল, কহয়িতে নাহি যজু ঠাম ব.প ১০৮৪। ২। [ইতে[৩] (১)

>°তে] সর্ব 'ইতে'° (১)। "যাবক 'রচরিতে' (রচনা করিতে করিতে) সচকিত লোচন ব.প ১০৮৮।

যিজি সর্ব [সং যদ্ ; মৈ জিন,-ন্হি (কর্ত্তা, বহুবচন) ; নেপালী 'জিন্হ' ; বা যিনি(বহুবচন, গৌরবে) ; যিনি (কর্ত্তা, একবচনে), যাঁকে, যাঁদিগকে ইত্যাদি (কর্ম্মাদি কারকে)।] তৃতীয় পুরুষের সম্ভ্রমসূচক সর্বনাম। [যিনি ...তিনি। "কাশীর ঈশ্বরী যিনি,...তিনি মোরে অন্ন দিলা ভা.চ ২০৫।]

যিযবিষু বিণ [√যু+স (সন্)— √যিযবিষ (পা ৭.২.৪৯ , ৪.৮০) +উ-ক ; স্ত্রী -ষু] মিশ্রণেচ্ছু। "ভট্টি ৯.৩৫।

যিযাসু বিণ [√যা+স (সন্)—যিযাস+উ-ক , স্ত্রী -সু] গমনেচ্ছু, জিগমিষু। "যিযাসুর্মিথিলাং প্রতি গো.রা ১.৩৪.১৩। মহা ১.৩.১৮২। ক.সা ৫৪.১৪৮।

যিশু বি [P. Jesus] খৃষ্ট (Christ)।

যিহেঁ' সর্ব্ব [দ্র 'যিঁহ'] যিনি। "দ্রু ৮০।

যু সক [অদা, প—যৌতি, সেট্] ১ মিশ্রণ। ২ অমিশ্রণ, পৃথক্করণ (ক ক)। ৩ [ক্র্যা, এ—যুনাতি, যুনীতে ; সেট্] বন্ধন। ৪ [চু,উ—যাবয়তে , সেট্] নিন্দন (ক.ক)।

যু-আ, -য়া অর্ম্ম [জুআ,-য়া >যুআ,-য়া] ১ যোগ্য হওয়া। "কার্য্য করিতে যুযায় ব.প ৫১৪ , কটু দিতে না যুযাএ ৬৫৭ , না যুআএ নিন্দা যত বুলিলা বারে বার ৬৫৮। যার পদযুগ নৃপ করে উপাসন। তারে কি যুআয় আর নৃপতি-যোগান ॥—শ্রী.ম ২১৪। ২ যুক্তিসিদ্ধ হওয়া, সঙ্গত হওয়া। "ছুঁইতে না যুয়ায় বেটা অতিনীচ জাতি ক.চ ১০২। অপমানে মরিতে যুয়ায় বা.ম ৩২২। যুয়ায় প.ক ১০১। [যোহায়—যুযায়, যোগ্য হয়। "বি.পা ২৪৯।]

যুঁই বি [জুঁই > °ই] সর্ব 'জুঁই'।

যুঁক সর্ম্ম [জুঁখ >°ক] ওজন করা। "শত মণ সোণা দিল সনকা যুঁকিয়া বা ম ৯৪ , যুঁকিয়ে ৩০৬,-১৩।

যুক্ (-জ্) বিণ [√যুজ্—ক্বিন্ (০)-ক-১ব, যুক্ (ক্লী) , যুঙ্ (পুং)] ১ যোজক, দাতা। "সর্ব্বভূতানাং পুণ্যাঃ কামযুজোঽব্দ্রয়ঃ।—হ ২০২.৭। ২ যোক্তা। "(বালী) যুঙ্ ভিয়ঃ ভট্টি ৬.১১৮। ৩ [+ক্বিন্-র্ম্ম] যুক্ত। ("দশগ্রীবো মৃগেন) ব্রীড়াযুজোবাচ গো রা ৪ ১০.৩১। রথং হরিসহস্রযুজম্ রঘু ১২.২০৩। ৪ যুগ্ম। "যুক্ষু (তিথিষু) মনু ৩.২৭৭। ৫ সম, জোড়া (সংখ্যা—even)। "অযুক্চ্ছদ। —ও্ পুং ১ যোজয়িতা, মেলক। ২ যুগ্ম, মিথুন। ৩ সমাহিত যোগী। ৪ (ছন্দঃশাস্ত্রে) শ্লোকের দ্বিতীয় ও চতুর্থ পাদ। "অযুজি নযুগরেফতো যকারো যুজি চ নজৌ জরগাশ্চ পুষ্পিতাগ্রা।—ছন্দোমঞ্জরী। ৫ (দ্বিব) অশ্বিনীকুমারদ্বয়। ৬ মিথুনরাশি। —ক্ পুং, ক্লী যুগ্ম, মিথুন, জোড়া। —ক্ স্ত্রী [ক্বিন্-ভা] যোগ। "বপুষা তপস্যাপ্রযুজা ভ ৩.২১.৪৫।

যুক(কু)তি বি [যুক্তি > (স্বরাগমে) যুকতি >°তি ; ঠ জুগুত ; মৈ জুগুতি] উপায়। "শুনহ যুকতি কৃ.অ ১৩। এহার যুকুতি এহি শুন নরপতি অ.প ৬।

যুকুতি দ্র 'যুকতি'।

যুক্ত বিণ [√যুজ্+ত (ক্ত)-র্ম্ম , Av. yukhta ; Pahlavi 'yukht' ; cf., L. juxta] ১ সংশ্লিষ্ট, সংহিত। ২ সমন্বিত, বিশিষ্ট। "ক্ষেম° রা ১.১৪.১০ ; বুদ্ধি° ২.২৬.২৫। দেশকালার্থ° ভ ১.১৫.২৭। ৩ সমেত। ৪ নিয়োজিত, ব্যাপারিত। ৫ নিয়তপরিমাণ, পরিমিত, নিয়ত। "যুক্তাহারবিহার ; °চেষ্ট , °স্বপ্নাববোধ গী ৬.১৭। ৬ অন্বিত। "তবাদর্শনযুক্তেন শোকেন গো.রা ৫.৩২.৩৭। ৭ বদ্ধ, যুগবদ্ধ (yoked)। "ধর° (মহারথ) রা ৩.৪৯.১৯। ৮ সঙ্কলিত (added)। ৯ [+ত-ক] ন্যায্য, সমুচিত। "যুক্তমেতৎ ত্বয়ি মহা ৩.১.৫। শ্রী.মা ৩২। ১০ মিলিত, অপৃথগ্ভূত। "জাতি গোত্র এক যুক্ত হৈয়া ম.গা ১৫। যুগ্ম পাট যুক্ত করি পঠয়ে রাজন্।—ম ৪০৬। ১১ সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কিত। ১২ অভিযুক্ত, অবহিত। "গী ৩.২৬। উ.চ ১.১১। ১৩ সমাহিত। "গী ৬.১৮। ১৪ যোগ্য, নিপুণ। "অশ্বানাং বাহনে যুক্তঃ (অহম্) মহা ৩.৬৭.২। ১৫ শুভফলযুক্ত, শুভ, অনুকূল। "যুক্তে মুহূর্ত্তে গো.রা ১.৭৫.৯। যুক্তে চ দৈবে মনু ৭.১৯৭। ১৬ উদ্‌যুক্ত, উদ্যোগী। ১৭ সাবধান। "মনু ৭.১৮৬। ১৮ সহনীয়, সোঢ়ব্য। "°শীতোষ্ণঃ...অনিলঃ রা ২.৪৪ ৯। ১৯ প্রাপ্তযোগ, যোগারূঢ়। "যুক্ত ইত্যুচ্যতে যোগী গী ৬.৮। —ক্ত পুং ১ যোগাভ্যাসবশীকৃতচিত্ত যোগী। "ভাষাপরিচ্ছেদ ৬৬। ২ (ব্যাকরণে) প্রকৃতি (সি), প্রকৃতার্থ (কাশিকা)। "পা ১.২.৫১। —ক্ত ক্লী ১ যুগকাষ্ঠ। ২ ন্যায়লব্ধদ্রব্যাদি। ৩ হস্তচতুষ্টয়, রৈখিক চারি হস্ত। ৪ [+ত-ভা] যোগ। "পা ২.৩.৪। [°কৃৎ (বিণ)—ন্যায্যকারী, ন্যায়বান্। °চেষ্ট (বিণ)—নিয়তপ্রযত্ন। দ্র 'যুক্ত (৫)। °দণ্ড (বিণ)—যথাপরাধদণ্ড। "রঘু ৪.৮। °বৈরাগ্য (বি)—যথার্হ বিষয়োপভোগকারী অনাসক্তের কৃষ্ণসম্বন্ধী নির্ব্বন্ধ। দ্র 'চৈ.চ ২৩২। বিপ 'শুষ্কবৈরাগ্য'। °মনাঃ (-নস্) বিণ—অবহিতচিত্ত, নিবিষ্টমনাঃ]

যুক্তবেণী বি [কর্ম্মধা] ১ গঙ্গাযমুনাসরস্বতীর মিলিত ত্রিতয়স্রোতঃ। "প.ভূ ৫৩। ২ মিলিত স্রোতঃ। "মুক্তবেণীর পর যুক্তবেণী কোথায় দেখিয়াছ?—ব.প্র ২৯৫।

যুক্তরূপ বিণ [যুক্ত+রূপ (রূপপ্)] অতিশয়ন্যায্য। "°পং ত্বয়া ...ভাষিতম্ গো.রা ৫ ৩৬ ২। °পমিদং তব শ ১.১২ ; ৩ ১৬।

যুক্তাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] ১ আত্মনিষ্ঠ। ২ অবহিতচিত্ত।

যুক্তার্থ বিণ [বহুব্রী] সুসঙ্গতার্থ, অন্বর্থ, সার্থক।

যুক্তি স্ত্রী [√যুজ্+তি (ক্তিন্)-ভা] ১ যোগ। "চূর্ণ° ক.সা ৩৫.৮২। যন্ত্রযুক্তিপরিভ্রান্ত ৪৩.৩৪। ২ সম্পর্ক, সম্বন্ধ। ৩ যুগে যোজন বা বন্ধন (yoking)। ৪ যথোচিতবৃত্তি। "রা ২.৯১.২৪। ৫ সংমিশ্রণ। "সর্ব্বৌষধিযুক্তিজ্ঞ ক সা ৪১.১১। ৬ প্রয়োগ। ৭ রচন। "ইয়ং বাচো যুক্তিঃ মা.মা ১৬/৬। ৮ ধাতুমিশ্রণ। ৯ (ব্যাকরণে) বর্ণসংযোগ। ১০ (নাট্যে) অর্থাবধারণরূপ নাট্যালঙ্কারভেদ। 'সা দ ৬.২১১। ১১ অর্থসম্প্রসারণরূপ মুখসন্ধির অঙ্গভেদ। 'সা.দ ৬.৮২ ; ৮৪। ১২ (জ্যোতিষে) ভোগ (শ.ক)। ১৩ যোগ, সঙ্কলন। ১৪ অধ্যাহার। ১৫ (ব্যবহারে) কারণপ্রয়োজনপর্য্যালোচনা। "যাজ্ঞ ২.২১৫। ১৬ (ব্যবহারে) দেশকালপুরুষবিশেষে দ্রব্যবিশেষের সংঘটন। "যাজ্ঞ ২.৯৪। ১৭ সঙ্গতি (suitableness)। ১৮ [+তি-ণ] উপায়। "যুক্ত্যা করা ভ ৩.৩১.১৫। ক.সা ৬২.৩৪। ১৯ ন্যায়, বিচার। "বচনং শ্রুত্বা ধর্ম্মযুক্তিসমন্বিতম্।—পঞ্চ ৩ ১৫৫। ২০ মন্ত্রণা, পরামর্শ। ২১ অনুমান (শ.ক)। ২২ একাগ্রচিন্তা, ধ্যান। ২৩ প্রমাণবিশেষ (শ.ক)। "সুশ্রুত ৬.৬৫.২। [কথন (ক্লী)—ন্যায়োপন্যাস। °কর (বিণ)—যুক্তিকরণক (রা.টীকা), ন্যায়ানপেত, ন্যায্য। "°করৈর্বাক্যৈঃ রা ২ ১০৯.২৩। °জ্ঞ (বিণ)—উপায়জ্ঞ। "বৃহৎসংহিতা ১৯.১২। °যুক্ত (বিণ)—১ যুক্তিবিশিষ্ট, বিচারসঙ্গত, ন্যায্য। "যুক্তিযুক্তং প্রগৃহ্লীয়াদ্ বালাদপি বিচক্ষণঃ (সু র)। কাদ ৬৮। ২ সপ্রমাণ।]

যুক্তিমান্ (-মৎ) বিণ [যুক্তি+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ যুক্তিযুক্ত, ন্যায্য। ২ সপ্রমাণ। "ভ ১১.২২.২৫। ৩ উপায়জ্ঞ। "ক.সা ৬২ ৩৪। ৪ যোগবিশিষ্ট, সমন্বিত। "সমসংঘাতযুক্তিমান্ (শঙ্খঃ) গো রা ২ ১০০.২৪।

যুখ সর্ম্ম [জুখ >°খ, দ্র 'জুঁখ'] ওজন করা। "বি পা ৩০৫।

যুগ পুং, ক্লী [√যুজ্+অ (ঘঞর্থে ক)-র্ম্ম, ন্যঙ্ক্বাদি (অ.টী), আ ব.প্' ; ফা যু ; ঠ জ্, Gr. Zugon ; L. jugum , Ger joch ; F. joug ; A.S. geoc ; Danish, Gothic—'juk' , Icelandic, Swedish

—‘ok’ ; E. yoke] ১ শকট ও লাঙ্গলের অঙ্গবিশেষ; জোয়াল। “°ভগ্ন ক.সা ৬০.১২। ২ রথাঙ্গবিশেষ। “পা ৪.৪৭৬। ঋগ্বেদ ২.৩৯.৪। ভগ্নযুগে মনু ৮.২৯১। গ্রীবাগ্রসংসক্তযুগ মাঘ ৩ ৬৮। —গ ক্লী ১ যুগল, যুগ্ম। “বস্ত্র° ।—আশ্বলায়নগৃহ্যসূত্র ৩.৮.১। স্তনযুগ শ ১.১৮, টীকা। কুচয়োর্যুগেন মাঘ ৯.৭২। যুগ শম্ভু, বক্ষঃস্থলে ভেট।—ম ১৫। যুগ গজ ল.প ২৯৬। অশ্বিনীকুমারযুগ।—সে ৩১৪। ২ মিথুন। “খঞ্জনযুগ (S W.)। ৩ বাক্যপরিপূরক শ্লোকদ্বয়; যুগ্মক। ৪ সত্যত্রেতাদি-চতুষ্টয়। “সম্ভবামি যুগে যুগে গী ৪.৮ [সত্যাদিত্রয় অতীত, এক্ষণে কলি-যুগ। ইহার অবতার কল্কি। পর পর যুগকালের একপাদ দ্বিপাদ ত্রিপাদ হ্রাসানুসারে পুণ্যের হ্রাস ও পাপের বৃদ্ধি, মানবদেহের ন্যূনতা ও নৈতিক অবনতি হয়। চতুর্যুগের সাধারণ নাম ‘মহাযুগ’।] ৫ সুদীর্ঘকাল, কাল। “প্রবর্ত্তয়ন্ যুগমন্তং মহা ৫ ৪৮ ৬৫। ৬ জন্ম (generation)। “মনু ১০ ৬৪। জাত্যুৎকর্ষো যুগে জ্ঞেয়ঃ পঞ্চমে সপ্তমেঽপি বা যাজ্ঞ ১.৯৬। ৭ যুগসংখ্যানুসারে (৪) সংখ্যা। [দ্বাদশ বৎসরে ‘যুগ’-গণনায় (১২) সংখ্যা।] ৮ পঞ্চবর্ষকাল। ৯ হস্তচতুষ্টয়, চার হাত। “যুগ-মাত্রোদিতে সূর্য্যে মহা ৩.২৯৫.১০। ১০ বৃদ্ধিনামক ঔষধ। ১১ (বাঙ্-লায়) যুগ্মভাবে পরবর্ত্তী স্থান, পাশ বা কোল। “নীলমণি চূড়ী ভুজের আগে। রতন কাঞ্চন তাহার যুগে।—জ্ঞা ১৯৫। [°কীলক (পুং)—যুগচ্ছিদ্রস্থশলাকা, শম্যা, জোয়ালের খীল (অ.কো)। °ক্ষয় (পুং)—যুগাবসান, যুগান্ত, প্রলয়। “গো রা ৩.৩০.৩৭। °চর্ম্ম (-র্ম্মন্) ক্লী—চর্ম্মখণ্ডদ্বয়ে রচিত তূলীবিশেষ (leather pad)। °দীর্ঘ (বিণ) —যুগবৎ দীর্ঘ, যুগব্যায়ত। “°দীর্ঘৈর্দোর্ভিঃ রঘু ১০.৮৬। °ধার (পুং) —রথকূবরে যুগরোধক কীল (খীল)। °ধর্ম্ম (পুং)—সত্যাদিযুগের দেবতাধর্ম্মপুণ্যাদিবিষয়ক যুগগত লক্ষণ। “চৈ.চ ১৩। শ্রী ২৬২। °পত্র, °ত্রক (পুং)—‘যুগলপত্রযুক্ত’, কোবিদার। °পার্শ্বগ (পুং)—শিক্ষার্থ যুগপার্শ্বে আবদ্ধ বৃষ; প্রষ্ঠবাট্ (অ.কো। °বাহু (বিণ)—যুগবৎ দীর্ঘ বাহু; দীর্ঘবাহু। “কু স ২.১৮। °ব্যায়ত (বিণ)—যুগদীর্ঘ। “°ব্যায়তবাহু রঘু ৩.৩৪। °সন্ধ্যা (স্ত্রী)—যুগান্ত, কলিশেষ। “ভ ১.৩.২৫। °সহস্র (ক্লী)—সহস্রসংখ্যক যুগ। “মনু ১.৭৩।] [যুগ বাঁধা—পাশাখেলায় বা কড়িখেলায় এক ঘরে দুই ঘুঁটি মিলিত করা।]

যুগত বিং [যুক্ত >(স্বরাগমে) যুকত > °ত, তু ‘যুগতি’] ন্যায্য, সঙ্গত। “দেবের সঙ্গে বিসম্বাদ নহে ত যুগত ম বি ১৫০।

যুগতি বি [সং যুক্তি >(স্বরাগমে) যুকতি > °তি, হি, ঠ জুগত ; মৈ জুগুতি] ১ উপায়। “আপনি যেমন তেমন কহিলে যুগতি।—ম ৬৬৯। ঐছন যুগতি প্রভু মনে অনুমানে চৈ.ম ৭৪। ভ.গ্র ৩৮৭। ২ মন্ত্রণা। “ম ২৯, আমার যুগতি ৫৪৮। চৈ.ভা ১৮৪, ৪৭৮। চৈ.চ ৭৫; ১৮১। সেনাপতি কয়য়ে যুগতি চ বি ৮৬। ৩ [যোগ্যতা > °তি] যোগ্যতা, শক্তি। “সহচরীগণ রণ-যুগতিবিহীনা।—প.ক ১৪৮৪, ব ৮৯।

যুগন্ধর পুং, ক্লী [যুগ + √ধৃ + অ (খচ্)-ক, ‘ম্’ (মুম্) আগম, উ.ত] রথের যুগধারক কাষ্ঠ, কূবর (pole)। “সহ° (পাঠান্তর) মহা ৬.৪৮ ৯৪। রঙ্গ ২২১। —ন্ধর পুং ১ পর্ব্বতবিশেষ। “পা ৩.২.৪৬। ২ (বহুব) দেশবিশেষ। “মহা ৪.১.১২।

যুগপত ‘-ৎ’ অব্য [সং যুগপদ্ ; °ৎ (অসাধু)] সমকালে, একই কালে। “(তাঁরাও) পদ্ম তুলি °ত পরাতে আসেন সা.ম ১৪।

যুগপতি বি ধর্ম্মদেব। “°তি চাঁপাযে করিব আরাধনা শ্রী ২৫। তুমি যুগপতি শ্রী ম ১৬৭। শ্রী.মা ১২, ৪০, ১০২।

যুগপদ্ ব্য একদা, সমকালে, একই সময়ে। “রা ২.৭২.৪১। যুগপত্ প্রলীয়ন্তে মনু ১.৫৪। কু.স ২.১৮। রঘু ৪ ১৫।

যুগপদ বি যুগমিলিত পদ, যুক্তপদ, জোড়া-পা। “(মহাপ্রভু) ক্ষণে যুগপদ করি লাফে লাফে যায় চৈ.ম ১০৫।

যুগপাণি বিং যুগমিলিতহস্ত, যুক্তকর, জোড়হাত। “প্রণমহো. °পি ম.পা ১১; যুগপাণি হৈয়া বোলে নৃপতি বিদিত ১০৬।

যুগমাত্র বিণ [যুগ + মাত্র (মাত্রচ্) ; স্ত্রী -ত্রী] যুগপ্রমাণ, চতুর্হস্ত পরিমিত। —মাত্র ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] যুগপরিমাণ, হস্তচতুষ্ক। “মহা ৩.২৯৫.১০।

যুগযুগান্তর বি বর্ত্তমান যুগ ও অন্যযুগ; যুগপরম্পরা। “°ক্লান্ত (ধরণী) চ কা ১০৬। —ন্তর ক্রি.বিং যুগপরম্পরায়। “(জানি আমি তোমারি পাব) °ন্তর।—রবীন্দ্র।

যুগল ক্লী [√যুজ্ + অল (কলচ্)-ক, জক্ বাদি (অ.টী) ; যুগ + √লা গ্রহণ + অ (ক)-ক (ত.বা) ; উ ত] ১ ‘গৃহীতযুগ’, যুগ্ম, দ্বন্দ্ব, দ্বয়। “পাদ° ভ ৪.২৬.২০। বাহু° ভা.চ ৫৬৯। নয়ন° সী ২৫। ২ মিথুন। “স্তনচক্রবাক° ।—শৃ ১। —গল বিং [বাঙ্লায়, অপ্র] ১ দ্বিসংখ্যক, দুই। “যুগল সহস্র রথ।—ম ৯২৮। ২ যুক্ত, জোড়। “দাণ্ডায়্যা আছে দুচাপ যুগলে।—ম ১১৭৪, দুহাথ যুগল করি ১১৮৪। করিয়া যুগল পাণি ক.চ ৬৭। [°মন্ত্র (পুং)—লক্ষ্মীনারায়ণমন্ত্র; রাধাকৃষ্ণমন্ত্র। °ভক্ত (পুং)—চৈতন্যদেব, বৈষ্ণব।]

যুগাংশক পুং [ষ.ত] যুগের অংশ, বৎসর (ত্রিকাণ্ডশেষ)।

যুগাদি পুং [ষ.ত] যুগের আদি ; সৃষ্টিপ্রারম্ভ।

যুগাদ্যা স্ত্রী [ষ.ত] যুগের আদ্যতিথি, যুগাবম্ভতিথি। [বৈশাখী শুক্লতৃতীয়া সত্যযুগের, কার্ত্তিকী শুক্লনবমী ত্রেতার, শ্রাবণী কৃষ্ণত্রয়োদশী দ্বাপরের, মাঘী পূর্ণিমা কলির প্রারম্ভতিথি।]

যুগাধ্যক্ষ পুং [ষ ত] ১ ‘যুগপতি’ প্রজাপতি। ২ শিব।

যুগান্ত পুং [ষ ত] ১ যুগকাষ্ঠশেষ, যুগপ্রান্ত। “সযুগান্তকূবর (রথ) গো রা ৫.৪২.১৬। ২ যুগাবসান, কল্পান্ত, প্রলয়। “রা ২.৬১.২১ ম মহা ৫.৪৮ ৬৫। যুগান্তকাল মাঘ ১.২৩। যুগান্তের যম।—ম ৬১২। ৩ মধ্যাহ্ন (A)। [°কর (বিণ)—প্রলয়কারক। °কাল (পুং) —প্রলয়। “বৃহৎসংহিতা ১১.১৫। °রবি (পুং)—প্রলয়সূর্য্য। “গো রা ৪.১৪ ২৮। যুগান্তাগ্নি (পুং)—প্রলয়াগ্নি। “গো.রা ২ ৩০.৩৫। যুগান্তার্ণব (পুং)—প্রলয়সাগর। “ভ ৫.১৮ ২৮। যুগান্তোচিত (বিণ) —প্রলয়ে পরিচিত। “°নিদ্র রঘু ১৩.৬।]

যুগান্তর ক্লী [মি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্যযুগ। ২ প্রহরান্তর, দ্বিতীয় প্রহর। “যুগান্তরমারূঢ়ঃ সবিতা শ ৪ ১/৩০।

যুগান্তাগ্নি, যুগান্তার্ণব, যুগান্তোচিত দ্র ‘যুগান্ত’।

যুগাবতার পুং [ষ.ত] যুগের অবতার—মৎস্যকূর্ম্মাদি।

যুগাবধি পুং [ষ ত] যুগসীমা, যুগান্ত।

যুগিনী বি [সং যোগিনী > প্রা জোগিণী ; অপ্র] সন্ন্যাসিনী। “ম গা ৮, ২৯। —গিয়া, -গীয়া বি [যোগী + য়া[১]] যোগী, সন্ন্যাসী। “তুমি সে যুগিয়া রাজা আমি সে যুগিনী ম.গা ৮, যুগীয়ার বেটা ১১/৭ যুবক যুগীয়া তুমি।—মী ১৩। —গী বি [দ্র ‘জুগি’] যোগী। “ম.গা ১; যুগীর বেশ ৮। মী ১।

যুগিয়া, যুগীয়া, যুগী দ্র ‘যুগিনী’।

যুগ্ম বিণ [যুগ্ম + অ (অচ্), -গ্মা ; ‘যুগ্মন্’ (শতপথব্রাহ্মণ ৯.৩.৩৫) দ্র] ১ যুগ্মবিশিষ্ট, সম। “যুগ্মাসু পুত্রা জায়ন্তে স্ত্রিয়োঽযুগ্মাসু রাত্রিষু মনু ৩.৪৮। যাজ্ঞ ১.৭৯। ২ (বাঙ্লায়) দ্বিসংখ্যক, দুই। “যুগ্ম পাট যুক্ত করি গঠয়ে রাজন্।—ম ৪০৬। যুগ্মাক্ষর ম.পা ১। জনে জনে …যুগ্ম যুগ্ম যুঝে শি ৫৭। —গ্ম ক্লী [√যুজ্ + ম (মক্)-র্ম, ন্যঙ্ক্বাদি, উ ১.১৪৫] ১ দ্বন্দ্ব, যুগল, যুগ, জোড়া। “পাদুকোপানহাং যুগ্মানি রা ২ ৯১.৭৬। ২ মিথুন। “°চারিণোঃ ক্রৌঞ্চয়োঃ উ.চ ২ ৫। নয়নখঞ্জন° (S.W.)। ৩ দ্বয়। “রজনী°, শুক্র° (সুপ্রভ)। স্তন° (S.W.)। ৪ মিথুনরাশি। ৫ দ্বিতীয়চতুর্থাদি সমসংখ্যক রাশি। ৬ অশ্বিনীকুমার-

জন'। ৭ বাক্যপূরক শ্লোকদ্বয় ; যুগ্মক। ৮ যুগলাশক্ত্য। "দা যুগ্মং প্রহ্বয়ন্তে (ভুগ্রস্ত)। ৯ সঙ্গম, মেলন। "সরস্বতীং চ গঙ্গাং চ যুগ্মেন প্রতিপন্ন স্না ২.৭১.৫। [°চারী (-রিন্) বিণ—যুগ্মবিচরণকারী। দ্র "যুগ্ম ক্লী (২)। °জ, জন্মা (-ন্মন্) (বিণ)—যুগজাত, যমজ। °পত্র, °পর্ণ (পুং)—কোবিদার।]

যুগ্মক ক্লী [যুগ্ম+ক (কন্) স্বার্থে] ১ যুগ্ম, যুগল। ২ বাক্যপূরক শ্লোকদ্বয়। 'দ্বাভ্যাং তু যুগ্মকং প্রোক্তম্।

যুগ্মপাণি বি যুগ্মমিলিতহস্ত, জোড়হাত। "দা ২১৩।

যুগ্মভুরু, -ভ্রু বি সংশ্লিষ্টভ্রূযুগল, জোড়াভুরু। 'দেখ চারু যুগ্মভুরু। ।—ম ১৯১, কামের কামান…যুগ্মভুরু ৫৫৯।

যুগ্মভুরু দ্র 'যুগ্মভুরু'।

যুগ্য বিণ [√যুজ+য (ক্যপ্)-র্ম, নিপাতিত, পা ৩ ১ ১২১] ১ যুগে যোজনীয়। "যুগ্যো গৌঃ। যুগ্যোঽশ্বঃ। ২ [যুগ+য (যৎ)] যুগার্থ হিত। 'পা ৫ ১ ২। ৩ [+য (ষ২), পা ৪ ৪ ৭৬] যুগবাহক (অশ্বাদি) যুগবোঢ়া। "বিমুক্তযুগ্যকবচ মহা ১০ ৩ ২৫। রঘু ১২ ৮৪। —গ্য ক্লী [+য-ক] ১ 'গমনে উপযোগী' (অ টী), যান, 'রথাদি' (নীলকণ্ঠ)। "যানযুগ্য মহা ৩ ৫৯ ৯। মনু ৮ ২৯৩। ২ অশ্বাদি (বা টীকা)। "নির্যাতু যুগ্যমত্যুত্তমম্ বা ১ ৬৯ ৩। —গ্য পুং 'যুগবাহক', অশ্বাশ্বতর-বলীবর্দ্দাদি, রথাশ্ব। [ভভদত্র টীকায 'যুগ্যাঃ' পুংলিঙ্গ] 'কশ্চিত্তত্র বহন্তি স্ম যানযুগ্যং মহাধনম্ রা ২ ৮৯ ১৭। রঘু ১২ ৮৪।

যুঙ্গী (-ঙ্গিন্) পুং বর্ণসঙ্করজাতিবিশেষ (শ ক)।

যুজ্ অক [দি, ঙ—যুজ্যতে, অনিট্] সমাধি, যোগাভাব (ক ক), চিত্তবৃত্তিনিরোধ। 'স্বয়মাত্মনি যুজ্যতে। যুজ্যতে যোগী (ক ক) —জ সক [রুধা, উ—যুনক্তি, যুঙ্ক্তে, অনিট্] সংযোগ। "যুনক্তি ঘৃতেনাগ্নিং লোকঃ (ক.ক)। —জ সক [চু, প—যোজয়তি, সেট্] ১ সংযম, বন্ধন। 'যদ্ যেন যুজ্যতে লোকে বুধস্তৎ তেন যোজয়েৎ। —হি ১ ৫৫। ২ [চু, ঙ—যোজয়তে, সেট্] নিন্দা (ক ক)। [অনু—অনুযোগ, প্রশ্ন। 'মনু ৮ ৭৯। অভি—অভিযোগ, বিবাদ। আ—১ ব্যাপার। "ভট্টি ৮ ১১৫। ২ সর্ব্বতঃ যোগ, সম্যক কবণ। "ভ ৩ ১৪ ১১। ৩ সংযোজন। 'তুরগান আযুঞ্জন (পাঠান্তর) মহা ১ ২২০ ১৮। উদ্—উদ্যোগ। উপ—উপযোগ, ভোগ। নি—নিয়োগ। প্র—প্রযোগ। বি—বিযোগ। সম্—সংযোগ।]

যুজ সর্ম [সং √যুজ > লি √যুজ্জ] যোগ করা, দেওয়া। "(যে গৃহিণী) বোল ব'লিতে উত্তর যুজ ব প ৭।

যুঝ অর্ম [দ্র 'জুঝ'] ১ যুদ্ধ কবা। 'কৃতবর্ম্মা সহ যুঝে সাত্যকি। —ম ৭৪২। যুঝয বীর কোটালে ক চ ১০০। যুঝব।—ব ৯০। ২ বিবাদ করা। "মনুষ্য হইযা তুমি দেবের সঙ্গে যুঝ ম ম ১০০, মিছা কার্য্যে যোঝ ১৮২। ৩ বাদানুবাদ করা। 'গিন্নী আর যুঝিতে পারিলেন না। বলিলেন, মেয়েটি লক্ষ্মী ব.প্র ৩৪২। —ঝা সর্ম [যুঝ+আ৮] যুদ্ধ করান। "যুঝাযব।—ব ৯০।

যুঝা দ্র 'যুঝ'।

যুঝার বিং [দ্র 'জুঝার'] সমরকুশল। 'সৈন্য পরম যুঝার—ম ৮০৮, রণেতে যুঝার ১১৭২। যুঝার পাইক বা ম ১৪৮। প্রচণ্ড যুঝার চ.বি ৯৯, ১৩১, প্রকাণ্ড যুঝার ১০০। —রিয়া বিং [°র+ইয়া২] যুদ্ধসমর্থ, লড়াইয়া অর্থাৎ হৃষ্টপুষ্টাঙ্গ। "রাজভেট নিল সাধু যুঝারিয়া ভেড়া ক.চ ১৩২।

যুট১ বি [দ্র 'জুট১'] দল। —টি বিং দলভুক্ত, সঙ্গী, সমান। "দুরগতি-তুলনায নাহি যার যুটি।—রজ ২১।

যু(যো)ট২ অর্ম [দ্র 'জুট২'] সর্থ 'জুট২'। "চাপরাশী, শেষ খোঁজে কাশীর কাশী, শমায় গোয়েন্দা অনেক যোটে।—দা ২০৯৮। কমলবন যুটে, ভ্রমরগণ যুটে বা দ ১৯৯। আমি এক যাত্রীর দলে যুটিয়া শ্রীক্ষেত্রে যাইতেছিলাম ব.প্র ৪৬১। [যু(যো)টা—সর্থ 'যুট২'।]

যুটা ; যুটি দ্র 'যুট২', যুট১।

যুটিকা বি [সং জুটিকা] শিখা। "শব° বি স্ন ১৭৪।

যুড়১ বি [অপ্র] সর্থ 'জোড়১ (৩)। "খিবদের যুড বি পা ২৮১।

যু(যো)ড়২ সর্ম [দ্র 'জুড১'] ১ যুক্ত কবা লাগান। জোলু'র নেজ্না যুড়ি মুড়ে রাখে আল শি ৭২। শিবে যোড়ি কব বা দ ২৫১। ২ গ্রন্থি দিয়া যুক্ত কবা, গাঁঠ দিয়া জোড়া। "দড়ি ছিঁড়ে দিলে যুড় (যুড়িলে) পড়ে যায গিরা শি ৮৯। ৩ যোজনা বা সন্ধান করা। "মৃত্যু অস্ত্র রঘুনাথ যুড়ি মন্ত্রবলে।—কৃ ৩৫৭। ৪ মিলিত বা সমবেত করা। 'আমি মহারাজ যদি বহু যত্ন কবি। দুই চারি লক্ষ লোক যুড়িতে না পারি॥—চৈ ১৭১। ৫ আরম্ভ করা। "মায়া করি মাযাসীতা যুড়িল ক্রন্দন।—কৃ ৩০৬। ৬ ব্যাপ্ত করা ঢাকা। "তিন পদে যুড়িলা ত্রিভুবন। —গ ৩। অগ্নি গিযা যুড়িল আকাশ ব.প ৫১৫। আলিপুব যুড়ি যুড়ি-গাড়ীতে ছয়লাপ।—হেম ৩৮০। ৭ বিবাহে পাকা দেখা। "যুড়িত শাহের কন্যা আজ্ঞা কর মোবে বা ম ২৪৬,-৭ ; -৮। [যুড়া, যোড়া১—সর্থ 'যুড়২'। মাএর কোল যুড়া করি রহ—মাযের কোল পূর্ণ করিয়া থাক, দীর্ঘজীবী হও। "ব প ৫২৩।]

যুড়৩ অর্ম [দ্র 'জুড২'] সর্থ 'জুড২'। 'অনায়াসে যেবা যুড়ে তাহা মাত্র খায ব.প ৮৯৮। অন্ন না যুড়িত দিনে : সয্যা না যুড়িত শুতে শ্রী মা ১৮৯। [যোড়া২—সর্থ 'যুড৩'।]

যুড়া দ্র 'যুড়২'।

যুড়ি বি [দ্র 'জুড়ি'] ১ যুগল, জোড়া। দশন দু যুড়ি শ্রী ৫০। ২ সর্থ 'জুড়ি' (৩)। "আলিপুব যুড়ি যুড়ি-গাড়ীতে ছযলাপ।—হেম ৩৮০।

যুৎ (-ধ্) পুং [√যুধ+ক্বিপ্ (০)-ক-১ব] যোধ, যোদ্ধা। "যুধাং শ্রেষ্ঠঃ মহা ১ ১৯০ ২১। যুধাং বরৌ।—ভ ১০০.২৯। —ৎ স্ত্রী [+ক্বিপ্-ভা] যুদ্ধ। "ঋগ্বেদ ১ ৫৩ ৭। যো ন দেবাসুরৈঃ সর্ব্বৈঃ শক্যঃ প্রসহিতুং যুধি রা ২ ৫১ ১০। গী ১ ৪। রঘু ৩ ২১। ভট্টি ২.২১।

যুত১ বিণ [√যু+ত(ক্ত)-র্ম] ১ মিশিত। 'শাল্যন্নং সঘৃতং পয়োদধি-যুতম্ (S W)। ২ সংযুক্ত, সংশ্লিষ্ট। তৌ (পাণী) যুতাবঞ্জলিঃ (অ কো)। ৩ যুক্ত। "চতুর্যুতা বিংশতিঃ।—বৃহৎসংহিতা ৫৮ ১৭। ৪ বিশিষ্ট। গোমতীং গোযুতানূপাম্ রা ২ ৪৯ ১০। ভ ৭ ১৫.২২। ৫ অধ্যুষিত। 'হৃষ্টপুষ্টজনৈর্যুতা (নগরী) রা (S W)। স্ত্রীভির্যুতানি (গৃহাণি) ভট্টি ১৭। ৬ উপেত, অন্বিত। 'গুণৈরপরৈশ্চ যুতম্ (সলিলম্)।—বৃহৎসংহিতা ৫৪ ১২২। পুণ্য° ক.চ ১৯। সর্ব্বগুণে যুত ম.বি ২৬০। ত্বরাযুত ম পা ৫৫। হর্ষ° শি ২৪। ৭ সম্পন্ন। "তেজসা যশসা লক্ষ্ম্যা…যুতা (বৈদর্ভী) মহা ২ ৬৪ ১০। ৮ পরিপূরিত। 'রাষ্ট্রাণি ধনধান্যযুতানি রা ১ ১ ৯৩। ৯ বদ্ধ। "স্নাযুযুতম্ (দেহম্) মনু ৬ ৭৬। রসনাযুত কৃশকটি ন প ২৬৫। ১০ সঙ্গত, সহিত। "স্বপত্ন্যেব যুতঃ (বণিক) ক সা ১৩ ১৭৬। ১১ পৃথককৃত, বিশ্লিষ্ট। —ত ক্লী ['যুক্ত' মূল (?)] সর্থ 'যুক্ত' ক্লী (৩)। —তক বিণ [°ত+ক (কন্) স্বার্থে] যুত, বদ্ধ। —তক ক্লী ১ যুগ, যুগ্ম। ২ বস্ত্রভেদ, স্ত্রীবস্ত্রভেদ। ৩ স্রাঞ্চল। ৪ চলনাগ্র, শূর্পাগ্র। ৫ যৌতক। ৬ [+ত-ভা] মৈত্রীকরণ। ৭ সংশ্রয। ৮ সংশয। —তি° স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ যোগ। "অর্ঘ্য হেমপুষ্পযুতি শ্রী ২০৯। ২ সঙ্কলন, সংখ্যাযোগ। ৩ (জ্যোতিষে) সঙ্গম, সংযোগ। "গ্রহ°। ৪ সমাগম। "সুহৃদ্°।—বৃহৎসংহিতা ৭২ ১০। ৫ প্রাপ্তি, লাভ। "রত্ন°।—বৃহৎসংহিতা ৭১.১২। ৬ [+তি-র্ম] সঙ্কলিত রাশি।

যুত২ '-ত্' বি [দ্র 'জুত১'] ১ সুবিধা। ছল ক'রে দূত পাঠায়ে দিযে, যুত করতে নারলে।—দা ৪৯৫। ২ ধনসমৃদ্ধি, যোত্র। "পূর্ব্বে কিঞ্চিৎ

ছিলাম যুতে, খেয়েছে আমার বার জুতে।—দা ৯১৭। ৩ মানানসই গড়ন। "নয় লম্বা নয় বেঁটে, নাকটি তোমার যুতের বটে।—দা ৯৮১। ৪ শান্তশিষ্ট। "যদি এত বেত্রাঘাতে সুযুত না হইল,...তবে এমত শিষ্যের হাত হইতে ত্বরায় মুক্ত হওয়া উচিত আ.ছু ৪। [যুতে যুতে—সরসভাবে। "(মদন) রসের আরজীর সমাচার, যুতে যুতে শুনান শ্রীযুতে।—দা ২০৮৮।]

যুতক দ্র 'যুত১'।

যুতি১, যুতী বি [দ্র 'দ্যুতি'; অপ্র] দ্যুতি, প্রভা। "দশনের যুতী শ্রী.কী ৫৮। ধবল বর্ণের জুতি শ্রী.মা ৫।

যুতি২ বি [সং যূথী] ১ যূথিকাপুষ্প। "দ্রু ৬৩।

যুতি৩ ; যুতী দ্র 'যুত১ ; যুতি১'।

যুদ্ধ বিণ [√যুধ্+ত (ক্ত)-ক] কৃতরণ। "ত্বয়া সংবৎসরং যুদ্ধা নিবাতকবচাঃ গো.রা ৫.৭৮.১০। —দ্ধ ক্লী [+ত-ভা] ১ স্বার্থসিদ্ধ্যর্থ অস্ত্রাদির ব্যাপার (শু ৪.৭.২২০) ; সমর, রণ, সংগ্রাম। "ঋগ্বেদ ১০. ৫৪.২। যুদ্ধং ময়া দত্তম্ গো.রা ৩.৭২.২০। রা ৬.১০১.২ ; যুদ্ধং মে দীয়তাম্ ৭.১৯.২। ২ গ্রহগণের প্রতিকূলভাব। "গ্রহ°। [°কাণ্ড (ক্লী)—বাল্মীকীয় রামায়ণে যুদ্ধবিষয়ক বিভাগ ; লঙ্কাকাণ্ড। "গো.রা ১.৪.৯৫। °জিৎ (বিণ)—রণজয়ী, বিজয়ী। °তন্ত্র (ক্লী)—যুদ্ধবিদ্যা। °দ্যূত (ক্লী)—সমরসংশয়। °ধর্ম্ম (পুং)—সমরবিধি। °ধ্বনি (পুং) —রণকোলাহল। °বস্তু (ক্লী)—যুদ্ধোপকরণ, আয়ুধাদি (কামন্দক)। °বিদ্যা (স্ত্রী)—যুদ্ধশাস্ত্র। °বিশারদ (বিণ)—সমরকুশল। "গী ১.৯। °বীর (পুং)—যুদ্ধে উৎসাহাদিসম্পন্ন উত্তমপ্রকৃতি বীরপুরুষ ; শ্রীরামচন্দ্রাদি। 'সা.দ ৩২৩৪/২৩৫। °ভূ, °ভূমি (স্ত্রী)—রণস্থল। "ক.সা ৪৩. ১২২ ; ৪৮.১। °মার্গ (পুং)—রণকৌশল। °রঙ্গ (পুং)—১ রণস্থল। ২ কার্ত্তিকেয়। °শালী (-লিন্) বিণ—সমরশ্লাঘী, মহাযোধ। "গো.রা ৫.৮৫.২৫। °সার (পুং)—ঘোটক।]

যুদ্ধঘর, -রা বি আয়ুধাগার (arsenal)। "কাঞ্চনের যুদ্ধঘরা চ.বি ১৩৮,-৯ ; যুদ্ধঘর ১৪৯, °রা ২৬২। [বিশেষ বিবরণ—দ্র 'চ.বি ১৩৮.১২-২০ শ্লোক।]

যুদ্ধঘরা দ্র 'যুদ্ধঘর'।

যুদ্ধাচার্য্য পুং [ষ.ত] যুদ্ধবিদ্যাগুরু, রণাচার্য্য। "মনু ৩.১৬২।

যুদ্ধাধ্বা (-ধ্বন্) পুং [কর্ম্মধা] যুদ্ধরূপ পথ ; যুদ্ধোপায়। "যুদ্ধাধ্বনি বি নস্তস্তে রাজানোঽস্কৃতশ্রমাঃ ক.সা ২৭.১৪৬।

যুদ্ধাবহারিক ক্লী [°র+ইক (ঠন্)] যুদ্ধাবসানে লুণ্ঠিতদ্রব্য।

যুদ্ধোদ্যম, -দ্যোগ পুং [ষ.ত] সমরসজ্জা।

যুদ্ধোদ্যোগ দ্র 'যুদ্ধোদ্যম'।

যুদ্ধোন্মত্ত বিণ [স.ত] অতিসমরোৎসাহী ; রণমত্ত।

যুদ্ধোপকরণ ক্লী [ষ.ত] যুদ্ধোপাদান অস্ত্রশস্ত্র ; আয়ুধ।

যুধ্ অক [দি, ঙ—যুধ্যতে ; অনিট্] যুদ্ধ, পরস্পরাভিভবেচ্ছা (ক.ক)। [নি—নিযোধন পরস্পর যুদ্ধ। "ভ ৮.২.২৯। প্রতি—প্রতিযোধন, প্রহার। "কথং ভীষ্মম্...প্রতিযোৎস্যামি গী ২.৪।]

যুধাজিৎ পুং কেকয়রাজপুত্র ভরতমাতুল। 'রা ১.৭৭.১৬,-৭।

যুধামন্যু পুং পাণ্ডবপক্ষীয় বীরবিশেষ। 'গী ১.৬। ম ৯৭৩।

যুধিষ্ঠির পুং [যুধি স্থির, অলুক্, বত্ব] ১ প্রথম পাণ্ডব। [ইঁহার পিতা পাণ্ডুরাজ, মাতা কুন্তী। ধর্ম্মের ঔরসজাত বলিয়া ইনি 'ধর্ম্ম' 'ধর্ম্মপুত্র' 'ধর্ম্মরাজ' নামে অভিহিত। দ্র 'কুন্তী'। ইনি পরম পণ্ডিত ও ধার্ম্মিক ছিলেন। (তু 'যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ মহা ১.১.১১১)। বকরূপী ধর্ম্মের প্রশ্নের উত্তরে ইঁহার পাণ্ডিত্যের বিশেষ পরিচয় পাওয়া যায়। পিতার মৃত্যুর পরে ইনি ইন্দ্রপ্রস্থে যৌবরাজ্যে অভিষিক্ত হন। ইনি কুরুক্ষেত্রযুদ্ধে শল্যকে নিহত করেন। ভারতযুদ্ধের অবসানে হস্তিনাপুরে ইঁহার রাজ্যাভিষেক হয়। যুদ্ধে অসংখ্য জ্ঞাতিবধ হেতু ইনি নির্ব্বেদপ্রাপ্ত হইলে, শ্রীকৃষ্ণ ইঁহাকে ভীষ্মের নিকটে লইয়া যান। ভীষ্মের উপদেশে কিঞ্চিৎ শান্তিলাভ করিয়া, ইনি প্রায়শ্চিত্তার্থ অশ্বমেধের অনুষ্ঠান করেন এবং শ্রীকৃষ্ণের দেহত্যাগের পরে, পরীক্ষিৎকে রাজ্যে অভিষিক্ত করিয়া, চারি ভ্রাতা ও দ্রৌপদীর সহিত মহাপ্রস্থান করেন। 'অশ্বত্থামা হত' —এই মিথ্যাকথন হেতু ইঁহার নরকদর্শন হয়। একাকী ইনিই সশরীরে স্বর্গারোহণ করেন।] ২ (বাঙ্লায়) যুধিষ্ঠিরতুল্য ধর্ম্মপরায়ণ। "পরলা ত নন যুধিষ্ঠির।—কা ৮১।

যু(য়ূ)নানী সিং [E. Ionian ; ফা 'য়ূ.নানী'—গ্রীক্] ১ আইওনিয়াবাসী (গ্রীক্)। ২ ইউরোপীয়। "যুনানী মণ্ডলে।—হেম ২৫২ ; যুনানীমহিলা হয় পারাপার, অকূল জলধি অকুতোভয়ে ২৮৭। ভূতলে যুনানী স্বর্গ আজ অনুভব।—ন ৫২৪। —নানী বি ১ আইওনিয়াদ্বীপ। "হোমর যুনানীনিবাসী।—হেম ২৫৯। ২ আইওনিয়াবাসী। "ভারতের বেদ পুজিত সকলে, ফিনিক সিরীয় যুনানীমণ্ডলে।—হেম ২৫২।

যুবক পুং [যুবন্+ক (কন্) স্বার্থে, স্ত্রী -বতি] যুবা।

যুব(বা)কাল বি ['যুবকাল' সাধু] যৌবন। "যুবাকাল: বার্দ্ধক্য হইল তবে গেল যুবাকাল।—ম ৯৫২। স্বামী বিনে যুবাকালে জরা ক.চ ২২৫। যুবাকাল শ্রী ১০, চৈ.চ ৫০।

যুবগণ্ড পুং [ষ.ত] যুবার গণ্ডজাত ব্রণ ; বয়সফোড়া।

যুবজন বি যুবা। "শ্রী.মা ৫০। °মনমৃগ বা.দ ১৩৯।

যুবজানি বিণ [যুবতি জায়া যাহার, বহুব্রী, পুংবদ্‌ভাব, জায়া > জানি] যুবতিপত্নীক। "মহানিব যুবজানিঃ।—ঋগ্বেদ ৮ ২.১৯। ভট্টি ৫ ১৩। পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি ভা.চ ২৮৯, ৪৪৯।

যুবতি স্ত্রী [যুবন্+স্ত্রী তি, পা ৪ ১.৭৭] যৌবনপ্রাপ্তা নারী, যূনী, তরুণী। "ঋগ্বেদ ২.৩৫.৪। মনু ২.২১২। যাস্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ঃ শ ৪.১৮। °যূথ ন.প ১৪১ ; °ধিরয়-মোচনা (সাজ) ২৬৫। °গণ শি ৩০। —বতী স্ত্রী [√যু+অৎ (শতৃ)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.১.৭৭, সি] ১ 'যে আপনাকে পতির সহিত মিশ্রিত করে (তত্ত্ববোধিনী) ; সর্থ 'যুবতি'। 'আ ষোড়শাদ্ ভবেদ্ বালা, তরুণী ত্রিংশতা মতা (শ.ক)। "গো.রা ৬.৯৯.১২। °গণ বি.প ৯৭। যুবতী ধরম চ দা ৬ ; যুবতী জনার, ধরম নাশক ১১। ২ স্ত্রীসামান্য, প্রমদা। 'প্রমদা চেতি বিজ্ঞেয়া যুবতিশ্চ তথা স্মৃতা।—ভাগুরি (শ.ক)। ৩ হরিদ্রা। ৪ কন্যারাশি। [°সার্থ (পুং)—যুবতিসমূহ।]

যুবত্ব বি [°বন্+ত্ব] যুবভাব, যৌবন। "°দশা।—ম ৬২৮।

যুবনাশ্ব পুং মান্ধাতার পিতা সূর্য্যবংশীয় রাজবিশেষ। দ্র 'মান্ধাতা'।

যুবপলিত বিণ [ত পু] যৌবনে পলিতকেশ। "পা ২.১.৬৭।

যুবরাট্ (-জ্), -রাজ পুং [যুব রাট্ রাজা, কর্ম্মধা, সমাসান্ত 'অ' (টচ্)] ১ সিংহাসনের উত্তরাধিকারী রাজপুত্র ; যৌবরাজ্যাভিষিক্ত রাজপুত্র, কুমার, ভর্ত্তৃদারক (heir-apparent)। "যুবরাজ্যে ভবাম্যহম্ রা ২.৬৩.১৪। (অসৌ) নৃপেণ চক্রে যুবরাজশব্দভাক্ রঘু ৩.৩৫। অঙ্গদ যুবরাজ।—কৃ ২৪৭। °পদ।—মা ১০২। ২ (বাঙ্লায়) যুবকশ্রেষ্ঠ, যুবকরত্ন। "নব যুবরাজ, নবীন নব নাগরী বি প ৯৭। [°রাজপদীয়—যে সকল অমাত্য বা রাজকর্ম্মচারী সম্মানে সাম্রাজ্যের ভাবী উত্তরাধিকারীর সমান।—শশাঙ্ক ২০।]

যুবরাজ দ্র 'যুবরাট্'।

যুবরায় বি [যুব+রায়, দ্র 'রায়'] যুবরাজ। "বা.দ ৬৩ ;-৯৪।

যুবা (-বন্) বিণ [√যু+অন্ (কনিন্)-ক, উ ১.১৫৬ ; স্ত্রী -বতি, যূনী ; cf., L. juvenis ; E. juvenile] ১ যে আপনাকে পত্নীর সহিত মিশ্রিত করে ; ষোড়শবর্ষ হইতে ত্রিংশদ্বর্ষবয়স্ক ; প্রাপ্তযৌবন, তরুণ, বয়স্থ। 'আ ষোড়শাদ্ ভবেদ্ বালস্তরুণস্তত উচ্যতে। "যুবা

পাঃ ।—ঋগ্বেদ ১.৮৭.৪ । যুনাম্ (কৈবর্ত্তানাং শতং শতম্) রা ২ ৮৪.৮ । যুবা কন্তা ।—কু ৪৪৬ । ২ নিসর্গবলশালী । ৩ শ্রেষ্ঠ । ৪ অল্পবয়স্ক (কুলুক) । "মনু ২.১২০ । —বা পুং ১ তরুণজন । "মনু ২.২১৩ । রঘু ৬.৮১ । ২ (ব্যাকরণে) পিতৃ-প্রভৃতি জীবিত থাকিলে, পৌত্র-প্রভৃতির অপত্য 'যুবা' ; জ্যেষ্ঠ ভ্রাতা জীবিত থাকিলে পৌত্র-প্রভৃতিব কনীয়ান্ অপত্য 'যুবা' (পা ৪ ১.১৬৩,-৪) । "পা ১.২.৬৫ ।

যুবান বি [সং যুবন্] তেজোবীর্য্যবান্ পুরুষ ; জোয়ান । "না হয় স্ত্রী-পুরুষ মুই না হই যুবান ।—মী ৮ ।

যুবীভূত বি [যুবন্+চ্বি (০)+ √ভূ+ত (ক্ত)-ক] অযুবা যুবা ভূত , যুবত্বপ্রাপ্ত । "মহাযোগী °তোঽস্ততো যযৌ ক.সা ৯৭.৪১ ।

যুম্মাবার বি [আ 'জুমা'] মুসলমানদিগের উপাসনার দিন শুক্রবার । "সেই দিন যুমাবাব পেগম্বরি রোজা ব.প ২৬৫ ।

যুয়া[১] বি ১ সর্থ 'জুয়া' । "হারাএ ধন…যুযাএ ব প ৬৫৬ ।

যুয়া[২] দ্র 'যুআ' ।

যুরোপ বি [E Europe] ভূমণ্ডলেব পশ্চিম গোলার্দ্ধ । "চা পূ ৮৫ । —পীয়তা বি যুরোপীয ভাব বা ধর্ম্ম । "চা.পূ ৮৫ ।

যুরোপীয়তা দ্র 'যুরোপ' ।

যুশি বি [সং জ্যোতিষিক >প্রা জোইসিঅ >বা (জোসি) °শি , হি জোসী , ঠ, গু জোশী , অপ্র] দৈবজ্ঞ, গণক । "গো.চ ৩৭৭ ।

যুষ্ সক [ভ্বা, প—যোষতি (অ.টী)] ভজন (ক.ক) , সেবা (অ টী) । —ষ্ সক [দি, প—জুষ্যতি (গণদর্পণ)] বিমোহন ।

যুষ্মদ্ সর্ব্ব মধ্যম পুরুষ সর্ব্বনামের (তুমি তোমরা ইত্যাদির) মূলশব্দ (base) । ['যুষ্মদ্' >ত্বদ্ (একবচনে), 'যুষ্মদ্' (দ্বিবচনে, বহুবচনে) —ত্বৎপ্রভাব, ত্বদীয় , যুষ্মৎপ্রভাব, যুষ্মদীয় (পা ৭.২.৯৮) ।]

যুষ্মদীয় বিণ [°দ্+ঈয (ছ)] যুষ্মৎসম্বন্ধী, তোমাদেব দুই জনের বা তোমাদের । "যুষ্মদীয়ং চ জলান্তে গৃহম্ ।—পঞ্চ ৪$\frac{২}{৩}\frac{৩}{৪}$ । যুষ্মদীয় স রাজা ক.সা ৭.১৫ ।

যুষ্মদ্বিধ বিণ [উ বহুব্রী] তোমাদেব মত , যুষ্মৎপ্রকার । "যুষ্মদ্বিধান্ মৃগয়ে গ্রামসিংহান্ ভ ৩ ১৮ ১০ ।

যুষ্মাদৃক্ (-শ্), -দৃশ বিণ [যুষ্মদ্+ √দৃশ্+ক্বিপ্ (০),+ক (কঞ্),-র্ম্ম , কর্ম্মকর্ত্তৃবাচ্যে (ভাষ্য) ; স্ত্রী -ক্ , -শী] তোমাদের মত (ইহাকে) দেখা যায , তোমাদেব মত (ইহা) দেখায় , যুষ্মৎসদৃশ । "কন্যা যুষ্মাদৃশাং গেহেষ্বীদৃশ্যোঽবতরন্তি হি ।—ক সা ২৮ ৯৪ ।

যুষ্মাদৃশ দ্র 'যুষ্মাদৃক' ।

যুহার বি [অপ্র] সর্থ 'জুহার' । "শ্রী মা ১১৭ ।

যুহিত বি [জুতি >জুইত > °ত , অসাধু] দ্যুতি, জ্যোতিঃ । "যুহিত ধেয়াইতে ধর্ম্মের দুই চক্ষু হইল ব.প ৩০০ ।

যুই, যুঁই বি সর্থ 'জুই' ।

যূক পুং, -কা স্ত্রী [√যু+ক (কন্)-ক, দীর্ঘ, উ ৩.৪৭ , স্ত্রী আ (টাপ্), হি 'জূ' , তু 'উআ'—যূকা (দেশী ১.১৩৯)] ১ কেশকীট, উকুণ । যূকা মনু ১.৪৫ । যূকা ললাটমায়াতি ।—সুশ্রুত ১.৩১.২৫ । ২ মৎকুণ, ছারপোকা । "তত্র (শয়নস্থানে) মন্দবিসর্পিণী নাম শ্বেতা যূকা প্রতি-বসতি স্ম ।—পঞ্চ ১$\frac{২}{২}\frac{৩}{৬}$ ।

যূকা দ্র 'যূক' ।

যূতি স্ত্রী [√যু+তি (ক্তিন্), দীর্ঘ নিপাতিত, পা ৩.৩ ৯৭] মিশ্রণ, সংযোগ, সংশ্লেষ । "করোমি বো বহির্যূতীন্ ভট্টি ৭.৬৯ ।

যূথ[১] পুং, ক্লী [√যু+থ (থক্)-খি, দীর্ঘ (অ.টী)] ১ তির্য্যগ্বৃন্দ, পশুপক্ষিবৃন্দ । "যূথা গবাম্ ।—ঋগ্বেদ ১.৮১.৭ । কুঞ্জর°, মৃগ° রা ২. ৫৪.৪১ । হস্তি° মহা ৩.৬৫.৬ । বরাহ° রঘু ২.১৭ ; শম্ব° ১৩.১৩ । বানর°, মেষ° ।—পঞ্চ ৫$\frac{৪}{৪}\frac{৩}{৩}$ । বৃক° ভ ৪.২৯.৫৪ । যূথীকৃতমধুপ দ্বি.মা ৭ ১ । মৃগযূথে ।—মে ১০৬ । ২ গণ, সমূহ, বৃন্দ । "যূথেন ('সঙ্ঘেনৈন' —সায়ণ) ।—ঋগ্বেদ ১.১০.২ । নৈগম° রা ২.১০৬.৩৫ । রথযূথপযূথপ মহা ৫.১৬৪.২৮ । রথযূথপ ভ ১.১৫.১৫ , অমরদানবযূথপ ২.৭ ১৩ ; বিবুধযূথ ৫.২৫.৭ , অসুরযূথপ ৭.৭.৪ । জলধরযূথে ব.প ৫৯৫ ; (রাজা) আস্তে যূথে যূথে ৭৪৭ । ফুল ফল আছে যূথে যূথে ।—কৃ ১৭৭ । এড়ে অশ্ব যূথে যূথে ।—ম ৭৮৭ । যুবতী° ।—গো ৮৯ । রথীযূথের ঈশ্বর শ্রী.ম ২৩৬ । কোটাল° শ্রী ১২০ । (দেবরমণীবৃন্দ)অগণিত যূথ ন.প ১৫৮ । ৩ (বাঙ্গলায়) দল । "বাটি বাটি শিশুগণ লইল সব যূথে ।—ব.প ৮১৩ । ৪ স্তবক, থাক । "কলিক মাল্দার যূথে যূথে ব.প ২৯০ । [°চারী (-রিন্) বিণ—যূথবিহারী (বানরাদি) । °পাল (পুং)—যূথাধিপ । "গো.রা ১. ২০.২২ । °ভ্রষ্ট (বিণ)—যূথচ্যুত, যূথবিরহিত । "যূথভ্রষ্টা মৃগী ভ ৪.২৮.৪৬ । °মুখ্য (বিণ)—১ গণপ্রধান । "যদূনাং যূথমুখ্যস্ত যস্ত তে বৃত্তমীদৃশম্ । —হ ১৯.৮০ । ২ যূথপতি । °হত (বিণ)—যূথভ্রষ্ট । "রা ২.৮৫.২১ ।]

যূথ[২] বি [দ্র 'জুত[২]' , অপ্র] দ্যুত । "যূথে হারিয়া ম.বি ১৬৮ ।

যূথনাথ পুং [ষ.ত] ১ বন্যহস্তিগণের প্রধান ; যূথপ, মহাগজ । "হি ৩$\frac{২}{১}\frac{৩}{৬}$ । মুষিক পতঙ্গ তুক্রি সেন যূথনাথ ব প ৪৩৪ । যূথনাথ সহ গজ-যূথ ।—মে ১০ , ৩৯ । ২ গণপ্রধান, গণাধিপ । "হরি° গো.রা ৪.২২. ৩৮ । রিপু° ভ ৩.৩.১ , অসুর° ৮.১৭.১৬ ।

যূথপ পুং [যূথ+ √পা+অ (ক)-ক ; উ ত] ১ যূথপালক, সর্থ 'যূথ-নাথ' । "করেণবঃ…স্থানপ্রচ্যুতযূথপাঃ রা ২.৬৫.২০ । মৃগেন্দ্র ইব যূথপম্ ভ ৯.১৫ ২৮ । ২ সর্থ '°যূথনাথ' (২) । "হরি° রা ২.১৭ ৩০ ; ৩৩ । মৃগ° মহা ১.১৮.৫ , রথযূথপযূথপ ১.১৩২.৬৩ , ৫.১৬৪.২৮ । সুর° ভ ৬ ৪.৩৯ , অসুর° ৭.৭ ৪ । [°অধিপ, °যূথপ, (পুং)—যূথপাধিপতি । "বানরযূথপাধিপ রা ১.১৭ ৩৭ । অধিরথযূথপযূথপ ভ ৩.৪.২৮ ।]

যূথপতি পুং [ষ ত] ১ সর্থ 'যূথনাথ (১) । "গো.রা ২.৩৯.৩৬ । হি ৩$\frac{২}{১}\frac{৩}{৬}$ । ম ৫৯০ । ২ সর্থ 'যূথনাথ (২) । "বীর° ভ ৫.২.১৮ , সুরললনা-ললাম° ১৬.১৫ ।

যূথাগ্রণী পুং [ষ.ত] যূথনায়ক, যূথপতি । "বীর° ভ ৯.২২ ১৯ ।

যূথিকা, -থী স্ত্রী [যূথ+অক (ঠন্)+স্ত্রী আ (আপ্) , যূথ+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীষ্)] 'পুষ্পবৃন্দযুক্তা', পুষ্পলতাবিশেষ , তৎপুষ্প, জুইফুল "যূথিকাজালক । পু.মে ২৬ । যূথিকাকুট্মল ।—ঋতু ২ ২৪ । যূথিকা শ্রী.কী ৩২ ।

যথী দ্র 'যূথিকা' ।

যূনী স্ত্রী [যুবন্+স্ত্রী ঈ (ঙীষ্), পা ৬.৪ ১৩৩] যুবতি ।

যূপ পুং, ক্লী [√যু+প—খি, দীর্ঘ, উ ৩.২৭ , 'যূপঃ'— স্থূণা (ঋগ্বেদ ১. ৫১.১৪—সায়ণ), যূপম্ (অ.কো)] যজ্ঞে পশুবন্ধনকাষ্ঠবিশেষ । শ্মশান-শূলস্য ন যূপসংক্রিয়া কু স ৫.৭৩ । ভ ৪ ১৯ ১৯ । °চিহ্ন রঘু ১.৪৪ ; ৬ ৩৮ । —প পুং ১ যজ্ঞস্তম্ভ (উণাদিকোষ) । "চৈত্যযূপসমাবৃত রা ২.৫০. ৮ । ২ জয়স্তম্ভ (শ.ক) । [°কটক (পুং)—যূপাগ্রে নিক্ষিপ্ত কাষ্ঠ-কটক (ভ ৪ ১৯ ১৯, শ্রীধর), যূপমস্তকে ডমরুকাকৃতি কাষ্ঠ (অ কো) , যূপমূলনিহিত লৌহবলয় (শ.ক) ; চষাল । °কর্ণ (পুং)—যূপৈকদেশ । °দারু (ক্লী)—যূপার্থ কাষ্ঠখণ্ড । °দ্রু, °দ্রুম্ (পুং)—খদিরবৃক্ষ , রক্তখদির । °ধ্বজ (পুং)—'যূপচিহ্ন', যজ্ঞ । "হ ১৬৯ ৭৯ । °সংস্কার (পুং), °সংক্রিয়া (স্ত্রী)—যূপের প্রোক্ষণাভ্যুক্ষণাদি সংস্কার । "°ক্রিয়া কু.স ৫.৭৩ ।]

যূষ্ সক [ভ্বা, প—যূষতি , সেট্] হিংসা, বধ ।

যূষ পুং, ক্লী [√যূষ্+অ (ক)-ক , cf., L. jus , Old E. jus ; Slav. jucha ; E. juice] মুদ্গাদির ক্বাথরস ঝোল । "কুলত্থ°, মসুর°, মুদ্গ° । নিম্ব° (সুশ্রুত) । পিশিত মিশ্রিত করি যূষে শি ১০৮ । —ষ পুং ব্রহ্মদারুবৃক্ষ ।

যে[১] সর্ব্ব [দ্র 'জে[১]'] ১ তৃতীয় পুরুষের সর্ব্বনাম । "যে করে কানুর নাম

ধরে তায় পায় চ দা ৮০। ২ যাহা। "যে ছিল কপালে তাহা দিলেন বিমাতা।—কৃ ১৪৫। এইমত গৌরচন্দ্র মোরে যে বোলায় চৈ ভা ৪৪৪। মুঞি যে শিক্ষালুঁ তোরে স্ফুরুক সকল চৈ চ ২৩২। যে খাইলে সেই ভাল না খাইও আর ব প ৯০৩। যে বুঝি বাড়িবে দব উত্তর উত্তর ভা চ ২৮৭। ৩ যে কয় জন। "যে করিতে পারি তাহা আজি করি পার ব প ৯১৩। —বিং যাহা, যে-প্রকার, যাদৃশ অবস্থাপন্ন। "বিভবে যে হন রাপা দানে বড় সচ শ্রী ২০৮। ['যে' (কর্ত্তা,-১ব), যাহারা (কর্ত্তা, বহুবচন), কর্ম্ম-প্রভৃতি কারকে—যাহাকে, যাহাদিগকে ইত্যাদি।] যে আজ্ঞা (সং যথাজ্ঞাপয়তি—হি ৩১১)—যে-প্রকার আদেশ অর্থাৎ যাহা আদেশ তাহাই হইবে। "সী ১৪। যে ক'রে এলে!—(ক্রোধে) যে ভীষণ মূর্ত্তি ধরে এলে! যে-কেউ, যে-কোনো লোক—কোন অনির্দ্দিষ্ট ব্যক্তি। "যে কেউ (কল) তৈরি করবার চেষ্টা করচে তাকে…তিনি সাহায্য করেচেন। —ঘ ১২। যেখানে-সেখানে—১ যে-কোন স্থানে। "এই কৃপা আর যেন তোমা না পাসরি। যেখানে সেখানে কেনে না জন্মি না মরি॥—চৈ ভা ১৪৮। ২ সর্ব্বত্র। যে-তে—১ যে-সে, যে-কোন। "যে-তে স্থানে চৈ ভা ৩৪২। ২ যে-কোন, সাধারণ। "(নাম) বোলে যে-তে জনে চৈ ভা ৭, ১০৩। ৩ যে-কোন লোক। 'কর্ম্মী জ্ঞানী ভক্ত-আদি যে-তে ভ গ ১৯৭। ৪ যাহা-কিছু (কুৎসিত), যাহাই। '(কবির কীর্ত্তন) যে-তে কেনে না বোলে পাষণ্ডি-পাপি-গণ চৈ ভা ১৬১, ৩৮৪। যে-তে পাকে —যে-সে পরিণামফলে। '(অদৃষ্টে যা থাকে) মিলিবেক যে-তে-পাকে চৈ ভা ৪৪৬। যে-তে-মতে—যে-কোন প্রকারে। 'চৈ ভা ৫০, ৩৮২, যে-তে-মতে চৈতন্যের যশ সে বাখানি ৪৪৪। যে যার বাটী—ব্যক্তিগত গৃহ। "জঙ্গী যে যত সন্ধান পেলে, সে' গেছে যে যার বাটীতে।—শিশু ১০৯। যে-না— যে-ই, যে-কোন। 'নাচিতে নাচিতে প্রভু যে-না দিকে যায় ন.প ৩১৯। যে-সে—১ যে-কোন। 'চলিব কালি আমি যে-সে ভিতে চৈ ভা ১২৪, যে-সে থানে ৩২৬। ২ সাধারণ, সামান্য। "যে-সে ব্যক্তি এ ব্রতপালনের অধিকারী নহে পা প্র ১৩৬। যে-সে লোক —সামান্য। "সে যে-সে লোক নয়। যে.. সে। যে গেল সে গেল, এল না ফিরা বা.দ ২০৭। তুমি যে বল সে বল, আমি বীরে না ছাড়িব ক চ ৬৮, যে হও সে হও ৭০। সই, যে বোল সে বোল মোরে।...না রব এ পাপ ঘরে॥—চ দা ৯৩। যে যাবি সে যাবি তোরা, গিরিজায়া যায় রে। —ব প ১২৬। যে যার ভক্ষক, সে তার রক্ষক ভা চ ৯৬, অলক্ষণা সুলক্ষণা যে হই সে হই ভা চ ১০২, আমি যে হই সে হই, জিনিয়াছি পণে বিদ্যা ছাড়িবার নই ৪১৮। যে হউ সে হউ কথা কহিব অবশ্য চৈ ম ৮৮। যেখানে…সেখানে। "যেখানে জীব, সেখানে শিব।]

যে২ অব্য [সং যদ্২, প্রা জে (পাদপূরণে—হে), ঠ, মৈ 'জে'] ১ বাক্যারম্ভ (that)। "তোকে বলে যে নেঙ্গা পাত্র বাক্য মোর ধর গো চ ৯। আমার কি অসাধ যে তোমায় নিয়ে ঘর করি?—ব.প্র ৩৪২। ২ যে হেতু। "আমি কি উকীল না বেশ্যা, যে আমার পেশা আছে?—ব প্র ৬৪৬। তুমি যে নবীন ছুকরী…ঘরে রয়েচ, তাই বুঝি হেবে যাচ্চি স.এ ১৭। ৩ বাক্যালঙ্কার। "বিবিধ মশলা, রসেতে মিশায, রসিক বলি যে তারে চ দা ১৫০। যমুনা কল্লোলগানে, চিন্তিতের কানে কানে, কহে কত কি যে!—কথা ৭১। আজ যে বড় নূতন পদ্ধতি।—ব প্র ৭, আমি যে চিনি : আবার খাও যে?—২৬, এ যে পেট আর ভরে না: তোমার ভাত রহিয়াছে যে?—২৭, তৈজসপত্র রহিল যে ৩০, মাগী বাড়ী ব'য়ে কোঁদল করতে এসেছে যে?—৩৪২।– ওলো, অবাক্ করলি যে! —ঘ ৮০। ৪ পাদপূরণ। "উত্তম যে সরোবর নির্ম্মল যে জল।—মী ১২। বৃক্ষ মন যে পবন (মনপবন বৃক্ষ) বা ম ১৪২,-৪, ভোট যে কম্বল ২১০। চুয়া যে চন্দন,...যতন করিয়া আনে চ.দা ৪৩। এক যে ব্রাহ্মণ ভ.প্র ৩৬৫। সমুখে থাকিয়া কালপেচা যে রা কাড়ে ব প ৫৪৩, না দেখি যে রথিগণ ৬১৯। ভ.প্র ২৪৪। ৫ [সং এব > প্রা যেব্ব (জে), জেন্ন (প্রা.ম) অবধারণ। "কিন্তু তাঁহার হৃদয় যে ছিল বোবা—…তাঁহার দুঃখের কথা কাহাকেও কিছু বলিতে পারেন নাই গ.স ৬০। ৬ অবধারণ (বিস্ময়ে)। "কেন ভাই আসিতেছে তুমি যে একাকী"।—কৃ ১৫৬। ৭ অবধারণ (ব্যাকুলতায়)। "জ্বালায় জ্বলিয়া, উঠিল যে হিয়া চ.দা ৫৯, (লোকে) কত বলে মোকে, তাহা যে না যায় শুনা ৯৩। ৮ অবধারণ (তর্জ্জনপূর্ব্বক শাসনে)। "কুটনী গণ্ডানী, বড় যে মস্তানী, উভে উভে দিব শূলে ভা চ ৩৯৫। ৯ অবধারণ (তিরস্কারে)। "টাকার লোভেই গেলে যে!—আ হু ৭২। ১০ অবধারণ (সবিনয় নিবেদন)। "কবীর কহেন, প্রভু অমুক দিবসে। কৃপা যে করিলে মোরে চমক …আবেশে॥—ভ প্র ২৪৪।

যে৩ প্র [দ্র 'এ৮] সর্ব 'ইআ২। "এন্তে, হয্যে স্ব প্র ১১২।

য়ে১ কা ক্তি [এ৫ > যে (উচ্চারণসাম্যে)] ১ (অপ্র) কর্ত্তৃকারকের প্রথমা বিভক্তি। 'অনঙ্গসমর যুঝে, অভিনব রতিয়ে মদন ক চ ১৩৭। রাজায়ে পুছিল তারে চ বি ১৫, ঋষিয়ে শুনিয়া ২০, হস্তীয়ে হস্তীরে ঠেকে ২৬। স্ত্রীয়ে পুত্রে বাপে মিলি কর (কীর্ত্তন) গিয়া ঘরে চৈ ভা ৩৩২, সত্যভামারুক্মিণীয়ে গালাগালি যেন ৪৩৯। জগন্নাথপিতায়ে দেখিলা চৈ ম ৫২। ২ কর্ম্মকারকের দ্বিতীয়া বিভক্তি। "কহি গিয়া মায়ে ভা.চ ৫৯। ৩ করণকারকের তৃতীয়া বিভক্তি। 'অগ্নিয়ে না যাব পোড়া ম গা ১৩। কাটায়ে বেষ্টিত মারে মুষল চ বি ৭৯। আমার শক্তিয়ে তাহা না হয় শোধন চৈ ভা ৪৩৩। ৪ ক্রিয়াবিশেষণে তৃতীয়া। 'ক্ষণেয়ে উঠিয়া সে পাপব করে কোলে চৈ ম ১৮৩। ৫ 'তদনুসারে' অর্থে। "কৃষ্ণা জাতিয়ে পদ্মিনী।—ম ১৮৮, জাতিয়ে গোআল ৫৮৭। জাতিয়ে গোয়ালা চৈ চ ৬৩। ৬ সামীপ্যাদি অর্থে অধিকরণকারকের সপ্তমী বিভক্তি। ধরণীয়ে চাঁদ করত (বালা) পরকাশ (একদেশার্থে) বি প ৩১, অবনীয়ে লোটি ১৯০। এ তৈল আমলা, আনিল শ্যামলা, থালিয়ে বেলিয়ে ভরি (ব্যাপ্ত্যর্থে) বা শে ৫। তাহাকে জিনিব হেন নাহিক ত্রিভুবনে অ প ৭৬। (হরি) মায়ের গলায়ে ধরে চৈ ম ৪৭। প্রভু বোলে বৈষ্ণব নিন্দয়ে যেই জন। কুষ্ঠরোগ কোন্ তার শাস্তিয়ে লিখন (বিষয়ার্থে)।—চৈ ভা ৪৩৮। তোমার স্তুতিয়ে মোর কোন অধিকার?—চৈ ম ১৭৬। ৭ কালাধিকরণে সপ্তমী বিভক্তি। 'মোর কি গতি হইত সে দিনয়ে ব প ৬৫৮। বিহরয়ে নবদ্বীপে রাত্রিয়ে দিনসে চৈ ভা ৩৫০। [বুদ্ধ্যে (বুদ্ধি + এ৫)—বুদ্ধি হেতু। "পড়িলা মাৎসর্য্য-বুদ্ধ্যে আছাড় খাইয়া চৈ ভা ১২৬। এইরূপ, 'বৃষ্ট্যে' 'শক্ত্যে' ইত্যাদি। দ্র 'এ৫'। য়েতে (য়ে১ + তে৪)—সপ্তমীদ্বয়। "ঘায়েতে লাগিলে গা যেন বড় জ্বলে। —কৃ ১২২। য়েরে (য়ে১ + রে)—দ্বিতীয়াদ্বয়। 'এত যদি বলিলেন শ্রীরাম মায়েরে—কৃ ৯৬।]

য়ে২ ক্রি ক্তি [এ৬ > যে (উচ্চারণসাম্যে)] ১ সর্থ 'এ৬ (১)। "স্বামী …দুধ পাইতে চাযে।—মী ৮। ভণযে বিদ্যাপতি বি প ১০। উভরে। —কৃ ১৯৮। লযে হস্তেতে ম পা ১২২। যায়ে চৈ চ ২৯৩, হয়ে ২৯৫। সে অধরমধু পীয়ে : উষা জীয়ে শি ৫৪। কান্দয়ে চৈ ভা ১৬৪, ধ্বনি বাজয়ে ৪৪২। জপয়ে, ভরয়ে, ঝরয়ে, পূজয়ে চ দা ২৭। করয়ে চৈ.ম ৫৬। নাচযে ন.প ৩৫৪। ২ সর্থ 'এ৬ (৩)। "বার্ত্তা চারি প্রকারে প্রথমে কৃষি দিয়ে শ্রী ম ৭৪।

যেই১ সর্ব্ব [যে১ + ই৪] ১ যে-কেহই, যে-কোন লোক। "আটে পীঠে দড় যেই সেই দড় হবে ভা চ ৫৩৫। ২ যাহাকেই। "যেই যাহা পায় করে তাঁহা প্রেমদান চৈ চ ৮২। ৩ যাহা। "যেই মনে কৈলা তুমি পাইলা সেই বর।—মী ৪। —ই সর্ব্ব, বিং ১ যে-কোনই। "তাতে যেই মরে জীব, যে জন সাক্ষাৎ শিব ক চ ২। ২ যে-প্রকারই। "প্রভুর যেই আচরণ, সেই করি বর্ণন চৈ.চ ৮২। —ই ক্রি.বিং যে সময়েই;

যখনই। "যেই যাইবেক হনু লঙ্কার ভিতর।—কৃ ২৪৭। সরোবরে দৃষ্টি যেই করেন নৃপতি।—ম ৫৭৮। ব.প ৯০৩। যেই তাই ঘুম ভেঙে গেল। —শ্রী ১১৬। [যেই আর—যখনই…তৎপরক্ষণেই। 'ম ৫। যেই মাত্র—যখনই। "যেইমাত্র এ কথা কহিল বিভীষণ।—কৃ ২২৩। ভা.চ ৮০। যেই· সেই—যখনই…তখনই। "প'ল যেই ম'ল সেই মহা-নিশাচরী ম গ্র ১৭২, ২০৪। যেই·· সেই সেই—যখনই ·তখনই তখনই। "ব প ৭৮৫। যেইমাত্র· সেই। 'চৈ ভা ৬১।]

যেইং অব্য [সং যেন হি >যেঁহি >যেই > °ই, তু 'তেঁই] যে-হেতু, যে কারণে। "আমি তব মন্ত্রী যেই (হিত উপদেশ বলি)।—কৃ ১৬৯। আমি যেই, তেঁই পানু ভা চ ২৮৬। আমি যেই মেয়ে তেই ঘর পানে চাই ব প ১৪৩৩,-৪। [আমি যেই—যে-হেতু আমি, আমি বলিযা। আমি যেই মেয়ে—আমি মানুষের মেয়ে বলিয়া।]

যেঁহ, -হো সর্ব [যিঁহ, -হো >যেঁহ, -হো] যিনি। যোগমায়া যেঁহো ভ গ্র ২৬২, মোর ইষ্টদেব যেঁহ ৩১১, প্রভুর সতীর্থ যেঁহো ৪৭০। [যেঁহ -হো তেঁহ -হো—যিনি তিনি। 'বোক্ষ্ণীতনয যেঁহো। পদ্মাবতীগর্ভে প্রকট তেহোঁ॥ ন প ১৭৪।—তেঁহো, যেঁহো হন ব্রজে শ্রীমধুমঙ্গল। শলায়ুধ ঠাকুর হন পূর্বে প্রবল॥—ভ গ্র ৩৯।]

যেঁহো দ্র 'যেঁহ'।

যেথানে বি [°ন+ণ°] যেস্থানে। [যেথানে-সেথানে—যে-কোন স্থানে। যে।ানে সেইথানে সেথানে—১ যেস্থানে ·সেস্থানে। যেথানে কুলীন জাতি সেথানে কন্দল ভা চ ২৫৫। যেথানে আবাদ সেইথানে উৎপত্তি।– দা ১৪৩৯। যেথানে বাঘের ভয়। সেইথানেই রাত হয়॥ —প্রবচন। তু বাঘের ভয় জি য়ত। আন্ধার হয হিঁয়ত॥—চট্টগ্রাম। নবীনা কহিল, যেথানে স্বয়ং যুবরাজ রহিয়াছেন, সেথানে চিন্তা কর কেন ?—ন প্র ৭। ২ যে বিষয়ে সে বিষয়ে। যেথানে আপত্তি সেই-থানে বিপত্তি।—দা ১৪৩৯। ৩ যে প্রস্তাবে সে প্রস্তাবে। 'যেথানে তাঁহাকে অনিচ্ছুক দেখিলাম, সেথানে আর অধিক পীড়াপীড়ি করিলাম না ব প্র ৫৬৭।]

যেঙ ক্রি বি° [স° যথা >পা জেম (হেম ৪০১) >বা যেঙ, যেন] যে-প্রকার যেন। ঘন গগনে গরজে গভীর। হিয়ে হোয়ত যেঙ চৌচীর॥ —ব প ১০৮৭। [যেঙ-তেঙ (স° যথা তথা প্রা—জেম তেম (হে ৪ ৪০১)—যেমন-তেমনভাবে যে-কোন পকারে। 'পরাইয়া দিলা (বস্ত্র) যেঙ-তেঙ কটি বেড়ি ভ গ্র ২৪৯।]

যেঞি ক্রি বি° [যেই >যেঞি দ্র 'ঞ°'] যে সময়েই যখনই। "যেঞি তোমা মনে পড়ে, (গোপীগণ) ধৈরয ধরিতে নারে ব প ৮৫৩ ৮৫৫, ৮৫৭।

যেটে, -ঠে বি [যে[১]+টে, ঠে (ঠানে)] যেস্থানে যে অঙ্গে। 'যেঠে যে শোভা পায় আন রাজকে পরাইবা (গো চ)। [যেটে-সেটে —যেথানে-সেথানে (রঙ্গপুরের ভাওয়াইয়া গান)।]

যেঠে দ্র 'যেটে'।

যেত্ত বিং [যত >যেত, হি যেতো গ্রাম্য] যত, সব। "যেত্ত রায়ত পরামর্শ করিয়া প্রধানর বাড়ী বৈলে চৈলে গেল ব প ২৯, ৩০। —ত্তা বিং [স° যাবন্তঃ, -ন্তি >প্রা জেত্তা (পৈ), হি জেতে] যৎপরিমাণ,যত। "যেত্তা মাত্তা লিয়া তেত্তা দেগা দশগুণ রা স ৩১। [যেৎকে . তেৎকে—যত . তত। "যেৎকে ধর্ম্মিরাজা সভরে সইরে বৈসে। তেৎকে প্রিয়া নটী গাও থিনিয়া বৈসে॥—গো চ ২৫৯, শূপ ৭৩।]

যেথা ক্রি বি° [সং যত্র >প্রা জত্থ, জেত্থ (পৈ), জেত্থু (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫ ৫); ঠ জেথ] ১ যেস্থানে, যেথানে। ২ যে অবয়বে। "(আভরণ পরাইল) যেথা সাজে যেমন ব প ৯৫২। [যেথা-সেথা —যেথানে-সেথানে, যে-কোন স্থানে। "যেথা-সেথা ভাঙা ঘর-দালান ম প্র ৯৬। যেথা-সেথা যাই চ কা ৩৬২। যেথা-সেথা ঠাঁই—যে-কোন স্থানে। "ভা চ ৩৮। যেথা· ·সেথা।]

যেন বিং [দ্র 'যেঙ'] যাদৃশ, যেরূপ, যে প্রকার, যেমন। "ঐত্ত ময়না বৈসে আছে যেন ঘরের গোসাই গো চ ৪৪। পূর্ব্বে মোর ছিল যেন বস্ত্র অলঙ্কার।—ম ৪৬৩। যার যেন পূজা।—দু ৪৩। যেন মতি তেন গতি তাহার ৫১। হবচন্দ্র রাজা যেন গবচন্দ্র পাত্র বি সু ১২৯। যেন ইচ্ছা করহ তেমন ক চ ৪১। যেন বিধি বা ম ৭১। যারে যেন কৃষ্ণ-ইচ্ছা চৈ ভা ৫২। —ন ক্রি বি° [স° যথা >প্রা জেম >বা যেন] যেপ্রকারে, যেরূপে। '(বাধা) যেন রএ পাণ্ডবের গুআ শ্রী কী ৩০৬। বরিষার কালে যেন বরিষয়ে মেঘে। দিনকর-তেজ যেন সব ঠাঁই লাগে॥ (হস্তী) নবমেঘঘটা যেন শোভে মহীতলে।—ম ২০২। আকুল করিলে জলে, যেন নন্দ গোপের গোকুল ক চ ৮১। শ্রী মা ১২। (শুন নরপতি) পাণ্ডব বঞ্চিলা যেন অজ্ঞাত বসতি।—ম বি ১৭২। কেহো বা বড়ঙ্গ মতে (পূজে)—যেন স্ফুরে যারে চৈ ভা ২২১। —ন অব্য ১ যথা, যেমন (উপমায়))। 'হিন্দুকুলে কেহো যেন হইয়া ব্রাহ্মণ। আপনেই গিয়া হয় ইচ্ছায় যবন॥ –চৈ ভা ১২০; ২৫২। তৃণ ভেলা বান্ধে যেন সমুদ্র তরিতে।—জ ৫। ২ উৎপ্রেক্ষা। 'অশ্রুময় আঁখি, নিশার শিশির-পূর্ণ পদ্মপর্ণ যেন।—মে ১৯। ছেলেটি যেন কার্ত্তিক। ৩ কামনা-প্রকাশ। (মশা) ক্ষত বিক্ষত করিয়া দেন খায় শি ৭৭। যেন জন্মান্তরে তোমার মত গুণের দেবর পাই সী ৪৮। ৪ প্রার্থনা। এই খ্যাতি মোর যেন জাগযে জাগতে।—দু ৩৭। যেন চিরদিন এইরূপ স্নেহ ও অনুগ্রহ থাকে সী ১৫। ৫ তদেকান্তভাবনায় তন্ত্রার। 'যেন সেই প্রদেশে . বিদ্যমান রহিয়াছি, যেন সেই সময় বর্ত্তমান রহিয়াছে সী ৭, ১০। ৬ আশী-র্বচন। 'যেন তোমার মনস্কামনা পূর্ণ হয়। ৭ সতর্কীকরণ। "ভাল করে ধর, যেন খোলে না। ৮ অনুভব। "প্রাণ যেন কেমন করছে। ৯ স্বীকার। 'তা যেন হইল ব প্র ৪৬১। ১০ [স° যেন (যদ্+তৃতীয়া -১ম)] যে-হেতু। 'মুনি বলে কর্ম্মার্জ্জিত ভুঞ্জ কথোক্ষণ। তোমা ছাড়ি করে যেন ব্রতফলে মন॥—ম ২৪৭। মহাদেবে দক্ষ যেন বল কুবচন। অচিরাতে হবে তোর ছাগলবদন॥—ক চ ১২। ১১ ভবিষ্যৎ ফল, পরিণাম। সেই সুতা বান্ধি রাখে খুলনা অঞ্চলে। গালি দিলে সাধু যেন মুখ নাহি তোলে॥—ক চ ১২৪। ১২ যে কারণে। যেন পহুঁ আবেশ —অবশ তেন সঙ্গী চৈ ম ১২৩। ১৩ যাহার সহিত, যাহার। যেন যোগ্য যেহি জন থাকে সেইস্থানে চ বি ১৫৫। [যেন ঘড়ি—যে সময়ে। ব প ৩৪। যেন তেন –১ যে সে প্রকার যাদৃশ। যেন তেন হৌক হয় সেই মোর স্বামী বি পা ৪০। ২ অপটু। (মেনী) ভাত রেঁধে যেন তেন, চাল খেতে শনি বা ম ২৭৫। যেন তেন প্রকারেণ—যে-সে-প্রকারে, যে-কোন উপায়ে। মধ্যবিত্তেরা যেন তেন প্রকারেণ কোঠা বাড়ীর চেষ্টা দেখিতেছে পা প্র ১৫৮। চা পূ ২৩। যেন তেন ভিতে —যে-সে-ভিত্তিতে, সাধারণভাবে। যেন তেন ভিতে কহিতে না পারি কথন ম ম ৭৯। যেন মতে—যে মুহূর্ত্তে। ব প ৩৪,-৬, ৬৩। যেন মাত্র—যে সময়েই। যেন মাত্র গৃহে আইল ব প ৩৩৩,-৫। যেন.. তেন —যেমন·· তেমন। 'যেন রাম তেন সীতা শোভে দুই জন।—কৃ ৩৮২। যেন কৃষ্ণ তেন তুমি।—ম ২৬৩ ৬২৭, যেন রূপ তেন গুণ উত্তম ক চ ১১৮। শ্রী ম ১৪১। বি পা ৪২। চৈ ভা ১৫৯। কুমুদের চাঁদ যেন, তেন মন হরেছে ভা চ ৬৭৪। [ভূরি প্রয়োগ।] যেন· তেন তেন। 'যেন মুখ তেন বুক তেন হাত পা।—ব প ৪৩০। যেন. তেন মত। 'দু ৭৪। "যেন . তেহ্ন মতে—যে প্রকারে, যাহাতে···সে প্রকারে, সেভাবে। "শ্রী কী ২১১। যেন…যেন। 'যেন রাজা যেন দেশ। তা দেখিয়া করিহ বেশ॥—ম.প ৬। যেন···যেন···যেন…সেহি সেহি···সেহি

"ম.প ৮০৭। "যেনই...তেনই—যেমনই...তেমনই। "যেনই রুক্মিণী, তেনই যদুমণি শ্রী ম ১৬৭।]

য়েন ক্রি.ক্তি [এন > য়েন (উচ্চারণসাম্যে] সর্ব 'এন (১)। "বাজায়েন চৈ.ভা ৪৪১, করায়েন ৪৫৮; নাচায়েন ৫০১। যায়েন চৈ চ ২৯৩। হয়েন চৈ ১৫৯। পায়েন পা প্র ২১৩।

যেনমত বিং [যেন+মত[২], অপ্র] যেমত, যেপ্রকার, যেরূপ। "যেন-মত হএ ব্যবহার ম.বি ২৫৩। যার যেনমত ইচ্ছা না বোলয়ে কেনি চৈ.ভা ৭১, ২৩৯। —মতে ক্রি.বিং [যেন+মত[২]+এ[৫], অপ্র] যেমতে, যেপ্রকারে। "গুপ্ত বোঝা প্রকাশ দেখিল যেনমতেঃ বিশ্বরূপ সন্ন্যাস করিল যেনমতে চৈ.ম ৪, ১৮৫। যেনমতে হয় তার বলবীর্য্যক্ষয় ম.বি ২৩৩। [যেনমত...তেনমত—যেপ্রকার...সেপ্রকার। "(অগ্নি) যেই যেনমত বলে তেনমত হয় ব প ৮৪৫।]

যেনমনে ক্রি বিং [যেন+মন[৪]+এ[৫], অপ্র] যেমনে, যেপ্রকারে। "পৃথিবীতে অবতার হইল যেনমনে চৈ ম ৭।

যেমত বিং [যে+মত[২]] যেপ্রকার। —মতি বিং যেপ্রকারই। —মতে ক্রি.বিং [°ত+এ[৫]] যেপ্রকারে। "ভাল হয় যেমতে প্রভু সে সব জানে চৈ.ভা ৩৭৫। চৈ ম ৪। যেমত···তেনমতে। "যে যেমত তেনমতে বাণ মারে তারে।—দ্বূ ৮৫। যেমত···তেন···তেহেন। "মোহক যেমত দেখ তেন যুধিষ্ঠির। তেহেন দেখিবা সবে ধনঞ্জয় বীর অ.প ৪৬। যেমতি ...সেমতি। "আমার পরাণ, যেমতি করিছে, সেমতি হউক সে।—চ.দা ১০৪।

যেমন বি [যে[১]+মন[৪], তু 'প্রা জেম (যথা—হে ৪.৪০১), মৈ জেহন] যেপ্রকার, যেরূপ। "আপনি যেমন তেন কহিলে যুগতি।—ম ৬৬৯। —মন ক্রি.বিং যথা, যেপ্রকারে। "যেমন জলের বিম্ব জলে উদয়, জল হ'য়ে সে মিশায় জলে।—রামপ্রসাদ। [যেমন...তেন। "যেমন আনন্দ হৈল তেন নিরানন্দ।—ম ৯৮১, ১২৬৯। যেমন...তেমতি। "আমার অন্তর, যেমন করিছে, তেমতি হউক সে চ.দা ১০৪। যেমন ...তেমন, তেমনি। "যেমন চিন্তেন রাম ঘটিল তেমন।—কৃ ১৪৬। যেমন কন্যা তেমনি বর মিলাইল বিধি ম.ভা ৩৮।]

যেমনতর বিং [যেমন+তর[৩], যেমন (সাধু), মৈ জেঁ তরহেঁ] যেমন, যেপ্রকার।

যেমন-তেমন বিং যে-সে-প্রকার, যে-কোনরকম, সাধারণ, চলনসই, কাজচলা-রকম। "যেমন-তেমন দুই ভাই।।যেমন-তেমন দুই গাই॥ —প্রবচন। আরগুলো সব হোক গে যেমন-তেমন। তোমাদের বৈকুণ্ঠে সূতা সস্তা কেমন?—দা ৫৫৪।

যেমনি '-ম্-' বিং [যেমন+ই[৪]] যেপ্রকারই, যেরূপই। "যার যেমনি কর্ম্ম তেমনি ফল, কর্ম্মফলের ফল ফলেছে।—রামপ্রসাদ। —মনি ক্রি বিং যেরূপেই, যেভাবেই। "যে তোমারে যেমনি ভাবে তাতেই তুমি হও মা রাজি।—রামপ্রসাদ।

য়ের [এর[২] > °র] সর্ব 'এর[২]। "শ্রীরাম মায়ের পদ বন্দে।—কৃ ৯৬। জোয়ের দেয়াল ক ন ১৮৩। মায়ের এমনি বিচার বটে।—রামপ্রসাদ। মায়ের কাছে বলব হরি, হরির কাছে বলব মা।—রাজকৃষ্ণ রায়।

যেরূপ বিং [যে[১]+রূপ] যদাকৃতি, যাদৃশ, যেপ্রকার। —রূপ বি যে মূর্ত্তি; যে সৌন্দর্য্য। "যেরূপ দেখি শূর্পণখা পিসী, মাতিল মদন-মদে পঞ্চবটী বনে।—মে ৮৫।

য়েরে কা.ক্তি সর্ব 'এরে'। "যেমন পরশুরাম কাটিল মায়েরে।—কৃ ১১২। ঝিয়েরে সৌতিন বল কি বলিবে লোকে বি.পা ৮০।

যেহ, -হো, -হোঁ সর্ব্ব [যে[১]+হ[১] (আগম)] যে, যিনি। "যেহ তুষ্ট হৈলে তুষ্ট সকল সংসার।—ম ৩২৮; জীয়ন্তে আছিল যেহ সেহ মৃতপ্রায় ৬৫০। দামোদর দেহ দান্ত ইহা যেহো কন শি ৪২। স্বর্ণথালী যেহ ভ.প্র ২১৭, বশ কৈলা যেহোঁ কৃষ্ণদেব ২১০। যেহো সখি লেহ তোর কেহো নহে হীত শ্রী.কী ২৫৩। যেহো···সেহো। "মূঢ় যেহো নারে সেহো ধৈরজ ধরিতে প.ক ১৭৪৩।

যেহি সর্ব্ব [যেই[১] > °হি (হ-আগম), তু 'জেহি'] ১ যে। "যেহি কার্য্যে আছি মহি তোহ্মার গোচর ম.গা ১৭। যেহি দুঃখে বনে বনে ফিরি ব প ৩০৪। যেহি বাহনেত চ বি ৫৭, যেহি কালে ১৭৮। ২ যাহাই। যেহি যোগ্য সেহি যীর কর শ্রী ম ১২৫। যেহি চাহে সেই দিয়া চাহ আপনার যশ বি.পা ৩৪৯। করহ উচিত যেহি লয় তোমার মনে চ বি ১৮৭। ৩ যে, যেপ্রকার। "আদেশ পাইলে। যেহি তাহা আমি করি চ বি ১৪৮। [যেহিমনে···সেহিমন—যেপ্রকারে ···সেপ্রকার। "যেহিমনে হয় রাজা কর সেহিমন চ বি ১৪৮। যেহি-রূপ—যেপ্রকারে, যে উপায়ে। "যেহিরূপে ইষ্ট বর পাবে চ.বি ১১৯।]

যেহেতু, -তুক ক্রি.বিং যে কারণে। "যেহেতু হইল পূর্ব্বে সমুদ্রমন্থন। —ম ৮। যেহেতুক বাবাজীর অঙ্গহীন দেহ ভ প্র ১৯১, যেহেতুক পিরীতিপূর্ব্বক খাওয়াইল ২১৭।

যেহেতুক দ্র 'যেহেতু'।

যেহেন বিং [যে-সম > যেহন > °ন, যেহ্ন, দ্র 'এহন'] যে-সম, যাদৃশ, যে-প্রকার, যেমন। "দৈবে সে জাণএ যার যেহেন ঘটনে শ্রী.কী ১০, বুঝিল তোহ্মার যেহেন জাতী ১১৫। যেহেন বজ্রাঘাত ম বি ৪ (টীকা)। গঙ্গাদাস পণ্ডিত যেহেন সান্দীপনি চৈ ভা ৫৫, তানা যেহেন হইলা ভাগ্যবন্ত ১১৬। —হেন ক্রি.বিং ১ যেপ্রকারে, যেমন। "(তনু) পুরিল যেহেন চন্দ্রকলা শ্রী.কী ৭, ৬৮। নল খাগ কাটালে যেহেন পড়ে পানী ম গা ২। খেলিতে হারাএ ধন যেহেন যুয়াএ ব.প ৬৫৬। ঈশ্বর যেহেন (লওয়াইছেন চিত্তে) চৈ.ভা ১২০। ২ [যেন > °ন] যেকারণে, যেহেতু। "শয্যাতে সুইতে মোকে যেহেন মানা কৈলা গো.চ ৩৪০। —হেন অব্য [অপ্র] যেন, অবাস্তব ভদ্ভাব। "মহাভয়ে আছেন যেহেন লুকাইয়া চৈ ভা ৬০, পড়িল যেহেন মহা অচেষ্ট হইয়া ১২৫।

যেহো, যেহোঁ দ্র 'যেহ'।

যেহ্ন বিং [দ্র 'যেহেন'] ১ যাদৃশ, যেরূপ, যেন। "ওষ্ঠ আধর যেহ্ন যমজ পোঁআর শ্রী কী ৬, যেহ্ন দুঅজ পবাণ ২১, ৩৫। ২ যেমন সাধু। "তোহ্মে, যেহ্ন লোক তাহার, উচিত হেন হএ শ্রী কী ২১১। —হ্ন ক্রি.বিং যেমন। "জরুআ দেখিআঁ যেন রুচক আম্বল শ্রী.কী ৪৯। সিন্দুরে লোটাইল যেহ্ন গজমুতী ৫৮, ২৯২। —হ্ন অব্য ১ যেন, সাদৃশ্যার্থ। "ভ্রূহি চুন রেখ যেহ্ন দেখি শ্রী কী ৭। ২ সাদৃশ্যানুভব। "প্রাণ যেহ্ন ফুটি জাএ বুক মেলে চীর শ্রী কী ৪৮। ৩ সতর্কীকরণ। "যেহ্ন জাএ রাধা কালি শ্রী কী ৩১।

যৈখন ক্রি.বিং [যখন > যইখন > °ন] যখনই। [যৈখন, -নে···তৈখন, -নে। "যৈখন শুনি, তৈখন উঠি, নব রাগিণী গানে ব.প ১১৩২। সোই বিন্দু হাম, যৈখনে পায়ব, তৈখন উদিত নয়ান প.ক ১২।]

যৈছন বিং [জইসন > °ন, E. Hindi—'জইসন, জৈসন (C.G., § 124)] যাদৃশ, যেপ্রকার। "অলপে চিহ্নিনু যৈছন কুটিল কান বি.প ১০৬। দুহু দোহা যৈছন দারিদ হেম।—গো ১৫৭। যৈছন জলধর-ধারা শি ৬৫। —ছন ক্রি.বিং ১ যেপ্রকারে, যেমন। "(শর) ঠেকিয়া বীরের গায়, পাছু হৈয়া পুন যায়, পুষ্পের যৈছন মালা ক.চ ৯৭। প্রেমার্ণবমধ্যে ফিরে যৈছন মন্দর চৈ.চ ৪৬। ২ যেন। "মরকত যৈছন বেড়ল হেম—গো ১৫৬। —ছনে ক্রি.বিং যেপ্রকারে। "(সখি) বচন, রচন করি যৈছনে, নাহক পূরয়ে আশ প.ক ১০৮; যৈছনে বাড়ক মৃণালক সূত ১০৯। [যৈছন···তৈছন। "যৈছন রমণী, রসিকবর [illegible], তৈছন বিদগধরাজ —গো ২৪।]

যৈছে বিং [সং যাদৃশ >প্রা জইস (হে) >বা যৈছ, -ছে, হি, ঠ জৈসা] যাদৃশ, যেপ্রকার। "এই ছয় তেঁহো যৈছে—করি সে বিচার চৈ.চ ২, জীবের স্বরূপ—যৈছে স্ফুলিঙ্গের কণ ৩৫, যৈছে লৌহপিণ্ড ১০৪। বেণী লম্বিত, যৈছে ফণি-মণি—ব ৫৯। —ছে ক্রি.বিং [যৈছ +এ[৫], হি জৈসা, -সে, ঠ জৈসা] যেপ্রকারে, যেরূপে। "ধান্যরাশি মাপি যৈছে পাত্তনাসহিতে চৈ চ ৪৭। নখতর চাঁদ, যেকত রহ অম্বরে, যৈছে নহে পরভাত।—গো ২২৫। কানু যৈছে তুয়া বশ হোই প ক ৪৬। [যৈছে-তৈছে (হি জৈসে তৈসে, ঠ জৈসং তৈসং)—১ যে-সে প্রকারে, উপায়ে বা কৌশলে। "তুমি যৈছে-তৈছে ছুটি আইস তাঁহা যৈছে চৈ চ ১৯৫। ২ যে-সে-ভাবে। "যৈছে-তৈছে যোই-কোই করয়ে স্মরণ চৈ চ ২৩৪। ৩ প্রভূত যত্নে, প্রাণপণ চেষ্টায়। "যৈছে-তৈছে কহি কিছু চৈতন্যবিহার চৈ.চ ৩৬। ৪ যথাপ্রাপ্তভাবে। "যৈছে-তৈছে আহার করি রাখয়ে পরাণ চৈ চ ২৯৫। যৈছে . তৈছে—১ যেপ্রকার .. সেপ্রকার। যৈছে প্রেম দুহুঁ, তৈছে বিহার বি প ২১১। ন প ৪০৭। যৈছে...তৈছে . তৈছে। 'যেছে নৃত্য তৈছে গান তৈছে বাদ্য বাজে।—চৈ ৮২। ২ যেপ্রকারে.. সেপ্রকারে। 'চৈ চ ৯২, ১০৮।]

যৈসা ক্রি.বিং [দ্র 'যৈছে'] যেপ্রকারে, যেমন। "রাত দিন যৈসা, তৈসা দুখ সুখ হোয় রা স ১১।

যো[১] সর্ব্ব [সং যঃ>লি 'যো', ঠ জো, দ্র 'জো[১]'] যে, যিনি। "সো ধনি যো থির তাহে নেহারি বি প ৬৮। যো দেই ভকতিধন প ক ১১। ইথে যো পূরল দুহুঁ মন কাম। তাকর চরণে হমারি পরণাম॥—গো ১৩০। —সর্ব্ব, বিং ১ যে। 'যো পহুঁ: অসত-মতি যো জন প ক ১, যো রসে ভাসি, অবশ মহিমমণ্ডল ৩। ২ যাহা। 'যো কছু কহল তব কহইতে লাজ বি প ১৩১। [যোয় (যো[১]+য়ে[১] > °য়)—যে। "ঘরে ঘরে পহরী ছোড়ি গেল যোয় বি প ৯৩। যো . সো। "বি প ৬৮। যো হি—যেই। শ্রী ম ৭৩। চ.বি ১১২। যো হুকুম—যে আজ্ঞা। " 'যো হুকুম' বলিয়া চলিল ইন্দ্রজাল শ্রী ২১৬। যো হুকুম এই বাত, শিরে উঠাইয়া হাত, ধরে যায় (কোতোয়াল) বি সু ৮১। যো-হুকুমের দল—নির্ব্বিচারে প্রভুর আদেশপালকগণ।]

যো[২] বি [দ্র 'জো[২]'] ১ সুযোগ, উপায, সুবিধা। "ছোট আদালতে যাইবার যো নাই ব প ১৭৩৯। স্বামী থাকিতে মেয়েমানুষের বুড়ী হইবার যো নাই পা প্র ৮৮। বিনা পাশে যাবার যো নাই।—জা ৩০। পাঁচীল বাইবার যো নেই বাবা।—গি ছি ১১৪। তার যোটি নাই অ প্র ২৯। ২ তদনুকূল অবস্থা। "হেল্যার দেখিয়া দুঃখ হয়ে হৈল যো। কালে কালে কৈল হাল কামাক্রের যো॥—শি ৭৫। কারে ফস্ ক'রে, বসতে বলি যে তার যোটি নেই।—কা ১৩৭। যে পাতলা কাপড় পরে রইচি, দুপুরো করে না দিলে কারো সুমুখে যাবার যো নাই।—লী ১৪। ৩ [যোএ >যো] যোত্র, সঙ্গতি, সংস্থান। ৪ সর্থ 'জো[২] (৪)। "এইবার যো হয়েলো, তিলির জন্তিই জমিডে রেখেলাম।—নী ২৮। ৫ উদ্যোগ, সজ্জা। "পুজার যো। [যোএ পাওয়া—সুবিধায় পাওয়া। "যোএ পেয়ে মহামদা সেনে কয় আটো শ্রী মা ১৮।]

যো[৩] ক্রি.ক্তি [ইও >যো] সর্থ 'ইও'। "থাক্যো (থাক+ইও >যো) ব প ১৩৫৫, কান্দ্যো, বাজ্যো, কয়্যো ১৩৫৬। আর ন কর্যো যতনে চৈ ম ১৭২।

যোআল বি [দ্র 'জুআল'] সর্থ 'জুআল'। "ব প ১১৩।

যোই সর্ব্ব, বিং [যো[১]+ই[৪]] ১ যেই, যে। "যোই নিকুঞ্জে, আছয়ে বর মানিনী।—জ্ঞা ৯৫, ২৪১। ২ যাহাই, যাহা। "যোই করল সোই দয়ারাজ বি প ৬৬। [যোই-কোই—যে-কেহই, যেই। "যোই-কোই করয়ে স্মরণ চৈ চ ২৩৪।]

যোঁক বি[অসাধু] সর্থ 'জোঁক'। "পাত্র রহে লাজে যেন যোঁকের মুখে চুণ শ্রী ১২৪। [যোঁকের মুখে চুণ—দ্র 'জোঁক'।]

যোকার বি [অসাধু] সর্থ 'জোঁকার (২)। "গোপবধূ দেয়ন্তি যোকারে বি পা ৭৩, যোকার মঙ্গলধ্বনি ৮৯।

যোক্তব্য বিণ [√যুজ্+তব্য-র্ম্ম] ১ যোজনীয়, সন্ধেয়। ২ বিধাতব্য। "যোক্তব্যস্তেষু দণ্ডঃ স্যাজ্জীবিতং পরিরক্ষতা মহা ৫ ৮২ ১৩। ৩ নিয়োজ্য, প্রবর্ত্তনীয়। 'তস্মিন্ কর্ম্মণি যোক্তব্যা দান্তাত্মানঃ পুরোহিতাঃ মহা ১ ১৭০ ৭৪। ৪ সঙ্গমনীয়। "ঈপ্সিতেনাভিলাষেণ যোক্তব্যো বিভবে সতি মহা ৫ ১০৭ ১৭। ৫ অভ্যসনীয়। "স নিশ্চয়েন যোক্তব্যো যোগঃ গী ৬ ২৩। —ক্তা (ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ক্ত্রী] ১ যোজয়িতা। ২ প্রবর্ত্তক। —ক্তা পুং সারথি। —ক্ত্র ক্লী [+ত্র(ষ্ট্রন্)-ণ] ১ 'যুগের সহিত ঈশাদণ্ডবন্ধনার্থ রজ্জু, আবন্ধ, যোত্র, জোতদড়ি। ২ শকটাদির যুগেব সহিত বৃষাদির বন্ধনার্থ রজ্জু। "ঋগ্বেদ ৩ ৩৪ ১৩। মনু ৮ ২৯২। ৩ মন্থনরজ্জু। "°সর্প বা ১ ৪৫ ১৯। ৪ রজ্জু। "ভুজগযোক্ত্রাববন্ধ মহা ৭ ১৪০ ৪৩।

যোক্তা, যোক্তৃ দ্র 'যোক্তব্য'।

যোথ সর্ব্ব [দ্র 'জোথ[২]] সর্থ 'জোথ[২]। "(পার্ব্বতীব মা) তর্জ্জনী অঙ্গুষ্ঠে যোথে দুই হস্তে ধরি শি ২৬।

যোগ পুং [√যুজ্+অ (ঘঞ)-ভা] ১ যোজন, যুক্তি, জোতা। "যোগা বাজিনো রাসভস্য।—ঋগ্বেদ ১ ৩৯ ৯। কাহার শকতি যোগ করে মায়া দড়ি চ বি ২৫। ২ সঙ্গতি, সংশ্লেষ, সংযোগ। বিপ 'বিযোগ'। ৩ সঙ্গতি, সম্ভাবনা। 'নহ্যেতাভ্যাম্ · অস্মদাদেঃ সহাধ্যয়ন-যোগোঽস্তি উ চ ২½। ৪ সম্মেলন। "সুমন্ত্র গচ্ছ বলস্য যোগায় রা ২ ৮২ ৩০। উপরাগান্তে শশিনা সমুপগতা রোহিণী যোগম্ শ ৭ ২২। ৫ সমাগম। "যোগস্তড়িত্তোযদয়োরিবাস্তু রঘু ৬ ৬৫। ৬ সদ্ভাব। "সান্নিধ্য° রঘু ৭ ৩। ৭ সমবায়। "নিমিত্তাৎ কর্ম্মযোগে পা ২ ৩৩৬, সি। ৮ সম্বন্ধ। স প্রীতিযোগাদ্ বিকসন্মুখশ্রীঃ কু স ৭ ৫৫। রক্ষা° শ ২,১৪। ৯ প্রয়োগ। 'উপায়° মনু ৯ ১০। ব্যস্তযোগৈকপায়ৈঃ রঘু ১০.৮৬। ১০ সম্পর্ক, সংস্পর্শ। 'শরীর-যোগজৈঃ সুখৈঃ ৩ ২৬। ১১ বশ। 'আসক্তি° উ চ ১.২৭। ১২ বর্ম্মাদিধারণ। ১৩ যত্ন, চেষ্টা। 'ইন্দ্রিয়াণাং জয়ে যোগং সমাতিষ্ঠেৎ মনু ৭ ৪৪। ১৪ জীবাত্মপরমাত্ম-সংযোগ। ১৫ চিত্তবৃত্তি-নিরোধ, অর্থাৎ অন্তঃকরণসামান্যের প্রমাণবিপর্য্যয়াদি বৃত্তির লয় (পা দ ১ ২)। ১৬ প্রাপ্তি, লাভ। ১৭ অপ্রাপ্তপ্রাপণ (শঙ্কর), ধনাদিলাভ (শ্রীধর)। "যোগক্ষেম। ১৮ শব্দাদির প্রয়োগ (ত বা)। ১৯ বাক্যস্থ পদসমূহেব অর্থবোধক অন্বয় বা পরস্পর সম্বন্ধ, দূরস্থ পদসমূহের একী-করণ (সুশ্রুত—শ ক)। ২০ (গণিতে) সঙ্কলন (addition)। ২১ (জ্যোতিষে) গ্রহনক্ষত্রাদির সম্বন্ধবিশেষ। ২২ যোগ্যতা, উপ-যোগিতা (A)। "অশ্বারোহণ বিনে নাহি তোর যোগ ম বি ১৬। ২৩ মন্ত্রতন্ত্রপ্রয়োগ, কার্ম্মণ (মেদিনী)। ২৪ সমুদয়শব্দের অবয়বার্থ-সম্বন্ধ। 'যৌগিক, °রূঢ়। ২৫ স্বাত্মনিষ্ঠা (মল্লিনাথ)। 'রঘু ১৩ ৬। ২৬ সমাধি। 'যোগানুশাসন পা দ ১ ১। ২৭ [+অ-র্ম্ম] সন্নহন, কবচাদি। ২৮ ধন। ২৯ চার। ৩০ দ্রব্য। ৩১ সূত্র। '°বিভাগ (ত্রিকাণ্ডশেষ)। ৩২ [+অ-ণ] উপায়। "মান°, তুলা° মনু ৯.৩৩০। ভ ৪ ৫ ২৪। ৩৩ সামদানাদি। ৩৪ ছল। 'মনু ৮ ১৬৫। ৩৫ ভেষজ। ৩৬ মন্ত্র কুহক, মায়া। ৩৭ পক্ষ (side—A)। ৩৮ ধ্যান, পরমাত্মধ্যান। "যোগেনান্তে তনুত্যজাম্ (রঘূণাম্) রঘু ১.৮। যোগসূত্র পাকায় যে জন, সে বাঁধে আমারে।—দা ২৫৬। ৩৯ সম্যগ্-দর্শনোপায়, পরমাত্মজ্ঞানোপায় (টীকা)। 'গী ৪ ৪১,-২। ৪০ সিদ্ধ্য-সিদ্ধিতে সমত্ববুদ্ধি (নীলকণ্ঠ)। "গী ২ ৫০। ৪১ যমনিয়মাদি যোগাঙ্গ।

৪২ পতঞ্জলিকৃত যোগদর্শন। ৪৩ পাতঞ্জলমতাবলম্বী। ৪৪ বল (মল্লিনাথ)। "সাধর্ম্য° রঘু ১৭.৭৮। ৪৫ [যোগ+অ (অচ্)] নৈয়ায়িক। ৪৬ বিশ্রব্ধঘাতক। ৪৭ [+অ-ধি] যুগকাষ্ঠ। ৪৮ শকট, যান। ৪৯ রবিচন্দ্রযোগাধীন বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যোগ। ৫০ তিথিবারনক্ষত্রের সম্বন্ধবিশেষ—সিদ্ধিযোগ অমৃতযোগ অর্দ্ধোদয় ইত্যাদি। ৫১ শরীর-স্থিতি। "°ক্ষেম। [°কক্ষা (স্ত্রী)—সর্থ 'যোগপট্ট'। "তম্...ব্যপাশ্রিতং গিরিশং যোগকক্ষাম্ ভ ৪ ৬ ৩৯। °কন্যা (স্ত্রী)—যশোদার কন্যারূপা যোগমায়া। "হ ৬০.৪৭। °গতি (স্ত্রী)—সংযোগাবস্থা; অস্তিত্ব (শ্রীধর)। "ভ ৪.২৪.৪। °চক্ষুঃ (-ক্ষুস্) পুং—ব্রহ্মা। "মার্কণ্ডেয়পুরাণ ৯৭ ৯। °চর (পুং)—হনূমান্। °চূর্ণ (ক্লী)—মোহনশক্তিযুক্ত চূর্ণ (দশকুমার)। °জ (বিণ)—যোগজাত, যোগাভ্যাসজনিত। "ভাষাপরিচ্ছেদ ৬৫। °জ (পুং)—যোগধর্ম্মবিশেষ। °তারকা (স্ত্রী)—নক্ষত্রাবয়বভূত তারাসমূহের মধ্যে প্রধান তারকা। "বৃহৎসংহিতা ২৪.৩৪। °দণ্ড (পুং)—ঐন্দ্রজালিকদণ্ড (magical wand)। °ধারণা (স্ত্রী)—যোগশাস্ত্রোক্ত ধারণা; আত্মবিষয়সমাধি। "গী ৮.১২। °নাথ (পুং)—১ 'যোগেশ', শিব। ২ দত্তাত্রেয়। "ভ ৬.৮.১৪। °পতি (পুং)—বিষ্ণু। °পথ, °মার্গ (পুং)—যোগোপায়। "যমাদিভির্যোগপথৈঃ ভ ১.৬.৩৬। °পারগ, -রঙ্গম (পুং)—'যোগশাস্ত্র-পারগত', শিব। °পীঠ (ক্লী)—যোগার্থ পীঠ; দেবতার যোগাসন (শ.ক)। "ভ.প্র ২২। °বর্ত্তিকা (স্ত্রী)—ঐন্দ্রজালিকবর্ত্তি (magical wick)। °বল (ক্লী)—সমাধিজ সংস্কারজনিত চিত্তস্থৈর্য্য। "গী ৮.১০। °বাসিষ্ঠ (ক্লী)—বসিষ্ঠকথিত যোগোপদেশবিষয়ক গ্রন্থবিশেষ। [বসিষ্ঠ রামচন্দ্রকে এই যোগোপদেশ দিয়াছিলেন।] °বিধি (পুং)—জীবাত্মপরমাত্মার ঐক্যানুসন্ধান। "রঘু ৮.২২। °বিৎ (-দ্) বিণ—উপায়জ্ঞ। "গো রা ৫.৩৩.৭। ভ ৯ ১৯.১০। °বিদ্যা (স্ত্রী)—১ যোগশাস্ত্র। ২ যোগরূপা বিদ্যা। °বিভাগ (পুং)—ইষ্টসিদ্ধার্থ সূত্রবিভাগ। "অজিতি যোগবিভাগাদন্যত্রাপি পা ৫.৪.৭৫, সি; সমানস্যেতি °গঃ ৬.৩.৮৪, কাশিকা। °যুক্ত (বিণ)—নির্ব্বিকল্পসমাধিযুক্ত। "গী ৫.৭। °রথ (পুং)—যোগরূপপ্রাপ্তিসাধন। "ভ ৮.৫.২৯। °রোচনা (স্ত্রী)—আভিচারিক লেপবিশেষ (magical ointment)। "মৃ ৩$\frac{১}{১}\frac{৪}{৫}$। °শব্দ (পুং)—প্রকৃতিপ্রত্যয়যোগে ব্যুৎপন্ন শব্দ। "পা ১.২.৫৩, কাশিকা। °শরীরী (-রিন্) বিণ—যোগদেহবান্, যোগনিষ্ঠ। "মহা ২.৮.২৯। °শায়ী (-য়িন্) বিণ—যোগনিদ্রাগত। °শাস্ত্র (ক্লী)—১ যোগবিদ্যা। ২ পতঞ্জলিকৃত যোগদর্শন। °সংজ্ঞিত (বিণ)—যোগশব্দবাচ্য। "গী ৬.২৩। °সংসিদ্ধি (স্ত্রী)—যোগফল, সম্যগ্-দর্শন। "গী ৬.৩৭। °সমাধি (পুং)—জীবাত্মপরমাত্মার ঐক্যানুসন্ধান। "রঘু ৮ ২৪। °সার (পুং)—ভেষজসার, সর্ব্বরোগহরণোপায় (শ.ক)। °সিদ্ধ (বিণ)—যোগসিদ্ধিপ্রাপ্ত, যোগফলগত। "ভ ৯.১২.৬। °সিদ্ধি (স্ত্রী)—যোগফল। "°মৎ ক সা ৪.৯৯। °সূত্র (ক্লী)—যোগসম্বন্ধী সূত্রগ্রন্থ; পাতঞ্জলসূত্র। °সেবা (স্ত্রী)—যোগানুষ্ঠান, যোগাভ্যাস। "গী ৬ ২০। °স্থ (বিণ)—সিদ্ধাসিদ্ধিতে সমত্বাপন্ন; পরমেশ্বরৈক-পরায়ণ। "যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয় ২.৪৮।

যোগক্ষেম পুং [দ্বন্দ্ব] ১° (দ্বিব) শরীরস্থিতিপালন। "°কর ভট্টি ৫.৫০। ২ যোগক্ষেমহেতুভূত মন্ত্রিপুরোহিতাদি (কুল্লুক)। "মনু ৯.২১৯। ৩ [উ.লো] যোগসহিত ক্ষেম, সর্থ 'যোগক্ষেম' (ক্লী) (২)। "নারাজকে জনপদে যোগক্ষেমঃ প্রবর্ত্ততে রা ২.৬৭.২৪। —ক্ষেম ক্লী [স.দ্ব] ১ অপ্রাপ্ত ধনের প্রাপ্তি ও প্রাপ্তের রক্ষণ (সায়ণ); অপ্রাপ্তপ্রাপ্তি-প্রাপ্তপরিপালন (রা.টীকা); অলব্ধলাভ লব্ধপরিপালন (মিতাক্ষরা)। "যোগক্ষেমং ব আদায়।—ঋগ্বেদ ১০.১৬৬.৫। যোগ-ক্ষেমকর রা ২.১১৩.১২। নির্যোগক্ষেম গী ২.৪৫; ৯.২২। ভ ১.৬.৭। যাজ্ঞ ১.১০০। ভ.প্র ১৯৩। ২ চৌরাদি হইতে রক্ষণ ও মঙ্গলপ্রতিবিধান; রক্ষণাবেক্ষণ। "যোগক্ষেমম্...কোঽস্মিন্ কল্পয়িতা পুরে রা ২.৭৩.৮। মনু ৭.১২৭; ৮.২৩০। চৈ ২০৩।

যোগতঃ (-তস্) ব্য [যোগ+তঃ (তসি), তৃতীয়ার্থে] ১ যোগে, উপায়ে। "মনু ২.১০০। ২ সমবেতভাবে। ৩ ছলে।

যোগদান ক্লী [তৃ.ত] ১ ছলপূর্ব্বক দান। "°প্রতিগ্রহম্ মনু ৮.১৬৫। ২ (বাঙ্লায়) কার্য্যে সহকারিতাকরণ বা সম্মেলন।

যোগনিদ্রা স্ত্রী [কর্ম্মধা] ১ মনের বিষয়ান্তরব্যাবৃত্তিরূপা নিদ্রা; স্বাত্মনিষ্ঠারূপা প্রলয়ে বিষ্ণুর নিদ্রা। "আধ্যাত্মযোগনিদ্রাঞ্চ পদ্মনাভস্য সেবতঃ মহা ১.২১.১৪। রঘু ১০.১১৪; ১৩.৬। ২ সমাধিলক্ষণা নিদ্রা। "ভ ১.৩.২। ৩ (যোগনিদ্রাস্বরূপা) দুর্গা। ৪ (সাদৃশ্যে, লঘুনিদ্রা, সজাগঘুম (light sleep)। "যোগনিদ্রাং গতস্য ভূপতেঃ।—পঞ্চ ১$\frac{২}{১}$ভ$\frac{২}{২}$। সুখ°।—কামন্দক ১৫.৪৪। —নিদ্রালু পুং 'যোগস্বপনশীল', বিষ্ণু।

যোগপট্ট, -ট্টক ক্লী [উ.লো] ১ যোগার্থ পট্ট: যোগী যে বস্ত্র দ্বারা বলয়াকারে পৃষ্ঠজানু দৃঢ় বেষ্টন করিয়া বাঁধিয়া ঊর্দ্ধজানু হইয়া উপবিষ্ট হন, তাহা 'যোগপট্ট'; বলয়াকারে পৃষ্ঠজানুবন্ধনার্থ বস্ত্র। 'পৃষ্ঠজান্বোঃ মহাযোগে বস্ত্রং বলয়বদ্ দৃঢ়ম্। পরিবেষ্ট্য যদূর্দ্ধজ্ঞ্স্তিষ্ঠেৎ তদ্ যোগ-পট্টকম্॥ "যোগপট্ট ছান্দে বস্ত্র করিয়া বন্ধন (বৈসেন) চৈ.ভা ৭২। ২ যোগিধার্য্য পট্টসূত্রবিশেষ (ত.বা); যোগপাটা। দ্র 'যোগপদক'। "চৈ.চ ১০১; যোগপট্ট না লইল—নাম হইল 'স্বরূপ' ১৩৫। চৈ ১০২। ৩ পূজাদিকালে ধার্য্য উত্তরীয়বিশেষ (শ.ক); নামাবলী।

যোগপট্টক দ্র 'যোগপট্ট'।

যোগপদক ক্লী [ষ.ত] ১ যোগের পদকতুল্য; সর্থ 'যোগপট্ট (২)। [ইহা ত্রিবিধ—ব্যাঘ্রচর্ম্মকৃত, মৃগচর্ম্মনির্ম্মিত, তন্তুরচিত। ইহার বিস্তার চার আঙুল, দৈর্ঘ্য যজ্ঞসূত্রতুল্য।] ২ সর্থ 'যোগপট্ট (৩)।

যোগপাটা বি [সং যোগপট্ট, -ট্টক] ১ সর্থ 'যোগপট্ট (২)। "বুকেতে আছিল পাথর যোগপাটা হৈলা গো চ ৪১৮; গলে যোগপাটা ৪২০। কনক পইতা ফেলি লহ যোগপাটা।—ম ২৪৬। ভুজঙ্গে বলিয়া যোগ-পাটা ক.চ ১। শ্রী.মা ৪। বাম অঙ্গে যোগপাটা ম.ভা ৫। যোগপাটা ইন্দ্রধনু সা.ম ২০। ২ সর্থ 'যোগপট্ট (৩)। "দক্ষিণান্ত করি রাজা খোলে যোগপাটা শ্রী ২৫৪।

যোগবাহ পুং [যোগ+>বহ্+অ (অণ্)-ক; উ.ত] সংজ্ঞায় উল্লেখ না থাকিলেও প্রয়োগনির্ব্বাহক অনুস্বারাদি। দ্র 'অযোগবাহ'। —বাহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ঔষধের মিশ্রণ-কারক (মধু—medium)। —বাহী পুং ১ স্বর্জিকা, সাজিমাটি। ২ পারদ। ৩ মধু।

যোগবাহী দ্র 'যোগবাহ'।

যোগবিৎ (-দ্) বিণ [যোগ+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত] ১ উপায়জ্ঞ। "গো.রা ৫.৩৩.৭। ভ ৯.১৯.১০। ২ যোগশাস্ত্রজ্ঞ, যোগাভিজ্ঞ। "ভ ৪.১.৩২। ৩ যোগমার্গবিৎ। "রঘু ১৫.৯৫। —বিৎ পুং ১ শিব। ২ ঐন্দ্রজালিক। ৩ ঔষধমিশ্রণকারক (compounder)।

যোগমায়া স্ত্রী [কর্ম্মধা] যোগই মায়া; গুণত্রয়ের যোগ (ঘটন)-রূপা মায়া; ভগবৎসমাধিকৃতা মায়া; ভগবৎসঙ্কল্পবশবর্ত্তিনী মায়া (টীকা)। "গী ৭.২৫। °গুণযোগমোহিত ভ ৩.১৩.৪৫; ৬.১৮.৬১। ২ ভগবানের জগৎসর্জ্জনার্থা শক্তি (ত.বা)। "(ভগবান্) রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ ভ ১০.২৯.১। (যত কিছু দেখ) সব মোর যোগমায়া শ্রী.ম ২১৮। ৩ বিষ্ণুমায়া, ভগবতী। "যা যোগমায়াজনি নন্দজায়য়া ভ ১০.৩.৪৭। ৪ [ষ.ত] যোগের ঐন্দ্রজালিকশক্তি (A.)।

যোগযাগ বি যোগ ও যজ্ঞ; ধ্যান-ধর্ম্মকর্ম্ম। "(যে তোমারে করে ত্যাগ) মহামূঢ় সেই তার বৃথা যোগযাগ শি ৪৪।

যোগরূঢ় বিণ [°ঢ়ি+অ (অচ্)] 'অবয়বশক্তি ও সমুদায়শক্তি—এই উভয়শক্তিযুক্ত'; অবয়বশক্তি ও সমুদায়শক্তি দ্বারা অর্থাৎ প্রকৃতিপ্রত্যয়-গত অর্থ ও সমুদায়শক্তি বা প্রসিদ্ধি দ্বারা অর্থবিশেষের বোধক (শব্দ)। যেমন, 'পঙ্কজ'; অবয়বশক্তি দ্বারা 'পঙ্কজাতমাত্রেরই বোধক হইয়াও সমুদায়শক্তিতে 'পদ্ম' অর্থে রূঢ়; এইরূপ 'কৃষ্ণসর্প' ইত্যাদি। —রূঢ়ি স্ত্রী [উ.লো] যোগসহিত রূঢ়ি, যোগরূঢ় শব্দের বৃত্তিভেদ।

যোগরূঢ়ি দ্র 'যোগরূঢ়'।

যোগসাজি, -সাজিশ বি [যোগ+ফা সাজি.শ্ (ষড়্‌যন্ত্র) > °জিশ, -জি] যুক্তিপূর্ব্বক ষড়্‌যন্ত্র। "ছেলের সঙ্গে যোগসাজি ক'রে ভদ্রলোকের জাত নষ্ট করা!—অ.গ্র ৮৯। —জিশী বিং [°শ+ঈ⁹] যোগসাজিশে কৃত (ঘটনা)।

যোগসাজিশ দ্র 'যোগসাজি'।

যোগা সর্ম্ম [যোগ+আ⁹; হি √জুগর; ঠ √জুগ] ১ যুক্ত করা, লাগান, পরান। "যাদবেন্দ্রে সঙ্গে লইয়, বাধা পানই হাতে থুইয়, বুঝিয়া যোগাবে রাঙ্গা পায় প.র ১০। ২ নিকটে আনিয়া দেওয়া। "বৃষ যোগায় নন্দী ক.চ ১৩,-৮, রত্না যোগাল্য আসন ১২১; যোগায় বসন: যোগায় অন্ন ১৩৩। শ্রী ১৩১,-৭৭। নৌকা যোগাইল বা.ম ৩০০। ভ.গ্র ১৯৪। ৩ আনিয়া রাখা। "দেবতা সভায় বস্ত্র যোগাইল নেত ম.ভা ৫৬। ৪ প্রত্যহ নিয়মিতভাবে আনিয়া দেওয়া বা সরবরাহ করা (to supply)। "গন্ধ-চন্দন যোগাই ব.প ৭৬৮। নিয়মিত ফুল রাজবাড়ীতে যোগাই ভা.চ ২৮০; যোগাইল সকলে আহার ৪৭৭। লোকের বাড়ী দুগ্ধ যোগাই।—দা ৫৯০। ৫ নিঃসারিত করা। "(সর্ষে) চাপ না পেলে কি তৈল যোগায়?—কা ১২৩। ৬ যোগাড় করা, জুটান। "পেটে অন্ন হেঁটে বস্ত্র যোগাইতে নারে ভা.চ ৪১০। —গা অর্ম্ম ১ ঝরিয়া সঞ্চিত হওয়া (পুঁজ ইত্যাদি)। ২ মাথায় আসা, প্রকাশ পাওয়া। "কাজ আটকাইলে বুদ্ধি যোগায় (কথামালা)। [যোগান—সর্থ 'যোগা'। যোয়াও—যোগাও] "জল যোয়াও ব.প ৩৩।]

যোগাই বি [যোগ √আই⁹] যোগীশ্বর, যোগী। "মী ৯২।

যোগাকর্ষণ বি সজাতীয় বস্তুর পরমাণুসমূহের পরস্পর যোগসম্বন্ধী অর্থাৎ যুক্ত থাকার আকর্ষণ, শক্তি (cohesion)।

যোগাচার পুং [ষ.ত] যোগানুষ্ঠান, যোগাভ্যাস।

যোগাচার্য্য পুং [ষ.ত] যোগাধ্যাপক। "ভ ৯ ১২.৩।

যোগাড় বি [যোগকারী > যোগাড়ী, -ড়ে > °ড় (?)] সংগ্রহ, আহরণ, আয়োজন। —ড়ীয়া, -ড়ে বিং [°ড়+ঈয়া, এ⁹] ১ যোগাড়ে পটু; সংগ্রহকুশল, আহরণপটু। ২ কোন বিষয় কার্য্যে পরিণত করিতে পটু, সংঘটনকুশল। ৩ সহকারী কর্ম্মী বা মজুর। [যোগাড়-যন্ত্র—যোগ ও নিয়ন্ত্রণ; আহরণ ও পরিপাটীকরণ।]

যোগাদ্যা বি মায়াময়ী আদ্যাশক্তি, ভগবতী, কালী। "কৃ ৩৩৭।

যোগাধমন স্ত্রী [সুপ্‌সুপা] ছলপূর্ব্বক বন্ধক। "মনু ৮.১৬৫।

যোগান বি [যোগা+অন] ১ নিয়মিত সরবরাহ। "ভাঙ্গা বাগান যোগান দেওয়া ভার ব.প ১৬২৬। যোগিনী যোগান দেয় ভা.চ ৫০৩। বড়বাড়ীতে ফুল যোগান বড় দায় ব.প্র ১৯৬। ২ যুগে বদ্ধ বাহন—অশ্বাদি। "বায়ু বেগে অষ্ট ঘোড়া রথের যোগান।—কৃ ১৩২। ৩ নিত্য-সরবরাহের দ্রব্য। "সব সখীগণ, যোগায় যোগান রা.শে ২৫। সকল যোগান, করি সমাধান, কি ভাগ্য যে দেখা দিলা বি.মু ৩৮। হাতী ঘোড়া উট আদি তাহার যোগান ভা.চ ২৬। ৪ সঙ্গ, সাহচর্য্য। "(বীর-ভাগ) চলিল আনন্দে রাম কৃষ্ণের যোগানে শ্রী.ম ২৪৭। (বরজ-বালক) রঙ্গে রঙ্গে চলিলা যোগানে ব.প ৭৮২। ৫ সঙ্গ, লাগ। "হস্তী ঘোড়া সৈন্য সাজি ধরিল যোগান ম গা ৬। নাগের যোগান বা.ম ৭৭; পাত্র মিত্র আগে পাছে, যোগান ধরিয়া আছে ১৯১; পাইকে যোগান ধরে ২৯৯। ডান পাশে যোগান ধরিয়া নারায়ণ বি.পা ৪৫, ৫০; ৮৮। শ্রী.ম ১৭০। নাগের যোগান ম.ম ৫২। ৬ সঙ্গী, সহচর। "যোগান চলিল ভাই এক শত জন।—ম ১৪০। —গান বিং ১ প্রত্যহ যোগাইতে হয় এমন; প্রতিদিন নিয়মপূর্ব্বক দেয়। "(মালিনী) যোগায়ে যোগান ফুল মালা সবাকার (বিদ্যার মন্দিরে গেলা) ভা চ ৩৩৭। ২ সহগামী। "কনক শতেক রথ যাহার যোগান শ্রী.ম ৭। ৩ সজ্জিত। "শতে শতে বিমান যোগান।—গ ১০০। [যোগান করা—প্রত্যহ সরবরাহের ব্যবস্থা করা। যোগান দেওয়া—নিত্য সরবরাহ করা। যোগান ধরা—অনুগমন করা।]

যোগানিঞা বি [°ন+ইয়া² > °নিয়া > °এগ, দ্র 'এ⁸'] যে যোগান দেয়; প্রত্যহ সরবরাহকারী। "প্রভু বোলে যোগানিঞা আমি নাহি ছাড়ি চৈ.ভা ২২৫।

যোগানুশাসন স্ত্রী [ষ.ত] যোগোপদেশকশাস্ত্র। "পা.দ ১১।

যোগাযোগ বি [যোগ+ যোগ > °গ] ১ পরস্পরের যোগ বা সমাগম। "পরের তরে মন-উচাটন, যোগাযোগের অনাটন, দৈবে কলঙ্কিনী হও না, স্থান পাও না, ঋণ পাও না।—দা ২০৪৩। ২ সংঘটন, সম্পাদন। "আজ্ঞামাত্র হবে শুভকর্ম্ম যোগাযোগ বা.দ ১২১। ৩ পরস্পর পরামর্শ-পূর্ব্বক ষড়্‌যন্ত্র।

যোগারূঢ় বিণ [যোগ+আরূঢ়: দ্বি ত] প্রাপ্তধ্যানযোগ, যোগানুষ্ঠান-প্রবৃত্ত, জ্ঞানযোগপ্রাপ্ত (টীকা)। "গী ৬.৩, ৪।

যোগাসন ক্লী [উ লো] ১ যোগার্থ আসনবিশেষ, যোগীর ধ্যানানুকূল আসন, ব্রহ্মাসন, ধ্যানাসন, স্বস্তিকাদি। "যোগাসননিষ্ঠ মনু ৬.৪৯, কুল্লুক। ভট্টি ৭.৭৭। (বাঙ্‌লায়) শিবের সমাধিস্থান কৈলাসপর্ব্বতের শিখরবিশেষ। "মে ৬২।

যোগিত বিণ [যোগ+ইত (ইতচ্)] ঔষধাদিপ্রয়োগে উন্মত্তত্ব প্রাপিত (অ.টী)। "অলর্কস্তু স যোগিতঃ (অ কো)।

যোগিদণ্ড পুং [ষ ত] যোগীর অবলম্বনযষ্টি, বেত্র (শ.ক)।

যোগিনিদ্রা স্ত্রী [ষ.ত] সর্থ 'যোগনিদ্রা (৪)। "হি ৩.৭৮।

যোগিনী স্ত্রী [√যুজ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সমাধি-শীলা, যোগযুক্তা নারী। "ক.সা ৩৭.১০৯। ২ মায়ানিপুণা নারী, কুহকিনী, মায়াবিনী, ডাইনী (witch)। ৩ দুর্গার সখীরূপা চতুঃষষ্টি আবরণ-দেবতা—নারায়ণীগৌরী-প্রভৃতি। ৪ দুর্গার আবরণদেবতাবিশেষ। "ডাকিনী যোগিনী দুটা, তরকারী বানায়ে খাব।—রামপ্রসাদ। ৫ দুর্গা। ৬ (জ্যোতিষে) মঙ্গলা পিঙ্গলা ধন্যা ভ্রামরী ভদ্রিকা উল্কা সিদ্ধি সঙ্কটা—এই অষ্ট দশাবিশেষ। "ম.ম ১২৬। ৭ (বাঙ্‌লায়) যোগীর স্ত্রী। "বেহুলা নখাই দোহে যোগী আর যোগিনী ম.ভা ৬৮। [°চক্র (ক্লী)—তান্ত্রিকের যোগিনীসাধনার্থ চক্র। "যোগিনীচক্রেতে বসি করয়ে আহার ভ.গ্র ২৬৯।]

যোগিমার্গ পুং [ষ.ত] যোগীর পথ, আকাশপথ।

যোগিয়া বিং [যোগী+ইয়া², অপ্র] যোগিসম্বন্ধী, যোগীর মত। "গায়ের যোগিয়া গন্ধে যম দিল ভঙ্গ শি ২২। —য়া বি [হি °য়া] রাগবিশেষ। [ইহার সময় দিবা ১ম প্রহর, ঠাট কোমল রি ও ধ, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

যোগী (-গিন্) বিণ [√যুজ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব, স্ত্রী -গিনী] ১ সমাধিশীল, যোগযুক্ত। ২ [যোগ+ইন্ (ইনি)-১ব] লব্ধযোগ, ব্রহ্ম-বিদ্বান্। "বভূব যোগী কিল কার্ত্তবীর্য্যঃ রঘু ৬.৩৮। —গী পুং ১ ধ্যায়ী, ধ্যানী, পরমাত্মধ্যানপর সাধু। "যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ গী ৬.১০। বিচিন্বন্তি যোগিনস্ত্বাং বিমুক্তয়ে রঘু ১০.২৩। যোগিজনপ্রিয়। —ম ১। ২ আত্মবৎ সর্ব্বত্র সমদর্শী দ্বন্দ্বাতীত সাধু। 'আত্মৌপম্যেন

সর্ব্বত্র সমং পশ্যতি যোহর্জ্জুন। সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ॥—গী ৬.৩২। "রঘু ৮ ১৭। ৩ কর্ম্মী, কর্ম্মযোগাধিকারী। "কর্ম্ম-যোগেন যোগিনাম্ (নিষ্ঠা) গী ৩ ৩। ৪ বিষ্ণু। ৫ শিব। ৬ অর্জ্জুন। ৭ যাজ্ঞবল্ক্য। ৮ যোগশাস্ত্রমতাবলম্বী। ৯ সঙ্কীর্ণজাতিবিশেষ, জুগী। [°রাজ '-গি-' (পুং)—যোগিশ্রেষ্ঠ, যোগীশ্বর।]

যোগীন্দ্র পুং [যোগী ইন্দ্রতুল্য, উপ স] ১ যোগিশ্রেষ্ঠ, মহাযোগী। "ক সা ৪৫ ৮০। °ন্দ্র যোগীর মাঝে।—ম ১। দা ৫২৭। °মানসহংস মে ২৩৭। ২ যাজ্ঞবল্ক্য। "যাজ্ঞ ১ ২। ৩ (বাঙ্‌লায) শিব। "মে ৫৪।

যোগীশ পুং [ষ.ত] ১ যোগিশ্রেষ্ঠ। ২ যাজ্ঞবল্ক্য।

যোগীশ্বর পুং [ষ ত] ১ যোগীশ, মহাযোগী। ২ যাজ্ঞবল্ক্য। "যাজ্ঞ ১ ১। ৩ মায়িশ্রেষ্ঠ। —শ্বরী স্ত্রী [ষ ত] ১ দুর্গা। ২ মহাযোগিনী। "(সা তাপসী) যোগীশ্বরী হিবণ্যাক্ষমুবাচ ক সা ৬৫ ২১৮। ৩ মহামায়াবিনী। "যোগীশ্বরী চিত্রলেখা ক সা ৩১.১৬।

যোগীশ্বরী দ্র 'যোগীশ্বর'।

যোগেন্দ্র, -গেশ পুং [ষ.ত] ১ যোগীর ইন্দ্র (অধিপতি), যোগাব শ্রেষ্ঠ, মহাযোগী। "যোগেন্দ্র পুরুষ শ্রী মা ২। সা ম ১০। ২ শিব। "রাবণ-ভয়ে...কাঁপে যোগেন্দ্র।—দা ২৮০। ৩ যাজ্ঞবল্ক্য। ৪ বেতাল। ৫ ঐন্দ্রজালিক। ৬ অলৌকিকশক্তিসম্পন্ন পুরুষ। ৭ দেবতা।

যোগে-যাগে ক্রি বি° ১ যোগ দ্বাবা বা যাগ দ্বারা, যে-কোন উপায়ে, কোন ক্রমে। "(চোর) যোগে-যাগে যদি ধবৃতে পাবি।—দা ৪৯৯। ২ কষ্টেসৃষ্টে। "°গে...পোহাইলা নিশা বা.দ ১৩৫।

যোগেশ দ্র 'যোগেন্দ্র'।

যোগেশ্বর পুং [ষ ত] ১ সর্থ 'যোগেন্দ্র (১)। 'মহা° গী ১১ ৯। শ্রীনন্দজ যোগেশ্বরেশ্বর।—জ ১। ২ শিব। 'প্রেমে যোগেশ্বর কাঁপে চৈ ম ১৪। ৩ মহাযোগী শ্রীকৃষ্ণ। 'গী ১১.৪, ১৮.৭৫,-৮। ৪ যাজ্ঞবল্ক্য। ৫ বেতাল। "ক সা ৮৩ ৩৫। ৬ সর্থ 'যোগেন্দ্র (৫-৭)। —শ্বরী স্ত্রী [ষ ত] যোগের ঈশ্বরী, দুর্গা।

যোগেশ্বরী দ্র 'যোগেশ্বর'।

যোগেষ্ট ক্লী [স ত] যোগে (সংযোগে) ইষ্ট, সীসক (অ কো)।

যোগৈশ্বর্য্য ক্লী [ষ ত] যোগসম্বন্ধী ঐশ্বর্য্য, যোগসিদ্ধি। 'ভ ৫ ৫ ৩৫।

যোগ্য বিণ [যোগ+য (যৎ), পা ৫ ১ ১০২, √যুজ+ণ্যৎ (ত বা), 'যোগ্য'—যোজনসাধনভূত (ঋগ্বেদ ৩ ৬ ৬, সাযণ)] ১ যোগে সমর্থ যোগার্হ, সংযোগার্হ। ২ সংসগার্হ। 'বঘু ৬ ২৯। ৩ শক্ত, সমর্থ। অযোগ্যঃ পুরুষো নাস্তি যোজকস্তত্র দুর্লভঃ।—শু ২ ১২৬। দুঃখমাত্মা পরিচ্ছেত্তুমেব যোগ্যো ন বেত্তি বা।—হি ২ ১৪৮। ৪ উপাযী, উপায়কুশল। ৫ উচিত। "অত্যন্ত° গো রা ২ ৩ ৩৭। দাবক্রিয়াযোগ্যদশঞ্চ পুত্রম্ রঘু ৫ ৪০। সভারে বসাইল প্রভু যোগ্যক্রম করি চৈ চ ১৪৩। ৬ প্রবীণ, কুশল। ৭ অনুরূপ। 'কর্ণেষু যোগ্যং নবকর্ণিকাবম্।—ঋতু ৬ ৫। ৮ বাক্যে পদসমূহের পরস্পরান্বয়বোধে বাধারহিত (পদ)। 'যোগ্যতা সা দ ২ ১। —গ্য পুং পুষ্যনক্ষত্র। —গ্য ক্লী 'বপুঃস্থৈর্য্যে সমর্থ', ঋদ্ধিনামক ঔষধ। —গ্যা স্ত্রী ১ অভ্যাস। "প্রণিধান° রঘু ৮ ১৯। ২ শস্ত্রাভ্যাস। ৩ সম্যক্‌কর্ম্মাভ্যাস। "সুশ্রুত ১ ৯ ১। ৪ অর্কযোষিৎ (বিশ্ব), সূর্য্যস্ত্রী।

যোগ্যতা স্ত্রী [যোগ্য+তা (তল্)] ১ যোগ্যভাব, সামর্থ্য, শক্তি। "যুদ্ধযোগ্যতা গো রা ১ ২৩ ২। দর্শনাযোগ্যতা ৩ ৩১ ৪৫। বামের যোগ্যতা যত সব দেখিতে পাই।—কৃ ২৫০। যমের কি যোগ্যতা ইহারে পারে ছুঁতে শি ৬৪। ২ ঔচিত্য, ন্যায়। ৩ প্রাবীণ্য, কুশলতা। "কর্ণধার কড়ি লবে কেমন যোগ্যতা।—শি ৯৪। ৪ বাক্যে পদপদার্থসমূহের পরস্পর-সম্বন্ধে বাধাভাব। "সা দ ২.১। ৫ (ন্যাযে) একপদার্থে অপরপদার্থ-সম্বন্ধ। "ভাষাপরিচ্ছেদ ৮৩।

যোগ্যমান বিং [যোগ্য+মান, তু 'বিদ্যমান', গ্রাম্য, অসাধু] বয়ঃক্রমানুসারে যোগ্যা, সহবাসসমর্থা, যুবতী। "এখন হইলাম আসিয়া আমি তোমার যোগ্যমান। মোক ছাড়িয়া হবু বৈরাগ মুক্রি তেজিম্ পরান॥ —গো চ ১৮২।

যোগ্যা দ্র 'যোগ্য'।

যোজক বিণ [√যুজ্+অক (ণুল্)-ক] ১ যোজয়িতা, সংশ্লেষকারক। ২ যুগে অশ্বাদিযোজয়িতা। "বাজি° মহা ৪.১২.৯। রথ° ভ ১২.১১. ৪৮। ৩ নিয়োজয়িতা, নিযোক্তা। "অযোগ্যঃ পুরুষো নাস্তি যোজকস্তত্র দুর্লভঃ শু ২ ১২৬। ৪ উদ্যোগী (নীলকণ্ঠ)। "যুদ্ধ° মহা ৫.৫৩.৯। —জক বি (বাঙ্‌লায়) বৃহৎ ভূখণ্ডদ্বয়ের সংযোজক সঙ্কীর্ণ ভূমি (isthmus)। —জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ যোগ, সংযোগ-করণ। "অগ্নি° (S W)। ২ যুগে বন্ধন। "রথে...যোজনমূর্চ্ছিতানাম্।—হ ১৪৮ ১৩। ৩ যথাস্থানে স্থাপন। "ভূষণ° (কালবিশেষ) ভ ১০. ৪৫ ৩৫, শ্রীধর। দ্র 'কলা[২], ৯ (১৫, ১৯)। ৪ নিয়োগ, প্রবর্ত্তনা। "প্রোৎসাহনং স্যাদ্ উৎসাহগিরা কস্যাপি যোজনম্ সা দ ৩ ২০৭। ৫ চিত্ত-সমাধান। ৬ বাক্যে পদার্থসমূহের অন্বয়। ৭ ক্রোশচতুষ্টয়যোগ, চতুঃ-ক্রোশী, চার ক্রোশ। "ঋগ্বেদ ২ ১৬ ৩। পা ৫ ১ ৭৪। রা ২ ৯১ ১০। ৮ [+অন-ধি] জীবাত্মার যোগস্থান, পরমাত্মা। —জনা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ)] ১ যোগ। "কাব্যাংশস্য চ যোজনা ক সা ১ ১১। ২ সর্থ 'যোজন (৬)। [°গন্ধা (স্ত্রী)—১ সত্যবতী। ২ সীতা। °বল্লী (স্ত্রী)—মঞ্জিষ্ঠা। °শত (ক্লী)—শত যোজন, বহুদূর। "হি ১ ৫১, ন যোজনশত° দূরং বাহ্যমানস্য তৃষ্ণয়া ১৫৫।]

যোজন, যোজনগন্ধা, যোজনবল্লী, যোজনা দ্র 'যোজক'।

যোজনিক বিণ [°ন+ইক (ঠন্)] যোজনপরিমিত। "(তাম্) ত্রিংশদ্‌যোজনিকাং দৃষ্ট্বা চত্বারিংশদ্‌গতোহসৌ গো রা ৫.৬ ১৯।

যোজনীয় বিণ [√যুজ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ যোজনার্হ, সন্ধেয়। ২ নিয়োক্তব্য, নিযোজনার্হ। "মৃদুপুরুষগুণৌ যোজনীয়ৌ স্বকালে (S W)। ৩ অর্থানুসারে অন্বয়যোগ্য। ৪ সঙ্কলনীয় (রাশি)। —জয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ যোজক, যোগকারক। ২ প্রতি-বন্ধক, নিবেশয়িতা (setter)। "(যদি মণিস্ত্রপুণি প্রতিবধ্যতে) ভবতি যোজয়িতুর্বচনীযতা।—পঞ্চ ১ ৮১। —জিত বিণ [+ত-র্ম্ম] ১ যুক্ত। ২ নিয়োজিত, ব্যাপারিত। "ভ ৪ ২১ ২২। ৩ নিবদ্ধ। "ভ ৫ ১ ১৪। ৪ কল্পিত। "নক্ষত্রাণি...কালাযন ঈশ্বরযোজিতানি ভ ৫ ২২.১১। ৫ নিহিত, নিবেশিত। ৬ কৃত। "বালভীতাদিযোজিতঃ (ব্যবহারঃ) যাজ্ঞ ২ ৩৩। ৭ গ্রথিত। ৮ পতিত। "পাশাস্তত্র যোজিতাঃ।—হি ১ ২/৪। —জ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ যোজনীয়। "রা ২.৪৬ ২৩। ২ নিযোজনীয। "ধর্ম্ম° গো বা ২ ১১৪ ১৭। ভৃত্যানুত্তমপদযোজ্যান্। —পঞ্চ (S W)। ৩ কার্য্য। "আশীরস্যা ন তে যোজ্যা।—শ (S.W)। ৪ নিবেশনীয। ৫ ব্রহ্মে প্রবিলাপনীয় (নীলকণ্ঠ)। "মহা ১৩.২৭.৪০।

যোজয়িতা, যোজিত, যোজ্য দ্র 'যোজনীয়'।

যোট[১] বি [দ্র 'জুট[১]'] ১ দল। "যোট বাঁধা। ২ মেলা-মেশা। "যেমন লক্ষপতির সঙ্গে যোট, প্রাণপণে দেয় তিন পণের মুটে।—দা ৭৮৫। ৩ সঙ্গী, সহচর। ৪ [হি জোট] জোড়া। "ভোট জোট তার খাসা শ্রী ৪০। [°পাট—পরিপাটিপূর্ব্বক আহরণ, যোগাড়যন্ত্র। "সে সকল যোটপাট কবিযা আনিবার জন্য তাঁহার উদ্দেশে গেলাম ব প্র ১২২। যোটাযোট—যোগাযোগ, দলবাঁধা। "বেটা এবার আবার কি যোটাযোট করিতেছে। —নী ১২।]

যোট[২] অর্ম্ম [দ্র জুট[২]] ১ মিলিত হওয়া, দলে মেশা। "গয়ার গোয়েন্দা অনেক যোটে —দা ২০৯৮। ২ মিলা। "বামণ যোটে নাই ব প্র ৩৬৭।

যোটা[৩] দ্র 'জুট[২]।

যোটক পুং [সং √যৌট্—যৌটক > °ক (?) ১ যোটন, মেলন, বিবাহে মেল। "রাজ°। [রাশি গ্রহ নক্ষত্র গণ বর্ণ যোনি বর্গ ভেদে যোটক সপ্তবিধ।] "এ যে মুনি জরৎকারু, এমন যোটক আর মিলিবে কোথায়?—ম ১০১১। ২ [হি জোট] যুগল, জোড। "(ময়ূর) নানা ক্রীড়া করে সবে যোটক হইয়া বা ম ২৮৯। [°শুদ্ধি (বি)—নির্দোষ যোটক। "ম ম ১৬০,-৬১।]

যোটন বি [সং √যৌট্—যৌটন > °ন (?)] ১ যোগ, যুগে বন্ধন, জোতা। "(মত্ত হস্তিগণ) রথে করিল যোটন চৈ চ ১৫৮। ২ ঘটনা। "প ক ৮৪৯।

যোড়[1] বিং [দ্র 'জোড়'[1], 'যোর' (ম গা ২৫)] যুক্ত, মিলিত। "বুকে যোড় হাত: হাত যোড শ্রী ১০৪। যোড হ'য়ে জল স'য়ে মজলিলা হাঁড়ী শি ২৫। —ড় বি ১ যুগল। "খঞ্জন° বি প ৪৪। যে জন যোড়েতে আছে বা দ ২৪৭। যোড়ে যে।—ন ত ৬৯। ২ সংযোগ। "বিনি না দ্রবিলে ধাতু নাহি হয় যোড় ব প ৮৩৮। ৩ অবয়বসংযোগ, জোড়া। "মান্দাস লাগুক যোড় তোমার কৃপায ব প ২৬৭। ৪ বস্ত্রযুগল, ধুতি-চাদর। "সেই যোড পরিবর্ত্তে আর যোড় পিন্ধে বি পা ২৮৫। ববণের যোড়।—দা ৬৭। ৫ শালের জোড়া। 'শিরোপা আমারে দেহ যোড় ভা চ ৫২২। ৬ করতলসংযোগ। 'করযোড়ে ..কহিতে লাগিলেন ব প্র ৭৬। ৭ এক রকমের গহনার জোড়া। 'ছয় যোড় পাষুলি ব প ২৮৮। —ড়া বি° যুক্ত, মিলিত। "যোড়া ভুরু ব প ১১১৭। বাজু থোপনাযোড়া —দা ১৬৩৩। —ড়া বি ১ সংযোগ, সন্ধি। "সূর্পণখার নাক কাণ কিসে যাবে যোড়া—কৃ ২৫০। ২ শালের জোড়। 'খাসা যোড়া ব প ৪৯০, বি সু ৭। শ্রী ৪৩,-৪। ভা চ ২৬৯। ৩ যোটক মেল। 'তুলারাশি নক্ষত্রেতে ভাল যোড়া লাগে বা ম ৮০। [যোড়া গাঁথা—শ্লোকে দুই চরণের মিল করিয়া রচনা। "ম ম ৩। যোড়ঘাড়ে, যোড়েঘাড়ে—শ্লোকের চরণের মিলনপূর্ব্বক। "যথাশক্তি যোড়ঘাড়ে মিলাইয়া ভণি ভ গ্র ৩, গড়বড় করি যোড়ঘাড়ে, (রচি) ১৩৯। যোড়ে যোড়ে—দুটায় দুটায। "কুড়ি হাত রাবণের বন্ধ যোড়ে যোড়ে।—কৃ ৪১৩। কোলযোড়া ('কোলযুড়ি'—ব প ৫২৩)—দ্র 'কোল'[2]।]

যোড়[2] অর্ম্ম [দ্র 'জুড়'[2]] ১ সর্থ 'জুড়'[2]। 'অন্ন যোড়ে না—ঝী রাখা, কি আমার ভন্দর গো।—অ গ্র ৮৪। ২ সংলগ্ন হওয়া, লাগা। "মুকুটের চূড়া গিয়া আকাশেতে যোড়ে।—কৃ ২৮০।—ড় সর্ম্ম [দ্র জোড়[1]] ব্যাপ্ত করা। "গরল যোড়িল সব গলা ব প ১১৮। কিতা যোড়ি ভিতা বেড়ি মাঝে গিযা রয় শি ১৩০।

যোড়া 'যোড'[1]।

যোত সর্ম্ম [দ্র 'জুত'[3]] সর্থ 'জুত'[3]। "সে হলে মহিষে বৃষে যদি ভীম যোতে (সাগর হবে ক্ষেতে) শি ৬৯। —তা সর্ম্ম [যুত > °তা] সংযুক্ত করা। "স্কন্ধে মুণ্ডে যোতাইযা (নিজ পতি) প্রতীত হইল ব প ৬৫৯।

যোতা দ্র 'যোত'।

যোতুক বি [সং যৌত(তু)ক] সর্থ 'যৌতুক'।

যোত্তর বি [সং যোত্র > (স্বরাগমে) °র] সঙ্গতি, সংস্থান। "কুলীনের মেয়ে...দশ টাকা যোত্তর থাকবে।—হ ১৪৯।

যোত্র ক্লী [√যু+ত্র (ষ্ট্রন্)-ণ, ইডভাব, পা ৩ ২ ৯] ১ যুগে বৃষাদি-বন্ধন-সাধন রজ্জু, জোতদড়ি। "গো রা ২.৪৫.২৯। ২ রজ্জু। ৩ (বাঙলায়) ধনসমৃদ্ধি, সংস্থান, সঙ্গতি। "লোক জন খাইতে দিবার নাহি যোত্র ভ.গ্র ৩৪৫। হীন°।—দা ৪৩৫। প্রজালোকও ..ফসলের দ্বারা বিলক্ষণ যোত্র করিয়াছিল আ.দু ১৬১, তাহার কোন যোত্র নাই —চতুর্দ্দিকে দেনা ১৯৬। [যোত্র হইতে গৌণার্থে 'কৃষি', 'কৃষি' হইতে গৌণার্থে 'সমৃদ্ধি'।] ৪ জীবিকার উপায়। "আমার ঐ উপজীবিকা-মাত্র, আর অন্ত নাহি যোত্র।—দা ৯। গৃহে অন্ত কোন যোত্র নাই ব.প ১৭১৭। ৫ ভোজনের ক্ষমতা। তু 'যো'[2]। "যশস্বিনী যোত্র জানি যাচে বারম্বার শি ৩৩। ৬ সংগ্রহ, যোগাড়। "আসি ঘরে যাত্রা করে যোত্র করি সব শি ৭৩। ৭ লেখন-সহায়। "সুরতরু লেখনী, সারদা করি যোত্র শি ১১। তু 'মহিম্নঃ স্তবঃ, ৩২। ৮ যুত, সুবিধা, সুসঙ্গতি। "তাহে (অষ্টসুনায়িকা) নির্ম্মাণের যোত্র কৈল কুতুহলে।—দু ১০। ব প ৭৫৩। শি ১০৪, ১০৭। যদি জোর ক'রে কও পেয়ে যোত্র।—দা ৬১৮। ৯ [যোট > °ত্র (সাধুভাষা?)] যুক্ত, মিলিত, সমবেত। "যত মেয়ে যোত্র হয়ে জননী সহিত। শাঁখাবীর সাক্ষাতে সুন্দরী উপস্থিত॥ —শি ১০৬। ১০ যুত, অর্থাৎ সজ্জিত। 'বৃষভ মত্ত, যোত্র করিয়া আনি (সজ্জ হইলা শূলপাণি)। —দু ৩৩। [°মন্ত (যোত্র+মন্ত) বিং—সমৃদ্ধ, সঙ্গতিপন্ন। বিপ 'যোত্রহীন'।]

যোদ্ধব্য বিণ [√যুধ +তব্য-ভা] যোধনীয়। "গো রা ২ ৯৫ ২১। কৈর্ময়া সহ যোদ্ধব্যম্ গী ১.২২। —দ্ধা (-দ্ধ) পুং [+তৃ (তৃচ্)-ক -১ব] যুদ্ধকর্ত্তা, যোধ, ভট। "যোদ্ধা যস্ত ধনঞ্জয়ঃ মহা ৩ ৪৮ ৫। বসন্ত°। —ঋতু ৬ ১। যোদ্ধাদিগেব নাম ব দ্বি ৬২৮।

যোদ্ধাগণ বি ['যোদ্ধগণ' সাধু] যোধসমূহ। "মহামহা°।—ম ৭৩৫, ৮২৫। ক্ষান্ত হও যোদ্ধাগণ॥—ন ৫০৬।

যোদ্ধাপতি বি ['যোদ্ধপতি' সাধু] সেনাপতি। "ম ৭৩৫।

যোদ্ধুকাম বিণ [বহুব্রী] যুযুৎসু। 'গী ১ ২২।

যোদ্ধৃপতি বি সেনাপতি। 'মহাযোদ্ধপতি ব প ৬১৭।

যোধ পুং [√যুধ্ +অ (অচ্)-ক] ১ যুদ্ধকারক, যোদ্ধা, সৈনিক। ঋগ্বেদ ৩ ৩৯ ৪। যোধানামগ্নিকল্পানাম্ বা ১ ৬ ২৯। গী ১১ ৩২। °গণ অ প ১৩৬, ম বি ২০১। মে ৬, ৮৭, ২০৩। ২ [+অ (ঘঞ্)-ভা] যুদ্ধ। "মিথো° (S W)। ঋতুপতি যোধে জেল আগুসার।—ব ৮৬। —ধক পুং [+অক (ণুল্)-ক] যোদ্ধা। "গো রা ২ ৩২ ২৪। মহা ৫ ৩০ ৪৭। —ধন পুং [+অন (ল্যুট্)-ক] যোধ, যোদ্ধা। —ধন ক্লী [+অন-ভা] ১ যুদ্ধ। "চিত্র° মহা ৪ ৪৩ ২২। ভ ৮ ১৫ ৭। ২ [+অন-ণ] আয়ুধ। [°ধর্ম্ম (পুং)—যোদ্ধার ধর্ম্ম; ক্ষত্রিয়ধর্ম্ম। 'মনু ৭ ৯৮। °পতি (বি)—সেনাপতি। "ম ৭৩৫। °বীর (পুং)—যোদ্ধশূর, মহাযোধ। "গী ১১ ৩৪। °মুখ্য (পুং) যোদ্ধশ্রেষ্ঠ, যোধপ্রধান। "গী ১১ ২৬। °সংরাব (পুং)—আক্রোশ-পূর্ব্বক যোধগণের অন্যোন্যাহ্বান, ক্রন্দন (অ কো)]

যোধক, যোধন দ্র 'যোধ'।

যোধা বি [যোধ > °ধা, অপ্র] যোদ্ধা। "যোধা পুত্র শি ৮৬।

যোধাগার পুং [ষ ত] সেনানিবাস, স্কন্ধাবার, ব্যারিক (মহা)।

যোধী(-ধিন্) বিণ [√যুধ্ +ইন্ (ণিনি)-ক-১ব] যুদ্ধকারী। অস্ত্র° রা ২ ৬৪ ৪০। চিত্র° মহা ১ ১ ১১৮। গজ°। ত্যক্ত-জীবিত°, মায়া°, হয়° (মহা—S W)। সন্মার্গ° রঘু ১৭ ৬৯। —ধী পুং যোধ।

যোন বিং [যো নু > °ন অপ্র] যেই। 'যেবা যোন কর্ম্ম করে।—দু ৭৩, ভক্ত করে যোন কর্ম্ম ৭৩, যোন সরোবরে ১০২।

যোনি পুং, স্ত্রী [√যু+নি-ক, উ ৪ ৫১] ১ স্ত্রীচিহ্ন, ভগ। "°দেশ রা ১ ৫৫ ৩। দৃষ্ট্বৈব পুরুষং হৃদ্যং যোনিঃ প্রক্লিদ্যতে স্ত্রিয়াঃ মহা ১৩ ৩৮ ২৬। অক্ষত° মনু ৯ ১৭৬। ২ গর্ভাশয়, ভ্রূণস্থান। ৩ উৎপত্তিস্থান (সায়ণ), কারণ। ঋগ্বেদ ২ ৯ ৩। স্বর্গযোনির্ম্মহদ্ব্রহ্ম স্বর্গযোনির্ম্মহদ্যশঃ মহা ২.২২. ১৮। দুঃখ° গী ৫ ২২। জগদ্‌যোনিরযোনিস্ত্বম্ কু স ২ ৯, ৪.৪৩। সা যোনিঃ সর্ব্ববৈরাণাম্ উ চ ৫ ৩০। স্বযোনিভক্ষ্য ভা চ ৩২৪। বীরযোনি স্বর্ণলঙ্কা।—মে ৩০২। মণি° খনি।—মা ১০৩। ৪ গর্ভাধানস্থান। "মম যোনির্ম্মহদ্ ব্রহ্ম গী ১৪ ৩। ৫ মাতৃস্থানীয়া। "তাসাং ব্রহ্ম মহদ্ যোনিঃ গী ১৪.৪। ৬ জাতি। "হয়যোনিজ মহা ৫ ১৫৪,১১। চণ্ডালপুক্কশানাঞ্চ

ব্রহ্মহা যোনিমৃচ্ছতি মনু ১২.৫৫। কীটপতঙ্গাদি-যোনি ম.পা ৫। ৭ জন্ম। "যাং যাং যোনিন্তু জীবঃ (যাতি) মনু ২২.৫৩। ৮ আকর। ৯ জল। তু 'অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ মনু ১.৮। যা সৃষ্টিঃ স্রষ্টুরাদ্যা শ ১.১। ১০ বীজ, শস্যবীজ। "°পোষণ। ১১ বংশ, গোত্র। ১২ স্থান (সায়ণ)। "ঋগ্বেদ ২.৩৬.৪। ১৩ ভগদেবতাক পূর্ব্বফল্গুনী নক্ষত্র। —নী স্ত্রী [বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'যোনি'। [°কন্দ (পুং)—যোনিরোগবিশেষ। °গুণ (পুং)—গর্ভাশয়ধর্ম্ম। °জ (বিণ) —যোনিজাত, জরায়ুজাত, অণ্ডজ। "অযোনিজ গো রা ৩ ৪.২৩। °দুষ্টা (বিণ)—পরপুরুষদূষিতা (স্ত্রী)। °দেবতা (স্ত্রী)—পূর্ব্বফল্গুনী নক্ষত্র। °দোষ (পুং)—পরপুরুষসহবাসে যোনিদূষণ। °দ্বার, °মুখ (ক্লী)—গর্ভাশয়প্রবেশপথ, ভগচ্ছিদ্র। °নাসা (স্ত্রী), °লিঙ্গ (ক্লী) যোনির নাসাকৃতি উপরিভাগ (clitoris)। °পোষণ (ক্লী) —ধান্যাদিবীজরক্ষণ। "বিষ্ণু ২.৫। °ভ্রংশ (পুং)—জরায়ুচ্যুতি (সুশ্রুত)। °মুক্ত (বিণ)—জন্মবন্ধমুক্ত, মোক্ষপ্রাপ্ত। °রোগ (পুং) —ভগরোগ (সুশ্রুত)। °সংবরণ (ক্লী), সংবৃতি (স্ত্রী)—যোনি-সঙ্কোচ। °সঙ্কর (পুং)—জন্মসঙ্কীর্ণতা, জন্মে ব্যভিচারদোষ। "মনু ১০ ৬০। °সম্বন্ধ (পুং)—জন্মসম্বন্ধী সম্পর্ক, শোণিতসম্বন্ধ। "পা ৬ ৩.২৩, ২৫। °সম্ভব (বিণ)—যোনিজাত।]

যোনিমুদ্রা স্ত্রী [উ.লো] (তন্ত্রে) দেবতাবিশেষপূজার্থ যোনিসদৃশী মুদ্রা বা অঙ্গুলিসন্নিবেশবিশেষ। 'মিথঃ কনিষ্ঠিকে বদ্ধা তর্জ্জনীভ্যামনামিকে। অনামিকোর্দ্ধসংশ্লিষ্টে দীর্ঘমধ্যময়োরধঃ। অঙ্গুষ্ঠাগ্রদ্বয়ং ন্যস্য যোনিমুদ্রেয়-মীরিতা॥—তন্ত্রসার।

যোনী দ্র 'যোনি'।

যোন্যর্শঃ (-র্শস্) ক্লী [উ.লো] যোনিরোগভেদ, যোনিকন্দ।

যোয়ান[1] বি [দ্র 'জোয়ান[1]'] বলবান্ যুবা। "তাহাদিগকে বড় বড় যোয়ান ও হাতে বড় বড় লাঠি দেখিয়া সকলে নিঃশব্দে সরিয়া যাইতেছে ব প্র ৪৪৪; বাছা বাছা জোয়ান ৪৪০।

যোয়ান[2], **-নী** বি সর্থ 'জোযান'। "°নী ফোড়ন ক চ ২০৯।

যোয়ানী দ্র 'যোয়ান[2]'।

যোষণা স্ত্রী [√যুষ্+অন (ল্যুট্)-র্ণ+স্ত্রী আ (টাপ)] স্ত্রী, পত্নী। "সযোষণ ভ ৩ ১২.১৪। —ষা, -ষিৎ, -ষিতা স্ত্রী। [+অ (অচ্),+ইৎ (ইতি),-ক, উ ১.৯৭, স্ত্রী আ (টাপ্), °ৎ >°তা, তু 'সং সরিৎ >প্রা সরিআ (সরিতা—প্রা.প্র ৪৭)] ১ নারী, স্ত্রী, সীমন্তিনী। "যোষা।—ঋগ্বেদ ৪.২০ ৫, যোষিৎ ৯.৩৮ ৪। যোষিতা।—মুণ্ডক ২ ১ ৫। গচ্ছন্তীনাং রমণবসতিং যোষিতাম্ পূ.মে ৩৭। যোষা বধ কয়হ ক.চ ১৪৫। ধনবতী যোষার লক্ষণ ম পা ১২১, সুন্দরী যোষা ১৩৩, যোষাবর্গ ১৩৬। যোষিৎ শ্রী মা ৩৮। ২ পত্নী। "গুরুযোষিৎ মনু ২ ২১০; পরযোষিৎ ৯ ৪১। যোষিতা সহিতে ম.পা ৩৫, উভ যোষায় ধবাজ্ঞিয় বন্দিল ১৬৭। যোষাবাক্য ব.প ৩৭৭। যোগেন্দ্রযোষিতা বি.সু ১৩৪।

যোষা দ্র 'যোষণা'। [যোষাম্বুজ (বি)—স্ত্রীসহিত কমল, কমলে-কামিনী। "ম.পা ১৩৯,-৫৮।]

যোষিৎ দ্র 'যোষণা'। [°প্রতিযাতনা (স্ত্রী)—স্ত্রীপ্রতিকৃতি। "রঘু ১৬.১৭। °প্রিয়া (স্ত্রী)—হরিদ্রা। °রত্ন (ক্লী)—শ্রেষ্ঠা নারী, রমণীরত্ন, বরনারী।]

যোষিতা দ্র 'যোষিৎ'।

যোষিন্ময় বিণ [যোষিৎ+ময় (ময়ট্): স্ত্রী -য়ী] যোষিদ্রূপ। "যোষিন্ময্যেহ মায়য়া (অখণ্ডিতধীঃ) ভ ৩.৩১.৩৭।

যোসো বি [যো[2]+সো[1]] যে-সে প্রকার, যে-কোন কৌশল। "আজকের দিনটা যো-সো করিয়া কাটাইতে পারিলে, কাল...তালুকে প্রস্থান করি আ.চু ১৫৮।

যোহার বি সর্থ 'জুহার'। "চোর করিল যোহার শ্রী.মা ৪১।

যৌ বি [অসাধু] সর্থ 'জউ'। "°ঘর শ্রী মা ১৩৯; শ্রী ৩৯; ১১৫।

যৌক্তিক বিণ [যুক্তি+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ যুক্তিসম্বন্ধী, যুক্তি-যুক্ত, যুক্তিসিদ্ধ। ২ যোগ্য। —ক পুং নর্ম্মসচিব। [যৌক্তিকতা —যুক্তিসিদ্ধতা। "অনুষ্ঠের ধর্ম্মব্যাপারের যৌক্তিকতা পরিবারবর্গকে দেখাইয়া দেওয়া আবশ্যক পা.প্র ১৪১।]

যৌগপদ, -পদ্য ক্লী [যুগপদ্+অ (অণ্),+য (ষ্যঞ্)] যুগপদ্-ভাব, এককালতা। "যৌগপদ্য পা ২.১.৬; ভাষাপরিচ্ছেদ ৮৫। বিরোধি তদ্ যৌগপদৈককর্ত্তরি ভ ৪.৪.২০।

যৌগপদ্য দ্র 'যৌগপদ'।

যৌগিক বিণ [যোগ+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ যোগ (প্রকৃতি-প্রত্যয়সম্বন্ধ) হইতে আগত, প্রকৃতিপ্রত্যয়যোগলভ্যার্থবাচক, ব্যুৎপত্তি-গত অর্থের বোধক (শব্দ)। বিপ 'রূঢ়'। 'যোগলভ্যার্থমাত্রস্য বোধকং নাম যৌগিকম্। যেমন, 'পাচক' (পাককর্ত্তা), ভূচর (ভূমিচারী) ইত্যাদি। ২ যোগে সমর্থ, যোগযোগ্য। "পা ৫.১.১০২, কাশিকা। ৩ যোগসম্বন্ধী, যোগশাস্ত্রবিষয়ক। "পঞ্চরাত্র ১ ১.৪৮। ৪ চিকিৎস্য, প্রতিবিধেয়। ৫ (বাঙ্লায়) যোগজাত, মিশ্র (পদার্থ)। "ভৌতিক যৌগিক কিংবা দি'ক ভিন্ন নাম প.ভূ ৮৫। [°রূঢ় (বিণ)—যাহা যৌগিক ও অর্থবিশেষে রূঢ়; যোগরূঢ় (শব্দ)।]

যৌজনিক বিণ [যোজন+ইক (ঠক্) যাহা যোজনপর্য্যন্ত যায়; যোজনগামী। "পা ৫.১.৭৪।

যৌট্, -ড্ [ভ্বা, প—যৌট(ড)তি, সেট্] যোগ। দ্র 'যৌটক'।

যৌত(তু)ক বিণ [যুতক+অ (অণ্) ভাবার্থে, যুত+ক (কণ্) সম্বন্ধার্থে, 'যৌতুক' (ভরত)।—অ টী] ১ 'যোনিসম্বন্ধভব, বধূবর-সম্বন্ধী', পাণিগ্রহণাদিকালে শ্বশুরাদি হইতে প্রাপ্ত (নীলকণ্ঠ)। "মহা ১৩.৭১.৩৬, ৭৩.৪১। ২ পৃথক্কৃত (মিতাক্ষরা)। "বিভাগভাবনা জ্ঞেয়া গৃহক্ষেত্রৈশ্চ যৌতকৈঃ যাজ্ঞ ২.১৫২। —ক ক্লী ১ বিবাহকালে প্রাপ্ত ধন, বিবাহকালে একাসনে উপবিষ্ট বধূবরকে জ্ঞাতি কর্ত্তৃক প্রদত্ত ধন (ত বা)। "দিলেন যৌতুক রথ তুরঙ্গ কুঞ্জরে ক.চ ১০; ৩০১। বি.পা ৫২। ২ পৃথক্কৃত ধন (নীলকণ্ঠ), পৃথগ্ভাবে স্ত্রীধন (মেধাতিথি)। "মাতুস্তু যৌতকং যৎ স্যাৎ কুমারীভাগ এব সঃ মহা ১৩ ৪৫ ১২, মনু ৯ ১৩১। ৩ আত্মার্থ অসাধারণভাগ (কুল্লুক)। "নাপ্রদায় কনিষ্ঠেভ্যো জ্যেষ্ঠঃ কুর্ব্বীত যৌতকম্ মহা ১৩.১০৫.১০; মনু ৯ ২১৪। ৪ ব্রতভিক্ষাদি (অ টী)। ৫ (বাঙ্লায়) গৌণদান। "রুক্মিণী বলেন কৃষ্ণ দান পেলে মুনি। যৌতুক পাইলা ষোল-সহস্র রমণী॥—ম ২৪৬।

যৌতুক দ্র 'যৌতক'।

যৌথ বিণ যূথসম্বন্ধী, যুক্ত, মিলিত (joint)। "যৌথ কারবার।

যৌথিক বিণ [যূথ+ইক (ঠক্), স্ত্রী -কী] যূথসম্বন্ধী। —থিক পুং যূথসজাতী (শ্রীধর), সহচর, সঙ্গী। "হরিণকুণকঃ...মামেব ভ্রাতৃজাতীন্ যৌথিকাংশ্চৈবোপেয়ায় ভ ৫ ৮.৯।

যৌধিক ক্লী [যোধ+ইক (ঠক্)] অসিযুদ্ধভেদ। "হ ৩১৬.২০।

যৌধিষ্ঠির বিণ [যুধিষ্ঠির+অ (অণ্), স্ত্রী -রী] যুধিষ্ঠিরসম্বন্ধী, যুধিষ্ঠিরপক্ষীয়। "যৌধিষ্ঠিরং বলম্ মহা ১.২.৩২, ২৪৫। —ষ্ঠির পুং যুধিষ্ঠিরপুত্র। "মহা ৬.৪৫.৬৪।—ষ্ঠিরি পুং [°র+ই (ইঞ্] যুধিষ্ঠির-পুত্র। "মহা ৭ ১০৬ ৯।

যৌধিষ্ঠিরি দ্র 'যুধিষ্ঠির'।

যৌধেয় পুং [যোধ+এয় (চক্)] যোধসম্বন্ধী, যোদ্ধা। "(বীভৎসুঃ) যৌধেয়াংশ্চার্দ্দয়চ্ছরৈঃ মহা ৭.১৮.১৬। —ধেয় পুং বহুব [যুধা+এয় —যৌধেয়+অ (অঞ্), পা ৫.৩.১১৭, তত্ত্ববোধিনী] যুধার অপত্য আয়ুধজীবিসমূহ।

যৌন বি [যোনি+অ (অণ্) ; স্ত্রী -নী] ১ যোনিসম্বন্ধী। ২ কন্যা-দানাদি, বৈবাহিক। "সম্বন্ধকম্...যৌনম্ মহা ১ ১০০ ৭৮। যৌনাংশ্চ সম্বন্ধান্ মনু ২.৪০ , ৩.১৫৭। বিষ্ণু ৩৫.৫।—ন স্ত্রী যৌনসম্বন্ধ, বিবাহ। "মনু ১১.১৮১। ভ ১০.৬১.২৫।

যৌবত স্ত্রী [যুবতী+অ (অণ্)] ১ যুবতীসমূহ, যুবতীগণ। "বিবুধ° গী গো ১০.১৫। ২ যুবতীভাব, যৌবনসৌন্দর্য্যাদি।

যৌবন স্ত্রী [যুবন্+অ (অণ্)] ১ যুবভাব, যুবকাল, তারুণ্য। 'কৈশোরমাপকদশাদ্ যৌবনস্ত ততঃ পরম্ ভ ১০ ১২.৩৭, শ্রীধর। "যৌবনে জীবান্নুপপৃক্তী জরা।—অথর্ব্ববেদ ১৮ ৪ ৫০। কৌমারং যৌবনং জরা গী ২ ১৩। রঘু ১৮, নব° ৯ ৭। প্রত্যগ্র° ক সা ২৭ ২০১। গত°, রূঢ়°, সম্পূর্ণ° (S W)। ২ দিবসমধ্য ভাগ। "দিন° রঘু ১৩.২০। ৩ যুবকর্ম্ম। ৪ যুবগণ, তরুণসমূহ। ৫ [যুবতি+অ, পুংবদ্ভাব] যুবতিভাব, তরুণীবয়ঃ। "যাচিলে যৌবন আল ঐ তাপেতে মরি শ্রী ৫৮ , কেন হেন রতন যৌবন তুমি আল ৫৯। ৬ যুবতিসমূহ। [°কণ্টক (পুং, স্ত্রী), °পিড়কা (স্ত্রী) —যুবগণ্ড, বয়সফোড়া। °দশা (স্ত্রী) যৌবনাবস্থা, তারুণ্য। "হি ১৪। °পদবী (স্ত্রী)—যৌবনরূপ পথ। °লক্ষণ (স্ত্রী)—যৌবনচিহ্ন, লাবণ্য , কুচ (মেদিনী)। °শ্রী (স্ত্রী)—যৌবনজন্য শোভা , তারুণ্যকান্তি। °স্থ (বিণ)—যৌবনস্থিত, যৌবনপ্রাপ্ত, যুবা। "ক সা ৪৩ ১৫১।

যৌবনান্ত বিণ [বহুব্রী] যৌবনাবধি। "কু স ৬ ৪৪।

যৌবনাবস্থা স্ত্রী [কর্ম্মধা] যৌবনদশা, তারুণ্য।

যৌবনারম্ভ পুং [ষ ত] যৌবনোপক্রম, যৌবনমুখ।

যৌবনারূঢ় বিণ [দ্বি ত] যৌবনপ্রাপ্ত, তরুণ।

যৌবনাশ্ব পুং [যুবনাশ্ব+অ (অণ্)] যুবনাশ্বপুত্র মান্ধাতা। "সর্ব্বং তদ °শ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রমুচ্যতে।—বিষ্ণুপুরাণ ৪ ২ ১৮।

যৌবনী (-নিন্) [°ন+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -নিনী] যৌবনবান্, তরুণ, যুবা। "হ ২০ ৭১৮। (সুতাঃ) পঞ্চ্যাং গতা যৌবনিনশ্চ জাতাঃ। —বিষ্ণুপুরাণ ৪ ২ ৪৫।

যৌবনোদ্ভেদ পুং [বহুব্রী] ১ যৌবনে যাহার উদ্ভেদ বা আবির্ভাব, কামদেব। ২ যৌবনসুলভ ইন্দ্রিয়চাপল্য।

যৌবরাজ্য স্ত্রী [যুবরাজ+য (ষ্ণ্য)] যুবরাজকর্ম্ম , যুবরাজপদ। "রা ১.১ ২১ , যৌবরাজ্যাভিষেচন ২ ২৬ ৩।

যৌষিণ্য স্ত্রী [যোষণা+য (ষ্ণ্য), পৃষো] যোষণাকর্ম্ম , যোষিৎ-স্বভাবকৃত শৃঙ্গারানুভাবপ্রকাশন (শ্রীধর)। "যৌষিণ্যব্রীড়াপ্রমুষিত-হাসাবলোক ভ ৫.২ ২৯।

যৌষ্মাক, -কীণ বিণ [যুষ্মদ্+অ (অণ্),+ঈন (খ), যুষ্মদ্ > যুষ্মাক , স্ত্রী -কী, -ণা] যুষ্মৎসম্বন্ধী। "ক সা ১১২ ২০৫।

যৌষ্মাকীণ দ্র 'যৌষ্মাক'।

য্যাদ্ বি সর্থ 'ইয়াদ্'। "য্যাদ্ নাহি মহীপ ভা চ ৪৩৬।

য্যার্ বি সর্থ 'ইয়ার'। "য্যার্ কহা বহ পার কিযা ভা চ ৪৩৫।

র

র[1] সপ্তবিংশ ব্যঞ্জনবর্ণ ও দ্বিতীয় অন্তঃস্থ বর্ণ। [র-কার উচ্চারণ করিতে হইলে জিহ্বাগ্রমধ্য, অর্থাৎ জিহ্বার অগ্রভাগের মধ্যনিষ্ঠ প্রদেশ দ্বারা দন্তমূলের অভ্যন্তর উপরিভাগ বা মূর্দ্ধা স্পর্শ করিতে হয় , সুতরাং র-কারের উচ্চারণে জিহ্বাগ্রমধ্য করণ ও মূর্দ্ধা স্থান (তৈ ২.৪১। ঋ-টু-র-ষাণাং মূর্দ্ধা পা ১ ১.৯, সি)। ইহা সন্ত্যক্ষর (দ্র 'ষ'[1]) এবং আন্তরতম্য হেতু ঋ-কারস্থানে 'র' হয়। দ্র 'ঋ'[1]।]

র[2] পুং [√রা (গ্রহণ)+অ (ড)-ক] ১ অগ্নি। ২ তীক্ষ্ণ। ৩ (তন্ত্রে) বহ্নিবীজ। ৪ কামানল। —ক্লী তেজঃ। —স্ত্রী (রা), স্বর্ণ।

র[3] (ছন্দঃশাস্ত্রে) লঘুবর্ণমধ্য গণবিশেষ, অর্থাৎ যে গণের মধ্যবর্ণ লঘু, আদ্য অন্ত্য বর্ণ গুরু (Amphimacer)। 'র-লমধ্যঃ'।

র[4] কা ক্তি [কর[3] > অর > র—যাকর > যার, এইরূপ 'তার (তাকর), তোমার, (ব্যাপকভাবে) 'মুক্তর' 'হীরকর' ইত্যাদি, অথবা, সং অস্মাকম্ > প্রা অহ্মাণ (হে) > অহ্মা'র' (ণ > ড > র)—'র' ; এইরূপ, সং যুষ্মাকম্ > প্রা তুহ্মা(ম্হা)ণ (হে) > তুহ্মা'র' ; বাঙ্লায়—'আমার', 'তোমার' , ব্যাপকভাবে অন্যত্র , অস 'র'—পূর্ব্যর তাপর দ্বারা , see CG , § 377] ১ সম্বন্ধসূচক ষষ্ঠী বিভক্তি। "হীরকর কড়ি দিল শূ ৪০ , (কএ) নানা বরর ফুল ৫৫। ব্রহ্মাণ্ডর।—গ ১৪৯। ভাণ্ডব ভঙ্গিম বি প ৭২। আউলার ঠাই : গোরকনাথর ঠাই গো চ ৬২ , কার্তিকর কুণ্ডল ১৬৫। সবকর (সেবকের) ব প ২৫, চৌপথর ৫৪ , মদনর ৭০৮, প্রলয়র ১৩৩০। দুইর অ প ৭৩ , গাত্রর ১৩৭। চণ্ডরমুণ্ডর চ বি ২৫০, দৈত্যর ২৫৩। চান্দর বি পা ২৮৬ , ম ম ৮৮। শ্যামর জ্ঞা ২২। শ্যামর শ্রী ম ৩ , সলভর ১০৭, বলাইর ১৩১। দুইর চৈ ভা ২৬৪। বড়র পিরীতি ভা চ ৩০০। মুক্তর যত্ন।—দা ২১২। নবমর বাঘ, দড়র কুকুর (চট্টগ্রাম-প্রবাদ)। থাকনের স্থান কৃ চ ২৪ , বিরাজকবণর স্থান ৩১। এ 'কেন'র উত্তর নাই ব প্র ১৩০। ঘাটের পথের ছায়ার উপরকার আলোর চুমকিগুলি গ স ৬৫। ২ অভেদসম্বন্ধে বা স্বরূপার্থে ষষ্ঠী। "চান্দের কোঁটা ম ম ১১। আঁখের কমলে পূজ শ্রী মা ২১১। রবিবার কালে।—মে ১৬৭ , লঙ্কার পঙ্কজরবি ২০৯। সভার ভবন।—হেম ১৩৪ , ধূর্জ্জটির নামে ১৭৭। নদীর নিকরে।—কা ৩২ , তরঙ্গের ডমরু ৪২ , আমাদের বৃক্ষ (আমরারূপ বৃক্ষ) ৫৬। তু 'সং বাহোঃ শিবঃ। রোহিণ্যাঃ শকটম্ (পঞ্চ ১ ২২৩)। ৩ কর্ত্তায় ষষ্ঠী। "তোমার প্রহারে চ.বি ৫৭ , বর...সভার বাঞ্ছিতে ১১৫। সন্ন্যাসী বিরক্ত, আমার বাজদরশন। স্ত্রীদরশন-সম বিষের ভক্ষণ॥ —চৈ চ ১৩৮। চান্দর বাদের উদ্ধার ম ম ৮৮। ৪ কর্ম্মে ষষ্ঠী। "কার্য্যের নিবেদন : বেশ্যার সেবন ম ম ৮০ , বাদের উদ্ধার ৮৮। বিষের ভক্ষণ চৈ চ ১৩৮। এখন উচিত দেখা করিতে রাজার ভা চ ৩৪৮। ৫ আধার-আধেয়-সম্বন্ধ। "অটবীর পক্ষী ব প ৭০৮। পাষাণের আঁক শ্রী মা ১৫৬। পূর্ব্বাশার প্রান্তদেশ।—কা ১৪৭। ৬ নির্দ্ধারণে ষষ্ঠী। "মুনির শেরা নারদমুনি।—দা ৩৬ , যন্ত্রের শেরা বীণা যন্ত্র ২৭। ['দিগ' শব্দের যোগে ষষ্ঠী—'ভৃত্যোরদিগের' (কৃ চ ৯)—অর্থাৎ ভৃত্যসম্বন্ধে সকলের , ভৃত্যদিগের , 'দাসীরদিগের', লোকরদিগের' (২২,-৩) , 'জনেরদিগকে' (কৃ চ ২৪)—অর্থাৎ জনসম্বন্ধে সকলকে , (জনদিগকে) 'পণ্ডিতের-দিগকে', 'ভৃত্যবর্গেরদিগকে', 'আমারদের' (আমাদিগকে) , 'চাকরের-°দিগকে' (৪৮ , ৬২)। 'তাহারদিগকে', 'তাহারদের', 'আপনারদের' (রামমোহন রায়) , ব প ১৬৮০,-৯৫ , ১৮১৬,-৭। 'থেকে' শব্দের যোগে ষষ্ঠী— 'ঝুলির থেকে', 'কতদূরের থেকে', 'খাটের থেকে', 'মেঘের থেকে', 'ফুলের থেকে' (শিশু ৩৪,-৮ , ৪৫ , ৬৯ , ৮৯)। 'ঘরের থেকে', 'পাড়ার থেকে' (প কা ৪৩ , ৭৯)। এই-সকলস্থলে 'র'এর কোন অর্থ নাই, উহা অনাবশ্যক। 'তার ছোট'—তাহার সম্বন্ধে বা তুলনায় ছোট। "তার ছোট বীর নাই।—কৃ ২৫৩। 'নিবার'—লইবার নিমিত্ত ('র', উহ্য 'নিমিত্ত' শব্দের সহিত সম্বন্ধসূচক)। "আইল যম তোহ্মারে নিবার ম গা ৬।]

র[5] অর্দ্ধ [সং √রহ > বা 'র' , অস √র] ১ থাকা, রহা। "আই বলি মাহ যদি মোর মার ঠাঁই। যে বুঝি তাঁহার চা'লে খড় রবে নাই॥ —ভা চ ৮৯। ২ অপেক্ষা করা , সবুর করা (to wait)। "রও বাছি। ৩ ধৈর্য্য ধরা , ব্যস্ত না হওয়া। "রয়ে রয়ে রসে রসে গায় দিতে হাত। ব্যস্ত হ'য়ে বিশ্বমাতা বলে বিশ্বনাথ॥—শি ৯৪। ৪ বিদ্যমান থাকা। "সর্ব্ব-

কাল অন্ধকার নিশি নাহি রয়।—ম ১৯৪। ৫ ধ্বংসপ্রাপ্ত না হওয়া, টিকিয়া থাকা। "কে না জানে যেটা রাখ সেটা রয়।—কা ১১৬। র'বার যেটা সেটাই ব'বে।—গান ১৩৮। যে সয়, সেই রয়।—প্রবচন। ৬ অবস্থিতি করা। "বের না রাবণ, কেন ঘরে রইলি ব'সে।—কৃ ২৫০। (দেবতা) যানে সব রন অম্বরেতে।—দু ১৮। মৌন হ'য়ে বয় শি ১০৭। মিছে তোমার পক্ষে রই।—দা ৪১০। ৭ জমিয়া থাকা। "মিছা বাণী সৈঁচা পানি কতক্ষণ রয় শ্রী ১৫৩। মিছা কথা সিঁচা জল কতক্ষণ রয় জ্ঞা চ ৩৬৫। ৮ সত্যরূপে প্রতীত হওয়া। দ্র '(৭)। ৯ গ্রাহ্য হওয়া। "রয় নাই কার কথা কয় বিপরীত শি ১০৭। ১০ স্খলিত না হওয়া, দৃঢ় থাকা। "পিছলে পা বয় না। [রওযা—সর্থ 'র৫'। রস্তি ভ্রমণে—ভ্রমণ করিতেছেন। 'ম বি ২৪০। রয় সয়—থাকে ও ক্ষমতায় কুলায। "যাহা রয় সয়, তাই ভাল বলিযা, মাতা লবঙ্গের কাছে অধিক (দান) লইতেন না ব প্র ১৯৭। যা রয় সয, এমনি ক'বে নি।—অ গ্র ৭২। র'য়ে স'যে—অপেক্ষা করিযা ও ধৈর্য্য ধরিয়া। র র ক'বে আসা—থাম থাম বলিতে বলিতে আসা (নিবর্ত্তনায়, ক্রোধে)। বইতে,-ইল, বএ, রবায়, রব, -বু (গো চ)]

র৬ ১ 'ড়'-স্থানে 'র'। "বর (বট, বড গাছ) শ্রী কী ২০৭। শিকর (শিকড়)।—মী ২০। জোর অঞ্জলি শ্রী ম ১৭। ২ 'ঋ'-স্থানে 'র'। "ব্রক্ষ (বৃক্ষ) ম ম ৭৩। তু 'ব্রছা' (অশোক-অনুশাসন ৩)। [বর্ণস্থিতি-পরিবৃত্তি—প্রিয়ব্রশি (প্রিযদর্শী), ধ্রুম (ধর্ম্ম), স্রব (সর্ব্ব)।—অশোক অনুশাসন ৫, ১২,-৩,-৪।]

র৭ 'র' আগম। "(শব্দের আদিতে)—রক্থর (অক্ষর), বঞ্চল, রতিথ, রত্র, রাম (আম্র), বামের ইত্যাদি (শব্দার্থসূচী 'র',—গো চ)। রাউল (আউল)।—মী ১৪। রত্রি চ বি ৯২। (শব্দের মধ্যে) ব্রেতন (বেতন) গো চ ২। জর্ম্ম।—মী ১, অর্ন্ন, সির্দ্দাই, উর্জ্জল, দ্রুক্ষ, মার্গ্য, তর্ত্ত, উর্দ্ধারিতে (৩, ৪, ৫, ৮, ৯, ১০), শির্ষ্য, ধর্ম্ব, নিরামির্শ্ব, ভার্গ্য, সির্ম্ব, জির্ব্বা (১১,-২,-৩,-৫,-৭,-৯), জর্ত্তন সৈর্ন্ন্য, রাজ্যেশ্বর, ইর্শ্বর, মহের্শ্বর, মুর্ক্ষ (মুগ্ধ্য) (১০,-১,-৮)। সমর্পিযা (সমাপিয়া), সর্জ্য, সর্জ্জমান, সসর্জ্জমান সর্জ্জ (ব প ৭৬৫, ১৬৮৩,-৮৮,-৮৯)। সর্জ্জা, গন্ধর্ব্ববর্ণিক, বর্ণিক (বা ম ৬৯, ২৫২,-৯৪)। সর্জ্জ।—গ ১৭৪। সর্জ্জ, সরমান (গো বি ৬২, ১২৯)। উর্চ্চার চ বি ২৯। তু 'ব্রাস (ব্যাস)—হে ৪ ৩৯৯। ঠ—ত্রিমিব (তিমির)। [র লোপ—ঔদ, -দ্র (রৌদ্র) গো চ ১৭৯, ২১৩)।]

রইকাঠ বি [হি বঈ (জলমগ্ন), নৈকাঠ (চব্বিশপবগনা)] সর্থ 'নাগ-যষ্টি'।

রইঘর বি [সং রতিগৃহ >প্রা বইঘর (প্রা ম)] নৌকাব মধ্যস্থলে নির্ম্মিত রতিগৃহতুল্য সুসজ্জিত গৃহ। বইঘর চাপিয়া বসিল সদাগর ক.চ ১৯৫, গঢে ডিঙ্গা মধুকব, মধ্যে তার °র ২২২।

রওনা, -ওয়ানা বিং [ফা রবানা] ১ প্রেরিত। 'ঐ সৈন্য রাত্রিতে রওয়ানা করিয়া…বনজঙ্গলমধ্যে লুকাইয়া রাখিলে ভাল হয় ব প্র ৪৮৩। ২ যাত্রার্থ নিক্রান্ত, 'রওনা হওয়া। —না বি যাত্রা, প্রস্থান। [রওনা করা—পাঠান।]

রওয়ানা দ্র 'রওনা'।

রং, রঙ বি [সং রঙ্গ, ফা র'গ, হি, ঠ বংগ] ১ বর্ণ—রাঙা কাল ইত্যাদি (colour)। "হিঙ্গুলেব ব° গো চ ৪৮৯। রঙে রঙে রাঙা হল।—গান ৭২। এত রং খেলে মেঘে, জলে রং ওঠে জেগে চ.কা ৪০১। (মেঘে) রঙের উপর রং।—শিশু ৮৪। ২ চিত্রার্থ তৈলাদিমিশ্রিত রঞ্জক-দ্রব্য (paint)। ৩ গাত্রের বর্ণ। "রংটা কিছু ফিকে আ দু ৭৪। ৪ তাস-খেলায় কাটা তাসের হরতন ইত্যাদি চিহ্ন (suit at cards)। "রঙের গোলাম, নওলা। ৫ পাশাখেলাবিশেষ। ৬ দীপ্তি, প্রভা। দ্র 'রঙ্গ'। "হেমন্তের বিকেলের দিকে দিনের আলোর রং যেমন ঘোলা হ'য়ে আসতে থাকে, তখন…মনেরও রং বদল হ'য়ে আসে'—খ ১৭২। ৭ তামাশা, কৌতুক, মজা, আমোদ-সামোদ। "প্রতিদিন তাহাদের নূতন নূতন টাটকা টাটকা রং চাই।—আ দু ৯৪। ৮ কৌতুকজনক অঙ্গভঙ্গি; ঢঙ। রং উঠা—রং ম্লান হওয়া। রং চড়ান—রং উজ্জ্বল করা। রং ফলান—র° প্রতিফলিত বা দীপ্ত করা। রং বাজান—বাজনা প্রভৃতিমধুর করার নিমিত্ত গতের সঙ্গে ছোট ছোট বোল জুড়িয়া বাজান। "ঢাকে ড্যানাক্ ড্যানাক্ করে র° বাজাচ্ছে।—হু ১৮, ঢোলে রং বেজে উঠলো ৩৯। রঙে রঙিয়ে দেওযা—রঙে রঞ্জিত করা। "শিশু ২১।]

রংকানা বিং যে মানুষ সচরাচর দুইটার বেশী রঙ দেখিতে পায় না (সাধারণতঃ তাহাদের নিকট লালরঙের অস্তিত্ব বা উপলব্ধি নাই। সুস্থ মানুষ তিনটা রঙ দেখে, ও সেই তিনটা রঙ বিভিন্ন পরিমাণে মিশাইয়া আরও নানাবকম রঙ দেখিযা লয়)।—'প্রকৃতি'—রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।]

রংতাম(মা)সা বি আমোদ-সামোদ, ক্রীড়াকৌতুক, হাস্য-কৌতুক। "তিন দিন রং-তামসা হইলে জাবে জমেব ঘব গো.চ ২৪৯।

রংতামাসা দ্র 'ব°তামসা'।

রংবিরং, -বেরং বি° [হি, মৈ র°গ বির°গ] বিবিধরঙ্গবিশিষ্ট, চিত্রবিচিত্র। "বেললণ্ঠন (ব°বেরং—সাদা, গ্রিন, লাল) টাঙ্গান হযেচে।—হু ৩৫।

রংবেরং দ্র র°বির°'।

রংমশাল, -মোসাল বি রঙ্গযুক্ত আলোর মশাল, মশালবিশেষ। "রং-মোসাল আ দু ৭৪।

রংমোসাল দ্র 'ব°মশাল'।

রংহ্ (রন্‌হ) সক [ভ্বা, প—র°হতি, সেট্] ১ গতি। ২ [অদন্ত চু, প (ক ক)—র°হয়তি সেট্] গতি। —হ্ অক [চু, প—রংহয়তি, সেট্] দীপ্তি।

রংহঃ (-হস্) বিণ [√র°হ্+অ (অচ্)-ক] শীঘ্র (শ্রীধর)। "ভ ৫. ১৪ ২৯। —হঃ বি [+অস্ (অসুন্)-ভা] ১ গতি, বেগ, জব। "সর্ব্বে …গরুড়ানিলরংহসঃ গো রা ৫ ১ ৩২। মনোমারুত° মহা ১ ৬ ১। রঘু ২ ৩৪। দ্বিগুণ° কু স ২ ৬৩। হর্ষ° ভ ১০.৮২ ১৪। ২ বল। "জ্ঞান-বিরাগ° ভ ৪ ২২ ৩৬। ৩ ত্বরা। "কি ২ ৪০। —হঃ পুং ১ শিব (মহা)। ২ বিষ্ণু। "হ ২৬০ ২১। —হণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] গতি, বেগ।

রংহণ দ্র 'র°হঃ'।

রক, রোয়াক বি [র্ক ররাক, আ 'রিরাক্'—দ্বারপ্রকোষ্ঠ] ঘরের পাকা বারাণ্ডা। "কোটার রক। রান্নাঘরের রকে।—মী ১৮।

রকম বি [আ রক ম্] ১ আকার, গড়ন। "নানারকম জিনিস। ২ প্রকার, ভাব। "নানারকম কথা। ৩ জাতি। "নানারকম জীব। ৪ অবস্থা। "সেই রকম জিউ দিয়া আইস গো চ ২০৭। ৫ অংশ, ভাগ। "রকম আট আনা। ৬ হিসাবের বিভাগ বা ভাব (item)। ৭ মত। "আমার রকম মরদ নাই রাজ্যের ভিতর গো চ ১৩। [রকম বকম—নানারকম। রকম রকমেব—নানা রকমের, নানা প্রকৃতির। "রকম রকমেব মানুষ থাকে ব প্র ৫৭০। বড-রকম শোধ—সবিশেষ বা বিলক্ষণ বৈবপ্রতিশোধ। "প্রতিবাসীবা একটা বড়-রকম শোধ লইল ব প্র ৩৪১।]

রকমওয়ারি, রকমারি বিং [°ম+ওয়ার+ই১১, আ 'রক.ম্ৱার্' —থাতায় থাতায়, সবিস্তারে] ১ নানা রকম, বিবিধ। "রকমওয়ারি সং।—হু ৫১। ২ নানাপ্রকৃতিবিশিষ্ট, নানাস্বভাবের। "এদিকে রকমারি বাবু বুঝে বড় মানুষদের বৈটকখানা সরগরম হচ্চে।—হু ১২। ৩ নানা জাতি। "রকমারি মাছি।—হু ১৪৫। —মারী বি নানা প্রকার রকমের।

"একখানি শিরাশ মোজোর করে বসেছেন—রকমারী বেখড়ক চলচে। —হু ১৭৩। [রকমারি শিষ্য—১ মনের মত প্রভুর ভক্ত শিষ্য। "রকমারি শিষ্য দেখে…উপদেশ দিয়ে থাকেন।—হু ৬৮। ২ নির্ব্বিচারে প্রভুর আজ্ঞাধীন শিষ্য। "প্রয়োজন হলে রকমারি শিষ্যরা স্বয়ং প্রভুর বাড়ি পাল্কী চড়ে উপস্থিত হন।—হু ৭৬। [রকমওয়ারি বাটোআরা—মহালের অংশনির্দ্দেশপূর্ব্বক ভাগ। "E.P. 75.]

রকমসই বিং যে রকম আবশ্যক, তদনুরূপ, মনের মত। "বাবুটা রকমসই বটে, চাহিলে কোন না চারিগণ্ডা বকশিষ দিবে ব.প্র ৩১১।

রকমসকম বি [রকম+সকম (অনু শব্দ)] ১ ভাবভঙ্গি, আকার-প্রকার, ভাবগতিক। ২ কলকৌশল, ছলকল, ফিকিরফাকার। "স্বাভাবিক শ্বভাব মাধব সাধুত্তম। উহাঁরে (জগন্নাথেরে) আইসে বহু রকমসকম॥ —ভ.প্র ৩০২।

রকমারি, রকমারী দ্র 'রকমওযারি'।

রকার পুং [কর্ম্মধা] 'র' এই বর্ণ, র-বর্ণ। "রকারাদীনি বাক্যানি (রত্নানি চ রমণ্যশ্চ) গো বা ৩ ৪৩.৩৫।

রকৃথা বি [সং রক্ষা > লি, প্রা রকথা, অপ্র] রক্ষা। 'প্রান রকৃথা কব গো চ ২০। ছিষ্টি বকৃথা ব প ১১৫।

রক্ত বিণ [√রন্জ+ত (ক্ত)-ক] ১ অনুরাগযুক্ত, প্রীতিবিশিষ্ট। "রক্তাং মধুরাং বাণীম্ বা ২ ৭১.২৭। রক্তাক্ষরপদম্…ভাষিতম্ গো বা ৩ ৫ ২। ২ অনুরক্ত, আসক্ত। বিপ 'বিরক্ত'। "অলক্তকো যথা রক্তো নিপীড্য পুরুষস্তথা। অবলাভির্বলাদ্রক্তঃ পাদমূলে নিপাত্যতে॥—পঞ্চ ১ ১৫৬। হি ২ ৬০। (দম্পত্যোঃ) রক্ত একো বিরক্তোঽন্যস্তস্মাৎ কষ্টতরং নু কিম্।—দক্ষ ৪ ৬। ৩ শ্রব্য, শ্রুতিসুখকর। "তৌ চাপি মধুরং রক্তম্ (অগায়তাম্)।—রা ১ ৪.৩৩। রক্তম্…বাবিমৃদঙ্গবাদ্যম্ রঘু ১৬.৬৪। ৪ ক্রীড়ারত (শ ক)। ৫ সানুরাগ (কুল্লুক), রাগী, পরিতুষ্ট (মেধাতিথি)। "ন চ রক্তো বিবাবয়েৎ মনু ৪ ৬৪। ৬ [+ত-র্ম্ম] আপাদিতবর্ণান্তর, উৎপাদিতবর্ণান্তর, নীল্যাদিরাগযুক্ত। "তেন রক্তং রাগাৎ পা ৪.২ ১। তান্তবং রক্তম্ মনু ১০ ৮৭। রক্তঃ…শাটকঃ।—পঞ্চ ১.১৫৫। ৭ লোহিত। "°মাল্যানুলেপন বা ২ ৬৯ ১৫। নেত্রান্তপাদকরতাল্বধরোষ্ঠজিহ্বা রক্তা নখাশ্চ খলু সপ্ত সুখাবহানি।—বৃহৎসংহিতা ৬৮ ৮৭। বালাতপরক্তসানুঃ রঘু ৬ ৬০। °জবারাগ স.শ ৩৮। রক্তে রক্ত মহামহী স্ব প্র ১২৬। —ক্ত পুং [+ত-ণ, বাহুলকে (অ টী)] ১ রক্তবর্ণ, শোণ, লাল রঙ। ২ কুসুম্ভ। ৩ বন্ধুক। ৪ মঙ্গলগ্রহ। ৫ হিজ্জল। ৬ [+ত-ক] পরাগ (ত.বা)। —ক্ত ক্লী ১ শোণিত, রুধির। "মনু ৪ ১৩২। (রঞ্জিতাস্তেজসা ত্বাপঃ) রক্তমিত্যভিধীয়তে।—সুশ্রুত ১ ১৪.৬। রক্তবীজ-রক্তরসে রসিতরসনা ভা.চ ৪৩১। ২ আর্ত্তবশোণিত। ৩ কুঙ্কুম। ৪ চক্ষুরোগভেদ। ৫ তাম্র। ৬ হিঙ্গুল। ৭ সিন্দুর। ৮ পদ্মক, কোকনদ। ৯ প্রাচীনা-মলক। ১০ রক্তচন্দনভেদ। ১১ [+ত-ভা] রাগ (ত বা)। —ক্তা স্ত্রী ১ লাক্ষা। ২ গুঞ্জা, গুঞ্জাফল, রক্তিকা। ৩ মঞ্জিষ্ঠা। ৪ অগ্নির জিহ্বাবিশেষ। [°কন্দ (পুং)—রাজপলাণ্ডু, রক্তালু। °কদম্ব (পুং) —লোহিতপুষ্প কদম্বভেদ। °কমল (ক্লী)—কোকনদ। °করবীর (পুং)—লোহিতপুষ্প করবীরভেদ। °কাঞ্চন (পুং)—লোহিতপুষ্প কাঞ্চনভেদ। °কাণ্ডা (স্ত্রী)—রক্তপুনর্নবা। °কুমুদ, °কৈরব (ক্লী) —লোহিতোৎপল, লাল না'ল। °কৃমিজা (স্ত্রী)—লাক্ষা। °কেশর (পুং) —পারিভদ্রবৃক্ষ। °খদির (পুং)—খদিরভেদ। °গন্ধক (ক্লী)—বোল (myrrh)। °গুল্ম (পুং)—স্ত্রীলোকের রক্তজন্য গুল্মরোগভেদ। °গ্রীব (পুং)—কপোতভেদ। °দ্রু (পুং)—রোহিতকবৃক্ষ। °ঘ্নী (স্ত্রী) —দূর্ব্বাভেদ, গেঁঠে দূর্ব্বা। °চন্দন (ক্লী)—লোহিতচন্দনভেদ। "রা ২. ৩৩.৯। °চিত্রক (পুং)—লালচিতা। °চূর্ণ (ক্লী)—লোহিতচূর্ণদ্রব্য, সিন্দুর। °ছর্দ্দি (স্ত্রী)—রক্তবমন। °জিহ্ব (পুং)—লোহিতজিহ্ব; সিংহ। °ঝিণ্টি (স্ত্রী)—কুরুবক। °তুণ্ড (পুং)—শুক। °তেজঃ (-জস্) ক্লী—মাংস। °দূষণ (বিণ)—রক্তদোষজনক। °দৃক্ (-শ্), °দৃষ্টি (পুং) কপোত। °ধাতু (পুং)—তাম্র, গৈরিক। °নাল (পুং, ক্লী)—পদ্মবিশেষ। °পট (পুং)—বৌদ্ধ। "পঞ্চ ৪ ৩৬। ভ ৫.১৯. ২৫। °পত্রিকা (স্ত্রী)—রক্তপুনর্নবা। °পদ্ম (ক্লী)—কোকনদ। °পল্লব (পুং)—অশোক। °পাত (পুং)—শোণিতক্ষরণ। °পারদ (পুং, ক্লী) —হিঙ্গুল। °পিটিকা (স্ত্রী), °পিত্ত (ক্লী)—গাত্রস্থ রক্ততিলক, লাল তিল। °পিত্ত (ক্লী)—কুপিতপিত্তজন্য রক্তদোষজাত রোগভেদ। °পিত্তহা (স্ত্রী)—সর্থ 'রক্তঘ্নী'। °পূরক (ক্লী)—বৃক্ষাম্ল, তেঁতুল। °পৈত্ত, -ত্তিক (বিণ)—রক্তপিত্তরোগসম্বন্ধী। °প্রদর (পুং)—রক্তপ্রবাহযুক্ত প্রদর-বিশেষ। °প্রবাহ (পুং)—শোণিতস্রোতঃ। °প্রমেহ (পুং)—রক্তস্রাব-যুক্ত মেহভেদ। °ফলা (স্ত্রী)—বিম্বিকা, তেলাকুচা। °বটী, °বরটী (স্ত্রী)—মসূরিকা, বসন্ত। °বর্দ্ধন (পুং)—'রক্তবৃদ্ধিকর', বার্তাকী। °বসন (পুং)—'রক্তবস্ত্রধর', চতুর্থাশ্রমী ব্রাহ্মণ, সন্ন্যাসী। °বাত (পুং) —রক্তপ্রধান বাতরোগভেদ। °বালুক (ক্লী)—সিন্দুর। °বাসাঃ (-সস্) বিণ—রক্তবস্ত্রধারী। "মনু ৮ ২৫৬। °বিকার পুং)—রক্তবিকৃতি), রক্তদোষ। °বিদ্রধি (পুং)—রক্তপূর্ণ স্ফোটকবিশেষ। °বিন্দু (পুং) —শোণিতকরণ। °বিলিপ্ত (বিণ)—রক্তাক্ত। "°মৃগপাদঃ।—হি ৪৯৯। °ভব (ক্লী)—'রক্তজাত', মাংস। °ভাব (বিণ)—লোহিত। °মণ্ডল (বিণ)—১ লোহিতপরিবেষ (চন্দ্র)। ২ অনুরক্তপ্রজ (রাজা)। ৩ সর্পবিশেষ (সুশ্রুত)। °মৎস্য (পুং)—রক্তবর্ণ মৎস্যভেদ। °মেহ (পুং)—সর্থ 'রক্তপ্রমেহ'। °মোক্ষ (পুং), °মোক্ষণ (ক্লী)—শোণিত-স্রাবণ, রক্তনিঃসারণ। °যষ্টি (স্ত্রী)—মঞ্জিষ্ঠা। °রাজি (পুং)—নেত্র-রোগভেদ। °রেণু (পুং)—সিন্দুর, পলাশকলিকা, পুন্নাগবৃক্ষ। °লশুন (পুং)—গৃঞ্জন। °লোচন (পুং)—কপোত। °শালি (পুং) —লোহিতশালিধান্যভেদ। "বৃহৎসংহিতা ২৯.২। °শীর্ষক (পুং)—বক-ভেদ। °সংজ্ঞ (ক্লী)—কুঙ্কুম। °সন্ধ্যক (ক্লী)—'সন্ধ্যাবৎরক্ত', রক্ত-সৌগন্ধিক, লাল সুঁধি। °সরোরুহ (ক্লী)—'রক্তপদ্ম', কোকনদ। °সর্ষপ (পুং)—রাজিকা, রাইসরষা। °সার (ক্লী)—রক্তচন্দন। (পুং) রক্তখদির। °সৌগন্ধিক (ক্লী)—সর্থ 'রক্তসন্ধ্যক'। °স্রাব (পুং) —১ রক্তক্ষরণ। ২ রক্তস্রাবকর বেতসাম্ল। [রক্তগঙ্গা-তরঙ্গিণী—রক্ত-নদীর তরঙ্গযুক্তা, রুধিরে পরিপ্লুতা। "°ণী চিবুক তোমার—পড়েচে অলক্তরসশতদল-দামে।—লী ৩৫। রক্তভাঙ্গা—রক্তস্রাব হওয়া। রক্তে রক্ত—রক্তে লাল।]

রক্তক বিণ [রক্ত+ক (কন্) স্বার্থে] ১ লোহিত। ২ অনুরক্ত। ৩ শ্রব্য, প্রীতিকর। ৪ রক্তাক্ত। —ক্তক পুং ১ অনুরাগী, বিনোদী। ২ বন্ধুক-বৃক্ষ। ৩ রক্তশিগ্রু। ৪ রক্তেরণ্ড। ৫ অশ্ববিশেষ। ৬ ক্রীড়ারতজন, খেলোয়াড়। —ক্তক ক্লী ১ শোণিত। ২ রক্তবস্ত্র।

রক্তকণ্ঠ বিণ [বহুব্রী, স্ত্রী -ণ্ঠা, -ণ্ঠী] কলস্বর, মিষ্টস্বর। "°খগ ভ ৪.৬. ২৯। —কণ্ঠ পুং ১ কোকিল। "ভ ৪.৬ ১২। ২ [কর্ম্মধা] মধুর রব, কলকূজিত। —কণ্ঠী (-ণ্ঠিন্) বিণ [°ণ্ঠ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ণ্ঠিনী মধুরকণ্ঠ, সুস্বর। "রা ৭ ৩৭.৩। —কণ্ঠী পুং কোকিল।

রক্তকণ্ঠী দ্র 'রক্তকণ্ঠ'।

রক্তকম্বল ক্লী [কর্ম্মধা, 'তু সং কমল > অপভ্রংশ, প্রা কর্ম্বল (হে)] ১ কোকনদ (পদ্মপুরাণ—শ ক)। ২ (বাঙ্‌লায়) রক্তসন্ধ্যক, লাল না'লফুল। "শূ ৩১। ৩ লাল কম্বল। "ব.প ২৪৫।

রক্তকিঙ্কিণী বিং [?] রক্তধারাপ্লাবিত, রক্তাক্ত। "যজ্ঞেশ্বর।—ঐ ব্যাটা উড়ে ম্যাড়া খামকা আমার দাড়ীগুনো টেনে ছিঁড়ে দিলে। শ্রীনাথ —রক্তকিঙ্কিণী ক'রে দিয়েচে যে!—লী ৭২।

রক্তকুমুদিনী বি [সং রক্তসন্ধ্যক] লাল না'লফুল। "ক্রোধে দুই চক্ষু যেন রক্তকুমুদিনী।—ম ৩৫২।

রক্তচিতা বি [সং রক্তচিত্রক] লালচিতা গাছ।

রক্তজবা বি লাল-জবাফুল। "°রাগ স.শ ৩৮।

রক্তজ্বর বি সাজ্বাতিক রোগের পরে রক্তাধিক্যজন্য জ্বর।

রক্তদন্তিকা, -ন্তী স্ত্রী [রক্ত দন্ত যাঁহার (বহুব্রী)—রক্তদন্ত > (স্ত্রী) °ন্তা,-ন্তী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্) ; হ্রস্ব] অসুররক্তপান হেতু যাঁহার দন্ত লোহিত ; চণ্ডিকা। (দেবতাঃ মানবাঃ) স্তবন্তো ব্যাহরিষ্যন্তি সততং রক্তদন্তিকাম্ (চণ্ডী)। "°কা চ.বি ৩৪০ ; ভা.চ ৪২৭। এই রক্তদন্তী কালী।—হ ১৩২।

রক্তদন্তী দ্র 'রক্তদন্তিকা'।

রক্তদুষ্টি স্ত্রী [ষ.ত] রক্তের বিকৃতি ; রক্তদোষ।

রক্তপ বিণ [রক্ত+ √পা+অ (ক) -ক ; উ.ত] রক্তপানকারী। —প পুং রাক্ষস। —পা স্ত্রী ১ জলৌকা। ২ ডাকিনী।

রক্তপা দ্র 'রক্তপ'।

রক্তপাদ বিণ [বহুব্রী] লোহিতচরণ। "শকুনা রক্তপাদাঃ মহা ৫.১৪৩.২৬।—পাদ পুং ১ কাদম্ব-প্রভৃতি পক্ষী। "রা ৭.৬.৫৭। যাজ্ঞ ১.১৭৫। ২ শুকপক্ষী। ৩ যুদ্ধার্থ রথ। —পাদী স্ত্রী লজ্জালু ; হংসপদী (শ.ক)।

রক্তপাদী দ্র 'রক্তপাদ'।

রক্তপায়িনী দ্র 'রক্তপায়ী'।

রক্তপায়ী (-য়িন্) বিণ [রক্ত+ √পা+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] রক্তপানশীল। —পায়ী পুং উৎকুণ, ছারপোকা। —য়িনী স্ত্রী [°য়িন্+স্ত্রী ঈ (ঙীপ্)] জলৌকা।

রক্তপুষ্প পুং [বহুব্রী] ১ করবীর। ২ রক্তকাঞ্চন। ৩ দাড়িম্ব। ৪ বক। ৫ বন্ধূক। ৬ পুন্নাগ। ৭ রৌহিতক। —পুষ্পক পুং ১ পলাশ। ২ রৌহিতক। ৩ শাল্মলী। —পুষ্পা স্ত্রী ১ শাল্মলী। ২ পুনর্নবা। —পুষ্পিকা স্ত্রী ১ লজ্জালু। ২ রক্তপুনর্নবা। —পুষ্পী স্ত্রী ১ পাটলী। ২ জবা। ৩ নাগদমনী। ৪ ধাতকী।

রক্তপুষ্পা, রক্তপুষ্পিকা, রক্তপুষ্পী দ্র 'রক্তপুষ্প'।

রক্তপ্রান্ত বিং যাহার প্রান্ত লোহিত ; লালপেড়ে (কাপড়)। "রক্তপ্রান্ত ধড়া চৈ.ম ৪৬। °স্ত পট্টাম্বর ন.প ৪৩ ; ১৫০।

রক্তবর্গ পুং [ষ.ত] ১ লোহিতবর্ণের বর্গ ; দাড়িম। ২ কিংশুক। ৩ লাক্ষা। ৪ বন্ধূক। ৬ মঞ্জিষ্ঠা। ৭ কুসুম।

রক্তবর্ণ বিণ [বহুব্রী] লোহিত। —বর্ণ পুং ১ ইন্দ্রগোপকীট। ২ [কর্ম্মধা] লোহিত রঙ ; লাল রঙ। —বর্ণ ক্লী স্বর্ণ।

রক্তবীজ পুং [বহুব্রী] ১ 'লোহিতবীজ', দাড়িম্ববৃক্ষ। ২ অরিষ্টকফল, রিঠাগাছ। ৩ যাহার রক্ত বীজবৎ উৎপত্তিকারণ, শুম্ভাসুরের সেনাপতি। "চ.বি ২৮৩। চামুণ্ডাযেয়তি, রক্তবীজকুলঅরি।—মে ৯৪। [মহিষাসুরপিতা দানব রম্ভ জন্মান্তরে রক্তবীজরূপে জন্মগ্রহণ করে (দেবীভাগবত—শ.ক)।]

রক্তবোড়া বি লালবোড়া সাপ। "একেত কুৎসিতা কুঁজী তায় হৈলো খোঁড়া। সর্ব্ব গাথে ছড় গেল যেন রক্তবোড়া।—কৃ ১১৩।

রক্তা দ্র 'রক্ত'।

রক্তাংশুক পুং [কর্ম্মধা] লোহিতরশ্মি। —শুক ক্লী রক্তবস্ত্র।

রক্তাকার পুং [বহুব্রী] প্রবাল, পলা।

রক্তাক্ত বিণ [রক্ত দ্বারা অক্ত, তৃ.ত] রক্তপ্রক্ষিত, রক্তবিলিপ্ত।

রক্তাক্ষ বিণ [রক্ত অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) ; স্ত্রী -ক্ষী] ১ লোহিতনেত্র, অরুণনয়ন। "ভ ৪.১৪.৪৪। ২ ক্রূর। —ক্ষ পুং ১ মহিষ। ২ কপোত। ৩ চকোর। ৪ সারস।

রক্তাঙ্ক পুং [বহুব্রী] 'লোহিতচিহ্নযুক্ত', প্রবাল।

রক্তাঙ্গ পুং [বহুব্রী] ১ কাম্পিল, গুঁড়া রোচনী (অ.টী)। ২ সূর্য্যমণ্ডল ; চন্দ্রমণ্ডল। ৩ মঙ্গলগ্রহ। ৪ রক্তবর্ণপক্ষিবিশেষ। "গো.রা ৪.৫০.১৩। ৫ মৎকুণ, ছারপোকা। ৬ প্রবাল। —ঙ্গক ক্লী ১ প্রবাল। ২ কুঙ্কুম। ৩ রক্তচন্দন। —ঙ্গী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মঞ্জিষ্ঠা। ২ জীবন্তী।

রক্তাঙ্গী দ্র 'রক্তাঙ্গ'।

রক্তাতি(তী)সার পুং [উ.লো] রক্তমিশ্র অতিসার ; রোগভেদ (Dysentery)।

রক্তাতীসার দ্র 'রক্তাতিসার'।

রক্তাধার পুং [ষ.ত] রক্তের আধার ; চর্ম্ম।

রক্তাপামার্গ পুং [কর্ম্মধা] লোহিত অপামার্গ ; লাল আপাঙ।

রক্তাভ বিণ [রক্তা আভা যাহার, বহুব্রী] রক্তকান্তি, লোহিতাভ। "অলক্তকসরক্তাভৌ (চরণৌ) রা ২.৬০.১৮।

রক্তাম্বর বিণ [বহুব্রী] রক্তবাসাঃ। —ম্বর পুং চতুর্থাশ্রমী, সন্ন্যাসী। —ম্বর ক্লী রক্তবস্ত্র। "°ধর রা ৩.৪৯.৯, মহা ২.৫.৮৭।

রক্তাম্বুরুহ ক্লী [কর্ম্মধা] রক্তপদ্ম, কোকনদ। "রক্তাম্বুরুহলোচন রা ৭.৮.৯।

রক্তারক্তি বি [রক্ত-আ+রক্ত-ই] পরস্পর রক্তপাত ; খুনাখুনি।

রক্তারুণ বিণ [রক্ত হেতু অরুণ, সুপ্‌সুপা] রক্তলোহিত। "রক্তারুণা…মহী ক.সা ২১.১৪।

রক্তার্ব্বুদ ক্লী [ষ.ত] রক্তের অর্ব্বুদতুল্য ; রোগবিশেষ। "রক্তার্ব্বুদবিসর্পাদ্যা উপপাপোদ্ভবা গদাঃ—শাতাতপ ১৯।

রক্তার্শঃ (র্শস্) ক্লী [উ.লো] রক্তজনিত অর্শোরোগবিশেষ।

রক্তালু, রক্তালুক পুং [কর্ম্মধা] লোহিত আলুবিশেষ ; শাকরকন্দ আলু। দ্র 'আলুক'। "সুশ্রুত ১.৪৬.৩২৮।

রক্তালুক দ্র 'রক্তালু'।

রক্তাশয় পুং [ষ.ত] রক্তাধারযন্ত্র—হৃদয় যকৃৎ প্লীহা।

রক্তাশোক পুং [কর্ম্মধা] রক্তপুষ্প অশোক (টীকা)। "উ.মে ১৭।

রক্তি স্ত্রী [√রন্‌জ্+তি (ক্তিন্) -ভা] ১ রাগ, অনুরাগ। "রক্তিমদ্ গীতম্ ক.সা ৮৬.৭। ২ বর্ণান্তরাপাদন। ৩ রক্তিকা, গুঞ্জা, রতি। "ব.প ১৪৮২,-৯৪।

রক্তিকা স্ত্রী [রক্ত+ইক (ঠন্)+স্ত্রী আ (টাপ্) ; রক্তা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ] ১ গুঞ্জালতা, গুঞ্জাফল, কুঁচ। ২ গুঞ্জাফলপরিমাণ, রতি (ভরির $\frac{1}{৯৬}$ ভাগ)। ৩ রাজিকা।

রক্তিম বিং ['রক্তিমা, মূল, বাঙলায় বিশেষণ, হি °ম (বিং)] রক্ত, লোহিত। "রক্তিম আকার বা.ম ১৭২ ; বি.পা ২৯৯। গোলা রক্তিমবরণ।—ন ৪৯৯। রক্তিম চরণতলে স.স্ব ১৮। °বর্ণ চ.কা ১১৭। রক্তিম মুখ সরমে।—কথা ৫৩। রাজপুত্রের মুখ রক্তিমবর্ণ হইল ব.প্র ৭৩। —ক্তিমা বিং [°ম > °মা (স্ত্রীলিঙ্গে), অসাধু] লোহিতা। "ডাকিনী ধাইছে কত—সৃক্কণী রক্তিমা।—হেম ৪৭।

রক্তিমা (-মন্) পুং [রক্ত+ইমন্ (ইমনিচ্)-১ব] রক্তভাব, শোণিমা, লৌহিত্য। "নৈ ২.৫৩, টীকা। ঈষৎ রক্তিমা, নয়নকোণায় হাসে।—ন ৮২৯। নয়ন-রক্তিমা স্ব.প্র ১২৬। গণ্ডে রক্তিমাবিকাশ ব.প্র ৮০।

রক্তেক্ষু পুং [কর্ম্মধা] লোহিত ইক্ষুভেদ ; কাজলা আক।

রক্তৈরণ্ড পুং [কর্ম্মধা] লোহিত এরণ্ডবিশেষ ; লাল ভেরেণ্ডা।

রক্তোৎপল ক্লী [কর্ম্মধা] কোকনদ। "°বন গো.রা ৪.৪৪.৮৯। [রক্তোৎপলাভ (বিণ)—শোণবর্ণ, লোহিতাভ।]

রক্তোপল পুং [কর্ম্মধা] গৈরিক, গেরিমাটি (red chalk)।

রক্ষ্ সক [ভূ, প—রক্ষতি ; সেট্] ১ রক্ষণ, পালন। "দারান্ রক্ষেদ্ ধনৈরপি মনু ৭.২১৩। রক্ষ হে পুণ্ডরীকাক্ষ।—কৃ ২৯১। রক্ষ রক্ষ রাজস্থানে ক.চ ২৫৩। রক্ষ ভগবতী শ্রী ১৬। ২ সংঘাত (গণদর্পণ), সঞ্চয়। "আপদর্থং ধনং রক্ষেৎ মনু ৭.২১৩। ৩ রোধ।

রক্ষ১ পুং [√রক্ষ্+অ (অণ্)-ক , স্ত্রী -ক্ষী] রক্ষক, পালক। "ধর্ম্মৈকরক্ষ রা ২ ৭৩ ২৩ , নদী° ৮৪ ৭। ক্ষেত্র°, গো°, তুরগ°, পৃষ্ঠ°, লোক° (S.W.)। প্রতিহাররক্ষী রঘু ৬ ২০। [সমাসে উত্তরপদ]

রক্ষ২ সর্ম [সং √রক্ষ্ >প্রা >রক্‌খ , হি √রক্ষ] রক্ষা করা। "দেবকুল-আনুকূল্য রক্ষুক তোমারে।—মে ১৫২ , ২৫৬।

রক্ষঃ (-ক্ষস্) ক্লী [√রক্ষ্+অস্ (অসুন্)-অপা , তু 'রক্ষ' —"রক্ষোঘ্নানাগ (ভ ২ ৬ ৪৪)] যাহা হইতে হবিরাদি রক্ষিত হয় , রাক্ষস। "ঋগ্বেদ ৭ ১০৪ ২৩। রা ১ ১ ৪৫। ভট্টি ১ ১২। মে ৯২। [°কুল '-ক্ষঃ-' বি—রাক্ষসবংশ , রাক্ষসসমূহ। 'রক্ষঃকুলনিধি।—মে ১। °পতি (পুং)—রাক্ষসরাজ, রাবণ। "ভ ৯ ১০.১৮। °পুর (বি) —রাক্ষসনগর। "মে ৯২ , ২৫৬। °সভ (ক্লী)—রাক্ষসসভ , রাক্ষসসমূহ।]

রক্ষক বিণ [√রক্ষ্+অক (ণুল্)-ক] রক্ষাকারক, ত্রাতা, পালক। "লোক° ।—হ ২৭৯ ৩৬। অন্তপুর° ক সা ১০৫ ১৪। শস্য° ।—ছি ৩১/১০। যে যার ভক্ষক, সে তাব রক্ষক ভা চ ৯৭। প্রজা° ।—দা ১৭১।—ক্ষিকা স্ত্রী ১ পালিকা। ২ রক্ষাকরণ্ড, শরীররক্ষার্থ মন্ত্রকবচাদি। "°রক্ষ (হরিভক্তিবিলাস—শ ক)। ৩ স্থিতিকারক। "বংশরক্ষক পুত্র।—দা ১৭২। —ক্ষণ পুং [+অন (ল্যুট্)-ক] ১ রক্ষক, পালক। 'সর্প চন্দ্রেব রক্ষণ।—ম ২৫। রাক্ষসকুল°। —মে ৭ , চিররক্ষণ তুমি ৯২। ২ বিষ্ণু (মহা)। —ক্ষণ ক্লী [+অন-ভা] ১ অবন (সায়ণ), রক্ষা, পালন। "ঋগ্বেদ ৪ ৩ ১৪। বৈদেহ্যা রক্ষণার্থম্ রা ২ ৬৬ ৯। °বিধি রঘু ১১ ৬। গ্রহারিষ্টক্ষয় হেতু রক্ষণবিধান শ্রী ম ১৩। ২ সঞ্চয়। উপার্জ্জিতানাং বিত্তানা° ত্যাগ এব রক্ষণম্।—হি ১ ১৬৪। ৩ সর্থ 'রক্ষা (৮)। "গোপীভিঃ কৃত-রক্ষণম্ (আত্মজম্) ভ ১০ ৬ ৩০। —ক্ষণা স্ত্রী রক্ষণ। "আত্ম°। —পঞ্চরাত্র ১ ১৪ ১০৭। —ক্ষণী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ)] 'রক্ষণসাধন', রশ্মি, মুখরজ্জু। 'মাঘ ৫ ৫৬, মল্লিনাথ। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীযর্)-র্ম] ১ রক্ষণযোগ্য, পালনীয়। "রা ২ ৫০.১০। ২ নিযোজনীয়। "চিরায়ুবিচ্ছতা নৃপেণ মূর্খোঽনুচরো ন রক্ষণীয়ঃ। —পঞ্চ ১৪৫৭/৪৫১।

রক্ষণ, রক্ষণা, রক্ষণী, রক্ষণীয় দ্র 'রক্ষক'।

রক্ষণাবেক্ষণ বি রক্ষাপরিদর্শন , তত্ত্বাবধান। 'সী ৫১ , কাদ ৬।

রক্ষা স্ত্রী [√রক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ)] ১ রক্ষণ, পালন। "বনস্থ রক্ষাম্ গো রা ৫ ৬০ ২০। শরীর° রঘু ২ ৪ , ৮। ২ [+অ-ণ] রক্ষক (ত বা)। ৩ ভস্ম। ৪ জতু। ৫ অভীষ্টদেবতা (A)। ৬ রক্ষাসাধনমাত্র, শরীররক্ষার্থ ঔষধ মন্ত্র কবচ ইত্যাদি (an amulet, a charm)। "(ঔষধীঃ বিশল্যকরণীম্) চকার রক্ষাং কৌসল্যা রা ২ ২৫ ৩৮। ৭ শরীররক্ষার্থ শ্রাবণী পূর্ণিমায় বা কোন শুভানুষ্ঠানে মণিবন্ধে ধারণীয় রঞ্জিত সূত্র বা রেসমসূত্র , রাখী। "রাম লক্ষ্মণের হাতে রক্ষা বেঁধে আসি।—কৃ ৩৩৪। ৮ অবয়ব স্পর্শ করিয়া রক্ষক-দেবতার নামোচ্চারণপূর্ব্বক রক্ষার্থ অনুষ্ঠেয় বিধিবিশেষ। দ্র 'ভ ১০ ৬ ২২-২৯। চৈ ম ৪২ , ৪৩। "(গোপ্যঃ) রক্ষাঞ্চক্রুঃ ভ ১০ ৬ ২০। রক্ষা বান্ধে চৈ ম ৪২। ৯ (বাঙ্‌লায়) রাখা (keeping)। ১০ তত্ত্বাবধান, অবেক্ষণ। ১১ নিস্তার, বাঁচোয়া। "রক্ষা এই, দম্পতী-কলহ প্রায়ই অভিনয়ক্ষণমাত্র স্থায়ী হয় পা প্র ২৪। ১২ স্থাপন। "হিরণ্ময়ী ...কাষ্ঠে ললাট রক্ষা করিলেন ব প্র ৫৪৪। [°গৃহ (ক্লী)—শিশুর রক্ষার্থ গৃহ , সূতিকাগৃহ। "রঘু ১০ ৬৮। °পত্র (পুং)—ভূর্জ্জবৃক্ষ , (স্ত্রী)—ভূর্জ্জত্বক্। °প্রদীপ (পুং)—শিশুর রক্ষার্থ মন্ত্রপূত প্রদীপ। ক.সা ২৮ ৪। °ভূষণ (ক্লী), °মণি (পুং), °রত্ন (ক্লী)—অপদেবতা হইতে রক্ষার্থ ধার্য্য ভূষণ বা রত্ন। "°মণি ক সা ৭৮.৪৬ , °রত্ন ১৪ ১১২। °মঙ্গল (ক্লী)—অপদেবতা হইতে রক্ষার্থ মঙ্গলানুষ্ঠান। °রত্নপ্রদীপ (পুং)—সর্থ 'রক্ষারত্ন', 'রক্ষাপ্রদীপ'। "ক সা ৩২ ৮৯।]

রক্ষাকরণ্ড পুং, **-ণ্ডক** ক্লী [উ লো] রক্ষার্থ করণ্ড , বিঘ্নবিঘাতার্থ মণিবন্ধে বদ্ধ ওষধিবিশেষ। "অস্মহে রক্ষাকরণ্ডক° মণিবন্ধে অস্ত ন দৃশ্যতে শ ৭২/২১।

রক্ষাকরণ্ডক দ্র 'রক্ষাকরণ্ড'।

রক্ষাধিকৃত বিণ [স ত] প্রজারক্ষায় প্রাপ্তাধিকার বা নিযুক্ত। "রক্ষাধিকৃতাঃ (ভৃত্যাঃ) মনু ৭ ১২৩। —কৃত পুং রক্ষাধিকারে নিযুক্ত পুরুষ , কোট্টপালাদি। 'মনু ৯ ২৭২।

রক্ষাধিপতি, -ক্ষাপতি পুং [ষ ত] রক্ষিবর্গের প্রধান , কোট্টপাল, কোটাল।

রক্ষাপতি দ্র 'রক্ষাধিপতি'।

রক্ষানুপেক্ষণ বি রক্ষাকার্য্যে অনুপেক্ষণ , অর্থাদিরক্ষণে অবধান। "তথাচ জন্ময়ে বাধা রক্ষানুপেক্ষণে ভ গ্র ৩৭২।

রক্ষাপুরুষ পুং [উ লো] ১ পুররক্ষার্থ পুরুষ , কোট্টপাল, কোটাল। 'রক্ষাপুরুষাধিষ্ঠিতে প্রাসাদে (পঞ্চ)। ২ ক্ষেত্রপাল, শস্যরক্ষক। 'পঞ্চ ৫৫/৫১। ৩ পশুপালক, রাখাল। 'তেন মহদ্‌যূথং কৃত্বা রক্ষাপুরুষো ধৃতঃ।—পঞ্চ ৪৬/৬৬।

রক্ষামন্ত্র পুং [উ লো] ১ দম্পতির অমঙ্গলনিবারণার্থ বিবাহে পাঠ্য বৈদিকস্তবমালা। ২ (বাঙলায়) অপদেবতা হইতে রক্ষার্থ পঠনীয় মন্ত্র। "রক্ষামন্ত্র পড়ে, নিজ চুল ঝাড়ে, কেহ বা কহায় ছলে চ দা ১০।

রক্ষাসূত্র বি বিবাহে অমঙ্গলবারণার্থ হস্তে বদ্ধ সূত্র। সাম যজু ঋক মতে, রক্ষাসূত্র বান্ধে হাতে শি ৪৭।

রক্ষিক পুং [রক্ষিন্+ক (কন্) স্বার্থে] ১ রক্ষী, পালক, রক্ষক। ২ পুররক্ষক, কোট্টপাল। '°পুরুষ, °বল (দশকুমার)।

রক্ষিকা [রক্ষক+স্ত্রী আ (টাপ)] ১ রক্ষিত্রী, পালিকা। "ক সা ৭৪ ১৬৭। ২ [রক্ষা+ক+স্ত্রী আ] রক্ষা, রাখী। দ্র 'রক্ষা (৬-৮)।

রক্ষিণী বি [রক্ষিন্+স্ত্রী ঈ (ঙীপ)] রক্ষিত্রী, পালিকা। "চ বি ৩৩।

রক্ষিত বিণ [√রক্ষ+ত (ক্ত)-র্ম] ১ পালিত, ত্রাত। 'পা২ ১ ৩৬। মনু ১১ ২৩। কৃ ৩৪৮। ২ সুগুপ্ত। "তৎ স্থাপয়িত্বা চ রক্ষিতম্ ক সা ৫৩ ৬৪। ৩ (বাঙ্‌লায়) স্বীয় উপভোগার্থ পালিত। 'রক্ষিত বেশ্যা।—হু ৩৪। ৪ মৈত্রেয়রক্ষিত-কৃত ধাতুপ্রদীপ। "ক চ ২১৫। ৫ হিন্দুর উপাধিবিশেষ। —ক্ষিতা বিণ গুপ্তা, উপভোগার্থ পালিতা (নারী)। 'রক্ষিতা° ক্ষত্রিয়া° যদি বৈশ্যো গচ্ছেৎ মনু ৮.৩৮২, কুল্লূক। —ক্ষিতা২ বি [ঠ রাখ] পালিতা উপপত্নী। "ব প ৬৫৮।

রক্ষিতব্য বিণ [√রক্ষ+তব্য-র্ম] পালয়িতব্য, ত্রাতব্য, রক্ষণীয়। "গো রা ৫ ৮০ ১৪। অস্মাদেকাদ্ বহবো রক্ষিতব্যাঃ মহা ১৩ ১৩০।

রক্ষিতা১ **(-তৃ)** [√রক্ষ+তৃ (তৃচ)-ক-১ব স্ত্রী -ত্রী] পালয়িতা (সায়ণ), রক্ষক, ত্রাতা। অমৃতস্য রক্ষিতা।—ঋগ্বেদ ৬ ৭ ৭। শুচীনা° রক্ষিতারঃ রা ১ ৭ ১২। স রক্ষিতা ভ ৭ ২ ৩৮। এমন বিপদে কেবা আমার রক্ষিতা।—কৃ ৩৩। মোর রক্ষিতা শ্রীহরি।—ম ৫৪০। বৃদ্ধ-কালে তনয় রক্ষিতা ক চ ১৭৬। প্রহ্লাদ° চৈ ভা ৯৮। বিশ্বের রক্ষিতা ভা চ ৫। —ক্ষিতা পুং রক্ষাকর্ত্তা।

রক্ষিতা২ দ্র 'রক্ষিত'।

রক্ষিবর্গ পুং [ষ ত] রাজাঙ্গরক্ষকগণ, অনীকস্থ (অ কো)।

রক্ষী১ **(-ক্ষিন্)** বিণ [√রক্ষ্+ইন (ণিনি)-ক-১ব , স্ত্রী -ক্ষিণী] রক্ষক, পালয়িতা, পাতা। "গায়ত্রী সর্ব্বরক্ষিণী রা ৭ ১০৯ ৮। ব্যসন° ক সা ৩৩.৬৩। —ক্ষী পুং ১ রক্ষাপুরুষ, রক্ষক। 'রক্ষিণশ্চানুসংযান্তু রা ২ ৭৯ ১৩। অন্তঃপুর° ক সা ৫ ৬০। ম ৫০৩। ২ রাজগোপ্তা (নীলকণ্ঠ), রাজাঙ্গরক্ষক, শিকদার (অ টী)। 'রক্ষিণাং হ্যাত্তশস্ত্রাণাম্

মহা ৪ ২৮। ৩ প্রহরী (watch-man)। "অয়ে পদশব্দ ইব। মা নাম রক্ষিণঃ।—মৃ ৩২।

রক্ষী² স্ত্রী [√রক্ষ্+অ (অচ্)-ক+স্ত্রী ঈ (ঙীষ)] সর্থ 'রক্ষিকা (২)। "আর না আসিবে লক্ষ্মী, বাহুতে বাঁধিতে রক্ষী।—হেম ১৩৮।

রক্ষেন্দ্র, -ক্ষেশ্বর বি [রক্ষ+ইন্দ্র, ঈশ্বর, দ্র 'রক্ষঃ'] রাক্ষসরাজ, রাবণ। "রক্ষেশ্বর।—মে ২৪৪, রক্ষেন্দ্র ২৪৫। —ক্ষেন্দ্র বি রাক্ষস-শ্রেষ্ঠ, ইন্দ্রজিৎ। "মে ৯৭।

রক্ষেশ্বর দ্র 'রক্ষেন্দ্র'।

রক্ষোগণ পুং [ষ ত] রাক্ষসসমূহ। "°ভোজন ভ ৫ ২৬ ৭।

রক্ষোঘ্ন বিণ [রক্ষস্+ √হন্+অ (টক) ক, স্ত্রী -ঘ্নী] রাক্ষসহিংসক, রক্ষোভয়হারক। 'রক্ষোঘ্নীমোষধীম্ গো.বা ২ ২৫ ২০। °মন্ত্র গী ১১ ৩৬, মধুসূদনীব্যাখ্যা। রক্ষোঘ্ন মন্ত্রেতে।—ম ৩৮৬। —ঘ্ন পুং ১ রাক্ষসঘাতক মন্ত্র। ২ ভল্লাতকবৃক্ষ। ৩ শ্বেতসর্ষপ। —ঘ্ন ক্লী ১ কাঞ্জিক। ২ হিঙ্গু। —ঘ্নী [+স্ত্রী ঈ (ঙীপ)] বচা।

রক্ষোঘ্নী দ্র 'রক্ষোঘ্ন'।

রক্ষোজন পুং [কর্ম্মধা] রাক্ষসজাতি, রক্ষোগণ।

রক্ষোজননী স্ত্রী [ষ ত] ১ রাক্ষসমাতা। ২ (সাদৃশ্যে) রাত্রি।

রক্ষোনাথ বি [ষ ত, তু 'রক্ষনাথ (শ্রী মা ২০৭)] রাক্ষসরাজ, রাবণ। 'মে ৮৬।

রক্ষোহা (-হন্) বিণ [রক্ষস্+ √হন্+কিপ্ (০)-ক-১ব, উ ত] রাক্ষসহন্তা। "ঋগ্বেদ ২ ২৩ ৩। —হা পুং গুগগুলু।

রক্ষ্য বিণ [√রক্ষ+য (ণ্যৎ)-র্ম্ম] রক্ষণীয়। 'আত্মা চ রক্ষ্যঃ সততং ভোজনাদিষু মহা ১৫ ৫ ১৮। যশস্তু রক্ষ্যম্ রঘু ৩ ৪৮।

রগ বি [ফা 'রগ'—শিরা, তু 'সং রক্ত > প্রা রগ্গ (হে)] ১ শিরা। "হাতের পাএর রগগুলা গো চ ১১২। ২ কপালের পার্শ্বস্থ শিরা, কপালের পার্শ্বভাগ (temple)। "রগে লাগা। [°চটা—কোপন-স্বভাব। রগ টনটন করা—পীড়া হেতু কপালের শিরা টনটন করা]

রগড়¹ বি [হি রগড়] ১ ঘর্ষণ। ২ [ঠ রগড—পূর্ণতা, ভরপুর] কৌতুক, তামাশা, মজা, রঙ্গ। "তোর ও রগড়...দেখিব না আর। —ন ১০১১, না হ'তে রগড়, ছোট জেঠা আসি, কহিলেন রসভঙ্গ ১১২৬। ৩ আনন্দ। "গায়েন বিভোল নাচে বাজায়ে রগড়ে শ্রী ৩৪। ৪ আনন্দোচ্ছ্বাস। "ঢক ঢক করে উঠে ঢেঁকির রগড় শ্রী মা ১৭৩। ৫ আমোদ। 'সারা রাত্রি ব'সে জাগে ভোটের রগড়ে।—হেম ৩৭৮। ৬ রস, মধুরতা। "দগড়ে রগড় দিতে দশ লক্ষ কাঁসী।—কৃ ২৭৩, ৩৬৩। দগড় রগড় ঘন ঝাঁজে ভা ৪৯১। —গড বিং কৌতুকজনক। "রগড় দগড় বাজে।—দু ১৩।

রগড়,² -ড়া² সর্ম্ম [হি √রগড, ঠ, শু √রগড] ১ ঘর্ষণ করা, ঘষা। ২ মর্দ্দন করা, ডলা, চাপা। 'রগড়ে মগড়ে...সাদা আঁবের আঁটিটে আঁস্তাকুড়ে ফেলে দিয়েছি, তুই কুড়িয়ে নিয়ে খাচ্চিস।—জা ২১। [রগড়ান—সর্থ 'রগড়'।]

রগড়া¹ বি [হি র'ড়া, ঠ রগড়া] ১ ঘর্ষণ, মর্দ্দন। "রস না হইবে করিলে রগড়া ভা চ ৩৩২। ২ টানাটানি। "এক পতি দুসতিনে যেমন রগড়া রা দ ২৫৯। [রগড়াবগড়ি—ঘষা-ঘষি।]

রগড়া² দ্র 'রগড়²'।

রগড়ীয়া, -গুড়ে বিং [°ড+ঈয়া, এ⁹] রগড়প্রিয়, কৌতুকপ্রবণ, তামাশাপ্রিয়, রসিক, মজাড়ে।

রগণ পুং [কর্ম্মধা] 'র'-নামকগণ। দ্র 'র°'।

রগরগ '-গ্‌-গ্‌' বি [রাগ—রাগরাগ > °গ, ঠ 'রথরথ'—দীপ্ত] ১ অতিরাগভাব, সমুজ্জ্বলতা, অতিদীপ্তি। "হাপরের কয়লা রগরগ করে। ২ তৈজসপাত্রের নির্ম্মলতাজন্য চাকচিক্য। "মাজা বাসন রগরগ করে। ৩ গৃহাদির পরিষ্কারভাব। [রগরগে (°গ+এ⁹)—১ অতিদীপ্ত, জ্বলন্ত (কয়লা)। ২ সুনির্মল, মার্জিত (বাসন)। ৩ চকচ'কে কুচকুচে। "সকলে রগরগে করিয়া তেল মাখিয়া...গঙ্গায় পড়িল (আ হু)।]

রঘু পুং [√লন্‌ঘ্ গতি+উ (কু)-ক, উ ১ ৩০, দ্র 'রঘু ৩ ২১] ১ 'শত্রু ও শাস্ত্রের পারগমনে সমর্থ', সূর্য্যবংশীয় সম্রাট্‌বিশেষ। [ইনি দিলীপের প্রপৌত্র ও ককুৎস্থের পুত্র (রা ১ ৭০ ৩৮,৯)। রঘুবংশমতে, ইঁহার পিতা দিলীপ, মাতা সুদক্ষিণা। বসিষ্ঠধেনু নন্দিনীর আরাধনা করিয়া দিলীপ ইঁহাকে প্রাপ্ত হন। পিতার শততম অশ্বমেধযজ্ঞে অশ্বাপহারক ইন্দ্রের পরাজয় ও দিগ্বিজয়, ইঁহার বীরত্বের পরিচায়ক। বিশ্বজিৎ যজ্ঞে সর্ব্বদক্ষিণাদান ও কৌৎসের গুরুদক্ষিণাদানে অঙ্গীকার, ইঁহার বদান্যতার উদাহরণ। দ্র কু ২৪,-৫।] ২ (বহুব, লক্ষণায়) রঘুর অপত্যগণ, রঘুবংশীয়গণ। "রঘূণামন্বয়ং বক্ষ্যে রঘু ১ ৯। ৩ রঘুবংশকাব্য। "পড়ে রঘু ক চ ২১৫। [°কার (পুং)—রঘুবংশকাব্যপ্রণেতা কালিদাস। °কুল (ক্লী)—রঘুবংশ, রঘুবংশীয় রাজগণ। °কুলতিলক (পুং)—রঘু-শ্রেষ্ঠ, রামচন্দ্র। "রঘুকুলতিলক (মহানাটক), কৃ ১। °চূড়ামণি (বি) —'রঘুশ্রেষ্ঠ', রামচন্দ্র। 'মে ৯০। °জ (বি)—রঘু হইতে জাত, রঘুসুত। 'রঘুজ-অজ।—মে ১৫৪। °তিলক (পুং)—রঘুশ্রেষ্ঠ, রাম-চন্দ্র। °নন্দন (পুং)—রঘুগণের আনন্দবর্দ্ধন, রামচন্দ্র। "রা ১ ৫২. ১২। উ চ ৪ ১৯। °নাথ, °নায়ক, °পতি (পুং)—রঘুগণের অগ্রণী, রামচন্দ্র। '°নাথ রঘু ১৫ ৫৪। °পতি ভ ৯ ১০ ২০, রঙ্গ ৮২। °প্রতিনিধি (পুং)—রঘুকল্প (অজ)। 'রঘু ৫ ৬৩। °প্রবর, °বর, °মণি (পুং)—রঘুশ্রেষ্ঠ, রামচন্দ্র। "°বর (মহানাটক), কৃ ১, মে ৮৮। °বংশ (পুং)—১ রঘুকুল। 'রঘুবংশতিলক।—অধ্যাত্মরামায়ণ ৭ ১ ১। রঘুবংশপ্রতিষ্ঠাতা সা ম ২৩৪। ২ কালিদাসকৃত রঘুবংশবিষয়ক কাব্যভেদ। 'রঘুবংশটীকা।—মল্লিনাথ। °বীর, °শ্রেষ্ঠ, °সিংহ (পুং) —রঘূত্তম, রামচন্দ্র। "°সিংহ ভট্টি ১ ২৬। °বীর।—কৃ ১৪৬। °শ্রেষ্ঠ। —মে ৮৪। °স্বামী (-মিন্) পুং—রঘুপতি।]

রঘূত্তম পুং [স ত] রঘুশ্রেষ্ঠ, রামচন্দ্র। "বা ১ ৬৫ ৫।

রঘূদ্বহ পুং [ষ ত] 'রঘুকুলধুরন্ধর', রামচন্দ্র।

রঙ দ্র 'রং'। [°চঙা, °চঙে (রঙচঙ+আ¹°, এ⁹, দ্র 'চঙ্গ¹') —রঙে সুন্দর, চিত্রবিচিত্র, রঙিন। "°চঙে সব ধ্বজা গি হি ২৪।] [রঙ চড়ান (হি রংগ চঢানা)—রঙ লাগান, রঞ্জিত করা।]

রঙন বি [রমণ > °ন] ১ প্রিয়। "রঙন শয়নক ভঙন পৈঠব জ প ৭। ২ কেলি, বিলাস। 'রঙন ভঙন, সমান কানন প ক ১৬৯৮।

রঙা¹ বিং [রঙ+আ¹¹] রঙযুক্ত, রঙে রঞ্জিত। "এক°, দো°।

রঙা² সর্ম্ম [রঙ¹+আ⁹, হি √রংগা, মৈ √রংগার] রঙ্ করা।

রঙি(ঙী)ন বিং [সং রঙ্গিন্ হি, ঠ রংগীন] ১ রঙযুক্ত, রঙ-করা। "রঙীন আঙিয়া।—শিশু ৩ রঙীন পেলেনা ১৮, রঙীন ধনু ১৯। ২ রঙ্গময়, কৌতুকপ্রচুর। "লীলায় হেলায় মেঘের মালায়, রঙীন স্বপন আঁক কু কে ১৬, রামধনুকের রঙীন মায়া ১১২। ৩ রঙ্গরসপূর্ণ। 'শিউরে উঠে আকাশ যেন কোন্ প্রেমিকের রঙিন-চিঠি-পাওয়া প কা ২।

রঙীন দ্র 'রঙিন'।

রঙ্ক বিণ [√রম্+ক-ক, উ ৩ ৩০, টীকা।] ১ কৃপণ। ২ ক্ষুদ্র, নীচ। ৩ (বাঙ্‌লায়) দরিদ্র, নির্ধন। "নিজ ধন দিতে দিতে তুমি হবে রঙ্ক ক চ ১৮০। রঙ্ক জন পেল অমূল্য রতন।—দু ৯৭। ৪ তুলনায় হীন বা ন্যূন। "সিদ্ধার্থ চামর শঙ্খ, ভুবনে উপমারঙ্ক ক চ ১২৩, ২৪১। উপমাং র প ৬২২। ৫ বিরহিত, বিহীন। "দুই নারী ঘরে পতিরঙ্ক ক চ ১৫১। ৬ প্রার্থী, লুব্ধ। "দূর করি লজ্জাতঙ্ক, তুঁহু সাধু রতিরঙ্ক ক চ ১৬৬। —ঙ্ক পুং ১ দীন, দরিদ্র, ভিক্ষু। "রঙ্ক দুঃখী নাহি জানি, হেলোঘটে

শীরে শ্যালী ক চ ৯১। চৈ ম ৬৯। রতন পাইয়া যেন রঙ্কের আনন্দ শি ১৯। (শখ) লক্ষীকান্ত নিতে নারে ল'বে কোন রঙ্ক ১০০। ২ ক্ষুধার্ত্ত বা বুভুক্ষিত জন। প্রেতরঙ্কঃ…ক্রব্যমব্যগ্রমত্তি মা মা ৫ ১৩।

রঙ্কজনঝঙ্কন বি [ঝঙ্কার > ঝঙ্কন, রনৎকার—রঙ্কন (অনুকরণে), অপ্র] রনৎকার-ঝঙ্কার, রুনুরুনু-ঝুনুঝুনু ধ্বনি। "রতনকঙ্কণ, রঙ্কন-ঝঙ্কন, অনঙ্গে চমক লাগে রা শে ৩২।

রঙ্কিণী বি [রঙ্ক+ইনী] ১ দরিদ্রা। "রঙ্কিণী রাজার বেটি কঙ্ক করি স্নান শি ৩৪। ২ [রঙ্গিণী > °ণী, অসাধু] রণরঙ্গপ্রিয়া, রণোন্মাদিনী। "তার রক্তে পুজিব রঙ্কিণী ভদ্রকালী শ্রী ২২৭। —ঙ্কিণী বি [অসাধু] ১ ক্রীড়াবঙ্গপ্রিয়া সরস্বতী। "রসনায় রঙ্কিণী আসিয়ে কর খেলা শ্রী মা ২। ২ রণপ্রিয়া কালী বা দুর্গা। "রক্তমুখী রঙ্কিণী ক চ ৫। রঙ্কিণী থাকিতে গড়ে রক্ষা নাই বুঝি শ্রী মা ১৭১, কবিল রঙ্কিণী ১৭৩, রঙ্কিণীর পুজা ১৯৩। রঙ্কিণীব পা।—শ্রী ২২৪। কবিল রঙ্কিণী শি ৬৯।

রঙ্কু পুং [√রম্+কু-ক] ১ হরিণবিশেষ (অ কো), চিত্রপৃষ্ঠ হরিণ-বিশেষ। ২ মৃগ। "শালভঞ্জিকামুখচন্দ্রেষু কলঙ্করঙ্কবঃ।— নৈ ২ ৮৩। বঙ্কুবধে বত ছিলুঁ রঙ্গে হয মত্ত ক চ ১০৪।

রঙ্খীল বি° [সং বঙ্ককীল গ্রাম্য] গাড়ীব ধুরাব প্রান্তস্থ কীলক।

রঙ্গ পুং [√বন্‌জ+অ (দঞ্‌)-ধি, দ্র 'রঙ্গাজীব' (অ চি)] ১ 'যাহাতে রক্ত হয', রাগ, বর্ণ, রঙ। 'বাসো যথা বঙ্গবশ° প্রযাতি মহা ৫ ৩৬ ১০। নিজ°।—পঞ্চ ১$\frac{২}{১}$$\frac{৮}{৩}$$\frac{২}{}$। অরুণের রঙ্গ দেয় অধববঙ্গিমা ভা চ ১৭৬। শ্বেত নীল পীত লোহিত বঙ্গ স শ ১০৩। ২ নাট্যস্থান, অভিনযস্থান, বঙ্গমঞ্চ, থিযেটাব। '°দ্বাব সা দ ৬২০। ৩ (লক্ষণায) বঙ্গস্থিত সামাজিকবর্গ। 'মহা ১ ১৩৫ ৬। বাগবদ্ধচিত্তবৃত্তিরালিখিত ইব সর্ব্বতো রঙ্গঃ শ ১$\frac{৪}{৫}$। ৪ বণভূমি, যুদ্ধস্থল। ৫ মল্লভূমি, কুস্তির আখড়া। 'মল্ল-রঙ্গ ভ ১০ ৩৬ ২৪। রঙ্গমাঝে শ্রী ম ২৫২। ৬ সভাগৃহ, পবিষৎ। "দ্রৌপদী° রঙ্গমধ্যে নির্জ্জিতামর্জ্জুনেন মহা ১ ১ ১৫৪। ৭ নৃত্যশালা নাচঘর। ৮ নৃত্য, নৃত্য গীত অভিনয (A)। ৯ প্রমোদ, আনন্দ। 'গঙ্গা দরশন-বঙ্গ।—গ ১৭২। (বঙ্গা) পুত্রবধূ উথানিল রঙ্গে শ্রী মা ১৫২। ১০ খদিবনির্য্যাস। ১১ টঙ্কণ, সোহাগা। ১২ (বাঙলায়) কৌতুক, তামাশা, আমোদ-প্রমোদ, রস, মজা। "বঙ্কুবধে রত ছিলুঁ রঙ্গে হয়ে মত্ত ক চ ১০৪। রামেশ্বব বলে শুন তাব বঙ্গ শি ৩৩ বুড়া জানে এত বঙ্গ ১০১। এ বঙ্গে বঙ্গিণী ভা চ ৩৭২। ছন্দ ধরি, বঙ্গ করি, কণ্ঠে কুন্দলতা বা শে ৬৮। হেন রূপে সখী সবে রঙ্গ আবম্ভিল ব প ৯৩৫। ও সব রঙ্গ কি।—দা ১৫৯৩। মতিলাল . নানা রঙ্গে বঙ্গী হইয়া অনেক প্রকাব লীলা করিতে লাগিল আ দু ৯৪। সই, তুই বঙ্গ রাখ।—লী ১১৭। ১৩ বিষম কাণ্ড, দুষ্কর্ম্ম। "আমার দুর্জ্জয ভাই করে এত রঙ্গ শ্রী ১৭৫। ১৪ বৃত্তান্ত, ব্যাপার। 'বিস্তারিযা কহি শুন অথ সব বঙ্গ।—ম পা ১৩৩। ১৫ উৎসবকৌতুক। "হবষিতে বিষহরি বসি রঙ্গ চায।—বা ম ৩৯৯। ১৬ যুদ্ধব্যাপার। 'সহিতে না পাবি রঙ্গ, মাযাবী দিলেক ভঙ্গ।—ম ১০২০। ১৭ কেলিবিলাস। 'বিদ্যাপতি কহ ঐছন রঙ্গ বি প ৬১। ১৮ তরঙ্গভঙ্গি, লহরীলীলা। "ত্রিবলী তরঙ্গিণীরঙ্গা বি প ৮৮। ১৯ কলঙ্ক-কথারূপ-বর্ণ। "যেই কাল রঙ্গে সবে চিত্রিলে মবাবে।—ন ৪৩২। ২০ লীলা, অবতাবকার্য্য। "হেনমত শ্রীগৌরাঙ্গ-সুন্দরের রঙ্গ চৈ ভা ১০০। ২১ রসিকতা। "হেঁসে হেঁসে ঘেঁসে ঘেঁসে ছুঁতে যান অঙ্গ। বাগদিনী বলে আই-মা এ আর কি বঙ্গ।—শি ৮৩। ২২ পাশাখেলাবিশেষ। "শুন শূলপাণি, যদি বা খেলিবে রঙ্গে ক চ ২৮। ২৩ গতের সঙ্গে জুড়িযা-দেওয়া চুটকিবোল। "রঙ্গ বাজান। —ঙ্গ পুং, ক্লী ['রঙ্গ'—ত্রপু (দেশী ৭ ১)] ধাতুবিশেষ, রাঙ। [°কার, °কাবক (পুং)—১ চিত্রকর, পটুয়া। ২ বস্ত্ররঞ্জকারক (রজক)। "রজকং …রঙ্গকারম্ (অযাচন্ত বাসাংসি) ভ ১০ ৪১.৩২। °চর (পুং) —১ অভিনেতা। ২ মল্ল। °জ (ক্লী)—সিন্দুর। °জীবক (পুং) —১ চিত্রকর। ২ অভিনেতা, নট। °দ (পুং)—১ টঙ্কণ। ২ খদির-সার। °দা (স্ত্রী)—স্ফটিকারি। °দেবতা (স্ত্রী)—রঙ্গভূমির অধিদেবতা। °দ্বার (ক্লী)—১ রঙ্গের দ্বারতুল্য, সূত্রধারকৃত মঙ্গল (সা দ টীকা), প্রস্তাবনা। "সা.দ ৬২০। ২ রঙ্গপ্রবেশপথ। °পত্রী (স্ত্রী)—নীলীবৃক্ষ। °পীঠ (ক্লী)—নৃত্যস্থান। °প্রসাদন (ক্লী)—রঙ্গস্থ সামাজিকবর্গের প্রীণন বা প্রীতিসম্পাদন। °বস্তু (ক্লী)—রাগদ্রব্য, রঙ। °বাট (পুং) —বঙ্গভূমি। "মহা ৩ ২০,২৭। °বিদ্যা (স্ত্রী)—অভিনযপাণ্ডিত্য। °বীজ (ক্লী)—রঙ্গ যাহার বীজ (ত বা), রৌপ্য। °ভূমি (স্ত্রী) —১ নাট্যশালা। ২ মল্লভূমি। ৩ যুদ্ধস্থল। °মণ্ডপ (পু°, ক্লী)—রঙ্গ-গৃহ, নাট্যশালা। "ক সা ৭১ ৭৫। °মাণিক্য (ক্লী)—রঙ্গযুক্ত মণি, পদ্মরাগ। °মাতা (-তৃ) স্ত্রী—১ লাক্ষা। ২ কুট্টনী। °শালা (স্ত্রী) —অভিনয়াদিগৃহ ; নাট্যস্থান।] [রঙ্গেব হাত বাজান—বাদ্য শ্রুতিমধুর করাব নিমিত্ত গতেব সঙ্গে চুটকি বোল বাজান। "(ঢুলী) আনন্দে যায ঢুলি ঢুলি… রঙ্গের হাত বাজায়ে।—দা ৭৬৪। রেঙ্গেছে—১ রঞ্জিত হইয়াছে। 'পানেব পিকে রেঙ্গেছে নয়ন ভা চ ৩৬৫। ২ অনুরক্ত হইয়াছে, রাগে বদ্ধ হইয়াছে। "তোমাব পানে রেঙ্গেছে নয়নে ভা চ ৩৬৫।]

রঙ্গকর বিং বস্ত্ররঙ্গকারক (রজক)। 'শ্রী ম ১২৪। দ্র 'রজক (২)।

রঙ্গচঙ্গ বিং [রঙ্গ+চঙ্গ] বঙ্গে বিচিত্র, চিত্র-বিচিত্র। [°ঙ্গা, -ঙ্গে —সর্থ 'রঙচঙা, -ঙে'। দ্র 'রঙ'।]

রঙ্গচিঙ্গা বি কৌতুকপ্রিয় যুবক, রঙ-তামাশা-প্রিয় চেঙড়া। 'শিব এল বলে ধায় যত বঙ্গচিঙ্গা ভা চ ১১০।

রঙ্গঢঙ্গ বি [হি, ঠ র°গঢ°গ] কৌতুক ও অঙ্গভঙ্গি। [রঙ্গে ঢঙ্গে —"এই মত বঙ্গে ঢঙ্গে দুই প্রিয়সখা (চলিলেন) চৈ ভা ৫১৮। এইমত রঙ্গে ঢঙ্গে কত দিন গেল চৈ ম ৬২।]

রঙ্গণ, -ন বি [বঙ্গ > °ণ, -ন] ১ লোহিত পুষ্পবিশেষ। 'কুন্দ রঙ্গন চ বি ১৪০। রঙ্গণ প ক ১৪৩০। ২ বঞ্জিত বস্ত্রবিশেষ। "রঙ্গণ বসন পবে ব প ২৭৪।

রঙ্গতামাশা বি ১ আমোদকৌতুককব বিষয়। ২ হাস্যপরিহাস।

রঙ্গদার বি° [হি, ঠ ব°গদাব] ১ বঙ্গযুক্ত, বঙ্গিন, বিচিত্র। ২ রঙ্গ-বসিক, কৌতুকপ্রিয মজাড। —দারি বি দাম্ভিক ধর্ম্মানুষ্ঠান, বুজরুকী। "এখন . উপাসনাপদ্ধতি একদিকে আত্মপীড়নে, আর অপরদিকে রঙ্গ-দাবিতে পবিণত হইয়াছে অ শী ১৬।

রঙ্গন দ্র 'রঙ্গণ'।

রঙ্গবস্ত্র বি রঞ্জিত বস্ত্র, রঙ-কবা কাপড। "ম ২২৮।

রঙ্গবিরঙ্গ বি° [হি ব°গবির°গ] নানারঙ্গবিশিষ্ট, নানাবর্ণে রঞ্জিত, বিচিত্র। "রঙ্গবিরঙ্গ টঙ্গি গো বি ১৬৩,-৫। ২ নানাপ্রকার, বিবিধ, তর-তর।

রঙ্গভঙ্গ বি কৌতুক ও অঙ্গভঙ্গি, তামাশা, মজা।

রঙ্গমঞ্চ বি বঙ্গশালাস্থিত অভিনযস্থান (stage)।

রঙ্গমশাল বি সর্থ 'র°মশাল'।

রঙ্গমহল, রঙ্‌মহাল বি [রঙ্গ+মহল, হি র°গমহল, ঠ রংগমহাল] আমোদপ্রমোদের মহল, সুসজ্জিত ভোগবিলাসেব স্থান, বাদশাহের অন্তঃপুব। "থাকেন যুগলপার্শ্বে রঙ্গমহলেতে ভ গ্র ৩২২। জেব্-উন্নিসা রঙ্‌মহালের সর্ব্বকর্ত্রী ছিলেন ব খি ২৯৬,-৮।

রঙ্গমাটি বি মল্লভূমির (মালখানার) মাটি। "(দুই বীব) মল্লবেশ বঙ্গমাটিভূষিত শরীর।—ম ১৩৬।

রঙ্গরস বি [হি, ঠ °স] ১ আমোদ-সামোদ, কেলিবিলাস। 'স্বপনেতে নানা রঙ্গরসের সম্ভোগ ভ গ্র ৪০৮। ২ কৌতুক-রহস্য, রঙ-তামাশা, হাস্যপরিহাস। "তুই বুঝি ডাকাইতের কাছে এত রঙ্গরসের নাম শিখে এসেছিস ব.খি ৪২৭।

রঙ্গরেজ বি [রঙ্গ+ফা রেজ্ ; °রাজ (কথ্য)] যে কাপড় ইত্যাদি রঙ করে ; বস্ত্রাদিরঞ্জক (dyer)। "বসন রঙ্গায়্যা কেহ (নাম) ধরে রঙ্গরেজ ক.চ ৮৬।

রঙ্গশাল বি অভিনয়াদির গৃহ ; নাট্যশালা। "শ্রী.মা ৭৫।

রঙ্গা সর্ম [রঙ্গ+আ*] রঞ্জিত করা (dyeing)। "দ্র 'রঙ্গরেজ'।

রঙ্গাঙ্গণ ক্লী [ষ.ত] রঙ্গভূমি, অস্ত্রপ্রদর্শনী। "°গত মহা ১.১৩৫.৬।

রঙ্গাজীব পুং [রঙ্গ+আ- √জীব্+অ (অণ্)-ক, উ.ত] ১ রঙ্গ-কার্য্যে জীবনধারক ; চিত্রকর। ২ 'অভিনয়জীবী', নট।

রঙ্গাবতরণ ক্লী [স.ত] রঙ্গে আবির্ভাব, রঙ্গভূমিপ্রবেশ। "°জীবিন্ মনু ৪.২১৫। —তারক পুং [স.ত] ১ রঙ্গাবতরণকারী, নট। ২ নাটগায়ন-ব্যতিরিক্ত রঙ্গাবতরণজীবী (কুল্লূক)। "মনু ৪.২১৫। —তারী (-রিন্) পুং [রঙ্গ+অব √তৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ১ নটচারণমল্লাদি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১৬১। ২ চারণ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৭১।

রঙ্গাবতারক, রঙ্গাবতারী দ্র 'রঙ্গাবতরণ'।

রঙ্গালয় বি নাট্যশালা, থিয়েটার।

রঙ্গিঞা,-য়া বিং [রঙ্গ+ইয়া[২], দ্র 'ঞা[৪]] ১ রঙ্গপ্রিয়, কৌতুক-প্রবণ, রঙ্গরসিক। "গোবা মোর বড়ই রঙ্গিয়া ন.প ৩১৫। গোরা বড় রঙ্গিয়া।—গো ৩৩। রঙ্গিয়া রাখাল সাথে।—জ্ঞা ৩৩। রঙ্গিঞা নাগর ব.প ৮৬২। জয় হর রঙ্গিয়া ভা.চ ৭৪। ২ রঙ্গে রঞ্জিত ; রঙ্-করা। "রঙ্গিয়া পাটের থোপা ব.প ১১০০। ৩ রসিকা, কৌতুক-প্রিয়া। "রঙ্গিয়া ডোমনী ভাল লক্ষ টাকা চায় ব.প ২৮০। ৪ কৌতুকী, উৎসাহী। "(রুদ্রভূত) যুদ্ধরঙ্গে রঙ্গিয়া ভা.চ ৪৪। [রঙ্গিয়া সঙ্গিয়া —রঙ্গপ্রিয় সঙ্গীরা। "ন.প ৩১৫।]

রঙ্গিণী স্ত্রী [রঙ্গিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শতমূলী। ২ কৈবর্ত্তিমুস্তক। ৩ (বাঙ্লায়) রঙ্গযুক্তা, রসকলাভিজ্ঞা, রসিকা, বিদগ্ধা। "(রাধা) ব্রজরঙ্গিণীকুল-মুকুটমণি।—গো ৯৪। রঙ্গিণী যতেক আভীরা শ্রী.ম ৬৮। তোরা ত সঙ্গিনী, এ যঙ্গে রঙ্গিণী ভা.চ ৩০২। সঙ্গিনী রঙ্গিণী ব.প ১১০০। যৌবনবন,-রঙ্গিণী।—গান ১৩০। ৪ বরবর্ণিনী, সুন্দরী। "রঙ্গিণী রুক্মিণী, সকল ভুবন-মোহা।—শি ৫০। ৫ রসময়ী। "আজ বনি নব নব রঙ্গিণী রাই।—গো ৯৩। ৬ কাশুরঙ্গে রঞ্জিতা। "রঙ্গিণী নওল কিশোরী প.ক ১৪৭২। ৭ রণরঙ্গপ্রিয়া। "রঙ্গিণী রমণী, যদি ভবরাণী, রক্ষ রক্ষ রাজস্থানে।—ক.চ ২৫৩। —ঙ্গিণী বি ১ রসবতী, রসিকা, বিলাসিনী। "রঙ্গিণীগণ সব সঙ্গহি নটই বি.প ৯৯, ১৩৪। মধুর বরজ রঙ্গিণী প.র ৪০। ২ বরবর্ণিনী, সুন্দরী। "চলিলা রঙ্গিণী, আলো করি দশ দিশ।—মে ৯০। ৩ রণরঙ্গপ্রিয়া, রণমত্তা চণ্ডিকা। "রঙ্গিণী করহ রক্ষা ক.চ ১০৪। ৪ বৈচিত্র্যময়ী। "সুমিত্রার বেশে, ...কহিও, রঙ্গিণি, এই কথা।—মে ১৪৯।

রঙ্গিত বিং ১ রঙ্গযুক্ত, বিলাসিত। "অনঙ্গরঙ্গিত সঙ্গ।—ব ২৯। ২ শোভিত, ভূষিত। "কুরঙ্গ-রঙ্গিত (কর) ভা.চ ১৫৮ ; (হর) ভুজঙ্গ-রঙ্গিত ১৬৮। ৩ লোহিত। "সঙ্গীতরঙ্গিত-রঙ্গিতচরণা (গৌরচন্দ্র) ন.প ১৮৯। ৪ নৃত্যপর, নৃত্যরত। দ্র 'রঙ্গিত (৩)।

রঙ্গিন বিং [দ্র 'রঙিন'] ১ রঙ্-মাখা। "রঙ্গিন কড়ি ক.চ ১২২। ২ রঙ-করা, রঞ্জিত, বিচিত্র। "রঙ্গিন পাটের শাড়ী বা.ম ২১০, রঙ্গিন কম্বল ২৪৩। ৩ লোহিত, লাল। "রঙ্গিন কস্তুরা (পুষ্প) বা.ম ১২৭। ৪ সুরক্ত, টকটকে লাল। "রঙ্গিন আলতা পায়ে রতন নূপুর।—জ্ঞা ১৪২।

রঙ্গিম বিং [রঙ্গ > °ম, তু 'রক্তিম'] ১ রঙ্গযুক্ত, লোহিত। "রঙ্গিম বয়ানে ছল ছল করে পানী।—চৈ.ম ১১১। রঙ্গিম চরণ প.র ১১। রঙ্গিম পাটের থোপা প.ক ২৯৬। ২ রসবিলাসযুক্ত, বৈদগ্ধ্যপূর্ণ। "ভঙ্গিম রঙ্গিম যন যে চাহনি চ.দা ১৪। রঙ্গিম ভঙ্গিম বয়ান নাচনিয়া।—গো ৮৩। ৩ তাম্বূলরাগে আরক্ত। "অপরূপ দশন...সো অব রঙ্গিম ভান।—ব ১৭৬। —ঙ্গিমা বি [তু 'রক্তিমা'] ১ লৌহিত্য, রক্তিমা। "সুপর্ণসোদর জিনি অধররঙ্গিমা।—ম ২৫২। চরণে অরুণরঙ্গিমা ভা.চ ১৭৫ ; অরুণেরে রঙ্গ দেয় অধর-রঙ্গিমা ১৭৬। ২ সবিলাস নৃত্যশীলতা। "(রাধার) ভুরুর ভঙ্গিমা, রঙ্গিমা হেরিতে, কামের কাঁপয়ে বুক রা.শে ৩০।

রঙ্গিমা ; রঙ্গিয়া দ্র 'রঙ্গিম, রঙ্গিঞা'।

রঙ্গিল বিং [রঙ্গ+ইল ; তু 'ফেনিল'] ১ রঙ্গযুক্ত, রঞ্জিত, রঙ-করা। "রঙ্গিল নীল শাড়ী জ.প ২২। রঙ্গিল বন্দিশ বি.পা ২৮১। আশা সেই রঙ্গিল কাচ ব.প্র ৫৭৯। ২ নানাবর্ণে রঞ্জিত ; বিচিত্র। "রঙ্গিল ঝালর। —পদ্যপাঠ, দ্বিতীয়ভাগ, ১৮।—ঙ্গিলা বিং রসিকা, বিদগ্ধা। "(সহচরি) রঙ্গ-বঙ্গিলা রঙ্গ বিহরে প.ক ২৯২১।

রঙ্গী (-ঙ্গিন্) বিণ [রঙ্গ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ঙ্গিণী] ১ রঙ্গযুক্ত, বর্ণবান্, রঞ্জিত, রঙিন। ২ অনুরাগী, রক্ত, আসক্ত। ৩ রঙ্গগত, নাট্য-শালাগত। "নটয়োরিব রঙ্গিণোঃ ভ ১০.৭২.৩৫। ৪ রঙ্গপ্রিয়, কৌতুকী। "ইহা শুনি মহাপ্রভু অতি বড় রঙ্গী চৈ.চ ৬০। ৫ আমোদপ্রিয়, আমো-দীয়া। "অন্যোহন্যে বাজায়েন আনন্দ-ইচ্ছায়। হেন রঙ্গী মহাপ্রভু...॥ —চৈ.ভা ৪৮৭। ৬ (বাঙ্লায়) রসিক। "এ বয়সে রঙ্গী বুড়া জানে এত রঙ্গ শি ১০১। ৭ অশ্লীল আমোদপ্রমোদে আসক্ত। "মতিলাল...নানা রঙ্গের রঙ্গী হইয়া অনেকপ্রকার লীলা করিতে লাগিল আ.দু ৯৪।

রভস্ঃ (-ভস্) ক্লী [√রভ্ গতি+অস্ (অসুন্)-ভা, তু 'রংহ' (হ > ঘ, দ্র 'হে ১.২৬৪) ; দ্র 'উ ৪.২১৩, টীকা] গতি, বেগ।

রঙ্মশাল ; রঙ্মহাল দ্র 'রংমশাল, রঙ্গমহল'।

রচ[১] সক [অদন্ত চু, প—রচয়তি, সেট্] রচনা প্রণয়ন, করণ। [বি —বিরচন।]

রচ[২] সর্ম [সং √রচ, হি, ঠ, গু √রচ ; অস > রচ্] ১ রচনা করা ; নির্ম্মাণ করা, গড়া। "অপূর্ব্ব রচিল লক্ষ্য দ্রুপদ নৃপতে।—ম ১৮৯। দিব্য গৃহ রচে ম.পা ৫২। (কল্পনা!) রচ মধুচক্র।—মে ৪। ২ গ্রন্থন করা ; গাঁথা (মালা)। ৩ প্রণয়ন করা ; রচনা করা (to compose)। "ভারত রচিল ফুলকবিতা ভা.চ ২৯৫ ; হরিগুণকথনং, বিরচয় কবি-বরভারততুণ্ডে ৩১৪। ৪ কল্পনা করা। "এ কি আর রচা কথা ?—ব.প্র ৫২৪। ৫ উৎপাদন করা। "চুম্বনে বদনে রচয়ে সিতকার।—জ্ঞা ৭৭। ৬ সৃষ্টি করা। "(সুপ্রকৃতে!) যে রচিল তোমার এ তনু মনোহর স.শ ৮৭। ৭ বিন্যাস করা ; বলা। "(ধনী) বচন রচই অতি মীঠ রা.শে ১১৮। ৮ নির্ণয় করা। "রচহ সজনি অব কি করি উপায় বি.প ১৯৯। ৯ উচ্চারণ করা। "প্রতিবাক্যে বিষম্ভর রচয়ে হুঙ্কার ন.প ১০০। ১০ বর্ণনা করা। "যব রোয়ত সহচরী মেলি। তব রচিয়া পূরবক কেলি॥ —জ্ঞা ২৪৪। ১১ অনুষ্ঠান করা ; করা। "মঙ্গল রচিয়া যাত্রা করে দুই জনে চ বি ২২১। [রচা—১ সর্থ 'রচ[২]'। ২ কল্পিত। দ্র 'রচ[২] (৪)]

রচন ক্লী, -না স্ত্রী [√রচ+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] ১ নির্ম্মাণ, কৃতি। "শৃণু ব্যূহস্য রচনাম্ মহা ৮.৪৬ ১০। অনেকবিধপট-রচনা ; বিহিতচতুর্গরচন (পঙ্ক)। নিবাসরচনা।—মৃ ৩.২৩। পাট কয়রে রচন।—ম ৪০৬। ২ গ্রন্থন, সন্দর্ভ, নিবন্ধ। "শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়-রচনৈঃ গী গো ১.৪। প্রবন্ধরচন (S.W.)। ৩ কুসুমাদিগ্রন্থন, গুম্ফন। ৪ পত্রাবলী-প্রভৃতিলেখন, পরিস্পন্দ, প্রতিযত্ন (অ.কো)। ৫ বিন্যাস। "প্রতিকৃতিরচনা রঘু ১৮.৫৩। ৬ করণ, বন্ধ। "ভ্রূকুটিরচনা পু.মে ৫০। (অহম্) মায়া রূপশরীরবেশরচনে।—মৃ ৩.২০। ৭ ক্রিয়া, অনুষ্ঠান। "আদিরচনা রঘু ১০.৭৭। ৮ উদ্যম। "দৈবাহতার্থরচনা কথয়ঃ ভ ৩.৯. ১০। ৯ যথাক্রমে স্থাপন ; নিবেশ (অ.চি)। "ভূষাণামর্দ্ধরচনা সা.দ

৯.২০৮"। ১০ [+অন-র্ম] রচিত বিষয়। "পানভূমিরচনা রঘু ১৯ ১১। ১১ গ্রন্থ, সন্দর্ভ, প্রবন্ধ। ১২ বাক্য। "সন্দর্ভরচনা।—হু ১। ১৩ পাশ, জাল, উচ্চয়। "চমরসটা-কেশরচনা বা দ ২০১। ১৪ সৃষ্ট্যাদিলীলা। "ভ ৯.১৫ ২৩। ১৫ (বাঙ্‌লায়) কল্পনা, কল্পিতবিষয়। ১৬ দুইএর মেলন। "তোর মোর উচিত হএত রচনা অ প ৯১। ১৭ নৈবেদ্য। "খই দই রচনা ম ম ৬২,-৪। —য়িতা (-তৃ) পুং [+তৃচ)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ নির্ম্মাতা, স্রষ্টা। "কোথা সেই রচয়িতা সর্ব্বগুণাধার স শ ৮৭। ২ প্রণেতা, গ্রন্থকার। "অস্য রূপকস্য রচয়িতা (SW)। —চিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ নির্ম্মিত। "মায়াবিকল্পরচিতৈঃ.. স্যন্দনৈঃ রঘু ১৩ ৭৫। হংসশ্রেণীরচিতরশনাঃ উ মে ৩, রচিতশিখর ১৬। ২ গ্রথিত, গুম্ফিত, অনুস্যূত। ৩ পরিপাটিপূর্ব্বক স্থাপিত, নিবেশিত। "দৃঢ়স্কন্ধে রচিতাঃ কাষ্ঠরাশয়ঃ গো রা ৩ ১৬৮। সুগন্ধি কমল ফুল রচিত প্রচুর শ্রী মা ১৭১। ৪ প্রণীত। "রচিত বিচিত্র গ্রন্থ ভারত-কাহিনী ম ২। ৫ অভিনিবেশিত। '°ধী ৪ ৭ ২৯। ৬ পরিষ্কৃত। "হর্ম্ম্য-স্থলানি জ্যোতিশ্ছায়াকুসুমরচিতানি উ মে ৫। ৭ কৃত। "ময়া° রচিতোঽঞ্জলিঃ বা ২ ১৩ ১৮। রচিতম্ (কুসুম প্রসাধনম্) কু স ৪ ১৮। রচিতাঞ্জলি ভ ৪ ২০ ২১। রচিতমঙ্গল ক সা ২০ ২৭, রচিতাতিথ্য ২৮ ৮৪। ৮ খচিত (SW)। ৯ স্থাপিত। "সুহৃত্তমস্তে রচিতশ্চ রাজা ভট্টি ১২ ৩৭। ১০ (বাঙ লায়) কল্পিত, মন-গড়া।

রচনা, রচয়িতা, রচিত দ্র 'রচন'।

রজ পুং [√রন্জ্+অ (ঘঞর্থে ক)-ণ, উ ৪ ২১৭, তু 'স° রজস্>প্রা রজ (কুমারপালচরিত ২ ৮৫)] ১ পুষ্পরেণু, পরাগ। 'পদ্মপুষ্পরজোমিশ্রঃ (বায়ু°) গো রা ৩ ৭৯ ২৯। রজে অন্ধীভূত আঁখি।—পদ্যপাঠ, দ্বিতীয় ভাগ ৬৩। ২ ধূলি। মার্জ্জনী°।—অত্রি ৩১৩। অর্থাঃ পাদরজোপমাঃ। —হি ১ ১৬৩। ৩ রজোগুণ। "রজাধিক্য কর্ম্মপর সুখ-ইচ্ছাময় ভ গ্র ১১৫। °গুণধারী শ্রী ম ১৫৫। ৪ স্ত্রীকুসুম, আর্ত্তব। ভা চ ৩৬৭।

রজঃ (-জস্) ক্লী [√রন্জ+অস্ (অসুন)-ক-১ব, উ ৪ ২১৭, তু 'রজক'] ১ 'বর্ণান্তরপ্রাপক', পুষ্পরেণু, পরাগ। কুবলয়রজো-গন্ধিভিঃ (মরুদ্ভিঃ) পূ মে ৩৩। কুশেশয়° শ ৪ ১১। মে ২৭৯। ২ রেণু, ধূলি। রা ২ ৩৩ ১৯। মনু ৮ ১৩২। রজঃকণ রঘু ১ ৮৫। তদঙ্গরজস্ শ ৭ ১৭। পাদাহত° যদুত্থায় মূর্দ্ধানমধিরোহতি (রজঃ) মাঘ ২ ৪৬। ৩ কৃষ্টভূমি, চষা জমি। ৪ স্ত্রীকুসুম, আর্ত্তব। 'রজসা স্ত্রী মনোদুষ্টা (শুধ্যতি) মনু ৫ ১০৮। পরাশর ৩ ২০। রজোরূপেণ তাসু ...প্রদৃশ্যতে ভ ৬ ৯ ১০। ৫ প্রকৃতিজাত গুণত্রয়ের একতম, রজোগুণ। "কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ গী ৩ ৩৭। রজোবিক্তমনস্ রঘু ১৪ ৮৫। রজোগুণে বিধি : মধ্যগতি রজোগুণে ভা চ ১৫৫। [রজো-গুণের কার্য্যাদিবিষয়ে দ্রষ্টব্য—গী ১৪ ৫-১৮। মহা ১৪ ৩৭ ১-১৩। সাংখ্য ১৩। ভা চ ১৫৫] ৬ রজোগুণজন্য কামাদি চিত্তবিকার, দ্বেষাভিনিবেশ (শ ক)। ৭ কুসুম্ভ। ৮ বঙ্গ, টিন্ (A)। ৯ (বাঙ্‌লায়, অসাধু) রজত, রৌপ্য। "রজঃপ্রভায়ত.‥ শুভঙ্কর ভা চ ১৬৮। উৎস রজঃছটা।—মে ১৩, রজঃকান্তিছটাবিভ্রম ২৮, কৌমুদিনী পুনঃ অবগাহে. দেহ. রজোময় ৭৫, শশিকলা. উজলিল সুখধাম রজোময় তেজে ১০৭, কৌমুদীর রজোরেখা মেঘমুখে যেন ১৫৩। [সর্ব্বত্রই 'রজঃ', 'রৌপ্য' অর্থে ব্যবহৃত, কিন্তু সংস্কৃতে এরূপ অর্থে ব্যবহার নাই। শুক্ল-যজুর্ব্বেদে (৫ ৮) 'রজঃশয়া' পদের অর্থ 'রজতশায়িনী', 'রজতময়ী' (উবট, মহীধর) আছে। ইহা কি মূল?] [°কণ '-জঃ-' (পুং) —ধূলিকণ। "রঘু ১ ৮৫। °পটল (ক্লী)—ধূলিময় আচ্ছাদন, ধূলি-রাশি। °প্লুত (বিণ)—কামপরতন্ত্র। °শয় (বিণ)—ধূলিশায়ী। °শুদ্ধি (স্ত্রী)—আর্ত্তবশোণিতশোধন, স্ত্রীরজঃসংস্কার। °সারথি (পুং) —বায়ু। °স্পৃক্ (-শ্) বিণ—ধূলিস্পর্শী, ভূতললগ্ন।]

রজক পুং [√রন্জ্+অক (ণ্বুল্)-ক, 'শিল্পী' অর্থে ন্-লোপ, পা ৩.১.১৪৫, সি] ১ 'বস্ত্ররঞ্জনকারক', বস্ত্রাদির নীলাদিরাগকারক (মিতাক্ষরা), বস্ত্ররঙ্গকার, রঙরেজ। "যাজ্ঞ ১ ১৬৪। ২ 'বস্ত্রমলশুদ্ধিকারক', বস্ত্র-নির্ণেজক, ধাবক, ধোবা। "রা ২ ৮৩ ১৫। [ধীবর হইতে তীবরপত্নীর গর্ভজাত সঙ্কীর্ণ জাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। পূর্ব্বে বস্ত্রধাবন ও বস্ত্র-রঞ্জকরণ ইহাদের বৃত্তি ছিল। 'রজকং কঞ্চিদায়ান্তং রজকারং গদাগ্রজঃ। দৃষ্ট্বাযাচত বাসাংসি... ॥—ভ ১০ ৪১ ৩২। 'রঙ্গকারঃ'—স এব বস্ত্রাণাং রঙ্গমপি কুর্ব্বন্ রঙ্গকারঃ (শ্রীধর)। রজক রঙ্গকর একজন (দেখিয়া মাগিল বসন) শ্রী.ম ১২৪।] ৩ অংশুক, শুক (S.W)। —জকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] রজকপত্নী, ধোবানী।

রজকিনী বি [°ক+ইনী] রজকের স্ত্রী। "শুন রজকিনী রামি। চ দা ১৫৪, চ সা ৩৩২। ব প ৯১৪। ভ গ্র ১৫৫। ম ভা ৫৬।

রজত বিণ [°ত+অ (অচ্), স্ত্রী -তা] ১ রজতময়, রজতসদৃশ (সায়ণ), রৌপ্যময়। "রজতম্...রথম্।—ঋগ্বেদ ৮ ২৫.২২। °পাত্র, °নিষ্ক (S W.)। ২ শুভ্র, শ্বেত। —জত পুং, ক্লী [√রন্জ্+অত (অতচ্)-ক, ন্-লোপ (অ টী), অর্দ্ধর্চ্চাদি] ১ রৌপ্য। "সুবর্ণ° রা ২ ৩২ ১৪। °ভিত্তিময়ূখজাল কি ৫ ৪১। °পর্ব্বতগর্ব্ব হরে অঙ্গ-ছটা ন প ৩০৬। রজতের ধারা প ভূ ৪৩। ২ (সাদৃশ্যে) হস্তিদন্ত। ৩ হার, মুক্তাহার। ৪ নক্ষত্র। ৫ স্বর্গ (অ চি)। ৬ রক্ত। [°কূট (পুং, ক্লী) —শুভ্রশিখর, মলয়শৃঙ্গভেদ। "ক সা ৬৮ ৬৮। °গিরি (পুং)—'শুভ্র-পর্ব্বত', কৈলাস। "°গিরিনিভ। °পর্ব্বত (পুং)—শুভ্রশৈল। "গো রা ৪.৪০ ৪৫। °পাত্র, °ভাজন (ক্লী)—রৌপ্যময় পাত্র। °প্রস্থ (পুং) —কৈলাস।]

রজতাচল, -তাদ্রি পুং [কর্ম্মধা] 'শুভ্রগিরি', কৈলাস।

রজতাদ্রি দ্র 'রজতাচল'।

রজদ্বীপ বি 'রজতসদৃশ শুভ্র দ্বীপ', চন্দ্রলোক। 'মা ১৩০।

রজন[1] ক্লী [√রন্জ্+অন (ক্যুন্)-ক, উ ২ ৭৯] কুসুম্ভ। "মহারজন-রঞ্জিত।—মহা (S W)।

রজন[2] '-ন্' বি [E. resin] তার্পিনগাছের (চিড়ের) শুষ্ক নির্য্যাস (gum-resin)। [তার্পিন বাহির করার পর যাহা থাকে।]

রজনি, -নী স্ত্রী [√রন্জ্+অনি -খি, ন্-লোপ, উ ২ ১০১, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ)] ১ 'যাহাতে রাগিজন অনুরক্ত (অ টী), নিশা, যামিনী, রাত্রি। "রজনীম্ (আবস) রা ২ ৩৪ ৩৩। রজনীতিমিরাবগুণ্ঠিতে (পুরমার্গে) কু স ৪ ১১। রজনীক্ষয় ক সা ৪ ৯, °নি ১৮ ১৪৫। ২ [+অনি-ক] হরিদ্রা। 'হরিদ্রাপর্য্যায়ে আছে রজনী আখ্যান ক চ ১৫৮। ৩ জতুকা, জউ। ৪ নীলিনী, নীলীবৃক্ষ। [°কর, °কৃৎ (পুং)—'রাত্রিকারক', চন্দ্র। 'রজনীকর।—গো ৭৪, জ্ঞা ২১৪। °কান্ত, °নাথ, °পতি (পুং) —নিশানাথ, চন্দ্র। "°নাথ।—মে ৩৬। °গন্ধা (স্ত্রী)—সুরভিপুষ্প-বিশেষ। 'রজনীগন্ধা—রজনীকুন্তলশোভিনী।—মা ১২৭। কথা ৩২। °জল (ক্লী)—নীহার। °মুখ (ক্লী)—রাত্রির প্রারম্ভ, প্রদোষ। "ঘ প্র ২৭। °রমণ (পুং)—'নিশানাথ', চন্দ্র। "ক সা ১০৬ ৫০। হেম ৩। °হাসা (স্ত্রী)—শেফালিকা।]

রজনিম্মন্য বিণ [রজনী+ √মন্+অ (খশ্)-ক, হ্রস্ব, উ ত, স্ত্রী -ন্যা] যে আপনাকে রজনী মনে করে, রাত্রিবৎ ঘনান্ধকারযুক্ত। "রজনিম্মন্যং দিবসম্ (অনৈষীৎ) ভট্টি ৭ ১৩।

রজনীচর বিণ [°নী+ √চর্+অ (ট)-ক, উ ত, স্ত্রী -রী] রাত্রি-চর, নিশাবিহারী। "(সোমম্) °চরম্।—হ ২১০ ১৭। —চর পুং ১ নিশাচর, রাক্ষস। "রা ৭ ৫ ৪। ২ চোর। ৩ যামিকভট, প্রহরী।

রজনীবদন বি [তু '°নীমুখ', অপ্র] প্রদোষ। "শ্রী ৭২, ২১৫।

রজনীবিহান বি রাত্রিবিভাতকাল, প্রভাত। "ন বি ৭৬।

রজনীরাজ বি নিশাপতি', চন্দ্র। "ভা চ ৭৪।

রজনীরাজন বি নিশীশ্বর, কোটাল। "বিসু ৯৭। [রজনীর রাজ —কোটাল। "ব প ৪২১।]

রজনীশ পুং [ষ ত] 'নিশানাথ', চন্দ্র।

রজনীসখা বি ['°খ' সাধু] 'রজনীবন্ধু, চন্দ্র। 'মা ১২৩।

রজপুত বি [সং রাজপুত্র, হি বাজপুত, ঠ, গু বজপুত, মৈ বজপুত] বাজপুতানার অধিবাসী ক্ষত্রিয়জাতিবিশেষ তজ্জাতীয় পুরুষ। "বজপুত রাণাখ্যাতি ভ গ্র ২২৮। জুবান রজপুত ভা চ ৪৬০। ['রজপুত' শব্দের প্রকৃত অর্থ 'রাজপুত্র'। মুসলমানদিগের আসার পরে এই শব্দ প্রচলিত হয়। পূর্ব্বে 'বাজকুমার' বা 'রাজবংশীয় পুরুষ', 'রজপুত'-নামে অভিহিত হইতেন, পবে মুসলমানবা ব্যাপকভাবে ক্ষত্রিয়মাত্র অর্থে এই শব্দ প্রচলিত কবেন (হিন্দীশব্দসাগর)।]

রজস্তোক ক্লী [ষ ত] রজোগুণেব প্রিয়পুত্র—লোভ। 'ভ ১২৮ ১৬, ২৫।

রজস্বল বিণ [বজস্+বল (বলচ) স্ত্রী-লা] ১ রজোব্যাপ্ত, ধূলিচ্ছাদিত। 'মহা ৭ ৩২ ২। দিশো ন জানাতি রজস্বলাক্ষঃ ভ ৫ ১৩ ৪। অঙ্গনা ইব রজস্বলা দিশো ন বভূবুববলোকনক্ষমাঃ বঘু ১১ ৬০। ২ ঋতুমতী। রঘু ১১ ৬০। ম ৯১২। ৩ কর্দ্দমময়, পঙ্কিল। "বসিষ্ঠ ১২। ৪ ধূলিধূসর। 'রজস্বলৈস্তনুদেশৈঃ ভ ৭ ১৩ ১২। ৪ রজোগুণযুক্ত, কামক্রোধাদিযুক্ত। "রজস্বলম্ ইমম্ (দেহম্) ত্যজেৎ মনু ৬ ৭৭। রজস্বলম্ ··চিত্তম্ ভ ১১ ১৯ ২৬। ৫ [বাঙলায়, অসাধু] শোণিতময়। আজ্ঞামাত্রে সরস্বতী রজস্বলা হৈল।—ম ৯৪৩। —স্বল পুং মহিষ (ভাবপ্রকাশ)। —স্বলা স্ত্রী ১ ঋতুমতী স্ত্রী। মাঘ ১৭৬১। যাজ্ঞ ৩ ২২৯। ২ দশাধিকবর্ষ-বয়স্কা নাবী। দশবর্ষাভবেৎ কন্যা অত ঊর্দ্ধ্বং রজস্বলা।—সংবর্ত্ত ৬৬।

রজস্বলা দ্র 'রজস্বল'।

রজস্বী (-স্বিন্) বিণ [রজস্+বিন্ (বিনি)-১ব, স্ত্রী-স্বিনী, অসাধু, দ্র 'পা ৫ ২ ১১২] ১ ধূলিযুক্ত। ২ পবাগবিশিষ্ট। ৩ রজো-গুণী।

রজিত বিণ [√রনজ +ই (ণিচ্)— √বঞ্জি (মৃগবমণে ন্-লোপ) +ত (ক্ত)-র্ম্ম] মৃগয়ার্থরমিত আকৃষ্ট। মাঘ ৬ ৯।

রজু বি [ঋজু > রজু অসাধু] ঋজুভাব, অকপটভাব, মনের মিল। "ঘরে বাহিরে রজু নাই য়সার জীবন ম গা ৩, গো চ ৩১৭।

রজোগুণ পুং [কর্ম্মধা] বজোনামক গুণ। °ময়।

রজোদর্শন ক্লী [ষ ত] প্রথম স্ত্রীকুসুমদর্শন, ফল দেখা। (স্ত্রীভাষা)।

রজোনিমীলিত বিণ [তৃ ত] রজোগুণাবৃত, রজোগুণাভিভূত। 'অপথে পদমর্পয়ন্তি হি শ্রুতবন্তোহপি °তাঃ বঘু ৯ ৭৪।

রজোবন্ধ পুং [ষ ত] স্ত্রীরজোনির্গম-রোধ।

রজোমেঘ পুং [ষ ত] ধূলিবাশিব মেঘতুল্য, রেণুঘন, ধূলিরাশি।

রজোরিক্ত বিণ [তৃ ত] বজোগুণশূন্য, কামাদিরহিত। 'রজোরিক্ত-মনাঃ বঘু ১৪ ৮৫।

রজোহার পুং [ষ ত] মলের হারক, রজক।

রজ্জু স্ত্রী [√সৃজ+উ, -র্ম্ম, পৃষো (অ টী), উ ১ ১৬ ছান্দস] ১ গুণ, দড়ি। 'ঋগ্বেদ ১ ১৬২ ৮। কাষ্ঠবজ্জু রা ১ ৪ ২৪। ২ (সাদৃশ্যে) বেণী। ৩ প্রত্যঙ্গবিশেষ, সেবনী (শ ক)। 'সুশ্রুত ৩ ৫ ১৪। [°ক্রিয়া (স্ত্রী) —রজ্জুনির্ম্মাণ। °দাল, °দালক, °বাল (পুং)—বৃক্ষকুটক, কাঠ-ঠোকরা। "°বাল' মনু ৫ ১২। °দালক যাজ্ঞ ১ ১৭৪। °ধান (ক্লী) —গবাদির গলদেশে বজ্জুবন্ধন-স্থান। °পেটা (স্ত্রী)—রজ্জুরচিত পেটক (বাক্স)। "ক সা ৬৪ ১০৭। °বন্ধ (পুং)—রজ্জু দ্বারা বন্ধন। "ক সা ১৮৩০০। °যন্ত্র (ক্লী)—রজ্জুচালিত যন্ত্র। "ক সা ৪৩২৫।]

রজ্জুধর বি অশ্বরশ্মিধারক, সারথি। "কৃষ্ণ···'র চৈ চ ১২৫

রঞ্চ বি [হি 'রংচ'—অল্প] অল্পপরিমাণ, লেশ, কণ। "বামিনী তিমির, থির নাহি হেরিয়ে। পরশি অরুণরুচি-রঞ্চ।—গো ১৬৩। এক রঞ্চ লঞা তার করিল ভক্ষণ চৈ চ ৩১৬। [(কাপড়) রঞ্চে রঞ্চে খসা —অণুতে অণুতে, অর্থাৎ সুতায় সুতায় জীর্ণ হওয়া, অত্যন্ত জীর্ণ হওয়া।]

রঞ্জ সর্ম্ম [সং √রঞ্জি—রঞ্জয় > প্রা √রংজ, হি, ঠ, গু √রংজ] ১ রঞ্জিত কবা রঙে চিত্রিত করা বা শোভিত করা। 'নয়ন নলিনী দউ, অঞ্জনে রঞ্জই বি প ৫। মৃগমদে রঞ্জহ নখপদ ছাপি।—গো ১৬৯। অঞ্জন রঞ্জই দিঠে অরবিন্দে।—জ্ঞা ১০৭। অঞ্জনে, রঞ্জি তোরে, পাপচক্ষুঃ হানিতাম ···কটাক্ষশর।—মে ২৭৬। ২ চিত্রিত কবা, বঙান। "কি চিত্রে রঞ্জিছ আজি শ্বেতসেনাপতি?—ন ৪৪৮। ৩ লোহিত করা। 'পদ অলক্তে রঞ্জিল।—হু ৮। ছাঁচি পানে দিয়া থর, রঞ্জিয়াছি ওষ্ঠাধর।—জ্ঞা ৪৩। ৪ মুগ্ধ করা। 'সুষমা মন রঞ্জয়ে ব্র প ১৭২। —ঞ্জা সর্ম্ম [রঞ্জ+আ°] ১ প্রীত করা। 'নৃত্যে রঞ্জাইল রঙ্গা দেবেব সমাজ ম ম ৩৭। ২ মোহিত করা। 'কামিনীর বিধুমুখ-শীধু-সিক্ত হ'লে, বকুল ব্যাকুল তার মন রঞ্জাইতে।—মা ১২৬। [রঞ্জই, -ঞ্জব, -য়ে, -ল, -লুঁ (প ক)।]

রঞ্জক বিণ [√রঞ্জি+অক (ণুল)-ক, স্ত্রী-ঞ্জিকা] ১ রঞ্জনকারক, বর্ণান্তরাপাদক, চিত্রয়িতা। '°দ্রব্য। ২ অনুরাগজনক। ৩ প্রীণয়িতা, তোষণ, হৰ্ষকর। নয়নরঞ্জিকা, শশিকলা।—মে ৮৩। —ঞ্জক পুং ১ চিত্রকর। ২ কুসুম্ভাদিবর্ণে বস্ত্ররঞ্জনকারক, রঙরেজ। ৩ বস্ত্রধাবক, ধোবা। মনু ৪ ২১৬। দ্র 'রজক (২)। ৪ পিত্তগ্রীহায় অবস্থিত রস-রঞ্জক অগ্নিবিশেষ। সুশ্রুত ১ ২১ ১১। [বস এই অগ্নির যোগে লোহিত হইয়া 'বক্ত' হয়।] ৫ রাগোদ্দীপক। —ঞ্জক ক্লী ১ হিঙ্গুল। ২ সিন্দুর। ৩ বক্তচন্দন। ৪ (বাঙলায়) বাকদ। দ্র 'বঞ্জকঘব'। নয়ান বন্দুক তাহে বঞ্জক কজ্জল ব প ২৯৯। —ঞ্জকী স্ত্রী চিত্রকরী।

রঞ্জকঘর, -রা বি [হি, ঠ 'রংজক'—বন্দুক ইত্যাদিব বাটীতে আগুন দেওয়ার নিমিত্ত রক্ষিত স্বল্প বাকদ।] রঞ্জকের ঘর বা বাটী, বন্দুক ও কামানেব যে ঘরে বঞ্জকে আগুন দেয (touch-hole)।

রঞ্জকঘরা দ্র 'রঞ্জকঘর'।

রঞ্জন বিণ [√রঞ্জি+অন (ল্যুট্)-ক, স্ত্রী-নী] ১ বঞ্জক, রাগজনক। °দ্রব্য কু স ১ ৩২, মল্লিনাথ। ২ আনন্দন, প্রীণয়িতা, হর্ষজনক। "জন° গী গো ১ ১৯, হৃদয়° ১০ ৭। কুমুদরঞ্জন, শশাঙ্ক।—মে ১৪। বধূবঞ্জন-রঞ্জিনী।—মা ১৪৯, বামাব্রজ° ১৫০। ৩ অনুরাগজনক। ৪ শোভয়িতা, সৌন্দর্য্যজনক। 'চরণনখমণিরঞ্জন ছাঁদ বি প ১৫২। কুঞ্জকাননরঞ্জন ভা চ ১৬০। ৫ মোহন, চিত্তাকর্ষক। অঞ্জন-বঞ্জন, খঞ্জন-নয়ন।—ব ৬২। বসন মনোরঞ্জন।—গো ৮৩। অঞ্জনরঞ্জন আঁখি শি ১১০। কামিনীবঞ্জন রূপে।—মে ৪২। বৈরাগিরঞ্জন রসকলি ব খি ১১। —ঞ্জন পুং 'বাগজনক', মুঞ্জতৃণ। —ঞ্জন ক্লী [+অন-ভা] ১ বর্ণান্তরাপাদান, রঙ করা। '(বিমলা) তাম্বুলে পুনর্ব্বার ওষ্ঠাধর রঞ্জন কবিলেন।—ব প্র ২১। ২ প্রীণন, তোষণ, আনন্দন। "প্রকৃতীনা° চ রঞ্জনম্ গো রা ১ ৩৩৩। প্রজা° রঘু ৪ ১২, ৬ ২১। প্রজারঞ্জন সী ৪, লোক° ২১। ৩ (ব্যাকবণে) সানুনাসিক উচ্চারণ। 'উপধা° (S W)। ৪ [+অন -ণ] রাগসাধনদ্রব্য, রঞ্জকদ্রব্য, রাগ, রঙ। "নানারঞ্জনরক্ত (মহা—S W)। ৫ রক্তচন্দন। '°রাগে।—মে ৯০, রঞ্জনের রেখা ১৪০। রঞ্জনের ছটা। —মা ১২৫। ৬ হিঙ্গুল। —ঞ্জনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ)] ১ নীলী-বৃক্ষ। ২ মঞ্জিষ্ঠা। ৩ হরিদ্রা। ৪ কুসুম। ৫ শেফালিকা। ৬ পর্পটী। ৭ মনঃশিলা। ৮ (সঙ্গীতে) শ্রুতিবিশেষ। [°দ্রব্য (ক্লী)—রঞ্জক-দ্রব্য, রাগ, রঙ। °দ্রু (পুং)—আচ্ছুকবৃক্ষ, আছ গাছ।]

রঞ্জনি বি [রজনী > °নি, অসাধু] রাত্রি। "ঘরে ঘরে মাগিলুঁ ভিক্ষা দিবস রঞ্জনি ম.গা ৮। পোহাব রঞ্জনি গো চ ১৭৫। ["অনু কত্তু

'রঞ্জনী' (ব ৮৪ ; মুদ্রাপ্রমাদ ?) ; (পাঠান্তর)—"মধু ঋতু 'রজনী' (প.ক ১৪৯৯)।]

রঞ্জনী দ্র 'রঞ্জন'।

রঞ্জনীয় বিণ [√রঞ্জি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] তোষণীয়, প্রীণয়িতব্য। "তদয়ং রঞ্জনীয়ো নঃ ক.সা ১৪.৫৭।

রঞ্জিত বিণ [√রঞ্জি+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপিতবর্ণান্তর, চিত্রিত, রক্ত। "বাসসী শুক্লে মহারজনরঞ্জিতে (মহা—S.W.)। দিনকরঃ সন্ধ্যারাগেণ রঞ্জিতঃ।—হ ৮৮.৬০। রঘু ৩.৬৪। রোষারুণরাগ°—গান ১৩০। ২ খচিত, ভূষিত। "(কার্ম্মুকম্) রুক্মরঞ্জিতম্ গো.রা ৬.২০.২৮। রতন° তার পদাঙ্গুলি সব।—কৃ ১৮৩। ৩ প্রদীপিত, উজ্জ্বলিত। "(বিভীষণঃ) তেজসা চৈব রঞ্জিতঃ গো.রা ৫.৮৭.১১। ৪ লোহিতীকৃত। "ক্রোধরঞ্জিত লোচন।—হ ২৫০.৬৬।

রঞ্জিনী বিণ, স্ত্রী [√রঞ্জি+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রীণয়িত্রী, প্রীতিকরী। "হেরি বৈদেহিরে—রঘুরঞ্জন-রঞ্জিনী।—মা ১৪৯। সে তটিনী নয়নরঞ্জিনী স.শ ৮৩ ; প.তৃ ৯। তিলোত্তমা তোমার মনোরঞ্জিনী হইতে পারিবে না ব.প্র ১৬। —ঞ্জিনী স্ত্রী মঞ্জিষ্ঠা।

রঞ্জুক বি [রঞ্জক > °ক] সর্থ 'রঞ্জকপর'। "বিদ্যুতিয়া উঠে আর অযুত রঞ্জুক ব.প্র ১৬৫।

রট্ সক [ভ্বা, প—রটতি ; সেট্] ১ কথন। ২ যাচ্ঞা (ক.ক)।

রট সর্ম্ম [সং √রট্ ; হি, ঠ √রট, গু √বড ; মৈ 'রট'—ভ্রমণ] ১ উচ্চারণ করা ; বলা। "অনুখন রাধা, রাধা রটতহি বি.প ১৫৯। রাধা কৃষ্ণ রট প.ক ২৯৬৫। ২ বলা। "বাশুলী নিকটে, চণ্ডীদাস রটে, এমন কাহার কাজ ?—চ.দা ৪৩। ৩ প্রচার করা ; ঘোষণা করা। "মন্ত্রী, রটি দাও নগর-মাঝে।—কথা ২১। চাঁপাই রটিয়ে দিলে, অরবিন্দ ডুবে মরেচে।—লী ৩৮। দুর্জ্জনেরা এইটে রটিয়েছিল গি.দ্বি ১০৭। —ট অর্ম্ম ১ শব্দ করা, শিঞ্জিত করা। "রণরণি কঙ্কণ কিঙ্কিণি রটই।—প.ক ১৫০১। ২ বাদিত হওয়া, বাজা। "রটতি রবাব বি প ৯৯। ৩ শব্দ করা, ডাকা। "রটত দরদর, তোয়ে দাদুর প.ক ১৫৫৭। নিশাচরগণ বনবাটেতে রটিল বা.দ ১০৫। ৪ প্রচারিত হওয়া। "গ্রামে গ্রামে সেই বার্ত্তা রটি গেল ক্রমে—রবীন্দ্র। যা রটে, তা বটে।—প্রবচন। —টা সর্ম্ম [রট+আ^৮] প্রচার করা। [রটা—সর্থ 'রট'। রটান —সর্থ 'রটা'। "গুজব রটা বা রটান।]

রটন ক্লী [√রট্+অন (ল্যুট্)-ভা] ১ ভাষণ, কথন। "অশ্লীল-রটন (S.W.)। ২ চীৎকার ; শব্দকরণ, ডাকা। —টনা বি [মৈ 'রটনা' —ভ্রমণ] প্রচার, ঘোষণা। "রটনাকৌশলময়ী...কুলকামিনীগণ।—ব.প্র ২৯১। —টন্তী স্ত্রী [+অন্ত (ঝচ্)-র্ম্ম] মাঘকৃষ্ণচতুর্দ্দশী। —টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ভাষিত, কথিত। ২ প্রচারিত, ঘোষিত। "জনগণরটিতৈস্তজ্জয়ৈঃ (S.W.)। কত সঙ্গীতে রটিত,...তব অসংখ্য কাহিনী চ.কা ১৫৭। —টিত ক্লী [+ত-ভা] ১ কথন, ভাষণ। ২ চীৎকার, রব। "ভ্রাতশ্চাতক কিং বৃথাতিরটিতৈঃ (S.W.)।

রটনা, রটন্তী, রটিত দ্র 'রটন'।

রড়[১] বি [নড়^২ > লড় > রড় ; মৈ √রট'—যাওয়া] ১ ধাবন, দৌড়। "রড় দিলা ঘুচাইয়া দ্বার চৈ ভা ২৭৮ ; রড় দিয়া পাক ফিরে ৩০৬,-১৭, -৩৩। রড় দিয়া বিরাটেরে ধরিল ম.বি ১৯০। ২ ভয়ে দৌড় ; পলায়ন। "বড় বড় বানর উঠিয়া দিল রড়।—কৃ ২৮০। বিপাকে চত্তর ছাড়ি প্রজা দিল রড় ক.চ ৮২। জয়ন্ত উঠিয়া দিল রড় বি.পা ৮৮। যুদ্ধ ত্যজি দিল রড় বা.ম ১৭, ২৩৫। শ্রী.ম ১৬। দিলা রড় বরুণের অনুচর সেনা।—হেম ১৮৭। ৩ ক্রোধে শত্রুর প্রতি ধাবন। "করে গদা সারিয়া দিলেক এক রড় শ্রী.ম ১৭৪। ৪ দ্রুতগতি, বেগ। "ক্ষণে ধায় রড়ে ক.চ ১৮। ধায়্যা যায় রড়ে শ্রী.ম ১৭৯ ; ২১৭। আইল রড়ে রথ।—মে ২৪। রড়ে ধনী ধাইলা।—ম ১৫২। [রড় দেওয়া—দৌড়ান। রড় পাড়ি ধায়—বেগে যায়। "বা.ম ১৮১।

রড়[২] অর্ম্ম [নড়^৩ > লড় > রড়] দৌড়ান, বেগে যাওয়া। "দশ বিশ জন যায় আগে পাছে 'রড়ে' (পাঠান্তর—'নড়ে')।—চৈ.ভা ৪৭। —ড়া অর্ম্ম [রড়^২ > রড়া, দ্র 'আ^১২'] দৌড়ান। "রড়াইয়া বেগে যায় ব.প ১২৬৯।

রড়া দ্র 'রড়^২'।

রড়ারড়ি, -ড়ী ক্রি.বিং [রড়^১-আ+রড়^১-ই] ১ দ্রুতগতিতে, দৌড়াদৌড়ি, বেগে। "তপোবনে যায় রড়ারড়ি।—কৃ ১১ ; ধায় °ড়ি ২১৩ ; স্ত্রী পুরুষ আইল °ড়ি ৩৮২। লীলা আইসে রড়ারড়ী ক.চ ১৩৫। শ্রী.ম ৯ ; ৬৫। ব.প ৪৯৫ ; ৫১৭, ৯৪৫। ভা.চ ৭৩। ২ শীঘ্র। "দান ধর্ম্ম বুঝি দান ফেলে রড়ারড়ি শি ১৮ ; ৬৪।

রড়ারড়ী দ্র 'রড়ারড়ি'।

রণ্ সক [ভ্বা, প—রণতি, সেট্] গতি (ক.ক)। —ণ্ অক [ভ্বা, প —রণতি ; সেট্] শব্দ।

রণ পুং [√রণ্+অ (অপ্)-ভা] ১ শব্দ, ক্বণ, ধ্বনি। ২ গতি। ৩ [+অ-ণ] বীণাদির বাদনদণ্ড বা ছড়ি ; কোণ। —ণ পুং, ক্লী [+অ-ধি, পা ৩.৩.৫৮, তত্ত্ববোধিনী ; Av. 'raṇa'—a battlefield] ১ 'বীরগণ যাহাতে শব্দ করে' ; সংগ্রাম (সায়ণ), যুদ্ধ। "ঋগ্বেদ ১.১১৯ ৩। ক চ রণম্ গো রা ৩.১৩.২৪ ; সিংহাসন° ৫.৮৯.১৩। মনু ৭.৯০। রতিরণধীরা গী.গো ৭.১৯। ২ যুদ্ধক্ষেত্র। "রণপাংসু ; রণমূর্দ্ধন্ রা ৬.১০১.৯ ; ১১। পবনস্মরণে রণে ঝড় ব'য়ে যায়।—কৃ ৩৩৯। °ধূলি।—ম ২৯১। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—যুদ্ধকার্য্য, যুদ্ধ। "গো.রা ৩.৬০.৩৮। °কামী (-মিন্) বিণ—সমরাভিলাষী, যুযুৎসু। °কারী (-রিন্) বিণ—যুদ্ধকারক। °কৃৎ (পুং)—যুদ্ধকারক, যোধ। "মহা ২.৩৮.৭। °ক্ষিতি (স্ত্রী). °ক্ষেত্র (ক্লী), °ক্ষোণী, °ক্ষ্মা (স্ত্রী), °খল (পুং, ক্লী)—রণভূমি। "°ক্ষিতিঃ রঘু ৭.৪৯। °গোচর (বিণ) —সমরপ্রবৃত্ত। °তূর্য্য (ক্লী)—সংগ্রামপটহ। °দুন্দুভি (পুং)—সংগ্রামপটহ, রণঢক্কা। °দুর্গা (স্ত্রী) —রণোন্মত্তা দুর্গা। °ধুরা (স্ত্রী)—সমরভার। "বে ৩.৬। °পণ্ডিত, °বিশারদ (বিণ)—সমরকুশল। °পাংসু (পুং)—রণভূমিধূলি। °প্রিয় (বিণ)—যুদ্ধপ্রিয়। °প্রিয় (পুং)—১ শ্যেনপক্ষী। ২ বিষ্ণু। °বাদ্য (ক্লী)—বীররসোদ্দীপক যুদ্ধপটহাদি। "ন ৪৯৫। °বৃত্তি (বিণ)—সমরোপজীবী। °ভূ, °ভূমি (স্ত্রী)—রণস্থল। "ভূমে (বলিক্ষমং করিষ্যামি) রঘু ১০.৪৪। রণভূ ভ ৩.১.৩৭। °মত্ত (বিণ) —রণোৎকট। (পুং)—হস্তী। °রঙ্ক (পুং)—রণকাতর হস্তী। রসিক (বিণ)—বীররসপ্রিয়, রণপ্রিয়। °লক্ষ্মী (স্ত্রী)—জয়শ্রী। °শিক্ষা (স্ত্রী)—যুদ্ধশাস্ত্র। "মহা ১.১৩২.২৮। °শিরঃ(-রস্), °শীর্ষ (ক্লী) —সমরাগ্রভাগ, রণমূর্দ্ধা। "°শিরস্ শ ৬.৩০, ৭.২৬। °শূর (পুং) —রণবীর, মহাযোধ। "গো রা ৫.৪৫.১০। °সংরম্ভ (পুং)—যুদ্ধের উৎকটভাব ; সমরবিভীষিকা। °সঙ্কুল (ক্লী)—পরস্পর সংরাব ; রণসংঘট্ট, ব্যাকুলরব, তুমুল (অ.টী)। °সজ্জা (স্ত্রী)—যুদ্ধার্থ সজ্জা ; সমরসন্নাহ। °সমুদ্ভম (পুং)—যুদ্ধোদ্যোগ। "গী ১.২২। °সহায় (পুং)—যুদ্ধে সাহায্যকারী ; মিত্ররাজ, পক্ষ্য। °স্তম্ভ (পুং)—রণজয়চিহ্নভূত স্তম্ভ ; জয়স্তম্ভ। °স্থান (ক্লী) যুদ্ধস্থল, রণভূমি।] [রণে বনে (হি রনবন, ঠ রানবন—গহনবন)—যুদ্ধে ও বনে ; (গৌণার্থে) মহাবিপৎসমূহে। "রক্ষা কর রণে বনে।—দু ৪০।]

রণকরী বি যুদ্ধকারিণী দুর্গা। "কৃ ৩৫১।

রণকালী বি যুদ্ধবাদ্যবিশেষ। "শি ১৩।

রণগাজী বি গাজীর তুল্য যোধবীর। "ব.প ৩২৬।

রণঘণ্টা বি যুদ্ধকালে বীরের কটিদেশে পরিধেয় ঘণ্টাবিশেষ। "রণঘণ্টা কটিতটে (মহিষ) করে মহারণ।—দু ৮৭।

রণঘুঁড়ী বি যুদ্ধঘোটকী। "শ্রী ১৭০।

রণজ্ঝণ পুং (?) [সং √রণ, √ধ্বন্ ; ধ্বন্যাত্মক] কিঙ্কিণীর রণঝন-ধ্বনি। "কিঙ্কিণীরণজ্ঝণশব্দাঃ (অপরাঃ) ক ম ৪ ১৬।

রণঝনিয়া বিং [°ন+ইয়া২] রণঝনধ্বনিকারী। "অরুণ চরণ নূপুর রণঝনিয়া ন.প ৩০৮।

রণটোপ বি যুদ্ধের টুপি ; শিরস্ত্রাণ। "শ্রী মা ১৬ ; ১৫৬। ব.প ৩৯২।

রণতল বি রণভূমি। "(দানা) রণতলে দেয় হানা : রণতলে…ফিরে দানাগণ ক.চ ২৬৭।

রণতুর বি রণতূর্য্য, রণভেরী। "ব.প ৪২৪।

রণৎকার পুং [রণিতকার >°র (?)] ১ শব্দ, ধ্বনি। "ঘণ্টা°। —গঙ্গাষ্টক ২। ২ শিঞ্জিত, ভূষাধ্বনি। "কঙ্কণ° (S.W.)। রণৎকার ধ্বনি।—রঙ্গ ৯৫। ৩ গুঞ্জন।

রণধর বি [°রা >°র] রণভূমি। "যোদ্ধা পড়ে °বে।—ম ৭৯৩।

রণধাড়ি বি [ধাউড় >ধাউড়ি >ধাড়ি] যুদ্ধে দ্রুত ধাবন বা বেগে গতি। "°ড়ি করি কালী অসুর নাশয় চ.বি ২৪১।

রণপড়া বি সমরপটহ, রণঢক্কা। "ক.চ ২৬৭।

রণভুখ বিং রণবুভুক্ষিত, যুদ্ধসমুৎসুক। "°খ…ঠাট শি ১৩।

রণমুখ ক্লী, **-মূর্দ্ধা** (**-র্দ্ধন্**) পুং [ষ.ত] ১ রণাগ্র, সম্মুখসমর। "সর্ব্বে এতে রণমুখে বহুশো নির্জ্জিতামরাঃ ভ ৮.১০.২৩। °খে মনসা রহিলা ম.ম ১১৫। ২ রণাগ্নির মুখ ; সমরানলশিখা। "(সঃ) হুত্বা রণমুখে প্রাণান্ গতিমিষ্টামবাপ হ।—মহা ১৩.১০১.২৮।

রণমুখী বিং রণোন্মত্তা, উত্তালতরঙ্গময়ী। "উঃ! এখনও নদী যেন রণমুখী ; নদী চাররপো হয়েছে!—গি দ্বি ১১৫।

রণমূর্দ্ধা দ্র 'রণমুখ'।

রণরঙ্গ পুং [ষ.ত] ১ সমররঙ্গস্থল, রণভূমি। "°মল্ল (ভোজরাজ)। —S.W.। ২ সমরপ্রমোদ, রণোৎসাহ। "°দুর্ম্মদ ভ ৬.১১.৮। বিবত কি কভু, রণরঙ্গে ইন্দ্রজিৎ ?—মে ১৯৯।

রণরঙ্গা বিং [°ঙ্গ+আ১২] সমরকৌতুকী, রণোৎসাহী। "বৃকোদর সদা রণগঙ্গা।—ম ২৫৪ ; হাথে গদা করি উঠে ভীম রণরঙ্গা (মিলের জন্য ধৃতপাঠ 'রণরঙ্কা')। —রঙ্গিণী বিং রণবঙ্গযুক্তা, রণোন্মত্তা। "মার রণরঙ্গিণী মূর্ত্তি দেখে, সেটা…আকাশপথে উড়ে গেল ব.প্র ৫২৪।

রণরঙ্গিণী দ্র 'বণরঙ্গা'।

রণরণ পুং [°ণ+অ ´(অচ্), ধ্বন্যাত্মক] 'রণরণশব্দযুক্ত', মশক। —রণ ক্লী [তু 'রণরণয় (রণরণক)—ঔৎসুক্য (দেশী ১.১৩৬)] ১ ঔৎসুক্য, উৎকণ্ঠা। ২ হৃতদ্রব্যার্থ অনুশোচনা। ৩ [ধ্বন্যাত্মক ; বাঙ্‌লায়] নূপুরাদিভূষণধ্বনি। "নূপুর রণরণ ভা চ ৪৪৩। রণরণ কিঙ্কিণী শি ৩২। আভরণ রণরণ।—ন ৯২৭। তু 'রণরণংত কাচীগুণং পৈ ২.১৭৭। ৪ (অসাধু) ধনুষ্টঙ্কার, ধনুঃশব্দ। "°ণ মহাশব্দে ধনুর্ঘোষ নাদিল। —হেম ২০। —রণক পুং, ক্লী [দ্র 'রণরণ' ক্লী] উদ্বেগ, উৎকণ্ঠা। "রণরণকদায়িনী…বিরহভাবনা উ.চ ১১ু। —রণক পুং কামদেব। —রণি বি [°ণ+ই১১] সর্থ 'রণরণ' (৩)। "রণরণি কঙ্কণ কিঙ্কিণী রটই বি.প ৯৯ ; কিঙ্কিণী রণরণি ১০০। কিঙ্কিণী রণরণি নূপুর পায়। —গো ১৮। কঙ্কণ কিঙ্কিণী্ ঝনঝন রণরণি ব.প ১১০১। রণরণি মঞ্জীর মঞ্জুল ধনিয়া।—ব ১৪। [রণরণরণ—সর্থ 'রণরণ (৩)। "রণ-রণরণ নূপুর গাজে ভা.চ ৩৪৫।]

রণরণক, রণরণি দ্র 'রণবণ'।

রণশিঙ্গা বি শিঙ্গাবিশেষ। "কৃ ২৭০। ব.প ৪২৪।

রণশৃঙ্গ বি সর্থ 'রণশিঙ্গা'। "শি ১৩।

রণাগ্র ক্লী [ষ.ত] রণশীর্ষ, রণমূর্দ্ধা।

রণাঙ্গ ক্লী [ষ.ত] যুদ্ধাঙ্গভূত খড়্গাদি। "ভট্টি ১৪.৯৮।

রণাঙ্গণ ক্লী [ষ.ত] সমরচত্বর, যুদ্ধক্ষেত্র। "মহা ৬.৬৩.১৮।

রণাজির ক্লী [ষ.ত] সর্থ 'রণাঙ্গণ'। "রা ৭.৩২.৪৮। মহা ১.২.২৫৬। ইতরে রণাজিরাৎ (বিদ্রুদ্রুবুঃ) ভ ৪.১০.২০।

রণাতোদ্য ক্লী [রণের আতোদ্য, ষ ত] রণপটহ। "ক.সা ৪৭.৪৪।

রণান্তকৃৎ পুং [°ন্ত+ √কৃ+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত] বিষ্ণু। "গো.রা ৬.১০২.১৬।

রণাপেত বিণ [প ত] রণ হইতে অপবৃত্ত ; রণপরাঙ্মুখীভূত। "স বভার রণাপেতাং চমূম্ কি ১৪.৭৩।

রণাবনি স্ত্রী [রণের অবনি, ষ.ত] রণভূমি। "হ ১০০.৩০।

রণিত বিণ [√রণ্+ত (ক্ত)-ক] ১ ধ্বনিত, রুত। ২ [রণ+ইত (ইতচ্)] শব্দযুত, শিঞ্জনযুক্ত। "রণিত মণিমঞ্জীর।—গো ৮৩। রণিত নূপুর জ.প ১৮। চরণনূপুর, রণিত ন.প ২৬৮। —ণিত ক্লী [+ত (ক্ত)-ভা] ১ ধ্বনি। "নৃকপালতাল° (S.W.)। ২ শিঞ্জিত। "বলয়°, কাঞ্চীমণি° (S.W.)। ৩ বাদ্যধ্বনি, নাদ। "বেণু° ভ ১০.২১.১১। ৪ গুঞ্জিত। "মধুপাবলী° (S.W.)। "ভ্রাম্যদ্ভৃঙ্গীরণিত-রমণীয়া (মুকুলপ্রসূতিঃ) গী গো ২.২০।

রণোৎকট বিণ [স.ত] সমরকুশল। "গো রা ৩.৩৭.৩৬।

রণ্ড বিণ [√রম্+ড-ক, উ ১.১১১, দেশী (?)] ১ ধূর্ত্ত। ২ বিকৃতাঙ্গ। —ণ্ড পুং ১ অপুত্রক মৃত জন। ২ বন্ধ্যাবৃক্ষ, অফলা গাছ। —ণ্ডক পুং সর্থ 'রণ্ড (২)। —ণ্ডা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ বিধবা, রাঁড়। 'নায়কহীনা রণ্ডা পৈ ১৬৩। "বাল° (S.W.)। ক.চ ৫৪। রণ্ডা ভ্রাতৃবধূ ভা.চ ১৯৭। ২ বেশ্যা। ৩ নিন্দার্থক (সম্বোধনে)। "রণ্ডে পণ্ডিতমানিনি (পঞ্চ)।

রণ্ডক, রণ্ডা দ্র 'রণ্ড'।

রণ্ডামি বি বেশ্যাসক্তি (অসাধু)। "ঘ ৭।

রণ্ডাশ্রমী (**-মিন্**) পুং [°ম+ইন্ (ইনি)-১ব] 'রণ্ডাশ্রমবান্', অষ্টচত্বারিংশদ্বর্ষের অধিকবয়স্ক ভার্য্যাহীন পুরুষ।

রণ্ডিকা বি রণ্ডা, বিধবা। "শ্রী ২১৩।

রণ্ডীর বিং [অণ্ডীর >°র, দ্র 'র'] বলবান্। দ্র 'আণ্ডির'। "রণ্ডীর পাথর খেপা ঘোড়া : বাজী রণ্ডীর পাথর শ্রী ১২৪।

রত বিণ [√রম্+ত (ক্ত)-ক] ১ নিষ্ঠিত, অভিনিবিষ্ট। ২ ব্যাপৃত। ৩ সমাহিত। "(চেতঃ) রতং বা পুংসি মুক্তয়ে ভ ৩.২৫.১৫। ৪ তৎপর। "প্রজানুগ্রহরত গো.রা ১.১.৫। প্রিয়হিতে রতঃ মনু ২.২৩৫। শম° রঘু ৯.৪। ভট্টি ১.২৫। ৫ আসক্ত, অনুরক্ত। "পরপুংসি রতাঃ যাজ্ঞ ২.২৮৩। ৬ বদ্ধশ্রদ্ধ, প্রীতিমান্, প্রীত। "বেদবাদ° গী ২.৪২। ৭ [রতি +অ (অচ্)] রতিযুক্ত, সুরতপ্রবৃত্ত। "বিপরীতরতে রত ভা.চ ৬৩। —ত ক্লী [+ত-ভা] ১ রতি, আসক্তি, অভিনিবেশ। ২ সুরত। "রতোপরমসংসুপ্ত গো.রা ৫.১৪.১১। অন্বভূৎ পরিজনাঙ্গনারতম্ রঘু ১৯.২৩। অবিরত° মাঘ ১৫.৮৮। [রত দ্বিবিধ,—বাহ্য—চুম্বনা-লিঙ্গনাদি ; আভ্যন্তর—সুরত (কি ৯.৪৭, মল্লিনাথ)।] ৩ গুহ্যদেশ। [°কীল (পুং)—কুক্কুর। °কূজিত (ক্লী)—সুরতকালে কৃত অব্যক্ত-ধ্বনি ; মণিত। °গুরু (পুং)—পতি। °জ্বর (পুং)—কাক। °বন্ধ (পুং)—সুরতে দম্পতির ষোড়শপ্রকার রমণবন্ধভেদ ; রতিবন্ধ। °মানস (বিণ)—হৃষ্টচিত্ত।]

রতন বি [সং রত্ন >লি রতন ; প্রা রতণ (প্রা.ল ৩.৩০) ; হি, ঠ, গু, মৈ, অস—রতন ; পত্তে তু 'রঅণ, রয়ণ' (চ)] ১ রত্ন, মণি। "বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি বি.প ৭৫। রতন আসনে চ.দা ৭৪। রতনে খচিত।—মে ২৫ ; ৪৪। ২ রত্নবৎ মহার্ঘ দ্রব্য বা আদরের ধন ; শ্রেষ্ঠ ধন। "রাধারমণ-রতন-তঁহি দূর।—গো ২৫৪। রতন-যৌবন শ্রী ৫৯। এ নব রতন ভুবনমাঝে ভা.চ ২৭৩। আসিবে কি ব্রজে পুনঃ

রাধিকারতন ?—মা ১৩৪। ৩ শ্রেষ্ঠার্থ। "রময়ে রতন তাম রমণী-রতনে।—বি.প ২১২। পুরুষ°।—কৃ ১০; ম ৮; চৈ.ম ৮৫; ভ.গ্র ১২৯; বি.সু ৩৯। যুবতি° জ.প ১৯। জামাতা° ম.প ১৩৪। হার° ম.প ১৪৯০। কুসুমরতনরাজী।—মে ৫৬। ফুল°।—মা ১২৭। রসিক-রতন! কি ভাবিতেছ ?—ব.গ্র ৩০। ৪ রত্নবৎ দীপক দ্রব্য। "গগন-রতন শশী।—মে ২৩২।

রতনচক্র বি স্ত্রীভূষণবিশেষ। "কা ৮৯।

রতনচুট(টু)কি বি রত্নখচিত চুটকি গহনা। "চরণ-আঙুলে শোভে রতনচুটুকি ভ.গ্র ৩৮০। রতনচুটকি।—জ্ঞা ১৯৫।

রতনচুটুকি দ্র 'রতনচুটকি'।

রতনঝুরি বি বস্তুখচিত কর্ণভূষণবিশেষ। "মাথায় রতনঝুরি শ্রী.ম ২৬। শ্রবণে রতনঝুরি, মাণিক খিচনি সারি ব.প ৮৬৬।

রতনমণি বি রত্নমণিতুল্য আদরের ধন (শ্বশুর আদরে)।

রতান্তর ক্লী [ষ.ত] সুরতাবকাশ। "মাঘ ৩ ৫৫।

রতার্থী (-র্থিন্) বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -র্থিনী] রতেচ্ছু।

রতি[1] স্ত্রী [√রম্+তি (ক্তিন্)-ভা] ১ আসক্তি, তন্নিষ্ঠতা। ২ প্রীতি। "অকৃতার্থেঽপি মনসিজে রতিমুভয়প্রার্থনা কুরুতে—শ ২.১। ৩ রাগ, অনুরাগ। "স্বেষু দারেষু রতিং নোপলভে গো.রা ৫.৩২.৩০। ধর্ম্মরতেরাসীদ্ বৃদ্ধত্বং জরসা বিনা রঘু ১ ২৩। (বিষ্বক্সেন কথাসু যঃ) নোৎপাদয়েদ্ যদি রতিম্ ভ ১.২.৮। [বৈষ্ণবশাস্ত্রে ভক্তভেদে শান্তরতি-প্রভৃতি পঞ্চবিধ রতি এবং রতিভেদে কৃষ্ণভক্তিরস শান্ত-প্রভৃতি পঞ্চবিধ (চৈ চ ২০০)।] ৪ চিত্তপরিতোষ। "মনু ১.২৫। ৫ ক্রীড়া। "রা ২.৪৯.১৫, রত্যর্থ ১৬। আকাশগঙ্গারতিঃ রঘু ১৬.৭১। ৬ রমণ, সুরত। "গো.রা ৫.১৪.২৬। রতিকাম্যা মনু ৩ ৪৫। ভা.চ ২১৯। ৭ [+তি-ণ] মনের প্রিয় বস্তুতে প্রেমার্দ্র মন (সা.দ ৩.১৭৬, টীকা), স্ত্রীপুরুষের অন্যোন্যালম্বন প্রেম-নামক চিত্তবৃত্তিবিশেষ (সা.দ ৩.১৭৬, টিপ্পনী)। 'রতির্মনোঽনুকূলেঽর্থে মনসঃ প্রবণায়িতম্ সা.দ ৩.১৭৬। [ইহা শৃঙ্গাররসের স্থায়িভাব।] ৮ [+তি-ধি] কামদেবপত্নী। "গো.রা ৩.৫২.২৭। রঘু ৬.২। পতি-শোকে রতি কাঁদে ভা চ ৬৫। ৯ রতিগৃহ। "বৃহৎসংহিতা ৫৩.৯। ১০ গুহ্য। ১১ চন্দ্রের ষষ্ঠকলা। —তী স্ত্রী কামপত্নী। "গো.রা ৩.৪ ৯। মহা ৩.৬৮.১২। হ ১৭৭.৩৯। [°কর (বিণ)—১ প্রীতিকর। "রা ২.১.৬। ২ কামী। "বৃহৎসংহিতা ১৬.৮। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ক্রিয়া (স্ত্রী)—সুরতব্যাপার। °কর্ষিত (বিণ)—সুরতখেদিত। "ভ ৪.৬.২৫। °খেদ (পুং)—সুরতজন্য অবসাদ। "রতিখেদক্ষীণ। °তস্কর (পুং)—বলপূর্ব্বক সম্ভোগকারী; ধর্ষক। °নাগ (পুং)—রতিবন্ধভেদ। °দূতী (স্ত্রী)—সুরতদূতী। "কু.স ৪.১৬। °পতি, °প্রিয় (পুং)—কামদেব। °পাশ, °পাশক (পুং)—রতিবন্ধবিশেষ। °বন্ধ (পুং)—সর্থ 'রতবন্ধ' (ত.বা)। °বন্ধু (পুং)—পতি; প্রিয়। °বর, °রমণ (পুং)—কামদেব। °বর্দ্ধন (বিণ)—রতিশক্তিবর্দ্ধক। "ভ ৯.১৯.৬। °ভোগ (পুং)—সুরতসম্ভোগ। °লম্পট (বিণ)—সুরতেচ্ছু, কামুক। °শক্তি (স্ত্রী)—সুরতসামর্থ্য, বীর্য্যধারণশক্তি। °শূর (পুং)—রতিশক্তি-সম্পন্ন পুরুষ। °সর্ব্বস্ব (ক্লী)—রতিসুখসম্ভোগের সারভূত। "পিবসি রতিসর্ব্বস্বমধরম্ শ ১.২১। °সহচর (পুং)—রতিসখ, কামদেব। °সুন্দর (পুং)—রতিবন্ধভেদ।] [রতীযুদ্ধ (অপ্র)—রতিরণ। "ম.গা ২০। রতী, রতী অনুবন্ধ, রতীঞ, রতী সিধী (শ্রী.কী)।]

রতি[2] বি [সং রক্তিকা >প্রা *রত্তিআ >বা (রত্তি) °তি; হি রতি, রত্তী; ঠ রতি, -তী; গু, মৈ রতী; অস রতি] ১ গুঞ্জাফল। "কেলে মুক্তা মণি চিন্তামণি, রতিতে হলো রতি।—দা ৫৭৪। ২ গুঞ্জাপরিমাণ, চার ধান। দ্র 'রক্তিকা'। 'চার ধানে রতি হয়।—শুভঙ্কর। ৩ রতি-পরিমিত দ্রব্য; স্বল্প পরিমাণ। "সে জল যত্তপি তুমি এক রতি খেতে শ্রী.মা ৮২। ৪ স্বল্প, অর্থাৎ স্ফুলিঙ্গ-পরিমাণ। "অনল লাগাইয়া দিতে নাই এক রতি গো.চ ৪৪। ৫ (অসাধু) পরিমাণ, অর্থাৎ সংখ্যা। "এত সকল কান্দে রাজার তার নাহি রতি গো.চ ১৯৪। ৬ স্বল্প কাল। "কবি-মুখ প্রতি, চাহি একরতি স্ব.গ্র ১১১।

রতিগৃহ, -ভবন, -মন্দির ক্লী [ষ.ত] বাসগৃহ, শয়নমন্দির। "°গৃহ।—বৃহৎসংহিতা ৫৩.১৫; রতিভবন ১৪। রতিমন্দির।—পঞ্চ-রাত্র ২.৭.৬১।

রতিঢীট বি রতিধৃষ্ট, সুরতচতুর। "শাশ ঘুমাওত কোরে আগোরি। তহি রতিঢীট পীট রহ চোরি॥—বি.প ১৪০।

রতিদান বি সুরতদান, স্ত্রীসম্ভোগ। "আজি রতিদানে হবে পুত্রের লক্ষণ ম.ম ১১৮। রতিদান-ছলে ভা.চ ৩০৭।

রতিপ্রজ্ঞ বিণ [স ত; স্ত্রী -জ্ঞা] রতিপণ্ডিত, রতিশাস্ত্রজ্ঞ। "রতিপ্রজ্ঞে ভা চ ২৯৭। —প্রাজ্ঞ বিণ [স.ত; স্ত্রী -জ্ঞা, -জ্ঞী] সর্থ 'রতিপ্রজ্ঞ'। "রতিপ্রাজ্ঞে বি.সু ৫৫,-৬।

রতিপ্রাজ্ঞ দ্র 'রতিপ্রজ্ঞ'।

রতিবন্ধ পুং [স.ত] রমণে স্ত্রীপুরুষের ষোড়শবিধ অবয়বসংস্থানভেদ। [ষোড়শ রতিবন্ধ—পদ্মাসনো নাগপাশো লতাবেষ্টোঽর্দ্ধসংপুটম্। কুলিশং সুন্দরশ্চৈব তথা কেশর এব চ॥ হিল্লোলো নরসিংহোঽপি বিপরীতস্তথা-পরঃ। ক্ষুব্ধো বৈ ধেনুকশ্চৈবমুৎকণ্ঠশ্চ ততঃ পরম্। সিংহাসনো রতিনাগো বিদ্যাধরস্তু ষোড়শঃ॥—রতিমঞ্জরী।]

রতিভবন, রতিমন্দির দ্র 'রতিগৃহ'।

রতিরঙ্ক বিং রতিবিষয়ে দীন; সুরতপ্রার্থী। "দূর করি লজ্জাতঙ্ক, তুঁহ সাধু রতিরঙ্ক, ছল কর বনিতার তরে ক.চ ১৬৬।

রতিরঙ্গ বি সুরতকৌতুক, কেলিবিলাস। "°রণ ভা.চ ৩৩২।

রতিরঞ্জন বি রতির আনন্দকর; কামদেব। "মে ৬৭।

রতিরসরঙ্গ বি শৃঙ্গাররস ও কেলিবিলাস। "না বুঝয়ে রতিরসরঙ্গ। ক্ষণে অনুমতি ক্ষণে ভঙ্গ॥—বি.প ৫৯।

রতী, রতীযুদ্ধ দ্র 'রতি[1]'।

রতীশ পুং [ষ.ত] রতিপতি, কামদেব।

রত্তন বি [রতন >°ন, অসাধু] রত্ন। "অমূল রত্তন।—মী ২৩। রত্তন হার গো বি ২৫; ৫৫; ৭০; ১২৩। ব.প ৮৫।

রত্তি বি [দ্র 'রতি[2]'] ১ রতির পরিমাণ। "এক রত্তি সোনা। তার সেকরা হাজার জনা॥—প্রবচন। ২ স্বল্প পরিমাণ। "ঔষধ রত্তি বি.পা ৩৪৭। তৈল এক রত্তি বা.ম ৩৯১। [এক রত্তি মেয়ে—১ অতিশিশু কন্যা; ছোটমেয়ে। "বাবলা রাণী, একরত্তি মেয়ে।—শিশু ১০০। ২ অল্পবয়স্কা কন্যা; বালিকা। "একরত্তি মেয়েটা, আমার কথায় বিশ্বাস কল্লে না ব.গ্র ২৯১। এক রত্তি মেয়ে, তুই সকল হাঁড়িতে কাটি দিস্ কেন লো কামিনী ?—ব.দ্বি ৪২৭।]

রত্ন [√রমি+ন-ক, মি >ত, উ ৩.১৪; ছান্দস] ১ 'রময়িতা', রমণীয় সুবর্ণমণিমুক্তাদি (সায়ণ); মণি, অশ্মজাতি, অর্থাৎ পদ্মরাগমর-কতাদি; মুক্তাপ্রবালাদি (অ টী)। "ঋগ্বেদ ১ ২০ ৭; ৩৫.৮। সমুদ্রমেব রত্নাঢ্যম্।—রা ১.৩.৮। মনু ৭.২০৩। যাদোরত্নৈরিবার্ণবঃ রঘু ১.১৬। কু.স ৫.৪৫। সদ্গুণবৃন্দরত্নরত্নাকর চৈ চ ১৩৮; দিব্যগুণগণরত্নালয় ২১৯। রত্নরাজী।—মে ১০৯। তারা° ১১৩, ১৮০। ২ (কাব্যে) কাব্য-গুণালঙ্কারব্যঙ্গ্য (রা.টীকা)। "রা ১.৩৮। ৩ উত্তমধন (সায়ণ): মহামূল্য দ্রব্য। "কৃধি রত্নম্...ধনানাম্।—ঋগ্বেদ ৩ ১৮.৫। পাইলে এমন রত্ন ছাড়ে কোন জন।—কৃ ১৪২। এবার মথনে সিন্ধুরত্ন যে আমার।—ম ১৪। তুমি গো পরম রত্ন ম.ভা ৬। কমলযোনির রত্ন ...কমলাক্ষ।—দা ১; গুরুদত্ত রত্ন...কালী ২০৪। রত্নাকররত্নোত্তমা ইন্দিরাসুন্দরী।—মে ৩৭। ৪ স্বজাতিশ্রেষ্ঠ; নিজ নিজ জাতিতে উৎকৃষ্ট।

'জাতৌ জাতৌ যদুৎকৃষ্টং তদ্ রত্নমভিধীয়তে। "(পাপঃ) স্ত্রীরত্নং প্রেক্ষ্য মৈথিলীম্ গো.রা ৩.৫৫.১৩। ত্বফাপি রত্নং নারীণাম্ মহা ৩.৫৩.৩০। অজিন° রঘু ৪.৬৫ ; বিমান° ১২.১০৪। স্ত্রীরত্ন-সৃষ্টিরপরা প্রতিভাতি সা মে শ ২.৯। অশ্ব°, গজ°, কন্যা°, পুত্র° পোত° (S.W)। রমণী°। —কৃ ১৩৫। ম.বি ৭৪। নৃপ° ক.চ ১৪১। ভাগিনা° শ্রী ৬৬। প্রেম° চৈ ১০। মিত্ররত্নোত্তম।—মে ৯৬। প্রাসাদরত্ন।—হেম ৩২১। পক্ষিরত্ন। —কাদ ১। [সমাসে উত্তরপদ] °কন্দল (পুং)—প্রবাল। °বর (পুং)—'রত্নশ্রেষ্ঠ', স্বর্ণ। °কর্ণিকা (স্ত্রী)—রত্নখচিতকর্ণভূষাবিশেষ। °খচিত (বিণ)—মণিমণ্ডিত, রত্নানুবিদ্ধ। °চ্ছায়া (স্ত্রী)—মণিকান্তি। "পূ.মে ৩৫। °দীপ, °প্রদীপ (পুং)—রত্নরূপ প্রদীপ। "°প্রদীপ উ.মে ৭। °দীপ ভ ১০.৮১.৩১। °ধেনু (স্ত্রী)—রত্নরচিত ধেনু ; মহাদানবিশেষ। °নাভ (পুং)—বিষ্ণু (মহা)। °পর্ব্বত (পুং)—মেরু। °বন্ধক (পুং) —মণিকার। °মালা (স্ত্রী)—মণিমালা, মুক্তামালা। "পঞ্চ ৪ ৮১। °মুখ্য (ক্লী)—হীরক। °রাট্ (-জ্) পুং—পদ্মরাগ, মাণিক্য। °সংঘাত (পুং)—রত্নসমূহ। °সানু (পুং)—মেরু। °সূতি (স্ত্রী)—'রত্নপ্রসবিত্রী', পৃথিবী।]

রত্নকণ্ঠী বি রত্নের কাঁঠি ; রত্নমালা। কণ্ঠে °ন্তি ব প্র ১৭।

রত্নগর্ভ বিণ [বহুব্রী] ১ যাহার গর্ভে রত্ন; রত্নপূর্ণ। ২ রত্নমণ্ডিত, মণি-খচিত। "রত্নগর্ভাণি (বাসাংসি) গো.রা ৪.৪৪.৯৮। °গৃহা মহা ৩.৬৮.১৬। —গর্ভ পুং ১ রত্নাকর, সমুদ্র। ২ কুবের। —গর্ভা স্ত্রী পৃথিবী। তু 'ভাস্বন্তি রত্নানি···দুদুহুর্ধরিত্রীম্ কু.স ১.২। —গর্ভা বিং (বাঙ্লায়) অপত্যরত্ন প্রসবিত্রী, সুসন্তানবতী। "রত্নগর্ভা রাণী, সে কৌশল্যা ধনী। —দা ১৩৫০। যাঁহার পুত্রকন্যাগুলি এক একটি কৃষ্ণবর্ণ মাংসপিণ্ড, তিনি রত্নগর্ভা বলিয়া আস্ফালন করিতেছিলেন ব.দ্বি ১৪।

রত্নগর্ভা দ্র 'রত্নগর্ভ'।

রত্নজন বি রত্নতুল্য শ্রেষ্ঠ ব্যক্তি ; পুরুষরত্ন। "বি.সু ৪৪।

রত্নঢেঁড়ি বি রত্নমণ্ডিত ঢেঁড়ি বা কর্ণভূষাবিশেষ। "ভ.গ্র ৪৩০।

রত্ননিধি পুং [ষ.ত] ১ রত্নাকর, সমুদ্র। ২ মেরু। ৩ বিষ্ণু। ৪ খঞ্জন। ৫ (বাঙ্লায়) গুণরত্নের আধার ; মহাপুরুষ। "পাইলাম আজি যত্ন বিনা রত্ননিধি।—ম ৫২১।

রত্নবতী দ্র 'রত্নবান্'।

রত্নবাতি বি রত্নরূপ দীপ। "দু ১৪।

রত্নবান্ (-বৎ) বিণ [রত্ন+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] ১ রত্ন-যুক্ত, সরত্ন। "গো.রা ৪.৪০.৩৩। ২ রত্নপূরিত। ৩ রত্নপচিত। "রত্ন-বদাসনম্ রঘু ৬.৪। —বতী স্ত্রী রত্নগর্ভা, পৃথিবী।

রত্নবান্ধা বিং রত্নপচিত, মণিময়। "রত্নবান্ধা ঘাট চৈ.চ ৭৪।

রত্নভূত বিণ [নি.স] রত্নসদৃশ, রত্নস্বরূপ, অপ্রতিম (দ্রব্য)। 'রত্ন-ভূতস্তু তত্তৎ স্যাৎ যদ্দপ্রতিমং ভুবি।—শু ৪.২.১০৬।

রত্নমণি বি শ্রেষ্ঠমণি. অমৃতমণি। "ম ১১৮৩, -৫।

রত্নময় বিণ [রত্ন+ময় (ময়ট্), স্ত্রী -যী] রত্নখচিত ; রত্নপ্রচুর।

রত্নমুদ্রিকা বি রত্নাঙ্গুরীয়, রত্নের আঙ্টি। "ব.প ১২৯৪।

রত্নরাজি,-জী স্ত্রী [ষ.ত] ১ রত্নশ্রেণী, রত্নসমূহ। "শোভে তাহে রত্নরাজী।—মে ৪ ; ১০৯। ২ [বহুব্রী] যাহাতে রত্নশ্রেণী আছে ; মণিমালা ; মুক্তাহার।

রত্নরাজী 'রত্নরাজি'।

রত্নরাশি পুং [ষ.ত] ১ রত্নপুঞ্জ, মণিসমূহ। "মহা ৩.৬৫.১৭। ২ [বহুব্রী] রত্নাকর, সমুদ্র।

রত্নসু বিণ [রত্ন+ √সূ+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -সূ] রত্ন-প্রসবিতা। "রত্নসূরপি মেদিনী রঘু ১.৬৫। —সূ স্ত্রী পৃথিবী।

রত্নাকর পুং [ষ.ত] ১ রত্নখনি। "নানারত্নাকরবতীম্ (মেদিনীম্)। —বৃহৎসংহিতা ৪৮.২৪। ২ সমুদ্র। "রঘু ১৩.১। কারুণ্য।—°হি ১২২৩। ক.চ ৩। ম.ভা ৬। চরিত্র-মহাসুধারত্নাকরে শ্রী.ম ২৩৪। বি.সু ৩৪। ৩ মহর্ষি বাল্মীকির পূর্ব্ব নাম। 'ব্রহ্মা বলে তব নাম রত্নাকর ছিল। আজি হৈতে তব নাম বাল্মীকি হইল।—কৃ ৪। তব ঘরে চোর রত্নাকর, কাব্যরত্নাকর কবি!—মে ৩। "কোথা পাব, ...রত্নরাজী, তুমি নাহি দিলে, রত্নাকর?—মে ১০৯। ৪ [বাঙ্লায় ; অপ্র] শ্রেষ্ঠার্থক। "নৃপ° বি.সু ৩৪। [°মেখল (বিণ)—সাগররশন, সার্ণব। "°মেখলাম্ (পৃথিবীম্) রঘু ১৫.১।]

রত্নাঙ্কুর পুং [ষ.ত] রত্নের অঙ্কুরতুল্য ; ক্ষুদ্র মুক্তা।

রত্নাঢ্য বিণ [সুপ্ সুপা] রত্নপূরিত, রত্নপ্রচুর।

রত্নাধিপতি পুং [ষ.ত] রত্নাধিকারী, মহাধনেশ্বর। "ক.সা ৩৬.১০।

রত্নানুবিদ্ধ বিণ [তৃ.ত] রত্নখচিত, রত্নমণ্ডিত।

রত্নাবলী স্ত্রী [ষ.ত] ১ রত্নরাজি, মণিসমূহ। "রত্নাবলীকিরণকর্ব্বুরে পর্য্যঙ্কে।—হি ১২২৮। ২ [বহুব্রী] মুক্তামালা। ৩ শ্রীহর্ষদেবকৃত নাটিকাবিশেষ। "রত্নাবলী ১৪। ক.চ ২১৫।

রত্নি পুং, স্ত্রী [√ঋ+অত্নি (কত্নিচ্)-ক, √ঋ > র্, উ ৪.২] ১ বদ্ধমুষ্টি হস্ত ; মুটম্ হাত (শ.ক)। 'বদ্ধমুষ্টিঃ করো রত্নিঃ সোহরত্নিঃ প্রসৃতাঙ্গুলিঃ (অ.কো)। ২ কফোণি (A.)।

রথ পুং [√রম্+থ-ণ, ম্-লোপ (অ.টী) ; √রম্+থ (ক্থন্), উ ২.২] ১ যুদ্ধার্থ সচক্র যান ; স্যন্দন। ২ যুদ্ধানর্হ, অর্থাৎ ভ্রমণার্থ স্যন্দন। ঔপবাহ্যং রথং যুক্ত্বা ত্বমায়াহি রা ২.৩৯.১০। তু 'সুখং' রথম্।—ঋগ্বেদ ১.২০.৩। ৩ শকট, গাড়ী। "ঋগ্বেদ ৩.১৫.৫। ৪ রথবৎ গতিসাধন। "বিদ্ধি শরীরং রথম্।—কঠোপনিষৎ ৩.৩। পথ° (অ.কো)। ৫ বাহন। "আখু°। মীন°, সিংহ°, হংস° (S.W.)। সিংহরথে শ্রী ৮৫ ; ব.প ৫২০ ; ভা.চ ২২৯। বৃষ° ম.ম ৬। ভবজ-অনুজ-রথ (গণেশানুজ-কার্ত্তিকেয়-রথ, অর্থাৎ ময়ূর)।—জ্ঞা ১৫। ৬ বীর, রথী। "°সত্তম মহা ৪.৩২.২৩; °পুঙ্গব ৩৩.২৫ ; ৫.১৬৭.১ ; ৫। ৭ শরীর। ৮ অবয়ব। ৯ পদ। ১০ পৌরুষ। ১১ [Cf., rotan (Malay) ; E. ratan, rattan] বেতস-লতা। —থী[2] স্ত্রী ক্ষুদ্র রথ। [°কট্যা, -ড্যা (স্ত্রী) —রথসমূহ। "পা ৪.২.৫১। °কল্পক (পুং)—রথাধ্যক্ষ। "মহা ৭.১১০.৪৭। °কুটুম্বিক, -ম্বী (-ম্বিন্) পুং—'রথপালক', সারথি (অ.চি ; অ.কো)। °কূবর (পুং, ক্লী)—রথচক্র। °কেতু (পুং)—রথধ্বজ। "গো রা ৬.৮৬.৩৭। °ক্রান্ত (বিণ)—রথচক্রক্ষুণ্ণ। "রথক্রান্তে (মৃত্তিকে)। °ক্ষোভ (পুং)—রথসঞ্চলন। "শান্তরথক্ষোভপরিশ্রমম্ রঘু ১.৫৮। °গর্ভক (পুং)—রথের গর্ভতুল্য ; শিবিকা। °গুপ্তি (স্ত্রী), °গোপন (ক্লী)—শত্রুশস্ত্রাদি হইতে আত্মরক্ষার্থ রথের লৌহাদির আবরণ ; বরূথ। °ঘোষ (পুং)—রথঘর্ঘর-শব্দ। °দারু (ক্লী)—রথনির্ম্মাণকাষ্ঠ। °দ্রু, °দ্রুম (পুং)—রথযোগ্য বৃক্ষ ; তিনিশ। °ধূঃ (-ধুর্) স্ত্রী—রথযুগ। "মহা ১.১৩৫.২১। °নাভি (স্ত্রী)—রথচক্রমধ্যস্থ দারুপিণ্ডিকা। °নির্ঘোষ, °নির্হ্রাদ, °নিস্বন (পুং)—সর্থ 'রথঘোষ'। °নীড় (পুং, ক্লী)—রথের নীড়বৎ অভ্যন্তরভাগ। °নেমি (স্ত্রী)—রথচক্রপ্রান্ত। "°নেমিস্বনোন্মুখৈঃ (শিখণ্ডিভিঃ) রঘু ১.৩৯। °পথ, °মার্গ (পুং)—রথচলনমার্গ, রাজপথ। °পদ (ক্লী), °পাদ (পুং)—রথচক্র। (পুং)—চক্রবাক। °পুঙ্গব (পুং) —রথিশ্রেষ্ঠ, মহাবীর। °প্রষ্ঠ (পুং) রথাগ্রগামী জন। °বংশ (পুং) —রথসমূহ। "মহা ৩০.২৭০.৫ ; ৫.১৬৫.৩। °বন্ধ (পুং)—রথবন্ধনরজ্জু যোক্ত্রাদি। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—রথমার্গ, রাজপথ। "রা ২.৫২.১২। °বিজ্ঞান (ক্লী), °বিদ্যা (স্ত্রী)—রথচালনশাস্ত্র। °বিমোচন (ক্লী)—রথের যুগাদিমোচন। °বীথী (স্ত্রী)—রথবর্ত্ম। "ভ ৪.১৫.২০। °বেগ (পুং) —রথজব, রথগতি। "শ ১৮। °ব্রজ, °ব্রাত (পুং)—রথসমূহ। "রথ-ব্রজ মহা ৪.৩২.২১ ; °ব্রাত ৩৩.৩। °মণ্ডল (ক্লী)—রথশ্রেণী, রথ-

সমূহ। °মহোৎসব (পুং)—রথযাত্রা। °মুখ (স্ত্রী)—রথাগ্রভাগ। °যাত্রা (স্ত্রী)—জগন্নাথের রথগমনজন্ত উৎসব। °যান (স্ত্রী)—রথে গমন। "গো.রা ২.৩৪.১৩। °যুক্ (-জ্), °যোজক (পুং)—সারথি। "রঘু ৯.২৫। °যুদ্ধ (স্ত্রী)—রথারোহণপূর্ব্বক যুদ্ধ ; রথিযুদ্ধ। "মহা ১.২.২৮১। °যূথপ (পুং)—'রথসমূহপতি', মহারথ। "মহা ৫.১৬৪.২৮। °যূথপ-যূথপ (পুং)—রথযূথপের যূথপ ; অতিরথ। "মহা ৫.১৬৪.২৮। °যোধ (পুং)—রথারোহী যোদ্ধা ; রথী। °রেণু (পুং)—রথোদ্ভূত ধূলি। °শক্তি (স্ত্রী) যুদ্ধরথপতাকা-দণ্ড। "হ ১৬৫৫। °শালা (স্ত্রী)—রথরক্ষার্থ গৃহ। "মহা ২.৮১.২৪। °শাস্ত্র (ক্লী), °শিক্ষা (স্ত্রী) —সর্ব 'রথবিজ্ঞান'। "°শিক্ষা গো.রা ১.৮০ ২৮। °শ্রেণি (স্ত্রী) —রথরাজি। "শতপথব্রাহ্মণ ১০.৬.১.৭। °সপ্তমী (স্ত্রী)—মাঘশুক্ল-সপ্তমী। °সারথি (পুং)—সূত। "মহা ১.১৩৭.৩। °সিংহ (পুং) —বীরশ্রেষ্ঠ। "মহা ৫ ১৬৫.২। °সূত্র (ক্লী)—রথনির্ম্মাণাদিবিষয়ক সংক্ষেপবাক্য বা ব্যবস্থা। "মহা ২.৫ ১২০। °স্থ (বিণ) রথারূঢ়। (পুং) —রথী। "রঘু ৭.৪৪। °স্বন (পুং)—রথঘোষ।] [রথ দেখা, কলা বেচা—এক উদ্যোগে উভয়কার্য্যসিদ্ধি। তু '(নেপালে) শুকঠীক বনীজ পশুপতীক দরসন—শুকটী মাছের বাণিজ্য ও পশুপতির দর্শন।]

রথক পুং [রথ+ক (কন্)] মন্দিরাবয়ববিশেষ (শ.ক)।

রথকর, -কার, -কারক, -কৃৎ পুং [ষ.ত, °কার, °কৃৎ—রথ + √কৃ+অ (অণ্),+ক্বিপ্ (০),-ক-১ব , উ.ত] 'রথনির্ম্মাতা', সূত্রধার। "°কার যাজ্ঞ ১.৯৫। [মাহিষ্য হইতে করণীর গর্ভে রথকারের উৎপত্তি (যাজ্ঞ ১.৯৫)।]

রথকার, রথকারক, রথকৃৎ দ্র 'রথকর'।

রথচরণ পুং, ক্লী [ষ.ত] রথের চরণতুল্য , রথচক্র। "ধৃত° ভ ১ ৯.৩৭। মাঘ ১১.২৬। [°ধর (পুং)—চক্রধর, হরি। "মাঘ ৭২৮। °পাণি (পুং)—চক্রপাণি। °বিশাল (বিণ)—চক্রবৎ বিপুল। "°বিশালশ্রোণি মাঘ ১১,২৩। °সমাহ্ব (পুং)—'চক্রনামক', চক্রবাক। "মাঘ ১১.২৬।]

রথচর্য্যা স্ত্রী [ষ.ত] ১ রথব্যবহার। "অরণ্যসদো যষম্ অনভ্যস্তরথ-চর্য্যাঃ উ চ ৬২১০। ২ [তৃ ত] রথগমন। "রা ২.৫২.৫১।

রথন্তর পুং [রথ+ √তৃ+অ(খ)-ক ; উ.ত , মুগ্ধবোধ ১০২৪ সূত্র] কল্পবিশেষ। দ্র 'মৎস্যপুরাণ ৫২ ৩৩,-৪। —ন্তরী স্ত্রী [+অ (খচ্)-ক, পা ৩ ২ ৪৬ , উ.ত] সামবিশেষ। "ঋগ্বেদ ১.১৬৪.২৫।

রথবাহ পুং [রথ+ √বহ্+অ (অণ্)-ক , উ.ত] ১ 'রথবাহক', রথাশ্ব। "মহা ৪ ৬৪.৯। ২ [√বাহি+অ (অণ্)-ক, উ.ত] 'রথবাহয়িতা', সারথি। "ক সা ৫৬.৩৯৩। —বাহক পুং [ষ.ত] সারথি।

রথবাহক দ্র 'রথবাহ'।

রথসাল বি [সং রথশাল, -লা , সং শালা > প্রা সাল , অপ্র] রথ-রক্ষার্থ গৃহ। "গোসাঞি জে রথসাল জান।—শূ ৯৩।

রথাক্ষ পুং [ষ.ত] ১ রথধুরা (axle)। "মহা ৭ ১৫৩.৩৪। ২ (অক্ষের পরিমাণানুসারে ?) চতুরধিক শতাঙ্গুলি , ১০৪ আঙ্গুল। "°মাত্রা বিশিখাঃ গো.রা ৩.৬৭.১৮। °মাত্রৈরিষুভি মহা ৭.১৫৪.১০১।

রথাগ্র্য পুং [ষ.ত] রথিশ্রেষ্ঠ। "মহা ৫.৪৮.২৪।

রথাঙ্গ পুং চক্রবাক। "নৈ ১৯ ৩৫। —ঙ্গ ক্লী [ষ.ত] ১ রথাবয়ব —ধ্বজ পতাকাদণ্ড যুগ অক্ষ ইত্যাদি। "মহা ১৪.৮২.১৩। ২ রথচক্র, চক্র। "°ধ্বনি, °নামন্। ৩ সুদর্শনচক্র। "মাঘ ১৫.২৬। ভ ২.২.৮। ৪ কুম্ভকারচক্র। [°নামক, °নামা (-মন্) পুং—'চক্রনামক', চক্রবাক। "রথাঙ্গনাম্নোরিব ভাববন্ধনং রঘু ৩২৪। কু.স ৩.৩৭। °নেমি (স্ত্রী) —রথচক্রান্ত, চক্রপ্রান্ত। "শ ৭.১০। °পাণি (পুং)—চক্রপাণি, বিষ্ণু। "মাঘ ১.২১। ভ ১.৩.৩৮। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—'চক্রধর', হরি। "মাঘ ৩.৩৬। °সংজ্ঞ, °সাহ্ব (পুং)—'চক্রনামক', চক্রবাক। "°সংজ্ঞ গো.রা ২.১১১.৪৯। °সাহ্ব মহা ৩.১৪৬ ৪৫।]

রথাঙ্গাহ্ব, -হ্বয়, -হ্বয়ন পুং [রথাঙ্গ আহ্বা, -হ্বয়, -হ্বয়ন যাহার বহুব্রী] 'চক্রনামক', চক্রবাক। "রথাঙ্গাহ্বয়ন রা ২ ৯৫ ১১।

রথাঙ্গহ্বয়, রথাঙ্গহ্বয়ন দ্র 'রথাঙ্গাহ্ব'।

রথাঙ্গী (-ঙ্গিন্) পুং [°ঙ্গ+ইন্ (ইনি)-১ব] 'চক্রবান্', হরি। "মাঘ ৩.২২।

রথানীক স্ত্রী [ষ.ত] যুদ্ধরথশ্রেণী।

রথাবয়ব পুং [ষ ত] রথাঙ্গ, চক্র। [রথাবয়বায়ুধ (পুং)—'চক্রাস্ত্র', কৃষ্ণ। "মাঘ ৬.৪১।]

রথারথি ব্য [রথে রথে প্রবৃত্ত যুদ্ধ ইতি রথরথ+ই (ইচ্ সমাসান্ত), দীর্ঘ, পা ৫.৪.১২৭ , ৬.৩ ১৩৭] রথপ্রক্ষেপপূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ। "মহা ৪. ৩২ ২০। [রথাবথি—(অপ্র) বীর ও রথী। "চলউক সেনাগণ, রথা-রথি যত জন অ.প ২১।]

রথারোহ পুং [স ত] ১ রথে আরোহণ। "করাইয়া রথারোহ।—ম ৫০৬। ২ [রথ+আ- √রুহ্+অ (অণ্)-ক , উ.ত] রথারোহী, রথ-যোধ, রথী। —রোহী (-হিন্) পুং [+ইন্ (ণিনি)-ক-১ব , উ ত] সর্ব 'রথারোহ (২)।

রথারোহী দ্র 'রথারোহ'।

রথাশ্ব পুং [ষ.ত] রথঘোটক। "ক.সা ১১৩.৫৩। —শ্বা স্ত্রী [স দ্ব] রথ ও অশ্ব। "মনু ৭ ৯৬।

রথিক পুং [রথ+ ইক (ঠন্)] 'রথবান্', রথপতি, রথী (অ.কো)।

রথিনী দ্র 'রথী'১।

রথির পুং [রথ+ইর অস্ত্যর্থে (অ.টী)] রথী (অ.কো)। "অমু দেবান্ রথিরো যাসি সাধন্।—ঋগ্বেদ ৩ ১.১৭।

রথী১ (-থিন্) বিণ [রথ+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -থিনী] 'রথবান্', রথারোহ (অ.টী)। —থী পুং ১ রথপতি, রথিক (অ টী)। ২ রথা-রূঢ় পুরুষ (সায়ণ), রথারোহ যোধ। "ঋগ্বেদ ৬.৪৭.৩১। কঠোপনিষৎ ৩.৩। রথিনাং বর।—বা ২ ৪৬ ২৭। রথী চ রথিনা যোধ্যঃ মহা ৬.১. ২৯। রঘু ৭ ৩৭। রথী রথী যুঝিবেক।—ম ৭৩৪। দশরথ রথী।—মে ১৫৪, রঘু° ১৭৩। —থিনী স্ত্রী [রথ+ইন্ সমূহার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] রথসমূহ। "পা ৪.২.৫১।

রথী২ দ্র 'রথ'।

রথেশ পুং [ষ ত] রথপতি, রথী। "মহা ৫ ১৮৩.১৪। রঘু ৭ ১৩৭।

রথেষা স্ত্রী [রথের ঈষা, ষ ত] রথের যুগকাষ্ঠ। "মহা ৬.৪৬.৫।

রথোৎসব পুং [ষ ত] রথযাত্রা, রথবিজয়।

রথোদার বিণ [স.ত] রথে উদার, মহারথ অপেক্ষা নিকৃষ্ট। "মহা ৫. ১৬৪.১৯।

রথোদ্ধত বিণ [তৃ ত] রথক্ষোভাম্বিত, রথারূঢ়। "বৃহৎসংহিতা ১০৪. ৩১। —দ্ধতা স্ত্রী একাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। [ইহার প্রথম তৃতীয় সপ্তম নবম ও শেষ বর্ণ গুরু। 'রাৎ পরৈর্নরলগৈ রথোদ্ধতা।—ছন্দো-মঞ্জরী ২.৪৯। শ্রুতবোধ ২৩।]

রথোদ্ধতা দ্র 'রথোদ্ধত'।

রথোপস্থ পুং [ষ.ত] রথোপরিভাগ। "(কবচানি) °স্থে প্রবিক্ষিপ্য রা ২ ৪.৯৫। রথোপস্থ উপাবিশৎ গী ১.৪৬।

রথ্য বিণ [রথ+য (যৎ)] রথসম্বন্ধী। "রথ্যং চক্রং বা যুগং বা।—পা ৪ ৩ ১২১, কাশিকা। ঋগ্বেদ ১.৩৫ ৬। —থ্য পুং ১ 'রথবাহক' (অ টী), রথাশ্ব, অশ্ব। "শ ১.৮। ২ রথাংশ। —থ্য ক্লী ১ চক্র। ২ যুগ। —থ্যা স্ত্রী [রথ্য+স্ত্রী আ (টাপ্)] ১ রথবর্ত্ম, মহামার্গ, রাজপথ। "রা ২.৬ ১১। যাজ্ঞ ১.১৯৬। মাঘ ১৯ ৪৩। ভ ৪ ৯ ৫৭। ২ দ্বার,

দরজা; অভ্যন্তরমার্গ, নাছ; হট্টাদিমধ্যবিনির্মিত পথ; দুর্গনগরদ্বার; হট্ট-প্রায় জনাশ্রয় (অ.টী); গ্রামমধ্যমার্গ (ভানুজিদীক্ষিত)। ৩ রাজপথ-ভিন্ন মার্গ। "ভ ১.১১.১৫। ৪ রথসমূহ। "মাঘ ১৮.৩।

রুথ্যা দ্র 'রথ্য'।

রদ্ সক [ভ্বা, প—রদতি; সেট্] বিলেখন, ভেদ; উৎখাত, উৎখনন। "রদতি ভূমিং শূকরঃ (ক.ক)।

রদ[1] বিণ [√রদ্+অ (অচ্)-ক] ভেদক, উৎখনক। "নীরদৈঃ প্রিয়হীনা-হৃদয়াবনী-রদৈঃ।—ঘটকর্পর। —দ পুং ১ 'খাতভেদক', দন্ত। "°খণ্ডন গী.গো ১০.৩। °দংশন।—জ্ঞা ৮৮। ভা.চ ৪৮৯। দ্বিরদ°।—মে ৬৬। ২ হস্তিদন্ত। "নলোদয় ২.৮। ৩ (দন্তসংখ্যানুসারে) বত্রিশ (৩২) সংখ্যা। ৪ [+অ (ঘঞর্থে ক)-ভা] বিলেখন, ভেদ, উৎখাত। [°খণ্ডন (স্ত্রী)—দশনক্ষত। °চ্ছদ (পুং)—'দন্তাবরণ', ওষ্ঠ। "নৈ ২.২৪।]

রদ[2] '-দ্' বি [আ রদ্] ১ অগ্রাহ্য, অমান্য। "না গেলে হুকুম রদ বেগতি বিস্তর শ্রী.মা ১৫৭। রাজার হুকুম হইল রদ শ্রী ১৩; তোমার দোহাই রদ ১৪। ২ রহিত, বন্ধ। ৩ মকুব। ৪ অসত্য, ব্যর্থ। "তাহার প্রতিজ্ঞা দৃঢ় রদ করি তাহা। সাধিল আপন পণ নিজসাধ্য যাহা॥—ভ.গ্র ৩৩২। —দ বি বাদ (rejection)। "অধিক যে দেখে তাহা রদ দিয়া টানে ভা.চ ৪০৮। [রদ করা—রহিত বা আগ্রহ্য করা।]

রদচ্ছদ বি [সং °চ্ছদ; হি °দ; পদ্যে] ওষ্ঠ। "জ.প ৭৭। রকত রদ-ছদ বদহি রাজন দারুণ বি.মু ১৩৭।

রদন পুং [√রদ্+অন (ল্যুট্)-ণ] ১ 'ভেদসাধন', দশন। "জ.প ৭৭। বদনে রদন লড়ে ভা.চ ৪০৩। শি ২৭। হেম ১৯৩। °পাঁতি ম.প্র ১২৬। ২ হস্তিদন্ত। "এক রদন সে গজবদনে।—দু ২। —দনা স্ত্রী [+অন (ল্যুট্)-ভা] বিলেখন, ভেদ, উৎখাত। —দনী (-নিন্) পুং [°ন+ইন্ (ইনি)-১ব] দন্তী, হস্তী। [°চ্ছদ (পুং)—'দন্তাবরণ', ওষ্ঠ। "মহা ৬.৪৬.৪২। ক.সা ৪.৭।]

রদনচ্ছদন বি [সং °চ্ছদন, বৈষ্ণবসাহিত্যে] ওষ্ঠ। "জ.প ৭৫।

রদনী দ্র 'রদন'।

রদাঙ্কুর পুং [ষ.ত] দন্তপ্ররোহ, ঈষদুদ্ভিন্ন দন্ত।

রদারদি বি [রদ[1]-আ+রদ[1]-ই] দন্তে দন্তে প্রবৃত্ত যুদ্ধ; কেলিতে পরস্পর দন্তাঘাতযুদ্ধ। "যুদ্ধ রদারদি চৈ.চ ৩৪৭।

রদি, -দ্দী বিং [আ রদ্দী] ১ যাহা রদ হইয়াছে; অপকৃষ্ট, অব্যবহার্য্য, খারাপ, ওঁচা। "(সকলই) খরিদ্দারের চোকে ধুলি দিয়া রদি মাল পাচার করিবে ব.প্র ৬.১২। ২ নগণ্য, নামমাত্র, হেয়। "খোস্ক রদি রাজা। —হেম ৩৮০।

রদ্দী দ্র 'রদি'।

রদ্ধ বিণ [√রধ্+ত (ক্ত)-র্ম্ম] হিংসিত। —দ্ধা (-দ্ধ) বিণ [+তৃ (তৃচ্)-ক, বিকল্পে ইট্, পক্ষে 'রধিতা'] হিংসিতা। "ভট্টি ৯.২৯।

রদ্ধা দ্র 'রদ্ধ'।

রদ্দুর বি [রৌদ্র > রোদ্দ্‌র > রদ্দুর; অসাধু] রৌদ্র। "শ্রী.মা ৭।

রধ্ সক [দি. প—রধ্যতি; বলাদি আর্দ্ধধাতুকে বিকল্পিতেট্] ১ হিংসা, বধ। ২ পাক (ক ক)। —ধ্ অক নিষ্পত্তি। [রধ্+ণিচ্—রন্ধি; রন্ধয়তি, পা ৭.১.৬১।]

রন অর্থ [সং রণ্; হি √রন] অনুরণন করা, প্রতিধ্বনন। "প্রীতিস্নেহ. …উঠিছে ধ্বনিয়া, স্বর্ণবীণাতন্ত্রী হ'তে রনিয়া রনিয়া, অনন্ত বেদনা বহি চ.কা ১২২।

রন-পা '-ন্-' বি [E. run > রন] শীঘ্র দূরপথগমনার্থ পদাগারযুক্ত কাষ্ঠাদির দণ্ড।

রনরন বি [ধ্বন্যাত্মক] ১ নূপুরাদির মৃদুধ্বনি। "রনরন কিঙ্কিণী শি ১০৮। ২ ঘণ্টাধ্বনি। "ঘণ্টা বাজে রনরন ভা.চ ৫৩৯। ৩ সুরের ঝঙ্কার। "ঘোপাপুকুর রনরন করতে লাগলো।—হু ২৪০।

রন্জ্ অক [ভ্বা, দি, প—রজতি, -ন্তে; রজ্যতি, -ন্তে; অনিট্] রাগ, অনুরাগ, আসক্তি। —ঞ্জ্ সক রঞ্জন, বর্ণান্তরাপাদন, রঙ করা। [অনু —অনুরাগ। অপ—বিরাগ। উপ—উপরাগ। বি—বিরাগ।]

রন্তিদেব পুং ১ চন্দ্রবংশীয় নৃপবিশেষ। "মহা ১.১.২২৬। [সংস্কৃতি ইঁহার পিতা। ইঁহার রন্ধনশালায় প্রত্যহ বহু গো ও পশু নিহত হইত (মহা ৩.২০৭.৮-৯)। এই সকল নিহত পশুর চর্ম্মরাশিনিঃসৃত রক্ত-প্রবাহে চর্ম্মণ্বতী নদী উৎপন্ন হয় (মহা ১২.২৯.১২২,-৩। পু.মে ৪.৫)।] ২ বিষ্ণু।

রন্ধন স্ত্রী [√রধ্+অন (ল্যুট্)-ভা, নুম্ (আগম)] ১ হিংসা, বধ। ২ ছেদন। "অবিদ্যাগ্রন্থিরন্ধন ভ ৫.১৯.১০। ৩ পাক, রাঁধা। —ন্ধি পুং [+ই (ইন্)-ভা, উ ৪.১১৭] পাক। "ভ ৫.১০.২২। [°গৃহ, °শাল (বি)—পাকশালা, মহানস। "°গৃহ।—ম ৫৯৯। °শাল শ্রী ২১৭।]

রন্ধনী বি [°নীয়া > °নী] পাচিকা। "কথা পাব এমন রন্ধনী শূ ১৩৩। নৌতুন রন্ধনী।—ম ২১০। ক.চ ১২০। শ্রী ২১৭।

রন্ধি দ্র 'রন্ধন'।

রন্ধিত বিণ [√রধ্+ই (ণিচ্) স্বার্থে+ত (ক্ত)-র্ম্ম] ১ বিহিংসিত। "বিজ্ঞানদৃগ্‌বীর্য্যসুরন্ধিতাশয়ঃ ভ ২.২.১৯। ২ দগ্ধ। "যোগরন্ধিতকর্ম্মন্ ভ ৮.৩.২৭। ৩ কৃতরন্ধন, পক্ব।

রন্ধ্র ক্লী [√রধ্+র (রক্)-ণ, নুম্ আগম (অ.টী)] ১ দূষণ, দোষ, ছিদ্র, সপ্তাঙ্গ রাজ্যে পরপ্রবেশদ্বার-শৈথিল্য (মিতাক্ষরা)। "(শঠবুদ্ধয়ঃ) প্রহরন্তি চ রন্ধ্রেষু গো.রা ৫.৯০ ২১। রন্ধ্রোপনিপাতিনোঽনর্থাঃ শ ৬৪। রন্ধ্রান্বেষণদক্ষাণাং (দ্বিষাম্) রঘু ১২.১১। স্বরন্ধ্রগোপ্তা যাজ্ঞ ১.৩১১। ২ ছল, ব্যপদেশ। "প্রিয়ম্…রন্ধ্রাচলাম্ রঘু ৯.১৫। ৩ বিবর, গর্ত্ত। "রন্ধ্রাৎ সদ্যোভবাদ্ ভুবঃ রঘু ১৫.৮২। ৪ গহ্বর। "শৈল° রঘু ১০ ৩৬। ৫ কোটর। বৃক্ষস্যেব স্বরন্ধ্রতঃ মহা ৩.২৭৬.৫১। ৬ গাম্ভীর্য্য, গভীরতা। "নাভি° রঘু ১৮.২০। ৭ ছিদ্র। "জালামুখ° ভ ১০.৪১.২২; জাল° ৬০.৪; ৫। কোন রন্ধ্রে বাজে বাঁশী অতি অনুপাম।—জ্ঞা ১০৮। ৮ অন্তঃশূন্যভাগ। "কীচকৈর্ম্মারুতপূরিতরন্ধ্রৈঃ রঘু ২.১২। মাঘ ৪.৬১। ৯ দ্রোণি (মল্লিনাথ), অন্তর। "নখরন্ধ্রমুক্তৈর্ম্মুক্তাফলৈঃ কু.স ১.৬। অঙ্গুলি° রঘু ৬.১৯। ১০ ইন্দ্রিয়চ্ছিদ্র—চক্ষুর্দ্বয় কর্ণদ্বয় নাসাদ্বয় বক্ত্র লিঙ্গ গুহ্য ব্রহ্মরন্ধ্র—এই দশ (শার্ঙ্গধর)। "বক্ত্র° রঘু ৯.৬৩। স্রোতো° পু.মে ৪২। নেত্র° ভ ১০.৩২.৮। ১১ ইন্দ্রিয়চ্ছিদ্রসংখ্যানুসারে (৯) সংখ্যা। দ্র 'খ'ও (৬)। ১২ অধোগলরন্ধ্র (নীলকণ্ঠ)। "(মাংসখণ্ডম্) রন্ধ্রাগতমধাখানাম্ (অরঃ) মহা ১২.২৮২.৫৪। ১৩ (জ্যোতিষে) লগ্ন হইতে অষ্টম স্থান। [°গুপ্তি (স্ত্রী)—ছিদ্রগোপন, ছিদ্রসংরক্ষণ। দ্র 'রন্ধ্র (১)'। °প্রহারী (-রিন্)—ছিদ্রোপঘাতী। °বংশ (পুং) —ছিদ্রপ্রচুর বংশ; ফাঁপা বাঁশ।]

রন্ধ্রগত বিং রন্ধ্রপ্রাপ্ত। দ্র 'রন্ধ্র' (১৩)। [রন্ধ্রগত শনি—রন্ধ্রস্থিত শনিগ্রহ (ইহা মৃত্যুর কারণ)। "রন্ধ্রগত আছে শনি। সরোজিনীর প্রমাদ গণি॥—জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।]

রন্ধ্রাগত ক্লী [দ্বি.ত] অধোগলরন্ধ্রগত মাংসখণ্ড। দ্র 'রন্ধ্র (১২)।

রন্ধ্রান্বেষণ ক্লী [ষ.ত] ছিদ্রানুসন্ধান, দোষান্বেষণ। "রঘু ১২.১১। —ষেষী (-ষিন্) বিণ [রন্ধ্র+অনু-√ইষ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -ষিণী] ছিদ্রান্বেষণকারী।

রন্ধ্রোপনিপাতী (-তিন্) বিণ [রন্ধ্র+উপ-নি-নি+√পত্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -তিনী] ছিদ্রপথে আক্রমণকারী। "শ ৬৪।

রন্ন বি [সং অরণ্য > প্রা রন্ন; অসাধু] বন। "রন্নের বাঘ গো.চ ৭১। ২ [অন্ন > রন্ন; দ্র 'র[7]'] অন্ন। "গো চ ৫৬; ৭৪; ৭৫।

রপট বি [হি রপট] ১ দৌড়, বেগে গতি। "একই রপটে, তুলশিতির জটে, থেয়ে ধরে কালু বীর শ্রী ১৪২। দপটে রপটে, ঝড় বহে খরতর ভা চ ৪৯২। ২ দৌড়-ঝাঁপ, লাফালাফি। "রপটে রিপু ভাবে ভয়। ৩ [ঠ রপাটা] বেগ, প্রবাহ। "রণভূমিকখিররপটে মহী কাদা। (শ্রী)।

রপ্টে-রপ্টে ক্রি বিং [ফা রফ্‌তহ্‌ রফ্‌তহ্‌, হি রফ্‌তা রফ্‌তা] ধীরে-ধীরে। "(ছেলেরা) ঢাকের পেচোনে পেচোনে রপ্টে-রপ্টে ব্যাড়াচ্চে। —হু ২।

রপ্ত বিং [আ রব্‌ত্] অভ্যাস (practice)। "বাবা, দেশে থেকে দাঁড়ি টানাটা রপ্ত কর না।—ম গ্র ১০৬। শুনিয়া শুনিয়া অনেক ইংরেজী গৎ রপ্ত করিয়াছি।—পা.কো ১০২।

রপ্তানী বি [ফা রফ্‌তনী] বিক্রয়ার্থ দেশান্তরে পণ্যদ্রব্যপ্রেরণ, বিদেশে মাল পাঠান (export)। বিপ 'আমদানী'।

রফা বি [আ রফ্‌অ'] নিষ্পত্তি, মীমাংসা, মিটমাট। "মুহুরির রাখিল হিসাব করি রফা ভা চ ৫৪০। [°নামা—মীমাংসাপত্র। রফা করা —নিষ্পত্তি করা। রফা হওয়া—মীমাংসিত হওয়া।]

রব পুং [√রু+অ (অপ্)-ভা] ১ শব্দ। "বৃষভস্যেব তে রবঃ। —ঋগ্বেদ ১ ৯৪ ১০; ৩৩১ ৬। হাহা° ক সা ৫৬ ১২৬। ২ চিৎকার। ৩ কূজন। 'চাকরব' ক্রৌঞ্চম্ রা ১.২২৯। কোকরবৈর্বৈরস্তৈশ্চ পক্ষিণাম্ মহা ১৩২৬ ৫৯। কোকিল° শ ৪২৩। ৪ গুঞ্জন। "মধুলিহাম্...কুরুবকা রবকারণতাং যযুঃ রঘু ৯ ২৯। ৫ টঙ্কার, ধনুঃশব্দ। "শার্ঙ্গচাপ° রা ৭৭১৬। রঘু ৯ ৫৪। ৬ মেঘধ্বনি, স্তনিত। 'মহামেঘ° মহা ১১৮১৯। ৭ গর্জন, গম্ভীর নাদ। "সিংহ° (SW)। সিংহনাদ° মহা ৭১২২। ৮ ভূষণধ্বনি, শিঞ্জন। 'বিভূষণ' গো রা ৪১৩২১। নূপুর° (SW)। ৯ জলজাত শব্দ। "শরম্বা বর্দ্ধতে রবঃ গো বা ৪২৭১২। উর্ম্মি° ভ ৬৯২৪। বীচিরবে।—মে ১১২। ১০ বাদ্যধ্বনি। "শঙ্খবাজ' রা ৭৭১৬। শঙ্খতূর্য্য°।—হ ১৫৮১৪। ঘণ্টা°, বীণা° (SW)। ১১ কোলাহল, কলকলধ্বনি। "রাক্ষসানাং রবাংশ্চাপি প্রসতে বৈষ্ণবো রবঃ রা ৭৭১৬। ১২ সিংহনাদ, হুঙ্কার। দ্র '(১১)। ১৩ আয়ুধশব্দ। "বাণশব্দ" মহা ৭১২.২। শক্তিং ভীমরবাম্ ভ ১০৭৭১২। ১৪ স্বর। "গীত°।—বৃহৎসংহিতা ৪৪৭। বৈতালিকরব ক সা ৪৪১৮৫। ১৫ (বাঙ্‌লায়) শব্দোচ্চারণ। "বিষ্ণু' -রব কবি মুখে,...করিমুখে, করি স্তুতি।—দা ৩। ১৬ কলঙ্ককথা, অখ্যাতি। 'বিষ খায়া দেহ যাবে রব রবে দেশে চ দা ৯৯। ১৭ জনরব, জনশ্রুতি। "রব উঠা। ১৮ ঘোষণা। "ভবে না তুমিই রবে, আমিই রব, রবে কেবল রবটি রবে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [রবই (রব করে), রবইতে (প ক)।]

রবক-সবক বি [?] গোলমাল, হাঙ্গাম (?)। "যে রবক-সবক পড়ে তাতে যে জমিদারি থাকে—এতনা মোর এক্কেলে মালুম হয না আ হু ৯২।

রবণ বিণ [√রু+অন (যুচ)-ক, স্ত্রী -ণা] ১ শব্দনশীল, রবকারী। "ভট্টি,৭১৪। ২ তীক্ষ্ণ, তীব্র। ৩ চঞ্চল। ৪ ভণ্ডক, বিনোদপ্রিয়তা। —বণ পুং ১ উষ্ট্র। "মাঘ ১২৯। ২ কোকিল। "উ ২.৭৪। ৩ মধুমক্ষিকা। ৪ খঞ্জন। —বণ স্ত্রী ১ কাংস্য। ২ [+অন (ল্যুট্)-ভা] রব।

রবধান বি [অবধান > °ন, দ্র 'র', তু 'আম'—রাম, 'রাম, রামনাথ'—আম, আমনাথ (কোচ ও রাজবংশী ভাষা),—আম (রাম) বাবুর রাম (আম) বাগানে থলো থলো রাম ফলেছে। অপ্র] মনোযোগ, কৃপাদৃষ্টি। "প্রজারা নিকটে আসিয়া সেলামি দিয়া 'রবধান' ও 'স্তালাম' করিতে লাগিল আ হু ১৬৩। [রবধান ও স্তালাম—কৃপাদৃষ্টি করুন, সেলাম করি।]

রবাব বি [ফা র(রু)বাব, F rubébe, Ger rubeba, rebek; Italian—ribebba, ribeca, Spanish—rebeca, P rebeca, E rebec] বেহালার মত তারের যন্ত্রবিশেষ। "বি.প ৯৯; ১০০। ক.চ ২। চৈম ১৮৫। মে ৭। [সহস্র বৎসর অতীত হইল বসুধাগ্রামনিবাসী আবদুল্লা এই যন্ত্রের প্রথম সৃষ্টি করিয়া 'রুবেব' এই নামকরণ করেন। উইলার্ড সাহেব বলেন, স্পেনিস্ গীটারের অবয়বের সহিত রবাবের অনেকাংশে সমতা আছে।—যন্ত্রকোষ।] [রবাবী (ফা রবাবী)—রবাব-বাদক।]

রবার বি [E rubber] বৃক্ষবিশেষের নির্য্যাস হইতে প্রস্তুত স্থিতিস্থাপক দ্রব্যবিশেষ।

রবাহুত বি রবে আহুত, লোকমুখে সমারোহ ক্রিয়ার কথা শুনিয়াই উপস্থিত দরিদ্র বা কাঙালি। "রবে যাচ্ছে রবাহুত।—দা ৯৩৯। আহুত, অনাহুত, রবাহুত,...সাধু, অসাধুতে নগরে আর স্থান হয় না ব প্র ৫০০। আমাদের যে উৎসবসমারোহ, তাহা আহুত-অনাহুত-রবাহুতের আনন্দ-সমাগম।—রবীন্দ্র। চা পু ২০।

রবি পুং [√রু+ই-র্ম (অচি) উ ৪১৩৮] ১ 'স্তবনীয়', সূর্য্য। "রা ২৬৩১৫। মনু ১২৩। সহস্রগুণমুৎস্রষ্টুমাদত্তে হি রসং রবিঃ রঘু ১১৮। লঙ্কার পঙ্কজ-রবি।—মে ২০৯। ২ অর্কবৃক্ষ। ৩ আদিত্যসংখ্যানুসারে বার (১২) সংখ্যা। ৪ (বাঙলায়) শ্রেষ্ঠার্থ। "রবিকুল°। —মে ১৫, ৮৮। [°কান্ত (পুং)—সূর্য্যকান্তমণি। °কুল (বি) —সূর্য্যবংশ। দ্র 'রবি (৪)। °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী)—সূর্য্যগ্রহণ। °চক্র (ক্লী)—নরাকারসূর্য্যচক্রবিশেষ (শ ক)। °দিন (ক্লী), °বাসর (পুং, ক্লী)—রবিবার। °দীপ্ত (বিণ) রবিকরোজ্জ্বল। °নাথ (পুং)—বকুক, (ক্লী)—পদ্ম। °বংশ (পুং)—সূর্য্যবংশ। "ম ৭০১। °বিম্ব (ক্লী)—সূর্য্যমণ্ডল। "বৃহৎসংহিতা ৩২০। ম ২১৩৯। °মণি (পুং), °বত্ন (ক্লী)—রবি-প্রিয় মণি, সূর্য্যকান্ত। °রত্নক (ক্লী) —পদ্মরাগ। °লোচন (পুং)—বিষ্ণু, শিব। °লোহ (ক্লী)—রবিপ্রিয় ধাতু, তাম্র। °সংক্রান্তি (স্ত্রী)—সূর্য্যের অন্যরাশিতে সংক্রমণদিবস, পর্ব্ববিশেষ। °সারথি (পুং)—অরুণ।]

রবিখন্দ, -শস্য বি [আ রব্‌ই'—বসন্তকাল] যে সকল শস্য বসন্তে পাকে, চৈতালী।

রবিচ্ছবি, -ছবি বি [দ্র 'ছবি', পদ্যে] রবিমণ্ডল। "°চ্ছবিকরস্পর্শে উজ্জ্বল যে মণি।—মে ১০৭। রবিছবি।—মা ১২৫, রঙ্গ ৬।

রবিছবি দ্র 'রবিচ্ছবি'।

রবিজ পুং [রবি+√জন্+অ (ড)-ক, উ ত] ১ 'রবিজাত', শনি। "বৃহৎসংহিতা ৫৬১। ২ যম। ৩ (বহুব) রবিকরজাত কেতুসমূহ। "বৃহৎসংহিতা ১১১০। —জা স্ত্রী 'সূর্য্যকন্যা', যমুনা। 'রবিজারোধে রমণীগণ ঝুর।—গো ২৫৪।

রবিজা দ্র 'রবিজ'।

রবিতনয়, -নন্দন, -পুত্র পুং [ষ ত] ১ 'সূর্য্যসুত', শনি "°তনয়।—বৃহৎসংহিতা ৩৪১২, °পুত্র ৪৭১৩। ২ যম। ৩ সাবর্ণিমনু। ৪ বৈবস্বতমনু। রবিনন্দন ভ ৯১১৯। ৫ সুগ্রীব। ৬ কর্ণ। —তনয়, -নন্দন পুং দ্বিব অশ্বিনীকুমারদ্বয়।

রবিনন্দন দ্র 'রবিতনয়'।

রবিপথ বি সূর্য্যপথ, আকাশ। "শ্রী ১৪১।

রবিপুত্র দ্র 'রবিনন্দন'।

রবিপ্রিয় পুং [ষ ত] ১ রক্তকরবীর। ২ লকুচ। —প্রিয় স্ত্রী ১ তাম্র। ২ [বহুব্রী] রক্তকমল।

রবিশস্য দ্র 'রবিখন্দ'।

রবিশিলা বি সূর্য্যকান্তমণি। "জ্ঞা ৫৬।

রবিসুত পুং [ষ.ত] ১ 'সূর্য্য-পুত্র', শনি। ২ সুগ্রীব। ৩ কর্ণ। "ম ৯১৬। —সুতা স্ত্রী যমুনা। "°সলিলে শ্রী.ম ৬৮।

রবিসুতা দ্র 'রবিসুত'।

রভ্ অক [ভ্বা, ঙ—রভতে ; অনিট্] রাভস্য, উৎসুকীভাব (ক.ক) ; নির্ব্বিচারপ্রবৃত্তি (গোবিন্দভট্ট)। [আ—আরম্ভ। পরি—পরিরম্ভ, আলিঙ্গন। প্র-আ—প্রারম্ভ। সম্—সংরম্ভ, ক্রোধ।]

রভঃ (-ভস্) স্ত্রী [√রভ্+অস্ (অসুন্)-ণ] সংরম্ভ, কোপ। "ভ ৪.২৮.২ ; রভসা দষ্টদচ্ছদম্ ৭.২.৩০।

রভস বিণ [রভস্+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -সা] ১ রাভস্যযুক্ত (সায়ণ), বেগবান্। "রভসায় জন্মনে।—ঋগ্বেদ ১.১৬৬.১। মহা ৫.৫১.১০। ২ বেগবান্, তীব্র। "রভসয়া নু দিগন্তদিদৃক্ষয়া—কি ৫.১। ৩ সমুৎসুক, ব্যগ্র। "রহিলাম চিত্তে হোয়ে অত্যন্ত রভস শ্রী.মা ২৯। ৪ হর্ষযুক্ত। ৫ (বাঙ্লায়) হর্ষজনক। "রভস-গন্ধ ব.প ১৩৩৭। —ভস পুং [√রভ্+অস (অসচ্)-ভা, উ ৩.১১৭] ১ বেগ, জব। "মাঘ ৬.১৩ ; রভসোত্থিতা ৯.৭২। কৌতুকরভসে আমি গণকে কহিল চৈ.ম ৭৯। রভসে ত্রিপথগামিনী।—গ ১৯৯। শ্রী মা ৪১। ২ ত্বরা, সম্ভ্রম। "রভসাৎ...সম্বজে মাঘ ৬ ১৩ ; সরভসপরিরম্ভ ১১.২৩। ভ ৩.১৭.১১। ৩ উৎসুকীভাব, ঔৎসুক্য। "অভিঘাত" রঘু ৯.৬১। রভসে আপন জীউ পরহাতে দেলা বি.প ৪৩। ৪ বলাৎকার, প্রসভ, হঠ। "বদনং দয়িতায়াশ্চ্যুতি প্রিয়তমে রভসেন কি ৯.৪৭। রভসাকর্ষণ ক.সা ১৮.৪০৬। ৫ হর্ষ, আনন্দ। "°প্রবৃত্তকুরঙ্গচক্রদুন্দুভিধ্বনি মাঘ ১৩.৩। সরভস উ চ ৬.৮। বি.প ৫৬ ; কত মধুযামিনী রভসে গোঁয়ায়লু ২১৪। °রস।—জ্ঞা ৮৭ ; ২৩৫। প্রেমরভস-রসে ভোর ন.প ৩০৮। গ ৭। হাসে বৃষকেতু রণে রভস-বিকলে অ.প ১৮। রভসে রস্তাকে কন শ্রী.মা ১২। ৬ অতিশয়। "সৌরভরভসবশংবদ গী.গো ১.৩০। ৭ আবেশ। "রতিরভসভর গী.গো ২.১১। জলসিক্তিক্ষিতিসৌরভ-রভসে চ.কা ২৫০। ৮ প্রেমোৎসাহ। "মনসি রভসবিভবে গী.গো ৫.৬। ৯ উৎসাহ। "মদভিসরণ° গী.গো ৬.৩। ১০ নির্ব্বিচারপ্রবৃত্তি, হঠকারিতা। ১১ সংরম্ভ, ক্রোধ। "ভ ৩.৩০.১৯। ১২ অনুতাপ। ১৩ অতিস্পৃহা, লালসা। ১৪ পৌর্ব্বাপর্য্যবিচার (শ.ক)। ১৫ (বাঙ্লায়) বিলাস, রঙ্গ, রহস্য, পরিহাস। "কেলি রভস যব শুনে। আনত হেরি ততহি দেই কাণে॥—বি.প ৩৯। হাম নিরগুণ রতি রভসে গোঙারি।—ব ১৭১। ১৬ কেলি, বিহার। "রভস সময়ে পুন দেয়বি ভঙ্গ বি.প ৫২ ; ২০৭। ১৭ রসাবেশ। "হরি অব হাসি, রভসে পুন কাহুকে, কুটিল নয়নে নাহি চাহ।—প.ক ৬২। ১৮ প্রেম। "রভস আলিঙ্গনে পুলকিত ভেল বি.প ২১০। নীলধটি পরিপাটি রভসরঙ্গ চৈ.ম ১০৭। ১৯ রসিকতা, বৈদগ্ধ্য। "একদিন মনে রভসকাজ। মালিনী হইল রসিকরাজ॥—চ.দা ৩৭। ২০ কাপট্য, শঠতা। "ছিয়ে ছিয়ে তোহারি রভসময় ভাষ বি.প ১২৩। ২১ রসকলা, কৌতুক, তামাশা। "আন তারে নিজ পুরী, বিবিধ রভস দেখিবারে শ্রী.ম ২৭২। ২২ বলপ্রয়োগ, বাহুযুদ্ধ। "মুষ্টিক সহিত রাম করেন রভস শ্রী.ম ১৩১।

রভসরস বি ১ আনন্দরস। "রসময়-রাস রভসরস মাঝ বি.প ৯৮। ২ কেলিরস। "না জানি রভস-রস পহিল পিরীত প.ক ৯৯।

রম্ অক [ভা, ঙ—রমতে ; অনিট্] ১ ক্রীড়া। ২ রতি, রমণ, আসক্তি। [অনু—অনুরাগ, আসক্তি। "ভট্টি ৮.৩৯। অভি, আ—অভিরাম, আরাম, আসক্তি। উপ—উপরতি, নিবৃত্তি, মরণ। পরি—পরিতোষ। "ভট্টি ৮.৫৩। বি—বিরাম, নিবৃত্তি।]

রম১ বিণ [√রমি+অ (অণ্)-ক ; স্ত্রী -মী] ১ রময়িতা, প্রীণয়িতা। "নিখিলগুহ্যকাধিপ-রমৈঃ পরমৈঃ (ধনৈঃ) কি ৫.২০। [সমাসে উত্তরপদ]। ২ [+অ (অচ্)-ক ; স্ত্রী -মা] প্রিয়, রমণীয়। "রমার রম-উরসে যথা শ্রীনিবাস।—মা ১৩৭। —ম পুং ১ প্রিয়, কান্ত। ২ কামদেব। ৩ অশোক। —মা১ স্ত্রী [রম+স্ত্রী আ (টাপ্)] ১ লক্ষ্মী। "রমা যত্র ন বাক্ তত্র, যত্র বাক্ তত্র নো রমা। তে দ্বে যত্র বিলয়ো নাস্তি সা চ সা চ স চ ত্বয়ি॥—উদ্ভট। ২ পত্নী (দ্র 'রামা')। ৩ শোভা। "স-রমা। ৪ ধন (A.)। ৫ কার্ত্তিকের কৃষ্ণপক্ষের একাদশ দিবস। —মক বিণ [√রম্+অক (ক্বুন্)-ক, উ ২.৩৩] বিলাসী।

রম২ অর্ম্ম [সং √রম্ >লি. প্রা √রম ; হি, ঠ, গু, মৈ, অস √রম্] ১ ক্রীড়া করা ; আনন্দলাভ করা ; আসক্ত হওয়া। "এই সাতে রমে যেই, সেই আত্মারামগণ চৈ.চ ২৩৩ ; ধৈর্য্যে যেই রমে ২৩৯। সর্ব্ব গুণ সদাচার তার দেহে রমে ভ.গ্র ৪৮১। ২ রমণ বা সম্ভোগ করা। "লহু লহু রমই পরিজন পাশ বি.প ৭৬ ; নাগরী রমইতে ভয় নাহি মান ১৪৪। রমিয়া পুরাএ কৃষ্ণ গোপীগণকাম রা.প ১৩। শি ১১০। এক হয়্যা সভায় রমেন চক্রপাণি শ্রী ম ২১৯। ৩ মধুপানপূর্ব্বক ক্রীড়া করা। "ভ্রমর ভ্রমরী ভ্রমি, সবহু কুসুমে রমি বি.প ১৬৭। —ম সর্ম্ম [সং √রমি—রময় > °ম, হি √রমা] ১ রমিত বা প্রীত করা। "যে বিদ্যুৎ-ছটা, রমে আঁখি, মরে নর, তাহার পরশে।—মে ৮৯। ২ সম্ভোগে তৃপ্ত করা। "রময়ে রতন শ্যাম রমণীরতনে বি.প ২১২। গিয়া বৃন্দাবনে, বসিলা যতনে, রমিতে বরজ ধনী চ.দা ৬৫। সব ব্রজ-রমণী রমিল একবারে রা.প ১৩। রমসি—আনন্দিত করিতেছ। "প ক ৮২২। রমএ, -মিল, -মন্তি (শ্রী.কী)। রম, -মই, -মন্ত (দো)।]

রম৩ '-ম্' বি [E rum] মদ্যবিশেষ, গৌড়ীসুরাবিশেষ।

রমক দ্র 'রম১'।

রমজান বি [আ রমজ়ান্] মুসলমানী সনের নবম মাস, রোজার মাস। "°ন-ইদ্-সোবেরাত আমার করা সার্থক আ.দ্র ২৯।

রমণ [√রমি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ রময়িতা, প্রীতিপ্রদ। "ভ ৪.৬.১১। পবশল সুরকি রমণে প ক ২৪৫। নয়নরমণী।—মা ১৪২। কেশরিকামিনী,—নয়ন-রমণী রূপে।—মে ১৪। ২ রতিজনক, রতিকর। "(অপ্সরসো জাতাঃ) রমণাঃ স্বর্গিণাং বল্গুগতিলীলাবলোকনৈঃ ভ ৮.৮৭ ; বৃন্দারণ্যং স্বপদরমণম্ ভ ১০.২১.৫। (বনানি) রমণানি বনৌকসাম্ ভট্টি ৬.৭২। (যদুবীর) রমণী-রমণ।—গো ৮৯। ৩ মোহন, মোহকর। "রজনিকররমণ, বাতুলপদনখ-ফান্দে প.ক ৩২৮।—মণ পুং [+অন (ল্যু)-ক] ১ পতি, কান্ত। "কু.স ৪.২১। জাবপতি ভুজি রামা এড়ি স্বরমণ শ্রী ম ১৪২। ভা.চ ৩০১। ২ প্রিয়, দয়িত, বল্লভ। "গচ্ছন্তীনাং রমণবসতিং যোষিতাম্ পু মে ৩৭। রতিরতরাগিণীরমণ বসন্তঃ রাধা° বি.প ৯৯। রমণীরমণবর প ক ১৪৮। ব ৬২। না সো রমণ, না হাম রমণী চৈ.চ ১১৮। মা ১৬৬। ৩ কামদেব। ৪ গর্দ্দভ। ৫ অরুণ। ৬ বৃষণ। ৭ মহারিষ্ট। —মণ ক্লী [√রম্+অন (ল্যুট্)-ণ] ১ পটোলমূল। ২ জঘন। "রমণফলক ক.ম ১৩০। ৩ নিতম্ব। "চক্র-বর্ত্তুলং রমণম্ ক.ম ২.৩৪। ৪ [+অন-ভা] ক্রীড়া। ৫ আসক্তি, ৬ নিধুবন, সুরত, রতি। "রমণরভসখেদ মাঘ ১১.১৯। ম ১২১ ; অহল্যা সহিত ইন্দ্র ভুঞ্জিল রমণ ১০৭৭। রমণে রমণী মরে কোথাও না শুনি ক.চ ১৬০। ম.পা ২। শ্রী.মা ৫৩। রমণশ্রেষ্ঠ শি ২০ ; আত্মারাম-রমণে রজনী হৈল শেষ ১১১। —মণা স্ত্রী ১ রমণী (শ.ক)। ২ পীঠ-শক্তিবিশেষ (শ.ক)। —মণী স্ত্রী [+অন-ক, অথবা √রম্+অন-ঘি, স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'রময়িত্রী', যোষিদ্‌বিশেষ, উৎকৃষ্টস্ত্রী। ২ পত্নী। "ভোগঃ কো রমণীং বিনা (সু.র)। শুনিয়া বাক্য কহিছে রমণী। —কু ৩। জননী রমণী হয়, রমণী জননী।—ম ১০২৩। খগেন্দ্রে রমা উপেন্দ্র-রমণী।—মে ৯৬। ৩ নারী, স্ত্রীমাত্র। ৪ বালাখ্যবৃক্ষ।

রমণা, রমণী দ্র 'রমণ'।

রমণীয় বিণ [√রম্+অনীয় (অনীয়র্)-ঘি] ১ যাহাতে আসক্ত হয় ;

প্রীতিকর, মনোরম। "রা ২.৩০.৪৪। দিবসাঃ পরিণামরমণীয়া শ ১.৩। ২ সুন্দর, মোহন। "রমণীয়াজম্ (পুরুষম্) ভ ৪.৮.৪৬। —ণীয়তা স্ত্রী [°য়+তা (তল্)] রমণীয়ভাব, সৌন্দর্য্য, কান্তভাব। "সা.দ ৩.৯৭। [°জন্মা (-ন্মন্) বিণ—শুভক্ষণজাত, ক্ষণজন্মা।]

রমর্ধ্য বিণ [√রম্+অন্য-ধি, উ ৪.৬৩] রমণীয়।

রমা¹ দ্র 'রম¹'। [°কান্ত, °ধব, °ধিপ, °নাথ, °পতি, °প্রিয় (পুং) —বিষ্ণু, কৃষ্ণ। "°পতি পা ৩.৪.৭৬ সি। °প্রিয় (ক্লী)—পদ্ম। °রমণ (বি)—লক্ষ্মীপতি, বিষ্ণু। "°রমণ-রঞ্জিতপদ।—দ্র ৬১।]

রমা² সর্ম্ম [রম²+আ⁸; হি √রমা; সং √রমি—রময়] ১ রমিত করা; আনন্দিত করা; মোহিত করা। "রসাল রসিকপ্রিয় রমাইব রাগে য়া.স ১। ২ আসক্ত করা; অনুরাগী করা। "না ছোড়ল রস প্রভু নিজযোগবলে। রমায়ে রমণী সব সুরতে বিহারে রা.প ৪৩। ৩ রমণ করান; সুরত ভোগ করান। "নানা রসে রমিয়া রমাইল গোপীগণে রা.প ১৪।

রমাশ্রয় পুং [ষ.ত] লক্ষ্মীপতি, বিষ্ণু। "ভ ১.১২.২৩।

রমিত বিণ [√রমি+ত (ক্ত)-র্ম] ১ তোষিত, প্রীণিত। ২ কারিত-রমণ, সম্ভুক্ত। "গী.গো ৭.১২। ৩ (বাঙলায়) রমণীয়, মনোরম। "বন অতি রমিত হইল ফুল ফুটনে।—মা ১৬৫। রমিত বিপিনমাঝে গি.ঘি ৯৪।

রমেশ, -শ্বর পুং [ষ.ত] লক্ষ্মীপতি, বিষ্ণু, কৃষ্ণ।

রমেশ্বর দ্র 'রমেশ'।

রম্ভ্ অক [ভ্বা, ও—রম্ভতে; সেট্] শব্দ।

রম্ভ পুং [√রম্ভ্+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ। ২ [+অ (অচ্)-ক] বেণু। ৩ বানরবিশেষ। "গো রা ৪.৩৯.২০।—ম্ভা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] ১ কদলী, কলাগাছ। "কন্তাং রম্ভোরুম্ মহা ১.৬৩.৭১। রম্ভাতরুপীবরোরু নৈ ২২.৪৩। রাম° ভা চ ২৯১। ২ অপ্সরোবিশেষ। [রম্ভা কুবেরপুত্র নলকুবরের পত্নী। রাবণ রম্ভাকে বলপূর্ব্বক সম্ভোগ করায়, নলকুবর রাবণকে এই শাপ দেন যে, বলপূর্ব্বক অকামা রমণীকে ধর্ষণ করিলে, মস্তক সপ্তধা ভিন্ন হইবে। দ্র 'রা ৭.২৬.৪০-৫৬।] ৩ গৌরী (পীঠশক্তিবিশেষ—শ.ক)। ৪ বেশ্যা। ৫ গোধ্বনি, হাম্বারব। ৬ তণ্ডুলবিশেষ। ৭ কদলীফল, কলা।

রম্ভণ বি [সং পরিরম্ভণ] আলিঙ্গন। "প.ক ৪৫০।

রম্ভা দ্র 'রম্ভ'। [°তৃতীয়া (স্ত্রী)—জ্যৈষ্ঠশুক্লতৃতীয়া। °স্তম্ভ (পুং) —কদলীকাণ্ড। "স্তম্ভনিভং তবোরুযুগলম্ (সা.দ)।]

রম্ভোরু বিণ. স্ত্রী [রম্ভাতুল্য উরু যাহার, বহুব্রী; স্ত্রী -রূ (পা ৪ ১.৬৯; মুগ্ধবোধ ২৭৮); -রু (A.)—"কন্তাং রম্ভোরুম্ (মহা ১.৬৩.৭১)] কদলীস্তম্ভসদৃশোরু স্ত্রী। "রম্ভোরু!—গো.রা ১.৬৬.৭; রঘু ৬.৩৫। রম্ভোরু মাঘ ৮.১৯।

রম্য বিণ [√রম্+য (যৎ)-ধি] ১ রমণীয়, মনোহর, মনোরম। "রা ২.৩২.৩। শ ১.১৮; রম্যান্তরঃ (পন্থাঃ) ৪.১১। রম্য বন।—ম ৩৬৮। ২ বেদবিধানানুসারে অনুষ্ঠিত; বেদবিধানানুমত। "রম্যান্তপোধনানাম্...ক্রিয়াঃ শ ১.১৩। —ম্য পুং ১ চম্পকবৃক্ষ। ২ বক-বৃক্ষ।—ম্য ক্লী ১ পটোলমূল। ২ রেতঃ। ৩ ইন্দ্রিয়প্রীতিকর ভোগ্য-বস্তু। "রম্যং দ্বেষ্টি শ ৬.৫।—ম্যা স্ত্রী ১ রাত্রি। ২ স্থলপদ্মিনী। [°দারুণ (বিণ)—ভীমকান্ত।]

রম্যক ক্লী [রম্য+ক (কন্) স্বার্থে] ১ পটোলমূল। ২ নববর্ষান্তর্গত বর্ষবিশেষ। দ্র 'ভ ৫.১৬.৮।—ম্যক বিং (বাঙলায়) রমণীয়। "রম্যক কানন।—ম ৫৭৩।

রম্যশ্রী পুং [বহুব্রী] 'মনোহরবেশ', বিষ্ণু। "পাঞ্চরাত্র ৪.৩.৩০।

রম্যা °দ্র 'রম্য'।

রম্যান্তর বিণ [বহুব্রী] যাহার অবকাশ রম্য; মনোহরপার্শ্বভাগ। "রম্যান্তরঃ কমলিনীহরিতৈঃ সরোভিঃ (পন্থাঃ) শ ৪.১১।

রয়্ সক [ভ্বা, ও—রয়তে; সেট্] গতি।

রয় পুং [√রয়্+অ (অচ্)-ক] ১ প্রবাহ, স্রোতঃ, ধারা। "নদী° রা ২.৬৪.৭৪; রঘু ১১.৫৮। প্রতিহতরয়ং তোয়ম্ পূ.মে ২০। শুভ্রজল°।—মে ২৬৮। ২ বেগ। "অপ্রতিহত° উ.চ ৩৩৬। সংবৎসর° ভ ৪.২৯.১৮; রথচরণপরিভ্রমণ° ৫.৮.৯। মানবজীবনস্রোত...বিমল রয়ে বহে।—মে ২৮৮।

রয়নি বি [সং রজনি, -নী > প্রা রয়নি, -ণী > বা °নি; হি রয়নি, রৈন; প রৈন; ঠ রয়নী; গু রয়ণী; মৈ রইনি, রৈনি; বৈষ্ণব-সাহিত্যে] রাত্রি। "রয়নি ছোটি অতি ভীরু রমণী বি.প ৯১। রয়নি উজাগরি ব প ১০১৭।

র-র ক্রি [রহ—র > র-র (অবধারণে দ্বিত্ব)] থাম্-থাম্। "তুই সুমুন্দি মোক্তার এমনি র-র করে য়্যাসেচে।—নী ২৬।

ররাট ক্লী [তু 'ললাট' (ল > র)] ললাট। "শুক্লযজুর্ব্বেদ ৫.২১; ২৪.১।

রলা¹ স্ত্রী [তু 'রল্লা'] কলহকারিকা। "বৃহৎসংহিতা ৮৬.৩৭; ৮৮.৬।

রলা² বি নল > নলা > °লা; দ্র 'আ¹°'] নলের মত লম্বা ও সরু। "রলা রলা হাত পা। [রলাকাঠ—লম্বা সরু কাঠ। "(পা দুখানি) প্রস্থে বলাকাঠের পরিমাণ ব.প্র ২৪।]

রল্লক পুং [?] ১ লোমশ হরিণবিশেষ। "মাঘ ৪.৬১। ২ কম্বল। "মাঘ ৪.৬১, মল্লিনাথ। ৩ পক্ষ্ম।

রল্লা বি [হি রল্লা] কোলাহল, গোলমাল। "ঘরের এক কোণে হুঁকো থেকে আগুণ পড়ে বাওয়ায় সে দিকের থাকেরা রল্লা করে উঠে...কাপড় ঝাড়চেন।—হু ৩৯।

রশনা স্ত্রী [√অশ্+অন (যুচ্)-ক, √অশ্ > রশ্, উ ২.৭৫; তু 'রসনা'; 'রশনা'—রজ্জু (ঋগ্বেদ ২.২৮.৫।—সায়ণ)] ১ 'কটিব্যাপক', কাঞ্চী, মেখলা। "রা ২.৩২.৭। সমুদ্ররশনা চোর্ব্বী।—হ ২৩৯.৩। রঘু ৮.৫৮। নিতম্ব-বিম্বে ক্বণিছে রশনা।—মে ১৫৬। ২ রজ্জু। "যোক্ত্রয়ামাস বাহুভ্যাং পশুং রশনয়া যথা মহা ৪.২২.৭৪। ববন্ধ ...পশুং রশনয়া যথা ভ ১.৭.৩৩। ৩ বল্গা। ৪ জিহ্বা। [°কলাপ (পুং)—কাঞ্চীভূষা। "রঘু ১৬.৬৫। ঋতু ৩.২০। °গুণ (পুং) —কাঞ্চীসূত্র। "রসনাগুণাম্পদম্ কু.স ৫.১০। °পদ (ক্লী)—কাঞ্চীস্থান, কটি।]

রশা বি [হি, ঠ রস্সা] মোটা দড়ী, দড়া। [রশারশি (হি, ঠ রস্সা রস্সী)—দড়া-দড়ী। "লয়ে রশারশি করি কশাকশি পোঁটলা পুঁটলি বাঁধি।—রবীন্দ্র।]

রশি, -সি² বি [সং রশ্মি > প্রা রস্সি > বা রসি, -শি; হি, পঠ, রস্সী, গু, সি, ড় রসী, রসী (গো চ)] ১ রজ্জু, দড়ী। "রসি।—ম ৭১৭, দা ৫৯৫; ২০৮৯। পালের রসি ধরব কসি।—গান ১৪১। ২ ভূমিপরিমাণার্থ রজ্জু; ৮০ হাত পরিমাণ। "দা ৮। ৩ (বৈষয়িকে) রশিপরিমিত ভূমি; দৈর্ঘ্যে ৮০ হাত জমি।

রশুই, রস(স্থ)ই বি [সং রসবতী (পাকশালা) > প্রা রসবঈ, রসোই > বা রস(সু)ই, -শুই, হি, প ঠ—রসোঈ (খাদ্যপাক), রসাই (গো.চ)] রন্ধন, পাক। "লক্ষ্মি রসই করি ছায় গো.চ ৬১। রসুয়ের (রসুইএর) শালে ক.চ ১৫৯। রসুই করিয়া (ভোজন করিল অন্ন) অ.প্র ৩১১,-১৭। [রশু(সু)ই ঘর, -শাল—রান্নাঘর। "রশুই-শাল ক.চ ১৫৭; রসুইশাল ২১৭।]

রশু(স্থ)ন বি [সং রসোন, লশুন, আ সুম্] উগ্রগন্ধ কন্দবিশেষ। [°তৈল—রসুনের সহিত পাক-করা সর্ষপতৈল (ইহা গোরুর ঘায়ের ঔষধ)। "শি ৭৯।]

র(রে)শুম, -সুম বি [আ রস্‌ম্; রোশন্ (কথ্য)] আদালতে নালিশের ষ্ট্যাম্প-খরচ ; নালিশের শুল্ক বা ফি।

রশ্মি পুং [√অশ্+মি-ক, √অশ্ >রশ্, উ ৪.৪৬] ১ 'ব্যাপক', কিরণ, কর। "ঋগ্বেদ ১.৩৫.৯ ; ৪.১৪.২। মন্দরশ্মি রা ২.৬২.১৯ ; দীপস্ত...রশ্ময়ঃ ৬৪.৭৩। প্রবিভক্তরশ্মি শ ৭.৬। ২ অশ্ববন্ধনার্থ প্রগ্রহ ; অশ্ববন্ধনরজ্জু (সায়ণ) ; প্রগ্রহ, বল্গা। "ঋগ্বেদ ১.২৮.৪ ; ৪.২২.৮ ; মনু ৫.৯৯। শ ১.৮। ন ৪৯৭। ৩ রজ্জু, রশি। "মুক্তরশ্মিরিব ধ্বজঃ গো.রা ৪.১৬.২। ৪ পরিমাণরজ্জু, রশি। ৫ পক্ষ (মেদিনী)। [°কলাপ (পুং)—চতুঃপঞ্চাশদ্‌যষ্টিক মুক্তামালা। "বৃহৎসংহিতা ৮১.৩২। °মণ্ডল (ক্লী)—কিরণমালা। °মালী (-লিন্) বিণ—কিরণমালাবান্, মরীচিমালী ; (পুং)—সূর্য্য। °মুচ পুং—'কিরণমোচক', সূর্য্য। "মহা ৭.১৫১ ৪০।]

রশ্মিবান্ (-বৎ), -মান্ (-মৎ) বিণ [রশ্মি+বৎ, মৎ (বতুপ্, মতুপ্)-১ব ; স্ত্রী -বতী, -মতী ; দ্র 'পা ৮.২.৯] কিরণবান্, তেজস্বী, সমুজ্জ্বল। "°মৎ গো রা ৫.৪১.২০। °বৎ মহা ৫.১৫৫ ১২। —বান্, -মান্ পুং সূর্য্য। "যুগান্তে রশ্মিবানিব গো রা ৪.৮.২। রশ্মিমানুদয়ে যথা মহা ৩.২২৪.২৮।

রশ্মিমান্ দ্র 'রশ্মিবান্'।

রস্ অক [ভ্বা, প—রসতি ; সেট্] শব্দ। "রসতি রাসভঃ (ক.ক)। —স্ সক [অদন্ত চু, প—রসয়তি ; সেট্] ১ আস্বাদন। ২ স্নেহন (ক.ক)। [রসয়তু—আনন্দিত করুন। "প.ক ২৪২০।]

রস[1] পুং [√রস্+অ (অচ্)-র্ম্ম] ১ 'আস্বাদনীয়', রসনাগ্রাহ্য গুণবিশেষ ; স্বাদ, রসবত্তা। "°বৎ পা ৫.২.৯৫। অম্ল° মহা ৩.৫৭.৩৭। [(বৈশেষিকে) রস ষড়্‌বিংশতি গুণের অন্যতম। মধুর অম্ল লবণ কটু কষায় তিক্ত ভেদে ইহা ষড়্‌বিধ (মহা ১৪.৫০ ৪৪)। জলে ও পৃথিবীতে রস বিদ্যমান। ইহা পঞ্চ তন্মাত্রের একতম। এই ষড়্‌বিধ রস পরস্পরসংযোগে সপ্তপঞ্চাশৎ-প্রকার (চক্রপাণিদত্ত)।] ২ অপ্‌সারভূত রসতন্মাত্র। "রসোঽহমপ্সু, কৌন্তেয় গী ৭.৮। ৩ স্বাদনীয় বস্তু ; ভোগ্যার্থ ; খাদ্য। "রসপাচক মহা ৪.৪৪.৫। মনো ববন্ধান্তরসান্ বিলঙ্ঘ্য সা রঘু ৩.৪। নানা রস অপ্রমেয় ভা.চ ১৫। ৪ বৃক্ষাদির নির্য্যাস ; সার, সত্ত্ব। "ইক্ষুকাণ্ড° রা ২.৯১.১৫। ইক্ষু° চৈ.চ ২০০। ৫ ফলপুষ্পের সার ; পুষ্পমধু। 'কুসুম°, দ্রাক্ষা°, নারিকেল°। ৬ দ্রব্য, তরলদ্রব্য। "অলক্ত° রা ২.৬০.১৮ ; রসান্ ভৌমান্ ৬৩.১৫। কনকরসনিস্যন্দিন্ শ ৭১৪। ধাতু° কু.স ১.৭। খটিকা° ক.ম ৩.৩৩। অমিয়ারস বি.প ২৩। তাম্বূলের রসে ক.চ ১৬৬। ব.প ২৪৫। জ্বলিছে...ঘৃতরসে দীপ।—মে ১৯৫। ৭ বীর্য্য, সার। "গত° গী ১৭.১০। রসান্বিতঃ রসময়ী।—দু ১৭। ৮ গুড়াদি, ইক্ষুরসগুড়শর্করাদি (মিতাক্ষরা)। "মনু ২.১৭৭। যাজ্ঞ ৩.৩৬। ৯ পেয়-দ্রব্য, পান। ১০ জল। "রসং সর্ব্বসমুদ্রাণাম্ গো.রা ৪.২৭.৩। আদত্তে হি রসং রবিঃ রঘু ১.১৮। অধর...নীরস পঙার বি.প ৬৫। রসহীন কাদম্বিনী ক.চ ১৬৬। রস-রসে রাত্রিদিন রাখিব ডুবায়ে শ্রী.মা ৯০। নীল নলিনী জনু শ্যামসিন্ধু-রসে।—গো ১৩৩। জলদপটল, বরিখত রসধার।—জ্ঞা ২০। মলয়জ-রজ রসমিশালে বা.দ ২০২। ঘন শ্রাবণ-মেঘের মত রসের ভরে নম্র নত।—চ.কা ৪৩৭। ১১ মদিরা, সুরা। ১২ পেয় ঔষধ ; রসায়ন। ১৩ ঘৃত। ১৪ দুগ্ধ। ১৫ বিষ। ১৬ অমৃত। "পরশ-রস তনু চায় জ.প ১৯। ১৭ যূষ। ১৮ শরীরস্থ সপ্ত ধাতুর প্রথম রসধাতু। দ্র 'ধাতু (২)। ১৯ তেজঃ, বীর্য্য। ২০ পারদ। "রসের দাপনি ক.চ ২৪৫। রসের দর্পণে রামা মুখ দেখে শ্রী ৯৩। লৌহ রাঙ রস বা.ম ২১৩। ২১ শিলারস, সিহ্লক। ২২ গন্ধরস, বোল। ২৩ হিঙ্গুল। ২৪ রসাঞ্জন। ২৫ স্বর্ণ। ২৬ ধাতুদ্রব্য। ২৭ সর্জ্জরস। ২৮ লবণাদি। "মনু ৯.৩২৯। ২৯ ভাব। "তদিদমবিপর্য্যাসিতরসং উ.চ ২.২। ৩০ পঙ্ক, দ্রব। "অন্যাঃ স্পর্শো বপুষি বহলশ্চন্দনরসঃ উ.চ ১.৩৮। ৩১ রাগ, অনুরাগ, প্রীতি, স্নেহ, প্রেম। "দদৌ রসাৎ...গজায় গণ্ডূষজলং করেণুঃ কু.স ৩.৩৭। অহমেকরসঃ রঘু ৮.৬৫। উ.চ ১.৩৯। রাখিব রস জনু পুন পুন আব বি.প ৫৫। ডগমগ তনু রসের ভরে ভা.চ ৩০০। ৩২ যে গুণ থাকিলে, কাব্য সামাজিকগণের আস্বাদ্য আনন্দ-জনক ও উপাদেয় হয় ; বিভাবাদি দ্বারা ব্যক্ত সামাজিকের আস্বাদ্য প্রধান স্থায়িভাব—রত্যাদি ; কাব্যের আত্মা। 'বিভাবেরনুভাবৈশ্চ ব্যক্তো বা ব্যভিচারিভিঃ। আস্বাদ্যত্বাৎ প্রধানত্বাৎ স্থায়ী ভাবো রসো ভবেৎ॥ —শ.ক। সা.দ ৩.১। "রসের রসিক মোর রসিক মুরারি ব.প ৮২১। [রস নববিধ—শৃঙ্গার হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানক বীভৎস অদ্ভুত ও শান্ত রস (সা.দ ৩.১৮২)। মতান্তরে শান্তরস শমসাধ্য, নটে তাহা অসম্ভব, এই হেতু রস অষ্টবিধ। অমরকোষেও অষ্টবিধ রসের উল্লেখ আছে। কিন্তু এই মত পণ্ডিতগণের অনভিমত (দ্র 'সা.দ ৩.১৮২, টিপ্পনী)। বৈষ্ণবমতে ভক্তভেদে শান্ত দাস্য সখ্য বাৎসল্য মাধুর্য্য—এই পঞ্চ রতি এবং পঞ্চ রতিভেদে শান্তাদি পঞ্চ ভক্তিরস। ইহা মুখ্য রস। হাস্য অদ্ভুত বীর করুণ রৌদ্র বীভৎস ভয়—এই সপ্ত রস গৌণ ও আগন্তুক, অর্থাৎ কারণ পাইলে প্রকাশিত হয় (চৈ.চ ২০০)। দধি যেমন খণ্ডমরিচাদির যোগে 'রসাল'-নামক রস হয়, স্থায়িভাবও বিভাবানুভাবাদির মেলনে রসতাপ্রাপ্ত হয় (চৈ.চ ২৩০)।] ৩৩ আনন্দ, সুখ। "সুতস্পর্শ° রঘু ৩.২৬। পাত্রকোপে কি করে রাজার রস যাতে শ্রী ১২৯। রস না হইবে করিলে রগড়া ভা.চ ৩৩১। ৩৪ বিষয়ে রাগ ; অভিলাষ, তৃষ্ণা। "রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে গী ২ ৫৯। (তে) ইষ্টে বস্তুন্যুপচিতরসাঃ উ মে ৫১। ৩৫ সৌন্দর্য্য, শোভা, লালিত্য, লাবণ্য। "নিরানন্দ রসহীন সকলি দেখায়।—হেম ১। ৩৬ ষড়্‌রসের সংখ্যানুসারে ছয় (৬) সংখ্যা। "শাকে রস রস বেদ শশাঙ্ক গণিতা ক.চ ৩১৩। বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা ভা.চ ৫৬২। ৩৭ [+অ-ণ] রসনা, জিহ্বা। ৩৮ (বাঙ্‌লায়) রসাত্মক বিষয়। "শ্রীকবিকঙ্কণ রস গান ক.চ ৩। দ্বিজ মাধবে রস গায়।—গ ১৬২ ; মাধবে রস ভাষে ১৮৩। ৩৯ পণ্যে মিশ্রিত জল। "ঘোল সেরে কত রস, সবে বেচি গণ্ডা দশ, তার দান চাহে দুই পণ শ্রী.ম ৬৪। ৪০ খর্জ্জূরনির্য্যাস। "সাধে রস, তোর যশ, গায় বঙ্গভূমি।—পদ্মমালা। ৪১ অর্থসঞ্চয়, সঙ্গতি। ৪২ খাদ্য। "কাক উচ্ছিষ্ট রস পানি বি.প ১২২। ৪৩ মধুরতা। "কথার রসে দেবীর পাতিয়া গেল মন ম.ম ৬। ৪৪ রঙ্গ, কৌতুক, মজা। এই রসে ছিলি সবে ভা.চ ৩৭৩ ; দুসতীনে কন্দল নহিলে রস নহে ৫৩৪। [°কর্পূর (ক্লী)—শোধিতপারদঘটিত ঔষধবিশেষ ; রসকাপুর। °কেশর (ক্লী) —কর্পূর। °গন্ধ (পুং, ক্লী)—গন্ধরস, বোল। °গন্ধক (পুং)—১ গন্ধ-রস। ২ গন্ধক। °গর্ভ (ক্লী)—১ রসাঞ্জন। ২ হিঙ্গুল। °গুণ (বিণ) —রসরূপগুণ-যুক্ত। "আপো রসগুণাঃ মনু ১.৭৮। °গ্রহ (বিণ)— ১ রস-বশীকৃত। "ভ ১.৫.১৯। ২ স্বাদগ্রহণসাধন। "জিহ্বা °গ্রহঃ ভ ৩.২৬. ৪১। °ঘ্ন (পুং)—'রসদোষনাশক', টঙ্কণ। °জ্যেষ্ঠ (পুং)—১ 'রস-প্রধান', মধুররস। ২ আদিরস। °তেজঃ (-জস্)—রসধাতুর সার ; রক্ত। °দ (বিণ)—নির্য্যাসদাতা। "নলোদয় ৩.১৪। °দ (পুং) —বৈদ্য। °দালিকা (স্ত্রী)—পুণ্ড্রকেক্ষু, পুঁড়ি-আক। °ধাতু (পুং) —রসাত্মক ধাতু ; পারদ। °নাথ (পুং)—রসশ্রেষ্ঠ, পারদ। °নায়ক (পুং)—'রসাধিপতি', শিব ; কামদেব। °নেত্রিকা, -ত্রী (স্ত্রী)—মনঃ-শিলা। °পাচক (পুং)—খাদ্যপাককারক ; পাচক। "মহা ৪.৪৪.৫। °প্রবন্ধ (পুং)—রসাত্মক গ্রন্থ ; কাব্যমাত্র, (বিশেষতঃ) দৃশ্যকাব্য। °বহ (বিণ)—রসপ্রাপক, রসজনক। °বাদ (পুং), °শাস্ত্র (ক্লী) —রসবিজ্ঞান, রসায়নবিদ্যা। °বিক্রয় (পুং)—মদ্যবিক্রয়। °বিক্রয়ী (-য়িন্)—সুরাবিক্রেতা। "মনু ৩.১৫৯। °বিৎ (-দ্) বিণ—রসজ্ঞ,

স্বাদজ্ঞ। °বোধ (পুং)—১ স্বাদজ্ঞান। ২ কাব্যরসাস্বাদনশক্তি; রসানুভব। °ভব (স্ত্রী)—'রসধাতুজাত', রক্ত। °ভস্ম (-স্মন্) স্ত্রী—পারদভস্ম। °মর্দন (স্ত্রী)—পারদপেষণ। °মল (স্ত্রী)—রসধাতুর অসারাংশ; শরীরমল। °মাত্র (স্ত্রী)—রসতন্মাত্র। °মারণ (স্ত্রী)—পারদমারণ। °মূর্ছন (স্ত্রী)—পারদমূর্ছন। °যোগ (পুং)—নানারসমিশ্র খাদ্য। "মহা ১৩.১১৬.২। °লোহ (পুং)—১ পারদ। ২ রসাঞ্জন। °শোধন (স্ত্রী)—পারদদোষনাশন; (পুং)—টঙ্কণ। °সিন্দুর (স্ত্রী)—রসজাত সিন্দুরবৎ পদার্থ; গন্ধকমিশ্রিত পারদ ভস্ম করিয়া কৃত সিন্দুরবৎ ঔষধবিশেষ; সিন্দুররস। °স্থান (স্ত্রী)—১ পারদ যাহার উৎপত্তিস্থান; হিঙ্গুল। ২ রসধাতুস্থান।] [রস দেওয়া—পণ্যে জল মিশান। রস মরা—শুখান। রস-মরা—শুষ্ক। রস হওয়া—রস জমা। রসের কথা—কৌতুকজনক বিষয়; মজার কথা। রসের কাটি, কাঁঠি—প্রবালের কাঠি; গলাকাঁঠী। দ্র 'রসকাঁঠী'। "জুআন জুআন জম সাজিলে গলায় রসের কাটি গো.চ ২১৬। ডাগর রসের কাঁঠি গাঁথ্যা পরে গলে ব.প ২৭৯। গলায় রসের কাটি শি ১১০। রসের জ্বর—আন্তরিক শর্দ্দিজন্য জ্বর। রসের দর্পণ—পারা-বসান আরশি। দ্র 'রস১ (২০)। রসের বাতি—রতিরসোদ্দীপক প্রদীপ। "জ্বালাল রসের বাতি রা.শে ১০৬। রসে রসে কাজ মিটা—সরসভাবে বা সহজে কার্য্যসিদ্ধি।]

রস২ অর্ম্ম [রস১ > °স২] ১ সরস বা আর্দ্র হওয়া। "বর্ষায় গুড়, নুন, পাট রসে। ২ পচা-পচা হওয়া; শড়া। "গরমে মাছ রসে। সই লো, তোর মরা মানুষ ফিরেছে:—কিন্তু পচে নাই, কিঞ্চিৎ র'সেছে।—দা ২১৮৮। ৩ অসুস্থতায় রস জমা বা ফুলা। ৪ রতি রসে পূর্ণ হওয়া। "কলেবর কামরসে রসিল বা দ ২১৫। ৫ ভাবার্দ্র হওয়া; গলা (মন)। —সা সর্ম্ম [রস২+আ৮] ১ রসযুক্ত বা আর্দ্র করা। ২ রতিরসে পূর্ণ করা। "মন্দ মন্দ সমীরণ, রসায় ঋষির মন ভা.চ ২৮২। ৩ ভাবার্দ্র করা; গলান। [রসা—সর্থ 'রস২'। রসান—সর্থ 'রসা'।]

রস-আগর বিং [দ্র 'আগর২'] রসে অগ্রগণ্য; পরমরসিক। "তুহুঁ রস-আগর নাগর ঢীট বি.প ৮২।

রসই, রসইঘর দ্র 'রসুই'।

রসক পুং [রস১+ক (কন্) সংজ্ঞার্থে] পক্বমাংস; নিঃক্বাথ (অ.চি)। "ক.সা ৩৯.৯; ১২।

রসকর বিং প্রীতিকর, সুখজনক। "°র ভোজন শ্রী ৪০।

রসকরা বি চিনির রসে পাক-করা নারিকেল-কোরার সন্দেশবিশেষ। "কু ৩৭৬। বি সু ৫০। ব.প্র ৭৫।

রসকলা বি রতিবিদ্যা, বিলাসকলা। "কিবা বুঝহ রসকলা বি.পা ২৯৫; ৩১৭। জানে নানা রসকলা ন প ২৮৯।

রসকলি বি বৈষ্ণবীর নাসিকাগ্রে গোপীচন্দনরসের পুষ্পকলিকাকার তিলক। "নাকে তিলক, রসকলি।—দা ৭২; ৪৩৭। (কৃষ্ণগোবিন্দ) রসকলি ও খঞ্জনিতে চিত্ত বিক্রীত করিয়া ভেক লইয়া বৈষ্ণবীর সঙ্গে শ্রীবৃন্দাবন যাত্রা করিল ব.প্র ৩৫৮। বৈরাগিরঞ্জন রসকলি ব.ছি ১১।

রসকল্প বি রসকলা, রতিশাস্ত্র। "বয়স আমার অল্প, নাহি জানি রসকল্প, তুমি দেখাইয়া তল্প, জাগাইলে যামী ভা চ ১৩৪।

রসকষ বি ['কষ' (অনু.শব্দ)] রসলেশ, বচনমধুরতা। "কথায় রসকষ নাই।

রসকাঁঠী বি প্রবালের কাঁঠী; গলার কাঁঠী বা হারবিশেষ। "গলায় সে 'রসকাঁঠী' (পাঠান্তর—'প্রবালকাঁঠী') চৈ.ম ৪৯।

রসক্ষেপা, -পাগলা বিং কামবায়ুগ্রস্ত, কামবেয়ে।

রসখেলা বি রতিক্রীড়া। "দোহে করে °লা বা.ম ৩২৪।

রসগাথা বি সরস গীতিকবিতা। "গঙ্গামঙ্গল রসগাথা।—গ ১৪১।

রসগুবাক বি সরস সুপারি; মজা সুপারি। "ম.ভা ৬৬।

রসগোল্লা বি চিনির রসে পাক-করা রসপূর্ণ ফাঁপা গোল ছানা-সুজির মিষ্টান্নবিশেষ।

রসজ বিণ [রস+√জন্+অ (ড)-ক; উ.ত] ১ গুড়াদিরসজাত। "সত্ত্বানাং রসজানাম্ মনু ১১.১৪৪। ২ রসধাতুজাত। —জ পুং ১ ইক্ষুগুড়, গুড়। ২ মদ্যজাত কীট। —জা স্ত্রী 'রসধাতুজাত', রক্ত।

রসজ্ঞ বিণ [রস+জ্ঞা+অ (ক)-ক; উ.ত] ১ রসকলাবিৎ, রসিক, বিদগ্ধ। "যজ্জুষতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু পদে পদে।—ভ ১.১.১৯; ৩.২০.৬। ২ স্বাদজ্ঞ, গৃহীতরস। "ফলমূল° গো.রা ৪.৩৭.২৫। পয়সাং রসজ্ঞঃ রঘু ২.৩৬। সাংসারিকেষু সুখেষু বয়ং রসজ্ঞাঃ উ চ ২.২১। ভবতঃ কথায়াং রসজ্ঞঃ ভ ৩.১৫.৪৮। ৩ সুখজ্ঞ। "ঐশ্বর্য্যস্য রসজ্ঞঃ রা ২.৩.৭। ৪ তিক্তস্বাদজ্ঞ। "শোকরসজ্ঞাস্তা ভবিষ্যন্তি গো.রা ৭.৩৫.৬৬। —জ্ঞ পুং ১ পণ্ডিত, কবি। ২ পারদতত্ত্ববিৎ, রাসায়নিক। ৩ ভিষক্, বৈদ্য। —জ্ঞতা স্ত্রী [°জ্ঞ+তা (তল্)] সুখজ্ঞতা, সুখোপলব্ধি। "সুতস্পর্শ° রঘু ৩.২৬। —জ্ঞা স্ত্রী রসনা, জিহ্বা।

রসজ্ঞা দ্র 'রসজ্ঞ'।

রসতড়কা বি শিশুর হস্তপদাদির আক্ষেপকর রোগবিশেষ।

রসদ '-দ্' বি [ফা রসদ্] ১ সৈন্যের খাদ্যশস্যাদির ভাণ্ডার; সৈন্যের খাদ্য (ration)। ২ খাদ্য। ৩ আধার, স্থান। "কূলেতে কুঁড়িয়া খাত (কড়ির) রসদ করিল ক.চ ২০০। ৪ খাজনা অনাদায়ে বা খরচের সঙ্গত কারণাভাবে জমিদার দোষীর যে জরিমানা করেন।

রসধিয়া বি [রসধী > রসধিযঃ (প্রথমা-বহুবচন) > বা °য়া] রসজ্ঞগণ, পণ্ডিতেরা। "সৌন্দর্য্য-মাধুর্য্য-আদি ইত্যাদি করিয়া। কিঞ্চিত কিঞ্চিত ভেদ জানে রসধিয়া॥—ভ.প্র ৩৯৩।

রসন স্ত্রী [√রস্+অন (ল্যুট্)-ভা] ১ শব্দ, ধ্বনি। "রসনং স্নিগ্ধঃ।—বৃহৎসংহিতা ৪৬.৭৮। ২ মেঘধ্বনি। ৩ রব, কূজন। "রসনং মণ্ডুকানাম্।—বৃহৎসংহিতা ২৮.৪। ৪ গর্জ্জন। ৫ আস্বাদন, স্বাদগ্রহণ। ৬ [+অন-র্ম্ম] 'আস্বাদনীয়', রস। ৭ [+অন-ণ] 'আস্বাদনসাধন', রসনা, জিহ্বা। "গী ১৫.৯। ভাষাপরিচ্ছেদ ৪০। যাজ্ঞ ৩.৭৭। ভ ২.২.২৯। নৈ ৩.৯৪। শ্রী.কী ২৩০। ৮ [সং রসনা; অসাধু] (বাঙ্লায়) কাঞ্চী। "শ্রী.কী ১৫৯; ২০৩। —সন পুং কফ। —সনা স্ত্রী [+অন(যু)-ক (অ.টী)+স্ত্রী আ (টাপ্); +অন (ল্যুট্)+স্ত্রী আ, অজাদি (ত.বা)] ১ 'রসাস্বাদক', জিহ্বা। "অপূর্ব্বা রসনাব্যালাঃ খলাননবিলেশয়াঃ। কর্ণমূলে স্পৃশন্ত্যন্যঃ হরন্ত্যন্যস্য জীবিতম্ (সু.র)। রসনা! রস না বুঝে, রসহীন দ্রব্যে ম'জে, রস না ঘটালি কি কারণ! —দা ৯০৮। যে শোনে, আঁখি মুদি রসনা কাটি, শিহরি কানে দেয় হাত।—কথা ২১। ২ [+অন (যুচ্)-ক+স্ত্রী আ] 'শব্দকারিণী', কাঞ্চী। "নিতম্বে রসনা সাজে ক.চ ৪। সঘন জঘন…সরস রসনা সাজ।—ব ৬৭। ললিত নৃত্যে বাজুক স্বর্ণরসনা চ.কা ২৫১। ৩ গুণ, রজ্জু। ৪ বল্গা। তু 'রশনা'। [রসনা কাটা—লজ্জায় জিব কাটা।]

রসনা দ্র 'রসন'। [°গুণ (পুং)—সর্থ 'রশনাগুণ' (দ্র 'রশনা'।]

রসনাকণ্ডূয়ন বি জিবের চুলকানি; বাঙ্নিষ্পত্তিজন্য জিহ্বার ব্যাকুলতা। "নিতান্ত যদি দেখ, রসনাকণ্ডূয়নরোগ জন্য কাজে মন যায় না, জিবে কাষ্টকি দিয়া ঘা কর ব.প্র ৬৩৭।

রসনানন্দ বিং বাক্যে প্রীতিকর; বাক্পটু। "বি.প ১৮১।

রসনারব বি জিহ্বাধ্বনি, উলুধ্বনি। "বি.সু ১৪৫।

রসনারোচন বিং জিহ্বার রুচিকর। "°ন (পদ)।—গো ২৫৫।

রসনাশোধনী বি জিহ্বামলশোধনী, জিব-ছোলা। "রা.শে ৫।

রসনেন্দ্রিয় স্ত্রী [ষ ত] স্বাদগ্রহণের ইন্দ্রিয়, জিহ্বা (সুশ্রুত)।

রসনোপমা স্ত্রী [উ.লো] রসনাকার উপমাবিশেষ। [যাহা পূর্ব্ব উপমার উপমেয়, তাহা পরবর্তী উপমায় উপমান, এইরূপে তৃতীয়াদি

উপমেয়, পরবর্তীর উপমান হইলে, কাঞ্চীগ্রথিত ক্ষুদ্রঘণ্টিকার সাদৃশ্যে, তাহা 'রসনোপমা' হয় (সা.দ ১০.২৫) ।]

রসপাকজ পুং [°ক+ √জন্+অ (ড)-ক ; উ.ত] রসের পাকে জাত ; গুড়, ইক্ষুগুড় ।

রসপাগলা দ্র 'রসক্ষেপা' ।

রসপুর বিং [পত্তে] রসপূর্ণ, রসময় । "বর্ণন...রসপুর ভ.গ্র ৩৫৮ ।

রসবড়া বি তেলে বা ঘিয়ে ভাজা গুড়ের বা চিনির রসে ফেলা ময়দার সহিত মিশ্রিত বাটা কলাইএর ডালের বড়া ।

রসবতী দ্র 'রসবান্' ।

রসবন্ত বিং [রস১+বন্ত ; প্রা, মৈ °মংত ; হি °রংত] ১ রসযুক্ত, রসকলাজ্ঞ, রসিক । "কানু রসবন্ত বি.প ৪৯ ; ১০২ । ২ রতিরসোদ্দীপক । "রাগ রচয়ে রসবন্ত বি.প ৯৯ । হাস বদনে রসবন্ত ভ.গ্র ৩৭৫ । ৩ সরস, রসপূর্ণ । —বন্ত বি রসিক জন । "বড় পুণ্যে রসবতী মিলে রসবন্ত বি.প ৪৯ ।

রসবাত বি শরীরের রসদোষজন্য গোদ । "সে খুড়ীমার হাতে পায়ে রসবাত-বেদনা ছিল ।—ব.প ১১৭৪ ।

রসবাদর বি রসের বর্ষা ; রসপ্রাচুর্য্য । "শোভা ভুবন-বি.জই রস-বাদর. নিরখি নগর-নরনারী উমঙ্গ ন.প ৩৪৭ ।

রসবান্ (-বৎ) বিণ [রস+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] ১ রস-যুক্ত, আর্দ্র । "ক্ষেত্রং হি রসবৎ মহা ৫.৭৯.২ । ২ সরস, সত্ত্ববান্, কাঁচা (succulent) । "শস্যানি রসবন্তি ।—মহা ১.৬৮.১০ । ৩ দ্রবদ্রব্য-পূর্ণ (পাত্র) । ৪ স্বাদবান্, স্বাদু, মধুর, সুরস । "রসবন্তি...মূলানি চ ফলানি চ ।—রা ৭.৮৪.৭ । রঘু ৮.৬৮ ; রসবন্তিরম্বুভিঃ ১১.১১ । ৫ মধুময় । "রসবন্তি প্রসূনানি ।—রা ৭৮৪.৭ । ৬ রত্যাদিরসজ্ঞ, রসিক । "রসবতী রমণীরতন ধনী রাই বি প ৯৯ । ৭ রাগবান্, অনুরাগী । ৮ পরিহাসরসিক, নর্ম্মভাষী । ৯ শোভন, সুন্দর, কমনীয় । —বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'অন্নাদিযুক্তা', পাকশালা, মহানস । "গো ৯ । ২ (বাঙলায়) রসিকা । "বড় পুণ্যে রসবতী মিলে রসবন্ত বি.প ৪৯ । শুন রসবতি. তুমি সে রসের কূপ চ.দা ১৫০ । রসবতী জীবয়ে কৈছে রস বিন ।—গো ২৫৫ । কহে আর রসবতী গালভরা পান ভা.চ ৪০৭ । [রসবতী নদীগণ (অপ্র)—জলপূর্ণ নদীসমূহ । "বা.দ ২৪৭ ।]

রসবাস বি ১ রসযুক্ত অর্থাৎ মুখের সুরসজনক সুগন্ধি মুখশুদ্ধির মশলা-বিশেষ । "লবঙ্গ এলাচী আর উত্তম রসবাস । তুলসীমঞ্জরী সহ দিল মুখ-বাস ॥—চৈ চ ৮৬ , আচমন করাইয়া ভট্ট দিল মুখবাস । তুলসীমঞ্জরী লবঙ্গ এলাচী রসবাস ॥—১৭৯ ; রসবাস গুড়ত্বক্-আদি ৩৩৮ । ২ রন্ধনের সুগন্ধি মশলাবিশেষ ; পাঁচফোড়নবিশেষ (?) । "(কিনে) হিঙ্গু জীরা রসবাস ক.চ ১৫৬ ; সুপ রান্ধে রসবাস. হিঙ্গু জীরা বাসে সুবাসিত ১৫৭ । ৩ রসের আধার (কৃষ্ণ) । "রতিরঞ্জিত রসবাস ।—গো ৮৯ ; প.ক ২৪২৮ ।

রসভঙ্গ বি ১ রতিরসসম্ভোগের বিচ্ছেদ ; সুরতবিরতি । "কোন্ কালে রসভঙ্গ নহে পশুপতি । দেবগণ মিলি তবে করেন যুকতি ॥—বা.ম ৩৬ । ২ রসের বা আমোদের সুখভোগে বিচ্ছেদ বা বাধা ।

রসভাত বি খর্জ্জুররসে পক্ব তণ্ডুল ; রসখাউ ।

রসমই বি [রসময়ী > °ই] ১ প্রেমরসময়ী, মাধুর্য্যময়ী । "শুন রাধে রস-মই ! আমি যার সহায় হই, তার কি ভয় ইন্দ্রচন্দ্রকোপে ।—দা ২০২ । ২ ভক্তিরসময়ী, অতিভক্তিমতী । "যারে শিব আরাধে, তায় আরাধে, আমার রাধা রসমই ।—দা ২০৫ । ৩ রসবতী রাধা । "ধ'রে লয়ে যেতে আজ্ঞা দিয়েছেন °মই ।—দা ৫৯৪ ।

রসমন্ত বি [দ্র 'রসবন্ত'] রসিক । "রস বুঝহ °ন্তা বি.প ১২৫ ।

রসময় বিণ [রস+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] ১ রসবিকার, দ্রবময় । ২ রসপ্রচুর, রসাত্মক । "রসময় রাস বি.প ৯৮ । ৩ পারদবিকার, পারদকৃত । ৪ রসতন্মাত্রপ্রচুর । "অম্ভো রসময়ম্ ভ ৩.৫.৩৫ । ৫ নির্য্যাস-স্বরূপ । "(মুহুঃ) বটবৎসাশ্চ তরবঃ পৃথগ্ রসময়ং পয়ঃ ভ ৪.১৮.২৫। ৬ রতিরসবিকার । "রসময়মূর্ত্তি কৃষ্ণ—সাক্ষাৎ শৃঙ্গার চৈ.চ ১৯। ৭ প্রণয়াত্মক, প্রেমময় । "ভূয়সা জীবিধর্ম্ম এব যদ্ রসময়ী কস্যচিৎ কচিৎ প্রীতিঃ উ.চ ৫২৬ । ৮ জলময়, জলাবয়ব । "(সা) ক্রীড়ারস-ময়স্তেব লহরী শৈশবাম্বুধেঃ ক.সা ২৮.৯৯ । ৯ রসিক, বিদগ্ধ । "রসময়ী ইন্দুমুখী ভ.গ্র ৪৬৫ । ১০ (বাঙলায়) স্বামী (সম্বোধনপদ) । "হিড়িম্বা ...কহিল রসময় (স্মরণ করিলে আসিব) ম.বি ২৫ ।

রসমানিক বি রসিকরাজ (উপহাসে) । "আশ্‌মানি কহিল,—'ও রস-মাণিক ! উত্তর—'হুম্' ।—ব.প্র ২৭ ।

রসমুণ্ডী বি রসপূর্ণ ছোট মণ্ডা বা রসগোল্লাবিশেষ ।

রসরঙ্গ বি রতিক্রীড়া, রসকেলি । "মধুর মধুর রসরঙ্গ বি.প ৯৮ । রস-রঙ্গ শিখাইয়া, অঙ্গভঙ্গ দেখাইয়া, তুমি কৈলা কামী ভা.চ ৭৩৪ ।

রসরাজ পুং [রসের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ 'রসশ্রেষ্ঠ', পারদ । ২ রসাঞ্জন । ৩ (বাঙলায়) রসের রাজা ; রসিকরাজ, কৃষ্ণ । "মধুর মধুর রসরাজ বি.প ৯৮ । কৃষ্ণ রসরাজ ব.প ৮২১ । রসরাজ মহাভাব দুই একরূপ চৈ.চ ১২১ ।

রসরায় বি [সং রসরাজ >প্রা *রসরায] সর্থ 'রসরাজ (৩) । "বোধ নাই হে রসরায় ! যেতে বলছি ইসারায় ।—দা ৪০৯ ।

রসলা বি [সং রসালা] দধিগুড়াদি দ্বারা প্রস্তুত খাদ্যবিশেষ । দ্র 'রসাল' । "মথনী রসলা রা.শে ৫১ । মহুরী মরিচ লবঙ্গ প্রভৃতি মসলা । অধিক কবিয়া দিয়া করহ রসলা ॥—ভা.চ ৮৬ ।

রসসরোবর বি প্রচুর রসের আধার ; অতিরসিক । "মাধবের বৈষ্ণবী ত °র, নাক দে মুখ দে চোখ দে কথা কয় ।—জা ৪৭ ।

রসসিদ্ধ বিণ [স.ত] ১ রসবিষয়ে সিদ্ধিপ্রাপ্ত ; রসনিপুণ, কাব্যরস-কুশল । "জয়ন্তি তে সুকৃতিনো রসসিদ্ধাঃ কবীশ্বরাঃ ।—ভর্ত্তৃহরি । ২ রসায়নশাস্ত্রনিপুণ । —সিদ্ধি স্ত্রী রসায়নশাস্ত্রনৈপুণ্য ।

রসসিন্দুর স্ত্রী [উ.লো] পারদজাত সিন্দুরসদৃশ বালুকাযন্ত্রে পক্ব রস বা পারদ [পারদভস্ম তিন প্রকার হইতে পারে বলিয়া তন্ত্রে উক্ত আছে, যথা—শ্বেতভস্ম, কৃষ্ণভস্ম ও লোহিতভস্ম । প্রস্তুত করিবার প্রণালী ভেদে এই লোহিতভস্ম আবার দুই শ্রেণীতে বিভক্ত—যথা হিঙ্গুল ও রসসিন্দুর বা মকরধ্বজ ।—নব্য রসায়নী বিদ্যা—প্রফুল্লচন্দ্র রায়, পৃষ্ঠ ৪ ।]

রসা১ স্ত্রী [রস১+অ (অচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ 'রসযুক্তা', ধরা, পৃথিবী । ২ রসাতল । "ভ ১০.৬.১২ । ৩ ভূমি, মৃত্তিকা । ৪ জিহ্বা । ৫ দ্রাক্ষা । ৬ কাকোলী । ৭ কঙ্গুধান্য । ৮ পাঠা । ৯ শল্লকী ।

রসা২ বিং [রস১+আ১২] ১ রসযুক্ত, আর্দ্র, ভিজা (জমি) । ২ রসপ্রচুর । "রসা কাঁটাল । ৩ অন্নরসযুক্ত (ব্যঞ্জন) । "কচি ছাগ মৃগমাংসে ঝাল ঝোল রসা ভা.চ ৫৪৮ । ৪ গলিত, পচা (মৎস্যাদি) । —সা বি [+আ১৩] ক্ষতাদির রস ; কষানি । "রক্ত রসা পড়ে তার গায়ে ।—চৈ ১১৫ । রসা চলে খাজুয়া হইতে চৈ.চ ২৭৭ । [রসা-রসা —অন্নরসযুক্ত (ব্যঞ্জনাদি) ।]

রসা৩ বি [হি. ঠ রস্‌সা] স্থূল রজ্জু ; মোটা দড়ী । "রজ ৯ ।

রসাঞ্জন স্ত্রী [উ.লো] তুত্থ পিত্তলভস্ম বা সীসক হইতে জাত অঞ্জন-বিশেষ (M.W.) ; পিত্তলজাত অঞ্জন (ত.বা) । "রীত্যাং তু ধ্মায়-মানায়াং তৎকিট্টং তু রসাঞ্জনম্ (ত.বা) । "রজ ২২৯ । (ইনি) নয়নের রসাঞ্জনরূপিণী সী ১৬ ।

রসাতল স্ত্রী [ষ.ত] ১ পৃথিবীতল, পাতাল (অ.কো) । "°গতাং মহীম্ ভ ১.৩.৭ । ২ ষষ্ঠ অধোলোক । "রা ১.১.৬৬ । ম ৯৪৯ ।

৩ সপ্তম অধোলোক। 'ইদং রসাতলং নাম সপ্তমং পৃথিবীতলম্ মহা ৫.১০২১। ৪ (অসাধু) পৃথিবীর তলস্থিত সপ্ত অধোলোক। "অতল বিতল, সপ্ত রসাতল শ্রী মা ৯। [°মূল (ক্লী)—পাতাল। "কু স ৬ ৬৮] [রসাতল করা—রসাতলগত করা, বিধ্বংস করা। "দা ১২। রসাতল যাওয়া, হওয়া—নাশপ্রাপ্ত হওয়া। "তুমি যায় রসাতল।—দু ২৬। তুই যাবি রসাতল শ্রী মা ৫৫। নৌকা যায় রসাতল ব প ৯১৯, মানক গরব রসাতল গেল ১০১৭। ভূতল রসাতল হরি। হলো।—দা ১৩। রসাতলে যাওয়া—নাশপ্রাপ্ত হওয়া। "ভবতল রসাতলে যাবে।—মে ৪৮। বুদ্ধি রসাতল যাওয়া—বুদ্ধি মলিন হওয়া, বুদ্ধিস্ফূর্ত্তি না হওয়া। "ভাগ্যদোষে হেন বুদ্ধি গেল বসাতল।—কৃ ১৪৬।]

রসাত্তল বি [রসাতল > °ল, 'ত্ত' ওজোবর্দ্ধক] রসাতল। "একেবারে দুষ্ট পুত্র পেটাই রসাত্তল গো চ ৬৬।

রসাত্মক বিণ [বস আত্মা যাহার, বহুব্রী, ক (কপ) সমাসান্ত, স্ত্রী -ত্মিকা] ১ রস যাহার সাররূপত্ব হেতু জীবনাধায়ক, রসপ্রাণ। "বাক্যং রসাত্মকং কাব্যম্ সা দ ১স্তু। ২ রসময়, ভাবপ্রচুর। ৩ অমৃতময়, সুধাপ্রচুর। 'বসাত্মকস্তোড়্পতেশ্চ বশ্ময়ঃ কু স ৫ ২২। ৪ স্বাদ, মধুর। ৫ বসগুণক রসতন্মাত্রক (জল)। ৬ সর্ব্বরসস্বভাব, সর্ব্বরসাকর, রসময়। "পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ গী ১৫ ১৩।

রসাধার পুং [রসেব আধাব, ষ ত। অথবা বসা+ধৃ+অ (অণ)-ক, উ ত] ১ 'জলাধার, বসা-ধারক', সূর্য্য। ২ দ্রবদ্রব্যাধার।

রসাধিক বিণ [স ত] ১ অধিকরস। ২ ইন্দ্রিয়সুখভূয়িষ্ঠ, বিষয়সুখপ্রচুব। ভবনেষু বসাধিকেষু শ ৭ ২০। —ধিক পুং টঙ্কণ। —ধিকা স্ত্রী ১ কাকোলী। ২ দ্রাক্ষা।

রসাধিকা দ্র 'রসাধিক'।

রসাধিপত্য ক্লী [ষ ত] পৃথিবীব আধিপত্য, সার্ব্বভৌমপদ। "ন রসাধিপত্যং (কাঙ্ক্ষ) ভ ৭ ১২ ২৫, ১০ ১৬ ৩৭।

রসান[১] বি [সং বসায়ন > প্রা রসায়ণ, *রসাঅণ > বা °ন, রসান (চ)] ১ সর্থ 'জমক[২] (৩)। ২ ['অশ্মন্'—মূল (?), তু 'রোসাণিঅ'—মৃষ্ট (হে)] স্বর্ণাদিব অলঙ্কার পালিশ কবাব শাণ। "রসানে মার্জ্জিত, হেমকান্তি-সম কান্তি দ্বিগুণ শোভিল।—মে ৫৮। ৩ শাণে উজ্জ্বলীকবণ। "কষিত-কাঞ্চন-কায, . কিবা কার্য্য রসানের ছটা?—রঙ্গ ৮৫। ৪ বিষয়বিশেষেব অনুকূল রসেব বা মজার কথা। 'মাধব আর রসান দিও না, আমার প্রাণবিয়োগ হল।—ন ত ৮১। ৫ মুমূর্ষুব সেবনীয় বিষঘটিত ঔষধ (মালদহ)। ৬ [রসাল > °ন] রস-ওয়ালা, পারা-জমান। দ্র 'রসাল[২] (১২)। "হীরা নীলা মরকতে করিলেন চূড়া। রসান দর্পণ তার চাবি দিকে বেড়া॥—ক চ ৩৩। —সান বিং বসাল, শ্রুতিসুখকব। "বাজে মৃদঙ্গ রসান শ্রী মা ২১। [বসের রসান-করা—কাব্যবসের শাণে মাজন-দেওয়া বা উজ্জ্বলীকৃত। "(লরেল্!) পল্লব তোর শ্যামল-কোমল,—রসের বসান-করা কু কে ১১০।]

রসান[২] বি [রস-পানী > রসানী > °ন] মাংসের ক্ষবিত বস বা রসধাবা। "মাংসের রসানে তার বুক ব'য়ে পড়ে।—কৃ ৪১৮। —সানী বি ক্ষতক্ষরিত রস।

রসানী দ্র 'রসান'।

রসান্ত বি [অপ্র] ভারতপ্রান্তস্থিত হিমালয়। "শি ২৭।

রসান্তর ক্লী [অন্য রস, ময়ূরব্যংসকাদি] ১ পৃথক্ রস (sentiment); রসভেদ। ২ অন্যস্বাদ।

রসাবেশ বি রসসঞ্চার, রসাবির্ভাব। "কিশোর বয়েস বেশ, আর তাহে রসাবেশ প ক ১২৫। ইন্দ্রিয় সকল অভূতপূর্ব্ব রসাবেশে অবশ সী ১৫।

রসাভাষ বি ১ রসালাপ, রসকথা। "বল্লাম কত রসাভাষে পাশকথা তোমার পাশে।—দা ৬২৯। ২ রহস্যালাপ, পরিহাসকথা। "এইরূপে হয় কত, রসাভাষ উভয়ত।—দা ৭২১।

রসাভাস পুং [ষ ত] রসের আভাস, অর্থাৎ অনুচিতভাবে প্রবৃত্তত্ব; প্রকর্ষবিরোধী রূপে, অর্থাৎ হীনপাত্রাদিতে রসের প্রবৃত্তি। 'হীনপাত্রেষু তির্য্যক্ষু নাযকপ্রতিযোগিষু। গৌণেষু চ পদার্থেষু তমাভাসং বিজানতে॥—কা প্র, টীকা। দ্র 'সা দ ৩ ২৬২-২৬৬। "রসাভাস (শুনিতে না হয় প্রভুর চিত্তের উল্লাস) চৈ চ ১৩৫, গোপিকাব প্রেমে নাহি রসাভাসদোষ ১৬১।

রসাম্ল পুং অম্লবেতস। —ম্ল ক্লী ১ বৃক্ষাম্ল, তেঁতুল। ২ চুক্র, টক।

রসায়ন বিণ দিব্যদেহতাপাদক (নীলকণ্ঠ)। "মহা ১০.১৭৫.১০। —য়ন পুং [ষ ত] ১ রসের আশ্রয়, বিড়ঙ্গ। ২ বীর্য্যাশ্রয়, গরুড়। ৩ রসায়নশাস্ত্রবিৎ। —য়ন ক্লী ১ রসরক্তাদিধাতুর আশ্রয়তুল্য, জরাব্যাধিজিৎ ঔষধ (মেদিনী), জরাব্যাধিনাশক ঔষধ। 'যজ্জরাব্যাধিবিধ্বংসি বয়সস্তম্ভকং তথা। চক্ষুষ্যং বৃংহণং বৃষ্যং ভেষজং তদ্ রসায়নম্॥ ['রসাযন' ঔষধবিশেষ। যে বিদ্যাবলে এই রসায়ন প্রস্তুত কবা হয়, সেই বিদ্যাকেও 'বসায়ন' বলে। তন্ত্রশাস্ত্রে ইহার নাম 'রসসিদ্ধি' এবং এই বিদ্যায় যাঁহারা পারদর্শী তাঁহারা 'বসসিদ্ধি' বা 'রসসিদ্ধিপ্রদায়ক' নামে অভিহিত। দ্র 'নব্য রসায়নী বিদ্যা—প্রফুল্লচন্দ্র রায়, পৃষ্ঠ ।৶০।] "ষাড়গুণ্যমুপযুঞ্জীত শক্ত্যপেক্ষো রসায়নম্ মাঘ ২ ৯৩। গ্লানিপরিহারক ঔষধ, সঞ্জীবনৌষধ। "(মুখম্) রসায়নমিবোত্তমম্ গো রা ৫ ৭৫.১২। সুবচনানি···মনসশ্চ রসায়নানি উ.চ ১৩৬। জননেত্র-বসায়ন, ···গোবিন্দবদন চৈ চ ২২০, (হাস্য) মনোনেত্র° ৩৪৩। রসিকরসায়ন, রচয়তি গোবিন্দদাস।—গো ৮৯। নব নব গুণগণ, শ্রবণ°, নয়ন° অঙ্গ। রভস সম্ভাষণ, হৃদয়°, পরশ° সঙ্গ॥—১৮৪। লীলা রসায়ন।—চৈ ৪১, লোকনেত্র° নবীন বয়স ২০৬। রসনা-রসায়ন, রদন-ছদন জ প ৭৫। রূপ অতিরসাযন ন প ২১, শ্লোক অতিরসায়ন ১৬৮। ত্রিজগতরসাযন, স্বয়ং কৃষ্ণ ভ গ্র ১। ৩ দুগ্ধ যাহার আশ্রয়, তক্র। ৪ বিষ। ৫ পিপ্পলী। ৬ ঔযধমাত্র। ৭ রসশাস্ত্র (Alchemy)। ৮ (বাঙ্লায়) বতিরসাশ্রয় বিষয। "কুচযুগ সম পূগ, গঞ্জি রসাযন।—ন ১০৭৫, -৮৫। ৯ রসাধার। "(এই সপ্তদ্বীপ) নানাবস-বসাযন শি ৮। [°ফলা (স্ত্রী)—হরীতকী। °শ্রেষ্ঠ (পুং)—পারদ।]

রসারস বিং (অপ্র) সরস-নীরস, ভাল-মন্দ। °স বাণী ম পা ৯৩।

রসারসি বি সর্থ 'রশারশি'। দ্র 'রশা'। "শিশু ২৩।

রসাল[১] পুং [রস+আ-√লা+অ (ক)-ক, উ ত, সং রসার্দ্র > লি, পা *বসল্ল > ল (?), দ্র 'আল[২]] ১ 'রসগ্রাহক', আম্রবৃক্ষ, চূত (অ কো)। '°শাখা গী গো ৪ ২২। মা ৩৫৫,-৬। ২ পুণ্ড্রকেক্ষু, ইক্ষু। ৩ পনস। ৪ গোধূম। ৫ কুন্দরতৃণ। —সাল ক্লী ১ সিহ্লক। ২ বোল। ৩ চূতফল। "রসাল বসালফল।—বঙ্গ ১০। —সালা[২] স্ত্রী ১ রসনা। ২ দূর্ব্বা। ৩ ভূমিকুষ্মাণ্ড। ৪ দ্রাক্ষা। [তু 'রসালা'—মার্জ্জিতা (দেশী ৭ ২)] দধি খণ্ড মধু ঘৃত মরিচ ইত্যাদি দ্বারা প্রস্তুত কর্পূরবাসিত উৎকৃষ্ট ভক্ষ্যবিশেষ। (অ টী), মার্জ্জিতা। "হ্রদাঃ পূর্ণাঃ রসালায়াঃ গো রা ২ ১০০ ৬৭। মহা ১৩ ৫৩ ১৭। দধিখণ্ডঘৃতমধুমরিচকপূর-এলাচি-মিলনে যৈছে রসালা মধুর॥—চৈ চ ১৬২, -৭০, ২০০। ৬ সুমৃষ্ট সুরস দধি, শিখরিণী। 'রসালা স্যাচ্ছিখরিণী সুমৃষ্টং সুরসং দধি।—রত্নমালা (অ টী)। —সালী স্ত্রী পুণ্ড্রকেক্ষু।

রসাল[২] বিং [রস+আল[৮]] ১ রসযুক্ত, কাব্যরসপূর্ণ। '(কিন্তু সে সকল বর্ণনা) না হবে রসাল ভা চ ৪৭৫। ২ মিষ্টরসময়, মধুবরস। "রসাল...খাজুর : আম্র···রসাল।—কৃ ৩২৯। রসাল রসাল ফল। —রঙ্গ ১০। ৩ চর্ব্বণে রসজনক। "রসাল পানের বিড়া ম.ভা ৪৪।

(তাম্বুল বিড়ী) দেয় মুখে রসেতে রসাল ব.প ১৫০৭। ৪ রসময়, প্রেমময়। "মঞ্জু মূরতি রসাল রে।—ম.প ১৭১। ৫ রতিরসপ্রচুর, রসময়। "পীতবসন ছলে, কেলি করত ধীণ,-কটিতটে বিজুরি রসালা জ.প ১৩। ৬ রসকলাত্মক, বৈদগ্ধ্যপ্রচুর। "যো কছু কভু নাহি কলারস জান।…তাহা সঙ্গে কাঁহা পিরীতি রসাল॥—বি.প ১৩৩। ৭ রসাস্বাদন-সমর্থ, রসকলাবিৎ। "রসাল রসিকপ্রিয় রমাইব রাগে রা.স ১। ৮ শ্রুতিসুখকর, মধুর। "মৃদঙ্গ বাজে শুনিতে রসাল।—ম ৯২১; ভ্রমর গুঞ্জরে ডাকে কোকিল রসাল ১২৫৭। বাদ্য অতি রসাল। —দু ৩৩। (কিঙ্কিণী) বাজে শুনিতে রসাল শ্রী.মা ১৫০। ভ্রমরা ভ্রমরীগণ গাওয়ে রসাল।—জ্ঞা ১২৭। ৯ মধুরধ্বনি। "চরণে…নূপুর রসাল।—ম ২৫২। রসাল দুন্দুভি সানী ব.প ১৫১৬। রসাল কিঙ্কিণী শ্রী.মা ৩৬। রসাল ঝাঁঝরী বীণা বাজয়ে মৃদঙ্গ ম.ম ৩৭। ১০ মিষ্ট, চিত্তাকর্ষক। "পসারি যে জন হয়, রসাল বচনে করে বিকি। —জ্ঞা ১৫১। ১১ প্রেমরসোদ্দীপক। "নাম-কীর্ত্তন রসাল চৈ.ম ১১৩। ১২ পারদযুক্ত, পারার লেপ-দেওয়া। "নাপিত নিবসে তথি,…করে ধরি রসাল দর্পণ ক.চ ৮৯; হেমদণ্ড রসাল দর্পণী ১৫৩,-৪। ১৩ আনন্দজনক, অর্থাৎ রঞ্জিত, নানা-রঙ-করা। "তব ভগ্নী মাগিয়াছে বসন রসালে।—ম ৬৫০। ১৪ প্রভৃত হেতু সুখকর। "গৃহিণীপনা রসাল বটে, কিন্তু দাঁত বসে না।—ব.প্র ৫৮২।

রসালা[১] বিং [°ল[২] > °লা] রসজনক, মনোহর। "রাধা মাধব, কুঞ্জহি পৈঠল, রতিরণ-রঙ্গ রসালা।—গো ১৫৩।

রসালা[২], **রসালী** দ্র 'রসাল[১]'।

রসাসালসা বি যে সালসায় শরীর রসযুক্ত বা স্থূল হয়। "ফুলিয়ে হয়েছে ঢোল, বোধ করি রসাসালসা খেয়েছে।—দা ২১৮৮।

রসাসিন্দুর, -সিন্ধু বি সর্থ 'রসসিন্দুর'। "রসাসিন্ধু বিন্দু পরিমাণে বা.দ ৪৪। পান দুই রসাসিন্ধু আ.দু ৯৭।

রসাসিন্ধু দ্র 'রসাসিন্দুর'।

রসাস্বাদ পুং [ষ.ত] ১ রসের স্বাদগ্রহণ; কটুকষায়াদিরসাস্বাদন। ২ কাব্যরসোপভোগ। "কাব্যামৃত° ।—হি ১.১৬১। ৩ ব্রহ্মবস্তুর অনবলম্বন হেতু সবিকল্পানন্দানুভব (বেদান্তসার)।

রসাহ্ব পুং [রস আহ্বা যাহার, বহুব্রী] 'রসনামক', সরলদ্রব।

রসি[১] বি [রস[১]+ই[১১]] রস, সত্ত্ব, যোগবল। "(কদলি) যত রসি আছিলেক সব নিল হরি।—মী ১১।

রসি[২] দ্র 'রশি'।

রসিক বিণ [রস+ইক (ঠন্); স্ত্রী -কা] ১ সরস (মেদিনী), রস-কলাবিৎ, রসজ্ঞ। "ভ ১.১.৩। নবনবাশ্চর্য্যনির্ম্মাণে রসিকো বিধিঃ ক.সা ১০৬.১০৪। সেই সে রসিক, অটল রূপের, ভাগ্যে দরশন পায় চ.দা ১২৩। বুঝিবে রসিক ভক্ত, না বুঝিবে মূঢ় চৈ.চ ২০। রসের রসিক মোর রসিক মুরারি ব.প ৮২১। °প্রিয় রা.স ১। ২ কাব্যরসজ্ঞ। "অরসিকেষু কবিত্বনিবেদনং শিরসি মা লিখ মা লিখ মা লিখ (সু.র)। ৩ প্রীতিমান্, অনুরাগী। "কাব্য°, কাম°, নাট্য°। পরোপকার°। —মৃ ৬.১৯। প্রায়েণ পরাপকাররসিকাঃ পশ্যন্তি নাত্মক্ষয়ম্।—উদ্ভট। রণে পশিল রসিক (চাণুর) শ্রী.ম ১৩০। সংসারে এক সঙ্গীত আছে। সংসাররসে রসিকেরাই তাহা শুনিতে পায়।—ব.প্র ৫৭৯। ৪ কামুক। "রসিক নাগরে, ধরি পণে বনমাঝে রসিকা নাগরী।—মে ২৮০। ৫ পরিহাসপ্রিয়, নর্ম্মভাষী। ৬ ভাবযুক্ত। ৭ রসযুক্ত, স্বাদু (A.)। তু 'রসবান্' পা ৫ ২.৯৫। ৮ [বাঙলায়; নিন্দার্থে] অকালপক্ব, জেঠা, ফচকে (ছেলে)। —সিক পুং ১ রসকলাকুশল জন; বিদগ্ধ। "সখি হে, রসিক বলিব কারে। বিবিধ মশলা, রসেতে মিশায়, রসিক বলিয়ে তারে।—চ.দা ১৫০। রসিক চেনে রসিক জনা।—দা ৪৫৬। ২ কামুক। ৩ সারস। ৪ হস্তী। ৫ অশ্ব। —সিকা ১ রসজ্ঞ নারী; বিদগ্ধা। ২ ইক্ষুরস। ৩ কাঞ্জী। ৪ রসনা, জিহ্বা। ৫ রসালা।

রসিকতা স্ত্রী [°ক+তা(তল্)] ১ রসিক ভাব, রসজ্ঞতা, বৈদগ্ধ্য। ২ (বাঙলায়) কামুকতা, লাম্পট্য। "লক্ষ্মী যাহাকে আশ্রয় করে, সে দ্যূতক্রীড়াকে বিনোদ, পশুধর্ম্মকে রসিকতা…বলিয়া গণনা করে। —কাদ ৩৬। ৩ রঙ্গরস, রসের কথা, হাস্যকৌতুকজনক ভাব। "কোথাও যাত্রা হচ্চে, মণিগোঁসাই সং এসেচে, ছেলেরা মণিগোঁসাইয়ের রসিকতায় আহ্লাদে আটখানা হচ্চে।—হু ১৯৬। ৪ জেঠামি, ফচকামী। ৫ শঠতা, চালাকী। "হাতে লাগাব রসি, কালশশী! ঘুচাব রসিকতা।—দা ৫৯৫। [রসিকপন—রসিকতা (প.ক)।]

রসিকভূপ, -রায় বি রসিকরাজ, রসিকশ্রেষ্ঠ। "শুন শুন হে রসিক-রায়। তোমারে ছাড়িয়া, যে সুখে আছিনু, নিবেদি যে তুয়া পায় চ.দা ১৪৪। নিরখি রূপ, রসিকভূপ, ভুলল গিরিধারী জ.প ২৩।

রসিকরায়; রসিকা দ্র 'রসিকভূপ; রসিক'।

রসিকিনি, -নী বি [°ক+ইনী] রসিকা। "রসিক রসিকিনী, বিচ্ছেদে বিকলিনী রা.শে ৮৪। রসিকিনি প.ক ৭১।

রসিকিনী দ্র 'রসিকিনি'।

রসিকেশ্বর পুং [ষ.ত] রসিকরাজ, শ্রীকৃষ্ণ (ব্রহ্মবৈবর্ত্ত)।

রসিত বিণ [√রস+ত (ক্ত)-র্ম্ম] ১ আস্বাদিত। ২ [+ত-ক] শব্দিত। ৩ [রস+ইত (ইতচ্)] জাতরস, স্বাদযুক্ত। ৪ (বাঙলায়) রসযুক্ত, রসপূর্ণ। "রবাব সঙ্গীতরস-রসিত অর্ণব।—মা ১২৮। (ফেকপাল) পিশিতবসিত গাল বা.দ ২৩৯। —সিত ক্লী ১ শব্দ, ধ্বনি, গর্জ্জন। ২ রব, স্বর। "হেরম্বকণ্ঠ° মা.মা ৯.৩। ৩ মন্ত্র।

রসিদ বি [ফা রসীদ্] প্রাপ্তিস্বীকারপত্র (receipt)।

রসিনী বি [রসিন্+স্ত্রী ঈ] রসবতী, রসিকা। "রা.শে ৯২।

রসিয়া বি [সং রসিক > প্রা রসিঅ > বা (রসিআ) রসিয়া; হি রসিয়া; মৈ 'রসিআ'—প্রিয়] ১ রসিক, প্রিয়। "অঙ্গনে আওব যব রসিয়া বি.প ২০৬। শুন রসিয়া বি.সা ৪৯৫। জাগিতে ঘুমাতে দেখি রসিয়া বয়ান।—গো ১৮২। ২ রসিক, রসজ্ঞ। "তুই বড় রসিয়া গো.চ ১৫৬। নাগর রসিয়া ভ.গ্র ৪৬৪। নৃপনন্দন কামরসে রসিয়া ভা চ ৩৩০; ৩৩২; রসিয়া নাগর হে!—৩৪৭। [রসিয়া কানাই—রসিক নাগর স্বামী। "গো.চ ২৩।]

রসিলা বিং [রস[১]+ইলা[২], সং রসিত] রসযুক্ত, রসময়। "পরম রসিলা, হাবভাবলীলা ভ.গ্র ৪৬৫।

রসী (-সিন্) বিণ [রস[১]+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -সিনী] ১ রসযুক্ত, রসিক। "নলোদয় ২.৩৯। ২ স্বাদবান্, স্বাদু।

রসুই, রসুইঘর, রসুইশাল দ্র 'রসুই'।

রসুইয়া, -ড়্যা বি [রসবতীয়া > °য়া, °য়্যা; হি রসইয়া] পাক-কারক, পাচক। "রসুয়্যাগণের আচার ভ.গ্র ১৭০।

রসুড়ি বি [রসি+দড়ি; ঠ রসডী; আ 'রসন্'—দড়ি; তু 'রসনা'] মোটা দড়ি। "গলায় রসুড়ি দিয়া মরিতে জুগায় ভ.গ্র ৩৬৩।

রসুন পুং [তু 'রসোন (রস+উন)] সর্থ 'রসোন'।

রসুম; রসুয়্যা দ্র 'রশুম; রসুইয়া'।

রসুল বি [আ রসূল্] দূত; ঈশ্বরের দূত মহম্মদ।

রসেন্দ্র, -সেশ্বর পুং [উ.স; ষ.ত] 'রসশ্রেষ্ঠ', পারদ।

রসেশ্বর দ্র 'রসেন্দ্র'।

র'সো ক্রি [রহ+সহ (?)] অপেক্ষা কর ও সহিষ্ণু হও; ধৈর্য্য ধরিয়া অপেক্ষা কর। "র'সো সাহেব। হাম, রূপেয়া যে সুরতসে ঘরমে ঢোকে ওই ভাবতা আ.দু ১৭০।

রসোত্তম পুং [স.ত] ১ 'রসশ্রেষ্ঠ', পারদ। ২ দুগ্ধ। ৩ মুদ্গ।

রসোদ্গার বি রসোদ্গিরণ। "পূর্ব্বরঙ্গ রসোদ্গার ভা চ ১৩১।

রসোদ্ভব ক্লী [বহুব্রী] ১ 'রসজাত', হিঙ্গুল। ২ মুক্তা। ৩ রক্ত।

রসোন, -নক পুং [রস+ঊন, তৃ.ত] 'লবণরসহীন', লশুন, মহাকন্দ। [সুধাচৌর্য্য হেতু বিষ্ণু কর্ত্তৃক ছিন্ন রাহুর গল হইতে যে সুধাবিন্দু ভূমিতে পতিত হয়, তাহা রসোনত্ব প্রাপ্ত হয় (বাভট)।]

রসোনক দ্র 'রসোন'।

রসোপল ক্লী [উ লো] 'জলজাত মণি', মুক্তা।

রসোল্লাস পুং [উ লো] রসজন্য আনন্দ। "সমাগম° গী গো ১৩৮।

রসৌকঃ দ্র 'রসৌকাঃ'।

রসৌকাঃ(-কস্) বিণ [রসা ওকঃ যাহার, বহুব্রী,-১ব, স্ত্রী -কাঃ] পাতালবাসী। "ভ ৩ ১৮.৩, ১১। —কঃ ক্লী [কর্ম্মধা] অতলাদি অধোলোক। "ভ ৫ ২০ ৪৫।

রস্য বিণ [রস+য (যৎ)] ১ 'রসসম্বন্ধী', রসোপেত, রসবান্, মধুররসপ্রধান। "রস্যাঃ...আহারাঃ গী ১৭ ৮। ২ স্বাদু, মধুর। —স্য ক্লী রক্ত। —স্যা স্ত্রী রাস্না।

রস্যা দ্র 'রস্য'।

রহ্ সক [ভ্বা, চু, প—রহতি, রাহয়তি, অদন্ত চু প—রহযতি, সেট্] ত্যাগ। "রহতি গৃহমুদাসীনঃ (ক ক)। রহয়তি শোক° ধীরঃ (ক ক)। [বি—বিরহ, ত্যাগ। "কি ১ ১২।]

রহ[1] পুং [তৃ 'সং রহস্ > পা রহ] নির্জন, একান্ত। "তস্মাতরো যদভজন রহরূঢভাবাঃ ভ ১০ ৫৫ ৪০।

রহ[2] অর্ম্ম [সং √রক্ষ > প্রা √রহ—'চংডালহ ঘর রহিআ (চণ্ডালগৃহস্থিতা —পৈ ১ ৮৪), হি মৈ √রহ, ঠ √রাহ, গু √রহে] ১ অবস্থান করা, থাকা। "সেইদিন শ্রীরাম রহেন সেই স্থানে।—কৃ ১২৭। রহ বাপ। ধন্য কর আমার আশ্রম।—চৈ ভা ৬৫। দিন কথো রহি আমি যাইব তথায শ্রী ম ১৩৭। ২ বাস করা। "বিশ্বামিত্র রহিলেন পশ্চিম কূলেতে। —ম ৯৪২। এই পাপ ঘরে রহিতে না জুযায় ক চ ৩১। রহিতে নারিনু ঘরে চ দা ৫। ন প ৯। ঘরে রহই না পারি।—ব ৭৫। ৩ পরিত্যক্ত হওযা। কিবা সে নাগর, কি ক্ষণে দেখিনু, ধৈরজ রহল দূরে।—গো ৯৮। ৪ আশ্রয লওয়া। 'চৈতন্য-চরণে রহোঁ—যদি আজ্ঞা হয় চৈ চ ১৩৮। ৫ আসক্ত থাকা। 'রহ মন গোবিন্দচরণে।—ম ৭৩১। (অভয়া-চরণে) অনুক্ষণ রহু মন ক চ ১৪। কৃষ্ণে মতি রহু চৈ চ ১৯৭। ৬ অবশিষ্ট থাকা। "হরিলে যতেক অঙ্ক কষিতলে রয়।—পিতলকথা, শুভঙ্কর। ৭ সঙ্গত বলিযা গ্রহণযোগ্য হওয়া। "বিচার করিযা কহ রহে সহে যাহে ভ গ্র ৪৪২। ৮ বিদ্যমান থাকা, থাকা। "(তাহার) চক্ষু কর্ণ ঘ্রাণ পদ না রহে বাহিরে।—কৃ ১৪৯। কথোক্ষণ জলের তিলক রহে ভালে।—ম ১৪৯। ৯ স্থির বা অচল থাকা। 'কথোক্ষণ রহে শিলা শূন্যেতে মারিলে।—ম ১৯৪। ১০ আশ্রয় পাওয়া। "শেষে রহোঙ রাঙ্গা পায় চ বি ২। ১১ টিকিয়া থাকা (to last)। ১২ অপেক্ষা করা, ধৈর্য্য ধরিযা থাকা। "রহত করুণা পথ হেরি বি প ১৯৫। তাবত পুরুষে ভয়, যাবত পুষ্পিতা নয, রহে সয়ে তার কাম-মনা ক চ ১১৭। ১৩ বাক্য সংযত করা। "তাহা শুনি ললিতা কহয়ে রহ রহ। আপনা সমুঝি মুখ সামালিয়া কহ॥—ভ গ্র ৪৪২। ১৪ নিবৃত্ত বা ক্ষান্ত হওয়া। "ডাকিয়া বলিল, 'রহ রহ' যাজ্ঞসেনি।—ম ১৯৩। রহ রতি, পাযে পড়ি শি ২১। ১৫ (তর্জ্জনে) সবুর করা। "রহ রহ অরে পার্থ সহ এক শর।—ম ১১৬৪,-৫। ১৬ আপাততঃ বিচার্য্য না হওয়া বা ছাড়িয়া দেওয়া। "রাজার মিলনে ভিক্ষুর দুই লোকনাশ। পরলোক রহু, লোকে করে উপহাস॥—চৈ চ ১৪৬। ১৭ বিরত হওয়া, থামা। "কুক্কুট-কূজন, উঠিবে পঞ্চমে কিবা রহিয়া রহিয়া।—ন ১১৯৯। [রহবি—রহিবে। "দূরে রহবি বি.প ৫৫। রহল—রহিল। "ঠাটি রহল বি.প ৬২ : গুতি রহল ৬৩। ঠারি রহল।—জ্ঞা ২১৬। রহি রহি—থাকিয়া থাকিয়া। "বি প ৯৯। রহু—১ রহে। "রহু আঁচরে হাত বি.প ৪০। ২ রহিল। "বি.প ৪৬, চকোর চাহি রহু চন্দা ৪৮। রৈ—১ রহি। "ওরে, যে ডাকে আমারে আমি তারি হ'য়ে রৈ।—ব্রহ্মসঙ্গীত। ২ রহিয়া। "শ্রী মা ৫৩। রৈও —রহিও। "কেহ বলে রৈও রৈও প'রে আসি শাড়ী ভা চ ৫৪৫। রৈতে —রহিতে। "বুঝি বা রামের ডরে রৈতে নারি দেশে।—কৃ ২৫০। রহিঅ,-অউ,-হিএ,-হিজে (দো)। রহিআঁ,-হিতে,-হিলছে,-লা,-লী,-লোঁ, -হিবোঁ (শ্রী কী)। রহ,-হই,-ইতে,-হত,-হবি,রহল,-লা,-লি,-লুঁ,-হসি (প.ক)। রহিল—রহিত, থাকিত। "গো চ ৬২।]

রহঃ(-হস্) ক্লী [√রহ্+অস্ (অসুন্)-র্ম (অ টী), √রম্+অস্ -ধি, ম্ > হ, উ ৪ ২১৫] ১ 'অন্য কর্ত্তৃক ত্যক্ত', বিজনদেশ, একান্ত, বিবিক্ত। "মনু ৩ ৩৪। যাজ্ঞ ২ ১৭১। রঘু ৩৩। কু স ৫ ৫৮। রহো নাস্তি।—পঞ্চ ১ ১৪৯। রহঃস্থানে চৈ চ ১১৩। ২ গূঢবিষয়, তত্ত্ব। ৩ রহস্য, গুহ্য। "কথ্যতাং ন রহো ভ ৯ ৯ ১৯। ৪ গুহ্যদেশ। ৫ রতি, সুরত। ৬ সত্য (A)। —হঃ ব্য ১ অবিদিত। "বৃত্তং প্রকাশং যদি বা রহঃ রা ১.১ ৩৪। ২ বিজনপ্রদেশ, একান্ত। "বৃত্তং রহঃ প্রণযমপ্রতিপাদ্যমানে (ময়ি) শ ৫ ২৩,-৪। [°কথা (বি)—গুহ্যবাক্য (চৈ ভা)। °সখী (স্ত্রী)—নিভৃতসহচরী। "রঘু ৮ ৫৮।]

রহণ ক্লী [√রহ্+অন (ল্যুট্)-ভা] ১ ত্যাগ, বিরহ। "নলোদয় ২. ১৪। ২ বিশ্রাম। "পৈ ১ ১৯৪।

রহনি বি [রহ[2]—'রহন' > °নি (?)] অধিষ্ঠানরূপ ক্রীড়া। "দুই পালোর কক্ষে দিয়া দুই পাও। আমার কক্ষেতে বসি রহনি খেলাও॥ —ক.চ ৬।

রহস বি [রহস্য > °স, অসাধু] ১ হাস্যপরিহাস, আমোদসামোদ। "রহসে দিবস গেল, প্রবেশে তামসী শ্রী ৪০। ২ রহস্য, গূঢ ভবিষ্যৎ বিষয়। "(ব্যাস) রহস কবিয়া কিছু দিলেন উত্তর ম বি ৬১। ৩ [সং রহস্] গূঢ সংসর্গ : সহবাস। "পুরুষরহসে তার গেল চারি মাস (ক চ)।

রহসি ক্রি বিং [রহস+ই (সপ্তমীবিভক্তি-১ব)] নির্জনে, নিভৃতে। "কত পরবোধি, না মানে রহসি বি প ১০৪।

রহস্কর বিণ [য ত] রহস্যকার্য্যকর্ত্তা। 'ভ ১০ ৪৭ ২৮।

রহস্য বিণ [রহস্+য (যৎ), স্ত্রী -স্যা] ১ রহোভব, গোপনীয, গুহ্য। "রোমাণি চ রহস্যানি (ন স্পৃশেৎ) মনু ৪ ১৪৪। রহস্য কথা।—ম ৮২২। আপন রহস্যকথারঙ্গে চৈ ভা ৩৮০। ২ অপ্রকাশ, গূঢ়। "রহস্যং চ প্রকাশং যদ্ বৃত্তম্ রা ১ ২ ৩৩। রহস্যং ব্রতমাচরেৎ যাজ্ঞ ৩ ৩০০। —স্য ক্লী ১ গোপনীয় বিষয, গুহ্য। "রহস্যাখ্যায়িনাঞ্চৈব প্রণিধীনাঞ্চ চেষ্টিতম্ (শৃণুযাৎ) মনু ৭ ২২৩, শ ১ ২১। ২ গূঢ অর্থাৎ সাধারণের অবিজ্ঞেয় চরিত। "রহস্যং সাধুনাম্...বিজয়তে উ চ ২ ২। ৩ (অস্ত্রের প্রয়োগ-সংহারবিষয়ক) মন্ত্রগ্রাম। "সরহস্যজৃম্ভকাস্ত্রাণি উ চ ১২ ৫/৬, ৬২ ৫/৬। ৪ গোপ্য, গুহ্য। "রহস্য° হ্যেতদুত্তমম্ গী ৪ ৩। ৫ উপনিষৎ। "মনু ২ ১৬৫। ৬ মন্ত্রকার্য্য। "মহা ৪ ৪ ১৩। ৭ (বাঙ্লায়) পরিহাস, ঠাট্টা। "তালপত্রে সর্প এক কবিয়া রচন। সখারে দিলাম আমি রহস্য কারণ॥—ম ৫। নারদের শুনি রহস্য, ঈশানের ঈষৎ হাস্য।—দা ১৫৯০। রাণীরে রহস্য করে ঋষি হ'য়ে নাতি।—শি ২৭। মৃণালিনী।—এ কি রহস্য, গিরিজায়া?—ব প্র ১২৬, এক্ষণে আপনার সঙ্গে রহস্যের আমার অবসর নাই ২২৫। ৮ বিস্ময়জনক বিষয। "কেহ বলে মধ্যস্থল (কটিদেশ) নাহি, কি রহস্য।—বি সু ২৯। ৯ রঙ্গরস। "পরিহাস রহস্যবচন ভ গ্র ৪৪০। —স্যা স্ত্রী রাস্না। [°ত্রয় (ক্লী)—রামানুজমতে ঈশ্বর চিৎ অচিৎ—এই পদার্থত্রয়। °বিক্ষেপ (পুং)—রহস্যাখ্যানপাত্র। °ভেদ (পুং), °ভেদন (ক্লী)—গুহ্যপ্রকাশ। "রহস্যভেদ।—হি ১.৯৯। °বচন (বি)—পরিহাসবাক্য, রঙ্গরসের কথা। দ্র 'রহস্য (৯)।]

রহস্যা দ্র 'রহস্য'।

রহস্যাখ্যায়ী (-য়িন্) বিণ [রহস্য+আ- √খ্যা+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত] গুহ্যকথয়িতা, গূঢ় বিষয়ের সংবাদদাতা। "মনু ৭.২২৩। রহস্যাখ্যায়ীব ধনসি মৃদু কর্ণান্তিকচরঃ শ ১.২১।

রহা সর্ম [রহ২+আ৮] ১ অবস্থিত করান ; যাইতে বাধা দেওয়া, রাখা, থামান, আটকান। "দারুণ করমদোষে আহ্মাকে রহাএ শ্রী.কী ৪১। পায়ে ধরি রহাইয়া বলে দৈত্যেশ্বর।—ম ৬৬। এদেশের কাঁকড়া ভাই বুঝিত রহায় ক.চ ১৯৯। ভক্তগণ প্রভুরে রহায় চৈ.চ ৬৭। (গোপী-গণে) পতি পিতা বন্ধুগণে ধরিয়া বহায় রা.প ৩। ব.প ৮০৯। ২ অবস্থিতি করান, রাখা। "গৌরব করিয়া রহাইল সভাকারে শ্রী.ম ১৩৭। ৩ নিবর্ত্তিত কবা, বন্ধ করা ; থামান। "শিব বলে মথ সিন্ধু রহাইলে কেন।—ম ১২।—[বহান—সর্থ 'রহা'।]

রহিত বিণ [√রহ্+ত (ক্ত)-র্ম] ১ পরিত্যক্ত, বর্জ্জিত। "অযোধ্যা রহিতা মহাত্মনা রা২.৪১.২০। যাজ্ঞ ৩ ৫৯। ২ বিয়োজিত। "(কুলস্ত্রিয়ঃ) রহিতা ভর্ত্তৃভিশ্চৈব ন কুপ্যন্তি কদাচন মহা৩.৭০ ৯। ৩ বিশ্লিষ্ট। ৪ বিজন, নিভৃত, নির্জন। "রহিতে…মহাবনে গো.রা ৩ ৫২ ৫৩। ৫ [+ত-ক] তিরোহিত, বিগত। "প্রশান্তকামো রহিতাসুরোহসুরঃ ভ ৭ ৪.৩৩।

রহোগত বিণ [দ্বি.ত] ১ নির্জনবনগৃহস্থিত। "(সঃ) রহোগতঃ (মন্ত্রয়েৎ) মনু ৭.১৪৭। ২ একান্তস্থিত। "ভ ১.১১.৩৪।

রা১ সক [অদা, প—রাতিঃ অনিট্, তু 'প্রা √বা—দান করা (প্রা.ম)] ১ দান। ২ গ্রহণ (ক.ক)।

রা২ বি [সং রাব > প্রা *বাঅ > বা 'রা', তু সং √রৈ—শব্দ > প্রা √রা (প্রা.ম) ; কচিউ রাব (দো ৯১), অস রাও] ১ শব্দ, রব, কথা। "মুখে না নিঃসরে রা।—চ.দা ১০৭। বা কাড়ে রাম দামোদরে ব.প ৭৫৮। রাজা খাসে কাড়ে রা কৃ.অ ১৯। ক্ষীণ হইল রা শ্রী.মা ১৬৯। কারো মুখে নাই রা।—শ্রী ২১৬। মুখে গদ গদ রা।—চ.বি ১৭৯। আধ আধ রা।—ভ.গ্র ৪৩০। ২ পক্ষিরব, কূজন। "(পক্ষিগণ) করে সুমধুর রা।—ম ৯৭৩। কোকিল রে কত ডাক সুললিত রা। —ক চ ১৪৪,-৫। কপোত কোকিল করে রা।—শ্রী ১০৯। কালপেচা যে রা কাড়ে ব.প ৫৪৩। ৩ গুনগুন-ধ্বনি, গুঞ্জন। "(ভ্রমর!) তোর মৃদু বায়, কামশবে তায়, চিত কৈল চমকিত ক.চ ১৪৪। ৪ ভূষণধ্বনি, শিঞ্জন। "নূপুব কণুঝুণু কাড়ে বাএ শ্রী.কী ৩৩৯। নূপুরধ্বনি সুললিত রা।—বা.ম ৩৬১। ৫ বাদ্যধ্বনি। "দোতারা সানাই করে রা।—বা.ম ৮৪। ৬ ভাল মন্দ অভিমতপ্রকাশ। "চিৎ ক'বে সে (মামী) মামাব বুকে দেই পা। মৃত্যুপ্রায় থাকে মামা মুখে নাই বা॥—শি ৭৭। ৭ রব, স্বর। "গোষ্ঠী সহে ক্রন্দন করয়ে উর্দ্ধরায় চৈ.ভা ৪৯। ৮ কটু কথা। "রাঁড়ের মেয়েকে তুই রা কাড়িস নাই শি ৮১। ৯ গর্জন, ঘোররব। "(সিংহ!) শুনিয়া তোমাব রা, কাঁপয়ে সভার গা।—ক.চ ৫৫। ১০ বীরের সিংহনাদ। "ঝনঝন ঝাড়ে অসি কাঁড়ে ঘোর রা ব.প ৪৩৫। ১১ উৎসাহবাক্য। "পাইয়া আশ্রয়, দিয়া জয় জয়, যমুনা কাড়িছে রা। —জ্ঞা ১৩৭। [রা কাড়া—কথা বলা ; রব করা ; ডাকা ইত্যাদি। রাকাড়ে, পড়ে—ডাকে, শব্দ করে। "রাকাড়ে রাকাড়ে ওঠে কন্দলের ঝড়।—হেম ৩৭৯,-৮৮। রা বান্ধা—রব বন্ধ করা ; মুখ আটকান। "(শুদ্ধবাণে) কুক্কুরের বান্ধিলেক রা।—ম ১৩৩। রায়—আজ্ঞায়। "বাহিরাও কালকূট মনসার রায় বা.ম ৩৭৭।]

রা৩ কা.ক্তি [এরা > রা (অকার-ভিন্ন স্বরান্ত শব্দে)] কর্তৃকারকে বহুবচনের বিভক্তি। যেমন, 'বালিকারা', অর্থাৎ বালিকাসম্বন্ধী বহু (বালিকা), বালিকাগণ। এইরূপ 'মুনিরা' 'সুধীরা' ইত্যাদি। (প্রাচীন গদ্যে) কুলজ্ঞরা ব.প ১৬৭৫।

রা৪ অব্য [সং রে] তর্জনপূর্বক সম্বোধনে। "বাঘের ঘরে ঘোগের বাসা। রা হারামজাদা!—জা ২৭।

রাআ বি [সং রাজা > প্রা রাআ (পৈ) ; রাঅ (চ) ; অপ্র] রাজা। "শুনিয়া ত খেত রাআ মহাক্রোধে জ্বলে।—ম ১১৬৪।

রাই১ বি [রাগি > °ই] মৎস্যবিশেষ। "রাই খড়া ক.চ ১৫৮।

রাই২ বি [রাজি, -জী > প্রা রাই ; হি, ঠ রাঈ ; গু রাই] রাজসর্ষপ, রাইসরষা। [রাই কুড়িয়ে বেল করা—কণা কণা সংগ্রহ করিয়া প্রচুর করা।]

রাই৩ বি [রায় > রাই ; হি রাই] রাজা, শ্রেষ্ঠ দেবতা। "লক্ষ্মী চারি জুগের রাই।—শূ ১৩৪। [বিনোদিনী-রাই—বিনোদিনী-শ্রেষ্ঠা, পরম-সুন্দরী। "বিশ্ব বিমোহিত কৈল °ই (গৌরী) শি ১০৪।]

রাই৪ বি [রাধা, > প্রা রাহী > বা রাঈ, -ই ; প্রা রাহী > রাহি (সম্বোধনে—"হলা রাহি!—বি.মা ১৩৬১) > বা রাই (সম্বোধনে সাধু) ; অন্যত্র 'রাঈ' সাধু ; বাঙ্লায় সর্বত্র 'রাই' ; 'সই' শব্দও এইরূপ।] রাধা। "ধনী বাই বি.প ৯৯, রসবতী রাই ১৩৯, শুন ধনি রাই ১৫২। রাই-মুখ-ইন্দু চ দা ১৪২। রাই-রাজা চৈ.ম ১৮৫। [রেয়ের—রাইএর। "ব ১৩২।]

রাইগাঁই বি ভরদ্বাজগোত্র রাঢীয় ব্রাহ্মণের গাঁই। "ক.চ ৮৬। [ইঁহাদের পূর্ব্বপুরুষ বাম 'রাই' (রায়িক) গ্রামে বাস করেন, তদনুসারে তাঁহাব সন্তানগণের ঐ গাঁই।]

রাইটরী বি [E. writer > বা 'র+ঈ৭] লেখকের কার্য্য ; কেরানী-গিরী। "ঠিকে রাইটরী।—হু ৪৩।

রাইত বি [রাতি > বাইত, অপ্র] রাত্রি। "নও রাইত গো.চ ৪৪। ব.প ৪২, ১৪২২। দেখি দিন রাইতে।—ব ৮১। ময় ৭৯।

রাইয়ৎ, -ত, রায়ৎ, রেয়োত বি [আ রা'ইয়ত্] যে চাষ কবার নিমিত্ত জমি ভোগ করার স্বত্ব পায় ; প্রজা। "রাইয়ৎ গো.চ ২ ; রাইযত ৬, ৭। রেয়োতরা খেপেছে।—হু ২০৫। —য়তী [°ত +ঈ৭] প্রজাসম্বন্ধী (স্বত্ব)। [বাইয়তক—প্রজাকে। "গো.চ ৬।]

রাইয়ত, রাইয়তক দ্র 'রাইয়ৎ'।

রাউ বি [রাহু > বাউ, অসাধু] রাহু। "ম ম ১০।

রাউটি, -টী বি [রায়াটি > °টি, -টী ; রেএটী (শূ ১৩২)] মূল্যবান্ প্রস্তরবিশেষ ; রাজাবর্ত্ত। "রাউটী পাথরেব বীর দিল স্নান-কাঠ ক.চ ৭৯। বাউটি পাথর বাঁধা ঘাট শ্রী.মা ১৮৫।

রাউটী দ্র 'রাউটি'।

রাউত বি [সং রাজপুত্র > প্রা রাউত্ত > বা °ত ; হি রাউত ; ঠ রাউ(উ)ত ; রাউতু (চ)] ১ ক্ষত্রিয়, রজপুত। ২ অশ্বারোহী সৈন্য ; সাদী। "রাউত পদাতিগণ।—ম ২২৬ ; গদা গদা যুঝিবেক রাউতে রাউতে ৭৩৪। কাণে কাণে রাউত পশ্চাৎ ঘোড়া রাখে শ্রী ২১৮। বি.পা ২০৩। শ্রী.মা ৬৬। রাউত মাহুত।—রঙ্গ ২১০। (দ্র 'রঙ্গ, টীকা)। ৩ বীরপুরুষ। ৪ [ঠ বাউতলে] সৈন্য। "রাউত পড়ে পাকে ব.প ৪০৭ ; ৪০৮। [°ঘড় (রাউত-ঘটা)—অশ্বারোহিগণ। "পাইক রাউত-ঘড় ধায় চারি ভিত কৃ.উ ১৫৪।]

রাউতি বি [রাউত+ঈ৬ > °তী, -তি] রাজপুত্রী, রাজকন্যা। "রূপ দেখে সেনের রাউতি রসে পূর্ণ শ্রী.মা ১৫০ ; তুমি প্রধান রাউতি ১৫৮। কান্দএ চারি রাউতি ব.প ৬৬৪।

রাউল বি [আউল > °ল ; দ্র 'র'১] ১ যোগী, গৃহস্থ যোগী। "এক রাউলের ঘরে দেখে দুই তিন নারী।—মী ১১ ; রাউলের ঝিই ১৪। এক রাউলের ঘরে দুই চারি মাই গো.বি ৫৫ ; রাউলের ঝি : রাউলের ঝিয়াই ৬৮ ; জোগি রাউল ৭০। [মীনচেতনে (১৪ পৃঃ) 'রাউলের ঝিই' 'জুগিনী কৈন্তা' 'যুগীর ঝিয়াই', এক অর্থেই ব্যবহৃত হইয়াছে ;

'রাউল' শব্দের ঐরূপ অর্থই বোধগম্য হয়। গোরক্ষবিজয়ে (৬৩,-৪) 'যুগীর ঝিয়াই'ও এইরূপ অর্থের পরিপোষক। দ্র 'পরিশিষ্ট, ৪৬ পৃষ্ঠ।] ২ নেউল (?)। "রাউলে খাইল বিষ চাউলে মাখিয়া বা.ম ৩৭৭।

রাএ বি [সং রাজন্, রায় > রায় > বা °এ (য় > ইআ > এ); অপ্র] ১ রাজা। "যে রাএ বখনে জিনিল ধরাতল অ.প ৬। ২ পতি। "দেব গোপী-রাএ (বেণু বাএ) ব.প ৮৩৮। ৩ রব, শব্দ, বাদ্য। "মাদলের রাএ কেনে শুক মোরে কহে গো.বি ৯১। ৪ কূজন। "শুনিল পিক রাএ ব.প ৮৩৭।

রাও বি [দ্র 'রা২'] ১ কথা। "মুখেতে না আইসে রাও তাহান বচন অ.প ১২৪। ছার রাও।—ম.গা ১৬। গঙ্গা মাতা কারে পঞ্চ রাও গো.চ ২৩। জাগিয়া না করে রাও ম.ম ১০। ২ বাক্যোচ্চারণ। "উত্তর না দেও কেনে নাহি কর রাও বা.ম ৩২৩। পদ্মাবতী রাও না করে ম ম ১৮৩। ৩ উত্তর। "জিজ্ঞাসেন মহাদেব পদ্মা না করে রাও ম.ম ২৮; বেহুলার বচনে কেহ নাহি করে রাও ১৮২। ৪ মহারাব, ডাক। "সিব ঠাকুর বৈলে তোলে ছাড়ে রাও গো.চ ৪; ৫; বোলে রাও দিয়া ২৭। ব.প ২৯। ৫ ক্রন্দনশব্দ, চীৎকার। "বেঙ্গীর রাও শুনি ঢোড়া হইল পাগলে বি.পা ৩০৫। ৬ সিংহনাদ, হুঙ্কার। "সেই কলেবর দৈত্য মুখে সেহি রাও চ.বি ২৮৪। ৭ আহ্বান, ডাক। "যত জ্ঞাত্তা সগ আনিল রাও দিয়া ব.প ৪১। ৮ রব, অস্পষ্ট শব্দ। "ওঁয়া চৌয়া করিয়া তিনি রাও কাড়িল ব.প ৪৪। ৯ অপবাদঘোষণা। "বয়স কালে যুবতী রাড়ী নিত কলঙ্কে রাও ব.প ৪৮। ১০ রব, বাদ্যধ্বনি। "সিঙ্গাতে দিল রাও ম.গা ১২। ১১ শব্দ, বাদ্য। "মাদলেব বাও গো.বি ৯১; মৃদঙ্গে বিপরিত রাও ৯২। ১২ কূজন। "কোকিলা কাড়ে রাও গো চ ৮০।

রাওদা বি [দ্র 'র৭'] ওয়াদা। "বাব বৎসর গেল তোর বাবা রাওদা করিয়া গো.চ ২৬৫।

রাওয়ারাই বি [ফা রব্রাররী] ত্বরা, শীঘ্রতা। "বাদ্যরবে ছুটে সবে করি রাওয়ারাই শি ২৫। —রাই ক্রি বিং [রাব—রাবারাবি > রাওয়া-রাই] উচ্চৈঃস্বরে। "পুত্রশোকে সেন হেথা কাঁদে রাওয়ারাই শ্রী ১৭।

রাং১, রাঙ, -ঙ্গ১ বি [সং রঙ্গ > প্রা রংগ > বা (রাংগ) রাঙ্গ, -ঙ, রাং; হি রাঁগ, -গা] সাদা নরম ধাতুবিশেষ; টিন। "লৌহ রাঙ রস বা.ম ২১৩। সে টাকা ঝাঁপিতে ভরি, রাঙ্গ তামা বারি করি, হাটে যায় বেসাতির তরে ভা চ ২৮৩,-৪। যাহারা মুখে বলে গৌরাং, কিন্তু উপরে রূপা ভিতরে রাং।—দা ২৪৩, রাঙ্গের বদলে রূপা: বেটা রাং দিয়ে নিয়েছে চাঁদি ২০৬০। তোমার খেলায় রাং, রূপা হয়।—হেম ৩৮৫। [রাং-ঝাল, রাঙ্গঝাল—ঝালায় নিমিত্ত মিশ্রিত রাং-সীসার পা'ন (soft solder)।]

রাং২ বি [ফা রান্; Av. 'rāna'—thigh; Pahlavi—rān; E. rump] নিহত ছাগাদির ছালছাড়ান উরুভাগ। "ঠ্যাং-ছাড়া রাং ছাড়া (মাছ) অ.গ্র ১২১।

রাং-চিতা, -চিত্র বি [সং রক্তচিত্রক] ১ লাল চিতা। ২ বেড়া-চিতা। (বস্তুতঃ, ইহা 'রাং-চিতা' নহে, ইহা 'চিতা' বা 'বেড়া চিতা' (চব্বিশপরগনা)।] "কুঠেল আপনি তেড়ে এসে গুলি ছুড়িবার উপক্রম করিল—নায়েব সরে গিয়া একটা রাংচিত্রের বেড়ার পার্শ্বে লুকাইলা আ.ভ্রু ১৬৫।

রাং-চিত্র; রাং-ঝাল দ্র 'রাং-চিতা; রাং১'।

রাংতা বি [রাংপাতা (রঙ্গপত্র)] রাঙের পাতলা পাত। "গঠে অষ্ট অলঙ্কার নাহি যার মূল। রাংতা বসায়ে করে স্বর্ণ সমতুল॥—শ্রী.মা ৯৪।

রাঁড় বি [সং রণ্ডা > প্রা রংডা > বা রাঁড়া, -ড়; হি রংডা, রাঁড়; প রন্ড; ঠ, গু রাংড; মৈ রাঁড়; সি রন; নেপালী—রাংরি] ১ বিধবা। "বিশাশয় বৎসর বয়স গেল রাঁড়ে শ্রী ১০২। (হিন্দু) নিকা নাহি দিয়া রাঁড় করি রাখে তায় ভা.চ ৪৭৯। ২ বেশ্যা। ৩ গৃহস্থের ব্যভিচারিণী স্ত্রী; ঘুসকী। "দুষ্ট যে রাঁড়ের সাজা উচিত করিল স্ত.গ্র ৩২৭। —ড়ি, -ড়ী বি [হি, ঠ 'রংডী'—বেশ্যা; মৈ 'রাঁড়ি, রাণি' —বিধবা। "যে দিন বিবাহ সেই দিন হৈনু রাঁড়ী।—কৃ ৪৩১। ভগিনী করিয়া রাঁড়ি নাহি প্রয়োজন।—ম ৫৩১। রাঁড়ী বা.ম ৮৭; ৩১৬। রাঁড়ি বি.পা ২৬৬। ছয় বধূ রাঁড়ি শ্রী ১৭। যাঠী রাঁড়ী হৌক চৈ.চ ১৭১। ২ বৈষ্ণবী, ধুমড়ি (গালি)। "দা ৭১। দ্র 'দুধ'। [°কান্না —উপপতির জন্ত বেশ্যার কপটক্রন্দন; লোক-দেখান কান্না বা কাতর-ভাব। "রাঁড়-কান্না কাঁদা। °খোর—বেশ্যাসক্ত। °বাজ (হি রংডীবাজ) —বেশ্যাগামী। °বাজী (হি রংডীবাজী)—বেশ্যাগমন। °ভাঁড়—বেশ্যা ও বিদূষক। "রাঁড়-ভাঁড় লয়ে মজা, করিতে কি প্রবর্ত্ত হোত।—দা ৭১। °মানুষ—বিধবা। °হাত—বিধবার মত অলঙ্কারশূন্ত হস্ত। রাঁড় করা—বেশ্যার সহবাস করা। রাঁড় রাখা—টাকা দিয়া বেশ্যা পোষা। রাঁড় হ'য়ে ষাঁড় হওয়া—বিধবা হইয়া ধর্ম্মের ষাঁড়ের মত স্বেচ্ছাচারিণী হওয়া। রাঁড়ের বাড়ী যাওয়া—বেশ্যাগমন করা।]

রাঁড়া, রাড়া বিং [সং রণ্ডক > প্রা রংডঅ > বা রাঁড়া, রাড়া; হি রাংডা] ১ বন্ধ্য, ফলপুষ্পহীন, অর্থাৎ যে গাছে কখন ফল-ফুল হয় না। "রাড়া গাছে ফলিছে অকালে মিষ্ট ফল (কাব্যনির্ণয়)। ২ বন্ধ্যা। "ছ মাস গর্ভিণী হ'ল, সেহ ছিল রাঁড়া শ্রী ২৩। [রাঁড়া রুলি—কেবল বা একগাছিমাত্র রুলি। "মেগের হাতে রাঁড়া রুলি, পেগের বড়াই থালি। —হেম ৩৮০।]

রাঁড়ি, রাঁড়ী দ্র 'রাঁড়'। [রাঁড়ী-বালতী—বিধবা ও অনাথা নারী। রাঁড়ী-বালতী দুঃখীলোক অ.গ্র ৭৩।]

রাঁধ সর্ম [সং √রধ্, √রন্ধি—রন্ধয়্ > প্রা √রংধ > বা °ধ; হি √রাঁধ, ঠ, গু .√রাংধ] পাক করা; রাঁধা।

রাঁধন বি [√রাঁধ+অন; সং রন্ধন > প্রা রংধণ > বা °ন, অস রান্ধন] পাক, রান্না। [°বাড়ন (অস রান্ধনবাডন)—রন্ধন ও অন্নাদি-বণ্টন; রান্না-বাড়না। "কেহ ছাড়ি যায় গৃহ °ন শ্রী.মা ২২৪।

রাঁধ(ধু)নী বি [রাঁধন+ঈ৭; অস রান্ধনি] ১ রন্ধনের মসলা-বিশেষ। ২ [গু রাংধণিয়; তু রাঁদ্ধুনী' (হু ৮৪)] পাচক, পাচিকা। "যার হাতে খাইনি সেই বড় রাঁধুনী। যারে নে করি নি ঘর সেই বড় ঘরুণী॥—প্রবচন।

রাঁধা বিং [রাঁধ+আ১২] রন্ধিত, পাক-করা। "রাঁধা ভাত বেন্নন। —ধা বি [+আ৬] রন্ধন, পাক করা। [°বাড়া—সর্থ 'রাঁধন-বাড়ন' (দ্র রাঁধন') °বাড়ী, রাঁধুবাড়্—বালিকার রাঁধা-বাড়ার খেলাবিশেষ। "শিশুগণ মেলে, রাঁধুবাড়্ খেলে ভা.চ ৬৬৮।]

রাঁধুনী দ্র 'রাঁধনী'।

রাঁপি, রাম্পি বি [হি, ঠ রাংপি] চামারের চামকাটা অস্ত্রবিশেষ। "রাঁপি: চামকাটা রাম্পি ভ.গ্র ২৫১।

রাকস বি [হি রাকস; মৈ রাগস] রাক্ষস, ভোজনপটু ব্যক্তি (গালি)। "বুড়া রাকস বুড়া বোকস বুড়া দেখে জ্বলি শি ৮৩।

রাকা স্ত্রী [√রা+ক-ক+স্ত্রী আ (টাপ্), উ ৩.৪০] ১ 'সুখদাত্রী' সম্পূর্ণচন্দ্রা পৌর্ণমাসী (সায়ণ); সম্পূর্ণেন্দু তিথি; প্রতিপদযুক্তা পৌর্ণ-মাসী (ত.বা); পৌর্ণমাসী, পূর্ণিমা। "ঋগ্বেদ ২.৩২.৪; ৫। মাঘে ...যথারাকাসমাগমে ভ ৭.১৪.২২। যা রাকা শশিশোভনা গতঘনা সা যামিনী যামিনী (সু.র)। °শশধর বদন জিনি জ.প ৩৯। °সুধাকরমুখী বি.সু ১১৬। মুখরাকাবিধু ১৬৫। শশধর রাকা ভা চ ৭৩১। °নিশাকর বা.দ ২০৩। °রজনী সা.ম ৫৭। সে সুন্দর পূর্ণিমা মেঘে ঢাকিয়াছে। কার্ত্তিকী রাকায় গ্রহণ লাগিয়াছে ব.প্র ৩০১। ২ পৌর্ণমাসী রজনী।

"দারিদ্র্যং ভজতে কলানিধিরয়ং রাকাধুনা রায়তি।—ভামিনীবিলাস ২১০, ৯২; °রমণ ১৪৮। উমার বদনচাঁদে পরকাশে রাকা ভা চ ৮১। ৩ পূর্ণিমার অধিদেবতা। ৪ নবজাতরজাঃ স্ত্রী। ৫ কচ্ছুরোগ। ৬ খর ও শূর্পণখার জননী। "মহা ৩.২৭৪ ৮। ৭ অঙ্গিরার কন্যা। "ভ ৪ ১ ৩৩। ৮ চন্দ্রাকৃতি চিহ্ন (?)। "শ্রী মা ১২১,-৫৫। [°চন্দ্র (পুং)—পূর্ণিমা-চন্দ্র, পূর্ণচন্দ্র। "ক.সা ১০১ ৩৭৮। দা ২৬৯। °নিশা (স্ত্রী)—পূর্ণিমা-রজনী। "ক.সা ৭৫.১২৯। °পতি, °রমণ (পুং)—পূর্ণিমাপতি, পূর্ণচন্দ্র। "°পতি ভ ৪.১২.১৯। °রমণ ক সা ৪৩.২০৪। °পতি ক.চ ৩৩, ৯২। ধা.দ ১৫১। °বিভাবরী (স্ত্রী)—পূর্ণিমারজনী। °শশধর, °শশাঙ্ক, °শশী (-শিন্) পুং—পূর্ণচন্দ্র। °শশাঙ্ক ক সা ১১৯ ১৯২।]

রাকামুখী বি চন্দ্রমুখী, সুন্দরী (অসাধু)। "শ্রী মা ১২৪।

রাকেশ পুং [ষ ত] ১ রাকাপতি, চন্দ্র। "ভ ১০.২৯.২১। ২ শিব।

রাক্ষস বিণ [রক্ষস্, রাক্ষস+অ (অণ্), স্ত্রী -সী] ১ রাক্ষসসম্বন্ধী, রক্ষোযোগ্য। "মনু ৩ ২১। ২ তমঃপ্রধান, তামস। "রাক্ষসীম্…প্রকৃতিম্ গী ৯.১২। ঋষয়ো রাক্ষসীমাহুর্বাচমুন্মত্তদৃপ্তয়োঃ উ.চ ৫.৩০। ৩ রাক্ষসো-চিত। "রাক্ষসো বিধিঃ মনু ৫ ৩১। —ক্ষস পুং [+অ স্বার্থে] ১ রক্ষঃ, নিশাচর। "রা ১ ১ ৪৪। °কুলভরসা।—মে ২০৮। [ব্রহ্মার ক্ষুধা হইতে রাক্ষসের উৎপত্তি (বহ্নিপুরাণ)।] ২ অষ্টবিধ বিবাহের একতম। 'হত্বা ছিত্বা চ ভিত্বা চ ক্রোশন্তীং রুদতীং গৃহাৎ। প্রসহ্য কন্যাহরণং রাক্ষসো বিধিরুচ্যতে॥—মনু ৩ ৩৩। রাক্ষসো যুদ্ধহরণাৎ যাজ্ঞ ১ ৬১। ৩ নন্দরাজমন্ত্রী। "মুদ্রারাক্ষস। ৪ (জ্যোতিষে) যোগবিশেষ। —ক্ষসী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ রাক্ষস-স্ত্রী। ২ রাক্ষসজাতি-স্ত্রী। "°বৃতা রঘু ১২ ৬১। আছে তথা রাক্ষসী রাক্ষস।—কৃ ৯৮। ৩ লঙ্কা। ৪ রাত্রি। 'রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্বীত রাক্ষসী কীর্তিতা হি সা মনু ৩ ৮০। ৫ সায়াহ্নকাল। 'সায়াহ্নস্ত্রীমুহূর্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ। রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্বকর্মসু॥—তিথ্যাদিতত্ত্ব। দ্র 'অপরাহ্ণ'। "রাক্ষসী সময়।—ম ৫৩৭। মা ২২২। ৬ চোরনামক গন্ধদ্রব্য। ৭ দংষ্ট্রা। ৮ চণ্ডা (মেদিনী)। ৯ (বাঙলায়) রাক্ষসীসদৃশী নিষ্ঠুরা। "হেমচন্দ্র।—না—না—না—…এই গান গাও। তুমি রাক্ষসী।—ব প্র ১১৯। [মায়ার রাক্ষসী—মায়াবিনী নিষ্ঠুরা নারী। "ম ম ১৮৩।]

রাক্ষসগণী বিং যে স্ত্রীর রাক্ষসগণ। "খুলনা °ণী ক চ ১৬২।

রাক্ষসালয় পুং [ষ ত] 'রক্ষোবাস', লঙ্কা।

রাক্ষসী দ্র 'রাক্ষস'।

রাক্ষসেন্দ্র, -সেশ, -সেশ্বর পুং [ষ ত] 'রক্ষোনাথ', রাবণ। "রাক্ষসেন্দ্র গো রা ৩.৫৫.৩৫। °শ্বর রা ৭ ১৫ ৩০।

রাক্ষসেন্দ্রাণী বি [°ন্দ্র+আনী°, তু 'ইন্দ্রাণী'] রাবণপত্নী (মন্দোদরী)। "রাক্ষসেন্দ্রাণী মন্দোদরী দেবী।—মে ২০৮।

রাক্ষসেশ, রাক্ষসেশ্বর দ্র 'রাক্ষসেন্দ্র'।

রাক্ষসেষ্টি বি রাক্ষসনাশার্থ যজ্ঞ। "ম ১৭৮।

রাখ সর্ম [সং √রক্ষ্ >লি, প্রা √রক্খ >বা রাখ, হি √র(রা)খ, প √রক্খ, ঠ, গু √রাখ, সি √রখ, ড়, অস রাখ, রাহ] ১ রক্ষা করা, বিপদে ত্রাণ করা। "পাণ্ডুবধূ রাখহ প্রমাদে: এ সঙ্কটে কেন নাহি রাখ।—ম ৩৫৫। ২ বিপদ্ না হয়, এমনভাবে দেখা। "রাজারে রাখিয়া তেজি রহিবেন স্থল অ.প ৯, তুমি রাজা রাখিয়া থাকহ এহি স্থল ১২। কারো শক্তি নাহি দেখি বাখি ভীষ্মবীরে।—ম ৮০৬। কে রাখে এ মৃগপালে?—মে ৯৯। ৩ পালন করা, পোষা। "হেন মতে যৌবনাশ্বে সে অশ্ব রাখন্ত অ প ৮। ৪ রক্ষা করা, বাঁচান। "জীব নিকসব যব রাখব কোই বি.প ৫৬। পাইয়া শূন্য ঘরে, লহনা খুন করে, দুর্বলা রাখহ জীবন ক.চ ১৪০। চাহে রাখে, চাহে মারে, চাহে লহে ছিন ভ.প্র ২৭৩। রাখ রাখ রাখ, বাঁচাও আমায়।—গান ৮। ৫ ত্যাগ করা, ছাড়া। "ধনী কহে রাখ নাট বা.দ ১৯৩। এ দারুণ খেলা রাখ।—গান ১৯। ৬ স্থাপন করা। "বইখানা রাখ। ৭ স্থান বা আশ্রয় দেওয়া। "হিয়ার মাঝারে, যতনে রাখিব, বিরলমনের কথা চ.দা ১১৩। আমারে না রাখ রাখ নাহিক বিচার।—ম ৫৯। কৃষ্ণচন্দ্র রায়ে, রাখ রাজা পায় ভা চ ১০। ৮ রক্ষণাবেক্ষণপূর্বক চরান। "(রামা) কাননে ছাগল রাখে ক চ ১৪৫। নিকটে গোধন রেখো।—ব ৫০। ৯ অধিকার করা, দখল করা। "জমি-জমা রাখা। ১০ রোধ করা; আটকান। "গোবিন্দ কহেন ইহায় না রাখ দুআরে।—ম ৩১৮। (ক্ষেত্রে) জল রাখিবারে আলি বান্ধেত কৃষাণ শ্রী ম ৫৭। ১১ অব্যাহত করা, বজায় করা। "কাহারে জিনাইব আমি হারাইব কারে। রচিব উপায় দুই তত্ত্ব রাখিবারে অ প ১৩৪। ১২ নষ্ট না করা। "মান করবি কছু রাখবি ভাব। রাখবি রস জনু পুন পুন আব॥—বি প ৫৫। যারে রাখ, সেই রাখে।—প্রবচন। ১৩ নিবারণ করা, তাড়ান। "দিবসে বায়ই রাখে রাত্রিতে শূকর।—ম ১০৩৬। ১৪ নিবর্তিত করা, থামান। "শিখার শ্রম দেখি শুক নাচন রাখিল চৈ চ ৩৫৭। ১৫ গ্রাহ্য করা, পালন করা, মানা, শুনা। "বচন রাখিয়া যাও আপনার বাস শ্রী ৫৭, ২৫১। রথ রাখ, কথা রাখ, একবার মোরা দেখি, দেখ।—মধুকান। তোমার কথা রাখিলাম ব প্র ২৮। ১৬ রুদ্ধগতি করা, স্থগিত করা। "রথ রাখ, রথ রাখ, বংশীবদন।—মধুকান। জোয়ার গাঙ্গে জল ছুটিছে রাখিবে কে? হরে মুরারে।—ব ছি ১২৭। ১৭ প্রতিহত বা নিরাকৃত করা, ফিরান, ঠেকান। "মারি শেল, রাখ দেখি বাঁচায়ে আপনা।—কৃ ৩১৭। ১৮ চৌকি দেওয়া। "রাক্ষসেতে দ্বার রাখে।—কৃ ৩০৯। ১৯ গাত্রে স্থাপন করা, অর্থাৎ হানা। "টাঙ্গি শেল বাখে, ঝুপ ঝুপ রাখিছে তীর শ্রী ১৬। ২০ নিযুক্ত করা। "চাকর, লোক রাখা। ২১ সঞ্চয় করা, জমান। "রইল বলে' রাখলে কারে, হুকুম তোমার ফলবে কবে।—গান ১৩৮। ২২ পোষণ করা। "নিশিদিন ভরসা রাখিস, ওরে মন হবেই হবে।—গান ২৩২। ২৩ কলঙ্ক হইতে বাঁচান। "নিরমল কুলখানি, যতনে রেখেছি আমি, বাঁশী কেন বলে 'রাধা রাধা' চ দা ৭। ২৪ বন্ধক দেওয়া। "গহনা রেখে টাকা লওয়া। ২৫ অতিক্রম করা, ছাড়ান, এড়ান। "গোলাহাট রাখে ত্বরাত্বরি: জালন্দা রাখি যান শ্রী ১২৭। ২৬ সম্ভোগার্থ ভরণপোষণ করা। "তাকে (সেই স্ত্রীলোককে) রাখবের জন্যে সহরশুদ্ধ পাগল হয়েছিল।—লী ৩৮। রাখারাখির কথা নয়, এ প্রেমের কথা গি ছি ১১২। ২৭ দেওয়া। "(মন!) তোর নাম রেখেছি হরিবোলা।—রাজকৃষ্ণ রায়। ২৮ থাকিতে দেওয়া। "বাকী রাখা। ২৯ অসমাপিকা ক্রিয়ার পরে সমাপ্তিসূচক। "নিশীথ-শয়নে ভেবে রাখি মনে,…প্রভাতে…তোমারে হেরিব আমি, ওগো অন্তরযামী!—রবীন্দ্র। —খা সর্ম [রাখ+আ°] স্থাপিত করান, রাখান। [রাখা—সর্থ 'রাখ'। রাখান—সর্থ 'রাখা'। রাখা ঢাকা—যত্নপূর্বক ঢাকিয়া রক্ষা করা। রেখে ঢেকে যাওয়া—জীবিত ও নিরাপদ রাখিয়া স্বর্গলাভ করা। "এমন সকল ছেলে রেখে ঢেকে যাওয়া—বড় পুণ্য না হইলে হয় না আ দু ১২৮। কথা রাখা—কথা শুনা বা গ্রাহ্য করা। কাজ ফেলিয়া রাখা—কার্য্য অসম্পাদিত রাখা। ঘর ক'রে রাখা, ঘরে ব'লে রাখা—গৃহস্থের ভবিষ্যৎ প্রয়োজনার্থ ঘরে সঞ্চয় করা। চোখ বা নজর রাখা—কোন বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা বা সতর্ক থাকা। টাকা ফেলিয়া রাখা—টাকা অনাদায় রাখা, টাকা বিনা সুদে রাখা। টাকা হাতে রাখা—খরচের নিমিত্ত টাকা মজুত রাখা; টাকা নিকটে রাখা। নাম রাখা—১ কীর্তিস্থাপনপূর্বক নাম স্মরণীয় করা। ২ সন্তান দ্বারা বংশস্থিতি করা। ৩ নাম দেওয়া। বলিয়া রাখা—বলা, জানান। ভাব রাখা—প্রণয় বজায় করা। মন রাখা—১ মন নিবিষ্ট করা। ২ পিরীত রক্ষা করা। মন-রাখা কথা

—কথার বজায় রাখার নিমিত্ত মৌখিক প্রিয় বাক্য। মনে রাখা স্মৃতিগত করা। মান রাখা—সম্মান বা সুনাম অক্ষুণ্ণ করা। মুখ রাখা—গৌরব অব্যাহত রাখা। লোক হাতে রাখা—লোক বশীভূত রাখা। শ্যাম রাখি কি কুল রাখি—রাধার শ্যাম ও কুল রাখার মত সমান প্রয়োজনীয় বিষয়দ্বয়ের বিতর্কস্থলে ইহা প্রযোজ্য।]

রাখআল, -খোআল, -খোয়াল বি [রাখ-ওয়াল > রাখোয়াল, -খোআল, -খআল, হি রখরালা] ১ রক্ষাকর্ত্তা। "আমি নহি এথানে চণ্ডীর রাখআল ব প ৪০৬। ২ গোরক্ষক, রাখাল। "আপনি সুরভি রাখোআল।—গ ৭। রাখোয়াল কান্দে...ধেনু হারাইয়া ম পা ৮২। কান্দে বনে রাখোয়াল ব প ৭০৮।

রাখন বি [রাখ+অন] রক্ষা করা, ধরিয়া বশে রাখা। "(নায়ে) চাক-ভাউরি ফিরে, কাঁড়ার রাখন নাহি যায় ব প ২৪৭।

রাখা দ্র 'রাখ'।

রাখাল বি [হি রাখরাল] ১ রক্ষাকর্ত্তা, রক্ষক। "মৃগ পালে পাল, শার্দ্দূল বাখাল, কেশরী হস্তিবাখাল ভা চ ৯৭। ননদি গো। ও রাখাল, সুধু নয় গো-বাখাল, জগতের রাখাল বেদে শুনি।—দা ২৬৯। নিরাখালের খোদা রাখাল।—প্রবচন। ২ গবাদিপালক। 'গাভীব রাখাল চৈ চ ৬৩। শ্রী মা ১৬৮। সখি। ও কেন বাখাল সাজে, ওরে কি রাখাল সাজে, কোন বাখালে রাখাল সাজায় গো।—দা ২৩২। —খালি, -লী বি [°ল+ই[৮], ঈ[৭], হি রখরালী] ১ রাখালের কাজ, গবাদিপালন। ২ বাখালের বেতন—অর্থাদি। 'রাখালি সাধিত তোর অভাগিণী মা।—শ্রী মা ১৬৯। [°বালক—বাখালরূপী শিশু। "গি দ্বি ১৩৯। °বাজ—বাখালের বাজা কৃষ্ণ। গি দ্বি ১৩৯।]

রাখালি, রাখালী দ্র 'রাখাল'।

রাখী বি [স° বক্ষা, হি, ঠ রাখী] ১ শ্রাবণী পূর্ণিমাব দক্ষিণ হস্তের মণিবন্ধে বন্ধনীয় বঞ্জিত মঙ্গলসূত্র। ২ শ্রাবণী পূর্ণিমা। 'শ্রাবণী পূর্ণিমা তিথি বাখী যার নাম শ্রী ম ১১। ৩ শরীররক্ষার্থ হস্তে বদ্ধ রক্ষাসূত্র। (ককণা দেবী) বাঁধি দিল রাখী স্ব প্র ১২৮। ৪ রক্ষার্থ সূত্রমাত্র। 'আলোব বাখীতে বাঁধি গো অতীতে,—ঘুচাই কালি।—কু কে ১৫০। [°ডোর—রক্ষাসূত্র। "স্ব প্র ১২৮। °পূর্ণিমা —বাখীবন্ধনার্থ শ্রাবণী পূর্ণিমা। বাখীবন্ধভাই—রাখীবন্ধনজন্য ভ্রাতৃতুল্য ব্যক্তি। "পা প্র ৫১।]

রাখোআল, রাখোয়াল দ্র 'রাখআল'।

রাগ[১] পু° [√রন্জ+অ (ঘঞ্)-ভা] ১ বর্ণান্তরাপাদন, বর্ণান্তরপ্রাপণ, রঞ্জন, রঞ্জিত করা। "আশ্চর্য্যো বাগঃ। বিচিত্রো রাগঃ।—পা ৬ ৪ ২৭, কাশিকা। ২ [+অ-ণ] 'রঞ্জনসাধন', শুক্লের বর্ণান্তরপ্রাপকদ্রব্য, রঞ্জকদ্রব্য, লোহিতাদি রঙ্গ, বর্ণ। "তেন রক্ত° রাগাৎ পা ৪ ২ ১। পল্লবরাগতাম্রা (প্রভা) রঘু ২ ১৫, ধৌতরাগপরিপাটলাধবৈঃ (মুখৈঃ) ১৯ ১০। কুঙ্কুম°।—ঋতু ৬ ৪। রাগঃ শুক্লপটে যথা—পঞ্চ ১ ৩৪। রক্তজবা° স শ ৩৮। ৩ অরুণিমা, লৌহিত্য। 'রাগেন বালারুণ-কোমলেন কু স ৩৩০। তরুণারুণরাগযোগাৎ রঘু ৫ ৭২। অধরঃ কিসলয়রাগঃ শ ১ ১৯। অধর বিদ্রুমদ্যুতি, তাম্বুলের রাগ তথি ক চ ৬১। তাম্বুলরাগরক্ত ব প্র ২১। ৪ লাক্ষারাগ। "কুরু...চরণং নির্ম্মিতরাগম্ কু স ৪ ১৯। ৫ অনুরাগ, প্রেম, প্রণয়। "সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ম্। রাগো ভবন্ নবনবঃ সোঽনুরাগঃ প্রকীর্ত্তিতঃ॥ —উজ্জ্বলনীলমণি। "তদ্রাগস্তত্তভূষণা রা ২ ৬০ ১৯। দৃষ্টি° শ ২১/৫, °পরিবাহিণী গীতিঃ ৫½। রাগদ্বেষক্ষয়েণ মনু ৬.৬০, ভ ৫ ১৪ ২৭। গেলো দিন তো নবরাগে, কামাদিবিপক্ষ-রাগে, রাগে রাগে আছেন দয়াময় রে।—দা ৭১৩। ৬ প্রীতি (শ্রীধর)। "বীতরাগভয়ক্রোধঃ গী ২ ৫৬। দ্র (৫)। ৭ (যোগশাস্ত্রে) পঞ্চক্লেশের একতম, সুখে বা সুখসাধনে তৃষ্ণা বা লোভ। 'পা দ ২.৩, ৭। ৮ ক্লেশাদি (মেদিনী)। ৯ রস। দ্র 'রস', অ কো। ১০ গৃধ্নুতা (ত্রিকাণ্ডশেষ)। বিপ 'বিরাগ, বৈরাগ্য'। "ইন্দ্রিয়স্য...রাগদ্বেষৌ গী ৩ ৩৪। ১১ প্রাপ্ত বিষয়ে রঞ্জনা (শঙ্কর), চিত্তরঞ্জনাত্মক তৃষ্ণা (শ্রীধর)। 'ইষ্টে গাঢ় তৃষ্ণা 'রাগ' চৈ চ ২২৭। "বলং বলবতামস্মি কামরাগবিবর্জ্জিতম্ গী ৭ ১১। ১২ ক্রোধ (গী, ভাষ্যোৎকর্ষদীপিকা)। "গী ৭ ১১। বাগবৎ গী গো ৩ ১৪। রাগে মত্ত ভা চ ১৬৯, কি ছার মিছার কামধনু, রাগে ফুলে ২৯০। রাগভঞ্জন। —দা ৭১৩। ১৩ মাৎসর্য্য (মেদিনী)। ১৪ নৃপ। ১৫ সূর্য্য। ১৬ চন্দ্র। ১৭ (সঙ্গীতে) গানের স্বরবিন্যাসবিশেষ, ভৈরবাদি। [হনুমন্মতে বাগ ষড়্বিধ—ভৈরব শ্রী মেঘ কৌশিক হিন্দোল দীপক। ব্রহ্মার মতে, ভৈরবাদি তিন, বসন্ত পঞ্চম নটনাবায়ণ। হনুমন্মতে প্রত্যেক বাগের পাঁচ বাগিণী, ব্রহ্মার মতে ছয রাগিণী (গী সা)।] ১৮ মাধুর্য্য। "গীত° শ ১ ৫। ১৯ কাম (মধুসূদন)। 'গী ১৪ ৭। ২০ অনুনাসিক উচ্চারণ (A)। ২১ (বাঙ্লায়) তেজ, তীব্রতা, ধক। "চূণের, তামাকের রাগ। ২২ বিরাগ, বৈরাগ্য (অসাধু)। তাহা দেখি ব্যাধের হৈল রাগ পাছুআন শ্রী ম ২২৭। [°দ (বিণ)—রঞ্জক। °দালি (পু°)—মসুর। °দ্রব্য (স্ত্রী)—রঞ্জনদ্রব্য, রঙ্গ। °পুষ্প (পু°)—বন্ধূক। °বন্ধ (পুং) —অনুরাগসন্তান, গাঢ়প্রসক্তিপ্রসঙ্গ। "রঘু ১৮ ৫২। মা মি ২.৮। °লেখা (স্ত্রী)—বর্ণাঙ্ক। °সূত্র (স্ত্রী)—১ পট্টসূত্র। ২ তুলাসূত্র।] [রাগ পড়া—ক্রোধশান্তি হওয়া। "গি দ্বি ১০৬। বাগরাগ মুখ—ঈষৎ ক্রোধান্বিত মুখ। "জা ৫০। রাগারাগি—পরস্পর কোপপ্রকাশ। রাগে গরগর করা—কোধে গদ্গদকণ্ঠ হওয়া, ক্রোধাভিভূত হওযা। বাগের মাথায় বলা—ক্রোধে বিকৃতমস্তিষ্ক বা ক্রোধান্ধ হইয়া কটু বলা।]

রাগ[২] অর্ম্ম [রাগ[১] > °গ[২], হি ' √রাগ'—রঞ্জিত হওয়া] ক্রুদ্ধ হওয়া, রাগা। 'রাগিয়া আগুন ছেলে।—শিশু ১১৬। ছুঁড়ী যদি নারাজ হ'য়ে বাগতো, তা হ'লে নয় কথাটা ঠাট্টা করেই উড়িয়ে দিতেম।—মা ৩২৮। —গা সর্ম্ম [রাগ+আ[৮]] ক্রুদ্ধ করা, রাগান। [রাগা—সর্থ 'রাগ[২]। "গি দ্বি ১১৮। বাগান—সর্থ বাগা'। বাগাবাগি·করা—পরস্পব রাগ-প্রকাশ করা। বেগেমেগে—অতিক্রুদ্ধ হইয়া। "কাঁচা ঘুমে জেগে, অসুথ কবত যদি রেগেমেগে?—কা ১১৯। চ কা ৮৫।]

রাগখাণ্ডব স্ত্রী,**-ষাড়ব,-ষাঢ়ব** পু° [?] দাড়িমদ্রাক্ষাযুক্ত মুদ্গযূষ (সুশ্রুত ১ ৪৬ ৪০৩), পিপ্পলীশুণ্ঠীশর্করাযুক্ত মুদ্গযূষ (মহা ১৫ ১ ১৯, নীলকণ্ঠ)। দ্র 'খাণ্ডবরাগ', মহা ১৪ ৮৯ ৪১, নীলকণ্ঠ। see M W 'রাগষাঢব গো রা ৫ ১৪ ৪৪। রাগখাণ্ডব মহা ১৫ ১ ১৯। রাগষাড়ব সুশ্রুত ১ ৪৬ ৫০৪। [রাগখাণ্ডবিক (পু°)—রাগখাণ্ডবকর্ত্তা (নীলকণ্ঠ)। "মহা ১৫ ১ ১৯।]

রাগচূর্ণ পু° [উ লো] ১ 'রাগযুক্ত চূর্ণদ্রব্য', ফল্গুচূর্ণ, ফাগ। ২ লাক্ষা-রস। ৩ সিন্দুর।

রাগত বিং [বাগিত > °ত, ঠ রাগীট] রাগান্বিত, ক্রুদ্ধ। "বিপ্র রাগত (কহেন) ভ গ্র ৩০৮, ৪১২। বাগত রঙ্গ শ্রী ম ২৩৩।

রাগবান্ (-বৎ) বিণ [রাগ+বৎ (বতুপ্)-১ব] ১ রাগযুক্ত, রক্ত, লোহিত, কোপবান্, ক্রুদ্ধ। "গী গো ৩ ১৪। ২ অনুরাগী।

রাগময় বিণ [°গ+ময় (ময়ট্)] অনুরাগবহুল। "কাব্যাদর্শ ২.৭৫।

রাগমার্গ বি অনুরাগরূপ ভজনপথ, মধুরভাব। "রাগমার্গে যেই, ভজন করয়ে, প্রাপ্তি হইবে তারে চ দা ১৫৬। কেবল যে রাগমার্গে, ভজে কৃষ্ণ অনুরাগে, তারে কৃষ্ণমাধুর্য্য সুলভ চৈ চ ২১৯।

রাগষাড়ব, রাগষাঢ়ব দ্র 'রাগখাণ্ডব'।

রাগা দ্র 'রাগ'।

রাগাঢ্যা স্ত্রী [সুপ্সুপা] 'রাগপূর্ণা', মঞ্জিষ্ঠা।

রাগাত্মক বিণ [রাগ আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্), স্ত্রী,

-ত্মিকা] কামস্বরূপ (গী.টীকা)। "রজো রাগাত্মকং বিদ্ধি গী ১৪.৭। —ত্মিকা বিণ রাগময়ী, কৃষ্ণতন্ময়ী (ভক্তি)। 'রাগময়ী ভক্তির হয় রাগাত্মিকা নাম চৈ.চ ২২৭। "রাগাত্মিকা ভক্তি মুখ্যা ব্রজবাসিজনে চৈ.চ ২২৭।

রাগাত্মিকা দ্র 'রাগাত্মক'।

রাগানুগা স্ত্রী [রাগ+অনু- √গম্+অ (ড)-ক+স্ত্রী আ (টাপ্), উ.ত] রাগাত্মিকা ভক্তির অনুগত ভক্তি। 'রাগাত্মিকা ভক্তি মুখ্যা ব্রজবাসিজনে। তার অনুগত ভক্তির 'রাগানুগা' নামে॥—চৈ.চ ২২৭। "রাগানুগা ভক্তি চৈ.চ ২২৮।

রাগান্বিত বিং রাগযুক্ত, ক্রুদ্ধ, কুপিত।

রাগি, -গী[১] বি রায়খড়া মাছ। দ্র 'রাজীব (২)। "রাগি ভা.চ ১২৬।

রাগিণী ; রাগী[১] দ্র 'বাগী[২], বাগি[১]।

রাগী[২] **(-গিন্)** বিণ [রাগ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -গিণী] ১ রাগযুক্ত, রক্ত, লোহিত। "রাগী বিম্বাধরোষ্ঠসৌ।—পঞ্চ ১.২২১। সন্ধ্যাবৎ ক্ষণরাগিণঃ (স্ত্রিয়ঃ) ক.সা ৩৭.১৪৩। ২ অনুরাগবান্, প্রণয়ী। "রবিরাগিষু কমলাকরেষু মাঘ ১৬.৪৩। কি ১৮৩১। দ্র '(১)। তদ্‌গুণরাগি মনঃ ভ ৬.১.১৯। ৩ কামাসক্ত, কামুক। ৪ প্রীতিমান্। "কলবীণারবরাগিণী শ্রুতিঃ ক.সা ১৪.৯০। ৫ বিষয়লোলুপ, কামান্ধাকুলচিত্ত, পুত্রাদিপ্রীতিমান্ (গী টীকা)। "গী ১৮.২৭। ৬ বাগদ্বেষবান্ (মল্লিনাথ)। "কি ১৮.২৭। ৭ [√রন্জ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব] রঞ্জকারক, বঞ্জক। ৮ রতিযুক্ত (ত.বা)। ৯ (বাঙলায়) যে অল্পে রাগে, কোপনস্বভাব, ক্রোধন। —গী পুং ১ প্রণয়ী। ২ তৃণধান্যবিশেষ (শ ক)। —গিণী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিদগ্ধা নারী। ২ কামুকী। ৩ (সঙ্গীতে) রাগের পত্নী। "ছত্রিশ রাগিণী মেলে, ছয় রাগ সদা খেলে ভা চ ১৩। [ছয় রাগের পর পুরাকালের কিঞ্চিৎ উন্নত সমাজে আরও যে ছত্রিশ প্রকার নূতন স্বরবিন্যাস সংগৃহীত হইয়াছিল, শাস্ত্রকারেবা তাহাদেব রাগিণী সংজ্ঞা দিয়াছেন (গী সা)। দ্র 'রাগ (১৭)] ৪ (বাঙলায়) কোপনা। "সতিনী বাঘিনী, শাশুড়ী রাগিণী ভা.চ ২৭৭। (হেবি খোঁপায়) রাগিণী নাগিনী রাগে কোঁপায় বা দ ২০১।

রাঘব পুং [রঘু+অ (অণ্)] ১ 'রঘুসম্বন্ধী', অজ। "যতিপার্থিবলিঙ্গধারিণৌ…বঘুরাঘবৌ রঘু ৮.১৬। ২ দশরথ। "বা ২ ৬৩.৪৩। ৩ বামচন্দ্র। "রা ১.১.৫৪। রঘু ১২.৩২। বাঘবং বাবণারিম্।—মহানাটক, কৃ ১। রাঘবারি।—মে ১। ৪ (দ্বিব) রামলক্ষ্মণ। "গো.বা ৫ ৬৩.২৮। রঘু ১২.৫৩। ৫ (বহুব) রঘুবংশজ, বঘুবংশ্যগণ। "রাঘবাণাং কুলম্ রা ২.৬৬.৬। 'কুলচূড়া।—মে ২৫৬। ৬ সামুদ্রিক মহামৎস্যবিশেষ। দ্র 'তিমিঙ্গিল'। রহিবেন রতিনাথ রাঘবেব পেটে শি ২১। ৭ সমুদ্র। ["রাঘবোঽব্ধৌ মহামীনভেদে"—মেদিনীকোষের এই 'অব্ধৌ'-স্থানে 'অব্ধৌ' ধরিয়া এই অর্থ হইয়াছে ; ইহা ভ্রমাত্মক। ব্যুৎপত্ত্যনুসারে 'সমুদ্র' অর্থ অসম্ভব। তু 'মধিজা'।]

রাঘবপাণ্ডবী বি [সং °বীয] কাব্যবিশেষ। "ক.চ ২১৫।

রাঘবপাণ্ডবীয় ক্লীং [°ব+ঈয় (ছ)] রাঘবপাণ্ডবসম্বন্ধী কবিরাজকৃত কাব্যবিশেষ। [ইহাব শ্লোক উভয়পক্ষীয় অর্থদ্যোতক।]

রাঘববোয়াল, -লি বি [রাঁগো বইল (গো.চ)] ১ বৃহৎ বোয়ালবিশেষ। দ্র 'রাঘব (৬)। "°লি ম.ভা ৬২। মেয়ে মানুষ সম্বন্ধে জমাদার খুড়ো আমার রাঘববোয়াল।—অ.প্র।

রাঘববোয়ালি দ্র 'রাঘববোয়াল'।

রাঘবারি বি [ষ.ত] রামশত্রু রাবণ। "মে ১।

রাঘবীয় বিং [°ব+ঈয় (ছ)] রামসম্বন্ধী, রামপক্ষীয়। "অলঙ্ঘ্য সাগর-সম রাঘবীয় চমূ।—মে ৮০।

রাঘবেন্দ্র পুং [উপ.স] রাঘব ইন্দ্রতুল্য ; রাঘববীর রাম। "মে ১৮৬।

রাঘবেশ্বর পুং [ষ.ত] ১ শিবলিঙ্গবিশেষ। ২ (বাঙলায়) রাঘবশ্রেষ্ঠ, রঘুপতি, রাম। "সুমধুর স্বরে, কহিলা রাঘবেশ্বর—মে ১৫২।

রাঙ, রাঙঝাল দ্র 'রাং'।

রাঙণ বি [সং রঙ্গ] লোহিত, রাঙা। [রাঙণ নারিকেল—রাঙা নারিকেলবিশেষ ; শোণ নারিকেল। "ক.চ ১৩২।]

রাঙা[১] বিং [রঙ্গ > রাঙা] ১ রঙ্গযুক্ত, লোহিত। "সিন্দুরে মণ্ডিত রাঙা কুণ্ডল।—কৃ ৫২। রাঙা রবি-ছবি।—হেম ১। লজ্জায় রাঙা হ'য়ে ওঠে কান।—কা ১২০। রাঙা সবুজ…সাজে।—শিশু ৬২। হৃৎকমলের রাঙা রেণু।—গান ৭৩। রাঙা তোর ওষ্ঠপুটে অ.শু ৮৫। ২ গৌরবর্ণ, সুন্দর, ফরসা। "রাঙা দাদা, দিদী। ৩ রক্ততল, টুকটুকে; মনোহর, কমনীয়। "বিকাইব কায়-মন তব রাঙা পায়।—মা ২৮ ; রাঙা পা-দুখানি : সুরাঙা পদ ১২৭। রাঙা হাতে চ.কা ৪০১। ৪ ভক্তের চিত্তরাগজনক ও রক্ততল। "আর কিছু নাই শ্যামা মা তোর, সবে মাত্র চরণ রাঙা।—রামপ্রসাদ। মে ৪৬, মাতঃ, কত যে পাইনু, আয়াস, ও রাঙা পদে অবিদিত নহে ১৮৪। রাঙা পাদপদ্মযুগে প্রণমি গো ভবদারা। —গান ৭। গি.দ্বি ১০৮। ৫ চিত্তরঞ্জক, মন-ভুলান। "রাঙা খেলা দেখি যবে ও রাঙা হাতে চ.কা ৪০১। ৬ রঞ্জিত, অনুরাগরঞ্জিত। "(তোমার রঙে) রাঙা হল বসন ভূষণ, বাঙা হল শয়ন স্বপন।—গান ৭২,-৩। [রাঙা-আলু—লাল শাকবকন্দ আলু। °চোখ—১ রোষকষায়িত চক্ষু। ২ মাতালের চোখ। °চোঙা—সর্থ 'রঙ-চঙা'। দ্র 'রঙ'। °মুখ—১ সুন্দর মুখ, সুন্দরী। "রাঙামুখের জয় সর্বত্র। ২ লালমুখ ইউরোপবাসী। °মুলা—(সাদৃশ্যে) লাল মুলাব মত দেখিতেই সুন্দর, কিন্তু নির্গুণ।]

রাঙা[২] সর্ম [রঙা[২] > °ঙা] ১ বর্ণযুক্ত করা, রাঙান, ছোপান। "তোমার কটিতটের ধটি, কে দিল রাঙিয়া (রাঙাইয়া) ?—শিশু ৩, নানান্ রঙে রাঙিয়ে দিয়ে, আকাশ পাতাল ২১। চরণ দিয়েছি রাঙিয়া।—গান ১১৬। অঞ্চলখানি দিব রাঙাইয়া চ.কা ১৪৭। ২ অনুরাগে রঞ্জিত করা ; অনুরাগী করা। "তুমিই কি গো…রাঙিয়ে মোরে পালিয়ে যাবে ?…এই হৃৎকমলের রাঙা রেণু, রাঙাবে ঐ উত্তরীয়।—গান ৭৩। ৩ ক্রোধে লোহিত করা। "আমি কি আটাসে ছেলে ? ভয়ে ভুলবো না কো চোখ রাঙা(ঙা)লে—রামপ্রসাদ। —ভা অর্ম অনুরাগে রঞ্জিত হওয়া ; অনুরাগী হওয়া। "অন্তর তার রাঙিয়ে ওঠে স্তরে স্তরে প.কা ৩৬। [রাঙান —সর্থ 'রাঙা'।]

রাঙামাটী বি মল্লরক্তভূমির মাটি বা ধূলি। "(মহাবীর) গায় মাখে রাঙামাটী গলে রুদ্রমাল শ্রী.মা ১৯১।

রাঙ্কব বিণ [রঙ্কু+অ (অণ্), স্ত্রী -বা] ১ রঙ্কুলোমবিকার, রঙ্কুলোমজাত, মৃগলোমজ (অ.কো)। "রাঙ্কবম্ (বস্ত্রম্) মহা ২.৫১.২৬। ২ রঙ্কুসদৃশ। "বদনৈ রাঙ্কবৈঃ মহা ৯.৪৪.২৬। —ব স্ত্রী ১ রঙ্কুলোমজাত বস্ত্রাদি ; মৃগলোমজ বস্ত্রাদি। "পর্য্যঙ্কে রাঙ্কবাস্তৃতে গো.রা ২.১৩.৬, রাঙ্কবাস্তরণ ৩২.৮। রাঙ্কব-আসন স্ব.প্র ১২। ২ কম্বল (A.)। [রাঙ্কবাস্তরণ (ক্লী)—রাঙ্কবের শয্যাচ্ছাদনবস্ত্র বা বিছানার চাদর।]

রাঙ্গ[১] দ্র 'রাং'।

রাঙ্গ[২] [রঙ্গ > °ঙ্গ] লোহিত বর্ণ। "পাকা তেলাকুচা জেন ওষ্ঠে শোভে রাঙ্গ কু.উ ৮৫। [রাঙ্গঝাল—সর্থ 'রাংঝাল' (দ্র 'বাং[১]')। "বাইনে বাইনে রাঙ্গঝাল বি.পা ১৬২।]

রাঙ্গচিতা, -চিত্র বি রক্তচিত্রক, লালচিতা। "সে পিঠে রাঙ্গচিত্রের আটা দিয়া ঘা করিয়া আসিয়াছিল ব.প্র ৩২৭।

রাঙ্গচিত্র দ্র 'রাঙ্গচিতা'।

রাঙ্গণ স্ত্রী পুষ্পবিশেষ, রঙ্গণফুল। "ম.পা ৩৪। [রাঙ্গণ খুঁড়ি—রঞ্জিত চুপড়ি ; সিঁদুরচুপড়ি। "কাঁখেতে রাঙ্গণ খুঁড়ি, আইল বামণ-বুড়ী ক.চ ২৬২।]

রাঙ্গা[১] বিং [রঙ্গ+আ[১২] >রঙ্গা > °ঙ্গা] ১ রঙ্গযুক্ত, রঞ্জিত। "রাঙ্গা বাস চ.দা ৯। সৈন্য রক্তে হৈল রাঙ্গা।—ম ৮৪০। রাঙ্গাপাট বি পা ৫৯। ২ রক্তবর্ণ, লোহিত। "অরুণ-কিরণ জতি রাঙ্গা শ্রী ১০৯। রাঙ্গা দীঘল দুটি আঁখি প ক ১২২। রাঙ্গা নয়ন নাচনে।—ব ১৫১। ৩ লোহিততল। রাঙ্গা হাত রাঙ্গা পা।—প ক ১২২। ৪ গৌরবর্ণ, সুন্দর। "মঞ্জীর রাঙ্গা পায় চৈ ম ১১১। ৫ অলক্তরঞ্জিত। "(পাটনী কহিছে মা গো) সেঁউতি উপরে বাথ ও বাঙ্গা চরণ ভা চ ২৫৬। ৬ ফাগুবঞ্জিত, ফাগ-মাখা। "রাঙ্গা ময়ূর নাচে, কাছে রাঙ্গা কোকিল গায়। রাঙ্গা ফুলে রাঙ্গা ভ্রমব রাঙ্গা মধু খায়॥—জ্ঞা ১১৫। ৭ পূজ্য। "(মহাবীর।) নিবেদন কৈলু রাঙ্গা পায ক চ ৯০। বেহুলা বলে দুঃখের কথা নিবেদি রাঙ্গা পায় ম ম ২২৫। ৮ ভক্তের অনুরাগজনক ও রক্ত-তল। "ভক্তিভাবে ভাব ভয়-ভাঙ্গা রাঙ্গা পদ বি সু ১১৩। রাথ রাঙ্গা পায় ভা চ ১০, রাঙ্গা পদ-ছাযা ভা.চ ৫৪০। ৯ নিদ্রাঘোবে লোহিত। "সুখে হৈল নিদ্রাভঙ্গ, বাঙ্গা আঁখি ঘূর্ণিত অলসে ভা চ ৩৫৮। [°আলু—সর্থ 'রাঙাআলু' (দ্র 'রাঙা[১])। °কড়ি—পীতবর্ণ কড়ি, ঘিএ কড়ি। 'ভ গ্র ২০৩। °চোথ—'রাঙা চোথ' (দ্র 'রাঙা[১])। °চোঙ্গা—পরিচ্ছদে সুসজ্জিত। "দুজনাব পবিবাব দুই শাডী লয়ে। আগে আমি ঘবে যাই রাঙ্গাচোঙ্গা হয়ে॥—ভা চ ৫২২। °মুখ, °মুলা—সর্থ 'বাঙামুখ, বাঙামূলা' (দ্র 'রাঙা[১] ।]

রাঙ্গা[২] সর্ম [বঙ্গ+আ[৯] >রঙ্গা > °ঙ্গা] ১ রঙ্গযুক্ত করা, বঞ্জিত করা, রাঙান। 'সূক্ষ্ম বস্ত্র আনি গৈরিক দিযা রাঙ্গাইল চৈ চ ৩২৩। ২ সর্থ 'বাঙা[২] (৩)। [রাঙ্গান—সর্থ 'রাঙ্গা[২]।]

রাঙ্গাধুলা, -মাটী বি ১ মল্লরঙ্গভূমিব ধুলা। 'গায় রাঙ্গাধুলা শ্রী মা ৫৪। রাঙ্গামাটী-মণ্ডিত প্রণত পাঁচ মাল শ্রী ৬৬। বি সু ১৭। রাঙ্গা-ধুলাগুলা গায বা দ ১৮৮। ২ রণভূমির ধুলা। "দিয়া ধনুটঙ্কার, ছাডে বীর হুহুঙ্কার, শরীরে মাখয়ে রাঙ্গাধুলা ক চ ৫৮।

রাঙ্গামাটী দ্র 'রাঙ্গাধুলা'।

রাঙ্গারায়মণি বি পক্ষিবিশেষ। 'শ্রী ৫৬।

রাঙ্গাল বিং [রঙ্গ+আল[৮] >বঙ্গাল > °ল] বঙ্গযুক্ত, লোহিত। "আধ ভাঙ্গেতে বাঙ্গাল আঁখি বা দ ৯৯, ১৮৮।

রাঙ্গি বি [হি 'রংগী'—কাঁচা ছিট] রঞ্জিত বস্ত্র বা ছিট। "ঠনঠান পডে মাথা পাগ বাধা বাঙ্গি শ্রী ২২৫।

রাঙ্গী বি [রঙ্গী > °ঙ্গী] ১ পাশার লাল ঘুঁটি। "কালী রাঙ্গী পাশা সারি আনিল পার্ব্বতী ক চ ২৯। ২ ধান্যবিশেষ। "শি ১১৩।

রাজ্ অক [ভ্বা, এ—রাজতি, -তে, সেট্] শোভা, দীপ্তি। [বি—বিরাজ, সুশোভন। নিব্—নীরাজন, নির্ম্মঞ্চন।]

রাজ[১] পুং [বাজন্ >বাজ (সমাসে উত্তবপদ, পা ৫ ৪ ৯১)] ১ রাজা, অধিপতি। "বানর° রা ১ ১ ৬১, কেকয° ২ ৭৩ ২। কপোত° হি ১১/৪। ঋক্ষ°, নাগ°, ভুজগ°, সুর° (SW)। ২ শ্রেষ্ঠ। দ্র 'পা ৬ ২.৬৩। "অদ্রি°, পর্ব্বত°, ভুজ°, মণি°, মৃগ°, যোগ° শৈল° (SW)। খড়্গরাজ ম পা ১৫২। তরুরাজ।—মা ৩৫৬। নাগব শ্যামবাজ বি প ৪৬, নাগর° ৬৭। মুনি°।—ম ৩২, ঋষি° ১০৬৯। বিপ্র° চৈ ভা ১৬। মণি°।—গো ৮৩। অবধূত° চৈ.ম ১৫৮। স্তম্ভ° শু গ্র ১২৫, ভক্তবাজ° ২৯৮। করি° ভা চ ১১। রঘু°।—মে ১৭৩। ৩ (বাঙ্লায়) অধিকারী। "অধ্যাপক নানাশাস্ত্ররাজ চৈ ভা ৯৩।

রাজ[২] অর্ম [সং √রাজ্, হি, ঠ, গু, মৈ √রাজ] ১ শোভা পাওয়া, দীপ্তি পাওয়া। "ঋতুপতিরাতি রসিকতর রাজ বি প ৯৮। সুরবল-দল রাজে।—গ ২১। শ্রী.মা ১২৭। গণ্ডমণ্ডল রাজে।—ব ২৯। ভ্রমর-তন্ত্বরুহ রাজয়ে ন প ১৭১, বেশ বিমল, অলকাকুল, রাজত অনুপাম ২৬৫। ভা.চ ১০। মালঞ্চ রাজে গৃহ আঙ্গিনায় অ.ভু ৩০। ২ প্রকাশ পাওয়া, বিদ্যমান থাকা। "ভুবনমাঝে নিয়ত রাজে, ভুবন-ভুলানী।—শিশু ৬। —জ সর্ম শোভিত করা। "দিব্য দিব্য মন্দির রাজিয়া (বৈসে সর্ব্বজন) ম পা ৫৪।

রাজ[৩] '-জ্' বি [রাজমিস্ত্রী—রাজ, হি, ঠ রাজ] সর্থ 'রাজমিস্ত্রি (২)। [°মজুর—রাজ ও তাহার সহকারী জোগাড়ে লোক।]

রাজক পুং [রাজন্+ক (কন্) স্বার্থে] ১ রাজা। "ভ ১২ ১.২। অখিলরাজকপূজিতাঙ্ঘ্রি ক.সা ১৮ ৪০৫। ২ [+ক অল্পার্থে] ক্ষুদ্র বা সামান্য বাজা। —জক ক্লী [+অক (বুঞ্) সমূহার্থে, পা ৪ ২ ৩৯] রাজসমূহ, রাজমণ্ডল। "কি ২ ৪৭। ভট্টি ২ ৫২।

রাজকবি বি রাজসভায় নিযুক্ত ও বাজার পূজিত কবি, রাজার সভা-পণ্ডিত (poet-laureate)।

রাজকি বি [হি বাজগী] বাজপদ, বাজত্ব। "গো চ ১০।

রাজকীয় বিণ [রাজন্+ছ (ঈয), অন্তস্থানে 'ক' আদেশ, পা ৪.২.১৪০] রাজসম্বন্ধী। "°সবস্ ক সা ৬২ ২২৮।

রাজকুল ক্লী [ষত] ১ রাজবংশ। "রা ২ ৮৭ ৯। ২ রাজসভা, বিচাবালয়। "রাজকুলে নিবেদয়িষ্যামি।—পঞ্চ ১৪/৪ ৩৪/৪। ৩ রাজগণ। ৪ বাজগৃহ। "বা ২ ৬৫ ৫।

রাজকৌড়ি বি রাজাব প্রাপ্য কর, বাজস্ব। "চৈ চ ৩০৭।

রাজগদী বি [হি °দ্দী] সিংহাসন, রাজতক্ত।

রাজগাঁড় বি [সং স্বরগণ্ড] উদরমধ্যস্থ স্ফোটকবিশেষ।

রাজগামী (-মিন্) বিণ [বাজন্+ √গম্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত, স্ত্রী -মিনী] ১ বাজসমীপে অভিযোগার্হ। "°মি চ পৈশুনম্ মনু ১১ ৫৬। ২ উত্তবাধিকারীব অভাবে যে ধনাদি রাজসাৎ হয়, রাজকোষগামী। "বাজগামী তস্যার্থসঞ্চয়ঃ শ ৬২/৪ ৩/৪।

রাজঘ্ন বিণ [রাজন্+ √হন্+অ (ক)-ক, স্ত্রী -ঘ্নী] রাজগণের হন্তা, রাজঘাতক। "নৈ ১ ১০।

রাজচক্র বি রাজগণ, বাজমণ্ডল। "অ প ১৩৯।

রাজচ্ছত্র বি অভিষেকে বাজমস্তকে ধার্য্য শ্বেতচ্ছত্র।

রাজজঙ্গল বি জঙ্গলে ঢাকা বাজার পতিত জমি।

রাজজোটক বি সর্থ 'বাজযোটক', (গৌণার্থে) সুসংযোগ, সমানে সমানে মিলন (নিন্দার্থে)। 'ঠকচাচা ও ঠকচাচী দুই জনেই রাজ-জোটক—স্বামী বুদ্ধিব জোবে রোজগার করে—স্ত্রী বিদ্যার বলে উপার্জ্জন করে।—আ দু ১০৮।

রাজটীকা, -তিলক বি বাজ্যাভিষেকে রাজললাটে অঙ্কিত তিলক। "চিত্রসেনে রাজটীকা দিল অভিষেকে শ্রী ২৪৬।

রাজডঙ্কা বি বাজাব আগমনে বাদনীয় ডঙ্কা।

রাজত বিণ [বজত+অ (অণ্), স্ত্রী -তী] 'রজতবিকার', রৌপ্যময়। "গো রা ১ ১৩ ১০। রাজতৈর্ভাজনৈঃ মনু ৩ ২০২। °গণ্ডশৈল মাঘ ৪ ১৩। —জত ক্লী [+অ স্বার্থে] রজত, রূপা। "মনু ৩ ২০২।

রাজতক্ত বি রাজপাট, সিংহাসন।

রাজতন্ত্র বি বাজাকর্ত্তৃক পরিচালিত রাজকার্য্য, রাজত্ব।

রাজতা স্ত্রী, **-ত্ব** ক্লী [বাজন্+তা (তল্), ত্ব] রাজভাব, বাজকর্ম্ম। "রাজত্বমবলম্ব্যতাম্ রা ১ ৭২ ৫২, জ্যেষ্ঠস্য রাজতা ৭৯ ৭।

রাজতিলক, রাজত্ব দ্র 'রাজটীকা, রাজতা'।

রাজদণ্ড পুং [ষত] ১ রাজচিহ্নভূত দণ্ড। ২ রাজকৃত অর্থদণ্ড। ৩ রাজশাসন বা শাস্তি। 'উ ৪ ১৭৯। ৪ (বাঙ্লায়) ললাটস্থ রাজ-দণ্ডাকৃতি ঊর্দ্ধরেখা (ইহা রাজা হওয়াব লক্ষণ)। 'কপালে বিরাজে রাজদণ্ড শ্রী ১১৯।

রাজদরবার বি রাজসভা, বিচারালয়।

রাজদর্শন ক্লী [ষত] ১ বাজাকে দেখা, বাজার সহিত সাক্ষাৎকার।

"মাং রাজদর্শনং কারয়।—হি ৩১/১৩৬। ২ রাজকর্তৃক সাক্ষাৎকার। "সন্ন্যাসী বিরক্ত, আমার রাজদরশন। স্ত্রীদরশন-সম বিষের ভক্ষণ॥ —চৈ চ ১৩৮।

রাজদ্বার ক্লী [ষ ত] ১ রাজকুল, রাজসভা, বিচারালয়। "রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ।—হি ১ ৭৫। ২ রাজপ্রাসাদের দ্বার। "বীরবরঃ···রাজদ্বারমুপগম্য প্রতীহারমুবাচ।—হি ৩১/১৩৬।

রাজধান, -ধানক ক্লী, **-ধানিকা, -ধানী** স্ত্রী [ষ ত, ক (কন্) স্বার্থে, স্ত্রী আ, ঈ (টাপ, ঙীপ্)] রাজস্থান, রাজপুর, পুরী। "°ধানী গো রা ১ ৩ ৭৫, রঘু ২ ৭০। °ধান শ্রী ৬৬, ১২৪। —ধান বি (অসাধু) রাজসন্নিধান, রাজার নিকট। "°নে বেন্ধে নিল ব প ৪৫৩।

রাজধানক, রাজধানিকা, রাজধানী দ্র 'রাজধান'।

রাজন[1] পুং [রাজন্+অ (অণ্), পা ৩ ৪ ১৬৮] ক্ষত্রিয় হইতে শূদ্রায়, ভদন্তরীতে বা অনূঢ়ায় উৎপন্ন জাতি (বালম্‌নারমা)।

রাজন[2] '-ন্' বি [সং রাজন্ (শব্দ), অপ্র] ১ রাজা। "সূর্য্যবংশের রাজন।—কৃ ৭। রাজ্যরক্ষা হেতু ধাতা সৃজিল রাজনে।—ম ৩১, ৪৭৩, রাজনের লোকে ১০৩৬। জ ১৭, চলিল রাজন ২৬। সুরথ রাজন ব প ৩০৩। সুগ্রীব রাজন।—দু ৬৩। অসুররাজন চ বি ১৪৯, শুম্ভ রাজন ১৫৭, দৈত্যের রাজন ১৫৯। ভ গ্র ২২৮,-৯। ২ [সং রাজন্ (সম্বোধন-১ব)] ভূপতে। "তুষ্ট হয়ে বর দিতে চাহিলে রাজন্।—কৃ ৯৩। ইঁহার অগ্রেতে পূজা করহ রাজন্ শ্রী.ম ২৩২।

রাজনা বি [সং নীরাজনা, অসাধু] আরতি। "বা দ ১৩৭।

রাজনীত বি [সং °নীতি] রাজ্যশাসনবিধি। "কৃ অ ৩০।

রাজন্য পুং [রাজন্+য (যৎ) অপত্যে, অর্থাৎ জাতি অর্থে, পা ৪ ১ ১৩৭] ১ 'ক্ষত্রিয়ত্বজাতিমান্ পুরুষ (সায়ণ), রাজজাতি, ক্ষত্রিয়। "বাহূ রাজন্যঃ কৃতঃ।—ঋগ্বেদ ১০ ৯০ ১২। রা ২ ৮২ ৩২। মনু ২ ৪৯। রঘু ৩ ৪৮। °গণ।—কা ৬৬,-৭। ২ রাজা (মল্লিনাথ)। 'পু মে ৪৮। ৩ অভিজাতজন (A) ৪ [√রাজ্+অন্য-ক, উ ৩ ১০০] 'দীপ্তিমান্', অগ্নি। ৫ ক্ষীরিকাবৃক্ষ। —ন্যা স্ত্রী মূর্দ্ধাভিষিক্তা, ক্ষত্রিয়া। "মহা ৫ ১৩৩ ৪। —ন্যক ক্লী [°ন্য+অক (বুঞ্), পা ৪.২.৩৯] রাজন্যসমূহ, রাজসমূহ (মল্লিনাথ)। "রঘু ৭ ৫৩। [°বন্ধু (পুং)—ক্ষত্রিয়। "মনু ২ ৬৫।]

রাজন্যক, রাজন্যা দ্র 'রাজন্য'।

রাজন্বান্ (-ন্বৎ) বিণ [রাজন্+বৎ (মতুপ্), ন্-লোপাভাব, নিপাতিত, পা ৮ ২ ১৪, স্ত্রী-ন্বতী] শোভনরাজ, প্রজাপালনাদিস্বধর্ম্ম-পরায়ণরাজবান্, সুরাজা (দেশ)। "রাজন্বতীমাহুরনেন ভূমিম্ রঘু ৬ ২২।

রাজপত্র বি রাজপ্রদত্ত অনুজ্ঞালিপি বা ছাড় (pass)। "তাঁহা এড়াইল রাজপত্র দেখাইয়া চৈ চ ৯৪।

রাজপাট বি রাজসিংহাসন, রাজ্য। "কার্য্য নাই রাজপাটে কৃ ৩৪৫। পড়ি আছে রাজপাট।—ম ৯৮৯, ১০১৮। (লুট নিল) °ট শ্রী ১৪। কৈল °টে রাজা শ্রী মা ১২৫। —পাটেশ্বরী বি পাটরাণী। "শকুন্তলা কৈল রাজা রাজপাটেশ্বরী।—প্র ৬০।

রাজপুত বি [দ্র 'রজপুত'] ক্ষত্রিয়। "রাজপুত-হস্তে অসিচর্ম্ম থাকিতে তোমাদের পদে কুশাঙ্কুরও বিঁধিবে না ব প্র ৪। [ক্ষত্রিয়ের ঔরসে ও বৈশ্যজাতীয়া স্ত্রীর গর্ভে যে পুত্র জন্মে, তাহার নাম রাজপুত (সম্বন্ধনির্ণয়) দ্র 'রাজপুত্র (৪)।]

রাজপুতানা বি [রাজপুতস্থান > °না, হি °পুতানা] রাজপুতগণের বাসস্থান, রাজস্থান। "রঙ্গ ১০৭।

রাজপুত্র পুং [ষ ত] ১ রাজনন্দন, কুমার, ভর্তৃদারক। "রাজপুত্র। চিরং জীব মা জীব মুনিপুত্রক। জীব বা মর বা সাধো ব্যাধ মা জীব মা মর॥—উদ্ভট। ২ চন্দ্রপুত্র, বুধ। ৩ ক্ষত্রিয়। "অহং বর্দ্ধমানী রাজপুত্রঃ। —হি ৩১/১৩৬। রাজপুত্র-ইতিহাস সমুদ্রসমান।—রঙ্গ ৮৩। ৪ বর্ণসঙ্কর-জাতিবিশেষ, রজপুত। [বৈশ্য হইতে অম্বষ্ঠকন্যায়, (মতান্তরে) ক্ষত্রিয় হইতে করণকন্যায়, ইঁহাদের উৎপত্তি (শ.ক)। ৫ মহারাজচূত, আম্রবৃক্ষভেদ। —পুত্রী স্ত্রী [°ত্র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ রাজকন্যা। ২ রাজপুত্রজাতি-স্ত্রী। ৩ মালতী, জাতী, কটুতুম্বী। ৪ রেণুকা। ৫ রাজরীতি।

রাজপুত্রী দ্র 'রাজপুত্র'।

রাজবংশী বি ১ হিন্দুজাতিবিশেষ। ২ জেলের জাতিবিভাগবিশেষ। [ইহারা দুই ভাগে বিভক্ত—রাজবংশী ও মালো। দ্র 'মালা[3]'।]

রাজবরা বি সূক্ষ্ম তণ্ডুলবিশেষ। "°বরা চালু ভা চ ৫৪৮।

রাজবাতি বি নেরাপাতী ডাব। "নারিকেল °তি ভা চ ৩২৮।

রাজভাট বি রাজার পত্রাদিবাহক স্তুতিপাঠক ভাট, ভাটবিশেষ। দ্র 'ভা চ ৪৩৬। "প্রবেশ করিতে হাটে, তথা মিলে রাজভাটে, কায়বার পঢে উভ হাথ ক চ ১৫৩। রাজভাট ও ঘটকেরা ধন্যবাদ দিতে চল্লো। —হু ১৫০।

রাজভাষা বি রাজার জাতীয়ভাষা, রাজকার্য্যে ব্যবহৃত ভাষা।

রাজভেট বি রাজদর্শনে দেয় উপহার। দ্র 'ধনপতির রাজদর্শন' ক চ ২০৩-২০৪।

রাজমণি পুং [ষ ত, রাজদন্তাদি] ১ মণিশ্রেষ্ঠ, রত্নবিশেষ। "বৃহৎ-সংহিতা ৮০ ৪। ২ (বাঙ্‌লায়) রাজশ্রেষ্ঠ, সম্রাট্। "হস্তিনাতে বৃকোদরে কর রাজমণি।—ম ১০২৬।

রাজমণ্ডল ক্লী [ষ ত] ১ মধ্যমাদি দ্বাদশরাজক। দ্র 'মণ্ডল (১৪)। ২ রাজসমূহ। "কি ২ ৪৭, মল্লিনাথ।

রাজমহল বি রাজান্তঃপুর। "ভালবাসেন রাজনন্দিনী, কবি রাজমহলে যাওয়া-আসা।—ব প ১৬২৭।

রাজমাই বি [দ্র 'মাই'] রাজমাতা। "ম ৪৪৫।

রাজমিস্ত্রি বি ১ প্রধান শিল্পী বা কারিগর। "গো চ ১১৩। ২ [সং লেপক, সুধাজীবী] ইষ্টকাদিরচিত গৃহের শিল্পী, কোটাবাড়ীর কারিগর।

রাজযক্ষ্ম, -ক্ষ্মা (-ক্ষ্মন্) পুং [ষ ত, বা কর্ম্মধা] রাজার (চন্দ্রের) যক্ষ্মা, ক্ষয়রোগ। "রঘু ১৯ ৫০। রাজযক্ষ্মেব রোগাণাং সমূহঃ স মহীভৃতাম্ মাঘ ২ ৯৬। —যক্ষ্মী (-ক্ষ্মিন) বিণ [°ক্ষ্ম+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ক্ষ্মিণী] রাজযক্ষ্মযুক্ত, ক্ষয়রোগী (সুশ্রুত)।

রাজযক্ষ্মা, রাজযক্ষ্মী দ্র 'রাজযক্ষ্ম'।

রাজযোগ পুং [ষ ত, রাজদন্তাদি] ১ যোগের রাজা, গ্রহনক্ষত্রাদির একত্র অবস্থানবিশেষ (ইহাতে জন্মিলে নর রাজা বা রাজসদৃশ হয়)। ২ পাতঞ্জলাদিতে উক্ত ভাবনাবিশেষ-সাধ্য সহজ যোগবিশেষ। বিপ 'হঠযোগ'।

রাজযোটক পুং [ষ ত, রাজদন্তাদি] (জ্যোতিষে) যোটকের রাজা, বিবাহে বরকন্যার রাশি-প্রভৃতি বিষয়ে উৎকৃষ্ট মেলনবিশেষ। [বর ও কন্যার একরাশি বা সমসপ্তক (অর্থাৎ বৃষ-বৃশ্চিক, কর্কট-মকর, কন্যা-মীন, বর ও কন্যার যথাক্রমে রাশি) চতুর্থ ও দশম, কিংবা তৃতীয় ও একাদশ হইলে 'রাজযোটক' হয়।—দীপিকা।] "আপনি চম্পক-লতার যোগ্য তরু, রাজযোটক হয়েছে।—বি বৃ ১৫।

রাজরাজী বি [ষ ত] রাজগণ, রাজসমূহ। "জিনিবেক সভাসিদ্ধ-আদি রাজরাজী ভা.চ ৫৬০।

রাজরাজেন্দ্র বি শ্রেষ্ঠ রাজরাজ, অধিরাজ, সম্রাট্। "°ন্দ্র রাবণ। —মে। রাজরাজেন্দ্র জয়।—গান ১৭৮।

রাজরাজেশ্বর বি ১ রাজা ও অধিরাজ, রাজা ও মহারাজ। "°র

ব্যস্ত পৃথিবী-উপরে।—ম ৯৫, আত্মবর্গ যত আইল °র ৭২৪, -৩৩। ধ.বি ৩১। ২ মহারাজ। "দেখা কৈরবার চায় °র গো চ ৯। কৃষ্ণচন্দ্র °র ভা চ ৫০১। তু 'রাজরাজেশ্বর'।—মী ১৭। ৩ রাজ-রাজ+ঈশ্বর] কুবের দেব, দেবতা কুবের। "°র তুমি জান আপন স্থান কু.উ ৩১, মিত্র মোর °র ৩৪। ৪ মহারাজ ইন্দ্রদ্যুম্নের প্রতিষ্ঠাপিত দেবমূর্ত্তি, জগন্নাথ। "°রে শত দণ্ডবৎ হয়্যা (চলিলেন সদাগর) ক.চ ২৩৬। ৫ কুবেরের দেবতা, শিব। "রামনাথে রক্ষা কর °র শ্রী মা ১১। ৬ কাশীস্থ শিবমূর্ত্তিভেদ, মহারাজ। "(জামাই মা তোর) কাশীতে °র, তোর মেযে °বী।—দা ১৬৬৯। ৭ বিরাজমান চরাচরাত্মক বিরাট্-মূর্ত্তি। "°রমূর্ত্তি।—ন ৯৪৩। —শ্বরী বি ১ রাজরাজেশ্বরপত্নী, সম্রাজ্ঞী, মহারানী। "অতুল্য-অমূল্য শঙ্খ আনিয়াছ যে। °শ্বরী বিনা নিতে পারে কে ॥—শি ৯৮। ['°শ্বরী'—পক্ষান্তরে 'শিবজায়া ভগবতী'।] তুমি রাজা ছিলে গোকুলে হবি। রাণী রাই °শ্বরী।—দা ৬২৪। দ্র (৬)। °শ্বরীরূপে বসেন ঈশ্বরী স্বর্ণাসনে।—মে ৫০। ন ৯৯৯। ২ অন্নপূর্ণামূর্ত্তি। "দ্র (৬)। ৩ দুর্গা। '°শ্বরী, উমা রণকরী।—কৃ ৩৫১। °শ্বরী আমি সে শি ৯৪। রক্ষ °শ্বরী।—দু ৬১।

রাজরাজ্যেশ্বর বি [রাজ্যেশ্বর—রাজ°, '°রাজেশ্বর' সাধু] রাজা ও মহারাজা। 'যত রাজরাজ্যেশ্বর বৈসে ষাম্যভিত।—ম ৩১৮। —শ্বরী বি ['রাজেশ্বরী সাধু] সম্রাজ্ঞী, মহারানী। "সবার প্রধানা তুমি °শ্বরী চ বি ১৯২।

রাজরাণী বি ১ রাজমহিষী। কৃ ৫৮। মা ১৫৭। ২ [অপ্র] রাজা ও রানী। "সাম্বাইয়া রাজরাণী সভে গেলা ঘর। চিন্তাকুল রহে দোহে দুঃখিত-অন্তর ॥—ম ৫৬৬।

রাজর্ষভ পুং [রাজা ঋষভতুল্য, উপ স] রাজশ্রেষ্ঠ, মহারাজ।

রাজর্ষি পুং [রাজা ঋষিতুল্য, উপ স, বিকল্পে 'রাজঋষি'] ১ রাজশ্রেষ্ঠ, মহারাজ। "ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্ (মহা—শ ক)। ২ [রাজা ঋষি, কর্ম্মধা] যিনি রাজা হইয়াও ঋষিবৃত্তি, সংযতাত্মা রাজা, ত বা) জনকাদি। বা ১৬২। গী ৪২, ৯৩৩। °প্রবরঃ মনু ৯ ৬৭। রাজঋষিগুণ-যুত (কৃষ্ণচন্দ্র) ভা চ ৬৬৫।

রাজলিখা বি [অপ্র] রাজার লিখিত পত্র। "ব প ৮৬০। —লিখা, —লেখা বি রাজাদেশ-পত্র, রাজশাসন, ছাড। রাজলিখা করি পাঠাল্য একজন।—চৈ ১৬৫। রাজলেখা করি দিল পুরীগোসাঞির করে চৈ চ ৯৩।

রাজলেখা দ্র 'রাজলিখা'।

রাজষষ্ঠ বি উৎপন্ন শস্যের রাজপ্রাপ্য ষষ্ঠাংশ। "শশাঙ্ক ১০১।

রাজস বিণ [রজস্+অ (অণ), স্ত্রী -সী] ১ রজঃসম্বন্ধী, রজোগুণোদ্ভব, রজোহেতুক। "রাজসী গতিঃ মনু ১২ ৪৫। দু ৬। ২ রজঃপ্রকৃতি, রজোনিষ্ঠ। "যজন্তে…যক্ষরক্ষাংসি রাজসাঃ গী ১৭ ৪, ৯। ৩ রজঃপ্রধান। "রাজসত্ব (অবধুয়) রঘু ১১ ৯০। —জস ক্লী রজোগুণলক্ষণ। "মনু ১২ ৩৬। —সিক বিণ [+ইক (ঠক্), স্ত্রী -কী] সর্থ 'রাজস'।—জসী স্ত্রী 'রজঃপ্রধানা', দুর্গা (শ ক)। [রাজস আহার, যজ্ঞ তপঃ, দান (গী ১৭ ৯, ১২, ১৮, ২১), রাজস ত্যাগ, জ্ঞান, কর্ম্ম, কর্ত্তা, সুখ (গী ১৮ ৮, ২১, ২৪, ২৭, ৩৮), রাজসী বুদ্ধি, ধৃতি (গী ১.৩১, ৩৪)।]

রাজসর্প পুং [ষ ত, রাজদন্তাদি] সর্পবিশেষ, ভুজঙ্গভোজী (অ চি)।

রাজসাক্ষিক বিণ [রাজা সাক্ষী যাহাতে, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] রাজা যে লেখ্যে সাক্ষী, অর্থাৎ রাজার বিচারালয়ে রাজনিযুক্ত কায়স্থ (মুহুরী) দ্বারা লিখিত ও রাজাধ্যক্ষের কর (পাঞ্জা) দ্বারা চিহ্নিত (লেখ্য)। "বিষ্ণু ৭.২, ৩।

রাজসাপ বি সর্থ 'রাজসর্প', শঙ্খচূড় (?)।

রাজসিক, রাজসী দ্র 'রাজস'।

রাজসুই বি [অসাধু] রাজসূয়। "শ্রী ম ২২১, -৩৩।

রাজসূয় পুং, ক্লী [রাজন্+√সু+য (ক্যপ)-ধি, নিপাতিত, পা ৩ ১ ১১৪] ক্ষত্রিয় কর্ত্তৃক সোমলতাকুট্টন দ্বারা নিষ্পাদয়িতব্য যজ্ঞবিশেষ, অথবা রাজা (সোমলতা) যাহাতে কুট্টিত হয়, সেই যজ্ঞ (বালমনোরমা), যে যজ্ঞে রাজা মঙ্গলপূর্ব্বক স্নান করেন (অ টী), রাজকর্ত্তব্য যজ্ঞবিশেষ, ক্রতুরাজ। "রাজসূয়েষ্টি মহা ২ ১৩ ১। ম ৩০৩। —সূয়িক বিণ [°য়+ইক (ঠন্)] রাজসূয় বিষয়ক (পর্ব্ব)। "মহা ১ ২ ৪৮।

রাজস্থান[1] বি ১ 'ক্ষত্রিয়-বাসস্থান', রাজপুতানা। "রজ ১০৪। ২ রাজধানী। 'ইন্দ্রপ্রস্থে করিল রাজস্থান ম বি ৩৯। গজপতি রাজার যে গ্রামে রাজস্থান চৈ ৮৯।

রাজস্থান[2], **-স্থানীয়** বিণ [রাজস্থানতুল্য স্থান যাহার, উ বহুব্রী, °স্থান+ঈয(ছ), পা ৫ ৪ ১০] রাজতুল্য। —স্থান, -নীয় পুং রাজপ্রতিনিধি।

রাজস্থানীয় দ্র 'রাজস্থান[2]'।

রাজহংস পুং [ষ ত, রাজদন্তাদি] ১ 'হংসশ্রেষ্ঠ', লোহিতচঞ্চুচরণ হংসবিশেষ, রাজহাঁস। 'কু স ১ ৩৪। পু মে ১১। রাজহংস জিনি ধ্বনি নূপুরের রব।—কৃ ১৮৩। রাজহংসরব জিনি, চরণে নূপুরধ্বনি ক চ ২৪১। ২ কাদম্ব, বা'লহাঁস। ৩ [রাজা হংসতুল্য, উপ স] 'রাজশ্রেষ্ঠ', নৃপোত্তম (মেদিনী)। —হংসী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীষ্)] রাজহংস-স্ত্রীজাতি। "মানস° রঘু ৬ ২৬।

রাজহাঁস বি রাজহংস।

রাজহাল বি রাজার মত অবস্থা, পরম সুখের দশা। "বা ম ২৪৪।

রাজা (-জন্) পুং [√রাজ+অন (কনিন্) -ক -১ব, উ ১ ১০৬, √রাজ্—রঞ্জনার্থ (রঘু ৪ ১২, মল্লিনাথ), অন্তব্যুৎপত্তি—"পৃথুং বৈণং প্রজা দৃষ্ট্বা রক্তাঃ স্মেতি যদব্রুবন্। ততো রাজেতি নামাস্য অনুরাগাদজায়ত ॥—মহা ৭ ৬৭ ৩। রঞ্জয়িষ্যতি যল্লোকময়মাত্মবিচেষ্টিতৈঃ। অথামুমাহ রাজানং মনোরঞ্জনকৈঃ প্রজাঃ ॥—ভ ৪ ১৬ ১৫।] ১ যিনি দীপ্তি পান, যিনি প্রজারঞ্জন করেন, নৃপ, ভূপতি। 'রাজা দশরথঃ রা ১ ১ ৩৩। [শুক্রাচার্য্যমতে, যাঁহার বিংশতিলক্ষ রৌপ্যমুদ্রা আয়, তিনি 'রাজা' (শু ১ ১৮৫।) ২ মূর্দ্ধাভিষিক্ত (সায়ণ), ক্ষত্রিয়। "ঋগ্বেদ ৪ ৫০ ৭। (নামধেয়ম্) স্যাদ্ রাজ্ঞো রক্ষাসমন্বিতম্ মনু ২ ৩২। সুরাজন্ মাঘ ১৪ ১৪। ৩ অধিপতি (সায়ণ), প্রভু, স্বামী। "রাজানমধ্বরস্য।—ঋগ্বেদ ৪ ৩ ১। দস্যুগণ।—তোব দশা, রাজা, ভালো ত নয়।—গান ২০। ৪ ইন্দ্র। ৫ চন্দ্র। ৬ পৃথু। ৭ যুধিষ্ঠির। ৮ যক্ষ। তু 'রাজরাজ'। ৯ শ্রেষ্ঠার্থ। "(সমাসে পূর্ব্বপদ) °গুহ্য, °দন্ত, °বিদ্যা, °মণি, °মাষ। দ্র 'রাজ[1]'। লাফরা ব্যঞ্জনের রাজা ক চ ২৩৫। ব্যঞ্জনের রাজা শ্রী ১০৭। ভক্তরাজ চৈ চ ১৮০। (ঐ বুড়ী) নষ্টের রাজা।—দা ১৮১। ১০ (বাঙলায়) উপাধিবিশেষ। ১১ যোগিশ্রেষ্ঠ। "শিষ্যপুত্র চিন বাপু রাজা মিননাথ।—মী ২০। [রাজন্ >রাজ (সমাসে পূর্ব্বপদ—যেমন, রাজগণ, রাজদণ্ড ইত্যাদি। তু 'রাজাগণ' (ক চ ১১১), 'রাজাস্থানে' (ভগ্র ৭২), 'রঘুকুলরাজা' (মে ৩১২)।] [°কদম্ব (পুং)—কদম্ববিশেষ। °কন্যকা, °কন্যা (স্ত্রী)—রাজপুত্রী। "°কন্যকা ক সা ২৫ ২। °কর (পুং)—রাজস্ব। °কর্ত্তা (-র্ত্তৃ) পুং—দশেষরাজকার্য্যকর্ত্তা (রা টীকা)। "রা ২ ৬৭ ২, ৭৯ ১। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী —১ রাজকর্ত্তব্য কার্য্য, বিচারাদি। ২ রাজোপযুক্ত কর্ম্ম, অর্থাৎ রাজার অধীন কাজ। "মনু ৭.১২৫। °কলা (স্ত্রী)—চন্দ্রের শ্রেষ্ঠা ষোড়শী কলা। °কশেরু (পুং)—ভদ্রমুস্তা। °কার্য্য, °কৃত্য (ক্লী), °ক্রিয়া

(স্ত্রী)—সর্থ 'রাজকর্ম্ম'। °কুঞ্জর (পুং)—রাজশ্রেষ্ঠ, মহারাজ। °কুমার (পুং)—রাজপুত্র। °কুল (ক্লী)—১ রাজবংশ। ২ রাজসভা, বিচারালয়। "পঞ্চ ১⅘৩⅚। °খর্জ্জুরী (স্ত্রী)—পিণ্ডখর্জ্জুরিকা। °গিরি (পুং)—মগধস্থপর্ব্বতবিশেষ। °গুরু (পুং)—রাজকুলগুরু। "গো.রা ২.৪.১২। °গুহ্য (ক্লী)—অতিশ্রেষ্ঠ গোপ্য রহস্য। "গী ৯.২। °গৃহ (ক্লী)—১ রাজকুল, প্রাসাদ। ২ মগধের প্রধান নগরী। ৩ কেকয়রাজপুর। "পুরং রাজগৃহম্ রা ২.৬৮.৬ ; ৭০.১। °ঘাতক (পুং)—রাজহত্যাকারী। °চিহ্ন (ক্লী)—রাজার চিহ্নভূত রাজদণ্ডাদি। °জম্বু (স্ত্রী)—পিণ্ডখর্জ্জুর। "বিক্র ৪.১৩। °তরু (পুং)—কর্ণিকার। °তাল পুং, °তালী (স্ত্রী)—তালবিশেষ। "রাজতালীবনধ্বনিঃ রঘু ৪.৫৬। °দন্ত (পুং)—'দন্তশ্রেষ্ঠ', উর্দ্ধাধঃস্থিত দন্তপঙক্তিদ্বয়ের প্রত্যেকের মধ্যস্থিত দন্তদ্বয় (অ.চি), সম্মুখীন দন্তচতুষ্টয় (incisors)। "নৈ ৭.৪৬। °দার (পুং)—রাজপত্নী। "রা ২.৮৯.১৪। °দূত (পুং)—রাজচর। °দৃষৎ (-দ্) স্ত্রী—পেষণযন্ত্রের নিম্নস্থ বৃহত্তর শিলাখণ্ড। °দ্রোহ (পুং)—রাজাজ্ঞাতিক্রম, রাজাপকার। °দ্রোহী (-হিন্)—রাজাপকারক, রাজজিঘাংসু। °দ্বারিক (পুং)—'রাজদ্বারে নিযুক্ত'; রাজদৌবারিক। °ধর্ম্ম (পুং)—রাজকর্ত্তব্যতা, রাজার দৃষ্টার্থ ষাড়্‌গুণ্যাদি ও অদৃষ্টার্থ অগ্নিহোত্রাদি। "মনু ৭.১। °ধান্য (ক্লী)—শ্যামক। °ধাম (-মন্) ক্লী—রাজধানী, রাজপুর। "কুরুরাজধাম ভ ১০.৭১.৩২। °ধুরা (স্ত্রী)—রাজার রাজ্যশাসনভার। °নয় (পুং), °নীতি (স্ত্রী)—রাজ্যশাসনশাস্ত্র ; রাজব্যবহারনীতি। "°নীতিসমুচ্চয় (চাণক্য)। °নিবেশন (ক্লী)—রাজভবন, রাজপুর। "রা ২.৫১.১৩। °নীল (ক্লী)—মরকত। °পটোল (পুং)—মধুরপটোল। °পট্ট (পুং)—মণিবিশেষ, রাজাবর্ত্ত (?)। "উ.চ ৫.১৮। °পত্নী (স্ত্রী)—রাজস্ত্রী, রাজযোষিৎ। "রা ২ ১০৪.২। °পথ (পুং)—রাজগমনার্থ পথ ; সচতুরঙ্গ রাজার বহির্গমনার্থ দশধনুর্বিস্তার পথ, রাজমার্গ। 'ধনূংষি দশ বিস্তীর্ণঃ শ্রীমান্ রাজপথঃ কৃতঃ। নৃবাজিরথানাগানামসংবাধঃ সুসঞ্চরঃ॥—দেবীপুরাণ। "কু স ৭ ৬৩। °পদ (ক্লী)—রাজস্থান, রাজাধিকার। "সী ১। °পদ্ধতি (স্ত্রী)—রাজপথ। °পলাণ্ডু (পুং)—রক্তপলাণ্ডু। °পুর (ক্লী)—রাজনগরী, রাজধানী। "ক.চ ২০৩। °পুরুষ (পুং)—১ রাজকিঙ্কর। "শ ১⅔৬। ২ সচিব। °পুষ্প (পুং)—নাগকেশরবৃক্ষ। °পূগ (পুং)—গুবাকবৃক্ষবিশেষ। °প্রকৃতি (স্ত্রী)—রাজমন্ত্রী, সচিব। "গো.রা ২.৮৮.৩। °প্রেষ্য (পুং)—রাজভৃত্য। "মহা ৩.৭৩.৩০। °বংশ (পুং)—রাজকুল। "গো.রা ২.৭.২১। °বংশ্য (বিণ)—রাজবংশজাত। °বদর (পুং)—রক্তামলক, উত্তমকোলি। °বর্চ্চস (ক্লী)—রাজতেজঃ। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—রাজপথ। °বল্লভ (পুং)—১ রাজপ্রিয়। "পঞ্চ ১.৫৪ ; ৬৩। ২ রাজবদর ; রাজাম্র। °বসতি (স্ত্রী)—রাজপ্রাসাদ, রাজপুর। "মহা ৪.৪.১৪। °বাহ (পুং)—অশ্ব। °বাহ্য (পুং)—রাজহস্তী। °বিদ্যা (স্ত্রী)—১ বিদ্যাসমূহের রাজা; ব্রহ্মবিদ্যা, অধ্যাত্মবিদ্যা। "গী ৯.২। ২ রাজনীতিশাস্ত্র। °বিহার (পুং)—রাজার ক্রীড়োদ্যান। °বীজী (-জিন্) বিণ—রাজবংশোদ্ভব। °বীথি (স্ত্রী)—রাজপথ। "রঘু ১৮.৩৯। °বৃত্ত (ক্লী)—রাজচরিত। °বেশ্ম (-শ্মন্) ক্লী—রাজভবন, রাজপুর। "রা ২.৩৪.১৯। °ভট (পুং)—রাজসৈন্য। "ভ ৩.৩০.২০। °ভদ্রক (পুং)—পারিভদ্রক ; নিম্ব। °ভবন (ক্লী)—সৌধ, প্রাসাদ। °ভয় (ক্লী)—রাজা হইতে ভয় ; রাজভীতি। °ভৃত (পুং)—রাজভট। "গো.রা ১.৫৫.৮। °ভৃত্য (পুং) রাজকিঙ্কর, রাজপুরুষ। "গো.রা ১.৫৫.৬। °ভোগ (পুং)—রাজভক্ষ্য দ্রব্য। °ভোগ্য (ক্লী)—জাতীকোষ। °মণ্ডুক (পুং)—পীতমণ্ডুক, সোনা কোলা। °মন্ত্রী (-ন্ত্রিন্) পুং—রাজসচিব। °মন্দির (ক্লী)—রাজভবন। °মল্ল (পুং)—উৎসিক্ত (শ.ক); রাজার মাল। °মহিষী (স্ত্রী)—মহিষী, পাটরাণী। °মাতা (-তৃ) স্ত্রী—রাজজননী। °মানুষ (পুং)—রাজপুরুষ। °মার্গ (পুং)—রাজপথ। দ্র 'শু ১.২৬০,-৬১। "রা ২.২৬.২। °মাষ (পুং)—'মাষশ্রেষ্ঠ', বর্বটি। °মুদ্রা (স্ত্রী)—রাজনামাঙ্কিত মুদ্রা বা মোহর (seal)। °মুনি (পুং)—রাজর্ষি। তু 'মুনিরিতি···রাজপূর্ব্বঃ শ ২.১৪। °যাজক (পুং)—ঋত্বিক্। °যান (ক্লী)—শিবিকা। °যোগ্য (বিণ)—রাজোচিত। °যোষিৎ (স্ত্রী)—রাজপত্নী, রাজ্ঞী। "রা ২.৮৯.১৩। °রাক্ষস (পুং)—রাক্ষসবৎ পীড়ক রাজা ; কিংরাজা। °রাট্ (-জ্) পুং—১ সম্রাট্। ২ চন্দ্র। °রাজ (পুং)—১ 'যক্ষরাজ', কুবের। "পূ.মে ৩। কি ৫.৫১। ২ সম্রাট্। "পঞ্চ ২.৭৬। ৩ চন্দ্র। °রীতি (স্ত্রী)—পিত্তলবিশেষ। °লক্ষণ (ক্লী)—১ রাজচিহ্ন দণ্ডাদি। ২ রাজপদপ্রাপ্তিসূচক শরীরস্থ চিহ্নবিশেষ। °লক্ষ্ম (-ক্ষ্মন্) ক্লী—রাজলক্ষণ। °লক্ষ্মী (স্ত্রী)—রাজসৌভাগ্য-দেবতা, রাজশ্রী। "রঘু ২.৭। হি ৩⅔৬। কু ৯৬। °লিঙ্গ (ক্লী) —রাজচিহ্ন ছত্রাদি। "নানার্থবর্গ, অ.কো ৯১। °লেখ (পুং)—রাজাশাসন, রাজাজ্ঞাপত্র। °লোক (পুং)—রাজসমূহ। "মহা ২.১২.১। °শণ (পুং)—পট্ট, পাট্। °শফর (পুং)—ইল্লিশমৎস্য। °শয়ন (ক্লী) °শয্যা (স্ত্রী)—রাজপল্যঙ্ক, মহাশয্যা। °শাক (পুং)—বাস্তুক। °শার্দ্দূল (পুং)—রাজশ্রেষ্ঠ, মহাবাক্ত। "মহা ৩.১১৫.৯। °শাসন (ক্লী) রাজাজ্ঞা। "মনু ১০.৫৫। °শাস্ত্র (ক্লী)—রাজনীতিশাস্ত্র। °শৃঙ্গ (ক্লী)—কনকদণ্ড ও রাজচ্ছত্র। °শ্রী (স্ত্রী)—রাজলক্ষ্মী। "রা ২.৮১.৬। °সংশ্রয় (বিণ)—রাজশরণাগত। °সংসৎ (-দ্) পুং—রাজসভা। "ক.সা ১৩.১৬৮। °সত্র (ক্লী)—রাজযজ্ঞ। "ক.সা ৩৩.৫৪। °সদন, °সদ্ম (-দ্মন্) ক্লী—রাজভবন, সৌধ। "°সদ্মন্ ক সা ৪৩.১৩। °সভা (স্ত্রী)—রাজসংসদ্। °সর্ষপ (পুং)—১ রাজিকা, রাইসর্ষা। ২ পরিমাণবিশেষ। দ্র 'মনু ৮.১৩৩। বিষ্ণু ৪.৩। যাজ্ঞ ১.৩৬২। °সারস (পুং)—ময়ূর। °সিংহ (পুং)—রাজশ্রেষ্ঠ, মহারাজ। "রা ১.১৩.২৪। °সুত, °সূনু (পুং)—রাজপুত্র। "°সূনু গো.রা ১.২৮.১৫, °সুত ২.৯৮.২৪। °সেবা (স্ত্রী)—রাজপরিচর্য্যা, রাজকার্য্য। "রাজসেবোপজীবিন্ ক.সা ৭৩.২৫৭। °স্ত্রী (স্ত্রী)—রাজপত্নী। "রা ২.৫৭.২৩। °স্ব (ক্লী)—১ রাজধন। "মনু ৮.১৪৯। ২ রাজকর। °স্বামী (-মিন্) পুং—বিষ্ণু। °হর্ম্ম্য (ক্লী)—রাজসদন, প্রাসাদ। °হস্তী (-স্তিন্) পুং—রাজবাহক গজ। "পা ৬.২.৬৩, কাশিকা। [রাজাপ্রজা-সম্বন্ধ—জমিদার-রাইয়ত-সম্বন্ধ। রাজায় রাজায় যুদ্ধ হয়, উলুখড়ের প্রাণ যায় (ব.প্র ২৯৫)—(গৌণার্থে) বড়োয় বড়োয় বিবাদের ফলে গরীবের সর্ব্বনাশ। তু 'বাঘে বাঘে যুদ্ধ হয়, নলখাগড়ার প্রাণ যায়।—প্রবচন। রাজায়ে—রাজা। "দ্র 'য়ে[১]। রাজার হাল—রাজার মত সুখের দশা।]

রাজাই বি [রাজা+আই[৫] ; হি °ঈ] রাজপদ, রাজাধিকার, রাজত্ব। "রাজা তোকে রাজাই করাবো গো চ ১২, ৫২ ; রাজাই করিব আমি ১৯০,-৭। স্বদেশে রাজাই পায়, দোয়া দিয়া ঘরে যায় ভা.চ ৪৭৭ ; ৫২২।

রাজা-উজীর বি রাজা ও মন্ত্রী ; (সাদৃশ্যে) বড় বড় লোক ; ধনিসম্প্রদায়। [°র মারা—মিথ্যা বড় বড় ক্ষমতা জারি করা।]

রাজাগ্নি পুং [ষ.ত] রাজসম্বন্ধী অগ্নি ; রাজরোষানল।

রাজাঙ্গণ ক্লী [ষ.ত] প্রাসাদচত্বর। "ক.সা ৩৫.৪১,-৭।

রাজাদন পুং [ষ.ত (অ.টী)] ১ পিয়াল। ২ কিংশুক। ৩ ক্ষীরিকা।

রাজাধিকারী (-রিন্) পুং [°র+ইন্ (ইনি)-১ব] 'রাজাধিকারবান্', রাজপুরুষ, ধর্ম্মাধিকরণিক, বিচারক। "ক.সা ৬০.২২১,-৩।

রাজাধিকৃত পুং [তৃ.ত] রাজা কর্ত্তৃক স্বত্বাধিকার পুরুষ ; রাজাধিকারী। "ক.সা ৬০.২২৭।

রাজাধিরাজ পুং [ষ.ত] রাজগণের অধিপতি ; সম্রাট্, সার্ব্বভৌম।

রাজাধিষ্ঠান ক্লী [ষ.ত] রাজার অধ্যুষিত স্থান ; রাজধানী।

রাজাধীন পুং [°ধি+ঈন (খ) স্বার্থে] রাজাধিকৃত, রাজপুরুষ।

রাজাধ্বা (-ধ্বন্) পুং [ষ.ত] রাজপথ, রাজবর্ত্ম।

রাজানুজীবী (-বিন্) বিণ [রাজন্+অনু- √জীব+ইন্ (ণিনি) -ক-১ম ; উ.ত] রাজভৃত্য, রাজপুরুষ।

রাজান্ন ক্লী [ষ.ত] ১ রাজস্বামিক ভক্ত, রাজার ভাত। "রাজান্নং তেজ আদত্তে মনু ৪.২১৮। ২ অন্ধ্রদেশজ রাজধান্য (শ ক)।

রাজাবর্ত্ত পুং [রাজ (শোভমান) আবর্ত্ত যাহাতে, বহুব্রী] বিরাটজাত উপরত্নবিশেষ, আবর্ত্তমণি, রাজপাথর। "রাজাবর্ত্তোপলশ্যামতল ক.সা ১৭.৩৩৯।

রাজাভিষেক পুং [ষ ত] বিধিপূর্ব্বক রাজপদে প্রতিষ্ঠাপন।

রাজারাজড়া, -রাজোড়া বি [রাজপারা > রাজড়া] রাজা ও রাজসদৃশ ধনী, রাজা ও ধনবান্, ধনী লোক। "°রাজোড়া যত তাহার অধীন ভ.গ্র ২৭৩। দেখলে বোধ হয় রাজারাজড়ার পৌত্তুর।—হু ৪৫। রাজারাজড়ার কাণ্ড ন ত ৮২। রাজারাজড়ার আশা কিছুতেই মিটে না ব প্র ১১৯, রাজারাজড়ার কথায় কাজ কি ?—৫১০। রাজারাজড়ার মত কাজ কল্লে অ প্র ৮৫।

রাজার্হ বিণ [রাজন্+ √অর্হ্+অ (অচ্)-ক, উ ত, স্ত্রী -র্হা] রাজযোগ্য। "°র্হাণি চ রত্নানি গো রা ৩ ৪৯ ৪২। —র্হ ক্লী ১ অগুরু। ২ দ্রষ্ট 'রাজান্ন (২)। —র্হণ ক্লী [ষ ত] রাজার অর্থাৎ রাজকৃত পূজা, রাজসম্মান। "গো রা ২ ৭ ২০।

রাজার্হণ দ্র 'রাজার্হ'।

রাজাসন ক্লী [ষ ত] সিংহাসন। "বা ২ ৯১.৩৮।

রাজাহি পুং [ষ ত, রাজদন্তাদি] দ্বিমুখসর্প, দুমুখো সাপ।

রাজি[১], **-জী**[১] স্ত্রী [রাজ্+ই (ইঞ্)-ক, উ ৪.১২৪, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পঙ্ক্তি, শ্রেণী। "ঘনরাজি বা ৭ ৪ ২৩। নীলতোয়দরাজী কু.স ৭ ৩৯। রাজীবরাজী মাঘ ৪.৯। মুক্তা° (SW.)। রত্নরাজী।—মে ৪, বনরাজী ৩৫, কুসুমরতন-রাজী ৫৬, ১৪৯। বৃক্ষলতাগুল্ম-রাজিপরিবৃত ব খি ৪২। ২ রেখা। "শ্বেতলোহিতরাজয়ঃ (হয়শ্রেষ্ঠাঃ) মহা ৭.২২ ৬২। দানরাজি রঘু ২ ৭। নিকর্ষরাজি মাঘ ২০ ৬৮। কনকরাজিবিরাজিত কি ৫ ৪। ধূম°, নীল°, ভস্ম°, রক্ত° (SW)। উল্লসতি রোমরাজি স্তনশক্তোর্গরলেখেব।—আর্য্যাসপ্তশতী। ৩ সমূহ, রাশি। "কুন্তলরাজি, ধ্বান্ত° (SW)। এই অনন্ত সংসার অসংখ্য-রত্নরাজিময় ব প্র ২১৫। —জী স্ত্রী রক্তসর্ষপ, রাজিকা, রাই। —জিকা স্ত্রী [রাজি, -জী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ রাজি, শ্রেণী, রেখা। ২ রাজসর্ষপ। ৩ কৃষ্ণসর্ষপ, কৃষ্ণিকা (অ কো)। ৪ রক্তবর্ণ-সর্ষপ, রাই। ৫ কেদার, ক্ষেত্র। ৬ ক্ষুদ্ররোগ (SW)।

রাজি[২], **-জী**[২] বিং [ফা রাজী] ১ প্রীত, তুষ্ট, ইচ্ছু। "বুঝিনু বিধাতা নহেন রাজি বা দ ২০৭। ২ সম্মত। "ভূপতি বলেন বাপু যদি হ'লে রাজী। ভাল দেখে বেছে লও মনোহর বাজী॥—শ্রী ১২৪। কেমন, রাজি আছ?—অ শ্রী ২১। [°নামা—অভিযোগে উভয়পক্ষের নিষ্পত্তিবিষয়ে সম্মতিপত্র। "শরণাগত সকল বাদী, তাইতে ধনী দিল রাজিনামা।—দা ২১০৭।]

রাজিকা দ্র 'রাজি[১]'। [°ফল (পুং)—গৌরসর্ষপ।]

রাজিত বিণ [√রাজ্+ত (ক্ত)-ক] ১ দীপ্ত, সমুজ্জ্বল, শোভান্বিত। "ঈশং বক্ষোরাজিতকৌস্তুভম্।—২ ৩০৯.১১। সখী সহ রাজিত এক ধনি—জ্ঞা ৫৭। রাজিত-রজ, পদ-নীরজ বা.দ ১। ২ [√রাজি+ত (ক্ত) -র্ম] দীপিত, শোভিত। 'ইন্দ্রমুকুটমণি-রাজিত-চরণে (শঙ্করাচার্য্যকৃত গঙ্গাস্তব)। ক্রমজাতিভিবৃত্তৈশ্চ রাজিতম্ (গিরিম্) ভ ৪ ৬.১৮। কাব্যা-দর্শ ৩.১০। অলকাবল্লিতভাল-রাজিত কপোল।—গ ৩৭।

রাজিল পুং [রাজি+ল (লচ্)—অ.টী, রাজি+ √লা+অ (ক)-ক, উ.ত] 'রাজিযুক্ত', ডুণ্ডুভ, ঢোঁড়াসাপ। "বধূ ১১.২৭।

রাজী[১] দ্র 'রাজি[১]'। [°কৃত (বিণ)—শ্রেণীকৃত। "গো রা ৫ ২৮. ১৩। °ফল (পুং)—'রেখান্বিত ফল, পটোল।]

রাজী[২], **রাজীনামা** দ্র 'রাজি[২]'।

রাজীব বিণ [রাজী[১]+ব, পা ৫ ২.১০৯, বার্ত্তিক, স্ত্রী -বা] রাজীযুক্ত, রেখান্বিত। "°পৃষ্ঠি।—জীব পুং রেখাযুক্ত হরিণবিশেষ। ২ মৎস্যবিশেষ; রায়াগ বা রায়খড়া। "মনু ৫ ১৬। যাজ্ঞ ১ ১৭৮। ৩ হস্তী। ৪ সারস-পক্ষী।—জীব ক্লী 'দলরাজীযুক্ত', পদ্ম। "প্রফুল্ল° কু স ৩ ৪৫। দা ৯৪৪। সে পা দুখানি—আশার রাজীব।—মে ১১৭। [°নেত্র, °বিলোচন, °লোচন, রাজীবাক্ষ (বিণ)—'পদ্মপত্র-নেত্র', কমললোচন। "°লোচন দা ৯৪৪। °মুখ (বিণ)—পদ্মমুখ, প্রফুল্লানন। °রাজ (বি)—'রাজীব-শ্রেষ্ঠ', সুজাত পঙ্কজ। "চরণরাজীবরাজে ভা চ ৬৭। °রাজী (স্ত্রী)—পদ্মপঙ্ক্তি। "মাঘ ৪ ৯। নীল রাজীবরাজী ভা চ ৪৬৪।]

রাজীবিনী স্ত্রী [°ব+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'রাজীবদেশ', কমলিনী, পদ্মঝাড়। ২ রাজীবসমূহ, কমলচয়।

রাজেন্দু পুং [রাজা ইন্দুতুল্য, উপ স] রাজশ্রেষ্ঠ। "রঘু ১ ১২।

রাজেন্দ্র পুং [রাজা ইন্দ্রতুল্য, উপ স] রাজশ্রেষ্ঠ, মণ্ডলেশ্বরের দশগুণ-ক্ষমতাপন্ন রাজা (ব্রহ্মবৈবর্ত্ত)। "গো রা ২ ১১০ ২১। °পদে।—মে ৯। রাজেন্দ্র রাজেন্দ্র প্রায় তাঁহার বর্ণনে।—কাব্যনির্ণয়।

রাজেন্দ্রাণী বি [°দ্র+আনী, দ্র 'আনি[৩]'] রাজেন্দ্রপত্নী, মহারাজ-মহিষী। "মে ১১০। রাজ-ইন্দ্রাণী-বাঞ্ছিত।—মা ১৩৬।

রাজোপকরণ ক্লী [ষ ত] রাজচিহ্ন, ছত্রদণ্ডাদি। "ক সা ৪৩.৪৭।

রাজোপচার পুং [ষ ত] রাজসংবর্দ্ধনা, রাজসম্মাননা।

রাজোপসেবা স্ত্রী [ষ ত] রাজসেবা, রাজপরিচর্য্যা। "মনু ৩.৬৪। —সেবী (-বিন্) পুং রাজসেবক, রাজপুরুষ। "বৃহৎসংহিতা ৩৯.৩।

রাজ্ঞী স্ত্রী [রাজন্+ঈ (ঙীপ্), 'রাজ্ঞী'—রাজমাতা (শুক্লযজুর্ব্বেদ ১৪.১৩)] ১ রাজপত্নী, মহিষী। "রঘু ১.৫৭। °পদ, মহা° (SW.)। ২ রাজযোষিৎ। ৩ সূর্য্যপত্নী। ৪ কাংস্য।

রাজ্য ক্লী [রাজন্+য (যক), ন্-লোপ পা ৫ ১ ১২৮] ১ রাজভাব, রাজত্ব, রাজপদ, আধিপত্য। "অথর্ব্ববেদ ৩ ৪ ২। নহি ব্রাহ্মণা রাজ্যায়ালম্।—শতপথব্রাহ্মণ ৫ ১ ১ ১২। রাজ্য° গৃহাণ ভরত।—রা ২ ৭৯ ৫। রাজ্যেন কিং তদ্বিপরীতবৃত্তেঃ রঘু ২.৫৩। ২ রাজকর্ম্ম, প্রজাপালন, রাষ্ট্রশাসন। "রাজ্যং গুরুণা দত্তম্ রঘু ৪ ১। রাজ্য করে দশরথ।—কৃ ৩৯। ৩ রাজাধীন রাষ্ট্র, জনপদ (kingdom, state)। ভ্রংশয়িষ্যামি তং রাজ্যাৎ মহা ৩.৫৮ ১৪। মনু ৭ ১১১। হি ২ ১০৭। অরণ্য° ৩৬৮৫। আমার ত্রিপুররাজ্যে।—বিসর্জ্জন ১১। ৪ স্বাম্যমাত্য-পুরাদিযুক্ত রাজ্যসপ্তাঙ্গ। "রাজ্যাশ্রমমুনিং রঘু ১ ৫৮। [°কর (বিণ)—যথাবিধি রাজ্যশাসক। 'মহা ১ ৪১ ৩১। (পুং)—করদরাজদের রাজ্যার্থ কর। °কর্ত্তা (-র্ত্তৃ)—রাজা, রাজপুরুষ। °তন্ত্র (ক্লী)—রাজ্য-ব্যাপার। "রা ২.১১২ ২৫। °দ্রব্য (ক্লী)—রাজ্যাভিষেকসাধন মঙ্গল দ্রব্য। "রাজ্যদ্রব্যময় রা ২.২২ ২৮। °ধুরা (স্ত্রী)—রাজ্যভার, রাজ্য-শাসনরূপ ভার বা গুরুকার্য্য। °ভঙ্গ (পুং)—রাজ্যনাশ, রাষ্ট্রবিপ্লব। "হি ৩১৬৪। °ভার (পুং)—দ্রষ্ট 'রাজ্যধুরা'। °ভেদ (পুং)—রাজ্যভঙ্গ। °ভোগ (পুং)—রাজপদাধিকার। °ভ্রংশ (পুং)—রাজ্যচ্যুতি, রাজ-পদভ্রংশ। °ব্যবহার (পুং)—রাজকার্য্য, রাজ্যশাসন। °লক্ষ্মী, °শ্রী (স্ত্রী)—রাজ্যসৌভাগ্যদেবী, রাজলক্ষ্মী। "°শ্রী রঘু ১৭ ২৫। °লোভ (পুং), °লোলা (ক্লী)—রাজপদাকাঙ্ক্ষা, রাজ্যলিপ্সা। °সুখ (ক্লী)—রাজাধিকার-সুখ। °স্থিতি (স্ত্রী)—রাজ্যসত্তা। °হর (বিণ)—রাজ্য-নাশক, রাষ্ট্রবিপ্লবকর।] [রাজ্যের—দেশের, অর্থাৎ বহু, প্রচুর, অনেক, সব। "যত রাজ্যের দুঃখী কাঙাল।—কা ৮৩। বোতল বিছানা বাক্স রাজ্যের বোঝাই চ.কা ১০৩। রাজ্যের পাখী ডাকিতেছিল গ.স ৬৪।

রাজ্যের নটীদের।—ঘ ২৬১। রাজ্যের কু—নানা কুৎসার আধার। "ঘাড়ে কুঁজ জুড়ে, ভুমে যায় গড়ে, মিনসে রাজ্যের কু।—শ্রী ৯২।]

রাজ্যক্তা স্ত্রী [রাজী দ্বারা অক্তা (মিশ্রিতা), তৃ.ত] পিষ্টরাজিকাদধি-লবণ-মিশ্রিত ক্ষুদ্র অলাবুখণ্ডাদি ; রায়তা (ভাবপ্রকাশ)।

রাজ্যখণ্ড বি রাজ্যরূপ ভূখণ্ড, বিশাল রাজ্য। "রাজ্যখণ্ড ছাড়িয়া হইব বনবাসী।—কৃ ৯৭। জ্ঞাতিগণ ভুঞ্জে রাজ্যখণ্ড।—ম ৭২৮। রাজ্যখণ্ড লণ্ডভণ্ড ভা.চ ৪৫।

রাজ্যচ্যুত বিং রাজ্যভ্রষ্ট, রাজ্যহীন। "কৃ ১৪৭।

রাজ্যপদ বি ['রাজপদ' সাধু] রাজপদ, রাজাধিকার। "ম ৬৯৪।

রাজ্যপাট বি ['রাজপাট' সাধু] রাজসিংহাসন, রাজ্যাধিকাব। "বিভীষণে দেন রাজ্যপাট।—কৃ ৩৬৩। গেল রাজ্যপাট ক.চ ১২৮।

রাজ্যম্পদ, -জ্যাম্পদ বি['রাজপদ' সাধু] রাজাধিকার, আধিপত্য। "রাজ্যাম্পদ দিবে প্রভু দুই সহোদবে চ.বি ১২২। পিতার যে °জ্যাম্পদ তাহে ঘৃণা হৈল ভ গ্র ১২ ; রাজাম্পদ-অন্ধকূপে ২২৫।

রাজ্যাঙ্গ ক্লী [ষ.ত] পরস্পরোপকারিত্ব হেতু রাজ্যের অঙ্গ, উপায় বা সাধন—স্বামি-প্রভৃতি সপ্ত প্রকৃতি। [স্বাম্যামত্যসুহৃৎকোষরাষ্ট্রদুর্গবলানি চ (রাজ্যাঙ্গানি), মতান্তরে, 'পৌরশ্রেণী' অষ্টম এবং 'পুরোহিত' নবম রাজ্যাঙ্গ বা প্রকৃতি (অ কো। M.W.)। সপ্তাঙ্গের মধ্যে রাজা মূর্দ্ধা, অমাত্য চক্ষুঃ, সুহৃৎ শ্রোত্র, কোশ মুখ, বল মনঃ, হস্ত দুর্গ, পাদ রাষ্ট্র (শু ১.৬২)।]

রাজ্যাধিকার পুং [ষ.ত] রাজ্যাধিপত্য, রাজ্যের স্বামিত্ব।

রাজ্যাপহরণ ক্লী [ষ ত] বলপূর্ব্বক রাজ্যগ্রহণ।

রাজ্যাভিষেক পুং [স ত] রাজপদে বিধিপূর্ব্বক প্রতিষ্ঠাপন।

রাজ্যাশ্রমমুনি পুং [স ত] রাজ্যরূপ আশ্রমে মুনিতুল্য সংযমী। "পপ্রচ্ছ কুশলং রাজ্যে রাজ্যাশ্রমমুনিং মুনিঃ রঘু ১ ৫৮।

রাজ্যি বি [রাজ্য > রাজ্যি (কথ্য)] রাজ্য। [°পাট—রাজপাট, রাজত্ব, রাজার আধিপত্য। "আহা! এমন করে রাজার রাজ্যিপাট উঠে গেল গা!—লী ১০৪। °শুদ্ধ—দেশসুদ্ধ লোক, সকল লোক। "কে না বলেছে? রাজ্যিশুদ্ধ বলেছে অ গ্র ৭৪।]

রাজ্যেশ্বর বি রাজ্যাধিপতি, রাজা। "শুন °শ্বর চ.বি ১৮৪,-৫। —শ্বরী বি [অসাধু] বাজরাজেশ্বরী, দুর্গা। "শ্রী মা ৫৩।

রাজ্যোপকরণ ক্লী [ষ.ত] বাজত্বের উপকরণ—ছত্রদণ্ডাদি।

রাটি, -ড়ি[1] স্ত্রী শরারিপক্ষী, শরাইল বা শরা'ল পাখী (অ.কো)।

রাড়, -ঢ়[1] বিং [হি 'রাড়'—নীচ, ঠ 'রাংঠ, রাঠ'—rough, savage, গু 'রাড, -ঢ'—বিবাদ, মৈ 'রাড'—ইতরজাতীয় লোক, শূদ্র, see *The Origin and Development of the Bengali Language*, Introduction, pp 70-72.] উদ্ধতস্বভাব, রূক্ষপ্রকৃতি, গোঁয়ার। "ব্যাধ গো হিংসক রাড় ক.চ ৭০। বাঘা বড় রাড় শি ৭০। —ড়, —ঢ় নীচজাতি, ইতর শূদ্র। "কেহ না পরশ করে লোকে বলে রাড় ক.চ ৭৩। জাতি বাঢ় আমি রে, করমে রাঢ় তু।—শ্রী ২১৩। [রাড় চোয়াড—অসভ্য উদ্ধত। রাডারাড়ি (রাড়-আ+রাড়-ই)—পরস্পরের নীচতাপ্রকাশ বা ইতবাম। "দু-সতীনের ঘর,...কন্দলে হয় রাড়ারাড়ি ভা চ ৫৩৩।]

রাঢ়া[1], **-ঢ়**[2] বি [সং রাঢ] গঙ্গার পশ্চিমতীরস্থ ভূভাগ, পশ্চিমবঙ্গ। "গোর্ক্ষনাথে রাডাত চলিল।—মী ৭। (তিনি এলে) লস্কর আসিত সঙ্গে, শব্দ হৈত রাঢে বঙ্গে ভা.চ ৩১০।

রাড়া[2] ; **রাড়ারাড়ি** ; **রাড়ি**[1] দ্র 'রাঁড়া, রাড় ; রাটি'।

রাড়ি[2], **-ড়ী** বি [রাঁড়ি, -ড়ী > °ড়ি, -ড়ী] বিধবা। "রাড়ি গো.চ ৫৯ ; রাড়ী ১৮৯। যুবতী রাড়ী ব প ৪৮। কাঁচা রাড়ী ম.ম ১৯৬ ; ২০৫। [কাঁচা রাড়ী—বালবিধবা।]

রাড়ী ; **রাঢ়**[1] ; **রাঢ়**[2] দ্র 'রাড়ি[2], রাড় ; রাড়া[1]'।

রাঢ়া স্ত্রী [√রাজ্+(অঙ্) ভা+স্ত্রী আ (টাপ্), নিপাতিত (অ.চি)] ১ শোভা। ২ 'শোভাময়ী' (?) ; গৌড়রাষ্ট্রের পুরীবিশেষ। 'গৌড়ং রাষ্ট্রমনুত্তমং নিরুপমা তত্রাপি রাঢ়া পুরী।—প্রবোধচন্দ্রোদয় (S.W.)। ৩ পশ্চিমবঙ্গের জনপদবিশেষ (সুহ্ম) ও তাহার রাজধানী (M.W.)। "ভবিষ্যতে চ রাঢ়ায়াম্ পুনরুগ্রভটস্য সঃ (নৃপস্য পুত্রঃ) ক সা ৭৩.২৯।

রাঢ়ী বিং [রাঢীয > °ঢী] সর্ব 'রাঢ়ীয়'। "°শ্রেণী, উত্তর°, দক্ষিণ°। [রাঢ়ী—রাঢদেশবাসী বা রাঢীয়শ্রেণী ব্রাহ্মণ। "ব.প ৩১৫। (তুমি) রাঢী, না বারেন্দ্র, না বৈদিক?—ব প্র ৩৮৭।]

রাঢ়ীয় বিণ [রাঢ়া+ঈয় (ছ)] রাঢজনপদবাসী, রাঢ়দেশীয়।

রাণা[1] বি [সং রাজা > প্রা রাণা (প্রা.ল, Appendix, p 49) ; সং রাজন্ > প্রা রাণ (প্রা.ম) ; রাণী—রাণা (পুংলিঙ্গে)? ; হি রাণা, -না ; ঠ রাণা, ড় রাণ ; 'রাণক' (বল্লালসেনেব তাম্রশাসন)] রাজা ; মিবারের রাজার উপাধি। "রাণাবংশধর প তৃ ৭৭।

রাণা[2], **-না** বি [(?)] ১ বাঁধা ঘাটের পৈঠার দুই প্রান্তে উপর হইতে নীচে শেষ পর্য্যন্ত গাঁথা ইঁটের আ'ল। "লক্ষ্ণৌএর বাদসা জমি নিলেন, দুই এক বড় মানুষ ক্যাপলা জাল ফেল্লেন—অনেক প্রত্যাশা ছিল, কিন্তু শেষে জালখান পর্য্যন্ত উঠলো না—কেউ বল্লে 'কেঁদো মাছ!' কেউ বল্লে 'রাণা', নয় 'খোঁটা'।—হু ১০১। রোহিণী আসিয়া ঘাটের রাণায় একা কাঁদিতেছে ব.প্র ২৬৭। ২ চাতাল, খোলা বারাণ্ডা। "ব্রাহ্মণ পণ্ডিত ঘরের রাণায় বসিযা শাস্ত্রীয় বিচার করিতেছেন, দেখিলাম ব.ম্বি ৩৯৫।

রাণী, -নী বি [রাণা+ঈ[৬], সং রাজ্ঞী > প্রা *রণ্ণী (হে ২.৪২ ; ৮৩) > রাণী, হি, মৈ রানী, ঠ, গু, প, সি, ড় রাণী, রানি, -নী (গো.চ)] ১ মহিষী, রাজযোষিৎ, রাজার স্ত্রীমাত্র। "(বাজা হৈল উপনীত) আমিনি সন্ন্যাসী রানী পণ্ডিত সহিত শূ ৯৪। রাজ°।—কৃ ৮০ ; মুখ্যা রাণী ৮৯, বড় বাণী ৯০ ; সাত শত রাণী : হা পুত্র বলিয়া রাণী রাম প্রতি বলে ৯৬। রায় রাণী শ্রী ২১। কুবুজা অব নব রাণী।—গো ২৫৬। মে ১১৬। ২ পত্নী (সম্ভ্রমার্থে)। "আমি আএানের রাণী, যদি কহি এই বাণী, মজিবে নন্দের গারী ঘর।—শ্রী.ম ৬৩। হরির শুনিয়া বাণী, কহেন হরের রাণী ভা চ ২৩২। ৩ স্বজাতিমধ্যে রাণীসদৃশী শ্রেষ্ঠা, কর্ত্রী। "শুন গো যশোদা রাণী,...শঠ বড় তোমার কুমারে শ্রী.ম ২৮,-৯। ৪ স্বগণেব শ্রেষ্ঠা বা কর্ত্রী। "দেবী রাণীর নাম কখন শুনেন নাই?—ব.প্র ৩৮২। রাণীকে রাণীর মত থাকিতে হয় ৩৮৩। ৫ ব্রজগোপী (সম্ভ্রমে)। "পাইযা বাঁশী, নাগর হাসি, বসিল সভার পাশে। সকল রাণী, রঙ্গরঙ্গিণী, গাল মুচকি হাসে॥—রা.শে ৬৪। ৬ সম্ভ্রমার্থক। "নন্দসুতা-রাণী, দাসে রাখ পদতলে, ক.চ ২৫৩। ৭ স্বগণের মধ্যে প্রিয়তমা। "বিদেশিনীর কষ্ট শুনি, কেঁদে কন কৃষ্ণরাণী।—দা ৪৭৪। ৮ শ্রেষ্ঠার্থক। "তমসা তটিনী রাণী সা.ম ৭। ৯ 'রাজা'-উপাধিধারীর পত্নী। "রাণী স্বর্ণময়ী। ১০ বালিকার আদরের ডাকনাম। "রাণী রাসমণি। [রাণীগিরি—রাণীর কাজ। "দেবীর রাণীগিরিতে গুটিকতক চমৎকার গুণ জন্মিয়াছিল ব প্র ৪১৪। রাণীজি—রাণী মহাশয়া। "রাণীজির হুকুম ব.প্র ৪১৪ ; রাণী মা—মাতৃসদৃশী রাজ্ঞী, ধনবতী দয়াময়ী নারী।]

রাণ্ডী বি [সং রণ্ডা ; দ্র 'রাঁড়ী'] ১ বিধবা। "বিধাতা আমারে দণ্ডী, জীয়ন্ত ভাতারে রাণ্ডী ক.চ ৬০। কাল হইল বিয়া আজি হইলাম রাণ্ডী ম.ম ১৯৯। রাণ্ডী ব্রাহ্মণী চৈ.চ ২৬৯। ২ রাঁড়ী (কুৎসায়)। "সূর্পণখা রাণ্ডী যারে করাইল দীক্ষা।—কৃ ২৪৯। ৩ বেশ্যা। ৪ স্ত্রীলোক। "না রাণ্ডী না পুরুস রাজক করিল গো.চ ২৫০।

রাত[1] বিণ [√রা+ত (ক্ত)-র্ম] দত্ত। "বিষ্ণু° ভ ১.১২.১৬।

রাত[2] 'ত' বি [রাতি > রাইত > °ত ; সং রাত্র > প্রা রত্ত > বা °ত ; হি, প, ঠ, গু, ড়, রাত ; সি রাতি] রাত্রি। "রাতের বেলায়।

শিশু ২৬। যেখানে বাঘের ভয়। সেই খানে রাত্ত হয়।—প্রবচন। [রাত করা—অধিক রাত্রি হইতে দেওয়া। রাত ক'রে আসা—রাত্রিতে আসা। রাত কাটান—রাত্রি যাপন করা। রাত জাগা—রাত্রিতে জাগরণ। রাত দিন—সর্ব্বদা। রাত পোহান—রাত্রি প্রভাত হওয়া। রাত বাঁধা থাকা—সন্তানের মঙ্গলার্থ মানসিক করিয়া মাযের রাতে ভাত না খাওয়া অর্থাৎ বাত হওয়ার পূর্ব্বে খাওয়া। রেতে—রাত্রিতে। "কৃ ৩১৯। °কাণা (সং রাত্র্যন্ধ)—যে রাতে দেখিতে পায় না। °চোরা (সং রাত্রিচর)—পেচা বাদুড় প্রভৃতি, লম্পট। °বেরাত (ঠ রাত-বিরাত, মৈ রাতিবিবাতি)—রাত্রিতে ও বিপদের রাত্রিতে, রাত্রিতে। °ভিত—বাত্রিতে। "সে বাবুব বাডীর দ্বারবান, রাতভিত ডাকিতে আসিয়া শিকল নাড়ে ব দ্বি ৩৪।

রাতকাণা, রাতচোরা, রাতবেরাত, রাতভিত দ্র 'রাত'²।

রাতা বিং [সং রক্ত > লি, প্রা বত্ত > বা (বাত) °তা, হি, ঠ বাতা, গু রাত, প রত্তা, সি রত] লোহিত। 'নীরে নিরঞ্জন লোচন রাতা বি প ১৯। দ্বন্দ্ব করি চক্ষু কৈলি বাতা ক চ ৬৯। বাতা-উৎপল আঁখি চৈ ম ২৮। রা শে ১৭। রাতা উতপল চরণযুগল ন প ১০২। পদতল থল, বাতা-উতপল ২৯১। রাতা উতপল জিনি, ··চরণখানি। —জ্ঞা ৫১।

রাতারাতি ক্রি বি° [বাত²-আ + বাত²-ই, হি রাতোঁরাত, ঠ রাতোরাত] রাত্রিব মধ্যে, বাতে রাতে, অর্থাৎ রাত থাকিতে থাকিতে। "লঙ্কায় বেডাই রাতাবাতি।—কৃ ২০৫, গেলাম বাতারাতি ৩২৮। রাতাবাতি আসি পলাইযা বা ম ৮৩। °তি গৌড় দাখিল শ্রী ম ১০২, ১২০। °তি বৈ হৈল গডমান্দারণ শ্রী ৪৬। বা দ ১২৩।

রাতি বি [সং বাত্রি > প্রা বত্তি > বা °তি, হি, মৈ বাতি, ঠ রাতী (স° রাত্রী)] বাত্রি। "বাতি কৈনু দিবস, দিবস কৈনু রাতি। বুঝিতে নারিনু বঁধু তোমাব পিবীতি॥—চ দা ৮১। কৃ ৩১৯, ৩২৮। ম ৯৭৫। অমাবস্যা° ক চ ৩৩। ম ভা ৪০। [দিবা রাতি—অহোবাত্র। "দিবা বাতি ঘর বাখিলে জ্বালাইয়া গো চ ১৩।

রাতিবিরাতি ক্রি বি° সর্থ 'বাতবেরাত' (দ্র বাত²)। "°তি চারি লোক পাঠাইল ভ গ্র ২৬৩। টাকা °তি পাঠানা E P 123

রাতিয়া বি [স° রাত্রিকা > প্রা *রত্তিআ, -যা > বা °য়া] রাত্রি। "কাহে গোঙাযবি, হবি বিনে দিন রাতিযা বি প ১৭২। (কুমুদবন্ধু) উদিত দিনহঁ রাতিয়া।—গো ২৯।

রাতুল বিং [রক্ততুল > প্রা *বত্তউল > বা (বাত-উল) °ল] রক্তসদৃশ, লোহিত। "বন্ধু-জীব অধব রাতুল।—ম ১৯১। তনুরুচি জবাফুল, জিনিয়া রাতুল : রাতুল চরণরাজে শ্রী ১, ২১১। দু ১০০। রাতুল বসন চৈ চ ৩২৫। চৈ ম ৩৭। রাতুল চরণ চৈ ৬৭। ২ গৌরবসূচক। "রাতুল চরণে এক আরজ আমাব।—ধর্ম্মমঙ্গল—রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

রাত্তির বি [রাত্রি > °র (কথ্য)] বাত্রি। "এ রাত্তিরে নদী পেরুল কি ক'রে ?—গি দ্বি ১১৪। [°বাস—রাত্রিতে অবস্থিতি। "রাত্তির বাসই লাভ।—গি দ্বি ১১৪। দিবা রাত্তির—সর্ব্বদা। "হু ৪০।]

রাত্র পুং, ক্লী [রাত্রি + অ (অচ্) সমাসান্ত, পা ৫ ৪ ৮৭] রাত্রি। "অহোরাত্রঃ, দ্বিরাত্রম্। —ত্র ক্লী [তু 'রাত্র' পু, ক্লী] ১ রাত্রি। "অনুপোষ্য ত্রিরাত্রাণি মহা ৩ ৮২ ১৮, ত্রীণি রাত্রাণ্যুপোষিত্বা ১৩ ১৩৬.১১। রাত্রে আসি খায় যত তপস্বী ব্রাহ্মণ।—ম ৪৬৭। ম ম ১৫৩, ৩৬৫। ২ জ্ঞান। 'রাত্রঞ্চ জ্ঞানবচনম্ (নারদপঞ্চরাত্র)।

রাত্রি স্ত্রী [√রা + ত্রি (ত্রিপ্)-ক, উ ৪ ৬৭ : °ত্রি + বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)—'রাত্রী', ছান্দস, Drav ırâ, ıravn, Tel ré ; √ır —to be dark (Caldwell, 578)] ১ 'কামিজনপ্রীতিদা' (অ.টী)' 'বিশ্রামদাত্রী' (শ ক) : রজনী, যামিনী। "গতা ভগবতী রাত্রিঃ রা ১ ৪৫ ৬। রাত্রিঃ স্বপ্নায় ভূতানাম্ মনু ১ ৬৫। রাত্রির্গতা রঘু ৫.৬৬। ২ নৈশ তিমির (A)। ৩ পিতৃগণের শুক্লপক্ষস্বরূপ কাল, দেবগণের দক্ষিণায়নরূপ কাল। ৪ হরিদ্রা। "মহা ১৩ ১৩৬ ২৫। সুশ্রুত ৪ ৯ ১২। ৫ ব্রহ্মার চতুর্ব্বিধ মূর্ত্তির একতম (A)। [°কর (পুং)—নিশাকর, চন্দ্র। °কাল (পুং)—রাত্রি। °চর্য্যা (স্ত্রী)—নিশানুষ্ঠেয় কার্য্য। "ক সা ২০ ১৬১। ২ নিশাপর্য্যটন। °চার (পুং)—নিশাভ্রমণ। °জল (ক্লী) —শিশির। °পর্য্যুষিত (বিণ)—রাত্র্যন্তরিত, বাসি। °বিগম (পুং) —নিশাবসান, প্রভাত। °বিহারী (রিন্) বিণ—নিশাপর্য্যটনশীল। °যোগ (পুং)—নিশাসমাগম, প্রদোষ। °রক্ষক (পুং)—প্রহরী। °শেষ (পুং)—নিশান্ত।]

রাত্রিচর পুং [রাত্রি + √চর + অ (ট)-ক, উ ত] ১ নিশাচর, রাক্ষস। ২ তস্কর। ৩ প্রহরী। —চরী স্ত্রী [°র + স্ত্রী ঈ (ঙীপ্)] নিশাচরী, রাক্ষসী। "ভট্টি ২ ২৩। —ঞ্চর পুং [বিকল্পে 'ম্' (মুম্), পা ৬ ৩ ৭২] রাক্ষস।

রাত্রিচরী, রাত্রিঞ্চর দ্র 'রাত্রিচর'।

রাত্রিদিশ বি [তু 'নিশিদিশি', অসাধু] বাত্রিদিবস। "চৈ ভা ২৪৪।

রাত্রিন্দিন বা [তু 'বাত্রিন্দিব'] অহোরাত্র, সর্ব্বদা। "বা ভা ২ ৩৯।

রাত্রিন্দিব বা [রাত্রিতে ও দিবা, দ্বন্দ্ব, সমাসান্ত 'অ' (অচ্), 'রাত্রিম্' নিপাতিত, পা ৫ ৪ ৭৬] ১ রাত্রিতে ও দিবসে, সর্ব্বদা। "°বং গন্ধবহো প্রয়াতি শ ৫ ৪। ২ রাত্রিদিবস, অহোরাত্র। "°বিভাগ রঘু ১৭.৪৯। ব্যস্ত° কু স ২ ৮। —ন্দিবা অব্য (বাঙলায়) সর্ব্বদা। "হরগৌরী কবি কেহ ডাকে রাত্রিন্দিবা শি ৩৩, ৭৪।

রাত্রিন্দিবা দ্র 'রাত্রিন্দিব'।

রাত্রিবাস বি ১ রাত্রিতে শয়নকালে পরিধেয় বস্ত্র। "রাত্রিবাস ধুতি বি পা ১২৯, ব প ২১৯, ১৭৯৫। রাত্রিবাস ধুতি শ্রী মা ২২৩। ২ রাত্রিতে কোন স্থানে অবস্থিতি। তু 'রাত্তিরবাস'।

রাত্রিমট পুং [রাত্রি + √অট্ + অ (ক)-ক, বিকল্পে 'ম্' (মুম্), পক্ষে 'রাত্র্যাট', পা ৬ ৩ ৭২, উ ত] বাত্রিচর, বাক্ষস।

রাত্রিমান বি বাত্রিকাল। "ভা চ ৪৪৮।

রাত্রিম্মন্য বিণ [রাত্রি + √মন্ + অ (খশ)-ক, ম্ (মুম্), উ ত] যাহা রাত্রির মত দেখায়, রাত্রিবং প্রতীয়মান (দুর্দ্দিনাদি)।

রাত্রী স্ত্রী [দ্র 'রাত্রি'] বাত্রি। "ঋগ্বেদ ১ ৩৫ ১।

রাত্র্যন্ধ বিণ [স ত] রাত্রিতে অন্ধ, রাতকাণা। "রাত্র্যন্ধাস্তথাপরে (চণ্ডী)। তিনি কাণা খঞ্জ বধির ও রাত্র্যন্ধ।—কাদ ৯১। —ন্ধ্য ক্লী [°ন্ধ + য (ষ্যঞ্)] রাত্র্যন্ধভাব, রাত্র্যন্ধতা (শার্ঙ্গধব)।

রাত্র্যাগম পুং [ষ ত] রাত্রির আগমকাল, ব্রহ্মার শয়নকাল। "রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে গী ৮ ১৮।

রাদ্ধ বিণ [√রাধ + ত (ক্ত)-র্ম] ১ নিষ্পাদিত। ২ পক্ব, কৃতপাক। ৩ [+ ত-ক] নিষ্পন্ন, সিদ্ধ। "যোগরাদ্ধেন চক্ষুষা ভ ৩ ১১ ১৭, ২৩ ১০। [রাদ্ধান্ত (পুং)—সিদ্ধান্ত। 'সমস্ততন্ত্র° ভ ১২ ১১ ১।]

রাদ্ধান্ত দ্র 'রাদ্ধ'।

রাধ্ অক [দি, প—রাধ্যতি, অনিট্] নিষ্পত্তি, সিদ্ধি। "সকলং রাধ্যতি ক্রিয়া (ক ক)। —ধ সক [স্বাদি, প—রাধ্নোতি, অনিট্] ১ নিষ্পাদনা। "অন্নং রাধ্নোতি বিপ্রাণা° যঃ (ক ক)। ২ বধ (ক ক), হিংসা। [অপ—অপরাধ, অনিষ্টাচবণ। আ—আরাধন, সেবা। বি —বিপ্রকার, উৎপীড়ন, অপকার। "মাঘ ২ ৪১।]

রাধ পুং [রাধী + অ (অণ)] 'রাধীপৌর্ণমাসীযুক্ত', চান্দ্র বৈশাখ, বৈশাখ। —ধন ক্লী [√রাধ্ + অন (ল্যুট)-ভা] ১ সাধন, নিষ্পাদন। ২ প্রাপ্তি। ৩ তোষ, প্রীতি। —ধনা স্ত্রী [√রাধি + অন (যুচ্) + স্ত্রী আ (টাপ্)] ভাষণ। —ধনী স্ত্রী অর্চ্চনা, আরাধনা। —ধা স্ত্রী [√রাধ্,

+অ (অচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ বিশাখানক্ষত্র। ২ আমলকী। ৩ বিদ্যুৎ। ৪ গোপীবিশেষ, রাধিকা। [গোলোকে রাসমণ্ডলে ভগবদিচ্ছায় ভগবানের বামাংশ হইতে ইঁহার উৎপত্তি হয়, দক্ষিণাংশ স্বয়ং শ্রীকৃষ্ণ। শ্রীদামশাপে গোকুলে বৃষভানুসুতারূপে ইনি আবির্ভূতা হন। ইঁহার মাতা কলাবতী, পতি অভিমন্যু, দেবর দুর্মদ, শ্বশ্রূ জটিলা, ননন্দা কুটিলা। গোলোকে কৃত প্রতিজ্ঞাপালনার্থ শ্রীহরি কংসধ্বংসচ্ছলে গোকুলে আবির্ভূত হন। শ্রীকৃষ্ণ ও রাধা তত্ত্বতঃ একই, মূর্তিদ্বয়মাত্র। তেজে রূপে গুণে পরাক্রমে বুদ্ধিতে জ্ঞানে ঐশ্বর্য্যে উভয়ই তুল্য, কেবল রাধা বয়োধিকা। এই হেতু গীতগোবিন্দে নন্দনিদেশ— 'নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয় (১ ১)। ইনি শ্রীকৃষ্ণের স্বরূপশক্তি—'হ্লাদিনী'। আরাধনায় কৃষ্ণবাঞ্ছাপূর্ত্তি করেন বলিয়া, ইনি 'রাধিকা'। দ্র 'ব্রহ্মবৈবর্ত্ত', শ্রীকৃষ্ণজন্মখণ্ড। চৈ চ ১৪-১৫।] ৫ সূত অধিরথের পত্নী, কর্ণের পালয়িত্রী মাতা। ৬ [+অ [ঘঞ্) + স্ত্রী আ] ধনুর্বেদোক্ত লক্ষ্যবিশেষ। 'ইহ হি মহারাজসমাজি ন জানে কমবলম্বিতুং রাধাবেধকীর্ত্তিবৈজয়ন্তী।—বা ভা ১২৭।

রাধন, রাধনা, রাধনী দ্র 'রাধ'।

রাধা দ্র 'রাধ'। [°কান্ত °রমণ (পুং)—শ্রীকৃষ্ণ। °তনয়, °সুত (পুং)—রাধাপালিত পুত্র—কর্ণ। °বেধী (-ধিন্), °ভেদী (-দিন্) পুং—'লক্ষ্যভেদকারী', অর্জ্জুন।] [রাধে।—পাপখণ্ডনার্থক। "দেখতে শুনতে ভালো হ'লেই পাত্র হ'ল। রাধে।—প কা ৩৪।]

রাধাকৃষ্ণ বি ১ রাধা ও কৃষ্ণ। ২ 'রাধাকৃষ্ণ'-নাম। "গায়ে লিখেছিস রাধাকৃষ্ণ, আই মা ছি ছি। রাধাকৃষ্ণ।—দা ৪৯৮। ৩ পাপকথার কথনজন্য বা শ্রবণজন্য পাপমোচনার্থ উচ্চারিত যুগলনাম। দ্র '(২)।

রাধাচক্র বি দ্রুপদরচিত রাধার (অর্থাৎ লক্ষ্যের) নিম্নস্থ চক্র। "তার অর্দ্ধপথে রাধাচক্র ফিরিতেছে।—ম ১৮৯, ১২৬২। রাধাচক্র শ্রী ১৫৯। [মহাভারতে, যন্ত্রের ছিদ্রপথে পঞ্চ শরে লক্ষ্যভেদের কথা আছে (মহা ১.১৮৫ ৩৫)। ইহাতে বোধহয়, 'রাধাচক্রে'র 'রাধা', 'লক্ষ্য' এবং 'চক্র' লক্ষ্যের নিম্নস্থ 'যন্ত্র'।]

রাধানাথ বি রাধাপতি, শ্রীকৃষ্ণ। "হে কুব্জার বঁধু। (তোমায়-রাধানাথ আর বলবো না হে), পাসরেছ রাইমুখ-ইন্দু।—চ.দা ১৪২।

রাধাপদ্ম বি সূর্য্যমুখী ফুল।

রাধাবল্লভ বি 'রাধাপ্রিয়, শ্রীকৃষ্ণ। [রাধাবল্লভী লুচি—একপ্রকার বড় লুচি। শুনিয়াছি, মুরশিদাবাদে কান্দীতে জমিদার সিংহবংশের প্রতিষ্ঠিত যে 'রাধাবল্লভ' বিগ্রহ আছেন, তাঁহার ভোগে এইরূপ লুচি দেওয়ার ব্যবস্থা আছে। এই হেতু এইরূপ নামকরণ।]

রাধামাধব পুং, দ্বিব [দ্বন্দ্ব] ১ রাধা ও শ্রীকৃষ্ণ। "গী গো ১ ১। ২ (বাঙলায়) সর্থ 'রাধাকৃষ্ণ' (৩)। "রাধামাধব। রাধামাধব।

রাধিকা স্ত্রী [রাধা+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] রাধা। [°প্রিয়, °মোহন, °রঞ্জন, °রমণ (বি)—শ্রীকৃষ্ণ। '°প্রিয় ভা চ ১৬০।]

রাধী স্ত্রী [রাধা+অ (অণ)+স্ত্রী ঈ (ঙীপ্)] রাধা (বিশাখা)-নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী, বৈশাখী পূর্ণিমা।

রাধেয় পুং [রাধা+এয় (ঢক্)] রাধার অপত্যতুল্য, কর্ণ। "মহা ১ ১৩২ ১১। সাধু দুঃশাসন বলে রাধেয় শকুনি।—ম ৩৫৩।

রান্ধা সর্ক [সং √রধ্+ই (ণিচ্)—রন্ধি, হি √রাধ, ঠ, গু √রাংধ, অস √রান্ধ্] ১ পাক করা রাঁধা। "বান্ধিবে ছোলার দালি তথি দিবে খণ্ড ক চ ৩০। ভাত রান্ধে ভা চ ৫৪৯। ২ আবর্ত্তিত করিয়া পাক করা, আওটান। "ক্ষীর বান্ধে জাল কবি ভাটি ক চ ১৫৮। [রান্ধিয়া বাড়িবা—পাক ও পরিবেশন কবিয়া। "রান্ধিয়া বাড়িয়া কাঁকাইলে হৈল বাত ক চ ২৯।]

রান্ধন বি [রান্ধ+অন] রন্ধন, পাক। "°শালে ব.প ৪৭৩। —ন্ধনী, —ন্ধুনী বি [°নী+ঈ৬, অস 'রান্ধনী'—পাচিকা ; 'রান্ধনি'—পাচক] পাচিকা। "রান্ধনী ম ম ৯৫ ১৫২। রান্ধনী রা শে ৪৭। বিদুরেতে রান্ধিলা রান্ধনী লক্ষ্মী যাব ভা চ ৫৪৯। রান্ধুনী ব প ৪৭৩।

রান্ধনী দ্র 'রান্ধন'।

রান্ধা বি [রান্ধ+আ৬] রন্ধন, পাক। "রান্ধা-বাড়া খাবাদিবা করে নিরন্তর শি ১৭। রান্ধা-বাড়া পরিশ্রম ব প ১৩৬৪।—ন্ধা বিং [+আ১২] রন্ধিত, পাক-কবা, রান্না। "পর-রান্ধা ভাত খায়্যা চাঁদ পারা মু।—ক চ ১৫৭। [°বাড়া—রন্ধন ও অন্নাদি-পরিবেশন। (কোটালিয়া) রান্ধা ভাতে পৌতে বাঁশ (ক চ ২৮২)—ভোজনার্থ-প্রস্তুত অন্নে অর্থাৎ নিজ ভোগদখলী ভূসম্পত্তিতে বাঁশ পুতিয়া দখল করে।]

রান্ধুনী দ্র 'রান্ধন'।

রান্না বি [রান্ধা > রান্‌ধা > °ন্না] রন্ধন, পাক।—ন্না বিং রন্ধিত, পাক-করা। "রান্না ভাত। [°ঘর—রন্ধনগৃহ। °বাড়ী—রান্নামহল, যেখানে রান্না খাওয়া-দাওয়া হয়। °বাড়না, °বান্না—রন্ধন ও অন্নাদিবণ্টন বা পরিবেশন।]

রাব পুং [√রু+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনি, রব। "বক্ষসাং রুবতাং রাবঃ রা ৭ ৭ ৪১। কলকল ঘোর রাবে ভাঙে জল সা ম ৫৪। ২ কোলাহল। "অবিবতজনরাব।—বৃহৎসংহিতা ৪৩ ৫৯। ৩ চিৎকার, পশুরব, ডাক। 'গর্দ্দভ'।—বৃহৎসংহিতা ৫৩ ১০৮, ৯০ ১০। মৃগ°। —হি ৩৮৮। ৪ গর্জ্জন, নাদ। "মেঘ° (S W)। ঘোর° রাবং কৃত্বা মহাসুরঃ ক সা ১১ ৭১। ৫ গুঞ্জন। "ক্বচিৎ রাবান্‌...বট্‌পদাঃ মহা ১ ৭০ ১২। মধুপকুলকলিত° গী গো ১১ ১৯। ৬ বাক্য। "মোহন-মধুরিপু° গী গো ১১ ৪। শ্রবণ রহল ঐছে শুনইতে রাব বি প ১১। ৭ বাদ্যধ্বনি। "মুরজবাদ্য° মা মি ১২২। স্বরমণ্ডল কক রাব বি প ১০০। ৮ কূজন। "পিক কুহুকুহু রাব।—ব ১৩৩।

রাবকাড়া বি গভীরশব্দ কাড়াবিশেষ। কৃ ২৭০।

রাবড়ি বি [হি রাবড়ী] চিনির সহিত মিশ্রিত গাঢ় দুধ।

রাবণ বিণ [√রু+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] 'ববকারয়িতা, রাবিতলোকত্রয়', ভীতিজনক, হিংসক (নীলকণ্ঠ)। 'লোক°। —ণ পুং লঙ্কাপতি, দশানন। 'যস্মাল্লোকত্রয়ং চৈতদ্ রাবিতং ভয়মাগতম্। তস্মাৎ ত্বং রাবণো নাম নাম্না রাজন্ ভবিষ্যতি বা ৭ ১৬ ৩৭। রাবযামাস লোকান্ যৎ তস্মাদ্ রাবণ উচ্যতে মহা ৩ ২৭৪ ৪০। "রাবণো লোকরাবণঃ রা ৫ ৫০ ১। রাবণ° লোকরাবণম্ মহা ৩ ১৪৮ ১১। কৃ উ ৩৮। [ইঁহার পিতা বিশ্রবাঃ, মাতা কৈকসী (রা ৭ ৯ ২৬)। মতান্তরে, মাতা নৈকষী (বহ্নিপুরাণ—শ ক)। কৃত্তিবাসমতে, পিতা বিশ্রবা, মাতা নিকষা (কৃ৩১৯)। কঠোর তপস্যায় প্রীত হইযা ব্রহ্মা ইঁহাকে দেবযক্ষরক্ষোদৈত্য-দানবাদির,অবধ্য—এই বর প্রদান করেন (রা ৭ ১০)। বরলাভে গর্ব্বিত হইযা ইনি কৈলাসে গমনপূর্ব্বক যুদ্ধে কুবেরকে পরাজিত করিয়া পুষ্পক-বিমান গ্রহণ করেন। ভুজবলে কৈলাস চালিত করিয়া ইনি শিব কর্ত্তৃক নিপীড়িত হন এবং স্তবে তুষ্ট করিয়া শঙ্করের নিকট হইতে চন্দ্রহাস খড়্গ ও 'রাবণ' নাম প্রাপ্ত হন (রা ৭ ১৬)। ত্রৈলোক্যজয়াকাঙ্ক্ষী হইয়া ইনি দিগ্বিজয়ে বহির্গত হন এবং প্রায় সকল রাজাকেই পরাজিত করেন, কেবল কার্ত্তবীর্য্যার্জ্জুন ও বালীর নিকটে ইঁহার সবিশেষ পরাজয় হয়। পঞ্চবটী হইতে সীতা হরণ করিয়া ইনি রামচন্দ্রের পরম শত্রু হন এবং রামের সহিত যুদ্ধে সবংশে নিহত হন। ইনি প্রবলপরাক্রান্ত রাজা ছিলেন, দশ মস্তক ও বিংশতি বাহু ইঁহার প্রকৃষ্ট পরিচয়স্থল। পরদার হরণ ইঁহার চরিত্রের সর্ব্বনাশকর দোষ।] [°গঙ্গা (স্ত্রী)—লঙ্কাস্থ নদীবিশেষ। °দমন (বি°)—রাবণশাসক। "কৃ ১৭৫। °সূদন (পুং)—রামচন্দ্র।] [রাবণ-বধ—(সাদৃশ্যে) তুমুল কলহ। "যাহার অনেকগুলি চাকরাণী, তাহার বাড়ীতে...নিত্য রাবণবধ ব.প্র ২৬৫। রাবণের চিতা জ্বলা—মন্দোদরীর সধবাত্বরক্ষার্থ রামচন্দ্রের বরে রাবণের চিতা নির্ব্বাণ হয় না (কৃ ৩৭২);

(গৌণার্থে) প্রজ্বলিত শোকানল শান্ত না হওয়া। রাবণের পুরী—(গৌণার্থে) বহু লোকজন, বিপুল পরিবার। "এ রাবণের পুরী কি প্রকারে প্রতিপালন করিবে।—ম ১১। রাবণের সংসার—বহু পরিবার হেতু রাবণের সংসারের মত সংসার। "আত্মারাম বাবুর সংসারও রাবণের সংসার বলে হয়।—হ ১৪৯।]

রাবণারি পুং [ষ ত] রাবণশত্রু। "বন্দে লোকাভিরামং রঘুকুলতিলকং রাঘবং রাবণারিম্।—মহানাটক, ক্র ১।

রাবণি পুং [রাবণ+ই (ইঞ্)] ১ 'রাবণের অপত্য', ইন্দ্রজিৎ। "রা ৭.২৮.২৫। মে ১৭৫,-৭৮। ২ রাবণের অপত্যমাত্র, রাবণপুত্র। "সর্ব্বে রাবণয়ঃ ভট্টি ১৫ ৭৯, ৮০।

রাবিশ বি [E rubbish] ১ পরিত্যক্ত দ্রব্য, আবর্জ্জনা। ২ বাড়ীর ভগ্নাবশেষ—ভাঙা ইট শুরকি পলস্তারা ইত্যাদি (ruins)। ৩ অসার দ্রব্য বা মাল। [বাবিশ মাল—অসার দ্রব্য।]

রাবী (-বিন্) বিণ [√রু+ইন্ (ণিনি)-ক-১ব] রবকারী, শব্দকারী। "ধ্বাক্ষ" পা৩ ২ ৭৯। মেঘদুন্দুভিবাবিণী (গৌঃ) রা (SW)। [সমাসে উত্তরপদ]

রাম বিণ [√রম্+অ (ঘঞ্)-ধি, স্ত্রী-মা] ১ 'রমণস্থান', চারু, মনোজ্ঞ। ২ (বলরামের বর্ণসাদৃশ্যে?) শ্বেত, সিত। ৩ ['রাম —কৃষ্ণ (ঋগ্বেদ ১০ ৩৩, সায়ণ)] অসিত, কৃষ্ণ।—ম পুং ১ পরশুরাম। 'পিতৄন্ সন্তর্পয়ামাস রুধিরেণেতি নঃ শ্রুতম্। অথর্চীকাদযোহভ্যেত্য পিতরো রামমব্রুবন্॥—মহা ১২ ৫-৬। দ্র পরশুরাম'। ২ রামচন্দ্র। 'রমতে রময়া সার্দ্ধং তেন রামং বিদুর্বুধাঃ। রমাযা রমণস্থান রামং রামবিদো বিদুঃ॥—ব্রহ্মবৈবর্ত্ত। রমন্তে যোগিনোঽনন্তে ... ইত্যপি। তং গুরুঃ প্রাহ রামেতি রমণাদ্ রাম ইত্যপি॥—অধ্যাত্মরামায়ণ ১ ৩৪৪। [ইঁহার পিতা দশরথ, মাতা কৌশল্যা। ইঁহার জীবনের প্রধান ঘটনাবলী—বিশ্বামিত্রের সহিত সিদ্ধাশ্রমে গমন। মারীচশাসন, রাক্ষস হইতে যজ্ঞসংরক্ষণ। বিশ্বামিত্র হইতে বলাতিবলাবিদ্যালাভ। বিশ্বামিত্রের সহিত মিথিলাগমন। অহল্যাশাপমোচন। মিথিলায় উপস্থিতি। হরধনুর্ভঙ্গ, সীতাপরিণয়। অযোধ্যাপ্রত্যাগমনকালে পরশুরাম-পরাজয়। দশরথকৃত রামের রাজ্যাভিষেকের উদ্যোগ। দশরথের নিকট কৈকেয়ীর বরপ্রার্থনা—ভরতের রাজ্যাভিষেক, রামচন্দ্রের চতুর্দ্দশ বর্ষ বনবাস। সীতা ও লক্ষ্মণের সহিত রামের বনগমন। পঞ্চবটীতে অবস্থান। শূর্পণখার নাসাকর্ণচ্ছেদন ও খরদূষণাদিরাক্ষসবধ। মারীচসাহায্যে রাবণ কর্ত্তৃক সীতাহরণ। বালিবধ, সুগ্রীবের সহিত রামের মিত্রতা। সীতান্বেষণার্থ সর্ব্বত্র বানরপ্রেরণ। হনুমানের লঙ্কায় সীতাদর্শন, রামকে সীতার সংবাদপ্রদান। সাগরে সেতুবন্ধন, সেতুপথে রাম-সুগ্রীবাদির লঙ্কায় উপস্থিতি। বিভীষণের সহিত রামের মিত্রতা। সমরে সবংশে রাবণবধ, সীতার উদ্ধার। অযোধ্যায় প্রত্যাগমন, রাজ্যাভিষেক, প্রজাপালন। লোকনিন্দাশ্রবণে সীতানির্ব্বাসন। অশ্বমেধানুষ্ঠান। সীতার পাতালপ্রবেশ। কোশলদেশে কুশের অভিষেক। রামের সরযূসলিলে প্রবেশ, সশরীরে স্বর্গগমন।] ৩ বলরাম। দ্র 'বলরাম'। ৪ (রামত্রয়ের সংখ্যানুসারে) তিন (৩) সংখ্যা। ৪ বরুণ। ৫ ঘোটক। ৬ পশুভেদ, হরিণবিশেষ (A)। ৭ প্রিয়। ৮ [+অ-ভা] রতি (শ্রীধর)। "স্বকুটুম্ব" ভ ৭৬.১৪। ৯ (বাঙলায়) তজ্জাতীয়ের মধ্যে বৃহৎ। "রামছাগল, রামশিঙ্গা ইত্যাদি।—ম স্ত্রী ১ কুষ্ঠ। ২ বাস্তুকশাক। ৩ তমালপত্র। —মা স্ত্রী [রাম+স্ত্রী আ (টাপ্)] ১ যোষিদ্বিশেষ, সুন্দরী, রমণী। "রামাণাম্ ..স্পর্শঃ মহা ১৭৪ ৫৬। ভাসে রামা লোচনের নীরে ক.চ ১৬৩। রসের দর্পণে রামা মুখ দেখে চেয়ে শ্রী ৯৩। ম পা ১৭৪। ২ প্রিয় পত্নী, পত্নী। "রামো রামাবরোধিতঃ রঘু ১২ ২৩। একা গৃহে ছাড়ি গেল রামা।—ম ৩৭। ৩ নারীমাত্র। "রামাপরিত্রাণবিহস্তযোধং রঘু ৫.৩৮। কহে রামা হাট বিবরণ ক.চ ৪৯; ১৩৭। ৪ গীতাদিকলানিপুণা নারী। "এমত শুনিয়া রামা, নৃত্যগীতে দেয় ক্ষমা ম ভা ৫৭। ৫ নদী। ৬ হিঙ্গু। ৭ হিঙ্গুল। ৮ গোরোচনা। ৯ গৈরিক। ১০ ঘৃতকুমারী। ১১ অশোক। ১২ শ্বেতকণ্টকারী। [°কর্পূর (পুং)—গন্ধতৃণবিশেষ। °গিরি (পুং)—চিত্রকূট। "পু মে ১। ম ২৯৯। °গীতা (স্ত্রী)—লক্ষ্মণের প্রতি রামকথিত আধ্যাত্মিক উপদেশবিশেষ (অধ্যাত্মরামায়ণ)। °চন্দ্র (পুং)—চন্দ্রবৎ সৌম্যমূর্ত্তি রাম, শ্রীরাম। °চরিত (স্ত্রী)—রামানুষ্ঠিত কর্ম্ম। °জননী (স্ত্রী)—১ কৌশল্যা। "সী ২। ২ রেণুকা। ৩ রোহিণী। °দূত (পুং)—হনুমান্। °নবমী (স্ত্রী)—রামচন্দ্রের জন্মতিথি—শুক্লচৈত্রনবমী। °পুগ (পুং)—গুবাকবিশেষ। °ভদ্র (পুং)—'মঙ্গলময় রাম', রামচন্দ্র। "উ চ ১৪। মে ২৫৮। °বীণা (স্ত্রী)—রমণীয় বীণাবিশেষ। °শর (পুং)—১ শরতৃণবিশেষ। ২ রামবাণ। °সেতু (পুং)—সাগরতরণার্থ রামকৃত সেতু (Adam's bridge)।] [রাম রাম!—পাপকথাশ্রবণে, ঘৃণায়, ভূতের ভয়ে উচ্চারণীয় রামনাম। 'ব প ৭২, রাম রাম স্মরণ করে জগন্নাথ ৩৮৯। রাম! রাম! এ বড় কুস্থান।—কাব্যনির্ণয়। দিগ্গজ তুমি ভূতের ভয় কর? রাম! রাম! রাম। দিগ্গজ দুই হাত সরিয়া আসিলেন ব প্র ৩০। রাম না হতে রামায়ণ—(গৌণার্থে) অনাগত বিষয়ের সিদ্ধান্ত। "যখন মতির শিক্ষাবিষয়ে, এত অমনোযোগ ও অসৎসঙ্গ নিবারণের কোন উপায় হয় নাই, তখনই রাম না হতে রামায়ণ হইযাছিল।—আ দু ১৮৬। সে রামও নাই, সে অযোধ্যাও নাই—উপযুক্ত রাজাও নাই, রাজ্যেও সুনিয়ম নাই, উপযুক্ত কর্ত্তাও নাই, কার্য্যে সুব্যবস্থাও নাই।]

রামকড়ি বি বড় একজাতীয় কড়ি (ইতরজাতীয় কর্ণভূষণ)। '(কিরাতের) কর্ণে রামকড়ি সাজে।—ম ১২৬৫। (গোদার) কর্ণে রামকড়ি ম ভা ৪৮।

রামকরী, -লী, -কিরী, -কীরী, -কেলী, -ক্রী স্ত্রী ['রামক্রী' (MW) মূল (?)] রাগিণীবিশেষ। "রামকিরীরাগ।—গী গো ৯১। [ইহার সময় দিবা ১ম প্রহর, ঠাট কোমল রি ও ধ দুই নি, জাতি সম্পূর্ণ (গী সা)।]

রামকলা বি একজাতীয় বড় কলাগাছ, রামরম্ভা। "কু অ ৫। উরুযুগ শোভে রামকলা ক চ ১১৪।

রামকলী দ্র 'রামকরী'।

রামকাড়া বি বড় কাড়া-বাদ্য। 'কু ৩৬৩।

রামকান্ত বি জুতার পাটির মত দীর্ঘ পুরু চামড়ার পাটি (?)। "একজন মানুষকে মারিতে মনে দুঃখ হইত, এখন দশ জন মেয়ে মানুষকে নির্দ্দয় করিয়া রামকান্তপেটা করিতে পারি।—নী ৪৯। [বোধ হয়, ইহার নির্ম্মাতার নামে নামকরণ।]

রামকিরী, রামকীরী দ্র 'রামকরী'।

রামকুঁড়ে বি রামের পঞ্চবটীতে পর্ণকুটীরের মত কুটীর পাতার কুঁড়ে। "এতো ভালো মিলন বটে, যেমন—রামকুঁড়ে আর মঠে।—দা ৭২৪।

রামকেলী, রামক্রী দ্র 'রামকরী'।

রামখড়ি বি ফুলখড়ি (পূর্ব্বে ইহা দ্বারা শিশুর বিদ্যারম্ভ হইত)।

রামখিলিকা বি বড় খিলিকা। দ্র 'খিড়কা'। 'রামখিলিকা গলে তুলি দিল গো চ ১৬৫,-৭৭। ব প ৪৯।

রামগণ্ডী বি বাদ্যবিশেষ। 'শ্রী ম ১৬৯।'

রামঘুঘু বি বড় ঘুঘুজাতি পক্ষিবিশেষ (Columbia Indica)।

রামচকা বি বড় চক্রবাকজাতিবিশেষ (?)।

রামচাকী বি বড় করতালবাদ্য।

রামছাগল বি ১ বড়জাতির ছাগলবিশেষ। "দা ২০৯৯। ২ অতিমূর্খ, গণ্ডমূর্খ (গালিবিশেষ)।

রামজনী বি [হি, ঠ 'নী] বর্ণসঙ্কর রামজনার স্ত্রীজাতি—নর্ত্তকী: বেশ্যা-নর্ত্তকী, বাই। "নাচে রামজনী ভা চ ৫০৮,-৫১।

রামজামা বি ঝুল-ওয়ালা বড় জামাবিশেষ (?)। "(বাইয়ের ভেড়ুয়ার মত) চুড়িদার…রামজামা তাঁর মনোমত পোসাক।—হ ৪০।

রামঝিঙ্গা বি বড় ঝিঙ্গার মত কলশাকবিশেষ, ধুঁধুল।

রামডয়রা বি বড়জাতীয় ডয়রাকলার গাছ বা ডয়রা কলা।

রামণীয়ক বিণ [°ক+অ (অচ্), স্ত্রী -য়িকা] রমণীয়ভাবযুক্ত, রমণীয়। —য়ক ক্লী [রমণীয়+অক (বুঞ্)] রমণীয়ভাব, মনোহরত্ব, রমণীয়তা। "কি ১৩৯। ভট্টি ৬৭৫।

রামদা বি দাএর মত পাঁটা কাটার বড় অস্ত্রবিশেষ।

রামধনু, -ধনুক বি 'বড়ধনু', ইন্দ্রধনু। "(কিরণ-নারী) রামধনুকের রঙীন মায়া ছড়ায় বিমানে কু কে ১১২।

রামধনুক দ্র 'রামধনু'।

রামপটোল বি [হি রামতরোঈ] বড়পটোল, ঢেঁড়শ।

রামবেণী বি বড় বেণী-বাদ্যবিশেষ। 'বা ম ২৭১, ৩০০।

রামময় বি° রামস্বরূপ, রামগত। "°জীবিতে সী ২১।

রামমাটি বি তিলকাদির নিমিত্ত হরিদ্রাবর্ণমৃত্তিকা, গোপীচন্দন।

রামযন্ত্র বি বাদ্যবিশেষ। "বাজে রামযন্ত্র শ্রী ম ২২৩।

রামযাত্রা বি রামচরিতবিষয়ক পালা। "°ত্রার গান—শিশু ৫৮।

রামরম্ভা বি সর্থ 'রামকলা'। "ম ৫৫৯। শ্রী ২১২। ভা চ ২৯১।

রামরস বি রামনামের রস, হরিগুণগানের স্বাদ। "আত্মারাম রামরসে হ'য়ে ভোর শি ৩৩, লেখা-জোখা জানি নাহি রামরস পেয়ে ৩৪।

রামরাজ্য বি ১ রামের রাজ্য। 'সী ১৯। ২ (গৌণার্থে) ধর্ম্মসুখ-সমৃদ্ধির রাজ্য। "আমাদের এ রাজ্য রামরাজ্য ন ত ৯৩।

রামরোট বি [হি রোট, -টা] বড় মোটা রুটি। "ভা চ ৫৪৮।

রাম-লক্‌খন বি ধানের গোলার নাম। "গো চ ৩।

রামলবণ ক্লী [কর্ম্মধা] রমণীয় লবণ, শাম্ভরিলবণ।

রামলীলা বি রামের চরিতবিষয়ক অভিনয়োৎসব। "রামলীলা কলার উপরে গেছে লেখা শ্রী ১১৪। চানকের সেপাইদের দ্বারা এই রামলীলার সূত্রপাত হয়।—হ ২০২।

রামশন্না বি [রামশরণ > °ন্না] কোন লোকের নাম (সাধারণভাবে নামোল্লেখস্থলে)। "কত ক্ষুদির বেটা রামশন্না, শ্যামা মায়ের নাম সন্ না।—দা ৯২৭। যত হাসি তত কান্না। ব'লে গেছে রামশন্না॥ —প্রবচন।

রামশাল, -লি, -লী বি সুগন্ধি সূক্ষ্ম ধান্যবিশেষ ও তাহার তণ্ডুল। 'রামশালি (ধান্য) শি ১১৩। রামের ভোগ °লী।—দা ৮১৩।

রামশালকী বি সর্থ 'রামসালিক'। শ্রী মা ৮৬।

রামশালি, রামশালী দ্র 'রামশাল'।

রামশিঙা, -শিঙ্গা বি বড় শিঙাবিশেষ। "°শিঙ্গা ব দ্বি ১৪০।

রামশিঙ্গা দ্র 'রামশিঙা'।

রামসর, -সালিক বি দীর্ঘচঞ্চুচরণ কাল-গলা বৃহৎপক্ষিবিশেষ (The black-necked stork)। "°সর শ্রী ৫৬।

রামসালিক দ্র 'রামসর'।

রামাইৎ, -মাৎ, -মায়ৎ বি [হি রামায়ত] বৈষ্ণবসম্প্রদায়বিশেষ ও তৎসম্প্রদায়ের বৈষ্ণব। "রামাৎ আদু ২০৬। [রামানন্দ ইহার প্রবর্ত্তক, এইজন্য ইহার অন্য নাম 'রামানন্দী'। ইনি রামানুজের চতুর্থ শিষ্য। শ্রীরামচন্দ্র রামানন্দীদিগের ইষ্টদেবতা হইলেও, ইঁহারা তৎসঙ্গে সীতা লক্ষ্মণ এবং হনুমানেরও উপাসনা করেন। তুলসী ও শালগ্রাম-শিলার প্রতি ইঁহাদের ভক্তি ও শ্রদ্ধা আছে। ইঁহাদের তিলকসেবা রামানুজীদিগেরই তুল্য, কেবল ঊর্দ্ধ পুণ্ড্রের অন্তর্গত রেখা কিছু স্রুব। —ভা উ।]

রামাৎ দ্র 'রামাইৎ'।

রামানন্দ পুং রামানন্দী সম্প্রদায়ের প্রবর্ত্তক। [প্রসিদ্ধ ভক্ত কবীর ইঁহার দ্বাদশ শিষ্যের একতম। দ্র 'রামাইৎ'।]

রামানন্দী বি [°ন্দ+ঈ°] সর্থ 'রামাইৎ'। "বি ম ৯১।

রামানুজ পুং [ষ ত] ১ বলরামের অনুজ, শ্রীকৃষ্ণ। ২ বৈষ্ণব-সম্প্রদায়বিশেষের প্রবর্ত্তক। [ইনি দক্ষিণাপথে জন্মগ্রহণ করেন। শ্রী অর্থাৎ লক্ষ্মী ইঁহাকে সম্প্রদায়প্রবর্ত্তনে সমর্থ বলিয়া স্বীকার করায়, ইঁহার প্রবর্ত্তিত সম্প্রদায় 'শ্রী'-সম্প্রদায় নামে অভিহিত। শ্রীসম্প্রদায়ীরা বিষ্ণু ও লক্ষ্মীর ··উপাসনা করিলেও, ইষ্টদেবতা-সম্বন্ধে ইঁহাদের নানা মতভেদ আছে। শ্রী-বৈষ্ণবেরা নাসামূল অবধি কেশপর্য্যন্ত দুটি ঊর্দ্ধরেখা চিহ্নিত করিয়া ঐ দুই রেখার নাসামূলস্পৃষ্ট উভয় প্রান্ত অপর একটি ভ্রূমধ্যগত রেখা দ্বারা সংযুক্ত করিয়া দেন এবং ঐ ঊর্দ্ধ পুণ্ড্রের মধ্যস্থলে পীত বা রক্তবর্ণ অপর একটি ঊর্দ্ধ রেখা অঙ্কিত করিয়া থাকেন। ইঁহারা চিৎ (জীবাত্মা), অচিৎ (জড) ও ঈশ্বর এই তিন পদার্থ স্বীকার করেন। ইঁহাদের মতে বিষ্ণুই সৃষ্টিস্থিতিপ্রলয়ের কারণ পরব্রহ্ম। ইঁহারা বিশিষ্টাদ্বৈতবাদী। —ভা উ।]

রামানুজী বি [°জ+ঈ°] রামানুজসম্প্রদায়ের বৈষ্ণব।

রামায়ৎ দ্র 'রামাইৎ'।

রামায়ণ বিণ [°ণ+অ (অণ) স্ত্রী -ণী] রামায়ণভব, রামায়ণস্থিত। '(বাল্মীকেঃ) রামায়ণীং কথাম্ (SW)। —য়ণ ক্লী [রামের অয়ন (চরিত), ষ ত, দ্র 'রঘু ১৫৬৩, মল্লিনাথ] (অভেদোপচারে) রাম-চরিতরূপ রামায়ণাখ্য কাব্য। "রা ১২৪১। রঘু ১৫৬৩। [°কথা (স্ত্রী)—রামায়ণাখ্যান।]

রামেশ্বর পুং [ষ ত] সেতুবন্ধে রামপ্রতিষ্ঠিত শিব। "অধ্যাত্মরামায়ণ ৬।১৪৬। শি ২৩।

রাম্পি দ্র 'রাঁপি'।

রায়[১] পুং [দ্র 'রায়[২]'] রাজা, রাজপুত্র।

রায়[২] '-য়্' বিং [সং রাজন্ > প্রা রায় > °য়, হি, ঠ, গু, মৈ রায়] ১ রাজা। 'ম গা ১৪। পঞ্চালের রায়।—ম ২২০। ত্রিদশের রায় চৈ ভা ৪২, ব প ৩০০, ৪৫৭, দৈত্য° ৬০২, কংস° ৭৭১। সুর° শ্রী মা ৮২। ভা চ ৩৭৫। ২ রাজপুত্র। "দিবসে দিবসে হর্ষে বাড়ে দুই রায় শ্রী ৫০, ৮৪। লাউসেন রায় শ্রী মা ৮২। শিরোপাস্বরূপে রায়, পেস কোস দিলা তায় ভা চ ২৬৮, ৩৩৯, মহাকবি রায় ৪৪৯। ৩ পশুর রাজা। 'শুন শুন রায়,· ছাড়িব তোমার বন ক চ ৫০। ৪ দেবরাজ বিষ্ণু। "অচিন্ত্য অনন্ত রায়, ধরিয়া বরাহ-কায়, অঙ্গে শোভে যজ্ঞপত্র-জাল ক চ ১০। ৫ শ্রেষ্ঠ, প্রধান। 'যদু° ।—ম ১০১৯। মুনি° কৃ.জ ১৮। যদু° ব প ৭৯৯, নট° ৮০২, রসিক° ৯১৬। নাগর° চ দা ১৭, বিনোদ° ২৭১। অবধূত° চৈ ভা ৪৭১। ধূর্ত্ত° চৈ চ ৩৩৯। বিদগধ°।—ব ১৪৮। বাঘ° শ্রী মা ৬৯, ৭৫। বিনোদ° ভা চ ২৬৯। ৬ দেব। "চিন্তি আনিলেক কামরায় ম ম ৯০। ৭ প্রভু, পতিদেবতা। "বিনোদমন্দিরে থাক না চলিহ রায় ক চ ২৮৫। ৮ সম্ভ্রমসূচক, মহাশয়। "রায় কর অবধান: কৃপাময় রায় তুমি ক চ ২১৮। মনকথা নাহি রায় মোর কথা রাখ শ্রী ১০৩। শ্যাম° চ সা ২৬৫। শ্রীউদ্ধব° চৈ ভা ৪৮৭। নিত্যানন্দ° চৈ চ ১১, অদ্বৈত° ৫২। গৌর° ম প ২১০, চৈ ম ৪৬, বিশ্বম্ভর° ৪৭, গোরা° ১১০। শ্যাম ভ্রমরবর রায়। —গো ১২১। ৯ আদরসূচক। "কি লাগিয়া কান্দে মোর যাদবরায় শ্রী ম ২৭। ১০ হিন্দুর উপাধিবিশেষ। "কৃষ্ণচন্দ্র রায়, রাজা ইন্দ্রপ্রায়: কবি রায় গুণাকর ভা চ ৭৪।

রায়[৩] '-য়্' বি [সং রাব > প্রা রাব > বা °য়] ১ রব, শব্দ, স্বর। কান্দে মন্দরায় বি পা ৩১৬, কন্যা ডাকে উচ্চরায় ৩৩০। অতি উচ্চ-রায় ম ম ২০, দীর্ঘ রায় ৯৮, ১৪৪। ২ বাক্যোচ্চারণ। "উঠ উঠ বলি

যাহাই তাকে খবরায় বি.পা ৩১৫। ৩ কণ্ঠস্বর। "শব্দ-অনুসারে যুঝে দ্রৌপদীর রায়।—ম ৫৩০। ৪ কথা। "হনুমান্ দেখি কেহ নাহি রাঁড়ে রায় ব প ৭৪১। ৫ খ্যাতি, ঘোষণা। "হিমালয় ধবল যাহার যশোরায়ে ব.প ৮৪৫। ৬ কূজন। "কোকিলের রায় বা ম ২৯৭, জা ৭৮, ব প ৮০২। ৭ গুঞ্জন। "(ভ্রমর!) তোর মধু রায়,…চিত্ত হয় চমকিত ব প ৩৬০।

রায়⁴ বি [আ রায্] ১ সম্মতি, অভিমত, মত। "রায় দিতে হয় ভিতর দেখে কু.কে ১৬৭। ২ অনুমতি, আদেশ। "বাহিরাও কালকূট মনসার রায় বা ম ৩৭৭। ৩ পরামর্শ, সলা। ৪ অভিযোগের বিচার-পূর্ব্বক সিদ্ধান্ত (judgment)।

রায়জাদা বি [রায়² + জাদা] রাজপুত্র। "ক চ ৬।

রায়ত, রায়তী দ্র 'রাইয়ৎ'।

রায়তা বি [হি রায়তা, 'রেওতা' কথ্য] সর্থ 'বাজ্যক্তা'।

রায়বাঁশ বি [হি 'বায়বাঁস'—বর্শাবিশেষ] হস্তক্ষেপ্য সশল্য বংশাদির দণ্ড, তোমর (দ্র 'তোমর'—শ ক)। "রায়বাঁশ ধরে খরশাণ ক চ ৯৪,-৫, হাথে রায়বাঁশ ১৯৫। রায়বেঁশে লোকে বায়বাঁশ ভা চ ২৬৬।

রায়বাঁশিয়া, -শীয়া, -বাঁশ্যা, -বাসীয়া, -বেঁশে, -বেঁসে বি [রায়বাঁশ + ইয়া², ঈয়া, এ⁸, যা⁷] রায়বাঁশের যোদ্ধা, তোমরাস্ত্রধারী। "রায়বাঁশিয়া ক চ ২৪৩, বা ম ৮৪, ১৪৮, ম ম ১৭২। রায়বাঁশ্যা ব প ৪১৩। রায়বাসীযা বি পা ৩০১। রায়বেঁসে শ্রী মা ১৩৭। রায়বেঁশে শ্রী ২১৪ বি সু ১৮ ভা চ ২৬৬, ৪৫৯। বায়বেঁশে ধরি বাঁশ লোকে। —দা ১৭৩৩।

রায়বাঁশীয়া, রায়বাঁশ্যা দ্র রায়বাঁশিয়া।

রায়বাঘিনী বি [রায়বাঘ + ইনী] ১ বাজবাঘেব (royal tiger-এর) স্ত্রীজাতি (royal tigress)। ২ (গৌণার্থে) অতিকোপনা ব্যাপিকা নারী। 'ধায় °নী সে কোটালের পিসী ভা চ ৩৮৬।

রায়বার বি [বায² + বার (বার্ত্তা—বারতা?)] ১ রাজবার্ত্তা, রাজদূত-কথিত সংবাদ। "অঙ্গদ-বাযবার।—কৃ ২৪৭। ২ রাজবার্ত্তাবহ, বাজ-দূত। 'সুধায উলূক রায়বাব।—ম ৭২৬, ৭২৮। মহাবীরেব স্থানে এক পাঠাও বাযবাব ব প ৩২৬। ৩ বাজদূতের কার্য্য, দৌত্য। "রায়বারে চলে শিবা আর পঞ্চানন চ বি ২৭৫। ৪ রাজার স্তুতি বা যশোগাথা। "রায়বাব পড়ে ভাট।—কৃ ৭৫,-৬। রায়বার পঢে ভাট ক চ ১২৪। রাযবাব পড়ে ভাট অতি উচ্চরায় ব প ৬৩৭। ভাট পাড় রায়বাব শ্রী মা ১১৯। (ভাট) রাযবার পডি করে স্তব বি সু ৮, ৫৭। ভাটে পড়ে রায়বার যশ বর্ণাইয়া ভা চ ৪৫৯। ৫ স্তুতিপাঠক, ভাট। "রায়বারে দিল গজ ঘোড়া ক চ ৩৪, ফের হও রায়বার ৩৬, ৫১, কান্দে রায়বার কোক ৫৪।

রায়বাসীয়া দ্র 'রায়বাঁশিয়া'।

রায়বাহাদুর বি ইংরাজ সরকারের প্রদত্ত উপাধি।

রায়বেঁশে, রায়বেঁসে দ্র 'রাযবাঁশিয়া'।

রায়বেলি বি [রায়¹ + বেলি, দ্র 'বেণী (২)'] বাদ্যবিশেষ। "(বাজে) রায়বেলি গন্ধবেলি ব প ৪১২, ৪২৪।

রায়ভাটা, -টি বি [রায় (স° রয়) + ভাটা, -টি, সং °টা (স্ত্রী —S W.)] নদীর স্রোতের অল্পতা, নদীর বাঁকের কোলের অল্প-স্রোত।

রায়ভাটি দ্র 'রায়ভাটা'।

রায়রাঞা, -রায়াঁ, -রেঞা, -ঞে, -রেঁয়া, -রেয়েঁ বি [সং রাজরাজ > প্রা রাযরায > বা °য়া, -য়াঁ, -রাঞা, -রেঞা, -ঞে, -রেঁয়া, -রেয়েঁ, অনুনাসিক উচ্চারণমূলক, হি বায়রায়ান] ১ রাজার রাজা, রাজাধিরাজ। "রায়রেঞে মহারাজ শ্রীনন্দকুমার ভ গ্র ২৭২। ২ মোগল-রাজত্বে জমিদার ও বিশিষ্ট রাজকর্ম্মচারী-প্রভৃতিকে প্রদত্ত উপাধি। "দেয়ান আলমচন্দ্র রায় রায়রায়াঁ ভা.চ ১৭। ৩ তহুপাধিধারী। "রায়-রেঁয়া…মীরমিরাগণ শ্রী ১৫, রায়রেঞা ১১৯,-৬১, রায়রাঞা ১৬৪; রায়রেয়েঁ ২৫৫।

রায়রাণা বি [রায়¹ + রাণা] রাজদত্ত সম্মানসূচক উপাধি। "তার সাথে কতক রহিল রায়রাণা ৪৭৬।

রায়সাহেব বি ১ রাজদত্ত উপাধিবিশেষ। ২ রায়-মহাশয়। "কেমন, রায়সাহেব। আপনার মেজাজ সরীফ্ ব প্র ৪৪৬।

রায়াটী বি [সং রাজাবর্ত্ত > প্রা *রাআঅট্ট > বা (রায়ট্ট) রায়াট, -টি] সর্থ 'রাউটি'। "বেগে বিঁধে রায়াটী পাথর।—ধর্ম্মমঙ্গল—বামচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

রালক পুং [তু 'অরাল¹'] সালনির্য্যাস, ধুনা। "বৃহৎসংহিতা ৪১২।

রাশ¹ বি [সং রাশি, হি, প, ঠ, গু, মৈ বাস] ১ স্তূপ, সমূহ, গাদা। 'ধানের রাশ। ২ (জ্যোতিষে) মেষাদি রাশি। [°দই—সাধারণ বা মাঝারি দধি (যাহা খাসা বা শুখো নহে)। °ধান—ভালমন্দে মিশ্রিত ধান্য। °নাম—জন্মরাশির অক্ষরানুসারে আদ্যক্ষরযুক্ত নাম। "রাশনাম ডাকনাম দ্বিনাম-ধারিণী অ গু ১০৯। °ভারী—যাহার রাশি গুরুত্ব-যুক্ত, যাহার সহিত সাধারণ লোকে কথা কহিতে সাহস করে না, গম্ভীরপ্রকৃতি (লোক)। °পাতলা, °হালকা—লঘুপ্রকৃতি (লোক)।]

রাশ², -স² বি [স° রশ্মি > প্রা রস্সি > রা (রাসি) রাস, -শ, আ রাস্, হি, গু রাস] বল্গা, ঘোড়ার লাগাম (reins)। 'ইন্দ্রিয়সকল অশ্ব রাশবদ্ধ মন।—রামমোহন রায়। রাসগুচ্ছ বাগাইয়া ধরি, মুখ ফিরাইল কল্পনা-বালা স্ব প্র ৩। গান ৭৬।

রাশ³ বি [ফা রাসত্] ১ ঠিক, অর্থাৎ যে পাত্র মাপে কম বা বেশী নয়। "রাশ দন্ (চব্বিশপরগনা)। ২ ঠিক, অর্থাৎ সমচতুষ্কোণ, আড়ভাঙা, চৌকা (square)। "(মাহ্নস) ভিটা করি কৈল রাশ বি পা ২৬৯।

রাশদই, রাশধান, রাশনাম, রাশপাতলা, রাশভারী, রাশহালকা দ্র 'রাশ¹'।

রাশি পুং [√অশ্ + ই (ইণ) -ক, উ ৪ ১৩২, 'বাশি'—সমূহ (সায়ণ —ঋগ্বেদ ৪ ২০ ৮), 'রাশি' (পুং স্ত্রী—ত্রিকাণ্ডশেষ)] ১ 'ব্যাপক', পুঞ্জ, কূট, সমূহ। "তিল°, ধন°, ধান্য°, যশো°। তুল° শ ১১০। সত্ত্ব° রঘু ১৫ ১৫। পযোরাশি।—হি ২ ১৪। রাশি বাশি শুভ্রহাস্তে চ.কা ১১১, বুকভরা আলিঙ্গনরাশি ২১২। ২ (গণিতে সংখ্যা (number)। 'ত্রৈরাশিক, বহুরাশিক। বড় হ'তে ছোট রাশি যত কম হয় (তাহাই হইবে বাকি)।—শুভঙ্কব। ৩ (জ্যোতিষে) জ্যোতি-শ্চক্রের দ্বাদশাংশ—মেষাদি। 'যে যে মাসে যে যে রাশি। তার সপ্তমে থাকে শশী॥—খনা। [°গত (বিণ)—বাশিপ্রাপ্ত, পুঞ্জীভূত। °চক্র (ক্লী)—মেষাদিরাশিঘটিত বৃত্ত, জ্যোতিশ্চক্র। "প তৃ ৫৫। °ত্রয় (ক্লী)—ত্রৈরাশিক (Rule of Three)। °নাম (-মন্) ক্লী —রাশিগত নাম, জন্মবাশির বর্ণনানুসারে কৃত নাম, রাশনাম। °প (পুং)—রাশিদেবতা। °প্রবিভাগ (পুং)—রাশিসংখ্যানুসাবে সপ্ত-বিংশতিনক্ষত্র-বিভাগ। °ব্যবহার (পুং)—শস্যরাশির পরিমাণজ্ঞানার্থ অঙ্কবিশেষ। °ভাগ (পুং)—ভগ্নাংশ। °ভোগ (পুং)—সূর্য্যাদিগ্রহের গত্যনুসারে রাশিতে গতিভেদ (ত বা)। °স্থ (বিণ)—মেষাদিস্থিত (গ্রহ)।]

রাশিসন্দেশ বি অল্পছানার সাধারণ সন্দেশ।

রাশীকরণ ক্লী [রাশি + চ্বি (০)—রাশী + √কৃ + অন (ল্যুট্)-ভা] পুঞ্জীকরণ, রাশ করা। —কৃত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] পুঞ্জীকৃত, রাশ-করা। —ভূত বিণ [+ √ভূ + ত (ক্ত)-ক) পুঞ্জীভূত। "রাশীভূতঃ প্রতিদিনমিব ত্র্যম্বকস্যাট্টহাসঃ পূ মে ৫৮।

রাষ্ট বিং [রাষ্ট্র > °ষ্ট] ১ দেশব্যাপ্ত, প্রকাশ, বিদিত। "স্পষ্ট সে ত মন্দমূত রাষ্ট জগজনে ব.প ৯৩৭। (সে) অপরূপ শুনেছি রাষ্ট, জাটলে পোড়াকাঠ।—দা ৪৯ ; হলো রাষ্ট জগৎময় ২৭৯। রোহিণী শুনিল, গ্রামে রাষ্ট যে, গোবিন্দলাল তাহার গোলাম ব.প্র ২৯৩। —ষ্ট বি প্রচার, ঘোষণা। "লোকে রাষ্ট করিত যে, শচীন্দ্রবাবু কেবল দরিদ্রগণের বিনামূল্যে চিকিৎসা করিবার জন্য চিকিৎসা শিখিতেছিলেন। —ব.প্র ১৯৮। মাগী রাষ্ট করে দিলে, বড় রাণীর কুচরিত্র ঘটেছে ন.ত ২।

রাষ্ট্র[১] পুং, ক্লী [√রাজ্+ত্র (ষ্ট্রন্)-ক, উ ৪.১৫৮] ১ রাজ্য। "ঋগ্বেদ ৪.৪২.১। সরাষ্ট্রা (বসুধা) রা ২.৩৪.৫১। মনু ৭.১৫৫ ; রাষ্ট্রং বাহুবলাশ্রিতম্ ৯.২৫৫। ২ দেশ, বিষয়, জনপদ। বিপ 'পুর'। "নাসীৎ পুরে বা রাষ্ট্রে বা তস্করো নাগুচির্নরঃ গো.রা ১.৭.১৪। মনু ৭.৩২। ৩ রাষ্ট্রবাসী জন, প্রকৃতি, প্রজা। "°কর্ষণ মনু ৭.১১২ ; তস্য প্রকুপ্যতে রাষ্ট্রম্ ৯.২৫৪। ৪ উপদ্রব, মকরাদি, দুর্ভিক্ষ। [°কর্ষণ (ক্লী)—প্রজাপীড়ন। "মনু ৭.১১২। °গুপ্তি (স্ত্রী)—রাজ্যরক্ষা, দেশরক্ষা। °তন্ত্র (ক্লী)—রাজ্যশাসন। "গো.রা ৩.৬১.২৮। °পতি, °পাল (পুং)—রাজ্যেশ্বর, রাজা, সম্রাট্। "°পতি ক.চ ২৪৯। °বর্দ্ধন (বিণ)—প্রজাহিতাকাঙ্ক্ষী। "রা ২.৩৬.২০। °বাসী (-সিন্) (পুং) —দেশবাসী জন, জানপদ। °বিপ্লব, °ভঙ্গ (পুং)—রাজ্যধ্বংস, দেশভঙ্গ। "°বিপ্লব।—হি ১.৭৫। °ভেদ (পুং)—রাজ্যবিশ্লেষ।]

রাষ্ট্র[২] বিং সর্ব 'রাষ্ট (১)। "জগতে রাষ্ট্র নামটি 'ভোলা'—দা ২১৭ ; গাঁয়ে মরে গাঁয়ের ঢেউ, গেলে রাষ্ট্র হবে মথুরায় ৫৩৩। ঐশ্বর্য্যের কথা সমস্ত ভারতে রাষ্ট্র।—ন ৪২২। —ষ্ট্র বি প্রচার, প্রকাশ। "রাষ্ট্র ক'রে ব'লে দিলে গুপ্ত প্রেমের কথা।—হেম ৩৮০।

রাষ্ট্রপাটেশ্বরী বি রাজ্যের পাটরাণী ; সম্রাজ্ঞী। "ম ৩১৩।

রাষ্ট্রান্তপাল পুং [°ন্ত+ √পালি+অ (অণ্)-ক ; উ.ত] রাজ্য-প্রান্তপালক, সীমান্তরক্ষক।

রাষ্ট্রিক বিণ [রাষ্ট্র+ইক (ঠক্) ; স্ত্রী -কী] রাষ্ট্রসম্বন্ধী, দেশবাসী। —ষ্ট্রিক পুং ১ রাষ্ট্রবাসিজন, প্রকৃতি। "মনু ১০.৬১। ২ রাষ্ট্রপালক, রাজা। "রাষ্ট্রিকোঽস্ত ভবানিহ।—হ ১৮৮.২৭।

রাষ্ট্রিয় বিণ [রাষ্ট্র+ইয় (ঘ), পা ৪.২.৯৩, স্ত্রী -য়া] ১ রাষ্ট্রভব, দেশজাত। ২ দেশস্থিত। —ষ্ট্রিয় পুং ১ রাজা। "°শ্যাল।—মৃ ৯ৡ। ২ রাজশ্যালক। "শ্রুতং রাষ্ট্রিয়মুখাদ্ যাবদঙ্গুলীয়কদর্শনম্ শ ৬ৡ।

রাষ্ট্রীয় বিণ [রাষ্ট্র+ঈয় (ছ) ; স্ত্রী -য়া] রাষ্ট্রসম্বন্ধী, রাষ্ট্রবাসী। "স্বরাষ্ট্রীয়জন মনু ৭.১১১, কুল্লূক। —য় পুং সর্ব 'রাষ্ট্রিয়' (পুং)।

রাস্ অক [ভা, ঙ—রাসতে ; সেট্] শব্দ।

রাস্কেল বিং [E. rascal] ধূর্ত্ত, শঠ, দুর্বৃত্ত, খল।

রাস[১] পুং [√রস্+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনি। ২ কোলাহল। ৩ ভাষাশৃঙ্খল, বাক্য। ৪ [+অ-ধি] গোপগণের ক্রীড়াবিশেষ (মেদিনী)। ৫ কার্ত্তিকী পূর্ণিমায় বৃন্দাবনে গোপীগণের সহিত শ্রীকৃষ্ণের নৃত্যবিশেষ (ভ ১০.২৯)। 'রাসো নাম বহুনর্ত্তকীযুক্তো নৃত্যবিশেষঃ (ভ ১৭.৩৩.২, শ্রীধর)। "রাসোৎসুপ ভ ২.৭.৩৩। রাসে হরিমিহ বিহিতবিলাসম্ স্মরতি মনঃ গী.গো ২.২। ৬ বিলাস, রসকেলি। "সরসরাসসুধাদি ভ ৫.২.১২। (সুন্দরী) নিকুঞ্জে আসি করিল বিবিধ রাস চ.দা ৭৭। ৭ ক্রীড়া। "তজ্জাতিরাসেন সুনির্বৃতেন্দ্রিয়ঃ ভ ৫.১৩.১৭। ৮ রাসযাত্রা। "সে দেশে কি রস আছে, এ দেশেতে রাস ভা.চ ৪৪৮। [°ক্রীড়া (স্ত্রী) —রাসরূপক্রীড়া, রাসকেলি। দ্র 'রাস (৫)। °গোষ্ঠী (স্ত্রী)—রাসসভা। "ভ ১০.৩৩.১৫। °বিলাস (পুং)—রাসক্রীড়া। "চৈ.চ ২৭। °মহোৎসব, °যাত্রা (স্ত্রী)—রাসলীলোৎসব।]

রাস[২] দ্র 'রাশ'[২]।

রাসক ক্লী [রাস+ক (কন্)] পঞ্চপাত্রাভিনেয় ক্ষুদ্রনাটকভেদ। "সা.দ ৬.২৮৮।

রাসন বিণ [রসনা+অ (অণ্) ; স্ত্রী -নী] ১ রসনাগ্রাহ্য (রস)। "পা ৪.২.৯২। ২ রসনাসম্বন্ধী। "নিশি যদি তোমার মাথা খায়, তাহা হইলে তোমার মগজটা তার রাসন প্রত্যক্ষ হইবে ব.প্র ৪০৫।

রাসপঞ্চাধ্যায়ী বি শ্রীকৃষ্ণের রাসলীলাবিষয়ক ভাগবতের পঞ্চ অধ্যায় (১০.২৯-৩৩)। "°য়ী করিতে পঠন চৈ.চ ১৩৯।

রাসপূর্ণিমা বি রাসলীলাতিথি কার্ত্তিকী পূর্ণিমা।

রাসভ পুং [√রাস্+অভ (অভচ্)-ক, উ ৩.১২৫] গর্দ্দভ। "কদা যোগো বাজিনো রাসভস্য।—ঋগ্বেদ ১৩৪৯। "যুক্তো রথঃ গো.রা ২.৭১.১৫। —ভী স্ত্রী [°ভ+স্ত্রী ঈ (ঙীষ্)] গর্দ্দভী। [°ধূসর (বিণ) —গর্দ্দভবৎ ধূসরবর্ণ বা পাঁশুটে।]

রাসভারুণ বিণ [উপ.ত] রাসভধূসর। "মহা ৭.২২.৫৪।

রাসমণ্ডপ বি রাসোৎসবের গৃহ, রাসমন্দির।

রাসমণ্ডল ক্লী [ষ.ত] ১ রাসক্রীড়ার্থ মণ্ডলাকারে অবস্থিত গোপীগণ। [রাসোৎসবে বৃত্তাকারে অবস্থিত দুই-দুই গোপীর মধ্যে প্রবিষ্ট যোগেশ্বর কৃষ্ণ গোপীদ্বয়ের কণ্ঠাশ্লেষপূর্ব্বক দাঁড়াইয়াছিলেন ; সুতরাং সকল গোপীই মনে করিয়াছিলেন, কৃষ্ণ তাঁহারই নিকটে থাকিয়া তাঁহাকেই আলিঙ্গন করিয়াছেন (দ্র 'ভ ১০.৩৩৩)] ২ গোলোকস্থ রাসক্রীড়াস্থান (ব্রহ্ম-বৈবর্ত্ত, শ্রীকৃষ্ণজন্মখণ্ড)।

রাসরস বি রাসক্রীড়ারস, শৃঙ্গাররস। "গোপগোপীগণ সঙ্গে, সদা রাসরস-রঙ্গে, ভারতের ভক্তিপ্রদায়ক ভা চ ৬৬৫। শি ২৯।

রাসলীলা বি শ্রীকৃষ্ণের রাসরূপ ক্রীড়া, রাস। "অদ্ভুত রাসলীলা ভ.প্র ৪৬৪। [ভক্তমালের এই রাসলীলাবর্ণনায় ত্রিমণ্ডলীর রচনা আছে; মধ্যমণ্ডলে রাধা-কৃষ্ণ। অন্য মণ্ডলদ্বয়ে গোপীগণ, দুই দুই গোপীমধ্যে এক-এক কৃষ্ণ।]

রাসায়নিক বি রসায়নসম্বন্ধী (chemical) ; রসায়নশাস্ত্রজ্ঞ।

রাসেরস পুং [অলুক্] ১ গোষ্ঠী। ২ রাস। ৩ শৃঙ্গার। ৪ রসসিদ্ধি, রসায়নশাস্ত্রে পাণ্ডিত্য। ৫ ষষ্ঠীজাগর অর্থাৎ প্রসবের পরে ষষ্ঠরাত্রি (মেদিনী)। ৬ উৎসব। ৭ পরিহাস।

রাসেশ্বর পুং [ষ.ত] রাসপ্রিয় ঈশ্বর, কৃষ্ণ (S.W.)। —শ্বরী স্ত্রী রাসপ্রিয়া ঈশ্বরী ; রাধিকা (পঞ্চরাত্র)।

রাস্তা বি [ফা রস্তা ; তু 'রথ্যা'] রাজপথ, পথ (road, path)। [°খরচ—পথে আহারাদির ব্যয়ার্থ টাকা, পথখরচ। °ঘাট—পথঘাট। রাস্তার লোক—পথ-চলতি লোক, অপরিচিত লোক।]

রাস্না স্ত্রী [√রস্+ন-ক+স্ত্রী আ (টাপ্) উপধাদীর্ঘ উ ৩.১৫] পরবৃক্ষজীবী, লতাবিশেষ ; সুরসা। [°মালা—মালাকৃতি রাস্না। "বিনি-সূতার রাস্নামালা কু.কে ১২৫।

রাহা বি [ফা রাহ্] ১ রাজপথ, রাস্তা ; পথ। ২ ভাব, মনের গতি। "সুরাহা। ৩ [রায়[১] > রায়া > °হা (?)] কায়স্থের উপাধি। "ক.চ ৮৮। ব.প ৩১৭। [°খরচ—পাথেয়। "য ৭। °জানি, -নী (ফা রাহ্-জানী)—রাহাজানের কাজ ; পথে ডাকাতী বা লুঠপাট। "রাহাজানি।—দা ২০১৯ ; অ.প্র ৮৮। °দানী—রাস্তায় যে দান আদায় করে ; পথের শুল্কগ্রাহক। "দা ১১৯৬। °দারী (ফা রাহ্-দারী —রাস্তার চলার নিমিত্ত কর ; ঘাটাদান। "দ্র ৭৪।]

রাহি[১] বি [রাহী > °হি, দ্র 'রাই'] রাধিকা। "মাধব-অনুদিনে খিনি ভেলি রাহি বি.সা ৪৪৩।

রাহি[২], **-হী** বি [ফা রাহী] পথিক। "রাহী জন।—হেম ২৩। [রাহি করা—প্রেরণ করা ; পাঠান। "E.P. 116. রাহী হওয়া—পথিক হওয়া ; পথ ধরিয়া চলা। "বাদসাহও গৌড়মুখে রাহী হইলেন ব.প ১৬৮৮।]

রাহিত্য ক্লী [রহিত+ষ (ষ্ণ্ঞ্)] রহিতভাব, শূন্যতা, অভাব।

রাহী দ্র 'রাহি২'।

রাহু পুং [√রহ্+উ (উণ্)-ক, ছান্দস] ১ 'যে সূর্য্যচন্দ্র গ্রাস করিয়া ত্যাগ করে' (অ টী), সৈংহিকেয়, তমঃ। "স বভূব যথা রাহুঃ সমীপে চন্দ্রসূর্য্যয়োঃ গো রা ৬ ৭৯ ৪৫। অর্কং বাহুরুপৈতি মহা ৬.৩.১১। (সীতারে) চন্দ্রকলাভ্রমে রাহু করিল কি গ্রাস ?—কৃ ১৪৬। [বিষ্ণু মোহিনীমূর্ত্তি ধরিয়া যখন সুধা দেবগণকে বিভাগ করিয়া দেন, তখন দৈত্য রাহু দেবগণের মধ্যে গিয়া সুধাপানের চেষ্টা করে। সূর্য্য ও চন্দ্র রাহুকে চিনিতে পারিয়া বিষ্ণুকে জানাইলে, তিনি সুদর্শনে রাহুর মস্তক ছিন্ন করেন। কিন্তু সুধাপান হেতু মস্তক অমর হয়। এই শত্রুতার প্রতিশোধার্থ বাহু সূর্য্য ও চন্দ্রকে গ্রাস করে। রাহু সূর্য্যাদি নবগ্রহের একতম ও নৈঋর্ত কোণের অধিপতি।] ২ [+উ-ভা] ত্যাগ। ৩ গ্রহণ (A)। [°গত (বিণ)—রাহুগ্রস্ত। "বৃহৎসংহিতা ৫.৬৭। °গ্রসন (ক্লী), °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী), °গ্রাস, °গ্রাহ (পুং), °দর্শন (ক্লী) °পীডা (স্ত্রী)—গ্রহণ, উপরাগ। "°গ্রহণ গো বা ২.৩৩ ১৬। °গ্রস্ত (বিণ)—রাহুকবলিত, উপপ্লুত। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—গ্রহণ-বেলা। °ভেদী (-দিন্), °শত্রু (পুং)—বিষ্ণু। °রত্ন (ক্লী)—রাহুপ্রিয় মণি, গোমেদ। °সংস্পর্শ, °স্পর্শ (পুং)—গ্রহণ। °সূতক (ক্লী) —যাহাতে বাহুর আবির্ভাব, চন্দ্রসূর্য্যোপরাগ, গ্রহণ। "যাজ্ঞ ১.১৪৬।]

রাহুগ্রাস বি রাহুকবল, রাহুমুখ। "(হেরি) কর্ব্বুরগৌরবরবি চিররাহু-গ্রাসে।—মে ৩১৭।

রাহুত বি [বাউত > °ত (হ-আগম)] ১ ক্ষত্রিয়। "বাহুত মাহুত মাল, যেবা ধরে অসি ঢাল, বীরের শুনিয়া ধায় কথা ক চ ৭৫। লাখে লাখে বাহুত হাথী ঘোডাব উপব শ্রী ম ১৫৫। ২ অশ্বারোহী সৈন্য। "রাহুত মাহুত নড়ে ক চ ৯৪। শ্রী ১৬, ১৮৬, সাজে রাজা বাহুতের বেশে ২৪১। ঘোড়া ঘোড়ায় মিলে রাগুতে বাহুতে বা ম ২৯৯। ব প ৩২৫। ভা চ ৪৫৮।

রাহূচ্ছিষ্ট, -হূৎসৃষ্ট পুং [ষ ত] লশুন। দ্র 'রসোন'।

রাহূৎসৃষ্ট দ্র 'রাহূচ্ছিষ্ট'।

রি১ অব্য [রে১ > রি (কোমলামন্ত্রণে)] ১ সম্বোধন। "আলি রি, হোত মনহু হুলাস সুলছন জ প ৪, ৫, ৬, ৭, ৮। চরণে শরণ দান রি।—ব প ১১৪৩। ২ বিস্ময়সূচক। 'মুরলী আলাপি গান রি: ধবলি শ্যামলি আওবি আওবি, ফুকবি চলত কান বি।—ব প ১১৪৩।

রি২ বি [ঋ৩ > রি] সর্থ 'ঋ৩'। "সা রি গ ম প ধ নি (গী সা)।

রিং বি [E ring] ১ চাবি ইত্যাদি গাঁথিয়া রাখাব ধাতুর গোল বেড। ২ আঙটি।

রিকাব, রেকাব১ বি [আ রিকাব] ঘোড়ার জিনে সংলগ্ন পা-দান (stirrup)। "শ্রী ১২৫, রিকাবে রাখ পা ১৩৭। রেকাব বাবুই-বাসা বাঁধা (ঢেঁকির) দুই পাশে শি ৭৬।

রিকিবি, রেকাব২, -বি [ফা রকাবী, রিকাব্] পিত্তলাদির ছোট থালাবিশেষ (dish, plate)। 'থাল রেকাবি।—দা ৬৭।

রিক্ত বিণ [√রিচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিযুক্ত, শূন্য। "রাজ্য° রজোরিক্তঃ-মনাঃ শশাস বঘু ১৪ ৮৬। ঈশ° ভ ১.১৫ ২১। ম্লেচ্ছআদি শাস্ত্ররিক্তগণ চৈ চ ২৩৩। ২ দ্রব্যরহিত। "°ভাণ্ডানি মনু ৮ ৪০৫। ৩ অন্তঃসারশূন্য। "রিক্তঃ সর্ব্বো ভবতি হি লঘুঃ পূ মে ২০। ৪ ক্ষীণপুণ্য। "সুকৃতীব রিক্তঃ ভ ৯.১০.২৩। ৫ দরিদ্র। "মহা ১.৭৮.১১। ৬ বিরহিত। "দানরিক্তেন সাম্না (কামন্দক)। ৭ নিরর্থক। "কু.কে ৫৭। —ক্ত ক্লী ১ শূন্য-স্থান, শূন্য। ২ বন। —ক্তা স্ত্রী [রিক্ত+স্ত্রী আ (টাপ্)] চতুর্থী নবমী ও চতুর্দ্দশী তিথি। "চতুর্দ্দশী রিক্তা ভাল নাহি কয় ক.চ ১৯০। জীবনে এসেছ পূর্ণা। রিক্তাতিথি শেষে কু.কে ১৯, পূর্ণা তিথি মিলালে আনি রিক্তামাঝে নন্দা ১৪১। —ক্তক বিণ [রিক্ত+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'রিক্ত'। ২ ভাররহিত। "মনু ৮ ৪০৪। [°পাণি, °হস্ত (বিণ) —শূন্যহস্ত। °ভাণ্ড (ক্লী)—দ্রব্যরহিত পাত্র—গৌণী-প্রভৃতি। "দ্র 'রিক্ত' বিণ (২)। °মতি (বিণ)—নির্ব্বিষয়মতি, বিষয়বিরক্তচিত্ত।]

রিক্তক, রিক্তা দ্র 'রিক্ত'।

রিক্থ ক্লী [√রিচ্+থ (থক্)-র্ম্ম, উ ২ ৭] ১ 'যাহা বিভক্ত হয়' (অ টী), পিত্র্য ধন (সায়ণ), দায়। তু 'ঋকথ'। "ঋগ্বেদ ৩ ৩১ ২। মনু ৮ ২৭। ২ ধনসামান্য, বিত্ত, বিভব, অর্থ (অ.কো)। "নস্র গর্ভঃ পিত্র্য° রিক্থমর্হতি শ ৬২২৬। [°গ্রাহ, °ভাগী (-গিন্), °ভাক্ (-জ্) °হর, °হার, °হারী (-রিন্) বিণ—দায়গ্রাহক, দায়াদ, উত্তরাধিকারী। "°গ্রাহ যাজ্ঞ ২ ৫২। °ভাগিনঃ মনু ৯ ১৮৮। °হাব ভ ৪.২৭.১০। °জাত (ক্লী)—পিত্র্যধনসমূহ, দায়সমূহ।]

রিক্থাদ পুং [বিকথ+আ- √দা+অ (ক)-ক, উ ত] 'রিক্থ-গ্রাহক', দায়াদ, পুত্র। "ভ ২ ৯ ৪০।

রিক্থী (-থিন্) বিণ [বিক্থ+ইন্ (ইনি)-১ব] ১ 'রিক্থবান্', ধনবান্। ২ পিত্র্যধনবান্, দায়হার। —ক্থী পুং দায়াদ, উত্তরাধিকারী। 'যাজ্ঞ ২ ২৯।

রিক্ষা স্ত্রী ১ লিক্ষা, উকুন। ২ ত্রসরেণু।

রিখ্, রিঙ্গ্ সক [ভ্বা, প—রিখতি, রিঙ্গতি, সেট্] গতি।

রিখ(ঙ্গ)ণ ক্লী [√রিখ, √রিঙ্গ্+অন (ল্যুট্)-ভা] ১ শিশুর হস্তপদ দ্বারা গতি, হামাগুডি। "রিখ(ঙ্গ)ণ-বিধি (S W.)। ২ স্খলন, পিছলান। ৩ ধর্ম্মবিলঙ্ঘন (স্বামী)।

রিঙ্গ; রিঙ্গণ দ্র 'রিখ্, রিখণ'।

রিঙ্গি স্ত্রী [√রিঙ্গ্+ই (ইন্)-ভা গতি। "ভ ৫ ৭ ১৪।]

রিচ্ সক [ভ্বা, চু, প—রেচতি, রেচয়তি, অনিট্, সেট্] ১ বিয়োজন। ২ সম্পর্ক। —চ্ অক [রুধা, এ—রিণক্তি, রিঙক্তে, অনিট্] বিবেক, পুনঃ পুনঃ পুরীষোৎসর্গ (ক ক)। [অতি—অতিশয়। উদ্—উদ্রেক। বি—বিরেচন। বি-অতি—ব্যতিরেক।]

রিঝ১ বি [হৃদ্ > (হ-লোপে) ঋদ্ > রিজ > °ঝ, দ্র 'ঋ১'] হৃদয়। "মুরলি বাজাওয়ে. রিঝ বিঝাওয়ে প ক ২৮৬০। কাঁপে রিঝ থরথব। —গান ১২৩।

রিঝ২ অশ্ম [স° √ঋধ্ > ঋধ্য > প্রা √বিজঝ (প্রা ম) > বা রী(রি)ঝ, হি, মৈ √রীঝ, ঠ √রিঝ] হৃষ্ট হওয়া, খুশী হওযা। 'উঁহি বাজাওত. বীণা সুমাধুরি. রিঝি দেয়ল মণি-মাল প.ক ৪৮৩, তালে রি(বী)ঝত সুঘডশেখর ১২৭৯। অলৌকিক দেখিয়া তথাপি নাহি রিঝে ভ গ্র ২৫৩। —ঝা সর্ম্ম [রিঝ+আ৮, হি √রিঝা, ঠ √রিঝর] হৃষ্ট করা, প্রসন্ন করা। বড় পুনে বসবতি রসিক রিঝাব বি সা ৩০। দ্র 'রিঝ১'। [রিঝাওন, -ওয়ে, -ওহ, -ঝায়ত, -য়ব, -বি (প ক)।]

রিঝি১ বি [রিঝ১+ই১১] ১ হৃদয়, মন। "ধনি কহে তুয়া গুণে. রিঝি প্রসন্ন ভেল. মাগহ মানস যোয় প ক ৪৮৩। ব প ১১২০। ২ [রিঝ১+ই৫] হৃদয়ে। 'রিঝি দেয়লি নিজ মোতিম মাল রা পে ১১৫।

রিঝি২ বি [সং ঋদ্ধি > প্রা রিদ্ধি > বা (রিজ্ঝি) °ঝি] ঋদ্ধি, ধন-সম্পত্তি, ধনরত্ন। "পিরীতে তাহারে রিঝি আপনা সোঁপিলা ভ গ্র ২২০।

রি(রী)ঠা বি [সং অরিষ্ট > প্রা *অরিট্ঠ > বা (রিট্ঠ) রী(রি)ঠা, হি রীঠা, ঠ রি(রী)ঠা, গু রীঠ] রেশমী ও পশমী কাপড় কাচার আঠাল ফলবিশেষ (soap-nut)। [ইহা জলে চটকাইলে সাবানের মত ফেনা হয়।]

রিণিঝিনি বি [ধ্বন্যাত্মক] কঙ্কণধ্বনি। "হৃদয়ে উল্লাস ত্রাস, কঙ্কণ বাজিছে রিণিঝিনি।—রঙ্গ ১৩।

রিতু বি [ঋতু > °তু, দ্র 'ঋ'১ ; অসাধু] ঋতু। "ছয় রিতু।—মী ৪৬। মধু° শ্রী.মা ১৩২; ২২৭। রিতু বসন্ত ব.প ১০১৭। [°রাজ—(শু °রাজ)—ঋতুপতি, বসন্ত। "রিতুরাজ আজ বিরাজ হে সখি বি.সা ৪৭৩; ৪৮৮।]

রিদয় বি [হৃদয় >(হ-লোপে) ঋদয় > °য়, দ্র 'ঋ'১ ; অসাধু] মন। "মহামন্ত্র জ্ঞান দিল রিদয়ে জপিয়া গো.চ ১৬৯; ২০৯। [রিদএ (রিদয়ে > °এ)—১ মনে। "গো.চ ৩৬,-৭,-৮। ২ মন। "রিদয়ে য়াকুলি। —মী ৪৪। রিদয়ের—হৃদয়ের। "গো.চ ২৫১।]

রিদ্ধি বি [সং ঋদ্ধি > °দ্ধি, দ্র 'ঋ'১ ; অপ্র] দেববিশেষ। "চ.বি ২৬৬।

রিনিকিঝিনি, রিনিঝিনি বি [ধ্বন্যাত্মক] নূপুরধ্বনি। "কনক-নূপুর পায়ে বাজে রিনিঝিনি ব.প ৫৬৩,-৬৬। ওই যে শবদ চিনি, নূপুর রিনিকিঝিনি চ.কা ১৩৩।

রিনিঝিনি দ্র 'রিনিকিঝিনি'।

রিনিঠিনি বি [ধ্বন্যাত্মক] মৃদু শিকল নাড়ার শব্দ। "(শুনচ না) রিনিঠিনি শিকলটিকে নাড়ে, এমন ভরা সাঁঝ চ.কা ৩৫০।

রিনিরিনি বি [ধ্বন্যাত্মক] ১ কিঙ্কিণীধ্বনি। "মৃদু রিনিঝিনি (বাজে কিঙ্কিণী) চ.কা ৩৬৭। ২ ভয়ে লজ্জায় শোণিতের দ্রুতপ্রবাহের শব্দ। "ভয়ে মরে বিরহিণী, শুনতে যেন পাবে কেহ রক্তে যে তার বাজে রিনি-রিনি।—প.কা ৪২। [লজ্জাভয়াধিক্যে যেন এইরূপই মনে হয়।]

রিপিট্ বি [E. rivet] ধাতুর পাত জোড়ার নিমিত্ত লোহাদির কীল বা খীল। [জোড় শক্ত করার নিমিত্ত ইহার দুই মুখ ঘা দিয়া চেপ্টা করিয়া দেয়। রিপিট করা—রিপিট দিয়া জোড়া (to rivet)।]

রিপু১ পুং [√রপ্ কথন+উ(কু)-ক, উ ১.১৭, পৃষো; 'রিপু'—শত্রু, হিংসক (ঋগ্বেদ ১.৩৬.১৬; ২.২৩.১৬, সায়ণ)] ১ অরি, অরাতি, বৈরী, শত্রু। "°সূদন রা (S.W.)। ভুজোচ্ছিন্ন° রঘু ২.২৩। ব্যবহারেণ মিত্রাণি জায়ন্তে রিপবস্তথা।—হি ১.৭৩। ২ দেহস্থ কাম-ক্রোধাদি। ৩ (জ্যোতিষে) লগ্ন হইতে ষষ্ঠ স্থান। ৪ শত্রুতাপন্ন গ্রহ (A.)। ৫ চোরনামক গন্ধদ্রব্য। [ঘাতী (-তিন্), °ঘ্ন, °নিপাতী (-তিন্), °হা (-হন্) বিণ—শত্রুনাশক। °বল (ক্লী)—শত্রুসৈন্য। °ভবন, স্থান (ক্লী)—সর্থ 'রিপু (৩)। °রাশি (পুং)—লগ্ন হইতে ষষ্ঠস্থানস্থ রাশি। °সূদন (বিণ)—শত্রুপীড়ক, অরিন্দম।]

রিপু২, **-ফু** বি [আ রফু] বস্ত্রাদির ছিন্ন স্থানের সংস্কার বা সিলাই দ্বারা মেরামত (darning)। "(বাবু) যা পান…চাপকান রিপু কত্তে…সব ফুরিয়ে যায়।—হু ৪৩। [°কর্ম্ম—১ রিফুর কাজ। ২ রিফুগার। "কিছু পরেই…রিফুকর্ম্ম বেরুলেন।—হু ১০। °গার (রিফু+ফা গর্)—যে রিফু করে; রিফুর কারিগর (darner)। °গারী (রিফু+গরী)—রিফুগারের কাজ (darning)।]

রিপুঞ্জয় বিণ [রিপু+ √জি+অ (খচ্)-ক, ম্ (মুম্); উ.ত] শত্রুজয়কারী, অরিন্দম।

রিপোর্ট বি [E. report] কোন বিষয়ের লিখিত বর্ণনাপত্র; প্রতি-বেদন। "রিপোর্ট করা, দেওয়া।

রিফ্ সক [তুদা, প—রিফতি ; সেট্] ১ নিন্দা। ২ হিংসা। ৩ দান। ৪ বিপাটন। দ্র 'রেফ'। ৫ (অক) শ্লাঘা। ৬ যুদ্ধ।

রিফু, রিফুকর্ম্ম, রিফুগার, রিফুগারী দ্র 'রিপু২'।

রিম্ বি [E. ream] কুড়ি দিস্তা কাগজ।

রিমঝিম, রিমিঝিমি বি [ধ্বন্যাত্মক; তু 'ঝমঝম'; হি রিম-ঝিম; ঠ রিপরিপ, ঝুমঝুম] নিরন্তর মৃদু বৃষ্টিপাতের শব্দ। "রিমিঝিমি বৈস্‌সন বর্সিতে লাগিল গো.চ ২৩৪,-৫; পানি পড়ে রিমিঝিমি ৩০১। ঘন দেয়া গরজন, রিমিঝিমি শবদে বরষে।—জ্ঞা ৯, ব.প ১০৫৬। রিমঝিম ঘন ঘন রে বরষে।—গান ১৪।

রিমিঝিমি দ্র 'রিমঝিম'।

রিরংসা স্ত্রী [√রম্+স (সন্)— √রিরংস+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ রমণেচ্ছা, সুরতাভিলাষ। "অতি° ভ ৩.২৩.১১; ৯.১৪.২০। ২ ক্রীড়নেচ্ছা। "(অনিলঃ) বৃক্ষানুপেতীব রিরংসয়া মহা ১.৭০.১৬। —সু বিণ [+উ-ক; স্ত্রী -সু] ১ রমণেচ্ছু। ২ ক্রীড়নেচ্ছু। "ভবানক্ষেমু কুশলো বয়স্কাপি রিরংসবঃ।—হু ১১৯.২০। সন্ত্বং বিচিত্রাসু রিরংসুরীশ্বরঃ (সৃজতি) ভ ৭.১.১০।

রিরক্ষা স্ত্রী ['রিরক্ষিষা' সাধু] রক্ষণেচ্ছা। "লোক° ভ ৪.১৫.৬। —ক্ষিষা স্ত্রী [√রক্ষ্+স (সন্)— √রিরক্ষিষ+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] রক্ষণেচ্ছা। "জগদ্‌রিরক্ষিষয়া ভ ৫.১৫.৬। —ক্ষিষু বিণ [+উ-ক; স্ত্রী -ষু] রক্ষণেচ্ছু। "ভ ৩.২২.৫। —রক্ষু বিণ রক্ষণেচ্ছু। "ভ ২.৭.৩২।

রিরক্ষিষা দ্র 'রিরক্ষা'।

রিরি বি [রিষরিষ > °রি; তু 'সং √রিষ্—হিংসা; ভাবাত্মক] ১ কটু দ্রব্যের সংস্পর্শে নিরন্তর তীব্র জ্বালার ভাব। "ঝালে জিব রিরি করে। ২ ক্রোধে হিংসার্থ শরীরে তীব্র জ্বালার ভাব। "রাগে সর্ব্বাঙ্গ রিরি কর্ত্তে লাগলো।

রিল বি [E. reel] ১ সেলাইএর সূতা জড়ানর কাঠের নলীবিশেষ; রিলজড়ান সূতা। ২ যাহাতে হুইলের সূতা জড়ান থাকে।

রিশ্ সক [তুদা, প—রিশতি ; অনিট্] হিংসা।

রিশ্য, -ষ্য পুং [√রিশ্, √রিষ্+য (ক্যপ্)-র্ম্ম, তু 'ঋশ্য, -ষ্য'] মৃগ।

রিষ্ সক [ভ্বা, দি, প—রেষতি, রিষ্যতি; সেট্] হিংসা।

রিষ বি [সং √রিষ্; ঠ, শু রীস] ১ হিংসা, দ্বেষ, ঈর্ষ্যা। "মালসাট মারিয়া ফলজ দশ বিশ। সঘনে গগনে দিতে, মল্লে লাগে রিষ॥—শ্রী ৬৭; রিষ বাঙ্কি রুষি বলে হাঁকে মার মার ১৬৫; ২২৪; ২৪৫। ২ রোষ, ক্রোধ। "খালি খেয়ে ঘুরে ঘুরে বাঘা বাজে রিষ শ্রী ৮৭; বীর বাজে রিষ (হানে দশ বিশ ত্রিশ) ১৪০। ইহা শুনিয়া কাকার (কাকের) হইয়া গেল রিষ ম.ম ২২০। মরিবেক রিষে ভ.গ্র ২১০। [রিষ বান্ধা—হিংসা বা ক্রোধ পোষণ করা।]

রিষি পুং [ঋষি > °ষি, দ্র 'ঋ'১; তু 'প্রা রিসি; রিসি (শূ ১; ১০৪,-৮)] ঋষি (M.W.)। "ব.প ১৭।

রিষ্ট বিণ [√রিষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ হিংসিত। ২ [রিষ্ট+অ (অচ্) অস্ত্যর্থে] অশুভ, অমঙ্গল। —ষ্ট পুং ১ খড়্গ। ২ ফেনিলবৃক্ষ, রিঠাগাছ। —ষ্ট ক্লী [+ত-ভা] ১ হিংসা। ২ অশুভ, অমঙ্গল। "রাহু°, কেতু°। গ্রহরিষ্ট কর শ্রী.ম ২৩। ব.প ৭৩০। ৩ অশুভের অভাব (অ.টী)। ৪ পাপ। ৫ নাশ। ৬ ক্ষেম, মঙ্গল। ৭ ফেনিলফল, রিঠা। —ষ্টক পুং সর্থ 'রিষ্ট পুং (২)। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; বৈদিক] অশুভ, অমঙ্গল। "দু ১৭। ব.প ৭৯৫। রিষ্টি নাই বৃষ্টি কালে বা.দ ২১। বৃষ্টি-জলে রিষ্টিনাশ প.তৃ ৭। বিশ্ব-ললাট দীপ্ত—কালো রিষ্টিনাশা হোমের টিপে কু.কে ১৫৮। —ষ্টি পুং [+তি-ণ] খড়্গ।

রিষ্টক, রিষ্টি দ্র 'রিষ্ট'।

রিষ্য; রিষি দ্র 'রিশ্য; রিষি'।

রি(রে)হাই বি [ফা রিহাঈ] মুক্তি, নিষ্কৃতি, ছাড়ান। "লখিন্দরে পাইতে পারিবে যেইজন। মম বিদ্যমানে রেহাই পাইবে সে জন॥—ম.ভা ৩৫। শেষে গাঁট থেকে কিছু বার কল্লে…সেবারের মত রেহাই পায়। —হু (১৮৭৪ শকাব্দা) ৩৫।

রী সক [দি, ও—রীয়তে; অনিট্] ১ শ্রবণ। ২ ক্ষরণ (ক.ক)। ৩ [ক্র্যা, প—রিণাতি; অনিট্] গতি। ৪ বধ। ৫ (অক) বৃকশব্দ।

রীঝ[১] [দ্র 'রীঝ[২]] হর্ষ, আনন্দ। "নাসিক গুয়, মোতিম কোয়, তোর জগৎ রীঝ।—ব ৬৩। [তোর জগত রীঝ—আনন্দে জগৎ তোর বা বিহ্বল।]

রীঝ[২] অর্ম্ম [দ্র 'রিঝ[১]] হৃষ্ট হওয়া। "ব্রজ বনিতা যত, রীঝি রীঝায়ত প.ক ১৪৩৭। —ঝ সর্ম্ম হৃষ্ট করা। "ঐছনে রসময়. মীলত রসময় রীঝ প.ক ২৯২১। —ঝা সর্ম্ম [রীঝ[২]+আ[৮]] হৃষ্ট করা। দ্র 'রীঝ[২] অর্ম্ম। [রীঝলি, -ঝি, -ঝে (প.ক)।]

রীঝা; রীঠা দ্র 'রীঝ[২] ; রিঠা'।

রীঢ়া স্ত্রী [√রিহ্ বধ+ত (ক্ত)-ভা+স্ত্রী আ (টাপ্)] অবজ্ঞা; অবমাননা (অ.কো)। "সরীঢ়ং পুনরথাহ (কাশীখণ্ড)।

রীত বি [রীতি > °ত; হি, ঠ, গু রীত] ১ আচরণ, ব্যবহার। "চেটে নেটে যায় জলে, তারে তুমি ধর চুলে, এমত তোমার কোন রীত চ.দা ২৬। ২ স্বভাব, প্রকৃতি। "(ভ্রমরা) মধু ফুরাইলে, উড়ি যায় চলে, এমতি তাদের রীত চ.দা ১২২। অলৌকিক রীত চৈ.চ ৪৩; ভ.প্র ১৯৮। নষ্ট রীত ভা.চ ২৮১। ৩ লক্ষণ; গতি, ধর্ম্ম, ভাব। "প্রেমক রীত অব বুঝহ বিচারি বি.প ৫৩। ৪ প্রথা, পদ্ধতি, রেয়াজ। ৫ ব্যবস্থা, সজ্জাপরিপাটি। "(নাওএর) সেই রীত সেই গড় সেই দেখি ভাও ম.ম ২৩২।

রীতি স্ত্রী [√রী+তি (ক্তিন্)-ভা] ১ ক্ষরণ, স্রাব। ২ গতি। ৩ প্রচার। ৪ [+তি-ণ] প্রকৃতি, স্বভাব, লক্ষণ, ধর্ম্ম। "নিশান্তক্লিষ্টচক্রাহ্বরীতিহৃদ্যো রসক্রমঃ ক.সা ১৪.৬২। ৫ পদ্ধতি, বিধি, প্রকার। "অনয়া রীত্যা (S.W.)। ৬ আচারপরম্পরা, ব্যবহারক্রম। ৭ সীমা। ৮ যাহা দ্বারা গুণসমূহের বিশেষ জানা যায়; বিশিষ্ট, অর্থাৎ গুণাত্মক পদরচনা; কাব্যের রসোৎকর্ষজনক ও গুণাভিব্যঞ্জক পদরচনাবিশেষ। 'সা.দ ৯.১। [রীতি চতুর্ব্বিধ—বৈদর্ভী গৌড়ী পাঞ্চালী লাটিকা (সা.দ ৯.২)]। ৯ [+তি ঔণাদিক-ক] যাহা শ্রুত হয়; পিত্তল। "বিষ্ণু ২৩.২৫। ক.সা ২৪.১৭৯। ১০ লৌহকিট্ট, লৌহমল, মণ্ডুর। ১১ স্বর্ণাদিমল, শ্যামিকা। —তিক ক্লী, -কা স্ত্রী রীতিপুষ্প। [°কুসুম, °পুষ্প, °জ (ক্লী) —পিত্তলের মল বা রজোমল (অ.টী)। °বদ্ধ (বিণ)—পিত্তলখচিত। "ক.সা ২৪.১৭৯।

রীতিক, রীতিকা দ্র 'রীতি'।

রীতিনীতি বি আচারব্যবহার; পদ্ধতিব্যবস্থা।

রীতিবিরুদ্ধ বিং পদ্ধতিপ্রতিকূল, বিধিবিরোধী।

রীষ বি [দ্র 'রিষ'] দ্বেষ, হিংসা; রোষ। "বিনাশকালেতে হয় গুরু প্রতি রীষ।—দা ৮৪৬।

রু[১] সক [ভ্বা, ঙ—রবতে; সেট্] ১ গতি। ২ হিংসা, বধ। —অক [অদা, প—রৌতি, রবীতি; সেট্] রব, শব্দ। [আ, বি—আরাব, উচ্চৈঃশব্দ; ক্রন্দন। "ভট্টি ৫.৫৪; ১৮.২৯। সম্—সংরাব, আক্রোশ। "ভট্টি ১৭.৭১।]

রু[২] পুং [√রু+ক্বিপ্ (০)-ভা] শব্দ, ধ্বনি। দ্র 'ডম-রু'।

রু[৩] সর্ম্ম [রুপ > রুঅ > রু; দ্র 'রুপ'] রোপণ করা; বৃক্ষাদি স্থানান্তরে লইয়া পোতা; নাড়িয়া পোতা। "দুই ভিতে রুএ কলা শূ ৬১। গাছ রুইলে বড় কর্ম্ম। মণ্ডপ দিলে বড় ধর্ম্ম।—ডাক। রাজা বটবৃক্ষ রুইলা ম.গা ৪। উপাড়্যাছে গাছ…সেই থানে তা রুবেক ব.প ৫৩০। রুয়ে কলা না কাট পাত। তাতেই হবে কাপড় ভাত॥—খনা। রুইলেন কদলী চৈ.ভা ১১১। (এই তরু—পারিজাত) রুইয়া এড়িব শ্রী.ম ১৮৮।

রুই বি [সং রোহিত > প্রা রোহিঅ > বা (রোহি > রোই) °ই; হি রোহু; ঠ রোহী; মৈ রোহু] রোহিত মৎস্য।

রুইতন বি [Dutch—'ruiten'] চৌকা লালফোটার তাসবিশেষ (diamond)।

রুইদাস বি [রবিদাস > রয়দাস, রুইদাস] চর্ম্মকার, মুচি। "বাল্মীকি নামে রুইদাস আছয়ে সত-বুদ্ধে ভ.প্র ৬৮। [রয়দাস রামানন্দ স্বামীর শিষ্য। ইঁহার সংস্থাপিত সম্প্রদায় 'রয়দাসী' নামে খ্যাত। প্রসিদ্ধি, তাঁহার স্বজাতীয় চর্ম্মকার ভিন্ন অন্য লোকে তাঁহার মতানুবর্ত্তী হয় নাই। শিখদিগের আদিগ্রন্থে ইঁহার নাম 'রবিদাস' (ভা.উ)। ভক্তমালগ্রন্থে ইঁহার নাম 'রুইদাস'। এই হেতু চর্ম্মকারেরা 'রুইদাস' বলিয়া স্বীয় জাতির পরিচয় দেয়। দ্র 'ভ.প্র ২৪৯।]

রুক্[১] **(-চ্)** স্ত্রী [√রুচ্+ক্বিপ্ (০)-ভা-১ব] ১ দীপ্তি, দীপন, প্রকাশ। ২ অভিপ্রীতি, রুচি, ইচ্ছা। "নানাবুদ্ধিরুচঃ…মনুষ্যান্ মহা ১৩ ১২৪.২৮। ৩ [+ক্বিপ্-ণ] 'দীপ্তি' (সায়ণ), প্রভা, দ্যুতি, তেজঃ "ঋগ্বেদ ৪.৫৬.১। মণিম্…বক্ষঃস্থলব্যাপিরুচম্ রঘু ৬.৪৯; ৯.৬। মণি° মাঘ ১৩.৬৩। শিখরমণি° কি ৫.৪৩। ৪ কান্তি, ছায়া। "রোচনিকীঃ রুচম্ কি ৫.৪৫। ৫ সৌন্দর্য্য, কমনীয়তা। "স্বরুচঃ…সর্ব্বে ভ ২.৯.১১। ৬ কিরণ, কর। "ধৌতাপাঙ্গং হরশশিরুচা…ময়ূরম্ পূ.মে ৪৪। হিমরশ্মি° মাঘ ৯.৬৮। ৭ বর্ণ। "চলয়ন্ ভৃঙ্গরুচস্তবালকান্ রঘু ৮.৫৩। তাম্ররুচা করেণ কু.স ৩.৬৫। ৮ শোভা। "কৃতরুচশ্চ জাম্বূনদৈঃ (মাধবাঃ) মাঘ ৪.৬৬। ৯ শুক্রশরিকাভাষা।

রুক্[২] **(-জ্)** বিণ [√রুজ্+ক্বিপ্ (০)-ক -১ব] পীড়ক। "পরবীররুজঃ (মহারণাঃ) মহা ৫.৮৪.১। —ক্ স্ত্রী [+ক্বিপ্ (০)-ভা; রুজ্ > রুক্ (সমাসে পূর্ব্বপদ)—যথা, 'রুক্‌সদ্ম', 'রুগার্ত্ত'] ১ ভঙ্গ, ভঞ্জন। ২ পীড়ন। "ব্রাহ্মণস্য রুজঃ কৃত্যা মনু ১১.৬৮। ৩ [+ক্বিপ্ -ক] 'ভঙ্গকারক', পীড়া, রোগ, ব্যাধি। "অদর্শিতরুজঃ রঘু ১৯.৫২। ভ ২.৭.২১; উদ্দীপিতস্মর° ৩৩। অক্ষি°, নেত্র°, মুখ° (S.W.)। ৪ মনঃপীড়া, আধি। "ভ ১.১৪.৪৪। ৫ কুষ্ঠ। ৬ মেষী। [°কর (বিণ)—রোগজনক। °প্রতিক্রিয়া (স্ত্রী)—রোগপ্রতিকার, চিকিৎসা।]

রুক্ম বিণ [√রুচ্+ম (মক্)-ক, চ্ > ক্, উ ১.১৪৫; 'রুক্ম'—রোচমান (ঋগ্বেদ ৫.৫৬.১, সায়ণ)] দীপ্ত, উজ্জ্বল। —ক্ম পুং ১ সুবর্ণরত্নাদিনির্ম্মিত আভরণ (সায়ণ); স্বর্ণাভরণ। "ঋগ্বেদ ১.১৬৬.১০। মাঘ ১৫.৭৮। ২ বর্ণ। ৩ ধুস্তূরবৃক্ষ। ৪ নাগকেশর। —ক্ম ক্লী ১ স্বর্ণ। "°পুঙ্খ (বাণ) গো.রা ৬.৩৪.২৪। °নিষ্ক রা ২.৭০.২১। °স্তেয় মনু ১১.৫৮। ২ লৌহ। [°কবচ (পুং, ক্লী)—স্বর্ণময়বর্ম্ম। °কারক (পুং)—স্বর্ণকার। °পুঙ্খ (বিণ)—স্বর্ণময়পুঙ্খযুক্ত (বাণ)। °পৃষ্ঠ (বিণ)—স্বর্ণখচিতপৃষ্ঠ। "°পৃষ্ঠং ধনুঃ মহা ৩.১৪৬.১১। °বাহন (পুং)—দ্রোণ। °রথ (পুং) —১ 'হৈমরথ', দ্রোণরথ। "মহা ৭.৮.১৯। ২ দ্রোণ।

রুক্মময় বিণ [রুক্ম+ময় (ময়ট্); স্ত্রী -য়ী] স্বর্ণবিকার, হিরণ্ময়।

রুক্মাঙ্গদ বিণ [বহুব্রী] স্বর্ণাঙ্গদধারী। —দ পুং রাজবিশেষ।

রুক্মাভ বিণ [উ. বহুব্রী] স্বর্ণাভ। "°ভম্…পুরুষম্ মনু ১২.১২২।

রুক্মী (-ক্মিন্) বিণ [রুক্ম+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ক্মিণী] 'স্বর্ণযুক্ত', স্বর্ণভূষণধারী। —ক্মী পুং ভীষ্মকরাজের জ্যেষ্ঠপুত্র রুক্মিণীর ভ্রাতা। [রুক্মিণীহরণের সময়ে ইনি বলরাম কর্ত্তৃক নিহত হন।] —ক্মিণী স্ত্রী [°ন্ +স্ত্রী ঈ (ঙীপ্)] 'স্বর্ণভূষণযুক্তা', শ্রীকৃষ্ণমহিষী। [ইঁহার পিতা ভীষ্মক শিশুপালের সহিত ইঁহার বিবাহ স্থির করিলে, ইনি পত্র দ্বারা শ্রীকৃষ্ণের নিকটে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করেন। তদনুসারে শ্রীকৃষ্ণ বলরাম ও যাদবদলের সহিত বিদর্ভে উপস্থিত হইয়া বিবাহের পূর্ব্বদিনে রুক্মিণীকে হরণ ও সমবেত শত্রুরাজগণকে পরাজিত করিয়া, রুক্মিণীর পাণিগ্রহণ করেন (হ, ১১৭তম অধ্যায়)। ইনি লক্ষ্মীর অবতার। ইঁহার পুত্র প্রদ্যুম্ন।]

রুক্ষ, রূক্ষ[২] বিণ [√রুহ্ +স (ক্স)—ত.বা; তু 'সং রূক্ষ > লি রুক্খ > (উকারোপধ) রুক্ষ (?); বৈদিক] ১ অপ্রেমা, প্রণয়শূন্য (অ.কো)। ২ অস্নিগ্ধ, অচিক্কণ। "(পরিবেষাঃ) শ্যামরূক্ষান্তাঃ মহা ১৬.১.৫। রজোভিস্তস্য রূক্ষালকাগ্রা (সা) রঘু ৭.৭০। ৩ কর্কশ, পরুষ, প্রতিকঠোর।

"রুক্ষস্বরবিহঙ্গম গো.রা ২.১২৫.৪। রুক্ষা ধ্বাজক্ত বাক্ মহা ১.২.৩৮৪। ৪ বন্ধুর, অমসৃণ, কর্কশ। "°স্পর্শ। রুক্ষ অক্ষমালা আলা করে বা.দ ৯৯। রুক্ষ ক্ষেত্রতলে।—হেম ১২০। ৫ পরুষ, নিষ্ঠুর। "শাপাৎ...স্মৃতিরোধরুক্ষে ভর্ত্তরি শ ৭.৩২। ৬ স্নেহশূন্য (আহার); সঙ্কোচক। "রুক্ষ গী ১৭.৯। ৭ নীরস, শুষ্ক। ৮ পরুষাক্ষর, কঠোর (বাক্য)। ৯ কর্কশ, দুর্দর্শ। "ভীষণাভোগরুক্ষাঃ (দণ্ডকারণ্যভাগাঃ) উ.চ ২.১৪। ১০ ভয়ঙ্কর, উদ্বেগজনক। "প্রিয়দর্শনমপি রুক্ষং ভবতি গৃহং ধনবিহীনস্য।—পঞ্চ ৫.৬। ১১ বিশদ, উদ্বর্ত্তিত। "লোধ্রকষায়রুক্ষে (কপোলে) কু.স ৭.১৭। ১২ ক্রূর। "রুক্ষাভিনিবেশমীশম্ রঘু ১৪.৪৩। ১৩ (বাঙ্লায়) অতৈল, তৈলাভ্যঙ্গহীন। রৈক্ষিণী রাজার বেটি রুক্ষ করে স্নান শি ৩৪। রুক্ষ জটা বা.দ ২০৯। রুক্ষচুলো (প্রজারা) আ.হু ১৬৩। কি দাদা,...অর্দ্ধেক অঙ্গে তেল দিয়েচ, অর্দ্ধেক-অঙ্গ রুক্ষ রেখেচ।—জা ১৫। ১৪ কোপন, রাগী (স্বভাব)।

রুক্ষী বিং রুক্ষ, কোপন, রাগী। "স্বভাব তোমার বড়ই রুক্ষী।—কা ১০৫। —ক্ষু বিং [রুক্ষ+উ[৭]] ১ স্নিগ্ধভাবহীন, ক্রুদ্ধ। "ঘড়া গাড়ু সব নালুক,...থাল রেকাবি ফুঁ দিলে যায় উড়ে। পুরোহিত দেখে হন রুক্ষু।—দা ৬৭। ২ অতৈল। "বার মাস রুক্ষু নেয়ে নেয়ে কি একটা রোগনারা করবি?—আ.হু ৩৭। ৩ নীরস, কর্কশ (কথা)। ৪ কান্তিরহিত, লালিত্যহীন (চেহারা)।

রুক্ষু দ্র 'রুক্ষী'।

রু(রূ)খ[১] বিং [সং রুক্ষ > লি রুক্থ > বা রূ(রু)খ; হি রূখা; মৈ রুখ] ১ ঘৃততৈলাদিহীন, শুখনা। "(মদনমোহন) রুখ আঙা খাইতে নারিল ভ.গ্র ২১। শুখ রুখ অন্নমাত্র সার প.ক ২৩৭০। ২ কর্কশ, কঠোর। "রুখ বাণী শ্রী.কী ২৪৮; ২৭৭। দীন অনাথিনী হেন কহ অতি রূখ চৈ.ম ৬৬। ৩ রুক্ষ, কান্তিহীন ম্লান। "রুখলি।—খা বিং ১ কর্কশ, নীরস (কথা)। ২ অতৈল, চিক্কণতাহীন (চুল)। ৩ সর্থ 'রুখ (১)। "রুখা রুটি। —খু বিং [রুক্ষু > °খু; দ্র 'রুক্ষী'] সর্থ 'রুখা' (২)। "হের দেখ রুখু মাথা ক.চ ২৮৪। [রুখা শুখা কাল—বর্ষাভিন্ন কাল; শীতাদি ঋতু।]

রুখ[২], রোখ[৩] অর্ম্ম [সং √রুষ্ > √রুখ; রোষ > রোখ > √রোখ; মৈ √রোখ] ১ রোষ করা; রাগা। "কাহে রোখল কান বি.প ১৩২; এ বোল শুনিয়া রোখে রজক শ্রী.ম ১২৪। দ্বিগুণ ধনী রোখয়ে।—জ্ঞা ২০২। কানুক দোখে, যো ধনী রোখই, সো তাপিনী জগমাহ।—গো ২১৫। সরম দিয়ে সতীকে যত সতীনে কয় রুখে।—দা ৮২২। রুখিয়া...হানিতে লাগিল ছুরি স্ব.প্র ১৭৮। ২ ক্রুদ্ধ হইয়া আক্রমণে উদ্যত হওয়া। [রুখনি—রোখা করা; রাগা। রোখা[৩]—১ সর্থ 'রুখ[২]। ২ রোষপ্রবণ, কোপন, রাগী (মেজাজ)।]

রুখনি দ্র 'রুখ[২]।

রু(রূ)খলি বিং [রু(রূ)খ-ল+ই[১°]] রুক্ষা, কান্তিহীনা, শ্রীহীনা। "(ধনি) রুখলি (পাঠান্তর—'রূখলি', বি.প ২০২) ভুখলি (দেখলি) প.ক ১৯১৮।

রুখা, রুখু দ্র 'রুখ[১]।

রুগন্বিত বিণ [রুক্[২]+অন্বিত; তৃ.ত] রোগযুক্ত, রোগী (সুশ্রুত)।

রুগী বি [রোগী > °গী (কথ্য)] রোগী। "চির°। [°পত্র—রোগী ও রোগের ব্যবস্থাপত্র বা ডাক। রুগী এড়ে মাছুর কোঁতান—প্রকৃত দোষীকে ছাড়িয়া তৎসম্পৃক্তকে পীড়াপীড়ি করা।]

রুগ্ণ বিণ [√রুজ্+ত (ক্ত)-ক, ণত্ব; 'রুগ্ন' (ন-কারান্ত—অ.কো; শ.ক)] ১ ভগ্ন। "বিটপানিব বায়ুরুগ্ণান্ রঘু ৯.৬৩; ১২.৭৩। করিরুগ্ণচন্দন কি ১২.৪৯। ২ নিপীড়িত, অভিভূত। "শোকরুগ্ণঃ...গতঃ পিতা তে।—রা ২.১০২.৯। ৩ ভুগ্ন, ব্যাধি হেতু কুটিল (অ.টী)। ৪ রোগান্বিত (ভ.বা)।

রুচ্ অক [ভ্বা, ও—রোচতে; সেট্] ১ দীপ্তি, প্রকাশ। ২ অভিপ্রীতি, অন্তকর্ত্তৃক অভিলাষ (পা ১.৪.৩৩, সি); প্রীতি, অনুরাগবিশেষ (ক.ক)। [অভি—অভিরুচি। বি—প্রকাশ। "রঘু ৯.৫১।]

রুচ[১] বি [রুচি > °চ] ১ দীপ্তি, প্রভা। "কনয়াচল-রুচ, উচ কুচ চুচুকে জ.প ৩১। ২ শ্রী, শোভা। "উচ কোরক,-রুচ চোরক, কুচ জোরক সাজে জ.প ৩৭।

রুচ[২] অর্ম্ম [সং √রুচ্ > প্রা √রুচ্চ; হি, ঠ √রুচ] ১ প্রীতিকর হওয়া; ভাল লাগা। "দুই কুচে। নন্দসুত কাহাঞিকে রুচে॥—শ্রী.কী ৩৪। ভ্রমরে না রুচে কেতকী-গন্ধ ক.চ ১৩৭। ২ খাইতে ভাল লাগা। "খাইতে না পারি মোর না রুচে বদনে ভ.গ্র ২১। ৩ সঙ্গত বোধ হওয়া। "বাসুকি বলিল (ইহা) নাহি রুচে মোর মনে।—ম ২৯; তে কারণে তার সহ কলহ না রুচে ৭২৫। ৪ মনোমত বা পসন্দ হওয়া। [রুচই, -চে (প.ক)।]

রুচক বি [রুচ্+অক (ক্বুন্)-ক, উ ২.৩৭] ১ রুচিকর, প্রীতিকর "রুচক, কুচের বাটুল শ্রী.কী ৩৯; রুচক আম্বল ৪৯। ২ উৎকট —চক পুং ১ বীজপুর, জম্বীরবৃক্ষ। ২ নিষ্ক। "গো.রা ২.১২.৮ ৩ কপোত। ৪ দন্ত। ৫ মধ্যভাগে সমচতুরস্র স্তম্ভবিশেষ। "বৃহৎসংহিতা ৫৩.২৮। —চক ক্লী ১ সর্জ্জিকাক্ষার, সাজিমাটি। ২ অশ্বাভরণ। ৩ মাল্য। ৪ মাঙ্গল্যদ্রব্য। ৫ খাদ্যরস। ৬ গোরচনা। ৭ বিড়ঙ্গ। ৮ লবণ। ৯ সৌবর্চ্চল। ১০ বাস্তুবিশেষ। "বৃহৎসংহিতা ৫০.৩৫। ১১ বলরুচিকর ঔষধ (tonic—A.)। ১২ মাতুলুঙ্গক (শ.ক)।

রুচা স্ত্রী [রুচ্+স্ত্রী আ (আপ্)] ১ প্রীতি। "মহা ৩.৫.১৩। ২ সর্থ 'রুক্[১]।

রুচি স্ত্রী [√রুচ্+ই (ইন্)-ভা, কিৎ, উ ৪.১১৯] ১ দীপ্তি, প্রকাশ। ২ প্রীতি, অনুরাগ। "বাসুদেবকথারুচি ভ ১.২.১৬। ৩ স্পৃহা, অভিপ্রীতি। "ভিন্নরুচির্হি লোকঃ রঘু ৬.৩০। রুচিকর কি ১০.৬৩। তদ্ধর্ম্ম এবাত্মরুচিঃ প্রজায়তে ভ ১.৫.২৫। ৪ অভিষঙ্গ, আসক্তি (শ.ক)। ৫ [+ই-৭] দীপ্তি, প্রভা। "আলো কৈল অঙ্গরুচি অরিষ্ট-আলয় শ্রী.মা ৩৯। ৬ জ্বালা, অর্চ্চিঃ। "রুচিরগ্নৌ যথা।—হ ১২৫.৪৪। ৭ কান্তি, কমনীয়তা। "(রাজ্ঞঃ পুত্রাঃ) রুচ্যা প্রোষ্ঠপদোপমাঃ রা ১.১৮.১৬। ত্বদানন° রঘু ৫.৬৭। মুখরুচি কত শুচি।—ম ১৯১। তনুরুচি ভুবনমোহন ক.চ ২০১। মুপরুচি মোহই।—গো ১২। তপ্তকাঞ্চনরুচি ম.বি ২৫৩। ৮ ছবি। "বহলপঙ্করুচি (তমসঃ পটলম্) মাঘ ৯.১৯। ৯ শোভা, শ্রী। "সজলজলদরুচি শ্রী.কী ৬; কনককমলরুচি ১২। (কমল) নাল বিনা রুচি পায় বি.প ২৭। '(অধর) নবপল্লব-রুচি জীনে বি.সা ২২০। হিমকররুচি এক দশন শ্রী.ম ১। মৃণালের রুচি, বিকচকমলগুণে।—মে ৪৯। ১০ তেজঃ। "°ভর্ত্তৃ মাঘ ৯.১৭। ১১ কিরণ (শ.ক)। ১২ বুভুক্ষা (শ.ক)। ১৩ গোরোচনা। ১৪ আলিঙ্গনবিশেষ (শ.ক)। [°কর (বিণ)—১ স্পৃহাজনক। ২ ক্ষুধাজনক (সুশ্রুত)। °ধাম (-মন্) ক্লী—তেজোনিধি, সূর্য্য। "মাঘ ৯.১৩। °প্রদ (বিণ)—স্পৃহাজনক; ক্ষুধাকর (সুশ্রুত)। °ফল (ক্লী)—রুচিকর ফল; অমৃতাহ্ব, নাসপাতি। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—১ তেজোনিধি, সূর্য্য। "মাঘ ৯.১৭। ২ স্বামী।]

রুচির বিণ [√রুচ্+ইর (কিরচ্) -ক, ক ১.১২; স্ত্রী -রা] ১ উজ্জ্বল, ভাস্বর। "অশ্বান্ রুচিরপ্রভান্ রা ৭.২২.৭। °কলাপঃ (ময়ূরঃ) রঘু ৯.৬৭। °চিত্রতনূরুহশালিন্ মাঘ ৪.৩২। রতনরুচিরানন।—গো ৮৯। ২ সুন্দর, চারু, শোভন। "রুচিরাং নাবম্ রা ২.৫২.৭। রুচিরেক্ষণবিভ্রম মাঘ ৬.৪৬। °স্মিত ভ ১.১৫.১৮। মাণিকরুচিরদশনা ক.চ ২৩। কনক-

রুচির অঙ্গে ব.প ৩৬৪। ৩ মঞ্জু, শ্লক্ষ, কোমল। "সুরুচিরং বচঃ রা ১.৬৩.২। রুচিরয়া গিরা ভ ৩.১৫.১১। ৪ ক্ষুধাজনক। ৫ স্বাদু। —চির ক্লী ১ কুঙ্কুম। ২ লবঙ্গ। ৩ মূলক। —চিরা স্ত্রী ১ গোরোচনা। ২ ত্রয়োদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। 'জভৌ সজৌ গিতি রুচিরা চতু-গ্রহৈঃ।—ছন্দোমঞ্জরী। [°ভাষণ (বিণ)—মঞ্জুবাক্, প্রিয়বাদী। °মূর্ত্তি (বিণ)—সুদর্শন, কান্ত। রুচিরাক্ষী (স্ত্রী)—'সুলোচনা', সুন্দরী।]

রুচিরা দ্র 'রুচির'।

রুচিষ্য বিণ [√রুচ্+ইষ্ণ (কিষ্যন্) -ক, উ ৪.১৭৮] ১ প্রীতিকর, অভিমত, ইষ্ট। "এষ এব রুচিষ্যো মে বরঃ।—হ ২৬২.৬৪। ২ রুচিকর, স্বাদু। ৩ ক্ষুধাজনক।

রুচী স্ত্রী [রুচি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] সর্ব 'রুচি'।

রুচ্য বিণ [√রুচ্+য (ক্যপ্)-ক, নিপাতিত, পা ৩.১.১১৪ ; স্ত্রী -চ্যা] ১ সর্ব 'রুচির (১ ; ২)। ২ প্রীতিকর। ৩ রুচিকর। "রুচ্যং মাংসম্ (শ.ক)। ৪ ক্ষুধাজনক। —চ্য পুং ১ পতি। ২ শালিধান্য। —চ্য ক্লী ১ সৌবর্চ্চল। ২ ক্ষুধাজনক ঔষধ (tonic)।

রুচ্যমান বিং ['রোচমান' সাধু] দীপ্যমান, শোভমান। "এ-বরাঙ্গ বররুচি রুচ্যমান এবে৹ মোহান্তে।—ম ১১৬।

রুজ্ সক [তুদা, প—রুজতি, অনিট্] ১ ভঞ্জন, রোগ। "রুজতি রোগো হস্তম্ (ক.ক)। ২ [চু. প—রোজয়তি, সেট্] হিংসা। [বি —ভঙ্গ, অবসাদ। "বিরুগ্ণোদগ্রধারাগ্রঃ কুলিশঃ ভট্টি ৫.২৫।]

রুজ '-জ্' বি [সং রুজ্] রোগ। "কুব্জ রুজ নাশে শ্রী ৪৩।

রুজা স্ত্রী [রুজ্+আ (আপ্)] ১ রোগ। "পা ২.৩.৫৪, সি। নীরুজ। —হি ১.১৪। ২ ভঙ্গ। ৩ কুষ্ঠ। ৪ মেষী।

রুজাকর বিণ [রুজা+ √কৃ+অ(ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] রোগ-করণশীল, ব্যাধিকারক। "ধরণীপতিতং তোয়ং চাতকানাং রুজাকরম্ রঘু ৫.১৭, মল্লিনাথ। —কর পুং 'দুঃখজনক', ব্যাধি। —কর ক্লী 'রোগজনক', কর্ম্মফল। —করণ ক্লী [ষ.ত] পীড়াজনন, ব্যথন। "ব্রাহ্মণস্য রুজাকরণম্।—বিষ্ণু ৩৮.১।

রুজাকরণ দ্র 'রুজাকর'।

রুজাপহ বিণ [রুজা+অপ— √হন্+অ (ড) -ক ; উ.ত ; স্ত্রী -হা] রোগাপহন্তা, ব্যাধিনাশক (সুশ্রুত)।

রুজি বি [ফা রোজী] দৈনিক অন্ন, বৃত্তি, জীবিকা, চাকরী। "রঙ্গ ১২। [রুজি মারা—বৃত্তি বন্ধ করা।]

রুজু[১] বিং [ঋজু > °জু] ১ সরলরেখানুসারে পরস্পর অভিমুখ ; সামনা-সামনি। "রুজু জানালা, দরজা। ২ সমান, তুল্য। "রাম সনে রুজু হৈল সাধু ধনপতি। বনে ছেলি লয়ে যার ভ্রমিল যুবতী॥ —ক.চ ১৭৮। [রুজু দেওয়া—মূলের সহিত নকল কথায় কথায় মিলান। "দলিল, হিসাব রুজু দেওয়া।]

রুজু[২] বি [আ 'রুজউ'] উপস্থিত, দায়ের, দাখিল। "রাজদ্বারে নালিস রুজু হওয়াতে (যখন তাহারা) উদ্বিগ্ন পা.প্র ২১২।

রুট্[১] (-ষ্) স্ত্রী [√রুষ্+কিপ্ (০)-ভা-১ব] রোষ, ক্রোধ। "রামঃ ...রুষান্বিতঃ গো.রা ৪.৫.২৯। নির্ব্বন্ধসঞ্জাতরুষ্ রঘু ৫.২১ ; ৯.৪৯ ; প্রদ্বেষনির্ব্বন্ধরুষো হি সন্তঃ ১৬.৮০। সরুষি নৃপে।—পঞ্চ ১.৭৬। বিমুঞ্চ মানিনি রুষম্ সা.দ ৩২২।

রুট্[২] (-হ্) বিণ [√রুহ্+ক্বিপ্ (০) -ক -১ব] জাত, উৎপন্ন। "অম্ভো°, জল°, ভূ°, মহী°। [সমাসে উত্তরপদ]

রুট, -ঠ[২] অর্ম্ম [সং রুষ্ট > লি, প্রা রুট্ঠ > বা (রুঠ, -ট) °ঠ, -ট ; হি √রু(রূ)ঠ ; ঠ √'রূঠ'—মারা] রুষ্ট হওয়া ; রাগা। "দন্তী দেখে রুটে শ্রী ৭২ ; রুটে উঠিল ভূপাল ১৫৭ ; রুঠে উঠে ২২৭। স্বরূপ কহিতে যদি রুঠ ভ.প্র ৪৪৩।

রুটি বি [হি, ঠ, গু রোটী ; 'রোট্ট, -ট্ঠ'—তণ্ডুলপিষ্ট (দেশী ৭.১১)] ১ আটা ময়দা ইত্যাদির কাইএর অগ্নিপক চাকতি ; চপাটি ; পাউরুটি। ২ অন্ন, জীবিকা ; চাকরী। "রুটি যাবে ভ.প্র ২২৮। গোজেস্তা সুরত খাজনা আদায় না হইলে তোমার রুটি যাইবে আ.চু ১৬২। [রুটি মারা—বৃত্তি বন্ধ করা]

রুটিফুট (?)। "°ট চুই কর, জপে পীর পেগম্বর ক.চ ৭৬।

রুঠ[১] বিং [দ্র 'রুট'] রুষ্ট। "মোরে রুঠ কাহ্ন শ্রী.কী ২৭৯।

রুঠ[২] দ্র 'রুট'।

রুণুঝুণু, -ঝুনু, রুণুঝুনু, রুণুরুণু, রুনুঝুনু বি [ধ্বন্যাত্মক ; হি রুনঝুন] ১ মৃদু নূপুরধ্বনি। "(নূপুর) রুণুঝুণু বাজে শ্রী.কী ১৫ ; নূপুর রুণুঝুণু কাঢে রাএ ৩৩৯। রুণুঝুনু মঞ্জীর বোল বি.প ১০০। নেপুর রুণুঝুণু গো.বি ৯৫, বা.ম ১৫৭। (নূপুর) রুণুঝুণু বাজে ব.প ১৩২১। রুণুঝুনু শ্রী.ম ১২৮ ; ব ৮৪। রুনুঝুনু ম.পা ৩৩ ; বি.পা ৪৯। রুণুরুণু সঘনে নূপুর বাজে।—জ্ঞা ৪৭,-৯। ২ মৃদু কিঙ্কিণীধ্বনি। "কটিতে কিঙ্কিণী, রুণুরুণু ধ্বনি শ্রী মা ৫২, মে ৩১। রুনুঝুণু শ্রী.ম ২৬। রুনুঝুনু শি ৫০। [রুণুরুণু ঝুনুঝুনু—ঘুঙ্গুরধ্বনি। "বা.দ ২২৬। রুণুরুণু ঝুমঝুম —মলের শব্দ। "অ.গু ১০২। রুণুরুণু রুণু রুণুর রুণুর—নূপুরধ্বনি। "দু ৮৮। রুনুনু-ঝুনুনু—নূপুরধ্বনি, কিঙ্কিণীধ্বনি। "শ্রী.মা ৬৫ ; ১৫০ ; ১৯৩। রুনুরুনু-ঝুনু—কিঙ্কিণীধ্বনি। "ম.পা ৪২।]

রুণুঝুণু, রুণুঝুনু, রুণুরুণু দ্র 'রুণুঝুণু'।

রুণ্ড বিণ [√রুণ্ট্ স্তেয়+অ (ঘঞ্) -র্ম্ম, পৃষো] ছিন্নপাণিপাদ। "রুণ্ডঃ পুরুষঃ ক.সা ৬৫.১১। —ণ্ড পুং ১ ছিন্নপাণিপাদ পুরুষ। "তদ্ভার্য্যা তেন রুণ্ডেন রেমে ক.সা ৬৫.১৫, ৪১। ২ কবন্ধ। "ভৈরব° উ.চ ৫.৬। রুণ্ডখণ্ড মা.মা ৩.১৭।

রুত[১] ক্লী [√রু+ত (ক্ত)-ভা] ১ ধ্বনি, রব, শব্দ। "সর্ব্বভূত° রা ২.৩৫.১৯। ২ পশুরব। গোমায়ু° মাঘ ১৬.২৫ ; হি ২.৮৬। ৩ পক্ষিরব, কূজন। "পরপুষ্ট° গো.রা ২.৫৬.১৩। হংসরুত—ঋতু ১.৫। কোকিল° বা.দ ১৪৩। ৪ ভ্রমররব, গুঞ্জন। "অলি° মাঘ ৯.৩৪। রুতানি...ষট্পদানাম্ ভট্টি ২.১০। ৫ হস্তিরব, বৃংহিত। "হস্তিরুতাভিজ্ঞ ক.সা ১৩.১৭। ৬ নাদ, গম্ভীররব। "পর্জ্জন্যনাদরুতয়া (বাচা) ভ ৪.৩০.৭। [°জ্ঞ, °বেত্তা (র্তৃ) বিণ পশুপক্ষি-প্রভৃতির রবের অর্থবিৎ, শাকুনিক। "°জ্ঞ—বৃহৎসংহিতা ৯৬.১ ; ক.সা ১০১.৪৯। °ব্যাজ (পুং)—রবব্যপদেশ, শব্দচ্ছল।]

রুত[২] '-ত্' বি [উদ[২] > রুদ > রুত, দ 'র'[৭]] উদ্বিড়াল। "গো.চ ১৯৪।

রুদ্ অক [অদা, প—রোদিতি ; সেট্] রোদন, অশ্রুবিমোচন। —দ সক [পূর্ব্ববৎ] আহ্বানবিশিষ্টরোদনক্রিয়া (জয়মঙ্গলটীকা)। "নাম-গ্রাহমরোদীৎ সা ভ্রাতরৌ ভট্টি ৫.৫। [অনু—অনুরোদন ; অনুকরণ-পূর্ব্বক রোদন। "কু.স ৪.১৫। উপ-আ—আক্রন্দন, শোক। "ভট্টি ২.৪। প্র—উচ্চৈঃ রোদন। "ভট্টি ১৭.৭১।]

রুদ অর্ম্ম [সং √রুদ্ > লি, রুদ ; অপ্র] ক্রন্দন করা। "বৈসে রুদিতে রুদিতে : কদিতে কদিতে...প্রাপ্ত ম পা ৪১, ১৬৬।

রুদন ক্লী [√রুদ্+অন (ক্ন্)-ভা, ঔণাদিক] রোদন। "রুদ্রো দেব ত্বং রুদনাৎ হ ১৩৩.২২।

রুদন্মুখী বিং [অপ্র] অশ্রুসিক্তমুখী, অর্থাৎ কাঁদিতে কাঁদিতে। "রুদন্মুখী হৈয়া বামা দিল জল স্থল রা.স ১৯।

রুদিত বিণ [√রুদ্+ত (ক্ত)-ক] ক্রন্দিত। —দিত ক্লী [+ত -ভা] রোদন। "কিংতে...রুদিতেন বা।—রা ২.৪৪.২। প্রবল° উ.মে ২৩। রুদিতানুসারী রঘু ১৪.৭০। শ ২৮। শ্রী.ম ২৫।

রুদ্ধ বিণ [√রুধ্+অ (ক্ত)-র্ম্ম] ১ প্রাকারাদি দ্বারা বেষ্টিত ; বলয়িত, আবৃত (অ.কো)। ২ কৃতরোধ, বারিত, নিরুদ্ধ (মল্লিনাথ)।

"রুদ্ধালোকে নরপতিপথে…তমোভিঃ পূ.মে ৩৭। উ.মে ৩৪। ৩ প্রতিহত। "অগ্রে রুদ্ধে মহা ৫.১৮৩.৫। ভবতি দুরিতপাকো দক্ষিণাভিশ্চ রুদ্ধঃ।—বৃহৎসংহিতা ৪৬.১৭। ৪ প্রতিবিদ্ধ। "শাপান্ মৈথুনরুদ্ধস্য পাণ্ডোঃ ভ ৯.২২.২৭। ৫ বদ্ধ। "(সন্দর্শনহর্ষরংহসা) রুদ্ধগিরো ববুর্দম্ ভ ১০.৮২.১৪। ৬ প্রতিবদ্ধ। "ভোগীব মন্ত্রৌষধিরুদ্ধবীর্য্যঃ রঘু ২.৩২। ৭ বদ্ধগতি, স্তম্ভিত। "(যানপাত্রম্) অভবদ্ রুদ্ধং ব্যাসক্তমিব কেনচিৎ ক.সা ১৮.২৯৪,-৮। ৮ গৃহীত, ধৃত। "করেণ রুদ্ধোঽপি চ কেশপাশঃ রঘু ৭.৬। কররুদ্ধনীবি (বসনম্) মাঘ ৯.৭৫। ৯ বন্দীকৃত। ১০ আক্রান্ত। °নিদ্রাম্…নয়নসলিলোৎপীড়রুদ্ধাবকাশাম্ উ.মে ৩০। [°দৃক (-শ্) বিণ—বদ্ধদৃষ্টি, স্তম্ভিতদৃষ্টিশক্তি। °বক্ত্র (বিণ)—আবৃতমুখ। "বস্ত্রান্তররুদ্ধবক্ত্র (মৃচ্ছকটিক)। °বীর্য্য (বিণ)—প্রতিবদ্ধশক্তি। °মুখ (বিণ)—বদ্ধপ্রবেশপথ; পূর্ণমুখবিবর।]

রুদ্যমান বিং [তু 'রোরুদ্যমান; অসাধু] অত্যন্তক্রন্দনযুক্ত, অর্থাৎ অত্যন্ত কাঁদিতে কাঁদিতে। "(বসন্তরায়) রুদ্যমান হইয়া…নিবেদন করিতেছেন ব.প ১৬৯৭।

রুদ্র বিণ [√রোদি অথবা অন্তর্ভাবিতণ্যর্থ √রুদ্+র+(রক্)-ক, ণিচ্ লোপ, উ ২.২২; উণাদিটীকা] ১ 'রোদয়িতা', ভীষণ, ভয়ঙ্কর। "সকলভূপালকুলপ্রলয়কালাগ্নিরুদ্রেণ চেদিপতিনা (S.W.)। নামে রুদ্র বাজ স.স্ব ৮০। হে রুদ্র বৈশাখ!—চ.কা ২৯৩। জ্বলে তাঁর রুদ্রনেত্র পাপ-তিমিরে।—রবীন্দ্র। ২ বিশাল, বিপুল। "ঝটিকা উড়ায়ে রুদ্র পাখা, গাহিছে গর্জ্জন-গান।—কা ৪৩। —দ্র পুং ১ (বহুব) গণদেবতাবিশেষ। "কু.স ২.২৬। [রুদ্র একাদশ—অজ একপাৎ অহিব্রধ্ন বিরূপাক্ষ রৈবত হর বহুরূপ ত্র্যম্বক সাবিত্র জয়ন্ত পিনাকী (মৎস্যপুরাণ, ৫ম অধ্যায়)। পুরাণান্তরে নামভেদ আছে। দ্র 'মহা ১.৬৬.২; ৩। হ ৩.৫০-৫২। কুপিত ব্রহ্মার মন্যু ভ্রূমধ্য হইতে নীললোহিত কুমাররূপে উৎপন্ন হইয়া রোদন করিয়াছিল; এই হেতু নাম 'রুদ্র'। রুদ্রের সন্তানেরা 'রুদ্রগণ'। (ভ ৩.১২শ অধ্যায়)। মহাভারতে, ব্রহ্মার মানসপুত্র স্থাণু হইতে রুদ্রগণের উৎপত্তি (মহা ১.৬৬.২; ৩)। বায়ুপুরাণে ব্রহ্মার ললাট হইতে জাত রুদ্রের পুরুষাকৃতি দেহার্দ্ধ হইতে রুদ্রগণের জন্ম হয়। রুদ্রগণ শিবের অবতার এবং শঙ্কর ইঁহাদের অধিদেবতা (রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি গী ১০.২৩)। বেদে, ইন্দ্র অগ্নি ও সর্ব্বক্ষয়কর কালের সহিত রুদ্রের ঘনিষ্ঠ সম্বন্ধ এবং পরবর্ত্তী কালে 'কাল' ও 'রুদ্র' অভিন্ন। পুরাণে এই 'রুদ্র'ই মঙ্গলময় 'শিব'।] ২ শিব (শিবের সংহারমূর্ত্তি)। "মহা ১৩.১৭.৪৭। ৩ অগ্নি (শিবের অষ্টমূর্ত্তির একতম—রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ)। ৪ একাদশ (১১) সংখ্যা। "রুদ্রাবৃত্ত (চণ্ডীপাঠফলশ্রুতি); ৫ প্রথম মুহূর্ত্ত। দ্র 'মুহূর্ত্ত (১)। ৬ অর্কবৃক্ষ। ৭ উপনিষদে 'এ' বর্ণ (S.W.)। —দ্র পুং, -দ্রা স্ত্রী বীণাবিশেষ। "বাজ রুদ্র কপীনাস ব.প ৫৮৩; ন.বি ২৫২। [°গণ (পুং)—একাদশ রুদ্র। "বৃহৎসংহিতা ৪৮.৭১। {রুদ্রগণ চন্দ্রকলাযুক্ত জটাজুটধারী (কু.স ২.২৬)।} °গর্ভ (পুং)—'রুদ্রশিশু', অগ্নি। "মহা ২.৩১.৪৪। ম ২৯৯। °চণ্ডী (স্ত্রী)—দুর্গামূর্ত্তিভেদ। °জ (পুং)—পারদ। °তাল (পুং)—তালবিশেষ। "ক.চ ৭৫। °দর্শন (বিণ)—ভীষণমূর্ত্তি। °পত্নী, °প্রিয়া (স্ত্রী)—দুর্গা। °বলি (পুং)—রুদ্রার্থ মৎস্যাদি পূজোপচার। °যামল (ক্লী)—তন্ত্রবিশেষ। °সখ (পুং)—কুবের। °সম্মিত (বিণ)—রুদ্রসংখ্যাপরিমিত, একাদশসংখ্যক। °সাবর্ণি (পুং)—দ্বাদশ মনু। দ্র 'ভ ৮.১৩.২৭-২৯। °সূ (স্ত্রী)—রুদ্রসংখ্যক অর্থাৎ একাদশ পুত্রের জননী। °সৃষ্টি (স্ত্রী)—সর্থ 'রুদ্রসর্গ'। °স্বর্গ (পুং)—রুদ্রলোক।]

রুদ্রবীণা স্ত্রী [কর্ম্মধা] বীণাবিশেষ। "ব.প ৪১৮। [ইহার দণ্ড একাদশমুষ্টিপরিমিত। দণ্ডের উভয় প্রান্তে কাংস্যের সংবরক (তুম্বী?) থাকে। দণ্ডের বেষ্টন সার্দ্ধ পঞ্চাঙ্গুল এবং লম্বরীর (কানের?) পরিমাণও তদ্রূপ। বিশেষ বিবরণ, দ্র 'শ.ক'। দণ্ডের পরিমাণ 'একাদশ' মুষ্টি বলিয়াই, বোধ হয় ইহার নাম 'রুদ্র' বীণা।]

রুদ্রমূর্ত্তি বিং ভীষণমূর্ত্তি, বিকটাকৃতি। —মূর্ত্তি বি শিব। "শি ৩২।

রুদ্রসর্গ পুং [ষ.ত] রুদ্রকর্ত্তৃক সৃষ্টি। [জলমধ্যে দশ সহস্র বর্ষ তপস্যা করিয়া সমাধিভঙ্গে রুদ্র মনুষ্যপশুসঙ্কুল সকানন শস্যপূর্ণ পৃথিবী দর্শন করিলেন। দক্ষালয়ে ঋত্বিগ্‌গণের ও আশ্রমে যাজ্ঞিকগণের শব্দ শ্রবণ করিলেন। তখন, 'তুমি প্রজা সৃষ্টি কর' ব্রহ্মার এই কথা তাঁহার মনে হইল, এবং 'কে এই সৃষ্টি করিল' এই কথা বলিয়া তিনি মহাক্রোধে ভীষণ শব্দ করিলেন; শব্দ করিতে করিতে তাঁহার শ্রোত্র হইতে যে জলরাশি নির্গত হইল, তাহা হইতে কোটি কোটি ভূত প্রেত বেতাল পূতনা কুষ্মাণ্ডপ্রভৃতি উত্থিত হইল (বরাহপুরাণ)। ইহা রুদ্রসর্গ]

রুদ্রাক্রীড় পুং [ষ.ত] রুদ্রের ক্রীড়াস্থান; শ্মশান। "ভট্টি ১৭.৬৯।

রুদ্রাক্ষ পুং বৃক্ষবিশেষ। [ত্রিপুরনাশকালে রুদ্রের অক্ষি হইতে যে অশ্রুবিন্দু পতিত হয়, তাহা হইতে এই বৃক্ষ উৎপন্ন।] —ক্ষ ক্লী ১ রুদ্রাক্ষফল। "°মালা, °মালিকা। ২ রুদ্রাক্ষজপমালা।

রুদ্রাঙ্কুশ পুং [ষ.ত] রুদ্রের অঙ্কুশতুল্য; ত্রিশূল।

রুদ্রাণী স্ত্রী [রুদ্র+স্ত্রী ঈ (ঙীষ্), 'আন্' (আনুক্) আগম] ১ রুদ্রপত্নী, দুর্গা। "পা ৪.১.৪৯। কৃ ৩৫২। ২ একাদশবর্ষীয়া কুমারী। ৩ রুদ্রজটা লতা।

রুদ্রাবাস পুং [ষ.ত] ১ 'রুদ্রবাসস্থান', কাশী। ২ কৈলাস।

রুদ্রিয় বিণ [রুদ্র+ইয় (ঘ); স্ত্রী -য়া] রুদ্রসম্বন্ধী; ভীষণ, ঘোর।

রুদ্রেশ্বর বি রুদ্রগণের অধিপতি; শিব। "মে ৫।

রুধ সক [রুধা, এ—রুণদ্ধি, রুদ্ধে; অনিট্] ১ আবরণ রোধ। ২ [দি, ঙ—রুধ্যতে (অনু-পূর্ব্বক প্রয়োগ—'অনুরুধ্যতে)] ইচ্ছা। [অনু—অনুরোধ, অনুবর্ত্তন। অব—অবরোধ। আ—অপনয়ন। "বন্ধুতা শুচমারুণৎ ভট্টি ১৭.৪৯। উপ—নিবারণ; নিষেধ; আচ্ছাদন; নির্ব্বন্ধ। নি—নিরোধ। "ভট্টি ১৭.৪৯। প্রতি—প্রতিরোধ, প্রতিবন্ধ। বি—বিরোধ; অনৈক্য। সম্—সংরোধ, প্রতিবন্ধ।]

রুধ, রোধ[২] সর্ম্ম [সং √রুধ] ১ রোধ করা; বন্ধ করা; আটকান। "আছুক অন্যের কাজ পবন রুধিল।—ম ৬৪৪; দ্বারপথ নিরোধি আছয়ে ত্রিলোচন ৯৭৪। প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি।—রবীন্দ্র। কি সাধ্য আমার, সাধিব, রোধি আমি গতি, তোমার?—মে ২৬৬। ২ আচ্ছাদন করা; ঢাকা। "ক্ষত্রিয়সমাজে, রোধিবে শ্রবণপথ ঘৃণায়, শুনিলে, নাম তোর রথিবৃন্দ!—মে ২০০।

রুধির ক্লী [√রুধ্+ইর (কিরচ্)-র্ম্ম, উ ১.৫২; cf., Gr. eruthros; L rŭber, rūfus; Ger. rot; A. S. rèad; Gothic—'raúths'; Slav. rŭdrŭ; Lithuanian—'rúdas'; Icelandic—'raudhr; E. red] ১ 'চর্ম্মশিরারুদ্ধ', শোণিত, রক্ত। "°তাম্রাক্ষ রা ১.৫০.৪। মনু ৪.১২২। গলদ্রুধিরচন্দন রঘু ১১.২০। ২ কুঙ্কুম। ৩ বাণরাজ-রাজধানী, শোণিতপুর। ৪ মণিবিশেষ। ৫ (বাঙলায়) দেবীকে দেয় খর্পরধৃত ছাগাদিবলির রক্ত। "শরার রুধির ফুরিয়ে এল—তার উপায় কি?—আ.ছু ১৩৯। ৬ (খর্পরের রুধির দেবীর খাদ্য, ইহা হইতে) উৎকোচ, ঘুষ; অর্থ, টাকা। ("আমরা) কলমের মারপেঁচে সকলই উলটে দিতে পারি—কিন্তু রুধির চাই।—আ.ছু ১০২। —ধির পুং ১ রক্তবর্ণ, লাল রঙ। ২ লোহিতাঙ্গ মঙ্গলগ্রহ। [°চর্চ্চিত (বিণ)—শোণিতাক্ত, রক্তবিলিপ্ত। "°চর্চ্চিতসর্ব্বাঙ্গ। °তাম্র (বিণ)—শোণিতারুণ, রক্তলোহিত। দ্র '(১)। °পাত (পুং)—রক্তস্রাব, শোণিতক্ষরণ। °পায়ী (-য়িন্) বিণ—শোণিতপানশীল; (পুং)—রাক্ষস। °প্রদিগ্ধ (বিণ)—শোণিতাক্ত, রক্তসিক্ত। "ভোগান্ °প্রদিগ্ধান্ গী ২.৫। °প্লাবিত (বিণ)—শোণিতার্দ্রীকৃত, রক্তাপ্লুত।

"°রাবিক্তশরীর।—পক ৩৩৬। °বর্ষ (স্ত্রী)—রক্তবৃষ্টি। °রুষিত (বিণ) —রক্তরঞ্জিত। °লালস (বিণ)—শোণিতপিপাসু। °লেপ (পুং) —শোণিতলেপন।]

রুধিরাখ্য বিণ [বহুব্রী] রুধির-নামক (রত্ন)। "কর্কেতনপদ্মরাগরুধিরাখ্যঃ (উপলাঃ) বৃহৎসংহিতা ৮০.৪।

রুধিরানন স্ত্রী [বহুব্রী] 'রক্তমুখ', মঙ্গলগ্রহ। "বৃহৎসংহিতা ৬.৪।

রুধিরাময় পুং [উ.লো] ১ রুধিরসম্বন্ধী রোগ; রক্তপিত্ত (সুশ্রুত)। ২ অর্শরোগ।

রুধিরাশন বিণ [বহুব্রী] শোণিতপায়ী। "°নান্ (বাণান্) গো.রা ২,২০.৪১। ব্যালাশ্চ রুধিরাশনাঃ রা ২.১১৯.১৯।

রুনুঝুনু, রুনুনু-ঝুনুনু, রুনুরুনু-ঝুনু দ্র 'রুণুঝুণু'।

রুন্ধ সর্ম্ম [সং √রুধ্ >লি √রুন্ধ; প্রা √রুংধ >বা রুন্ধ; হি √রুঁধ; ঠ, গু √রুংধ; অপ্র] রোধ করা। "অন্ধকার হৈল সূর্য্য রুন্ধিল বাতাস।—ম ৬৪৪।

রুপ সর্ম্ম [সং √রোপি—রোপয়্ >লি রোপে; প্রা √রুপ্প >বা √রো(প)প; হি, ঠ √রুপ (অর্ম্ম), √রোপ (সর্ম্ম), মৈ √রোপ] ১ সর্থ 'রু৩ (১)। "তুলসী কাটিয়া গাছ রুপিল গাঁজাই কৃ.অ ১৯। ২ (উৎসবার্থে) পোতা, লাগান। "দুয়ারে দুয়ারে রুপিল রামকলা কৃ.অ ৫।

রুপ্প বি রূপ, সৌন্দর্য্য। "গো চ ২৪৫,-৯।

রু(রো)বকারী বি [ফা রূব্‌কারী] মোকদ্দমার বিচারলিপি বা রিপোর্ট। "আকটুবরে রোবকারী প্রেরিতা হইয়াছে: রোবকারীর প্রতিলিপি E.P. 81.

রুম্ বি [E. room] কক্ষ, গৃহ। "মারবেলেতে মলের ঠমক বাজলো রুমে রুমে।—হেম ৩৮৬।

রুমা স্ত্রী ১ সুগ্রীবের পত্নী। "রা ৪.১৮.১৯। [কৃত্তিবাসী রামায়ণে 'উমা' (কৃ ১৬৯)। ২ লবণাকরবিশেষ (মেদিনী)।

রু(রো)মাল বি [ফা রূমাল্ ('রূ'—মুখ; 'মালিদন্'—মর্দ্দন)] হাত-মুখ মোছার বস্ত্রখণ্ড (handkerchief)। [শালের রুমাল—ছোট শালবিশেষ।]

রু(রূ)য়া, রোয়া বি ['রোপ' মূল (?), 'রো' (কথ্য)] ঘরের চালে আড়ভাবে আরোপিত বংশাদির দণ্ড। "লাল টঙ্গির রুয়া দিয়া জমেরে দিমু শাল গো.চ ৩২৯, ম.গা ৭। সোণার সাঁড়ক রুয়া চ.বি ১৩৮; ২০১। রূয়া ম.ম ১৬৮।

রুরু পুং [√রু+রু (ক্রুন্)-ক, উ ৪.১০৩, ধ্বন্যাত্মক (?)] ১ হরিণবিশেষ। "শুক্লযজুর্ব্বেদ ২৪.২৭। রা ২.৯৩.২। রঘু ৯.৫১। ম ৪৪৩। ২ সর্পাপেক্ষা অতিক্রূর জন্তুবিশেষ (শ্রীধর)। "ভ ৫.২৬.১১। দ্র 'রৌরব (১)। ৩ ভৈরববিশেষ। "ভা চ ৫৪। [°চেষ্টিত (বিণ) রুরুচরিত, রুরুপূর্ণ। "°চেষ্টিতভূমিষু রঘু ৯.৫১। °ভৈরব (পুং)—রুরুনামক ভৈরব।]

রুল [বি E. rule, হি রূল] ১ সরল রেখা টানার দণ্ড। ২ (সাদৃশ্যে) পুলিসের কনস্টেবলের হস্তস্থিত কাষ্ঠদণ্ড। "রুলধারী…কনস্টেবলের কান্তমূর্ত্তি ব.প্র ৩১৩। ৩ নিয়ম, বিধি। "রুল জারি করা। [রুল-কাটা, -টানা—রুলের সাহায্যে রেখাঙ্কিত। "°কাটা কাগজ।—শিশু ৪০। রুল টানা—রুল দিয়া রেখা টানা।]

রুলম্ব বি [সং রোলম্ব] ভ্রমর। "প.ক ১৪৮৯।

রু(রু)লি১, -লী বি [ঠ 'রুল'—স্ত্রীপাদভূষণ] গালার সরু বালাবিশেষ; (সাদৃশ্যে) সোনার সরু বালাবিশেষ। "তার (চুড়ির) কাছে রাঙ্গা রুলী শোভা করে বড়ি ব.প ৩৮৬। মেগের হাতে রাঁড়া রুলি, পেগের বড়াই খালি।—হেম ৩৮০। হাতে দেব রুলি বি.বু ২৭। তোমার হাতে রুলি রয়েছে, তুমি কি সধবা?—বিষবৃক্ষ।

রুলি২ বি [হি রোলী] অ্যাসিডের সহিত তণ্ডুলচূর্ণ হরিদ্রা ও কটকিরির মিশ্রণে তিলক করার চূর্ণবিশেষ; চূর্ণ ও হরিদ্রার মিশ্রণে প্রস্তুত তিলক করার চূর্ণবিশেষ (হিন্দীশব্দসাগর)। "ললাটে রুলির টাকা ব.প ১৫১৯। কপালে পরেছ রুলি গি.ষি ৯৯।

রুলী; রুশুম দ্র 'রুলি১; রশুম'।

রুষ্ অক [ভ্বা, দি, প—রোষতি, রুষ্যতি, সেট্] রোষ, ক্রোধ। —ষ্ অক [চু, প—রোষয়তি; সেট্] ক্রোধ।

রুষ অর্ম্ম [সং √রুষ্, হি, ঠ, গু, মৈ √রুস] রুষ্ট হওয়া; রাগা। "দেবাসুর মধ্যে যেন রুষিল সুপর্ণ।—ম ৯০৩। কহিছে রুষিয়া ভা চ ৩৮২। মে ১০। [রুষিবেহেঁ—রুষ্ট হইবে। "পুকবে জানিতোঁ যবেঁ রুষিবেহেঁ তোহ্মে শ্রী.কী ৩৬৯।]

রুষা স্ত্রী [রুষ্+স্ত্রী আ (আপ্), দ্র 'রুট্'] রোষ, ক্রোধ।

রুষিত, রুষ্ট বিণ [√রুষ্+ত (ক্ত)-ক, বিকল্পে 'ই' (ইট্), পা ৭.২.২৮] ক্রুদ্ধ, কুপিত। বিপ 'তুষ্ট'। "রুষিত রা ২.৯৬.১৬, মনু ৯.৮৩। মনোহতিরুষ্টম্ ভ ৪.১৯.৩৪। ক্বচিদ্রুষ্টঃ ক্বচিত্তুষ্টো রুষ্টতুষ্টঃ ক্ষণে ক্ষণে (সু.র)। —ষ্টি স্ত্রী [+তি ক্তিন্)-ভা] রোষ।

রুষ্ট, রুষ্টি দ্র 'রুষিত'।

রুস্মা বি [উষ্মা >°ষ্মা. দ্র 'র৭', অপ্র] ক্রোধ। "শূ ১৪০।

রুসমৎ বি (?)। "ব.প ২১৫।

রুস্তম দ্র 'রশুম'।

রুহ্ অক [ভ্বা, প—রোহতি; অনিট্, (ণিচ্) √রোপি, -হি] ১ জন্ম, উৎপত্তি। "রোহতি জন্তুঃ, জায়তে ইত্যর্থঃ (ক.ক)। ২ বীজজন্ম। "উষরে বীজমুপ্তং ন রোহেৎ মহা ১৩.৯০.৪৪। ৩ প্রাদুর্ভাব, স্ফূর্ত্তি (ক.ক)। [অব—অবরোহণ, অবতরণ। "মনু ২.২০২। আ—আরোহণ। "হি ৪৫ (কথারম্ভ)। প্র—প্ররোহ, উৎপত্তি। বি—জন্ম। "বিরূঢশষ্পং (গহ্বরম্) রঘু ২.২৬। সম্—সঞ্জনন, নবীভাব। "প্রেমদ্রুমাঃ সংরুরুহুঃ প্রিয়াণাম্ ভট্টি ১১.৫।]

রুহ বিণ [√রুহ্+অ (ক)-ক, স্ত্রী -হা] জাত। "গিরিসানু°, পঙ্ক°, মহী°, মেরু° (S.W.)। জনস্থানরুহদ্রুমাঃ গো.রা ৩.৫২.১০। [সমাসে উত্তরপদ]। —হ বি [সং তনুরুহ, অপ্র] লোম। "যথা বীতরুহ দ্বিরদশরীর বা.প্র ২৬৮। —হা স্ত্রী দূর্ব্বা।

রুহা দ্র 'রুহ'।

রুহিত, -হী বি [দ্র 'রুই'] রুইমাছ। "°হী শ্রী.কী ২৪২। °ত বা.ম ১৪৯।

রুহী দ্র 'রুহিত'।

রূক্ষ১ অক [অদন্ত চু, প—রূক্ষয়তি, সেট্] অস্নিগ্ধীভাব, পারুষ্য।

রূক্ষ২ দ্র 'রুক্ষ'।

রূক্ষ৩ পুং ১ হস্তিমদগন্ধ। ২ বরকতৃণ। —ক্ষ স্ত্রী ১ উৎকৃষ্টলৌহবিশেষ। ২ দধির ঘন অংশ বা চাল। —ক্ষা স্ত্রী দন্তীবৃক্ষ। [°গন্ধ (পুং) —গুগ্‌গুলু। °দর্ভ (পুং)—হরিদর্ভ, কুশভেদ। °পত্র (পুং)—শাখোটবৃক্ষ। °বাক্ (-চ্) স্ত্রী—কর্কশভাষা, পরুষবাক্য। °বাদী (-দিন্) বিণ —পরুষভাষী। °স্বর (বিণ)—কর্কশরব; (পুং)—গর্দ্দভ।]

রূক্ষ৪ পুং [তু 'সং বৃক্ষ >লি, প্রা রুক্‌খ] বৃক্ষ।

রূক্ষণ স্ত্রী [√রূক্ষ+অন (ল্যুট্)-ভা] ১ অস্নিগ্ধীভাব, পরুষভাব। ২ [রূক্ষি+অন -ভা] রূক্ষীকরণ, শোষণ। "অতিস্নিগ্ধস্য রূক্ষণম্ (সুশ্রুত)। ৩ মেদশ্ছেদকর-চিকিৎসা। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অস্নিগ্ধীকৃত, পরুষীকৃত। "ক্ষরৎক্ষতজ°।—বৃহৎসংহিতা ১০৪.১৬।

রূক্ষা; রূক্ষিত; রূখ; রূখলি দ্র 'রূক্ষ৩, রূক্ষণ, রুখ১; রুখলি'।

রূঢ় বিণ [√রুহ্+ত (ক্ত)-ক] ১ জাত, উৎপন্ন। "°ব্রণশরীরিম্ গো.রা ৬.১০৫.১৫। সংগ্ররদোষ° রঘু ৬.৪১; ১৩.৭৩; °তৃণাঙ্কুর ১৬.১৮।

২ বীজজাত। ৩ বৃদ্ধাতিশয়প্রাপ্ত, অতিবৃদ্ধিগত। "°স্কন্ধো মহাদ্রুমঃ রা ২.১০৫.৮। ৪ অতিশয়জাত, দীর্ঘ। "°শ্মশ্রুঃ...লোমহর্ষণঃ (পুরুষঃ) রা ৭.২৩, ১.১৩ (টীকা)। ৫ প্রাদুর্ভূত। "°যৌবন ভ ১০.৫৫.৯। ৬ স্ফুট। বিপ 'গূঢ়'। "°মন্যু ভ ৪.১৪.৩৪। ৭ প্রসিদ্ধ। "পা ৫.১. ৪৯, সি। ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ, ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ রঘু ২.৫৩। বৃহৎসংহিতা ২.৩। ৮ ব্যুৎপত্তিরহিত (শব্দ), অর্থাৎ যে শব্দের ব্যুৎপত্তি নাই, কিন্তু তদর্থে প্রসিদ্ধ; প্রকৃতিপ্রত্যয়ার্থের অপেক্ষা না করিয়া শব্দবোধজনক (শব্দ)। যেমন, আখণ্ডল, ঘট, অশ্ব। বিপ 'যৌগিক'। 'ব্যুৎপত্তিরহিতাঃ শব্দা রূঢ়া আখণ্ডলাদয়ঃ। "মাঘ ১০.২৩। ৯ (অন্তর্ভাবিত-ণ্যর্থ) আরোপিত (শ্রীধর)। "রূঢপরিচ্ছদ ভ ১০.১১.৩০। ১০ (বাঙ্‌লায়) অমিশ্র, মৌলিক (elementary)। "°পদার্থ। ১১ পরুষ, কর্কশ, অশিষ্ট, উদ্ধত (কথা, ব্যবহার)। ১২ অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত, অতিদীপ্ত, সমুজ্জ্বল। "রূঢ় দীপের আলোক লাগিল, ক্ষমা-সুন্দর চক্ষে।—কথা ৩০। [°গ্রন্থি (বিণ)—সঞ্জাতগ্রন্থি, দৃঢ়রুদ্ধমুখ। "ব্রণো রূঢ়গ্রন্থিঃ উ.চ ২.২৫। °পরিচ্ছদ (বিণ)—আরোপিতদ্রব্যসম্ভার। °প্রণয় (বিণ)—দৃঢ়মূলপ্রেমা, দূরগতপ্রণয়। °মন্যু (বিণ)—স্ফুটরোষ। বিপ 'গূঢ়মন্যু'। °মূল (বিণ)—দৃঢ়মূল, বদ্ধমূল। °যৌবন (বিণ)—প্রাদুর্ভূতযৌবন। °শ্মশ্রু (বিণ) জাতশ্মশ্রু; দীর্ঘশ্মশ্রু। °সৌহৃদ (বিণ)—বদ্ধসৌপ্য। "বিক্র ১.৯ (পাঠান্তর)। °স্কন্ধ (বিণ)—অতিবৃদ্ধিপ্রাপ্তস্কন্ধ (বৃক্ষ)।]

রূঢ়ি স্ত্রী [√রুহ্‌+তি (ক্তিন্)-ভা] ১ জন্ম, উৎপত্তি। ২ বীজজন্ম। ৩ অতিশয়বৃদ্ধি, বৃদ্ধি (growth)। ৪ প্রসিদ্ধি, প্রয়োগপ্রবাহ হেতু প্রসিদ্ধি (কা.প্র)। "কা.প্র ২৯। সা.দ ২.৫। ৫ রূঢ়শব্দনিষ্ঠশক্তি (শ ক), অর্থাৎ যে শক্তি দ্বারা প্রকৃতিপ্রত্যয়ার্থব্যতিরেকে প্রসিদ্ধি হেতু শব্দার্থবোধ হয়। বিপ 'যোগ'। 'সমুদায়শক্তিঃ রূঢ়িঃ। ৬ ব্যুৎপত্তিলব্ধ জ্ঞান বিনা শব্দের সমুদায়শক্তিতে শব্দার্থবোধ। "পা ১.২.৫৫, কাশিকা। ৭ আরোপণ (শ.ক)। দ্র 'রূঢ় (৯)।

রূঢ়িবৃত্তি বি রূঢ়িসিদ্ধ অর্থ; শব্দের প্রয়োগসিদ্ধ প্রসিদ্ধ অর্থ। "(মুক্তি) রূঢ়িবৃত্ত্যে কয়ে তবু সাযুজ্যে প্রতীতি চৈ.চ ১০৭ ; ২৩৫।

রূঢ়িশব্দ পুং [উ.লো] রূঢ়িশক্তিযুক্ত শব্দ; তদর্থে লোকপ্রসিদ্ধ শব্দ।

রূপ[1] সক [অদন্ত চু. প—সেট্] রূপকরণ, রূপযুক্তকরণ (ক.ক)। "অররূপৎ প্রতিমাং শিল্পী। [অনু—অনুরূপকরণ, অনুকরণ। নি—নিরূপণ, স্বরূপকথন (ক.ক)। বি—বিরূপকরণ।]

রূপ[2] বিণ [রূপ+অ (অচ্)] 'রূপযুক্ত', সদৃশ। "পিতৃ°—অ.কো, শূদ্র-বর্গ, ৩৭ টীকা।—প ক্লী [√রূপ+অ (অচ্)-র্ম] ১ আকৃতি, মূর্ত্তি, কায়। "রূপং রূপং মঘবা বোভবীতি।—ঋগ্বেদ ৩.৫৩.৮। পশ্য মে পার্থ রূপাণি গী ১১.৫। শ ১.২৩। অপরূপ তব রূপ একরূপ নয় স.শ ৮৪। ২ সৌন্দর্য্য, শ্রী। "(উদ্বহেৎ ভার্য্যাম্) রূপগুণান্বিতাম্ মনু ৭.৭৭। °যৌবনসম্পন্ন।—চাণক্য। কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪। ৩ চক্ষুর্বিষয়-মাত্র, দ্রব্য। ৪ স্বভাব, প্রকৃতি, বিশেষধর্ম্ম। ৫ প্রতিবিম্ব, প্রতিকৃতি। "ন চোদকে নিরীক্ষেত স্বং রূপম্ মনু ৪.৩৮। ৬ ভাব, প্রকার। "অনর্থমর্থরূপেণ গ্রাহিতা সা ততস্তয়া রা ২ ৯.৩৬। রাজ্ঞেঽভিলাষরূপেয়ং প্রথমকামাবস্থা শ (S.W.)। তুমি নব নব রূপে এস প্রাণে।—রবীন্দ্র। ৭ জাতি। ৮ সাদৃশ্য, তুল্যতা। ৯ পদ্ধতি। ১০ (ব্যবহারে) ব্যবহার-স্বরূপ গুরুলঘুতাদি (কুল্লুক)। "মনু ৮.৪৫। ১১ অনুকরণীয়বস্তু, আদর্শ (pattern)। ১২ (গণিতে) পূর্ণ রাশি বা সংখ্যা। ১৩ এক (১) সংখ্যা। ১৪ নাম। ১৫ শব্দ (word); ধ্বনি (A.)। ১৬ পশু। ১৭ শব্দ ও ধাতুর বিভক্তিযুক্ত আকৃতি। "শব্দ°, ধাতু°। ১৮ শ্লোক। ১৯ গ্রন্থাবৃত্তি, সঙ্কল্পপূর্ব্বক চণ্ডী-প্রভৃতির আবৃত্তি। "শতরূপ সঙ্কল্প করেন সপ্তশতী শ্রী.মা ১৬৬। ২০ নাটক। তু 'রূপক'। ২১ শুক্লাদি বর্ণ। [বৈশেষিকে বড়্‌বিংশতি গুণের একতম 'রূপ'; ইহা রঙ। শুক্ল নীল পীত রক্ত হরিত কপিশ চিত্র—এই সপ্ত রূপ। রূপ চক্ষুর্মাত্রগ্রাহ্য। দ্র 'মহা ১৪.৫০.৪৬।] ২২ কার্ষাপণ। দ্র 'রূপক' পুং, ক্লী। "বৃহৎসংহিতা ৮১. ১১। ২৩ ভূষণভূষিত না হইলেও, দেহ যাহাতে ভূষিতবৎ বোধ হয়, তাহা 'রূপ'। 'অঙ্গান্যভূষিতান্যেব কেনচিদ্‌ভূষণাদিনা। যেন ভূষিতবৎ ভান্তি তদ্‌রূপমিতি কথ্যতে॥—উজ্জ্বলনীলমণি। [°কার, °কৃৎ (পুং)—'মূর্ত্তি-কারক', ভাস্কর (sculptor)। °গুণ (বিণ)—রূপই যাহার গুণ; রূপধর্ম্মযুক্ত (তেজঃ)। "মনু ১.৭৭। °গুণ (পুং)—রূপ ও গুণ। °গ্রহ (পুং)—রূপের গ্রাহক; চক্ষুঃ। °জীবনা (স্ত্রী)—রূপাজীবা, বেশ্যা। °জ্ঞ (বিণ)—আকারভেদজ্ঞ। °তত্ত্ব (ক্লী)—রূপতন্মাত্রতত্ত্ব, প্রকৃতি (nature)। °ধর (বিণ)—১ মূর্ত্তিধারক। "গোরূপধরামুর্ব্বীম্ রঘু ২.৩। ২ শুক্লাদিবর্ণযুক্ত। °ধারী (রিন্), °ধৃৎ (বিণ)—মূর্ত্তিধর। "দ্বিজরূপধৃৎ ক.সা ৪০.২০। °পরিকল্পনা (স্ত্রী)—মূর্ত্তিরচনা। °বিপর্য্যয় (পুং)—মূর্ত্তি-বিকৃতি, বিরূপীভাব। °ভৃৎ (বিণ)—রূপধারী, মূর্ত্ত। °যৌবনসম্পন্ন (বিণ)—রূপযৌবনবিশিষ্ট। °লাবণ্য (ক্লী)—সৌন্দর্য্যলালিত্য। "অলৌকিক-রূপলাবণ্যসম্পন্না কামিনী।—সী ৫০। °সমৃদ্ধ (বিণ)—রূপসমৃদ্ধিমান্, পরমরূপবান্। °সমৃদ্ধি, °সম্পৎ, °সম্পত্তি (স্ত্রী)—সৌন্দর্য্যাতিশয়, রূপপ্রাচুর্য্য।] [রূপের ডালি—সৌন্দর্য্যের আধার; অতিসুন্দরী (উপহাসে)। "তুমি যে নবীন ছুকরী রূপের ডালি ঘরে রয়েচ, তাই বুঝি হেরে যাচ্চি স.এ ১৭। রূপের বিদ্যাধর—রূপে বিদ্যাধরতুল্য, পরমসুন্দর। "গো.চ ৪৬৩।]

রূপ[3] সর্ম্ম [প্রা √রুপ্প > বা °প, দ্র 'রুপ'] রোপণ করা। "রম্ভা রূপি শূ ৩৫ ; ১০৫। রূপিল পুষ্প চ.বি ৩৯ ; ১৪০ ; ২২১।

রূপক বিণ [রূপ+ক (কন্) স্বার্থে] ১ রূপবান্, রূপী, মূর্ত্ত। ২ [°ক+অ (অচ্)] রূপকযুক্ত, ঔপচারিক, লাক্ষণিক। —পক পুং (সঙ্গীতে) তালবিশেষ। "তালরূপক গী.গো ১.৫। —পক ক্লী ১ রূপ, মূর্ত্তি। ২ প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি। "চিত্রে কিমালিখামীহ রূপকম্ ক.সা ৫৫. ৪৩। ৩ প্রকার; জাতি। ৪ রূপ, স্বরূপ। "দুর্গম্...গিরিপ্রত্যূহরূপকম্ মহা ৩.১১০.১৩। ৫ [√রূপ+অক (ণ্বুল্)-ক] 'উপমানোপমেয়ের অভেদারোপ দ্বারা একত্ব প্রাপক'; অর্থালঙ্কারবিশেষ। [উপমান ও উপমেয়ের অভেদ নির্দ্দেশ করিলে অর্থাৎ উপমেয়কে উপমানরূপে বর্ণনা করিলে, 'রূপক' হয়। 'অভেদো ভাষতে যস্মিন্ উপমানোপমেয়য়োঃ (রূপকং কথ্যতে সদ্ভিঃ)।—কাব্যচন্দ্রিকা। সাঙ্গ নিরঙ্গ পরম্পরিত ভেদে রূপক ত্রিবিধ (সা.দ ১০.২৮)।] ৬ মুখাদিতে পদ্মাদির আরোপের ন্যায়, নটে নায়ক রামাদিস্বরূপারোপ 'রূপক'; উপচারে তদ্বিষয়ক দৃশ্যকাব্য; নাটকাদি (সা.দ ৬.১)। [নাটকাদিভেদে রূপক দশ প্রকার এবং নাটকাদিভেদে উপরূপক অষ্টাদশবিধ (সা.দ ৬.৩-৬)।] ৭ 'রূপয়িতা', উপমান। "তিমিরাংশুকয়ো রূপ্যরূপকভাবঃ সা দ ৬৪/১৪। ৮ গুঞ্জাত্রয়পরিমাণ (যুক্তিকল্পতরু)। ৯ (বাঙ্‌লায়) সাদৃশ্য হেতু অবর্ণনীয় বিষয়ের বর্ণনা দ্বারা প্রকারান্তরে বর্ণনীয় বিষয়ের কথন। "এখন রূপক রাখ—আমার কথার উত্তর দাও—কোথায় মৃণালিনী?—ব.গ্র ১২০। —পক পুং, ক্লী [রূপ+ক স্বার্থে] মুদ্রা; রৌপ্যমুদ্রা, কার্ষাপণ, টাকা। 'রূপকং কার্ষাপণম্ পা ৫.১.৪৯, তত্ত্ববোধিনী। "সুবর্ণ° (S.W)। মূল্যং পঞ্চাশদ্ রূপকাঃ।—বৃহৎসংহিতা ৮১.১২। স্বর্ণ° ক সা ৭৮.১৩। [°তাল (পুং)—তালবিশেষ। °শব্দ (পুং)—ঔপচারিক শব্দ (figurative expression)।]

রূপকথা বি [উপকথা > °থা, দ্র 'র'] উপকথা। "রূপকথার গাঁয়ে।—শিশু ৬। একটা রূপকথা বল না।—ব.গ্র ২৭৮।

রূপকুলপতি বি রূপিগণ-শ্রেষ্ঠ; পরমরূপবান্। "হেম ১৯১।

রূপণ ক্লী [রূপ+অন (ল্যুট্)-ভা] অভেদারোপণ। "স্ফুটসাদৃশ্যানাং বহূনাং রূপণম্ সা.দ ১০/২৯।

রূপকস্তা বি [ঠ রূপকতী] রাঙ্গ ও দস্তার মিশ্রণে জাত রূপার মত ধাতুবিশেষ ; জর্ম্মান সিল্‌ভার (pewter)।

রূপবন্ত বিং [রূপ+বন্ত ; হি °রন্ত] রূপবান্, সুন্দর।

রূপবান্ (-বৎ) বিণ [রূপ+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] ১ আকারবান্, মূর্ত্ত। "রূপবানিব মারুতঃ গো.রা ৫.১৩.৮। প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান। রূপবান্ হইলা তাতে তনয় মহান্।—ক.চ ৯। ২ দেহধারী। "মৎস্য°। ৩ বর্ণযুক্ত। ৪ সুরূপ, সুন্দর। ৫ শোভাঢ্য, সুশোভন। "রূপবন্তি (বিভূষণানি) মহা ৩.১৬৫.১০। ৬ রূপতন্মাত্র-যুক্ত। "তেজো রূপবৎ ভ ২.৫.২৭। —বতী স্ত্রী সুন্দরী।

রূপরেখ, -খা বি রূপের অণুমাত্র ; মূর্ত্তিলেশ। "নিগুর্ণ সগুণ কিছু নাহি °রেখা বি.পা ৬ ; আছিল প্রকৃতিমাত্র নাহি রূপরেখ ৯।

রূপরেখা দ্র 'রূপরেখ'।

রূপশালী (-লিন্) বিণ [রূপ+ √শল্+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত ; স্ত্রী -লিনী] 'রূপশ্লাঘী', রূপবান্, অতিসুন্দর। "তরুণী রূপশালিনী ক.সা ৩৭.১৫০।

রূপস বিং [রূপস্বী (-স্বিন্)—পারস্করগৃহ্যসূত্র ৩.৯ (S.W.) >বা রূপসী > °স (?) ; তু 'প্রা রূরসিণী (রূপবতী স্ত্রী) ; ঠ রূপস ; তু 'লোম-শ'] ১ রূপবান্, সুন্দর। "উঝিমিঝি করে সব দেখিতে রূপস।—কৃ ১৩। রূপস তুমি পৃথিবীভিতবে।—ম ৯৬৭। রূপস পুরুষদল।—মে ২৭৯। ২ সুশোভন, সুন্দর। "দুয়ারে ঘট পাতিল রূপস কৃ.অ ৫। ঘর সব দেখিতে রূপস।—কৃ ২৪৫। দুয়ার তার বড়ই রূপস।—ম ১০৪৮। স্বর্ণের কলস দেখিতে রূপস ক চ ১৫১। —পস বি রূপবান্ পুরুষ। "রূপস রূপসী-রূপ করে নিরীক্ষণ।—বি.সু ৪৬ ; রূপস রূপসী ...নিদ্রা যায় ৬৫। —পসী বিং [°স+ঈ৬ ; 'রূপসী' (স্ত্রী.কী)] রূপবতী। "হাম রূপসী তোহাব রূপে ব.প ৯৯০। কি রূপসী, অঙ্গে বসি, অঙ্গ খসি পড়ে বি.সু ৪৭। দেবকন্যা দেখিতে রূপস (রূপসী) ম.ম ৭। রারুণী রূপসী।—মে ২৫। রূপে এ স্ত্রী তাহার অপেক্ষা অনেক গুণে রূপসী ব প্র ৫০৯। —পসী বি সুন্দরী। "দ্র 'রূপস' (বি)।

রূপা বি [সং রূপ্য >প্রা রুপ্প >বা (রূপ) °পা, হি রূপা · ঠ রূপে ; গু রূপু] ১ রৌপ্য। "গো.চ ৩২১। ক.চ ৭৪। ২ [রূপ >রূপা] (বৌদ্ধশাস্ত্রে) রূপাদি পঞ্চস্কন্ধ। "চ ১৬। [রূপাকব (রূপা+কর২) —রূপার, রৌপ্যময়। "রূপাকব পাটএ শূ ৩৮। রূপা-বাঁধা হুঁকা —রূপার আবরণে ঢাকা হুঁকা।]

রূপাজীবা স্ত্রী [রূপ আজীব যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] যাহার সৌন্দর্য্য জীবিকা ; বেশ্যা। "রা ২.৩৬.৩।

রূপাধিবোধ পুং [ষ.ত] দ্রব্যের রূপবিষয়ক বোধ ; দ্রব্যের সৌন্দর্য্য-বোধ বা আকারজ্ঞান।

রূপান্তর বি [ময়ূরব্যংসকাদি] ১ অন্যরূপ, ভিন্নমূর্ত্তি। ২ অন্যপ্রকার, ভাবান্তর। —রিত বিং জাতরূপান্তর, অন্যরূপপ্রাপ্ত।

রূপাভিগ্রাহিত বিণ [সুপ্সুপা] রূপের সহিত অভিগ্রাহিত ; সলোপ্ত্রধৃত, বমাল-গ্রেপ্তার (caught red-handed)।

রূপা(পু)লি বিং [রূপহরা,-হলা (রূপা+'হরা, -লা'—ভরা, ভৃত?) রূপহলী (স্ত্রীলিঙ্গ)] রূপার রঙের মত, রূপার মত সাদা। "রূপালি জরি সুক্ষ্ম কৃ.কে ৬৫। রূপুলি চুল গি.খি ৯৯। [রূপুলি গিলটী—রূপার মত চকচকে সাদা রঙের লেপ-দেওয়া। "সিঙ্গির গা রূপুলি গিলটি।—হু ৪৫।]

রূপাশ্রয় পুং [ষ.ত] সৌন্দর্য্যের আধার ; রূপনিলয়, অতিসুন্দর। "(অহার) স্রষ্টা রূপাশ্রয়ং রথম্ ভ ৪.১৫.১৭।

রূপি বি [সং রূপ্য > (স্বরাগমে) রূপির > °পি ; হি রূপ(পৈ)য়া ; ঠ রুপয়া, -পা ; মৈ রুপৈআ ; E. rupee] রৌপ্যমুদ্রা, টাকা। "রূপি বিনা রূপী-ভাব।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

রূপী[১] (-পিন্) বিণ [রূপ √ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -পিণী] ১ রূপবান্, মূর্ত্ত, দেহবান্। "অরূপিন্ ভ ৩২৪.৩১। রূপিণীমিব দুর্গতিম্ ক.সা ২.৫১। রূপী কোপ ইব ব্যাঘ্রঃ (দশকুমার)। ২ সুরূপ, সুন্দর, কান্ত। ৩ তাদৃশবেষাদি-বিশিষ্ট। "তম্...তাজ্য চণ্ডালরূপিণম্ রা ১.৫৮.১১ ; অনার্য্যামার্য্যরূপিণীম্ ২.৯৩.২৬। ৪ স্বরূপ। "বুদ্ধির্বিজ্ঞান-রূপিণী ভ ২.১০.৩২। যুগরূপিণী ; তৃষ্ণা রূপিণী ; তীর্থরূপিণী ম.পা ৪৯। —পিণী বিণ, স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মূর্ত্তিমতী, শরীরিণী। "(সাবিত্রী) রূপিণী...দর্শয়ামাস তং নৃপম্ মহা ৩.২৯২.১১। ২ রূপবতী, সুন্দরী। "রূপিণী রুক্মিণী শি ৫০।

রূপী[২] বি লালমুখ বানর ; রূপী বানব। দ্র 'রুপি'।

রূপুলি দ্র 'রূপালি'।

রূপেন্দ্রিয় ক্লী [উ.লো] রূপগ্রাহক ইন্দ্রিয় ; চক্ষুঃ (সুশ্রুত)।

রূপেশ্বরী বিং রূপে শ্রেষ্ঠ ; পরমাসুন্দরী। "রম্ভা রূপেশ্বরী ম.ম ৩৭।

রূপোচ্চয় পুং [ষ.ত] সৌন্দর্য্যসমুচ্চয়, রূপরাশি। "শ ২.৯।

রূপোন্মাদ বি রূপদর্শনজাত কর্ত্তব্যবিমূঢ়তা ; রূপজ মোহ। "অন্ধের রূপোন্মাদ কি প্রকারে বুঝিব?—ব প্র ২২২।

রূপোপজীবী (-বিন্) বিণ [রূপ+উপ- √জীব্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত] রূপ দ্বারা জীবিকাকারক ; রূপাজীব (বেশ্যাদি)। "বৃহৎসংহিতা ৫.৭৪।

রূপ্য বিণ [রূপ+য (যৎ), পা ৫.২.১২০ , স্ত্রী -প্যা] ১ প্রশস্তরূপ, রূপবান্, সুন্দর। "রূপ্যঃ পুরুষঃ (কাশিকা)। রূপ্যো গৌঃ (সি)। ২ আহতরূপ, তাড়িতরূপবিশিষ্ট। "রূপ্যং কার্ষাপণম্ (কাশিকা)। ৩ [√রূপ+য (যৎ)-র্ম্ম] রূপণীয়, অর্থাৎ রূপকে বর্ণনীয় ; উপমেয়। "তিমিরাংশুকরো রূপ্যরূপকভাবঃ সা.দ ১০৫৯। —প্য ক্লী ১ প্রতিমাদি-নির্ম্মাণার্থ তাড়িত স্বর্ণ বা রজত (অ.কো)। ২ রজত, রৌপ্য। "°তারা গো.রা ৬ ৪৯ ১৫। সুবর্ণস্য মলং রূপ্যম্ মহা ৫.৩৯.৮১। °দ মনু ৪.২৩০। °ময় ভ.গ্র ৩৪৬। ৩ মুদ্রাযুক্ত (stamped) স্বর্ণ বা রৌপ্য, স্বর্ণরৌপ্যের মুদ্রা ; দীনার, মোহর ; টাকা। [°দ (বিণ) —রৌপ্যদাতা। °ধাতু (পুং)—রৌপ্য। °মাষ (পুং)—রৌপ্যের মাষ ; দুইকুঞ্চ পরিমাণ। "যাজ্ঞ ১.৩৬৪। °রজ্জু (স্ত্রী)—রজতময়-সূত্র।]

রূপ্যাচল পুং [উ.লো] রৌপ্যসদৃশ পর্ব্বত ; রজতগিরি, কৈলাস।

রূপ্যাধ্যক্ষ পুং [ষ.ত] নৈষ্কিক (অ.কো), টঙ্কপতি (শ.ক), টাঁকশালার অধ্যক্ষ (master of the mint—A.)।

রূম বি [আ রূম্] তুরুস্কদেশ। "রূমের বাদশাহ।

রূষ্ সক [ভ্বা, প—রূষতি , সেট্] ভূষণ। —ষ, অক [অদন্ত চু, প —রূষয়তি , সেট্] বিস্ফুরণ, কম্পন , প্রকাশ।

রূষণ ক্লী [রূষ্+অন (ল্যুট্)-ভা] ১ ভূষণ, অলঙ্করণ। "পুষ্পরেণু-রূষণং তনৌ বিচিত্রম্ (ছন্দোমঞ্জরী)। ২ ব্রক্ষণ। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ভূষিত, চুরিত, অলঙ্কৃত। "চন্দন° রা ২.৪২.১৫ ; রক্ত-চন্দনরূষিতাঃ (সৈন্যাঃ) ২.৯১.৫৮। মহা ৭.১১৩.২৭। নখরাগ° রঘু ১৯.৮। পঙ্কজরেণু° ভ ৮.২.২৪। ২ ধূল্যাদিগ্রক্ষিত ; গুণ্ঠিত। "(দুর্য্যোধনঃ) শেতে পাংশুরূষিতঃ মহা ৯ ১.২৯। রেণু° কি ১.৩৪। ৩ লিপ্ত। "শরা রুধিররূষিতাঃ গো.রা ৩.৩১.১৮। হরিদ্রাতৈল° ভ ১০.৫.৭।

রে[১] ব্য ['রে, রেঁ' (চ)] ১ সম্বোধন। "শুন্ রে পান্থ।—হি ১৯। শান্ত হ' রে মম চিত্ত নিরাকুল।—রবীন্দ্র। ২ সরোষ সম্বোধন। "রে পুংশ্চলি, তিষ্ঠেদানীম্।—পঞ্চ ১২১৯। কোন দেব হইয়া রে যে সে বা

খায় ভাজ ম.ম ১৩। অরে রে অরে দক্ষ রে রে সতীরে ভা.চ ৪৩। ৩ (বাঙ্লায়) কাতর সম্বোধন। "বাছা, আয় রে আয় ম.ভা ৪২। রে সতি, রে সতি, কাঁদিলা পশুপতি।—হেম ৩৩৬। ৪ বিষাদ। "কান্দে রে বাঙ্গাল ভাই বাকোই বাকোই ক.চ ১৯৮, ২৪৯। কাঁদে রে কলঙ্কী চাঁদ মৃগ লয়ে কোলে ভা.চ ২৯০। [রে রে (সম্ভ্রমে দ্বিরুক্তি)—"রে রে কিরাত! ধাবত ধাবত (পদ)।]

রে² কা.ক্তি [র৪+এ৫] ১ কর্ম্মকারকের বিভক্তি। "তোমারে আমি কি বলিব আর।—ম ৩৩৫। চাঁদেরে শিখাইয়া দিয়া বিবাদ করায় বি.পা ১৪৯। চিক্তিল তাতরে: জঠরে মোরে ধরিলেক ম.পা ১৫৮। ঘরেরে যাব চৈ.ম ৭৬। ২ অপেক্ষার্থে পঞ্চমী বিভক্তি। "ভীম বিনা কর্ণেরে বলিষ্ঠ নহে পার্থ।—ম ২২২। তারে বড় আর কেবা আছে ভাগ্যবতী চৈ.ভা ১০৮। দাড়ি তার তোমার বেণীরে নাকি বড় ভা.চ ৩৫৪; জবনেরে কত ভাল ফিরিঙ্গির মত ৪৮৫। ৩ নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি। "অংশুমান গঙ্গা হেতু তপস্যারে চলে।—গ ৯০। পশ্চাতে যাবারে আমি করিব লিপন।—ম ৬৯৮। বিধাতা সৃজিল (কন্যা) কৌরব নাশেরে ম.বি ৩০; কিসেরে কান্দসি গুণবতী ১৭৯। ৪ আধারে সপ্তমী বিভক্তি। "রম্যক দ্বীপেরে বীর গেলা।—ম ২১। জলেরে যাইতে চ.দা ১১৬। দুর্ব্বলা ঘাটেরে যায় ক চ ১৫৬। চলিলা দেশেরে চৈ চ ৯৬। ঘরেরে আইলা চৈ.ম ৬০। তু 'সংস্কৃতে—ক যামি। কুত্র গচ্ছামি। নগরান্তরে প্রবিষ্টঃ (গত্যর্থ ধাতুর কর্ম্মে সপ্তমী)। [তাহারে (বস্তুর পরিবর্ত্তে)—তাহা (কর্ম্মকারক)। "তাহারে (অলঙ্কারকে) পরিয়া ...যাও ঘর গো.বি ৭১।]

রেউচিনি বি [ফা রেবন্দ্-ই-চীনী; ঠ বেরাচিনী; Gr. rheon barbaron] চীনদেশীয় বৃক্ষবিশেষের মূল—রেচক ঔষধ (Chinese rhubarb)।

রেউড়ি, -ড়ী বি [হি রেবড়ী; ঠ, গু রেরডী] চিনি বা গুড়ের রসে পাক-করা খোসাহীন তিলের ছোট টিকাব মত মিষ্টান্নবিশেষ। "রেউড়ি পদ্মমা মতিচুর রা.শে ২২ (টীকা)।

রেউড়ী দ্র 'রেউড়ি'।

রেউলা বি [ঠ রাউল. (রাজকুল)] রাজান্তঃপুর, অবরোধ। "মহিষীদিগের ন্যায় তোমার পৃথক্ রেউলা হইবে।—রাজসিংহ।

রেএটী বি ['রায়াটী'—মূল] সর্থ 'রাউটী'। "কামিন্যা সত্বর, গড়ে ধম্মঘর, চিরিআ রেএটী পাথর শূ ১৩২।

রেও, রেওভাট, রেয়ো বি ['রাজভাট' বা 'রবাহুত' মূল (?)] ভাটবিশেষ। "ভাট—রেও বারওয়ারীওয়ালা (কন্যাকর্ত্তার) চারিদিকে ঘেরিয়া দাঁড়াইল আ.দু ১৪, গোল কোনক্রমে থামে না—রেওভাট-প্রভৃতি ঝোঁকে আসিতেছে ১৩৪। রেয়োদের।—হ ১১৫। [ইহারা শ্রাদ্ধাদি ক্রিয়ায় উপস্থিত হয় এবং নানা প্রকার প্রশংসার কথা বলিয়া কর্ম্মকর্ত্তার নিকট হইতে নির্ব্বন্ধসহকারে অর্থাদি আদায় করে।]

রেওয়া বি [ফা রবা] খতিয়ান দেখিয়া যে কাগজে সংবৎসরের আমদানী রপ্তানী দেনা পাওনা ও মুনফার বিষয় একত্র লিখিত হয়, তাহা রেওয়া বা কারবারী নিকাসী জমাখরচ।

রেওয়াজ, রেয়াজ বি [আ রিয়াজ্] পদ্ধতি, প্রথা, রীতি, চলন, আচার। —রাজী বিং [আ রিয়াজী] প্রথানুযায়ী প্রচলিত।

রেঁদা বি [ফা রন্দা] কাঠ চাঁছিয়া সমতল বা মসৃণ করার ছুতারের যন্ত্রবিশেষ (carpenter's plane)। [রেঁদা করা, দেওয়া—রেঁদা দিয়া চাঁছিয়া সমতল করা। "যে কাঠের রেঁদা করিতেছে...হাত গুড়াইয়া রাখিলেই তাহার ক্লান্তি দূর হয় পা প্র ১৯৯।]

রেক¹ পুং [√রিচ্+অ (ঘঞ্)-ভা] বিরেচন, শূন্যীকরণ।

রেক² বি [মহোদ্রেক (চার প্রস্থ—M.W.)—'রেক' (?); অথবা দ্রব্যের পরিমাণজ্ঞাপনার্থ পাত্রপার্শ্বে অঙ্কিত 'রেখা' হইতে 'রেক' ?] চাল ইত্যাদি মাপার বেতের পাত্রবিশেষ; চার কুনিকা (ইহার পরিমাণ পাঁচ পোয়া (/১।০)। স্থলবিশেষে প্রভেদ আছে)। [°টাক—এক-রেকপরিমিত। "রেকটাক চালু শ্রী.মা ১৩৯।]

রেক³, -খ বি [সং রেখা: হি, ঠ, গু, মৈ, অস রেখ] ১ রেখা, দাগ। "সুজন-পিরীতি পাষাণ-রেখ ব.প ১০০১। পাষাণের রেখ শ্রী ১৬৮; ভ.প্র ২৩০, জ্ঞা ১৭০। ২ চিহ্ন, আকৃতি। "ধ্বজবজ্রাঙ্কুশ শুভ ষতিকের রেখ শ্রী ৯১। ৩ রূপের লেশ। "নহি রেক নহি রূপ নহি বর্ণ চিহ্ন। —শূ ১। ৪ অস্ত্রাঘাতের চিহ্ন বা দাগ। "মহিষ-অসুর অঙ্গে রেখ নাহি ফুটে চ.বি ৬৫; ২৫০,-৮০। ৫ রেখা, আঁক। "সীমন্তে সিন্দুর রেখ। —ব ৬১। ৬ গোশকটের চক্রচিহ্নিত পথ। [রেক-কানা গোরু—যে গোরু গোগাড়ীর চাকায় চিহ্নিত পথ দিয়া যায় না।]

রেকাব¹; রেকাব², রেকাবি দ্র 'রিকাব; রিকিবি'।

রেক্তা বি [ফা রেখ্‌তা; ঠ রেক্তা] ১ কথ্য হিন্দুস্থানী ভাষা; উর্দ্দুভাষা। ২ জলে মিশ্রিত চূণ-বালির লেপ বা সিমেন্ট্ বিশেষ। "রেকতার গাঁথনি।

রেখ দ্র 'রেক³'।

রেখা স্ত্রী [√লিখ্+অ (অঙ্)-র্ম+স্ত্রী আ (টাপ্)—লেখা > °খা, গুণ, ভিদাদি] ১ বিন্দুপুঞ্জকৃত দণ্ডাকার লিপিবিশেষ; উল্লেখ, দাঁড়ি, কষি। "°ন্যাস, উর্দ্ধ°।—রঘু ৪.৮৮। ভাল° ভা.চ ৫৭৮। ২ (গণিতে) বিস্তারহীন বিভাগার্হ দীর্ঘ পদার্থবিশেষ। 'যঃ পদার্থঃ দীর্ঘঃ বিস্তাররহিতঃ বিভাগার্হঃ স রেখাশব্দবাচ্যঃ (রেখাগণিত—শ.ক)। ৩ লেখা; রাজী (stripe)। "সমেঘরেখং শশিনশ্চ বিম্বম্ কু স ৭.১৬। ৪ পঙ্ক্তি, শ্রেণী। ৫ নৃত্যে রেখাবৎ সরল অবয়বসংস্থাপন। ৬ চিত্রকর্ম্ম। "তস্যা লাবণ্যং রেখয়া কিঞ্চিদন্বিতম্ শ ৬.১৪। অহো অস্যা রূপরেখা ক.ম ১২১। ৭ মুদ্রা, অঙ্ক, চিহ্ন। "সধাবকসব্যপদরেখা কি ৫.৪০। ৮ রেখা-পরিমাণ, অল্পক, লেশ। "°মাত্র। নাহি সাধ্য মানবের, সে মঙ্গল নিয়তির, এক রেখা করিবে লঙ্ঘন।—ন ২৬৭; স্বার্থের রেখা ১০৬৮। ৯ ছদ্ম, ছল। ১০ আভোগ, পরিপূর্ণতা (S.W.)। ১১ লঙ্কাসুমেরুর মধ্যস্থসূত্রগতস্থলভেদ (ত.বা)। ১২ চিহ্ন। "পথের রেখা ধরিয়া প্রফুল্ল অনেক দূর গেল ব.প্র ৩৫৬। [°গণিত (ক্লী)—১ রেখাচিত্রসম্বন্ধী গণিত, জ্যামিতি। ২ জগন্নাথকৃত রেখাচিত্রবিষয়ক গণিত। °ন্যাস (পুং)—রেখাঙ্কন, রেখাচিত্রকরণ।]

রেখাংশ পুং [ষ.ত] দ্রাঘিমার অংশ বা ডিগ্রি।

রেখাকার বিণ [বহুব্রী] রেখারচিত, রৈখিক।

রেখান্তর ক্লী [ষ.ত] দ্রাঘিমাদ্বয়ের অন্তর, অবকাশ বা দূরত্ব।

রেচক বিণ [√রিচ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -চিকা] ১ শূন্যীকারক, বিরেচক; নিঃসারক। ২ মলনিঃসারক, ভেদক। ৩ পুপ্ফুসশূন্যীকারক। —চক পুং ১ নাসাপথে কোষ্ঠস্থবায়ুনিঃসারকরূপ ব্যাপারবিশেষ; প্রাণায়ামাঙ্গভেদ। "পূরককুম্ভকরেচকৈঃ ভ ৩.২৮.৯। ২ মুচ্যমান শ্বাস। 'শ্বাসো মুচ্যমানস্তু রেচকঃ (আহ্নিকাচারতত্ত্ব—শ.ক)। ৩ যবক্ষার। ৪ জয়পালবৃক্ষ। —চক ক্লী ১ (ভেদক) কুষ্ঠমৃত্তিকা। ২ হরীতকী। ৩ ভেদক ঔষধমাত্র, জোলাপ। ৪ ক্রীড়ার্থ জলনিঃসারক যন্ত্রবিশেষ; পিচকারী। "ভ ১০.৯০.৯। —চন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] নিঃসারক, ভেদক। —চন ক্লী [+অন-ভা] ১ নিঃসারণ, শূন্যীকরণ; ন্যূনীকরণ। ২ বিরেচন; মলভেদন। ৩ শ্বাসত্যাগ। তু 'রেচক'। ৪ [+অণ-ণ] বিরেচনদ্রব্য। ৫ সর্থ 'রেচক ক্লী (১)। —চনক পুং কম্পিল্লক, কমলাগুঁড়ি। —চনী স্ত্রী দন্তীবৃক্ষ; শ্বেতত্রিবৃতা। —চিত বিণ [√রেচি+ত (ক্ত)-র্ম] ১ শূন্যীকৃত। ২ রিক্তীকৃত, ত্যক্ত। "°পুষ্পবৃক্ষাঃ...স্থিরেকাঃ রঘু ৬.৭। মাঘ ১০.৫৫। কি ১৪.৩৩। ৩ নিঃসারিত। —চিত ক্লী [+ত-ভা] ১ অশ্বের গতিবিশেষ। 'মণ্ডলী-

গময়ং যৎ তু রেচিতং তৎ প্রচক্ষতে (অ.টীকা)। ২ জর ললিত আক্ষেপ বা বিবর্ত্তন। দ্র 'কু.স ৩.৫, মল্লিনাথ।

রেচন, রেচনক, রেচনী, রেচিত দ্র 'রেচক'।

রেজগী বি [ফা রেজ্.গী] টাকা-ভাঙান ক্ষুদ্র মুদ্রা—আধুলি, সিকি, দুআনী, আনী (পয়সা না)। "টাকার রেজগী।

রেজা, -ঝা বি [ফা রেজ্জা] ১ সূক্ষ্ম খণ্ড ; অতিক্ষুদ্র টুকরা। "কৌটা দিয়া বিন্ধে রেঝা ক.চ ৪৬ ; কেহ বিন্ধে পুতিয়া রেজা ২০৩। ২ রাজ-মিস্ত্রির সহকারী মজুর বা যোগাড়ে।

রেজাই বি [ফা রজ্জাঈ] শীতের গাত্রবস্ত্রবিশেষ ; দুলাই ; তুলাভরা দুলাই। "সাল পটু বনাত রেজাই নানামত ভ.গ্র ৩১৩।

রেজি বি বড় ছুরী (?)। "রেজি ছুরি গো.চ ৫৮,-৯ , ১৬৩।

রেজিষ্টার বি [E. register] ১ ছাত্রগণের নামের তালিকার বহি। ২ দলিলের নকল রাখার বহি। —ষ্টারি, ষ্ট্রি- বি [E. registry] সরকারী রেজিষ্টারে লিপিবদ্ধ করা। —ষ্টারি, ষ্ট্রি বিং [registered] সরকারী রেজিষ্টারে লিপিবদ্ধ (চিঠী, দলিল, উইল)। —ষ্ট্রার বি [E. registrar ; 'বেজেষ্টার' কথ্য] বেজিষ্টার-রক্ষক সরকারী কর্ম্মচারী। [রেজিষ্টারি করা—সরকারের রেজিষ্টারে লিপিবদ্ধ করিয়া মোহরাঙ্কিত কবা। রেজিষ্টারি-কবা দলিল—পূর্ব্বোক্তভাবে মোহরাঙ্কিত দলিল।]

রেজিষ্টারি, রেজিষ্ট্রার, রেজিষ্ট্রি দ্র 'রেজিষ্টার'।

রেজেষ্টরী সিং সর্থ 'রেজিষ্টারি' বিং। "সেই উইল শীঘ্র রেজিষ্টারী করেন, তবেই এই অভিলাষ ত্যাগ করিব ব.প্র ২৫৬।

রেঝা দ্র 'বেজা'।

রেট্ বি [E. rate] ১ মূল্য, দর, হাব। ২ দর্শনীয় বাঁধা নিয়ম। "(সাতপেয়ে গরুর) দর্শনী দু পয়সা রেট হলো।—হু ৯৯। ৩ [?] সোনার বা রূপার দড়ির মত কটিভূষণবিশেষ।

রেটিনা বি [E. retina] অক্ষিগোলকের বস্তুপ্রতিবিম্বগ্রাহী জালবৎ চর্ম্ম। "স্নায়ুর নিশ্চেষ্টতাবশতঃ বেটিনাস্থিত প্রতিবিম্ব মস্তিষ্কে গৃহীত হয় না ব.প্র ২২২।

রেড়ি বি [সং এরণ্ড , হি রেংড, -ডী] ভেরাণ্ডা গাছ ; ভেরাণ্ডার ফল। [রেড়ির খ'ল—এরণ্ডকল্ক। রেড়িব তেল—এরণ্ডতৈল।]

রেড়ো, -ঢ়ো বিং [রাঢ+ও৺ > রাঢো > °ঢো, -ড়ো] রাঢদেশবাসী, রাঢ়জাত ; অসভ্য (উপহাসে)। "হেদে ও সহববাসি, আর কি হাসি হাসবি রেড়ো বলে ?—হেম ৩৮৫।

রেণু পুং স্ত্রী [√রী+ণু-ক, উ ৩.৩৮] ১ ধূলি, পাংশু, রজঃ। "শফচ্যুতো রেণুঃ।—ঋগ্বেদ ১.৩৩.১৪। খুরৈরুদীরিতো রেণুঃ রা ২.৯৩.১৫। মানুষী-করণরেণু রঘু ৯.২৩। ঘনঘনাকারে বেণু উড়িল চৌদিকে।—মে ৮৫। ২ বালুকাকণ। "সিকতারেণবো যদ্বৎ সংখ্যয়া পরিবর্জ্জিতাঃ।—পঞ্চ ২.৬৫। ৩ চূর্ণমাত্র, গুঁড়া। অঙ্গমুদ্ধূলয়ামাস ভূরিণা ভস্মরেণুনা ক.সা ১৮ ২৪৮। ভস্মশেষ হৈল দেশ, রেণু রেণু উড়িছে ভা.চ ৪৫। রেণুময় ধরা, বারি বায়ু রেণু, রেণু রেণু হয়ে উড়িছে।—হেম ৩৪। ৪ অষ্টত্রসরেণুপরিমাণ। ৫ পুষ্পরজঃ, পরাগ। "চক্রবাকাশ্চ পদ্ম-রেণুভিরঞ্জিতাঃ গো.রা ৪.৫০.১২। পুষ্প° রঘু ১.৩৮। কুমুদ্বতীরেণু-পিশঙ্গবিগ্রহম্ (ভুজঙ্গম্) ভট্টি ২.৬। —ণু পুং ১ বিড়ঙ্গ। ২ পর্পট। ৩ মরিচাকৃতিগন্ধদ্রব্যবিশেষ। "বৃহৎসংহিতা ৭৭.৫। ৪ (বাঙ্‌লায়) কড়ার ৩২০ ভাগের ভাগ (৩২০ রেণু—এক কড়া)। [°গুণ্ঠিত (বিণ) —পাংশুচ্ছাদিত, ধূলিব্যাপ্ত। °জাল (ক্লী)—ধূলিরাশি। °বাস (পুং) —'পুষ্পরেণুচ্ছাদন', ভ্রমর। °রূষিত (বিণ)—ধূলিপ্রক্ষিত, ধূলিধূসর। °সার (পুং)—কর্পূর।]

রেণুকা স্ত্রী [রেণু+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ জমদগ্নির পত্নী, পরশুরামের মাতা। দ্র 'পরশুরাম'। ২ মরিচাকৃতি গন্ধদ্রব্য-বিশেষ। [°তনয়, °সুত (পুং)—পরশুরাম।]

রেণুৎপাত পুং [ষ.ত] পাংশূদ্গম, ধূলা উড়া।

রেণ্ডী বি [হি, ঠ রংডী ; দ্র 'রাঁড়'] বেশ্যা। "দা ১৯৯৪।

রেত ক্লী [তু 'সং রেতস্ > প্রা রেঅ (রেত > রেঅ)] রেতঃ। "পক্ষী-স্থান হৈতে রেত পড়ে।—ম ৯১। বসনে রেতনিশান ভা.চ ৬৭৪। [°জ (পুং)—'রেতজাত', সন্তান।]

রেতঃ (-তস্) ক্লী [√রী+অস্ (অসুন)-ক,-১ব, 'ত্' (তুট্), উ ৪ ২০১ ; 'রেতস্'—রেতোবৎকারণ ; উদক (ঋগ্বেদ ১.৬৪.৩৪ ; ৩.৫৫.১৭)] ১ 'রক্ষণশীল', বীর্য্য, শুক্র। "রেতঃসেকঃ মনু ১১,৫৯। ২ (শিববীর্য্য) পারদ। [°পাত '-তঃপা-' (পুং)—বীর্য্যস্খলন। "মনু ৫.৬৩ কুল্লূক। °পাতী (-তিন্) বিণ—বীর্য্যপাতয়িতা, কৃতসহবাস। "মনু ৫.৬৩, কুল্লূক। °সেক (পুং)—শুক্রসেচন, সহবাস। "মনু ১১.৫৯। °সেক্তা (-ক্তৃ) পুং—বীর্য্যসেককর্ত্তা, পিতা। °স্কন্দন, °স্খলন (ক্লী) —রেতঃপাত, বীর্যাচ্যুতি।]

রেতোধা পুং [রেতস্+ √ধা+ক্বিপ্ (০)-ক ; উ.ত,] 'বীর্য্যাধায়ক', পিতা।

রেতোমার্গ পুং [ষ.ত] বীর্য্যাগমনপথ, রেতোনালী।

রেনিটি বি [?] কীর্ত্তনের সুরবিশেষ। "কীর্ত্তনিয়ারা মনোহরসায়ী রেনিটি ও নানাপ্রকার সুরে কীর্ত্তন করিতেছে আ.দু ৮১।

রেপার বি [E. wrapper] শীতের পশমী গাত্রবস্ত্র।

রেপ্‌কেস বি [E rape-case] বলাৎকারের মোকদ্দমা। "রেপ্‌কেস গুলিন বাবুর একচেটে।—জা ৫।

রেফ বিণ [√রিফ্+অ (ঘঞ্)-র্ম্ম (অ.কো) ; উ ৫.৫৪] নিকৃষ্ট, অধম, নিন্দিত। —ফ পুং [র+ইফ, বর্ণনির্দ্দেশে, পা ৩.৩.১০৮, সি] ১ যাহা রিফিত বা বিপাটিত, অর্থাৎ বস্ত্রাদিপাটনধ্বনিবৎ (কাপড় ফাড়ার শব্দের মত) উচ্চারিত হয় (তৈ ১.১৯) ; র-বর্ণ। "দ্বিরেফ। পরের্গতো যঃ শিরসাপি ধার্যাতে, সমাগতে সদ্মনি যাতি নম্রতাম্। গুণৈঃ পরেষাং দ্বিগুণত্বমীহতে, রেফেণ তুল্যা প্রকৃতির্মহাত্মনাম্॥—উদ্ভট। তৃতীয় চরণে হয় পঞ্চরেফস্থিতি চৈ.চ ৫৯। [রেফ (র-বর্ণ) ব্যঞ্জনের অব্যবহিত পূর্ব্বে থাকিলে রেফ-ফলা (´) এবং পরে থাকিলে র-ফলা (্র) হয়। বাঙ্‌লায় স্পষ্টনির্দ্দেশার্থ 'রেফ-ফলা' 'র-ফলা বলে, সংস্কৃতে উভয়ই রেফ, শব্দে স্থানবিশেষে ভিন্ন আকৃতি।] ২ রাগ, অনুরাগ। ৩ শব্দ। "ভ ৮.২০.২৫।

রেবত পুং ১ রাজবিশেষ। [ইঁহার পিতা আনর্ত্ত, পিতামহ শর্য্যাতি, কন্যা রেবতী। ব্রহ্মার আদেশে ইনি বলরামকে কন্যা সম্প্রদান করেন। (দেবীভাগবত—শ.ক)। দ্র 'ভ ৯.৩.২৭-৩৩।] ২ জম্বীরবৃক্ষ। —বতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীষ্), দ্র 'কেকয়ী'] ১ রেবতকন্যা, বলরামপত্নী। ২ মাতৃকাবিশেষ। ৩ দুর্গা। ৪ গবী। ৫ নদীবিশেষ (ভ.বা)। ৬ সপ্তবিংশতি নক্ষত্রের শেষ নক্ষত্র। [ইহা মৎস্যাকৃতি দ্বাত্রিংশৎতারকাযুক্ত। পূষা ইহার অধিদেবতা। ইহাতে জন্মিলে নর চারুশীল বিভবশালী জিতেন্দ্রিয় সৎকুল মহীপতি স্বভবনানুরক্ত হয়।] ৬ বালগ্রহবিশেষ। 'সুশ্রুত ৬.৩১। ৭ রেবতীনক্ষত্রে জাতা স্ত্রী। 'পা ১.২.৪৯, সি। ৮ অজশৃঙ্গী, মেঢ়াশৃঙ্গী।

রেবতী দ্র 'রেবত'। [°কান্ত, °রমণ, রেবতীশ (পুং)—রেবতীর পতি ; বলরাম।]

রেবা স্ত্রী [√রেব্ প্লুতগতি+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ নর্ম্মদা নদী। "পূ.মে ১৯। রেবারোধসি রেতসি তরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে সা.দ ১স্ত। ২ কামপত্নী। ৩ দুর্গা। ৪ নীলীবৃক্ষ।

রেভ অক [ভা, ৬—রেভতে ; সেট্] শব্দ। "বিরিব্ধ।

রেয়াজ দ্র 'রেওয়াজ'।

রেয়াত,-তি বি [আ রিআ'য়ত্] ১ অনুগ্রহ। ২ সম্মান, খাতির। "পতনে পেলে তাঁহার গুরুও কাহাকে রেয়াত করেন না।—আদু ১২৮। অন্যায় দেখলে তিনি কাহাকেও রেয়াত করেন না।—লী ২৩। ৩ অব্যাহতি, নিষ্কৃতি। "ছাপালে কিছু রেয়াতি বটে, না ছাপলেই ছাপিয়ে উঠে, দারোগা গিয়ে কাঁপিয়ে দেন মাটি দা ৪৯৯।

রেয়াতি ; রেয়ো ; রেয়োত দ্র 'রেয়াত ; রেও ; রাইয়ত'।

রে-রে-রে-রে বি [ধ্বন্যাত্মক] ডাকাতের ডাক বা হাঁক। "হাঁরে। রে-রে-রে-রে, ঐযে কারা আসতেছে ডাক ছেড়ে!—শিশু ৪২।

রেল বি [E. rail] ১ রেল-রাস্তার লোহার পাটি। °গাড়ী, °রোড। ২ রেলগাড়ী। "রেলে চড়া। ৩ [E. railing] বারাণ্ডা ইত্যাদিতে খুঁটিতে-খুঁটিতে-লাগান লোহার বা কাঠের গরাদের বেড়া। [°ওয়ে, °পথ, °রোড—রেল-বসান রাস্তা ; লৌহবর্ত্ম। "কি আশ্চর্য্য °ড দেখ-দেখি।—পদ্যপাঠ, ১ম ভাগ। °লাইন—রেলপথ।]

রেলা বি [হি বৌলা ; তু 'রোল'] ১ কোলাহল, গোল, শোর। ২ শব্দ, ডাক। "উজানির রেলা শি ৭৮। ৩ [হি রেলা] সংমর্দ্দ, জনতা, ভিড় (crowd)। "ক্রোশ যুগ যুড়ে হইল লস্করের রেলা শ্রী.মা ৬৬ ; মহেন্দ্র বাজারে হল মনুষ্যের রেলা ২০৫। ৪ সমূহ, দল। "জটায় জাহ্নবী, যায় কুম্ভীরের রেলা শি ২২।

রেলিং বি সর্থ 'রেল (৩)। "(গোবিন্দলাল) দেখিলেন রেলিং ভাঙ্গিয়া গিয়াছে ব.প্র ৩৩৩ ; বিচিত্র রেলিং ৩৩৫।

রেশ বি [রেশা > রেশ] ১ সুরের অনুরণন বা আমেজ। "সঙ্গীতের রেশ অ.গু ৭৭। কোন্ রাগিণীর ব্যথা-ভরা রেশ কু.কে ২৭। ২ স্বল্প নিদর্শন বা চিহ্ন।

রেশম বি [ফা রেশম্] গুটিপোকার লালাজাত সূত্র ; পট্ট (silk)। —শমী বিং [°ম+ঈ১] রেশমে নির্ম্মিত (কাপড়, চাদর)। [°কীট —গুটিপোকা, তুতপোকা। °পাড়—রেশমের বস্ত্রপ্রান্ত।]

রেশা বি [ফা রেশা] ১ আম ইত্যাদি ফলের আঁশ। "বেরেশা। ২ গাছের ছাল ইত্যাদির আঁশ। [রেশে রেশে—আঁশে আঁশে, পরস্পরের মনের ভাবে ভাবে। "রেশে রেশে মিলিলে কি কভু প্রেম ভাঙ্গে।—ব.প ১৫৩।]

রেশা(সা)লা বি [আ রিসালা] ১ অশ্বারোহী সৈন্য ; আশোয়ার (cavalry)। ২ (বাঙলায়) বিবাহাদিতে সাংযাত্রিক দল ; শোভা-যাত্রার যাত্রী (processionist)। "রেসালা দোশালা সব কোথায় রহিল আ.দু ৭৮। ঢাকী ঢুলী ও রেশালার লোকেরা বক্সিস পেয়ে বিদেয় হলো।—হু ১৫৬। [°দার (আ—রিসাল্+দার)—অশ্বারোহী সৈন্যের অধ্যক্ষ।]

রেষ্ অক [ভা, ভ—রেষতে ; সেট্ ; ধ্বন্যাত্মক (?)] ১ বৃকশব্দ। ২ অশ্বশব্দ। তু '√হ্রেষ্'। "রেষতেঽশ্বঃ (ক.ক)।

রেষণ ক্লী, **-ষা** স্ত্রী [√রেষ্+অন (ল্যুট্),+অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ বৃকধ্বনি। ২ অশ্বধ্বনি, হ্রেষা।

রেষা দ্র 'রেষণ'।

রেষারেষি বি [√রিষ্—রেষ-আ+রেষ-ই] পরস্পরের প্রতি হিংসা, দ্বেষাদ্বেষি। "ধর্ম্ম দয়া মায়া সকলি মিছে, এ শুধু তার রেষারেষি।—কথা ১৯। চাঁপাই ত অরবিন্দ বাবুকে...রেষারেষি করে বিস খাওয়ায়।—লী ৩৮।

রেসালা দ্র 'রেশালা'।

রেস্ত বি [P. resto] ১ মজুদ টাকা। ২ সম্বল। "রেস্তহীন গুলিখোর ...কাণা সেজে মৌতাতের সম্বল কচ্চে —হু ৭। ৩ জুয়াখেলার পণের টাকা।

রেহ বি [সং রেখা > প্রা রেহা, 'রেহ' (পৈ) ; মৈ রেহা] ১ রেখা, রেখাকৃতি ক্ষত। "না দিহ নখ রেহ হরি বি.প ৭৭। নখরেহ গো ১৯৫। ২ অঙ্ক, চিহ্ন, দাগ। "কাজর রেহ।—গো ১৪৩ ; রেহ সিন্দুরক ১৬৯ ; এহ নব কুঙ্কুম রেহ ১৯৯।

রেহ(হা)ন [বি আ রেহ্ন্] বন্ধক (mortgage)। [°দার (আ রেহ্ন্+দার্)—যে বন্ধক রাখে (mortgagee)। °নামা—বন্ধকী দলিল (mortgage deed)। রেহানী—বন্ধকী (সম্পত্তি)।]

রেহা বি [দ্র 'রেহ'] ১ সর্থ 'রেহ (১)। "কুচ নখ রেহা রা.প ৪১। ২ সর্থ 'রেহ' (২)। সুপুরুখ বচন পাষাণক রেহা বি.প ১৭১। সুজনক পিরীতি পাষাণক রেহা ১৮২ ; নিকষ পাষাণে...কষিল কনক রেহা ১৯০ ; কাঞ্চনরেহা ১৯১ ; ২০২। ধ্বজবজ্র-আদি অধো রেহা শ্রী.ম ১৪। ৩ রেখাকৃতি বিদ্যুৎপ্রভা। "নব জলধর বিজুরি রেহা বি.প ১৪। ৪ রেখাকৃতি চন্দ্রকলা। "শশিরেহা বি.প ১৫৫ ; দিবসে মলিন জনু চাঁদ কি রেহা ১২৪।

রেহাই ; রেহান, রেহানদার, রেহাননামা দ্র 'রিহাই ; রেহন'।

রৈ১ পুং [√রা+ঐ (ডৈ) -র্থ, উ ২.৬৬ ; রাঃ (প্রথমা -১ব)] ১ ধন (সায়ণ), অর্থ। "ঋগ্বেদ ২.২৭.১৭। ভ ৩.২৫.৩৯, নষ্টরায়স্তপস্বিনঃ ১১.২৩.১৩। ২ শব্দ। তু 'রৈ-রৈ'।

রৈ২, রৈও দ্র 'রহ২'।

রৈক্কা বি [রক্কা > °ক্কা, দ্র 'ঐ৪' ; অসাধু] রক্কা। "গোর্থবাক্য পিণ্ড রৈক্কা কর॥ আ এ গুরু।—গো.বি ১১৫।

রৈখিক বিং ১ রেখাকৃত, রেখাবচিত (ক্ষেত্র, linear)] ২ দৈর্ঘ্য ও প্রস্থের পূরণসম্বন্ধী (পরিমাণ)।

রৈঘর বি [রইঘর > °র, দ্র 'ঐ১'] সর্থ 'রইঘর'। "আগে পাছে চরাট মাঝারে রৈঘর শ্রী.ম ৬৯। রৈঘরেতে চন্দ্রধর বা.ম ২১৫, ২২৬। [রৈইঘর (শ্রী.মা ১৮৪)।]

রৈতিক,-ত্য বিণ [রীতি+ইক (ঠক্),+য (ষ্যঞ্) ; স্ত্রী -কী, -ত্যা] পিত্তলবিকার, পিত্তলনির্ম্মিত। "রৈতিক (সুশ্রুত)। —ত্য ক্লী পিত্তল-জাত পাত্র। "মনু ৫.১১৪।

রৈত্য দ্র 'রৈতিক'।

রৈবত বিণ [°ত+অ (অণ্) ; রৈ+বত (বতুপ্—বৎ) ?—তু 'রৈবত'—ধনবান্ (সায়ণ—ঋগ্বেদ ৫.৬০.৪)] রৈবতমনুসম্বন্ধী। "রৈবতং ত্বন্তরং শৃণু ভ ৮.৫.১। —বত পুং [রেবতী+অ (অণ্)] ১ 'রৈবতী-ভব', পঞ্চম মনু। 'ভ ৮.৫.২। ২ শনৈশ্চর। ৩ বালগ্রহবিশেষ। 'মহা ৩.২২৯.২৯। ৪ রুদ্রবিশেষ। দ্র 'রুদ্র'। —বত, -বতক পুং [রেবত+অ (অণ্)—রৈবত+ক (কন্) স্বার্থে] পর্ব্বতবিশেষ। "রৈবতক মাঘ ৪.১ ; ন ৭৬৮। [ঋক্ষের পুত্র রেবত এই পর্ব্বতশিখরে ভূমিষ্ঠ হন। তাঁহারই নামানুসারে এই সাগরসমীপে উৎপন্ন পর্ব্বত 'রৈবত' বা 'রৈবতক' নামে খ্যাত (হ ৯৫.৪৪,-৫)। মতান্তরে, ঋতবাক্ ঋষি রেবতী নক্ষত্রে জাত পুত্রের দুঃখশীলতা হেতু 'রেবতী পতিত হউক' বলিয়া শাপ দিলে, রেবতী 'কুমুদ' পর্ব্বতে পতিত হয়। 'রেবতী' পাত হেতু 'কুমুদ' পর্ব্বত 'রৈবতক' নামে খ্যাত (মার্কণ্ডেয়পুরাণ, রৈবতমন্বন্তর)]।

রৈবতক দ্র 'রৈবত'।

রৈরৈ বি [রৈ > °রৈ (দ্বিত্ব)] কোলাহল, শোর ; আনন্দধ্বনি। "(ছোট বাবু) 'প্যালানাথ বাবু এলেন' বলে চেঁচিয়ে উঠলেন—দোয়ার-দলে রৈরৈ পড়ে গ্যালো।—হু ৩৯ ; ৫৮ ; নিরূপিত দিনে সভা হলো, সহরের লোক রৈরৈ করে ভেঙ্গে পড়লো ১০৪ ; আমরা রৈরৈ করে ঘরের ছেলে ঘরে ফিরে গেলেম ১৩৬।

রো১, রোয় অর্থ [সং √রুদ্>প্রা √রুঅ > বা রোয়, রো ; হি, মৈ

√রো] রোদন করা; কাঁদা। "রোয়ে বি.প ২০ ; কুকরই রোয়ত ১৫৩ ; রোয়ই ১৮৩ ; জনম গোঙায়লি রোই ১৯৭। রোয়ত।—গো ২৯ ; রোই চলু ঝর কান ২০৩। ভাবে ভয়ল মন হাসি হাসি রো'ই ২৬০। রোয়ত হসত।—জ্ঞা ২৩৬। জনম গোয়াওবি রোই একান্ত ব.প ১০১৫ ; রোয়সি ১০১৬। রোই কত বিলাপই—ব ২২ ; ১০৮, রোয়ব ১১১ ; রোয়ই, -য়ত ১০৯।

রো² সর্ম্ম [রু>রো] রোপণ করা। "সকল চাষ চষ প্রভু আর রোইও কলা ব.প ১১২। সুপারিবনে মাদার রো।—খনা। রোবেক।—কৃ ২৫০। [রোয়া—সর্থ 'রো²'।]

রোইণী বি [অপ্র] রোহিণী। "রোইণী-কুণ্ড।—জ ১১।

রোঁ, রোঁয়া, রোওঁা, -য়াঁ বি [সং রোম (-মন্)>প্রা রোম >বা (রোমা) রোঙা, রোঁয়া, রোঁ ; হি রোআঁ, রোয়াঁ] ১ রোম (গাএর, চোখের ভুরুর)। "গাএর রোয়াঁ গো চ ৮০। (সাহেবের) ভুরুতে রোঁ ভরা আ.হু ১৭। ২ পশুলোম। "সেথায় হরিণ রোঁয়ায় ভরা।—শিশু ৭৩। ভালুকের রোঁ।—হ ২৩। পাঁটার রোঁ গি.ঘি ৭৭। ৩ পাখীর ক্ষুদ্র কোমল পালক (down)। "বসে কাগাতোয়া, ফুলাইয়া রোঁয়া স্ব.প্র ১০০। বুড়ো শালিকের ঘাড়ে রোঁ।—মা ৩২৩, বুড় শালিকের ঘাড়ে রোঁয়া ৩৩৬। [রোঁয়াফোঁড়—গায়ের কাঁচা লোম তোলার জন্য স্ফোটক। রোঙা—লোমশ বিড়ালের নাম। "ভ.গ্র ২৮৭।]

রোঁদ বি [E. round, হি রৌংদ] পর্য্যায়ক্রমে প্রহরীর পাহারা। "এ যে সারজন সাহেব রোঁদ ফিরতে বেরিয়েছে দেখছি—মা ৩৪২।

রোঁধখীল বি [সং রন্ধ্রকীল, 'রঙখীল' (কথ্য)] গাড়ীর ধুরার আগায় ছিদ্রগত কীলক (গোঁজ)।

রোক¹ পুং [√রুচ্+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি। ২ ক্রয়বিশেষ (মেদিনী), নগদ টাকায় কেনা (cash-transaction)। তু 'রোক' (৫)। ৩ [+অ-ক(অ টী)] ছিদ্র, রন্ধ্র। ৪ নৌকা (মেদিনী)। ৫ (বাঙলায়) নগদ টাকা (ready money)। ৬ নাসিকারন্ধ্র। "বিহসি অঞ্চলে, রোক গোপই জ.প ১৮। [রোক থোক—নগদ কিছু টাকা। রোক শোধ—নগদ টাকায় ঋণশোধ। "দা ২০৮৪। রোকাকড়ি থোকা মাল—নগদ টাকা, তরেরি মাল।]

রোক², **-খ**¹ '-ক্' বি [সং রোষ >রোশ, -ক, হি, ঠ রোখ। দ্র 'খ¹'] ১ ক্রোধ, রাগ। "এহি কর দোখ রোখ অবগাই বি.সা ৩০৩। সহজেই গোরী, রোখে তিন লোচন।—গো ১৯৭ ; রোখে চলল ২১২ ; করসি রোখ ২২১। রোখে জ্ঞা ২২৭। রোখ বাড়ায়সি।—ব ১৭৪। রোক গেল।—দা ২০৮৪। ২ সক্রোধ স্পর্দ্ধা বা তেজ। ৩ নির্ব্বন্ধাতিশয়, জিদ। "আমরা আপন রোকে মনের ঝোঁকে ছিঁড়েছি শিকল।—গান ১২৭। একরোখা লোক। ৪ [ঠ রোংখ] প্রবণতা (tendency)। "দুর্লভের এমনই পলাইবার রোখ যে, তিনি পশ্চাদ্ধাবিতা প্রণয়িনীর কাছে নিতান্ত দুর্লভ হইলেন ব.প্র ৩৬০। —খা বিং [রোখ +আ¹²] রোখযুক্ত, রাগী, জিদী, তেজী। —খা¹ বি [+আ⁶] রোখ করা। [রোখ করিয়া যাওয়া—রাগিয়া স্পর্দ্ধা করিয়া যাওয়া। রোখের মাথায়—রাগে বিকৃতমস্তিষ্কের সময়ে; রাগের সময়ে। এক রোখে—একান্তভাবে ক্রোধপূর্ব্বক। "এক রোখে কবিবর চলিয়াছে স্ব.প্র ৮৭।]

রোক³ '-ক্' বি [ফা 'রুখ্'—মুখ] গাত্রবস্ত্রের সম্মুখভাগ বা সদর পিঠ। "একরোকা, দোরোকা শাল। —ক বিং অভিমুখ, অর্থাৎ সোজা, ঠিক (exact)। "রোক দক্ষিণ।

রোক⁴, **-খ**² সর্ম্ম [হি, ও √রোক; ঠ √রোংক, -খ] অবরোধ করা, যাইতে না দেওয়া; আটকান। "(দ্বারপাল) অদ্বৈতাদি যত জন সভারে রোকিল।—চৈ ২০৪। হরিজনে কেহ নাহি রোখে ভ.গ্র ১১০। —ক অর্ম্ম অবরুদ্ধ হওয়া; বন্ধ হওয়া। "লসৎ শত পতাকাদিক ভীড়ে পথ রোকই ন.প ১৫২।

রোকড় বি [রোক¹ >°ড়, হি °ড়; ঠ, গু °ড] ১ নগদ টাকা (cash)। ২ খসড়া হইতে যে খাতায় পরিষ্কার করিয়া নগদ টাকার হিসাব লিখিত হয়; পাকাখাতা, জাবেদা। [রোকড়ের দোকান—নগদ টাকায় সোনা রূপা ইত্যাদি বেচা-কেনার দোকান।]

রোকা বি [আ রুক্ কা] ১ ছোট চিঠি। "রোকার আশীর্ব্বাদ জানিবেন।—নী ৪৫। ২ মহাজনকে প্রদত্ত খাতকের ঋণের রসিদ। ৩ আহ্বান-পত্র। "সকল প্রজাকে ডাকে রোকা দিয়া তার ব.প ১৪১৬।

রোখ¹ ; **রোখ**² ; **রোখ**³ দ্র 'রোক²'; রোক⁴ ; রুখ²।

রোখ⁴ অর্ম্ম [রোখ¹ >°খ] ১ রাগ করা। "রস রাখি রোখব রে জ.প ৭ ; দোখ বিনু রোখসি ২৯। রোখি ব.প ৫৯৭ ; রোখলি ১০৪২, রোখি চলব কিয়ে নাগর কান ১০৮১। ২ উত্তেজিত হওয়া। "বাড়ীতে পাইয়া ব্যথা ভীমকল রোখে ম.ম ১৪৮। [রোখা²—সর্থ 'রোখ⁴'।]

রোখশোধ বি সম্পূর্ণরূপে দাবীদাওয়ার শোধ। দ্র 'রোক¹'। "এ লোকালয়ের সঙ্গে আমার বনিয়া উঠিল না—আচ্ছা—রোখশোধ।—ব.প্র ৬৩৯।

রোখা¹ ; **রোখা**² ; **রোখা**³ দ্র 'রোক²'; রোখ⁴, রুখ²।

রোখাল বিং [রোখ¹+আল⁸] সর্থ 'রোখা¹'।

রোগ পুং [√রুজ্+অ (ঘঞ্)-ক, পা৩.৩.১৬] ১ 'পীড়য়িতা', ব্যাধি, পীড়া। "অথর্ব্ব ১.২.৪। রোগানীকরাজ (সুশ্রুত)। ক্ষুদ্°, দীর্ঘ° (S.W.)। ২ কুষ্ঠৌষধ, কুড়। ৩ (বাঙলায়) বিরক্তিজনক স্বভাব। "সকল কাজে তাহারাই আগু হয়—তাদের সেই রোগ ব.প্র ৩৫৩। [°ক্ষয় (পুং)—রোগনাশ। "বৃহৎসংহিতা ১২.১৯। °গ্রস্ত (বিণ)—রোগাক্রান্ত, রোগযুক্ত, ব্যাধিত। °ঘ্ন (বিণ)—ব্যাধিনাশক, রোগহর। °জ্ঞ (পুং)—রোগতত্ত্ববিৎ, বৈদ্য। °দ, °প্রদ (বিণ)—ব্যাধিজনক, পীড়াকর। °নাশ, °নিগ্রহ (পুং), °নিগ্রহণ (ক্লী)—রোগপ্রশমন, ব্যাধিপ্রতীকার, চিকিৎসা। °পালক (পুং) রোগিপরিচারক। °বিনিশ্চয় (পুং)—ব্যাধিবিনির্ণয়। °বৈরূপ্য (ক্লী)—ব্যাধিজন্য বিকৃতরূপ। "ক.সা ১২.৭১। °ভাক্ (-জ্) বিণ—রোগযুক্ত, ব্যাধিত। °রাট্ (-জ্)—জ্বর (সুশ্রুত)। °রাজ (পুং)—রাজযক্ষ্মা। °লক্ষণ (ক্লী)—রোগানুমাপক চিহ্ন, নিদান (শ.ক)। °শম (পুং), °শান্তি (স্ত্রী)—রোগপ্রতীকার, রোগাপনয়ন। °শিলা (স্ত্রী)—রোগনাশক মনঃশিলা। °শ্রেষ্ঠ (পুং)—জ্বর। °সংঘাত (পুং)—জ্বর (সুশ্রুত)। °হর (বিণ)—ব্যাধিনাশক। °হর (ক্লী)—ঔষধ। °হারী (-রিন্), °হৃৎ (বিণ)—রোগহর; (পুং)—বৈদ্য।] [রোগ হওয়া—১ রোগ জন্মান। ২ বদ স্বভাব হওয়া। রোগে ধরা, পড়া—রোগাক্রান্ত হওয়া। রোগে ভোগা—রোগে পীড়িত হওয়া।]

রোগনাড়া, -নারা বি [?] অদ্ভুতবিশ্বখ। "বার মাস রুক্ষু নেয়ে নেয়ে কি একটা রোগনারা করবি?—আ.হু ৩৭।

রোগনারা দ্র 'রোগনাড়া'।

রোগা বিং [রোগ+আ¹²] ১ রোগযুক্ত, পীড়িত, রুগ্ণ। ২ রোগ-কৃশ, কাহিল। ৩ স্বভাবতঃ কৃশ, রোগাটে, একহারা। [°পটকা—কৃশ-ক্ষীণজীবী। রোগা রোগা চুল—রোগীর চুলের মত বিরল কেশ। "হস্তি-মস্তকের ন্যায় মস্তক, রোগা রোগা চুল।—ম ৯। °শোগা—রোগশোক-গ্রস্ত।]

রোগাটে বিং [রোগা+টে, দ্র 'টিয়া'] রোগা-রোগা, কৃশ।

রোগাধীশ পুং [ষ.ত] 'রোগশ্রেষ্ঠ', যক্ষ্মা।

রোগানীক ক্লী [ষ.ত] রোগসমূহ। "°রাজ (সুশ্রুত)।

রোগান্তক বিণ [ষ.ত] ব্যাধিনাশক, রোগহর। —ক পুং বৈদ্য।

রোগায়তন ক্লী [ষ.ত] 'ব্যাধিমন্দির', দেহ।

রোগার্ত্ত, -র্দ্দিত বিণ [সুপ্‌সুপা, তৃ.ত] ব্যাধিপীড়িত।

রোগার্দ্দিত দ্র 'রোগার্ত্ত'।

রোগাবিষ্ট বিণ [তৃ.ত] রোগাক্রান্ত, ব্যাধিগ্রস্ত।

রোগিত বিণ [রোগ+ইত (ইতচ্)] জাতরোগ, ব্যাধিত। "বৃহৎসংহিতা ৪৫.১৩।

রোগী (-গিন্) বিণ [রোগ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -গিণী] রোগযুক্ত, রোগার্ত্ত, পীড়িত। "মনু ২.১৩৮। যাজ্ঞ ১.১১৭।

রোগ্য বিণ [রোগ+য (যৎ)] 'রোগহিতকর', অপথ্য, অহিত।

রোচ অর্ম্ম [রুচ২ >রোচ] প্রীতিকর হওয়া; ভাল লাগা। "আমার মনে লয় যদি তোমার মনে রোচে ম.ম ১২; ভোজন না রোচে ৮৯। খীর সর ননী যেই মুখে না রোচয় ভ.গ্র ৩০৫।

রোচক বিণ [√রুচ্+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -চিকা] ১ দীপ্তিকারক, প্রকাশক। ২ অভিপ্রীতিকর, তৃপ্তিজনক। —চক পুং ১ রুচিকর ঔষধ (tonic)। ২ ক্ষুধা। ৩ অবদংশ, চাটনি। ৪ কদলী। ৫ রাজ-পলাণ্ডু। ৬ কাচকুপ্যাদিকর্ত্তা, অর্থাৎ যাহারা কাচের কুপী-প্রভৃতি করে। "রা ২.৮৩.১৩। —চন বিণ [√রোচি+অন (ল্যুট)-ক; স্ত্রী -না] ১ দীপ্তিজনক, প্রকাশয়িতা। "খদ্যোত ইব রোচনো মহা (S.W.)। ২ শোভন। "ভট্টি ৬.৭৩। রোচন তিলক প.ক ৭০৪। ৩ অনুরাগকর। "ভ ১.১০.১১। ৪ রুচিকর। "রসনা° (পদ) প.ক ১৮৯৫। ৫ চিন্ময় (নীলকণ্ঠ)। "হ ১৩১.৩৯। —চন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অভিপ্রীতি-জনন, রুচিকরণ। —চন পুং ১ রুচিকর ঔষধ। ২ পলাণ্ডু; করঞ্জ, দাড়িম; অঙ্কোট; কূটশাল্মলি। ৩ কামের পঞ্চশরের একতম (A.)। —চনা স্ত্রী [রুচ্+অন (যুচ্)-ক+স্ত্রী আ (টাপ্), উ ২.৭৮] ১ গোপিত্ত, গোরোচনা। "মনু ৮.২৩৪। রোচনাগৌর রঘু ৬.৬৫। গোপিত্ততো রোচনা (প্রাকাশুং গচ্ছতি)।—পঞ্চ ১.১০৩। দ্রু ১৫। শ্রী.মা ১৩০। ২ বারস্ত্রী। ৩ রক্তকহ্লার। ৪ বংশরোচনা। —নী স্ত্রী ১ আমলকী; মনঃশিলা; শ্বেতত্রিবৃতা। ২ গোরোচনা।

রোচন দ্র 'রোচক'।

রোচনক পুং [°ন+ক (কন্) সংজ্ঞার্থে] জম্বীরবৃক্ষ। —নিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] বংশরোচনা; শুণ্ডারোচনী।

রোচনা; রোচনিকা; রোচনী দ্র 'রোচক; রোচনক; রোচক'।

রোচমান বিণ [√রুচ্+মান (শানচ্)-ক; স্ত্রী -না] দীপ্যমান, শোভ-মান। —মান পুং অশ্বের কণ্ঠজাত রোমাবর্ত্ত; কণ্ঠাবর্ত্ত। "মাঘ ৫.৪। ক.সা ৭৪.৭৮।

রোচি বি [সং রোচিস্; 'রোচি' (S.W.), হি রোচি] দীপ্তি, কান্তি (প.ক)।

রোচিঃ (-চিস্) ক্লী [√রুচ্+ইস্ (ইসিন্)-ণ -১ব, উ ২.১১২] ১ দীপ্তি, প্রভা, কিরণ। "শরচ্চন্দ্রমরীচি° মাঘ ১.৫। ২ কান্তি, শোভা। "শরৎপদ্মপলাশ° ভ ৪.২৪.৫২। —ষ্মান্ (-ষ্মৎ) বিণ [°স্+মৎ (মতুপ্) -১ব; স্ত্রী -ষ্মতী] দীপ্তিমান্, ভাস্বান্। "প্রদীপ্তাস্তৈ রোচিষ্মদ্ভিরিবাগ্নিভিঃ হ ১৮১,১২।

রোচিষ্মান্ দ্র 'রোচিঃ'।

রোচিষ্ণু বিণ [রুচ্+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক; স্ত্রী -ষ্ণু; বৈদিক] রোচনশীল, ভাস্বর। "মহামণয়ো রোচিষ্ণবঃ ভ ৫.২৪.৩১। ২ অতিরুচিকর (মুগ্ধবোধ)।

রোচী (-চিন্) বিণ [√রুচ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -চিনী দীপ্তিকর।

রোজ বি [ফা রোজ্.; Av. raocah; Pahlavī—'rōc'] ১ দিন। ২ তারিখ। ৩ দৈনিক মজুরী; পেয়াদার ফি। "ডিহিদার অবোধ খোজ, কড়ি দিলে নাহি রোজ ক.চ ৬। ৪ দৈনিক দেওয়ার ব্যবস্থা; যোগান। "(রাজা) রোজ করি দিল সাত মহিষের দুগ্ধ শ্রী ৭৫। [°নামচা, °নামা (ফা রোজ্.নাম্‌চহ্)—দৈনিকবৃত্তান্তলিপি (diary)। রোজ রোজ —প্রতিদিন।]

রোজগার বি [ফা রোজ্.গার্] ১ চাকরী (service)। "বৃদ্ধ-কাল আপনার, নাহি জানি রোজগার ভা.চ ১০৪। ২ উপার্জ্জন, আয়। —গারি, -রী বিং [°র+ই৮, ঈ৭] রোজগার করে এমন; উপার্জ্জনক্ষম। "কায়স্থ বিবিধ জাতি দেখে রোজগারি ভা.চ ২৭৩। ঘরে আছে পাঁচটা ছেলে একা রোজগারী।—হেম ৩৭৮। [রোজগার করা—উপার্জ্জন করা।]

রোজনামচা, রোজনামা দ্র 'রোজ'।

রোজা১, -ঝা বি [ওজা, -ঝা >রোজা, -ঝা, দ্র 'র৭'] ১ ওঝা, ভূতের গুণিন। "অবশ্য যাইব আমি রোঝা আনিবারে চ.চ ৮। রোজা। —হেম ৩৯০। রোজা ও তাঁর দুই চ্যালায় কি কর্ব্বেন!—হু ১২৫। ২ বিষবৈদ্য। "গো চ ২৯৭; রোজা ধন্বন্তরি ৪৩৭।

রোজা২ বি [ফা রোজ.]] মুসলমানের দৈনিক উপবাসব্রত। "ক.চ ৮৫। দেবদেবী পূজা বিনা কি হবে রোজায় ভা.চ ৪৮৩। [রোজা(জ) দার (রোজা+দার)—যে রোজা করে। রোজা খোলা—দৈনিক রোজা শেষ করা। রোজা রাখা—রোজা করা।]

রোজানা বি [ফা রোজ.না] দৈনিক মজুরী বা খোরাকী।

রোজিনা বি [ফা রোজি.না] দৈনিক বেতন বা মজুরী। "রোজিনা যে ছিল তাহা দ্বিগুণ করিয়া (বন্দান করিয়া দিল) ভ.গ্র ২২৮।

রোটিকা, -টী স্ত্রী [P. roṭi; দ্র রুটি'; রোটি (ব.প ১৫১৯)] গোধূমচূর্ণপিষ্টকবিশেষ; রুটি। "চণকরোটিকা, মাষ°, যব° (শ.ক)।

রোটী দ্র 'রোটিকা'।

রোড্ বি [E. road] রাজপথ, বড় রাস্তা। "গ্রাণ্ডট্রাঙ্ক°। [°সেস্ —পথকর। "রোডসেস-অফিস।]

রোড়া বি [লোড়া >রোড়া] ইট পাথরের বড় টুকরা; বড় নুড়ি। ২ বড় কাঁকর।

রোঢ়া বি [?] দন্তহীন, অর্থাৎ বুড়া। "আর যুবতী বলে সই মোর পতি রোঢা (ক.চ)। ['বোঢা' অর্থাৎ বুড়া (ক.চ—অক্ষয়কুমার সরকার)।]

রোতো, -থো বিং ['রদী' মূল] সর্থ 'রদি' (জিনিস, মাল)।

রোথো দ্র 'রোতো'।

রোদ [সং রৌদ্র >প্রা রোদ্দ >বা রোদ, মৈ 'রৌদি, -দী'—অনাবৃষ্টি] সূর্য্যকিরণ। "পাতায় পাতায় রোদ পড়েছে, চিকচিকিয়ে ওঠে।—শিশু ৮৯। [রোদ ওঠা—রৌদ্র প্রকাশ হওয়া। রোদ পড়া—১ রৌদ্রের প্রখরতা কমা। ২ রৌদ্রে ব্যাপ্ত হওয়া। রোদ-পোড়া—রৌদ্রে দগ্ধ বা মলিন (sun-burnt)। রোদ পোয়ান—গায়ে রৌদ্রের তাপ লাগান; সূর্য্যাতপসেবন। রোদ ফোটা—রৌদ্র স্পষ্ট প্রকাশ হওয়া। রোদ লাগা—রৌদ্রস্পর্শ হওয়া। রোদ লাগান—১ রোদে দেওয়া। ২ রৌদ্রস্পৃষ্ট করা। রোদে দেওয়া—রৌদ্রে তাতান বা শুখান। রোদে পোড়া—রৌদ্রে শুষ্ক বা মলিন হওয়া। রোদে যাওয়া—রৌদ্র গায় লাগান]

রোদঃ (-দস্) ক্লী, দ্বিব [√রুদ্+অস্ (অসুন্)-ক] ভাবাপৃথিবী, স্বর্গ ও পৃথিবী। "ঋগ্বেদ ৯.২২.৫। মহা ১.৮৬.১৭। মাঘ ১৮.১৫। ভ ১.৭.৩০। [°কুহর (ক্লী)—অন্তরিক্ষ। "নলোদয় ৩.৩২।]

রোদন ক্লী [√রুদ্+অন (ল্যুট্)-ভা; °°না' (ম.পা ১৪৩; ১৬২)] ১ অশ্রুমোচন, ক্রন্দন। "রোষরোদনতাম্রাক্ষী গো.রা ৩.৫৯.১। বালানাং

রোদনং বলম্ ।—চাণক্য। ২ নেত্রাম্বু, অশ্রু (অ.কো)। —দনিকা স্ত্রী কণ্টকীক্ষুপভেদ। —দনী স্ত্রী দুরালভা।

রোদন্তিকা, রোদন্তী দ্র 'রোদন'।

রোদসী স্ত্রী, দ্বিব [°স্+স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'রোদস্'। ঋগ্বেদ ১.৩৩.৫। রোদস্যোঃ সর্ব্বসো দিশম্ ভ ৮.২১.২৭। [°কন্দর (পুং) —দ্যাবাপৃথিবীর গহ্বর বা অন্তরাল ; অন্তরিক্ষ। "রবঃ…স্থগিতরোদসী-কন্দরঃ।—বে ৩.৩।]

রোদিত বি [সং রুদিত] রোদন। "অরণ্যে °ত হৈল চৈ.ম ২৭৬।

রোদিতি সং, ক্রিং [√রুদ্+তি (বর্ত্তমানকাল, প্রথমপুরুষ, ১ব)] কাঁদিতেছে, কাঁদে। "রোদিতি পিঞ্জর শুকে বি.প ১৬৩ ; ১৯৪। তু 'রোদতি রাধা শ্যাম করি কোর।—গো ১৮০ ; প.ক ৭৬৬।

রোদ্দুর বি [রৌদ্র >(স্বরাগমে) রোদ্দর > °র] রৌদ্র। "হ ২০।

রোদ্ধা (-দ্ধৃ) বিণ [√রুধ্+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -দ্ধ্রী] রোধক, অবরোধকারক। "রঘু ১৭.৫২।

রোধ[১] পুং [√রুধ্+অ (ঘঞ্)-ভা] ১ স্তম্ভন, নিরোধ। "মরুদ্‌রোধাদ্ বিনির্মুক্তাস্তাঃ প্রজাঃ রা ৭.৩৬ ৬। চেষ্টাভোজনবাগবোধ যাজ্ঞ ২.২২৩। ২ আবরণ। "স্মৃতিরোধরুক্ষে ভর্ত্তবি শ ৭.৩২। ৩ নিবারণ। "পাণি° মাঘ ১০.৬১। ৪ প্রতিবন্ধ। "উপলবোধবিবর্ত্তিভিবম্বুভিঃ কি ৫.১৫। ৫ অবরোধ, বেষ্টন। "প্রীতিরোধমসহিষ্ট সা পুরী রঘু ১১.৫২। ৬ বন্দীকরণ। ৭ নাশ (ত্রিকাণ্ডশেষ)। "বৃত্তি° ॥ ৮ গোচারণস্থান গৃহ দুর্গমস্থান ইত্যাদিতে রুদ্ধ গোরুর মৃত্যু। 'পরাশর ৯.৪-৬। ৯ [+অ (অচ্)-ক] 'জলরোধক', তীর, তট। "নর্ম্মদাং রোধবদ্ কন্ধা ক্রীড়াপয়তি যোষিতঃ রা ৭.৩২.১৮। রবিজারোধে বমণীগণ ধুব। —গো ২৫৪। হেম ১৫৯। [°বক্রা, °ভেদী (স্ত্রী)—নদী।]

রোধ[২] দ্র 'রুধ'। [রোধয়ে, -ধল, -লি (প.ক)।]

রোধঃ (-ধস্) ক্লী [√রুধ্+অস্ (অসুন্)-ক-১ব, উ ৪.১৮৮] 'রোধস্'—স্থূণা, কূল . উন্নতপ্রদেশ (ঋগ্বেদ ৪.৫.১ ; ২২.৪, সায়ণ)] ১ তট, তীর, কূল, বেলা। "সাগর° গো.রা ৪.৫৩.১৪। নদী° মহা ৭.৩১.৩২। নর্ম্মদা° রঘু ৫.৪২ ; রোধসি দক্ষিণোদধেঃ ৮.৩৩। যাদঃ-পতিরোধঃ।—মে ৩০। সরোরোধঃ।—মা ১০৫। ২ তটপ্রায়। "পর্ব্বত-রোধসি রা ৭.৭৯.১৭ ; হ ২১৪.৩। ৩ সেতু (dam)। ৪ কূপতীর। ৫ কটিতট। "(তাম্) দুকূলচ্ছন্নরোধসম্ ভ ৩.২০.২৯। [°বক্রা, °বতী '-ধো-' (স্ত্রী)—নদী। °ভূ (বিণ)—তটজাত।]

রোধক বিণ [√রুধ্+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -ধিকা] ১ আবরক। "পয়োধররোধকমুরসি দুকূলম্ গী গো ১২.৪। ২ নিবারক। ৩ অব-রোধক। —ধন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] রোধক। —ধন পুং মঙ্গলগ্রহ। —ধন ক্লী [+অন-ভা] ১ আবরণ। "দৃষ্টি° গো রা ৬ ৯০.২৫। ২ সর্থ 'রোধ (১-৬)। —ধী (-ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ রোধক, নিবারয়িতা। "ক্রতম্…ব্যাপাবরোধি মদনস্য শ ১.২৪। হস্তরোধিন্ রঘু ১৯.২৭। ২ অবরোধক। "উটজ-দ্বাররোধিভিঃ (মৃগৈঃ) রঘু ১.৫০। ৩ ব্যাপী। "ক্ষামকোদণ্ডরবস্তাম্বব-রোধিনঃ ক.সা ১০২.৫১। ৪ প্রতিবন্ধক। —ধ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] রোধনীয়, নিবার্য্য। "অ° (পঞ্চরাত্র)।

রোধন, রোধী, রোধ্য দ্র 'রোধক'।

রোধ্র পুং [তু 'লোধ্র'] লোধ্রবৃক্ষ (মেদিনী)।

রোপ[১] পুং [√রুহ্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] ১ রোপণ, রোয়া। "বৃক্ষাণাং তেষাং রোপে মহা ১৩.৫৮.২৪। ২ [√রুপ্ বিমোহন+অ (ঘঞ্)-ণ] বাণ (অ.কো)। "মাঘ ১৯.১২০। —পক পুং [√রুহ্ +ই+অক (ণ্বুল্)-ক] রোপণকারক। "বৃক্ষ° গো.রা ২.৮৭.২। —পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ জনন, উৎপাদন। ২ বৃক্ষাদি-নিখনন, গাছ রোয়া। "ধান্যরোপণ কৃ স ১৭০। কদলী° ব.প ৯২৭। ৩ স্থাপন, আরোপণ। "নাসিকা° ক.সা ৬১.১৪। ৪ নিখনন, পোতা। "মেথি° কৃ.স ১৯৯। ৫ বিরোপণ, শোধন, সারান। "ব্রণ°। ৬ [+অন-র্ম্ম] ব্রণবিরোপণার্থ লেপাদি। ৭ অঞ্জনবিশেষ। —পণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ রোপণার্হ। "বৃহৎসংহিতা ৫৫.৩] ২ নিখননীয়। "রোপণীয়া…মেথিঃ কৃ স ১৯৯। —পয়িতা (-তৃ) বিণ [+তৃ (-তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ রোপক। "বৃক্ষ° মনু ৩.১৬৩, কুল্লুক। ২ গ্রহণপূর্ব্বক ধারয়িতা (টীকা)। "ন তেষাং তত্র মাল্যানাং কশ্চিদ্ রোপয়িতা নরঃ গো.রা ৩.৭৬.১৬। রা ৩.৭৩.২২। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ জনিত, উৎপাদিত। ২ কৃতরোপণ। "কেচিৎ (বৃক্ষাঃ) কাণ্ডাৎ শাখা এব রোপিতা বৃক্ষতাং যান্তি মনু ১.৪৬, কুল্লুক। ৩ স্থাপিত। "গুণবৎসুতরোপিতশ্রী রঘু ৮.১১। ৪ নিখাত। "অহিতবোপিতমার্গণ রঘু ৯.১৭। ৫ নিবেশিত, আরোপিত। "মুকুটে রোপিতঃ কাশশ্চরণাভরণে মণিঃ—হি ২.৭২। (বিমলা) সুবিন্যস্ত চিকুরে যুববাজদত্ত বহুমূল্য মুক্তাহার রোপিত করিলেন ব.প্র ২১।

রোপ[২] সর্ম [সং √রোপি—রোপয় > °প ; হি, ঠ, গু, মৈ √রোপ] ১ রোপণ কবা, রোয়া। "ফলবান্ বৃক্ষ রোপ।—কৃ ৪৩। কদলী সব রোপ।—ম ৭০৯। রোপে তায় কলা ক চ ৯০। রোপিয়া প্রেমের বীজ অঙ্কুরে মোড়লি ব.প ১৮২। আম্রবীজ…রোপিল চৈ.চ ৬২। কীর্ত্তিবৃক্ষ রোপিনু জগতে।—মে ২৩৩। ২ আরোপণ বা স্থাপন করা। "আদলি উপরে কেবা, কদলি রোপিল রে।—চ.দা ৫। কুসুম শিরে রোপে ক.চ ১২৪। নীল কমলে মুখ বোপিল থোরি।—জ্ঞা ৮৯। [রোপল, -লুঁ, -পি (প.ক)। বোপা—১ সর্থ 'রোপ[২]। "রোপামাত্র বৃক্ষ ফলবান্ ততক্ষণ চৈ ২০৭। ২ রোপিত, বোপণযোগ্য। "রোপা ধান। রোয়ল (রোপল)—স্থাপন করিল। "রোয়ল ঘট উচল করি ঠাম বি.প ৪০।]

রোপক, রোপণ, রোপণীয়, রোপয়িতা, রোপিত দ্র 'রোপ[১]।

রোম[১] ক্লী [তু 'সং রোমন্ > লি, প্রা বোম] লোম। "(স্ত্রীণাম্) অবোমাণাম্ মহা ১ ২২১ ৫০, (পিণ্ডৌ) অজাতরোমৌ ৩.১১২ ৩।

রোম[২] **(-মন্)** ক্লী [√ক+মন্ (মনিন্)-ক (?), উ ৪.১৫০, √রুহ্+মন্-ক, 'হ' -লোপ (অ.টী), রোমন্ > রোম (সমাসে পূর্ব্বপদ)—যেমন, 'বোমকূপ'] ১ গাত্রকেশ (উ.টীকা), লোম। "দীর্ঘরোমধর (অঙ্গ) গো রা ২.২৮.২৪। বোমাণি চ রহস্যানি মনু ৪.১৪৪, ৮.১১৬। ২ পশুলোম। "ঋগ্বেদ ১ ১৩৫.৬। ময়ূরসমরোমভিঃ (হয়ৈঃ) মহা ৩.১৬৮.৭৩। ৩ পক্ষিপক্ষ (feathers)। দ্র '(২)। ৪ মৎস্যশল্ক। "পৃথুবোমন্। ৫ শূক, শূয়া (awn)। "রোমশ-ফল। ৬ বৃক্ষাদিপত্র। (সরঃ) মত্তভ্রমরসৌম্বর্য্য-হৃষ্টরোমলতাভ্রিপম্ ভ ৪.২৪. ২২। [°কণ্টক (ক্লী)—রোমাঞ্চ। "বিক্র ১.১১, টীকা। °কন্দ (পুং) —পিণ্ডালু, চুপড়ি-আলু। °কূপ (পুং, ক্লী), °গর্ত্ত (পুং), °বিবর (ক্লী)—রোমমূলস্থ রন্ধ্র। "°কূপ রা ১ ৫৫.৩। °গর্ত্ত ভ ৩.১৩.৩৪। °গুচ্ছ (পুং)—চামর। °জ (ক্লী)—'রোমজাত', লোমজাতবস্ত্র। °পুলক (পুং)—রোমহর্ষ, বোমাঞ্চ। "রোমপুলককুলক ভ ৫.১৭.২। ভা.চ ৬১৬। °রন্ধ্র (ক্লী)—সর্থ 'রোমকূপ'। °সূচী (স্ত্রী)—সূচীবৎ রোম, শল্যকরোম।]

রোমক পুং ১ রোমকজনপদ। দ্র 'মহা ২ ৫১ ১৭, নীলকণ্ঠ। পা ৪.২. ১১০। ২ (বহুব) রোমকবাসিগণ। "মহা ২.৫১ ১৭। —মক ক্লী ১ পাংশুলবণ। "সুশ্রুত ১.৪২ ১৭। ২ অয়স্কান্তভেদ।

রোমন্থ পুং [রোগ+ √মন্থ্+অ (অণ্)-ক, পৃষো ; উ.ত, cf., L. ruminatum] ১ 'রোমন্থনকারক', উদ্‌গিরণপূর্ব্বক চর্ব্বিতের পুনশ্চর্ব্বণ (সি) ; মৃগাদির গিলিতচর্ব্বণ ; জাবর কাটা (rumina-

tion)। 'উদ্গীর্ণস্য বা অবগীর্ণস্য বা মন্থো রোমন্থঃ (পতঞ্জলি)। "মৃগৈর্বর্ত্তিতরোমন্থম্ (আশ্রমম্) রঘু ১.৫২। মৃগকুলং রোমন্থমভ্যস্যতু শ ২.৬। ২ অপানপ্রদেশনিঃসৃত দ্রব্য। "কীটো রোমন্থং বর্ত্তয়তি পা ৩.১.১৫, সি। ৩ বারংবার পুনরুক্তি (A.)। [°মন্থর (বিণ)—রোমন্থ-মন্দ। "মাঘ ৫.৬২।]

রোমন্থক বি [রোমন্থ > °ক] রোমন্থকারক পশু; গোমহিষাদি। "(ইংরাজেরা) তাম্বুলচর্ব্বণটা রোমন্থকদিগের জাবর কাটার সহিত তুলনা করেন পা.প্র ১৯৭। —ন্থন বি ['রোমন্থ' সাধু] সর্থ 'রোমন্থ'। ব্যথিত কপোল তব বৃথা °নে।—পদ্যপাঠ, ২য় ভাগ।

রোমন্থন দ্র 'রোমন্থ'।

রোমপাদ পুং অঙ্গদেশের রাজা। [ইনি অনাবৃষ্টিনিবারণার্থ ঋষ্যশৃঙ্গকে স্বপুরে আনয়ন করিয়া কন্যা শান্তাকে সম্প্রদান করেন (রা ১.৯.৯-১৪। ভ ৯.২৩.৭; ৮; কৃ ৪২)।

রোমবিকার পুং, **-বিক্রিয়া** স্ত্রী, **-বিভেদ** পুং [ষ.ত] রোমোদ্গম, রোমাঞ্চ। "°বিক্রিয়া কু.স ৫.১০; সা.দ ৩.১৩৭। °বিভেদ কি ৯.৪৬।

রোমবিক্রিয়া, রোমবিভেদ দ্র 'রোমবিকার'।

রোমরাজি, -জী স্ত্রী. [ষ.ত] রোমশ্রেণী, (যুবতীর) উদরমধ্যস্থ নাভিপর্য্যন্ত রোমপঙ্ক্তি। "(মধ্যম্) রোমরাজ্যা বিভক্তং চ দ্বিধেব তব সুন্দরি গো.রা ৩.৫২.৩২। তস্যাঃ প্রবিষ্টা নতনাভিরন্ধ্রং ররাজ তন্বী নব-রোমরাজিঃ কু.স ১.৩৮। °রাজী।—ঋতু ২.২৫; ভা.চ ৫৬৫। [°পথ (পুং)—মধ্যভাগ। "মাঘ ৯.২২।]

রোমরাজী দ্র 'রোমরাজি'।

রোমলতা, -তিকা স্ত্রী [ম.ত] রোমের লতাসদৃশী; লতাকৃতি রোম-পঙ্ক্তি; রোমরাজি। "রোমলতিকা নেত্রার্জ্জবং ধাবতি সা.দ ৩$\frac{৫}{৫}\frac{৮}{৯}$। রোমলতাবলী ভুজঙ্গী ভান।—জ্ঞা ৫৬।

রোমলতিকা দ্র 'রোমলতা'।

রোমশ বিণ [রোমন্+শ] 'রোমবান্, লোমপ্রচুর, বহুরোমযুক্ত (সায়ণ), বহুদীর্ঘরোমান্বিত (কুল্লুক)। "ঋগ্বেদ ১.১২৬.৭। মনু ৩.৭। ক.সা ৬৫.১৬২। —শ পুং ১ ঋষি লোমশ। ২ মেষ। ৩ শূকর। ৪ পিণ্ডালু, চুপড়ি-আলু। ৫ কুম্ভী, পানা। [°ফল (পুং)—টিণ্ডিশ, ঢেঁড়শ গাছ।]

রোমহর্ষ পুং [ষ.ত] হর্ষভয়াদিজন্য গাত্ররোমোদ্গম; রোমাঞ্চ, পুলক। "রা ৭.৩৬.৩০। গী ১.২৯। —হর্ষণ বিণ [বহুব্রী] মহাভয়, রোমাঞ্চকর ভয়ঙ্কর, ভীষণ। "(বনম্) রোমহর্ষণম্ রা ২.৪২.২০; বাক্যং রোম-হর্ষণম্ ৩.৪৫.২৭। —হর্ষণ পুং ১ ব্যাসশিষ্য পুরাণবিৎ সূত [ব্যাসমুখে পুরাণকথাশ্রবণে ইঁহার পুলক হইত; এই হেতু নাম 'রো(লো)মহর্ষণ' (কূর্ম্মপুরাণ, প্রথম অধ্যায়)। নৈমিষারণ্যে ঋষিমণ্ডলে পুরাণবক্তা সৌতি ইঁহার পুত্র (মহা ১.১.১। ভ ১.৪.২২)।] ২ বিভীতক। —হর্ষণ স্ত্রী সর্থ 'রোমহর্ষ'। —হর্ষিত বিণ [°র্ষ+ইত (ইতচ্)] জাতরোমহর্ষ, পুলকিত।

রোমহর্ষণ দ্র 'রোমহর্ষ'।

রোমা [রোম > °মা; দ্র 'বোঁ'] গাত্রলোম। "গো.চ ৩৯।

রোমাঙ্ক পুং [কর্ম্মধা] রোমময়রেখা। "শ্বেত° রঘু ১.৮৩।

রোমাঙ্কুর পুং [ষ.ত] রোমের অঙ্কুরতুল্য; রোমোদ্গম।

রোমাঞ্চ পুং [রোমের অঞ্চ (উদ্গম), ষ.ত] ১ রোমোদ্গম, পুলক। "রোমাঞ্চোদ্গতমানস।—হ ১৬৬.১৪। রোমাঞ্চেনেবকীলিতঃ ক.সা ১০.২০৭; (বিভর্ত্তি) গাত্রে °কঞ্চুকম্ ৯০.১৬৫। ২ সাত্ত্বিকভাব-বিশেষ। 'হর্ষাদ্ভুতভয়াদিভ্যো রোমাঞ্চো রোমবিক্রিয়া সা.দ ৩.১৩৭। —ঞ্চিত বিণ [°ঞ্চ+ইত (ইতচ্)] জাতরোমাঞ্চ, পুলকিত। "ঊর্দ্ধ-রোমাঞ্চিততনু গো.রা ৬.৩৭.২৮। মী ১৮।

রোমাবলি, -লী স্ত্রী [ষ.ত] সর্থ 'রোমরাজি'। "কামের কুন্তল, ...রোমাবলী অভিরাম ভা.চ ১২৪; নাভিকূপে যাইতে কাম কুচশম্ভু বলে। ধরেছে কুন্তল তার রোমাবলিছলে ২৯১।

রোমাবলী দ্র 'রোমাবলি'।

রোমালী স্ত্রী [রোম+আলী; ষ.ত] ১ রোমরাজি। "জঘনতটাদুপরি রোমালী।—আর্য্যাসপ্তশতী ৩৩৮। ২ [বহুব্রী] বয়ঃসন্ধি।

রোমোৎপাত, -ৎসব পুং, **-মোদ্গতি** স্ত্রী, **-গম, -দ্ভেদ** পুং [ষ.ত] রোমাঞ্চ। "°গম কু.স ৭.৭৭; রোমোৎসবো মম যদঙ্ঘ্রিবিটঙ্কি-তায়াঃ ভ ১.১৬.৩৬।

রোয়, রোয়ই, রোয়ত দ্র রো[১]।

রোয়দাদ বি [ফা রুএদাদ্] বৃত্তান্ত, বিবরণ, কৈফিয়ত।

রোয়ন বি [সং রোদন > প্রা রোঅণ > বা °ন; বৈষ্ণবসাহিত্যে] রোদন। "রতিমঞ্জরী রোয়নে, রোয়ব কব বলরাম।—ব ১১১।

রোয়ল; রোয়া; রোয়াক দ্র 'রোপ[২]; রুয়া; রক'।

রোরুদা স্ত্রী [√রোরুদ্য+অ-ভা+স্ত্রী আ (টাপ্), য-লোপ] অতিশয় বা পুনঃপুনঃ রোদন। "°বৎ ভট্টি ৩.৩২। —দ্যমান বিণ [+মান (শানচ্)-ক, স্ত্রী -না] অতিশয়রোদনযুক্ত। "এরূপে রোরুদ্যমান রাজা গজপতি।—রঙ্গ ২২১।

রোল[১] বি ['রোল'—কলহ, রব (দেশী ৭.১৫); হি রোর,-ল] ১ কোলাহল, শোরগোল। "মহারোল।—কৃ ৩০৪। (সৈন্যের) মহা-রোলে স্তব্ধ যেন হইল মেদিনী।—ম ১২১৯। সেনামধ্যে হইল রোল চ.বি ১৫৮। উঠে রোল বি.পা ২৫৩। সমাজে হইল রোল ম.বি ৩৩। আনন্দরোল-ধ্বনি চৈ ম ১৬। ঘোর রোল ভা.চ ৪৪। ২ ধ্বনি, শব্দ। "ক্রন্দনের রোল।—কৃ ৩৩৪। ৩ ভূষণধ্বনি। "ঘাগরের রোলে।—মী ১৮। (সখীগণ) জাগল আভরণ রোলে।—ব ১২১। মঞ্জরী° ন প ২৬৪। কিঙ্কিণীর বোল।—মে ১৯। ৪ বাদ্যধ্বনি। "মাদলেত কিবা রোল গো.বি ৯২। ঢোল রোল।—ছু ১০৪। (বাদ্যভাণ্ড) উচ্চরোল শ্রী.মা ২১৫। ৫ পশুরব, ডাক। "ত্রিকালের রোল গো.চ ৩৮০। ৬ রব, স্বর। "কুলু কুলু কুলু ডাকিনীরোল ভা.চ ৭৫। ৭ ধ্বনি, বাদন। "বুঝই না বুঝ ইহ রস রোল বি.প ৪৭; প.ক ২৩৮। ৮ কলহ, বাগ্‌বিতণ্ডা। "শুন লো গোআলি, কেন পাড়িয়াছ রোল শ্রী.ম ৬৬, ৬৭। [বোলই—শব্দ করে। "প.ক ২১। রোলা-রুলি—পরস্পর কোলাহল। "বা.দ ১৩৭।]

রোল[২] বিং ['উত্তরোল' > রোল] চঞ্চল, বিহ্বল। "চারি বধুর রূপ দেখি চিত্ত হৈল রোল ম.গা ২; গো.চ ৩১৫।

রোল[৩] বি [E. roll] তালিকার নামাদির ক্রমিক সংখ্যা।

রোল[৪] অর্ম্ম [রোল[১] > °ল] ধ্বনি করা; শব্দ করা। "কনক কিঙ্কিণী রোলই।—ব ৬০। রোলত অসি ঠনত।—ছু ৮৮।

রোলম্ব পুং [দেশী ৭.২] ভ্রমর। "°রুত সা.দ ৩.১৮৫; ৩$\frac{২}{১}\frac{৯}{৯}\frac{৪}{৫}$। পঞ্চরাত্র ৩.৫.৮। তস্যা রোলম্বাবলী কেশজালম্ (দশকুমার)।

রোলার বি [E. roller; হি রোলর] ১ বেলেন; প্রেসে কালি দেওয়ার বেলেন। ২ গমভাঙ্গার নিমিত্ত বেলেনের কল।

রোশ(ষো)নচৌকি, -কী বি [ফা 'রোশন্ চৌকী'—গায়কদল] ১ শানাই ঢোল ও কাঁসি এই তিনের ঐকতানিক বাদকসম্প্রদায়। "তার পশ্চাৎ...গুটি যাইটেক ঢাক মায় রোষোনচৌকি পেঁও পেঁও করিয়া ভোরের রাগ আলাপ করিতেছে আ.ছু ৫৫।

রোশ(স)নাই বি [ফা রোশ্‌নী; তু 'রোসাঅণ'—রোসাঅণং কুড্ডং (উজ্জ্বলীকৃতম্)—'রোসায়ণমিত্যুজ্জ্বলার্থে দেশী (ক.ম ২.১২)] ১ আলোক; আলোকসজ্জা (illumination)। "°খরচ। রোসনাইর কথা কি বলিব ব.প ১৬৮১। ২ [ফা রোশনাঈ] কালি (ink)। [বাঁধা রোশনাই—আলোকসজ্জা।]

রোষ১ পুং [√রুষ্+অ (ঘঞ্)-ভা] ক্রোধ। "জাত" রা ১১৪, রোষেণ মহতাবিষ্টঃ ২ ৭৪.১। —ষণ বিণ [+অন (যুচ্)-ক, পা ৩.২.১৫১, স্ত্রী -ণা] রোষশীল, কোপন, ক্রোধন। "গো রা ৬.২৩১। —ষণ পুং ১ পারদ। ২ নিকষপাষাণ। ৩ উষরভূমি। [°তাম্রাক্ষ (বিণ)—রোষারুণনেত্র, রোষকষায়িতলোচন। "মহা ৩ ৭৮ ১৭। °দৃষ্টি (স্ত্রী)—সক্রোধনেত্রপাত। "ভ ২ ৭৭। °পরীত (বিণ)—রোষপরিগত, ক্রোধাভিভূত। °বিভ্রম (পুং)—ক্রোধলীলা (শ্রীধর)। 'ভ ৯ ১০ ১৩। °ভাষণ (স্ত্রী)—সরোষভাষা, সক্রোধবাক্য। °রূক্ষ (বিণ)—রোষপরুষ, কোপকঠোর (দশকুমার)] [রোষের মন্দির—সর্ব 'ক্রোধাগার'। "কৃ ১৭।]

রোষ২ অর্ধ [রোষ১>°ষ] রোষ করা, রাগা। "অহঙ্কার করিয়া রোষন্ত সর্বজনা অ প ১৫। রোষি (প্রহারিল)।—দ্রু ৮৩।

রোষণ দ্র 'রোষ১' [°তা (স্ত্রী)—কোপনভাব। শ ৪ ১৮।]

রোষময় বিণ [রোষ+ময় (ময়ট্)] রোষবিকার, কোপরূপ। 'কথং তমো রোষময়ং বিভাব্যতে জগৎপবিত্রাত্মনি ভ ৯ ৮ ১২।

রোষাকুলিত বিণ [তৃ ত] কোপপরীত, ক্রোধাভিভূত।

রোষাক্ষেপ পুং [উ লো] সরোষগতিবন্ধার। কাব্যাদর্শ ২ ১৫৪।

রোষাগ্নি পুং [কর্মধা] ক্রোধরূপ অগ্নি, কোপানল।

রোষাবেশ পুং [ষ ত] রোষপারবশ্য, ক্রোধবশ। মাব ১৮৪, ১২।

রোষারুষি বি [রোষ-আ+রোষ ই] রাগারাগি। শ্রী ৭৮।

রোষিত বিণ [√রুষ্+ই (ণিচ)-ত (ক্ত)-র্ম] কোপিত, জনিতরোষ। "নরবরো ররোষিতকেশরী রঘু ৯ ৫৪, ১১ ৭১। —ষী (ষিন্) বিণ [√রুষ্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -ষিণী] রোষকারী। ২ ২১৫ ১১। শঠরোষিণি ভা চ ১৮০। —ষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃন্)-ক-১ব, স্ত্রী -ষ্ট্রী] রোষণশীল। "ভট্টি ৯ ৩১।

রোষী; রোষোনচৌকি, রোষোনচৌকী; রোষ্টা দ্র 'রোষিত, রোশনচৌকি, রোষিত'।

রোষ্ট্ বি [E. roast] শূল্য মাংস। 'ব ঝি ১৮। রোষ্ট্বীফ অ শী ৬।

রোসনা বি [মুদ্রাপ্রমাদ ?] রসনা, চন্দ্রহার। দা ১৪৮০।

রোসনাই দ্র 'রোশনাই'।

রোহ বিণ [√রুহ্+অ (ণ)-ক, জ্বলাদি, স্ত্রী-হা] ১ জাত। ২ আরূঢ়। "হস্ত্যশ্ব" রা (SW)। —হ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ জন্ম, উৎপত্তি। ২ অঙ্কুরোদ্ভেদ। "বীজ" চৈক" রোহসহস্রমেতি মহা ১২ ১২০ ৩৮। ৩ প্রাদুর্ভাব। —হক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ রোঢ়া, আরোহক। "কটি"। ২ জাত। "গ্রাব"। —হণ পুং [+অন (ল্যুট্)-ধি] পর্বতবিশেষ, বিদূরাদ্রি। —হণ স্ত্রী [+অন-ভা] ১ সর্ব 'রোহ বিণ (১-৩)। ২ [+অন-অপা] শুক্র। —হি পুং [+ই (ইন্)-ক, উ ৪ ১১৭] ১ বীজ, বৃক্ষ। ২ মৃগ। "স্থূলান্ হত্বা মহারোহীনম্ তত্তাব তং দ্বিজম্, °মাংস রা ৩ ৬৮.৩২,-৩। [রোহণদ্রুম (পুং)—চন্দনবৃক্ষ।]

রোহক, রোহণ, রোহি দ্র 'রোহ'।

রোহিণ১ বিণ [°ণী+অ (অণ্), প্রত্যয়লোপে স্ত্রীপ্রত্যয়লোপ, পা ৪.৩.৩৭, ১ ২ ৪৯] রোহিণীনক্ষত্রে জাত। —হিণ ক্লী রোহিণীদেবতাক দিবসের নবম মুহূর্ত। [ইহা পূর্বাহ্ণশ্রাদ্ধের উত্তরাবধি, অপরাহ্ণশ্রাদ্ধের পূর্বাবধি ও একোদিষ্টবিধিকশ্রাদ্ধের সমাপনকাল (শ ক)] —হিণি স্ত্রী রোহিণী নক্ষত্র। "বৃহৎসংহিতা ১০৬ ১০। °নায়ক প ক ৫১৩৫। —হিণিকা স্ত্রী ১ কোপাদি হেতু রক্তবর্ণা নারী (শ ক)। ২ গলরোগভেদ। —হিণী স্ত্রী [√রুহ্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), তু 'রোহিত'>রোহিণী (স্ত্রী)] ১ লোহিতগবী, গবীমাত্র (অ কো)। "মাঘ ১২.৪০। ২ সপ্তবিংশতি নক্ষত্রের চতুর্থ নক্ষত্র। "রা ২ ১১৪ ৩। শশিনা সমুপগতা রোহিণী যোগম্ শ ৭ ২২। [ইহা শকটাকৃতি, পঞ্চতারাত্মক, প্রধান তারার বর্ণানুসারে লোহিতবর্ণা। ইহার অধিদেবতা ব্রহ্মা। ইহাতে জন্মিলে, নর ধর্মকর্মকুশল কুলীন সুচারুদেহ বিলাসকলেবর স্মরোদ্দীপক ধনী ও মানী হয়। ইনি দক্ষকন্যা, চন্দ্রপত্নী] ৩ বসুদেবভার্যা, বলরামজননী। ৪ [রোহিত+স্ত্রী ঈ (ঙীপ্)] নববর্ষবয়স্কা কন্যা। 'নববর্ষা তু রোহিণী।—সংবর্ত ৬৭। প্রাপ্তে রজসি রোহিণী।—পক্ষ ৩২০০। ৫ গলরোগভেদ। ৬ সুরভিকন্যা। ৭ তড়িৎ। ৮ মঞ্জিষ্ঠা, কটুফল, রক্তপুনর্নবা, হরীতকী। —হিণী বিণ, স্ত্রী লোহিতা (মেদিনী)।

রোহিণ২ পুং [√রুহ্+ইন (ইনন্)-ক, উ ২৫৫] ১ ভূ-তৃণ। ২ বটবৃক্ষ। ৩ রোহিতকবৃক্ষ। ৪ বিষ্ণু।

রোহিণি, রোহিণিকা দ্র 'রোহিণ'।

রোহিণী দ্র 'রোহিণ'। [°কান্ত (পুং)—চন্দ্র। তনয় (পুং) —বলরাম। °পতি, °প্রিয়, °বল্লভ (পুং)—চন্দ্র। °ভব, °সুত (পুং) —বুধগ্রহ। °যোগ (পুং)—চন্দ্ররোহিণীমেলন। °রমণ (পুং)—১ চন্দ্র। 'গী গো ৩ ১০। ২ বসুদেব। °শকট (পুং, ক্লী)—শকটাকার রোহিণীনক্ষত্র। 'পক্ষ ১২৩৫।]

রোহিণীশ পুং [ষ ত] ১ চন্দ্র। "মাঘ ৩ ৬০। ২ বসুদেব।

রোহিণ্যষ্টমী স্ত্রী [ড লো] রোহিণীযুক্তা ভাদ্রকৃষ্ণাষ্টমী।

রোহিৎ বিণ [√রুহ্+ইৎ (ইতি)-ক, উ ১ ৯৯] লোহিত। 'ঋগ্বেদ ৭ ৪২ ২। —হিৎ পুং ১ সূর্য। ২ রোহিত মৎস্য। —হিৎ স্ত্রী মৃগী। 'মহিম্নঃ স্তবঃ ২২।

রোহিত বিণ [√রুহ্+ইত (ইতন)-ক, উ ৩ ৯৪, স্ত্রী -তা, -হিণী] লোহিত, শোণ। 'রোহিতাঙ্গ গো রা ৫ ১৪৪, শ্রীম. ১১। —হিত পুং ১ রক্ত বর্ণ, লাল রঙ। ২ লোহিত মৎস্যবিশেষ, রুই মাছ। 'মনু ৫ ১৬। শি ৮৫। ৩ মৃগবিশেষ। ৪ হরিশ্চন্দ্রপুত্র রোহিতাশ্ব। ['কৃত্তিদাস (কৃ ১৩)]। ৫ রোহিতকবৃক্ষ। ৬ হারভেদ (SW)। —হিত স্ত্রী ১ রক্ত, শোণিত। ২ কুঙ্কুম। ৩ ঋজুশক্রশরাসন (মেদিনী), আকাশে দৃশ্যমান দণ্ডাকার নানাবর্ণ জ্যোতিঃ (কুল্লুক)। 'মনু ১ ৩৮। —হিতক, -হীত -হীতক পু বৃক্ষবিশেষ, রোহড়া গাছ। "পলাশরোহীতমধুক।—সুশ্রুত ৬ ১৭ ২৩। রোহীতক।—বৃহৎসংহিতা ৫৪ ৬৮।

রোহিতক দ্র 'রোহিত'।

রোহিতাশ্ব১ পুং [বহুব্রী, 'রোহিদশ্ব'—অগ্নি (ঋগ্বেদ ১৪৫ ২, ৪ ১৮)] লোহিতঘোটক', অগ্নি।

রোহিতাশ্ব২, **-তাস্য** পুং [বহুব্রী] হরিশ্চন্দ্র পুত্র। ['কৃত্তিদাস' (কৃ ১৩)]

রোহিতাস্য দ্র 'রোহিতাশ্ব২'।

রোহিষ পুং ১ মৃগভেদ। ২ রোহিতমৎস্য। ৩ তৃণভেদ (সুশ্রুত)।

রোহী(-হিন্) বিণ [√রুহ্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -হিণী] ১ জাত, উৎপন্ন। 'নগেন্দ্রবনরোহিন্ গো রা ৫.৫২০। অকুষ্ট" রঘু ১৪ ৭৭। ২ পুনঃপুনঃ ছিন্ন হইলেও যাহা অঙ্কুরিত হয়, রোহণশীল। ৩ আরোহী। "শিবরোহিণি।—ভা চ ১৭৯। —হী পুং রোহিতকবৃক্ষ, বট, অশ্বত্থ।

রোহীত, রোহীতক দ্র রোহিত'।

রোহেলা বি রোহিলখণ্ডের অধিবাসী যোধ। ভা চ ৪৮৭।

রৌক্ম বিণ [রুক্ম>অ (অণ্), স্ত্রী -ক্মী] রুক্মবিকার, হৈম। 'রৌক্ম শবরণম্ বা ৭ ১৬ ২। মনু ৪ ৩৬।

রৌক্মিণেয় পুং [রুক্মিণী+এয় (ঢক)] প্রদ্যুম্ন। 'মহা ২ ৪ ৩৫।

রৌক্ষ্য ক্লী [রূক্ষ+য (ষ্যঞ্)] ১ রূক্ষভাব, কার্কশ্য, অস্নিগ্ধভাব। "তৈলম্ রৌক্ষ্যদোষঘ্নম্ (দুর্গাপূজায়াং স্নানপ্রকরণম্)। ২ কাঠিন্য। "যাজ্ঞ ৩ ৭৬। ৩ পারুষ্য, নৈষ্ঠুর্য। "প্রতিষেধ" রঘু ৫ ৫৮; ভর্তৃনির্দেশ"

১৪.৫৮। ৪ দারিদ্র্য। "মহা ১৩.২৩.৫৩। ৫ শুষ্কতা, নীরসভাব। "সুশ্রুত ১.৬.১৩।

রৌচনিক বিণ [রোচনা+ইক (ঠক্), স্ত্রী -কী] 'রোচনারক্ত', রোচনারঞ্জিত, সৌবর্ণ, পীত। "কি ৫.৪৫।

রৌদ্র বিণ [রুদ্র+অ (অণ্), স্ত্রী -দ্রী] ১ রুদ্রসম্বন্ধী। ২ তীব্র, উগ্র, প্রচণ্ড। ৩ ভয়ঙ্কর (সায়ণ), ভীষণ। 'ঋগ্বেদ ১০ ৩ ১। রা ২ ২৫ ২০। রৌদ্রে মুহূর্ত্তে মহা ১ ১৫৪ ২২। —দ্র পুং ১ যম। ২ হেমন্ত ঋতু। ৩ রুদ্রগণবিশেষ। ৪ কার্ত্তিকেয়। ৫ (অলঙ্কারশাস্ত্রে) রস-বিশেষ। [ক্রোধ ইহার স্থায়িভাব। ইহা রক্তবর্ণ। রুদ্র ইহার অধিদেবতা, অরি আলম্বনবিভাব, অরিচেষ্টা উদ্দীপনবিভাব (সাদ ৩ ২২৭)।] ৬ রুদ্রদেবতাক, রুদ্রোপাসক। ৭ কেতু। "বৃহৎসংহিতা ১১ ৩২। ৮ সূর্য্যতাপ, আতপ, তাপ। "সতত পর্য্যঙ্কে থাকি, রৌদ্রমুখ নাহি দেখি।—দু ৫০। যেন সে নবীন শ্যাম শোভায় জগতের রৌদ্র শীতল হইতেছে ব প্র ৫৮১। °তপ্ত ব দ্বি ৩। —দ্র ক্লী ১ রুদ্রভাব, উগ্রতা, ভীষণতা। ২ রুদ্রাধিদেবতাক আর্দ্রা নক্ষত্র। ৩ রুদ্রাধিদেবতাক অস্ত্র। "রা ১ ৫৬ ৬। ৪ ক্রোধ (A)। —দ্রী [রৌদ্র+স্ত্রী -ঈ (ঙীপ্)] ১ 'রুদ্রশক্তি', চণ্ডী। ২ রুদ্রজটা। ৩ মূর্চ্ছনাবিশেষ। [°কর্ম্মা (-র্ম্মন্), °কর্ম্মী (-র্ম্মিন্) বিণ—ভীষণকর্ম্মা, অতিদুর্বৃত্ত। "°কর্ম্মিন্ মহা ১ ৬৫ ৩৭। °দর্শন (বিণ)—ভীষণমূর্ত্তি, ভয়ঙ্কর।

রৌদ্রপোড়া বিং রৌদ্রদগ্ধ, বিবর্ণ, রোদপোড়া। "মালতী গোয়ালিনী প্রায় গৌরাঙ্গী— একটু রৌদ্রপোড়া ব দ্বি ৩৫।

রৌদ্রাক্ষ বিণ [রুদ্রাক্ষ+অ (অণ্), স্ত্রী -ক্ষী] রুদ্রাক্ষকৃত (মালা)।

রৌদ্রী দ্র 'রৌদ্র'।

রৌধির বিণ [রুধির+অ (অণ)] শোণিতময়, রক্তপূর্ণ। "সমন্ত-পঞ্চকে পঞ্চ চকার রৌধিরান্ হ্রদান্ মহা ১ ২ ৪।

রৌপ্য বিণ [রূপ্য+অ (অণ্), স্ত্রী -প্যী] রূপ্যবিকার, রৌপ্য-নির্ম্মিত, রাজত। —প্য ক্লী [+অ স্বার্থে] রূপ্য, রজত। [°মাসক (পুং)—দুই কৃষ্ণল (কুঁজ)-পরিমাণ। "মনু ৮ ১৩৫।]

রৌম ক্লী [রুমা+অ (অণ)] রুমাজনপদজাত লবণ, শাম্ভরিলবণ। —মক বিণ [রোমক+অ] রোমকদেশীয়। —মক ক্লী শাম্ভরিলবণ।

রৌমক দ্র 'রৌম'।

রৌমহর্ষণি পুং [রোমহর্ষণ+ই (ইঞ্)] রোমহর্ষণপুত্র, সৌতি। দ্র 'মহা ১ ১ ১। "ভ ১ ২ ১।

রৌরব বিণ [রুরু+অ (অণ), স্ত্রী -বী] ১ রুরুসম্বন্ধী। "মনু ২ ৪১। যাজ্ঞ ১ ২৫৮। ত্বচম্...রৌরবীম্ রঘু ৩ ৩১। ধত্তে ত্বচং রৌরবীম্ উচ ৪ ২০। ২ রুরুচর্ম্ম-রচিত। ৩ রুরুভৈরবসম্বন্ধী, ঘোর, ভীষণ। "সহজে অসুর জাতি পরম রৌরব শ্রীম ১৫৫। বাখ গো রঙ্গিণি রণে রৌরবরটনা ভা চ ৪৩১। বাদ ১০। ৪ চঞ্চল। ৫ ধূর্ত্ত। —রব পুং ১ নরকবিশেষ। "রা ৭ ২১ ১৫। মনু ৪ ৮৮। ম ১০৪৮। চৈ চ ৬২। ভা চ ২৪৮। রৌরব এ হ্রদনাম, ...অগ্নিময।—মে ২৭১। [যে ইহ-লোকে যে-সকল জন্তু বধ করে, তাহারাই পরলোকে রুরু হইয়া সেই নিধনকারীকে নিপীড়িত করে। এই হেতু ইহা 'রৌরব' (দেবীভাগবত)। মতান্তরে, রৌরবভূমি অতিতীব্র জাজ্বল্যমান অঙ্গারসমূহে আচ্ছন্ন। পাপিগণ এই ভূমিতে বিচরণ করে ও পদে পদে দগ্ধ হয় (মার্কণ্ডেয়-পুরাণ)।] ২ (বাঙ্লায়) দাবানলাদিযুক্ত ভীষণ স্থান। "অচল যথা দাঁড়াইলা বলী, সে রৌরবে।—মে ১৫৫। ৩ দুর্গতি, দুরবস্থা। "ইহারে উচিত নহে এতেক রৌরব ভা চ ৪৮।

রৌশন, -সন বি [ফা রৌশন] প্রদীপ্ত, সমুজ্জ্বল। "দেউটী রৌসন, দেখিতে ভীষণ।—রঙ্গ ৯। —শন বি আলোক। "আন্ধারে কি কর রোজ রৌশনে আন্ধার ভা চ ৪৯৭।

রৌসন দ্র 'রৌশন'।

রৌহিণ বিণ [রোহিণী+অ (অণ্), স্ত্রী -ণী] রোহিণীনক্ষত্রে জাত। —হিণ পুং [রোহিণ[২]+অ স্বার্থে] ১ চন্দনতরু। "উ ২.৫৫, টীকা। ২ বট। ৩ অগ্নি। —হিণ ক্লী দিবসের নবম মুহূর্ত্ত।

রৌহিণেয় পুং [রোহিণী+এয় (ঢক্)] ১ 'রোহিণীপুত্র', বলরাম। "মহা ১ ১৯১ ১৯, ২১। মাঘ ৩ ৬০। ২ বুধগ্রহ। "ম ৩২৬। ৪ সুরভিকন্যার অপত্য, গোবৎস। —ণেয় ক্লী (রোহিণীপ্রিয়) মরকতমণি।

রৌহিত বিণ [রোহিত+অ (অণ্)] রোহিতমৎস্যসম্বন্ধী (সুশ্রুত)।

রৌহি(হী)তক বিণ [রোহি(হী)তক+অ (অণ্) বিকারার্থে] 'রোহিতক-বিকার', রোহিতককাষ্ঠময। —তক পুং [+অ স্বার্থে] রোহিতবৃক্ষ। 'মহা ৩ ১৭৭ ২৩।

রৌহিষ পুং [রোহিষ+অ (অণ্) স্বার্থে, √রুহ্+ইষ (টিষচ্)-ক, বৃদ্ধি, উ ১ ৪৭] ১ মৃগবিশেষ। ২ রোহিতমৎস্য। —হিষ ক্লী রোহিষ-তৃণ। —হিষী স্ত্রী [°ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মৃগী। ২ দূর্ব্বা। ৩ লতা।

রৌহিষী দ্র 'রৌহিষ'।

রৌহী স্ত্রী [?] হরিণী (নীলকণ্ঠ)। 'ইদমিত্যব্রবীদ্ বালাং ত্রস্তাং রৌহিম্ ('রোহীম্—পাঠান্তর) ইবাবলাম্ মহা ৩ ২৮০ ৭।

রৌহীতক দ্র 'রৌহীতক'।

ল

ল[১] অষ্টাবিংশ ব্যঞ্জনবর্ণ ও তৃতীয় অন্তঃস্থবর্ণ। [ইহার উচ্চারণে জিহ্বার অগ্রভাগের মধ্য (জীবের আগার মাঝখান) দ্বারা দন্তমূলের অভ্যন্তরস্থ প্রত্যাসন্ন উপরিভাগ স্পর্শ করিতে হয়, অর্থাৎ ল-কারের উচ্চারণে জিহ্বাগ্র-মধ্য করণ ও জিহ্বাগ্র-মধ্যের নিকটবর্ত্তী দন্তমূলের মধ্যদেশ স্থান (তৈ ২ ৪২। ৯-তু-লসানাং দন্ত্যাঃ পা ১ ১ ৯, সি)। ইহা সন্ধ্যক্ষর (দ্র 'য[১]) এবং আন্তরতম্য হেতু ৯-কারস্থানে 'ল' হয়। যেমন, লাকৃতিঃ (৯+আকৃতিঃ)।]

ল[২] পুং [√লা+অ (ক)-ক] ১ 'অভীষ্টদাতা', ইন্দ্র। ২ (ছন্দঃ-শাস্ত্রে) এক লঘুমাত্রা। 'লকারো লঘুরেককঃ।—ছন্দোমঞ্জরী ১ ৯। ৩ লট্-প্রভৃতি দশ বিভক্তির প্রথমাক্ষর। "পা ৩.৪ ৬৯, ৭৭। —ক্লী [√লী+অ (ড)-ধি] 'লয়স্থান', (তন্ত্রে) পৃথ্বীবীজ।

ল[৩], **লা** বি [E law] আইন। "হিন্দু-ল, মহম্মদীয়-ল। কমন্-লার প্যাঁচে।—হু ১৩১।

ল[৪] সর্ম্ম [সং √লভ্ > প্রা √লহ > বা 'ল'] ১ গ্রহণ করা। "অজ হঞা জন্ম লয় চৈ ম ১৭। পশ্চাৎ ভিক্ষা লমু ব প ৬৪। আহা মরে যাই, লইয়া বালাই ভা চ ২৭৬। ২ সঙ্গী করা, সঙ্গে করা। "বানর-কটক ল'যে (এখনি মারিব রাবণকুমারে)।—কৃ ৩০৮। আনর্ত্তে বলেন নীত, সার্ব্বভৌম সুপ্রতীক লয়্যা (কালঙ্গে করহ বৃষ্টি) ক চ ৮২। যোগিনী হইয়া, উহারে লইয়া, যাই পলাইয়া ভা চ ২৭৬। ৩ বলপূর্ব্বক ধরা। "সীতারে লইয়া রাবণ পলায় দিব্য রথে।—কৃ ১৪১। ৪ মূল্যরূপে গ্রহণ করা। "যেটা কয় সেটা লয়, নাহি লয় ফিরা ভা চ ২৭৬। ৫ অভিমত-ভাবে গ্রহণ করা। "এক জনকে এনে দিলে তার মনে না লবে।—কৃ ২৫০। ৬ যুক্তি-যুক্ত বোধ করা। "অঙ্গদ বলে যত বুঝাই তোর মনে না লয়। —কৃ ২৫১। (দেবগণ।) কহি শুন যেই কথা মোর মনে লয়।—ম ৪৯৪। ৭ স্থাপন করা, রাখা। "চরণের ধূলি লয় মাথার উপর।—কৃ ২৯৫। অমৃতের কমণ্ডলু লইয়া বাম কাঁধে।—ম ৯। ৮ সংহার করা। "রাক্ষস মেলিয়া ভাই লয় মোর প্রাণ।—কৃ ১৩৯। ৯ জপ করা; উচ্চারণ

করা ; বলা। "শয়ন-স্বপন না হয় গমন যে লয় রামের নাম।—কৃ ২৪০, -৪১। লও চৈতন্ত-নাম চৈ চ ৭১। ১০ ধারণ করা। "ধনুর্ব্বাণ ল'য়ে রাম (রাম'র) পশ্চাতে গোড়ায়।—কৃ ২৪১। তুলিয়া লইল গিরি শেষ বিষধর।—ম ১৪। ১১ নৌকাদি বাহিয়া লওয়া। "দীন দেখি নৌকা রাম লৈয়া গেল দূরে।—কৃ ২৪১। ১২ নিযুক্ত করা। "ভাল মন্ত্রী ল'য়ে তিনি হউন মহারাজ।—কৃ ২৪৭। ১৩ বহন করা। "সঙ্গে আসিবে যবেঁ লঅ দধি ভারে শ্রী কী ১৭৩। যথাস্থানে মন্দর থুইল ল'য়ে শেষ।—ম ১৪, ২০। করিয়া পাথরি-কোলা ল'যে গেল দূরে।—কৃ ২৬৯। ১৪ আত্মসাৎ বা অপহরণ করা। "পরদ্রব্য না লই।—কৃ ৩১০। ১৫ আদায় করা। 'যত বেচ ভাল ধান, তার না লইব দান ক চ ৮৪, হাটে জিম লয় তোলা ৯০। ১৬ ক্রয় করা। "মূল্য। লয় চিনি গোলা ক.চ ৭৬। লক্ষ্মীকান্ত নিতে না'র লবে কোন রঙ্ক শি ১০০। ১৭ উল্লেখ করা, বলা। "মোব নাম লৈয়া ইন্দ্রে কহ এই কথা।—ম ২৩৭। ধতেক বণিক্ আইল কত লব নাম ম ভা ৩০। শি ৬৩। ১৮ সমবেত করা, জুটান। 'ত্রিভুবনের বানব ল'যে রামের মন্ত্রণা।—কৃ ২৭৯। ১৯ ঔষধ সেবন কবা। "জোলাপ লওযা। ২০ রক্ষা করা, বাঁচান। পালা রে তপস্বী বেটা প্রাণ ল'যে দেশে।—কৃ ২৭২। ২১ অধিকাব করা। "শ্রীলক্ষ্মীপতিব লক্ষ্মী লা'ব কোন জন।—কৃ ৯১। ২২ যাপন করা, কাটান। "চিন্তায় অলসে যদি বৃদ্ধকাল লা'ব (শ্রী)। ২৩ স্পর্শ করা। "পাইযা সন্ধান, হব সাবধান, না লব তাহার বা।—চ দা ৫৭। ২৪ কবা। লবামাত্র সাধুসঙ্গ সর্ব্বসিদ্ধি হয ভ গ্র ৩০৬। ২৫ ধাব করা। "মহাজনের কা'চ টাকা লওযা। ২৬ অবগত হওয়া জানা। "তত্ত্ব লৈতে আইলাম হেথা।—ম ১১। ২৭ উত্তোলন কবা, উঠান। "মন্দর লইতে সভে কবিল যতন।—ম ১৪। ২৮ অংশপূর্ব্বক গ্রহণ করা। "সভার অর্জ্জিত সুধা লব সর্ব্বজন।—ম ১৫। ২৯ বিশেষভাবে মনে রাখা। "না কর কাকুতী বড়ায়ি নাহিঁ লঅ গালী শ্রী কী ২২। ৩০ অবলম্বন করা। 'বিষয লইয়া বিবাদ। ৩১ অসমাপিকা ক্রিযার পরে ক্রিযাসমাপ্তিসূচক। 'হেবইতে প্রাণ হরি লই গেও মোর বি প ৪৩। গরুড়ের ধন যদি হ'বে লয় (হরে, হরণ করে) কাকে : শাস্তি ক'রে লব (শাস্তি করিব)।—কৃ ২৫০। ৩২ [দ্র 'নি[৫]] প্রাপিত করা, পাওয়ান, লাভ করান। 'পাপমুক্ত কবি মোবে লবে নিজপুর।—কৃ ২৩৫। [লই, -ইয়া, লৈ, লৈয়া {পা লহই (হে), লই—পৈ} —'লৈযা গেলে।—কৃ ২৪১। লৈগেল বান্ধিযা চৈ চ ৩০৮। লইমু—লইব। "ম গা ২৫। লও, লহ—গ্রহণ কর। "লহ রে ঘোটনা কুঁড়া ভা চ ১০৪। লওযা সর্থ 'ল[৪]। লব—লইব। "কৃ ২৫০। লযা—লইযা। 'চ বি ৪১। কৃ চ ৩৭। প্রাণ লওয়া—বধ করা। "ক চ ৫৭। মতি লয়—মনে হয়। "হেন মোর লয় মতি ক চ ২৪০। মনে লএ—মনে সত্য বলিয়া বোধ হয়। "ম.পা ২৫। মনে লওয়া—১ মনঃপূত বা অভিমত হওযা। ২ বোধ হওয়া। "চৈ.ম ১৬। মন্ত্র লওয়া—১ পরামর্শ লওয়া। ২ মন্ত্রে দীক্ষিত হওয়া। শরণ লওয়া—রক্ষক বলিয়া আশ্রয় করা। "তোহার চরণে শরণ লইনু বি.প ১১৩। শোধ লওয়া—বৈরশোধন করা, প্রতিহিংসা করা। সঙ্গে লওয়া—সঙ্গী করা। লঅ, -আঁ, -ই, -ইব, -বেঁ, -বোঁ, -ইতেঁ, -ইলোঁ, লএ, -ওঁ, লয়ি, -য়িআঁ, -য়িবোঁ, -লোঁ, লৈল, -লে, -লেঁ, -লোঁ, -ব, -বেঁ, -বেক, -বোঁ (শ্রী কী)। লইমু, লমু (গো চ)। লৈ জাইব—লইয়া যাইব। "মী ২০। লৈয়া জাএ—লইয়া যায়। "ম পা ১১৬।]

ল[৫] অব্য [অলা > লা > ল] সম্বোধন। "(নারীর প্রতি নারীর) ল বড়ায়ি শ্রী.কী ৭, ল রাধা ৯, ১৫, -৯, (নারীর প্রতি পুরুষের) এড়িলোঁ ঘরের, আশ ল বড়ায়ি ১৭, (পুরুষের প্রতি নারীর) মিছা মোর মোরে না হিহ কাহাঞি ল ২২৩।

ল[৬] প্র [সং ল (লচ্), হি 'ল'—দুধল, মৈ—পিআসল, তয়াসল] অস্ত্যর্থে প্রত্যয়, তদ্‌যুক্ত, তদ্বিশিষ্ট। "আঁশাল, আঁবল, তাতল, দুধল, মুতল। —ল, —লা [প্রা 'ল'—বিজ্জুলী, পীঅল, পত্তল, অন্ধল (প্রা প্র ৪ ২৬, হে ২ ১৭৩)] স্বার্থে প্রত্যয়। "আঁধল, আঁধলা, আঁধোল, আধলা, আন্ধল, গাঁজলা, গাছলা, জোঁয়াল, পাতলা, পাতিল।

ল[৭] [ণ > (উচ্চারণে) ড > ল, 'ণনোর্লঃ'—ভণতি ফলতি, ধনতি, থলতি (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫ ১০৭, তু 'সং তুলি, ক্রণি (কচ্ছপী)] ১ বাঙলায় ণ-কারস্থানে 'ল'। "ঘুরুলী, -লে (ঘুরণি), ছোলা (চণক)। ২ [ত > দ > ড > ল, দ্র 'ইল[১], তু 'সং কদম্ব, কডম্ব, 'বঙ্কিল' (বঙ্কিত > বঙ্কিত, -দ, -ল)—কণ্টক, বিকল, বিরল] 'ত'কার-স্থানে 'ল'। 'দ্র 'ইল[১], ইল[২]। ঘালি (আঘাত)। ৩ [ন > ল, দ্র 'ল[৭] (১), 'নো ডঃ (প্রা ল, ৪৭ পৃষ্ঠ, ২৯), প্রা লিংভ (নিম্ব), নিডাল (ললাট), ঠ লিংব, লোণী (নিম্ব, নবনীত), গু লীল (নীল), প ললের (নারিকেল), নঙ্গল (লাঙ্গল) সং বিম্বাল্লিখতি (বিম্বান্‌+লিখতি)।] 'ন'কার-স্থানে 'ল'। লবনী, লনী, লা, লাএক। ঐছন লহ (নহে) ইহ প্রেমক রীত বি প ১০৯। বুলেন (বুনেন) বাঁসমতী শূ ১১৪।

লও স বি° [সং নব (-বন্) > প্রা ণব > লও, দ্র 'ল[৭] (৩), অসাধু] নবসংখ্যক। [লওশো—নয় শত। "গো চ ২১৭।]

লওয়া সর্থ [ল[৪] + ওয়া] ১ গ্রহণ কবান, লওয়ান। ২ অনুষ্ঠান করান, কবান। 'সবারে লওযায যজ্ঞ, যাজ্ঞিক হইযা চৈ ভা ২১। ৩ প্রবর্ত্তিত কবা। "সেই প্রভু যাবে যেন লওয়াযেন মন। সেই মত কর্ম্ম করে সকল ভুবন॥ (ঈশ্বব যে-হেন) লওয়াইছেন চিত্তে, করি আমি তেন চৈ ভা ১২০। [লওয়ান—সর্থ লওয়া'।]

লওয়াজিমা বি° সর্থ 'নওয়াজিমা। [লওজিমাত লোক—অতি-প্রয়োজনীয লোক। "তাহার যত °ত লোক ব প ১৬৮১।]

লং বি লঙ্গ > (লঙ) লং] লবঙ্গ। "লং জায়ফল গো চ ৫৯।

লংক্লথ বি [E longcloth] থাপী সুতী বস্ত্রবিশেষ।

লক বি [ফা নখ্] ঘুঁড়িব মাঞ্জা-দেওযা রেশমী সুতা। ঘুড়ি ওড়াতে গিযে লকে কাণ কেটে গিযেছিলো।—হু ৮১।

লক(কু)চ পুং ফলবৃক্ষবিশেষ, ডহুগাছ। "লকুচ রা ৩ ১৫ ১৮। —চ ক্লী ডহুফল ডেফল। লকুচ° গুরু বিষ্টম্ভি (বেদ্যকে)।

লকট, লকেট[২] বি [E loquat] চীন ও জাপানের ফলবৃক্ষবিশেষ ও তাহাব অম্লমধুর ফল।

লকড়ি বি [হি লকড়ী] কাঠ। 'ভ গ্র ৪৪৬।

লকাটে বি° [?] জীর্ণ (?)। বাবুরাম বাবু…একখানা লকাটে রকম কেবাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন আ দু ৩২।

লকার পুং [কর্ম্মধা] ১ ল-বর্ণ। "পা ৮ ৪ ৬০, সি। ২ লট্-প্রভৃতি দশ বিভক্তি। লকারার্থপ্রকরণ।

লকুচ দ্র 'লকচ'।

লকুট পুং ['লকুড'—লকুট (দেশী ৭ ১৯)] লগুড। "কাত্যায়নশ্রৌত-সূত্র ৬৬৬ ৬।

লকুড়ি বি [সং লগুড় হি লকডী] কাঠ। "গো চ ২৮২।

লকেট[১] বি [E locket] ভূষণরূপে ব্যবহার্য্য স্বর্ণাদির ধুকধুকিবিশেষ।

লকেট[২] দ্র 'লকট'।

লক্কড় বি [হি লক্কড়, ঠ লাকুড (লগুড)] কাঠের কুঁদা। "লোহা°।

লক্কলক্ক বি° [লকলক > °ক্ক, যুক্তাক্ষব ওজোগুণার্থ] অতি-লকলক্, অতিলোল। "লীহ-লীহ লোল-জীহ °ক্ক সাজিকে ভা চ ৪২৬।

লক্কা বি [আ লক ক্‌া] বিস্তৃত পুচ্ছ (fan-tailed) পায়রাবিশেষ।

লক্‌খি বি [সং লক্ষ্মী > প্রা *লক্‌খী] লক্ষ্মী। "গো চ ৭৬। [°বিলাসি—সুন্দশাটীবিশেষ। "গো চ ১০৫। লক্‌খি রাই—লক্ষ্মী রাণী। "গো চ ২৯, ৬০।]

লক্তক পুং [রক্ত+ক (কন্) সংজ্ঞার্থে, র > ল] ১ অলক্ত, আলতা। "°রসপ্রখ্যৌ (চরণৌ) গো.রা ২.৬০.১৬। ২ [নক্তক > °ক (অ.টী)] ছিন্নবস্ত্র, কর্পট, নেকড়া (সুশ্রুত)।

লক্‌পক্ বি [লক্‌লক্ > °ক ; ভাবাত্মক] লোলভাব, চঞ্চলভাব। "রূপে গুণে অনুপাম ধর্ম্মের সেবক। দেখিয়া বুড়ীর প্রাণ করে লক্‌পক্॥ —শ্রী ১৫১।

লক্‌লক্[১] বি [সং √'লক্'—আস্বাদন ; দ্বিত্ব : ভাবাত্মক] ১ আস্বাদনার্থ জিহ্বার লোলভাব। "খাওয়ার জন্য জিব লক্‌লক্ করে। ২ শাকাদির ডগার লোলভাব। "হেলেঞ্চা কলমি লক্‌লক্ করে (ব্রতমন্ত্র)। —লক্ বিং লক্‌লক্‌যুক্ত, লোল। "লক্‌লক্‌রসনে ভা.চ ৩১৩। জিহ্বা লক্‌লক্। —হেম ৩১। উর' লক্‌লক্ জিভা !—স্ব.প্র ১২৬। লক্ ক্রি.বিং লোলভাবে। "লক্‌লক্ লোলে লোলজিহ্বী ভা.চ ৪৩১। —লকে বিং [°ক্+এ[৭]] লোল। "°কে জিব। [লক্‌লক্‌লক্—অতিলোল। "°লক্ জিহি ভা.চ ৭৩।]

লক্‌লক্[২] অর্ম্ম [লক্‌লক্ > °ক্] ১ লক্‌লক্ করা ; লোলভাব করা। "লক্‌লক্ ফণী জটা বিরাজ ভা.চ ৭৪। রক্তময় খাঁড়া লক্‌লকে !—স্ব.প্র ১২৬। লোল জিহ্বা লক্‌লকে।—গান ৮। ২ দোদুল্যমান হওয়া। "প্রলম্ব সুবাহুদ্বয়, আজানু দুলিয়া যায়, করিশুণ্ড যেন লক্‌লকে ভ.গ্র ১১১। [লক্‌লকায়—লক্‌লক্ করে।]

লক্ষ্্ সক [চু, ঙ—লক্ষয়তে ; সেট্] ১ আলোচন, প্রণিধান। "লক্ষয়তে কার্য্যং সুধীঃ (ক.ক)। ২ [চু, ঞ—লক্ষয়তি, -তে ; সেট্] দর্শন ; অঙ্কন, চিহ্নীকরণ। "লক্ষয়তে ঘটং লোকঃ, পশ্যতি, চিহ্নযুক্তং করোতি বা (ক.ক)। [আ—আলোকন, দর্শন। "শ ৩.৬। উপ—১ উপলক্ষণ, অনুভব। "সম্যগুপলক্ষিতং ভবত্যা শ ১২৩/২৪। ২ বিশেষণ। "ভূমাভিরূপলক্ষিতঃ। বি—বিলক্ষণ, বিস্ময়। "গী গো ২.১৯। সম্—সম্যক্ দর্শন ; পরীক্ষণ। "রঘু ১.১০।]

লক্ষ[১] ক্লী [লক্ষ্+অ (অচ্)-র্ম্ম] ১ 'বেধ্যরূপে দর্শনীয়' ; লক্ষ্য, শরব্য। "ঋগ্বেদ ২.১২.৪। লক্ষ° মহা ৪.১৩.১৭। মনু ৭.৫৪। লক্ষ বেঁধা পণ শ্রী.মা ১৪৪। ২ ব্যাজ, ব্যপদেশ, ছল। "°সুপ্ত (পাঠান্তর) মৃ ৩১৭/১৮। ৩ চিহ্ন (ত.বা)। —ক্ষ ক্লী, পুং সংখ্যাবিশেষ, দশাযুত সংখ্যা, লাখ। "একোনত্রিংশল্লক্ষাণি যাজ্ঞ ৩.১০১ ; ত্রয়ো লক্ষাঃ ১০২। সুবর্ণলক্ষ ক.সা ১২.৯। —ক্ষ স.বিণ লক্ষসংখ্যক, বহু।—"লক্ষলক্ষৈঃ পঞ্চরাত্র ১.৭.৩৪ ; °শ্লোকমিদং শাস্ত্রম্ ২.১.২০। লক্ষ কথা ব্যতীত বিবাহ হয় না।—বি.বু ৩২। —ক্ষ বি ১ (বাঙ্‌লায়) কৃপাদৃষ্টির লক্ষ্যভূত জন। "লক্ষে কর কৃপা ক.চ ২৫৩। ২ কৃপাদৃষ্টি। "লক্ষ দিয়া রাখ মাতা ক.চ ২৫৫। ৩ লক্ষমুদ্রা। "লক্ষের জাদ ব.প ৯১০। লক্ষের কাঁচলি চ.বি ১৮৬। লক্ষের পুটলি ম.ম ২৩৫। লক্ষের ব্যজনী ম.ভা ৭৩।

লক্ষ[২] সর্ম্ম [সং √লক্ষ্] লক্ষ্য করা ; দেখা। "আনে লক্ষিবারে না পারিল কদাচিত অ.প ৩৪।

লক্ষক বিণ [√লক্ষ্+অক (ণ্বুল্)-ক] লক্ষণাবৃত্তি দ্বারা অর্থপ্রকাশক, অর্থাৎ যে শব্দ সঙ্কেতিত অর্থ বা অভিধাবৃত্তি দ্বারা অর্থপ্রকাশে শক্তিশূন্য ; লক্ষণাবৃত্তিযুক্ত, লক্ষণোপাধিক। যেমন, 'নীরাদি' অর্থে সঙ্কেতিত 'গঙ্গা' শব্দ, 'তীরাদি' অর্থে শক্তিশূন্য, অতএব 'তীরাদি অর্থে 'গঙ্গা' শব্দ লক্ষক। দ্র 'সা.দ ২.১৯। —ক্ষক ক্লী লক্ষ সংখ্যা। "পদাতীনাং ত্রিলক্ষকম্। —পঞ্চরাত্র ১.৪.৫১।

লক্ষণ ক্লী [√লক্ষ্+অন (ল্যুট্)-ণ] ১ 'লক্ষসাধন', লিঙ্গ, ব্যঞ্জন, চিহ্ন। "পার্থিব° রা ১.৪.৩৫। সীমাসন্ধিষু লক্ষণম্ মনু ৮.২৬১। অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধের্হি লক্ষণম্ রঘু ১০.৬ ; গর্ভ° ১৯.৫৫। হি ১.১১৪। বর্জ্জিতে ব্রাহ্মণ, কি আছে লক্ষণ, বেদাচার-বহিষ্কৃত ভা.চ ৩৮ ; ১৫৬। ২ চিহ্ন, চিত্র। "বধূদুকূলং কলহংসলক্ষণম্ কু.স ৫.৬৭। ৩ জাতিগত ইতরব্যাবর্ত্তক চিহ্ন ; বিশেষ বা অসাধারণ ধর্ম্ম। যেমন, গোজাতির 'গলকম্বল'। "রথঞ্চ কপিলক্ষণম্ মহা ১.২২৫.৪। শরৎপঙ্কজলক্ষণা রঘু ৪.১৪। ৪ কারণ, হেতু। "সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখম্। এতদ্ বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ॥—মনু ৪.১৬০। ৫ ভাগ্যচিহ্ন, দেহস্থ শুভচিহ্ন, শুভাশুভচিহ্ন (A)। "ভর্তুরলক্ষণাহম্ রঘু ১৪.৫। পুণ্যলক্ষণা কু.স ৫.৭৩। ৬ নিমিত্ত, শকুন। "দুর্°, সু°। ৭ রোগের বাহ্যচিহ্ন (symptom)। ৮ স্ত্রীপুরুষভেদক চিহ্ন ; স্ত্রীচিহ্ন, পুংশ্চিহ্ন। "পোটা স্ত্রী পুংসলক্ষণা (অ.কো)। ৯ তরপণ্যবিশেষজ্ঞাপক। "সমুদ্রে নাস্তি লক্ষণম্ মনু ৮.৪০৬। ১০ নামধেয়, সংজ্ঞা। "বিদিশালক্ষণাং রাজধানীম্ পু.মে ২৪। ১১ গুণ, শৌর্য্যাদি। "ককুৎস্থ ইত্যাহিতলক্ষণোঽভূৎ রঘু ৬.৭১। ১২ অঙ্ক, রেখা। ১৩ হেতুভূত লক্ষ্যলক্ষণভাবসম্বন্ধ। "অনুর্লক্ষণে পা ১.৪.৮৪। ১৪ নিমিত্ত, নিমিত্তকার্য্য। "প্রত্যয়লোপে প্রত্যয়লক্ষণম্ পা ১.১.৬২। ১৫ স্বরূপ। "ঘটলক্ষণং বস্তু (ত.বা)। উপকারাপকারৌ হি লক্ষ্যং লক্ষণমেতয়োঃ মাঘ ২.৩৭। ১৬ স্বরূপপ্রতিপাদক, স্বরূপজ্ঞাপক। "নোদনালক্ষণার্থো ধর্ম্মঃ (জৈমিনী)। ১৭ আকৃতি, প্রকার। ১৮ হেতু, কারণ। ১৯ ব্যাকরণাদি-সূত্র, 'তাৎপর্য্য' (টীকা)। "ছন্দসাং লক্ষণম্।—শ্রুতবোধ ১। ২০ ব্যাজ, লক্ষ। "প্রসুপ্ত° মা.মা ৭। ২১ [+অন-র্ম্ম] লক্ষ্য। ২২ প্রতিপাদ্যবিষয়। "দ্বাদশলক্ষণী (মাধবীয়ন্যায়মালা—ত.বা)। ২৩ [+অন-ভা] লক্ষ্যীকরণ। ২৪ পরীক্ষণ, দর্শন। "নানারূপে কেলি করে না জাএ লক্ষণ গো.বি ১। —ক্ষণ পুং [+ন (নক্), -র্ম্ম, 'অ' (অট্) আগম, উ ৩.৭ ; তু 'সং লক্ষ্মণ > প্রা লক্‌খণ] ১ সৌমিত্রি, লক্ষ্মণ। "হ ৪২.১২৭ ; ১২৯। ২ সারসপক্ষী। ৩ লক্ষণীয় অর্থ (শ্রীধর)। "পুরাণং দশলক্ষণম্ ভ ২.৯.৪৩। —ক্ষণা স্ত্রী [°ণ+স্ত্রী আ (টাপ্)] ১ শব্দের অভিধাদি বৃত্তির অন্তর্গত বৃত্তিবিশেষ ; শব্দের গৌণবৃত্তি। [অভিধাবৃত্তি দ্বারা অর্থগ্রহ না হইলে, শব্দের যে শক্তি দ্বারা, রূঢ়ি বা প্রয়োজন হেতু মুখ্যার্থসম্বন্ধী অন্য অর্থ প্রতীত হয়, তাহা 'লক্ষণা' (Metonymy)। ইহা রূঢ়ি ও প্রয়োজনভেদে দ্বিবিধ। ইহাদের আবার অন্তর্বিভাগানুসারে সর্ব্বসুদ্ধ অশীতিপ্রকার 'লক্ষণা' আছে (সা.দ ২.৫-১২)।] ২ সারসী। [°জ্ঞ (বিণ)—দেহস্থ শুভাশুভচিহ্নবেত্তা, সামুদ্রিকলক্ষণবিৎ। "গো.রা ২.২৯.৮। °ভ্রষ্ট (বিণ)—দুষ্টলক্ষণ। "যাজ্ঞ ৩.২১৭। °লক্ষণা (স্ত্রী)—অজহৎস্বার্থলক্ষণা। 'সা.দ ২.৭। °সন্নিপাত, °সন্নিবেশ (পুং)—চিহ্নসমূহের সর্ব্বানুষ্ঠান, অর্থাৎ সর্ব্ববিধচিহ্নকরণ। "রা ৫.৫২.১৫। °সম্পৎ (-দ্) স্ত্রী —লক্ষণসমূহ। °যুক্ত (বিণ)—বিশিষ্টলক্ষণান্বিত।]

লক্ষণী (-ণিন্) বিণ [°ণ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ণিনী] ১ লক্ষণবান্, চিহ্নযুক্ত। ২ সামুদ্রিকলক্ষণবিৎ। "রা ২.২৯.৯।

লক্ষণীয় বিণ [√লক্ষ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ দর্শনীয়, পরীক্ষণীয়। ২ ভাবনীয়। "°পুরুষাকৃতিঃ রঘু ১১.৬৩।

লক্ষণ্য বিণ [°ণ+য (যৎ) ; স্ত্রী -ণ্যা] 'লক্ষণসম্বন্ধী', লক্ষণযুক্ত। "লক্ষণ্যাবদলক্ষণ্যো (অহম্) রা ২.১০৯.৫। যাজ্ঞ ১.৫২

লক্ষপুর বি লক্ষসংখ্যক বেষ্টন ; বহুবেষ্টন। "কন্যারে বেড়িল সভে (সুরাসুরে) করি লক্ষপুর।—ম ১৭।

লক্ষাধীশ, -ক্ষেশ পুং [ষ.ত] লক্ষমুদ্রার অধিপতি ; লক্ষপতি, মহাধনী। "লক্ষেশঃ ক্ষিতিপালতাম্···বাঞ্ছতি (সু.র)।

লক্ষিত বিণ [লক্ষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ দৃষ্ট। "লক্ষিতপূর্ব্বকেতুন্ রঘু ৭.৪৪। ভ ২.২.৩৫। ২ উপলক্ষিত, বিশিষ্ট। সর্ব্বভূতপ্রসূতির্হি বীজলক্ষণলক্ষিতা মনু ৯.৩৫। ৩ অঙ্কিত, চিহ্নীকৃত। ৪ অনুমিত। ৫ আলোচিত। ৬ জ্ঞাত। ৭ সঙ্কেতিত। ৮ লক্ষণাবোধিত, লক্ষ্যার্থব্যঞ্জিত (অর্থ)। ৯ লক্ষ্যীকৃত (A.)। ১০ লক্ষণাশ্রয়ভূত। —তা স্ত্রী পরকীয়ান্তর্গত নায়িকাবিশেষ। 'পরপতিরতিচিহ্ন ঢাকিতে যে নারে। লক্ষিতা করিয়া কবিগণ বলে তারে॥—ভা.চ ৬৮৩।

লক্ষিতলক্ষণা স্ত্রী লক্ষিতশব্দবিষয়ে লক্ষণা, লক্ষিত শব্দ হইতে রূঢ়ি হেতু প্রাপ্ত অর্থাভিধান। যেমন, বহুব্রীহিসাধিত 'দ্বিরেক' শব্দ হইতে 'রেফদ্বয়যুক্ত' 'ভ্রমর' এই অর্থপ্রাপ্তি। দ্র 'শ.ক'।

লক্ষী[1] (-ক্ষিন্) বিণ [লক্ষ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ক্ষিণী] লক্ষণবান্, সুলক্ষণযুক্ত। "লক্ষিণ্যঃ (স্ত্রিয়ঃ) রা ৭.২৫.১৭।

লক্ষী[2] বি [লক্ষ্মী > লক্ষী] ধান্যবিশেষ। °শূ ১১৪।

লক্ষ্ম (-ক্ষ্মন্) ক্লী [√লক্ষ্‌+মন্ (মনিন্)-ণ-১ব, ছান্দস] ১ অঙ্ক, চিহ্ন, লক্ষণ। "শ্রীবৎসলক্ষ্মা পুরুষঃ কু স ৭ ৪৩। শ্রীবৎসলক্ষ্মন্ ভ ৩.১৬ ২১। কোপ° কি ১১ ১৮। ২ নখাঙ্ক, নখক্ষত। "ব্যক্তলক্ষ্মন্ পরিভোগমণ্ডনম্ রঘু ১৯ ৩০। নখ° মাঘ ৮ ৪১। ৩ কলঙ্ক, চন্দ্রাঙ্ক। "হিমাংশোলক্ষ্মন্ শ ১ ১৮। প্রকটমলিনলক্ষ্মা (চন্দ্রমাঃ) মাঘ ১১ ৩০। ৪ ব্যাবর্ত্তক চিহ্ন বা ধর্ম্ম। ৫ ভাগ্যচিহ্ন। ৬ প্রধান। "অ কো, নানার্থবর্গ ১২৪।

লক্ষ্মণ বিণ [লক্ষ্মী+ন অস্ত্যর্থে, ঈ > অ (অৎ), পা ৫.২ ১০০, সি, স্ত্রী -ণা] লক্ষ্মীবান, শ্রীবিশিষ্ট, ভাগ্যবান্। —ণ পুং ১ রামভ্রাতা, সৌমিত্রি। [ইঁহার পিতা দশরথ, মাতা সুমিত্রা, পত্নী জনককন্যা উর্ম্মিলা, পুত্র অঙ্গদ ও চন্দ্রকেতু। ইনি সতত রামের সহচর ছিলেন। বনবাসেও ইনি চতুর্দ্দশ বৎসর রামের সহিত বনে যাপন করেন। লঙ্কাসমরে ইন্দ্রজিৎ ও অতিকায় ইঁহার হস্তে নিহত হন। রাবণের শক্তি অস্ত্রে ইনি মৃতপ্রায় হইয়াছিলেন। অযোধ্যায় রামের রাজ্যপ্রাপ্তির পরে, একদা রাম যখন কালপুরুষের সহিত নিভৃতে কথোপকথন করিতেছিলেন, তখন দুর্ব্বাসার আগমনজ্ঞাপনার্থ ইনি সেই গৃহে প্রবেশ করিলে, রাম পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে ইঁহাকে বর্জ্জন করেন। এইরূপে রামবর্জ্জিত হইয়া ইনি সরযূতীরে উপস্থিত হন এবং ইন্দ্রের সহিত সশরীরে স্বর্গে গমন করেন (রা ৭ ১০৫-১০৬ সর্গ)।] ২ সারসপক্ষী। —ণা স্ত্রী ১ সারসী। ২ ওষধিভেদ। ৩ দুর্য্যোধনকন্যা ও কৃষ্ণপুত্র শাম্বের পত্নী। দ্র 'ম ২৫২।

লক্ষ্মণা দ্র 'লক্ষ্মণ'।

লক্ষ্মী স্ত্রী [√লক্ষ্‌+ঈ -ক, 'ম্' (মুট্), ণিচ্-লোপ, উ ৩ ১৬০, ছান্দস] ১ 'যিনি নীতিমান্‌কে দেখেন' (অ টী), শ্রী, রমা, কমলা। "রূপিণী লক্ষ্মীঃ গো রা ১ ১.৬। উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। —হি ৩১ (কথাবস্তু)। ইযং গেহে লক্ষ্মীঃ উ চ ১ ৩৮। ম ৯। বধূ লক্ষ্মী লক্ষ্মীসমা চৈ চ ৭৬। খন খন ঝনঝনে, আসে লক্ষ্মী বেড় বান্ধে নাই ভা চ ১০৫, হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া ১১৩। [সমুদ্রমন্থনে রত্নসমূহের সহিত ইনি সমুদ্রগর্ভ হইতে উত্থিত হন (মহা ১ ৪০ ৩৮। দ্র 'ব্রহ্মবৈবর্ত্তপুরাণ ২ ৩৫ ৩৬শ অধ্যায়)। 'তুমি লক্ষ্মী হৈতে রত্নাকর বলি তারে ক.চ ৩।] ২ সম্পত্তি, সম্পদ্, বিত্ত। "লক্ষ্ম্যা বিপর্য্যযে রা ২ ২২.২৯। সা লক্ষ্মীরূপকুরুতে যথা পরেষাম্ কি ৭ ২৮। ৩ অভ্যুদয়, সমৃদ্ধি। ৪ সৌভাগ্য। ৫ শোভা, শ্রী। "অলক্ষ্মীণি (বেশ্মানি) গো রা ২ ৩৩.২২। শ ১ ১৮। কু স ৩ ৪৯। অঙ্গলক্ষ্মী চৈ ১২৫। ত্রৈলোক্যলক্ষ্মীর দর্পণস্বরূপ… অচ্ছোদ।—কাদ ৪১। ৬ কান্তি। ৭ রাজলক্ষ্মী। "রঘু ১.৩২, ১৪.৮৬। রাখিব বিরাটলক্ষ্মী।—ম ৬১৫। ৮ বীরযোষিৎ। ৯ সীতা। "ক্ষম, লক্ষ্মি ছুঁইনু ও দেব-আকাঙ্ক্ষিত, তনু।—মে ১১৩। ১০ ফলিনীবৃক্ষ। ১১ স্থলপদ্মিনী। ১২ হরিদ্রা। ১৩ শমী। ১৪ দ্রব্য। ১৫ মুক্তা। ১৬ চন্দ্রের একাদশী কলা। ১৭ ঋদ্ধি, বৃদ্ধি (ঔষধ), ১৮ মোক্ষপ্রাপ্তি (শ ক)। ১৯ (বাঙ্লায়) লক্ষ্মীসদৃশী, গৃহস্থকর্ম্মে নিপুণা। "ভাণ্ডারেতে লক্ষ্মী বধূ, যেথায় আছে কাজে চ.কা ৩২৯। ২০ শিষ্ট-শান্ত, সুশীল (আদরে)। "লক্ষ্মী মেযে।—শিশু ১০৩। দুধ খেয়ে শোও লক্ষ্মী মাণিক।—কা ৯৫। চক্ করে গিলে ফেল, লক্ষ্মী যাদু আমার স এ ৫। ২১ লক্ষ্মীর দ্রব্য, চাউল। "চারি কোণ ঝেঁটুলে লক্ষ্মী খুঁজে পেতে নাই ব প ১৪৩৩। [°কান্ত, °পতি (পুং)—১ বিষ্ণু, নারায়ণ। ২ রাজা, ধনী। "লক্ষ্মীকান্ত নিতে পারে লযে কোন রত্ন শি ১০০। °গৃহ (ক্লী)—১ রক্তপদ্ম, কোকনদ। ২ টঙ্কশালা। °জনার্দ্দন, °নারায়ণ, °নৃসিংহ (পুং)—শালগ্রামবিশেষ। °তাল (পুং)—তালবিশেষ, শ্রীতালবৃক্ষ। °নাথ (পুং)—বিষ্ণু। °পুষ্প (পুং)—পদ্মরাগমণি। °ফল (পুং)—বিল্ববৃক্ষ, শ্রীফল। °বসতি (স্ত্রী)—রক্তপদ্ম। °বার (পুং)—লক্ষ্মীপ্রিয় দিবস, বৃহস্পতিবার। °বিলাস (পুং)—আয়ুর্ব্বেদোক্ত ঔষধবিশেষ। °বিবর্ত্ত (পুং)—ভাগ্যবিপর্য্যয়। °রমণ (পুং)—বিষ্ণু। °সনাথ (বিণ)—শ্রীমান, ভাগ্যবান্। °সহজ (পুং)—(সুধামন্থনে লক্ষ্মীর সহজাত) চন্দ্র। °সহোদর (পুং)—চন্দ্র, উচ্চৈঃশ্রবাঃ।] [লক্ষ্মী পাতা—লক্ষ্মীপূজার নিমিত্ত আলীপনা-দেওয়া চৌকিতে লক্ষ্মীর পালি পাতিয়া শুক্ল বা লোহিত ধান্যে পূর্ণ করা। লক্ষ্মী তোলা—লক্ষ্মীপূজান্তে পরদিন লক্ষ্মীর পালি ধান্যশূন্য করিয়া রাখা। লক্ষ্মী বেড় বান্ধা—সংসারে লক্ষ্মীর অধিষ্ঠান হওয়া। "আসে লক্ষ্মী বেড় বান্ধে নাই ভা চ ১০৫। লক্ষ্মী মেয়ে—দ্র 'লক্ষ্মী (২০)। লক্ষ্মীর আটি বা পালি—লক্ষ্মী পাতার নিমিত্ত বেতের বড় খুচিবিশেষ। লক্ষ্মীর দানা—চাউল। লক্ষ্মীর দৃষ্টি—লক্ষ্মীর কৃপাদৃষ্টি (গৃহস্থের সমৃদ্ধিতে)। লক্ষ্মীর দ্রব্য—ধান্যজাত দ্রব্যমাত্র—চাল চিড়া খই ইত্যাদি। লক্ষ্মীর মার ভিক্ষা মাগা—ধনীর দরিদ্রের ভান করা। লক্ষ্মীর সংসার—সমৃদ্ধ গৃহস্থলী, সচ্ছলের সংসার।]

লক্ষ্মীকাজল বি কাজলের মত কাল ধান্যবিশেষ। 'শি ১১৩।

লক্ষ্মীগণ বি (বৈষ্ণবশাস্ত্রে) কৃষ্ণের কান্তাগণের একতম। দ্র 'কৃষ্ণকান্তাগণ দেখি ত্রিবিধপ্রকার।—এক লক্ষ্মীগণ… ॥—চৈ চ ১৪।

লক্ষ্মীছাড়া বিং ১ লক্ষ্মীহীন, দুর্ভাগ্যবান্, হতভাগা। "লক্ষ্মীছাড়া পুরুষ ক চ ৪, ম ভা ৬। লক্ষ্মীছাড়া লোকের লক্ষণ শি ৩৫,-৬, চাষী হব লক্ষ্মীছাড়া ৭৫। দাও সবে…লক্ষ্মীছাড়া করে।—স স্ব ৫৬। ২ অন্নহীন। "হেদে লক্ষ্মী হল লক্ষ্মীছাড়া ভা চ ১১৩। ৩ গালিবিশেষ। 'ঘি-না-দেওয়া ডাল। আর লক্ষ্মীছাড়া গা'ল॥—প্রবচন।

লক্ষ্মীদুর্লভ বি উৎকৃষ্ট শস্যবিশেষ। "শি ১০০।

লক্ষ্মীপতি পুং [ষত] ১ বিষ্ণু। 'কৃ ৬১। ২ রাজা। "°লক্ষ্ম কার্ম্মুকম্ কি ১ ৪৪। ৩ লবঙ্গবৃক্ষ। ৪ পূগবৃক্ষ। ৫ (বাঙ্লায়) ধনবান্, বড়লোক। "অদ্যাবধি লক্ষ্মীপতির বাটীর নিকটে এমন খানা আছে, দুর্গন্ধে নিকটে যাওয়া ভার আ দু ৪৬।

লক্ষ্মীপুত্র পুং [ষত] ১ লক্ষ্মীরূপা রুক্মিণীর পুত্র, কাম। ২ সীতাপুত্র,—কুশ, লব। ৩ ধনবান্। ৪ ঘোটক।

লক্ষ্মীপূর্ণিমা বি কোজাগরীলক্ষ্মীপূজার পূর্ণিমা। "ন ৭৫৭।

লক্ষ্মীবন্ত, -মন্ত, -মান বিং [লক্ষ্মী+বন্ত, মন্ত, সং লক্ষ্মীবান্ (-বৎ)] ১ লক্ষ্মীযুক্ত, শ্রীমান্, ভাগ্যবান্, যোত্রবান। "লক্ষ্মীমন্ত লোক শ্রী ম্যা ৮৩। লক্ষ্মীবন্ত পুরুষ ম ভা ৬। (বুদ্ধিমানেরা) লক্ষ্মীমানেরে ঠকিযে খায়।—কা ১০৪। ২ সুলক্ষণসম্পন্ন।

লক্ষ্মীবান্ (-বৎ) বিণ [লক্ষ্মী+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] ১ লক্ষ্মীযুক্ত, শ্রীমান্, সমৃদ্ধ। 'মহেন্দ্র ইব লক্ষ্মীবান্ মহা ১৮ ২ ৪৬। ২ ভাগ্যবান্, পুণ্যলক্ষণ। "লক্ষ্মীবাঁল্লক্ষ্মণঃ গো রা ৪ ১৯.২২। ৩ শোভাঢ্য, শ্রীমান্। ৪ সীতারূপলক্ষ্মীশক্তিমান্ (টীকা)। "(রামঃ) লক্ষ্মীবান্ রা ১ ১ ১১। —বান্ পুং ১ বিষ্ণু। ২ পনসবৃক্ষ। ৩ শ্বেতরোহিতক।

লক্ষ্মীবিলাস বি ১ সূক্ষ্ম উৎকৃষ্ট শাটীবিশেষ। "ম গা ১৮। বি.পা ২৭৪। ২ উৎকৃষ্ট শস্যবিশেষ। 'ব প ২১০। বি পা ৮৭।

লক্ষ্মীমন্ত, লক্ষ্মীমান দ্র 'লক্ষ্মীবন্ত'।

লক্ষ্মীশ পুং [ষত] ১ লক্ষ্মীপতি, বিষ্ণু। ২ আম্রবৃক্ষ।

লক্ষ্মীশ্রী বি সৌভাগ্যজন্য কান্তি। "লক্ষ্মীশ্রী থাকিলে (পুরুষ) মান্য সকল ভুবনে ম ভা ৬।

লক্ষ্মীহত বিং লক্ষ্মীহীন। "লক্ষ্মীহত হযে গোপাল। নাম ধর হে মহীপাল।—দা ৬২৪।

লক্ষ্য বিণ [√লক্ষ্‌+য (যৎ)-র্ম্ম] ১ দর্শনীয়, দৃশ্য। "তত্রাগারম্ ...দূরাল্লক্ষ্যম্ উ মে ১৪। রঘু ৭৬০। ২ দ্রষ্টব্য, দর্শনার্হ। "উপকারা-পকারৌ হি লক্ষ্যং লক্ষণমেতয়োঃ মাঘ ২ ৩৭। ৩ আলোচনীয়। ৪ অনুমেয়। "ছায়ামণ্ডললক্ষ্যেণ (পদ্মাতপত্রেণ) রঘু ৪ ৫। কু স ৫.৭৪। ৫ বোধ্য, জ্ঞেয়। "দুর্লক্ষ্যচিহ্না মহতাং হি বৃত্তিঃ কি ৭ ২৩। ৬ লক্ষণবিশেষ-জ্ঞেয়। ৭ বেধ্যরূপে দর্শনীয়। ৮ লক্ষণাবৃত্তিবোধ্য (অর্থ)। "সা দ ২ ৩।—ক্ষ্য পুং অস্ত্রাভিমন্ত্রণার্থ মন্ত্রবিশেষ (A)। —ক্ষ্য স্ত্রী ১ শরবেধস্থান, শরব্য, লক্ষ, বেধ। "দৃষ্টলক্ষ্যভিদঃ (শরাঃ) রঘু ১ ৬১। হরবদ্ধলক্ষ্যঃ (কামঃ) কু স ৩ ৬৪। লক্ষ্যে চলে শ ২ ৫। এই জনে বিদ্ধিবেক লক্ষ্য।—ম ১৯১। ২ দৃশ্য। "কন্যাময়ে নেত্রশতৈকলক্ষ্যে রঘু ৬ ১১। ৩ স্পর্দ্ধাপূর্ব্বক-জেয় বস্তু পণ। ৪ ব্যাজ। তু 'লক্ষ'। "রোমাঞ্চলক্ষ্যেণ রঘু ৬ ৮১। মাঘ ৮ ৩৫। ৫ লক্ষণ, চিহ্ন। "স্নেহোঽধিকঃ সম্ভ্রমদর্শনং চ সদানুরক্তস্য জনস্য লক্ষ্যম্।—হি ১ ১১৩। ৬ লক্ষণবোধ্য বিষয়। ৭ লক্ষণাবৃত্তিবোধ্য অর্থ, লক্ষ্যার্থ। ৮ লক্ষ, লাখ। ৯ [বাঙ লায অপ্র] নির্দ্দেশপূর্ব্বক বলার মত কেহ। "আমরা যে সাত ভাই মা বলিতে লক্ষ্য নাই ম ম ২২৯। [°গ্রহ (পুং)—লক্ষ্যগ্রহণ, লক্ষ্যীকরণ। °ভূত (বিণ)—শরব্যভূত, "ভ ৫ ২৬ ২৪। °ভিৎ (-দ্‌) বিণ—লক্ষ্যবেধক। "রঘু ১ ৬১। °বেধ, °ভেদ (পুং)—লক্ষ্যবিদ্ধীকরণ। °বীথি (স্ত্রী) —ব্রহ্মলোকমার্গ, দেবযান। 'হ ৮৫ ১১২। [ধৃতপাঠ—'লগ্নবীথি']। °সিদ্ধি (স্ত্রী)—উদ্দেশ্যসাধন। °সুপ্ত (বিণ)—কপটনিদ্রিত। 'মৃ ৩ ১/১ ২/৮। °হা (-হন্‌) বিণ—লক্ষ্যবেধক।]

লক্ষ্যবেদ্ধা (-দ্ধৃ) বিং লক্ষ্যবেধক। '°দ্ধা ব্রাহ্মণ ম ম ১৯৩।

লক্ষ্যাভিহরণ স্ত্রী [ষ ত] অহমিকাপূর্ব্বক দৃষ্টফলাদিগ্রহণ (নীলকণ্ঠ)। "°ণে (ভীমসেনঃ সর্ব্বান্ পরিমর্দ্দতি) মহা ১ ১২৮ ১৬।

লক্ষ্যার্থ পুং [কর্ম্মধা] লক্ষণাবৃত্তিবোধ্য শব্দার্থ। তু 'বাচ্যার্থ'।

লক্ষ্যীকৃত বিণ [লক্ষ্য+চ্বি (০)+কৃ+ত (ক্ত)-র্ম্ম] শরব্যীকৃত, বেধীকৃত।

লখ সর্ম্ম [সং √লক্ষ্‌ > লি √লক্‌খে, প্রা √লকথ > বা °খ, হি, মৈ √লখ] ১ দর্শন করা, দেখা। 'লাথ লখিমী-চয় লখি' না লখি বি প ১১৪, ঝাঁপন কূপ, লখই না পারনু ১৫৬। শ্রী মা ৯৮। ২ বিশেষভাবে দেখা, লক্ষ্য করা। "তুহু ত্বরিতে আওলি, লখিতে নারিল বি প ৫৪। শোকেতে ব্যাকুল হৈযা তাহা নাহি লখি শ্রী মা ২৯৪। ৩ তত্ত্বতঃ দেখা। "(প্রাণী) কোথা হৈতে কোথা যায় কেহ নাহি লখে। —ম ১০৩৩। ৪ স্পষ্ট দেখা। "দশ দিশ ঘন আধিষারা। চলইতে খলই, লখই নাহি পারা বি প ৯১। ৫ অনুমান করা, বোধ করা। "করে শঙ্খ দেখি, হেন মনে লখি, উর্ব্বশী আল্য আপনি ক চ ৬৪। হেন লখি মনে ব প ৭৯৪। ৬ নিরূপণ করা, স্থির করা। 'বালা শৈশব তারুণ ভেট। লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ বি প ৩৬। ৭ স্বরূপে জানা, চেনা। "(থাকিব গুপ্তেতে) অন্য জন কেহ যেন না পাবে লখিতে।—ম ৫৮৬। পাণ্ডব বলিয়া কেহ না পারে লখিতে ব প ৭২৫।

লখিমি,-মী বি [সং লক্ষ্মী > (স্বরাগমে) লক্ষিমী > লকখিমী > °মী, -মি, হি লছমী, মৈ লখিমা] ১ লক্ষ্মী দেবী। 'লাখ লখিমী-চয বি প ১১৪। কন্যা লক্ষ্মী রূপবতী লখিমি যেনো ন প ১২৩। লখিমী-চরণ চৈ ম ৮, ১৩,-৪। লখিমী প র ৮৯। লখিমী চৈ ম ৭৬। ২ বল্লভাচার্য্যের কন্যা চৈতন্যদেবের প্রথমা পত্নী। "°মি, -মী ন প ১২৫,-৩৩। —মিনী বি লক্ষ্মীদেবী। 'চৈ ম ৯।

লখিমিনী, লখিমী দ্র 'লখিমি'।

লগ্‌ অক [ভ্বা, প—লগতি, সেট্‌] সঙ্গ, লগ্নীভাব। "লগত্যধর ওষ্ঠে (ক ক)। —গ্‌ সক [চু, প—লাগয়তি, সেট্‌] ১ স্বাদ, আস্বাদন। ২ প্রাপ্তি। [অব—সংসক্তি। বি—বিয়োগ। সম্‌—সংলগ্নীভাব।]

লগ[১] অর্ম্ম [সং √লগ্‌, হি √লগ] সন্নিহিত হওয়া; নিকটে যাওয়া। "অনুনয় বোলইতে, শ্রবণে না শুনসি, লগইতে লাগু তরাস।—জ্ঞা ২২২।

লগ[২] বি [প্রা 'লগ'—নিকট (পৈ, দেশী—প্রা.ম), হি, ঠ, মৈ লগ] নিকট, সমীপ, পাশ। "লগ নাহি সবযে বি প ৮০। পাইয়া পরম সুখ গেল সেই লগে শ্রী ম ২১১। —গে ১ নিকটে, কাছে। "জোগিয়ার লগে ভাইতে গো বি ১৬৭, রাজভোগ না পাইবা লগে ১৭১। লগে গিযা ধরে শ্রী মা ১৬। ২ সঙ্গে। "হাড়িবার লগে যুক্তি হারিণীর লগে কথা ম গা ১০ গো চ ৩৩৮। ৩ সঙ্গে, সাথে, হাতে। "কড়িপাতি লগে কিছু নাহিক আমাব চৈ ভা ৮৭। [লগে লগে (মৈ লগলগ) —সঙ্গে সঙ্গে।]

লগড়ঝগড় বি পক্ষিবিশেষ। 'ভা চ ১২৭।

লগন বিণ [সং লগ্ন > (স্বরাগমে) °ন, হি, ঠ, গু °ন, পদ্যে] লগ্ন, সংসক্ত। 'গগন-লগন প্রাসাদে।—কথা ৩। তালুলগন জিহ্বা কু কে ১৮২। —গন বি [হি ঠ °ন] বিবাহাদির লগ্ন বা শুভকাল। "লগন লাগান শি ১০০। [°সা (ঠ °সবাঈ, গু °সরা)—লগ্নসময়।]

লগা বি [সং √লগ হি ঠ √লগ গা,-গ গী, ঠ 'লগী', ঠ 'লগী' —পতাকা] ১ ফল ইত্যাদিতে লাগাইযা পাড়িবাব দীর্ঘ বংশদণ্ডের আঁকশি। ২ দীর্ঘ বংশদণ্ড। —গি বি মাটিতে লাগাইয়া নৌকা চালাইবাব দীর্ঘ বংশদণ্ড। 'আব কি চলা যায়, এমন করে' এগজামিনের লগি ঠেলে ঠেলে? —প কা ৬৯। মোবা কি লগি ঠেলে গুণ টেনে বাতি পাবাবো?—আ দু ১১২।

লগি দ্র লগা'।

লগিত বিণ [√লগ+ত (ক্ত)-ক, তু 'লগ্ন', পা ৭ ২ ১৮] প্রাপ্ত। 'গৃধো মহামন্ত্রী দুর্গাভ্যন্তরং লগিতঃ।—হি ৩ (S W)।

লগুড়, -র, -ল পুং [√লগ+উল (ত বা), তু 'লকুড'—লকুট (দেশী ৭ ১৯) মৈ লৌডী] ১ বংশাদিদণ্ড, স্থূলযষ্টি, কোঁৎকা। 'লগুডং বাপি পাদিবম্ মনু ৮ ৩১৫। পঞ্চ ৫ ১/১ ১/২। হি ১ ৮/২ ২/৪। বেণু বেত্র লগুড় শ্রী.ম ১৪৫, ২১৪। ২ লৌহময়যষ্টি (ভরত), লৌহময় অস্ত্রবিশেষ (সুভূতি)। 'হাথেতে লগুড বেত্র লৈয়া সব্বজন। নানা অস্ত্র লৈয়া কবে দ্বারের বক্ষণ॥—ম ৩০৬। [ইহা দণ্ডাকাব, দৃঢাঙ্গ ও সুপীবর। ইহার অগ্র-ভাগ স্থূল ও লৌহ-বদ্ধ, নিম্নভাগ সরু, দৈর্ঘ্যে এক গজ। ইহা দৃঢকায় পদাতিব যুদ্ধাস্ত্র।—শুক্রনীতি।]

লগুর, লগুল দ্র 'লগুড'।

ল(লা)গেজ বি [E luggage] ভাব, বোঝা, যাত্রীর মাল-পত্র। [লগেজ-ভাড়া—মালপত্রের মাশুল।]

লগ্‌গি বি [দ্র 'লঘ ঘি, তু 'নগগি'] মূত্র। "ছাগলের লগ্‌গি গো চ ৭, ২৫৫, ২৬০।

লগ্ন[১] বিণ [√লগ +ত (ক্ত),-ক, নিপাতিত, পা ৭ ২ ১৮, 'তু 'লগিত'] ১ সক্ত, শ্লিষ্ট। "তটাভিঘাতাদিব লগ্নপঙ্কে...বিষাণে কু স ৭ ৪৯। ইন্দুলগ্নোর্ম্মিহস্তা পূ মে ৫০। লগ্নকুঙ্কুমকেশবান্ রঘু ৪ ৬৭। ২ কৃতাঘাত। "ললাটলগ্নৈস্তৈরিষুভিঃ ভ ৪ ১০.৯। বাজপুত্র, কস্মিন্ সংগ্রামে প্রহারোঽয়ং তে ললাটে লগ্নঃ।—পঞ্চ ৪ ৩/৮। ৩ দৃঢনিবিষ্ট (stuck)। ৪ সংস্পর্শযুক্ত, গায-গায-লাগা (touching)। "বহূনামেব (দ্রব্যাণাম্) লগ্নানামেকস্পেদশুচির্ভবেৎ (অশৌচমেকমাত্রস্য)।—অত্রি ২৩৯। ৫ প্রত্যাসন্ন। ৬ অবিচ্ছিন্ন, লাগাড় (incessant)। "দ্বাদশবার্ষিক্য-নাবৃষ্টিঃ সম্পদ্যতে লগ্না।—পঞ্চ ১ ২/৩ ৬/৬। ৭ মিলিত (রেখা)। ৮ ব্যয়িত। "কিমন্ত বণিজো ভক্তব্যয়েন...লগ্নম্ মনু ৭ ১২৭, কুলুক। ৯ সংশ্লিষ্ট। "লগ্নকচে জটা (অ কো)। ১০ ব্যাপৃত। ১১ শুভ। "লগ্নমুহূর্ত্ত। ১২ [√লসজ্‌+ত (ক্ত)-ক] ব্রীড়িত। ১৩ (বাঙ লায)

স্বসঙ্গত, প্রসঙ্গোপযোগী। —গ্ন পুং ১ স্তুতিপাঠক। ২ মত্তহস্তী। —গ্না স্ত্রী ১ ক্রান্তিবৃত্তের বিনিপাতবিন্দু। ২ গ্রহ কক্ষ ও দিকচক্রের বিনিপাতবিন্দু। ৩[√লস্জ্ +ত-থি (অ টী)] মেষাদি রাশির উদয়কাল বা পূর্ব্বাচলসংযোগকাল। ৪ রাশিতে সূর্য্যসংক্রমণকাল। ৫ শুভমুহূর্ত্ত। "°বেলা।—হি ১২১২। প্রস্থান° ক সা ১২ ১৩। লগ্ন ভ্রষ্ট কর গিয়া শ্রীরাম সীতার।—কৃ ৭৬। ৬ কার্য্যার্থ নির্ণীত কাল। "সুলগ্ন ক সা ৩১.৭০, কুলগ্ন ৩২ ৯৫। ৭ রাশিচক্রস্থ দ্বাদশ রাশি। "°মণ্ডল। ৮ [সং নগ্ন, অসাধু] নগ্ন,। "বি পা ২৪৯। [°কাল, °মুহূর্ত্ত, °সময় (পুং), °বেলা (স্ত্রী)—শুভমুহূর্ত্ত। "°কাল ক সা ৭১ ১৬৬। °গ্রহ (বিণ)—নির্ব্বন্ধপর। "ক.সা ২৮.১৭০। °দিন (ক্লী), °দিবস, °বাসর (পুং)—বিবাহাদির শুভমুহূর্ত্ত। "°দিন ক সা ১০৩.১৮৮, °দিবস ৭৩.৩৬। °নক্ষত্র (ক্লী)—শুভনক্ষত্র। °মণ্ডল (ক্লী)—রাশিচক্র। °মাস (পুং)—শুভমাস। °শুদ্ধি (স্ত্রী)—রাশির উদয়শুদ্ধি।]

লগ্ন[2] বিং [নগ্ন >লগ্ন, দ্র 'ল[৭]'] নগ্ন, বস্ত্রহীন। "(ভূত প্রেত) মগ্ন সবে লগ্নবেশে।—দু ১১। —গ্নিকা স্ত্রী সর্থ 'নগ্নিকা' (অ টী)।

লগ্নপত্র বি বরকন্যাপক্ষের সম্মতিক্রমে যে পত্রে বিবাহের লগ্নাদি লিখিত হয়, বিবাহে গণপণদানলগ্নাদির নির্ণয়লিপি। "লগ্নপত্র দিয়া গেল ভ.গ্র ৩৪৫। লগ্নপত্র নির্দ্ধার্য্য করিল ব প ৯৩৯। লগ্নপত্র করিয়া নারদ মুনি যায় ভা চ ৬১। —পত্রিকা স্ত্রী সর্থ 'লগ্নপত্র'।

লগ্নপত্রিকা দ্র 'লগ্নপত্র'।

লগ্নাচার্য্য বি দৈবজ্ঞ। "ম পা ১০৬,-৭। ম ম ১৫৬

লগ্নাহ পুং [লগ্ন+অহ (অহন), ষ ত, সমাসান্ত 'অ' (টচ)] লগ্নদিন, বিবাহলগ্নবাসর। 'সুনোর্লগ্নাহে নিশ্চিতে ক সা ১০২ ১৭১।

লগ্নিকা দ্র 'লগ্ন[2]'।

লঘিমা (-মন্) পুং [লঘু+ইমন্ (ইমনিচ্)-১ব] ১ লঘুভাব, লাঘব, অল্পভারত্ব (lightness)। বিপ 'গরিমা'। "লঘিম্নোৎপ্লুতা তবসা মক্ষমুক্তুঙ্গমাকহৎ।—ভ ১০ ৪৪ ৩৪। ২ ক্ষুদ্রতা (smallness)। ৩ নীচতা, হীনতা। "স্ত্রৈণেন নীতা বিকৃতিং লঘিম্না ভট্টি ৩ ৭। ৪ লঘুত্বগুণ, সাত্ত্বিকভাব। "রঘু ১৩ ৩৭। ৫ চপলতা। 'মানুষসুলভা লঘিমা প্রণয়কর্ম্মণি মাং নিয়োজয়তি।—কাদম্বরী। ৬ অষ্টসিদ্ধির একতম। [ইহা যোগীর কাশতৃণবৎ লঘু হওয়ার শক্তি (পা দ ৩ ৪৬, অনুবাদ)। 'যেন বায়ুবল্লঘুতরো ভবতি (অ টী)। "মহা ১৩ ১৪.৪২০। —ঘিষ্ঠ বিণ [+ইষ্ঠ (ইষ্ঠন্)] ১ লঘুতম, অতিলঘু, স্বল্পভার। বিপ 'গরিষ্ঠ'। ২ ক্ষুদ্রতম, অতিক্ষুদ্র। ৩ অতিনীচ। 'পুরীষের কীট হৈতে মুঞি সে লঘিষ্ঠ চৈ চ ২৭। ৪ ক্ষিপ্রতম। —ঘীয়ান (-য়স্) বিণ [+ঈয়স্-(ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী] ১ লঘুতর, অতিলঘু। ২ ক্ষুদ্রতর। ৩ ক্ষিপ্রতর।

লঘিষ্ঠ, লঘীয়ান্ দ্র 'লঘিমা'।

লস[1] অর্ম্ম [সং √লস্ > প্রা √লস্ , তি, ঠ √লস] দীপ্তি পাওয়া ; শোভা পাওয়া। "লসত শত পতাকাদিক ন.প ১৫২ ; লসত বয়নময়ঙ্ক ১৮৬ ; হসত লসত দশনবৃন্দ ২৬৫ , নিরসি শরদশশি, হসিত লপন লস (অর্থাৎ লসত) ২৮৩ ; ২৯৮।

লস[2] বিং দীপ্ত, শোভন। "°বদনসুধাকর ন.প ২৫৫ ; লস লোচন ডগমগ ১৮৮। —সা স্ত্রী ১ হরিদ্রা। ২ কুঙ্কুম। —সিত বিণ [+ত (ক্ত) -ক] ১ ক্রীড়িত। ২ দীপ্ত। "লসিত সুন্দর সর্ব্ব গাত্র।—জ্ঞা ৪২। —সিত ক্লী [+ত-ভা] ১ ক্রীড়া। ২ দীপ্তি, বিলাস। ৩ চেষ্টিত। "হতাবধি° মাঘ ১১.৬৪।

লসলস বিং [অলস—লস (দ্বিত্ব), হি '°সা'—আঠাযুক্ত] তন্দ্রিতভাব, জড়তা। "রসের আলসে হাসে, °স আলসে চৈ.ম ৯৬।

লসা, লসিত দ্র 'লস[2]'।

লসীকা স্ত্রী ইক্ষুরস ; 'ত্বঙ্মাংসমধ্যগতরস' (বিজয়রক্ষিত—শ.ক)।

লস্কর বি [ফা লশ্কর্ ; হি লশ(স)কর ; ঠ লশ(ষ)কর, লস্কর ; মৈ লসকর] ১ সৈন্য, সেনাগণ, ফৌজ। "অ.প ৩। লোক লস্কর ব প ১৩৭৬। বিস্তর লস্কর সঙ্গে ভা.চ ১৮ , ২৬১ ; ৪৬৩ ; ৪৭৮। লস্কর বন্দুক তোপ ভ.গ্র ২৬৫। ২ সেনানিবাস, ছাউনী। "ঝড় বৃষ্টি কর মানসিংহের লস্করে ভা চ ৪৫৪,-৬। ৩ [E lascar ; P. lascarim] জাহাজের ভারতীয় নাবিক (East Indian sailor) ; জাহাজের কর্ম্মিদল। ৪ উপাধিবিশেষ। [লস্করী চাল—লস্করের মত নিয়মিত চলন। "সাঁতার ভুলে মেঘ চলে আজ লস্করী চালে কু কে ১১২।]

লস্জ দ্র 'লজ্'।

লস্তক পুং [√লস্+ত (ক্ত)-র্ম্ম, সংজ্ঞায় অনিট্+ক (কন্) স্বার্থে] ধনুর্মধ্যভাগ। —স্তকী (-কিন্) পুং [°ক+ইন্ (ইনি)-১ব] ধনুঃ।

লস্তকী (-কিন্) দ্র 'লস্তক'।

লহ সর্ম্ম [দ্র 'ল[4]'] ১ গ্রহণ করা। "শ্রীরামচন্দ্র লহ রাজ্যভার।—কৃ ৯৭। আমারে কর তোমার বীণা, লহ গো লহ তুলে।—গান ১১৪। ২ আশ্রয় দেওয়া। "তুমি এবার আমায় লহ, হে নাথ লহ।—রবীন্দ্র। ৩ [ল[4] (৩২) > (হ-আগমে) °হ] নীত করা ; লইয়া যাওয়া। রুক্মিণীরে লহ হর-পার্ব্বতীর স্থানে ব.প ৮২৮। (মালিনীকে) গ্লায়ে ছেঁচুড়িয়া, লহল চোরের পাশে ভা.চ ৩৯৬।

লহড়, -র[২] বি [লড়[১] > (হ-আগমে) °ড়] দৌড়। "(ঘোড়াগুলা) দিল লহড় ব.প ৬৭ ; ঘরত সোন্দাইল-লহর দিয়া ৮৪। লহড় গো.চ ৩৩ ; (গোদা যম) উঠিয়া দিল রহড় ৩৫।

লহনা বি [সং লভন > প্রা লহণ ; হি লহনা, ঠ লহণ ; সি লহণু] ১ লাভ, প্রাপ্তি ; লভ্য, পাওনা। "লাভের জন্য ব্যবসা করিলাম, সব লহনা বাকি ব.ঘি ৭৯৩। ২ কর্জ্জ-দেওয়া টাকা। "কিছু লহনা প'ড়ে রয়েছে, সেগুলো যতদূর হয়, আদায়-ওসুল ক'রে নিয়ে যাই ব.প্র ৫২৩। ৩ (জমিদারীতে) খাজনা ভিন্ন অন্য বাবদে পাওনা। ৪ [?] ধনপতি সদাগরের বড় স্ত্রী। "ক.চ ১৪৫।

লহমা বি [আ লম্‌হা ; তু 'লবমান'] অত্যল্প কাল ; মুহূর্ত্ত, ক্ষণ। "(মতিলাল) স্কুলে এক লহমাও স্থির থাকে না আ.দু ২৪।

লহর[১] বি [সং লহরী ; হি, ঠ °র] ১ মহাতরঙ্গ, তরঙ্গ। "পীযূষ লহর শ্রী.মা ২০। যমুনার লহর ভা.চ ৫০০। (হরিনামে) সাগর জলে, দলে দলে, লহর খেলে, তাল-বেতালা।—রাজকৃষ্ণ রায়। (সতীশচন্দ্র) উভয়েরই মুখপানে চাহিয়া উচ্চৈঃস্বরে হাসির লহর তুলিলেন ব.প্র ২৩ ; সতীশ…লহর তুলিয়া আহ্লাদের হাসি হাসিল ২৪। ২ আনন্দাতিশয়, হর্ষবেগ। ৩ ঢেউ-খেলান সূচীকর্ম্ম। ৪ তরঙ্গাকার হারযষ্টি, হারের নর। "তিন হারে ছয় লহরে মুক্তা বিশ হাজার ব.প ১৪৮২। ৫ [নহর > °র] পয়োনালী, খাদ, খানা। "কেহ কহে সে যে হোক এ বড় লহর বি.সু ১০৫।

লহর[২] দ্র 'লহড়'।

লহরি, -রী স্ত্রী [জলং হরতি, পৃষো (অ,চি)] ১ মহাতরঙ্গ। "আনন্দ°, করুণা°, সুধা°। তোহে জনমি পুন, তোহে সমাওত, সাগর-লহরী সমানা বি.প ২১৯। ২ (বাঙ্‌লায়) স্বরতরঙ্গ। "বাঁশরীস্বরলহরী।—মে ৫।

লহরী দ্র 'লহর'।

লহলহ বি ['লকলক'—মূল (?) ; হি 'লহলহা'—তরঙ্গায়িত] ১ জিহ্বার লোলতা। "লহলহ জিহ্বা, বিদ্যুতের প্রভা।—ম ৬৫০। লহলহ করে জিহ্বা।—জ ৩০ ; ব.প ৫৯৩ ; চ.বি ২৩০ ; দু ২৫। লহলহ লকলক লোলে লোল জিহী ভা.চ ৪৩১। ২ জিহ্বার ন্যায় লোলভাব। "লহলহ করে জোঁক যেন করিকর ক চ ২৩৬ ; লহলহ করে যত হস্তীকের শুণ্ড ২৬৪। ৩ জিহ্বাসদৃশ ধান্যাদির পত্রের লোল-ভাব। "লহলহ করে (ধান্য)-পত্র বলাহক যেন শি ৭৫। —লহ বিং লোল, দোলায়মান। "লহলহ…লম্বিতরসনা ব.প ৪২৪ ; লহলহ জিহ্বা ১৩৩০ ; দু ৮১। (জিহ্বাগোটা) লহলহ দেখি চ.বি ২২৭। বি.সু ১৩৪।

লহু[১] বি [সং লোহ ; হি ল(লো)হু ; লউ, লৌ (গ্রাম্য)] রক্ত। "যমুনার লহর লহুতে হৈল লাল ভা.চ ৫০০। আমার লহু গরম হ'য়ে উঠ্‌তিছে।—মা ৩৩২।

লহু[২] বি [সং লোহ ; অপ্র] লৌহ। "মুষলের শেষ লহু আছে তার স্থানে শ্রী.ম ৩০৫।

লহু[৩] বিং [সং লঘু > প্রা লহু (হে) ; ঠ লহু] ১ মৃদু, ঈষৎ। "লহু হাস সঞ্চার বি.প ৩০ ; লহু লহু হাস ৩১ ; ১৫০। মধুর লহু হাসে চৈ.ম ২৫। লহু লহু হাসনি প.ক ৩। ২ মৃদু, অনুচ্চ (low)। "লহু লহু ভাষ বি.প ১৪৮। ৩ অস্ফুট, অস্পষ্ট। "লহু লহু আখরে, যো কছু কহল বর রামা বি.প ২০৪। ৪ মৃদু, মধুর। "লহু লহু চাহনি।—ব ৭৩। —হু ক্রি.বিং ১ মৃদু, ঈষৎ। "বচনক চাতুরি লহু লহু হাস বি.প ৩১ ; প.ক ৮২। লহু লহু হাসি কহেন ব.প ৮১৪। ২ মৃদুস্বরে, কোমলস্বরে। "পহুঁ লহু লহু বোলে চৈ.ম ৯ ; হাসি কহে লহু লহু ২৬ ; লহু লহু…পাড়য় গারি ৭৬ ; হাসি লহু লহু ৮১। গোপের রমণী যত, …মুখ হেরি লহলহ বোলে প.ক ১২১৪ ; ব ৫৭।

লা[১] সক [অব্য, প—লাতি ; অনিট্] ১ দান। ২ গ্রহণ।

লা[২] বি [না[২] > লা] নৌকা। "দানপতি লায় দিল ভর শূ ১২৭। লায়ে শ্রী ২০৯। ভাঙ্গা লায় : ঈশ্বরী…বসিলেন লায় শি ৯৫।

লা[৩] বি [সং লাক্ষা > প্রা লক্‌খা > বা (লাখা, -হা, লাখ, -হ) লা ; হি লাখ, -খা, লাহ ; ঠ, গু লাখ ; ড় লাক ; ফা লাহ্ ; E. lac] ১ লাক্ষা, গালা, জৌ। ২ গন্ধবণিকের উপাধি। "করজনার হরি লা ক.চ ১১৭ ; শঙ্কর লায়ের বেটা ১৭৫। [বোধ হয়, ইঁহাদের পূর্ব্ব-পুরুষেরা লাক্ষাব্যবসায়ী ছিলেন। ৩ [লাহা > লা] স্বর্ণবণিকের উপাধি।

লা[৪] অব্য [অলা > লা] সম্বোধন (স্ত্রীভাষা)। "তোর মত বোকা মেয়ে তো আর দুটী নাই লা!—মা ৩৪৮। তুই আঁটকুড়ী…কেন বলবি লা ? —ব.প্র ৩৬৭। কেন, শরীরের ভালমন্দ কি লা ?—ব.ঘি ৩৮। নী ২৩। দেখছিস্ লা থাকি গি.ঘি ১০৬।

লা[৫] [আ 'লা'] নিষেধার্থক, না। "°ওয়ারেশ, °খিরাজ, °চার।

লা[৬] সর্ম্ম [ল[৪] > লা ; তু 'লা[১]'] গ্রহণ করা ; লওয়া। "লাও, খাও, দাও, বলি কন কপীশ্বরে।—দু ৪৫।

লা[৭] প্র স্বার্থে প্রত্যয়। দ্র 'ল[৬]'।

লাইন বি [E. line] ১ দাঁড়ি, রেখা। ২ রেলপথ। ৩ পঙ্‌ক্তি, সার। "লাইন করিয়া বসা। ৪ বিদ্যার বিভাগ। "ডাক্তারী, সদাগরী লাইন। ৫ ছত্র, সার। "তার এক লাইনও লেখার শক্তি নাই।

লাইনিং বি [E. lining] জামা ইত্যাদির আস্তর।

লাইব্রেরি বি [E. library] পাঠার্থ পুস্তকাগার ; গ্রন্থাগার।

লাইসেনি বি [E. licence ; গ্রাম্য] কোন পণ্যের বিশেষতঃ মাদক দ্রব্যের ব্যবসায়ের নিমিত্ত অথবা অস্ত্র বন্দুক ইত্যাদির ব্যবহারের নিমিত্ত, সরকারের অনুমতি বা প্রদত্ত অধিকার। "(গয়না) লাইসেনি দেনা বুঝি দিতে যায়।—অ.গ্র ১৫৯।

লাউ বি [সং অলাবু, লাবু > প্রা লাউ ; লাউ (অলাবু—হে) ; হি লাউ ; লাহু (গো.চ)] ১ লাউ গাছ। ২ লাউ-ফল, তুম্বী। "ভা.চ ৬০। ৩ লাউএর করোয়া। "পড়িয়া ভাঙ্গুক লাউ ম.ম ১০। [°ডগ, -গা —লাউএর ডগার মত সবুজ সর্পবিশেষ। "°ডগা ভা.চ ১২৯। °পাত্রী —লাউএর শুষ্ক আবরণের জলপাত্রবিশেষ ; লাউএর করোয়া। "চৈ.চ ৩২৮। °শাগ—লাউএর পত্রশাক। °শা(সা)লী—ধান্যবিশেষ। "°সালী শূ ১১৪। লাউ নৌকা—লা-নৌকা, অর্থাৎ নৌকা। "সদাগর স্থায় খাজনা লাউ নৌকা বেছেয়া গো.চ ৩।

লাউয়া বি [লাউ > °য়া] সর্থ 'লাউ (৩)। "লাউয়া লাঠি গো.বি ১১৬। লাউয়া লাঠি ঝুলি কাঁথা বি.পা ২৪৭।

লাএক[১] বি [নায়ক > °ক] ১ গ্রামের প্রধান ব্যক্তি। দ্র 'নায়ক (১৩)। "ভক্ত লাএকে ধর্ম্ম করিব কল্যান শূ ৫৬। ২ উপাধিবিশেষ।

লাএ(য়ে)ক[২] বিং [আ লাযক্.] ১ সমর্থ, উপার্জ্জনক্ষম। "লায়েক বেটা। ২ যোগ্য, দক্ষ। ৩ পণ্ডিত। "ফারসীতে তিনি বড় লায়েক ছিলেন।—হ ১৩৮। ৪ ফসলের যোগ্য। "লাএক, গর্-লাএক জমি। [লায়েক হওয়া—উপার্জ্জনক্ষম হওয়া ; যোগ্য হওয়া।]

লাওয়ারেশ বিং [আ লা রারিস্] ওয়াঁরিসশূন্য, উত্তরাধিকারিহীন। "হরেকৃষ্ণ লাওয়ারেশ নহে : সে লাওয়ারেশ কৌত করিয়াছে, তাহার কেহ নাই ব.প্র ২১৩।

লাংটি বি কৌপীন, লেংটি। "লাংটি চিপি শাপ স্নান রাজাক গো.চ ৭ ; রাজার জিউ গোদা জম লাংটিত বান্দি নিল ২৩।

লাঁফ বি [সং লম্ফ > প্রা *লংফ > বা °ফ, লাফ] লম্ফ। "লাঁফ দিয়া পড়ে অ.প ৬৮। কেহ রঙ্গে দেই লাঁফ ব.প ৭৮২ ; মারে এক লাঁফ ৭৯৩। শ্রী ১৩২। [লাঁফ ফাল—একার্থক। "ম.ম ৩। [লাঁফে

—লাফ দেয়। "ঊর্দ্ধে লাঁকে শ্রী.ম ২১৭। চান্দ হেন্তাল লইয়া লাঁকে ম ম ১৩৩। লাঁকে লাঁকে—"ম.ম ৫৫, -৯।]

লাক, -খ স.বিং [সং লক্ষ > প্রা লক্খ, লাখ > বা লাখ, -ক ; হি, ঠ, গু, মৈ, অস লাখ] ১ লক্ষসংখ্যক। "লাখ উদয় করু চন্দা : পাঁচ বাণ এবে লাখ বাণ হউ বি.প ২০৯। ২ বহু, অসংখ্য। "লাখ লখিমী-চয় লখি না লখি বি.প ১১৪। লক্ষ বক্ষ চিরে।—কথা ৭৪। —খ ক্রি.বিং লক্ষবার, বহুবার। "সোই কোকিল, অব লাখ ডাকউ বি সা ৪৮৪ ; বি.প ২০৯। —ক, —খ বি ১ লক্ষ সংখ্যা, একশ হাজার। ২ লক্ষ টাকা ; প্রচুর ধন। "লাখের হযে হইলাম ভিখারী ম ম ২০০। [লাক-পঁচাশি গল্প —অত্যুক্তিপূর্ণ বা অতিরঞ্জিত গল্প। "গল্প করেন লাক-পঁচাশি। —দা ২০২৩। লাখ কথার এক কথা—বহু সার কথার মধ্যে একটি সার কথা। লাখ কোটি—বহু কোটি ; বহু। "চৈ.ভা ৩৩৫। লাখ টাকার স্বপ্ন দেখা—দরিদ্রের ধনরাশির কল্পনা বা আকাশকুসুম। লাখ লাখ—লক্ষসংখ্যক লক্ষ, বহু, অসংখ্য। "লাখ লাখ শকট ক.চ ৯৫। লাখ লাখ দেউটী চৈ ভা ৩৩৫। কত লাখ লাখ মুখ ন.প ৩৯৩। চৈ.ম ২৭। লাখে লাখ—লক্ষের উপর লক্ষ, বহু। লাখে লাখে —লক্ষ-লক্ষ সংখ্যায, বহুসংখ্যায়। "অলি উড়ি পড়ে লাখে লাখে চ.দা ৮। লোক আসে লাখে লাখে বা.ম ৪১। লাখে লাখে ধেয়ে শি ৭৮। লাখো লাখো—বহু, অসংখ্য। "লাখো লাখো ঢেউ উঠে। —শিশু ৮২। লাখের হওয়া—লক্ষাধিপতি, অর্থাৎ মহাধনী হওয়া। "ম.ম ২০০। আশী লাখ জন্ম—বহু জন্ম। "ব প ১৮৪৯।]

লাকরি বি [হি লকড়ী(লগুড়)] কাঠ। "ভারে ২ °রি ম.গা ১৫।

লাকুটিক পুং [লকুট+ইক (ঠক)] লগুড়ধারী প্রহরী (পক্ষ)।

লাক্ষণিক বিণ [লক্ষণা+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ লক্ষণাসম্বন্ধী, লক্ষণাবৃত্তিপ্রাপ্ত। ২ লক্ষণাবৃত্তিযুক্ত, লক্ষ্যার্থক। "স্যাদ্ বাচকো লাক্ষণিকঃ শব্দোঽত্র ব্যঞ্জকস্ত্রিধা কা.প্র ২। ৩ গৌণ, ঔপচারিক। ৪ পারিভাষিক। ৫ [লক্ষণ+ইক] লক্ষণজ্ঞ, অর্থাৎ যিনি শরীরস্থ চিহ্ন দেখিয়া, তাহার ফল বলেন ; সামুদ্রিকলক্ষণবিৎ, দৈবজ্ঞ। "উচুর্লাক্ষণিকা যে মাং পুত্রিণ্যাবিধবেতি চ গো.রা ৬.২৩.৪ ; কঙ্কালাক্ষণিক ১৭।

লাক্ষা স্ত্রী [√লক্ষ্+অ (অচ্)-র্থ+স্ত্রী আ (টাপ্), পৃষো] ১ জতু, যাব, অলক্ত, লাহা। "মভা ১.১৪৪.১০। মনু ১০.৮৯। [পলাশ-প্রভৃতি বৃক্ষের শাখায় পুঞ্জীভূত কীটবিশেষের দেহজ রস হইতে ইহা উৎপন্ন হয়। এই হেতু সংস্কৃত নাম 'পলাশী', 'কৃমিকা', 'জতুকা', 'দ্রুমাময়'। এই রস গন্ধক-দ্রাবক-মিশ্রিত জলে সিদ্ধ করিলে যে লাল রঙ হয়, তাহা তুলার পাতে লাগাইলে, আলতা হয় ; শিঠায় গালা হয়।] ২ লাক্ষোৎপাদক কীট। ৩ সেবতী, সেউতী গোলাপ। [°গৃহ, °ভবন (ক্লী)—জতুরচিত গৃহ ; জৌঘর। "°ভবন ভ ৩.১৬। °তরু (পুং) —লাক্ষাসম্বন্ধী বৃক্ষ, পলাশ। °তৈল (ক্লী)—লাক্ষাদিসহিত পক্ব তৈলবিশেষ। °প্রসাদন (পুং)—'লাক্ষাদ্রাবয়িতা', পট্টিকালোধ্র (অ.টী)। °বৃক্ষ (পুং)—কোশাম্র ; পলাশ। °রক্ত (বিণ)—লাক্ষা-রঞ্জিত, যাবরক্ত। °রস (পুং)—লাক্ষাদ্রব, অলক্ত। "শ ৪.৫। মে ৫৮।]

লাক্ষিক বিণ [লাক্ষা+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ লাক্ষা দ্বারা রক্ত ; লাক্ষারঞ্জিত। "লাক্ষিকে বস্ত্রে ভট্টি ৫.৬২। ২ লাক্ষারচিত। ৩ লক্ষ-সংখ্যাসম্বন্ধী।

লাখ দ্র 'লাক'। [°পতি (বি)—লক্ষপতি, মহাধনী। °বাণ (বিং) —লক্ষগুণবর্ণবিশিষ্ট। "অঙ্গ জিনি লাখবাণ সোণা চৈ.ম ৮১।] [লাখেক, -খেকের (শ্রী.কী)।]

লাখ(খে)রাজ বিং [আ লা-খি.রাজ্] নিষ্কর (rent-free)। —রাজ বি নিষ্কর ভূমি। [°দার—নিষ্করভূমির অধিকারী।]

লাখেরাজ দ্র 'লাখরাজ'।

লাগ[১] বিং [সং লগ্ন > প্রা লগ্গ > বা লাগ ; 'লাগ'—চিহ্ন (দেশী ৭.১৭) ; হি, ঠ, গু লাগ] ১ সংলগ্নভাব, সঙ্গ। "শ্রী.কী ১২৯। দুই চারি যোজন ধায়, তবে মোর লাগ পায় ক চ ৫৫। চণ্ডী আসি লাগ যেন না পায় আমার বা.ম ৫১ ; পিছে লাগ পায় ১৮১। ২ সাহচর্য্য। "কৃষ্ণ-প্রেম সঙ্গে প্রতিষ্ঠা চলে লাগ লৈয়া চৈ.চ ৯৭ ৩ সাক্ষাৎকার, দেখা। "ম ৮৩৮। (বাঘ) আজ পায়্যাছিল লাগ ক.চ ৭৬। বড় পুণ্যে তোর লাগ পাইনু সন্নিহিত অ.প ৩৯ ; ৯৪। যদি লাগ প্যাই তোরে, পাঠাইব যমপুরে বা.ম ১০৩ ; ১৫২। বি.পা ২৪০। দুষ্টে লাগ পাইয়া কি না করিছে বল ম.ম ২৩৭। চৈ.চ ৬২,-৪। ভা.চ ৬৯৩। ৪ দৈবাৎ দেখা। "স্রোতে ভাসাইয়া দেও যথা তথা যায়। দৈবগতি পারড়ীয়া যদি লাগ পায় ॥—ম.ম ১০০। ৫ সন্ধান। "সর্ব্বণীর নাহি লাগ ক.চ ১৪৩। গো.চ ৩৪২। খুঁজে খুঁজে লাউসেন না পাইয়া লাগ। বিস্ময় হইয়া বলে কোথা গেল বাঘ ॥—শ্রী.মা ৭৫। কোথা গেলে পাব লাগ বি.পা ৩১। চৈ.ম ১০৪। ৬ সান্নিধ্য। "শরভ ভল্লুক বাঘ, বারণ আসি লয লাগ ক.চ ৫২,-৩। লড় দুই তিনে পাইল সদাগরের লাগ ম.ম ১৫৩। শ্রী.ম ১১২। ভূতভাগ পায় লাগ লাথি কীল মারিছে ভা.চ ৪৪। ৭ দূর হইতে দর্শন। "ত্রিপুরা বুড়ার পাইল লাগ (মধ্য হ্রদে) শি ৯৪। ৮ নিকটবর্ত্তী যোগ্য স্থান। "(রাজমঞ্চনিকটে) বসিল আসন করি যার যেই লাগ শ্রী.ম ১২৭। ৯ সঙ্গ, পাছ। "বাকডাগুবাক লাগি লইলেক লাগ শ্রী.ম ১৬৯। ১০ সমকক্ষতা, প্রতিদ্বন্দ্বিতা। "আদি ক্ষত্রি তুমি বাঘ, কেবা তোর পায় লাগ, পবন জিনিতে পার জোরে ক.চ ৫৫। [লাগ ছাড়া —সঙ্গ ছাড়া। লাগ পাওয়া—১ সঙ্গ পাওয়া, ধরা। ২ সন্ধান পাওয়া। ৩ দেখা পাওয়া। ৪ লাগাল পাওয়া, ধরা।]

লাগ[২] অর্ম্ম [সং √লগ্ > প্রা √লগ্গ (হে ৪.২৩০ ; দ্র 'লাগ[১]') > বা √লাগ ; হি, সি √লগ, ঠ, গু, মৈ, ড়, অস √লাগ] ১ সংলগ্ন হওয়া ; লাগা। "তিতিল বসন তনু লাগি বি.প ২১। ২ সংশ্লিষ্ট বা নিবেশিত হওয়া। "তথির (চন্দ্রাতপের) শীতলতলে রত্নগুচ্ছ লাগে শ্রী.ম ১৭১। (রথের) স্থানে স্থানে দণ্ডে লাগে অমূল্য পাথর চ.বি ২০১ ; হীরামন মাণিক্য লাগিছে ২৫৭,-৯। ৩ লিপ্ত হওয়া ; লেপিয়া যাওয়া। "(ইক্ষুরস-গুড়) চাকিতে চাকিতে, লাগিল জিহ্বাতে চ.দা ১০৮। ৪ আটায় লগ্ন হওয়া ; আঁটিয়া যাওয়া। "বিষম বাতাসে ধুলা লাগে তার (সদ্যোজাত শিশুর) গায়।—কৃ ৩৪০। ৫ স্পৃষ্ট হওয়া। "সে-পদ-শীতল-বা লাগু কলেবরে চৈ.ম ২। ৬ অনুভূত হওয়া ; বোধ হওয়া। "এমতি লাগয়ে বুকের শোভা চ.দা ৫, সাপিনী লাগয়ে মোয় ২১। রূপ হেরি ভূপগণে লাগে চমৎকার ব প ৮২৯। স্বর্গ মর্ত্ত্য পাতালে লাগে চমৎকার।—কৃ ২৭৩। বল্মীকের ছত্র প্রায় লাগে।—ম ৩৩১। লগইতে লাগু তরাস।—জ্ঞা ২২২। ৭ গাত্রলগ্ন হওয়া। "দেখিস যেন যা হয় না লেগে জলের কণা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৮ স্বাদানুভব হওয়া। "(ইক্ষুরস-গুড়) পহিলে লাগিল মীঠ : এবে সে লাগিল মীঠ চ.দা ১০৮ ; (অমিঞা) লাগিল গরল ১১২ ; সে সুধাময় লাগে ১১৪। সব লাগে তিতা।—শ্রী ৪২। নিম ও চিরতা তিক্ত লাগে।—বিদ্যাসাগর। ৯ বিদ্ধ হওয়া ; বেঁধা। "জলের সফরী, আহার করিতে, বড়শী লাগিল মুখে চ.দা ১০৯। কর্পূর তাম্বূল, লাগে যেন শূল ভা.চ ৩১৭। ১০ বাদানুবাদ বা বচসা করা। "দুই জনে লেগে গেল বাক্যের তরঙ্গ।—কৃ ২৪৯। ১১ সংক্রমিত হওয়া ; বর্ত্তান। "এ বধ কাহারে লাগে চ.দা ১০৯। আর যত পাপ-পুণ্যভাগ লাগে মোরে। পোষণার্থে পাপভাগ না লাগে আমারে ॥—কৃ ৩। তোমারে লাগিবে মোর বধ ক.চ ১৪৪। বিশ্বনাথ বিনা কারে লাগে বিশ্বভার ভা.চ ১৩৩। ১২ ব্যথা দেওয়া ; পীড়া জন্মান। "তোমার বচন মোর লাগিল হৃদয়ে শ্রী.কী ১৪০। দুঃখীরে পুজিলে লাগে।—হেম

১২৬। ১৩ আরব্ধ হওয়া; আরম্ভ করা। "পুনর্ব্বার লাগে যুদ্ধ শ্রীরাম রাবণে।—কৃ ৩৪৬। কশ্যপ…লাগে বলিবারে বা.ম ১২। কৌতুক …আনিবার লাগে বি.পা ৫২। ডাকিবার লাগিল ব.প ৩১; কহিবারে লাগে ২১১। পণ্ডিতে পণ্ডিতে বাদ লাগে ভা চ ৪০৯। ১৪ নিকটে সজ্জিত থাকা। "(শবার) সমুখে পাছুকা ঝারি বাটা পিড়া লাগে শ্রী.ম ১৪৭। ১৫ অভিনিবিষ্ট হওয়া। "চিত্ত দৃঢ় হঞা লাগে মহিমাজ্ঞান স্রোতে চৈ.চ ৮। ১৬ কার্য্যকর বা সফল হওয়া। "লাগ লাগ নিদাটী শ্রী.মা ১৯৫। লাগ লাগ নিদাটী: নিদাটী নগর জুড়ে লাগ শ্রী ২১৭। না লাগিল আন্দাশ ব.প ৭৭৮। দোকাটি বাজায়ে চলে বলে লাগ লাগ শি ৭৭। ১৭ উৎপন্ন হওয়া; জন্মান। "হৃদয়ে লাগিল দুখ ব.প ৭৭৮। শুনি লাগে ভীত চ.বি ৪৯। এক উডুম্বরবৃক্ষ লাগে কোটি ফলে চৈ.চ ১৬৯। ১৮ প্রবিষ্ট হওয়া। "অদ্বৈতের সে কথা দ্বারীর কর্ণে লাগে।—চৈ ৭৮। ১৯ বিরোধী হওয়া। "খুল্লনা বলেন বিধি এথাও লাগিল ক চ ১৪৮। ২০ পশ্চাতে তাড়াইয়া যাওয়া। "কাকে যেমন লাগে ফিঙ্গে, বাঘে লাগে ফেউ।—দা ২০৪১। ২১ সঙ্গ লওয়া। "হত-ভাগারা দেখে (যুবতীকে) ডাকিয়ে, পাকে পাকে লাগে গিয়ে।—দা ২০৪১। ২২ আসক্ত বা মোহিত হওয়া। "ওই রূপ দেখি, লাগি রৈল আঁখি ম.পা ৩৩। ২৩ দৃষ্টি পতিত হওয়া। "যে অঙ্গে লাগএ দৃষ্টি অঙ্গেতে না হেরি।—ব প ৮২৯। ২৪ অভ্রান্ত মনে হওয়া। "এহাব বচন হেন বেদ হেন লাগে গো.বি ১৭৬। ২৫ উপস্থিত হওয়া, হওয়া। "শাশুড়ীরা কেমন মতে আছে তোমার শোকে। দেখিলে নি দয়া লাগে পদ্মা পুজিবাকে বি.পা ৩৬৭। ২৬ প্রণত হওয়া। "অপরাধ ক্ষেম। অএ ঠাকুর লাগহু চরণ।—গ ৬৬। রাই হে তেজহ মান। চরণে লাগি তোহে সাধয়ে কান।—গো ২০৫। ২৭ বদ্ধ হওয়া, আটকান। "গাছে লাগি ছিণ্ডিল সকল গজমুতী শ্রী.কী ২৬৬। ২৮ ব্যয়িত হওয়া, খরচ হওয়া। "ভাল খেতে তেলে কড়ি লাগে। ২৯ অতীত হওয়া; যাওয়া। "মন থাকলে কাজ কত্তে কতক্ষণ লাগে? ৩০ সঙ্গত হওয়া, খাটা। "বাক্যে কোন শব্দের অর্থ লাগা। ৩১ প্রসঙ্গানুরূপ হওয়া। ৩২ আবশ্যক হওয়া, দরকার হওয়া। "লাগে টাকা, দেবে গৌরী সেন। ৩৩ উপযোগী হওয়া। "খেয়ে হাগে, শুয়ে জাগে, সে কোন কাজে না লাগে।—প্রবচন। ৩৪ ব্যথা জন্মান। "মা ব'লে তো ডাকব না আর। লাগে কি না দেখব তোমার।—গিরিশচন্দ্র ঘোষ। ৩৫ ব্যাপ্ত হওয়া। "গগনে উঠিয়া লাগে হরিহরি-বোল চৈ.ম ১১৩। ৩৬ দুর্ভর বা ভারভূত বোধ হওয়া। "কলসী লাগিল কাঁখে, ছাড় রে অভাগী মাকে।—প র ৫। ৩৭ প্রতিহত হওয়া। "পর্ব্বত সমান ঢেউ লাঅত লাগিল শ্রী.কী ১৫৭। ৩৮ আঘাত করা; বাজা। "লাঠি লাগা। ৩৯ যুক্ত হওয়া। "খুলিল মনের দ্বার না লাগে কপাট ভা.চ ২৬৪। ৪০ সন্নিহিত হওয়া। "লাগ্যাছে তোমারে মৃত্যু, তেঁই ছটফটি।—ম ৮৫৬। ৪১ উপদ্রব করা। "তাহা গেলে সেই ভূত লাগিবে সভারে চৈ.চ ৩৪৫। ৪২ ন্যস্ত হওয়া। "দেখাব শয়নোত্থান মোর লাগে ভার।—চৈ ১০৩। ৪৩ বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হওয়া। "মোকে কাল হঞা লাগিল কাহ্নাঞি শ্রী.কী ১০৯। [আগুন লাগা—১ অগ্নিসংযোগ হওয়া; পোড়া। ২ ধ্বংসপ্রাপ্ত হওয়া। উঠে প'ড়ে লাগা—(গৌণার্থে) প্রাণপণে শত্রুতা করা। তু 'জুঝন্ত ভট ভূমি পড উঠি পুণু লগগিআ (যুদ্ধে ভটগণ ভূমিতে পতিত হইল, পুনর্ব্বার উঠিয়া (যুদ্ধে) লাগিল। —পৈ ২.১৬১।) এঁড়ে লাগা—দ্র 'এঁড়ে'। কপালে আগুন—১ পোড়া কপাল; গালিবিশেষ। ২ ললাটে বহ্নিনেত্র (শিবের)। "কোন গুণ নাই তার কপালে আগুন ভা.চ ২৫৫। আগুন লাগা—১ দুর্দৈব ঘটা, বিপৎপাত হওয়া। ২ দুর্বুদ্ধি হওয়া। কারখানা লাগা—কারখানা বসা। "মন্দির বানানে কারখানা লাগিয়াছে ভ.প্র ২২৩। খিল লাগা—অঙ্গের নিস্পন্দভাব হওয়া। গলায় লাগা—১ গলায় আটকান। ২ গলনালীতে বেদনা বোধ হওয়া। (কাজে) গা লাগা—কার্য্যে উৎসাহ হওয়া। গায় লাগা—১ শরীরে আঘাত করা। ২ স্থূলকায় হওয়া; মোটান। ৩ কোন কথা অসহনীয় হওয়া। গুয়া লাগা—সুপারীর রসে নেশা হওয়া। "ব.প ২৪০। ঘুর লাগা—ঘূর্ণি অনুভূত হওয়া। চোখ লাগা—কুদৃষ্টির ফল ফলা। চোখে লাগা—১ চোখে আঘাত করা। ২ দর্শনে অপ্রীতিকর হওয়া। ৩ দর্শনে প্রীতিজনক হওয়া। চোখে লেগে থাকা—চোখের সামনে ভাসিয়া বেড়ান। জোড় লাগা—সংশ্লিষ্ট বা মিলিত হওয়া। তাক লাগা—বিস্ময় জন্মান। তার লাগা—স্বাদবোধ হওয়া। (কানে) তালা লাগা—শ্রবণশক্তি লোপ হওয়া। দম লাগা—শ্বাসরোধ হওয়া। দাঁত লাগা—দ্র 'দাঁত'। দাঁতে দাঁত লাগা—দন্তপঙ্‌ক্তি সংশ্লিষ্ট হওয়া। দাগ লাগা—চিহ্ন অঙ্কিত হওয়া; কলঙ্কস্পর্শ হওয়া। দিন লাগা—মৃত্যুকাল নিকট হওয়া। "অপচ ক'রে এমন কথা, দিন লেগেছে পারা শি ৮২। নজর লাগা—সর্থ 'চোখ লাগা'। নোনা লাগা—লবণরসের কার্য্য হওয়া। পা লাগা—পা অসাড় হওয়া। পাক লাগা—সর্থ 'ঘুর লাগা'। পাছ লাগা—১ অনুসরণ করা। ২ শত্রুতা করা। প্যাঁচ লাগা—জড়াইয়া যাওয়া (সুত্রাদি)। প্রাণে লাগা—মর্ম্মস্পর্শী হওয়া। ফের লাগা—১ বেড় লাগা। ২ জটিল হইয়া পড়া। ভাপ লাগা—অগ্ন্যুত্থিত বাষ্প গায় লাগা। ভাব লাগা—রসানুভবজন্য তন্ময়ভাব আসা। ভাল লাগা—সুখকর বোধ হওয়া। ভেলকি লাগা—কুহকে মুগ্ধ হওয়া, মন্ত্রমুগ্ধ হওয়া। ভোগ লাগা—দেবতার ভোগরূপে নিবেদিত হওয়া। "সন্ধ্যায় ভোগ লাগে ক্ষীর—অমৃতকেলি নাম চৈ.চ ৯২। মন লাগা—মনঃসংযোগ হওয়া। মনে লাগা—মনে ভাল বোধ হওয়া; অভিমত হওয়া। মুখ লাগা—ওল-প্রভৃতির রসে মুখ কুটকুট করা। হাঁফ লাগা—ঘনশ্বাস হওয়া। হাত লাগা—১ ভার-ধারণহেতু হাত অসাড় হওয়া; হাত ভারা। ২ হাতে আসা; (অর্থাদি) করতলগত হওয়া। হুক লাগা—ফিঁক লাগা। "কাঁপে বুক লাগে হুক আঁতে ভা চ ৩৯১। শি ৬৫। লাগিলী (স্ত্রীলিঙ্গে)—"বুঁলিতেঁ লাগিলী বড়ায়ি শ্রী.কী ১৬। কহিবার লাগে—কহিব বলিয়া (অর্থাৎ কহিতে) আরম্ভ করা; বলা। "পূর্ব্বের বৃত্তান্ত কিছু লাগে কহিবার।—ম ৮৯৮। ভাড়িবারে লাগে—ভাঁড়ায়। "ভাড়িবারে লাগে চোড়া মিথ্যা কথা কৈয়া বি.পা ৩০৫।]

লাগল বি [লাগ^২ > 'ল] ১ সাক্ষাৎকার, দেখা; লাগাল। "কোথা গেলে লাগল পাব ম.ম ১০। ২ সন্ধান। "চারি জাতির লাগল পাইল গো.চ ৩১৯; বানিয়ার পুত্র বিকির লাগল পাএ ৩৫৬।

লাগা^১ বিং [লাগ^২ + আ^৩] সর্থ 'লাগ^২'। —গা বিং [+আ^১২] ১ সংলগ্ন, সংশ্লিষ্ট। ২ সন্নিবেশিত, বসান, লাগান। "নানা বর্ণের শিলা লাগা মধ্যে মধ্যে তার চ.বি ৩৭।

লাগা^২ সর্ম্ম [লাগ^২ + আ^৮, হি √লগা, ঠ √লগার; গু √লগাড] ১ সংলগ্ন করা, জোড়া। ২ সংযোগ করা; লাগান। "বিমলা অঞ্চলের চাবি লইয়া ঐ কলে লাগাইলেন ব.প্র ৩৮। ৩ আটায় জোড়া বা আঁটা। "টিকিট, বিজ্ঞাপন লাগান। ৪ লিপ্ত করা; মাখান। "চর্ব্বি তেল লাগান। ৫ স্পর্শ করান; ছোঁয়ান, ঠেকান। "গায় গা লাগান। ৬ স্পৃষ্ট হইতে দেওয়া। "ঠাণ্ডা, ভাত, হিম, রোদ লাগান। ৭ মারা। "চাবুক, জুতা, বেত লাগান। ৮ বসান, খাটান। "জানালায় কপাট লাগান। ৯ সন্নিবেশিত করা, বসান। "স্থানে স্থানে লাগাইছে প্রবাল পাথর বি.পা ২৯৭। ১০ নিযুক্ত করা। "কাজে লাগান। ১১ রোপণ করা; রোপা। অশোক কিংশুক লাগায় বি পা ১০২। ১২ ঘটান। "নারদ লাগালে ভেদ কংস দুরাচারে শ্রী ১৩১। ১৩ কাহারো বিরুদ্ধে কুপরামর্শ দেওয়া। "লাগান-ভাঙান। ১৪ দেবতাকে নিবেদিত করা।

"অযাচিত ক্ষীর-প্রসাদ অন্ন যদি পাই। স্বাদ জানি, তৈছে ক্ষীর গোপালে লাগাই॥—চৈ.চ ৯২। **১৫** অভিনিবিষ্ট করা। "মন লাগান। **১৬** বাধান। "ঝগড়া লাগান। **১৭** তটলগ্ন করা; বাঁধা, ভিঁড়ান। "নৌকা লাগান। **১৮** সংশ্লিষ্ট করা। "ঘরের মধ্যে সাজি থুইয়া লাগাল কপাট ম ম ১৬। **১৯** ব্যয় করা। **২০** প্রয়োগ করা। "যাঁর যত তন্ত্র মন্ত্র ছিটা ফোটা ছিল, একে একে লাগাইলা।—মা ১২৪। **২১** পরিধান করান; পরান। "রত্ন অলঙ্কার সব অঙ্গেতে লাগায় বা.ম ৪৫। **২২** ঘা দিয়া বসান; গাড়া। "পেরেক লাগান। [আগুন লাগান—১ আগুন দেওয়া। ২ নষ্ট করা। চাবি লাগান—চাবি দিয়া বন্ধ করা (দ্বারাদি)। তাক লাগান—বিস্ময় জন্মান। দম লাগান—মাদকের ধূম এক দমে টানিয়া লওয়া। ধোকা বা ধোঁকা লাগান—সংশয় উৎপাদন করা। পাক বা পেঁচ লাগান—ফের দেওয়া। ভেল্‌কি লাগান—কুহকে মুগ্ধ করা।]

লাগাও, -গোয়া বিং ['লাগ[1]—মূল; হি লগাব (বি)] সংলগ্ন। "সে ঘরটী বঙ্ক বাবুর বৈটকখানার লাগাও ছিল।—হু ১৩।

লাগাড় বি [লাগাল > °ড়; হি লগাতার] ১ লাগ, সংযোগ, সম্বন্ধ। ২ ক্রমান্বয়, অবিচ্ছেদ ধারা। [°ঘা'ন—নিঃশেষে তেল বাহির করার নিমিত্ত সরিষার সহিত শোরগোঁজা-ইত্যাদি মিশাইয়া ঘানিতে নিষ্পেষণ। লাগাড় মরা—সম্বন্ধচ্ছেদ হওয়া; ধারাবাহিকতা না থাকা। লাগাড় মারা—সম্বন্ধ ছিন্ন করা; সংস্রব ঘুচান।]

লাগাত, -গায়েৎ বিং [আ লগায়ত্] তদবধি, তৎপর্য্যন্ত। "ভূষণার খবর বলিতে (বন্দেআলি) একেবারে কোতোয়াল, বখ্‌শী,…লাগায়েৎ খোদ ফৌজদারের খবর বলিয়া ফেলিল ব প্র ৪৮২। সন্ধ্যা লাগায়েৎ শক্তি পাইতে পারি ব.ছি ৩৫৪।

লাগান বি [লাগা+অন] সর্থ 'লাগা[2]'। —গান বিং [অপ্র] লগ্ন, বদ্ধ। "দুই নৌকা…বরফের উপরে লাগান করিয়া ঐ মৎস্যের চৌকীতে থাকে।—রামমোহন রায়। [লাগান(নি)-ভাঙান(নি)—লাগাইয়া মনোভঙ্গ করা, অর্থাৎ একের নিকটে অন্যের দোষ উল্লেখ করিয়া মন বিগড়াইয়া দেওয়া।]

লাগানি বি [°ন+ই[11]] ১ সর্থ 'লাগান'। ২ প্রভাবের উল্লেখ। "যবনে তেমোর ঠাঁই করয়ে লাগানি চৈ.চ ৭৫। ৩ একের নিকটে অন্যের দোষকীর্ত্তন। "রাজার ঠাঁই যাই বহু লাগানি করিল চৈ চ ৩০৭।

লাগাম বি [ফা লগাম্] বল্গা, ঘোড়ার রাশ। "শ্রী ১২৫।

লাগায়েৎ দ্র 'লাগাত'।

লাগাল বি [লাগ[1] > °ল] ১ লাগ, সান্নিধ্য। "লাগাল পাওয়া। ২ দেখা। ৩ সন্ধান। "(ময়নামতী) ধেয়ানের মধ্যে ঘরত লাগাল পায় ব প ৩৬,-৮; জলর ভিতর হাড়ির লাগাল পায় ৭৭।

লাগালাগি বিং [লাগ[2]-আ+লাগ-ই] পরস্পর-লগ্ন, ঘেঁষাঘেঁষি। —লাগি বি ১ পরস্পরের সংলগ্নভাব বা সংস্পর্শ। ২ পরস্পরের দোষোল্লেখ বা প্রতিদ্বন্দ্বিতা।

লাগি[1] বি [লাগ[1]+ই[11]] ১ লাগ, সান্নিধ্য, লাগাল। "ধরিমু ধরিমু' বলি লাগি নাহি পায় চৈ.ভা ২৫১। ঘামে তিতি গেল, সর্ব্ব কলেবর, তবু লাগি নাহি পায় ব.প ৭৮০। দুহাতে দাদালে হালে যার লাগি পায় (শ্রী)। ২ সাক্ষাৎকার, দেখা। "পথে যাইতে নারদ ধ্রুবের লাগি পাইলা চৈ.চ ১৩৫। বেগার ধরে যায় লাগি পায় শ্রী ২০২। পথে লাগি পেয়ে, এক গোয়ালিনী, লৈয়া গেল মোরে ঘরে।—জ্ঞা ৬০। ৩ সন্ধান। "যে ঝাড়ের তরলবাঁশী, তারি লাগি পাও। ডালে মূলে উপাড়িয়া সাগরে ভাসাও॥—চ.দা ৮৯। তার লাগি না পাইল চৈ.চ ২০৩। ৪ পশ্চাৎ ধাবন; দ্রুত অনুসরণ। "অশ্ব পরিহরি ত্রাসে ধায়্যা যায় রড়ে। তবু যদুদেবসুত লাগি নাহি ছাড়ে॥—শ্রী.ম ১৭৯।

লাগি[2], লাগিয়া অব্য [লাগ[2]+ই[7], ইয়া[3]; তু 'সং √লগ—লগিত্বা > প্রা √লগ্গই (পৈ) > বা (লগ্‌গি) লাগি, পক্ষে; হি লগ, -গি, লাগি; ঠ লগী; গু লগী; মৈ লা, লাঈ; সি লগি, -গে; নেপালী 'লাগি' (C.G.§ 375); লাগাইয়া (ঢাকা)] ১ নিমিত্তে, উদ্দেশ্যে। "সুখের লাগিয়া, এ ঘর বাঁধিনু, আগুণে পুড়িয়া গেল চ.দা ১০৯। যে লাগিয়া পঙ্গু, করিলে সে ফল, ফলালে আগুনে এতেক দিনে ন.প ২৩৮। ২ হেতু, কারণ। "কাল বিরহ তুয়া লাগি: তুয়া অভিমান লাগি সোই আকুল বি.প ১০৫। কাঁদে শ্যাম লাগি চ.দা ১১৫। হস্তিনা আইলু আমি তোমার লাগিয়া—ম ১১৩০। কি লাগিয়া কান্দ বাছা ক.চ ২১১। [সুখের লাগিয়া—সুখসম্বন্ধে লগ্ন, অর্থাৎ আসক্ত হইয়া; সুখের আসক্তিতে, আশায় বা নিমিত্তে।]

লাগু বিং [সং লগ্ন > প্রা 'লগ্‌গু' (পৈ) > বা লাগু; হি, ঠ লাগু; গু লাগু] সংলগ্ন, সন্নিহিত। —গু বি [লাগ+উ[7]] সাক্ষাৎকার, দেখা। "কোতয়ালে লাগু পাইয়া বান্ধিল কাঁকালি বি.পা ২৪২।

লাগুড়িক পুং [লগুড়+ইক (ঠক্)] সর্থ 'লাকুটিক'।

লাগে অব্য [লাগি > °গে (মিলের জন্য)] নিমিত্তে। "হাম নহ নায়রী ভয়া মাধব লাগে বি.প ১১০।

লাগোয়া দ্র 'লাগাও'।

লাগ্য বি [লাগ[1] > °গ্য, তু 'সং √লগ্ > প্রা √লগ্‌গ] সন্ধান। "ধিয়ানেতে মএনা বুড়ি সইস্থার লাগ্য পাইল গো.চ ৩৬,-৭,-৮।

লাঘব ক্লী [লঘু+অ (অণ্)] ১ লঘুভাব, ক্ষিপ্রতা, শৈঘ্র্য। "গো.রা ৪.৪২.৪; হস্ত° ৬.৩৬.৫৫। দর্শিতলাঘবক্রিয় মাঘ ১২ ৬। গতি° কু.স ১.১৫, মল্লিনাথ। ২ অগুরুত্ব, লঘিমা। "যাজ্ঞ ৩.৭৬। ৩ সন্তোষ, প্রসাদ। "মনু ১১.২৩৪। ৪ ক্ষিপ্রপ্রয়োগ, শীঘ্রগামিতা। "অস্ত্র° মহা ১.১৩৫.১৮। ৫ ক্লৈব্য, অকিঞ্চিৎকরত্ব। "নির্ব্বাণালাভ° কু.স ২.২৩। ৬ চাপল্য, লোলতা। "বুদ্ধি° রা ২.৫৮.৩০। ৭ ন্যূনতা, অল্পতা। "দোষস্তু দৃষ্টা গুরুলাঘবম্ ভ ৬.১.৮। ৮ পরিমিতভাব, সংযম। "আহার°। ৯ আরোগ্য, আরোগিতা। ১০ অনাদরবিষয়ত্ব, হেয়তা। "গী ২.৩৫। ১১ নীচত্ব, ক্ষুদ্রতা, হীনতা। "সেবাং লাঘবকারিণীম্।—মু ৩.১৪। ১২ অল্পদোষবত্তা। "গুরুলাঘবমর্থানাম্ গো.রা ২ ৬৫.৬। ১৩ বাক্য-সংক্ষেপ। ১৪ (ছন্দঃশাস্ত্রে) হ্রস্বমাত্রতা। ১৫ তীক্ষ্ণতা। "বিনেতুরদ্রব্যপরিগ্রহোঽপি বুদ্ধিলাঘবং প্রকাশয়তি মা.মি ১$\frac{২}{৬}$। ১৬ (বাঙ্‌লায়) অপমান। "বাহের করি দেও তাকে লাঘব করিয়া ম.গা ১৬। অর্জ্জুনের পরাজয় হইছে লাঘব অ.প ১০৯। নহে বা পাইবা লাঘব মাজ্ঞ পরিহরি গো.বি ৮৭। ক.চ ৯১; ভাঁড়্‌দত্তের লাঘব ১০৯। চৈ.ভা ৯৫। বা.ম ৪৬। ১৭ দণ্ড (অসাধু)। "কুম্ভীপাকে হইবে লাঘব ম.পা ৮৭। ১৮ লাঘবযুক্ত, লঘু (অসাধু)। "রাঘববিক্রমে, লাঘবগরব…, রক্ষোরাজ।—মে ১ ৫। [অনুপ্রাসহেতু 'লঘু'-স্থানে 'লাঘব'] [°কারী (-রিন্)—লঘুতাজনক, হেয়তাকর।]

লাঘবতা বি ['°ব' সাধু; গু °তা; ঠ °রট] হেয়তা। "ভ.প্র ২৫০।

লাঙল বি [সং লাঙ্গল] নাঙল। "শিশু ৪৬।

লাঙ্গট, -টা বিং [দ্র 'নেংটা'] উলঙ্গ। "জলেত নাম্বিলী লাঙ্গট হঞা শ্রী.কী ২৬২। লাঙ্গট দেখিয়া চাঁদ নাহি উঠে তরে (তটে) বি.পা ২৩৯; ২৪০। লাঙ্গটা ম.পা ১৮; ২৯।

লাঙ্গটভাঙ্গট বিং [°ট+ভাঙ্গট (ভাঙ্গড়)] উলঙ্গ ও ভাঙে মত্ত। "লাঙ্গট-ভাঙ্গট ভালে শোভে শশিকলা শ্রী ৭৭।

লাঙ্গটা দ্র 'লাঙ্গট'।

লাঙ্গল ক্লী [√লঙ্গ্+অল (কলচ্)-ক, পৃষো] ১ 'ভূমিগামী', ভূকর্ষণ-যন্ত্রভেদ, হল, সীর। "শুনং কৃষতু লাংগলম্।—ঋগ্বেদ ৪.৫৭.৪। শুক্ল-যজুর্ব্বেদ ১২.৭১। রা ১.৬৬.১৩। ২ লাঙ্গলাকার গৃহদারুবিশেষ। ৩ তালবৃক্ষ (তালকাঠে ঈষা হয় বলিয়া?)। ৪ কলাপকর্ষণার্থ

লাঙ্গলাকৃতিমুখ দণ্ড ; আঁকশি। "রা ২.৩২.২৯, টীকা। ৫ পুষ্পবিশেষ। ৬ অর্দ্ধোন্নত চন্দ্রশৃঙ্গ। 'অর্দ্ধোন্নতে চ লাঙ্গলম্।—বৃহৎসংহিতা ৪.৯। ৭ শিশ্ন। —ল পুং শালি (বাগ্‌ভট—S.W.)। —লী[২] স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] রাস্না; শালপর্ণী; কাঁচড়াশাক। [°গ্রহ (পুং)—'হলগ্রাহক', কৃষক। "পা ৩.২.৯, সি। °চক্র (ক্লী)—কৃষিশুভাশুভগণনার্থ হলাকৃতি চক্র। °দণ্ড, -গুক (পুং)—লাঙ্গলের ঈশ ; ঈশা। °ধ্বজ (পুং)—'হলচিহ্ন', হলধর। "মহা ৫.৩.৪। °পদ্ধতি (স্ত্রী)—'হলকর্ষণপথ', লাঙ্গলরেখা, সীতা। °ফাল (পুং, ক্লী)—লাঙ্গলমুখলগ্ন সূক্ষ্মাগ্র লৌহফলক।] [ক্ষেতে লাঙ্গল দেওয়া—লাঙ্গলে ক্ষেত্রকর্ষণ করা। "মা ৩২৮।]

লাঙ্গলা বি [°ল+আ[১°]] হলধর, বলরাম। "ব.প ৯৫৬।

লাঙ্গলাপকর্ষী (-র্ষিন্) বিণ [°ল+অপ-√কৃষ্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত] লাঙ্গলাকর্ষক (বৃষ)।

লাঙ্গলিক বিণ [°ল+ইক (ঠক্) ; স্ত্রী -কী] লাঙ্গলসম্বন্ধী। —লিক পুং স্থাবরবিষভেদ। —লিকা স্ত্রী লাঙ্গলীবৃক্ষ। —লিকী স্ত্রী বিষলাঙ্গলিয়া গাছ।

লাঙ্গলিকা, লাঙ্গলিকী দ্র 'লাঙ্গলিক'।

লাঙ্গলী[১] (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -লিনী] ১ লাঙ্গলবান্। "মহা ১.১২১.৫৫। ২ হলাকারদণ্ডবান্। দ্র 'লাঙ্গল (৪)। "রা ২.৩২.২৯। —ঙ্গলী পুং ১ বলরাম। "পু.মে ৪৯। ম ৯৪৬। ২ নারিকেলবৃক্ষ (অ.কো)।

লাঙ্গলী[২] দ্র 'লাঙ্গল'।

লাঙ্গলীশা, -ষা স্ত্রী [°ল+ঈশা, -ষা ; ষ.ত, শকন্ধ্বাদি] হলদণ্ড।

লাঙ্গলীষা দ্র 'লাঙ্গলীশা'।

লাঙ্গা বিং [সং নগ্ন >প্রা ণগ্‌গ, *ণংগ >বা (নঙ্গা) লাঙ্গা ; হি নংগা] ১ উলঙ্গ। "°গণেশ চৈ.চ ১৩০। ২ কোষমুক্ত (অসি)।

লাঙ্গু(ঙ্গূ)ল ক্লী [√লঙ্গ্+উল (উলচ্)-ক, বৃদ্ধি, উ ৪.৯০ ; 'লাঙ্গূল' (অ.টী, সারসুন্দরী)] ১ বালধি, পুচ্ছ, লেজ। "গো.রা ৫.৩.১। নখলাঙ্গুলপ্রহরণ। —হি ১.১০৫। ২ কুশূল। ৩ শেফ। [°চালন (ক্লী), °বিক্ষেপ (পুং) —লাঙ্গুলবিধুনন, লাঙ্গুলকম্পন। "হি ২.৪০। °বিক্ষেপ কু.স ১.৩।]

লাঙ্গুলী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -লিনী] লাঙ্গুলবান্। —লী পুং ১ বানর। ২ ঋষভ ঔষধ।

লাচাড়ি, -ড়ী, -রি, -রী বি [লহচারী >লাচাড়ী, দ্র 'নাচাড়ি'] সর্থ 'নাচাড়ি'। "লাচারি ম.গা ২৫। লাচাড়ি গো.বি ২৪। লাচাড়ী বা.ম ৬ ; ১১ ; ৪৪। লাচারী ম.পা ৭, লাচাড়ি ২৭, ৪৪ ; লাচাড়ী ৩০, -৫, ৭২। °রী ব.প ২৯৮। [প্রাচীন বাঙ্‌লায় লাচাড়ীর ছন্দ ও বিষয় এইরূপ দেখা যায় ;—১ "বিলাপ দীর্ঘ ছন্দ, লাচারি (ম.গা ২৫ ; গো.চ ৩৮০)—বিলাপবিষয়ক দীর্ঘ ত্রিপদী ছন্দের প্রবন্ধ। ২ "লাচাড়ী ভাগ, করুণ ভাটিয়াল (বা.ম ১১ ; ৭৩)—করুণরসাত্মক পয়ার ছন্দের প্রবন্ধ। ৩ (ক) ভাগ লাচারী—ইহা 'পতিশোকে রতির ক্রন্দন', 'পতির পুনর্জীবনলাভ' বিষয়ে প্রবন্ধ। ছন্দের প্রতিচরণে দশ অক্ষর,—"কান্দে রতি লোটাই ভুবনে' ইত্যাদি (ম.পা ১৭ ; ৯৪)। (খ) ভাগ লাচাড়ি —ইহা পয়ার ছন্দ। ইহার পূর্ব্বে ভগবতীর স্তব, পরে এই প্রবন্ধ (ম.পা ২৭)। ৪ চৌপদ লাচাড়ি—ইহার বিষয় 'পত্নীর রূপবর্ণনা', 'পতির রতিপ্রার্থনা'। ছন্দে চার চরণ, প্রত্যেক চরণে ছয় অক্ষর,—"শুন হে সুন্দরি, অএ প্রাণেশ্বরি। হেরি মুখ তোর, চিত্ত নিল হরি ॥—ম.পা ৯৪। ৫ জোড় লাচাড়ি—বিষয় 'হরগৌরীর যুগলরূপবর্ণনা'। ছন্দ দীর্ঘত্রিপদী (বা.ম ৫)। ৬ যোড় লাচাড়ী, ভাগ—'জেলে ঝালু মালুর প্রতি মনসার উক্তি',—ইহার বিষয়। ছন্দ পয়ার (বা.ম ৯০)। ৭ করুণ লাচারী —সর্থ (১)। "ম.ম ১৮। সাধারণভাবে 'নাচাড়ী' বা 'লাচাড়ী' ছন্দ দীর্ঘত্রিপদী, ক্বচিৎ পয়ার বা অন্য ছন্দ আছে। বোধ হয়, ইহারাও লাচাড়ীর সুরে গীত হইত। বিজয় গুপ্তের মনসামঙ্গলে "পয়ার লাচারী" (ম.ম ৩), "পয়ার এড়িয়া বল লাচারীর গীত" (ম.ম ৭ ; ১০)—এইরূপ উল্লেখে, 'লাচাড়ী' পয়ার নহে, বুঝা যায়। "লাছাড়ি দির্ঘ ছান্দ" (টীকা) —দীর্ঘত্রিপদী (গো.চ ৩৮৯)।]

লাচাড়ী দ্র 'লাচাড়ি'।

লাচার বিং [লা[৫]+চারা[২] ; হি, ঠ °র] নিরুপায়, অনন্যগতি। [লাচারে —নিরুপায়ভাবে। "মজুমদার দেখিল বিষম প্রমাদ, না বলিলে ছাড়ান নাই,—লাচারে লাঠি ও বেগুন রাখিয়া কথা আরম্ভ করিল আ.দু ১১৬।

লাচারি, লাচারী দ্র 'লাচাড়ি'।

লাছ[১] বি [নাচ >°ছ] সর্থ 'নাচ[২]'। "জম রাজার লাছ শূ ১২৫।

লাছ[২] সর্ম [লাছা >লাছ] ১ (লাক্ষায় আঁটার মত) দৃঢ় আঁটিয়া বাঁধা। ("বৃষের) পৃষ্ঠেতে লাছিল রম্য পাটের বসন ম.ম ৬। ২ স্থাপন করা ; রাখা। "পাত্র লাছিল সারি সারি ম.ম ২৪ ; খই দই রচনা লাছিল ঠাঁই ঠাঁই ৬২ ; ১৬৪। ৩ আটক করা ; আটকান। "আতুর (আঁতুড়) লাছিয়া নাগ বসিলা মনোহর ম.ম ৮।

লাছা বি [সং লাক্ষা >প্রা লক্‌খা, *লচ্ছা >বা লাছা ; হি লাসা] লাক্ষা ; (গৌণার্থে) আঠা। "মন পক্ষি হইয়া মীনেরে লাছাত বাজাএ : মন পক্ষী গোর্খনাথে লাছাত বাঝাএ (টীকা) গো.বি ১৩৭।

লাজ্ সক [ভ্বা, প—লাজতি ; সেট্] ১ ভৎর্সন। ২ ভর্জ্জন।

লাজ[১] পুং বহুব [√লাজ্+অ (ঘঞ্)-র্ম] ১ ভৃষ্টধান্য, খই। 'ভৃষ্টাস্তু ব্রীহয়ো লাজাঃ।—কাত্যায়ন ২৮.১। "শুক্লযজুর্ব্বেদ ১৯.১৩। রা ১.৫৩.২। রঘু ২.১০ ; ৪.৭। লাজা বরিসন্ত অ.প ৩২। মোদক লাজা।—দু ৪৩। সদধি লাজ শ্রী.ম ১২৩। বি.পা ৫২। সুবরণ ভাজন, লাজহি ভরি ভরি, রাখহ নয়ন সমীপে।—গো ২২৬। ২ আর্দ্রতণ্ডুল (S.W.)। —জ ক্লী ১ (বহুব) সর্থ 'লাজ[১] (পুং)। '(ধান্যানি) ভৃষ্টানি স্ফুটিতান্যাহলাজানি (ভাবপ্রকাশ, শ.ক)। ২ উশীর। —জা[১] স্ত্রী সর্থ 'লাজ[১] (পুং)। "আদায় লাজাঃ গো.রা ৪.২৫.২৬। শর্করালাজামধুকৈঃ (সুশ্রুত)। ঘৃতলাজাক্ষৌদ্রপুষ্প।—বৃহৎসংহিতা ৪৩.৬০। [°মণ্ড (পুং)—খইএর মণ্ড (সুশ্রুত)। °মুষ্টি (বি)—মুষ্টিমিত লাজ ; এক মুটা খই। "বরষিছে লাজমুষ্টি অ.গু ১৭।]

লাজ[২] বি [সং লজ্জা >বা (লাজা) °জ ; হি, ঠ, গু, অস লাজ ; মৈ লাজ, -জা ; লেহাজ (মালদহ)] ১ স্ত্রীস্বভাবসুলভ লজ্জা। "আই আই কি লাজ ভা.চ ৭৮। ২ সর্থ 'লজ্জা (১)। "এ বোল বুলিতেঁ কাহ্ন না বাসসি লাজ শ্রী.কী ৪৮ ; ৫০। যে লাজ পেয়েছি হাটে কৈতে লাজ পায় ভা.চ ২৮৬ ; তোরে বলি প্রিয় সই, লাজে কারে নাহি কই, পাছে জানে জনক জননী ৬৭২। ৩ পরাভবজন্য সঙ্কোচ। "তোর পাঅ দেখি, রাতা উতপল, লাজে লুকাইল জলে শ্রী.কী ৪০। [°উলী (লাজ+উলী, °দ্র 'ওয়ার[৩])—লজ্জাশীলা। "বেশ্যা হইয়া লাজউলী। মুখ পোড়াহ তার আগুন জ্বালি ॥—ব.প ৯। তু 'সলজ্জা গণিকা নষ্টা।—চাণক্য। °বীজ (অস—'°বিজ'—লাজ-কাজ) লজ্জার কার্য্য ; লজ্জা। "আপন হৃদয় কাজ, কহিতে বাসিয়ে লাজ, তবু কহি লাজবীজ খাইয়া চৈ.চ ৮০। লাজ পাওয়া, লাজের মাথা খাওয়া—লজ্জা ত্যাগ করা। "লাজ খায়্যা আমু ফিরে ভা.চ ৭০০। লাজ বাসা—লজ্জাবোধ করা। "শি ৭২। লাজে মরা—লজ্জাতিশয়ে মৃতবৎ হওয়া ; অতিলজ্জিত হওয়া। লাজের মাথায় বাজ হানা—সমূলে লজ্জা ধ্বংস করা ; একেবারে নির্লজ্জ হওয়া। "লাজের মাথায় হানিয়া বাজ। সাধয়ে রামা বিপরীত কাজ ॥—ভা.চ ৩৪৫। লাজেঁসি—লজ্জাতে। "লাজেঁসি হারায়িএ কাজ শ্রী.কী ১৮৭।]

লাজ[৩] অর্ম [সং √লস্‌জ্—লজ্জ >প্রা √লজ্জ্ >বা °জ ; হি, ঠ, গু √লাজ] লজ্জা পাওয়া "চাঁচর চিকুরে বেণি সাজ, হেরিতে কালসাপিনি লাজ।—প.ক ২৬৫৭। —জা[২] অর্ম [লাজ+আ[১২]] সর্থ 'লাজ[৩]। "দূতিক বচনে লাজায়ল কাহ্ন বি.প ১৭৯। —জা সর্ম

[+আ৮ ; তু 'সং √লজ্জায়্ >প্রা √লাজ্জ্ ; ঠ √লাজর] লজ্জিত করা। "কণ্ঠের গম্ভীর ধ্বনি,…যার গুণে কোকিল লাজায় চৈ.চ ৩৪২। [লাজ লাজাই—লজ্জাকে লজ্জা দিয়া ; একেবারে নির্লজ্জ হইয়া। "লাজ ('লাজে'—প ক) লাজাই কহলু এক বেরি।—জ্ঞা ৬। লাজাই—লজ্জা পাই। "শ্রী কী ৩৫৫। লাজে লাজায়লি—১ লজ্জায় লজ্জিতা হইল। "লাজে লাজায়লি গোরি প ক ২৬১। ২ লজ্জায় লজ্জিত হইল। (নাগর-শেখর) লাজে লাজায়লি ২৬৩০।]

লাজা[১] ; **লাজা**[২] দ্র 'লাজ[১], লাজ[৩]।

লাজাঞ্জলি পুং [ষ ত] অঞ্জলিমিত লাজ। "হুতবহে লাজাঞ্জলয়ঃ ক্ষিপ্যন্তাম্ ক.ম ৪২৮। মঙ্গল°।—কাদ ২৯।

লাজুক বি [লাজ[২]+উক[৩], ঠ লাজরট (লজ্জাবৎ)] লজ্জাশীল। "নববধূ আত্মা মোর, লাজুক লাজুক ঘোর অ.গু ২১।

লাঞ্ছ্ সক [ভ্বা, প—লাঞ্ছতি, সেট্] চিহ্নীকরণ, লক্ষণ।

লাঞ্ছন স্ত্রী [√লাঞ্ছ্+অন (ল্যুট্)-ণ, তু 'সং লক্ষণ >প্রা লঞ্ছণ (হে ১৩০)] ১ চিহ্ন, লক্ষণ, অঙ্ক। "রঘু ৩৫৩, কবেণ রেখাধ্বজ-লাঞ্ছনেন ৬১৮। ভস্মস্তোমপবিত্রলাঞ্ছনমুরঃ উ.চ ৪২০। বৃষলং দদৃশে নৃপলাঞ্ছনম্ ভ ১১৭১। হরিণলাঞ্ছনমৌলি ক চ ২৯। বদন শারদ শশী সদা শোভা পায়। লাঞ্ছন মৃগের আঁখি তেঁই দেখা যায়॥—বা দ ৭৪। ২ চন্দ্রাঙ্ক, কলঙ্ক। "অনাবিষ্কৃতলাঞ্ছনেন (চন্দ্রেণ) কু স ৭.৩১। ৩ ব্যাবর্ত্তক বা বিশেষ লক্ষণ। "শ্রীবৎস°। ৪ বিশেষক শব্দ, বিশেষণ। "শ্রীকণ্ঠপদলাঞ্ছনঃ…ভবভূতিঃ উ চ ১২। ৫ নাম। ৬ সীমা-চিহ্ন। ৭ অপবাদ, কলঙ্ক। মিথ্যাভাষে তুমি মোর কবহ লাঞ্ছন।—ম ৪০৮। লাঞ্ছন হইল মোর ম পা ৪০৭। ৮ (বাঙলায়) দুর্দ্দশা, দুরবস্থা। "লাঞ্ছন করিল মোরে হীনাস্ত্র পাইয়া ম পা ৬১,-৩, শনিগ্রহ হেতু মোর হইছে লাঞ্ছন ৭৪, ৭৯। ৯ অপমানসূচক দুরবস্থা। "ভাকর লাঞ্ছন দেখি মহাবীর হাসে ম পা ৬৪। ১০ অতি-শ্রমজন্য অবসাদ। "বিশাই বলেন বৃথা করাহ লাঞ্ছন।—শি ৭১।

লাঞ্ছনা বি [লাঞ্ছন >না: হি লাঞ্ছনা] ১ দোষারোপ, অপবাদ। ২ ভর্ৎসনা, নিন্দা। "প্রভু কহেন,—শ্রীনিবাস। ছাড় বিড়ম্বনা। সভে মিলি কর মোর কতেক লাঞ্ছনা॥—চৈ.চ ৭৮। ৩ দুরবস্থা, দুর্দ্দশা। "অপমান করিল লাঞ্ছনা বা ম ৮৩। লাঞ্ছনার বাকী কি আর রাখতো।—দা ৭১। শৃগালের হাতে, দিয়া সিংহের লাঞ্ছনা।—মা ১৩৩। কাপুরুষতার হস্তে সতীর লাঞ্ছনা।—কা ২৯। (সন্ন্যাসী) নিজেরে করিতে চাহে নির্দ্দয় লাঞ্ছনা চ কা ৯৭। (কসাইএর) অনেক লাঞ্ছনা করিয়া প্রাণমাত্র রাখিয়া ছাড়িয়া দিল ব প্র ৫৩০।

লাঞ্ছিত বিণ [√লাঞ্ছ্+ত (ক্ত)-র্ম] ১ চিহ্নীকৃত, লক্ষণান্বিত। "জলজাসিগদাশার্ঙ্গচক্রলাঞ্ছিতমূর্ত্তিভিঃ রঘু ১০.৬০। ২ উপেত। "চক্রবর্ত্তি-লক্ষণ° ক সা ৪৩২১২। ৩ (বাঙলায়) চিহ্নযুক্ত, ধৃতদাসত্বচিহ্ন। "হইবে ভ্রমিতে…কপালে দাসত্ব-চিহ্ন ধরিয়া লাঞ্ছিত?—হেম ১২৯। ৪ তুলনায় অপকর্ষচিহ্নযুক্ত, অপকৃষ্ট, হীন। "পদ্মিনী-রূপের তুলা, কেহ নহে, সকলি লাঞ্ছিত।—রঙ্গ ৮৫। ৫ তিরস্কৃত, নিন্দিত, অপমানিত।

লাট[১], **-টক** বিণ [লাট+অ (অণ্) ; স্ত্রী-টী, -টিকা] লাটদেশসম্বন্ধী, লাটদেশপ্রচলিত। "লাটিকা (রীতি) সা.দ ৯২, লাটী (রীতি) ৫। —ট পুং ['রাষ্ট্র' মূল] ১ (বহুব) দেশবিশেষ, দক্ষিণদেশবিশেষ (কাব্যাদর্শ ১.৩৫, টীকা), গুজরাটের অংশবিশেষ। "(দন্দো) লাট-দেশে ততো রাজাং স কর্ণাটযুতে নৃপঃ ক সা ৭৮.১১৯। ২ লাটবাসিগণ। "মহা ১৩.৩৫১৭। ৩ লাটরাজগণ, লাটরাজ। ৪ (লাটদেশীয়?) বস্ত্র। ৫ জীর্ণ ভূষণাদি (শ.ক)। ৬ পণ্ডিত (A)। [°জন (পুং) —লাটবাসিগণ। °নারী (স্ত্রী)—লাটদেশীয় স্ত্রী। °বিষয় (পুং) —লাটদেশ।]

লাট[২] বিং [সং নষ্ট >প্রা ণট্ঠ >বা (নাট) লাট, দ্র 'ল'[৭] ; তু 'লাট[১] (৫)] নষ্ট, পাট-ভাঙা। [কাপড় লাট করা—নূতন কাপড় পাট-ভাঙা করা বা ঘাঁটিয়া নষ্ট করা। লাট খাওয়া—নষ্ট হওয়া, অর্থাৎ সম্পূর্ণভাবে বাহির না হওয়া। "বসন্ত, হাম লাট খায়। জুতিয়ে লাট করা—পাদুকাপ্রহারে নষ্টপ্রায় বা মৃতবৎ করা।]

লাট[৩] বি [নাট > °ট, দ্র 'ল'[৭]] ১ রঙ্গ, আমোদ, কৌতুক। "মাছ-রাঙা মীনের মিলনে কবে লাট শ্রী ৬৪। ২ মূর্চ্ছিতের ভান। "উঠ বাপা কব কোন লাট।—দু ৭৭। ৩ [হি লাট (লাঠি?] স্তম্ভ। "আশোকলাট।

লাট[৪] বি [E lord] ১ প্রভু, অধিপতি, কর্ত্তা। "জঙ্গীলাট। ২ ভারতের রাজপ্রতিনিধি প্রধান শাসনকর্ত্তা। "°বাহাদুর, °সাহেব, ছোট°, বড়°। ৩ লর্ডবংশীয় ব্যক্তি। "লাট টম্‌সন।—হেম ৩৮১, ক্লাইব লাটের আমল ৩৮৬। [বিলাতের লর্ড-বংশীয়েরাই লাট হন। তাঁহাদের উপাধি হইতেই 'লাট'।] ৪ (উপহাসে) লাটের মত ক্ষমতা-পন্ন ব্যক্তি। ৫ [E lot] ভূমিখণ্ড। ৬ জমিদারীর অংশ, তালুক, মহাল। ৭ নীলামে বিক্রেয় দ্রব্যসমূহ বা মহাল। "নিলামে লাট ডাকে।—দা ২১৩২। ৮ রাজস্ব-অনাদায়ে সরকারের নীলামে বিক্রেয় ভূ-সম্পত্তির তালিকা। [লাটে ওঠা—বিক্রয়ার্থ লাটভুক্ত হওয়া। লাটের কিস্তি—মহালের রাজস্ব দেওয়ার দফা। লাটের খাজনা—সরকারের মহালের রাজস্ব। লাটের দিন—মহালের রাজস্ব দেওয়ার তারিখ।]

লাটপাট বি [লটপট > °ট] লটপটভাব, দোদুল্যমানভাব। "জলের হিল্লোলে দুহে করে লাটপাট।—শূ ৬।

লাটবন্দি, -ন্দী বিং [হি °ন্দী] লাটের তালিকাভুক্ত। "মহাল দুই তিন বৎসর বাকি পড়াতে লাটবন্দি হইল আ দু ১৬২।

লাটবন্দী দ্র 'লাটবন্দি'।

লাটমন্দির বি ১ সর্ব 'নাটমন্দির'। ২ [লাট[৩]+মন্দির] কৌতুকা-গার, দম্পতির শয়নগৃহ। 'বধূ নৈযা শুইয়া থাক লাটমন্দির ঘরে গো চ ৬৮।

লাটাই বি সর্ব 'নাটাই'। 'তড়িৎ-সূতার °হ মাটি কু কে ৯০।

লাটানুপ্রাস পুং [উ লো] লাটবাসীর প্রিয় অনুপ্রাসবিশেষ। 'এব প্রায়েণ লাটজনপ্রিয়ত্বাল্লাটানুপ্রাসঃ (সা দ ১০২)। [তাৎপর্যবিষয় অন্বয়মাত্রের ভেদ থাকিলে, শব্দ ও অর্থের পুনরুক্তিকে লাটানুপ্রাস কহে (সা দ ১০৭)।]

লাটিকা, -টী স্ত্রী [লাট, -টক+স্ত্রী ঈ, আ (ঙীপ্, আপ্)] ১ লাট-দেশীয় রীতিবিশেষ (style)। [ইহা বৈদর্ভীমিশ্রিতা পাঞ্চালী রীতি। ইহাতে সুকুমারগুণব্যঞ্জক শব্দবিন্যাস থাকে (সা দ ৯৫)] ২ লাটদেশে ব্যবহৃতপূর্ব প্রাকৃতভাষাবিশেষ। "কাব্যাদর্শ ১৩৫।

লাটিঘাটি বি [লাট[২]+ই[১২]—লাটি+ঘাটি[১]] নষ্টপ্রায় অবস্থা ও হীনতা, দুর্দ্দশা। "দেশের ভিতর তুমি পাও °টি ম.ম ১১৭।

লাটিম ; লাটিয়াল দ্র 'লাটিম, লাঠিয়াল'।

লাটী[১] বি [লা[৩]+পাটী, দ্র 'পাটি[১]] লাক্ষাপট্টিকা, লাক্ষার পাত। "(দিবে) আলতার বদলে লাটী ক চ ২৪৬।

লাটী[২] দ্র 'লাটিকা[১]'।

লাঠি[৩], **-ঠি, -ঠী** বি [সং যষ্টি > প্রা লট্‌ঠি (হে), লট্‌ঠী (প্রা.প্র ২.৩২) > বা লাঠি, -ঠী, -টী, হি লট্‌ঠ, -ঠ, লাঠী, ঠ লট্‌ঠ ; মৈ, অস লাঠী, লাড়ি (চট্টগ্রাম), তু 'লঠি' (গো বি ১১৬)] ১ লগুড়, দণ্ড, মোটা ডাণ্ডা (cudgel)। "মারে লাঠির ঘা গো চ ১৭৪। লাঠী হাথে ভট্টাচার্য্য আছেন দুয়ারে চৈ.চ ১১১। লাঠির আগায় নীল বুনিয়ে নিচিস।—নী ৪৭। তুমি, লাঠি। আর লাঠি নও, বংশখণ্ডমাত্র ব.প্র ৪০৪। ২ ভ্রমণার্থ যষ্টি (stick)।

লাটুয়া বি [লাটুয়া > °রা] সর্ব 'লাটআ'। "হ.ম ১২১।

লাট্‌ু বি [সং √লট্‌ > প্রা √লট্ট (মূল), হি লট্টু] লাটিম। "হু ৮২।

লাট্‌ু(টু)দার বিং [হি লট্টুদার] লাট্‌ুওয়ালা, লাটিমের মত প্যাঁক-দিয়া-চূড়া-করা (পাগড়ী)। "লাট্টুদার পাগড়ি (টেকচাঁদ)।

লাট্ঠৌষধি, -ঠ্যৌষধ বি ['লাঠ্যৌষধ' সাধু] যষ্টিঘাতরূপ ঔষধ। "কড়ামিঠে-গোচ লাট্ঠৌষধি।—হেম ৪২৫। মানসিক ব্যাধির উত্তম চিকিৎসকদের মুখে শুনিতে পাই, 'মূর্খস্য লাঠ্যৌষধং'।—ব.প্র ৪০৪।

লাট্যদার দ্র 'লাট্‌ুদার'।

লাঠবি বি [লাঠ (লাঠি) + গুলি (?)] দাণ্ডা-গুলির খেলা। "গুলি দাঁড়া নিয়া রাম লাঠবি খেলায়।—কৃ ৫৬।

লাঠা [হি 'লট্ঠা'—দীর্ঘকাষ্ঠখণ্ড] ১ কূপ হইতে জল তোলার নিমিত্ত দীর্ঘকাষ্ঠখণ্ডে কৃত ঢেকিকলের মত যন্ত্রবিশেষ। ২ মৎস্যবিশেষ, চেঙ মাছ। "ভা চ ১২৬।

লাঠালাঠি বি [লাঠি-আ + লাঠি-ই, সং দণ্ডাদণ্ডি (মুগ্ধবোধ), হি লঠালঠী, ঠ লঠ্‌ঠালঠ্‌ঠী] ১ লাঠিতে লাঠিতে প্রবৃত্ত যুদ্ধ, পরস্পর লাঠি দিয়া মারামারি। "গান ২। ২ পরস্পর কঠোরবাগ্‌যুদ্ধ। "রসনায় রসনায় ঘোর লাঠালাঠি।—শিশু ১৫০।

লাঠি, লাঠী দ্র 'লাটী³'। [°ঠেঙা—লাঠি ও ঠেঙা (একার্থক)। °বাজ (হি লট্‌ঠবাজ)—লাঠির যোদ্ধা, লাঠিয়াল, লেঠেল। °বাজি, -জী (হি লট্‌ঠবাজী) লাঠির লড়াই, লাঠি দিয়া মারপিট্‌। "তাহারা লাঠিবাজি করিয়া আপন আপন স্বত্ব উদ্ধার করিতে পারে ব প্র ৩৯৮। °সোঁটা—লাঠি ও কোঁৎকা। লাঠি খেলা—কৌশলপূর্বক লাঠি ঘুরান। লাঠি চলা (হি লাঠী চলনা)— লাঠি দিয়া মারপিট করা। লাঠি চালান (হি লাঠি চালনা)—লাঠি দিয়া মারা। লাঠি মারা—লাঠি দিয়া মারা। লাঠিমারা (°হলট্‌ঠমার) কথা—লাঠিমারার মত মর্মঘাতী কঠোর বাক্য। লাঠির চোট—লাঠির কৌশলপূর্বক আঘাত। 'ব প্র ৪০৩।]

লাঠিয়াল, -ঠিয়াল বি [লাঠি + ওয়াল, হি লাঠিযল, 'লেঠেল' (কথ্য)] ১ যে লাঠি দিয়া লড়াই করে, যাষ্টিক, লেঠেল। "লাটিযাল।—ঘ ৫। তাহাতে (ছিপে) যে পঞ্চাশ জন লাঠিয়াল ছিল, তাহারা নাই ব প্র ৪০৪, ৪১৪। ২ পথদস্যু, ঠেঙ্গাড়ে।

লাঠী, লাঠীবাজ, লাঠীবাজী, লাঠীমারা, লাঠীসোঁটা; লাঠ্যৌষধ দ্র 'লাঠি, লাট্ঠৌষধি'।

লাড়¹ সক [অদন্ত চু, প—লাড়যতি, সেট্‌] ক্ষেপণ (ক ক)।

লাড়² সর্ম [নাড় > লাড়, সং √লড়—কম্পন] ১ কম্পিত করা, সঞ্চালিত করা, কাঁপান, নাড়া। "লম্প-ঝম্প ভূমিকম্প নাগ-কূর্ম্ম লাড়িছে ভা চ ৪৫। ২ উৎক্ষেপণ করা, ইতস্ততঃ চালিত করা। "হাত লাড়ি···ডাক ছাড়ি কয় ভা চ ৭৮। ৩ অন্যথা করা, পরিবর্তন করা। "তোমার বাপের সত্য তুমি নৈলা লাড়ি গো চ ৩২২। ম গা ৫। মোর কথা লাড়িবারে নহে ম ম ১৩৭। ৪ স্থানান্তরিত করা, সরান। —ড়া সর্ম [লাড় > লাড়া] ১ সঞ্চালন করা, কাঁপান, নাড়ান। ২ [লাড় + আ⁸] অপনীত করান, সরান। [লাড়া—১ সর্ব 'লাড়²'। ২ উৎক্ষেপণ, সঞ্চালন। ঘন পাকে নাচে চান্দ দিয়া বাহু লাড়া ম ম ১৮৫। লাড়ান—সর্ব 'লাড়া'। লাড়িয়া চাড়িয়া—উলটপালট করিয়া, ঘাঁটিয়া ঘুঁটিয়া। "লাড়িয়া চাড়িয়া বিষ মিশাইল ভাতে ম ম ২৭।]

লাড়া সর্ম 'লাড়²'। [°চাড়া—১ সর্ব 'নাড়াচাড়া', দ্র 'নাড়া¹'। ২ সঞ্চালন। °ঝাড়া—১ সর্ব 'নাড়াঝাড়া'। ২ সঞ্চালন। "কাটি লাড়া-ঝাড়া যাথর বাজে শ্রী ম ৩৪। °মুড়া—একেবারে পুত্রহীন। "লাড়ামুড়া হইব এবে চাপি করি বাদ বা ম ৩২৭, বি পা ৩২২। লাড়াচাড়া দেওয়া—সারবত্তাপরীক্ষার্থ সঞ্চালিত করা। "কূলেতে তুলিয়া ডিঙ্গা দিল লাড়াচাড়া বা ম ১৪১।]

লাড়ালাড়ি বি [লাড়-আ + লাড়-ই] ১ পুনঃপুনঃ লাড়া বা সঞ্চালন। ২ স্থানান্তরনয়ন, এক স্থান হইতে অন্যত্র লওয়া। [বেরালছানা-লাড়ালাড়ি—বেরাল যেমন ছানা এক স্থানে রাখে না, লাড়ালাড়ি করে, সেই রূপ বার'বার কিছু লাড়া।]

লাড়ু বি [সং লড্ডু] ১ সর্ব 'লড্ডু'। "বিষ লাড়ু-মধ্যে দিল গো চ ৩৫৬,-৭,-৮। ২ লড্ডুর মত গোল খাদ্যদ্রব্য। তিল°, নারকেল°। ঝালের লাড়ু ম ভা ৪৫। সিদ্ধি° ভা চ ১০২। ৩ বিবাহাদিতে গুড়মাখা নারিকেলমিশ্রিত তিলতণ্ডুল-চূর্ণের তৈলপক্ব গোল মিষ্টান্নবিশেষ। [লাড়ু পাকান—১ পাক দিয়া লাড়ু করা। ২ লাড়ুর মত পিণ্ডাকৃতি হওয়া। ছেলের হাতের লাড়ু—ছেলের হাতের লাড়ুর মত ভুলাইয়া সহজে লভ্য দ্রব্য।]

লাড়ুগোপাল বি ১ লড্ডুপ্রার্থী গোপাল, কৃষ্ণবিগ্রহবিশেষ। [কৃষ্ণ বাঁ হাঁটু পাতিয়া, ডান হাঁটু তুলিয়া, ডান হাত বাড়াইয়া মায়ের নিকটে ক্ষীরের লাড়ু লইয়া খাইতেন। বালকৃষ্ণের তাদৃশ বিগ্রহ।] [লাড়ুগোপাল করা—পাঠশালের বালকদিগকে লাড়ুগোপালের মত বসাইয়া ডান হাতে ইট দিয়া শাস্তি দেওয়া।]

লাড়ুদার বি° সর্ব 'লাট্টুদার'। "°র মোরাসা ব প ১৭৩৮।

লাথি, -থী বি [(?), হি লাত, ঠ লাত, -থ, গু লাত, ড় গইঠা, ফা লকদ্‌, লাখি (গ্রীভাষা)] পদাঘাত। 'লাথির ভাজন।—কৃ ২৪৭। মুণ্ডে মারে লাথি।—ম ভা ৩৮। লাথি ভা চ ৪৪। [লাথি খাওয়া—পদাঘাত ভোগ করা। লাথি-ঝেটা খাওয়া—নানাপ্রকার লাঞ্ছনা ভোগ করা। লাথি মারা—পদাঘাত করা। লাথির ঢেঁকী চড়ে ওঠে না—ঢেঁকী লাথিতেই কাজ করে, চড়ে করে না, যথাযোগ্য শাসন বিনা কাহাকেও কাজে পাওয়া যায় না।]

লাথালাথি বি [লাথ-আ + লাথ-ই] পরস্পর-পদাঘাত, লাথিকীল। "°থি চড়চাপড় শ্রী মা ৩৯। —লুথা, -লোথা বি [লাথা + লু(লো)থা (অনুশব্দ), তু 'লাথালু(লো)থা'] লাথি-কীল। "কেহ মারে লাথা-লুথা কেউ চড় চাপড় শ্রী মা ৮৮, লাথালোথা ১০৮, ২১৬।

লাথালুথা, লাথালোথা দ্র 'লাথালাথি'।

লাদ¹ বি [হি 'লাদ'—অন্ত্র, ড় লেদী, অস লাদ] সর্ব 'নাদ²'।

লাদ² সর্ম [হি, ঠ, গু, মৈ, অস √লাদ, ড় √লদ, cf, E load] ভার চাপান, বোঝাই করা। "(কোটাল।) কুঞ্জরে লাদিয়া লহ যত আছে ধন ক চ ১০১।

লাদাপেটা বি° [নাদা° > °টা] দ্র 'নাদা'। 'ব প ১৩৬৮।

লাপ পুং [√লপ্‌ + অ (ঘঞ্‌)-ভা] কথন। —পিকা স্ত্রী [+ অ -র্থ + ক (কন্‌) + স্ত্রী আ (টাপ্‌)] প্রহেলিকাবিশেষ। "অন্তর্লাপিকা, বহির্লাপিকা (S W)। —পী (-পিন্‌) বিণ [+ ইন্‌ (ণিনি)-ক -১ব, স্ত্রী -পিনী] ১ ভাষী। 'ত্বং প্রযচ্ছ শুচিলাপিনি।—হ ১৫১ ৩৩। ২ সূচক। 'প্রোষিতাঙ্গদয়শোক' (S W)।

লাপিকা, লাপী দ্র 'লাপ'।

লাফ বি [দ্র 'লাঁফ', হি লাংপ, ফাল (ঢাকা), cf, E leap] লম্ফ। [লাফ দেওয়া, মারা—লাফান। লাফে লাফে পড়া—লাফ দিয়া দিয়া পড়া। "লাফে লাফে°পড়ে গিয়া লঙ্কার ভিতর।—কৃ ২৮৬।]

লাফঝাঁপ বি লম্ফঝম্প (একার্থ)। "দেয় কোটাল °প ক চ ৯৯।

লাফড়া, -রা, লাবড়া বি ['লাবু' মূল (?), তু 'লাবড়ি'] নানা-প্রকার তরকারির ব্যঞ্জনবিশেষ (চৈ ভা—শক্তসূচী), সামান্য চচ্চড়ীর ন্যায় একপ্রকার ব্যঞ্জন (চৈ.চ ভাক্ত)। লাফড়া শ্রী ম ৭৪। লাফরা খায়েন প্রভু (চৈ ভা)। যোরে দেহ লাফরা ব্যঞ্জনে চৈ চ ১৪৯।

লাফরা দ্র 'লাফড়া'।

লাকা[1] বি একপ্রকার বড় ফাঁপা বেগুন। "লাকা বেগুন বি.পা ১৬৭; লাকা বাইগুণ ২১৭।

লাকা[2] বি [সং লাপ; ঠ লাকা] গল্প, অতিরঞ্জিত গল্প। [বিক্রমাদিত্যের লাকা—বেতালপঞ্চবিংশতির গল্প।]

লাকা[3] অর্ম্ম [লাফ+আ[2]] লাফ দেওয়া, লাফান। "(সেন) লাফায়ে ঝাঁপায়ে ধরে ঘাড়ে শ্রী ৬৮। [লাফান—সর্থ 'লাফা[3]'। লাফান-ঝাঁপান—লাফ-ঝাঁপ দেওয়া। লাফানি—লাফ; স্পর্দ্ধাপ্রকাশ; উৎসাহ-প্রদর্শন।]

লাফান, লাফানঝাঁপান, লাফানি দ্র 'লাফা[3]'।

লাফালাফি বি [লাফ-আ+লাফ-ই] ১ পরস্পরের লাফ, বারংবার লাফ। ২ অতিস্পর্দ্ধাপ্রকাশ, অতিশয় উৎসাহপ্রদর্শন। ৩ আনন্দে উৎফুল্লভাবপ্রদর্শন। "খুসি হ'লে রাখবে চাপি', কোনোমতেই করবে নাকো লাফালাফি প.কা ২৪।

লাব[1] বিণ [√লূ+অ (অণ্)-ক; স্ত্রী -বী] ১ ছেদক। "কুশসূচি° রঘু ১৩.৪৩। ২ চয়নকারী। "পুষ্প° (S.W.)। ৩ উন্মূলক, হন্তা। "শত্রু° ভট্টি ৬.৮৭। [সমাসে উত্তরপদ]। —বক[2] বিণ [+অক (ণ্বুল্) -ক] ছেদক। "পা ৬.১.৭৮, কাশিকা।

লাব[2], **-বক**[1] পুং পক্ষিবিশেষ, লাওয়া। "পরাশর ৬.৬।

লাবক[1], **লাবক**[2]; **লাবড়া** দ্র 'লাব[2]; লাব[1], লাফড়া'।

লাবড়ি বি [লাবড়া > °ড়ি] শাকের ব্যঞ্জনবিশেষ। "সড়সড়ি লাবড়ি রান্ধিবে দুই শাকে শ্রী.ম ৭৪।

লাবণ বিণ [লবণ+অ (অণ), স্ত্রী -ণী] ১ লবণসংস্কৃত, লবণসহিত-পক্ক। ২ লবণসম্বন্ধী, লবণমিশ্র। "হ ৫৪.২০। —ণ ক্লী নস্য।

লাবণসৈন্ধব বিণ [লবণসিন্ধু+অ (অণ্); স্ত্রী -বী] লবণসাগর-সম্বন্ধী। "°বীনাং...কচ্ছভুবাং প্রদেশাঃ মাঘ ৩.৮০।

লাবণি, -ণী, নি, -নী বি [সং লাবণ্য > (স্বরাগমে) লাবণিয় > °ণি] লাবণ্য, কান্তি, সৌন্দর্য্যবিশেষ। "গৌরতনুলাবণী।—গো ২৬, (গৌরসুদেহ) সাজল লাবণি সাজে ৪৬, ঢল ঢল কাঁচা, অঙ্গের লাবণী, অবনী বহিয়া যায় ৯৮, ধনী লাবণী-সায়র ১০৩; রূপ লাবণি ২৭০। লীলা লাবনি, অবনী অলঙ্কৃত।—জ্ঞা ২২, রূপলাবণী ১৭৬। রূপ লাবণি প.র ৩২; লাবণী ঠাম ৭৮। লাবণি বাটিয়া কেবা, চিত্ত নিরমাণ কৈল ৭৯। লাবনী অবনী ভোর।—ব ৬৪। মুখের লাবণি ন.প ১৬।

লাবণিক বিণ [লবণ+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ সর্থ 'লাবণ (১)। "পা ৪.১.১৫, কাশিকা। ২ [+ইক (ঠঞ্)] যাহার লবণ পণ্য; লবণব্যবহারী। "মাঘ ১০.৩৮। ৩ [লাবণ্য+ইক (ঠন্)] লাবণ্য-বান্। "মাঘ ১০.৩৮। —ণিক পুং লবণবণিক্।

লাবণী দ্র 'লাবণি'।

লাবণ্য ক্লী [লবণ+য (ষ্যঞ্)] ১ লবণভাব, লবণত্ব। ২ দেহকান্তি-বিশেষ, সৌন্দর্য্যভেদ। 'মুক্তাফলেষু ছায়ায়াস্তরলত্বমিবান্তরা। প্রতিভাতি যদঙ্গেষু লাবণ্যং তদিহোচ্যতে॥—উজ্জ্বলনীলমণি। "তথাপি তস্যা লাবণ্যং রেখয়া কিঞ্চিদন্বিতম্।—শ ৬.১৪। °লীলাজলম্ (সরঃ)।—শৃ ১। ৩ মাধুর্য্য। "স্বর° (সুশ্রুত—S W.)। [°গন্ধ (পুং)—সৌন্দর্য্য-সৌরভ। "যেন লাবণ্যগন্ধলবলুব্ধেন কংসশার্দ্দূলেন স্বয়মেব রাধামৃগী মৃগ্যতে বি.মা ৭-২। °ফল (বিণ)—সৌন্দর্য্যপ্রয়োজন। "কু.স ৭.১৮। °শেষ (বিণ)—সৌন্দর্য্যমাত্রাবশিষ্ট।]

লাবণ্যময় বিণ [°ণ্য+ময় (ময়ট্); স্ত্রী -য়ী] কান্তিবিশেষপ্রচুর। "(সা) পুপোষ লাবণ্যময়ান্ বিশেষান্ কু.স ১.২৫।

লাবণ্যার্জ্জিত ক্লী [তৃ.ত] 'লাবণ্য অর্থাৎ শীলনৈপুণ্যাদি দ্বারা অর্জ্জিত'; বিবাহকালে পাদবন্দনসময়ে শ্বশুর ও শ্বশ্রূ কর্তৃক প্রীতি-পূর্ব্বক বধূকে প্রদত্ত ধন; স্ত্রীধনবিশেষ। 'প্রীত্যা দত্তং চ যৎকিঞ্চিৎ শ্বশ্র্বা বা শ্বশুরেণ বা। পাদবন্দনিকং যত্তলাবণ্যার্জ্জিতমুচ্যতে॥—বিবাদ-চিন্তামণি (শ.ক)।

লাবনি, লাবনী দ্র 'লাবণি'।

লাবু, লাবূ স্ত্রী অলাবুফল, লাউ।

লা(লে)বেণ্ডার বি [E. lavender] ১ সুগন্ধি স্নেহদ্রব্যবিশেষ। ২ স্ত্রীলোকের সখীত্বসম্বন্ধবিশেষ। "লাবেণ্ডার পা.প্র ৫০।

লাব্য বিণ [√লূ+য (ণ্যৎ)-র্ম্ম] অবশ্যচ্ছেদ্য। "পা ৩.১.১২৫।

লাভ পুং [√লভ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রাপ্তি, অধিগম। "অন্ন° গো.রা ১.৪ ১৯। শ্রীরত্ন° রঘু ৭.৩৪। অনিষ্টাদিষ্ট°।—হি ১.৫। ২ প্রাপ্তি, অধিকার। "স্থান° হি ১.৫৩। ৩ উপলব্ধি। "আত্মারামং পূর্ণকামং নিজলাভেন ভ ১.১১ ৪। ৪ [+অ-র্ম্ম] মূলধন দ্বারা লব্ধ অধিক ধন; ফল, বৃদ্ধি, লভ্য। "কচ্চিদভ্যাগতা দূরাদ্ বণিজো লাভকারণাৎ মহা ২.৫.১১৪। লাভ চাহিতে মূল হারাবে নিশ্চয় ক চ ২২৪। ৫ মিত্র বা শ্বশুরগৃহ হইতে প্রীতিপূর্ব্বক লব্ধ ধনাদি (মেধাতিথি)। [ইহা সপ্ত ধর্ম্ম্য বিত্তাগমের একতম (মনু ১০ ১১৫)।] ৬ লব্ধ বিষয়। "যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ গী ৬.২২। [°কর, °কৃৎ (বিণ)—লাভজনক। °লিপ্সা (স্ত্রী)—প্রাপ্তীচ্ছা। °ভাব—লাভ, আয়। "পড়াশুনার দরুণ কিছুই লাভভাব হয় না আ.দু ৪। লাভে (অপ্র)—লাভ করে। "অধর্ম্ম কোথা কবে জয় লাভে।—মে ৯৯। লাভে মূলে খোয়ান—মূলধন ও বৃদ্ধি, উভয়ই নষ্ট করা। লাভের গাঁতি—(গৌণার্থে) লাভজনক বিষয়। "খাটে খাটায় লাভের গাঁতি। তার অর্দ্ধেক মাথায় ছাতি॥—খনা।]

লাভবান্ (-বৎ) বিণ [লাভ+বৎ (বতুপ্)-১ব, -বতী] লাভযুক্ত। "ক্ষণমপ্যবতিষ্ঠতে শ্বসন্ যদি জন্তুর্ননু °বানসৌ রঘু ৮.৮৭।

লাভালাভ পুং, দ্বিব [দ্বন্দ্ব] লাভ-ক্ষতি, ফলাফল। "°লাভৌ রা ২.২২.২২, গী ২.৩৮; যাজ্ঞ ২.২৬২। (ভট্টজীব) লাভালাভে সমান হৃদয় ভ.গ্র ৪১০। —লাভ ক্লী [স.দ্ব] সর্থ 'লাভালাভ'। "মনু ৯.৩৩১।

লাম অর্ম্ম [নাম > নাম > °ম] ১ অবতীর্ণ হওয়া। "(স্বর্গ হোতে খসি যেন চন্দ্র) লামিছে সভাত ব.প ৬৫১। বটে লামি লও ফুল পানী ম.ম ১, দেবতার ভয়ে দৈত্য লামে রসাতল ৪৫, ৭৬। ২ জলাশয়ে অবতরণ করা। "সেই পুকুরেতে লামে সাহের কুমারী : স্নান করিবায়ে দাসী লামে ২১০। ৩ ক্ষতস্থানে বা ঘামুখে আসা। "বিষ লাম রে সন্তরে : লাম লাম ওরে ঘায়ে ঘাহ কাটা বি.পা ৩৫৯। —মা সর্ম্ম [লাম+আ[8]] নিম্নগামী করা, ঘা-মুখে আনা। "মাথা হৈতে ধরি পদ্মা লামাইল ঝারিয়া বি.পা ৩৫৯। ২ পাতিত করা; পাতা। "আসন লামাই বৈসে বকুলের তলে গো.বি ৫৭। ৩ নীচে আনা। "চাল হৈতে ফুলের সাজি লামাল তথন ম.ম ১৪। [লামা[2]—সর্থ 'লাম'। লামা—নিম্নদেশ, তলা। "টঙ্গির লামাতে রহে (মীন) গো বি ১৩। লামার শানের ভিটি ম.ম ২৩৫।]

লামজ্জক ক্লী বীরণমূল, উশীর (অ কো); (সুশ্রুত।)

লামা[1] বি তিব্বতবাসী বৌদ্ধ পুরোহিত।

লামা[2] দ্র 'লাম'।

লাম্প, -ম্ফ বি ['লম্ফ' মূল; অপ্র] লম্ফ। "ম.পা ২৬,-৭,-৮ ৫৫।

লাম্পট্য ক্লী [লম্পট+য (ষ্যঞ্)] লম্পটতা, লম্পটকর্ম্ম, কামুকতা।

লাম্ফ দ্র 'লাম্প'।

লাম্ব অর্ম্ম [সং √লম্ব; ঠ √লাংব; তু 'নাম্ব'] ১ লম্বিত হওয়া; ঝোলা। "গলায় মতির হার লাম্বে কুচতটী শ্রী.ম ৬২; গজমুক্তার ঝারা লাম্বে অতিঘন ১৭১। ২ দোলায়মান হওয়া; দোলা। "নাসা লাম্বে গজমতি শ্রী.ম ৬২। ৩ অবতীর্ণ হওয়া। "ভূমিতে লাম্বিল বীর ত্যজিয়া বিমান।

—ম ১০১২। —খা সর্ম [লাখ+আ৮] লখিত করা ; ঝুলাম। "মেত গরী পিষি আগু পাছু লাখাএ শ্রী.কী ৩৩৯।

লাখা ; লায়েক দ্র 'লাখ ; লাএক'।

লাল¹ বিং [ফা 'লাল্'—পদ্মরাগ ; হি, মৈ 'লাল'—লোহিত ; ঠ 'লাল' —মাণিক] রক্তবর্ণ, লোহিত। "°চিতা, °পুঁই, °মণি (পদ্মরাগ)। —ল বি [হি, ঠ লাল] ১ প্রিয় বালক ; পুত্র, শিশু ; প্রিয় ব্যক্তি। "°চাঁদ, °মোহন, গোপাল°, চুণি°, জহর°, নন্দ°, পান্না°, মতি°, রাম°, শ্যাম°, হীরা°। গিরিধর° ।—গো ১৮ ; জ্ঞা ৩৬। ২ [সং লালা ; হি লাল] নাল (saliva)। "সহস্রমুখেতে লাল বহিছে প্রচুর।—ম ১৩। লালে ঝর-ঝর মুখ দেখিতে সুন্দর ন.প ৯৪। [লালপাগড়ি—লাল-পাগড়ীধারী ফৌজদারী সিপাহী। "কতকগুলা লালপাগড়ি আসিতেছে ব.প্র ৪৪৫। লালে-লাল—রক্তবর্ণে রঞ্জিত। লালে-লাল খেলা—লাল রঙের খেলা। "অশোক, তোর লালে-লাল খেলা !—অ.গু ১৪৪। চ'টে লাল (হি লাল)—ক্রোধে রক্তমূর্ত্তি ; অতিক্রুদ্ধ।]

লাল² বি [নাল³ > °ল] সর্থ 'নাল³'। [°বন্দী—দ্র 'নাল³'।]

লাল³ বি [(?)] কৃষিযোগ্য ভূমি ; উঠিত জমি। বিপ 'খিল'। "খিল ভূমি লিখে 'লাল' (পাঠান্তর—'মাল') ক.চ ৬। [বিক্রমপুর অঞ্চলে 'মাল' বলে। বিপরীত 'খিল'—পতিত জমি।]

লাল⁴ সর্ম [সং √লল্—লালয়্ > প্রা √লাল, হি, ঠ √লাল] সস্নেহে পালন করা। "(শচী ঠাকুরাণী) বালকে লালয় যত কহিতে না জানি ম.প ৯৪। [লালিঞা পালিযা—লালনপালন করিয়া। "লালিয়া পালিয়া মানুষ করিলি ভরতেবে কৃ.অ ৫। লালিয়া পালিয়া ছানা করিলেন বড় বা.ম ৭৮।]

লালক বিণ [√লল্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -লিকা] লালয়িতা, পালক। "নলোদয় ২ ২৮। তোমাকে লাল্য মানি, আপনাকে লালক অভিমান: লালকের লাল্য নহে দোষপরিজ্ঞান : লাল্যামধ্যে লালকে চন্দনসম ভায় চৈ.চ ২৮২। (সা) মদন-হৃদয় -°কা বা.দ ১৩৮।

লালকী বি যানবিশেষ (?)। "লালকী পালকী দোলা।—ছু ১৮।

লালচ বি [সং লালসা ; হি, ঠ, গু °চ, নালচ (স্ত্রীভাষা)] লোভ।

লালচা, -চে বিং [দ্র 'চা³'] ঈষৎ লাল, লোহিতাভ।

লালচে দ্র 'লালচা'।

লালন বিণ [√লল্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] পালক। —লন ক্লী [+অন-ভা] স্নেহপূর্ব্বক পালন ; উপসেবা। "ভ ৫.৮.৮ ; ২৬। লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ।—চাণক্য। সুতো লালনাৎ (বিনশ্যতি)। —পঞ্চ ১.১৮০। লালন-স্নেহ।—রঙ্গ ৩০। —লন পুং সবিষ ইন্দুরবিশেষ (সুশ্রুত)। —লনীয়, -লয়িতব্য বিণ [+অনীয় (অনীয়র্), তব্য, -র্ম] অতিস্নেহে পালনীয়। "°য় গো.রা ২.৩৮.৭। লালয়িতব্য।—হ ১৫৯.৩৯। [°পালন (একার্থকশব্দ)। "প্রভুর লালনপালন চৈ.চ ৪১।]

লালপোশ বিং [লাল+পোশ] লোহিতপরিচ্ছদধারী। "আগে চলে লালপোশ খাশবরদার ভা.চ ৪৫৯।

লালবন্দ বি [লাল+বন্দ (ফা বন্দ্)] যে ঘোড়ার পায়ে লাল লাগায় (farrier)। —বন্দি, -ন্দী বি [লাল+বন্দি, -ন্দী (ফা বন্দী)] ১ সর্থ 'নাল³'। ২ মালজমির করনির্দ্ধারণ। "লালবন্দি বত্রিশ কাহন কর আটা শ্রী ২০। [লালবন্দী-রূপে—রাজ্যের রাজস্বনির্দ্ধারণ-পূর্ব্বক। "পথে নরপতি কত, বিনা রণে অনুগত, লালবন্দীরূপে দেয় কর। —রঙ্গ ২১৭।]

লালবন্দি, লালবন্দী দ্র 'লালবন্দ'।

লালমোহন বি চিনির রসে ফেলা ঘৃতপক্ক মিষ্টান্নবিশেষ।

লালস বিণ [√লস্+য (যঙ্, লুক্)— √লালস্+অ (অচ্)-ক ; স্ত্রী -সা] উৎসুক, লোলুপ, লোল। "পুত্রদর্শন° গো.রা ১.৯.৫৬। রা ২. ৯২.৯। ঈশানসন্দর্শন° কু.স ৭.৫৬। নিজস্ত্রীচটু° মাঘ ৪.৬। ভজে ত্বাখিলপুরুষোত্তমম্…লালসঃ ভ ৪ ২০.২৭। বিলাস° গী.গো ১.৩৮। —লস পুং, -সা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ মহাভিলাষ, তৃষ্ণাতিরেক, লোলতা, অতিস্পৃহা। "°সা ৭.১ ৫১, কাশিকা, বার্ত্তিক। সম্ভোগলালসে শ্রী.মা ৩৬ ; লালস হইল দেখে ১৮৪। পরশলালসালসে। —গো ৭৩ ; ব.প ১১৩১ ; °সে ১১৩২। জিহ্বার লালসে চৈ.চ ২৯৫ ; মনে হৈল লালস ৩৪৩। °সা।—রঙ্গ ৮৯, পা প্র ১৫৯। ২ আসক্তি (নীলকণ্ঠ)। "শোকলালসা রা ২.২১.২০। শোকলালস মহা ১.২.২২৯। ৩ ঔৎসুক্য, ব্যগ্রতা। ৪ যাচ্ঞা। ৫ [+অ-র্ম] দোহদ।

লালসা দ্র 'লালস'।

লালা¹ স্ত্রী [√লল্ (√লালি)+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] 'যাহা (খাদ্য) পাইতে ইচ্ছা করে' (অ টী) ; স্যন্দিনী, লাল বা নাল। "(বদনম্) লালা স্রবতি নিত্যশঃ।—পঞ্চ ৫.৭৩। লালাপূর্ণার্ণব ভ ৫.২৬.২৩। °সমাযোগ যাজ্ঞ ৩.১৪৭। [°ক্লিন্ন (বিণ)—লালাসিক্ত। °বিষ (পুং)—লূতাদি। °ভক্ষ (পুং)—নরকবিশেষ। "ভ ৫.২৬.৭। °মেহ (পুং)—প্রমেহবিশেষ। °স্রব (পুং)—লালাক্ষরণ, নাল পড়া। °স্রাব (পুং)—ঊর্ণনাভ।] [অন্নকে লালায—অন্নের নিমিত্ত লালায়িত, অর্থাৎ অতিস্পৃহিত হয়। "কার্ত্তিক গণেশ মোর অন্নকে লালায় শ্রী.মা ৬৯।]

লালা² বি [হি ললা] ১ মহাশয়, সাহেব। "লালা বাবু। ২ পশ্চিমা কায়স্থজাতিবিশেষ বা কায়স্থের উপাধি।

লালাটিক বিণ [ললাট+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ ললাটসম্বন্ধী। ২ ভাগ্যসম্বন্ধী, ভাগ্যায়ত্ত। "প্রাপ্তিস্থ লালাটিকী (A.)। ৩ [+ইক সংজ্ঞায়, পা ৪ ৪.৪৬] যে দূরে থাকিয়া প্রভুর ললাট দেখে (অ.টী) ; প্রভুর ভালদর্শী (অ কো), প্রভুভাগ্যোপজীবী (ত.বা)। "লালাটিকঃ সেবকঃ (সি)। ৪ কার্য্যাক্ষম (অ কো)। ৫ প্রভুর ভাবদর্শী (মেদিনী)।—টিক পুং ১ সেবক। ২ কার্য্যাক্ষম, অলস। ৩ আলিঙ্গনবিশেষ (মেদিনী)।

লালাটী স্ত্রী [ললাট+অ (অণ্) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ)] ললাট (সুশ্রুত)।

লালায় অক [লালা > °য (নামধাতু)—লালায়তে] লালাক্ষরণ (to emit saliva)। "বক্ত্রং লালাযতে (S W.)।

লালায়িত বিণ [√লালায়্+ত (ক্ত)-ক] ১ লালাবিশিষ্ট, কাতর (শ.ক)। "অত্র লালায়িতঃ ফণী।—নৈ ১.৯৫, ভবদত্তকৃতটীকা (দ্র 'শ.ক')। ২ (বাংলায়) অতিক্লিষ্ট। "হ'য়ে এত লালায়িত কে ইহা যাচিত রে।—হেম ২৯১। ৩ অতিস্পৃহায় লালাস্রবযুক্ত। "আসি' এক কুক্কুর চরণ লিহে…লালায়িত জিহে স্ব প্র ২০১। ৪ ভোজনার্থ অতি-স্পৃহান্বিত। "যে হতভাগ্য জঠরের জ্বালায কুক্কুরের উচ্ছিষ্ট অন্ন লালায়িত চক্ষে নিরীক্ষণ করে, সেও ঋণী অপেক্ষা সুখী অ গ্র ২৬।

লালিত বিণ [√লল্ (চু)+ত (ক্ত)-র্ম] ১ অত্যন্তপালিত, অতি-স্নেহে পালিত। "বীজাঞ্জলিদানলালিতাঃ…হবিণাঃ কু.স ৫.১৫। শরীরং পিতৃভ্যাং লালিতম্ ক সা ৯৭.৪৬। ২ অনুপালিত। "মাঘ ১২.৬। ৩ উপসেবিত। "রমালালিতপাদপল্লব ভ ১০ ১৫.১৯। ৪ লব্ধ। "রম্ভা-বল্যা অনুকূলদৈবলালিতো বৎসবাজগৃহপ্রবেশঃ সা দ ৬ $\frac{২ ৭}{২ ৮}$। ৫ ঈপ্সিত, অভীষ্ট। "রোলম্বলালিতস্বরক্রমস্বন।—পঞ্চরাত্র ৩.৫.৮। ৬ (বাঙলায়) পরিপুষ্ট। "(তুমি) লালিত ললিত এক অমর স্বপনে।—মন্দ্র ৬৩।

লালিত্য ক্লী [ললিত+য (ষ্যঞ্)] ১ ললিতভাব, সৌন্দর্য্য। ২ মাধুর্য্য। "পদলালিত্য।

লালিম বি [লাল¹ > °ম, তু 'নালিম' ; হি, মৈ °মা] লাল আভা। "উরজ উদয় থল লালিম দেল বি.সা ৩, প.ক ১০৪। —লিমা বিং লাল, লোহিত (অসাধু)। "উষ্ণীষ লালিমা।—দ্বু ১০ ; ধ্বজ…পিঙ্গল লালিমা ১৬।

লাল্য বিণ [√লল্ (চু)+য (যৎ)-র্ম্ম] পালনীয়। দ্র 'লালক'।

লাশ[১], -স[৩] বি [ফা লাশ্] মৃতদেহ, শব। "তাহারা অতিশয় ব্যস্ত হইয়া লাসটি স্থানান্তরিত করিল।—য ৪।

লাশ[২] বি [E last] জুতার কাঠাম (wooden model)।

লাষুক বিণ [√লষ্+উক (উকঞ্)-ক] অভিলাষশীল।

লাস[১] পুং [√লস্+অ (ঘঞ)-ভা] ১ ক্রীড়া। ২ বিলাস, কামচেষ্টা। "মদনজনিতলাসৈঃ (পাঠান্তর)।—ঋতু ৬ ৩১। ৩ নৃত্য। "বা ম ৩৫৩, সবাকে মোহিত করে লাসে ৩৫৬। ৪ যূষ। —সক বিণ [+অক (ণুল্)-ক , স্ত্রী -সিকা] ১ ক্রীড়ক। ২ নৃত্যকারী। ৩ আশ্লেষক, সংসর্গবান্। লাসকঃ পাদপানাম্ (নভস্বান্)।—ঋতু ২ ২৬। —সক পুং ১ নর্ত্তক। ২ ময়ূর। ৩ শিব। ৪ [লাস+ক (কন্) স্বার্থে] শ্লেষণ, বেষ্ট। —সকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ)] নর্ত্তকী। —সিকা স্ত্রী [+স্ত্রী আ টাপ্] ১ নর্ত্তকী। 'সুন্দরী° নাম লাসিকাম্ ক সা ৫৭ ৭৫। ২ গণিকা। ৩ উপরূপকবিশেষ, বিলাসিকা। 'সা দ ৬ ৫ , ৩০২। [লাসে—দীপ্তি পায়, শোভা পায়। 'শ্রী কী ৩৪।]

লাস[২] '-স্' বি [নাস[২] >লাস অপ্র] কেশসংস্কারাদি, বেশভূষা। "বিকে যাসি গোআলিনী লাস করিআঁ শ্রী কী ৮৭। মোহন লাস বা ম ১২৫। [°বেশ—কেশসংস্কার ও পরিচ্ছদধারণ , প্রসাধন, বেশভূষা, সাজগোছ। 'লাসবেশ করে রাধা বড়ই বিহাণে শ্রী কী ৩১ , ৩৮২। সাধু আমুক দেশে, ঘুচাইব লাসবেশে ক চ ১৪৯। বা ম ২৭৩,-৮। (কল্যাণী) রাণীর রচিল লাসবেশ শ্রী ৪০ ৫৪ , ৯২ , ৯৮, ১০১। লাসবেশ কবি শশ্ব পারে : লাসবেশ করি আইস পান একটা খেয়ে শি ১০২।]

লাস[৩] ; **লাসক, লাসকী, লাসিকা** দ্র লাশ[১] , লাস[১]।

লাস্য পুং [লাস্য+অ (অচ)] নৃত্যশিল্পী, নর্ত্তক। —স্য ক্লী [√লস্+য (ণ্যৎ)-ভা] ১ নৃত্য, সুকুমারনৃত্য (নীলকণ্ঠ)। "হাবলাস্যমনোহর মহা ১ ৯৮ ১০। অলাস্যাঃ (ক্রীডাময়ূরাঃ) রঘু ১৬ ১৪। ২ গীতবাদ্য-সহিত নৃত্য , তৌর্য্যত্রিক (মেদিনী)। ৩ ভাবাশ্রয় নৃত্য , তাললয়া-শ্রয় নৃত্য (শ ক)। —স্যা স্ত্রী নর্ত্তকী।

লাহা বি [দ্র 'লা[৩]] ১ লাক্ষা। ২ স্বর্ণবণিকের উপাধিবিশেষ।

লাহিড়ী বি বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের গাঁই বা উপাধিবিশেষ। [ইঁহাদের আদিপুরুষ নারায়ণভট্ট। ইঁহার অধস্তন দ্বাদশ পুরুষ লোকনাথ বল্লালের নিকট হইতে কৌলীন্যমর্য্যাদা প্রাপ্ত হন। ইঁহার গোত্র শাণ্ডিল্য ও গাঁই লাহিড়ী (সম্বন্ধনির্ণয়)।]

লি, লে সর্ম্ম [নি° >লি, লে স° √লভ , প্রা √লেহ, √লে —তু 'লিজ্জই (গৃহ্যতে), লিজ্জউ (গৃহ্যতাম্), লিজ্জে (গৃহ্যতে), লেই (গৃহীত্বা), লেহই (লভতে), লেহি, -হু (গৃহাণ)—পৈ , হি, ঠ, মৈ √লে] ১ স্বীকার করা , গ্রহণ করা , লওয়া। 'চতুর্দ্দিকে 'লেহ লেহ' শুনি কোলাহল চৈ ভা ৭৫। সেই অন্ন লিহ, যত খাও দুই জনে চৈ চ ২৪২। যেতা মাত্তা লিয়া তেকা দেগা দশ গুণ রা স ৩১। ২ গ্রহণ করা, ধরা। 'আঁচল লেই বদনপর ঝাঁপে বি প ৬৩ , বসন লেই ঘন ঘন কর বা ৬৯। লেহ লেহ লেহ রাই সাধের মুরলী।—জ্ঞা ২২৩। ৩ সঙ্গে করা। '(শেখর) লেই মধুমঙ্গল, আওলি দেব-আওয়াসে বা শে ৬৭। ৪ বলপূর্ব্বক ধরা। "কলমা পড়াওঁ লেকে ভা চ ৪৮৮। ৫ উপভোগ করা। "সব রস লেয়ল রসিক মুরারি বি প ৬৯। ৬ গ্রহণ করা , নাশ করা। "বলে নাহি লেওত জীবন হামার বি প ৮৩। ৭ লইয়া যাওয়া। 'তিন দিন না যাইতে হর এলা লিতে।—হু ৯৯। ৮ মনে করা , স্মরণ করা। "দিনে একবার পহু লিহে মোর নাম বি প ১৬২। ৯ আনয়ন করা। "বব পিয়ে ধরি বলে লেয় নিজ পাশ বি.প ৫২। ১০ অসমাপিকা ক্রিয়ার পরে ক্রিয়া-সমাপ্তিসূচক। "করজ লিখিয়া, লেহয়ে আমার, দাস করি অভিমান। —জ্ঞা ২২১। দেই রতন পুন 'লেয়লি চোরি' (চুরি করিল) প.ক ৫২। [লিয়ে, -য়ো (প ক)। লিব, -বে (গো.চ)। লে—লেহ, লও,·বে। "আশীর্ব্বাদ লে।—শি ৯৪। জাতি লেউ—ধর্ম্মবিরোধী কার্য্য দ্বারা জাতি নাশ করি। 'জাতি লেউ খেয়ালকে থুক ভা চ ৪৪৮। নিছিয়া লিনু—সাদরে গ্রহণ করিলাম। "সকল নিছিয়া লিনু তব পরিবাদ। —ব ১৯৯। লেয়ল, -লি (প.ক)।]

লিক, -খ[২] বি [দ্র 'নিক'] সর্থ 'নিক'।

লিকলিক বি [লকলক > °ক (সূক্ষ্মতার্থক 'ই'] লম্বা সরু দ্রব্যের লোলভাব। 'বেতের, ছিপের আগা °ক করে। —লিকে বিং [°ক+এ[৭]] ১ যাহা লিকলিক করে, লোলভাববিশিষ্ট। "লিক-লিকে সরু বেত ব প্র ৩৮৭। ২ দীর্ঘকায় রোগা (লোক)। [লিক-লিক ফিকফিক হাসা—মুচকে হাসা। "তাহারা হাহা হাহা হো হো °ক ফিকফিক হাসিয়া গরায় ছেয়ে কেলিল আ হু ১১৬।]

লিকুচ পুং, ক্লী সর্থ 'লকচ' পুং, ক্লী।

লিক্ষা স্ত্রী [তু সং লিক্ষা >প্রা লিকখা] যূকাণ্ড, উকুনের ডিম।

লিক্ষা স্ত্রী ১ সর্থ 'লিক্ষা'। ২ অষ্টত্রসরেণু পরিমাণ। 'তদষ্টকং লিক্ষা। —বিষ্ণু ৪ ২। তে (ত্রসরেণবঃ) অষ্টৌ লিক্ষা যাজ্ঞ ১.৩৬২। —ক্ষিকা স্ত্রী সর্থ 'লিক্ষা'।

লিক্ষিকা দ্র 'লিক্ষা'।

লিখ্ সক [তুদা, প—লিখতি , সেট্] ১ অক্ষরবিন্যাস, লেখন। ২ চিত্রীকরণ। ['লিখ' ধাতু বিকল্পে কুটাদি , সেই হেতু 'লি (লে)-খিতব্য, লি(লে)খন ইত্যাদি সিদ্ধ (ক ক)। দ্র 'কুটাদি'—তত্ত্ববোধিনী।] [অভি, আ—আলেখন, কর্ষণ , চিত্রীকরণ। উদ্—১ উল্লেখ, কর্ষণ, বিদারণ। 'কু স ১ ৫৬। ২ চিত্রীকরণ। বি—১ বিলেখন, কর্ষণ। "রঘু ৬ ১৫। ২ চিত্রীকরণ।]

লি(লে)খ[১] সর্ম্ম [স° √লিখ্ >লি √লিখ >বা লিখ , হি, ঠ, মৈ √লিখ] ১ কোন বিষয় লিপিবদ্ধ করা , লেখা। "যম...লেখি দিল খত ম গা ২৭। লিখিহ মোর নাম বি প ১৬২। হেম ৩৮৭। ২ অঙ্কিত করা, চিত্র করা, আঁকা। তোহ্মাক লিখিআঁ কাহ্ন মদন রূপ শ্রী কী ৩৭৯। নয়ন কাজর দেই লিখই বিধুন্তুদ বি প ১৯৫ , দশ নখে লিখই ভুজঙ্গ ১৯৬। লেখই মৃগমদ চিত্র নিশান।—গো ১৬। ময়ূরে কার্ত্তিক লেখে ক চ ৩৩, অষ্টাদশ পদ্ম লিখিল ১৪৭। ইন্দ্রআদি লেখে শ্রী ম ১৯৮। (কাজলা) লিখে তাহে সকল দেবতা ম ভা ২৯। ৩ রেখাযুক্ত করা , আঁচড়ান। ধরণী নখে লেখি বি প ১ ১২। নখে লিখ ধরণী,।—গো ১৫১। নখে লেখই ধরণী।—জ্ঞা ২১৭। ৪ বর্ণনা করা। "গৌরীর বদনশোভা, লিখিতে না পারি কিবা ক চ ১৯। আভাসে বিভূতি লিখি চৈ চ ২১৪ , লিখি আদৌ গুরু-আশ্রয়ণ ২৪৪ , ২৭৬। ৫ রচনা করা। "চিত্রকাব্য এক শ্লোক লিখি কেয়াপাতে। নিজ পরিচয় দিয়া থুইল তাহাতে॥—ভা চ ২৯৭। ৬ গণনা করা। "দিবস লিখি লিখি নখর খোয়ায়লু বি প ১৬৭ , ক্ষিতিতলে লিখি যদি আকাশের তারা ২১৫। হস্তী অশ্ব পড়ে যত, লিখিতে না পারি তত।—ম ৮৯২। আসিবার আশে, লিখিনু দিবসে, খোয়াইনু নখের ছন্দ চ দা ১৩৮। ভূত প্রেত যত লেখি বি পা ১৩। ৭ হিসাবভুক্ত করা ; হিসাবে ধরা। "সিসের সিন্দুর তোর লক্ষ দান লেখী শ্রী কী ১০৪। জেবা জন তোমা দেখে, যমে তাহা নাহি লেখে।—গ ১৮৭। খিল ভূমি লিখে লাল ক চ ৯। ৮ গণ্য করা , মাননীয় মনে করা। "বক্তেক দেখ, তাঁড়ুর পশ্চাতে লেখ, কুলে শীলে বিচার মহত্বে ক চ ৮৫। ৯ মনে করা , বোধ করা , ভাবা। "তার উপমান মরুত্বান্ পবনেরে লেখি : মনে এই লিখি।—কৃ ১৯৮। মোর মনে লেখি বা ম ৩৯০। বিচিত্র

ধাতু হেন লেখি।—গ ১০১। ১০ ধন্ত বলিয়া মনে করা। "সেই সব জন যবে এ দোঁহারে দেখি। 'গঙ্গাস্নান হেন মানে', তবে বোরে লেখি॥—চৈ.ভা ২৫০। ১১ গ্রন্থে নিবদ্ধ করা বা উল্লেখ করা। "রামায়ণে বাল্মীকি লিখিল : ভয়ে মুনি রাবণের মৃত্যু নাহি লেখে ৩৫৭। ১২ ভাগ্যফলরূপে লিপিবদ্ধ করা। "বিধি যদি ভালে লেখি থাকে হেন পতি ম.পা ৬৮। কি পাপে লিখিলা, এ পীড়া দারুণ বিধি রাবণের ভালে।—মে ৩১৭। ১৩ গণনার মধ্যে ধরা। "এ সব দুঃখ রাজা না লেখি তোমার।—ম ৪৩৪। ১৪ বিধান করা, উপদেশ করা। "ফলাহারে দোষ নাই লিখিল পুরাণে।—ম ১১৮৪। ১৫ লিখিয়া জানান। "সমাচার…পূর্ব্ব পত্রে লিখিয়াছি। E P 115, -9 —থ অর্থ ১ রেখাঙ্কন করা, আঁক দেওয়া। "পদ অঙ্গুলি দেই, ক্ষিতি পর লিখই বি প ১৫৫। ২ হিসাব করা। "কাগজে কায়স্থ লেখে, সায় করি বেণে দেয় টাকা ক চ ৭৫। [লিখে উঠা—লিখিয়া শেষ করা। লিখে দেওয়া—১ লেখা। ২ দলিল-প্রভৃতিতে লিপিবদ্ধ করা। ৩ কোন বিষয়ের যাথার্থ্য স্পর্দ্ধাপূর্ব্বক অঙ্গীকার করা। "আমারে লইয়া যাক লিখে দিতে পারি। যদি তার বিঘ্ন হয় বৃথা নাম ধরি॥—পদ্যপাঠ, প্রথম ভাগ। লিখে রাখা, লওয়া—স্মরণার্থ টুকিয়া রাখা। ল্যাপ্—লেখ। "গুরু মহাশয়…দেয়ালে ঠেসান দিয়া ঢুলছেন ও বলছেন—'ল্যাখ্‌রে ল্যাখ'।—আ দু ৩। এককলম লেখা—একবার কলমে যে কালি থাকে, তাহাতে যতটা লেখা হয়, ততটা লেখা, একটু লেখা। নাকে খত লেখা—নাক ক্ষতচিহ্নিত করা, পাপের ফল ভোগ করিয়া প্রতিজ্ঞা করা। "গিয়া তিন কাল, শেষে এই হাল, খত বা নাকে লিখিব ভা চ ৩৯৭। লেখা যাইতেছে—লিখিযা জানান যাইতেছে। "ব প ১৬৮২। লিখিঞা, -খিলোঁ, লেখিলা, -খী, -খোঁ (স্ত্রী কী)। লিখ, -খই, -খইতে, লিখু (প ক)]

লিখ[২] দ্র 'লিক'।

লিখন ক্লী [√লিখ্+অন (ল্যুট্)-ভা, গুণাভাব, দ্র 'লিখ্' ধাতু] ১ অক্ষরবিন্যাস, লেখা। "শ্লোক° সা দ ৬$\frac{২}{৬}$। শু ২৩৭৫। সন ১২১০ আব্দে লিখন E.P 100 ২ রেখাঙ্কন। ৩ কর্ষণ, চষা। ৪ অবদারণ, ভেদন। "নলগ্রন্থীনাং তনূলিখনম্ সা দ ৫$\frac{৪}{৫}$। ৫ চিত্রী-করণ, অঙ্কন। "চিত্র°। কৃষ্ণলীলা কাঁচলিলিখন শ্রী ৫৫। ম পা ৪৩। ময়ূরলিখন ম ভা ৩০। ৬ [+অন-র্ম্ম] লেখ্য, দলিল। ৭ (বাঙ্‌লায়) বর্ণনা। "অনেক হইল যুদ্ধ লিখনে না যায়।—ম ২৬। সহস্র বস্তু না যায় লিখন চৈ চ ৮২, ব্যর্থ লিখন হয় ৩১২। ৮ ব্যাখ্যা। "শ্রীধরের অনুগত যে করে লিখন চৈ চ ৩০১। ৯ লিখিত বিষয়। "লিখন মুছিয়া নাথ বলিল গো বি ৪৮। ভাবির লিখন শ্রী.মা ১২, লইয়া লিখন পাতি, ক্রমে পাঠ করেন তখন ২০৯। তথ্য বাদরায়ণে প্রমাণ লিখন ভা চ ৩২৬। ১০ লিখিত ফল। "কি করিব অথ কিছু কর্ম্মের লিখন ম.পা ১১৩। ১১ লিখিত পত্র। দ্র 'জয়পত্র' (৪)। "পিতার লিখন সাধু বন্দিলেক শিরে ম পা ১২২। দুইখানি লিখন।—কাদ ৮৯। ১২ ভাগ্য-লিপি। "ললাটে লিখন যাহা ব.প ৮২২। বিধির লিখন।—ম ৪৯৪। বিধাতার লিখন ভা.চ ৯৯। ললাটে লিখন শি ৩৪। ১৩ পত্র। "গো.চ ৪১, -২। লিখন লিখেন সভাকারে।—ম ৬৬৪, লিখন পড়িয়া হরি ঈষদ্ হাসিল : দুর্যোধন লিখন লিখিল ৬৯৮, ১২০০। শ্রী ২০, ১২৬। শ্রী.মা ১৪। ১৪ গণনা। "শঙ্খ বাজে না যায় লিখন।—ম ৭৪৭,-৭৪। আর যত সেনা চলে না যায় লিখন চ বি ৪১, ২০৩। ১৫ মসৃণীকৃত, পালিশ-করা। "লিখন রতন,-রচিত পদক সার।—ব ৬৫। ১৬ হিসাব। "চিত্রগুপ্ত করে যমপুরের লিখন ম.ম ১১০। কড়ায় লইবে পক্ষ তিলের লিখন।—শুভঙ্কর।—খনী বি [সং লেখনী] কলম। "ম পা ৭৬। [লিখন লিখহ—পত্র লেখ। "কৃ.চ ৬১।]

লিখনপঠন, -পড়ন বি লেখাপড়া, বিদ্যাশিক্ষা। "লিখনপড়ন না জানে দুখে মাত্র পাঁজি ম ম ১১১।

লিখনপড়ন দ্র 'লিখনপঠন'।

লিখনপত্রিকা বি লিখিত পত্র। "কপালেত °কা অ প ৫৩।

লিখনবৃত্তি বিং [বহুব্রী] লিপিজীবী, লিপিকর। "(চন্দ্রশেখর) বৈদ্য-জাতি লিখনবৃত্তি বারাণসী-বাস চৈ চ ১৮৩।

লিখনী দ্র 'লিখন'।

লিখা[১] বি [লিখ+আ৬] লেখন ইত্যাদি। দ্র 'লিখ'।—খা বিং [+আ১২] ১ লিখিত। "যার দর্প তেজ ভারত-অঙ্গেতে, অনল-অক্ষরে রয়েছে লেখা।—হেম ২৫০। তারকা নিজ হিয়া, তুলিছে উজলিয়া, আপন আলো দিয়া লিখা সে চ কা ৬৫। ২ অঙ্কিত।

লিখা[২] ; **লিখাই** সর্থ 'লেখা, লেখাই'।

লিখিত বিণ [√লিখ্+ত (ক্ত)-র্ম্ম] ১ লিপীকৃত, কৃতলেখন। "যৎ পূর্ব্বং বিধিনা ললাটলিখিতং তন্ মার্জ্জিতুং কঃ ক্ষমঃ (S.W.)। ২ চিত্রীকৃত, চিত্রার্পিত, চিত্রগত। "জটাভারৈর্লিখিতানলনিশ্চলৈঃ কু স ৬ ৪৮। ভূমিপতয়ো লিখিতা ইবৈতে বা ভা ২ ৪৯। লিখিতমিবৈতৎ সৈন্যম্ উ চ ৫ ১৩। কাঞ্চলিতে লিখিত ব প ১৩৪৫। ৩ অঙ্কিত। "°বপুষৌ শঙ্খপদ্মৌ উ মে ১৯। চিত্রলিখিতের প্রায় অচল সচল।—বঙ্গ ১৯৭। ভ্রূযুগ সুবঙ্কিম নিবিড়বর্ণ চিত্রকরলিখিতবৎ ব.প্র ১৬।—খিত পুং সংহিতাকার মুনিবিশেষ। "°সংহিতা। মহা ২.৬.১১। যাজ্ঞ ১ ৫। ভা চ ১৩২।—খিত ক্লী ১ লেখ্য, দলীল। "লিখিতার্থে প্রবিষ্টে লিখিতং পাটয়েৎ।—বিষ্ণু ৬ ২৫। যাজ্ঞ ২.২২। ২ লিখিতবিষয়, পুস্তক, প্রবন্ধ।—খিত ক্লী [ত-ভা] লেখন। [লিখিতং—আমা কর্ত্তৃক (ইহা) লিখিত হইল, অর্থাৎ (ঋণী) আমি (এই লেখ্য) লিখিলাম। "উভযাভ্যর্থিতেনৈতন্ ময়া হ্যমুকসূনুনা। লিখিতং হ্যমুকেনেতি লেখকোঽন্তে ততো লিখেৎ (যাজ্ঞ ২ ৯০)॥—অর্থাৎ, 'ধনী ও ঋণীর প্রার্থনায় আমি অমুকের পুত্র অমুক এই দলীল লিখিলাম'—লেখক দলীলের শেষে লিখিবেন। বাংলায় এই অনুসারে দলীল প্রভৃতিতে 'লিখিতং' ব্যবহৃত হয। "লিখিতং প্রেমমণি।—দা ২০৮৮। লিখিতং শ্রীকাসীরাম সর্ম্মা একরার পত্রমিদং E P 65, লিখিতং শ্রীগোলকচন্দ্র ভট্টাচার্য্য কবুলতি পত্রমিদং 79]

লি(লে)খিতব্য বিণ [√লিখ্+তব্য-র্ম্ম, দ্র 'লিখ্'] লেখনীয়।

লিখিয়ে বিং [হি লিখবৈয়া] লেখনপটু, সুলেখক। [লিখিয়ে-পড়িয়ে—লেখা-পড়া-জানা লোক। 'পণ্ডিত একজন লিখিয়ে পড়িয়েকে জিগ্‌গেস্‌তে হলো।—হেম ৪০৫।]

লিখিল বিং [লিখ+ইল২, সং লিখিত] লিখিত, অঙ্কিত। "চিত্রের পুত্তলী যেন পটেতে লিখিল।—ম ৮০০, ব প ৬৪৪।

লিখ্য পুং, **-খ্যা** স্ত্রী [তু 'লিক্ষা'] সর্থ 'লিক্ষা (১, ২)।

লিখ্যা দ্র 'লিখ্য'।

লিঙ্গ্ (লিঙ্গি) সক ১ [ভ্বা, প—লিঙ্গতি, সেট্] ১ গতি। ২ [চু, প—লিঙ্গয়তি, সেট্] চিত্রীকরণ। "লিঙ্গয়তি শব্দং স্ত্রীপুং-নপুংসকৈঃ শাব্দিকঃ, চিত্রীকরোতীত্যর্থঃ (ক ক)। [আ—আলিঙ্গন। "আলিঙ্গয়তি রত্নাংশুজালৈর্মণিকুট্টিমম্ (ক ক)।]

লিঙ্গ ক্লী [√লিঙ্গ্+অ (ঘঞ্)-ণ] ১ 'জ্ঞানসাধন', চিহ্ন, লক্ষণ, বিশেষচিহ্ন। "দেব° গো রা ৩ ৬৩.২১। কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানেতানতীতো ভবতি প্রভো গী ১৪.২১। মনু ৮.২৫। লিঙ্গৈর্মুদঃ সংবৃতবিক্রিয়াস্তে রঘু ৭.৩০, যতিপার্থিব° ৮ ১৬। দেবলিঙ্গে নরলিঙ্গে বিভেদ আছয়।—ম ৪৩৭। ২ কপটচিহ্ন, ভেখ (disguise)। "ন লিঙ্গং ধর্ম্মকারণম্।—হি ৪ ৮৮। ক্ষপণকলিঙ্গধারী (মু)। ৩ রোগলক্ষণ। ৪ দোষীর ললাটাঙ্কিত অপরাধচিহ্ন। ৫ পুংশ্চিহ্ন, স্ত্রীচিহ্ন। "গুণাঃ পূজাস্থানং

গুণিষু ন চ লিঙ্গং ন চ বয়ঃ উ.চ ৪.১১। ৬ শিশ্ন। "একা (মৃৎ) লিঙ্গে (দাতব্যা) মনু ৫.১০৬। লিঙ্গে হ'য়ে লিঙ্গের লঘুতা কেন কর শি ১২। ৭ শিবমূর্ত্তিভেদ। "যোনিরূপে জগন্মাতা লিঙ্গে বেড়ে তবে শি ১২। দ্র '(৬)। ৮ (ব্যাকরণে) প্রাতিপদিকের পুংস্ত্বাদি (gender)। "পুংলিঙ্গ, স্ত্রী°, ক্লীব°। ৯ প্রাতিপদিক (S.W.)। ১০ মূর্ত্তি, দেবমূর্ত্তি, প্রতিমা। "নভোলিঙ্গমলিঙ্গমীশ্বরম্ ভ ১.৬.২৬; বিতর্ক্যলিঙ্গো ভগবান্ প্রসীদতাম্ ২.৪ ১৯। ১১ (দর্শনে) সাধ্যের সাধন; অনুমান, হেতু, ব্যাপ্য (ধূমাদি—middle Term)। "সাংখ্য ৫। ১২ (সাংখ্যে) প্রকৃতি, প্রধান। ১৩ (বেদান্তে) সূক্ষ্মশরীর, অর্থাৎ সপ্তদশাবয়ব লিঙ্গশরীর। [পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ বায়ু, বুদ্ধি ও মন—এই সপ্তদশ অবয়ব। জ্ঞানেন্দ্রিয়সহিত বুদ্ধি বিজ্ঞানময়কোষ, কর্ম্মেন্দ্রিয়সহিত মন মনোময়কোষ, কর্ম্মেন্দ্রিয়সহিত প্রাণাদিপঞ্চক প্রাণময়কোষ। সূক্ষ্মশরীর এই কোষত্রয়াত্মক। 'বেদান্তসার। পঞ্চদশী ১.২৩। ১৪ (বেদান্তে) শাস্ত্রতাৎপর্য্যনির্ণয়ে উপক্রম উপসংহার অভ্যাস অপূর্ব্বতা ফল অর্থবাদ ও উপপত্তি—এই ছয়প্রকার জ্ঞাপক নিয়ম (বেদান্তসার)। ১৫ অভিধামূলা ব্যঞ্জনায় অনেকার্থশব্দের এক অর্থে নিয়ন্ত্রয়িতা—'সংযোগ' 'বিপ্রয়োগ' ইত্যাদি। দ্র 'সা দ ২.১৪। ১৬ অর্থপ্রকাশনসামর্থ্য। 'ক্ষমতা চ লিঙ্গম্ (মীমাংসক—ত.বা)। ১৭ সাংখ্যোক্ত মহত্তত্ত্ব (ত.বা)। ১৮ লিঙ্গপুরাণ। [°জ্যেষ্ঠ (পুং)—লিঙ্গশরীরাবয়বের মধ্যে শ্রেষ্ঠ, বুদ্ধি। °দেহ (পুং), °শরীর (ক্লী)—দ্র 'লিঙ্গ (১৩)। °ধর (বিণ)—লক্ষণধারক, কপটচিহ্নধারী। "সুহৃল্লিঙ্গধরঃ শত্রুঃ ভ ৭.৫ ৩৮। °ধারণ (ক্লী)—বিশেষকচিহ্নধারণ। "চক্রিরে দেবাঃ সামর্থ্যং লিঙ্গধারণে মহা৩ ৫৭.২৩। °ধারী (-রিন্) বিণ—চিহ্নধর। °নাশ (পুং)—১ সূক্ষ্মদেহবিনাশ। ২ চক্ষুরোগভেদ (সুশ্রুত)। °পরামর্শ (পুং)—ব্যাপ্য দ্বারা অনুমিতি; হেতুমূলক অনুমান। 'বহ্নিব্যাপ্যধূমবানয়ং পর্ব্বতঃ ইতি লিঙ্গপরামর্শঃ। °পীঠ (ক্লী), °বেদি (স্ত্রী)—শিবলিঙ্গের আধারভূত যোনিপীঠ। °পুরাণ (ক্লী)—লিঙ্গমাহাত্ম্যবিষয়ক পুরাণ। °প্রতিষ্ঠা (স্ত্রী)—বিধিপূর্ব্বক শিবলিঙ্গস্থাপন। °বিপর্য্যয় (পুং)—শব্দের লিঙ্গপরিবর্ত্তন। °বৃত্তি (বিণ)—জীবিকার্থ জটাদিধারক, ধর্ম্মধ্বজী, কপটসাধু। °মাত্র (ক্লী)—(যোগশাস্ত্রে) বুদ্ধি। °মূর্ত্তি (বিণ)—লিঙ্গাকৃতি (শিব)। °শাস্ত্র (ক্লী)—লিঙ্গানুশাসনগ্রন্থ। °শোফ (পুং)—লিঙ্গস্ফীতি। °স্থ (পুং)—ব্রহ্মচারিলক্ষণস্থিত, ব্রহ্মচারী। "মনু ৮.৬৫।]

লিঙ্গবান্ (-বৎ) বিণ [লিঙ্গ+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ চিহ্নবান্, বিশেষচিহ্নযুক্ত। ২ শিবলিঙ্গোপাসক শৈব; লিঙ্গায়ৎ।

লিঙ্গা বি বাদ্যবিশেষ। "(বাজএ) ভেরি লিঙ্গা শূ ১৩১।

লিঙ্গাগ্র ক্লী [ষ ত] শিশ্নাগ্রভাগ, মণি।

লিঙ্গানুশাসন ক্লী [ষ.ত] লিঙ্গনির্ণয়বিধি।

লিঙ্গায়ৎ বি [সং লিঙ্গবৎ] শিবলিঙ্গোপাসক শৈবসম্প্রদায়।

লিঙ্গার্চ্চন ক্লী [ষ.ত] শিবলিঙ্গপূজা। "°তন্ত্র।

লিঙ্গালিকা স্ত্রী ক্ষুদ্রমূষিক, নেঙটি (?)।

লিঙ্গী (-ঙ্গিন্) বিণ [লিঙ্গ+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ঙ্গিনী] ১ লিঙ্গবান্, চিহ্নবান্, লক্ষণবিশিষ্ট। "কালমায়াংশলিঙ্গিন্ ভ ৩.৫.৩৮; উন্মত্ত° ৬.১৫.১১। ২ চিহ্নবিশেষবান্। "শূদ্রাংশ্চ দ্বিজলিঙ্গিনঃ (হন্যাৎ) মনু ৯.২২৪। ৩ কপটচিহ্নবান্, কপটবেশধারী, ভেখধারী। "স বর্ণিলিঙ্গী বিদিতঃ সমাযযৌ যুধিষ্ঠিরম্ কি ১.১। ৪ লিঙ্গদেহবান্, সূক্ষ্মশরীরী। ৫ ব্রতী। "মার্জ্জার° মনু ৪.১৯৭; বিষ্ণু ৯৩.১০। ৬ জীবিকার্থসন্ন্যাসাদিচিহ্নবান্ (ত.বা)। —ঙ্গী পুং ১ ধর্ম্মধ্বজী। ২ ব্রহ্মচারিপ্রভৃতি। "মনু ৪.২০০। বিষ্ণু ৯৩.১০। পঞ্চ ৪.৪০। ৩ ভণ্ডযোগিপ্রভৃতি। "ভ ৪.৫.১৮। ৪ শিবলিঙ্গোপাসক, লিঙ্গায়ৎ। ৫ ধূমাদিলিঙ্গবান্ বহ্ন্যাদি; হেতুমান্। "তৎ লিঙ্গিলিঙ্গপূর্ব্বকম্ সাংখ্য ৫। ৬ পক্ষ—পর্ব্বতাদি। "সাংখ্য ৫। ৭ লিঙ্গজ্ঞানজ্ঞেয় সাধ্য (ত.বা)। ৮ বাসনাশ্রয় জীব (শ্রীধর)। "ভ ৪.২৯.৬৫। ৯ পরমপুরুষ। ১০ কারণ (A.)। ১১ হস্তী। [°বেষ '-ঙ্গি-' (পুং)—ব্রহ্মচারিপ্রভৃতির মেখলাজিনদণ্ডাদি বেষ। "মনু ৪.১৯৯; বিষ্ণু ৯৩.১০।]

লিঙ্গোদ্ধার পুং [ষ.ত] লিঙ্গচ্ছেদ (দণ্ড)। "মনু ৮.৩৭৪, কুল্লুক।

লিচু বি [(Chinese) li-chi; E. litchi] চীনদেশীয় ফলতরুবিশেষ ও তাহার ফল।

লিজ্জে ক্রি [সং গৃহ্যতে >প্রা লিজ্জে (পৈ); তু 'প্রা নিজ্জই (নীয়তে)—হে] গ্রহণ করে, ধরে, ধরিবে। "কুড়োবা কুড়োবা কুড়োবা লিজ্জে। কাঠায় কুড়োবো কাঠায় লিজ্জে॥—শুভঙ্কর।

লিনিমেন্ট্ বি [E. liniment] মালিশের তৈলাক্ত মলম।

লিপ্ সক [তুদা, এ—লিম্পতি, -তে, অনিট্] উপদেহ, লেপন। [অব—গর্ব্ব। আ, উপ, প্র, বি—লেপন।]

লি(লে)প সর্ম্ম [সং √লিপ্ >প্রা √লিংপ; হি √লি(লে)প; ঠ √লিপ, লিংপ; গু √লিপ, মৈ √লেপ; অস √লিপ্] লেপন করা; লেপা, মাখান। "গোমাই লিপিয়া ছিটা ম.ম ২৪। লিপিয়া মুনির গায় ২৫; ধুলা লইয়া লিপিল শরীব ৭৫। কাম-অঙ্গ-ভস্ম লেপে অঙ্গে ভা.চ ৫৯। [লেপা—১ সর্থ 'লিপ'। ২ লিপ্ত।]

লিপি, -পী স্ত্রী [√লিপ্+ই (ইন্)-ভা, উ ৪.১১৭; বিকল্পে স্ত্রী ঈ (ঙীস্), তু 'দিপি'—'ধ্রমদিপি (ধর্ম্মলিপি), "দিপিস্ত (লিপিস্থ, লিখিত)—অশোক অনুশাসন, ত্রয়োদশ গিরিলিপি; √দীপ্ >দীপি >লিপি (?)] ১ লেপন। ২ অক্ষরবিন্যাস, লেখন। "°কর। ৩ লেখনবিদ্যা (art of writing)। ৪ [+ই-র্ম্ম] লিখিত বিষয়, ভাগ্যলিপি। "অয়ং দরিদ্রো ভবিতেতি বৈধসীং লিপিম্ (মৃষা ন চক্রে নৃপঃ)।—নৈ ১.১৫। ধাতার অখণ্ড লিপি ম পা ১১০। ৫ লিখিতাক্ষরের আকৃতি (অ.টী), পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা; বর্ণমালা। "যবনানাং লিপিঃ পা ৪ ১.৪৯, সি। লিপের্যথাবদ্গ্রহণেন রঘু ৩.২৮। ৬ অক্ষরপঙ্ক্তি। "গী.গো ৮.৪। ৭ লিখিতাক্ষরক পত্র (ত.বা)। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—লেখনকার্য্য, লেখন। °কার (পুং)—লেখনকারক, লেখক, কেরানী (scribe)। "অহং তে লিপিকারঃ বা.ভা ১২২১৫। °জ্ঞ (বিণ)—লেখনক্ষম। °জ্ঞান (ক্লী)—বর্ণপরিচয়। °ন্যাস (পুং)—অক্ষরবিন্যাস, লেখন। °ফলক (ক্লী)—লেখনপট্ট, লেখনপত্র, কাগজ ইত্যাদি। °শালা (স্ত্রী)—লিপিশিক্ষাগৃহ, বিদ্যালয়। °শাস্ত্র (ক্লী)—লেখনবিদ্যা। °সজ্জা (স্ত্রী)—লেখনোপকরণ, লেখনী-প্রভৃতি। °সন্নাহ (পুং)—লেখনার্থ হস্তে বদ্ধ বলয়বিশেষ (writing belt—M.W.)। °সন্নিবেশ (পুং)—অক্ষরবিন্যাস। "সা দ ১০২১৬।] [লিপিয়া (অপ্র)—লিপিতে বিন্যস্ত করিয়া; লিখিয়া। "কালী যুগ্মাক্ষরে লিপিয়া রকত চন্দনে (উচ্চার বদনে) ম.পা ১৯; ১২৭।]

লিপিকর বিণ [লিপি+ √কৃ+অ (ট)-ক, উ.ত] ১ লিপিকারক, লেখক। ২ তক্ষণকারক (engraver)। "গো.রা ১.১২.৬। ৩ লেপকারক (plasterer)।

লিপী দ্র 'লিপি'।

লিপ্ত বিণ [√লিপ্+ত (ক্ত)-র্ম্ম; তু 'লিপিত' (ম.ম ১৬৫)] ১ কৃতলেপন, দিগ্ধ, ম্রক্ষিত। "আজ্য°।—শতপথব্রাহ্মণঃ ১.৩.১.২৪। (কুব্জা) লিপ্তা চন্দনসারেণ রা ২.৭৮.৬। অমেধ্য° মনু ৪.৫৬। ২ বিষদিগ্ধ (মেদিনী)। ৩ ভক্ষিত, গিলিত (অ.কো)। —প্তক পুং [লিপ্ত+ক (কন্) সংজ্ঞায়] বিষদিগ্ধ বাণ (অ.কো)। —প্তা, —প্তিকা ১ ডিগ্রির ষষ্টিতম অংশ; মিনিট্। ২ দণ্ড (শ.ক)। [°বাসিত (বিণ)—পূর্ব্বে চন্দনাদিগন্ধে লিপ্ত, পশ্চাৎ ধূপিত। "ভট্টি ৫.৯০।]

লিপ্তক দ্র 'লিপ্ত'।

লিপ্তপাদ বিং [বহুব্রী] হংসের ন্যায় যাহার পদের অঙ্গুলি চর্ম্ম দ্বারা যুক্ত বা জোড়া (web-footed)।

লিপ্তা, লিপ্তিকা দ্র 'লিপ্ত'।

লিপ্সা স্ত্রী [√লভ্+স (সন)— √লিপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] লাভেচ্ছা, ঈপ্সা। "রাজ্য° গো রা ২ ১৮ ৪৪। অর্থোপভোগ° মহা ৩.২.৫১। পাপলিপ্সাস্রোত।—ন ৪২৪। —প্সু বিণ [+উ-ক, স্ত্রী -প্সু] লাভেচ্ছু, ঈপ্সু। "ধন° মহা ১ ৫০ ২৫। কন্যাললাম…লিপ্সোঃ রঘু ৫ ৬৪। নরকার্ত্তি° ভ ২.৭ ২২।

লিবা(ভা)র বি [E liver] যকৃৎ। [লিভার হওয়া—যকৃদ্ বৃদ্ধি পাওয়া।]

লিবি -বী স্ত্রী ['লিপি'—মূল, তু 'স° লিপি, -পী >প্রা লিবি, -বী] সর্থ 'লিপি'। [°কব (বিণ)—সর্থ 'লিপিকর'। "পা ৩ ২ ২১।]

লিবী ; লিভার দ্র 'লিবি, লিবার'।

লিম্পট পুং কামুক, লম্পট (হারাবলী)।

লিম্পাক ক্লী নিম্বুকবিশেষ, পাতিলেবু।

লিম্পি স্ত্রী [তু' √লিপ্—লিম্প্] লিপি। "পঞ্চরাত্র ৩ ১৩ ২৫।

লিশ্ অক [দি, ঙ—লিশ্যতে, অনিট্] অল্পীভাব। "লেশ। —শ সক [তুদা, প—লিশতি, অনিট্] গতি।

লিষ্ট, লিস্ট্ বি [E list] তালিকা ফর্দ্দ।

লিহ্ সক [অদা, ঙ—লেঢি, লীঢে, অনিট] লেহন, আস্বাদন। [অব —অবলেহন। আ—১ আলেহন, অশন। 'পরালীঢমামিষম্ গো বা ২ ৬২ ২৫। ২ উপভোগ। ভবতালীঢম্… বাজাম্ গো বা ২ ৬২ ২৫। ৩ বেধন, ক্ষতি। "সেনাঙ্গমালীঢমিবাসুরাস্ত্রৈঃ রঘু ২ ৩৭। ৪ দাহ। "দাবানলস্তদ্বনমালেলিহানঃ ভ ৫ ৬৮।

লিহ, লেহ[৩] সর্ম্ম [স° √লিহ্ >প্রা √লিহ, হি √লিহ] ১ লেহন করা, চাটা। "কেহো লেহে।—গ ৯৩। (বিশ্বম্ভব-রূপ) রসনায় লিহে যেন চৈ ভা ১৭৯। (চকোরীগণ) চন্দ্রজ্যোৎস্নাভ্রমে পথ লিহে বার বার।—চৈ ১২১। রসনায় অবিরত যেন তনু লিহে শ্রী ম ১২৯। জিহে লেহ্য লেহিয়া ভা চ ১১৫। কুক্কুর চরণ লিহে স্ব প্র ২০১। ছোট গ্রামখানি লেহিয়া লইল, প্রলয়-লোলুপ রসনা।—কথা ৫২। ২ লিপ্ত হওয়া, লাগা। "হাত দিতেঁ লিহে কলিআঁ শ্রী কী ১৮০। ৩ লেহনার্থ (জিহ্বা) দ্রুত চালিত করা। "চঞ্চল যুগল জিহি লিহিছে সঘন শ্রী ম ৫১। [লেহি লেহি—পুনঃ পুনঃ লেহন করিয়া। "শুক্তি শম্বুক শাঁখ…বক্তজলধিদেহ লেহি লেহি চলিছে।—হেম ৩৪৬। জ্বলিতেছে সম্মুখে তোমার চিতাগ্নিশিখা, লেহি লেহি বিরাট অম্বর চ.কা ২৯৪।

লি(লী)হলি(লী)হ, লিহিলিহি বি° [লিহ >°হ, °হি (দ্বিত্ব)] লেহনার্থ অতিলোল। 'লিহলিহ জিহে লেহ্য লেহিয়া ভা চ ১১৫, লীহলীহ লোলজীহ ৪২৬। লিহিলিহি লোলজিহি বা দ ৭৬।—লিহ বি লোলভাব। "লিহলিহ করে জিহ্বা।—কৃ ৩৯৯।

লিহিলিহি দ্র 'লিহলিহ'।

লী অক [দি, ঙ—লীয়তে, অনিট্] ১ লীনভাব, শ্লেষণ। ২ পরস্পর-মিলন (ক ক)। —সক ১ [ক্র্যাদি, প—লিনাতি ; অনিট্] গতি। ২ সংযোগ (ক.ক)। ৩ প্রাপ্তি। "লিনাতি বালা লাবণ্য°, প্রাপ্নোতী-ত্যর্থঃ (ক ক)। ৪ [চু, ভ্বা, প—লায়য়তি, লয়তি, চুরাদি, সেট্, ভ্বাদি অনিট্] দ্রবীকরণ। [লী (ণিজন্ত)—বিলীনয়তি, বিলায়য়তি (স্নেহদ্রবে), পা ৭.৩.৩৯।] [অপ (ণিজন্ত)—গুপ্তকরণ। "অপলাপয়মানস্ত শত্রূন্ ভট্টি ৮ ৪৪। নি—পতন। "ভট্টি ১৪ ৭৬। প্র—প্রলয়, প্রণাশ। "কু.স ৪ ৩৩। বি—১ বিলয়, বিনাশ। ২ শ্লেষণ; স্থিতি। "মাঘ ১.১২।]

লীঢ় বিণ [√লিহ্+ত (ক্ত)-র্ম্ম] কৃতলেহন, আস্বাদিত। [°মুক্ত (বিণ)—পূর্ব্বে আস্বাদিত, পরে মুক্ত। "কি ৫ ৩৮।]

লীন বিণ [√লী+ত (ক্ত)-ক] ১ শ্লিষ্ট, স্থিত। "কার্য্যা সৈকত-লীনহংসমিথুনা (মালিনী) শ ৬ ১৭। কু স ১ ১২। ন পঙ্কজং তদ্ যদলীনষট্পদম্ ভট্টি ২ ১৯। ২ লয়প্রাপ্ত, মৃত। "°মীনকরগ্রাহাম্ …গিরিনদীম্ রা ২ ১১৪ ৪। ৩ তিরোভূত, অন্তর্হিত। ৪ অভিনিবিষ্ট।

লীলা স্ত্রী [লী (শ্লেষণ)+ √লা+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্); উ ত] ১ 'লীনভাবগ্রাহক', ক্রীড়া, খেলা। 'কন্দুক° কু স ১ ১৯। গজ° ভ ৩ ১৩ ৩৩' এ কি লীলা তব, প্রভাময়।—মে ১৯৬। ২ কেলি, বিলাসক্রীড়া। "°গৃহ। ৩ বিলাস, শৃঙ্গারচেষ্টা। "সুভ্রুভি প্রসভমহো বিনাপি হেতোর্লীলাভিঃ· রমণ্যঃ মাঘ ৮ ২৪। ৪ কেলি। "রাস°, বসন্ত°। ৫ অঙ্গ বেষ অলঙ্কার প্রভৃতি দ্বারা যুবতীর প্রিয়ের অনুকরণ (ইহা যুবতীর স্বাভাবিক অলঙ্কারবিশেষ)। 'সা দ ৩ ৯৮। প্রিয়ানুকরণং লীলা রম্যবেশক্রিয়াদিভিঃ।—উজ্জ্বলনীলমণি। ভ.প্র ৩৯৬। "(সা) অবলোকিতমণ্ডনলীলা গী গো ৬.৫। ৬ ক্রিয়া। "স সংযতি প্রাপ্ত-পিনাকিলীলঃ রঘু ৬ ৭২। ফুরাইল জীবলীলা।—মে ৩১৫। ৭ শ্রী, শোভা, সৌভাগ্য। "আকৃষ্টলীলান (নরলোকপালান্) রঘু ৬ ১, অনুযাতলীল ১৬ ৭১। লীলালাবণ্যাদির পারিপাট্য ব প্র ১৬। ৮ অনায়াস, অক্লেশ। "লীলয়া জঘান (A)। সাক্ষাতে দেখিবে যজ্ঞ করিব লীলায়।—ম ৪৮। লীলায় হাঁটিয়া যায় পূর্ব্ব জন্মফলে মা ম ৩৫৩। ৯ (বাঙ্লায়) দেবতার খেলা, দৈব ব্যাপার। "কিন্তু বিধি—বুঝিব কেমনে, তাঁর লীলা!—ভাঁড়াইলা সে সুখ আমারে।—মে ৩১৭। ১০ দেবতার অবতাররূপে ক্রীড়াচ্ছলে অনুষ্ঠান। "তোহ্মার-লীলাএ কংসের বধ হএ শ্রী কী ১। অলৌকিক হৈতে লৌকিকলীলা রসায়ন।—চৈ ৪১। [°কলহ (পুং)—কেলিকলহ, কৃতকলহ। "খেল (বিণ)—বিলাস-সুভগ। "রঘু ৪ ২২। °গতি (স্ত্রী)—মন্দগমন, সখেলগমন। "রঘু ৭ ৭। কু স ৭ ৫৮। °গৃহ, °গেহ, °বেশ্ম (-শ্মন্) ক্লী—ক্রীড়াভবন, কেলিমন্দির। °চতুর (বিণ)—বিলাসসুভগ। "কু স ১ ৪৭। °তনু (স্ত্রী)—ক্রীড়ার্থধৃত দেহ, লীলাবিগ্রহ, অবতাররূপ। °তামরস (ক্লী) —লীলাকমল। °নটন, °নৃত্য (স্ত্রী)—সবিলাসনৃত্য, সখেলনর্ত্তন। °পদ্ম (ক্লী)—ক্রীড়ার্থকমল। "সা দ ২১/২৬। কাব্যাদর্শ ২ ২৬১। °বজ্রমুষ্টি (স্ত্রী)—ক্রীড়ার্থবদ্ধ বজ্রকঠোরমুষ্টি। 'ক সা ৩৫ ৪২। °বাপী (স্ত্রী)—জলক্রীড়া-বাপী, কেলিসরঃ। °মনুষ্য (পুং) —লীলার্থ মানবদেহধারী, অবতারমানুষ। "ভ ১০ ৪৫ ৪৪। °মন্দির (ক্লী)—কেলিগৃহ। °সাধ্য (বিণ)—সুখসাধ্য, সুকর। °স্মিত, °হসিত (ক্লী)—সহজহাস্য। "°স্মিতম্ রঘু ৫ ৭০। লীলাহসিত ভ ২ ২ ১২।]

লীলাকমল ক্লী [উ লো] শৃঙ্গারচেষ্টার্থ বা ক্রীড়ার্থ করধৃত পদ্ম। "হস্তে লীলাকমলম্ উ মে ২। °পত্রাণি গণযামাস পার্ব্বতী কু স ৬.৮৪। লীলাকমলে ভ্রমরা কিয়ে বাবি বি প ২৪। নেত্রলীলাকমল, বিলাসী রাজা সতত নাচায় চৈ চ ২২০। লীলাকমল তেজল বরনারী।—গো ১৩৩। ভ প্র ৩৮০।

লীলাখেলা বি [একার্থক] লীলা, ক্রীড়ামাত্র। "দেবতার সময় লীলা-খেলা। দোষ কেবল মানবের বেলা॥—প্রবচন।

লীলাগার ক্লী [ষ ত] ক্রীড়াভবন, কেলিগৃহ। "রঘু ৮ ৯৫।

লীলাচল বি জগন্নাথের লীলাপর্ব্বত, পুরুষোত্তমক্ষেত্র। 'আগে পহু চলি গেলা, ভেটিবারে °রায়।—গো ৫৩, °বাসিয়া ৫৪।

লীলাবতার পুং [উ.লো] লীলার্থ বিষ্ণুর মীনাদিরূপে মূর্ত্তিগ্রহণ। "(এষঃ) লীলাবতারানুবতঃ ভ ১ ২ ৩৪।

লীলাবতী দ্র 'লীলাবান্'।

লীলাবধূত বিণ [সুপ্সুপা] সবিলাসকম্পিত, সখেলসঞ্চালিত। "°তৈঃ...চামরৈঃ পু.মে ৩৫। °পদ্মা।—রত্নাবলী ২.৮।

লীলাবলোকন ক্লী [সুপ্সুপা] সবিলাসকটাক্ষ। "ভ ৩.২০ ৩০।

লীলাবান্ (-বৎ) বিণ [লীলা+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] ১ সবিলাস, সখেল। ২ সশ্রীক, সুন্দর। —বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিলাসবতী, বিলাসিনী। ২ চার্বঙ্গী, সুন্দরী। ৩ দুর্গা। ৪ ময়দানব-পত্নী। ৫ ভাস্করাচার্য্যকৃত গণিতগ্রন্থবিশেষ।

লীলাব্জ, -লাম্বুজ ক্লী [উ.লো] সর্থ 'লীলাকমল'। "সাম্রাজ্য-লক্ষ্মীলীলাম্বুজ ক.সা ২৩ ৬৯।

লীলাম্বুজ দ্র 'লীলাব্জ'।

লীলায়িত ক্লী [√লীলায়+ত (ক্ত)-ভা] লীলাকরণ, খেলা, বিলসিত। (মতান্তরে) রাসলীলাদিব্যঞ্জকবিশেষগ্রথন। "গী.গো ১২.২৮। —য়িত বিং ১ লীলাযুক্ত, সখেল, সবিলাস। "ফুল ছুঁড়ে ছুঁড়ে মারিল কুমারে, লীলায়িত করি হস্ত দুটি।—কা ৩৮। ২ অঙ্গনভঙ্গিসৌন্দর্য্য-যুক্ত। "আমাদেরি কোন সপটু পটুয়া লীলায়িত তুলিকায়, আমাদের পট অক্ষয় করে রেখেছে অজন্তায় কু কে ১৬০।

লীলারবিন্দ ক্লী [উলো] সর্থ 'লীলাকমল'। "(কশ্চিৎ) লীলার-বিন্দং ভ্রময়াঞ্চকার রঘু ৬ ১৩। ক.সা ২৮.৫৩।

লীলাশুক পুং [উলো] ১ ক্রীড়ার্থপালিত শুক, সখের টিয়া। ২ ভগবল্লীলাপ্রিয় শুকদেবসদৃশ প্রেমিক। "লীলাশুক মর্ত্ত্যজন, তার হয় ভাবোদগম, ঈশ্বরে সে কি ইহা বিস্ময় চৈ চ ৮২।

লীলাসূত্র বি লীলাবিষয়ক সংক্ষেপ-গ্রন্থ। "°গণ চৈ চ ৫১।

লীলুয়া বিং [লীলা+উয়া ; অপ্র] লীলাবান্, প্রবাহযুক্ত। "টলমল করে নৌকা লীলুয়া বাতাসে বা ম ১৩৮।

লীলোত্তংস পুং [উ লো] ক্রীড়ার্থশিরোভূষা, বিনোদচূড়া। "লীলোত্তংসঃ শিবীষম্ ক.ম ৪ ৬।

লীলোদ্যান ক্লী [উলো] ১ ক্রীড়ার্থ উপবন, কেলিকানন। "(গতঃ) বিদিশাং নাম °ভুবং প্রিয়ঃ ক সা ৭১ ৭২। ২ নন্দনবন।

লীহলীহ দ্র 'লিহলিহ'।

লু১, লু বি [হি লূ] গ্রীষ্মকালের অতিতপ্ত বায়ুবিশেষ। "লু চলা।

লু২, লো৩ ক্রি ক্রি [অলুঁ > লুঁ, লোঁ] সর্থ 'অলু'। "বটোরলো। ('বটারলুঁ'—প.ক) বি সা ৪৯৫। আই আই মলু মলু, কিরূপ দেখিবা আলুঁ।—ব ৭০, ৭১। [বটোরলোঁ—সঞ্চয় করিলাম।]

লুই বি ['লোমীয' মূল (?) , হি লোঈ] পশমী শীতবস্ত্রবিশেষ।

লুকলুকানি বি [°ন+ই°] লুকালুকিসম্বন্ধী শিশুদিগের খেলা-বিশেষ, লুকাচুরী খেলা। "তথা আজ্ঞারিয়া বট লুকলুকানি খেলে ভ গ্র ৪৬৮। খেলে লুকলুকানি শি ১৮। [এই খেলার বিবরণ 'শিবায়নে' ১৮ পৃষ্ঠে দ্রষ্টব্য।]

লুকা১ বিং [সং লুক্কায়িত, তু 'প্রা লুক্কিঅ, -ক্কু (লুক্কায়িত—নিলীন, পৈ), হি লুকা] লুক্কায়িত, গুপ্ত। "তার ঠাঞি গোপালের লুকা কিছু নাঞি চৈ চ ৯১। কাঁচুলীতে লুকা কিবা, দেখাইয়া করাও প্রতীত প.ক ১৩৩৮। —কা বি গোপন, চাপা। "রসের বেতার লুকা না বায়। —জ্ঞা ৯৯।

লুকা২ অক [সং নি- √লী > প্রা √লুক্ক (হে ৪৫৫) > বা (লুক) লুকা, হি √লুক, ঠ √লিক] ১ নিলীন হওয়া, অদৃশ্য হওয়া, লুকান। "সৌদামিনী যেমন লুকায় জলধরে। লুকাইল তেমন জানকী বনান্তরে।—কৃ ১৪৭। গদা লয়্যা আকাশে লুকায়।—ম ৮৭৮। হিমে গিরি না লুকায় বি.প ১৩, সরমহি লুকাওল মাধব বুকে ৬২। কাকালি লুকায় মুঠে।—ব ১৩৮। ২ অপ্রকটিত বা অপ্রকাশিত হওয়া। "(প্রভু।) বিদিত হইলা, আর লুকাইবা কা'ত?—চৈ ভা ২৫৬। ৩ গুপ্ত থাকা, চাপা থাকা। "লোকে বলে, পাপ কাজ ক-দিন লুকায় ভা.চ ৩৬৮। —কা সর্ক [লুক+আ° ; হি, অস √লুকা] ১ বিলীন করা, আবৃত করা, ঢাকা। "কোপ সরমে ধনী বদন লুকায় বি.প ৬২। (পদ্মালয়া সীতারে) রাখিলেন বুঝি পদ্মবনে লুকাইয়া।—কৃ ১৪৬,-৭। ২ গূঢ়স্থানে রাখা, সারিয়া রাখা। ৩ গোপন করা, চাপা। "বেকতয় হৃদয় লুকাওয়ে লাজ বি প ৫৮, পাশ মোড়ি হাম লুকায়লু হাস ১৩৪। প্রেম, সখী, লুকান কি যায়।—ন ৮৭২। ৪ নিমগ্ন করা; ডুবান। "বড বড় হ্রদে হাতী লুকাইল গা।—ক.চ ৫৩। [লুকান—সর্থ 'লুকা২'। লুকায়ত, 'লুকায়লি' ('লুকাইল'—স্ত্রীলিঙ্গ, কর্ত্রী), -য়লুঁ, -য়সি (প ক)। লুকাওঁ, লুকায়িল (শ্রী কী)।]

লুকা(কো)চুরি বি ১ লুকান, গোপন, ভণ্ডামি। "আজব সহর কল্‌কেতা।...(হেতা) পথে হেগে চোকরাঙ্গানি, লুকোচুরির ফের গাঁতা।—হ ৭৬। সেখানে গিয়া বাপকে সকল কথা ভাঙ্গিয়া বলিব। লুকোচুরি হইবে না।—ব প্র ৪২৮। ২ ['চৌরীয় > °রি] লুকা-চোরের খেলাবিশেষ (hide-and-seek)। দ্র 'লুকলুকানি'। "তড়িত ললিত বালা, করে লুকোচুরি খেলা সা ম ২১। সে যে সদা খেলে লুকোচুরি।—শিশু ৭৩।

লুকাছাপা বিং [লুকা+ছাপা] গুপ্ত, অবিদিত, অজ্ঞাত। "লুকাছাপা কৃষ্ণ-সনে বনেতে বিহার ভ.গ্র ৩৭৯। সর্ব্বলোকে জানে মোরে লুকাছাপা নাই শি ২০।

লুকাঞ্জন বি আভিচারিক অঞ্জনবিশেষ, যাহা চোখে দিলে অঞ্জন-ধারককে কেহ দেখিতে পায় না। "ব প ১৪৮৯।

লুকালুকি বি [লুক-আ+লুক-ই, দ্র 'লুকা১'] ১ পরস্পর লুকান। ২ [অস °কি] লুকাচুরিখেলা। ৩ বৃন্দাবনের কুণ্ডবিশেষ। [ইহাতে কৃষ্ণ গোপীর সহিত জলে ডুবিয়া লুকালুকি খেলিয়াছিলেন।] "লুকালুকি কুণ্ড ভ গ্র ৪৩৩।

লুকি, -কী বিং [সং লুক্কায়িত > প্রা লুক্কিঅ (পৈ) > বা °কি, -কী, তু 'লুকি'—ও লুকি করত হি দেহা (বি প ১৯)] লুক্কায়িত, অদৃশ্য, অলক্ষিত, লুপ্ত। "ক্ষণে রথখান দেখি ক্ষণে হয় লুকি।—কৃ ২৫৬। লুকি হ'য়ে নিজ কায, ঝোপ ঝাপ উকটে গহন ক চ ৫৭, শুকের পক্ষের আড়ে শাড়ী হৈল লুকী ১২৭। আমি লুকী হই তবে হবে অনুতাপ শ্রী ম ৮৯। —কি বি অন্তর্দ্ধান, লুকান। "গাড়ের ভিতর থাকি লুকি ভাল জানি ক চ ৫৪। [লুকি থাক—লুকাইয়া থাক। "চ.বি ২১৫। লুকি দিয়া—লুকাইয়া। "লুকি দিয়া নারিবা বাঁচিতে ম পা ১৫৫। দেহে লুকি দিয়া—দেহ অদৃশ্য করিয়া। "দেহে রৈছ দিয়া লুকি ম পা ১০৮। আকাশে লুকি কর—আকাশে লুকাও। "ম ম ৩২। গাএ লুকি হৈলা—জড়সড় হইল। "লজ্জাতে আপনার গাএ আপনি হৈলা লুকি ব প ৫০৭। লাজে লুকি হন—লজ্জাতে জড়সড় হইলেন। "ব প ৫৭১।]

লুকি(কী)কায় বিং লুক্কায়িতদেহ, অদৃশ্য। "লুকীকায় হও পশু ক চ ৫৬, মৃগ পক্ষী হইল লুকিকায় ৫৮।

লুকিবিদ্যা বি নিজ দেহ লুকাইবার বিদ্যা, অণিমাসিদ্ধি। [এই বিদ্যায় সিদ্ধ ব্যক্তি সম্মুখে থাকিলেও কেহ দেখিতে পায় না।]

লুকিমন্ত্র বি লুকাইবার মন্ত্র (যাহা পড়িলে মন্ত্রপাঠককে কেহ দেখিতে পায় না)।

লুকী; লুকীকায়; লুকোচুরি দ্র 'লুকি; লুকিকায়, লুকাচুরি'।

লুক্কাওন বি [সং লুক্কায়ন > °ন] লুকান, স্ত্রীসম্ভোগবিশেষ। "লুক্কাওন মধুপান আদি নানামত ভা চ ৭১৪।

লুক্কায়ন ক্লী [√লুক্কায়+অন (ল্যুট্)-ভা, দ্র 'লুক্কায়িত'] অন্তর্দ্ধান, লুকান। 'অন্তর্দ্ধানং লুক্কায়নম্।—মুগ্ধবোধ ২৯৯, দুর্গাদাস।

লুকায়িত বিণ [√লুকায়+ত (ক্ত)-ক ;—লুকায়তীতি লুকাপনয়নে কর্ম্মণি ক্বিপি লুক্, লুক্, কায়ঃ শরীরং যস্য স লুকায়ঃ, লুকায় ইবাচরতীতি ক্বৌ সাধ্যম্ ।—মুগ্ধবোধ ২৯৯, দুর্গাদাস ।] অন্তর্হিত, বিলীন । "মালয়রাজো মলয়গিরৌ লুকায়িতঃ ।—পৈ ১.১৫১, টীকা । নিষ্কাম ভাব. আছে তাহে লুকায়িত ।—ম ৯৭৩ ।

লুঙী, -ঙ্গী বি [ফা লুঙ্গী , হি 'লুগা'—বস্ত্র ; ড় 'লুগা'—ধুতি ; তু 'লুঙ্গী'] মুসলমানের পরিধেয় রঞ্জিত ধুতি ।

লুঙ্গী দ্র 'লুঙী' ।

লুচি বি [সং লোচিকা ; হি লুচুঈ , ঠ লুচী] ময়দার ঘৃতপক্ক পিষ্টক-বিশেষ । "লুচি পুরী ভ.গ্র ২৭২ । যে আকাশে লুচি-চন্দ্রের উদয় হয়, সেইখানেই আমার মন-রাহু গিয়া তাহাকে গ্রাস করিতে চায় ।…আমি লুচিকেই অখণ্ডমণ্ডলাকার বলিয়া থাকি ব.প্র ৫৮৯ । [°চিনি, °মণ্ডা, °সন্দেশ—পাকা ফলার । "করিতে হবে লুচি-চিনি, চিঁড়ে-দই সাজিবে মা তাঁর শ্রাদ্ধে ।—দা ৯৮২ । লুচিব ফোসকা—ফোসকার মত লুচির স্ফীত অংশ ।]

লু(লো)চ্চা বিং [হি, মৈ লচ্চা ; ঠ লুক্কা, লুচ্চা ; আ 'লুক্.ক.া'—ধূর্ত্ত] কামুক, লম্পট । [°পনা—লাম্পট্য ।]

লুঞ্চ্ (লুন্‌চ্) সক [ভ্বা, প—লুঞ্চতি , সেট্] অপনয়ন, দূরীকরণ । °সোঽলুঞ্চীৎ কর্ণনাসিকম্ ভট্টি ১৫.৫৭ ।

লুঞ্চন ক্লী [√লুঞ্চ্+অন (ল্যুট্)-ভা] ১ অপনয়ন, দূরীকরণ । ২ ছেদন । "কেশ° । ৩ ত্বগুন্মোচন (peeling), নিস্তুষীকরণ । —ঞ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অপনীত, দূরীকৃত । ২ ছিন্ন । "°মূর্দ্ধজ (S.W.) । °পক্ষ ক.সা ৬২.৭০ । ৩ নিস্তুষীকৃত, খোশা-ছাড়ান । "গৃহ্লাতু কশ্চিল্লুঞ্চিতৈরলুঞ্চিতাংস্তিলান্ ।—পঞ্চ ২৫৬ ।

লুট্ অক [দি, প—লুট্যতি ; সেট্] লোটন, সম্বন্ধীভাব । "লুট্যন্ সশোকো ভুবি রোরুদাবান্ ভট্টি ৩.৩২ । —ট্ সক বিলোড়ন । —ট্ অক [ভ্বা, প—লোটতি ; সেট্] বিলুণ্ঠন, লোটা । —ট্ সক [পূর্ব্ববৎ] বিলোড়ন । —ট্ অক [ভ্বা ঙ—লোটতে ; সেট্] দীপ্তি । —ট সক [পূর্ব্ববৎ] প্রতিঘাত, শোকাদিহেতু পতন বা পুনর্চ্চনন । —ট্ অক [চু, প]—লোটয়তি ; সেট্] দীপ্তি । —ট সক [পূর্ব্ববৎ] সঞ্চূর্ণন ।

লুট১, -ঠ১ বি [' √লুট, -ঠ১—মূল ; হি, লুট ; মৈ লুট, -টি] ১ বলপূর্ব্বক ধনাদি-গ্রহণ ; লুণ্ঠন, ডাকাতী । "তার বন্ বাঁড়ী, লুঠ করি লয় হাঁড়ি ক.চ ৯০ । ২ সাধারণের যথেচ্ছ গ্রহণ । "(ভবানন্দের পুত্র সব) খায় পিয়ে লুটে বিলায়, না করে বিচার চৈ.চ ৩১০ । ৩ বলপূর্ব্বক অপহৃত ধনাদি । [লুঠ দেওয়া—সাধারণের যথেচ্ছগ্রহণার্থ আদেশ দেওয়া । হরির লুঠ—নিবেদিত বাতাসা (যাহা ছড়াইয়া দিলে বালকেরা লুঠিয়া লয়) ; (গৌণার্থে) নিবেদিত মিষ্টান্নাদি ; (সাদৃশ্যে) বে-ওয়ারিশ মাল ।]

লুট২, -ঠ২ সর্ম্ম [সং √লুট্, -ঠ্ ; হি, ঠ, গু, মৈ √লুট ; E. loot] ১ বলপূর্ব্বক ধনাদি গ্রহণ করা ; লুঠা । "কোন লুটল তুয়া অমিয়া ভাণ্ডার বি.প ৬৫ । স্থূলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরস্থল জঘন দুজনে ক.চ ১৯ । লুঠি নিল নারী গারী ভা.চ ১৮ । ২ উপহত বা শক্তিহীন করা । "লুঠিয়া ইন্দ্রিয়গ্রাম পাওয়াইল ভ্রম শি ৬৪ । —ট, -ঠ অর্ম্ম ১ বিচেষ্টিত হওয়া ; গড়াগড়ি দেওয়া ; লুটান । "পদতলে লুঠয়ে সো পীতবাস বি.প ১০২ ; সোই লুঠত মহীঠামে ১৭৭ । (গোরি) কুঞ্জ মাহা লুঠই প.ক ৩৯ । রাই ক্ষিতি লুটই ।—মাধবদাস । অঙ্গে লুঠে ধুলে ।—দু ১৪ । (কেহ) অবনী ধুলে লুটে শি ৬৫ । কুসুমের মালা লুটিছে উরসে ।—হেম ১৯৫ । ২ শোকে পড়িয়া থাকা । "(কৈকেয়ী) লুটে ভূমিতলে ।—কৃ ৯২ । [লুটা৩, -ঠা৩—সর্থ 'লুট২ । লুটিয়া যেতেছে —লুণ্ঠিত হইয়া নিঃশেষ হইতেছে । "ভাণ্ডারঘার খুলেছে জননী, অন্ন যেতেছে লুটিয়া !—স.স্ব ৫০ । লুটেপুটে নেওয়া—লুট-পাট করিয়া অর্থাৎ পড়িয়া লুটিয়া নেওয়া । "সেগুলো নিয়েছে বুঝি লুটেপুটে ?—কা ১৩৪ । লুঠিয়া পুটিয়া—আক্রমণ করিয়া ও লুটিয়া । "লুঠিয়া পুটিয়া স্বর্গ কৈল ছারখার ।—ম ২৪১ । লুঠিয়া পুড়িয়া—লুঠিয়া ও পোড়াইয়া । "উড়িয়া করিল ছার লুঠিয়া পুড়িয়া ভা.চ ১৮ । লুটে, লুঠই (প.ক)]

লুট(ঠ)তরাজ বি [লুট, -ঠ+তরাজ] লুণ্ঠন, দস্যুবৃত্তি । "সন্ধ্যার পর বাবুরা দঙ্গল বাঁধিয়া বাহির হন—হয়তো কাহারো বাড়িতে পড়িয়া লুঠতরাজ করেন ।—আ.দু ৬৭ ।

লুট(ঠ)পাট বি [লুট১+পাট (পাত) ; হি লুটপাট] লুণ্ঠন ও আক্রমণ ; দস্যুবৃত্তি ও মারপিট । "লুটপাট একেবারে বন্ধ হইল ; সেনাসকল দুর্গমধ্যে আশ্রয় লইল ব.প্র ২০ ।

লুটপুট বি ['পুট' অনু.শব্দ] লুটাপুটি, গড়াগড়ি । "লুটপুট, দেয় ছুট, কালকূট নেত্রে ।—রঙ্গ ২৩ ।

লুটফশাদ বি লুণ্ঠন ও অপকার । "তোডলমল…লুটফশাদ করিতে সর্ব্বত্র জয়ী হইয়া কেল্লায় দাখিল হইলেন ব প ১৬৯০ ।

লুটা১, -ঠা১ অর্ম্ম [লুট, -ঠ (অর্ম্ম) >লুটা, -ঠা] গড়াগড়ি দেওয়া ; লুটান । "(যে পদ) হৃদে ধরি ভূতনাথ ভূতলে লুটায় ভা চ ২৫৬ ; তড়িত লুঠায় পায় ২৭৮ । রম্য থামে-থামে, লুটাইছে ফুলমালা স্ব.প্র ৫৫ । —টা২, -ঠা২ সর্ম্ম [লুট, -ঠ+আ৮ , হি √লুটা] ১ লুট করান । "বাজারে বালক ডাকি পয়সা লুটায় : সহস্র কাহন ধন লুটালো দোকান শ্রী ১০৩ । ২ গড়াগড়ি দেওয়ান । ৩ হরণ করান ; বলাৎকারে লওয়ান । "(লগে বলে) ভাগিনা-বৌকে মোগলে লুটাতি নারি মোরা শ্রী ২২৩ । [লুটা(ঠান)ন—সর্থ 'লুটা' ।]

লুটা২ ; লুটা৩ দ্র 'লুটা১ ; লুট২ ।

লুটা(ঠা)তি বি [লুট (ঠ)-বৃত্তি >°ত] লুণ্ঠন যাহার বৃত্তি ; দস্যু, ডাকাত । "হেদেরে লুটাতি তোর কোন দেশে ঘর ।—শ্রী ১০৪ ; লুঠাতি লস্কর ২২৩ ।

লুটাপুটি বি [ঠ লোটপোট] গড়াগড়ি । "হেসে °টি ।

লুটি বি [সং লোষ্ট >প্রা লুট্‌ঠ >বা (লুঠ, -ট) °টি, দ্র 'ই১১] লোষ্টাকৃতি দ্রব্য , সূত্রাদির গোলক । [লুটি পাকান—পাকাইয়া লোষ্টাকার করা । লুটিসুটি মাবা—পিণ্ডাকৃতি হওয়া ।]

লুটে(ঠে)রা, -টেল বি [লুট(ঠ)-কার >°বা (?) , 'লুটিয়ারা' (Haughton) ; হি লুটেরা , ঠ লুটারা, -রী, -ক ; E. looter] লুণ্ঠনকারী, দস্যু, ডাকাত । "কখন লুটেরা, কখন পসারী ভা.চ ৩৪৭ । একেত মাগ্‌গি গণ্ডা, লুটেল তায় কুটেল ষণ্ডা ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত । বিমলা দেখিলেন,…লুঠেরা সকল যখন ঐ সিন্দুক খুলিতে আসিবে, তখন তাহাকে অবশ্য ধৃত করিবে ব.প্র ৪৬ ।

লুটোপুটি বি সর্থ 'লুটাপুটি । "(আমি) কচি পাতায় করি লুটোপুটি । —শিশু ৬৫ ; হেসে করে লুটোপুটি ৭১ ।

লুঠ্ সক [ভ্বা, এ—লোঠতি, তে ; সেট্] ১ লুণ্ঠন । ২ গতি । ৩ স্তেয় । ৪ প্রতীঘাত, পতন, বিচেষ্টন । ৫ (অক) আলস্য । —ঠ্ অক [তুদা, প—লুঠতি ; সেট্] ১ বিলুণ্ঠন । "হান্নাহয়ং হরিণাক্ষীণাং লুঠতি স্তনমণ্ডলে ।—অমরু । ২ (সক) বিলোড়ন । —ঠ্ সক [চু, প —লোঠয়তি ; সেট্] চৌর্য্য, লুণ্ঠন (ক.ক) ।

লুঠ১ ; লুঠ২ ; লুঠতরাজ দ্র 'লুট১ ; লুট২ , লুটতরাজ' ।

লুঠন ক্লী [√লুঠ্+অন (ল্যুট্)-ভা) প্রতিঘাত, বিচেষ্টন, গড়াগড়ি । —ঠিত বিণ [+ত (ক্ত)-ক] প্রতিহত, বিচেষ্টিত । "চকার মৃতমাত্মানম্…লুঠিতাঙ্গকম্ ক.সা ৫৮.২৯ ।

লুঠপাট ; লুঠা১ ; লুঠা২ ; লুঠা৩ ; লুঠাতি ; লুঠেরা দ্র 'লুটপাট ; লুঠা১ ; লুঠা২ ; লুট২ ; লুটাতি ; লুটেরা' ।

লুড়্ সক ১ [ভ্বা, প—লোড়তি ; সেট্] বিলোড়ন, মন্থন। ২ [তুদা, —লুড়তি ; সেট্] সংবরণ। ৩ আশ্লেষ।

লুড়ে সর্ম [সং √লুড়্] ১ বিলোড়ন বা মর্দ্দন করা। "উচ কুচ সব লুড়ে কার শ্রী.ম ৬৫। ২ [সং √লুট্] লুণ্ঠন করা। "লুড়িয়া পসার, খাইবো দধি তাহার শ্রী.কী ২৮। ঘর লুড়ি নাক কুড়ি ছাড়াই নগর শ্রী.ম ১১৫।

লুড়া বি [লোড়া > লুড়া] ১ লোড়ার মত পিণ্ড। "উমার মুখ চাঁদের চূড়া, বুড়ার দাড়ী শণের লুড়া ভা.চ ৭৯। ২ সর্থ 'মুড়া'। —ড়ি বি [লুড়া+ই ; হি লোড়িয়া; মৈ 'লুঁড়ি'—গুচ্ছ] ১ ছোট লোড়া; প্রস্তরখণ্ড। ২ লুড়ির মত পিণ্ড। "বায়ুতে পাকিয়া চুল হইল শণলুড়ি ভা.চ ২১১।

লুড়ি দ্র 'লুড়া'।

লু(লো)ণ, -ন বি [সং লবণ > প্রা লোণ, দ্র 'নুণ'] ১ লবণ, নুন। "যে (দ্বিজের) বাক্যে জলধি, পাইল কটুত্ব লোণ।—ম ৬২৭। লোণ আনি দিল বেণে ক.চ ২৬, বিশা দুই তিন কিনে লুণ ১৫৬। লুন বি.পা ৩৪৭। লুণ শি ৮১। ২ অন্ন। দ্র 'নুণ'। "পাণ লহ আরে দ্রোণ, শোধহ আমার লোণ ক.চ ৮১। মহাপাত্র! লুন খাই তোর শ্রী ৪৪; করেছ লুণের কর্ম্ম প্রভু আজ্ঞা পালি ১৪৩; রাজার লুন খাই ১৭৪। [লুন খাওয়া, লুনের কর্ম্ম করা—দ্র 'নুণ'।]

লুণী, -নি, -নী বি [দ্র 'ননী'] মাখন। "লুনীর পুতলী শ্রী.কী ৬১, লুণী সম দেহ তার ৩৮০। লুনি জিনি তনুখানি প.ক ২৫৬৬।

লুণে, -নিয়া [লুণ+এ, নুনিয়া > °য়া] ১ সর্থ 'নুনিয়া'। ২ লবণ-ব্যবসায়ী। "রাম কুণ্ড, সেহ বেটা লুণে ক.চ ১১৭।

লুণ্ট সক [চু, প—লুণ্টতি, লুণ্টযতি, সেট্] ১ স্তেয়। ২ অবজ্ঞা (ক.ক)।

লুণ্টক পুং [√লুণ্ট্+অক (ণ্বুল্)-ক] নটিয়া শাক। —ণ্টাক বিণ [+আক (ষাকন্)-ক, পা ৩.২.১৫৫, স্ত্রী -কী] চৌর্য্যকারক, লুণ্ঠক, অপহারক। "তরুণানাং হৃদযলুণ্টাকীম্ (এনাম্) কা.প্র১০.৫৬৯। —ণ্টাক পুং ১ লুণ্ঠক, চোর। ২ কাক। —ণ্টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] চোরিত, অপহৃত। "তিলা লুণ্টিতাঃ (S.W.)।

লুণ্টাক, লুণ্টিত দ্র 'লুণ্টক'।

লুণ্ঠ্ সক [ভ্বা, প—লুণ্ঠতি, সেট্] ১ স্তেয়। ২ গতি। —ঠ্ অক [পূর্ব্ববৎ] ১ লোটন, গোড়ান। ২ আলস্য (ক.ক)। ৩ প্রতিঘাত, শোকাদিহেতু পতন। —ঠ্ সক [চু, প—লুণ্ঠয়তি; সেট্] স্তেয়।

লুণ্ঠক পুং [√লুণ্ঠ্+অক (ণ্বুল্)-ক] চৌর, দস্যু। "গ্রাম° (S.W.)। —ণ্ঠন ক্লী [+অন (ল্যুট্)-ভা] চৌর্য্য, দস্যুবৃত্তি। "গ্রাম° মনু ৯.২৭৪, কুল্লুক। —ণ্ঠাক পুং [লুণ্টাক > °ক] ১ চোর। ২ হারক, নিরাসক। "(স্ফাটিকপ্রভানিকরঃ) রজনীতিমিরপটপ্রকটলুণ্ঠাকঃ।—কলাবিলাস (শ ক)। —ণ্ঠি, -ণ্ঠী স্ত্রী [+ই (ইন্)-ভা, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] লুণ্ঠন। "লুণ্ঠিং চকারাট্টালিকাপণে (S.W.)। —ণ্ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বলপূর্ব্বক গৃহীত বা অপহৃত। "দেশো মে লুণ্ঠিতোঽনেন ক.সা ৬৬.১২৮। ২ অপহৃত, দূরীকৃত। "তদঙ্গপলোভলুণ্ঠিতলজ্জা ক.সা ২৮.৮১। ৩ [সং লুণ্টিত] বিচেষ্টিত। "এই চয়কোটি মুণ্ড ঐ পদপ্রান্তে লুণ্ঠিত করিব ব.প্র ৬১৭।

লুণ্ঠন, লুণ্ঠাক, লুণ্ঠি, লুণ্ঠিত, লুণ্ঠী দ্র 'লুণ্ঠক'।

লুণ্ঠ্যমান বিং [তু 'বিদ্যমান'] লুণ্ঠিত। "পদে পদে ত্রস্তচিত্তে হয়ে লুণ্ঠ্য-মান, ধূলিতলে, তোমারে যে করি অপ্রমাণ!—স.স্ব ৭৫।

লুণ্ড্ সক [চু, প—লুণ্ডয়তি ; সেট্] চৌর্য্য।

লুণ্ডিকা স্ত্রী একত্র বেষ্টিত (অর্থাৎ গোল করিয়া পাকান) মেষলোমাদি; লোমাদির লুড়ি বা নুড়ি। "মেষলোম° (ভৈষজ্যরত্নাবলী)।

লুনি, লুনী ; লুনিয়া দ্র 'লুণী ; লুণে'।

লুপ্ অক [দি, প—লুপ্যতি ; সেট্] বিমোহন, আকুলীভাব। "পাতুং লুপ্যতি লাবণ্যং নেত্রাঞ্জলিপুটৈর্নরঃ (ক.ক)। —প, সক ১ [পূর্ব্ববৎ] বিমোহন, ব্যাকুলীকরণ। ২ [তুদা, এ—লুম্পতি, -তে ; অনিট্] ছেদ, বিনাশন। ৩ (অক) লোপ। "লুম্পাদবশ্যমঃ কৃত্যে পা ৬.১.১৪৪, কাশিকা।

লুপ[1] বি ['লাফ'—মূল (?)] বেগে লম্ফ। "লুপ করে লাপ দিয়ে ঝপ করে ঝাঁপে শ্রী ৮৭।

লুপে[2], **-ফ, লোফ** সর্ম [সং √লুপ্ ; হি ' √লুপ'—গুপ্ত হওয়া ; উ ' √লোপ'—লুপ্ত হওয়া] ১ স্পর্দ্ধাপূর্ব্বক প্রতিহত করা বা বেগরোধ-পূর্ব্বক ধরা। "আকাশে তুলিয়া ফেলে পর্ব্বতশিখর। দুই হাতে লোফে তাহা বালী কপীশ্বর॥—কৃ ১৫৭। হনুমান সব অস্ত্র লোফে ২১২। (বীর) ফেলিয়া পঞ্চাশ লোফে ক চ ৫২ ; কাটা মুণ্ড লোফে দানা ৯৬ ; অস্ত্র লোফে বীর ৯৭ ; লোফয়ে দানা তাড়িপত্র খাঁড়া ২৬৭। (শেল) বাঘা …লোফে শ্রী ৮০ ; (বাঘা) ঝাঁপাইতে (সেন) লাফাইয়া লোফে ৮৬ ; ১৬৬। রায়বেঁশে লোফে রায়বাঁশ ভা.চ ২৬৬ ; চোয়াড়ে লোফে কাঁড় ৪৫৯। লোফে শূল শূলী।—মা ১৪৬। (মল্ল) লুফিতেছে ভল্ল।—রঙ্গ ৮। ২ শক্তিপ্রদর্শনার্থ ঊর্দ্ধে ক্ষেপণপূর্ব্বক ধরা। "ধনুকেতে দিয়া গুণ তিন বার লোফে (শর)।—কৃ ২৫৯। গাণ্ডীব লুফিয়া ধরে চ.বি ২৬৭। ৩ ছোঁ দিয়া ধরা। "সফরী লাফাতে নেচে লুপে লয় চীলে শ্রী ৯০। ৪ গ্রহণ করা। "লুফিতে বাণের মুখে নিকলে আগুন শ্রী ১৯১। ৫ অভিমুখে ক্ষিপ্ত দ্রব্য ধরা। "লুফিব ফুলের গেড়ু ; (গেড়ু) লুফিতে নারিলে তারা সভাই হাসিবে ব.প ৮১৩। [লুপে নেওয়া—আদরপূর্ব্বক গ্রহণ করা। "আমাদের দেশে গেলে তোমাদের লুপে নেয় ব.প্র ৩২১। ছোট সাহেব এমন মাল পেলে ত লুপে নেবে।—মী ১০। লুফিয়া বুকে ধরা—ধরিয়া বুকে স্থাপন করা। "দুইটী গুটিয়া, কেলাএনা লুফিয়া, বুকের উপরে ধরে চ.দা ২৮। লুফিয়া লওয়া—নিঃশেষে গ্রহণ করা। "টুঁ-শব্দটি হইলেই, তাড়াতাড়ি, তাহারে লুফিয়া লয় দশদিক্, করি কাড়াকাড়ি স্ব.প্র ১৪৪। [লোপা, -ফা—সর্থ 'লুপ'[2]।

লুপ্ত বিণ [√লুপ্+ত (ক্ত)-ক] ১ অপগত। "°ধর্ম্মক্রিয়া হিতাঃ মনু ৮.২৬৬। ২ লোপপ্রাপ্ত, নষ্ট। "পিতরঃ…লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ গী ১.৪১। সা লুপ্তসংজ্ঞা রঘু ১৪.৫৬। ৩ অপ্রচলিত। ৪ [+ত-র্ম্ম] উচ্ছিন্ন, বিনাশিত। ৫ শোষিত। "জলাশয়াঃ…ঘর্ম্মলুপ্তাম্বুসম্পদঃ ক.সা ৮৭.৩১। ৬ অনুচ্চারিত। "লুপ্তবর্ণপদং প্রস্তম্ (অ.কো)। ৭ লুণ্ঠিত (A.)। —প্ত ক্লী লুণ্ঠিত দ্রব্য ; লোপ্ত্র। [°পদ (বিণ)—লোপ-প্রাপ্তপদ (বাক্য)। °প্রতিজ্ঞ (বিণ)—নষ্টপ্রতিজ্ঞ, অবিশ্বস্ত। °প্রতিভ (বিণ)—নষ্টপ্রতিভ, প্রতিভাহীন।]

লুপ্তোপমা স্ত্রী [কর্ম্মধা] উপমাবিশেষ। [উপমায় সাধারণধর্ম্ম উপমান উপমেয় যথা ইত্যাদির এক দুই বা তিনের অপ্রয়োগ থাকিলে লুপ্তোপমা হয় (সা.দ ১০.১৭,-৮)।]

লুব(বু)ধ বিং [সং লুব্ধ > (স্বরাগমে) °ধ ; হি লুবুধ ; তু 'ঠ লুবুধকা (লুব্ধক) ; পদ্যে] লোলুপ, লোল। "সোই লুবধমতি তাহে কর ঝাঁপ বি.প ৬৭ ; লুবধ মুরারি ৭৭। প্রেমপরিমল লুবধ ভ্রমর (চ.দা)। সৌরভে লুবধ,…মধুপবৃন্দ।—ব ২৯। রাইক অধর, লুবধ অনুমানিয়ে, দশনক দংশন মীঠ প.ক ১০১। লুবধ লম্পট চিত্ত।—দ্বু ১৭। —বধক বিং [লুব্ধক > °ক] লোলুপ। "অধরসুধা-রসে, লুবধক মানস প.ক ১৯৮৮। —ব(বু)ধল বিং [°ধ+ল] লুব্ধ। "তুঅ গুনে লুবুধল জিতে আব কান: লুবুধল নআন বি.সা ৫২। বি.প ৫৮। লুবধল মধুপ।—গো ১০৯। লুবুধল মাধব প.ক ১০০। —বুধি বিং [°ধ+ই] লুব্ধা, লোলুপা। "তুয়া গুণে লুবুধি মুগুধি জেজ সোয় বি.প ১৮৮। [লুবধাই

। —লুব্ধ হইয়া। "ও নিজ ভাব, স্বভাব হি বিহ্বল, আপন রূপ লুবধাই ' মি.প ১৫৯। বি.সা ৪৭২।]

লুবধক, লুবধল, লুবধলে, লুবুধ, লুবুধি দ্র 'লুবধ'।

লুব্ধ বিণ [√লুভ্+ত (ক্ত)-ক, পাক্ষে অনিট্, অন্যত্র 'লুভিত', পা ৭.২.৫৪] ১ গৃধ্নু, অতিকাঙ্ক্ষাবান্, লোভযুক্ত। "ন লুব্ধো বুধ্যতে দোষান্ কিংপাকমিব ভক্ষয়ন্ রা ২৬৬৬। ধন°।—হি ১.১৫০, মাংস° ১৪৫/২। রূপ° ক.সা ১৭.১৩৮। গুণলুব্ধাঃ সম্পদঃ কি ২.৩০। লুব্ধ পবন, লুব্ধ লোচন, মল্লিকা অবলুণ্ঠিতা।—গান ১৩০। ২ পীড়িত। "লুব্ধো বৃষলঃ, শীতেন পীড়িত ইত্যর্থঃ (কাশিকা)। —ক পুং ১ ব্যাধ। "°যোগ পা ৪.১৯৩। ২ কামুক (A.)। [লুব্জিত (অসাধু)—লুব্ধ। "°ত অলিমালা।—ছ ৬১।]

লুব্ধক পুং [লুব্ধ+ক (কন্) স্বার্থে] ১ মৃগয়ু, ব্যাধ। "মহা ১২.২৮৪। °ত্রাসিত।—হি ১৪৬/২। শি ৬৪। ২ কামুক। ৩ পায়ু। "ভ ৪২৫ ৫৩। ৪ ব্যাধাকারতারাবিশেষ (sirius)। ৫ লুব্ধ জন। "ক সা ২৮ ৮৮। সাধুসঙ্গবিবর্জ্জিত লুব্ধক হইয়া। না জানে ঈশ্বরমায়া তত্ত্ব না বুঝিয়া॥—ম ১০৯৮।

লুভ্ সক ১ [তুদা, প—লুভতি, সেট্] বিমোহন, আকুলীকরণ। "পা ৭.১.৫৪। ২ [দি, প—লুভ্যতি, সেট্] আকাঙ্ক্ষা। "লুভ্যতি ধনং লুব্ধঃ (ক.ক)। [প্র—প্রলোভন। বি—আকুলীকরণ। "দধদ্ বিলুভিতং বাতৈঃ কেসরম্ ভট্টি ৯৪০।]

লুভিত বিণ [দ্র 'লুব্ধ'] বিমোহিত, ব্যাকুলীকৃত।

লুম বি রাগবিশেষ। "°ঝিঁঝিট। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট স্বাভাবিক, জাতি সম্পূর্ণ (গী সা)।]

লুম্বিনী স্ত্রী কপিলবস্তুর উদ্যানবিশেষ। [বুদ্ধদেব এই উদ্যানে ভূমিষ্ঠ হইয়াছিলেন।]

লুরী বি পক্ষিবিশেষ (Psittacus Lory—Carey)।

লুল্ সক [ভ্বা, প—লোলতি, সেট্] ১ বিমর্দ্দন, বিলোড়ন। ২ (অক) চলন। "রোষো লোলতি স্ম বচনেষু বধূনাম্ মাঘ ১০ ৩৬।

লুল সক [লোল > √লোল > °ল] লোল করা, সঙ্কলিত করা, নাড়া। "(অহি ভ্রমে) ত্রিশূলসদৃশ জিহ্বা লুলি অবলেপে।—মে ১৪। —অ অর্থ ১ লোল বা শিথিলাঙ্গ হওয়া, ঢোলা। "ডগমগ আনন্দবিভোলে। লুলিয়া লুলিয়া পড়ে ভকতের কোলে।—ন প ৩১০। লুলিয়া লুলিয়া পড়ে (পহুঁ)।—ব ১৩। ২ লম্বিত হওয়া, দোলা, ঝোলা। "ভুজযুগ করিকর জানুত লুলে শ্রী কী ৬, নাভিমূলে দুই কুচ লুলে ৭, খোঁপাত লুলয়ে …মাল ৭৯।

লুলা বিং [দ্র 'ন্যুলা'] সর্ব 'ন্যুলা'।

লুলাপ,-লায় পুং [লুল (বিমর্দ্দন)+ √আপ্+অ (অণ্)-ক, উ.ত; লুলাপ > লুলায় (প > অ > য ?)] মহিষ। "খুরবিধুতধরিত্রী-চিত্রকায়ো লুলায়ঃ (A)। শমনলুলাপ ভা.চ ২০৩। লুলাপ বা.দ ৯৩। [°কান্তা (স্ত্রী)—মহিষী।]

লুলায় দ্র 'লুলাপ'।

লুলিত বিণ [√লুল্+ত (ক্ত)-র্ম] ১ বিমর্দ্দিত, পরিমৃদিত, বিলোড়িত। "(রম্ভা) লুলিতাকুলকেশান্তা রা ৭২৬.৪২। শরীরলুলিতা শয্যা শ ৩২২। ঋতু ৪.১৪। সিন্দুরলুলিত, মুকুতা-পাঁতী শ্রী.কী ২৬৯। রঙ্গ ৩০। ২ ক্ষুভিত। "অন্তঃস্রোতসং নৌলুলিতং ববন্দে রঘু ১৬৩৪, ৫৯। ৩ বিলোড়িত, আস্বাদিত। "লুলিতমকরন্দো মধুকরৈঃ।—বে ১১। ৪ স্পৃষ্ট। "অনতিলুলিতজ্যাঘাতাঙ্কম্ (কনকবলয়ম্) শ ২.৯। ৫ বিকীর্ণ। "°প্রসাকুলম্ (শয়নম্) রঘু ১৯২৫। কচলুলিতভ্রমবারি ভ ১.৯.৩৪। ৬ যুক্ত, এলো। "(রম্ভা) লুলিতাকুলকেশান্তা রা ৭.২৬ ৪২। লুলিতা-কুল কেশপাশা (অঙ্গনা)।—ঋতু ৪ ১৪। লুলিত কেশভার বি.প ১৯৪। ৭ খণ্ডিত, ছিন্ন (শ্রীধর)। "অঙ্কাসিলুলিতাৎ…বিমানাৎ (সা মাদ্রি) ভ ৪.৯.১০। মদবেল্লরংহোলুলিতগ্রামাপাল ৬.১১২১। ৮ বিধ্বস্ত (শ্রীধর)। "ভ ৭১২৩। ৯ উন্মূলিত (শ্রীধর)। "যথা নগেন্দ্রো লুলিতো নভস্বতা ভ ৩.১৯.২৫। ১০ চালিত, বিদ্ধ। "মত্তহস্তী ধূতারোহকর্ণাগ্র-লুলিতাঙ্কুশঃ ক.সা ১০৪.১০১। ১১ [+ত-ক] চলিত, ঈষৎকম্পমান। "অলসলুলিতমুগ্ধানি (অঙ্গকানি) উচ ১২৪। °পল্লব ভট্টি ৯.৫৬। ১২ অবসাদপ্রাপ্ত, খিন্ন। "বলে ভূশলুলিতে মহা ৭.৩১৮১। (মালতী) লুলিতৈরঙ্গকৈস্তাম্যতি মা মা ১.১৫। ১৩ অর্দ্ধমুকুলিত (টীকা)। "প্রেমোদ্ভেদস্তিমিতলুলিতম্ (দৃষ্টম্) মা মা ৪২। ১৪ কলুষ, কলুষিত। "লুলিতং মনঃ রা২ ৪৩২৯, শোকাশ্রুলুলিতাননা ৬৫১৮।

লু(লো)স সর্ম [সং √লুষ্—স্তেয়] ভরপেট খাওয়া। "টিকে যথা-তথা অন্ন লুসি।—দা ১৯৯৭। দোয়ারেরা এক পেট ফির্নি, মেটো, ঘণ্টো ও আটা-নেবড়ান লুসে…বসে আছেন।—হু ৩৮, (গোঁসাইরা) পেট ভরে মাল্লো ও ক্ষীর লোসেন ৬৮। (প্রেয়সী) আজ এক মাস কুঁড়েপাত লুসচেন।—জা ৩০।

লুহ বি মরুভূমিতে প্রবাহিত বিষাক্তবায়ুবিশেষ; লু (?)। "কোথায় 'সিরকো' কোথা 'লুহ' নামধর (ঘোর বায়ু)।—রঙ্গ ২১।

লূ সক [ক্র্যা, উ—লুনাতি, -নীতে, সেট্] ছেদন।

লূতা স্ত্রী [√লূ+ত (ক্ত)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ যে তন্তুজাল করিয়া ছেদন করে (অ টী), ঊর্ণনাভ, মাকড়সা। "মনু ১২৫৭। ২ রোগ-বিশেষ (সুশ্রুত)। ৩ পিপীলিকা। —তিকা স্ত্রী সর্ব 'লূতা (১)। [°তন্তু (পুং)—লূতাসূত্র, লূতাজাল। "লূতাতন্তু-জালিকায়, বরটা কি ধরা যায়।—রঙ্গ ৩৮। °পট (পুং)—লূতাসূত্র। "লূতাপটাজশবলম্ (যদ্গৃহম্)।—বৃহৎসংহিতা ৪৬.৭৯। °পট্ট (পুং)—লূতার পট্টতুল্য, লূতাডিম্ব। [লূতার ডিম্বকোষের আবরণ পট্টতুল্য।] °মর্কটক (পুং) —বানরবিশেষ।]

লূতিকা দ্র 'লূতা'।

লূন বিণ [√লূ+ত (ক্ত)-র্ম] ১ ছিন্ন, খণ্ডিত। "অপশ্যং তস্য পিতরৌ লূনপক্ষাবিব দ্বিজৌ রা ২.৬৪৪। পরবাণলূনাঃ…পৃষৎকাঃ রঘু ৭৪৫। কিসলয়মলূনং কররুহৈঃ শ ২.১০। ২ উপচিত। "স্বহস্তলূনঃ (পুষ্পোচ্চয়ঃ) কু স ৩৬১। ৩ বিদ্ধ। "কণ্টকৈর্লূনপক্ষো মধুপঃ (S.W.)। ৪ ছিন্ন-ধান্য। "°কেদারশেষধান্য মনু ৩১০০, কুল্লুক। ৫ বিধ্বস্ত, ক্ষপিত। "°দুষ্কৃত। —ন স্ত্রী লাঙ্গুল। —নক বিণ ছিন্ন। —নি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ছেদন। [°বিষ (বিণ)—লাঙ্গুলবিষ (বৃশ্চিকাদি)]

লূনক, লূনি দ্র 'লূন'।

লূম স্ত্রী [√লূ+ম (মক)-র্ম, লোম > লূম (?)] লাঙ্গুল (অ কো)।

লে[১] বি [নেহ > লেহ, লে] প্রেম, প্রণয়। "ব ১৭৯।

লে[২] সর্ম [লি > লে] ১ গ্রহণ করা। "ললিতা লেহ কঙ্কণ, বিশাখা লেহ অঙ্গুরী ব প ১১৩১। কেহ লেই মুরলী, কেহ লেই মুরলি।—গো ৭৮। সেই স্নেপা ঘোড়া লেই শ্রী মা ১৩৩। লেহ রত্ন ধন চ.বি ১৩৩। ২ নীত করা, উপস্থিত করা। "কৈছে লেয়ব দুহুঁ বাসে।—ব ১০৮। ৩ গ্রহণ করা, জপ করা। "অধঃ করে লেন হরিনাম।—দু ৭। [লে লে করা—'ধর্ ধর্' বলিয়া আক্রমণার্থ কুকুরকে উত্তেজিত করা, লেলান। কিনি লেয়—কিনে, অর্থাৎ ক্রীত দ্রব্যের ন্যায় বশীভূত করে। "গাল বাদ্য কৈলে সদ্য শিবে কিনি লেয়।—দু ৬। মাগি, মাঙ্গি লেহ—প্রার্থনা করিয়া লও। "বর মাঙ্গি লেহ চ.বি ১১৫, বর মাগি লেহ ৩৩৯।]

লে[৩] দ্র 'লি'।

লেই বি [হি লেঈ, ড় 'লিহ্য়া'—খই, সং অবলেহ—লেহ > লেই (?)] অবলেহের ন্যায় ময়দা-ইত্যাদি চূর্ণের কাই।

লেউট অর্ম [নেউট > °ট] ১ প্রত্যাবৃত্ত হওয়া, ফিরা। "লেউটিয়া

মোর পানে চাহ চারমুখে।—ম ১৭; ক্রোধে লেউটিল দুর্য্যোধন ৬৪৯। লেউটি আসিব চৈ চ ১০৯। লেউটি আসিতে চৈ ম ১৯০। **২** প্রত্যাবর্ত্তন-পূর্ব্বক পিছান। "আগাইয়াছিলা প্রভু লেউটে সত্বরে চৈ ম ১৫৮। **৩** জীবিতাবস্থায় ফিরা। "দক্ষিণে গিয়াছে, যদি লেউটে আইসয় চৈ.চ ২০৩। **৪** নামিয়া মা-মুখে আসা। "অনেক যতন কৈল না লেউটে বিষ চৈ.ম ৭৬।

লেও বি [লাউ > লেউ] লাউ। "পেট্টা লেও আ হু ১২০।

লেওড়া বি [সং লগু, হি লৌড়া, ঠ লরড়া, মৈ লওড়া] শিশ্ন।

লেওয়া¹ বি [দ্র 'নেওয়া', 'ওয়া'] **১** মৃত্তিকাদির লেপ। **২** ডাবের মালার লগ্ন লেপসদৃশ পাতলা শাঁস। **৩** ঘরের চালের উলুখড়ের পাতলা ছাউনী। "লেওযা ধরা (চব্বিশপরগনা)।

লেওয়া² সর্ম্ম [লওয়া > °য়া] **১** নীত করা, উপস্থিত কবা। "তোমার নিকটে লেওয়ায় আমা তোমায় প্রেমবলে চৈ চ ২৬৯। **২** সর্থ 'লওয়া'।

লেংটা, লেঙ্গটা বিং [নেংটা, নেঙ্গটা > °টা, °ঙ্গটা] উলঙ্গ। "আসিতে লেঙ্গটা রাজা যাইতে যাবা শৈষ্ঠ ম গা ৬। জামাই লেঙ্গটা বি পা ৪৯। খসে পড়ে বাঘছাল ধাইল লেঙ্গটা। শ্রী ১৫১। মধ্যে দাঁড়াইব লেংটা হয়ে ম ম ২৪। জামাই লেঙ্গটা ভা চ ৭৭, বর হইল লেঙ্গটা ৮০।

লেঁজা, লেজা² বি [নেজা, -প্পা > লেজা, লেঁজা] সর্থ 'নেজা'। "লেজা ক চ ২৪৩, ভা চ ২৬৫। লেঁজা শ্রী ম ২২৩।

লেকিন দ্র 'লেকেন'।

লেকে(কি)ন অব্য [আ লেকিন্] কিন্তু। "ও লেকিন ভুল গিয়া সব বি সু ৯। মোর দেল বড় চায়,…ভাল ভাল বেওির বিচে ফিরি, লেকেন রোপেয়া কড়ি কিছুই দেখি না আ হু ১০৯, ১২৩। লেকিন আমার সাম্‌নে যদি আমার বিবীর গায় হাত দেয়,…তা হলি তো আমি তখনি সে হারামজাদা বেটার মাথাটা টান্তে ছিঁড়ে ফেলাব।—মা ৩৩২।

লেক্‌চর বি [lecture] বক্তৃতা। [°বাজ—কেবল বক্তৃতায় পটু (কার্য্যে নহে)। লেক্‌চার ঝাড়া—বাগাড়ম্বরপূর্ব্বক বক্তৃতা করা। লেকচর দেওয়া—বক্তৃতা করা।]

লেখ¹ পুং [√লিখ্ + অ (ঘঞ)-ভা] **১** লেখন। '°সাধন। **২** চিত্রীকবণ, অঙ্কন। "পত্রক চিত্রক লেখ।—ব ৬১। **৩** [+ অ-র্ম্ম] লেখ্য, দলীল। **৪** পত্র। 'অনঙ্গ° কু স ১ ৭। মদনলেপ শ ৩২/১০। মাঘ ২.৭০। **৫** [লেখা + অ (অচ্)] 'গ্রীবা হস্ত ও পদে প্রশস্তরেখাবান্' (অ টী), সুর, দেবতা। **৬** দেবতাগণবিশেষ। "মহা ১৩ ১৮ ৭৪। [°পত্র (ক্লী), °পত্রিকা (স্ত্রী)—পত্র লেখ্য, দলীল। °সন্দেশ (পুং)—পত্রলিখিত বার্ত্তা, লিখিত সংবাদ। "°সন্দেশহারিন্। °সাধন (ক্লী)—লেখনোপায়, কলম। °হার, °হারক (পুং)—পত্রবাহক। "°হার ক সা ৫ ৬৫, °হারক ৩৯ ১৯০। °হারী (-রিন্) বিণ—পত্র-বাহী। "°হারিষু মনু ৭ ১৫৩, কুল্লুক।]

লেখ² দ্র 'লিশ'।

লেখক পুং [√লিখ্ + অক (ণ্বুল্)-ক] **১** লেখনকারক, লিপিকর, কেরানী। "গণেশোঽপি যভূব কিল লেখকঃ মহা ১ ১ ৭৯, ২ ৫ ৭২। কূটরাজাজ্ঞা° মনু ৯ ২৩২, কুল্লুক। **২** চিত্রশিল্পী, চিত্রকর। **৩** লেখ্য-কারক, দলীললেখক। 'যাজ্ঞ ২ ৯০। **৪** (বাঙ্‌লায়) গ্রন্থাদির রচয়িতা (author)। [°দোষ, °প্রমাদ (পুং)—লেখকের অনবধানতা, লিপিকরপ্রমাদ।]

লেখন বিণ [√লিখ্ + অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] **১** লিপিকারক, চিত্রকর, রেখাকারক। **২** উত্তেজক, রুক্ষ (stimulating)। "সুশ্রুত ৬.১৮ ৬। —খন স্ত্রী [+ অন-ভা] **১** অক্ষরবিন্যাস, লেখা। "°সাধন **২** চিত্রকরণ, অঙ্কন। **৩** ছর্দ্দন (মেদিনী)। **৪** ছেদ (ত্রিকাণ্ডশেষ)। —খন পুং [+ অন-ণ] **১** 'লেখনসাধন' কাশ। **২** (বাঙ্‌লায়) পত্র। "গো চ ৭৬। উড়ায়ে লেখন মোর বায়ুকুলরাজা, কেন রাজপদ-তলে।—মা ৯৪, বিরহলেখন পরে লিখিলে লেখনী, যায় ১৬৭।
—খনিক পুং [°ন + ইক (ঠন্)] **১** পত্রহারক। **২** লেখক। **৩** স্বহস্তে বা লেখনাক্ষমতা হেতু পরহস্তে লেখক (মেদিনী)। —খনী স্ত্রী [°ন + স্ত্রী ঈ (ঙীপ্)] **১** 'লেখন-সাধনী', অক্ষরতুলিকা, কলমমাত্র। "সুরতরু লেখনী শ্রী মা ৩, ৯৮, ১৬৭। **২** তুলি (painting brush)। **৩** খটিকা। **৪** দর্ব্বি, চামচ। "ঘৃত°। **৫** [+ অন-ধি] ভূর্জ্জ। **৬** তালপত্র। [°সন্দেশ (বি)—লিখিত সংবাদ। "জ.প ৫। °সাধন (ক্লী)—লেপনকরণ, কলম ইত্যাদি। "শ ৩১/২।]

লেখনিক, লেখনী দ্র 'লেখন'।

লেখনীয় বিণ [√লিখ্ + অনীয় (অনীয়র্)-র্ম্ম] **১** লেখিতব্য **২** রুক্ষতাজনক। "সুশ্রুত ৬.১৮ ৬। —নীয় ক্লী (ব্যবহারে) দোষ-ক্ষালনার্থ লিখিত উত্তর।

লেখা¹ স্ত্রী [√লিখ্ + অ (অঙ্)-ভা, গুণ, পা ৩ ৩ ১০৪, কাশিকা] **১** বর্ণন্যাস, লেখন। "লেখা কিমধিকমিতি শ্রী ২৪৬। **২** চিত্রীকরণ, অঙ্কন। "আলেখ্য° (S W)। **৩** মুখ বাহু বক্ষঃ ইত্যাদি অঙ্গে চন্দনাদিকৃত অক্ষরচনা। **৪** [+ অ-র্ম্ম] লিখিতবিষয়। "লেখা হি কাললিপিতা সর্ব্বথা দুরতিক্রমা।—হ ১৯২ ২৭। ভাগ্যের লেখা।—ম ৫২৪। পুণ্যের লেখা ক চ ৪৫, ১৩০। **৫** রেখা, রাজি। "বিদ্যুৎ°, মদ°। চতুর্লেখ রা ৫ ৩৫ ১৮। ভ্রূবোবাযতলেখয়োঃ কু স ১ ৪৭। জাহ্নবীফেন°।—হি ১ (মঙ্গলাচরণ)। জাহ্নবীর ফেণলেখা।—মে ১৫৩। গ্রাম হ'তে উঠে ধূমলেখা, সন্ধ্যাকালে চ কা ১৪৫। **৬** রাজি ছটা। "জ্যোতির্লেখাবলয়ি বর্হম্ পূ মে ৪৪। **৭** পঙ্‌ক্তি, শ্রেণী। "উরঙ্গ° রঘু ৬.২৬। **৮** রেখাকৃতি চন্দ্রকলা, কলা। "চান্দ্রমসীব লেখা কু.স ১ ২৫। ইন্দু° কি ৫ ৪৪। প্রতিপচ্চন্দ্র° ক সা ৪ ২৯। **৯** হলপদ্ধতি, হলকর্ষণচিহ্ন। **১০** মুদ্রা, ছাপ। "সযাবকসব্যপদলেখা কি ৫.৪০। **১১** চিহ্ন। "মৃগ° রঘু ৮ ৪২। পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা।—মে ১২। সে মুখে বিধুর দেখা, ঈষৎ গোঁপের রেখা, যেন শশলেখা দেখা যায় বা দ ১৫২। যেখানে অস্ত্রের লেখা ব্যথাও তথায়।—ন ৪২১। **১২** (রেখাসাদৃশ্যে) সীমা, প্রান্ত। "তটলেখাস্থিতমাত্মসৈন্যচক্রম্।—কামন্দক। **১৩** দিগন্ত, চক্রবাল। **১৪** শিখা, চূড়াগ্র। **১৫** স্থল, ভাগ। 'বধূমুখং পাটলগণ্ড-লেখম্ রঘু ৭ ২৭, দৈত্যস্ত্রীগণ্ডলেখা ১০ ১২। গণ্ড° কু স ৭ ৮২। কি ১৬ ২।

লেখা² বিং ['লেখা¹—মূল] **১** লিখিত। 'নিজ বীজমন্ত্র লেখা দিলা নিরঞ্জন শ্রী মা ১১। বিগ্রহবার লেখা শ্রী ২৪৬। হরিনাম লেখা ভা.চ ১৫১। বক্ষে 'হত' চিহ্ন লেখা।—হেম ১০৭। (তিলোত্তমা) আবার বস্ত্র দিয়া মুছিলেন, তথাপি বোধ হইতে লাগিল যেন লেখা রহিয়াছে 'কুমার জগৎসিংহ'।—ব প্র ১৮। **২** অঙ্কিত। "বিষ্ণুরথ লেখা তায় বকাসুর-বধ শ্রী.মা ১৯৩। লেখা চিত্রপটে ব প ৯৭৩। শঙ্খ পদ্ম লেখা চ.বি ১৩৫,-৫৫,-৫৮। লেখা ভালে অঞ্জনের রেখা।—মে ৮৩। —খা বি **১** লেখ্য, দলীল। "মানি নে ও-সব খতপত্র, কিসের লেখা?—দা ৬১৮। **২** লিখিত হিসাবেব কাগজ। "মৈনামতীর নামে লেখা ফেলিল ফারিয়া ম গা ১৩। (গোর্থ) লেখা পাইল গে বি ৪৭। **৩** হিসাব, দর। "কেনে বস্তু শত্তে শত্তে লেখা ক চ ৭৫। **৪** হিসাব। "লেখা করি নিল বীর অজুরীর ধন ক.চ ৭৫। চৈ ২০৪। বেসাতি কড়ির লেখা ভা.চ ২৮৫। খাই-দাই লেখা দিব শেষে বি.সু ৩৭। শি ৩৪। **৫** গণনা। "শতকোটি অর্ব্বুদে মহার্ব্বুদ লেখা।—কৃ ২৩৯। ভূত প্রেত পিশাচের লেখা নাহি জানি ক চ ২৯। চৈ ম ৫ । চৈ ২০৪। উচ্চৈঃশ্রবা উচ্চৈঃ-

এখন অক্ষের লেখায় ভা.চ ২৬। ৬ পরিমাণ। "ঘরে যত আশি, লেখা নাহি আশি ক.চ ৩১। ৭ তুলনা। "তিন জনের ভক্ষ্য পিণ্ড তোমার এক গ্রাস। তার লেখে এ অন্ন নহে পঞ্চগ্রাস॥—চৈ.চ ৮৫ ; ১৭১। (শুল্কা দান) করে যত লেখা নাহি দিতে ম.প ১৭৩। ৮ গণনা, ধ্যানে ব্রহ্মা শিব যাঁর নাহি পান লেখা। তুমি আমি ঘরাট, তাহাতে কিবা লেখা॥—ম ৫৪০। শ্রী ৩৯। ৯ পত্র। "মন্ত্রী বলে কোথা লেখা তুমি আন দেখি।—ম ১২০০। ১০ রেখা, অণুমাত্র। "বুদ্ধির নাই লেখা শি ৩১। ১১ বর্ণনা। "এক মুখে কি দিব মহিমা-গুণ-লেখা শ্রী.মা ১৩১,-৫৮। [লেখা-জোঁখা, -জোখা, -যোঁকা, -থা (লেখা-যোগ?) —১ গণনার যোগ ; সংখ্যাকরণ, হিসাব-কিতাব। "লেখা-জোঁখা নাই দ্রব্য চলিল বিস্তর কৃ.উ ৪। লেখাযোখা।—কৃ ২৮৭। গড়ে সৈন্ত নাহি লেখা-যোখা ব.প ৬৯৬। °যোখা ম.ম ১০২। ডিঙ্গা লেও লেখা-যোঁকা করি বা.ম ৪০১। লেখা-জোখা ক.চ ১৪ ; ভ.গ্র ৪৪৭ ; ভা.চ ২৮৪ ; শি ৩৪। খুজয়ায় লেখা-জোখা বড়ই উৎপাত ঘি.সু ৩৬। ২ বিচার-বিতর্ক। "তুমি পরমসখা, যদি হে দিলে দেখা, কি আর লেখা-যোখা করিয়া বা দ ৫৩। লেখা-পড়া—১ বিদ্যালাভ। "তোমার জেতের লেখা-পড়া।—দা ১১২। ২ দলীল লেখা। "লেখাপড়ার কথা সহজে বলিতে পারিলেন না ব.প্র ২৫৫। ৩ লেখন, লেখা। "লগ্নপত্র লেখাপড়া করি গো এখনি ব.প ৯৩৯। ভক্তির নাই লেখা—ভক্তির সীমা নাই, অর্থাৎ বর্ণনাতীত ভক্তি। "ভব্য অতি ভূপতি ভক্তির নাই লেখা শ্রী মা ৪৫। শকে যাই লেখা—শকজাতিতে পরিগণিত হই, শক হই। "মল্ল শারঙ্গ-ধল মাল শকে যাই লেখা শ্রী ৬৭।

লেখা৩ সর্ম [লিখ+আ৮] লেখান। "যে কিছু লেখাও লিপি শ্রী ২। লেখালা শ্রী.মা ৪৩। লেখাইলা চ বি ৩। চৈ.চ ১৪২। কৃ.চ ৬১। [লেখান—লিখিত করান।]

লেখাবিধি পুং [কর্ম্মধা] লেখনকর্ম্ম ; চিত্রকার্য্য।

লেখালিখি বি [লিখ২-আ+লিখ-ই] ১ পরস্পর পুনঃপুনঃ লেখা বা পত্রব্যবহার। ২ কোন বিষয়ে উত্তরপ্রত্যুত্তর-প্রবন্ধ পুনঃপুনঃ লেখা।

লৌকিকাগ্নি পুং [কর্ম্মধা] বিধানপূর্ব্বকসংস্কারশূন্য-অগ্নি, অসংস্কৃতাগ্নি। "ন পৈত্রযজ্ঞিয়ো হোমো °গ্নৌ বিধীয়তে (শ্রাদ্ধতত্ত্ব)।

লৌক্য বিণ [লোক+য (ষ্যঞ্)] ১ সর্ব্বলোকে বিদ্যমান (নীলকণ্ঠ)। "তেজো লৌক্যম্ মহা ১৩.৩০.৩২। ২ লোকে বিদিত ; লোকব্যবহার-সিদ্ধ। "চতুষ্পাদস্ত্বয়া ধর্ম্মশ্চিতো লৌক্যেন কর্ম্মণা মহা ৫ ১২৩.৭।

লৌমহর্ষণি পুং [লোমহর্ষণ+ই (ইঞ্)] লোমহর্ষণপুত্র ; উগ্রশ্রবাঃ, সৌতি (দ্র 'মহা ১.১.১)। "মহা ১.১.৮ ; ১.৫.১।

লৌল্য ক্লী [লোল+য (ষ্যঞ্)] ১ লোলভাব, চাঞ্চল্য। ২ তৃষ্ণা, স্পৃহা। "স্বপ্ননিবৃত্তলৌল্যঃ রঘু ৭.৬১। ৩ লোভ, লোলুপতা। "মাগেন লৌল্যাৎ (উপাত্তং তৎ) রঘু ১৬.৭৬। পঞ্চ ৫.৬৯। ৪ ঔৎসুক্য। "রঘু ১৯.১৯। ৫ চাঞ্চল্য, অসংযম। "ইন্দ্রিয়° ভ ৭.১৫.১৯। জিহ্বা°। —পঞ্চ ৫ ৯/৮ ১/৬।

লৌহ বিণ [লোহ+অ (অণ্); স্ত্রী -হী] ১ লোহবিকার, আয়স, লৌহনির্ম্মিত। "লোহাভরণ গো.রা ১.৬০ ১২। যাজ্ঞ ২.১০৭। ২ সুবর্ণাদি-ময়, স্বর্ণাদিরচিত ; ধাতুময়। "লৌহী (প্রতিমা) ভ ১১.২৭.১২। ৩ লোহিতছাগসম্বন্ধী। —হ ক্লী ১ ধাতুবিশেষ, লোহ। "°ভারসহস্র ভট্টি ১৫.৫৪। ২ ধাতুমাত্র। ৩ কাঞ্চনবৃক্ষজ পুষ্পাদিশাক (নীলকণ্ঠ)।

"মহা ১৩.৮৮.১০ । ৪ (বাঙ্লায়) লৌহঘটিত অম্লনাশক ঔষধবিশেষ । "সেঙ্গ অন্ন পুরাতনে, লৌহ খাবে সযতনে।—দা ৩৬২। —হা² স্ত্রী কড়িলী, লৌহপাত্রবিশেষ (kettle)। [°কার (পুং)—কর্ম্মকার, কামার। °বন্ধ (পুং, স্ত্রী)—লৌহময় শৃঙ্খল , হাতকড়ি। °জ, °মল (স্ত্রী)—মণ্ডুর। °ভাণ্ড (পুং)—লৌহপাত্রবিশেষ, হামানদিস্তা (শ.ক) ; (স্ত্রী)—লৌহপাত্র। °শঙ্কু (পুং)—লৌহকীলক, পেরেক ।]

লৌহকণ্টক বি ১ নোঙ্গর (anchor)। "লৌহকণ্টক দিয়া নৌকা রাখে নীরোপরে ম.পা ১৪০। ২ বড়িশ, বড়শী। "ম.পা ১৪৯ ।

লৌহবর্ত্ম বি লৌহময় পথ , রেলপথ।

লৌহভীম বি লৌহরচিত ভীমের প্রতিমূর্ত্তি। "ম ১২৭১ । [দুর্য্যোধন এই লৌহময় ভীমমূর্ত্তি নির্ম্মাণ করাইয়াছিলেন। ধৃতরাষ্ট্র আলিঙ্গনচ্ছলে ভীমকে নিহত করিবার ইচ্ছায় হস্ত প্রসারণ করিলে, কৃষ্ণ ভীমের পরিবর্ত্তে লৌহভীমমূর্ত্তি প্রদান করেন। ধৃতরাষ্ট্রের সুদৃঢ় আলিঙ্গনে লৌহ-ভীম চূর্ণ হয়। "মহা ১১ ১২শ অধ্যায় । ম ৯৯৫ ।]

লৌহা¹ বি [হি °হা] লৌহ। "লৌহার মাজুষ বা.ম ২৫৭ , লৌহাব বাসরে ৩০৮ , ৩২০ , ৩২৪ ।

লৌহা² দ্র 'লৌহ' ।

লৌহাচার্য্য পুং [ষ.ত] লৌহময়দ্রব্যনির্ম্মাণের উপদেষ্টা , ধাতুপণ্য-নির্ম্মাণের গুরু ।

লৌহায়স বিণ [লোহায়স+অ (অণ্)] লোহায়সরচিত ; তাম্রময় ।

লৌহিত্য পুং [লোহিত+য (ষ্যঞ্) স্বার্থে] 'লোহিতনদ', ব্রহ্মপুত্র । "গো.রা ৪.৪০.২৬ । মহা ১ ২ ৩৬৬ , ২.৯ ২২ । [°ত্যা (স্ত্রী)—দ্র 'রঘু ৪ ৮১, মল্লিনাথ ।] —হিতা স্ত্রী লোহিতভাব, রক্তবর্ণ ।

ব

ব—ইহা একোনত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং শেষ অন্তঃস্থ বর্ণ । [ব-কার উচ্চারণ করিতে হইলে অধরোষ্ঠের আভ্যন্তর ও বাহ্য ভাগদ্বয় দ্বারা উত্তরদন্তাগ্র, অর্থাৎ ঊর্দ্ধদন্তপঙ্ক্তির অগ্রভাগ স্পর্শ করিতে হয় , অতএব ব-কারের উচ্চারণে অধরোষ্ঠের আভ্যন্তর ও বাহ্য ভাগদ্বয় করণ এবং উত্তরদন্তাগ্র স্থান (তৈ ২.৪৩) । 'রকারস্য দন্তোষ্ঠম্ পা ১.১.৯, সি । দ্র 'বর্গীয় ব¹, য¹ ।

শ

শ¹—ইহা ত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং প্রথম উষ্মবর্ণ । [শ ষ স হ উষ্মবর্ণ । ইহাদের মধ্যে শ ষ স এই তিন বর্ণ যথাক্রমে স্পর্শস্থানে উচ্চারণীয় (তৈ ২ ৪৪), অর্থাৎ 'শ', সবর্ণস্পর্শবর্ণ চ-বর্গের স্থান তালুতে (ই-চু-য-শানাং তালু), 'ষ', সবর্ণ স্পর্শবর্ণ ট-বর্গের স্থান মূর্দ্ধায় (ঋ-টু-র-ষাণাং মূর্দ্ধা) এবং 'স', সবর্ণ স্পর্শবর্ণ ত-বর্গের স্থান দন্তে (৯-তু-ল-সানাং দন্তঃ) উচ্চারণ করিতে হয় ; অতএব উহাদের স্থান ও করণ সর্ব্বাংশেই তত্তদ্-বর্গেরই স্থান ও করণের তুল্য এবং স্থানানুসারে উহারা 'তালব্য', 'মূর্দ্ধন্য' ও 'দন্ত্য' উষ্মবর্ণ। সংস্কৃতে উচ্চারণভেদে উহাদের স্পষ্ট প্রতীতি হয়; বাঙ্লায় উচ্চারণে সেরূপ ভেদ নাই, 'ষ' 'স', 'শ'এরই ন্যায় উচ্চারিত হয় ; এই জন্য উহাদের পূর্ব্বে স্থানবাচক বিশেষণ যোগ করিয়া তালব্য 'শ', মূর্দ্ধন্য 'ষ', দন্ত্য 'স' বলিতে হয় । বাঙ্লায় এইরূপ উহাদের উচ্চারণভেদ না থাকিলেও, সংস্কৃতশব্দ বাঙ্লায় লেখার সময়ে সংস্কৃতানুসারে উষ্মবর্ণ লিখিত হয় । যেমন, 'শয়ন অশন আকাশ', 'সকল বসন আবাস', 'ষণ্ড দূষণ মহিষ' ; সর্ব্বত্র উষ্মবর্ণ শ-কারের ন্যায় উচ্চারিত হইলেও, সংস্কৃতানুসারে লিখিত হয় । পালি ও প্রাকৃতে স-কারের এবং মাগধী প্রাকৃতে শ-কারের প্রয়োগ হয় ; এইরূপ প্রয়োগ উচ্চারণমূলক, বোধ হয় । কিন্তু তদ্ভব বাঙ্লা শব্দে উভয় বর্ণের প্রয়োগ দেখা যায় ; উহা উচ্চারণমূলক নহে। যেমন, 'শিঙা সিঙা' 'শিঙায় সিঙায়' ইত্যাদি। 'ষাঁড়' শব্দ সংস্কৃতানুসারে ষ-কারান্ত । এরূপ স্থলে সংস্কৃতের অনুসরণ ভাল, বোধ হয় ।]

শ² পুং [√শো+অ (ড)-ক] ১ শিব। ২ তনূকারক, নাশক । "জগতী-শরণে যুক্তঃ কি ১৫ ৪৫। —স্ত্রী মঙ্গল। তু 'শম্' ।

শ³ স.বিং [সং শত > প্রা সঅ (পৈ), সয (হে) > বা 'শ' ; হি, প সৈ ; ঠ শেং , গু সো , সি সাউ ; মৈ সৌ ; অস শ] শতসংখ্যক । "একশ, দুশ ইত্যাদি । —স.বি ১ শত সংখ্যা । "এ বার বছর হইলে শ যদি পুরে ম গা ৮। ২ (তাসখেলা) সাতা আটা নয় দশ গোলাম সাহেব বিবি টেকা—ইহাদের মধ্যে পর-পর পাঁচখানা (ইহাতে প্রতিপক্ষকে ১০০ কোটা দেখাইতে হয়) । [শ-খানেক—প্রায় এক শত । শ-দুই—প্রায় দুই শত । শয় শয়—(সং শতশঃ)—শতে শতে অর্থাৎ একশ একশ করিয়া। "পোতা মাঝি আনি দেই বন্দী শয় শয় ক.চ ২৭৬ ; আম জাম দিল শয় শয় ৩১১ । শ-হিসাবে, শ-ধরনে—শ-দরে, শতসংখ্যক দ্রব্যের মূল্যানুসারে । একশ-বার—বারংবার, পুনঃপুনঃ ।]

শউচ বি [সং শৌচ > °চ, দ্র 'ঔ' ; অপ্র] শৌচ, স্নান । [কুঞ্জর শউচ —হস্তিস্নান । "ভ.গ্র ৪২০ ।]

শউল, শোল, শৌল, সোল বি [সং শকুল > প্রা *সউল > বা শউল, শৌল, শো(সো)ল ; হি সৌরী ; ঠ সৌরা (মরাঠী অমরকোশ) ; দ্র সেউল , শইল (চট্টগ্রাম, শ্রীহট্ট) ; শৈল (ময়মনসিংহ)] মৎস্যবিশেষ (Ophiocephalus striatus) । "শউলের খণ্ড ভাজে আর শউলর পোনা ব.প ২২২। শোল পুটি গো.চ ৯ । শোলপোনা ক.চ ১৫৬ । শৌল ম.ম ৬০ ; ৯৬ , ১৪৫ । শৌল শাল ভা.চ ১২৬ । সোল শি ৮৫ । শোল বা.দ ২৫৭।

শএয়ন বি [শয়ন > °ন (য় > ইঅ > এয়)] শয়ন । "ম.গা ২০ ।

শও, -ওয়া স.বিং [দ্র 'শ³'] শতসংখ্যক । "শও ('শওয়া'—পাঠান্তর) টাকা দেহ ভ.গ্র ৩৪৪ ।

শওগাত বি [দ্র 'সওগাত'] উপহার । "ব.প ১৬৮৩ ।

শংখিনী, শঙ্খিনী বি [অসাধু] সর্থ 'শঙ্খিনী' । "ম.গা ৪ ।

শংব বিণ [শম্+ব অস্ত্যর্থে] সর্থ 'শম্ব' । "মুগ্ধবোধ ৪৪৫ ।

শংযু বিণ [শম্+যু (যুস্)] বিদ্যমানসুখ, সুখী । "ভট্টি ৪.১৮ ।

শংস্ (শন্স্) সক [ভ্বা, প—শংসতি ; সেট্] ১ স্তুতি, প্রশংসা । ২ কথন (ক.ক) । "শংস মে কাসি কস্য বা ।—মহা ৩.৬৫.৫৩ । ৩ হিংসা । —স্ (শসি] সক [ভ্বা, ঙ (আ-পূর্ব্বক)—আশংসতে ; সেট্] ইষ্টার্থাশংসন । "কীর্ত্তিমাশংসতে পরাম্ (ক.ক) । ২ ইচ্ছা । [অভি—অভিশাপ, অপবাদ । আ—(আঙ্পূর্ব্বক ভ্বা, ঙ—আশংসতে) —১ আশা । "নাশংসে বিজয়ায় (বিজয়ার্থ আশাং ন করোমি—নীলকণ্ঠ) মহা ১.১.১৫০ । ২ কথন । "আশংসতা বাণগতিং বৃষাঙ্কে কু.স ৩.১৪ । ৩ আশঙ্কা । "(সঃ) আশংসমানঃ শমলং গঙ্গায়াং দুঃখিতোঽপতৎ ভ ১.১৩.৩৩ । প্র—প্রশংসা ।]

শংসন ক্লী [√শংস্+অন (ল্যুট্)-ভা] ১ স্তুতি, প্রশংসা । ২ কথন । "বিপ্রিয়° রা ২.৭৩.৩৯ । শ্রী.মা ৪৪ ; ৬০ । —সা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ প্রশংসা । "তদ্দানস্য শংসা ।—পঞ্চ ১.৭৬ । ২ বাঞ্ছা । ৩ কথন । ৪ শঙ্কা (টীকা) । "প্রিয়° রা ২.৭২.৪১ । —সিত বিণ [√শংসি+ত (ক্ত)-র্ম] ১ প্রশস্ত, স্তুত । ২ প্রশংস্য (নীলকণ্ঠ) । "মহা ১.১.১৬৩ ; সংশিতাত্মন্ ৭১.২৪ । ৩ কথিত । ৪ হিংসিত ; নিশ্চিত (ভ.বা) । —সিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ম ; স্ত্রী -ত্রী] স্তোতা । —সী (-সিন্) বিণ [√শংস্+ইন্ (ণিনি)-ক-১ম ;

স্ত্রী -সিনী] ১ কথনশীল, ভাষী। "প্রজাবতী দোহদশংসিনী তে রঘু ১৪.৪৫। ২ সূচক, ব্যঞ্জক। "পবনস্ত...প্রার্থনাসিদ্ধিশংসিনঃ রঘু ১.৪২, শুভ° ৩.১৪। আদরাতিশয়° মাঘ ৯.৭৭। অভিমতফল° ভট্টি ১.২৭। —স্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] প্রশংসনীয়, স্তুত্য।

শংসা, শংসিতা, শংসী দ্র 'শংসন'।

শক্ সক [দি. এ—শক্যতি, -তে ; অনিট্ ; মতান্তরে সেট্] মর্ষণ, ক্ষমা। "শক্যতি, -তে দুঃখং দীনঃ (ক ক)। —ক্ অক [স্বাদি, প —শক্নোতি ; অনিট্] শক্তি, সামর্থ্য। [উভয় ধাতুই সকর্ম্মক—যথা "শক্যোঽস্য মন্যুর্ভবতা বিনেতুম্ রঘু ২.৪৯, ৫৪। শক্যা মযেনাপি মুদোঽমরাণাম্ (নৈ)।—দুর্গাদাস (ক.ক)।]

শক[1] পুং [√শক্+অ (অচ্)-ক] ১ (বহুব) জাতিবিশেষ। "শকান্ ...অজয়ৎ মহা ২.৩০.১৪, ৩২ ১৭। (আমি) শারজধন মাল শকে যাই লেখা শ্রী ৭৬। কু.কে ১০৯। [রামায়ণে বসিষ্ঠধেনু শবলার গুহ্যদেশ হইতে ইহাদের উৎপত্তি। ইহারা পীতবর্ণ, পীতাম্বরধারী (বা ১.৫৪.২২, ৫৫.৩)। মহাভারতে (১.১৭৫.৩৬) নন্দিনীর প্রস্রাব হইতে শকের সৃষ্টি। মনুসংহিতায় (১০ ৪৪) ইহারা ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয়। হরিবংশে (১৪শ অধ্যায়ে) সগররাজ যে পরাজিত ক্ষত্রিয়গণকে অর্দ্ধমুণ্ডিতমস্তক করিয়া তাড়াইয়া দেন, তাহারা শক নামে অভিহিত হয়। দ্র 'ভ ৯ ৮ ৫-৬। আধুনিক ঐতিহাসিকের মতে মধ্য এশিয়ার প্রাচীন নাম শাকদ্বীপ। ইহারা শাকদ্বীপের অধিবাসী বিশেষ প্রতাপশালী। কণিষ্ক প্রভৃতি শকরাজ প্রসিদ্ধ।] ২ (বহুব) দেশবিশেষ। "মনু ১০.৪৪। ৩ শালিবাহনরাজ। [ইঁহার মৃত্যুদিন হইতে যে বৎসর গণনা হয়, তাহার নাম শকাব্দ বা শক। ইহা বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্ব্বে এবং খৃষ্টাব্দের ৭৮ বা ৭৯ বৎসর পরে প্রচলিত হয়।] ৪ [শক+অ (অঞ্), লোপ, পা ৪ ১.১৭৫] শকরাজ (কাশিকা)। ৫ (বাঙ্লায়) শকাব্দ। "শকে বস রস বেদ শশাঙ্ক গণিতা ক.চ ৩১৩। সেই শকে এই গীত ভারত রচিলা ভা.চ ৫৬২। [°কৃৎ (পুং)—শকাব্দ-প্রবর্ত্তক শালিবাহন। °কাল, °বৎসর (পুং), °বর্ষ (ক্লী)—শকাব্দ।]

শক[2], **সক**[2], **-খ** বি [আ শৌক্] ১ প্রবল ইচ্ছা, অতিস্পৃহা। ২ অনুরাগ, আসক্তি। "(নাটক) আমন্দে নটিনী মাগী শুনে অতিসক শ্রী.মা ৯৪। তাঁর এসব বিষয়ে এমনি সক যে, তিনি আসবেন।—হু ৩৯। ৩ কৌতূহল। "নাচ দেখার সক। ৪ সাধ, ইচ্ছা। "(কাজি সাহেব) জনতা শুনিয়া সখ করিয়া আসিয়াছিলেন ব প্র ৪৪৬। ৫ বিলাস। "সকের জিনিস। [সক করা—সাধ করা, বিলাসিতা করা। সক থাকা—অনুরাগ বা কৌতূহল থাকা। সক হওয়া—সাধ হওয়া, স্পৃহা হওয়া। সকের জিনিষ—বিলাসদ্রব্য। সকের দল—কেবল আমোদপ্রমোদের নিমিত্ত যাত্রা ইত্যাদির সম্প্রদায়।]

শক[3] অর্ম্ম [সং √শক্, লি, প্রা √সক্ক, হি, মৈ √সক, ঠ √শক, √সক ; গু √শক] সমর্থ হওয়া, পারা। "চতুর্দ্দিকে ফিরি দেখি যাইতে নাহি শকি।—ম ৫০৮। যতেক করিল, তাহা কহিতে না শকি চৈ.চ ৮৫।

শকট পু, ক্লী [√শক্+অট্ (অটন্)-ক, উ ৪ ৮১] ১ 'বহনসমর্থ', যান, গাড়ী। "রা ২.৩৬.৫, ৭.৯৩.৩। মনু ৫.১১৭। ২ শকটাকার। "যদি ভিন্তে দূর্ধ্যসুতো রোহিণ্যাঃ শকটম্।—পঞ্চ ১.২৩৪। ৩ শকটাকৃতি রোহিণী। "পঞ্চ ১ ২৩৪। ৪ শকটাকৃতি ব্যূহবিশেষ। [ইহার অগ্র সূচ্যাকৃতি, পশ্চাদ্ভাগ স্থূল (মনু ৭.১৮৭, কুল্লুক)।] —কট পুং ১ (শকটকাষ্ঠার্থ) তিনিশবৃক্ষ। ২ শকটপরিমিত ভার ; ২০০০ পল ; শাকটীন। ৩ কংসচর অসুরবিশেষ। [এই অসুর শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হয়।] ৪ শস্তকওনযন্ত্রবিশেষ। [°নীড় (ক্লী)—শকটমধ্যভাগ। °ব্যূহ (পুং) সর্থ 'শকট (৪)। °ভিৎ (-দ্), °হা (হন্) পুং—শকটাসুরঘাতক শ্রীকৃষ্ণ। °ভেদ (পুং)—রোহিণী নক্ষত্র দিয়া গ্রহের গতি। °সার্থ (পুং)—শকটসমূহ।]

শকটাক্ষ পুং [ষ.ত] শকটের অক্ষ বা ধুরা (axle)।

শকটারি পুং [ষ.ত] শকটাসুরের শত্রু ; শ্রীকৃষ্ণ।

শকটি, -টী[1] স্ত্রী [√শক্+অটি-ক, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] শকট। "শকটীশত রা ১ ৫০ ৪। —টিকা স্ত্রী [°টি, -টী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্র শকট, শিশুর ক্রীড়াশকট। "মৃ ১ম্ অঙ্ক।

শকটিকা, শকটী[1] দ্র 'শকটি'।

শকটী[2] (-টিন্) বিণ [°ট+ইন্ (ইনি)-১ব] শকটবান্, শকট-যুক্ত। —কটী পুং শকটস্বামী। "ক.সা ৬১.৩২৭।

শকড়ি দ্র 'সকড়া'।

শকন্ধু পুং [শক+অন্ধু, পররূপ, পা ১.১.৬৪, সি] শকদেশীয় কূপ।

শ(স)কর়কন্দ বি [সং শর্করা ; প্রা *সক্করা, ফা শক(ক)র ; হি শকর, ঠ সাখর, শকর+কন্দ ; ফা শকরক.ন্দ্] মিষ্ট আলুবিশেষ ; রাঙা-আলু। "সকরকন্দ।—দা ৯৭৭।

শকল পুং, ক্লী [√শক্+অল (কল) -ক, উ ১.১০৯ ; বৈদিক] ১ 'ঘাতসহনে সমর্থ' (?), একদেশ, খণ্ড, ভিত্ত। "হিরণ্য°।—শতপথব্রাহ্মণ ৩.৮.২.২৬। উভে শরীরশকলে মহা ২.১৬.৩৫। অন্ধকারম্ ...শকলানি কুর্ব্বন্ রঘু ২ ৪৬। শলাস্ত শকলঃ উ.চ ২.২৫। অস্থি°। —পঞ্চ ১.২৩৪। বিস° গী গো ৭ ২৫। ২ ত্বক্। ৩। বল্কল। ৪ মৎস্যত্বক্, শল্ক, আঁষ। "শকলী মৎস্যঃ, মৎস্যান্ শকলান্ (ভাষ্য—উ, টীকা)। ৫ শরাবাদি-খণ্ড, কপাল, খাপরা। "কলশ°, ঘটাদি° (SW)। মনু ৬.২৮। ৬ অণ্ডাবরণখণ্ড, অণ্ডকটাহ। "অণ্ড° (হ)। মনু ১.১৩। ৭ স্ফুলিঙ্গ। "কৃশানু° মাঘ ৫ ৯। ৮ চন্দ্রকলা। "তরুণশকলমিন্দো-র্বিভ্রতী (সরস্বতীধ্যান)। ৯ বিন্দু। "তুহিনশকলশীতলৈস্তবাঙ্গৈঃ উ.চ ৬.৮।

শকলী (-লিন্) পুং [°ল+ইন্ (ইনি)-১ব] শকলযুক্ত, মৎস্য।

শকলীকৃত বিণ [শকল+চ্বি (০)—শকলী+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] খণ্ডীকৃত, ছিন্ন। "(শাখী) বাণৈঃ °কৃতঃ রঘু ১৫.২০।

শকলেন্দু পুং [ষ ত, রাজদন্তাদি] ইন্দুখণ্ড, চন্দ্রকলা। "শকলেন্দু-মৌলিন্।—হ ১১১ ৫৫।

শকাদিত্য পুং [উপ স] 'শকশ্রেষ্ঠ', শালিবাহনরাজ।

শকান্তক পুং [ষ ত] 'শকনাশক', বিক্রমাদিত্যরাজ।

শকাব্দ পুং [ষ.ত] শকরাজশালিবাহন-প্রচলিত বর্ষগণনাভেদ।

শকার পুং [কর্ম্মধা] ১ 'শ' এই বর্ণ। ২ রাজার অনূঢ়া ভার্য্যার ভ্রাতা। [শকার, গর্ব্বিত মূর্খ অভিমানী নীচকুলজাত প্রভুত্বপ্রিয়। (সা.দ ৩.৪৪)। ইহার ভাষা মাগধী হইতে সিদ্ধ 'শ'-কার-বিশিষ্ট শাকারী প্রাকৃত ('শকারাণাং শকাদীনাং শাকারীং সংপ্রযোজয়েৎ (সা.দ ৬.১৬৩, পাঠান্তর)। 'শ'-কার হেতু ইহার নাম 'শকার'।]

শ(স)কার-বকার বি [শা(সা)লা-বান্চোৎ > °র (আদ্যক্ষরানুসারে)] অশ্লীল গালিবিশেষ। "সকার-বকার শব্দ করে সর্ব্বদায়।—চৈ ১৩। [°র উচ্চারণ করা—অশ্লীল গালি দেওয়া। °র মুখে লেগে থাকা—সর্ব্বদা অশ্লীল গালি দেওয়া। তু 'ষকারেন বা ভকারেন রাতি—ষকারভকারে বোভেন্তা বো অক্কোসো (ভিক্খুপাত্তিমোক্খ, পাচিত্তিয়া ২, টীকা)।]

শকারি পুং [ষ.ত] 'শকশত্রু', বিক্রমাদিত্যরাজ।

শকুন পুং [√শক্+উন (উনন্) -ক, উ ৩.৪৯] ১ 'দূরগমনে সমর্থ' (অ.টী) ; পক্ষী। "ঋগ্বেদ ৯.৮৬.১৩। গো রা ১.১ ১৮। মহা ৩.১০৮.৭। ম ৫৭। ২ 'দূরদর্শনে সমর্থ' (তু 'গৃধ্রস্তাদ্ দূরদৃষ্টিষ্টৈ—অধ্যাত্মরামায়ণ ৪.৭.৫৩), গৃধ্র, শকুনি। ৩ শুভাশুভফলসূচক পক্ষি-প্রভৃতি। "বৎ তজ্জ (শুভাশুভজ্ঞ) শকুনঃ।—বৃহৎসংহিতা ৮৬.৫। ৪ উৎসবাদিতে গেয়

শকুনবিশেষ (শ.ক)। —কুন ক্লী ১ শুভশংসী নিমিত্ত; শুভলক্ষণ। "পুনয়েব প্রবাক্সামঃ সিদ্ধয়ে শকুনাবিতাঃ ক.সা ৩২.৪৭। ২ শুভাশুভনিমিত্ত, নিমিত্তমাত্র। "অপশকুন মাঘ ৯.৮৩। শকুনাধিষ্ঠাত্রী দেবতা ক.সা ১২৪.১১১। এ শকুন অশুভ-আকর: এ শকুন অপশকুন।—মজ ২১০। [শকুনের (গৃধ্রের) বামাদি ভাগে স্থিতিভেদ অশুভসূচক (শ.ক)। বোধ হয়, ইহাই 'নিমিত্তে'র মূল।] [°জ্ঞ (বিণ)—শুভাশুভনিমিত্তজ্ঞ। "ক.সা ৩১.৫৩। °জ্ঞান (ক্লী)—নিমিত্তদর্শনে শুভাশুভফলজ্ঞান। °দ্বার (ক্লী)—অর্থসিদ্ধিকর পক্ষিসম্বন্ধী নিমিত্তবিশেষ। দ্র 'বৃহৎসংহিতা ৮৬.৫২। °বিদ্যা (স্ত্রী), °শাস্ত্র (ক্লী)—শুভাশুভনিমিত্তবিষয়ক শাস্ত্র।]

শকুনি পুং [√শক্+উনি-ক, উ ৩ ৪৯] ১ পক্ষী। "নানাশকুনিনাদিত রা ২.৩৪.৫১। মনু ৫.১১; ১৩০। উ.চ ৩ ২৫। °পত্র।—ম ৬২১। ২ গৃধ্র। ৩ চিল। ৪ কপিঞ্জল। "ঋগ্বেদ ২.৪২.১; ৪৩.৩। ৫ (জ্যোতিষে) করণবিশেষ। ৬ গান্ধাররাজ সুবলের পুত্র ও দুর্য্যোধন-মাতুল। [ইনি কপট দ্যূতে যুধিষ্ঠিরকে পরাজিত করিয়া নির্ব্বাসিত করেন। ইনি ক্রূরপ্রকৃতি ছিলেন। ভারতযুদ্ধে ইনি সহদেব কর্তৃক নিহত হন।] —কুনী স্ত্রী [°নি+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ শকুনিস্ত্রীজাতি, পক্ষিণী। ২ পক্ষিণীরূপধারিণী পূতনা। 'হ ৬৩ ১। "অনেন হি হতা বাল্যে পূতনা শকুনী মহা ৫ ১৩০.৪৬। ৩ বালপীড়ক গ্রহবিশেষ। "°প্রতিষেধ।—সুশ্রুত ৬ ৩০ ১। [°গ্রহ '-নী-' (পুং)—বালপীডক গ্রহবিশেষ, বিনতা। 'মহা ৩ ২২৯ ২৬। °প্রপা (স্ত্রী)—পক্ষিগণের পানার্থজলাধার। °বাদ (পুং)—পক্ষিরব, কুক্কুটরব।] [শকুনি মামা —(গৌণার্থে) ক্রূরপ্রকৃতি কুপরামর্শদাতা মাতুল বা আত্মীয়াদি।]

শকুনিক পুং [°নি+ক (কন্), পা ৫.২ ৬৪] শকুনিকুশল।

শকুনী দ্র 'শকুনি'।

শকুনীশ্বর পুং [ষ ত] 'পক্ষিরাজ', গরুড়।

শকুনোচ্ছিষ্ট বিণ [তৃ ত] পক্ষিভুক্ত, কাকাদিখাদিত (অন্ন)। "গোত্রাতং শকুনোচ্ছিষ্টম্ (অন্নং বর্জ্জয়েৎ) যাজ্ঞ ১ ১৬৮।)]

শকুন্ত পুং [√শক্+উন্ত-ক, উ ৩.৪৯] ১ পক্ষী। "মহা ১ ৪৬.৬। °নীড় শ ৭.১১; °লাবণ্য ৭$\frac{২ ০}{২ ১}$। ক্রীড়া° ।—পক্ষ ১,১৫০। ২ ভাসপক্ষী। ৩ কীটভেদ। —ন্তক পুং [°ন্ত+ক (কন্)] ক্ষুদ্র পক্ষী। —ন্তিকা স্ত্রী ১ ক্ষুদ্রপক্ষিণী। "গৃহ° উ চ ১.৪৫। ২ পক্ষিণী। "মহা ১.৬৩.৯৪।

শকুন্তক দ্র 'শকুন্ত'।

শকুন্তলা স্ত্রী [√লা+অ (যঞর্থে ক)-র্ম—'ল': শকুন্ত কর্তৃক ল (লাত, গৃহীত)—শকুন্তল+স্ত্রী আ (টাপ্), 'নির্জ্জনে তু বনে যস্মাচ্ছকুন্তৈঃ পরিবারিতা। শকুন্তলেতি নামাস্যাঃ কৃতঞ্চাপি ততো ময়া॥—মহা ১.৭২.১৬। শকুন্তৈঃ পরিবারিতা উপাত্তা (নীলকণ্ঠ)। শকুনি বেড়িয়াছিল নির্জ্জন কাননে। 'শকুন্তলা' নাম দিল তাহার কারণে॥—ম ৫৭।] ১ কণ্বের পালিতা কন্যা। [বিশ্বামিত্রের তপোবিঘ্নার্থ প্রেরিতা মেনকার গর্ভে বিশ্বামিত্রের ঔরসে ইঁহার জন্ম হয়। মেনকা সদ্যোজাত শিশুকে মালিনীতীরে পরিত্যাগ করিয়া প্রস্থান করিলে, বন্য পক্ষিগণ শিশুকে রক্ষা করিয়াছিল। কণ্ব কন্যারূপে প্রতিপালন করিয়া 'শকুন্ত-পরিবারিতা' সেই শিশুকন্যাকে 'শকুন্তলা' নামে অভিহিত করেন (মহা ১.৭২তম অধ্যায়)।] ২ (বাঙ্‌লায়) অভিজ্ঞানশকুন্তল নাটক।

শকুন্তলাত্মজ পুং [ষ.ত] শকুন্তলাপুত্র, ভরত। দ্র 'ভরত[২] (১)।

শকুন্তি পুং [√শক্+উন্তি-ক, উ ৩.৪৯] ১ পক্ষী। "অ.কো, সিংহাদিবর্গ ৩২। রত্ন্যুৎকণ্ঠাঃ কণন্ত শকুন্তয়ঃ উ.চ ৩.২৪। ২ ভাস পক্ষী। ৩ কপিঞ্জল। "ঋগ্বেদ ২.৪২.৩; ৪৩.১।

শকুন্তিকা দ্র 'শকুন্ত'।

শকুল পুং [√শক্+উর (উরচ্, র >ল)-ক, উ ১.৫২] "শক্তিযুক্ত", মৎস্যবিশেষ, শউলমাছ। "শুক্লযজুর্ব্বেদ ২৩.২৮। গো রা ৩.৭৬ ৯। মহা ১২.১৩৭.৩। ম ৪০০। ক.চ ২০৯। —কুলী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] রোহিতাকার মৎস্যবিশেষ, মৃগাল মাছ। [°গণ্ড (পুং) —যাহার গণ্ড শকুলগণ্ডতুল্য; শালমৎস্য।]

শকুলাদনী স্ত্রী [শকুলের অদন, ষ ত, স্ত্রী ঈ (ঙীষ্)] ১ শকুলের খাদ্য; চক্রাঙ্গী, কটুকী। ২ কক্কটশাক, কাঁচড়াদাম। ৩ কিঞ্চুলিকা, কেঁচো। ৪ জলপিপ্পলী। ৫ কট্ফল।

শকুলার্ভক পুং [ষ.ত] 'শকুলশিশুতুল্য', গণ্ডক, গড়ুই।

শকুলী দ্র 'শকুল'।

শকৃৎ ক্লী [√শক্+ঋৎ (ঋতিন্)-ক, উ ৪ ৫৮, শকৃৎ > শকন্ (দ্বিতীয়ার বহুবচনাদি বিভক্তিতে, পা ৬.১.৬৩); cf., Gr. skatos; L. cacare] ১ 'নিঃসরণসমর্থ', মল, বিষ্ঠা। "শ্রুত্বৈব শব্দং হি বৃকোদরস্য মুঞ্চতি সৈন্যানি শকৃৎ সমূত্রম্ মহা ৩.১১৯ ১৪। ২ গবাশ্বাদির পুরীষ। "ঋগ্বেদ ১.১৬১ ১০। শুক্লযজুর্ব্বেদ ৩৭.৯। (সা অসৃজৎ) শকৃতঃ শবরান্ মহা ১.১৭৫.৩৬। [°করি, °কার (পুং)—বৎস, বাছুর। "°করি পা ৩.২.২৪। °কীট (পুং)—গবাশ্বাদির পুরীষজাত কীট; গুবরে পোকা। °দেশ (পুং), °দ্বার (ক্লী)—'মলনির্গমস্থান', গুহ্যদেশ, পায়ু। °পিণ্ড, °পিণ্ডক (পুং)—মলপিণ্ড, গবাশ্বাদিমলপিণ্ড। "শকৃৎপিণ্ডক উ.চ ৪. ২৬। °ভেদ (পুং)—মলনিবেচন (সুশ্রুত)। °মূত্র (শকৃন্মূত্র) ক্লী —মলমূত্র, বিণ্মূত্র। "মহা ৬ ১ ১৮।]

শক্ত[১] বিণ [√শক্>ত (ক্ত)-ক, তু 'শকিত' (পা ৭.২.১৭, কাশিকা)] ১ সমর্থ, ক্ষম। "(নহি) সুরাণামীশ্বরঃ শক্তঃ প্রধর্ষয়িতুম্ রা ২.২৯ ৬। মনু ৯ ২০৭। ২ শক্তিমান্, বলবান্। ৩ দানসমর্থ। "মনু ১১ ৯। ৪ পটু, কুশল। "যাজ্ঞ ১.২৮। সিদ্ধি ঘুঁটি দিতে মোরে তুমি বড় শক্ত ভা চ ৮৫। ৫ সহনক্ষম। "শক্তোঽহং নাস্য খেদস্য।—বৃহৎসংহিতা ৩২.৪। ৬ শাসনসমর্থ। "শক্তোঽহং সর্ব্বভূতানাম্ গো রা ৩ ২৯.১৯। ৭ শক্যার্থবিশিষ্ট, অভিধাবৃত্তিতে অর্থপ্রকাশসমর্থ (শব্দ)।

শক্ত[২] বিং [ফা সখ্.ত্] ১ দৃঢ়, কঠিন। বিপ 'নরম'। "কামার বুড়ো হ'লে লোহা শক্ত হয়।—প্রবচন। ২ দুষ্কর, দুঃসাধ্য (কাজ)। ৩ দৃঢ়, অশিথিল (tight)। "শক্ত বাঁধন। ৪ দুশ্ছেদ্য, অচ্ছেদ্য। "শক্ত দড়ি। ৫ দুর্ব্বোধ, দুরধিগম (বিষয়)। ৬ কর্কশ, কড়া (কথা)। ৭ নির্দ্দয়। ৮ শোকদুঃখাদিসহ, কঠিন (প্রাণ)। ৯ উত্তেজক, কড়া (ঔষধ)। ১০ কৃপণ। ১১ কুটিল, ক্রূর (লোক)।

শক্তি স্ত্রী [√শক্+তি (ক্তিন্)-ণ (অ টা)] ১ সামর্থ্য, পরাক্রম, প্রাণ। "মনু ৭.১০। পরিগত° শ ৭ ৩৫। নিজশক্তিহীনোঽহম্।—হি ১$\frac{২ ৩ ২}{১ ৩ ১}$। ২ ক্ষমতা, পারগতা। "শক্ত্যা গুর্ব্বর্থমাহরেৎ মনু ২.২৪৫। যাজ্ঞ ১.৪৫। ৩ প্রতীকারসামর্থ্য। "ক্ষমা শক্তৌ রঘু ১ ২২। ৪ উদ্যোগ, উদ্যম। "কুরু পৌরুষমাত্মশক্ত্যা।—হি ৩১ (কথারম্ভ)। ৫ প্রভাবোৎসাহমন্ত্রজ রাজবল। "ত্রিসাধনা শক্তিঃ রঘু ৩.১৩। ৬ ঔষধের উপকারিতা বা গুণ। ৭ ব্রহ্মাদিত্রিমূর্ত্তিস্থিত সত্ত্বাদিগুণজাত সৃষ্টি-প্রভৃতি পরমাত্মার ক্রিয়াশক্তি। ৮ সত্ত্বাদিগুণত্রয়াধীন ঈশ্বরের যথাক্রমে জ্ঞানেচ্ছাক্রিয়ারূপ শক্তিত্রয়। ৯ পত্নীরূপা দেব-কার্য্যকারিণী শক্তি বা দেবী। "স জয়তি পরিণদ্ধঃ শক্তিভিঃ শক্তিনাথঃ মা.মা ৫ ১। [অষ্টশক্তি—ইন্দ্রাণী বৈষ্ণবী ব্রাহ্মণী নারসিংহী বারাহী মাহেশ্বরী ভৈরবী কৌমারী। নবশক্তি—পূর্ব্বোক্ত ইন্দ্রাণী-প্রভৃতি ছয় এবং রৌদ্রী কার্ত্তিকী সর্ব্বমঙ্গলা (ব্রহ্মবৈবর্ত্ত—শ.ক)। পঞ্চাশৎ মেধাদি বিষ্ণুশক্তি ও পঞ্চাশৎ বিরজাদি রুদ্রশক্তি। দ্র 'শ.ক'।] ১০ গৌরীদুর্গা-প্রভৃতি। [সিতা অসিতা ভেদে রুদ্রশক্তি দ্বিবিধ। সিতা হইতে শান্তপ্রকৃতি গৌরী-প্রভৃতির ও অসিতা হইতে উগ্রপ্রকৃতি দুর্গা-কালী-প্রভৃতির উৎপত্তি হয় (বায়ুপুরাণ)।] ১১ নটীকাপালিকী-প্রভৃতি কুলশক্তি (শ.ক)। ১২ গৌরী, দুর্গা। "°পুত্র। ১৩ লক্ষ্মী। ১৪ সরস্বতী।

১৫ 'এই শব্দে এই অর্থ বোদ্ধব্য' এইরূপ অনাদিসঙ্কেত ; শব্দের শব্দার্থ-বোধে সম্বন্ধ ; অভিধাবৃত্তি। বিপ 'লক্ষণা, ব্যঞ্জনা'। 'অস্মাচ্ছব্দাদয়মর্থো বোদ্ধব্য ইত্যাকারকোঽনাদিসঙ্কেতঃ শক্তি (তর্ককারিকা)। পদস্থ পদার্থে সম্বন্ধঃ (ন্যায়)। ১৬ শব্দের লক্ষণাবৃত্তি ও ব্যঞ্জনাবৃত্তি। 'সা.দ ২.৩। ১৭ প্রকৃতি। 'প্রধানং প্রকৃতিঃ শক্তিঃ (শ.ক)। ১৮ শিবলিঙ্গাধার যোনিপীঠ। ১৯ কবিত্ববীজরূপ সংস্কারবিশেষ (কা.প্র)। "শক্তির্নিপুণতা। —কা.প্র ১৩। ২০ কারণনিষ্ঠ কার্য্যকারক গুণ। ২১ নিপুণতা। ২২ কাম্ব, শর্ব্বলায়ুধ, শাবল। "রা ৬.১০০.২৯। রঘু ১২.৭৭। [কৃত্তিবাসী রামায়ণে ইহা 'শক্তিশেল'। ইহা ময়দানব কর্ত্তৃক মায়ারচিত অষ্টঘণ্টাযুক্ত মহারব ও অমোঘ।] ২৩ উভয়তঃ (দুই পাশে) তীক্ষ্ণ অস্ত্রবিশেষ। 'শক্তিশ্চোভয়তস্তীক্ষ্ণাম্ মনু ৮.৩১৫। ২৪ হস্তক্ষেপ্য পৃথুমূল লোহদণ্ড। 'শক্তির্হস্তক্ষেপ্যো লোহদণ্ডঃ পৃথুবুধ্নঃ মহা ১.১৯.১৩, নীলকণ্ঠ। ২৫ প্রাস, বরশা। ২৬ অসি। ২৭ কার্ত্তিকেয়ের আয়ুধ। "°ধর, °পাণি। [°কর (বিণ)—বলকর, শক্তিবর্দ্ধক। °ত্রয় (ক্লী)—দ্র 'শক্তি (৫, ৮)। °ধ্বজ (পুং)—কার্ত্তিকেয় (দশকুমার)। °নাথ (পুং)—শিব। দ্র 'শক্তি (৯)। °পাণি (পুং)—কার্ত্তিকেয়। °পাত (পুং)—বলহানি। °পুত্র (পুং)—কার্ত্তিকেয়। °পূজক (পুং)—শক্ত্যুপাসক, শাক্ত। °পূজা (স্ত্রী)—দুর্গাদিশক্তির পূজা। °প্রকর্ষ (পুং)—বলোপচয়, বলবৃদ্ধি। °বাদ (পুং)—শক্তিবিষয়ক মতভেদ। °বাদী (-দিন্) পুং—শক্তিবাদাবলম্বী, শাক্ত। °বৈকল্য (ক্লী)—শক্তিবিকৃতি, বলহানি। °ভৃৎ (পুং)—শক্তিধর, কার্ত্তিকেয়। °ভেদ (পুং)—শক্তিপার্থক্য; শক্তিবিশেষ। °মোক্ষ (পুং)—১ শক্তিক্ষয়। ২ শক্ত্যস্ত্রনিক্ষেপ। °শালী (-লিন্) বিণ—শক্তিমান্, শক্তিশ্লাঘী। °হর (বিণ)—বলনাশক। "কিমিব ন শক্তিহরং সসাধ্বসানাম্ মাঘ ৭.৫২। °হস্ত (পুং)—কার্ত্তিকেয়। °হীন (বিণ)—বলরহিত, দুর্ব্বল। "হি ১২৬৩১। °হেতিক (বিণ)—যাহার শক্তি আয়ুধ ; প্রাসিক, শক্তিযোধ।]

শক্তিগ্রহ বিণ [শক্তি+ √গ্রহ্ +অ (অচ্)-ক, উ.ত; পা ৩.২.৯, বার্ত্তিক] শক্ত্যস্ত্রধারক। —গ্রহ পুং ১ 'শক্তিধর', কার্ত্তিকেয়। ২ শিব। ৩ প্রাসিক (spearman)। ৪ [ষ.ত] শব্দশক্তিজ্ঞান, শব্দার্থবোধ।

শক্তিগ্রাহক বিণ [ষ.ত] শব্দশক্তিবোধক (কোশব্যাকরণাদি)। —গ্রাহক পুং 'শক্তিধারক', কার্ত্তিকেয়।

শক্তিধর বিণ [ষ.ত] ১ শক্তির ধারক ; শক্তিমান্। ২ শক্ত্যস্ত্রধারক। "বৃহৎসংহিতা ৫৮.৪১। —ধর পুং ১ কার্ত্তিকেয়। "ভ ৮.১৬.৩২। ম ৯৪৬। অভিনব যেন শক্তিধর ক.চ ২১২। মে ২৪৪ ; শক্তিধরাধিক শক্তি ২৫২। ২ প্রাসিক, বর্শাধারী।

শক্তিবান্ বিং [সং 'শক্তিমান্'] বলবান্। "ভ.প্র ১১১ ; ২৬২।

শক্তিমান্ (-মৎ) বিণ [শক্তি+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ বলবান্, বলী। "শক্রঃ শক্তিমতাং বরঃ গো রা ১.৪৮.৭। রঘু ১৭.৫৬। ২ সমর্থ, পারগ। "শক্তিমানপি রক্ষণে রা ২.৩০ ২৮ ; ৭.৩৫.১০। ৩ নিপুণ। ৪ উৎপাদনশক্তিপ্রচুর। "দ্রব্য° ভ ৩.১০.১৬। ৫ শক্ত্যস্ত্রধর। "শতঘ্নীপাশশক্তিমান্ মহা ১৩.১৭.১৩৪।

শক্তিশেল বি [সং শক্তি ; 'শেল' (শল্য) ; 'শক্তিনামক শেল' —'শমনের ভগ্নী শেল শক্তি নাম ধরে (কৃ ৩১৭)] শক্তি অস্ত্র। দ্র 'শক্তি (২২)। "কৃ ৩১৭ ; ৩৯১।

শক্তী স্ত্রী [শক্তি+স্ত্রী ঈ (ঙীষ্), পা ৪.১.৪৫] শক্তি অস্ত্র। "শক্তীকনকযষ্টিমান্ মহা ১৩.৫৩.৩০।

শক্তু পুং, ক্লী, বহুব [সক্তু > শক্তু (স > শ)] সক্তু, ছাতু। "যবপ্রস্থং তু তং শক্তূনকুর্ব্বন্ত তপস্বিনঃ মহা ১৪.৯০.৩৩। °মন্থ ; °শরাব ; °পূর্ণশরাব।—হি ৪২৯২। [°কার (পুং)—শক্তুকারক। "গো.রা ২.৯০. ২৬।]

শক্ত্যপেক্ষ বিণ [শক্তির অপেক্ষ, ষ.ত] প্রভাবাদিশক্তিত্রয়ের ও বলের অপেক্ষক। "মাঘ ২.৯৩।

শক্ত্রি পুং বসিষ্ঠের পুত্র, পরাশরের পিতা। দ্র 'বিশ্বামিত্র'।

শক্য বিণ [√শক্+য (যৎ)-র্ম ; স্ত্রী -ক্যা] ১ সাধ্য। "শক্যাস্তাঃ পরিরক্ষিতুম্ মনু ৯.১০। শক্যোঽস্য মন্যুর্ভবতা বিনেতুম্ রঘু ২.৪৯ ; ৫৪। উপায়েন হি যচ্ছক্যং ন তচ্ছক্যং পরাক্রমৈঃ।—হি ১.২১২। দ্রৌণি ডাকি কহে শক্য নহে নিবারণ।—ম ৯৮৫। ২ শক্ত্যাশ্রয় (শ.ক)। ৩ সাধনযোগ্য। "(তৎ কর্ম্ম) অশক্যম্ রা ১.৫৭.১৩। ৪ শব্দের অভিধাশক্তিবোধ্য ; বাচ্য (অর্থ)। বিপ 'লক্ষ্য, ব্যঙ্গ্য'। "শক্যোঽর্থোঽভিধয়া জ্ঞেয়ঃ (শ.ক)। ৫ (বাঙলায় ; অসাধু) সমর্থ। "দ্রৌপদীর ভোজনান্তে যাবে সেইস্থানে। সেবায় নহিবে শক্য ভাই পঞ্চজনে।—ম ৫১৩। [°প্রতি(তী)কার (বিণ)—শক্যপ্রতিবিধান, প্রতিবিধেয়। "হি ২৮২০। °সামন্ততা (স্ত্রী)—সামন্তরাজগণকে শাসন করার ক্ষমতা।]

শক্যার্থ পুং [কর্ম্মধা] শব্দের অভিধাবৃত্তি দ্বারা জ্ঞেয় অর্থ ; বাচ্যার্থ। বিপ 'লক্ষ্যার্থ, ব্যঙ্গ্যার্থ'। 'শক্যোঽর্থোঽভিধয়া জ্ঞেয়ঃ।

শক্র পুং [√শক্+র (রক্)-ক, উ ২.১৩ ; 'শক্র'—সমর্থ ইন্দ্র (ঋগ্বেদ ৪.১৬.৬)] ১ ইন্দ্র। "রঘু ৩.৩৯। ম ৯১৭। (ভূপতি) শক্রসম বিক্রমেতে বা.দ ৮৫। ২ কুটজবৃক্ষ। ৩ অর্জ্জুনবৃক্ষ। ৪ ইন্দ্রদেবতাক জ্যেষ্ঠানক্ষত্র। ৫ মন্বন্তরভেদে ইন্দ্রের সংখ্যানুসারে চতুর্দ্দশ (১৪) সংখ্যা। [°কার্ম্মুক, °চাপ, °ধনু (-নুস্) ক্লী—ইন্দ্রচাপ, রামধনু। "°ধনুস্ গো.রা ৩.৩৪.২৯ ; °চাপ ৪.২.৭। শক্রকার্ম্মুক—বৃহৎসংহিতা ৪৪.২৫। °কুমারী (স্ত্রী)—ইন্দ্রধ্বজস্থিত ক্ষুদ্র পতাকাদণ্ড। "বৃহৎসংহিতা ৪৩.৩৯। °কেতু (পুং)—শক্রধ্বজ। °ক্রীড়াচল (পুং)—মেরুপর্ব্বত। °গোপ (পুং)—ইন্দ্রগোপকীট। "হ ৬৭.৫। °জ (পুং)—কাক। °জিৎ (বিণ)—ইন্দ্রজেতা। "মে ২১২। (পুং)—ইন্দ্রজিৎ। "রঘু ১৪.৮৩। °দিক্ (-শ্) স্ত্রী—ইন্দ্রাধিষ্ঠিত পূর্ব্বদিক্। "মাঘ ৯.২৬। °পাত (পুং)—শক্রধ্বজের অবরোপণদিবস। "যাজ্ঞ ১.১৪৭। °পাদপ (পুং)—দেবদারু ; কুটজ। °পুরোগম (বিণ)—ইন্দ্রপ্রমুখ। "রা ২.৯১.১৩। °পুর (ক্লী), °লোক (পুং)—ইন্দ্রলোক, অমরাবতী। "°লোক মনু ৮.৩৮৬ ; °পুর (কুল্লুক)। °বাণাসন, °শরাসন (ক্লী)—ইন্দ্রধনুঃ। "°বাণাসন গো.রা ৪.৩১.১১। °বাহন (ক্লী)—মেঘ। °বীজ, °যব (ক্লী)—ইন্দ্রযব, কুটজবীজ। °ভবন, °ভুবন, (ক্লী)—ইন্দ্রলোক, স্বর্গ। °ভিৎ (-দ্) পুং—ইন্দ্রজিৎ। °মাতৃকা (স্ত্রী)—শক্রধ্বজাঙ্গযষ্টিবিশেষ। °মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং, °শিরঃ (-রস্)—বল্মীক, চোরমুড়া। °শালা (স্ত্রী)—যজ্ঞবাট, যজ্ঞভূমি। °সদঃ (-দস্) ক্লী—ইন্দ্রসভা। "মহা ৫.৪৭.৯। °সুত (পুং)—জয়ন্ত, বালী ; অর্জ্জুন।]

শক্রধনু বি [সং °নুস্] ইন্দ্রচাপ। "শক্রধনু-কান্তি।—মা ১৪৫। সম্মুখে তোরণদ্বার শক্রধনু স্ব.প্র ৬।]

শক্রধ্বজ পুং [ষ.ত] শ্রাবণ ভাদ্র বা আশ্বিনের শুক্লাষ্টমীতে ইন্দ্রপূজার্থ উত্থাপিত ধবাদিকাষ্ঠরচিত ধ্বজ। "গো.রা ৪.৪১.৫০। বৃহৎসংহিতা ৪৬.৭৪। [এই কেতু বা ধ্বজ শিব হইতে হরি প্রাপ্ত হন, পরে হরি হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে ইন্দ্র, ইন্দ্র হইতে চন্দ্র, চন্দ্র হইতে দক্ষ ইহা প্রাপ্ত হন। তদবধি রাজগণ এই শক্রধ্বজের উত্থান উৎসব করেন (দেবীপুরাণ—শ.ক)। দ্র 'ইন্দ্রধ্বজ'।]

শক্রাণী স্ত্রী [তু 'ইন্দ্রাণী,] শক্রপত্নী। "মহা ৫.১১.২২ ; ২৪।

শক্রাত্মজ পুং [ষ.ত] ১ অর্জ্জুন। "মহা ৩.৪২.১১। ২ জয়ন্ত।

শক্রায়ুধ ক্লী [ষ.ত] ইন্দ্রধনুঃ। "গো.রা ২.১০৮.১৮।

শক্রারি পুং [ষ.ত] 'ইন্দ্রশত্রু', শ্রীকৃষ্ণ। "পঞ্চরাত্র ৪.৩.৭৪।

শক্রাসন ক্লী [ষ.ত] ইন্দ্রের সিংহাসন। "মহা ৩.৪৩.২০।

শক্রোত্থান ক্লী [ষ.ত] ইন্দ্রধ্বজের উত্থান ; শক্রোৎসব।

শক্রোৎসব পুং [ষ.ত] শক্রধ্বজের উত্থানোপলক্ষ্যে করণীয় উৎসব-বিশেষ। "মহা ১.৬৩.২৭। [তপোনিরত উপরিচর রাজাকে শিষ্টপালনার্থ ইন্দ্র যে বেণুযষ্টি দিয়াছিলেন, রাজা সংবৎসরান্তে শক্রপূজার্থ তাহা ভূমিতে নিখাত করেন। তদবধি মহারাষ্ট্রাদি দেশে রাজগণ ভূমিতে যষ্টিনিখননোৎসব বা শক্রোৎসব করেন (মহা ১.৬৩তম অধ্যায়)। অদ্যাপি মহারাষ্ট্রাদি দেশে যষ্টিনিখনন দেখা যায় (নীলকণ্ঠ)। কালিকাপুরাণে ৮৮তম অধ্যায়ে ধবাদিবৃক্ষে কেতুনির্ম্মাণ, ভাদ্রশুক্লাষ্টমীতে বেদিতে কেতুপ্রবেশ, একাদশীতে কেতুর অধিবাসন, দ্বাদশীতে পূজা ও উৎসবের ব্যবস্থা দেখা যায়। দ্র 'ইন্দ্রধ্বজ'।]

শক্বরী স্ত্রী চতুর্দ্দশাক্ষরপাদ ছন্দোবিভাগবিশেষ। [বসন্ততিলকা, বাসন্তী ইত্যাদি ইহার অন্তর্গত (ছন্দোমঞ্জরী)।]

শগড় বি [সং শকট, হি, মৈ সগড] ভারবহনার্থ গাড়ী, ছেকড়া (cart)। "ক চ ২৬৪। শ্রী ম ২২৩।

শগড়ি দ্র 'সকড়া'।

শঙ্ক্ (শকি) অক [ভ্বা, ঙ—শঙ্কতে, সেট্] শঙ্কা, ত্রাস। —স্ক্ সক [পূর্ব্ববৎ] সংশযাবোপ। "শঙ্কতে পুরুষত্বং স্থাণৌ, স্থাণুর্বা পুরুষে বেতি সংশযমারোপযতীত্যর্থঃ (ক ক)। [আ—আশঙ্কা।]

শঙ্ক সর্ম্ম [সং √শঙ্ক্] ভয় করা। "সরস চন্দন পঙ্কে। আল, দেহে বিষম শঙ্কে।—শ্রী.কী ৩৭৮। শঙ্কিবা দুষ্ট দুর্য্যোধন ম বি ১৩।

শঙ্কট বি [স° সঙ্কট, তু 'শঙ্কব', অসাধু] সঙ্কট, বিপদ। "শূল ধবি শঙ্কটে সহায় হও।—দু ২৩। চ বি ২৯। ম পা ১০। ম ম ৯৭।

শঙ্কনীয় বিণ [√শঙ্ক্+অনীয (অনীযব)-র্ম্ম] সংশয়ার্হ, অবিশ্বসনীয়। "রঘু ৪ ৪৫, ম কামচারো মযি শঙ্কনীযঃ ১৪ ৬২। আগন্তুকঃ শঙ্কনীযঃ। —হি ৩১০৩/১০১।

শঙ্কর[১] বিণ [শম্+ √কৃ+অ (ট)-ক, উ ত, স্ত্রী -রী] ১ লৌকিক-সুখকর (মহীধর)। "নমঃ শঙ্করায।—শুক্লযজুর্ব্বেদ ১৬ ৪১। ২ মঙ্গল-করণশীল, শুভকর। "দেবে শঙ্করে মহা ১৩.১৪ ২। নামানি…শঙ্করাণি ভ ৬ ৬ ২৪, পাণিনা শঙ্কবেণ ১০ ৫৬ ৩০। কাব্যাদর্শ ২ ৩২২। —র পুং [+অ (অচ)-ক, সংজ্ঞায, পা ৩ ২ ১৪, উ ত] ১ শিব। "গো রা ১ ১ ৩৪। রুদ্রাণা° শঙ্করশ্চাস্মি গী ১০ ২৩। শঙ্করায় নমঃ ভা চ ৩। ২ শঙ্কবাচার্য্য। —রী স্ত্রী [শঙ্কব+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মঞ্জিষ্ঠা, শমী। ২ [+পুংযোগে স্ত্রী ঈ (ঙীষ্)] শঙ্কবস্ত্রী, পার্ব্বতী। [°প্রিয়া (স্ত্রী)—পার্ব্বতী। °শুক্র (ক্লী)—পারদ।]

শঙ্কর[২] '-ব্' বি [সং শঙ্কুচি, -ঙ্কোচ] মৎস্যবিশেষ (Trigon narnak)। "ভা চ ১২৬। [ইহার পুচ্ছ চাবুকের মত, দেহ চেপটা, প্রায় গোল।]

শঙ্করচিনা বি ধান্যবিশেষ ও তাহাব চাউল। "ভা চ ৫৪৯।

শঙ্করজটা বি ১ ধান্যবিশেষ। "শি ১১৩। ২ ক্ষুপভেদ।

শঙ্করশালি বি শালিধান্যবিশেষ। "শি ১.৩।

শঙ্করা বি রাগিণীবিশেষ। [ইহার সময়াদি শঙ্করাভরণের তুল্য।]

শঙ্করাচার্য্য পুং [কর্ম্মধা] স্বনামখ্যাত আচার্য্য শঙ্কর। [ইনি কেরল বা মলবার দেশে ৭৮৮ হইতে ৮২০ খৃষ্টাব্দেব মধ্যে আবির্ভূত হন এবং দ্বাত্রিংশৎবর্ষ বয়সে ইহলোক পরিত্যাগ করেন। অনন্যসাধারণ পাণ্ডিত্য হেতু ইনি শঙ্করের অবতার বলিয়া কথিত। পদ্মপাদ হস্তামলক সুরেশ্বর বা মণ্ডন ও ত্রোটক ইঁহার প্রধান শিষ্য। ইঁহার অন্যতম শিষ্য আনন্দগিরি 'শঙ্করবিজয়' গ্রন্থের রচয়িতা। 'দশনামী-দণ্ডী',-নাম-, শৈব-সম্প্রদায় ইঁহার প্রবর্ত্তিত বলিয়া প্রসিদ্ধি আছে। 'আত্মবোধ', 'আনন্দ-লহরী', 'মণিরত্নমালা' প্রভৃতি গ্রন্থ এবং উপনিষৎ ব্রহ্মসূত্র গীতা-প্রভৃতির ভাষ্য ইঁহার বিরচিত। ইনিই ভারতে ব্রাহ্মণের আধিপত্য পুনর্ব্বার প্রতিষ্ঠিত করেন। (M.W.)।]

শঙ্করাবাস পুং [ষ.ত] ১ কৈলাস। ২ (সাদৃশ্যে) কর্পূর।

শঙ্করাভরণ পুং রাগবিশেষ। [ইহার সময় রাত্রি দ্বিতীয় প্রহর, ঠাট দুই মধ্যম, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

শঙ্করী দ্র 'শঙ্কর[১]'।

শঙ্কা স্ত্রী [√শঙ্ক্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ভয়, ত্রাস। "রাজ্য-বিভ্রম° রা ২.২৩ ২৭। জাতশঙ্কৈর্দেবৈঃ শ ১ই/২৬, অহি° ৭.২৪। জনশঙ্কা ক.চ ২২০। ২ সংশয়, সন্দেহ। "তয়োঃ শঙ্কা ন বিদ্যতে রা ২.২৩.৮, মহতী সেনা শঙ্কাং জনয়তীব মে ৮৫.৭। পরীক্ষিতঃ …বাহুকো নলশঙ্কয়া মহা ৩ ৭৬ ৩। শু ৪ ৫ ১০১। যাজ্ঞ ২.২৭০। অন্যলোকে শ্রীকে চিনে না বলিয়া সন্ধান হইতেছে না, এই শঙ্কায় (সীতারাম) গঙ্গারামকেও…এই কার্য্যে নিযুক্ত করিয়াছিলেন ব.প্র ৪৬৮। ৩ ভ্রান্তি। "হরিতৃণোদ্গমশঙ্কা কি ৫.৩৮ ; শশাঙ্ক° ৪২। ৪ বিতর্ক। ৫ ব্যভিচারিভাববিশেষ। "সা.দ ৩ ১৬১। [°শঙ্কু (পুং) —ত্রাসরূপ শল্য, শঙ্কুবৎ পীড়াকর ত্রাস (রাজতরঙ্গিণী)। °স্পৃষ্ট (বিণ)—ভয়াবিষ্ট। "উ মে ৮। °হীন (বিণ)—নির্ভীক, নিঃসংশয়।]

শঙ্কাকুল বিণ [সুপ্সুপা] ভয়বিহ্বল, ভযার্ত্ত।

শঙ্কান্বিত বিণ [তৃ ত] ভয়োপেত, শঙ্কিত।

শঙ্কাভিযোগ পুং [সুপ্সুপা] সংশয়হেতুক অভিযোগ।

শঙ্কাশীল বিণ [শঙ্কা+ √শীল্+অ (অণ্)-ক, উ.ত] ভীরু।

শঙ্কাস্পদ ক্লী [ষ ত] ভয়স্থান, শঙ্কাবিষয়।

শঙ্কিত বিণ [√শঙ্ক্+ত (ক্ত)-ক] ১ ভীত, ত্রস্ত। "প্রদ্বেষভয়° গো রা ২.১৬ ৩৪। অরি° ভ ৯ ১৭ ১৩। ২ উদ্বিগ্ন। ৩ [শঙ্কা+ইত (ইতচ্)] জাতশঙ্ক, ত্রাসিত। "°মনস ভ ২ ৭ ৩০। °দৃষ্টি।—পঞ্চ ১ ২১০। ৪ শঙ্কাস্থান, সন্দেহপদ। "স্বৈর্দোষৈর্ভবতি হি শঙ্কিতো মনুষ্যঃ। —মৃ ৪ ২। ৫ সংশয়িত, সন্দিহান। "শ্রদ্ধধুর্নৈব তদ্বাক্যং কর্ম্মণা তেন শঙ্কিতাঃ গো বা ৪ ৫৭ ১। শঙ্কিতমিলন চ কা ১১৯। ৬ অনিশ্চিত। "স ধর্ম্মঃ স্যাদশঙ্কিতঃ মনু ১২ ১০৮। [°চিত্ত, °চেতাঃ (-তস্) বিণ —ভীতমনাঃ, সন্দিগ্ধচিত্ত। °দৃষ্টি (বিণ)—শঙ্কাকুলনেত্র। °বর্ণ (পুং)—চৌর।]

শঙ্কিল বি° [শঙ্কিত > °ল, দ্র 'ইল[১]'] শঙ্কাযুক্ত। "চলইতে শঙ্কিল পঙ্কিল বাট।—গো ১৩১। [অনুপ্রাসমূলক 'শঙ্কিল']

শঙ্কী (-ঙ্কিন্) বিণ [√শঙ্ক্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -ঙ্কিনী] ১ শঙ্কা-শীল। "মন্ত্রিণঃ শশ্বদুচুবধশঙ্কিনীঃ প্রজাঃ রঘু ১৯.৫২। ২ উৎপ্রেক্ষণশীল, সংশয়শীল, সন্দিহান। "স্নেহঃ পাপশঙ্কী শ ৪ই/২০। স্বতুপাবর্ত্তনশঙ্কি মে মনঃ রঘু ৮ ৫৩, দ্বিবদবৃংহিত° ৯ ৭৩, ১২ ১০১। [সমাসে উত্তবপদ]। ৩ শঙ্কাবান্, ত্রাসযুক্ত। "তস্মাদন্নুপতেবিবাবনিপতেঃ সেবা সদা শঙ্কিনী (সুর)।

শঙ্কু পুং [√শঙ্ক্+উ (কু)-অপা, উ ১ ৩৬] ১ কীল, কীলক, গোঁজ, পিন্। ঋগ্বেদ ১.১৬৪ ৪৮। অয়োময়ঃ শঙ্কুঃ মনু ৮ ২৭১। অয়ঃশঙ্কু রঘু ১২.৯৫। দেখহ গোবৎস-বন্ধনের শঙ্কুগণ ব্র.প ১২৪। ২ শল্য, শেল (অ টা)। "শঙ্কাশঙ্কু। শোক° রঘু ৮ ৯৩, উ চ ৩ ৩৫। ৩ শস্ত্রজাতি, অস্ত্র, শস্ত্র (S.W.)। ৪ ছিন্নশাখতরুপ্রকাণ্ডের অধোভাগ, স্থাণু, মুড়া, গুঁড়ি। ৫ মহাদেব। ৬ শিশ্ন। ৭ সূর্য্যঘটিকার কীলক। ৮ ছায়াপরিমাণার্থ কাষ্ঠাদিনির্ম্মিত কীলভেদ। ৯ ঘণ্টাতাড়নদণ্ড। ১০ পত্র-শিবাজাল। ১১ মৎস্যবিশেষ, শাঁকোচ মাছ (ইহার পুচ্ছ শঙ্কুতুল্য)। ১২ পাপ। ১৩ বিষ। ১৪ রাক্ষস। ১৫ শালবৃক্ষ। ১৬ বল্মীক। ১৭ নখীনামক গন্ধদ্রব্য। ১৮ সংখ্যাবিশেষ, দশলক্ষ কোটি (লীলাবতী), কোটিলক্ষ (রা টীকা)। 'রা ৪ ৩৮.৩০। ১৯ কামদেব। ২০ নবরত্নের একতম। দ্র 'নবরত্ন'। [°কর্ণ (বিণ) শঙ্কুতুল্য দীর্ঘকর্ণ। "গো.রা ৫.১৭.২৪। মহা ২.১০.৩৪। (পুং)—গর্দ্দভ। °ছায়া (স্ত্রী) —সূর্য্যঘটিকাকীলকচ্ছায়া। °তরু (পুং)—শালবৃক্ষ। °তল (ক্লী)

—সূর্য্যঘটিকার কীলকভূমি। °মুখ (বিণ)—শম্বুবৎ সূক্ষ্মাগ্রমুখ। "মহা ২.১০.৩৪। (পুং)—কুম্ভীর।]

শম্বুচি, -ম্বোচ, -চি পুং ['সংকুঝমাছ'—শঙ্করমৎস্য (পঞ্চম স্তম্ভলিপি, অশোক অনুশাসন, ২৭ পৃষ্ঠ), ড় শাঁকোচ] মৎস্যবিশেষ, শাঁকোচ।

শম্বুলা স্ত্রী [শম্বু+ √লা+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্), উত, দ্র 'পা ৬.২.২, কাশিকা] 'শম্বুযুক্তা', পূগকর্ত্তনী, জাঁতি। "শম্বুলাখণ্ড পা২ ১.৩০, সি।

শম্বোচ, শম্বোচি দ্র 'শম্বুচি'।

শঙ্খ পুং, ক্লী [√শম্+খ-ণ, উ ১১০২, cf Gr konkhe, L. concha] যাহা দ্বারা অশুভশান্তি হয়, সমুদ্রজাত জন্তুবিশেষ ও তাহার কোষাস্থি বা শাঁখ। "দধ্মুঃ শঙ্খান্ রা ২৮১২। গী ১.১২। রোহিত মৎস্য হেন শঙ্খ লাকায় তখন ক চ ২০০। শঙ্খধবলতনু—গ ১৮৬। [শঙ্খচূড় অসুরের অস্থি হইতে ইহার উৎপত্তি (ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড, ১৮তম অধ্যায়)। শঙ্খধ্বনি মঙ্গলকর, এই হেতু মাঙ্গলিক কার্য্যে ইহার ব্যবহার হয়। ইহা রণবাদ্যবিশেষ, বীরগণ ইহা তূর্য্যের ন্যায় ব্যবহার করিতেন। সেনাপতি শঙ্খনাদে যুদ্ধারম্ভ ঘোষণা করিতেন। মহাভারতে প্রসিদ্ধ বীরগণের পাঞ্চজন্যদেবদত্তাদি শঙ্খের উল্লেখ আছে (মহা ৬.২৫; ৪৪তম অধ্যায়)। কাব্যে শ্বেতবর্ণের উপমায় ইহার ভূরিপ্রয়োগ আছে।] —খ পুং ১ ললাটাস্থি। "শঙ্খান্তরদ্যোতি বিলোচনং বৎ কু স ৭৩৩। চৈ চ ১০৩। ২ কর্ণসমীপস্থ অস্থি, গণ্ডাস্থি। "যাজ্ঞ ৩৯৬। ৩ হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ, হস্তিগণ্ড। ৪ নিধিবিশেষ। "মহা-২.১০.৩৯। উ মে ১৯। জ্ঞা ৮০। ৫ ত্রয়োবিংশতিবর্ষ হস্তীর দন্ত। ৬ নখীনামক গন্ধদ্রব্য। "সুশ্রুত ৬.১৭ ২৪। ৭ সংখ্যাবিশেষ, লক্ষ-কোটি। "শঙ্খ ভরি সুবর্ণ কোটি কন্যাদান। তথাপি না হয় কৃষ্ণনামের সমান॥ ৮ দৈত্যবিশেষ। [এই দৈত্য দেবগণকে পরাজিত করিয়া বেদ সমুদ্রতলে লইয়া যায়। মীনাবতারে বিষ্ণু শঙ্খাসুর বধ করিয়া বেদের উদ্ধার করেন (M W)। ৯ দিগ্‌গজবিশেষ। "গো.রা ৩ ২০ ২৭। ১০ স্মৃতিকার মুনিবিশেষ। "যাজ্ঞ ১৫। ভা চ ১৩২। ১১ [সং শঙ্খক] (বাঙলায়) শঙ্খরচিত স্ত্রীকরাভরণবিশেষ, শাঁখা। "শঙ্খ কর চুর বি প ১৮৬। গজদন্ত-শঙ্খ ব প ৯০৯। দুবাই শঙ্খ রা স ১৯। শঙ্খ দুটি যাই শি ১০৫। [°ক্ষীর (ক্লী)—শঙ্খদুগ্ধবৎ অসম্ভব বিষয়। °চক্রধর (বিণ)—শঙ্খসুদর্শনধারী (হরি)। "বা ১৪৫ ২২। °চর্চ্চী (স্ত্রী)—ললাটকৃত চন্দনতিলক। °চিল্ল (পুং)—শঙ্খচিল। °চূর্ণ (ক্লী)—শঙ্খজাত চূর্ণ (চুন)। °জ (পুং)—শঙ্খজাত মুক্তাবিশেষ। °দ্রাবক (পুং)—শঙ্খদ্রবীকারক ঔষধবিশেষ। °নখ (পুং)—ক্ষুদ্রশঙ্খ-বিশেষ, জোঙড়া] °নাভি (স্ত্রী)—শঙ্খের নাভিতুল্য ক্ষুদ্রশঙ্খবিশেষ, নাভিশঙ্খ। °পাণি, °ভৃৎ (পুং)—বিষ্ণু। °পাত্র (ক্লী)—শঙ্খসহিত শঙ্খাধার। "রা ১৭৩২২। °পুষ্পী (স্ত্রী)—ওষধিবিশেষ। "মনু ১১.১৪৮। °প্রণাদ, °স্বন (পুং)—মহাশঙ্খধ্বনি। °বলয় (পুং, ক্লী) —শঙ্খকৃত বলয়, শাঁখা। °বিষ (ক্লী)—শঙ্খবৎ শ্বেত খনিজ বিষভেদ, শেঁখো (whit arsenic)। °মুক্তা (স্ত্রী)—শঙ্খজাত মুক্তা। "বৃহৎ-সংহিতা ৮১ ১। °মুদ্রা (স্ত্রী)—(তন্ত্রে) শঙ্খাকৃতি অঙ্গুলিকৃত মুদ্রা-বিশেষ।] [শঙ্খ সিন্দুর পরা—সধবার চিহ্ন শাঁখা-সিঁদুর পরা, সধবা থাকা। "শঙ্খ আর সিন্দুর পরিবে চিরকাল বা ম ৯৭।]

শঙ্খক[1] পুং, ক্লী [শঙ্খ+ক (-কন) স্বার্থে] ১ কম্বু, শাঁখ। ২ ললাটাস্থি। "যাজ্ঞ ৩.৯০। ৩ নিধিবিশেষ। ৪ [+ক সংজ্ঞার্থে] শঙ্খবলয়, শাঁখা।

শঙ্খক[2] পুং শিরোরোগবিশেষ।

শঙ্খকার, -কারক পুং [শঙ্খ+ √কৃ+অ (অণ্)-ক, উত, ষ.ত] 'শঙ্খনির্ম্মাতা', সঙ্কীর্ণজাতিবিশেষ, শাঁখারি। [বিশ্বকর্ম্মা হইতে শূদ্রার গর্ভে ইহাদের উৎপত্তি (ব্রহ্মবৈবর্ত্ত)।]

শঙ্খকারক দ্র 'শঙ্খকার'।

শঙ্খচিল বি [সং °চিল্ল] গলা-সাদা চিলবিশেষ। "দু ১৮; ১০৬। শ্রী মা ৪১, শঙ্খচিল মূর্ত্তি ধরে সদাগতি-সুত ১৬৩।

শঙ্খচূড় পুং ১ অসুরবিশেষ। দ্র 'শঙ্খ (৮)। ২ (বাঙলায়) বিষধর সর্পবিশেষ (Naia bungarus)।

শঙ্খচুর বি [°চূর্ণ > °র] শাঁখের চূর্ণের মত গুঁড়া। "বাণে বাণে রথখান হৈল শঙ্খচুর চ বি ৫৮।

শঙ্খচূর্ণী বি [শাঁখচুন্নী > °র্ণী (সাধুভাষা)] সর্থ 'শাঁখচুন্নী'।

শঙ্খধ্ম, -ধ্মা পুং [শঙ্খ+ধ্মা+অ (ক),+কিপ্ (০), -ক, উত শঙ্খবাদক, শাঙ্খিক। "শঙ্খধ্ম।—শুক্লযজুর্ব্বেদ ৩০ ১৯।

শঙ্খধ্মা দ্র 'শঙ্খধ্ম'।

শঙ্খবণিক, -বেণে বি শঙ্খবিক্রেতা, শাঁখের বা শাঁখার বেণে। "শঙ্খ-বেণে কাটে শঙ্খ ক চ ৮৯। শঙ্খবণিকের এই ভবনে আসিয়া। (প্রভু লইলেন শঙ্খ) ন প ২২৪। শঙ্কর ধরিলা শঙ্খবণিকের বেশ শি ৯৮।

শঙ্খবেণে দ্র 'শঙ্খবণিক'।

শঙ্খমুখ বি [অপ্র] শঙ্খের মত মুখযুক্ত, মুখ-কাটা (নারিকেল)। "(নারিকেল) শঙ্খমুখ করি নিল বা ম ২০০। বি পা ২১০।

শঙ্খান্তর ক্লী [ষ ত] ললাটাস্থিমধ্য। "°দ্যোতিন্ কু.স ৭ ৩৩।

শঙ্খাবর্ত্ত পুং [ষ ত] ১ শঙ্খের বৃত্ত-রেখা। ২ ভগন্দরভেদ।

শঙ্খালু, -লুক ক্লী [উ লো] শঙ্খাকৃতি শঙ্খধবল আলুবিশেষ; শাঁখ-আলু (Dolichos-Bulbosus)। "শঙ্খালুক সুশ্রুত ১ ৪৬ ৩২৮।

শঙ্খালুক দ্র 'শঙ্খালু'।

শঙ্খাসুর পুং [কর্ম্মধা] শঙ্খনামক দৈত্য। দ্র 'শঙ্খ (৮)।

শঙ্খিনী স্ত্রী [শঙ্খিন্+স্ত্রী ঈ (ঙীপ)] ১ 'শঙ্খবতী', চতুর্ব্বিধ স্ত্রী-জাতির একতমা। "ম পা ১৩৫। [ইহাদের কণ্ঠদেশ শঙ্খের ন্যায় রেখাত্রয়-যুক্ত। 'রেখাত্রয়েণ চ বিভূষিতকণ্ঠদেশা (রসমঞ্জরী)। ভা.চ ৭২২। ২ শঙ্খবতী নারী। ৩ [শঙ্খিনী (ম গা ৪)] উপদেবতাবিশেষ, শাঁখ-চুন্নী। '°বাস। ৪ শ্বেতপুন্নাগ, শ্বেতবৃন্দা, শ্বেতচুক্রা, যবতিক্তা লতা। —নী বি° শঙ্খধারিণী, শাঁখা-পরা। "শঙ্খিনী সৈয়ের শোভা সবে দেখ চেয়ে শি ১০৬। —নী বি দুর্গা। 'শঙ্খিনী...শঙ্কর-গৃহিণী ক চ ২৫৩,-৫। বা দ ৯। (পুং)—শাখোটক, শাওড়া গাছ।]

শঙ্খী (-ঙ্খিন্) বিণ [শঙ্খ > ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ঙ্খিনী] শঙ্খবান্, শঙ্খযুক্ত। —খী পু° ১ বিষ্ণু। ২ সমুদ্র। ৩ শঙ্খবাদক, যুদ্ধে শঙ্খ-বাদক। "মহা ৪ ৫৩ ৯। ৪ শঙ্খকার, শাঁখারি।

শচি, -চী[1] স্ত্রী [√শচ কথন + অ (অচ),+ই, -ক, স্ত্রী ঈ (ঙীষ্), 'শচী'—ইন্দ্রাণী বা কর্ম্ম (ঋগ্বেদ ৩ ৬০ ৬)] 'ব্যক্তভাষিণী', ইন্দ্রাণী। '"°চী রা ২ ৯৪ ২। রঘু ৩ ২৩। প তৃ ১৭। [°তীর্থ (ক্লী) —তীর্থবিশেষ। "শ ৫২২। °নন্দন (পুং)—১ জয়ন্ত। ২ চৈতন্যচন্দ্র। °পতি, °ভর্ত্তা (-র্ত্তৃ), °রমণ (পুং)—শচীস্বামী, ইন্দ্র। "°পতি গো রা ২ ১২ ৩৫।]

শচী[1] দ্র 'শচি'।

শচী[2] স্ত্রী ১ শতমূলী। ২ স্ত্রীকবণান্তর। ৩ চৈতন্যচন্দ্রের জননী। "শচীমাতা ডাকে 'নিমাই! নিমাই!' প্রতিধ্বনি বলে 'নাই, নাই, নাই'।—শিবনাথ শাস্ত্রী।

শচীন্দ্র বি শচীর প্রভু, ইন্দ্র। —ন্দ্রাণী বি [তু 'ইন্দ্রাণী'] শচীপ্রণয়ী, শচী। "ম ৪৩০, ৬২৯।

শচীশ পুং [ষ ত] শচীপতি, ইন্দ্র।

শ(স)জনা, -নে, শজিনা বি [সং শোভাঞ্জন, হি সংহিজন; ঠ শেরগা (মরাঠী অ.কো)] স্বনামখ্যাত গ্রাম্য পত্রফলশাক তরুবিশেষ (Moringa pterygosperma)। "শাক দিলা শাকড়ী শজিনার

পাত্তা শি ১৭। মাতৃভাষা ..গলায় দড়ী দিয়ে শজনে গাছে ঝুলছিলেন। —শ্রী ৫১। [সজনে-খাড়া, -ডাঁটা—শজিনার দণ্ডাকৃতি ফল। "সজনে-খাড়া।—হু ১৯।]

শজনে দ্র 'শজনা'।

শ(স)জারু বি [সং শল্লকী, খাবিধ্, হি সাহী] কণ্টকবৎ লোমাবৃত ক্ষুদ্র পশুবিশেষ (porcupine)। বাণে অঙ্গ হৈল যেন সজারু সমান।—ম ৮৪৫, টীকা। শজারু ক চ ৫৪। সজারু ভা চ ১২৮। বরঞ্চ সজারু পশি বারুইর যথা, ছিন্নভিন্ন করে ভাবে।—মে ২১। সজারুর প্রায় শস্ত্র সর্ব্বাঙ্গে শোভিত।—বঙ্গ ৮৭। শজারুপৃষ্ঠ-কণ্টক। —ব্র ৪২৫।

শজিনা দ্র 'শজনা'।

শট্ সক [ভ্বা, প—শটতি, সেট্] ১ গতি। —ট্ অক [পূর্ব্ববৎ] ১ অবসাদ। ২ বিশীর্ণতা। ৩ রোগ। —ট সক [চু, ও—শাটয়তে, সেট্] শ্লাঘা (ক ক)।

শট বিণ [√শট্+অ (ঘঞর্থে ক)-ণ] অম্ল, টক। —টা স্ত্রী [+স্ত্রী আ (টাপ)] ১ জটা। ২ সিংহকেশর, সটা। —টি, -টী স্ত্রী [+ই (ইন্)-ণ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ)] 'অবসাদসাধনী', হরিদ্রাজাতীয় ওষধিবিশেষ, বন-আদা (Curcuma zeodaria)।

শটকান বি [সং √শট্, হি √সটক, ঠ √সট(ড)ক, ঝট >শট, তু, 'ঠ ঝটকন, সটকন,] সত্বর অজ্ঞাতভাবে পলায়ন, বেমালুম সরিয়া পড়া।

শটকে বি [শতকীয়া >°কে] '৭ক' হইতে 'শত'-পর্য্যন্ত সংখ্যার গণনাবিশেষ।

শটা, শটি, শটী দ্র 'শট'।

শটিত বিং [শড়া >°ত (সাধুভাষায)] পচা, শড়া।

শট্টক ক্লী ঘৃতজলমিশ্রিতশালিচূর্ণ, ময়দার শটা (ভাবপ্রকাশ)।

শট্টেপট্টে ক্রি বি° [শাটপট্ট >°ট্ট+এ°] (গৌণার্থে) অপহৃত দ্রব্যের সহিত, হাতে-লোতে। শট্টেপট্টে ধরা।

শঠ্ সক [ভ্বা, প—শঠতি, সেট] ১ বধ, হিংসা। ২ বঞ্চন, শাঠ্য। —ঠ্ অক [পূর্ব্ববৎ] ক্লেশ, দুঃখানুভব। —ঠ অক [চু, প—শাঠয়তি সেট্] আলস্য। —ঠ সক [চু, ও—শাঠয়তে, সেট্] শ্লাঘা। —ঠ অক [অদন্ত চু, প—শঠযতি, সেট] দুর্ব্বাক্য, দুর্ব্বচন (ক ক)।

শঠ বিণ [√শঠ+অ (অচ)-ক, স্ত্রী ঠা] ১ বঞ্চক, প্রতারক, ধূর্ত্ত। ২ দুর্ব্বৃত্ত। ৩ বেদে শ্রদ্ধাহীন। 'মনু ৪ ৩০। ৪ গূঢবিপ্রিয়কারী। 'রঘু ৮ ৪৯। ৫ শক্তিগূহনকারী, মায়াবী (টীকা)। 'গী ১৮ ২৮। —ঠ পুং ১ ধূর্ত্তজন। ২ দক্ষিণ-প্রভৃতি চতুর্ব্বিধ নায়কের একতম, যে নায়ক এক নায়িকায় বদ্ধভাব, অন্য নায়িকায় বাহ্যানুরাগপ্রদর্শনপূর্ব্বক গূঢভাবে অপ্রিয় আচরণ করে। 'সা দ ৩ ৩৭। অন্য কথা, অন্য মন, বাহিরে অন্য আচরণ, এই সব শঠপরিপাটী চৈ চ ৩৪২। ভা চ ৬৯৯। "ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল ভা চ ৩৬৪। ৩ ধুস্তূরবৃক্ষ। ৪ মধ্যস্থ-পুরুষ। —ঠ ক্লী ১ কুঙ্কুম। ২ তগরপুষ্প। ৩ লৌহ। —ঠী স্ত্রী সর্থ 'শটী'। [°ধী °বুদ্ধি, °মতি (বিণ)—কপটচিত্ত, শঠ।]

শঠপনা বি [শঠ+পন, দ্র 'পণ২'] শঠনায়কের কর্ম্ম, শঠতা। 'আন সঙ্কেতে, আন সঞে মিলন, আন কহিতে কহ আন। ঐছন চাতুরী, শঠপন পুন পুন, মানিনী সহজে পরাণ॥—প র ৫৬।

শঠপরিপাটী বি নায়কের কর্ম্মপদ্ধতি, শঠপনা। "চৈ চ ৩২।

শঠি বি [সং শটি] সর্থ 'শটি'। "ক চ ৭৮।

শঠিনী বিং [শঠ+ইনী] শঠনারী, মায়াবিনী। "তুহুঁ কিয়ে শঠিনি কপটে কহ মোর।—জ্ঞা ২০৪।

শঠী দ্র 'শঠ'।

শ(স)ড়্ অর্ম [সং √শদ্ >প্রা √সড (প্রা.প্র ৮ ৫১) >বা শ(স)ড়, হি √সড়, ঠ. গু √সড] বিশীর্ণ হওয়া, বিকৃত হওয়া, পচা, শড়া। "দুই তিন দিন হৈলে ভাত সড়ি যায় চৈ চ ২৯৭। উদর ভিতর তার সড়িয়া গিয়াছে ভ গ্র ৪১৯। শড়ে মাংস পড়ে হাড় শি ১৫। [শ(স)ড়া২—সর্থ 'শড়'। ষড়িত ('শড়িত' সাধু, তু 'শটিত')—পচা। "হু ১৭।]

শড়কি বি [সং শল্যক, স্থলপি (ঢাকা)] বরশা (javelin)] [°ওয়ালা—বরশাধারী যোদ্ধা, প্রাসিক। "নী ১১।]

শড়শড়, সড়সড় বি [ধ্বন্যাত্মক, হি 'সুরসুর' (rustling), মৈ '√সসব'—to slip, তু 'সং সর (√সৃ)] ১ শুখনা পাতার উপরে ক্ষুদ্র জন্তুর সরিয়া বা চলিয়া যাওয়ার শব্দ। "সাপটা পাতার উপর দিযে শডশড় করে গেল। ২ অবযবস্পর্শজন্য অনুভববিশেষ। "কলিকাতা সহরের চারিদিকেই ঢাকের বাজনা শোনা যাচ্চে, চড়কীর পিঠ সড়সড় কচ্চে।—হু ১। [শড়শড়ান—শড়শড় শব্দ হওয়া, শড়শড়-অনুভূতি হওয়া। শড়শডে—পিচ্ছিল, তেলা।]

শড়শড়ি, সড়সড়ি বি [°ড়+ই৮] যাহা শড়শড় করে, অর্থাৎ পরস্পর লিপ্ত নহে, শুখনা, শাকভাজা। "সডসড়ি লাবড়ি রান্ধিবে দুই শাকে শ্রী ম ৭৪। শড়শড়ি ঘণ্ট ভাজা নানামত শাক ভা চ ৫৪৬। চড়চড়ি সড়সড়ি ঘণ্ট ব প্র ২৬০। [শাকের সডসডি—শাকভাজা। শাকের লাবড়ি—শাকের ঘণ্ট।]

শ(স)ড়া১ বিং [শ(স)ড়+আ১২, হি সড়া, ঠ সডক, গু সড, তু 'শটিত'] বিকৃত, পর্য্যুষিত, পচা। "শডা মহাপ্রসাদ ভ গ্র ১২, সড়া মৃতের ক্লেদ ১৯৮। °গন্ধে চৈ চ ২৯৭। মরা শডা বা ম ৩৩৬।

শড়া২ দ্র 'শড়'।

শণ্ সক [ভ্বা, প—শণতি, সেট্] ১ গতি। ২ দান।

শণ পুং, ক্লী [√শণ+অ (অচ)-ক, ড শণপাট] ১ 'সূত্রদাতা, কৃমিজ অংশুময়ত্বক ক্ষুপবিশেষ, শণগাছ, শণপাট (Cortolaria juncea)। "অথর্ববেদ ২ ৪ ৫। পাটশণ বদলে, ধবল চামর পাব ক.চ ১৯১, ২০৪, ২২৩। সাঁজ সেই শণ কাচে জলেতে পচায় ম ভা ৬৩। ২ শণের অংশু বা আঁশ। '°রজ্জু, °সূত্র। ৩ (বাঙ্লায়) শণবীজ। 'সন্ত শণ বুন ম ভা ৬৩। [°গৌর (বিণ)—শণশুভ্র। 'শণগৌরৈশ্চ বানরৈঃ মহা ৩ ২৮৩ ২৮। °ঘণ্টিকা, °পুষ্পী (স্ত্রী)—ক্ষুপবিশেষ, ঘণ্টারবা, ঝনঝনীযা। °চূর্ণ (ক্লী)—শণের অংশু বা আঁশ। °তান্তব (বিণ)—শণতন্তুময়, শণতন্তুরচিত। 'বৈশ্যস্য শণতান্তবী (মৌর্ব্বী কার্য্যা) মনু ২ ৪২। °তুল (ক্লী)—শণাংশু, শণের আঁশ। °পট্ট (পুং) —শণরচিত পট্টিকা বা পটি। °বল্ক (পুং, ক্লী)—শণত্বক্, শণপাট। "গো রা ৫ ৫৬ ১৩৮। °রজ্জু (স্ত্রী)—শণরচিত রজ্জু। °সূত্র (ক্লী) —১ শণকৃতসূত্র, শণতন্তু, পবিত্রক (অ কো)। "°ময় মনু ২ ৪৪। ২ শণসূত্রকৃত জাল (অ টী)।]

শণলুড়ি বি শণের আঁশের লুডি বা পিণ্ড। 'বায়ুতে পাকিয়া চুল হৈল শণলুড়ি ভা চ ২৬১।

শণীর ক্লী [শোণতীর >°র (?)] শোণনদমধ্যস্থপুলিন।

শণ্ড পুং [√শম্+ড-ক, উ ১ ১১১] ১ 'শমপ্রাপ্ত', (অসুরপুরোহিত) শুক্রপুত্র (মহীধর)। "শুক্লযজুর্বেদ ৭ ১২,-৩। ২ নপুংসক, ক্লীব। তু, 'শণ্ঢ'। ৩ বৃষ। তু 'ষণ্ড'।

শণ্ডামর্ক পুং, দ্বিব [শণ্ড ও মর্ক, দ্বন্দ্ব, দীর্ঘ, পা ৬ ২ ১৪০, কাশিকা, ভ ৭ ৫ ১, বিজয়ধ্বজতীর্থকৃতপদরত্নাবলী, 'শণ্ড'—(অসুরপুরোহিত) শুক্রপুত্র (মহীধর, শুক্লযজুর্ব্বেদ ৭ ১২)] শুক্রপুত্র শণ্ড ও মর্ক। "ভ ৭ ৫ ১।

শণ্ডিল পুং মুনিবিশেষ। তু 'শাণ্ডিল্য'। "পা ৪ ১ ১০৫।

শণ্ঢ পুং [√শম্+ঢ-ক, উ ১ ১৩১] ১ নপুংসক, ক্লীব। ২ বর্ষবর, খোজা

(eunuch)। ৩ অন্তঃপুররক্ষক। ৪ বৃষ। ৫ কিংপুরুষ। ৬ (কোশে) শব্দের ক্লীবলিঙ্গসূচক। "নির্বেশঃ শিবিরং ষণ্ডে (অ কো)।

শত স. বিণ [দশ দশৎ (দশক)+ত, পরিমাণার্থে, 'দশ দশৎ'-স্থানে 'শ', পা ৫।১।৫৯, কাশিকা; তত্ত্ববোধিনী, স্ত্রী -তী (সমাসে), Av. satem; বা স.দৃ; Gr. ĕ-katon, L centun, Ger hundert; Lithuanian—simtas; O. Irish—cēt, Welsh —cant; O.E. hund; E hundred] ১ দশদশকপরিমাণ, শতসংখ্যক। "°যোজনবিস্তীর্ণ রা ১।১।৭২। তস্য তাবচ্ছতী সন্ধ্যা মনু ১।৬৯। শত শত্রু মারিলে যতেক পাপ হয়। এক গো বধিলে তত পাপের উদয়॥—কৃ ২। ২ বহু। "শতদ্বারং বিবরম্।—হি ১৩৪। —ত পুং, ক্লী [শতাদয়স্ত্বয়ঃ পুংক্লীবলিঙ্গাঃ (অ চি)] ১ শতসংখ্যা। "জীবেম শরদঃ শতম্।—ঋগ্বেদ ৭ ৬৬ ১৬। বেতনং তে শত শতাঃ মহা ৩ ৬৭।৬, চতুঃশতান্ ৭ ৬৬ ৮। শতং ক্রতুনাম রঘু ৩।৩৮। যোজন°।—হি ১ ১৫৫। ২ শতবর্ষ। "শতায়ুর্বৈ পুরুষঃ (শ্রুতি)। ৩ শত মুদ্রা। "গর্গান্ শতং দণ্ডয়তি—পা ১।৪।৫১, সি। ৪ বহুত্ব। 'শতশব্দোঽনিয়মপরঃ পা ৩।১।১০১, তত্ত্ববোধিনী। "শতেন বর্ধ্যা কন্যা (সি)। জন্তুর্বিদ্ধঃ শরশতৈঃ।—হি ২ ১৫, কৃতশতমসৎসু নষ্টং সুভাষিতশতং চ নষ্টমবুধেষু। বচনশতমবচনকরে বুদ্ধিশতমচেতনে নষ্টম্॥—১৬০। [সংস্কৃতে 'শত' শব্দ ক্লীবলিঙ্গ একবচন। যেমন, শতং বালিকাঃ, শতং ফলানি, পুরুষাণাং শতম্। দুই ও ততোধিক 'শত' অর্থে, দ্বিবচন ও বহুবচনে ব্যবহৃত হয়। যেমন, দ্বে শতে, ত্রীণি শতানি, শতং শতানি, শতানি শতানি।] [কুম্ভ° (পুং)—পর্বতবিশেষ। (ক্লী)—শতকুম্ভভব সুবর্ণ; সুবর্ণ। "শ্রী.মা ৯৩। °গুণ, °গুণিত (বিণ)—শতপূরিত। °গ্রন্থি (পুং)—'বহুগ্রন্থিযুক্ত', দূর্বা। °জিৎ (পুং)—বিষ্ণু। "গো রা ৬ ১০২ ১৭। °জীবী (-বিন্) বিণ—শতায়ুঃ। °তন্ত, °তন্ত্রীক (বিণ)—শততন্ত্রবিশিষ্ট, শততারযুক্ত। °তারা (স্ত্রী)—শতভিষা নক্ষত্র। °দ্বার (বিণ)—বহুদ্বার। °ধৌত (ক্লী)—শতধাবন, বহুপ্রক্ষালন। "অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি।—চাণক্য। °পদচক্র (ক্লী)—(জ্যোতিষে) শতভাগ নক্ষত্রবিষয়ক জ্যোতিশ্চক্র। °পাল (পুং)—শতগ্রামের পালক, গ্রামশতাধ্যক্ষ (মহা)। °বার (পুং) বহুবার, বারংবার। °বীর্যা (স্ত্রী)—দূর্বা, শতাবরী। °ভাগ (পুং) শততম ভাগ। °ভীরু (স্ত্রী)—মল্লিকা। তু 'শীতভীরু' (অ কো)। °মখ, °মন্যু, °যজ্ঞ (পুং) শতক্রতু, ইন্দ্র। "°মখং রঘু ৯ ১৩, কু.স ২.৬৪। "°মন্যু কি ২ ২৩, ভট্টি ১ ৫। °ময়ূখ (পুং)—চন্দ্র। °লক্ষ (ক্লী)—শতগুণ লক্ষ, কোটি। °শাখ (বিণ)—বহুশাখ, নানাবিধ। "ক.সা ৫৫ ৮৪। °সহস্র (ক্লী)—১ শতসংখ্যক সহস্র, লক্ষ। "গবাং শতসহস্রেণ রা ১।৫৩ ৯। ২ বহুসংখ্যা। [শতং জীব—শতবর্ষ বাঁচিয়া থাক। দ্র 'শত (২)। শত শত—বহুশত, অসংখ্যক। "শত শত আলোআর শত শত হাথী।—ম ৭৭৫। শতে শতে—প্রতি শতে, শয়ে শয়ে, শতকরা হিসাবে। "কেনে বস্তু শতে শতে লেখা ক.চ ৭৫।]

শতক বিণ [শত+ক (কন্) পরিমাণার্থে, পা ৫।১।২১, সি, স্ত্রী -তিকা] ১ 'শতপরিমাণক', শতসংখ্যাবিশিষ্ট। "শতকঃ সঙ্ঘঃ (সি)। ২ [+ক স্বার্থে] শত।—তক পুং বিষ্ণু।—তক ক্লী ১ শত সংখ্যা। ২ শতবর্ষসমাহার, শতাব্দ। ৩ শ্লোকশত। "অমরু°, নীতি°, বৈরাগ্য°, শান্তি°, শৃঙ্গার°, সূর্য্য°।

শতকরা অব্য [শত+করা²] প্রতি শতে, শ-হিসাবে। "শতকরা তঙ্কার বাটা বুঝহ সুশীল।—শুভঙ্কর।

শতকীয়া বি [°ক+ঈয়া] শতকের গণনাবিশেষ, শটকে।

শতকোটি বিণ [বহুব্রী] শতধারাবিশিষ্ট, শতাস্রি। "শমিতপক্ষবলঃ শতকোটিনা…কুলিশেন রঘু ৯।১২।—কোটি পুং কুলিশ, বজ্র। "কত শতকোটি-শবদ জীউ কাঁপ।—গো ১৩৪।—কোটি স্ত্রী শতগুণিত কোটি, বৃন্দ।

শতক্রতু বিণ [বহুব্রী, "°তু'—শতসংখ্যককর্মোপেত (ঋগ্বেদ ১.৩০.১)] কৃতশতযজ্ঞ।—ক্রতু পুং 'কৃতশতাশ্বমেধ', ইন্দ্র। "ঋগ্বেদ ২.২৫.৪। রঘু ৩ ৪৮,-৯। ম ২৭১।

শতঘরিয়া বি [°র+ইয়া²] যে পুরুষ বহুপরস্ত্রীগৃহে যায়; গালিবিশেষ। "না করহ চতুরালি তুহুঁ °য়া প.ক ৪১১।

শতঘ্ন পুং [শত+√হন্+অ (ক)-ক, উ.ত] 'বহুঘাতক', শিব।—ঘ্নী স্ত্রী [+অ (টক্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), উ ত] ১ 'বহুশত্রুঘাতক', প্রাকারসংরক্ষণার্থ লৌহভাবনির্ম্মিত প্রাকারোপরি স্থাপিত আয়ুধবিশেষ (বা টীকা); যে আয়ুধ আগ্নেয় ঔষধবলে উৎক্ষিপ্ত শিলাপিণ্ডে শতসহস্র মনুষ্যাদি বধ করে (নীলকণ্ঠ), লৌহকণ্টকাকীর্ণ চতুস্তালপরিমিত যষ্টিরূপ সমরাস্ত্রভেদ (কেশব), লৌহকণ্টকাকীর্ণ মহতী শিলা (বিজয়রক্ষিত)। "রা ১ ৫।১১। মহা ১ ১০৭৩৪, ৩ ১৫।৭। রঘু ১২ ৯৫। ম ৮০৯। ২ বৃশ্চিকালী। ৩ করঞ্জ।

শতঘ্নী দ্র 'শতঘ্ন'।

শতচ্ছদ পুং [বহুব্রী] ১ 'বহুপক্ষবিশিষ্ট', কাষ্ঠকুটপক্ষী। ২ শতদলপদ্ম (শ.ক)। "শত শতচ্ছদ ভা চ ২৭৪।

শতদল ক্লী [বহুব্রী] 'শতপত্র', পদ্ম, কমল (অ.চি)। "প্রফুল্ল সহস্র শতদল।—ম ১২৬৬। °দলে।—মে ৬৬। তোমারি নামে খুলিল হৃদয়শতদল-দলরাজি।—রবীন্দ্র।

শতদাম বি শতযষ্টিক হার। "পামর দুবগত, নাম মোতিম শত,-দাম কণ্ঠ ভরি দেল (গৌরচন্দ্র)।—ব ১৭।

শতদ্রু, -দ্রূ স্ত্রী [শত+√দ্রু+উ (কু)-ক, উ, উ ত] ১ 'শতধারাপ্রবাহিতা', পঞ্জাবের নদীবিশেষ (Sutlej) 'শতধা বিদ্রুতা যস্মাচ্ছতদ্রুরিতি বিশ্রুতা মহা ১ ১৭৭৯। "শতদ্রু রা ২.৭১.২। °দ্রু গো রা ২ ৭৩ ২। ২ গঙ্গা।

শতদ্রূ দ্র 'শতদ্রু'।

শতধা স্ত্রী [শত+√ধা+কিপ্ (০)-ক, উ ত] 'শতগ্রন্থিধারক', দূর্বা।—ধা ব্য [+ধা (ধাচ্)] ১ শতপ্রকারে, বহুভাবে। ২ শতখণ্ডে, বহুভাগে। "হৃদয়ম্ ..শতধা ন দীর্য্যতে গো রা ২.১৭.৪১। শতধা যাস্যতি শিরঃ ক সা ৬১ ৩১৫।

শতধার বিণ [শত ধারা যাহার, বহুব্রী] ১ বহুপ্রবাহযুক্ত, শতস্রোতাঃ ২ শতকোটিক (বজ্র)।—ধার, -ধারক ক্লী বজ্র।

শতধারক দ্র 'শতধার'।

শতধৃতি পুং [বহুব্রী] ১ 'শতক্রতু', ইন্দ্র। "মহিম্নঃ স্তবঃ ১৮। ২ ব্রহ্মা। "ভ ৩২৪/২১, ৭.৪ ১। ৩ স্বর্গ।

শতন(সু)রী বিং যাহার শত নর বা লহর, শতযষ্টিক (হার)। দ্র 'নর²'। "পরে °সুরী হার ব.প ৩৮৬। °নরী হার গলে বি সু ১০৭।

শতনুরী দ্র 'শতনরী'।

শতপত্র বিণ [বহুব্রী] ১ বহুপত্রযুক্ত (বৃক্ষ)। ২ বহুদলযুক্ত (পুষ্প)। "ধ্বজবজ্রাঙ্কুশ-পদ, রবিবিম্ব কোকনদ, শতপত্র যেন সুশোভন।—ম ১২৩৯।—পত্র পুং ১ 'বহুপক্ষযুক্ত', ময়ূর। ২ দার্ব্বাঘাট, কাঠ-ঠোকরা। ৩ সারস। "মহা ৩ ১০৮৮। ৪ রাজকীর, সুরী। ৫ বৃক্ষবিশেষ।—পত্র ক্লী কমল। "রা ২ ৬০.১৭। শতপত্রায়তেক্ষণা মহা ৩.৬৮.২১।—পত্রী স্ত্রী পুষ্পবিশেষ, সেউতিগোলাব। [°নিবাস, °যোনি (পুং)—পদ্মযোনি, ব্রহ্মা। "°যোনি কু.স ৭.৪৬। °লোচন (বিণ)—কমললোচন। "ভ ২.৯ ১১।]

শতপত্রী দ্র 'শতপত্র'।

শতপথ বিণ [বহুব্রী, সমাসান্ত 'অ'] ১ বহুপথবিশিষ্ট। ২ শতাধ্যায়-

বিশিষ্ট। °ব্রাহ্মণ। —পথ পুং শতপথব্রাহ্মণ। —পথিক বিণ [°থ +ইক (ঠিকন্)] শতপথাধ্যেতা, শতপথবেত্তা। "পা ৪.২.৬০।

শতপথব্রাহ্মণ ক্লী [কর্ম্মধা] শত অধ্যায়ে বিভক্ত ব্রাহ্মণবিশেষ। [ইহা শুক্লযজুর্ব্বেদের ব্রাহ্মণ এবং মাধ্যন্দিন ও কাণ্ব—দুই শাখায় বিভক্ত। মাধ্যন্দিনে চতুর্দ্দশ কাণ্ড ও শত অধ্যায় আছে। এই হেতু নাম 'শতপথব্রাহ্মণ'। চতুর্দ্দশ কাণ্ডের প্রথম নয়টি অতিপ্রাচীন। দশম ও একাদশ কাণ্ডে অগ্নিচয়নের কথা আছে। দ্বাদশ কাণ্ড প্রায়শ্চিত্ত-বিষয়ক। ত্রয়োদশ কাণ্ডে অশ্বমেধ-নরমেধের কথা এবং দুষ্মন্ত, শকুন্তলার পুত্র ভরত, কাশীরাজ ধৃতরাষ্ট্র ও পরীক্ষিতের পুত্র জনমেজয় ইত্যাদি ঐতিহাসিক রাজগণের উল্লেখ আছে। চতুর্দ্দশ কাণ্ডকে আরণ্যক কহে। ইহার শেষ ছয়টি অধ্যায়ের নাম 'বৃহদারণ্যকোপনিষৎ'। ইহার তৃতীয় অধ্যায়ে জনকরাজের পুরোহিত যাজ্ঞবল্ক্য কর্ত্তৃক তর্কে পরাজিত সমবেত পণ্ডিতগণের বিষয় বর্ণিত আছে (হিন্দুশাস্ত্র, ২য়)।]

শতপদ্ পুং [বহুব্রী, তু 'শতপাদ', 'শতপদ'—(ঋগ্বেদ ১ ১১৬ ৪)] সর্থ 'শতপদী'। "শতপদবিষ (সুশ্রুত—S W)। —পদী স্ত্রী [শতপাদ্ +স্ত্রী ঈ (ঙীপ্), পাদ্ >পদ্, পা ৫ ৪ ১৩৯] ১ শতপদবিশিষ্টা', কর্ণকীটা, কানকোটারি, কানবিছা, কেন্নো (centipede)। "(সুপ্তস্য) তস্য ভূপতেঃ অজ্ঞাতৈব প্রবিষ্টান্তঃকর্ণে শতপদী লঘু ক সা ২৯ ১৩৬।

শতপদ বি [সং শতপদী] সর্থ 'শতপদী'। 'জটিল জনতা ঠেলি শত পদ যেন মেলি, শতপদ বক্ষে চলি করয়ে প্রয়াণ।—হেম ১০১।

শতপদী দ্র 'শতপদ্'।

শতপদ্ম ক্লী [উ লো] শতদলপদ্ম, মহাপদ্ম, পুণ্ডরীক।

শতপর্ব্বা (-র্ব্বন্) পুং [বহুব্রী.-১ব] ১ 'বহুগ্রন্থিক', বংশ, বাঁশ। ২ ইক্ষুবিশেষ। —পর্ব্বা স্ত্রী [°পর্ব্বন্+স্ত্রী আ (ডাপ্), পা ৪ ১.১৩] ১ 'শতগ্রন্থিকা', দূর্ব্বা, বচা, কটুকা। ২ শুক্রাচার্য্যপত্নী। ৩ 'মহোৎ-সবা', কোজাগরপূর্ণিমা। —পর্ব্বিকা স্ত্রী [°র্ব্বন্+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] দূর্ব্বা, বচা, যব।

শতপর্ব্বিকা দ্র 'শতপর্ব্বা'।

শতপাদ্ স্ত্রী [শত পাদ যাহার, বহুব্রী, পাদ>পাদ্, °পাৎ (১ব)] ১ সর্থ 'শতপদী' (জটাধর)। ২ জলৌকা।

শতপুর বিং [শত+পুর] বহুবেষ্টনবিশিষ্ট, পরপর অগ্রপশ্চাদ্ভাবে বহুশ্রেণীরূপে সজ্জিত। "কুরুক্ষেত্রে ঘেরিল সৈন্য হয্যা শতপুর ব.প ৮৩১। —পুর বি বহুবেষ্টন, বহুবেড়। '(রাজগণ) শতপুর করিযা (ভীষ্মে) বেড়িল চারিভিতে।—ম ৯৫, ২১০।

শতপুষ্প পুং [বহুব্রী] ১ 'বহুপুষ্পযুক্ত', শুলুফাশাক (Anethum Sowa)। ২ কবি ভার্গব (ত্রিকাণ্ডশেষ)। —পুষ্পা স্ত্রী শুলুফাশাক।

শতপুষ্পা দ্র 'শতপুষ্প'।

শতবর্ণ বি পুষ্পবিশেষ। "ম ম ৭, ৩৮।

শতবর্ষ বিণ [তদ্ধিতার্থ দ্বিগু] শতবর্ষভূত, শতবর্ষবয়স্ক। —বর্ষ ক্লী [উ লো] শতসংখ্যকবর্ষ, শতাব্দ।

শতবান বিং [তু 'দশবান'] শতগুণবর্ণবিশিষ্ট, অত্যুজ্জ্বলবর্ণ, উজ্জ্বলতম, বিশুদ্ধতম। "সোণা শতবান প ক ৫১৪।

শতভিষ পুং, -ষক্ (জ্) পুং, স্ত্রী, -ষা স্ত্রী [শত ভিষক্ যাহাতে, বহুব্রী, °জ্ >°ষ, -ষা (?)] যে নক্ষত্রে শত ভিষকের ন্যায় তারা (শ.ক), শততারাত্মক অশ্বিন্যাদির অন্তর্গত চতুর্বিংশ নক্ষত্র। "°ক্। —অথর্ব্ববেদ ১৯.৭.৫, বৃহৎসংহিতা ৯ ৩৪। °ভিষা ভ ৫ ২৩.৬। [ইহা মণ্ডলাকৃতি শততারাবিশিষ্ট। ইহার দেবতা বরুণ। ইহাতে জন্মিলে নর শীতভীত অতিসাহসী নিষ্ঠুর চতুর এবং শত্রুর প্রতি নিদারুণ হয়।] —ভিষক্ বিণ [°জ্+অ (অণ্), পা ৪ ৩.৩৬] শতভিষক্ নক্ষত্রে জাত।

শতভিষক্, শতভিষা দ্র 'শতভিষ'।

শতভুজা বি 'বহুভুজা', দশভুজা দুর্গা। "ক.চ ২৫৩।

শতমান পুং, ক্লী [বহুব্রী] ১ দশধরণপরিমাণ, এক রূপ্যপল। 'ধরণানি দশ জ্ঞেয়াঃ শতমানস্তু রাজতঃ মনু ৮.১৩৭। শতমানং তু দশভির্ধরণৈঃ যাজ্ঞ ১.৩৬৫। "পা ৫.১.২৭। ২ আঢ়ক।

শতমারী বিং যে বৈদ্য শত বার পারদ জারণ করিয়াছেন, (ব্যঙ্গে) যে শত বা বহু রোগী মারিয়াছে। "শতমারী ভবেদ্ বৈদ্যঃ। লোকের সর্ব্বনাশ করিতে পারিলেই সাহেবের কাছে পটু হওয়া যায়। 'শতমারী ভবেৎ বৈদ্যঃ।—নী ৩৯।

শতমার্জ্জ পুং [শস্ত্রমার্জ্জ >°র্জ্জ (ভ্রমে)] শস্ত্রশোধক।

শতমুখ বিণ [বহুব্রী, স্ত্রী -খা, -খী] ১ বহুদ্বার। "শতমুখে বিলে। —হি ১ ৩৯। ২ বহুচ্ছিদ্র, নানাহেতুক। "বিবেকভ্রষ্টানাং ভবতি বিনি-পাতঃ শতমুখঃ।—ভর্ত্তৃহরি। ৩ শতধার, বহুপ্রবাহ। "হইলেন শতমুখী গঙ্গা।—কৃ ২২। শতমুখী গঙ্গা চৈ ভা ৩৮৩। (গঙ্গা) শতমুখী হইয়া সঙ্গমে (সাগরে চলিলা)।—গ ৮২। সাগরসঙ্গম তীর্থ যাহাতে (গঙ্গা) শতমুখী বি পা ১৮২,-৩। বা দ ৭১। ৪ শতবদন, বহুবক্ত্র। "বিবাহের কত কৌশল, তা মৎসদৃশ ব্যক্তিগণ শতমুখ হলে বলতে পারে।—লী ৫০। ৫ অতিমুখর, অতিবাচাল। —মুখ ক্লী [উ লো] শতসংখ্যক মুখ, বহুদ্বার। —মুখী স্ত্রী ১ দুর্গা। ২ তূলিকা, সম্মার্জ্জনী। "শতমুখী মারবো একাদশীতে। লোকে পারে কেবল পদে পদে দুষিতে॥ —গান। ৩ (বাঙ্লায়) গঙ্গা। "°ধার: প্রভুর নয়নে বহে শতমুখী আর চৈ.ভা ৩৮৩।

শতমুখী দ্র 'শতমুখ'।

শতমূল বিণ [বহুব্রী] বহুমূল। —মূলা স্ত্রী দূর্ব্বা, বচা, শতাবরী। —মূলী স্ত্রী শতাবরী (Asparagus racemosus)।

শতমূলা, শতমূলী দ্র 'শতমূল'।

শতযষ্টিক বিণ [বহুব্রী] শতসূত্রনির্ম্মিত, শতগুচ্ছক (হার)। "দেবচ্ছন্দোঽসৌ শতযষ্টিকঃ (অ কো)। —যষ্টিক পুং শতসূত্রনির্ম্মিত হার, দেবচ্ছন্দ। ['শতযষ্টিক' বিশেষণ, বিশেষ্য নহে, সুতরাং উহা 'হারে'র বিশেষণ, 'হার' নহে। সকল কোষেই উহা 'হার'-অর্থে গৃহীত হইয়াছে। দ্র 'অ কো।]

শতরঞ্জ বি [আ শত্‌রঞ্জ্, সং 'চতুরঙ্গ' মূল (?), ঠ সতরংজ] দাবাখেলা (chess)। "শতরঞ্চ প্রধান পঞ্চ পঞ্চে আমায় দাগা দিল ব.প ১৫৩৪। একপাশে কয়েকজন শতরঞ্চ খেলিতেছে আ ছু ২৭। [গজ অশ্ব নৌকা (রথ ?) পদাতি (বড়িয়া)—এই চতুরঙ্গ বলে এই খেলা হয়, এই হেতু নাম 'চতুরঙ্গ'। তদ্ভিন্ন ইহাতে রাজা মন্ত্রী (দাবা) থাকে। চৌষট্টি ঘরে ছক-কাটা ফলকে চালের নিয়মানুসারে রাজা দাবা ও বল চালিত হয়। রাজাকে আক্রমণ করা উভয় পক্ষেরই উদ্দেশ্য। এই আক্রমণকে 'কিস্তি' বলে। আক্রমণ হইতে রাজা রক্ষা পাইলে খেলা চলে, রাজা রুদ্ধ হইলে কিস্তি মাৎ হয়। রাজা গজের চারিদিকে ঘুরিলে 'গজচক্র' বা 'পিলড়ী', বড়িয়ার চারিদিকে ঘুরিলে 'চতুরং' হার হয়] [°বাজ—যে শতরঞ্চ খেলে।]

শতরঞ্চি, -ঞ্জী বি [আ 'শত্‌রঞ্জী'—কার্পেট-বিশেষ] রঙবেরঙ মোটা সূতায় বোনা বিস্তৃত আস্তরণবিশেষ।

শতরঞ্জী দ্র 'শতরঞ্চি'।

শতরুদ্রিয়, -দ্রীয় বিণ [°দ্র+ইয় (ঘ), ঈয় (ছ), পা ৪.২.২৮, বার্ত্তিক] ১ শতরুদ্রদেবতাক, অর্থাৎ রুদ্রের বা ব্রহ্মের অনন্ত আকৃতি যে মন্ত্রের স্তুত্য। "গৃণন্তো বেদবিদ্বাংসো (তৌ) তদ্ ব্রহ্ম শতরুদ্রিয়ম্ মহা ৭ ৭৯ ১৩। ২ বহুমন্ত্রে স্তুত (মহীধর)। "শুক্লযজুর্ব্বেদ ২১.৪৩। —য় ক্লী বহুস্তুতি (উবট), শতরুদ্রস্তোত্র। "শুক্লযজুর্ব্বেদ ২১.৪৩।

দেবদেবস্ত তে পার্থ ব্যাখ্যাতং শতরুদ্রিয়ম্ মহা ৭২০১.১৪৮, পঠন্ বৈ শতরুদ্রীয়ং শৃণ্বংশ্চ ১৫১।

শতরুদ্রীয় দ্র 'শতরুদ্রিয়'।

শতরূপা স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] ১ 'অতিরূপবতী', ব্রহ্মার কন্যা ও পত্নী। [ব্রহ্মার অর্দ্ধদেহ হইতে ইঁহার উৎপত্তি। ইঁহার অন্য নাম 'সাবিত্রী গায়ত্রী সরস্বতী ব্রহ্মাণী'। ব্রহ্মা রূপে মোহিত হইয়া ইঁহাকে বিবাহ করেন। স্বায়ম্ভুব মনু ইঁহার পুত্র। দ্র 'মৎস্যপুরাণ, তৃতীয় অধ্যায়। ভ ৩ ১২ ২৮।] ২ স্বায়ম্ভুবমনুর পত্নী। 'ভ ৪.১.১। "শতরূপা মনুসঙ্গে ক্রীড়া কুতূহলে ক.চ ১০।

শতশঃ (-শস্) ব্য [শত+শঃ (শস্), পা ৫ ৪.৪৩] ১ শত শত, বহুশঃ, নানা। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ গী ১১.৫। ২ শত শত, অসংখ্যক, "শতশোঽথ সহস্রশঃ (নরাঃ) রা ২ ৫৭ ৯। ৩ শত শত সংখ্যায়। ৪ শতবার। "মনু ১২ ৫৮।

শতসহস্রশঃ (-শস্) ব্য [°স্র+শঃ (শস্)] শতসহস্রসংখ্যক, লক্ষ, বহু। "শতসহস্রশঃ (নরাঃ) গো রা ২ ৫৭ ৯। অন্তে শতসহস্রশঃ শৈলা. ভ ৫ ১৯ ১৬।

শতসাহস্র বিণ [শতসহস্র+অ (অণ্), স্ত্রী -স্রী] ১ শতসহস্রসংখ্যক, লক্ষ। "শতসাহস্রং যোজনান্তরম্ মহা ১৩০.২৪। ২ লক্ষগুণ। "প্রাধীতে শতসাহস্রম্ (ফলম্) মনু ৭ ৮৫। ৩ শত সহস্র দ্বারা ক্রীত। —সাহস্র স্ত্রী বহুত্ব। "রূপাণাং শতসাহস্রম্…চকার রা ৭ ১৫ ৩০।

শতহ্রদা স্ত্রী [শত হ্রাদ যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্), পৃষো (অ টী)] ১ 'শতগুণশব্দ', তড়িৎ, বিদ্যুৎ। "শতহ্রদানা" লোলত্বম্ রা ৩ ১ ৩৬। কু.স ৭ ৩৯। ২ বজ্র। —হ্রাদা স্ত্রী বজ্র (A)।

শতহ্রাদা দ্র 'শতহ্রদা'।

শতাক্ষ বিণ [শত অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্), স্ত্রী -ক্ষী] শতনেত্রবিশিষ্ট। —তাক্ষী স্ত্রী [°ক্ষ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'শতনেত্রবতী', দুর্গা। 'ততঃ শতেন নেত্রাণাং নিরীক্ষিষ্যামি যন্ মুনীন্। কীর্ত্তয়িষ্যন্তি মনুজাঃ শতাক্ষীমিতি মাং ততঃ॥—চণ্ডী। "কু ৩৫০। চ বি ৩৪০। ২ 'তারাশতনেত্রবতী', রাত্রি। ৩ শতপুষ্পা, শুলুফাশাক।

শতাক্ষী দ্র 'শতাক্ষ'।

শতাক্ষরী বি বর্ণমালারূপা দুর্গা। "ক চ ২৫৩।

শতাঙ্গ বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] ১ শতাবয়ব, বহুভাগবিশিষ্ট। ২ নখ অঙ্গুলি দন্ত মুখ ইত্যাদি যাহার বহু বাদনোপায় (নীলকণ্ঠ), অর্থাৎ যাহা নখাদি দ্বারা বাদনীয়। "শতাঙ্গানি চ তূর্য্যাণি মহা ১ ১৮৮ ২৪। —তাঙ্গ পুং ১ যুদ্ধার্থ রথ, স্যন্দন (অ কো)। "সাজিল শতাঙ্গ অস্ত্র যত অমরের।—হেম ২৩৩। ২ শকট। ৩ তিনিশবৃক্ষ।

শতাধিক বিণ [প.ত] শতসংখ্যার অধিক।

শতাধিপতি পুং [ষ ত] শতনায়ক, শতাধ্যক্ষ (মহা)।

শতানন্দ পুং [বহুব্রী] ১ গৌতমপুত্র জনকপুরোহিত মুনিবিশেষ। "রা ১ ৫০ ৬। উ চ ১ ১৬। কু ৭৪। সী ৭। ২ শ্রীকৃষ্ণ। ৩ বিষ্ণু। ৪ ব্রহ্মা। ৫ গৌতমমুনি (অ.চি)। ৬ বিষ্ণুরথ।

শতানীক পুং [বহুব্রী] ১ ব্যাসশিষ্য মুনিবিশেষ। ২ নকুলপুত্র। 'শতানীকস্তু নাকুলিঃ মহা ১ ৬৩ ১২৩। ৩ জনমেজয়পুত্র। ৪ বৃদ্ধ, (পাঠান্তর) বৃন্দ (মেদিনী)।

শতাবধান, -নী (-নিন্) পুং [শতে অবধান যাঁহার, বহুব্রী, শতে অবধানী (স ত)—°ধান+ইন্ (ইনি)-১ব] উৎকৃষ্ট স্মৃতিশক্তি হেতু যিনি ক্রমান্বয়ে শত বিষয়ে মনোযোগ দিতে পারেন।

শতাবধানী দ্র 'শতাবধান'।

শতাবধি বিং শতপর্য্যন্ত, শতসংখ্যক, প্রায় শত। "পঞ্চাশ ব্যঞ্জন সাজে শতাবধি বাটী শ্রী ১০৯। শতাবধি জনে বি.হু ৯১।

শতাবরী স্ত্রী [শতের আবর, ষ.ত, স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'বহুলুরের আবরক'; শতমূলী। "°মূল (সুশ্রুত)। বা.ম ৩৫৮। বি পা ২১৭ ২ শচী। ৩ শচী।

শতাবর্ত্ত পুং [বহুব্রী] ১ যাহার শত আবর্ত্ত (কেশগুচ্ছ), শিব (মহা)। ২ বিষ্ণু। —বর্ত্তী (-র্ত্তিন্) পুং 'শতাবর্ত্তবান্', বিষ্ণু।

শতাবর্ত্তী দ্র 'শতাবর্ত্ত'।

শতাব্দ বিণ [শত অব্দ ভূত ইতি, তদ্ধিতার্থ দ্বিগু] শতবর্ষবয়স্ক। —ব্দ ক্লী [স দ্বি] শতবর্ষসমাহার, বর্ষশত। "শতাব্দ করিয়া রণ চ বি ৬৬। অদ্য কিম্বা শতাব্দান্তে যাজাপ্ত হবে জান না।—রামপ্রসাদ। —ব্দী বি [সং শতাব্দ] শতাব্দ।

শতাব্দী দ্র 'শতাব্দ'।

শতায়ুঃ (-যুস্) বিণ [বহুব্রী, স্ত্রী -যুঃ, '°যু' (শতপথব্রাহ্মণ)] শতবর্ষজীবিতকাল, শতজীবী। "শতায়ুর্বৈ পুরুষঃ (শ্রুতি)। —যুঃ ক্লী [উ লো] শতসংবৎসরমাত্র জীবিতকাল। "ভ ১০ ৪৫ ৫।

শতার ক্লী [শত অর যাহার, বহুব্রী] 'শতকোণ', বজ্র। [দশশতার —'সহস্রার', সুদর্শন। "ভ ৩ ২৮ ২৭।]

শতার্দ্ধ ক্লী [ষ ত] শতের অর্দ্ধ, পঞ্চাশৎ। 'শতার্দ্ধসংখ্যান্তর সন্তি কন্যাঃ।—বিষ্ণুপুরাণ ৪ ২ ২৪।

শতাহ্বয়া, -হ্বা স্ত্রী [বহুব্রী] 'বহুনামা', শতাবরী (সুশ্রুত)।

শতাহ্বা দ্র 'শতাহ্বয়া'।

শতিক, -ত্য বিণ [শত+ইক (ঠন্), +য (যৎ), স্ত্রী -কা, -ত্যা] ১ শত দ্বারা ক্রীত (দ্রব্য)। ২ [+ইক, +য] শতের নিমিত্তভূত। "শতিকঃ শত্যো বা ধনপতিসংযোগঃ। শতিকং শত্যং বা দক্ষিণাক্ষিস্পন্দনম্ (সি)। ৩ [+ইক, +য, পা ৫.১.৪৭] যাহাতে শত বৃদ্ধি আয় লাভ শুল্ক বা উপহার দিতে হয়। ৪ শতপরিমিতের অধিক পরিমাণ (মিতাক্ষরা)। "গ্রন্থে শতিকবৃদ্ধেঃ যাজ্ঞ ২.২০২।

শতী (-তিন্) বিণ [শত+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -তিনী, 'শতিন্' —শতসংখ্যাযুক্ত।—ঋগ্বেদ ১ ৩১ ১০, সায়ণ] ১ শত মুদ্রাবান্, শতাধিকারী। "নিঃস্বো বষ্টি শতং শতী দশশতম্ (শান্তিশতক)। ইচ্ছতি শতী সহস্রম্।—পঞ্চ ৫ ৭৮। ২ গোশতাধিকারী। "গবাং শতী দশ দদ্যাৎ মহা ১৩ ১০২ ৪৩।

শ(স)তেক বিং [শত+এক, দ্র 'এক[২]'] ১ একশত, শতসংখ্যক। "সতেক ভার পদ্ম ফুল শূ ২৮। ২ বহু, অনেক। "শতেক রাজার ধন অভরণ অঙ্গে ক চ ৭০। লাড়ু-আদি শতেক প্রকার চৈ.চ ১৫৮। (কুজার) পেটটী ডোঙ্গা, শতেক ভাঙ্গা।—দা ৫৫৭। ৩ [শতক >°ক] শত। "পঞ্চ-শতেক পদাতি।—ম ৭৭৫।

শতেকখোয়ার দ্র 'খর[২]'।

শতেকখোয়ারী দ্র 'খর[২]'। 'শতেকখোয়ারি!—ব দ্বি ৩৮।

শতেশ পুং শতগ্রামাধিপতি। 'মনু ৭ ১১৫,-৭।

শতেশ্বরী বি [শতসর >শতসরী >°রী, অসাধু, সং দেবচ্ছন্দ] শতযষ্টিকহার, শতনরী। "গো চ ২৫৫। কণ্ঠে শতেশ্বরী হার।—ম ২৩৪, ৩৭০। শতেশ্বরী হার ক চ ১০০। বেশর খচিত, শতেশ্বরী পহিরল ব প ১০৭৯, ১১১৯। প ক ৪৮৩।

শতৈকশীর্ষা (-র্ষন্) বিণ [শত প্রধান শীর্ষ যাহার, বহুব্রী, -১ব] শতসংখ্যকপ্রধানশিরস্ক (কালিয়)। "ভ ১০ ১৬ ২৮।

শত্তুর বি [সং শত্রু >(স্বরাগমে) শতরু >শত্তুর্ >°র (?); কথ্য] বিপক্ষ। "ভ গ্র ২৩১। শত্তুরের মুখে ছাই!—ন ১১১৫।

শত্য দ্র 'শতিক'।

শত্রু পুং [√শদ্+ই (ণিচ্)— √শাতি+রু (রুন্)-ক, হ্রস্ব, উ ৪.১০৩; cf. Gr Kotos, Ger Hader] ১ 'শাতয়িতা', রিপু, অরি,

বিপক্ষ, বৈরী। "ঋগ্বেদ ১.৩২.৪, ৩৩ ১৩। ঋণকর্ত্তা পিতা শত্রুর্মাতা চ ব্যভিচারিণী। ভার্য্যা রূপবতী শত্রুঃ পুত্রঃ শত্রুরপণ্ডিতঃ॥—হি ২১ (কথারম্ভ)। কুলের শত্রু কুপুত্র, চুলের শত্রু টাক।—দা ৯৪৬। ২ (রাজনীতিতে) স্বরাজ্যের অনন্তরবর্ত্তী রাজা, অব্যবহিত রাজ্যের রাজা। "মনু ৭ ১৫৫,-৭৭। ৩ জ্যোতিষে লগ্নাবধিক ষষ্ঠস্থান (ত ষা)। [°কর্শন, °কর্ষণ (বিণ)—রিপুনাশক। °কুল (ক্লী)—১ শত্রুগৃহ। "মনু ৮ ৯৩। ২ অরিগণ। °জিৎ (পুং)—শিব। °তাপন (বিণ)—পরন্তপ। °দমন (বিণ)—অরিন্দম। °নন্দন (বিণ)—শত্রুপ্রীতিকর। °নাশন (বিণ)—রিপুঘাতক। °নিবর্হণ (বিণ)—শত্রুহিংসক, অরিনাশক। 'গো রা ১ ১ ১২। °পক্ষ (পুং)—প্রতিকূলপক্ষ, শত্রু। 'হি ১৮৮। °বাধক, °বাধন (বিণ)—রিপুপীড়ক, পরন্তপ। °বিনাশন (বিণ)—শত্রুনাশক। °মর্দ্দন (বিণ)—পরপীড়ক। °রূপ (বিণ)—রিপুভাবাপন্ন। °সঙ্কট (ক্লী)—শত্রুকৃত বিপদ্, বিপুর আক্রমণ। 'পঞ্চ ৫ ৪০। °সহ, °সাহ (বিণ)—শত্রুনিরোধক, রিপুনিরাকর্ত্তা। "°সহ মহা ৪ ৫৪ ৭। °সেবী (-বিন্) বিণ—শত্রুপক্ষাশ্রয়ী। 'মনু ৭ ১৮৬। °হত্যা (স্ত্রী)—রিপুক্ষয়। °হন্তা (স্তৃ), °হা (-হন্) বিণ—অরিঘাতক, শত্রুহন্তা। "ঋগ্বেদ ১০ ১৫৯ ৩ মহা ৩ ১০০ ১১ ১৪৮ ১৫।]

শত্রুঘাত, -তী (-তিন্) বিণ [শত্রু+√হন্+অ (অণ), -ইন (ণিনি),-১ব, উ ত স্ত্রী -তী, -তিনী] শত্রনাশক। —ঘাতী পুং শত্রুঘ্নের পুত্র। 'রা ৭ ১০৮ ১১।

শত্রুঘাতী দ্র 'শত্রুঘাত'।

শত্রুঘ্ন বিণ [শত্রু+√হন্+অ (ক)-ক, উ ত স্ত্রী -ঘ্না তু 'শত্রুঘন' (পদ্যে—কৃ অ ১)] শত্রুনাশক। শত্রুঘ্নো নিত্যশত্রুঘ্নঃ রা ২ ১ ১। শত্রুঘ্ন শত্রুঘ্ন রণে।—মে ২৯৩। —ঘ্ন পুং সুমিত্রাগর্ভজাত দশরথের পুত্র। [ইনি লক্ষ্মণের সহোদর কনিষ্ঠ ভ্রাতা। ইঁহার পত্নী শ্রুতকীর্ত্তি এবং পুত্র সুবাহু ও শত্রুঘাতী। রামের রাজ্যশাসনকালে রামের আদেশে ইনি মথুরায় গমনপূর্ব্বক লবণদৈত্যকে নিহত করিযা রাজ্যস্থাপন করেন।]

শত্রুঞ্জয় পুং [শত্রু+√জি+অ (খচ) সংজ্ঞার্থে-ক উ ত] ১ হস্তী। "পা ৩ ২ ৪৬, ২ গুজরাটের পর্ব্বতবিশেষ গির্নার।

শত্রুন্তপ বিণ [শত্রু+√তাপি+অ (খচ)-ক, হ্রস্ব, সংজ্ঞার্থে, কদাচিদনাম্নি চ (উপপদনিয়মঃ দৃশ্যতে (দুর্গাদাস)] শত্রুপীডক। —ন্তপ পুং ক্ষত্রিয়বিশেষ। মহা ৪ ৫৪.১১।

শত্রুন্দম বিণ [শত্রু+√দম্+অ (খচ) সংজ্ঞার্থে-ক দ্র 'শত্রুন্তপ'] অরিন্দম, শত্রুশাসক। —ম পুং শিব (মহা)।

শত্রুপজাপ পুং [ষ ত] শত্রুর মন্ত্রণা। 'মনু ৭ ৬২, কুল্লুক।

শদ্ সক [ভ্বা, তু. প—শীয়তে, শদ্ >শীয়, 'শপ'-বিষয়ে আত্মনেপদী (পা ১ ৩ ৭৮, ১ ৩ ৬০), অনিট্] ১ গতি। ২ শাতন, ছেদন শাত, পাতন (ক ক)। "শীয়তে পত্রং বৃক্ষাৎ বায়ুঃ (ক ক)। —দ্ অক [পূর্ব্ববৎ] ১ পতন। 'শীয়তে পত্রং বৃক্ষাৎ (ক ক)। ২ বিশীর্ণতা। [শদ্ (ণিজন্ত)—১ (গত্যর্থে) শাদি। "গাঃ শাদয়তি গোবিন্দঃ (সি)। ২ (গতি-ভিন্ন অর্থে) শাতি। শাতয়তি পা ৭ ৩ ৪২, সি।]

শনকৈঃ (-কৈস্) ব্য [শনৈস্+অক (অকচ) স্বার্থে, অন্ত্যস্বর 'ঐ' কারের পূর্ব্বে] শনৈঃ, মন্দ। 'গো রা ২ ৬৬ ৯। মহা ৩ ৬৯ ১৩। শনকৈঃ পুষ্করেষাহতেষু উ মে ৫। মাঘ ৯ ২৬।

শনন্শন ক্রি বিং [ধ্বন্যাত্মক] বন্দুকের গুলীর শব্দ। "শনন্শন শনন্শন গুলীপুঞ্জ ছোটে।—রঙ্গ ১০১।

শনশন বি [ধ্বন্যাত্মক, তু '√স্বন্'] ১ শর ইত্যাদির দ্রুতগতির শব্দ। "শরের নিশান, শুনি শনশন শ্রী ১৪২, শনশন শুনি শুদ্ধ শরের শব্দ ১৬৫। ২ বেগে গদাচালনের শব্দ। "শনশন ডাকে, গদা ঘনপাকে।—ম ৯৬৪, টীকা। —শন ক্রি বিং শনশন-শব্দে। "উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে, শনশনে।—মে ১০। শনশন বাণ হৃদয়ে হানে বা.দ ২১৭। শনশন সমীরণ বহিল প তৃ ৭। —শনি বি সর্ব 'শনশন (১)। "তীরগুলি শনশনি ভা.চ ২৬৬।

শনশনি দ্র 'শনশন'।

শনি পুং [√শো+অনি-ক, কিৎ, সং শনৈশ্চর >প্রা সণিচ্ছর (হে) >শনি (?), হি, প সনীচর, শনি] ১ গ্রহবিশেষ, সৌরি (saturn)। "গো রা ২ ৪০ ১০। [শনি চতুরঙ্গুল, কৃষ্ণবস্ত্রধারী, চতুর্ভুজ শরবাণবর-শূলধনুর্দ্ধারী ও গৃধ্রবাহন। যম ইহার অধিদেবতা। দ্র 'সংজ্ঞা'। ২ শনিবার। ৩ (বাঙ্লায) শনির তুল্য অনিষ্টকর ব্যক্তি, গালি। ৪ অনিষ্টকর বিষয়। হবি হরি কি শনি কৈলু, আপনা খাইলু, গোবিন্দের ভাব বাড়াল্যা শ্রী ম ২০৭। [°চক্র (ক্লী)—(জ্যোতিষে)—শনিভোগ্য সপ্তবিংশতি নক্ষত্রের নরাকারচক্রবিশেষ। °প্রসূ (স্ত্রী)—শনির জননী ছায়া। °প্রিয় (ক্লী)—নীলমণি। [শনির দশা—শনিগ্রহের ভোগকাল। শনির দান—শনির প্রীত্যর্থ সতিলা কৃষ্ণা গবী ও উৎকৃষ্টলোহ দান। শনির দৃষ্টি—শনিগ্রহের কোপদৃষ্টি বা শুভদৃষ্টি (উভয়ই অনিষ্টকর)। "শনির দৃষ্টিতে বাজার ছিঁড়ে রথ-দড়া।—কৃ ৩৩। শনি লাগা—শনির দৃষ্টি হওয়া।]

শনিত্যাগ বি শনির দৃষ্টি হইতে মুক্তি। 'ম ৩৯৭।

শনিদোষ বি শনির দৃষ্টি বা কোপ। "ম ৩৯৭।

শনিপ্রতিকার বি শনির কোপদৃষ্টির প্রতিবিধান। "মীনপোড়া খাইলে হয় শনিপ্রতিকার।—ম ৪০০।

শনিবার, -বাসর পুং [উ লো] শনিভোগ্য দিন, রবিবারাদি সপ্তাহের শেষ বার। [শনিবারের মড়া দোসর চায়—শনি বারে মরিলে মৃতের যে দোষ হয়, তাহার ফলে অন্যের মৃত্যু হয়, (গৌণার্থে) যে বিপন্ন হইলে অন্যকেও সঙ্গে সঙ্গে বিপন্ন করে।]

শনিবাসর দ্র 'শনিবার'।

শনৈঃ (-স্) ব্য [ছান্দস] ১ অদ্রুত, মন্দ, ধীর। "(প্রমদাঃ) কৌসল্যাং পরিবার্য্যাথ শনৈর্জগ্মুঃ রা ২ ৩৪ ১৩। শনৈঃ কৃতপ্রাণবিমুক্তিঃ কু স ৩ ৫৯। ২ অন্তরায় ('অন্তরয়া'—কুল্লুক)। "ব্রাহ্মণান্...ভোজয়েচ্চ শনৈঃ শনৈঃ মনু ৩ ২৩৩। ৩ ক্রমশঃ, অল্পশঃ। "শনৈঃ পন্থাঃ শনৈঃ কন্থা শনৈঃ পর্ব্বতমস্তকে। শনৈর্বিদ্যা শনৈর্বিত্তং পঞ্চৈতানি শনৈঃ শনৈঃ॥—সু ব। ৪ ক্রমে, পর্য্যায়ে। "মনু ১ ১৫। ৫ ক্রমে। বিপ 'সহসা'। শনৈঃ শনৈরুপরমেদ্ বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া গী ৬ ২৫। ৬ অলসভাবে।

শনৈর্ভাব পুং [কর্ম্মধা] ধীরভাব, ক্রমিকভাব।

শনৈশ্চর বিণ [শনৈঃ চর (গামী), সুপ্সুপা] ধীরগতি, মন্দ। "শনৈশ্চরাভ্যাং পাদাভ্যাং বেজে গ্রহময়ীব সা।—ভর্ত্তৃহরি।—র পুং 'পঙ্গুত্ব হেতু মন্দগামী' (অ টী), সৌরি, শনি। 'ছায়ায়া গর্ভসম্ভূতং বন্দে ভক্ত্যা শনৈশ্চরম্ (নবগ্রহস্তব)। ম ৩২৬। চাপলগ্নে শনৈশ্চর ক চ ২১১। দু ৯। ভা চ ১৩১। লয়ে অষ্টশশী ভ্রমে শনৈশ্চর।—হেম ২৬৪। অষ্টশশিসমন্বিত শনৈশ্চর ব প্র ২৪৩।

শ(শা)ন্তনু পুং [শান্তের তনু (ষ ত)—শান্ততনু >শন্তনু, শান্তনু (প্রাকৃতনিয়মে?), শান্তস্তোপরতস্য বংশস্য সন্তানো বিস্তার ইতি শান্ততনুঃ, ততস্তকারলোপেন 'শান্তনু'-রিতি নাম (নীলকণ্ঠ), শন্তনু (ঋগ্বেদ ১০ ৯৮ ১, ৩, ৭)] 'উৎপন্ন বংশের বিস্তার', চন্দ্রবংশীয় প্রতীপরাজপুত্র। 'শান্তস্য জজ্ঞে সন্তানস্তস্মাদাসীৎ স শান্তনুঃ মহা ১ ৯৭ ১৯। 'ধন্য ক্ষত্রকুলে, শান্তনু।—মা ১৪৪। [অপুত্রক রাজা প্রতীপের রূপে মুগ্ধ হইয়া গঙ্গা স্ত্রীরূপে তাঁহার ঊরুদেশে উপবেশনপূর্ব্বক রতি প্রার্থনা করিলে, প্রতীপ কহিলেন, কল্যাণি! তুমি যে দক্ষিণ ঊরুতে উপবেশন করিয়াছ, তাহা অপত্যের বা পুত্রবধূর আসন, বাম ঊরু কামিনীভোগ্য। অতএব তুমি আমার পুত্রবধূ হও, আমি তোমার নিকটে পুত্র প্রার্থনা করি।' প্রতীপের এইরূপ প্রার্থনায়, গঙ্গা

'তথাস্তু' বলিয়া অন্তর্হিতা হইলেন। প্রতীপ এই সময়ে ভার্য্যার সহিত পুত্রার্থ তপস্তা করেন। 'মহাভিষ' বা উপরত বংশের সন্তান 'শান্তনু' সেই বৃদ্ধদম্পতির পুত্র। পূর্ব্বকৃত প্রতিজ্ঞানুসারে গঙ্গাদেবী ইঁহাব পত্নী এবং সত্যবতী ইঁহার দ্বিতীয়া ভার্য্যা। গঙ্গার পুত্র দেবব্রত ভীষ্ম, সত্যবতীসুত চিত্রাঙ্গদ ও বিচিত্রবীর্য্য।]

শন্ত্য বি [শূন্য >শন্ত, তু 'শৈন্তে' (ম গা ১২)] ১ শূন্য, আকাশ। "শন্তে মহাস্থিতি গো চ ১৪৭। গোথ শন্তেত ভ্রমাএ ম গা ১২। ২ খালি। "শন্ত খাতা শন্ত ঝুলি ম গা ২৭। [শন্ত করি—আকাশে উঠাইয়া। "শন্ত করি ধবল বস্ত্র দিল ও ভাসাইয়া গো চ ২৪৭।]

শান্তনু দ্র 'শন্তনু'।

শপ্ সক [ভ্বা, দি, এ—শপতি, -তে, শপ্যতি, -তে, অনিট্] ১ আক্রোশ, শাপ, (দিবাদি) উক্তিবিশেষ, নির্ভৎর্সন (চতুর্ভুজ), (ভ্বাদি) গালিদান (ক ক)। "ত্বা° শশাপ সা রঘু ১ ৭৭। শপমানায চেদিভূভুজে মাঘ ১৬ ২৫। ২ ভৎর্সনা। 'গোপী কৃষ্ণায় শপতে (সি)। ৩ শপথ-করণ। ৪ করণ। 'অনেকার্থত্বাদ্ ধাতুনা° শপিবপি করোত্যর্থঃ (কুল্লুক)। বশিষ্ঠশ্চাপি শপথ° শেপে মনু ৮ ১১০। অসৌ শপথান-শপ্যৎ ভট্টি ৩ ৩২। [কেহ কেহ বলেন 'শপ্ ধাতু 'শপথ'-অর্থে নিত্য আত্মনেপদী, অন্যত্র উভয়পদী (ক ক)।] [অভি—অভিশাপ। পরি —আক্রোশ। "ভ ৩ ৩৩।]

শ(স)প[1] বি [আ স ক] লম্বা মাদুরবিশেষ। দৈর্ঘ্যে সপ হাত যত। প্রস্থ দিয়া পুর তত॥—শুভঙ্কর।

শপ[2] বি [ধ্বন্যাত্মক] চাবুক ইত্যাদিব বেগে চালনাব শব্দ। —পাৎ বি [শপ-ইতি] শপ-শব্দ। একজন পবিচারিকা শপাৎ কবিয়া একগাছা লিকলিকে সরু বেত ফেলিয়া দিয়া চলিযা গেল ব প্র ৩৮৭। [শপশপ, শপাশপ—ক্রমাগত শপ-শব্দ বা বেত্রাদির আঘাত। 'মন্ত্রী বলে 'যগন হইবে শপাশপ।—স্ব প্র ১০৪।]

শপত্তি, -থি বি [স° শপথ, মৈ সপত] শপথ, দিব্য। 'ব°শী পবশি. শপথি শত শত. তবহি প্রতীত নহে বোলে বি প ১২২। শপতি কবিয়া. বলি দাঁড়াইযা. না রব এ পাপ ঘরে চ দা ৯৩। শপতি করিয়ে তোর রা শে ৫০ শপতি কবোঁ মুঞি ঝিয়েব মাথে ১০১। আমাব শপতি নাগে. না ধাইহ ধেনুর আগে প র ৯। শপতি।—ব ১৪৬ ব প ১০৮২।

শপথ পু° [শপ্+অথ-ভা, উ ৩ ১১৩] ১ আক্রোশ, শাপ। ঋগ্বেদ ১০ ৮৭ ১৫। ২ 'যদি মিথ্যা বলি, নরকে যাইব ইত্যাদি স্বরূপ, মিথ্যানিরসন (অ টী), শপন, সত্যাবধাবণ, দিব্য। দ্র 'শু ৪ ৫ ২৪৬। "গো রা ২ ৭৯ ২৫। রা ৭ ৯৫ ৬। ন বৃথা শপথ° কুর্য্যাৎ মনু ৮ ১১১। ৩ তোমার দিব্য' এই বলিয়া শরীরস্পর্শন। 'বাচা শরীরস্পর্শনম্ (গোয়ীচন্দ্র)। ৪ নির্ভৎর্সন, উপালম্ভন। —পন ক্লী [+অন (ল্যুট্)-ভা] শপথ (অ কো)। [°করণ (ক্লী)—দিব্যকরণ, সত্য কবা। °পত্র (ক্লী)—শপথপূর্ব্বক-স্বীকৃতবিষয়ক পত্র, সত্যপত্র (affidavit)। °পূর্ব্বক (বিণ)—দিব্যপূর্ব্বক। °যন্ত্রিত (বিণ)—দিব্যনিয়ন্ত্রিত কৃতশপথ। ক সা ৩২ ৫।]

শপথি ; শপন ; শপশপ, শপাৎ, শপাশপ দ্র 'শপতি, শপথ, শপ[2]।

শপ্ত বিণ [√শপ+ত-র্ম্ম, তু শপিত' (রা ৭ ৫৫ ২১)] ১ প্রাপ্তশাপ, আক্রুষ্ট, অভিশপ্ত। আশ্রমপদ° শপ্তম্ রা ১ ৪৮ ১৪। ভ ১ ১৮ ৪১। ২ দত্তদিব্য। ময়া চ সীতয়া চৈব শপ্তোঽসি রঘুনন্দন রা ২ ১১২ ২৮। —প্ত ক্লী [+ত-ভা] ১ শপথ, দিব্য। "অলং শপ্তেন গো রা ২ ১২৩ ১২। ২ শাপ।

শফ পু°, ক্লী [√শম্+অ (অচ্)-ক, পৃষো (অ কো), ছান্দস, Av safa, cf, Ger huof, Huf, A S hof, E. hoof ১ 'পাদাঘাতব্যথায় শময়িতা' (অ টী), খুর। "ঋগ্বেদ ১ ১১৬.৭, শফাবিব ২ ৩৯ ৩। ২ তরুমূল, শিকড (অ চি)।

শ(স)ফর পু° [শফ+ √রা+অ (ক)-ক (রামাশ্রমী), শফানা স্ফুরতি—শফরী, নৈরুক্তো বর্ণলোপঃ (অ টী), স (সহ) ফর (ফর-ফর-শব্দ)—সফর, শফর (?), তু 'শফরী ফরফরায়তে।] মৎস্যবিশেষ, পুঁটীমাছ (Syprinus Sophore)। 'চটুলশফরোদ্বর্ত্তন পূ মে ৪০। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ), ঠ সহরী] সফরস্ত্রীজাতি। "শফরীং হ্রদশোষবিক্লবাম্ কু স ৪ ৩৯। চল° মাঘ ৮ ২৪। °রূপ ভ ৮ ২৪ ৯। সুথ-সরোবব. নাভি মনোহর. মদনশফরীধাম ভা চ ১২৪। শফরী শি ৮৫। চটুলা সফরী।—মে ২৭। [শফবাধিপ (পু°)—ইল্লীশমৎস্য।]

শফোরু স্ত্রী [শফতুল্য উরু যাহার বহুব্রী স্ত্রী 'উ (উঙ), পা ৪ ১ ৭০] স°শ্লিষ্টোরু নারী (সি)।

শব্ সক [ভ্বা, প—শবতি সেট্] ১ গতি। ২ বিকার। 'শবতি চিত্ত° কামঃ (ক ক)।

শব পু°, ক্লী [√শব্+অ (অচ)-ক] 'যাহা বিকৃত হয় বা পচে', মৃতদেহ কুণপ। 'শতপথব্রাহ্মণ ১ ৮ ৩ ১৮। অন্তর্গতশবে গ্রামে মনু ৪ ১০৮। কেশব। সখা যে সব সে সব শব তোমা ভিন্ন।—দা ১৪১। —ব ক্লী জল। মনেব ব লে ক যে শুদ্ধ হ য়ে ডুব দিয়ে আয় শান্তি শবে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—শবদাহ, অন্ত্যেষ্টি। °দাহ (পু°)—মৃতদেহসৎকার। °দাহক (পু°)—শবদাহকারক। °বাহ °বাহক (পু°)—মৃতনির্হারক। মহা ৪ ৪১ ৩। °মন্দির (ক্লী) —শ্মশান। °যান (ক্লী), °রথ (পু°), °শিবিকা (স্ত্রী)—শববহনার্থ খট্বা, মড়াব খাট। °শয় (ক্লী) – জলশয়ন', পদ্ম। শবশয-নাভ ভ ৪ ৭ ৩৩। °শয়ন (ক্লী)—শবশয়নস্থান শ্মশান। °সাধন (ক্লী) —(তন্ত্রে) শ্মশানে তান্ত্রিকেব শব দ্বারা কালীসাধনবিশেষ। °স্পৃক (-শ্) পু°, স্ত্রী—শবস্পর্শকারী। মনু ৫ ৬৪।]

শবদ বি [স° শব্দ >(স্বরাগমে) শবদ পদ্যে] শব্দ। হরি হরি শবদ।—ব ১৮, ১৮৭। শিশু ৮১। —দিত বি° [স শব্দিত > °ত] শব্দযুক্ত। প ক ১৫৬১।

শবভূমি বি শবস্থান, শ্মশান। শ্রী ১০২।

শবর বিণ [তু শবল] বিচিত্র, নানাবর্ণ। —বব পু° [√শব্+অর (অবচ) ক] ১ পত্রপরিধান ম্লেচ্ছজাতিবিশেষ। শবরাঃ পত্রপরিধানাঃ (অ টী)। [নন্দিনীর বিষ্ঠা হইতে ইহাদের উৎপত্তি। '(নন্দিনী অসৃজৎ) শকৃতঃ শববান্ মহা ১ ১৭৫ ৩৬।] ২ অসভ্যজাতি, কিরাত-পুলিন্দাদি। রাজন্ গুঞ্জাফলানা° স্রজ ইতি শবরা নৈব হার° হরন্তি (কা প্র)। °সৈন্য।—কাদ ৭। ৩ (কিরাতরূপী) শিব। ৪ শাস্ত্র-বিশেষ। ৫ হস্ত। ৬ পানীয়। ৭ মীমা°সাভাষ্যকাব পণ্ডিত শবরস্বামী। —বরী স্ত্রী শববজাতিস্ত্রী। রা ১ ১ ৫৬,-৮, ৩ ৭৪ ১০। ইয়ঞ্চ শ্রমণা নাম সিদ্ধশববী ভ চ ৩/৪। এই সেই সিদ্ধ শবরী শ্রমণা সী ১২। [°ভাষ্য (ক্লী)—শববস্বামিকৃত মীমা°সাসূত্রভাষ্য। °লোধ্র (পু°)—শ্বেতলোধ্র।]

শবরব '-ব'- বি [শব্দরব > °ব] প্রচাব, প্রকাশ। '°ব হওয়া।

শবরাবাস, -রালয় পু° [ষ ত] শববগৃহ, পক্কণ।

শবরালয় দ্র 'শবরাবাস'।

শবল বিণ [°ল+অ (অচ), স্ত্রী -লা] ১ নানাবর্ণযুক্ত, কর্ব্বুর, বিচিত্র। শ্বানৌ শবলৌ।—ঋগ্বেদ ১০ ১৪ ১০, °হৃদয় ১০ ৯০ ২০। শুক্ল-যজুর্ব্বেদ ১৪ ১০। নীলার্দ্ধরেখা° রঘু ৫ ৪৪। ২ ব্যামিশ্র, কুভিত (শ্রীধর)। 'বৈকুণ্ঠচিন্তাশবলচেতন ভ ৭.৪ ৩৯। ৩ বিবর্ণ (শ্রীধর)। '°স্তন ভ ৩ ২৩ ২৫। — বল পু° [√শপ্+অল (কলচ্), প্ >ব (অ টী), শবর >শবল (?),—বোধ হয়, শবরেরা গৈরিকাদি বর্ণে

সেই রঞ্জিত করিত, তাহা হইতেই ঐরূপ অর্থ। অমরকোষে, 'কির্ম্মীর, শবল, কর্ব্বুর' চিত্রপর্য্যায়ের শব্দ এবং ঐ তিন শব্দই পর্ব্বতীয় জাতি হইতে পারে।] নানাবর্ণ, কর্ব্বুরবর্ণ। —বলা১, -লী স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্),+ঈ (ঙীষ্)] বিচিত্রবর্ণা গবী, চিত্রগবী। —বলা২ স্ত্রী বশিষ্ঠের কামধেনু, নন্দিনী। —বল ক্লী অনন্তরবৃত্ত্যুপাত্ত, (অর্থাৎ ব্রাহ্মণের ক্ষত্রিয়বৃত্তিতে, ক্ষত্রিয়ের বৈশ্যবৃত্তিতে ও বৈশ্যের শূদ্রবৃত্তিতে অর্জ্জিত) ধনাদি। "বিষ্ণু ৫৮ ৭। [°চেতন (বিণ)—ক্ষুভিতমতি। °হৃদয় (বিণ)—ক্ষুভিত।]

শবলতা স্ত্রী [°ল+তা (তল্)] শবলভাব, নানাবর্ণতা, বিচিত্রতা। ২ ব্যামিশ্রভাব, ব্যামিশ্রণ। "ভাব°।

শবলা১, শবলা২ দ্র 'শবল'।

শবলিমা (-মন্) পুং [°ল+ইমন্ (ইমনিচ)-১ব] শবলভাব, বিচিত্রতা। "ধৃতধনুর্বলয়স্য পযোমুচঃ শবলিমা মাঘ ৬ ২৭।

শবলী দ্র 'শবল'।

শবলীকৃত বিণ [°ল+চ্বি (০)+কৃ+ত (ক্ত)-র্ম্ম] কর্ব্বুরীকৃত, চিত্রীকৃত। "রঘু ১৩ ৫৬।

শব্দ্ অক [চু, প—শব্দযতি সেট] শব্দকরণ। —ব্দ সক [পূর্ব্ববৎ] ১ ভাষণ। ২ (সোপসর্গ) আবিষ্কার (ক ক)। "প্রশব্দয়তি গভীরমর্থং শিষ্যঃ, স্ফুটং করোতীতার্থঃ।

শব্দ পুং [√শব্দ+অ (ঘঞ)-ভা শপ+দ (দন)-ভা, প্ >ব, উ ৪ ৯৭] ১ শব্দকরণ, ধ্বনি, রব, নিঃস্বন, নাদ। শুক্লযজুর্ব্বেদ ৩০ ১৯। স শব্দস্তুমুলোঽভবৎ গী ১ ১৩। জ্যাশব্দ শ ৩ ১। ঘন° কু স ৪ ১১। নূপুর হংসশবদা।—ম ১৮৩। ২ শ্রোত্রগ্রাহ্য আকাশগুণ। '°গুণং রঘু ১৩ ১। [ইহা আকাশের নিজ গুণ, অন্য ভূতে স্ব স্ব কারণ-লব্ধ। শব্দ দ্বিবিধ—ধ্বনি ও বর্ণ, ভেরী-প্রভৃতির শব্দ 'ধ্বনি', ভাষারূপ শব্দ 'বর্ণ'। ষড়জাদি সপ্ত এবং ইষ্ট অনিষ্ট ও সংহত ভেদে শব্দ (ধ্বনি) দশবিধ (মহা ১৪ ৫০ ৫২-৫৪)।] ৩ কণ্ঠস্বর। '(ভবতস্ত) কৌসল্যা শব্দমাজ্ঞায় সুমিত্রাং চেদমব্রবীৎ রা ২ ৭৫ ৫। ৪ কলকল। "রঘু ৪ ৩০। ৫ [+অ-র্ম্ম] সার্থকবর্ণসমূহ, বাক (word)। 'শব্দসংস্কার মহা ১ ৭০ ৪১। নিত্যঃ শব্দার্থসম্বন্ধঃ রঘু ১ ১, মল্লিনাথ, প্রভুশব্দশেষ ৫ ২২। ৬ (ব্যাকরণে) বিভক্তিহীন পদ, প্রাতিপদিক। ৭ শব্দশাস্ত্র, ব্যাকরণ। "শব্দচ্ছন্দোনিরুক্তজ্ঞ মহা ১ ৭৫ ৪৪। ৮ ভাষা। ৯ (ন্যায়ে) আপ্তোপদেশ, আপ্তবাক্য। 'আপ্তোপদেশঃ শব্দঃ (ন্যায়দর্শন)। ১০ উপাধি, নাম, সংজ্ঞা। 'যুবরাজশব্দভাক্ (চক্রে) রঘু ৩ ৩৫, গিরিরাজ° কু স ১ ১৩। ১১ নামমাত্র। "নন্বু শব্দপতিঃ ক্ষিতেরহম্ রঘু ৮ ৫২। ১২ (বাঙলায়) প্রচার, প্রকাশ, ঘোষণা। "তিন লোকে শব্দ হৈল দানের বাখান।—জ ৩৮। গোপাল প্রকট হৈল দেশে শব্দ হৈল।—চৈ চ ৯১। (তিনি এলে) লস্কর আসিত সঙ্গে, শব্দ হৈত রাঢে বঙ্গে ভা চ ৩১০। ১৩ কথা, বিষয়। "হেন জনে জিনিলেক আমার নন্দন॥ এই শব্দ পৃথিবী ভুবনে প্রচারিল।—ম ৬৫৪। [°কার (বিণ)—শব্দ-করণশীল। "ভট্টি ৫ ১০০। °কোশ (পুং)—১ অভিধান। ২ কোশ-বিশেষ। °গ (বিণ)—ধ্বনিবিষয়ক। "শ্রোত্রস্ত শব্দগম্ ভ ৩ ২৬ ৩২। °গত (বিণ)—শব্দনিষ্ঠ (অর্থ)। °গোচর (বিণ)—বিজ্ঞপ্তিবাক্য-বিষয়ীভূত (শ্রীধর)। "ভ ৩.১৫ ১১। °গ্রহ (পুং)—১ শব্দার্থবোধ। ২ শব্দবিষয়গ্রাহক, কর্ণ। °গ্রাম (পুং)—শব্দসমূহ, ধ্বনিসমূহ। °চাতুর্য্য (পুং)—বাক্যপ্রয়োগপটুতা, বাক্পাটব। °চোর (পুং)—যে অন্যের প্রবন্ধ আপনার বলিয়া প্রচার করে, গ্রন্থচোর (plagiarist)। °জাত (ক্লী)—শব্দসমূহ। °তন্মাত্র (ক্লী)—শব্দরূপ তন্মাত্র, শব্দগুণ-মাত্র। "শব্দতন্মাত্রাদাকাশং শব্দগুণম্ (তত্ত্বকৌমুদী)। °নিষ্পত্তি (স্ত্রী)—শব্দের স্পষ্টোচ্চারণ, স্ফুটভাষা। "বৈখরী °ত্তিঃ কু.স ২ ১৭, মল্লিনাথ। °পতি (পুং)—নামমাত্রে পতি। দ্র 'শব্দ (১১)। °প্রমাণ (ক্লী)—আপ্তবাক্যপ্রমাণ। °প্রবৃত্তি (স্ত্রী)—বৈখরীপ্রমুখ বাগবৃত্তি। "কু স ২ ১৭, মল্লিনাথ। °বিদ্যা (স্ত্রী)—শব্দশাস্ত্র, ব্যাকরণ। °বিশেষ (পুং)—ধ্বনিভেদ—উদাত্তাদি, ষড়্জাদি। °বিশেষণ (ক্লী)—(ব্যাকরণে) বিশেষ্যের পরিচায়ক শব্দ, বিশেষণশব্দ। °বৃত্তি (স্ত্রী)—শব্দধর্ম্ম, শব্দশক্তি অভিধা-প্রভৃতি। °বোধ (পুং)—আপ্তবাক্যজন্য জ্ঞান, শব্দশক্তিজন্য জ্ঞান। °ভাক (-জ) বিণ—উপনামধারী। দ্র 'শব্দ (১০)। °ভিৎ (-দ্)—যাহাতে শব্দের অন্যথা ব্যাখ্যান তাদৃশ (উপধর্ম্ম)। "ভ ৭ ১৫ ১৩। °যোনি (স্ত্রী)—শব্দকারণ। "ভ ৬ ১ ৩৪। °রব (পুং)—শব্দোচ্চারণ। 'পুণ্যাহশব্দরব।—প্রতিমানাটক ৩১/৮। °রূপ (ক্লী)—শব্দস্বরূপ। "পা ২ ৩ ৮৮, কাশিকা। °শক্তি (স্ত্রী)—অভিপ্রেতার্থব্যঞ্জনে শব্দের যোগ্যতা অভিধাদি বৃত্তি। "°শক্তিমূল। °শাসন, °শাস্ত্র (ক্লী)—শব্দের অনুশাসনগ্রন্থ, ব্যাকরণ। "°শাস্ত্র। —পঞ্চ ৯ (কথামুখ)। °শুদ্ধি (স্ত্রী)—শব্দের ব্যাকরণানুযায়ী আকৃতি, শব্দের বিশুদ্ধ প্রয়োগ। °শেষ (বিণ)—নামমাত্রাবশেষ, কেবলনামধারী। "প্রভুশব্দশেষং রঘু ৫ ২২। °সংগ্রহ (পুং)—শব্দ-সঙ্কলন। °সম্ভব (পুং)—শব্দযোনি। "হ ২৫৩ ১৩। °সংস্কার (পুং)—শব্দের যথাস্থানকরণপ্রযত্ন উচ্চারণ। "মহা ১ ৭০ ৪১। °সাধন (বিণ)—শব্দ যাহার সাধন, অর্থাৎ লক্ষ্যসম্বন্ধে কারণ। "শরৈঃ ..°সাধনৈঃ মহা ৩ ২২ ৬। °সাহ (বিণ)—শব্দবাধানিবারক (নীলকণ্ঠ)। "মহা ৩ ২২ ৫। °সৌষ্ঠব (ক্লী)—শব্দলালিত্য, কোমলকান্তপদ-প্রয়োগ।]

শব্দকর্ম্মক বিণ [শব্দ কর্ম্ম (কর্ম্মকারক) যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] যে ধাতুর শব্দ (word) কর্ম্মকারক, শব্দ-কর্ম্মকারক (ধাতু—পঠ, অধি-ই ইত্যাদি)। "পা ১ ৪ ৫২।

শব্দগুণ বিণ [বহুব্রী] ধ্বনি যাহার গুণ, শব্দধর্ম্মা (আকাশ)। "শব্দগুণম্...পদম্ রঘু ১৩ ১। —গুণ পুং [ষ ত] শব্দের প্রসাদ-মাধুর্য্যাদি।

শব্দচিত্র বিণ [তৃ ত] নানাধ্বনি-মনোহর। —চিত্র ক্লী যাহাতে শব্দপ্রয়োগের বৈচিত্র্য আছে, ব্যঙ্গ্যার্থে চমৎকারিত্ব নাই, তাদৃশ কাব্য, অনুপ্রাসাদি। "সা দ ৪-১৪/৭।

শব্দতরঙ্গ বি আকাশে ধ্বনিজন্য তরঙ্গ। "মাথার উপরে শব্দতরঙ্গে আকাশমণ্ডল ভাসাইয়া পাপিয়া ডাকিয়া গেল ব ছি ২।

শব্দন বিণ [√শব্দ্+অন (যুচ্)-ক, স্ত্রী -না] শব্দকরণশীল, শব্দকারী (অটী)। "পা ৩ ২ ১৪৮।

শব্দপাত পুং [ষ ত] শব্দগতি, ধ্বনিব্যাপ্তি। "ভট্টি ৫ ১০০।

শব্দপাতী (-তিন্) বিণ [শব্দ+ √পত্+ইন (ণিনি)-ক-১ব, উ ত] শব্দানুসারে পতনশীল, শব্দবেধী (বাণ)। "রঘু ৯ ৭।

শব্দবহ বিং শব্দের বাহক, ধ্বনিপরিচালক (আকাশ)। "মে ১২৯।

শব্দবেধ পুং [তৃ ত] শব্দানুসারে বেধন বা ভেদ। "°চিকীর্ষা গো রা ২ ৬৫ ১৮। —বেধী (-ধিন্) বিণ [শব্দ+ √বিধ্+ইন্ (ণিনি)-ক -১ব, উ ত] শব্দানুসারে লক্ষ্যবেধনশীল, শব্দভেদী। "রা ২ ৬২ ৪, ৬৩ ১১। —বেধ্য ক্লী [তৃ ত] ১ শব্দানুসারে বেধনযোগ্য লক্ষ্য। "শব্দ-বেধ্যানুশিক্ষিণা রা ২ ৬৪ ৫৮, টীকা। ২ শব্দবেধিত্বরূপ সামর্থ্য। "রা ২ ৬৩ ১৩। —বেধী পুং ১ বাণবিশেষ। ২ শব্দানুসারে অদৃশ্য-লক্ষ্যবেধক। ৩ দশরথরাজ। ৪ অর্জ্জুন। ৫ ধনুর্দ্ধোধ, ধানুষ্ক। [শব্দবাণাগ্রবেধী (-ধিন্) বিণ—সর্থ 'শব্দবেধী'। "গো রা ২ ১০২ ৩।]

শব্দব্রহ্ম (-হ্মন্) ক্লী [উ লো] ১ 'শব্দাত্মকব্রহ্ম', বেদ (শ্রীধর), বেদোক্তকর্ম্মানুষ্ঠানফল (শঙ্কর)। "জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে গী ৬ ৪৪। ২ শব্দস্বরূপ ব্রহ্ম, শব্দতনু ব্রহ্ম। "আবির্ভূতশব্দব্রহ্মপ্রকাশ

উ.চ ২১৳। ভ ৩.১২.৪৭। শব্দব্রহ্মের হিল্লোলে চৈ.ম ৭৩। [°বিদ্ (বিণ)—শব্দব্রহ্মতত্ত্বজ্ঞ। "শব্দব্রহ্মবিদঃ কবেঃ উ চ ৭ ৪০।]

শব্দভেদী (-দিন্) বিণ শব্দ+ √ভিদ্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] সর্ব 'শব্দবেধী'। "শব্দভেদী দশরথ শব্দ শুনি হানে —কৃ ৪০। —ভেদী পুং ১ বাণবিশেষ। "কৃ ৩২। কাণা চোকে শব্দভেদী বাণ মারিলাম ব প্র ১৯৮। ২ অর্জ্জুন।

শব্দমান্ (-মৎ) বিং [°বান্' সাধু] শব্দযুক্ত, মহাশব্দ। "ছাড়িলেক শক্তিগোটা করি শব্দমান্।—ম ৪৪২।

শব্দশ্লেষ পুং [ষ ত] শব্দগত শ্লেষ, সমাসঘটক পদসমূহের শ্লেষ, অর্থাৎ বস্তুতঃ শব্দভেদ থাকিলেও আপাততঃ একশব্দের প্রতীতি। যেমন, লক্ষ্মণানুগতকান্তবপুঃ…দাশবথিঃ (মাঘ ৯ ১১)—এখানে, 'লক্ষ্মণানুগতম্'—(১) 'লক্ষ্মণা' (লাঞ্ছনেন) অনুগতম্, (২) 'লক্ষ্মণেন' (সৌমিত্রিণা) অনুগতম্। এইরূপে সন্ধিচ্ছেদে ও বিগ্রহবাক্যে বস্তুতঃ শব্দভেদ হেতু 'শব্দশ্লেষ'। দ্র 'মল্লিনাথ'। 'পদশ্লেষ', কা প্র ৯ ৮৪।

শব্দাক্ষর ক্লী [কর্ম্মধা] যাহা শব্দ ও অক্ষর, ওম্, প্রণব।

শব্দাখ্যেয় বিণ [তৃ ত] রব দ্বারা কথনীয়, উচ্চৈর্বাচ্য। 'উ মে ৪২। —খ্যেয় ক্লী 'বাক্কথনীয়', বাচিক।

শব্দাড়ম্বর পুং [ষ ত] গুরুগম্ভীর শব্দ, বাগাড়ম্বর।

শব্দাতীত বিণ [দ্বি ত] বাগতীত, বাক্যাবিষয়ীভূত, অনির্ব্বাচ্য।

শব্দাদি বিণ [বহুব্রী] শব্দ-প্রভৃতি (বিষয়), শব্দতন্মাত্রাদি। "গী ১৮ ৫১। °দীন্ বিষয়ান্ ভোক্তুম্ (পর্য্যাপ্তোঽসি) রঘু ১০ ২৫।

শব্দাধিবহ বিণ [ষ ত] ধ্বনিগ্রহণপূর্ব্বক পরিচালক (auditory)।

শব্দাধিষ্ঠান ক্লী [ষ ত] ধ্বনির আশ্রয়, কর্ণ (ত্রিকাণ্ডশেষ)।

শব্দানুকৃতি স্ত্রী [ষ ত] ধ্বনির অনুকরণ, সদৃশধ্বনিকরণ।

শব্দানুরূপ বিণ [ষ ত] ধ্বনিসদৃশ। "শব্দানুরূপেণ চ তস্য প্রাণিনো বলেনাপি সুমহতা ভবিতব্যম্।—হি ২১৳।

শব্দানুশাসন ক্লী [বহুব্রী] যাহাতে শব্দের অনুশাসন আছে, শব্দশাস্ত্র, ব্যাকরণ (সর্ব্বদর্শনসংগ্রহ)।

শব্দাব্ধি, -ম্বুধি পুং [ষ ত] শব্দসাগর, বিপুলশব্দসমূহ। দ্র 'কুশাগ্র'।

শব্দাম্বুধি দ্র 'শব্দাব্ধি'।

শব্দায় অক [শব্দ+য (ক্যঙ্) করণার্থে— √শব্দায়, ভ্বা, ঙ—শব্দায়তে, সেট্] শব্দকরণ, ধ্বনি।

শব্দায়মান বিণ [√শব্দায়+মান (শানচ্)-ক-১ব] ১ যে শব্দ করিতেছে, শব্দ করিতে করিতে। "(মেঘঃ) °নোঽম্বকুট্যাম্…প্রবিষ্টঃ। —পঞ্চ ৫২৳। ২ (বাঙ্গালায়) শব্দিত, ধ্বনিত। "ঝিঁঝিঁ পোকার ঝিঁঝিঁ শব্দে গ্রাম °ন হইতে লাগিল আ দু ১৩।

শব্দার্থ পুং [ষ ত] ১ শব্দের অভিধেয়, শব্দের মানে। ২ [দ্বন্দ্ব] (দ্বিব) শব্দ ও তাহার অর্থ, বাগর্থ।

শব্দালঙ্কার পুং [ষ ত] শব্দসম্বন্ধী অর্থাৎ শব্দমাত্রগত অলঙ্কার, অলঙ্কারশাস্ত্রে অনুপ্রাসযমকাদি অলঙ্কার (figure of speech)। বিপ 'অর্থালঙ্কার'।

শব্দিত বিণ [√শব্দ+ত (ক্ত)-ক] ১ কৃতশব্দ, ধ্বনিত, রুত। ২ [+ত-কর্ম্ম] অভিহিত, কথিত, সংজ্ঞিত। 'পৃথিবী বায়ুরাকাশমাপো জ্যোতিশ্চ পঞ্চমম্। নানা বুদ্ধিশ্চ সপ্তৈতা যোনিরিত্যেব শব্দিতাঃ॥—মহা ১৪ ২০.২৪। নারায়ণে ভগবচ্ছব্দশব্দিতে ভ ১১ ১৫ ১৬। ৩ [শব্দ+ইত (ইতচ্)] শব্দযুক্ত, ধ্বনিত। "মাচাড় পাখী…সরোবরকে শব্দিত করিতেছিল ব দ্বি ২৮।

শব্দেন্দ্রিয় ক্লী [ষ ত] শব্দবিষয়ক ইন্দ্রিয়, কর্ণ (সুশ্রুত)।

শম্¹ ব্য কল্যাণ, মঙ্গল; সুখ। "শন্ন আপো ধন্বন্যাঃ (মার্জ্জনমন্ত্র)। ভূতদ্রুক্ কো লভেত শম্ ভ ১০.৪৪.৪৭। মুগ্ধবোধ ২।

শম্² অক [দি, প—শাম্যতি, সেট্] উপশম, শান্তীভাব, নিবৃত্তি। "শশাম বৃষ্ট্যাপি বিনা দবাগ্নিঃ রঘু ২ ১৪। —ম্ সক শান্তীকরণ (ক ক)। "বরেণ শমিতম্…তস্তপঃ কু স ২.৫৬। —ম্ সক [চু,উ —শাময়তি, -তে সেট্] আলোচন, প্রণিধান। "নিশাময় তদুৎপত্তিম্ (ক ক)। [উপ—উপশম, নিবৃত্তি। নি—শ্রবণ। "তং নিশম্য প্রতিষ্ঠিতম্ রঘু ৪ ২। প্র—প্রশমন, নিবৃত্তি।]

শম¹ পুং [√শম্+অ (ঘঞ্)-ভা বৃদ্ধ্যভাব] ১ কামক্রোধাদিপ্রধ্বংস, কামক্রোধাদিপ্রশম, চিত্তোপশম (অ টী), শান্তি। "শমং ন লেভে…নরর্ষভ রা ২ ৮৫ ২১। শময়েত্তি মম শোকঃ শ ৪ ২১। শমমুপযাতু…চিন্তাদাহঃ উ চ ৬৮। ২ চিত্তনিগ্রহ, অন্তঃকরণোপশম, চিত্তসংযম। "দমঃ শমঃ বা ২ ৩৩ ১২, গী ১০ ৪। ৩ উপশম, মনস্তুষ্টি (শব্দর)। "ধৃতিং ন বিন্দামি শমং চ বিষ্ণো গী ১১ ২৪। ৪ ইন্দ্রিয়নিগ্রহ (কুল্লুক)। "মনু ১২ ৯২। ৫ সর্ব্বকর্ম্মনিবৃত্তি, সর্ব্বকর্ম্মসংন্যাস, সংন্যাস (টীকা)। "গী ৬ ৩। ৬ বাহ্যেন্দ্রিয়নিগ্রহ (শ্রীধর)। "ভ ৩ ৩১ ৩৩। ৭ নির্ব্বাণ। "নীতঃ প্রদীপঃ শমম্।—অমরু ৭৫। ৮ ক্ষমা। "মাঘ ২.৯৪। ৯ শান্তি, সন্ধি। "(অশ্রৌষম্) কৃষ্ণং শমার্থিনমুপযান্তং কুরূণাম্ মহা ১ ১.১৭৫। ১০ মোক্ষ, নির্ব্বাণ। ১১ [+অ-ণ] পাণি। ১২ উপচার (ত বা)। ১৩ শান্তরসের স্থায়িভাব। 'শান্তঃ শমস্থায়িভাবঃ সা দ ৩ ২৪৫। [°কৃৎ (বিণ)—শান্তিকারক। °পর (বিণ)—শান্তিপরায়ণ। °প্রধান (বিণ)—শান্তিপ্রধান, শমপরায়ণ। "শমপ্রধানেষু তপোধনেষু শ ২ ৭। °প্রাপ্ত (বিণ)—উপশমগত, শান্ত।]

শম² অর্ম্ম [সং √শম্ > প্রা √সম, অপ্র] শান্ত হওয়া। "তাপিলে হৃদয়, সময়ে শমযে, যদি অনাবৃত হয় স্ব প ৭৩।

শমক বিণ [√শমি+অক (ণ্বুল্)-ক] শময়িতা। "পা ৭ ৩.৩৪, কাশিকা।

শমতা বি [সং শম, তু 'সমতা', অপ্র] শান্তি। "যদ্যপি স্যাৎ সন্তান থাকে, তবে সে লোকের কিঞ্চিৎ শমতা হয় আ দু ১৩৮। সকল চিন্তা শমতা করিয়া আর এক চিন্তা মনোমধ্যে প্রদীপ্ত হইতে লাগিল ব.প্র ৮২, ক্লেশের কিছু শমতা হইয়াছে ১৬০।

শমতি বি [√শম্-তি (শান্তি) > °তি] শান্তি, নিবৃত্তি। "শমতি না দেই দিন রজনী রোয।—জ্ঞা ১, ৫।

শমথ পুং [√শম্+অথ-ভা, উ ৩ ১৪৪] ১ শান্তি, চিত্তোপশম। ২ [+অথ-ক] মন্ত্রী (মেদিনী)।

শমন¹ বিণ [√শমি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ শান্তীকারক, নিবর্ত্তক। "অববোধবারি রজসঃ শমনম্ কি ৬ ৪১। শুম্ভহরি শমন-শমনী ভবানী ভা চ ২৫০, ৪৩২। ২ উন্মূলয়িতা। "আধ্যাত্মিকীং বিদ্যা শমনী সর্ব্বকর্ম্মণাম্ ভ ৩ ২৪ ৪০। ৩ দোষনাশক। "বাতস্য শমনং কোপনং বা বাতিকম্ পা ৫ ১ ৩৮। —মন পুং ১ 'প্রাণিগণের শময়িতা', যম, কৃতান্ত। "শমনদমন রাবণ রাজা, রাবণদমন রাম। শমনভবন না হয় গমন, যে লয় রামের নাম॥—কৃ ১৭৫। ২ মৃগবিশেষ। —মন ক্লী [+অন-ভা] ১ শান্তীকরণ, নিবর্ত্তন। ২ যজ্ঞার্থ পশুহনন। ৩ হিংসা। ৪ চর্ব্বণ। ৫ প্রতিসংহার। "প্রসীদ যেনেহ্যা রূপং স্বতেজঃশমনং কুরু (মার্কণ্ডেয়পুরাণ)। ৬ [√শম্+অন-ভা] শম, শান্তি, নিবৃত্তি। [°স্বসা (-সৃ) স্ত্রী—শমনভগিনী, যমুনা। দ্র 'সংজ্ঞা'।]

শমন² '-ন্' বি [E summons, অপ্র] সর্ব 'সমন'। "শমন 'ওয়ারিন' …বাবুর অলঙ্কার হয়েছে।—হু ১৫।

শময়িতা (-তৃ) বিণ [√শমি+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ শান্তীকারক, নিবর্ত্তয়িতা। ২ বিনাশক। "রঘু ১০.১৫।

শমল বিণ [√শমি+অল (কল)-ক (অ.টী) ; উ১ ১০৯] মলিনীকরণ (শ্রীধর)। "আত্মশমলং গুণসঙ্গপঙ্কম্ ভ ২ ৭ ৩। —ল ক্লী ১ 'সৌগন্ধ্য-শময়িতা', মল, বিষ্ঠা। "অথর্ববেদ ৪ ৯ ৬। ২ পাপ। "ধুনোতি শমলং কৃষ্ণঃ সলিলস্ত যথা শরৎ ভ ২ ৮ ৫, ৩ ৩০ ৩২। ৩ পঙ্ক, কর্দ্দম। দ্র (২)। ৪ অপরাধ। "ভ ১ ১৩ ৩৩।

শমার্থী (-র্থিন্) বিণ [শম+ √অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত, স্ত্রী -র্থিনী] শান্তিপ্রার্থী, সন্ধিচিকীর্ষু। "যদাশ্রৌষম্ ..কৃষ্ণং শমার্থিনমুপযাতং কুরূণাম্ মহা ১ ১ ১৭৫।

শমি স্ত্রী [√শম্+ই (ইন্)-ক, উ ৪ ১১৭, শমি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্থ 'শমী[২] (১)। ২ শিম্বা, বীজকোশী (অ চি)।

শমিত বিণ [√শমি+ত (ক্ত)-র্ম্ম, বিকল্পে নিপাতনে 'শান্ত' পা ৭.২.২৭] ১ শান্তীকৃত, নিবর্ত্তিত। ২ বিনাশিত, হত। "শমিত-পক্ষবলঃ (পুরন্দরঃ) রঘু ৯ ১২, বৈনতেয়শমিতস্ত ভোগিনঃ ১১ ৫৯। ৩ নিয়ম্ভিত, নিগৃহীত।

শমিতা (-তৃ) বিণ [√শম্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] সর্থ 'শময়িতা'। —তা পুং যজ্ঞে পশুবধকর্ত্তা। "মহা ১ ১৯৭ ১, নীলকণ্ঠ।

শমী[১] (-মিন্) বিণ [√শম্+ইন্ (ঘিনুণ)-ক-১ব] শমনশীল, ইন্দ্রিয়সংযমশীল। 'পবনঃ শমিনামপি (ক্লমিত্বং কুরুতে) ভট্টি ৭ ৫।

শমী[২] স্ত্রী [√শমি+অ (অচ)-ক+স্ত্রী ঈ (ঙীস্), দ্র 'শমি'] ১ 'সমিদরূপে গ্রহাদিদোষশময়িত্রী' (অ টী) : বৃক্ষবিশেষ, শাঁইগাছ (Mimosa Suma)। 'মনু ৮ ২৪৭। যাজ্ঞ ১ ৩০২। [অগ্নির শমীগর্ভে প্রবেশ (দ্র 'মহা ১৩ ৮৫তম অধ্যায়)। তু 'শমীমিবাভ্যন্তর-লীনপাবকাম্ রঘু ৩ ৯। অগ্নিগর্ভাং শমীম্ শ ৪ ৪। শমীগর্ভস্থ অগ্নি দ্বারা যজ্ঞিয়াগ্নি প্রজ্বলিত হয়। 'শমীগর্ভাদগ্নিং মন্থতি।—ঋগ্বেদ ১০ ৩২ ১০, সায়ণ।] ২ 'বীজশময়িত্রী', শিম্বা, ছিমড়া (legume)। ৩ বাগুজি, বাকুচী। ৪ [সং শম্যা] (বাঙলায়) রথের যুগকীলক। 'যদ্যপি রথের কোন শমী ভগ্ন হয়।—জ ৪৯। [°গর্ভ (পুং)—১ অগ্নি। ২ ব্রাহ্মণ। °ধান্য (স্ত্রী)—'শিম্বাশস্য', মাষাদি। 'মুদ্গো মাষো রাজমাষঃ কুলত্থশ্চণকস্তিলঃ। কলায়স্তুবরশ্চেতি শমীধান্যগণঃ স্মৃতঃ॥—অ টী। °পত্রা (স্ত্রী)—লজ্জাবতী লতা। °লতা (স্ত্রী) লতাবৎ শমীশাখা। "শ ১ ১৭।]

শমীক পুং শমী মুনিবিশেষ। [মৃগয়াক্লান্ত পরীক্ষিৎ ইঁহার গলদেশে মৃতসর্প লম্বিত করার অপরাধে, মুনিপুত্র শৃঙ্গীর শাপে তক্ষকদংশনে প্রাণত্যাগ করেন। 'মহা ১ ৫৪-৫৬তম অধ্যায়। ভ ১ ১৮শ অধ্যায়।]

শমীর পুং [শমী[২]+র] হ্রস্ব শমীবৃক্ষ (Accacia suma)। 'হ্রস্বা শমী শমীরঃ পা ৫ ৩ ৮৮।

শম্পাক পুং ১ আরগ্বধ, সোনালুগাছ (সুশ্রুত)। ২ যাবক (অ চি)

শম্ব্ সক [ভ্বা, প—শম্বতি, সেট্] ১ গতি (ক ক)। ২ হিংসা।

শম্ব পুং [শম্+ব (বর্গীয় 'ব'), পা ৫ ২ ১৩৮] ১ 'মঙ্গলযুক্ত', মুষলা-গ্রস্থ লৌহবলয় বা গুলা। ২ বজ্র। ৩ লৌহকাঞ্চী (অ চি)। ৪ প্রতি-লোম। 'শম্বশব্দঃ প্রতিলোমে পা ৫ ৪ ৫৮, সি।

শম্বর পুং [√শম্ব্+অর (অরচ্)-ক, 'শম্ব' আয়ুধম্। তদ্যুক্তঃ শম্বরোঽসুরঃ (ঋগ্বেদ ১ ১১২ ১৪, সায়ণ)] ১ অসুরবিশেষ। [শম্বর ইন্দ্র কর্তৃক নিহত হয় (ঋগ্বেদ ১ ১০১ ২)। তু 'শম্বরবৃত্রহন্ (গো রা ৫.৭৪ ২১) : শম্বরহন্ (মহা ৩ ২৩৬ ২)।' হরকোপানলে দগ্ধ কাম রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণপূর্ব্বক ভূমিষ্ঠ হইলে ও শম্বর মায়াবলে সূতিকা-গৃহ হইতে তাঁহাকে হরণ করিয়া সমুদ্রে নিক্ষেপ করিলে, এক মহামীন ঐ শিশুকে গ্রাস করে। পরে কৈবর্ত্তগণ ঐ মৎস্য ধরিয়া শম্বরকে উপহার দেয়। রতি পূর্ব্বেই মায়াবতী নাম ধারণ করিয়া শম্বরের রন্ধন-শালায় পতির প্রতীক্ষা করিতেছিলেন। এক্ষণে নারদের মুখে তথ্য জানিতে পারিয়া মীনগর্ভস্থ সেই শিশুকে প্রতিপালন করিলেন। কৃষ্ণসুত রতির পালনে শীঘ্রই প্রাপ্তযৌবন ও রতিমুখে সমস্ত অবগত হইয়া, যুদ্ধে শম্বরকে নিহত করিয়া রতির সহিত শূন্যপথে দ্বারকায় গমন করেন (ভ ১০ ৫৫শ অধ্যায়)।] ২ জিনভেদ। ৩ মৃগভেদ। ৪ মৎস্য-ভেদ। ৫ পর্ব্বতবিশেষ। ৬ যুদ্ধ। ৭ চিত্রক, লোধ্র, অর্জ্জুনবৃক্ষ। —র ক্লী ১ জল। ২ ধন। ৩ ব্রত, বৌদ্ধব্রতভেদ। ৪ চিত্র। —রী স্ত্রী মায়া। [°কন্দ (পুং)—বারাহীকন্দ। °ঘ্ন, °দারণ, °রিপু, °সূদন (পুং)—'শম্বরঘাতক', কামদেব। "°দারণ গী গো ১২ ২৩। °চন্দন (ক্লী)—চন্দনবিশেষ। °হা (-হন্) পুং—ইন্দ্র। দ্র 'শম্বর (১)।]।

শম্বরারি পুং [ষ ত] 'শম্বরশত্রু', কাম। দ্র 'শম্বর (১ "মে ৬৩।

শম্বল পুং, ক্লী [সম্বল (অ কো)] ১ পাথেয়। ২ কূল। ৩ মৎসর।

শম্বাকৃত বিণ [শম্ব+আ (ডাচ্)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম, পা ৫ ৪ ৫৮, সম্বাকৃত (অ কো)] অনুলোমবিলোমভাবে কৃষ্ট (অ টী), প্রতি-লোমকৃষ্ট (ক্ষেত্র), অর্থাৎ অনুলোমভাবে চষিযা পুনর্ব্বার প্রতিলোম-ভাবে চষা (ক্ষেত)।

শম্বু, -ম্বুক পুং [√শম্ব +উ (উন)-ক, ক (কন্) স্বার্থে] জলশুক্তি, শামুক। —ম্বূ স্ত্রী [+ উ (কূ)-ক সর্থ 'শম্বুক' (ত বা)। —ম্বূক পুং [শম্বূ+ক (কন্) স্বার্থে] ১ শম্বুক। "°রূপিন্ ক সা ২০ ৭৮। ২ শঙ্খ। ৩ গজকুম্ভান্তর্ভাগ, হস্তিকুম্ভমধ্য। ৪ ঘোঙ্গ, ঘোগ। ৫ শূদ্রতাপসবিশেষ। [ইনি রামচন্দ্র কর্তৃক নিহত হন। 'রা ৭ ৭৩ ৩-৪। রঘু১৫ ৫০। উ চ ২ ৮।] —ম্বুকা স্ত্রী শম্বুক।

শম্বুক, শম্বূ, শম্বূক, শম্বূকা দ্র 'শম্বু'।

শম্ভ পুং [তু 'শম্ব'] সর্থ 'শম্ব'।

শ(স)ম্ভল পুং গ্রামবিশেষ। [আধুনিক মোরাদাবাদে স্থিত 'সম্বল' (M W)। এই গ্রামে বিষ্ণুযশাঃ নামে ব্রাহ্মণের গৃহে বিষ্ণু কল্কিরূপে অবতীর্ণ হইবেন। "মহা ৩ ১৯০ ৯৩,-৪। হ ৪২ ১৬৭। ভ ১২.২ ১৮।] —লী স্ত্রী কুট্টনী (অ কো)।

শম্ভলী দ্র 'শম্ভল'।

শম্ভু বিণ [শম্+ √ভূ (অন্তর্ভাবিতণ্যর্থ)+উ (ডু)-ক, পা ৩ ২ ১৮১, বার্ত্তিক, উ ত, 'শংভূ'—সুখেব ভাবয়িতা (ঋগ্বেদ ১ ৪৬ ১৩, সায়ণ)] সুখের জনয়িতা, কল্যাণকর। —ম্ভু পুং ১ শিব। "মহা ১৩ ১৪.১। পু মে ৫০। কোন অবুঝ হেন কুচে নখ দেল। হা! হা! শম্ভু ভগন ভৈ গেল॥—বি প ৬৯, ১১৩। কনক শম্ভু বি সা ১৯৩। ভা চ ১৭৫, কুচ-শম্ভু ২৯০। ২ রুদ্রবিশেষ। ৩ বিষ্ণু। ৪ অগ্নি। "মহা ৩ ২২০ ৫। ৫ ব্রহ্মা। "মহা ১ ৬৪ ৪৫। কি ৫ ৩। ৬ বুদ্ধ। ৭ সিদ্ধ। ৮ শ্বেতার্ক। [°কান্তা, °প্রিয়া (স্ত্রী)—দুর্গা। °তনয়, °নন্দন, °সুত (পুং) —কার্ত্তিকেয়, গণেশ। °বল্লভ (ক্লী)—শ্বেতকমল।]

শম্মা বি [শর্ম্মা > শম্মা] ব্রাহ্মণ আমি, এ ব্রাহ্মণ। দ্র 'শর্ম্মা'। "(যদি) বারভাটা শুনাই—কবি সে হবে গুণের সাগর, শম্মা মিথ্যাবাদী। —স্ব প্র ৬৮। [°রাম—শম্মা (স্পর্দ্ধায়)।]

শম্যা স্ত্রী [√শমি+য (যৎ)-ণ+স্ত্রী আ (টাপ্), ছান্দস] ১ 'যুগ-বাহনবৃষাদি-দমনসাধন', যুগপ্রান্তস্থ কীলক, যুগকীলক, শোঁয়াল (অ কো)। "অন্তরা শম্যো অনড্বান্ যুজ্যতে।—পঞ্চবিংশব্রাহ্মণ (S W)। ২ লগুড়বিশেষ (নীলকণ্ঠ), দণ্ডযষ্টি (মেধাতিথি), যষ্টি (কুল্লূক)। "°ক্ষেপ মহা ৩ ৯০ ৫। ৩ দক্ষিণহস্তদত্ততালভেদ (সঙ্গীত-দামোদর)। "°তাল। ৪ বৈদিকপরিমাণবিশেষ, ৩২ অঙ্গুলি পরিমাণ। ৫ অর্শোরোগচিকিৎসার্থ যন্ত্রভেদ (বাগ্ভট)। ৬ মুদ্গরাকৃতিযজ্ঞোপ-করণভেদ (নীলকণ্ঠ)। "মহা ৩ ৮৪ ৯। [°গর্ত্ত (পুং, ক্লী)—যুগ-কীলকচ্ছিদ্র, শোঁয়াল-ঘরা। °নিপাত, °পাত, °প্রাস (পুং), °প্রাসন

(ক্লী)—সর্থ 'শম্যাক্ষেপ (১)। "°নিপাত মহা ৩৮৪.৯। °পাত মনু ৮২৩৭। °প্রাস (কাত্যায়ন-শ্রৌতসূত্র)। °প্রাসন (লাট্যায়ন)।]

শম্যাক্ষেপ পুং [ষ ত] ১ যষ্টির নিক্ষেপ; বলবান্ ব্যক্তি যষ্টি বহুবার ঘুরাইয়া নিক্ষেপ করিলে যত দূর যায়, তাবৎ ভূমিভাগ, বলবান্ শম্যা (দ্র 'শম্যা ৬) নিক্ষেপ করিলে যত দূর যায়, তাবৎ ভূভাগ (মহা ৩৮৪ ৯, নীলকণ্ঠ)। 'ভ্রাময়িত্বা বহুবার' যষ্টিঃ ক্ষিপ্তা সমাপ্নুয়াৎ। ভুবঃ প্রদেশং যাবন্তং শম্যাক্ষেপঃ স উচ্যতে॥—মার্কণ্ডেয়পুরাণ। ২ শম্যাক্ষেপপরিমিতদেশে যে যজ্ঞের মণ্ডপ, তাদৃশ যজ্ঞবিশেষ (নীলকণ্ঠ)। "মহা ৩ ৯০ ৫।

শয়[১] বিণ [√শী+অ (অচ)-ক, স্ত্রী -য়া] শায়ী। "কুশে°, খ°, গিরি°, পার্শ্ব°, পৃষ্ঠ°, বিলে°। পা ৬ ৩ ১৮। উদকে° বা ৭ ১০৪ ৫। শিলাশয়া কু স ৫ ২৫। [সমাসে উত্তরপদ।]। —য় পুং ১ সর্প, অজগর। ২ [+অ-ধি] শয়নস্থান, শয্যা, শয়ন। শয়িষ্যসে বীরশয়ে ভ ৩ ১৭ ৩০। ৩ 'সর্ব্বকর্ম্মশয়নস্থান (অ টী), পাণি, হস্ত। 'নৈ ৩ ৪। ৪ পণ, গ্রহ। ৫ [+অ-ভা] শয়ন, স্বাপ।

শয়[২] '-য়্' স বি° [স° শত >প্রা সয় (হে), সয় (শ্রী মা ১৯৩)] শতসংখ্যক। 'সাত শয় পঞ্চাশ বাণী কৃ অ ১০। সাত শয় বত্রিশ বাজাব ব প ৪০৪। হাতি ঘোড়া পদাতি হানে শয় শয় শ্রী মা ১৯৩। তাসা বুনান সমথ, শয় মিশাইতে শয় বা ম ৮৮। [শয়েক দেড়শ —এক শত বা দেড় শত। 'শয়েক দেড়শ মণ।—দা ১৪৫৫।]

শয়চান বি ['সচান' পৈ ১৮০, টীকা—শ্যেন] শ্যেনপক্ষী। "শযচান কহিছে বাক্য শুনিয়া রাজার শ্রী ২৯।

শ(স)য়তান বি [আ শয তান্, E satan] ১ (ইহুদি, খৃষ্টান ও মুসলমানের শাস্ত্রে) পাপের প্রবর্ত্তক উপদেবতাবিশেষ। 'ভা চ ৪৭৯। ২ দুর্ব্বৃত্ত, দুষ্ট, বদমাস। —তানী বি [°ন+ঈ৬] দুর্ব্বৃত্তা, পাপীয়সী। "পিশাচী—শয়তানী।' কতলু খাঁ এই কথা বলিযা চীৎকার কবিল। 'পিশাচী নহি—শয়তানী নহি—বীবেন্দ্রসিংহের বিধবা স্ত্রী।' এই বলিয়া বিমলা ··পলায়ন করিল।—ব প্র ৯২। —তানি, -নী ক্লী [+ঈ৮] শয়তানের কার্য্য বা ধর্ম্ম, খলতা, দুষ্টামি, বদমাসী 'হুসিয়ারসে কাম করনা ছোড়কে সয়তানী।—জা ৩৫।

শয়ন ক্লী [√শী+অন (ল্যুট্)-ভা] ১ স্বপ্ন, সংবেশ, নিদ্রা। ২ [+অন -ধি] 'নিদ্রাস্থান', শয্যা, শযনীয়। 'শযনে শয়ানঃ।—অথর্ব্ববেদ ৫ ২৯ ৮। গো রা ২ ৩৩ ২০। সংবিষ্টঃ কুশশয়নে নিশা° নিনায বঘু ১ ৯৫। শয়নক সীম বি প ৫২, শয়নক ওব ৬৩। ক্ষীবোদ°।—ম ৫৪৫, ৮১৪। মে ১৬, সুপট্ট° ২০৯। ভূতল°।—কথা ৭। ৩ মৈথুন। "শযন কবিযা বলে কি দিবি ব্যাভাব ভা চ ৪০৯। ৪ (বাঙ্‌লায) নিদ্রার্থ শয্যা তল-গ্রহণ, শোওয়া (lying down)। "দম্পতি ··কবিল শয়ন।—ম ৯৫৩। হইল বিষম দায় শয়নে শয়নে স শ ৮১। ৫ রণক্ষেত্রে পতন। 'উচিত কি তব এ শয়ন? : তোমাব শয়নে হনু বলহীন।—মে ২৫৭। ৬ শয়নৈকাদশী। "শয়ন উত্থান পাশমোড়া। তার মধ্যে ভীমা ছোঁড়া॥—খনা। [°গৃহ (ক্লী), °বাস (পুং) —বাসগৃহ। '°বাস।—ঋতু ৫ ১১। °তল (ক্লী)—শয্যাতল। "°তলগত। °ভূমি (স্ত্রী)—শয্যাগৃহ, বাসগৃহ। "°ভূমিমার্গ শ ৫$\frac{৩}{১}$। °রচন (ক্লী)—শয্যারচনা (চতুঃষষ্টিকলার একতম)। 'ভ ১০ ৪৫ ৩৫, শ্রীধব। °বাসঃ (-সস্) ক্লী—শয়নকালে পবিধেয় বস্ত্র। °সখী (স্ত্রী) —শয়নে সহশায়িনী, নর্ম্মসহচরী। 'কু স ৭ ৯৫। °স্থান (ক্লী) —১ শয়নগৃহ। ২ শয্যা। "পঞ্চ ১$\frac{২}{২}$$\frac{৭}{৬}$।]

শয়নকক্ষ বি শয্যাগৃহ, শয়নমন্দির। "ব প্র ১৩৩।

শয়নমন্দির বি শয়নগৃহ, বতিগৃহ। "ম ৯৩৫। ভা চ ৩৭৫।

শয়নাগার, -আবাস পুং [ষ ত] সর্থা'শয়নকক্ষ'।

শয়নাবাস দ্র 'শযনাগার'।

শয়নীয় বিণ [√শী+অনীয় (অনীয়র্)-ধি] শয়নার্হ (রা. টীকা)। 'শযনীয়স্তে পর্য্যঙ্কঃ রা ২ ৭২ ১১। —নীয় ক্লী 'শয়নস্থান', শয্যা। "রা ২ ৩০ ৪৫। পরিশূন্যং শয়নীযমদ্য মে রঘু ৮ ৬৬। °শিলাতল উ চ ৩.২১। [°গৃহ (ক্লী), °বাস (পুং)—শয্যাগৃহ, শয়নাগার। "শয়নীয়গৃহ ক.সা ৮৪ ২৮।]

শয়নীয়সংস্থিত বিণ [স ত] শয্যাগত। "(সঃ) শয়নীয়সংস্থিতো জহৌ প্রিয়ং জীবিতমাত্মনস্তদা গো রা ৩ ৬৬ ৬৯।

শয়নৈকাদশী স্ত্রী [ষ ত] শ্রীহরির শয়নসম্বন্ধিনী আষাঢ়ের শুক্লা একাদশী।

শয়ান বিণ [√শী+আন (শানচ)-ক, স্ত্রী -না] ১ শযিত, নিদ্রাণ, নিদ্রিত। শয়ানম্ (বাণব° চন্দ্রমাঃ হ্লাদযিষ্যতি) রা ২ ৪৪ ১০। মনু ২ ২২০। ন শযান° প্রবোধয়েৎ যাজ্ঞ ১ ১৩৮। নিশায় শিবিরে সভে আছিল শয়ান। আসিযা দ্রোণের পুত্র বধিল পরাণ॥—ম ৯৮০। স্বপ্নে দেখিনু আজি থাকিয়া শয়ান অ প ১১১। শয্যায় শয়ান চৈ ম ১৩৯। কেন আত্ম-সুখদুঃখে শযান (জাগ জাগ)—রবীন্দ্র। ২ যে শুইয়া আছে (ঘুমায় নাই), শয্যাতলগত, শয়িত। 'বা ২ ৬৩ ৩৭। শবতল্পে মহেষ্বাস° শয়ানম্ মহা ৬ ১৯২ ৯২। শয়ান° শরপঞ্জরে ভ ১ ৯ ২৫। কিশলয-শয্যায শযান দেবযানী।—ম ৬৭। এসো তায় সুখে সবে হইব শয়ান।—রঙ্গ ১০৭৬। অসংখ্য শরাগ্রে আজি সে শয়ান।—ন ১০৭৬। শয়ান ব্যক্তি মুখের আবরণ দূর করিল ব প্র ৮০, ব্রজেশ্বর ···শযানা সুন্দরীকে দেখিযা জিজ্ঞাসা করিলেন ৩৮৬। ৩ [সং শয়ন, তু 'নযান'] (বাঙ্‌লায়) শয্যা। কুসুম শযান বি প ১৩৪। মদন শয়ান প ক ১১৫। পুষ্পদাল, নিভৃত শয়ান স স্ব ২৩। ৪ নিদ্রা। 'সুন্দরি দুবে কব কপট শয়ান প ক ৩৩৯। ৫ শোওয়া (প ক)।

শয়ানক পুং [°ন+ক (কন্)] ১ কৃকলাস। ২ অজগর।

শ(স)য়াল বি [আ সয ব্, হি সৈর] ১ মনোরঞ্জনার্থ ভ্রমণ, সখের বেড়ান। 'নৌকায সয়াল করে দরিয়ায় যাই ভ গ্র ৪১৩। ২ আনন্দ। ও জে দুইটা জিব শযালতে ঘোরে: শয়ালতো ঘোরে পঙ্খি চিলা ও চিলানি গো চ ১৭৭। ৩ [?] সংসার। "মুখ পোড়া বানব হৈয়া থাক শযালের ভিতব গো চ ২২৪।

শয়ালু বিণ [√শী+আলু (আলুচ)-ক, স্ত্রী -লু] শয়নশীল, নিদ্রালু। "মাঘ ২ ৮০। —য়ালু পুং ১ অজগব। ২ শৃগাল।

শয়িত বিণ [√শী+ত (ক্ত)-ক] ১ কৃতশয়ন, সুপ্ত, নিদ্রিত। "অস্মিন্ রাত্রিং তা শয়িতাবুভৌ বা ২ ৮৭ ২২। মাঘ ৯ ৩৯। ২ স্থিত (কাশিকা)। 'সমানোদরে শয়িতঃ পা ৪ ৪ ১০৮। ৩ শয্যাতলগত (lying down—A)। —য়িত ক্লী [+ত-ভা] ১ শয়ন, সুপ্তি। ২ [+ত-ধি] শয়নস্থান, নিদ্রাস্থান। "ইদমেষাং শয়িতম্ পা ২ ৩.৬৮, কাশিকা। ৩ শয়নাধিকবণ (বা টীকা)। 'রা ২ ৮৮.২। —তব্য ক্লী [+তব্য-ভা] শয়ন, নিদ্রা। "রাত্রৌ অপি নিকামং শয়িতব্যং নাস্তি শ ২$\frac{০}{১}$। —য়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্) ক-১ব] শয়নকারী।

শয়ু পুং [√শী+উ-ক (অ টী), 'শয়ু'—শয়ান (ঋগ্বেদ ৪.১৮.১২)] 'শয়নশীল', অজগব।

শয্যা স্ত্রী [√শী+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্), তু 'স(সৈ)জ্যা' (গো বি ১৬৪)] ১ শয়ন, সুপ্তি, নিদ্রা। ২ গুম্ফন, শব্দগুম্ফ, গ্রন্থ-নির্ম্মিত (S W)। ৩ [+য-ধি] 'শয়নস্থান', শয়ন, বিছানা। "শয্যাং ···বৃক্ষদলৈর্বৃতাম্ রা ২ ৪৬ ১৪। তৃণানি শয্যা।—হি ১.১৬০। অঙ্ক° রঘু ৫ ৭। শয্যাপ্রান্তবিবর্ত্তন শ ৬ ৫। সুসজ্জা শয্যা।—কৃ ৯৯; সুখে শয্যা কর গিয়া শ্রীরামের বাণে ২৫১। শর°।—ম ৮১৪। ৪ খট্বাপল্যঙ্কাদি। "মনু ৩ ১০৭। [°কাল (পুং)—নিদ্রাকাল। °গত

°(বিণ)—১ শয্যাপ্রাপ্ত, শয়িত। "রঘু ১০ ৬৯। ২ শয়নগ্রস্ত (confined to bed)। °গৃহ, °বেশ্ম (-শ্মন্) ক্লী—শয়নাগার, বাসগৃহ। "কতু ২.২১। আমার শয্যাগৃহ বহির্ব্বাটীতে ব প্র ২৩২। °পাল, °পালক (পুং) —শয্যারক্ষক, শয়নাধ্যক্ষ। "°পাল।—পঞ্চ ১২৮৪/২৮৫, °পালক ৩৮৬/৮৭। °প্রান্ত (পুং)—শয্যাপার্শ্ব। °বাসবেশ্ম (-শ্মন্) ক্লী—শয্যাযুক্ত বাসগৃহ। "ক.সা ৪৫.১৮০।] শয্যা তোলা— বিবাহরাত্রির প্রভাতে বরবধুর বাসর-ঘরের শয্যা উঠান (স্ত্রী-আচারবিশেষ)। "ম ম ২৮।]

শয্যাকণ্টক বি পীড়া উৎকণ্ঠা প্রভৃতি হেতু শয্যাসম্বন্ধে কণ্টকের ন্যায় পীড়াজনক বোধ। "কেবল করিয়া মনে কামিনীর আশ। শয্যাকণ্টকের ন্যায় করে আশপাশ।—বা দ ১০৫।

শয্যাচ্ছাদন ক্লী [ষ ত] শয্যাস্তরণ, বিছানার চাদর।

শয্যাতোলা বি বিবাহরাত্রির প্রভাতে ববধুব বাসবঘরেব শয্যাতোলাব স্ত্রী-আচারবিশেষ। [°কড়ি—শয্যাতোলাব জন্য বরকর্ত্তাব নিকটে প্রাপ্য অর্থ। "°কড়ি মাঙ্গে পরিহাসী জন ক চ ১২৫। শয্যাতোলানী—সর্থ 'শয্যাতালা-কড়ি'।]

শয্যাধ্যক্ষ পুং [ষ ত] শযাতত্ত্বাবধায়ক, শয্যাপালক।

শয্যারচনা বি শয্যাকবণ, বিছানা কবা।

শয্যাশায়ী (-য়িন্) বি° সর্থ 'শয্যাগত (২)। দ্র 'শয্যা'।

শয্যাস্তরণ বি [ষ ত] সর্থ 'শয্যাচ্ছাদন'।

শয্যোত্তরচ্ছদ বি সর্থ 'শয্যাচ্ছাদন'। সেই পালঙ্কে আপাদ-মস্তক শয্যোত্তরচ্ছদে আবৃত হইযা কেহ শয়ন করিয়াছিল ব.প্র ৮০।

শয্যোৎসঙ্গ পুং [ষ ত] শয্যাঙ্ক, শয়নোপরি। 'উ মে ৩২।

শর পুং [√শৄ+অ (অপ)-ণ] ১ 'হিংসাসাধন', বাণ। "বাক" রা ২ ৩৫ ৩। বজ্রসাবাঃ শরাঃ শ ১ ১০। সশরং শরাসনম্ রঘু ৬.৫২। ২ তৃণবিশেষ, শরগাছ (Saccharum Sara)। 'ঋগ্বেদ ১ ১৯১ ৩। কুশকাশ° রা ২ ৩০ ১২। ৩ শবতৃণদণ্ড, শবেব ডাঁটা। ৪ দধ্যগ্র, দধি-সার, দধিদুগ্ধসার (ত বা)। ৫ (কামশরসংখ্যানুসারে) পাঁচ (৫) সংখ্যা। "বেদথাগ্নিশরাঃ (৫৩০৪) সা দ ৪ ১২। বিন্দু-শব-যুক্তাক্ষর (৫০) স্তব সুধাময ম পা ৬১। ৬ [+অ-ভা] হিংসা, হনন। ৭ উস্তজন (নীলকণ্ঠ)। "নাগাঃ করেণুশবপীড়িতাঃ মহা ৩ ১৪৬ ৪৬। —র ক্লী জল। "শরবর্ষ মাঘ ২০.৭২। [°কাণ্ড (পুং)—১ বাণদণ্ডভাগ। ২ শর-তৃণদণ্ড। °কার (পুং)—বাণনির্ম্মাতা। °ক্ষেপ (পুং)—শরপাতন। °গৌর (বিণ)—শরধবল। '°গৌরৈশ্চ বানরৈঃ গো রা ৪ ৩৯ ১৪। °গুল্ম (পুং)—শরতৃণগুচ্ছ। °গোচর (পুং)—শরক্ষেপবিষয়, বাণপথ। °ঘাত (পুং)—শরতাড়ন, বাণাঘাত। °জন্মা (-ন্মন্) পুং—কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। "ক চ ৭। °তল্প (পুং)—শরশয্যা। 'মহা ৬ ১১৯ ৯২। °দণ্ড (পুং)—শরতৃণকাণ্ড। °দুর্দ্দিন (স্ত্রী)—নিরন্তরশরবর্ষণজন্য দুর্দ্দিন। °ধি (স্ত্রী)—তূণীর, ইষুধি। 'অস্ত্রং শরধিম্ · প্রবিষ্টম্ বিক্র ১ ১৭। °পঞ্জর (স্ত্রী)—শরশয্যা। 'ভ ১ ৯ ২৫। °পাত (পুং)—শরপতন। "°পাতস্থান। °পাটিত (বিণ)—শরচ্ছিন্ন। "°পাটিতপাদ ক সা ৭৪ ১০৭। °পাণ্ডুর (বিণ)—শরতৃণবৎ পাণ্ডুবর্ণযুক্ত। "রঘু ১৪ ২৬। °পুঙ্খ (পুং), °পুঙ্খা (স্ত্রী)—বাণের পক্ষবিশিষ্ট অংশ, পুঙ্খ। °প্রবেগ (পুং) —শরপাতবেগ। °ফল (স্ত্রী)—শরাগ্র। °বন্ধ (পুং)—শর দ্বারা বন্ধন, নাগপাশবন্ধন। "গো রা ১ ৪ ১০৮। °বর্ষ (স্ত্রী)—বাণবৃষ্টি, নিরন্তর-শরপাত। °বারণ (স্ত্রী) 'শরনিবারক', চর্ম্ম, ঢাল। "মহা ৬ ৬১ ৩০ (পাঠান্তর)। °বিদ্ধ (বিণ)—শরাহত। °বৃষ্টি (স্ত্রী)—অবিরলশর-পাত। "ম ৪২৫ ; ৭৮৫,-৯১। °ভূ (পুং)—'শরবণজাত', কার্ত্তিকেয়। °মল্ল (পুং)—ধনুর্দ্ধোধ। °মুখ (স্ত্রী)—শরফল, বাণাগ্র। °শয়ন (স্ত্রী), °শয্যা (স্ত্রী)—শররচিত শয্যা। "শরশয্যা ক.সা ৪৯.১০ ; মে ১২। °সন্ধান (স্ত্রী)—শর দ্বারা লক্ষ্যীকরণ। "শ ১১/১০। °স্তম্ব (পুং) —শরতৃণগুচ্ছ। "মহা ১ ৬৩ ১০৭। ভ ১ ৬ ১৩।]

শরগাণ্ডী বি [অপ্র] শর ও ধনু, ধনুর্ব্বাণ। "ক চ ৭০।

শরচ্চন্দ্র পুং [ষ ত] শরৎকালের চন্দ্র। "পরিণত° (S W)। —ন্দ্রিকা স্ত্রী [ষ ত] শারদকৌমুদী। "পরিণত° উ মে ৪৯।

শরজ বিণ [শর+ √জন+অ(ড)-ক, উ ত] শরতৃণজাত। —জ পুং শরজন্মা, কার্ত্তিকেয়। —জ ক্লী দধিশরজাত, নবনীত।

শরজাল ক্লী [ষ ত] ১ জালবৎ নিরন্তরশরসমূহ। "ম ৭৯৪। চ বি ১৬৬। ২ (বাঙলায়) বাণবিশেষ। "কৃ ৩০০। ম ৯১৫।

শরট পুং [√শৄ+অট (অটন্)-র্ম] কৃকলাস। তু 'সরট'। "মনু ১২ ৫৭। বরমিহ গঙ্গাতীরে শরটঃ করটঃ (গঙ্গাষ্টক) ৮। ক চ ৪৬। বরমিহ গঙ্গাতীরে শরট করট ভা চ ৪৪১।

শরণ[1] ক্লী [√শৄ+অন (অনট্)-ভা] ১ বধ, হনন। ২ রক্ষণ (মেদিনী)। "শরণার্থমস্তং কথং প্রপৎস্তে ত্বয়ি দীপ্যমানে রঘু ১৪ ৬৪। ৩ [+অন -ক] শীতাদিক্লেশনাশক (সায়ণ), গৃহ। "ঋগ্বেদ ৩ ৬২ ৩। গো রা ২. ৫৬ ২০। অগ্নি° শ ৪২/৪। ভট্টি ৬ ৯। ৪ রক্ষিতা, রক্ষক, পালক। "যো গতিঃ শরণং চাসীৎ রা ২ ৪১ ২। মামেকং শরণং ব্রজ গী ১৮. ৬৬। কু স ৩৮। পূ মে ৭। অশরণোঽস্মি উ চ ১৪/২। যামি হে কমিহ শরণম্ গী গো ৭ ৩। মরণ শরণ ভেল মানক লাগি বি প ১৫২। কৃকৈক-শরণ চৈ চ ২২৪। আর কি এখন, আছয়ে শরণ, আমার মরণ বই বা দ ২৪৬। আসীন সেই বিশ্বশরণ, তাঁর জগত-মন্দিরে।—রবীন্দ্র। ৫ ঘাতক (ত বা)। ৬ (বাঙলায়) আশ্রয়, আশ্রয়স্থান। "প্রভু রামের ঠাঞি গিয়া লহত শরণ কৃ অ ২৮। দুঃখিনী° শ্রী ম ১১৬। ব প ৮৭৬। নয়ন নলিনীপত্র, অকণশরণ যত্র।—জ ২। [শরণ পশিল —শরণাপন্ন হইল। "কৃ অ ২৮। শরণে পসউক—শরণাপন্ন হউক। 'অ প ৪৫, ৫৩।]

শরণ[2] বি [?] ১ মল্লবিদ্যা। "সেনের হইল ইচ্ছা শিখিতে শরণ শ্রী মা ৪৩, ৪৪, শরণ হল শিক্ষা : শিখিলাম শবণ ৪৫। ২ মল্লরঙ্গভূমি। "পসিয়া শরণে, প্রকোপে ঘন দেই লম্ফ শ্রী মা ৪৬।

শরণদ বিং আশ্রয়দাতা। '°দা শক্তিরূপা ক চ ১০৪।

শরণপালন, -রক্ষণ বি [অসাধু] শরণাগতরক্ষণ। 'শরণরক্ষণ হেতু। —ম ৭৮৯। শরণপালন-গুণ ক চ ১২৬।

শরণরক্ষণ দ্র 'শবণপালন'।

শরণাগত বিণ [দ্বি ত] শরণপ্রাপ্ত, প্রাণরক্ষার্থ আগত, পরিত্রাণার্থ উপগত (কুল্লুক)। 'রক্ষ্যো হি শরণাগতঃ রা ২ ৯৫, টীকাধৃত প্রক্ষিপ্ত-সর্গ ৫১। °হন্তৃ মনু ১১ ১৯১,-৯৯। [°ঘাতক, °ঘাতী (-তিন্), বিণ —শরণাপন্নবধকারক।]

শরণান্তর বি [নি স] অন্য রক্ষক। "কাদ ৫৪।

শরণাপন্ন বিণ [দ্বি ত] সর্থ 'শরণাগত'। "দা ১৭৩৬।

শরণার্থী (-র্থিন্) বিণ [শরণ+ √অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] বক্ষণার্থী, পরিত্রাণার্থী। "রঘু ১৫ ২।

শরণালয় পুং [ষ ত] শরণাগতরক্ষক-গৃহ। "মহা ১৩ ১৪১ ৮২।

শরণি, -ণী স্ত্রী [√শৄ+অনি-র্ম, উ ২ ১০১, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), তু 'সরণি, -ণী, 'শরণি'—হিংসা (ঋগ্বেদ ১ ৩১ ১৬)] ১ বর্ত্ম, মার্গ, পথ। "প ত ৪১। ২ পৃথিবী।

শরণী দ্র 'শরণি'।

শরণৈষী (-ষিন্) বিণ [শরণ+ইষ্+ইন্ (ণিনি)-ক ১ব, উ ত] রক্ষণেচ্ছু, শরণার্থী। "শরণ্যঃ শরণৈষিণাম্ গো রা ২ ১ ১১।

শরণোন্মুখ বিণ [স ত] রক্ষণব্যগ্র, শবণার্থী। "রঘু ৬.২১।

শরণ্য বিণ [শরণ+য (যৎ) : স্ত্রী -ণ্যা] শরণে সাধু, শরণার্হ;

রক্ষণসমর্থ। "গো.রা ২.১.১১। রঘু ৬.২১; শরণ্যা ১৪.৬৪। জগচ্ছরণ্যস্ত কু.স ৫.৭৬। —রণ্য পুং শিব। —রণ্যা স্ত্রী দুর্গা।

শরণ্যা দ্র 'শরণ্য'।

শরৎ (-দ্) স্ত্রী [√শৃ+অদ্ (অদি)-ক-১ব, উ ১,১২৯; ছান্দস; Av. sareda] ১ (বহুব) সংবৎসর (সায়ণ), সমা, বৎসর। "ঋগ্বেদ ১.৭২.৩। শরদাং শতম্ রা ২.৫৪.৩১। অর্দ্ধশত শরতে কু.কে ১৪১। ২ ঋতুবিশেষ, বর্ষান্ত। দ্র 'ঋতু (১)'। "তৈত্তিরীয়সংহিতা ২.৬.১.১। °ব্যপায় গো.রা ৩.২২.১। শরৎ পঙ্কজলক্ষণা রঘু ৪.১৪। বনস্পতীনাং সরসাং নদীনাম্...শ্রিয়ং দধানাং শরদং দদর্শ ভট্টি ২.১। চরণতল শীতল, শীতল শরদরবিন্দ।—গো ৮৫। শরৎ-শশিমুখী শ্রী ১৪৩। শরদনিল।—ন ১০১০। [°কাব্যকথা (পুং)—শরৎকালে কাব্যে শৃঙ্গাররসাশ্রয় কথা। "ভ ১০.৩৩.২৫। °কাল (পুং)—শরদ্ ঋতু। °কৃশ (বিণ) —শরতে ক্ষীণধার। "জাহ্নবীব শরৎকৃশা রঘু ১০.৬৯। °ত্রিযামা (স্ত্রী) —শারদরাত্রি। °পদ্ম (ক্লী)—সিতাম্ভোজ, শ্বেতপদ্ম। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—শারদী পূর্ণিমা; কোজাগরপূর্ণিমা। "°পর্ব্বশশিন্। °পুষ্প (ক্লী) —শরদ্ভব শেফালিকাদিপুষ্প।]

শরত্রাণ বি শরাঘাত হইতে রক্ষক; বর্ম্ম। "ম ৬৪২।

শরদ বি [সং শরদ্ > প্রা সরদ (প্রা.প্র ৪.১০)] শরৎ। "নিরসি শরদ-শশি, হসিত লপন লস ন.প ২৮৩।

শরদন্ত পুং [বহুব্রী] যাহাতে শরতের শেষ; হেমন্ত।

শরদিজ বিণ [শরদ্+জন্+অ (ড)-ক, অলুক, পা ৬.৩.১৫] শরৎকালে জাত; শরদ্ভব। "শরদিজেন্দু ক.সা ৫৫.৪০৯।

শরদিন্দু পুং [ষ.ত] শরচ্চন্দ্র, শারদশশী। "শরদিন্দু পুত্র; বধু শারদ-কৌমুদী!—মে ১৬৫। [°সুন্দর (পুং)—শিব। "°সুন্দররুচিঃ সা। —সা.দ ১.১। °নিভাননা (বিং)—শরচ্চন্দ্রসদৃশবদনা। "°নিভাননা প্রমীলা।—মে ২১০। °নিভাননে!—ব.প্র ২৫।]

শরদুদাশয় পুং [শরতের উদাশয়, ষ.ত] শরৎকালীন সরঃ। "ভ ১০. ৩১.২।

শরদ্গত বিণ [দ্বি.ত] শরৎকালপ্রাপ্ত, শরদ্ভাব, শারদ। "শারদগতো মেঘ ইবাল্পতোয়ঃ রা ২.৪৪.৩১।

শরদঘন পুং [ষ.ত] শরৎকালীন মেঘ; শরদভ্র। "রঘু ৫.৭১।

শরদ্বান্ (-দ্বৎ) পুং [শরদ্+বৎ (বতুপ্)-১ব] মুনিবিশেষ। "পা ৪.১.১০২। [ইনি গোতমপুত্র, কৃপাচার্য্যের পিতা। দ্র 'কৃপ'।]

শরন্মুখ ক্লী [ষ.ত] শরৎপ্রারম্ভ, শরদাগম।

শরপত্র বি শরতৃণের ন্যায় যাহার পত্র; কুশ। "কৃ ২৮৩।

শরপুঁঠী বি [শফর > শর] একজাতীয় বড় পুঁঠীমাছ।

শরব বি [আ শরফ্] সম্মান, সম্মানার্থ অর্থাদি। "তিনি ঘটকালি শরব এক শত টাকা পাইয়াছেন ব.প ১৬৮০।

শরবণ ক্লী [ষ.ত, ণত্ব, 'শরবন' অসাধু, পা ৮.৪.৫, তু 'দূর্ব্বাবণ,-বন'।] শরতৃণাচ্ছন্ন ভূমি। "ম.পা ২১। [°ভব, শরবণোদ্ভব (পুং)—'শরবণ-জাত', কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। "শরবণোদ্ভব মহা ৩.২৩১.৮। °ভবং পু.মে ৪৫।]

শ(স)রবৎ বি [আ শরবত্] মিষ্ট পেয় দ্রব্য, শর্করামিশ্রিত জল; চিনির পানা; পানামাত্র। "সরবৎ ব.প্র ৯৪। —বতী বি [আ শরবতী] অম্লমধুর লেবুবিশেষ।

শরবতী দ্র 'শরবৎ'।

শরব্য,-ব্যক ক্লী [শরু+য (যৎ), পা ৫.১.২; ক (কন্) স্বার্থে] বাণার্থ (বাণশিক্ষার্থ) হিত; লক্ষ্য, লক্ষ। "রঘু ৭.৪৫। কৃতাঃ শরব্যং হরিণা তবাসুরাঃ শ ৬.২৯। ব্যসনশত° (কাদম্বরী)। কাদ ৯৫। [°ব্যধ (পুং)—লক্ষ্যবেধ। "জনতামনঃশরব্যব্যধপটু মাঘ ৭.২৪।]

শরব্যক দ্র 'শরব্য'।

শরভ পুং [√শৃ+অভ (অভচ্)-ক, উ ৩.১২২] ১ মৃগবিশেষ, মহাকায়, মহাসিংহ। "শুক্লযজুর্বেদ ১৩.৫১। অথর্ববেদ ৯.৫.৯। রা ২.২৯.৩। ঋতু ১.২৩। ক.চ ৩৫; ৪৯। শ্রী মা ১২৪। [শরভ অষ্টপাদ্ ঊর্দ্ধনয়ন ও সিংহঘাতী { শরভোঽষ্টাপদো মৃগবিশেষঃ সিংহঘাতী (মহীধর)। অষ্ট-পাদূর্দ্ধনয়নঃ শরভঃ মহা ১২.১১৭.১৩ }। ইহা কাল্পনিক পশুবিশেষ।] ২ করভ। ৩ উষ্ট্র। ৪ শলভ। ৫ রামসেনান্তর্গত বানরবিশেষ। "রা ১.১৭.১৫। ৬ বিষ্ণু (মহা)।

শরভঙ্গ পুং মুনিবিশেষ। "রঘু ১৩.৪৫। [বনগমনকালে রাম ইঁহার আশ্রমে উপস্থিত হইলে, ইনি রামের সম্মুখে অগ্নিতে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করেন। "রা ৩.৪-৬ সর্গ।]

শ(স)রম বি [ফা শরম্] লজ্জা। "সরমক বাত বি সা ৩২২। কোপ সরমে ধনী বদন লুকায় বি প ৬২। চ.সা ৩৪১। সরম মরম কাশী চ দা ৮৮। সরম ধরম (তেজিলাম) ভ.প্র ৪১২। সরম পাইয়ে বলি শ্রী ৩৮; ১৫১। বি সু ৬১। কহি যদি হিন্দুপতি পাইবে শরম ভা.চ ৪৭৯। মরি, মা! শরমে।—মে ৫৩। সরমনমিত নয়নে।—গান ১৪৫। [শরম ভরম—লজ্জা-সম্ভ্রম। সরমহি—লজ্জায়। "বি.প ৬২। সরমিত—লজ্জিত (প.ক)। সরমের পাকে—লজ্জার ফলে; লজ্জা হেতু। "বা.দ ১৮৬।]

শরমুটি বি শরতৃণমুষ্টি, মুষ্টিপরিমিত শরের ডাঁটা। "কার হাতে শরমুটি, কাহার হাতে তালের লাঠি ম.ম ৫৬।

শরযু, -যূ স্ত্রী [তু 'সরযু,-যূ'] নদীবিশেষ। "শরযূতটাঃ রঘু ৯.২০।

শরল বিণ [সং শর (শরতৃণ)—শব -ল (?); তু 'সরল'] সরল।

শরলা বি [শরল > °লা] কদলীবল্কল, কলার খোলা। "কলার শরলাতে শয়ন: শরলাতে হাড় লাগে চৈ.চ ৩২৩।

শরস্তম্ভ বি শরের গতিরোধ। "শরস্তম্ভ বিদ্যা ব.প ৩৪৫।

শরা বি [সং শরাব > প্রা *সরাঅ > °রা] মুখ-চওড়া চিটকে মাটির পাত্রবিশেষ। "যেমন শরার জলে সূর্য্য-ছায়া অভাবেতে স্বভাব যেটি। —রামপ্রসাদ। [ধরা শরার মত দেখা—অতিবৃহৎকে অতিক্ষুদ্র মনে করা; অহংকারে মহৎকে নগণ্য বোধ করা। হাঁড়ির মুখের মত শরা হওয়া—হাঁড়ির মুখ-জোড়া শরা হওয়া, (গৌণার্থে) যেমন কন্যা, তেমনি বর হওয়া। "পি ২৮।]

শরাকত,-গত বি [ফা শরাকত্] অংশীদারত্ব, সম্ভূয়সমুত্থান (partnership)। "শরীক°।

শরাটি, -ড়ি, -রি, -লি, -লী স্ত্রী জলচরপক্ষিবিশেষ, শরালপাখী। "°রি গো.রা ৩.১৫.৬; মনু ৫.১৩, কুল্লূক। °লি ক চ ১২৬।

শরাড়ি দ্র 'শবাটি'।

শ(স)রাপ, -ব[2] [আ শরাব্] সুরা, মদ। —পী,-বী বিণ [আ শরাবী] সুরাপায়ী, মাতাল।

শরাব[1] পুং, ক্লী [শর+ √অব্+অ (অণ্)-ক; উ.ত] ১ 'জলাদি-রক্ষক', মৃৎপাত্রবিশেষ, শরা। "নিষ্ঠীবন°, মোদক°, শক্তু° (S.W.)। রা ১.৭৩.২২। শক্তুপূর্ণ°।—হি ৪২৮। ২ উচ্ছিষ্টপাত্রাদি। "°সম্পাতে মনু ৬.৫৬। ৩ পাত্রের মুখাবরণ; ঢাকনী। ৪ কুড়বদ্বয়, চৌষট্টি তোলা। —বক পুং [°ব+ক (কন্)] শরাব। "ভক্তশরাব° ক.সা ২৯.৮৮। —বিকা স্ত্রী শরাবাকৃতি পিড়কাবিশেষ (সুশ্রুত)।

শরাব[2]; **শরাবক, শরাবিকা; শরাবী** দ্র 'শরাপ; শরাব[1]; শরাপ।

শরাবতী স্ত্রী [শর+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্), দীর্ঘ] ১ 'বহুশরতৃণ-যুক্তা', নদীবিশেষ। "পা ৬.৩.১২০। ২ লবের রাজধানী। "রঘু ১৫.৯৭।

শরাবর পুং [শরের আবর, ষ.ত] তূণীর। "শরাবরৌ শরৈঃ পূর্ণৌ রা ৩.৬৪.৫৯। —বর ক্লী ১ 'শরবারক', চর্ম্ম। "মহা ১.১৩৮.২৬।

২ কবচ। "মহা ৬.৬০.১৭। —বরণ ক্লী কবচ। "শরাবরণধারিন্ মহা ৬.৬১.২৮।

শরাবরণ দ্র 'শরাবর'।

শরাবাপ পুং [শর+আ-√বপ+অ (অণ্)-ক্, উ ত] 'শরক্ষেপক', ধনুঃ। "গৃহীতশরাবাপ মহা ১ ১৮৯.১৩।

শরাব্দ বি [শর+অব্দ] পঞ্চবর্ষ। 'ম পা ১০৯।

শরাভ্যাস পুং [ষ ত] শরবেধশিক্ষা, উপাসন, খুরলী।

শরারি দ্র 'শরাটি'।

শরার্ণব বি [শর+অর্ণব] পাঁচ ও সাত, অর্থাৎ বার। "বহ্ন সঙ্গে সংযুক্ত করিয়া শরার্ণব (৮+১২=বিশ, অর্থাৎ বিষ) ম পা ৭৯।

শরাল বি [শরালি >°ল] সর্থ 'শবাটি'। 'রঙ্গ ১৯১।

শরালি, শরালী দ্র 'শবাটি'।

শরাস পুং, -**সন** ক্লী [শর+অস্+অ (অণ)-ক, উ ত শবের অসন (ক্ষেপণসাধন), ষ ত] 'শরক্ষেপক', ধনুঃ, চাপ। '°সন রা ২ ২৩ ৭৫। রঘু ৩.৫২। শরাসকোটি ভ ৩ ১৬ ২২। শরাসন।—ম ৪২৫, মে ৫। —সনী (-নিন্) বিণ [°ন+ইন্ (ইনি)-১ব] শবাসনবান, চাপধব। "মহা ৫ ১৫৭ ১৮।

শরাসন, শরাসনী দ্র 'শবাস'।

শরাসার পুং [ষ ত] শববৃষ্টি, অবিরলশরপাত।

শরাস্ত ক্লী [শর আস্ত (ক্ষেপণীয) যাহাব, বহুব্রী] শরাসন, চাপ।

শরিফ বি [E sheriff] শহরেব অধ্যক্ষ বা মণ্ডল।

শরিল বি [গ্রাম্য, শরিল (ঢাকা, কোচবিহাব, কুমিল্লা)] শবীব। 'আমার শবিলের জ্ঞান তোমাকে শিখাই গো চ ১২, ১৪।

শরী[1] **(-রিন্)** বিণ [শব+ইন (ইনি)-১ব] শববান্, বাণধাবী। "গো রা ৩ ৫৬ ৩০।

শরী[2] স্ত্রী [শব+স্ত্রী ঈ (ঙীষ)] এবকাতৃণ (ভাবপকাশ)।

শ(স)রীক বি [আ শরীক] অংশীদাব, ভাগী (partner)। —কানা বি শরীকের প্রাপ্য অর্থাদি। —কী বি° ভাগবিশিষ্ট, এজমালি (বিষয়, সম্পত্তি)।

শরীকানা, শরীকী দ্র 'শবীক'।

শ(স)রীফ বি° [আ শবীফ] ১ উচ্চপদস্থ, মহামান্ত। ২ অভিজাত। ৩ পবিত্র, ভাল। কেমন রাযসাহেব। আপনার মেজাজ সরীফ? —ব প্র ৪৪৬। [কোরান শরীফ—পবিত্র কোবান।]

শরীফা বি [আ শবীফা] আতাফল।

শরীর পুং, ক্লী [√শৄ+ঈব (ঈরচ)-র্ম্ম (অ টী), যড়াশ্রযণাচ্ছবীবম্ (মনু ১ ১৭, কুল্লুক), অর্দ্ধচ্চাদি] ১ বোগাদিহিংসিত', প্রাণিকায (কাশিকা), দেহ, কলেবর, কায। ঋগ্বেদ ১ ৭২ ১০। পা ৪ ৩ ৫৫। বালস্ত চ শবীর° তৎ রা ৭ ৭৫ ২, শবীরো বালস্ত ৪। যশঃশরীর বঘু ২ ৫৭, ক সা ৬৪ ১১। শরীরমাদ্য° খলু ধর্ম্মসাধনম্ কু স ৫ ৩৩। চন্দ্র-কিরণ যদি শবীরবিশিষ্ট হইত, তবে তাহাতে সে বাহুযুগল গড়িতে পারা যাইত ব প্র ১৪১। ২ জীবাত্মা। "মনু ১১ ২৩০। ৩ স্থাবরবৃক্ষাদিদেহ। দ্র 'শরীরিন্'। ৪ অধিষ্ঠানভূত দেহ। শরীরমসি সংসারস্ত উ চ ৭৬। ৫ ইন্দ্রিয়। "অন্তঃশরীর বঘু ৬ ৩৯, মল্লিনাথ। ৬ উপাদানদ্রব্য। ৭ মৃত-দেহ। [°কর্ত্তা (-র্ত্তৃ), °কৃৎ (পুং)—পিতা। '°কর্ত্তৃ মহা ৫ ১৭৬ ৫৭। °কর্ষণ (ক্লী)—শরীরশোধন, দেহক্ষয়। "মনু ৭ ১১২। °গ্রহণ (ক্লী)—দেহধারণ। °ত্যাগ (পুং)—দেহত্যাগ, মরণ। "রঘু ১২ ১০। °দণ্ড (পুং)—শারীরিকদণ্ড। "ভ ৫ ২৬ ১৬। °ধাতু (পুং)—রস-রক্তাদি সপ্ত। °নির্ব্বাপণ (ক্লী)—শরীরদাহোপশমন। "শ ৩২। °পক্তি (স্ত্রী)—দেহশোধন। °পতন (ক্লী) °পাত (পুং)—শরীরনাশ, দেহক্ষয়। °বদ্ধ (বিণ)—বদ্ধশরীর, শরীরবান্। 'শরীরবদ্ধঃ প্রথমাশ্রমো যথা কু.স ৫ ৩০। °বন্ধ (পুং) শরীরযোগ, দেহধারণ। "রঘু ১৩.৫৮; ১৬ ২৩। ভ ৫ ৫.৫। °বিমোক্ষণ (ক্লী)—দেহত্যাগ, মরণ। "মনু ২ ২৪৩। °বৃত্তি (স্ত্রী)—শরীরধারণ, জীবন। "রঘু ২ ৪৫। °বৈকল্য (ক্লী)—দেহবিকার, অস্বাস্থ্য। °ভাক্ (-জ্) বিণ—দেহধারী, প্রাণী। "ভ ১ ৯ ৪২। °যষ্টি (স্ত্রী)—তনু, দেহযষ্টি। °যাত্রা (স্ত্রী)—শরীর-স্থিতি (শঙ্কর)। "গী ৩ ৮। °যোগ (পুং)—দেহস্পর্শ। "°যোগজৈঃ সুখৈঃ রঘু ৩ ২৬। °রক্ষক (পুং)—দেহরক্ষাকারক (body-guard)। °রক্ষা (স্ত্রী)—শরীরধারণ। °শুশ্রূষা (স্ত্রী)—দেহপরিচর্য্যা। "মনু ৯ ৮৬। °শোষণ (ক্লী)—দেহনিপীড়ন, শবীবকর্ষণ। °সংস্কার (পুং) —১ দেহ-মার্জ্জনপ্রসাধন। ২ গর্ভাধানাদি শারীরিক সংস্কার। "মনু ২.২৬। °সন্ধি (পুং)—শরীরগ্রন্থি। "ভ ৩.১৩ ৩৮। °সাদ (পুং) —শরীরের কৃশতা; দেহকার্শ্য। "রঘু ৩ ২। °স্থিতি (স্ত্রী)—শরীর-সত্তা, জীবিত, জীবন। "°স্থিতিসাধন° রঘু ৫ ৯।] [শরীর বহা—শরীর কার্য্যক্ষম হওয়া। 'নিদ্রা ব্যতীত আর (মৃণালিনীর) শরীর বহে না ব প্র ১৭৯।]

শরীরক ক্লী [°র+ক (কন্)] ১ শরীর। "যাজ্ঞ ৩ ৯৮, ১১৭। (ময়া) মুক্ত° শরীরকম্ ক সা ২২ ১৬৫। ২ হ্রস্ব দেহ। ৩ কুৎসিত শরীর। —রক পুং (শরীরকসম্বন্ধী) জীবাত্মা (পা ৪ ৩ ৮৭, তত্ত্ববোধিনী)।

শরীরজ বিণ [°র+ √জন্+অ (ড)-ক, উ ত] দেহজাত, শারীর, কাযিক। শরীরজৈঃ কর্ম্মদোষৈঃ মনু ১২ ৯। —জ পুং ১ আত্মজ, পুত্র। 'পরাশর° মহা ১৩ ২৪ ৪। ২ অপত্য, বৎস, গোশাবক। "কি ৪ ৩১। ৩ গর্ভ। সা স্বব্যক্তিতশরীরজা রা ৭ ২ ১৭। ৪ রোগ, ব্যাধি। ৫ কাম। '(শান্তনুঃ) শরীরজেন তীব্রেণ দহ্যমানোঽপি মহা ১ ১০০ ৫৭।

শরীরবান্ (-বৎ) বিণ [শরীব+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] শরীরী, দেহী, মূর্ত্ত। —বান্ পুং দেহী, প্রাণী।

শরীরান্তর ক্লী [ময়ূরব্যংসকাদি, নি স] অন্তদেহ।

শরীরাবয়ব পুং [ষ ত] দেহের অবয়ব, প্রাণ্যঙ্গ। "পা ৫ ১ ৬।

শরীরাবরণ ক্লী [ষ ত] ১ 'দেহাচ্ছাদন', ত্বক। ২ চর্ম্ম, ঢাল। ৩ বর্ম্ম। "মহা ৭ ১৮৬ ৪৫।

শরীরার্দ্ধহর বিণ [ষ ত] শরীরেব অর্দ্ধহর, অর্দ্ধাঙ্গহারী। 'প্রেম্ণা শবীরার্দ্ধহরা° হরস্ত কু স ১ ৫০।

শরীরাস্থি ক্লী [ষ ত] দেহাস্থিপঞ্জর, কঙ্কাল।

শরীরী (-রিন্) বিণ [শরীব+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -রিণী] শরীর-বান্, মূর্ত্ত, রূপী। "বাগ্বাচাশরীরিণী গো রা ৩ ৪ ১৫। খশরীরিণম্ মনু ৪ ২৪৩। (আচার্য্যৌ) সাক্ষাদ্ভাবাবিব শরীবিণৌ মা মি ১.১০। শরীরিণী বিরহব্যথা উ চ ৩ ৪। দমশরীবিণম্ ভ ৩ ৩১ ১৯, শরীরী পরাণী।—হেম ১০২,-৩। বোধ হয়, যেন চন্দ্রকর পুষ্পসৌরভকে শরীরী করিযা তাহাকে গড়িয়াছে ব ছি ৯। —রী পুং ১ প্রাণিমাত্র, দেহী। "রঘু ৮ ৪৩, মরণ° প্রকৃতিঃ শরীরিণাম্ ৮৭। ২ শরীরবান্ জীবাত্মা, আত্মা, ক্ষেত্রজ্ঞ। 'কর্ম্মাত্মানঃ শরীরিণঃ মনু ১ ৫৩, ৬ ৬৪। ৩ দেহি-মাত্র (স্থাবর, জঙ্গম)। "(অস্মাজ্ঞাবশগাঃ সর্ব্বে) বায়োরিব শরীরিণঃ মহা ২ ১৯ ১৪। গী ২ ১৮। শরীরিণা° স্থাবরজঙ্গমানাম্ কু স ১ ২৩। শরীরশরীরিণৌ রঘু ৮ ৮৯। ৪ মনুষ্য।

শরু পুং [√শৄ+উ-ণ, উ ১ ১১] ১ 'হিংসাসাধন', বজ্র। 'ঋগ্বেদ ২ ১২ ১০। ২ বাণ। ৩ কোপ (মেদিনী)।

শরৈ, সরই বি [?] নৌকার পাল। "রক্ত পাটের শরৈ ম ম ১২৪, পাটের সরই ১৩৮, পাটের শরৈ ১৪০।

শ(স)রোদ বি [ফা সরোদ] বীণার স্থায় তারেব বাদ্যযন্ত্রবিশেষ।

শর্কর পুং [√শৄ+কর (করচ্)-ক, উ ৪ ৩] ১ শিলাখণ্ড। "বায়ুঃ

…শর্করকর্ষণঃ মহা৩.১৫৫.২; যাভাঃ…°র্ষিণঃ ৪.৩৯.৪। শু ১.২৬৮। ২ শর্করা। ৩ সৈন্ধব; নাগ (রভস—অ.টী)। [°কর্ষণ (বিণ) —শিলাখণ্ডবাহী। °জা (স্ত্রী)—'শর্করাজাত', সিতাখণ্ড।]

শর্করা স্ত্রী [শর্কর+স্ত্রী আ (টাপ্)] ১ শিলাখণ্ড, উপলা। "অথর্ব্ববেদ ১১.৭.২১। ববর্ষ রুধিরং দেবঃ শর্করাঙ্গারমিশ্রিতম্।—হ ১৬৪.২৫। গণিকা নাম পাদুকান্তর প্রবিষ্টা ইব শর্করা।—মৃ ৫৳। ২ পাষাণকঠিন মৃত্তিকা (মেধাতিথি), ঘুটিং, কাঁকর। "মনু ৮.২৫০। কণ্টকশর্করা-ক্ষেত্রম্ ভ ৫.১৪.১৮। (রঘুনাথ) তৃণ কণ্টক শর্করা (নাহি মানে) ভ.গ্র ১২। ৩ কর্পরাংশ, খোলা, খাপরা। ৪ উপলময়দেশ। ৫ শকল, খণ্ড। ৬ রোগবিশেষ, পাথুরী। ৭ জলোপল (শ্রীধর), শিলা। "আসার° ভ ১০.৭৬.১১। ৮ সুবর্ণপনিমৃত্তিকা (রা টীকা)। "রা ২.৮১.১৬। ৯ গন্ধমৃত্তিকা; পুষ্পবেণু; পিশাচ (রভস—অ.টী)। ১০ [ফা শকর্, শক্কর; Gr. sakkharon; L. saccharum; F. sucre; Spanish—azucar; E. sugar] খণ্ডবিকার, সিতা, চিনি। "গো.রা ২.১০০.৬৭। দ্রাক্ষা° (সুশ্রুত)। শর্করে কর্করাসি গী.গো ১২.২৮। —র্করী স্ত্রী ১ (শর্করাময়) নদীবিশেষ। ২ গিরিমধ্যদেশ, মেখলা। ৩ ছন্দোবিশেষ। ৪ লেখনী (শ.ক)।

শর্করাক্ষ পুং ১ ঋষিবিশেষ। দ্র 'গর্গাদি, পা ৪.১.১০৮। "ছান্দোগ্য ৫.১১.১। ২ (বাঙলায়) ঋষিসম্প্রদায়বিশেষ (শর্করাক্ষপ্রবর্ত্তিত?)। "ঋষিসম্প্রদায়মধ্যে শর্করাক্ষ যারা। মণিপুর চক্রে ব্রহ্ম ধ্যান করে তারা॥ —শ্রী.ম ২৬৩।

শর্করাচল পুং [ষ.ত] দানার্থ অচলাকার শর্করাস্তূপ।

শর্করাম্বু, -রোদক ক্লী [উ লো] শর্করামিশ্রজল; চিনির পানা। "°রাম্বু (সুশ্রুত)।

শর্করার্ব্বুদ পুং, ক্লী [উ.লো] শর্করাতুল্য অর্ব্বুদ (সুশ্রুত)।

শর্করিল বিণ [শর্করা+ইল (ইলচ্)] শিলাখণ্ডবান্ (দেশ)। "শর্করিলো দেশঃ পা ৫.২.১০৫।

শর্করী; শর্কররোদক দ্র 'শর্করা; শর্করাম্বু'।

শ(স)র্ত্ত বি [আ শর্‌ত্] নিয়ম, করার (condition)।

শর্দ্ধ পুং [√শৃধ্+অ (ঘঞ্)-ভা] অপানবায়ুত্যাগ, বাতকর্ম্ম। —র্দ্ধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'শর্দ্ধ'। "মনু ৮.২৮২, কুল্লুক। [শর্দ্ধঞ্জহ (পুং)—'অপানত্যাগকারয়িতা', মাষ। "পা ৬.৩.৬৬, সি।]

শর্ব্ব পুং [√শৄ+ব-ক, উ ১.১৫৫; তু 'সর্ব্ব'] ১ 'পাপনাশক, (মহীধর), 'প্রলয়ে সর্ব্বভূতহন্তা' (অ.টী), রুদ্র (উবট); শিব। "শুক্লযজুর্ব্বেদ ১৬.২৮। °কল্প রঘু ১১ ৯৩। ভা.চ ৫৭। ২ বিষ্ণু। —র্ব্বা 'শর্ব্বশক্তিরূপা', উমা, দুর্গা। "ভ ১২.১০.৩৫। কু ৩৫১। —শর্ব্বাণী স্ত্রী [শর্ব্ব+ঈ (ঙীষ্), 'আন' (আনুক্) আগম] শর্ব্বপত্নী, দুর্গা। "পারস্করগৃহ্যসূত্র ৩.৭। মহা ১৩.১৫.৪। কু ৩৫১। ক.চ ২৫৫। [°পর্ব্বত (পুং)—কৈলাস। "°পর্ব্বতবাসিনী ক.সা ৫৩১।]

শর্ব্বর বিণ [তু 'শবর, -ল'] নানাবর্ণ, বিচিত্র। —র পুং [√শৄ+বর (ষরচ্)-ক, উ ২ ১২৩] 'হিংসক', কামদেব। —র ক্লী তিমির। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ রাত্রি, যামিনী। "রা ২ ৩৪.৩৪। মহা ৩.২.১। °ভূষণং চন্দ্রঃ।—চাণক্য। রঘু ৩.২। কু ৩২৬। ম ৬৩। ম.পা ৩০। আইলা…শশী সহ হাসি, শর্ব্বরী।—মে ৪৪। চ.কা ৩৭৯। ২ সন্ধ্যা। ৩ নারী। ৪ হবিদ্রা।

শর্ব্বরী দ্র 'শর্ব্বর'। [°পতি, শর্ব্বরীশ, -শ্বর (পুং)—চন্দ্র।]

শর্ব্বলা স্ত্রী [√শর্ব্ব্ গতি+অল (কলচ্)-ক+স্ত্রী আ (টাপ্); দ্র 'সর্ব্বলা'] লৌহদণ্ড তীক্ষ্ণমুখ শর; তোমর, শাবল। "হেম ২০৪।

শর্ব্বা, শর্ব্বাণী দ্র 'শর্ব্ব'।

শর্ম্ম (-র্ম্মন্) ক্লী [√শৄ+মন্ (মনিন্)-ক-১ব, উ ৪.১৪৪] ১ 'অশুভনাশক', প্রীতি, আনন্দ, হর্ষ, সুখ। "ঋগ্বেদ ৫.১.১০। গো.রা ৩.৬০.৩৫। গী ১১.২৫। সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে রঘু ১.৬৯। কু ২০১। চিত্ত-শর্ম্ম শ্রী.মা ৪০; কহেন শর্ম্মচিত্তে ৬৯; চিত্ত° ১৬৫। শি ৬০। ২ মঙ্গল। "সর্ব্বলোকশর্ম্মন্।—ভ ৭.৮.৫৬। —র্ম্মা পুং ১ ব্রাহ্মণের নামের শেষে প্রযোজ্য উপপদবিশেষ। "শর্ম্মবদ্ ব্রাহ্মণস্য (নাম) স্যাৎ মনু ২.৩২। "বিষ্ণু°, শুভ°। দেবশর্ম্মা নাম ব্রাহ্মণঃ। —হি ৪২৳। অবশ্যপ্রতিপাল্যস্য শ্রীভারতচন্দ্রশর্ম্মণঃ (নমস্কৃতীনামানন্ত্যম্) ভা.চ ১৪৬,-৭। ব্রহ্মশর্ম্মা বিষ্ণুশর্ম্মা শিবশর্ম্মা মহামুনি কৃ.উ ২১৪। ২ (বাঙলায়) দ্বিজ, ঠাকুর। "যদি কিছু চাও হে শর্ম্মা! আছেন …জগদিষ্ট কৃষ্ণ আমার গুরু। যে যায় তাঁর সন্নিধানে, অদৈন্য করেন দানে।—দা ৯১৮। ৩ ব্রাহ্মণ আমি, এ ব্রাহ্মণ; শর্ম্মা (স্পর্দ্ধায়)। "শর্ম্মা বেঁচে থাক্‌তে ত তা হচ্চে না।—পা.প্র ২০৫। বিল্বমঙ্গল।—না না, বলবি যে, শর্ম্মা আর যাচ্ছেন না!—গি.দ্বি ১০৪। ঘটক।—যেখানে শর্ম্মা আছেন—সব শুভ! সব শুভ।—অ.গ্র ৮৫। ৪ এ জন। "দস্যু। —আঃ! বেঁচেছি এখন! শর্ম্মা ওদিকে আর নন!—গান ১। [°কাম '-র্ম্মকা-' বিণ—সুখলিপ্সু; মঙ্গলেচ্ছু। °কৃৎ (বিণ)—সুখকর; শুভকর। °দ, °দাতা (-তৃ), °প্রদ বিণ—সুখদ, শুভদ। "শর্ম্মদাতু-হরেঃ ভ ৩.৫.১৫। (অন্নদা) মুক্তিশর্ম্মদা ভা.চ ৫১৮। °লাভ (পুং) —সুখপ্রাপ্তি, প্রীতিলাভ। শর্ম্মারাম—শর্ম্মা (স্পর্দ্ধায়)।]

শর্ম্মবান্ (-বৎ) বিণ [শর্ম্মন্+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ সুখী, প্রীত। "শর্ম্মবান্ চিত্ত শ্রী.মা ৩৯। ২ 'শর্ম্মো'পপদবিশিষ্ট। "শর্ম্মবদ্ ব্রাহ্মণস্য (নাম) স্যাৎ মনু ২.৩২।

শর্ম্মমান বিং [সং শর্ম্মবান্ (-বৎ); অসাধু] সুখী। "সুরমাঝে শক্র বসে শর্ম্মমানচিত্ত শ্রী.মা ১১।

শর্ম্মা, শর্ম্মারাম দ্র 'শর্ম্ম'।

শর্ম্মিষ্ঠা স্ত্রী [শর্ম্মিন্+ইষ্ঠ (ইষ্ঠন্)+স্ত্রী আ (টাপ্)] 'অতিশর্ম্মবতী', বৃষপর্ব্বার কন্যা, যযাতির পত্নী। দ্র 'দেবযানী'। "গো.রা ৩.২৩.২৪। শ ৪৭। [দ্রুহ্যু, অনু পুরু ইঁহার পুত্র।]

শর্ম্মী (-র্ম্মিন্) বিণ [শর্ম্মন্+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -র্ম্মিণী] শর্ম্মবান্, সুখী, প্রীত। "মহা ১৩.৬৮.৬। শ্রী.মা ৩৯; ৫৪। ব.প ৬৯১।

শর্য্যাতি পুং বৈবস্বতমনুর পুত্র। "মহা ১.১.২২৬।

শর্‌শর্ বি [ধ্বন্যাত্মক] পত্রের মৃদুসঞ্চালন-শব্দ।

শ(স)র্‌হদ্দ বি [ফা সর্‌হদ্] সীমা। "জমির সীমা-সরহদ্দ বজায় রাখিয়া চাষ-আবাদ করিতে থাকহ (দলিলে)।

শল্ সক [ভ্বা, প—শলতি; সেট্] গতি। —ল্ অক [ভ্বা, ঙ—শলতে; সেট্] চলন, কম্প। "শলতে শালতরুঃ (ক.ক)। —ল্ সক [পূর্ব্ববৎ] ১ সংবরণ। ২ আচ্ছাদন। —ল্ অক [ভ্বা, প—শলতি; সেট্] বেগগতি। "শলতি শশকঃ (ক.ক)। —ল্ সক [চু, ঙ—শালয়তে; সেট্] শ্লাঘা।

শল[১] পুং [√শল্+অ (অচ্)-ক] ১ ব্রহ্মা। ২ [তু 'সং শল্য >প্রা সল্ল] শল্যরাজ। "ত্রিগর্ত্তশল ভ ১.১৫.১৬। ৩ ভৃঙ্গি। —ল ক্লী শ্বাবিল্লোম, শজারুর কাঁটা (অ.কো)।

শ(স)ল[২] '-ল্' বিং [আ সহ্‌ল্; গু সহেল] ১ অনায়াসসাধ্য (easy)। ২ সহজ, সোজা (simple)। ৩ [ঠ সৈল] শিথিল, ঢিলা। ৪ [ছল >শ(স)ল] ছল, কপটতা। [শল-কল—ছলকৌশল। শলশ'লে —অতিশিথিল (বিদ্যাসাগরকৃত 'শব্দসংগ্রহ')। শলে শলে—অনায়াসে, সহজে। সলিয়ে কলিয়ে—ছল-কৌশল করিয়া। "(তাহারা) °য়ে কলিয়ে লওয়াইতে লাগিল আ.দু ১৩২।

শলভ পুং [√শল্+অভ (অভচ্)-ক, উ ৩.১১২] 'বেগগামী', পতঙ্গ, ফড়িঙ, পঙ্গপাল। "মহা ২.১৭.১১। ভ ৫.১৪.৫। শ ১.২৯। (স গ্রজঃ)

শলভজ্ঞ হয়লোচনার্চ্চিষি কু.স ৪.৪০। দীপক লোভে, শলভ জন্তু ধায়ল বি.প ১৮৩। [শলভাস্ত্র (ক্লী)—আয়ুধবিশেষ। "মহা ৩.১৬৭.৩৩।]

শলল ক্লী, -লী স্ত্রী [√শল্‌+অল (কলচ্‌)-ক ; °ল+স্ত্রী ঈ (ঙীষ্‌)] 'যাহা চলিত হয়', শাবিলোম, শজারুর কাঁটা। "°ল মহা ৭ ১৬৪.২২ ; (উভৌ) ব্যাঘ্রাজ্রেতাং…শাবিধৌ শললৈরিব ১৬৬ .১৬। —ল পুং [°ল+অ (অচ্‌)] 'শললবান্‌', শাবিৎ, শজাক। "মহা ১.১৪৫.২৫, নীলকণ্ঠ। —লিত বি [°ল+ইত (ইতচ্‌) শললযুক্ত, শাবিলোমযুক্ত। "মহা ৭.১৬৪.২২ (পাঠান্তর)। শাবিচ্ছললিতঃ ১৪ ৭৬ ১৩।

শললিত, শললী দ্র 'শলল'।

শলা¹, সলা¹ বি [সং শলাকা > প্রা *সলাআ, -যা > শ(স)লা ; হি সলাঈ ; ঠ সল.ঈ, প সল.াঈ] ১ দীর্ঘ সরু কাঠি, শলাকা। "তাম্রশলাএ চক্ষুবিন্ধিরে।—গ ৯৬। উনবিংশ শতাব্দীব অনলের শলা।—হেম ৩৯১। ২ চালের বাঁশের ছাটনী বা সরু চটা। 'সুবঙ্গ সরল সলা শ্রী ২০২। ৩ হুঁকার ছিচকাকাঠি। ৪ ক্ষতাদি পরীক্ষার্থ যন্ত্রবিশেষ (probe)। [°বেগুন (বি)—শলার মত লম্বা বেগুনবিশেষ।]

শলা², সলা² বি [আ সলাহ্‌] পরামর্শ, মন্ত্রণা, যুক্তি। "ধ'রে সপীর গলা, করিছো শলা॥—দা ১৮০। মুই কত্তামশার সলা শুনে নীল কলাম না।—নী ২৫। [°পরামর্শ— একার্থকশব্দ। "°মর্শের আবশ্যক। —নী ৫৮। সলা-সন্ধান—যুক্তি ও অনুসন্ধান।]

•**শলা-ইঁদুর** বি [সং গিরিকা] নেংটি ইঁদুর।

শলাক পুং [√শল্‌+আক-ক, উ ৪ ১৪] পাশক, পাশা। "°ধূর্ত্ত মহা ৫ ৩৫ ৪৪। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্‌)] ১ দণ্ড, যষ্টি, শল্য, দাঁড়, শলা, কাঠি। "মণি°। তন্তুবায়° পা ৫ ৪ ১৬০, কাশিকা। বংশ° অ.কো, নানার্থবর্গ ৪৩। ২ শঙ্কু, কীলক। "শলাকাশল্যকর্ত্তৃ গো রা ২.৯০ ২৪। মহা ৭ ২৪ ৫০। ৩ অঞ্জনতুলিকা, কাজল পরার তুলী। "জ্ঞানাঞ্জন° মহা ১ ১.৮৪। রঘু ৭ ৮। শলাকাঞ্জননির্ম্মিতা কু স ১ ৪৭। ৪ ছত্রকাষ্ঠিকা, ছাতার কাঠি বা শিক (rib)। "শতশলাকেন (ছত্রেণ) রা ২ ৩৬.১০। ছত্রম্‌…কল্মশলাকম্‌ গো বা ৬ ৩৫ ২০। দন্তশলাকম্‌ …ছত্রম্‌ মহা ৬ ২২ ৬। ৫ শল্য, কুন্ত। ৬ শর, শরাগ্র। ৭ শল্লকীলোম, শজারুর কাঁটা। ৮ পিঞ্জরকাষ্ঠিকা, খাঁচার কাঠি। ৯ বাতায়নস্থ লৌহাদিদণ্ড। ১০ দন্তমার্জ্জন-তুলিকা (tooth-brush), দন্তোল্লেখনী, দাঁতপড়কে (tooth-pick)। ১১ আলেখ্যকূর্চ্চিকা, তুলি। ১২ শূকা-দ্যুদ্ধরণার্থ যন্ত্রভেদ। "°যন্ত্র সুশ্রুত ১ ২৩ ৩, ১০। ১৩ সূক্ষ্মাগ্রযন্ত্রমাত্র। ১৪ দীপশলাকা, দেশলাই। ১৫ মল্লের ঋজু দৃঢ় সাঙ্গুলী শলাকাকার ক্ষেপণীয় আয়ুধবিশেষ। "মহা ৪ ১৩ ২৯। ১৬ পাণিপাদস্থিত শলাকাকার অস্থি। "পাণিপাদ° যাজ্ঞ ৩.৮৫। ১৭ অঙ্কুর, প্ররোহ। "রত্ন° কু.স ১.২৪। ১৮ পাশক, পাশা। "°পরি পা ২.১.১০। ১৯ শল্লকী, শজারু। ২০ মদনবৃক্ষ, ময়নাগাছ। ২১ মদনশারিকা, ময়না। [°ধূর্ত্ত (পুং)—যে পাশাদি দ্বারা বা শকুনাদি বলিয়া অন্যকে বঞ্চনা করে (নীলকণ্ঠ)। "মহা ৫ ৩৫ ৪৪।]

শলাকা দ্র 'শলাক'। [°যন্ত্র (ক্লী)—সর্থ 'শলাকা (১২)।]

শলাকাপরি ব্য [অব্যয়ীভাব] পাশক দ্বারা বিপরীত বৃত্ত বা পরাজয়, দ্যূতব্যবহারে পরাজয়। "পা ২.১ ১০।

শলাকী (-কিন্‌) বিণ [°ক+ইন্‌ (ইনি)-১ব] শলাকবান্‌, শলাযুক্ত। "ছত্রেণ শ্রীমচ্ছতশলাকিনা।—মহা (S W.)।

শলাটু বিণ [শল্‌+আটু-ক (অ কো)] আম, কাঁচা (ফল)। "শলাটুঃ কর্কটী ; শলাটবো মাষাঃ ; শলাটু পূগম্‌ (অ টী)। —টু পুং, ক্লী আমফল। "মদন°।—সুশ্রুত ১.৪৩ ২।

শলি বি [সং শল্য > প্রা *সলিঅ > বা শলি] ১ শল্যসদৃশ পীড়াজনক বস্তু। "বড়ই বিষম, কালার প্রেম, এ ঘর বসতি শলি।—জ্ঞা ১৯০। ২ [শলা¹+ই²] হ্রস্ব শলাকা ; ছোট শলা। "ছু দিগে দু শলি দিয়া জোআলে কৈল বিন্ধা ব.প ১১৩। ৩ ধান্যাদির পরিমাণবিশেষ ; আধ মণ (বীরভূম, বাঁকুড়া)। [ঝোঁটার শলি—ঝোঁটার কাঠি।]

শ(স)লিতা, শ(স)লতে বি [সং সন্দীপ্ত > প্রা *সলিত্ত > বা স(শ)লিতা, তু 'পলিতা'] সুতার বা কাপড়ের পাকান পলিতা। "নববাবুরা ক্যাশবাহি হইতে কাগজ চিরিয়া লইয়া সলতের মত পাকাইয়া কাণ চুলকাইতে লাগিলেন আ.হু ১৫০।

শলী বি [শল² > শলী] ছল, কৌশল। "পুন খেলে গৌরী, দশ দুই চারি, খেলিল করিয়া শলী ক.চ ২৯।

শলতে দ্র 'শলিতা'।

শল্ক, -ল্কল ক্লী [√শল্‌+ক (কন্‌), +কল (কলন্‌),-ক উ ৩.৪২] ১ শকল, খণ্ড। "তৈত্তিরীয়সংহিতা ৫ ২ ৯.৩। ২ বল্কল। ৩ মৎস্যত্বক্‌, আঁইষ। "অভক্ষ্যা ব্রাহ্মণৈর্মৎস্যাঃ শল্কৈর্যে বৈ বিবর্জ্জিতাঃ মহা ১২.৩৬. ২২। সশল্ক মনু ৫.১৬। শল্কসীমন্‌ সা দ ১৩। শল্কলে শরীর ঢাকা। —হেম ১২৩।

শল্কল দ্র 'শল্ক'।

শল্কলী (-লিন্‌), -ল্কী (-ল্কিন্‌) বিণ [°ল, °ক+ইন্‌ (ইনি) -১ব] শল্কবান্‌, আঁইষযুক্ত। "মহাশল্কলিন্‌ মনু ৩ ২৭২, কুল্লূক। —লী, -ল্কী পুং মৎস্য।

শল্কী দ্র 'শল্কলী'।

শল্‌পা, শুল্‌পা বি [সং শতপুষ্পা] ১ ধান্যাদিজাতীয় কৃষিজাত শাকবিশেষ (Peucedanum sowa)। ২ আম্রবিশেষ।

শল্মলি পুং শাল্মলীবৃক্ষ। "ঋগ্বেদ ৭.৫০ ৩।

শল্য পুং [শল্‌+য-ক, উ ৪ ১০৭। ১ 'বেগগামী', শাবিৎ, শজারু। "ভ ৮ ২ ২২। ২ মৎস্যবিশেষ, শালমাছ (?)। ৩ মদ্ররাজ। [ইনি মদ্রদেশের রাজা, মাদ্রীর সহোদর, নকুল-সহদেবের মাতুল। কুরুক্ষেত্র যুদ্ধে ইনি কৌরবপক্ষে যোদ্ধা ছিলেন। ইঁহার সেনাপতিত্বে কৌরব সৈন্য এক দিন যুদ্ধ করিয়াছিলেন। যুদ্ধে ইনি যুধিষ্ঠির কর্ত্তৃক নিহত হন।] ৪ অসুরবিশেষ। ৫ শলাকা। ৬ 'শল্যযুক্ত', মদনবৃক্ষ। ৭ বিল্ববৃক্ষ। ৮ সীমা। —ল্য পুং, ক্লী ১ তীক্ষ্ণাগ্র অস্ত্রবিশেষ, শঙ্কু, শেল (অ.টী)। "হৃদ্গতং মে মহচ্ছল্যম্‌ বা ৭.৪৭.৪। প্রিয়াশোক° রঘু ১২.৯৭। মনঃশল্য কু স ২ ২২। শল্যস্থ শকলঃ উ চ ২ ২৫, অলাত° ৩.৩৫। বাগুরা শল্যাদি শ্রী মা ৬৬, শি ৬৩। ২ ইষু, বাণ। "ঋগ্বেদ ১০.৮৭ ৪। শুক্লযজুর্ব্বেদ ১৬ ১৩। °বেধিত বা ২.৬৩.৩৭। সবিষমিব শল্যম্‌ শ ৬ ৯। রঘু ৯.৭৮। বিষদিগ্ধ শল্য সী ৫৮। ৩ তোমর। ৪ শস্ত্র, আয়ুধ। ৫ শলাকা। ৬ দুঃসহবিষয়মাত্র। ৭ দুর্বাক্য। ৮ বিষ। ৯ পাপ। ১০ অস্থি। ১১ বংশাঙ্কুর। ১২ শরীরের পীড়া-কর বিষয়মাত্র। "শারীরশল্য।—সুশ্রুত ১.২৬.৩। [°কণ্ঠ (পুং) —শল্লকী। °কর্ত্তা (-র্ত্তৃ) পুং—১ শরনির্ম্মাতা। "গো বা ২ ৯০.২৪। ২ শারীরশল্যের কর্ত্তক বা দূরীকারক ; শল্যশাস্ত্রজ্ঞ (surgeon)। °ক্রিয়া (স্ত্রী)—শারীরশল্যের নিঃসারণ। °তন্ত্র, °শাস্ত্র (ক্লী)—শল্যোপদেশ-বিষয়ক শাস্ত্র। "°শাস্ত্র।—সুশ্রুত ১.২৬ ৩। °পর্ব্ব (-র্ব্বন্‌) ক্লী—শল্য-রাজের সেনাপতিত্ববিষয়ক মহাভারতের নবম পর্ব্ব। °প্রোত (বিণ) —শরস্যূত, বাণবিদ্ধ। "রঘু ৯.৭৫। °লোম (-মন্‌) ক্লী—শাবিৎকণ্টক, শজারুর কাঁটা। °হর্ত্তা (-র্ত্তৃ), °হৃৎ (পুং)—শল্যোদ্ধারক, শল্যহারক। "°হর্ত্তৃ গো রা ৫ ২৮.৬। °হৃৎ।—বৃহৎসংহিতা ৫ ৮০।]

শল্যক পুং [শল্য+ক (কন্‌)] ১ শঙ্কু ; বাণ। ২ [শল্য+অ (অচ্‌) অস্ত্যর্থে+ক] শজারু, গণ্ডার। "রা ৪.১৭ ৩৯। ৩ শাবিৎসদৃশ স্থূল-লোমা জন্তুবিশেষ (কুল্লূক) ; শজারুবিশেষ (')। "মনু ৫.১৮। দ্র 'যাজ্ঞ ১.১৭৭। ৪ সশল্কমৎস্য।

শল্যাহরণ, -ল্যোদ্ধরণ স্ত্রী, **-ল্যোদ্ধার** পুং, **-দ্ধৃতি** স্ত্রী [ষ ত] শল্যনিঃসারণ। দ্র 'শল্য (১২)'।

শল্যিত বিণ [শল্য+ইত (ইতচ্)] জাতশল্য, শল্যবিদ্ধ। "নিষ্কারণ-পরিত্যাগশল্যিত উ চ ৩২৯৪।

শল্যোদ্ধরণ, শল্যোদ্ধার, শল্যোদ্ধৃতি দ্র 'শল্যাহরণ'।

শল্ সক [ভ্বা, প—শলতি, সেট্, সৌত্রধাতু] গতি (ক ক)।

শল্ক স্ত্রী [√শল্ক্+অ (অচ্)-ক] ত্বক্, ছাল।

শল্লক পুং [√শল্ল্+অক (ণ্বুল্)-ক, তু 'সং শল্যক>প্রা সল্লগ] ১ সর্থ 'শল্যক (৩)'। "যাজ্ঞ ১ ১৭৭। ক চ ৫৭। ২ শোণবৃক্ষ। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্থ 'শল্যক (৩)'। "গো রা ৪.১৬.৩২। কু ১৬১। ম ৪৪৩। ক চ ৬৩। ২ [সল্লকী (অ টী)] গজভক্ষ্যবৃক্ষবিশেষ, গজভক্ষ্যা। "উ চ ২.২০, শল্লকীপল্লবাগ্র ৩ ৬। ৩ শল্লকীনির্যাস, সিহ্লক।

শল্লকী দ্র 'শল্লক'। [°দ্রব (পুং)—শল্লকীনির্যাস, সিহ্লক।]

শল্ব পুং শাল্বদেশ (শ ক)।

শবাগ্নি পুং [ষ ত] চিতানল। "শতপথব্রাহ্মণ ১২ ৩ ৫ ২।

শবাশ পুং [শব+ √অশ্+অ (অণ্)-ক, উ ত] 'শবভক্ষক', গৃধ্র-শৃগালাদি। "ভট্টি ১২ ৭৫।

শশ্ অক [ভ্বা, প—শশতি, সেট্] প্লুতগতি। [উদ্—উল্লম্ফন। "প্রহর্ষ-বেগোচ্ছ্বশিতশয়নাসনভোজন ভ ১.১১ ১৮।]

শশ পুং [√শশ্+অ (অচ্)-ক, cf., Ger. Haso, Slavonic —Sasins] ১ 'প্লুতগামী', মৃগবিশেষ, খরগোস। "ঋগ্বেদ ১০.২৮ ৯। শুক্লযজুর্বেদ ২৩ ৫৬। মনু ৩ ২৭০। ক চ ৫৬। শশহীন শশী (আম্বর) বি মু ৪৭। এক দোষ গুণরাশি, নাশে নাহি যেন শশী, শশে ভাসে গুণ-সমুচ্চয় শি ১৬। ২ শশাকৃতি চন্দ্রাঙ্ক, চন্দ্রলাঞ্ছন। ৩ চতুর্বিধ পুরুষের বা নায়কের একতম। 'মৃদুবচনসুশীলঃ কোমলাঙ্গঃ সুকেশঃ। সকলগুণ-নিধানঃ সত্যবাদী শশোঽয়ম্॥—রতিমঞ্জরী। ভা চ ৭২৩। 'বৃহৎসংহিতা ৬৯ ২, ৭। ৪ বোল। ৫ লোধ্রবৃক্ষ। [°ঘাতক, °ঘাতী (-তিন্), °ঘ্ন (পুং)—শ্যেন, বাজপাখী। "°ঘ্ন বৃহৎসংহিতা ৮৮.১। °ধর (পুং) —১ চন্দ্র। "°বিম্ব গী গো ৭২। ম ৩৩। ২ কর্পূর। °ধরমৌলি (পুং)—চন্দ্রচূড়, শিব। °বিষাণ, °শৃঙ্গ (ক্লী)—শশকের শৃঙ্গ, তদ্বৎ অসম্ভববিষয়। "শশবিষাণেচ্ছা ক সা ৪০ ২১। শশশৃঙ্গকৃত ধনুঃ মনু ৮.৫৩, কুল্লুক। °ভৃৎ (পুং)—শশধর, চন্দ্র। °ভৃদ্ভৃৎ (পুং)—চন্দ্র-চূড়, শিব। °লক্ষণ (পুং)—'শশলাঞ্ছন', চন্দ্র। "মহা ৩.২৮১.২। °লক্ষ্ম (-ক্ষ্মন্) ক্লী—চন্দ্রের শশরূপ চিহ্ন, শশলেখা। °লক্ষ্মা (-ক্ষ্মন্), °লাঞ্ছন (পুং)—চন্দ্র। "°লাঞ্ছনেন কু স ৭ ৬। °লক্ষ্মন্ সা.দ ৩২৬৭। °লোম (-মন্)—শশোর্ণ (অ কো)।]

শশক পুং [শশ+ক (কন্)] শশ। "গো.রা ৪.১৬.৩২।

শশবিন্দু পুং [বহুব্রী] ১ 'শশচিহ্নযুক্ত', চন্দ্র। ২ রাজবিশেষ (মেদিনী)। "মহা ১.১.২২৮। ৩ (বহুব) শশবিন্দুবংশীয় রাজগণবিশেষ। "সুরাশ্চ °দবঃ রা ১ ৭০ ২৮। ৪ বাসুদেব (মেদিনী)।

শশব্যস্ত বি ১ শশকতুল্য চঞ্চল ; অতিব্যস্ত, অত্যন্ত উদ্বিগ্ন, অতিব্যাকুল। "বাটীর সকলেই শশব্যস্ত—কাহারো মনে কিছুমাত্র সুখ নাই।—আ দু ৩৫। বাপ মা শশব্যস্ত, একটা না ব্যায়রাম করে হয়।—হ ২। মৃগকুল শশব্যস্ত হইয়া ত্বরিত বেগে ইতস্ততঃ দৌড়াইতেছে।—কাদ ৩২। হৃষীকেশ পুত্রকে শশব্যস্ত দেখিয়া জিজ্ঞাসা করিলেন ব প্র ১২৪। ২ অতি-ত্বরান্বিত। "আড়ে আড়ে চান (মাণিক) দ্বিজ নাড়ে দিয়ে হস্ত। অঙ্গ-ময় ঘর্ম্ম বয় লোভে শশব্যস্ত॥—দা ৭৪৬। শশব্যস্ত (পালায় পাপাত্মাগণ)। —হেম ১০১। [শশব্যস্তে—অতিব্যস্তভাবে, অতিসত্বর।]

শশলেখা বি শশচিহ্ন, চন্দ্রকলা। "রঞ্জ ৫০।

শশস্থলী স্ত্রী গঙ্গাযমুনার মধ্যদেশ, অন্তর্বেদি, দোয়াব।

শশা১ বি [সং শশ,-শক >প্রা *সস,-সঅ >বা সসা, শশা ; হি, উ সসা] শশক, খরগোস। "ক.চ (বঙ্গভাষা ও সাহিত্য)।

শশা২, **-সা, সসা** বি ['শস্ত'—মূল (?)] কৃষিজাত লতাবিশেষ ও তাহার ফলশাক। "শসা হেন মশাগুলা ক চ ২২০। সসা নামে খণ্ড চৈ ম ১৭০। সসা ফুটি শি ৩১।

শশাঙ্ক পুং [বহুব্রী] ১ শশ যাহার চিহ্ন বা অঙ্কে ; শশধর, চন্দ্র। "গো.রা ৪ ২৬৮। ঋতু ১.২। °শতসঙ্কাশ।—বিষ্ণু ১.৪০। কলঙ্কী শশাঙ্ক প.ভু ৮৪। ২ কর্পূর। ৩ এক (১) সংখ্যা। "শকে রস রস বেদ শশাঙ্ক গণিতা ক চ ৩১৩। [°কিরণ (পুং)—চন্দ্রকর, কৌমুদী। "°কিরণ-প্রখ্য। °কুল (ক্লী)—চন্দ্রবংশ। "°কুলভূষণ ক সা ২৭ ২৮৭। °জ, °তনয়, °সুত (পুং)—চন্দ্রসুত, বুধ। "°জ, °তনয়—বৃহৎসংহিতা ৪. ২৬, ১০৩১, ৬। °বিম্ব (ক্লী)—চন্দ্রমণ্ডল, শশিবিম্ব। °মুকুট, °শেখর (পুং)—চন্দ্রমৌলি, শিব। "শশাঙ্কমুকুট ক সা ১১৭.৭৩। °শেখর ভ ৪. ৬ ৪১। °রেখা, °লেখা (স্ত্রী)—চন্দ্রকলা, চন্দ্রবিম্ব। "°লেখা কু.স ৫ ৪৮, শ ৩৯৬। °রেখা কু স ৭.৮।]

শশাঙ্কধারিণী বি শশাঙ্কধারিশিব-পত্নী, উমা, দুর্গা। "ক চ ২৫৩। দাসীর কলহ ভঙ্গ, শশাঙ্কধারিণি।—মে ৫৩।

শশাঙ্কশেখরী বি শশাঙ্কশেখরপত্নী, শিবা। "ক চ ২৫৪।

শশাঙ্কার্দ্ধ পুং [ষ ত] ১ চন্দ্রাংশ, চন্দ্রখণ্ড। "°মুখেন পত্রিণা রঘু ৩ ৫৯। ২ চন্দ্রকলা। "°শেখর।—রাজতরঙ্গিণী ১ ১৭৫।

শশাঙ্কোপল পুং [উ লো] চন্দ্রপ্রিয়শিলা, চন্দ্রকান্ত। "শশাঙ্কোপল-কুট্টিম সা দ ১০৯৪।

শশাদ পুং [শশ+ √অদ্+অ (অণ্)-ক, উ ত] ১ 'শশভক্ষক', শ্যেন। ২ ইক্ষ্বাকুসুত বিকুক্ষি। "মহা ৩ ২০১.১। ভ ৯ ৬ ৪-১১। —দন পুং [বহুব্রী] শ্যেন।

শশাদন দ্র 'শশাদ'।

শশারু বি [শশক > °ক] শশক। "শশারু খটাশ ক চ ৩৫, ৪৯ ; ৫৩,-৪। ভা চ ১২৮। নী ৩৭।

শশিকলা স্ত্রী [ষ ত] ১ চন্দ্রকলা। "মৃ ১১। শশিকলা মুকুটমণ্ডন ক চ ১। মে ৮৩। ২ পঞ্চদশাক্ষরপাদ ছন্দোবিশেষ।

শশিচূড় বি চন্দ্রচূড়, শিব। "ম ৯২৫। শ্রী ১৭৩,-৮২।

শশিধর বি চন্দ্রচূড়, শিব। "শ্রী মা ৪। °মহিষী।—দা ৪২।

শশিনী দ্র 'শশী'।

শশিপ্রভ বিণ [উ বহুব্রী] চন্দ্রপ্রভাতুল্যপ্রভাবিশিষ্ট, উজ্জ্বল। "শশি-প্রভং ছত্রম্ রঘু ৩.১৬। শশিপ্রভম্ (মণ্ডলম্) যাজ্ঞ ৩.১০৮। —প্রভ ক্লী ১ কুমুদ। ২ মুক্তা। —প্রভা স্ত্রী [ষ ত] চন্দ্রকিরণ।

শশিপ্রভা, দ্র 'শশিপ্রভ'।

শশিপ্রিয় ক্লী [ষ ত] মুক্তা। —পিয়া স্ত্রী ১ চন্দ্রপত্নী, অশ্বিনী প্রভৃতি নক্ষত্র। ২ (বাঙলায়) নিশা। তু 'নিশাপতি'। "মে ৪৪।

শশিপ্রিয়া দ্র 'শশিপ্রিয়'।

শশিভাল বি চন্দ্রশেখর, শিব। "কাল-ভালরূপ, জেনে ভালরূপ, শশিভাল যাঁকে ভাল বাসে।—দা ৫১।

শশিভালিনী, -ভালী বি শশিভালপত্নী, শিবা, দুর্গা। "শশিভালিনি। ভা চ ১৭৯। শুম্ভরূপা শশিভালী।—কমলাকান্ত।

শশিভালী দ্র 'শশিভালিনী'।

শশিমুখ বি শশিতুল্য সৌম্য মুখ। "শশিধর-মহিষীর, নিরখিয়ে শশি-মুখখানি।—দা ৪২। —মুখী বি সৌম্যবদনা নারী।

শশিমুখী দ্র 'শশিমুখ'।

শশিরেহা বি [দ্র 'রেহা'] চন্দ্রকলা। "পুনমিক ইন্দু, নিন্দি মুখ সুন্দর, সো ভেল অব শশি-রেহা বি.প ১৫৫।

শশিশিরোমণি বি শশিশেখর ; শিব। "ক.চ ২৫৫। ভা চ ৪৩২।

শশী (-শিন্) পুং [শশ+ইন্ (ইনি)-১ব ; শশিন্ > শশি (সমাসে পূর্ব্বপদ), যেমন—'শশিকলা', 'শশিভূষণ' ইত্যাদি] ১ 'শশযুক্ত', শশধর, চন্দ্র, চন্দ্রমাঃ। "রা ১.১.২৮। রঘু ৮.৫৬। শশিনস্তুল্যবংশঃ।—হি ২.৩। শশিনা চ নিশা নিশয়া চ শশী (বিভাতি)।—কাব্যপ্রকাশ ১০.১৮৭, টীকা। নিশাতে শশীর শোভা, শশীতে নিশার (কাব্যনির্ণয়)। সৌন্দর্য্যের শশী!—চ.কা ১১৯। অষ্টশশিসমন্বিত শনৈশ্চর ব.প্র ২৪৩। ২ কর্পূর। —শিনী স্ত্রী চন্দ্রের অষ্টমকলা। [°কর (পুং)—কৌমুদী। °কান্ত, °মণি (পুং)—চন্দ্রকান্তমণি। "°কান্ত।—বৃহৎসংহিতা ৮০.৪। °কোটি (স্ত্রী)—চন্দ্রকলাগ্র। °খণ্ড (পুং, ক্লী)—চন্দ্রকলা। °খণ্ডশেখর (পুং)—চন্দ্রচূড়, শিব। °গ্রহ (পুং)—চন্দ্রগ্রহণ। °জ, °তনয় (পুং)—চন্দ্রসুত, বুধ। "বৃহৎসংহিতা ৪.২১ ; ১৭.২০। °পাদ (পুং)—চন্দ্ররশ্মি। °বংশ (পুং)—চন্দ্রবংশ। "°বংশকেতু।—হ ১৫৪.৩০। °বদনা (স্ত্রী)—ষড়ক্ষরপাদ ছন্দোবিশেষ। 'শ্রুতবোধ ৮। °ভূষণ, °ভৃৎ (পুং)—চন্দ্রশেখর, শিব। "নবশশিভৃৎ পূ.মে ৪৩। °মৌলি (পুং)—শশিশেখর, শিব। "কু স ৫.৬০। ক.সা ২১.১৪৮। °রুক(-চ্) স্ত্রী চন্দ্রপ্রভা, চন্দ্রিকা। "হরশশিরুচা পূ.মে ৪৪। °রেখা, °লেখা (স্ত্রী)—শশিকলা। "°রেখা ক সা ২৬.৫৫। °শেখর (পুং)—চন্দ্রমৌলি, শিব। "দা ১৩০৭। °সুত (পুং)—বুধ।]

শশীশ পুং (শশীর ঈশ, ষ ত] শশিপতি, শিব। "কি ১৫.৫ ।

শশোর্ণ ক্লী [শশের উর্ণ, ষ.ত] শশরোম (অ.কো)।

শশ্রুপাটা বি [শ্মশ্রু > শশ্রু] গোঁফ-জোড়া। "শশ্রুপাটা পরম শোভন।—হু ১১।

শশ্বৎ ব্য ১ পুনঃপুনঃ, মুহুঃ, ভূয়োভূয়ঃ (সায়ণ)। "ঋগ্বেদ ৩.৫৪.১। ২ সদা, নিত্য (শঙ্কর)। "শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি গী ৯.৩১। রঘু ২ ৪৮। ৩ সর্ব্বথা নিত্য (রা.টীকা)। "শশ্বৎ প্রেত্য ফলোদয়ে (রামঃ ধর্ম্মে স্থিতঃ)রা ২.৪৪.৪।

শষ্কুলি, -লিকা, -লী স্ত্রী [√শষ্ বধ+কুল (কুলচ্)—'ত.বা' ; শষ্কুল +স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কর্ণরন্ধ্র। "শষ্কুলী (ছিব)।—যাজ্ঞ ৩.৯৬। কর্ণশষ্কুলী নৈ ২.৮। কর্ণশষ্কুল্যবচ্ছিন্ন (আকাশ)।—তর্ককারিকা। ২ কর্ণরোগবিশেষ (A.)। ৩ স্নেহপক্বগোধূমবিকার (মিতাক্ষরা) ; পিষ্টকবিশেষ, লুচি (ঘৃতে লুচি বেলিয়া ঘৃতে ভাজিয়া লইলে তাহাকে 'শষ্কুলী' বা বাঙলা ভাষায় 'সোহানী বলে।—ভাবমিশ্র,—সুশ্রুতের অনুবাদ)। "শষ্কুলীঃ (দানবাঃ অপাচয়ন্) মহা ১২ ২২৮.৬৩। যাজ্ঞ ১ ১৭৩। শষ্কুল্যঃ কফপিত্তলাঃ সুশ্রুত ১.৪৬.৪৪৪। শষ্কুলিকা—বৃহৎসংহিতা ৭৬.৯। ৪ তিলতণ্ডুলমাষমিশ্রিতযবাগূ (শব্দচন্দ্রিকা)। ৫ মৎস্যভেদ (ভাবপ্রকাশ)।

শষ্প, -ষ্প ক্লী [√শস্+প-র্ম্ম, ষত্ব, উ ৩.২৮] ১ বালতৃণ, কচি ঘাস। "শুক্লযজুর্ব্বেদ ১৬.১৭, মহীধর। শষ্পবৃষী গো.রা ৩.৪৯.২৯। রঘু ২.২৬। শষ্পাগ্র।—পঞ্চ ১[illegible]। ২ তৃণমাত্র। "উ.চ ৪.২৬। ৩ প্রতিভাক্ষয় (A.)। [°ভুক্ (-জ্), °ভোজন (পুং)—তৃণভোজী।]

শস্ সক [ভ্বা, প—শসতি, সেট্] হিংসা, বধ। [বি—বিশসন, বধ। "কৃপাণৈর্বিশশাসৈনম্ রা ১.১৪.৩৩।]

শস বি ['শ্মশান'—মূল (?)] মৃতসৎকার। "গো.চ ৪৩,-৪,-৭।

শসন ক্লী [√শস্+অন (ল্যুট্)-ভা] হিংসা, বধ। —স্ত২ বিণ [+ত (ক্ত)-র্ম্ম, 'শসিত' সাধু (পা ৭.২.১৯) মারিত, হত। "মহা ৩.৪০.৩।

শসা দ্র 'শশা২'।

শস্ত১ বিণ [√শন্স্+ত (ক্ত)-র্ম্ম] ১ স্তুত, ঈড়িত। "বহু° মহা ১৩.১০.৪৩। ২ প্রশস্ত, প্রশংসনীয়। "নবং বস্ত্রং নবং ছত্রং নব্যা স্ত্রী নূতনং গৃহম্। সর্ব্বত্র নূতনং শস্তং সেবকান্নেপুরাতনে॥—সু র। ৩ উৎকৃষ্ট, উত্তম। ৪ প্রশস্ত, নিষ্কাম। "ক্রিয়াযোগেণ শস্তেন ভ ৩.২৯.১৫। ৫ শুভকর। "(অর্কঃ) হেমন্তে রুধিরসন্নিভঃ শস্তঃ। —বৃহৎসংহিতা ৩.২৪। ৬ মনোহর, মনোজ্ঞ। "শস্তং কসমমুজ্জ্বলম্ গো.রা ৩.৬০.১১। —স্ত ক্লী ১ ক্ষেম, মঙ্গল (মেদিনী)। ২ শরীর। ৩ অঙ্গুলিত্রাণ। —স্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ স্তুতি, প্রশংসা। ২ [+তি-ণ] স্তোত্র (A.)।

শস্ত২ দ্র 'শসন'।

শ(স)স্তা বিং [শস্ত > °স্তা ; হি, ঠ সস্তা] অল্পমূল্যে ক্রেতব্য, সুলভ। [শ(স)স্তা দরে—১ অল্পমূল্যে ; সুলভে। ২ স্বল্পবিনিময়ে। "সস্তা দরে মস্ত মজা কিনে নিলে ভাই!—হেম ৬৮৫। শস্তায় কিস্তি দেওয়া—সুবিধা পাইয়া বাহির হওয়া। শস্তার খেয়া—সুবিধামত পাড়ি দেওয়া বা প্রস্থান। শস্তার তিন অবস্থা—সুলভ দ্রব্যের নানা দোষ। শস্তার মাটি কেনাও ভাল—সুলভ মূল্যের যে-কোনো জিনিস কেনা ভাল।]

শস্তি দ্র 'শস্ত১'।

শস্ত্র ক্লী [√শস্+ত্র (ষ্ট্রন্)-ণ, 'ইট্'-অভাব, পা ৩.২.১৮২ ; ৭.২.৯] ১ 'হিংসাসাধন', অসি-প্রভৃতি। দ্র 'অস্ত্র (১)। "নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি গী ২ ২৩, অসঙ্গ° ১৫.৩। জিতাস্ত্রশস্ত্র ভট্টি ১.২৫। ২ অস্ত্রসামান্য, আয়ুধ, প্রহরণ (অ কো)। "শস্ত্রৈকচ্চাবচৈঃ রা ১.৫৪.২০। শস্ত্রেণ চ পরিক্ষতে মনু ৪ ১২২। ন তৎ যশঃ শস্ত্রভৃতাং ক্ষিণোতি রঘু ২.৪০। ভট্টি ১.১৬। ৩ বাণ। "কথমস্মদ্বিধে শস্ত্রং নিপতেচ্চ তপস্বিনি বা ২.৬৩.২৬। ৪ লৌহ। ৫ (বৈদ্যকে) ছেদনভেদনলেখনপাটনাদি কার্য্যে ব্যবহৃত মণ্ডলাগ্রকরপত্রাদি বিংশতি অস্ত্র। 'সুশ্রুত ১.৮২। —স্ত্রী১ স্ত্রী [শস্ত্র+স্ত্রী ঈ (ঙীষ্)] ছুরিকা, অসিপুত্রী (অ.কো)। "মাঘ ৪.৪৪। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী ১ আয়ুধনির্ম্মাণ। "°কর্ম্মকৃৎ গো.রা ২.৯০.২২। ২ (বৈদ্যকে) শস্ত্রাবচারণ (Surgical operation)। °কলি (পুং)—অস্ত্রযুদ্ধ, অস্ত্রাসি। "ক.সা ৭১.৩০০। °কার (পুং) —আয়ুধনির্ম্মাতা। °কোপ (পুং)—যুদ্ধ। "বৃহৎসংহিতা ৫.২৩। °কোষ (পুং)—পিধান ; তূণ। °গ্রাহী (-হিন্) বিণ —আয়ুধধারী, শস্ত্রী। "উ.চ ৫.৩৩। °ঘাত (পুং)—খড়্গাদিঘাত। °চিকিৎসা (স্ত্রী) —শস্ত্রাবচারণ দ্বারা রোগপ্রতীকার ; শল্যবিদ্যা। °চূর্ণ (ক্লী)—লৌহচূর্ণ। °জীবী (-বিন্)—যুদ্ধাজীব, যোধ। "বৃহৎসংহিতা ১৭ ২৪। °ত্যাগ, °ন্যাস (পুং)—আয়ুধপরিহার, সমরবিরতি। °দেবতা (স্ত্রী) —অস্ত্রাধিষ্ঠাত্রী দেবতা। °নিপাত (পুং)—সমর। "বৃহৎসংহিতা ৩ ২৩। °নির্য্যাণ (ক্লী)—শস্ত্রাঘাতে মৃত্যু। "বৃহৎসংহিতা ৬৮.৩৭। °পাণি (বিণ)—আয়ুধহস্ত, আত্তশস্ত্র। "রা ১ ৫৫.২। °পাত (পুং) —অস্ত্রাঘাত। °পান (ক্লী)—অস্ত্রে পা'ন দেওয়া। "°পানং রুধিরেণ। —বৃহৎসংহিতা ৫০.২৩। °বৃত্তি (পুং)—শস্ত্রজীবী। "মনু ১২.৪৫। °বিক্রয়ী (-য়িন্) পুং—লৌহবিক্রয়ী। "মনু ৪.২১৫। °বিদ্যা (স্ত্রী), °শাস্ত্র (ক্লী)—অস্ত্রবিজ্ঞান, ধনুর্ব্বেদ। °বিদ্বান্ (-দ্বস্) বিণ —শস্ত্রশাস্ত্রপণ্ডিত। °ব্যবহার (পুং)—আয়ুধব্যাপার। "রঘু ৩.৬২। °ভৃৎ (পুং)—শস্ত্রধারয়িতা, বীর। "গী ১০.৩১। রঘু ২.৪০। °মার্জ্জ (পুং)—অস্ত্রপরিষ্কারক, অসিধাবক, শানকর (অ.কো)। °মুখ (ক্লী) —অস্ত্রধারা, অস্ত্রের ধার। °যুক্তি (স্ত্রী)—(বৈদ্যকে) শস্ত্রযোগ। °শিক্ষা (স্ত্রী)—অস্ত্রাভ্যাস। "ক.সা ২৭.১৪৫। °সংহতি (স্ত্রী)—অস্ত্রসমূহ, শস্ত্রাগার। °সম্পাত (পুং)—শস্ত্রাঘাত। "গী ১.২০।]

শস্ত্রক ক্লী [শস্ত্র+ক (কন্)] ১ লৌহ। ২ ক্ষুদ্র শস্ত্র ; ছুরিকা। —স্ত্রিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ছুরিকা। "কণ্ঠস্যস্তশস্ত্রিক।

শস্ত্রাজীব পুং [শস্ত্র আজীব যাহার, বহুব্রী] অস্ত্রজীবী, আয়ুধিক, ধানুকী, ঢালী (অ.কো)।

শস্ত্রাবচারণ ক্লী [ষ.ত] (বৈদ্যকে) শস্ত্রের অবচালন বা প্রবেশন (surgical operation)। —চারণীয় বিণ [°ণ+ঈয় (ছ)] শস্ত্রাবচালনসম্বন্ধী (surgical)। "সুশ্রুত .৮.১।

শস্ত্রাবপাত পুং [ষ.ত] শস্ত্রপ্রহার, অস্ত্রাঘাত। "বাজ্ঞ ২ ২৮০।

শস্ত্রাভ্যাস পুং [ষ.ত] অস্ত্রশিক্ষা, খুরলী।

শস্ত্রাস্ত্র ক্লী [স.দ্ব] খড়্গাদি-বাণাদি, আয়ুধমাত্র। "°ভৃৎ" মনু ১০ ৭৯। °বর্ষ ভ ৬ ১০ ২৫, °পূগ ২৭। শু ৪ ৭.১৪৪।

শস্ত্রী¹ দ্র 'শস্ত্র'।

শস্ত্রী² (-স্ত্রিন্) বিণ [শস্ত্র+ইন (ইনি)-১ব, স্ত্রী -স্ত্রিণী] শস্ত্রবান্, অস্ত্রধারী। "হ ১৯৪ ৩৪।

শস্ত্রোত্থাপন পুং [ষ.ত] প্রহারার্থ অস্ত্রোত্থাপন।

শস্ত্রোপজীবী (-বিন্) বিণ [শস্ত্র+উপ- √জীব+ইন্ (ণিনি) -ক-১ব; উ ত] শস্ত্রনির্মাণোপজীবী। "রা ২ ৮৩ ১২।

শস্প দ্র 'শষ্প'।

শস্য¹ বিণ [√শন্‌স্+য (ক্যপ্)-র্ম] স্তবনীয়, প্রশংসনীয়।

শস্য² ক্লী [√শস্+য (যৎ)-র্ম, পা ৩ ৪ ৬৫, বার্ত্তিক, সি] ১ 'ছেদনীয়', বৃক্ষলতাদির ফল (অ টী)। তু 'সস্য'। ২ ক্ষেত্রগত ধান্যাদি ওষধি, ফসল। "দুদোহ…শস্যায় মঘবা দিবম্ রঘু ১ ২৬। হেমান্তোকৃহ° কু স ২.৪৪। শস্যপূর্ণং ক্ষেত্রম্।—হি ১⅘। (প্রশংসীয়াৎ) শস্য° (সস্য°) চ গৃহমাগতম্ (সুর)। শস্যের প্রশংসা চাষা শস্যে আনে ঘরে ব প ৫৫০। নানাশস্যশিরোরত্নে হাস্যময়ী ধরা প তৃ ১৪। ৩ (বাঙলায়) ফলের সারভাগ বা শাঁস। "(নারিকেল) শ্লথ-শস্য দৃঢ়-শস্য জল ব প ১৩০০। কখন বা শস্য ফেলি ছিলিকা খাওয়ায় ভ গ্র ৫৮। নারিকেল° চৈ চ ৮৫, ফল ভাজি শস্য কৈল সৎপাত্র-পূরিত : শস্য থাএ। ১৬৭। নারিকেলের শস্য, স্ত্রীলোকের বুদ্ধি।—ব প্র ৫৮২। [°ক্ষেত্র (ক্লী) —ধান্যাদিক্ষেত্র। 'হি ৩⅞। °পাল, °রক্ষক (পুং)—শস্যক্ষেত্রপালক। "°পাল হি ৩⅞। °পূর্ণ (বিণ)—শস্যসম্পন্ন। °প্রদ (বিণ)—শস্যোৎপাদক, উর্ব্বর। °বেদ (পুং)—কৃষিবিদ্যা। °ভক্ষক (বিণ)—শস্যভোজী। "হি ২⅗⅜। °মঞ্জরী (স্ত্রী)—শস্যপুষ্পগুচ্ছ। °মালী (-লিন্) বিণ—শস্যমালাবান্, শস্যসম্পন্ন। °শীর্ষক (ক্লী)—ধান্যাদির ফলগুচ্ছ বা শীর্ষ। °শূক (ক্লী) ধান্যাদির শূয়া (awn)। °সম্পদ্ (স্ত্রী)—শস্যপ্রাচুর্য্য। °সম্পন্ন (বিণ)—শস্যপ্রচুর, শস্যপূর্ণ।] [শস্য পড়া—ভূতনিবারক অভিমন্ত্রিত সর্ষপ। "চারিদিগে ছড়ায়ে রাখিল শস্য পড়া বা ম ২৪০। শস্য পোড়া—সরিষা ফোড়ন। "সম্ভারিল যত দ্রব্য দিয়া শস্য পোড়া বা ম ১৫৮।]

শস্যাদ বিণ [শস্য+অদ্+অ (অণ্)-ক, উ ত] শস্যভক্ষক।

শস্যাবাপ পুং [শস্যের আবাপ, ষ ত] শস্যবপন।

শস্যেষ্টি স্ত্রী [ষ ত] শস্যসাধ্য যজ্ঞবিশেষ, নবান্ন (?)। "মনু ৪ ২৬।

শস্যোদ্ভব বি [অপ্র] সর্ষপজাত তৈল। 'রোহিত মৎস্য রন্ধন কৈল রাখি শস্যোদ্ভবে ম পা ৭২, ৮৮।

শ(স)হর বি [ফা শহ্‌র্] নগর, মহানগর, রাজধানী। "এ হেন সহরে নাই মনুষ্যের সাড়া ৮২। সহরে শাঁখারী ডাকি আন শি ১০৫। [°কোটাল —শহরের কোটাল, পুরকোট্টপাল। "লোহাটা বজ্জর তার সহরকোটাল শ্রী ১৩, ১১৫। °কোটালী—শহরকোটালের পদ বা কার্য্য। °ঘেঁসা —শহরের চালচলনে শিক্ষিত, নাগরিকভাবাপন্ন। "ইয়াবগোচেব ব্রাহ্মণেরা সহরঘেঁসা—বাবুদের মন যোগাইয়া কথাবার্ত্তা কহেন আ হু ১৩৫। °তলী—শহরের পার্শ্ববর্ত্তী স্থান (suburb)। °পনা (ফা শহর্‌পনাহ্)—শহরের চতুর্দ্দিকস্থ প্রাচীর, পুরপ্রাচীর। "চৌদিকে সহরপনা ভা চ ২৬৬; আগুলিল সহরপনার চারিধার ৩৮৬।]

শ(স)হরীয়া, -হুরে বিং [°র+ঈয়া, -এ৭, ফা শহ্‌রী, মৈ সহরু] শহরসম্বন্ধী, শহরবাসী, নাগরিক।

শহীদ বি [আ শহীদ্] ধর্মযুদ্ধে মৃত মুসলমান।

শহুরে দ্র 'শহরীয়া'।

শা¹, **সা** বি [সং শাখা > প্রা সহা > বা শা, সা, সাহা (চ)] খড়ের আড়ার গায়ে সংলগ্ন শাখা-আড়া (চব্বিশপরগনা)।

শা² বিং [ফা 'শহ্'—বড়] রাজা, (গৌণার্থে) বড়। [শাখরচীয়া, শা-খরচে—যে রাজার মত খরচ করে, ব্যয়ে মুক্তহস্ত (ব্যক্তি)। শা-জীরা —(ফা 'সিয়াহ্'—কাল) কালজীরা। শা-জোয়ান—পুরা জোয়ান, পূর্ণযৌবন ব্যক্তি। শা-দরজা—সিংহদ্বার (ঢাকা)।]

শাইল বি [শালি > °ল] শালিধান্য। "ম গা ১৭।

শাউড়ী বি [শাশুড়ী > °ড়ী] শ্বশ্রূ। "শাউড়ী ভাবে বউড়ী এবার বাঁধা পড়েছে।—চতুর্বালি—রাজকৃষ্ণ রায়।

শাও বি [সং শাপ > প্রা *সাঅ > °ও] শাপ। "লাংটি চিপিয়া শাও দিল সকলে মানিকচান বলিয়া গো চ ৭।

শাওন, -ন বি [সং শ্রাবণ > প্রা *সাঅণ > বা °ণ, -ন, শাঙণ, -ন, সাওন (দ্র 'ঙ'⁴), হি, গু সাবন, প সাউণ, মৈ সাওন, সি সাৱণু; শাতন (দিনাজপুর), শাউন (ময়মনসিং)] শ্রাবণমাস। "শাওন মাস ব প ১০৮৭। শাওণের পান রাবণে না পায়।—খনা।

শাংশপ বিণ [শিংশপা+অ (অণ্), 'ই'-স্থানে 'আ' (পা ৭ ৩.১), স্ত্রী -পী] শিংশপাবিকার, শিংশপাকাষ্ঠকৃত। '°পশ্চমসঃ।

শাঁই বি [সং শমী > শঁঈ > °ই] শাঁইগাছ (Mimosa Suma), দ্র শমী² (১)। 'শাঁইসাড়া শ্রী ৩৩। [শাঁই-কাটা (সং শমীর)—ক্ষুদ্রজাতি শমীবিশেষ।]

শাঁইচান বি [সাঁচান > °ন] শ্যেনপক্ষী। "বা ম ১১৮; ৩২৯।

শাঁইশাঁই, সাঁইসাঁই বি [ধ্বন্যাত্মক] ১ ঝড়ের শব্দ। "শাঁইশাঁই রবে ভাই ঝড় আসিছে (পদ্মমালা)। ২ শ্লেষ্মায় কণ্ঠরোধজন্য শব্দ। "শ্লেষ্মায় গলা শাঁইশাঁই করে। ৩ বেগে নৌকাচালনের শব্দ। "(তারা) নৌকো থেকে· ·হরিবোল দিয়ে সাঁইসাঁই করে বেরিয়ে গ্যাল।—হু ১৬৯।

শাঁওল বিং [সং শ্যামল > প্রা সামল (হে) > বা (শাঁঅল) °ল (দ্র '°'—১, 'শাঙর')] শ্যাম, কাল। শাঁওল বরণ শাঁওলাতে ছায় কোমল মাটি কু কে ৮৭, শাঁওল মাটির আঁচল ৮৮। —লা বি শ্যামবর্ণ। 'কু কে ৮৭।

শাঁক¹, **-খ** বি [সং শঙ্খ > প্রা সংখ (হে) > বা শাঁখ, -ক] ১ সর্ব 'শঙ্খ'। [শাঁখে ফু পাড়া—শাঁখ বাজান। 'শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ।—হেম ৩৯০। শাঁখের করাত—শাঁখ কাটার করাত (ইহার দাঁতাগুলি এমনভাবে নির্ম্মিত যে আসিতে ও যাইতে, অর্থাৎ দুই-দিকেই কাটে), (গৌণার্থে) উভয়সঙ্কট। 'শঙ্খবণিকের করাত যেমন, দুদিক কাটিয়া যায় ব প ৯৭৯, চ সা ১২৪। শাঁখের চুন—শঙ্খচূর্ণ।]

শাঁক(খ)-আলু বি [সং শঙ্খালু] শঙ্খাকৃতি শ্বেত কন্দবিশেষ। "হাসজে তালুকে শাঁক-আলু খায়।—লী ৫৪।

শাঁক(খ)চুন্নী, -র্ণী বি [*শঙ্খচূড়িনী > স্ত্রী (?)] শাঁখাচুড়ী-পরা পেতনী, সধবার প্রেতমূর্ত্তি। 'শাঁখচুর্ণীর সঙ্গে ব্রহ্মদৈত্য (করে বাদা)। —দা ২০৭৯। শাঁকচুন্নী।—হু ৮৪।

শাঁকচুর্ণী দ্র 'শাঁকচুন্নী'।

শাঁকা(খা)রি, -রী বি [সং শঙ্খকার > প্রা *সংখআর > বা শাঁখা-(কা)র > °র+ই¹¹] শঙ্খবণিক। শাঁকারি শ্রী ১৩। শাঁখারী শি ১০৩, শাঁখারীতে শাখা করে : শাঁখারি ১০৬। শাঁখারি ভা চ ২৭৩; শাঁখারী ৩৪৭।

শাঁকারী দ্র 'শাঁকারি'।

শাঁকোচ বি [সং শঙ্কোচ] সর্ব 'শঙ্কুচি'।

শাঁখ দ্র 'শাঁক'।

শাঁখ-আলু; শাঁখচুন্নী, শাঁখচুর্ণী দ্র 'শাঁক-আলু, শাঁকচুন্নী'।

শাঁখা বি [সং শঙ্খক > প্রা সংখঅ > বা শাঁখা] ১ শঙ্খের বলয়বিশেষ।

"শ্রী ১০২। শি ১০৩। ২ শাঁখার মত বলয়। "মহিষে শিঙের শাঁখা, দুই দিকে তার রেখা-রেখা, মধ্যখানে সুবর্ণের মোড়া।—দা ১৪৮০। [শাঁখা শাড়ী—সধবার বেশভূষা।]

শাঁখারি, শ'াঁখারী দ্র 'শাঁকারি'।

শাঁখিনী বি [সং শঙ্খিনী > প্রা *সংখিণী > বা °নী] শাঁখাপরা পেতনী; শাঁকচুন্নী। "ভা.চ ৪৩; ৩৭০। বা.প্র ১৮৩।

শাঁখী বি [শাঁখ > ঈণ] ধানগাছের শত্রু সাদা পোকাবিশেষ।

শাঁ(সাঁ)ড়ক, সাড়ক বি [ড় সেণি (শ্রেণি ?)] চালের রোয়ার নীচের পিঠে শ্রেণিভাবে বদ্ধ চওড়া বাঁশের বাতা বা চটা। "সাড়কে লাগিল জাল শূ ৫৮। জোয়ের সাঁড়ক ক.চ ১৮৩। বজ্রত সাঁড়ক শ্রী.ম ১৬৯। সোণার সাঁড়ক চ.বি ১৩৮; সাঁড়ক ২০১।

শাঁ(সাঁ)ড়া, সাড়া বি [সং শাখোটক > প্রা *সাহোডঅ > বা শা(সা)-ওড়া > শা(সা)ড়া, '' আগম] শাঁড়াগাছ (Trophis aspera)। "সাড়া শ্রী ৩৩; সাঁড়া ২১২। [শাঁড়ান—শাঁড়ার মত নিষ্ফল বা বন্ধ্যা হওয়া (গাছ; স্ত্রীলোক)।]

শাঁৎ বি [ধ্বন্যাত্মক : ছোৎ (ঢাকা)] বেগে যাওয়ার শব্দ; শীঘ্রভাব, ত্বরা। "শাঁৎ করে যাওয়া বা আসা।

শাঁ(সাঁ)প বি [সং শাপ, '' আগম; সাঁও (গো.চ] শাপ। "সাঁপ গো.চ ৪৩২,-৩। শাঁপ চ.বি ৪। [শাঁপা—শাপ দেওয়া। শাঁপে—শাপ দেয়। "লোক শাঁপে অনুক্ষণ চৈ.ভা ২৭৮।]

শাঁপি বি [সং শঙ্খ > প্রা *সংখ > বা (শাঁব, শাঁপ) °পি] দা ইত্যাদির বাঁটের মুখে বা মুষলের আগায় লাগান লৌহবলয়।

শাঁশাঁ বি [ধ্বন্যাত্মক] ১ প্রতিঘাতজন্য বায়ুর শব্দ। "বাতাসে ঝাউ-পাতা শাঁশাঁ করে। শাঁশাঁ ক'রে বৃষ্টি আসে। ২ শ্লেষ্মায় কণ্ঠরোধজন্য শাঁইশাঁই শব্দ। "শ্লেষ্মায় গলা শাঁশাঁ করে।

শাঁস বি [সং শস্য > প্রা সস্‌স (প্রা ল ৩২), সাস (হে ১.৪৩), *সংস > বা শাস, শাঁস] ১ ফলের সারভাগ। "(পিয়ারার) শাঁস বীচি সব সুরসাল (পদ্যমালা)। ২ ফলের বীজস্থিত সারভাগ। "তাল°। "(নারিকেলের) শাঁস বি.পা ২১০; ম.ম ১২৬।

শাঁসাল বিং [শাঁস + আল৮] ১ শাঁসযুক্ত, শস্যপূর্ণ (ফল)। ২ মাংসল, মোটা। ৩ সঙ্গতিপন্ন, যোত্রবান্। "দু টাকা দু সিকা লাভ করিয়া যে একটু শাঁসাল হবে—তাহাকেই জমিদার বল বা ছলক্রমে গ্রাস করবেন আ.দু ১৬২।

শাক পুং, ক্লী [√শক্ + অ (ঘঞ্)-ণ, হি সাগ; ঠ ভাজী] ১ 'যাহা দ্বারা ভোজনে সমর্থ হয়' (অ.টী); পত্রপুষ্পফলাদি, হরিতক (vegetables)। "মনু ২.২৪৬। স্বচ্ছন্দবনজাতেন শাকেন।—হি ১.৭০। দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা মনোরথান্ পূরয়িতুং সমর্থঃ। অন্যৈর্নৃপালৈঃ পরিদীয়মানং শাকায় বা স্যাৎ লবণায় বা স্যাৎ॥—উদ্ভট। °পচনামোদ উ.চ ৪.১। বাস্তূকশাকপাক চৈ.চ ৮৪। [পত্রং পুষ্পং ফলং নালং কন্দং সংস্বেদজং (ছত্রাকম্) তথা। শাকং ষড়্‌বিধম্…॥—ভাবপ্রকাশ। মূলপত্রকরীরাগ্রফলকাণ্ডাধিরূঢকম্। ত্বক্ পুষ্পং কবকঞ্চৈব শাকং দশবিধম্ স্মৃতম্॥—অ.টী।] ২ শাককৃত নিরামিষ ব্যঞ্জন। "সূপশাকাদ্যান্ মনু ৩.২২৬। সূপ আর শাক চৈ.চ ৮৪; শাক দুই চারি আর শুকুতার ঝোল ৩১৫। শ্রী.কী ৩৭৯। শাকের কণা : শাক অন্ন।—ম ৫১৮। ঘণ্ট ভাজা নানামত শাক ভা.চ ৫৪৬। ৩ (বাঙ্‌লায়) পত্রশাক। "ছোলার শাক ক.চ ৪৩; পলতার শাক ৪৪। সড়সড়ি লাবড়ি রান্ধিবে দুই শাকে শ্রী ম ৭৪। কলমীর শাক শি ৭৫।—ক পুং ১ শক্তি। "ঋগ্বেদ ৬.২৪.৪। ২ [শাক + অ (অচ্)] 'শক্তিমান্', বৃক্ষ-বিশেষ, শেগুনগাছ। ৩ শিরীষ বৃক্ষ। ৪ সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ। [এই দ্বীপে জাত শাকবৃক্ষ হেতু ইহার নাম 'শাকদ্বীপ' (ভ ৫.২০.২৪)।]

৫ [শক + অ (অণ্)] শকজাতি। ৬ 'শকসম্বন্ধী', শকাব্দ। "শাকে রস রস বেদ শশাঙ্ক গণিতা ক.চ ৩১৩। ৭ স্বরাজ্যাবধি বৎসরপ্রবর্ত্তক রাজবিশেষ (ত.বা)। [°কাল (পুং)—শকাব্দ। °তরু (পুং) সর্থ 'শাক পুং (২)। °দ্বীপ (পুং)—সর্থ 'শাক পুং (৪)। °পণ (পুং)—বিক্রয়ার্থ মূলকাদির পরিমিত মুষ্টি বা আটি। "পা ৩.৩.৬৬। °পত্র (ক্লী)—পত্রশাক, শাগ। °পাত্র (ক্লী)—নিরামিষব্যঞ্জনপাত্র। °পার্থিব (পুং)—শাকব্যঞ্জনপ্রিয় রাজা (ব্যাকরণমিতাক্ষরা); শকাব্দপ্রিয় রাজা। °বর্ণ (বিণ)—শাকবৎ বর্ণবিশিষ্ট; ম্লান, নিষ্প্রভ। °বাট (পুং), °বাটিকা (স্ত্রী)—উদ্ভিজ্জখাদ্যের উদ্যান, সবজি-বাগান (kitchen-garden)। "°বাট ক.সা ২০.১৪৩; °বাটিকা ৭২.২০৬। °বীর (পুং)—বাস্তূক; জীবশাক। °বৃক্ষ (পুং)—শেগুনগাছ। °ভক্ষ্য (বিণ)—নিরামিষাশী (vegetarian)। °রস (পুং)—খাদ্য উদ্ভিজ্জ-রস। "ক.সা ৫.১৩৪,-৬। °রাট্ (-জ্), °রাজ (পুং)—'শাক-শ্রেষ্ঠ', বাস্তূক। "°রাজ্ (ভাবপ্রকাশ)। °শ্রেষ্ঠ (পুং)—বাস্তূক; বার্ত্তাকু।] [শাক দিয়ে মাছ ঢাকা—শাক দিয়ে মাছ ঢাকা যায় না, গন্ধে প্রকাশ পায়; (গৌণার্থে) বৃথা গোপনের চেষ্টা করা। "(মনে বুঝেছি) ঢাকতে চাও শাক দিয়ে মাছ।—দা ২১৭।]

শাকট বিণ [শকট + অ (অণ্), স্ত্রী -টী] ১ শকটসম্বন্ধী। ২ শকট-বাহক (বৃষাদি)। —কট পুং ১ শকটবাহী বৃষ; যুগ্য। ২ শকট-পরিমিতভার; দ্র 'শকট পুং (২)। ৩ শ্লেষ্মাত্মক বৃক্ষ।

শাকটায়ন পুং [শকট + আয়ন (ফক্)] শকটের গোত্রাপত্য; শাব্দিক মুনিবিশেষ। "ইন্দ্রশ্চন্দ্রঃ কাশকৃৎস্নাপিশলী শাকটায়নঃ। পাণিন্যমরজৈনেন্দ্রা জয়ন্ত্যষ্টাদিশাব্দিকাঃ॥—কবিকল্পদ্রুম।

শাকটিক বিণ [শকট + ইক (ঠক); স্ত্রী -কী] শকটচারী। —টিক পুং শকটজীবী, গাড়োয়ান। "বৃহৎসংহিতা ১০.৪।

শাকমল বি শাক তোলার সময়ে গেয় গীতবিশেষ। তু 'আর শাক তোলে যত, তাহা বা কহিব কত, শাক তোলে আর গীত গায় ম.ম ১৪৪।

শাকমূর্ত্তি বি শাকের মত বিবর্ণ দেহ বা ম্লান মুখ। "হেরিয়ে সে শাক-মূর্ত্তি, রাহুগ্রস্ত শশী যেন, মাতা কহে 'এ কি মা!'—অ.শু ৫১।

শাকম্ভরী স্ত্রী [শাক + √ভৃ + অ (খচ্)-ক, 'ম্' (মুম্) আগম + স্ত্রী ঈ (ঙীষ্); উ.ত] ১ দুর্গা। 'ততোঽহমখিলং লোকমাত্মদেহসমুদ্ভবৈঃ। ভরিষ্যামি সুরাঃ শাকৈরাবৃষ্টেঃ প্রাণধারকৈঃ। শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি॥—চণ্ডী। "ক.চ ২৫৫। চ.বি ৩৪১। শাক দিলা শাকম্ভরী শি ১৭। ভা.চ ৪৩২। ২ তীর্থবিশেষ। "মহা ৩.৮৪.১৩। ৩ শম্বরহ্রদ। "°রীয় (লবণ)।

শাকর বি [সং শর্করা > প্রা °সকরা > বা (শাকরা) °র; হি শকর; ঠ, গু সাকর, দ্র 'শর্করা' (১০)] শর্করা। "দধি শাকর।—গো ৭; ৯। [°কন্দ—মিষ্ট আলুবিশেষ।]

শা(সা)করা বি [দ্র 'শাকর'; ফা শকর্-পারা; ঠ সকরপারা] মিশ্রিত চিনি-ময়দার মিষ্টান্নবিশেষ। "শাকরা রা শে ২২; ৫১; চৈ.চ ১৭০। সাকরা শ্রী.ম ৭৪।

শাক-রাখা বি মনসার পর্ব্ববিশেষ। [এই পর্ব্বে পূর্ব্বদিনের নিরামিষ ব্যঞ্জন রাখিতে হয়। বোধ হয়, ইহা 'অরন্ধন' পর্ব্ব।]

শাকল বিণ [সকল + অ (অণ্)] ১ শকলরক্ত, রাগবস্তুরঞ্জিত। "পা ৪.২.২, বার্ত্তিক, সি। ২ খণ্ডসম্বন্ধী। —কল পুং ১ শাকল কর্ত্তৃক প্রোক্ত (ব্যাখ্যাত, অধ্যাপিত) ঋগ্বেদের শাখাবিশেষ; ঋগ্বেদ। দ্র 'ঋগ্বেদ'। ২ (বহুব) শাকলপ্রোক্ত ঋগ্বেদের বা শাকলশাখার অধ্যেতৃগণ। "পা ৪.৩.১২৮, কাশিকা। ৩ শাকলসঙ্ঘ (কাশিকা)। ৪ দ্বীপবিশেষ। "মহা ২.২৬.৬। —লক পুং শাকলদ্বীপ। "ম ২৯৪। [°প্রাতিশাখ্য

(ক্লী)—শৌনককৃত শাকলশাখার প্রাতিশাখ্য-গ্রন্থ। °শাখা (স্ত্রী) —শাকলপ্রোক্ত ঋগ্বেদশাখা। °হোমীয় (পুং)—শাকলহোমমন্ত্র। "মনু ১১ ২৫৭।]

শাকল্য পুং শাব্দিক মুনিবিশেষ। "পা ৮ ৩ ১৯।

শাকশাকট ক্লী [শাক+°ট, পা ৫ ২ ২৯, সি] শাকক্ষেত্র।

শাকসবজি বি পত্রফলাদি হরিতখাদ্যশাক, হরিতক। "(চাই) শাক-সবজি কিছু ব্যঞ্জন সাধারণ শ্রী মা ২৫।

শাকাম্ল ক্লী [শাক অম্ল, কর্ম্মধা] তিন্তিড়ি, আম্রাতক, আমড়া।

শাকারী স্ত্রী [শকার+অ (অণ)+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রাকৃতভাষা-বিশেষ। দ্র 'শকার'।

শাকাশন, -শী (-শিন্), -কাহার বিণ [বহুব্রী, শাক+ √অশ +ইন্ (ণিনি)-ক -১ব, উত] শাকভোজী, নিরামিষাশী। "°শিন্ ক সা ৫ ১৩৩।

শাকাষ্টকা স্ত্রী [বহুব্রী, 'ক' (কন্)+স্ত্রী আ (টাপ)] যে তিথিতে অষ্ট শাকে শ্রাদ্ধ করণীয়, ফাল্গুনকৃষ্ণাষ্টমী, শাকাষ্টমী।

শাকাহার দ্র 'শাকাশন'।

শাকিনী স্ত্রী [শাক+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শাকযুক্ত ভূমি, সবজিক্ষেত। [ইহা দুর্ভিক্ষে নব বৃত্তির একতম (শ ক)] ২ দুর্গার অনুচরীবিশেষ। 'চৈ চ ৫৩। [°সাধন (ক্লী)—শাকিনীসিদ্ধি। "পক ৫$\frac{৩৪}{৩৫}$।]

শাকুন বিণ [শকুন+অ (অণ), স্ত্রী-নী] ১ শকুনসম্বন্ধী, পক্ষি-বিষয়ক। ২ ভক্ষ্যপক্ষিসম্বন্ধী। "শাকুনেন (মাংসেন) মনু ৩ ২৬৮। যাজ্ঞ ১ ২৫৮। ৩ নিমিত্তসম্বন্ধী, নিমিত্তবিষয়ক। —কুন পুং ১ পশু-পক্ষ্যাদিরূপনিমিত্ত দ্বারা মনুষ্যের শুভাশুভনির্ণায়ক গ্রন্থ। ২ শকুনজীবী। ৩ ব্যাধ। "বৃহৎসংহিতা ৮৬ ৩১। ৪ মনুষ্যের শুভাশুভজ্ঞাননির্ণয়ার্থ হেতু বা নিমিত্ত। 'শুভাশুভজ্ঞানবিনির্ণয়ায় হেতুর্নৃণাং যঃ শাকুনঃ স উক্তঃ (শ ক)। 'গো রা ৩ ৫৮ ৪। সর্ব্বশাকুনসংগ্রহ।—বৃহৎসংহিতা ৮৬ ৪। —কুন ক্লী শকুনশাস্ত্র। 'বসন্তরাজশাকুন।

শাকুনিক পুং [শকুন+ইক (ঠক), পা ৪ ৪ ৩৫] পক্ষিহন্তা, পক্ষি-বধজীবী, ম'লে (fowler)। "মহা ৫.৬৪ ১। মনু ৮ ২৬০। তং (কুলিঙ্গম্) শাকুনিকঃ শরেণ বিব্যাধ ভ ৭ ২ ৫৬।

শাকুনেয় বিণ [শকুনি+এয় (ঢক), স্ত্রী -যী] শকুনিসম্বন্ধী, পক্ষি-সম্বন্ধী। —নেয় পুং বৃকাসুর। "ভ ১০ ৮৮ ২৯।

শাকুন্তল পুং [শকুন্তলা+অ (অণ)] 'শকুন্তলাসম্বন্ধী', ভরতরাজ। "মহা ১৪ ৩ ১০। —ন্তল ক্লী শকুন্তলাসম্বন্ধী নাটক, অভিজ্ঞানশকুন্তল। —লেয় বিণ [+এয় (ঢক্)] শকুন্তলাসম্বন্ধী, শকুন্তলাগর্ভজাত। "পুত্র এষ শাকুন্তলেয়ঃ।—শ ৭$\frac{৩২}{৩৩}$। —লেয় পুং শকুন্তলাসুত ভরতরাজ।

শাকুন্তিক পুং [শকুন্ত+ইক (ঠক)] শকুন্তহন্তা, শাকুনিক (fowler)। "পা ৪ ৪ ৩৫।

শাকুলিক পুং [শকুল+ইক (ঠক)। 'শকুলহন্তা', ধীবর। "পা ৪ ৪ ৩৫।

শাক্ত বিণ [শক্তি+অ (অণ্), স্ত্রী -ক্তী] ১ শক্তিসম্বন্ধী। ২ শক্তি-দেবীসম্বন্ধী। —ক্ত পুং শক্ত্যুপাসক। [দুর্গা কালী জগদ্ধাত্রী প্রভৃতি শিবশক্তি শাক্তগণের উপাস্য। ইঁহাদের দুইটি প্রধান সম্প্রদায়: পশ্বাচারী ও বীরাচারী। বীরাচারে মদ্য মাংসের ব্যবহার আছে, পশ্বাচারে তাহা নিষিদ্ধ। এই দুই আচার আবার সাত ভাগে বিভক্ত:—বেদাচার বৈষ্ণবাচার শৈবাচার দক্ষিণাচার বামাচার সিদ্ধান্তাচার ও কৌলাচার। ইহাদের মধ্যে পূর্ব্ব-পূর্ব্ব অপেক্ষা পর পর আচার উত্তম (ভা উ)।]

শাক্তিক পুং [শক্তি+ইক (ঠক্)] শক্ত্যস্ত্রজীবী। "পা ৪ ৪ ১২। —ক্তীক পুং [+ঈক (ঈকক)] শক্তিপ্রহরণধারী, প্রাসিক। "পা ৪ ৪.৫৯।

শাক্তীক দ্র 'শাক্তিক'।

শাক্তেয় পুং [শক্তি+এয় (ঢক)] শাক্ত (মুগ্ধবোধ)।

শাক্ত্রেয় পুং [শক্ত্রি+এয় (ঢক)] শক্ত্রির অপত্য, শক্ত্রিপুত্র। "(ঈজে) রাক্ষসসত্রেণ °য়োহথ পরাশরঃ মহা ১.১৮১ ২।

শাক্য পুং [শক+য (ষ্যঞ), পা ৪ ৩ ৯২] ১ শকদেশে যাঁহার অভিজন; বুদ্ধ (হলায়ুধ)। ২ [শাক+য (যৎ)] (বহুব) ইক্ষ্বাকুবংশীয় কতিপয় রাজপুত্র। [ইঁহারা পিতার আদেশে বনে কপিলমুনির আশ্রমে শাকনামক বৃক্ষের মধ্যে বাস করিয়া কপিলের শিষ্যত্ব গ্রহণ করেন। এই হেতু ইঁহারা 'শাক্য'। 'শাকবৃক্ষপ্রতিচ্ছন্নং বাসং যস্মাৎ প্রচক্রিরে। তস্মাদিক্ষ্বাকুবংশ্যাস্তে ভুবি শাক্যা ইতি শ্রুতাঃ॥—সুন্দরানন্দচরিত (অ টী)।] [°কেতু, °পুঙ্গব, °মুনি, °সিংহ (পুং)—বুদ্ধদেব। °ভিক্ষু, °শ্রমণ, -ণক (পুং)—বৌদ্ধভিক্ষু। "°ভিক্ষু মনু ৪ ৩০, কুল্লুক। °ভিক্ষুকী (স্ত্রী)—স্ত্রী-বৌদ্ধভিক্ষু। °শাসন (ক্লী)—বুদ্ধানুশাসনবাক্য, বৌদ্ধধর্ম্ম।]

শাক্র বিণ [শক্র+অ (অণ্), স্ত্রী -ক্রী] ১ শক্রদেবতাক, ঐন্দ্র। "শাক্রমস্ত্রম্ মহা ৭ ৯১ ২১। ২ শক্রসম্বন্ধী, ইন্দ্রস্বামিক। "শাক্রেণ দন্তিনা ক সা ১১৫ ১৪৮। —ক্র ক্লী ইন্দ্রদেবতাক জ্যেষ্ঠানক্ষত্র। "বৃহৎসংহিতা ৬ ১১, ৭ ১২। —ক্রী স্ত্রী [শাক্র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শক্রপত্নী, শচী। ২ দুর্গা (দেবীপুরাণ। —শ ক)।

শাক্রী দ্র 'শাক্র'।

শাক্(গ)রেদ বি [ফা শাগরইদ্] ১ শিষ্য, ছাত্র। ২ মন্ত্রশিষ্য, চেলা। —দী বি শাগরেদের কাজ, শিষ্যত্ব, চেলাগিরী।

শাক্রেদী দ্র 'শাকরেদ'।

শাখ[১] পুং [তু 'বিশাখ' পুং (৪)] কার্ত্তিকেয়। "মহা ১ ৬৬ ২৪।

শাখ[২] বি [শাখা>শাখ (পদ্যে), ফা শাখ্] শাখা। "তরু কুসুমে ভরু নব শাখ প ক ১৮২০। যে ফুল ফুটিত সখি, গৃহতরুশাখে, কেন রে পবনা, উড়ালি তাকে।—ব প্র ১১৯।

শাখরচীয়া, শাখরুচে দ্র 'শা[২]'।

শাখা স্ত্রী [√শাখ ব্যাপ্তি+অ (অচ্)+স্ত্রী আ (টাপ্), ফা শাখ্, Pahlavi— sak'] ১ 'ব্যাপিকা', বিটপ, ডাল। বনিনো ন শাখাঃ। —ঋগ্বেদ ৭ ৪৩ ১। শাখাগ্র রা ২ ২৮ ২২। অধঃশাখমশ্বত্থম্ গী ১৫ ১। ২ দেহাংশ-ভেদ, অবয়ব বাহু, ভুজ। ৩ অঙ্গুলি। "বাহুঃ পঞ্চশাখঃ গো রা ৬ ৩৬ ৩২। শাখানুসারিণো রোগাঃ।—চরক। ৪ দ্বারকাষ্ঠবিশেষ, চৌকাঠের বাজু। "দেহল্যো গৃহদ্বারশাখাধারদারুণি মাঘ ৩ ৪৮, মল্লিনাথ। দ্বার° (SW)। ৫ গ্রন্থভেদ, পরিচ্ছেদ, সর্গ, পর্ব্ব। ৬ বিভাগ, অংশ। ৭ বিভাগ, সম্প্রদায়। ৮ পক্ষান্তর। ৯ বেদৈকদেশ, সম্প্রদায়গত বেদবিভাগ। আশ্বলায়ন°, বাস্কল°, শাকল°। শাখান্তগ মনু ৩ ১৪৫। স্বশাখা যাজ্ঞ ১ ১৪৪। কতমাং শাখামধীষে ক সা ৪৯ ১৫৬,-৭। ১০ ভেদ। "বহুশাখাঃ· ·বুদ্ধয়ঃ গী ২ ৪১। ১১ পশুর প্রাণসঞ্চাররহিত শৃঙ্গাদি (মিতাক্ষরা)। 'শাখাঙ্গচ্ছেদন।—যাজ্ঞ ২ ২২৮। ১২ অন্তিক। "°নগর (SW)। [°কণ্ট (পুং)—সুহীবৃক্ষ। °চংক্রমণ (ক্লী) —শাখা হইতে শাখান্তরে লম্ফ, উচ্ছৃঙ্খল অধ্যয়ন। °চন্দ্রন্যায় (পুং) —দ্র 'ন্যায় (৪৮)। °প্রদান (ক্লী)—যৎকিঞ্চনপ্রদান। "ভ ২.৪১৮। °বাত (পুং)—অবয়বসম্বন্ধী বাতব্যাধি। °ভৃৎ (পুং)—শাখা, তরু। কি ৫ ৩৭। °ভেদ (পুং)—বেদশাখাভেদ। °রণ্ড (পুং)—স্বীয়-বেদশাখাপরিত্যাগপূর্ব্বক শাখান্তরাধ্যেতা, অন্যশাখক (অ.টি)। °রথ্যা (স্ত্রী)—মূলপথের শাখাতুল্য ষোড়শহস্তপ্রস্থ পথ (দেবীপুরাণ)। °রস (পুং)—মকরন্দ, পুষ্পমধু। "রঘু ৮ ৭০। °শিফা (স্ত্রী)—শাখার মূল বা শিকড়, অবরোহ, বটাদির ঝুরি। °সারঙ্গ (পুং)—শাখামৃগ। "°সারঙ্গমুখী বি মা ৫$\frac{১৪}{১৫}$।]

শাখাচন্দ্রবৎ ব্য [°ন্দ্র+বৎ (বতি)] শাখাচন্দ্রন্যায়ে। "°বৎ শুদ্ধ স্বরূপ-লক্ষণার্থ। দেহাদিতে তবাস্বয়···।—শ্রী.ম ২৬৩।

শাখাধ্যায়ী (-য়িন্), -ধ্যেতা (-তৃ) পুং [শাখা+অধি- √ই +ইন্ (ণিনি)-ক-১ব ; উ,ত , ষ ত] বেদশাখাধ্যয়নকারী । "মনু ৩.১৪৫, কুল্লুক ।

শাখাধ্যেতা 'শাখাধ্যায়ী' ।

শাখানগর, -পুর, ক্লী [য ত, রাজদন্তাদি] নগরের শাখা , অভিষ্যন্দবমন (অ.টী), উপপুর । "°নগর মহা ১২.৮৭৮ ।

শাখান্তগ বিণ [°স্ত+ √গম্+অ (ড)-ক , উ ত] বেদশাখার সম্পূর্ণ অধ্যেতা । "মনু ৩ ১৪৫ ।

শাখান্তর ক্লী [নি স, ময়ূরব্যংসকাদি] যাজনাদি দ্বারা বক্ষকান্তর (রা.টীকা) । "রা ১ ৫৮ ২ ।

শাখাপুর দ্র 'শাখানগর' ।

শাখাপ্রকৃতি স্ত্রী [ষ ত, রাজদন্তাদি] মূলপ্রকৃতির শাখাভূত মিত্র অরিমিত্র ইত্যাদি অষ্ট গৌণপ্রকৃতি । দ্র 'মনু ৭ ১৫৫ , ১৫৬, কুল্লুক ।

শাখামৃগ পুং [উ লো] শাখাপ্রসক্ত মৃগ (অ টী), কপি, বানর । "°ত্ব গো রা ৪ ১ ২১ । —মৃগী স্ত্রী বানরী । "বি মা ৬ ৩০ ।

শাখিনী বি [সং শাকিনী , অসাধু] ১ শাকিনী । "শাখিনী কিবা শঙ্খিনী যোগিনী ক চ ২০২ । ২ সর্থ 'শঙ্খিনী' । 'শাখিনী পেতনী ভা চ ৫০৩ । বা দ ২৩৯ । ৩ সর্পবিশেষ । "ভা চ ১২৯ ।

শাখী (-খিন্) বিণ [শাখা+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -খিনী] ১ শাখাবান্, শাখাযুক্ত । "বহুশাখিন্ মহা ১৪ ৬ ৩৩ । প্ররোহিশাখিন্ যাজ্ঞ ২ ২৩০ । ২ শাখাবিভাগবান্ (বেদ) । "শিষ্যৈঃ প্রশিষ্যৈর্বেদাস্তে শাখিনোঽভবন্ । —ভ ১ ৪ ২৩ । ৩ বেদশাখাধ্যায়ী । "মনু ৮ ২০৯, কুল্লুক । —খী পুং ১ বৃক্ষ । "গো রা ৫ ২৯ ২১ । মার্গ° রঘু ১ ৪৫ । ম পা ১২৪ । ২ বেদ । ৩ বেদশাখাবিশেষাধ্যেতা । ৪ তুরুস্কজাতি ।

শাখোট,-টক পুং [(?) তু 'শাকোট,-টক'] বৃক্ষবিশেষ, শাওড়াগাছ (Trophis aspero) । 'ছেদশ্চন্দনচূতচম্পকবনে রক্ষাপি শাখোটকে (স্থ র) । শাখোটক কা প্র ১০ ৪৪৭ ।

শাখোটক দ্র 'শাপোট' ।

শা(সা)গ বি [সং শাক > প্রা সাগ (হে) , হি, প সাগ, সি সাগু (greens) , মৈ সাগ (পত্রশাক) , ড শাগ , ঠ সাগ (শাকবৃক্ষ)] পত্রশাক—কলমী হিঞ্চা ইত্যাদি । "নটে সাগ শ্রী ২৬৩ । চতুর্দ্দশীর চন্দ শাগ ।—জা ১২ । [°পাত (হি, মৈ সাগ-পাত)—উদ্ভিজ্জ খাদ্য (greens) । °ভাজা, °শড়শড়ি—ভাজা শাক , তেলশাক । °মূর্ত্তি —বিবর্ণ । দ্র 'শাকমূর্ত্তি' । °সবজি—সাগ-পাত । সাগ দিয়ে মাছ ঢাকা —দ্র 'শাক' ।]

শাগ্‌রেদ দ্র 'শাকরেদ' ।

শাঙণ, -ন, সাঙন বি [দ্র 'শাওন'] শ্রাবণ মাস । "সাঙন ঘন সম, ঝক ছুনয়ান বি প ৪৩, ঘন সাঙন মালা ১৫৪ । শাঙণ মাহ ব প ১০২২ , পাপীযা শাঙন মাস ১০৫৩ । শাঙন মেহ ।—গো ২০৩ , ববিখে ঝর ঝর, নয়নে শাঙন মেহ ২০৮ । শাঙনঘনসম নয়ন ঝরে ন প ২৯৫ ; স্থশাঙণ-মেহ ৩৯১ । রজনী শাঙন ।—জ্ঞা ৯ , ২৩৮ । শুনি পহুঁ দিঠি ভেল শাঙন মেহ ।—ব ৭৭ , লোচনে শাঙন বারি ৮৩ ; শাঙন গহন, দহন দহ জীবন ১৮৬ । —নী বিং [শাঙন+ঈ৭] শ্রাবণীয়, শ্রাবণ-মাসের । "শ্যামলী শাঙনী মেঘ কু কে ৩৬ ।

শাঙন দ্র 'শাঙণ' ।

শা(সা)ঙর, -ঙল বিং [সং শ্যামল > লি, প্রা সামল > বা শা(সা)ঙল, -ঙর] ১ শ্যামল, কাল । "সাঙর চিকুর ভার বি প ১২ । খেত শাঙল দোন ভাই প ক ১১৯৮ । ২ নীল । "শাঙল ধবল কালিম গোরী, বিবিধ বসন ।—জ্ঞা ১২৬ । ব ১৩৩ । —বি বিং [°র+ই১১] ১ শ্যামবর্ণ, কাল । "কহ কথি সাঙরি ঝাঙরি দেহা প.ক ২৫৩ । ২ [+ই১০] শ্যামলা (প.ক) । —রা বি শ্যামবর্ণ রেশমী বস্ত্রবিশেষ । "ব প ১৫১২ । —লি, -লী বি [°ল+ঈ৬ , সং শ্যামা > প্রা সামলী (গাথাসপ্তশতী ২.২৩)] ১ শ্যামবর্ণা গাভীর নাম । "শাঙলী ধবলী গাই ব.প ৯২১ । সাঙলী রা শে ৪০ , চৈ ম ৮৭ । শাঙলি ।—ন প ৩২৯ । সাঙলি ।—জা ৩৫ । ২ শ্যামবর্ণা ছাগীর নাম । 'ক চ ১৪১ । ৩ শ্যামবর্ণ গাত্রমার্জ্জনী-বিশেষ । "সাঙলী গামছা ('সামলী গামছা'—পাঠান্তর ব প ৩৬৬) দিব ভূষিত কস্তূরী ক চ ২৮৫ ।

শাঙরি, শাঙলা, শাঙলি, শাঙলী দ্র 'শাঙর' ।

শাঙ্কর বিণ [শঙ্কর+অ (অণ্) ; স্ত্রী -রী] ১ শিবসম্বন্ধী । "শাঙ্করা গণাঃ ক সা ৪৬ ২০১ । ২ শঙ্করাচার্য্যসম্বন্ধী, শাঙ্করকৃত । 'শঙ্করদর্শন, °ভাষ্য । —ঙ্কর পুং বৃষ । —ঙ্কর ক্লী শঙ্করদেবতাক আর্দ্রানক্ষত্র । "বৃহৎসংহিতা ৭১ ৭ । —রি পুং [+ই (ইঞ্)] ১ শিবপুত্র, কার্ত্তিকেয় । ২ গণেশ ।

শাঙ্খ বিণ [শঙ্খ+অ (অণ) , স্ত্রী -খী] শঙ্খবিকার, শঙ্খরচিত । —ঙ্খিক বিণ [+ইক (ঠক্) , স্ত্রী -কী] শঙ্খসম্বন্ধী শঙ্খরচিত । —ক পুং ১ শঙ্খশিল্পী, শঙ্খকার, শাঁখারি । ২ শঙ্খবাদনশিল্পী, শঙ্খধ্মা, শঙ্খ-বাদক । "মাঘ ১৫.৭২ ।

শাঙ্খা বি [শাঁখা > শাঙ্খা , অপ্র] শাঁখা । "গো.চ ২৪ ।

শাঙ্খিক দ্র 'শাঙ্খ' ।

শাঙ্গ বি সর্থ 'সাঙ্গ২ (২) । "হাতে লোহার শাঙ্গ ম ম ৯৭ । —ঙ্গি বি [হি সাঁগ , ঠ সাংগ , সি সাংগি] একপ্রকার বরশা । "ঢাল খাঁড়া শাঙ্গি সেল শ্রী ২১৭ , ২৩৭ ।

শাঙ্গি দ্র 'শাঙ্গ ।

শাজাদার বি ['সাজা২ > শাজ+দার৩] অংশীদার, ভাগী । "তাহারা …কুঠীতে শাজাদার চেলে চলে আ হু ১৬৫ ।

শা-জীরা, শা-জোয়ান দ্র 'শা২ ।

শাঞ্চ, -ঞ্চি বি [সং শাল(লি)ঞ্চ] খাদ্যপত্র শাকবিশেষ ।

শাঞ্চি দ্র 'শাঞ্চ' ।

শাট১ পুং [√শাট্+অ (ঘঞ্)-ক, বাহুলকে] বস্ত্রবিশেষ । "দূরতঃ শোভতে মূর্খো লম্বশাটপটাবৃতঃ (সু.র—চাণক্য) । —টক পুং, ক্লী [শাট +ক (কন্)] শাট । 'পট্টশাটক, শিরঃ° (S W) । রক্তো হি জাযতে ভোগ্যো নারীণাং শাটকো যথা (S W) । ক সা ৫৩ ৩৮ । টিকা, -টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্) , ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্) , ঠ ছাটী] ১ শাট (অ টী) , বস্ত্র, পট (শ্রীধর) । "শাটীমাচ্ছাদ্য (স প্রাতিষ্ঠত) রা ২ ৩২ ৩২,-৭ । স্নানশাটী মহা ১৩ ২০ ১ । যস্মিন্নোত-মিদং প্রোতং বিশ্বং শাটীব তন্তুষু ভ ৯ ৯ ৭ । ২ (বাঙ্‌লায়) সধবা স্ত্রীলোকের বস্ত্র , শাড়ী ।

শা(সা)ট২ '-ট্' বি [সং সংজ্ঞা > প্রা সণ্ণা (পা প্র ৩ ৫৫) > বা (সাণা ণ) সা(শা)ট (?) , হি 'সাংট'—মন্ত্রণা] ১ সঙ্কেত, ইঙ্গিত, ইশারা । ২ সঙ্কেতার্থ সংক্ষিপ্ত শব্দ, অক্ষর বা চিহ্ন । [শাটে লেখা —সংক্ষেপে লেখা । সাটে 'হাঁ না' বলা —অন্যের ইঙ্গিতে হাঁ না বলা । "তাঁহারা (অধ্যাপকেরা) আপন অভিপ্রায় অনুসারে চলেন—সাটে হাঁ না বলেন না ।—আ.হু ১৩৫ ।]

শাটক, শাটিকা, শাটী, শাটীন দ্র 'শাট১ , সাটিন' ।

শাট্যায়ন পুং ব্রাহ্মণ-স্মৃতিকার মুনিবিশেষ । "°ব্রাহ্মণ, °স্মৃতি । —য়ন ক্লী প্রকৃতকর্ম্মদোষপ্রশমনার্থ হোম (শ ক) ।

শাঠ্য ক্লী [শঠ+য (ষ্যঞ্) ১ শঠভাব, শঠকর্ম্ম, ছল, ছদ্ম, কপট । "রা ২ ২৩ ৯ । শ ৫.২৫ । শঠে শাঠ্যং সমাচরেৎ (পাঠান্তর) ।—পঞ্চ ৫.৮০ । শঠে শাঠ্য করিতে অধর্ম্ম নাহি তায় শ্রী ১০৫ । ২ বঞ্চন । "বিত্ত° ভ ৫ ১৩ ১১ । ৩ চাতুরী । "মু ১.১ ।

শাড়া১ বি [দ্র 'সাড়া (২)] শব্দ, নাড়াচাড়ার শব্দ । [শাড়াগুড়ি

('গুড়ি' অনু শব্দ)—কোনপ্রকার শব্দ। "বর্গী আবাগী ঘুমিয়েচে, শাড়াগুড়ি আর পাচ্চি নে।—জা ২৫।]

শাড়া² বি [সং শট্টক] সর্থ 'শট্টক'। "বাইগুন কুমড়া কড়া, কাঁচকলা দিয়া শাড়া (রান্ধয়ে) ক চ ১৫৭।

শা(সা)ড়ী বি [সং শাটী >প্রা সাডী >বা °ডী, হি সাটী, ঠ, গু সাডী, মৈ 'সারী'—ওড়না] সধবার পরিধেয় বস্ত্র, শাটী। "মেঘনাল শাড়ী ম গা ৯, ২৫। নীল সাডী চ দা ১৯, চলে নীল শাড়ী, নিঙ্গাড়ি নিঙ্গাড়ি, পরাণ সহিত মোব ২৫।

শাণ¹ বিণ [শণ+অ (অণ), স্ত্রী -ণী] শণবিকার, শণনির্ম্মিত। "শতপথব্রাহ্মণ ৬ ৭ ১.৭। —ণ ক্লী শণনির্ম্মিত বস্ত্র। "শাণক্ষৌমাজিন (পাঠান্তর) মহা ১৩ ১৫১ ১৪। শাণক্ষৌমাবিকানি (ব্রহ্মচাবিণঃ বসীরন্) মনু ২ ৪১, ১০ ৮৭। —ণ পুং শণসূত্রনির্ম্মিত গোণী বা গুন্ (নীলকণ্ঠ)। "মহা ৩ ১৩৪ ১৫।

শাণ² পুং [√শণ্+অ (ঘঞ)-ণ] ১ 'যাহা দ্বারা উৎকর্ষাপকর্ষ জানা যায়', নিকষ, কষ (touch-stone—অ কো)। ২ (বৈদ্যকে) মাষ-চতুষ্টয়, চাব মাষা। '°পাদ, °প্রমাণ। ৩ [√শো+অন (ল্যুট্)-ক (অ টী), স্বাভাবিক ণত্ব] 'তনূকারক', অস্ত্রাদি তীক্ষ্ণীকরণার্থ যন্ত্র-বিশেষ, শাণপাথর (whet-stone)। "তকু °। মণিঃ শাণোল্লীঢ়ঃ (S.W)। ৪ করপত্র, করাত। [শাণ দেওয়া, শাণে চড়ান—শাণে তীক্ষ্ণ করা, শাণান।]

শাণগর বি [শাণ²+গর²] শাণনির্ম্মাতা। 'কেহ হৈয়া শাণগর, শাণা বান্ধে নিরন্তর ব প ৩২০।

শাণা¹ বি সর্থ 'শাণ² (৩)। দ্র 'শাণগর'।

শাণা², সাণা, সানা³ বি [সং সন্নাহ >বা (সন্না) সা(শা)না] বর্ম্ম। "শাণাতে ঠেকিযা বাণ হৈল পরাজয়।—কৃ ২৮২, গায়ে বিচিত্র সাণা ৩১০। বুকে শাণা ক চ ৫৭। সানা টোপব অস্ত্র ধরিল সত্বব শ্রী.ম ১৫৯, ১৫৫।

শাণা³ সর্ম্ম [শাণ²+আ⁹] ১ শাণে তীক্ষ্ণ কবা, শাণান। ২ নেশায উত্তেজনা জন্মান। "আফিনখোরেব কড়া তামাক না হ'লে শাণায় না। [শাণান—সর্থ 'শাণা³।]

শাণাজীব পুং [শাণ আজীব যাহার, বহুবী] অসিধাবক।

শাণালীঢ় বিণ [তৃ ত] শাণোল্লিখিত, শিত। 'শ ৬ ৬, টীকা।

শাণাশ্মক, -শ্মা(-শ্মন্) পুং [শাণ অশ্মা, কর্ম্মধা, ক(কন্) স্বার্থে] শাণপ্রস্তর, শাণ।

শাণাশ্মা দ্র শাণাশ্মক'।

শাণিত বিণ [শাণ+ইত (ইতচ্)] তেজনযুক্ত, তীক্ষ্ণীকৃত, নিশিত। 'কুশাঙ্কুর-বুদ্ধি শাণিত প্রখরা চ কা ১৫০। তোমার আদেশ-স্মৃতি অন্তরে বাজিবে, হতেছে শাণিত (বিসর্জ্জন— রবীন্দ্র)।

শাণী স্ত্রী [শাণ¹+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শণময় প্রাবরণভেদ (অ.টী)। ২ প্রাবরণাস্তব, তাম্বু (শ ক)। ৩ ছিদ্রবস্ত্র, গোণী (অ চি)। ৪ [শাণ +স্ত্রী ঈ (ঙীষ)] লোহাদির নিকষ (মেদিনী), শাণযন্ত্র। ৫ নিকষপাষাণ (A)। ৬ ['সংজ্ঞা'—মূল, দ্র 'শাট²'] হস্ত-কটাক্ষাদি-সূচনা, ইশারা (শ ক)।

শাণ্ডিল্য পুং [শণ্ডিল+য (ষ্যঞ)] ১ শণ্ডিল-গোত্রাপত্য মুনি-বিশেষ। "শতপথব্রাহ্মণ ৯ ৪ ৪ ১৭ গো রা ২ ৩২ ১৬। মহা ২ ৪ ১৭। শাণ্ডিল্যাসিতদেবলপ্রবরঃ—(গ্রন্থিমন্ত্র)। [ইনি গোত্রপ্রবর এবং শাণ্ডিল্য-সূত্র বা ভক্তিসূত্র গ্রন্থের প্রণেতা। কান্যকুব্জাগত পঞ্চ ব্রাহ্মণের অন্যতম ভট্টনারায়ণ ইঁহার বংশধর।] ২ (শাণ্ডিল্যপ্রিয়) বিল্ববৃক্ষ (অ টী)। ৩ বহ্নিবিশেষ। [°গোত্র (ক্লী)—শাণ্ডিল্যপ্রবর বংশ। "শাণ্ডিল্য-গোত্রজঃ শ্রেষ্ঠো ভট্টনারায়ণঃ কবিঃ। °বিদ্যা (স্ত্রী)—শাণ্ডিল্যকৃত উপাসনাবিশেষ (বেদান্তসার)। °সূত্র (ক্লী)—শাণ্ডিল্যকৃত ভক্তিসূত্র-গ্রন্থ। °সূত্রপ্রবচন (ক্লী)—শাণ্ডিল্যসূত্রব্যাখ্যাগ্রন্থ।]

শাত¹ বিণ [√শো+ত (ক্ত)-র্ম্ম, বিকল্পে 'শিত' (পা ৭ ৪.৪১)] ১ তনূকৃত, কৃশ। "অধস্তাচ্চোদবং শাতম্ গো রা ২ ৮ ৪১। শাতোদরী রঘু ১০ ৬৯। ২ দুর্ব্বল। ৩ তীক্ষ্ণীকৃত, তেজিত, তীক্ষ্ণ। "নারাচান্ …শিলাশিতান মহা ৩ ৪৮ ৬। শৃঙ্গয়োঃ শূলশাতয়োঃ ক সা ৬০.১৩৫। —ত ক্লী সুখ। তু 'সাত'। 'ভণিতমতিশাতম্ গী গো ১০ ৯। [°শিখ (বিণ)—তীক্ষ্ণাগ্র।]

শাত² বিণ [√শদ্+ই (ণিচ্)— √ শাতি+অ (অচ্)-র্ম্ম] ছিন্ন, খণ্ডিত। —ত পুং [+অ-ভা] ১ শাতন, ছেদন, খণ্ডন। "নখ°, কেশ° (সুশ্রুত)। ২ [+অ (অচ)-ক] 'রোগনাশক', ধুস্তূর।

শাতকুম্ভ বিণ [শতকুম্ভ+অ (অণ), স্ত্রী -ম্ভী] 'শতকুম্ভবিকার', স্বর্ণময। 'শাতকুম্ভম্ ·ভদ্রাসনম্ গো.রা ২ ১২ ৭। —কুম্ভ ক্লী ১ 'শত-কুম্ভপর্ব্বতভব', স্বর্ণ। "°ময় রা ২ ৮১ ১০। দ্রুত° মাঘ ৯ ৯। °সম-দ্যুতি।—বিষ্ণু ১ ২৭। শাতকুম্ভ-রচিত কুম্ভ।—ব ৬৬, প ক ২৪৬২। ২ ধুস্তূর। —কৌম্ভ বিণ [+অ, পূর্ব্বোত্তরপদের আদ্যস্বরবৃদ্ধি] স্বর্ণময়, হৈম। "গো রা ২.১০০ ৬৫। °পরিচ্ছদ ভ ৩ ২১ ৩৬। —কৌম্ভ ক্লী স্বর্ণ।

শাতকৌম্ভ দ্র 'শাতকুম্ভ'।

শাতন বিণ [√শাতি+অন (ল্যুট্)-ক, দ্র 'শাত¹, স্ত্রী -নী] ১ ছেদক। 'ইষীকাম্ ·একাঙ্গশাতনীম্ গো বা ৫ ৩৭ ৪। পর্ব্বতপক্ষ° রঘু ৩ ৪২। পক্ষধবেব পক্ষশাতন (বাঙালীর ছেলে) কু কে ১৫৯। ২ নাশক। অমিত্র° ভ ১০ ৫১ ৩৩। ৩ নিবর্ত্তক। "সংসৃতিচক্র° ভ ৬ ৭ ৩৭। —তন ক্লী [+অন-ভা] ১ ছেদন। ২ নাশন। "বসন্তে সর্ব্বশস্যানাং জাযতে পত্রশাতনম্ (শ ক)। গর্ভ° (সুশ্রুত)। ৩ কার্শ্য (শ ক)।

শাতমন্যব বিণ [শতমন্যু+অ (অণ্), স্ত্রী -বী] শতমন্যুসম্বন্ধী, ঐন্দ্র। "কাবযন্নাধিপ ত্যামিব শাতমন্যবম্ কি ১৩ ৩৮।

শাতহ্রদ বিণ [শতহ্রদা+অ (অণ), স্ত্রী -বী] শতহ্রদাসম্বন্ধী, বৈদ্যুত। 'শাতহ্রদমিব জ্যোতিঃ রঘু ১৫ ৮২।

শাতি বি [সং শাস্তি >পা *সথি >বা শাতি] ১ শাস্তি, পীড়ন। "বস না হোযল কবল যে শাতি বি প ৭১, জীবক শাতি ৭৪। ২ দণ্ড। 'ইহার উচিত দিব শাতি ক চ ১৪৯। গো ১৭৯।

শাতোদর বিণ [শাত¹ উদব যাহাব, বহুব্রী, স্ত্রী -বা, -রী] কৃশো-দর। °রী বঘু ১০ ৬৯। —দরী স্ত্রী কৃশোদরী। "মায ৫ ২৩।

শাত্রব বিণ [শত্রু+অ (অণ), স্ত্রী -বী] ১ শত্রুসম্বন্ধী। "শাত্রবং বলম্ গো রা ৬ ৬ ৩৩। নারিকেলাসবং যোধাঃ শাত্রবঞ্চ পপুর্যশঃ রঘু ৪ ৪২। ২ প্রতিকূল, বিবাদী। —ত্রব পুং [+অ স্বার্থে] শত্রু, অরি। "(সঃ) অপ্রধৃষ্যতরশ্চাসীচ্ছাত্রবাণাম্ মহা ৩ ৯৯ ৩৮। মাঘ ১৪ ৪৪। কি ১৪ ২। ভট্টি ৫ ৮১। —ত্রব ক্লী [+অ সমূহার্থে] ১ শত্রুসমূহ। "°ক্ষয। —ম ১২৬৮। ২ [+অ ভাব, কর্ম্ম অর্থে] শত্রুভাব, শত্রুকর্ম্ম, শত্রুতা। "কে দিল কুমতি পুত্র সাধিলে শাত্রব শ্রী ম ৫০। —বীয় বিণ [°ব+ঈয় (ছ)] শাত্রবসম্বন্ধী, প্রতিকূল।

শাদ পুং [√শদ্+অ (ঘঞ)-র্ম্ম (অ টী), √শো+দ-ক, উ ৪ ৯৭] ১ যাহা পদাঘাতে ছিন্ন হয, যাহা ক্ষীণ করে, কর্দ্দম, পঙ্ক। 'পা ৪ ২ ৮৮। ২ ঘাস, শষ্প। "পা ৪ ২ ৮৮। [°হরিত (বিণ) —শষ্পশ্যামল। "অ কো, ভূমিবর্গ ১০।]

শা(সা)দা বিং [ফা সাদাহ্, হি সাদা, ঠ সাধা ; গু সাদাঈ—plain-liness] ১ শ্বেত। "নীল আকাশে কে ভাসালে, সাদা মেঘের ভেলা। —গান ৯৩। ২ সরল, অকপট (মন)। "আজ্ঞি কহি সাদা চিত্তে

গো.বি ৬৪। শাদা খোলা প্রাণ।—বিহারিলাল চক্রবর্ত্তী। যত মীসের শাদা, মুলুক চাদা, শাদা কেহ নয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। আমার স্বামী বড় সাদা মানুষ গ.স ৫৯। ৩ স্পষ্ট, সোজা, খোলা (কথা)। ৪ অঙ্কহীন, দাগশূন্য। ৫ অলিখিত (blank)। "সাদা কাগজ। ৬ বৃক্ষাদিহীন, ফাঁকা (জমি)। —দা বি শ্বেতকায় সাহেব। শাদা কালো, ভেদ রবে না আর।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। দ্র °(১)। ৭ অরঞ্জিত (কাপড়)। ৮ রাজদ্রোহলেশহীন। "আসছে স্থরেন ঘরে ফিরে—এই ত কথা সাদা। [°জবা—শ্বেতজবা ফুল। °জ্বালানি—কাগজ কলম ইত্যাদি ও আলোর তেল। "আমার…শাদা-জ্বালানির দাম বাকি আছে।—য ৭। °ভাত—সাধারণ ভাত (ঘি-ভাত বা পোলাও নহে)। °ভোগ—দেবতার অন্নব্যঞ্জনপায়সাদি ভোগ (খিচুড়ি বা লুচি নহে)। °মাঠা—কারুকার্য্যহীন, কেবল পালিশ করা। "বিসাই গঠিল তাম্র সাদামাঠা করি শূ ১৬৬। °রঙ—শ্বেতরঙ্গ (white colour)। সাদা চোখ—১ অ-রোষকষায়িত চক্ষু, ঠাণ্ডা মেজাজ। "সাদা চোখে সকল সময়ে কাজ হয় না। ২ যে চোখ নেশায় রঙিন নহে। "সাদাচোখে গাধাগুলো প্রেমকে কাদা করে।—রাজকৃষ্ণ রায়। সাদা ধবধবে—অতিধবল। সাদা-সাদা…ঈষৎ শ্বেত। শা(সা)দা শাড়ী—থানের ধুতি। "(মালিনীর) পরিধান শাদা শাড়ী ভা চ ২৭৯।

শা(সা)দাটীয়া,-টে বিং [°দা+টীয়া, টে] শ্বেতাভ।

শা(সা)দাশি(সি)দা, -দে বিং [শা(সা)দা+'শি(সি)দা' (অনু. শব্দ)] ১ সরল, সোজা, অমায়িক। 'সখের প্রাণ, সাদাসিদে।—হেম ৩৭৯। বেচারাম বাবু…সাদাসিদে লোক আ হু ১৬। ২ আড়ম্বরহীন, সাধারণ (পোশাক)। ৩ কুটিলতাহীন, স্পষ্ট, সোজা (কথা)। ৪ অলঙ্কারশাস্ত্রে অনভিজ্ঞ। "সাদাসিদে লোক আমি, উপমার ঘটা, নাহি জানি অ গু ২৩।

শাদী, সাদি[১] বি [ফা শাদী] ১ বিবাহ। "সাদি গো.চ ৩। সাদি বি সু ৯। দেখ সাদিব সমে দোলাব বিবি ডুলি চেপে যায়।—জা ৩৫। মোর বড় ডর তেনা বি পেলটে সাদি করে আ হু ১৮৯। তবে ত তোমার সাতে আমার সাদি হইল ব প্র ৪৫। ২ বিবাহের নিমন্ত্রণ। 'শাদী খাওয়া'। [শাদী হওয়া—বিবাহ হওয়া।]

শাদ্বল বিণ [শাদ্+বল (ড্বলপ্), স্ত্রী -লা] শাদপ্রচুর, শষ্পময়, শাদহরিত, শষ্পাবৃত। "বনে…শ্বাদলে গো রা ৩.৫০.১৪। —ল পুং, ক্লী শষ্পশ্যাম দেশ, শষ্পাবৃতভূভাগ। "শাদ্বলেষু যদা শিশ্যে রা ২.৩০ ১৪। রঘু ২.১৭। কি ৫.৩৭°। °সংস্থিত যাজ্ঞ ৩ ৭। শয্যা শাদ্বলম্।—নাগানন্দ ৪ ২। চ কা ১৩৬। —ল ক্লী কোমল তৃণ (রা.টীকা)। "(ভূমিঃ) শাদ্বলৈর্বহুভিশ্ছন্না রা ২ ৯১ ২৯। চিকণ শাদ্বল-দলে সা.ম ৫৮।

শান[১] পুং [√ শান্ (তীক্ষ্ণীকরণ—ক ক)+অ (ঘঞ্)-ণ] ১ শাণ (শ.ক)। ২ [+অ-ভা] তীক্ষ্ণীকরণ। "খরশান খড়্গে।—কৃ ৩০৪। খরশান অস্ত্র ন.প ৩০৩। ৩ (বাঙ্লায) শানেব ঘর্ষণ। "পাপের সংঘর্ষে যার পড়িছে ভীষণ শান ধর্ম্মেব কৃপাণে।—কা ১৩, স্বভাবটাকে যে শান দিয়ে রাখি ৯৯।

শান[২] বি [সং শ্বন্—শ্বানঃ (প্রথমা-বহুবচন) >প্রা সাণ (হে ১ ৫২), অপ্র] কুকুর। "শান অন্তর্দ্ধান কৈল।—চৈ ২৯৪।

শান[৩], **সান**[১] বি [সাণ >সা(শা)ন, দ্র 'শাট'] সংজ্ঞা, সঙ্কেত, ইশারা। °নআনে দিলেক সান।—মী ৫, আখির দিল সান ৩০। দিলেক কটাক্ষ সান গো.বি ২৮। অঙ্গুলির সানে ব প ৬৪১, হাতসানে ৮৩৭। হাত সানে।—কৃত্তিবাসের আত্মকাহিনী। পথিক সহিত ছিল সান ক চ ১৮১, দেই রামা হাথ সান, ধনপতি ত্যজি মান, দণ্ডবতে পড়িল চরণে ৩০২। হাথ সান শ্রী.ম ২৮৩। হাত সান ন.প ৩৫। যোয়ালার হাত শানে, রাখাল ধরিবা টানে বা.ম ৮৩।

শান[৪], **সান**[২] বি [পাষাণ >শা(সা)ন, ফা 'সাংগ্'—প্রস্তর, সাহান (রঙ্—মালদহ)] ইষ্টকাদিকৃত পাষাণবৎ দৃঢ় জমাট। "সদাগর শানে পাছাড় খায় ম.ম ২০১, শানের ভিটি ২৩৫। সানে বান্ধা চারি ঘাট ভা.চ ২৭৩। সান বাঁধানো পুষ্করিণী।—হ ৬৮।

শা(সা)নক, -ঙ্কুক বি [আ সহ্নক্ (plate)] চীনামাটিব থালা, রেকাবি বা ডিশ্। "সানক বদলি খোরা লহ বি.পা ২২০।

শানা[১], **সানা**[১] বি [ফা শানহ্ (চিরুনি)] চিরুনির মত তাঁতেব যন্ত্রবিশেষ (ইহাতে তানার সূতা গাঁথা থাকে)। 'তাঁতের সানা শ্রী ১১০। [সানাকর—যে সানা বাঁধে বা প্রস্তুত করে। "সানা বান্ধিয়া নাম ধরে সানাকর ক চ ৮৬।]

শানা[২] **সানা**[২] বি [আ শহ্নহ্, হি সহনক, ঠ সানক] ১ প্রধান কোটাল, পুলিসের অধ্যক্ষ (superintendent)। "তাহার উপরে তুমি হয়ে যাও সানা শ্রী ১১, ত্রিষষ্টি গড়ের সানা ১৪, ঢেকুরের সানা ১৭৩। ২ চৌকিদাব (watchman)। ৩ রাজস্বসচিবের (কলেক্টরের) ভৃত্য। ৪ কায়স্থের উপাধি। "ব.প ৩১৭। [সানাভাত—চৌকিদারের বেতনার্থ রাজস্ব, চৌকিদাবী ট্যাকস্। "ক চ ৮৬।]

শা(সা)নাই, -নাঞি বি [সং সানিকা, -নেয়ী, ফা শহ্নাঈ—'শহ্' (বড়), 'নাঈ' (নালী)] বড় বংশীবিশেষ। "শানাই অসংখ্য বাজে।—কৃ ২৮৮। সানাই কাহাল শ্রী ম ১৬৩। সানাঞি বংশী চৈ.ভা ২৬। সানাই কর্ণাল ভা চ ৪৫৯। [°দার—শানাই-বাদক। °দারী—শানাইদারের কর্ম্ম বা বৃত্তি।]

শানাঞি ; শান্থক দ্র শানাই, শানক'।

শান্ত বিণ [√শম্+ত (ক্ত)-ক] ১ শমান্বিত, শমপ্রাপ্ত, নিবৃত্ত, বিরত। "যদা স্বপিতি শান্তাত্মা তদা সর্ব্বং নিমীলতি॥—মনু ১ ৫২। শান্তা (মদদুর্দ্দিনশ্রীঃ) রঘু ৫.৪। °মৃগপ্রচারম্ (কাননম্) কু.স ৩ ৪২। শান্তো লবঃ উ.চ ৬ ৭। ২ বীত, বিগত। "শান্তজ্বর। ৩ অক্ষোভ, নিস্তরঙ্গ। "(নদীম্) সুশান্ততোয়াম্ (পাঠান্তর) মহা ৩ ৬৪.১১২। ৪ ক্ষোভরহিত, অনাকুল, স্বস্থ। "কৃষ্ণভক্ত নিষ্কাম—অতএব শান্ত চৈ চ ১৯৯। শান্ত হ'রে মম চিত্ত নিরাকুল, শান্ত হ'বে ওরে দীন!—রবীন্দ্র। ৫ শমপ্রধান। "শান্তমিদমাশ্রমপদম্ শ ১ ১৫, ৪.২০। ভারতেব পরিচয় শান্ত শিব অদ্বৈতের সনে স স্ব ৯২। ৬ ইন্দ্রিয়ক্ষোভশূন্য, জিতেন্দ্রিয়, বশী। "রঘু ১২.২০। ৭ কোমল, স্নিগ্ধ। "শান্ত (গন্ধ) ভ ৩.২৬.৪৫। ৮ অনুদ্ধত, শিষ্ট। ৯ অনুদ্ধত, মন্দ, ধীর। "শান্তানুকূলপবনঃ শ ৪ ১১। ১০ নির্ব্বাণ। "অগ্নিমিব সংশান্তম্ রা ২ ৬৬.১। শান্তার্চ্চিস্ মহা ১ ১৫১.৪২। শান্তার্চ্চিষং দীপম্ কি ১৭ ১৬। ১১ অহিংস্র, অহিংসক। "আশ্রমং শান্তমৃগম্ রঘু ১৪.৭৯। ১২ অবিকৃত। "আত্মানমুপৈতি শান্তমানন্দম্ ভ ২ ২.৩১। ১৩ তুষ্ট। "°হৃদয়।—ছান্দোগ্য ৮ ৮ ৩। শান্তেন মনসা রা ১ ১০.৩২। ১৪ প্রক্ষীণ। "°রজসম্ গী ৬ ২৭। ১৫ শুভসূচক। "°রব। ১৬ [দ্র 'শমিত'] ১ নির্ব্বর্ত্তিত, চরিত। "মুনেঃ শান্তব্রতস্য ভ ৩ ২১.৩৭। ২ প্রসাদিত, তর্পিত। ৩ প্রশমিত, অপনীত। "শান্তরথক্ষোভপরিশ্রম রঘু ১ ৫৮। ৪ প্রক্ষালিত। "°মল। ৫ প্রতিহত, মোঘীকৃত (অস্ত্র)। ৬ নিহত। "স হি শান্তঃ কিরীটিনা মহা ১ ২.২৫৭। —ন্ত পুং ১ জিতেন্দ্রিয়, অভিযুক্ত (মেদিনী)। ২ রসবিশেষ। [ইহার শম স্থায়িভাব, রোমাঞ্চাদি অনুভাব, নির্ব্বেদহর্ষাদি ব্যভিচারিভাব (সা.দ ৩.২৪৫-২৪৮)। 'ন যত্র দুঃখং ন চিন্তা ন রাগদ্বেষৌ ন চ কাচিদিচ্ছা। রসঃ স শান্তঃ কথিতো মুনীন্দ্রৈঃ সর্ব্বেষু ভাবেষু সমপ্রমাণঃ॥—সা দ ৩ ২৪৫/২৫০।] —ন্ত ক্লী [+ত-ভা] ১ শান্তি, শম। ২ 'শমযুক্ত', সত্ত্বময় বপুঃ। "(পুরুষঃ) তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা।—ভ ৪.৩০.৪। —ন্তা[২] স্ত্রী [শান্ত+স্ত্রী আ (টাপ্)] ১ কৌশল্যাগর্ভজাতা

দশরথকন্যা ঋষ্যশৃঙ্গপত্নী (রা ১ ১০-১১তম সর্গ)। "উ চ ১ ৪। সী ৪। ২ শমীবিশেষ। ৩ (সঙ্গীতে) শ্রুতিবিশেষ [°ক্রোধ (বিণ) —বীতরোষ। °গুণ (বিণ)—উপশান্তজীবনধর্ম্ম (রা টীকা), মৃত। "নৃপে শান্তগুণে জাতে রা ২ ৬৫ ২৪। °চেতাঃ (-তস্), °মনাঃ (-নস্) বিণ—অবিকৃতচিত্ত। "হি ১ ১৫২। °জ্বর (বিণ)—বিগতজ্বর, বীতশোক। 'মহা ৩ ৭৬ ৫৩। °মূর্ত্তি (বিণ)—স্নিগ্ধমূর্ত্তি। '(রামম্) শান্তমূর্ত্তিম্ (বন্দে)।—মহানাটক, কৃ ১। ব.প্র ৫৫০। °রজাঃ (-জস্) বিণ—প্রক্ষীণমোহাদিক্লেশ। "গী ৬ ২৭। °রব (বিণ)—শুভশব্দকারী (পক্ষি-প্রভৃতি)। °রশ্মি (বিণ)—স্নিগ্ধকর, মন্দরশ্মি (সূর্য্যাদি)। °রস (পুং)—সর্থ 'শান্ত পুং(২)। °লাভ (বিণ) —নিবৃত্তকুসীদ (ঋণ)। °হৃদয (বিণ)—তুষ্টমনাঃ। দ্র 'শান্ত (১৩)।]

শান্তনব পুং [শান্তনু+অ (অণ্)] শান্তনুপুত্র ভীষ্ম। শান্তনবে শয়ানে মহা ১ ১ ১৮৬।

শান্তনু দ্র 'শন্তনু'। [°নন্দন (পুং)—শান্তনুর পুত্র ভীষ্ম, চিত্রাঙ্গদ, বিচিত্রবীর্য্য।]

শান্তম্ ব্য বারণ, নিষেধ। 'শান্তং পাপম্ শ ৫$\frac{২}{১}\frac{০}{১}$। মৃ ৩$\frac{৯}{১০}$।

শান্তা[১] সর্ম্ম [শান্ত+আ[৯]] ১ শান্ত করা, প্রবোধ দেওয়া, সুস্থ করা। "কেহ কারে না শান্তায়।—কৃ ১০৮। শান্তাইল অ প ৫, শান্তাইয়া ৬৭, ম পা ১৭১, ম ম ৩১, ৬০, বি স্ন ৪০। শান্তাইল ব প ৮১০, ম বি ১০ ২১৫, শান্তান ১০৮।

শান্তা[২] দ্র 'শান্ত'।

শান্তার্চ্চিঃ (-র্চ্চিস্) বিণ [বহুব্রী] বীতজ্বাল, নির্ব্বাণ। "শান্তার্চ্চিষং দীপম্ কি ১৭ ১৬।

শান্তি স্ত্রী [√শম্+তি (ক্তিন্)-ভা] ১ শম, কামক্রোধাদিপ্রধ্বংস, কামাদিপ্রশম (অ টী)। ২ উপশম, নিবৃত্তি। "এষা বৈ বাধতে ক্ষুন্নন্তচ্ছান্তিং কর্ত্তুমর্হথঃ।—ভ ১০ ২৩ ১। ৩ উপশম, সর্ব্বদুঃখাপবম (টীকা)। "গী ২ ৬৬, ১২ ১২। ৪ মোক্ষ, কৈবল্য, নির্ব্বাণ। "গী ২ ৭০, ৭১। °মার্গোৎসুকঃ (অভূৎ) রঘু ৭ ৭১। ৫ প্রশমাবস্থা, নাশ। "ভাবস্থ শান্তিঃ সা দ ৩ ২৬৭। ৬ ইন্দ্রিয়োপশম (নাগোজীভট্ট)। ৭ বিধ্বংস। "অধ্বববিঘাতশান্তয়ে রঘু ১১ ১। ৮ চিত্তোপশম (অ টী), চিত্তনির্বৃতি। "(স্মরতানি) স্মব সংস্মৃত্য ন শান্তিরস্তি মে।—কু স ৪ ১৭। শান্তিঃ করণীয়া।—হি ১$\frac{১}{১}\frac{৮}{১}\frac{২}{১}$। ৯ ভদ্র, মঙ্গল। লোকানাং শান্তিঃ গো বা ৩ ১৮ ৪৬। তস্ত শান্তিঃ পরিত্যাগে মহা ১ ১১৫ ৩৬। ১০ গ্রহাদিহেতুক উপদ্রবোপশম, দুর্দৈবনাশ। "শান্ত্যুদক ভট্টি ২ ২০। ১১ মুক্তি, বিরহিতীভাব। 'অধুনা চ স শাপো বঃ সর্ব্বেষাং শান্তিমাগতঃ ক সা ২৫ ২৬০। ১২ দুঃখোপশম। 'ন লেভে শান্তিমাত্মনঃ।—রা ১ ৬৪ ১৬। ১৩ তৃষ্ণাক্ষয (অ চি)। ১৪ বিষয়সমূহ হইতে ইন্দ্রিয়োপবম (শ ক)। ১৫ নির্বৃতি, সুখ। "ভূতেষ্ বদ্ধবৈরস্য ন মনঃ শান্তিমৃচ্ছতি ভ ৩ ২৯ ২৩। ১৬ তূষ্ণীম্ অবস্থান। 'রা ২ ৬৯ ৪। ১৭ সান্ত্বনা, সমাশ্বাস। "(রামঃ) মধুরতরমুবাচ শান্তিযুক্তম্ গো বা ২ ২০ ৪৭। ১৮ নাশ, বধ। 'কু.স ২ ৫১। ১৯ [+তি-ণ] দুদৈবপ্রশমনার্থ হোম। "হুত্বা শান্তিম্ রা ২ ২৫ ২৯। ২০ শান্তিস্বরূপা দুর্গা। "শান্তিত্বাচ্ছান্তিকচ্যতে।—দেবীপুরাণ (শ ক)। ২১ নীবাজনবিশেষ। 'বৃহৎসংহিতা ৪৪ ২। ২২ (বাঙ্লায) শান্তিকর বেদমন্ত্র। "অ প ১২৩। —স্তি পুং অর্হদ্‌বিশেষ। [°কর (বিণ) —শুভকর। "অ° ভ ৫ ২২ ১৬। বৃহৎসংহিতা ৪৭ ৯। °করণ (ক্লী) —দুর্দৈবপ্রশমন, অশুভক্ষয়। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—দুর্দৈবপ্রশমনার্থ অনুষ্ঠান, স্বস্ত্যয়নাদি। °কৃৎ (বিণ)—শান্তিকর। "মহা ১৪ ৭৭ ২৩। °জল, °সলিল (ক্লী)—দুর্দৈবনিরাকরণার্থ মন্ত্রপূত জল, শান্ত্যুদক। "°জল। —কাদ ২৩। °পাত্র (ক্লী)—শান্তিজলকুম্ভ। °বাচন (ক্লী)—শান্তিনিমিত্ত মন্ত্রপাঠ। "পা ৫.১ ১১১, কাশিকা। °সূক্ত (ক্লী)—শান্ত্যর্থ মন্ত্র। "শ্রী মা ১৩০। °হোম (পুং)—দুর্দৈবশান্তিনিমিত্তক হোম।]

শান্তিক বিণ [শান্তি+ইক (ঠক), স্ত্রী -কী] শান্তিসম্বন্ধী, শান্তিকর। "°পৌষ্টিকমন্ত্র।—বৃহৎসংহিতা ৪৪ ২০। —ক ক্লী শান্তিকর মন্ত্র। 'শান্তিকম্ (জপ্যম্) মহা ১৩.১৫০ ৩।

শান্তিগৃহ, -সদ্ম (-দ্মন্) ক্লী [উ.লো] ১ শান্ত্যর্থ বা শান্তিকর্ম্মানুষ্ঠানার্থ গৃহ। "বৃহৎসংহিতা ৪৪ ৪, ৫। ২ বিশ্রামভবন (A.)। ৩ যজ্ঞশেষে শান্তিকুম্ভজলে স্নানার্থ গৃহ, আথর্ব্বণ (অ চি)।

শান্তিনিকেতন বি শোকশান্তির স্থান। "নাগবালা, শাপান্তে সাপিনীবেশ করিয়া মোচন, আনন্দে পেয়েছে যেন °তন অ গু ৩৯।

শান্তিপর্ব্ব (-র্ব্বন্) ক্লী [উ লো] শান্তিবিষয়ক পর্ব্ব, মহাভারতের দ্বাদশ পর্ব্ব। [কুরুক্ষেত্রের যুদ্ধাবসানে যুধিষ্ঠিরের চিত্তশান্তির নিমিত্ত ইহাতে ভীষ্ম কর্ত্তৃক নানা উপদেশপূর্ণ বিষয ও আখ্যান কীর্ত্তিত হইয়াছে।]

শান্তিপাঠ বি শান্তিনিমিত্তমন্ত্রপাঠ, শান্তিবাচন। "হে বৈরাগী! কর শান্তিপাঠ চ কা ২৯৪।

শান্তিভঙ্গ বি উপদ্রবাদি দ্বারা সাধারণের মনের শান্তিনাশ।

শান্তিরক্ষক বি উপদ্রবাদিনিবারণপূর্ব্বক সাধারণের শান্তিরক্ষাকারী, কোটাল, পুলিসকর্ম্মচারী। "তখন কলেকটরই শান্তিরক্ষক ছিলেন ব.প্র ৪০৩। —রক্ষা বি সাধারণের শান্তিভঙ্গ-বারণ।

শান্তিরক্ষা দ্র 'শান্তিরক্ষক'।

শান্তিরি বি [E sentry] শান্তিরক্ষক, চৌকিদার। "বা দ ১৮৭।

শান্তিসদ্ম দ্র 'শান্তিগৃহ'।

শান্তিস্বস্ত্যয়ন বি দুর্দৈববারণার্থ দেবার্চ্চনহোমাদি কার্য্য।

শান্ত্যুদক ক্লী [উ লো] শান্ত্যর্থ উদক, উপদ্রবোপশমনার্থ মন্ত্রপূত জল শান্তিজল। 'বৈতানিকং শান্ত্যুদকম্ শ ৩$\frac{২}{১}$।

শান্ত্যুদকুম্ভ পুং [উ লো, পক্ষে 'শান্ত্যুদককুম্ভ' (পা ৬ ৩ ৫৯)] শান্ত্যর্থ উদকে পূর্ণ কুম্ভ, শান্তিজলকলস। "°হস্ত ভট্টি ২ ২০

শাপ[১] পুং [√শপ+অ (ঘঞ্)-ভা, 'শাপ'—অভিশাপ (ঋগ্বেদ ৭. ১৮ ৫, সাযণ)] ১ 'অনিষ্ট হউক' ইত্যাদিরূপ অপ্রিয়াশংসা, আক্রোশ, অভিসম্পাত। 'রা ১ ২৫ ৯। পূ মে ১। ২ শপথ, দিব্য। ৩ উপদ্রব। "মুক্তশাপং বনম্ বা ১ ২৬ ৬৫। দ্র টীকা'। [°গ্রস্ত, °পরিক্ষত (বিণ) —শাপোপহত, অভিশপ্ত। 'গুরুশাপপরিক্ষত বা ১ ৬০ ২৫। °নিবৃত্তি (স্ত্রী)—শাপমুক্তি, শাপাবসান। "°নিবৃত্তিকারণম্ রঘু ৮ ৮২। °প্রদান (ক্লী)—শাপবাক্যোচ্চারণ। °ভ্রষ্ট (বিং)—শাপ হেতু স্বদশাচ্যুত বা দশান্তরপ্রাপ্ত। "সে বিদ্যায় শাপভ্রষ্টা সরস্বতী হইবে ব প্র ২২৩। °মুক্ত (বিণ)—শাপবিরহিতীভূত, শাপান্তগত। °মুক্তি (স্ত্রী), °মোক্ষ (পুং) —শাপনিবৃত্তি। °যন্ত্রিত (বিণ)—শাপগ্রস্ত।]

শাপ[২] সর্ম্ম [শাপ[১] > °প] শাপ দেওয়া। "নিজ পত্নী ডাকিযা শাপিল মুনিরাজ ম পা ২৮। কোন দোষে শাপি ম.ম ১০৮।

শাপান্ত, -পাবধি পুং, **-পাবসান** ক্লী [ষ ত] শাপনিবৃত্তি, শাপমুক্তি। 'শাপান্তো মে।—উ মে ৪৯। শাপান্ত।—ম ৬৬৭, ম.পা ২৮। ম ম ৩৯। [শাপাবধিদা (বিণ)—শাপাবসানদায়িনী। "আহ সঃ ...শাপাবধিদাং সরস্বতীম্ কু স ৪ ৪৩।]

শাপাবধি, শাপাবসান দ্র 'শাপান্ত'।

শাপাম্বু ক্লী [উ লো] শাপপ্রদানার্থ গৃহীত জলাঞ্জলি।

শাপাস্ত্র বিণ [বহুব্রী] যাহার শাপ অস্ত্রবৎ কার্য্যকর, শাপায়ুধ। "ত্রাণাভাবে হি শাপাস্ত্রাঃ কুর্ব্বন্তি তপসো ব্যয়ম্ রঘু ১৫.৩।

শাপিত বিণ [√শাপি+ত(ক্ত)-র্ম্ম] কারিতশপথ। "শাপিতোঽসি গোব্রাহ্মণকাম্যয়া।—মৃ ৩। অস্মচ্ছরীরস্পৃষ্টিকয়া শাপিতোঽসি।—মৃ ৩$\frac{২}{১}\frac{৯}{০}$।

শাপোৎসর্গ পুং [ষ ত] শাপবাক্যোচ্চারণ।

শাপোদ্ধার পুং [প.ত] শাপমুক্তি। "অহল্যা°।

শাক্করিক পুং [শকর+ইক (ঠক্)] মৎস্যঘাতক, ধীবর। "পা ৪.৪।৩৫, কাশিকা।

শাব[1] বিণ [শব+অ (অণ্)] ১ শবসম্বন্ধী। "শাবশেষাস্থি (পাঠান্তর) রা ২.৭৭২২। ২ শবনিমিত্ত। "শাবমাশৌচম্ মনু ৫ ৫৯, যাজ্ঞ ৩ ১৮। ৩ শ্যাম (নীলকণ্ঠ), বিবর্ণ। "ভর্ত্তুঃ শাবং কলেবরম্ মহা ৩ ২৯৭ ৬২। —ব পুং পিশঙ্গবর্ণ, কেকাশে রঙ। —ব ক্লী শবাশৌচ, মৃতাশৌচ।

শাব[2] পুং [√শব্+অ (ণ)-ক (অ টী)] 'সততগামী', শিশু, পোত, শাবক। "মৃগ° গো রা ৩.২৪ ১৮। সিংহ° ।—হ ১৬০ ৪৭, মৃগাঃ সার্দ্ধং শাবৈঃ ২ ৯৭ ৫। মৃগ° শ ২ ১৮। মৃগরাজ° রঘু ৬ ৩। —বক পুং [শাব+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'শাব'। 'পক্ষি°, পিক° বক°, মূষিক°, মৃগ°, শুক°। শাবকহিংসাশঙ্কায় উত্তেজিতা হংসীর ন্যায় গ্রীবা ব প্র ১৪১। ২ [বাঙলায়, অসাধু] মানবশিশু। "দেখে চেয়ে আতাই শাবকে লয়ে যায় শ্রী মা ৪১।

শাবক দ্র শাব'।

শাবণ বি [দ্র 'শাওণ', অপ্র] শ্রাবণমাস। ব প ১১৩।

শাবর[1] বিণ [শবর+অ (অণ), স্ত্রী -রী] ১ শবরসম্বন্ধী, বর্ব্বরোচিত (barbarous)। ২ ক্ষুদ্র, নীচ। —বর পুং [সাবর দন্ত্যাদি (অ টী)] ১ পাপ। ২ লোধ্রবৃক্ষ। ৩ শবরস্বামিকৃত মীমাংসাভাষ্য। —বর ক্লী ১ তাম্র (অ চি)। ২ চন্দনবিশেষ। —বরী স্ত্রী শবর প্রযোজ্য প্রাকৃতভাষাবিশেষ। 'সা দ ৬ ১৬২।

শাবর[2] '-ব্' বি [সং শম্বর] মৃগবিশেষ। °রের চামডা।

শাবরী দ্র 'শাবর[1]।

শাবল বি [সং শর্ব্বলা, E shovel] লৌহময় খনিত্রবিশেষ।

শাবান; শাবাশ, শাবাশী; শাবুৎ দ্র 'সাবান, সাবাস সাবুৎ'।

শাব্দ বিণ [শব্দ+অ (অণ), স্ত্রী -ব্দী] ১ শব্দসম্বন্ধী, শব্দভব শব্দবিষয়ক। বিপ 'আর্থ'। শাব্দী হ্যাকাঙ্ক্ষা শব্দেনৈব পূর্য্যতে সা দ ২-১/৪। ২ ধ্বনিসম্বন্ধী, ধ্বনিযুক্ত। ৩ বাচিক। ৪ শব্দময়। 'শাব্দস্থ হি ব্রহ্মণ এব পন্থাঃ ভ ২ ২ ২। ৫ (ব্যাকরণে) নামসম্বন্ধী, অর্থাৎ শব্দের উত্তরে প্রযোজ্য (বিভক্তি)। —ব্দ পুং শব্দশাস্ত্রবিৎ, বৈয়াকরণ। —ব্দী স্ত্রী শব্দময়ী, সরস্বতী। [°বোধ (পুং)—বাক্যার্থজ্ঞান। 'ভাষাপরিচ্ছেদ ৮১। °ব্যঞ্জনা (স্ত্রী)—পদধর্ম্মবোধিতা ব্যঞ্জনা। দ্র 'সা দ ২ ১৩, টীকা।]

শাব্দিক বিণ [শব্দ+ইক (ঠক)] শব্দকাবক, অর্থাৎ প্রকৃতিপ্রত্যয়-বিভাগপূর্ব্বক শব্দের ব্যুৎপাদয়িতা। —ক পুং বৈয়াকরণ। 'পা ৪ ৪ ৩৪, কাশিকা।

শাব্দী দ্র 'শাব্দ।

শাম বি [সং শম্ব, হি শাম] ঢেকীর মুষলের অগ্রলগ্ন লৌহবলয় বা গুলা। [°চণ্ডী—শামের অধিষ্ঠাত্রী দেবতা। শাম ভাঙা—বিবাহাদিতে ঢেঁকীর কাজে শামচণ্ডীর উদ্বোধনরূপ স্ত্রী-আচারবিশেষ (চব্বিশপরগনা)।]

শামর বিং [সং শ্যামল > প্রা সামল > শামর] শ্যামস, শ্যামবর্ণ। "নীল-উতপল。-দাম-শামর。-ধাম শ্যামর দেহ প ক ৫৩১। রি বিং শ্যামলা (প ক)।

শামলা[1] বিং [সং শ্যামল > লি, প্রা সামল, হি সাংবলা, ঠ সাংবলা, প সাংবলা, সামলা, সি সাংবিল] কৃষ্ণ, কাল। 'শামলা গাই ব প্র ৬৪৮,-৯। —লী বি শামলা গাইএর নাম। "আসিত ছুটিয়া 'শামলী' 'ধবলী' ।—ন ৮৫৩।

শামলা[2] বি [আ শাম্লা] কিনারায় চিকণ-কাজ-করা কুঞ্চিত পাগড়ী। "কমলাকান্ত…উকীলের শামলার প্রতি চাহিল ব.প্র ৬৪৮। ব বি ৬১১। [°ওয়ালা—শামলাধারী (উকীল)। "ব ৬৪৮।]

শামলী দ্র 'শামলা[1]।

শামা[1] বি [সং শ্যামা > প্রা সামা (হে), হি শামা, কথ্য] ১ কালী। "°ঠাকরুন, °পূজা, °বিষয়। ২ শ্যামালতা। ৩ শ্যামা পক্ষী। ৪ শ্যামা দূর্ব্বা।

শামা[2] অর্ম্ম [সং √শম্ > শাম্ > শামা] শান্ত বা স্থির হওয়া। "গরল আনলে。শরীর বিকল。শামাইতে নাবে যেন চ দা ১০৫।

শামাদান বি [আ শাম্আ' (দীপ)+দান[3]] দীপাধার, বাতিদান। 'স্ফাটিক শামাদানের তীব্রোজ্জ্বল আলা ব প্র ৯১।

শামিত্র বিণ [শমিতৃ+অ (অণ), স্ত্রী -ত্রী] শমিতৃসম্বন্ধী, যজ্ঞে পশুঘাতকসম্বন্ধী। °কর্ম্মন্ ভ ১ ১৬৮। —মিত্র পুং যজ্ঞিয়মাংস-পাকার্থ অগ্নি। —মিত্র ক্লী ১ যজ্ঞে পশুঘাতকের কর্ম্ম। (বৈবস্বতঃ) শামিত্রমকরোৎ মহা ১ ১৯৭ ১। হ ২২২ ৪। ২ মারণবিশসনাদি কর্ম্ম। 'রা ১ ১৪ ৩১। ৩ যজ্ঞে পশুবধস্থান।

শামিয়ানা বি [ফা শাম্‌য়ানা, হি, ঠ শামিয়ানা] চন্দ্রাতপ, চাঁদোয়া। 'খাটায়েছে · তাম্বু শামিয়ানা ব প ৭৪৭।

শামিল বিং [আ শামিল] ১ অন্তর্গত। ২ মিশ্রিত। ৩ সংযুক্ত।

শামুক বি [সং শম্বুক] শম্বুক। শামুকের খোল।—কু ৪১। [শামুকে খোল—যে নারিকেলের খোল শামুকের মত অল্প। শামুকে পেট—অল্প-খোল বা ছোট পেট।]

শাম্ব; শাম্বর[1] দ্র 'সাম্ব, সাম্বর'।

শাম্বর[2] বিণ [শম্বর+অ (অণ) স্ত্রী -বী] ১ শম্বর হইতে আগত, শম্বরসম্বন্ধী। শাম্বরং বসু— ঋগ্বেদ ৬ ৪৭ ২২। ২ শম্বরকৃত। 'আশ্রিত্য শাম্বরী° মায়াম্ ।—হ ১৪৩ ৫৮। —রী স্ত্রী শম্বরসম্বন্ধিনী', মায়া (অ কো)।

শাম্বু (ম্বূ)ক পুং [শম্বু(ম্বূ)ক+অ (অণ) স্বার্থে] শম্বুক।

শাম্ভব বিণ [শম্ভু +অ (অণ) স্ত্রী -বী] ১ শম্ভুসম্বন্ধী শিবসম্বন্ধী। ২ শম্ভুদেবতাক, শৈব। 'শাম্ভবা গণাঃ ক সা ১২ ১৬৭। ৩ শম্ভুপ্রিয়। শাম্ভবী মুদ্রা। —ব পুং ১ শম্ভুসুত গণেশাদি। ২ শৈব। ৩ কর্পূর। ৪ গুগ্‌গুলু। ৫ বিষভেদ, হলাহল (?)। —ব ক্লী দেবদারু। —বী [°ব+স্ত্রী ঈ (ঙীপ)] 'শম্ভুশক্তি', দুর্গা।

শাম্য বিং ১ শমপ্রাপ্ত শান্ত, নির্ব্বাণ, শীতল। '(খুল্লনা সাবলে কয়) যদি বা স্বকৃত পাপ, উচিত কবিবে, বাপ। নহে শাম্য হও মোর করে ক চ ১৮২। বিরহে শরীব দাহ, কোনমতে শাম্য নহে বি মু ১৪৮। ২ শান্ত, ক্রোধত্যাগপূর্ব্বক প্রকৃতিস্থ। (ভূপাল) তথাপিও শাম্য নহ এ কি ঠাকুরাল।—বি মু ১২৮। ৩ সান্ত্বনাপ্রাপ্ত বীতশোক, সুস্থ। "পতি কুরে রোদন, বোদন কবে সতী। কোনমতে শাম্য নহে ভূপতিসন্ততি॥ —বি মু ১৫০।

শায়ক বিণ [√শী+অক (ণ্বুল্)-ক স্ত্রী -য়িকা] শয়নকারী, শায়ী। 'সলিলান্তর°।—বিষ্ণু ১৫৫। —যক পুং [√শায়ি+অক-ক তু 'সায়ক'] শক্রশায়য়িতা', বাণ। মন্মথ° (পাঠান্তর) নৈ ৪ ১০১। ভুরুযুগ ধনু ধরে কুসুমশায়ক।—ম ৯৫৩। —য়িকা স্ত্রী [+অক ধাত্বর্থনির্দ্দেশে] শয়ন। পা ৩ ৩ ১০৮, বার্ত্তিক।

শায়িত বিণ [শী+ই (ণিচ)+ত (ক্ত)-র্ম্ম] ১ কারিতশয়ন। "তৈল-দ্রোণ্যাং শায়িত° তম্ রা ২ ৬৬ ১৬ (তে বিষ্ণুনা) শায়িতাশ্চ মহীতলে ৭ ৭ ২২। শায়িতোঽশুচিপর্য্যঙ্কে ভ ৩ ৩১ ২৬। ২ [সং শয়িত, তু 'শায়ী', অসাধু] (বাঙলায়) শায়িত, নিদ্রিত। (হতভাগ্যগণ) সায়াহ্নে শায়িত হ'ল অনন্ত-শয়নে।—ন ৫১২। ৩ শয্যাতলম্বিত। "মুহূর্ত্তেক রূপবতী মুদিয়া নয়ন。রহিল শায়িতা ন ১০১১, মূর্চ্ছান্তে আমার。দেখিনু পাতালপুরে বাসুকিআলয়ে。রয়েছি শায়িতা ১০৩৩।

শায়ী (-য়িন্) বিণ [√শী+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -য়িনী]

১ শয়নকারী, শায়ক, স্বাপক। "শিশিরে সলিলে শায়ী রা ১ ৬৩ ২৪। কন্দরশায়িন্, কুশস্তর°, পুলিন°, ভস্ম°, ভূশায়িন্ (SW)। সমুদ্রসলিলশায়ী শ্রী ম ১৯৩। কারণতোয়°, গর্ভোদ°, পয়োব্ধি° চৈ চ ১, কৃষ্ণ ক্ষীরোদশায়ি-অবতার ২৫, শেষশায়ি-লীলা ১৫৯ সুপট্ট-শয়নশায়ী ২০৯। শেষশায়ী সঙ্কর্ষণ।—ব ৩৫। সুপট্টশয়নশায়ী।—মে ২০৯। ২ (বাঙ্‌লায়) পতিত। সীতাও বাতাভিহতা কদলীর ন্যায় ভূতলশায়িনী হইলেন সী ৪২।

শায়েস্তা বি° [ফা শাযস্‌তা, শইস্‌তা] ১ শিষ্ট, ভদ্র, বিনীত। ২ যোগ্য, উপযুক্ত, সঙ্গত। 'শায়েস্তা জবাব। ৩ শাসিত।

শার১ বিণ [শার+অ (অচ) স্ত্রী -বা] শারযুক্ত, নানাবর্ণবান্‌' কর্ব্বুর। —র পুং [√শৄ+অ (ঘঞ্)-ণ, পা ৩ ৩ ২১, বার্ত্তিক] ১ বায়ু। ২ বর্ণ। শারো বর্ণঃ। চিত্রীকরণমিত্ত ধাত্বর্থ (সি)। ৩ নিবৃত, আবরণ (সি)। ৪ [+অ-র্থে] অক্ষোপক্ষরণ শারি। 'অয়ানয়ীনঃ শারঃ পা ৫ ২ ১, সি। প্রমাদদত্তশার (দশকুমার)। কাল' কাল্যা ভুবনফলকে ক্রীডতি পাণিশারৈঃ (SW)। ৫ [+অ-ভা] হনন, হিংসন। [°ক্রীড়া (স্ত্রী)—অক্ষক্রীড়া। 'শকুনে শারক্রীড়া' প্রবর্ত্তয় বা ভা ২ ১২।]

শার২, সার বি [ঠ সাঈর, সার—পক্ষি-প্রভৃতির ঝাঁক, বানরাদির যূথ] শ্রেণী। 'মধুভিক্ষু সারে সারে আগত কুঞ্জের দ্বারে।—গান ৭৪। দু পাশে সজেরা সার ('শার'—পাঠান্তর) বেঁধে চল্লো।—হু ৭৭। [°বন্দি—শ্রেণীবদ্ধ। সার বাঁধা—শ্রেণীবদ্ধ হওয়া। সার-বাঁধা—শ্রেণী-বদ্ধ। 'সার-বাঁধা ঘরগুলি প কা ১৮।]

শা(সা)রঙ্‌, -ঙ্গ৩ বি [সং শা(সা)রঙ্গী] বেহালার মত তন্ত্রবাদ্য-বিশেষ। —ঙ্গী১ বি [°ঙ্গ+ঈ১] শারঙ্গীবাদক। [শারীঙ্গে—শারঙ্গ-বাদক। 'শারীঙ্গেরা বড়রকম সেলাম বাজালে।—হু ৬২।]

শারঙ্গ১ পুং [শার অঙ্গ যাহার, বহুব্রী, শকন্ধ্বাদি √শৄ+অঙ্গ (অঙ্গচ), উ ১ ১১৯] ১ 'বিচিত্রাঙ্গ', চাতক। 'ম ২৭২। ২ ময়ূর। ৩ ভৃঙ্গ। ৪ হরিণ। ৫ গজ। —রঙ্গী২ স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ৬ (ঙীষ)] ১ চাতকী। ম ২৭৩। ২ তন্তবাদ্যবিশেষ, শারঙ।

শারঙ্গ২ বি [সং শার্ঙ্গ >প্রা সারঙ্গ (হে ২ ১০০), পদ্যে] ১ বিষ্ণুর বা কৃষ্ণের ধনু। '(গোবিন্দ) ধরিয়া শারঙ্গ ধনু চড়াইল গুণ।—ম ১৩৯। অ প ১১৬। ব প ৯৫৫। ২ পদ্ম। সেহি শঙ্খ চক্র গদা শারঙ্গ ধরে শ্রী কী ৪, ৫৮, ৮৫,-৭। [শারঙ্গ' শব্দের প্রকৃত অর্থ 'শার্ঙ্গ-ধনু', উদ্ধৃতাংশে শঙ্খাদির বর্ণনা হেতু পদ্ম' অর্থই সঙ্গত। ইহা কি কবির ভ্রম (?)।]

শারঙ্গ৩ দ্র 'শারঙ'।

শারঙ্গপাণি বি [সং শার্ঙ্গ°, পদ্যে] শার্ঙ্গধর বিষ্ণু। শ্রী ম ৬।

শারঙ্গিণী বি [°ঙ্গ+ইনী] শারঙ্গী, চাতকী। 'ম ২৭২,-৩।

শারঙ্গী১; শারঙ্গী২ দ্র 'শারঙ শারঙ্গ১'।

শারণিক বিণ [শরণ+ইক (ঠক)] শরণাগত। মহা ১২ ৯১ ৩৬ নীলকণ্ঠ। —ণিক পু রক্ষার্থী। মহা ১৩ ১০৪ ১১৭।

শারদ বিণ [শরদ্‌+অ (অণ), স্ত্রী -দী, ছান্দস] ১ শরৎসম্বন্ধী। "শারদী রজনী বা ২ ১০১ ১১। দিবসং শারদম্ রঘু ১০ ৯। শারদ ইন্দু ক চ ১৯। শারদ যামিনী।—জ্ঞা ১২৫। শারদ, হংস শবদ শুনি।—ব ১৮৭। কে বলে শারদ শশী সে মুখের তুলা?—ভা চ ২৯০। মে ১৫৩। ভাসিছে শারদ শশী শারদ আকাশে।—ন ১০০৯। ২ শরদ্ভব, শর-দুদ্ভব। "শারদো রোগ আতপো বা।—পা ৪ ৩ ১৩ সি। শারদৈর্মেঘৈ-র্মুক্তৈঃ মনু ৬ ১১। শারদেন্দীবরশ্যাম ভ ৩ ২৬ ২৮। ৩ অভিনব, প্রত্যগ্র। ৪ অপ্রতিভ, অপ্রগল্‌ভ (অ টী)। ৫ শালীন (অজয়)। ৬ সংবৎসরসম্বন্ধী (সায়ণ)। "ঋগ্বেদ ১ ১৩১ ৪। —রদ পুং ১ কাশ। ২ বকুল। ৩ হরিতমুদ্‌গ, মুদ্‌গ। ৪ 'শরদৃতুযুক্ত', সংবৎসর (নীলকণ্ঠ)। 'গর্ভো ববৃধে সপ্ত শারদান্ মহা ৩ ৯৯ ২৪। —রদ ক্লী ১ শরজ্জাত শস্য, শস্য। "ভূরি ভবেচ্চ শারদম্। বৃহৎসংহিতা ৯ ৪২, ২৫.২। ২ শ্বেতকমল। —রদা স্ত্রী [°দ+স্ত্রী আ (টাপ্)] ১ সরস্বতী। তু 'সারদা। "শারদা শারদাম্ভোজবদনা রঘু ৪, সঞ্জীবনীটীকামুখ। মা দ ১৪। ২ দুর্গা। তু 'সারদা'। 'শরৎকালে পুরা যস্মান্ নবম্যাং বোধিতা সুরৈঃ। শারদা সা সমাখ্যাতা পীঠে লোকে চ নামতঃ।—তিথ্যাদিতত্ত্ব। শারদাদ্যিকতি চ।—ভ ১০ ২ ১২। ৩ ব্রাহ্মী, সারিবা, অনন্তমূল। ৪ বীণাবিশেষ (A), সরস্বতীবীণা (?)। —রদী স্ত্রী [°দ+স্ত্রী ঈ (ঙীপ)] ১ শরৎসর্ব্বাজ্ঞনী, কোজাগরপূর্ণিমা। ২ তোয়পিপ্পলী। ৩ সপ্তপর্ণ।

শারদপার্ব্বণ বি শরৎকালীয় উৎসব, শারদোৎসব। কিম্বা দীপা-বলী, অম্বিকার পীঠতলে শারদপার্ব্বণে।—মে ১৪৬।

শারদা দ্র 'শারদ'।

শারদাম্ভোজ ক্লী [কর্ম্মধা] শরৎকালীয় পদ্ম। দ্র 'শারদা (১)।

শারদিক বিণ [শরদ্‌+ইক (ঠঞ্)] শরৎসম্বন্ধী, শরৎকালীয়। পা ৪ ৩ ১২,-৩। পুষ্পৈঃ °দিকৈঃ।—হ ৭৩ ৪২।

শারদী দ্র শারদ'।

শারদীয় বিণ [শারদ+ঈয (ছ), শরদ্‌+ঈয (ছণ)।—ত বা] শরৎসম্বন্ধী, শরৎকালে কর্ত্তব্য (উৎসবাদি)। 'শারদীয়া মহাপূজা (শ ক)। শারদীয় শুক্লাষ্টমী।—ন ৮৪৬।

শারদেন্দু পুং [কর্ম্মধা] শরচ্চন্দ্র। °নিভানন।—বিষ্ণু ১ ২২।

শারদ্বত পুং [শরদ্বত+অ (অণ)] ১ শরদ্বৎপুত্র (কৃপ)। 'তং কৃপম্ মহা ১ ১ ১৪০। ২ কৃপ। ভ ১ ১৩৩। —দ্বতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ)] ১ শরদ্বৎকন্যা। শারদ্বতীম্‌· কৃপীম্ মহা ১ ১৩০ ৪৬। ২ কৃপী। "শারদ্বতীসুত মহা ৭ ১৪৩ ৪৭।

শারফলক পুং ক্লী [ষ ত] শারিফলক। বা ভা ২৮।

শারি১ পুং, [√শৄ+ই (ইণ্)-ণ, উ ৪ ১২৭] ১ হিংসাসাধন', অক্ষোপ-করণ, গুটিকা, পাশার গুঁটি। °ফলক। ২ পর্য্যাণ, হাওদা। 'মাঘ ১৫ ১১১। —রি পুং, স্ত্রী ১ দ্যূত। ২ গুড় (ball—বৈজয়ন্তী)। —রি স্ত্রী ১ পক্ষীবিশেষ, ময়না। ২ শুকী (মহীধর)। শুক্লযজুর্ব্বেদ ২৪ ৩০। নাচিছে শারি শুক শ্রী ৫৬। ৩ যুদ্ধার্থগজপর্য্যাণ। ৪ ব্যবহারান্তর (মেদিনী), কপট (ধরণি)। [°পট্ট (পুং), °ফল, °ফলক (পুং, ক্লী) শারিখেলনাধার, অষ্টাপদ, পাশার ছক। °শৃঙ্খলা—পাশক-বিশেষ।]

শা(সা)রি২ বি [সং শ্রেণি, দ্র 'শা'র] ১ শ্রেণি, পঙ্‌ক্তি। 'লক্ষ লক্ষ সারি চ বি ৬৪। সারি সারি উট।—রঙ্গ ২১। বিটপিশ্রেণি হেরি সারি সারি স শ ৩৭। বসে শারি শারি। সুখে শুকে লয়ে বুকে গায় সারি সারি বা দ ১০৩। সুখে শুক শারি, বসি সারি সারি, গাইতেছে সারি, ঐ তমালে (নিধুবাবু)। ২ [সং সারি (সঙ্গীতদামোদর, দ্র শ ক —'ষতি' শব্দ), 'আসারিত' মূল (?), দ্র মিতাক্ষরা, যাজ্ঞ ৩.১১৪] নাবিকদিগের গীতবিশেষ। উচ্চৈঃস্বরে শারি গায় (ডিঙ্গায়) ম ম ২২৪, পাইকে গায় সারি ২৩২। কানু সুখে সারি, গায় স্বর জুড়ি শ্রী ম ৬৭। (কাণ্ডারী) মুখে সারি গায় রঙ্গে ৬৯। বা ম ১৪৫। সারি গানে, দাঁড়ি-গণ অঙ্গ দোলাইয়া. ক্ষেপণী ক্ষেপিতেছিল।—ন ৫৬৫। সমস্বরে কর্ণ-ধার সারিগীত গায় (পদ্যপাঠ, দ্বিতীয়ভাগ)। সারিগান গায় দাঁড়ি। —শিশু ৭৮। ৩ পক্ষীর কলকূজন। 'কোকিলা গায় সারি ম ম ৫, সারি ৯০ কোকিলে গায় শারি ২১৭। দ্র 'শারি (১)। ৪ জিল্লা-বাদ, কটুগালি। 'বঙ্গভাষা ও সাহিত্য, দ্বিতীয় সংস্করণ ২৩১; ৫২৫। ৫ অশ্লীল গান। [সারি সারি—১ বহু সারি। ২ ভাণ্ডাদি উপর্য্যুপরি

সারিয়া ক্ষুদ্র বহু শ্রেণী। "ধত ভাণ্ড সারি সারি...শিকায় উপরে রাখি থুয়ে ব.প ৭৭৭।]

শারিকা স্ত্রী [শারি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ মদন-শারিকা, ময়না। তু 'সারিকা'। ২ শুক-স্ত্রীজাতি, শুকী। দ্র 'শারি[১]' (স্ত্রী)। "ঋগ্বেদ ১.৫০ ১২, সায়ণ। শারিকা প'ড়িল জালে, ধরণী লুটায়্যা শুঞ্যা কান্দে ক.চ ১২৬। ৩ বীণাবাদনদণ্ড, কোণ। ৪ সর্থ 'শারি[১] (১)।

শা(লো)রিবা স্ত্রী শ্যামালতা, অনন্তমূল।

শারী স্ত্রী [শারি[১]+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ খেলনী, পাশার গুঁটি। ২ সর্থ 'শারিকা (১)। ৩ সর্থ 'শারিকা (২)। "শারী শুক দুই পক্ষী ক চ ১২৬,-৭,-৮। প তৃ ৪৮। বপ ১৫৮৩।

শারীর বিণ [শরীর+অ (অণ্), স্ত্রী -রী] ১ শরীরসম্বন্ধী, দৈহিক, শারীরিক। "শারীরঃ...কশ্চিদেনং ন বাধতে গো রা ২ ১৫ ১৬। শৌচস্য ...শারীরস্য মনু ৫.১১০। ২ শরীরনির্ব্বর্ত্ত্য, দেহসাধ্য। "শারীরং তপঃ গী ১৭ ১৪। ৩ শরীরস্থিতিমাত্র-প্রয়োজন (শঙ্কর)। "শারীরং কেবলং কর্ম্ম গী ৪ ২১। ৪ শরীরাভিমানী। বিপ 'মানস'। "শারীর আত্মা ভ ১.৫ ২। ৫ দেহবিশিষ্ট, দেহী। ৬ দেহজ (ব্যাধি, রোগ)। —র পুং ১ 'দেহাভিমানী', জীবাত্মা। ২ বৃষ। —র ক্লী ১ মূত্র, পুরীষ। "মনু ১১ ২০৩। ২ শরীরব্যবচ্ছেদশাস্ত্র (Anatomy)। [°দণ্ড (পুং, ক্লী) —শারীরিক দণ্ড। "মনু ৯ ২৩৬। °স্থান (ক্লী)—সুশ্রুতান্তর্গত শারীরিক-রোগাদিবিষয়ক সংহিতাবিভাগবিশেষ।]

শারীরক বিণ [শরীরক+অ (অণ্), স্ত্রী -কী] ১ কুৎসিতশরীর-সম্বন্ধী (তত্ত্ববোধিনী), শারীরিক। ২ শরীরভব। —রক পুং শরীরক-সম্বন্ধী, জীবাত্মা (পা ৪ ৩ ৮৭, তত্ত্ববোধিনী)। —রক ক্লী ১ (অভেদো-পচারে) 'জীবাত্মবিষয়ক', শঙ্করকৃত চতুর্লক্ষণী-সূত্রসন্দর্ভ। "পা ৪ ৩.৮৭, সি। ২ ব্যাসকৃত বেদান্তসূত্র (ত বা)। ৩ শরীরভব সুখদুঃখ। "ভ ৩ ৩১.১৯। ৪ চিকিৎসাঙ্গে সুশ্রুতগ্রন্থাদি (ত বা)। —কীয় বিণ [°ক +ঈয় (ছ)] জীবাত্মসম্বন্ধী, জীববিষয়ক (গ্রন্থ)। "পা ৪ ৩ ৮৭, সি। [°ভাষ্য (ক্লী)—ব্রহ্মসূত্রভাষ্য। 'বৈষ্ণব হইযা যে শারীরকভাষ্য শুনে। 'সেব্য-সেবক' ভাব ছাড়ি আপনাকে 'ঈশ্বর' মানে॥—চৈ চ ২৬৬। °মীমাংসা (স্ত্রী)—জীবতত্ত্ববিনির্ণয়, বেদান্তদর্শন। °সূত্র (ক্লী)—জীব-তত্ত্বসূত্র, ব্রহ্মসূত্র।]

শারীরিক বিণ [শরীর+ইক (ঠক), স্ত্রী -কী] ১ শরীরসম্বন্ধী, কায়িক। বিপ 'মানসিক'। ২ দেহী, শরীরী।

শার্কর বিণ [শর্করা+অ (অণ্), স্ত্রী -রী] ১ শর্করাযুক্ত, সশর্কর। "শার্করং মধু পা ৫.২ ১০৪, কাশিকা। ২ শর্করাবান্, শিলাময় (দেশ)। "পা ৫.২ ১০৫।

শার্ঙ্গ বিণ [শৃঙ্গ+অ (অণ্), স্ত্রী -র্ঙ্গী] ১ শৃঙ্গবিকার, শৃঙ্গকৃত। ২ শৃঙ্গসম্বন্ধী। ৩ গিরিশৃঙ্গজাত। "শার্ঙ্গং বিষম্ ।—যাজ্ঞ ২ ১১৩। —র্ঙ্গ ক্লী ১ বিষ্ণুর বা কৃষ্ণের ধনুঃ। 'শার্ঙ্গং বিষ্ণুধনুঃ (রুদ্র—অ টী)। "রা ৭.৭.৭। গদাচক্রাসিশার্ঙ্গ মহা ২ ২ ১৪। ভ ৮ ২০ ৩০। গদাপদ্ম-শার্ঙ্গধারী।—কৃ ৫১। °ধনুক।—ম ৮৫৫। ২ কার্ম্মুকমাত্র। "ভট্টি ৮.১২৩। ৩ আর্দ্রক। —র্ঙ্গ পুং [√শৄ+গ (গণ্)-র্ম্ম, 'নুট্' আগম, উ ১.১২৪ ; তু 'শারঙ্গ'] চাতক। "মহা ১ ২৩০ ১২। —র্ঙ্গক, -র্ঙ্গিক পুং [শার্ঙ্গ+ক (কন্)] শার্ঙ্গ। "মহা ১ ২২৮ ৪৭, ২২৯ ১৬। —র্ঙ্গিকা স্ত্রী শার্ঙ্গী। "মহা ১.২২৯.১৬। —র্ঙ্গী[২] স্ত্রী [শার্ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] শার্ঙ্গ-স্ত্রীজাতি, চাতকী। [°ধনুঃ (-নুস্) °ধনুর্দ্ধর, °ধন্বা (-ন্বন্), °ধন্বী (-ন্বিন্), °ধর, °পাণি, °ভৃৎ (পুং)—বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "°ধর। —বিষ্ণু ১.৪৮। °ধন্বন্ গো রা ৬ ১০২.১২, মহা ৩ ১২০ ৬, শি ৫৮। শাপান্তো মে ভুজগশয়নাদুত্থিতে শার্ঙ্গপাণৌ উ মে ৪৯, শি ৫৭। °ভৃৎ ক.সা ৭১.১২৪।]

শার্ঙ্গক, শার্ঙ্গিক, শার্ঙ্গিকা দ্র 'শার্ঙ্গ'।

শার্ঙ্গায়ুধ পুং [বহুব্রী] ১ বিষ্ণু। ২ কৃষ্ণ। "হ ১৩২.৪৪।

শার্ঙ্গী[১] (-র্ঙ্গিন্) পুং [শার্ঙ্গ+ইন্ (ইনি)-১ব] ১ 'শার্ঙ্গবান্', বিষ্ণু, কৃষ্ণ। "রঘু ১২ ৭০, ১৫ ৪। পূ মে ৪৬। ২ ধন্বিমাত্র।

শার্ঙ্গী[২] দ্র 'শার্ঙ্গ'।

শার্দ্দূল পুং [√শৄ+উল (উলচ্)-ক, বৃদ্ধি, দ্ (দুক্) আগম, উ ৪.৯০] ১ 'হিংসক', ব্যাঘ্র। 'শুক্লযজুর্ব্বেদ ২৪ ৩০। মৃগ পালে পাল, শার্দ্দূল রাখাল ভা.চ ৯৭। ২ চিত্রক। ৩ শরভ। ৪ পক্ষিবিশেষ। ৫ রাবণ-চর রাক্ষসবিশেষ। 'রা ৬.২০ ১। কৃ ২৩৯। ৬ শ্রেষ্ঠার্থ। "মুনি° রা ১.৫৯.১৬, নর° ৬১ ৩, রাঘব° ২ ২৫.৩, রাজ° ১০৩.২৭। বিবুধ°, যাদব° (মহা)। যদু° (হ)। [সমাসে উত্তরপদ]। —লী স্ত্রী [°ল +স্ত্রী ঈ (ঙীষ্)] ব্যাঘ্রী। [°চর্ম্ম (-র্ম্মন্) ক্লী—ব্যাঘ্রচর্ম্ম। °ললিত (ক্লী)—অষ্টাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ (ছন্দোমঞ্জরী)।]

শার্দ্দূলঝম্পন বি বাঘের ঝম্প। "হঠ ক'রে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূলঝম্পনে স'ব আগুলিল পাত॥—শি ৩৩। উঁহু দেয়ং, না না দেয়ং, ন দেয়ং ব্যাঘ্রঝম্পনে।—প্রবচন।

শার্দ্দূলবিক্রীড়িত ক্লী [ষ ত] ১ ব্যাঘ্রক্রীড়া। "কন্দর্পোঽপি যমায়তে বিরচয়ঞ্শার্দ্দূলবিক্রীড়িতম্ গী গো ৪ ১০। ২ একোনবিংশত্যক্ষরপাদ ছন্দোবিশেষ। 'সূর্য্যাশ্বৈর্যদি মঃ সজৌ স-ত-ত-গাঃ শার্দ্দূলবিক্রীড়িতম্।

শার্ব্ব বিণ [শর্ব্ব+অ (অণ্)] শর্ব্বসম্বন্ধী। "ক.সা ৩৫ ১।

শার্ব্বর বিণ [শর্ব্বরী+অ (অণ্), স্ত্রী -রী] শর্ব্বরীসম্বন্ধী, নৈশ। "শার্ব্বরস্য তমসঃ কু স ৮.৫৮। —র ক্লী তমঃ, তিমির। "উদ্ধর্ম্মশার্ব্বর-হর ভ ১ ১৪ ৪০। —রী স্ত্রী শর্ব্বরী, রাত্রি।

শাল্ সক [ভ্বা, ও- শালতে, সেট্] শ্লাঘা, কথন, প্রশংসা।

শাল[১] পুং [√শাল্+অ (ঘঞ্)-র্ম্ম, তু 'সাল'] ১ 'প্রশংসনীয়', সর্জ্জ-তরু, শালগাছ। "মনু ৮ ২৪৬। °প্রাংশুঃ রঘু ১ ১৩। ২ বৃক্ষমাত্র (শাশ্বত)। "কল্প° (কল্পতরু—S W.)। ৩ মৎস্যবিশেষ, গজালমাছ। "ভা.চ ১২৬। ৪ [শালবাহন > শাল] শালিবাহনরাজ। ৫ প্রাকার। "মহাশালাবৃতা (নগরী) গো রা ১ ৫ ৫। [°নির্য্যাস, °রস (পুং)—সর্জ্জরস, ধুনা। "°নির্য্যাস রঘু ১ ৩৮। °পত্রা, °পর্ণী (স্ত্রী)—ক্ষুপবিশেষ, শালপান গাছ (Desmodium gangeticum)। °পোত (পুং)—শালাঙ্কুর, শালকোঁড়া। "ভীমসেনম্...শালপোতমিব মহা ১.১৫২ ১৭। °প্রাংশু (বিণ)—শালসদৃশ উন্নত। °লতা (স্ত্রী)—শালশাখা। 'কি ১০ ৩৪। °শৃঙ্গ (ক্লী)—প্রাকারাগ্র। °সঙ্কাশ (বিণ)—শালসদৃশ। °সার (পুং) —হিঙ্গু। °স্তম্ভ (পুং)—শালের স্তম্ভবৎ প্রকাণ্ড, শালকাণ্ড।] [শালের কোঁড়া—শালাঙ্কুর। "যেন সে শালের কোঁড়া ক চ ৪৬। শালের বাতি —বাতির মত শালের কচা বা রলা।]

শাল[২] ক্লী [সং শালা > শাল, তৎপুরুষসমাসে উত্তরপদ (পা ২ ৪ ২৫)] শালা, গৃহ। "গো° দক্ষযজ্ঞশালে ক চ ১৫।

শাল[৩] '-ল্' বি [দ্র 'শাল[২]', হি সাল] ১ শিল্পীর বা কর্ম্মকারের কর্ম্মশালা। "কামার পাতিয়া শাল, কোদালী কুঠারী ফাল (গঢ়ে) ক চ ৮৮। তথায় পাতিয়া শাল, গড়ে কলধৌত কারিগর ১৩২, টাকা। শ্রী ৬২, ১৮১। শি ৬৯, ৭১। বিশ্বকর্ম্মা-শিল্পশাল।—হেম ২০৩। ২ কাঁসারির কর্ম্মশালা। "কাঁসারি পাতিয়া শাল, ঝারী থুরী গঢ়ে থাল ক চ ৮৯। ৩ আখের রস হইতে গুড় প্রস্তুত করার স্থান। [শাল পাতা —শিল্পীর কর্ম্মশালা স্থাপিত করা, কর্ম্মশালায় শিল্পীর কার্য্যারম্ভ করা।]

শাল[৪] '-ল্' বি [সং শল্য > প্রা সল্ল (পৈ) > বা শাল, মৈ 'সাল' —কণ্টক] ১ সূক্ষ্মাগ্র লৌহশলাকা, লোহার কাঁটা। "তনু ত্যজি শালে দিয়া ভর ঃ রত্নাবতী দেখে শাল শিরীষের ফুল।—শ্রী ৩৫,-৬। ২ শল্য,

শেল। "বিভীষণ-বাক্যজাল, রাবণে বাজিল শাল।—ম ১০২১। ইন্দ্রের হৃদয়ে বাজে শাল ক চ ২২, ৪২, শোক-শাল ২৯৪। কেহ বা আসিয়া যেন বুকে মারে শাল শ্রী ম ১১৫। কথায় মারয়ে শাল ব প ৯১৫। ৩ শল্যঘাতব্যথাসদৃশ তীব্র বেদনা। "ভিড়ি আলিঙ্গন, দিতে না পাইলোঁ, এ শাল থাকিল বুকে শ্রী কী ৩৪৯। মাএ সে জানে পুত্রের বেদন যার গর্ব্বের শাল ম গা ৮। যৌবনে মরণ-কাল, হৃদয়ে রহিল শাল ক চ ২২, ৪২। ৪ শল্যসদৃশ তীব্রবেদনাজনক বিষয়। "তোমাকে মারিঞা দেবগণের ঘুচাইব শাল কৃ উ ২৬। শয্যা হৈল শাল ভা চ ৩১৮। [শালে চড়ান, দেওয়া—শূলে আরোপণপূর্ব্বক বধ করা। শালে ভর দেওয়া—মানসিক করিয়া ধর্ম্মের প্রীত্যর্থ শালে দেহভাব অর্পণ করা বা শালে পড়িয়া মরা। দ্র 'শ্রী ৩৫, ৩৬।]

শাল[৫] '-ল্ বি [ফা শাল্, E shawl] তিব্বত দেশীর ছাগলোমজাত শীতবস্ত্রবিশেষ। 'শ্রী ১১। [°কিরানি—শালপেড়ে (ধুতি)। "গো চ ১৩৬। °বন—শালের কোমরবন্ধ। 'গো চ ১৩৬। শাল দুশালা, দোশালা—এক যর্দ্দ শাল ও শালের জোড়া। কেহ উড়ায় শাল দুশালা, কেহ না পায় ছেঁড়া টেনা।—রামপ্রসাদ। শাল দোশালা।—দা ৮৮৩। শালের জোড়া—এক জোড়া শাল। শালের রুমাল—কলকা-কাটা ছোট শাল।]

শালকাঁটা বি কাঁটার মত সূক্ষ্মাগ্র শাল। 'শ্রী ৩৫।

শালগচি বি শালাঙ্কুর। 'শালগচি ফুটে পায বি পা ২৪৩।

শালগম বি [ফা শলগম্] কন্দশাকবিশেষ (Brassica napa, Turnip)।

শালগ্রাম পুং [উ লো] ১ শালবৃক্ষোপলক্ষিত গ্রাম (শ্রীধর), শাল-বৃক্ষসমূহযুক্ত পর্ব্বতভেদ (ত বা)। 'ভ ৫ ৮ ৩০। ২ গণ্ডকীজাত বজ্র-কীটকৃত চক্রচিহ্নযুক্ত শিলাময় বিষ্ণুমূর্ত্তিবিশেষ (শ ক), শালগ্রাম-পর্ব্বতে বিষ্ণুমূর্ত্তিভেদ (ত বা), গণ্ডকীর একদেশস্থলভেদজাত বিষ্ণু-প্রভৃতিদেবচক্র শিলাভেদ (ত বা)। ৩ দ্বারকোদ্ভূত বজ্রকীটকৃত চক্রযুক্ত-শিলা (শ ক)। —গ্রামী স্ত্রী গণ্ডকী নদী [°গিরি (পুং)—শালগ্রাম-নামক পর্ব্বত। °শিলা (স্ত্রী)—শিলাময় শালগ্রাম।] [শালগ্রামের শোওয়া বসা বোঝা ভার—(গৌণার্থে) হেঁয়ালীর মনের ভাব বোঝা যায় না।]

শালগ্রামশিলা-জল বি শালগ্রামের চরণামৃত। 'বেলা হৈল অবসান সাঙ্গ হৈল স্তুতি। °জল খায ধনপতি॥—ক চ ১৫৮।

শালগ্রামী দ্র 'শালগ্রাম'।

শালঘর বি শিল্পীর কর্ম্মশালা, কামারশাল। 'শ্রী মা ৫৫। শ্রী ৬২।

শা(সা)লতি বি [শালতরি (?)] শালের কাণ্ড হইতে খুদিয়া-করা সরু লম্বা ডিঙীবিশেষ। 'সালতি আ দু ১৭৫।

শালধুতি বি শালগুঁটির সুতার ধুতি। 'বি পা ২৮১।

শালপান, -নী বি [সং শালপর্ণী] বন্য ওষধিক্ষুপবিশেষ।

শালপানী দ্র 'শালপান'।

শালবন্ধ বি শা শব গলাবাঁধ। 'শ্রী ৭৫।

শালবাঁশ বি শালদণ্ড। "পদ্মার কপাটে সেহ শালবাঁশ ভাঙ্গে বি পা ২৪৩।

শালবান বি [শালবাহন > °ন] সিংহলরাজ। "ক চ ২৮৩,-৯০।

শালবাহন পুং [তু 'সং সাতবাহন > প্রা সালবাহণ (হে ১ ২১১), দ্র 'শালিবাহন'] শালিবাহনরাজ।

শালভঞ্জিকা স্ত্রী [বহুব্রী] ১ যাহার শালকাষ্ঠ দ্বারা ভঞ্জিকা (ভঞ্জন অর্থাৎ নির্ম্মাণ), শালকাষ্ঠে বা কাষ্ঠে রচিত পুত্রিকা (পুতুল), দন্তাদিরচিত স্তম্ভাদিতে নির্ম্মিত পুত্রিকা (নৈ টীকা), পুত্তলিকা। "নৈ ২৮৩। ২ বেশ্যা। —ভঞ্জী স্ত্রী [তু 'সং °কা > প্রা সালভঞ্জী (কুমার-পালচরিত ৪.৩১, টীকা—হে)] শালভঞ্জিকা। "ক.চ ২৭। [কুমার-পালচরিতের হেমচন্দ্রকৃত টীকায় নৈষধের টীকার অর্থ সমর্থিত হয়।]

শালভঞ্জী দ্র 'শালভঞ্জিকা'।

শালভর বি ধর্ম্মের প্রীত্যর্থে মানসিক করিয়া শালে শরীরপাত বা দেহত্যাগ। 'শ্রী ৩৬, মরেছিনু শালভরে ৩৭।

শালভাঙ্গা বিং যে স্ত্রীলোক শালের ভয়ভাঙা, অর্থাৎ শালকেও ভয় করে না, দুর্দমনীয়, দুঃসাহসিক। "শালভাঙা মেয়ে।

শালা[১] স্ত্রী [√শল্+অ (ঘঞ্)-র্ম+স্ত্রী আ (টাপ্)।—অ.টী, cf, Ger saal, E hall] ১ ভবন, গৃহ, আলয়। "অথর্ব্ববেদ ৩ ১২ ১। পর্ণ°, পাক°, পাঠ°, যজ্ঞ°, রঙ্গ° (S W)। রঘু ১৬.৪১। ২ গৃহৈকদেশ, কোষ্ঠ, কক্ষা (room)। "গৃহৈর্বিশালৈরপি ভূরিশালৈঃ মাঘ ৩.৫০। ৩ তরুস্কন্ধশাখা। ৪ অশ্বাদির গৃহ। "গর্দভ°, বাজি°, হস্তি°। ৫ গোশালা। 'বরং শূন্যা শালা ন চ খলু বরো দুষ্টবৃষভঃ। —হি ১ ১৪৫। ৬ শিল্পগৃহ (workshop)। [°কর্ম্ম (-র্ম্মন্) স্ত্রী—গৃহনির্ম্মাণকার্য্য। "°কর্ম্মপদ্ধতি। °মুখ (স্ত্রী)—১ গৃহসম্মুখভাগ। ২ ধান্যবিশেষ (সুশ্রুত)। °স্তম্ভ (পুং)—স্থূণা, থাম, খুঁটা।]

শালা[২] স্ত্রী [সং শ্যালক > প্রা সালঅ > বা শালা হি সালা, ঠ, প সালা, গু সাল, মৈ সার, সি সাল] ১ স্ত্রীর ভাই, সম্বন্ধী। "শালার শালা।—দা ৮৮৩। ভাইকে শালা বলতে আছে রে শালা? —গি দ্বি ৮৪। ২ গালিবিশেষ। 'গো চ ২৯৯। লণ্ডে ভণ্ডে গালি দেই করে শালা শালা ক চ ৯০। শালারা সব সগী হয়, কোন শালা খুন্দে, কোন শালা ললিতে গি দ্বি ৭৭। শালাবাঞ্চৎ—গালি। শালার ছেলে, বেটা—গালি। শালার ব্যাটা—শপথে। 'কোন শালার ব্যাটা নোট না নিয়ে যাবে।—লী ৪০।]

শালাকী (কিন্) পুং [°ক+ইন (ইনি)-১ম] ১ শালাকবিদ্যা-নিপুণ, অস্ত্রবৈদ্য। ২ নাপিত। ৩ শল্যধারী।

শালাক্য ক্লী [শলাকা+য (ষ্যঞ্)] শালাক্যতন্ত্র, শস্ত্রবিদ্যাবিশেষ। দ্র 'সুশ্রুত ১ ১ ৩।

শালাঙ্কী স্ত্রী ['শালাঙ্গী' (?)] পুত্তলিকা। দ্র 'শালভঞ্জিকা'।

শালাঙ্কুর পুং [য ত] শালপোত। 'মহা ১ ১৫২ ১৭, নীলকণ্ঠ।

শালাজ বি [শ্যালজায়া > °জ, হি সলহজ, মৈ সরোজী] শালার স্ত্রী। "ন ত ৬৯। পদ্যসংগ্রহ (দীনবন্ধু) ৫৩।

শালাঞ্চি স্ত্রী শাকবিশেষ, শালিঞ্চাশাক।

শালাতুরীয় পুং [°র+ঈয় (ছণ), পা ৪ ৩ ৯৪] শালতুরগ্রাম যাঁহার অভিজন, পাণিনি।

শালানি বি [শালা+নী, অপ্র] শালার স্ত্রী। 'গ ৯৬।

শালাবৃক পুং [শালা+ √বৃ+ক-ক (অ টী)] ১ শৃগাল। "গো রা ৩ ৫২ ৪৫। মহা ১ ৭৬ ২৯। ভ ৫ ৮ ১৮। ২ সারমেয়। ৩ বানর।

শালার পুং [(?)] ১ সোপান। ২ পক্ষিপিঞ্জর। ৩ হস্তিনখ।

শালি পুং [√শাল্+ই (ইন্)-র্ম, উ ৪ ১১৭] ১ 'শ্লাঘনীয়', কলমাদি ষষ্টিকাদি ধান্য (অ.কো)। "শালয়ঃ কনকপ্রভাঃ গো রা ৩ ২২.১৭। মনু ৯ ৩৯। আপক্বশালিরুচিরা (শরৎ)।—ঋতু ৩১। শালিধান্যের খৈ।—চৈ চ ৩১২। [শালিধান্য দশপ্রকার (রাজনির্ঘণ্ট—শ ক)।] ২ ধান্য, শস্য। "শালিগোপ্যো জগুর্যশঃ রঘু ৪ ২০। ন শালেঃ স্তম্ব-কারিতা বপ্তুর্গুণমপেক্ষতে।—মু ১ ৩। ৩ গন্ধমার্জ্জার। ৪ গন্ধালি, গাঁধাল। [°কূট (পুং, ক্লী)—শালিধান্যস্তূপ। "°কূট ইবোচ্ছ্রিতঃ গো.রা ৬ ৩ ২। °কেদার (পুং), °ক্ষেত্র (ক্লী)—শালিধান্য-ক্ষেত্র। °গোপ (পুং)—শস্যপালক। দ্র 'শালি (২)। °চূর্ণ (ক্লী)—শালি-তণ্ডুলচূর্ণ, তণ্ডুলচূর্ণ। °জাল (ক্লী)—শালিসমূহ, ধান্যচয়। "ঋতু ৩ ১০। °তণ্ডুল (পুং) শালিধান্যতণ্ডুল। "চৈ.চ ৩১২। °পিষ্ট (ক্লী)

—শালিচূর্ণ ; তণ্ডুলচূর্ণ (সুশ্রুত)। °ভূ (স্ত্রী)—শালিভূমি, শালিক্ষেত্র। °শূক (পুং, ক্লী)—ধান্যের শূয়া (awn)।]

শালিক¹ বিণ [শালা+ইক (ঠন্), স্ত্রী -কা] শালাবান্। "পা ৫.২ ১১৬। —লিক পুং ১ তন্তুবায়। ২ শিল্পিগ্রাম। ৩ শুল্ক। —লিকা¹ স্ত্রী [+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ শালা, গৃহ। ২ কর্ম্ম-শালা। "নাপিত°। ৩ (বাঙ্‌লায়) আধার। "ভাবত রচিল ফুল-কবিতা কবিতারসের শালিকা ভা চ ২৯৫। ৪ [শালি+ক+স্ত্রী আ] শালিধান্য।

শালিক² '-ক্' বি [শারিকা > °ক, ঠ সালে.ংকী, শাবক (দিনাজ-পুর, নাটোর), হালিক (ময়মনসিং)] পক্ষিবিশেষ। "গাঙ°, গুয়ে°, ভাট°। শ্রী ৫৬। —লিকা² বি [শাবিকা > °কা] শালিক। "শালিকা শালিকী বা ম ১১৮। ভা চ ১২৭। —লিকী বি শালিকেব স্ত্রী-জাতি।

শালিকা¹ ; শালিকা², শালিকী দ্র 'শালিক¹, শালিক²।

শালিকাঁচুটি বি ধান্যবিশেষ। "চৈ চ ৩১২।

শালিজোদন পুং, ক্লী [কর্ম্মধা] শালিতণ্ডুলান্ন, শাল্যন্ন (সুশ্রুত)।

শালিঞ্চ পুং, -ঞ্চী স্ত্রী পত্রশাকভেদ, শাঞ্চে শাক।

শালিঞ্চী দ্র 'শালিঞ্চ'।

শালিনী স্ত্রী [শালা+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'শালাবতী', গৃহস্বামিনী। ২ [√শাল+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] 'রূপ-শ্লাঘাবতী', সুন্দরী। "বৃহৎস'হিতা ১০৪ ৩০। ৩ একাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। 'মাত্তৌ গৌ চেচ্ছালিনী বেদলোকৈঃ।

শালিবাহন পুং [see 'M W] রাজবিশেষ। দ্র 'শালবাহন'। [প্রতিষ্ঠান নগর ইঁহাব বাজধানী। দ্র 'দ্বাত্রিংশৎ-পুত্তলিকা—'বহু-শ্রুতোপাখ্যান'। 'শক¹ (৩)।]

শালিভবন ক্লী [ষ ত, 'শালিভবন'—শালিভির্ভাতীতি শালিভ' তচ্চ তদ্বনম্ (মহা ৩ ২৮২ ১৮, নীলকণ্ঠ)] শালিক্ষেত্র, ধান্যক্ষেত্র।

শা(সা)লিয়ানা, সালিনা বি' [ফা সালয়ানা] বাৎসরিক, বার্ষিক। "সালিনা ·খণবাত E P 98

শালিশ, সালিস বি [আ সালিস্] মধ্যস্থ, মীমা'সক (arbitrator)। —শী, -সী বি [আ সালিসী] মধ্যস্থতা, সালিসের কার্য্য। —শী, -সী বিং সালিসেব বিচার্য্য (মোকদ্দমা ইত্যাদি)। [শালিসীনামা —সালিসের বিচাবপত্র বা মীমা'সাপত্র।

শালিশী, শালিসী দ্র 'শালিশ'।

শালিহোত্র পুং [হি সালোতরী] ১ অশ্বশাস্ত্রপ্রণেতা আচার্য্য (নীলকণ্ঠ)। "শালিহোত্রোঽথ কি' নু স্যাদ্ধয়ানাং কুলতত্ত্ববিৎ মহা ৩ ৭১ ২৭। পঞ্চ ৫ ৭/২ ৪/৫। ২ [°ত্রী (তবা), °ত্রিন্ (A)] ঘোটক (ত্রিকাণ্ডশেষ —শ.ক)। —হোত্র ক্লী অশ্বশাস্ত্র। [°জ্ঞ (বিণ)—অশ্বশাস্ত্রবিৎ। "°জ্ঞান্ বৈদ্যান্।—পঞ্চ ৫ ৭/২ ৪/৫।]

শালী¹ (-লিন্) বিণ [√শাল্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -লিনী] ১ শ্লাঘী, তদ্‌বিশিষ্ট, তদ্‌যুক্ত, তৎপ্রচুব, তৎপূরিত। "বেদাধ্যয়ন° বা ১.৫০.৩, লতাঃ বা পুষ্পশালিনীম্ ২ ৫৫ ২৯। বাপী° জলজশালিনীম্ মহা ২.৫০.২৯, তীর্থশালিন্ (পাঠান্তব) ৩ ৯০ ৩। শ্রুতাধ্যয়ন° যাজ্ঞ ১.১৯৯। উপলপঙ্‌ক্তি° মাঘ ১৬ ৭৬। কল° কি ২ ৩১, বিলাস° ৫ ৩২ ; কিশলয়° ৭ ২৮। সমিতি° ভ ২ ৭ ৩৫। ত্রিগুণশালিনী শ্রী মা ১৯। সুখশালিনি।—ভা চ ১৭৮, দা ২৩৬। ফলশালী স.শ ৩৭। ২ শোভী। "বিলাসিনীনাং স্তনশালিনীনাম্।—ঋতু ৪ ২। চন্দ্রমাশালিনী বা মধুযামিনী ব প্র ১১৬। [সমাসে উত্তরপদ]। ৩ শ্লাঘ্য (শ্রীধর)। "দয়ালুঃ শালিনীমাহ ভ ৩ ২৪.১। ৪ [দ্র 'শালিনী'] শালাবান্।

শালী² বি [সং শ্যালী > প্রা সালী, তু 'সং শালী, শালীভর্ত্তা, শাল্যূঢ়' (M.W.); হি, ঠ সালী, মৈ সারি] ১ স্ত্রীর ভগিনী। "বাপের বেটা মুড়কি পায় না, শালীর মোণ্ডা রোজ।—রূপচাঁদ পক্ষী। ২ গালি-বিশেষ। "সেই গালি, বলে শালী, কোথা পালি চোরে : হেদে বুড়ি শালী ভা চ ৩৯৪। [শালী শেলাজ মহলে—শালী-শালাজের বিভাগে, অর্থাৎ মধ্যে। "শালী শেলাজ মহলে হাসির গব্‌রা পড়লো।—হু ৭০। কোন্ শালীব বেটি—শপথে। "কোন শালীর বেটি তোমায আজ নোট দেবে।—নী ৪০। [°পতি-ভাই—ভ্রাতৃসদৃশ শ্যালীর স্বামী, ভায়রা-ভাই। "ক চ ১৭০। °পো—শালীর ছেলে।]

শালীন বিণ [শালা+ঈন (খ), পা ৫.২ ২০] শালাপ্রবেশের যোগ্য, অপ্রগল্‌ভতা হেতু অন্যত্র যাইতে অশক্ত, (অতএব) শালাপ্রবেশের যোগ্য (তত্ত্ববোধিনী), অধৃষ্ট, অপ্রগল্‌ভ, সলজ্জ, লাজুক। "নিসর্গ-শালীনঃ স্ত্রীজনঃ মা.মি ৪ ৬/৮। —লীন পুং গৃহস্থ। "মার্কণ্ডেয়পুরাণ ৪১ ৯। —লীন ক্লী ১ অপ্রাগল্‌ভ্য। ২ অযাচিতবৃত্তি। "ভ ৩ ১২.৪২। —লীনা স্ত্রী লজ্জিতা নারী। "নলোদয ২ ৩। [°শীল (বিণ)—সলজ্জশীল, লাজুক।]

শালীনতা স্ত্রী, -নত্ব ক্লী [°ন+তা (তল্),+ত্ব] শালীনভাব, অধৃষ্টতা, সলজ্জভাব। "(সা) শশাক শালীনতয়া ন বক্তুম্ রঘু ৬ ৮১ ; ১৮ ১৭। শ২ ১/২ ১/২। শালীনত্ববিবর্জিতা ভট্টি ৪ ২৩। রমণীসুলভ শালী-নতায় পদ্ম…চক্ষু বুজে রইলেন।—হু ১৭৪। আমাদের মতে তাহা (ইংরাজেব বেশভূষা) আঁটিতে আঁটিতে ও কাটিতে কাটিতে শালী-নতাব সীমা ছাড়াইযা গিযাছে।—ববীন্দ্র।

শালীনত্ব দ্র 'শালীনতা'।

শালু¹ পুং [√শল্+উ (উণ্)-ক, উ ১ ১] ১ ভেক। ২ কষায়দ্রব্য। ৩ চোবানামক গন্ধদ্রব্য। —লু ক্লী শালুক।

শা(সা)লু² বি [হি সাল্] সূতী লাল বঙেব বস্ত্রবিশেষ।

শালু(লূ)ক ক্লী [√শল্+উক (উকণ্)-ক, উ ৪.৪২] ১ কুমুদাদির মূল, কন্দ বা গেঁড (অ কো), পঙ্কশূবণ। "শালূক—বৃহৎসংহিতা ৪১ ৩। নৈবেদ্য শালূকপোড়া ক চ ৬। বি পা ২১৭। ২ জাতীফল। ৩ (সাদৃশ্যে) গলস্ফোটবিশেষ (চরক, সুশ্রুত)। —লূক পুং ১ ভেক। ২ সর্থ 'শালুক (১)। —লূকিনী স্ত্রী [°ক+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'শালুকস্থান', কুমুদিনী, না'লবন। —লুক বি (বাঙ্‌লায়) কুমুদপুষ্প, না'লফুল। "চাঁদে দেখি সোহাগে শালুক ফোটে জলে (কাব্য-নির্ণয)। তোমার খেলায়·· গোবোরে শালুক ফোটে।—হেম ৩৮৫।

শালূক দ্র 'শালুক'।

শালূর পুং [√শল্+উব -ক (অ.টী), উ ৪ ৯০] ভেক। "সাপিনী-সম্মুখে যেন সভয় শালূর শ্রী ৮০, ১৪২।

শালেয় ক্লী [শালি+এয় (ঢক)] শালিক্ষেত্র, ধান্যক্ষেত্র। "পা ৫ ২. ২। —লেয় পুং, -লেয়া স্ত্রী মধুরিকা, মউবি।

শালেয়া দ্র 'শালেয়'।

শাল্মল, পুং [√শাল্+মল (মলচ্)-ক] ১ 'দৈর্ঘ্যশ্লাঘী', শাল্মলী, শিমুল গাছ। "মহা ৩ ৬৪ ৩। ২ সপ্তদ্বীপের তৃতীয় দ্বীপ। "ভ ৫.২০ ৭। ৩ [°ল+অ (অণ্)] শাল্মলনির্য্যাস, মোচরস। —ল্মলি পুং, স্ত্রী, -লী স্ত্রী [+মলি (মলিঞ্)-ক (অ টী), বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্থ 'শাল্মল (১), (Salmalia malabarica)। "শাল্মলি গো রা ৩ ৭৯ ৩৬, মনু ৮ ২৪৬। শাল্মলীনা' বনেষু।—ঋতু ১ ২৬। শাল্মলীতক। —হি ১ ১/২। °লী।—কাদ ৫। ২ সর্থ 'শাল্মল (২)। ৩ নরকবিশেষ। "মনু ৪ ৯০। —লিক পুং ১ শাল্মলি দ্বীপ। "মহা ৬ ১২ ৬। ২ রোহি-তকবৃক্ষ।

শাল্মলি দ্র 'শাল্মল'। [°পত্রক (পুং)—সপ্তচ্ছদবৃক্ষ। °স্থ, °লী (-লিন্) (পুং)—'শাল্মলিদ্বীপস্থিত', গরুড। 'ভ ৫ ২০ ৮।]

শাল্মলিক দ্র 'শাল্মল'।

শাল্মলী দ্র 'শাল্মল'। [°কন্দ (পুং)—শাল্মলী মূল। °ফলক (ক্লী) —শাল্মলীকাষ্ঠকৃত কোষ। "সুশ্রুত ১৮.৯। °বেষ্ট, -ষ্টক (পুং) —শাল্মলীনির্য্যাস, মোচরস (সুশ্রুত)।]

শাল্যন্ন বি শালিতণ্ডুলের অন্ন। "চৈ চ ২৬৬।

শাল্ব পুং, বহুব ১ দেশবিশেষ। "গো রা ৪ ৪৩ ২৩। মহা ৪ ১.১২। ২ ['সাল্ব' (ভ ২.৭.৩৪)] শাল্বরাজ। "ম ১৯৫। [ইনি শিশুপালের সখা। রুক্মিণীর বিবাহে যাদবগণ কর্ত্তৃক পরাজিত হইয়া, ইনি 'পৃথিবী অযাদবা করিব'—এই প্রতিজ্ঞা করেন এবং শিবের বর পাইয়া দ্বারকা আক্রমণ করিলে, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হন। লৌহময় সৌভ ইঁহার পুরী (ভ ১০ ৭৬-৭৭তম অধ্যায)।] ৩ (বহুব) শাল্ববাসী ক্ষত্রিয়-জাতিবিশেষ। 'ভ ১০ ৭৭ ৫। [°নগর (ক্লী)—সৌভপুর। °পতি, °রাজ (পুং)—শাল্ব। °হা (-হন) পুং—'শাল্বঘাতক', শ্রীকৃষ্ণ।]

শাশ[1] বিণ [শশ+অ (অণ) শশসম্বন্ধী। 'ঐণবৌরববারাহশাশমাংসৈঃ (তৃপ্যন্তি পিতামহাঃ) যাজ্ঞ ১ ২৫৯।

শাশ[2] বি [সং শ্বশ্রূ >প্রা (সসূ্স) সাসূ (গাথাসপ্তশতী ৪ ৩৬) >বা (সাস) শাশ, হি সাস, ঠ, গু সাসূ, প সসূ্স, সি সসূ, ড শাশ] শাশুড়ী। 'আই'। দারুণ শাশ রহল তহিঁ জাগি বি প ১২৭, শাশ বচনে ১৩০, শাশ ঘুমাওত কোবে আগোরি ১৪০,-৪১,-৪২। তেঁহো শ্রীমতীর শাশা ভ গ্র ১৪২, ৩৪৬।

শাশ[3] বি [দ্র 'শাঁস'] সর্থ 'শাঁস'। "শাশ নারিকেল গো বি ৩৭১।

শাশি বি [E sash] জানালার কাচের কপাট।

শাশুড়ি, -ড়ী, -রি, -রী বি [সং শ্বশুর—(বাঙলায স্ত্রীলিঙ্গে) শ্বশুরী >শ্বশুড়ী 'শ্বাশুরী' (ম গা ১৯) >শাশুরী, -ড়ী, -ড়ি, শাসুর] শ্বশুরের স্ত্রী। 'শুন গ শাশুড়ী ম গা ১৬, °রি ১৭। শাশুড়ী ম পা ১৬৪,-৭। শাশুড়ি, -ড়ী গো চ ৩৫৪,-৮। শাশুড়ী ব প ১৯০, কৃ ৩০৬, ম ভা ৭৪, ভ গ্র ২১৯। শাশুড়ি রা শে ৪৩। [শাশুড়ী ঠাকরুন —শ্বশ্রূদেবী।]

শাশ্বত বিণ [শশ্বৎ+অ (অণ), তু 'শাশ্বতিক', স্ত্রী -তী, দ্র 'কু স ২ ১৫, মল্লিনাথ] ১ শশ্বদভব, নিত্য (মহীধর)। "শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ। —শুক্লযজুর্ব্বেদ ৪০ ৮। পুরুষং শাশ্বতম্ গী ১০ ১২, ১৮ ৬২। কশ্যপঃ শাশ্বতে ব্রহ্মণি স্থিতঃ শ ১ ২/৩। ২ অনেক, বহু (বা টীকা)। "শাশ্বতীঃ সমাঃ রা ১ ২ ১৫। পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ গী ৬ ৪১। উ চ ২ ৫। ৩ চিরন্তন। 'কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ গী ১ ৪২। ৪ নিত্য (শঙ্কর)। ৫ বৈদিক (নীলকণ্ঠ)। "°ধর্ম্মগোপ্তা গী ১১ ১৮। ৬ অপক্ষয়লক্ষণবিক্রিয়াবিহীন। 'অজো নিত্যঃ শাশ্বতোঽয়ম্ গী ২ ২০। ৭ সনাতন, অক্ষয়। "সা বিভ্রতী শাশ্বতমঙ্গরাগম্ রঘু ১৪ ১৪। ৮ পারম্পর্য্যাগত। "চতুর্ণামপিবর্ণানামাচারশ্চৈব শাশ্বতঃ মনু ১ ১০৭। ৯ শশ্বৎসিদ্ধ। "ত্বমেব·· ভোজ্যং ভোক্তা চ শাশ্বতঃ কু স ২.১৫। —ত পুং ১ শিব। ২ ব্যাস। ৩ সূর্য্য। ৪ 'অনেকার্থসমুচ্চয়'-কোষকার। —ত ক্লী আকাশ। —তী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্) পৃথিবী।

শাশ্বতিক বিণ [শশ্বৎ+ইক (ঠঞ্), পা ৪ ৩ ১১ ; স্ত্রী -কী] শাশ্বত, সনাতন, নিত্য। "যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ পা ২.৪ ৯।

শাশ্বতী দ্র 'শাশ্বত'।

শাষ্কুলিক বিণ [শষ্কুলী+ইক (ঠক্), স্ত্রী -কী] যাহার শষ্কুলী ভক্তি, শষ্কুলীপ্রিয়। "পা ৪ ৩ ৯৬, কাশিকা। —লিক শষ্কুলীসমূহ। "পা ৪ ২.৪৭, কাশিকা।

শাস্ সক [অদা, প—শাস্তি, সেট্] ১ অনুশাসন, উপদেশ। "মাণবকং ধর্ম্মং শাস্তি (সি)। শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ গী ২.৭। ২ শাসন (to rule)। "উর্ব্বীং শশাস রঘু ১.৩০। ৩ আজ্ঞা, আদেশ। —স্ সক [(প্রায় আ-পূর্ব্বক) ভ্বা, অদা, উ—আশাসতে, আশাস্তে ; সেট্] ১ আশীঃ, ইষ্টার্থাশংসন, প্রার্থনা। "আশাসতে কটুম্বিভ্যঃ মনু ৩.৮০। ২ ইচ্ছা (ক.ক)। [অনু—অনুশাসন, উপদেশ। আ —আদেশ, কথন। "রক্ষাংসি রক্ষিতুং সীতামাশিষৎ ভট্টি ৬ ৪। প্র —১ প্রকৃষ্টশাসন, শাসন। "যেণে রাজ্যং প্রশাসতি মনু ৯ ৬৬। ২ আশংসন, প্রার্থনা। "ইদং গুরুভ্যঃ পূর্ব্বেভ্যো নমোবাকং প্রশাস্মহে উ চ ১ ১।

শাস[1] বি [দ্র 'শাঁস'] ১ ফলের শাঁস। "শাস নারিকেল ম.পা ২৩। ২ [সং শ্বাস >প্রা *সাস, অপ্র] শ্বাস। "শ্রী কী ১৩৪। বেরুল দারুণ শেল শাস আইল মুখে শ্রী মা ৩৪।

শাস[2] সর্ম্ম [সং √শাস্, হি √সাস] ১ সরোষে বা বিরক্তভাবে বলা। "শাসিল সুন্দরী যদি সেঁচিতে না জান। বাগদিনী মাগকে তোমার সাদ কেন॥—শি ৮৫, শাসিয়া কহিল, শাঁখা বারি করে ঘস ১০৫। ২ সাবধান করিয়া বলা। "সুন্দরী শাসেন বুড়া সামাল সামাল শি ৯৫। —সা সর্ম্ম শাসনের ভয় দেখান, শাসান। "কহিলেন রাণীরে শাসায়ে অ শু ৫৫। শাসাইছে তারে দর্পসহকারে স্ব.প্র ২০। নালিস করবে ব'লে শাসিয়ে (শাসাইয়া) গেল অ গ্র ৯৪। [শাসান—সর্থ 'শাসা'। শাসানি—শাসনবাক্য, তর্জ্জন। "নাড়ী টিপে জাবি কত, ঘরেতে শাসানি।—হেম ৩৮৭।]

শাসক পুং [√শাস্+অক (ণ্বুল্)-ক] ১ শাসনকর্ত্তা, শাস্তা। "মহী°। ২ অনুশাসক, উপদেষ্টা। —সন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ শাসক, দমন, দণ্ডয়িতা, হন্তা। 'পাক°, পুর°, স্মর°। অরি° রা ২ ২১ ১৫। [সমাসে উত্তরপদ]। ২ উপদেশকর্ত্তা (সায়ণ), উপদেশক। "ঋগ্বেদ ১ ৩১ ১১। ৩ শিক্ষারূপ (শ্রীধর)। "শাসনং বচঃ ভ ১ ৮ ৫০। —সন ক্লী [+অন-ভা] ১ শাস্তি, নিয়ন্ত্রণ, দমন। "উৎপথং প্রতিপন্নস্য কার্য্যং ভবতি শাসনম্ রা ২ ২১ ১৩। অনন্যশাসনামুর্ব্বীম্ রঘু ১ ৩০। ২ আজ্ঞা, নিদেশ, নির্দ্দেশ, নিয়োগ। "বাচ্যঃ শাসনাদ্ ভরতো মম রা ২ ৬৮ ৬। °হারিণা রঘু ৩ ৬৮, মহনীয়° ৬৯, ১৪ ৮৩। মাঘ ১৪ ১৫। কুসুমশরাসন° গী গো ১১ ৪। তোমার শাসনে সদা বঞ্চযে পাণ্ডব।—ম ৩৬৩। আমার শাসন ক চ ৩৭। ৩ উপদেশ, অনুশাসন। "কৃষ্ণস্য বিদুলাপুত্রশাসনম্ মহা ১২ ৬৩। ৪ নিগ্রহ। ৫ [+অন-ণ] 'নিয়মনসাধন', শাস্ত্র, প্রমাণগ্রন্থ। ৬ বিধি। ৭ রাজদত্ত ভূমির নিবন্ধ (মিতাক্ষরা), রাজদত্ত ভূমি-প্রভৃতির দানপত্র, সনদ, হুকুমনামা। "°শত।—পঞ্চ ১৮ (কথামুখ)। কূটশাসনকর্ত্তৃ। —বিষ্ণু ৫ ৯। রাজ° যাজ্ঞ ২ ২৯৮। ৮ রাজদত্ত ভূমি (মেদিনী), দানপত্র দ্বারা রাজার প্রদত্ত গ্রামভূমি-প্রভৃতি। 'কাহার শাসন দেব এই বনস্থল।—ম ৫৬৯, যেবা শাসন হরয় ১০৪৮। ৯ সন্দেশ, বার্ত্তা। "°ধর, °হর। ১০ লেখ (মেদিনী), দলীল। ১১ ধর্ম্মমত, ধর্ম্ম। "ত্বয়া জিতেন (ময়া ভিক্ষুণা) গ্রাহ্যং সুগতশাসনম্ ক সা ৭২ ৯৫। জিন° (SW)। [°দূষক (বিণ)—রাজাজ্ঞালঙ্ঘয়িতা। °ধর, °বাহক, °হর, °হারী (-রিন্) বিণ—বার্ত্তাবহ, সন্দেশহারী। °পত্র (ক্লী)—সর্থ 'শাসন (৭)। °লঙ্ঘন (ক্লী)—আদেশলঙ্ঘন, নিযোগাতিক্রম। °শত (ক্লী)—শতদানপত্র, প্রদত্ত শত ভূমিখণ্ডাদি।]

শাসন দ্র 'শাসক'।

শাসনীয় বিণ [√শাস্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ শাসনার্হ, দণ্ডনীয়। ২ নিয়মনীয়, নিয়ন্ত্রণার্হ। ৩ অনুশাসনার্হ, উপদেষ্টব্য। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, বাহুলকে, তু 'শিষ্ট'] ১ কৃতশাসন, নিয়ন্ত্রিত। "সুশাসিতা স্ত্রী (ন যাতি বিক্রিয়াম্)।—হি ১ ২১। শাসিত করণে কৃ চ ৩৩। ভক্তিই যদি অন্য বৃত্তিগুলিকে শাসিত করিতে লাগিল, তবে পরস্পরের সামঞ্জস্য কোথায় রহিল?—অ.শী ৪৩। ২ নিগৃহীত। ৩ আজ্ঞপ্ত, আদিষ্ট। "রা ৭.১০৮.২৬। ক.সা ১৮.৩৫। ৪ উপদিষ্ট,

অনুশিষ্ট। "সর্ব্বশাস্ত্রেষু সুতত্ত্ব ব্যাসশাসিতঃ (S.W.)। ৫ (বাঙ্লায়) অধিকৃত, অধীন। "(ছুম্রিতঘটা) নামেব শাসিত দেহে পুনঃ নাহি যায়।—হু ৩০। —সিতব্য [+তব্য-র্ম্ম] ১ সর্থ 'শাসনীয়' (১-৩)। ২ নিয়োগার্হ। ৩ বিধেয়, প্রযোজ্য। "প্রবৃত্তভাবিয়ামে শাসিতব্যা ভবতী।—পতঞ্জলি।—সিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ শাসক, শাস্তা, দণ্ডপ্রণেতা, দণ্ডয়িতা। "সঃ (দণ্ডঃ) নেতা শাসিতা চ সঃ মনু ৭.১৭, ১১.৩৫। পৌরবে···শাসিতরি দুর্ব্বিনীতানাম্ শ ১. ২২। ২ ব্যাখ্যাতা। "মনু ২.১৫০। —সিতা পুং ১ শাসনকর্ত্তা, রাজা। "ধবলঃ···ভূমিভুগুক-শাসিতা ক.সা ৪৮ ৬৪। ২ উপদেশক, গুরু। "রঘু ১.৯২; ৫.১১। —সী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] সর্থ 'শাসিত (১)। "অরি°।—হ ১৫৫.২৬। —সী পুং রাজা। "মগধকোশলকেকয়শাসিনাং দুহিতবঃ রঘু ৯ ১৭।

শাসাম; শাসিত, শাসিতব্য, শাসিতা, শাসী দ্র 'শাস২, শাসনীয়'।

শাস্তুর বি [দ্র 'শাশুড়ি', অপ্র] শ্বশ্রূ। "গো চ ১০২,-৩।

শা(সা)স্তর বি [কথ্য] শাস্ত্র। "শূ ২।

শাস্তা (-স্তৃ) বিণ [√শাস্+তৃ (তৃচ্)-ক-১ব, অনিট্, দ্র 'উ ২ ৯২, তত্ত্ববোধিনী] বিনেতা, শাসনকর্ত্তা। "ত্বং হি শাস্তা চ গোপ্তা চ গো রা ৪.১৭.৫১। ভ ১.১২.২৬। মূল শাস্তা পশ্চাতে আছেন ধর্ম্মরাজ চৈ.ভা ৪৩৮। —স্তা পুং ১ শাসিতা। "একঃ শাস্তা ন দ্বিতীয়োঽস্তি শাস্তা মহা ২.৬৪ ৮। শাস্তৃবহুত্ব ভ ৬ ৩ ৬। ২ রাজা। ৩ পিতা। ৪ উপদেষ্টা, আচার্য্য। "ধর্ম্ম°। ৫ বুদ্ধ।

শাস্তি স্ত্রী [√শাস্+তি-ভা, বাহুলকে, উ ৪ ১৭৯] ১ রাজদণ্ড। "উ ৪.১৭৯। ২ শাসন। "দুষ্ট° (শ ক)। ৩ আদেশ, অনুশাসন। ৪ [+তি-ণ] রাজধৃতদণ্ড (sceptre)। ৫ (বাঙ্লায়) কষ্ট, যন্ত্রণা পীড়া।

শাস্ত্র ক্লী [√শাস্+ত্র (ষ্ট্রন্)-ণ, উ ৪ ১৫৮] ১ 'শাসন-সাধন' ব্যাকরণাদি গ্রন্থ (অ.টী), আগম (মেদিনী), সাংখ্যযোগতর্কপূর্ব্বোত্তরমীমাংসাসূত্র, স্মৃতি, কামন্দকাদিনীতিগ্রন্থ, ব্যাকরণ (রা টীকা), শ্রুতিস্মৃতিপুরাণাদি (শ্রীধব)। "সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ রা ১.১.১৫। গী ১৬ ২৪। শাস্ত্রেষ্ব-কুণ্ঠিতা বুদ্ধিঃ রঘু ১ ১৯। সর্ব্বস্য লোচনং শাস্ত্রম্।—হি ১০ (কথাবস্ত)। ২ শাস্ত্রসংক্ষেপ। "গী ১৫ ২০। ৩ শাসনগ্রন্থ। "শব্দ°।—পঞ্চ ৯ (কথামুখ)। ৪ নীতিশিক্ষাবিষয়ক গ্রন্থ। "পঞ্চ ৩ (কথামুখ)। ৫ বিদ্যাবিশেষবিষয়ক গ্রন্থমাত্র। "অর্থ°, কাম°, দর্শন°, নাট্য°, ন্যায°, রত্ন°, শকুন°, শিল্প°। শাস্ত্র° হি নিশ্চিতধিয়াং ক ন সিদ্ধিমেতি মাঘ ৫ ৪৭। ৬ [+ত্র-ভা] শাসন (সায়ণ), আজ্ঞা (মেদিনী)। "ঋগ্বেদ ৮. ৩৩.১৬। ৭ শাস্ত্রজ্ঞান। "ইমং মাং চ শাস্ত্রে প্রযোগে চ বিমৃশতু মা.মি ১২৩। [°কার, °কৃৎ (পুং)—শাস্ত্রপ্রণেতা, ঋষি, আচার্য্য। "°কাব। —বৃহৎসংহিতা ৫৩.১৬। °কৃৎ ভ ১.১০ ২২। °কোবিদ (বিণ)—শাস্ত্র-পণ্ডিত। °গণ্ড (পুং)—শাস্ত্রের গণ্ডতুল্য, শাস্ত্রে পল্লবগ্রাহী। °চক্ষুঃ (-ক্ষুস্) বিণ—শাস্ত্রজ্ঞানদর্শী। °চিন্তক (পুং)—পণ্ডিত, বিদ্বান্। °চৌর (পুং)—যিনি অন্যকৃত শাস্ত্র নিজ বলিয়া প্রচার করেন। °জ্ঞ (বিণ)—শাস্ত্রবিৎ। °জ্ঞান (ক্লী)—শাস্ত্রতত্ত্ববোধ। °তত্ত্ব (ক্লী)—শাস্ত্র-রহস্য, শাস্ত্রতথ্য। "°তত্ত্বজ্ঞ।—হি৪৩ (কথারম্ভ)। °দর্শী (-র্শিন্), °নেত্র (বিণ)—শাস্ত্রজ্ঞানদর্শনশীল, শাস্ত্রজ্ঞ। °দৃষ্ট (বিণ)—১ শাস্ত্রে নিদ্দিষ্ট বা নির্ণীত। "দ্বিজাতিভিন্নয়ং ধর্ম্মঃ শাস্ত্রদৃষ্টঃ সনাতনঃ গো.রা ২.৬২.৩৪। ২ শাস্ত্রে অবগত। "মনু ৮.৩। রঘু ৫.৭৬। °দৃষ্টি (স্ত্রী) শাস্ত্রজ্ঞানরূপ নেত্র; শাস্ত্রচক্ষুঃ। "পঞ্চ ১৪৩৮। °বক্তা (-ক্তৃ) পুং—শাস্ত্রব্যাখ্যাতা। °বর্জ্জিত (বিণ)—শাস্ত্রবিধিহীন। °বাদ (পুং)—শাস্ত্রবিধান। °বিৎ (-দ্) বিণ—শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা। °বিধান (ক্লী), °বিধি (পুং)—শাস্ত্রানুশাসন। "°বিধানশী ১৬.২৩, ২৪ °বিধি ১৭.১। °বুদ্ধি (স্ত্রী)—শাস্ত্রজ্ঞান। "গো.রা ৫.৪৮.৮। °বিপ্রতিষেধ (পুং)—শাস্ত্রবিরোধ। °বিমুখ (বিণ)—শাস্ত্র-জ্ঞানহীন। "পঞ্চ ৪। (কথামুখ)। °বিরুদ্ধ (বিণ)—শাস্ত্রাবিহিত, অশাস্ত্রীয়। °বিরোধ (পুং)—শাস্ত্রমতবৈধ। °ব্যুৎপত্তি (স্ত্রী)—শাস্ত্র-জ্ঞান। °মতি (বিণ)—শাস্ত্রজ্ঞানবান্। °যোনি (স্ত্রী)—শাস্ত্রকারণ; (বিণ)—শাস্ত্রপ্রমাণ। "বেদান্ত ১.১.৩। °শিল্পী (-ল্পিন্) বিণ—(বহুব) 'শাস্ত্রশিল্পবান্', কাশ্মীরবাসিগণ। °সিদ্ধ (বিণ)—শাস্ত্রদৃষ্ট।]

শাস্ত্রাচরণ ক্লী [ষ ত] শাস্ত্রবিহিতানুষ্ঠান, ধর্ম্মাচরণ।—ণ পুং 'শাস্ত্রানু-ষ্ঠানবান্', পণ্ডিত; বেদাধ্যেতা, ব্রহ্মচারী।

শাস্ত্রাতিক্রম পুং [ষ.ত] শাস্ত্রবিধিলঙ্ঘন, শাস্ত্রকর্ম্মব্যভিচার।

শাস্ত্রাধ্যাপক পু. [ষ ত] শাস্ত্রাচার্য্য।

শাস্ত্রাননুষ্ঠান ক্লী [ষ ত] শাস্ত্রবিহিতকার্য্যের অকরণ, শাস্ত্রবিধি-ব্যভিচার। "°ষ্ঠানোদ্বিগ্নমনস্ হি ২২ (কথারম্ভ)।

শাস্ত্রানুমোদিত বিং [তৃ ত] শাস্ত্রসম্মত, শাস্ত্রদৃষ্ট।

শাস্ত্রানুসার পুং [ষ.ত] শাস্ত্রানুবর্ত্তন, শাস্ত্রবিধিপালন।

শাস্ত্রাভিজ্ঞ বিণ [স.ত] শাস্ত্রতত্ত্বজ্ঞ। "হি ৪৪৫। (কথারম্ভ)।

শাস্ত্রার্থ পুং [ষ.ত] শাস্ত্রাভিধেয়, শাস্ত্রতাৎপর্য্য, শাস্ত্রতত্ত্ব।

শাস্ত্রাসন বি শাস্ত্রাধ্যাপনাকালে আচার্য্যের আসন। "ম ৫৩৯।

শাস্ত্রী (-স্ত্রিন্) বিণ [শাস্ত্র+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -স্ত্রিণী] শাস্ত্র-জ্ঞানবান্, শাস্ত্রাভিজ্ঞ। "গো রা ৬ ২৩ ৬। —স্ত্রী পুং ১ শাস্ত্রাচার্য্য; পণ্ডিত। ২ পণ্ডিতের উপাধি।

শাস্ত্রীয় বিণ [শাস্ত্র+ঈয় (ছ)] শাস্ত্রসম্বন্ধী, শাস্ত্রবিহিত। "শাস্ত্রীয়-কর্ম্মণামনুষ্ঠানম্ মনু ২ ৫, কুল্লুক।

শাস্ত্রোক্ত বিণ [তৃ.ত] শাস্ত্রবিহিত। "মনু ২.৫, কুল্লুক।

শাস্য বিণ [√শাস্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ শাসনার্হ, দণ্ড্য। "তাবুভৌ চৌরবচ্ছাস্যৌ মনু ৮.১৯১, শু ৪ ৫.৩১৭। ২ দমনীয়। "অশাস্যানপি শাস্ত্যেষঃ মহা ৫ ৯৮.২১। ৩ শিক্ষণীয় (সায়ণ)। "ঋগ্বেদ ১.১৮৯.৭।

শুচি বিণ [√শুচ+ই (ইন্)-ণ, গুণাভাব, উ ৪.১১৯ ; স্ত্রী -চি, -চী (মনু ৮.৭৭)] ১ শুদ্ধ (সায়ণ), মেধ্য, পবিত্র। "ঋগ্বেদ ৭.৯০.১ ; ২। সলিলং শুচি রা ২.৪৮ ৯। রঘু ১.৮১। (পৃথা) আজুহাব রবিং শুচিঃ ভ ৯.২৪.৩২ ; ২ নির্মল (সায়ণ)। "ঋগ্বেদ ৬.৮ ১। সকলহংসগণং শুচি মানসম্ কি ৫.১৩। শুচিঃ...মণিঃ উ.চ ২.৪। ৩ শ্বেত, ধবল, শুভ্র। "শুচিভিঃ কণৈঃ রঘু ৯.৪৪। ৪ নিষ্কলঙ্ক, নির্দোষ। "শুচি ব্রতমাত্মনঃ শ ৫.২৭। ৫ সমুজ্জ্বল, দীপ্ত। ৬ কল্যাণকৃৎ, সদাচার। "শুচীনাং শ্রীমতাং গেহে গী ৬.৪১। ৭ নিরুপাধি (মেধাতিথি), শুদ্ধান্তঃকরণ। "মনু ৭.৩৮। ৮ অর্থনিঃস্পৃহ। "মনু ৭.৬২। ৯ আত্মশৌচাদিযুক্ত। "মনু ৮.৭৭। ১০ অর্থস্ত্রীশৌচযুক্ত, অর্থাৎ ধনস্ত্রীদানাদিদ্বারা অভেদ্য। "শুচিঃ (দূতঃ) মনু ৭ ৬৪। ১১ অনুপহত, ধৌত। "সর্ব্বে শুচিবস্ত্রাঃ মহা ১.১২৮.৫০। ১২ নিরপরাধ, নির্দ্দোষ। "যঃ শুচীন্ পাণ্ডুদায়াদান্ দাহয়ামাস শত্রুবৎ মহা ১ ১৪৮ ১৫। ১৩ অদূষিত। ১৪ বিশ্বস্ত, অনুরক্ত। ১৫ ধার্ম্মিক, ন্যায়বান্, অপক্ষপাতী। "সভায়াং বক্তি সাৰ্বর্বং সাবষ্টম্ভনরঃ শুচিঃ।—পঞ্চ ১ ২১৩। ১৬ ভ্রমপ্রমাদরহিত। ১৭ বৈধসংস্কার-সম্পন্ন। ১৮ বাহ্যাভ্যন্তরশৌচবান্ (নীলকণ্ঠ)। "গী ১২.১৬। ১৯ অন্যায়পূর্ব্বক পরধনগ্রহণে শুদ্ধ, অর্থাৎ পরাঙ্মুখ। "যোঽর্থে শুচির্হি স শুচির্ন মৃদ্বারিশুচিঃ শুচিঃ মনু ৫.১০৬। ২০ অবিদ্যানির্মুক্ত। "কি ৫.১৩। —চি পুং ১ শুদ্ধি, পূতীভাব, পবিত্রতা। ২ শুদ্ধভাব, ন্যায়পরতা, সাধুতা। ৩ নিরপরাধতা, দোষমুক্তি। ৪ শুদ্ধাচরণ। ৫ ব্রহ্মচারিভাব। ৬ ব্রাহ্মণ। ৭ শুদ্ধমন্ত্রী। ৮ শ্বেতবর্ণ। ৯ অকৃত্রিম বন্ধু। ১০ 'শুদ্ধিসাধন', অগ্নি। "ভ ৪.২৪ ৪। ১১ সূর্য্য। ১২ চন্দ্র। ১৩ একোনপঞ্চাশৎ বহ্নির একতম (কূর্ম্মপুরাণ, ১২শ অধ্যায়)। ১৪ চিত্রকবৃক্ষ। ১৫ [+ই-ধি] গ্রীষ্ম। "কু.স ৫.২০। °বন ভ ২. ৭.২৯। ১৬ জ্যৈষ্ঠ মাস। "সুশ্রুত ১.৬.৫। ১৭ বায়ু। ১৮ শৃঙ্গাররস। ১৯ শুক্রগ্রহ। ২০ শিব। ২১ কার্ত্তিকেয়। 'মহা ৩.২৩১.৪। ২২ চতুর্দ্দশ মন্বন্তরের ইন্দ্র। —চি স্ত্রী কশ্যপপত্নী তাম্রার কন্যা (জলচরপক্ষীর জননী)। "গরুড়পুরাণ, ৬ষ্ঠ অধ্যায়। [°জিহ্ব (পুং)—অগ্নি। °দ্রুম (পুং)—অশ্বত্থ। °পতি (পুং)—অগ্নি। °বাসাঃ (-সস্) বিণ—শুদ্ধবস্ত্র। °ব্রত (বিণ)—শুদ্ধব্রত, কায়বাঙ্মনঃশৌচশালী। "রা ২.৭৭.১০। মনু ৯.৭০। °মণি (পুং)—শ্বেতরত্ন, স্ফটিক। °মল্লিকা (স্ত্রী)—নবমল্লিকা। °রোচিঃ (-চিস্) পুং—'শুভ্রকর', চন্দ্র। °শ্রবাঃ (-বস্) বিণ—শুদ্ধযশাঃ, শুভ্রকীর্ত্তি। "ভ ১.৫.১৩। °সংক্ষয় (পুং)—গ্রীষ্মাপগম, বর্ষাগম। "নানভমানঃ পর্জ্জন্যঃ...শুচিসংক্ষয়ে মহা ৭.১৩.৫।]

শুচিতা স্ত্রী, **-ত্ব** ক্লী [শুচি+তা (তল্), +ত্ব] ১ শুচিভাব, শৌচ, শুদ্ধি। ২ সাধুতা, ন্যায়পরতা। ৩ অকপটতা, সারল্য। "শুচিত্ব। —হি ১.৯৭।

শুচিত্ব দ্র 'শুচিতা'।

শুচিবাই, -বায়ু বি ১ শুচিতারক্ষার্থ বায়ুবিশেষ বা বাতিক। ২ কোনও বিষয়ে বাতিক। "সততাসম্বন্ধেও তাঁর শুচিবায়ু প্রবল ছিল গ.স ৯০।

শুচিবায়ু দ্র 'শুচিবাই'।

শুচিস্মিত বি [বহুব্রী ; স্ত্রী -তা] ১ বিশদমন্দহাস, শুভ্রহাস (নারী)। "শুচিস্মিতা রা ১.৬৪.৮ ; মহা ৪.৯.১। কু.স ৫.২০ ; ভট্টি ৫.৬৫। শুচিস্মিতে রঘু ৮.৪৯। ২ বিশদমন্দহাসযুক্ত। "শুচিস্মিতাং বাচমবোচদচ্যুতঃ মাঘ ১.২৫।

শুজ, -ঝা¹ সর্ম্ম [সং √শুধ—শুধ্য > প্রা • √সুজ্ঝ > বা শুঝ, -জ] শোধ করা। "শুঝিব তোমার এ-হি ধার চ.বি ৩১৭। —জা সর্ম্ম [শুজ +আ⁸] শোধ করান। "শুজাইব ইহার ধার বি.পা ২২৫।

শুঝা¹ দ্র 'শুজ'।

শু(সু)ঝা² সর্ম্ম [সং √শুধ—শুধ্য > প্রা √সুজ্ঝ (পৈ) > বা সু(শু)ঝ ; হি ' √সুঝ'—খেয়াল করা] বিচারপূর্ব্বক বোধগম্য করা বা বুঝা। "বুঝালে না বুঝে, কহিলে না সুঝে, তাহারে বলিয়ে কালা চ.সা ৪২ ; কে আছে বুঝিয়া, বলিবে সুঝিয়া ('শুঝিয়া বলিবে'—চ.দা ১০৩), আমার পিয়ার পাশে ১৩৫। বুঝিয়া সুঝিয়া নাগ কৈল অবিচার।—ম ৩২৭। —ঝ অর্ম্ম যথার্থভাবে প্রতীয়মান হওয়া। "এ কেহ বুঝিবে কেবা। তারে শুঝে, বুঝে যে বা।—ভা.চ ৪৭৮। [শু(সু)ঝা—সর্ম্ম 'শুঝ²'।]

শুটি, শুটী দ্র 'শুঁটি'।

শুঠ্, -ণ্ঠ্ সক [ভ্বা, প—শোঠতি, শুণ্ঠতি ; সেট্] গতিপ্রতিঘাত। "শোঠতি পয়ঃ সেতুনা (ক ক)। —ঠ্ অক [চু, প—শোঠয়তি ; সেট্] আলস্য। —ণ্ঠ সক [চু, প—শুণ্ঠয়তি, সেট্] শুষ্কীকরণ। —ণ্ঠ্ অক [চু, প—শুণ্ঠতি ; সেট্] শুষ্কীভাব (ক.ক)।

শুড়শুড় বি [শড়শড় > °ড (মৃদুতায়), শুশ্শুড় (কথ্য)] ১ মৃদু ধীর গমনের ভাব। "(কন্যাটি) আর কোন আপত্তি করে না —শুড়শুড় করে প্রভুর বিছানায় গিয়ে শুলো।—হু ৭৪। ২ কণ্ডূতিজন্য অনুভূতিবিশেষ। "মার খাওয়ার জন্য পিঠ শুড়শুড় কচ্ছে। [শুড়শুড়নি —শুড়শুড়-বোধ।]

শুড়িমৎস্য বি শুঁটা বা শুঁটকি মাছ (পণ্যবিশেষ)। "শুড়িমৎস্য থান থান : শুড়িমৎস্য সমতুলে বি.পা ২১৮।

শুণ্ঠি, -ণ্ঠী স্ত্রী, **শুণ্ঠ্য** ক্লী [√শুণ্ঠ্+ই (ইন্)-ক, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), √শুণ্ঠ্+য (যৎ)-র্ম্ম] 'শুষ্কীভূত, শুষ্কীকৃত', শুষ্ক আর্দ্রক ; শুঁঠ। "শুণ্ঠি।—বৃহৎসংহিতা ৫১.১৫। শুণ্ঠী (সুশ্রুত)। শুণ্ঠীখণ্ডলাড়ু চৈ.চ ৩১২।

শুণ্ঠ্ ; শুণ্ঠী, শুণ্ঠ্য দ্র 'শুঠ্, শুণ্ঠি'।

শুণ্ড্ সক [ভ্বা, প—শুণ্ডতি ; সেট্] ১ খণ্ডন। ২ প্রমর্দ্দন।

শুণ্ড পুং [√শুণ্ড্+অ (ঘঞ্)-ণ] ১ 'প্রমর্দ্দনসাধন', হস্তিহস্ত, শুঁড়। "গজশুণ্ডাকার, পড়ে জলধার ম.ভা ১০। মে ২০১। ২ [+অ (অচ্) -ক] মদনির্ঝর, মদস্রাব। —শুক পুং [শুণ্ড+ক (কন্)] 'শুণ্ডসদৃশ', যুদ্ধবেণু। [°চিহ্ন—গণেশ-আকুড়ি।]

শুণ্ডা স্ত্রী [শুণ্ড+স্ত্রী আ (টাপ্)] ১ সর্ম্ম 'শুণ্ড (১)। ২ [+অ (অচ্)+স্ত্রী আ] অম্বুহস্তিনী। ৩ (শুণ্ডসদৃশনালযুক্তা) নলিনী। ৪ মদ্য। 'শুণ্ডা করিকরে মদ্যে রা ২ ৮৩.১৪, টীকা। "°পান। ৫ মদ্যপানগৃহ। ৬ বেশ্যা। ৭ কুট্টনী, কুটনী। [°দণ্ড (পুং)—শুণ্ডারূপ দণ্ড। °পান (ক্লী)—মদ্যপানভূমি (অ.কো)।]

শুণ্ডার পুং [শুণ্ডা+র, পা ৫.৩.৮৮] ১ হ্রস্বশুণ্ডা। ২ করিশিশুশুণ্ড। ৩ [+র অপকর্ষে, মুগ্ধবোধ ৪৯১] অপকৃষ্টা শুণ্ডা। ৪ ষষ্টিবর্ষবয়স্ক-হস্তী। ৫ [শুণ্ডাকার > °র (?)] শৌণ্ডিক।

শুণ্ডাল পুং [শুণ্ডা+ল (লচ্),] 'শুণ্ডাবান্', হস্তী।

শুণ্ডিক ক্লী [শুণ্ডা+ইক (ঠন্)] আয়স্থানবিশেষ (বালমনোরমা)। "শুণ্ডিকাদাগতঃ শৌণ্ডিকঃ পা ৪.৩.৭৬। —ণ্ডিকা স্ত্রী [+ক (-কন্) +স্ত্রী আ (টাপ্)] ১ 'হ্রস্বশুণ্ডা', অলিজিহ্বা। ২ শুণ্ডা।

শুণ্ডিকা দ্র 'শুণ্ডিক'।

শুণ্ডী (-ণ্ডিন্)পুং [শুণ্ডা+ইন্ (ইনি)-১ব] ১ 'শুণ্ডাবান্', হস্তী। ২ শৌণ্ডিক, শুঁড়ী। —ণ্ডী স্ত্রী 'শুণ্ডাকারশিখাযুক্তা', হাথীশুঁড়া গাছ। [শুণ্ডিমূষিকা (স্ত্রী)—ছুচুন্দরী।]

শু(সু)ত অর্ম্ম [সং সুপ্ত > প্রা সুত্ত > বা (সুত > √সুত) √সুত, ' √শুত' (√শী ধাতুর অনুকরণে) ; হি, মৈ √সুত ; 'শুতলে'—শুইলে

(বাঙ্গলহ); 'শুতা'—শোওয়া (দিনাজপুর)] ১ শয্যাতল গ্রহণ করা; শোওয়া (to lie down)। "সুতিলাম মগা ১৫। শুতি আছি। —ম ৩৯। শুতি রহল রাই বিপ ৬৩, শুতলি বিমুখে ধনী ৮০। (বঁধু) মাথাটি বাহুতে রাখিয়া শুতল কাছে চদা ৭০। শুতি নিন্দ যায়। —গো ১৪, শুতব ৯৬, শুতলি…গোরী ১৫২। শুতল ২১২। সুতি সুখে রহল জ.প ৩৭। শুতয়ে চৈ.ম ৯, শুতিলা শচী ৩৮, শুতিয়া ৮৯৭ শুতল।—জ্ঞা ৭০। শুতিয়া ভ গ্র ১৭৫, শুতি রহে ২৪৩। শুতলি রা.শে ১, সুতলু ঘুমল হাম ২৩, কেহ নাহি সুতই: সুতি ঘুমে আঁখি না বুজায়ে ১৫, সুতলি ৭৭। সুতিয়া রহিলা চৈ চ ৩২২। পৃথিবীতে সুতি আছে চ.চ ১১। সুতই ন প ৩৪৭। সুতয়ে কুসুম শেজে ব্র প ১৭৮। শার্দ্দূলে হরিণে শুতি থাকে একখানে চ বি ১৩। ২ নিদ্রিত হওয়া। "শুতিয়া স্বপনে, দেখিয়ে সে জনে রা শে ৫০। [শুতিলোঁ, সুত (শয়ন কর), সুতি,-তিআঁ,-তিল,-লী,-লোঁ,-তিব (শ্রী কী)। শুতিয়া (গো চ)। শুতবি,-তয়ে,-তল,-লি,-তি,-তিয়াছে,-তে (প.ক)।

শু(সু)তা সর্ম্ম [শু(সুত)ত+আ৮, হি √সুতরা, মৈ √সুতার, 'সোত্তাইম্'—সোয়াইব (কোচবিহার)] শয়ন করান, শোওয়ান। "সব সখী মেলি শুতায়ল বি প ৬৪। দোতী শুতায়ল উনহিক পাশ।—জ্ঞা ৭৮। সুতায় কুসুম সেজে ব্র.প ১৭৮। শীতল শতদল, শশনে শুতায়ল, কিশলয় ভরি পরিযঙ্ক—ব ১৮৫। [শুতাওলি,-তায়ই,-য়বি,-য়ল,-য়লি (প ক)। শু(সু)তান—সর্থ 'শুতা'।]

শুদ্ধ[1] বিণ [√শুধ্+ত (ক্ত)-ক] ১ শুদ্ধিপ্রাপ্ত, পবিত্র, শুচি। "অশুদ্ধমাত্মানম্ মনু ৪ ১২৭। ২ নির্ম্মল, স্বচ্ছ। "(ছায়া) শুদ্ধে তু দর্পণ-তলে সুলভাবকাশা শ ৭ ৩২। ৩ নির্ম্মল, নির্দ্দোষ। "অন্তঃশুদ্ধস্ত্বমপি ভবিতা বর্ণমাত্রেণ কৃষ্ণঃ পু মে ৪৯। শুদ্ধং চরিত্রম্ উ চ ১ ৪২। ৪ সাধু, সচ্চরিত্র। "রঘু ১৫ ৭৭। ৫ অদুষ্ট, দোষরহিত। "শুদ্ধকর্ম্মন্ কু স ৬ ৫২। ৬ উজ্জ্বল, শুভ্র, শ্বেত। "(তয়োঃ) ব্রজতোঃ শুদ্ধবেশয়োঃ রঘু ১ ৪৫। ৭ অপাপ, নিষ্কলুষ। "ঋগ্বেদ ১০ ১৮ ২। ৮ অঙ্কহীন, কলঙ্ক-হীন। ৯ নিষেকাদিসংস্কারসম্পন্ন। 'আজন্মশুদ্ধানাম্ (রঘূণাম্) রঘু ১ ৫। ১০ যথাবিধিকৃত, অচ্ছিদ্র, বৈগুণ্যহীন। ১১ অকপট, সরল। "(কৌসল্যা) °সত্ত্বা মুমোচাশ্রু রা ২ ৩৯ ৩২। ১২ কেবল, অমিশ্র। বিপ 'মিশ্র, সঙ্কীর্ণ'। "য এষ জাম্বূনদ-শুদ্ধগৌর মহা ৩ ২৬৯ ৭। তিলান্ শুদ্ধান্ মনু ১০ ৯০। শুদ্ধ শবের শবদ শ্রী ১৬৫। শুদ্ধ পাট: শুদ্ধ শ্বেত চামর বা ম ৪৫। °কাঞ্চন-বরণ চৈ চ ১৮৪। কঙ্কাল রেখেছে খাড়া —শুদ্ধ শুষ্ক সভ্যতার।—মন্দ্র ৫০। ১৩ ভ্রমরহিত। ১৪ (সঙ্গীতে) রাগান্তরামিশ্রিত (রাগ)। ১৫ অনমুনাসিক (স্বর)। ১৬ অভি-যোগদোষমুক্ত, নিরপরাধ। ১৭ দ্বৈতহীন। "শুদ্ধাদ্বৈতবাদ। ১৮ অতৈল, তৈলাদি-রহিত। "°স্নান। ১৯ দুষ্টাবর্ত্তহীন। "(অশ্বান্) শুদ্ধান্ দশভি-রাবর্ত্তৈঃ মহা ৩.৭১ ১৪। ২০ শিত, তীক্ষ্ণীকৃত (শরাদি)। ২১ কেবল, অর্থাৎ বায়ুসহায়হীন। "বিশুদ্ধোঽপি জ্বলত্যগ্নির্বাত্যাযোগে তু কা কথা ক সা ১৭ ১২২। ২২ (গণিতে) পূর্ণ, ভগ্নাংশহীন (রাশি)। —দ্ধ পুং ১ শুক্লপক্ষ। তু 'সুদি'। ২ শিব। —দ্ধ ক্লী ১ পবিত্রবস্তুমাত্র। ২ সৈন্ধব। ৩ মরিচ। ৪ আত্মা। [°কর্ম্মা (-র্ম্মন্) বিণ—অদুষ্ট-চরিত। "কু.স ৬ ৫২। °কোটি (স্ত্রী)—সমকোণ ত্রিভুজের লম্বমান ভুজ। °চৈতন্য (ক্লী)—কেবলচৈতন্য, ব্রহ্মজ্ঞান (বেদান্তসার)। °দন্ (-দৎ), °দন্ত বিণ—নির্ম্মলদশন। "ভট্টি ৫.৬১। °চারী (-রিন্) বিং —সদনুষ্ঠাতা, সদাচারী। "°চারিণী সী ২২,-৮,-৯। °ধী (বিণ) শুদ্ধমতি, অকপটচিত্ত। °পক্ষ (পুং)—শুক্লপক্ষ। °পার্ষ্ণি (বিণ) —উদ্ধৃতপৃষ্ঠশত্রু। "রঘু ৪ ২৬। °বংশ্য (বিণ)—শুদ্ধবংশভব, পবিত্র-কুলজাত। "সন্ততিঃ শুদ্ধবংশ্যা রঘু ১ ৬৯। °বধ (পুং)—মন্ত্রনভিন্ন উপায়ে বধ। "মনু ৯ ২৭৯। °বল্লিকা (স্ত্রী)—গুড়ূচী। °বসন (বিণ) —শুভ্রবাসা। "বা ২.৮৩ ১৭। °বেশ (বিণ)—উজ্জ্বলনেপথ্য। দ্র 'শুদ্ধ (৬)। °ভাব (পুং)—সরলভাব, অকপটতা, সারল্য। °শীল, °সত্ত্ব, °স্বভাব (বিণ)—নির্দ্দোষচরিত্র, সাধুশীল। "°শীলা শ ৭ ২১। °স্নান (ক্লী)—তৈলাদিরহিতস্নান। "উ মে ৩০। °সত্ত্ব (বিণ)—১ সরল-স্বভাব। দ্র 'শুদ্ধ (১১)। ২ কেবলসত্ত্বময়। "শুদ্ধসত্ত্ব সদাশিব শি ১১। °হৃদয় (বিণ)—নিষ্কলুষচিত্ত, সরলচেতাঃ]

শু(সু)দ্ধ[2], **-দ্ধা** বিং [সং সার্দ্ধম্, 'সুদ্ধ' সাধু, হি সুদ্ধাঁ,-দ্ধা,-ধা, ঠ সুদ্ধাং] সহিত, সমেত, সহ। "(দশাননে) রথশুদ্ধ গিলিবারে দুই ঠোঁট মেলে।—কৃ ১৪৪। দ্বারকাসুদ্ধ ধায় নর নারী।—ম ২৪৬। পুরীশুদ্ধ নিদাটা করেছে ঘুমগ'ড়ে শ্রী ২১৭। গোড়াসুদ্ধ উপাড়ে বি সু ১৭, পুরীসুদ্ধ হই নষ্ট ৮৯, সপ্তম পুরুষ সুদ্ধ ১০৮। সভাসুদ্ধা উঠে রাজা ব প ৯৩২। ছেলে সুদ্ধ পোয়াতী।—দা ১৩। বালাটা সুদ্ধ যেন তাড়িয়ো না।—কা ১১৮, এই ভাবে চলে জগৎ সুদ্ধ ১৩১। ঝাঁকি সুদ্ধ প কা ২১। রাজা সুদ্ধ সকল লোকের নিকট কৃ চ ১৮। চক্ষের জলটুকুশুদ্ধ কি শিখিব?—ব প্র ১১৭। একটা গোলা দেখিলে মুসল-মানেরা গোষ্ঠীশুদ্ধ পলাব ব ৱি ৯৮।

শুদ্ধাদ্বৈতবাদী (-দিন্) বিণ [°ত+√বদ্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] শুদ্ধাদ্বৈতবাদপ্রবর্ত্তক (বল্লভাচার্য্য)। [এই মতে জীব ও জগৎ উভয়ই অতিরিক্ত তত্ত্ব ও সত্য (হিন্দুশাস্ত্র)]

শুদ্ধবাৎসল্য বি কেবল বাৎসল্য, কৃষ্ণে নন্দাদির ঈশ্বরজ্ঞানহীন স্নেহ। 'শুদ্ধবাৎসল্য—ঈশ্বরজ্ঞান নাহি যার চৈ চ ৩০। "যাঁর (বলদেবের) ভাব—শুদ্ধ-সখ্যবাৎসল্যাদিময় চৈ চ ৩০। ভ গ্র ২০৩, টীকা।

শুদ্ধবিষ্কম্ভক পুং [কর্ম্মধা] (নাট্যে) যে বিষ্কম্ভকে পাত্রগণ সংস্কৃতে অভিনয় করেন, তাদৃশ মধ্যমপাত্রঘটিত বিষ্কম্ভক (শাকুন্তলে দ্বিতীয়াঙ্কের পরবর্ত্তী বিষ্কম্ভক)।

শুদ্ধমতি বিণ [বহুব্রী, স্ত্রী -তি] সরলচিত্ত, অকপটহৃদয়, অপাপ। "হি ১ ৮০। —মতি স্ত্রী [কর্ম্মধা] সরলমনঃ, নিষ্কলুষচিত্ত, সুবুদ্ধি। "ব্যাধিহীন কলেবর, শুদ্ধমতি নিরন্তর, হ'লে আর অভাব কি আছে। —পদ্যপাঠ, প্রথমভাগ।

শুদ্ধমাংস ক্লী [বহুব্রী] যাহাতে কেবল মাংস, ঘৃতে বা তৈলে ভৃষ্ট হিঙ্গুহরিদ্রার সহিত ঘৃতে পক্ব লবঙ্গমরিচাদিযুক্ত অস্থিহীন ছাগাদিমাংসের ব্যঞ্জনবিশেষ (ভাবপ্রকাশ)।

শুদ্ধমাধুর্য্য বি কামগন্ধহীন ব্রজগোপীর প্রেম। "ভ গ্র ২০৩।

শুদ্ধমিশ্রী বি সার মিশ্রী, ওলা (?)। "শর্করা সিতা মিশ্রী শুদ্ধমিশ্রী আর (চৈ চ)।

শুদ্ধা দ্র 'শুদ্ধ[2]।

শুদ্ধাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী -১ব, স্ত্রী -ত্মা] পূতস্বভাব, পূত-চরিত। "রা ২ ২৯ ১৬। —ত্মা পুং শিব।

শুদ্ধান্ত পুং [শুদ্ধ অন্তে যাহার, বহুব্রী] ১ যাহার পর্য্যন্তে কামোপরত রক্ষক (অ টী), রাজান্তঃপুর, অবরোধ। "মহা ৫ ৫৯ ৩। °দুর্লভমিদং বপুঃ শ ১ ১৬। কু স ৬ ৫২। ২ (লক্ষণায়) অবরোধস্ত্রী, রাজদার। "°সম্ভোগ নৈ ৩ ৯৩। ৩ অশৌচান্ত (ত বা)। —ন্তা স্ত্রী রাজযোষিৎ। [°চর, °চারী (-রিন্)—অন্তঃপুরচারী। "°চর রঘু ৩ ১৬। °চারী দুর্ম্মুখঃ উ চ ১৩১৫। °দুর্লভ (বিণ)—অবরোধে দুষ্প্রাপ। °পালক, °রক্ষক (পুং)—অন্তঃপুররক্ষক, গৃহদৌবারিক। °রক্ষী (স্ত্রী)—অন্তঃ-পুরপালিকা। "রঘু ৬ ৪৫।]

শুদ্ধাপহ্নুতি স্ত্রী [কর্ম্মধা] বিষয়ান্তরের আরোপজন্ত কোন যথার্থ বিষয়ের ধর্ম্মগোপন-রূপ অর্থালঙ্কারবিশেষ। "নায়ং সুধাংশুঃ কিং তর্হি? —ব্যোমগঙ্গাসরোরুহম্।—কুবলয়ানন্দ ২৬।

শুদ্ধাভ বিণ [বহুব্রী, স্ত্রী -ভা] প্রকাশরূপ। "ম ৮ ১২ ২৭।

শুদ্ধাশয় বিণ [বহুব্রী] সরলচিত্ত, শুদ্ধমতি। "ক সা ৪৯.২২২।

শুদ্ধি স্ত্রী [√শুধ্+তি (ক্তিন্)-ভা] ১ শোধন, নৈর্ম্মল্যসম্পাদন। "আত্ম° গী ৫.১১। "দ্রব্যাণাং শুদ্ধিম্ (উক্তবান্) মনু ১.১১৩। পাত্রাণাং বারিণা শুদ্ধিরিষ্যতে যাজ্ঞ ১ ১৮৩। ২ পূতীভাব, শৌচ। "তীর্থাভিষেকজাং শুদ্ধিম্ রঘু ১.৮৫। ৩ নৈর্ম্মল্য। "°মতো শশিনঃ রঘু ১৪.৪০। ৪ স্বাচ্ছ্য, স্বচ্ছতা, বৈশদ্য। "মুক্তাগুণ° রঘু ১৬.১৮। ৫ দোষহীনতা, বিশুদ্ধি। "তদন্বয়ে শুদ্ধিমতি রঘু ১.১২। ৬ শাপমুক্তি। "(রাজাপি) শরীরত্যাগমাত্রেণ শুদ্ধিলাভমমন্যত রঘু ১২.১০। ৭ দোষমুক্তি। ৮ সাধন, নির্ব্বাহ। "বায়°।—পঞ্চ ৫⅞। ৯ অশৌচমুক্তি, শৌচ। "মনু ৫.৬১ ; ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে ৬৭। ১০ শোধন, নির্য্যাতন। "বৈর°। ১১ ভ্রমাপনয়ন, সংশোধন। "°পত্র। ১২ পরিশোধ, নিঃশেষীকরণ। "ঋণ°। ১৩ রাগদ্বেষাদিদোষের অসংস্পর্শ। "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ।—ছান্দোগ্য ৭.২৬.২। ১৪ মার্জ্জনা, পরিষ্করণ। ১৫ ব্যবকলন (A.)। ১৬ যাথার্থ্য, তথ্য। ১৭ [+তি-ণ] প্রায়শ্চিত্ত। "মনু ১১.১৬৪। ১৮ 'স্মরণে পাপশুদ্ধিসাধন', দুর্গা। ১৯ বৈদিককর্ম্মযোগ্যতাসম্পাদক সংস্কারবিশেষ (ত.বা)। [°কর, °কৃৎ (বিণ)—শুদ্ধিজনক, পাবন। °পত্র (ক্লী)—গ্রন্থের ভ্রমসংশোধনপত্র।

শুদ্ধিমান্(-মৎ) বিণ [শুদ্ধি+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] ১ শুদ্ধিযুক্ত, পবিত্র, নির্দ্দোষ। "রঘু ১ ১২। ২ নিরপরাধ।]

শুদ্ধোদন পুং [শুদ্ধ ওদন যাঁহার, বহুব্রী, শকন্ধ্বাদি, তু 'সং শুদ্ধোদন > লি সুদ্ধোদন] বুদ্ধদেবপিতা শাক্যরাজ।

শুধ্ অক [দি,প—শুধ্যতি, অনিট্] ১ শুদ্ধি, শৌচ। "ধ্যানাচ্ছুধ্যতি যন্মনঃ (কবিরহস্য)। ২ নিঃশেষভবন (ত.বা)। —ধ্ সক [পূর্ব্ববৎ] শোধন (ত.বা)। —ধ্ সক [চু, এ—শোধয়তি,-তে, সেট্] ১ ঋণোদ্ধার, ঋণনিঃশেষীকরণ। ২ সংশোধন। ৩ মার্জ্জন। [পরি—(ণিজন্ত) পরিশোধ। বি—বিশুদ্ধি, "শবস্পৃশো বিশুদ্ধ্যন্তি মনু ৫.৬৪। সম্—সংশুদ্ধি।]

শুধ১ বিং [দ্র 'শুধা১] কেবল। "শুধই সীধুনিকর প.ক ২১১১।

শু(শো)ধ২, সুধ সর্ম্ম [সং √শুধ্, √শোধি ; হি √সোধ ; ঠ শোধ] ১ শুদ্ধ বা আবর্জ্জনাহীন করা। সাফ করা। "(আশ্রমের কুটাপত্র-আদি) ঝাড়ু দিয়া…স্থান শুধি (ফেলায়) ভ.গ্র ১৭৭। ভোজনমন্দিব …শুধিয়া শীতল করি রা শে ২৬। চারিভিত সে শোধিল : আপনি শোধয়ে প্রভু : গৃহ শোধে : ভোগমণ্ডপ শোধি চৈ.চ ১৪৭। ২ ঋণ শেষ করা বা চুকান। "শোধিতে নারে…ধার গো চ ১৭৬। ক্রমে ক্রমে জন্দ্রশীল (ঋণ) সকল শুধিল।—ম ১০৫৪। কালিকার ভিক্ষায় নাথ উধার সুধিলুঁ ক.চ ৩১। পরিজন পোষে চাষী সুধে সাধু রাজা শি ৬৮। ৩ শুদ্ধ বা পূত করা ; নিষ্পাপ কবা। "অঙ্গন্যাস করিয়া শুধিলা কলেবর।—গ ২৭। জগৎ শোধিতে তোমার পর্য্যটন চৈ.ভা ৩৭। দিন দশ রহি শোধ মোর দুষ্ট মন চৈ.চ ১২০ ; ভক্তে শোধে ভগবান্ ৩০২। [শু(শো)ধা৩—সর্থ 'শুধ২।]

শুধবুধ বি [হি সুধবুধ (শুদ্ধবুদ্ধি), সুধবুধ (প.ক ৭১)] শুদ্ধজ্ঞান, ভাল বুঝসমঝ, হুঁশ।

শু(শো)ধরা অর্ম্ম ['শুদ্ধপ৷রা' মূল (?) ; হি √সুধব, ঠ √সুধ(ধা)র] ১ নির্দ্দোষ হওয়া। "স্বভাব আমার শুধরিয়ে (শুধরাইয়া) যেত।—কা ৭৮। ২ অবস্থানুরূপ হওয়া। "চাল শোধরান। তুমি দোয়াত কলম লইয়া গেলে কেহ ভাবিলেও ভাবিতে পারে, আজি এটা কেন ? তুমি সরকারি কালি-কলমকে গালি পারিও ; তাহা হইলেই শোধরাইবে।—ব.প্র ২৫৮। ৩ সংশয় দূর হওয়া।—রা সর্ম্ম [হি √সুধার] ১ শুদ্ধ বা নির্ভুল করা ; শোধরান। ২ নির্দ্দোষ করা ; সংশোধন করা ; সংস্কার করা ; দুরস্ত করা। [শু(শো)ধরান—সর্থ 'শুধরা'।]

শুধা১ বিং [সং শুদ্ধ > প্রা সুদ্ধ > বা সুধ,-দ ; শুধ,-ধা ; শুধু,-দু] খাদ্যাভাবে খালি, অর্থাৎ ভোজনব্যাপারশূন্য। "শুধা হাতে কতক্ষণ রহে সদাগর ম.ম ১৫২।

শু(সু)ধা২ সর্ম্ম [শু(সু)ধ > °ধা ; হি ' √সুধা'—স্মরণ করান] ১ (শুদ্ধ করা, অর্থাৎ 'সত্য কি না' ইহা জানার নিমিত্ত) জিজ্ঞাসা করা। "মাতাকে পিতাকে সুধাইয়ে আইস তুমি।—কৃ ৩। আগে দক্ষ শিবায়ে শুধান সমাচার শ্রী ৯৭। সুন্দরী শুধান শিবে সত্য কহ শূলী ৩৫। কি মোরে সুধাও বি.সু ৮৩। সুধায়।—দা ৯৪০। সুধিলা মুরলা।—মে ৩১। ২ ডাকিয়া জিজ্ঞাসা করা। "রাধা বলি কেহ, সুধাইতে নাই, দাঁড়াব কাহার কাছে।—চ.দা ১৪৫। [শু(সু)ধান—সর্থ 'শুধা২। সুধিবে—সুধাইবে। "শ্রী মা ২২৭।]

শুধা৩ দ্র 'শুধ২।

শুধু, সুদু, -ধু বিং [দ্র 'শুধা১ ; হি সূদা (শুদ্ধ)] ১ কেবল, একমাত্র। "সুদু গন্ডা লয়্যা বীর করয়ে সংগ্রাম।—ম ৮৭০। শিঙ্গার শুধু সাড়া শ্রী ১৫। দারুণ আগুন সুধু ধুধু ধুধু ধায় সা.ম ৩৬। কটিতে জড়ানো শুধু ধূসর কৌপীন চ.কা ৯৪। ২ একাকী, একা। "শুধু রামে রক্ষা নাই, সুগ্রীব তার চেলা।—প্রবচন। ৩ কেবল, নিছক। "শুধুই সুধাব শনি প.ক ১২৫। (একি) শুধু মিছে কথা, ছলনা!—গান ২১৮। ৪ কার্য্যে পরিণতিহীন, বিফল। "এ কি শুধু হাসি খেলা, প্রমোদের মেলা।—গান ২১৮। ৫ ব্যঞ্জনহীন (অন্ন)। "শুধু ভাত খাবে সদাগর বা.ম ১৫০। যার আছে ক্ষুধু। তার কি ভাত শুধু॥—প্রবচন। ৬ উপাধিহীন। "ছি ছি শুধু মাসী বলে কি রাণীকে ? রাণী মাসী বলে…।—কা ১০৭। ৭ নগ্ন, আদুড। "সুদু পায় আসা।—হু ১৬২। ৮ শূন্য, খালি। "শুধু দেহ-পিঞ্জর রহিল জ.প ৪৯। ৯ ভূষণহীন, রাঁড়। "আভরণ লয়্যা কৈল শুধু দুই হাথ ক.চ ১৪০। ১০ কেবল, প্রাণহীন। "শুধুই শরীর মোর, প্রাণ তোমার হাতে প.র ৪৩। বিরহিণী হইয়া ফিবি লইযা শুধু তনু ব.প ৮৫৮। ১১ অর্থাগমশূন্য। "কড়ি পাতি নাই কথা সুদু সুদু কি।—শি ৮৫ ; হাত সুদু জরাকে যৌবন দিব কেনে!—৮৬। ১২ আয়ুধহীন। "সুধু হাতে ভীম বীর যুঝে।—ম ৮২৬। ১৩ সুবিমল, অকলঙ্ক। "সাঁজেতে উদয়, সুধু সুধাময়, দেখিয়ে হইনু ভোলা চ.দা ২৫। ১৪ শুল্কহীন। "রাজারে দিয়াছি কর, সুধু ঘাট নহে মোর।—ব ১৪২। —ধু ক্রি.বিং অকারণ, অহেতুক। "শুধু শুধু মরতে যাব কেন লো ?—জা ৯। [শুধু শুধু—১ অকারণ, বৃথা। ২ বিনা মূল্যে। "শুধু কথায় চিঁড়ে ভেজে না। দ্র 'চিঁড়ে'। সুদু হাঁড়িতে পাত বাঁধিয়া কত করিব ?—শূন্য হাঁড়ীর মুখ পাতে ঢাকিয়া বৃথা খাদ্যের লোভ দেখাইয়া কত কার্য্যোদ্ধার করিব ? বৃথা অর্থলোভ দেখাইয়া কত কাজ করাইব ?—"আ.দু ১৮৪।]

শুন১ পুং [√শুন্ গতি+অ (ক)-ক, তু 'শ্বন্'—শুনী (স্ত্রী) লি সুণ] কুক্কুর।

শুন২ বি [দ্র 'শূন২] শূন্য। "শুন শ্রী.কী ২৩। শুন প.ক ৬১।

শু(সু)ন৩ সর্ম্ম [সং √শ্রু > লি √সুণা ; প্রা √সুণ ; হি, মৈ √সুন ; প, সি √সুণ, ড় √শুণ] ১ শ্রবণ করা ; শোনা। "বাক্ক সুনি মী ৮ ; সুন ১২। সুনি গো.বি ৮২,-৪ ; ৯০,-১,-৫। সুনিলে।—গ ২ ; সুনহ ৩। সুন ভগবান্ : এত সুনি : সুন্ (সং শৃণু) আজ্ঞার বচন শূ ২১। শুন বিনোদিনি, সুখ দুখ দুটি ভাই চ.দা ৫৪ ; মুরলী শুনিয়া, সব বিসরিত ভেল ৬৬। অনুনয় বোলইতে, শ্রবণে না শুনথি।—জ্ঞা ২২২। ২ সহানুভূতির সহিত শোনা। "শুনে না শুনিবে, বুঝে না বুঝিবে, দেখে না দেখিবে যাতনা মম স.শ ২৭। ৩ শ্রবণপূর্ব্বক গ্রহণ বা পালন করা। "শৈব্যা বলে শুন প্রভু নিবেদি তোমারে।—কৃ ৯। ভূপতি বলেন শুন সুমন্ত্র বচন ১০২। [শু(শো)না২

—সর্ব 'শুন৩'। শু(শো)নান—সর্ব 'শুনা'।] [শুনই (প্রা সুণই —প্রা.প্র)—১ শুনে। "বি.প ৪০। ২ শুনিয়া। "শুনই…করহ বিধান বি.প ৪১। শুনইতে,—১ শুনিতে, শুনিলে। "শুনইতে মানবি স্বপন-স্বরূপ বি.প ৪৪। ২ শুনিয়া। "বি.প ১০৮। শুনত হি —শুনিতেই, শুনিয়াই। "শুনতহি কানু মিলিল ধনীপাশ বি.প ২০১। শুনলুঁ—শুনিলাম। শুন লো—শুন হে। "বি.প ৫৪। শুন শুন—মন দিয়া শুন। "শুন শুন সুন্দরী হিত উপদেশ বি.প ৫২০,-৫। শুনিয়ে —শুনি। "কভু নাহি শুনিয়ে সুরত কি বাত বিপ ৫৭। শুন্যাছ —শুনিয়াছ। "আর শুন্যাছ বড় মা সতার চরিত্র ক.চ ১৫৩। সুনু —শুন; শুণ,-ণহ,-ণিআঁ,-ণিল,-লেঁ,-লো; শুনো (শুনি); সুন,-নহ, -নি,-নিআঁ (শ্রী কী)। শোন,-নেক (শুন), -নো,-নোঁ (শুনি)। গো.চ। শুন,-নই,-ইতে,-নত,-নব,-নসি,-নিলু (প.ক)।]

শুনঃশেপ,-ফ পুং [বহুব্রী, অলুক্, পা ৬.৩.২১, তত্ত্ববোধিনী; 'শুনঃ-শেপ' (ঋগ্বেদ ১.২৪.১২) মুনিবিশেষ। "°প রা ১.৬১ ২০। °ফ ভ ৯.১৬.৩০। [ইনি ঋচীকের মধ্যম পুত্র। ইন্দ্র অম্বরীষের যজ্ঞিয় পশু হরণ করিলে ও রাজা ইঁহাকে ক্রয় করিয়া যজ্ঞস্থলে পশুরূপে যূপে বন্ধন করিলে, ইনি দিব্য গাথা গান করিয়া ইন্দ্রের ও যূপদেবতা বিষ্ণুর স্তব করেন এবং দেবতাদ্বয়ের বরে দীর্ঘায়ুঃ হন, রাজাও যজ্ঞের বহুগুণ ফলপ্রাপ্ত হন (রা ১.৬১-৬২তম অধ্যায়)। ঐতরেয়ব্রাহ্মণের উপাখ্যানে, ইনি অজীগর্তের পুত্র। ইক্ষ্বাকুবংশীয় রাজা হরিশ্চন্দ্র নিঃসন্তান হওয়ায়, বরুণের নিকটে অঙ্গীকার করেন যে, পুত্র হইলে তাঁহাকে বলি দিবেন। কালক্রমে রোহিত নামে পুত্র জন্মিলে, রাজা পুত্র-বলি না দিয়া ইঁহাকে ক্রয় করিয়া বলি দিবার ইচ্ছা করেন, কিন্তু বরুণের স্তব করিয়া ইনি মুক্তিলাভ করিলে বিশ্বামিত্র ইঁহাকে পুত্ররূপে গ্রহণ করেন। দ্র 'ভ ৯.১৬,৩০-৩১।]

শুনক পুং [শুন+ক (কন্) স্বার্থে] ১ কুক্কুর (অ.কো)। ২ ভৃগু-বংশীয় ঋষিবিশেষ। [°পুত্র, °সুত (পুং)—শৌনক ঋষি।]

শুনন বি [শুন৩+অন; অপ্র] শ্রবণ, শোনা। "ম ৬৩৩।

শুনা১ বি [শুন১ > শুনা] ১ কুক্কুর। "ব.প ২৬৯।

শুনা২ দ্র 'শুন৩'।

শুনা৩ সর্ম [শুন৩ + আ; হি √সুনা] শ্রবণ করান, শুনান। "সই, কেবা শুনাইলে শ্যাম নাম চ.দা ১। [শু(শো)নান—সর্থ 'শুনা৩'। শুনানি—মোকদ্দমার বিষয় ও প্রমাণাদি বিচারার্থ বিচারককে শুনান (hearing)। শুনিয়ে—শুনাইয়া। "গান ৭৭। শুনায়ত,-য়লুঁ (প.ক)।]

শুনান, শুনানি দ্র 'শুনা৩'।

শু(সু)নাসীর পুং [শু (শীঘ্র), সু (শোভন) নাসীর (জয়শব্দাদি) যাঁহার (অ.টী), বহুব্রী; 'শুনাসীর'—শুন ইন্দ্র, সীর বায়ু (ঋগ্বেদ ৪.৫৭.৫—সায়ণ)] ইন্দ্র। "সুনাসীর ৪.৭.৭; মা ১৫২। মে ৬৯। —সীর ক্লী ইন্দ্রধনুঃ।

শুনী স্ত্রী [শ্বন্+স্ত্রী ঈ (ঙীষ্), সম্প্রসারণ] শ্ব-স্ত্রীজাতি, কুক্কুরী। "ম ৩২৯; শুনীশিবা-চয় ৩৬০।

শুন্ধ্ অক [ভ্বা, এ—শুন্ধতি,-তে (ক.ক); সেট্] ১ শুদ্ধি। ২ (সক) শুদ্ধীকরণ। "শুন্ধস্ব মৈনসঃ (মার্জ্জনমন্ত্রে)। যো গাং শুন্ধতি সত্যেন শুন্ধতে তপসা তনুম্ (কবিরহস্য)। —ন্ধ্ সক [চু, প—শুন্ধয়তি; শুন্ধতি; সেট্] শোধন। "(যো) ধিয়ং শুন্ধয়তি জ্ঞানাৎ (কবিরহস্য)।

শুন্য১ বিণ [শ্বন্+য (যৎ), সম্প্রসারণ] শ্বার (কুক্কুরের) হিতকর। "পা ৫.১.২, কাশিকা। —শুন্য ক্লী শুনীসমূহ।

শুন্য২ বিণ [তু সং শূন্য > প্রা সুণ্ণ(পৈ)] রিক্ত। —ন্য ক্লী বিন্দু।

শুভ্ অক [ভ্বা, ঙ—শোভতে; সেট্] শোভা, দীপ্তি। "শোভতে শশী (ক.ক)। —ভ্ অক [তুদা, প—শুভতি; সেট্] ১ শোভা। ২ (সক) বধ।

শুভ বিণ [√শুভ্+অ (ক)-ক; স্ত্রী -ভা] ১ শোভাযুক্ত। "শুভাননা রা ২.৩০.২৮; শুভাপাঙ্গা ৩৪। ২ মনোহর। "শুভমাসাদ্য সৌগন্ধিকম্ মহা ৩.১৪৬.৪। ৩ মঙ্গল, কল্যাণকর। "জন্মে শুভে কু.স ১.৩৫। শুভেষু মৃগপক্ষিষু মনু ৮.২৯৭। শুভ তিথি শুভ কাল, শুভ ক্ষণে বারিসংস্থাপন ক.চ ৭। ৪ শোভনাকৃতি। "অপ্সরসঃ শুভাঃ মহা ১.২.১২৩। দ্বিজাঃ শুভাঃ যাজ্ঞ ১.২৭৮। ৫ প্রশস্ত (শঙ্কর), অশ্বমেধাদিপুণ্যকৃত (শ্রীধর)। "সোঽপি মুক্তঃ শুভাঁল্লোকান্ প্রাপ্নুয়াৎ গী ১৮.৭১। ৬ পুণ্য, পবিত্র (কর্ম্ম)। ৭ শ্রুতাধ্যয়নবৃত্তসম্পন্ন। "দ্বিজাঃ শুভাঃ যাজ্ঞ ১.২৭৮। ৮ বাস্তুলক্ষণাদিযুক্ত। "শুভাং সভাম্ মনু ৭.১৪৫। ৯ নির্বিঘ্ন, বিপদ্‌বিহীন। "উষিত্বা রজনীং শুভাম্ রা ২.৫৪.১। ১০ মহার্ঘ, মহামূল্য। "শুভান্যাভরণানি রা ৪.৮.৭। ১১ মধুর। "শুভাং গিরম্ যাজ্ঞ ১.৭১। ১২ সুখকর। "অশনম্…শুভম্ রা ২.৬১.৫। মৃদুশুভপবনাঃ (দিবসাঃ)।—বৃহৎসংহিতা ২২.১। —ভ পুং (জ্যোতিষে) ত্রয়োবিংশ যোগ। —ভ ক্লী ১ শিব, মঙ্গল। "প্রায়ঃ শুভং চ বিদধাত্যশুভং চ জন্তোঃ মা.মা ১.২৩। শুভমস্তু।—হি ২উ৩; কৃ ৩৭। ২ শুভকার্য্য, পুণ্যকর্ম্ম। ৩ হিত। ৪ অভ্যুদয়, সৌভাগ্য। "°সমন্বিতা (সীতা) রা ২ ৬১ ৬। ৫ অলঙ্কার। ৬ পদ্মকাষ্ঠ। —ভা স্ত্রী [শুভ+স্ত্রী আ (টাপ্)] ১ শোভা। ২ কান্তি, ছায়া। ৩ ইচ্ছা। ৪ বংশরোচনা। ৫ গোরোচনা। ৬ শমী, প্রিয়ঙ্গু; শ্বেতদূর্ব্বা। ৭ দেব-সভা। ৮ গবী। ৯ কল্যাণী, ভদ্রা। "শুভা (পাঞ্চালী) মহা ৩.১৪৬.৪। শুভে!—ভ ৪.২৬.২১। ১০ ব্যোমচারী পুর, শৌভপুর। ১১ দুর্গা-মূর্ত্তিভেদ। "কুবেরভবনে শুভা (আত্মাস্তোত্র)। "কৃ ৩৫১। [°কর, °কৃৎ (বিণ)—মঙ্গলকর, হিতজনক। "°কর।—বৃহৎসংহিতা ৩.২৫; চৈ.ভা ৩৮৭। °কৃৎ ভ ৫.২২.১৩। °কর্ম্ম (র্ম্মন্) ক্লী—মঙ্গলকার্য্য, পুণ্যকর্ম্ম। °কাম (বিণ)—হিতেচ্ছু, হিতৈষী। °ক্ষণ (পুং)—নির্দ্দোষ-মুহূর্ত্ত, শুদ্ধকাল। "ক.চ ৯২। শ্রী ১৭০। °গন্ধক (পুং)—বোল (gum myrrh)। °দ (বিণ)—শুভদাতা, কল্যাণকর। "গী.গো ১.১৫। °দর্শন (বিণ)—শোভনাকৃতি, সুদর্শন, মনোহর। "পর্ব্বতঃ °দর্শনঃ রা ২.৫৪.২৮। °প্রদ (বিণ)—শুভকর। "ক.সা ৪৯.২০৯ °ফল (ক্লী)—হিতকর পরিণাম; সুফল। °বার্ত্তা (স্ত্রী)—সুসমাচার। °বাসন (পুং)—প্রীতিকর মুখবাসনদ্রব্য, মুখবাস। °ব্রত (বিণ) —শুভকর্ম্মা, সুব্রত। °যোগ (পুং)—(জ্যোতিষে) ত্রয়োবিংশ যোগ। °লক্ষণ (ক্লী)—শুভচিহ্ন, কল্যাণসূচক নিমিত্ত। °লগ্ন (পুং, ক্লী) —শুভরাশির উদয়কাল; শুভক্ষণ। °শংসী (-সিন্) বিণ—শুভসূচক। "রঘু ৩ ১৪। °শকুন (পুং)—শুভসূচক বা শুভদর্শন পক্ষী। °সংযুত (বিণ)—শুভান্বিত। °স্থলী (স্ত্রী)—'পবিত্রস্থান', যজ্ঞভূমি।]

শুভংযু বিণ [শুভম্+যু (যুস্) অস্ত্যর্থে, পা ৫.২.১৪০] শুভান্বিত, কল্যাণযুক্ত। "রঘু ৮.৬। ভট্টি ১.২০।

শুভগ বিণ [শুভ+ √গম্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -গা] ১ মঙ্গল-কর, সৌভাগ্যজনক। ২ সুন্দর।

শুভগ্রহ পুং [কর্ম্মধা] ১ শুভকর গ্রহ, বৃহস্পতি। ২ শুক্র। ৩ পাপ-গ্রহহীন বুধগ্রহ। ৪ অর্দ্ধাধিক চন্দ্র। ৫ (বাঙ্‌লায়) শুভদৃষ্টি।

শুভঙ্কর১ বিণ [শুভ+ √কৃ+অ (খচ্)-ক, ম্ (মুম্) আগম (তু 'পা ৩.২.৪৪) শুভম্ (অব্যয়)+কর, ষ.ত; স্ত্রী, -রা, -রী] শুভকর, হিত-কারক। "সর্ব্ব° (শিব) মহা ১৩ ১৭.৪৫। হে শুভঙ্কর! আমার শুভ কর ব.ষি ৬১২। —রী১ স্ত্রী পার্ব্বতী, দুর্গা।—কৃ ৩৫১।

শুভঙ্কর২ বি ১ অঙ্কশাস্ত্রবিৎ পণ্ডিতবিশেষ। "শুভঙ্কর দাস কহে বাল্লক বুঝন (শুভঙ্করের আর্য্যা)। [ইঁহার নাম ভৃগুরাম দাস, নিবাস বাঁকুড়া

জেলা। সাধারণের দৈনিক সাংসারিক কার্য্যে প্রয়োজনীয় হিসাবের সহজ নিয়ম বাহির করিয়া ইনি 'শুভঙ্কর' নামে অভিহিত হন। ইঁহার কৃত অঙ্কশাস্ত্র 'শুভঙ্করী' এবং পয়ারে রচিত অঙ্ক কষার নিয়ম 'শুভঙ্করী আর্য্যা'।] ২ (গৌণার্থে) বিষয়বিশেষ পটু। "(হলধর) জাল জালিয়াতে প্রকৃত শুভঙ্কর।—হু ২০৩। —রী[২] বি শুভঙ্করকৃত অঙ্কশাস্ত্রবিশেষ।

শুভঙ্করী[১] ; **শুভঙ্করী**[২] দ্র 'শুভঙ্কর[১] ; শুভঙ্কর[২]।

শুভচ(চু)নী বি [সং শুভসূচনী] স্ত্রীলোকের পূজ্যা দেবীবিশেষ।

শুভচুনী দ্র 'শুভচনী'।

শুভদৃষ্টি বিণ [বহুব্রী] ১ শুভদর্শন। ২ (বাঙ্লায়) বিবাহে স্ত্রী-আচারে বস্ত্রাচ্ছাদনে শুভক্ষণে বরকন্যার পরস্পর মুখাবলোকন।

শুভম্ ব্য শুভ, মঙ্গল। "পা ৫.২.১৪০, কাশিকা। [শুভমস্তু—শুভ হউক (আশীর্ব্বাদে)। "°স্তু মুনিবাক্য না হইবে আন।—কৃ ৩৭।]

শুভসূচনী স্ত্রী [ষ.ত] 'মঙ্গলের সূচয়িত্রী' ; স্ত্রীপূজ্যা দেবীবিশেষ, শুভচুনী। [ইনি রক্তবর্ণা চতুর্ম্মুখী ত্রিনয়না স্বর্ণভূষণা যুবতী হংসারূঢ়া অক্ষবরাভয়কমণ্ডলুকরা (আচারমার্ত্তণ্ড—শ.ক)।]

শুভাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ [শুভ+আ- √কাঙ্ক্ষ্+ইন (ণিনি) -ক -১ব ; উ.ত ; স্ত্রী -ঙ্ক্ষিণী] হিতাভিলাষী, হিতৈষী।

শুভাগমন বি [কর্ম্মধা] শুভকর উপস্থিতি ; শুভপদার্পণ।

শুভাঙ্গ বিণ [বহুব্রী ; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] শুভাবয়ব, সুন্দর। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সুন্দরী। ২ কুবেরপত্নী। ৩ রতি।

শুভাঙ্গী দ্র 'শুভাঙ্গ'।

শুভাচার বিণ [বহুব্রী] সাধ্বাচারবিশিষ্ট, সদ্বৃত্ত। "রঘু ১২.৪৬।

শুভানন বিণ [বহুব্রী ; স্ত্রী -না] শোভনানন, সুমুখ। —না স্ত্রী [°ন +স্ত্রী আ (টাপ্)] সুমুখী সুন্দরী। "রা ২.৩০.২৮।

শুভান্বিত বিণ [তৃ.ত] মঙ্গলযুক্ত। "পা ৫.২.১৪০, সি।

শুভাপাঙ্গী স্ত্রী [শুভ অপাঙ্গ যাহার, বহুব্রী ; স্ত্রী ঈ (ঙীষ্)] 'সুনেত্রান্তা', সুলোচনা, সুন্দরী। "মহা ৩ ১৪৬.৮।

শুভাবহ বিণ [শুভের আবহ, ষ.ত] শুভজনক, কল্যাণকর। "বৃহৎ-সংহিতা ৩০.২৯।

শুভার্থী (-র্থিন্) বিণ [শুভ+ √অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত ; স্ত্রী -র্থিনী] মঙ্গলাকাঙ্ক্ষী, হিতৈষী।

শুভাশীঃ (-শিস্) স্ত্রী [কর্ম্মধা] হিতাভিলাষ, হিতাশংসা শুভাশীর্ব্বাদ। "সোমঘোষ প্রতি প্রেম শুভাশীঃ বহুত শ্রী ১৪।

শুভাশীরাশি বি [°শীঃ+রাশি] শুভাশীর্ব্বাদসমূহ, প্রভূত শুভাশীর্ব্বাদ। "পরমশুভাশীরাশি-বিজ্ঞাপন পত্রে শ্রী ১৩০,-৭০।

শুভাশীর্ব্বচন বি [কর্ম্মধা, ষ.ত] শুভাশীর্ব্বাদ। "কৃ ৮৬।

শুভাশীর্ব্বাদ পুং [কর্ম্মধা. ষ.ত] শুভাশীঃ কথন, হিতাশংসা। [°রাশি (বি)—শুভাশীর্ব্বাদসমূহ। "°রাশয়ঃ সন্তু বিশেষ (পত্রে)।]

শুভাশীষ বি [শুভ+আশিস্—°শিস] হিতাভিলাষ, হিতৈষা। "স্বস্তি আদি শুভাশীষ শ্রী.মা ১৫৪।

শুভাশুভ বিণ [দ্বন্দ্ব] ১ মঙ্গলামঙ্গল, হিতাহিত। ২ সুখদুঃখকর। "শুভাশুভফলং কর্ম্ম মনু ১২ ৩। —শুভ ক্লী [দ্বন্দ্ব অথবা স.দ্ব] মঙ্গলামঙ্গল, অনুকূলপ্রতিকূল। "যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্ গী ২.৫৭।

শুভেতর বিণ [প.ত] শুভ হইতে ভিন্ন ; শিবেতর, অশুভ।

শুভোদয় বি শুভসংঘটন, অভ্যুদয়। "বাছিয়া বাছিয়া ধেনু সর্ব্ব স্বর্ণময়। তাহা সভাকারে দিল পুত্র-শুভোদয়॥—শ্রী.ম ২৩।

শুভোদর্ক বিণ [বহুব্রী] শুভফল, কল্যাণপরিণাম।

শুভ্র বিণ [√শুভ্+র (রক্) ; স্ত্রী -ভ্রা ; 'শুভ্র'—দীপ্যমান (ঋগ্বেদ ২.১১.৩—সায়ণ)] ১ শোভাকর, উজ্জ্বল, দীপ্ত। ২ শ্বেত, শুক্ল। "চতুঃশালিনি শুভ্রাণি রা ২.৯১.৩২। শুভ্র বেশ : আসন বসন শুভ্র।—কৃ ৮৫। শুভ্র মলয়জে লিপ্ত শুভ্র সর্ব্ব অঙ্গ।—ম ১৮৯। তুষারশুভ্র-কিরীটিনী।—গান ২২১। °হাস্তে চ.কা ১১১। ৩ বিশদ, বিমল। "শুভ্রং যশঃ রঘু ২.৬৯। ৪ জরা হেতু শুক্ল ; পলিত। "শুভ্র সর্ব্ব কেশ। —কৃ ৮৫। (বাঙ্লায়) কলুষলেশহীন, পুণ্য। "আজি ঐ শুভ্রকোলের তরে, ব্যাকুল হৃদয় কেঁদে মরে।—রবীন্দ্র। —ভ্র পুং ১ শুক্লবর্ণ। ২ চন্দন। ৩ আকাশ। —ভ্র ক্লী ১ রৌপ্য। ২ অভ্র। ৩ গড়লবণ। ৪ কাসীস। —ভ্রা স্ত্রী ১ স্ফটিকমণি। ২ বংশরোচনা। ৩ স্ফটিকা, ফটকিরি। [°কর, °ভানু, °রশ্মি (পুং)—১ চন্দ্র। ২ কর্পূর। °দন্ (দৎ), °দন্ত (বিণ)—শ্বেতদশন।]

শুভ্রা দ্র 'শুভ্র'।

শুভ্রাংশু পুং [বহুব্রী] ১ শুভ্রকর, চন্দ্র। ২ কর্পূর।

শু(সু)মার বি [র শুমার্, 'শোমর' (কথ্য)] ১ গণনা, সংখ্যাকরণ। "গণিয়া শুমার হলো নব লক্ষ সেনা শ্রী ১৫৫। ২ হিসাব, হিসাবপত্র। —রী বি [ফা শুমারী] গণনা। "আদম°। [°নবিশ—হিসাব-পত্র রাখার কর্ম্মচারী। °সেরেস্তা—হিসাবপত্রের বিভাগ (accounts department)।]

শুমারী দ্র 'শুমার'।

শুম্ভ্ (-ম্ভ্) অক [তু, প—শুম্ভতি ; সেট্] শোভা, দীপ্তি।

শুম্ভ পুং [√শুম্ভ্+অ (অচ্)] দানববিশেষ। "রা ৭.৬.৩৫। [শুম্ভ গবেষ্ঠীর পুত্র, প্রহ্লাদের পৌত্র। শুম্ভ অম্বিকা কর্ত্তৃক নিহত হয় (মার্কণ্ডেয়-পুরাণ)।] [°ঘাতিনী, °মথিনী, °মর্দ্দিনী (স্ত্রী)—অম্বিকা, দুর্গা। °পুর (ক্লী), °পুরী (স্ত্রী)—একচক্র, আধুনিক 'শম্ভলপুর' (শ.ক)।]

শুয়া[১] বি [শুআ >শুয়া] শুকপক্ষী। "গো.বি ১৪৪। গো.চ ৩০৪। ক.চ ১২৬,-৭ ; ১৫২। শ্রী ৯৯। বা.ম ৩২৪। (মন !) ওরে আমার শুয়া পাখী।—রামপ্রসাদ। [°ঠুঁটি—শুকচঞ্চুবৎ কবরী। "কবরী বান্ধিল রামা নাম শুয়াঠুঁটি (পাঠান্তর) ক.চ ১৫৪।]

শুয়া[২] বিং [সং সুভগ >প্রা সুহঅ (হে) >বা (সুহা >সুআ) সু(শু)য়া] প্রিয়। "শুয়া বেটা শ্রী ১৩০।

শু(শো)য়া[৩] সর্ম্ম [শু+অ[৮] >(শুআ) শু(শো)য়া ; হি √সুয়া] শয়ন করান ; শোয়ান। "পুত্রে শোয়াইয়া পথে দোঁহে গেল ঘরে।—কৃ ১৬ ; শোয়াও সে সভাকারে কুম্ভকর্ণপাশে ২৭৬। প্রভুকে শোয়াইহ ইহায় চৈ.চ ৩২৩। [শু(শো)য়ান—সর্থ 'শুয়া[৩]'।]

শুয়া[৪], **শুয়াছিম, শুয়াপোকা, শুয়াশালী ; শুয়াঠুঁটি** দ্র 'শুঁয়া ; শুয়া[১]'।

শুয়া(য়ো)র, শূয়র বি [সং শূকর >প্রা *সূঅর,-য়র >বা °র ; হি সূঅর ; মৈ সুগর ; শোর (গ্রাম্য)] ১ শূকর। "দোয়াররা নতুন সুরের গান ধল্লেন।...বোধ হতে লাগলো যেন গোটাকতক শুয়ার ঠেঙ্গিয়ে মাচ্চেন।—হু ৪০। শুয়োরমুখো ষণ্ডা।—লী ৩৭। শূয়রের খোঁয়াড় ব.দ্বি ১২২। ২ গালিবিশেষ। [শূয়রের গোঁ—শূয়রের মত বিষয়বিশেষে নির্ব্বন্ধাতিশয় বা জিদ্। শূয়রের বিয়ান (হি শূঅর বিয়ান)—শূকরীর ন্যায় বহুসন্তানপ্রসব ; প্রতিবৎসর সন্তানপ্রসব।]

শুয়োর দ্র 'শুয়ার'।

শু(সু)রকী বি [ফা সুর্‌খী] ইষ্টকচূর্ণ। "চুন°।

শুরু বি [আ শুরূউ] আরম্ভ, সূত্রপাত। "মোদের যাত্রা হলো শুরু, ওহে কর্ণধার!—রবীন্দ্র।

শুরুয়া বি [আ শোর্‌বা] যূষ, ঝোল, কাথ।

শুর্‌শা বি [?] কপাটের শিকল লাগানর বক্র লৌহশলাকা।

শুল্ক্ সক [চু, প—শুল্কয়তি ; সেট্] ১ বর্জ্জন, ত্যাগ। ২ সৃষ্টি। ৩ কথন।

শুল্ক পুং, ক্লী [√শুল্ক্+অ (ঘঞ্)-র্ম] ১ ঘট্টাদিদেয়, অর্থাৎ পথের ঘাটীতে, শুল্ক-প্রতোলীপ্রভৃতিতে দেয় অর্থ (অ.টী) , জলপথে ব্যবসায়ী বণিগ্‌গণের নিকট হইতে দ্রব্যানুসারে নির্দ্ধারিত স্থানে গ্রাহ্য রাজার কর বা দান (কুল্লূক) , দান, জগাৎ। "মনু ৮ ১৫৯ , ৩০৭ , যাজ্ঞ ২.৪৮। কঃ সুধীঃ সংত্যজেদ্ ভাণ্ডং শুল্কস্যৈবাতিসাধ্বসাৎ।—হি ৩ ১২৮। ২ কন্যাদাননিমিত্তক ধনু , জামাতা হইতে গৃহীত ধন। "মনু ৩ ৫১ , ৫৩। ৩ যৌতকাগুধন, অর্থাৎ যৌতুকরূপে প্রাপ্ত অর্থ (অ টী)। ৪ মূল্য (সায়ণ)। "ঋগ্বেদ ৮.১ ৫। কন্যাশুল্কম্ (ধনুঃ) ভট্টি ৫ ৩৬। বীর্য্যশুল্ক—ভ ১ ১০.২৯। গুণশুল্কা, ধনশুল্কা (দশকুমার)। ৫ পণ। "মহা ১ ১৯০.৪] [°খণ্ডন, °মোষণ (ক্লী)—শুল্ক না দেওয়া , শুল্কপরিহার। "মনু ৮ ৪০০, কুল্লূক। °গ্রাহ, °গ্রাহক, °গ্রাহী (-হিন্)—শুল্কগ্রহণকারী, দানী, জগাতী। "°গ্রাহ।—শু ২ ১২০। °শালা (স্ত্রী) —শুল্কগ্রহণস্থান, শুল্কস্থান (custom-house)। "পা ৪ ৩ ৭৫। °স্থান (ক্লী)—১ ঘট্ট, শুল্কশালা। মনু ৮ ৪০০। ২ শুল্কব্যবস্থান, শুল্কনির্ণয়। "মনু ৮ ৩৯৯।]

শুল্কাধ্যক্ষ পুং [ষ ত] শুল্কগ্রাহকগণের অধ্যক্ষ।

শুল্কাবাপ্ত বিণ [তৃ ত] শুল্কে লব্ধ , পণপ্রাপ্ত। "মহা ১.১৯০ ৪।

শুল্পি, -পী, -ফী বি ['শূলপ্রায়' মূল (?)] আয়ুধবিশেষ। "°ফী ব প ৩২৬ , °পি ১৬৯৬। শুলপী বল্লাম।—রঙ্গ ২২।

শুল্পী দ্র 'শুল্পি'।

শুল্‌ফা বি [সং শতপুষ্পা] পত্রশাকবিশেষ। "ক চ ২১৩।

শুল্‌ফী দ্র 'শুল্পি'।

শুল্ল ক্লী [তু 'স' শুল্ব >প্রা *সুল্ল] ১ রজ্জু। ২ তাম্র।

শুল্ব্ সক [চু, প—শুল্বয়তি , সেট্] ১ পরিমাণ। ২ সৃষ্টি।

শুল্ব পুং, ক্লী, **-ল্বা, -ল্বী** স্ত্রী [√শুল্ব +অ (অচ্)-ণ, স্ত্রী আ (আপ), ঈ (ঙীষ্)] ১ পবিমাণসাধন', রজ্জু, গুণ। "ভ ২ ৭ ৩০। ২ তাম্র। ৩ যজ্ঞকর্ম্ম। ৪ আচার। ৫ জলসন্নিধি। [শুল্বজ (ক্লী) —'তাম্রজাত', পিত্তল। শুল্বারি (পুং)—'তাম্রারি', গন্ধক।]

শুল্বা, শুল্বী দ্র 'শুল্ব'।

শুশুক বি [স° শিশুক , হি সুঁ(সু)স] শিশুমাব। 'শুশুকের তেলে ক চ ১৩৬। ম ভা ৫২। ° ফুৎকারে।—হেম ১৭৬। আ দু ৮।

শুশ্রুবান্ (-বস্) বিণ [√শ্রু+বস্ (কসু)-ক-১ব , স্ত্রী -শ্রুষী] শ্রুতবান। "শতপথব্রাহ্মণ ১ ৩ ৩ ৮। মুনিবচনং সঃ ·শুশ্রুবান্ গো রা ২.২২ ২০। রঘু ১১ ৫১। ভট্টি ১ ২০।

শুশ্রূ স্ত্রী [√শুশ্রূষ—শুশ্রূ,—'শিশোঃ শুশ্রূষণাচ্ছুশ্রূর্মাতা (মহা ১২ ২৬৫.৩৩)] মাতা।

শুশ্রূষক বিণ [√শ্রু+স (সন্)— √শুশ্রূষ+অক (ণ্বুল্)-ক , স্ত্রী -ষিকা] শ্রবণেচ্ছু, নিদেশবর্ত্তী (obedient)। "মহা ১৩.৪৮ ৫ , গুরু° ৭৩ ১২। —ষক পুং চতুর্ব্বিধ কর্ম্মকর—অর্থাৎ শিষ্য (বেদশিক্ষার্থী), অন্তেবাসী (শিল্পশিক্ষার্থী), ভৃত (বেতনগ্রাহী কর্ম্মকারক), অধিকর্ম্মকৃৎ (কর্ম্মকারকগণের অধ্যক্ষ) ও দাস, অর্থাৎ গৃহজাতাদি পঞ্চদশ দাস (যাজ্ঞ ২, অভ্যুপেত্যাশুশ্রূষাপ্রকরণ ১৪, মিতাক্ষরা)। —ষণ ক্লী [+অণ (ল্যুট্)-ভা] ১ শ্রবণেচ্ছা। ২ সেবা, পরিচর্য্যা। "গুরু° মহা ১ ৩ ৭৯, ১০.৭৮.৩৯। পতি° ভ প্র ৩৭৮। —ষমাণ বিণ [+মান (শানচ্)] শ্রবণেচ্ছু, সেবমান। (সেবকা হি সেব্যে দত্তকর্ণা ভবন্তি কু স ১ ৫৯, মল্লিনাথ)। "কু স ১.৫৯। —শ্রূষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ শ্রবণেচ্ছা। ২ সেবা, পরিচর্য্যা। "মনু ২ ১১২ ; ২৪৮। ৩ আজ্ঞাকরণ (মিতাক্ষরা), নিদেশপালন। "যাজ্ঞ ২১৮৮৩২। —ষিতব্য বিণ [+তব্য-র্ম্ম] সেবিতব্য, পরিচরণীয়। "গো রা ২.২১.৯। —ষিতা পুং [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী] শুশ্রূষাকারক', সেবক, পরিচারক। "মহা ১৩ ৭৩.১১। —ষু বিণ [+উ-ক , স্ত্রী -ষু] ১ শ্রবণেচ্ছু। "জ° গী ১৮ ৬৭। ভ ১ ১ ২। বৎসে, শুশ্রূষুরস্মি, বর্ণ্যতাম্ বি.মা ৭১১। শুশ্রূষু সকলে শ্রী মা ২৬২। ২ সেবনেচ্ছু, পরিচারক। "শুশ্রূষুর্জননীম্ রা ২ ২১.২৪। মনু ২ ১০৯। —ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] শুশ্রূষণীয়, সেব্য। "গো রা ১ ৭৯ ১৫। মন্ত্রদঃ ক্ষত্রিয়ো বিপ্রৈঃ শুশ্রূষ্যঃ মনু ২.২৪১, কুল্লুক।

শুশ্রূষণ, শুশ্রূষা, শুশ্রূষিতব্য, শুশ্রূষিতা, শুশ্রূষু, শুশ্রূষ্য দ্র 'শুশ্রূষক'।

শুষ্ অক [দি, প—শুষ্যতি , অনিট্] শোষ, স্নেহরহিতীভাব। "ঊর্দ্ধশোষং শুষ্যতি পা ৩ ৪.৪৪, সি। [বি, সম্—অতিশোষ।]

শুষ[১] পুং [√শুষ্+অ (ঘঞর্থে ক)-ভা] ১ শোষণ। ২ [+অ-ধি] গর্ত্ত, বিবর। তু 'শুষি'।

শুষ[২] সর্ম্ম [স° √শুষ (অক)— √শোষি (সক)] ১ শুষ্ক করা , জলশূন্য করা। "তোমারে শুষিব আমি লোকের কারণ : সিন্ধু শুষিল বারুণি।—ম ৪৬৭। ২ আকর্ষণ করা , টানিয়া হওয়া। "উল্লাসে শুষিলা, অশ্রুবিন্দু বসুন্ধরা।—মে ১৯০।

শুষি স্ত্রী [√শুষ্+ই (ইন্)-ভা, গুণাভাব, উ ৪.১১৭।] ১ শোষণ। ২ [+ই-ধি] ছিদ্র, রন্ধ্র। তু 'সুষির'। —ষির বিণ [শুষি+র , স্ত্রী -রা] শুষিযুক্ত, সচ্ছিদ্র। তু 'সুষির'। —র পুং ১ 'বিবরবাসী', মূষিক। ২ [+ইর (কিরচ)-ণ, উ ১৫ ২] অগ্নি। —র ক্লী ১ ছিদ্র। ২ সচ্ছিদ্র বাদ্য—বংশী-প্রভৃতি। 'ঘন তত আনদ্ধ শুষির, বাদ্য চতুর্ব্বিধ সুরুচির ম প ১৫১। —রা স্ত্রী ১ নদী। ২ নলীনামকগন্ধদ্রব্য।

শুষির, শুষিরা দ্র 'শুষি'।

শুষ্ক বিণ [√শুষ্+ত (ক্ত)-ক, পা ৮ ২ ৫১] ১ শোষপ্রাপ্ত, স্নেহরহিত। ২ নীরস, অনার্দ্র (সায়ণ)। "ঋগ্বেদ ২ ১৩ ৬ , শুষ্কং বনম্ ৬ ১৮ ১০। শুষ্কাণি কাষ্ঠানি বা ২ ৪৭ ৮। ৩ জলহীন। "শুষ্কতোয়েব নিমগ্না মহা ৭ ১ ২৭। শুষ্কমিব সরঃ।—পঞ্চ ৫ ৬। ৪ নিষ্প্রয়োজন, নিরর্থক। "শুষ্কবৈর° বিবাদঞ্চ ন কুর্য্যাৎ কেনচিৎ সহ মনু ৪ ১৩৯। ৫ সক্রোশ, সরোষ। 'শুষ্কাং গিবম্ মনু ১১ ৩৫। ৬ নীরস, অপ্রিয়। ৭ ম্লান, নিষ্প্রভ, বিষণ্ণ। '°মুখ গো রা ৩ ৬৫ ১৮। ৮ অশ্রুহীন, কৃত্রিম। '°রুদিত মাঘ ১০ ৬৯ , চৈ চ ১৬২। শুষ্কং তথা ক্রন্দনম্ বি মা ৭ ৩৮। ৯ (বাঙলায়) মাধুর্য্যহীন, নীরস। "শুষ্ক ব্রহ্মজ্ঞানী চৈ চ ৩০৪। [°কণ্ঠ (বিণ)—নীরসকণ্ঠ। °কলহ (পুং)—নিষ্প্রয়োজন-বিবাদ। 'মু ৩৩৩। কি ১৪ ১৫, মল্লিনাথ। পঞ্চ ৩১২১। °গান (ক্লী)—নৃত্যাদিহীন গান (সা দ)। °বাক্য (ক্লী)—শ্লেষযুক্ত বাক্য বা গালি। "বিষ্ণু ৫ ৩৯। °বিরোহণ (ক্লী)—শুষ্কতরুর অঙ্কুরোদগম। °বৃক্ষ (পুং)—ধববৃক্ষ। °বৈর (ক্লী)—নিষ্প্রয়োজনবৈর। দ্র 'শুষ্ক (৩)। °বৈরী (-রিন্)—অনর্থক শত্রুতাপন্ন। "ভ ১২ ৩ ২৫। °ব্রণ (পুং)—ক্ষতচিহ্ন, কিণ। °মৎস্য (পুং)—আতপাদিতে শুষ্ক মৎস্য (ভাবপ্রকাশ)। °মুখ (বিণ)—ম্লানমুখ, বিষণ্ণবদন। "রুদিত (ক্লী)—কৃত্রিমক্রন্দন। দ্র 'শুষ্ক (৭)।]

শুষ্কজ্ঞান বি নীরসজ্ঞান , ব্রহ্মজ্ঞান। 'চৈ চ ১০২ , ২৩৭। —জ্ঞানী বি ব্রহ্মজ্ঞানী। "ভ প্র ১৪৬।

শুষ্কতর্ক বি নিরর্থকতর্ক। "চৈ চ ১৫৯। —তার্কিক বি ব্যর্থতর্ককুশল, বৃথা তর্ককারী। "ভ প্র ৩৫৮।

শুষ্কতার্কিক দ্র 'শুষ্কতর্ক'।

শুষ্কবিবাদ বি নিষ্প্রয়োজন বিবাদ , বৃথাকলহ। 'চৈ ৫০।

শুষ্কবৈরাগ্য বি ১ জগৎকে তুচ্ছ জ্ঞান করিয়া কৃত সন্ন্যাস (চৈ চ ভাষ্য)। "চৈ চ ২৩২। ২ সন্ন্যাসীর অর্দ্ধাশন। "তোমাকে ক্ষীণ দেখি বুঝি কর অর্দ্ধাশন। এহো শুষ্কবৈরাগ্য নহে সন্ন্যাসীর ধর্ম্ম॥ —চৈ.চ ৩০৫।

শুষ্করোদন বি অশ্রুহীন রোদন ; কৃত্রিম ক্রন্দন। "চৈ.চ ১৬৩।

শুষ্কল পুং, ক্লী ['শুষ্কপল' মূল (?)] শুষ্কমাংস, আমিষ।

শুষ্কান্ন ক্লী [কর্ম্মধা] নীরসপান্ন, তুষরূ-তণ্ডুল।

শুষ্কার্দ্র ক্লী [কর্ম্মধা] নীরস আর্দ্রক ; শুণ্ঠী, শুঁঠ।

শুষ্ম পুং [√শুষ্+ম (মন্)-ণ, গুণাভাব] ১ সূর্য্য। ২ অগ্নি, তেজঃ। ৩ বায়ু। ৪ বল। —ষ্ম (-ষ্মন্) ক্লী [+মন্ (মনিন্)-ণ, -১ব] ১ তেজঃ। ২ বল। —ষ্মা পুং ১ অগ্নি। "মাঘ ১৪.২২। ধূমস্তোমং তমঃ শঙ্কে কোকীবিরহশুষ্মণাম্।—কুবলয়ানন্দ ৩২। ২ চিত্রকবৃক্ষ। —ষ্মী (-ষ্মিন্) বিণ [°ষ্ম+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ষ্মিণী] ১ বলবান্ (সায়ণ), বলী। "ঋগ্বেদ ৩.৩৭.৮। শুষ্মিণী।—শুক্লযজুর্বেদ ১৯.৭। গো.রা ৫.১৫.২। মহা ৩.৩৭.৩৮। ২ বলিষ্ঠ। "চৈদ্যপ্রমুখান্ শুষ্মিণঃ ভ ১.১০.২৯। ৩ মত্ত (শ্রীধর)। "শুষ্মিভৃঙ্গদ্বিজকুল ভ ১০ ২১.২। ৪ তেজস্বী (অশ্বাদি)। ৫ মদোৎকট (হস্তী, বৃষ)।

শুষ্মা, শুষ্মী দ্র 'শুষ্ম'।

শুহ্ম পুং, বহুব ম্লেচ্ছজাতিবিশেষ। "ভ ২ ৪ ১৮।

শূক পুং, ক্লী [√শো—শূক, উলূকাদি, নিপাতিত (অ.টী), 'শৃঙ্গ' মূল (?)] ১ সূক্ষ্ম তীক্ষ্ণ অগ্র (অ কো), ধান্যাদির শূয়া, কিংশারু, শুঙ্গ। "শালি° গো রা ৩ ২২ ১৮। ২ তীক্ষ্ণ দৃঢ়লোম, কীটাদিতীক্ষ্ণ-লোম। ৩ মুকুলকোশী, কুট্মলকোশ। ৪ তীক্ষ্ণাগ্র। ৫ শিখা (ত বা)। ৬ দয়া (মেদিনী)। ৭ [শূক+অ (অচ্)] সবিষ কীটবিশেষ, সবিষ জলমলোদ্ভব জলজন্তুবিশেষ (শ ক), শূয়াপোকা। "°দোষনিদান।—সুশ্রুত ২ ১৪.১। ৮ শূকপ্রধান লিঙ্গবৃদ্ধিকর যোগ (শ.ক)। —ক পুং সশূক শস্যবিশেষ। —কা স্ত্রী ১ কপিকচ্ছু। ২ অল, আল, কীটের হুল। ৩ সর্থ 'শূক (৭)। ৪ পীড়াকর বস্তুমাত্র। [°কীট (পুং)—সশূক কীট-ভেদ ; শূয়াপোকা। °তৃণ (ক্লী)—তৃণবিশেষ, শূকাঢ্য, 'শুকড়ী' (হিন্দী)। °দোষ, °রোগ (পুং)—লিঙ্গবৃদ্ধ্যর্থ শূক-যোগজন্য ব্যাধি। "দ্র 'শূক (৭)। °শিখা (স্ত্রী)—ধান্যকণ্টকাগ্র। "নৈ ৪.১১। °শিম্বা, -ম্বি, -ম্বিকা, -ম্বী স্ত্রী—কপিকচ্ছু, শূয়াছিম।]

শূকধান্য ক্লী [উ.লো] সশূক শস্য, যবগোধূমাদি। দ্র 'ধান্য'।

শূকবতী দ্র 'শূকবান্'।

শূকবান্ (-বৎ) বিণ [শূক+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] শূক-যুক্ত (যবগোধূমাদি)। —বতী স্ত্রী শূকশিম্বী, কপিকচ্ছু।

শূ(সূ)কর পুং [শূক+ √রা+অ (ক), উ.ত, শূ (অব্যক্ত শব্দ) তাহার কর, ষ.ত] 'শূকসদৃশলোমযুক্ত বা শূ-শব্দকারক', বরাহ। "সূকর।—ঋগ্বেদ ৭.৫৫.৪, অথর্ব্ববেদ ২.২৭.২, শুক্লযজুর্বেদ ২৪.৪০ ; যাজ্ঞ ৩.২০৭। শূকর মনু ৩.২৪১, ভ ৩ ১০.২২। কেশব ধৃতশূকররূপ গী.গো ১.৭। —রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] শূকর-স্ত্রীজাতি। [°কন্দ (পুং)—বরাহীকন্দ।]

শূকা দ্র 'শূক'।

শূদ্দুর বি [সং শূদ্র >(স্বরাগমে) °র, কথ্য] শূদ্র। "কা ৭৬।

শূদ্র পুং [√শুচ্, শোক)+র (রক্)-ক, চ্ > দ্, দীর্ঘ (অ.টী) ; 'ক্ষুদ্র' মূল (?)] ১ 'নিকৃষ্টত্ব হেতু শোককারী' ; বর্ণচতুষ্টয়ের চতুর্থ বর্ণ ; অবরবর্ণ, বৃষল, দাস। "অথর্ব্ববেদ ৪.২০.৪। শুক্লযজুর্বেদ ১৪.৩০। আখুঘাতঃ শূদ্রঃ পা ৩ ২.৫৩, সি। [প্রজাপতির পাদদ্বয় হইতে শূদ্রের উৎপত্তি। (পদ্ভ্যাং শূদ্রো অজায়ত—ঋগ্বেদ ১০.৯০ ১২)। মনুমতে, ব্রহ্মার পাদ হইতে ইহাদের জন্ম। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের পরিচর্য্যা ইহাদের বৃত্তি (মনু ১.৮৭, ৯১) ; গী ১৮.৪৪। শু ১ ৪৩।] ২ শূদ্র-বর্ণের পুরুষ ; সঙ্কীর্ণজাতির পুরুষ। ৩ পৌণ্ড্রাদিদেশজাত ক্রিয়ালোপাদি হেতু শূদ্রতাপন্ন ক্ষত্রিয়—শকাদি। 'মনু ১০.৪৪। ৪ লাক্ষালবণকুসুম্ভদুগ্ধ-ঘৃতমধুমাংসের বিক্রেতা বিপ্র। 'অত্রি ৩৭০। —দ্রা স্ত্রী [শূদ্র+স্ত্রী আ (টাপ্] শূদ্রজাতি-স্ত্রী ; শূদ্রের মেয়ে। "শুক্লযজুর্বেদ ২৩.৩০। শূদ্রৈব ভার্য্যা শূদ্রস্য (ভবতি) মনু ৩.১৩। —দ্রী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ শূদ্রপত্নী। "ঠাকুর! শূদ্রীকন্যাকে কি প্রকারে বিবাহ করিব?—ব.প্র ৬৫। ২ পরিণীতা শূদ্রা। "যাজ্ঞ ১.৯১। [°কৃত্য (ক্লী), °ধর্ম্ম (পুং)—শাস্ত্রবিহিত শূদ্রকার্য্য ; শূদ্রাচার। °জন (পুং) —শূদ্র। "মনু ৪ ৯৯। °বর্ণ (পুং)—শূদ্রজাতি। °বৃত্তি (স্ত্রী)—শূদ্র-কর্ম্ম, দ্বিজাতিশুশ্রূষা। "মনু ১০.৯৮। °ভূয়িষ্ঠ (বিণ)—শূদ্রবহুল (রাষ্ট্র)। "মনু ৮.২২। °যাজক (বিণ)—শূদ্রের যজ্ঞাদিকারক (ব্রাহ্মণ)। "মনু ৩.১৭৮। °যাজী (-জিন্) বিং—সর্থ 'শূদ্রযাজক'। °সংস্পর্শ (পুং)—শূদ্রস্পর্শ। "মনু ৫.১০৪। °সেবন (ক্লী)—শূদ্র-পরিচর্য্যা। "মনু ১১.৭০। °হত্যা (স্ত্রী)—শূদ্রবধ। "মনু ১১.১৩২। °হা (-হন্) বিণ—শূদ্রবধকারী। "মনু ১১.১৩১।]

শূদ্রাণী বি [সং শূদ্রা ; তু 'ইন্দ্রাণী'] শূদ্রজাতি-স্ত্রী। "বহুশাস্ত্রে জ্ঞাত দ্বিজ শূদ্রাণী হরিব।—জ ৮৬।

শূদ্রান্ন ক্লী [ষ ত] শূদ্রের পক্বান্ন। "মনু ৪.২১৮।

শূদ্রাপুত্র, -সুত পুং [ষ.ত] পরিণীতা শূদ্রার পুত্র। °সুত মনু ৯.১৫১,-৩ ; °পুত্র ১৫৪,-৫।

শূদ্রাবেদন ক্লী [ষ.ত] শূদ্রাপরিণয়, শূদ্রাবিবাহ। —বেদী (-দিন্) পুং [শূদ্রা+ √বিদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] শূদ্রাপরিণেতা, শূদ্রাবিবাহকারী। "মনু ৩ ১৬।

শূদ্রাভার্য্য বিণ [শূদ্রা ভার্য্যা যাহার, বহুব্রী] শূদ্রাপত্নীক।

শূদ্রাসুত দ্র 'শূদ্রাপুত্র'।

শূদ্রাহ্নিক ক্লী [ষ.ত] শূদ্রের শাস্ত্রবিহিত দৈনিককৃত্য।

শূদ্রী দ্র 'শূদ্র'।

শূদ্রোচ্ছিষ্ট বিণ [তৃ.ত] শূদ্রপীত। "°ষ্টাঃ পীত্বাপঃ মনু ১১.১৪৯।

শূদ্রোদক ক্লী [উ.লো] শূদ্রস্পৃষ্ট অপবিত্র জল।

শূন[1] বিণ [√শ্বি+ত (ক্ত)-ক, সম্প্রসারণ, দীর্ঘ] ১ বৃদ্ধিপ্রাপ্ত। ২ স্ফীত। "তু 'উচ্ছূন'। ৩ রোগ হেতু স্ফীত। "শূন-গাত্র, শূনকর (সুশ্রুত)।

শূন[2] বিং [সং শূন্য > প্রা সুন্ন (পৈ) > বা (সুন) শূন, শুন ; বৈষ্ণব-সাহিত্যে ; হি সুনা ; মৈ সুন্ন, সুন ; শূন (কোচবিহার)] শূন্য, খালি। "শূন কলেবর বি.প ৪৯, শূন ভেল মন্দির, শূন ভেল নগরী। শূন ভেল দশ দিশ, শূন ভেল সগরি॥—১৬৪ ; ১৮৯। শূন যে হিয়া চ.দা ২১। শ্রী.কী ২৯৮। মহী করি শূন।—গো ৯৬। মন্দির শূন।—ব ১২৩, -৮৭। জীবন শূন মানে ১৯৪। (সরসিজ) ভ্রমরা বিনু শূন দেহা।—জ্ঞা ২৩৮। প.ক ৪৬।

শূনা স্ত্রী [√শ্বি+ত (ক্ত)-ধি+স্ত্রী আ (টাপ্)—ত.বা ; তু 'সূনা'] ১ প্রাণিবধস্থান। (হলায়ুধ)। তু 'শৌনিক'। ২ অধোজিহ্বিকা, আলজিভ।

শূন্য বিণ [শু (অতিশয়) উন (অ.টী) ; শ্বন্+য (যৎ), সম্প্রসারণ, বা দীর্ঘ, পক্ষে 'শুন্য' (পা ৫ ১.২, সি) ; cf., Gr. kenos'—empty] ১ 'অতিশয় উন ; কুকুরের পক্ষে হিত' ; অভাববিশিষ্ট, রিক্ত। "শতপথব্রাহ্মণ ২.৩.১.৯। শূন্যম্…রথম্ রা ২.৫২.৪১। সর্ব্বশূন্যা দরিদ্রতা।—হি ১.১৩৪ ; বরং শূন্যা শালা ন চ খলু বরো দুষ্টবৃষভঃ ১৪৫। ২ চিন্তাসম্মোহপ্রণয়াদিবিষয়ে অবধান হেতু বাহ্যার্থের অগ্রাহক ; বিষয়বিশেষে অত্যাসক্তি হেতু বিষয়ান্তরব্যাবৃত্ত (ইন্দ্রিয়)। "°হৃদয়ঃ (রামঃ) গো.রা ৪.২৯.৬। পুরং শূন্যেন মনসা প্রযযৌ মহা ২.১৪.৪৪। °হৃদয়া শকুন্তলা শ ৪২ । শূন্যা দৃষ্টিঃ মা.মা ১.১৭। শূন্য নয়নে সী ৫৫। ৩ মনোযোগহীন, অনবহিত (চিত্ত)। ৪ জনহীন। "শূন্যানি চাপ্যগারাণি মনু ৯.২৬৫। শূন্যং মন্যে জগৎ উ.চ ৩.৩৯। জগৎ শূন্য

...বোধ হইতেছে সী ২২। ৫ উৎসন্নজন (কুল্লুক)। "নৈকঃ স্বপ্যাৎ শূন্যগেহে মনু ৪.৫৭। ৬ বিরহিত, বিহীন। "°সংবরণারক্ষা রা ২.৮৮. ২৪। রঘু ৫.৭৪। অঙ্গুরীয়ক° শ ৫২১২। বিদ্যাশূন্য ভট্টাচার্য্য।—দা ৯১২। ৭ নিভৃত, বিবিক্ত। ৮ নিরুৎসাহ। "(শৈলাত্মজা) শূন্যা জগাম ভবনাভিমুখী কু.স ৩.৭৫। ৯ নিস্তেজস্ক, তেজোহীন। "শূন্যাকৃতি-রর্জ্জুনঃ কি ১৭.৩৯। ১০ অনর্থক, অর্থহীন। "°শূন্যাম্ (গিরম্) মাঘ ১১.৪। ১১ নগ্ন। ১২ ব্যর্থ, বিকল। "নেমাঃ শূন্যাঃ কৃথা বাচঃ গো.রা ৩.৬১.৪৮। ১৩ অকপট, সরল। —ন্য ক্লী ১ আকাশ। "ভ ৬.১৩.২০। কতক্ষণ রহে শিলা শূন্যেতে মারিলে।—ম ১৯৪। মহা°: আদি শূন্যে, অন্ত শূন্যে! শূন্যে অবস্থান!—ন ৭৫৮। ২ অভাব, রাহিত্য। "দূষণশূন্যবিন্দু নৈ ১.২১। ৩ (গণিতে) বিন্দু, শূন্যবেষ্টনবৃত্তক ' ৪ রিক্তস্থান, জনরহিতদেশ, বিজন। "মহিষাঃ, মদং ব্রজথ কিং, শূন্যেষু শূরা ন কে?—কা.প্র ৭২৯৯। বিরৌমি শূন্যে ভট্টি ১৮.২৯। ৫ ব্রহ্ম। —ন্যা স্ত্রী ১ নলী, নল। ২ মহাকণ্টকিনী, ফণী-মনসা। ৩ বন্ধ্যা। °গর্ভ (বিং)—অন্তঃসারহীন, ব্যর্থ। "শূন্যগর্ভ গর্ব্বে প.তু ৫৭। °গেহ (ক্লী)—১ নির্জন গৃহ। ২ উৎসন্নজনবাসগৃহ (কুল্লুক), জনবসতিহীন। "মনু ৪.৫৭। °চিত্ত, °মনস্ক, °মনাঃ (-নস্) বিণ—বাহ্যবিষয়ে অনবহিতচিত্ত। °দেশ (বি)—আকাশ। "°দেশভবা বাণী।—মে ২৭১। °পদবী (স্ত্রী)—ব্রহ্মরন্ধ্র (S.W.)। °পাল (পুং)—শূন্যরক্ষক, প্রতিনিধি। "মহা ৪ ৩৫.১১। °বাণী (বি)—আকাশ-বাণী। "ম ১২৮, ৪৬৮। জ ৪৭। °মণ্ডল (বি)—আকাশমণ্ডল, আকাশ। 'ম ৪৮। °মধ্য (বিণ)—শূন্যগর্ভ, রিক্তান্তর। °মুখ (বিণ) নিরুৎসাহ মুখ। দ্র শূন্য (৮)। °শূন্য (বিণ)—শূন্যপ্রকার, অনর্থ-প্রায় (বাক্য)। "মাঘ ১১.৪। °হস্ত (বিণ)—১ রিক্তহস্ত, দণ্ডাদিহীন-হস্ত। ২ (বাঙলায়) ধনহীন হস্ত।]

শূন্যঘর বি রক্ষকহীন গৃহ। "কৃ ১৪৬। শ্রী.ম ২৯৫।

শূন্যপাণি বিং বিপত্নীক। "প্রমদার স্বামী অনেক স্থানে পাণিগ্রহণ করিয়াছিলেন। এক্ষণে শূন্যপাণি আ.দু ২১২।

শূন্যবাদ পুং [কর্ম্মধা] ১ 'শূন্যই আত্মা'—এইরূপ বাদ; অসদ্বাদ, বৌদ্ধমতবিশেষ (বেদান্তসার)। ২ নাস্তিকবাদ। —বাদী (-দিন্) পুং [শূন্য+√বদ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ১ শূন্যবাদাবলম্বী, সৌগত, বৌদ্ধ। ২ নাস্তিক।

শূন্যময় বিং শূন্যস্বরূপ, শূন্য। "দেখে সব শূন্যময়।—ম ৯৮৩। সহর নগর গ্রাম শূন্যময় হল শ্রী মা ১৩। ব.প ১৫০।

শূন্যমূর্ত্তি বি শূন্যরূপ, আদিদেব, ধর্ম্ম। "শ্রী.মা ১৫২,-৬৪।

শূন্যরাজ বি ধর্ম্মঠাকুর। "গো.চ ৪৭৪,-৮৫।

শূন্যহৃদয় বিণ [বহুব্রী] ১ অনবহিতচিত্ত। ২ হৃৎপিণ্ডরহিত। "ত্বয়াহং শূন্যহৃদয়োঽত্র কস্মাদানীতঃ।—পঞ্চ ৪২১৩৪। ৩ এক বিষয়ে অত্যাসক্তি হেতু বিষয়ান্তরব্যাবৃত্তচিত্ত। "কস্মিন্নপি পূজার্হে অপরাদ্ধা শূন্যহৃদয়া শকুন্তলা।—শ ৪২। শূন্যহৃদয়া শকুন্তলা কোন পূজনীয় ব্যক্তির নিকটে অপরাধিনী হইল।—বিদ্যাসাগর।

শূন্যাকার বিং শূন্য, নির্জন। "নৃত্যশালা...°র।—ম ৬০১।

শূন্যাশয় বিণ [বহুব্রী] সর্থ 'শূন্যহৃদয় (৩)। "(সা তেন হৃতমানসা) °য়া দিনেষেষু ন শৃণোতি ন পশ্যতি ক.সা ২৫.১৬৫।

শূয়র; শূয়া দ্র 'শুয়ার; শুঁয়া'।

শূর্ সক [দি, ঙ—শূর্য্যতে; সেট্] ১ হিংসা। ২ (অক) স্তম্ভন, জড়ীভাব। —র্ অক [অদন্ত চু, ঙ—শূরয়তে, সেট্] বিক্রম, উদ্যম। "রণে শূরয়তে যশ্চ (কবিরহস্য)।

শূর বিণ [√শূর্+অ (অচ্)-ক; স্ত্রী -রা] বিক্রান্ত (সায়ণ), বীর। "ঋগ্বেদ ৬.১৯.৬। গী ১.৪। মনু ৭.৩২। দ্র 'শূন্য ক্লী (৪)। —র পুং ১ বীরপুরুষ, যোধ। "রা ২.২৯.১৫। শূরা হি প্রণতিপ্রিয়াঃ ক.সা ১৯.৮৮। নাশিলা দশাননাত্মজ শূরে।—মে ১১। সেথা হারাবংশী সবাই, মহা মহাশূর।—কথা ৯৯। ২ সূর্য্য। তু 'সূর'। "তরল তিমির, শশী শূর পরাসল বি.প ১৪৬। শূর হেরি কুমুদ মুদিত নাহি ভেল।—জ্ঞা ৭১। ৩ সিংহ। ৪ ব্যাঘ্র; চিত্রক। ৫ শূকর। ৬ কুক্কুর। ৭ কুক্কুট। ৮ শাল; লকচ, অর্কবৃক্ষ। ৯ বসুদেবপিতা যাদববিশেষ। "মহা ১.৬৭.১২৯। ভ ৯.২৪.২৬। ১০ শ্রেষ্ঠ; নিপুণ। "যজ্ঞ°, সত্য°, দান°, সাংখ্য°, যোগ°, ক্ষমা°, বেদাধ্যয়ন°, ভৈক্ষ্য° মহা ১৩.৭৫.২৩-২৮। ইন্দ্রিয়াণাং জয়ে শূরঃ।—ব্যাস ৪.৬০। গুহার ময়ূর, খাইতে বড় শূর ক.চ ৩১। প্রভুর ভক্তশূর চৈ.চ ৪২। (শতদূষণী নামেতে) গ্রন্থশূর ভ গ্র ২৮৫; 'জয়সিংহ' সংগ্রহগ্রন্থশূর ('জয়সিংহ' নাম গ্রন্থ) ২৯৫। [°কীট (পুং)—বীরাধম। °মণি (বি)—শূরশ্রেষ্ঠ, মহাবীর। "মে ১৯২। °মানী (-নিন্) বিণ—শূরমানবান্, বৃথা শৌর্য্যাভিমানী। "অশূরঃ শূরমানী ত্বম্ গো.বা ৩.২৭ ১৯। °সিংহ (বি)—শূরশ্রেষ্ঠ, মহাবীর। "মে ২৩।] [খাইতে বড় শূর—ভোজনপটু, পিণ্ডীশূর। "ক.চ ৩১।]

শূরণ পুং [√শূর্+অন (ল্যুট্)-ক; 'শূরণ'—বিক্রমশীল (ঋগ্বেদ ১.১৬৩.১০, সায়ণ)] 'হিংসক', ওল।

শূরম্মন্য বিণ [শূর+√মন্+অ (খশ্)-ক, উত] যে আপনাকে শূর মনে করে; শূরমানী।

শূরসেন পুং [শূর সেনা যাহার, বহুব্রী] ১ যদুগণের অধিপতি বসুদেব-পিতা মথুরার রাজবিশেষ (ভ ১০.১.২৭)। ২ (বহুব) মথুরার চতুর্দ্দিকস্থ দেশবিশেষ। "শূরসেনপতি রঘু ৬ ৪৫। শূরসেনাংশ্চ বিষয়ান্ বুভুজে ভ ১০.১.২৭। ৩ শূরসেনবাসিগণ। "শূরসেনানাং বিষয়ঃ বা ৭ ৭০.৯। —সেনা স্ত্রী 'যাহাতে শূর সেনা' (রা.টীকা), মথুরা। "পুরী রম্যা শূরসেনা রা ৭.৭০.৬।

শূরেন্দ্র বি [উপ.স] শূর ইন্দ্রতুলা; শূরশ্রেষ্ঠ। "মে ১৯২; ২৩১।

শূর্প্ সক [চু, প—শূর্পয়তি, সেট্] মান, পরিমাণ।

শূর্প পুং, ক্লী [√শূর্প্+অ (অচ্)-ণ, ছান্দস] ১ পরিমাণসাধন, বংশদলকৃত পাত্রবিশেষ, কুলা, কুলা। তু 'সূর্প'। "মহা ৫.১৫৪.৭। মনু ৫.১১৭। বিসৃজ্য শূর্পবদ্ দোষান্ গুণান্ গৃহ্নন্তি সাধবঃ (S W.)। ২ দ্রোণদ্বয়পরিমাণ। —র্পী স্ত্রী [শূর্প+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ক্ষুদ্র শূর্প। ২ শূর্পণখা। [°কর্ণ (বিণ)—শূর্পসদৃশকর্ণবিশিষ্ট (গণেশ)। "ক সা ৫৫.১৬৫। °কর্ণ, °শ্রুতি (পুং)—হস্তী। °পুট (পুং, ক্লী)—শূর্পাগ্র, কুলার আগা। °বাত (পুং) শূর্পচালনকৃত বায়ু; কুলার বাতাস।]

শূর্পণখা, -ণখী স্ত্রী [বহুব্রী, সংজ্ঞার্থে ণত্ব (পা ৮.৪.৩), স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীষ্), দ্র 'পা ৪.১ ৫৮, (অসংজ্ঞায়) °নখী (বিণ)] 'শূর্পতুল্যনখবিশিষ্টা', রাবণভগিনী। "শূর্পণখ্যাশ্চ সংবাদম্ রা ১.৩.১৯। °ণখা রঘু ১২.৩৮। শূর্পণখা রাণ্ডী।—কৃ ২৪৯। শূর্পণখা পিসী।—মে ৮৫। [এই নিশাচরী একদা ভ্রমণ করিতে করিতে পঞ্চবটীবনে রামের কুটীরের সমীপে উপস্থিত হয় এবং রামের ভার্য্যা হইতে ইচ্ছা করিলে, রাম, 'আমি সস্ত্রীক, লক্ষ্মণের ভার্য্যা হও' বলিয়া লক্ষ্মণের নিকটে ইহাকে প্রেরণ করেন। রাক্ষসী লক্ষ্মণের নিকটে স্বীয় অভিলাষ ব্যক্ত করিলে এবং লক্ষ্মণ, 'দাসের ভার্য্যা হইবে কেন, আর্য্যের ভার্য্যা হও' এইরূপ উত্তর করিলে শূর্পণখা রামের নিকটে গিয়া কহিল, 'তুমি, এই বিরূপা অসতীর নিমিত্ত আমাকে প্রত্যাখ্যান করিতেছ, আমি ইহাকে গ্রাস করি'—এই বলিয়া সীতার অভিমুখে ধাবিত হইলে, লক্ষ্মণ রামের আদেশে রাক্ষসীর নাসাকর্ণ ছেদন করেন। এইরূপে বিরূপীকৃতা হইয়া, শূর্পণখা খর-দূষণকে ও পরে রাবণকে রাম-লক্ষ্মণের বিষয় জানাইলে, রাবণ মারীচসাহায্যে সীতাকে হরণ করিয়া লঙ্কায় আনয়ন করেন।]

শূর্পণখী ; শূর্পা দ্র 'শূর্পণখা ; শূর্প'।

শূর্ম্ম পুং, **-র্ম্মি, -র্ম্মী** স্ত্রী [তু 'সূর্ম্মি' ; পৃষো] ১ লোহপ্রতিমা, প্রতিমা (শ্রীধর)। "শূর্ম্যা লোহময়্যা ; পুরুষরূপয়া শূর্ম্যা ভ ৫.২৫.২০। ২ কর্ম্মকারের লোহঘুণা ; নেহাই (anvil)। "(মুদ্গর) কোটি কোটি যেন, পড়িছে আঘাতি শূর্ম্মী।—হেম ২০৩,-৪,-৫।

শূর্ম্মি; শূর্ম্মী দ্র 'শূর্ম্ম'।

শূল্ অক [ভ্বা, প—শূলতি ; সেট্] ১ রোগ। ২ শব্দ। ৩ (সক) রুজা, পীড়ন। "শূলতি লোকং রোগঃ (ক.ক)।

শূল[১] পুং, ক্লী [√শূল্+অ (অচ্)-ক] ১ 'পীড়ক', সূক্ষ্মাগ্রলোহাস্ত্র, আয়ুধভেদ, বর্শা (শ.ক)। "ঋগ্বেদ ১.১৬২.১১। গো.রা ১.৪১.২১। ত্রিশিখং শূলম্ ভ ৩.১৯.১২। ভল্ল শূল।—কৃ ৯৮। শেল শূল।—ম ১৯৯। কর্পূর তাম্বুল, লাগে যেন শূল ভা.চ ৩১৭। ২ শিবত্রিশূল। "°পাণি। এই শূল শিবতুল শি ৬৯। ৩ সূক্ষ্মাগ্র অয়ঃকীল, লোহশঙ্কু, শাল। "স (মুনিঃ) রক্ষিভিস্তৈরজ্ঞাতৈঃ শূলে প্রোতঃ মহা ১.১০৭.১২। শূলমারোপ্যতামসৌ...নাপিতঃ।—পঞ্চ ৫২১। ৪ মাংসসংস্কারার্থ লোহশলাকা। তু 'শূল্য'। ৫ রোগভেদ। ৬ ব্যথা, তীব্রবেদনা। ৭ মৃত্যু। ৮ (জ্যোতিষে) যোগবিশেষ। ৯ কেতন, চিহ্ন। ১০ বিক্রেয়-বস্তু (রত্নকোষ)। "অটশূলা জনপদাঃ।—অ.কো, 'পুরবর্গ, ১২, টীকা। দ্র 'মহা ৩.১৮৮.৪২ ; ১৯০.৫২, নীলকণ্ঠ। ১১ (শূলবৎ) দুঃখদ (নীলকণ্ঠ)। "কেশশূলাঃ স্ত্রিয়ঃ মহা ৩.১৮৮.৪২। ১২ (বাঙলায়) শূলের অগ্রভাগ। "শূলে হতে শূল দেও মূল থাকু হাতে শি ৬৯।—লা[১] স্ত্রী পণ্যস্ত্রী। "শিবশূলাশ্চতুষ্পথাঃ মহা ৩.১৮৮.৪২। [°গ্রন্থি (পুং) —মালাদূর্ব্বা। °গ্রহ (পুং)—'শূলধর', শিব। °গ্রাম (বি)—শূলাগ্রহ-সমূহ। "মে ২৩০। °ঘাতন (ক্লী)—'শূলনাশক', মণ্ডুর। °ঘ্ন (পুং) —'শূলনাশক' তুম্বুরুবৃক্ষ। °দ্বিট্ (-ষ্)—হিঙ্গু। °ধন্বা (-ন্বন্) পুং —'শূলধনুঃ', শিব। °ধর, °ধারী (-রিন্) পুং—শূলপাণি, শিব। °ধরা, °ধারিণী (স্ত্রী)—দুর্গা। °ধৃক্ (-ধৃ) পুং—শিব। "গো.রা ৫.৮৯.৮ ; (স্ত্রী) দুর্গা। °নাশক, °নাশন (ক্লী), °নাশিনী (স্ত্রী) —সৌবর্চ্চল-লবণ ; হিঙ্গু। °প্রোত (বিণ)—শূলারোপিত। দ্র 'শূল (৩)। °ভৃৎ (পুং)—শূলধর, মহাদেব। "রঘু ২.৩৮। °শত্রু (পুং) —এরণ্ড। °স্থ (বিণ)—শূলাগ্রে স্থিত। "মহা ১.১০৭.১৪। °হস্তী (স্ত্রী)—যবানী। °হস্ত (বিণ)—শূলপাণি, প্রাসিক। °হৃৎ (পুং) —হিঙ্গু।] [শূলে যাওয়া—শূলারূঢ় হওয়া ; শূলে মরা। "তহবিল গরমিল হইলে শূলে যাব না কি ?—ব.প্র ৫১৯। সোহাগের শূল —সোহাগের তিরস্কার। "কেন পুনঃ পুনঃ, হান সোহাগের শূল ভা.চ ৩০১।]

শূল[২] সর্ম্ম [শূল > °ল ; অপ্র] শূলবৎ তীক্ষ্ণাগ্র করা। "শূলেছে শূলির কাঠ : শূলিতে শূলিছে ভাল রীতে শ্রী ২৬০।—লা[২] অর্ম্ম [শূল+আ[২]] তীব্রবেদনাবোধ হওয়া। [শূলান—সর্থ 'শূলা[২]'।]

শূলপাণি বিণ [বহুব্রী ; স্ত্রী -ণি] ১ শূলধর, শূলহস্ত। "নৈশ্চ'তাঃ ...শূলপাণয়ঃ ভ ৭ ৫.৩৯। অভয়াকে শূলপাণি দেখি দেবগণ (করিছে স্তবন) চ.বি ৩২৮। (দৌবারিক) রুদ্রেশ্বর যথা শূলপাণি।—মে ৫। ২ শূলপাণিতুল্য অতিসমর্থ (শ্রীধর)। "ভ ৫.১০.২৫। —পাণি পুং মহাদেব। "মাঘ ৪.৬৫। (শূল হ'তে) শূলপাণি নাম শি ৬৯।

শূলষ্টি পুং [শূল যষ্টি, কর্ম্মধা] শূলাস্ত্র। "মনু ৩.১৩৩।

শূলা[১] ; **শূলা**[২], **-লান** দ্র 'শূল[১] ; শূল[২]'।

শূলাকৃত বিণ [শূল+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম, 'আ' (ডাচ্), পা ৫.৪.৬৫] শূলে পক্ব ; শূল্য (মাংস)।

শূলাগ্র ক্লী [ষ.ত] শূলের (শালের) অগ্র। "মহা ১.১০৭.১৫।

শূলাধিরোপিত বিণ [স.ত] শূলপ্রোত, শূলাগ্রস্থাপিত।

শূলানি, শূলুনী বি সর্থ 'শূলান'। "দাঁতের শূলুনী ম.ভ ৩৪।

শূলাবতংসিত বিণ [তৃ.ত] শূলবিদ্ধ।

শূলি বি [অপ্র] শূল। "শূলিতে তুলিতে : শূলির শিরে শ্রী ২৬০।

শূলিক বিণ [শূল+ইক (ঠন্) ; স্ত্রী -কা] শূলবান্, শূলধারী। —ক ক্লী শূলাকৃত মাংস (শ.ক)। —ক পুং ১ খাবিৎ, শজারু। ২ শূদ্রাস্ত্রী-গর্ভজাত ব্রাহ্মণপুত্র ; শূদ্রাগর্ভজ ক্ষত্রিয়পুত্র (M.W.)। —কা স্ত্রী মাংসপাকার্থ শূল (spit—M.W.)।

শূলিকা দ্র 'শূলিক'।

শূলিনী স্ত্রী [শূলিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'শূলধারিণী', দুর্গা। "°কবচ, °কল্প। ক.চ ২৫৫। —লী (-লিন্) বিণ [শূল+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -লিনী] ১ শূলধারী, শূলপাণি। "(যত্র মহেশ্বরঃ) আস্তে শূলী মহা ১৪. ৮.৩। যাতুধানস্তু শূলিস্তঃ ভ ৩.১৯.১৯। ২ শূলযুক্ত। "দুর্জ্জয়ো লবণঃ শূলী বিশূলঃ প্রার্থ্যতামিতি রঘু ১৫.৫। —লী পুং ১ শিব। "কু.স ৩. ৫৭। পু.মে ৩৪। শি ৬৯। ২ শূলযোধী, প্রাসিক। "মে ১৫। ৩ শূল-রোগী। "বর্জ্জয়েদ্ দ্বিদলং শূলী (শ.ক)। ৪ খাবিৎ, শজারু।

শূলী দ্র 'শূলিনী'।

শূল্য বিণ [শূল+য (যৎ)] ১ শূলে সংস্কৃত ; শূলপক্ব। "শূল্যং মাংসম্ পা ৪.২.১৭, কাশিকা। শূল্যান্ শকলান্।—হ ১৪৮.৫৬। ২ শূলে বধ্য (A.)। —ল্য ক্লী শূলসংস্কৃত মাংস ; শিক-কাবাব। "ভট্টি ৪.৯। [°মাংস (ক্লী)—শূলসংস্কৃত মাংস। "°মাংসভূয়িষ্ঠ আহারঃ শ ২৬।]

শৃগাল পুং [√সৃজ্+আল (কালন্)-ক, পৃষো, ফা শগাল্] ১ শিবা, জম্বুক, ফেরু। তু 'সৃগাল'। "সিংহ প্রতি শৃগালের নাহি ভারি ভূরি। —কৃ ২৫২। ২ ধূর্ত্ত, বঞ্চক। ৩ ভীরু। ৪ বাসুদেব। [°কণ্টক (পুং)—সকণ্টক ক্ষুপবিশেষ ; শিয়ালকাঁটা (Argemone Mexicana)। °কোলি (পুং)—বন্যকোলিলতাবিশেষ : শেয়াকুলগাছ (Zizypusœnoplia)। °জম্বু,-ম্বূ (স্ত্রী)—শৃগালের জম্বুতুল্য ; গোডুম্ব, গোমক। °যোনি (স্ত্রী)—শৃগালজন্ম। "মনু ৫.১৬৪। °রূপ (পুং)—মহাদেব। দ্র 'মহা ১৩.১৭.৪৫, নীলকণ্ঠ।]

শৃগালিকা, -লী স্ত্রী [শৃগাল+স্ত্রী ঈ (ঙীষ্)—শৃগালী+ক (কন্) +স্ত্রী আ (টাপ্)] জম্বুকী। "°কা।—পঞ্চ ৪৬৯। ১ শৃগালীসদৃশী, ক্ষুদ্রশৃগালী, খেঁকশিয়ালী। ২ পলায়ন। —লী স্ত্রী ১ ভূমিকুষ্মাণ্ড। ২ কোকিলাক্ষবৃক্ষ। ৩ পলায়ন।

শৃগালিনী বি [°ল+ইনী ; সং শৃগালী ; 'শৃগালিনী' (মহা ৩. ২২৩.১৮)] শৃগালী। "এত কথা শুনি, যত শৃগালিনী, এ পড়ে উহার গায়।—ম.ভা ৫২।

শৃগালী দ্র 'শৃগালিকা'।

শৃঙ্খল[১] পুং, ক্লী [শিশ্নানঃ খলতি, পৃষো (অ.টী) ; তু 'সিংখল' —নূপুর (দেশী ৮.১০)] ১ লৌহরজ্জুভেদ, শিকল। "ভট্টি ৯.৯০। ২ গজাদির লৌহময় পাদবন্ধন ; নিগড়, দাঁড়ুকা। "স্তম্বেরমা মুখর-শৃঙ্খলকর্ষিণস্তে রঘু ৫.৭২। ৩ বন্ধনমাত্র। ৪ উষ্ট্রশাবকের কাষ্ঠময় পাদপাশ। "পা ৫.২.৭৯, কাশিকা। বিশৃঙ্খলং শৃঙ্খলকাঃ প্রতস্থিরে মাঘ ১২.৭। ৫ পুরুষের কটিভূষণ (অ.কো)। ৬ পরিমাণার্থ শিকল (chain)। ৭ পর্য্যায়, পরম্পরা, ক্রম। —লক পুং [°ল+ক (কন্), পা ৫.২.৭৯] ১ দারুময়পাদবন্ধনবিশিষ্ট উষ্ট্রশাবক। "মাঘ ১২.৭। ২ [+ক স্বার্থে] শৃঙ্খল। —লা স্ত্রী ১ পুংস্কটিবস্ত্রবন্ধ। ২ বন্ধন। "ছিত্বাত্মস্নেহশৃঙ্খলাম্ ভ ৬.১৬.১২। ধর্ম্মমর্য্যাদা" ক.সা ৯১.৫৪। ৩ সর্থ 'শৃঙ্খল[১]'। ৪ (বাঙলায়) পরিপাটি, ব্যবস্থা, নিয়ম। "সেবার শৃঙ্খলা ভ.প্র ২২ ; ২৫২।—লী স্ত্রী কোকিলাক্ষবৃক্ষ। [°বদ্ধ (বিণ)—শৃঙ্খল-নিয়ন্ত্রিত, শৃঙ্খলিত।]

শৃঙ্খল² সর্ঘ [সং √শৃঙ্খলি—শৃঙ্খলয়তি (দশকুমার)] শৃঙ্খলবদ্ধ করা। "তালুকে, শৃঙ্খলিয়া যাদুকর খেলে।—মে ১৭।

শৃঙ্খলক দ্র' শৃঙ্খল¹।

শৃঙ্খলা দ্র 'শৃঙ্খল¹'। [°দাম (-মন্) ক্লী, °পাশ (পুং)—শৃঙ্খলারূপ-রজ্জু; শৃঙ্খলা। "°পাশ ক.সা ২৫.২০৪। °বদ্ধ (বিণ)—শৃঙ্খলবদ্ধ। °যমক (ক্লী)—শৃঙ্খলাবৎ অব্যবহিত যমকশব্দযুক্ত যমকালঙ্কার। "ভীমা ভীমার্জুনকলাননাঃ (বিশিখাঃ) কি ১৫.৪২।]

শৃঙ্খলিত বিণ [√শৃঙ্খলি+ত (ক্ত)-র্ম] শৃঙ্খলবদ্ধ, নিগড়িত (শ.ক) "শৃঙ্খলিত, একভাবে আছে যত ভারতসন্তান, সার্দ্ধ পঞ্চশত বর্ষ। —ন ৪২৯। নবধর্ম্ম-প্রেমে শৃঙ্খলিত ১৩৪৪।

শৃঙ্খলী দ্র 'শৃঙ্খল¹'।

শৃঙ্গ পুং, ক্লী [শৄ+গ (গন্)-ণ, হ্রস্ব, ন্ (নুট্), গুণাভাব, উ ১.১২৩; অর্দ্ধর্চাদি; cf., L. cornu; Gothic—háurn; Ger., E. horn] ১ হিংসাসাধন', বিষাণ, শিঙ। "ঋগ্বেদ ২.৩৯.৩। °চ্ছেদ রা ২.৬১.১৪; ৫ ৫.৫। রঘু ৯ ৬২, শৃঙ্গাগ্র ১৩.৪। নিপানসলিলং শৃঙ্গৈর্মুহুস্তাড়িতম্ শ ২.৬। ২ শৃঙ্গবচিত বাদ্যবিশেষ, শিঙা। "অথর্ববেদ ২০.১২৯ ১০। °রব ভ ১০.১২.১; ৭। °কুলনাদে।—মে ১৮৪,-৯৩। হেম ২৭২। ৩ শিখর, কূট, পর্ব্বতাগ্র। "মহাচলঃ…উর্দ্ধশৃঙ্গঃ রা ৫.৫ ৫। রঘু ১৩.৪৭। ৪ প্রাসাদাগ্র, গৃহচূড়া। "বেশ্ম° গো.রা ২.৩৩.৪। প্রাসাদবরশৃঙ্গস্থাঃ (স্ত্রিয়ঃ) মহা ১.৬৯.৮। ভ ১০.৭১.৩২। ৫ অগ্রভাগ, ঊর্দ্ধ। "বিমান° কু.স ৭.৪০। নখমভুতশৃঙ্গম্ গী.গো ১.৮। ৬ প্রাধান্য, প্রভুত্ব। "রঘু ৯.৬২। ৭ হস্তিদন্ত। "হস্তীব জাম্বুনদবদ্ধশৃঙ্গঃ রা ৫.৫.৫। ৮ শৃঙ্গাকৃতিবস্তুমাত্র। ৯ উৎকর্ষ, শ্রেষ্ঠার্থ। "(মথুরাম্) শৃঙ্গং পৃথিব্যাঃ। —হ ১১৫.৩। ১০ কোটি, চাপপ্রান্ত। "ভ্রূলতাচারুশৃঙ্গম্ (চাপম্) কু স ২.৬৫। ১১ তীক্ষ, তীক্ষ্ণাগ্র। ১২ চিহ্ন। ১৩ সানু (শ.ক)। ১৪ কলঙ্করূপহবিণশৃঙ্গ (রা.টীকা)। "বিভাতি চন্দ্রঃ পরিপূর্ণশৃঙ্গঃ রা ৫ ৫.৫। ১৫ ক্রীড়াজলযন্ত্র, পিচকারী। "বর্ণোদকৈঃ কাঞ্চনশৃঙ্গমুক্তৈঃ রঘু ১৬.৭০। ১৬ অর্দ্ধচন্দ্রব্যূহের বা শৃঙ্গাটকব্যূহের প্রান্ত। "মহা ৬ ৫৬.১১, ৮৭.১৮। বাম°ঃ দক্ষিণ° ।—ম ৭৩৫,-৮৩,-৮৪। ১৭ স্ত্রীস্তন। "ভ ৫.২.১১, চারুশৃঙ্গি।—১৬। ১৮ পঙ্কজ। ১৯ প্রস্রবণ। ২০ [+গ-ক] চরমদশাপ্রাপণ দ্বারা কামুকহিংসক (সা দ, টীকা), মন্মথোদ্ভেদ, কামোদ্রেক। 'শৃঙ্গং হি মন্মথোদ্ভেদঃ সা দ ৩.১৮৩। —ঙ্গ পুং ১ কূর্চ্চশীর্ষকবৃক্ষ। ২ মুনিবিশেষ। [অনাবৃষ্টিতে বর্ষণার্থ ইঁহার মৃন্ময়মূর্ত্তি ভারতের কোন কোন স্থানে পূজিত হয়, এইরূপ শুনা যায় (M.W.)। ইহাতে বোধ হয়, এই 'শৃঙ্গমুনি', 'ঋষ্যশৃঙ্গ'। —ঙ্গক পুং, ক্লী [শৃঙ্গ+ক (কন্)] ১ শৃঙ্গ, শিঙ। ২ শৃঙ্গবৎ তীক্ষ্ণাগ্রবস্তুমাত্র। ৩ ক্রীড়াজলযন্ত্র। —ঙ্গক পুং জীবকবৃক্ষ। [°কোশ (পুং)—শৃঙ্গরচিত পাত্র। °জ (পুং) —'শৃঙ্গজাত', বাণ, (ক্লী)—অগুরু। °ধব (বি)—পর্ব্বত। "মে ২০১। °নাদী (-দিন্) বি—শৃঙ্গবাদক, শিঙাদার। "°নাদিগ্রাম মে ১৯৮। °প্রহারী (-রিন্) বিণ—শৃঙ্গঘাতী। °প্রিয় (পুং)—শিব। °বাদ্য (ক্লী) —শৃঙ্গবাদ্যযন্ত্র, শিঙা।]

শৃঙ্গবান্(-বৎ) বিণ [শৃঙ্গ+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -বতী] ১ শৃঙ্গযুক্ত, শৃঙ্গী। ২ শিখরবান্, শিখরী। "গো রা ৪ ৪৯.২২। —বান্ পুং ১ পর্ব্বত। ২ পর্ব্বতবিশেষ। 'ভ ৫.১৬.৮।

শৃঙ্গবের ক্লী [বহুব্রী; তা শিঞ্জি (শৃঙ্গী)+বের (root)—ইহা লেখ্য; (কথ্য) ইঞ্জিবের; cf., inji or inchi+ver (Caldwell, p. 578)] ১ যাহার দেহে শৃঙ্গ; আর্দ্রক। ২ শুণ্ঠী। "°কল্ক, °চূর্ণ (সুশ্রুত)। °সহিত।—বৃহৎসংহিতা ৭৬.১১। ৩ গঙ্গাতীরস্থ গুহকের পুর (আধুনিক সৃঙ্গাপুরের নিকটবর্ত্তী দেশ)। "শৃঙ্গবের নগরে সী ৯। [°পুর (ক্লী)—সর্থ 'শৃঙ্গবের(২)। "উ.চ ১.২১। কৃ.অ ১৩।]

শৃঙ্গাগ্র ক্লী [ষ.ত] বিষাণাগ্রভাগ। [°প্রহরণ (ক্লী)—শৃঙ্গাগ্রঘাত। "°প্রহরণাভিমুখ। হি ২ 1/1 4/5 2/8।]

শৃঙ্গাট পুং [শৃঙ্গ+ √অট্+অ (অণ্)-ক; উ.ত] ১ 'শৃঙ্গপ্রাপ্ত, জলকণ্টক, পানীফলগাছ। ২ কামাখ্যাস্থ পর্ব্বতবিশেষ। ৩ [শৃঙ্গবাট > °ট (?)] চতুষ্পথ, চৌমাথা। —ট পুং, ক্লী ১ ত্রিভুজাকৃতি স্থান। ২ চক্ষুঃকর্ণাদিস্থানে শিরাসন্ধিবিশেষ। —ট ক্লী ১ শৃঙ্গাটফল, পানীফল, শিঙ্ড়া। ২ শৃঙ্গাটসদৃশ গ্রহসংস্থানবিশেষ। "বৃহৎসংহিতা ১০৬ ৯। —টক পুং [°ট+ক (কন্)] ১ ত্রিশৃঙ্গ পর্ব্বত। ২ সর্থ 'শৃঙ্গাট (২)। —টক পুং, ক্লী চতুষ্পথ। "গো.রা ২ ৭৩ ৩১। মহা ৪.৬৮ ২৫। শু ৪. ৪.৬৩। ভ ১০.৪১.২১। —টক ক্লী ১ সর্থ 'শৃঙ্গাট ক্লী (১)। "মহা ১৩. ৯১.৪০। ব প ১৩০১। ২ পক্কমাংসবিশেষ (ভাবপ্রকাশ)। ৩ শিরো-মধ্যে মুখের সংযোগস্থান। 'সিরামুখানাং শিরসো মধ্যে সংযোগস্থানম্ (ভাবপ্রকাশ)। ৪ শৃঙ্গাটকাকাব ব্যূহবিশেষ। "মহা ৬.৮৭ ১৭।

শৃঙ্গাটক দ্র 'শৃঙ্গাট'।

শৃঙ্গান্তর ক্লী [ষ ত] শৃঙ্গমধ্য। "রঘু ২.২১।

শৃঙ্গার বিণ শৃঙ্গারানুকূল, শোভন। "শৃঙ্গারম্ (বস্ত্রম্) গো.রা ৬.৯৫. ২৪। °বেশাভরণৌ (মাদ্রীপুত্রৌ) মহা ৪.৭১.৭। —র পুং [শৃঙ্গ + √ঋ+অ (অণ্)-ক, উ.ত, শৃঙ্গ (মন্মথ) আর (আগমন) যাহাতে (অ টী), সা.দ ৩.১৮৩, টীকা] ১ 'কামোদ্রেকপ্রাপ্ত', স্ত্রীপুরুষের পরস্পর রতিক্রীড়াদিকারণভূত সম্ভোগস্পৃহা; আদিরস। "রা ১.৪.৯। 'পুংসঃ স্ত্রিয়াং স্ত্রিযাঃ পুংসি সম্ভোগং প্রতি যা স্পৃহা। সা শৃঙ্গার ইতি খ্যাতো রতিক্রীড়াদিকারণম্॥—(অ.টী)। [বিপ্রলম্ভ সম্ভোগ ভেদে ইহা দ্বিবিধ (সা.দ)। ইহার নায়ক প্রায় উত্তম, অর্থাৎ দানবীর ধর্ম্মবীর বা যুদ্ধবীর (অ টী)। ইহা সকল রসের আদি রস।] ২ রতিস্পৃহা, সুরত। "সশৃঙ্গারম্ (পুরুষম্) ক.সা ৬৪ ১৩১। ভুঞ্জিল শৃঙ্গার গো.চ ৪১৫। শৃঙ্গারের লক্ষণ।—কৃ ৭। ম ৫৭, ৭৩০। ক.চ ১৬০। ৩ ভূষণ (ত.বা), বেষভূষা। "গো.চ ৪৫৭। ৪ গজভূষণ; দিগ্‌গজ-মণ্ডন (বিশ্ব), হস্তীর সিন্দূবাদিমণ্ডন (মাঘ ৪ ৪৯, মল্লিনাথ)। "শৃঙ্গারধারিণম্ (করীন্দ্রম্) রা ৭.৩৫ ৩৭। ৫ চিহ্নমাত্র (A)। ৬ (বৈষ্ণব-সাহিত্যে) কামগন্ধহীন রতি: মাধুর্য্য। "শৃঙ্গাররস বুঝিবে কে? সব রসসার শৃঙ্গার এ॥—চ.দা ১৫৪। ৭ প্রণয়, প্রেম। "শৌর্য্যৌদার্য্যশৃঙ্গারময় ক সা ৯১ ৭। —র ক্লী ১ 'শৃঙ্গযুক্ত', লবঙ্গ। ২ আর্দ্রক। ৩ (শৃঙ্গারজনক?) কালাগুরু। ৪ সিন্দুর। তু 'শৃঙ্গারভূষণ'। ৫ বস্ত্রশরীরার্থ সুরভিচূর্ণ, চূর্ণ (মেদিনী)। [°চেষ্টা (স্ত্রী), চেষ্টিত (ক্লী)—বিলাসব্যাপার, রতিরসাত্মক অনুষ্ঠান। "°চেষ্টা রঘু ৬.১২। °জন্মা (-ন্মন্) পুং—কামদেব। °তিলক (ক্লী)—কালিদাসকৃত শৃঙ্গাররসবিষয়ক উৎকৃষ্টকবিতাগ্রন্থ। °ধারী (-রিন্) বিণ—সিন্দূরাদিমণ্ডনধারী। দ্র 'শৃঙ্গার (৪)। °বিধি (পুং)—বিলাসানুকূল বেশ। °বেশ (পুং)—নাট্যরসবেষ (নীলকণ্ঠ)। "মহা ৪.৬৮.২৬। °ভাবিত (ক্লী)—আদিরসাত্মকভাষা। °ভূষণ (ক্লী)—রতিরসালঙ্কার, সিন্দুর। °যোনি (পুং)—কামদেব। °রস (পুং)—আদিরস। দ্র 'শৃঙ্গার (৬)। °লজ্জা (স্ত্রী)—শৃঙ্গাররসনিবন্ধনা লজ্জা। "শ ১ 1/2 1/3। °সমর (বি)—রতিরণ, সুরতকেলি। "ক.চ ১৬০। °সহায় (পুং)—নাট্যে নায়কের শৃঙ্গারবিষয়ে সখা; নর্ম্মসচিব। °হার (পুং)—বিলাসহারযষ্টি। "বসুধাশৃঙ্গারহারাবলি। (শৈলসুতাসপত্নি)—গঙ্গাষ্টক। বসুমতী সুবলিত শৃঙ্গারহারে।—গ ১৯১।]

শৃঙ্গারিত বিণ [°র+ইত (ইতচ্)] সঞ্জাতশৃঙ্গার, সিন্দূরাদিমণ্ডনযুত। "°মহেভকরাভমস্তঃ মাঘ ৪.৪৯।

শৃঙ্গারিণী দ্র 'শৃঙ্গারী'।

শৃঙ্গারী (-রিন্) বিণ [°র+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -রিণী] ১ শৃঙ্গারবান্, সশৃঙ্গার, কামোদ্রেকবান্। ২ সুবেশ, শোভনবেশধারী। ৩ সিন্দুরাদি-

মণ্ডনযুত (হস্তী)। —ঙ্গী পুং ১ কামুক। ২ গজ। ৩ (কামোদ্রেককর ফল হেতু) পূগ, সুপারী গাছ। ৪ সুবেশ, শোভনপরিচ্ছদ। ৫ মাণিক্য, পদ্মরাগ। ৬ তাম্বুল, সাজা পান। —ঙ্গিণী স্ত্রী কামুকী।

শৃঙ্গি[1]**,-ঙ্গী**[1] স্ত্রী [শৃঙ্গ+অ (অচ্)+স্ত্রী ঈ (ঙীষ্); শৃঙ্গী >শৃঙ্গি, তু 'শ্রেণি,-ণী'] 'শৃঙ্গিবৎ হিংসক', মদ্গুরসদৃশ মৎস্যবিশেষ ; শিঙিমাছ। —ঙ্গী[2] স্ত্রী ১ অতিবিষা , ঋষভৌষধি , কর্কটশৃঙ্গী। ২ প্লক্ষ। ৩ বিষ। ৪ ভূষণার্থ স্বর্ণ।

শৃঙ্গি[2] বি [সং শৃঙ্গিণী] ধেনু। "শৃঙ্গি দান করে।—গ ৯৮।

শৃঙ্গিক ক্লী [শৃঙ্গ+ইক (ঠন্)] উদ্ভিজ্জবিষভেদ। —কা স্ত্রী ১ অতিবিষা। ২ গোলকোৎক্ষেপক যন্ত্র। "মহা ৩.১৫.৮।

শৃঙ্গিকা দ্র 'শৃঙ্গিক'।

শৃঙ্গিকাক বি (শৃঙ্গযুক্ত কাকাকৃতি ?) বাদ্যবিশেষ। "ন.প ১৫১।

শৃঙ্গিণ পুং [শৃঙ্গ+ইন(ইনচ্), নিপাতিত, পা ৫.২ ১১৪] মেষ।

শৃঙ্গিণী স্ত্রী [শৃঙ্গিন্+স্ত্রী ঈ (ঙীপ)] ১ 'শৃঙ্গযুক্তা', ধেনু। ২ শ্লেষ্মঘ্নীবৃক্ষ ; জ্যোতিষ্মতী , মল্লিকা। —ঙ্গী[3] (-ঙ্গিন্) বিণ [শৃঙ্গ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ঙ্গিণী] ১ শৃঙ্গবান্ , বিষাণী। "মহিষাঃ শৃঙ্গিণঃ রা ২.১৫.১৯। ২ শিখরবান্ (পর্ব্বত)। —ঙ্গী পুং ১ বৃষভ। "অশ্ব গজ শৃঙ্গী অগণিত। —ম ৩০২,-২৩। ২ মেষ। ৩ শৃঙ্গোপেত মহিষবলীবর্দ্দাদি (সায়ণ)। "ঋগ্বেদ ১ ৩৩.১৫। যাজ্ঞ ২.৩০৩। শৃঙ্গিণো দশহস্তেন (পরিহর্ত্তব্যাঃ)। —চাণক্য। ৪ শিখরী, পর্ব্বত। "রঘু ১২ ৮০। ৫ শমীকপুত্র মুনিবিশেষ। [ইঁহার শাপে পরীক্ষিৎ তক্ষকদংশনে প্রাণত্যাগ করেন (মহা ১৫০)।] ৬ ঋষভৌষধ। ৭ শিবানুচরভেদ (অ.টী)।

শৃঙ্গী[1] দ্র 'শৃঙ্গি[1]'। [°কনক (ক্লী)—ভূষণার্থ স্বর্ণ (অ.কো)।]

শৃঙ্গী[2] ; **শৃঙ্গী**[3] দ্র 'শৃঙ্গি, শৃঙ্গিনী'।

শৃ(সৃ)ণি পুং, স্ত্রী [√শৄ, √সৃ+নি-ক, পৃষো (অ টী) ; উ ৪.১০৪] 'হিংসাকর', 'মর্ম্মস্থানগামী' ; অঙ্কুশ। "সৃণি।—ঋগ্বেদ ১০.১০১ ৩। সৃণিং সিতাগ্রম্ মাঘ ৫.৫। মদান্ধকরিণাম্…সৃণিঃ।—হি ২.১৬৪। অসৃণিভির্নৃভিঃ ভ ৪.৪.১৭।

শৃণু সং, ক্রি [√শ্রু+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষ-১ব)] শুন, শুনুন। "ম পা ১২৬ ; শৃণু অম্বে ১২৯ ; শৃণু নিবেদন ১৩১ , শৃণু ব্রূহি অপি ১৪২। [শৃণুধ্বং—আপনারা শুনুন। "°ধ্বং সাধব সব ম.পা ১।]

শৃত বিণ [√শ্রা, √শ্রপি+ত (ক্ত)-র্ম্ম, কর্ম্মকর্ত্তৃবাচ্যে, ক্ষীরহবিষোঃ পাকে √শ্রা, √শ্রপি >শৃ, নিপাতিত, পা ৬.১.২৭ ; অন্যত্র 'শ্রাণ, শ্রপিত'] ১ পক্ক, স্বয়ং বিক্লিন্ন। "স্বয়ং শৃতম্।—শতপথব্রাহ্মণ ৭.৩.১.২৬। শৃতং ক্ষীরম্। শৃতং হবিঃ। শৃতং ক্ষীরং স্বয়মেব। শৃতং ক্ষীরং দেবদত্তেন।—কাশিকা। শঙ্খপুষ্পীশৃতং পয়ঃ মনু ১১.১৪৮। ২ পক্ক। "শৃতো কৃষ্ণো মৃগঃ (ময়া) গো.রা ২.৫৬.২৬। শৃতং মাংসম্ মহা ৩.৭৫.২০। শৃতং পয়সি…শাল্যন্নম্ ভ ৮.১৬.৪০। শৃতমন্নং বিবর্জ্জয়েৎ' (আর্ষম্)।—ভরত (অ.টী)। ৩ কথিত (ত.বা)।

শৃধ্ অক [ভা এ- -শর্দ্ধতি,-তে , সেট্] ১ ক্লেদন, আর্দ্রীভাব। ২ [ভ্বা, এ—শর্দ্ধতে ; সেট্] অপানত্যাগ, অপানশব্দ। "শর্দ্ধ, শর্দ্ধঃজহ।—ধ্ সক [চু, প—শর্দ্ধয়তি ; °সেট্] প্রহসন, বিদ্রব। "শর্দ্ধয়তি বৃদ্ধং কুৎসিতশব্দেন বালঃ।—রমানাথ (ক ক)।

শৄ সক [ক্র্যাদি, প—শৃণাতি ; সেট্] ১ হিংসা, হনন। "কি ১৪.১৩। ২ ছেদন। [বি—১ বিশীর্ণীভাব, পতন। "ভাণ্ডং পৃথিব্যাং তদব্যশীর্য্যত রা ২.৭৮.১৭। ২ ভেদ। "(মনীষী) বিশীর্য্যেত বনেঽথবা।—হি ১.১৪১। বিশীর্য্যমাণশরীর ভ ৫.২৬.২৮।]

শেওড়া, স্যাওড়া বি [সং শাখোটক >প্রা *সাহোডঅ >বা (শাহোড়া) শা(শে)ওড়া] বৃক্ষবিশেষ, শাঁড়াগাছ "স্যাওড়া গাছের কেলেসোণা।—জা ৪১। এমন স্বর্ণলতা সেই স্যাওড়া গাছে তুলে দিতে চাই।—লী ৯১।

শেওর বি [শিওর > °র] সর্থ 'শিঅর'। "আ.ছু ২০৩।

শেওলা, সেঁওলা, -লি, সেয়লি বি [সং শেবল >প্রা *সেঅ(য়)ল >বা °লা, °লি] ১ শৈবাল, পানা। "সোতের সেঁওলি চ.দা ৮১ ; সোতের সেঁওলা ৮৫। সোতের সেয়লি প.র ৩৮। ২ ছাতা, ছেদলা। "যুগল অঙ্গুলি গায় পড়েছে শেওলা বা.ম ২৩০। (দরগায়) চারিদিগ ছেদলা °লা ও বোনাজে পরিপূর্ণ আ.ছু ১৪৫।

শেঁউতী বি [হি সেবতী ; 'শ্বেত' মূল] শ্বেতগোলাপবিশেষ।

শেঁকো, -খো বি [সং শঙ্খবিষ] বিষবিশেষ।

শেকড় ; শেকুল দ্র 'শিকড় , শিয়াকুল'।

শেখ, সেক, -খ বি [আ শইখ্] ১ মুসলমানের বিভাগবিশেষ। ২ মহম্মদের বংশধরগণের উপাধিবিশেষ। ৩ মাননীয় বৃদ্ধ মুসলমান। ৪ মুসলমানের ধর্ম্মাধ্যক্ষ (bishop)। "তেজিয়া আপন ভেক, নারদ হইল সেক।—শূ ১৪১। ৫ মুসলমানধর্ম্মাবলম্বীর উপাধি। [সেখজাদা —শেখের পুত্র। "বসিল মোগল, সেখজাদা যত জনা শ্রী ১৩। সেখজী —সেখ মহাশয়। "সেখজীব গোসা দূব হইল ব.প্র ৪৬।]

শেখর পুং [শেতে শিরসি শেখরঃ (√শী+খর নাম্নি)—ভরত , শিখর > °র (?)] ১ শিখায় ক্ষিপ্ত বা স্থিত মালা (অ.টী), আপীড়। ২ শিরোভূষণ। "শশিখণ্ড° ।—হ ২৭৬.১০। ইন্দু° কু স ৫.৭৮ ; ৭.৩২। শিখি° মাঘ ৪.৫০। নিশাকান্তকলাকলিতশেখরঃ (দেবঃ) ক.সা ১২০, ৩৬। মৃগাঙ্ক° ভা চ ১৫৭। ৩ শিখর, শৃঙ্গ। "অস্তগিরি° ক.সা ২৮.১৮৯। সুমেরু° ।—ম ৮১১। শেখরের শ্যাম-অঙ্গে।—বঙ্গ ৮২। পর্ব্বত° ।—ন ৭৭৮ , ৮৫৫। ৪ মুকুট (A.)। ৫ শ্রেষ্ঠার্থ। "হার° ।—ঋতু ১.৬ ; নূপুর° ৩২০। কবি°, ক্ষত্রিয়°, নৃপতি° (S.W.)। নাগর° বি.প ১৩৫ ; নটবর° ১৪৩। নাগর° চ.দা ৪৭ ; পিরীতি° ৭৫। রসিক° রা.শে ৬৩ ; শ্রী.ম ৬৪ , চৈ.চ ১২ ; কিশোর° ২০৭। সাজোয়া° শ্রী.মা ১৬৮। রসিকশেখরবর ন প ১৫১। রাক্ষসকুল° ।—মে ৮। দানবকুল° ।—মা ১৫০। দৈত্য° ।—হেম ১৯৪ ; দনুজ° ১৯৫। ৬ (সঙ্গীতে) ধ্রুববিশেষ, ধুয়া। ৭ (বাঙ্লায়, অসাধু) শিখরী, পর্ব্বত। "ভবানী °জাতা চ.বি ৫। শেখর, রৈবতক।—ন ৭৬৮ ; °সীমায় ৭৭৭। —র ক্লী লবঙ্গ।

শেখরিত বিণ [শেখর+ই (ণিচ্)— √শেখরি+ত(ক্ত)-র্ম্ম] মুকুটবৎকৃত। "ভটশেখরিতাঙ্ঘ্রিরেণু ভ ১০.৮৩.৮।

শেখা, শেখান দ্র 'শিখ[2]'।

শে(সে)গুন বি [সং শাক , হি সাগবন, সাগৌন (শাল) ; ঠ সাগ, সাগবান] শেগুন গাছ, শেগুন কাঠ।

শেজ[1]**, শেয, সেজ**[1]**, সেয** বি [সং শয্যা >প্রা সেজ্জা, 'সেজ্জ' (সমাসে —হে) , সেজ্জ (উরাসগদসাও) >বা সে(শে)জ, সেজা ; হি, প, মৈ, সি সেজ ; ঠা গু শেজ ; হিজ (চট্টগ্রাম) ; স্যাযা (কোচবিহার)] ১ শয্যা। "শেজ বি.প ১৭৭ ; জ ২৭। শ্রী.ম ১৩৫ ; সুখদ সুসেজ ১৭১। শেজোপরি রা.শে ১০০। মন্দির মাঝ শেয নাহি ব.প ১০৩৪। সেজ ম.বি ১৮১। সেজ বিছাই রা.শে ১। সুখময় সেজ প.র ৪৯ ; সেজের ভিতর ব.প্র ৫৮৭। ২ পুষ্পাদির আস্তরণ। "কমলের শেজে চ.দা ১৪১। কুসুম শেজপর।—জ্ঞা ৭২ ; কিশলয় শেজ ১৯৯ ; ব ১৩০। কুসুম সেজে ব্র.প ১৭৮। কুসুম সেজে রা.শে ৮২। সাজহ শেজ কমলদল পাতি প.ক ৭৫। ফুলশেজ-রচনা চ.কা ২৪৯। আমার কি…শেয আছে।—জা ১৩। [শেজ তোলা—১ শয্যা উঠান। ২ বিবাহে বাসরশয্যা উঠান। শেজ-তোলানী—বিবাহে শেজ-তোলার টাকা। শেজে পাশ দেওয়া—একটু শোওয়া।]

শেজ², সেজ² বি [E. shade] দীপরক্ষার্থ কাচাবরণবিশেষ, সেজের মধ্যস্থ দীপ। [°শামাদান—সেজ ও দীপাধার।]

শেজি বি [অপ্র] শয্যা। "শেজিপাড়াপাড়ি ভা চ ৫৩২। [°মোতা—যে ঘুমাইয়া বিছানায় মোতে। "° ছেলে।]

শেট, -ঠ বি [সং শ্রেষ্ঠী > লি সেট্‌ঠি > বা শেঠ,-ট, হি সেঠ] ১ ধনী বণিক্‌, ধনী, লক্ষপতি। "ফিরে যায় রাজা, ফিরে যায় শেঠ, মিলে না প্রভুর যোগ্য কোন ভেট।—কথা ৬। ২ প্রতিষ্ঠাপন্ন ধনী বণিকের উপাধি। "শেঠের বংশের হায়! ঐশ্বর্যোব কথা, সমস্ত ভাবতে রাষ্ট্র প্রবাদের মত। জগৎ শেঠ : শেঠের গরিমা।—ন ৪২২, শেঠশ্রেষ্ঠ ৪২৩।

শেত বিং [সং শ্বেত > লি সেত, অপ্র] সাদা। "শেত মাছি গো চ ১০০। [শেতকুয়া (সং সিতা > শেত ?)—মিঠাকুয়া। "শেতকুয়ার জল গো চ ২০, ২১। শেত বান্দা—ইরানীয ভৃত্য। "গো চ ৪২৪।

শে(সে)তখানা বি [ফা শেদ্‌খানা] পাইখানা।

শেতলা বি [সং শীতলা, কথ্য] শীতলা দেবী। "চ ১৩২।

শে(সে)নাক্ত বি [ফা শিনাখ্‌ত্‌] 'সে ব্যক্তি এই'—ইহা বলা, প্রত্যভিজ্ঞান, নিশানদিহি (recognition)। "তাহার সহিত আমার মক্কেলের কখন দেখা নাই, সে ব্যক্তি সেনাক্ত করিতে অশক্ত।—নী ৬০।

শেন্ত বি ['সেন্‌তামি' মূল] বুদ্ধিমত্তা, চাতুরী, চালাকী। "মোব ...কেতনা শেন্ত তা জবানিতে বলা যায না আ দু ১০৯।

শেপ পুং, **-পঃ(পস্‌)** ক্লী, **-ফ** পুং, **-ফঃ (-ফস্‌)** ক্লী [√শী+অস্‌ (অসুন্‌)-ক, প(পুট্‌), উ ৪ ২০১, পৃষো] ১ শিশ্ন। 'শেপ।— ঋগ্বেদ ৯ ১১২ ৪, ১০ ৮৫ ৩৭। অথর্ববেদ ৫ ২৫ ১। তৈত্তিরীযসংহিতা ৫ ৭. ১৫ ১। শুক্লযজুর্বেদ ১৯ ৮৮। শেপস্‌। —অথর্ববেদ ৬ ১৩৮.৫। শেফ মহা ১০ ৭ ৩৮। শেফস্‌ (অ কো, সুশ্রুত)। শেফস্তম্ভ (চরক)। ২ মুষ্ক। ৩ লাঙ্গুল। —প পুং গুহ্য। "উ ৪ ২০১।

শেফালি, -লিকা, -লী স্ত্রী [শেবতে শেফা অলয়োঽস্যাম্‌—শেফালিঃ (অ টী), স্ত্রী ঈ (ঙীষ্‌), ক (কন্‌)+স্ত্রী আ (টাপ্‌)] ১ পুষ্পবৃক্ষবিশেষ। "°লিকাকুসুম।—ঋতু ৩ ১৪। ২ শেফালিপুষ্প। "শেফালিকা° বিদলিতাম্‌ সা দ ৩ ১/১ ২/৯ ৪/৫। শেফালী।—কু ১৭৯।

শেফালিকা, শেফালী দ্র 'শেফালি'।

শেব পুং [√শী+ব (বন্‌)-ক, উ ১ ১৫২, তু 'শেপ'] ১ 'রেতঃপাতে শায়ী বা নত', শিশ্ন। ২ সর্প। ৩ মৎস্য। ৪ উন্নতি।—ব ক্লী ১ শিশ্ন। ২ [+ব-ধি] আশ্রয়বিষয সুখ, সুখ (সাযণ)। "ঋগ্বেদ ৩ ৭ ৫, ৯.৮২ ৪।

শেবতী বি সর্ব 'সেউতি'। "শ্রী কী ২০৫।

শেবধি পুং [শেব+ √ধা+ই (কি)-ধি, উত. '°ধি'—ধনসদন (ঋগ্বেদ ২.১৩ ৬, সায়ণ), '°ধি'—সুখনিধি (মহীধব—শুক্লযজুর্বেদ ১৮.৫৯)] ১ 'সুখনিধানস্থান', নিধি, মহাধন। "বিদ্যা ব্রাহ্মণমেত্যাহ শেবধিস্তেঽস্মি রক্ষ মাম্‌ মনু ২.১১৪। শেবধিঃ·· স্ত্রীণাং ভর্ত্তা মা মা ৬ ১৮। ২ নিধি, সর্ব্বাভীষ্ট। "(বেদাহম্‌) ভূতানাং শেবধিং দেহং বিভ্রাণং কপিলম্‌ ভ ৩.২৪.১৬। ৩ কুবেরের নিধিবিশেষ।

শেবল,-বাল ক্লী [√শী+বাল (বালন্‌)-ক, উ ৪.৩৮] শৈবাল।—বলিনী স্ত্রী [°ল+ইন্‌ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্‌)] শৈবলিনী, নদী।

শেবলিনী, শেবাল দ্র 'শেবল'

শেমুষী স্ত্রী [শে(√শী+বিচ)+ √মুষ্‌+অ (ক)-ক+স্ত্রী ঈ (ঙীষ্‌)] 'সংশয়মোষিকা', বুদ্ধি, মতি, প্রজ্ঞা, ধী। "শেমুষীং মনসা তুল্যাম্‌ (S.W.)। ব্রাহ্মণীর °ষীটা সাতিশয় প্রখরা ন.ত ৭।

শেয়াকুল; শেয়াল; শেয়ালা দ্র 'শিয়াকুল : শিয়াল : শিয়ালি'।

শে(সে)র¹ বি [প্রা সের—সের এক দুই পাবই ঝিভা (পৈ ১ ১৩০), 'শরাব' মূল (?), দ্র 'মানিকা'] ১ ওজনবিশেষ, আশী তোলা। "সখী-গৃহে খুদসের করিয়া উধার ক চ ৬৩। আধ সের ভা চ ২৮৬। ২ আশী-তোলা-পরিমাণ বাঁটকারা। ৩ তরল দ্রব্যের এক সের ধরে, এমন পাত্র, তৈলাদির সেরপরিমাণপাত্র। ৪ (মেয়েলী হিসাবে) হাতের কোষ বা কোষপরিমিত দ্রব্য। "সের অন্ন নাহি ঘরে করিতে ভক্ষণ ভ গ্র ৫৯। মোর সের খাও বি সু ৮৬। [এক সেব খাওয়া—কিছু অন্ন খাওয়া, পোষ্য হওয়া। "এখন তোমার আমি এক সের খাই। আবশ্যক উচিত কহিতে বেল চাই।—শ্রী.মা ১৮, ৫৯।]

শের² বি [শিয়র > শের] ১ শয়িত ব্যক্তির শিরঃস্থান বা শিরঃসন্নিহিত স্থান। বিপ 'পাছতলা'। ২ ঢেকীর অগ্রভাগ। ৩ মাদুরের মুখপাত (যে দিকে মাথা থাকে)। ৪ [শির > শের] মাথা। "খেলাপ কহলী বাত শের মোড়াওঙ্গা বি সু ১০১। [শেরের বালিশ—শুইয়া মাথা রাখার বালিশ। বিপ 'পাশবালিশ'। শের-পাছতলা—শয্যায় শিরঃস্থান ও পাদস্থান। শের-পাছতলা হওয়া—শয্যা বিপরীতভাবে পাতিত হওয়া।]

শের³ বি [ফা শের] বাঘ। "বি সু ১৭।

শে(সে)রা বিং [হি 'সিরা'—শীর্ষভাগ] ১ শ্রেষ্ঠ, প্রধান। "কর্মের শেরা নিষ্কাম : বলের শেরা যোগবল।—দা ৩৬। রঙ্গ ৯। ক্লাসে সবার সেরা প কা ২৬। বাংলা ভাষা সকল ভাষার সেরা কু কে ৭২। ২ সারবত্তম। "খাদ্যের শেরা ঘৃত ক্ষীর।—দা ৩৬। ৩ পূজ্যতম। "মুনির শেরা নারদমুনি।—দা ৩৬। ৪ পবিত্রতম। "নদীর শেরা মন্দাকিনী পতিত-পাবনী।—দা ৩৬। ৫ প্রচণ্ডতম। "মেঘেব রৌদ্র ধূপের শেরা।—দা ৩৭। ৬ চূড়ামণি। "রামচন্দ্র ভূপের শেরা।—দা ৩৭। ৭ পুণ্যজনক, পরমানন্দজনক। "তিথির শেরা পূর্ণিমা তিথি।—দা ৩৭। ৮ অগ্রগণ্য। "খলের শেরা ফণী।—দা ৩৬। ৯ বিভূতিসম্পন্ন। "ফণীর শেরা অনন্ত ফণী।—দা ৩৬। তু 'অনন্তশ্চাস্মি নাগানাম্‌ গী ১০ ২৯।

শেল বি [শাল > শেল, তু 'সেল্ল—ভল্ল (ব, Appendix, p. 172)] ১ সূক্ষ্মাগ্র আয়ুধবিশেষ। 'ময় দানবের শেল।—কৃ ৩১৭। ম ১৯৯। মহাশালে চ বি ৩২৫। ২ শেলতুল্য মর্ম্মপীড়াকর বস্তু। 'চন্দন ভরমে, শিঙলি আলিঙ্গনু শেল রহলতি কাঁটে বি প ১১৮। এ শেল রহিল মনে, স্বামী দিব আন জনে ক চ ১২০। রহিল অন্তরে শেল ব.প ৮৩০। [°পাট—শল্যময় পট্ট, শেল। "কৃ ৩১৭। ম ম ১১৫।]

শে(সে)লু পুং [√শী+লু, অথবা √শিল+উ,-ক (অ টী)] ১ বহুবারক-বৃক্ষ, শ্লেষ্মাতক, চালতা, লোনা, আতা (অ টী)। ২ বহুবারকফল, চালতা। "মনু ৫ ৬। সুশ্রুত ৪ ৩৮.২৯।

শেলেখানা বি [দ্র 'সিলাখানা'] অস্ত্রাগার। "(বিমলা) °নায় প্রহরীকে কহিলেন,···আমাকে দুইটা বর্শা দাও।—ব প্র·৩৮।

শেলেষ বি [সং শ্লেষ > প্রা সিলেস (হে ২ ১০৬)] ১ শ্লেষ, দ্ব্যর্থ (pun)। "শেলেষবচন ভ গ্র ১৫৪। ২ (বাঙলাব) বাক্যভঙ্গিতে উপহাস।

শেলোজ বি [কথ্য] সর্ব 'শালাজ'। °জ মহলে।—হু ৪০।

শেষ বিণ [√শিষ+অ (ঘঞ্‌)-ষ্ম, স্ত্রী -ষা] পরিশেষীকৃত, অবশিষ্ট। "যাঃ শেষা মম মাতবঃ রা ২ ২৬ ৩২। শেষাস্ত্রয় ইবাশ্রমাঃ মহা ১.১.৭৩। শেষাঃ রাত্রয়ঃ মনু ৩ ৪৭। শেষোঽপ্যনুযায়িবর্গঃ রঘু ২ ৪। শেষবিস্তার-পাণ্ডুঃ (স্তনঃ) পূ মে ১৮। শেষান্‌ মাসান্‌ গময় চতুরঃ উ মে ৪৯। —ষ পুং [+অ (অচ্‌)-ক] ১ 'কল্পান্তেও স্থায়ী' (অ টী) ; অনন্ত, নাগরাজ। 'অবশেষ একা থাকে তাই' 'শেষ' নাম।—জা ৪৮। "মুক্তশেষবিরোধ রঘু ১০ ১৩। সহস্র ফণায় ছত্র শিরে ধরে শেষ।—ম ৯। শেষশয়ন-জলে করিল বিশ্রাম চৈ চ ২৪। অশেষশরীরী, শেষ যথা।—মে ২৮৪। [ইনি সহস্রমুখ এবং প্রলয়সলিলে বিষ্ণুর শয্যা। চতুর্দ্দশ ভুবন ইঁহার ফণায়

অবস্থিত। (তু 'সেই বিষ্ণু শেষরূপে ধরেন ধরণী ইত্যাদি চৈ.চ ২৫)। ইনি কদ্রুর সন্তান এবং নাগগণের অধিপতি (তু 'অনন্তশ্চাস্মি নাগানাম্ —গী ১০.২৯) বলরাম ইঁহার অবতার। কাশীদাসী মহাভারতে (১৩ পৃষ্ঠ) 'শেষ' শব্দ 'বাসুকি' অর্থে ব্যবহৃত হইয়াছে।] ২ শেষাবতার বলভদ্র। "মাঘ ২.৬৮। ৩ 'হিংসক', গজ। ৪ সর্প। ৫ [+অ (ঘঞ্) -ভা] হিংসা, বধ। "সিংহঃ পাশবিনির্মুক্তেন নঃশেষং করিষ্যতি মহা ৪. ৪৯.১৮। ৬ পরিশেষীকরণ, সমাপ্তি (end)। বিপ 'মুখ'। "কথা", কৃত্য°। ৭ পরিণাম, ফল। "নাহি সরলতা-লেশ, যেষেতে ভরিল দেশ, কিবা এর শেষ নাহি জানি।—রঙ্গ ৭। —ষ পুং, ক্লী ১ অবশিষ্টাংশ, অবশেষ। "রাত্রি" রা ২.৪৯.১, জল° ৮৭.১৯। ব্রতশেষ মনু ১১.১৫৯। শেষমৃণাৎ যাজ্ঞ ২.১১৯। শেষান্তঃ শরণং যযুঃ রঘু ৪.৬৪; প্রভুশক্ত° ৫. ২২। ঋণ°, অগ্নি°, শত্রু°, ব্যাধি°।—পঞ্চ ৩ ২৩৯। অজ্ঞাতবৎসর-শেষ যদি কিছু থাকে।—ম ১৫৭। জীব-শেষা ব.প ১৪৯৮। ব্যাধি°, শত্রু° শ্রী.মা ১০৯। ২ মৃত্যু, মরণ। "নূনং ত্বিদানীং মম শেষমস্তি গো.রা ৪.২৮.৫। ৩ উপযুক্তেতরবস্তু (অজয়), উদ্বৃত্তাংশ, অতিরিক্তভাগ। ৪ সূত্রাদিতে অনুক্তবিষয়। "(অনুষ্টুব্-লক্ষণে) গুরু ষষ্ঠং তু পাদানাং শেষেষনিয়মো মতঃ (ছন্দোমঞ্জরী। ৫ (ব্যাকরণে) অনুক্তসমাসান্ত প্রাতিপদিক। "শেষাদ্ বিভাষা—পা ৫.৪.১৫৪। ৬ (কারকপ্রকরণে ষষ্ঠীসম্বন্ধে) স্বস্বামিভাবাদিসম্বন্ধ। "ষষ্ঠী শেষে পা ২.৩.৫০। ৭ (টীকায়) বাক্যসমাপনার্থ অধ্যাহার্য্য পদ। "ভবতীতি শেষঃ রঘু ১.৬৯। —ষ ক্লী ১ খাদ্যাবশেষ। "°ভুজ, °ভোজন। ২ নৈবেদ্যশেষ, দেবতাপ্রসাদ। ৩ (বাঙলায়) সীমা, অবধি, চূড়ান্ত। "নবীন নাগর, প্রেমের সাগর, রসিক রসের শেষ ভা চ ৩১৬। স্বপন সম্ভূত যাহে অদ্ভুতের শেষ প.তৃ ১৩। শুওটা-নন্দন-বংশ, ভোগোলের শেষ!—নী ৭০। —ষা স্ত্রী ১ প্রসাদ হেতু নিজনির্মাল্যদাম (বিশ্ব), মাল্যাক্ষতাদিদান (বৈজয়ন্তী), প্রসাদপূর্ব্বক দত্ত মালা (নীলকণ্ঠ); প্রসাদদত্তা মালা (মল্লিনাথ)। "সুমনসঃ শেষাঃ প্রতিগৃহ্য মহা ৩.২৯২.২৯; ৩০। তথেতি শেষামিব ভর্ত্তুরাজ্ঞামাদায় মূর্ধ্না মদনঃ প্রতস্থে কু.স ৩ ২২। ২ অক্ষত। "পুত্রস্তু শেষাশ্চ কৃত্বা শিরসি (চকার রক্ষাং কৌসল্যা) রা ২.২৫.৩৭। [°করণ (ক্লী)—অবশেষকরণ, শেষরক্ষণ। "কেশশেষকরণ। °কারিত (বিণ) —শেষ কর্ত্তব্য কারণীয় (নীলকণ্ঠ)। 'মহা ৪.৫১ ১৬। °দেব (পুং) —অনন্তদেব। °নাগ (পুং)—অনন্ত। °পতি (পুং)—সর্ব্বাধিপতি, সর্ব্বাধ্যক্ষ। °ভাগ (পুং)—অবশিষ্টাংশ। °ভুক্ (-জ্) বিণ—পঞ্চযজ্ঞ-শিষ্টাশী। "গৃহস্থঃ শেষভুগ্ ভবেৎ মনু ৩.১১৭। দক্ষ ২.৫১। °ভূত (বিণ)—প্রসাদদত্তমাল্যস্বরূপ। দ্র 'শেষা (১)। "তস্তাজ্ঞাং শিরসি নিধায় শেষভূতাম্—মু ১০ ৪৭। °ভূষণ (পুং)—বিষ্ণু। °ভোজন (ক্লী) —শেষখাদ্যভক্ষণ। °রাত্রি (স্ত্রী)—অবশিষ্টা রাত্রি, অপররাত্র। °শয়ন, °শায়ী (-য়িন্) পুং—অনন্তশয়ন, বিষ্ণু। "শেষশায়িলীলা চৈ চ ১৫৯। °শায়িচরণে বা.দ ১৪।]

শেষা দ্র 'শেষ'।

শেষান্ন ক্লী [কর্ম্মধা] অবশিষ্টান্ন, খাদ্যশেষ।

শেষাবস্থা স্ত্রী [কর্ম্মধা] জীবনের শেষ দশা, বার্দ্ধক্য।

শেষাহি পুং [কর্ম্মধা] শেষনাগ, অনন্ত।

শেফালী বি [অপ্র] শেফালীবৃক্ষ। "ভা চ ১২৬।

শেহাজা দ্র 'শিয়লি'।

শৈআল বি [সং শৈবাল; অপ্র] শেয়ালা। "ব.প ৫৪০।

শৈক্য বিণ [শিক্য+অ (অণ্); স্ত্রী -ক্যা] ১ (অধঃপতনে ভূমি-বিদারণশঙ্কায়) শিক্যে স্থাপিত (নীলকণ্ঠ)। "শৈক্যায়া...গদয়া মহা ৩. ৫১.১২; ৫.৫১.২৮। ২ শত্রুপরাভবকারী (দ্র নীলকণ্ঠ)। "শৈক্যাং সর্ব্বায়সীং গদাম্ মহা ৩.১৬০.৭১। ৩ শিক্যস্থিত (খাদ্যাদি)। —ক্য ক্লী ১ শিক্যধৃতপাত্র। "মহা ২.৫৩.৯। ২ শিক্যসদৃশ পাশাস্ত্র। "মহা ৫.৪৮.২১।

শৈক্ষ পুং [শিক্ষা+অ (অণ্)] শিক্ষাগ্রন্থাধ্যেতা, শিক্ষাগ্রন্থবেত্তা, শিক্ষক। —ক্ষিক পুং [+ইক (ঠক্)] সর্ব 'শৈক্ষ'। —ক্ষ্য ক্লী [শৈক্ষ +য (ষ্যঞ্)] নৈপুণ্য। "মহা ১.১৮৮.১৯।

শৈক্ষিক, শৈক্ষ্য দ্র 'শৈক্ষ'।

শৈখরিক পুং [শিখর+ইক (ঠক্)] 'শিখরবান্', অপামার্গ, শীষ-আকন্দ।

শৈঘ্র, -ঘ্র্য ক্লী [শীঘ্র+অ, য (অণ্, ষ্যঞ্)] শীঘ্রভাব, ক্ষিপ্রতা। "তয়োঃ শৈঘ্রাদ্ যুধ্যতোঃ গো.রা ৬.৬৯.৩৩। শৈঘ্র্য ভ ৫.২২.৭।

শৈঘ্র্য দ্র 'শৈঘ্র'।

শৈত্য ক্লী [শীত+য (ষ্যঞ্)] শীতভাব, শীতলতা। "গো.রা ৩.২২.২৪। শৈত্যং হি যৎ সা প্রকৃতিজ্জলস্য রঘু ৫.৫৪। কু.স ১.৩৬। শৈত্য ও সৌগন্ধ মান্দ্য ত্রিবিধ পবন বি.সু ২০।

শৈত্যক বি [সং শৈত্য] শীতক্রিয়া, ঠাণ্ডা। "পূর্ব্ব বায়ু বল এবে করিল ইঁহারে। করহ শৈত্যক...।—ন.প ১৬৮।

শৈথিল্য ক্লী [শিথিল+য (ষ্যঞ্)] ১ শিথিলভাব, শ্লথভাব, শ্লথতা। "ত্বক্°, সন্ধি°, সিরা°। বয়সা জরয়া জীর্ণঃ শৈথিল্যমুপযাস্যসি রা ৭. ৫৮.২৩। ২ অনুদ্যম, উদ্যোগাভাব। "হৃদয়শৈথিল্য ভ ৫.৭.১২। ৩ ভ্রংশ। "স্মৃতি° শ ৭৩৩।৪ নির্ব্বলত্ব। "বিভক্তপুত্রবান্ধৌঘা ক্ষিতিঃ শৈথিল্য-মেষ্যতি।—হ ৫৪.৫৪। ৫ লাঘব, হ্রাস। "দুঃখ°, প্রশ্রয়°, ভার°। ৬ মান্দ্য, অল্পতা। "সৌহৃদশৈথিল্যচিত্ত ভ ১০.৮৪.৬৫। ৭ অপ্রত্যয়। "প্রাপ্তি° মহা ১৩.১২৪.২৭। ৮ মন্দাদর। "আহারদান°।—হি (S.W.)।

শৈনেয় পুং [শিনি+এয় (ঢক্)] ১ শিনির পৌত্র, সাত্যকি। "মহা ১৬.৩.৩৩। ভ ১.৮.৭। ২ (বহুব) শিনিপৌত্রাদি।

শৈন্য বিং [সং শূন্য, দ্র 'ঐ' ; অপ্র] শূন্য, একাকী। "আসিতে লেঙ্গটা রাজা যাইতে যাব শৈন্য ম.গা ৬। —ন্য বি আকাশ। তু 'শঙ্খ'। "শৈন্যে থাকিয়া গুরু আজ্ঞাকে দেখিল ম.গা ১২,-৪।

শৈব বিণ [শিব+অ (অণ্); স্ত্রী -বী] ১ শিবসম্বন্ধী। "আয়তনং শৈবম্ ক.সা ৪০.৮৯। ২ শিবদেবতাক। "শৈবং ধনুঃ রা ১.৬৬.১৮। ৩ শিব হইতে আগত; শিবকথিত। "°পুরাণ। —ব পুং ১ শিবভক্ত, শিবোপাসক। "যং শৈবাঃ সমুপাসতে শিব ইতি ব্রহ্মেতি বেদান্তিনঃ। ২ শিবভক্তসম্প্রদায়বিশেষ। ৩ (তন্ত্রে) শক্তিপূজার আচারবিশেষ (শ.ক)। ৪ ধুস্তুর। —ব ক্লী ১ শিবপ্রভাববর্ণনাত্মক ব্যাসকৃত মহাপুরাণভেদ। ২ শৈবাল। [°পুরাণ (ক্লী)—শিবপুরাণ।]

শৈবল পুং, ক্লী [শেবল+অ (অণ্) স্বার্থে] শৈবাল। "ত্রিপথগাম্ ...অশৈবলাম্ রা ২.৫০.১২। মহা ১৮.১.১৭। শ ১.১৮। সশৈবলসজম্ (পঙ্কজম্) কু.স ৫.৯। °দল।—মে ২০৩। —বল ক্লী পদ্মকাষ্ঠ। —বলিত বিণ [°ল+ইত (ইতচ্)] সঞ্জাতশৈবল, শৈবালাবৃত। —বলিনী স্ত্রী [°ল+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'শৈবলবতী', নদী। "সুর° বা.দ ৬৯।

শৈবলিত, শৈবলিনী দ্র 'শৈবল'।

শৈবাল ক্লী [শেবাল+অ (অণ্) স্বার্থে] জলনীলী, শেয়ালা। "প্রকীর্ণ-কেশশৈবালঃ (শোকসাগরঃ) রা ২.৫৯.২৯। আমু যেন শৈবালের নীর। —হেম ২৪৭। [°লোল (বিণ)—শৈবালপ্রিয়। "রঘু ১৬.৬১।]

শৈব্য পুং [শিবি+য (ষ্যঞ্)] ১ শিবির গোত্রাপত্য রাজবিশেষ। "গী ১.৫। ২ কৃষ্ণের অশ্ববিশেষ। দ্র 'বলাহক (৫)। "মহা ২.২.১৫। শি ৪৭। —ব্যা স্ত্রী ১ প্রতীপরাজপত্নী। ২ সগররাজপত্নী। "মহা ৩. ১০৭.৩৯। ৩ হরিশ্চন্দ্রপত্নী। "কৃ ৯।

শৈব্যা দ্র 'শৈব্য'।

শৈল বিণ [শিলা+অ (অণ্) ; স্ত্রী -লী] ১ শিলাবিকার, পাষাণময়, শিলাবয়ব। "শৈলঃ...ভূধর।—হ ৮৩.১৯। শৈলী (প্রতিমা) ভ ১১. ২৭.১২। ২ শিলাপ্রতিমারূপ। "দশবর্ষসহস্রাণি শৈলী স্থাস্যসি দুর্ভগে (রম্ভে) রা ১.৬৪.১২। —ল পুং [+অ অস্ত্যর্থে (অ.টী), দ্র 'পা ৫. ২.১০৩] ১ 'শিলাবান্', পর্ব্বত, শিলোচ্চয়। "রা ২.২৫.৭। শৈলে শৈলে ন মাণিক্যম্।—চাণক্য। ২ বৃহৎ পাষাণ (A.)। ৩ (সাদৃশ্যে) সেতু (dike)। ৪ কুলপর্ব্বতসংখ্যানুসারে সাত (৭) সংখ্যা। —ল ক্লী 'শিলাজাত', শিলাজতু, তার্ক্ষ্যশৈল, শৈলেয়। "বৃহৎসংহিতা ৭৭.১১। [°কটক (পুং)—গিরিনিতম্ব, পর্ব্বতমধ্যভাগ। °কন্যা, °তনয়া, °দুহিতা (-তৃ) (স্ত্রী)—পার্ব্বতী, উমা। "°য়া ক.সা ১৬২ ; °তা ৭.১৩৩। °কুঞ্জ (পুং, ক্লী)—গিরিগহন। "ভট্টি ২.৯। °গন্ধ (পুং) —শাবরচন্দন। °গুরু (বিণ)—পর্ব্বতবৎ দুর্ভর। "রঘু ১১.২৮। (পুং) —পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয। "কু.স ৭ ৭৬। °ধর (পুং)—'গোবর্দ্ধনধারী', কৃষ্ণ। °নির্য্যাস (ক্লী)—শিলাজতু। °পতি (পুং)—গিরিরাজ, হিমালয়। °পুত্রী (স্ত্রী)—পার্ব্বতী। "গো.রা ৩ ২২ ৩৯। °পুষ্প (ক্লী) —শিলাজতু (সুশ্রুত)। °প্রস্থ (পুং, ক্লী)—পর্ব্বতের সমতলস্থান ; প্রস্থ, সানু। "রা ২ ৯৪ ১১। °বর (পুং)—'গিরিশ্রেষ্ঠ', হিমালয়। "গো.রা ১.৩৭.২১। °রন্ধ্র (ক্লী)—গুহা, কন্দর। °শিখর (ক্লী), °শিখা (স্ত্রী), °শৃঙ্গ (ক্লী)—গিরিকূট। "°র।—হি ২৮/৮। °সম্ভব, °সম্ভূত (ক্লী)—শিলাজতু। °সার (বিণ)—শৈলবলতুল্য বলবান্ বা সুদৃঢ়। "রঘু ১১.৪৫। কি ১০.১৪। °সুতা (স্ত্রী)—পার্ব্বতী, উমা। "কু.স ৩.৬৮। °সুতা-কান্ত, °সুতাপতি (পুং)—শিব। "°কান্ত ক.সা ১২২.১০৯। °পতি—বৃহৎসংহিতা ৮.২৪। °সুতাসুত (পু)—গৌরী-সুত, গণেশ। "শ্রী.মা ৪।]

শৈলজ বিণ [শৈল+ √জন্+অ (ড)-ক , উ.ত] গিরিজাত। "শৈলজৈঃ (হবিভিঃ) গো বা ৪.৩৯ ১২। —জ ক্লী ১ শিলাজতু। ২ শিলারস। —জা স্ত্রী ১ পার্ব্বতী, দুর্গা। "জ্ঞা ১৫২। ২ গজপিপ্পলী।

শৈলজা দ্র 'শৈলজ'।

শৈলময় বিণ [শৈল+ময (ময়ট্) , স্ত্রী -য়ী] 'বৃহৎপাষাণময়', শিলা-প্রতিমারূপ। "রম্ভাং শৈলময়ীং কৃত্বা গো.রা ১.৬৬.১৭,-৮। যক্ষঃ শৈলময়াকৃতিঃ ক.সা ১৮.৪১।

শৈলরাট্ (-জ্), -রাজ পুং [ষ.ত] পর্ব্বতাধিপতি, হিমালয়। "°রাট্ গো.রা ৫.৪০.৮ ; °জ ১.৩৭ ২২। কু.স ৭.৬৮। [°রাজদুহিতা (-তৃ) স্ত্রী—পার্ব্বতী। °রাজসুতা (স্ত্রী)—১ পার্ব্বতী। "রা ৭.৮৭ ১১। ২ গঙ্গা। "রা ১.৪৩.৩।

শৈলাগ্র ক্লী [ষ.ত] শিখর, শৃঙ্গ।

শৈলাদি পুং [শিলাদ+ই (ইঞ্)] শিলাদপুত্র, নন্দী। (বামন-পুরাণ)।

শৈলাধিপ, -ধিরাজ পুং [ষ ত] 'গিরিরাজ', হিমালয়। [শৈলাধি-রাজতনয়া (স্ত্রী)—পার্ব্বতী। "কু.স ৫.৮৫।]

শৈলাধিরাজ দ্র 'শৈলাধিপ'।

শৈলালী (-লিন্) পুং [শিলালি+ইন্ (ণিনি)-১ব] শিলালি-প্রোক্তনটসূত্রাধ্যেতা, নট। "পা ৪.৩.১১০।

শৈলী স্ত্রী [শীল+অ (অণ্) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ শীল, স্বভাব। "প্রায়েণাচার্য্যাণামিয়ং শৈলী যৎ স্বাভিপ্রায়মপি পরোপদেশমিব বর্ণয়ন্তি। —মনু ১.৪, কুল্লুক। ২ প্রজ্ঞপ্তি (শ.ক), সঙ্কেতভেদ (ত্রিকাণ্ডশেষ)। "আচার্য্যাণামিয়ং শৈলী যৎ সামান্যেনাভিধায় বিশেষেণ বিবৃণোতি। —দুর্গাদাস।

শৈলূষ পুং [শিলূষ+অ (অণ্) ; 'শৈলূষ' (৪)—মূল (?)] ১ শিলূষের অপত্য ; নট, জায়াজীব। "শুক্লযজুর্ব্বেদ ৩০.৬। শৈলূষ ইব মাং রাম পরেভ্যো দাতুমিচ্ছসি রা ২.৩০.৮। মনু ৪.২১৪। মাঘ ১.৬৯। শৈলূষাপসদ!—বে ১/৮। ২ তালধারক, গায়কগণের নেতা। ৩ ধূর্ত্ত। ৪ গন্ধর্ব্ববিশেষ। "রা ৭ ১২ ২৪। মহা ২.১০ ২৬। —ষী স্ত্রী [°ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] নটী। "গো.রা ৬.১০১ ৫। মহা ৪.১৬.৪৩।

শৈলূষিক পুং [শৈলূষ+ইক (ঠক্)] শৈলূষান্বেষী, বৃত্ত্যান্বেষ্টা নট (ব্রহ্মপুরাণ)। —ষিকী স্ত্রী ১ নটবৃত্ত্যান্বেষিণী শৈলূষিকপত্নী ; নটী-বিশেষ। "সংবর্ত্ত ১৫১। ২ শৈলূষিকজাতি-স্ত্রী।

শৈলূষিকী ; শৈলূষী দ্র শৈলূষিক ; শৈলূষ'।

শৈলেন্দ্র পুং [উপ স] শৈলশ্রেষ্ঠ, হিমালয়। "°শৃঙ্গ (চণ্ডী)।

শৈলেয় বিণ [শিলা+এয় (ঢক্), স্ত্রী -য়ী] ১ শিলাজাতমাত্র। ২ [+এয় (ঢঞ্), পা ৫ ৩.১০২; কাশিকা] শিলাসদৃশ, সুদৃঢ়। —য় পুং ১ সিংহ। ২ ভ্রমর। —য় ক্লী ১ গন্ধদ্রব্যবিশেষ, শিলাজতু। "°গন্ধিন্ রঘু ৬.৫১। °নদ্ধেষু শিলাতলেষু কু স ১.৫৫। ২ তালপর্ণী। ৩ সৈন্ধব। —য়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] পার্ব্বতী। [°নদ্ধ (বিণ)—শৈলেষব্যাপ্ত।]

শৈলেশ পুং [ষ.ত] 'গিরীশ', হিমালয। "°সুতা।—মে ৫৯।

শৈশব ক্লী [শিশু+অ (অণ্)] শিশুভাব, শিশুত্ব, বাল্য, ষোড়শ বর্ষপর্য্যন্ত বাল্য (কুল্লুক)। "অতীত° মনু ৮.২৭। শৈশবেঽভ্যস্তবিদ্যানাম্ (রঘূণাম্) রঘু ১.৮। বাল্য শৈশব তারুণ ভেট বি.প ৩৬।

শৈশির বিণ [শিশির+অ (অণ্) ; স্ত্রী -রী] ১ শিশিরসম্বন্ধী। "তপশ্চ তপস্যশ্চ শৈশিরাবৃতু।—শুক্লযজুর্ব্বেদ ১৫.৫৭। শৈশিরীষু ত্রিযামাসু।—হ ১০৩ ২৯। কালঃ শৈশিরঃ রা ৭.৪২.২৬। ২ শিশিরজাত (ত.বা)।—র পুং শ্যামচটকপক্ষী।

শৈশুমার ক্লী [শিশুমার+অ (অণ্)] শিশুমারাকৃতি জ্যোতিশ্চক্র। "প্রযাতি চক্রং নৃপ শৈশুমারম্ ভ ২.২.২৪।

শৈশ্ন্য পুং [শিশ্ন+য (ষ্যঞ্)] 'শিশ্নসম্বন্ধী', গুহ্যোপভোগ (শ্রীধর)। "জৈহ্ব্যশৈশ্ন্যান্ (অতিতীর্ষ্য) ভ ১১.৪.১১।

শৈষ্যোপাধ্যায়িকা স্ত্রী [শিষ্যোপাধ্যায়+অক (বুঞ্)+স্ত্রী আ (টাপ্)] শিষ্যোপাধ্যায়ভাব, গুরুশিষ্যভাব। "পা ৫.১.১৩৩।

শো[১] সক [দি, প—স্তুতি ; অনিট্) তনূকরণ, অল্পীকরণ। "স্তুতি শত্রুং শূরঃ (ক ক)। [নি—নিশান, তেজন। "মাঘ ১.৪৫।]

শো[২] অর্ম্ম [শু >শো] শয়ন করা, ঘুমান। "পাশ ফিরে শোয় বীর অঙ্গ মোড়া দিয়া।—কৃ ২৭৬। শোয়ত রোয়ত।—ব ১৮৩। [শোয়া —১ দ্র 'শু'। ২ নিদ্রার্থ শয়ন। ৩ শয্যাতলগ্রহণ (lying down)। বিপ 'বসা'। ৪ স্ত্রীসহবাস। তু 'শয়ন করিয়া বলে কি দিবি ব্যভার ভাঁচ ৪০৯। শোয়া বসা—১ শয়ন ও উপবেশন। ২ সহবাসাদি।]

শোঁ বি [ধ্বন্যাত্মক] শরাদির দ্রুতগতিজন্য বায়ুব প্রতিঘাতশব্দ। চারিদিকে শোঁ শোঁ করে শিলীমুখ স্ব.প্র ১৭৫ , ১৮১।

শোঁকা[১] সর্ম্ম [শুঁক+আ[৮]] আঘ্রাণ করান। "(ফুল) যদি শোঁকাইতে পার বি.পা ২৯১। [শোঁকান—সর্থ 'শোঁকা[২]।]

শোঁকা[২], শোঁকান দ্র 'শুঁক, শোঁকা[২]।

শোঁট বি [হি চোটা] গুড়ে চাপ দিয়া নিঃসারিত পাতলা গুড়, শোঁট-গুড় (এই গুড়ে তামাক মাখা হয়)।

শোঁ(সোঁ)টা, সোটা বি [সং শুণ্ড , ঠ সোংড ; হি সোংটা ; মৈ সোটা] (শুণ্ডসদৃশ) দণ্ড, লাঠী। "আমার হস্তের এই সোঁটা না পাইলা। সোঁটায়ে আমার সাধুমধ্যে না গণিলা॥—ভ.প্র ৩২৫। শিবের সাক্ষাতে চল সে মারিবে সোটা শি ৮১।

শোঁঠ দ্র শুঁঠ[১]।

শোঁড়া, -ড়িয়া বিং [শুঁটা > °ড়া, -ড়িয়া] শুষ্ক, জলশূন্য ও ধূনা।

"শোঁড়া নারকেল। [জীবন শৌঁড়িয়া—জলশূন্ত (শোঁড়া (?)। "উনশত নারিকেল পরে জীবন শৌঁড়িয়া ম.পা ২৩।]

শৌঁড়িয়া দ্র 'শোঁড়া'।

শৌঁথ বি [কথ্য] সর্থ 'শোথ'।

শোঁদা সর্ম্ম [সং √শোধি; হি √সোধ] কাচার আগে কাপড়ের তেলময়লাশোধনার্থ গো-চোনা ভেড়ার নাদী ইত্যাদি মাখান, শোঁদান (ধোবার ভাষা)। [শোঁদা ঝাড়া—কাপড় শোঁদাইয়া কাচা।]

শোঁরণ বি [সং স্মরণ, অপ্র] স্মরণ। "ম.পা ২৪।

শোঁল বি [শলা > °ল, সং শৌল, হি সইল (শল্য)] গাড়ীর বা লাঙ্গলের জোয়ালের প্রান্তলগ্ন কীলক।

শোক পুং [শুচ্+অ (ঘঞ্)-ভা; 'শোক'—চিত্তপীড়া; তাপ (সায়ণ)। "ঋগ্বেদ ১.১২৬ ৭, ২.৩৮.৫] ১ চিত্তবিকারভেদ; ইষ্ট-বিয়োগানুচিন্তন (নাগোজীভট্ট)। ২ মিত্রাদিবিয়োগজনিতা মনঃপীড়া (ভাবপ্রকাশ), মন্যু, খেদ। "তস্যাদর্শনজঃ শোকঃ রা ২.৬৪.৬৭। [°কর, °কৃৎ (বিণ)—শোকজনক। °কর্ষিত (বিণ)—শোকপীড়িত। "রা ২.৩৮.১৫। °চ্ছিৎ (-দ্)—শোকনাশক। °দহন (বি)—শোকানল। "সী ২৩। °নাশন (বিণ)—শোকহারক। °নিহত, °পরিপ্লুত, °পরীত, °বিকল (বিণ)—শোকাভিভূত, শোকমূর্চ্ছিত। °বিবর্দ্ধন (বিণ)—শোকবর্দ্ধক। "মহা ৩.৬৪.২৮। °বিহ্বল (বিণ)—শোককাতর। °বেগ (পুং)—শোকজব, শোকপ্রাবল্য। "°বেগসমাহত রা ২.৪৪.১৬। °ভার (পুং)—শোকগৌরব, শোকাধিক্য। °মূর্চ্ছিত (বিণ)—শোকাভিভূত, শোকোপহত। °যুক্ত (বিণ)—শোকান্বিত। °রুগ্ণ (বিণ)—শোকপীড়িত। °লালস (বিণ)—শোকাসক্ত। "রা ২.২১.২০। °শল্য (ক্লী)—১ শোকরূপ শল্য। ২ শোকজন্য শরীবা-বাধকর পীড়াভেদ। "সুশ্রুত ১.২৭.৩। °সংবিগ্ন (বিণ)—শোকাকুল। "°সংবিগ্নমানসঃ গী ১.৪৬। °সন্তপ্ত (বিণ)—শোকদগ্ধ, শোকপীড়িত। "রা ১.১.৫৪। °সাগর (পুং)—শোকার্ণব, বিপুলশোক। "রা ২.৫৯.৩১। °স্থান (ক্লী)—শোকপদ, শোককারণ। "হি ১.২। শোকস্থান সহস্র শতেক ভয়স্থান।—ম ৩৭৯।]

শোকশাল বি [সং °শল্য] তীব্রপীড়াকর শোক। "কাণ্ডার বাঙ্গাল যত, সকলি হইল হত, রহিল হৃদয়ে °ল ক.চ ২৯৪।

শোকাকুল বিণ [সুপ্সুপা] শোক হেতু আকুল, শোকবিহ্বল। —কুলি বিং [°লিত > °লি] শোকাকুল। "অ.প ১১১।

শোকাগ্নি, -কানল পুং [কর্ম্মধা] শোকরূপ বহ্নি, তীব্রতাপ শোক। "দুঃসহ শোকানলে নিরন্তর জ্বলিত সী ৫৪।

শোকানল দ্র 'শোকাগ্নি'।

শোকানুশোক পুং [দ্বন্দ্ব] শোকের উপর শোক, শোকপরম্পরা।

শোকান্বিত বিণ [তৃ.ত] শোকযুক্ত, শোকাক্রান্ত।

শোকাপনুদ বিণ [শোক+অপ- √নুদ্+অ (ক)-ক, উ.ত; স্ত্রী -দা] সুখের আহর্ত্তা, সুখকর। "°দঃ পুত্রো জাতঃ পা ৩.২.৫, কাশিকা। —নোদ বিণ [+অ (অণ্)-ক, স্ত্রী -দী] 'সংসার অসার' এই উপদেশে যিনি শোকাপনোদন করেন (সি)।

শোকাপহ বিণ [শোক+অপ- √হন্+অ (ড)-ক; উ.ত, স্ত্রী -হা] শোকের অপহন্তা, শোকনাশন।

শোকাবিষ্ট বিণ [তৃ.ত] শোকাধিগত, শোকপীড়িত।

শোকাবেগ বি [ষ.ত] শোকের প্রবলবেগ; শোকের প্রচণ্ডতা বা তীব্রতা। "সী ২০; ৪৫।

শোকাবেশ পুং [ষ.ত] শোকের আক্রমণ, শোকাভিভব।

শোকাভিভূত বিণ [তৃ.ত] শোকাক্রান্ত, শোকবিহ্বল।

শোকার্ত্ত বিণ [শোক+ঋত; তৃ.ত] শোক কর্ত্তৃক ঋত বা প্রাপ্ত; শোকাক্রান্ত, শোকপরীত। "পুত্রশোকার্ত্তা রা ২.২৪.৩২। —র্ত্তি স্ত্রী [উ.লো] শোকজন্য মনঃপীড়া; শোকরুজা।

শোকিনী বিং [শোকিন্+স্ত্রী ঈ (ঙীপ্); অপ্র] শোকযুক্তা, শোকাকুলা। "শোকিনী গোপিনীদল।—মা ১৩৭।

শোকী (কিন্) বিং [শোক+ইন্ (ইনি)-১ব] শোকযুক্ত। "মিত্র-শোকে শোকী সৌমিত্রিকেশরী, কহিলা।—মে ২১০।

শোকিল বিং [শোক+ইল, তু 'পঙ্কিল'; অনুপ্রাসে; অপ্র] শোক-জনক। "কুঞ্জ কুঞ্জর ভেল কোকিল শোকিল।—গো ২৫৩।

শোকোপহত বিণ [তৃ.ত] শোকাক্রান্ত, শোকাভিভূত। "ভৈমী শোকোপহতচেতনা মহা ৩.৫৯.১৪।

শোগ বি [সং শোক, হি সোগ, কথ্য] শোক। "গো.চ ২৬৪।

শোচ বি [সং শোচ—'অশোচ' (S.W.); হি, মৈ সোচ] শোক। "শোচ নাহি করে জ্ঞানী।—ম ৩৭১, ৯৯১। ভ গ্র ৪১৮। ম.পা ১১০। [°মোচনা (বিং)—শোকনাশিনী। "হে গিরিপুত্রী, বিবিধ শোচ-মোচনা।—দু ৯৫। শোচিবার—শোক করিবার। "অ.প ৮০।]

শোচক বিণ [√শুচ্+অক (ণ্বুল্)-ক] শোককারক। —চন বিণ [+অন (যুচ্)-ক, স্ত্রী -না] শোকশীল। "পা ৩.২.১৫০। —চন ক্লী [+অন (ল্যুট্)-ভা] শোক। "গতস্য শোচনং নাস্তি (সু র)। কি দুঃখ শোচন যার যুধিষ্ঠির পতি।—ম ৫৯৯, ৮১৬। মুক্ত কর সব তুচ্ছ শোচন।—রবীন্দ্র। —চনা বি শোক। "গতস্য শোচনা ('শোচনম্' সাধু) নাস্তি। হরণ কর মন-শোচনা।—দু ৬৫। —চনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] শোকার্হ, শোচ্য। "বন্ধুজনশোচনীয়া শ ৩২৪। —চিতব্য বিণ [+তব্য -র্ম্ম] শোকার্হ।" নৈবাহং শোচিতব্যস্তে গো.বা ২ ৪৯.২৮। —চ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম, কৃত্যভাব] ১ অবশ্যশোচনীয। "রা ২.৪৪ ৪। শোচ্যা গান্ধারী পুত্রপৌত্রৈর্বিহীনা মহা ১.১.২১৬। গী ২.১১। শ ৩৬। সেই পাপী শোচ্য সভাকার চৈ.ভা ৪১৮। ২ অনুকম্পনীয় (ত বা)। ৩ অবর, ক্ষুদ্র, নীচ।

শোচন, শোচনা, শোচনীয়, শোচিতব্য দ্র 'শোচক'।

শোচিঃ (-চিস্) ক্লী [√শুচ্+ইস্ (ইসি)-ণ, উ ২.১০৭] ১ 'দীপ্তি-সাধন', জ্যোতিঃ, দীপ্তি, প্রভা, আতপ। "ঋগ্বেদ ৫.৬.৫। বিমান° ভ ৩ ১৫ ২৬। ২ দীপ্তি, শোভা। "ঈষৎস্মিতরোচিষা গিরা ভ ২.৯.১৮। ৩ জ্বালা, শিখা। "শোচিষ্কেশ।

শোচিষ্কেশ পুং [বহুব্রী, '°শ'—দীপ্তিরূপকেশোপেত (সায়ণ)। "ঋগ্বেদ ১.৪৫.৬)] যাহার জ্বালা কেশ; অগ্নি (অ.কো)।

শোচ্য দ্র 'শোচক'। [°শোচ্য (বিণ)—শোচ্যগণের শোচনীয়; অতিশোচনীয়। "ভ ৩.৫.১৩।]

শোণ্ অক [ভ্বা, প—শোণতি; সেট্] বর্ণ, রক্তবর্ণীভাব। "শোণতি সূর্য্যঃ সন্ধ্যায়াম্ (ক.ক)। —ণ্ সক [পূর্ব্ববৎ] গতি।

শোণ[১] বিণ [শোণ্+অ (অচ্)-ক; স্ত্রী -ণা, -ণী] রক্তবর্ণ (সায়ণ), লোহিত। "ঋগ্বেদ ১.৬.২। ঋষ্যকান্...শোণান্ গো.রা ৫ ১২.৩৫। ভূর্জ্জত্বচঃ কুঞ্জরবিন্দুশোণাঃ কু.স ১.৭। কুচকুঙ্কুমশোণহার ভ ১০.৩০.৮। শোণিতশোণপাণিঃ (ভীমঃ)।—বে ১.২১। নেত্র দুটী শোণ।—ম ১২৯, টীকা। °কুসুম জ.প ১। বা.দ ৩৬। —ণ পুং ১ শোণগুণ, রক্ত-বর্ণ। "অধরশোণশোণিমন্ ভ ১.১১.২। ২ অগ্নি। ৩ লোহিতাশ্ব। ৪ রক্তেক্ষু, কাজলা আখ (?)। ৫ সমুদ্রবিশেষ। ৬ শোণনদ। "রা ১.৩৫.৪। রঘু ৭.৩৬। [এই নদ নাগপুরের গোন্ডবন পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া পাটলিপুত্রের (পাটনার) নিকটে গঙ্গায় মিলিত হইয়াছে।] ৭ শোণাকবৃক্ষ। ৮ মঙ্গলগ্রহ। —ণ ক্লী ১ সিন্দুর। ২ রুধির। —ণা স্ত্রী শোণনদ। রা ১.৩৫.১। —ণী স্ত্রী রক্তোৎপলবর্ণা স্ত্রী। [°ঝিণ্টি

(স্ত্রী)—কুরুবক ; কণ্টকিনী। °পত্র (পুং)—রক্তপুনর্নবা। °পদ্ম, °পল্লব, °সরোজ (ক্লী)—কোকনদ। °পুষ্পক (পুং)—কোবিদারবৃক্ষ। °রত্ন (ক্লী)—পদ্মরাগমণি। °হয় (পুং)—'রক্তাশ্ব', দ্রোণ। "মহা ৭. ১৫.১৯।]

শোণ² '-ণ্' বি [সং শণ] ১ শণ গাছ। "শোণের শুঁটি শি ২৬। ২ শণের আঁশ। "পাটশোণ বদলে, ধবল চামর (পাব) ক.চ ২২৩। শোণের নুড়ী চুল ব.দ্বি ৪০৫। [°নুটি—শণের আঁশের নুড়ি। দ্র 'নুটি'।]

শোণ(না)ক, শ্যো(স্যো)নাক পুং শণ (অ.টী)।

শোণা দ্র 'শোণ¹'।

শোণাধর বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] রক্তোষ্ঠ।

শোণাশ্মা(-শ্মন্) পুং [কর্ম্মধা] শোণশিলা, পদ্মরাগ।

শোণাশ্ব পুং [বহুব্রী] যাহার অশ্ব লোহিত ; দ্রোণ। "মহা ৪.৫৮.১। [°বাহ (পুং)—'রক্তাশ্ববাহন', দ্রোণ। "মহা ৪.৫৪.১৮।]

শোণিত বিণ [শোণ+ইত (ইতচ্)] সঞ্জাতশোণ, লোহিত। —ত পুং রক্তবর্ণ (ত.বা)। —ত ক্লী ১ রক্ত, রুধির। "মনু ৪ ১৬৮। °পারণা রঘু ২.৩৯। পীতশোণিতা খড়্গলতা ক.সা ৫০.৫। ২ কুঙ্কুম। [°চন্দন (ক্লী)—রক্তচন্দন। °দিগ্ধ, °পরীত (বিণ)—রক্তসিক্ত, রক্তম্রক্ষিত। "শোণিতপরিতাঙ্গ রা ১.২.১১ ; °দিগ্ধাঙ্গ ২.৬৩ ৩৭। °প (বিণ) —রক্তপায়ী। °পারণা (স্ত্রী)—শোণিতে ব্রতান্তভোজন। °পিত্ত (ক্লী)—রক্তপিত্ত (সুশ্রুত)। °পুর (ক্লী)—শোণিতনামক বাণরাজপুর। "ভ ১০.৬২.২১। °বর্দ্ধন (বিণ)—রক্তবর্দ্ধক। °বর্ষী (-র্ষিন্) বিণ—রক্তবৃষ্টিকারী। °মেহী (-হিন্) বিণ—রক্তমেহরোগী (সুশ্রুত)। °স্রাব (পুং)—রক্তক্ষরণ, রক্তপাত।]

শোণিতাভিষ্যন্দ পুং [ষ.ত] শোণিতক্ষরণ।

শোণিতার্ব্বুদ ক্লী [কর্ম্মধা] রক্তার্ব্বুদ, লাল আব। "সুশ্রুত ২ ১৪.২।

শোণিতার্শঃ(-র্শস্) ক্লী রক্তস্রাবী অর্শোরোগ (সুশ্রুত)।

শোণিতোক্ষিত বিণ ['ত+উক্ষিত, তৃ.ত] রুধিরার্দ্র, রক্তসিক্ত। "রা ২.৯৬.২৯।

শোণিতোৎপল ক্লী [কর্ম্মধা] রক্তকমল, কোকনদ।

শোণিতোৎপাদক পুং [ষ.ত] রক্তপাতকারক, প্রহর্ত্তা। "মনু ৪. ১৬৮।

শোণিতোপল, -ণোপল পুং [কর্ম্মধা] পদ্মরাগ।

শোণিমা(-মন্) পুং [শোণ+ইমন্ (ইমনিচ্)-১ব] শোণভাব, রক্তিমা। "নৈ ২২.৫৩। মাঘ ১৮.৩৬। ভ ১.১১.২। অধর° গী.গো ১২.১৪। চরণশোণিমা চ.কা ২০৩।

শোণোপল দ্র 'শোণিতোৎপল'।

শোতা সর্ম্ম [শুতা >শোতা] শয়ন করান। "উত্তর দক্ষিণে রাজাক নিল শোতাইয়া ব.প ৪২।

শোথ, -থক পুং [√শু গতি+থ (থন্)-ভা, উ ২.৪, তু 'শ্বয়থু'] স্ফীতি, রোগবিশেষ। [°কৃৎ, °হৃৎ (বিণ)—শোথনাশক ; (পুং) —ভল্লাতক। °ঘ্নী (স্ত্রী)—'শোথনাশিকা', পুনর্নবা; তালপর্ণী। °জিৎ (পুং)—১ ভল্লাতকবৃক্ষ। ২ সর্থ 'শোথঘ্নী'।]

শোধ¹ পুং [√শুধ্+অ (ঘঞ্)-ভা] ১ শুদ্ধি। ২ [√শোধি+অ (অচ্)-ভা] শোধন, মার্জ্জন, শুদ্ধি। ৩ ভ্রমশূন্যীকরণ, ভ্রমসংশোধন। "°পত্র। ৪ ঋণশোধন, ঋণচ্ছেদ। ৫ প্রতিশোধ নির্য্যাতন। "শাখারী হইয়া সব শোধ কৈনু তা।—শি ১০৮। প্রতিবাসীরা একটা বড় রকম শোধ লইল ব.প্র ৩৪১। —ধক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ মার্জ্জক, পরিষ্কারক। ২ পূতীকারক, পাবন। ৩ ভ্রমসংশোধক। ৪ বিরেচক। —ধক পুং ১ পাবন। ২ ধাতুনির্দ্দোষীকারক। "বেধক° গো.রা ২.৯০. ২৭। ৩ (গণিতে) যে রাশি বিয়োগ করা যায় ; ঋণ (subtrahend)। —ধন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ শুদ্ধিকারক, মার্জ্জক। ২ বিরোপক, উপশমকারক। "ব্রণ° (ভাবপ্রকাশ—শ.ক)। ৩ শুদ্ধিকারক, পাবন। "ব্রহ্মকূর্চ্চস্তু শোধনঃ (শ.ক)। মনু ১১.১২৬। —ধন পুং নিম্বুক, লেবুগাছ। —ধন ক্লী [+অন-ভা] ১ মার্জ্জন, মলাপনয়ন। "মার্জ্জনী লঞা করিল শোধন চৈ.চ ১৪৭,-৮। ২ ব্রণাদি-পরিষ্করণ, ক্ষতপ্রক্ষালন। ৩ দোষনিরাকরণ। "(শপথং করোতু মৈথিলী) শোধনার্থম্ রা ৭.৯৫.৬। ৪ নিরসন, উদ্ধরণ, শাসন। "কণ্টকানাঞ্চ শোধনম্ মনু ১.১১৫, ৯.২৫৩। ৫ ভ্রমসংশোধন, শুদ্ধীকরণ। ৬ পাপক্ষালন। ৭ নির্য্যাতন, প্রতিক্রিয়া, বৈরশুদ্ধি। ৮ ঋণশোধ, ঋণচ্ছেদ। "সব ঋণ করহ শোধন।—ম ১০৫৪। শি ৬৮। ৯ বেতনাদি-দান। ১০ ধাতুনির্দ্দোষীকরণ। "এবং হেম্নঃ পরেষাঞ্চ ধাতূনাং শোধনং ভবেৎ (শ.ক)। ১১ বিহিতাবিহিতমাসাদিবিচারণ। "মাসতিথি-বারাদি° (শ.ক)। ১২ লিখিতপত্রাদি-প্রমাণীকরণ। "লেখ্যশোধন (শ.ক)। ১৩ বিরুদ্ধলিখিতশুদ্ধীকরণ। ১৪ (গণিতে) অঙ্কহরণ (লীলাবতী), ব্যবকলন। ১৫ [+অন-ক] 'নিঃসরণে কোষ্ঠশুদ্ধি-কর ; বিষ্ঠা। ১৬ কাসীস, হিরাকস। ১৭ কঙ্কুষ্ঠ, মৃত্তিকাবিশেষ। ১৮ [+অন-ণ] প্রায়শ্চিত্ত। "মনু ১১.১৬১। ১৯ [√শুধ্+অন -ভা] শুদ্ধি, শৌচ। "রা ২.৭৭.৫। ২০ (বাঙলায়) আহারান্তে মুখ-শুদ্ধি, মুখশোধন তাম্বূলাদি। "আচমন কবি কৈল মুখের শোধন ব.প ৮২৪। বদনশোধনে তাম্বুল সবে দেন।—দু ৬৬। কর্পূর তাম্বুল দিল মুখের শোধন বা.ম ১১১। ২১ উপকারজন্য ঋণের শোধ। "তুমি যত করিয়াছ আমার পালন। আমার শক্তিয়ে তাহা না হয় শোধন॥—চৈ.ভা ৪৩৩। —ধনক পুং বিচারালয়ের আসনাদিসজ্জীকারক ভৃত্য। "মৃ ৯২। —ধনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সম্মার্জ্জনী, ঝাড়ু, ঝাড়ন। "শোধনী সভার হাথে দিল ঃ করেতে শোধনী।—চৈ ২২৪। ২ নীলী। —ধনীয় বিণ [√শোধি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ মার্জ্জনীয়, পরিষ্করণীয়। ২ নির্দ্দোষীকরণীয়। ৩ পবিশোধ্য। "ভুক্তং ময়া তদন্নং যচ্ছোধনীয়ং ময়াপি তৎ ক.সা ৫৩.১৪১। —নীয় ক্লী জলাদি দ্বারা পরিষ্করণীয় দ্রব্য। "মনু ৫.১০৮, কুল্লুক। —ধয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] সর্থ 'শোধনীয়'। —ধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ মার্জ্জিত; সংমৃষ্ট, পরিষ্কৃত। ২ অপনীতমল, নির্ণিক্ত (অ.কো)। ৩ সংস্কৃত (refined)। ৪ মন্ত্রাদিপূত (জল)। ৫ অপনীত, নিঃসারিত। "°নক্রমীনজাল (জল)।—কামন্দক ৭.৩৪। ৬ সংশোধিত (rectified)। ৭ নিঃশেষীকৃত (ঋণ)। ৮ নির্য্যাতিত, প্রতীকৃত (বৈর)। ৯ নিশ্চিত। "প্রকাশ-ক্রয়শোধিতঃ (ক্রেতা) মনু ৮.২০২। ১০ নিষ্কলুষীকৃত (absolved)। —ধ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্থ 'শোধনীয়'। —ধ্য ক্লী ১ শোধনীয় দ্রব্য। "মৃত্তোয়ৈঃ শুধ্যতে শোধ্যম্ মনু ৫.১০৮। ২ অভিযুক্ত ব্যক্তি ; প্রত্যর্থী, আসামী (যাহাকে নির্দ্দোষতা প্রমাণ করিতে হইবে)। ৩ (গণিতে) ব্যবকলনীয় রাশি (subtrahend)।]

শোধ² ; শোধক, শোধন, শোধনক, শোধনী, শোধনীয় দ্র 'শুধ ; শোধ¹'।

শোধবোধ বি ১ প্রতিশোধের বুদ্ধি বা সঙ্কল্প। "স্ত্রীর বুঝি ধীর ক্রোধ, দূরে গেল শোধ-বোধ, বন্ধু ক'রে উপরোধ ধীরে ধীরে কহিছে।—ভা.চ ৬৭৭, আরম্ভিয়া ছিলা ক্রোধ, না করিলা উপরোধ, এত দূরে শোধ-বোধ কত সাধ্য মরিব ৬৭৮। ২ ['বোধ' অনু.শব্দ] পরিশোধ। 'দেবেন্দ্র।—রাধারাণীকে মনপ্রাণ দিয়াছি—তা ত পাই নাই। রাধারাণী।—রাধারাণীর মনপ্রাণ আপনি অনেক দিন লইয়াছেন—তা সে দেনাটা °ধ গিয়াছে।—ব.প্র ৫৭২।

শোধয়িতব্য, শোধিত, শোধ্য ; শোধয়া, শোধয়ান ; শোমা, শোমাজ দ্র 'শোধ ; শুধরা ; শুন[৩]।

শোন্দর বি [সং সুন্দর, -রী] সুন্দরী। "পাতুনা °র ম.গা ১৭।

শোফ পুং [শোথং স্ফারয়তি, পৃষো (অ.টী) ; শোথ > শোফ (থ > ফ) ?] শোথ। 'স্বঙ্মাংসস্থায়ী দোষসংঘাতঃ শরীরৈকদেশোত্থিতঃ শোফ ইত্যুচ্যতে (সুশ্রুত)। "সুশোফা পা ৪.১.৫৪, সি। °শফিন্ ক.সা ৬৩,১৮৫। —ফী (-ফিন্) বিণ [শোফ+ইন্ (-ইনি)-১ব] শোফ-রোগী (সুশ্রুত)। [°ঘ্নী (স্ত্রী)—রক্তপুনর্নবা ; শালপর্ণী। নাশন (পুং)—নীলবৃক্ষ। °নাশনী (স্ত্রী)—পুনর্নবা। °হৃৎ (পুং)—ভল্লা-তক ; পুনর্নবা।]

শোবে বি [আ শুবহ্] সন্দেহ। [শোবে করা—অসৎ বিষয়ে কাহারও প্রতি সন্দেহ করা।]

শোভ অর্ম্ম [সং √শুভ্—শোভা > শোভ ; হি √সোভ ; ঠ, গু, মৈ √শোভ] ১ শোভা পাওয়া ; সুন্দর দেখান। "বানর মুখে কি শোভয়ে পান বি.প ১৩৩। মধ্যে শোভে ত্রিবলী শ্রী.কী ৬৩। কৃ ১৯৮। শোভয়ে ত্রিবলী ভ.গ্র ৪৩০। কেশ শোভে নানা ফুলে চৈ.ভা ৩২৬। ২ দীপ্তি পাওয়া। "অধরে বন্ধুলী রাগ শোভএ শ্রী.কী ৫৭। শোভে তাহে রত্ন-রাজি।—মে ৪ ; তুষাররাশিতে শোভে প্রভাতে যেমতি, সৌরকর ! —১৯২। ৩ অনুরূপ হওয়া ; খাপ খাওয়া ; মানান। —ভ সর্ম্ম [সং √শোভয়] শোভিত করা ; মনোরম করা। "আলকে তিলক তোর শোভএ ললাট শ্রী কী ৪৩। [শোভ (শোভা), শোভএ, শোভসি (শ্রী.কী)। শোভে (-ভই)। শোভনি (শোভা)—প.ক।]

শোভক বিণ [√শুভ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ভিকা] শোভাকর, সুন্দর, দীপ্ত। 'আভরণগণে শোভক শ্রী.কী ৩৫৩। —ভন বিণ [+অন (যুচ্)-ক ; স্ত্রী -না ; বৈদিক] ১ সুন্দর, চারু, কান্ত, মনোরম, রুচির। "সর্ব্বাঙ্গ°। (পঙ্ক্ত) কর্ণিকারস্য যষ্টীঃ পরমশোভনাঃ গো.রা ৩.৭৯.৩০। সু° ক.সা ২৫.৩১। স্মিতশোভনা ভ ৪.২৫.২৫। পতাকা শোভন।—ম ৭৭৪। খোঁটা···শোভন শ্রী.মা ৮৫। শি ৪। ২ দীপ্ত, উজ্জ্বল। "যা রাকা শশিশোভনা গতঘনা সা যামিনী যামিনী (সু.র)। ৩ উৎকৃষ্ট, উত্তম ; স্বাদু। "অন্নং পানং সুশোভনম্ মহা ৪.১৫.৮। ৪ অভীষ্ট, দিব্য। "দাস্তে প্রজাশ্চ শোভনাম্ ভ ৪.৩০.১০। ৫ কল্যাণদায়ী, মঙ্গলময়। "ত্বাং দেবি নমস্যামি···শোভনে!—রা ২.৫২.৮৭। ৬ ন্যায্য, ধর্ম্মানপেত। ৭ সাধু, সম্যক্, সমুচিত। "সন্তাপয়সি মাং ভূয়ঃ সন্তপ্তাং তন্ন শোভনম্ গো.রা ৫.৩১.৩৪। ভদ্রং ভদ্রং কৃতং মৌনং কোকিলৈর্জলদাগমে। বক্তারো দর্দ্দুরা যত্র তত্র মৌনং হি শোভনম্॥—সু.র। ৮ ভ্রমরহিত। ৯ [√শোভি+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -না] শোভয়িতা, শোভা-কারক। —ন পুং ১ শিব। ২ (জ্যোতিষে) যোগবিশেষ। —ন ক্লী ১ সৌন্দর্য্য। ২ পদ্ম। ৩ শুভ, হিত। "(সা) ন করিষ্যতি শোভনম্ রা ২.৩১.১৩। ভ ৫.১৯.২০। ৪ সম্পদ্, অভ্যুদয়। ৫ ভূষণ। "কর্ণ°, বন°। ৬ পুণ্য, ধর্ম্ম। "অশোভনং যোঽহমিহাদ্য রাঘবং দিদৃক্ষমাণো ন লভে সলক্ষ্মণম্ রা ..৫৯.৩২। ৭ [+অন (ল্যুট্) -ভা] শোভা। —না স্ত্রী [°ন+স্ত্রী আ (টাপ্)] ১ গোরোচনা। ২ হরিদ্রা। ৩ সুন্দরী। "তন্মমাখ্যাহি শোভনে মহা ৩.১২৩.৩। তদিদং পরিরক্ষ শোভনে···বপুঃ কু.স ৪.৪৪। ৪ সাধুশীলা, ভদ্রা। "(কীচকঃ) অবমংস্যতি মাং দৃষ্টা ন বাস্যে শোভনে !—মহা ১৫.১৪।

শোভন, শোভনা দ্র 'শোভক'।

শোভমান বিণ [√শুভ্+মান (শানচ্)-ক] ১ দীপ্যমান, উজ্জ্বল, অম্লান। "(শঙ্খ) শোভমান সমান সকল কাল রয় শি ১০০। ২ প্রকাশমান। "সতত বসন্ত ঋতু আছে শোভমান বি.পা ১০।

শোভা স্ত্রী [√শুভ্+অ (অঙ)-ণ+স্ত্রী আ (টাপ্)—অ.টী] ১ দীপ্তি'সাধন', দ্যুতি, কান্তি, ছবি। ২ শ্রী, সৌন্দর্য্য। "ন শোভার্থা-বিমৌ বাহূ রা ২.২৩. ৩০ ; অপেতমাল্যশোভ ৭১.৩৯। অদ্রি° রঘু ২.২৭ ; অদৃষ্টনয়াননপদ্মশোভ ৯.৮০। ৩ যৌবনে নায়িকার সহজ অলঙ্কারবিশেষ। 'সা.দ ৩.৯০ ; ৯৫। ভ.গ্র ৩৯৪। ৪ অলঙ্কার। "মাঘ ২.১০৭। ৫ সৌভাগ্য। "বৃহৎসংহিতা ৫২.২। ৬ গোরোচনা। ৭ হরিদ্রা। ৮ [+অ-ভা] ইচ্ছা (মেদিনী)। [°কর (বিণ)—দীপ্তি-কর ; শোভাজনক।]

শোভাঞ্জন পুং [শোভাং জনয়তি, পৃষো (অ.টী)] তীক্ষ্ণগন্ধক, শজিনা-গাছ। "মহা ১৩.৯১.৩৯। °কষায় (সুশ্রুত)। শোভাঞ্জন—জটাধর যথা জটাধর, কপর্দ্দী।—মা ১২৭। [শোভাঞ্জন ফুল—শজিনার ফুল। "শ্রী.মা ৩৮।

শোভান্তরী বিং শোভান্তকর > °রী (?)] অতিসুন্দর! অত্যুত্তম! বেশ বেশ ! "সকলেই···বাহবা শোভান্তরীর বৃষ্টি কত্তে লাগলেন।—হু ৪০ ; বাহবা! শোভান্তরী! ৪৯।

শোভাযাত্রা বি সজ্জিত বহুলোকের সমারোহপূর্ব্বক একসঙ্গে যাত্রা ; মিছিল (procession)।

শোভিত বিণ [√শোভি+ত (ক্ত)-র্ম্ম] ১ দীপিত, দ্যোতিত, জনিত-শোভ। "(অযোধ্যা) রাজমার্গেন···শোভিতা রা ১.৫.৮। ২ অলঙ্কৃত, ভূষিত। ৩ [শোভা+ইত (ইতচ্)] সঞ্জাতশোভ, শোভান্বিত। "উরসি শোভিতয়া শ্রিয়া (সুভগয়ন্তমিবাত্মধিষ্ণ্যং তং তেঽচক্ষত) ভ ৩.১৫.৩৯।

শোভী (-ভিন্) বিণ [√শুভ+ইন (ণিনি)-ক -১ব ; স্ত্রী -ভিনী] ১ শোভনশীল, মনোহর, সুন্দর। "কেশবন্ধনে শোভিনা মহা ৪.৬.১২। শিরসা বেষ্টনশোভিনা রঘু ৮.১২.২ ; ১১.১২। ২ সম্যক্শোভন, শোভাকর। "বার্দ্ধকশোভিবল্কলম্ কু.স ৫.৪৪। কুসুমাবলী—বন-সুশোভিনী।—মে ২৭৩। ৩ শোভাবান্, শোভান্বিত। "কুলচারিত্র-শোভিন্ রা ২.৭৩.২৩। ৪ বিরাজমান, দীপ্যমান। "চতুরম্রবানম্ ···পরিবারশোভি রঘু ৬.১০। —ভিনী বিণ, স্ত্রী মনোহরা, সুন্দরী। "প্রকৃতি পরমেশ্বরী পরম °নী।—কৃ ৩৫৩।

শোয়া সর্ম্ম [শু+আ[৮] > শুআ,-য়া > °য়া] শয়িত করান ; শোয়ান। "উরুতে রাখিয়া মাথা শোয়াইল পতি।—ম ৫৬৩। ডানে পাশে না শোয়াইয় নারী গো.বি ১৮৬। শঙ্করপণ্ডিত প্রভুর সঙ্গে শোয়াইল চৈ.চ ৩৫০।

শোয়াথ বি [সোয়াথ > °থ ; অপ্র] স্বাস্থ্য, সুস্থতা, সুখ, শান্তি। "খাইলে শোয়াথ নাহি নিন্দ গেল দূরে ব.প ১৩২৬।

শোয়ার বি [আশোয়ার > °র] অশ্বারোহী। "খাশা ঘোড়ায় দুই বধু শোয়ার হইয়া ম.গা ১৭, টীকা। হু ৫২।

শোয়াল বি [ছাওয়াল > °ল ; অসাধু] শিশুতুল্য সদসদ্-বিচারহীন ব্যক্তি। "আপনে শোয়াল তুহ্মি অ.প ৮১।

শোয়াস বি [সং শ্বাস > শুআস > °স] ১ শ্বাস। "শোয়াস বহল হএ ম.গা ৪। ২ নিঃশ্বাস, প্রাণ। "তুলাপানি দিলে নাসিকা-মাঝে। তবে বুঝিনু শোয়াস আছে।—চ.দা ২৮ ; প.ক ৯৮। ৩ নিঃশ্বাসবায়ু। "বাঘিনী শোয়াসে আউ জায় গো.বি ১৮৮।

শোর[১] বি [ফা শোর্] কোলাহল, গোলমাল, হাঁকডাক, হৈ-চৈ। (কোতোয়াল বলে) ছাড় শোর, হৈল ভোর, দিব চোর ভূপে ভা.চ ৩৯১। মহাশোর।—রঙ্গ ২৩। [শোরগোল, শোর-শার, শোর-শরাবত ('শার' অনু.শব্দ)—গোলমাল। "মার মার, শোর-শার।—রঙ্গ ১১১। শোর-শরাবত (আ.হু)।]

শোর[২] বি [দ্র 'শুয়ার'] শূকর। [°খেকো,-গো—শূকরমাংসভোজী, গালি। "আ.হু ৬ ; ৪৯। °গাদা দেওয়া—শূয়রের মত গা-ঘেঁষাঘেষি

করিয়া থাকা। °পেট (ধিক্কারে)—দগ্ধোদর, পোড়া-পেট। শোরপেটে দেওয়া—পোড়াপেটে খাওয়া (ধিক্কারে)।

শোয়া দ্র 'সোয়া'।

শোল বি [দ্র 'শউল'।] [°পোনা—শোলের বাচা। "ক.চ ১৫৬। °পোড়া হওয়া—পোড়া শোলমাছের মত আধপোড়া হওয়া। "কাঁচা কাঠ শোলপোড়া হয়।]

শোলঙ্ক বি [?] অস্ত্রবিশেষ (?)। "(মরাটা) শোলঙ্কে পিলীহা কাটে, ছানি কাটে দিয়া চক্ষে কাঁটা ক.চ ৯০।

শো(সো)লা বি [প্রা 'সলাহর' (স-লাঘর বি.মা ৭৪), লি 'সল্লহক' (সংল্লধুক)—মূল (?) ; ড় সোল] ১ বর্ষায় জলজাত ক্ষুপবিশেষ (Aeschynomene ; the sponge wood)। "সোলা শ্যামা শি ৮০। ২ সোলার শুকনা ডাঁটা। "সোলা হইতে পাতল বুড়া হৈল ততেক্ষণ ম.গা ১৮। পলায় বাঙ্গাল ভাই পেলাইয়া সোলা ক.চ ২৪৯। সোলার ছুপাটী দন্ত গঠে শ্রী.মা ৯৪। ৩ সোলার মত লঘু দ্রব্য। [সোলার ফুল—সোলার গাছে রচিত ফুল ; সোলার ডাটার কৃত্রিম ফুল।]

শোলোক বিং [সং শ্লোক > (স্বরাগমে) °ক ; প্রা সিলোঅ (হে ২.১০৬)] শ্লোক। "শোলোক ভ.গ্র ১৭৯। শাস্ত্রে লিখেছে শোলোক কা ১১৭। [°শাস্তর—নীতিশ্লোক ও শাস্ত্রবাক্য। পুন্নির শোলোক ! —পুণ্যশ্লোক ! (কাকু হেতু নিন্দার্থক)।]

শোষ[1] পুং [√শুষ্ +অ (ঘঞ্) -ভা] ১ শোষণ, জলশূন্যতা। "শক্রীঃ হ্রদশোষবিক্লবাম্ কু.স ৪.৩৯। ২ শুষ্কতা। "জলধারাশ্চ তাঃ শোষ° জগ্মুঃ মহা ১.২২৭.১৭। ৩ নীরসতা। "মুখং চাপ্যগমচ্ছোষম্ রা ২.৩৬.১০। মুখশোষ সী ৩৬। ৪ স্নেহরহিতীভাব, রুক্ষতা। "শরীর°। ৫ অনার্দ্রতা। "ভুবঃ শোষে।—বৃহৎসংহিতা ৫৫.৯। ৬ (বাঙ্লায়) তৃষ্ণা। "রাধা, শোষে পাণী নাহিঁ পীওঁ শ্রী.কী ১০৮ ; ১১০। ভুখ শোষ ক.চ ১৯৮। —ষ বিণ [√শোষি অ (অচ্) ক] শোষয়িতা, শোষক। "লীলাবতারান্…কর্ণকষায়শোষান্ ভ ২.৬.৪৬। শোষ-অস্ত্র।—ম ১১৬৫। —ষ পুং [+অ-ভা] ১ শোষণ, শুষ্কীকরণ। ২ রসাকর্ষণ। "°সম্ভব। ৩ [+অ-ক] যক্ষ্মারোগ। 'সংশোষণাদ্ রসাদীনাং শোষ ইত্যভিধীয়তে (সুশ্রুত)। —ষক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ষিকা] ১ শোষয়িতা, শোষকারক। "শোষকাস্ত্র।—ম ৭১১। ২ রসাকর্ষক। ৩ নাশক। "মদ° ভ ৬.১৮.২৬। ৪ (বাঙ্লায়) শোষকাস্ত্র। "শোষকে সকল নীর করিল শোষণ।—ম ৭৭১। ৫ অবিচারে প্রজার ধনাদি-শোষক (রাজা)। "প্রজার শত্রু শোষক রাজাকে দেখি।—দা ২০৯১। —ষণ বিণ [+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -ণী] ১ শোষয়িতা। "সমুদ্রজল° মহা ১.৩০.১৩ ; হৃদয়° (আধি) ১২১.২৬। পত্রাণামিব শোষণেন মরুতা স্পৃষ্টা লতা মাধবী শ ৩.৬। ২ শোষক, পীড়ক। "শোক° রঘু ১২.২৯। —ষণ পুং ১ বহ্নিবিশেষ। "হ ১৮০.৩০। ২ কামের শরবিশেষ। দ্র 'পঞ্চবাণ'। ৩ শোনাক বৃক্ষ। ৪ শুণ্ঠী। —ষণ ক্লী [+অন-ভা। ১ শুষ্কীকরণ, চূষণপূর্ব্বক রসাকর্ষণ। "সাগর° মহা ৩.১০৩.১১। ২ [√শুষ্ +অন-ভা] শোষ, শুষ্কতা। "বৃহৎসংহিতা ৪৬.২৮। —ষণীয় বিণ [√শোষি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] শুষ্কীকরণীয়। "বৃহৎসংহিতা ৭৭.৩৩। —ষয়িতা(-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] শোষক, রসাকর্ষক। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ জলশূন্যীকৃত। "শোষিত-সরসি নিদাঘে (S.W.)। ২ নীরসীকৃত, নিঃস্নেহীকৃত, আকৃষ্টরস। —ষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ষিণী] শোষয়িতা। "হৃজ্জরীরমনঃ° (দুঃখ) গো.রা ২.৭৬.২৮। হৃদয়কুসুমশোষী…দীর্ঘশোকঃ উ.চ ৩.৫। —ষ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] শোষণীয়। "অ° গী ২.২৪। [°সম্ভব (ক্লী)—পিপ্পলীমূল।]

শোষ[2] সর্ম্ম [সং √শোষি—শোষয়] ১ শুষ্ক করা ; শুখান। "ক্ষণমাত্রে সিন্ধুজল পান করি শোষে।—ম ৪৬৭। ২ রস টানিয়া শুষ্ক করা ; চুষিয়া শুখান। "(নারী) রাত্রি হৈলে সর্ব্বাঙ্গ শোষে গো.বি ১৮৭। ৩ লুফিয়া লওয়া ; ধরা। "কোন বীর শোষে তীর দেখি ধীর কাঁপে ভা.চ ৩৯১। —ষ অর্ম্ম [শুষ > °ষ] শুষ্ক হওয়া ; শুখান। "হিমকরতেজে যদি সপ্ত সিন্ধু শোষে।—ম ৭১৯। সমুদ্রেতে ঝাঁপ দিলে শোষে তার জল ম.ম ৭৭। —ষা সর্ম্ম [শোষ+আ[৮]] শুষ্ক করা ; শোষান। [শোষা—সর্থ 'শোষ[2]'। শোষাণ—সর্থ 'শোষা'।]

শোষক, শোষণ, শোষণীয়, শোষয়িতা, শোষিত, শোষী দ্র 'শোষ[1]'।

শোহ অর্ম্ম [শোভ >শোহ, তু 'প্রা সুহ (শুভ) ; বৈষ্ণবসাহিত্যে] ১ শোভা পাওয়া ; সৌন্দর্য্যবিস্তার করা ; সুন্দর দেখান। "কাল ভ্রমরে কমল বন শোহে শ্রী.কী ৯৩। বয়ান মণ্ডল, লোটায় ভূতল, তাহে সে অধিক শোহে বি.প ১৯। শঙ্খ শোহই তছু মাঝ প.ক ৫৪৪। শ্রীবিগ্রহ শোহে চৈ.ভা ৫০৫। ভাল শোহে ন.প ৯৫ ; শোহে ভালো ১৩০ ; হলদিদধিঘৃত,-পঙ্ক অঙ্গনে শোহয়ে ৩২৪। মধুর শৃঙ্গ শোহে ব্র.প ২৬৮। শোহই মধুর কানন দেশে।—ব ১১২ ; প.র ৩৯। চূত কানন শোহই ব.প ১০৫২। ২ সময়ের অনুরূপ বা উপযোগী হওয়া, সুসঙ্গত হওয়া। "কিঙ্কিণী কঙ্কণ, করু কলরব, নূপুর অধিক তাহে। সুকাম নটনে, তুরিয়তিক হু, ঐছন সকল শোহে॥—বি.প ১৪৭। —হ সর্ম্ম [সং √শোভি—শোভয় > °হ] শোভিত বা দীপ্ত করা। "চারু শ্রুতি-অবতংস গণ্ডমণ্ডল শোহয়ে ন.প ১৭১। [শোহ,-হত (প.ক)।]

শোহন বি [সং শোভন > °ন (ভ >হ) ; হি সোহন] শোভাকর, মনোহর। "কুঞ্জ অতিশোহন পবন বহে ধীর।—গো ১১, গীম °ন রতন রাজ ৬৩। °ন মোহন দেহে।—ব ৩০ ; ৮৮। —হনি বি [°ন+ই[১১]] শোভন, সুন্দর। "ভঙ্গি নটবর শোহনি প.ক ১৩০৫। —হনী বিং শোভাকরী। "ফুলি রয়নী শোহনী রা.পে ১১৪।

শোহনী দ্র শোহন'।

শো(সো)হা বি [সং শোভা >প্রা সোহা (পৈ ১ ১৪৬) >বা সো (শো)হা ; বৈষ্ণবসাহিত্যে] শোভা, সৌন্দর্য্য। "অবহু যাদব বিনে গোকুলে হীন শোহা শ্রী.ম ১৩৭। গোলাবী সোহা ব.প ১৫২১।

শোহাওন, -হায়ন বিং [সং শোভন, শোভমান, হি সুহাবন, সোহাইন; মৈ সোহাওন] শোভাকর, সুন্দর। "নয়ন যুগল নীল উতপল জোর। সহজ শোহায়ন শ্রবণক ওর॥—গো ১২৪। কিঙ্কিণি অধিক শোহাওনা রে।—প.ক ১৭৩৬ ; ২৯৭২।

শোহায়ত ক্রি [শোহ+আ[৮]+অত[২] >শোহঅত > °ত] শোভিত করে। "(গহনা) সবহুঁ শোহায়ত নাগর-অঙ্গ।—প.ক ২৯০৩। —য়ল ক্রি [+অল] শোভিত করিল। "(নয়নযুগল) শোহায়ল শ্রবণক ওর। —প.ক ৬২৯।

শোহায়ন ; শোহায়ল দ্র 'শোহাওন ; শোহায়ত'।

শোহিত বিং [সং শোভিত > °ত] শোভান্বিত, ভূষিত। "কবরি মালতি শোহিতে প.ক ২৪৬৬।

শোহিনী বিং [শোভিনী > °নী, হি সুহাবনী] শোভনা, শোভাকরী। "ফুলি রয়ণি শোহিনী প.ক ২৭১৫।

শৌক ক্লী [শুক+অ (অণ্)] ১ শুকসমূহ। ২ রতিবন্ধভেদ।

শৌ(সৌ)করিক পুং [শূ(সূ)কর+ইক (ঠক্)] শূকরঘাতক, ব্যাধ। "সৌকরিক পা ৪.৪.৩৫, কাশিকা। শৌকরিক গো.রা ২ ৯০.১৭।

শৌকি(কী)ন, সৌখি(খী)ন বিং [ফ শরক়ীন্ ; হি শৌ(সৌ)-কীন ; ঠ শৌকী, -কীন : মৈ 'সৌকী'—ইচ্ছু] ১ যাহার শক আছে ; বিলাসপ্রিয়, বিলাসী। "প্যালানাথ বাবু…সৌখীন।—হ ৩৮। ২ বিষয়-

বিশেষে অনুরাগী। "সৌখীন কুটিওয়ালা…সেতারটি নিয়ে বসেচেন।—হু ৬। ৩ অবৈতনিক, সখের। "পাড়া ও দলস্থ গেরস্থ গোছ হাড়হাবাতেরা সৌখিন দোহরের দলে মিশলেন।—হু ৩৬। [শৌকীনতা—বিলাসিতা, বাবুগিরী।]

শৌকীন দ্র 'শৌকিন'।

শৌক্ত বিণ [শুক্ত+অ (অণ্)] ১ শুক্তসম্বন্ধী, দধ্যাদিসম্পর্কে অম্লাদি-জনক (দ্রব্য)। ২ [শুক্তি+অ] শুক্তিবিকার, শুক্তিরচিত, ঝিনুকে (দ্রব্য)। —ক্তিক ক্লী [+ইক (ঠক্)] 'শুক্তিজাত', মুক্তা। —ক্তিকেয় ক্লী [শুক্তিকা+এয় (ঢক্)] সর্থ 'সৌক্তিক'। —ক্তেয় ক্লী [শুক্তি +এয়] মুক্তা।

শৌক্ল বিণ [শুক্ল+অ (অণ্), স্ত্রী -ক্লী] শুক্লসম্বন্ধী, বিশুদ্ধমাতা-পিতৃসম্বন্ধী। "জন্মভিঃ…শৌক্লসাবিত্রযাজ্ঞিকৈঃ ভ ৪.৩১.১০। —ক্ল্য ক্লী [+য (ষ্যঞ্)] ১ শুক্লভাব, শুক্লতা, শুক্লবর্ণ। "পলিতং জরসা শৌক্ল্যং কেশাদৌ (অ.কো)। ২ আতপদীপ্তভাব। "শৌক্ল্যপরিবৃদ্ধিঃ ভবতি শশিনঃ।—বৃহৎসংহিতা ৪ ৪।

শৌচ ক্লী [শুচি+অ (অণ্)] ১ শুচিভাব, শুদ্ধি, পবিত্রতা। "কাকে শৌচম্ (কেন দৃষ্টং শ্রুতং বা)।—পঞ্চ ১১৫৮। ২ ধাবন, প্রক্ষালন। "অকৃত্বা পাদয়োঃ শৌচম্ (সন্ধ্যামন্বাস্ত নৈষধঃ) মহা ৩.৫৯.৩। পাদশৌচ-জল চৈ ৮২। ৩ জলে গাত্র-প্রক্ষালনশুদ্ধি। শৌচং জলাত্মকম্ মহা ৩. ১৯৮ ৮২। শৌচস্য…শারীরস্য বিনির্ণয়ঃ মনু ৫ ১১০। ৪ মলত্যাগাদি-প্রাতঃকৃত্য। "শৌচং প্রচক্রতুর্বীরৌ জলেন গো.রা ৩ ১২.২। ৫ মলত্যাগ। "°কূপ। শৌচ করিয়া জলশৌচ না কবিল ভ.গ্র ৩৩৮। ৬ মলত্যাগান্তে জলশুদ্ধি। "গন্ধলেপক্ষয়করং শৌচং কুর্য্যাদতন্দ্রিতঃ যাজ্ঞ ১.১৭। ৭ চিত্ত-শুদ্ধি, সারল্য। ৮ জলমৃত্তিকায় কায়মলপ্রক্ষালন এবং মনের রাগাদি-মলাপনয়ন বা ভাবশুদ্ধি, বাহ্যাভ্যন্তরশুদ্ধি। "গী ১৩.৭, ১৬৩, ৭। ৯ মরণজননজন্য অশৌচান্তে শুদ্ধি। ১০ অভক্ষ্যপরিহার, সৎসংসর্গ, আচারপালন—এই ত্রিবিধ শুদ্ধি। 'অত্রি ৩৫। ১১ শুদ্ধি, সত্যতা। "বাক্° মহা ৩ ১৯৯ ৮২। ১২ সাধুতা, বৈধতা। "কর্ম্ম° মহা ৩.১৯৯. ৮২। [°কল্প (পুং)—শৌচবিধি। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—শুদ্ধিকার্য্য। °কূপ (পুং)—মলত্যাগকূপ, পাইখানা।]

শৌচাচার পুং [ষ.ত] মলমূত্রত্যাগে শুদ্ধিকর্ম্ম। "যাজ্ঞ ১.১৫।

শৌচিক পুং [শৌচ+ইক্ (ঠন্)] 'গৃহাদিমার্জ্জক', কৈবর্ত্তকন্যায় শৌণ্ডিক হইতে জাত বর্ণসঙ্করবিশেষ (পরাশরপদ্ধতি)।

শৌটীর বিণ [√শৌট্ গর্ব্ব+ঈর (ঈরন্)-ক, উ ৪.৩০] সগর্ব্ব। "মহা ৫.১৬১.৩০। —টীর ক্লী বীরত্ব, শৌর্য্য। "বাক্যমশৌটীরম্ গো রা ২ ২০. ৭। —টীর্য্য ক্লী [শৌটীর+য (ষ্যঞ্)] ১ শৌটীরভাব, বীর্য্য, শৌর্য্য। "°মানিন্ গো.রা ৩.৫৯.৮। ২ গর্ব্ব। "রা ২ ৭৩.২৩; ৭.১৬.৩৬। মহা ১.২.২৩৬।

শৌটীর্য্য দ্র 'শৌটীর'।

শৌণ্ড বিণ [শুণ্ডা+অ (অণ্); স্ত্রী -ণ্ডী] ১ শুণ্ডারত, মদমত্ত, উৎকট, মত্ত। ২ প্রশস্ত। "সৌরতমন্মথশৌণ্ডৈঃ (অনঙ্গবাণৈঃ) ভ ১০. ৬১.৪। ৩ পরাভিভবসমর্থ (নীলকণ্ঠ)। "মহা ৩.২৩৩.১১। ৪ দক্ষ, কুশল, নিপুণ। "অক্ষ° গী ২.১ ৪০। রণ° গো.রা ৫.৮২.১৯। যুদ্ধ° মহা ৩.১১৯.১৯। আহব° ৭.২.১৪। রণকর্ম্ম° বা.ভা ২.৫৪। ৫ সক্ত। "পান° ক.সা ১০৫ ৫৮। ভট্টি ৮.৩১। [সমাসে উত্তরপদ] ৬ বিখ্যাত (মেদিনী)। —ণ্ড পুং ১ শুণ্ডাবিদিত গজ (নীলকণ্ঠ)। "মহা ৩. ২৬৮.৫। ২ মণ্ডপ। "হতশৌণ্ডাম্·· পানভূমিম্ রা ২.১১৪.১৪। —ণ্ড ক্লী [+অ স্বার্থে] শুণ্ডা, সুরা। তু 'শৌণ্ডিন্'। —ণ্ডী[২] স্ত্রী ১ পিপ্পলী, গজপিপ্পলী। ২ চবি, চই।

শৌণ্ডিক বিণ [শুণ্ডিক+অ (অণ্); স্ত্রী -কী] শুণ্ডিক হইতে আগত (আয়)। "পা ৪.৩ ৭৪। —ণ্ডিক পুং [শুণ্ডা+ইক (ঠক্)] ১ 'শুণ্ডা (সুরা)-পণ্য', মদ্যবিক্রয়ী, পানবণিক্। "মনু ৪.২১৬। ২ মদ্যকৃৎ (রা. টীকা)। "রা ২.৮৩ ১৪। ৩ জাতিবিশেষ, শুঁড়ি। [কৈবর্ত্ত হইতে গন্ধিককন্যায় ইহাদের উৎপত্তি (পরাশরপদ্ধতি)। —ণ্ডিকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] শৌণ্ডিক-স্ত্রী। "পয়োঽপি শৌণ্ডিকী-হস্তে বারুণীত্যভিধীয়তে।—হি ৩.১১। —কেয় পুং বালঘাতক দৈত্যবিশেষ।

শৌণ্ডিকেয় দ্র 'শৌণ্ডিক'।

শৌণ্ডী (-ণ্ডিন্) পুং [শৌণ্ড+ইন্ (ইনি)-১ম] 'সুরাপণ্যবান্', শৌণ্ডিক, শুঁড়ী। —ণ্ডিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] শৌণ্ডি-স্ত্রী।

শ্রীহরি পুং [উ.লো] 'শ্রীযুত হরি'; বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "শ্রীহরেরুত্থানম্ (S.W.)। ম ম ৪১। যথা লয়ে শ্রীহরি, অক্রূর করে শ্রীহরি, রথচক্র ধরি গোপী বলে।—দা ৪৯৬। [°শয়ন (বি)—শ্রীহরির শয়নকাল, অর্থাৎ শয়ন হইতে উত্থানপর্য্যন্ত কাল। "শ্রীহরিশয়নে বিভা অনুচিত প্রায় শ্রী ১৪৪। শ্রীহরি করা—যাত্রার প্রারম্ভে শ্রীহরিনামকীর্ত্তন করা ; (গৌণার্থে) যাত্রা করা। "দা ৪৯৬। শ্রীহরি বলা—১ সর্থ 'শ্রীহরি করা'। ২ পাপখণ্ডনার্থ শ্রীহরিনামকীর্ত্তন করা। "প্রহরী বলে 'শ্রীহরি', আসিয়াছে তব পুরী, ভিন্ন দেশী সাধু লভ্য-আশে বা.ম ২০৭।]

শ্রীহস্ত বি দিব্য হস্ত, দেববিগ্রহের হস্ত। "(বিহারিজী) ভোজন করিলে পরে শ্রীহস্ত পরশে। পরিপূর্ণ হয় পুন সভাই হরষে ॥—ভ.গ্র ৩০৩। ২ অবতার ভক্ত-প্রভৃতির পবিত্র হস্ত। "শ্রীহস্তে প্রভু করে পরিবেশন চৈ.চ ১৫১।

শ্রীহীন বিং [তৃ.ত] ১ লক্ষ্মীহীন। "শ্রীবিনে শ্রীহীন ব.প ৯৩১। ২ শোভাহীন। "কিন্তু এক বিহীনেতে শ্রীহীন এ সব ব.প ৯৩১। ৩ কান্তিহীন। "শ্রীহীন দেখি পুরন্দর ম ম ৪১।

শ্রু সক [স্বা, প—শৃণোতি ; অনিট্] ১ শ্রবণ। ২ [ভ্বা, প—শ্রবতি ; অনিট্] গতি। [আ, প্রতি—প্রতিজ্ঞা। বি—বিখ্যাতি। সম্—শ্রবণ। "হিতান্ন যঃ 'সংশৃণুতে' স কিংপ্রভুঃ।—কি ১.৫। ['সম্- √শ্রু' বিবক্ষায় অকর্ম্মক, আত্মনেপদী। সকর্ম্মক পরস্মৈপদী—'সংশৃণোতি ন চোক্তানি ভট্টি ৫.১৯।]

শ্রুত বিণ [√শ্রু+ত (ক্ত)-র্ম্ম, বৈদিক] ১ অবধৃত, আকর্ণিত। "রা ২.২৯.৮। স শাপো ন ত্বয়া...শ্রুতঃ রঘু ১.৭৮। ২ পরম্পরাকর্ণিত। ৩ বিশ্রুত, প্রখ্যাত (সায়ণ)। "ঋগ্বেদ ১.৫৩ ৯, ৭.৩২.১৭। আখ্যানং রামায়ণমিতি শ্রুতম্ রা ১.৫.৩। শ্রুতস্য কিং তৎ সদৃশং কুলস্য রঘু ১৪.৬১। ৪ অভিহিত। "নলোনামাবিহা শ্যামঃ পুণ্যশ্লোক ইতি শ্রুতঃ মহা ৩.৬৪.৫০।—ত ক্লী ১ শ্রুত অর্থ বা বিষয়। "গী ২.৫২। ২ শাস্ত্র। "অথর্ববেদ ৬.৪.১। শ্রুতস্য যায়াদয়মন্তমর্ভকঃ রঘু ৩.২১। ৩ শাস্ত্রাধিগম, শাস্ত্রজ্ঞান। "মনু ২.১৪৯। সরস্বতী শ্রুতমহতাং মহীয়তাম্ শ ৭.৩৫। হি ১.১৬৯। ৪ বেদাদি শাস্ত্র। "শ্রুতান্বিত ভট্টি ১.১। ৫ পাণ্ডিত্য। "ভ ৭.৯.৯। ৬ [+ত-ভা] শ্রবণ, আকর্ণন। "মুণ্ডকোপনিষৎ ৩.২.৩। ছন্দসাং লক্ষণং যেন শ্রুতমাত্রেণ বুধ্যতে।—শ্রুতবোধ ১। ভ ১.২ ১২। শ্রুতমাত্র সভাকার পাপ মুক্ত হৈল।—ম ১০৫১। ৭ অধ্যয়ন। "রঘু ৮. ৩০। [°দেবী (স্ত্রী)—সরস্বতী। °ধর (বিণ)—শ্রবণমাত্রে ধারক ; শ্রুতিধর। °নিষ্ক্রয় (পুং)—বিদ্যামূল্য। "রঘু ৫ ২২। °পারগ (বিণ) —শাস্ত্রপারগ, পরমপণ্ডিত। °পারদৃশ্বা (-শ্বন্) বিণ—দৃষ্টশ্রুতপার, শাস্ত্র-পারগত, শাস্ত্রজ্ঞানসম্পন্ন। "রঘু ৫.২৪। °পূর্ব্ব (বিণ)—পূর্ব্বে শ্রুত। "শ ৬৩১। °প্রকাশ (বিণ)—বেদশাস্ত্রপ্রসিদ্ধ। "রঘু ৫.২। °বৃত্ত (ক্লী)—শাস্ত্রজ্ঞানানুষ্ঠান। "মনু ৭.১৩৫ ; ৯.২৪৪। °বৃদ্ধ (বিণ) —বিদ্যাবৃদ্ধ। রঘু ১৮.৪৬। °বোধ (পুং)—কালিদাসকৃত ছন্দোলক্ষণ-শাস্ত্র। "শ্রুতবোধ ১। °ভৃৎ (বিণ)—শাস্ত্রাধিগমবান্, বিদ্বান্। °মহান্ (-মহৎ) বিণ—শাস্ত্রজ্ঞানহেতু মাননীয়। "শ ৭.৩৫। °শালী (-লিন্) বিণ—শাস্ত্রজ্ঞানবান্, পণ্ডিত। °শ্রবা (স্ত্রী)—শিশুপালজননী। "হ ৩৫.২৪।]

শ্রুতকীর্ত্তি বিণ [বহুব্রী] শ্রুতযশাঃ, বিখ্যাত। —কীর্ত্তি স্ত্রী কুশধ্বজের কন্যা শত্রুঘ্নের পত্নী। "ইয়মপি বধূঃ শ্রুতকীর্ত্তিঃ উ.চ ১২১। এই বধূ শ্রুতকীর্ত্তি সী ৭।

শ্রুতমাত্র ক্লী [ময়ূরব্যংসকাদি] শ্রবণমাত্র, কেবলশ্রবণ।

শ্রুতর্ষি পুং [উ.লো] শ্রুতপ্রধান ঋষি, সুশ্রুতাদি। দ্র 'ঋষি'।

শ্রুতাদান ক্লী [ষ.ত] বেদগ্রহণ, ব্রহ্মবাদ (S.W.)।

শ্রুতাধ্যয়ন ক্লী [ষ.ত] মীমাংসাব্যাকরণাদি-শ্রবণ ও বেদাধ্যয়ন (মিতাক্ষরা)। "°সম্পন্নাঃ (সভাসদঃ) যাজ্ঞ ২.২।

শ্রুতান্বিত বিণ [তৃ.ত] বেদাদিসম্বদ্ধ, বেদাদিজ্ঞানসম্পন্ন। "শ্রুতান্বিতো দশরথ ইত্যুদাহৃতঃ ভট্টি ১ ১।

শ্রুতার্থ বিণ [বহুব্রী] শ্রুতপ্রয়োজন। "শ্রুতার্থো দেবগুহ্যস্য ভবান্। —হ ১১৬.২৭।

শ্রুতি স্ত্রী [√শ্রু+তি (ক্তিন্)-ভা] ১ শ্রবণ, আকর্ণন। "°বিপ্রতিপন্না (বুদ্ধিঃ) গী ২.৫৩, °পরায়ণ ১৩.২৫। শ্রুতিমাত্র জনক পাঠাল্য দূতগণে।—ম ৫৪৮। ২ [+তি-র্ম্ম] শ্রবণবিষয়, শব্দ, বাচকশব্দ (মল্লিনাথ)। "ব্যাবৃত্তা যৎ পরস্বেভ্যঃ শ্রুতৌ তস্করতা স্থিতা রঘু ১.২৭। ৩ বার্ত্তা, জনশ্রুতি, প্রসিদ্ধি। "যে চাস্য ভার্য্যে গর্ভিণ্যৌ বভূবতুরিতি শ্রুতিঃ রা ২.১১০.১৮। পুত্রেণ জয়তে লোকানিতি সত্যবতী শ্রুতিঃ ভ ৪.২১.৪৬। পঞ্চ ২.৭৪। ৪ 'গুরুমুখ হইতে শ্রুত'; বেদ। 'শ্রুতিস্তু

বেদো বিজ্ঞেয়ঃ মনু ২.১০। "পুরাণপূর্ণচন্দ্রেণ শ্রুতিজ্যোৎস্না প্রকাশিতা মহা ১.১.৮৬। ৫ বেদবাক্য। "শ্রুতেরিবার্থং স্মৃতিরন্বগচ্ছৎ রঘু ২.২। °জাত গী.গো ১.১৩। ৬ (সঙ্গীতে) স্বরের আরম্ভকাবয়বভূত শব্দ-বিশেষ; স্বরাগমে এক স্বর হইতে অন্য স্বরের অন্তরের অবয়বভূত সূক্ষ্ম-স্বরাংশ। "°মণ্ডল মাঘ ১.১০। শ্রুতির উচ্চারে চ.চ ১৮। শ্রুতিজাতি-স্বরভেদ ন.প ২৭০। ভা.চ ১৩। [স্বরগ্রামের সাতটি অন্তর বা ফাক তিন প্রকার—বৃহদন্তর মধ্যান্তর ও ক্ষুদ্রান্তর। সা ও রিএর মধ্যে, এবং ম ও প, ধ ও নিএর মধ্যে বৃহদন্তর, রি ও গএর মধ্যে এবং প ও ধএর মধ্যে মধ্যান্তর; গ ও মএর মধ্যে এবং নি ও সা এর মধ্যে ক্ষুদ্রান্তর। ষড়্জ মধ্যম ও পঞ্চমে চারি চারি শ্রুতি, ঋষভ ও ধৈবতে তিন তিন শ্রুতি এবং গান্ধার ও নিষাদে দুই দুই শ্রুতি, সকলশুদ্ধ স্বরগ্রামে দ্বাবিংশতি শ্রুতি। দ্র 'মাঘ ১.১০, মল্লিনাথ। গী সা।] ৭ [+তি-ণ] 'শ্রবণসাধন,' কর্ণ। "সর্ব্বশ্রুতিসুখাবহ বা (S.W.)। গী ১৩ ১৩। শ্রুতিবিষয়গুণা যা (সৃষ্টিঃ) শ ১.১। (কো) মুকলি আলাপই, চমকই শ্রুতি হরি নেল প.ক ১৩৯। ৮ (জ্যামিতিতে) কর্ণরেখা (hypotenuse)। ৯ (বাঙ্‌লায়) চার (৪) সংখ্যা। "ম.পা ১৩০। [°কটু (বিণ)—শ্রবণকঠোর, কর্কশ; (পুং)—(অলঙ্কারশাস্ত্রে) কঠোরবর্ণজন্য কর্কশরচনাদোষবিশেষ; দুঃশ্রবত্ব (সা.দ)। °কথিত (বিণ)—বেদোক্ত। °গোচর (বিণ)—শ্রবণবিষয়ী-ভূত, শ্রুত। °জাত (ক্লী)—বেদবাক্যসমূহ। °জীবিকা (স্ত্রী)—ধর্ম্ম-সংহিতা, ধর্ম্মশাস্ত্র। °তৎপর (বিণ)—শ্রবণতৎপর, সকর্ণ। °দ্বৈধ (ক্লী)—বেদবাক্যদ্বয়ের পরস্পরবিরুদ্ধার্থপ্রতিপাদন, বেদবাক্যবিরোধ। "মনু ২.১৪। °নিদর্শন (ক্লী)—বেদপ্রমাণ। "মনু ১১.৪৫। °পুট (বি)—কর্ণপথ, কর্ণরন্ধ্র। "প.ক ১১৮। °প্রসাদন (বিণ)—কর্ণপ্রসাদকর, শ্রুতিসুখকর। °প্রামাণ্য (ক্লী)—বেদমর্য্যাদা, শ্রুতিনিদর্শন। "মনু ২.৮। °মণ্ডল (ক্লী)—(সঙ্গীতে) শ্রুতিসমূহ। দ্র 'শ্রুতি (৬)। "মাঘ ১.১০। °বচন (ক্লী)—বেদবাক্য। °বর্জ্জিত (বিণ)—শ্রুতিশক্তিহীন, বধির। °বিপ্রতিপন্ন (বিণ)—নানাবিধশাস্ত্রশ্রবণহেতু সংশয়গ্রস্ত (বুদ্ধি)। "গী ২.৫৩। °বিবর (ক্লী)—কর্ণরন্ধ্র, শ্রবণপথ। °বেধ (পুং)—কর্ণ-বেধসংস্কার। °মূল (ক্লী)—কর্ণমূল। "গী.গো ১.৪৩। °মূলক (বিণ)—বেদমূলক, বেদনিষ্ঠিত। °শিরঃ (-রস্) ক্লী—'বেদশিরঃসদৃশ', বেদ-মহাবাক্য, তত্ত্বমসি-প্রভৃতি। °সরণি (স্ত্রী)—শ্রবণপথ, কর্ণবিবর। "শ্রুতি-সরণিসীমাঞ্চল বি.মা ৭.৫২। °সুখ, °সুখদ, °সুখাবহ (বিণ)—কর্ণ-সুখকর, শ্রুতিমধুর। "সুখাবহ সা.দ ১০৬। °স্মৃতি (স্ত্রী)—বেদ-ধর্ম্ম-শাস্ত্র। "°স্মৃতিবিরোধ।]

শ্রুতিধর বিণ [তৃ.ত] শ্রবণমাত্রে ধারক, শ্রবণমাত্রগ্রন্থগ্রাহী, শ্রবণ-মাত্রাভ্যাসকারক। "°র ধোয়ী কবিক্ষ্মাপতিঃ গী.গো ১৪। চৈ.চ ৫৮। ভবানন্দ…শ্রুতিধর যাহা শুনেন তৎক্ষণাতে তাহাই অভ্যাস হই কৃ.চ ৫। তিনশত চলিয়াছে প্রধান শ্রুতিধর ম.ম ১৭৩।

শ্রুতিপথ পুং [শ্রুতিই পন্থা, কর্ম্মধা, সমাসান্ত 'অ'] ১ শ্রবণমার্গ, কর্ণ-পথ। "কথা শ্রুতিপথং গতা গো.বা ৩.৪.৩। শ্রুতিপথায়াত ক.সা ১২১.১৫৯। ২ শ্রবণবিষয়ীভূত দেশ, শ্রবণশক্তিসীমা। [°গত, °প্রাপ্ত (বিণ)—শ্রুতিপথায়াত, শ্রুত। °মধুর (বি)—শ্রুতিসুখকর, শ্রাব্য। "মাঘ ৭.২৪।]

শ্রুতিবিষয় পুং [ষ.ত] ১ শ্রবণেন্দ্রিয়বিষয়; শব্দ। "°গুণ শ ১.১। ২ শ্রুতিপথ, কর্ণগোচর। "এতৎ প্রায়েণ শ্রুতিবিষয়মাপতিতমেব (কাদম্বরী)। ৩ বেদবিষয়, বেদবস্তু।

শ্রুত্যনুপ্রাস পুং [উ.লো] শ্রবণসুখাবহ অনুপ্রাসবিশেষ। [বর্ণের উচ্চারণস্থান তালুদন্তাদির যে কোন এক স্থানে উচ্চার্য্য ব্যঞ্জনের উচ্চারণ-সাদৃশ্যকে শ্রুত্যনুপ্রাস কহে। 'সা.দ ১০.৫। কাব্যাদর্শ ১.৫৬ টীকা।]

শ্রুত্যুক্ত বিণ [তৃ.ত] শ্রুতিকথিত, বেদবিহিত। "মনু ১.১০৮।

শ্রুব; শ্রুবা দ্র 'স্রুব; স্রুবা'।

শ্রেঢ়ী, -ঢ়ী স্ত্রী [শ্রেণী > শ্রেঢ়ী, -ঢী] (গণিতে) অঙ্কবিশেষ (Progression)। [°ফল (ক্লী)—শ্রেঢ়ীসমষ্টি।]

শ্রেঢ়ী দ্র 'শ্রেঢ়ী'।

শ্রেণি,-ণী স্ত্রী [√শ্রি+ণি -র্ম্ম, উ ৪.৫১; °ণি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পঙ্‌ক্তি, আবলি, বীথি, আলি। "শ্রেণিভী রথানাম্।—ঋগ্বেদ ৪.৩৮.৬। বিহগশ্রেণি পূ.মে ২৮, মধুকরশ্রেণি ৩৫। ষট্‌পদশ্রেণি কু.স ৫.৯। হংসশ্রেণী রঘু ৪.১৯। বিটপিশ্রেণী স.শ ৩৭। ২ গণ, সমূহ। "তর্জ্জয়ন্তি কুমারং আয়ুধীয়শ্রেণয়ঃ উ.চ ৪২৮/২৯। ৩ পরিষৎ। "শ্রেণীমুখ্য বা ২.২৬.১৪। ৪ পৌরজন। "রা ২ ৭৯.৪। ৫ তৈলিকতাম্বুলিকাদি-পৌরবিশেষ (শ্রীধর)। "ভ ৪.১৭.২। ৬ সজাতীয় শিল্পিসঙ্ঘ (অ.টী)। "সশ্রেণীনৈগমং সর্ব্বং নগরং সঙ্কুলীকৃতম্ গো রা ২.৯০.২৯। ৭ সেক-পাত্র। ৮ অগ্রভাগ (S.W.)। ৯ (বাঙ্‌লায়) সামাজিক বিভাগ। "রাঢ়ীয়°, বারেন্দ্র°, বৈদিক°। [°কৃত (বিণ)—পঙ্‌ক্তিকৃত, সজ্জীকৃত। °বদ্ধ (বিণ)—১ তন্তিতে দামবদ্ধ বলীবর্দ্দের ন্যায় আজ্ঞাবদ্ধ (নীলকণ্ঠ)। "রাজানঃ শ্রেণিবদ্ধাঃ মহা ২.১৪.৪। ২ (বাঙ্‌লায়) শ্রেণীরূপে সজ্জিত; শ্রেণীকৃত। °বন্ধ (পুং)—পঙ্‌ক্তিবন্ধন। "রঘু ১.৪১। °ভূত (বিণ)—বদ্ধপঙ্‌ক্তি। শ্রেণীভূতাঃ…বলাকাঃ পূ.মে ২২।]

শ্রেণী দ্র 'শ্রেণি'।

শ্রেয় বি [সং শ্রেয়ঃ, হি, ঠ, গু শ্রেয়, অপ্র] শুভ, মঙ্গল। "এই কর্ম্মে তোর শ্রেয় দেখিযে রাজন্।—ম ৭১৩। দু ১৭। ভ.গ্র ৫১।

শ্রেয়ঃ (-য়স্) ক্লী [প্রশস্য+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, ক্লীবলিঙ্গ] ১ হিত, মঙ্গল, শুভ, কল্যাণ। "রা ২.৩৪.৩১। প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্য-পূজাব্যতিক্রমঃ রঘু ১৭৯; শ্রেয়াংসি সর্ব্বাণি ৫.৩৪। কেমতে হইবে শ্রেয়ঃ।—ম ৩৫৭। শ্রেয়োমধ্যে কোন শ্রেয়ঃ জীবের হয় সার? কৃষ্ণভক্ত-সঙ্গ বিনা শ্রেয়ঃ নাহি আর॥—চৈ.চ ১২০। ২ সুখ। "পূর্ব্বাবধীরিতং শ্রেয়ো দুঃখং হি পরিবর্ত্ততে শ ৭ ১৩। ৩ মোক্ষহেতু বিদ্যা। বিপ 'প্রেয়ঃ'। "কঠোপনিষৎ ২.১। ৪ কল্যাণ, মোক্ষ (টীকা)। "যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ গী ৩.২। ৫ স্বর্গ; অভীষ্টার্থ (টীকা)। "শ্রেয়ঃ পরমবাপ্স্যথ গী ৩.১১। ৬ ধর্ম্ম, পুণ্য (অ.কো)। [°পরিশ্রম (পুং)—মোক্ষার্থ আয়াস; মুক্তিপ্রয়াস। °কল্প (বি)—শুভকর বিধান; হিতকর বিধি। "সীতাপ্রতিকৃতিসমভিব্যাহারে যজ্ঞানুষ্ঠান করাই সর্ব্বাংশে শ্রেয়ঃকল্প সী ৬৮।

শ্রেয়সী[1] স্ত্রী [°স্+স্ত্রী ঈ (ঙীপ্)] হরিতকী, রাস্না; গজপিপলী।

শ্রেয়সী[2] দ্র 'শ্রেয়ান্'।

শ্রেয়স্কর বিণ [°স্+√কৃ+অ (ট)-ক, উ.ত, স্ত্রী -রী] ১ শুভ-কর, হিত। "শুক্লযজুর্ব্বেদ ১০.২৮। ২ সুখকর। ৩ মোক্ষসাধন। "°তর মনু ১২.৮৪,-৬। ৪ শ্রেয়ঃ-প্রাপ্তিহেতুভূত। "দৃষ্ট্বা শ্রেয়স্করীং বুদ্ধিম্ (পিতামহঃ নাম চাস্যাকরোৎ) রা ৭.৩.৭।

শ্রেয়স্কাম বিণ [শ্রেয়স্+√কম্+অ (ণ)-ক (পা ৩.২.১, সি); উ.ত; স্ত্রী -মা] শুভাকাঙ্ক্ষী, কল্যাণার্থী, হিতেচ্ছু। "ভ ৩.১৪.১৮; নার্য্যঃ শ্রেয়স্কামাঃ ৬.১৮.৩৫।

শ্রেয়স্কৃৎ বিণ [°স্+√কৃ+ক্বিপ্ (০)-ক; উ.ত; স্ত্রী -ৎ] শুভকর, হিতকারী, কল্যাণকর। "ভ ১.১৩.১৪।

শ্রেয়স্ত্ব ক্লী [°স্+ত্ব] প্রশস্যতরত্ব, সাধুতরত্ব। "মনু ১০.৬৬।

শ্রেয়ান্ (-য়স্) বিণ [প্রশস্য+ঈয়স্ (ঈয়সুন্)-১ব (পুংলিঙ্গবিশেষণ); (ক্লীবলিঙ্গে) 'শ্রেয়ঃ', (স্ত্রীলিঙ্গে) 'শ্রেয়সী[2]'] ১ প্রশস্যতর (শ্রীধর), প্রশস্ততর (নীলকণ্ঠ)। "গী ২.৩১; শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ ৩ ৩৫। ২ উৎকৃষ্টতর। "শ্রেয়ঃ পুষ্পং ফলং বৃক্ষাদ্ দধ্নঃ শ্রেয়ো ঘৃতং স্মৃতম্।—পঞ্চ ৩.৯৮। ৩ উৎকর্ষবান্ (মেধাতিথি)। "অশ্রেয়ান্ শ্রেয়সীং

জাতিং গচ্ছতি মনু ১০ ৬৪। ৪ শুভকর, হিতকর। "সংহতিঃ শ্রেয়সী পুংসাং স্বকুলৈরল্পকৈরপি।—হি ১.৩৬। ৫ শ্রেষ্ঠ (সায়ণ)। "ঋগ্বেদ ৫.৬০.৪। ৬ বিদ্যাতপঃসমৃদ্ধ। "শ্রেয়ঃসু গুরুবদ্ বৃত্তিং নিত্যমেব সমাচরেৎ মনু ২.২০৭।

শ্রেষ্ঠ বিণ [প্রশস্য+ইষ্ঠ (ইষ্ঠন্), স্ত্রী -ষ্ঠা] ১ অতিশয়-প্রশস্য (সায়ণ), উৎকৃষ্টতম, উৎকৃষ্ট। "ঋগ্বেদ ৪ ১.৬। শ্রেষ্ঠৈশ্চ পৈর্যুক্তঃ বা ২ ১ ১৯, পুরীশ্রেষ্ঠে।—৫০ ২। যাজ্ঞ ১ ১৯৯। ধর্ম্ম°।—ম ২৫৩, তুমি শ্রেষ্ঠ গরিষ্ঠ নৃপতি যুধিষ্ঠির ৯৩৭, ১০৩২। ২ হিততম, কল্যাণতম, অতি-শুভ। ৩ উন্নততর। "ভূতানাং প্রাণিনঃ শ্রেষ্ঠাঃ প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ মনু ১ ৯৬। ৪ সাববত্তম। "ধনুশ্রেষ্ঠ মহা ৩ ১৯ ২৫। ৫ উত্তম। "বৃষ্টির্মন্দাপ মধ্যমা শ্রেষ্ঠা।—বৃহৎসংহিতা ২৬ ১৩। ৬ প্রধান। "শ্রেষ্ঠ ভিক্ষা রাত্রে তুমি কব আপনাব।—ম ৩৮। ৭ গুণাধিক। "ছান্দোগ্য ৫.১.৭। —ষ্ঠ পুং ১ বিষ্ণু। ২ শিব। ৩ কুবেব। ৪ দ্বিজ, ব্রাহ্মণ। ৫ নৃপ। —ষ্ঠ ক্লী গোদুগ্ধ। [°কাষ্ঠ (পুং)—শাকবৃক্ষ, শেগুন গাছ। °বাক্ (চ) বিণ—সাধুবাক, বাগ্মী। "বসিষ্ঠঃ °ক্ রা ২ ৭৬.১।]

শ্রেষ্ঠতম বিণ [শ্রেষ্ঠ+তম (তমপ), স্ত্রী -মা] শ্রেষ্ঠগণেব শ্রেষ্ঠ, অতীব শ্রেষ্ঠ। "যুধিষ্ঠিরঃ শ্রেষ্ঠতমঃ কুরূণাম্ পা ৫ ৩ ৫৫, কাশিকা। ভার্য্যা শ্রেষ্ঠতমঃ সখা মহা ১,৭৪.৪১, কৃষ্ণ° ৩ ২৬৯ ৭। তাব মধ্যে ভাগবত সর্ব্বশ্রেষ্ঠতম° ভ গ্র ১৩৬, শ্রীবাধিকা শ্রেষ্ঠতমোত্তমা ১৬৩। —তর বিণ [+তব (তবপ), স্ত্রী -বা] দুইয়ের মধ্যে শ্রেষ্ঠ, আপেক্ষিক-ভাবে শ্রেষ্ঠ। 'পুবোহিতঃ শ্রেষ্ঠতবং শ্রেষ্ঠঃ সেনাপতিঃ স্মৃতঃ। —শু ২.২৭৮। নাহি ততোধিক আব পুণ্য শ্রেষ্ঠতব।—ন ১০০০।

শ্রেষ্ঠান্বয় বিণ [বহুব্রী] শুদ্ধবংশ্য, সদ্বংশজ, মহাকুলীন।

শ্রেষ্ঠাশ্রম পুং [কর্ম্মধা] ১ প্রশস্ততম আশ্রম, গৃহস্থাশ্রম। ২ [বহুব্রী] জ্যেষ্ঠাশ্রমী, গৃহী।

শ্রেষ্ঠী (-ষ্ঠিন্) পুং [শ্রেষ্ঠ+ইন্ (ইনি)-১ব] শ্রেষ্ঠধনাদিমান্, শিল্পিকুলশ্রেষ্ঠ বণিক, শেঠ। 'শ্রেষ্ঠী কুলশ্রেষ্ঠিনি শিল্পিনাম্।—জটাধর। "শ্রেষ্ঠিপূর্ব্বাশ্চ শ্রেণয়ঃ।—হ ১৮৯ ৮৫। পঞ্চ ১ ১৪, ৫২½।

শ্রৈ সক [ভ্বা, প—শ্রাযতি, (শিজন্ত ঘটাদি) শ্রপয়তি, অনিট্] ১ পাক। "অন্নং শ্রাযতাম্নুপমবসম্ (ক ক)। ২ (অক) স্বেদ। "শ্রায়তি রৌদ্রা-ক্রোকঃ (ক.ক)।

শ্রৈষ্ঠ্য ক্লী [শ্রেষ্ঠ+য (ষ্যঞ্)] শ্রেষ্ঠতা, উৎকৃষ্টত্ব। অথর্ব্ববেদ ১ ৯.৩। ছান্দোগ্য ৫ ২ ৬। মনু ১ ১০০, ১২ ৭৮।

শ্রোণ্ সক [ভ্বা, প—শ্রোণতি, সেট্] সঙ্ঘাত, রাশীকরণ (ক ক)। —ণ্ অক [পূর্ব্ববৎ] সঙ্ঘাত (ত বা)।

শ্রোণ বিণ [√শ্রোণ্+অ (অচ্)-ক] বিগুণজানুক (সাযণ), সংহত-জঙ্ঘ, জঙ্ঘাবিকল, পঙ্গু (অ কো)। "ঋগ্বেদ ১ ১১২ ৮। —ণা স্ত্রী [শ্রবণা > °ণা (?)] শ্রবণানক্ষত্র। "ভ ৮ ১৮.৫।

শ্রোণা দ্র 'শ্রোণ'।

শ্রোণি, -ণী স্ত্রী [√শ্রোণ্+ই (ইন্)-ক, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কটি, ককুদ্মতী (অ কো)। "সুশ্রোণি।—রা ২ ৩০ ৩২, শুভশ্রোণি। —৪২। কাঞ্চীগুণোল্লসচ্ছ্রোণি ভ ৩ ২৮ ১৬, শ্যাম° ৪ ২৪ ৫১। রসনা ত্যজিয়া শ্রোণি নিতম্ব পরশে।—হেম ১৭১। ২ নিতম্ব (buttocks)। "(পদ্মলোচনাঃ) মহাকটিতটশ্রোণ্যঃ মহা ৩ ৪৩.৩২। শ্রোণীং বিশালাম্। —হ ১৩৯.৩৬। শ্রোণীতটালসগতি ভ ৮ ৯.১৭। ৩ বর্ত্ম, পথ। [°তট (পুং)—তটতুল্য শ্রোণি, বিশাল নিতম্ব। দ্র 'শ্রোণি (২)। °দেশ (পুং)—কটিদেশ। "ভ ২ ১.৩৫। শ্রোণিদেশে ভাতিল মেখলা।—মে ১০৪। °ফলক (ক্লী)—১ শ্রোণি, কটি (অ কো)। ২ কটিপার্শ্ব (অ.টী)। °বিম্ব (ক্লী)—নিতম্বমণ্ডল। "বিবৃতো রথাঙ্গশ্রোণিবিম্বয়া। —বিক্র ৪.১৮। °ভার (পুং)—নিতম্বগৌরব। "শ্রোণীভারাদলসগমনা উ মে ২১। শ্রোণিভারে আর এই অলষ গমন।—ন ১১৮৫। °সূত্র (ক্লী)—১ খড়্গবন্ধনসূত্র। "বা ৭.৬ ৬৫। ২ কটিবন্ধনসূত্র, কাঞ্চী। "মহা ৪ ৬ ১৩।

শ্রোতব্য বিণ [√শ্রু+তব্য-ম্ম] শ্রবণীয়, শ্রব্য, শ্রবণযোগ্য। "রা ২ ২৭ ৩। (একেন মনসা ভগবান) শ্রোতব্যঃ ৩১ ২ ১৪। অ° ভ গ্র ৩৩৩।—তব্য ক্লী শ্রবণার্হ বিষয়, শ্রব্যার্থ। "কিঞ্চিদ্ বক্ষ্যামি ...শ্রোতব্যম্ বা ৭ ২০ ৬, গী ২ ৫২।

শ্রোতা (-তৃ) বিণ [√শ্রু+তৃ (তৃচ্, তৃন)-ক-১ব, স্ত্রী -ত্রী] শ্রবণকাবক, আকর্ণয়িতা, শ্রবণশীল। "ঋগ্বেদ ৩ ২৬ ২। (ব্রাহ্মণাঃ) শ্রোতারঃ মহা ৩ ১৯০ ৬৪। —তা পুং ১ শিষ্য। বিপ 'গুরু'। "ন কশ্চিৎ কস্যচিচ্ছ্রোতা ন কশ্চিৎ কস্যচিদ্ গুরুঃ মহা ৩.১৯০.৪৭। জয় শ্রোতাগণ যাব গৌব প্রাণধন চৈ চ ১৫৭। ২ শ্রবণশীল জন। "শ্রোতুঃ শীলাদযো গুণাঃ ভ ৪ ১২.৪৬।

শ্রোত্র ক্লী [√শ্রু+ত্র (ত্রন্)-ণ, উ ৪ ১৬৭] ১ 'শ্রবণসাধন', কর্ণ। "ঋগ্বেদ ১০ ৮৫ ১১। মনু ২ ৯০। চক্ষুঃশ্রোত্রে চ জীর্য্যেতে তৃষ্ণৈকা তরুণায়তে।—পঞ্চ ৫ ১৬। ২ 'শ্রোত্রতন্মাত্র', শব্দগুণ। "ভ ২ ২.২৯। ৩ শব্দাধাবগোলক (ত বা)। [°পদবী (স্ত্রী), °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী, °মার্গ (পুং)—শ্রুতিপথ, শ্রবণকুহব, কর্ণগোচর। °পালি (স্ত্রী) কর্ণের বাহ্যবেষ্টন, কর্ণলতিকা (the lobe of the ear)। °পেয় (বিণ)—শ্রোত্রপানার্হ, অতিতৃষ্ণায শ্রোতব্য। "সন্দেশম্...শ্রোষ্যসি শ্রোত্রপেযম্ পূ মে ১৩। °মূল (ক্লী)—কর্ণমূল। °সংবাদ (পুং) —শ্রোত্রসম্বন্ধে সাদৃশ্য, শ্রবণে শব্দৈকরূপতা। "(নাদঃ) শ্রোত্র-সংবাদমেতি মা মা ৫ ২০। °সুখ (বিণ)—শ্রুতিসুখকর, মধুর। "শ্রোত্র-সুখৈর্নিনাদৈঃ ভট্টি ২ ১৮। °হারী (-রিন্) বিণ—কর্ণবিমোহন, শ্রুতি-মধুর। °হীন (বিণ)—শ্রবণশক্তিরহিত, বধিব। "বৃহৎসংহিতা ৯৬.১২।]

শ্রোত্রানুকূল বিণ [ষ ত] শ্রোত্রপ্রিয, শ্রুতিসুখ। "শ্রোত্রানুকূলৈ-র্বচনৈরথ তাং সমভাষত গো রা ৫ ৩১.৪৫।

শ্রোত্রিয় বি [ছন্দোঽধীতে ইতি ছন্দস্' > °য় (নিপাতিত), অথবা, ছন্দস্ >শ্রোত্র+ইয় (ঘ), পা ৫ ২ ৮৪, ছান্দস] ১ বেদাধ্যেতা। "শ্রোত্রিয়ো ব্রাহ্মণঃ (কাশিকা)। ২ শ্রুতাধ্যযনসম্পন্ন। "মহা°—ছান্দোগ্য ৫ ১১ ১, ভ ৫ ৪ ১৩। মনু ২.১ ৩৪। —য় পুং ১ বেদাধ্যেতা ব্রাহ্মণ, ছান্দস (অ কো), ছন্দোমাত্রাধ্যায়ী (কুল্লুক), একশাখাধ্যায়ী (মিতাক্ষরা), বেদবিৎ। "মনু ৩ ১২৮। যাজ্ঞ ৩.২৪। উ.চ ৪½। ২ বেদশাস্ত্রাধ্যায়ী। "মনু ৫ ৮১। ৩ ব্রাহ্মণবংশে জন্ম, উপনয়ন ও বিদ্যা —এই ত্রিতয়বিশিষ্ট ব্রাহ্মণ। 'জন্মনা ব্রাহ্মণো জ্ঞেযঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে ॥—অত্রি ১৪০। ৪•(বাঙ্‌লায়) কুলীন ব্রাহ্মণের যে নবগুণ ছিল, তাহার মধ্যে শান্তিগুণ-বর্জ্জিত ব্রাহ্মণ 'শ্রোত্রিয়', অকুলীন ব্রাহ্মণ। দ্র 'কুললক্ষণ'। 'জনার্দ্দন শর্ম্মা কুলীন শ্রেষ্ঠ, আমি শ্রোত্রিয ব প্র ১৬৭। [কৌলীন্য সংস্থাপনের পরে, ঘটকেরা কুললক্ষণের মধ্যে শান্তি-শব্দের স্থানে 'আবৃত্তি'-শব্দ সন্নিবেশিত করেন। 'আবৃত্তি'র অর্থ 'পরিবর্ত্ত'। আদান, প্রদান, কুশত্যাগ (কন্যাভাবে কুশময়কন্যাদান), ঘটকাগ্রে প্রতিষ্ঠা (উভয়পক্ষে কন্যাভাবে ঘটকাগ্রে বাক্যমাত্রে কন্যাদানাদান),—ভেদে পরিবর্ত্ত চতুর্ব্বিধ। সিদ্ধ সাধ্য কষ্ট ভেদে শ্রোত্রিয় ত্রিবিধ।—সম্বন্ধনির্ণয়।] [°স্ব (ক্লী)—শ্রোত্রিয়ধন। "মনু ৮ ১৪৯।]

শ্রোত্রেন্দ্রিয় ক্লী [কর্ম্মধা] শ্রোত্ররূপ ইন্দ্রিয়, কর্ণ (সুশ্রুত)।

শ্রৌত বিণ [শ্রুতি+অ (অণ্), স্ত্রী -তী] ১ শ্রুতিসম্বন্ধী, শ্রুত্যুক্ত, বেদবিহিত। বিপ 'স্মার্ত্ত'। "শ্রৌতম্ (কর্ম্ম)—যাজ্ঞ ১ ৯৭; "আর্ত্ত-কর্ম্মন্ ভ ৫ ১৪.৩০। ২ উপমানোপমেয়গতসাদৃশ্যবোধকশব্দসম্বন্ধী। "শ্রৌতী উপমা সা.দ ১০.১৬। ৩ কর্ণসম্বন্ধী। —ত ক্লী ১ শ্রুতিবিহিত

কর্ম্ম; অগ্নিহোত্রাদি। ২ উপনয়ন। "ভ ১১.৫.৫। ৩ শ্রৌতাগ্নিত্রয় —দক্ষিণাগ্নি গার্হপত্য আহবনীয়। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—বেদবিহিত-কর্ম্ম; অগ্নিহোত্রাদি।]

শ্রৌতসূত্র ক্লী [কর্ম্মধা] বেদাঙ্গকল্পসূত্রের বিভাগবিশেষ। [ইহাতে দর্শপূর্ণমাসাগ্নিহোত্রচাতুর্ম্মাস্যাদির বিবরণ লিপিবদ্ধ আছে। গৌতম আশ্বলায়ন সাংখ্যায়ন কাত্যায়ন প্রভৃতি ইহার প্রণেতা।]

শ্রৌত্র ক্লী [শ্রোত্র+অ (অণ্) স্বার্থে] ১ শ্রোত্র, কর্ণ। "পা ৫.৪.৩৮। ২ [শ্রোত্রিয়+অ (অণ্), য়-লোপ, পা ৫.১.১৩০। শ্রোত্রিয়ভাব, শ্রোত্রিয়কর্ম্ম।

শ্রৌষট্ ব্য দেবহবির্দানমন্ত্র (অ কো)।

শ্লক্ষ্ণ বিণ [√শ্লিষ্+স্ন (ক্স্ন)-র্ম্ম (?), উ ৩.১৯] ১ অল্প, স্তোক, সূক্ষ্ম, কৃশ, তনু, লেশ (অ কো)। ২ মনোহর (শ.ক)। "(বাহবঃ) আকার-বর্ণসুশ্লক্ষ্ণাঃ মহা ৩ ৫৭.৬। সুশ্লক্ষ্ণকৃষ্ণাক্ষি ১১২.২। ৩ কোমল, মধুর। বিপ 'কর্কশ, পরুষ'। "°গির্ রা ২.৩১.১৮, °বাচ্ ৮৫.৮। ৪ নোচ্চৈরুদ্ধত (মেধাতিথি), অনুচ্চ ও অনুদ্ধত। "বাক্ চৈব মধুরা শ্লক্ষ্ণা প্রযোজ্যা মনু ২.১৫৯। ৫ তক্ষণবিশেষ হেতু শ্লক্ষ্ণস্পর্শবান্ (টীকা); অপরুষ, মসৃণ। "(যূপাঃ) শ্লক্ষ্ণরূপসমন্বিতাঃ রা ১.১৪.২৬। শাল্মলী ফলকে শ্লক্ষ্ণে মনু ৮.৩৯৬। যন্ত্রাণি খরশ্লক্ষ্ণমুখানি।—সুশ্রুত ১.৭৫। ৬ নির্ম্মল। "সাম্না শ্লক্ষ্ণেন চারুণা রা ২.২৪.৩৭। ৭ স্নিগ্ধ, পিচ্ছিল, তেলা। "অতি-শ্লক্ষ্ণতয়া গৃহেষু মাঘ ৩.৪৬। ৮ সান্ত্বপূর্ব্বক। "গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্ ভ ১.৬.২১। ৯ অনবচ্ছিন্ন। "শ্লক্ষ্ণং বায়োঃ (গানম্)। —ছান্দোগ্য ২.২২.১। ১০ স্পষ্ট, পরিস্ফুট। "(সূত,) ভয়বিক্লবয়া বাচা মন্দয়াঽশ্লক্ষ্ণয়াব্রবীৎ রা ২.৩৪.৫। ১১ অকপট (A)। —ক্ষ্ণক ক্লী পূগফল, সুপারি। [°পিষ্ট (বিণ)—নিষ্পিষ্ট।]

শ্লক্ষ্ণক দ্র 'শ্লক্ষ্ণ'।

শ্লথ[1] অক [অদন্ত চু, প—শ্লথয়তি; সেট্] ১ কার্শ্য, দৌর্ব্বল্য। ২ [ভ্বা, ঙ—শ্লথতে; সেট্] শিথিলীভাব। "শ্লথতে দীর্ঘসংসারগ্রন্থিঃ (কবিরহস্য)।

শ্লথ[2] বিণ [√শ্লথ্+অ (অচ্)-ক] ১ বিবলসংযোগ, শিথিল। "°হস্ত-গাণ্ডিব মত্তা (S.W.)। বৃন্তাচ্ছ্লথং…পুষ্পম্ রঘু ৫.৬৯; শ্লথশিঞ্জিত-মেখলা ৯ ৩৭। অঙ্গ মোর হৈল শ্লথ বল নাই তনু।—ম ৭৩৮। ২ অবদ্ধ, মুক্ত। ৩ পর্য্যাকুল, গ্রন্থিহীন, এলো। "°শিরসিজপাশপাতভার মাঘ ৭.৬২। °ধম্মিল্ল ক.সা ১৯.৯৯। ৪ মন্দ। "শ্লথোদ্যম, শ্লথাদর (S.W.)। [°বন্ধন (বিণ)—শিথিলবন্ধ, স্রস্তগ্রন্থি। °লম্বী (-ম্বিন্) বিণ—শিথিল-বন্ধন অতএব লম্বমান। "উপেক্ষতে যঃ °লম্বিনীর্জটাঃ কু.স ৫.৪৭। °সন্ধি (বিণ)—শিথিলগ্রন্থি।]

শ্লথীকৃত বিণ [শ্লথ+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] শিথিলীকৃত, মন্দীকৃত। "শ্লথীকৃতাত্মীয়দেশবাসরস ক.সা ২২.১৫১।

শ্লাঘ্ সক [ভ্বা, ঙ—শ্লাঘতে; সেট্] শ্লাঘা, কত্থন, প্রশংসা।

শ্লাঘন বিণ [√শ্লাঘ্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ কত্থন, শ্লাঘাকারী। ২ কৃতার্থম্মন্য। "মহা ৫.৩২.২৯। —ঘন ক্লী [+অন-ভা] কত্থন, প্রশংসা, শ্লাঘা। "মুক্তাত্মশ্লাঘনা সা.দ ১৯/১৮। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রশস্ত, প্রশংসনীয়। "রা ২.১১৫.৫। পূ.মে ৩৯। —ঘা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বিকত্থন, প্রশংসা। "পা ৫.১. ১৩৪। ত্যাগে °বিপর্য্যয়ঃ রঘু ১.২২। ২ পরিচর্য্যা; অভিলাষ (মেদিনী)। —ঘিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] বিকত্থিত, প্রশস্ত। "কর্ম্মাণি শ্লাঘিতানি ভ ৩.৪.৩৩। —ঘী (-ঘিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ঘিনী] ১ শ্লাঘাকারী, বিকত্থন। "বল°, বীর্য্য°, শব্দবেধিত্ব° (S.W.)। সমর° রা ৬.১০১.৫; রণ° ৭.২৩.৭। হয়য়ঃ শ্লাঘিনঃ ভ ৮.২.৬। ২ অভিনন্দী (approving)। "(লক্ষ্মণঃ) প্রীত্যর্থং তদ্বচঃশ্লাঘী (রামম্) পৃষ্ঠতোঽনুসসার হ।—গো.রা ৫.৩১.৩১। —ঘ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ শ্লাঘনীয়, বিকত্থনার্হ। "দ্বন্দ্বযুদ্ধং প্রদাস্যামি বীর্য্যশ্লাঘ্যমহং তব রা ১. ৭৫.৪। ২ স্পৃহণীয়। "এষ বঃ °সম্বন্ধী উ.চ ৪.৯; স সম্বন্ধী শ্লাঘ্যঃ ১৩। ৩ প্রশস্ত, প্রশংসার্হ, ধন্য। "অহো হিরণ্যক শ্লাঘ্যোঽসি।—হি ১/৫৫; শ্লাঘ্যঃ স একো ভুবি মানবানাম্ ১.২০১। গী.গো ১.৪। ৪ বর, শ্রেয়ান্। "হিমাংশোঃ কলাক্ষয়ঃ শ্লাঘ্যতরো হি বৃদ্ধেঃ রঘু ৫.১৬। ৫ আশাস্য, প্রার্থনীয়। "জয়বিপর্য্যয়োঽপি মে শ্লাঘ্য এব পরমেষ্ঠিনা ত্বয়া রঘু ১.৮৬।

শ্লাঘনীয়, শ্লাঘা, শ্লাঘিত দ্র 'শ্লাঘন'।

শ্লাঘিষ্ঠ বিণ [শ্লাঘাবৎ+ইষ্ঠ (ইষ্ঠন্)] শ্লাঘাবত্তম, শ্লাঘ্যতম। "মহাভিষেক-শ্লাঘিষ্ঠচারু কবরম্ ভ ১.১৫.১০।

শ্লাঘী, শ্লাঘ্য দ্র 'শ্লাঘন'।

শ্লিষ্ সক [ভ্বা, প—শ্লেষতি; অনিট্] ১ দাহ। ২ [দি, প—শ্লিষ্যতি; অনিট্] শ্লেষ, আলিঙ্গন। "মা ন শ্লিক্ষঃ প্রিয়ং প্রিয়ে ভট্টি ৬.১৬। ৩ [চু, প—শ্লেষয়তি সেট্] আলিঙ্গন। —ষ্ অক [দি, প] সম্বন্ধী-ভাব। "শ্লিষ্যতি বৃক্ষে লতা, লগ্না ভবতীত্যর্থঃ (ক.ক)। [আ—আশ্লেষ, আলিঙ্গন। বি—বিশ্লেষ, বিয়োগ। প্র—প্রশ্লেষ, সংযোগ। সম্-আ —সংশ্লেষ, সংযোগ।]

শ্লিষ্ট বিণ [√শ্লিষ্+ত (ক্ত)-ক,-র্ম্ম] ১ পরিষক্ত, আলিঙ্গিত। "অন্যা বামভুজং শ্লিষ্টা যা সা তিষ্ঠতি দুর্ম্মনাঃ।—রা ২.৯২.২২। ২ লগ্ন, যুক্ত। "শ্লিষ্টাঞ্জলিপুট গো.রা ৩.৪.১। শ্লিষ্টাঙ্গুলী চরণৌ।—বৃহৎসংহিতা ৬৮.২। ৩ সংসৃষ্ট (ত বা), সম্বদ্ধ। "সুশ্লিষ্টং কুরুতে কার্য্যং নিসৃষ্টার্থস্তু স স্মৃতঃ সা.দ ৩.৪৮; ৬.৪৯। ৪ শ্লেষালঙ্কারযুক্ত, ভিন্নার্থৈকরূপ (শব্দ)। "সা দ ১০.১১।—ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আলিঙ্গন।

শ্লিষ্টোক্তি স্ত্রী [কর্ম্মধা] শ্লিষ্টপদ বা দ্ব্যর্থক বাক্য। "ক.সা ৭৩.৪৩০।

শ্লীপদ ক্লী [তু 'শিলীপদ'; শ্রীপদ > °দ (?)] পদস্ফীতিরূপ ব্যাধি-ভেদ, পাদবল্মীক, গোদ (elephantiasis)। —পদী (-দিন্) পুং [°দ+ইন্ (ইনি)-১ব] শ্লীপদরোগী, গোদা। "মনু ৩.১৬৫।

শ্লীপদাপহ পুং [°দ+অপ- √হন্+অ (ড)-ক; উ.ত] পুত্রজীব।

শ্লীল বিণ [শ্রীল > °ল (র > ল)—অ.চি] ১ শ্রীমান্, লক্ষ্মীবান্। ২ শোভান্বিত, শোভন। ৩ অজুগুপ্সিত, অনিন্দিত। "অশ্লীলমপ্রিয়ং দ্রৌণিমুক্তবান্ মহা ৭ ২০০.১৩।

শ্লেষ পুং [√শ্লিষ্+অ (ঘঞ্)-ভা] ১ পরিষঙ্গ, আলিঙ্গন। "কুচ-কলশ°। ২ সংযোগ, সন্ধি। "ততো গর্ভঃ সম্ভবতি শ্লেষাৎ স্ত্রীপুংসয়োঃ মহা ১৩.১১১.৩০। ৩ স্পর্শ। "উ.চ ৬.২২। ৪ [+অ (ণ)-ক, পা ৩.১.১৪১] অর্থদ্বয়। "সহাধবদলেনাস্যা যৌবনে রাগভাক্ প্রিয়ঃ।—অত্র রাগপদে শ্লেষঃ সা.দ ১০/৫/৬। ৫ শব্দালঙ্কারবিশেষ। [অভিধাবৃত্তিজন্য-স্বাভাবিক একার্থক শব্দ লক্ষণায় অন্য অর্থের প্রতিপাদন করিলে, অর্থাৎ কোন শব্দ অভিধালক্ষণাবৃত্তিতে দুই বা অনেকার্থের প্রতিপাদক হইলে, 'শ্লেষ' অলঙ্কার হয়। বর্ণ পদ লিঙ্গ প্রকৃতি প্রত্যয় বিভক্তি বচন ও ভাষা-ভেদে 'শ্লেষ' অষ্টবিধ। 'শব্দৈঃ স্বভাবাদেকার্থৈঃ শ্লেষোঽনেকার্থবাচনম্ সা.দ ১০.৫৮।] "প্রত্যক্ষরশ্লেষময়ঃ (প্রবন্ধঃ)।—(S.W.)। শ্লেষরূপে ব্রাহ্মণ কহিল সব কথা শ্রী ১৫২। ৬ দাহ। ৭ (বাঙ্লায়) মনোগত-ভাব, অভিপ্রায়। শুনি রাজা কলিঙ্গার মুখপানে চায়। শ্লেষ বুঝি সুন্দরী স্বামীরে দিল সায়॥—শ্রী ১৪৯। ৮ সঙ্কেত, ইঙ্গিত। "দাসী শয্যা রচিল কথার পেয়ে শ্লেষ শ্রী ১৭৬। এ শ্লেষ পুত্রকে নয়, আমাকে অ.গ্র ৬। ৯ গুপ্তবিষয়ক কথা। "শ্লেষমাত্র বলিতো চলিল (বাইতি) ধাওয়াধাই শ্রী ২৫৮। ১০ ব্যঙ্গোক্তি, উপহাস। "বুঝিলাম কর্ণধার শ্লেষ কর মোরে ম পা ১১২; পড়ুয়ারে শ্লেষ করে সাধুর তনএ ১২০; শ্লেষ কেহে কর দণ্ডধারী ১৪২। ভ.গ্র ২০৯; ৪৭৭। ১১ দম্পতির রসি-কতার উপহাস। "চাতুরী সরস কিছু রাজা কন শ্লেষ। বড় না সুন্দরী আজি দেখি লাস বেশ॥—শ্রী ১৭৬। —ষা স্ত্রী উপমর্দ্দ। "অন্যোন্য-

মেঘস্রোতৃজ্বলিনিরন্তরপয়োধরাম্ (স্ত্রিয়ম্) ভ ৩.২০.৩০। —ষক বিণ [+অক(ণুল্)-ক] ১ আলিঙ্গনকারক। ২ সন্ধিকারক। —ষণ ক্লী [+অন(ল্যুট্)-ভা] ১ আলিঙ্গন। ২ সম্বন্ধীভাব, সংযোগ। [°ভিত্তিক (বিণ)—শ্লেষমূলক।]

শ্লেষক, শ্লেষণ, শ্লেষা দ্র 'শ্লেষ'।

শ্লেষার্থ পুং [উ.লো] শ্লেষমূলক অর্থ, লক্ষ্যার্থ।

শ্লেষোক্তি স্ত্রী [উ লো] শ্লেষমূলক বা দ্ব্যর্থক বাক্য।

শ্লেষ্মক পুং [শ্লেষ্মন্+ক (কন্)] শ্লেষ্মা, কফ।

শ্লেষ্মঘ্ন বিণ [শ্লেষ্মন্+ √হন্+অ (টক্)-ক, উ ত, স্ত্রী -ঘ্নী] কফনাশক। —ঘ্নী স্ত্রী মল্লিকা; ত্রিকটু, জ্যোতিষ্মতী।

শ্লেষ্মঘ্নী দ্র 'শ্লেষ্মঘ্ন'।

শ্লেষ্মণ, -ল বিণ [°মন্+ন, ল (লচ্—অ কো)] কফী।

শ্লেষ্মল দ্র শ্লেষ্মণ'।

শ্লেষ্মা (-ষ্মন্) পুং [√শ্লিষ্+মন্ (মনিন্)-ক -১ব, উ ৪ ১৪৪, শ্লেষ্মন্ > শ্লেষ্ম (সমাসে পূর্ব্বপদ)—যেমন, 'শ্লেষ্মজ্বর' ইত্যাদি] কফ। "শতপথব্রাহ্মণ ১৩.৪ ৪ ৬। মনু ৪.১৩২। —ষ্মা স্ত্রী কফ। "পঞ্চরাত্র ১ ৩.৩৩। [°কটাহক (পুং)—পতদ্গ্রহ, পিক্দানী। °ক্ষয় (পুং) —কফনাশ। °জ, °ভব (বিণ)—কফজাত। °জ্বর (পুং)—কফজন্য জ্বর। °ধাতু (পুং)—কফধাতু। °বৃদ্ধি (স্ত্রী)—কফবৃদ্ধি। °ভূ (স্ত্রী) —কফাধার, ফুসফুস। °শোথ (পুং)—কফজশোথ। °সঙ্ঘাত (পুং) —কফসমূহ। "যাজ্ঞ ৩ ৯৭। °হর (বিণ)—কফনাশক।]

শ্লেষ্মাত, -তক পুং [শ্লেষ্মন্+আ- √তন্+অ (ড)-ক, ক (কন্) স্বার্থে, উ ত] 'কফবর্দ্ধক', বহুবারক, লোনা ও আতা গাছ (অটী), (মতান্তরে) চালতা গাছ। "°তকবন বা ৭ ১০.৪৯।

শ্লেষ্মাতক দ্র 'শ্লেষ্মাত'।

শ্লেষ্মাতিসার পুং [ড.লো] কফজন্য অতিসার।

শ্লেষ্মান্তক বিণ [ষ ত] কফনাশক। —ন্তক পুং [তৃ ত] শ্লেষ্মা দ্বারা নাশক, শ্লেষ্মাতক। [°ফল (ক্লী)—চালতা। "মনু ৬ ১৪।]

শ্লৈষ্মিক বিণ [শ্লেষ্মন্+ইক (ঠক্), পা ৫.১ ৩৮, কাশিকা, স্ত্রী -কী] ১ শ্লেষ্মশমন, কফদোষনাশক, শ্লেষ্মকোপন, কফদোষজনক। "শ্লৈষ্মিকদ্রব্য।—বৃহৎসংহিতা ১০৪ ৬১। ২ শ্লেষ্মসম্বন্ধী, শ্লেষ্মজনক (phlegmatic)। [শ্লৈষ্মিক ঝিল্লী—কফোৎপাদক সূক্ষ্ম আবরণ (mucus membrane)।]

শ্লোক্ সক [ভ্বা, ও—শ্লোকতে, সেট্] ১ সঙ্ঘাত, গ্রন্থন। ২ কীর্ত্তন। "শ্লোক্যতে কীর্ত্ত্যতে জনৈরিতি শ্লোকঃ।—শুক্লযজুর্ব্বেদ ১০ ৫, মহীধর। —ক্ অক [পূর্ব্ববৎ] সঙ্ঘাত, ছন্দোবিশিষ্ট-বাক্যরচন। 'শ্লোকতে কবিঃ (ক.ক)।

শ্লোক পুং [√শ্লোক+অ (ঘঞ্)-র্ম, 'শ্লোক' (ক্লী)—শ্লোকোৎস্ত্রী পত্তযশসোঃ (রত্নকোষ), 'শ্লোক'—স্তুতিলক্ষণা বাক্ (ঋগ্বেদ ১ ১১৮ ৩, সায়ণ)] ১ ছন্দোগ্রথিত বাক্য, পদ্য। "°সহস্র, °শত, °কূট মহা ১ ১.৮১,-২। ত্রিংশ লক্ষ শ্লোক।—ম ২। ২ অনুষ্টুপ্‌ছন্দোরচিত পদ্য। "সমাক্ষরৈঃ শ্লোকশতৈঃ রা ১ ২ ৪২। (হনুমান্) পুচ্ছে ফেলে তিন শ্লোক, চণ্ডী হৈল অশুদ্ধ তখন—কৃ ৩৫৪। [ব্যাধশরে হত ক্রৌঞ্চীর কাতর বিলাপে করুণহৃদয় বাল্মীকির মুখ হইতে শোক হেতু যে সমাক্ষর চতুষ্পাদ "মা নিষাদ" ইত্যাদি স্বতঃই প্রবৃত্ত হইয়াছিল, তাহাই শোক হেতু শ্লোকত্বপ্রাপ্ত হয়। 'শোকঃ শ্লোকত্বমাগতঃ (রা ১ ২.৪০)। শ্লোকত্বমাপদ্যত যস্য (কবেঃ) শোকঃ (রঘু ১৪.৭০)।] ৩ যশঃ। "শ্লোক উত্তমঃ।—ঋগ্বেদ ১০.১৬৯.৩। পুণ্য° মহা ৩ ৭৬.১। উত্তমঃ-শ্লোকগুণানুবাদ ভ ১০.১.৪। পুণ্যশ্লোক।—ম ৪৪৫। [°কার (বিণ) —শ্লোকরচয়িতা। "পা ৩.২.২৩। °বদ্ধ (বিণ)—ছন্দোবদ্ধ। °বার্ত্তিক (স্ত্রী)—শ্লোকবদ্ধ বার্ত্তিকসূত্র। "মীমাংসা"। °শতী (স্ত্রী) —শতসংখ্যক শ্লোক।]

শ্লোকাভিনয় পুং [ষ ত] শ্লোকাবৃত্তি, শ্লোকপাঠ।

শ্লোক্য বিণ [√শ্লোক্+য (ণ্যৎ)-র্ম] কীর্ত্তনীয়, সুকীর্ত্ত্যর্হ (শ্রীধর)। "(পতিতং পাদয়োর্বীরঃ) নাবধীৎ শ্লোক্যঃ ভ ১.১৭.৩০।

শ্বঃ (-স্) ব্য ১ পর দিনে; আগামী দিনে, কাল।) "ঋগ্বেদ ৬ ৫৬ ৬। শো ভূতে রা ৭.৯৮.২৭। পরশ্বস্ (অ কো)। ২ প্রশংসা, শোভন। 'শ্বঃশ্রেয়স। [°কাল (পুং)—আগামিদিবস, কল্য। "শ্বঃকালে করবামহে মহা ১ ১২৫ ৩২।]

শ্বঃশ্রেয়স বিণ [°স+অ (অচ্)] সমৃদ্ধ। —স ক্লী [শ্বঃ শ্রেয়ঃ ময়ূরব্যংসকাদি, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫ ৪ ৮০] ১ শোভন, শ্রেয়ঃ (কাশিকা), কল্যাণ, মঙ্গল। 'ভট্টি ৪.৩৮। শ্বঃশ্রেয়স বাণী শ্রী.মা ২৯। ২ শম্ম, সুখ। ৩ পরমাত্মা (মেদিনী)।

শ্বক্রীড়ী (-ড়িন্) পুং [শ্বন্+ √ক্রীড়্+ই (ণিনি)-ক -১ব, উ ত] ক্রীড়ার্থ কুক্কুরপালক। "মনু ৩ ১৬৪।

শ্বগণ পুং [ষ.ত] কুক্কুরসমূহ। "পা ৪ ৪ ১১। হ ২৭১.১৩।

শ্বগণিক পুং [°ণ+ইক (ঠন)] কুক্কুরপালক, ব্যাধ।

শ্বগণী (-ণিন্) পুং [°ণ+ইন্ (ইনি) -১ব] শ্বগণবান্, শ্বগ্রাহী। "শ্বগণিবাগুরিক রঘু ৯ ৫৩।

শ্বজীবিকা স্ত্রী [ষ ত] কুক্কুরজীবিকা, শ্ববৃত্তি, দাস্য।

শ্বজীবী (-বিন্) পুং [শ্বন+ √জীব্+ইন্ (ণিনি)-ক -১ব] কুক্কুরপালক, শবর, ব্যাধ। 'বিষ্ণু ৫১ ১৫।

শ্বন্ পুং [সংস্কৃত শব্দ] কুক্কুর। "শ্রী ১৮৮।

শ্বনিশ ক্লী, **-শা** স্ত্রী [ষ ত, বিকল্পে স্ত্রীলিঙ্গ] কৃষ্ণচতুর্দ্দশী। দ্র 'তত্ত্ববোধিনী'। "পা ২.৪ ২৫।

শ্বনিশা দ্র 'শ্বনিশ'।

শ্বপক্ (-পচ্), -পচ পুং [শ্বন্+ √পচ্+ক্বিপ্ (০), -ক -১ব, উ ত, শ্বার পচ, ষ ত] ১ কুক্কুরপাচক, কুক্কুরোপজীবী, ব্যাধ, চণ্ডালবিশেষ। "শ্বপচান্ মনু ৩ ৯২, চণ্ডালশ্বপচানাম্ ১০ ৫১। শ্বপচকুমার।—ম ১০৫২। শ্বপচ চৈ.চ ১৯১। [ক্ষত্তা হইতে উগ্রার গর্ভে ইহাদের উৎপত্তি। ইহারা অবান্ধব শব গ্রাম হইতে বহির্গত করে, রাজাজ্ঞায় বধ্যকে বধ করে ও বধ্যের বস্ত্র শয্যা ভূষণ গ্রহণ করে। 'মনু ১০ ১৯, ৫৫,-৬।] ২ বধ্যঘাতক, জল্লাদ। —চা, -চী স্ত্রী শ্বপচ-স্ত্রীজাতি। "°চা পা ৩ ১.১৩৪, সি।

শ্বপচ, শ্বপচা, শ্বপচী দ্র 'শ্বপক্'।

শ্বপদ ক্লী [ষ.ত] ১ কুক্কুরপদ, শ্বপদচিহ্ন। ২ সুবর্ণাপহারীর ললাটে তপ্তলৌহকৃত শ্বপদচিহ্ন। মনু ৯ ২৩৭।

শ্বপাক পুং [শ্বন্+ √পচ্+অ (অণ্)-ক, ন্যঙ্কুবাদি (পা ৩ ১.১৩৪, সি), উ ত] 'শ্বপাচক', চণ্ডাল। "গী ৫ ১৮। মনু ১০ ১৯। —পাকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] চণ্ডাল-স্ত্রীজাতি, শ্বপচী। "পরাশর ১০ ৫।

শ্বফল্ক পুং বৃষ্ণির পুত্র, অক্রূরের পিতা। "°পুত্র ভ ৩ ২ ৩২।

শ্ববৃত্তি বিণ [উ বহুব্রী] কুক্কুরজীবিক। —বৃত্তি স্ত্রী [ষ.ত] ১ কুক্কুরজীবিকা। "সেবাম্...কৃতধিয়ঃ স্থানে শ্ববৃত্তিং বিদুঃ।—মু ৩ ১৪। ২ সেবা, নীচসেবন। 'সেবা শ্ববৃত্তিরাখ্যাতা মনু ৪.৬। শ্ববৃত্তির্নীচসেবনম্ ভ ৭.১১ ২০। "(জীবেৎ) ন শ্ববৃত্ত্যা কদাচন মনু ৪.৪। নী ৬৪। —বৃত্তী (-ত্তিন্) বিণ [°ত্তি+ইন্ (ইনি)-১ব] শ্বজীবী, কুক্কুর দ্বারা জীবিকার্জ্জক। "যাজ্ঞ ১.১৬৩।

শ্ববৃত্তী দ্র 'শ্ববৃত্তি'।

শ্বব্যাঘ্র পুং [উ.লো] কুক্কুরঘাতক ব্যাঘ্র, চিত্রক (ত বা), হিংস্রপশু (শ.ক), শ্বাপদ, ব্যাঘ্র (A., M.W.)।

শ্বভ্র ক্লী [শন্‌+ √ভৃ+অ (ক)-ক ; উ.ত] ১ 'কুকুরধারক', গর্ত, বিবর, রন্ধ্র। "ঋগ্বেদ ২.২৭.৫। গো.রা ২.৮৭.১১। ২ গুহা। "ছান্দোগ্য ২.৯.৭। ৩ নরকবিশেষ। "গচ্ছেৎ স্বর্গং বা শ্বভ্রং বা। —সর্ব্বদর্শনসংগ্রহ।

শ্বয়থু পুং [√শ্বি+অথু (অথুচ্‌)-ভা] ১ বৃদ্ধি, স্ফীতি। ২ শোথ। "বাত°, °কর (সুশ্রুত)। বৃহৎসংহিতা ৩২.১০।

শ্বশুর পুং [শু (আশু)+ √অশ্‌ ব্যাপ্তি+উর (উরন্‌)-ক, উ ১ ৪৫, cf. Gr. ekurós ; L. socer ; Ger. swĕher ; Slav. svekrŭ ; Gothic—swaihra ; A.S. swcór, Lithuanian—szĕszuras] ১ পতি ও পত্নীর পিতা। "ঋগ্বেদ ১০.২৮ ১। রা২.৪০.১৪। অসারে খলু সংসারে সারং শ্বশুরমন্দিরম্‌। হরো হিমালয়ে শেতে হরি শেতে মহোদধৌ॥—স্ব র। আমার বাপের নাম বিদ্যার শ্বশুর ভা.চ ৪১৮। ২ শ্বশুরবংশীয় পুরুষ। "(সীতে।) আত্মনঃ পুরাণশ্বশুরম্‌·· সবিতার' স্বহস্তাবচিতৈঃ পুষ্পৈকপতিষ্ঠস্ব উ.চ ৩১/২। ৩ পতির জ্যেষ্ঠভ্রাতা; ভাশুর। '(পত্যুঃ) জ্যেষ্ঠে তু শ্বশুর এব (অ টী)। "পতিশ্বশুরতা জ্যেষ্ঠে পতিদেবরতানুজে। ইতবেষু চ পাঞ্চাল্যাস্ত্রিতয়ং ত্রিতয়ং ত্রিষু॥ —অ.টী। ৪ (বহুব) শ্বশুরসম্পর্কযুক্ত শ্বশুরবন্ধুগণ। "শ্বশুরেষু। —ঋগ্বেদ ১০.৯৫.১২। স্যোনা ভব শ্বশুরেষু।—অথর্ববেদ ১৪.২.২৭। শ্বশুরান্‌ (ব্রূয়াৎ) মনু ২.১৩০। বৃহৎসংহিতা ১০৩.৬। ৫ [একশেষ] (দ্বিব) শ্বশুর ও শ্বশ্রূ ; শ্বশুর-শাশুড়ী। —রক পুং শ্বশুর।

শ্বশুরক দ্র 'শ্বশুর'।

শ্বশুরঠাকুর বি পূজনীয় শ্বশুর। "ভা.চ ৪১৮।

শ্বশুরা বি [শ্বশুর > °রা] গালিবিশেষ। "শ্বশুরা গারি বি স্ব ১৬।

শ্বশুর্য্য পুং [শ্বশুর+য (যৎ)] ১ শ্বশুরের অপত্য; শ্যাল। "ক.সা ১৯.৫৭ ; ২২.১৭৭। ২ দেবর।

শ্বশ্রূ স্ত্রী [শ্বশুর+স্ত্রী উ (উঙ্‌), উকারাকার-লোপ, পা ৪.১.৬৮, কাশিকা] পতি ও পত্নীর মাতা; শ্বশুরপত্নী। "ঋগ্বেদ ১০.৩৪.৩। রা ২.৩৯.১৯। °জন (পুং)—শ্বশ্রূ। "রঘু ১৪ ১৩, ৬০। শ্বশ্রূজনবিরহ সী ২। °দেবী (বি)—পূজনীয়া শ্বশ্রূ। "সী ৪৮। °শ্বশুর (পুং)—শ্বশুর ও শাশুড়ী। °স্নুষা (স্ত্রী)—শ্বশ্রূবধূ। "ক.সা ৩৯.২৪৫।]

শ্বশ্রূঠাকুরাণী বি শ্বশ্রূদেবী, শাশুড়ীঠাকরান।

শ্বস্‌ অক [অদা, প—শ্বসিতি ; সেট্‌] প্রাণন, শ্বাস, জীবন। [আ—আশ্বাস। "আশ্বসিহি, মা রুদঃ ভট্টি ৪.৩৮। উদ্‌—উচ্ছ্বাস, অন্তর্মুখশ্বাস। "উচ্ছশ্বাস চিরাদ্দীনা ভট্টি ১৪.৫৫। নি, নির্‌-নিঃশ্বাস, বহির্মুখশ্বাস। "দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য শ ৬২১/২। বি—বিশ্বাস। "বিশ্বসে পক্ষিগণৈঃ ভট্টি ২.২৫। [বিশ্বসেৎ—গণকার্য্যের অনিত্যত্ব হেতু 'শপ্‌' পরে সিদ্ধ। "ন বিশ্বসেদবিশ্বস্তম্‌" ইত্যাদি, পা ৩.১ ৭৯, সি। অথবা, আকৃতিগণ, ভ্বাদিগণে পাঠ হেতু সিদ্ধ (ক.ক)। এইরূপ 'আশ্বসেয়ুঃ' (ভট্টি ১৯.২১ টীকা)।]

শ্বস অর্ম্ম [সং √শ্বস্‌ > প্রা √সস—উসসন্তি (তে) > বা °স] ১ নিঃশ্বাস ফেলা; প্রবাহিত হওয়া। "হায় বসন্তবায়ু মিছে চলে' গেল শ্বসিয়া! —স.স্ব ১০। বায়ু উঠে শ্বসিয়া শ্বসিয়া।—ছবি ও গান। ২ কোঁস কোঁস করা। "শ্বসয়ে অযুত ফণি-ফণা স্ব.প্র ১১৫। কালভুজঙ্গ শ্বসিয়া শ্বসিয়া উঠে কু.কে ২৫।

শ্বসন পুং [√শ্বস্‌+অন (ল্যুট্‌)-ণ ; 'শ্বসন',—অন্তরিক্ষে শ্বসিতীতি শ্বসনো বায়ুঃ (ঋগ্বেদ ১.৫৪.৫)] ১ 'প্রাণনসাধন', বায়ু, সমীর, সমীরণ, মারুত। "°সংযোগ গো.রা ৫.৫০.৮। মহা ৩.১১২.৮। ২ [+অন-ক] যে নির্জ্জল স্থানে বাঁচে ; মদন, ময়নাগাছ। —সন ক্লী [+অন-ভা] ১ শ্বসিত, শ্বাস, প্রাণন, প্রাণধারণ। ২ বাত ; নিঃশ্বাস। "°সুরভিগন্ধিঃ (রজনিঃ) মাঘ ১১.২১। °চলিতপল্লবাধরোষ্ঠে (পুষ্পে মুখে) কি ১০.৩৪। দ্রাঘিষ্ঠশ্বসন-সমীরণ।—পঞ্চরাত্র ৩.৫.৩০। ৩ মুখমারুত। "আস্তকমল-শ্বসন মাঘ ৯.৫২। ৪ স্পর্শন (শ্রীধর)। "শ্বসনং ত্বচৈব ভ ২.২.২৯। ৫ প্রাণ (শ্রীধর)। "ভ ৪.৮.২০। ৬ (বাঙ্‌লায়) পবনদেব। "উত্তর করিলা মহামতি, শ্বসন।—মা ১৪৩। ৭ দিকপাল বায়ু। "নৈর্ঋতে বরুণ, তাপর শ্বসন।—দু ৯। [°রন্ধ্র (ক্লী)—নাসাবিবর। "ভ ১০.১৩.২৪। °সুত (বি)—পবনপুত্র, হনুমান্‌। "শ্রী.মা ৪৪,-৫।]

শ্বসনাশন পুং [বহুব্রী] পবনাশন, সর্প।

শ্বসনোর্ম্মি পুং, স্ত্রী [ষ.ত] বায়ুতরঙ্গ, বাতপ্রবাহ, বাত্যা।

শ্বসিত বিণ [√শ্বস্‌+ত (ক্ত)-ক] ১ প্রাণিত, জীবিত। "অমুন্তেনৈব বচসা তব সিক্তমিদং মম। চৈতন্যমাসীচ্ছ্বসিতং ধৃতির্জাতা গতঃ ক্লমঃ॥ —ক.সা ১১৭.১১১। —ত ক্লী [+ত-ভা]। ১ শ্বাস। "(অঙ্গ) শ্বসিতং মাতরিশ্বা ভ ২.১.৩৩। ২ নিঃশ্বাস, উচ্ছ্বাসমারুত। "শ্বসিতোর্ম্মিমহাবর্ত্তঃ (শোকসাগরঃ) রা ২ ৫৯.২৮। খেদায়তশ্বসিতবেগঃ মাঘ ৫.৩০; নিজবধূ° ৬.২৩ ; ৯.৬৫। উরগশ্বসিত স্ব.প্র ১৮১।

শ্বস্থুত, -স্থূন পুং ক্ষতম্নবৃক্ষ, কুকুরশোঁকা গাছ।

শ্বস্থূন দ্র 'শ্বস্থুত'।

শ্বস্তন বিণ [শ্বস্‌+তন (ট্যু, তুট্‌) ; স্ত্রী -নী] শ্বোভব, আগামিদিনভব, পরদিনস্থায়ী। "শ্বস্তনং বা ন সংগৃহ্নীত ভিক্ষিতম্‌ ভ ১১.৮.১১। —ন ক্লী শ্বোভব ভক্ত; শ্বোভব ধান্য। "মনু ৪.৭, কুল্লুক। যাজ্ঞ ১.১২৮, মিতাক্ষরা। —ন পুং [°ন+অ (অচ্‌)] শ্বোভবধান্যবান্‌। "যাজ্ঞ ১.১২৮, মিতাক্ষরা। —নিক বিণ [°ন+ইক (ঠন্‌)] শ্বোভবভক্তবান্‌, অর্থাৎ যাহার অন্ন বা ধান্য পরদিনস্থায়ী। "ভবেদশ্বস্তনিকঃ মনু ৪.৭। —স্তনী স্ত্রী (ব্যাকরণে) ল্যুট্‌বিভক্তি। "পা ৩.৩.১৫, কাশিকা। —স্ত্য বিণ [+ত্য (ত্যপ্‌), পা ৪.২.১০৫ ; স্ত্রী -স্ত্যা] সর্ব 'শ্বস্তন'।

শ্বস্তনী, শ্বস্ত্য দ্র 'শ্বস্তন'।

শ্বা (শ্বন্‌) পুং [√শ্বি+অন্‌ (কনিন্‌)-ক, নিপাতিত, উ ১.১৫৮ ; স্ত্রী 'শুনী' ; শ্বন্‌ > শ্ব (সমাসে পূর্ব্বপদ, যেমন, 'শ্বমাংস' ইত্যাদি ; Av. sspa ; Gr. kúwn ; L. canis] কুকুর। "শুন আন্ত্রাণি পেচে। —ঋগ্বেদ ৪.১৮.১৩। শ্বা যদি ক্রিয়তে রাজা স কিং নাশ্নাত্যুপানহম্‌। —হি ৩.৬১। [°দংষ্ট্রা (স্ত্রী)—গোক্ষুর (অ.কো)। °পুচ্ছ (ক্লী) —কুকুরলাঙ্গুল। "হি ২.১৩৬। °পোষক (পুং)—কুকুরপালক, ব্যাধ। °বিষ্ঠা (স্ত্রী)—কুকুরপুরীষ। "মনু ১০.৯১। "°ভোজন (ক্লী)—কুকুর-ভোজ্য শরীর। "ভ ৩.১৪ ২৮। °মাংস (ক্লী)—কুকুরমাংস। "মনু ১০.১০৬। °যূথ (ক্লী)—কুকুরগণ। °লেহ্য (বিণ)—কুকুরের লেহনীয়, অর্থাৎ স্বল্পতোয়। "শ্বলেহ্যঃ কূপঃ পা ২ ১.৩৩, কাশিকা। °স্পৃষ্ট (বিণ) —কুকুরস্পৃষ্ট, অমেধ্য।]

শ্বাকর্ণ পুং [ষ.ত, দীর্ঘ, পা ৬.৩.১১৭, কাশিকা] কুকুরকর্ণ।

শ্বাগণিক পুং [শ্বগণ+ইক (ঠঞ্‌), পা ৪.৪.১১] শ্বগণপালক, ব্যাধ।

শ্বাদ পুং [শ্বন্‌+ √অদ্‌+অ (অণ্‌)-ক ; উ.ত] শ্বভোজী, শ্বপাক। "শ্বাদোঽপি সদ্যঃ সবনায় কল্পতে ভ ৩.৩৩.৬ ; ৬.১৩.৮।

শ্বাদংষ্ট্রা স্ত্রী, -দন্ত পুং [ষ.ত, দীর্ঘ, দ্র 'শ্বাকর্ণ'] কুকুরদন্ত।

শ্বাদন্ত দ্র 'শ্বাদংষ্ট্রা'।

শ্বান পুং [শ্বন্‌+অ (অণ্‌) স্বার্থে, প্রকৃতিভাব, পা ৬.৪.১৬৭ ; Av. sspāna ; হি শ্বান] শ্বা, কুকুর। "উদকে পরশ্বানাদিদূষিতে।—অত্রি ২৬৬। শ্বানমুখে।—ম ১৩৩ ; ২৫৯। শ্বানগণ ৯৭৩। °রূপ শ্রী.মা ৯৫; °কুলে ১৮৪। °শাবক চৈ.ম ৪৩; °সুত ৪৪; °শিশু ৪৫। °যোগ্য চৈ ১২৬। —নী স্ত্রী শুনী, কুকুরী (শ.ক)। [°নিদ্রা (স্ত্রী)—কুকুর-নিদ্রাতুল্য অল্পনিদ্রা।]

শ্বাপদ পুং, স্ত্রী [শ্বাপদতুল্য পদ যাহার, উ.বহুব্রী] ১ 'কুকুরপদতুল্য-পদ'; ব্যাঘ্র। "ব্যালঃ পুংসি শ্বাপদসর্পয়োঃ (অ.কো)। ২ শৃগালাদি

(সায়ণ); ব্যাঘ্রাদি (রা.টীকা), ব্যাঘ্রাদিবনচর পশু (মল্লিনাথ); হিংস্রপশু। "পিশীলঃ সর্প উত বা শ্বাপদঃ।—ঋগ্বেদ ১০.১৬.৬। শ্বাপদানি। —ছান্দোগ্য ৭ ২.১। শ্বাপদানর্দ্দিত।—রা ২.৪২.২০, অজস্র বা শ্বাপদং কিঞ্চিৎ ৬৩.২১। °চেষ্টিত রঘু ১৭.৪৭। [°চেষ্টিত (ক্লী)—ব্যাঘ্রাদি-চেষ্টা। °সেবিত (বিণ)—ব্যাঘ্রাদিজুষ্ট, শ্বাপদাকীর্ণ।]

শ্বাপুচ্ছ পুং, ক্লী [ষ.ত, দ্র 'শ্বাকর্ণ'] কুক্কুরলাঙ্গুল।

শ্বাবিৎ (-বিধ্) পুং [শ্বন্+√ব্যধ্+ক্বিপ্ (০)-ক-১ব, দীর্ঘ, পা ৬.৩.১১৬; উ.ত] 'কুক্কুরবেধক', কণ্টকাকার দীর্ঘ লোমে কুক্কুরের বেধক জন্তু (রা টীকা), শৃগাল (শলল)—নীলকণ্ঠ, সেধাখ্য প্রাণি-ভেদ (কুল্লূক), শল্য, শেজাক (অ টী)। "শ্বাবিচ্ছরণ মহা ১ ১৪৫.২৫। মনু ৫.১৮, ১২ ৬৫। —বিধ পুং [+অ (ক)-ক, শ্ববিধ+অ (অণ্) স্বার্থে; উ.ত] সর্থ 'শ্বাবিৎ'। "শল্যকঃ শ্বাবিধো গোধা শশঃ কূর্ম্মশ্চ পঞ্চমঃ বা ৪.১৭.৩৯। [°শবণ '-বিচ্ছব-' (ক্লী)—শ্বাবিদ্‌গৃহ, উভয়তোমুখ শৃগালবিল বা শললবিল (নীলকণ্ঠ)। °রোম (-মন্) '-বিদ্‌বো-' (ক্লী) —কণ্টকাকাবশল্যবোম, শেজাকর কাঁটা।]

শ্বাশ বি [দ্র 'শশ'] শ্বাশুড়ী। "শ্বাশ জটিলা বাধার ব্র.প ১৩১।

শ্বাশুড়ী, -ড়ী বি [শ্বাশুবী > °ড়ী, দ্র 'শাশুড়ি'] ১ শ্বশুবেব স্ত্রী। "শ্বাশুবীর দুর্লভ বধূ ম গা ৪, °বী ১৮,-৯। শ্বাশুড়ী।—ম ১২৪৬, ক চ ৬৪,-৯। ২ শ্বাশুড়ীস্থানীয় স্ত্রীলোক। 'কেমনে পা চলে, মা ভাল মা বলে, বাপাব ভাল শ্বাশুড়ী ভা চ ৩০৩।

শ্বাশুড়ে, -ড্যা বিং [শ্বাশুড়ীযা > °ড়া, -°ড়ে, দ্র এ৭] পুত্রাদিব প্রতি শ্বাশুড়ীসম্বন্ধী গালিবিশেষ। "(কেকযী হাসিআ) পবিহাস কবে বামে শ্বাশুড়্যা বলিআ কৃ.অ ৮।

শ্বাশুড়্যা; শ্বাশুরী দ্র 'শ্বাশুড়ে, শ্বাশুড়ী'।

শ্বাস পুং [√শ্বস্+অ (ঘঞ)-ভা] ১ শ্বসিত, প্রাণবায়ুব্যাপার, নিঃশ্বাস। "দৃষ্টিশ্বাসমহাবিষাঃ (নাগাঃ)।—গো বা ২ ২৮.১৪। স্তনবেপথুঃ জনয়তি শ্বাসঃ প্রমাণাধিকঃ শ ১ ২৭। শ্বাসাগ্নিধূম।—ভ ৮ ৭ ১৪। শ্বাসান্ মুঞ্চতি সা দ ৩১১৩। ২ (যোগশাস্ত্রে) বাহ্যবায়ুব আচমন। 'শ্বাসপ্রশ্বাসয়োর্গতি-বিচ্ছেদঃ প্রাণায়ামঃ পা দ ২.৪৯। জিত° ভ ১ ১৩ ৫৪। ৩ [+অ-ণ] বায়ু। ৪ শ্বাসকৃচ্ছ্ররোগবিশেষ, হাঁফানি (Asthma)। ৫ (ব্যাকরণে) একাদশবিধ বাহ্যপ্রযত্নেব একতম। "পা ৮ ২ ১, সি। [°কাস (পুং) —শ্বাসসহিত কাসবোগ। °কুঠাব (পুং)—শ্বাসরোগের কুঠারতুল্য নাশকর ঔষধভেদ। °ধারণ (ক্লী)—শ্বাসনিগ্রহ, নিঃশ্বাসরোধ। °প্রশ্বাস (পুং)—বাহ্যবায়ুর আচমন ও কোষ্ঠবায়ুর নিঃসারণ, উচ্ছ্বাসনিঃশ্বাস। "পা দ ২ ৪৯। °প্রশ্বাস নাটি উদবস্পন্দন চৈ চ ৯৯। °প্রশ্বাসধারণ (স্ত্রী) —প্রাণায়াম। °বোধ (পুং)—শ্বাসধাবণ। °সাধারণ (বিণ)—নিঃশ্বাস-সমান। "কু স ২ ৪২। °হিক্কা (স্ত্রী)—শ্বাসসহিত হিক্কাবিশেষ।]

শ্বাসানিল পুং [ষ ত] শ্বাসসম্বন্ধী বায়ু, বাহ্যবায়ু।

শ্বাসারি পুং [ষ ত] 'শ্বাসনাশক', পুষ্করমূল।

শ্বাসী (-সিন্) বিণ [শ্বাস+ইন্ (ইনি)-১ব] ১ শ্বাসরোগযুক্ত। "সুশ্রুত ৬ ৫১.১৪। ২ দ্রুতগমনে শ্বাসযুক্ত। "সুশ্রুত ১ ২৯ ৪। —সী পুং [√শ্বাসি+ইন্ (ণিনি)-ক-১ব] 'শ্বাসয়িতা', বায়ু।

শ্বাসোচ্ছ্বাস পুং [দ্বন্দ্ব] অন্তর্মুখশ্বাস ও বহির্মুখশ্বাস।

শ্বিত্ অক [ভ্বা, ঙ—শ্বেততে, সেট্] শৌক্ল্য, শুক্লীভাব।

শ্বিত্র পুং, ক্লী [√শ্বিত্+র (রক্)-ক, উ ২ ১৩, 'শ্বিত্র'—শ্বেত (শুক্ল-যজুর্বেদ ২৪.৩৯)] শ্বেতকুষ্ঠ শ্বেত, ধবল। "শ্বিত্রো ন জাতো জিহ্বায়াম্ ভ ৭.১.১৮, শ্বিত্রো রূপম্ (হস্তি) ১১ ২৩.১৬। —ত্রী (-ত্রিন্) বিণ [শ্বিত্র+ইন্ (ইনি)-১ব] শ্বিত্রবান্, শ্বেতকুষ্ঠরোগী। "মনু ৩ ৭। বস্ত্রাপ-হারকঃ শ্বিত্রী।—বিষ্ণু ৪৫ ১৩, যাজ্ঞ ৩ ২১৫। [°ঘ্নী (স্ত্রী)—'শ্বিত্র-নাশিকা', শীতপর্ণী, বিছুটি।]

শ্বেত বিণ [শ্বেত+অ (অচ্), স্ত্রী -তা, 'শ্বেনী' (A অসাধু, 'শ্বেত' —স্ত্রী 'শ্বেতা, -নী', সাধু; দ্র 'পা ৪ ১.৩৯, কাশিকা, Av. sspaēta] ১ শ্বেতবর্ণোপেত (সায়ণ), সিত, শুভ্র। "ঋগ্বেদ ৭.৭৭.৩। ত্রিঃ শ্বেতা শললী।—গোভিল ২ ৭.৮। শ্বেতৈর্হযৈঃ গী ১ ১৪। °রোমাঙ্ক রঘু ১ ৮৩। শ্বেত বর্ণ শ্বেত হাস, শ্বেত বীণা শ্বেত বাস, শ্বেতসরসিজনিবাসিনি ভা চ ১২। শ্বিত্ররোগে শ্বেতপদ্ম চরণযুগল।—ন ১০২১। ২ শুদ্ধসত্ত্ব-প্রধান (নীলকণ্ঠ)। "শ্বেতাঃ পুমাংসঃ মহা ৯২ ৩৩৫.১০। —ত পুং [√শ্বিত্+অ (অচ্)-ক] ১ শুক্লবর্ণ, সাদারঙ। ২ কপর্দ্দক। ৩ শঙ্খ। ৪ রৌপ্যমুদ্রা। ৫ শ্বেতমেঘ। ৬ শুক্রগ্রহ, শুক্রাধিদেবতা শুক্র। ৭ জীবকবৃক্ষ। ৮ জীরক, শ্বেতজীবক। ৯ শ্বেতদ্বীপ। ১০ রম্যক-হিরণ্ময় বর্ষের সীমাপর্ব্বত। "ভ ৫ ১৬ ৮। দ্র 'জম্বুখণ্ড'। —ত ক্লী ১ রৌপ্য রূপা। ২ চক্ষুঃশ্বেতাংশ, চোখেব সাদা ক্ষেত। ৩ উদশ্বিৎ, অর্দ্ধাম্বু ঘোল। —তা স্ত্রী ১ কপর্দ্দক। ২ শর্করা। ৩ স্ফটিক। ৪ স্ফটিকারী। ৫ বংশরোচনা। ৬ অতিবিষা, অপরাজিতা, শ্বেত-দূর্ব্বা, শ্বেতবৃহতী, শ্বেতপুনর্নবা। ৭ অগ্নির জিহ্বাবিশেষ। ৮ (বাঙলায়) গঙ্গার ধারাবিশেষ। তু 'সীতা'। "(গঙ্গা) শ্বেতা নামে চলিলেন পশ্চিম সাগরে।– কৃ ১৯। [°কণ্টকারী (স্ত্রী)—প্রিযঙ্করী, রাস্না। °কন্দা (স্ত্রী)—অতিবিষা। °কমল (ক্লী)—উৎপল। °কল্প (পুং)—শ্বেত-বরাহ কল্প। °কাণ্ডা (স্ত্রী)—শ্বেতদূর্ব্বা। °কুঞ্জব, °গজ (পুং)—শুভ্র-গজ, ঐরাবত। °কুশ (পুং)—শ্বেতবর্ণ কুশভেদ। °কুষ্ঠ (ক্লী)—ধবল-কুষ্ঠ। °কোল (পুং)—শফব মৎস্য। °ক্ষার (পুং)—যবক্ষার। °খদির (পুং)—খদিরবিশেষ, শ্বেতসাব। °গঙ্গা (স্ত্রী)—১ নদীবিশেষ। ২ শ্রী-ক্ষেত্রস্থতুর্থবিশেষ। "জ ৭২। °গরুৎ (পুং)—'শুক্লপক্ষযুক্ত', হংস (অ কো)। °গুঞ্জা (স্ত্রী)—গুঞ্জাভেদ, কাকাদনী। °চন্দন (ক্লী)—চন্দনবিশেষ। °জীরক (পুং)—গৌরজীরক। °টঙ্কক, -ঙ্কণ (ক্লী)—সাদা সোহাগা, দ্রাবকর। °দূর্ব্বা (স্ত্রী)—দূর্ব্বাবিশেষ। °দ্যুতি (পুং)—সিতাংশু, চন্দ্র। °দ্বিপ (পুং)—শ্বেতহস্তী, ঐরাবত। °ধাতু (পুং)—শুক্লধাতু, খটিকা। °পত্র (পুং)—'শ্বেতপক্ষ', হংস। °পদ্ম (ক্লী)—পুণ্ডরীক, সিতাব্জ। °বচা (স্ত্রী)—অতিবিষা। °বাঃ (-বাঃ)—ইন্দ্র। "পা ৩ ২ ৭১। °বাজী (-জিন্) পুং—'শুক্লহয়', অর্জ্জুন। °বারাহ (পুং) —কল্পবিশেষ, ব্রহ্মার মাসেব প্রথম দিন। °বাসাঃ (-সস্) পুং—শ্বেত-বস্ত্রধাবী জৈনসম্প্রদায়বিশেষ, শ্বেতাম্বব। °বৃহতী (স্ত্রী) শুভ্রক্ষুদ্রবার্ত্তাকু; শ্বেতা। °ভিক্ষু (পুং)—শ্বেতাম্বব জৈন। "পঞ্চ ৩ ৭৪। °ভানু, °ময়ূখ (পুং)—সিতাংশু, চন্দ্র। °মবিচ (স্ত্রী)—শুভ্রমরিচবিশেষ, শোভাঞ্জন-বীজ (অ কো)। °রক্ত (বিণ)—পাটলবর্ণযুক্ত, (পুং)—পাটলবর্ণ, গোলাপীবঙ। °রঞ্জন (ক্লী)—'শ্বেতবর্ণ', সীসক। °বথ (পুং)—শুক্র-গ্রহ। °রূপ্য (ক্লী)—বঙ্গ, টিন্। °রোচিঃ (-চিস্) পুং—'শুভ্রকর', চন্দ্র। °রোহিত (পুং)—গরুড়। °শিম্বিকা (স্ত্রী)—শুভ্রশিম্বিফল, সাদা শিম। °শুঙ্গ, °শৃঙ্গ (পুং)—যব। °শূরণ (পুং)—বনশূরণ, বুনো ওল। °সর্ষপ (পুং)—গৌবসর্ষপ। °হস্তী (-স্তিন্) পুং—শ্বেতগজ, ঐরাবত।]

শ্বেতকাক পুং [কর্ম্মধা] ১ শ্বেতবর্ণ কাক, (গৌণার্থে) অস্বাভাবিক বিষয় (M W)। ২ বক (নীলকণ্ঠ)। দ্র 'শ্বেতকাকীয'। ৩ (বাঙলায়) সাদা কাক। "দেবরূপী বিহঙ্গম লিখে শ্বেতকাক ক চ ৬৩। মনসা আইল তথা শ্বেতকাকবেশে ম.ভা ৪৩,-৪। (নেতা) মাজুসে পড়িল গিয়া শ্বেতকাক হইয়া ম ম ২০২, ২০৩। [মঙ্গলকাব্যে দেখা যায়, দেবতারা বা দেবসেবকেরা স্বকার্য্যসিদ্ধির নিমিত্ত 'শ্বেতকাক' শ্বেত-মক্ষিকা' 'শ্বেতমাছি' রূপ ধারণ করেন।]

শ্বেতকাকীয় বিণ [°ক+ঈয় (ছ)] ১ শ্বেতকাকসম্বন্ধী, বকসম্বন্ধী, বকবৎ বাহ্যসাধু অন্তঃখল। "ঈদৃশৈঃ শ্বেতকাকীয়ৈঃ (অপাপানাং সহস্রাণি

হস্তুত্বে)।—মৃ ৯.৪১। [শ্বা-এন্ত-কাক—শ্বেতকাক+ঈয় (দ্র 'নীলকণ্ঠ'); (মতান্তরে) 'ক (বক)+ঈয়] নিত্যজাগরূকত্বভয়চকিতত্বেঙ্গিতজ্ঞ; বর্ষায় বকী যেমন নীড়স্থ বককে পোষণ করে, তদ্বৎ (নীলকণ্ঠ)। "উপায়ৈঃ শ্বেতকাকীয়ৈঃ (সা ভর্ত্তারমুপাচরৎ) মহা ১.৪৭ ১১।

শ্বেতকেতু পুং [বহুব্রী] ১ 'শ্বেতধ্বজ', গৌতমবুদ্ধ। ২ শ্বেতবর্ণ কেতুগ্রহবিশেষ। [কেতু ত্রিবিধ,—ঊর্দ্ধিকেতু, শ্বেতকেতু, ধূমকেতু। শ্বেতকেতুর উদয় হইলে পৃথিবী শ্বেতাস্থি হয়, মানুষ মানুষকে খায়।] ৩ উদ্দালকমুনির পুত্র মুনিবিশেষ। [পূর্ব্বে নারীগণ অনাবৃতা (সকলের দর্শনযোগ্যা), কামাচারবিহারিণী ও স্বতন্ত্রা (ভর্ত্তৃ-প্রভৃতির অনিবার্য্যা) ছিলেন। একদিন শ্বেতকেতুর সমক্ষে তাঁহার জননীকে অন্য এক ব্রাহ্মণ হস্তে ধরিয়া স্থানান্তরে লইয়া যাওয়ার কথা বলিলে, শ্বেতকেতু তাদৃশ আচরণে অত্যন্ত কুপিত হইলেন। 'ইহাই সনাতন ধর্ম্ম', এই কথা বলিয়া উদ্দালক পুত্রকে শান্ত করার চেষ্টা করিলেন, পুত্র তখন বিরত না হইয়া সেই দিন হইতে এই সমাজমর্য্যাদা স্থাপন করিলেন যে, 'অদ্য হইতে কোন নারী ব্যভিচারিণী হইলে এবং পতিব্রতা ভার্য্যা ত্যাগ করিয়া পতি পরস্ত্রীতে গমন করিলে, উভয়েরই ভ্রূণহত্যাসম মহাপাতক হইবে' (মহা ১.১২২তম অধ্যায়)।]

শ্বেতচ্ছদ পুং [বহুব্রী] ১ 'শ্বেতপক্ষ', হংস। ২ বাবুইতুলসী।

শ্বেতদ্বীপ পুং, ক্লী [কর্ম্মধা] ১ শ্বেতনামক দ্বীপ; বিষ্ণুধাম বৈকুণ্ঠ; চন্দ্রদ্বীপ। 'ক্ষীরোদধের্ত্তরতো হি দ্বীপঃ শ্বেতঃ স নাম্না প্রথিতো বিশালঃ মহা ১২.৩৩৫.৮। "ভ ১০.৮৭.১০। জ ৭২। শ্রীগোলক শ্বেতদ্বীপ চৈ.চ ২২; ক্ষীরোদধিমধ্যে শ্বেতদ্বীপ ২৫। চৈ ম ২৮। বি.পা ৩৫। শ্রী.ম ২৬১। ২ (বাঙলায়) বিলাত, ইংলণ্ড। "শ্বেতদ্বীপসুত।—ন ৪৪৪। [শ্বেতদ্বীপীয়—শ্বেতদ্বীপবাসী, ইংরাজ। "আমাদের দেশের বিক্রমশালী বাগ্মী···শ্বেতদ্বীপীয়গণের চিত্তেও সহসা বিভ্রম উৎপাদন করিতে পারেন। —রবীন্দ্র।]

শ্বেতপাথর বি শ্বেতবর্ণপ্রস্তরবিশেষ।

শ্বেতপিঙ্গ পুং [ত.পু] 'শ্বেতদেহ-পিঙ্গলজট', সিংহ। —পিঙ্গল পুং ১ সিংহ। ২ যিনি অর্দ্ধনারীনটেশ্বরমূর্ত্তিতে দক্ষিণার্দ্ধে কর্পূরধবল ও বামার্দ্ধে কনকপিঙ্গল (নীলকণ্ঠ-টীকা); শিব। মহা ১৩.১৭.১৩৮। —ঙ্গলক পুং সিংহ।

শ্বেতপিঙ্গল, শ্বেতপিঙ্গলক দ্র 'শ্বেতপিঙ্গ'।

শ্বেতবাজী (-জিন্) পুং [কর্ম্মধা] ১ শুক্লঘোটক। ২ [বহুব্রী] চন্দ্র। ৩ অর্জ্জুন। দ্র 'শ্বেতবাহন'।

শ্বেতবাহ পুং [বহুব্রী] ১ 'শ্বেতাশ্ব', ইন্দ্র। ২ অর্জ্জুন। "°দিদৃক্ষা মহা ৩.১৪০.৮। ৩ [কর্ম্মধা] শ্বেতবাহন। —বাহন পুং [বহুব্রী] ১ অর্জ্জুন। দ্র 'মহা ৪.৪৪.১৫। ম ৪৯১। "মহা ১.২০০.১০। ২ চন্দ্র। ৩ শিবমূর্ত্তিবিশেষ। "হ ১৪১ ৩০। —বাহী (-হিন্) পুং [বহুব্রী] শ্বেতবাহন, অর্জ্জুন।

শ্বেতবাহন, শ্বেতবাহী দ্র 'শ্বেতবাহ'।

শ্বেতমক্ষিকা, -ক্ষী, -মাছি, মাছী বি শ্বেতবর্ণ মক্ষিকা। দ্র 'শ্বেতকাক'। "(শিখরিসুতা) শ্বেতমাছীরূপে কৈল শিবে নিবেদন ক.চ ২৫। শ্বেতমক্ষিকার বেশে (হনুমান্) শ্রী.মা ১০৩। শ্বেতমক্ষীরূপে···হনু শ্রী ৮৭। শ্বেতমাছিরূপ পদ্মা ধরিল ম.ম ৪৪। হ'য়ে শ্বেতমাছি হরে হৈমবতী কয় শি ২৭।

শ্বেতমক্ষী, শ্বেতমাছি, শ্বেতমাছী দ্র 'শ্বেতমক্ষিকা'।

শ্বেতমাধব বি জগন্নাথের বরে শ্বেতবর্ণ দারুমূর্ত্তি 'শ্বেত' রাজা। "(তোমার) শ্বেতমাধব নাম ঘুষিব সংসার।—জ ৭২।

শ্বেতমুনি বি নারদ; নারদকৃত পুরাণ—পঞ্চরাত্র-প্রভৃতি। "পঢ়ে রঘু শ্বেতমুনি ক.চ ২১৫।

শ্বেতসার পুং [বহুব্রী] ১ 'শ্বেতনির্য্যাস', খদিরবৃক্ষ। ২ চন্দন। ৩ (বাঙলায়) পালো (starch)।

শ্বেতাংশু পুং [বহুব্রী] 'সিতকর', চন্দ্র।

শ্বেতাদ্রি পুং [কর্ম্মধা] 'ধবলপর্ব্বত', কৈলাস। "ভ ৮.৮.৪।

শ্বেতাম্বর বিণ [বহুব্রী] শ্বেতবস্ত্রধারী, শ্বেতবাসাঃ। —ম্বর পুং শ্বেতপরিচ্ছদধারী জৈনসম্প্রদায়বিশেষ। বিপ 'দিগম্বর'।

শ্বেতার্ক পুং [কর্ম্মধা] শ্বেত অর্কবৃক্ষ; শ্বেত আকন্দ।

শ্বেতাশ্ব বিণ [বহুব্রী] শ্বেতহয় (অর্জ্জুন)। "পার্থঃ শ্বেতাশ্বঃ মহা ১.১৪১ ১১। —শ্ব পুং ১ অর্জ্জুন। ২ [কর্ম্মধা] শ্বেতবর্ণ ঘোটক। "রা ১.৩৫.১৮।

শ্বেতিমা বিং [অসাধু] শ্বেত, ধবল। "কাশীয়ার ফুলে মহী শ্বেতিমা হইল ব.প ১২৯৫।

শ্বেতেক্ষু পুং [কর্ম্মধা] সিতেক্ষু, ধলি আথ।

শ্বেতোদর পুং [বহুব্রী] ১ 'শুভ্রজঠর', সর্পবিশেষ (সুশ্রুত)। ২ কুবের।

শ্বেত্র ক্লী [শ্বিত্র > °ত্র] সর্ব 'শ্বিত্র'। "মনু ১১,৫১।

শ্বেবতী বি ['শ্বেত' মূল] শ্বেতগোলাপবিশেষ। "রাজ ১১।

শ্বৈত্য ক্লী [শ্বেত+য (ষ্যঞ্)] ১ শ্বেতভাব, ধবলতা। "নয়ন্ মধুলিহঃ শ্বৈত্যমুদগ্রদশনাংশুভিঃ মাঘ ২.২১। ২ শ্বিত্ররোগ।

শ্বোবসীয়স ক্লী [শ্বঃ বসীয়স্, ময়ূরব্যংসকাদি, 'অ' (অচ্), পা ৫.৪.৮০; '°স' (M.W.)] সর্থ 'শ্বশ্রেয়স'।

শ্বোভাবী (-বিন্) বিণ [শ্বঃ ভাবী, স ত] আগামিদিনে ভাবী। "শ্বোভাবিশ্চস্ভিবেচনে গো.রা ২.৩.২৮; ৩৭। শ্বোভাবিনি মহাযুদ্ধে মহা ১.২.২৪০।

শ্বোমরণ ক্লী [শ্বঃ মরণ, স ত] আগামী দিনে মৃত্যু; আসন্নমৃত্যু। "যত্রাবগাহ্য পীত্বা চ নৈনং শ্বোমরণং তপেৎ।—মহা (S.W.)।

ষ

ষ[1] একত্রিংশ ব্যঞ্জনবর্ণ ও দ্বিতীয় উষ্মবর্ণ। [দ্র 'শ[1]; শ[1]।]

ষ[2] বিণ ১ বিজ্ঞ। ২ শ্রেষ্ঠ। —পুং ১ কেশ। ২ মানব। ৩ গর্ভবিমোচন। ৪ সর্ব্ব। —ক্লী ভ্রূণ।

ষকার পুং [কর্ম্মধা] 'ষ'-বর্ণ, 'ষ'-স্বরূপবর্ণ।

ষট্ (-ষ্) স.বিণ [ফা শশ্; cf. Gr. ex; L. sex; Ger. sĕhs; sechs; Gothic--saihs; E. six; ষষ্ > ষট্ (সমাসে পূর্ব্বপদ, বর্গের প্রথম দ্বিতীয় বর্ণ পরে), ষষ্ > ষড় (বর্গের তৃতীয় চতুর্থ বর্ণ ও অন্তঃস্থ বর্ণ পরে), ষষ্ > ষণ্ (বর্গের পঞ্চম বর্ণ পরে)—যেমন, ষট্‌কর্ণ, ষড়্‌গুণ, ষড়্‌ভাব, ষাণ্মাসিক ইত্যাদি] সংখ্যাবিশেষ, ছয়। "ষট্‌সু ষট্‌সু চ মাসেষু মনু ৮.৪০৩। চারি বেদ ষট্‌শাস্ত্র একত্তিতে কৈল। —ম ২।

ষটাঙ্ঘ্রি বি [সং ষড়ঙ্ঘ্রি; অসাধু] ভ্রমর। "ম.পা ১৭৩।

ষট্‌ক বিণ [ষষ্ + ক (কন্), পা ৫.১.২২; স্ত্রী -কা] ষট্ (ছয় গ্রন্থাদি) দ্বারা ক্রীত। —ক ক্লী [+ক] ১ ষট্‌সমূহ, ষড়্‌গণ। "পূর্ব্বষট্‌কপ্রারম্ভঃ। উত্তরষট্‌কপ্রারম্ভঃ (নিরুক্ত—S.W.)। মাসষট্‌কেন।—পঞ্চ ঠু. (কথামুখ)। ২ কামাদি ষড়্‌রিপু।

ষট্‌কর্ণ বিণ [বহুব্রী] যাহাতে ছয় কর্ণ, অর্থাৎ বক্তা ও শ্রোতা ভিন্ন তৃতীয় ব্যক্তির কর্ণ; তৃতীয় ব্যক্তির কর্ণগোচর (মন্ত্র)। "ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ। —হি ৩ ৩৯। —কর্ণ পুং বীণাবিশেষ।

ষট্‌কর্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী; স্ত্রী -র্ম্মা] ঋত (উঞ্ছশিল), অযাচিত, ভৈক্ষ, কৃষি, বাণিজ্য ও কুসীদ—এই ষড়্‌বিধবৃত্তিজীবী (গৃহস্থ)। "মনু

৪.৯ । —র্ম্মা পুং যজনাদিষড়্‌বিহিতকর্ম্মবান্ (ব্রাহ্মণ) । —কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] ১ ব্রাহ্মণের শাস্ত্রবিহিত ষট্‌সংখ্যক কর্ম্ম—যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান প্রতিগ্রহ । 'অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা দানং প্রতিগ্রহশ্চৈব ষট্‌কর্ম্মাণ্যগ্রজন্মনঃ ॥—মনু ১০.৭৫ । ২ শান্তি (গ্রহবিরাম), বশীকরণ, স্তম্ভন (প্রবৃত্তিরোধ), বিদ্বেষ, উচ্চাটন (স্বদেশ-ভ্রংশন), মারণ (প্রাণহরণ)—তন্ত্রোক্ত এই ছয় আভিচারিক কার্য্য। 'শান্তিবশ্যস্তম্ভনানি বিদ্বেষোচ্চাটনং ততঃ। মারণান্তানি শংসন্তি ষট্‌-কর্ম্মাণি মনীষিণঃ ॥ ৩ ব্রাহ্মণের অনুষ্ঠেয় ষট্‌সংখ্যক নিত্যকর্ম্ম—সন্ধ্যা স্নান জপ হোম স্বাধ্যায় দেবার্চ্চন বৈশ্বদেব আতিথেয় । 'সন্ধ্যা স্নানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্ । বৈশ্বদেবাতিথেয়ঞ্চ ষট্‌কর্ম্মাণি দিনে দিনে ॥ ৪ (যোগশাস্ত্রে) ধৌতি-প্রভৃতি ষট্‌ক্রিয়া । 'ধৌতির্বস্তিস্তথা নেতির্নৌলিকী ত্রাটকস্তথা । কপালভাতিশ্চৈতানি ষট্‌কর্ম্মাণি সমাচরেৎ ॥

ষট্‌কোণ বিণ [বহুব্রী] ষট্‌সংখ্যককোণবিশিষ্ট, ছ-কোণা। —কোণ ক্লী ১ লগ্ন হইতে ষষ্ঠগ্রহ । ২ ইন্দ্রের বজ্র । ৩ হীরক । ৪ (তন্ত্রে) যন্ত্রবিশেষ । ৫ ষট্‌কোণ ক্ষেত্র (hexagon) ।

ষট্‌চক্র ক্লী [স.দ্বি, 'সট্‌চক্র' (গো.বি ১৪৭)] (তন্ত্রে) শরীরে সুষুম্‌ণানাড়ী-মধ্যস্থ পদ্মাকৃতি ষট্‌সংখ্যক চক্র (six mystical circles of the body) । ষট্‌চক্র যথা—মূলাধার—প্রথম চক্র । ইহা কুণ্ডলিনী শক্তির আধার । ইহা সুষুম্‌ণার অধোমুখে সংলগ্ন, গুহ্যের অধোদেশে স্থিত, রক্তবর্ণ ও চতুর্দ্দল। চারি দলে মাতৃকাবর্ণ—ব শ ষ স। স্বাধিষ্ঠান—দ্বিতীয় চক্র । ইহা লিঙ্গমূলে স্থিত, সিন্দুররাশিবৎ অরুণবর্ণ ও ষড়্‌দল । ছয় দলে মাতৃকাবর্ণ—ব ভ ম য র ল । মণিপুর—তৃতীয় চক্র । ইহা নাভিমূলে স্থিত, মেঘবৎ সুনীলবর্ণ ও দশদল । দশ দলে মাতৃকাবর্ণ—ড ঢ ণ ত থ দ ধ ন প ফ । অনাহত—চতুর্থ পদ্ম । ইহা হৃদয়ে স্থিত, বন্ধূকপুষ্পবৎ লোহিত ও দ্বাদশদল । দ্বাদশ দলে মাতৃকাবর্ণ—ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ । বিশুদ্ধ—পঞ্চম চক্র । ইহা কণ্ঠদেশে স্থিত, গাঢ় ধূম্রবর্ণ ও ষোড়শ দল । ষোড়শ দলে মাতৃকাবর্ণ—অ আ ই ঈ উ ঊ ঋ ঌ ৠ এ ঐ ও ঔ অং অঃ । আজ্ঞা—ষষ্ঠ চক্র। ইহা ভ্রূমধ্যে স্থিত, চন্দ্রসদৃশ শুভ্র ও দ্বিদল । দুই দলে মাতৃকাবর্ণ—হ ক্ষ । 'বর্ণরূপা তুমি বট, ব…স, ব…ল, ড…ফ, ক…ঠ, ষোল স্বর কণ্ঠেতে বিহরে। হ ক্ষ আশ্রয় ভুরু, নিতান্ত কহিলা গুরু, এই ধ্যান করি ধন্য নবে ॥—রামপ্রসাদ। [°কথা (বি) —ষট্‌চক্র-বিবরণ। দ্র 'ম ১০৭১ । °প্রভেদ, °ভেদ (পুং)—মূলাধারস্থ কুণ্ডলিনীশক্তির সহস্রারপদ্মে গমনে স্বাধিষ্ঠানাদি চক্রভেদ । দ্র 'শ্রী.ম ৩০০-৩০১ ।]

ষট্‌চত্বারিংশ, -শত্তম পূ.বা [°শৎ+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -শী, -মী] ষট্‌চত্বারিংশতের পূরণ ; পঞ্চচত্বারিংশতের পরবর্ত্তী । —শৎ স.বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিক চত্বারিংশৎসংখ্যক ; ছচল্লিশ। —শৎ স্ত্রী ষট্‌চত্বারিংশৎ সংখ্যা ; ছচল্লিশ (৪৬) সংখ্যা ।

ষট্‌ চত্বারিংশৎ, ষট্‌ চত্বারিংশত্তম দ্র ষট্‌চত্বারিংশ' ।

ষট্‌চরণ বিণ[বহুব্রী] ষট্‌পদবিশিষ্ট । —চরণ পুং ১ ষট্‌পদ, ভ্রমর । "শ ১.২১, টীকা । ২ যুকা । ৩ শলভ ।

ষট্‌তিলী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি)-১ব] জন্মতিথি-প্রভৃতিতে তিলসাধ্য ষট্‌কর্ম্মকারী । 'তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোমী তিলপ্রদঃ । তিলভুক্ তিলবাপী চ ষট্‌তিলী নাবসীদতি ॥—তিথ্যাদিতত্ত্ব (শ.ক) ।

ষট্‌ত্রিংশ, -শত্তম পূ.বা [°শৎ+অ (ডট্), +তম (তমট্) স্ত্রী -শী, -মী] ষট্‌ত্রিংশতের পূরণ ; পঞ্চত্রিংশতের পরবর্ত্তী । —শৎ স.বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিকত্রিংশৎসংখ্যক, ছত্রিশ । "ষট্‌-ত্রিংশদাব্দিকং চর্য্যম্ মনু ৩.১ । —শৎ স্ত্রী ষট্‌ত্রিংশৎসংখ্যা ; ছত্রিশ (৩৬) সংখ্যা ।

ষট্‌ ত্রিংশৎ, ষট্‌ ত্রিংশত্তম দ্র 'ষট্‌ত্রিংশ' ।

ষট্‌পঞ্চাশ, -শত্তম পূ.বা [ষট্‌পঞ্চাশৎ+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -শী, -মী] ষট্‌পঞ্চাশতের পূরণ ; পঞ্চপঞ্চাশতের পরবর্ত্তী । —শৎ স. বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিকপঞ্চাশৎসংখ্যক, ছাপ্পান্ন । —শৎ স্ত্রী ষট্‌-পঞ্চাশৎসংখ্যা ; ছাপ্পান্ন (৫৬) সংখ্যা ।

ষট্‌ পঞ্চাশৎ, ষট্‌ পঞ্চাশত্তম দ্র 'ষট্‌পঞ্চাশ'।

ষট্‌পদ বিণ [বহুব্রী] স্ত্রী -দা] ১ ষট্‌সংখ্যকচরণ (প্রাণী) । —পদ পুং ১ ভ্রমর । "গো.রা ৫ ১৩.২৭ । ষট্‌পদালি রঘু ৬.৬৯ । ন পঙ্কজং তদ্ যদলীনষট্‌পদম্ ভট্টি ২.১৯ । ষট্‌পদগামিনী ক.চ ২৫৫ । ব.প ৩৬০ । °ঘরণী ভা.চ ৪৩২ । ২ যুকা । —পদী[১] স্ত্রী [ষট্ পাদ যাহার, বহুব্রী, পাদ >পদ্, স্ত্রী ঈ (ঙীপ্), পা ৫.৪ ১৩৯] ১ ভ্রমরী, মধুকরী । "ব.প ৩৬০ । ২ যুকা । ৩ [স.দ্বি] ষট্‌পদের সমাহার ; ষট্‌চরণযুক্ত ছন্দো-বিশেষ। ৪ ষট্‌শ্লোকাত্মক পদ্যসমূহ (ত.বা)। ৫ ক্ষুধা তৃষ্ণা শোক মোহ জরা মৃত্যু— এই ষট্‌কের সমাহার । "দিষ্ট্যা তে ষট্‌পদী জিতা মহা ৩.৩১৩ ৯ । [°জ্য (বিণ)—ভ্রমরগুণ (চাপ) । "উ.মে ১২ । °প্রিয় (পুং) —ভ্রমরপ্রিয়, নাগকেশর । °শ্রেণি (স্ত্রী)—ভ্রমরপঙ্‌ক্তি । "কু.স ৫ ৯ ।

ষট্‌পদালী স্ত্রী [ব.ত] ভ্রমররাজি, ভৃঙ্গাবলি । "রঘু ৬.৬৯ ।

ষট্‌পদী[১] দ্র 'ষট্‌পদ'।

ষট্‌ পদী[২] [বাঙলায় ; অসাধু] 'ষট্‌পদযুক্ত', ভ্রমর। "সজ্জন সুবুদ্ধি লোক হইয়া ষট্‌পদী । ভারতপঙ্কজমধু পিয়ে নিরবধি ॥—ম ২ ।

ষট্‌পাদ পুং [বহুব্রী] ষট্‌চরণ, ভ্রমর । "হ ১৪৮.৩৫ ।

ষট্‌প্রজ্ঞ বিণ [বহুব্রী] চতুর্ব্বর্গ, লোকতত্ত্ব ও তত্ত্বার্থ—এই ষড়্‌বিষয়ে যাঁহার প্রজ্ঞা ; চতুর্ব্বর্গাদিপণ্ডিত । 'ধর্ম্মার্থকামমোক্ষেষু লোক-তত্ত্বার্থয়োরপি । ষট্‌সু প্রজ্ঞাস্তি যস্যোচ্চৈঃ স ষট্‌প্রজ্ঞ ইতি স্মৃতঃ ॥ —ত্রিকাণ্ডশেষ । —প্রজ্ঞ পুং ১ ধর্ম্মাদিপ্রজ্ঞ বৌদ্ধ (ত.বা) । ২ কামুক ।

ষট্‌ শত বিণ [ষড়াবৃত্ত শত, সুজর্থে বহুব্রী, পা ৬.৪.১৪২, সি] ১ ষড়্‌গুণিত শত ; ষট্‌শতসংখ্যক । "ষট্‌শতৈশ্চ পদাতিভিঃ মহা ৩.৭৮.২ । ২ ষট্‌পণশত । "ষট্‌শতং দমম্ মনু ৮ ১৯৮ ; (সঃ) দণ্ডর্হতি ষট্‌শতম্ ৩৬৭ । —শতী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] ষট্ শত ; ছয় শত ।

ষট্‌ শতী দ্র 'ষট্‌শত'।

ষট্‌ শাস্ত্র বি ষড়্‌দর্শনশাস্ত্র। "চারিবেদ °স্ত্র ।—ম ৬৬৭ ।

ষট্‌ শাস্ত্রী (-স্ত্রিন্) বিণ [°স্ত্র+ইন্ (ইনি)-১ব] ষড়্‌দর্শনবিৎ ।

ষট্‌ শিরাঃ (-রস্) বিণ [বহুব্রী ; ১ব, স্ত্রী -রাঃ] ষণ্মস্তক । "ষট্‌-শিরাঃ (কুমারঃ সমপদ্যত) মহা ৩.২২৪ ১৭ ।

ষট্‌ ষষ্টি, -ষ্টিতম পূ.বা [°ষ্টি+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -ষ্টী, -মী] ষট্‌ষষ্টির পূরণ , পঞ্চষষ্টির পরবর্ত্তী । —ষষ্টি স বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিক ষষ্টি ; ষট্‌ষষ্টিসংখ্যক, ছ-ষট্টি । —ষষ্টি স্ত্রী ষট্‌ষষ্টি সংখ্যা ; ছষট্টি (৬৬) সংখ্যা ।

ষট্‌ ষষ্টিতম দ্র 'ষট্‌ষষ্টি' ।

ষট্‌ সন্দর্ভ পুং [বহুব্রী] শ্রীজীবগোস্বামিকৃত ষট্‌সংখ্যকসন্দর্ভাত্মক ভক্তি-গ্রন্থবিশেষ । "ভ.গ্র ২৩ ।

ষট্‌ সপ্ততি, -তিতম পূ.বা [°তি+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -তী, -মী] ষট্‌সপ্ততির পূরণ , পঞ্চসপ্ততির পরবর্ত্তী । —সপ্ততি স.বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিক সপ্ততি , ষট্‌সপ্ততিসংখ্যক, ছিয়াত্তর । —সপ্ততি স্ত্রী ষট্‌সপ্ততি সংখ্যা ; ছিয়াত্তর (৭৬) সংখ্যা ।

ষট্‌ সপ্ততিতম দ্র 'ষট্‌সপ্ততি' ।

ষড়ংশ পুং [ষট্ (ষষ্ঠ) অংশ, কর্ম্মধা, বৃত্তিবিষয়ে সংখ্যাবাচকের পূরণার্থত্ব (মল্লিনাথ)] ষষ্ঠাংশ, ষষ্ঠভাগ । [°ভাক্ (-জ্) বিণ—ষষ্ঠাংশভাগী । "রঘু ১৭.৬৫ ।]

ষড়ক্ষর বিণ [ষট্ অক্ষর যাহাতে, বহুব্রী ; স্ত্রী -রা] ষড়্‌বর্ণাত্মক। "ষড়ক্ষরেণ ছন্দসা।—শুক্লযজুর্ব্বেদ ৯.৩২, মহীধর। ব্রহ্মমন্ত্র ষড়ক্ষর।—ম ৬৭৯। দেন ষড়ক্ষর মন্ত্র শি ৪৩। —ক্ষরী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] ষড়্‌বর্ণাত্মিকা মহাবিদ্যা বা মন্ত্রবিশেষ। "ষড়ক্ষরী মহাবিদ্যা।—পঞ্চরাত্র ২.৩.৭২।

ষড়ক্ষরী দ্র 'ষড়ক্ষর'।

ষড়ঙ্গ বিণ [বহুব্রী] ১ ষড়বয়ব ; ষড়্‌ভাগযুক্ত, ষড়ংশক। ২ শিক্ষাদি-ষড়বয়ববিশিষ্ট (বেদ)। "°বেদবিদ্বস্ গো.রা ৫.১৬.৪১। ষড়ঙ্গ বেদ।—ম ১৭৩। ৩ ষড়্‌পাদানকৃত। "°গুগ্‌গুলু। ৪ হস্ত্যশ্বরথাদিষড়বয়ব (সেনা)। দ্র 'ষড়ঙ্গী'। —ড়ঙ্গ ক্লী [স দ্বি] ১ ষড়ঙ্গের সমাহার ; জঙ্ঘাদ্বয় বাহুদ্বয় মস্তক কটি—এই ছয় অবয়ব। 'জঙ্ঘে বাহু শিরো মধ্যং ষড়ঙ্গমিদমুচ্যতে। ২ গোমূত্রাদি ষড়্‌বিধ গোসম্বন্ধী মঙ্গলদ্রব্য। 'গোমূত্রং গোময়ং ক্ষীরং সর্পির্দধি চ রোচনা। ষড়ঙ্গমেতন্ মাঙ্গল্যং পবিত্রং সর্ব্বদা গবাম্॥—স্মৃতি। "ষড়ঙ্গপূজিনী ক.চ ২৫৫। ষড়ঙ্গ পূজিয়া, ঘৃত দধি লৈয়া, দুগ্ধ মধু সহ কুম্ভে।—দু ৪৩। ৩ শিক্ষা-প্রভৃতি ষট্‌সংখ্যক বেদাঙ্গ। "ষড়ঙ্গরূপিণী ক.চ ২৫৩ ; ষড়ঙ্গধারিণী ২৫৫। ৪ ষড়্‌দ্রব্যমাত্র। ৫ [কর্ম্মধা] (বহুব) শিক্ষাদি ষট্ বেদাঙ্গ। ৬ (বাঙ্‌লায়) পাদ্যার্ঘ্যাদি ষড়্‌বিধ পূজোপচার। "গোবিন্দে ষড়ঙ্গে পূজি।—ম ৩০২ ; ষড়ঙ্গে পূজিল হরি ৭১১। (পাদ্য-আদি) ষড়ঙ্গে পূজিল আগে দেব লম্বোদরে শ্রী.ম ১০২ ; ২৯৩। ষড়ঙ্গে পূজিব মাতা তোমার চরণে বা.ম ৩৭৫। ৭ জঙ্ঘাদি-ষড়ঙ্গসহিত (?)। দ্র 'ষড়ঙ্গ ক্লী (১)। "(যুবনাশ্ব) ভীমেরে প্রণাম করে °ঙ্গ হইয়া।—ম ১১২২। ষড়ঙ্গে প্রণতি করি বা.ম ৩৭৪। [°জিৎ (পুং)—বিষ্ণু। °বিৎ (-দ্) বিণ—শিক্ষাদিষড়ঙ্গবেত্তা ; ষড়ঙ্গাভিজ্ঞ। "মনু ৩.১৮৫।]

ষড়ঙ্গন্যাস পুং [উত্তরপদ দ্বিগু] মন্ত্রোচ্চারণপূর্ব্বক অঙ্গুলি দ্বারা হৃদয়াদি ষড়ঙ্গস্পর্শ ; অঙ্গন্যাস। "ষড়ঙ্গন্যাসাদি যত কৈল প্রাণায়াম বি স্থ ১৭৩।

ষড়ঙ্গী (-ঙ্গিন্) বিণ [°ঙ্গ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -ঙ্গিনী] হস্তী অশ্ব রথ পদাতি সেনা কর্ম্মকর—এই ষড়্‌বিধাত্মক (বল—মনু ৭ ১৮৫, কুল্লুক) ; মৌল ভৃত্য সুহৃৎ শ্রেণী দ্বিষৎ আটবিক—এই ষড়্‌বিধাত্মক (বল—রঘু ৪.২৬, মল্লিনাথ, ১৭.৬৭)।

ষড়ঙ্ঘ্রি পুং ষট্ অঙ্ঘ্রি যাহার, বহুব্রী] ষট্‌পদ, ভ্রমর। "ভ ১০.৪৭.১৪। ব.প ৩৭৫।

ষড়ভিজ্ঞ পুং ষট্ অভিজ্ঞা যাহার, বহুব্রী] দিব্যচক্ষুরাদিষড়্‌বিধজ্ঞান-শক্তিমান্ ; বুদ্ধদেব। দ্র 'অ.টী'।

ষড়শীতি, -তিতম পু.বা [°শীতি+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -তী, -মী] ষড়শীতির পূরণ ; পঞ্চাশীতির পরবর্ত্তী। —শীতি স.বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিক অশীতি, ষড়শীতিসংখ্যক, ছিয়াশী। —শীতি স্ত্রী ১ ষড়শীতি সংখ্যা ; ছিয়াশী (৮৬) সংখ্যা। ২ মিথুন কন্যা ধনুঃ মীন রাশিতে রবিসংক্রান্তিবিশেষ। 'ধনুর্মিথুনকন্যাসু মীনে চ ষড়শীতয়ঃ (সংক্রান্তয়ঃ)।

ষড়শীতিতম দ্র 'ষড়শীতি'।

ষড়স্র, ষড়শ্রি, ষড়স্র, ষড়স্রি বিণ [ষট্ অশ্রি যাহার, বহুব্রী ; তু 'চতুরস্র' (পা ৫.৪.১২০)] ষট্‌কোণবিশিষ্ট, ছ-কোণা '(বজ্রম্) ষড়স্রিভীমনিঃস্বনম্ মহা ৩.১০০.১১।

ষড়শ্রি দ্র 'ষড়স্র'।

ষড়ষ্টক ক্লী বর ও কন্যার রাশি হইতে যথাক্রমে ষষ্ঠ ও অষ্টম রাশিসম্বন্ধী যোগবিশেষ। "অরি°, মিত্র°।

ষড়স্র, ষড়স্রি দ্র 'ষড়স্র'।

ষড়হ পুং [স.দ্বি, সমাসান্ত 'অ' (টচ্)] ছয় দিনের সমাহার ; দিনষট্‌ক, ছ-দিন। "শি ৬১।

ষড়ানন বিণ [ষট্+আনন ; বহুব্রী ; স্ত্রী -না] যাহার ছয় মুখ ; ষড়্‌বক্ত্র। "রা ১.৩৭.২৮। কুমারোহভূৎ ষড়াননঃ ক.সা ২০.৮৭। —নন পুং কার্ত্তিকেয়। "রঘু ১৪.২২। °মাতা ক.চ ১০৪ ; ২৫৫। ভা.চ ৪৩২। [ইনি ছয় মুখে ষট্‌কৃত্তিকার স্তন্যপান করেন বলিয়া 'ষড়ানন' নামে খ্যাত (রা ১.৩৮.২৮)।] —নন ক্লী [উ.লো] ষট্‌সংখ্যক মুখ ; ষণ্মুখ। "ষড়াননাপীতপয়োধরাসু নেতা চমূনামিব কৃত্তিকাসু রঘু ১৪.২২।

ষড়াম্নায় পুং, বহুব [কর্ম্মধা] শিবের ষড়্‌বক্ত্রবিনির্গত ষট্‌প্রকার তন্ত্র-শাস্ত্র,—পূর্ব্বাম্নায়, দক্ষিণাম্নায়, পশ্চিমাম্নায়, উত্তরাম্নায়, ঊর্দ্ধাম্নায়, অধ-আম্নায়। [শিব ছয় দিকে ফিরিয়া দেবীকে ষড়াম্নায় বলিয়াছিলেন।]

ষড়ূর্ম্মি স্ত্রী, বহুব [ষট্>ঊর্ম্মি, কর্ম্মধা] ক্ষুধা পিপাসা শোক মোহ জরা মৃত্যু—এই ষড়্‌বিধ ভাব। "মহা ৩ ৩১৩.৯, নীলকণ্ঠ।

ষড়ূষণ ক্লী [স দ্বি] পিপ্পলী মরিচ শুণ্ঠি গ্রন্থিক অনল চব্য—এই ষড়্‌বিধ মিশ্রিত কটুদ্রব্য।

ষড়ৈশ্বর্য্য ক্লী [কর্ম্মধা] ভগবানের ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণ। দ্র 'ভগ (১৮)। "ষড়ৈশ্বর্য্যৈঃ পূর্ণো য ইহ ভগবান্ স স্বয়ময়ম্ ; ষড়ৈশ্বর্য্যপূর্ণ…ভগবান্ চৈ.চ ৫ ; ১০৩, °পতি ১৬৯।

ষড়্‌গব বিণ [ষট্‌সংখ্যক গো (উ.লো)+অ (অচ্ সমাসান্ত)—ষড়্‌গব+অ (অচ্) অস্ত্যর্থে] ষড়গববান্, ষড়্‌গবযুক্ত, ষড়্‌গবাকৃষ্ট (শকট, হল)। "হলমষ্টগবং ধর্ম্ম্যং ষড়্‌গবং জীবিতার্থিনাম্।—আপস্তম্ব ১.২৩। পরাশর ২.৩। —গব ক্লী [স.দ্বি সমাসান্ত 'অ' (অচ্)] ষড়্‌গো-সমাহার।

ষড়্‌গয়া স্ত্রী [উ.লো] ষট্‌সংখ্যক গয়া। 'গয়াগজো গয়াদিত্যো গায়ত্রী চ গদাধরঃ। গয়া গয়াসুরশ্চৈব ষড়্‌গয়াঃ… ॥—বায়ুপুরাণ।

ষড়্‌গুণ বিণ [বহুব্রী] ১ গুণষট্‌যুক্ত। "ষড়্‌গুণো রথঃ ক.সা ৪৭.২১। (স্ত্রীণাম্) °ণো ব্যবসায়ঃ (সু.র)। ২ ষড়্‌গুণিত (sixfold)। —গুণ পুং, বহুব [কর্ম্মধা] ১ মনঃষষ্ঠ চক্ষুরাদি ইন্দ্রিয়ষট্‌কের গুণসমূহ ; ষড়্‌গুণবান্ ষড়িন্দ্রিয়। "°েশ (ষড়িন্দ্রিয়নিয়ন্তা—শ্রীধর) ভ ১.৩.৩৬। ২ সন্ধিবিগ্রহাদি ষট্‌সংখ্যক মন্ত্রগুণ। 'সন্ধিঞ্চ বিগ্রহঞ্চৈব যানমাসনমেব চ। দ্বৈধীভাবং সংশ্রয়ঞ্চ ষড়্‌গুণাংশ্চিন্তয়েৎ সদা ॥—মনু ৭.১৬০। শু ৪.৭.২৩৪। ৩ ঐশ্বর্য্য জ্ঞান যশঃ শ্রী বৈরাগ্য ধর্ম্ম (S W.)। —গুণ ক্লী [স.দ্বি] ষড়্‌গুণসমাহার, গুণষট্‌ক। [°ধারিণী (বিং)—ঐশ্বর্য্যাদিষড়্‌গুণবতী, ভগবতী। "ষড়্‌গুণধারিণী শিবা ক.চ ১০৪।]

ষড়্‌গ্রন্থা স্ত্রী [বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] বচা, শ্বেতবচা ; শটী ; করঞ্জ। —ন্থি ক্লী পিপ্পলীমূল। —ন্থী স্ত্রী বচা।

ষড়্‌গ্রন্থি, ষড়্‌গ্রন্থী দ্র 'ষড়্‌গ্রন্থা'।

ষড়্‌জ পুং [ষষ্ + √জন্+অ (ড)-ক ; উ.ত] (সঙ্গীতে) নাসাকণ্ঠাদি ষট্‌স্থানজাত স্বরসপ্তকের প্রথম স্বর ; খরজ। 'নাসাং কণ্ঠমুরস্তালু জিহ্বাং দন্তাংশ্চ সংশ্রিতঃ। ষড়্‌ভ্যঃ সংজায়তে যস্মাৎ তস্মাৎ ষড়্‌জ ইতি স্মৃতঃ ॥ ষড়্‌জং রৌতি ময়ূরঃ (ভরত)। দ্র 'গী.সা প্রথম ভাগ, দ্বিতীয় সংস্করণ, ১৩ পৃষ্ঠ। "ভকত-শিখী অভিমত গায়ত, ষড়্‌জস্বর-পরচার ন.প ২৯৫। সূচিত স্বরভঙ্গ তার (ধরণীর) কেকার ষড়্‌জে!—কৃ.কে ৬৪। [°সংবাদী (-দিন্) বিণ—ষড়্‌জসদৃশ। "ষড়্‌জসংবাদিনীঃ কেকাঃ (শৃণ্বন্তৌ তৌ) রঘু ১.৩৯।]

ষড়্‌দশ স.বিং ষড়ধিক দশ ; ষোড়শ। "ষড়্‌দশে আর গুরু মৎস্যরাজ হৈল। বড়শী-আহারে দেখ পরাণ ছাড়িল॥ —শ্রী.ম ২৯১।

ষড়্‌দর্শন ক্লী [কর্ম্মধা] ন্যায় সাংখ্য পাতঞ্জল মীমাংসা বৈশেষিক বেদান্ত—এই ষড়্‌বিধ দর্শনশাস্ত্র। "°চন্দ্রিকা, °সংক্ষেপ।

ষড়্‌দুর্গ ক্লী [উ.লো] ধন্বদুর্গ (মরুদুর্গ), মহীদুর্গ অব্‌দুর্গ বার্ক্ষদুর্গ নৃদুর্গ গিরিদুর্গ।—এই ষড়্‌বিধ দুর্গ। 'মনু ৭.৭০।

ষড়্ধা; ষোঢ়া ব্য [ষষ্+ধা (ধাচ্), বিকল্পে 'ষষ্' >ষো, টুত্ব (পা ৬.৩.৭৬, সি)] ষট্‌প্রকারে, ছ-রকমে।

ষড়্বক্ত্র, -বদন পুং [বহুব্রী] ষড়ানন, কার্ত্তিকেয়।

ষড়্বর্গ পুং [ষ.ত] ১ ষট্‌সমবায়, ষড়্গণ। ২ মনঃষষ্ঠ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। "অসংযত° ভ ১১.১৮.৪০। ৩ কামাদি ষড়্রিপু। "°জিৎ মহা ১.৪৯.১৬। শত্রু° ।—শু ১.১৪৫। (দশরথঃ) বাজেষ্ট ষড়্বর্গম্ ভট্টি ১.২। কামাদি ষড়্বর্গ রোগ (তাহে ভ্রমি) ভ.প্র ১৬। ৪ (জ্যোতিষে) জন্মকালে শুভাশুভফলসূচক গ্রহচক্রবিশেষ। "ষড়্বর্গ অষ্টবর্গ সর্ব্বসুলক্ষণ চৈ.চ ৫২।

ষড়্বিংশ, -শতিতম পু.বা [°শতি+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -শী, -তমী] ষড়্বিংশতির পূরণ ; পঞ্চবিংশতির পরবর্ত্তী। —বিংশতি স.বিণ, স্ত্রী [উ.লো] ষড়ধিক বিংশতি ; ষড়্বিংশতিসংখ্যক, ছাব্বিশ। —বিংশতি স্ত্রী ষড়্বিংশতি সংখ্যা ; ছাব্বিশ (২৬) সংখ্যা।

ষড়বিংশতি, ষড়বিংশতিতম দ্র 'ষড়্বিংশ'।

ষড়্বিধ বিণ [বহুব্রী] ষট্‌প্রকার। "°ধং বলম্ রঘু ৪.২৬।

ষড়্বিন্দু পুং [বহুব্রী] ১ কীটবিশেষ। ২ [?] বিষ্ণু। ৩ (বৈদ্যকে) শিরোরোগের পাকতৈলবিশেষ। [ইহার ছয় ফোঁটা নাসিকায় দিতে হয়, এই হেতু 'ষড়্বিন্দু' নাম (ভাবপ্রকাশ)।]

ষড়্ভাক্ দ্র 'ষড়্ভাগ'।

ষড়্ভাগ পুং [ষট্ (ষষ্ঠ) ভাগ, কর্ম্মধা, বৃত্তিবিষয়ে পূরণার্থক] ষষ্ঠাংশ। "বলি° রা ২.৭৫.২৫। মনু ৭.১৩১। [°ভাক (-জ্) বিণ—ষড়্ভাগপ্রাপক। "ষড়্ভাগভাগ রাজা মনু ৮.৩০৫।]

ষড়্ভাব পুং, বহুব [কর্ম্মধা] ১ জন্ম স্থিতি বৃদ্ধি পরিণতি অপক্ষয় নাশ—এই ষড়্বিধ দেহাবস্থা। 'জায়তে অস্তি বর্দ্ধতে পরিণমতে অপক্ষীয়তে নশ্যতীতি ষড়্ভাবাঃ ভ ৭.৭.১৮, শ্রীধর। ২ দ্রব্য গুণ কর্ম্ম সামান্য বিশেষ সমবায়—এই ষড়্বিধ (S.W.)।

ষড়্ভুজ বিণ [বহুব্রী ; স্ত্রী -জা] ১ ষট্‌কর। "হরঃ…ষড়্ভুজঃ। —পঞ্চরাত্র ১.১৪.২৯। ২ ষড়্বাহু (ক্ষেত্র)। —ভুজ বি ছয় বাহু। "চৈ চ ৬১। —ভুজা স্ত্রী ১ দুর্গা (শ.ক)। ২ 'ভুজতুল্যষড়্রেখাযুক্ত'; ষড়্রেখা, খরমুজা।

ষড়্ভুজা দ্র 'ষড়্ভুজ'।

ষড়্যন্ত্র বি (মুখ্যার্থে) মারণাদি ষড়্বিধ আভিচারিক উপায় ; (দ্র 'অভিচার')। (গৌণার্থে) কাহারও বিরুদ্ধে মন্ত্রণা বা চক্রান্ত।

ষড়্রস বিণ [বহুব্রী] ষড়্বিধরসযুক্ত। "ভক্ষ্যভোজ্যলেহ্যাদি ষড়্রসম্ ক.সা ৪৫.২৩০। —রস পুং [কর্ম্মধা] মধুরাদি ষড়্বিধ খাদ্যরস। 'মধুরো লবণস্তিক্তঃ কষায়োঽম্লঃ কটুস্তথা। সন্তীতি রসনীয়ত্বাদম্লাস্তে ষড়মী রসাঃ॥ "ষড়্রস ভুঞ্জিয়া মনের পরিতোষে।—ম ১২৩২। —রস ক্লী জল।

ষড়্রাগ বি হনুমন্তমতে,—ভৈরব শ্রী মেঘ হিন্দোল মালকোশ দীপক রাগ ; ব্রহ্মার মতে,—ভৈরব শ্রী মেঘ বসন্ত পঞ্চম নট রাগ (গী সা)। "°বিহারিণি !—ভা.চ ৪৩২।

ষড়্রাত্র ক্লী [স. দ্বি, সমাসান্ত 'অ' (অচ্), ক্লীবলিঙ্গ] রাত্রিষট্‌ক, ছয় রাত। "রা ১.৩০.৪।

ষড়্রিপু বি কামাদি ছয় দৈহিক শত্রু। "ক.চ ১০৪।

ষড়্রেখা স্ত্রী [বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] ষড়ভুজা, খরমুজা।

ষড়্লবণ ক্লী [স.দ্বি] মৃজ্জাত লবণ ও পঞ্চলবণ।

ষণ্ড পুং [√সন্ দান+ড-ক, পৃষো, উ ১.১১১ ; তু 'শণ্ড' ; 'সাণ্ড' >ষণ্ড (?)—খন্দ নঠ করে যেহ্ন উদাও সাণ্ডে শ্রী.কী ১৪২।] ১ বৃষ, ষাঁড়। ২ নপুংসক। তু 'ষণ্ঢ'। "যথা ষণ্ডোঽফলঃ স্ত্রীষু মনু ২.১৫৮ ; ১১.১৩৪। —ণ্ড পুং, ক্লী ১ পদ্মকুমুদাদিসমূহ ; সমূহ। তু 'শণ্ড'। "উপবন°, কানন° (রা)। কোকিলাকুলষণ্ডানি (বনানি) গো.রা ৬.১৫.১১। কদম্বতরু°, কদলী°, কমল° (মহা)। অব্জ° ভ ১.১১.২। কুমুদকমল° মাঘ ১১.১৫। ২ লিঙ্গ, চিহ্ন। "ভ ৪.১৯.২৩।—ণ্ডক পুং ক্লীব। "সা.দ ৬.১৬৫।

ষণ্ডক দ্র 'ষণ্ড'।

ষণ্ডা বিং [ষণ্ড>ষণ্ডা ; হি 'সণ্ডা'—বলবান্ 'সাণ্ড' (শ্রী.কী ৯৪)] ১ বলবান্, বলিষ্ঠ। ২ কাণ্ডজ্ঞানহীন, গোঁয়ার। "আমার একটা জমিদার ষণ্ডা কুটুম্ব আছে—তাহার হ্রস্ব দীর্ঘ কিছুই জ্ঞান নাই—কেবল কতকগুলা টাকা আছে।—আ.দু ১৪।

ষণ্ডামাক্ক বি [ষণ্ডামার্ক > °ক্ক ; গ্রাম্য] সর্থ 'ষণ্ডামার্ক (২)। "তোর দাদা যে ষণ্ডামাক্ক, সে রসিকতার কি ধার ধারে স.এ ১৯।

ষণ্ডামার্ক পুং [শণ্ডামার্ক> °র্ক] ১ সর্থ 'শণ্ডামার্ক'। ২ মূর্খ, গোঁয়ার, বেরসিক। [বোধ হয়, 'ষণ্ডা' হইতে এইরূপ অর্থ।]

ষণ্ডামি বি [ষণ্ড+ আমি২] ষণ্ডপানা, ঔদ্ধত্য, গোঁয়ারের কাজ।

ষণ্ঢ পুং [শণ্ঢ > ষণ্ঢ, পৃষো] ১ ক্লীব, নপুংসক। "যাজ্ঞ ১.২১৫। ২ গলিতাণ্ড, খোজা। ৩ বন্ধ্যাপুরুষ (মহা ৪.২.২৫, নীলকণ্ঠ)। ৪ গোপতি (মহা ৪ ২.২৫, নীলকণ্ঠ)। —ণ্ঢক পুং [ষণ্ঢ+ক (কন্)] ষণ্ঢ, ক্লীব ; কৃষ্ণসখা (দ্র 'নীলকণ্ঠ')। "মহা ৪ ২.২৫। [ষণ্ঢ চতুর্দ্দশবিধ, মতান্তরে বিংশতিপ্রকার।] [°তিল (পু°)—অফলতিলবৃক্ষ। "ষণ্ঢতিলা ইবাফলাঃ মহা ২.৭৭৮। শু ১.১২৬। °পতি (বিণ)—ক্লীবপতি। "ষণ্ঢপতিত্ব।—শু ৩.২৪৩।]

ষণ্ঢত্ব ক্লী [ষণ্ঢ+ত্ব] ১ ক্লীবত্ব, বন্ধ্যাত্ব। ২ শব্দের ক্লীবলিঙ্গত্ব। "ছন্দৈকত্বাৎ ষণ্ঢত্বম্ ভ ৪.২.২৯, শ্রীধর।

ষণ্ণবতি, -তিতম পু বা [°তি+অ (ডট্), +তম (তমট্) ; স্ত্রী -তী, -মী] ষণ্ণবতির পূরণ, পঞ্চনবতির পরবর্ত্তী। "ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ (মহা)। —তি স বিণ [ষট্+নবতি, উ.লো] ষড়ধিক নবতি ; ষণ্ণবতিসংখ্যক, ছিয়ানই। —তি স্ত্রী ষণ্ণবতি সংখ্যা ; ছিয়ানই।

ষণ্ণবতিতম দ্র 'ষণ্ণবতি'।

ষণ্মাতুর বি [সং ষাণ্মাতুর ; অসাধু] কার্ত্তিকেয়। "ম পা ১৫।

ষণ্মাস ক্লী [স দ্বি] মাসষট্‌ক, ছয় মাস। "পা ৫১.৮৩। °নিচয় মনু ৬.১৮। ষণ্মাসাভ্যন্তরে।—পঞ্চ ঌ (কথামুখ)। —সিক বিণ [°স+ইক (ঠন্)] ষণ্মাসভূত। "ষণ্মাসিকো রোগঃ পা ৫.১.৮৪, কাশিকা।

ষণ্মুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা, -খী] ষট্‌সংখ্যকমুখযুক্ত। "মহা ১৩ ১৪.১৪৮।—খ পুং ষডানন, কার্ত্তিকেয়। "রঘু ১৭.৬৭। —খা স্ত্রী ষড়্ভুজা, খরমুজা।

ষণ্মুখা দ্র 'ষণ্মুখ'।

ষত্ব ক্লী [ষ+ত্ব] 'ষ'-কারভাব, ব্যাকরণের নিয়মানুসারে দন্ত্য 'স'এর স্থানে মূর্দ্ধন্য 'ষ' আদেশ। "এত্বমত্বে। সর্ব্বেষাম্।—পা ৭.১.৫২, সি। [ষত্ব ণত্ব না বুঝা—ষত্ব-ণত্বের জ্ঞান না থাকা ; (গৌণার্থে) বিষয়বোধ না থাকা। "কিছু বুঝে না ষত্ব ণত্ব, তারে আবার প্রধানত্ব, প্রদান করেন নারায়ণ।—দা ১৪৩৪।]

ষষ্ট পু.বা [ষষ্টি+অ (ডট্) ; স্ত্রী -ষ্টী] ষষ্টির পূরণ। "এক°, দ্বি°, ত্রি° (সংখ্যার পরবর্ত্তী)। —ষ্টি স বিণ, স্ত্রী [ষট্‌দশৎ+তি, নিপাতিত, পা ৫.১.৫৯] যাহার সংখ্যা ছয় দশ ; ষষ্টিসংখ্যক, ষাট। "ষষ্ট্যা (হরিভিঃ)। —ঋগ্বেদ ২.১৮.৫। °পুত্রসহস্রাণি রা ১.৫.২। মনু ৩.১৭৭। —ষ্টি স্ত্রী ষষ্টি সংখ্যা ; ষাট (৬০) সংখ্যা। "যোজনানাম্…ষষ্টিম্ গো রা ৫ ১.৪৬। —ষ্টিতম পু.বা [ষষ্টি+তম (তমট্) ; স্ত্রী -মী] ষষ্টির পূরণ ; একোনষষ্টির পরবর্ত্তী। —ষ্টিক পুং, ক্লী [ষষ্টি+ক (কন্), পা ৫.১.৯০] যে ধান্য ষষ্টিসংখ্যক রাত্রিতে পাকে ; ধান্যবিশেষ, ষষ্টিশালি। "ষষ্টিকৌদন মহা ১৩.৬৪.১৪।—ষ্টিক ক্লী ষষ্টিযোজন। "বৃহৎসংহিতা ৩২.৩১। —ষ্টিকা ক্লী [°ক+য (যৎ)] ষষ্টিকধান্যক্ষেত্র। "পা ৫.১.৩।

ষষ্টি দ্র 'ষষ্ট'। [°জ (পুং)—ষষ্টিকধান্য। °ভাগ (পুং)—শিব। "মহা ১৩.১৭.৭২। °বর্ষী (-র্ষিন্) বিণ—ষষ্টিবর্ষবয়স্ক, পূর্ণযৌবন (হস্তী)। "মহা ১.১৫১.৪। °বাসরজ, °শালি (পুং)—ষষ্টিকধান্য। °যোজন (বিণ)—ষষ্টিযোজনদূরবর্তী। °রাত্র (ক্লী)—ষষ্টিরাত্রিসমাহার, ষাট রাত। "পা ৫.১.৯০। °সংবৎসর (পুং)—ষষ্টিবর্ষ। °সহস্রী (-স্রিন্) বিণ—ষষ্টি-সহস্রসংখ্যক। "ভ ৯.৮.১০।]

ষষ্টিক, ষষ্টিক্য; ষষ্টিজ দ্র 'ষষ্ট; ষষ্টি'।

ষষ্টিহায়ন বিণ [বহুব্রী; স্ত্রী -নী] ষষ্টিবর্ষবয়স্ক, ষষ্টিবর্ষ। "বারণৌ ষষ্টিহায়নৌ মহা ১.১৫৩.৪৪। —হায়ন পুং ১ হস্তী (মেদিনী)। ২ ষষ্টিকধান্য।

ষষ্ঠ[১] বিণ [ষষ্+অ (ডট্), 'থ্' (থুক্) আগম; স্ত্রী -ষ্ঠী] ষট্পূরণ, ছএর পূরণ, অর্থাৎ পাঁচের পরবর্তী। "শুক্লযজুর্বেদ ২৫.৪। রজনীং ষষ্ঠীম্ রা ২.৬৩.৪। ষষ্ঠাংশ রঘু ১৭.৭৮। —ষ্ঠ পুং [ষষ্ঠ+অ (অন্), পা ৫.৩.৫০] ষষ্ঠ ভাগ; ষষ্ঠাংশ। [°কাল (পুং)—তৃতীয় দিবসে প্রায়শ্চিত্তার্থ সায়ং ভোজন। "মহা ৩.৮৪.৫৪। °ভক্ত (ক্লী)—তৃতীয় দিবসে সায়ংকালে ভক্ষ্যান্ন; ষষ্ঠান্ন।]

ষষ্ঠ[২] স বিং [সং ষষ্—ষট্; অসাধু] ছয়। "ষষ্ঠ ঋতু ছেলি রাগে বনে ম.পা ৮২; ষষ্ঠ ডিঙ্গি ১১০, ১৬৭, ষষ্ঠ নৌকা ১৭৪। [°দশ (সং ষোড়শ)—যোল। "ম.পা ১৩৫। ষষ্ঠাংঘ্রি (সং ষড়ঙ্ঘ্রি)—ভ্রমর। "ম.পা ১৬০।]

ষষ্ঠম পুবা [°ম' (S.W., M.W.), 'ষষ্ঠ' সাধু; তু 'পঞ্চম'; 'একাদশম' ইত্যাদিরার্ষঃ (ভ ৮.১৩.২৪, শ্রীধর)] ষষ্ঠ। "ষষ্ঠম দিবস যুদ্ধ। —ম ৭৭৫।

ষষ্ঠাংশ পুং [কর্মধা] ১ ষষ্ঠ ভাগ; ষড়্ভাগ। ২ রাজগ্রাহ্য শস্যের ষড়্ভাগ। "মনু ৭.১৩০। "রঘু ২.৬৬। [°বৃত্তি (পুং)—প্রজার ধান্যের ষষ্ঠাংশ যাঁহার বৃত্তি, রাজা। "শ ৫.৪।]

ষষ্ঠান্ন ক্লী [কর্মধা] প্রায়শ্চিত্তার্থ তৃতীয় দিবসে সায়ংভোজ্য অন্ন; ষষ্ঠ-ভক্ত। [°কাল (পুং)—ষষ্ঠান্নভোজনকাল। "ষষ্ঠান্নকালতা মনু ১১.২০১।]

ষষ্ঠান্নকালিক বিণ [°ল+ইক (ঠন্)] ষষ্ঠান্নকালসম্বন্ধী, তৃতীয় দিবসে সায়ংভোজী। "পঞ্চ ৩১৮৮।

ষষ্ঠী স্ত্রী [ষষ্ঠ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ প্রকৃতির ষষ্ঠাংশরূপা কার্তিকেয়ভার্যা মাতৃকাবিশেষ, দেবসেনা, ষষ্ঠীদেবী। 'ষষ্ঠাংশরূপা প্রকৃতেস্তেন ষষ্ঠী প্রকীর্তিতা।—স্কন্দপুরাণ। [ইনি শিশুগণের প্রতিপালনকারিণী, পুত্র-পৌত্রদাত্রী ও ত্রিভুবনধাত্রী। দ্বাদশ মাসে ইঁহার পূজা হয়। মঙ্গলার্থ শিশুর জন্মের ষষ্ঠ ও একবিংশ দিবসে ইঁহার অর্চনার বিধান আছে (স্কন্দপুরাণ)। মাসিক ষষ্ঠীপূজায় পুরস্ত্রীদিগের নিকটে যে ষষ্ঠীর কথা শুনা যায়, তদনুসারে জরা রাক্ষসী, রাজপুত্রের দ্বিখণ্ডিত দেহ সংযোজিত করিয়া রাজাকে সমর্পণ করে। মহাভারতে, মগধরাজ বৃহদ্রথের পুত্র জরাসন্ধের বিবরণেও জানা যায়, জরা কামরূপিণী রাক্ষসী, ব্রহ্মা কর্তৃক সৃষ্ট; গৃহে গৃহে অবস্থান হেতু ইনি 'গৃহদেবী' নামে খ্যাত (মহা ২.১৮শ অধ্যায়)। ২ তিথিবিশেষ, চন্দ্রের ষষ্ঠকলাক্রিয়ারূপ কালবিশেষ। ৩ আশ্বিনের শুক্লষষ্ঠী। "ষষ্ঠ্যাদিকল্পবোধন (S.W.)। শুক্লা ষষ্ঠী মিলিবে প্রভাতে।—কৃ ৩৪৯। ৪ কাত্যায়নী, দুর্গা। "ষড়াননমাতা ষষ্ঠী ক.চ ২৫৫। ৫ (ব্যাকরণে) সম্বন্ধসূচক বিভক্তি। "ষষ্ঠী শেষে পা ২.৩.৫০। [°তৎপুরুষ (পুং)—ষষ্ঠীবিভক্তিযুক্ত পূর্বপদের সহিত সমাসবিশেষ। "পা ৬.৪.১৬৯, সি। °প্রিয় (পুং)—কার্তিকেয়। °সমাস (পুং) সর্ব 'ষষ্ঠীতৎপুরুষ'। "পা ২.২.১, সি।] [ষষ্ঠীর দাস—আশীর্বাদে (স্ত্রীভাষা)। ষষ্ঠীর বরপুত্র—দীর্ঘায়ু পুরুষ।]

ষষ্ঠীকল্প বি সর্ব 'ষষ্ঠ্যাদিকল্প'। "কর °ল্পেতে বোধন।—কৃ ৩৪৯।

ষষ্ঠীজাগর, -রণমহ পুং [স.ত; °রণ মহ, কর্মধা] শিশুর জন্মের ষষ্ঠ দিবসে ষষ্ঠীপূজাপূর্বক জাগরণরূপ আচারবিশেষ (M.W.)। [প্রসিদ্ধি, এই দিনে বিধাতা সূতিকাগারে প্রবেশ করিয়া শিশুর কপালে ভবিষ্যৎ ভাগ্যফল লিখিয়া যান। এই হেতু, ঐ দিনে সূতিকাগৃহে ধৌত পীঠ, নূতন লেখনী ও নব মসীপাত্র রাখার বিধি আছে। তু 'ছয় দিনে ষাটিয়ারা কৈল জাগরণ ক.চ ৪৫; ১১৩।]

ষষ্ঠীজাগরণ বি সর্ব 'ষষ্ঠীজাগর'। "ষষ্ঠীজাগরণে যাহা লিখিলা গোসাঞি ম.ম ১৯৮।

ষষ্ঠীতলা বি ষষ্ঠীদেবীর অধিষ্ঠিত বটবৃক্ষের তলদেশ। [গৃহে ষষ্ঠীপূজায় ষষ্ঠীর মূর্তি বা ঘট বটপল্লবের মূলে স্থাপিত হয়; এই হেতু বটমূল 'ষষ্ঠীতলা'।]

ষষ্ঠীদিন বি শিশুর জন্মের ষষ্ঠাহে ষষ্ঠীপূজার দিন; যেঠেরা। "ষষ্ঠীদিনে এই লিপি ছিল না কর্মেতে ম.পা ১৪৮।

ষষ্ঠীপূজন ক্লী, **-পূজা** স্ত্রী [ষ.ত] ১ ষষ্ঠীদেবীর অর্চনা। ২ শিশুর জন্মের ষষ্ঠ অষ্টম বা একবিংশ দিবসে ষষ্ঠীদেবীর অর্চনা। "ষষ্ঠীপূজা একুইশা কৈল ক.চ ৪৫; ছয় দিনে ষষ্ঠীপূজা কৈল ১১৩। অষ্টদিনে কৈল ষষ্ঠীপূজা শ্রী.মা ১৩।

ষষ্ঠীপূজা দ্র 'ষষ্ঠীপূজন'।

ষষ্ঠীবাটা বি অরণ্যষষ্ঠীতে আম্রাদিপূর্ণ পাত্র জামাতার কোলে দিয়া শাশুড়ীর করণীয় স্ত্রী-আচারবিশেষ।

ষষ্ঠীবুড়ী বি ষষ্ঠীদেবী। "গোমুণ্ড দুয়ারে আনি পূজে ষষ্ঠীবুড়ী ক.চ ১১৩। জ্যোষ্টমাসে ষষ্ঠীবুড়ি ষষ্টি করি করে। জামাই জামাই বলি ফিরে ঘরে ধরে॥ —দীনবন্ধু মিত্র।

ষষ্ঠ্যাদিকল্প পুং [কর্মধা] আশ্বিন-শুক্লষষ্ঠী হইতে আরব্ধ দুর্গোৎসববিধি। "°বোধন। ষষ্ঠ্যাদিকল্পারম্ভ।—কৃ ৩৪৮।

ষাইট স.বিং [সং ষষ্টি > লি, প্রা সট্ঠি (তু 'চউসট্ঠি'—পৈ) > বা ষাটি, -টি, ষাঠ, -ট, ষাইট; হি, ঠ, গু সাঠ; মৈ সাঠি] ষষ্টিসংখ্যক, ষা'ট। "ষাইট খান গ্রাম ম.গা ১৫। ষাইট সহস্র পুত্র।—ম ৪৬৮। ষাইট সহস্র অব্দ শ্রী.ম ২০৬। ষাইট সহস্র ঋষি বি.পা ৫২; ২০৭। ম পা ১০৯। [ষাইটেক (°ট+এক[১])—প্রায় ষাইট বা ষাট। "গুটি ষাইটেক ঢাক। —হু ১৫১।]

ষাঁড় বি [সং ষণ্ড > প্রা *সংড > বা °ড; হি সংড, সাঁড়, ঠ সাংড, মৈ সাঁঢ়] ১ বৃষ। ২ দেবোদ্দেশে বা ধর্মার্থে উন্মুক্ত বৃষ। ৩ স্বেচ্ছাচারী উদ্ধত ব্যক্তি; গোঁয়ার-গুণ্ডা। "ধন হৈতে সভামাঝে চান্দ হৈল ষাঁড় ক.চ ১৭৬। [ধৃতপাঠ 'ষাড়']। [ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ—সমবল উভয়ের বিরোধ। "জা ১১। ষাঁড়ের গোবর—ষাঁড়ের গোবব স্থানমার্জনার কাজে লাগে না; (গৌণার্থে) যে কোন কাজের নয়; অকর্মণ্য ব্যক্তি। ষাঁড়ের শত্রু বাঘে খাওয়া—(গৌণার্থে) শত্রু দ্বারা শত্রুনিপাত হওয়া। "ভালই হইল —ঘুচিল দায়, ষাঁড়ের শত্রু বাঘে খায়, বৃন্দাবনের বালাই হ'ল দূর।—জা ৫৩২।] [দুই ষাঁড়ে বিরোধ ছিল, দেখা হইলেই উভয়ের ভীষণ যুদ্ধ হইত, গ্রামবাসীরাও ইহাতে বিশেষ বিপন্ন হইত। একদিন ঐ দুই ষাঁড়ের একটি যুদ্ধার্থে উপস্থিত হইয়া দেখিল, বিরোধী ষাঁড় আসে নাই, একটা বাঘ আসিয়াছে। বাঘ দেখামাত্র আক্রমণপূর্বক ষাঁড়কে মারিয়া ফেলিল। তখন গ্রামবাসীরা নিরাপদ্ হইয়া বলিল, ভালই হইয়াছে, ষাঁড়ের শত্রু বাঘে খাইয়াছে।]

ষাঁড়িনী বি [হি সাঁড়িনী] উষ্ট্রী। "চলিলা দ্রুত °নী সওয়ারে ভ.গ্র ৪১৩। [ষাঁড়িনী উট—উষ্ট্রী। "°নী উটেতে চড়ি চলিলা ৪১৮।]

ষাঁড়িতিল বি [সং ষণ্ডতিল] অফলা তিলগাছ।

ষাট[১] **-টি**[১] স.বিং [দ্র 'ষাইট'] ১ ষষ্টিসংখ্যক। "ভাই ষাটি হাজার। —কৃ ১৪। ষাটি সহস্র কোঙর।—ম ৪৬৮। ২ ষাটি (৬০) সংখ্যা। "ছয়ে শূন্য ষাট। —টি বি [সং ষষ্টিক; হি সাঠী] ধান্যবিশেষ।

ষাট² -ঠ, সাট বি [সং ষষ্ঠী > লি, প্রা *সট্‌ঠী > বা ষাঠী, ষাটী. -টি, ষাঠ, -ষাট , সাট] ১ ষষ্ঠীদেবী। ২ সন্তানাদির মঙ্গলকামনায় ষষ্ঠীদেবীর স্মরণার্থক। "ষাট! ষাট! বেঁচে থাক্, সেই শিবচতুর্দ্দশীর দিন ওর চোদ্দ পুরবে।—হেম ৪০৭; ষাট! ষাট!—মা ষষ্ঠী বাঁচিয়ে রেখো!—হেম ৪০৮। (ঠাকুমা) 'সাট সাট' বলি আহা, রাণীরে তুলিয়া নিলা কোলে অ.গু ৪৬। ৩ অনভিপ্রেত বিষয়ের প্রত্যাখ্যানার্থক। "প্রসন্ন।—'ছি ছি ছি! আমি কি তোমার বঁধু?'—কমলাকান্ত।—'বালাই! ষাট, তুমি কেন বঁধু হইতে যাইবে? আমার গীতে আছে।—ব.প্র ৬১৮।—টি² বি সর্থ 'ষাট² (২)। "মরি মরি সর্ব্বনাশ ষাটি ষাটি বলে।—দা ৯৮। —ঠী বি ষষ্ঠী (স্ত্রীলোকের নাম)। "ষাঠীর মাতা কহে যাতে,—'রাণ্ডী হউক ষাঠী চৈ চ ৭৪। [ষাট ষাট! সাট সাট!—দ্র 'ষাট² (২)। ষেটের কোলে—ষষ্ঠীর কোলের সন্তান (মঙ্গলকামনায়)। "বিয়ে দিলে, ষেটের কোলে, হতো ছেলেপিলে।—বা.দ ১১৮। ষেটের বাছা—সর্থ 'ষাট² (২)। "ছিছি অভাগ্য ষেটের বাছার কুলে কালী দিলে।—ব.প ১৪৩৩। বালাই ষেটের বাছা কেনো দেও কিরা বি.সু ২৮।]

ষাটি¹ ; ষাটি² দ্র 'ষাট¹ , ষাট²।

ষাটিনী বি [ষষ্ঠদিনীয় > °নী (?)] শিশুর জন্মের ষষ্ঠদিনে করণীয় ষষ্ঠীপূজা। "ছয় দিনে ষাটিনী, করিল বেণেনী ম.ভা ১৯।

ষাটিয়ারা, ষেটে(ঠে)রা বি ['ষষ্ঠরাত্র' মূল] সর্থ 'ষাটিনী'। "ছয় দিনে ষাটিয়ারা কৈল জাগরণ ক.চ ৪৫।

ষাট্‌কৌশিক বিণ [ষট্‌কোশ + ইক (ঠক্)] ষট্‌কোশাত্মক,—মাতা হইতে লোম, লোহিত (রক্ত), মাংস এবং পিতা হইতে স্নায়ু (মেদঃ) অস্থি মজ্জা—এই ষডাবয়ব (দেহ)। দ্র 'সাংখ্য ৩৯, তত্ত্বকৌমুদী। "কায়ে ষাট্‌কৌশিকে মহা ১২.২১.৭ ; নীলকণ্ঠ।

ষাট্‌পৌরুষিক বিণ [ষট্‌পুরুষ + ইক (ঠক্), স্ত্রী -কী] ষট্‌পুরুষ-ক্রমাগত, ষট্‌পুরুষক্রমে প্রাপ্ত।

ষাঠ, -ঠী বি দ্র 'ষাট²।

ষাঠি স.বিং [দ্র 'ষাইট'] ষষ্টিসংখ্যক।—ঠি স্ত্রী ষাট সংখ্যা। "শ্লোকের ষাঠিসংখ্যা অর্থ চৈ.চ ২৪৩।

ষাড়ব পুং [ষট্ + অব (√অব্ + অচ্-ক), ষ ত, ষড়ব + অ (অণ্) স্বার্থে (ত.বা)] ১ 'ষড়্‌রসরঞ্জক', রস। ২ 'ষট্‌স্বররঞ্জক', সর্থ 'খাড়ব'। 'স্বরৈঃ ষড়্‌ভিস্তু ষাড়বঃ (সঙ্গীতদর্পণ)। ৩ গান (মেদিনী)।—বিক পুং [°ব + ইক (ঠন্)] ষড়্‌রসভক্ষ্যকারক, আপূপিক (confectioner)। "ভৃষ্টকারাঃ শক্তুকারাস্তথা ষাড়বিকাশ্চ যে গো রা ২.৯০২৬।

ষাড়্‌গুণ্য ক্লী [ষড়্‌গুণ + য (ষ্যঞ্) স্বার্থে, পা ৭.৩.৩১, সি] ১ সর্থ 'ষড়্‌গুণ (২)। "°বিধিযুক্ত মহা ২.৫.৮। মাঘ ২.৯৩। হি ৪৫/২৩। ২ ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণ। "(নমঃ) পূর্ণষাড়্‌গুণ্যমূর্ত্তয়ে ক.সা ৫৪.৩১। [°গুণবেদী (-দিন্) বিণ—ষাড়্‌গুণ্যোপকারবিৎ। "মনু ৭ ১৬৭। °প্রয়োগ (পুং)—সন্ধি-প্রভৃতির প্রয়োগ।]

ষাড়্‌বর্গিক বিণ [ষড়্‌বর্গ + ইক (ঠক্)] ইন্দ্রিয়ষড়্‌বর্গসম্বন্ধী। —ক ক্লী ইন্দ্রিয়ষড়্‌বর্গবিষয় (শ্রীধর)। "ভ ১.৩ ৩৬।

ষাড়্‌বিধ্য ক্লী [ষড়্‌বিধ + য (ষ্যঞ্)] ষড়্‌বিধভাব, ষট্‌প্রকারত্ব। "মনু ৮.৭৬, কুল্লুক।

ষাড়্‌রসিক বিণ [ষড়্‌রস + ইক (ঠক্)] ষড়্‌রসসম্বন্ধী।

ষাণ্ড্য ক্লী [ষণ্ড + য (ষ্যঞ্)] ষণ্ডতা, ক্লীবতা (সুশ্রুত)।

ষাণ্মাতুর পুং [ষণ্মাতৃ + অ (অণ্), ঋ > উর্, পা ৪.১.১১৫] ষণ্মাতার অপত্য ; কার্ত্তিকেয়। "ম.পা ২১ ; ২২।

ষাণ্মাসিক বিণ [ষণ্মাস + ইক (ঠঞ্), তদ্ধিতার্থ দ্বিগু, স্ত্রী -কী] ১ ষণ্মাস ব্যাপিয়া ভূত, ভূত বা ভাবী। "ষাণ্মাসিকো ব্যাধিঃ পা ৫.১.৮৪, সি। ষাণ্মাসিকং গর্ভম্ মহা ১.৯৫.৮৩। ২ ষণ্মাসসম্বন্ধী। "ষাণ্মাসিকস্তথাচ্ছাদঃ মনু ৭.১২৬। অম্ব পূর্ণে ষাণ্মাসিকেঽবধৌ ক.সা ১২২.৯৭। —ণ্মাস্য বিণ সর্থ 'ষাণ্মাসিক' (২)।

ষাত্বণত্বিক বিণ [ষত্বণত্ব + ইক (ঠঞ্)] ষত্বণত্ববিধায়কশাস্ত্রজ্ঞ ; ষত্বণত্ব-বিধায়কশাস্ত্রব্যাখ্যান। "পা ৪.৩ ৬৭।

ষিড়্‌গ পুং [√সিট্ অনাদর + গ (গন্)-ষ্ম, পৃষো (ত বা), উ ১.১২১] ১ বিট (মল্লিনাথ)। "মাঘ ৫.৩৪। ২ কামুক।

ষেটেরা, ষেঠেরা দ্র 'ষাটিয়ারা'।

ষোড়শ (-শন্) স.বিণ [ষড়ধিক দশ, উ.লো, ষষ্ > ষো, দ > ড, পা ৬.৩.৭৬, সি] ১ ষোড়শসংখ্যক, ষোল। "শুক্লযজুর্বেদ ১৮.২৫। রাত্রয়ঃ ষোড়শ মনু ৩.৪৬। বসন ভূষণ দান ষোড়শ।—ম ২৪৫। ২ [সং ষোড়শদান] (বাঙ্‌লায়) শ্রাদ্ধে ষোড়শসংখ্যক দান।—শ পূ.বা [°শন্ + অ (ডট্) ; স্ত্রী -শী] ষোড়শের পূরণ ; পঞ্চদশের পরবর্ত্তী। "শতপথব্রাহ্মণ ১৪.৪.৩.২২। কলাং নার্হন্তি ষোড়শীম্ মহা ৩ ১৭৪.৩। ষোড়শে বর্ষে মনু ২.৬৫ ; বৃষভ° ৯ ১২৪। [°বর্ষ (বিণ)—ষোড়শবর্ষবয়স্ক। °ভুজা (স্ত্রী) —ষোড়শ-কর-দুর্গামূর্ত্তিবিশেষ (কালিকাপুরাণ)। °মাতৃকা (স্ত্রী, বহুব) —গৌর্য্যাদি ষোড়শমাতৃকাগণ। °সহস্র (ক্লী)—ষোড়শগুণিত সহস্র। "ভ ৫.১৬.৭।] [ষোড়শ করা—ষোড়শদানের শ্রাদ্ধ করা।]

ষোড়শক স.বিণ [°শন্ + ক (কন্)] ১ ষোড়শপরিমাণ, ষোড়শ-সংখ্যক। ২ ষোড়শহস্তবিস্তীর্ণ। "বৃহৎসংহিতা ৫৬.২৫। —শক ক্লী ১ ষোড়শসমবায়, ষোড়শসংখ্যকগণ। "দল°।—পঞ্চরাত্র ৩.১২.১৬। ২ প্রেতোদ্দেশে দেয় ভূম্যাদি ষোড়শবস্তু। দ্র 'ষোড়শদান'। —শিকা স্ত্রী [°ক + স্ত্রী -আ (টাপ্)] ষোড়শমাষক পরিমাণ ; এক কর্ষ।

ষোড়শকলা স্ত্রী, বহুব [কর্ম্মধা] চন্দ্রের ষোড়শসংখ্যক কলা। [অমৃতা মানদা পুষা তুষ্টি পুষ্টি রতি ধৃতি শশিনী চন্দ্রিকা কান্তি জ্যোৎস্না শ্রী প্রীতি অঙ্গদা পূর্ণা পূর্ণামৃতা— এই ষোড়শ চন্দ্রকলা।]

ষোড়শদান ক্লী [উ.লো] শ্রাদ্ধে প্রেতের উদ্দেশে দেয় ভূমি-প্রভৃতি ষোড়শপ্রকার দান। 'ভূম্যাসনং জলং বস্ত্রং প্রদীপোঽন্নং ততঃ পরম্। তণ্ডুলচ্ছত্রগন্ধাশ্চ মাল্যং ফলমতঃপরম্॥ শয্যা চ পাদুকা গাবঃ কাঞ্চনং রজতং তথা। দানমেতৎ ষোডশকং প্রেতমুদ্দিশ্য দীয়তে॥

ষোড়শবন্ধ বি ষোড়শসংখ্যক রতিবন্ধবিশেষ। "নির্ঘাত ষোড়শবন্ধ নির্দ্দয় নির্ভরে।—শি ১১১।

ষোড়শর্ত্বিক্‌ক্রতু পুং [বহুব্রী, কর্ম্মধা] ষোড়শ ঋত্বিক্ যাহাতে, তাদৃশ ক্রতু ; জ্যোতিষ্টোমযাগ। দ্র 'অগ্নিষ্টোম'।

ষোড়শাংশ পুং [কর্ম্মধা] ষোড়শ ভাগ। "(মহাবিষ্ণুঃ) ষোড়শাংশো ভগবতঃ।—পঞ্চরাত্র ২.২.১০০। বৃহৎসংহিতা ৫৩.২২।

ষোড়শাংশু পুং [বহুব্রী] 'ষোড়শকিরণযুক্ত', শুক্রগ্রহ।

ষোড়শাঙ্গ পুং [বহুব্রী] 'ষোড়শোপাদানক', গুগ্‌গুলু-প্রভৃতি ষোড়শ-গন্ধদ্রব্যমিশ্রণরচিত ধূপবিশেষ (অমরসার)। "হু ১৬।

ষোড়শাঙ্গুলক বিণ [ষোড়শ অঙ্গুলি প্রমাণ যাহার (তদ্ধিতার্থ দ্বিগু) —°লি, মাত্রচ্-লোপ, সমাসান্ত 'অ' (অচ্) + ক (কন্), পা ৫.৪.১১৪] ষোড়শাঙ্গুলিপ্রমাণক।

ষোড়শার ক্লী [ষোড়শ অর যাহার, বহুব্রী] কণ্ঠদেশস্থ ষোড়শদল বিশুদ্ধনামক চক্রবিশেষ। দ্র 'ষট্‌চক্র'।

ষোড়শী¹ (-শিন্) পুং [°শ √ইন্ (ইনি)-১ব] ১ 'ষোডশকলাবান্', চন্দ্র। ২ যজ্ঞে সোমরসস্থাপনার্থ পাত্রবিশেষ।

ষোড়শী² স্ত্রী [°শ + স্ত্রী (ঙীপ্) ১ মহাবিদ্যাবিশেষ। "হেম ৩৪৮। ২ (বাঙ্‌লায়) ষোড়শবয়স্কা, যুবতী। "কাহার ষোড়শী কন্যা আনিয়াছে ঘরে॥—ক.চ ৬৯। তাঁহার সে চম্পকবর্ণ ত্বকের কোমলতা দেখিলে কে বলিবে যে, ষোড়শী তাঁহার অপেক্ষা কোমলা?—ব.প্র ২১।

ষোড়শোপচার পুং [কর্ম্মধা] আসনাদি ষোড়শ পূজাদ্রব্য। 'আসনং

স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্। মধুপর্কাচমস্নানবসনাভরণানি চ॥ সুগন্ধ-সুমনোধূপদীপনৈবেদ্যবন্দনম্। প্রযোজয়েদর্চ্চনায়াং উপচারাংস্তু ষোড়শ॥

ষোড়শ্য বিং [°শ > °শ্য, তু 'ষাণ্মাস্ত'; অসাধু] ষোড়শবর্ষবয়স্ক, যুবা। "জন্মিলে ষোড়শ্য হৈল সেই তিন বীর শ্রী.ম ২৭৮।

ষোঢ়া ব্য সর্থ 'ষড়্ধা'। "ঋগ্বেদ ৩.৫৫.১৮। তন্ত্র ষোঢা শরীরাণি যাজ্ঞ ৩.৮৪। [°মুখ (পুং)—কার্ত্তিকেয়।]

ষোঢ়ান্যাস পুং প্রথম গণেশন্যাস, দ্বিতীয় গ্রহন্যাস, তৃতীয় নক্ষত্রন্যাস, চতুর্থ যোগিনীন্যাস, পঞ্চম রাশিন্যাস, ষষ্ঠ পীঠন্যাস—এই ষট্‌প্রকার তান্ত্রিকন্যাস (তন্ত্রসার)।

ষোঢ়াসিদ্ধ বি ষোঢান্যাসে সিদ্ধিপ্রাপ্ত সাধক। "নিত্যানন্দ মহাপ্রভুর অভিরাম গোস্বামী নামে একজন ষোঢাসিদ্ধ শিষ্য ছিলেন। ষোঢাসিদ্ধেরা একপ্রকার দেবতাধিষ্ঠিত পুরুষ।—পা.প্র ১০৭।

ষো(সো)ল স. বিং [সং ষোড়শন্ > লি ষোল.স প্রা সোলহ, 'সোল' (পৈ); হি, মৈ সোলহ, ঠ সোলা; গু সোল., প সোলঙ; ড সোল.হ] ষোড়শসংখ্যক। "ষোল উপচার শূ ১০০। ষোল সয় কদলি গো.বি ১৯। চন্দ্র সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায় ভা.চ ২২। —ল বি ষোল (১৬) সংখ্যা। "একের পিঠে ছয় ষোল (১৬)। —লই বি [দ্র 'আটই'] মাসের ষোড়শ দিবস। [°আনা—১ টাকার পরিমাণ; সম্পূর্ণ বস্তুমাত্র। ২ সম্পূর্ণ, অর্থাৎ অন্যের অংশরহিত জমি জমা ইত্যাদি। "ষোল-আনার মালিক। ৩ পুরা, উত্তমরূপ। "গাঁজার খবর ষোল-আনা।—জা ৪১। °কলা—ষোড়শকল চন্দ্র। "প্রকাশিত ষোলকলা ব.প ৯৫৮। °বাণ—সম্পূর্ণ-বর্ণকলা-যুক্ত, বিশুদ্ধবর্ণ। তু 'দশবাণ'। "ষোলবাণ হেম জিনি চরণের শোভা ক.চ ১২৭।] [ষোল-আঙুল শাঁখা কারও হাতে লাগে না।—অস্বাভাবিক মাপের শাঁখা যেমন কোনও হাতে লাগে না। —সেইরূপ সৃষ্টিছাড়া লোক কারও সঙ্গে খাপ খায় না। ষোল আনার শত্রু এক আনা—কোন বিষয়ের প্রতীকারের অত্যল্প শেষ সর্ব্ব-নাশকর। ষোল কড়াই কানা—সর্ব্বাংশেই দোষান্বিত; সবই খারাব। ষোলকলা সম্পূর্ণ—সর্ব্বাংশে পরিণতিপ্রাপ্ত। "ইহার অবয়ব সর্ব্বত্র ষোলকলা সম্পূর্ণ।—ব.প্র ৩৭৯। সোলুঙে—মাসের ষোল তারিখে। "শূ ১১০।]

ষোলআনা, ষোলকলা, ষোলবাণ দ্র 'ষোল'।

ষ্ঠিব্ সক [ভ্বা, দি, প—ষ্ঠীবতি, ষ্ঠিব্যতি; সেট্] নিরসন, মুখে শ্লেষ্মাদি-বমন; থুৎকার (ক ক)। "ষ্ঠীবত্যন্নং লোকঃ। ষ্ঠীবামি শুক্লেক্ষুলতাস্তিকলম্ (ক.ক)। [নি—নিষ্ঠীবন, বিসর্গ, বিক্ষেপ। "তেজো বহ্নিনিষ্ঠ্যূতমৈশম্ রঘু ২.৭৫। অঙ্গুষ্ঠনিষ্ঠ্যূত মাঘ ৩.১০।]

ষ্ঠীব্ সক [ভ্বা, প—ষ্ঠীবতি; সেট্] সর্থ 'ষ্ঠিব' (ক.ক)।

ষ্ঠীবন ক্লী [√ষ্ঠিব্, √ষ্ঠীব + অন (ল্যুট্)-ভা; দীর্ঘ নিপাতিত, মুগ্ধবোধ, ১১৩৬] ১ মুখ দ্বারা শ্লেষ্মাদিবমন; নিষ্ঠীবন, থুৎকার, থুথু ফেলা। "ষ্ঠীবনং চাচরেচ্ছনৈঃ মহা ৪.৪ ৩৫। শোণিত° (সুশ্রুত)। ২ [+ অন-র্ম্ম] নিষ্ঠ্যূত শ্লেষ্মাদি; শ্লেষ্মা। "নাপ্সু...ষ্ঠীবনং বা সমুৎসৃজেৎ মনু ৪.৫; ষ্ঠীবনৈঃ ৫.১২৩। যাজ্ঞ ১.১৩৭, ১৫২।

ষ্ঠীবী (-বিন্) বিণ [√ষ্ঠীব্ + ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -বিনী] ষ্ঠীবনকারী। "হিরণ্যষ্ঠীবিনঃ কাংশ্চিৎ পক্ষিণঃ মহা ২.৬২.১৩।

ষ্ঠেবন ক্লী [√ষ্ঠিব্ + অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'ষ্ঠীবন (১)। ২ [+ অন-র্ম্ম] সর্থ 'ষ্ঠীবন (২)।

ষ্ঠেবী (-বিন্), -বিতা (-তৃ) বিণ [√ষ্ঠিব্ + ইন্ (ণিনি), + তৃ (তৃন্),-ক-১ব; স্ত্রী -নী, -ত্রী] ষ্ঠেবনকারী।

ষ্ঠেবিতা দ্র ষ্ঠেবী'।

ষ্ঠ্যূত বিণ [√ষ্ঠিব্ + ত (ক্ত)-র্ম্ম] নিরস্ত, বিক্ষিপ্ত। —তি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] ষ্ঠীবন, নিরসন, বিক্ষেপ।

স

স১ দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং তৃতীয় উষ্মবর্ণ। [উচ্চারণাদি বিষয়ে দ্রষ্টব্য, 'শ১। বাঙলায় 'স্তব' 'স্থান' 'স্নান' ইত্যাদির তবর্গীয় বর্ণের পূর্ব্বে যুক্ত 'স', সংস্কৃতের 'স-কারের ন্যায় এবং 'তস্কর' 'স্খলন' 'স্পন্দন' 'স্ফীতি' ইত্যাদির 'স', 'শ'-কারের ন্যায় উচ্চারিত হয়।]

স২ পুং ১ ঈশ্বর। ২ সর্প। ৩ পক্ষী। ৪ বিষ্ণু। —স্ত্রী ১ লক্ষ্মী। ২ গৌরী।

স৩ [সহ > স] ১ তুল্যযোগ। "পুত্রেণ সহ সপুত্র আগতঃ পা ২.২.২৮, সি। ২ বিদ্যমানতা। "সকর্ম্মক, সলোমক, সপক্ষক (কাশিকা)। সরস শৃঙ্গার শ্রী.কী ৬৫। সাঙ্গোপাঙ্গ সায়ুধে সাদরে পুষ্প দিল।—দ্রু ৪৩। ৩ সাদৃশ্য। "সহরি, সসখি পা ২.৪.১৮; ৬.৩.৮১। ৪ অনুরূপ স্বভাব বা কর্ম্ম; সম্পত্তি। "ক্ষত্রাণাং সমৃদ্ধি, সক্ষত্রম্ (সি)। ৫ সাকল্য। "সতৃণমত্তি (সি)। ৬ অন্ত। "অগ্নিগ্রন্থপর্য্যন্তমধীতে সাগ্নি (সি)। ৭ [সমান > স] সমান। "সজ্যোতিঃ, সজনপদঃ, সনামা, সবয়াঃ ইত্যাদি পা ৬.৩.৮৫, কাশিকা। [(অসাধু) সপুরীসহিতে; সপিতৃ-সহিতে (ম.পা ৬২; ১৪২)—(সাধু) পুরীসহিতে; পিতৃসহিতে।]

স৪ পুং (ছন্দঃশাস্ত্রে) অন্তগুরুবর্ণ গণ, অর্থাৎ যে গণের বর্ণত্রয়ের শেষবর্ণ গুরু ও অন্য দুই বর্ণ লঘু। 'সোঽন্তগুরুঃ (Anapest)।

স৫ (সঙ্গীতে) 'ষড়জ' স্বরের সংক্ষেপাক্ষর। "মাঘ ১.১০, মল্লিনাথ।

স৬ স.বিং [সং শত > প্রা সঅ (পৈ) > বা সঅ, সয়, স; হি সৌ; গু সো] শতসংখ্যক। "ষোল স গো বি ১৫৬।

স৭ অব্য [সে৪ > সি, স] বাক্যালঙ্কার। "হেন স যৌবন রাধা শ্রী.কী ৬৫; না বোল রাধা হেন স বচন ১৭৩,-৫; ২৫৬।

স৮ সর্ম্ম [সং √সহ্] সহ্য করা; সহা। "যে করিছে পোলা বধূ সউক মোর গাএ ম.পা ১৯। পীরিতি করিতে গেলে সুখ দুঃখ সব সয় ব.প ১৫৪৫। অবলা পরাণে কি তা সয়।—ব ১৫৫। তিনি যা স'ন সেটাই সবে।—গান ১৩৮। যে সয়, সেই রয়।—প্রবচন। গিরিজায়া। —জলসই? ভাল সই, তাও সই।—ব.প্র ১৪৭। [সইবার, সউক, সবার (গো.চ।)]

স৯, সা সর্ম্ম [সাহ > সা, স] সাধন বা পূজা করা। "জল সাইলেক অধিবাস দিনে ন.প ১৩৮; জল সাইবারে আইবে ১৪০; পানি সাইবারে সাজে শচী দেবী ১৪৪। জোড় হ'য়ে জল স'য়ে মঙ্গলিলা হাঁড়ী শি ২৫। [জল সওয়া—গঙ্গাপূজা করিয়া ঘটে জল ভরিয়া লওয়া। বিবাহাদি মঙ্গল কার্য্যে ইহা স্ত্রী-আচারবিশেষ এবং গঙ্গার পূজা। পূর্ব্ববঙ্গে ইহাকে গঙ্গাপূজা কহে। সধবা স্ত্রীলোকেরা নদী-প্রভৃতি জলাশয়ের ঘাটে গঙ্গা-পূজা করিয়া ঘটে জল ভরিয়া স্বজাতি প্রতিবেশীদিগের ঘরে ঘরে পান সুপারি তেল দিয়া ও ঘটে প্রতিবেশীদের নিকট হইতে কিঞ্চিৎ জল লইয়া বাড়ীতে ফিরিয়া আসেন এবং যাহার বিবাহাদি তাহাকে ঐ ঘটের জলে স্নান করান। এইরূপ স্ত্রী-আচার 'জল-সওয়া'। [পানি সইতে যাইব—জল সইতে যাইব। "ন.প ১৩৯।]

স১০ ক্রি, ক্তি [অসি৩ > সি > স] সর্থ 'অসি৩। "ইহাতে কহাস লোকে পতিব্রতা সতী।—ম ৫৭১। বাপ, মরিবারে চাহস অ.প ১০৮।

স১১ [শ, ষ > স, তু 'শ-ষোঃ সঃ (হে ১.২৬০); অপ্র] 'শ', 'ষ'এর স্থানে 'স'। "শিস (শিষ্য) গো.চ ১৬৫; শিস্‌স ১৬৯; খ্রীকৃসট ৩০৯। জস।—গ ৩৮; সেত ২৯। প্রবেস গো.বি ৫০, দেসে ৫৬; ষোল সত ৭৫; নিসাপতি ৯৫, সকতি ১০৮। সসী শূ ১; সাস্তর (শাস্ত্র) ২; সব ২০; সংখ ৭৪; সীফল ১০৫; সিঙ্গার ১৩৯। সকট, সকতি শ্রী.কী ৯৫; ৩৬২। [ভূরিপ্রয়োগ।]

সঅ স, বিং [দ্র 'স৬] শতসংখ্যক। "চারি সঅ শূ ৩৩; ৭৫; ১১৬।

সই[1] বি [সং সখি (সম্বোধনে) >প্রা সহি (সহি অপস্তুএ—শ ১১/৮) >বা সই] ১ সখি! সহচরি! "সই কেবা শুনাইল শ্যাম নাম চ.দা ১; সই! নবীন বালিকা সেহ ১৭। সই, মোর করম মন্দ ক.চ ২৬; অই জিয়া থাক সই!—৪৬। হেন পুত্রে সুমিত্রা শাশুড়ী, ধরিলা সুগর্ভে সই!—মে ৩০৫। ২ [সং সখী >প্রা সহী (হে) >বা সঈ >সই; হি, প, সিংহলী—সহেলী, ঠ, গু সঈ] সখী। "কপটে লিখিলা পাতি তোর সই লীলা ক চ ১৬৬। ৩ স্ত্রীলোকের সহিত স্ত্রীলোকের বা পুরুষের সহিত স্ত্রীলোকের পাতান সখীত্বসূচক সম্বন্ধ। "আছয়ে তোমার সই বিমলার মাতা ক.চ ৬০। আমি তোমার সই হ'লেম তুমি আমার সয়া শি ১০০; সইয়ের সাধের সয়া: শুভক্ষণে শঙ্খ পর সাজি আইস, সই! —১০২। ৪ এক নামের স্ত্রীলোকদ্বয়ের সখীত্বসম্বন্ধ। "(চণ্ডী) এক নাম জানিয়া তাহারে বলে সই ম.ম ১০। [সই সাঙ্গাতী—(একার্থক শব্দ) সই। সয়োর—সইএর। "সয়োর বালাই ল'য়ে মরি শি ১০০।]

সই[2] বি [আ সহীহ্; সি সহী; ঠ সঈ] ১ সত্য, প্রামাণিক, যথার্থ, শুদ্ধ, ঠিক। "পন বাহারি মবলগে মজকুর সহি সিক্কা E.P 97. ২ হস্তাক্ষর, দস্তখত, স্বহস্তে লিখিত নাম (signature)। "টিপ°, ঢেরা°। দাস-খত লেখা আছে, তোমার হাতের সই।—দা ৫৯৪। ['সই' শব্দের মূলশব্দগত অর্থ 'সত্য, প্রামাণিক'। দলীল ইত্যাদি 'সই' বা প্রামাণিক হইলে, প্রামাণ্যস্বীকারার্থ তাহাতে নাম লিখিতে হয়। এইরূপে 'সই' শব্দ গৌণভাবে দ্বিতীয়ার্থের সূচক।] ৩ [হি, ঠ সঈ] স্বীকারার্থক —ভাল, বেশ। "কি করি। তবে না হয় মন্ত্রিপুত্রই সই!—দ্বিজেন্দ্রলাল রায়। ৪ ঠিক, অনুরূপ, যোগ্য। "পসন্দ°, মানান°। [সই করা —প্রামাণ্যস্বীকারার্থ স্বহস্তে নাম লেখা। সই মোহর -সই ও সরকারের মোহর। সই মোহরের দলীল—সহিযুক্ত ও সরকারের মোহরাঙ্কিত দলীল। "আমি শিবের দলীল সই মোহরের, রেখেছি হৃদয়ে তুলে। —রামপ্রসাদ। সই-সনদ—সই ও সনদ। "আ.ত্ব ১৩২। সই-সুপারিস —সহি-করা অনুরোধপত্র। "দু চার খানা সই-সুপারিশও হস্তগত হলো। —হু ১৪০।]

সই[3] বিং [আ সহীম্—an equal] সমান, তৎপ্রমাণ। "বুক সই জল। মাপসই জামা। হাঁটুসই জল।

সই[4] বিং [সহিত >সইত >সই (?)] সহিত, মিলিত। [গাঙসই করা—নদীর জলে মিলিত করা বা ডুবান। গাঙসই হওয়া—নদীর জলে ডুবিয়া যাওয়া। জলসই—জলমগ্ন। "বত্নময়ী।—গায়ে জল দিব সই। গিরিজায়া।—জলসই? ভাল সই, তাও সই!—ব প্র ১৪৭। পেনেলসই —রেলগাড়ীর পেনেলের সহিত মিলিত বা পেনেল-ঘেঁষা। "জ্ঞানানন্দ মৃতপ্রায় হয়ে গুড়গুড়ি মেরে পেনেলসই হয়ে রইলেন।—হু ২২৩।]

সইত বিং [অপ্র] সহিত। [সইতর দানপতি—দানপতির সহিত। "সইতর দানপতি পার হব 'নাকে' (নৌকায়) শূ ৫৫।]

সইন্য বি [সৈন্য >°ন্য; দ্র 'ঐ[1]'] সৈন্য। "°সাগর শ্রী.ম ২৭৮।

সইয়া[1] বি [সই[1] >°য়া] সখী। "ম.ম ৮৭।

সইয়া[2] বি [সওয়া >সওয়াইয়া >°য়া] সওয়া (সপাদ) মুদ্রাদির হিসাবের নামতাবিশেষ—সইয়া এক্কে সইয়া, সইয়া দ্বিগুণে আড়াইয়া, তিন সইয়া পৌনে চার ইত্যাদি শত-পর্য্যন্ত।

সইসা, -স্যা বি [সরিষা >°সা, -স্যা; অসাধু] সর্ষপ। "সইস্যা হৈয়া গোদা জম দুবুলায় লুকাইল গো চ ৩৬, সইসা ৯৭।

সইস বি [আ সাইস্] অশ্বপালক (groom)। —সী বি [আ সাইসী] সইসের কাজ। [°গিরী—সর্থ 'সইসী'।]

সউক বিং [সব >সউ-ক; গু সৌ] সব। "গো.চ ২১৮,-৮৩

সউরে বিং [সহরে >°রে] শহরবাসী। "°রে মেয়েগুলো—নী ৬৯।

সওগাৎ, -গাদ বি [ফা সর্গাত্; হি সরগাত] উপহার, ভেট। "রাজা বহু সওগাদ ধরিলা" ভ.গ্র ৩৫৩। —গাতী বিং [°ত+ঈ[7]] উপহারসম্বন্ধী।

সওগাদ দ্র 'সওগাৎ'।

সওদা বি [ফা সর্দা; হি, ঠ সৌদা] ১ বাণিজ্য, ব্যবসা। ২ বাণিজ্য-দ্রব্য, পণ্য, মাল। ৩ ক্রয়বিক্রয়-কার্য, ব্যবহার, লেন-দেন। "আমা সনে সওদা কর না পাবে কপট ক.চ ৭৪। [সওদা করা—ক্রয় করা; কেনা। হাট সওদা—হাটে কেনা জিনিস।]

সওদাগর, সদাগর বি [ফা সৃদাগর্] ১ যে ব্যবসা করে, বণিক্ জাতি; সাধু। "এ সব নগরে যত সদাগর বৈসে। তরণী সাজায়ে তারা বাণিজ্যোতে আইসে॥—ক.চ ২২৯। ২ বণিগজাতীয় ব্যক্তি। "সদাগর কন্যাদান করে ক.চ ১২৪। চাঁদ সওদাগর ম.ভা ৯, সায় নামে সদাগর ২৪। ৩ বণিগ্মাত্র, ব্যবসাদার। —গরী বিং [°র+ঈ[7]] সওদাগর-সম্বন্ধী, সওদাগরের। "°রী অফিস, জাহাজ।—গরী বি [ফা সর্দাগরী; হি, ঠ সৌদাগরী] সওদাগরের বৃত্তি, বাণিজ্য, ব্যবসায়, ব্যাপার। [সদাগরি বানা—সদাগরী ধ্বজ। "ম.ম ২২৪।]

সওয়া বিং [সং সপাদ >প্রা *সরাঅ >বা (সরা) °য়া, সোওা, সোয়া (গো.চ), হি, ঠ, প, গু, মৈ সরা] পাদসহিত, একচতুর্থাংশযুক্ত, সিকিভাগের সহিত (সংখ্যাদি)। "সওয়া লক্ষ নাতি।—কৃ ২৭৪। সওয়া যোজন পথ চৈ.ম ১৭৮। সব সওয়া সওয়া বা.স ১৬৵০। [সওয়া কুড়ি—পঁচিশ। সওয়া গণ্ডা—পাঁচটা। সওয়া পণ—পঁচিশ গণ্ডা। সওয়া বিঘা—পঁচিশ কাঠা। সওয়া সের—পাঁচ পোয়া। সওয়া শ টাকা —১২৫৲ টাকা।]

স(সে)ওয়ায় [আ সিরায্; 'সয়' (কথ্য), তার সয় (তাহা ছাড়া —কোচবিহার)] বিনা, ব্যতীত, ছাড়া। "এ সওয়ায় বারোইয়ারি তলায়…নানাবিধ সং হয়েচে।—হু ৪৪, ৬৮; এ সওয়ায়…কুটুম্ব-সাক্ষাৎ বাড়িতে গিজ্‌গিজ্ করে ১৫। এ সেওয়ায় দায় রক্ষা আছে আ.দু ১২৮।

সওয়ার বিণ [ফা সরার্, ঠ স্বার] আরূঢ়। "ঘোড়°। —রার বি ১ অশ্বারোহী। "জিজ্ঞাসয়ে মোর অশ্বে সওয়ার কে হৈল ভ.গ্র ২৩১। ২ অশ্বারোহী সৈন্য, রিসালা। "সওয়ারের ঘটা দেখি ভয়ে মার্গ কাটে বি.সু ৭৯। পাঁচ শত সওয়ার পাত্র পাঠায় ঐমনি ভ.গ্র ৩৫০। ৩ আরোহিমাত্র, চড়নদার। ৪ [সওয়ারি >°র] যান। "গৃহেতে চলিলা দ্রুত ষাঁড়িনী সওয়ারে (অর্থাৎ 'সওয়ারিতে') ভ গ্র ৪১৩। —য়ারি, -রী বি [ফা সয়ারী; মৈ ছহরী] ১ হাথী ঘোড়া গাড়ী পাল্কি ডুলী ইত্যাদি, যানমাত্র। "বলাগড়ে উঠিয়া সওয়ারির অনেক চেষ্টা করা গেল—কিন্তু একজন কাহারও পাওয়া গেল না আ.দু ১১৭। ২ (বাঙ্লায়) সওয়ার, আরোহী। "সওয়ারি হৈল রায় শ্রী ১৩১, সেন হলো সওয়ারি ০১৮৮, °রি হইয়া রাজা পেকল অজয় ১৮৯। ৩ সেতারের জোয়ারী। দ্র 'সেতার'।

সওয়াল বি [আ সরাল্] ১ জিজ্ঞাসা, প্রশ্ন। "মাজিষ্ট্রেট অনেক সওয়াল করিলেন, কিন্তু ঠকচাচা হেলবার-দোলবার পাত্র নয় আ.দু ৫১। উকীল তখন আবার সওয়াল করিতে লাগিলেন ব.প্র ৬৪৭। ২ প্রার্থনা, নিবেদন। ৩ প্রার্থনাপত্র, দরখাস্ত। "এবার করব নালিশ নাথের আগে, ডিক্রী লব এক সওয়ালে।—রামপ্রসাদ। এ সওয়ালে এজলাসে, হুকুম হলো খালাসে।—দা ২০৯৭। [সওয়াল-জবাব, সল-জব—প্রশ্ন ও উত্তর, বাদানুবাদ। "°জবাব করব কি মা, বুদ্ধি নাইকো আমার ঘটে।—রামপ্রসাদ। সওয়াল-বন্দি—প্রশ্ন-প্রবন্ধ, প্রশ্ন-কৌশল, জেরা। "(উকীল) করে অসলসন্ধি, °বন্দি, যেরূপে মা আমি হারি।—রামপ্রসাদ।]

সং, সঙ্, -ঙ্গ বি [হি স্বাঁগ (স্বাঙ্গ); ঠ গু সোংগ, প সাংগ; সি সাংগু; ড় সুআঙ্গ] ১ আপনার বাস্তবিক রূপ ঢাকার নিমিত্ত ধৃত কৃত্রিম

বেশ, হাস্যোদ্দীপক বেশধারী, ভণ্ড। "সং সাজা। সাজাতে কতই রঙ্গে নব্যতন্ত্র সঙ।—হেম ৩৭৮। ২ কৌতুকজনক অভিনয়, তামাশা। "দড়া দড়ি লৈঞা, গ্রামেতে চড়িয়া, ফিরয়ে করিয়ে সঙ্গ চ দা ২৮। ৩ রঙ্গস্থলে বিকৃত আকারে বা অঙ্গভঙ্গিতে দর্শকের কৌতুকজনক হাস্যোদ্দীপক অভিনেতা। "যাত্রায় সং দেওয়া। ৪ কৌতুককর হাস্যজনক বিষয়ের বা সামাজিক কুৎসিত বিষয়ের প্রতিমূর্ত্তি বা চিত্র। "(চুঁচড়োর বারোইয়ারিতে) 'আচাভো' 'বোম্বাচাক' প্রভৃতি সং প্রস্তুত হতো।—হু ৩৩। তোকে নূতন বারাণসী পরাইয়া সং দেখিতে পাঠাইয়া দিব ব.ছি ২৭। [সং দেওয়া—রঙ্গস্থলে সং-অভিনেতার অভিনয় করান। সং সাজা—সঙএর বেশ ধারণ করা। সং সাজান—সংএর বেশ ধারণ করান। "(হীরা) কাহাকেও নিদ্রিত দেখিলে চূণ কালি দিয়া সং সাজায় ব.ছি ২৭।]

সংকোপ বি [অপ্র] অতিশয় ক্রোধ। 'শ্রী মা ৯৬, ১৬৭।

সংক্রন্দ পুং [সম্+ √ক্রন্দ +অ (ঘঞ্)-ভা] ১ রোদন, বিলাপ। 'ক্রৌঞ্চীনামিব সংক্রন্দঃ গো রা ২ ৩৮ ৪৯। মহা ৭.২২ ২৯। ২ [+অ-ধি] যুদ্ধ। "মহা ৬ ৯৫.১, ১৭০ ১৩। —ন্দন বিণ [+ √ক্রন্দি+অন (ল্যুট্) -ক] 'সম্যব ক্রন্দয়িতা' (সায়ণ), শত্রুর আক্রন্দনকর (নীলকণ্ঠ)। 'ঋগ্বেদ ১০ ১০৩ ১, ২। শূর° সংক্রন্দনঃ মহা ৪ ৫ ২৫। —ন্দন পুং ১ ইন্দ্র (অ কো)। ২ কৃষ্ণ (A)। —ন্দন ক্লী [+ √ক্রন্দ্+অন (ল্যুট্)-ভা] ১ উচ্চৈ ক্রন্দন বা বিলাপ। ২ [+অন-ধি] যুদ্ধ। "কুরু° মহা (S W)।

সংক্রন্দন দ্র 'সংক্রন্দ'।

সংক্রম পুং [সম্+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা] ১ সংগমন। ২ ক্রমণ (মেদিনী), গমন। 'শুভ° (S W)। কৃষ্ণেচ্ছায় ব্রহ্মাণ্ডগণে তাহার সংক্রম চৈ.চ ২১৫। ৩ রাশিতে সূর্য্যাদির সঞ্চার বা গমন। "বিষুবৎসূর্য্য-সংক্রমঃ যাজ্ঞ ১ ২১৭। ৪ [+অ-ণ] সূর্য্যাদির রাশিতে সঞ্চারপথ। ৫ [+অ-ধি] রবিসংক্রমণকাল, সংক্রান্তি। ভ ৪ ১২ ৪৮। —ম পুং, ক্লী ১ জলোপরি গমনার্থ কাষ্ঠশিলাদিরচিত পথ, নদীসেতু (নীলকণ্ঠ), দুর্গসঞ্চর (মেদিনী), সাঁকো। মহা ৭ ১৫ ১৫। মনু ৯ ২৮৫। ২ সঙ্কীর্ণ মার্গ, গিরিপথাদি। ৩ লাভোপায়, প্রাপ্তিসাধন। 'বৈশ্বদেবান্তমাপন্ন সোহতিথিঃ স্বর্গসংক্রমঃ।—পঞ্চ ৪ ২। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'সংক্রম' (১, ২)। ২ সঙ্গতি, মেলন। ৩ স্থানান্তরপ্রাপ্তি। ৪ সূর্য্যাদির রাশ্যন্তরে গমন, সংক্রান্তি। "রবি°, সূর্য্য°। সংক্রমণ শিবঃ-স্থানে ক চ ১২১। ৫ পরলোকগমন, মৃত্যু। দশরথ° গো রা ২ ৬৮, সর্গশেষ। সংক্রমণস্থ কালঃ মহা ১৬ ৪ ২০। ৬ [+অন-ণ] সূর্য্যাদির রাশ্যন্তরগমনপথ। ৭ [+অন-ধি] মহাবিষুবসংক্রান্তি। ৮ [+ √ক্রমি +অন-ভা] প্রাপণ। 'জরাসংক্রমণ।—হ ১৯১ ১৭। —ক্রমণকা স্ত্রী পরম্পরায় উপর্য্যুপরি তির্য্যকসজ্জিত কাষ্ঠাদিমঞ্চ (gallery —দিব্যাবদান)। —ক্রমিত বিণ [+ √ক্রমি+ত (ক্ত)-র্ম্ম] ১ গমিত, নীত। "রসাতলং সংক্রমিতে তুরঙ্গে রঘু ১৩ ৩। ২ বিনিবেশিত। "ভ্রমরসংক্রমিতেক্ষণবৃত্তি রঘু ৯ ৫২। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ গত, প্রাপ্ত। 'বা সংক্রান্তসৌভাগ্যঃ (চন্দ্রমাঃ) বা ৩ ১৬ ১৩। পুত্রসংক্রান্তলক্ষ্মীক উ চ ১ ২২। সীতাসংক্রান্তদোষকীর্ত্তন সী ১৮। রাজ-সংক্রান্ত রাজলক্ষ্মী।—কাদ ৩৭। ২ সঞ্চরিত। ৩ পরাবর্ত্তিত, প্রতিফলিত। "রত্নস্তম্ভেষু °প্রতিমাঃ মাঘ ২ ৪। তাঁহার হৃদয়দর্পণে সমুদায় কলা সংক্রান্ত হইল।—কাদ ২৫। ৪ সংবিভাগগত, অংশীভূত। "ময়ি সংক্রান্তমেতৎ (দুঃখম্) তে যেন সদ্যঃ ভবিষ্যতি।—নাগানন্দ ৫ ৯। ৫ দায়রূপে স্বামি-প্রভৃতি হইতে ক্রমাগত বা পরম্পরাপ্রাপ্ত (স্ত্রীধন)। ৬ সংক্রমণকর্ত্তা। ৭ [সংক্রান্তি+অ (অচ)] সংক্রান্তিযুক্ত। "অসংক্রান্তমাসোহধিমাসঃ স্ফুটঃ স্যাৎ (মলমাসতত্ত্ব—শ.ক)। ৮ সম্বন্ধী, সম্পৃক্ত। "যজ্ঞানুষ্ঠানসংক্রান্ত সমারোহ সী ৭২। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ গতি, স্থানান্তরগমন। ২ সূর্য্যাদির রাশ্যন্তরগমন। ৩ অন্যত্র সংক্রমণ বা সংপ্রাপ্তি। "গুণানাং সংক্রান্তিঃ মাঘ ৪.১৬। ৪ সঞ্চার। "সম্পাদিতাঃ...পয়সো গণ্ডূষসংক্রান্তয়ঃ উ চ ৩.১৬। ৫ অভিনয়াদিক্রিয়াসঞ্চার। "সংক্রান্তিরস্যস্য বিশেষযুক্তা মা মি ১ ১৬। ৬ প্রতিবিম্বন, প্রতিফলন। ৭ [+তি-ধি] সূর্য্যের রাশ্যন্তরে সংক্রমণদিন। "রবিসংক্রান্তি (পর্ব্ব)। ৮ (বাঙ্লায়) মাসের শেষ দিন।

সংক্রমণ, -ণকা, -মিত, -ক্রান্ত দ্র 'সংক্রম'।

সংক্রান্তি দ্র 'সংক্রম'। [°চক্র (ক্লী)—শুভাশুভজ্ঞানার্থ নক্ষত্রাঙ্কিত নরাকারচক্র। °পুরুষ—(বাঙ্লায) পঞ্জিকার সংক্রান্তিপুরুষচিত্রের ন্যায় শীর্ণকায ব্যক্তি।]

সংক্রাম পুং [সম্+ √ক্রম্+অ (ঘঞ্)-ণ, বাহুলকে বৃদ্ধি (অ চি)] দুর্গসঞ্চর, দুর্গমপথ। —ক্রামক বিং সর্থ 'সংক্রামী'। —ক্রামণ ক্লী [+ √ক্রামি+অন (ল্যুট্)-ভা] অন্যত্র নয়ন। 'বৃহৎসংহিতা ৫৫ ৭। —ক্রামিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিবেশিত। "কৃ স ৬ ৭৮। কারণের গুণ কার্য্যগুণে সংক্রামিত হয়।—কাদ ১৩৬। চাকর মারা রোগটি আমাদিগের মধ্যে সংক্রামিত হইয়া আসিতেছে পা প্র ৬২, ১৪০। —ক্রামী (-মিন) বিণ [+ √ক্রম্+ইন্ (ণিনি)-ক-১ব] সংক্রমণকারী, সঞ্চারী, সংক্রামক। °সংক্রামিণো রোগা. ৩ ৭, কুল্লুক।

সংক্রামক, -মণ, -মিত, -মী দ্র 'সংক্রাম'।

সংক্রীড়ন ক্লী [সম্+ √ক্রীড় +অন (ল্যুট)-ভা] মিলিতক্রীড়া, ক্রীড়া। "গোপী°।—হ ৩২৫ ১২। —ক্রীড়িত বিণ ১ ক্রীড়িত। ২ কূজিত। —ক্রীড়িত ক্লী [+ত-ভা] কূজিত, অস্ফুটনির্ঘোষ। "রথাঙ্গ° কি ১৬৮।

সংক্রোশ পুং [সম্+ √ক্রুশ+অ (ঘঞ্)-ণ] দুঃখ। 'জনয়িষ্যতি সংক্রোশ° রাঘবস্য বিবাসনম্ রা ২ ৫৮ ৩০।

সংক্লেদ পুং [সম্+ √ক্লিদ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক আর্দ্রীভাব, সংসেক। 'তৈল° (পাঠান্তর) বা ২ ৭৬ ৪। ২ পূতীভাব, পচাপচা-ভাব। ৩ দ্রবরূপতা। 'যাজ্ঞ ৩ ৭৫। —ক্লিন্ন বিণ [+ত (ক্ত)-ক] সম্যক আর্দ্রীভূত।

সংক্লেশ পুং [সম্+ √ক্লিশ্+অ (ঘঞ্)-ভা] অতিক্লেশ, তীব্রপীড়া। "প্রাণি° বা ৭.২০ ২৫। °নির্ব্বাণ ভ ১ ৫ ৪০।

সংক্ষয় পুং [সম্+ √ক্ষি+অ (অচ)-ভা] ১ সম্যক্ক্ষয়, বিধ্বংস। "দেশকুল°।—বৃহৎসংহিতা ৪৬ ৫২। ২ নিপাত। 'বংশ° যাজ্ঞ ৩ ৫৫, শরীর° ১৬১। ৩ শোষ। গ্রীষ্মে সলিলসংক্ষয়াৎ—বা ২ ৩৩ ১৩। ৪ অপচয়, হ্রাস। "শক্তি°। ৫ নাশ। "প্রাণ° বা ২ ১০৫ ২৫। ৬ প্রলয়। "সর্গ°। ৭ হানি। "পুণ্য° গো রা ৫ ৫০ ১১। ৮ অবসান, অপগম। "দিবসসংক্ষয়ে মহা ৫ ১৮১ ৩৯।

সংক্ষিপ্ত বিণ [সম্+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ একত্র কৃত, রাশীকৃত। "আতপাত্যয়সংক্ষিপ্তনীবারা রঘু ১ ৫২। ২ অপহৃত। 'মৎপরাক্রমসংক্ষিপ্তরাজ্য ভট্টি ৫ ৮৬। ৩ অভিভূত। "(ভৃগবঃ) সংক্ষিপ্তাস্তস্য তেজসা ৮ ১৮ ২৫। ৪ সংবদ্ধ। "ধর্ম্মপাশসংক্ষিপ্ত রা (S W)। ৫ কৃতসংক্ষেপ, স্বল্পীকৃত। —ক্ষিপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সংক্ষেপ, রাশীকরণ। ২ স্বল্পীকরণ। ৩ (নাট্যে) শিল্পাদি দ্বারা সংক্ষিপ্ত বস্তুরচনা। "সা দ ৬ ১৩৫। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ রাশীকরণ। ২ সমাস। বিপ 'বিস্তর'। "সৃষ্টিঃ সংক্ষেপলক্ষণা মহা ১ ১ ৪১। মনু ১ ৬৮, কুল্লুক। ৩ সংক্ষয়, সংহার। "প্রজাসংক্ষেপসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ মহা ৩ ১৫৫ ২৭। ৪ সমষ্টি। "এতাঃ সংক্ষেপেণ দ্বিসপ্ততিঃ মনু ৭.১৫৭। ৫ [+অ-র্ম্ম] সংক্ষিপ্তবিষয়, বস্তুসংগ্রহ।

"সংক্ষেপমাত্রং শাস্ত্রম্।—পঞ্চ ১/১ (কথামুখ)। ৬ (বাংলায়) অল্প, কম। "এদিকে দিন অতিসংক্ষেপ…কর্ত্তব্য কি বলুন আ.দু ১৩০। —ক্ষেপক বিণ [+অক (ণুল্)-ক] অভিভবকারক, জেতা। "সং (কল্কী) সংক্ষেপকো হি সর্ব্বস্য যুগস্য পরিবর্ত্তকঃ মহা ২.১৯০.৯৭। —ক্ষেপণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সমসন, সংক্ষেপ। —ক্ষেপ্তা (-প্তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] 'জেতা', বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৭৭।

সংক্ষিপ্তি দ্র 'সংক্ষিপ্ত'।

সংক্ষুব্ধ বিণ [সম্+ √ক্ষুভ্+ত(ক্ত)-ক ; দ্র 'ক্ষুব্ধ'] বিচলিত, উদ্বিগ্ন। "সাগরে সেতুবন্ধেন সংক্ষুব্ধমিহ মে মনঃ গো রা ৬ ১.৪। সংসার সংক্ষুব্ধ। —দু ৭৮। জনতা…সহসা সংক্ষুব্ধ হইয়া উঠিল ব.প্র ৪৪৫। —ক্ষুভিত বিণ [+ত-ক] ১ সর্থ 'সংক্ষুব্ধ'। "দেবাঃ সংক্ষুভিতাঃ সর্ব্বে মহা ৩ ১৪২.৪৭, ৫১। ২ সঙ্কলিত। —ক্ষোভ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্‌ক্ষোভ, সঙ্কলন। "মীনসংঘোভচলিতৈঃ…পঙ্কজৈঃ রা ২ ৪০.৩৫। মহা ৩.১৪২.৪৭, ৫১। ২ অশান্তি, ব্যাকুলতা, উদ্বেগ। "বলানাং সংক্ষোভো ব্যবর্দ্ধত বা ৭.১৪.৭। ৩ উদ্‌ঘাত, ঝাঁকানি। "রথ° বিক্র ১ ১১। ৪ বিপর্য্যাস। —ক্ষোভিত বিণ [+ √ক্ষোভি+ত(ক্ত)-র্ম্ম] রথীকৃত। "°সন্ধিবন্ধ শ ২৩।

সংক্ষেপ, সংক্ষেপক, সংক্ষেপণ, সংক্ষেপ্তা; সংক্ষোভ, সংক্ষোভিত দ্র 'সংক্ষিপ্ত, সংক্ষুব্ধ'।

সংখ, সঙ্খ বি [সং শঙ্খ > পা সংখ, অপ্র] ১ বাদ্যশঙ্খ। "সঙ্খর বাদন শূ ৩৫, সংখধ্বনি ৭৪। গো বি ১২৭। ২ শাঁখা। "সংখ সিন্দুর মাত্র না পড়িবা তুমি (বঙ্গভাষা ও সাহিত্য)। ৩ সংখ্যাবিশেষ। "তিন পদ্ম বাটি সংখ চ.বি ২৬১।

সংখ্য বিণ [সম্+ √খ্যা+ অ(ক)-ক, পা ৩ ২ ৭] সংখ্যাতা, গণয়িতা। "গোসংখ্য। —খ্যক বিণ [(বহুব্রীহিসমাসে উত্তরপদ) সংখ্যা+ক (কপ), স্ত্রী -খ্যিকা] তৎসংখ্যাবিশিষ্ট। "বাত্রাস্তাঃ প্রাগসংখ্যকা।—অ কো, লিঙ্গাদিসংগ্রহবর্গ, ১২। অষ্টাদশ° সা দ ৩ ৯২। —খ্যা স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ] ১ সংখ্যান, গণনা। "সংখ্যামিবৈষাম্ (কুট্মলানাম্) ভ্রমবশ্চকার রঘু ১৬ ৪৭। ২ বিবেক, বিচার। "যো বেত্তি সংখ্যাং নিকৃতৌ মহা ২ ৫৯ ৭। সা খ্যোতে কি হ'বে সংখ্যা আত্মনিরূপণ ভা চ ৩২৬। ৩ [+অ-স্ম] সম্যগাত্মবুদ্ধি। 'গী ৫ ৪, মধুসূদনীব্যাখ্যা। ৪ [+অ-প] 'গণনাসাধন', একাদি অঙ্ক। "(বীরাণাম্) সংখ্যা গো রা ৬.৭৩ ১১। সহস্র° কি ৫ ৩৮। ৫ একত্বদ্বিত্বাদি। "পা ৫.১ ১৯, তত্ত্ব-বোধিনী। ৬ সমষ্টিভূত অঙ্ক। ৭ প্রমাণদ্বারা অর্থপরীক্ষণ (অ টী), বিচারণা। ৮ মেধা (S W)। ৯ আখ্যা, নাম। "দ্বাপরসংখ্যে রা ৭.৭৪.২৩। —খ্যাক বিণ [সংখ্যা+ক (কপ্), বহুব্রীহিতে 'কপ' প্রত্যয়ে হ্রস্বাভাব] তৎসংখ্যাযুক্ত। "সপ্তসংখ্যাকৈঃ (গ্রহৈঃ) ক.সা ১৮. ১৩০, কোটিসংখ্যাকৈর্গণেশৈঃ ৫০ ১৮৪। —খ্যাত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] গণিত, কৃতসংখ্যান। "সংখ্যাতরাত্র পা ৫ ৪ ৮৭। বজোভিঃ সম-সংখ্যাতাঃ…জন্তবঃ ভ ৬ ১৪ ৩। বাণ মিল অসংখ্যাত ক চ ২৫৮। —খ্যাতা[১] স্ত্রী সংখ্যামূলক প্রহেলিকাবিশেষ। "কাব্যাদর্শ ৩.১০১। —খ্যাতা[২] (-তৃ) পু [+তৃ (তৃন্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ গণক। "কপিলতত্ত্বসংখ্যাতা ভ ৩.২৫ ১। ২ পরীক্ষক। "গোসংখ্যাতা ভবিষ্যামি মহা ৪.৩.৮।

সংখ্যক দ্র 'সংখ্য'।

সংখ্যা দ্র 'সংখ্য'। [°পরিত্যক্ত (বিণ)—সংখ্যারহিত, অসংখ্যক। °বাচক (বিণ)—সংখ্যাসূচক। °লিপি (স্ত্রী)—সংখ্যা দ্বারা লেখন-রীতিবিশেষ। °শব্দ (পুং)—সংখ্যাসূচক শব্দ, একাদি অঙ্ক। °সমাপন (পুং)—শিব। "মহা ১৩.১৭.১৪১।] [সংখ্যাত—সংখ্যাতে, সংখ্যায়। "বহু সহস্র সংখ্যাত্ত ম.বি ২৪৮।]

সংখ্যাক, -খ্যাত, -তা[১], -তা[২] (-তৃ) দ্র 'সংখ্য'।

সংখ্যাতিগ বিণ [সংখ্যা+অতি- √গম্+অ (ড)-ক ; উ.ত] সংখ্যাতি-ক্রমী, অসংখ্যক। "উচ্চৈশ্চ °গৈঃ ক.সা ৪৪.১৮৫।

সংখ্যাতীত বিণ [দ্বি.ত] সংখ্যাতিক্রান্ত, অসংখ্যক। "উ.চ ৫.১২। (আছে) সংখ্যাতীত চন্দ্র সূর্য্য, গ্রহ সংখ্যাতীত।—ন ১৬৬৬।

সংখ্যান স্ত্রী [সম্+ √খ্যা+অন (ল্যুট্)-ভা] ১ পরিগণনা, গণনা। "বল° মহা ১.২.২৩৯,-৪১। মনু ৮.৪০০। তত্ত্ব° ভ ৩.২৪.১০। যতেক বসতি পুরে নাহিক সংখ্যান।—ম ১১১৭। ২ পরীক্ষা। "সংখ্যানে কুশলো গবাম্ মহা ৪ ৩.৮। ৩ প্রকাশ। "নমঃ…সর্ব্বগুণসংখ্যানায় ভ ৫.১৭ ১৭। ৪ [+অন-র্ম্ম] সংস্থান, খণ্ড (নীলকণ্ঠ)। "মহা ১৪.৬৪.১০। ৫ [+অন-প] আখ্যা, নাম। "অস্মিন্ দ্বাপরসংখ্যানে রা ৭.৭৪.২৪।

সংখ্যাবান্ (-বৎ) বিণ [সংখ্যা+বৎ (বতুপ্)-১ব] ১ সংখ্যাযুক্ত, মিত। ২ বিচারণাবান্। —বান্ পুং পণ্ডিত। "সংখ্যাবাংশ্চ সদোহজিরে। কাশীখণ্ড ৮২ ৮।

সংখ্যাবৃত্তিকর বিণ [ষ.ত] সংখ্যার আবৃত্তিকারক, সংখ্যাবর্ত্তন-কারক, অসংখ্যক। "(কবন্ধানি সমুত্তস্থুঃ) °করাণি।—হ ৯৩ ৯।

সংখ্যামঙ্গলগ্রন্থি পুং [ড লো] সংখ্যাবোধক মঙ্গলার্থ গ্রন্থি, অতীত-বর্ষসমসংখ্যকগ্রন্থি-যুক্ত মঙ্গলসূত্র। 'উ.চ ৩১/৪।

সংখ্যেয় বিণ [সম্+ √খ্যা+য (যৎ)-র্ম্ম] ১ গণনীয়। "পা ২.২. ২৫। বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে সর্ব্বাঃ সংখ্যেয়সংখ্যয়োঃ (অ কো)। ২ সংখ্যাকরণযোগ্য। "গুণৈঃ…অসংখ্যেয়ৈঃ ভ ৭.৪.৩৬। ৩ পরিমেয়। "(পার্থঃ) তেজোরাশিরসংখ্যেয়ঃ মহা ৪.২৭.৯।

সংগঠন বি [সংঘটন > °ন] নির্ম্মাণ। "প্রণয়প্রবৃত্তি কৃত্রিমস্বজনতা-সংগঠনে নিযুক্ত হয় পা প্র ৫২। —গঠিত বিং নির্ম্মিত। "মনুষ্যমাত্রেরই মন…প্রত্যক্ষীভূত ব্যাপার সমস্তের সমবায়ে সংগঠিত হয় পা প্র ১১৩।

সংগুপ্ত বিণ [সম্+গুপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সুরক্ষিত। "বালভাবেন সংগুপ্তঃ মহা ১৩ ৫.২২। ২ সংবৃত (kept secret)। "°মনোরথ ১৩ ১১.৮। —গুপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সংরক্ষণ। "শরীর°। ২ সংগোপন।

সংগৃহীত বিণ [সম্+ √গ্রহ্+ত(ক্ত)-র্ম্ম] ১ সংক্ষিপ্ত, সমাহৃত। "সংগৃহীতাংশুরংশুমান্ গো রা ৩ ৩৬.২২। ২ আচিত, কৃতচয়ন। ৩ সংযত, নিয়ন্ত্রিত। "বৃত্রস্য বধে সংগৃহীতা হয়া ময়া মহা ৩ ১৭১.১৯। ৪ সংরক্ষিত। "°রাষ্ট্র মনু ৭.১১৩। ৫ সম্যগগৃহীত, ধৃত। ৬ আয়ত্তীকৃত, বশীকৃত। "যৈঃ সংগৃহীতো ভগবান্ সাত্বতাম্বষভো হরিঃ ভ ৯ ৫ ১৫।

সংগোপন বিণ [সম্+ √গুপ্+অন (ল্যুট্)-ক] সম্যগ্‌গোপন-কারক, অপহ্নবকার। "আত্মসংগোপনঞ্চৈব গাম্ভীর্য্যম্।—পঞ্চরাত্র ১.১৪ ১০৮। —পন ক্লী [+অন-ভা] অপহ্নব, সংবরণ। "রহস্য° সা দ ৪ ১/১০। —পনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সংবরণীয়, গুহ্য। "অতিসংগোপনীয়ঞ্চ কবচম্।—পঞ্চরাত্র ১ ১৫ ২৩।

সংগ্রথন, -স্থন ক্লী [সম্+ √গ্রথ, √গ্রন্থ্+অন (ল্যুট্)-ভা] গুম্ফন, গ্রন্থন। "সংগ্রন্থনং কলহস্য মহা ২ ৫৬ ১২।

সংগ্রন্থন দ্র 'সংগ্রথন'।

সংগ্রসন ক্লী [সম্+ √গ্রস্+অন (ল্যুট্)-ভা] সম্যগ্‌গ্রাস। "অস্মৎ-সংগ্রসন-ব্যাত্তব্যালতুণ্ড ভ ১০.১২.১৯।

সংগ্রহ বিণ [সম্+ √গ্রহ্+অ (অচ্)-ক] ১ সংগ্রাহক। "সর্ব্বসংগ্রহঃ (দশরথঃ) রা ১.৬.১। ২ নিয়ামক। "ভ ৪ ১৪.২১। —হ পু [+অ (অপ্)-ভা] ১ সম্যক্ গ্রহণ ; গ্রহণ। "প্রদানং চ প্রদেয়ানামদেয়ানাং চ সংগ্রহঃ।—কামন্দক ১৩ ৫২। মনু ৩.১১৭, কুল্লূক। ২ স্বীকার। "দার° মহা ১.১৩.২৭। মনু ৩.১৬৮। ৩ সঞ্চয়। "ধন° রঘু ১.৬৬,

অর্থ° ১৭৬০। ৪ সন্নিপাতন, সম্মেলন। "প্রকৃতিমূণা° রঘু ১৯৫৫। ৫ পালন, রক্ষণ। "নিগ্রহসংগ্রহে প্রভুঃ ভ ৭২৩৯। ৬ উপকার (মেধাতিথি)। বিপ 'নিগ্রহ'। "সাধুনাং সংগ্রহেণ মনু ৮৩১১। ৭ উন্মার্গপ্রবৃত্তিনিবারণ (শঙ্কর), স্বধর্মে প্রবর্তন (শ্রীধর)। "লোক° গী ৩২০, ২৫। ৮ নিগ্রহ, নিয়মন। "মনসঃ সংগ্রহঃ ভ ১১২০২১। ৯ সমাস, সংক্ষেপ। "তত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে গী ৮১১। ১০ সঙ্কলন, সঞ্চয়ন। ১১ সমষ্টি সমুদায়। "অস্থি° যাজ্ঞ ৩৯০। ইন্দ্রিয়° ভ ৪২৮.৫৭। ১২ তূণে শরপত্যানয়ন, সংভাব। ১৩ [+অ-ণ] গ্রহণসাধন। "ত্বক্ স্পর্শস্য সংগ্রহং ভ ৩৬৩৫। ১৪ সংক্ষেপে কোন বিষয়ের গ্রহণসাধন নিবন্ধ, সমাকৃতি (অকো)। 'বিস্তরেণোপদিষ্টানামর্থানাং সূত্রভাষ্যয়োঃ। নিবন্ধো যঃ সমাসেন সংগ্রহং তং বিদুর্বুধাঃ॥—অটী। 'অনেকার্থ°, তর°। লিঙ্গাদিস গ্রহবর্গ (অকো)। ১৫ মুষ্টি। ১৬ [+অ-ধি] রক্ষাস্থান। "রাষ্ট্রস্য সংগ্রহং মনু ৭১১৪। ১৭ আশ্রয়। "করণং কর্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্মসংগ্রহঃ গী ১৮১৮। ১৮ ঔদ্ধত্য, উচ্ছ্রায়। ১৯ মহোদ্যোগ। ২০ বৃহৎ, বিশালতা। –হণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ অর্থ 'সংগ্রহ (১)। 'পাণি°'। ২ বরণ। "সর্বসংগ্রহণ যেষাং (অস্ত্রাণাম্) দৈবতৈরপি দুর্লভম্ রা ১৭১.২৩। ৩ স্বীকার। ৪ সঞ্চয়। 'কোষ° গো রা ১৭৭। সস্য° ক সা ৫৫২৭। ৫ পিণ্ডীকরণ। "অপাং সংগ্রহণং (কার্য্যম্) মনু ১১৮, কুল্লুক। ৬ উপকার অনুগ্রহ। বিপ 'নিগ্রহণ'। "সাধু° মহা ১২৬১৭। ৭ সংগ্রথন, সংশ্লেষ। "কনকভূষণসংগ্রহণোচিতং (রঘু)।—পঞ্চ ১৮১। ৮ স্ত্রীর পরপুরুষসম্পর্ক, স্ত্রীপুরুষের মিথুনীভাব (মিতাক্ষরা)। স্ত্রী° মনু ৮৬, ৭২। যাজ্ঞ ২৭৪, ২৮৬। ৯ নারীকে মাল্যানুগন্ধাদিপ্রেরণ, নারীর সহিত কেলিপরিহাসাদি। দ্র 'মনু ৮৩৫১,-৩৫৮। —ণী স্ত্রী [পা স] সঙ্কিতা গ্রহণী, গ্রহণীরোগভেদ। —হীতা (-তৃ) বিণ [সম্+ √গ্রহ্+তৃ (তৃন) -ক-১র, স্ত্রী -ত্রী] সংগ্রাহক। —হীতা পুং সারথি। 'শুক্লযজুর্বেদ ১৬২৬।

সংগ্রহণ, সংগ্রহীতা (-তৃ) দ্র 'সংগ্রহ'।

সংগ্রাম¹ অক [অদন্ত চু, ঙ—স গ্রামযতে, সেট্, কদাচিৎ পরস্মৈপদী (ক ক)] যুদ্ধ। "ভট্টি ৩৪৭।

সংগ্রাম² পুং [√সংগ্রাম+অ (অচ্)-ভা, সম্ (সঙ্গত) গ্রাম (গ্রামবাসী) যাহাতে, যে বিবাদে গ্রামবাসী মিলিত (প্রতিদ্বন্দ্বী), এই মূলার্থ হইতে গৌণার্থে 'যুদ্ধ' (?)] যুদ্ধ, সমর। 'অথর্ববেদ ১২১৫৬। দেবাসুরে চ সংগ্রামে রা ২১০৭৪। ন নিবর্ত্তেত সংগ্রামাৎ ক্ষাত্রং ধর্মমনুস্মরন্ মনু ৭৮৭। [°কর্ম (-র্মন্) ক্লী—যুদ্ধকার্য্য। °কেশরী (-রিন্) বি—যুদ্ধে সিংহতুল্য শূর, মহাযোধ। 'ম ৮০৬। °জিৎ (বিণ)—রণজয়ী। "অথর্ববেদ ৫২০১০। মহা ৩৬৪৭৮। °তূর্য্য (ক্লী), °পটহ (পু) —রণঢক্কা। °মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং, °শিরঃ (-রস্) ক্লী—রণস্থলাগ্রভাগ। "°মূর্দ্ধন্ মহা ৪৩৭২০।]

সংগ্রাহ পু [সম্+ √গ্রহ্+অ (ঘঞ্)-ভা, পা ৩৩৩৬] ১ মুষ্টি, অঙ্গুলিসন্নিবেশ (কাশিকা), মুষ্টিবন্ধ (অকো)। 'আহো মল্লস্য সংগ্রাহঃ (কাশিকা)। ২ [+অ-র্ম] ফলকমুষ্টি, ঢালের মুট। —হক বিণ [+অক (ণ্বুল্)-ক, স্ত্রী-হিকা] ১ সংগ্রহকারক, সঙ্কলয়িতা। ২ অবষ্টম্ভক, মলরোধক। 'সুশ্রুত ১৪০৪। —গ্রাহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১র, স্ত্রী -হিণী] অর্থ 'সংগ্রাহক (১, ২)। —গ্রাহী পুং কুটজ, কুরচিগাছ। —গ্রাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম] ১ সংগ্রহণীয়। ২ গ্রহণীয়। "নিবাপে…(পাকার্থম্) সংগ্রাহ্যা নাস্তর শঙ্কা মহা ১৩৯০১৫। ৩ গ্রহণার্হ, স্বীকার্য্য (বচন)।

সংগ্রাহক, সংগ্রাহী, সংগ্রাহ্য দ্র 'সংগ্রাহ'।

সংঘট বি ১ সংঘটন। "অসংঘট কাজ পুন সংঘট করাএ শ্রীকৃ ২৬। ২ [সং সংঘট্ট] বিবাদ। "ঘাটে দানী হঞা তোঞে করসি সংঘট শ্রীকৃ ১৫৬।

সংজাত, সংযাত¹ বি [সংযাত্রা > °ত] উৎসবে অনুযাত্রিকগণ, যাত্রিদল। "সংযাত সহিত শ্রী মা ২০৯। সংযাত সাজিয়া সব (করিবে ধর্মের পূজা) শ্রী ২৪, সংজাত ২০৯, ২৫৩, সংযাত ২১২।

সংজ্ঞক বিণ [বহুব্রীহি সমাসে (উত্তরপদ) সংজ্ঞা+ক (কপ্); স্ত্রী -জ্ঞিকা] নামক। "প্রাণসংজ্ঞকো জীবঃ (S.W)। অব্যক্ত° গী ৮.১৮। —জ্ঞপন ক্লী [সম্+ √জ্ঞপি+অন (ল্যুট্)-ভা] ১ মারণ, বধ। "ভ ৪৫২৪। পু মে ৪৫, মল্লিনাথ। ২ বিজ্ঞাপন। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ মারিত, হত। "°তঃ পশুঃ পা ৬৪৫২, কাশিকা। ২ বিজ্ঞাপিত। —জ্ঞপ্ত বিণ [+ত-র্ম] বিজ্ঞাপিত।

সংজ্ঞপন, সংজ্ঞপিত, সংজ্ঞপ্ত দ্র 'সংজ্ঞক'।

সংজ্ঞা স্ত্রী [সম্+ √জ্ঞা+অ (অঙ্)-ভা] ১ সম্যক জ্ঞান বা বোধ। "সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে গী ১৭। সংজ্ঞার্থং বচনম্ মহা ১.১৪৯৬। ২ [+অ-ণ] 'জ্ঞানসাধন', চেতনা স বিৎ। "°বিপর্য্যয় কু স ৬.৪৪। ৩ হস্তাদি দ্বারা অর্থসূচনা, হস্তসংকোচ। "অঙ্গুলি° কু স ৩৪১। হস্ত° মাব ১৩৩। ৪ জ্ঞানোপায়। 'মাম্…বিদ্ধি বিশ্বস্ত সংজ্ঞয়ানয়া মহা ১১৪৮৮। ভ ৬৭১৭। ৫ নাম। "দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈঃ গী ১৫৫। ৬ পদাদি সঙ্কেতসূচক শব্দ। "লোকসংব্যবহারার্থং যাঃ সংজ্ঞাঃ (পদাদিসংজ্ঞাঃ) প্রণিতা ভুবি।—মনু ৮১৩১। ৭ আধুনিক সঙ্কেত। 'পা ১১৩৪, তত্ত্ববোধিনী। ৮ (ব্যাকরণে) শাস্ত্রীয় সঙ্কেতার্থশব্দ। "অণাদিসংজ্ঞা (সি)। ৯ গায়ত্রী। ১০ বিশ্বকর্মদুহিতা সূর্য্যপত্নী। দ্র 'বড়বা'। [°করণ (ক্লী)—নামকরণ। °বিপর্য্যয় (পু)— চেতনাপগম। 'কু স ৬৪৪। °সুত (পুং)—সংজ্ঞাপুত্র। দ্র 'বড়বা'।]

সংজ্ঞান ক্লী [সম্+ √জ্ঞা+অন (ল্যুট্)-ভা, 'সঙ্গতজ্ঞান' (শুক্লযজুর্বেদ ২৬১)] ১ সম্যক জ্ঞান, যথার্থাবোধ। ২ [+অন-ণ] চৈতন্য। "°মাত্র ভ ৬৪৪৭। ৩ স্মৃতি। "ভ ৯১৬২৪।

সংজ্ঞাপন ক্লী [সম্+ √জ্ঞাপি+অন (ল্যুট্)-ভা] বিজ্ঞাপন।

সংজ্ঞাপুত্রী বি সংজ্ঞাকন্যা যমুনা। "°নিকুঞ্জপুলিন জ প ২।

সংজ্ঞাবান্ (-বৎ) বিণ [সংজ্ঞা+বৎ (বতুপ্)-১র] ১ সংজ্ঞাযুক্ত, সচেতন, গতমূর্চ্ছ (রা টীকা)। 'রা ১২০১। ২ নামবান্, সংজ্ঞিত।

সংজ্ঞিত বিণ [সংজ্ঞা+ইত (ইতচ্)] ১ জাতসংজ্ঞ, তন্নামযুক্ত, তদাখ্যাবিশিষ্ট, তচ্ছব্দবাচ্য। "অপথ্য পথ্যসংজ্ঞিতম্ গো রা ২.১১৮.২। বিসর্গঃ কর্মসংজ্ঞিতঃ গী ৮৩। যৎকিঞ্চিৎ…করসংজ্ঞিতম্ মনু ৭.১৩৭। শিরোরমণি° যাজ্ঞ ৩১০১। জীব°, ব্রহ্ম° ভ ৩২৮৪১। তেজঃ…চক্রসংজ্ঞিতম্ রঘু ১০৫৪। ২ তদুপাধিবিশিষ্ট। "তদাস্পদং শ্রীযু বরাজসংজ্ঞিতম্ (অগচ্ছৎ) রঘু ৩৩৬।

সংজ্বর পুং [সম্+ √জ্বরি+অ (অচ্)-ক] সন্তাপ। "মনু ৪.১৮৫। স্মরসংজ্বর ক সা ৫৫৬৩।

সংপ্লব পুং [সম্+ √প্লু+অ (অপ্)-ভা] ১ জলে অভিপ্লাবন। "আভূত° মহা ৩১৫৮। ২ মহাপ্লব, অতিপ্লাবন, আতিশয্য। "আনন্দসংপ্লবে লীনঃ ভ ১৬১৮। ৩ বিপ্লব, বিধ্বংস। "দেশ° মহা ১৩২৩.৫৪। ৪ প্রলয়। "প্রাককল্প° ভ ২৭.৫, বিশ্ব° ৩১৭.১৫। ৫ সংক্ষয়। "ভূতানাং সংপ্লবঃ ভ ১২৮৩। ৬ অবান্তরপ্রলয় বা উদ্ভব (শ্রীধর)। "সংপ্লবঃ সর্বভূতানাম্ ভ ২৮২১। ৭ ইতস্ততঃ পাত। "মহোল্কানাঞ্চ সংপ্লবে মনু ৪১০৩। ৮ পাত। "গর্ভ° মহা ২১৭৩৮। ৯ পৌনঃপুন্য, আভীক্ষ্য। "বিদ্যুৎস্তনিতসংপ্লবে যাজ্ঞ ১.১৪৯। ১০ সংশ্লেষ। "উদধি° ভ ১৩১৫। ১১ সংমর্দ্দ। "রণ° রা ৭.২৮.৪১। —প্লুত বিণ [+ত (ক্ত)-ক] ১ নিমগ্ন। "স্নেহপ্রসর° ভ ৩.২.৫। ২ পরিব্যাপ্ত। "গোষ্পদে সংপ্লুতোদকে মহা ১.৩১.৯। ৩ [+ত-র্ম] পরিব্যাপ্ত। "দুর্দিনে

মেঘসংপ্লুতে [illegible] ০.৪৩। [সংপ্লুতোদক (পুং)—সমুদ্র (টীকা)। [illegible] ২.৩৬।]

সংবচ্ছর বি [সং সংবৎসর ; দ্র 'বচ্ছর'] বৎসর। "হ ১১১।

সংবৎ ব্য ['সংবদ্' (অ.কো)—বর্ষবাচী সংবচ্ছব্দ তবর্গতৃতীয়ান্ত (অ.টী) ; 'সংবৎ'—সংবিভাগবান্' (ঋগ্বেদ ১.১৯১.১৫) ; 'সংবৎসর'—মূল (?) ; 'সম্বৎ' অসাধু] ১ বর্ষ। ২ বিক্রমাদিত্যপ্রবর্ত্তিত বর্ষগণনাবিশেষ ; বিক্রমাব্দ। [খৃষ্টাব্দের ৫৮ বৎসর পূর্ব্বে এই বর্ষগণনা প্রবর্ত্তিত হয়। দ্র 'বিক্রমাদিত্য'।]

সংবৎসর পুং [প্রা.স] ১ সম্পূর্ণ বৎসর। "ঋগ্বেদ ১.১১০.৪। পরিসংবৎসরাৎ মনু ৩ ১১৯। দ্বাদশ° উ.চ ৩৪। পূর্ণ সংবৎসব।—ম ৪৮। পালিলাম এক সংবৎসর ক.চ ১৫৫। ২ বিক্রমাব্দ। ৩ পঞ্চবর্ষচক্রের প্রথম বর্ষ। "বৃহৎসংহিতা ৮.২৪। ৪ শিব [°কর (পুং)—শিব। °নিরোধ (পুং)—সংবৎসরবন্ধন। "মনু ৮.৩৭৫। °বেলা (স্ত্রী) —সংবৎসরকাল। °সহস্র (ক্লী)—বর্ষসহস্র।]

সঙ্কল্প পুং [সম্+ √কৢপ্+অ (ঘঞ্)-ণ,-ভা (অ.টী)] ১ মানস কর্ম্ম, অর্থাৎ 'আমি ইহা করিবই' এইরূপ মানসব্যাপার (অ.টী)। বিপ 'বিকল্প'। "°হয়সংযুক্তৈর্যান্তীমিব মনোরথৈঃ গো.রা ৫.২১.৬। মনো নাম °বিকল্পাত্মিকান্তঃকরণবৃত্তিঃ (বেদান্তসার)। এতাবানেব সঙ্কল্পঃ।—হি ১৯/৩৬। ২ এই কর্ম্মে এই অভীষ্টসিদ্ধি হইবে—এইরূপ বুদ্ধি (কুল্লুক)। "ব্রতনিয়মধর্ম্মাশ্চ সর্ব্বে সঙ্কল্পজাঃ স্মৃতাঃ মনু ২.৩। ৩ আমার ইহা হউক—এইরূপ চিত্তবৃত্তি (নীলকণ্ঠ)। "°প্রভবান্ কামান্ গী ৬.২৪। ৪ আমি করি—এই কর্ত্তৃত্বাভিমান বা কর্ত্তৃত্বাভিনিবেশ। "কামসঙ্কল্পবর্জ্জিত গী ৪.১৯। ৫ চিন্তন, ভাবনা। "তৎসঙ্কল্পোপহিত-জড়িমঃ মা.মা ১.৩৫। ৬ কর্ম্মসাধনার্থ অভিলাপবাক্য। "সঙ্কল্পভঙ্গেতে ভয়।—কৃ ৩৫১। সঙ্কল্প সমাচরি ভা.চ ১৪৬। সঙ্কল্প করেছ যাহা, সাধন করহ তাহা।—হেম ২৪৭। ৭ ইচ্ছা, অভিলাষ। "°মাত্রোদিতসিদ্ধয়স্তে রঘু ১৪.১৭। ৮ মানস, চিত্ত। "হৃষ্ট° মহা (S.W.)। ৯ ইহা সমীচীন—এইরূপ ভাবনা। 'সঙ্কল্পঃ সমীচীনত্বেন ভাবনম্ (নীলকণ্ঠ —S.W.)। [°জন্মা (-ন্মন্), °ভব পুং—'মনোজাত', কামদেব। °প্রভব (বিণ) —সঙ্কল্পজাত। দ্র 'সঙ্কল্প (৩)। মনু ২.৩, কুল্লুক। °মাত্র (ক্লী) —ইচ্ছামাত্র। দ্র 'সঙ্কল্প (৭)। °মূল (বিণ)—সঙ্কল্পহেতুক। "মনু ২.৩। °যোনি (পুং)—মনোভব, কামদেব। "কু.স ৩.২৪। °রূপ

(বিণ)—ইচ্ছারূপ, সঙ্কল্পাত্মক। °সম্পত্তি (স্ত্রী)—অভিলষিত-প্রাপ্তি, ইষ্টাপত্তি। “ক.সা ১১.৪১। °সম্ভব (বিণ)—সঙ্কল্পজাত। “মনু ২.৩।]

সঙ্কল্পজ বিণ [সঙ্কল্প+জন্+অ (ড)-ক; উ.ত] সঙ্কল্পজাত। “মনু ২.৩। যাজ্ঞ ১.৭। —জ পুং কাম। “মহা ১.১৮৭.৩।

সঙ্কল্পন ক্লী [সম্+ √কৃপ্+অন (ল্যুট্)-ভা] সঙ্কল্প, অভিলাষ। “ভ ৪.১৯.৩৮। —ল্পিত বিণ [+ √কল্পি+ত (ক্ত)-র্ম্ম] ১ অভীপ্সিত, অভিলষিত। “সঙ্কল্পিতার্থ কু.স ৩.১১। শ ৪.১৩। ২ প্রবর্ত্তিত। “কেন সঙ্কল্পিতং প্রাজ্ঞম্ মহা ১৩.৯১.১; ৩। ৩ বিহিত, অনুষ্ঠিত। “মহা ১৩.৯১.২০,-১; তেভ্যঃ সঙ্কল্পিতা ভাগাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা ২৪। —ল্পিতব্য বিণ [+ √কৃপ্+তব্য -র্ম্ম] সঙ্কল্পনীয়, অভিলষণীয়।

সঙ্কল্পিত, সঙ্কল্পিতব্য দ্র 'সঙ্কল্পন'।

সঙ্কসুক বিণ [সম্+ √কস্+উক (উকন্)-ক, উ ২.২৯; স্ত্রী -কা] ১ অসন্দেহবিষয়েও সন্দেহকর্ত্তা (অ.টী); অস্থির। “অ° মনু ৬.৪৩। ২ অপবাদশীল (শ.ক)। “মহা ১২.১৯৩.১৩। [ধৃতপাঠ 'সঙ্কুসক'—সংশ্লেষক (নীলকণ্ঠ)।]

সঙ্কার পুং [সম্+ √কৃ+অ (ঘঞ্)-ভা, -র্ম্ম] সর্থ 'সঙ্কর (৫; ৯)।

সঙ্কালন ক্লী [সম্+ √কল্ (√কালি)+অন (ল্যুট্)-ভা] প্রেত-নির্হার, শববহিষ্করণ। “সঙ্কালনং রাজ্ঞঃ রা ২.৬৬.১৫।

সঙ্কাশ বিণ [সম্+ √কাশ্+অ (অচ্)-ক, স্ত্রী -শা] ১ 'সম-প্রকাশক', সদৃশ, তুল্য। “অথর্ব্ববেদ ৭.১১৪.১। অকার্য্যং কার্য্যসঙ্কাশম্ রা ২.১০৯.২। বৃত্রসঙ্কাশম্…মল্লম্ মহা ৪.১৩.২২। অনর্থৈরর্থসঙ্কাশৈঃ ভ ৭.৭.৪৫। জবাকুসুম° (সূর্য্যপ্রণামমন্ত্র)। (বীণাপাণি) ইন্দুকুন্দতুষার-সঙ্কাশা ক.চ ২। সুধার সঙ্কাশ (চন্দ্রমাপ্রকাশ)।—হেম ১৪৩। [সমাসে উত্তরপদ]। ২ অন্তিক (শ.ক)।

সঙ্কীরণ বিং [দ্র 'সঁকীরণ'] সঙ্কীর্ণ, মিশ্রিত। “কোরে অগোরল নাহ। করই সঙ্কীরণ রস নিরবাহ॥—বি.প ১২৫। [সঙ্কীর্ণরসনির্ব্বাহ—মানান্তে মিশ্রিতরস-সম্ভোগ। মানান্তেও মানিনীর মন সম্পূর্ণ প্রসন্ন হয় না, সুতরাং মানান্তে সম্ভোগরস সঙ্কীর্ণ।]

সঙ্কীর্ণ বিণ [সম্+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ জনাদি কর্ত্তৃক নিরন্তরব্যাপ্ত (অ.টী); নানাজাতিসম্মিলিত (শ.ক); সঙ্কুল, আকীর্ণ। “ব্রহ্মর্ষি-গণ° রা ১.৫১.২৫। ২ সংমিশ্রিত। “সঙ্কীর্ণাচারধর্ম্ম মহা ১.৮৪.১৪। °যোনি মনু ১০.২৫। কাতরকাকুকণ্ঠসঙ্কীর্ণবর্ণরুচিরং বদনম্ ('বচনম্'—পাঠান্তর) ভা.চ ৬১০। ৩ ইতস্ততঃ বিক্ষিপ্ত। “ভট্টি ১২.৭৫। ৪ যুগপদ্ অনেকাস্ত্রপ্রয়োগ বা অনেকের সহিত কৃত (যুদ্ধ), অর্থাৎ যে যুদ্ধে এককালেই নানাস্ত্র প্রযুক্ত হয় বা অনেকের সহিত যুদ্ধ হয় (নীলকণ্ঠ)। “দ্রোণঃ °যুদ্ধে চ শিক্ষয়ামাস কৌরবান্ মহা ১.১৩২.২৯। ৫ অভিভূত। “যাজ্ঞ ৩.৩০৯। ৬ সঙ্কট। ৭ পরস্পরবিজাতীয় (শ.ক)। ৮ অশুদ্ধ (শ.ক)। ৯ (বাঙ্‌লায়) অপ্রশস্ত, অনুদার, ক্ষুদ্র। “°চিত্ত। ১০ অপ্রসর, অল্প। “পরিধান একখানি সঙ্কীর্ণায়তন বাস ব.প্র ৮০। ১১ অনায়ত, অপ্রশস্ত, সরু (পথ)। ১২ শুষ্কদেহ। “(বৃক্ষ যেন) বিশীর্ণ সঙ্কীর্ণ ক্রমে অন্তঃসার-হারা।—হেম ১২১। ১৩ উদারতাহীন, স্বল্পপ্রসর। “দয়ার মধ্যে এই জিদ থাকাতে তাহা সঙ্কীর্ণ ও স্বল্পফলপ্রসূ হইয়া বিশীর্ণ হইয়া যায় চা.পু ৪৬। —র্ণ পুং ১ অনুলোমপ্রতিলোমজ-জাতি (কুল্লুক); ভিন্নজাতীয়মাতাপিতৃকত্ব হেতু মিশ্রজাতি—চণ্ডাল অম্বষ্ঠ করণাদি (অ.কো)। “মনু ১.১১৬। ২ (সঙ্গীতে) মিশ্রিতরাগ। ৩ মত্তহস্তী (A.)। —র্ণ ক্লী সঙ্কট, কৃচ্ছ্র। —র্ণা স্ত্রী প্রহেলিকাবিশেষ। 'কাব্যাদর্শ ৩.১০৫। [°জাতি (বিণ)—মিশ্রজাতি, সঙ্কীর্ণযোনি। °নাগ (পুং)—হস্তিবিশেষ। “বৃহৎসংহিতা ৬৭.৩। °যুদ্ধ (ক্লী)—দ্র 'সঙ্কীর্ণ ৪'। °যোনি (বিণ)—সঙ্কীর্ণজাতি। “মনু ১০.২৫। °সম্ভোগ (পুং)—স্ত্রীসম্ভোগবিশেষ। 'মানান্তে পুরুষসঙ্গে মেলন যে হয়। সঙ্কীর্ণ তাহার নাম কবিগণ কয়॥ “ভা.চ ৭১৩। দ্র 'সঙ্কীরণ'।]

সঙ্কীর্ণা দ্র 'সঙ্কীর্ণ'।

সঙ্কীর্ণীকরণ ক্লী [°র্ণ+চি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ণ] সর্থ 'সঙ্করীকরণ'।

সঙ্কীর্ত্তন ক্লী [সম্+ √কীর্ত্তি+অন (ল্যুট্)-ভা] ১ নামোচ্চারণ। “সঙ্কীর্ত্তনং চ রামস্য রা ৭.৬৬.১১। পুণ্য°।—বৃহৎসংহিতা ৪৮.৬৯। ২ দেবতানামোচ্চারণ; ইষ্টদেবতানামগান। “নাম° ভ ৩.২৯.১৮; °প্রায় ১১.৫.৩২। হরি°।—১০৬৫; চৈ.ভা ১৪; °ধর্ম্ম ১৫; °আনন্দ; ৩৬০। চৈ.চ ৩৩। ৩ শব্দোচ্চারণ। “অয়ে, 'অমৃত'-সঙ্কীর্ত্তনাৎ সাধু স্মরিতম্।—নাগানন্দ ৫$\frac{১}{৫}$। ৪ স্তুতি, প্রশংসা। “গুণ° গো.রা ২.৮৪.১১। ৫ (বাঙ্‌লায়) কৃষ্ণলীলাবিষয়ক সঙ্গীত। “নিরবধি বিহরেন °রঙ্গে চৈ.ভা ৪৬৪। ঘরে ঘরে সঙ্কীর্ত্তন করিতে লাগিল চৈ.চ ৬৪। সঙ্কীর্ত্তনমাঝে নাচে কুলের বৌহারি ন.প ৩৬০। —র্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ উচ্চারিত। “(উত্তমঃশ্লোকনাম) সংকীর্ত্তিতমঘম্ …পুংসো দহেৎ ভ ৬.২.১৮। ২ সম্যক্ কথিত। “রামস্য গুণাঃ সঙ্কীর্ত্তিতাঃ গো.রা ৩.৪৬.৩।

সঙ্কীর্ত্তনমল্ল বি সঙ্কীর্ত্তনশূর, সঙ্কীর্ত্তনপণ্ডিত। “পরম মোহন সঙ্কীর্ত্তন-মল্লবেশ চৈ.ভা ৪৬৪।

সঙ্কুচিত বিণ [সম্+ √কুচ্+ত (ক্ত)-ক] ১ সঙ্কোচপ্রাপ্ত, কুণ্ডলী-ভূত। “শীতাৎ সঙ্কুচিতঃ (বৃশ্চিকঃ) পা ৮.২.৪৭, সি। ২ বক্রীভূত (bent down)। বিপ 'উত্তান'। “দেহে সঙ্কুচিতে (সুশ্রুত)। গাত্রং সঙ্কুচিতম্ (ভর্ত্তৃহরি)। ৩ সংহৃতাবয়ব; মুদ্রিত। “(সঃ) নক্তং সঙ্কুচিতত্বঙ্গো তৎকালং কমলোপমঃ ক.সা ১৯.২৩। ৪ (বাঙ্‌লায়) কুণ্ঠিত, লজ্জিত। “রাম ও সীতা বিরলে বসিয়া অসঙ্কুচিতভাবে …কথোপকোথন করিতে লাগিলেন সী ১৫।

সঙ্কুল বিণ [সম্+ √কুল+অ (ক)-র্ম্ম, -ক (অ.টী)] ১ সঙ্কীর্ণ, আকীর্ণ, ব্যাপ্ত (অ.কো)। “(আশ্রমপদম্) সঙ্কুলম্…মহাত্মভিঃ রা ১.৫১.২৬; ধূমঃ সঙ্কুলঃ ২.৯৯.১২। পদাতিরথসঙ্কুলাম্ (সেনাম্) মহা ১.১১৩.২৬। নক্ষত্রতারাগ্রহসঙ্কুলা…রাত্রিঃ রঘু ৬.২২। রথাশ্ব° কি ১.১৬। শিবাকুলসঙ্কুল শ্মশান বি.সু ৫। সংশয়°।—কথা ৯১। পারাবতকাকলিসঙ্কুল গৃহসৌধবৎ ব.প্র ৬০১। ২ উচ্ছৃঙ্খল। “স চেমং সঙ্কুলং লোকং প্রসাদমুপনেষ্যতি মহা ৩.১৯০.৯৬। প্রতিঘাতসঙ্কুলচলৎ-কল্লোল।—উ.চ ২.২৯। ৩ ব্যামিশ্র, সংমিশ্রিত। “সঙ্কুলৈর্ভূতগণৈঃ ভ ১.১৪.১৭। প্রবেশি নন্দনবনে, কুমার হরিষ মনে, ছয় ঋতু দেখিল সঙ্কুল ক.চ ৩৯। ৪ তুমুল। “°যুদ্ধ মহা ৬.৪৬, অধ্যায়শেষ। ৫ [বাঙ্‌লায়; অসাধু] সমাকুল। “শোকে °হৃদয় শ্রী.মা ৭৭। হেম ১৬২। —ল ক্লী ১ পরস্পরপরাহতবাক্য; পরস্পরব্যাহত বা ক্লিষ্ট বাক্য। “যাবজ্জীবমহং মৌনী ব্রহ্মচারী চ মে পিতা। মাতা চ মম বন্ধ্যাসীদপুত্রশ্চ পিতামহঃ॥—অ.টী। ব.প ১৭০৪। ২ পরস্পরহননরূপ যুদ্ধ; সঙ্কীর্ণযুদ্ধ। ৩ নাশ (টীকা)। “রা ৭.১৯.১৬। ৪ সঙ্ঘ, সমূহ, বৃন্দ। “এতস্মিন্ সঙ্কুলে …ভয়ঙ্করে মহা ৩.১৪২.৩৮। —লিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যাপ্ত। “কূজদ্দ্বিজসঙ্কুলিতাঙ্ঘ্রিপে ভ ৩.২.২৭। ২ [+ত-ক] ক্ষুভিত। “সঙ্কুলিতেন্দ্রিয় রা ২.৬৪.২। [সঙ্কুলিয়া জলে (অসাধু)—জলে প্রক্ষালিত করিয়া বা ধুইয়া। “সঙ্কুলিয়া জলে (কলাখান) শ্রী.মা ৭৭।]

সঙ্কেত পুং [সম্+ √কিৎ+অ (ঘঞ্)-ণ] ১ মনোগতভাবব্যঞ্জনার্থ কৃত হস্তাদিচালনরূপ ব্যাপার; স্বাভিপ্রায়প্রকাশক চেষ্টাবিশেষ; প্রজ্ঞপ্তি, আকার। ২ অভিপ্রায়সূচক চিহ্ন; সংজ্ঞা। ৩ নির্দ্দিষ্টস্থানে মেলনার্থ নায়কনায়িকাকৃত সংজ্ঞা। “কৃতসঙ্কেতং বাদয়তে মৃদু বেণুম্ গী.গো ৫.৯। সঙ্কেত করিয়া, মাআইনু ভাবিয়া, ভয়েতে কম্পিত হিয়া

ভ.গ্র ৩৮৭। ৪ জাতিদ্রব্যগুণক্রিয়াবিষয়ে অভিধাবৃত্তিবোধিত অর্থবোধনা-শক্তিবিশেষ। 'সঙ্কেতো গৃহ্যতে জাতৌ গুণদ্রব্যক্রিয়াসু চ।—সা.দ ২.৫। "লোকাচারে সঙ্কেত চণ্ডাল নামমাত্র ভ.গ্র ৮০। ৫ প্রিয়সঙ্গমার্থ গুপ্ত-স্থান; সঙ্কেতস্থান। "কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভিসারিকা (অ.কো)। "বি.মু ৪৫। ৬ সময়, নিয়ম। ৭ (ব্যাকরণে) সংক্ষিপ্ত ব্যাখ্যানসূত্র। —তক পুং [°ত+ক (কন্) স্বার্থে] ১ সঙ্কেত। ২ সঙ্কেতস্থান। "সঙ্কেতকাগতম্ (স্বকামুকম্) ক.সা ১১.৬৪। ৩ [+অক (ণ্বুল্)-ক] সঙ্কেতকারক, কৃতসঙ্কেত প্রণয়ী। "বয়স্তা সঙ্কেতকে চিরয়তি প্রবরো বিনোদঃ।—মৃ ৩.৩। [°কেতন, °গৃহ (ক্লী)—সংজ্ঞাকৃত নায়ক-নায়িকার মেলনগৃহ; সঙ্কেতস্থান। "সঙ্কেতকেতনং সম্পদামিব ক.সা ২৬.৪৪। °নিকেত (পুং), °নিকেতন ক্লী সর্থ 'সঙ্কেতকেতন'। "°ত। —নৈ ২২.৪২। °ন ক.সা ৯৬.৩০। °বাক্য (ক্লী)—সঙ্কেতসূচক বাক্য (watch-word)। °ভূমি (স্ত্রী), °স্থান (ক্লী)—সঙ্কেতিতপ্রদেশ। "সঙ্কেতস্থান সা.দ ২১৯। °স্থ (বিণ)—সঙ্কেতানুসারে বা সময়ানুসারে স্থিত।]

সঙ্কেতক দ্র 'সঙ্কেত'।

সঙ্কেতগেহ বি সর্থ 'সঙ্কেতগৃহ'। "বি প ৮৩।

সঙ্কেতিত বিণ [√সঙ্কেতি+ত (ক্ত)-র্ম] কোশব্যাকরণাদিপ্রসিদ্ধ। "সঙ্কেতিতার্থ সা.দ ২৫; ২.৪।

সঙ্কোচ পুং [সম্+কুচ্+অ (ঘঞ্)-ভা] ১ কুটিলীভাব, আকুঞ্চন। "প্রাপ সঙ্কোচং হস্তিচর্ম্ম তৎ ক.সা ১২.১১১। ২ সংক্ষেপ, অপ্রসার। "জলে ঘৃতবিন্দুরিব কীর্ত্তির্লোকে সঙ্কোচমেতি মনু ৭.৩৪, কুল্লুক। ৩ ভঙ্গ, ভাঁজ (fold)। "(ঊর্ম্মিঃ) বস্ত্রসঙ্কোচরেখায়াম্ (মেদিনী)। ৪ জড়ীভাব। ৫ [+অ(অচ্)-ক] মৎস্যবিশেষ, শঙ্কোচ। ৬ [+ √কোচি+অ (অচ্) -ভা] রোধ। ৭ বহুবিষয়কবাক্যার্থাদিব অল্পবিষয়ে স্থাপন (শ.ক)। ৮ [+ √কুচ্+অ-গ] ভয়। কহিতে সঙ্কোচ বাসি কৃপা যদি হয়।—ম ৫১৪। গ ৫০। শ্রী.মা ২২৪। ধনুর টঙ্কার আর শবের নিস্বন। শুনিয়ে সঙ্কোচে পাত্রের হাতে হল প্রাণ॥—শ্রী ২২০। শূল হ'তে শঙ্করে সঙ্কোচ করে বিধি শি ৬৯। ৯ (বাঙ্‌লায়) লজ্জা, কুণ্ঠা। "সঙ্কোচ-নত-অঙ্গিনী। —গান ১৩০। সেই খাওয়ানো কর্ম্মটার আড়ালে প্রথম দেখার সঙ্কোচ অনেকটা কেটে যাবে।—ঘ ২২। ১ অন্যের সম্মানহানিতে লজ্জাবোধ। "পাদ্য অর্ঘ্য রাখিয়াছে দিব্য জলাধার। আমার সঙ্কোচ কিছু আছয়ে ইহার॥—ম ৬৯৯। ৩ অন্যায়হেতুক কুণ্ঠা বা দ্বৈধ। "বেড়িল হস্তিনাপুরী সঙ্কোচ না করে।—ম ১১৩০। ৪ অভাব, ন্যূনতা। "যেইমাত্র সকল-সঙ্কোচ হয় ঘরে। সেই এইমত সোণা আনে বারে বারে॥—চৈ.ভা ৬১। ৫ গমনে ক্লেশ। "পথে পঙ্ক সঙ্কোচ পৃথিবী পয়োময় শি ৭৫। —চ বিং ১ কুণ্ঠিত, অপ্রতিভ। "গালি দেয় ব্রাহ্মণ যতেক মুখে আইসে। সঙ্কোচ হইয়া পার্থ ব্রাহ্মণে আশ্বাসে॥—ম ২২৯। ২ রোষহীন, শান্ত, নরম। "গোবিন্দেরে পুছে—ইহা করাইলে কোন জন? জগদানন্দের নাম শুনি সঙ্কোচ হৈল মন॥—চৈ.চ ৩২৩। —চ ক্লী কুঙ্কুম। —চক বিণ [+ √কোচি +অক (ণ্বুল্)-ক] সঙ্কোচকারক, নিমীলয়িতা। "পদ্মানাং সঙ্কোচক।—কাব্যাদর্শ ২.১৫৯, টীকা। —চন বিণ [+অন(ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ সর্থ 'সঙ্কোচক'। ২ রূক্ষ, কষায় (astringent)। —চন ক্লী [+অন-ভা] ১ সঙ্কোচকরণ। ২ বন্ধ, রোধ। "নেত্র° সা.দ ৩.২৪১। (ঐশ্বর্য্য) বাৎসল্যসখ্যমধুরে ত করে সঙ্কোচন চৈ চ ২০০। ৩ (বাঙ্‌লায়) হ্রাস। "ভিক্ষা° চৈ.চ ৩৫৬। ৪ সঙ্কোচ, কুণ্ঠাবোধ। "ভয়ে সব বৈষ্ণব করেন সঙ্কোচন চৈ.ভা ২৭২। —চিত ক্লী [°চ+ইত (ইতচ্) 'জাত-সঙ্কোচ', অসিযুদ্ধবিশেষ। "হ ৩১৬.১৭। —চিত বিং ১ লজ্জিত, কুণ্ঠিত। "এই কথা শুনি সভে সঙ্কোচিত হঞা। ভালমতে করে কর্ম্ম সভে মন দিয়া॥—চৈ.চ ১৪৮। ম.পা ৮৫। ২ জড়ীভূত, জড়সড়। "(শ্রীঈশ্বরপুরী) সম্মুখে বসিলা বড় সঙ্কোচিত হৈয়া চৈ.ভা ৭৯। শুনি যমডঙ্কা, শঙ্কাসঙ্কোচিত অতি হে।—বা.দ ১৪। [সঙ্কোচই —সঙ্কোচিত বা নিমীলিত করে। "(রাই) চুম্বনে সঙ্কোচই লোচন-তার প.ক. ৫৩।]

সঙ্কোচক, সঙ্কোচন, সঙ্কোচিত; সঙ্গ[১] দ্র 'সঙ্কোচ; সং'।

সঙ্গ[২] পুং [√সন্‌জ্+অ (ঘঞ্)-ভা] ১ আসক্তি। "ধর্ম্মসঙ্গ—রা ২.৩.১৩। চূতে দ্বিরেফমালা সবিশেষসঙ্গা কু.স ১.২৭। ২ সম্বন্ধ, সম্পর্ক। "অঙ্গ° ভ ৩.২৩.১০। ৩ সংসক্তি, সংলগ্নভাব। ৪ সাহচর্য্য, সহবাস। "সতাং সদ্ভিঃ সঙ্গঃ…পুণ্যেন ভবতি উ.চ ২.১। কীটোঽপি সুমনঃসঙ্গাদারোহতি সতাং শিরঃ।—হি ৪৫ (কথারম্ভ)। (বলে মুনিগণে) °দোষে চোষ হয় সাধু সঙ্গগুণে।—ম ৫৬৪। ৫ মেলন। "সঙ্গাদ্ গতা ধেনুঃ রা ৭.৫৩.৯। ৬ আসক্তি, প্রীতি, সম্বন্ধ, বিষয়াসঙ্গ। "ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে গী ২.৬২; °বিবর্জ্জিত ১২.১৮। বিমুক্ত° কু.স ১.৫৩। যতিঃ সঙ্গাৎ (বিনশ্যতি)।—পঞ্চ ১.১৮০। ৭ নিষ্ঠা, প্রীতি। "মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি গী ২.৪৭। ৮ কর্ত্তৃত্বাভিমান, ফলাভিলাষ, ফল-তৃষ্ণা। "যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গ° ত্যক্ত্বা ধনঞ্জয় গী ২.৪৮; মুক্ত° ৩.৯। ৯ প্রীতিলক্ষণসংশ্লেষ। "রজঃ…তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্ গী ১৪.৭। ১০ প্রতিবন্ধ। "অসঙ্গমদ্রিষপি সারবত্তয়া (মে আযুধম্) রঘু ৩.৬৩। ১১ যোজনা, ব্যবস্থাপন। "সমুপবেশ° উ.চ ৭৫। ১২ (বাঙ্‌লায়) সম্মেলন, সমাগম। "তব যৌবন যব সুপুরুখ-সঙ্গ বি.প ৪৯। ১৩ সম্ভোগ। "মুগধি গোঙারি কবহুঁ নাহি সঙ্গ প.ক ২১৩। গো বি ১৯৬। ম.ম ১২৪। তবু যেন লম্পটের সঙ্গে সঙ্গ নহে ভা চ ৩৬৪। [°বর্জ্জিত, °রহিত (বিণ) —আসক্তি-হীন; সাহচর্য্যহীন।] [সঙ্গ, সঙ্গহি—সঙ্গে, সহিত। "কেমনে মিলব হাম সুপুরুখ সঙ্গ প.ক ৬৪। জনু রবি শশী সঙ্গহি উয়ল, পিছে করি আন্ধিয়ার বি প ১২। সঙ্গত—সঙ্গে। "কালুবীর সঙ্গত শ্রী.মা ১৬৭। সঙ্গে—সহিত, সাহচর্য্যে। "ভক্ষ্যসঙ্গে মনুষ্যের জন্ম : সঙ্গিগণ সঙ্গে করি চৈ.ম ৮৭। সঙ্গের—সঙ্গসম্বন্ধী, সঙ্গস্থিত। "সঙ্গের ব্রাহ্মণগণ চৈ.ম ৮৭।]

সঙ্গত[১] বিণ [সম্+ √গম্+ত (ক্ত)-ক] ১ মিলিত। "পম্পাতীরে হনুমতা সঙ্গতঃ (রামঃ) রা ১.১.৫৮। মন্ত্রি° যাজ্ঞ ৩.৩২৮। ২ সমবেত। "রাজর্ষয়ঃ সর্ব্বে সঙ্গতাশ্চ মহর্ষয়ঃ গো.রা ৩.৩৫.৯৭। ৩ হৃদয়সম্বন্ধ, হৃদয়ঙ্গম। (অ.কো)। ৪ সঙ্গতিযুত, যুক্তিসংসিদ্ধ, ন্যায্য। ৫ অনুসৃত (শ্রীধর)। "কথং কশ্যপদায়াদাঃ পুংশ্চল্যাং ময়ি সঙ্গতাঃ ভ ৮.৯.৯। ৬ কৃতসঙ্গম। "ইচ্ছয়ান্যা সহ সঙ্গতঃ মনু ৮.৩৭৮। ৭ অনুরক্ত। "ভার্য্যা চ পরসঙ্গতা।—পঞ্চ ১.২২৯। ৮ [+ত-র্ম] পরিব্যাপ্ত। "বলীসঙ্গতগাত্র মহা ১৮৪.৬। —ত পুং মৈত্রীপূর্ব্বকৃত সন্ধিবিশেষ। 'সন্ধিস্তু সঙ্গতঃ সন্ধির্মৈত্রীপূর্ব্ব উদাহৃতঃ।—হি ৪.১১৫। —ত ক্লী [+ত-ভা] ১ মেলন, সমাগম। "মহা ১৪.৭.২৩। সজ্জন°।—পঞ্চ ১.১৬২। ২ সমবায়। "ধর্ম্মার্থকামানাং ত্রয়াণামপি সঙ্গতম্।—মার্কণ্ডেয়পুরাণ ২১.৬৯। ৩ সাহচর্য্য, সহবাস। ৪ মিত্রভাব, মৈত্র, সখ্য, সৌহার্দ্দ। "মনু ৩.১৪০। সঙ্গতং মনীষিভিঃ সাপ্তপদীনমুচ্যতে কু.স ৫.৩৯। নৈ ৯.৬৮। ৫ প্রণয়। "অতঃ পরীক্ষ্য কর্ত্তব্যং বিশেষাৎ সঙ্গতং রহঃ শ ৫.২৪। ৬ যুক্তিসিদ্ধ বাক্য। [°সন্ধি (পুং)—দ্র 'সঙ্গত' (পুং)।]

সঙ্গত[২] '-ত্' বি [সঙ্গতি > °ত; হি সংগত] গীতবাদ্যের তালে ঐক্য বা মিল। "হাড়ি ও কাওরা নূপুর পায়ে…লোকের উঠানে ঢাকের সঙ্গতে নেচে বেড়াচ্ছে।—হু ২, এক মোসাহেব বাঁয়ার সঙ্গতে …গাচ্ছেন ৫৪।

সঙ্গতি স্ত্রী [সম্+ √গম্+তি (ক্তিন্)-ভা] ১ মেলন, সমাগম। "সঙ্গতয়শ্চ (পাঠান্তর) জন্তুনাম্ ক.সা ১২৪.২৪২। ম.পা ১৪। ২ সাহচর্য্য, সহবাস, সঙ্গ। "সজ্জনসঙ্গতি (মোহমুদ্গর)। সতের সঙ্গতি।—ম ৫৬৪।

সজ্জন-সঙ্গতি কারো হয় না বিফল।—বিহারিলাল চক্রবর্ত্তী। ৩ সম্বন্ধ, যোগ। "মনো হি জন্মান্তরসঙ্গতিজ্ঞম্ রঘু ৭.১৫। যাত্রোৎসবে সঙ্গতিঃ।—হি ১.১২০। ৪ যোগ্যতা, উপযোগিতা। ৫ ন্যায্যতা, ঔচিত্য, যুক্তি। "সঙ্গত্যা নাপরাপ্নোতি রা ২.৭৯.৩। ৬ সঙ্গম, মৈথুন। ৭ জ্ঞান। ৮ (ন্যায়ে) প্রসঙ্গোপোদ্ঘাতহেতুতা-প্রভৃতি ষড়্‌বিধ। দ্র 'শ.ক'। ৯ (বাঙলায়) পূর্ব্বাপরসামঞ্জস্য, ঐক্য। ১০ সমীপ, নিকট। "সত্য করিয়াছি আমি রাজার সঙ্গতি।—জ ১৮। ১১ সহিত, সঙ্গে, সাথে। "ম ৭১২। (পাশা খেলে) সঙ্গতি করিয়া নারি ম.গা ২০। সেবক সঙ্গতি করি গেলা অন্তঃপুরে ব.প ৬৩৭। ম.বি ১৬৬। চ.বি ২৬১। ম.পা ২। খেলায় বিনোদ পাশা নাগর সঙ্গতি রা.শে ৭৪। ১২ [হি সংগতী] সঙ্গী, সাথী, সহচর। "শুনিঞা সঙ্গতিগণ কুণ্ঠিত হইল চৈ.ম ৮৭; সঙ্গের সঙ্গতিগণ ১৮২। সঙ্গতিগণে হাসে ম.পা ১২০। ১৩ কথোপকথনের যোগ্য ব্যক্তি। "কথার সঙ্গতি নাই (চিন্তিতে তনু হইতে হইল প্রকৃতি) ক.চ ৮। (দুইজনে) কথার সঙ্গতি বুঝি দিলা ভগবানে।—দু ৪৯। ১৪ সঙ্গত বিধান বা ব্যবস্থা। "যজ্ঞের ঘোড়ার এহি কহিলু 'সঙ্গতি' (ধৃতপাঠ—'সংগতি') অ প ৭। ১৫ আয়োজন, সংগ্রহ। "যজ্ঞের যতেক দ্রব্য করিল সঙ্গতি।—কৃ ৪৬৯। ১৬ সামর্থ্য, শক্তি। ১৭ অর্থসংস্থান, যোত্র, সঞ্চিতধন। ১৮ উপায়। "গতির সঙ্গতি।—দা ১।

সঙ্গতিপন্ন, -তিশালী বিং [°তি+আপন্ন] ধনশালী, সমৃদ্ধ, যোত্রবান্।

সঙ্গব পুং [সঙ্গত গো যে কালে ইতি নিপাতিত] যে সময়ে গবীগণ দোহন-ভূমিতে সঙ্গত হয়; প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়। "ঋগ্বেদ ৫.৭৬.৩। [দিবসকে পাঁচ-ভাগ করিলে, এক এক ভাগে যে মুহূর্ত্তত্রয় হয়, তাহার প্রথম ভাগ (মুহূর্ত্তত্রয) 'প্রাতঃকাল', দ্বিতীয় 'সঙ্গব', তৃতীয় 'মধ্যাহ্ন', চতুর্থ 'অপরাহ্ণ', পঞ্চম 'সায়াহ্ন'।—তিথ্যাদিতত্ত্ব। দ্র 'সায়ণ'।]

সঙ্গভাই বি সঙ্গী-ভাই, সহচর-সখা। "তোমার যতেক সঙ্গভাই ব.প ৭৭৮।

সঙ্গম পুং, ক্লী [সম্+ √গম্+অ (অপ্)-ভা; অর্দ্ধর্চ্চাদি] ১ মেলন, সমাগম। "অয়ং স তে তিষ্ঠতি সঙ্গমোৎসুকঃ শ ৩.১০। তৎসঙ্গমোৎসুক রঘু ১২.৬৬। সিন্ধু-সঙ্গে সম্প্রতি সঙ্গম ভা.চ ১৯৪। অধরসঙ্গমে চ.কা ২৪। ২ সহবাস। "ন সহতে সঙ্গমং নৌ কৃতান্তঃ উ.মে ৪৪। ৩ সংসর্গ, সংস্পর্শ। "গাত্র° রঘু ৮.৪৪। ৪ কান্তসম্পর্ক। "কান্তোদন্তঃ…সঙ্গমাৎ কিঞ্চিদূনঃ উ.মে ৩৯। ৫ প্রিয়সমাগম। বিপ 'বিরহ'। "°বিরহবিকল্প সা.দ ১০/৩২৪। ৬ স্ত্রীপুংসসম্ভোগ, সুরত। "রা ৭.৫৬.১৮। সঙ্গমায় নিশি গূঢ়চারিণম্ (তম্) রঘু ১৯.৩৩। সেই দশা ঘটে, এ সঙ্গমে।—মে ২৮১। ৭ সঙ্গ, আসক্তি। "কর্ম্মস্বসঙ্গমঃ শৌচম্ ভ ১১.১৯.৩৮। ৮ অনুরাগ। "অ° ভ ৩.২৯.১৬। ৯ সঙ্গতি, ঐক্য। ১০ গ্রহগণের যোগ। "পূর্ব্বাপরক্ষিতিজসঙ্গময়োঃ।—গোলাধ্যায় (S.W.)। ১১ [+অ-ধি] নদনদ্যাদির সমাগমস্থান। "গঙ্গাযমুনয়োশ্চৈব সঙ্গমাদাহৃতং জলম্ গো.রা ২.১২.৫। মহাতীর্থ হইল সে সাগর-সঙ্গম।—কৃ ২২। সাগর° ম পা ১৩১। ১২ রেখাদ্বয়চ্ছেদবিন্দু। —মন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ মেলন। ২ প্রাপ্তি। "নব° কি ৬.৩৫। —মিত বিণ [+ √গমি+ত (ক্ত)-র্ম্ম] প্রাপিতসঙ্গম। "প্রিয়য়া তেনাস্মি সখে সঙ্গমনীয়েন সঙ্গমিতঃ বিক্র ৫.৫।

সঙ্গমন, সঙ্গমিত দ্র 'সঙ্গম'।

সঙ্গর পুং [সম্+ √গৃ+অ (অপ্)-ভা] ১ প্রতিজ্ঞা, অঙ্গীকার। "সত্য° রা ২.১০৪.১৮; মহা ২.৪.৪০; ১১.৪৮; পালিত° ১৩.৬৫। ২ [+অ (অচ্)-ক] বিষ, গরল। ৩ সংবিৎ, ক্রিয়াকার। "অন্যোন্যং সঙ্গরং কুর্য্যাৎ (অ.টী)। ৪ জ্ঞান (M.W.)। ['সংবিৎ' শব্দের অর্থ 'ক্রিয়াকার', 'জ্ঞান' নহে। দ্র 'অ.টী'।] ৫ [+অ-ধি] যুদ্ধ। "গো.রা ২.৫১.৫। মনু ৪.১২১। °সাগর মাঘ ১৬.৬৭। স্মর° গী.গো ৮.৪। °রঙ্গ।—ব ৮৮। মহিষ° শি ৯৮। ৬ আপদ্। "সঙ্গরে শরণং কুর্য্যাৎ (অ.টী)। —র ক্লী শমীফল।

সঙ্গস্থা বি [সংস্থান > °স্থা] ১ অর্থসংস্থান, সঙ্গতি, যোত্র। ২ উপায়। "তাহাদের বসত বাস নির্ব্বাহ নিষ্পত্য করণের সঙ্গস্থা করিয়া দিলে: কর্ম্মের সঙ্গস্থা ব.প ১৬৯৪।

সঙ্গাতি বি [হি সংগাতী] ১ সঙ্গী, সাথী, বন্ধু, সাঙাৎ। "ভাগ্যে মিলয়ে হেন প্রেম সঙ্গাতি বি.প ১০৩। ২ সঙ্গতি, সম্মেলন। "কোন ঘটাওল, ভ্রামর-গোরি সঙ্গাতি প.ক ১০৭৩।

সঙ্গারি ক্রি [সংহারি > °রি, দ্র 'হ[১]'] সংহার করিয়া। "ম.গা ১৮।

সঙ্গিন দ্র 'সঙিন'।

সঙ্গিনী বি [সঙ্গী (-ঙ্গিন্)—°নী (স্ত্রীলিঙ্গে); হি সংগিনী] ১ সহচরী, সখী। "এ তুয়া সঙ্গিনী প.ক ৭১। সঙ্গিনী যুবতীগণ।—দু ৯৯। শ্রুতি কলা সতত সঙ্গিনী ভা.চ ১৩; তোরা ত সঙ্গিনী, এ রঙ্গে রঙ্গিনী, এই রসে ছিলি সবে!—৩৭২। ২ সহগামিনী। "আপনি ইহাকে কি সঙ্গিনী করিবেন? সঙ্গিনী করিয়া লইয়া গেলেও কি আপনি ইহাকে নিজগৃহে স্থান দিবেন?—ব.ষি ১৭২।

সঙ্গিয়া বি [সঙ্গ+ইয়া[২]] সঙ্গস্থিত, সঙ্গী, সাথী। "রুদ্রদূত ধায় ভূত নন্দীভৃঙ্গি-সঙ্গিয়া ভা.চ ৪৪; প্রমদ প্রমথ সঙ্গিয়া ৭৫। [রঙ্গিয়া সঙ্গিয়া —১ রঙ্গপ্রিয় সঙ্গিগণ। "রঙ্গিয়া সঙ্গিয়া সঙ্গে প.ক ২৭৭। ২ রঙ্গপ্রিয়-গণের সঙ্গী। "গোরা মোর বড়ই রঙ্গিয়া। সুরধুনীতীরে নাচে রঙ্গিয়া সঙ্গিয়া ন.প ৩১৫; বঙ্গিয়া সঙ্গিয়া সে অমিয়া-বসে ভোর ৩৫৩।

সঙ্গী (-ঙ্গিন্) বিণ [সঙ্গ+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ঙ্গিনী] ১ সঙ্গবান্, আসক্তিমান্, আসক্ত। "আত্ম° মহা ১৪.৪৬.৪৬। কর্ম্ম° গী ৩.২৬; ১৪.১৫। কাম্যবস্তুষু নবেষু সঙ্গিনঃ রঘু ১৯.১৬। সুখ° শ ৫.১১। সতত° মাঘ ৬.৩৬। ২ অনুবন্ধী, অবিচ্ছিন্ন। "(তত্থলম্) ভ্রান্তিমিয়ায় সঙ্গিনীম্।—কি ১৪.৫৯। ৩ লগ্ন, বদ্ধ। "বৃক্ষাগ্রসঙ্গিনা পাশেন ক.সা ৯৬.১৬। ৪ সম্পর্কী। "দ্বদঙ্গসঙ্গী পবনঃ।—মার্কণ্ডেয়পুরাণ ১৫.৪৮। ৪ সক্ত। "দ্বিবদ্দ্বেষোপরক্তাঙ্গসঙ্গিনীঃ স্বেদবিপ্রুষঃ মাঘ ২.১৮। ৫ আসক্ত, ভক্ত। "ভগবৎসঙ্গিসঙ্গ ভ ১.১৮.১৩। ৬ সহচর। "তমোদ্বারং যোষিতাং সঙ্গি-সঙ্গম্ (আহুঃ) ভ ৫.৫.২। সঙ্গিগণ সঙ্গে করি চলিলা আপনি চৈ.ম ৮৭। সঙ্গী ভাড়া যায় কবে!—ভা.চ ৩৭২।

সঙ্গীত বিণ [সম্+ √গৈ+ত (ক্ত)-র্ম্ম] মিলিতভাবে গীত; ঐকতান-গীত। —ত ক্লী ১ নৃত্যগীতবাদ্য—এই ত্রিবিধ: তৌর্য্যত্রিক। 'গীতং বাদ্যং নর্ত্তনং চ ত্রয়ং সঙ্গীতমুচ্যতে (S.W.)। "সঙ্গীতায় প্রহতমুরজাঃ (প্রাসাদাঃ) উ.মে ১। সঙ্গীতমপি সাহিত্যং সরস্বত্যাঃ স্তনদ্বয়ম্ (সু.র)। °তরঙ্গ।—মে ৩৬; °তরঙ্গে ২৭৯। ২ সঙ্গীতশাস্ত্র। ৩ গীত, গান। "°মৃদঙ্গঘোষ রঘু ১৩.৪০। জগুঃ সুকণ্ঠ্যো গন্ধর্ব্যঃ সঙ্গীতং সহভর্ত্তৃকাঃ ভ ১০.৮৪.৪৬। ৪ গুঞ্জনগীতি। "ভৃঙ্গী° গ.সা ২২.১০৩। —তক ক্লী [°ত+ক (কন্) স্বার্থে] ১ তৌর্য্যত্রিক। "হন্ত প্রবৃত্তং সঙ্গীতকম্ মা.মি ১২/২৫। °গৃহ ক.সা ৫২.২৮৪। ২ গীত। "°ধ্বনি ক.সা ১৭.১০৭। আরভ্যতাং সঙ্গীতকম্ মা.মি ১২। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ তৌর্য্যত্রিক। ২ সম্ভাষা। "অন্যোন্যস্য°।—হলায়ুধ (S.W.)। ৩ ঐকতানগীত (concert)। [°বিদ্যা (স্ত্রী), °শাস্ত্র (ক্লী) —সঙ্গীতবিজ্ঞান, তৌর্য্যত্রিকবিদ্যা। °বেশ্ম (-শ্মন্) ক্লী, °শালা (স্ত্রী) —সঙ্গীতবিদ্যালয়। "°শালা মা.মি ১৪।]

সঙ্গীতক, সঙ্গীতি দ্র 'সঙ্গীত'।

সঙ্গীন দ্র 'সঙিন'।

সঙ্গোপ বি [সঙ্গোপন > °প] ১ গোপন, অপ্রকাশ। "এ দুই সঙ্গোপ কৈলা প্রভুর আজ্ঞায় চৈ.ভা ২৭৯। ২ গুপ্তস্থান, অন্তরাল। "দুঞি আজি

সঙ্গোপে থাকিব এক ঠাঞি চৈ.ভা ২৭৯। [সঙ্গোপে (ক্রি.বিং) —সঙ্গোপনে, গুপ্তভাবে, লুক্কায়িতভাবে। "সঙ্গোপে থাকিবা: আড় হই সঙ্গোপে থাকিলা চৈ.ভা ৩২০ ; (সুব্রাহ্মণ) পাঠাইয়া সঙ্গোপে দিলেন ৪২৩। প.ক ১১১৯।]

সঙ্গোপন বিণ [সম্ + √গুপ্ + অন (ল্যুট্)-ক] সংবারক, সংযমকারক। "(দণ্ডৌ তস্মৈ) আত্মসঙ্গোপনকৈব গাম্ভীর্য্যম্।—পঞ্চরাত্র ১.১৪.১০৮। —পন ক্লী [+ অন-ভা] গোপন, অপ্রকাশ, অপহ্নব। "রহস্যস্য সঙ্গোপনার্থম্ সা.দ ৪২/৮। —পনীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] অতি গুহ্য। "পঞ্চরাত্র ১.১৫.২৩। [সঙ্গোপনে (ক্রি.বিং) —১ গুপ্তভাবে, অন্যের অশ্রব্য-ভাবে। "কহিলা সঙ্গোপনে।—ম ৫৪৭। শ্রী.মা ৮। ২ অজ্ঞাতভাবে। "সঙ্গোপনে রহিলেন শ্রী.মা ১৪৯। °নে জপে রামা মহাশঙ্খমালা বি.হ্ ১৪৫। পা.প্র ১৩৭।]

সঙ্ঘ পুং [সম্ + √হন্ + অ (অপ্)-ভা, 'গণ' অর্থে নিপাতিত (পা ৩.৩.৮৬)] ১ সংহনন, মেলন (বালমনোরমা)। ২ [+ অ-র্ম্ম] স্বজাতীয় বা বিজাতীয় জন্তুর সমূহ (অ.টী) ; প্রাণিসমূহ (পা ৩. ২.৪২, সি), গণ। "অসুর°, ঋষি°, নর°, ভূত°, শিষ্য° (S.W.)। মেখলিনাং মহাসঙ্ঘ: রা ২.৩২.২১। নানাপতগ° মহা ১.১৭.৮। ভূতবিশেষ° গী ১১.১৫ ; সুর° ; মহর্ষিসিদ্ধ° ২১। শিল্পি° রঘু ১৬.৩৮। পক্ষিমৃগ°।—বৃহৎসংহিতা ২১.১৬, গোমায়ুগৃধ্র° ৯৭.৯। জীব° ভ ৪.২৫.৭ ; প.ভূ ১৪। যোগিনী° ব.প ৫৯৩ ; রজনীচর° ৫৯৯। জন° চৈ ২১৬। ৩ সমূহ (অপ্রাণিসম্বন্ধে)। "হর্ম্যপ্রাসাদ° গো.রা ২.১০০.৩০। ধূম°, মেঘ° মহা ১.১৮.১৭। মাংসাস্থিকেশ° ক.সা ৪১.৪৩। অস্থিসঙ্ঘ ভ ২.১.৩২। কাষ্ঠসঙ্ঘ (সুশ্রুত)। বাণ°—কি ৩.২০, মল্লিনাথ। শিখা° স্ব.প্র ১১৫। ৪ সম্প্রদায়, সমাজ, দল। ৫ বৌদ্ধভিক্ষুসমূহ। [°চারী (-রিন্) বিণ—সার্থচারী। "ঋক্ষ বানরগোপুচ্ছা:...সঙ্ঘচারিণ: গো.রা ১.২০.১১। (পুং)—মৎস্য। °জীবী (-বিন্) পুং —শরীরায়াসজীবী, ব্রাতীন, মজুর (অ.চি)। °পুষ্পী (স্ত্রী)—ধাতকী, ধাইফুলগাছ। °ভেদন (ক্লী)—মন্ত্রণাধনদৈবশক্তি দ্বারা সহায়সমূহের ভেদ বা বিশ্লেষ। "সা.দ ৬.১৩১। °স্থবির (পুং)—মঠাধ্যক্ষ (abbot) ; সম্প্রদায়বিশেষের নায়ক (Grand Prior)। "শশাঙ্ক ৭৭।]

সঙ্ঘটন ক্লী [সম্ + √ঘট্ + অন (ল্যুট্)-ভা] ১ জনন, কারণ, ঘটান। "কোকযুনর্বিঘটনসঙ্ঘটনকৌতুকী কৃষ্ণ: সা.দ ৫২/৪। ২ সংযোজন। ৩ উপন্যাস, উপস্থাপন। "বিষয়ান্তরসঙ্ঘটন দ্বারা রামের চিত্তবৃত্তির ভাবান্তরসম্পাদন সী ১২। ৪ (বাঙলায়) ঘটনা, ঘটা, হওয়া। —টনা স্ত্রী [+ অন (যুচ্)-ভা + স্ত্রী আ (টাপ্)] ১ সংযোজনা, গ্রন্থন। "পদসঙ্ঘটনা রীতি সা.দ ৯.১। দুই নাম্নী প্রস্তাবনা দুই সঙ্ঘটনা চৈ.চ ২৫৭। —টিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ১ জনিত, ঘাতজনিত। "ভেরীমৃদঙ্গবীণানাং 'কোণসঙ্ঘটিত:' (পাঠান্তর) (শব্দ:) রা ২.৭১.২৯। ২ [+ √ঘট্ + ত-ক] মিলিত, সমবেত। "সংঘটিতাসংখ্যচণ্ডাডামরমণ্ডল।—রাজতরঙ্গিণী ৫.৩২৬। ৩ সংবৃত্ত, জাত, ভূত। ৪ [বাঙলায় ; অসাধু] পূরিত। "বারিসঙ্ঘটিত ঘটে।—মে ৫৫।

সঙ্ঘট্ট পুং [সম্ + √ঘট্ট্ + অ (ঘঞ্)-ভা] ১ বিমর্দ্দ, সঙ্ঘর্ষণ। "বারিসঙ্ঘট্টজ: স্বন: গো.রা ২.৫৪.৬। শরীরদারসঙ্ঘট্টা মহা ৭.১৩.১২। সরলস্কন্ধসঙ্ঘট্টজন্মা (দবাগ্নি:) পু.মে ৫৩। কলসঙ্ঘট্টবিকীর্ণবিস্ফুলিঙ্গ: (কৃশানু:) মাঘ ২০.২৩। প্রলয়ঘনঘটঘট্টসঙ্ঘট্টচণ্ড: (দুন্দুভি:)। —বে ১.২২। জটাজুটসঙ্ঘট্ট গঙ্গা ভা.চ ৪২। ২ সম্মর্দ্দ, ভিড়। "লোক° চৈ.চ ৭৪ ; ৮৩,-৭ ; ১৮০,-৯২। ন.প ৮৫। ন.বি ১৩০। বৈষ্ণব° চৈ ২০৩। ৩ সন্তাব্য (মল্লিনাথ)। "রঘু ১৪.৮৬। ৪ নির্ম্মাণ, গঠন। "বৃন্দাবনসঙ্ঘট্টপ্রতিষ্ঠাবিধানম্।—তিথ্যাদিতত্ত্ব—(শ.ক)। ৫ আলিঙ্গন (M.W.)—ট্টন ক্লী [+ অন (ল্যুট্)-ভা] ১ সঙ্ঘর্ষ। ২ মেলন। ৩ নির্ম্মাণ, গঠন। ৪ মল্লের পরস্পরাঘাত বা সম্প্রহার। —ট্টনা স্ত্রী [+ ঘট্টি + অন (যুচ্) + স্ত্রী আ (টাপ্)] যোজনা, রচনা (ভ.বা)। "পদসঙ্ঘট্টনা (পাঠান্তর—শ.ক) রীতি সা.দ ৯.১। —ট্টিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ১ বিমর্দ্দিত, নিপীড়িত। "কর্ণ: সঙ্ঘট্টিত ইবোরগ: মহা ৭. ১৮৭.১১। —ট্টী (-ট্টিন্) পুং [+ √ঘট্ট্ + ইন্ (ণিনি)-ক-১ব] সহচর। "ভ ৫.১০.৬, কৃষ্ণ° ১০.১৮.১০ ; রাম° ২৩।

সঙ্ঘট্টম, সঙ্ঘট্টনা, সঙ্ঘট্টিত, সঙ্ঘট্টী দ্র 'সঙ্ঘট্ট'।

সঙ্ঘর্ষ পুং [সম্ + √ঘৃষ্ + অ (ঘঞ্)-ভা] অন্যোন্যঘর্ষণ, সম্মর্দন। "তেষাং সঙ্ঘর্ষজশ্চাগ্নি মহা ১.১৮.২৩। ২ পরস্পর স্পর্দ্ধা। "রা ৭.৪২.১৪। ঐশ্বর্য্যং প্রতি সঙ্ঘর্ষ: মহা ১.৭৬.৫। কি ১.১৫। °যোগিন্ ভট্টি ৯.১৭। ৩ কলহ। "সঙ্ঘর্ষ : সুমহানভূৎ ভ ১১.৩০.১৩। ৪ সংসর্প (S.W.)। —র্ষণ ক্লী [+ অন (ল্যুট্)-ভা] সর্থ 'সঙ্ঘর্ষ (১)। —র্ষী (-র্ষিন্) বিণ [+ ইন্ (ণিনি)-ক-১ব] স্পর্দ্ধাপূর্ব্বক বিবদমান। "মা.মি ১২/১৬।

সঙ্ঘশ: (-শস্) ক্রি.বিণ [সঙ্ঘ + শ: (শস্)] বহুশ:। "প্রমুদিতা: সঙ্ঘশ: শকুনা: রা ৪.১.২৮।

সঙ্ঘাণক পুং ক্লী [সঙ্ঘ্রাণক > °ক (?)] সর্থ 'শিঙ্ঘাণক (১)।

সঙ্ঘাত পুং [সম্ + √হন্ + অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ হনন ; ঘাত (মেদিনী)। ২ নিবিড় সংযোগ ; সংহতি, সুশ্লিষ্টসন্ধিতা (বৃহৎসংহিতা ৬৮.১০০)। "সঙ্ঘাতং ব্রহ্মবেগেন ধাতবো গমিতা:।—হ ১০৮.১৭। °কঠিন কু.স ২.১১। শ্লেষ্মসঙ্ঘাতজো গুল্মো যাজ্ঞ ৩.৯৭। ৩ অন্যোন্যঘাত। "দ্যূতসঙ্ঘাতমপ্যোঘামপ্রমাদেন বারয়।—মহা ১৪.১.১৪। ঘোটকচরণে কোন কঠিনদ্রব্যসঙ্ঘাতে ঘোটকের পদস্খলন হইল ব.প্র ৩। ৪ [+ অ-ধি] সমূহ, ওঘ, ঘন। "শুক্লযজুর্ব্বেদ ২৮.১৩। তুষার°।—ঋতু ৫.৪ ; কু.স ১.৫৬ ; জল° ৪.৬ ; ৫.৫৫। ৫ সমষ্টি। "°গ্রহণম্ পা ৪.১. ১২৫, সি। উপায়° রঘু ১৪.১১। ৬ দেহেন্দ্রিয়সংহতি (শঙ্কর) ; শরীর (শ্রীধর)। "গী ১৩.৬। ভ ৭.১.৯। যে কিছু আছে বিকার সঙ্ঘাত শ্রী.ম ২৬৩। ৭ কফ। ৮ নরকবিশেষ। "যাজ্ঞ ৩.২২৩। ৯ সজাতীয়চ্ছন্দ:-সমূহে বর্ণিত কাব্যবিশেষ। 'যত্র কবিরেকমর্থং বৃত্তেনৈকেন বর্ণয়তি কাব্যে। সঙ্ঘাত: স নিগদিতো বৃন্দাবনমেঘদূতাদি:।—কাব্যাদর্শ ১.১৩, টীকা। [°কঠিন (বিণ)—নিবিড়সংযোগ হেতু কঠিন (পর্ব্বতাদি)। "কু.স ২.১১। °চারী (-রিন্) বিণ—যূথচারী, গণচারী। °জ (বিণ) —ধাতুত্রয়সঙ্ঘাতজাত, সান্নিপাতিক।] [সঙ্ঘাত বাজে—মিলিতভাবে বাজে। "কাড়া পড়া ঢোল, সাজ সাজ রোল সঘনে সঙ্ঘাত বাজে শ্রী.মা ১৬৭।]

সঙ্ঘাতক পুং [°ত + ক (কন্)] সঙ্ঘভেদজনন। 'সঙ্ঘাতভেদজননম্ ...সঙ্ঘাতক:।—ভরতনাট্যশাস্ত্র ২০.৪৫।

সঙ্ঘাতি বি সর্থ 'সঙ্ঘাতি (১)। "প্রেম° ব.প ১০১৫।

সঙ্ঘারাম পুং [ষ ত] বৌদ্ধমঠ। "শশাঙ্ক ৭৫।

সঙ্ঘুষিত, -ঘুষ্ট বিণ [সম্ + √ঘুষ্ + ত (ক্ত)-র্ম্ম, বিকল্পে 'ই' (ইট্), পা ৭.২.২৮] ১ উৎকীর্ত্তিত, প্রকটীকৃত। ২ প্রতিধ্বনিত। "(অরণ্যানি) পক্ষিভির্ভৃঙ্গযূথৈশ্চ সংঘুষ্টানি রা ২.৩১.৪ ; হংসসারসসংঘুষ্টাং বন্দে গোদাবরীম্ ৩.৪৯.৩১। দ্বিজসংঘুষ্টৈ: সর: মহা ৩.১২৫.১১। ৩ 'কে খাইবে' এইরূপ ঘোষণাপূর্ব্বক প্রদত্ত অন্ন। —ষ্ট ক্লী [+ ত -ভা] ধ্বনি। [সংঘুষ্টান্ন (ক্লী)—ঘোষণাপূর্ব্বক প্রদত্ত অন্ন। দ্র '(৩)। "যাজ্ঞ ১.১৬৮, মিতাক্ষরা।]

সঙ্ঘোষ পুং [সম্ + √ঘুষ্ + অ (ঘঞ্)-ধি] আভীরপল্লী, ঘোষ। "মার্কণ্ডেয়পুরাণ ৪৯.৪৩।

সচ্ সক [ভ্বা, ও—সচতে ; সেট্] ১ সেচন। "সচতে জলং মেঘ: (ক.ক) ২ সেবন। —চ্ সক [ভ্বা, প—সচতি,-তে ; সচতি (ক.ক) ; সেট্] সমবায়, রাশীকরণ ; সম্বন্ধ (ক.ক)। 'সক্ত:।

সচ বিং [সং সত্য > লি, প্রা সচ্চ > বা সচ ; হি মৈ সচ ; ঠ, গু সাচ ; প সচ্চ, সত ; সি সচ ; ড় সচা ; অস স'চা] ১ অকপট, খাঁটি। "দোকান. পাতিল কর্ম্মী কর্ম্মে বড় সচ শ্রী ১৮২। ২ উদার, অকৃপণ, মুক্তহস্ত। "বিভবে যে হন বাপা দানে বড় সচ শ্রী ২০৮। ৩ সত্য, যথার্থ, ঠিক। "মাল-মকদ্দমায় পাদরির চিঠি বড় কর্ম্মে লাগে। বাহুল্য বলিলেন —'স সচ হুটে' আ.দু ১৭৭।

সচকিত বিণ [বহুব্রী] ১ বিদ্যমানচকিত, সভয়, সশঙ্ক। "°নয়ন গী.গো ৫.১০। সচকিত হ'য়ে কিছু বলে ক.চ ৯৫। চরাচর সচকিত।—দু ৮৪। ২ (বাঙলায়) চঞ্চল। "সচকিত সো বরনারী প.ক ৪৮। যাবক রচয়িতে, সচকিত লোচন ব.প ১০৮৮। —কিত ক্রি.বিণ সভয়, সত্রাস। "শান্তিশতক ৪.৪। সচকিতং হস্তাগ্রমাধুন্বতী।—অমরু ৩২। সচকিত…চাহে শূলপাণি ম.ম ৬। —কিতে ক্রি.বিং সভয়ে। "শ্রী.মা ৪৯। [সচকিয়া—১ সচমক বা প্রদীপ্ত করিয়া। "অন্ধ কারাগার…সচকিয়া আলোকে…চ'লে যাই সমস্ত ভূলোকে চ.কা ১৩৬। ২ চমক লাগাইয়া; সচেতন করিয়া। "দেবর্ষি নারদ সন্ধ্যাকালে, শাখাসুপ্ত পাখীদের সচকিয়া জটারশ্মিজালে।—কা ৪৩।

সচক্র বিণ [বহুব্রী] ১ বিদ্যমানচক্র, চক্রবিশিষ্ট। "মহা ৭.১৯.৫৪। ২ সসৈন্য, সযোধগণ। "(পুরী) সচক্রা মহা ৩.১৫.৫ ; ৭.১৯.৫৪।

সচঞ্চল বিং ['চঞ্চল' সাধু] চঞ্চল; ব্যাকুল। "সচঞ্চল চিত শ্রী.মা ১০২,-৬৯। ২ চলচিত্ত। "মদের সৌরভে সচঞ্চল ব.প ৪৮০।

সচরাচর বিণ [বহুব্রী] ১ বিদ্যমানচরাচর, জঙ্গমস্থাবরসহিত। "জগৎ …সচরাচরম্ গী ১১.৭। লোকঞ্চ সচরাচরম্ মনু ৭.২৯। সচরাচরাণাং ভূতানাম্ উ.চ ২১/২। ২ (বাঙলায়) সামান্য, সাধারণ। "(ইনি) সচরাচর দাসী অপেক্ষা সম্পান্না ব.প্র ৫। সচরাচর লোকের বিশ্বাস যে, রাসলীলা অতি অশ্লীল অ.গী ৯৩। —চর ক্লী স্থাবরজঙ্গমাত্মক জগৎ; বিশ্ব। "ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ গী ৯.১০। —চর ক্রি.বিং (বাঙলায়) সাধারণভাবে, প্রায়শঃ, প্রায়। "তেমন উদ্বেগ সচরাচর অনুভূত হয় না পা.প্র ৯। অনেকগুলা কবিরাজ রাজবাড়ীতে চাকরী করে; তত কর্ম্ম নাই, সচরাচর ভৃত্যবর্গকে মশলা খাওয়াইয়া…কালাতিপাত করে ব.প্র ৫১৩।

সচল বিং [অচল > সচল (বৈপরীত্যে) ; সং চল ; স + চল (দ্র 'চল'১); হি সচল] ১ চলনযুক্ত, গতিশীল, জঙ্গম। "আইলা সচল জগন্নাথ নীলাচলে চৈ.ভা ৪৫০। জগন্নাথ অচল ব্রহ্ম, তুমি ত সচল চৈ.চ ১৩৭। শিখরী অচল, এ দেখি সচল বি.দু ২২। চিত্রলিখিতের প্রায় অচল সচল।—রঙ্গ ১৯৭। ২ বায়ুচালিত। "সচল মেঘখণ্ডের আবরণাভ্যন্তরে ব.প্র ৭৪। ৩ বিচলিত, চঞ্চল। "হুকার করিয়া চলে, অচল সচল নড়ে। —ব ৩৫ ; ন.প ৩৭৪। —চল বি জঙ্গম জগৎ। "অচল সচল, প্রভৃতি সকল, ভুবন সৃজন যাত।—ব.প ৫৯৮।

সচান বি ['সচোন' (অ.প ৪৩)] দ্র 'সঞ্চান'। "ম.বি ২৯১।

সচি স্ত্রী [√সচ্ + ই (ইন্)-র্ম্ম, উ ৪.১১৭] ১ শচী। ২ চৈতন্যজননী।

সচিত্র বিণ [বহুব্রী] সহচিত্র, আলেখ্যযুক্ত। "উ.মে ১।

সচিন্ত বিণ [বহুব্রী] বিদ্যমানচিন্ত, চিন্তান্বিত। "ক.সা ২৫.১৬৬।

সচিন্তিত বি [সং সচিন্ত] ১ চিন্তান্বিত, উৎকণ্ঠিত। "দুর্ব্বাসা অতিথি হেতু সচিন্তিত মন।—ম ৫২০। ২ ধ্যানমগ্ন, সমাহিত। "জানিয়া কশ্যপ মুনি সচিন্তিত মনে ; এ সকল তত্ত্ব তবে জানিল ধেয়ানে॥—ম ৬৬৭।

সচিব পুং [√সচ্ + ইব-ক (অ.টি) ; সচতি সমবৈতি সচিবঃ (অ.টী)] ১ অমাত্য, মন্ত্রী। "রা ২.৩২.১৭। মনু ৭.৫৪। রঘু ১.৩৪। ২ সহায়। "ধী°, নর্ম্ম° ।—রঘু৮.৬৭। কার্য্যান্তর° মা.মি ১১/২। ৩ কৃষ্ণধুস্তুরবৃক্ষ, কালধুতরা। —বী স্ত্রী ['সচিবা' প্রিয়াদি] সখী। "প্রতিসরন্ত শিবাঃ সচিব্যা ভ ৫.২.১৩।

সচিরাই বিং [স + চিরাই (চিরায়ু) ; অপ্র] দীর্ঘায়ু, চিরজীবী। "সেই প্রভু আমার হউক সচিরাই ব.প ৫৪৩।

সচিহ্ন বিণ [বহুব্রী] দোযার্থ খগদাকারচিহ্নযুক্ত। "যাজ্ঞ ২.২৭০।

সচেতন বিণ [বহুব্রী] ১ বিদ্যমানচেতন, সজ্ঞান। "ক.সা ১০৯.১২৫। ২ মতিমান্, বিবেকী। "কো হার্য্যো নির্গুণমপি ত্যজেৎ পুত্রং সচেতনঃ গো.রা ২.৩৩.১৩। ৩ সংজ্ঞাবান্। "(রসবতী নারী) তহু সচেতনী লুবধ মুরারি বি.প ৭০। ৪ (বাঙলায়) তদ্গতচিত্ত। "শুন ভক্ত হইএল সচেতন ব.প ৮৬৭।

সচেতাঃ (-তস্) বিণ [সহ চেতঃ যাহার, বহুব্রী-১ব ; 'তাঃ (পুং ; স্ত্রী) ; 'সচেতস্—সমানমনস্ক (ঋগ্বেদ ১০.১.৩)] ১ বিদ্যমানচিত্ত, হৃদয়বান্, সহানুভূতিমান্। ২ জীবিত, চেতনাবান্। "সচেতসঃ কস্য মনো ন দূয়তে কু.স ৫.৪৮। ৩ প্রসন্নচিত্ত, অব্যাকুল। "ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ গী ১১.৫১।

সচেষ্ট বিণ [বহুব্রী] বিদ্যমানচেষ্ট, যত্নবান্। —ষ্টিত বিং ['সচেষ্ট' সাধু] যত্নবান্। "শ্রী.মা ৩৬। ব.প ১৬৮৯।

সচ্চরিত বিণ [বহুব্রী] সদনুষ্ঠানবান্, সৎক্রিয়। —রিত ক্লী [কর্ম্মধা] ১ সদ্বৃত্ত, সদনুষ্ঠান। "°শ্রবণলোভ শ ১১/২। সচ্চরিতাবলোকন ক.সা ২৪.২২৮। ২ সদাচরণ, শিষ্টাচার। ৩ [ষ.ত] সাধুগণের অনুষ্ঠান।

সচ্চরিত্র বিণ [বহুব্রী] সুশীল। —ত্র ক্লী [কর্ম্মধা] সৎস্বভাব।

সচ্চিতা বি 'সৎ-চিৎ-স্বরূপা', ব্রহ্মময়ী দুর্গা। "কু ৩৫০।

সচ্চিদংশ পুং [ষ.ত] সত্য ও চৈতন্যের অংশ।

সচ্চিদাত্মা (-ত্মন্) পুং [উ.লো] সৎচিদ্রূপ বা সচ্চিন্ময় আত্মা।

সচ্চিদানন্দ পুং [সৎ চিৎ আনন্দ, কর্ম্মধা, দ্র 'কর্ম্মধারয়, দুর্গাদাসটীকা'] ১ সৎ ও চিৎ যে আনন্দ (আনন্দয়িতা) ; নিত্যজ্ঞানময় আনন্দদায়ক ব্রহ্ম। "°রূপোহহম্ (আহ্নিকতত্ত্ব)। সৎ-চিৎ-আনন্দমূরতি ভ.প্র ৪৪। সচ্চিৎ-আনন্দ মাত্র।—বিহারীলাল চক্রবর্ত্তী। ২ বিষ্ণু। ৩ (বৈষ্ণবশাস্ত্রে) সদংশে 'সন্ধিনী', চিদংশে 'সংবিৎ' ও আনন্দাংশে 'হ্লাদিনী'—কৃষ্ণের এই ত্রিবিধ স্বরূপশক্তি। 'সচ্চিৎ-আনন্দময় কৃষ্ণের স্বরূপ চৈ.চ ১১৭।

সচ্চিন্ময় বিণ [সচ্চিৎ + ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] সত্যজ্ঞানস্বরূপ।

সচ্ছ বিং [সং স্বচ্ছ > প্রা *সচ্ছ] নির্ম্মল। "ন.প ৮।

সচ্ছল বিং ['সচ্চল' (সৎ-চল, অর্থাৎ সদ্ভাবে চল)—শ্রীহট্ট] ১ সঙ্গতিপন্ন, সমৃদ্ধ, যোত্রবান্ (অবস্থা)। ২ উপার্জ্জনক্ষম, রোজগারী। "দেখিতে পাই, খুব সচ্ছল পুরুষ যাই গেলেন, অমনি দেনার দায়ে তাঁহার ঘটী, বাটী…নিলামে উঠে পা.প্র ১৭৪। [সচ্ছলের সংসার—যে সংসারে সকল দ্রব্যেরই সদ্ভাব আছে, কিছুরই অভাব নাই।]

সচ্ছাস্ত্র ক্লী [কর্ম্মধা] শ্রুতিস্মৃত্যবিরোধী শাস্ত্রমাত্র। "অ° মনু ১১.৬৬ ; যাজ্ঞ ৩.২৪২। °পরিপন্থিন্ ভ ৪.২.২৮।

সচ্ছায় বিণ [সহ ছায়া যাহার, বহুব্রী] ১ বিদ্যমানচ্ছায়, ছায়াযুক্ত। "°স্কন্ধসুন্দর (ন্যগ্রোধ) ক.সা ১৭.১০৬। ২ কান্তিমান্, উজ্জ্বল। "°মণিকুট্টিম ক.সা ২২.৬। ৪ রাগযুক্ত। "বালপ্রবালসচ্ছায়াম্…মঞ্জরীম্ ক.সা ৪৫.৩৩৬।

সচ্ছিদ্র বিণ [বহুব্রী] ১ বিদ্যমানচ্ছিদ্র ; সরন্ধ্র। ২ সদোষ, দোষী।

সচ্ছূদ্র পুং [সৎ + শূদ্র ; কর্ম্মধা ; 'সৎশূদ্র' (শ্রী.মা ৯২)] ১ গোপ নাপিতাদি নবশায়ক। 'সচ্ছূদ্রো গোপনাপিতৌ (ত.বা)। ২ (বৈষ্ণবশাস্ত্রে) বৈষ্ণব শূদ্র। 'সচ্ছূদ্র-পদে শূদ্রবংশে যে বৈষ্ণব ভ.প্র ৯৭।

সচ্ছ্লোক বিণ [সৎ + শ্লোক ; বহুব্রী] পবিত্রকীর্ত্তি, পুণ্যশ্লোক।

সচ্ছন্দ ক্রি.বিং [অপ্র] স্বচ্ছন্দে, স্বেচ্ছায়। "শূ ৯১।

সজ বি ['সজ্জা' মূল] ১ পূজার উপহার ; বলি। "সজর ডালা ঃ সজ

বাড়াইয়া দিল মণ্ডপ ভিতরে শূ ৪৯। পূজার সজ প.ক ২৭৯৭। ২ উৎসবাদিতে আত্মীয়কুটুম্বকে দেয় সামগ্রীসম্ভার ; তত্ত্বের জিনিস।

সজন বিণ [বহুব্রী] ১ বিদ্যমানজন, জনসেবিত, লোকাধিষ্ঠিত। বিপ 'বিজন'। "সজনে বনে রা ২.৫২.৬৬। মহা ২.৭৬.১১,-৩। ২ সহজন, জনসহিত।

সজনি বি [সজনী > °নি (সম্বোধনে), বৈষ্ণবসাহিত্যে] সখি! সহচরি! "সজনি! কিয়ে করব পরকার বি.প ১৬৫,-৯৯। সজনি, পুন জনি সম্বাদহ কান।—গো ১৪৬। ২ [মৈ সজনী—a friend] সখে। "সজনি! ও ধনী কে কহ বটে চ.দা ২৪। সজনি! যব ধরি পেখনু রাই।—গো ১০১, ১০২; সজনি, যাইতে পেখনু রাই ১০৩। —জনী বি [স্বজন > স্বজনী (স্ত্রীলিঙ্গে) > °নী, হি সজনী, ঠ সজণী. -নী ; মৈ স(সা)জনি] ১ সখী, সহচরী (সম্বোধনে)। "সজনী, অপদ ন মোহি পরবোধ বি.সা ২৬২ ; সজনী, কানুক কহবি বুঝাই ৪২০। সজনী, না কর কানু পরসঙ্গ প.ক ৪৯৫। ২ সখী। "রজনী সজনী লয়ে, আইল কৌতুকে সুখভোগে বা.দ ২৩।

সজনী দ্র 'সজনি'।

সজল বিণ [বহুব্রী] ১ বিদ্যমানজল, জলযুক্ত, জলপূর্ণ। "কেদারস্য ...সজলস্য গো.রা ৫.৭৫.১১। °জলদ-গাত্র।—দা ২৩। সজল-জলদ-রুচি কেরলীর চুল।—লী ৭৪। ২ আর্দ্র, সিক্ত। ৩ অশ্রুপূর্ণ, সাশ্রু। "°নয়ন পু মে ২৩। সজল নয়ান বি.প ১৬৫। সজল দিঠিপঙ্কজে।—গো ১০৪।

সজাগ বিং [স°+জাগ ; সং সজাগর] ১ জাগণরযুক্ত, জাগরিত। "আপনি সজাগ আছেন, এজন্য চুরি করিতে পারিলাম না অ.শী ৫১। ২ সাবধান, সতর্ক। "প্রহরী-সৈন্তেরা মাত্র আছয়ে সজাগ স্ব.প্র ১৫৫। ৩ উদ্যোগী, তৎপর। "শত্রু দেখি ভেরীশব্দ করয়ে যখন। সজাগ হইয়ে সেনা করয়ে সাজন॥—ম ২৮৮। [সজাগ ঘর—জাগরিত লোকের ঘর, অর্থাৎ যে ঘরে লোকে জাগরিত। "সজাগ ঘরেতে প্রভু নাহি হয় আপদ ব.প ১৮১। সজাগ ঘুম—যে ঘুম একটু শব্দেই ভাঙে; শীঘ্রচেতন নিদ্রা ; পাতলা ঘুম। সজাগে থাকা, রহা—সাবধানে থাকা। "সজাগে রহিল সবে শ্রী মা ২০৬। (রাজন্) সজাগে থেকে, নিকটে ডেকে, বাথ ধন্বন্তরি।—দা ১০। চোরেরে বলে চুরি কর, গিরস্তেরে বলে সজাগ থাক—(গৌণার্থে) দুই দিক্ বক্ষা করা ; দুকূল রাখা (double dealing)।]

সজাগর বিণ [বহুব্রী] জাগরযুক্ত, জাগরিত। "ক সা ৩৯.২০৭।

সজাতি বিণ [স°+জাতি, বহুব্রী] ১ সমানজাতিক, মাতাপিতৃ-সমানজাতীয়। "সবর্ণেভ্যঃ সবর্ণাসু জায়ন্তে হি সজাতয়ঃ যাজ্ঞ ১.৯০। ২ একজাতীয়। বিপ 'বিজাতি'। "মনু ৯.১৯৮, কুল্লুক। ৩ সমশ্রেণীক, সমানবর্গগত। "অ কো, শূদ্রবর্গ, ৫। ৪ সদৃশাকৃতি, একরূপ। —জাতি স্ত্রী [কর্ম্মধা] সমানজাতি, একজাতি। "°জ (সুত) মনু ১০.৪১। °সমাজ।—ন ৪২৩।

সজাতীয় বিং [°তি+ঈয় (ছ)] ১ সমানজাতীয়, একজাতি। বিপ 'বিজাতীয়'। "পা ৬.৩.৮৪, সি। সজাতীয়োঽস্মি বান্ধবঃ।—হ ৭৭.১০। °য (পুত্র) যাজ্ঞ ২ ১৩৬। সজাতীয়ৈঃ কুলম্ অ.কো। ২ সমশ্রেণীক ; সমানাকৃতি।

সজাত্য বিণ [°তি+য (যৎ)] সমানজাতিভব, সমানজাতীয়। "সজাত্য (পাঠান্তর) মনু ৮.৩৮৭।

সজারু দ্র 'শজারু'।

সজীব বিণ [বহুব্রী] ১ বিদ্যমানজীবন, জীবিত। "সজীবে প্রাণিশকলে মহা ২ ১৭.৩৭। ভ ৯.২২.৩৪। °বৎ ক সা ৪৩.১০। ২ (বাঙলায়) উৎসাহজনক, উত্তেজক। "(জগৎ শেঠ) বলিতে লাগিলা দর্পে সজীব বচন।—ন ৪২০। ৩ সমুজ্জ্বল, প্রদীপ্ত। "তোমার অঞ্চলখানি দিব রাঙাইয়া, সজীব বরণে চ.কা ১৪৭। [সজীবতা—সজীবভাব ; গ্লানি-রহিতভাব, প্রসন্নতা। "তোমার বচন শ্রবণ করিলে,...অন্তঃকরণের সজীবতা সম্পাদিত হয় সী ১৬।]

সজুঃ (-জুষ্) ব্য সহ। "পা ৮.২.৬৬। ভ ৬.১৮.৭৭।

সজোর বিং [স°+জোর] ১ প্রবল, প্রচণ্ড (আঘাত)। ২ দৃঢ়, দুশ্ছেদ্য, শক্ত। "সজোর উজোর ডোর মুখে মুখনলি শ্রী ১২৫। [সজোরে—বলপূর্ব্বক, প্রচণ্ডভাবে, প্রবলবেগে।]

সজ্জ্ (সস্জ্) অক [ভ্বা, প—সজ্জতি ; (মতান্তরে) ভ্বা, ঙ—সজ্জতে সংসজ্জতে (ক.ক) ; সেট্] গতি।

সজ্জ[1] বিণ [√সজ্জ্+অ (অচ্)-ক] ১ পরিহিতত্নুত্র (অ.টী), সন্নদ্ধ, বর্ম্মিত। ২ সম্ভৃত, অনুগুণসম্ভৃত। "অভিষেকঃ...সজ্জঃ রা ২.২৬ ১৮। সাংগ্রামিকঃ ততঃ সর্ব্বং সজ্জচক্রুঃ মহা ১.২.৩৮। ৩ সজ্জাযুক্ত, প্রস্তুত। "সসজ্জায়ুধতূণীব রা ৭.৬.৬৩। রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ মহা ৩.২৯৩ ৩৩। সজ্জো রথ আরোহতু দেবী উ.চ ১৫/১৬। ৪ নিভৃত (শ.ক)। ৫ অধিজ্য, আরোপিতগুণ। "ধনুঃ সজ্জম্ রা ২ ৮৭.২৩। ৬ জ্যাযুক্ত, গুণন্বিত। তু 'সজ্য'। "রামঃ শরং সজ্যং চকার রা ১ ৭৬.৫। ৭ উদ্যুক্ত (ত বা), কৃতোদ্যোগ। "অপি সজ্জো মহাতেজা ভীষ্মং দ্রষ্টুং যুধিষ্ঠিরঃ মহা (S.W.)।

সজ্জ[2] বি [সজ্জা > সজ্জ] ১ সজ্জা, আয়োজন, যোগাড়। "মঙ্গল সজ্জ।—ম ১১২৩। অদ্বৈত সজ্জ করিতে লাগিলা ঃ যত সজ্জ করিলেন, তার অন্ত নাই চৈ.ভা ৪৪১। ২ সামগ্রীসম্ভার, দ্রব্যসমূহ। "আঁট্যা থোড কাঁচকলা, নানা সজ্জ ভর্য়া আনে পাথি ক.চ ৪৯। নানা সজ্জ আসিতে লাগিল চৈ.ভা ৪৪১। ৩ উৎসবাদিতে প্রেরিত দ্রব্যসম্ভার ; সজ। "আগু পাছু সারি সারি, সজ্জা লয়্যা যায় ভারী ক.চ ১২২। ৪ খাদ্যসমূহ। "কটকের সজ্জ মাপি দিতে কার্য্য নাই বা.ম ২৭১। ৫ পূজাদির উপকরণ-দ্রব্য। "যজ্ঞের সজ্জ।—ম ২৯। বিষ্ণু পূজিবার সজ্জ চৈ.ভা ৪৩। দেবতা° চৈ চ ৫৫। দেব-আরাধন-সজ্জ চৈ.ম ৭৬। (রন্ধনের) সজ্জ ঃ ব্যঞ্জনের সজ্জ ব.প ২২১। চাউল সজ্জ বা ম ৩১৩ ; পূজাসজ্জ ৩৯৭। পূজার সজ্জ (পাঠান্তব) প.ক ২৭৯৭। ৬ উপহারসম্ভার। "ভেটিব নৃপতি সজ্জ যোগাইব কাজে শ্রী.ম ১১৪। ৭ প্রসাধন, পরিপাটিবিন্যাস। "শরীর শোভএ অলঙ্কার-সজ্জ অ.প ১৩২। ৮ ভূষণ, সাজ। "পুষ্পমালাদিক পুত্রে দিলা সজ্জ করি ন.প ১২০। ৯ সন্নদ্ধ, যুদ্ধার্থ প্রস্তুত। "সর্ব্ব সৈন্য সজ্জ করহ অ প ১৩৭। ১০ সজ্জিত, যাত্রার্থ প্রস্তুত। "করিল সজ্জ, ...ডিঙ্গা ক.চ ২২২।

সজ্জ[3] অর্ম্ম [সং √সজ্জ্] যুদ্ধার্থ সজ্জিত বা উদ্যোগী হওয়া ; সাজা। "দেবতা মনুষ্যে যুদ্ধ সজ্জ তেকারণে।—ম ৫১১। [যুদ্ধের সজ্জিলেন—যুদ্ধের সজ্জা করিলেন। "ব প ৪৩১।]

সজ্জন[1] বিণ [√সজ্জ্+অন (যুচ্)-ক ; স্ত্রী -না] ঋজু প্রালম্ব, অর্থাৎ সরলভাবে প্রলম্বিত (যজ্ঞসূত্র, বস্ত্র)। "নিবীতী কণ্ঠসজ্জনে মনু ২.৬৩। ['সজ্জন'—সঙ্গ, স্থাপন (মেধাতিথি)।] —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সজ্জা, উদ্যোগ, সাজা। ২ [+অন (ল্যুট্)-ক] সৈন্যরক্ষার্থে নিযুক্ত প্রহরিকাদিবিন্যাস, উপরক্ষণ, পাহারা (অ.কো)। ৩ [+অন-র্ম্ম] ঘট্ট, ঘাট। —না স্ত্রী [√সজ্জি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] নায়কের আরোহণার্থ হস্তিসজ্জীকরণ (অ.কো) ; কল্পনা। "সজ্জনা-শোভিত শান্ত কুঞ্জর।—হেম ১৭১।

সজ্জন[2] পুং [সৎ+জন ; কর্ম্মধা] ১ সাধুজন, ধার্ম্মিক। "পুরীং ব্যথিত-সজ্জনাম্ রা ২.৪৭.১৫। ব্রাহ্মণ সজ্জন।—কৃ ৯৯। শ্রী ২৬২। ম ২। ২ মহাকুলজাত জন; কুলীন, আর্য্য, সভ্য (অ.কো)। [°গোষ্ঠী (স্ত্রী) —সজ্জনসভা। "অ° হি ১.২১৭। °সঙ্গতি (স্ত্রী)—সাধুসমাগম ; সৎ-

সহবাস (মোহমদ্গর) ।] [সজ্জন লোক ('সজ্জন' সাধু)—সাধু ব্যক্তি। "শ্রী ১২৮ ।]

সজ্জনা দ্র 'সজ্জন' ।

সজ্জনোদয় বিং [সাধুজনের অভ্যুদয়কারক বা কল্যাণকর। "জয় সর্ব্বতোজয়, সজ্জনোদয় ভা.চ ১৩০ ।

সজ্জা স্ত্রী [√সজ্জ্ +অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ আয়োজন, উদ্যোগ। ২ [+অ-ণ] বেশ, পরিচ্ছদ। ৩ সন্নাহ, বর্ম্ম। ৪ (বাঙলায়) সজ্জার্থ দ্রব্য বা উপকরণ। "তোমার সুসজ্জা শয্যা।—কৃ ৯৯। ৫ সজ্জিত দ্রব্য-সম্ভার। "হাথেতে হেমথালা, নৃপতিমহিলা, মঙ্গল-সজ্জায় পূরি।—ম ১১২৩।

সজ্জা-গজ্জা বি ['গজ্জা' অনু.শব্দ] উদ্যোগ-আয়োজন, সাজ-গোছ। "সারাদিন ও সারারাত্রি...ওরে চেঁরে—সজ্জাগজ্জা—হো হাতে কেটে গেল আ.দু ১৪৪।

সজ্জাতি বি [সৎ+জাতি] সচ্ছূদ্র, নবশায়ক। "মদক বারুই, আদরে এ দুই, বসিল সজ্জাতি যত শ্রী ১৩।

সজ্জিত বিণ [√সজ্জ্ +ত (ক্ত)-ক] ১ কৃতসজ্জ, উদ্যুক্ত। ২ সন্নদ্ধ, ধৃতবর্ম্মা। ৩ কৃতবেশ। ৪ [√সজ্জি+ত-র্ম্ম] সজ্জীকৃত, প্রগুণীকৃত। "সামাদিসজ্জিতৈঃ পাশৈঃ।—পঞ্চ ১.১৬৮। ৫ অধিজ্যীকৃত, আরোপিত-গুণ। "(পঞ্চন্) চাপযষ্টীঃ...সজ্জিতাঃ ক.সা ১৮.৭। ৬ ভূষিত, শয্যা-প্রদীপাদিপরিষ্কৃত (টীকা) । "সজ্জিতে বাসবেশ্মনি সা.দ ৩.৮৫। ৭ বশীকৃত। "প্রেষ্ঠসঙ্গম° ভ ১০.১২.২৩।

সজ্জীকৃত বিণ [সজ্জ্ +চি (০)—সজ্জী+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] প্রগুণী-কৃত, সজ্জিত। "নীলীরসপূর্ণং মহাভাণ্ডং সজ্জীকৃতমাসীৎ—পঞ্চ ১২৮৬। —ভূত বিণ [+ √ভূ+ত -ক] প্রগুণীভূত।

সজ্জ্য বিণ [সহ (বিদ্যমান) জ্যা যাহাতে, বহুব্রী] ১ বিদ্যমানগুণ, অধিজ্য। "সজ্যস্থাস্য (ধনুষঃ) বিকর্ষণে গো.রা ১.৬৯.১৫। সজ্যং ধনুঃ মহা ১.১৮৫.১১। কি ১.২১। ২ জ্যাযুক্ত, গুণে আরোপিত। "সজ্যৈঃ...সায়কৈঃ মহা ১.১৮৫.১১।

সজ্জ্বর বিণ [বহুব্রী] জ্বরযুক্ত, জ্বরিত। [°র ভাব—জ্বরজ্বরভাব।]

সঞে[১] ক্রি.বিং [সঙে >সঞে] ১ সঙ্গে, সহিত। "কোন পুরুষ সঞে নয়লি লেহা বি.প ৬৫ ; তা সঞে পিরীতি ১১০ ; কা সঞে বিলসব ১৭০,-৯৫। তা সঞে কহিতে কথা চ.দা ৭৩। জীবন সঞে।—গো ১০৩,-৯৭। কাঁ সঞে কামিনী কয়লি কেলি রা.শে ১২। তাঁর সঞে বৈরতা ব.প ৫৩৩। ব ৭৫। গোপিনী সঞে জ.প ৫৮,-৯। আন সঞে মিলন প.র ৫৬। ২ নিকটে, কাছে। "বিধি সঞে মাগয়ে পথে ব.প ১০৪৫ ; কি ফল তা সঞে মান ?—১০৮০। ৩ ভাবে, ভাবাবেশে। "রাধা সঞে যব, শুণত হি মাধব, মাধব সঞে যব রাধা।—বি.প ১৫৯। [সঞো—সঙ্গ, ভাব। "রাধা সঞো যব, শুনত হি মাধব বি.সা ৪৭২।] ৪ সহবাসে। "আন রমণী সঞে° সো নিশি বঞ্চল বি.প ১২২। ৫ সমেত। "ধন সঞে চোর বেঙ্গে ভাঙ্গিছে ভরম ব.প ৪৫৩। ৬ সঙ্গে, মিশ্রণে। "রচয়ি মৃগমদ সঞে ঘনসার ব.প ১০৮২। ৭ সঙ্গে, উপরে। "তা সঞে রোপত মানিনী ব.প ১০৪৮ ; পদ সঞে বদনপঙ্কজ ১০৮৮।

সঞে[২] কা.ক্তি [মৈ 'সেঁ' >সঞে ; হি 'সে'] ১ হইতে (পঞ্চমী)। "নাভি বিবর সঞে, লোমলতাবলি, ভুজগি নিশাস পিয়াসা বি.সা ১৬ ; বি.প ১০। মেঘমালা সঞে, তড়িত লতা জনু বি.প ১৭ ; কতি সঞে ১৮ ; কর সঞে ৯০ ; দূর সঞে ১০৯ ; ঘর সঞে বাহির হোয় ১৪২ ; মন্দির সঞে নিরসল ; বন সঞে নিরসল ১৪৩। বন সঞে গিরিধরলাল ঘর আওয়ে।—গো ১৮ ; ২৪৭। নিজ মরিষাদ, -সিন্ধু সঞে পঙরলু, তাহে কি তটনি আগাধা প.ক ৯৮৮ ; ২৭৩৯। মান-জলদ সঞে, নিকশয়ে মুখশশী জ.প ৩০ ; গৃহ সঞে ৪৫ ; থ সঞে ৫৫ ; যব সঞে ৭৫ ; তৎ সঞে ৭৬। জল সঞে ব.প ১১২৮। ২ দ্বারা। "কিয়ে প্রতি-বিম্ব,-দম্ভ সঞে নিজ তনু, চরণ-নিছনি পরকাশ প.ক ২৭৩৯। [প্রতি-বিম্ব-দম্ভ সঞে—প্রতিবিম্বরূপ ছল দ্বারা, অর্থাৎ ছলে। ভঙ্গি সঞে —ভঙ্গিপূর্ব্বক। "ভঙ্গি সঞে চলি ন.প ৩২৪। হঠ সঞে—বলপূর্ব্বক, হঠাৎ। "হঠ সঞে পৈঠয়ে শ্রবণক ওর বি.প ৪৫।]

সঞ্চ[১] পুং [সম্+ √চি+অ (ড)-ধি] পুস্তকলেখনার্থ পত্রচয় ; সাঁচ (শ.ক)। "শ্রীতাড়ীপত্রজে সঞ্চে (দেবীপুরাণ)।

সঞ্চ[২] বি [সং সঞ্চয় ; হি, ঠ সংচ] ১ সঞ্চয়। "মিথ্যা কহি কেন কর অধর্ম্মের সঞ্চ চৈ ৫৩। সঞ্চ রাখি বঞ্চিবার বাঞ্ছা কর শূলী শি ৬৮। ২ [সং সঞ্চয়, ঠ সংচ] সন্ধি, জোড়। "যার যেবা হস্ত পদ লাগে সঞ্চে সঞ্চ ক.চ ১৮। সঞ্চ জানি হানি চোট বাড়ালে পৌরুষ শ্রী ১৬২। ৩ [ঠ সংচ] সাহিত্য, সংযোগ। "কেহো বীণা বেণু বায়, কেহো বা সঙ্গীত গায়, তাল সঞ্চে পরম রসনি চৈ ম ২৯। ৪ সন্ধিস্থল, দুইএর মধ্যবর্ত্তী স্থল। "সাজায়ে কদলীমঞ্চে, কাটারি পাতিয়ে সঞ্চে, ভর দিয়া এল ধর্ম্মবাটে শ্রী ৩৫। ৫ [ঠ 'সংচ'—the requisites of a business] কার্য্যোপযোগী সজ্জা বা দ্রব্যসমূহ—আসন-প্রভৃতি। "অপ র বিনাহমঞ্চ, অন্তরে অনেক সঞ্চ, রহিতে পণ্ডিত ভট্ট আদি শ্রী.ম ১৬৯। [বড়সী বায় সঞ্চে—মাছ ধরার উপকরণ লইয়া মাছ ধরে। "কাটিয় সরল গাছ সাজাইয়া মঞ্চে। তাহে বসে দলুই বড়সী বায় সঞ্চে॥—শ্রী ১৭৯। শোয়াল সুসঞ্চে—সুসজ্জাপূর্ব্বক (অর্থাৎ ভাল করিয়া সাজাইয়া) শোওয়াইল। "কুসুমশয্যায় শিশু শোয়াল সুসঞ্চে শ্রী ৪৯।]

সঞ্চ[৩] সর্ম্ম [সঞ্চয় >সঞ্চ ; হি, মৈ √সংচ] সঞ্চয় করা, সংগ্রহ করা। "সঞ্চে মানাধন।—ম ৮১৬।

সঞ্চক পুং [সঞ্চ[১]+ক (কন্) ?] বিষক। "কাঞ্চন° নৈ ২২.৪৭।

সঞ্চয় পুং [সম্+ √চি+অ (অচ্)-ভা] ১ সংগ্রহ, সমাহরণ। "বল° গো.রা ৬.১১.৪। কর্ত্তব্যঃ সঞ্চয়ো নিত্যং কর্ত্তব্যো নাতিসঞ্চয়ঃ।—হি ১.১৭৪ ; বল্মীকস্য চ সঞ্চয়ঃ ২.৯। ২ [+অ-র্ম্ম] সঞ্চিতদ্রব্য। "ধনৈশ্চ সঞ্চয়ৈশ্চাপ্যৈঃ শক্রবৈশ্রবণোপমঃ রা ১.৬.৩। পুরাতন বৎসরের যত, নিষ্ফল সঞ্চয় চ.কা ২৮৭। ৩ [+অ-ধি] রাশি। "অস্থি°, ইষ্টকা°, কাষ্ঠ°, ঘনতিমির°, পাবক°। শর্করাণাং চ সঞ্চয়াঃ রা ২.৯১.৭৩। বারি°।—ঋতু ১.১। পুণ্য° কি ২.৫৬। কচ°।—পঞ্চ ১.২০২। ৪ সমষ্টি। "সঞ্চয়ো বা গুণানাম্ উ.চ ৬.৯। ৫ সমূহ। "ব্যাপৃতং (ধনাধ্যক্ষম্) বিত্তসঞ্চয়ে রা ২.৩৯.১৪। দিশাং চ সঞ্চয়ে বা.ভা ১.৬৯। আচমন দিয়া দিল বিড়ার সঞ্চয় চৈ.চ ৯১। বচন-সঞ্চয় শ্রী মা ১৬২ ; সুরাসুর-সঞ্চয়ে ২২৪। ৬ [+অ-ণ] যাজনাদিবৃত্তি (শ্রীধর)। "ভ ৩.১২.৪২। ৭ সন্ধি। "দোর্নিষ্পেষবিশীর্ণসঞ্চয়দলৎকঙ্কাল মা.মা ৮.৯। ৮ [বাঙলায় , অপ্র] সকল। "শুনেছি সঞ্চয় শ্রী.মা ১৩৮ ; সঞ্চয়বারত ২১৭। ৯ প্রচুর, অতিশয়। "সঞ্চয় আনন্দে শ্রী.মা ১৫২। —য়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সঞ্চয়, সংগ্রহ। "সঞ্চয়নাদহ্নাম্ মনু ৫.৫৯ ; অস্থি-সঞ্চয় ৬৮ ; বিষ্ণু ১৯.১০। চৈ.চ ৩১৪। —য়িক বিণ [°য়+ইক (ঠন্)] সঞ্চয়ী। "মাস° মনু ৬ ১৮। —য়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি -১ব ; স্ত্রী -য়িনী] সঞ্চয়বান্, সংগ্রাহক। "সঞ্চয়ী নাবসীদতি মহা (শ.ক)]। [সঞ্চয়ি—সঞ্চয় করিয়া। "তাকর সার, সারপদ সঞ্চয়ি, বাঁধল গীত কতহুঁ পরমাণি।—গো ৫৯।]

সঞ্চয়ন, সঞ্চয়িক, সঞ্চয়ী দ্র 'সঞ্চয়'।

সঞ্চর[১] বিণ [সম্+ √চর্+অ (অচ্)-ক, স্ত্রী -রা] সঞ্চরণকারী। "দিবা°। —র পুং [+অ (ঘ)-ণ, পা ৩.৩.১১৯] ১ সঞ্চরণসাধন। "যঃ (রাজপথঃ) সঞ্চরোঽভূদভিসারিকাণাম্ রঘু ১৬.১২। ২ মার্গ, বর্ত্ম। "তৈত্তিরীয়সংহিতা ৫.৪.৩.৫। দর্শিত° কু.স ৬.৪৩। ৩ সেতু। ৪ [অ -ধি] শরীর। ৫ [+অ-ভা] রাজ্যান্তরে সংক্রমণ। ৬ (সাংখ্যে)

অভিব্যক্তি (evolution—S.W.)। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সঞ্চার (সায়ণ), গমন। "ঋগ্বেদ ১.৫৬.২। তেজোময় সঞ্চরণে। —বিহারিলাল চক্রবর্ত্তী। ২ সঞ্চলন। "বায়োঃ কুক্ষৌ সঞ্চরণম্ (সুশ্রুত)। চরণসঞ্চরণঝণঝণায়মানমঞ্জরী মা.মা ১২/১৬। —রমাণ বিণ [+মান (শানচ্)-ক] সঞ্চলিত। "আকাশপথে সতত সঞ্চরমাণ জলধরপটল সী ১০। —রিত বিণ [+ত (ক্ত)-ক] প্রসৃত, পরিব্যক্ত। "কি নিমিত্তই বা সেই অপবাদ নবীভূত হইয়া সর্ব্বতঃ সঞ্চরিত হইবেক?—সী ২০। —রিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] সঞ্চরণশীল। "°ক্ষুভু বনান্তরেষু মাঘ ১.৪৬।

সঞ্চর[2] অর্ম্ম [সং সম্+ √চর্; হি, ঠ, গু, মৈ √সংচর] ১ সঞ্চরণ বা পরিভ্রমণ করা; বেড়ান। "আনন্দে সঞ্চরে তথা শিবা গৃধ্র কঙ্ক অ.প ১৭। অভিনব হেম,-কল্পতরু সঞ্চরু, সুরধুনি তীরে উজোর প.ক ৬৭; ২৩০১। বিপিন হি সঞ্চরু।—গো ১৭৮। ২ প্রবাহিত হওয়া; বহা। "সমীরণ সঞ্চরু বি.প ১৪৬; বি.সা৩৫৫। ডরে মোর ঘরে, বায়ু না সঞ্চরে ভা.চ ৩৭০। ৩ আবির্ভূত হওয়া; আসা; "শবের দেহেতে জেন সঞ্চরিল প্রাণী ম.পা ১২১,-৫৮। (জননীর) অন্তরেতে স্নেহরস সঞ্চরে আপনি।—দ্বারকানাথ অধিকারী। ৪ ফলদায়ক হওয়া; ফল দেওয়া। "সে পদ রাখিলা দেবী সেঁউতী-উপরে। তাঁর ইচ্ছা বিনা ইথে কি তপ সঞ্চরে?—ভা.চ ২৫৬। ৫ দ্রুত গমন করা। "এক দূত নীলাই, এই আছে এই নাই, তারা যেন সঞ্চরে গগন ম.ম ১১২।

সঞ্চরণ, সঞ্চরমাণ, সঞ্চরিত, সঞ্চরিষ্ণু দ্র 'সঞ্চর[1]'।

সঞ্চল বিণ [সম্+ √চল্+অ (অচ্)-ক] সম্যক্ চল, বিস্পন্দিত, বিকম্পিত। "°নাড়ি। —লন ক্লী [+অন(ল্যুট্)-ভা] বিকম্প, বিস্পন্দন। "মহী° (S.W.)। অচল° কি ১৮.৮। [°নাড়ি (স্ত্রী) —হৃদয়করমূল-নাড়ি। "রা ২.৬৫.১৪।]

সঞ্চান পুং [প্রা সেচান (পৈ ১.৮০), সচান, সেচাণু (পৈ.টীকা); গু সিংচাণ, সিচাণ; ড় সঞ্চা] শ্যেন, বাজপাখী, শিকরা। '(মহাবীরঃ) সঞ্চান-বিহগে (মেদিনী)। "ম ২৭৩। সঞ্চানকায় ক.চ ১২৭। (পায়রা) তাড়িল সঞ্চানে ব.প ৩২১।

সঞ্চার[1] পুং [সম্+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ সঞ্চরণ, পরিভ্রমণ। "নিশ্চেষ্টাহারসঞ্চারাঃ (পক্ষিণঃ) রা ২.৪৫.৩১। °পূত রঘু ২.১৫। ২ গতি, গমনাগমন। "প্রাণি° ক.সা ৭২.১২৩। সুলভপুরুষসঞ্চারেঽস্মিন্ প্রদেশে। —মৃ ৭/২। মনুষ্য°।—ম ১.১৯৭। তারানক্ষত্র° যাজ্ঞ ৩.১৭২,-৪। সূত্রসঞ্চারের পথ ম.ভা ২৯। সূতার সঞ্চার নাঞি ব.প ৩৮২। তারার সঞ্চার হেন উঠিল গগনে বি.পা ৩৭৬। পিপিড়ার সঞ্চার নাই ম.ম ১৬৯,-৭১। চপলা-সঞ্চারে চলে চ.বি ৩০৮; চঞ্চল সঞ্চারে ৩১১। সর্ব্বত্র সঞ্চার ভা.চ ৪৩২। ৩ সূর্য্যসংক্রমণ। ৪ অধিকশ্বাসক্রিয়া। "ভাষা-পরিচ্ছেদ ১৫২। ৫ প্রসার, বিস্তার। "(বৃক্ষাঃ) পর্য্যাপ্তসঞ্চারাঃ মহা ১৩.৫.১৮। ৬ [+অ-ণ] দ্বার। "দুষ্প্রমাসাদ্য সঞ্চারম্ মহা ৩.৭৫.৯। ৭ মার্গ, বর্ত্ম। "হ'তাহাতি যায় সবে না পায় সঞ্চার।—কৃ ১৮২। ৮ দেশ। "রা ২.১১৯.১৮। [বুদ্ধিরাষী, অর্থাৎ 'সঞ্চর' সাধু (রা.টীকা)।] ৯ সর্পমস্তকস্থিত মণি। ১০ (বাঙলায়) পথে হাঁটা, মার্গাতিক্রম। "কারে বলি রাত্রি দিন পথের সঞ্চার (কিছুই না জানে প্রভু ডুবি ভক্তি রসে) চৈ.ভা ৩৮৪। ১১ স্থিতি, সত্তা। "উদয়াস্ত যতদূর পৃথিবী সঞ্চার। তোমার মরণে খ্যাতি রহিল আমার॥—কৃ ৩১৮। ১২ জলোচ্ছলনশব্দ। "আকর্ণ পূরিয়া দিল ধনুকে টঙ্কার। প্রলয়ের কালে যেন সমুদ্রসঞ্চার॥ —ম ৭৪৩। ১৩ সোপান, পৈঠা। "রূপার সঞ্চার, রচি থরে থার, বান্ধিল দখিন ঘাট শূ ১০৪।—রক পুং নায়ক, চালক (guide)। —রণ ক্লী [+ √চারি+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্চারণ, পরিপোষণ। "সা.দ ৩১/২৪। ২ স্থানান্তরনয়ন, সঞ্চালন। ৩ নিয়োজন, প্রেরণ। "অদ্বৈত-রূপে করে শক্তিসঞ্চারণ চৈ.চ ২৯। —রিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ 'বৃত্তান্তসঞ্চারয়িত্রী', দূতী; কুট্টনী (মেদিনী)। ২ ঘ্রাণ, নাসিকা। ৩ যুগল (মেদিনী) —রিণী দ্র 'সঞ্চারী'। —রিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ সঞ্চালিত। "পর্য্যন্তসঞ্চারিতচামর রঘু ১৮.৪৩। ২ সমন্তাৎ-প্রচারিত। "সঞ্চারিতেঽগুরুসারযোনৌ ধূপে রঘু ৬.৮। ৩ (বাঙলায়) আবির্ভূত, অভিব্যক্ত। "বনবাসীর মনে অনঙ্গবিলাস সঞ্চারিত হইবে, ইহা স্বপ্নের অগোচর।—কাদ ৫৪। কিশোরীর নবসঞ্চারিত লাবণ্য ব.প্র ১৬।

সঞ্চার[2] অর্ম্ম [সঞ্চার[1] >°র] সঞ্চরিত হওয়া; ব্যাপ্ত হওয়া। "সঞ্চারোক কীর্ত্তি মোর জগত সংসার অ.প ৪। ভাতের সঙ্গে খাইল বিষ সঞ্চারিল লোমে ম.ম ৯৮। —র সর্ম্ম [হি, ঠ— √সংচার] আবির্ভূত করা; আধান করা। "(দেবী) শরীরের মধ্যে লখাইর সঞ্চারিল জীব ম.ম ২২০।

সঞ্চারক, -রণ, -রিকা, -রিণী, -রিত দ্র 'সঞ্চার[1]'।

সঞ্চারী(-রিন্) বিণ [সম্+ √চর্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ সঞ্চরণকারী, গতিশীল। "সঞ্চারিণী দীপশিখেব রঘু ৬.৬৭। সঞ্চারিণী ...লতেব কু.স ৩.৫৪। ২ বিচরণকারী। "অগাধজলসঞ্চারী ন গর্ব্বং যাতি রোহিতঃ (সু.র)। ৩ চলিত। "পত্রেঽপি সঞ্চারিণি (স্বাং পরি-শঙ্কতে সা) গী গো ৬.১১। ৪ পুরুষক্রমানুযায়ী, সংক্রামক। "সঞ্চারি-রোগ যাজ্ঞ ১.৫৪। ৫ শৃঙ্গারাদিরসের অনুগুণ বা পরিপোষক (ভাব)। ৬ [+ √চারি+ইন্-ক-১ব] সঞ্চারয়িতা, প্রেরয়িতা। ৭ (বাঙলায়) সংযোজক। "ঔষধ আছে অস্থিসঞ্চারিণী।—কৃ ২৮৫। অস্থিসঞ্চারিণী নাম,...ভাঙ্গা অস্থি তাহে জোড়া যায় ক.চ ২৭৩। —রী পুং ১ সমীরণ, বায়ু। ২ ধূপ। ৩ (অলঙ্কারে) রত্যাদিরসের পরিপুষ্টিকর ভাববিশেষ; ব্যভিচারিভাব। "সা.দ ৩.১। হর্ষাদি সঞ্চারী চৈ.চ ১১৭। ৪ (সঙ্গীতে) গানের তৃতীয় কলি। দ্র 'আভোগ'।

সঞ্চালক বিণ [সম্+ √চালি+অক (ণুল্)-ক] প্রেরয়িতা, সঞ্চারক। —লন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রেরণ। ২ (বাঙলায়) ইতস্ততঃ চালনা; আন্দোলন। "জননী যেমতি, খেদান মশকবৃন্দে সুপ্ত সুত হতে, করপদ্ম-সঞ্চালনে।—মে ২০৬। —লিত বিং বিকম্পিত, আন্দোলিত। "বসন্তবায়ু-সঞ্চালিত কুসুমিত লতার মন্দান্দোলন ব.প্র ১৪১।

সঞ্চিত বিণ [সম্+ √চি+ত (ক্ত)-র্ম্ম] ১ সংগৃহীত, সমাহৃত। "ওষধয়োঽস্মাভিঃ সঞ্চিতা দেবশাসনাৎ গো.রা ৫.২.৩২। চিরসঞ্চিতং ধনম্।—হি ১২/৩১। ২ রাশীকৃত। ৩ অনুষ্ঠিত (তপঃ)। ৪ পরি-ব্যাপ্ত, পূরিত। "শিলাসঞ্চিতবারিমার্গ (S.W.)। ৫ কৃত। "ভাগ্যানি পূর্ব্বতপসা খলু সঞ্চিতানি।—ভর্ত্তৃহরি। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সঞ্চয়।

সঞ্চিতি দ্র 'সঞ্চিত'।

সঞ্চিন্তন ক্লী [সম্+ √চিন্ত্+অন (ল্যুট্)-ভা] সম্যক্ চিন্তা; বিচারণা, বিমর্শন। —ন্তিত বিণ° [+ত (ক্ত)-র্ম্ম] বিচারিত। —ন্ত্য বিণ [+য (যৎ)-র্ম্ম] বিচার্য্য, বিবেচ্য। "দেশকালবয়ঃশক্তি সঞ্চিন্ত্যং দণ্ডকর্ম্মণি যাজ্ঞ ২.২৭৮।

সঞ্ছন্ন বিণ [সম্+ √ছাদি+ত(ক্ত)-র্ম্ম] সম্যক্ আচ্ছাদিত; সমাবৃত। —চ্ছাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সম্যক্ আচ্ছাদন।

সঞ্ছাদন দ্র 'সঞ্ছন্ন'।

সঞ্ছিন্ন বিণ [সম্+ √ছিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ ছিন্ন। ২ নিরাকৃত, অপাস্ত। "জ্ঞানসঞ্ছিন্নসংশয় গী ৪.৪১। —চ্ছেত্তা (-ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব; স্ত্রী -ত্ত্রী] সংচ্ছেদক, নিরাকর্ত্তা, নিরাসক। "সর্ব্বসংশয়সচ্ছেত্তা

মহা ১৩.৩৫.১২।—চ্ছেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ ছেদন; খণ্ডন। ২ নিরাকরণ।

সচ্ছেত্তা, সচ্ছেদ দ্র 'সছিন্ন'।

সঞ্জগা বি[সংযোগ > °গ ; অসাধু] সজিহল। "ম.ম ২১৯।

সঞ্জনন বিণ [সম্+ √জনি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] সমুৎপাদক, জনক, কারক। "প্রীতিসঞ্জননৈঃ (গুণৈঃ) রা ২.১.৩৩ ; শোকসঞ্জননীং চিন্তাম্ ৬.১০১.২৪। —নন ক্লী [+অন-ভা] ১ সমুৎপাদন, উত্তেজন। "কাম" গো.রা ১.৯.১৮। ২ [√জন্+অন-ভা] সমুৎপত্তি।

সঞ্জবন ক্লী [সম্+ √জু+অন (ল্যুট্)-ধি] চতুঃশাল।

সঞ্জম বি [সং সংযম ; °ম (কথা)] সর্থ 'সংযম (১১)। "বি.পা ২৮৩।

সঞ্জয় পুং [সম্+ √জি+অ (অচ্)-ভা] ১ সম্যগ্জয়, বিজয়। ২ [+অ-ক] সূতবিশেষ। "ভ ১.১৩.৩ ; ৩৫। [ইঁহার পিতা গবল্গণ; এই হেতু ইঁহার নাম 'গাবল্গণি'। ইনি ভীষ্মবধের পরে ধৃতরাষ্ট্রের নিকটে উপস্থিত হইয়া গীতার পার্থবাসুদেবসংবাদ ও ভীষ্মের দশ দিনের যুদ্ধবৃত্তান্ত সবিস্তর বর্ণন করেন। ইনি প্রত্যক্ষদর্শী ও ত্রিকালজ্ঞ ছিলেন (মহা ৬.১৩শ অধ্যায়)।]

সঞ্জল্প পুং [সম্+ √জল্প্+অ (ঘঞ্)-ভা ১ সম্ভাষা, সংবাদ, কথোপকথন। "অসতাং সঞ্জল্পাৎ (ধর্ম্মাচারাঃ প্রহীয়ন্তে) মহা ৩.১.২৯ ; ৪৫। ভ ১.১০.২০। ২ কোলাহল। ৩ মিশ্রশব্দ, কিলকিলারব।

সঞ্জাত[১] বিণ [সম্+ √জন্+ত (ক্ত)-ক] ১ সমুৎপন্ন, সম্ভূত, জাত। "°কোপ গো.রা ৩.২৮.১৪। সঞ্জাতনির্ব্বেদ ক.সা ৪.২৬। জয়রস —ঈর্ষ্যাসিন্ধুমন্থন-সঞ্জাত।—কা ২। ২ আবির্ভূত, প্রকটিত। "ইদং তে চারু সঞ্জাতং যৌবনং ব্যতিবর্ত্ততে গো.রা ৫.২২.১২। ৩ উপস্থিত, ভূত। "প্রয়োজনে সঞ্জাতে।—পঞ্চ ১৪৩৩। ৪ অতীত, গত। "কিয়ান্ কালস্তবৈবং স্থিতস্য সঞ্জাতঃ।—পঞ্চ ৫৩৫।

সঞ্জাত[২] বিং [সংযত > °ত; অসাধু] সংযত, নিয়ন্ত্রিত। "এ ধনি মানিনি (মন) করহ সঞ্জাত বি.প ১০১।

সঞ্জাত[৩] 'ত্' বি [সং সংযাত্রা] একসঙ্গে যাত্রা ; মিলিত যাত্রা। "পইল সঞ্জাতে এক বাড়িত উত্তরিলাম জাএয়া গো.চ ৩০৫।

সঞ্জাব বি [ফা সন্জাফ্] কাপড়ের কিনারায় সেলাই-করা কাপড়ের পটি। "সঞ্জাব লাগান, বসান।

সঞ্জীব পুং [সম্+ √জীবি+অ (অচ্)-ভা] সঞ্জীবন, প্রত্যুজ্জীবন। "°করণী রা ৬.১০১.৩১। —বক বিণ [+অক (ণুল্)-ক] সঞ্জীবয়িতা, প্রত্যুজ্জীবক। —বন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ সর্থ 'সঞ্জীবক'। "সঞ্জীবন্যা স্ববিদ্যয়া ভ ৮.১১.৪৭। সুধা এস মৃতসঞ্জীবনী স্ব.প্র ৫৯। (উষে!) হেন সঞ্জীবনী শক্তি যে তোমারে প্রদানিল স.শ ১১৯। ২ সজীবতাসম্পাদক, গ্লানিহর। "স্পর্শঃ...সঞ্জীবনশ্চ মনসঃ উ.চ ৩.১২। জীবনের সঞ্জীবনী অমৃতলহরী সা.ম ৪০ ; প্রিয়ে সঞ্জীবনীলতা! ৬৪। সে উদাত্তবাণী, সঞ্জীবনী।—স.ম ৭৬। ৩ উত্তেজক, সংবর্দ্ধন। "স্মরসঞ্জীবনীং তাং চ দৃষ্ট্বা (চুক্ষুভে সঃ) ক.সা ৫৯.৬। —বন ক্লী [+অন-ক] ১ নরকবিশেষ। "মনু ৪.৮৯। ২ [+অন-ধি] চতুঃশাল। তু 'সঞ্জবন'। ৩ [+অন-ভা] প্রত্যুজ্জীবন, প্রাণসঞ্চারণ "(পরীক্ষিতঃ) কৃষ্ণাৎ সঞ্জীবনং পুনঃ মহা ১.২.৩৪০। ৪ সজীবতাসম্পাদন। "সঞ্জীবনার্থং বীরস্য (মহৌষধিম্ আনয়) রা ৬.১০১.৩২। —বনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মৃতের জীবনদায়িনী বিদ্যাবিশেষ। "সঞ্জীবনীং (পাঠান্তর) বিদ্যাম্—মহা ১.৭৬.৩৩। সঞ্জীবনী মন্ত্র।—ম ৬১ ; ৬২। মন্ত্র মৃতসঞ্জীবনী ম.ভা ৬১। ২ মল্লিনাথকৃত রঘুবংশকাব্যের টীকা। "এষা সঞ্জীবনী টীকা (মল্লিনাথ)। ৩ (বাঙ্লায়) যমপুরী। তু 'সংযমনী'। "(যম) সঞ্জীবনী পুরী গেলা।—ম ২১৬। মোর হাতে যাবি আজি সঞ্জীবনীপুর ব.প ৪৩৪। সঞ্জীবনী পুরী, যা সবার বশে পূর্ণ। —মে ২৮৫। ৪ জীবনদায়িনী সুধা। "সেই আঁখি...মৃতের সঞ্জীবনী! —ম.প্র ৪। —বিত বিণ [+ত (ক্ত)-র্ম] প্রত্যুজ্জীবিত, পুনরুজ্জীবিত। —বিনী স্ত্রী সর্থ 'সঞ্জীবনী (১)। —বী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -বিনী] সর্থ 'সঞ্জীবক'। "সঞ্জীবিনীং বিদ্যাং প্রযুজ্য কচমাহ্বয়ৎ মহা ১.৭৬.৩৩।

সঞ্জীবন, -নী, -বিত, -বিনী, -বী দ্র 'সঞ্জীব'।

সট্[১] অক [ভ্বা, প—সটতি ; সেট্] অংশক, অবয়ব। "সটতি পটঃ, অবয়বী ভাদিত্যর্থঃ (ক.ক)।

সট্[২] বি [তু 'ঝট'] ক্ষিপ্রতার ভাব। "ঠকচাচা মিঠাই খুলিয়া মুখে ফেলিতে যান—অমনি...দুই বেটা মিশকাল কয়েদি...মিঠায়ের ঠোঙাটি সট্ করিয়া কাড়িয়া লইল আ.দু ১৭৪। [সট্সট্[২]—অতিত্বরা। "কিতা কিতা নাড়াইয়া চলিল সট্সট্ শি ৮০। সট্সট্ সট্সট্ ক'রে সব ভাগে আ.দু ৭৭ ; লোকসকল ভয় পাইয়া সট্সট্ করিয়া প্রস্থান করিল ১৭৭।]

সট পুং, **-টা** স্ত্রী [√সট্+অ(অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা অবয়বসদৃশ হয় ; ব্রতীর শিখা (অ.টী) ; জটা। "সটাযুক্ত পঞ্চ চক্রে মহা ৩.২৭১.৯। ২ কেশর। "মাঘ ১.৪৭ ; ৩ বরাহকেশর। "উদ্ধত-সটাঃ (বরাহাঃ) রঘু ৯.৬০। ভ ৩.১৩.২৭। ৪ শিখা (শ.ক)। ৫ জ্বালা, আর্চ্চিঃ। "তড়িদ্বহ্নিসটা ভ ৪.৫.২। ৬ ছটা। "চন্দ্রার্কাংশু-সটা (S.W.)। ৭ পুঞ্জ, রাশি। "নিস্ত্রিংশদীধিতিসটভরভাস্বর। —নাগানন্দ ৩.১৬। চমরসটাকচ-রচনা বা.দ ২০১। [সটাচ্ছটা (স্ত্রী) —কেসরসমূহ। "মাঘ ১.৪৭।]

সটকা[১] '-ট্-' বি [হি সটক ; সং 'সট, -টা' মূল] ১ আলবোলার নল। "কৃষ্ণকান্ত সটকা হাতড়াইলেন, পাইলেন না ব.প্র ২৬৩ ; সোণার আলবোলা ; পোরজরের সটকা ৩৮৫। ২ আলবোলা, গুড়গুড়ি। "কৃষ্ণকান্ত রায় পর্য্যঙ্কে বসিয়া উপাধানে পৃষ্ঠ রক্ষা করিয়া, সটকায় তামাক টানিতেছেন ব.প্র ২৬২। সটকায় ফু দিতে দিতে বৈষ্ণবীর প্রবেশ ও সটকার নল ধীরে ধীরে অভয়কুমারের মুখে দিয়া বিছানায় বসিয়া অভয়কুমারের পদসেবন জা ৫২।

সটকা[২] '-ট্-' অর্দ্ধ [হি, ঠ √সটক ; সট > °কা] (চট) করিয়া যাওয়া ; বেমালুম পালান বা সরিয়া পড়া। "মনটা রেখে প্রাণটা নিয়ে সটকেছি (সটকাইয়াছি) কেমন!—গান ২ ; ১৭। ঠাকরুণ, আমি এতক্ষণ সটকাতুম গি.দ্বি ১১৪। [সটকান—সর্থ 'সটকা'।]

সটা, সটাচ্ছটা দ্র 'সট'।

সটাছুটা বি [শঠ > সটা (?)] বিবাহে স্ত্রী-আচারে প্রচলিত কুটনাটি। "নারীগণ শিখাইল যতেক সটাছুটা ম.ম ২৬।

সটান বিং [স[৩]+টান[১]] ১ দণ্ডবৎ অসঙ্কুচিতদেহ ; লম্বিত, টান-টান। "সটান হ'য়ে পড়া, শোওয়া। ২ একটানা, চোঁচা (দৌড়)। —টান ক্রি.বিং ১ একটানা, সোজাসুজি (directly)। "সটান যাওয়া। ২ বেগে, জোরে। "আশার কাঞ্চনতরী বাহিয়া সটান অ.গু ৯২। ৩ যথাশক্তি, প্রচণ্ড। "(শক্তি) ছাড়িল সটান বেগে কৌশলের প্রতি স্ব.প্র ১৮১।

সটাল বিণ [সটা+ল (লচ্)] কেশরযুক্ত। "ক.সা ২২.১০৭।

সটি, সটিকা, সটী স্ত্রী সর্থ 'শটি'।

সটীক বিণ [সহ টীকা যাহাতে, বহুব্রী] ১ বিদ্যমানটীক, টীকাসহিত। ২ [সঠিক > °ক ; হি সটীক] (বাঙ্লায়) ঠিক, সুস্পষ্ট। "(চাতক) বুঝা যায় সটীক ফটিক জল ডাকে বি.সু ২১।

সটে-পটে ক্রি.বিং [সটে+পটে দ্র 'এ[৫] (৬) ; হি সট্টা-বট্টা—চাল-বাজী] ১ 'শিখায় ও বস্ত্রে' ; বেশভূষায়, সাজসজ্জায়। "সাধুবেশ ধরিয়া

আইল সটেপটে ভ.প্র ১৯১। ২ সাষ্টাঙ্গে পতনপূর্ব্বক। "এতো কহি, কৃষ্ণস্থানে, সটেপটে শ্রীচরণে ধরিয়া করিলা দৃঢ় পণ ভ.প্র ২০৩।

সট্টক স্ত্রী উপরূপকবিশেষ। [ইহার শ্লোকাদি প্রাকৃতে রচিত ও অঙ্কের নাম জবনিকা। ইহাতে প্রবেশক বিষ্কম্ভক থাকে না, প্রচুর অদ্ভুতরস থাকে। 'কর্পূরমঞ্জরী' সট্টক। 'সা.দ ৬.৪; ২৭৬।] —ক পুং সর্থ 'শট্টক'। "সুশ্রুত ১.৪৫.৫০৪।

সট্‌সট্[1] বি [ধ্বন্যাত্মক] ১ হস্তিশুণ্ডাস্ফালনের শব্দ। "সট্‌সট্ সঘনে শুণ্ডের শুনি সাড়া শ্রী ১২২। ২ লাঙ্গুলাস্ফালনের শব্দ। "(হেল্যা) সট্‌সট্ নাড়িছে পুচ্ছ শি ৮০। [সেঁটে মারা—সট্‌সট্ শব্দে, অর্থাৎ জোরে মারা। "সেঁটে মারে পিছাড়ে চাবুক বি.সু ৮।]

সট্‌সট্[2] দ্র 'সট্'[2]।

সঠিক বিং [সুঠিক > °ক (?); হি সটীক; 'ঠিক' সাধু] সম্পূর্ণ ঠিক; যথার্থ। "বল সঠিক এ কি হইল।—দু ৮৩। সঠিক বলেছি তোমা না করি গোপন।—হেম ৩। শেষে সঠিক শোনা গ্যালো···এক জন ফিরিঙ্গী ঝগড়া করে গুলি মারে।—হু ৮৭।

সড়[1] বি [ষড়যন্ত্র > সড়] গোপনে পরামর্শ বা যুক্তি।

সড়[2] দ্র 'শড়'।

সড়ক বি [আ শরক্; হি, মৈ সড়ক; ঠ, ও সড়ক] রাজপথ, বড়রাস্তা। —ক বিং [ঠ সড়ক] সরল, সোজা (পথ, পঙ্‌ক্তি, দণ্ড)।

সড়কা বি (?)। "শি ৭৫।

সড়কি বি সর্থ 'শড়কি'। "লাঠিসড়কি ব.প্র ৪১৩।

সড়কী বি [শলাকীয় > কী] বংশাদিশলাকারচিত আবরণ বা চিক। "(সেবকগণ) খিড়িকে সড়কী ফেলি যায় রা.শে ১০০।

সড়গড় বিং [স্বরগত > °ড় (সং গত > প্রা গড—প্রা.প্র ১১.১৫)] 'বিশুদ্ধস্বরপ্রাপ্ত', শুদ্ধ উচ্চারিত; উত্তমরূপে অভ্যস্ত, আয়ত্ত, মুখস্থ (গান, পাঠ্যবিষয়)।

সড়(ড়ি)ঙ্গা বিং [হি 'সলেংগা' (শলাকাঙ্গা?)—শীর্ণ কুৎসিত নারী; ড় সলঙ্গা] শীর্ণাঙ্গ-দীর্ঘকায়, রোগা-ঢেঙা (স্ত্রী, পুরুষ)।

সড়সড়, -ড়ান, -ড়ে; সড়সড়ি; সড়া[1]**; সড়া**[2] দ্র 'শড়শড়; শড়শড়ি; শড়; শড়া'।

সড়াক্, -ড়াৎ বি [সং স্রাক্ > (স্বরাগমে) সরাক্ > °ক্, -ৎ] দ্রুত বা সবেগ ভাব। "সড়াক্ ক'রে যাওয়া। পিছলে পা সড়াৎ ক'রে সরে।

সড়াক বি ডাকমাশুলের সহিত।

সড়িঙ্গা দ্র 'সড়ঙ্গা'।

সড়িত বিং [সড়+ইত[2]; তু 'শটিত'] পচিয়া গলিত। "লখাই সড়িত হৈল দেবীর কৃপায় ম.ভা ৪৭।

সড়িয়াল, স'ড়েল বি [হি 'সরিমল'—পচা] গায়ে-পচাগন্ধ বিড়াল-জাতীয় জন্তুবিশেষ; গন্ধগোখুলা।

সণ; সণ্ড দ্র 'শণ; ষণ্ড'।

সণ্ডিশ পুং [সন্দংশ > °শ] সর্থ সন্দংশ' (শ.ক)।

সণ্ডীন স্ত্রী [সম্+√ডী+ত(ক্ত)-ভা] পক্ষীর গতিক্রিয়াবিশেষ; বৃক্ষাদিতে পক্ষীর পতন বা উড়িয়া বসা (অ.টী); পরিক্রমণপূর্ব্বক পক্ষীর প্রপতন (নীলকণ্ঠ)। দ্র 'ডীন'।

সৎ[1] বিণ [√অস্+অৎ (শতৃ)-ক; সন্ (পুং), সতী (স্ত্রী), সৎ (ক্লী); ছান্দস; cf., L. Sens—absens; Slav. sy] ১ বিদ্যমান, বর্ত্তমান। "ঋগ্বেদ ৮.৪৩.১৪। (রমতে সীতা) বিজনেঽপি বনে সতী রা ২.৩০.১০। সৎকল্পবৃক্ষে বনে শ ৭.১২। সত্যামপি তপঃসিদ্ধৌ রঘু ১.৯৪। (হে ইংরাজ!) তুমি আছ, এই জন্যই তুমি 'সৎ' ব.ঋি ৬১১। ২ সন্নিহিত। "দুঃখানি সদ্বেন্ধুবিয়োগজানি উ.চ ৪.৮। ৩ সত্য। "সচ্চা-সচ্চ বচসী।—ঋগ্বেদ ৭.১০৪.১২। ৪ সাধু। "বৃষতঃ সতামসি।—ঋগ্বেদ ২.১.৬। শূদ্রাশ্চ সন্তঃ মনু ৮.৬৮। সতী সতী যোগবিসৃষ্টদেহা কু.স ১.২১। আপনি হইলে সৎ অসতে কি করে শ্রী ৯১। ৫ প্রশস্ত। "অনপায়িনীং মতিঃ ভ ৭.৫.২৯। ৬ অন্তর্হিত, পূজিত, মান্য। "দ্বিজসত্তম মনু ১.৩৩। সে হয় সুকৃতি সৎ (লক্ষ্মীর কৃপা যারে) শ্রী ৩। ৭ উত্তম। "সতঃ সতঃ প্রতিমানম্।—ঋগ্বেদ ৩.৩১.৮। ৮ ধীর। ৯ উচ্চৈঃ, মহান্। "সৎকুল; সদ্বংশ। ১০ অহৈতুক। "যন্ত শ্রদ্দধতামাশু স্তান্ মুকুন্দে মতিঃ সতী ভ ২.১.১০। ১১ সাত্ত্বিকস্বভাব। "সর্ব্বদাভিগতঃ সদ্ভিঃ রা ১.১.১৬। —৫ পুং ১ সাধু, ধার্ম্মিক। "বর্ত্তন্ত চ সতাং ক্রমে রা ২.২৫.২। সেবিতঃ সদ্ভিঃ (ধর্ম্মঃ) মনু ২.১। আদানং হি বিসর্গায় সতাম্ রঘু ৪.৮৬। ২ পূজ্য। ৩ সুধী, বুধ, পণ্ডিত। "রঘু ১.১০। ৪ শিব। "কু.স ৫.৭৭। —৫ ক্লী ১ অস্তিত্ব, সত্তা। 'সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে গী ১৭.২৬। ২ সাধুভাব, সমীচীনত্ব (টীকা)। 'দ্র 'সৎ ক্লী (১)। ৩ প্রশস্ত কর্ম্ম। 'প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ গী ১৭.২৬। ৪ যজ্ঞকর্ম্মে দানকর্ম্মে ও তপস্যায় স্থিতি বা নিষ্ঠা। 'যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ 'সৎ' গী ১৭.২৭। ৫ যজ্ঞদানতপস্যানুকূল কর্ম্ম। 'কর্ম্ম চৈব তদর্থীয়ং 'সৎ' গী ১৭.২৭। ৬ সদ্বস্তু, সৎস্বভাব আত্মা, আত্মা। "নাভাবো বিদ্যতে সতঃ গী ২.১৬। ৭ কারণ। "(মায়য়া) সদসদ্রূপয়া ভ ১.২.৩০; সদসদাত্মক ২.৬.৩৩। ৮ ব্রহ্ম। 'ওঁ তৎ সদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ গী ১৭.২৩। ৯ আত্মবৎসত্ত্ব (সায়ণ)। "নাসদাসীন্নো সদাসীৎ।—ঋগ্বেদ ১০.১২৯.১। ১০ অব্যাকৃতাত্মক ঈশ্বরভূত (মিতাক্ষরা)। "সদেব সোম্যেদমগ্র আসীৎ।—ছান্দোগ্য ৬.২.১। ১১ (বৈষ্ণবশাস্ত্রে) সন্ধিনী চিচ্ছক্তি। 'সদংশে সন্ধিনী চৈ.চ ১০৪। ১২ শুভ। ১৩ (ব্যাকরণে) শতৃশানচ্-প্রত্যয়ের সংজ্ঞা। 'তৌ সৎ পা ৩.২.১২৭। ['সৎ' (ক্রিয়া-যোগে গতিসংজ্ঞক)—১ আদর। "সৎকৃত্য পা ১.৪.৬৩, সি। ২ পবিত্র। "সৎকর্ত্তুং গিরিম্ ভ ৩.৬.৩৫। °কথা (স্ত্রী)—১ সাধুগোষ্ঠী। ২ বিষ্ণু-কথা। "ভ ৪ ১৪.৩৬। °কদম্ব (পুং)—কেলীকদম্ব। °কর্ত্তব্য (বিণ) —আদরণীয়, পূজ্য। °কর্ত্তা (-র্ত্তৃ) বিণ—পূজয়িতা। °কলা (স্ত্রী) —সঙ্গীতচিত্রাদি-বিদ্যা। °কবি (পুং)—উত্তম কবি, মহাকবি। "°ভণিতি সা.দ ১০-৪-১। ক.চ ২৪৫। °কাব্য (ক্লী)—উত্তমবাক্য। °কুল (ক্লী)—সদ্বংশ, উচ্চৈঃকুল।]

সৎ[2]**, -ত 'ৎ'** বি [সতিন > সৎ, -ত; হি, ঠ সবত] সপত্নী। "°মা। [°শাশুড়ী—শাশুড়ীর সতিন। °সম্পর্ক—সতিনের সম্বন্ধ।]

সতত বিণ [সতত+অ (অচ্)] অবিচ্ছেদবান্, নিরন্তর, অবিরত, অনবরত। —ত ক্রি.বিণ নিরন্তর। "সততং চ সুখোচিতা রা ২.৩৮.৩। °যুক্ত গী ১২.১। মনু ৪.২২। তা সবার সহ আমি বিহারি সতত।—মে ২৬। —ত ক্লী [সম্+√তন্+ত(ক্ত)-ভা, বিকল্পে 'ম্'-লোপ, পক্ষে 'সন্তত',—সমো বা হিত-ততয়োঃ (পা ৬.৩.১০৯, তত্ত্ববোধিনী)] অবিচ্ছেদ, ক্রিয়ান্তর দ্বারা অব্যবধান ('অতিশয়' শব্দে অ.টী); নিরন্তর-ক্রিয়া (শ.ক)। [°গ, °গতি (পুং)—সদাগতি, বায়ু। "°তি উ.মে ৮। °গ মাঘ ৬.৫০। °জ্বর (পুং)—অবিরতজ্বর। °মানস (বিণ)—অবিচ্ছিন্ন-চিত্ত। °যায়ী (-য়িন্) বিণ—সততগমনশীল, সদা বিনশ্বর। "মনু ১.৫০। °যুক্ত (বিণ)—নিত্য-তন্নিষ্ঠ; নিত্য-সমাহিতচিত্ত। "গী ১২.১।]

সততচিত্ত বিং অবিচ্ছিন্নমনাঃ। "(বিমলা) °তা শ্রী.মা ১২।

সততা বি [সং সত্তা] সাধুতা, ন্যায়পরতা, ভদ্রতা। "সততা কখনই ঢাকা থাকে না আ.দু ৮৯। যদি সত্য খবরটা ফাঁস করি, তবে সততা রক্ষা হয় গ.স ৯৭।

সতত্ত্ব ক্লী [সহ তত্ত্বাবেন বর্ত্ততে সতত্ত্বম্ (অ.টি)] স্বভাব। "সতত্ত্ব-তোঽন্যথা প্রথা বিকার ইত্যুদীরিতঃ (বেদান্তসার)।

সতন্তর বিং [স্বতন্ত্র > (স্বরাগমে) স্বতন্তর > °র; পদ্যে] স্বাধীন। "সকলের বস তুমি নহ সতন্তর।—শ্রী ১৯। কেনে চণ্ডী এত সতন্তর

বি.পা ৭৮। কি আর বুঝাও, কুলের ধরম, মন সতন্তর নয়।—জ্ঞা ১৭৩। —রি, -রী বিং স্বাধীনা। "বহু সব মহে সতন্তরী শ্রী.কী ২০১। নহি সতন্তরি প.ক ২৯০। [সতন্তরে থাক—স্বাধীনভাবে থাক। "আমি রেয়ে যাই তুমি সতন্তরে থাক ম.ম ১৬। পাইয়া সতন্তর—স্বাধীনতা পাইয়া; স্বাধীন হইয়া। "তার (ঘরের) মধ্যে রহিলা পদ্মা পাইয়া সতন্তর ম.ম ১১। সতন্তর, -রে ('সতন্তরা' মূল)—স্বাধীনা (শ্রী.কী)।]

সত-মা, -মাও, সৎমা, -মাও '-ৎমা' বি [সত-মা, -মাও, দ্র 'সৎ২'; মৈ সতমাই] মাএর সতীন ও মা; বিমাতা। "বায় সতমাএর পাস। —মী ৪; গো.বি ২১। সতমা।—ম ১০৩৫; চৈ.ম ১৩৬। বন্দিলেক সতমাও ম.পা ১১৯। সৎমাও ম.ম ১৮; ২১। সৎমা কি সতীনপোকে যত্ন করে ব.প্র ৪৭০।

সতর স.বিং [সং সপ্তদশ > লি সত্তদস, সত্তরস; প্রা সত্তারহ (পৈ), বা সত্তরহ > সতর; হি সত্তরহ; ঠ সতরা, গু সত্তর; সতেরো (চ.কা ৮৪)] সপ্তদশসংখ্যক। —র বি সতর (১৭) সংখ্যা। "একের পিঠে সাত 'সতর'। [সতরই (দ্র 'আটই')—মাসের সপ্তদশ দিন।]

সতরঞ্চ বি সর্থ 'শতরঞ্চ'। "জিনিল...সুন্দরী সতরঞ্চে ম.ভা ৩৪। খেলিছেন সতরঞ্চ।—দা ৮৭৮।

সতরঞ্চি দ্র 'শতরঞ্চি'।

সতর্ক বিণ [বহুব্রী] ১ তর্কসহিত, সাবধান, অপ্রমত্ত, অবহিত। ২ বিমৃশ্যকারী।

সতা বি [সত > সতা, দ্র 'সৎ২'] সতীন। "ঘরে সতা স্বতন্তর ক.চ ৩২, সাত সতা গৃহে বাস ৬৩, গঙ্গা নামে মোর সতা ৬৪, ১১৮। শ্রী ২৪৪। ব.প ৩৩৩,-৫। গঙ্গা নামে সতা ভা চ ২৫৫, ৫২৮। [সতানল—সপত্নী-রূপ অগ্নি। "সতানলে দগ্ধ ম.পা ৬৯। সতামাও—সত-মা, বিমাতা। "ম.ম ১৭। সতাসতী (সতা+সতীন)—সতিন। "সতাসতী নাহি প্রভু তুমি মোর সতা ক.চ ৬৯। সতা-সতিনের ঘর—সতীন লইয়া ঘরকন্না।]

সতাই বি [সত+আই১] সত-মা। "কেকয়ী সতাই কৃ.অ ৯। সুমিত্রা সতাই।—কৃ ১০৩। ক.চ ২২৬। বি.পা ৭৭; ৯১; ৩৫৫। ম.ম ১৯। ধ্রুবের সতাই চৈ.ম ১৩৪, টীকা। ম.ভা ৮১।

সতাত '-তো, বিং [সত > °ত, তু 'খুড়তাত'] মাএর সপত্নী-সম্বন্ধী; বৈমাত্রেয়। "লক্ষ্মীর সতাত বোন অ.প্র ২৯। [সতাত বাপ—মায়ের দ্বিতীয় বার বিবাহের স্বামী, হাঁটান-ছেলের বাবা। "তুমি নকুল বাবুর অনুরোধে (মদ) খেতে পাল্যে, আমার অনুরোধে পার না? আমি তোমার সতাত বাপ? —স.এ ৬।]

সতান্তর বিং [সতন্তর > °র] ১ স্বাধীন। "মুক্ত দ্বার পাই চোর হইল সতান্তর গো.বি ১০৮; ১৮১। ২ ভিন্ন, পৃথক্। "গো.বি ১৫২; স্ত্রী হোন্তে আছে কোন জনে সতান্তর ১৬৭। —র বি স্বাধীনতা। "পখাল করিতে গুরু নাহি সতান্তর গো.বি ১১৮।

সতি বিং [সত্য > (স্বরাগমে) সতিয় > সতি; হি সতি] ১ সত্য, যথার্থ। "আজু সতি মাধব শুভ দিন তোরি।—ব ৭৬; তুহু সতি বৃন্দাবন বাটোয়ার ১১৯। কহই সতি প.ক ৭৬; যে দেখিলুঁ সেহ নহে সতি ১৪৫। ২ ভাষ্য, সমুচিত। "রাইয়ের নিকটে পাঠাইলা দূতী। বড়ু চণ্ডীদাস কহয়ে সতি।—চ.দা ১৪৪। ৩ [হি সতি] সৎ, ধার্মিক। "মানিকচন্দ্র রাজা বঙ্গে বড় সতি গো.চ ১। অসতি রাজা হৈল রাজ্যের ভিতর ব.প ২৯; ৩০।

সতিন, -নী, সতীন১, -নী বি [সং সপত্নী > (স্বরাগমে) সপতিনী > সতিনী, -ন, -তীনী, -ন; হি সৌতিন; ঠ সবত] সপত্নী। "সতিন গো.বি ৮৪; সতীন, সতিনী।—কৃ ৯০,-৬। সতিন ক.চ; দু-সতিনে, সতিনী ১৩৪; সতীন ১৪৮; সতীনী ১৬৪। সতীনী শ্রী ১৯; সতিনী শেল কাঁটা ২৪৪। সতিনীর দাসী বা.ম ১১। সতিনী চৈ.চ ৪৫; জ ২৭; চৈ.ম ১৩৭। সতীনী ভা.চ ৫২৮,-৯। সতিনী।—দা ৮১৭; সতীন ৮২২। [°কাঁটা—কাঁটার মত ক্লেশকর সতিন। "সতীন কাঁটায় নেইক জ্বালা কৃ.কে ৭৭। °ঝী—সপত্নীকন্যা। °পো, °বেটা—সপত্নীপুত্র। "°পো ব.প্র ৪৭০। °বিটি—দুর্বৃত্তা সপত্নী। °মোড়া—সপত্নী হওয়ার চিহ্নস্বরূপ সীমন্তের মুখস্থিত কেশাবর্তবিশেষ। যে বিটী সতিনে পড়ে। ভিন্ন বিধি তারে গড়ে।—অর্থাৎ সতিনের বিধাতা অতিনিষ্ঠুর।]

সতিমির বিণ [বহুব্রী] তিমিরযুক্ত, তমোময়। "দিশঃ সতিমিরস্তাসন্ গো.রা ১.৭৬.১৬।

সতিল বিণ [বহুব্রী] বিদ্যমানতিল, তিলযুক্ত। "°সলিলাঞ্জলি।

সতী১ বিণ, স্ত্রী [সৎ+স্ত্রী ঈ (ঙীপ্) সাধ্বী, পতিব্রতা। "সতী সতী যোগবিসৃষ্টদেহা (তাং প্রপেদে) কু.স ১.২১। সে ধনী বলান সতী শি ১০১। সাদরে সতীরে তুলি কহিলা ধূর্জটি।—মে ৩১৮। —তী স্ত্রী ১ পতিব্রতা স্ত্রী। "চিতায় আরোহি সতী (ফুলাসনে যেন!) বসিলা। —মে ৩১৬। আ মরি, কি সতী!—মা ১১৮। ২ স্ত্রী-যতি (A.)। ৩ সৌরাষ্ট্রমৃত্তিকা। ৪ শিবপত্নী, দুর্গা। "কু.স ১.২১। লুকাইয়া দশমূর্তি সতী হৈলা সতী ভা.চ ৩৬; সতী-সদাশিব ১৫৮। রে সতি, রে সতি, কাঁদিল পশুপতি।—হেম ৩৩৬। [ইনি দক্ষের কন্যা। দক্ষকৃত শিব-নিন্দাশ্রবণে যোগে দেহ ত্যাগ করিয়া ইনি হিমালয়পত্নী মেনকার গর্ভে জন্মগ্রহণ করেন এবং 'উমা' নামে খ্যাত হন। দ্র 'দক্ষ'। দক্ষালয়ে গমনের পূর্বে ইনি যে দশমূর্তিতে শিবকে ভয় দেখাইয়াছিলেন, সেই সকল মূর্তি 'দশ মহাবিদ্যা' নামে খ্যাত। বিষ্ণুচক্রে বিচ্ছিন্ন ইঁহার মৃতদেহ একপঞ্চাশদ্‌ভাগে বিভক্ত হইয়া যে যে স্থানে পতিত হয়, সেই সেই স্থান 'মহাপীঠ' নামে প্রসিদ্ধ।] ৫ (বাঙলায়) সুশীলা, ভক্তবৎসলা। "(ভারতি!) দাসেরে আসি দয়া কর, সতি!—মে ২। [সতী-লক্ষ্মী —সাধ্বী ও লক্ষ্মীতুল্য সুলক্ষণা। সতী-সাধ্বী, সতী-সাধ্বী-পতিব্রতা —একার্থকশব্দ (অ কো)। "সতী-সাধ্বী সীতা শ্রী ১৭। ফিরে করিব সতী-সাধ্বী।—দা ৫৩৩। প্রসন্ন সতী, সাধ্বী, পতিব্রতা ব.প্র ৫৯০। সতী-সাবিত্রী—সাবিত্রীতুল্যা সতী।]

সতী২ বি [সং সপত্নী > প্রা সবতী (বি.মা ৬৪) > বা সতী; হি সৌতি; ঠ সবতী] সপত্নী। [সতাসতী—দ্র 'সতা'।]

সতীত্ব ক্লী [সতী+ত্ব] সাধুস্ত্রীর বা দক্ষকন্যা সতীর ভাব বা ধর্ম; সতী-ধর্ম, পাতিব্রত্য। দ্র 'সত্ত্ব২'। "স্ত্রীর পরম ধর্ম সতীত্ব ব.প্র ১৫৭। [সতীত্বের শ্বেতপদ্ম—সতীধর্মের শ্বেতপদ্মসদৃশকলঙ্কলেশহীন আদর্শ। "তুমি হবে একাকিনী...সতীত্বের শ্বেতপদ্ম।—কা ২৯। সতীত্বের শেঁতপদ্ম—সানুনাসিক উচ্চারণ উপহাসব্যঞ্জক। "এই বুঝি তোমার সতীত্বের শেঁতপদ্ম?—লী ১১।

সতীন১, -নী দ্র 'সতিন'।

সতীন২, সতীনক পুং [°নক (অ.টী)] কলায়। "°ন-যূষ (সুশ্রুত)।

সতীপণ, -পা, -ন বি [সতী+পণা] সতীত্ব। "সতীপণ শ্রী.কী ৩৬। না রহে সতীর সতীপণা।—ব ১৫২। সতীপণা শি ১০২। বধুক সতীপন হোই প.ক ২৮৬৩।

সতী-মা বি কর্তাভজা-সম্প্রদায়ের ইষ্টদেবতা।

সতীর্থ বিণ [সমান তীর্থ যাহার, বহুব্রী, সমান > স, পা ৬.৩.৮৭] যাহাদের একগুরু; সমানগুরু। —র্থ পুং এক গুরুর শিষ্য; পরম্পরৈক-গুরুক ছাত্র। "(কাশীশ্বর) প্রভুর সতীর্থ ভ.প্র ৩২৭; ৪৭০। চৈ.ম ৪।

সতীর্থ্য পুং [সমান তীর্থে বাসী ইতি সমানতীর্থ+য (যৎ), সমান > স, প্রা ৪.৪.১০৭; ৬.৩.৮৭] সমানতীর্থবাসী, পরম্পরৈকগুরুক শিষ্য; সমানোপাধ্যায়।

সতীলক পুং [সহ তিল যাহাতে, বহুব্রী, 'ক' (কপ্), নিপাতনে দীর্ঘ; তু 'সতীনক'] কলায় (অ.কো)।

সতুষ [বহুব্রী] তুষযুক্ত। —ষ ক্লী ধান্য।

সতৃট্ (-ষ্),-তৃষ, -তৃষ্ণ বিণ [সহ তৃট্ তৃষা তৃষ্ণা যাহাতে বহুব্রী ; স্ত্রী -ট্, -ষা, -ষ্ণা] ১ বিদ্যমানতৃষ্ণ, পিপাসিত। ২ সাভিলাষ, সস্পৃহ। "(কৃষ্ণ) ব্রজ যাইতে সতৃষ্ণ চৈ.চ ১৫৬। তাহা দেখিবারে কৃষ্ণ সতৃষ্ণ হইলা চৈ ৪০।

সতৃষ, সতৃষ্ণ দ্র 'সতৃট্'।

সতৃণদশন বিং দন্তধৃততৃণ, অর্থাৎ মূঢ়মতি (দ্র 'দশন'—দশনে তৃণ ধরা)। "দ্বিজ শ্রীমাণিক ভনে সতৃণদশন শ্রী.মা ৩।

সতেজাঃ(-জস্) বিণ [বহুব্রী] বিদ্যমানতেজস্ক, তেজস্বী।

সৎকরণ ক্লী [সৎ+ √কৃ+অন (ল্যুট্)-ভা , গতিসমাস] ১ সমাদর, পূজা। ২ অন্ত্যেষ্টিক্রিয়া। —কার পুং[+অ (ঘঞ্)-ভা; গতিসমাস] ১ সমাদর, অর্চ্চন, পূজা। "সৎকারেণাথ সৎকৃতঃ গো.রা ৩.১৫.২২। বিধিপ্রযুক্ত° কু.স ৬ ৫২। ২ অতিথিপূজা। "আতিথ্য° গো.রা ৩.২.৬। ৩ সাধুকার, 'ইনি সাধু' ইত্যাদিরূপ বাক্‌পূজা। "গী ১৭.১৮। ৪ অন্ত্যেষ্টিক্রিয়া। "ম ৫৫০। বা.ম ১২০। ৫ [+অ-র্ম্ম] উৎসব। "মনু ৩ ৫৯। —কার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আদরণীয়, পূজ্য, মান্য। ২ অতিথিসংস্কারার্হ। ৩ অন্ত্যেষ্টিক্রিয়ার্হ (শব)। ৪ [কর্ম্মধা] ধর্ম্মকর্ম্ম, সৎক্রিয়া। ৫ (বাঙ্গলায়) অন্ত্যেষ্টিক্রিয়া। °কারণ।—ম ৯৯২। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাদৃত, পূজিত। "সুরলোকসৎকৃত গো.রা ২.১১০.২৩। ২ সাদরকৃত। "আতিথ্যসৎকারং কৃত্বা রামায় সৎকৃতম্ গো.রা ৩.২.৬। ৩ কৃতাতিথ্য। —কৃত ক্লী [+ত-ভা] ১ সৎকার, পূজা। "প্রাপ্তবাং লোকসৎকৃতম্ গো.রা ২.১১০.১৯। ২ অতিথিসৎকার। ৩ [কর্ম্মধা] সৎকর্ম্ম। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ পূজা। "ভ ১০.১৫.৪৩। ২ [কর্ম্মধা] সাধুকার্য্য, সৎকর্ম্ম। —ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পূজা। "দেবসৎক্রিয়া গো.রা ৩.৭৫.২৩। শ ৭২। কু.স ৫.৩২। ২ অতিথিপূজা। "অতিথি° যাজ্ঞ ১.১০২। ৩ অনুগ্রহ। "কি ১.১৫। ৪ [কর্ম্মধা] মঙ্গল, শুভকার্য্য। "বিবাহ° রঘু ৮.৬১। ৫ অন্ত্যেষ্টিক্রিয়াদি। "পরলোক° মহা ১.৪৪.৫। চৈ.ম ৭৬। পুত্রের সৎক্রিয়া রাজা ইচ্ছেন সাধিতে।—মে ৩০০। ৬ সংস্কার। "যূপ° কু স ৫.৭৩। ৭ প্রায়শ্চিত্ত।

সৎকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] ১ প্রশস্তকর্ম্ম, ধর্ম্ম্যকর্ম্ম। ২ অতিথিসৎকার। ৩ অন্ত্যেষ্টিক্রিয়া।

সৎকার, সৎকার্য্য দ্র 'সৎকরণ'।

সৎকুল বিণ [বহুব্রী] সদ্বংশভব, অভিজাত। —কুল ক্লী [কর্ম্মধা] উচ্চৈঃকুল, সদ্বংশ, মহাকুল। "সৎকুলোৎপন্না ক.সা ৪.৩৩। —কুলীন বিণ [°ল+ঈন (খ)] সৎকুলজাত, শুদ্ধবংশ্য। "চৈ চ ১৭৯।

সৎকৃত দ্র 'সৎকরণ'।

সৎকৃতা বিং ধর্ম্মচারিণী। "শ্রী.মা ১২।

সৎকৃতি, সৎক্রিয়া দ্র 'সৎকরণ'।

সত্ত বি[সং সত্ত্ব >লি, প্রা সত্ত , হি সত্ত] সারভাগ, রস। "সত্ত পান করে তার চিপি করতলে চ.বি ২৪৬।

সত্তম বিণ[সৎ+তম (তমপ্)]১ সাধুতম, অতিধার্ম্মিক। "(চরিতং পঠন্) শূদ্রঃ সত্তমতামিয়াৎ ভ ৪.২৩.৩২। ২ শ্রেষ্ঠ, প্রধান। "ঋষিসত্তম রা ১.৭.৪। দ্বিজ° মনু ১.৩৩। মুনি° ভ ১.১৩.৪০। বাজি° ক.সা ১৮.১০২।

স'ত্তর, -ত্তরি স.বিং [সং সপ্ততি >প্রা সত্তরী (হে ১.২১০), সত্তরি (পৈ) ; হিং, ঠ, প সত্তর, গু সিত্তর; সত্তের (ম.পা ৬)] সপ্ততিসংখ্যক। "সত্তরি যোজন উচ্চ শরীর তাহার।—ম ৫৫৫। —র বি সত্তর (৭০) সংখ্যা। "সাতে শূন্য 'সত্তর'।

সত্তর ক্রি.বিং [সং সত্বর >প্রা সত্তর ; সত্বর (মী ১২) ; অসাধু] শীঘ্র। "গো.বি ৪৯ ; তুম্মি চলহ সত্তরে ৬৯। আসিবে সত্তর শ্রী.মা ২০৮ ; সত্তর পয়ান ২১৯।

সত্তা স্ত্রী [সৎ+তা (তল্)] ১ সদ্ভাব, বিদ্যমানতা, ভাব, অস্তিত্ব। "মনু ২.১২৪, কুল্লুক। যার ভগবত্তা হৈতে অন্যের ভগবত্তা। 'স্বয়ং ভগবান্' শব্দের তাহাতেই সত্তা।—চৈ.চ ৭। ২ সাধুতা। ৩ (দর্শনে) জাতিবিশেষ। "ভাষাপরিচ্ছেদ ৮। গোসত্ত্বেব গোত্বম্ (S.W.)।

সত্তি বি [সত্য >(স্বরাগমে) সতিয় >সত্তি ; কথ্য] সত্যযুগ। "সত্তি জুগে সাঁজা দিল বসুআ আমিনি শূ ৭৪।

সত্র[1], সত্র ক্লী [√সদ্+ত্র-ণ : 'সত্র' (ঋগ্বেদ ৭.৩৩ ১৩) 'সত্র' (শুক্লযজুর্ব্বেদ ৮.৫২) 'সত্র' (ব্যুৎপত্ত্যনুসারী)] ১ যাগ, যজ্ঞ। "ঋগ্বেদ ৭.৩৩ ১৩। সত্র মনু ৮.৩০৩। দীর্ঘসত্র রঘু ১.৮০। সত্র ভ ১.১.৪। অশ্বমেধ সত্র।—ম ৫৯ ; রাজসূয় সত্র ৩২১। ২ যজ্ঞভেদ, দ্বাদশাহাদিসাধ্য জ্যোতিষ্টোমাদি (ত.বা)। ৩ ধর্ম্মকর্ম্ম। ৪ সদাদান, অর্থাৎ সদক্ষিণ সতত অন্নদান (ত বা)। ৫ দান। ৬ কৈতব, শাঠ্য। ৭ ধন। ৮ [+ত্র-র্ম্ম] অরণ্য। "মৃগব্য° কি ১৩.৯। ৯ আচ্ছাদন, আবরণ। ১০ সরোবর। ১১ আশ্রয়। [°গৃহ (ক্লী)—যজ্ঞশালা। "ক.সা ২১.৯২। °পরিবেষণ (ক্লী)—সত্রে অন্নাদিবিভাজন। °ফলদ (বিণ) —সোমযাগের ফলদাতা। °বসতি, °শালা (স্ত্রী), °সদ্ম (-দ্মন্) ক্লী —যজ্ঞগৃহ। "°লা ক.সা ২১.৭৪ , °দ্মন্ ২০.১৪৯। °যাগ (পুং)—সোমযাগ। "ভ ৮.৮.৩৯। সত্রাধিপ (পুং)—যিনি সর্ব্বভূতাত্মতুল্য নিস্পৃহ অতিথিপূজক ও দানশীল (শু ২ ১৬৮)।

সত্রা(ত্রা)জিৎ পুং [সত্র, -ত্র+আ- √জি+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; 'সত্রাজিত' (ভ ১০.৫৬.১ ; ২)] যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ। [ইঁহার পিতা নিঘ্ন। ইনি সূর্য্যভক্ত ছিলেন এবং সূর্য্যের নিকট হইতে স্যমন্তকমণি প্রাপ্ত হন। একদা ইঁহার সহোদর প্রসেন এই মণি ধারণ করিয়া মৃগয়ার্থ বনে গমন করেন। বনে এক সিংহ প্রসেনকে নিহত করিয়া মণি লইলে, জাম্ববান্ সিংহকে বিনাশ করিয়া সেই মণি গ্রহণ করেন ও স্বীয় কুমারের ক্রীড়নক করিয়া দেন। সত্রাজিৎ প্রসেনকে না দেখিয়া মনে করিলেন, কৃষ্ণই মণির লোভে প্রসেনকে নিহত করিয়াছেন। কৃষ্ণ ইহা জানিতে পারিয়া নগরবাসীর সহিত বনে গিয়া প্রসেনকে ও কিয়দ্দূরে সিংহকে নিহত দেখিলেন, মণি পাইলেন না। তখন তিনি ঋক্ষপদচিহ্ন অনুসরণ করিয়া ঋক্ষবিলে প্রবেশপূর্ব্বক যুদ্ধে জাম্ববান্‌কে পরাস্ত করেন এবং সত্রাজিৎকে মণি প্রদান করেন। সত্রাজিৎ বৃথা দোষারোপে লজ্জিত হইয়া কৃষ্ণকে মণিরত্ন প্রত্যর্পণ ও কন্যারত্ন সত্যভামা সম্প্রদান করেন। কৃষ্ণ সত্যভামাকে পত্নীরূপে স্বীকার করিলেও মণি গ্রহণ করেন নাই (ভ ১০.৫৬তম অধ্যায়)। হ ৩৮শ অধ্যায়। বিষ্ণুপুরাণ ৪.১৩শ অধ্যায়।]

সত্রী, -ত্রী (-ত্রিন্, -ত্রিন্) পুং [সত্র, -ত্র+ইন্ (ইনি)-১ব] ১ যজ্ঞানুষ্ঠানবান্, যজমান। "সত্রিন্ মহা ১৪.৭.৪। ২ ঋত্বিক্। "মাঘ ১৪ ৩২। ৩ অন্নসত্রী, সদাদানী। "যাজ্ঞ ৩.২৮। ৪ গৃহপতি, গৃহস্থ (অ.কো)। ৫ সত্রকৃৎ (নীলকণ্ঠ)। "মহা ১৩.৬২.২৯।

সত্ত্ব[1] ক্লী [সৎ+ত্ব] ১ সতের ভাব; বিদ্যমানতা, অস্তিত্ব। "তৎসত্ত্বে তৎসত্তা অন্বয়ঃ। তদসত্ত্বে তদসত্তা ব্যতিরেকঃ (সাংখ্য)। প্রাণ-সত্ত্বে কালীকে পূজিয়া কার্য্য নাই বা.ম ৩৯৩। তব কুলে কালি, প্রাণ-সত্ত্বে না হইবে।—রঙ্গ ৯০। এই চিত্রে নানাদর্শনীয়সত্ত্বেও ঐ অংশ লইয়া আন্দোলন করিতেছ কেন?—সী ৮। ২ সাধুতা। ৩ 'সুখহেতু' (অ.টী), সুখহেতু প্রকাশক প্রকৃতির গুণবিশেষ। "গী ১৪.৬; ৯; ১১,-৪,-৭। সত্ত্বং লঘুপ্রকাশকম্ সাংখ্য ১৩। "ম ১২৩১। ৪ [√সদ্+ত্ব (ত্বন্) -থি (অ.টী)] দ্রব্য, বস্তুমাত্র। "চাদরোহসত্ত্বে পা ১.৪.৫৭। যদ্ যদ্ বিভূতিমৎ সত্ত্বম্ গী ১০.৪১ ; ১৩.২১। ৫ স্বভাব, আত্মভাব, আত্মতা।

("তব লক্ষ্মণ জানামি) বিক্রমং চৈব সত্ত্বম্ চ রা ২.২১,৩৯। °বিহিত কি ১২.৩৯। তিলের জানিতে সত্ত্ব,...শবরূপা হইলা কপটে ভা.চ ২৮। ৬ ব্যবসায়, অতিশয়বীর্য্য (অ.টী)। ৭ বল, পরাক্রম। "অবালসত্ত্বো বালঃ শ ৭২/১। তুল্য° রঘু ৪.৭২। সত্ত্বোৎকর্ষ।—মু ৩.২২। মহা° ম ৪৭৬; ৭৭৭। শ্রী.ম ২২৮। ৮ ব্যবসায়, নির্বন্ধ, আগ্রহাতিশয়। "ভাবপ্যভূতামভিনন্দ্যসত্ত্বৌ রঘু ৫.৩১। ৯ প্রভাব (অজয়)। ১০ প্রকৃতি। "সত্ত্বপুরুষান্যতা মাঘ ৪.৫৫। ১১ অসু, প্রাণ। "গত° রা ২.৬০.১। পরিকল্পিতসত্ত্বযোগা শ ২.৯। সংসারের সত্ত্ব আমি শ্রী.মা ৪৯। ১২ চৈতন্য। "°বিপ্লব রঘু ৮.৪১। ১৩ অন্তঃসার। "উরু সত্ত্বমাহ বিপরিশ্রমতা কি ৬.৩৫। ১৪ আত্মা। "সত্ত্বগুণে সত্ত্বজ্ঞান করতলে মুক্তি ভা.চ১ ৫৫। ১৫ বল, আর্যতেজঃ। "°প্রকাশ উ.চ ৫২/৬। ১৬ চিত্ত, অন্তঃকরণ। "শুদ্ধ° ।—মুণ্ডক ৩.২.৬। °সংশুদ্ধি গী ১৬.১। করিতে আমার তত্ত্ব, হইবে যাহার সত্ত্ব, সেই বঁধু ভা.চ ৬৮৩। বা দ ১৫৪। ১৭ ধৈর্য্য। "নিত্যসত্ত্বস্থ গী ২.৪৫। ১৮ উৎসাহ, উৎসাহশক্তি। "সত্ত্বানুরূপ রঘু ৭.৩২। গজাযুতসত্ত্ববীর্য্য ভ ১.১৫.৯। ১৯ বিশিষ্টসংস্কারোপেত অন্তঃকরণ (শঙ্কর)। "সত্ত্বানুরূপা সর্বস্য শ্রদ্ধা ভবতি গী ১৭.৩। ২০ পৃথিব্যাদি ভূতপদার্থ। ২১ ধন, বিত্ত। ২২ প্রজ্ঞা। ২৩ রস, নির্য্যাস। "ধুতুরার সত্ত্ব (শি)। ২৪ আয়ুঃ (ধরণি)। ২৫ কুবের (অ.চি)। ২৬ ভ্রূণ, গর্ভ। "আপন্নসত্ত্বা শ ৫২/৬, অভিব্যক্তসত্ত্ব-লক্ষণা ৫২/৯। ২৭ পিশাচাদি। "অদ্য নূনং দশবধঃ সত্ত্বমাবিশ্য ভাষতে রা ২.৩৩.১০। ২৮ বিশেষ্য (Noun)। ২৯ বুদ্ধি (নীলকণ্ঠ)। "মহা ৩.১৬৯.২০। —ত্ত্ব পুং, ক্লী জন্তু, প্রাণিজাত। "রা ৭.৪.১০। গী ১৮.৪০। দুষ্ট° রঘু ২.৮, ১৪। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—প্রজাপতি। "রা ৭.৪.১০। °ক্ষয় (পুং)—বলনাশ। °গুণ (পুং)—সত্ত্বনামক গুণ। "ভা.চ ১৫৫। °ধাম (-মন্) ক্লী—সত্ত্বাধার', বিষ্ণু। "ভ ৭.৮.২৪। °প্রধান (বিণ)—সত্ত্বাতিশয়যুক্ত। °বিপ্লব (পুং)—চৈতন্যবিনাশ। "রঘু ৮.৪১। °বিহিত (বিণ)—স্বাভাবিক। "কি ১২.৩৯। °রাশি (পুং)—প্রাণিসমূহ। "রঘু ১৫.১৫। °লক্ষণ (ক্লী)—গর্ভলক্ষণ। দ্র 'সত্ত্ব (২৬)। °লোক (পুং)—প্রাণিলোক, পৃথিবী। °সংপ্লব (পুং) —প্রাণিসংক্ষয়, প্রলয়। °সংশুদ্ধি (স্ত্রী)—চিত্তনৈর্ম্মল্য, চিত্তপ্রসন্নতা। "গী ১৬১। °সমাবিষ্ট (বিণ)—সত্ত্বসংব্যাপ্ত, সাত্ত্বিক। "গী ১৮.১০। °সম্পন্ন (বিণ)—সত্ত্বগুণশালী, সত্ত্ববান্। °হর (বিণ)—সত্ত্বগুণনাশক। "কলিং সত্ত্বহরং পুংসাম্ ভ ১১.২২। °হীন (বিণ)—১ উৎসাহশক্তি-রহিত। "ম ৬৩০। ২ বলহীন।] [সত্ত্বে—অস্তিত্বে, অর্থাৎ থাকিতে। "(কুম্ভকর্ণ) প্রাণসত্ত্বে মোর যেন হয় সচেতন।—কৃ ২৭৫। পীড়াপীড়ি সত্ত্বেও—পীড়াপীড়ি করিলেও। "চন্দ্রচূড়ের পীড়াপীড়ি-সত্ত্বেও গঙ্গারাম দুর্গরক্ষার কোন চেষ্টা করেন নাই ব প্র ৪৯৭।]

সত্ত্ব[2] ক্লী [সতী+ত্ব, পুংবদ্ভাব] পতিব্রতার ভাব বা ধর্ম্ম; সতীত্ব।

সত্ত্বগুণী (-ণিন্) বিণ [°ণ+ইন্ (ইনি)-১ব] সত্ত্বগুণবান্।

সত্ত্বৎ পুং, বহব সত্ত্বদ্বংশীয় ক্ষত্রিয়গণ। "সত্ত্বান্...সত্ত্বতাং কীর্ত্তিবর্দ্ধনঃ।—হ ৩৭.২৯। —ত্ত্বান্ (-ত্ত্বৎ) পুং যদুবংশীয় নৃপতিবিশেষ। তু 'সাত্বত'। [ইঁহার পিতা মধু (হ ৩৭.২৯)।]

সত্ত্ববান্ (-বৎ) বিণ [সত্ত্ব+বৎ (মতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ বলবান্। "রঘু ৫.৫৬। ২ ধৈর্য্যবান্, ধৃতিমান্। "ভ ৭.১৪ ৩৭। ৩ সাত্ত্বিক, সত্ত্বগুণোপেত। "সত্ত্বং সত্ত্ববতামহম্ (অস্মি) গী ১০.৩৬। (রাজা?) আজ্ঞার ভকত তুমি হও সত্ত্ববান্।—গ ৭০। ৪ উদারস্বভাব, মহাত্মা। "স চৈব চক্রে গমনায় সত্ত্ববান্, মতিং পিতুস্তদ্বচনে প্রতিষ্ঠিতঃ রা ২.১০৬.৩৩। তুমি রাজা সত্ত্ববান্, শুন এই বিদ্যমান, যাচকের পূর মনোরথ শ্রী.ম ২২৭।

সত্ত্বমেজয় বিণ [সত্ত্ব+√এজি+অ (খশ্)-ক, পা ৩.২.২৮; উ.ত] প্রাণিভীতিজনক। "ভট্টি ৬.৯৪।

সত্ত্বসার পুং [ষ.ত] ১ বলাতিশয়। ২ ধৈর্য্যাতিশয়। "রঘু ৮.৭৭।

সত্ত্বস্থ বিণ [সত্ত্ব+√স্থা+অ (ক)-ক; উ.ত] ১ সত্ত্বগুণাশ্রিত; ধৈর্য্যাশ্রিত। "নিত্য° গী ২.৪৫। ২ সত্ত্ববৃত্তিপ্রধান (শ্রীধর)। "ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থাঃ গী ১৪.১৮। ৩ প্রাণিজাতস্থিত। "(মমত্বত্যাম্) সত্ত্বস্থায় ভ ৮.৫.৫০।

সত্ত্বাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] সত্ত্বগুণময়। "ভ ৬.১২.২১।

সত্ত্বানুরূপ বিণ [ষ.ত] ১ বিশিষ্টসংস্কারোপেত অন্তঃকরণের যোগ্য। "গী ১৭.৩। ২ উৎসাহানুরূপ। "রঘু ৭.৩২।

সত্ত্বোৎকর্ষ পুং [ষ.ত] ১ শৌর্য্যাতিশয়। "সত্ত্বোৎকর্ষস্য...নিধয়ঃ।—মু ৩.২২। ২ চিত্তৌদার্য্য, মহানুভাবতা।

সত্ত্বোৎসাহ পুং [দ্বন্দ্ব] বল ও উদ্যম। "°রহিত।—হি ১২/৪৫।

সত্ত্বোদ্রেক পুং [ষ.ত] ১ সত্ত্বপ্রাধান্য, সত্ত্বাধিক্য। ২ বলাতিশয়।

সৎপতি পুং [ষ.ত] ১ ব্রহ্মাদির পালয়িতা। "প্রশ্নোপনিষৎ ২.২১। ২ সৎপালক, সজ্জনশরণ। "উদীক্ষ্য সৎপতিং হরিম্ ভ ৮.২২.১৫। ৩ উত্তম বা সর্ব্বগুণোপেত স্বামী। "নরেন্দ্রকন্যাস্তমবাপ্য সৎপতিম্ রঘু ৩.৩৩। প্রাপ্ত° ক.সা ১৫.৫৩। ৪ সুরাজা।

সৎপথ পুং [সৎ পন্থা, কর্ম্মধা, সমাসান্ত 'অ'] ১ প্রশস্তমার্গ, সুপথ। "এষ হি সৌম্য সৎপথঃ বা ২.২৩.৪১, সৎপথে স্থিতঃ ৩১.১০। ২ ভগবন্-মার্গ (শ্রীধর)। "ভ ৪.১২.৫০। ৩ শাস্ত্রদৃষ্ট ধর্ম্ম।

সৎপরিগ্রহ পুং [প.ত] প্রশস্ত পাত্র হইতে দানগ্রহণ।

সৎপাত্র ক্লী [কর্ম্মধা] সাধু পাত্র; গুণিজন, ধার্ম্মিক। [°বর্ষী (-র্ষিন্) বিণ—যোগ্যপাত্রে দানশীল। "হি ২.১০৫।]

সৎপুত্র বিণ [বহুব্রী] বিদ্যমানপুত্র। "মনু ৯.১৫৪। —পুত্র পুং [কর্ম্মধা] ১ সুপুত্র, গুণবান্ পুত্র। ২ যথাবিধি পিতৃকার্য্যকারক পুত্র।

সৎপুরুষ পুং [কর্ম্মধা] সাধুপুরুষ, ভাগ্যবান্ পুরুষ। "রা ২.৪৮.৮।

সৎপ্রতিগ্রহ পুং [প.ত] প্রশস্ত পাত্র হইতে দানগ্রহণ। "সৎপ্রতিগ্রহঃ (বিত্তাগমো ধর্ম্ম্যাঃ) মনু ১০.১১৫।

সৎপ্রতিপক্ষ পুং [কর্ম্মধা] (ন্যায়ে) হেত্বাভাসবিশেষ, প্রতিযোগী বা সাধ্যাভাবব্যাপ্যবান্ পক্ষ। যেমন, হ্রদো বহ্নিমান্ ধূমাৎ, 'হ্রদ' সৎ-প্রতিপক্ষ।

সৎমা, -মাও দ্র 'সত-মা'।

সত্য[1] বিণ [সত্য+অ (অচ্) অস্ত্যর্থে (অ.টী)] ১ সত্যযুক্ত, যথার্থ (সায়ণ)। "সত্যা ভবন্ত্বাশিষঃ।—ঋগ্বেদ ৭ ১৭.৫। সত্যা প্রতিজ্ঞা রা ১.৬৭ ২৩। মহাভূতানি সত্যানি যাজ্ঞ ৩.১৪৯। রঘু ১২.৭৫। সত্য হেন জানিবা সেই।—মা ১২। ২ অকৃত্রিম, অকৃতক। ৩ অমিশ্র, বিশুদ্ধ। ৪ সত্যবাদী, সত্যবাক্। "সত্যস্ত্বং ভব পার্থিব রা ২ ৩৪.৪৩। সত্যঃ পুমান্ (অ.টী)। ৫ সাধু। "সত্যা স্ত্রী (অ.টী)। ৬ শুদ্ধ, নিষ্কলুষ। "সত্যং কুলম্ (অ.টী)। ৭ অবশ্যপালনীয়। "°সন্ধ। ৮ চরিতার্থ। "দেবতাঃ কুর্য্যুরিমং সত্যং মনোরথম্ রা ২.৮৮.২৯। ৯ পারমার্থিক। "ভ ১০.২.২৬। ১০ অমোঘ। "°পরাক্রম রা ১.১.১৯; মহা ৩.৭৩ ২৩। কুরু প্রতিশ্রুতং সত্যম্ ভ ১.৭.৫৪। —ত্য পুং ১ তপো-লোকের ঊর্দ্ধস্থ ব্রহ্মলোক। দ্র 'লোক (১)। ২ [সৎ+য (যৎ)] 'সাধুর হিতকর'; শ্রীরাম। ৩ বিষ্ণু, কৃষ্ণ। 'সত্যাৎ সত্যঞ্চ গোবিন্দ-স্তস্মাৎ সত্যোঽপি নামতঃ মহা ৫.৭০.১৩। ৪ অশ্বত্থবৃক্ষ। ৫ নান্দীমুখ-শ্রাদ্ধ-দেবতা। 'সত্যো নান্দীমুখে বসুঃ (শ্রাদ্ধতত্ত্ব)। ৬ তৃতীয় মন্বন্তরের দেবগণ। ৭ সিদ্ধান্ত (ত.বা)। —ত্য ক্লী ১ ঋতত্ব, যাথার্থ্য, তথ্য, যথার্থভাষণ (শ্রীধর), যথাভূতার্থভাষণ (নীলকণ্ঠ), সত্যবচন (রা)।

"সত্যাস্ত সুক্তমস্ত শংসঃ।—ঋগ্বেদ ৭.৩৫.২। সত্যেনার্কঃ প্রতপতি সত্যো-মাপ্যায়তে শশী। সত্যেনামৃতমুদ্ভূতং সত্যে লোকঃ প্রতিষ্ঠিতঃ॥ সত্যো ধর্ম্ম ইবাপরঃ রা ১.১.১৯। গো.রা ২.৩১.১৩। সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্ মনু ৪.১৩৮। ২ শপথ। "মনু ৮.১১৩। রঘু ১২.৯। সত্য করি বর দিতে কাতর হইলে।—কৃ ৯৩। সত্য সত্য পুন সত্য যাব অরণ্যকে।—ম ৬৫৭। ৩ কৃতযুগ, সত্যযুগ। ৪ সাধুতা। ৫ ব্রহ্ম। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম। ৬ সর্ব 'সত্য পুং (১)। "ভূর্ভুবঃ-স্বর্মহর্জনস্তপঃ সত্যম্ (বেদান্তসার)। তপঃসত্যানিবাসিন্ ভ ৩.১৩.২৫। ৭ সম্যগ্দর্শন। "ঋতসত্যনেত্র ভ ১০.২.২৬। ৮ সত্যবাদিতা, সারল্য। ৯ পৃথিব্যাদি ভূতপঞ্চক। "ভ ১০.২.২৬। —ত্য ক্রি.বিণ যথার্থভাবে, বস্তুতঃ, বাস্তবিক। "কু.স ৬.১৯। হন্তঃ সত্যং সত্যম্।—নাগানন্দ ৫.৩০। —ত্যম্ ব্য ১ প্রশ্ন। ২ স্বীকার (শ.ক)। —ত্যা স্ত্রী ১ সীতা। ২ সত্যবতী। ৩ সত্যভামা। দ্র 'বল পুং (১)। "মহা ৩.২৩২.১০। °স্তোত্র।—ম ২৪৪। ['সত্য'—সত্যভামা। "ম ৯২০।] ৪ দ্রৌপদী। ৫ দুর্গা। 'দুর্গা এক সত্য হন তেই নাম 'সত্যা'।—দু ৪৬। ৬ বিষ্ণু-মাতা। [°কাম (বিণ)—সত্যাভিলাষী, সত্যপ্রিয়। °কৃৎ (বিণ) —অমোঘকর্ত্তা। "ভ ৭.১.১১। °ক্রিয়া (স্ত্রী)—সত্য করা; শপথ। °ঘ্ন (বিণ)—অসত্যসন্ধ, মিথ্যাপ্রতিজ্ঞ। °দর্শী (-র্শিন্) বিণ—ভবিষ্যৎ-সত্যদ্রষ্টা। "মহা ৩.৬৪.৯১ (পাঠান্তর)। °ধন (বিণ)—সত্যপ্রিয়। °নামা (-মন্) বিণ—সার্থকনামা। °নামা (বিণ, স্ত্রী)—অন্বর্থনামা। "সা...সত্যনামা রা ১.৬.২৬। সত্যনামাম্ (অযোধ্যাম্) গো.রা ২.১০৯. ৪৭। °নারায়ণ (পুং)—নারায়ণমূর্ত্তিভেদ, সত্যপীর। °পর (বিণ) —সত্যপরায়ণ, সত্যধন। °পুর (ক্লী)—বিষ্ণুলোক। °পূত (বিণ) —সত্যপবিত্র। "°তাং বদেদ্ বাচম্ মনু ৬.৪৬। °প্রতিজ্ঞ, °প্রতিশ্রব (বিণ)—অমোঘপ্রতিজ্ঞ, সত্যসন্ধ। °প্রিয় (বিং)—সত্যে প্রীতিমান্; সত্যরত। "মা ১০২। °বচন, °বচাঃ (-চস্), °বাক্ (বাচ্), °বাক্য, °বাদী (-দিন্) বিণ—যথাভূতার্থভাষী, সত্যকথনশীল। "°দিন্ মহা ৩.৬৪.৯১। °বিক্রম (বিণ)—অমোঘবীর্য্য। "রা ২.৭২.৩৪। °বৃত্ত (ক্লী)—সচ্চরিত, সৎক্রিয়া। "সত্যবৃত্তে রতঃ মহা ১৩.৭৩.১২। °বৃত্তি (বিণ)—সচ্চরিত, সাধুক্রিয়াশীল। "রাম...সত্যবৃত্তিঃ রা ২.৮.২৬। °ভাষণ (বিণ)—সত্যবাদী। (ক্লী)—সত্যকথন। °মান (ক্লী) —সত্যভূত প্রমাণ। "ভ ৬.৮.৩৩। °মেধাঃ (-ধস্) পুং—বিষ্ণু (মহা)। °যুগ (ক্লী)—সত্যের যুগ; কৃতযুগ। 'সত্যে সত্যপরা নরাঃ। [সত্য-যুগবর্ষসংখ্যা—১৭২৮০০০।] °যুগাদ্যা (স্ত্রী)—বৈশাখশুক্লতৃতীয়া। °যৌবন (পুং)—নিত্যযৌবন, বিদ্যাধর। °রত (বিণ)—সত্যপ্রিয়। °লোক (পুং)—সর্ব 'সত্য পুং (১)। °শীল (বিণ)—সত্যকথনে অভ্যস্ত, সত্যবাদী। "রা ২.৫৪.৩৭। °শ্রাবণ (ক্লী)—(ব্যবহারে) সত্যপাঠ শুনান; লোকসাক্ষিগণের নামশ্রাবণ। "পঞ্চ ১১৩/৬৪। °সংরক্ষণ (ক্লী)—সত্যপালন, প্রতিজ্ঞারক্ষা। °সঙ্কল্প (বিণ)—সত্য-প্রতিজ্ঞ। "ভ ৮.১৬.২২। °সঙ্গর (বিণ)—সত্যপ্রতিজ্ঞ। "রঘু ১১.৪৮। বা.ভ ১.৬১। °সাক্ষী (-ক্ষিন্)—পুং সত্যপ্রধান সাক্ষী (কুল্লূক); সত্যবাদী সাক্ষী। "পূয়ন্তে সত্যসাক্ষিণঃ মনু ৮.২৫৭; °স্থ (বিণ)—সত্যনিষ্ঠ। "রা ২.১০৭.১৯। °হিত (বিণ)—যথার্থ হিতকর। "গো.রা ২.১০৭.৯।]

সত্য² বি [সত্ত্ব² > সত্য (উচ্চারণানুসারে); অসাধু] ১ সত্ব, রস। "দুই হস্তে চিপি তার সত্য করে পানে চ বি ২৩৭। ২ সতীত্ব। "সত্য নাশ করিবেক বলে বা.ম ৩২৯; জাতি কুল সত্য ৩৩৩। [°বতী —সতীত্ববতী, পতিব্রতা। "বা.ম ৩৩৩।]

সত্যঙ্কার পুং [ষ.ত, 'মু' (মুম্), পা ৬.৩.৭০] ১ শপথকরণ (তত্ত্ব-বোধিনী)। "যাজ্ঞ ২.৬২। ২ 'আমার ইহা অবশ্যবিক্রেয়'—এইরূপ সত্যাকরণ (অ.টী); আমার ইহা অবশ্য ক্রেতব্য ইতি সত্যাকরণ (শ.ক); সত্যাপন, সত্যাকৃতি; বায়না দেওয়া (ত.বা)।

সত্যজিত বিং সত্যপরায়ণ। "তুমি সত্যজিতা।—ম ৭৩০।

সত্যতা স্ত্রী [সত্য+তা (তল্)] ১ সত্যশীলতা, সত্যপরতা। "মূলং ধর্ম্মস্য সত্যতা গো.রা ২.১১৮.১৩। পাণ্ডবানাং চ সত্যতাম্ (দ্বৈপায়নোঽব্রবীৎ) মহা ১.১.১০০। ২ [বাঙলায়; অসাধু] শপথ। "করিল সত্যতা।—ম ৭৮৩।

সত্যপীর বি পীরের বেশধারী সত্যনারায়ণ। "সত্যপীর সর্ব্বসিদ্ধিদাতা রা.স ১। ভা চ ৭২৪; সত্যপীরে সির্নি মানে ৭২৭।

সত্যবতী স্ত্রী [°ৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দাশরাজের পালিতা কন্যা ও ব্যাসদেবের জননী] দ্র 'উপরিচর'; 'দ্বৈপায়ন; ভীষ্ম; শান্তনু'। ২ নারদপত্নী। "(রেমে স তস্যাং রাজর্ষিঃ যথা) সত্যবত্যাং চ নারদঃ মহা ৫.১১৭.১৫। ৩ ঋচীকপত্নী। "মহা ৫.১১৭.১৪। [°সুত (পুং) —১ সত্যবতীপুত্র। "°ত ব্যাস।—মা ১১৮। ২ ব্যাসদেব।]

সত্যবন্ধ বিং [সত্য+বন্ধ] সত্যপ্রতিজ্ঞ। "ম ৯৬৭।

সত্যবান্ (-বৎ) বিণ [সত্য+বৎ (মতুপ্)-১ব; স্ত্রী -বতী] ১ সত্যযুক্ত, যথার্থ, অবিতথ। "পুত্রেণ জয়তে লোকানিতি সত্যবতী শ্রুতিঃ ভ ৪.২১.৪৬। ২ সত্যবাক্, সত্যবাদী। "সত্যবতাং বর গো.রা ৪.৪০.৬। —বান্ পুং নৃপবিশেষ। [ইঁহার পিতা দ্যুমৎসেন। পত্নী সাবিত্রী। সাবিত্রী সতীত্ববলে ইঁহাকে শমনের কবল হইতে উদ্ধার করেন। দ্র 'সাবিত্রী'।]

সত্যব্রত বিণ [বহুব্রী] সত্য যাহার ব্রতবৎ উপাস্য, সত্যপ্রিয়, সত্য-তৎপর। "°তং রামম্ রা ২.৪১.৬। যযাতি যে সত্যব্রত বিখ্যাত সংসারে।—ম ৬৯। —ব্রত পুং ১ সূর্য্যবংশীয় ত্রিশঙ্কুরাজ। "ভ ৯.৭.৫। ২ বৈবস্বতমনু। ৩ মহাদেব। —ব্রত ক্লী [কর্ম্মধা] সদ্ধর্ম্ম। "সত্যব্রত-পরায়ণা রা ২.২৬.৩৭।

সত্যব্রতী (-তিন্) বিং [সং °ব্রত] সত্য-তৎপর। "ম ৪৩৮।

সত্যভামা স্ত্রী [সত্য ভাম (ক্রোধ) যাহার বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] সত্রাজিৎকন্যা কৃষ্ণের ভার্য্যাবিশেষ। দ্র 'সত্রাজিৎ'। 'পারিজাত-হরণ' (ম ২৩৬)।

সত্যসন্ধ বিণ [সত্যা সন্ধা যাহার, বহুব্রী, স্ত্রী -ন্ধা] সত্যপ্রতিজ্ঞ। "অথর্ব্ববেদ ১১.৬.১৯। রা ২.৬৬.১৮। মনু ৭.৩১। সত্যসন্ধং দশরথ-তনয়ম্ (বন্দে)।—মহানাটক; কৃ ১। —সন্ধ পুং ১ রামচন্দ্র। ২ রামানুজ ভরত। ৩ জনমেজয়। ৪ বিষ্ণু। —সন্ধা স্ত্রী দ্রৌপদী।

সত্যসন্ধা; সত্যা দ্র 'সত্যসন্ধ; সত্য'।

সত্যাকৃতি স্ত্রী [সত্য+√কৃ+তি (-ক্তিন্)-ভা, অশপথার্থে কৃধাতু-যোগে 'আ' (ডাচ্), গতিসমাস (পা ৫.৪.৬৬; ১.৪.৬১); সত্যের কৃতি, 'আ' (ডাচ্)—অ.টী] সর্ব 'সত্যঙ্কার'।

সত্যাগ্রহ বি ন্যায়ানুসারে প্রাপ্য বিষয়ে সবিশেষ নির্ব্বন্ধ।

সত্যাত্মক বিণ [সত্য আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -ত্মিকা] সত্যৈকপ্রতিষ্ঠিত (টীকা)। "রা ২.১০৯.১০। —ত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী, ১-ব; স্ত্রী -ত্মা] সত্যপ্রতিষ্ঠিতস্বভাব (টীকা)। "রা ২. ৩৪.৩২।

সত্যানৃত বিণ [দ্বন্দ্ব] সত্য ও অনৃত; সত্য ও মিথ্যা। "সত্যানৃতা (বারাঙ্গনেব নৃপনীতিঃ)।—হি ২.১৮২। —নৃত ক্লী, দ্বিব [দ্বন্দ্ব] ১ সত্য ও অনৃত; সত্য ও অসত্য। "সত্যানৃতে অবপশ্যঞ্জনানাম্। —ঋগ্বেদ ৭.৪৯.৩। দৃষ্টা রূপে ব্যাকরোৎ সত্যানৃতে প্রজাপতিঃ।—শুক্ল যজুর্ব্বেদ ১৯.৭৭। ২ বাণিজ্য। "সত্যানৃতাভ্যামপি বা (জীবেত্) ভ ৭.১১.১৮। —নৃত ক্লী [কর্ম্মধা] যাহা কিঞ্চিৎ সত্য, কিঞ্চিৎ অসত্য; যাহা সত্যাবয়ব ও অসত্যাবয়ব (অ.টী); বাণিজ্য। 'সত্যানৃতস্তু বাণিজ্যম্ মনু ৪.৬।

সত্যাপন ক্লী [√সত্যাপি+অন (ল্যুট্)-ভা] সর্থ 'সত্যঙ্কার'।

সত্যি বিং [সত্য >সত্যি (ই-আগম) ; কথ্য] ১ সত্য। "সত্যি মিথ্যে দেবতা জানে।—কা ৮৭। ২ বাস্তবিক, বস্তুতঃ, কার্য্যতঃ। "(শ্রীনাথ বাবু!) তোমার ঠাট্টা বুঝতে পারি ;—সত্যি সত্যি ঘাসের বিচি খাই নে।—লী ৪।

সত্যেঁ ক্রি.বিং [সত্য+এঁ ৩] নিশ্চিতভাবে, ঠিক। "আঙ্কা সমে যোগ সত্যোঁ সুরপুর জাইল শ্রী.কী ৫৭। [সত্যোঁসত্যোঁ—সত্য। "শ্রী.কী ১১।]

সত্যোপযাচন বিণ [বহুব্রী] যাহার সমীপে উপযাচন সত্য; যাচিতার্থদাতা। "যযাচে…স্তামং °নম্ গো.রা ২.৫৫.১৮]

সত্র ; সত্রাজিৎ, -জিত দ্র 'সত্র ; সত্রাজিৎ'।

সত্রাস বিণ [বহুব্রী] বিদ্যমানত্রাস, সশঙ্ক, সভয়। —ত্রাস ক্রি বিণ সশঙ্কভাবে। "রক্ষোদর্শন° ক.সা ১৮.৩৮৩। —ত্রাসিত বিং ['সত্রাস' সাধু] ত্রাসযুক্ত, শঙ্কিত। "ন ৪৩০।

সত্ত্ব বিং [সং সত্ত্ব[১] ; অসাধু] ১ বিদ্যমানতা, অস্তিত্ব। "চারিপুত্র সত্ত্বে দশরথ বাসি মড়া।—কৃ ১০৯। প্রাণসত্ত্বে কৃ.চ ৬০। ২ [সং সত্ত্ব[২]] পতিপরায়ণতা, অনুরাগ। "দেখিয়া পক্ষের (কপোতীর) সত্ত্ব, ব্যাধ হৈল নির্ম্মমত্ব শ্রী.ম২২৭।

সত্বর বিণ [সহ (বিদ্যমান) ত্বরা যাহাতে, বহুব্রী] ত্বরাবান্, ত্বরান্বিত, শীঘ্র, দ্রুত। "মনু ৯.৯৪। সত্বর হয়িআঁ বাহী তার পাস যায় শ্রী.কী ১৪৫। বুঝিতে সত্বর হও দেব পুবন্দব শ্রী ম ২৮৪। —ত্বর ক্রি.বিং শীঘ্র। "রাজা সত্বরমাহুয় (উবাচ) রা ২.২৯.১৪। [সত্বরে, -রেঁ (শ্রী.কী)।]

সৎশাশুড়ী ; সৎশূদ্র দ্র 'সৎ ; সচ্ছূদ্র'।

সৎসংসর্গ, -সঙ্গ পুং, **-সঙ্গতি** স্ত্রী [ষ.ত] সাধুসহবাস, সজ্জনসঙ্গ। "সৎসঙ্গরহিত।—হি ১.২১৭। সৎসঙ্গতিঃ কথয় কিং ন করোতি পুংসাম্ (সু.র)। [সৎসঙ্গজ (বিণ)—সৎসঙ্গজন্য। "সৎসঙ্গজানি নিধনান্যপি তারয়ন্তি উ.চ ২.১১।]

সৎসঙ্গ, -সঙ্গজ, সঙ্গতি দ্র 'সৎসংসর্গ'।

সৎসন্নিধান ক্লী [ষ.ত] সাধুসহবাস। "হি ৪১,-৬ (কথারম্ভ)।

সৎসমাগম পুং [ষ.ত] সাধুসঙ্গম, সজ্জনসঙ্গতি।

সৎসম্প্রয়োগ পুং [কর্ম্মধা] সুসঙ্গত বা সুসংশ্লিষ্ট প্রয়োগ।

সথুৎকার বিণ [বহুব্রী] থুৎকারবিশিষ্ট। —কার পুং শ্লেষযুক্ত বাক্য ; শ্লিষ্ট কথা।

সদ্ অক [ভ্বা, তু, প (সদ্ >সীদ্—পা ৭.৩.৭৮)—সীদতি ; অনিট্, cf., L. sedēre , Ger sitzen ; Lith. sedeti ; Slav. sésti ; Goth. sitan ; A.S. sittan ; E. sit] ১ ভেদ। ২ বিষাদ, আকুলীভাব। —দ্ সক [পূর্ব্ববৎ] গতি। —দ্ সক [চু, প—(আ-পূর্ব্বক)—আসাদয়তি ; সেট্] গতি, প্রাপ্তি। [অব—অবসাদ। আ —আসাদন, গতি, প্রাপ্তি। উদ্—(ণিজন্ত) উৎসাদন, উন্মূলন। উপ —উপগমন, প্রাপ্তি। "ভট্টি ৯.৯২। নি—উপবেশন। [Cf., sedēre (to sit)—supersede.] প্র—প্রসাদ, নির্ম্মলীভাব। "দিশঃ প্রসেদুঃ রঘু ৩.১৪ ; ৪.২১। বি—বিষাদ।

সদ পুং [√সদ্+অ (অচ্)-ক] বৃক্ষফল। "মনু ৮.১৫১ ; ২৪১।

সদংশ বি [সৎ[১]+অংশ; কর্ম্মধা] চিৎ-শক্তির সৎ-রূপ অংশ ; সন্ধিনী-শক্তি। 'সদংশে সন্ধিনী চৈ.চ ১০৪।

সদংশক পুং [বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] 'দংশযুক্ত', কর্কট।

সদঃ (-দস্) স্ত্রী, ক্লী [√সদ্+অস্ (অসুন্)-ধি-১ব ; 'সদস্'—যজ্ঞ-স্থান, স্থান (ঋগ্বেদ ১.৪৭.১০ ; ৮.২৯.৯); cf., Gr. edos] ১ পরিষৎ, গোষ্ঠী, সমিতি, সভা, সংসদ্। "ইন্দ্র° রা ৭.৫৩.২৯। মহা ১.১.৯। সদসি বাক্‌পটুতা।—হি ১.৩২। ভ ৯.১০.১৭। ২ যজ্ঞমণ্ডপ (নীল-কণ্ঠ)। "রা ১.৫৯.১৪। জনমেজয়স্য…সদঃ মহা ১.৬০.৭। সদোগত রঘু ৩.৬৬। সদোগৃহ ৬৭।

সদক্ষিণ বিণ [বহুব্রী] দক্ষিণাসহিত। "মনু ১১.৩।

সদঞ্জন ক্লী [কর্ম্মধা] রীতিজাত অঞ্জনবিশেষ ; রীতিপুষ্প।

সদত ক্রি.বিং [সং সতত ; তু 'সদা, যুগতি ; অসাধু] সর্ব্বদা। "পুত্র-শোকে সদত নয়নে বহে নীর।—ম ৯৯৩। সদত বিকল শ্রী.ম ১২২,-৪। সদত নিযুক্ত বি.পা ১২। সদত আনন্দী।—ত্থ ৯০। ভ.গ্র ৩৫১। শি ৪২। দা ৪৮২। হেম ৬।

সদন ক্লী [√সদ্+অন (ল্যুট্)-ধি] ১ ভবন, মন্দির, গৃহ, শালা, আগার। "কুট্টিন্যাঃ সদনম্ ক.সা ৫৭.৫৯। যজ্ঞের সদনে।—ম ২৪ ; পার্থের সদনে ২৫৬। বাপের সদন ক.চ ১২। মদন-সদন বদন-ইন্দু জ.প ১৫। কৈলাসসদনে।—মে ৪৮। ২ স্থান (সায়ণ), লোক। "ঋগ্বেদ ২.৪০.৪ ; যমস্য সদনম্ ১০.১৩৫.৭ ; রা ২.৬৪.৩৬। স্বয়ম্ভু° মহা ১৩.৯২.২.৯৬। ব্রহ্মার সদন।—গ ১৮। ৩ অধিষ্ঠান, আধার। "ত্রিসাম্য° ভ ২.৭.৪০। লজ্জা° ক.সা ১৩.১৯৬। বদনং প্রসাদসদনম্ (সু.র)। লাবণ্যকেলি-সদন,…গোবিন্দবদন চৈ.চ ২২০। ৪ [+অন-ভা] অবসাদ, খেদ। "অঙ্গ°, গাত্র° (সুশ্রুত)। ৫ [+অন-ক] জল (মেদিনী)। ৬ (বাঙলায়) স্থান, ভূমি। ("সিদ্ধগণ) আসিল যুদ্ধসদনে।—ম ৯৬৩, টীকা। ৭ নিকট, সমীপ। "বিদুর রহিল মাত্র অন্ধের সদন।—ম ৬৭৬ ; ৯৮৪ ; ১০০১। জানাইল দূয়া সাধুর সদন ক.চ ১৫৮। আসিয়াছি কহ ধর্ম্মের সদন অ.প ১০। না বল এ সব তত্ত্ব গৌরীর সদন বা.ম ৪৮ ; গেল শাশুড়ী সদন ৩২৯। যাও…তাঁহার সদনে।—মে ২৭। (দর্পণ) লইয়া রূপসী, গেল সুবাসিত, দীপের সদন।—ন ১০১২।

সদম্ভ বিণ [বহুব্রী] দম্ভযুক্ত, দাম্ভিক, ধর্ম্মধ্বজী।

সদয় বিণ [সহ দয়া যাহাতে, বহুব্রী ; 'সদএ' (শ্রী.কী)] বিদ্যমানদয়, সকৃপ। "°হৃদয় গী.গো ১ ১৩। —দয় ক্রি.বিণ ১ সকৃপ। "সদয়ং বুভুজে মেদিনীম্ …বধূমিব রঘু ৮.৭। সদয়ালূনপল্লব কু.স ২.৪১। ২ সকৃপ, মৃদুভাবে। "আবর্জ্জ্য শাখাঃ সদয়ম্ রঘু ১৬.১৯। পীতং ময়া সদয়মেব (বিম্বাধরম্) শ ৬.২০। [°যুক্ত (অসাধু) 'সদয়' বা 'দয়াযুক্ত' সাধু। "ম.পা ৬৩।]

সদর বিং [আ স.দর্] ১ প্রধান, জেলাসম্বন্ধী (আদালত, কাছারি)। ২ প্রধান, বড় (মোকাম)। "বিশ্বকর্ম্মার সদর আপিস প.কা ৬৩। —র বি ১ রাজার বা জমিদারের কার্য্য পরিচালনার প্রধান স্থান বা কেন্দ্র (centre)। বিপ 'মফস্বল'। "সদরে গণিয়া দিব কড়ি ক.চ ১০৯। ২ বাড়ীর সম্মুখভাগ ; বহির্ব্বাটী, বা'রবাড়ী। বিপ 'অন্দর'। "°দরজা। ৩ শাল ইত্যাদি বস্ত্রের বহির্ভাগ বা বাহির পিঠ। ৪ বস্তু-মাত্রেরই বাহির দিক্। ৫ জেলার প্রধান নগর। —রে ক্রি বিং সম্মুখে, প্রত্যক্ষ। "সদরে আদরের কথা, বিরলে গিয়ে বিপক্ষতা।—দা ৭৭১ ; সদরে ডুবেন এক হাত জলে, লুকিয়ে গিয়ে নদীতে দেন সাঁতার ২০৪৩। [°অন্দর—বাড়ীর বাহির-ভিতর ; বস্ত্রাদির বাহির পিঠ ও ভিতর-পিঠ। °আদালত—প্রধান বিচারালয় ; সুপ্রিম কোর্ট। °আলা (আ স.দর্ +আলা)—সবজজ্। "দা ১০৩৮ ; হাকিম সদর-আলা ২০৮৭। লী ৯৫। সোয়ালচুরির সদর-আলায় বানরের পেট কই ?—জা ৪। °কাছারি —জমিদারের প্রধান কার্য্যালয়। °খাজনা, °জমা—সদর কাছারিতে দেয় কর। °দরজা—বাহির বাড়ির দরজা ; নাচ-দরজা। °নায়েব —সদর কাছারির নায়েব। "ঘুঁটেকুড়োনীর ছেলে সদর-নায়েব।—নী ১৩। °বাড়ী—বহির্ব্বাটী। °বাজার—বড় বা খাস বাজার। °মোকাম —কার্য্যবিশেষের প্রধান স্থান বা কেন্দ্র।] [সদরে গিয়ে নাম লেখান —প্রকাশ্যভাবে পুলিসে বেশ্যা বলিয়া নাম রেজিষ্টারভুক্ত করা। "দা ২০৫৪। কেউ ঘুসকি কেউ সদর—কেহ গোপনে ব্যভিচারিণী, কেহ নাম-লেখান বেশ্যা। "দা ২০৫৪।]

সদর্প বিণ [বহুব্রী] দর্পযুক্ত, সগর্ব্ব। "বন্দুক সদর্পভরে, তুলি নিল অংসোপরে।—ন ৪৯৩। —দর্প ক্রি.বিণ সগর্ব্বভাবে, গর্ব্বের সহিত। "কশ্চিৎ কপোতঃ সদর্পমাহ।—হি ১২।

সদশ বিণ [বহুব্রী] দশাযুক্ত, বস্ত্রান্তবিশিষ্ট (বস্ত্র—মহা)।

সদসৎ বিণ [সৎ অসৎ, কর্ম্মধা] ১ যাহা সৎ ও অসৎ ; যাহা বিদ্যমান ও অবিদ্যমান (existent and non-existent) বা প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ। "মনঃ সদসদাত্মকম্ মনু ১.১৪। ২ সত্য ও মিথ্যা। ৩ সাধু ও অসাধু; ন্যায্য ও অন্যায়। ৪ হিত ও অহিত ; ভাল ও মন্দ। "°ফল (MW.)। —সৎ ক্লী, দ্বিব [দ্বন্দ্ব] ১ বিদ্যমান ও অবিদ্যমান বস্তু। "°পতি।—পঞ্চরাত্র ৪ ৩.১৫৭। ২ সদ্ভাব ও অভাব, ভাবাভাব। ৩ সত্য ও মিথ্যা বিষয়, সত্যানৃত। ৪ হিতাহিত, ন্যায়ান্যায়। "°বিবেক। সদসৎপরিবেদনাবিহীন সী ৫১। সদসদ্বিবেচনা।—কাদ ৩৫। ৫ গুণ-দোষ, উৎকর্ষাপকর্ষ। "সন্তঃ...সদসদ্ব্যক্তিহেতবঃ রঘু ১ ১০। ৬ কার্য্য-কারণ। "সদসদ্রূপয়া (আত্মমায়য়া) ভ ১.২.৩০ ; সদসদাত্মক ২ ৬.৩৩। ৭ স্থূলদৃশ্য ও সূক্ষ্মদৃশ্য (শ্রীধর)। "গী ৯.১৯। [°পরিবেদনা (বি) —হিতাহিতবিবেক। °ফল (ক্লী)—হিতাহিতপরিণাম। °বিবেক (পুং)—হিতাহিতবিচারণা। °রূপ (বিণ)—কার্য্যকারণাত্মক।]

সদসত্ত্ব ক্লী [°সৎ+ত্ব] প্রধানগুণভাব (শ্রীধর)। "ভ ২.৫.৩৩।

সদসদাত্মক বিণ [সদসৎ আত্মা যাহার, বহুব্রী, 'ক' (কপ্) ; স্ত্রী -ত্মিকা] সদসৎস্বভাব, কার্য্যকারণরূপ। "মনু ১.১১,-৪। ভুল না মন নিত্য সদসদাত্মকে।—রামমোহন রায়।

সদসন্ময় বিণ [°সৎ+ময় (ময়ট্)] কার্য্যকারণস্বরূপ। "(পশ্যেৎ) আত্মানঞ্চ পরং ব্রহ্ম সর্ব্বত্র °ময়ে ভ ৭.১৩.৪।

সদস্য পুং [সদস্+য (যৎ)] ১ 'যজ্ঞশালে সাধু' ; শ্রুতিবিহিত যাগ-বিধির দ্রষ্টা সভাপণ্ডিত (অ.টী) ; যজ্ঞের যথাবিধি অনুষ্ঠানদর্শনার্থ নিযুক্ত ঋত্বিক্ ; বিধিদর্শী। "সদস্যা মম যজ্ঞেষু ভবন্তঃ রা ১.৩৬.৫৬। শ ৩৭৪। ২ ঋত্বিক্। "শুক্লযজুর্ব্বেদ ৭.৪৫। ভ ৪ ২.৬। সদস্যেরে বান্ধি মারে শি ১৫। ৩ বিচারনিযুক্তপুরুষ, ধর্ম্মাধিকরণিক। "শু ৪.৫.১৩৮। ৪ সভ্য, সভাসদ্।

সদা[১] বা [সর্ব্ব+দা, সব্ব > স, পক্ষে 'সর্ব্বদা', পা ৫.৩.৬ ; ১৫] সকল সময়ে; সর্ব্বদা। "ঋগ্বেদ ৩.১১.১৫। রঘু ৩.৪৫। হঠ্ হঠ্ সদা গতি। —রঙ্গ ৬। [°কারী (-রিন্) বিণ—সতত কার্য্যতৎপর। °তোয়া, °নীরা (স্ত্রী)—করতোয়া নদী। °পর্ণ (বিণ)—সততপত্রবান্, চির-শ্যামল। "মহা ১৩.৩৫.২১। °পুষ্প (বিণ)—সততকুসুমিত। "মহা ১৩. ৩৫.২১। °পুষ্প (পুং)—রক্তার্ক, লাল আকন্দ। °ভদ্রা (স্ত্রী)—গাম্ভারী-বৃক্ষ। °ভব (বিণ)—সদাতন। "ভট্টি ৫.৬৫, টীকা। °মদ (বিণ) —১ সততহৃষ্ট। "বিহগেন্দ্র সদামদৈঃ গো.রা ৫.২০ ১১। ২ সতত-ক্ষরিতমদ ; সদা মত্ত। "সুরহস্তী সদামদঃ (চণ্ডী)।] [সদাসর্ব্বদা —একার্থক। ব প ১৬৮৪।]

সদা[২] বি [সওদা > সদা ; অপ্র] বাণিজ্য, সদাগরী। "হেন ডিঙ্গা এড়ি কেনে না করি সদায় বি.পা ১৫৯ ; বাপ করিছে সদায় ১৬০।

সদাএ ক্রি.বিং [সদা+এ° ; অসাধু সং সদা] সর্ব্বদা। "সদাএ আকুল ম.গা ২৯। পুজিছে সদাএ।—গ ৫৫। ব.প ৩৩৬ ; ৬১১।

সদাকর বিং [অপ্র] সতত কর্ম্মে উদ্যোগী। "দেশে দেখে বেড়াল দুর্লভ সদাকর শ্রী.মা ৭৫ ; ১৫৭ ; ১৮৪, ১৮৫।

সদাকাল পুং [কর্ম্মধা] সকল সময়। "°বহা (নদী)।—কাল ক্রি.বিং সতত, সর্ব্বদা। "সদাকাল স্নেহ তুমি করিবে।—ম ২৭৬ ; ৩৮৫ ; ৭৮৪। (স্থান) সুখাবহ সদাকাল ভ.গ্র ১৬৬। শ্রী.মা ৩ ; ৫ ; ৯৮।

সদাক্ষণ, -ক্ষণ ক্রি.বিং [অসাধু] সর্ব্বদা। "(কৈতব) থাকে সদাক্ষণ গো.চ ১৭৭। সদাক্ষণ ব.প ৩৯১ ; শ্রী.মা ৩০ ; ৩২।

সদাগতি বিণ [বহুব্রী] সতত ভ্রমণশীল। "চঙ্ক্রম্...সদাগতি মহা ৩. ১৩৩.২৫। —গতি পুং ১ 'সততপ্রবাহী', বায়ু। "রা ৭.৩৫.৬৫। মহা ১.৭২.১। রঙ্গ ৬। ২ সূর্য্য। ৩ পবনদেব। "ভূতসাক্ষী সদাগতিঃ মহা ৩.৭৬.৩২। বাণপূর্ণ দুই তূণ, চণ্ডিকারে দিল সদাগতি (ক.চ)। ৪ [(?)] নির্ব্বাণ। ৫ সদীশ্বর (মেদিনী), পরমাত্মা (?)। [°সুত (বি) —পবনপুত্র, হনুমান্। "শ্রী.মা ৪২ ; ১৬৩।]

সদাগম পুং [কর্ম্মধা] ১ সচ্ছাস্ত্র পুরাণাদি। "কশ্চ নানন্দমিচ্ছন্ বিদধাতি 'সদাগমঃ' (সন্ আগমঃ ; সতঃ আগমঃ) সা.দ ৪-১৯। ২ [ম.ভ] সৎপুরুষের আগমন।

সদাগর, সদাগরী দ্র 'সওদাগর'।

সদাচরণ ক্লী [কর্ম্মধা] শিষ্টাচার, সদ্ব্যবহার।

সদাচার বিণ [বহুব্রী] সদনুষ্ঠান, ধর্ম্মপরায়ণ "ক.সা ২.৭। —চার পুং [কর্ম্মধা] ১ শিষ্টাচার, সাধুবৃত্ত। ২ শ্রদ্ধা। "°বান্ নরঃ মনু ৪. ১৫৮। ৩ ব্রহ্মাবর্ত্তদেশে ব্রাহ্মণাদি বর্ণের ও সঙ্কীর্ণজাতিগণের পরম্পরাগত আচার। "মনু ২.১৮। °পূতা (বনিতা) শ্রী.মা ২৬। —চারী (-রিন্) বিণ [সৎ+আ+√চর্+ইন্ ণিনি)-ক-১ব] সদনুষ্ঠানশীল, বেদাচার-বান্। "ক.চ ১৯।

সদাতন বিণ [সদা+তন (ট্যু, তুট্) ; স্ত্রী -তনী] সদাভব, নিত্য। "কান্ত্যা সদাতন্যা ভট্টি ৫.৬৫। কীর্ত্তি সদাতনী, রাখ নৃপমণি, ক.চ ২৫০। —তন ক্রি.বিং [অসাধু] সতত, সদা। "গুরুর গঞ্জন, সহি সদাতন চ.দা ১০৫। আমার বচন, শুন সদাতন শ্রী.মা ১১০ ; ১৯৮। —তন পুং অজ, বিষ্ণু। "সদাতন সখা মোর শ্রী.মা ১৫০।

সদাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্মা] সৎস্বভাব, ধার্ম্মিক। —ত্মা বি সাধু চিত্ত। "সদাত্মা-ক্ষেত্র প.তৃ ১৪।

সদাদান[১] বিণ [বহুব্রী] সততক্ষরিতমদ (হস্তী)।—দান পুং ১ ঐরাবত। ২ গণেশ। ৩ গন্ধহস্তী।

সদাদান[২] ক্লী [বহুব্রী] ১ সত্র। ২ সতত অন্নাদিদান।

সদান বিণ [বহুব্রী] বিদ্যমানদানবারি, সমদ (হস্তী)। "কি ৫.৯।

সদানন বিণ [সৎ আনন যাহার, বহুব্রী] শোভনানন। "কি ৫.৯।

সদানন্দ বিণ [বহুব্রী] সততহৃষ্ট। "°মনে।—মা ১৩৭। —নন্দ পুং ১ শিব। "দা ২২০ ; ৪৩২। ২ (বাঙ্লায়) সতত আনন্দ। "যার শরীরে সদানন্দ, আনন্দ নগরে অন্তে যায়।—দা ৪৩২। [°করী (বিং) —সদানন্দজনয়িত্রী (দুর্গা)। "দু ৬১।]

সদানন্দময় বিণ [°ন্দ+ময় (ময়ট্)] সতত আনন্দস্বরূপ। "সদানন্দ-ময় আপন-হারা।—দু ৫২। —ময় বি নিরঞ্জন, ধর্ম্মঠাকুর। "শ্রী.মা ২১৪। —ময়ী স্ত্রী দুর্গা। "দা ২২০।

সদাফল বিণ [বহুব্রী] সততফলবান্। "(আর্চ্চীকপর্ব্বতঃ) সদাফলঃ মহা ৩.১২৫.১৬ ; ১৩২.১। জম্বুপাদপঃ সদাফলঃ।—পঞ্চ ৫২। —ফল পুং ১ নারিকেল বৃক্ষ। ২ উদুম্বর। ৩ বিল্ব। —ফলা স্ত্রী বার্ত্তাকুবিশেষ, কুলিবেগুন গাছ।

সদাফলা দ্র 'সদাফল'।

সদাব্রত বি [হি সদাব্রর্ত] নিত্যনিয়মপূর্ব্বক অন্নাদিদানরূপ ব্রত ; সদা-দান। "মৃগশিশু যত, সদাব্রত-ফলাহারী।—মে ১২৫। কোন কোন স্থলে...সদাব্রত অথবা হোটেল আছে পা.প্র ৫৫। বাগানে প্রান্তভাগে অতিথিশালা, সেখানে নিত্য সদাব্রত।—জা ৪৬। —ব্রতী বিং [হি সদাবর্তী] বড় দাতা।

সদায় ক্রি.বিং [সং সদা ; মৈ সদায় ; সদায়ে (ম.পা ১৬৪) অসাধু] সর্ব্বদা। "ম ২৭৪। স্থির নহে এক ঠাঞি বুলয়ে সদায় চৈ.ভা ৩২ ; ৭২ ; জ ২৪। সদায় তরুণ শ্রী.ম ৮১। সদায় আস্বাদ সেই ধন চৈ ১৭। ক্ষীণ কটি সদায় হেলায় ব.প ২৮৫ ; ৬৩২ ; ১৮২২। জল গলয়ে সদায় প.ক ১৫৫।

সদার বিণ [বহুব্রী] সস্ত্রীক। "সদারপুত্র ; সদারাপত্য।

সদালাপ বি সদ্বিষয়ের কথাবার্ত্তা; সাধুগোষ্ঠী। "পদ্মলোচন বাবু এসেচেন, ওঁর সঙ্গে সদালাপ করা যাক।—জা ৩। —লাপী বিং আলাপকুশল, সামাজিক। "(তিনি) অগাধপ্রীতিসম্পন্ন অতিসদালাপী, মধুরভাষী পা.প্র ১৩১।

সদাশয় বিণ [সৎ আশয় যাহার, বহুব্রী] সাধুচিত্ত, মহাত্মা।

সদাশিব পুং [সদা শিব যাহা হইতে, বহুব্রী] সতত মঙ্গলকর; শিব। "বি.স্থ ৮৫। [°সমূহ (বি)—সদা অশিবসমূহ বা অশুভরাশি। "সদাশিব সদাশিবসমূহ বিনাশে বি স্থ ৮৫।]

সদাশ্রুত বিং সতত শ্রুত; সর্ব্বদা শ্রবণবিষয়ে অভ্যস্ত। "এই কয়টা সদাশ্রুত গুণবাচক শব্দে শ্রুতি জাগরিত হইল ব.প্র ৩৬৬।

সদিনে ক্রি.বিং [°ন+এ°] সুসময়ে, যোগ্যকালে। "°নে করা।

সদীয়াল বি [আ 'স.দ'—শত] শত সৈন্যের অধ্যক্ষ। "দফাদার জমাদার চলে সদীয়াল ভা.চ ৪৫৯।

সদীশ্বর পুং [কর্ম্মধা] ১ পরমাত্মা (?)—মেদিনী। ২ (বাঙ্লায়) অনুরক্ত পতি। "সতী° ভা চ ১৫৮।

সদৃক্(-শ্), -দৃক্ষ বিণ [সমান+ √দৃশ্+ক্বিন্ (০),+স (ক্স)-র্ম্ম, কর্ম্মকর্ত্তৃ (ভাষ্য),-১ব, সমান > স; স্ত্রী -ক্, -ক্ষা] 'যাহাকে সমান দেখা যায়, যে সমান দেখায়, সমানদর্শন, সদৃশ। "সদৃশ্।—ঋগ্বেদ ১.৯৪.৭। সদৃঙ্ঙ্।—শুক্লযজুর্ব্বেদ ১৭.৯৪, ভ ২২.২৪।

সদৃক্ষ দ্র 'সদৃক্'।

সদৃশ বিণ [সমান+ √দৃশ্+অ (কঞ্)-র্ম্ম, কর্ম্মকর্ত্তৃ (ভাষ্য. সমান, >স; স্ত্রী -শী] ১ সর্থ 'সদৃক্', সমানরূপ। "(নলঃ) অশ্বিনোঃ সদৃশো রূপে মহা ২.৫৩.২৭। ২ তুল্য, সম। "বীর্য্যে শৌর্য্যে চ বুদ্ধৌ চ নৈবাস্তি সদৃশস্তব গো রা ৩.৪০.২২। কুসুমসদৃশম্ (প্রণয়ি হৃদয়ম্) পূ মে ১০। °শ্বেত পা ২ ১.৬৮, কাশিকা। ৩ অনুরূপ, যোগ্য। "আকারসদৃশপ্রজ্ঞঃ রঘু ১.১৫, অদৃষ্টসদৃশপ্রজ্ঞঃ ৬৫। প্রস্তাবসদৃশং বাক্যম্।—হি ২.৪৮। ৪ উচিত। "তৎকালসদৃশং বচঃ (উবাচ) রা ২.২১.১। ৫ সমানজাতীয়। "সদৃশস্ত্রীষু জাতানাং পুত্রাণাম্ মনু ৯.১২৫। ৬ (ব্যাকরণে) স্থানার্থগুণপ্রমাণবিষয়ে সমান। "সদৃশতম আদেশঃ পা ১.১.৫০। —দৃশ ক্রি.বিণ তুল্য, সম। "গুর্ব্বী° ধুরং যো ভুবনস্য পিত্রা…সদৃশং বিভর্ত্তি রঘু ৬.৭৮। [°বিনিময় (পু)—তুল্যবিষয়ক বিনিময়। °স্ত্রী (স্ত্রী)—সমানজাতীয়া স্ত্রী। °স্পন্দন (ক্লী)—সমানাবকাশ স্পন্দন।]

সদুত্তর ক্লী [কর্ম্মধা] সমুচিত প্রতিবচন, অনুরূপ উত্তর।

সদেশ বিণ [সমান দেশ যাহার, বহুব্রী, সমান > স] ১ নিকট, আসন্ন, সন্নিকৃষ্ট, সবিধ। ২ একদেশীয়, একস্থানীয়।

সদোগত বিণ [সদঃ গত, দ্বি ত] সভাগত, যজ্ঞশালাগত। "রঘু ৩ ৬৬।

সদোগৃহ ক্লী [কর্ম্মধা] যজ্ঞশালা, সভাগৃহ। "রঘু ৩.৬৭।

সদোষ বিণ [বহুব্রী] ১ বিদ্যমানদোষ, দূষণবান্, দোষযুক্ত। "কাব্যাদর্শ ২.১৭৫। ২ হিংসামিশ্র। "গী ১৮.৪৮।

সদ্গতি স্ত্রী [কর্ম্মধা] ১ সাধুপদবী, সন্মার্গ, সৎপথ। ২ স্বর্গগমন, স্বর্গলাভ। "মহা ৩.১৫০.৫১। ৩ মোক্ষ, নির্ব্বাণ। "গচ্ছেচ্চ মৃতোঽপি °তিম্ গো.রা ১.৪.৪৯। ৪ (বাঙ্লায়) সুব্যবস্থা, সদুপায়।

সদ্গুণ বিণ [বহুব্রী] সদ্গুণান্বিত। "ক.সা ৪২.১৯৯। —ণ পুং (কর্ম্মধা) প্রশস্ত গুণ, মহাগুণ। "সদ্গুণৈর্গুণবত্তরঃ গো.রা ১.১.২। [°মাহাত্ম্য (ক্লী)—সদ্গুণজন্য ঔদার্য্য। "ভ ১.১২.২৪। সদ্গুণার্ণব (পুং)—সদ্গুণসাগর, প্রচুরসদ্গুণ]]

সদ্গুরু পুং [কর্ম্মধা] ১ সদধ্যাপক। ২ তত্ত্বজ্ঞানী গুরু।

সদ্ধর্ম্ম পুং [কর্ম্মধা] ১ সদনুষ্ঠিত ধর্ম্ম; সত্য বা লোকহিতকর ধর্ম্ম। "অ° রা ২.৩৫.৩০; ভ ৭.৫.৪৫। ২ মন্বন্তরাধিপতিগণের ধর্ম্ম। "ভ ২.১০.৪। ৩ বৌদ্ধধর্ম্ম, জৈনধর্ম্ম। "°পুণ্ডরীক।

সদ্ধেতু পুং [কর্ম্মধা] (ন্যায়ে) নির্দ্দোষহেতু। বিপ 'হেত্বাভাস'।

সদ্ভাব পুং [কর্ম্মধা] ১ বিদ্যমানতা, অস্তিত্ব, সত্তা। "গী ১৭.২৬। ২ সাধুত্ব। "সদ্ভাবং লক্ষণস্য রা ২.৮৬.১। ৩ সত্যতা, যাথার্থ্য। ৪ সদভিপ্রায়। "অগূঢ়° কু.স ৫.৬২। ৫ প্রাপ্তি। "দেহত্যাগস্য সদ্ভাবে প্রসাদং কর্ত্তুমর্হসি রা ৭.৫৬.৯। ৬ স্নিগ্ধজনভাব, মৈত্রী, সখ্য। "সদ্ভাবপ্রতিপন্নানাং বঞ্চনে কা বিদগ্ধতা (দ্বাত্রিংশৎপুত্তলিকা)।

সদ্ভূত বিণ [সৎ ভূত; নি.স] 'সৎসদৃশ', যথার্থ। "সদ্ভূতাঃ (গুণাঃ বাচ্যাঃ)।—হ ১৫০.৪৩।

সদ্ম (-দ্মন্) ক্লী [√সদ্+মন্ (মনিন্)-ধি-১ব] ১ সদন (সায়ণ), ভবন, গৃহ। "দীর্ঘং পৃথু…সদ্ম।—ঋগ্বেদ ৫.৮৭.৭। ২.৬৫.২৮। রঘু ৬.১৯। নাগসদ্মন্ কি ৫.৩০। সদ্ম ক্রমাণামধঃ।—নাগানন্দ ৪.২। চিত্ত° গী.গো ১,২; কৃ ৬৫০। সাধু° শি ৩৮। দেবীর চরণপদ্ম-সদ্মে।—মা ১৫১। ২ অধিষ্ঠান, আধার, স্থান (সায়ণ)। "ঋতস্য সদ্ম।—ঋগ্বেদ ৩.৫৫.১৪। নাভিপদ্ম বিধিসদ্ম।—ম ১৫, বিকসিত মুখপদ্ম, কোটিসুধাকরসদ্ম ৩০২। তাঁহার ত্রিপাদ-পদ্ম, ত্রিপথগামিনী-সদ্ম ৩৫৫। কুশলসদ্ম, ও পাদপদ্ম।—দু ৬৫। সেই পদ্ম হৈল ব্রহ্মার জন্মসদ্ম চৈ.চ ২৪। নাসিকা সর্ব্ব মাধুরীর সদ্ম চৈ ৬৫। গুণ° বি.সু ৬। ৩ সদ্মতুল্য শরীর। "মহা ১.২৩২.১৮। ৪ ধাম, লোক। "স গচ্ছতি…ব্রহ্মণঃ সদ্ম শাশ্বতম্ মনু ২.২৪৪। ৫ মন্দির। "চণ্ডিকা° (S.W.)। ৬ জল। ৭ সংগ্রাম।

সদ্য ক্রি.বিং [সং সদ্যঃ; হি, ঠ সদ্য; অস সদ্যে] ১ তৎক্ষণাৎ, তৎকাল, তখনি। "শালবাস্ত কৈলে সদ্য শিবে কিনি লেয়।—দু ৬, বগলবাস্ত, করিলে সদ্য, চতুর্ব্বর্গ দাও ২৪। সদ্য দিল চুয়াইয়া সাত ঘড়া সুরা শ্রী.মা ১১১। পাপের রাশি সদ্য নষ্ট হয় চৈ ১৬৪। সদ্য ফল বি.সু ১৩৯। সদ্য ভূমি লাভ শি ৬৯। চাপা আমায় সদ্যই লোক সঙ্গে দিয়া বিদায় করিল ব.প্র ২০৬। ২ আজই। "আভরণ সদ্য কর ব প ৯২৩। শ্রী.মা ৫৪। ৩ এখন। "ময়নার ঘর সদ্য, লখ্যা মোর মাতা শ্রী.মা ১৯৮। ৪ এখনই; এই দণ্ডেই। "অদ্য সদ্য পাঠাইব যমালয় তোকে ব.প ৯৫৪। ৫ সেই দিনে। "সদ্য পাতিবে উনান শ্রী মা ১১১। [°শিশু—সদ্যোজাত শিশু। "কা ৫০। °ছিন্ন—অচির-চিত। "°ছিন্ন পুষ্পে যথা বনের শিশির।—কা ৬৩। °স্নাত—তৎক্ষণাৎ কৃতস্নান বা অপনীতমল। "সদ্যস্নাত …জীবনের জয়ধ্বনিময় চ.কা ২৮৮। °স্ফুট—অচিরবিকসিত। "ফুল, সদ্যস্ফুট।—ন ৮৩৮।]

সদ্যঃ (-দ্যস্) ব্য [সমান+দ্যঃ (দ্যস্), 'দিনে' অর্থে, সমান > স, নিপাতিত, পা ৫.৩.২২] ১ ইদানীং (সায়ণ), সম্প্রতি। "সদ্যশ্চিদ্ রায়ো দাবনে স্যাম।—ঋগ্বেদ ২.১১.১২। রঘু ১২.৩৭। ২ তদানীং (সায়ণ), সপদি, তৎক্ষণে, তখন। "ঋগ্বেদ ১ ৬১ ৭, ১৪। মরণং সদ্যো ভবিষ্যতি রা ২.৩৫.২২; সদ্যোনিপতিতানন্দম্ (সদ্ম) ৬৫ ২৮। সদ্যঃ সীরোৎকষণসুরভি ক্ষেত্রম্ পূ.মে ১৬। ব প ৫৯১। সদ্যঃসমাগত দারিদ্র্যের পীড়নে ব.দ্বি ৫। ৩ সমান দিনে; সেই দিনে। "গবাদীনাং পয়োঽপ্যদ্যঃ সদ্যো বা জায়তে দধি। ক্ষীরোদধেস্তু নাদ্যাপি, মহতাং বিকৃতিঃ কুতঃ॥—সু.র। ৪ অচিরকাল, কিঞ্চিৎ পূর্ব্বে। "সদ্যোহতাগ্নীন্ শ ৪৳। কটি কট্ট সদ্যোমরা হস্তি-ছালা ভা.চ ৪৩। ৫ শীঘ্র, অচিরাৎ। "সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী (গঙ্গা)। [°কাল (পুং)—বর্ত্তমানকাল। দ্র 'পা ৮.৩.৪৮। °কৃত (বিণ)—তৎকালকৃত। °কৃত্ত (বিণ)—অচিরচ্ছিন্ন। "পূ.মে ৫৯। °ক্ষত (ক্লী)—নবক্ষত। °পর্য্যুষিত (বিণ)—সেই দিনের বাসি; সদ্যোযাতযাম। °প্রফুল্ল (বিং)—নববিকসিত। "সদ্যঃপ্রফুল্লদলমালাময়ী নলিনী ব.প্র ১৪১। °প্রক্ষালক (বিণ)—একাহমাত্রসঞ্চয়িক। "মনু ৬.১৮। °প্রসূত (বিং)—সদ্যঃকৃতপ্রসব। "সী ৬১। মঙ্গলা গাইএর সদ্যঃপ্রসূত বৎসের ধ্বনি ব.প্র ৬০৩। °প্রাণকর (বিণ)—সদ্যঃ বলকর বা আয়ুষ্কর। "সদ্যোমাংসং

নবান্নং চ বালা স্ত্রী ক্ষীরভোজনম্। ঘৃতমুষ্ণোদককৈব সদ্যঃপ্রাণকরাণি ষট্॥—চাণক্য। °প্রাণহর (বিণ)—সদ্যঃ বলক্ষয়কর বা আয়ুঃক্ষয়কর। "শুষ্কং মাংসং স্ত্রিয়ো বৃদ্ধা বালার্কস্তরুণং দধি। প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃপ্রাণহরাণি ষট্॥—চাণক্য। °ফল (বিণ)—শীঘ্র ফলপ্রদ। "সদ্যঃফলাশ্লেষা।—বৃহৎসংহিতা ৯৭.১৪। °শৌচ (স্ত্রী)—শীঘ্র অপনেয় অশৌচ (ত.বা)।]

সদ্যঃপাতী (-তিন্) বিণ [সদ্যঃ+ √পত্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ১ সদ্যোভ্রংশনশীল, তৎকালভ্রংশী। "সদ্যঃপাতি প্রণয়ি হৃদয়ং বিপ্রয়োগে রুণদ্ধি পূ.মে ১০। ২ (বাঙলায়) তৎকালনাশশীল, সদ্যোনশ্বর। "কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতি (মা)।

সদ্যঃস্নাত বিং সদ্যঃস্নানসিক্ত। "°ত কেশরাশি।—ন ৮৩৩।

সদ্যুক্তি স্ত্রী [কর্ম্মধা] ১ সদুপায়, ২ (বাঙলায়) সৎপরামর্শ।

সদ্যোজাত বিণ [সুপ্‌সুপা] তৎকালজাত, অচিরোৎপন্ন। —জাত পুং ১ বৎস, শিশু। ২ শিবমূর্ত্তিভেদ।

সদ্যোজীবী (-বিন্) বিং তৎকালস্থায়ী, জাতবিনষ্ট, ক্ষণিক। "জলবিম্ব যথা সদা সদ্যোজীবী।—মে ১৫৯।

সদ্যোঘৃত বি সদ্যঃকৃত ঘৃত; টাটকা ঘি। "সদ্যোঘৃত সদ্যোদধি রসের বল্লভ ভা.চ ৪৪৮।

সদ্যোদধি বি একদিনে কৃত দধি; সাঁজো দই। দ্র 'সদ্যোঘৃত'।

সদ্যোদুগ্ধ বি [সুপ্‌সুপা] তৎকালকৃতদোহন, টাটকা (দুগ্ধ)।

সদ্যোবর্ষ পুং, স্ত্রী, -বর্ষণ স্ত্রী -বৃষ্টি স্ত্রী [স.ত] তৎকালবৃষ্টি, তখনই বর্ষণ। "সদ্যোবৃষ্টি কু.স ৬৫; °ণ ৬৭।

সদ্যোবর্ষণ, সদ্যোবৃষ্টি দ্র 'সদ্যোবর্ষ'।

সদ্যোভব বিণ [সুপ্‌সুপা] সদ্যোজাত, সদ্যস্তন। "রঘু ১৫.৮২।

সদ্যোমন্যু বিণ [বহুব্রী] তৎকালজাত-ক্রোধ। "ভ ৯.৩.২৫।

সদ্যোমাংস স্ত্রী [কর্ম্মধা] তৎকালহতপশু-মাংস; তাজা মাংস। "°মাংসম্ (সদ্যঃপ্রাণকরম্)—চাণক্য। ব.প ১৫০১।

সদ্যোমুক্ত বিং মরণানন্তরই মুক্ত, মৃত্যু হইলেই মোক্ষপ্রাপ্ত। "এখানে মরিবে যেই সদ্যোমুক্ত হবে সেই ভা.চ ১৮৫।

সদ্রত্ন স্ত্রী [কর্ম্মধা] শোভনমরকতপদ্মরাগবৈদূর্য্যাদি। "ভট্টি ১.৭।

সদ্রব্য বিণ [বহুব্রী] ধনধান্যাদিসহিত। "মনু ৯.২৪১।

সদ্বংশ বিণ [বহুব্রী] সৎকুলজাত, কুলীন। "সা.দ ৬.৩১৬।—শ পুং [কর্ম্মধা] মহাকুল। "°জ।—কাদ ৩৭।

সদ্বৎসল বিণ [স.ত] সাধুজনে প্রেমবান্। "রঘু ২ ৬৯।

সদ্বস্তু স্ত্রী [কর্ম্মধা] ১ উত্তম দ্রব্য। ২ দোষরহিতগ্রন্থবিষয; প্রশস্ত ইতিবৃত্ত। "°পুরুষ বহুমান।—বিক্র ১.২।

সদ্বার্ত্তা স্ত্রী [কর্ম্মধা] শুভসংবাদ। "লোকঃ পৃচ্ছতি সদ্বার্ত্তাং শরীরে কুশলং তব। কুতঃ কুশলমস্মাকমায়ুর্যাতি দিনে দিনে।

সদ্বৃত্ত বিণ [বহুব্রী] ১ সচ্চরিত, সদাচরণ। বিপ 'দুর্ব্বৃত্ত'। "অসদ্বৃত্ত রা ৭ ১৫.২৫। দ্র (২)। ২ [সুপ্‌সুপা] সুবৃত্তাকৃতি, সুবর্ত্তুল। "সদ্বৃত্তস্তনমণ্ডল গী.গো ৩.১৪। —ত্ত স্ত্রী [কর্ম্মধা] ১ সচ্চরিত, সদনুষ্ঠান। "°শালিন্। ২ সুগোলাকার। —ত্তি স্ত্রী [কর্ম্মধা] সর্ব 'সদ্বৃত্ত স্ত্রী (১)। "°ভাজ্।

সদ্বৈদ্য পুং [কর্ম্মধা] নিপুণ বৈদ্য; সুচিকিৎসক।

সধন বিণ [বহুব্রী] ১ বিদ্যমানধন, ধনবান্। বিপ। 'নির্ধন'। "রা ২.৩৯.২৫। ২ ধনসহিত। "দদৌ চ সধনাং তস্মৈ নাম্না রত্নাবলীং সুতাম্ ক.সা ৭৭.২২।

সধনুঃ (-নুস্), -ধনুষ্ক বিণ [বহুব্রী, বিকল্পে 'ক, (কপ্), স্ত্রী -নুঃ, -ষ্কা] সচাপ। "ময়া সধনুষা রা ২.২১.৯। সধনুষ্ক মহা ২.৮১.২৮।

সধনুষ্ক দ্র 'সধনুঃ'।

সধবা স্ত্রী [সহ ধব যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] বিদ্যমানধবা, সভর্ত্তৃকা, পতিবত্নী। বিপ 'বিধবা'।

সধর্ম্ম বিণ [°র্ম্ম+অ (অচ্)] ১ সমানধর্ম্মবান্, সম-সামান্যধর্ম্ম, সদৃশ। "দৃষ্টান্তস্তু সধর্ম্মস্য বস্তুনঃ প্রতিবিম্বনম্ সা.দ ১০.৫১। ২ সমপ্রকৃতিক, সমগুণ। —র্ম্ম পুং [সমান ধর্ম্ম, কর্ম্মধা] সমানধর্ম্ম। "সধর্ম্মিন্। —র্ম্মক বিণ [°র্ম্ম+ক (কন্)] সর্ব 'সধর্ম্ম (২)। "অয়ঃসধর্ম্মকং চিত্তম্ (S.W.)। —র্ম্মা (-র্ম্মন্) বিণ [সমান ধর্ম্ম যাহার, বহুব্রী, 'অন্' (অনিচ্),-১ব (পা ৫.৪.১২৪), স্ত্রী -র্ম্মা] ১ সমানধর্ম্মা। "শূদ্রাণাং তু সধর্ম্মাণঃ সর্ব্বেঽপধ্বংসজাঃ স্মৃতাঃ মনু ১০.৪১। ২ সমমৃত্যুলক্ষণধর্ম্ম। "ভ ৭.২.৩৭। ৩ সমপ্রকৃতিক। ৪ সদৃশ, তুল্য। "গর্ভশালিসধর্ম্মাণস্তস্য (সমারম্ভাঃ) রঘু ১৭.৫৩। ৫ একধর্ম্মাবলম্বী। ৬ অসঙ্গ (নীলকণ্ঠ)। "ন বশে কস্যচিৎ তিষ্ঠন্ সধর্ম্মা মাতরিশ্বনঃ মহা ১.১১৯.১৯। —র্ম্মিণী স্ত্রী [সহধর্ম্মিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'সমানধর্ম্মবতী', পত্নী (অ.কো)। "বি.মু ১০৬। —র্ম্মী (র্ম্মিন্) বিণ [সধর্ম্ম+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -র্ম্মিণী] ১ সমান-ধর্ম্মবান্, সদৃশধর্ম্মা। "সধর্ম্মিণাং (প্রাণিনাম্) স্তান্ নিকায়ঃ (অ.কো) ২ সমগুণ, সমানপ্রকৃতি। "পরৈঃ সঙ্করমানস্ত কাষ্ঠলোষ্টসধর্ম্মিণঃ (মে) গো.রা ৪.৬০.২৪।

সধর্ম্মক, সধর্ম্মা, সধর্ম্মিণী, সধর্ম্মী দ্র 'সধর্ম্ম'।

সধূম, -মক, -ধূম্র বিণ [বহুব্রী, বিকল্পে 'ক' (কপ্)] বিদ্যমানধূম, ধূমবান্। "সধূমদীপ্তাগ্নি ভট্টি ২.২। সধূম্রবর্ণ (S.W.)।

সধূমক, সধূম্র দ্র 'সধূম'।

সধ্র্যচ্ বিণ [সহ+ √অন্চ্+কিন্ (০)-ক, সহ > সধ্রি (পা ৬.৩ ৯৫), সধ্র্যঙ্ (পুং-১ব), সধ্রীচ (স্ত্রী), সধ্র্যক্ (ক্লী)] সহচর। "ভ ২.৭.৪৮। —চ্ ক্রি.বিণ সম্যক্। "পুবঙ্গনং সধ্র্যগ্ বশমানীয় ভ ৪.২৭.১। —চ্ পুং সহচর। "সধ্রীচা বলযিতপদ্মনালসূত্রঃ (ভুজঃ) মাঘ ৮.৪৪। —ধ্রীচী স্ত্রী, বিণ সহচারিণী। "সীতাম্…সধ্রীচীম্ ভট্টি ৬৭। —ধ্রীচী স্ত্রী ১ সহচরী, সখী। ২ ভার্য্যা (ত.বা) —ধ্রীচীন বিণ [°চ্+ঈন (খ), পা ৫.৪.৮] সমীচীন। "সধ্রীচীনঃ…পন্থাঃ ভ ৬.১.১৭।

সধ্রীচী, সধ্রীচীন দ্র 'সধ্র্যচ্'।

সন্ সক [ভ্বা, প—সনতি; সেট্] ১ সম্ভক্তি, সেবা। "সনতি গুরুং লোকঃ (ক.ক)। ২ [তনা, ঐ—সনোতি,-নুতে, সেট্] দান।

সন[১] পুং [√সন্ দান+অ (অপ্)-ভা] ১ দান, সমর্পণ। (শ্রীধর)। "সনাৎ স্বতপসঃ স (হরিঃ) চতুঃসনোঽভূৎ ভ ২.৭.৫। ২ ব্রহ্মার মানসপুত্রবিশেষ; সনক। দ্র 'চতুঃসন'। ৩ [√স্বন্—স্বন > সন (?)] ঘণ্টাপাটলিবৃক্ষ।

সন[২] '-ন্' বি [আ সন্; তু 'সং সমা] ১ বৎসর। "তিন সন বহি দিহ কর ক.চ ৮৪। তিন সন অপর না লয় রাজকর (শ্রী)। ২ কোন সুপ্রসিদ্ধ ঘটনাবলম্বনে প্রবর্ত্তিত বৎসরগণনাবিশেষের বৎসর; সাল। "সন ১৩৪৭। হিজরী সন (সন্-ই-হিজ্‌রী)। ইংরাজী বা ঈসবী সন (সন্-ই-ঈস্‌বী—ঈসার বা জীশুর সম্বন্ধী সন)। [৯৬৯ হিজরী অব্দে আকবর ঘোষণা করেন যে, অতঃপর চান্দ্রমতে বৎসর গণনা না করিয়া সৌরমতে বৎসর গণনা করা হইবে। সেই হেতু ৯৬৯ হিজরীর পর হইতে সৌরমতে বৎসর গণনা করায় বর্ত্তমান বাঙলা সন (বঙ্গাব্দ) প্রচলিত হইয়াছে। খৃষ্টাব্দ হইতে বঙ্গাব্দ নির্ণয় করার নিয়ম—এপ্রিলের শেষার্দ্ধ হইতে ডিসেম্বর পর্য্যন্ত খৃষ্টাব্দ হইতে ৫৯৩ বাদ দিলে, এবং জানুয়ারি হইতে এপ্রিলের প্রথমার্দ্ধ পর্য্যন্ত খৃষ্টাব্দ হইতে ৫৯৪ বাদ দিলে, বঙ্গাব্দ পাওয়া যায়। যেমন, ১৯৩৬ খৃষ্টাব্দের অক্টোবর মাসে ১৯৩৬ – ৫৯৩ = ১৩৪৩ বঙ্গাব্দ, ১৯৩৭ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে ১৯৩৭ – ৫৯৪ = ১৩৪৩ বঙ্গাব্দ। হিজরীর চান্দ্র বৎসরে ৩৫৪ দিন, সৌর বৎসরে ৩৬৫ দিন, সুতরাং বৎসরে প্রায় ১১ দিন অধিক; এই আধিক্য হেতু এক্ষণে বাঙলা সন অপেক্ষা হিজরী সনের সংখ্যা বাড়িয়া চলিয়াছে।] ['সন' ও 'সাল' শব্দ একার্থক; সুতরাং, 'সন ১৩৪৭ সাল'—অসাধু, 'সন ১৩৪৭' বা '১৩৪৭ সাল'—সাধু। সন সন—প্রতিবৎসর (পল্লীর ভাষা)। সন সনাৎ (Haughton)—প্রতিবৎসর।]

সন³ বিং [সং সম ; মৈ সন] সমান, তুল্য। "খত খরির (অর্থাৎ লবণ) সন তেল সিনেহ বি.স্ন ২৫৩ ; তৈসন ৩৫৭।

সনক পুং [সন¹ + ক (কন্)] সর্থ 'সন¹ (২)। "ক.চ ৯।

সন-কাইচ বি ছন-ঘাসের কাচি বা দড়ী। "ছোলাভুটি সন-কাইচ লইবা বি.পা ১৬৪ ; ২২০ ; গ্রীবাতে...°কাইচের মালা ২৮৭।

সনৎ পুং [সন্ দান + অৎ (অতি)-ক (ত.বা)] ব্রহ্মা। —নৎ ব্য সর্ব্বদা। [°কুমার (পুং)—'নিত্যকুমার' (অ.টী) ; ব্রহ্মার মানসপুত্রবিশেষ। দ্র 'চতুঃসন'। "ভ ৩.৮.৭। ক.চ ৯। °সুজাত (পুং)—সনৎ (সর্ব্বদা) সুজাত (সুষ্ঠু জন্ম) যাহার ; নিত্যকুমারত্ব হেতু জরামরণবর্জ্জিত (নীলকণ্ঠ) ; সনৎকুমার। "মহা ১.২.২২৯ ; ৫.৪.২২।

সনদ বি [আ সনদ্] ১ রাজশাসনপত্র, ভূমিদানপত্র। ২ দলীল। "আমাকে সহি-সনদ্ করিতে যাহা বলিবেন, আমি তৎক্ষণাৎ করিব আ.ছু ১৩২।। ৩ চরিত্রাদির প্রমাণপত্র ; সার্টিফিকেট। ৪ উপাধিপত্র, ডিপ্লোমা। ৫ হুকুমনামা। [সনদী—১ ভূমিদানপত্রের অন্তর্গত। "সনদী জমি। ২ সার্টিফিকেট-ওয়ালা। "যিনি উমেদওয়ারি ছাড়িয়া স্বাধীন হইলেন, তিনি আবার সনদী ঘ্যান্‌ঘেনে ব.প্র ৬৩৬।]

সনন্দ¹,**-ন্দন** পুং [বহুব্রী] ব্রহ্মার মানসপুত্রবিশেষ। দ্র 'চতুঃসন'। "সনন্দ ভ ৩.১২.৪ ; সনন্দন ৮.২১.১। সনন্দ ক.চ ৯।

সনন্দ² বি [আ সনদ্] শাসনপত্র, হুকুমনামা। "ফরমান যত সব সনন্দ লিখিয়া। মফঃস্বলে নায়েব দিলেন পাঠাইয়া॥—ভা.চ ৫৪০।

সনসন '-ন্-ন্' বি [ধ্বন্যাত্মক ; হি সনসনাহট ; ঠ সণসণ, সনসনাট] ১ বেগে গমনের শব্দ। "এই যে ঠাকুর আসছেন—একেবারে রণমূর্ত্তি, সনসন বেগ।—অ.গ্র ২৪। ২ বেগে বায়ুপ্রবাহের শব্দ। দ্র 'শনশন'। ৩ [হি 'সনসনী'—ক্ষোভ] মনঃক্ষোভ, চিত্তচাঞ্চল্য। "পূজার সজ্জ. দেখি স্থির. মন সনসন করে প.ক ২৭৯৭।

সনা¹ ব্য সনাতন (সায়ণ), নিত্য। "ঋগ্বেদ ৩.৫৪.৯।

সনা² বি [দ্র 'সোণা' ; অপ্র] স্বর্ণ। "শূ ১০২।

সনাৎ ব্য ১ সর্থ 'সনা¹। "সনাদ্ যুবানম্ ঋগ্বেদ ২.১৬.১। ২ বিষ্ণু।

সনাতন বিণ [সনা¹ + তন (ট্যু, তুট্) ; স্ত্রী -নী ; °না (স্ত্রী) ভ ২.২৩২] ১ সদাভব, অনাদিভূত, নিত্য, চিরকালীন। "উপাখ্যানম্...সনাতনম্ —কঠোপনিষৎ ৩.১৬। স হি ধর্ম্মঃ সনাতনঃ রা ২.৩০.৩৮। সনাতনস্ত্বং পুরুষঃ গী ১১.১৮। শ্রুতিরেষা সনাতনী মনু ৩.২৮৪ ; প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াদেষ ধর্ম্মঃ সনাতনঃ মনু ৪.১৩৮। উ.চ ৫.২২। ২ পরম্পরাপ্রাপ্ত। "যৌবরাজ্যং সনাতনম্ রা ২.২৬.২৭। কুলধর্ম্মাঃ সনাতনাঃ গী ১.৩৯। ৩ নিত্য, অর্থাৎ উত্তরোত্তর সর্ব্বকার্য্যে অনুস্যূত (শ্রীধর) ; বীজান্তর হইতে অনুৎপন্ন (নীলকণ্ঠ)। "বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্ গী ৭.১০। ৪ সর্ব্বদা একরূপ। "মমৈবাংশঃ...জীবভূতঃ সনাতনঃ গী ১৫.৭। ৫ সুনিশ্চল (বিশ্ব)। ৬ আদিম, পুরাতন, চিরন্তন। "(হে ভারত !) তব সনাতন ধ্যানের আসন. মোদের অস্থিমজ্জা—স.স্ব ১০৩। সনাতন পরিচয় কু.কে ১০১। ৭ অনশ্বর। "বেদশ্চক্ষুঃ সনাতনম্ মনু ১২.৯৪। —তন পুং ১ বিষ্ণু। "ভট্টি ১.১। লক্ষ্মীকান্ত সনাতন ভা.চ ৬। ২ শিব। ৩ ব্রহ্মা। ৪ ব্রহ্মার মানসপুত্রবিশেষ। "ভ ৩.১২.৪। ক.চ ৯। ৫ পিতৃগণের অতিথিভেদ (মেদিনী)। ৬ বৃন্দাবনস্থ চৈতন্যদেবের পরম-ভক্ত শিষ্যবিশেষ। "কথা ৬৯। —তনী স্ত্রী [°ন + স্ত্রী ঈ(ঙীপ্)] ১ 'সর্ব্বদা সর্ব্বত্র বিদ্যমানা' ; দুর্গা। "কৃ ৩৫০। শ্রী.মা ১৬। ২ লক্ষ্মী। ৩ সরস্বতী।

সনাতনী দ্র 'সনাতন'।

সনাথ বিণ [বহুব্রী : স্ত্রী -থা] ১ নাথবান্, আশ্রয়বান্। "সনাথা ইদানীং ধর্ম্মচারিণঃ শ ১২৩৬। দ্র (২)। ২ সভর্তৃক। "(রাম) ত্বয়া নাথেন বৈদেহী সনাথা লক্ষ্মণস্তথা গো.রা ৩.৮.১০। শশিসনাথ যামিনী। —রবীন্দ্র। ৩ যুক্ত, সহিত। "ভক্তিশোভাসনাথম্...কৌতুকাগারমগাৎ কু.স ৭.৯৪। ত্বৎসনাথে গবাক্ষে উ.মে ৩৭। নানাজলচরসনাথং সরঃ। —পঞ্চ ১২৩৬। ৪ প্রভুবিশিষ্ট। ৫ প্রধান। "মধুগন্ধসনাথয়া (স্মিতরুচা) রঘু ৯.৪২ ; মহৌষধিদীপিকাসনাথাম্ (ত্রিযামাম্) ৭০। ৬ কৃতার্থ, চরিতার্থ। "অহো সনাথা ভবতা স্মঃ ভ ১.১১.৮। সনাথঃ খলু সংবৃত্তঃ।—বিক্র ৫২২৬। অত্রাবস্থানেন বনমিদং সনাথীক্রিয়তাম্।—হি ১২৩২। —থা স্ত্রী জীবদ্ভর্তৃকা, সধবা স্ত্রী।

সনাভি বিণ [সমান নাভি যাহার, বহুব্রী, সমান > স ; স্ত্রী -ভি ; °ভি —সমাননাভি (অর), সমানজন্মন্ (ঋগ্বেদ ১০.৭৮.৪ ; ১৩৩.৫)] ১ এক-গর্ভত্ব হেতু সমাননাভিক ; একগর্ভজ, সোদর। "ভগিন্যশ্চ সনাভয়ঃ মনু ৯.১৯২ ; ২১২। ২ তুল্য। ৩ স্নেহযুক্ত। ৪ মধ্যযুক্ত (ত.বা)। —ভি পুং ১ সহোদর। "যাজ্ঞ ১.১৫৮। °বধ ভ ১০.৮৩.৯। ২ সপিণ্ড, সপ্ত-পুরুষাবধি জ্ঞাতি। "কি ১৩.১১। —ভি স্ত্রী সহোদরা। —ভ্য পুং [°ভি + য (যৎ)] 'সমাননাভিভব', সপিণ্ড পুত্রাদি। "মনু ৫.৮৪।

সনামা (-মন্) বিণ [সমান নাম যাহার বহুব্রী, সমান > স, ১ব ; স্ত্রী -মা (-মন্), -মা, -ম্নী] সমাননামক, অভিন্ননামা। "সনাম্নী মহা ১.১৪.৩ ; ৪ ; সনামায়াং সনামা সঃ কন্যায়াং দ্বিজসত্তমঃ (অপত্যং জনয়িষ্যতি) ৩৮.১৫ ; সনাম্নীং যদাহং কন্যামুপলপ্স্যে ৪৬.৮ ; ২২১.৮৪। পিতা সাগর-সনামা ভ.গ্র ১৪৯। —নাম বি সমান নাম ; এক নাম। "শুনিতে উচিত নহে কাণীর সনাম ব.প ২৪৮।

সনির্ঘাত বিণ [বহুব্রী] নির্ঘাতসহিত, বাত্যাযুক্ত।

সনির্ব্বেদ বিণ [বহুব্রী] নির্ব্বেদযুক্ত, সবিরাগ।

সনীড় বিণ [সমান নীড় যাহার বহুব্রী, সমান > স ; 'সনীল'—সমান-নিবাসস্থান (ঋগ্বেদ ১ ৬২.৭ ; ১০)] ১ একনীড়স্থ। ২ নিকট, সন্নিকৃষ্ট, আসন্ন (অ.কো)। "মত্র° পা ৬.২.২৩। ৩ নীড়যুক্ত (ত.বা)। —নীড় ক্লী সমীপ। "ভট্টি ৫.৩১।

সনে ক্রি.বিং [দ্র 'সঙে' ; হি সন'-নে ; প সণে ; সি সাণু, সেণু (C.G. § 375) ; তু 'ছন'—"হামুছন না টুটব লেহা (বি.প ১৭১) ; 'সন' —চারি বধূ সন (ম.গা ২৮)] ১ সহ, সহিত। "তা সনে কি মোর নেহা শ্রী.কী ১৯ ; ৩৮২। মিলল শ্যামের সনে চ.দা ৬৭। কথা কব কোন রাবণের সনে।—কৃ ২৪৯। ২ সঙ্গে, সাথে। "ইচ্ছা হয় যেই দিনে, বন যায় বাপ সনে ক.চ ৪৬। চলিল পাকশাসন দেব লৈয়া সনে ম.পা ২১। ৩ প্রতিদ্বন্দ্বিভাবে সঙ্গে। "হেন জন নাহি যুদ্ধ করে তার সনে।—ম ৫৩৮। মোর সনে তেজ রণ ম.পা ২১। ৪ সহায়ভাবে সঙ্গে। "ভরতের সনে তব আছে ভারীভূরী।—কৃ ১৪০।

সনেট বি [E. Sonnet] চতুর্দ্দশপদী কবিতা। "বন্দী হ'য়ে সনেটের ক্ষুদ্র কারাগারে. কাঁদে যথা সুকবিতা গুমরে গুমরে অ.গু ২৪। [সনেটে মিত্রাক্ষরবিষয়ে চরণের পর্য্যায়ে বিশেষ কোন নিয়ম দেখা যায় না। দ্র 'মা ১৬৭। স.স্ব ৬৮-৯২। অ.গু ২২-২৪।]

সনেহ বি [সং স্নেহ > লি সনেহ ; প্রা সণেহ ; হি, সি সনেহ] স্নেহ, প্রণয়। "বড় অনুচিত কৈল প্রথম সনেহে শ্রী.কী ১৩৫।

সন্জ্ অক [ভ্বা, প—সজতি ; অনিট্] সঙ্গ, সংশ্লেষ, যোগ। "সজতি বপুষি বাসঃ (ক.ক)। [অনু—অনুষঙ্গ। অভি—অভিষঙ্গ, পরাভব। অব—যোজন। আ—আসঙ্গ, আসক্তি, যোগ। প্র—প্রসঙ্গ, আসক্তি।]

সন্ত বি [সং সৎ¹—সন্তঃ (প্রথমা-বহুবচন) ; হি সংত ; cf., L. Sanctus ; F., E. Saint] ১ সাধু, ধার্ম্মিক। ২ ভক্ত, হরিভক্ত। "চাস করে সন্ত-সাধু-সেবার লাগিয়ে ভ.গ্র ২৩৮ ; সঙ্কীর্ত্তন করে সব সন্তে ৩০৬ ; ৪১৬। প্রভুসন্ত বর্গেষু E.P. 135. ৩ সুখনিধাম, সুখকর। "সন্ত বসন্ত. পূজায়ল ঘরে ঘরে. জগজনে আনন্দ বাঢ়াই। —জ্ঞা ১১৮।

সন্তক্ষণ ক্লী [সম্ + √তক্ষ্ + অন (ল্যুট্)-ভা] ভর্ৎসন। "যাজ্ঞ°।

সন্তত বিণ [°ত+অ (অচ্)] ১ সন্ততবান্, নিরন্তর, অবিচ্ছিন্ন। দ্র 'সতত'। "সন্ততাশ্রুনিপাতন গো.রা ৬.৭৪.২৪। সন্ততয়ানুবৃত্ত্যা ভ ১.৩.৩৮। সন্ততাপদ্ কি ১১.১৩। ২ নিরন্তর, ঘনসন্নিবিষ্ট। "অশোক-বনিকামেব প্রাবিশৎ সন্ততক্রমাম্ গো.রা ৫.২০.৮। ৩ নিবিড়। "তমঃ সন্ততম্ সা.দ ১.১। ৪ [সম্+ √তন্+ত(ক্ত)-র্ম্ম] বিস্তৃত। "মুণ্ড-কোপনিষৎ ১.২.১। —ত ক্লী [দ্র 'সতত' (ক্লী)] সর্থ 'সতত' (ক্লী)। —ত ক্রি.বিণ সতত, সদা। "°বর্ষিন্ (S.W.)। সা.দ ১.১। রঘুনাথ-ভক্তি তারা করিত সন্তত।—চৈ ১২৮। নাহি যাত জীবন দুরন্ত কান্ত সন্তত চিন্তিয়া ব.প ১০৮৫। শোক তাপে দহে মোর সন্তত হৃদয় অ.প ৫। সোমযোগে সনাতনী সন্তত সদয় শ্রী.মা ১৬। বা.দ ১। [°জ্বর (পুং) —অনবচ্ছিন্ন জ্বরবিশেষ। °সঙ্গী (-ঙ্গিন্) বিণ—নিরন্তরাসক্ত। "মাঘ ৬.৩৬। সন্ততাভ্যাস (পুং)—বেদাদির নিয়মিত পাঠ।]

সন্ততি[1] স্ত্রী [সম্+তন্+তি (-ক্তিন্)-ভা] ১ অবিচ্ছেদ। "বিঘ্ন°, সন্তাপ°। জাগরণ° পা ৩.২.১১০, কাশিকা। ইক্ষাকুকুলস্য সন্ততেঃ রঘু ৩.১। সলিলসন্ততি মাঘ ৬.৫৫। যজ্ঞ° ভ ১.৪.১৯। চিন্তা° মা.মা ৫.১০। ২ পরম্পরাভাব, পারম্পর্য্য। "কল্যাণম্...অবিচ্ছিন্নসন্ততি রঘু ১৭.১১। ৩ বিস্তার। ৪ [+তি-ণ] পঙ্‌ক্তি, রাজি। "প্রদীপ° চৈ ১০৩। ৫ সমূহ, নিকর। "কুসুমসন্ততি মাঘ ৬.৩৬। ফেনসন্ততি কি ৪.৫। পুষ্পের সন্ততি চৈ ৩৯। ৬ পুত্র। "সন্ততিঃ শুদ্ধবংশ্যা হি পরত্রেহ চ শর্ম্মণে রঘু ১.৬৯; ৩.৫০। এক° ভ ৬.১৪.৫২। কৃ ৪১। শতেক সন্ততি।—ম ৯৯৬। ভা.চ ২৩। ভূপতি° বি.স্ম ১৫০। শি ১০০। ৭ সন্তান, অপত্য, পুত্রপৌত্রাদি। "দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।—মনু ৩.২৫৯। ধর্ম্মার্জ্জিতা লক্ষ্মীরাসন্তত্যনপায়িনী ক.সা ১৯.৫০। ৮ কুলবৃদ্ধ্যর্থ পুত্র। "কুল° মনু ৫.১৫৯। ৯ বৎসা। "সন্ততিস্তু পশুস্ত্রীণাম্ (বৃদ্ধিঃ) যাজ্ঞ ২.৪০। ১০ বংশ, অন্বয়, কুল। ১১ কন্যা।

সন্ততি[2] ক্রি.বিং [সন্তত > °তি; অসাধু] সতত। "ঝঞ্ঝা ('ঝম্পি' বি.সা ৪২৬) ঘন গরজন্তি সন্ততি বি.প ১৭২।

সন্তপ্ত বিণ [সম্+তপ্+ত(ক্ত)-ক] ১ সন্তাপযুক্ত, ব্যথিত। "°হৃদয় রা ২.৫৭.১। ২ অগ্নিদগ্ধ, বিশুদ্ধ। "সন্তপ্তচামীকরবল্গুবজ্রম্ (সিংহাসনম্) ভট্টি ৩.৩। ৩ উত্তপ্ত। "বহ্নিসন্তপ্তদেহ।—ঋতু ১.২৭। ৪ আতপে বা প্রবাসবিরহে সংজ্বরিত (মল্লিনাথ); আতপতপ্ত, বিরহকাতর। "(পয়োদ!) সন্তপ্তানাং ত্বমসি শরণম্ পূ.মে ৭। ৫ পথিগমনাদি হেতু পরিশ্রান্ত; সন্তাপিত, ধূপিত (অ.কো)। ৬ [+ত-র্ম্ম] নিপীড়িত, নির্ব্যথিত। "শোকসন্তপ্ত রা ১.১.৫৪। শিরোঽভিতাপ° মহা ৩.২৯৬. ৭০। —প্ত ক্লী [+ত-ভা] সন্তাপ, পীড়া।

সন্তমস ক্লী [সন্তত তমঃ, প্রা.স, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.৭৯] সর্ব্বতঃ বিসারী তমঃ (অ.টী); ব্যাপক তমঃ। "সান্দ্রতম° মাঘ ৯.২২। বিভেদ...করৈঃ সন্তমসং রবিঃ ক.সা ৮৭.১৮। রজঃসন্তমসে বণে ভট্টি ৫.২।

সন্তর অর্ম্ম [সং সম্+ √তৃ—সন্তরণ > °র] সাঁতার দেওয়া। "জীব সন্তরয়ে ব্রহ্মময় এ সংসারে।—দু ৬০।

সন্তরণ ক্লী [সম্+ √তৃ+অন (ল্যুট্)-ভা] ১ উত্তরণ, পরপারগমন। "গঙ্গা°। ২ উল্লঙ্ঘন, অতিক্রম। "দুর্গসন্তরণার্থ গো.রা ১.৬৪.৮। যাবে চলি মর্ত্তসীমা অবাধে করিয়া সন্তরণ।—কা ৪৫।

সন্তর্জ্জন ক্লী [সম্+ √তর্জ্জ্+অন (ল্যুট্)-ভা] নির্ভর্ৎসন, তিরস্কার। "দণ্ডতাড়নসন্তর্জ্জনাদি ভ ৫.২৬.৮।

সন্তর্প সর্ম্ম [সং সম্+ √তর্পি—সন্তর্পণ > °র্প] প্রীত করা; সন্তুষ্ট করা। "আপনি নৃপতি সন্তর্পিয়া বিশেষে (সুখে বসে লস্কর) অ.প ৪; সন্তর্পিল প্রভাবতী ২৪; রণে সন্তর্পিল কৃষ্ণ ধনঞ্জয় ৮০; মণিপুরে পুত্র পাঠাইলা সন্তর্পিয়া ১৪০।

সন্তর্পণ বিণ [সম্+ √তর্পি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] প্রীণয়িতা, তোষয়িতা। "সন্তর্পণো নাকসদাম্ ভট্টি ১.৪। —র্পণ ক্লী [+অন-ভা] ১ প্রীণন, তোষণ। "অস্য (হব্যবাহনস্য) সন্তর্পণং কর্ত্তুং বৃক্ষমেতি-র্গৃহোত্তমৈঃ গো.রা ৫.৫০.৫। নানা আয়োজনে সভে সন্তর্পণ কৈল।—ম ১২০২। ২ দ্রাক্ষা দাড়িম খর্জ্জুরী কদলী শর্করা লাজচূর্ণ মধু ঘৃত—এই সকলের মিশ্রণজাত খাদ্যবিশেষ। ৩ [বাঙ্‌লায়; অপ্র] তর্পণ। "সমুদ্রে করিয়া স্নান পিতৃসন্তর্পণ।—জ ১৯। ৪ সান্ত্বনা। "শোকাকুল হয়্যা সভে করিছে রোদন। আপনি সভারে করিবেক সন্তর্পণ॥—ম ৯৩২। ৫ সেবা, শুশ্রূষা। "প্রভুকে মূর্চ্ছিত দেখি সেই ত ব্রাহ্মণ। ভট্টাচার্য্য সঙ্গে করে প্রভু সন্তর্পণ॥—চৈ.চ ১৮৭। ৬ সমাদর, যত্ন। "করি কত সন্তর্পণ,...প্রকৃতি পেতেছে শয্যা, পুরুষে চেতায়ে অ.শু ২৭। —র্পণে ক্রি.বিং ১ 'সুখজনকভাবে', সাবধানে, কোমলভাবে। "(সিন্ধু!) ঘুমন্ত পৃথ্বীরে, অসংখ্য চুম্বন কর,...সযত্নে বেষ্টিয়া ধরি সন্তর্পণে দেহখানি তা'র চ.কা ১১১। ২ নিঃশব্দসঞ্চারে। "সন্ধ্যাতারা ধীরে, সন্তর্পণে করে পদার্পণ, নদীতীরে, অরণ্যশিয়রে চ.কা ১১৯। ৩ ধীরে, আস্তে। "গোপাল সন্তর্পণে জবাবির চোপলে শোলার ছিপিটি খুলে ফেল্লেন।—হু ১৬৫। ৪ সৌষ্ঠবভাবে, যুতমত। "কেহ ছররার গুলি চাটের সহিত সন্তর্পণে রাখে আ.দু ১৪৩।

সন্তর্পিত বিণ [সম্+ √তর্পি+ত (ক্ত)-র্ম্ম] প্রীণিত। "হি ১.১৪২। —র্প্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সন্তর্পণীয়, তোষণীয়।

সন্তল বি [হি ' √তল'—ভাজা; সম্+তল] ঘৃতে বা তৈলে মশলা ভাজিয়া তাহাতে ব্যঞ্জন ফুটান বা সাঁতলান, সন্তলন। "উজানী মোহিবে তোব সন্তলের বাস: প্রথম সন্তলে উঠে অমৃতের গন্ধ ক.চ ১৫৭ —ন্তলন বি ১ সর্থ 'সন্তল'। ২ সন্তলনের মশলা—জীরা মৌরি লঙ্কা পাঁচফোঁড়ন ইত্যাদি। "তৈল লবণ নাহি তায় সন্তলন বড় ক.চ ১৪২। —ন্তালন বি সর্থ 'সন্তল'। "তেজপত্র দারুচিনি মরিচ সন্তালন ব.প ১২৩। [সন্তলন এক ডালা—একডালা সন্তলনের মশলা; সাঁতলানর মশলাভবা পাত্র। "(ত্রিপুরার তরে দে) সন্তলন এক ডালা শি ৩১।

সন্তলন দ্র 'সন্তল'।

সন্তাড়িত বিং সংক্ষোভিত, বিলোড়িত। "নবদ্বীপ বাত্যাসন্তাড়িত তরঙ্গোৎক্ষেপী সাগরসদৃশ চঞ্চল হইয়া উঠিল ব.প্র ১৭৪।

সন্তান পুং [সম্+ √তন্+অ (ঘঞ্)-ভা; '°ন' পুং, ক্লী (S.W.)] ১ অবিচ্ছেদ। "সন্তানার্থং কুলস্যাস্য মহা ১.১১০.৭; প্রসব° ৩.৯৬.১৯। °বাহিন্ উ.চ ৪.৮। ২ বিস্তার। "শ ৭.৮। ৩ সন্তার। "দীর্ঘশোক° উ.চ ৩২। ৪ প্রবন্ধ; প্রবাহ। "অচ্ছিন্নামলসন্তানাঃ (কীর্ত্তয়ঃ সরিতশ্চ তে) কু.স ৬.৬৯। ৫ [+অ-ণ] পরম্পরা; পঙ্‌ক্তি; সমূহ। "শলভ° গো.রা ৫.৯৫.১৭। স্বকর্ম্মসন্তানবিচেষ্টিত।—হি ১.২২১। ৬ পুত্র (মেধাতিথি)। "মনু ৪.১৮৫; সন্তানস্য পরিক্ষয়ে ৯.৫৯। সন্তানার্থায় বিধয়ে রঘু ১.৩৪; °কাম ২.৬৫। ৭ অপত্য। "কন্যা°, পুত্র° পা.প্র ৮১। ৮ পুত্রপৌত্রাদি। "কুলানি...সসন্তানানি মনু ৩.১৫। দৌহিত্র° ভ ৪.১.৪৫। ৯ কন্যা। "সঃ (দক্ষঃ)...সন্তানভাবনঃ ভ ৩.১৪.১৪। ১০ [+অ(ণ)-ক, পা ৩.১.১৪০, বার্ত্তিক, সি] 'গন্ধাদিবিস্তারকারী' (অ.টী); দেবতরুবিশেষ। ১১ [+অ-র্ম্ম (অ.টী)] গোত্র, বংশ, কুল। ১২ (বহুব) ব্রহ্মলোকের সমীপস্থ পুণ্যলোকবিশেষ। "রা ৭.১১০.১৯। সন্তান নামেতে স্বর্গ করেছি সৃজন।—কৃ ৪৯৯। [°বর্দ্ধন (বিণ)—কুলবর্দ্ধক, অরোগী দীর্ঘায়ুঃ ও ধর্ম্মপ্রজাসম্পন্ন (মিতাক্ষরা)। "পুত্রাঃ সন্তানবর্দ্ধনাঃ যাজ্ঞ ১.৯০। °বাহী (-হিন্) বিণ—ধারাবাহী। "উ.চ ৪.৮। °সন্ধি (পুং)—কন্যাদানপূর্ব্বক কৃত সন্ধিবিশেষ। 'সন্তান সন্ধির্বিজ্ঞেয়ো দারিকাদানপূর্ব্বকঃ।—হি ৪.১১৫।

সন্তানক পুং [°ন+ক (কন্) স্বার্থে] ১ দেবতরুবিশেষ। °বন মহা ৩.২৩০.২৩। কু.স ৬.৪৬। মাঘ ৬.৬৭। ২ (বহুব) সর্থ 'সন্তান (১২)। "রা ৭.১১০.১৮। —নক ক্লী সন্তানকপুষ্প, মন্দারকুসুম (মল্লিনাথ)। "কু.স ৭.৩। —নিকা স্ত্রী ১ ক্ষীরাদিসার, ক্ষীরসর। ২ মিষ্টান্নবিশেষ, সরভাজা (শ.ক)। ৩ মর্কটজালক, মাকড়সার জাল। ৪ ফেন। ৫ ছুরিকাফল, ছুরীর পাতা। [°লতা (স্ত্রী)—লতাকার সন্তানক (?)। "গো.রা ৫.১৭.৩।]

সন্তানসন্ততি বি ১ পুত্র-কন্যা, ছেলে-মেয়ে। "পিতামাতার অন্য সন্তান-সন্ততি ছিল না।—কাদ ৪৬। আপনাদের °তির মধ্যে পরস্পর সাম্যভাব পা.প্র ৮০। ২ পুত্রপৌত্রাদি বংশধর।

সন্তানিকা দ্র 'সন্তানক'।

সন্তাপ পুং [সম্+ √তপ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ তাপ ; দাহ। "জ্বর° ক.সা ১৫.৭৫। ২ [+অ-ণ] অগ্নিতাপ, সংজ্বর। ৩ পশ্চাত্তাপ, অনুতাপ। "রা ১ ৬৪ ১৪। মহা ৩ ২৯২.৭। (যঃ) কৃত্যং ন করোতি বেগান্ ন স সন্তাপমাপ্নুয়াৎ।—পঞ্চ ১.১১৮। ৪ দেহৌক্ষ্য (রা.টীকা)। "অপেতক্রম° রা ২ ৯২.৬। ৫ বাধা, পীড়া, ব্যথা। "কৌসল্যা বৃদ্ধা °কর্শিতা রা ২.২৬ ৩১। কথয় কিং নিমিত্তং তে সন্তাপঃ শ ৩৬ু। ৬ ক্লেশ। "কি ৫.৫০। ৭ দুঃখ। "মা চ লক্ষ্মণ সন্তাপং কার্ষীর্লক্ষ্যা বিপর্য্যয়ে রা ২.২২.২৯। —পন বিণ [+ √তাপি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] সন্তাপকর, অতিপীড়ক। "লোক° ভ ৭.১০.২৬। —পন পুং কামদেবের পঞ্চবাণের একতম। —পন ক্লী ১ অস্ত্রবিশেষ। "রা ১.৫৬. ৭। ২ [+অন-ভা] নিপীড়ন, নিবাধন। "শোকে সন্তাপন শ্রী ২৬২। —পিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] নিপীড়িত, নির্ব্যথিত। [সন্তাপই—সন্তাপিত করে ; সন্তাপ দেয় (প.ক)।]

সন্তাপন, সন্তাপিত দ্র 'সন্তাপ'।

সন্তার পুং [সম্+ √তৃ+অ (ঘঞ্)-ভা] সন্তরণ, পরপারগমন। "গঙ্গায়াশ্চাপি সন্তারম্ রা ১.৩.১৫ ; ৪৫.৮। উড়ুপপ্লব° মহা ১.৮৪.২২। শু ৪.৫.১০৭। —রিত বিণ [+ √তারি+ত(ক্ত)-র্ম্ম] পরপাবনীত। "ধ্বজিনী গঙ্গাঃ দাশৈঃ সন্তরিতা রা ২.৮৯.২১।

সন্তালন দ্র 'সন্তল'।

সন্তু সং, ক্রি [√অস্+অন্তু (অনুজ্ঞা, প্রথম পুরুষ, বহুবচন)] হউক। "পরমশুভাশীর্ব্বাদরাশয়ঃ সন্তু বিশেষাঃ (পত্রে)। বহু নিবেদনানি সন্তেব (সন্তু+এব—'সন্ত্বেব'—সাধু) E.P. 140.

সন্তুষ্ট বিণ [সম্+ √তুষ্+ত(ক্ত)-ক] সন্তোষযুক্ত, প্রীত। "অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ সন্তুষ্টাশ্চ মহীভুজঃ (সু.ব)। সন্তুষ্টস্ত করপ্রাপ্তেঽপ্যর্থে ভবতি নাদরঃ।—হি ১.১৫৫। —ন্তুষ্টি স্ত্রী [+তি (ক্তিন)-ভা] সম্যক্ তোষ ; প্রীতি। "মহা ১.১৯৫.৫। সন্তুষ্ট্যা যেন কেন বা.ভ ৪.৩১.১৯। —ন্তোষ[১] পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রীতি। "যথালব্ধেন কর্ত্তব্যঃ সন্তোষঃ রা ২.২৮.১৭। সন্তোষামৃততৃপ্ত।—হি ১.১৫২। ২ ধৃতি, স্বাস্থ্য (অ.চি)। ৩ দৈবলব্ধ দ্রব্যে পর্য্যাপ্তিবুদ্ধি (শ্রীধর)। "ভ ৭.১১.৯। —ন্তোষণ ক্লী [+ √তোষি+অন (ল্যুট্)-ভা] প্রীণন, প্রসাদন। "ঋষি° মহা ৫.১৫১.১৯। এ-দেহ-দর্শনস্পর্শে কৃষ্ণসন্তোষণ চৈ.চ ১৮। —ন্তোষণীয় বিণ [+অনীয় (অনীয়র)-র্ম্ম] প্রীণনীয়। —ন্তোষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রীণিত, প্রসাদিত। "নৃপতয়ো যত্নেন সন্তোষিতাঃ।—ভর্তৃহরি। ২ [বাঙ্লায় ; অসাধু] সন্তুষ্ট। "°মন।—ম ৩৪২। চৈ.ভা ৭৩ ; ১০০ ; ২৮৩ ; ৩৯৮। জ ১৪। —ন্তোষী (ষিন্) বিণ [°ষ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ষিণী] সন্তোষবান্, প্রীত। "যাজ্ঞ ১.১২৯।

সন্তোক বি [সন্তোষ >সন্তোখ > °ক, দ্র 'খ'[১] ; হি সংতোখ (সন্তোষ) ; দ্র সনক] প্রসাদস্বরূপ মুদ্রাঙ্কিত প্রশংসাপত্র। "সন্তুষ্ট হইয়া রাজা দিলেন সন্তোক ব.প ৪৯৪। কৃ ৬ (ভূমিকা)।

সন্তোল সর্ম [সন্তল > °ল] সর্থ 'সন্তল'। "ঘৃতে সন্তোলিল তথি, হিঙ্গু জীরা দিয়া মেথি, শুক্তা রন্ধন পরিপাটী : দুধে লাউ দিয়া খণ্ডা ...সন্তোলিলা মহুরীর রসে।—ক.চ ১৫৭।

সন্তোলন বি [°ল+অন] ১ সর্থ 'সন্তলন'। "বোদালি হেলঞ্চা শাক, কাঠি দিয়া কৈল পাক, ঘন বেসার সন্তোলন তৈলে ক.চ ১৫৮। ২ ঘৃতে বা তৈলে ভাজা বা কষা। "মাংস সন্তোলন, করিলে যখন, শব্দ শুনি কলকল শ্রী ৩২।

সন্তোষ[১] দ্র 'সন্তুষ্ট'।

সন্তোষ[২] বিং (অসাধু) সন্তুষ্ট। "ব্রহ্মার বচনে অগ্নি হইয়া সন্তোষ।—ম ৫। দু ৯২। সন্তোষ হইয়া লক্ষ্মী দিলা তাঁরে বর বি.পা ২৩। সভে সন্তোষ হইলা চৈ.ভা ৩৯ ; ৪২ ; ২০০।

সন্তোষণ, সন্তোষণীয়, সন্তোষিত, সন্তোষী দ্র 'সন্তুষ্ট'।

সন্ত্যক্ত বিণ [সম্+ √ত্যজ্+ত (ক্ত)-র্ম্ম] সম্যক্ত্যক্ত, পরিত্যক্ত, বিহীন, বিরহিত। "গৃহ° ।—পঞ্চ ৫.১৫। "ধর্ম্মেণ সন্ত্যক্তাঃ।—বৃহৎ-সংহিতা ১৬.৩৭ ; স্বতার্থ° ৬৮.৭০। —ত্যাগ পুং [+অ (ঘঞ্)-ভা] পরিহার, বিসর্জ্জন। "অতুষ্টস্ত হি সন্ত্যাগঃ রা ২.৩৬.২৯। —ত্যাগী (-গিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক-১ব] ত্যাগশীল, পরিহারী। "সংশ্রিতানামসন্ত্যাগী (সঃ) গো.রা ৫.৮৬.২১। —ত্যাজ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] অবশ্যপরিহার্য্য। "অসন্ত্যাজ্যান্ ঋষীন্ মহা ১.২২৯.১৯।

সন্ত্যাগ, সন্ত্যাগী, সন্ত্যাজ্য দ্র 'সন্ত্যক্ত'।

সন্ত্রস্ত বিণ [সম্+ √ত্রস্+ত (ক্ত)-ক] অতিভীত। "°চিত্ত ভ ৯. ৪.৫২। —ত্রাস পুং [+অ (ঘঞ্)-ভা] অতিভয়, মহাশঙ্কা। "রা ২. ৬০.২০। ভ ৩.৩১.৪৬। —ত্রাসিত বিণ [+ √ত্রাসি+ত (ক্ত)-র্ম্ম] ভীষিত। "সন্ত্রাসিতদেবসঙ্ঘ ভট্টি ১২.৪।

সন্ত্রাণ ক্লী [সম্+ √ত্রৈ+অন (ল্যুট্)-ভা] সংরক্ষণ, পরিপালন। "শরণাগত° ।—মার্কণ্ডেয়পুরাণ ১৩২.২৩। —ত্রাতা (-তৃ) বিং সংরক্ষক, ত্রাণকর্ত্তা। "প্রতাপরুদ্রসন্ত্রাতা চৈ.চ ১৭৬।

সন্ত্রাস, সন্ত্রাসিত দ্র 'সন্ত্রস্ত'।

সন্দ, -ন্ধ[২] বিং [সং সন্দেহ > সন্দ, '-ন্ধ' (হ-লোপে) ; অপ্র] সংশয়। "সন্দ বড় হয়।—কৃ ৩৭০। সন্ধ হৈল মনে।—ম ৫৫৯। সন্ধ শ্রী.ম ২৮। ম.ভা ৪৬ ; নিঃসন্ধে ৪৭। সন্দ চৈ ১৮৯ ; ব.প ৮১৪ ; দা ১৮, ১৯৩, মনঃসন্দ ৫২৫ , ন.ত ৩৫ ; স.এ ১০। মনে কত কথা হতেছে সন্ধ।—কা ১০১।

সন্দংশ পুং [সম্+ √দন্শ্+অ (ঘঞ্)-ণ] ১ 'দংশনসাধন', কঙ্ক-মুখ, সাঁড়াশি। "অয়স্ময়ৈঃ...সন্দংশৈঃ ভ ৫.২৬.১৯। স্বদশন° (S.W.)। ২ যন্ত্রবিশেষ। "সুশ্রুত ১.৭.৩। ৩ সন্দংশসদৃশ তর্জ্জন্যঙ্গুষ্ঠ। "করসন্দংশ-হীনক যাজ্ঞ ২.২৭৭। প্রসূনবৃন্তবিগলৎসন্দংশকর ক.সা ৮৯.৮। ৪ [+অ -ভা] দংশন। "ওষ্ঠ° (S.W.)। ৫ বর্ণোচ্চারণে দন্তপীড়ন। ৬ নরক-বিশেষ। "ভ ৫.২৬.৭ ; ১৯। —শক পুং, -শিকা স্ত্রী [°শ+ক (কন্) স্বার্থে ; +স্ত্রী আ (টাপ্)] লৌহযন্ত্রবিশেষ, সাঁড়াশি।

সন্দংশক, সন্দংশিকা দ্র 'সন্দংশ'।

সন্দর্ভ পুং [সম্+ √দৃভ্+অ (ঘঞ্)-ভা] ১ গ্রন্থন, নিবন্ধ, রচনা। "°শুদ্ধিং গিরাং জানীতে জয়দেবঃ গী.গো ১.৪। ২ গ্রন্থন, সমাবেশ। "বিস্ময়ানন্দ° উ.চ ৭ ১২। আয়ুধসন্দর্ভ ক.সা ৩৮.২৪। রঞ্জকঃ স্বর-সন্দর্ভঃ গীতম্ (S.W.)। ৩ [+অ-র্ম্ম] গ্রথিত বিষয় ; প্রবন্ধ। 'গূঢ়ার্থস্য প্রকাশশ্চ সারোক্তিঃ শ্রেষ্ঠতা তথা। নানার্থবত্ত্বং বেদ্যত্বং সন্দর্ভঃ কথ্যতে বুধৈঃ ॥ "বন্দি° ক.সা ১৪.১২। ষট্° ভ.প্র ২৩। ৪ (বাঙ্লায়) গূঢ়ার্থ, রহস্য, তত্ত্ব। "এ কথার সন্দর্ভ পাইল এতক্ষণে চৈ ২১০। আচার সন্দর্ভ কেহ না বুঝে চৈ.ভা ১৮৪ ; (কেহো বোলে) দ্বার দিয়া কীর্ত্তনের সন্দর্ভ জানিল ২১৪। (পষ্ট তাহা) আবরিয়ে কহিল সন্দর্ভ চৈ.ম ২৫ ;

পুলকিত সব অঙ্গ জানিয়া সন্দর্ভ ৩৪। ম.বি ১৩৩। [°বিরুদ্ধ (বিণ) —প্রবন্ধবিরোধী, অসম্বদ্ধ। °শুদ্ধ (বিণ)—নির্দ্দোষগ্রন্থনযুক্ত। °শুদ্ধি (স্ত্রী)—গ্রন্থনির্দ্দোষভাব, বিশুদ্ধগ্রন্থন। "গী.গো ১.৪।]

সন্দর্শন ক্লী [সম্+ √দৃশ্+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ দর্শন ; নিরীক্ষণ। ২ দর্শন, অবলোকন। "রাম° রা ১.৫১.২। ৩ দর্শনাবসর। "ততঃ সন্দর্শনে তস্য রা ২.৯০.৩। ৪ দৃষ্টিপাত। "ক্রূর° সা.দ ৩.২৩০। ৫ সাক্ষাৎকার। "মৃগস্য প্রথমসন্দর্শনদিনে (পাঠান্তর)—হি ১ ২/৭ ০/১। ৬ স্মরণ। "মনুবৌধায়নবচন° মনু ৫.১৩৪, কুলুক। ৭ [+অন-র্ম্ম] রূপ। "বিবুধোপম° ভ ৫.২০.২৪। ৮ [+ √দর্শি+অন-ভা] প্রদর্শন, দেখান। "অস্ত্র° মহা ১.২.১৮৬।

সন্দষ্ট বিণ [সম্+ √দন্শ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ কৃতদংশন ; দন্তাহত। "সন্দষ্টৌষ্ঠপুট গো.রা ৩.৩৫.৭৮ ; মহা ৪.২২.৮১। ২ সংশ্লিষ্ট। "ভূয়িষ্ঠসন্দষ্টশিখম্ (শিরীষপুষ্পম্) রঘু ১৬.৪৮, °বস্ত্রেষু···মিতম্বেষু ৬৪। উরসা সন্দষ্টসর্পত্বচা শ ৭ ১১।

সন্দাতা (-তৃ) পুং [সম্+ √দো+তৃ (তৃচ্)-ক-১ব] বন্ধয়িতা। "অসন্দাতানাং 'সন্দাতা' (ধৃতপাঠ 'সন্ধাতা') মনু ৮.৩৪২। —ন্দান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ছেদন, খণ্ডন। ২ [+অন-ণ] যাহা দ্বারা গতি ছিন্ন হয় (অ.টী) ; সম্যগবচ্ছেদক বন্ধক পাদবন্ধন দাম (সায়ণ), দাম, রজ্জু। "ঋগ্বেদ ১.১৬২.৮। ৩ বন্ধন। ৪ [°ন+অ (অচ্)] হস্তীর জানুর অধোভাগ (শৃঙ্খলবন্ধনস্থান)। 'গজস্যাষ্ঠীবতোরধোভাগঃ (ত্রিকাণ্ডশেষ)। ৫ হস্তিকপোলের মদক্ষরণস্থান (A)। —ন্দানিত বিণ [°ন+ইত (ইতচ্)] 'জাতসন্দান', বদ্ধ, সিত। "রসনাসন্দানিতচরণা মা.মি (S.W.)। —ন্দানিতক ক্লী পরস্পরসম্বদ্ধ শ্লোকত্রয়, বিশেষক। 'সা দ ৬.৩১৪। কাব্যাদর্শ ১, ১৩, টীকা।

সন্দান, সন্দানিত, সন্দানিতক দ্র 'সন্দাতা'।

সন্দি বি [অসাধু] সন্ধি, উপায়। "গোক্ষে´ করি সন্দি।—মী ২৭।

সন্দিগ্ধ বিণ [সম্+ √দিহ+ত (ক্ত)-র্ম্ম] ১ সংলিপ্ত। ২ সন্দেহবিষয়ীকৃত। "বীর্য্য° রা ১.৬৬.২৫। অনুগর্জ্জিতসন্দিগ্ধাঃ···মুরজস্বনাঃ কু.স ৬.৪০। ৩ বিষমিশ্রিত, বিষদিগ্ধ। "°ফল (শর)। ৪ [+ত-ক] সন্দেহযুক্ত, অনিশ্চয়। "সন্দিগ্ধো বিজয়ো যুধি।—পঞ্চ ৩.১১। °মতি যাজ্ঞ ৩.১৫২। ৫ অস্পষ্ট, অস্ফুট। "বাষ্পসন্দিগ্ধয়া গিরা মহা ২.১৬ ২৫। ৬ সংশয়াপন্ন, বিপজ্জনক। —গ্ধ ক্লী [+ত-ভা] সন্দেহ, সংশয়। [°ফল (বিণ)—বিষদিগ্ধ ফল (শর)। °বুদ্ধি (বিণ)—সংশয়িতমতি। "শ ৫ ২/২ ৩/৩।]

সন্দিগ্ধতা স্ত্রী [°গ্ধ+তা (তল্)] 'সন্দিগ্ধভাব', শাব্দবোধবিলম্ব হেতু কাব্যের পদগতদোষবিশেষ। 'সা.দ ৭.২।

সন্দিগ্ধার্থ বিণ [বহুব্রী] সন্দেহযুক্তার্থক. অস্ফুটার্থক। —র্থ পুং [কর্ম্মধা] সন্দেহযুক্ত বিষয়। "যাজ্ঞ ২.১৬।

সন্দিত বিণ [সম্+ √দো+ত (ক্ত)-র্ম্ম] ১ অবখণ্ডিত, ছিন্ন। ২ বদ্ধ (অ.কো)। "সন্দিতৌ...বাণৈর্ভ্রাতরৌ গো.রা ৬.২১.১২। (পুত্রম্) সন্দিতং সর্পভোগেণ।—হ ৬৯.২০।

সন্দিধক্ষু বিণ [সম্+ √দহ্+স (সন্)+উ-ক] দহনেচ্ছু। "ভ্রূভঙ্গমাত্রেণ হি সন্দিধক্ষোঃ কালাগ্নিনো যস্য ভ ৯.৪.৫৩।

সন্দিষ্ট বিণ [সম্+দিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত। "(ত্বম্) সন্দিষ্টশ্চাপি যানর্থান্ রা ২.৫২ ৬, যথা° ৮২.২৩। ২ আদিষ্ট। "ননান্দুঃ পত্যা চ দেব্যাঃ সন্দিষ্টমৃগশৃঙ্গেণ উ চ ১ ২/১ ০/১। ৩ প্রতিশ্রুত। "সন্দিষ্টস্যাপ্রদাতা যাজ্ঞ ২.২৩৫। ৪ উপদিষ্ট। —ষ্ট পুং বার্ত্তাবহ, দূত (A.)। —ষ্ট ক্লী [+ত-ভা] বাচিকার্থকথন, বার্ত্তা। [সন্দিষ্টার্থ (পুং) —দূত।]

সন্দিহান বিণ [সম্+ √দিহ্+আন (শানচ্)-ক] সন্দেহযুক্ত, সংশয়াপন্ন। "মরিষ্যতি ন বেত্তি °নাঃ (সায়ণ)। সী ২৪ ; অসন্দিহানচিত্তে ২৯ ; চরিত্রবিষয়ে সন্দিহান ৩০।

সন্দীপক বিণ [সম্+ √দীপি+অক (ণুল্)-ক : স্ত্রী -পিকা] উদ্দীপয়িতা, উত্তেজক। —পন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ দীপয়িতা, প্রজ্বালন। ২ ক্রোধোদ্দীপক। "অহো সন্দীপনাম্যক্ষরাণি উ.চ ৪ ২/২ ০/৮। —পন পুং কামশরবিশেষ। —পন ক্লী [+অন-ভা] ১ প্রজ্বালন। ২ উদ্দীপন, উত্তেজন। "কাম°।—ঋতু ১.১২। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্দীপিত, উত্তেজিত। ২ প্রজ্বালিত, সংধুক্ষিত। "শমীকোটরম্···বহ্নিনা সন্দীপিতম্।—পঞ্চ ১ ৪/৪ ৩/৮। —ন্দীপ্ত বিণ [+ √দীপ্+ত (ক্ত)-ক] ১ প্রজ্বলিত। "শতপথব্রাহ্মণ ১৪.৯.৩ ৯। (শক্তিম্) সন্দীপ্তাগ্রাম্ মহা ৫.১৮৩.৭ ; সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্য খননং তথা ৬.৪৯.২৩। সু° (অগ্নি)।—পঞ্চ ৩ ১৭৫। সন্দীপ্তে ভবনে তু কূপখননং প্রত্যুদ্যমঃ কীদৃশঃ।—ভর্ত্তৃহরি। ২ কোপজ্বলিত। "অনীকৈঃ ···°লোচনৈঃ।—হ ১৭৭.১১৫। ৩ (অন্তর্ভাবিতণ্যর্থ) সন্দীপিত, প্রজ্বলিত। "শরসন্দীপ্তৌ ভ্রাতরৌ গো রা ৫.২০.১৪। ক্রোধসন্দীপ্তমানস।—মহা ১.১৫১.৪১।

সন্দুষ্ট বিণ [সম্+ √দুষ্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ দোষযুক্ত ; দুরাত্মা। ২ দ্রোহবুদ্ধি, প্রতিকূল। "°ষ্টা (সেনা) গো.রা ২.৯১.১১। —ন্দূষণ বিণ [+ √দূষি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] দূষয়িতা, দোষজনক। "নারী° মনু ৯ ১৩। —ন্দূষণ ক্লী [+অন-ভা] দোষজনন, দোষোৎপাদন। "°কয়ী বংশস্য।—হ ১৭৬ ৩৯। কন্যা° যাজ্ঞ ৩.২৩৮। —ন্দূষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ জনিতদোষ, কলুষীকৃত। "একপত্নীব্রতমিদং মম সন্দূষিতং ত্বয়া।—হ ৮৫ ৯৪। ২ আপাদিতদোষ। "তেন সন্দূষিতো ভবেজ্জ্বরঃ (সুশ্রুত)।

সন্দৃব্ধ বি [সম্+ √দৃভ্+ত (ক্ত)-ম্ম] গুম্ফিত, গ্রথিত। "সন্দৃব্ধার্ণববর্ণন নৈ ১০.১৬০।

সন্দৃশ্য বিণ [সম্+ √দৃশ্+য (ক্যপ্)-র্ম্ম] ১ সম্যক্ দর্শনীয়। ২ রমণীয়াঙ্গ (নীলকণ্ঠ)। "(যঃ) অভ্যাসঘাতী °শ্যঃ মহা ২ ২৪ ১৫।

সন্দেশ[১] পুং [সম্+ √দিশ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ সন্দিষ্ট অর্থ, কথিতবিষয়, বাচিক। "পশ্চিমং সাধুসন্দেশমিচ্ছামি শ্রোতুমাত্মনঃ রা ২.৭২. ৩৫। তয়া ব্যাহৃতসন্দেশা সা কু স ৬ ২। পু মে ১৩। মহাপ্রভুর সন্দেশ কহিল সনাতনে চৈ.চ ৩২৫। ২ বার্ত্তা, প্রবৃত্তি, সংবাদ। "(পয়োদ) সন্দেশং মে হর পূ.মে ৭। রহত বিদেশ সন্দেশ ন পাঠায়সি বি.প ১৭৭। গুপ্ত সন্দেশ শি ৪৭। ন ৯৭২,-৩। ৩ সন্দেষ্টব্যার্থ (মল্লিনাথ), বক্তব্য বিষয়। "লঘুসন্দেশপদা সরস্বতী রঘু ৮.৭৭। ৪ আদেশ, নিয়োগ। "অনুষ্ঠিতো গুরোঃ সন্দেশঃ শ ৫ ২/২ ৫/৬। (শ্রদ্ধয়া) সন্দেশম্···প্রজাপতেঃ ভ ৩.২৪,৫। আনিযাছি আধ সের (সন্দেশ) পাইতে সন্দেশ ভা.চ ২৮৬। ৫ (বাঙ্লায়) বিবরণ, বৃত্তান্ত। "আছিল তথায় বাসুকির অনুচর। মুনির সন্দেশ কহে বাসুকি গোচর॥—ম ৭। ৬ [মৈ 'সনেস'—বার্ত্তা, উপহার] বার্ত্তা (সংবাদ) পাওযার নিমিত্ত প্রেরিত দূতের নিকটে প্রদত্ত উপহার। "ইন্দ্র মাল্য দিয়াছেন পুত্রেব সন্দেশ। সুগ্রীবেরে দিই যে দেখুক এই দেশ॥—কৃ ১৬৪, সীতার মস্তোকপরি রামের সন্দেশ ২১৮। ৭ উপহার, ভেট। "সন্দেশ (ধৃতপাঠ '°স') দিলেক আর বহু রত্ন মণি অ.প ৩২। (বধূ) আজকা আসিতে আছে হস্তেত সন্দেশ : ভাল সন্দেশ আনিয়াছ পুত্রের যে নারী ম.গা ১৭। শ্রী.কী ১২৫। সন্দেশের ভার লয়ে গেল ভারিগণ।—কৃ ৭৭। ম.বি ১৯৬, ২১০ ; ম.ম ৯২। ৮ মিষ্টান্ন, মিষ্টদ্রব্যমাত্র। "সন্দেশ (ধৃতপাঠ '°স') জে বহুতর, ফলমূল আদি কর অ.প ২৬। গ ৭৭। কৃ.উ ৫। সন্দেশ নিলেন নানা।—কৃ ৪৩। সন্দেশমিশ্রিত বিষ।—ম ৯১৮। বাজারে সন্দেশ কিনে দিব শ্রী.মা ৬৪। বিবিধ সন্দেশ খায় শর্করা-ভ্রক্ষিত চৈ.ভা ২১৬ ; ৫০০। খাজাসন্দেশ চৈ.চ

২৯৭। ৯ নারিকেল-লাড়ু। "থৈ সন্দেশ চৈ.চ ৫৪; নৈবেদ্য কাড়িয়া খান্ সন্দেশ চালু কলা ৫৫। ১০ মোদক, মোয়া। "মদক (দেয়) সন্দেশ খণ্ড চিনি ক.চ ২৬। ১১ ছানা-চিনির পক্ব মিষ্টান্নবিশেষ। "আব°, আতা°, জোড়া°। সেরের কাহন দরে কিনিনু সন্দেশ ভা.চ ২৮৬। [°পদ (ক্লী)—সন্দেষ্টব্যার্থবাচক পদ। "রঘু ৮.৭৭। °বহ (বি)—বার্তাবাহক, দূত। "মে ১১; ২১৯। হেম ১৪৪। °বাক্ (-চ্) স্ত্রী, °বাক্য (বি)—বার্তা, বাচিক (অ.কো)। "°বাক্য কাদ ৮৬। °হর, °হারক, °হারী (-রিন্) (পুং)—বার্তাবহ, দূত। "°হর রঘু ৩.৬৬। °ক সা দ ৩.৪৭,-৯। °রিন্ শ ৫ ১/৫। °হার (বিণ)—বার্তাবাহক, সংবাদদাতা। "সা.দ ৩.৪৯।] [এবে তোমা দেখিতে সন্দেশ—এখন তোমাকে দেখিতে হইলে সন্দেশ অর্থাৎ দূত পাঠাইতে হয়। "জ্ঞা ১৫৫। ব.প ৯৮৬।

সন্দেশার্থ পুং [সন্দেশই অর্থ, কর্ম্মধা] বার্তারূপ প্রয়োজন: সংবাদ-বিষয়। "°র্থাঃ ক পটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপণীয়াঃ পূ.মে ৫।

সন্দেষ্টব্য বিণ [সম্+ √দিশ্+তব্য-র্ম্ম] ১ বক্তব্য, বিজ্ঞাপনীয়। "কিং নু খলু তত্রভবতো দুষ্মন্তস্য যুক্তরূপমস্মাভিঃ সন্দেষ্টব্যম্ শ ৪ ১/১৫। ২ অনুশাসনীয়, উপদেষ্টব্য। "সন্দেষ্টব্যাং তু মন্যে ত্বাং দ্বিজাতিং কোপনং প্রতি মহা ৩.৩০২.২২।

সন্দেহ পুং [সম্+ √দিহ্+অ (ঘঞ্)-ভা, "°হ'—শরীর (ছান্দোগ্য ১৫.২)] ১ 'একধর্ম্মিক' বিরুদ্ধোভয়প্রকারকজ্ঞান (অ.টী), বিচিকিৎসা, সংশয়। "মুনিঃ সন্দেহমাগতঃ রা ১.৬৪.১০। গত° গী ১৮.৭৩। ২ প্রাণ-সংশয়, বিপদ্। "জীবিতসন্দেহদোলামারোপিতঃ (কাদম্বরী)। আত্ম-সন্দেহে প্রবৃত্তির্ন বিধেয়া।—হি ১ ৪/৫। সর্ব্বত্রার্থার্জ্জনে প্রবৃত্তিঃ সন্দেহ এব ১ ৫/৬। ৩ অর্থালঙ্কারবিশেষ। [উপমেয় পদার্থে উপমানের কবি-প্রতিভোত্থিত (অর্থাৎ যাহা বস্তুস্বভাবসিদ্ধ নহে, তাদৃশ) সংশয়কে 'সন্দেহ' অলঙ্কার কহে। 'সা.দ ১০ ৩৫। সংশয়বুদ্ধি কল্পিত হইলেই 'সন্দেহালঙ্কার' হয়; বাস্তবিক সংশয়স্থলে ইহা হয় না।] [°গন্ধ (পুং)—সন্দেহলেশ। °গোচর (বিণ)—সন্দেহবিষয়ীভূত। °চ্ছেদন (ক্লী)—সংশয়নিরাস। °দায়ী (-য়িন্) বিণ—সন্দেহজনক। °দোলা (স্ত্রী)—সন্দেহরূপ দোলা; সন্দেহজন্য বিকল্প। "হি ৪ ২৩। দ্র '(২)। °পদ (ক্লী)—সংশয়াস্পদ। "শ ১.২০। °ভঞ্জন (ক্লী)—সংশয়াপাকরণ।]

সন্দেহভঞ্জন-পত্র বি স্ত্রীর স্বভাবসম্বন্ধে ভবিষ্যৎসন্দেহনিরাসার্থ স্বামীর প্রমাণপত্র; জয়পত্র। "°ত্র করিনু লিখিত ক.চ ১৯০।

সন্দেহালঙ্কার পুং, **-ঙ্কৃতি** স্ত্রী [কর্ম্মধা] সর্থ 'সন্দেহ (৩)।

সন্দোহ পুং [সম্+ √দুহ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ দোহন; প্রপূরণ। "কাম° ভ ৪.২১.২৩। ২ [+অ-ণ] সমূহ, নিকর, সমুদয়, চয়। "ময়ূখ° ভ ৭.১০.৫৮। মধ্যবিন্দু° মা.মা ৩ ২/১০। মুখলাবণ্য° ক.সা ১১৮.১৬২। পরমানন্দ° সা.দ ১ ১/৩। —হ্য বিণ [+য(ণ্যৎ)-র্ম্ম] দোহনীয়। "সুব্রতা সুখসন্দোহ্যা (অ.কো)।

সন্দ্রাব পুং [সম্+ √দ্রু+অ (ঘঞ্)-ভা] পলায়ন (অ.কো)।

সন্ধ[১] সর্ম্ম [সং সম্+ √ধা—সন্ধান > সন্ধ; হি √সংধান; অপ্র] সন্ধান করা; ধনুকে যোজনা করা। "সন্ধিল যুগল অস্ত্র।—ম ৬২৫; দিব্য অস্ত্র সন্ধিল ৬৩৮; বিশিখ সন্ধিয়া মারে'৮১১। (মদন) পাঁচ বাণ সন্ধে অনুক্ষণ চৈ.চ ৭৯। (বধে) খর শর সন্ধিয়া।—গান ১৭।

সন্ধ[২] দ্র 'সন্দ'।

সন্ধা স্ত্রী [সম্+ √ধা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)]। ১ সন্ধান, অভিষব, চোয়ান। ২ সংযোগ, সংশ্লেষ (A.)। ৩ অনুসন্ধান (ভ বা)। ৪ [+অ-র্ম্ম] প্রতিজ্ঞা। "(গঙ্গাম্) ততার সন্ধামিব সত্যসন্ধঃ রঘু ১৪.৫২। সত্যসন্ধ।—কৃ ১। ৫ [+অ-ধি] স্থিতি, মর্য্যাদা, অবধি। "কর্ম্মসন্ধ ভ ৬.৫.৪২। ৬ সন্ধ্যা। "সসন্ধেব নিশা গো.রা ২.১০৫.১৮। —ন্ধাতা(-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] বন্ধয়িতা (কুল্লুক)। "মনু ৮.৩৪২। —তা পুং ১ 'বিশ্বধারক', শিব (মহা)। ২ বিষ্ণু (মহা)। —ন্ধাতব্য বিণ [+তব্য-র্ম্ম] সন্ধেয়, যোজয়িতব্য। —ন্ধান বিণ [+অন (ল্যুট্)-ক] ধারক। "মধু...হৃদ্যং সন্ধানম্।—সুশ্রুত ১.৪৫.১১৮। —ন্ধান ক্লী [+অন-ভা] ১ সংঘট্টন, যোজন। "পুনঃসন্ধানশক্তিন্ রঘু ১২.১০১। মৃদ্‌ঘটবৎ সুখভেদ্যো দুঃসন্ধানশ্চ দুর্জ্জনো ভবতি।—হি ১.৯৩। কৃত° শ ১.৯। সরোজ° কু.স ৫ ২৭। ২ অনুসন্ধান, অন্বেষণ। ৩ মিশ্রণ। "নীলসন্ধানভাণ্ড (S.W.)। ৪ চাপে শরযোজনা বা শরসংস্থাপন। "শর°।—ঋগ্বেদ ৩.৫৩.২৪, সায়ণ। শর° শ ১ ৯/১০। সাধুকৃতসন্ধানম্ ...সায়কম্ ১.১১। কৃ ২৭২,-৪। ম.বি ৩৪। ৫ মদ্যসন্ধানকরণ (মদ চোয়ান), অভিষব; মদ্যসজ্জীকরণ (অ.টী)। ৬ সংস্কার (repairing)। ৭ মনোযোগ, অভিনিবেশ। ৮ নির্দেশ (direction)। ৯ পরিচয়। "অন্যেন কেনাপি সহ মর্ত্ত্যলোকে সন্ধানং নাস্তি।—পঞ্চ ৪ ২/৯। ১০ [+অন-র্ম্ম] মদিরা। ১১ কাঞ্জিক। ১২ অবদংশ, রোচক, চাট্। ১৩ 'মিশ্রিত-দ্রব্যসমূহ', আচার (pickle)। "মৃৎপাত্রে সন্ধানাদি নিল ভরি চৈ চ ৩১২। ১৪ সৌরাষ্ট্র (bell-metal), কাঁসা। ১৫ [অন-ণ] সন্ধি (peace)। "এবং কৃতে তু সন্ধানে বৃত্রঃ প্রমুদিতোঽভবৎ মহা ৫.১০.৩১। মন্ত্রিণাং ভিন্নসন্ধানে (ব্যস্তাতে প্রজ্ঞা)।—হি ৩.১২৪; ৪ ১/১ ৫/৯। সম্প্রীতে রিপুর সঙ্গে করিতে সন্ধান।—ম ৬৬৯। ১৬ [+অন-ধি] সন্ধিস্থল, গ্রন্থি। "পাদজঙ্ঘয়োঃ সন্ধানে গুল্ফঃ (সুশ্রুত)। ১৭ (বাঙ্লায়) মিলন। "(পুরুষ প্রকৃতি) অলক্ষিতে করিছে সন্ধান বা.ম ৫। অন্যোন্যে হইছে সন্ধান ব.প ৫৮১। একাদশ অক্ষৌহিণীর করিল সন্ধান ম.বি ২৭৫। ১৮ কৌশল। "সমান সন্ধান দোঁহে।—ম ৪৮৩। পাড়া-পড়শীকে ডাক, যেই জানে প্রসবসন্ধান ক.চ ৪৫। ১৯ উপায়। "দিয়াছ সন্ধান ব'লে আমার মরণে।—কৃ ৩০৯। সন্ধান করিয়া দেয় হইতে অমর ম.পা ৩৩। ম.ম ৩৩। ২০ রহস্য, তত্ত্ব: গূঢ়-কথা। "(হনুমান্) গন্ধমাদনের এত না জানে সন্ধান।—কৃ ৩২০। নিদ্রাবেশে সুখ যত, জাগ্রতে কি হয় তত, বুঝ লোক যে জান সন্ধান ভা.চ ৩৫৮। ২১ ব্যবস্থা, বিধান। "(দুর্ব্বলা) রন্ধন-সন্ধান জানে, চিতোল বোয়ালি কিনে ক.চ ১৫৬। ২২ সৈন্যাদির সমবায়; সাজসজ্জা। "দেখিয়া সন্ধান, করি অনুমান, আইসে সেই নৃপবর ক.চ ৯৫। ২৩ আনুষঙ্গিক বিষয়। "বিস্তর আছএ তথা কথার সন্ধান ম.বি ১৫২। ২৪ গূঢ়স্থান, অন্তরাল। "মৎস্য কচ্ছপ আদি রহিল সন্ধানে।—গ ১৪২। ২৫ সুসময়, সুযোগ। "সন্ধান বুঝিয়া দেবী কার্য্যে দিল তাড়া ম.ম ১৩। ২৬ উদ্দেশ্য, অভিসন্ধি। "অবশ্য থাকিবে কিছু কার্য্যের সন্ধান ম.ম ১৭। ২৭ বর্ণনা। "নায়িকা বর্ণিনু শুন নায়ক-সন্ধান ভা.চ ৬৯৮। [সন্ধান পূরিয়া—ধনুকে শর যুড়িয়া লক্ষ্য করিয়া। "সন্ধান পূরিয়া নীলের ভাঙ্গি দিল মায়া।—কৃ ২৭২। সন্ধানে—অনুসন্ধানপূর্ব্বক, লক্ষ্যপূর্ব্বক। "ডিঙ্গা বাহিল সন্ধানে বি.প ১৮৫। আকর্ণ সন্ধান পূরি, —ধনুকে শর যুড়িয়া কর্ণপর্য্যন্ত গুণ টানিয়া। "আকর্ণ সন্ধান পূরি, চতুর্দ্দিকে বাণ বরিষণ শি ১৩।]

সন্ধানসুলুক বি ['সুলুকসন্ধান' সাধু] দুষ্ট আচরণের সন্ধান, ছিদ্রা-ন্বেষণ। "কিছুকাল পরে সন্ধান-সুলুক করা ও ধরাপাকড়াব কর্ম্মত্যাগ করিয়া তিনি কেবল বিচার করিতেন আ.দু ৪।

সন্ধানী[১] স্ত্রী [সম্+ √ধা+অন (ল্যুট্)-ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কুপ্যশালা (অচি), কাঁসারির কর্ম্মশালা। ২ [+অন-ণ] ভগ্নাস্থি-সন্ধানকারিণী ওষধিবিশেষ। "রা ৬.১০১ ৩১।

সন্ধানী[২] বিং [°ন+ঈ[৭]] ১ যে কাজের সন্ধান জানে; বিষয়ভিজ্ঞ, কর্ম্মকুশল। "সম্মুখে দাঁড়ায় বীর পরম সন্ধানী। সারথির কেড়ে নিল হাতের পাঁচনী।—কৃ ২৭১; ৩০৯। ২ যে পথের সন্ধান জানে; পথিপ্রাজ্ঞ। "হইল গোমতী পার পরম সন্ধানী।—কৃ ৩৭৭। ৩ যাহার

লক্ষ্যবেধ অমোঘ ; অব্যর্থলক্ষ্যবেধক। "নানা শিক্ষা জানে বীর পরম সন্ধানী। ক্ষণেতে পর্ব্বত বৃক্ষ কাটিল তরণী।—কৃ ২৮৯। ৪ অনু-সন্ধানতৎপর। "মায়ের বচনে ভীম হইল সন্ধানি (-নী)। হাতে গদা ধরিয়া উঠিল তখনি॥—ম.বি ২৭। ৫ অনুসন্ধানপটু, খোঁজ-খবরে-কুশল। "পুলিষের লোক কত সন্ধানী ব.প্র ৩২৫। [ঘরসন্ধানী —গৃহছিদ্রবিৎ।]

সন্ধায়াসন ক্লী যুদ্ধে হীয়মান (অবসন্ন ?) অরি ও বিজিগীষুর সন্ধি-করণপূর্ব্বক অবস্থান। 'শু ৪.৭.২৮৮।

সন্ধারণ বিণ [সম্+ √ধারি+অন (ল্যুট্)-ক] সম্যক্ ধারক। "প্রাণ° (S.W.)। —রণ ক্লী [+অন-ভা] ১ নিয়ন্ত্রণ, সংযমন। "বায়ু°। ২ ধারণ, বহন। "কুক্ষি°। ৩ ধারণ, সহন। "বেগ° (চরক)। —রণা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'ধারণা (৩)। "ব্রহ্ম° ভ ৬.১০.৩৩।

সন্ধার্য্য বিণ [সম্+ √ধৃ+য (ণ্যৎ)-ম্ম] ১ সম্যক্ ধারণীয় ; উত্তোল-নীয়। "মনুষ্যশতসন্ধার্য্যং ধনুঃ গো.রা ৩.৪.৪২। ২ অনুষ্ঠেয়। "সং সন্ধার্য্যঃ প্রযত্নেন মনু ৩.৭৯।

সন্ধি পুং [সম্ √ধা+ই (কি)-ভা] ১ শ্লেষ (অ.কো), সংশ্লেষ, সংযোগ। "সন্ধয়ে সরলা সূচী বক্রা ছেদায় কর্ত্তরী (সু.র)। পাটে পাটে সন্ধি করি বি.পা ২৬৯। ২ সম্মেলন। "সুজনস্তু কনকঘট ইব দুর্ভেদঃ সুকরসন্ধিশ্চ।—পঞ্চ ২.৩৮। ৩ সন্ধান, অভিষব। ৪ (ব্যাকরণে) অতিসন্নিকৃষ্টবর্ণদ্বয়ের বিকারপূর্ব্বক সংযোগ ; সংহিতা। "অচ্°, বিসর্গ°, হল্°। ৫ (কাব্যে) বিরুদ্ধসামগ্রীবল হেতু ব্যভিচারের প্রথমাবস্থা। 'ভাবস্য শান্তিঃ সন্ধিঃ সা.দ ৩.২৬৭। ৬ (নাট্যে) এক প্রয়োজনের সহিত অন্বিত কথাংশসমূহের অবান্তর অন্য প্রয়োজনের সহিত সন্ধান-রূপে সম্বন্ধ। 'সা.দ ৬.৭৫। [মুখ প্রতিমুখ গর্ভ বিমর্শ উপসংহৃতি—এই পঞ্চ সন্ধি।] ৭ [+ই-ণ]। ষড়্বিধ রাজগুণের একতম ; কোষভূমি-প্রদানহেতুক প্রণয়বন্ধ (অ.টী) ; হস্ত্যশ্বরথহিরণ্যাদি দ্বারা আমরা উভয়ে পরস্পরের উপকার করিব—এইরূপ নিয়মবন্ধ (কুল্লূক)। "°বিগ্রহতত্ত্ব রা ১.৭.১৮। সন্ধিং গচ্ছতু রামেণ গো.রা ৪.১৪ ২৮। মনু ৭.১৬০। হি ১.৮৯। [কপাল, উপহার ইত্যাদি ভেদে সন্ধি ষোড়শপ্রকার (হি ৪. ১১১-১১৩)।] ৮ সাধন। "রঘু ১৯.১৬। ৯ [+ই-ধি] অস্থিদ্বয়ের সংযোগস্থল ; গ্রন্থি। "তুরগানুধাবনকণ্ডিতসন্ধি শ ২ ৫/১। [দ্র সুশ্রুত ৩.৫.২৩-২৮।] ১০ গৃহভিত্তিতে চৌরকৃত ছিদ্র ; সিঁধ। "মৃ ৩ ১০/১ ; চতুর্ব্বিধঃ সন্ধ্যুপায়ঃ ৩ ১৩/২। ১১ গৃহতলে চৌরাদিকৃত সুরঙ্গা ; সুড়ঙ্গ। "সন্ধি কাটিবারে দিলা উপায় করিয়া ভা.চ ৩১৪। ১২ ছিদ্র, রন্ধ্র। "পিপীড়ার নাহি সন্ধি বি.সু ৮১। সন্ধি নাই···চিক্কণ গাঁথনি বা.দ ১৮৭। ১৩ ভগ। ১৪ যুগান্ত ও যুগারম্ভের মধ্যবর্ত্তী কাল ; যুগের আদ্যন্তকাল ; যুগসন্ধি। ১৫ তিথিদ্বয়ের আদ্যন্তভাগ। "°পূজা। ১৬ (জ্যামিতি) ত্রিভুজদ্বয়ের সাধারণভুজ (common side)। ১৭ সংযোগস্থল। "সীমা° মনু ৮.২৪৮। স্তনৌ সন্ধিহীনৌ (S W.)। ১৮ সন্ধ্যা (নীলকণ্ঠ)। "শুক্ল-যজুর্ব্বেদ ২৪.২৫। = গৃ ৬.২.২১। প্রাঙ্মধ্যসন্ধিষু দিনস্য।—বৃহৎসংহিতা ৩০.৪৭। ১৯ ভেদ, অন্তর, অবকাশস্থান। "কানন°।—হ ১৫৭.৬৯। ২০ (বাঙ্লায়) শেষ, সীমা। "পরম দয়াল রাম গুণের নাহি সন্ধি।—কৃ ১৫২। ২১ গূঢ় বিষয় ; তত্ত্ব, রহস্য। "গন্ধমাদনের সব সন্ধি আমি জানি।—কৃ ৩২০। সঙ্গে দামোদর নন্দী, যে জানে স্বপনসন্ধি ক.চ ৭। ২২ কোষ, পোশা। "দিলেক দাড়িম্ব পক্ব বিদারিয়া সন্ধি।—কৃ ৩২৯। ২৩ যুদ্ধকৌশল। "রণেতে পণ্ডিত বীর জানে নানা সন্ধি।—কৃ ২১৪। নর বানর কিবা জানে সন্ধি।—ম ১০৪০। ২৪ কৌশল, উপায়। "সন্ধি-উপদেশ।—কৃ ২৭৫। বেহুলা দেবীর দাসী জানে নানা সন্ধি। তিন প্রহরে তিন সাপ করেছিল বন্দী॥—ম.ভা ৪৬। ব.প ৫৫০। ম.ম ১১৭ ; ২১২। ২৫ অভিসন্ধি, উদ্দেশ্য। "নারীর মায়ার সন্ধি পুরুষে কি পায়। দশরথ পড়িলেন কৈকেয়ী মায়ায়॥—কৃ ৯৪। ২৬ সন্ধিপূজা। "দু ৪৫। [°গ্রন্থি (পুং)—সন্ধিযোজক মাংসপেশী। °চোর, °ছেদক, °তস্কর, °হারক (পুং)—সন্ধিচ্ছেদী চোর ; সিঁধেল চোর। °ছেদ (পুং), °ছেদন (ক্লী)—সন্ধিভেদ, সিঁধ কাটা। "°দ-শিক্ষক। °জীবক (পুং) —শঠতাপূর্ব্বক পরার্থহারক। °দূষণ (ক্লী)—সন্ধিবিঘটন, সন্ধিভঙ্গ। "কি ১.৪৫। °পূজা (স্ত্রী)—আশ্বিনের শুক্লাষ্টমীর শেষ ও নবমীর আদ্য-দণ্ডে বিহিত দেবীপূজা। 'অষ্টমীনবমীসন্ধৌ তৃতীয়া খলু কথ্যতে (অত্র পূজ্যা ত্বহম্)।—দু ৪৫। °বন্ধ (পুং), °বন্ধন (ক্লী)—গ্রন্থিবন্ধন, স্নায়ু। "°ন্ধ শ ২ ৬/১। °বিগ্রহ (পুং)—বিপক্ষদ্বয়ের সন্ধি ও যুদ্ধ। "°কার্য্য। —ত্রি ২ ৯/১ ৫/৪। °বিগ্রহকায়স্থ, °বিগ্রহিক (পুং)—সন্ধিবিগ্রহসচিব, সন্ধি-বিগ্রহিক। "°স্থ ক.সা ৪২.৯১। °বিৎ (-দ্) বিণ—সন্ধিবিচক্ষণ। °বিপর্য্যয় (পুং)—সন্ধিবিগ্রহ। মনু ৭.৬৫। °বেলা (স্ত্রী)—সন্ধ্যাকাল। "নাশ্নীয়াৎ সন্ধিবেলায়াম্ মনু ৪.৫৫। °ভঙ্গ (পুং), °মুক্তি (স্ত্রী)—দেহ-সন্ধিবিশ্লেষ। °রন্ধ্রকা (স্ত্রী)—সন্ধিচ্ছেদ, সিঁধ ; সুরঙ্গা। °রাগ (পুং) —সন্ধ্যারাগ। °সম্ভব (বিণ)—(ব্যাকরণে) সন্ধিজাত (বর্ণ)।]

সন্ধিজ বিণ [সন্ধি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ সংযোগজ। ২ (ব্যাকরণে) সন্ধিনিয়মজাত (বর্ণ)। ৩ সুরাসন্ধানজ (মদ্য)।

সন্ধিত বিণ [সন্ধি+ই (ণিচ্)— √সন্ধি+ত (ক্ত)-র্ম্ম, তু 'সন্ধয়ামাস তম্' (পাঠান্তর)—মহা ৭.১৭৯.১২] ১ সংযোজিত। "জরয়া সন্ধিতো যস্মাজ্ জরাসন্ধো ভবত্বয়ম্ মহা ২.১৮.১১ ; ৭.১৭৯.১৩। জরায় সন্ধিত হেতু নাম জরাসন্ধ।—ম ২৮৭। ২ চাপযোজিত। "(ভবন্তঃ) তিষ্ঠধ্বং সন্ধিতেষবঃ মহা ১.১৩২.৬৯। ভ ৯.১০.২৩। ৩ বদ্ধ। "সন্ধিতানাঞ্চ মোক্ষকঃ মনু ৮.৩৪২। ৪ [সন্ধি+ইত (ইতচ্)] জাতসন্ধি, সংলগ্ন, মিলিত। "তদুভয়° ভ ৫.২১.২। ৫ লবণাদিসংযোগে রক্ষিত (ফলাদি)। ৬ (বাঙ্লায়) মদ্যে পরিণত (fermented)।

সন্ধিৎসু বিণ [সম্+ √ধা+স (সন্)-উ-ক] সন্ধিকরণেচ্ছু।

সন্ধিনী স্ত্রী [সন্ধা (সন্ধান)+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'সন্ধান-বতী', বৃষভাক্রান্তা বা নিষ্পাদিতমৈথুনা গবী (অ.টী)। "যাজ্ঞ ১.১৭০। ২ বৃষস্যন্তী, ঋতুমতী। "°ক্ষীর মনু ৫.৮। ৩ অকালদুগ্ধা গবী (মেদিনী)। ৪ (বৈষ্ণবশাস্ত্রে) সদংশজাতা চিচ্ছক্তি। 'সদংশে সন্ধিনী চৈ.চ ১৪। ভ.গ্র ২৬২। "হ্লাদিনী সন্ধিনী সংবিতযুতে।—দু ৫১।

সন্ধী বি [সং সৌগন্ধিক] সুঁদিফুল। "শি ১১০।

সন্ধুক্ষণ বিণ [সম্+ √ধুক্ষ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] সন্দীপক, উত্তেজক। "অগ্নি°, অনল° (S.W.)। —ক্ষণ ক্লী সন্দীপন। "বৈর° মহা ৩.২৭৫.১৬। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সন্দীপিত। "আতপান্ত-সন্ধুক্ষিতমদা (পরভৃতা) বিক্র ৪ ২/১০। ভট্টি ১২ ৪১।

সন্ধেয় বিণ [সম্+ √ধা+য (যৎ)-র্ম্ম] ১ সংযোজনীয়, যোজয়িতব্য। ২ মেলনীয়। "সুজনস্তু কনকঘটবদ্ দুর্ভেদ্যশ্চাশুসন্ধেয়ঃ।—হি ১.৯৩। ৩ সন্ধিকরণার্হ। "সন্ধেয়ঃ স কথং।—মহা ৯.৫.২১। ৪ সন্ধানার্হ। ৫ সন্ধাতব্য (শ্রীধর), বিধেয়। "কিং নু সন্ধেয়মস্মিন্ ভ ১০.৪৭.১৬।

সন্ধ্যক্ষর ক্লী [উ.গৌ] সন্ধিজাত বর্ণ—য র ল ব।

সন্ধ্যা স্ত্রী [সম্+ √ধ্যৈ+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সম্যক্ চিন্তা। ২ সন্ধান, সংশ্লেষ। ৩ [+অ-ধি] 'ধ্যানকাল', দিবারাত্রির মধ্যবর্ত্তী দণ্ডদ্বয়পরিমিত কাল ; সায়ং, সায়াহ্ন, দিনান্ত। "যে সন্ধ্যে রা ২.২৫.১৪। সন্ধ্যাং পশ্চিমাম্ মহা ১.২.৩৯৩। মনু ২.৭৮। "পয়োদক-পিশ শ ৩.২৩। সন্ধ্যেব রাগিণী বেশ্যা ক.সা ১২.৯৩। ৪ রাত্রিদিবার মধ্যবর্ত্তী দণ্ডদ্বয়পরিমিত কাল ; প্রাতঃ সন্ধ্যা। "নাশয়ন্ত্যাহমন্ত ত্বাং পূর্ব্বাঃ সন্ধ্যামিবোদিতাম্ গো.রা ৫.২৪.২৮। পূর্ব্বাং সন্ধ্যাম্ মহা ১.২.৩৯৪। (ঈশস্য) যাসস্ত সন্ধ্যাম্ (বিষ্ণুঃ) ভ ২.১.৩৪। ৫ পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণের

সন্ধিকাল ; মধ্যাহ্ন। "ত্রিসন্ধ্য মহা ৩.৮২.২১। °ত্রয়।—বৃহৎসংহিতা ৩৪.৮। ত্রিসন্ধ্যা স্নান শ্রী.ম ২৯৮। ৬ যুগের আদি। 'সন্ধ্যা যুগস্যাদৌ (শ্রীধর)। "সন্ধ্যাংশয়োরন্তরেণ যঃ কালঃ শতসংখ্যয়োঃ (পাঠান্তর) ভ ৩.১১.২০। [যুগসন্ধ্যা যুগপরিমাণের দশমাংশ কাল, অর্থাৎ সত্যযুগ চারি সহস্র দৈববর্ষ, তাহার সন্ধ্যা চারি শত দৈববৎসর, ত্রেতা তিন সহস্র দৈব বর্ষ, তাহার সন্ধ্যা তিন শত দৈববৎসর, দ্বাপর দুই সহস্র দৈববর্ষ, তাহার সন্ধ্যা দুই শত দৈববৎসর, কলি এক সহস্র দৈববৎসর, তাহার সন্ধ্যা এক শত দৈববৎসর। সন্ধ্যাংশও প্রত্যেক যুগের পরবর্ত্তী চার তিন দুই ও এক শত দৈববৎসর (মনু ১.৬৯; ৭০)।] ৭ সন্ধ্যাকালে বিহিত কৃত্য। "সন্ধ্যামন্বাস্ত নৈষধঃ মহা ৩.৫৯ ৩। সায়ন্তনীং সন্ধ্যামুপাস্মহে বা.ভা ১২/৭। সন্ধ্যার কারণে।—ম ৪৩৯। শ্রী ম ১৩৯; ২৯৮। পুড়িয়ে খেয়েছিস সন্ধ্যা।—দা ৯২০। ৮ গায়ত্রীজপ। "পূর্ব্বাং সন্ধ্যাং জপংস্তিষ্ঠেৎ মনু ৪ ৯৩। ৯ কালের পত্নী। [কালেব তিন পত্নী—সন্ধ্যা রাত্রি দিন (শ.ক)।] ১০ নদীবিশেষ। ১১ পুষ্পবিশেষ, সন্ধ্যামণি ফুল (ইহা সন্ধ্যায ফোটে)। ১২ [+অ-র্ম্ম] সংশ্রব, প্রতিজ্ঞা। ১৩ [সন্ধি+য (যৎ) +স্ত্রী আ (টাপ্)] 'সন্ধিস্থানভবা', সীমা। ১৪ সন্ধ্যায় উপাস্য দেবতা (শ.ক)। [°কপিশ (বিণ)—সন্ধ্যাতুল্য তাম্র। "রঘু ১৩ ৬৪। °কান্ত (বি)—সূর্য্য। "ম ১৯৯। °কার্য্য (ক্লী)—সন্ধ্যাবিহিত আহ্নিককৃত্য। °কাল (পুং)—সন্ধ্যাসময়, সন্ধ্যা। "কৃ ২৮৬। °ত্রয় (ক্লী)—প্রাতঃসন্ধ্যা মধ্যাহ্ন ও সায়াহ্ন। দ্র 'সন্ধ্যা (৩)। °নাটী (-টিন্) পুং—শিব। তু 'পূ.মে ৩৬। °পয়োদকপিশ (পুং)—সন্ধ্যাকালীনমেঘবৎ পিঙ্গলবর্ণ। "শ ৩.২৩। °পুষ্পী (স্ত্রী)—জাতী। °বন্দন (ক্লী)—সন্ধ্যায় করণীয় দেবার্চ্চন, সন্ধ্যাবিধি। °বলি (পুং)—সন্ধ্যাপূজা। "পূ.মে ৩৪। °বিধি (পুং) —সন্ধ্যায় করণীয় বিধান, সন্ধ্যাকৃত্য। °মঙ্গলদীপিকা (স্ত্রী)—সন্ধ্যায় দেয় মঙ্গলার্থে দীপ। "বিক্র ৩.২। °রাগ (পুং)—সন্ধ্যাকালীন রক্তিমা। "বৃহৎসংহিতা ২১.১৯। °সময় (পুং)—সন্ধ্যাকাল।] [সন্ধ্যা করা —১ সন্ধ্যাবন্দনাদি করা। ২ অতিবিলম্বে দিবাবসান করা। সন্ধ্যা দেওয়া—সন্ধ্যায় দীপ জ্বালিয়া ঘরে ঘরে দেখান। "রাত্রি হইলে...সন্ধ্যা দিত কি না তাহা সন্দেহ আ.দু ১৪৫। সন্ধ্যে-রেতে—রাত্রির সন্ধ্যাভাগে, গোধূলিলগ্নে। "হবে বিয়ে সন্ধ্যে-রেতে।—দা ১০৫০। একসন্ধ্যা খাওয়া —দিনে মধ্যাহ্নে একবাব খাওয়া। "বি.পা ২৬২। একসন্ধ্যা হওয়া —দিনে একবার ভোজনের যোগ্য অন্নাদি হওয়া। "তিন পাতিল ভাত হইলে এক সন্ধ্যা হয় বি.পা ২৫১। কলির সন্ধ্যা—যুগসন্ধিতে কলির প্রারম্ভকাল; অত্যাচারের প্রারম্ভ। "এই ত কলির সন্ধ্যা। —ন ৪২৫।]

সন্ধ্যাংশ পুং [দ্বন্দ্ব] যুগের আদি ও যুগান্ত। দ্র 'সন্ধ্যা (৫)।

সন্ধ্যাংশু পুং [ষ.ত] সান্ধ্যকিরণ, সান্ধ্যরাগ।

সন্ধ্যাকালিক বিণ [°ল+ইক (ঠন্); সান্ধ্য° (সাধু)] সান্ধ্য।

সন্ধ্যাকালীন বিং সন্ধ্যাকালসম্বন্ধী, সান্ধ্য। "°ন হোম সী ৭০।

সন্ধ্যাধূপ বি সন্ধ্যালোক, সন্ধ্যাকাল। "সন্ধ্যাধূপ দেখি আরম্ভিলা সঙ্কীর্ত্তন চৈ.চ ১৪৪।

সন্ধ্যাপাত বি সন্ধ্যাবন্দনার হানি। "বি.পা ৯৩।

সন্ধ্যাবন্দনা বি সন্ধ্যায় করণীয় উপাসনা; সন্ধ্যাকৃত্য।

সন্ধ্যাভ্র ক্লী [ষ.ত] সন্ধ্যাসম্বন্ধী মেঘ; সন্ধ্যারাগরঞ্জিত মেঘ। "°কপিশ রঘু ১২.২৮। °লেখা।—পঞ্চ ৩২/৫/৬।

সন্ধ্যামণি বি সন্ধ্যার মণিতুল্য; সন্ধ্যাবিকশিত কৃষ্ণকলিপুষ্প।

সন্ধ্যামুনি বি সর্পবিশেষ। "গুরু দুর্জন যত বঁধুর বেষ করে। সন্ধ্যাকালে সন্ধ্যামুনি তার বুকে পড়ে॥—চ.দা ১২৪।

সন্ধ্যাসবিতা বি সন্ধ্যাকালীন সূর্য্য। "সন্ধ্যাসবিতার, বন্দনায় আছি রত।—কা ১৪৬।

সন্ধ্যাহ্নিক বি সন্ধ্যাকালীন দৈনিককৃত্য। "সত্যানন্দ ঠাকুর হরিণচর্ম্মে বসিয়া সন্ধ্যাহ্নিক করিতেছেন ব ঘি ৯৮।

সন্ধ্যোপাসন ক্লী [স.ত] সন্ধ্যাকালে বন্দনাদি। "মনু ২.৬৯।

সন্ন বিণ [√সদ্+ত(ক্ত)-ক] ১ অবসন্ন, খিন্ন। "পিতা...সন্নবদা বভো রা ২.৪০.৩০। °শরীর।—বৃহৎসংহিতা ৩ ১৪। সন্নবাহ ভ ৬.১১.১২। ২ বিশীর্ণ, ভিন্ন। "মম সন্না মতিঃ সীতে রা ২ ৩০.৩৯। °নৌক (পাঠান্তর) মহা ৮.২.২০। ৩ বিগলিত, স্খলিত, পতিত। "অঙ্গুলিক্ষরণ-সন্নবর্ত্তিক রঘু ১৯ ১৯। ৪ অবসন্ন, নিমগ্ন। "অপাং মধ্যে তথা সন্নামবেক্ষ্য গাম্ ভ ৩.১৩ ১৬। ৫ কুণ্ঠিত। "°বাচ্ ভ ৪.৮.১৪। ৬ স্তব্ধ, জড়ীভূত। "°জিহ্ব ভ ৪.৭ ২৩। ৭ বিশ্লথ, শিথিল। "সাধ্বসসন্নহস্ত কু.স ৩.৫১। ৮ নিষ্প্রাণ। "°শক্র রঘু ৭.৬৪। ৯ হীন, গদ্গদ। "°কণ্ঠ কি ৩.৩৮। ১০ নিবৃত্তাবহনন, অবঘাতনিবৃত্ত। "°মুষল মনু ৬ ৫৬। ১১ অবসন্ন, বিমূঢ়। "যাদোগণাঃ °ধিয়ঃ...বিদুদ্রুবুঃ ভ ৩.১৭.২৪। ১২ বিগত, বিগলিত। "°হর্ষ। ১৩ গত, প্রযাত (A.)। ১৪ পন্ন; শান্ত (হলায়ুধ—S.W.)। ১৫ নীচৈঃ (স্বর)। "°তর পা ১.২.৪০। ১৬ [+ত-র্ম্ম] গত, প্রাপ্ত, 'উপহত' (টীকা)। "সন্না শোকেন (কৌসল্যা) রা ২.৬৫ ১৭। —ন্ন পুং পিয়ালবৃক্ষ। —ন্ন ক্লী [+ত-ভা] উৎসাদ, নাশ। "সন্নদ হ ১৩১ ৫৪। [°কণ্ঠ (বিণ)—গদ্গদস্বর। °হর্ষ (বিণ)—বিগতহর্ষ।]

সন্নত বিণ [সম্+ √নম্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ নত; অবনত। সন্নতাঃ ফলভারেণ পুষ্পভারেণ চ দ্রুমাঃ গো.রা ৩ ১৬ ৫। সন্নতাঙ্গী কু.স ১.৩৪; °গাত্রি!—৫ ৩৯। °বামভ্রূক ভট্টি ২.৩১। °নয়নে চ কা ২০৮। ২ সঙ্কুচিত। "রা ২.৬৫.১৭। °ভ্রূ (মহা)। ৩ নম্র, প্রহ্ব। ৪ বক্রাগ্র। "(বাণাঃ) সন্নতাঃ গো.রা ৩.৪৩.২০। ৫ অবনত, নিমগ্ন, নিগূঢ়। "পর্ব্বসু সন্নতা বিক্র ৪.২৬। ৬ আনত, অনুন্নত। "ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ মহা ১৪.৭৮. ১৯। —ন্নতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সম্যক্ নতি; অবনমন। ২ নম্রতা, বিনয়। "যত্র শ্রীস্তত্র সন্নতিঃ হ ১৬০.৭৩। ভ ৭.১১.২৪। ৩ প্রণাম। "তৎ প্রসাদয়...সন্নত্যা ভ ৪.১১ ৩৪। ৪ বশ, অধীনতা। "যে চ দিগ্বিজয়ে তস্য সন্নতিং ন যযুর্নৃপাঃ ভ ১০.৭০ ২৪। ৫ ধ্বনি (শ.ক)। ৬ হোমভেদ। "অথর্ব্ববেদ ৪.৩৯।

সন্নতি দ্র 'সন্নত'।

সন্নদ্ধ বিণ [সম্+ √নহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যগ্বদ্ধ (সায়ণ), সবদ্ধ, দংশিত। "গোভিঃ সংনদ্ধঃ।—ঋগ্বেদ ৬.৪৭ ২৬। °কবচধ্বজ (মহা —S.W.)। মহাপুরুষ° ভ ৬ ১২ ৩১। ২ কৃতসন্নাহ, বর্ম্মিত, সজ্জ। "রাজা সংনদ্ধো বীর্য্যং করোতি।—শতপথব্রাহ্মণ ১৩.২.২.৭। সন্নদ্ধঃ ....ধনুরুপাদদে ভ ৭.১০.৬৬। ৩ ব্যূঢ়, ব্যূহবিন্যাসযুত। ৪ আততায়ী, বধোদ্যত (অ কো)। ৫ মন্ত্রাদিসংযুত। ৬ ব্যাপৃত; উদিত। "কঃ সন্নদ্ধে...ত্বয্যুপেক্ষেত জায়াম্ পূ মে ৮। নবজলধরঃ সন্নদ্ধোঽয়ং ন দৃপ্ত-নিশাচরঃ বিক্র ৪ ১। ৭ বিজৃম্ভিত, প্রাদুর্ভূত। "যৌবনমঙ্গেষু সন্নদ্ধম্। —শ ১.১৯। ৮ বহির্নির্গত। "সন্নদ্ধং যদপি স্থিতং কুরুবকং তৎ কোরকাবস্থয়া শ ৬.৪। ৯ সম্প্রাপ্ত। "লতেব সন্নদ্ধমনোজ্ঞপল্লবা রঘু ৩.৭। ১০ সজ্জিত। "সন্নদ্ধে (রথমধ্যে) মহা ৫.৮১.৭। ১১ বিকাসোন্মুখ (A.)।

সন্নমিত বিণ [সম্+ √নমি+ত (ক্ত)-র্ম্ম] নমীকৃত। "সন্নমিতো-ভয়াংসম্ (ত্রিয়ম্বকং দদর্শ) কু.স ৩.৪৫।

সন্নয় পুং [সম্+ √নী+অ (অচ্)-ভা] ১ সমবায়। "দেবানামিব সন্নয়ে মহা ১.১৮৯.৬। ২ [+অ-র্ম্ম] পৃষ্ঠস্থায়িবল।

সন্নহন ক্লী [সম্+ √নহ্+অন (ল্যুট্)-ভা] ১ সম্যগ্বন্ধন; দৃঢ়বন্ধন, বন্ধন। "মহা ৪ ৪১.৯। ২ উদ্যোগ। "গাঢ়ং সন্নহনং চক্রে গো.রা ৪. ১৫.২০। ৩ বর্ম্মগ্রহণ। ৪ [+অন-র্ম্ম] বর্ম্ম। "মহা ২.৫৩.৭; ৭.২. ২৮। রঞ্জ ৭।

সন্না[১] বি [সং সন্নাহ > সন্না] বর্ম্ম। "সো ধনী কয়ল যো কঞ্চুক সন্না। নখর-কৃপাণে হাম করব বিভিন্না।—ব ৮৯।

সন্না[২] বি [সং সূক্ষ্ম > প্রা সণ্‌হ (হে ১.১১৮) > বা (সন্‌হা) সন্না] সূক্ষ্মমুখ চিমটাবিশেষ (forceps, pincers)।

সন্নাহ পুং [সম্‌+ √নহ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ দৃঢ়বন্ধন, বন্ধন। 'কক্ষা°' (S.W)। ২ উদ্যোগ। "°জননী (ভেরী) গো রা ৬ ৯ ২২। বা ৬ ৭৫.৪০। কৃত° মহা ১.১৩৮ ১০। [+অ-র্ম্ম] বর্ম্ম। "কাঞ্চন° গো.রা ৬ ১৯ ৫। দৃঢ় করি কঞ্চুক কয়ল সন্নাহ।—ব ৮৭। °বৃত্ত দেহ শি ১৩। ৪ অশ্ব-তনুত্রাণ। "কাঞ্চনসন্নাহান্‌…অশ্বান্‌ মহা ৪ ৩১.১৮। —হ্য পুং [+য (ণ্যৎ)-র্ম্ম] সমরোচিত গজ (অ চি)।

সন্নাহ্য দ্র 'সন্নাহ'।

সন্নিকর্ষ বিণ [°র্ষ+অ (অচ)] সন্নিকর্ষবান্‌, সন্নিকৃষ্ট। "বৃক্ষয়োঃ সন্নিকর্ষয়োঃ।—হ ২৮৮ ১৬। —কর্ষ পুং [সম্‌-নি+ √কৃষ্‌+অ (ঘঞ্‌) -ভা] ১ অতিশয়িত সন্নিধি। "পা ১ ৪.১০৯। ২ সমীপ, সান্নিধ্য, সামীপ্য। "বহিষ্কৃতঃ…সন্নিকর্ষাৎ রা ৭.৫৯ ৫। স্ত্রী° কু স ৩৭৪। বাতায়ন° রঘু ৭.৮। ২ (ন্যায়ে) বিষয়েন্দ্রিয়সম্বন্ধ। দ্র 'ভাষাপরিচ্ছেদ ৫৯। "ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষজন্যং জ্ঞানং প্রত্যক্ষম্‌ (S W.)। দেহেন্দ্রিয়াশ্রয়° ভ ৫ ১০.২২। ৩ [+অ-ধি] লয়স্থান। "ভূতসূক্ষ্মেন্দ্রিয়° ভ ২.২.৩০। —কর্ষণ ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ সন্নিধি, সন্নিধান। ২ সম্বন্ধ। "ভ ১১.২৮ ১২। —কৃষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপাকৃষ্ট। ২ সন্নিহিত, সমীপস্থ। বিপ 'বিপকৃষ্ট'। "সন্নিকৃষ্টান্‌…দ্বিজর্ষভান্‌ রা ২.২.১০। উ মে ১৫। —কৃষ্ট ক্রি বিণ সন্নিহিতভাবে। "আসন-সন্নিকৃষ্টমিতো নিষীদ কু.স ৩২। —কৃষ্ট ক্লী সন্নিহিতস্থান, সমীপ। "আশ্রমসন্নিকৃষ্টে স্থিতাঃ স্মঃ।—শ (S W)।

সন্নিকাশ বিণ [সম্‌-নি+ √কাশ্‌+অ (অচ্‌)-ক] সদৃশ, তুল্য। "গিরি°, রবি°, শশাঙ্ক (S W)।

সন্নিচয় পুং [সম্‌-নি+ √চি+অ (অচ্‌)-ভা] ১ সঞ্চয়, সংগ্রহ। "অর্থ°, কোশ° (S W.)। ২ [+অ-ধি] সমূহ, রাশি। "বস্ত্র°। —হ ১২৩.৭। ৩ [সৎ+নিচয়, ষ.ত] উৎকৃষ্টবস্তুনিচয়। "নাল্পসন্নিচয়ঃ কশ্চিদাসীৎ রা ১.৬ ৭।

সন্নিধাতা(-তৃ) বিণ [সম্‌-নি+ √ধা+তৃ (তৃচ্‌)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ সন্নিহিত। '°ত্রী নৈ ৯ ৭৮। ২ ন্যাসকর্ত্তা (যে গচ্ছিত রাখে)। —ধাতা পুং চোরিত দ্রব্যের অবস্থাপক, থলিযাতি। "মনু ৯ ২৭৮। —ধান ক্লী [+অন (অনট্‌)-ভা] ১ সন্নিকর্ষ, সান্নিধ্য, উপশ্লেষ। "শ্রেয়ো মুহূর্ত্তং তব সন্নিধানম্‌ রা ২ ২১ ৫৩। অতি° —হি ১৫/৮৯। ২ সংসর্গ, সহবাস। "সৎ° —হি ৪১ (কথারম্ভ)। ৩ ন্যাসীকরণ, গচ্ছিত রাখা। ৪ সম্বন্ধ। "বিষয়° মনু ৬ ৯২, কুল্লুক। ৫ [+অন-ধি] 'নিধানস্থান', আধার। "দোষাণাং সন্নিধানম্‌ (স্ত্রীযন্ত্রম্‌)।—পঞ্চ ১.২০১। ৬ লয়স্থান। "ত্বং সন্নিধানম্‌ (অস্য) ভ ১০.২.২৮। ৭ ইন্দ্রিয়বিষয়। ৮ [বাঙ্‌লায়, অপ] সমবায়, মিলন। "সবাকার সন্নিধান করে এক ঠাঁই ম.ম ১৬৪। ৯ অবস্থান, বসতি। "(ছুটিখান) ত্রিপুরার উপরে করিল সন্নিধান অ প ৩। —ধি পুং [+ই (কি)-ধি] ১ সন্নিধান, সামীপ্য। "ভর্ত্তৃ° রা ২.২২ ১৯। °বিয়োগ মা.মি ৫/৮৯। গোষ্ঠীপুরুষ° হি ১ ১২০। বা.দ ২২৭। (নগেন্দ্র) বহুকষ্টে আলোকসন্নিধি উপস্থিত হইলেন ব.বি ৪। ২ [+ই-ভা] সমভিভাব। "শব্দস্যাস্য সন্নিধিঃ সা দ ২২/২৩। ৩ সান্নিধ্য, অবস্থান। "নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্‌ সন্নিধিং কুরু—পঞ্চরাত্র ৩ ৬.৯। ৪ [+ই-র্ম্ম] ইন্দ্রিয়বিষয়।

সন্নিধান, সন্নিধি দ্র 'সন্নিধাতা'।

সন্নিধাপনী স্ত্রী [সম্‌-নি+ √ধাপি+অন (ল্যুট্‌)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্‌)] 'ইহ সন্নিধেহি' মন্ত্রে দেবতাকে সন্নিধাপিত অর্থাৎ উপস্থাপিত করার মুদ্রাবিশেষ। [অঙ্গুষ্ঠদ্বয় ঊর্দ্ধ ও মুষ্টিদ্বয় পরস্পর মুখামুখি করিলে এই মুদ্রা হয়। 'উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোস্তু সংযোগাৎ সন্নিধাপনী।] —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উপস্থাপিত। "সন্নিধাপিতাতিথিজন উ চ ৪৯/৫ ; ৭৯/৫।

সন্নিপতিত বিণ [সম্‌ নি+ √পত+ত (ক্ত)-ক] ১ সম্যক্‌ পতিত ; বিচ্যুত। ২ সমবেত। —পাত পুং [+অ (ঘঞ্‌)-ভা] ১ বিচ্যুতি। ২ সঙ্ঘাত, ব্যতিকর, সংমিশ্রণ। "ধূমজ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ ক মেঘঃ পূ.মে ৫। নানারত্নজ্যোতিষাং সন্নিপাতৈঃ কি ৫ ৩৬। ৩ সঙ্গম। "সমুদ্রপত্ন্যোর্জলসন্নিপাতে রঘু ১৩.৫৮। ৪ যোগ। "সন্নিপাতঃ শরয়োঃ মহা ৩.৩৯ ১৫। ৫ সজ্বর্ষ। "প্রাণানাং সন্নিপাতাৎ মহা ৩.২১২.১১। ৬ মরণ (নীলকণ্ঠ), নাশ। "উৎপত্তিবৃদ্ধিব্যসনসন্নিপাতৈর্ন যুজ্যতেঽসৌ পরমঃ শরীরী মহা (S.W)। ৭ উপস্থিতি (ত.বা)। ৮ মেলন। ৯ গ্রহসংযোগ। ১০ বাতপিত্তশ্লেষ্ম-দোষের সঙ্কর (বালমনোরমা)। "সান্নিপাতিক। ১১ শীলভ্রংশ। "সন্নিপাতস্য চিহ্নানি মদ্যং সর্ব্বাণি দর্শয়েৎ।—পঞ্চ ১.১৮৮। ১২ [+অ-ধি] সমূহ, রাশি। "গুণ° কু স ১.৩। ১৩ যুদ্ধ। "গজ° রঘু ৭ ৪৬। ১৪ (সঙ্গীতে) তালবিশেষ। 'এক এব গুরুর্যত্র সন্নিপাতঃ স উচ্যতে (সঙ্গীতদামোদর)। ১৫ [বহুব্রী] যাহা হইতে সম্যক্‌ নিপাত, বিকারজনক মিলিতদোষত্রয় বা বাতপিত্ত-শ্লেষ্মদোষ। ১৬ (বাঙ্‌লায়) সন্নিপাতজন্য জ্বর। "কেহ মরে সন্নিপাতে। —ম ১০২২। দারুণ সন্নিপাত অ। দ্রু ১২২। ১৭ (সাদৃশ্যে) কঠিন-পীড়া। "শ্যামবিরহসন্নিপাত।—দা ৪৩১। —পাতক পুং [°ত+ক (কন্‌) স্বার্থে] সর্থ 'সন্নিপাত (১৫)। "ভিষজাং সন্নিপাতকে (কর্ম্মণি ব্যাজ্যতে প্রজ্ঞা) হি ৩ ১২৪। —পাতিত বিণ [+ √পাতি+ত (ক্ত) -র্ম্ম] ১ মেলিত (নীলকণ্ঠ)। "রাজানঃ সন্নিপাতিতাঃ মহা ৩.৫৬.৩। ২ সম্যক্‌ পাতিত। "শরৈর্মূর্দ্ধি সুসন্নিপাতিতৈঃ গো রা ৫.৪২.৮। —পাত্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সন্নিপাতনীয়। "বাণঃ সন্নিপাত্যঃ শ ১.১০।

সন্নিপাত দ্র 'সন্নিপতিত'। [°জ্বর (পুং)—ত্রিদোষজ্বর।]

সন্নিপাতক, সন্নিপাতিত, সন্নিপাত্য দ্র 'সন্নিপতিত'।

সন্নিবদ্ধ বিণ [সম্‌-নি+ √বন্ধ্‌+ত (ক্ত)-র্ম্ম] সংযোজিত। "°দ্বৈরালাপৈঃ কি ৭ ১৭। —বন্ধ পুং [+অ (ঘঞ্‌)-ভা] সংযোজন।

সন্নিবর্ত্তন ক্লী [সম্‌-নি+ √বৃৎ+অন (ল্যুট্‌)-ভা] ১ প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন। 'মহা ৭ ১৪৫ ৫৪। ২ নিবর্ত্তন, নিবৃত্তি। 'উবাচ চৈনাং বহু সন্নিবর্ত্তনে বা ২ ২৭ ২৫। —বৃত্ত বিণ [+ত (ক্ত)-ক] ১ প্রতি-নিবৃত্ত। "উ মে ২৯। ২ সমাগত। 'রঘু ১৬ ৪৪। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা] ১ পুনরাবৃত্তি, প্রত্যাবর্ত্তন। "অসন্নিবৃত্ত্যৈ তদতীতম্‌ শ ৬ ১০। রঘু ১০ ২৬। ২ নিবৃত্তি।

সন্নিবাস পুং [সম্‌-নি+ √বস্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ একত্র বাস ; মিলিত বাস। 'ভ ৯.১৯ ২৭। ২ [+অ-ধি] নীড়।

সন্নিবিষ্ট বিণ [সম্‌-নি+ √বিশ্‌+ত (ক্ত)-ক] ১ সম্যক্‌ স্থিত। "অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ।—কঠোপনিষৎ ৬.১৮। গো রা ৫.১১.২২। ২ উপবিষ্ট। 'নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ (বিষ্ণুধ্যান)। উত্থানম্‌…সন্নিবিষ্টোদ্গমে (অ কো)। ৩ প্রবিষ্ট (শ্রীধর)। "সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টঃ গী ১৫ ১৫। ৪ সংক্রান্ত। "বস্ত্রান্তগেহে …কান্তিহিমাংশোরিব সন্নিবিষ্টা রঘু ৬ ৪৭। ৫ স্থিত, জাত। "ঘন-সন্নিবিষ্ট বিবিধবনপাদপসমূহে সী ১০। —বেশ পুং [+অ (ঘঞ্‌)-ভা] ১ উপবেশন। "সন্নিবেশং ততশ্চক্রুঃ সর্ব্বে তে হরিযূথপাঃ গো.রা ৫.১.৭। ২ সংস্থান, সংস্থিতি। 'উত্তানপাণিদ্বয়° কু.স ৩.৪৫। ৩ অবস্থান-ব্যবস্থা। "ভূমি° উ চ ২২/২৩। ৪ অবয়বসংস্থান। "ভ ২ ১.৩৮। গৃহ° মনু ৩.১৬৩, কুল্লুক। ৫ [+অ-ধি] স্থান। "স্ব° রঘু ৫.১৯। ৬ বাসগৃহ, উটজ। "মুনি° রঘু ১৪.৭৬ ৭ নগরের বহিঃস্থিত ভ্রমণার্থ

মুক্ত স্থান, বহির্বিহারভূমি, নিকর্ষণ (অ.কো)। ৮ সমাজ। "ক্ষত্রিয়° মহা ৩.২৬৭.৫। ৯ [+ √বেশি+অ (অচ্)-ভা] সংস্থাপন, ব্যবস্থাপন। "সমাজ° উচ ৭৩। ১০ গ্রন্থন, রচনা। "রমণীয় এব বঃ সুমনসাং সন্নিবেশঃ (A)। ১১ নিক্ষেপণ। "প্রিয়ানিতম্বোচিতসন্নিবেশৈঃ...মধাগ্রৈঃ রঘু ৬.১৭। ১২ নিক্ষেপ, স্থাপন। "স্থানান্তরে কল্পিতসন্নিবেশম্ (কৌতুকহস্তসূত্রম্) কু.স ৭.২৫। ১৩ প্রবেশন (insertion)। ১৪ নিবেশন, স্থাপন। "স্কন্ধাবার° (কামন্দক)। —বেশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সংস্থাপন। ২ [+অন-খি] বাসগৃহ। "মহা ১৪৭.২৮। —বেশন বিণ সমীচীনসংস্থানোপেত। "কাননং সন্নিবেশনম্ বা ৭৪২১৬। —বেশিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সংস্থাপিত। "গো রা ৫৭৬। ২ প্রবেশিত। "(বজ্রেণ) শিরশ্চৈব শরীরে সন্নিবেশিতম্ গো বা ৩ ৭৫ ২৭। —বেশ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সংস্থাপনীয়। "বৃহৎসংহিতা ২৬৭।

সন্নিবৃত্ত, সন্নিবৃত্তি; সন্নিবেশ, সন্নিবেশন, সন্নিবেশিত, সন্নিবেশ্য দ্র 'সন্নিবর্তন, সন্নিবিষ্ট'।

সন্নিভ বিণ [সম্-নি+ √ভা+অ (ক)-ক, স্ত্রী -ভা] সদৃশ, তুল্য। "গন্ধমাদন° রা ২৫৪২৯। কালানল° গী ১১২৫। ভিন্নাঞ্জনসন্নিভনভঃ। —ঋতু ১১১। কুন্দকলিকাসন্নিভ...দন্ত ব.প্র ১১৬।

সন্নিমিত্ত ক্লী [সৎ নিমিত্ত, কর্ম্মধা] ১ প্রশস্তকারণ। "সন্নিমিত্তে বর ত্যাগো বিনাশে নিয়তে সতি।—হি ১৪৫। ২ শুভলক্ষণ। "বভূবুঃ সন্নিমিত্তানি গো রা ৬১৯৭৭।

সন্নিয়ন্তা (-ন্তৃ) বিণ [কর্ম্মধা] সম্যক্‌নিয়ন্তা, নিয়ন্ত্রয়িতা। "(ক্ষত্রিয়স্য) ব্রহ্মৈব সন্নিয়ন্তৃ স্যাৎ মনু ৯৩২০।

সন্নিয়োগ পুং [সম-নি+ √যুজ+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক নিয়োগ, আদেশ। "গো বা ৫৮৭৭। ২ সংযোগ।

সন্নিরুদ্ধ বিণ [সম্-নি+ √রুধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক নিরুদ্ধ, প্রতিবদ্ধ। "সন্নিরুদ্ধো মহাত্মনা মহা ৩৩৯৬২। ২ নিয়মিত, সংযমিত। "°ষড়্‌বর্গ ভ ৪২৩৮। ৩ নির্ব্বাপিত। "অগ্নিহোত্রম্...সন্নিরুদ্ধাগ্নি রা ৭২৪১০। ৪ আবৃত। "কি ১৬৩। ৫ সঙ্কুচিত (নীলকণ্ঠ)। "সন্নিরুদ্ধাঙ্গ মহা ১২৩১১। —দ্ধব্য বিণ [+তব্য-র্ম্ম] বন্ধাদি দ্বারা বন্ধনীয়। "মনু ৯৮৩। —রোধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক রোধ, প্রতিবন্ধ। 'ক্রিয়া° (সুশ্রুত)। ২ সংযম, নিয়ন্ত্রণ। "ইন্দ্রিয়° মহা ১৬৪২০। ৩ লয়। "গুণ° ভ ২২৩০। ৪ সঙ্কীর্ণত্ব। 'পর্ব্বত° মহা ২১৭৭৩।

সন্নিরোদ্ধব্য, সন্নিরোধ দ্র 'সন্নিরুদ্ধ'।

সন্নিষণ্ণ বিণ [সম্-নি+ √সদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক নিষণ্ণ, সমুপবিষ্ট। "গো রা ১৫২৩। সন্নিষণ্ণা সিতাজে (বাগ্‌দেবতা)। ২ সংস্থিত। "বিরহশয়নে সন্নিষণ্ণৈকপার্শ্বাম্ (তাম্) উমে ২৮। ৩ অবসন্ন (নীলকণ্ঠ —SW.)।

সন্নিষেবিত বিণ [সম্-নি+ √সেব্+ত (ক্ত)-র্ম্ম] অধ্যুষিত, অধিষ্ঠিত। "গন্ধর্ব্বৈ...সন্নিষেবিতং গিরিবরম্ মহা (SW)।

সন্নিসর্গ পুং [সৎ+নিসর্গ, কর্ম্মধা] সুস্বভাব। "মহা ১১৯৭৩০।

সন্নিহিত বিণ [সম্-নি+ √ধা+ত (ক্ত)-ক] ১ সমীপস্থ, আসন্ন, সমীপবর্ত্তী। "সন্নিহিতয়া শকুন্তলয়া ভবিতব্যম্ শ ৩২। হৃদয়সন্নিহিতে। —৩.১৫। তত্র সন্নিহিতো হরঃ ভ ৮১২৩৪। কার্যঃ সন্নিহিতাপায়ঃ। —হি ১২২২। ২ স্বয়ং উপস্থিত। "অপি সন্নিহিতোহত্র কুলপতিঃ শ ১২। ৩ হৃদয়স্থিত। "আবিঃ সন্নিহিতম্।—মুণ্ডকোপনিষৎ ২২১। —হিত পুং অগ্নিবিশেষ। দ্র 'মহা ৩২২০১৯। —হিত ক্লী সমীপ, সান্নিধ্য।

সন্ন্যসন ক্লী [সম্-নি+ √অস্+অন (ল্যুট্)-ভা] ১ পরিত্যাগ, পরিহার। ২ কেবল কর্ম্মপরিত্যাগমাত্র (শঙ্কর)। "গী ৩৪। —ন্যস্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ত্যক্ত, সমর্পিত। "যোগসন্ন্যস্তকর্ম্মাণম্ গী ৪.৪১। ২ ত্যক্ত। "°শস্ত্র রঘু ২.৫৯। °দেহ কু স ৭.৬৭। ৩ সমর্পিত। "মন্ত্রিসন্ন্যস্তকার্য্যার্থ গো বা ৪২৮৫। ৪ সন্নিবেশিত। "অঙ্গে স্বঙ্গেষু দেশেষু সন্ন্যস্তাশ্চ মহাবলাঃ গো বা ৬১৬৭৬। ৫ ন্যাসীকৃত। —ন্যাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিত্যাগ। "সন্ন্যাসং কর্ম্মণাম্ গী ৫১; কর্ম্ম° ২, ১৮৭। ২ সর্ব্বকর্ম্মতৎফলপরিত্যাগ, ভগবানে কর্ম্মার্পণ। 'গী ৬২, °যোগযুক্তাত্মা ৯২৮। সন্ন্যাসের স্থূলকর্ম্মপরিত্যাগ অ মী ৫৪। ৩ কাম্যকর্ম্মপরিত্যাগ। 'কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ গী ১৮২। ৪ প্রব্রজ্যা। "মনু ৬৯৬। ৫ চতুর্থাশ্রম, প্রব্রজ্যাধর্ম্ম। দ্র 'মনু ৬৩৩-৮৬। "সন্ন্যাস তপস্যা যত ব্রাহ্মণের ধর্ম্ম। —কৃ ৯৭। ৬ সমীচীনবস্তুনিক্ষেপ, সদ্বস্তুন্যাস (টীকা)। "রা ২১১৫. ১৪, ১৫। ৭ [+অ-র্ম্ম] ন্যাস নিক্ষেপ, গচ্ছিতদ্রব্য। "(খড়্গম্) °বিধিনা দত্তম্ গো বা ৩১১১৭। ৮ গ্রহ, পণ। "এষ বৈ মম সন্ন্যাসস্তব রাজ্য" তু পুষ্কর মহা ৩.৭৮৫। ৯ জটামাংসী। ১০ [+অ-খি] চৈত্রমাসে ক্ষত্রিয়াদিকর্ত্তব্য পুরাণপ্রসিদ্ধ শিবব্রতভেদ (ত বা)। 'বৃহদ্ধর্ম্ম-পুরাণ, উত্তরখণ্ড, ৪র্থ অধ্যায়। —ন্যাসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব, স্ত্রী -সিনী] ১ ত্যাগী, ত্যাগশীল। "সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসিন্ গী ৬৪। ২ অনশনবান, আহারত্যাগী। "ভটি ৭৭৬। —ন্যাসী পুং ১ চতুর্থাশ্রমী, মস্করী ভিক্ষু, পরিব্রাট্। (চৈতন্য) চূড়ামণি সন্ন্যাসী-আকার ব.প ৮৯৬। সতী শ্বি আমার, গৃহিণী তাহার, সন্ন্যাসী বলিবে কেবা ভা চ ৩৯। পঞ্চশরে দগ্ধ ক'রে করেছে এ কি, সন্ন্যাসী।—চ কা ২৬০। ২ রাগদ্বেষাদিত্যাগপূর্ব্বক পরমেশ্বরার্থ কর্ম্মানুষ্ঠাতা, নিষ্কাম-কর্ম্মযোগী। 'জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি গী ৫৩, অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ (স সন্ন্যাসী) ৬১। 'সন্ন্যাসী জ্ঞানসংযুক্তঃ প্রাপ্নোতি পরমাং গতিম্ মহা ১৪৪৩২৭। ৩ চৈত্রমাসে করণীয় শিবব্রতকারী। "মূল সন্ন্যাসী হ'২, সন্ন্যাসীরা উবু হয়ে বসে মাথা ঘোরাচ্ছে ৩। ৪ (বাঙ্‌লায়) ধর্ম্মঠাকুরের ভক্ত। "সন্ন্যাসী বল্লুকাবাসী শ্রী ২৭। ব প ৪৭০।

সন্ন্যস্ত, সন্ন্যাস, সন্ন্যাসী দ্র 'সন্ন্যসন'।

সন্ন্যাসকাটি, -টী বি গামারের (গাম্ভারের) কাঠে লাগান সূক্ষ্মাগ্র লৌহশলাকা। 'কামারে গামার কাটি,...গাঁথিছে সন্ন্যাসকাটি তায়ঃ সুসাঙ্ক সন্ন্যাসকাটি, গাড়ে শ্রী ৩৫। [যে ভক্ত ধর্ম্মঠাকুরের কাছে মানসিক করে, সে ধর্ম্মের গাজনে ভক্তিপরীক্ষার্থ এই কাঁটার উপর ঝাঁপাইয়া পড়িত।]

সন্মঙ্গল ক্লী [সৎ+মঙ্গল, কর্ম্মধা] সাধু মঙ্গলাচার। "রঘু ২.৭১। [°স্নাত (বিণ)—যথাশাস্ত্র কৃতমঙ্গলস্নান। 'রঘু ৪৪১। সন্মঙ্গলোপচার (পুং)—আবশ্যক মঙ্গলপূজোপহার। "রঘু ১০.৭৭।]

সন্মতি বিণ [সৎ+মতি, বহুব্রী] সাধুবুদ্ধি, সরলমতি। "সন্মতেঃ (শবরাধিপতেঃ) ক সা ২২১৪৮। —তি স্ত্রী [কর্ম্মধা] সাধুবুদ্ধি। "মৎসেবয়া তাং বিধুনোত্যসন্মতিম্ ভ ৮২৪৪৭।

সন্মনুষ্য পুং [কর্ম্মধা] সাধু অর্থাৎ কামাদিদোষরহিত জন। '(ইদং তীর্থম্) রমণীয়ং প্রসন্নাম্বু সন্মনুষ্যমনো যথা রা ১২৫।

সন্মান বি [সং সম্মান, হি, ঠ, গু সন্মান] সমাদর, পূজা। "ধর্ম্মদেবতার সিংহলে বহুত সন্মান শূ ৫৭। সন্ম° ভগ্র ৫। শ্রীশচী...কয়ল সন্মান ন.প ১৬৪।

সন্মার্গ পুং [সৎ+মার্গ: কর্ম্মধা] ১ সৎপথ, সাধুসেবিতমার্গ। "অসন্মার্গপ্রবৃত্ত।—কাদ ৫৭। ২ ত্রিকাণ্ডবিষয়ক বেদের প্রবৃত্তিপ্রকার (শ্রীধর)। "ভ ১০.৮৬৫৯।

সন্মিত্র ক্লী [সৎ+মিত্র, কর্ম্মধা] অকপটমিত্র। "হি ১.১৩৪।

সম্মুখ বি [সং সম্মুখ ; হি, ঠ সম্মুখ] সম্মুখ। "বা.দ ২৪২।

সন্ত বি [সং সৈন্ত >(সইন্ত) >সন্ত ; অসাধু] সৈন্ত। "রাজার জত সন্ত গো.চ ১৯৩। যদু° অ.প ৩১,-২ ; জাদব সন্ত ৩৩।

সন্যায় বি সমান ন্যায় ; তুল্যন্যায়যুক্ত। "ম ৭৩৪।

সন্সান বি [ধ্বন্যাত্মক] সর্ব 'শনশন'। "শ্রী ১৬৬।

সপ্ অক [ভ্বা, প—সপতি ; সেট্] সমবায়, সম্বন্ধ। —প্ সক [পূর্ব্ববৎ] ১ গতি (ক.ক)। ২ সম্যগববোধ।

সপ[1] দ্র 'শপ'। [°কালি—সপের দৈর্ঘ্যপ্রস্থেব কালি।]

সপ[2] সর্ম [স॑প >সপ] সমর্পণ করা। "সঁপিলা বি পা ৩১৭।

সপক্ষ বিণ [বহুব্রী] ১ বিদ্যমানপক্ষ ; পক্ষবিশিষ্ট। "সপক্ষা ইব পর্ব্বতাঃ রা ২.৮৯.১৯। °গিরিবিভ্রম ক.সা ২৬৯। ২ সপত্র, সকঙ্ক-পক্ষ (বাণ)। ৩ প্রতিপাদ্যবিষয়যুক্ত। ৪ সগণ। ৫ যাহার পক্ষ সমান ; একপক্ষগত। বিপ 'বিপক্ষ'। "পা ৬.৩.৮৪, সি। —পক্ষ পুং ১ আত্মপক্ষ, স্বদলভুক্ত লোক। "সপক্ষ বিপক্ষ পরপক্ষ আইল জানি।—ম ৫০০। ২ বান্ধব, জ্ঞাতি। "°ক্ষয়কারক—পঞ্চ ৪৩১। ৩ (ন্যায়ে) নিশ্চিতসাধ্যবান্, অর্থাৎ যেখানে সাধ্যের নিশ্চয় আছে, তাহা 'সপক্ষ' ; যেমন, 'মহানস'। বিপ 'বিপক্ষ', অর্থাৎ নিশ্চিত-সাধ্যাভাববান্ ; যেমন, 'হ্রদ'। দ্র 'ভাষাপরিচ্ছেদ ৭৩। ৪ সখা। "পল্লবোপমিতিসাম্যসপক্ষম্…অধরবিম্বম্ সা.দ ৩১০/৪।

সপক্ষীয় বিং সপক্ষসম্বন্ধী, নিজপক্ষীয়। "পেসকাব…বিপক্ষীয় জবানবন্দি চাপিয়া °য় কথা সকল পড়িতে আরম্ভ করিল আ.হু ১৬৭।

সপটে ক্রি.বিং সপটে, গললগ্নীকৃতবাসে। "সপটে প্রণাম করে দেবী পদ্মাবতী ম.ম ৮৭ ; ১০২ ; ১৮৫ ; ১৮৭ ; সপটে যুড়িয়া কর, বেহুলা বলে ২১৫।

সপত্ন পুং [সপত্নী+অ (অৎ) তুল্যার্থে (অ.টী) ; কাশিকামতে অব্যুৎপন্ন, (মতান্তরে) সপত্নী> °ত্ন, নিপাতিত পা ৪ ১.১৪৫, কাশিকা। মুগ্ধবোধ ৪৩৭, টীকা] শত্রু, প্রতিপক্ষ, অরি। "ঋগ্বেদ ১০.১৬৬.১। গী ১১.৩৪। রাজ্যমসপত্নম্ মহা ১.১২১৬। মনু ৪.১৭৪। °জন রঘু ৯.৮। সহবটু° ভ ৫.১১৭। °ভয়হারিণী বা.দ ৭৭। [°গণ (পুং) —শত্রুগণ। "°সূদন মহা ৪.৫১৯। °জ (বিণ)—শত্রুজন্য। "রঘু ৯.৪। °জিৎ (বিণ)—শত্রুজয়ী। °নাশ (পুং)—শত্রুক্ষয়। °বিজয় (পুং)—শত্রুপরাভব। °বৃদ্ধি (স্ত্রী)—শত্রুবৃদ্ধি। "গো.রা ৩.৭.২২। °শ্রী (স্ত্রী)—শত্রুর অভ্যুদয়।]

সপত্নী[1] স্ত্রী [সমান পতি যাহার, বহুব্রী, 'ন্' আদেশ, স্ত্রী ঈ (ঙীপ্), °ত্নী—একসূর্য্যপত্নী (দ্যাবাপৃথিবী)।—ঋগ্বেদ ৩.১১০।] ১ যাহার পতি এক ; সমানপতিকা, সতীন। "ঋগ্বেদ ১১০৫.৮। রা ২.২১.২২। °জন শ ৪.১৮। দিশঃ সপত্নী ভব দক্ষিণস্যাঃ রঘু ৬.৬৩। ২ সমান-স্বামিকা, একপ্রভু। "পা ৬.৩.৩৫, সি। ৩ [সপত্ন+স্ত্রী ঈ (ঙীপ্)] সপত্নস্ত্রী। "পা ৬.৩.৩৫, সি।

সপত্নী[2], **-ত্নীক** বিণ [পত্নীর সহ, বহুব্রী, 'ক' (কপ্)] পত্নীসহিত, সস্ত্রীক। "তে‥ সপত্ন্যঃ রা ২৩৩.১৬। °ক রঘু ১.৮১। সুরাসুরগুরুঃ সোঽত্র সপত্নীকস্তপ৴তি শ ৭.৯।

সপত্রক বিং পত্রযুক্ত, সপুঙ্খ। "°ক বাণ।—ম ৮৯৫।

সপদি ব্য [স+পদ্] ১ দ্রুত (অ.কো)। ২ তৎক্ষণ, তৎক্ষণাৎ। "কু.স ৩.৭৬। সপদি মদনানলো দহতি মম মানসম্ গী.গো ১০.২। —দে অব্য [সং সপদি] শীঘ্র। "(সেনের নন্দন) সপদে করিতে চায় শরণ (?) সাধন শ্রী মা ৪৪।

সপন বি [স্বপন > °ন] স্বপ্ন। "নিন্দের সপনে গো.চ ১৭৪।

সপরিকর, -পরিজন বিণ [বহুব্রী] সপরিগ্রহ, সানুচর, স্বগণ। "মম সপরিকরস্য।—পঞ্চ ১৩/৭২।

সপরিজন দ্র 'সপরিকর'।

সপরিবার বিণ [বহুব্রী] ১ পরিবারসহিত, সানুচর, সপরিগ্রহ। "হি ১/৪। ২ (বাঙলায়) সস্ত্রীক ; স্ত্রীপুত্রাদিসহিত।

সপরিবৃংহণ বিণ [বহুব্রী] অঙ্গমীমাংসাধর্ম্মপুরাণাদ্যুপবৃংহিত (বেদ)। "মনু ১২.১০৯।

সপরিব্যয় বিণ [বহুব্রী] শাকসূপাদিব্যয়সহিত। "ভক্তঞ্চ সপরিব্যয়ং (সম্প্রেক্ষ্য দাপয়েৎ করান্) মনু ৭.১২৭।

সপর্য্যা স্ত্রী [√সপর্ পূজা > √সপর্য্য (কণ্ড্বাদি)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পূজা, অর্চ্চনা, অর্চ্চা। "কু.স ৫.৩১। °বিধি রঘু ৫.২২। সপর্যায়া সাধু স পর্যাপূপুজৎ মাঘ ১.১৪। ২ পরিচর্য্যা, সেবা। "°স্বয় উচ ১২৬।

সপাৎসপাৎ বি [ধ্বন্যাত্মক] বেত বা চাবুকের দ্রুতচালনের শব্দ। [সপাৎ সপাৎ মারা —সপাৎ-সপাৎ শব্দ করিয়া চাবুক মারা। "গাড়োয়ান শালার গরু চলতে পারে না বলে…সপাৎ সপাৎ মারিতেছে আ.হু ২৫।]

সপাদ বিণ [বহুব্রী] ১ পাদবিশিষ্ট, সচরণ। ২ চতুর্থাংশযুক্ত, সওয়া। "পশুঃ সপাদং পণমর্হতি মনু ৮.২৪১। সপাদশ্চৰ্য়য় ভ ৫.২২.৫ ; ৮। [°ভৃতি (স্ত্রী)—চতুর্থাংশাধিক বেতন। "শু ৪.৭.৩৫১। °লক্ষধনী (-নিন্) পুং—সচতুর্থাংশলক্ষমুদ্রার ধনী, সওয়া লাখ টাকার ধনী। "পঞ্চ ১৪৫২/৪৫২।]

সপাল বিণ [বহুব্রী] ১ সপালক, অর্থাৎ যে পশুর রাখাল সঙ্গে আছে। বিপ 'বিপাল'। "মনু ৮.২৪০। ২ সভূপাল। "সপালঃ…লোকঃ ভ ১.৯.১৪।

সপাসপ ক্রি.বিং [সপ > °প (দ্বিত্ব), ধ্বন্যাত্মক] ক্রমাগত বেত্র-চালনের সপাসপ-শব্দে। "সপাসপ লপালপ বেত পিঠে পড়িছে আ.হু ৭৮। ফি লোকের পিঠে…সপাসপ বেগে সজোরে চাবুক।—কা ১২০।

সপিণ্ড বিণ [সমান পিণ্ড যাহার, বহুব্রী] যাহাদের পিণ্ড (শ্রাদ্ধে দেয় পিণ্ড বা দেহারম্ভক অংশভেদ) সমান, একপিণ্ডসম্বন্ধবিশিষ্ট (জ্ঞাতি-বিশেষ), সনাভি। "°লক্ষণে ব.প ১৮২৯। [ঊর্দ্ধতন পিণ্ডভাগী পিতা পিতামহ প্রপিতামহ—এই তিন পুরুষ ও প্রপিতামহের লেপভুক্ পিতৃ-প্রভৃতি তিন পুরুষ এবং পিণ্ডদাতা—এই ঊর্দ্ধতন সাত পুরুষ সপিণ্ড। এইরূপ অধস্তন পুত্রপৌত্রাদি ছয়পুরুষ ও পিণ্ডদাতা সপিণ্ড। সপিণ্ডতা সপ্তপুরুষপর্য্যন্ত (সাপিণ্ডং সাপ্তপৌরুষম্)। 'মনু ৫.৬০, কুল্লুক।]

সপিণ্ডতা স্ত্রী [°ণ্ড+তা (তল্)] সপিণ্ডভাব, সনাভিতা। "মনু ৫.৬০। [সপিণ্ডতা স্বগোত্রানুসারে সাপ্তপৌরুষী, অর্থাৎ সপ্তপুরুষপর্য্যন্ত ; মাতামহাদির সপিণ্ডতা নাই। 'মনু ৫.৬০, কুল্লুক।]

সপিণ্ডন ক্লী [সপিণ্ড+ই (ণিচ্)— √সপিণ্ডি+অন (ল্যুট্)-ভা] সপিণ্ড করা ; সপিণ্ডীকরণ। "ক.চ ২৭৩। হু ১১১।

সপিণ্ডীকরণ ক্লী [°ণ্ড+চ্বি (০)—°ণ্ডী+ √কৃ+অন (ল্যুট্) -ভা] অসপিণ্ডকে সপিণ্ড করা, পূর্ণসংবৎসরে প্রেতত্ববিমোচনার্থ প্রেতোদ্দেশে কর্ত্তব্য পিত্রাদিপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের সমন্বয়করণরূপ শ্রাদ্ধবিশেষ। —কৃত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] পিত্রাদির সহিত সমন্বিত-পিণ্ডীকৃত (প্রেত)। "যে সপিণ্ডীকৃতাঃ প্রেতাঃ (শাতাতপস্মৃতি—ত.বা)।

সপুটে ক্রি.বিণ [অপ্র] সকরপুটে। "°টে…নমস্কার অ.প ১৩১।

সপেটা বি [P. sapóta, zapóta] বকুলাদি বর্গের ফলতরুবিশেষ (Achras sapota)।

সপ্ত (-প্তন্) স.বিণ [√সপ্+অন্ (কনিন্), ত্ (তুট্), উ ১.১৫৪ ; (সমাসে পূর্ব্বপদ) সপ্তন্ >সপ্ত ; যেমন, 'সপ্তর্ষি' ; ক্ষা হপ্.ত্ ; Av. haptan ; Gr. hepta ; L. septam ; Ger.

sieben , F. sept , Lithuanian—septyni , Slav sedmi , Gothic—silun , E seven] সপ্তসংখ্যক, সাত। —প্ত পুং সপ্ত (৭) সংখ্যা (ত বা)। [°কল্পজীবী (-বিন্) বিণ—সপ্তকল্পায়ুক। "ম ৪৩২। °কোণ (বিণ)—সপ্তকোণবিশিষ্ট (ক্ষেত্র)। °গঙ্গ (ক্লী) —'সপ্ত গঙ্গার সমাহার' দেশবিশেষ। °চ্ছদ (পুং)—সপ্তপর্ণ, ছাতিমগাছ। "রঘু ৫ ৪৮। ম ম ৬৮। °জ্বাল (পুং)—'সপ্তশিখ', অগ্নি। °তন্তু (পুং)—যাহার সপ্ত সংস্থা বা বিভাগ, ক্রতু, যজ্ঞ। "মাঘ ১৪ ৬। °দীধিতি (পুং)—'সপ্তকিরণ', অগ্নি। °নাড়ীচক্র (ক্লী)—(জ্যোতিষে) বৃষ্টিজ্ঞানার্থ গ্রহনক্ষত্রাঙ্কিত সপ্তনাড়িক সর্পাকারচক্রবিশেষ। °পর্ণ, °পলাশ (পুং)—সপ্তচ্ছদ, ছাতিমগাছ। '°র্ণ গো রা ৩ ১৭ ১১, রঘু ৪ ২৩। °প্রকৃতি (স্ত্রী)—রাজ্যের স্বাম্যমাত্যাদি সপ্ত অঙ্গ। দ্র 'প্রকৃতি (২৮)। °ভূম, °ভূমিক, °ভৌম (বিণ)—যাহার সপ্ত তল, সপ্ততল, সাততলা (প্রাসাদ)। °মরীচি (পুং)—'সপ্তরশ্মি', অগ্নি। °রাত্র (পুং) —সপ্ত রাত্রির সমাহার, সাত রাত। 'মনু ২ ১৮৭। °লোক (পুং) —ভূ-প্রভৃতি ঊর্দ্ধ সপ্ত ভুবন। রঘু ১০ ২১। °শলাক (পুং) —(জ্যোতিষে) বিবাহের শুভাশুভদিনজ্ঞানার্থ তির্য্যগূর্দ্ধসপ্তরেখাময় চক্রবিশেষ। °শিরা (স্ত্রী)—তাম্বূলীলতা। °শীর্ষ (পুং)—'সপ্তমস্তক', বিষ্ণু। বিষ্ণু ১ ৫৪। °সপ্তি (পুং)—সপ্তাশ্ব, সূর্য্য। মহা ৩ ৩ ৬৩। ললাটন্তপ° রঘু ১২ ৪১। শ ৭ ৩০। °স্রোতঃ (-তস্) ক্লী—তীর্থবিশেষ (সপ্ত ঋষির প্রীত্যর্থ এই স্থানে গঙ্গা সপ্ত স্রোতে বিভক্ত)। 'ভ ১ ১৩ ৫২। °হয় (পুং)—সপ্তাশ্ব, সূর্য্য।]

সপ্তক বিণ [সপ্তন্+ক (কন) স্বার্থে, পা ৫ ১ ৫৮] ১ সপ্ত, সপ্তসংখ্যক। ২ সপ্তপরিমাণ। সপ্তকস্থাস্থ বর্গস্থ মনু ৭ ৫২। ৩ সপ্ত (কপর্দ্দকাদি) দ্বারা ক্রীত। পা ৫ ১ ২২। -ক ক্লী ১ সপ্তের সমাহার। পুর° ক সা ৪৭ ১৩ দিন° ৭২ ৯৬। ২ সপ্ত ঋক-প্রভৃতির সমবায়। "এনস্বী সপ্তকং জপেৎ মনু ১১ ২৫৬। ৩ (সঙ্গীতে) সপ্তস্বরের সমবায়। স্বর°।

সপ্তকী স্ত্রী [√সপ+ত (তন) ক+ক (কন) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীষ) —অ টী] কাঞ্চী, মেখলা, বিংশতিযষ্টিকা কাঞ্চী (অ টী)।

সপ্তক্ষিতি বি সর্থ 'সপ্তদ্বীপ। শ্রী মা ১১।

সপ্তগোদাবর ব্য [সপ্ত গোদাবরীর সমাহার সমাহারে অব্যয়ীভাব, সমাসান্ত 'অ (অচ)—তত্ত্ববোধিনী] তীর্থবিশেষ। পা ২ ১ ২০, কাশিকা। মহা ৩ ৮৫ ৪৪। —রী স্ত্রী সপ্তগোদাবর তীর্থ। ভ ১০ ৭৯ ১২। চৈ ভা ৬৭ ১৭৬। শ্রী ম ২৪১। [ইহা মন্দ্রাজে রাজমহেন্দ্রী জেলায় অবস্থিত। মতান্তরে, গোদাবরীর সাতটি শাখানদী (বাণগঙ্গা ঊর্দ্ধা পাণিগঙ্গা মঞ্জিরা পূর্ণা ইন্দ্রবতী গোদাবরী)। দ্র 'সপ্তগোদাবরী'। —চৈ ভা, 'ভৌগোলিক বিবরণ'।]

সপ্তগ্রাম বি গ্রামবিশেষ, সাতগাঁ। সপ্তগ্রামের বণিক ক চ ২২৯। (নিত্যানন্দ) সপ্তগ্রাম আইলেন চৈ ভা ৪৬২। [সপ্ত ঋষির শাসনে বলয়ে সপ্তগ্রাম (ক চ ১৯৬, ২২৯)। এই সপ্তগ্রামে আছে সপ্তঋষির স্থান (চৈ ভা ৪৬২)।—ইহাতে বোধ হয়, 'সপ্ত ঋষি' হইতে 'সপ্তগ্রাম নাম। 'সপ্তগ্রাম, 'ত্রিশাবঘা' ষ্টেশন হইতে অতি অল্প দূরে। পূর্ব্বে সপ্তগ্রাম' বলিতে বাসুদেবপুর বাঁশবেড়ে কৃষ্ণপুর নিত্যানন্দপুর শিবপুর সপ্তগ্রাম ও শঙ্খনগর—এই সাতটি গ্রামের সমষ্টি বুঝাইত। এই স্থানে শ্রীউদ্ধারণ দত্তের পাটবাটী অদ্যাপি বিদ্যমান রহিয়াছে।—চৈ ভা, ভৌগোলিক বিবরণ।]

সপ্তচত্বারিংশৎ স বিণ [উ লো, পূ বা—°শত্তম, °শ (স্ত্রী -শী, -মী)] সপ্তাধিক চত্বারিংশৎ, সপ্তচত্বারিংশৎসংখ্যক, সাতচল্লিশ। —শৎ স্ত্রী সপ্তচত্বারিংশৎ সংখ্যা, সাতচল্লিশ (৪৭)।

সপ্তজিহ্ব বিণ [সপ্ত জিহ্বা যাহার, বহুব্রী] সপ্তশিখাজিহ্বাবিশিষ্ট। "অগ্নিঃ···সপ্তজিহ্বঃ ভ ৫ ২০ ২। —জিহ্ব পুং অগ্নি। "বৃহৎসংহিতা ৭৪ ১৬। [অগ্নির সপ্ত জিহ্বা—কালী করালী মনোজবা সুলোহিতা সুধূম্রবর্ণা বিস্ফুলিঙ্গিনী ও বিশ্বরুচী (মুণ্ডকোপনিষৎ ১ ২ ৪)। মতান্তরে শেষ দুইটির পরিবর্ত্তে 'উগ্রা' 'প্রদীপ্তা' (শ ক)।]

সপ্ততাল বিং উচ্চতায় সপ্ততালপরিমিত, অত্যুচ্চ। দ্র 'তাল (৯)। 'সপ্ততাল হযে গেল মগরার জল ক চ ১৯৭, ঢেউ বহে সপ্ততাল ২০০। সলিল-সপ্ততাল শি ৯৫।

সপ্ততি স বিণ [সপ্ত দশৎ+তি, নিপাতিত, পা ৫ ১ ৫৯, কাশিকা, পূ বা—°তম (স্ত্রী -মী), ফা হফ্‌তাদ্] যাহার পরিমাণ সপ্ত দশ, সপ্ততিসংখ্যক, সত্তর। ঋগ্বেদ ২ ১৮ ৫, অধ্যায়াঃ সপ্ততিঃ মহা ১ ২ ১৪১। অ প ৬৪। —তি স্ত্রী সপ্ততি সংখ্যা, সত্তর (৭০)। 'বর্ষ°।

সপ্তত্রিংশৎ স বিণ [উ লো, পূ বা—°শ °শত্তম (স্ত্রী -শী, -মী)] সপ্তাধিক ত্রিংশৎ, সপ্তত্রিংশৎসংখ্যক, সাঁইত্রিশ। —শৎ স্ত্রী সপ্তত্রিংশৎ সংখ্যা, সাঁইত্রিশ (৩৭)।

সপ্তদশ (-শন্) স বিণ [উ লো, পূ বা—°শ (স্ত্রী -শী)] সপ্তাধিক দশ, সপ্তদশসংখ্যক, সতর।

সপ্তদ্বীপ বিণ [বহুব্রী, স্ত্রী -পা] সপ্তদ্বীপযুক্ত। 'সপ্তদ্বীপা' জয়তি বসুধাম্ শ ৭ ৩৩। সপ্তদ্বীপা পৃথিবী।—কৃ ১৫৭। —দ্বীপ পুং [কর্ম্মধা] পৃথিবীর জম্বু-প্রভৃতি সপ্ত বিভাগ। দ্র 'দ্বীপ (২)। °নিবাসী। °বৎ ভ ৩ ২১ ২, °পতি ৯ ১৮ ৪৬। ভ গ্র ১৬৬। শি ৮।

সপ্তধা ব্য [সপ্তন্+ধা (ধাচ), পা ৫ ৩ ৪২] ১ সপ্তপ্রকারে। "সপ্ত হোত্রাঃ সপ্তধা ত্বা যজন্তি।—শুক্লযজুর্ব্বেদ ১৭ ৭৯। ২ সপ্ত ভাগে। সপ্তধা তু ভবেন মূর্দ্ধা রা ২ ৬৪ ২৪। নাগাঃ সপ্তধৈবপ্রসুস্রুবুঃ রঘু ৪ ২৩। ভ ১০ ৫৮ ৪৫।

সপ্তধাতু পুং, বহুব [কর্ম্মধা] শরীরস্থ রসরক্তমাংসাদি সপ্তধাতু। দ্র 'ধাতু (২)।

সপ্তনবতি স বিণ [উ লো, পূ বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] সপ্তাধিক নবতি, সপ্তনবতিসংখ্যক, সাতানই। —তি স্ত্রী সপ্তনবতি সংখ্যা, সাতানই (৯৭)।

সপ্তপঞ্চাশৎ স বিণ [উ লো, পূ বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] সপ্তাধিক পঞ্চাশৎ, সপ্তপঞ্চাশৎসংখ্যক, সাতান্ন। —শৎ স্ত্রী সপ্তপঞ্চাশৎ সংখ্যা সাতান্ন (৫৭)।

সপ্তপদী স্ত্রী [স দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] সপ্ত পদের সমাহার, বিবাহে বরের সহিত বধূর সপ্ত মন্ত্রে সপ্ত মণ্ডলিকায় সপ্ত পদগমন। 'নিষ্ঠা সপ্তপদী স্মৃতা মহা ৭ ৫৩ ১৬। তু তেষাং নিষ্ঠা তু বিজ্ঞেয়া বিদ্বদ্ভিঃ সপ্তমে পদে মনু ৮ ২২৭।

সপ্তপাতাল ক্লী [স দ্বি] সপ্ত পাতালের সমাহার, অতলাদি সপ্ত অধোভুবন। দ্র 'লোক (১)। °সংস্থাংস্তু নাগগন্ধর্ব্বরাক্ষসান্। —কালিকাপুরাণ ২৪শ অধ্যায় (শ ক)। কৃ ৪৯১। শি ৭।

সপ্তবিংশতি স বিণ [উ লো, পূ বা—°শ, °তিতম, স্ত্রী -শী, -মী] সপ্তবিংশতিসংখ্যক। —তি স্ত্রী সপ্তবিংশতি সংখ্যা, সাতাশ (২৭)।

সপ্তম [পূ বা, সপ্তন্+ম (মট), স্ত্রী -মী] সপ্তসংখ্যার পূরণ (ষট্‌সংখ্যার পরবর্ত্তী)। 'সপ্তমী রাত্রিঃ রা ২ ৭২ ৮৭ সপ্তমে পদে মনু ৮ ২২৭। সপ্তম পাতালে ব প ৩৯৬। —মী স্ত্রী [°ম+ঈ (ঙীপ)] ১ চন্দ্রের সপ্তমকলাক্রিয়ারূপ তিথিবিশেষ। ২ (ব্যাকরণে) বিভক্তিবিশেষ। ৩ (সঙ্গীতে) মূর্চ্ছনাবিশেষ। [সপ্তমে চড়া—স্বরগ্রামের সপ্তম সুরে উঠা, ক্রোধে অত্যুচ্চ স্বর করা। 'ব্রজেশ্বর রাগে সপ্তমে চড়িয়া···বলিল ব প্র ৩৭৭।]

সপ্তমা, -মাতা বি [সপত্নী > সপ্ত (?)] সৎমা, বিমাতা। "মা সপ্তমা লইয়া চলিলা লক্ষ্মণ কৃ অ ২৯। মায়ে এড়ি গেল সপ্তমায়ের নিকটে:

যে বলিল সপ্তমাতা মায়েরে কহিল।—ম ২১ ; সপ্তমাতার বোলে ২২। সপ্তমাযের পায়, সমর্পিয়া মোর মায়, গেল্যা বাপ গউড় নগর ক.চ ২৮১।

সপ্তরক্ত ক্লী [স দ্বি] সপ্ত রক্তের সমাহার, শরীরস্থ সপ্ত রক্তবর্ণ অবয়ব —হস্ততল পদতল নেত্রান্তর (নেত্রমধ্য), নখ তালু অধর জিহ্বা। 'পাণি-পাদতলৌ রক্তৌ নেত্রান্তবনপানি চ। তালুকাধরজিহ্বাশ্চ সপ্তরক্ত° প্রশস্যতে॥—সামুদ্রক।

সপ্তরথী বি সপ্ত রথযোদ্ধা—দ্রোণ কর্ণ কৃপ অশ্বত্থামা শকুনি জয়দ্রথ দুঃশাসন। "ম ৮৪২। মে ২০৬।

সপ্তর্ষি পুং, বহুব [সপ্ত ঋষি, কর্ম্মধা, বিকল্পে 'সপ্তঋষি'] ১ মরীচি অত্রি অঙ্গিরাঃ পুলহ পুলস্ত্য ক্রতু বশিষ্ঠ—এই সপ্ত ঋষি। "°চরিত গো রা ৪ ৪৪ ৩৯। °হস্ত কু স ১ ১৬, °বলি ৫ ৩৭। [ইঁহারা ব্রহ্মার মানস-পুত্র (হ ১ ৪১)। মন্বন্তরভেদে সপ্তর্ষি ভিন্ন ভিন্ন (ভ ৮১, ৫, ১৩ অধ্যায)। বিশ্বামিত্র ক্রুদ্ধ হইযা দক্ষিণদিকে অন্য সপ্তর্ষিব সৃষ্টি করেন (রা ১ ৬০ ২১)] ২ (জ্যোতিষ) সপ্ত নক্ষত্র, ঋক্ষমণ্ডল (The Great Bear)।

সপ্তলরী বি [সপ্তলহরী > °রী] সপ্তযষ্টিক হার, সাতনরী। 'গীম মনোহর, কম্বুকণ্ঠবব, শোভে °রী হার ব প ১৩২০।

সপ্তলা স্ত্রী [সপ্তন্+ √লা+অ (ক)-ক, উ ত] ১ 'যাহাব পুষ্পে সপ্ত পত্র', নবমালিকা। ২ গুঞ্জা। ৩ পাটলা। ৪ চর্ম্মকষা।

সপ্তশতী স্ত্রী [স দ্বি, °ত+স্ত্রী ঈ (ঙীপ)] ১ সপ্ত শতের সমাহার, সপ্তশতশ্লোকাদিসমবায়। "শ্লোক° মহা ১ ২ ৩২৪। ২ সপ্তশতশ্লোকাত্মক দেবীমাহাত্ম্য, চণ্ডী। "ক চ ৩৫, ২১৫। শ্রী.মা ১৬৬। ব প ৪২৪। [সপ্তশত (বিণ, স্ত্রী -তা)—"অর্দ্ধসপ্তশতা নার্যাঃ (গো রা ২ ৩৫ ১০, ৮১ ৬, ৮৩ ২৭)।]

সপ্তষষ্টি স বিণ [ড লো, পূ বা— °ষ্ট, °ষ্টিতম (স্ত্রী -ষ্টী, -মী)] সপ্তাধিক ষষ্টি, সপ্তষষ্টিসংখ্যক, সাতসট্টি। —ষ্টি স্ত্রী সপ্তষষ্টি সংখ্যা, সাতসট্টি (৬৭)।

সপ্তসপ্ততি স বিণ [উ লো, পূ বা—°প্তত, °তিতম (স্ত্রী-তী, -মী)] সপ্তাধিক সপ্ততি, সপ্তসপ্ততিসংখ্যক, সাতাত্তব। —তি স্ত্রী সপ্তসপ্ততি সংখ্যা, সাতাত্তব (৭৭)।

সপ্তসমুদ্র পুং, বহুব [কর্ম্মধা] লবণ ইক্ষু সুবা সর্পিঃ দধি দুগ্ধ জল—এই সপ্ত দ্রব্যেব সমুদ্র। '(সমুদ্রাঃ) লবণেক্ষুসুবাসর্পির্দধিদুগ্ধজলান্তকাঃ (ত্রিকাণ্ডশেষ)। "ভুবঃ সপ্তসমুদ্রবত্যাঃ ভ ৫ ৬ ১৩। অষ্টকুলাচলসপ্ত-সমুদ্রাঃ (মোহমুদ্গর)। লবণেক্ষুসুরাসর্পিদধিদুগ্ধজল শি ৮, শ্রী মা ১১।

সপ্তসাগর পুং [বহুব্রী] ১ যাহাতে লবণ দুগ্ধ ঘৃত গুড় দধি শর্করা ও তীর্থজলে পূর্ণ সপ্তসাগরতুল্য কুণ্ড, মহাদানবিশেষ (মৎস্যপুরাণ ২৬১তম অধ্যায়)। ২ সর্থ 'সপ্তসমুদ্র'।

সপ্তসিন্ধু বি সর্থ 'সপ্তসমুদ্র'। "°জল।—ম ৬২৯। শ্রী মা ১১।

সপ্তসুর, -রা বি সর্থ 'সপ্তস্ববা'। "সপ্তসুবা।—ম ১০২৬ (টীকা)। সপ্তসুরা শ্রী ১৮৯। সপ্তসুরা বাজত।—জ্ঞা ১২৬।

সপ্তসু স্ত্রী [সপ্তন্+ √সূ+ক্বিপ্ (০)-ক, উ ত] সপ্তপুত্রপ্রসবিত্রী, সাত ছেলেব মা।

সপ্তস্রোতঃ (-তস্) ক্লী [বহুব্রী] তীর্থবিশেষ। "ভ ১ ১৩ ৫২।

সপ্তস্বর, -রা, -রী বি সপ্তস্বরবিশিষ্ট বাদ্যবিশেষ। "সপ্তস্বরা ক চ ২, ব প ৪২৪, শ্রী মা ১৭৭, মে ৩৬। মুরলীসানি সপ্তস্বরধ্বনি শ্রী ম ১৬৮। সপ্তস্বরী ১৬৯।

সপ্তস্বর্গ বি ভূ-প্রভৃতি সপ্ত ঊর্দ্ধলোক। "ম ৯৭১।

সপ্তা বি [সপ্তাহ > সপ্তা, তু 'ফা হফ্ তা] সাত দিন, রবি-প্রভৃতি সাত দিন (week)। "ব.প ১৬৯৪।

সপ্তাঙ্গ বিণ [সপ্ত অঙ্গ যাহার, বহুব্রী] স্বাম্যমাত্যাদিসপ্তাবয়ব (রাজ্য)। "মনু ৯.২৯৪ যাজ্ঞ ১.৩৫৩। শু ১.৬১।

সপ্তার্চ্চি পুং [সপ্ত অর্চ্চি যাহার বহুব্রী ; দ্র 'অর্চ্চি'] 'সপ্তশিখ', অগ্নি। "°বর্চ্চস্ গো.রা ৫ ৪০.১। সপ্তার্চ্চেঃ।—মার্কণ্ডেয়পুরাণ ৯৯ ২৬। —র্চ্চিঃ (-র্চ্চিস্) বিণ [বহুব্রী] ১ সপ্তজ্বালাযুক্ত। ২ ক্রূরনেত্র (মেদিনী)। —র্চ্চিঃ পুং ১ অগ্নি। "মহা ১ ৫ ৩০। সপ্তার্চ্চিমুপ রঘু ১০.২১। ২ শনৈশ্চর। ৩ চিত্রকবৃক্ষ, রাঙ-চিতা।

সপ্তার্ণব বিণ [বহুব্রী] সপ্তসাগরবান্। "যঃ...শাস্তি সপ্তার্ণবাং মহীম্ ভ ৩.২১ ২৫। [°জল (ক্লী)—সপ্তসমুদ্রসলিল। "সপ্তার্ণবজলাশয় রঘু ১০.২১।]

সপ্তাশীতি স.বিণ [উ লো, পূ বা—°শীত, °তিতম (স্ত্রী -তী, -মী)] সপ্তাধিক অশীতি সপ্তাশীতিসংখ্যক, সাতাশী। —তি স্ত্রী সপ্তাশীতি সংখ্যা, সাতাশী (৮৭)।

সপ্তাশ্র, -স্র বিণ [সপ্ত অশ্রি, অস্র যাহাতে, বহুব্রী, 'অ' (অচ্) নিপাতিত —'সপ্তাশ্র', দ্র 'পা ৫.৪ ১২০] সপ্তকোণবিশিষ্ট।

সপ্তাশ্ব পুং [বহুব্রী, "°শ্ব'—সপ্তসংখ্যাকাশ্ব (সূর্য্য)—ঋগ্বেদ ৫ ৪৫.৯] সূর্য্য। [°বাহন (পুং)—সূর্য্য।]

সপ্তাষ্ট বিণ [সপ্তন্+অষ্টন্—সপ্তাষ্টন্+অ (সমাসান্ত ডচ্), বহুব্রী] সপ্ত ও অষ্ট, সাত-আট। "সপ্তাষ্টদিবস গো বা ১ ১০ ২১, মহা ৫ ১৫৯ ৪০।

সপ্তাহ পুং [সপ্ত অহের সমাহাব, স দ্বি, সমাসান্ত 'অ' (টচ্)] ১ সপ্ত দিবসের সমবায়, দিনসপ্তক। "শতপথব্রাহ্মণ ১৩ ৪ ১ ৪। সপ্তাহ° জীবিতাবধিঃ ভ ২ ১ ১৪। পূর্ণসপ্তাহা ক সা ৮৬ ১৫৭। সপ্তাহ যাবৎ ভা চ ৪৫৭। ২ সপ্তাহব্যাপী যজ্ঞ। ৩ ববিবারাদি দিবসসপ্তক বা সাত দিন।

সপ্তি পুং [√সপ্+তি (তিন)-ক] 'যাহা সেনায় সমবেত হয' (অ টী), অশ্ব। "ঋগ্বেদ ৯ ৯৬ ৯।

সপ্তসপ্তি দ্র 'সপ্ত'।

সপ্রজ বিণ [প্রজার সহ, বহুব্রী, স্ত্রী -জা] ১ প্রজাসহিত, সসন্তান। "নন্দুঃ সপ্রজাঃ প্রজাঃ রঘু ৪ ৩। ভ ৩ ২২ ৩৩। ২ বিদ্যমানসন্তান, প্রজাবান্।

সপ্রণয় বিণ [বহুব্রী] বিদ্যমানপ্রণয়, সস্নেহ, সপ্রেম।

সপ্রতিভ বিণ [সত্ (বিদ্যমান) প্রতিভা যাহার, বহুব্রী] ১ প্রতিভাবান্, নবোন্মেষণশক্তিমান্। ২ (বাঙলায়) বুদ্ধিমান, অব্যাহতবুদ্ধি। "(তিনি) অতিকষ্টে চিত্তেব চাঞ্চল্য সংবরণ করিয়া, সম্পূর্ণ সপ্রতিভের ন্যায় কহিলেন সী ৭৯। ৩ সঙ্কোচহীন, প্রগল্ভ, টগবা। "চলাবো কেন? আমি খুব সপ্রতিভ স এ ৩০। নদেরচাঁদ।—জিজ্ঞাসা করব না ত কি অমনি ছাড়ব। তৃতীয় প্রতিবেশী।—ছেলেটী খুব সপ্রতিভ।—সী ৪৬।

সপ্রত্যয় বিণ [বহুব্রী] ১ প্রত্যয়বিশিষ্ট, সবিশ্বাস। ২ নিশ্চিত, ধ্রুব। ৩ (ব্যাকরণে) প্রত্যয়বিশিষ্ট।

সপ্রভ বিণ [বহুব্রী, স্ত্রী -ভা] ১ বিদ্যমানপ্রভ, প্রভান্বিত, দীপ্ত। ২ সমান-প্রভ, সমদ্যুতি, সদৃশ। "দীপ্তপাবক° গো রা ৬ ১৯ ৪৬, মহা ১.১৩. ১৪ ; সূর্য্য° ৩ ১৭৩ ২৬।

সপ্রমাণ বিণ [বহুব্রী] ১ বিদ্যমানপ্রমাণ, প্রমাণযুক্ত, সত্য। ২ শাস্ত্রসম্মত, ব্যবহারশাস্ত্রাভিমত।

সপ্রশ্রয় বিণ [বহুব্রী] সসম্মান, সবিনয়। "পঞ্চ ৫ ২৪/১৫।

সপ্রসব বিণ [বহুব্রী, স্ত্রী -বা] সমানজন্মা, সোদব। "রঘু ১.২২।

সপ্রাণ বিণ [বহুব্রী] বিদ্যমানপ্রাণ, সজীবিত। "সপ্রাণোঽয়মরিন্দমঃ রা ৬.১০১.২৭। (ইন্দ্রেন্দ্রমন্ত্রয়োঃ) সপ্রাণয়োঃ ভ ৮.২.২৯।

সপ্‌সপ্‌ বি [ধ্বন্যাত্মক] ১ ক্রমাগত বেগে লাঙ্গুলাস্ফালনশব্দ। "সপ্-সপসপ পুচ্ছবাত ভা চ ৭৪৪। ২ পায়সাদি তরলখাদ্যভোজনের শব্দ। ৩ সিক্তবস্ত্র পরিয়া চলার শব্দ। —সপানি বি সেঁতসেঁতে-ভাব। "জল °নি।—হু ১১৪। [সপ্‌সপিয়া—সপ্‌সপ শব্দ করিয়া খাইয়া। "পায়স-পয়োধি °য়া (নাচেন শঙ্কর) ভা চ ১১৫।]

সফর১**, সফরী** দ্র 'শকর'।

সফর২ '-ব্‌' বি [আ সফর] ১ যাত্রা, দেশপর্যটন (journey, tour)। ২ [হি সফরী] পেয়ারা গাছ। "নারাঙ্গী কমলা লাগায় রঙ্গ সফর বি পা ১০২। ৩ বাণিজ্যার্থ যাত্রা, গন্তব্যস্থান, বাণিজ্যস্থান, পাটন, নগর, বন্দর। "আর যত সফর: এসব সফরে যত সদাগর বৈসে ক চ ১৯৬। তুমি যাহ রে সফরে ২২৪, মাটিয়ারি সফরথান ২২৮, আইলুঁ সিন্ধু বেয়ে, তোমার এই °রে ২৪৫। চন্দ্রধর গিয়াছে সে উত্তর সফরে বি পা ১০৭; ১৬৪, বাণিজ্য করিতে যাই দক্ষিণ সফর ১৮৯। কাশ্মীর সফর ব প ১৪৯৩। দক্ষিণ সফরে (গেলা) রা স ২৮। ৪ (?)। 'সিকর সফর শরাসম ক চ ২৫৮।

সফরি, -রিয়া বিং [সফর২+ই৮, ইয়া২] সফরসম্বন্ধী, বাণিজ্যার্থ পোতযাত্রী। 'সফরিয়া সদাগর বি পা ১৮৮, আমি সফরি সদাগর ১৮৯, ব প ২৩৬। আমি সফরিয়া সদাগর ব প ২৩৬। —রিয়া বি° ১ সমুদ্রযাত্রাকুশল। 'সফরিয়া গুজরাটি বি পা ১৬৪। ২ পোতবণিকসম্বন্ধী, সদাগরী। "প্রতি নায় সফরিয়া বানা ম ম ২২৪। ৩ সফরে বিক্রেয়। "সফরিয়া যত বস্ত্র (তোল) ব প ২৪৬। ৪ সফরে ক্রীত। "সফরিয়া পঞ্চ মাণিক্য ব প ২৫২। —রিয়া বি পোতবণিক, সদাগর। "সফরিয়া নানা দ্রব্য আনয়ে জাহাজী ভা চ ২৬৯। [সফরিয়া সাড়ী—সফর হইতে আনীত উৎকৃষ্ট সাটীবিশেষ (?)। ব প ২৮৯।] —রী বি° [°র+ঈ৭] 'সমুদ্রযাত্রা-সম্বন্ধী', পোতবণিক কর্তৃক আনীত (দ্রব্য)। —রী বি পেয়ারা, সফরী আম। সফরী পনস রা শে ৮৩। [সফরী আম ('সবরী আম'—ঢাকা, পাবনা)—পেয়ারা। সফরী কলা (সবরী কলা—পাবনা)—মর্তমান কলা। সফরী কুমড়া—মিষ্টকুমড়া, ডিংলি। সফরী গুয়া—জাহাজী সুপারী।]

সফরিয়া, সফরী দ্র 'সফর'।

সফল বিণ [বহুব্রী] ১ বিদ্যমানফল, ফলবান্‌। °স্নিগ্ধপাদপ ক সা ২৫ ১৩। ২ অব্যর্থ, অমোঘ। দর্শনমস্তা নঃ সফল° ভবতু রা ২ ৩৭ ১৭। কৃতবান্‌ জয়াশা° সফলাম্‌ মহা ৭ ১ ৫৩। ৩ চরিতার্থ। "বঞ্জসমৃদ্ধির্মে সফলা দৈবতৈঃ কৃতা বা ১ ৫০ ১৩। ৪ কার্যে পরিণত। "করোতি সফলং বচঃ।—কামন্দক। ৫ সবৃষণ সাণ্ড। "(মা° সুরগণাঃ) অফলং সফলং কর্তুমর্হথ গো রা ১ ৫০ ৪। [°প্রার্থন (বিণ)—আমোঘযাচন। °মনোরথ (বি°)—অব্যর্থাভীষ্ট।]

সফলা বি° [°ল>লা] প্রতিবৎসর প্রচুরফলবান্‌। "°লা গাছ।

সফা বি [আ সফ্‌হা] পৃষ্ঠা, পাত (page)।

সফিনা, -নে বি [আ সফীনা, L subpœna—under penalty, E subpœna,-pena] আদালতে সাক্ষি-প্রভৃতির উপস্থিতির নিমিত্ত বিচারকের আদেশপত্র, সমন। 'উকীলের 'চিঠি' ও 'সফিনে' বাবুর অলঙ্কার হয়েছে।—হু ১৫, ১২০। সাকাই সাক্ষীদের নামে রীতিমত সফিনা জারী হয়।—নী ৬১। একখানা শফিনে আছে অ এ ৮৩।

সফিনে দ্র 'সফিনা'।

সফেদ বিং [আ স(ফ়)ফ়ইদ্‌, সফেদ্‌, তু 'ষেত' (শ্বেত), Av spaêta; Pahlavī—shēt] শ্বেত, সাদা। "সফেদ বাতাসা কু কে ৬৯। বাল সফেদ ব প্র ৪৪৬। —দা বি ১ চাউলের গুঁড়া। ২ ধরমূজ-বিশেষ, গন্ধক (?)। ৩ [ফা সফ়ইদা] সীসা হইতে প্রস্তুত সাদা রঙ-বিশেষ (whitelead)। ৪ সাদা গুঁড়া। [সফেদ কালা—ইংরাজ ও ভারতবাসী বা বাঙালী। "সফেদ কালা মিশ খাবে না,—সমান হওয়া পরে।—হেম ৩৮১।]

সফেন বিণ [বহুব্রী] ফেনযুক্ত, ফেনিল।

সব১ পুং [√সু+অ (অপ্‌)-ভা] ১ সন্ধান (S W), সোমরসনিষ্কর্ষণ। ২ [+অ-র্ম] সন্তান। ৩ সোম, সোমরস। "মহা ৩ ১২৪ ১১। ৪ [+অ (অচ্‌)-ক] সবিতা, সূর্য। ৫ চন্দ্র। ৬ অর্কবৃক্ষ। ৭ জনক, উৎপাদক। ৮ [+অ-খি, ছান্দস] যজ্ঞ। "মহা ১ ৯৪ ২৬। গো° ভ ৩ ২৭২। ইন্দ্র°, বরুণ°, দেব°, সোম° (S W)। ৯ সোমযাগ। "ঋগ্বেদ ১ ১২৬ ১। —ব স্ত্রী ১ 'রসজনক', জল। ২ পুষ্পরস। ৩ যাগ বা সংবৎসর (শ্রীধর)। "বহুসব ভ ৩ ৯ ১৮।

সব২ বি° [সং সর্ব>লি সবব, প্রা সরব্ব, হি সব, সভ, প সভ, সরব, ঠ, গু সব, মৈ সভ, সি সভু, ড সব্‌, অস সব, Gypsy—'savorö'] ১ সকল (সংখ্যাবাচক)। "সব কুরুকুল।—ম ১০০৯। গোপ সবঃ বন্ধুবান্ধব সবঃ সব সখী শ্রী ম ৫১। ভাই সব চৈ ভা ৩২৪। সব কাজে হাত লাগাই মোরা সব কাজেই।—গান ৭৬। ২ সমস্ত (পরিমাণবাচক)। 'এ সব সম্পদ গো বি ১৬৭। ৩ বহুবচনসূচক। আমি সব করিব কি কার্য্য।—ম ২৯৩। আমি সব গোবৃত্তি প্রধান শ্রী ম ৭৪। তুমি সব শোক কর কিসের কারণ (ম বি)। আহ্মি সব গো বি ২৬,-৭, ব প ৬১৪। আহ্মি সবঃ তুমি সব অ প ৯৪। আমি সব চৈ চ ২৯৬। ৪ শুদ্ধ, কেবল, শুধু। '°কথা।—দা ৯৮০। °রঙা।—হেম ৩৮৪। —ব সর্ব্ব ১ সকল, সমুদয় (ব্যক্তি বস্তু বিষয়)। 'বামের যোগ্যতা যত সব দেখতে পাই।—কৃ ২৫০। তথায় আজ সবে।—ম ২৮১। আমি শুনিয়াছি সবঃ ওহে কৃষ্ণ সেই সব তোমার মন্ত্রণা ১০০৯। আমি সব বঞ্চিত ক চ ২৪৬। যেতেছে ভাসিয়া সব।—ন ৫০১। মেহেরবান ও কদরদান সব পারে ব প্র ৪৪৬। ২ সর্বস্ব, সর্ব্ব বিষয়। আমার হিন্দুসাম্রাজ্য খাটো হইয়া গেল, ধর্ম গেল, আমিই সব হইলাম।—ব প্র ৫১১। [সবকস্তা শুদ্ধ লাল, সবরাঙা। সবকস্তা শাড়ী।—দা ৯৮০। সবচুল (-লো) —অমুণ্ডিতমস্তক, চুল ওয়ালা। কত সবচুল কত মুড়াইল কেশ বি মু ৯০। সবদিন—১ সমস্ত দিনমান, এক দিন। ২ প্রতিদিন। "গৃহস্থের ঘরে তপ্ত (ভাত) সবদিন রয় না (পদ্মমালা)। ৩ চিরকাল। "সবদিন ছিল মাগীর ঐ মতিটা আল্প শ্রী ৯৮। সবচিন—সকলের পরিচিত। সবজান্তা—সকল বিষয়ে অভিজ্ঞ (উপহাসে)। সবরঙা,-রাঙা—সবলাল-দেহ ইংরাজ। 'আব রে ফিরিঙ্গি ভাই সবরাঙা ডাকে সবাই।—হেম ৩৮৪।] [সব বীরগণ (শ্রী ম ১৬৫), দ্বিজগণ সব (জ ১৫)— বীরগণ', 'দ্বিজগণ' (সাধু)।]

সব৩ বি [সং সব>লি *সব, হি সব] মৃতদেহ। 'শ ২০।

সব৪ বি° [E sub] (অধিকারবিষয়ে) অধস্তন, অধীন। '°অফিস, °ইন্‌স্পেক্‌টর, °জজ, °ডেপুটি, °রেজিষ্ট্রার।

সবজি, -জী বি [ফা সব্‌জী] সবুজ অর্থাৎ উদ্ভিজ্জ খাদ্য, শাক, তরকারি (vegetables)। '°শাক°, °বাগান, °গাডী।

সবজী দ্র 'সবজি'।

সবৎস বিণ [বহুব্রী] ১ বৎসসহিত, সশাবক। ২ বিদ্যমানবৎস।

সবন স্ত্রী [√সু+অন (ল্যুট্‌)-ভা] ১ অভিষব, সোমনির্দলন, সোম-নিষ্পীড়ন। 'ঋগ্বেদ ১ ২১ ৪। ছান্দোগ্য ২ ২৪ ১। ২ স্নান, ব্রতার্থ স্নান (অ টী)। "নিয়ম° কি ১২ ১০। মদন° বা দ ২০১। ৩ প্রসব। "পুং-সবন। যাজ্ঞ ১ ১১। ৪ [+অন-খি] যজ্ঞ, যাগ। "রঘু ৮ ৭৫। ৫ সোমযাগ। 'ভ ৩ ৩৩ ৬। ৬ হোম। "°কর্ম্মন্‌ শ ৩ ২৩। ৭ প্রাতঃ মধ্যাহ্ন ও অপরাহ্ণ। "মনু ৬ ২২। যাজ্ঞ ৩ ৪৮, ৩২৫। ৮ কাল (নীলকণ্ঠ)। "হ ৪২৫। [°কর্ম্ম (-র্মন্‌) স্ত্রী—হোমকর্ম্ম। °স্থ (বিণ)—যজ্ঞ-দীক্ষিত।]

সবনশঃ (-শস্) ব্য [°ন+শস্ (শসি)] ১ মন্ত্রমধ্যমতারভেদে (শ্রীধর)। "ভ ১০.৩৫.১৫। ২ ত্রিকাল (শ্রীধর)। "ভ ১১.৬.১০।

সবনীয় বিণ [°ন+ঈয় (ছ)] সবনসম্বন্ধী, যজ্ঞীয়। "ভ ৪.৭.৮।

সবন্ধক বিণ [বহুব্রী] যে ঋণে কোন দ্রব্য বন্ধক থাকে; সনিক্ষেপ (ঋণ)। "যাজ্ঞ ২.৩৮।

সবন্ধু বিণ [বহুব্রী] ১ বিদ্যমানবন্ধু, বন্ধুযুক্ত। "হি ১১১/২। ২ সমানবন্ধু, একবংশীয়, সগোত্র।

সবয়স্ক, -বয়াঃ (স্ স্) বিণ [সমান বয়ঃ যাহার বহুব্রী, বিকল্পে 'ক' (কপ্), °য়াঃ (-১ব); স্ত্রী -স্কা, -য়াঃ] ১ সমানবয়স্ক। "সবয়স্—ঋগ্বেদ ১.১৪৪.৩; ৪। °স্ রঘু ৫.৬৫। ২ স্নিগ্ধ। "অমাত্যপুত্রৈঃ সবয়োভিঃ রঘু ৩.২৮। —বয়াঃ স্ত্রী বয়স্যা, সখী। "মাঘ ৯.৫৩।

সবরি বি [সফরী > °বি] মর্ত্তমান কলা। "বি.পা ১৬৩।

সবর্গীয় বিণ [°র্গ+ঈয় (ছ)] সমানবর্গস্থ, একবর্গীয় (বর্ণ)।

সবর্ণ বিণ [সমান বর্ণ যাহার, বহুব্রী] ১ সমানবর্ণ, সমানরঙ্গ। ২ সদৃশ। "ঋগ্বেদ ১০.১৭.২। অঞ্জন° গো রা ৪.৩৭২১। স্নিগ্ধবেণী° পূ.মে ১৮। (অসৌ) তরুণপলাশসবর্ণতমুচ্ছদঃ রঘু ৯.৫১। সান্দ্রসুধাসবর্ণ মাঘ ৪.২৮। ৩ সমানবর্ণ, একজাতি (দ্বিজাদি)। "সবর্ণঃ শ্রোত্রিয়ঃ যাজ্ঞ ১৫৫। ৪ তুল্যাস্যপ্রযত্ন, অর্থাৎ যাহাদের উচ্চারণস্থান ও প্রযত্ন সমান তাদৃশ (বর্ণ)। 'পা ১.১.৯। "পর", পূর্ব্ব°। —বর্ণা স্ত্রী সজাতীয়া নারী। "মনু ২.১৩২; ৩.১২। যাজ্ঞ ১.৬২।

সবল বিণ [বহুব্রী] বলযুক্ত, বলবান্। ২ সসৈন্য। "অনুজ্ঞায়...সবলং চৈব তং গুহম্ রা ২.৫২.৮০।

সবলোট '-ব্-' বিং যে সুবিধামত যাহা পায়, তাহাই আত্মসাৎ করে। "আমাদের হরিভদ্দর খুড়ো এক রকম সবলোট গোছের ভদ্দর লোক। —হু ১২১।

সবহুমান ক্রি.বিণ [বহুব্রী] সবহুগুণগৌরব। "শ ৭৪।

সবা সর্ব্ব [সং সর্ব্বে > প্রা সব্বা (পৈ) > বা সবা] ১ সবে, সকলে। "সবাই রাবণ ভেদ নাহি কোন জনে।—কৃ ২৪৯। ২ বহুবচনসূচক। "তোমা সবা না দেখিয়া নিত্য কান্দি আমি ম.ভা ৩৭। [সবাই —সকলেই। "সবাই ছেড়েছে নাহি যার কেহ, তুমি আছ তার।—রবীন্দ্র। সবায়—সকলকে। "শি ৫০। সবায় নিয়ে সবার মাঝে লুকিয়ে আছ তুমি, সেইত আমার তুমি চ কা ৪৪৯। সবাকার, সবার—সকলের। "ডাকিল সবার তরে ভুজঙ্গজননী ম.ভা ৩৫। হবে এই ভবতলে সবার সবাই।—হেম ৩৫৮। আমা সবাকার, আমাসবার—আমাদের সকলের। তোমা সবাকার—তোমাদের সকলের। "তোমা সবাকার সেই করিবে উদ্ধার।—ম ৭। তো সবার—দ্র 'তো'। মো সবার—দ্র 'মো'।]

সবাধ বিণ [বহুব্রী] বাধাযুক্ত, পীড়াকর। "যাজ্ঞ ২ ২৫৩।

সবান্ধব বিং বান্ধবসহিত, জ্ঞাতিসহিত। "ম.ম ৪।

সবাসাঃ(-সস্) বিণ [বহুব্রী] বিদ্যমানবস্ত্র, সচেল, বস্ত্রযুক্ত, ধৃতবাসাঃ। "ন হি নঃ প্রীতিঃ সবাসসি গতে ত্বয়ি মহা ৩.৬১.১৬। সবাসা জলমাপ্লুত্য শুদ্ধো ভবতি মানবঃ মনু ৫.৭৭।

সবিকল্প, -ল্পক বিণ [বহুব্রী, বিকল্প 'ক' (কপ্) সমাসান্ত, স্ত্রী -ল্পা, -ল্পিকা] ১ বিকল্পবিশিষ্ট (সমাধিবিশেষ)। বিপ 'নির্ব্বিকল্পক'। [ইহাতে জ্ঞাতা জ্ঞান জ্ঞেয় এই তিনের লয় হওয়ায় অপেক্ষা নাই, ঐ তিনের সত্ত্বেও ব্রহ্মাকারাকারিত চিত্তবৃত্তি অবস্থিতি করে (বেদান্তসার)।] ২ বৈকল্পিক। ৩ সংসর্গাবগাহী। "সা দ ৩.২৫।

সবিকার বিণ [বহুব্রী] ১ মহদাদিবিকারসহিত (শঙ্কর), ইন্দ্রিয়াদিবিকারসহিত (শ্রীধর)। "গী ১৩.৬। ভ ৩.৭.২১। ২ ভাবান্তরগত। "গী.গো ২.১১। ৩ বিকৃতিপ্রাপ্ত, পূতি, পচা।

সবিগ্রহ বিণ [বহুব্রী] ১ বিগ্রহবান্, দেহী। ২ যুদ্ধব্যাপৃত।

সবিতা (-তৃ) পুং [√সূ+তৃ (-তৃচ্)-ক -১ব] ১ সর্ব্বপ্রসবিতা, জগৎস্রষ্টা (সায়ণ)। "তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।—ঋগ্বেদ ৩.৬২.১০। বিশ্বের সবিতা, তাই সে সবিতা নাম ভা.চ ৫। ২ সূর্য্য। 'সর্ব্বলোকপ্রসবনাৎ সবিতা স তু কীর্ত্ত্যতে (বহ্নিপুরাণ)। "গো রা ৪.৪৪.২৬। কু.স ৫.২০। রঘু ৪.১। সবিতা পদ্মাম্বুজানাম্ ভা.চ ৩০৭। ৩ সূর্য্যমণ্ডল। ৪ অর্কবৃক্ষ। ৫ শিব। ৬ ইন্দ্র। ৭ শ্রেষ্ঠার্থ। "মু° রঘু ৯৫০। [°তনয় '-তৃ-' (পুং)—সূর্য্যপুত্র, শনৈশ্চর। °দেবত, °দৈবত (পুং)—সূর্য্যদেবতাক হস্তানক্ষত্র। °মণ্ডল (স্ত্রী)—সূর্য্যমণ্ডল। "সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ। °সুত (পুং)—শনৈশ্চর। "সবিতৃসুতদিন।]

সবিত্রী স্ত্রী [সবিতৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ প্রসবিত্রী, প্রসূতি। "কু স ১.২৪। ২ জনয়িত্রী। ৩ শ্রেয়স্করী (মল্লিনাথ)। "কি ৩.৫।

সবিদ্য বিণ [বহুব্রী] বিদ্যাবান্, পণ্ডিত। "কো বিদেশঃ সবিদ্যানাম্। —হি ২ ১১। অবিদ্য...সবিদ্য দ্বিজগণ।—ম ৭৫০।

সবিধ বিণ [সমান বিধা যাহার, বহুব্রী] ১ একবিধ, সমপ্রকার। ২ নিকট, সমীপস্থ। "°নগরীরথ্যা মা.মা ১.১৫। —বিধ ক্রি.বিণ উচিতপ্রকারসহিত (শ্রীধর)। 'ভ ৩৩৮। -বিধ স্ত্রী নিকট, সামীপ্য। "পা ৬ ২.২৩। দময়ন্ত্যাঃ সবিধে নৈ ২৪৬। যস্য ন সবিধে দয়িতা দবদহনস্তুহিনদীধিতিস্তস্য সা.দ ১০৫।

সবিনয় বিণ [বহুব্রী] বিনয়সহিত, বিনম্র। "সবিনয়ং হৃদয়ম্ (বধূনাম্)। —ঋতু ৬.২১।—নয় ক্রি বিণ বিনীতভাবে। "সবিনয়ং স চ বাচ্যঃ ক সা ২৪.১১৬। ['সবিনয়পূর্ব্বক' (অসাধু)—'বিনয়পূর্ব্বক' বা 'সবিনয়' (নিবেদন)—সাধু।]

সবিভ্রম বিণ[বহুব্রী] বিভ্রমসহিত, সবিলাস, হাবভাববিশিষ্ট। "(যোষিতঃ) জল্পন্তি সার্দ্ধমন্যেন পশ্যন্ত্যন্যং সবিভ্রমাঃ।—পঞ্চ ১.১৪৬।

সবিলক্ষ বিণ [বহুব্রী] বিলক্ষসহিত, হতবুদ্ধি। "পঞ্চ ৪২৬।

সবিলাস বিণ [বহুব্রী] অর্থ 'সবিভ্রম'।

সবিশেষ বিণ [বহুব্রী] ১ বিশেষযুক্ত, ব্যক্তিগত, অসাধারণ। ২ অনন্যসাধারণ, বিশিষ্ট। 'নৈ' সুজ্ঞামস্মৈ বিধেহি।—হি ১২২৩। ৩ সাতিশয়, সমধিক। "চূতে দ্বিরেফমালা °সক্তাঃ কু স ১.২৭। ৪ উৎকৃষ্ট। —শেষ ক্রি.বিণ ১ সাতিশয়। "°কান্ত রঘু ১৬.৫৩। কু স ৫৩৮। ২ অন্যাপেক্ষায় বিশেষভাবে। "সবিশেষমর্চিতম্ (সৌমিত্রিম্) রা ২.২২.১। ৩ বিশেষভাবে, সবিস্তর। "সর্ব্বং সবিশেষং তস্মৈ নিবেদয়ন্তী (S.W.)। —শেষ বি (বাঙ্লায়) বিশিষ্টাদ্বৈতবাদ। "প্রভু কহে, —তোমার শাস্ত্রে স্থাপি 'নির্ব্বিশেষ'। তাহা খণ্ডি 'সবিশেষ' স্থাপিয়াছে শেষ॥—চৈ.চ ১৯৩। —শেষক বিণ [°ষ+ক (কন্)] অর্থ 'সবিশেষ'। —শেষক স্ত্রী বিশেষধর্ম্ম, ব্যক্তিত্ব।

সবিষ বিণ [বহুব্রী] ১ বিষসহিত, বিষধর (মক্ষিকা)। ২ বিষদিগ্ধ, বিষমিশ্রিত। "সবিষমিব শল্যম্ শ ৬.৯। ৩ বিষময় (নরক)। "যাজ্ঞ ৩.২২৩।

সবিস্তর বিণ [বহুব্রী] বিস্তরসহিত, সবিশেষ।

সবিস্ময় বিণ [বহুব্রী] বিস্ময়সহিত, সাশ্চর্য্য। —স্ময় ক্রি.বিণ বিস্মিতভাবে। "শ ৫৩৪। ক সা ১৮.৬৯০। —স্ময়ে ক্রি.বিং বিস্মিতভাবে। "°য়ে রঘুনাথ..., হেরিলা অদ্ভুত সেতু মে ২৬৪।

সবিস্মিত বিং ['সবিস্ময়' সাধু] বিস্ময়যুক্ত। "°ত মন।—গ ১০।

সবুজ বিং [ফা সব্‌জ্.] হরিদ্বর্ণবিশিষ্ট, শ্যামল। "সবুজ সুতা।—নী ১৭। সবুজ পর্দ্দা গ.স ১৪৫। —বুজ বি [ফা সব্‌জ্.] হরিদ্বর্ণ, সবুজ রঙ্। "তাতে লালের পর সবুজ আছে।—নী ১৭।

সবুর বি [আ সব্‌র্] ১ ধৈর্য্য। ২ (বাঙ্লায়) ধৈর্য্যধারণ, বিলম্ব, দেরি। "ততখন মোর সবুর সবে।—কা ১০০। সবুর সহে না, আর।

—শিশু ১১৬। সবুর করলে চলবে না।—ঘ ১৪৯। [সবুর করা—ধৈর্য্য ধরিয়া থাকা। সবুরে মেওয়া ফলে—ধৈর্য্যে সুফল ফলে; ধীরের কার্য্যের পরিণাম শুভ হয়।]

সবৃদ্ধিক বিণ [বহুব্রী, সমাসান্ত ক (কপ্)] ১ বৃদ্ধিসহিত, সকুসীদ, সুদসহ। ২ যাহার বৃদ্ধি আছে; কুসীদকর (অর্থ)।

সবে সর্ব্ব [সব¹+এ⁶ , তু 'সং সর্ব্বঃ > লি সব্‌বে ; প্রা সব্বের, সব্‌বে (সর্ব্বে—পৈ)] ১ সকলে, সর্ব্বজনে (কর্ত্তৃকারক)। "পাশা খেল সবে মিলি ক.চ ২৯। সবে সিংহ-বাঘা।—ছু ১০। সবে আনন্দিত। ব ৫। সবে যেন দিল দেখা চ কা ৯৫। ২ [সব+এ⁶] সব বিষয়ে বা বস্তুতে। "আর কি এ সবে সাধ আছে গো রাধার?—মা ১৫৬। ৩ সকলের মধ্যে। "সবে এক খানি মাত্র ধরিলেক মনে চৈ.ভা ৪৫১; সবে একখানি বাক্য করিবা আমার ৪৫৩। ৪ সবার মধ্যে বা গণনায় কেবলমাত্র। "সভে মোর সহ করে পুরুষ-বেভার। সবে অপমান তুমি করিলে আমার॥—ম ৬২৯। সবে এক বংশধর বি.পা ৭১। সবে আছে এক পুত্র অ.প ১৩৭। চৈ.ভা ৪৯৩। বলরামদাস সবে এ রসে বঞ্চিত। —ব ৫। না দিলেক লক্ষ কোটি, সবে দিল আঁখি দুটি চৈ চ ২২০। সবে একখানি গুণ ভা চ ৪০৭। ৫ একমাত্র আশ্রয়। "মোর হবে কোন গতি, ছাড়ি গেল প্রাণপতি, সবে বাপ মহেশ গোসাঞি ম.ম ৪৬। ৬ কেবল (তৎক্রিয়া)। "আমার হৃদয়পতত্রী সবে এই লবঙ্গলতায় বসিতেছিল ব প্র ২১২। ৭ সর্ব্বস্বভূত। "সবে ধন বুড়া বৃষ, গলে হাড়-মাল ক চ ২৯, ২৫৯। সবে ধন রাম কানাই শ্রী.ম ৫৩। ৮ সাকল্যে, মোটে। "ষোল সেরে কত রস, সবে বেচি গণ্ডা দশ, তার দান চাহ দুই পণ শ্রী.ম ৬৪। চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায় ভা.চ ২২। [সবে ধন—সর্ব্বস্বভূত। "আমি সবে ধনে পাঠাইলাম বনে।—দা ৯৯। সবে ধন নীলমণি—সর্ব্বস্বভূত নীলমণি কৃষ্ণ, (গৌণার্থে) সর্ব্বস্ব-সদৃশ বড় আদরের পাত্র। "ও আমার সবে ধন নীলমণি…গায়ে হাত বুলাইয়া শেপাও আ.ছু ৩। সবে মাত্র—সবার মধ্যে কেবলমাত্র, একমাত্র। "সবেমাত্র ইন্দ্রজিৎ ছিল আপন সাজে।—কৃ ২৪৯। বি স্ব ৩৬। সবে এসেছে—কেবল এসেছে (আর কিছু করে নি)। সবে বলেছে—কেবল বলেছে (কথা কার্য্যে পরিণত করে নি)। তো সবে—তোমাদিগকে।—"তো সবে কহি যে নিলাজ হৈয়া ন.প ১৪০।]

সবেগ বিণ [বহুব্রী] সমানবেগ। "বায়ুবেগ° গো রা ৫ ৩৫.৪১।

সবেবরাৎ বি [ফা শব্‌-ই-বরাৎ] মুসলমানের পর্ব্ববিশেষ। [ইহা শাবনের চতুর্দ্দশ দিন। ইহাতে মৃতের উদ্দেশ্যে খাদ্যাদিদানের বিধি আছে।]

সবেশ বিণ [বহুব্রী] সমানবেশ, সমীপ (অ কো)। "পা ৬.২ ২৩।

সবৈলক্ষ্য বিণ [বহুব্রী] বৈলক্ষ্যযুক্ত, অস্বাভাবিক, কৃত্রিম। "°স্মিত।

সবোরোজ ক্রি বিং [ফা শব-ও-রোজ্‌] রাত্রি-দিন, সর্ব্বদা। "সবো-রোজ হাঁকে হুম-হাম খুম-খাম ভা.চ ৪৯৭।

সব্ব সর্ব্ব, বিং [দ্র 'সব² ; অপ্র] সব, সকল। "সব্ব গাও গো.চ ৬০; ১৩৩; সব্বাজ ১২৯; সব্বাঙ্গে ১৩৪।

সব্য বিণ [√সূ+য -ণ (?), উ ৪ ১০৯ ; স্ত্রী -ব্যা; cf., Gr okiós ; L. scaevus] ১ বাম। "সব্যম্…হস্তম্।—ঋগ্বেদ ৮.২৪.৫। সব্যাংস গো.রা৩.৫২.৯। মনু ২.৬৩; ৭২। ২ বামভাগবর্ত্তী। "রা ২.৯২.১৩। ৩ সব্যেতর, দক্ষিণ। "কভু সব্য হস্তে বিন্ধ্যে কভু বিন্ধে বামে।—ম ৬৪৪। ভব্য সয়া সব্য হস্ত দিব্য জলে ধুইলা শি ১০৪। ৪ প্রতিকূল, প্রতীপ, বিপরীত। ৫ দক্ষিণদিক্‌স্থ, যাম্য। —ব্য পুং ১ বামহস্ত। "ঋগ্বেদ ১.১০০.৯। ২ বামপদ। ৩ বিষ্ণু। ৪ সূর্য্যগ্রহণে গ্রাসবিশেষ। "সব্যাপসব্য।—বৃহৎসংহিতা ৫.৪৩। —ব্য ক্লী শরীরের বামাঙ্গ বা বাম-ভাগ (অ.টী)।

সব্যথ বিণ [বহুব্রী] ব্যথাযুক্ত, ব্যথিত, পীড়িত।

সব্যপেক্ষ বিণ [বহুব্রী] ব্যপেক্ষাযুক্ত, সাপেক্ষ। "স্নেহশ্চ নিমিত্তসব্য-পেক্ষ ইতি বিপ্রতিসিদ্ধমেতৎ উ.চ ৬ ১/২।

সব্যভিচার বিণ [বহুব্রী] ১ ব্যভিচারবিশিষ্ট, সব্যতিক্রম, ব্যভিচারী। ২ (ন্যায়ে) হেত্বাভাসবিশেষ। "°পূর্ব্বপক্ষরহস্য (S.W.)।

সব্যসাচী (-চিন্) পুং [সব্য+ √সচ্‌+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ১ 'বামহস্তে শরসন্ধানশীল', অর্জ্জুন। 'উভৌ মে দক্ষিণৌ পাণী গাণ্ডীবস্য বিকর্ষণে। তেন দেবমনুষ্যেষু সব্যসাচীতি মাং বিদুঃ॥—মহা ৪.৪৪.২০। উভয় হস্তেতে তব সমান সন্ধান। 'সব্যসাচী' নাম তেঁই করি অনুমান॥ —ম ৪৯১; ৬২৭। "গী ১১.৩৩। ২ মহাপুরুষ কৃষ্ণ। "মহা ১৩.১৪৮.৩২।

সব্যাজ বিণ [বহুব্রী] ব্যাজসহিত, সব্যপদেশ, কপট।

সব্যাপার বিণ [বহুব্রী] ব্যাপারবান্, কর্ম্মনিরত। "উ.মে ২৭।

সব্যেতর বিণ [প.ত] সব্য হইতে ভিন্ন; দক্ষিণ। "বাহুং সব্যেতরম্ মহা ৫.১০৫.২১। রঘু ১৩.৪৩; ১৪.৪৯। [°তঃ(-তস্) বামে ও দক্ষিণে। "ভ ৪.৮.৭৯।]

সব্যেষ্ঠ পুং [সব্য+ √স্থা+অ (ক)-ক, অলুক্, ষত্ব, পা ৮.৩.৯৭, কাশিকা] 'সব্যে স্থিত', সারথি। —ষ্ঠা (-ষ্ঠৃ) পুং [+ঋ-ক-১ব, উ ২. ১০০, পূর্ব্ববৎ] সারথি (অ কো)।

সব্রণ বিণ [বহুব্রী] ব্রণযুক্ত, সক্ষত। "মহা ৩.২৯৭ ৫।

সব্রতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব] সমানব্রতবান্। "ব্রহ্ম-প্রিয়ো ব্রাহ্মণসব্রতী ত্বম্ মহা ৩.২৩১.১১।

সব্রহ্মচারিক বিণ [বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] যাহাতে ব্রহ্মচারী, অর্থাৎ বেদশাখাধ্যয়নজন্য গুণ আছে; বহ্‌বৃচাদিশাখাপ্রযুক্ত (গুণনাম —বহ্‌বৃচ কঠ) ["যাজ্ঞ ২.৮৭। —চারী (রিন্) পুং [সমান ব্রহ্মচারী, কর্ম্মধা, পা ৬.৩.৮৬] ১ সমান ব্রহ্মে (বেদে) ব্রতচারী, অর্থাৎ বেদের একশাখাধ্যয়নার্থ যে ব্রত, তদাচরণশীল; এক গুরুর নিকটে একবেদ-শাখাধ্যয়নার্থ একব্রতচারী (অ টী); একব্রহ্মব্রতাচারী, সহাধ্যায়ী। "মনু ৫.৭১। যাজ্ঞ ২.১৩৮। ২ সমসহানুভূতিমান্, সমসংবেদন (জন)। "ব্যসনসব্রহ্মচারিন্। যদি গুহ্যং ন…ততঃ শ্রোতুমিচ্ছামি।—মৃ ৬ ১/২ ৫/৬। দুঃখসব্রহ্মচারিণী তরলিকা ক গতা (কাদম্বরী)। ৩ সমান, তুল্য। "গতিং গরুৎমতো দৃষ্টাং বেগসব্রহ্মচারিণঃ ক.সা ১৮.৮৯।

সভ বিং [দ্র 'সব²] সকল। "সভ যোদ্ধা সেনাপতি চ.বি ৯০; হস্তী সভ ১৩৭। —ভ সর্ব্ব ১ সকলে, সবে। "পড়িবে সভ গর্ত্তের ভিতর। —ম ৬। ২ সকল বিষয়। "দময়ন্তী সভ কহিল ম বি ১১৯। [সভি —সকলই, বিশ্ব। "সভি ধুন্ধুকার শূ ২।]

সভক্তি,-ক্তিক বিণ [বহুব্রী, 'ক' (কপ্)] ভক্তিসহিত।

সভয় বিণ [বহুব্রী] ভয়সহিত, সশঙ্ক। "আত্মাপরাধ° ক.সা ১৮.২২৪। —য় ক্রি.বিণ সশঙ্কভাবে। "রা ১.৬৪.৪।

সভর্ত্তৃকা বিণ, স্ত্রী [সহ ভর্ত্তা যাহার বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)+স্ত্রী আ (টাপ্)] বিদ্যমানপতিকা, পতিবত্নী, সধবা।

সভা¹ স্ত্রী [সৎ+ √ভা+অ (ক)-ক, স্ত্রী আ (টাপ্), পৃষো (অ.টী), সহ+ √ভা+অ (ড)-ধি+স্ত্রী আ, পৃষো, cf., Ger. sippa, A.S. sibb] ১ 'যাহা সজ্জন দ্বারা ভাত; যেখানে সকলে মিলিতভাবে শোভা পায়'; পরিষদ্, গোষ্ঠী, সমিতি। "ঋগ্বেদ ৬.২৮.৬। সভোত্তমা রা ২.৮২.২। মহা ৩.৪.৫। ২ সভাস্থ জন; সভ্য, সামাজিক। "সভা-মধ্যে বলিলাম হিত যে বচন।—কৃ ২৪৭। ৩ মন্দির, গৃহ, শালা। "ধর্ম্ম° পা ২.৪.২৪। মহা ৩.৬২.১৮। ৪ আমাত্যাদিদর্শনগৃহ, ধর্ম্মাধিকরণ। "মনু ৮.১০। ৫ নগরাদিতে নিয়ত জনসমূহস্থান (কুল্লুক)। "মনু ৯.২৬৪। ৬ উপবেশনস্থান (শ্রীধর)। "ভ ১০.৪১.২১। ৭ সঙ্ঘাত, সঙ্ঘ, সমূহ।

"স্ত্রীসভম্ পা ২ ৪ ২৪। অসুরসভা মাঘ ১৩ ১৪। যুবতীসভা গী গো ৯ ৫। সুরসভা দেখি প্রভা সম্ভ্রমেতে রয় শি ১১। ৮ দ্যূত, দ্যূতগৃহ। ৯ (বাঙ্লায়) সভাপর্ব্ব। "ম ৫৮৪, টীকা। [°কার (পুং)—সভাগৃহনির্ম্মাতা। "মহা ৫.৮.১৪। °গত (বিণ)—সভাপ্রাপ্ত, সভাস্থিত। "পঞ্চ ১২৮৪/২৮৫। °গৃহ (ক্লী)—সভাভবন। °নায়ক, °পতি (পুং)—১ সভামুখ্য, সভাধ্যক্ষ। "°তি ভ ৬ ১৭ ৭। ২ দ্যূতগৃহস্বামী, সভিক। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—সভারচনপর্ব্ব (নীলকণ্ঠ), মহাভারতের দ্বিতীয় পর্ব্ব। "মহা ১ ২ ৪৮। °পাল (পুং)—সভানায়ক। "মহা ১ ২২০ ১০, ১১। ম ২৫৮, ৪১৩। °পূজা (স্ত্রী)—সামাজিকগণের পূজা। °প্রবেশন (ক্লী)—ধর্ম্মাধিকরণ-প্রবেশ। °মণ্ডপ (পুং)—সভাগৃহ।] [সভা আহ্বান করা—সভায় সম্মিলিত হওয়ার নিমিত্ত সভ্যগণকে আমন্ত্রণ করা। সভার অধিবেশন—সভ্যগণের সমবায় বা বৈঠক। সভার লোক—সভ্য। "ম ৪৯।]

সভা², **সোভা** বি [শোভা >সোভা >সভা, অসাধু] ১ শোভা, সৌন্দর্য্যবিস্তার। "দর্পন সোভা করে ঃ সভা করে সুনার কলস শূ ৫৮, ৫৯। ২ চন্দ্রমণ্ডলের চতুর্দ্দিকস্থ শোভাকর বৃত্ত। "চাঁদের সভার মধ্যে তারা। বর্ষে পানী মুষল-ধারা॥ দূর সভা নিকট জল। নিকট সভা রসাতল।—খনা।

সভা³ সর্ব্ব [সবা >সভা] ১ সকল (কর্ত্তৃকারকে প্রয়োগ নাই)। ২ বহুবচনসূচক। "আমা সভা ইত্যাদি। [সভাই—সকলেই। 'সভাই সুবেশা।—ম ১১ ২৩। ভ গ্র ১১১। সভাএ—সভে, সকলে। 'মী ১১। সভাকায়—সভাকে, সকলকে। "শ্রী ম ১৬৮। সভাকার, সভার—সকলের। "ইহা সভাকার পুত্র।—ম ৫২, ২৪১ ; ৫৪৫। সভার শ্রবণ চৈ ভা ৩২৫। সভার ভিতর বা ম ৬৫। সভাকারে, সভারে—সকলকে। "সভাকারে বান্ধিআ থুএাছি কৃ উ ২৪০। সভা প্রতি—সকলের নিকটে। "কথঞ্চিত সভা প্রতি হইলা বিদায় চৈ ভা ১৪৩। সভা বিদ্যমানে—১ সকলে বিদ্যমান থাকিতে, অর্থাৎ সকলের সমীপে। "সভা বিদ্যমানে কৈল প্রতিজ্ঞা পূরণ চ বি ১৯৫। ২ সভাস্থলে, সভায়। "দময়ন্তী আনাইল সভাবিদ্যমানে।—৪৩৭। সভা মনে—সকলের মনে। "ব প ৫৪০। সভায়—সভাকে, সকলকে। "পূজারী দিলেন মালাপ্রসাদ সভায় ন বি ১০৬। সভারে—সব হইতে। "সভারে অধিক দেখ দৈব বলবান্।—ম ৫১০। সভা সহ, সভা সহিত—সকলের সহিত। 'সভা সহ ঈশ্বরীর গমন ঃ সভা সহিত ঈশ্বরী ন বি ১১১। আমা সভা—আমাদিগকে। "আমা সভা রক্ষা কর।—৭। শ্রী ম ২০৬। আমা সভার, আমা-সভাকার—আমাদের। "কৃ উ ৪৭। ম ৬, ৭০৩,-৮। এ সভার—ইহাদের। "ন বি ১১০। তা সভারে—তাহাদিগকে। 'তা সভারে ঠাকুর করেন উপদেশ ন বি ১০০। তাঁ সভা, তাঁ সভার—দ্র 'তাঁ'। তোমা সভা—তোমাদিগকে। তোমা সভাতে—তোমাদের কাছে। 'ধর্ম্মাধর্ম্ম তোমা সভাতে গোচর।—ম ২১২। তোমা সভা পাশে—তোমাদের নিকটে। "উপনীত হইয়াছি তোমা সভা পাশে।—ম ৩। তোমা সভা মধ্যে—তোমাদের মধ্যে। "ম ৪৩৭। তোমা সভায়—তোমাদের সকলে। "তোমা সভায় পায় যে করিতে ভ গ্র ৪৪২। তোমা সভা সম—তোমাদের সমান। "তোমা সভা সম আঢ্য ভ গ্র ৪৪২।

সভা-উজ্জ্বল বিং কুলগৌরবাদিতে সভার শোভাবর্দ্ধক। "কুটুম্ব সভা-উজ্জ্বল হইলেই মুখ উজ্জ্বল হয় পা প্র ৪০।

সভাকারী বি [সং সভাকার] সভানির্ম্মাতা। "ব প ৫৮১।

সভাকুট্টিম বি সভার সুধাঘটিত তলদেশ বা পাকা মেজে। '(চণ্ডাল-কন্যা) বেণুযষ্টি দ্বারা °মে একবার আঘাত করিল কাদ ২।

সভাখণ্ড বি সভ্যগণ। "কৃ ৩৮৯, ৪৫২। ম ৪৯।

সভাজ সক [অদন্ত চু, প—সভাজয়তি, সেট্] ১ প্রীতি। ২ দর্শন। ৩ সেবন, পূজা। "যঃ সভাজয়তি সজ্জনান্ (কবিরহস্য)।

সভাজন¹ ক্লী [√সভাজ+অন (ল্যুট্)-ভা] ১ আনন্দন, আপ্রচ্ছন ; যাজবাদির গমনাগমনকালে করণীয় আলিঙ্গনারোগ্য-প্রশ্নাদি দ্বারা আনন্দন। "রা ২ ৫৭ ২। ২ সম্মান, পূজা। "রঘু ১৩.৪৩। সভাজনো-চিত মাঘ ১৩.৪৩। ৩ অভিনন্দন। "রঘু ১৪.১৮। ৪ সেবন। —জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পূজিত, সম্মানিত। "মহা ৩ ১০৭.৬২।

সভাজন² বিণ [বহুব্রী] ভাজনসহিত, সপাত্র। "সভাজনম্ (গৃহম্) মহা ৪.১৪ ১০।

সভাজন³ বি ১ সভ্যগণ। "সভাজন শুন, জামাতার গুণ ভা.চ ৩৮। ২ জ্ঞানী। "শুন সভাজন তুমি।—ম ৯৯১।

সভাসৎ (-সদ্) পুং [সভা+√সদ্+ক্বিপ্ (০)-ক-১ব, উত] ১ সামাজিক, সভ্য, পারিষদ। "বিশ্বেদেবাঃ সভাসদঃ ভ ৯.২ ২৮। দক্ষ লক্ষ্য করি কয় শুনে সভাসৎ। "শি ১১, ৪৫। ২ (ব্যবহারে) ধর্ম্মাধিকরণিক, প্রমাণপুরুষ। 'শ্রুতাধ্যয়নসম্পন্না ধর্ম্মজ্ঞাঃ সত্যবাদিনঃ। রাজ্ঞো সভাসদঃ কার্য্যা রিপৌ মিত্রে চ যে সমাঃ॥—যাজ্ঞ ২ ২। "মনু ৮ ১৮।

সভাস্তার পুং [সভা+আ-√স্তৃ+অ (অণ্)-ক, উত] সভ্য, সভাসদ্। 'অর্থিপ্রত্যর্থিনৌ সভ্যান্ লেখকপ্রেক্ষকাংশ্চ যঃ। ধর্ম্মবাক্যৈ রঞ্জয়তি স সভাস্তারস্তামিয়াৎ।—শু ৪.৫ ৩৭। 'মহা ২ ৫০ ২, ৪.১ ২৩।

সভাস্থ বিণ [সভা+√স্থা+অ (ক)-ক, উত] সভাস্থিত, সভাগত। [বর বা কন্যা সভাস্থ করা—বর বা কন্যা সম্প্রদান-সভায় আনা। পাত্র সভাস্থ হওয়া—সম্প্রদানার্থ পাত্র সম্প্রদানের সভায় আনীত হওয়া। "নী ২০।]

সভিক পুং [সভা+ইক (ঠন্), অথবা ইন্ (ইনি)+ক (কন্)] 'দ্যূত-সভাবান্', দ্যূতকারক, সহিযাব (অ.টী)। "যাজ্ঞ ২ ২০২।

সভে সর্ব্ব [সবে >সভে] ১ সকলে। "সভে দিলেন আসন।—ম ৩। ক চ ১৯। সভে আইল শ্রী ম ২৩। সভে করেন ক্রন্দন ম.বি ১১৯। চৈ ভা ৩২৪,-৫। ২ সভাকে, সকলকে। "সভে প্রবোধিলা রামচন্দ্র ন বি ১০৯। ৩ বহুবচনসূচক। "ব্রাহ্মণ সভেরে রাজা বহুধন দিল অ প ১২৪। [সভেই, সভেঞি—সকলেই। "সভেই বেদান্তজ্ঞানী সভেই তপস্বী চৈ ভা ২৯৬, ৩২৪। সভেঞি সুন্দর ব প ৮৪৪,-৫। সভে মাত্র—সকলের মধ্যে কেবলমাত্র। সবে মাত্র দয়া নাঞি কেকয়ী শরীরে কৃ অ ১৭। সভে মাত্র এড়ালেক চতুর বিভীষণ ব প ৫৩৩ ; ৮২২। আমা সভে আমাদিগকে। "আমা সভে ভিন্ন ভাব করেছিস জ্ঞান।—ম ৫০৮। তুমি সভে—তোমরা। "তুমি সভে নিবাস করিলা এই বনে।—ম ৫০৯। ব্রাহ্মণ সভেরে—ব্রাহ্মণদিগকে। দ্র '(৩)।]

সভোদ্দেশ পুং [ষ ত] গৃহৈকদেশ, গৃহৈকভাগ। "মহা ৩ ৬২.১৮।

সভোপবিষ্ট বিণ [স.ত] সভাসীন, সভাগত।

সভ্য বিণ [সভা+য, স্ত্রী -ভ্যা] ১ সভায় সাধু বা নিপুণ। "রঘু ১ ৫৫। কি ১৪ ৪৭। ২ সভায় সাধু, অর্থাৎ ধার্ম্মিক ও কার্য্যদর্শনাভিজ্ঞ। "মনু ৮ ১০। যাজ্ঞ ১ ৩৬০। ৩ সভায় সাধু, সভোচিত (বাক্য)। "মাঘ ১৪.৫৩। —ভ্য পুং ১ সামাজিক, পারিষদ। "ভ ৪ ৬ ২। ২ বিচার-নিযুক্ত পুরুষ, ধর্ম্মাধিকরণিক। "শু ৪ ৫.১৫১। ৩ সাধু। "ভ ১.১.১০। ৪ ব্রাহ্মণ। "দস্রিমসভ্যতোষে (কর্ম্মণি) ভট্টি ১ ১৩। ৫ দ্যূতকারক, সভিক। ৬ পঞ্চাগ্নির একতম। দ্র 'পঞ্চাগ্নি'। [সভ্য-ভব্য—শান্ত-শিষ্ট। "দা ৫৫০।

সভ্যেতর বিণ [প ত] অসভ্য, গ্রাম্য (শব্দ)। "কাব্যাদর্শ ১.৬৫।

সম্¹ ব্য উপসর্গবিশেষ। ইহার অর্থ,—১ সম্যক্প্রকার। "সন্তুষ্ট। ২ শোভন। ৩ প্রকর্ষ। "সংস্কৃত। ৪ আশ্লেষ, যোগ। "সঙ্গম, সন্ধান, সন্ধি। ৫ সমতা, তুল্যার্থ। "সমর্থ। ৬ আভিমুখ্য, সামীপ্য। "সমক্ষ, সম্মুখ। ৭ অন্যোন্যভাব। "সংবাদ, সম্ভাষা। ৮ সম্পূর্ণতা। "সম্ভোগ। ৯ একীকরণ। "সংক্ষেপ, সমাহার। ১০ আতিশয্য। "সন্তাপ। ১১ সমুচ্চয় (অ.চি)। "অসম্ভোজ্য মনু ৯.২৩৮।

সমৃ২ অক [ভ্বা, প—সমতি ; সেট্] ১ অবৈক্লব্য, অবিহ্বলতা। ২ বৈক্লব্য (ক.ক)। —ম অক [অদন্ত চু.প—সময়তি ; সেট্] বৈক্লব্য।

সম১ বিণ [√সম্+অ (অচ্)-ক (অ.টী) ; স্ত্রী -মা ; তু 'ঋ হ.ম্ (likewise) ; cf., Gr. ama, homos ; L. similis ; Ger. same ; E. same] ১ সর্ব্ব, সমস্ত, সকল, নিঃশেষ (অ.কো)। "সমঃ সর্ব্বপর্য্যায়ঃ, পা ৭.১.৫২, সি। মুগ্ধবোধ ৮৬ সূত্র। "ঋগ্বেদ ১.১৭৬. ৪। পা ৫.২.৬, সি। নমঃ সমস্মাৎ পূর্ব্বস্মৈ (মুগ্ধবোধ—শ.ক)। ২ তুল্য। "সুখদুঃখে সমে কৃত্বা (যুদ্ধায় যুজ্যস্ব) গী ২.৩৮ ; °দুঃখসুখ ১২.১৩। সম কাল শ্রী.মা ১৭০। আপনি আপনসমা ভা.চ ২৮। ৩ তুল্য, হর্ষবিষাদশূন্য। "সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা (কর্ম্মাণি কুরু) গী ২.৪৮। ৪ হেয়োপাদেয়বুদ্ধিশূন্য (শ্রীধর), তুল্যভাবে ভাবিত। "যোগী °লোষ্টাশ্ম-কাঞ্চনঃ গী ৬.৮ ; ১৪.২৪। রঘুঃ…সমলোষ্ট্রকাঞ্চনঃ রঘু ৮.২১। ৫ তুল্য, রাগদ্বেষশূন্য। "সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ গী ৯.২৯। সমঃ শত্রৌ চ মিত্রে চ ১২.১৮। ৬ পক্ষপাতশূন্য। "ঋষিগণবচঃ …সমম্ ভ ১.১৯.২২। দোষ করি ক্ষমা, আশীষ মা সমা ক.চ ৩২৩। ৭ একরূপ, অবিকার। "সমঃ…মানাপমানয়োঃ গী ১২.১৮। ৮ অবক্র। "সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্ গী ৬.১০। ৯ অভিন্ন, এক। "°দুঃখ-সুখঃ সখীজনঃ রঘু ৮ ৬৫। ১০ সদৃশ, তুল্যাকৃতি। "দুই মূর্ত্তি সম ঘাটি বাঢ়ি নাহি ইথে চৈ ৪৭। ১১ সমান, একপরিমাণ। ১২ সমানজাতি, একধর্ম্মা। ১৩ সাধু, ন্যায়বান্। ১৪ ইন্দ্রিয়বিকারশূন্য। ১৫ একস্থ (সায়ণ), একতল, অবন্ধুর। "ঋগ্বেদ ৫.৮৩.৭। সমানি বিষমাণি চ (ক্রিয়ন্তাম্) রা ২.৭৯.১৩। সমদেশবর্ত্তিন্ শ ১৳। ১৬ যুগ্ম, যোড়া। ১৭ অনুরূপ, যোগ্য। "এইরূপ যেবা যাহার সম। তার সনে ঘটে এই সে ক্রম॥—বা.দ ১৪৭। ১৮ ছন্দঃশাস্ত্রোক্ত গুরুলঘুবর্ণবৈষম্যরহিত। "রা ১.২.১৮, ৪০,-২। ১৯ মধ্যভাবাপন্ন। "কেহো মুখরা, কেহো মৃদু, কেহো হয় সমা চৈ চ ১৬১। ২০ সাধারণ, সামান্য (A.)। ২১ (বাঙ্‌লায়) সমকক্ষ। "স্ত্রীজাতি দেখিয়া মোরে নাহি ভাবে সম ম.ম ১১৩। ২২ সমান, পর্য্যন্ত। "কর্ণ সম টানি গুণ করিল টঙ্কার অ.প ৭২। —ম পুং ১ সমানপ্রকৃতি জন। "সমৈশ্চ সমতামেতি (মতিঃ)। —হি ৪২ (কথারম্ভ)। ২ পাণি। 'পাণিঃ সমঃ শয়ঃ (অমরমালা —অ.টী)। ৩ (জ্যোতিষে) রাশিচক্রের সমসংখ্যাস্থ রাশি—বৃষ কর্কট কন্যা বৃশ্চিক মকর মীন। ৪ (সঙ্গীতে) গীতবাদ্যের সমকালভব তালের বিশ্রামস্থান। [আধুনিক সঙ্গীতে যে স্থানে তালের বিশ্রাম হয়, তাহাকে 'সম' কহে। তালের যে চারিটি প্রস্বন থাকে, তাহারই একটি সম বলিয়া নির্দ্দিষ্ট থাকে। ঐ সমই তালের একমাত্র ন্যাস ; সম ভিন্ন বিশ্রাম করা কিংবা সমাপ্ত করার স্থানান্তর নাই (গী.সা)।] ৫ (গণিতে) বর্গমূল-নিষ্কাশনার্থ অঙ্কোপরি দত্ত ঋজুরেখা (লীলাবতী)। —ম ক্লী ১ সম-ভূভাগ, সমতল। "স্যন্দনাশ্বৈঃ সমে যুধ্যেৎ মনু ৭.১৯২। কি ৯.১১। ২ সম বা অবন্ধুর বর্ত্ম (বালমনোরমা)। "সমেনৈতি পা ২.৩.১৮, সি। ৩ শত্রুমিত্রভিন্ন গ্রহ (ত.বা)। ৪ অর্থালঙ্কারবিশেষ। [যোগ্য কর্ম্ম দ্বারা যোগ্য বস্তুর প্রশংসা বা গৌরবান্বিত বস্তুর পরস্পর সংঘটন হইলে 'সমালঙ্কার' হয়। সা.দ ১০.৭১। ৫ (বাঙ্‌লায়) গণিতে সমতামূলক চিহ্ন (=)। [°কক্ষ (বিণ)—প্রতিস্পর্দ্ধী, তুল্যবল। "°ক্ষতা সা.দ ১০৪/৫। °কক্ষা (স্ত্রী)—সমপ্রতিস্পর্দ্ধিতা। °কাল (ক্রি.বিণ)—১ যুগ-পদ্। "রঘু ৭.৫৩। যাজ্ঞ ২.১১১। চৈ চ ১৫৩। ২ অনন্তর। "মমাজ্ঞা-সমকালম্ (নির্যাতু) রা ১.৬৯.৩। °কালীন (বিণ)—সমকালভব, ঐককালিক। "বহ্নি° (ধূম)। °ক্রম (বিণ)—'সমানপদবিক্ষেপ', সহগামী। °গন্ধক (পুং)—বৃকধূপ। °চতুরস্র (ক্লী)—'সমচতুষ্কোণ', সমচতুষ্কোণক্ষেত্র। °চতুর্ভুজ (ক্লী)—সমচতুর্বাহু ক্ষেত্র। °চিত্ত (বিণ) —হর্ষবিষাদরহিতমনাঃ। "°চিত্তত্ব গী ১৩.৯। °চেতঃ (-তস্) ক্লী —সমভাবাপন্নচিত্ত। "সর্ব্বত্র সমচেতসা ভ ৩.২৪.৪৭। °জাতি (বিণ) —একপ্রকার, সজাতি। °তল (বিণ)—সমপৃষ্ঠ, অবন্ধুর। °তুলা (স্ত্রী)—সমানতুলনা, তুল্যমূল্যতা, সমতা। "সমতুলা কর্পূরকার্পাসয়োঃ (সু.র)। °ত্রিভুজ (ক্লী)—সমত্রিবাহুক্ষেত্র। °দৃক্ (-শ্), °দৃষ্টি (বিণ) —সর্ব্বত্র সমানজ্ঞানাপন্ন ; সমদর্শী, সমভাবাপন্ন। "°শ্ ভ ৪.১২.৩৬। °দেশ (পুং)—সমতলভূমি। "°বর্ত্তিন্ শ ১৳। °ধৃত (বিণ)—সমান-ভাবে তুলাধৃত ; সমভার। "মনু ৮.১৩৫। °বয়স্ক (বিণ)—সমানবয়স্ক, সবয়াঃ, একবয়সী। °বর্ণ (পুং)—সমানজাতি। "মনু ৮.২৬৯। °বিভাগ (পুং)—সমানবণ্টন, সমানভাগ। °বিষম (ক্লী)—উচ্চাবচ ভূমি ; বন্ধুরস্থল। °বুদ্ধি (বিণ)—রাগদ্বেষশূন্যমতি। "গী ৬.৯ ; ১২.৪। °ভাব (বিণ)—তুল্যপ্রকৃতিক, সমানধর্ম্মা। °ভূমি (স্ত্রী)—সমতল-স্থান। "রা ১.৫.১৭ ; সমভূমিতল ২ ৫৬ ১১। °মণ্ডল (ক্লী)—নাতি-শীতোষ্ণমণ্ডল (Temperate Zone)। °মাত্র (বিণ)—সমানমাত্রা-বিশিষ্ট (বর্ণ)। °রূপ (বিণ)—তুল্যরূপ, সদৃশাকৃতি। °রেখ (বিণ) —ঋজুরেখাকৃতি, সরল। "শ ১.৯। °বৃত্তি (স্ত্রী)—অপক্ষপাত। °বেধ (পুং)—সামান্যতঃ (গড়ে) গভীরতা (mean depth)। °শ্রেণি (স্ত্রী)—ঋজুপঙ্‌ক্তি। °সংখ্যাত (বিণ)—সমগণিত। "রজোভিঃ সমসংখ্যাতঃ পার্থিবৈরিহ জন্তবঃ ভ ৬.১৪.৩। °সন্ধি (পুং)—সমান বিষয়ে প্রতিজ্ঞাপূর্ব্বক কৃত সন্ধি। °সময় (পুং)—সমকাল, এককাল। "°বর্ত্তিন্। °সুপ্তি (পুং)—যখন সকলের সমান নিদ্রা ; কল্পান্ত, প্রলয়। °সূত্রগ, °সূত্রস্থ (বিণ)—একলম্বরেখাস্থিত। °স্থ (বিণ)—১ সমস্থিত, সম্পন্ন, সমৃদ্ধ। "সমস্থো বিষমস্থো বা রামস্তে পরমা গতিঃ গো.রা ২.৩৯. ৬। ২ সমসংখ্যকাঙ্গুলিস্থ (ব্রণ)। "বৃহৎসংহিতা ৫০ ২০। °স্থল (ক্লী) —সমভূমি। °স্থলী (স্ত্রী)—গঙ্গাযমুনামধ্যস্থ দেশ ; অন্তর্বেদিদেশ (Doab)। °স্থান (ক্লী)—যোগীর অবক্র অবস্থানবিশেষ। দ্র 'সম (৮)। °স্বর (বিণ)—তুল্যোচ্চারণ।]

সম২ '-ম্' বি [সং সমা ; অপ্র ,] বৎসর, সন। "১১৮৪ সম গো.বি ১৯৯। ['সম'—সব (লিপিপ্রমাদ ?)। "ব.প ২৫৫।]

সম৩ অব্য [সং সমম্] সহ, সঙ্গে। "তোএ সম (ত্বয়া সহ) চ ১৯।

সমএ [সময়ে > °এ ; অসাধু] ১ সময়ে। "কুসুমিত তরুগণ বসন্ত সমএ শ্রী.কী ১৩। অর্চ্চের সমএ ম.পা ৩৪। ২ সময়। "উপসন্ন হৈল হের বরিষা সমএ শ্রী.কী ১৪০। [মিলের জন্য—'°এ']

সমকেন্দ্রিক বিং এককেন্দ্রগত (concentric)।

সমকোণ বি নব্বই ডিগ্রি-পরিমিত কোণ (right angle)।

সমক্ষ বিণ [°ক্ষ+অ (অচ্)] অক্ষিগোচর। "°রূপে (গজে) শ ৭৷৪৯। —ক্ষ ব্য [অক্ষির সমীপে (মল্লিনাথ), অব্যয়ীভাব, সমাসান্ত 'অ' (টচ্)] ১ পুরতঃ, পুরোভাগে। সমক্ষং দহতা মনোভবম্ কু স ৫.১। ২ [যথার্থে অব্যয়ীভাব] অক্ষিযোগ্য (বালমনোরমা)।

সমগুণশ্রেঢ়ী স্ত্রী [কর্ম্মধা] যে শ্রেঢ়ীর সংখ্যাগুলি সমভাবে গুণিত ; শ্রেঢ়ীবিশেষ (Geometrical Progression)।

সমগ্র বিণ [সম্ (সঙ্গত) অগ্র যাহার (অ টী), বহুব্রী ; ছান্দস] ১ সকল, অখণ্ড, অনূন। "ভূমিঃ সমগ্রা রা ২.১০১.১১। ধিয়ঃ সমগ্রৈঃ স গুণৈঃ রঘু ৩.৩০। ২ পূর্ণ, পূর্ণবিম্ব। "সমগ্রেন্দুনিভাননং মহা ১.১৫৩. ১৩। ৩ সম্পূর্ণ। "চতুর্দ্দশ হি বর্ষাণি সমগ্রাণি রা ২.৫২.৮৪। ৪ সম্পূর্ণ, সাঙ্গ। "সঙ্গীতার্থঃ …তত্র ভাবী সমগ্রঃ পূ.মে ৫৬। [°সম্পদ্ (বিণ)—পূর্ণলক্ষ্মীক। "রঘু ৩ ২২।]

সমঙ্গা স্ত্রী [সম্+ √অনগ্+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] 'সর্ব্বত্র-গামিনী', মঞ্জিষ্ঠা ; লজ্জালুলতা ; বালা ; খদিরী।

সমজ১ পুং [সম্+ √অজ্+অ (অপ্)-ধি, 'সমুদায়' অর্থে, পা ৩.৩. ৬৯] ১ পশুগণের সমুদায় ; পশুসঙ্ঘ, পশুসমূহ। তু 'সমাজ'। ২ মূর্খবৃন্দ। —জ ক্লী বন।

সমজ², **-ঝা¹** বি [সমজ², -ঝ > °জ, -ঝ, হি সমঝ , ঠ, গু সমজ] বোধ, জ্ঞান, বোধশক্তি, গ্রহণশক্তি। [°দার (হি সমঝদার , ঠ সমজদার) —১ যে বুঝে , বুদ্ধিমান্, চতুর, হুঁসিয়ার। "সমজদার মানুষের সঙ্গে কথা কহিলে প্রাণ ঠাণ্ডা হয় আছু ১৩১। ২ বিষয়বিশেষে তত্ত্বজ্ঞ বা কুশল। [সমঝি—সমঝাইতে, বুঝিতে। "সমঝি না পারিয়ে প ক ২৫১৪। সমাঝে—সমঝায়, বুঝায়। 'ব প ৪৯৬।]

সমজ³, **-ঝ²**, **-জা**, **-ঝা** সক [সং সম্ + √বুধ (প্রা √ব্‌জ্ঝ) > বা (√সম্‌বুজ্ঝ) সমঝ, -জ , সমঝা, -জা √সমুঝ , হি √সমঝ , ঠ, গু √সমজ] ভাল করিয়া বুঝা সমজান। —জা, —ঝা সর্ম [সমজ, -ঝ +আ৮ , হি √সমঝা , ঠ √সমজবি গু √সমজা] ভাল করিয়া বুঝান বা শিখান। 'বোকা মেযেটি এ, এয়ে দুটো কথা দাও সমজিযে (সমজাইয়ে) ।—কা ১১৭। (তাহারা) নালিস রুজু হওয়াতে উকীল মোক্তারদের সমজাইবার জন্য উদ্বিগ্ন পা প্র ২১২। [সমজান, -ঝান —সর্থ 'সমজা, -ঝা'।]

সমজা দ্র 'সমজ³।

সমজোট, **-যোট** বি সমবল-যুগ্ম, সমবলপ্রতিদ্বন্দ্বী। 'তৈছনে সমজোট, (দোহে) করে ঘোর সমর-তরঙ্গ শ্রী মা ১৬০ , দেবতা দানব যেন দোহে সমযোট ১৭০।

সমজ্ঞা স্ত্রী [সম্ + (আ-) √জ্ঞা + অ (অঙ)-ণ , সমৈঃ সর্ব্বৈঃ জ্ঞায়তে ঘঞর্থে 'ক', সমজ্ঞেতি পুরুষোত্তমঃ। সমাজ্ঞা সমজ্ঞেতি দ্বিধারূপম্ (অ টী)] যশঃ, কীর্ত্তি।

সমজ্যা স্ত্রী [সম্ + √অজ + য (ক্যপ)-ধি + স্ত্রী আ (টাপ), পা ৩ ৩ ৯৯] পরিষদ্, সভা (অ কো)।

সমঝ¹, **সমঝদার** ; **সমঝ²**, **-ঝা**, **ঝান** দ্র 'সমজ² , সমজ³।

সমঞ্জস বিণ [°সা + অ (অচ) স্ত্রী -সা] ১ যাহাতে সম্যক অঞ্জসা (তত্ত্ব) আছে (অ টী), উচিত, ন্যায্য, সমীচীন, যোগ্য। 'প্রজ্ঞা …নাতিসমঞ্জসা মহা ১ ১৩১ ৪। সা দ ৬১৮৩। ২ ন্যায়পর, সৎ। "সমঞ্জস° জনম্ কি ১৪ ১২। ৩ অপ্রচ্যুত (শ্রীধর)। '°দর্শন ভ ৬ ৯ ৩৫। ৪ অভ্যস্ত (অজয়)। —স ক্রি বিণ যথাশক্তি। 'মনু ৮ ২৫৬। —স ক্লী ১ 'উচিত হইতে অচলন' (অ টী) ন্যায, ঔচিত্য, কল্প। বুঝিয়া কার্য্যের গতি আসি তথা লক্ষপতি, কন্দলি ভাঙ্গিল সমঞ্জসে ক চ ১২৪। ২ সমাধান (ত বা)। ৩ (বাঙ্লায়) ন্যায়পূর্ব্বক মীমাংসা বা মিটমাট। 'তবে শেষে আসিযা প্রভুর সথাগণ। সমঞ্জস করাই চলেন সেইক্ষণ ॥—চৈ ভা ১০৯। —স পুং নিখিলসৌভাগ্য-নিধি (শ্রীধর)। "ভ ৬ ১১ ২৫। —সা স্ত্রী শৃঙ্গারে স্থায়িভাব মধুররতি-বিশেষ, তাদৃশরতিসুখতৎপর কৃষ্ণমহিষীগণ। দ্বারকামহিষীগণ সমঞ্জসা বেঁহো ভ ঐ ৪০০। দ্র 'টীকা।

সমঞ্জসা দ্র 'সমঞ্জস'।

সমত বিং [সম্মত > °ত , অপ্র] অভিমত, অনুমত। 'মুনীর সমত শ্রী কী ৬৬। —তি বি [সম্মতি > °তি , °তী (শ্রী কী)] ১ সম্মতি, অনুমতি। বিরহ বিপতি, না দেই সমতি, রহল বদন চাই বি প ১৯০। ইঙ্গিতে রসবতী, অসমতি সমতি বুঝাব জ প ৩০। ২ উত্তর। "সমতি না দেয় সতত বোয় প ক ৪১। ৩ [সংহতি > °তি] সহিত। "ঋতুপতি সমতি শৈলপতি বাজ ('সৈনপতিরাজ'—প ক) ।—ব ১০০। [সমতে—সহিত, সঙ্গে। "গো চ ৪৫।]

সমতট বি পূর্ব্ববঙ্গ।

সমতা স্ত্রী, **-ত্ব** ক্লী [সম¹ + তা (তল্),-ত্ব] ১ সমভাব, অবন্ধুরতা, সমভূমিত্ব। ২ সমবর্ত্তিতা, মধ্যস্থতা। "রঘু ৯ ৬। ৩ শত্রুমিত্রতাভাব। "মনু ৬ ৪৪। ৪ তুল্যতা, সমপদত্ব। 'ত্রিদশৈঃ সমতা° ব্রজ বা ৭ ৩ ১৯। পঞ্চ ২ ৯০। ৫ হর্ষবিষাদশূন্যতা। 'সমত্ব° যোগ উচ্যতে গী ২ ৪৮। ৬ সমানভাব, উৎকর্ষাপকর্ষরাহিত্য। "(মতিঃ) সর্বৈস্ত সমতামেতি°। —হি ৪২ (কথারম্ভ)। ৭ সাদৃশ্য, আকারসাম্য। ৮ সমবিভাগত্ব। 'মনু ৯ ২১৮। ৯ তুল্যবিচারণা। "মাতঙ্গে তুরগে খরে চ সমতা কর্পূর-কার্পাসয়োঃ।—উদ্ভট। ১০ বিপ্রতিপত্তিখণ্ডনপূর্ব্বক ঐক্য। "মনু ৮ ১৭৮। ১১ সাম্য। "কাব্যাদর্শ ১ ৪১।

সমতিক্রম পুং [সম্-অতি + √ক্রম্ + অ (ঘঞ্)-ভা] অতিক্রম, অতিপাত, ব্যত্যয়। 'কর্ম্মণা° সমতিক্রমে মনু ১১ ২০৪। —ক্রান্ত বিণ [+ ত(ক্ত)-ক] ১ সমতীত, বিগত। ২ অতিক্রান্ত, গত। "যোজনং সমতিক্রান্তঃ মহা ৩ ৭২ ৫। ৩ প্রস্থিত, গত। "নলে তু সমতিক্রান্তে কলিরপ্যগমদ্ গৃহম্ মহা ৩ ৭২ ৪৩।

সমতুল বিং [সং সম , অসাধু] সম, তুল্য, সদৃশ। "সুজনক প্রেম হেম সমতুল বি প ৫৩। বেহুলা কাপড় কাচে সূর্য্য সমতুল ম ভা ৫৬। —তুল্য বিং [অসাধু] ১ সমপরিমাণ, সমানভারী। "কৃষ্ণ সমতুল্য রত্ন নেহ ত সম্ভব ব প ৮১০। ২ সমান, তুল্য।

সমত্ব দ্র 'সমতা'।

সমদ বিণ [বহুব্রী] ১ মদযুক্ত, মত্ত। সমদাবিব কুঞ্জরৌ মহা ১ ১৩৪ ৩৩। °শিখিরুত কি ১০ ২৫। ২ হৃষ্ট। '°শকুন্ত উ চ ২ ১৯। ৩ যৌবনমদমত্ত। সমদাঃ প্রমদাঃ।—ঋতু ৩ ৩।

সর্ব্বাঙ্গদাপনি, -নী বি সর্ব্বাঙ্গাবরক মণিময় পরিচ্ছদবিশেষ (?)। দ্র 'দাপনি'। "সর্ব্বাঙ্গ-দাপনী ক.চ ২২৩।

সর্ব্বাঙ্গসুন্দর বিণ [স.ত] সর্ব্বাবয়ববিষয়ে শোভন, সর্ব্বাঙ্গসৌষ্ঠব-রূপসম্পন্ন, নিখুঁত ভাল। —সুন্দর পুং ঔষধবিশেষ। "সর্ব্বাঙ্গসুন্দরো হ্যেষ রোগবীজনিকৃন্তনঃ (ভৈষজ্যরত্নাবলী)। আমারি জানিবে সর্ব্বাঙ্গসুন্দর। —দা ৬৬৪। —সুন্দরী স্ত্রী ১ অষ্টাঙ্গহৃদয়ের ব্যাখ্যাগ্রন্থবিশেষ। ২ (বাঙ্‌লায়) সর্ব্বাঙ্গসৌষ্ঠবরূপসম্পন্না স্ত্রী; নিখুঁতসুন্দরী।

সর্ব্বাঙ্গীণ বিণ [সর্ব্বাঙ্গ+ঈন (খ), পা ৫.২.৭; °'ন' অসাধু; স্ত্রী -ণা] সর্ব্বাঙ্গব্যাপী। "সর্ব্বাঙ্গীণস্তাপঃ (কাশিকা)। °ণম্…যৌবনম্ রঘু ১৮.৫২, °ণঃ স্পর্শঃ বিক্র ৫.১১। বসানঃ…সর্ব্বাঙ্গীণে তরুত্বচৌ (অসৌ) ভট্টি ৪.১০। সর্ব্বাঙ্গীণ সৌকুমার্য্য ব.প্র ১৪১। অতুল্য পদার্থটি —তাহার সর্ব্বাঙ্গীণ শান্তভাবব্যক্তি ব.ধি ৯। ২ (বাঙ্‌লায়) সর্ব্ববিষয়ক। "প্রজালোকের সর্ব্বাঙ্গীণ অমুরঞ্জনানুরোধে সী ৫; সর্ব্বাঙ্গীণমঙ্গল ৬৪। শারীরিক প্রত্যঙ্গমাত্রেরই সর্ব্বাঙ্গীণ পরিণতি অ নী ১২। মঙ্গলকেই লাভ করিবার জন্য ভারতবর্ষের সর্ব্বাঙ্গীণ চেষ্টা ছিল চা.পু ৫।

সর্ব্বাণী স্ত্রী [ভু 'শর্ব্বাণী', শ > স] সর্থ 'শর্ব্বাণী'।

সর্ব্বাতিথি বিণ [বহুব্রী] আতিথেয়। "মহা ১৩.৭৩.১৩।

সর্ব্বাতিরিক্ত বিণ [প.ত] সর্ব্বাধিক। "°সার রঘু ১.১৪।

সর্ব্বাত্মক বিণ [সর্ব্ব আত্মা যাহাতে, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -ত্মিকা] ১ সর্ব্বপ্রযত্ন, ঐকান্তিক। "সর্ব্বাত্মকমাত্মভাবম্ ভ ১.৩.৩৯। ২ একোদ্দেশবান্ (শ্রীধর)। "ভ ১.৪.২৬। ৩ 'সর্ব্বদেহ', বিশ্বরূপ, বিরাট্। "সর্ব্বাত্মকম্ (যজ্ঞম্ ঈজে) ভ ৯.৬.৩৫। —ত্মা (-ত্মন্) পুং [ত.পু] ১ সর্ব্বপ্রযত্ন। "(তেষাম্) অস্মাভিঃ কার্য্যঃ সর্ব্বাত্মনা বধঃ

মহা ১.২১০.১১। ২ সর্ব্বশরীর। "মন্মথাবিষ্টসর্ব্বাত্মা (সঃ) গো.রা ৫.২.২০। ৩ ঐকান্তিকতা, চিত্তৈকাগ্র্য। "বৈদেহী রামং সর্ব্বাত্মনাশ্রিতা গো.রা ৫.৫৭.৮। ভ ২.২ ৩৬। ৪ ব্যাপক প্রত্যগ্‌রূপ (নীলকণ্ঠ); শিব। "মহা ১৩.১৭.৩১। ৫ সর্ব্বজীব। "মনু ৩.৯১। ৬ বিশ্বাত্মা, সর্ব্বজীবাত্মা। "ভ ২.১.৫।

সর্ব্বাধার পুং [ষ.ত] সর্ব্বাশ্রয়, বিশ্বাধার। "পঞ্চরাত্র ১.৮.১৮।

সর্ব্বাধিকার পুং [ষ.ত] ১ সকলবিষয়ের অধিকার; সর্ব্বাধিপত্য। ২ পুস্তকের সাধারণবিষয়ক অধ্যায়। —কারী (-রিন্) বিণ [°র +ইন্ (ইনি)-১ব, স্ত্রী -রিণী] সর্ব্বাধিকারবান্, সর্ব্বাধিপত্যযুক্ত। —কারী পুং ১ সর্ব্বাধিপতি। ২ (বাঙলায়) ব্রাহ্মণের উপাধিবিশেষ।

সর্ব্বাধ্যক্ষ পুং [ষ ত] সর্ব্বাধিপতি। "পঞ্চরাত্র ৪ ৩.৯৫।

সর্ব্বান্তক বিণ [ষ ত] সর্ব্বনাশক, সর্ব্বান্তকৃৎ, সর্ব্বসংহারক।

সর্ব্বান্তর্য্যামী (-মিন্) পুং [ষ.ত] সর্ব্বান্তরাত্মা, পরমেশ।

সর্ব্বান্নভক্ষক, -ন্নভোজী (-জিন্) বিণ [ষ.ত, সর্ব্বান্ন+ √ভুজ্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] যে সকলেরই অন্ন খায়; সর্ব্বান্নখাদক।

সর্ব্বান্নভোজী দ্র 'সর্ব্বান্নভক্ষক'।

সর্ব্বান্নীন বিণ [°ন্ন+ঈন (খ), পা ৫ ২ ৯] যে সর্ব্বান্ন, অর্থাৎ উষ্ণ শীতল বা সরস, যে প্রকার অন্ন পায়, সে সকলপ্রকারই ভক্ষণ করে (তত্ত্ববোধিনী), সর্থ 'সর্ব্বান্নভক্ষক' (অ কো)।

সর্ব্বাবস্থ বিণ [সর্ব্বাবস্থা+অ (অচ্)] সর্ব্বভাবযুক্ত। "মহা ৩ ২৯৫ ৩২। —স্থা স্ত্রী [ত পু] সকলদশা।

সর্ব্বাভাব পুং [ষ ত] ১ সর্ব্বরিক্‌থহরাভাব। "মনু ৯ ১৮৯। ২ [স.ত] সর্ব্বকালে অভাব, ত্রৈকালিক বা অত্যন্ত অভাব।

সর্ব্বাভিসন্ধক পুং [ষ ত] গুণাসহিষ্ণুতা হেতু সকলের নিন্দক, বৈড়ালব্রতিকবিশেষ। "মনু ৪ ১৯৫। —সন্ধী (-ন্ধিন্) পুং [সর্ব্ব +অভি-সম্+ √ধা+ইন্ (ণিনি)-ক, -১ব, উ ত] সর্থ 'সর্ব্বাভিসন্ধক'।

সর্ব্বাভিসার পুং [ষ ত] চতুরঙ্গসজ্জীকরণপূর্ব্বক যুদ্ধযাত্রাবিশেষ, সর্ব্বসৈন্যসন্নহন।

সর্ব্বারম্ভ বি সকলবিষয়ারম্ভ; প্রথম। "ব.প ১৬৮২।

সর্ব্বার্থ পুং [ত পু] ১ সর্ব্ববস্তু। "°কর্ত্তৃ। ২ সর্ব্বপ্রয়োজন। "°সাধক। ৩ সর্ব্ববিষয়। '°কুশল। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—সর্ব্ববস্তুস্রষ্টা। "পঞ্চরাত্র ৪.৩ ৪৬। °চিন্তক (পুং)—কার্য্যদ্রষ্টা নগরাধিপতি। "মনু ৭.১২১। °সাধক (বিণ)—সর্ব্বপ্রয়োজনসম্পাদক। "পঞ্চরাত্র ৪৩ ৪৬। তুমি আমার…সর্ব্বার্থসাধিকা ব প্র ১২৩। °সিদ্ধ (পুং)—বুদ্ধ।]

সর্ব্বালঙ্কারভূষিত বিণ [ত.পু, তৃ ত] সর্ব্বভূষণমণ্ডিত। "হি ১$\frac{২}{১}\frac{৩}{১}\frac{৯}{৮}$।

সর্ব্বাশয়, -র্ব্বাশ্রয় পুং [ষ ত] 'সর্ব্বাধার', 'সর্ব্বশরণ', শিব।

সর্ব্বাশী (-শিন্) বিণ [সর্ব্ব+অশ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] সর্ব্বভোজী, নিষিদ্ধভোজনশীল। "মনু ২.১১৮।

সর্ব্বাশ্চর্য্যময় বিণ [°র্য্য+ময় (ময়ট্), স্ত্রী -য়ী] সর্ব্বাশ্চর্য্যপ্রায়, অনেকাদ্ভুতপ্রচুর। "°য়ং দেবম্ গী ১১.১১। ভ ১.৮.১৬।

সর্ব্বে বি [সর্ব্ব+এ৫; তু 'সবে'] সকলে। "নারী সর্ব্বে দেহ প্রক্ষালিয়া ম.পা ১১৬, জননী সর্ব্বে: শিশু সর্ব্বে ১১৭,-৮; নারী সর্ব্বে… জিজ্ঞাসন্ত ১২০।

সর্ব্বেশ পুং [ষ.ত] ১ সর্ব্বাধিপতি, পরমেশ। "পঞ্চরাত্র ১.১.৫। ২ সার্ব্বভৌম। —শা স্ত্রী সর্ব্বেশ্বরী, দুর্গা। "পঞ্চরাত্র ২.৫.২৯; ৩৪। —শ্বর পুং [ষ.ত] ১ সর্থ 'সর্ব্বেশ (১)। "ভ ৬.৯.৩৩। অ ১। ২ শিব।

সর্ব্বেশা, সর্ব্বেশ্বর দ্র 'সর্ব্বেশ'।

সর্ব্বেসর্ব্বা বি [সং সর্ব্বে, সর্ব্বাঃ] যিনি সর্ব্বে ও সর্ব্বা; সকলপুরুষস্ত্রীর প্রধান, সর্ব্বপ্রধান, সর্ব্বময় কর্ত্তা (all-in-all)। "কোমৎ আপনাকে নীতিরাজ্যের সর্ব্বেসর্ব্বা স্থির করিয়া, ইউরোপীয় পণ্ডিতমণ্ডলীর নিকট কর যাচ্ঞা করিয়াছিলেন ব.প্র ৫৯৭। জেব্-উন্নিসা মোগলরাজ্যে সর্ব্বেসর্ব্বা ব.ম্বি ২৯৮।

সর্ব্বৈশ্বর্য্য ক্লী [ত.পু] ১ সকল ঈশ্বরভাব, সর্ব্বাধিপত্য। "ইন্দ্রাদয়ঃ …সর্ব্বৈশ্বর্য্যমবাপ্নুয়ুঃ—পঞ্চরাত্র ১ ৫.১২। ২ ভগবানের ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণ। "ভগবান্ °ময় চৈ.চ ৬৩।

সর্ব্বোপনিষৎ (-দ্) স্ত্রী বহব [ত.পু] সকল উপনিষৎ। "সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।—গী মঙ্গলাচরণ।

সর্ব্বোপায় পুং [ত পু] সর্ব্বপকার উপায়। "রা ১ ৯.১২।

সর্ব্বৌঘ পুং [বহুব্রী] যাহাতে চতুরঙ্গ বলসমূহ, সর্থ সর্ব্বাভিসার'।

সর্ব্বৌষধ ক্লী [ত পু] প্রিয়ঙ্গুনাগকেশরাদি। "যাজ্ঞ ১.২৭৮।

সর্ব্বৌষধি স্ত্রী [ত পু] ১ সর্ব্ব ওষধি। ২ ওষধিবর্গবিশেষ। 'কুষ্ঠমাংসীহরিদ্রাভির্বচাশৈলেয়চন্দনৈঃ। মুরাচন্দন(রক্তচন্দন) কর্পূরৈর্মুস্তৈঃ সর্ব্বৌষধিঃ স্মৃতঃ॥ [°গণ (পুং)—মুরাদি ওষধিসমূহ। 'মুরা মাংসী বচা কুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ম্। শটী চম্পকমুস্তঞ্চ সর্ব্বৌষধিগণঃ স্মৃতঃ॥

সর্ষপ পুং [√সৃ+অপ-ক, 'ষ' (ষুক্), উ ৩ ১৪১; ফা সর্‌শফ্] ১ রবিশস্যবিশেষ, সরষা। "বা ২ ২৫.২৮। খলঃ সর্ষপমাত্রাণি পরচ্ছিদ্রাণি পশ্যতি। আত্মনো বিল্বমাত্রাণি পশ্যন্নপি ন পশ্যতি॥—সু র। ২ গৌরসর্ষপ। "মনু ৮ ১৩৪। ৩ ষড় লিখ্যা পরিমাণ। —পী স্ত্রী ১ পিড়কাবিশেষ (চরক, সুশ্রুত)। ২ খঞ্জনিকা, খঞ্জনবিশেষ। [°তৈল (ক্লী) °স্নেহ (পুং)—সরিষার তেল।]

সর্ষপী দ্র 'সর্ষপ'।

সর্ষা, -র্ষে বি [দ্র 'সরিষা'] সর্ষপ। "শ্বেত° ।—চ ৭; ২০। [সরষেপড়া—অভিমন্ত্রিত সর্ষপ। "হু ১২৭।]

সল্ সক [ভ্বা, প—সলতি, সেট্] গতি।

সল১; সল২ দ্র 'সওয়াল, শল২।

সলথ (?)। "সলথে বাণের গড় হয ভা চ ২৬৬।

সলজ্জ বিণ [সহ লজ্জা যাহার, বহুব্রী, স্ত্রী -জ্জা] ১ বিদ্যমানলজ্জ, লজ্জাযুক্ত, সত্রপ। "সলজ্জা গণিকা নষ্টা (সু.র)। ২ জাতলজ্জ, লজ্জিত। "বাসবদত্তা সা সলজ্জা ক সা ১৩.৫১।

সলজ্জিত বিং [লজ্জিত—সলজ্জিত, সং সলজ্জ, সলজ্জিত (উ.চ ৬$\frac{৩}{৩}\frac{৩}{২}$, পাঠান্তর)] সর্থ 'সলজ্জ (২)। "(পাঞ্চালরাজসুতা) কহে সলজ্জিতা।—ম ১২২১। শকুন্তলা হইল সলজ্জিত ব প ৬৪৭। বা দ ৩১৩। বি.সু ১৫৯।

সলা১ বি [দ্র 'শলা২] যুক্তি, পরামর্শ। "বালকে বালকে খেলা, শিশুর সঙ্গে শিশুর সলা।—দা ২০৭৮।

সলা২ দ্র 'শলা১।

সলাপ বি [?] লাফ, জোরে লাফ। "সলাপ মারিয়া দোহে বাগিচাতে গেলা ভ.গ্র ৬০২।

সলি১ বি [সলা২+ই৯] ১ ক্ষুদ্র শলাকা, জোয়ালের প্রান্তলগ্ন কাঠের বা বাঁশের শলা, শোল। "দুদিকে দুসলি দিআ জোয়ালে কৈল বিন্ধা শূ ১০৯। জোয়ালে দিয়া সলি শি ৭২। ২ সরু শলা। "ঝাঁটার সলি। —লি বিং সরু। "ভাবর (মইএর) দুভিতে চাই দুগাছি সলি দড়ি শূ ১০৯।

সলি২ বিং ['কুশলী' মূল, অসাধু] নিপুণ। "মুই জবংকার মুনি নানা তপে সলি (সলী ?)।—ম ম ২৭।

সলিতা, স'লতে বি সর্থ 'শলিতা'। "বন্ধকী সাজিয়া আইল সলিতা হাতে লৈয়া।—ম.গা ৬।

সলিল ক্লী [√সল্+ইল (ইলচ্)-ক, উ ১.৫৫] ১ 'গতিশীল', জল, নীর। "ঋগ্বেদ ১০.৭২.৬ ; ১২৭.৩। রা ২.৬৪.৮। সুভগসলিলাবগাহ শ ১.৩। নয়ন° উ.মে ৩০। অনলে সলিলে মৃত্যু নাই ভা.চ ১৮৫। ২ নেত্রজল, অশ্রু। "°গুরুভিঃ পক্ষ্মভিঃ উ.মে ২৯। ৩ বৃষ্টিজল। ৪ উত্তরাষাঢ়া নক্ষত্র। ৫ (জ্যোতিষে) লগ্নাবধিক চতুর্থস্থান (ত.বা)। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—উদকক্রিয়া, তর্পণ। °কুন্তল (পুং)—শৈবাল। °কুক্কুট (পুং)—জলকুক্কুট। °ক্রিয়া (স্ত্রী)—জলসাধ্য ক্রিয়া ; তর্পণ। "রা ১.৩ ১৬ ; ৪১.১৯। °চর (পুং)—জলচর, মৎস্যাদি। °জন্ম (-ন্মন্) ক্লী পদ্ম। °ধর (পুং)—১ জলধর। ২ অমৃতভুক্ দেব (নীলকণ্ঠ)। "মহা ১.১৯.৩০। °নিধি (পুং)—সমুদ্র। °নিষেক (পুং)—১ স্নান। "সুখসলিলনিষেক।—ঋতু ১.২৮। ২ সলিলসেবন। "ঋতু ২.২৩। °পতি (পুং)—বরুণ। "বৃহৎসংহিতা ৩২.৩১। °মুক (-চ্) পুং—জলমুক্, মেঘ। °রাজ (পুং)—বরুণ। "মহা ৫.৯৮.২৩। °রাশি (পুং)—'জল-প্রচুর', সমুদ্র।]

সলিলজ বিণ [সলিল+ √জন্+অ (ড)-ক , উ.ত] জলজাত। "°জঃ (শঙ্খরাট্) মহা ৭.১২৫.২১। —জ ক্লী ১ জলজ পদার্থ। "বৃহৎ-সংহিতা ৭.৬। ২ পদ্ম। "সলিলজ-পদ ম.পা ১৪৯। —জ পুং জলজ প্রাণী।

সলিলময় বিণ [সলিল+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] জলপ্রচুর, জলপ্রায়। "সলিলময়ে শশিনি রবের্দীধিতয়ো মূর্চ্ছিতাস্তমো নৈশং ক্ষপয়ন্তি।—বৃহৎ-সংহিতা ৪.২।

সলিলাকর পুং [ষ.ত] সলিলের আকরতুল্য ; সমুদ্র।

সলিলাঞ্জলি পুং [ষ.ত] জলাঞ্জলি, তর্পণোদক। "দদৌ পিতরমুদ্দিশ্য ভরতঃ °লিম্ গো রা ২.৮৫.৩। পঞ্চ ২.১১০।

সলিলাধিপ পুং [ষ ত] 'জলপতি', বরুণ। "হ ২৫২.৪৩।

সলিলাবগাহ পুং [ষ.ত] জলে নিমজ্জন। "সুভগ° শ ১.৩।

সলিলার্ণব পুং [ষ.ত] 'জলরাশি', সমুদ্র। "গো.রা ৫.৩৫.৫।

সলিলার্থী (-র্থিন্) বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব] জলার্থী।

সলিলালয় পুং [ষ.ত] 'জলস্থান', সমুদ্র। "গো.রা ৫.৫৬.৫৫।

সলিলাশয় পুং [ষ.ত] জলাশয়, সরোবরাদি। "(বনম্) উপেতং °য়ৈঃ গো.রা ২.৯৮.৪। প্রসেদুঃ °য়াঃ ভ ৮.১৮.৪।

সলিলাহার বিণ [বহুব্রী] জলাহার। "কেচিচ্চ সলিলাহারাঃ গো.রা ৩.১০.৩।

সলিলেচর বিণ [অলুক্] জলচর। "সলিলেচরঃ (গ্রাহঃ) মহা ১. ১৩৩.১২।

সলিলেন্দ্র পুং [ষ.ত] 'জলেশ', বরুণ। "°পুর রা ৭.২৩.১৬।

সলিলেন্ধন পুং [বহুব্রী] জল যাহার ইন্ধন ; বাড়বানল।

সলিলেশ, -শ্বর পুং [ষ.ত] 'জলেশ', বরুণ। "সলিলেশ গো.রা ৬.৩৯.১০।

সলিলেশয় বিণ [অলুক্] জলশায়ী। "সমুদ্র° ।—হ ২.৩৪।

সলিলোদ্ভব বিণ [বহুব্রী] জলজন্মা, জলজাত। "হ ২০৬.১৯। —ব পুং শঙ্খ। —ব ক্লী পদ্ম। "গো.রা ৫.১৩.২৮।

সলিলোপপ্লব পুং [তৃ.ত] জলপ্লাবন, বন্যা।

সলিলৌকাঃ (-কস্) বিণ [সলিল ওকঃ যাহার, বহুব্রী, -১ব , স্ত্রী -কাঃ] জলনিবাসী। "গো.রা ৪.৪০.৫০। ভ ৮.২৪.২২।

সলীল বিণ [সহ লীলা যাহাতে, বহুব্রী ; স্ত্রী -লা] ১ বিদ্যমানলীল, সখেল, সবিলাস, ললিত (graceful)। "°হংসগমনাম্ (কন্যকাম্) ক.সা ৫৯.৪। ২ অক্লিষ্ট, অনায়াস। "(রামঃ) ধনুরারোপয়ামাস সলীল ইব মহা ৩.৯৯.৫১। —লীল ক্রি.বিণ ১ সখেল, ললিত। "(কশ্চিৎ) উদীরয়ামাস সলীলমক্ষান্ রঘু ৬.১৮। ২ অনায়াসে, অবলীলায়। "ধর্ত্তা…মহীগ্রমনৈষেককরে সলীলম্ ভ ২.৭.৩২। ৩ সপরিহাস। "(মধুচ্ছন্দাদয়ঃ) সলীলমিদমব্রুবন্ রা ১.৬২.১৩।

সলুপা বি সুলপা শাক। "ব.প ২২৪।

সলেয়া বি শলা ইঁদুর ; নেংটি। "গো.চ ১৭৯, ১৮০।

সলোক বিণ [সমান লোক যাহার, বহুব্রী] একলোকবাসী। তু 'সালোক্য'। —লোকতা স্ত্রী [°ক+তা (-তল্)] ১ সলোকতাব, সমানলোকত্ব, একলোকবাস। "ছান্দোগ্য ২.২০.২। তাত° রা ২.৭৪. ৪। শক্রস্যৈতি °তাম্ মহা ২.৫.১২৮ ; ৩.১২১.১৯। চন্দ্রস্যৈতি সলোকতাম্ মনু ১১.২২১ ; যাজ্ঞ ৩.৩২৬। ২ সালোক্যমুক্তি। —লোক্য বিণ [°ক+য (যৎ)] সলোকভব, একলোকস্থিত। "সলোক্যা চ কেশবস্য ভবিষ্যসি মহা ১৩.১৬০.৪৮।

সলোকতা, সলোক্য দ্র 'সলোক'।

সল্লক বি [তু 'সং শল্যক >প্রা *সল্লগ] সর্থ 'শল্যক (২ ; ৩)। "ভল্লুক উল্লুক সল্লক জাতি বা.দ ৮৯।

সল্লকী স্ত্রী সর্থ 'শল্লকী'। "রা ২.৫৫.৮। °ফলচূর্ণ (সুশ্রুত)।

সল্লক্ষণ ক্লী [সৎ লক্ষণ, কর্ম্মধা] শুভচিহ্ন। "যত কিছু ঈশ্বরের সর্ব্ব সল্লক্ষণ। সকলি দেখিযে তাতে…॥—চৈ.চ ১৮৪।

সল্লভ বিং [সুলভ > °ভ (মিলের জন্য)] সুলভ। "গোপীবল্লভ, ভক্ত-সল্লভ, দেবদুর্লভবন্দন ভা চ ১৬০।

সল্লা বি [সলা >সল্লা] পরামর্শ। "সল্লা করে ব.প ১৪৭৯।

সল্লাপ পুং [সৎ+লাপ ; কর্ম্মধা] সদালাপ। "শু ৩.৫৯।

সল্লোক পুং [সৎ+লোক , কর্ম্মধা] সাধুজন, সজ্জন। "প্রাণ গেলে সল্লোকে কি করে দুষ্ট ক্রিয়া বি.সু ১১১ ; °পথগামী ১৩৭।

সল্‌সল্‌ বি [সল[২] > °ল্ (দ্বিত্ব) তু 'সং √শল্] লোলুপতাজন্য লোলতা বা চঞ্চলভাব। "পূজার সাজে, দেখি দ্বিজে, মন সল্‌সল্ করে রা.শে ৬৮।

সশঙ্ক বিণ [সহ শঙ্কা যাহাতে, বহুব্রী ; স্ত্রী -ঙ্কা] ১ বিদ্যমানভয়, শঙ্কান্বিত। ২ সন্দেহ, সংশয়িত।

সশঙ্কিত বিং [স+শ° ; 'সশঙ্ক, শঙ্কিত , সাধু] সর্থ 'সশঙ্ক (১)। "কৃ ১৯৫। সশঙ্কিত রুদ্র।—ম ৬৫০ ; °মন ৮৯২। ভয়ে সশঙ্কিত ব.প ৫৫৭। শচী সশঙ্কিত চৈ.ভা ৬০। প.তৃ ৩৯।

সশব্দ বিণ [বহুব্রী] ১ সঘোষ, ধ্বনিযুক্ত। "খুরাঘাত° (তু) ক.সা ১৪.১২। ২ সশিঞ্জিত। "°নূপুর রঘু ৮.৬৩। —শব্দ ক্রি.বিণ সঘোষ, শব্দপূর্ব্বক। "রঘু ৫.৪৫।

সশর বিণ [বহুব্রী] শরযুক্ত, কৃতশরসন্ধান। "করিষ্যমাণঃ সশরং শরাসনম্ রঘু ৩.৫২। সশরচাপহস্ত শ ১৫/৬।

সশরীর বিণ [বহুব্রী] শরীরসহিত, সকায়, মরদেহসহিত। "সশরীর এব স্বর্গং লোকমেতি।—তৈত্তিরীয়ব্রাহ্মণ ৩.১১.৭.৩। (সত্যবতী) সশরীরা গতা স্বর্গম্ রা ১.৩৪.৮। ম ১২৮০।

সশল্ক বিণ [বহুব্রী] শল্কযুক্ত, আঁইষবিশিষ্ট (মৎস্য)। "মনু ৫.১৬।

সশল্য বিণ [বহুব্রী] ১ শল্যসহিত, শল্যবিদ্ধ শল্যবেধপীড়িত। বিপ 'বিশল্য'। "সশল্যঃ স সমাঘ্রায় (ওষধীঃ বিশল্যঃ উদতিষ্ঠৎ) রা ৬.১০১. ৪৪। ২ ব্যথিত, পীড়িত। "°ল্যস্যেব চেতসঃ ক.সা ১০৫.৪৪।

সশিষ্য বিণ [বহুব্রী] শিষ্যসহিত। শ ১৭/৮।

সশেষ বিণ [বহুব্রী] শেষযুক্ত, সবিশেষ। "সশেষত্ব মহা ৩.১২.৮১। সশেষত্বাৎ কিলায়ুষঃ ক.সা ৭৭.৩০।

সশ্রীক বিণ [বহুব্রী , 'ক' (কপ্)] ১ শ্রীযুত, শোভান্বিত। ২ সমৃদ্ধ।

সসংজ্ঞ বিণ [সহ সংজ্ঞা যাহাতে, বহুব্রী] 'বিদ্যমানসংজ্ঞ', সচেতন। "বসিষ্ঠ ঋষয়শ্চান্যে রাজা চ সহৃতস্তদা। সসংজ্ঞা ইব তত্রাসন্ সর্ব্বমন্যদ্ বিচেতনম্ ॥—রা ১.৭৪.১৬।

সসজ্জ বিং [তু '°জ্জা' (কৃ.চ ৯ ; ৩০)] যুদ্ধার্থ সজ্জিত। "ম ১১৮৬।

সসত্ত্ব বিণ [বহুব্রী] ১ সত্ত্বযুক্ত, বলবান্। "মহা ৭ ১০১ ৩৮। ২ সপ্রাণী। "সসত্ত্বেষু গর্ত্তেষু মনু ৪.৪৭। —ত্ত্বা স্ত্রী আপন্নসত্ত্বা, গর্ভিণী। "রঘু ৩.৯। বিশু ১১০।

সসত্ত্বা দ্র 'সসত্ত্ব'।

সসন বি [সং শ্বসন >প্রা সসণ >বা °ন, অসাধু] বায়ু। "সসন পরশ খসু অম্বর রে বি প ২২৩।

সসন্ততিক, -ন্তান বিণ [বহুব্রী] পুত্রপৌত্রাদিসহিত। "কুলানি ...সসন্তানানি মনু ৩.১৫, কুলানি সসন্ততিকানি (কুল্লুক)।

সসম্ভ্রম ক্রি বিণ [বহুব্রী] ১ সম্ভ্রমসহিত, সাবেগ। 'শ ১১৮, ১২১। ২ সত্বর। "মাঘ ১৭ ১৫। সসম্ভ্রমং বহির্নিঃসৃতা।—হি ১৩৮। [সসম্ভ্রমে —সম্মানসহিত সত্বর। "সসম্ভ্রমে প্রণমিলা রমার চরণে, শচীকান্ত। —মে ৪৫।]

সসর্প বিণ [বহুব্রী] সর্পযুক্ত। "°র্পে চ গৃহে বাসঃ।—হি ২ ১১৯।

সসাক্ষিক বিণ [বহুব্রী, 'ক' (কপ্)] সাক্ষিসহিত। 'যাজ্ঞ ২ ৯৬।

সসাগর বিণ [বহুব্রী] সাগরসহিত, আসমুদ্র।

সসাধ্বস বিণ [বহুব্রী] সাধ্বসসহিত, সভয়। 'মাঘ ৭ ৫২।

সসিত বিণ [বহুব্রী] ১ 'সিতাসহিত', সশর্কর। ২ [বাঙলায়, অসাধু] সিত, শ্বেত। "সসিত অসিত ·শিখর শ্রী ৪০।

সসীম, -মা (-মন্) বিণ [বহুব্রী, স্ত্রী -মা -মা, -মা (-মন্)] বিদ্যমানসীম, সীমাবিশিষ্ট, সাবধি।

সসেমিরা বি' সঙ্কটাপন্ন, দুর্দ্দশাগ্রস্ত। পেটের অবস্থা যে ক্রমে ক্রমে স-সে-মি-রা হয়ে দাঁড়ালো।—অ গ্র ৯। [দ্বাত্রিংশৎপুত্তলিকায় 'বহুশ্রুতোপাখ্যানে, ভল্লুক 'সসেমিরা' বলিতে বলিতে রাজপুত্রকে 'তুমি পিশাচ হও' এই শাপ দিলে, রাজপুত্র 'সসেমিরা বলিতে বলিতে পিশাচ-রূপ প্রাপ্ত হইয়াছিল। 'সসেমিরা' শ্লোকচতুষ্টয়ের প্রথম পাদের প্রথম বর্ণচতুষ্টয়। কবি শারদানন্দ আখ্যানানুসারে শ্লোকচতুষ্টয় পূর্ণ করিলে রাজপুত্র প্রকৃতিস্থ হন।]

সস্তা দ্র 'শস্তা'।

সস্তিবাচন বি [সং স্বস্তি] সর্থ স্বস্তিবাচন'। হু ১৫।

স'স্তেন বি [সং স্বস্ত্যয়ন] অশুভনাশক দৈব অনুষ্ঠানবিশেষ। "কালীঘাটে স'স্তেন (হলো)।—হু ১২৪।

সস্ত্রীক বিণ [বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ)] ১ স্ত্রীসহিত, সভার্য্য। "সস্ত্রীকো ধর্ম্মমাচরেৎ। সস্ত্রীক হইয়া ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করিতে হয় সী ৬৭। ২ সদার। ৩ স্ত্রীলোকসহিত। কাশ্যপসন্দেশমাদায় সস্ত্রীকা-স্তপস্বিনঃ সংপ্রাপ্তাঃ উ চ ৫৬।

সস্থান বিণ [সমান স্থান যাহার, বহুব্রী, সমান >স, পা ৬ ৩ ৮৫] ১ সমান-স্থান, একস্থান। ২ একোচ্চারণ স্থান (বর্ণ)। ৩ তুল্য। 'পা ৫ ৪ ১০।

সস্নেহ বিণ [বহুব্রী] ১ সপ্রেম, সানুরাগ, প্রণয়বান্। ভ্রাতৃণাকৈব সস্নেহাঃ মহা ১৩ ২৩ ৯৩, অপরাদ্ধেষু সস্নেহাঃ ৯৫। সস্নেহ সম্ভাষণ সী ৪। ২ স্নেহসংযুক্ত, বসাযুক্ত, সতৈল। অস্থি সস্নেহম্ মনু ৫ ৮৭।—স্নেহ ক্রি বিণ সপ্রণয়ভাবে। 'উবাচ রামঃ সস্নেহং তাঃ প্রজাঃ রা ২ ৪৫ ৫।

সস্পেণ্ড বিং [E suspend—suspended] নির্দ্দিষ্টকালের জন্য অধিকার হইতে নিষ্কাসিত। "না ধরিলে সকল পণ্ড, দারোগা হয় সস্পেণ্ড।—দা ২০৮৯।

সস্পৃহ বিণ [সহ স্পৃহা যাহার, বহুব্রী, স্ত্রী -হা] 'বিদ্যমানস্পৃহ', স্পৃহা-যুক্ত, প্রাপ্তীচ্ছু, সতৃষ্ণ।

সস্ফুর বিণ [বহুব্রী] স্ফুরসহিত, উচ্ছ্বাসযুক্ত, সকম্পন। "সস্ফুরস্রোদ-কর্ষক্ত সৌমিত্রেঃ শাক্তমগ্রজঃ ভট্টি ১৭.৯৪।

সস্মাই (?)। "নূতন আইন শুন নাই?—উঠে গেছে সস্মাই।—দা ২১৩২।

সস্য স্ত্রী [√সস্ নিদ্রা+য (অটা), উ ৪ ১০৯, সস্তি স্বপিতি সস্যমিতি ভরতঃ (অ.টী), তু 'সং শস্য >প্রা সস্স] ১ বৃক্ষাদির ফল (অ কো)। "নবসস্যেষ্টি মনু ৪ ২৬। ২ শাল্যাদিক (অথর্ব্ববেদ), ক্ষেত্র-গত ধান্যযবমুদ্গমসূরগোধূমাদি ওষধী। "অথর্ব্ববেদ ৭.১১ ১। রা ২.৩২. ১৩। যাজ্ঞ ১ ৩৪৮। দ্র 'শস্য'। ৩ গুণ। "পা ৫ ২.৬৮। ৪ শস্ত্র। [°পূর্ণ (বিণ)—শস্যপ্রচুর। °প্রদ (বিণ)—শস্যোৎপাদক, উর্ব্বর। °নাশ, °প্রণাশ, °বধ, °বিমর্দ্দ (পুং)—সস্যধ্বংস, সস্যহানি। "°শ। —বৃহৎসংহিতা ৫ ২৪, °র্দ্দ ৬১, °ধ ৮ ৪। °প্রবৃদ্ধি, °বৃদ্ধি (স্ত্রী) —সস্যপ্রাচুর্য্য। °ভক্ষক (বিণ)—সস্যখাদক, সস্যজীবী। °মারী (-রিন্) পুং—'সস্যনাশক', সস্যক্ষেত্রস্থ ইন্দুরভেদ। °শালী (-লিন্) বিণ—সস্য-প্রচুর। "গো রা ৩ ২২ ৫। °সম্পৎ (-দ্) স্ত্রী—সস্যপ্রাচুর্য্য। °সম্পন্ন (বিণ)—সস্যশালী। "মনু ৭ ৬৯। দ্র 'শস্য'।]

সস্যক বিণ [সস্য+ক (কন্), পা ৫ ২ ৬৮] গুণসম্বন্ধ, গুণোপেত। "সস্যকঃ শালিঃ। সস্যকো মণিঃ (কাশিকা)। —ক পুং ১ নারিকেলান্তঃ-সস্যাভ (নারিকেলের শাঁসের মত) মণিভেদ। "গো রা ৬.৯৬.৩। বৃহৎসংহিতা ৭ ২০। ২ খড়্গ।

সস্বন বিণ [বহুব্রী] ১ সশব্দ। "জহাস সস্বনং হাসম্ মহা ১৪ ৭৬ ২। ২ সগর্জ্জিত। "পর্জ্জন্যমিব সস্বনম্ গো রা ৫ ১২ ২৪।

সস্বর বিণ [বহুব্রী] ১ সশব্দ, সঘোষ। ২ স্বরসহিত (ব্যঞ্জন)। —স্বর ক্রি বিণ সশব্দ, উচ্চৈঃস্বরে। রা ২ ৩০ ২২।

সস্বেদ বিণ [বহুব্রী] স্বেদযুক্ত, স্বেদজলাপ্লুত। "উ চ ৩ ৪২। —স্বেদা স্ত্রী দূষিতা কন্যা (শ ক)।

সহ্ সক [ভ্বা, ও—সহতে, সেট্] সহন, ক্ষমা, শক্তি। "অন্যায়ং সহতে নাসৌ (ক ক)। —হ্ সক [দি, প—সহ্যতি, সেট্] ১ সহন। 'সহ্যতি দুঃখ লোকঃ (ক ক)। ২ তৃপ্তি। [উদ্—উৎসাহ। প্র-উদ্ —প্রোৎসাহ। প্রতি প্রতিসহন। কস্তৎ প্রতিসহিষ্যতি রা ১ ৬৩ ৮।]

সহ¹ বিণ [সহ্+অ (অচ্)-ক, স্ত্রী -হা, 'সহ'—অভিভবিতা (ঋগ্বেদ ৮ ২০ ২০)] ১ ক্ষম। শত্রু° মহা ৩ ২৬৯ ১৩। রঘু ১৮ ২৪। ২ সহিষ্ণু। ভয়°, ভার°। সুখদুঃখ° গো রা ৪ ২১ ৩৩। শীতবাতাতপ° মহা ৩ ২৪১ ১৯। ৩ শক্ত, সমর্থ। 'কর্ত্তুমিদং ন সহাস্মি মাঘ ৯ ৫৯। —হ পুং ১ অগ্রহায়ণমাস। তু 'সহস্'। শুক্লযজুর্ব্বেদ ১৪ ২৭। ২ মহাদেব। "মহা ১৩ ১৭ ১২৬। —হ পুং, ক্লী বল। তু 'সহস্'। —হ স্ত্রী পাংশু-লবণ। —হা¹ স্ত্রী ১ পৃথিবী। ২ সহচরী। "উড়ুপ° ভ ১০ ৭১ ৩৫। ৩ মুদ্গপর্ণী, ঘৃতকুমারী, দণ্ডোৎপলা, শুক্লঝিণ্টী, রাস্না, স্বর্ণক্ষীরী, নখভেষজ।

সহ² ব্য ১ সাহিত্য। ন শয়ীত তয়া সহ মনু ৪ ৪০। রঘু ৩ ১৯। ২ সাকল্য। ৩ যৌগপদ্য। 'ঋগ্বেদ ৩ ৫৮ ৬। অস্তোদয়ৌ সহৈবাসৌ কুরুতে নৃপতির্দ্বিষাম্ (সু.র)। ৪ সাদৃশ্য। ৫ বিদ্যমানতা। ৬ সমৃদ্ধি। ৭ সম্বন্ধ। ৮ সামর্থ্য।

সহ³ সক [সং √সহ্ >প্রা √সহ, হি, ঠ, মৈ √সহ, গু √সহে, অস √সহ্] ১ সহ্য করা, সহা। 'আমার তিন ঢেউ যদি সহিবার পার।—গ ১৫৭। বৃদ্ধ লোকে ক্ষুধা নাহি সহে ভা চ ১০৩। ২ ক্ষমা করা। "কেমনে সহিছে তোরে নিদারুণ ধর্ম্মে ম পা ৮১। ৩ স্বীকার করা। "মজুরি সহিঞা তোকে আণিলোঁ মো ভারী শ্রী কী ১৭৪। [সহা²—সর্থ 'সহ³। সহিতে, -হিব, -বাক, -বোঁ -হিল, -লোঁ, -হে (শ্রী কী)। সহ, -হই, -হবি, -ত, -হুঁ (প ক)।]

সহ⁴ সর্ম [সাহ >সহ] সর্থ 'স⁹। [জল সহা—সর্থ 'জল-সওয়া'। দ্র 'স⁹। "ঘরে ঘরে জল সহে সকল অঙ্গনা ব প ৬৩৯। অমলা প্রয়োর সনে এথা সহে জল শ্রী মা ১৩০।]

সহঃ (-হস্) পুং [√সহ্+অস্ (অসুন্)-থি (শক্ত্যা সূর্য্যতেজস্বিন্

—অ.টী)] অগ্রহায়ণমাস। "মাঘ ৬.৫৭, ১৬ ৪৭। সহঃসহস্যৌ হেমন্তঃ। —সুশ্রুত ১.৬.৫। —হঃ ক্লী [+অস্-ণ] ১ বল, সামর্থ্য, পরাক্রম (সায়ণ)। "ঋগ্বেদ ১.২৪ ৬। মনু ৩.২২৫। ভ ৪.৫৫। ২ জ্যোতিঃ, দীপ্তি। [সহসা {সহস্+আ (টা—তৃতীয়া-১ব)}—বল দ্বারা। "(অহম্) অর্ণবং সহসা প্লুতঃ মহা ৩.১৪৮ ৬।]

সহকার বিণ [বহুব্রী] হকারসহিত। "নলোদয় ২.১৪। —কার পুং [সহ+ √কারি+অ (অচ্)-ক, সহ কারয়তি সঙ্গময়তি স্ত্রীপুংসাবিতি সহকারঃ অণ্ (অ টী)] ১ যাহা যুগপদ্ সৌরভ করায়, অর্থাৎ বায়ু দ্বারা বিক্ষেপ করায়, অতিসৌরভ আম্র, আম্রবৃক্ষ। "মহা ৩ ১৫৮ ৬৮। রঘু ৪.৯। স্বয়ংবরবধূঃ সহকারস্ত শ ১ ২/৯। শ্রী.কী ৩৫০। (মাধবী) সহকারে বেড়ি ধরে বি.পা ১০। স শ ৮৩। ২ [কর্ম্মধা] মিলিত কর্ম্মকরণ। —কার ক্লী সহকারপুষ্প। "°বৃতে সময়ে। —নলোদয় ২.১৪। [°ভঞ্জিকা (স্ত্রী)—ক্রীড়াবিশেষ। °মধু (ক্লী) —আম্রপুষ্পমধু। "বৃহৎসংহিতা ৭৭ ২৭।] [সহকারে—সহিত। "প্রদীপ° শ্রী.মা ১৩০। "দীর্ঘনিশ্বাসসহকারে সী ৮৯।]

সহকারী (-রিন্) বিণ [সহ+ √কৃ+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত, স্ত্রী -রিণী] ১ মিলিতকার্য্যকারক। ২ সাহায্যকারক। "ভাষাপরিচ্ছেদ ৮১। কারণকার্য্যসহকারিভূত সা দ ৫ ৪/৫। সহচরি। সহকারিণী যদি হও কর্ম্মে।—দা ৩৯৮। ৩ স্বভিন্ন স্বকার্য্যকারক (হেতু —ত বা)। —কারিতা স্ত্রী [°রিন্+তা (তল্)] সহকারিভাব, সহায়তা। আত্মজ্ঞান° মনু ২ ২, কুল্লুক। —কৃত বিণ [সুপসুপা] সহিতভাবে কৃত, সহাচরিত। "ভাষাপরিচ্ছেদ ৬৬।

সহখট্টাসন ক্লী [কর্ম্মধা] একখট্টাসন, একখাটে বসা। "মনু ৮.৩৫৭।

সহগমন ক্লী [কর্ম্মধা] ১ সহিতগমন, মিলিতগমন। ২ মৃত পতির সহিত পত্নীর মরণ, সহমরণ।

সহচর বিণ [সহ+ √চর্+অ (ট)-ক, উ ত, পা ২ ২ ১৭, তত্ত্ববোধিনী] সহচারী, অনুচর। 'কামিনীসহচরস্ত কামিনস্তস্ত রঘু ১৯ ৫। দূরীভূতে মরি সহচরে উ মে ২২। প্রিয়া° উ.চ ৩ ৮। —চব পুং ১ সখা, বয়স্য। "°মধু কু.স ২ ৬৪। ২ ভর্ত্তা, পতি। "তব সহচরো রামগির্য্যাশ্রমস্থ. উ মে ৪০। ৩ সহায়। "আত্ম° ভ ৫.৮.৩১। ৪ প্রতিবন্ধক। ৫ পীতঝিণ্টী, নীলঝিণ্টী। —চরী স্ত্রী [সহ চরী, সুপসুপা, তত্ত্ববোধিনী] ১ সহচারিণী, সখী, বয়স্যা। "সহচরী গণতহি শেখা বি.প ১৯৩। যাও সহচরি. মথুরামণ্ডলে: বিধুমুখী বোলে. সহচরী চলে চ দা ১৪০। বিস্তারে কহিল সহচরী ভা চ ৩৯৮। ২ পত্নী। "প্রিয়সহচরীসম্ভ্রমালিঙ্গিত পূ মে ২২ (প্রক্ষিপ্ত)। ৩ সহচারিণী হরিণী, তির্য্যগভার্য্যা। 'প্রেক্ষ্য স্থিতাং সহচরীং ব্যবধায় দেহম্ রঘু ৯ ৫৭। ৪ পীতঝিণ্টী, নীলঝিণ্টী। ৫ (বাঙলায়) কিঙ্করী। "শয়নমন্দিরে রায়, বৈকালিক নিদ্রা যায়, সহচরী চামর ঢুলায় ভা চ ৩৭৫। [সহচরীধর্ম্ম (পুং)—মৈথুন। "হ ২১.৩১।]

সহচরণ ক্লী [কর্ম্মধা] মিলিতগমন, সহগমন। —চরিত বিণ [সুপসুপা] সহকৃত, সহানুষ্ঠিত। "দণ্ডভক্ষণসহচরিতমপূপভক্ষণম্ সা দ ১০ ৮৩/৪। —চার পুং [কর্ম্মধা] ১ সহগমন, মিলিতগতি। ২ অনতিক্রম, নিত্যসম্বন্ধ। বিপ 'ব্যভিচার'। '°গ্রহ।—ভাষাপরিচ্ছেদ ১৩৭। —চারিণী স্ত্রী [°রিন্ +স্ত্রী ঈ (ঙীপ্)] সহচরী, সখী। —চারী (-রিন্) বিণ [সহ+ √চর্ +ইন্ (ণিনি)-ক-১ব, উ ত, স্ত্রী -রিণী] ১ অনুচর, সহচর। "(ভার্য্যা) বিযুক্তা পতিনা তেন পতিনা সহচারিণা রা ১.২.১২। তেষাম্ ...সহচারিণী (শবরী) গো.রা ৩.৭৩.২০। ২ সম্বন্ধী, আনুষঙ্গিক। "গো-সহচারিণো গুণাঃ সা দ ২ ১/১০।

সহচরিত, সহচার, সহচারিণী, সহচারী দ্র 'সহচরণ'।

সহজ বিণ [সহ+ √জন+অ (ড)-ক; উ ত; স্ত্রী -জা] ১ জন্মের সহিত জাত; সহোত্থিত, স্বভাবজ, নৈসর্গিক, স্বাভাবিক। "সহজো দোষো গুণো বা দুরতিক্রমঃ গো রা ৬.১২.১১। সহজং কবচং বিভ্রৎ (সুতঃ) মহা ১ ১১১.১৯; সহজঃ পিপ্লুঃ ৩.৬৯.৫। সহজং কর্ম্ম কৌন্তেয় সদোষমপি ন ত্যজেৎ গী ১৮ ৪৮। সহজং কিল যদ্ বিনিন্দিতং ন হি তৎ কর্ম্ম বিবর্জ্জনীয়ম্ শ ৬ ১। রঘু ৮.৪৩। আজন্ম আমার দেখি সহজ এ কর্ম্ম।—ম ৪১৯। সহজ শোহায়ন প্রবণক ওর।—গো ১২৪। নাহি কাঁহাসো বিরোধ, নাহি কাঁহা অনুরোধ, সহজ বস্তু করি বিবেচন। যদি হয় রাগদ্বেষ,...সহজ বস্তু না যায় লিখন॥—চৈ.চ ৮২; ১৬৩। যাহা আমাদের সঙ্গে জন্মিয়াছে, তাহা সহজ। সকল বৃত্তিই সহজ। —অ শী ১৯। ২ একশরীরাবয়বত্ব হেতু সহজাত। "মাঘ ২ ৩৬। ৩ (বাঙলায়) সুখবোধ্য, সুগম, সোজা (অঙ্ক, প্রশ্ন)। [যাহার যে বিষয় স্বাভাবিক, তাহার তাহা অনায়াসে হৃদয়ঙ্গম হয়, সুতরাং তাহা 'সহজ বা সোজা'।] ৪ অনায়াসসাধ্য, সুকর (কাজ)। ৫ সাধারণ, সামান্য। "সহজ লোকের কথা যাঁহা দিব্যগীত চৈ.চ ১১৩। ৬ প্রাকৃত, অবুঝ, বোকা। "সহজ হস্তে পড়নি এবার।—কা ১০৩। ৭ সরল, অমায়িক। "ও সহজ লোক নয়। ৮ সামান্য, নগণ্য, হেয় (কথা)। ৯ প্রকৃতিস্থ, সুস্থ। "শোকদুঃখে সহজ মানুষ পাগল হয়। ১০ রাগমার্গে পরকীয়ারতিসম্বন্ধী। "সহজ ভজন চ দা ১৪৮, সহজ পিরীতি ১৫৫। সহজ আচার, সহজ বিচার, সহজ বলিব কায় চ সা ৩৪৮। ১১ সহজভজনে রসিক। "সহজ ভজন, পাইবে সে জন, সহজ মানুষ সে।—চ.দা ১২২। —জ বি সহজভজন। "নিত্যের আদেশে. বাশুলী চলিল. সহজ জানাবার তরে চ সা ৩৩০। —জ পুং ১ 'তুল্যজাত' (অ টী), সহোদর। "লক্ষ্মী°। ২ নিসর্গ, স্বভাব। "সহজ তোহর বা পরজন্তগামী বি.সা ৩১৫। —জ ক্লী (জ্যোতিষে) জন্মলগ্ন হইতে তৃতীয়স্থান। [°ধার্ম্মিক (বিণ)—স্বভাবতঃ ধর্ম্মপরায়ণ। "হি ১ ২/৫ ৪/৪। °বৎসল (বিণ)—স্বভাবতঃ স্নেহপ্রবণ, প্রকৃতিকরুণ। °মলিন (বিণ)—স্বভাবতঃ ম্লান। °মিত্র (ক্লী), °সুহৃৎ (-দ্) পুং—স্বাভাবিকসুহৃৎ, ভাগিনেয়-মাতৃষ্বসেয়-পৈতৃষ্বসেয়াদি (মিতাক্ষরা—শ.ক)। দ্র 'মাঘ ২.৩৬, মল্লিনাথ। °শত্রু, সহজারি (পুং)—স্বাভাবিক শত্রু; পিতৃব্যতৎপুত্রাদি। দ্র 'মাঘ ২.৩৬, মল্লিনাথ।] [সহজ—স্বভাবতঃ। "সহজপ্রসন্ন মুখ বি.সা ৭২। কেহ বলে এই বেটা সহজ বব্বর ম ম ১৪৭। সহজই, -জহি, -হিঁ—স্বভাবতঃই। "সহজহি আসন সুন্দর রে বি সা ৭৩। সহজহি বি প ১৯৩, তোঁহে জলধর সহজহিঁ জলবাজ ২১১। সহজই কাঞ্চন, কাঁতি কলেবর।—ব ১৫।]

সহজভজন, সহজসাধন দ্র 'সহজিয়া'।

সহজাঙ্গ বিণ সুস্থ বা নীরোগ দেহ। "°ে ব্যাধি করি।—ম ৫৬।

সহজাত বিণ [সুপসুপা] ১ সহিতজাত, সহোত্থ, স্বভাবজ। '°জাতেও শৈঃ ক.সা ১১৩.২২। ২ সহোদর, যমজ (শ ক)।

সহজারি পুং [কর্ম্মধা] স্বাভাবিকশত্রু, সাপত্ন্যপিতৃব্যতৎপুত্রাদি (মিতাক্ষরা—শ.ক)।

সহজার্থ বি শব্দের অভিধাবৃত্তিগত অর্থ, মুখ্যার্থ। "এইমত প্রতিসূত্রে °র্থ ছাড়িয়া। গৌণার্থ ব্যাখ্যা করে কল্পনা করিয়া॥—চৈ.চ ৩৫।

সহজিয়া, -জী, -জীয়া বি [হি °জিয়া] গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়বিশেষ। [ইঁহাদের মতে শ্রীকৃষ্ণ জগৎপতি, সুতরাং তিনিই কেবল সকলের একমাত্র পতি। যিনি গুরু তিনিই শ্রীকৃষ্ণ এবং শিষ্যারা শ্রীমতীরাধিকাস্বরূপ। নামাশ্রয় মন্ত্রাশ্রয় ভাবাশ্রয় প্রেমাশ্রয় ও রসাশ্রয় এই পঞ্চবিধ আশ্রয় ভজনপ্রণালীর অন্তর্গত। সহজীদিগের মতানুসারে শেষ দুইটি সর্ব্বপ্রধান। ঐ রস নায়কনায়িকার সম্ভোগস্বরূপ। উহা দুইপ্রকার, স্বকীয় ও পরকীয়। সহজসাধনে পরকীয় রসই শ্রেষ্ঠ।

গুরু শিষ্য উভয়ে ঐ দুই আশ্রয়ে আশ্রিত হইয়া ও আপনাদিগকে শ্রীকৃষ্ণ ও শ্রীরাধিকা জ্ঞান করিয়া রাধাকৃষ্ণের অনুরূপ রাসলীলা করিতে প্রবৃত্ত থাকেন। ইহাকেই সহজ সাধন কহে (ভা.উ, ১ম ভাগ)।]

সহজে ক্রি বিং [°জ+এ°, সং সহজেন > প্রা সহজে (পৈ ১৬), মৈ °জে'—ধীরে] ১ স্বভাবতঃ, স্বভাবানুসারে। "সহজে মাতঙ্গ অনুক্ষণ মদে মত্ত।—ম ১৩। ব ১৫১। সহজে অনুয় জাতি পরম রৌরব শ্রী ম ১৫৫; সহজে সুন্দর দোহে ১৬৮। সহজে সবার, বিকট আকার ভা চ ৭২। সহজে দুর্ব্বল মোরা।—ন ৪১৯। আমরা সহজে অবিশ্বাসিনী ব প্র ৩। ২ জন্মগতসম্বন্ধে, জন্মানুসারে। "(তুমি) সহজে সোদরা ভগ্নী হইলে আমার।—ম ৬৪। সহজে যাদববংশে আছয়ে ভাইআল শ্রী ম ২১৪। ৩ জাতি অনুসারে। "তুহু গোঙাবিণি, সহজে আহিরিণী বি প ১১৮। রাখালের বেটা তুই সহজে রাগাল ব প ৪৩৪। ৪ স্বভাবে, পরমার্থতঃ, তত্ত্বতঃ, বস্তুতঃ। "সহজে গোপীর প্রেম নহে প্রাকৃত কাম চৈ চ ১১৯। ৫ সাধারণভাবে। "লোক তারে কাল কয়, সহজে সে কাল নয়, নীলমণি মুকুতার পাতি।—জ্ঞা ৮। ৬ বিনা প্রয়াসে, অর্থাৎ সম্বন্ধপরম্পরায়। "সহজেই পূজ্য তুমি—আর ত সন্ন্যাস চৈ চ ১০১। ৭ বিনা কষ্টে, অনায়াসে। "উকীল।—(হাসিয়া) কিসে চিনলে? কমলাকান্ত।—বড় সহজে। মোটা চেন আর ময়লা শামলা দেখিয়া ব.প্র ৬৪৪। ৮ ইচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছায়। "সহজে যাইবা তুমি লগাইব সংহতি ম ম ১৯৯। ৯ অল্প বা সামান্য চেষ্টায়। "সহজে কারও পাওয়া যায় না। আমি তাকে সহজে ছাড়ব না। [সহজেই (°জে+ই°)—অনায়াসেই। "সহজেই তাহারা স্ত্রীর ক্রীড়ামৃগ হয়।—চৈ ১১। সহজে—স্বভাবতঃ। "সহজে রূপসী,...লাসবেশ তোর কিসে শ্রী কী ৬০।]

সহজেতর বিণ [সুপ্‌সুপা] সহজভিন্ন, অস্বাভাবিক, কৃত্রিম।

সহতা স্ত্রী, **-ত্ব** ক্লী [সহ+তা (তল), +ত্ব] সহিষ্ণুতা, সহনশীলতা। 'বিচারসহতা ক সা ১৭ ৫১। শব্দপরিবৃত্তিসহত্বাসহত্ব সা দ ১০৬।

সহত্ব দ্র 'সহতা'।

সহদল বিং সসৈন্য। " লে চলিল বাজন।—জ ২৬।

সহদার বিণ [বহুব্রী] ১ সদার, সস্ত্রীক। ২ কৃতদার।

সহদেব বিণ [বহুব্রী, স্ত্রী -বা] দেবসহিত, সদেব। "ভ ৪ ২ ৯। —দেব পুং পাণ্ডববিশেষ। [ইঁহার পিতা পাণ্ডু ও মাতা মাদ্রী। ইনি কনিষ্ঠ পাণ্ডব। গোতত্ত্বে ইঁহার বিশেষ পাণ্ডিত্য ছিল। বিরাটগৃহে ইনি 'তন্তিপাল' নাম ধারণ করিয়া বিরাটের গোরক্ষা করেন। ভারতযুদ্ধে শকুনি ইঁহার হস্তে নিহত হন। দ্র 'কুন্তী'।]—দেবা স্ত্রী ১ অর্হন্মাতা। ২ বসুদেবপত্নী। ভ ৯.২৪ ২৩। ৩ বলা, শারিবা, দণ্ডোৎপল। —দেবী স্ত্রী পীতদণ্ডোৎপলা, মহাবলা। [সহদেবীগণ—বলা শতমূলী শতাবরী ইত্যাদি ওষধিসমূহ (গরুড়পুরাণ, ৪৮শ অধ্যায়)।]

সহদেবা, সহদেবী, সহদেবীগণ দ্র 'সহদেব'।

সহধর্ম্ম পুং [সদৃশ ধর্ম্ম, নিত্য কর্ম্মধা] সমানধর্ম্ম, একধর্ম্মকর্ম্ম। 'মহা ১৩.১৯১, ২, ৪, ৬। —ধর্ম্মিণী স্ত্রী [°র্ম্ম+ইন্ (ইনি) +স্ত্রী ঈ (ঙীপ্)] 'পতির সহধর্ম্মবতী, বেদবিধিমতে পরিণীতা নারী, পত্নী, ভার্য্যা। "যজ্ঞানুষ্ঠানকালে সহধর্ম্মিণী কে হইবেক—সী ৭৩। [°চর (বিণ)—সমানধর্ম্মাচারী, একধর্ম্মানুষ্ঠাতা। 'অনুগচ্ছস্ব মা' ভীরু সহধর্ম্মচরী ভব রা ২ ৩০ ৪০। °চরী মহা ১ ১৫৭ ৩১। °চরণ (ক্লী) সমানধর্ম্মাচরণ, সহিত-ধর্ম্মাচরণ। "ইদানীমাপন্নসত্ত্বা প্রতিগৃহ্যতাং সহধর্ম্মচরণায় শ ৫৩২।]

সহধর্ম্মচর, -চরণ দ্র 'সহধর্ম্ম'।

সহধর্ম্মচারী (-রিন্) বিণ [°র্ম্ম+ √চর্+ইন্ (ণিনি)-ক-১ব, উত; অথবা, সহ ধর্ম্মচারী, সুপ্‌সুপা, স্ত্রী -রিণী] সমানধর্ম্মাচরণশীল, একধর্ম্মানুষ্ঠাতা। "ভব স্বভর্ত্তুঃ সহধর্ম্মচারিণী রা ৩ ১১৭.২৯। —চারী পুং পতি, ভর্ত্তা। "ইদানীং সহধর্ম্মচারিণং প্রতি ন ত্বয়া মন্যুঃ কার্য্যঃ শ ৭৩২। —চারিণী স্ত্রী ১ সহধর্ম্মিণী, পত্নী। "রঘু ১৯.৫৫। বিক্র ৫২৪। কা তহিঁ যজ্ঞে সহধর্ম্মচারিণী উ চ ২৬। ২ সমানধর্ম্মাচরণশীলা। "অনসূয়ে গতবতী বাং সহধর্ম্মচারিণী শ ৪২২।

সহধর্ম্মচারিণী; সহধর্ম্মিণী দ্র 'সহধর্ম্মচারী, সহধর্ম্ম'।

সহন বিণ [√সহ্+অন (ল্যুট্)-ক, স্ত্রী -না] সহনশীল, ক্ষমী, সহিষ্ণু, তিতিক্ষু (অ কো)। 'সদ্‌গুণাসহনঃ খলঃ ক সা ২৪ ২০৭। —হন ক্লী [+অন (ল্যুট্)-ভা] মর্ষণ, তিতিক্ষা, ক্ষমা, সহ্য। "অপমানাদেঃ সহনম্ সা দ ৩ ১০৭। পুনরপি বলে মোরে সহনে না যায়।—ম ২১। হাম অবলা দুঃখ সহনে না যায় বি প ১৮৪, সহনে না যায় ১৯৯। সহনে নাহিক যায় প র ৬৬। বি পা ২৩৯,-৪২। ব প ২৩৩, ৭৯৩। চৈ.চ ৩০৩। মানসিক যন্ত্রণা-সহনে অবসন্ন ব প্র ৭৫, আয়েসার পবিত্র চিত্তে এ তিরস্কার সহনাতীত হইল ৮৯। —হনীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] মর্ষণীয়, ক্ষন্তব্য। 'রা ৭ ৪৩ ১৯, ৫৮ ১৪। [°শীল (বিণ)—সহিষ্ণু ক্ষমাশীল।]

সহনর্ত্তন ক্লী [কর্ম্মধা] মিলিতনৃত্য, একক মণ্ডলাকার নৃত্য।

সহনাম বিং সমাননামা। "(কন্যা) মোর 'ম হয় বি পা ৮৫।

সহপাংশুক্রীড়ন ক্লী, **-ক্রীড়া** স্ত্রী [কর্ম্মধা] শিশুগণের মিলিত ধূলিখেলা। "সহপাংশুক্রীড়নপ্রোঢ়সখ্য (মা মা)।

সহপাঠী বি সহাধ্যায়ী (fellow-student)। "হেম ২৯২।

সহপান, -নক ক্লী [কর্ম্মধা] সহিত পান, মিলিত সুরাপান।

সহপিণ্ডক্রিয়া স্ত্রী [কর্ম্মধা, ব ত] মিলিত পিণ্ডের ক্রিয়া, সপিণ্ডীকরণ, সপিণ্ডন। 'মনু ৩ ২৪৮।

সহপুত্র বিণ পুত্রসহিত, সপুত্র। "শ্রী মা ২০৬।

সহপ্রযায়ী (-য়িন্), -প্রস্থায়ী (-য়িন্) বিণ [সহ+প্র-√যা, +প্র-√স্থা +ইন্ (ণিনি)-ক-১ব উত স্ত্রী -য়িণী, -য়িনী] সহগামী, সহচারী। "(তাম্) সহপ্রযায়িনী' চাক ক সা ১৮ ৮৭, (তাম্) সহপ্রস্থায়িনীং বাধাং ১০ ৭০।

সহপ্রস্থায়ী দ্র 'সহপ্রযায়ী'।

সহবতি, -তী বি [আ মুস্ত বতী] ১ সহচর, সঙ্গী। "চক্রবর্ত্তী গোপাল দেয়ান সহবতি ভা চ ২৪। ২ সহকারী (assistant)। 'সহবতী টিসাব নিকাশ বাজে দফা (মুহুরির বাখিল) ভা চ ৫৪০।

সহবতী দ্র 'সহবতি'।

সহবসতি স্ত্রী [কর্ম্মধা] সহিত বাস, মিলিতাবস্থান, সহবাস। 'সহবসতিমুপেতা যৈঃ (মৃগৈঃ) প্রিয়ায়াঃ শ ২ ৩।

সহবাস পুং [কর্ম্মধা] ১ সর্ব 'সহবসতি'। "ত্বয়া নো রোচতে কৃষ্ণ সহবাসঃ মহা ৩ ২২৯ ২১। ক সা ১০ ১৮। চিরদিন আমার কন্যার সহবাস ঘটিবেক না ব প্র ৬৫, নিশীথে একাকিনী বন্দিসহবাস নবাবপুত্রীর পক্ষে উত্তম ৮৯, আমি তোমার স্বামী। আমায় সহবাসই তোমার ধর্ম্ম ৫০৮। ২ (বাঙ্গলায়) পতির পত্নীর সহিত অবস্থান, স্ত্রীসম্ভোগ। [বালকের সহিত সহবাস (অসাধু)—বালকের সহবাস (সাধু)। "আ দু ৬৫।]

সহবাসিক বিণ [°স+ইক (ঠন)] সহবাসযুক্ত, একত্র বাসকারক। —বাসী (-সিন্) বিণ [সহ+ √বস্+ইন্ (ণিনি)-ক-১ব, উত] সর্ব 'সহবাসিক'।

সহব্রত বিণ [বহুব্রী] সদৃশব্রত, সমানধর্ম্মা। —ব্রতা স্ত্রী সহধর্ম্মচারিণী, পত্নী। "হ ৩৮ ৯।

সহভাব পুং [কর্ম্মধা] সহিতভাব, সাহিত্য। —ভাবী (-বিন্) বিণ [°ব +ইন্ (ইনি)-১ব] সহায় (ত্রিকাণ্ডশেষ)।

সহভূ বিণ [সহ+ √ভূ+কিপ্ (০)-ক ; উ.ত] সহজাত, স্বাভাবিক, নৈসর্গিক। "সহভূবা...স্থিরা।—রত্নাবলী ১২।

সহভোজন স্ত্রী [কর্মধা] ১ মিলিতভোজন, একত্রভোজন। ২ সহভোগকরণ। "রক্ষস্ত সহভোজনম্ মহা ১.১৯৫.২৫। —ভোজী (-জিন্) বিণ [সহ+ √ভুজ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ ত , স্ত্রী -জিনী] মিলিতভোজী, পঙ্‌ক্তিভোজী (mess-mate)।

সহমরণ স্ত্রী [কর্মধা] মৃত পতির সহিত পত্নীর চিতারোহণপূর্ব্বক মৃত্যু, মৃতপতির সহগমন।

সহমান বিণ [√সহ্+মান (শানচ—মান)-ক] যে সহিতেছে বা সহে, ক্ষমমাণ। "(তরুগণ) বাত বরিষণ তাত হিম °ন শ্রী ম ৭০।

সহমৃতা বিণ, স্ত্রী [সুপসুপা] মৃত পতির সহিত চিতারোহণপূর্ব্বক মৃতা। "পতিব্রতা সহমৃতা।—পঞ্চরাত্র ১২৭৭। সহমৃতা হবে তার ভার্য্যা।—ম ৭৪০। শ্রী ১৬৮,-৮৪। বি সু ১১০।

সহযায়ী (-য়িন্) বিণ [সহ+ √যা+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] সহগামী, সহচর। "ক সা ২১.১১২।

সহযুদ্ধ বি দ্বন্দ্বযুদ্ধ। "°দ্ধ হৈল দুইজন।—ম ৮৬১।

সহযোগ বি ১ সহিত যোগ, সংযোগ। "সুখ-দুঃখ শরীরের সহযোগে জন্ম।—ম ৫৬০। ২ এক যোগ, সম্মেলন, সমবায়। "উপাদান-সহযোগে প্রস্তুত। —যোগিতা বি সহকারিতা, সাহায্য। —যোগী (-গিন্) বি° সহকারী, সহায়।

সহর, সহরকোটাল, সহরঘেঁষা, সহরতলী, সহরপনা, সহরীয়া, সহুরে দ্র 'শহর, শহরীয়া'।

সহর্ষ বিণ [বহুব্রী] বিদ্যমানহর্ষ, সানন্দ। "ক সা ২ ২৩। —র্ষ ক্রি বিণ সানন্দ, হৃষ্টভাবে। "বিক ১২১১।

সহল বি [দ্র 'শল২'] ১ শৈথিল্য, কর্ম্মে শৈথিল্য। "সহল দিলে কি মহল বহাল থাকে ?—দা ২১৩২। —লে ক্রি.বিং শিথিলভাবে, কোমলভাবে, ধীরে। "উরুতের উপরে উমার হস্ত রাখি। সহলে সহলে মলে তেলে জলে মাখি।—শি ১০৩। ২ সহজভাবে, বিনা বলপ্রয়োগে। "বলিয়া ছলিয়া সহলে সহলে। রসিয়া পশিল ভ্রমরা কমলে।—ভা চ ৩৬২।

সহশয্যাসনাশন বিণ [সহ শয্যাসনাশন যাহার, বহুব্রী] সহিতশয়নোপবেশনভোজন, অর্থাৎ যাহাদের শয়ন উপবেশন ভোজন একসঙ্গে। "°নাঃ (বৃষ্ণয়ঃ) ভ ১০ ৬৮ ২৫।

সহস বিণ [বহুব্রী] 'বিদ্যমান হস', সহাস্য। "মাঘ ৬ ৫৭।

সহসংবেগ বিণ [বহুব্রী] সোদ্বেগ, সভয়। "মনোভিঃ সহসংবেগৈঃ সংস্মৃত্য মহা ৫.১৬৮.২৮।

সহসম্ভব বিণ [বহুব্রী] সহিতজন্মা, সহজ।

সহসা অ [°স+আ(টা)] ১ অতর্কিত, অকস্মাৎ, হঠাৎ। 'সঃ· ·সহসা ধর্ম্মমাস্থিতঃ রা ২ ৭৪ ১৮, ভবতঃ পুত্র. সংসাভিঃতে ময়া ১৯, রঘু ৭.৬, ১৩.১১। (রমা) সুবিধা পাইলে সহসা তাঁহাকে আক্রমণ করিয়া ধরিয়া লইয়া যাইত ব প্র ৪৫৮। ২ শীঘ্র। "মাঘ ৬ ৫৭। ৩ অবিমর্ষপূর্ব্বক, অবিচারে। 'ময়াযমর্থঃ সম্মোহাৎ স্ত্রীহেতোঃ সহসা কৃতঃ রা ২ ৫৯.১৯। সহসা বিদধীত ন ক্রিয়াম্ কি ২ ৩০।

সহসাৎ, -সাত '-ত্' অব্য [সহসা > °ৎ, তু 'হঠাৎ, অসাধু] ১ অকস্মাৎ। "ধনঞ্জয় বলেন সহসাৎ ম বি ৬৩। °ত গো.বি ১৯৫, অ.প ২৮,-৯, ব প ৬১৯। ২ শীঘ্র। "নিদ্রা হইতে চেতাইয়া দিবা সহসাত ম.ম ২৭।

সহস্ত বিণ [বহুব্রী] বিদ্যমানহস্ত, সকর। "ভ ১ ১৩ ৪৭।

সহস্থ বিণ [সহ+ √স্থা+অ (ক)-ক, উত] সহস্থিত, সহবর্ত্তী, সহচর। "ক.সা ১০৮ ১৫৭।

সহস্থিত বিণ [স ত] সর্থ 'সহস্থ'। "ক সা ৪২ ৯৫।

সহস্য পুং [সহস্+য (যৎ), "°স্য—বলপ্রভব (ঋগ্বেদ ২.২.১১) 'অগ্রহায়ণের পরে ভব' (অ.টী)], পৌষ। "শুক্লযজুর্ব্বেদ ৭.৩০। (দ্বিতীয়) সহস্যরাত্রীরুদবাসতৎপরা কু স ৫.২৬। °চন্দ্র রঘু ১৪.৮৪। সহঃসহস্যৌ হেমন্তঃ।—সুশ্রুত ৬.৫।

সহস্র ক্লী [সহস্+র অত্যর্থে (বলমস্মিন্নস্তি—নিরুক্ত টীকা, মেধ্যাজবন্ধা—শ.ক, "স্র' পুং, ক্লী (অর্দ্ধর্চাদি)] ১ দশশতসংখ্যা, হাজার। "যুগ° মনু ১.৭৩, সহস্রং সহস্রাণাম্ মনু ৩.১৩১। বৎসর°, বর্ষ°, রাত্রি°, সুবর্ণ° (S W.)। ২ বহু। "যত্তাঃ সহস্রং গ্রামাণাং সংপ্রাপ্তমুপজীবিনাম্ রা ২.৩১ ২২। °দ মনু ৩.১৮৬। ৩ সহস্র পণ-মুদ্রাদি। "লোভাৎ সহস্রং দণ্ড্যঃ মনু ৮.১২০, ৩৩৬। —স্র স বিণ ১ সহস্রসংখ্যক (সায়ণ)। "ঋগ্বেদ ১.১০২ ৭। °নয়ন, °নেত্র, °পতি। কার্ত্তবীর্য্যার্জ্জুন রাজা সহস্রবাহুধর।—কৃ ৩১৮। ২ অনন্ত (সায়ণ)। "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।—ঋগ্বেদ ১০ ৯০.১। সহস্র শিবের সারি, সহস্র কিরীটধারী, লোহিত সহস্রেক আঁখি।...প্রচণ্ড সহস্র করে, সহস্র আয়ুধ ধরে, সহস্র পদপঙ্কজে, সহস্র নূপুর বাজে শ্রী.ম ১৬১। ৩ বহুসংখ্যক, অনেক। "কৌশল্যা বিভৃয়াদার্য্যা সহস্রং মদ্বিধানপি রা ২ ৩১.২২। °করপন্নেত্র যাজ্ঞ ৩ ১১৯। [°ক (বিণ)—সহস্রশীর্ষা। "যাজ্ঞ ৩.১১৯। °কর (পুং)—১ সহস্ররশ্মি। "ক সা ১২০.৪৪। ২ সূর্য্য। °করপন্নেত্র (বিণ)—অনন্তকরপাদনেত্র। "যাজ্ঞ ৩ ১১৯। °কিরণ (পুং)—'সহস্রকর', সূর্য্য। °গু (বিণ)—গোসহস্রপরিমিতধন। 'মনু ১১.১৪। °গু (পুং) সূর্য্য। বৃহৎসংহিতা ২৮.১৮। °গুণ (ক্রি বিণ)—বহুগুণ, সহস্রধা। "রঘু ১ ১৮। °চক্ষুঃ, (-ক্ষুস্) পুং—'সহস্রনেত্র', ইন্দ্র। "বৃহৎসংহিতা ৪৩ ৫৮। ব প ৬৮৮। °চরণ (পুং)—'সহস্রপাৎ', বিষ্ণু। "গো.রা ৬ ১০২.২২। °জিৎ (পুং)—বিষ্ণু। °ণী (পুং)—'সহস্ররথিপালক', ভীষ্ম। "ভ ঃ ৯ ৩০। °দ (বিণ)—বহুপ্রদ, ভূরিদাতা। "রা ১ ৫.২৩। মনু ৩ ১৮৬। °দংষ্ট্র (পুং)—'বহুদন্ত', পাঠীন, বোয়ালমাছ (সুশ্রুত)। °দীধিতি (পুং)—সহস্ররশ্মি', সূর্য্য। °দৃক্ (-শ্), °নয়ন, °নেত্র (পুং)—১ 'সহস্রচক্ষুঃ' ইন্দ্র। "°ন রা ৭ ৭২.৮। "ত্র রঘু ৬ ১৩। ২ বিষ্ণু। °পতি (পুং) 'সহস্রগ্রামাধিপতি। "মনু ৭ ১১৫। °পত্র (বিণ)—সহস্রদল (পদ্ম)। "মহা ৩ ১৪৬ ২। (ক্লী)—'বহুদল', কমল। "রঘু ৭ ১১। °পাৎ (-দ্) পুং—পুরুষ, বিষ্ণু। দ্র 'সহস্র (২)। °বেধী (-ধিন্) পুং—কস্তুরী। (ক্লী)—হিঙ্গু। °মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং—১ 'সহস্রশীর্ষ', বিষ্ণু। মহা ১৩ ১৪৯ ৩৭। ২ শিব। "মহা ১৩.১৭ ১৩২। °মৌলি (পুং)—বিষ্ণু। °রশ্মি, °রুক্ (-চ্) পুং—'সহস্রকিরণ', সূর্য্য। "°শ্মি কু স ৭ ৪১। °লোচন (পুং)—১ 'সহস্রাক্ষ', বিষ্ণু। ২ ইন্দ্র। "রা ৭ ৩২.৭২। রঘু ১১.৪৩। °শিখর (পুং)—বিন্ধ্য। °শিরাঃ (-রস্) বিণ বহুমূর্দ্ধা। "গো রা ৪.৪০ ৫৩। °শীর্ষ, শীর্ষা (-র্ষন্) (বিণ)—সহস্রমস্তক। দ্র 'সহস্র (২)। শীর্ষা (স্ত্রী)—ঋগ্বেদের ষোড়শর্চ্চ পুরুষসূক্ত। দ্র 'ঋগ্বেদ ১০.৯০। °শীর্ষাজাপিন্ যাজ্ঞ ৩.৩০৪। °শ্রবণ (বিণ) 'বহুকর্ণ', বিষ্ণু। তু 'গী ১৩ ১৩। °সংখ্য, °সংখ্যক (বিণ)—সহস্রসংখ্যাবিশিষ্ট, সহস্র।]

সহস্রকিরণমালী (-লিন্) বি 'সহস্রকরমালাবিশিষ্ট', সূর্য্য। "হেম ১৯৫।

সহস্রধারা বিং [দ্র "ধারা', সং সহস্রধার] বহুধারাযুক্ত, বহুছিদ্র। "°রা ঘটে বি.পা ৪৮। —ধারা বি ১ বহুছিদ্র ঘট। "°রায় বারি এনেছিলাম আমি ব্রজে।—দা ২০১। ২ বহুধারা। "পড়িতে লাগিল বারি সহস্রধারায়।—দা ৩৩০।

সহস্রতম ক্লী [°স্র+তম (তমপ্)] সহস্রসমূহ। "মাঘ ৯.৮০।

সহস্রদল বিণ [বহুব্রী] সহস্রপত্র (পদ্ম)। —দল ক্লী ১ পদ্ম (অ.টী)। ২ (বাঙ্গলায়) শিরস্থ সহস্রার। "শ্রী ৮১। [°পদ্ম (ক্লী)—সহস্রার। "সহস্রদলপদ্মম্।—পঞ্চরাত্র ১.৩.৭১।]

সহস্রধা ব্য [°স্র+ধা (ধাচ্)] সহস্রপ্রকারে, বহুখণ্ডশঃ। "(হৃদয়ম্) ন বিদীর্ণং সহস্রধা গো.রা ২.৬২.২১। বীর্য্যে কিং ন সহস্রধাহম্ উ.চ ৬.৪০। কি ৫.১৭।

সহস্রধার বিণ [বহুব্রী] ১ সহস্রধারাবিশিষ্ট, সহস্রাস্রি, বহুকোটিক। ২ বহুজলধারাযুক্ত। —ধার পুং সুদর্শনচক্র। —ধারা স্ত্রী দেবতাস্নানার্থ বহুছিদ্রঘটনিঃসৃত জলধারা। "°ধারয়া দেবীং স্নাপয়ামি সুরেশ্বরীম্ (শ.ক)। °ধারাতে পুন সেচন কবাল্যা।—দ্রু ২০।

সহস্রপাদ বিণ [বহুব্রী, তু "পাদ"] ১ সহস্রকর, বহুকিরণ। ২ সহস্রচরণ। —পাদ পুং ১ সূর্য্য। ২ বিষ্ণু। ৩ কারণ্ড পক্ষী। —পাদ ক্লী [স ন্ধি] সহস্রচরণ। "সহস্রপাদোরুভুজাসনাদ্ভুত (রূপ) ভ ১.৩৪।

সহস্রবদন পুং [বহুব্রী] ১ বিষ্ণু। ২ (বাঙলায়) সহস্রমুখ। "চৈ.চ ৩০। তাহা বর্ণিবারে নারে সহস্রবদনে ন.প ৩৭১।

সহস্রবাহু বিণ [বহুব্রী] সহস্রভুজ, বহুবাহু। —বাহু পুং ১ বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "গী ১১.৪৬। ২ শিব। "মহা ১৩.১৭.১৩১। ৩ কার্ত্তবীর্য্যার্জ্জুন। ৪ বাণরাজ। [ধর (বিং)—ভুজসহস্রধারী। "কু ৩১৮।

সহস্রভুজ বিণ [বহুব্রী] সর্ব 'সহস্রবাহু'। —ভুজ পুং ১ বিষ্ণু। "ভ ১.৩.৪। ২ কার্ত্তবীর্য্যার্জ্জুন। ৩ বাণরাজ। "ম.পা ৮৩। —ভুজা স্ত্রী মহিষাসুরমর্দ্দিনী মহালক্ষ্মী; দুর্গামূর্ত্তিবিশেষ।

সহস্রভুজা দ্র 'সহস্রভুজ'।

সহস্রশঃ (-শস্) ব্য [°স্র+শঃ (শস্)] ১ সহস্রে সহস্রে, হাজারে হাজারে। "শুক্লযজুর্বেদ ১৬৬। °শঃ (অভ্যাদবন্নরাঃ) রা ২.৫৭.৯। নৃপাঃ সন্তু সহস্রশোহন্তে রঘু ৬.২২। ২ সহস্র সহস্র, বহু। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ গী ১১.৫।

সহস্রাংশু বিণ [বহুব্রী] সহস্রকর। "সহস্রাংশুর্দিবাকরঃ গো.রা ৩.৩৩.১২। —শু পুং সূর্য্য। "°সমপ্রভ মনু ১.৯।

সহস্রাক্ষ বিণ [সহস্র অক্ষি যাহার, বহুব্রী, 'অ' (যচ্); স্ত্রী -ক্ষী] সহস্রনেত্র, বহুনয়ন। "°ক্ষঃ (পুরুষঃ)।—ঋগ্বেদ ১.৯০.১। —ক্ষ পুং ১ ইন্দ্র। "রা ২.২৫.৩২। সরসি °কান্তিধবে।—বৃহৎসংহিতা ৪৮.৯। ক.চ ১৩। মে ৬৭। ২ বিষ্ণু। ৩ শিব।

সহস্রাধিপতি পুং সহস্রগ্রামাধ্যক্ষ। "মনু ৭.১১৯।

সহস্রার বিণ [সহস্র আর যাহার, বহুব্রী] ১ সহস্রকোটিক, বহুকোণ। "মুমোচ বেগেন সহস্রারং সুদর্শনম্ (দেবীভাগবত)। ২ [সহস্র অর যাহার, বহুব্রী] সহস্রারবিশিষ্ট। —র পুং, ক্লী ১ (তন্ত্রে) শিরস্থিতঃ অধোমুখ সহস্রদল পদ্ম। [যোগী মূলাধারস্থিত কুণ্ডলিনী শক্তিকে জাগরিত ও ষট্‌চক্রভেদপূর্ব্বক সহস্রারস্থ শিবের সহিত মিলিত করিয়া সহস্রারক্ষরিত অমৃতধারা পান ও অনির্ব্বচনীয় পরমানন্দ উপভোগ করেন।] "মূলাধারে কুণ্ডলিনী সহস্রারে গুরু শি ৪। ২ [বাঙলায়, অসাধু] সহস্রারস্থান মস্তক। "শুকদেব-আজ্ঞা বীর সহস্রারে লয়া চ.বি ১২৬।

সহস্রার্চ্চিঃ (-র্চ্চিস্) পুং [সহস্র+অর্চ্চিস্ যাহার, বহুব্রী] 'সহস্রকর', সূর্য্য। "রঘু ১৩.৪৪।

সহস্রী (-স্রিন্) বিণ [°স্র+ইন্ (ইনি)-স্ব (পা ৫.২.১০২), স্ত্রী -স্রিণী] ১ সহস্রবান্। "পুত্রসহস্রিন্ মহা ৩.১৮৩.৬৮। বাহুসহস্রিন্। —হ ১৮৬.৭। [সমাসে উত্তরপদ]। ২ সহস্রার্থবান্। "উপসংহৃত্য গিরঃ সহস্রিণীঃ (পাঠান্তর) ভ ১.৯.৩০। ৩ সহস্রপণদণ্ডযুক্ত। "কুর্য্যাৎ অস্ত্রিয়ন্ত সহস্রিণম্ মনু ৮.৩৭৬। —স্রী পুং ১ সহস্রগজাদিবলাধ্যক্ষ। ২ সহস্রমুদ্রাধিপতি। "ইচ্ছতি শতী সহস্রং সহস্রী লক্ষমীহতে। —পঞ্চ ৫.৭৮।

সহস্বান্ (-স্বৎ) বিণ [সহস্+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -স্বতী] ১ বলবান্। ২ মনঃশক্তিমান্। "ভ ২.৬.৪৫।

সহাধ্যয়ন ক্লী [কর্ম্মধা] মিলিতাধ্যয়ন, সহপাঠ, একপাঠ, একসঙ্গে পড়া। "মহা ১.১৩১.৪৪। °যোগ উ.চ ২৯।

সহাধ্যায় বিণ [বহুব্রী] মিলিতাধ্যয়ন, সহপাঠী। "সিচুলো নাম মহাকবিঃ কালিদাসস্য সহাধ্যায়ঃ পু.মে ১৪, মল্লিনাথ।

সহাধ্যায়ী (-য়িন্) বিণ [সহ+অধি- √ই+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত, স্ত্রী -য়িনী] সহপাঠী, সতীর্থ্য। "(সঃ) বসুদেবস্য সহাধ্যায়ী। —হ ১৪২.৪। ক.সা ১০৪.১১৪। সহাধ্যায়ী দু চার...ছেলের সঙ্গে আলাপ হলো।—হ ৮৪। —য়িনী বিণ, স্ত্রী সতীর্থ্যা। "মিশি প্রফুল্লের একপ্রকার সহাধ্যায়িনী ছিলেন ব.প্র ৪০৫।

সহানুগমন ক্লী [সুপ্‌সুপা] সর্ব 'সহমরণ'।

সহানুভূতি বি সদৃশানুভূতি, সমান সুখদুঃখানুভব।

সহায় পুং [সহ[২]+ √অয়্+অ (অচ্)-ক] ১ অনুচর, অভিসর, সহচর। "লক্ষ্মণেন সহায়েন রা ২.৩৭.১৮, সীতাসহায়ো বাল্মিকীঃ ৭.৯৬.১৪। আত্মনৈব সহায়েন মনু ৬.৪৯। ২ সহকারী। "মধুশ্চ তে ...সহায় এব কু.স ৩.২১। °সাধ্যাঃ প্রদিশন্তি সিদ্ধয়ঃ কি ১৪.৪৪। সহায় জনের সহ, বিনাশিব হব্যবাহ।—ম ২৬৮। (দেবগণ!) মারহ অসুরগণ হইয়া সহায় চ.বি ১৪৩। ৩ মিত্র। "নোপসেবেত সহায়াংশ্চৈব বৈরিণঃ মনু ৪.১৩৩। ভ্রমরেব সহায় ছিল—যম সহায় ব.প্র ৩৩৩। ৪ অনুকূল (শ.ক)। ৫ সহায়কার্য্য (কুল্লুক)। "নামুত্র হি সহায়ার্থং পিতা মাতা চ তিষ্ঠতঃ মনু ৪.২৩৯। ৬ চক্রবাক। ৭ সুগন্ধিদ্রব্যভেদ। ৮ জীবের সখা (নীলকণ্ঠ), শিব। "মহা ১৩.১৭.৫৫। [°কৃৎ (বিণ) —সাহায্যকারী, সহকারী। °কৃত্য (ক্লী)—মিত্রকার্য্য। "গো.রা ৪.৩৬.৮।] [সহায়া (সং সহায)—সাহায্যকারিণী। "(স্ত্রী তোমার) সহায়া হইয়া প্রকৃত 'সহধর্ম্মিণী' পদবাচ্য হইবেন পা.প্র ১৩।]

সহায়তা স্ত্রী, -ত্ব ক্লী [°য়+তা (তল্), +ত্ব] সহায়ভাব, সাহায্য, সহকারিতা। "ত্বং হি যোগাঃ সহায়ত্বে গো.রা ৩.৪০.৫। কু.স ৪.৩৫। রঘু ৯.১৯। —তা স্ত্রী [+তা সমূহার্থে, পা ৪.২.৪৩, সি] সহায়সমূহ। "অম্বেষ্টব্যা...রক্ষণার্থং সহায়তা বা ২.৪৬.৯।

সহায়ত্ব দ্র 'সহায়তা'।

সহায়ন ক্লী [সহ+অয়ন, কর্ম্মধা] ১ সহ গমন (রা.টীকা); সহিত গমন। "নানা চিত্রাঃ কথাশ্চান্যা বিশ্বামিত্রসহায়নে রা ১.৩.১১। ২ (বাঙলায়) সাহায্য। "এই সব দেবে কবে যমের °য়ন ক.চ ৩০৯।

সহায়বান্ (-বৎ) বিণ [°য়+বৎ (বতুপ)-১ব; স্ত্রী -বতী] ১ সহায়যুক্ত, সানুচর, সসহায়। "রা ২.১.২৩। অ° মনু ৬.৪২। ভট্টি ৫.১৬। ২ আনুকূল্যযুক্ত। "কালদেশ°।—কামন্দক ১১.৭৪।

সহায়িনী স্ত্রী [°য়িন্+স্ত্রী ঈ (ঙীপ্)] সহগামিনী, সহচরী। "গো.রা ৪.২২.৩৬। জীব°।—কু ৩৫২। —নী বিং সাহায্যকারিণী। "ক্ষিতি-ভার-হরণে বিষ্ণুর সহায়িনী। হইলে নন্দের ঘরে যশোদানন্দিনী॥—ক.চ ১৯২। হইলে নন্দের সুতা হরি° ভা.চ ১১৯। শৈলবালা ধর্ম্ম°।—মে ১৭৭। —য়ী (-য়িন্) বিণ [সহ+ √অয়্+ইন্ (ণিনি)-ক -১ব; উ.ত] সহগমনশীল, সহচারী।

সহার পুং [√সহ্+আর (আরন্)-ক, উ ৩.১৩৯, তু 'সং সহকার >প্রা সহআর (শ ১২৪) >সহার (প্রা.ম)] ১ সহকার, আম্রবৃক্ষ। ২ মহাপ্রলয়। তু 'সংহার'।

সহার্থ বিণ [বহুব্রী] সদৃশার্থ, তুল্যার্থ, সমার্থক (শব্দ)। —র্থ পুং [বহুব্রী] সহার্থকশব্দ—সাকম্ সার্দ্ধম্ সমম্। "পা ২.৩.১৯, সি। সা.দ ১০.৫৫।

সহার্দ্দ বিণ [বহুব্রী] হার্দ্দসহিত, সপ্রণয়, সস্নেহ।

সহাস বিণ [বহুব্রী] হাসসহিত, সহাস্য, সহস।

সহাসন ক্লী [কর্ম্মধা] সহিতোপবেশন, একাসনোপবেশন। "মহা ৩.১.২৯। মনু ৮.২৮০; ১১.১৮৫। ভট্টি ১.৩।

সহি[1] বি [দ্র 'সই'] সখি। "শুন গো শুন গো সহি, লোচনে দংশিল অহি, কোন খানে বান্ধিব তাগা বন্ধ।—ক.চ ১৩৭। লক্ষ্মীন্দরের মাতৃ-নাম মোর হয় সহি ব.প ২৪৮।

সহি[2] বি সর্থ 'সই[2] (২)। [সহি-মোহরের পরওয়ানা—সহিযুক্ত ও মোহরাঙ্কিত পরওয়ানা। "°রের পরওয়ানা দেখান ব.প্র ৫১৮। সহি-সুপারিশ—সহি-করা সুপারিশ। "আমার…সহি-সুপারিশ নাই পা.ঝো ১০৩।]

সহিক্কাত অব্য [অসাধু] সাক্ষাৎ। "ব্রাহ্মণের °ত ব.প ৪৬।

সহিত[1] বিণ [দ্র 'সংহিত', বিকল্পে সম্ >স, সমো বা হিততত্যোঃ পা ৬.১.১৪৪, কাশিকা] ১ সমন্বিত, যুক্ত। "রা ২.৬১ ২০। (স্তনৌ) সহিতৌ লক্ষ্ম্যা মহা ৪.১৪.২০। সহিতং ব্রহ্ম যদস্ত্রতেজসা রঘু ৮.৪। ২ [+ত-ক] মিলিত, সমেত, সমবেত। "নৃত্যাবসহিতাবাবাম্ মহা ১.১৫২ ১৪, (তে) মন্ত্রং সহিতাঃ প্রচক্রুঃ ৩.১০১.১৯। মনু ৯.২১২। ৩ পরস্পরসংসক্ত। "স্তনৌ চ পীনৌ সহিতৌ রা ৪ ৬৬.১৩। ৪ সংযুক্ত, যোড়া (joined)। "পৃথক্ প্রশস্তৌ সহিতৌ চ হরিদ্রকদম্বৌ।—বৃহৎ-সংহিতা ৭৯.১৬। ৫ সঙ্গত। "(ভার্য্যা রুরাব বিযুক্তা পতিনা) পত্রিণা সহিতেন রা ১.২.১২।

সহিত[2] বিণ [বহুব্রী] হিতসহিত, শুভান্বিত, সুলক্ষণ। "সহিতোরু পা ৪.১.৭০। (সা) অবলম্বমানা সহিতাবুরু (পপাত ভূমৌ) মহা ৩.১৪৪.৪।

সহিতব্য বিণ [√সহ্+তব্য-র্ম, বিকল্পে 'ই' (ইট্), পক্ষে 'সোঢব্য', পা ৭.২.৪৮] সহনীয়। —হিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, পক্ষে 'সোঢা', স্ত্রী -ত্রী] যে সহে, সোঢা।

সহিতে [সং সহিত+এ° ; তু সাথে'] সঙ্গে, সাথে। "পথে জড়াজড়ি। দেখিনু নাগরী। সখির সহিতে যায় চ.সা ৪, ৫৯। মনের সহিতে মোব। এ পাঁচ পরাণ গো। যোগী হইল ওহারি ধেয়ানে প.র ৩২ ; বিজুরি সহিতে যেন। চান্দের কলিকা গো। মেঘের আড়ালে থাকি হাসে ৩৩। শিশু-কাল হৈতে। বন্ধুর সহিতে। পরাণে পরাণে নেহা প.ক ৬৮৭।

সহিতোরু বিণ [°ত+ঊরু; বহুব্রী; স্ত্রী -রূ] সুলক্ষণোরু। দ্র 'সহিত[2]। "মহা ৩.১৪৪.৪।

সহিষ্ণু বিণ [√সহ্+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক, স্ত্রী -ষ্ণু] সহনশীল, তিতিক্ষু। "জ্যাক্ষেপশরবর্ষাণাং শস্ত্রাণাং চ সহিষ্ণবঃ মহা ৭.৮.১৮। ক্ষুৎপিপাসা-শীতোষ্ণবাতবর্ষভারদানেষসহিষ্ণু (সুশ্রুত)। কালে সহিষ্ণুর্গিরিবদসহিষ্ণুশ্চ বহ্নিবৎ (S.W.)। তরুবৎ সহিষ্ণু কি ২৫০। তরোরপি সহিষ্ণুনা (কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ) চৈ.চ ৬১। [সহিষ্ণুতা (স্ত্রী), সহিষ্ণুত্ব (ক্লী) —সহনশীলতা। "ক্লেশসহিষ্ণুতা (S.W.)। সহিষ্ণুত্বে ধবাসমঃ (সঃ) মহা ১ ৬৮.১৪।

সহৃদয় বিণ [বহুব্রী] ১ বিদ্যমানহৃদয়, হৃদয়বান্, সচিত্ত। "মাঘ ৮.৫৬। ২ প্রশস্তহৃদয়বান্, শুদ্ধহৃদয়, হৃদয়ালু (অ.কো)। "কুরু সাধু-প্রসাদং মে বালে সহৃদয়া হ্যসি রা ২.১৩.২২। সহৃদয় বোদ্ধা নাই বলিয়া তাহা (অর্থাৎ মর্ম্মের দুঃখ) বুঝাইতে পারিলাম না।—ব.প্র ২০৯। ৩ সরল, অকপট (A)। "আপন বৃত্তান্ত কহে হৈয়া সহৃদয় শ্রী.ম ৯৪। ৪ সানুকম্প, সহানুভূতিসম্পন্ন। "গিরিজায়া মৃণালিনীর দুঃখের ভাগিনী হইয়াছিল, সহৃদয় হইযা দুঃখের সময় দুঃখের কাহিনী সকল শুনিয়াছিল ব.প্র ১৮১। ৫ কাব্যার্থবিবেকী, কাব্যরসজ্ঞ। "অর্থঃ সহৃদয়শ্লাঘ্যঃ সা.দ ১২/৩।

সহৃদ্যতা বি ['হৃদ্যতা' সাধু] মনোজ্ঞতা, প্রিয়ত্ব। "হেম ১৫১।

সহৃল্লেখ ক্লী [বহুব্রী] হৃল্লেখসহিত, অর্থাৎ যাহাতে মনের সন্দেহ হয়, বিচিকিৎসিতান্ন, দূষিতান্ন (প্রায়শ্চিত্তবিবেক)।

সহে অব্য [সং সহ ; তু 'সনে সহিতে : অসাধু] সহিত, সঙ্গে, সাথে। "জগন্নাথ মিশ্র সহে অভেদজীবন চৈ.ভা ৪১ ; গোষ্ঠী সহে ক্রন্দন করয়ে ৪৯। তাহারা তোমার সহে ত্যজিল সম্বন্ধ চ.বি ১৭ ; রক্ত মাংস সহে লেপি দেয় হুতাশন ১২৬। দেবগণ সহে স্বর্গ কাঁপিতে লাগিল ১৪৯ ; সেনাগণ সহে দিক্পাল ১৫৩ ; ১৫৪। সখী সহে প.ক ২৯১১। হে মন মোর সহে পাছে করহ চাতুরী ভ.গ্র ৪১৮।

সহেতু, -তুক বিণ [বহুব্রী ; বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -তু, -কা] বিদ্যমানহেতুক, হেতুপন্যাসে সাধ্যমান। "কাব্যাদর্শ ২.১৮৬।

সহেতুক দ্র 'সহেতু'।

সহেলা বি [হি. প, ঠ, সি সহেলী (সহী+আলী ?) ; তু 'সহচরী'] সহচরী, সখী। "সহেলার বেশ ধরিল বিষহরি : সহেলার বেশে ম.ম ৭৬ ; ৮৪। —লা বি সখীত্ব, সখীসম্বন্ধ। "পাতিব সহেলা : সহেলার সজ্জা বি.পা ১৪৫ ; পাতিতে সহেলা : সহেলা করিতে…চাই ; সহেলার সাজ ১৪৬, সহেলা মঙ্গল গীত : সহেলা করিয়া : সহেলা পাতিয়া ১৪৭। —লী বি ১ সহচরী। ২ [হি সহেলী] পরিচারিকা। "যুবতী সহেলী বান্দী ধরিয়া পাছাড়ে ভা.চ ৪৯৭।

সহেলী দ্র 'সহেলা'।

সহোক্তি স্ত্রী [সহ+উক্তি, কর্ম্মধা] ১ সহকথন, মিলিতকথন। ২ অর্থালঙ্কারবিশেষ। [সহার্থক শব্দের বলে এক পদ উভয় অর্থের বাচক হইলে 'সহোক্তি' হয়। 'সহার্থস্য বলাদেকং যত্র স্যাদ্ বাচকং দ্বয়োঃ (সা সহোক্তিঃ) সা.দ ১০.৫৫।

সহোটজ পুং [বহুব্রী] 'সহিতোটজ', মুনিগণের চিতাকুটী বা মৃতদেহ-দাহার্থ পর্ণশালা, পর্ণোটজ (হারাবলী)।

সহোঢ়[1] বিণ [স+হোঢ, বহুব্রী] 'বিদ্যমানহোঢ়', হৃতদ্রব্যসহিত, সলোপ্ত্রক (চৌর)। "মনু ৯.২৭০।

সহোঢ়[2] বিণ [সহ+ঊঢ ; সুপ্সুপা] 'সহিত ঊঢ', পরিণয়কালে সহা-নীত। "কৈকেয্যাঃ সহোঢ়া পরিচারিকা গো.রা ২.৬.১। —ঢ় পুং যে গর্ভিণী জাতগর্ভা বা অজ্ঞাতগর্ভা পরিণীতা হয়, তাহার সেই গর্ভ, অর্থাৎ গর্ভে জাত পুত্র ; পরিণীতা গর্ভবতীর পুত্র। 'মনু ৯ ১৭৩। বিষ্ণু ১৫.১৫। "মহা ১.১২০.৩৪। [°জ (পুং)—পরিণীতা গর্ভবতীর গর্ভে জাত পুত্র। "যাজ্ঞ ২.১৩৪।]

সহোত্থ বিণ [সহ+উত্থ ; সুপ্সুপা] সহজাত, সহজ (মেদিনী—'ত্রিক' শব্দ, ২৮)। —ত্থায়ী (-য়িন্) বিণ [সহ+উদ্-√স্থা+ইন্ (ণিনি) -ক-১ব, উ.ত] সহ উত্থানশীল, সহোদ্যোগী। "চন্দ্রগুপ্তসহোত্থায়িনীনাং প্রকৃতীনাম্।—মু ৪-২/৩।

সহোদক বিণ [সহ উদক যাহার, বহুব্রী] সমানোদক।

সহোদর বিণ [সমান উদর যাহার, বহুব্রী] ১ সমানগর্ভ, একগর্ভ-জাত, সোদর্য্য। "ভগিনীর সহোদরা গো.রা ৬.১০.৭। দেশে দেশে কলত্রাণি দেশে দেশে চ বান্ধবাঃ। তং তু দেশং ন পশ্যামি যত্র ভ্রাতা সহোদরঃ॥—রা ৬ ১০১.১৪। সর্ব্বে সহোদরাঃ মনু ৯ ১৯২। চারি সহোদর (রামাদি) ব.প ৫৬২। [চারি ভাগে বিভক্ত দিব্য পায়স উৎপত্তির মূল বলিয়া কি রামাদির সহোদরত্ব (?)] ২ (গৌণার্থে) সহোদরসদৃশ, তৎসদৃশ। "পীযূষসহোদরৈঃ' (জ্যোৎস্নাজালৈঃ) ; সায়ন্তনাম্বুজসহোদর-লোচনা (S.W.)। কৃপাদায়তাক্ষীকুটিলাপাঙ্গসহোদরঃ শশাঙ্কঃ ক.সা ১০৩.২০৪। ভ্রূযুগল চাপসহোদর ক চ ৯। [সমাসে উত্তরপদ]। —দর পুং ১ সোদর্য্য ভ্রাতা ; সোদর। "ভ্রাতৌনিব সহোদরান্ (যুধিষ্ঠিরঃ পুপোষ) মহা ৩ ৫০.৯। ২ (বাঙ্লায়) সহোদরতুল্য বৈমাত্রেয় ভ্রাতা। "জান দুই সহোদরে (রাম ও লক্ষ্মণ) কৃ.অ ৮, ৯। চারি সহোদর (রামাদি) ব.প ৫৬২। সহোদর (বলরাম) সহচর শ্রী.ম ১০৫। —দরা স্ত্রী [°রী (S.W.)] একগর্ভজাতা ভগিনী ; সোদরা। "মনু ৩.৫০, কুল্লুক।

সহোরু বিণ [সহ+ঊরু ; বহুব্রী ; স্ত্রী -রূ] বিদ্যমানোরু ; প্রশস্তোরু। "পা ৪.১.৭০, সি।

সহ্য [√সহ্ +য (যৎ)-র্ম] ১ সহনীয়, সোঢ়ব্য, সহনার্হ। "অ° রা ৭. ৮৪.১৮। স্নিগ্ধজনসংবিভক্তং হি দুঃখং সহ্যবেদনং ভবতি শ ৩৪। ময়ি সংক্রান্তমেতৎ (দুঃখম্) তে যেন সহ্যং ভবিষ্যতি।—নাগানন্দ ৫.৯। বরং প্রাণপরঃ সহ্যো ন চ বৈভীষণং বচঃ অসহ্যং জ্ঞাতিদুর্বাক্যং মেঘান্তরিত-রৌদ্রবৎ।—উদ্ভট। অসহ্য জ্ঞাতির বাক্য সহ্য নাহি হয়।—পদ্মপাঠ, প্রথমভাগ। ২ প্রীতিকর, প্রিয়। "কিং তে সহ্যং ময়া কার্যম্ মহা ৩ ২৭৭ ১০। ৩ সুমধুর। —হ্য ক্লী ১ আরোগ্য। ২ সাম্য। ৩ সাহায্য (ত বা)। ৪ [+য-ভা] সহন। "গো.রা ৫ ৫৬ ৪৮। বসুন্ধরায়াঃ সহ্যার্থম্। —হ ৫৫.১৭। —হ্য পুং দাক্ষিণাত্যস্থ পর্বতবিশেষ। "রঘু ৪ ৫২। [°বাসিনী (স্ত্রী)—দুর্গা। সহ্যাত্মজা (স্ত্রী)—সহ্যকন্যা, কাবেরী।] [সহ্য করা—সহনীয় করা, সহা।]

সা[1] সর্ব [সং তদ্+স্ত্রীলিঙ্গে প্রথমা-১ব, অপ্র] সে, সেই (স্ত্রীলিঙ্গে)। "সা কনকচম্পকদাম তনু ব্রি সু ১২৪। সা নিশা সমরি ব প্র ১১৬।

সা[2] বি [সং >সা] ১ সর্থ 'স°'।

সা[3] দ্র 'শা[1]'।

সা[4] দ্র 'স[9]'।

সাঅ বি [সায[2] >সাঅ] সমাপ্ত, শেষ। ধানর জনম সাঅ শূ ১১৫। ব প ১১৭।

সাঅর বি [সং সাগর >প্রা সাঅর (পৈ), সায়র] সাগর। "ভাগ তরঙ্গ কি সোষঙ্গ সাঅর।—চ ৬৫। কতে হনুমতে সাঅর লাঘল বি সা ২৩৫।

সাইক্ষাত অব্য [সাক্ষাৎ> °ত তু 'সহিক্ষাত'] সাক্ষাতে, নিকটে। "শুক ব্রাহ্মণের সাইক্ষাত কথা বলিতে লাগিল গো চ ৫৩।

সাইঙ্গ, সাং[2]**, সাঙ, -ঙ্গ** বি [হি সাঁগ, ঠ সাংগ, সি সাংগি, সং সঙ্গ (?), অস সাঙ্গী সাঙ্গীভার (সাঙ্গ বহনীয় ভার), হাজড়া (শ্রীহট্ট)] গাছের গুঁড়ি ইত্যাদি ভারী বোঝা মোটা দড়িতে ঝুলাইয়া বহিবার বংশাদির দণ্ড (বহনে বহুলোকের 'সঙ্গ' হেতু 'সাঙ্গ')। 'পাসান শৈল সাইঙ্গ করিয়া গো চ ৪৫। সাইঙ্গ ব প ৩০ বা ম ৩৯৭। দশ সাঙ্গের পাথর ক চ ১০২, ষোল সাঙ্গের কাষ্ঠ চৈ চ ৪৪ ভ গ্র ৩৯। ষোল সাঙ্গের শিল শ্রী ২১৯। —ইঙ্গ বি শববহনার্থ বাঁশের মাচা বা খাটিয়া। "সাইঙ্গ করিয়া স্থাও বাজাক কান্দে করিয়া গো চ ৪৪। [সাইঙ্গ করিয়া লওয়া—সাইঙ্গে বা বংশদণ্ডে দড়ি বাঁধিয়া ঝুলাইয়া লওয়া। সাঙ্গ-ঙ্গত করিয়া—মঞ্চে করিয়া। "গো চ ৪৪। দশ সাঙ্গের পাথর—দশ জনের সাঙ্গে ঝুলাইয়া নিবার যোগ্য পাথর, অতিগুরু পাথর। এইরূপ অন্যত্র। রশি সা°—সা°এ ঝুলান ছিকা। 'পাঠা স্থান রশি-সা° করিয়া গো চ ৬।]

সাইচা, সাঞ্চা বি [সং শালিঞ্চ] পত্রশাকবিশেষ। "সাইচা শাক ঘৃতে ভাজে বি পা ১৬৬। সাঞ্চা শাক ব প ২২১। [সাইচার মুড়া —সাইচা শাকের কন্দ বা গেঁড়। 'বি পা ২৯৮।]

সাইচান বি [দ্র 'সচান'] শ্যেনপক্ষী। "সাইচান কৈতরে খাএ খেলা ম পা ১১২, ১৩৩, ১৩৮।

সাইজ বি [E size] আকার (দৈর্ঘ্য প্রস্থে বেধে উচ্চতায)।

সাইৎ, -ত বি [আত্মসাৎ—সাৎ >সাইৎ, -ত, তু 'সাথ'] আত্মসাৎকরণ, ফুসলাইয়া সংগ্রহ। "একদিন বক্রেশ্বর সাইতের পন্থায় আসিয়া মতি-লালকে মনযোগান অনেক কথা বলিল।—আ দু ১৩৭। [সাইৎ, -ত করা—১ আত্মসাৎ করা। "কে করে তত্ত্ব ভাতার ম'লে, যা সাইৎ কর এই বেলা।—দা ৯৮২। ২ সাথে লওয়ার জন্য সংগ্রহ করা। "কোথা গেলি রে সাতক'ড়ে। শীঘ্র নে রে সাইত ক'রে, বাঁধা ছাঁদা রেতের মধ্যে ঢুকো।—দা ৯৩৯।

সাইট স বিং [সং ষষ্টি >প্রা সট্‌ঠি >বা (সাটি, -টি) °ট] ষাট। "সাইট মোন কড়াই গো.চ ৮৮, ১০০। [মন সাইটেক অন্ন—প্রায় ষাট মন অন্ন। "গো.চ ৮৪।]

সাইপ্রস্ বি [E. cypress] বিদেশী বৃক্ষবিশেষ (পূর্বে ইহা অন্ত্যেষ্টিতে ব্যবহৃত হইত। ইহা শোকসূচক)। "ব.প্র ৩৩৫।

সাইবানি, -নী বি [সাহেব+আনি[3], -নী >সাহেবানি, -নী > °নি, -নী] প্রভুপত্নী, স্বামিনী। "সাইবানী ব প ৮২। গো চ ১৩৩, সাইবানি সকল ১৪২, ২৪৫।

সাইর বি [সারি[2] > °র] সারিগান। "পাইক সবে সাইর গায় ব প ২৩১। পাইকে সাইর গায় ১৬১, ১৮১।

সাইল বি [সং শা (সা) ল > °ল] ১ শালফুল। "পিআল সাইল (ফুলেন্ত) শূ ২৯। ২ শালগাছ। "সাইলের ফল গো চ ৩৫।

সাউ বি [সং সাধু >প্রা সাহু >বা সাউ, হি 'সাহ'—মহাজন, ঠ 'সাউ' —ব্যাপারী, প সাহু, -হু, সি শাহু, ড সাহু] চাষাধোপার উপাধি-বিশেষ। ইহাদের পূর্বপুরুষ ব্যবসায়ী ছিলেন (?)]

সাউগাড়ী বি [হি সাহুকারী] সাধুপনা, সাধুত্ব।

সাউত, -দ, -ধ বি [সাধু >সাধ্ধ, -দ, -ত] বণিক, সদাগর। "সাউত সদাগর স্থায় গাজনা লাউ নৌকা বেছেযা গো চ ৩; সাউদ সদাগর কান্দে ঘাটে নৌকা থুইয়া ৮২, বন্দরর সাউদ মহাজনক ২৪৮, সাউধ লক্ষীধর ৩৫০, ম পা ১৫। [সাউত সদাগর, সাউদ সদাগর—একার্থক শব্দদ্বয়। সাউদ মহাজন—সাধু ও মহাজন বা বুদ্ধিজীবী। "গো চ ২৪৮, ব প ৭১।]

সাউদ, সাউধ দ্র 'সাউত'।

সাউলি, -লী [বি 'সাউলী'—বস্ত্রাঞ্চল (দেশী—গাথাসপ্তশতী ৩ ৬৯, ঠ 'সউলী'—ছাযা] আচ্ছাদন, ছাউনী। [মৃগের সাউলি, -লী —সর্থ 'মৃগসাউলী'। "মৃগের সাউলি।—কৃ ৩৭৬। মৃগের সাউলী শ্রী ম ৭৪।]

সাউলী; সাএল দ্র 'সাউলি, ছাগল'।

সাও বি [সাঅ >সাও] শেষ, সাঙ্গ। [লোকে সাও দিল—লোকে পূজা শেষ করিল। "ব প ৩১।]

সাওখোড় বিণ [হি 'সাহুকার'—বড় মহাজন বা ব্যাপারী] (বাঙলায়) সৎকার্যকারক, ভদ্র, ভালমানুষ (উপহাসে)। "একজন মুখফোড় কয়েদি বলিয়া উঠিল—"তোমার দায মিথ্যা আমাদের বুঝি সত্য? আ, বেটা কি সাওখোড়।—আ দু ১৭৪। —খোড়ী বি সাওখোড়ের কাজ, ভালমানুষী (উপহাসে)।

সাং[1] বি 'সাকিন' শব্দের সংক্ষেপ। 'সা° অনন্তপুর।

সাং[2] দ্র 'সাইঙ্গ'।

সাংক্ষেপিক বি [সংক্ষেপ+ইক (ঠঞ্)] সংক্ষেপে কথিত, সামাসিক। "সাংক্ষেপিকো ন্যায়ঃ, °কো নয়ঃ মনু ৭ ১৮০, মেধাতিথি, কুল্লুক, ১২ ৩৪ কুল্লুক।

সাংখ্য বিণ [সংখ্যা+অ (অণ্), স্ত্রী -খ্যী] সংখ্যাসম্বন্ধী। —খ্য পুং [সাংখ্য+অ] ১ সাংখ্যদর্শনবিৎ। ২ আত্মবিষয়কবিবেকজ্ঞানবান্, প্রকৃতিপুরুষভেদজ্ঞানবান্ (গী টীকা)। "জ্ঞানযোগেন সাংখ্যানাম্ গী ৩.৩। ৩ জ্ঞানান্তরঙ্গসাধনতা হেতু সন্ন্যাস (টীকা)। "সাংখ্যযোগৌ পৃথগ বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ গী ৫.৪। ৪ জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসী। "গী ৫.৫। ৫ শিব। ৬ জ্ঞাননিষ্ঠ যোগী (নীলকণ্ঠ)। "মহা ৩.৩ ৩৭। —খ্য পুং, ক্লী মহর্ষি-কপিলকৃত দর্শনশাস্ত্রবিশেষ, কাপিল। 'ত্রয়ী সাংখ্যং যোগঃ পশুপতি-মতং বৈষ্ণবমিতি।—মহিম্নঃ স্তবঃ ৭। সাংখ্যেতে কি হবে সংখ্যা আত্ম-নিরূপণ ভা.চ ৩২৬। [প্রকৃতি-পুরুষের তত্ত্ব বা পঞ্চবিংশতিসংখ্যক তত্ত্ব ইহার বিষয়। এই তত্ত্বসংখ্যা হেতু ইহা 'সাংখ্য'-দর্শন। মূলপ্রকৃতি, প্রকৃতিবিকৃতি, অর্থাৎ মহৎ (বুদ্ধি), অহঙ্কার, পঞ্চতন্মাত্র—শব্দ স্পর্শ রূপ

রস গন্ধ, কেবল বিকৃতি, অর্থাৎ অহঙ্কারজাত পঞ্চ জ্ঞানেন্দ্রিয়—চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়—বাক্ পাণি পাদ পায়ু উপস্থ, মন ও পঞ্চতন্মাত্রজাত পঞ্চ স্থূলভূত—ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম—এই চতুর্বিংশতি এবং প্রকৃতিবিকৃতি-ভিন্ন পুরুষ—সর্ব্বসুদ্ধ পঞ্চবিংশতি তত্ত্ব (সাংখ্য ৩)। 'পুরুষোঽষ্টৌ প্রকৃতয়ো বিকারাঃ ষোড়শেতি চ। তত্ত্বাদি সংখ্যাবৈশিষ্ট্যাৎ সাংখ্যমিত্যভিধীয়তে ॥—শু ৪.৩.৪৯। প্রকৃতি-পুরুষের স্বরূপ-সাক্ষাৎকারে জীবের প্রাকৃতিকবন্ধনমোচন হেতু কৈবল্য বা মোক্ষ। প্রকৃতি দৃশ্যমান বিশ্বের আদিকারণ ও উপাদান, 'অব্যক্ত' 'প্রধান' ইহার নামান্তর। পুরুষ নির্গুণ অকর্ত্তা ও দ্রষ্টা; আত্মা ক্ষেত্রজ্ঞ অক্ষর ব্রহ্ম ইত্যাদি শাস্ত্রভেদে ইহার নামান্তর। দ্র 'পাতঞ্জল'।]—খ্য ক্লী ১ যাহাতে জ্ঞাতব্য পদার্থসমূহ সংখ্যাত, অর্থাৎ বিচারপূর্ব্বক প্রকটীকৃত হয়; বেদান্তশাস্ত্র (টীকা)। "গী ১৮.১৩। ২ আত্মানাত্মবিবেক, জ্ঞান (শ্রীধর)। "ভ ২.১.৬; ৫.১৪.৪৫; ১০.৪৭.৩৩। [°দর্শন (ক্লী)—কপিলকৃত দর্শনবিশেষ। °পুরুষ (পুং)—সাংখ্যদর্শনোক্ত পুরুষ। দ্র 'সাংখ্য' পুং, ক্লী। °মুখ্য (পুং)—'আত্মজ্ঞানপ্রধান', শিব। °শাস্ত্র (ক্লী)—সাংখ্যদর্শন।]

সাংখ্যযোগ পুং [কর্ম্মধা] ১ আত্মানাত্মবিকাররূপ যোগ; আত্মজ্ঞানযোগ; ব্রহ্মবিদ্যা। ২ সাংখ্যযোগবিষয়ক গীতার দ্বিতীয় অধ্যায়। ৩ [দ্বন্দ্ব] সন্ন্যাস-কর্ম্মযোগ। "গী ৫ ৪

সাংগ্রামিক বিণ [সংগ্রাম+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সংগ্রামে সাধু বা যোগ্য; সমরনিপুণ। "পা ৪.৪.১০৩। ২ সংগ্রামসম্বন্ধী, সামরিক। "রথৈঃ সাংগ্রামিকৈঃ গো.রা ৬.১৮.৫৩। সাংগ্রামিকং ততঃ সর্ব্বং সজ্জঞ্চক্রুঃ মহা ১.২.২৩৮; ১৩.৫৩.৩৩। এষ সাংগ্রামিকো ন্যায়ঃ উ চ ৫.২২। ৩ সংগ্রামবিষক শাস্ত্র; যুদ্ধশাস্ত্র। "অথ ইতি…সাংগ্রামিকে পঠ্যতে উ.চ ৪২/৬। ৪ সংগ্রামে সমর্থ বা শক্ত। "পা ৫.১.১০১। —মিক ক্লী সমরসম্বন্ধী সৈন্যশস্ত্রযানবাহনাদি। "সর্ব্বসাংগ্রামিকোপেত ভ ৮.১০.১৭।

সাংঘাতিক বিণ [সংঘাত+ইক (ঠঞ্), পা ৪.৪.১০৩; ৫.১.১০১, স্ত্রী -কী] যাহা সংঘাতে যোগ্য বা সমর্থ; মারাত্মক, প্রাণান্তক (deadly)। "সেই সাংঘাতিক ঘায়ে, ভূতলে হইল মীরমদন পতন!—ন ৪৯৯। সাংঘাতিক সঙ্কট।—কাদ ৬১। সাংঘাতিক পীড়ায় নিরন্তর জর্জ্জরিত পা.প্র ১৪৩। —তিক ক্লী (জ্যোতিষে) জন্মনক্ষত্রাবধিক-ষোড়শনক্ষত্র।

সাংঘাত্য পুং [সংঘাত+য (ষ্যঞ্)] মন্ত্রাদি দ্বারা সংঘাতভব; সংঘভেদন বা সহায়ভেদ। "সা.দ ৬.১৩১।

সাংবৎসর বিণ [সংবৎসর+অ (অণ্); স্ত্রী -রী] সংবৎসরসম্বন্ধী, সংবৎসরব্যাপী। "°দীক্ষা।—হ ১৪২.৩। —সর পুং সংবৎসরবিৎ, জ্যোতিষিক, দৈবজ্ঞ, গণক। "মহা ৫.৪৮.৯৮। রাজা সর্ব্বকার্য্যেষু সাংবৎসরাধীনঃ স্যাৎ।—বিষ্ণু ৩.৩৫। —সর ক্লী সংবৎসরের ফল বা পর্ব্ব। "পা ৪.৩.১৬, সি। —সরিক বিণ [+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সংবৎসরভব, বাৎসরিক। "সাংবৎসরিকঃ নিয়মঃ মনু ৬.২৩, কুল্লুক ২ বর্ষশ্রাদ্ধ। "স 'বৎসরিকম্…বলিম্ মনু ৭.৮০। ৩ সংবৎসর ব্যাপিয়া ভূত বা ভাবী; বার্ষিক। ৪ সংবৎসরে দেয় (ঋণ)। "পা ৪.৩.৫০। —রিক পুং সর্থ 'সংবৎসর' পুং। "পঞ্চ ৩/৮৭।

সাংবৎসরিক দ্র 'সাংবৎসর'।

সাংবর্ত্তক বিণ [সংবর্ত্তক+অ (অণ), স্ত্রী -কী] সংবর্ত্তকসম্বন্ধী, প্রলয়কালিক (রা.টীকা)। "রা ৩.৬৫ ১।

সাংবাদিক বিণ [সংবাদ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] সংবাদকুশল, তর্কপটু। —দিক পুং নৈয়ায়িক।

সাংযাত্রিক পুং [সংযাত্রা+ইক (ঠক্), পা ৫.১.১০৯] 'সংযাত্রাপ্রয়োজনক', অর্থাৎ যাহার দ্বীপান্তরগমন কারণ; পোতবণিক্। "মাঘ ৩.৭৬। পঞ্চ ১.৩৪৫।

সাংযুগীন বিণ [সংযুগ+ঈন (খ)+অ (অণ্) স্বার্থে] রণে সাধু; সমরকুশল। "রঘু ১১.৩০। কু.স ২.৫৭। শ্রী.ম ১৬।

সাংরাবিণ ক্লী [সম্+ √রু+ইন্ (ইনুণ্)-তা—সংরাবিন্+অ (অণ্) স্বার্থে, পা ৩.৩.৪৪; ৫.৪.১৫] ১ অভিব্যাপ্তিপূর্ব্বক ভাষণ; উচ্চৈর্ভাষণ। "সাংরাবিণং ন কর্ত্তব্যম্ ভট্টি ৭.৪৩। ২ পরস্পরাহ্বান। "মা.গ্রা ৫.১১। ৩ হট্টের সম্যক্ (অর্থাৎ উচ্চৈঃ) শব্দ (মুগ্ধবোধ—শ.ক)।

সাংশয়িক বিণ [সংশয়+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সংশয়বিষয়ীভূত (বস্তু—স্থাণু-প্রভৃতি)। "পা ৫.১.৭৩, সি। ২ সংশয়াপন্নমানস, অর্থাৎ স্থাণুপ্রভৃতিতে সংশয়াপন্ন; প্রাপ্তসংশয় (অ টী)। ৩ সন্দিহান (জটাধর)।

সাংসর্গিক বিণ [সংসর্গ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সংসর্গনিমিত্ত, সংসর্গজ। "সাংসর্গিকো দোষঃ…সর্ব্বেষাং সাংসর্গিকাণাং ভবিতুমর্হতি ভ ৫ ১০.৫। ২ সংসর্গস্থিত, সঙ্গী। দ্র '(১)।

সাংসারিক বিণ [সংসার+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সংসারসম্বন্ধী। "সাংসারিকে পথি ভ ৩.৩১.১৫। ২ গৃহাশ্রমোচিত। "সাংসারিকেষু চ সুখেষু বয়ং রসজ্ঞাঃ উ.চ ২.২১। ৩ (বাঙ্গলায়) সংসারাসক্ত, গৃহস্থ। ৪ সংসারকার্য্যে কুশল; গৃহস্থের কর্ম্মে অভিজ্ঞ।

সাংসিদ্ধিক বিণ [সংসিদ্ধি+ইক (ঠঞ্); স্ত্রী -কী] সংসিদ্ধিসম্বন্ধী, স্বাভাবিক। "এবংসাংসিদ্ধিকী (পাঠান্তর) মহা ৩.৩২.৫৯।

সাংস্কারিক বিণ [সংস্কার+ইক (ঠঞ্); স্ত্রী -কী] সংস্কারসম্বন্ধী, অন্ত্যেষ্টিক্রিয়ার্থ। "রাজসাংস্কারিকং দ্রব্যম্ গো.রা ২ ৮৩.২।

সাংহিত বিণ [সংহিতা+অ (অণ্)] সংহিতাসম্বন্ধী, সন্ধিজন্য। "সাংহিতঃ 'ঋত্যকঃ' ইতি প্রকৃতিভাবঃ মাঘ ৬.৬১, মল্লিনাথ।

সাঁই বি [সং স্বামিন্ >প্রা সামি >বা সাঁই; হি, প সাঈং; ঠ সাঈ; সি সাঙ্গঁং; ড় শাঙ্গঁং] ১ প্রভু, অধিপতি। "বঙ্গসাঁই ব.প ৮৭। ২ ঈশ্বর, খোদা। "কি বুঝিয়া দাড়ী গোঁপ সাঁই দিল তারে (বামণেরে) ভা.চ ৪৭৯। ৩ সন্ন্যাসী, ফকির। ৪ চৈতন্যসম্প্রদায়ের শাখাবিশেষ। [ইহারা মুসলমান ম্লেচ্ছ প্রভৃতি সকলেরই অন্ন ভোজন করে এবং সুরাপান গোমাংসভক্ষণ প্রভৃতি হিন্দুমত-বিরুদ্ধ অশেষবিধ ব্যবহার অবলম্বন করিয়া চলে। ইহাদের ধর্ম্ম হিন্দু ও মুসলমান উভয়-মিশ্রিত। ইহারা খাকশাফার (মক্কার মাটির) মালা জপ করে। ইহারা 'মুরশিদ্ সত্য' এই নাম জপ করে (ভা.উ, প্রথম ভাগ)।]

সাঁইগাঁই বি রাঢ়ীয় ভরদ্বাজগোত্র ব্রাহ্মণের উপাধি। [ইঁহাদের পূর্ব্বপুরুষ 'জন' ডিংসাই গ্রামে বাস করিয়াছিলেন; তদনুসারে তদ্বংশীয়দের উপাধি বা গাঁই 'সাঁইগাঁই'।]

সাঁইত্রিশ স.বিং [সং সপ্তত্রিংশৎ >লি সত্তত্তিংসতি, প্রা সত্তীস; হি সৈংতীস; ঠ সদতীস; গু সাড়ত্রীস্] সপ্তত্রিংশৎসংখ্যক। —শ বি সাঁইত্রিশ (৩৭) সংখ্যা।

সাঁইসাঁই বি ১ সর্থ 'শাঁইশাঁই (১)। ২ সর্থ 'শাঁইশাঁই (২)। "গলার সাঁইসাঁই শব্দ ব.প্র ১৯৭।

সাঁও বি [সং শাপ >প্রা *সাঅ, সাব >বা সাঁও ('ঁ' আগম, তু 'শাঁপ'); অসাধু] শাপ। "গো.চ ৮; ৬৫; সাঁও দিলে সাঁও পাই ৬৬।

সাঁওতাল বি [হি সন্থাল] পর্ব্বতবাসী অসভ্য আদিম জাতিবিশেষ। [ইহাদের পুরুষ 'মাঝি', স্ত্রীলোক 'মেঝেন' (মাঝিনী)।]

সাঁকালি বি [P. sacola—দুই থ'লের ব্যাগ] টাকা রাখার সরু লম্বা মোটা কাপড়ের থলিয়া। [দুমুখো সাঁকালি—১ সাঁকালির মত যাহার দুই মুখ; যাহার মনে একপ্রকার, মুখে অন্য-প্রকার; কপটহৃদয়। ২ উদর। "ওরে দুমুখো সাঁকালি! সারা দিন ওবরা ভরা আর কর্ব্বো কত (দেহতত্ত্বের গান)। (হি 'ওবরা'—অন্ধকারময় অন্তর্গৃহ)।]

সাঁকো বি [সং সংক্রম ; তু 'সাকম'—সাঁকো (চ ১১)] সেতু। "জুজার কি রূপের বাহার দেখো। চিৎ করে ডোঙা যেন, উবুড় করে সাঁকো॥ —গান। [পাগলার সাঁকো নাড়া—সাঁকো নাড়িতে বারণ করিলে পাগল তাহা শুনে না, ঘন ঘন নাড়ে ; (গৌণার্থে) মূর্খ নিষেধ শুনে না। তু 'ও পাগল হাঁও ন লারিস (চট্টগ্রাম)।]

সাঁগা বি [সঙ্গ > সাঁগা, তু 'সাঙ্গ'—সাঙা (চ ১৯)] একাধিকবার পুরুষান্তরের সঙ্গ, নিম্নশ্রেণী হিন্দু সধবা বা বিধবার একাধিকবার বিবাহ ; সাঙা। "জন্মায়তি ষটি বাগদির সাঁগা আছে। সাঁগা করি সবায় সকল মজে পাছে॥…বাঁচাইয়া সাঁগায় সাক্ষাতে হয় শুন। —শি ৮৪।

সাঁগী বি [সাঙ্গ > সাঁগী, অপ্র] সর্থ 'সাইঙ্গ'। "সাঁগী দিয়া তুলে লয়ে শাল-ঘরে ফেলে শ্রী মা ৫৫।

সাঁচ[১] বিং [সং সত্য > লি, প্রা সচ্চ, সাচ (চ), হি সচ, সচ্চা, সাংচ, প সচ্চ, ঠ, গু সাচ, সি সচু, সাচা, ড় সচা, মৈ সাঁচ] ১ সত্য, অযথার্থ। "আর নারী হ'তে সুমিত্রার গুণ সাঁচ। উভা করি রোপিল দ্বারে কলা গাছ॥—ম ম ১৭৫। ২ সত্য, বিশ্বাসযোগ্য। "হেন বিপরীত কথা কেবা বলে সাঁচ। সিদ্ধ ধানে ভাজা মুগেতে মেলে গাছ॥—ম ম ২৩২। —চ ক্রি.বিং সত্য, ঠিক। "বিদ্যাপতি কহ বুঝলহুঁ সাঁচ। ফলহুঁ না মিঠই হোয়ত কাচ॥—বি প ৮২। গোবিন্দদাস তব দেখত সাঁচ। —গো ২০৪। —চ বি সত্য বা ঠিক কথা। "পদ্মা বলে শুন সাঁচে, বায়ুকোণে ছিদ্র আছে ম ম ১৯২। —চা বিং [দ্র 'সাঁচ'] ১ সত্য, প্রামাণিক। "সলিলে পাথর ভাসে সেও নাকি সাঁচা শ্রী মা ১১০, চারি বেদে আমার বচন বলে সাঁচা ২০৭। কোল শূন্য করি মোর কে হরিল বাছা। কহিল স্বপন সত্য সাক্ষী পেনু সাঁচা॥—শ্রী ৪৮। তবে জানি জ্ঞানী জনে সাঁচা কথা কহে (চৈ ভা)। ২ অধিক সত্য, ঘনিষ্ঠ। "দেহ-সম্বন্ধ হৈতে হয় গ্রামসম্বন্ধ সাঁচা চৈ চ ৬৪। ৩ বিশুদ্ধস্বর্ণনির্মিত, খাঁটি-সোনার। "সাঁচা এক জরির ফালিতে ভ গ্র ৩৫২। ৪ প্রত্যক্ষফলদাতা, জাগ্রত। "(জাহাঙ্গীর কহেন) ভালমতে জানিনু তোমার দেবী সাঁচা ভা চ ৫০৭। ৫ নির্দোষ, সাধু। "রাম রচে তার কাছে শিব আছে সাঁচা শি ৭৩। ৬ সতী, সাধ্বী। 'চিরকাল সাঁচা মেয়ে ছোঁচা বোঁচা নই শি ৯৩। —চা বি ১ সত্য বিষয়। "লাগবে লড়াই মিথ্যা এবং সাঁচায় চ কা ৪৫৫। ২ খলতা, দুষ্টামি, ছেচড়াম। "ছল ছুতা মিছা সাঁচা, না জানি বিস্তর প্যাঁচা ভা চ ৬৭৯। —চে ক্রি বিং যথার্থ, ঠিক, স্বরূপে। "মুই যদি জানি সাঁচে, নিবন্ধেতে এই আছে: তোর মনে কিবা আশা, বুঝিতে নারিনু আমি সাঁচে ম ম ১৯২।

সাঁচ[২] বি সর্থ 'ছাঁচ'। 'বিহি অতি বিদগধ, অমিঞার সাঁচে ভরি, নিরমিল গৌর-সুদেহে।—গো ৪৬। অমিয়ার সাচে যদি গড়াই পুতলি প র ৪১।

সাঁচ[৩] সপ্র [সঞ্চয়—সঞ্চ > সাঁচ] সঞ্চিত করা, রক্ষার্থ ঢাকা। "দুই ভুজ চাপি জীবন ধন সাঁচে বি প ৮০।

সাঁ(সো)চনা বি [সাঁচ[১] > °না, সাচা (শ্রীহট্ট)] দইএর সাজা, দম্বল। "অনুরাগের দধিখানি, প্রেমার সাঁচনা ('সাচনা'—পাঠান্তর, প.র ৭৯) দিয়া, কেবা পাতিয়াছে আঁখি দুটি চৈ.ম ৯৬।

সাঁচা, সাঁচে দ্র 'সাঁচ[১]'।

সাঁচান বি [সঞ্চান > °ন] শ্যেনপক্ষী। "পলায় কপোত পক্ষী সাঁচানের ডরে।—কৃ ২২৯। শ্রী.ম ১৩১, ১৭৬।

সাঁচি বিং [সাঁচ[১] + ই[১১]] বিশুদ্ধ, খাঁটি। "আনলে হেম. সাহসে উঠায়ব, সাঁচি জানব তব মোরি।—গো ২০১। —চি ক্রি.বিং সত্য, যথার্থ, স্বরূপে। "সখি এই সে বুঝিনু সাঁচি। এ হেন মাধব দূরদেশে যাবে, মুঞি সে রহিনু বাঁচি॥—ব.প ১১৩৪। —চি, —চী বি [মৈ সাঁচী] একজাতীয় উৎকৃষ্ট পান। "সাঁচি বিড়া বি.সু ৫০। খায় সাঁচী পান ম ভা ৪৯। সাঁচি পান বা দ ২০০।

সাঁচী দ্র 'সাঁচি'।

সাঁ(সো)চ্চা বিং [দ্র 'সাঁচ[১]'] ১ সত্য (কথা)। বিপ 'ঝুটা, ঝুঠা'। ২ সত্যবাদী (লোক)। ৩ সাধু, সৎ। "ওলোক ভি চোর আর ঊ লোক ভি সাঁচ্চা রা স ৩১। ৪ বিশুদ্ধ, খাঁটি (জিনিস, সোনা)। ৫ সরল, অকপট (লোক)। ৬ যাহা ঝুটা নহে, অকৃত্রিম (genuine)। "এগুলি ত সাচ্চা পাথর ?—কা ১০১। ৭ স্বদেশে প্রস্তুত, দেশী। "কোথা নৃপ-কুল, নবাব, আমীর,…ছাড়ি সাঁচ্চা জুতা, চুনীপান্নাগাথা। বিলাতী বুটেতে পদ সাজাও।—হেম ২৫০। ৮ আদি, মূল। বিপ 'জাল'। "হরলাল।—এই সাঁচ্চা উইল হইল, বৈকালে যাহা লিখিবে, সেই জাল। —ব প্র ২৫৮। [সাঁচ্চা জরি—সোনার জরি। সাঁচ্চার কাজ—খাঁটি সোনার শিল্প।]

সাঁজ[১], **-ঝ** বি [সং সন্ধ্যা > লি সঞ্ঝা, প্রা সংঝা (প্রা প ৩ ৫৬) > বা (সাঁঝা) সাঁঝ, -জ, হি সংঝা, সাংঝ, প সংঝা, ঠ সাংজ, -ঝ, গু সাংজ, মৈ সাঁঝ, সি সংঝা, সাংঝী, ড় সংজ ; সন্ধ্যা (কোচবিহার)] ১ সায়ংকাল। "সাঁঝ শ্রী কী ৩০। সাঁঝক বেবি উগল নব সসধর বি সা ১৩৬, ৩৫১, সাঁঝহি ৪০৩। সাঁজেতে উদয়, সুধু সুধাময় চ দা ২৫, ১০৮। সাঁজে: সাঁঝে ক চ ৮৫। কাল সাঁজে শ্রী ম ১১৪। সাঁঝ সময়ে ন প ৯০। ভরা সাঁঝ চ কা ৩৫০। সাঁজ সকালে।—হু ১৭৪। ২ জীবনের সন্ধ্যাকাল, অন্তিমকাল। 'সাঁঝক বেবি, সেব কোই মাগই, হেরইতে তুয়া পদ লাজে বি প ২১৮। ৩ সন্ধ্যার প্রদীপ, সেঁজো বাতি। "(মুসলমান) পীরের মোকামে দেই সাঁজ ক চ ৮৫। ৪ সন্ধিকালমাত্র, অর্থাৎ প্রাতঃকাল মধ্যাহ্ন সায়ংকাল। "তিন সাঁজ, দু সাঁজ। [সাঁজ-ঘুমান—যে সন্ধ্যায় ঘুমায়, অধিক রাত্রি পর্যন্ত জাগিতে পারে না। সাঁজ জ্বালা—সন্ধ্যায় প্রদীপ জ্বালা। সাঁজ দেওয়া বা দেখান—সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়া ঘরে ঘরে দেখান (গৃহস্থের আচারবিশেষ)। সাঁজে বাতি—সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়া সাঁজ দেখান। 'স্বামীর সেবা সাঁজে বাতি। বলে ডাক লক্ষ্মীর স্থিতি॥—ব প ৬। সেঁজো তারা—সান্ধ্য তারা। সেঁজো বাতি (ঠ সাংজবাত, মৈ সংঝাত)—সন্ধ্যার প্রদীপ। "দ্র 'খুঁড়'। তিন সাঁঝ —সর্থ 'সাঁজ (৪)। তু 'তিনা সাঁঝে—অহর্নিশম্ (চ ৫১, টীকা)।]

সাঁ(সো)জ[২] 'জো' বিং [সং সদ্যস্ > প্রা সজ্জ > বা সা(সাঁ)জ] ১ সদ্যঃ, সেই দিনে, তৎক্ষণাৎ, তখনই। "সাজ শণ বুনে: সাজ গাছ বাহির হৈল: সাজ সেই শণ কাটে, সাজ তার সুতা কাটে সাজ জাল বুনে ম ভা ৬৩। ২ সদ্যোজাত, টাটকা। "সাজ ঘৃত দিয়া রান্ধে গিমা তিতা শাক: সাজ কটু তৈলে রান্ধে কুমারের চাক ম ম ২৫, ১৪৫। [সাঁজ কাচা কাপড় 'সদ্যোধৌত বস্ত্র। সাজ গোবর—টাটকা গোবর। সাঁজ দই—সদ্যঃ পাতা দই। সাঁজ শুখা ধান—একদিনেই রৌদ্রে শুষ্ক সিদ্ধ ধান্য।]

সাঁজা, -ঝা বি [সাঁজ[১] + আ[১০]] সন্ধ্যার আরতিপ্রদীপ। "সাঁজা দেহ গতি ভাই: সাঁজা দিল বসুআ আমনি শূ ৭৪, -৫, সাঁঝা দিলে হয় সুমঙ্গল ৮৬, সাঁঝা দিল, সাঁঝা জাল ৮৭। —ঝা বি ['সাঁজ[১]'] ১ সন্ধ্যাকাল। "সাঁঝার বেলে সাঁঝা দিল শূ ৮৭। ২ সন্ধ্যায় আরতি। "সাঁঝা জাল গতি ভাই সাঁঝাজ দেহি মন শূ ৮৭।

সাঁজাল বি [সাঁজ[১] + জ্বাল (সন্ধ্যাজ্বালা)] ১ মশকনিবারণার্থ গোয়ালে ঘুঁটা তুঁষ ইত্যাদি দ্বারা সন্ধ্যায় জ্বালিত সধূম অগ্নি। ২ আগুন রাখার পাত্র। [তুষের সাঁজাল—তুষাগ্নিপাত্র। "মনে মনে পুড়ি, ছয় ছয় রাড়ি, তুষের সাঁজাল বুকে ম.ভা ১৮।

সাঁ(সো)জুড় সর্ম [সং সম্- √যোজি > প্রা √সংজুড় > বা °ড, দ্র 'জুড়[১]'] ১ সংযোজিত বা মিলিত করা, দলবদ্ধ করা। "সাজুড়িয়া (পাঠান্তর —'সাঁ°) পালে পালে আনয়ে চমরী ক চ ৪১। ২ একত্র করিয়া বাঁধা।

"সাজুড়িয়া ভারে নিল মাছ ক.চ ১২২। ৬ বন্ধ করা; আটকান। "কেহ বা পলাতে পথে দূতে ধরে তেড়ে। হড়া মারি হাতাহাতি রাখিয়াছে সাজুড়ে॥—শ্রী ২০২।

সাঁ(সেঁ)জুতি বি [সাঁজ১ +বাতি; মৈ 'সাঝোত'—সন্ধ্যাদীপ] অগ্রহায়ণে সন্ধ্যায় দীপ জ্বালিয়া কুমারীর অনুষ্ঠেয় ব্রতবিশেষ। "সেঁজুতি পালন।—হেম ৩৯০। সেঁজুতির শিব ব.প্র ১৭।

সাঁজোয়া, সাজুয়া বি [সং সজ্জা, হি 'সঁজোয়ল'—সুসজ্জিত, সেনাসহিত] বর্ম্ম। "সাঁজোয়া শ্রী.মা ১৫, শোভন সাজুযা গায ৬৬। জনমিল নয়নাগ্নি সাঁজোয়াব তেজে মে ২২৩।

সাঁঝ; সাঁঝা দ্র 'সাঁজ১; সাঁজা'।

সাঁট, -টা বিং [সন্নদ্ধ > সাঁট, -টা] দৃঢবদ্ধ। "আঁটসাঁট, আঁটাসাঁটা। —টা বিং ১ খীলি-করা। "সাঁটা পান নিল বাটা ভরি শ্রী ১৭৬। ২ সংলগ্ন, আঁটা। "রাফেল বাঁধা ছবিগুলি ঘবে দোবে সাঁটা।—হেম ৩৯০।

সাঁটা; সাঁড়ক; সাঁড়া দ্র 'সাঁট, শাঁডক, শাঁড়া'।

সাঁড়াশি, -সি, -সী বি [সং সন্দংশ > প্রা সংডাস > বা (সাঁডাস) °সি, -°শি; হি সঁড়সী] চাপিয়া ধরার নিমিত্ত লোহার চিমটাবিশেষ। "সাঁড়াসিতে মাংস টানে।—কৃ ২৭৬। সাপের গলায় দিল সুবর্ণ সাঁডাসী ম.ভা ৩৬। সাঁডাসি।—কথা ৭৮।

সাঁড়াসাঁড়ি বি শাঁড়াগাছ (?)। "ঠাকুরে ভুলাইব, তোমারে আনি দিব, আনিয়া গাছ সাঁড়াসাঁড়ি ভা.চ ৫৩৩।

সাঁতর, সাঁতরা, সাঁতার২ অর্ম্ম [সং সম্+ √তৄ > প্রা সংতর > বা সাঁত(তা)র, °রা] ১ সাঁতার দেওয়া, জলে ভাসিয়া বেড়ান। "তরাতরি রাবণ সাঁতরে আথান্তবে কৃ.উ ৬৯। ঠাট রক্তেতে সাঁতারে।—ম ৭৬৪। রুধিরের নদীতে সাঁতারে ঘোড়া হাথী ক.চ ২৬৭। ২ উত্তরণার্থ জলে ভাসা। "থলের কথায়, পাথারে সাঁতারি, উঠিতে নারিনু ভিতে চ.দা ৫০। সাঁতারিয়া নদী পার হয দিবানিশি।—মে ২৬৫। [সাঁতরান—সর্থ 'সাঁতর'।]

সাঁতল, -লা সর্ম্ম [সন্তল > °ল, -লা] সর্থ 'সন্তল'। "(হেলঞ্চ) সাঁতলিবে কটু তেলে ক.চ ৪৪। [সাঁতলান—সর্থ 'সাঁতল'।]

সাঁতলা দ্র 'সাঁতল'।

সাঁতা সর্ম্ম [সং √সান্ত্ব্] সান্ত্বনা দেওযা, আশ্বাস দেওয়া। "চুম্বি আলিঙ্গি সাঁতায়লি শ্যাম।—ব ১০৯, মাধব ধনী কি সাঁতাওব চিত ১৯৩। [সাঁতায়লি, সাতাযলি (প.ক)—সান্ত্বনা দিল।]

সাঁতার১ বি [সং সন্তার > প্রা সংতার (পৈ ১৯) > °র] সন্তরণ (swimming)। [°জল, °পানি—গভীর জল, ডুব-জল। "ব্যাঙ্গের শোকে সাঁতারপানি হেরি সাপের চোকে ন.ত ৩। °নদী—গভীরজলা নদী। "রুধিরে সাঁতার-নদী বহে পঞ্চধারে।—ম ৮২৫।]

সাঁতার২ দ্র 'সাঁতর'।

সাঁথে ক্রি.বিং [সাথে > সাঁথে, দ্র '' (৩)] সঙ্গে। "গৃহে গিয়া হরিদাস° ন.প ৩০০, ('নিতাই নাচে) রামাই সুন্দর সাঁথে ৩২৪।

সাঁদি, -ধ১, -ধি বি [সং সন্ধি > প্রা সংধি > বা সাঁধি, -ধ, -দি, সান্ধি (চ), ঠ সাংদ, -দী, সাংধ, -ধা, -ধী] সন্ধি, জোড, সংযোগস্থল, জোড়ের মুখ বা ফাঁক। দ্র 'আঁদিসাঁদি'।

সাঁধ১ দ্র 'সাঁদি'।

সাঁধ২ সর্ম্ম [সং সম্+ √ধা > প্রা √সংধ > বা সাঁধ; হি √সাঁধ, ঠ √সাংধ] ১ মিশ্রিত করা, মিশান। "কাদা গোবর সাঁধিয়া উনানের পাশে দিবে। ২ সন্ধান করা, ধনুকে যোজনা করা বা জোড়া। "সহস্র তোমর ক্রোধে সাঁধে ততক্ষণ।—ম ৭৬২, দিব্য অস্ত্র সাঁধে ধনুকেতে ৭৭৮, নানা অস্ত্র ভীমসেন সাঁধে ৭৭৯।

সাঁধা অর্ম্ম [সাঁধ১ + আ৩; 'সান্ধয়'—প্রবেশ করে (চ)] সাঁধে (সন্ধিস্থলে) প্রবেশ করা; সন্ধিগত হওয়া, সাঁধান, ঢোকা। "ভাবিতে ভাবিতে ব্যাধি সাঁধাইল অন্তরে চ.দা ১১৭। [সেঁধিয়া—সাঁধাইয়া; প্রবেশ করিয়া। "পাতালে সেঁধিয়া স্ব.প্র ১১৩।]

সাঁধি; সাঁপ দ্র 'সাঁদি, শাঁপ১'।

সাঁপড়ি বি [সং সম্পুট > প্রা সংপুড > বা সাঁপুড়, -ড়া, -ড়ি; সাপু(প)ড়া] পেটিকা, কৌটা। "(ধায় বেগে) সাঁপড়ি তরাজু লয়্যা হাথে ক চ ৭৪। —পুড়া বি [সং সম্পুটক > প্রা *সংপুডঅ > বা সাঁপুড়া; দ্র 'সাঁপড়ি'। "কিনে বীর কনকসাঁপুড়া ক.চ ৭৫, বাম করে তাম্বূলসাঁপুড়া ১৫৯। —পুড়ি, -ড়ী বি [সং সম্পুটিকা > প্রা *সংপুডিআ > বা সাঁপুড়ি, -ড্যা] সর্থ 'সাঁপড়ি। "লহনার হাথে দিল ঔষধ-সাঁপুড়ি ক.চ ১৫২। ২ পিত্তলাদির কৌটা, ডিবা। "(কাঁসারি) সাঁপুড়ী চুণাতি বাটা, নির্ম্মায় ঘাঘর ঘণ্টা ক চ ৮৯। —পুড়্যা বি [দ্র 'সাঁপুড়ি'] সর্পার্থ পেটিকাবিশেষ, হড়পী। "সাপের সাঁপুড়্যা সুবর্ণের জাতি ব প ২৬৬।

সাঁপুড়া, সাঁপুড়ি, সাঁপুড়ী, সাঁপুড়্যা দ্র 'সাঁপড়ি'।

সাঁভা অর্ম্ম [সন্ধা > সাঁভা] প্রবেশ করা, ঢোকা। পর্ব্বতকন্দরে যেন সাঁভাইল ফণী শ্রী.ম ১১১।

সাঁসাঁ বি [ধ্বন্যাত্মক] দ্রুতগামী নৌকাদির চলনে বাযুর প্রতিঘাতজন্য শব্দ। "ভাঁটা হওয়াতে বোট সাঁসাঁ করিয়া চলিতে লাগিল আ হু ৯, সালতি সাঁসাঁ করিয়া চলিয়াছে ১৭৫।

সাক ক্লী [তু 'সং শাক > লি সাক] সর্থ 'শাক'। [কোন্ সাকে গণি! —শারীরিক বা মানসিক কোন শক্তিতে অধিক বলিয়া গণনা করি, অর্থাৎ কোন শক্তিতে অধিক নহে। "বাজাকে কিসের ডর কোন সাকে গণি শ্রী মা ১৫৮।]

সাকও়া বি [সাঁকো > °ওা] সেতু। "কেশের সাকওা ম.গা ২১।

সাকম্ ব্য ১ সহ, সার্দ্ধন্। "অহং জনন্তা শুকভিশ্চ সাকম্ (অবসং চিরায়) ক সা ৪ ১২৬। ২ যুগপদ্। "ঋগ্বেদ ২.২৪.৪। সাকমগ্নসদাম ভ ৩.২০ ৫১।

সাকল্য ক্লী [সকল+য (ষ্যঞ্)] ১ সকলভাব, সমূহ। "মনু ১২. ২৫। ২ পূর্ণত্ব। "ভূতি°।—নলোদয় ৩ ১৯।

সাকাঙ্ক্ষ বিণ [বহুব্রী] ১ আকাঙ্ক্ষাসহিত, সাভিলাষ। ২ প্রতীতি-পর্য্যবসানবিরহযুক্ত, অন্বয়বোধজনক, পরস্পরান্বিত (পদ, বাক্য)। "সা দ ২৯।

সাকার বিণ [বহুব্রী] ১ আকারসহিত, মূর্ত্তিমান্, মূর্ত্ত রূপী। "সা চাবিভূর্য সাকারা তমেবমবদৎ ক.সা ৩০.৬। সাকারা।—কৃ ৩৫০। নিরাকার স-আকার (সাকার), হ'লে দশ অবতার শ্রী.মা ৫। নিরাকার ব্রহ্ম তিনি রূপেতে সাকার (ভা.চ)। ২ (বাঙ্লায়) শোভনাকারবিশিষ্ট, সুন্দর, সুশ্রী। "সাকারা কন্যার ভাগ্যে নাকারা পাত্র।—দা ৯৭২। [সাকারা সুন্দরী—সর্ব্বাঙ্গসুন্দরী। "পা.খো ৫৯। —রা বিং সুন্দব, সুশ্রী। [°বাদ (বি)—সগুণব্রহ্মবাদ। °বাদী (বিং) সগুণব্রহ্মবাদী।]

সাকি, -কী বি [ফা সাকী] ১ প্রিয, সখা, সুহৃৎ। "সেখ সুজা, সাকি বাকি মীর মিঞাগণ শ্রী ২১৮। ২ যে মদের পিয়ালা যোগায় বা মদ্যপান করায় (cup-bearer)। "চৈতন।—ও বলাই বাবু! তুমি কেমন সাকী হে?—মা ৩৪৬।

সাকিন, -কিম বি [আ 'সাকিন্'—নিবাসী] বাসস্থান, বাসগ্রাম, ঠিকানা। "সাকিন মঙ্গলকোঠ উজ্জয়িনী গ্রাম ক.চ ২৭৮। সাকিম আমার ঘর দক্ষিণ ময়না শ্রী.মা ৮৭। সাকিন বরদাবাটী বড়পুর গ্রাম রা.স ৫। [সাকিমশূন্য লোক—অজ্ঞাতকুলশীল উদাসীন ব্যক্তি; ভবঘুরে (vagabond)।]

সাকুব বিং [স°+আকুব] বুদ্ধিমান্, চতুর, চালাক। বিপ 'বেআকুব, বেকুব'। "সাকুব হইলে ইশারায় কর্ম্ম বুঝে আ.হু ১৭২।

সাকুল্য বি সর্থ 'সকুল্য'। "(সমানোদকের পর) স্মরণ অবধি হয় সাকুল্য লক্ষণ ব.প ১৮২০।

সাকূত [বহুব্রী] আকূতসহিত, সাভিপ্রায়, অভিপ্রায়গর্ভ। "সাকূত-নির্বর্ণিত ক.সা ৩৮.২৮। °স্মিত গী.গো ২.২১।

সাকেত স্ত্রী অযোধ্যা, অযোধ্যাপুর। "রামে…সাকেতং পুনরাগতে গো.রা ২.৩৮.৩৪। °নিবাসিন্ রঘু ৫.৩১। —ত পুং, বহুব সাকেত-বাসিগণ। —তক পুং [°ত+অক (বুঞ্)] সাকেতবাসী। —তক স্ত্রী [+ক স্বার্থে] সাকেত।

সাকেতক দ্র 'সাকেত'।

সাকোটক পুং সর্থ 'শাখোটক'। "পঞ্চরাত্র ১.৬.১৬।

সাকোয়া বি সর্থ 'সাকওা'। "কেশের সাকোয়া গো.চ ৩৬৮।

সাকোরপোলা বি শর্করার খাদ্যবিশেষ (?)। "দা ৯৭৭।

সাক্তুক পুং [সক্তু+অক (ঠঞ্)] সক্তুবিষয়ে সাধু, যব। "পা ৪ ৪ ১৩৩। —ক স্ত্রী [+অক (ঠক্)] সক্তুসমূহ। "পা ৪.২.২৭।

সাক্ষত বিণ [বহুব্রী] অক্ষতসহিত। "°পাত্রহস্ত রঘু ২.২১।

সাক্ষাৎ ব্য [সাক্ষ > °ৎ (পঞ্চমী-১ব), ছান্দস, তু 'সাক্থাত' (গো.চ ১০০)] ১ প্রত্যক্ষ, সমক্ষ। "সাক্ষাচ্চণ্ডালতাং গতম্ (রাজানম্) রা ১.৫৯ ১। গী ১৮.৭৫। সাক্ষাদ্ধর্ম্মস্য লক্ষণম্ মনু ২.১২। রঘু ১৪ ১১। সাক্ষাৎ দর্শন চৈ চ ১৩৭, ৩৪৫। ২ স্বয়ং। "স তে দুহিতরং সাক্ষাৎ বৃণুতে কু.স ৬ ৭৮, ৭ ৪৩। সাক্ষাৎ প্রিয়ামুপগতামপহায় শ ৬.১৬। কোপেতে…সাক্ষাৎ শমন।—ম ৮৮০। অদ্বৈত…সাক্ষাৎ ঈশ্বর চৈ.চ ১১, কৃষ্ণ সাক্ষাৎ শৃঙ্গার ১৯, প্রভুর সাক্ষাৎ আজ্ঞা ১৪১। শচী কৌশল্যা সাক্ষাৎ ন প ৫৯। শ্রী ৪৬। ৩ স্বরূপতঃ। "সাক্ষাদ্ ভাবাবিব শরীরিণৌ মা মি ১১০। ৪ তুল্য, সদৃশ। "তাতে যেই মরে জীব, সে জন সাক্ষাৎ শিব ক.চ ২। প্রথম সাক্ষাৎ শিব শিবচন্দ্র রায় ভা চ ২২। সাক্ষাৎ প্রজাপতি রাজা জনক তোমার পিতা সী ৩ (তু 'রাজা প্রজাপতিসমো জনকঃ পিতা তে।—উ চ ১ ৯)। ৫ সর্ব্বপুরুষার্থসাধন (কুল্লুক)। "এষ ধর্ম্মঃ পরঃ সাক্ষাৎ মনু ২.২৩৭। —ৎ, —ত বিং (বাঙ্লায়) দৃষ্টিগোচর, সম্মুখে আবির্ভূত। "অস্ত্র লইয়া আরম্ভিল মস্তক ছেদিবার। হেনকালে দেবী হইল সাক্ষাত তাহার॥—অ প ১৩৩। সাক্ষাত হৈল যবে চ.বি ২৭, সাক্ষাত হইল তবে দেব মহেশ্বর ১২৭। বাল্যরূপ পুত্রভাবে সাক্ষাত হইল ভ গ্র ২০৩। কি লো। শিব সাক্ষাৎ, স্বয়ম্বরা হবি না কি?—ব প্র ৬। —ৎ বি ১ সাক্ষাৎকার, দেখা। "পিতা সহ সাক্ষাৎ হইল প্রাতঃকালে ন.বি ১৩০। হবে পদ্মার সাক্ষাৎ ম.ম ১৮২। শক্রের সাক্ষাৎ হৈল সদ্য ভূমিলাভ শি ৬৯। হয়েছে সাক্ষাৎ দোঁহে সমর-অঙ্গনে—কা ৪৮। সাক্ষাৎ হওয়া অবধি কা দ ৭৫। নবকুমারের সহিত লুৎফ-উন্নিসার আর দুই-একবার সাক্ষাৎ হইয়াছিল ব.ন্তি ১৯০। সাক্ষাৎ পাইবে: সাক্ষাৎ হইল না ব প্র ৮, সাক্ষাৎ করি নাই ৯৮। ২ দেব-দর্শন। "শৈলেশ্বর-সাক্ষাৎ ব.প্র ৩৩। ৩ দেখা করা। "আমি তাঁহার সহিত আর একবার সাক্ষাতের প্রার্থিতা ব প্র ৬১। [°করণ (স্ত্রী) —প্রত্যক্ষদর্শন, দেখা। "ব্রহ্মসাক্ষাৎকরণ মনু ৪.২৫৮, কুল্লুক। °কর্ত্তা (-র্ত্তৃ) বিণ—প্রত্যক্ষদ্রষ্টা। °কৃত (বিণ)—আর্ষচক্ষুতে প্রত্যক্ষবৎ পরিজ্ঞাত। "সাক্ষাৎকৃতধর্ম্মাণো মহর্ষয়ঃ উ.চ ৭২। °দৃষ্ট (বিণ)—প্রত্যক্ষ-ভাবে দৃষ্ট। "কু স ৬ ২২।] [সাক্ষাৎসম্বন্ধে—ঘনিষ্ঠ সম্পর্কে। সাক্ষাৎ খুড়তুত ভাই—আপন খুড়ার ছেলে। এইরূপ 'সাক্ষাৎ জ্যেঠতুত, পিসতুত, মাসতুত ভাই'—আপন জ্যেঠা, পিসী, মাসীর ছেলে। সাক্ষাৎ দিয়া —দর্শন দিয়া। "তাহাকে সাক্ষাৎ দিয়া…মজুমদারের বাটীতে যাইব কৃ.চ ১৩। সাক্ষাৎ হইল—সমীপে আসিল। "গো.বি ৫৭। সাক্ষাৎ হওয়া ('সাক্ষাৎকার হওয়া'—সাধু)—দেখা হওয়া। তোমারে সাক্ষাৎ হবে—তোমার দৃষ্টিগোচর হবে। "শ্রী ১৪৩। সাক্ষাতে (তু 'সাক্ষ্যাতে') —১ সমীপে, সম্মুখে। "গুরু সাক্ষাতে দিল পোতা ম.গা ১, বাঘের সাক্ষাতে যেন গরু সমর্পিলা ১১, বধূ সাক্ষাতে মিলএ ২০। গোর্দ্ধের সাক্ষাতে রানি অলঙ্কার দিল গো.বি ৭৮। গ ৩, ৯। ম ১১৬, ৬৮৪। চ বি ১১৪। সাক্ষাতে ব'সে বর শি ২৯। ২ উপস্থিতিতে। "যে দিন রজনীর সাক্ষাতে রামসদয় বাবুর স্ত্রী বিবাহের কথা প্রথম পাড়িলেম ব.প্র ২০১। ৩ প্রত্যক্ষভাবে। "সাক্ষাতে দেখ্যাচ মোর দশরথ পিতা কৃ.অ ৩৩। সাক্ষাতেও কহিয়াছে শচীর নন্দন চৈ.ভা ৩১৩। সাক্ষাতে দেখহ ভাই, হেন দয়াল আর নাই ভ.গ্র ১২৮। সাক্ষ্যাতে—১ সমীপে। "আমার সাক্ষ্যাতে গায়ন কর উচ্চস্বরে।—গ ১১। ২ প্রত্যক্ষভাবে। "কোটি লিঙ্গ তাতে, দেখিলা সাক্ষ্যাতে, আপনে আছেন হর হরি। —গ ১৭১, সাক্ষ্যাতে দেখিলা রাজা দেব হর হরি ১৭৩।

সাক্ষাৎকার পুং [°ৎ+√কৃ+অ (ঘঞ্)-ভা] ১ সাক্ষাৎকরণ, প্রত্যক্ষদর্শন। "দুই ভাগবতসঙ্গে করান সাক্ষাৎকার চৈ.চ ৪। ২ মানস-নেত্রে দর্শন। "ধ্যানে কৃষ্ণসাক্ষাৎকার করি (হাসে আই) চৈ.ভা ৪৩২। মূর্চ্ছায় হৈল সাক্ষাৎকার চৈ চ ৮২ ; প্রেম বিনা কভু নহে তাঁর সাক্ষাৎ-কার ১৩৭। —কৃতি, —ক্রিয়া স্ত্রী [+তি (ক্তিন্), +অ (শ), -ভা, স্ত্রী আ (টাপ্)] সর্থ 'সাক্ষাৎকার'। [°লালসা (বিণ)—দর্শনেচ্ছা। "কা দ ২৭।]

সাক্ষাৎলাভ বি [তু 'লভিনু সাক্ষাৎ' (স্ব প্র ১৭৮)] দর্শনলাভ। "আমি সাক্ষাৎলাভ করিলে, সে যদি ক্লেশ পায়, এই জন্যই তোমার সহিত সাক্ষাৎ করি নাই ব.প্র ৯৮।

সাক্ষিক বিণ [সাক্ষিন্+ক (কপ্)] সাক্ষাদ্দ্রষ্টৃক। "(দদৌ ধনম্) অগ্নিসাক্ষিকম্ মহা ১.১৯৮.১৮। অসাক্ষিকহত যাজ্ঞ ২.২১৫।

সাক্ষিগোপাল বি ১ সাক্ষাদ্দ্রষ্টা কটকস্থ গোপালবিগ্রহ। [ইনি বিদ্যানগরের এক ব্রাহ্মণের পক্ষে তাঁহার বিবাহসম্বন্ধে সাক্ষ্য দিবার নিমিত্ত বৃন্দাবন হইতে কটকে আসিয়াছিলেন। ইনি সাক্ষিরূপে কিছুই বলেন নাই, ইঁহার আগমনই সাক্ষিকার্য্য করিয়াছিল (চৈ.চ ৯৫-৯৮)।] ২ (সাদৃশ্যে) নিজ কর্ম্মে উদাসীন বা অনাবিষ্ট ব্যক্তি। "(মতিলাল) স্কুলে যায় ও অতিকষ্টে সাক্ষিগোপালের ন্যায় বসিয়া থাকে আ.হু ২২।

সাক্ষী (-ক্ষিন্) বিণ [সাক্ষাৎ+ইন্ (ইনি), 'দ্রষ্টা' অর্থে, সাক্ষাৎ > সাক্ষ্, পা ৫.২.৯১] সাক্ষাৎ দ্রষ্টা অর্থাৎ উপদ্রষ্টা (দাতা বা গ্রহীতা নহে), যে সমক্ষে দেখে বা শ্রবণ করে। 'সমক্ষদর্শনাৎ সাক্ষ্যং শ্রবণাচ্চৈব সিধ্যতি মনু ৮ ৭৪। বিষ্ণু ৮.১৩। —ক্ষী পুং ১ সাক্ষাৎ দ্রষ্টা বা শ্রোতা। "সাক্ষী লোকস্য পাবকঃ গো.রা ৬.১০৩.৫। মনু ৮.৮১। ক্রমেধ্…তপঃসাক্ষিষু কু.স ৫.৬০। আত্মৈব হ্যাত্মনো সাক্ষী কৃতস্যাপ-কৃতস্য চ (S W.)। কৃ.অ ৩৩। আপনার সাক্ষীতে (অর্থাৎ সাক্ষাৎ শ্রোতাতে) বেটা হারিল আপনি ক.চ ২৪৯। ঠাকুর ! তুমি মোর সাক্ষী চৈ.চ ৯৬। সাক্ষী হও সখীগণ ভা.চ ৩২১। ২ বিষ্ণু (মহা)। ৩ [সাক্ষ্য > সাক্ষি, -ক্ষী] (বাঙ্লায়) সাক্ষ্য। "আর কেহ থাকে ত আনিঞা বলাহ সাক্ষী কৃ.অ ৩৩। দিনু মিথ্যা সাক্ষী বা.ম ৩২৫। তুমি সাক্ষী দেহ দয়াময়।—চৈ চ ৯৭। ৪ প্রমাণ। "কান্তসেবা সুখপুর,…তার সাক্ষী লক্ষ্মীঠাকুরাণী চৈ.চ ৩৫৫। [°দ্বৈধ '-ক্ষিদ্বৈ-' (স্ত্রী)—সাক্ষীর দ্বিধা-ভাব। °পরীক্ষণ (স্ত্রী)—সাক্ষিকথিত বিষয়ের সত্যাসত্যনির্ণয়ার্থ কূট-প্রশ্ন, সাক্ষীকে জেরা করা। °প্রশ্ন (পুং)—সাক্ষিগণের প্রতি অভিযোগ-বিষয়ক জিজ্ঞাসা। "মনু ১ ১১৫। °ভূত (বিণ)—সাক্ষীসদৃশ, প্রত্যক্ষ-দর্শকতুল্য। "সাক্ষিভূতায় তে নমঃ ভ ৮.১৬.৩৪।]

সাক্ষ্য বিণ [সাক্ষিন্+য (যৎ), পা ৪.৩.৫৪] 'সাক্ষাদ্ দ্রষ্টার ভব'; দৃশ্য। "ভ ৫.১১.৭। —ক্ষ্য স্ত্রী [+য (ষ্যঞ্)] ১ সাক্ষিকর্ম্ম, ব্যবহারে

বৃত্তবৃত্তান্তকথনরূপ সাক্ষিকার্য্য। "সাক্ষ্যং সিধ্যতি মনু ৮.৭৪। মহাতপঃ-সাক্ষ্যে কু স ৫.২৫। সাক্ষ্যে দুষ্টঃ যাজ্ঞ ২.১৫। মিথ্যা সাক্ষ্য।—ম ১০৪৬। ২ সাক্ষিভাব।

সাখি, -খী বি [সং সাক্ষিন্ > লি সকৃখী, প্রা সক্খি > বা সাখি, -খী; বৈষ্ণবসাহিত্যে] ১ সাক্ষী। "বিদ্যাপতি কহে ভাখী। রূপনারায়ণ সাখী॥—বি.প ৫১; মদন সাখি করি খত লিখি দেয় ১৫১। গোবিন্দ এক সাখী।—গো ১৭১। সাখী ব.প ১১৫; ৯৯১; সাখী কৈল তুলসী ১৬৯২। ২ সাক্ষ্য। "বিপক্ষ-সাখীতে ব.প ১৩২৬। কহই বলরাম, ধবলী কালিম, বদনে দেয়বি সাখী।—ব ১৯১। সাখী।—জ্ঞা ১০১। ৩ প্রমাণ। "আর যুগ-অবতার—অংশ কলা লখি। আপনেই ভগবান্ ভাগবত সাখী॥—চৈ.ম ২০। প্রেম-কলেবর ততহি সাখি।—জ্ঞা ৫। দেখিতে দেখিতে মোর, পরাণ যেমন করে, সেই সে পরাণ তার সাখি প র ৩২। আবরণ-বস্ত্রখানি আছে মাত্র সাখী ভ.গ্র ২৪৯। ৪ সাক্ষাৎকার। "পাওল মদন মহোদধি সাখি বি.প ৭৪। —খী ক্রি.বিং সাক্ষাৎ, প্রত্যক্ষ। "সে সব বাণী, সাখী মোহে মিলল, অতএ পাওসি অব দুখে।—জ্ঞা ২২৭।

সাখী দ্র 'সাখি'।

সাখ্য ক্লী [সখি+য (ষ্যঞ্), 'সাখ্য'—সখিভাব (সায়ণ, ঋগ্বেদ ২.১১.১৯)] সখ্য (ধনঞ্জয়কোষ—শ.ক)।

সাগর বিণ [°র+অ (অণ্), স্ত্রী -রী] সাগরসম্বন্ধী, সামুদ্রিক। "তনুং ত্যক্ত্বা…সাগরীম্।—হ ৫৪.৪৫। —র পুং [সাগর+অ (অণ্)] ১ 'সগর কর্ত্তৃক নির্বৃত্ত', সগর কর্ত্তৃক পানিত (রা ১.৫.২), সগর-তনয়গণ কর্ত্তৃক খাত (অ.টী), অর্ণব, সিন্ধু, সমুদ্র। দ্র 'সগর (১); রঘু ১৩.৩। রাজ্যং চ তব রক্ষেয়মহং বেলেব সাগরম্ রা ২.২৩.২৮; শোক° ৭৭.১৩। সৈন্য° মাঘ ১৩২৭। তপঃসাগরে।—মা ১২১। সংসারসাগর-তীরে, পদাঙ্ক অঙ্কিত ক'রে, আমরাও হব হে অমর।—হেম ২৪৭। এই ভারতের মহামানবের সাগর-তীরে।—গী.লি ১১৯। সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়!—কু.কে ১৩৯। ২ (সাদৃশ্যে) বিপুল আধার। "গুণ°, পঙ্ক°, বিদ্যা°, সঙ্গীতাগম°। গুণের সাগর কৃ ৯৬। মায়াযুদ্ধের সাগর অ.প ৫০। রসের সাগর শ্রী.মা ১৩৭। ঘৃত মধু দুগ্ধ আদি সাগর সাগর ভা চ ১৪৪। ৩ সাগরসংখ্যানুসারে চার (৪) বা সাত (৭) সংখ্যা। "ম.পা ৩। ৪ দশপদ্ম সংখ্যা। 'শঙ্খপদ্মৌ সাগরঃ। ৫ (বহুব) সগরপুত্রগণ। "পিতরস্তস্য সাগরাঃ রা ১.৪১.১২। মহা ৩.১০৭.৭, ২৪। ৬ মৃগবিশেষ। ৭ (বাংলায়) প্রাচুর্য্য। "তিমির-লয় হ'ল দীপ্তিসাগরে।—রবীন্দ্র। ৮ সাগরতুল্য বৃহৎনদী বা জলাশয়। "কালিধ-সাগরজল বি পা ১৬১। বা ম ৩২৭; গুঞ্জরী সাগরে ৩২৯। ম.ম ৭; কালীদয় সাগর ১০১; ২০১। কালীদ সাগবে ম.পা ১৬৮। [°নেমি (স্ত্রী)—সাগর যাহার নেমিতুল্য; পৃথিবী। °পর্য্যন্ত (বিণ) —সমুদ্রাবধি, সাগরান্ত। °প্লবন (ক্লী)—সমুদ্রোল্লঙ্ঘন। °মেখল (বিণ) —সমুদ্ররশন, সাগরকাঞ্চীক। "মহীং °লাম্ মহা ৩.১০৭.৬৪। °মেখলা (স্ত্রী)—পৃথিবী। °সূনু (পুং)—সাগরের পুত্রতুল্য; চন্দ্র।]

সাগরগ বিণ [°র+ √গম্+অ (ড)-ক; উ.ত] সমুদ্রগামী। "মহা ৩.১১৮.৩। —গা স্ত্রী গঙ্গা। [সাগরগাসুত (পুং)—ভীষ্ম। "মহা ১.১০২.৫৬।]

সাগরগা দ্র 'সাগবগ'।

সাগরগামী (-মিন্) বিণ [°র+ √গম্+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত; স্ত্রী-মিনী] সমুদ্রগমনশীল। "স্রোতোবহা °মিনী রঘু ৬.৫২। —মিনী স্ত্রী ১ গঙ্গা। "রা ২.৫২.৯। ২ নদী।

সাগরঙ্গম বিণ [°র+গম্+অ (খচ্)-ক; উ.ত] সাগরগামী। "গোমতীম্…°মাম্ রা ২.৪৯.১০; ৫২.৩; ৮৩.২৩।

সাগরতরণী বি সাগরগমনযোগ্য বৃহৎ নৌকা। "ম.পা ১০৯।

সাগরসঙ্গম বি গঙ্গার সাগরের সহিত সম্মেলনস্থান। "মহা তীর্থ হইল সে °ম।—কৃ ২২। গ ১৮৬। ম.পা ১৩১।

সাগরান্ত বিণ [বহুব্রী] সাগরাবধি, সমুদ্রপর্য্যন্ত। "সাগরন্তা মহী গো.রা ১.৫১। সাগরান্তায়াঃ পৃথিব্যাঃ রা ২.৯৮.১১। সাগরান্তায়াং ক্ষিতৌ মহা ১.৬৭.৫৪। সাগরান্ত পৃথিবী খাটিল পদতল।—ম ৩০৮; ৯০৩।

সাগরাম্বর বিণ [বহুব্রী] সমুদ্রবসন। —রা স্ত্রী পৃথ্বী। "রঘু ৩.৯।

সাগরালয় বিণ [বহুব্রী] সাগরনিবাসী। "ভুজগাঃ সাগরালয়াঃ গো.রা ৫.৫.২৯। —লয় পুং বরুণ।

সাগরোপম বিণ [তৃ.ত, নি.স] সাগরসদৃশ। "সাগরঃ °মঃ।

সাগাধ বিং ['সগাধ' সাধু, তু 'অগাধ'] সপ্রতিষ্ঠ, অগভীর। "সমুদ্র-বন্ধন-কালে সাগাধ পয়সি শ্রী.মা ২১৪।

সাগু, -বু বি [sagu (মালয়, জাবা); P. sagu; E. sago; ফা সাব্-দানা; হি সাগূ(ব্)দানা; ঠ সাগূ, ড় সাবু] তালজাতীয় 'সাগূ' গাছের মজ্জার পালো হইতে প্রস্তুত বীজের মত লঘুপাক রোগীর খাদ্যবিশেষ।

সাগ্নি বিণ [বহুব্রী] ১ অগ্নিসহিত, বহ্নিযুক্ত। ২ সর্থ 'সাগ্নিক (২)। "ভ ৪.১.৬২। —গ্নিক বিণ [সমাসান্ত 'ক' (কপ্)] ১ সর্থ 'সাগ্নি' (১)। ২ যিনি বৈবাহিক অগ্নিতে প্রত্যহ প্রাতঃকালে ও সায়ংকালে কর্ত্তব্য হোমাদি কর্ম্ম করেন, অগ্নিহোত্রী, আহিতাগ্নি। "লোকপালাশ্চ সাগ্নিকাঃ মহা ৩.৫৪.২৪। ৩ অগ্নিসাক্ষিত্বসহিত (রা.টীকা), অগ্নি-সাক্ষিক। "সখ্যমুপেত্য সাগ্নিকম্ রা ৭ ৩৩.১৮। —ক পুং অগ্নিহোত্রী দ্বিজ।

সাগ্র বিণ [স+অগ্র; বহুব্রী] ১ বিদ্যমানাগ্র, অগ্রসহিত, আগাসুদ্ধ। "সাগ্র কুশ। ২ সমগ্র। "সাগ্রঃ সংবৎসরঃ রা ৭.২৩.৯। সাগ্রং বর্ষসাহস্রম্ ভ ৩ ২০.১৫।

সাগ্রহ বিণ [বহুব্রী] আগ্রহসহিত, সাভিনিবেশ।

সাঙ, সাঙ্গ ; সাঙন ; সাঙর[১] দ্র 'সাইঙ্গ, শাঙন, শাঙর'।

সাঙর[২] সর্ম্ম [সম্বর[৩] > °র] সংবরণ কবা, বেণীবদ্ধ করা; বিনান। "চিকুর সাঙবি, কবরী পুন বান্ধাই।—গো ১৬।

সাঙরি বিং [সাঙর[১]+ই[১১]] শ্যামবর্ণ, কাল। "কহ কথি সাঙরি ঝামরি দেহা প.ক ২৫৩। [সাঙরি—স্মরণ করিয়া। "বি.প ৬৫। সামরি (পাঠান্তর)—সামরী, অর্থাৎ শ্যামা, সুন্দরী, (সম্বোধনে) সামরি! —সুন্দরি! "কহ কথি সামরি ঝামরি দেহা বি সা ১১৫।]

সাঙল, সাঙলা, সাঙলি, সাঙলী দ্র 'শাঙর'।

সাঙা, -ঙ্গা বি ১ সর্থ 'সাঁগা'। "থাকুক অন্ত্যজন,…ব্রাহ্মণের হবে সাঙ্গা শ্রী ২৬৩। সাঙা বা.ম ৮৮, ১৫০; ১৩৫, ৩৩৮। ২ ঘরের বারাণ্ডার পা'ড়ে ও দেয়ালে সংলগ্নপ্রান্তদ্বয় কাষ্ঠদণ্ড বা বংশদণ্ড। "আরোপিল স্তম্ভ কত চিত্র পাটি সাঙ্গা।—শ্রী ২০২। ৩ সর্থ 'আড়[২]। —ঙ্গাইতা বিং সাঙ্গা-করা। "সাঙ্গাইতা স্ত্রীর যেন চুলে ধরে স্বামী বি.পা ২৪৫। [সাঙ্গা বসা—সাঙ্গা করিতে বসা; সাঙ্গা করা। "যত সাঙ্গা বসিয়াছে মাথে নাহি চুল: সাঙ্গা বসিবারে বা.ম ১৯৬। সাঙ্গা বসিবার বি.পা ২০১; ২৪৫। ভূতের সাঙ্গা—ভূতের সাঙ্গার মত মিথ্যা। "নিজগুণে যদি রাখ, করুণা নয়নে দেখ, নইলে জপে তপে তোমায় পাওয়া সে সব কথা ভূতের সাঙ্গা।—কমলাকান্ত।

সাঙা(ঙ্গা)ত, -তি বি ['সঙ্গত, -তি' > °ত, -°তি; হি সংঘাতী; ঠ সং(সাং)গাতী; গু সংগাতী, -থী, -ঘাতী; মৈ সংগ, তা সেঙ্গা(ঙ্গা)ত (কথ্য)] সহচর, সখা, মিত্র। "শুন হে পরাণ, সুবল সাঙ্গাতি চ.দা ২৪। সুবল সাঙ্গাতি রা.শে ৫৪। সুবল সাঙ্গাত।—জ্ঞা ২৬। —ঙ্গা(ঙ্গ্যা)তি বি সঙ্গী, সাথী। "ভাগ্যে মিলয় ইহ প্রেমসঙ্গাতি বি.স, ২৩৩; প.ক ২০৩৮। প্রাণসাঙ্গ্যাতি ব.প ১০৭৭। ['প্রেমসঙ্গাতি' পাঠান্তর (প.ক)।]

সাঙ্গরিক বিণ [সঙ্গর+ইক (ঠক্); স্ত্রী -কী] সঙ্গরসম্বন্ধী, সঙ্গরজাত,

সঙ্কীর্ণজাতি। "বসামি ন নাস্তিকে সাঙ্করিকে মহা ১৩.১১,৭। —র্কর্য্য স্ত্রী [+য (ষ্যঞ্)] সঙ্করভাব, শাবল্য, সঙ্কীর্ণতা। "অভোজ্য" সা.দ ৩. ৮৮ ; ১০১।

সাঙ্খা বি ['শঙ্খ'—মূল, অপ্র] শাঁখা। "(বধূ) জায় সাঙ্খা মাজিবার গো.চ ৭৪। —ঙ্খিনি বি শঙ্খিনী নারী দ্র 'শঙ্খিনী (৩)। "গো.চ ৭৪।

সাঙ্কাশ্য স্ত্রী, শ্যা স্ত্রী ইক্ষুমতী-নদীতীরস্থ জনকভ্রাতা কুশধ্বজের রাজধানী। "°শ্য গো রা ১.৭২ ৩। °শ্যা রা ১ ৭০.৩।

সাঙ্কাশ্যণ ; সাঙ্খিনি দ্র 'সাঙ্কাশ্য, সাঙ্খা'।

সাঙ্কৃতি পুং বৈয়াঘ্রপদ্যগোত্রের প্রবর মুনিবিশেষ। "সাঙ্কৃতিপ্রবরায় ভীষ্ম-বর্ম্মণে (ভীষ্মতর্পণ)।

সাঙ্কেতিক বিণ [সঙ্কেত+ইক (ঠক), স্ত্রী -কী] সঙ্কেতসম্বন্ধী, সঙ্কেত-গম্য। "°ব্যাহার সা দ ১০ ৭৯। —ঙ্কেত্য বিণ [সম্+ √কিৎ+য (ণ্যৎ)-র্ক্ষ+অ (অণ্) স্বার্থে] সঙ্কেতিত (শ্রীধর)। "ভ ৬.২ ১৪, ১১ ৮ ৩২। —ত্য ক্লী মূলপ্রমাণশূন্য পাষণ্ডাগম (শ্রীধর)। "ভ ৫ ১৪,২৯।

সাঙ্গ[1] বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] ১ অঙ্গসহিত, সাবয়ব, সম্পূর্ণাবয়ব (সায়ণ)। বিপ 'ব্যঙ্গ'। "সাঙ্গাঃ স্বর্গে পিতরো মাদয়ধ্বম্।—অথর্ব্ববেদ ১৮ ৪ ৬৪। ২ অঙ্গবিশিষ্ট, মূর্ত্ত। "কৃতবতীং সাঙ্গভর্ত্রাপ্তয়ে তপঃ (রতিম্) ক সা৩৪ ৪০। ৩ সাংশ, সকল, সমগ্র। "এত দিনে সাঙ্গ হইল পাশার আকৃতি।—ম ৮১১। যত কর্ম্ম কব ধর্ম্ম অর্থ মোক্ষ কাম। সকলেই ব্যঙ্গ সাঙ্গ হয় হবিনাম॥—শি ৩৯। ৪ শিক্ষাদিষড়ঙ্গসহিত (বেদ)। ৫ সমাপ্ত। "যজ্ঞ সাঙ্গ যেন হয়।—ম ৩০৮। পূজা সাঙ্গ করি স্তুতি করে পুরন্দর ক চ ৪১, সাঙ্গ হৈল স্তুতি ১৫৮, সাঙ্গ…পূজার ইতিহাস ৩০৮। সাঙ্গ হএ কর্ম্ম অ প ১৩৬। বা ম ৩৯৯। চ.বি ২০৩। সাঙ্গ হৈল রতিরঙ্গ ভা চ ৩৫৮। মে ৪১। ৬ অভিষঙ্গ (চ টীকা), আলিঙ্গন। "চ ১৯। [°বস্ত—সাঙ্গ। "অ প ১৩৮। সাঙ্গে—সমাপ্ত হইলে। "পূজা সাঙ্গে ভা চ ২১৯।]

সাঙ্গ[2] '-ঙ্গ' দ্র 'সাঁইঙ্গ'।

সাঙ্গ[3] বি দণ্ড। "বিপরীত বেশ তাহার হাতে লোহার সাঙ্গ ব প ১৯৯।

সাঙ্গজাত বি ['সাংযাত্রিক'—মূল] যাত্রায় সঙ্গে লওয়াব যোগ্য আবশ্যক দ্রব্যাদি। "সাঙ্গজাত তরণী সাজায়্যা দেহ ভাই ব.প ৪৬৭, সাঙ্গজাত সাজাইয়া ৪৭০।

সাঙ্গতিক বিণ [সঙ্গতি+ইক (ঠঞ্)] 'সঙ্গতিসম্বন্ধী', সথাভিন্ন সহাধ্যায়ী (মেধাতিথি), সঙ্গতি অর্থাৎ বিচিত্রপরিহাসকথাদি দ্বারা বৃত্ত্যর্থী (কুল্লুক)। "মনু ৩ ১০৩।

সাঙ্গত্য স্ত্রী [সঙ্গত+য (ষ্যঞ্)] ১ সঙ্গতভাব, মিলিতভাব, সাহিত্য। ২ (বাঙ্লায়) সঙ্গতি, অর্থসংস্থান, যোত্র। ৩ উপায়। "অসাঙ্গত্য ক্রমে ব.প ১৬৮৮, বাদসাহি লস্কর পার হওনের সাঙ্গত্য পায় না : আব কিছু সাঙ্গত্য দেখি না ১৬৮৯।

সাঙ্গা, সাঙ্গাইত ; সাঙ্গাত, সাঙ্গাতি[1] দ্র 'সাঙা, সাঙাত'।

সাঙ্গাতি[2], -তিনী, -তী বি [°ত+ই[10], ইনী, ঈ[6]] ১ সাঙ্গাতের স্ত্রী, বঁধুনী, সই। "সই সাঙ্গাতি ডাকিয়া আনিল ক.চ ১১৯, সই সাঙ্গাতিনী ২১৭। সাধুর নন্দিনী, বলে সাঙ্গাতিনী, স্বামীটা বিদেশী মোর শ্রী ৯২। ২ সঙ্গিনী। "কোন বিহি নিরমিল, কোন ঘটাওল, শ্যামর গোরী সাঙ্গাতি।—গো ১০৭।

সাঙ্গাতিনী, সাঙ্গাতী দ্র 'সাঙ্গাতি[2]'।

সাঙ্গালি বি [সাঙ্গা+আলি[4]] সাঙ্গা-কার্য্য, সাঙ্গা করা। "সাঙ্গালির সাথে কিন্তু সুখ পাবে বাড়া শি ৮৪।

সাঙ্গি[1] বি [সাঙ্গ[2]+ই[8], অস সাঙ্গী] ১ সঙ্গে বহনীয় গুরুভার। ২ সাঙ্গের দড়ীর মত মোটা দড়ী। "বড় বড় সাঙ্গি দিয়া হনুমানে বান্ধে।—কৃ ২১৪। [সাঙ্গি সাঙ্গি—বহু সাঙ্গের ভার ; (গৌণার্থে সাদৃশ্যে) ভারে-ভারে, অর্থাৎ রাশি-রাশি, স্তূপাকার। "বাণ মারে সাঙ্গি সাঙ্গি চ বি ৭৮, বাণ পড়ে সাঙ্গি সাঙ্গি ৮৭,১০১।

সাঙ্গি[2] বি [সাঙ্গ[2] (১)+ই[11]] সর্থ 'সাইঙ্গ'। "সাঙ্গি বান্ধি উত্তরকে লইলেক স্কন্ধে।—কৃ ৪৮৪।

সাঙ্গি[3], -ঙ্গী বি সর্থ 'শাঙ্গি'। "সাবল সাঙ্গী।—ম ২৬৯। সাঙ্গি ক.চ ৭৫, ২৬৫, শ্রী ১৪১, ১৬৪, ১৬৬, ২৩২। সাঙ্গীধর শ্রী.মা ১৬ ; সাঙ্গি ১৪৮। সাঙ্গি, সাঙ্গী শি ১৩।

সাঙ্গোপাঙ্গ বিণ [স+অঙ্গোপাঙ্গ, বহুব্রী] ১ অঙ্গোপাঙ্গসহিত, শিক্ষাদিবেদাঙ্গ-পুরাণাদ্যুপাঙ্গ-সহিত। দ্র 'উপাঙ্গ (৩)। "(শাস্ত্রম্) °ঙ্গম্ মহা ১ ১০০.৩৮, বেদাঃ °ঙ্গাঃ ৩.৬৪ ১৭। ২ হৃদয়াদিকৌস্তুভাদি-সহিত। "(জগদীশ্বরম্ যজন্তি) সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ ভ ১১ ৫.৩২। ৩ অঙ্গ ও অঙ্গাঙ্গ পারিষদের সহিত, স-মুখ্যগৌণপার্ষদ। "°ঙ্গ যত যত পারিষদ-সাথ চৈ ম ৩, (রামরূপ) জানকীসহিত সাঙ্গোপাঙ্গ সব মেলে ১০৩। হু ৪৩। ৪ মুখ্যগৌণবিষয়সহিত। "বর্ণনীয়া যথাযোগং সাঙ্গোপাঙ্গা অমী ইহ সা দ ৬ ৩২৪। [°ঙ্গ সনে ('°ঙ্গে' সাধু)—অঙ্গোপাঙ্গসহিত। "হু ১৫। °ঙ্গে—অঙ্গোপাঙ্গসহিত। 'চৈ ভা ১৪। সাঙ্গপাঙ্গরূপে—গৌণমুখ্যবিষয়ের সহিত বিশেষভাবে। "তাহার (প্রতাপাদিত্যের) বিবরণ…সাঙ্গপাঙ্গরূপ সামুদাইক নাহি ব প ১৬৮২।]

সাঙ্ঘাতি দ্র 'সাঙাত'।

সাচ বিং [দ্র 'সাঁচ[1]'] সত্য। [সাচে—যথার্থভাবে, প্রকৃতপক্ষে। "কহিবে মোরে সাচে ম ম ১০, ১২।]

সাচ(চা)ন, -চাল, -ছান বি সর্থ 'সাঁচান'। "যম সাচানরূপে চাএ ম গা ৭। সাছান উড়যে।—মী ১১। যম সাচনরূপে চাএ গো চ ৩২৯। সাচন উড়এ গো বি ৫৩। সাচান ব প ২৫৭। ধায়ে যেন সাচালে পায়্যা মাছ ম বি ১৭৮।

সাচনা দ্র 'সাঁচনা'।

সাচল বিং [সাচ+ল[৬]] সাঁচা, বিশুদ্ধ, খাঁটি। "(গোরী) সাচল নবনীক পুতলী।—জ্ঞা ৯৭।

সাচা বিং [সাচ+আ[13], দ্র 'সাঁচ[1]'] ১ সত্য, নিশ্চিত। "দিন দুই চারী রাছে মরিবা যে সাচা।—মী ৩০। ২ খাঁটি, অর্থাৎ বস্তুতঃ সংসারাসক্তিহীন (যতি)। 'তবে সে জানিব গুরু সাচা হেন মোক।—মী ৩১। ৩ বাস্তবিক, অর্থাৎ যে ছদ্মবেশী নহে। "মীনে বোলে সাচা পুত্র জতি গোবধাই গো বি ১০৫। ৪ সত্য। "সাচা করি লও প্রভু হরি নাই হাব ব প ১৪৮৯। আমি কহি সাচা বি.পা ২২২। শ্রী ২৩২। তোমারে কহিয়ে সাচা চে ৫৫। ৫ সত্য অর্থাৎ শরীরী (corpo-real)। "সাচা যদি হয় ভুত দেখিবারে পাও। ঢেলা মারিয়া গিয়া ভুতেরে তাড়াও॥—ম ম ৬১। ৬ অকপট, সরল। 'তার চিত্ত সাচা নহে, সকল মিছা কহে চৈ.ম ৪৫, টীকা। [সাচা মিছা কথা—খাঁটি বা নিছক মিছা কথা। "কপট কবিয়া সাচা মিছা কথা কই ম ম ১০। ব প ৪৬১। সাচা পাগল—বাস্তবিক পাগল, বদ্ধ পাগল। "সাচা পাগল শিব ম.ম ১৩। সাচা নি—সত্যই নাকি ? "সাচা নি আসিব যম বাড়ীর ভিতর—ম গা ৭, গো চ ৩২৮।]

সাচান দ্র 'সাচন'।

সাচার বি [বহুব্রী] আচারবান্, বৈধানুষ্ঠানবান্। "চৈ ভা ১৯৯।

সাচাল দ্র 'সাচান'।

সাচি[1] ব্য তির্য্যক, তিরঃ, কুটিল, আড়। "ঋগ্বেদ ১০ ১৪২ ২। কি ১০. ৫৭। [°বাটিকা (স্ত্রী)—শ্বেতপুনর্নবা। °বিলোকিত (ক্লী)—তির্য্যগী-ক্ষণ, অপাঙ্গদর্শন। "কি ৮ ৫২। °স্মিত (ক্লী)—তির্য্যকস্মিত, অর্থাৎ মুখ ফিরাইয়া ঈষৎ হাস্য।] [সাচীকৃত (বিণ)—তির্য্যককৃত, বক্রীকৃত। "সাচীকৃতাননম মহা ২.৭০ ৯। সাচীকৃতচারুবক্ত্র রঘু ৬ ১৪। কু স ৩.৬৮।]

সাচি[২] ক্রি.বিং [সাচ+ই[১১]] সত্য, অভ্রান্ত, ঠিক। "শ্যাম সুনাগর গুপত প্রেমধন, জানসু হিয়া মাহা সাচি।—গো ৯৬। সখি, এই সে বুঝলুঁ সাচি প ক ১৬০৮।

সাচিব্য ক্লী [সচিব+য (ষ্ণ্য)] ১ সচিবভাব, সচিবকর্ম্ম, মন্ত্রি-কর্ম্ম। "গো রা ৬ ১০৬ ১৬। ২ সাহায্য। ‘ভ ১০ ৭১ ২। সাচিব্যা-ক্ষেপ।—কাব্যাদর্শ ২ ১৪৬। [°পদবী (স্ত্রী)—সচিবকর্ম্ম, মন্ত্রিপদ। "পঞ্চ ১৪৫/১৬।

সাচী, সাচীকৃত; সাচ্চা; সাছান দ্র সাচি, সাচি[১], সাঁচ্চা, সাচন'।

সাজ[১] বি [সং সজ্জা, ফা সাজ, তি, ঠ, গু, রুস—সাজ] ১ সজ্জা, ভূষণ। এমন কমল, বিমল মধুর, না ভেল পুলক সাজ চ দা ৭৫। ধক্ ধক ধক্ দহন সাজ ভা চ ৭৪। যেন তরু, তাপি মনস্তাপে, ফেলিয়াছে খুলি সাজ।—মে ১১২। ২ উপকরণ উপাদান আবশ্যক-দ্রব্যমাত্র। পরভুর আর সাজ চাই ব প ১১৩। (কাঁসারীর মাইয়া) পূজার সাজ জোগায বেয়ান বেযান ব প ১৬৫। কই না খণ্ডিযা লাজ, আনিব সাধের সাজ ক চ ২০৯। ৩ অস্ত্রবর্ম্মাদি যুদ্ধোপকরণ। সাজি বীরসাজে আমি।—মে ১৯৯। ৪ অভিনয়ে অভিনেতার পাত্রানুরূপ বেশভূষণ। ৫ কর্ম্মানুরূপ ছদ্মবেশ। তেয়াগিয়া ভয় লাজ, সকলে করহ সাজ ভা চ ৩৮৪। ৬ ব্যক্তিগত বেশভূষা। সবেমাত্র ইন্দ্রজিৎ ছিল আপন সাজে।—কৃ ২৪৯। ৭ জিন লাগাম ইত্যাদি অশ্বসজ্জা। —জ[৩] বিং [সজ্জ > সাজ, অপ্র] সজ্জিত। সভ যুদ্ধে সাজ হৈল চ.বি ৮৭। নবগ্রহ হৈল সাজ ১৩৬। [°গোজ—১ সাজান-গোছান, পরিপাটিপূর্ব্বক বিন্যাস। ২ পোশাক-পরিচ্ছদ, বেশ-ভূষা। ‘(বাবু) অগত্যা…সাজগোজ সমেতই গাজনতলায় চল্লেন।—হু ৪। °ঘর —অভিনেতার সাজার ঘর নেপথ্য (green-room)। °সজ্জা —১ বেশভূষা, সাজগোজ। ২ যুদ্ধোপকরণ। ‘অসি চর্ম্ম আর বর্ম্ম, সাজসজ্জা তাহাই সকল।—রঙ্গ ৭। °সরঞ্জাম—উপকরণ, মাল-মশলা।]

সাজ[২] বি সর্থ ‘সাজ[১]। ‘দেবকন্যা হয়ে তুমি সাজে যাও নিন্দ ম ম ১৮৩।

সাজ[৩] দ্র ‘সাঁজ[২]।

সাজ[৪] অন্ম [সং √সস্‌জ…সজ্জ্ > প্রা ৵ সজ্জ > বা সাজ, হি, ঠ, গু √সজ, মৈ ৵ সাজা] ১ সজ্জিত হওয়া, ভূষিত হওয়া। ‘(ধনী) সাজল কুসুমে।—গো ১৮৬। ২ যুদ্ধার্থ সজ্জিত হওয়া। দেবগণ উপর আজি সাজিবোঁ থাড়ি কৃ উ ২৫, ১৫৪। সাজ সাজ বলি ডঙ্কা হইল লস্করে ভা চ ৪৫৮। সাজি বীরসাজে আমি।—মে ১৯৯, ২৫৬। সাজ সাজ সাজ বলে সাজ সাজ সাজ।—রঙ্গ ১০৭। ৩ কার্য্যানুরূপ উপকরণে সজ্জিত হওয়া। ‘বাঁশ বংশী ধরি, মদন সঙ্গে করি, ঢোলক ঢালক সাজি চ দা ২৮। সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া।—জ্ঞা ৩৩। ৪ অনুসরণার্থ উদ্যত হওয়া। ‘(হরি) উদূখল ভয়ে, ছাড়িয়া পলাএ, তথায় সাজিল থাড়ি ব প ৭৭৯। ৫ উদ্যোগী হওয়া। ‘সাজে (সাঁজে) সাজি যাবে সবে শিবে দিবে কষ্ট শি ৭৮। ৬ শোভা পাওযা, ভাল দেখান মানান। ভঙক ভঙ্গিম থোরি জন্মু। কাজরে সাজল মদন ধনু বি প ৬৮। সকল জনের মাঝে, সেই (কুলজন) অতিশয় সাজে ক চ ১৯। বেশ বনাওল, যা যাঁহা সাজল।—জ্ঞা ১১৯। ষোড়শী সুন্দরী নারী সে কি তাকে সাজে?—শি ২৮। ওরে কি রাখাল সাজে? —দা ২৩২। আহা! এমন খোস্-চেহারা কি হানফের ঘরে সাজে? —মা ৩৩৩। ৭ শোভা পাওয়া, সৌন্দর্য্যবিস্তার করা। ‘(পাসলি) আঙ্গুলিত সাজে শ্রী কী ৩৮১। মহা মত্ত হস্তী সভ সিন্দুরে সাজে গণ্ডে চ বি ৭৭। সাজে পড়িছি : তাড় সাজে শি ১৬, ইন্দুমুখে মন্দ মন্দ ঘর্ম্ম-বিন্দু সাজে ৩২। মুকুটের নিকটে ললাট ভাল সাজে চৈ.ম ৩৮। ৮ যুক্ত বা পরিহিত হওয়া। "কর্ণে রামকড়ি সাজে ভয়ঙ্কর বেশ।—ম ১২৬৫। ৯ সফল হওয়া। "বনের ভিতরে, কভু কি রোদন সাজে?—চ.দা ১১৯। ও সব ভেল্কী এখানে সাজিবে না।—দা ৫৬৯। ১০ প্রশংসনীয় বা শিষ্টসম্মত হওয়া। "তোমার ন্যায় করি ন্যায় নাহি সাজে র.প ৪৯৯। ১১ উপযোগী হওয়া। "আর কাহাকেও এ রাজ্য সাজে না ব প ৩৯৭। ১২ সহনীয় হওয়া। "যার কর্ম্ম তার সাজে, অন্য লোকের লাঠি বাজে ব প্র ৫ ১১। ১৩ যোগ্য হওয়া। "কিন্তু কার তুলনা এ ললনার সহ, সাজে?—মা ১৪৮। ১৪ সমুজ্জ্বল হওয়া। "দিনেশ-প্রতাপে নিশানাথ সাজে ভা চ ৪২। ১৫ পরিপাটিপূর্ব্বক স্থাপিত হওয়া। "পঞ্চাশ ব্যঞ্জন সাজে শতাবধি বাটী শ্রী ১০৯। ১৬ বেশভূষা ধারণ করা। ‘সাজিয়া আসিল শিব সভার বিদিত বা ম ৩৩। সখি! ও কেন রাখাল সাজে?—দা ২৩২। ১৭ তদনুরূপ কার্য্য করা। "সংসারে সংসারী সাজ, করো নিত্য নিজ কাজ।—হেম ২৪৭। ১৮ ভান করা। ‘বোকা, সাধু সাজা। ১৯ ন্যায্য বা শাস্ত্রসঙ্গত হওয়া। ‘শুন হে কানাই তুমি দুগ্ধের ছাওয়াল। তোমা সনে যুদ্ধ নাহি সাজে কোন কাল শ্রী ম ১৪৯। —জ সর্ম্ম [হি √সজা, ঠ √সজরি, গু √সজ, মৈ ৵ সাজ] ১ সজ্জিত করা পরিপাটিপূর্ব্বক রচনা করা। "শেজ পুন সাজই : আজু ধনী সাজল বাসক শেজ।—গো ১৮৬। সাজহ শেজ কমলদল পাতি প ক ৭৫। ২ রচনা করা, বাঁধা। "চিকুরে কবরী পুন সাজি।—গো ২। ৩ উপকরণ দিয়া প্রস্তুত বা সেবনযোগ্য করা। ‘তাম্বুল সাজিনু চ.সা ১০৪। যা তামাকু সাজিয়া লইয়া আয় ব প্র ৩৯০, যা, তুই গোটাকতক পান সাজিয়া আন্ ৩৯১। ৪ সাজান। "রতনপ্রদীপ, বাসগৃহে সাজই প ক ২৮৩। [সাজা[৮]—সর্থ ‘সাজ[৪]। সাজহ,-জিআঁ,-ড,-এ,-ত্তঁ,-লোঁ (শ্রী কী)। সাজই, -জল,-লুঁ,-জহ (প ক)। সাজিযা কাচিযা—সাজগোজ করিযা। "জ্ঞা ২৩।]

সাজন বি [সাজ[৪]+অন] ১ সর্থ সাজ[৪]। ২ বেশভূষাধারণ, সাজা। ‘চারি নারী সাজন করিল : চারি বৈনে সাজন করিয়া ম গা ২৫। চণ্ডীর সাজনে বা ম ৩৩, পদ্মার সাজনে ৭০, বিপুলা সাজনে ৩৫৬। ৩ অলঙ্করণ, মণ্ডন। হরষিতে চণ্ডিকারে করিয়া সাজন বা ম ৩৫। ৪ সজ্জায় উপকরণ যোজন। "রথখান করিল সাজন।—কৃ ২৫৬। দারুক গরুড়ধ্বজ করিল সাজন।—ম ২৭৬। বৃষভের করিয়া সাজন ক চ ১৩, দোলার সাজন ২৪৫। অশ্বে সাজন করিল শ্রী মা ১৩১। শ্রী ম ১১৪। চৈ চ ৯১। ৫ যুদ্ধসজ্জা। ‘এতেক সাজন ছাড নরের কারণে ক.চ ২৫৮। সমরে সাজন করে শ্রী মা ১৯৩। ৬ বেশ, পরিচ্ছদ। "ধবল ভূষণ গঙ্গার ধবল সাজন।—গ ১৬৬। জুড়াইব আঁখি, দেখি আজ যুবরাজে সমর-সাজনে।—মে ১৯৪। ৭ সজ্জাদ্রব্য, উপকরণ। "ছিটির সাজন শূ ৯, ১১। ঘণ্টা শঙ্খ উরুমাল, সাজন বাজন ভেরী কাঁসি।—গ ৫০, শ্বেত চামর সাজনে ১০১। সাজাইয়া শত বাজী বিবিধ সাজনে। —মে ৮২। ৮ সজ্জা, উদ্যোগ। "বরযাত্রী করিল সাজন ক চ ৪৮। গাজন সাজন কর শ্রী মা ১৮৩। তারে হাস্য করিতে লক্ষ্মী করিল সাজন চৈ চ ১৬৩। ৯ যুদ্ধোপকরণ রথগজাদি। "রথ রথী গজ বাজী পদা অগণন। দ্বিতীয় ইন্দ্রের প্রায় তোমার সাজন।—ম ৯৩১। —না বি [সাজন+আ[১৩]] সজ্জা, বেশভূষাধারণ। ‘তপন শশী হেরিছে বসি, তোমার সাজনা।—শিশু ৫। —নি বি [সাজন+ই[১১]] ১ সজ্জা, রণ-বেশধারণ। ‘যুদ্ধ হেতু দুই দলে করিল সাজনি।—ম ৭৮৩। কহ গো এমন বেশে কোথায় সাজনি ক চ ২৫৮। উভু দলে সাজনি শ্রী মা ১৮৬। সাজনি করিল দাসী শ্রী ২৪০। ২ সর্থ সাজন (৩)। "দোলা করহ সাজনি (ধৃতপাঠ ‘°নী’) চৈ চ ১৬০। ৩ সাজ, রূপধারণ। ‘এমনি সাজনি, করিলা নারায়ণী, সেবক ছলিবার কারণ ম.পা ১৩২।

৪ [+ই] সাজনের দ্রব্য, অলঙ্করণদ্রব্য। "নানা আভরণ অঙ্গে বিনোদ সাজনি।—জ্ঞা ৪৭। রথের সাজনি দেখি লোকে চমৎকার চৈ.চ ১৫১। —নী বি সর্থ 'সাজনি (২)'। "নানা বেশ করিয়া সাজনী প.ক ২৯০২।

সাজনা, সাজনি, সাজনী দ্র 'সাজন'।

সাজন্ত বিং [সাজ৩+অন্ত৩] যাহা সাজে বা খাপ খায়, সুশোভন, সুসজ্জিত, মানানসই।

সাজশ বি [ফা সাজিশ্] মন্ত্রণা, ষড়্‌যন্ত্র। "যোগ°।

সাজা১ বি [সজ্জা > সাজা] ১ দধির সজ্জা, দই পাতার অম্ল বীজ, দম্বল। ২ দোলার অবয়ববিশেষ, রেল (?)। দ্র 'রেল (৩)'। "কনকের সাজা কুড়া···সাজা কুড়া হীরায় জড়িত (কেনে দোলা) ক.চ ৭৫। তু 'বরুণের শীজা (সাজা?) কুড়া (ক.চ ২২৩)। 'বরুণ'—বৃক্ষবিশেষ। দ্র 'চতুর্দ্দোল' (ত বা)।

সাজা২ বি [ফা সজা] দণ্ড, শাস্তি। "বৈষ্ণব কহেন ভাল ভাল সাজা দিহ ভগ্র ২৭২। (শমন?) কটু বলবি, সাজাই পাবি, মাকে দিব ক'য়ে।—রামপ্রসাদ।

সাজা৩ বি [হি সাঝা মৈ 'সাঝ'—অংশীদারী] অংশ, ভাগ, হিস্সা। [সাজায় থাকা—ভাগে থাকা। সাজায় জমি বিলি করা—ফসলের ভাগ-স্বীকারে জমি বন্দোবস্ত করা। সাজার মা গঙ্গা পায় না—একাধিক পুত্রের মাএর মরণকালে সদ্গতি হয় না, (গৌণার্থে) ভাগের জিনিসের নানা দুর্গতি।]

সাজা৪ বি [সাঁজোযা > সাজা, অপ্র] বর্ম্ম। "সাজা গায় শ্রী.মা ১৮৭।

সাজা৫ বি সজ্জা, শোভা। কটরি জিনিষা কুচ সাজা বি প ৮৭।

সাজা৬ সর্ম্ম [সাজ৪+আ৮ হি √সজা, ঠ √সজরি, গু √সজ, মৈ √সাজ] ১ সজ্জিত করা, অলঙ্কৃত করা, বেশভূষা পরান। "(রাণী) সাজা'য়া কোজাইয়া সে বদন পানে চায়।—দ্র ১০০। সাজাঞা কাচাঞা, বসন পরাঞা, আবেশে লইয়া কোরে।···তিতিল নয়ান লোরে।—ব ৯৩। সাজাইবা সাজি ভা চ ৩৩৭। সাজাইতে···আনন্দের সাজি চ কা ৪৬২। ২ উপকরণে সজ্জিত করা। "সাজাইয়া শত বাজী···আনে। —মে ৮২। ৩ বিন্যস্ত করা, পরান। "সিংহ জিনি মাজাখানি ক্ষীণ। সোনার শিকলি, সাজাইতে আঁখি, হইল নিমিষ-হীন ন প ১২৮। ৪ যথাক্রমে স্থাপন করা। ৫ শোভনরূপে বা মানান করিয়া রাখা। ৬ উপকরণে প্রস্তুত করা। "কুয়া দিয়া সাজাইল মই ব প ১১৩। উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা শ্রী ১০৭, গুবাক সরল গাছ নারিকেল কলা। ডোমগণ চড়িল সাজায়ে তাহে ভেলা॥—১৮৬। [সাজাইয়া কাচাইয়া, সাজাঞা, কাচাঞা, সাজা'য়া কোজাইয়া—বেশভূষা পরাইয়া। "সাজাইয়া কাচাইয়া ভগ্র ৪১১। দ্র 'সাজা৬ (১)'।] সাজাওত,-ওল,-জায়লি,-জাহ (প ক)।

সাজা৭ সর্ম্ম [সাজা১ > °জা] ১ দুধে সাজা দেওয়া। "যতন করিয়া, বেসালি ধুইয়া, সাঁজে সাজাইনু দুধ চ দা ১০৮। ২ সাজা দিয়া প্রস্তুত করা। "পদ্মা, কিসেরে সাজাইলা বিষদধি ম ম ৭৫।

সাজা৮ দ্র 'সাং৪'।

সাজাই বি [হি সজাই] সাজা, দণ্ড। "ইহার °ই তোরে ভালমতে দিব। সাজাই মা দিয়া তোরে জল না খাইব॥—ভ.গ্র ৩৩৬।

সাজাত্য ক্লী [সজাতি+য (ষ্ণ্য)] ১ সজাতিভাব, একজাতিত্ব। ২ সমপ্রকারতা, সাধর্ম্ম্য। "গুণ° সা দ ২৭৬।

সাজান বি [সাজা৬+অন] ১ সর্থ 'সাজা৬'। —ন বিং, সজ্জিত, যথাক্রমে স্থাপিত। ২ শৃঙ্খলাযুক্ত। ৩ বেশভূষায় শোভিত। [সাজান মোকদ্দমা—মিথ্যা অভিযোগ।]

সাজাল বি সর্থ 'সাঁজাল (২)'। "উবড়া মাটি দিয়া পাতিল সাজাল ম.ম ২০৭। [সাঁজাল পাতিল—অগ্নিপাত্র করিল।]

সাজি, -জী বি [সাজ১+ই৮, মৈ সাজী—a pit in which mangoes are kept] ১ ফুল সাজাইয়া রাখার বাঁশের চুপড়িবিশেষ; পুষ্পকরণ্ডক। "পু ২৮, সাজি ল'এ পুষ্পবড়ু প্রবেশিল্যা বনে ৫৯। সাজী চ দা ৩৮, ক চ ৮৯, ম ম ১১। সাজি ন প ২৩৪; ভা চ ৩৩৭। নিকুঞ্জে কুটায়ে তোল নব কুঞ্জরাজি, সাজাইতে হেমন্তের অশ্রুভরা-আনন্দের সাজি চ কা ৪৬২। ২ করণ্ড, চুপড়ি। "রাখিয়া আঁকশি সাজি সাবিত্রীর কাছে। কাষ্ঠ হেতু সত্যবান্ উঠে গিয়া গাছে॥—ম ৫৬৩। [পাঁচ ফুলে সাজি—পাঁচ ফুলে ভরা সাজির মত, নানাপ্রকার লোকের সমবায়। দ্র 'পাঁচ'।]

সাজি(-জী)মাটি বি [সং সর্জ্জি,-র্জ্জী > প্রা সজ্জি,-জ্জী > বা সাজি,-জী, হি সজ্জী, ঠ সজ্জি(জ্জী)খার] কাপড় পরিষ্কার করার ক্ষারবিশেষ (Natron)।

সাজী দ্র 'সাজি'।

সাজীমাটি; সাজুড়; সাজুয়া; সা-জোয়ান দ্র 'সাজি-মাটি, সাজুড়, সাঁজোয়া, শা-জোয়ান'।

সাজোয়ান বিং [সাজোয়া-বান্ (?)] বর্ম্মধারী, কবচী। "°ন সাজী-ধর যা পায় সাক্ষাতে (ঘোষ চোটায় দুহাতে) শ্রী মা ১৬।

সাজোয়াল বি [ক সজ়াবল্] ১ রাজস্বসংগ্রাহক, তহসীলদার। "সাজোয়াল হইল সুজন সর্ব্বভক্ষ ভা চ ২০। ২ রাজকর্ম্মচারী।

সাঝি বি সর্থ 'সাজি'। "ম পা ৩০, পুষ্প° ৩৪। বি সু ৩২।

সাঞি১ বি [সং স্বামিন্ > প্রা সামি > বা সাঞি, হি সাঈং, ঠ সাঈ] স্বামী, পতি। ফুল-সাঞি যে ফকির আছে, ফুলকে তারা ভাল-বাসে কু কে ৭৭, ৭৯।

সাঞি২ বি সর্থ 'শাঁই'। [°কাঁটা (হি সাইকাঁটা)—শমী-কণ্টক। "উষ্ট্র যেন °টা খাইবার সুজে ভগ্র ১৭৮। দ্র 'স্বার (১৬)'।

সাঞিসাঞি বি [ধ্বন্যাত্মক] বাণের দ্রুতগতির শব্দ। "সাঞিসাঞি করি বাণ যায় ব্যোমপথে ক চ ৭৭।

সাঞচা দ্র 'সাইচা'।

সাঞ্জ বি [সাজ১ > সাঞ্জ] সাঁজ। [এক সাঞ্জ—একবার "এক সাঞ্জ। পোআএঞা (খাওয়াইয়া) গো চ ১৫৪।]

সাঞ্জন বিণ [বহুব্রী] ১ অঞ্জনসহিত, সকজ্জল। ২ সমল। —ন পুং কৃকলাস (শ ক), আগ্নিনেয় (?)।

সাঞ্জলি বিণ [বহুব্রী] সকরপুট, কৃতাঞ্জলিপুট। "বিভীষণঃ ·বচনং প্রাহ সাঞ্জলিঃ রা ৭১০.২৮, ৭৩.২৭।

সাঞ্জাত বি [সাংযাত্রিক'—মূল] ধর্ম্মের গাজনদল বা ভক্তগণ। "শুভ-কালে সাজন করিল সাঞ্জাত শ্রী মা ১৮৩।

সাট১ বি [সং শব্দ > প্রা সদ্দ > বা (সাদ,-ড) সাট, হি সাট, ঠ, গু সাদ, তু 'সাত'—"পখি পাকাত মাইল্ল সাত গো চ ২৬৬।] ১ শব্দ, ধ্বনি। "পড়িলেন বৃকোদর পর্ব্বত বিশালে।···চারিদিকে সাট লাগে লঙ্কার দুআর।—ম ১২৭০। সঘন কেরোয়াল পড়ে জলে বাজে সাট ক চ ১২৫, ২২৮। ২ ঢালে বাণপ্রতিঘাতের শব্দ। "ফলাসাটে ফিরিয়া ফলক মারে বীর শ্রী ১৯১। ৩ নাসিকাগর্জ্জন। "নিদ্রিত যতেক লোক শুনে নাক-সাট ব প ৩৮২। ৪ কোলাহল, গোল। "রেওভাট করে সাট আ দু ৭৭। ৫ [ছাটনি > সাট (?)] চালের শলার বাঁধন। "বিচিত্র বেতের তায় বিরাজিত সাট শ্রী ২০২। ৬ [ছাট > সাট, হি সাঁট] যষ্টি। "ধরিতে চলিল। শচী হাথে 'সাট' (পাঠান্তর) করি চৈ.ম ৪০। হস্তেতে ধরেছি সাট।—দা ৮২৫। ৭ আঘাত। "লেজ সাটে মকর ঘোড়ার হানে জাজ্ব : লেজ সাটে কেটে যায় জল শ্রী ১৮৭। [সাটে (সাটোপে > সাটে?)—অহঙ্কারপূর্ব্বক। "তোমার

কথায় টাকা, লয়ে গেনু জানি পাকা, তামা বলি ফিরে দিল সাটে ভা.চ ২৮৫।

সাট[২] বি [E. sort] প্রকার, রকম, শ্রেণী, জাতি, আকার। "এক সাটের টাইপ। নানা সাটের খেলনা।

সাট[৩] সর্ম [সাট[১] > সাট] ১ শব্দিত করা। নাড়াইয়া শব্দ করা। "(বাঘ) লেজ কাণ সাটে শ্রী ৮৩, আগুলিয়া বাটে, লেজ কাণ সাটে ৮৪ ; লেজ সাটে ১৮৭। ২ সাট (ছাট) দিয়া মারা, শাসন করা। "যে নারী কাটন নাহি কাটে। রাতি পোহাইলে পোপানকে সাটে॥—ডাক। ৩ [সাপট > সাট] সাপটিয়া বা হাত বেড দিয়া ধরা। "সেটে (সাটিয়া) ধরে আঁটে কিল মর্ম্মে পাই পীড়া বি.সু ৯৫।

সাট[৪] ; **সাট**[৫] দ্র 'শাট[২] ; ষাট[২]।

সাটক বি [সাটোপ > °ক (?)] অহঙ্কার। "ঘোটকে সাটক করি সেন হল্য পার ব.প ৪৩৩। বড় লাগায়ে চটক, মারিছো সাটক, শুনেছো বুঝি বাণী।—দা ১৮০।

সাটন বি [সাট[২] + অন] আঘাত। "পাখার °নে ব.প ৩৭।

সাটব বিং আটবযুক্ত, বাহ্যাড়ম্বরবিশিষ্ট। "সে সব আটব, দেখিতে সাটব, রাধিকা ডরলি ডরে রা.শে ৬১।

সাটিন বি [E. satin ; F. setıno ; L. seta—hair] চিক্কণ রেশমী বস্ত্রবিশেষ। "ফুলকাটা সাটিনের জামা।—শিশু ১১৭।

সাটোপ বিণ [বহুব্রী] ১ আটোপসহিত, সদর্প, সসম্ভ্রম। "তত্র করটকস্তরুতলে সাটোপমুপবিষ্টঃ।—হি চুঁ৪। মাঘ ৩.৭৪। ২ সমুদ্ধত। ৩ সাড়ম্বর। "অদ্যাপি সাটোপা মেঘা দৃশ্যন্তে।—পঞ্চ ১৪/১২৮। —প বি [বাঙলায়, অসাধু] দর্প। "সাটোপ করিয়া পাটি ফেলিল নাগর রা.শে ৭৪।

সাঠ সর্থ [সাট[২] > সাঠ] আঁটিয়া ধরা ; দৃঢ়ভাবে চাপিয়া ধরা। "ফুয়ল বসন, হিয়া ভুজে রহ সাঠি ('সাঠি' বি.সা ১২৭) বি.প ৭৫।

সাড় বি [সাট > সাড়, দ্র 'শাট[২]] ১ বাহ্যজ্ঞান। "সাড় নাই সচকিতে শুনে নন্দরাণী শ্রী.মা ৪৯। ২ চৈতন্য ; স্পর্শজ্ঞান। "অ°। —ড়া[১] বি [সাড় + আ[১৩]] চৈতন্য। "পাড়ায় বুঝাই সাড়া নাহি কোন জন রা.শে ১০৭। তপের প্রভাবে বাঙ্গালী সাধক জড়ের পেয়েছে সাড়া কু.কে ১৬০। [সাড় জাগা—চৈতন্য হওয়া।]

সাড়া[১] দ্র 'সাড়'।

সাড়া[২] [সং শব্দ > প্রা সদ্দ > বা সাদ(চ) > (সাডা) °ড়া] ১ শব্দ। "গুরুগুরু, মেঘের পেলে সাড়া।—শিশু ৬১। ২ শব্দ, রব, ডাক। "কাকপক্ষ কাহার না পাওয়া যায় সাড়া ব.প ৪৭৫, (মালঞ্চে) কোকিলেতে দিচ্ছে সাড়া ১৬২৬। ৩ সঙ্কেতসূচক বাদ্যধ্বনি। "সাজ সাজ সত্বরে শিঙ্গার সুধু সাড়া শ্রী ১৫ ; ২১৪। ঘরে ঘরে পড়ি গেল যুঝিবার সাড়া বা.ম ৮৩, ছাড়াও সত্বর এই নায়ে দিয়া সাড়া ২১৩; প্রতি নায় পড়ে সাড়া ২১৫, ম.ম ২২৪। শ্রী.মা ২১৫। জ্ঞা ৩৩। ৪ কণ্ঠস্বর। "(বেগে) পাইয়া বীরের সাড়া, প্রবেশে ভিতর বেড়া, মাংসের ধারয়ে দেড় কুড়ি ক চ ৭৩ ; ব প ৩৪৭। ৫ উত্তর। "ডাকিলে সাড়া দিবার নাহি লোক স্ব.প্র ৯০। ৬ কথাবার্ত্তার শব্দ। "ঘরে ঘরে চোর ফিরে নাঞি পায় সাড়া ব.প ৪৭৪। ৭ বার্ত্তা, সংবাদ। "খালি কৈলা ভাণ্ডার গুরু দেশে পড়ে সাড়া গো.বি ১২৩। খালি হৈল ভরা গুরু দেসে পড়িল সাড়া।—মী ২৩। ৮ স্পর্দ্ধার পরিচয়। "হাতিকে বধিতে পারি দিয়া হাতনাড়া। দণ্ড দুই দেখি তবে দিব খুব সাড়া॥—শ্রী.মা ১৪৪। ৯ কোন বিষয়ের জল্পনামাত্র। "(পিসী) শুনলেন সাড়া, তো মিলেন পাড়া অ.গ্র ১০৮। ১০ ভোজনার্থ আহ্বান বা ডাক। "চলহ 'তেড়া' (ভৃত্যবিশেষ) সত্বরে,…জ্ঞাতিগণে দিয়া আ'স সাড়া বা.ম ১৪৯। ১১ একত্র হওয়ার নিমিত্ত আহ্বান বা ডাক। "সাড়া দিয়া আ'স যত নাগের গোচর : মনসার সাড়া দিল নাগের গোচর বা.ম ৩০৩। [সাড়া কাঠী পড়া—কোন বিষয়ঘোষণার্থে ঢেঁটরায় কাঠি পড়া বা ঢেঁটরা দেওয়া। "পদ্মাকে পূজিবে সাধু পড়ে সাড়া কাঠী বা.ম ৩৯৭।]

সাড়া[৩] দ্র 'শাঁড়া'।

সাড়ি[১] বি [সারি > সাড়ি ; দ্র 'শারি[২] (২)] সারিগান। "চৈ.ভা ২.১৫।

সাড়ি[২] বি [সাড়ী > সাড়ি ; দ্র 'শাড়ী'] শাটী। "ম.পা ৫১।

সাড়ে, -ঢ়ে স.বিং [সং সার্দ্ধ > প্রা সড্ঢ > বা (সাঢ) সাঢ়ে, -ড়ে ; হি, ড় সাঢে ; প সাঢে ; ঠ সাডে ; গু সাডা ; সি সাঢা] অর্দ্ধসহিত (মুদ্রাদি)। "সাড়ে তিন, চার টাকা ইত্যাদি। সাড়ে সাত প্রহর চৈ.চ ২৯৭। আমার চিঠির এইখানে আজ সাড়ে চুয়াত্তর : আমার চিঠির মাঝখানে তাই সাড়ে চুয়াত্তর কু.কে ৩৯। [সাড়ে চুয়াত্তর (চিঠিতে)—প্রসিদ্ধি, রাজপুতানায় আকবরের সহিত ক্ষত্রিয়গণের যে ভীষণ যুদ্ধ হয়, তাহাতে মৃত ক্ষত্রিয়গণের উপবীতের পরিমাণ 'সাড়ে চুয়াত্তর'। পত্রে খামের অপর পৃষ্ঠে ইহা লেখার উদ্দেশ্য এই যে, খামে লিখিত ব্যক্তি ভিন্ন অন্য যে এই পত্র খুলিবে, তাহার ঐ সমস্ত ক্ষত্রিয়গণের বধজন্য পাপ হইবে।]

সাণি বি সর্থ 'সানি'। "সাণি শিঙ্গা করতাল শ্রী ১৪৬।

সাণ্ড বিণ [স + অণ্ড, বহুব্রী] অণ্ডযুক্ত, সবৃষণ। "পারস্করগৃহ্যসূত্র ৩.৮। —ণ্ড বি (বাঙলায়) ষণ্ড, ষাঁড় ; (সাদৃশ্যে) কাণ্ডজ্ঞানহীন ব্যক্তি ; সণ্ডা। "গোআলকুলে কি তোহ্মে উপজিলা সাণ্ড শ্রী.কী ৯৪ ; খন্ধ নঠ করে যেহ্ন উদাওঁ সাণ্ডে ১৪২।

সাৎ, -ত[৪], **-থ**[১] '-ত্' বিং [সং সাতি—সাৎ ; তু 'আত্মসাৎ'] ১ অধীন, অধিকৃত। "গুরু সেই অর্থ কিছু গ্রহণ না কৈলা। (শিষ্য) কিন্তু ছলে বলে পাছে তারি সাত কৈলা॥—ভ.গ্র ৪২৮। ২ প্রদত্ত, নিবেদিত। "সকল কৃষ্ণের সাৎ হইল আমার (চৈ.ভা)। দুগ্ধ আম্র পনসাদি করি কৃষ্ণসাথ। শেষ খায় দুই প্রভু সন্ন্যাসিসাক্ষাৎ চৈ.ভা ২৯৫। ৩ আত্মগত, আত্মলব্ধ। "কাৎ পেলে করে সাৎ, সিঁদেল রাহাজানি ডাকাত।—দা ২০১৯। বড় সাপ্টাদরে সাৎ করিলে খেতাব 'সি, এস্, আই'।—হেম ৩৮৫।

সাত[১] বিণ [√সো + ত (ক্ত)-ক] ১ নষ্ট। ২ 'দুঃখনাশক' (অ.টী) ; সুখ, শর্ম্ম। "প্রসাদ পাইলা ম্লেচ্ছ হৈলা মগসাত চৈ ১৬৭। ৩ [√সন্ + ত (ক্ত)-র্ম্ম, পা ৬.৪.৪২] দত্ত। [সাতমনে—হৃষ্টচিত্তে। "সাতমনে সুধামুখী কুশল সুধায় শ্রী মা ২১৬।]

সাত[২], **-থ**[২] '-ত্' বি [সং সার্থ > প্রা সত্থ > বা সাথ, -ত ; হি, মৈ সাথ, ঠ সাত, -থ ; গু সাথ] সাহচর্য্য, সঙ্গ। "অব যদি না মিল মাধব সাথ। বিদ্যাপতি তব না কহব বাত॥—বি.প ১১০। সাতে আসি খাঅ মধুভাত।—মী ১৩। কটক সাথ।—ম ২৯৩। বন্দে প্রভু ভূতনাথ, ভবেশ ভবানীসাথ ক.চ ১। ভক্তগণ-সাথ চৈ.ভা ৩৯১। সেই বিপ্রে আত্মসাথ করি চৈ.চ ১৮৫। ভূতনাথ ভূতসাথ দক্ষযজ্ঞ নাশিছে ভা.চ ৪৪। —তে, -থে সাহচর্য্যে, সঙ্গে। "বনের হরিণী থাকে কিরাতের সাথে (চ.দা)। তারে সাতে দেখা করুক রাজার কোঙর গো.চ ১১ ; সাথে ৪৭৯। রহিবাম সাতে।—মী ৫। সপক্ষ করিয়া সাথে দিক্‌পাল যত।—ম ৪৯৬। পাপ পুণ্য যাবে সাথে ক চ ১২৬ ; বিধি প্রতিকূল সাথে,…পিতা মোর মৈল মগরায় ২৯৪। দলুই সকলি সাথে থাকিবে শ্রী ২০৮। রামচন্দ্র চলে সাথে ভ.গ্র ২৬৪। (পারাবতে) খেলএ সাইচান সাথে ম.পা ১৩৩। সংগ্রাম করিতে দাও ভালমন্দ-সাথে!—স.ম ৫৬। বিশ্বসাথে যোগে যেথায় বিহারো। সেইখানে যোগ তোমার সাথে আমারো।—রবীন্দ্র।

সাত[৩] '-ত্' স.বিং [সং সপ্তন্ > লি, প্রা সত্ত > বা সাত ; হি, ঠ, গু, মৈ, ড় সাত] সপ্তসংখ্যক। "সাত সাতে উনপঞ্চাশ। —ত বি সাত (৭) সংখ্যা। "সাতের পিঠে সাত সাতাত্তর। [সাত খান ক'রে লাগান —(কাহারও) বিরুদ্ধে নানাপ্রকারে কোন বিষয় অতিরঞ্জিত করিয়া

ভাঙটি দেওয়া। সাত ঘাটের জল খাওয়ান—অত্যন্ত পীড়িত বা হয়রান করা। সাত চড়েও কথা বেরোয় না, সাত চড়ে রা কাড়ে না—অতি-নিগ্রহেও ভাল মন্দ কিছুই বলে না। সাত দেশ ঘুরে আসা—বহু দূর বেড়ে দিয়া আসা। সাত নকলে আসল খাস্তা—বহু অনুলিপির ফলে মূল নষ্ট হয়। দ্র 'খাস্ত'। সাত নাই পাঁচ নাই—বহু গোষ্ঠী নাই। "সাত নাই পাঁচ নাই মোর একেলা এ কানাই গো.চ ৭০। সাত পাঁচ অনুমান করা—নানাপ্রকার অনুমান করা। "শ্রী.মা ৬০। সাত পাঁচ কুলবধূ—কিয়ৎসংখ্যক কুলবধূ। "ম.ভা ১২। সাত পাঁচ চিন্তা করা, ভাবা বা মনে করা—নানাপ্রকার মনে করা। "মী ১২। গো.বি ৭৬। ক.চ ১৩৪। শ্রী.ম ৬৯; শ্রী ৫৯। ব.প ৭৪৮। ম.ম ১৬৭। ব ১৬৪। ভা.চ ৭০; ১৫৮; ৩৪৮। সাত পাঁচ দুঃখ ভাবা—নানাবিধ কষ্ট মনে করা। "ম.ম ১১০। (মনে) সাত পাঁচ পাঁচা—(মনে) নানাপ্রকার ভাবা। "ম.ম ২২১। সাত পাক দেওয়া—বিবাহে কন্যাকে সাতবার ঘুরাইয়া বর প্রদক্ষিণ করান। সাতপুরুষ—সাপ্তপৌরুষ কাল, সুদীর্ঘকাল। সাতপুরুষের—১ সপ্তপুরুষসম্বন্ধী, অর্থাৎ সুদীর্ঘকালের (ভোগদখলী সম্পত্তি)। ২ সপ্তপুরুষপর্যন্ত সম্পর্কযুক্ত, অর্থাৎ অতি-আত্মীয়। "সাত পুরুষের তোমার তিনি, আমার কি তিনি পর?—ঈশ্বরচন্দ্র গুপ্ত। সাত-সতর—নানাপ্রকার কূটকচাল। "হেন-তেন সাত-সতর বুঝি না। সাত সমুদ্দুর তের নদী পার (হি সাত সমুদ্র পার)—বহুদূরবর্তী স্থান। সাতেও নাই, পাঁচেও নাই—কোন বিষয়েই নাই। সাতেও হুঁ, পাঁচেও হুঁ—সকল বিষয়েই সম্মতি।]

সাত৪ দ্র 'সাৎ'।

সাতই বি [সাত৩+ই, দ্র 'আটই', 'সাতো' (বীরভূম), হি সাতরী] মাসের সপ্তম দিন বা তারিখ।

সাতকাণ্ড বি সপ্তকাণ্ড রামায়ণের মত কোন বিষয়ের সবিস্তর বিবরণ। "তাঁহার বিষয়-কর্মের সাতকাণ্ড আ.চ্র ১৫২। [সাতকাণ্ড রামায়ণ—(গৌণার্থে) কোন বিষয়ের সবিস্তর বিবরণ।]

সাত-গাঁ বি বঙ্গদেশের প্রাচীন বণিক্-প্রধান বন্দর সপ্তগ্রাম। "মহাস্থান সাত-গাঁ, তাতে বৈসে রাম দাঁ ক.চ ১১৭, ১৮৭।

সাতগেঁটে বিং [সাতগাঁট+এ৭] সপ্তগ্রন্থিযুক্ত, ছিন্নবিচ্ছিন্ন, অতিজীর্ণ। "সাতগেঁটে টেনা ম.ভা ১১; শ ৯০।

সাতচল্লিশ স.বিং [সং সপ্তচত্বারিংশৎ > লি সত্তচত্তারী(লী)সতি; প্রা সত্তচত্তালীস > °শ, হি সৈংতালীস, ঠ সত্তেচালীস; গু সুডতালীস] সপ্তচত্বারিংশৎসংখ্যক। —শ বি সাতচল্লিশ (৪৭)।

সাতছরা, -ছরি বি [শতসর > °রা, -রি] শতযষ্টিক হার। তু 'শতেশ্বরী'। "পৈরে °রা হার।—ম.গা ২৫। °রি হার গো.বি ৭৮।

সাতত্য ক্লী [সতত+য (ষ্যঞ্)] সততভাব, নৈরন্তর্য, অবিচ্ছেদ। "ক্রিয়া° পা ২.১.৭২, বার্তিক। সাতত্যেন প্রসজ্যনাম্ মহা ৩.১৩.৬। বেদনা° (সুশ্রুত)।

সাতথাকি বি [সাত+থাক+ই৮] সাতথাকযুক্ত বা সপ্তযষ্টিক হার; সাতনরী। "গলে দোলে সাতথাকি।—দা ১৪৮১।

সাতনরী, -নলী, -লরী, -লহরী বিং [সাতলহর+ঈ৭ > সাতলহরী > °লরী; °নরী,-লী, হি সতলড়া (বিং), -লড়ী (বি)] সপ্তযষ্টিক (হার)। "°নরী হার ব.প ২৭৪, °লরী হার ২৯৮, ৯১০, °লহরী ৫০৭। °নলী হার প.কা ৮৬। —নরী বি সপ্তযষ্টিকহার। "গলার সাতনরী ম.ভা ৬৭।

সাতনল, -লা, সাতলা১ বি ব্যাধের সাতনলের (সরু বাঁশের) পাখী ধরার ফাঁদবিশেষ। "সাতনল ক.চ ১২৫; সাতনলা ১২৬। অজটীর জাজা গেল হাতের সাতলা ব.প ১৩৮২। [ব্যাধ আটাকাঠে ক্রমে নল জুড়িয়া আটার জড়াইয়া গাছের পাখী ধরে।]

সাতপাক বিবাহে কন্যার সাতবার বরপ্রদক্ষিণীকরণ; (গৌণভাবে) প্রেমপরীক্ষার্থে নানা বিপাক বা বিপত্তি। "(গোপকন্যে!) ইহার সাত-পাক আছে, এক পাকেই যে, পার না পিরীত রাখতে। যার চলিতে বাজে, সে কেন সাজে, জগন্নাথ দেখতে?—দা ২৫৭।

সাতবাহ, -হন পুং [বহুব্রী] সাতনামক গুহ্যক যাহার বাহন; শালি-বাহনরাজ। 'ক.সা ৬.১০৪, ১০৫।

সাতর অর্থ [সাঁতর > °র] সাঁতার দেওয়া। "সর্ব্বজন আনন্দে সাতরি চ.বি ১০৮; (বালা) দেখি মাতা আনন্দে সাতরে ১১৭।

সাতলরী, সাতলহরী; সাতলা১ দ্র 'সাতনরী, সাতনল'।

সাতলা২ স্ত্রী [তু 'সং সপ্তলা > প্রা সত্তলা, -লী > বা সাতলা, -লী, -লি] সর্থ 'সপ্তলা'।

সাতলি, -লী বি [দ্র 'সাতলা'] বালকের ক্রীড়াবিশেষ। [সাতলি ভাঙ্গা—বোধ হয়, ইহা নবমালিকার পুষ্প-ভাঙার খেলা। তু 'উদ্দালক-পুষ্পভঞ্জিকা'। "সাতলি ভাঙ্গিতে নারে ভেয়ে রে কানাই। আপনি °লি ভাঙ্গি জিতল বলাই॥—ব ৫৩। °লী প.ক ১১২৫।]

সাতষট্টি স.বিং [সং সপ্তষষ্টি > লি সত্তসট্টি, প্রা সত্তসট্‌ঠি > বা °ট্টি; হি সড়সঠ; ঠ সদুসট, গু সড়সঠ] সপ্তষষ্টিসংখ্যক। —ট্টি বি সাতষট্টি (৬৭) সংখ্যা।

সাতা বি [হি, ঠ সত্তা, দ্র 'সাত৩'] ১ সাত ফোঁটার তাস। ২ পাশার সাত বিন্দু। "সাতা সাতা বলি, ডাকে ত্রিপুরারি, দোয়া চারি হৈল বাট ক.চ ২৯।

সাতাইশ, -স, -তাশ স.বিং [সং সপ্তবিংশতি > লি সত্তবীসতি, প্রা সত্তবীসই, -বীসা, 'সত্তাইস, -ঈসা৭ (পৈ) > বা °শ হি সত্তাঈস, প সতাঈ; ঠ, গু সত্তাবীস, মৈ সতাইস] সপ্তবিংশতিসংখ্যক। "সাতাইস ভার্য্যায় রোহিণীনাথ ইন্দু ক.চ ১৬৯। নক্ষত্র সাতাশি ভা.চ ৫০১। [সাতাশ > সাতাশি (পদ্যে)]। —ইশ, -তাশ বি সাতাশ (২৭) সংখ্যা। —ইশ পু.বিং [সং সপ্তবিংশ, -শতিতম > প্রা সত্তাবীসইম] সপ্তবিংশতিতম। "সাতাইশ চতুর্যুগ চৈ.চ ৯। —ইশা, -তাশে বি মাসের সপ্তবিংশ দিবস।

সাতাত্তর স.বিং [সং সপ্তসপ্ততি > লি সত্তহত্তরি, প্রা সত্তহত্তরি, 'সত্তহত্তর' (পৈ ২.১৮, টীকা) > বা °র, হি সতহত্তর, ঠ সত্যাত্তর, -ত্যাহত্তর, গু সিত্তোতের] সপ্তসপ্ততিসংখ্যক। —ত্তর বি সাতাত্তর (৭৭) সংখ্যা।

সাতান বিং [ফা তরানা, তু 'সাবালক'] সঙ্গতিপন্ন, যোত্রবান্, সচ্ছল। বিপ 'নাতান'। "আমি কখন নাতান, কখন সাতান।—রামপ্রসাদ। [সাতান প্রজা—সঙ্গতিপন্ন প্রজা।]

সাতানই, -নব্বুই স.বিং [সং সপ্তনবতি > লি সত্তনবুতি, প্রা সত্তাণ-উই > বা °নই, হি সত্তাণবে, ঠ সত্তাণ্ণব; গু সত্তাণুং] সপ্তনবতি-সংখ্যক। —ই বি সাতানই (৯৭) সংখ্যা।

সাতান্ন স.বিং [সং সপ্তপঞ্চাশৎ > লি সত্তপঞ্ঞাসা, -ণ্ণাসা, প্রা সত্তাবন্ন,-ন্ন > বা °ন্ন, হি, ঠ, গু সত্তাবন] সপ্তপঞ্চাশৎসংখ্যক। "সাতান্ন বন্দে বিশাই ধরিলেন সুতা ক.চ ৩৩, ৭৮। —ন্ন বি সাতান্ন (৫৭) সংখ্যা।

সাতাল বি [?] মল্লের বাহ্বাস্ফোটনপূর্ব্বক তাল মারা; মল্লবিদ্যাবিশেষ। "রামসঙ্গে কোন মাল নাহি ধরে তাল। সুমেরু পর্ব্বতে যান করিতে সাতাল॥—কৃ ৫৬।

সাতালি বি [সপ্ততালীয় > °লি (?)] অত্যুচ্চপর্ব্বতবিশেষ। "যাও সাতালি পর্ব্বতে ম.ভা ২৮।

সাতাশ, সাতাশে দ্র 'সাতাইশ'।

সাতাশী স.বিং [সং সপ্তাশীতি > লি সত্তাসীতি, প্রা সত্তাসীই > বা

°শী, হি সতাসী, ঠ সত্যাষশী, গু সিত্তাশী] সপ্তাশীতিসংখ্যক। —শী বি সাতাশী (৮৭) সংখ্যা।

সাতি[1] স্ত্রী [√সো+তি (ক্তিন্)-ভা, নিপাতিত, পা ৩.৩.৯৭] ১ অবসান, ক্রিয়াসমাপ্তি (অ.টী)। ২ [√সন্+তি-ভা, নিপাতিত, পা ৩.৩.৯৭] দান (মেদিনী)। ৩ সম্ভজন (সায়ণ)। "ঋগ্বেদ ২.১৯.৪৭

সাতি[2] বি [সং শাস্তি > *সংথি > বা °থি,-তি, সাথী (শ্রী.কী)] ১ শাস্তি, পীড়া। "মনসিজ সাতি গো ২৪৮। ২ কষ্ট, দুঃখ। "আপনি বাছনি করহ সাতি। দেখিতে দেখিতে বচাল রাতি॥—রা.শে ১০১।

সাতিরেক বিণ [বহুব্রী] অতিরেকসহিত, সাতিশয়। "°মদকারণং রহস্তেন দন্তমভিলেষুরঙ্গনাঃ রঘু ১৯.১২।

সাতিশয় বিণ [বহুব্রী] ১ অতিশযসহিত, সাতিরেক। ২ প্রকৃষ্ট, অনুত্তম। "সাতিশয়ানি (রত্নানি)।—হ ১৪৭.২৭। যচ্চ °য়ং কিঞ্চিৎ মনু ৯.১১৪। ভ ৭.৭ ৪০। ৩ (বাঙ্লায়) অত্যন্ত, সমধিক।

সাতিসার বিণ [বহুব্রী] অতিসাররোগী, অতিসারকী।

সাতেসরী বি [শতেশ্বরী > °রী] সর্থ 'শতেশ্বরী'। "শ্রী.কী ২৮।

সাত্বত পুং [সাত্ব (সত্বগুণ)+ √তন্+অ (ড)-ক (ত.বা)] ১ বিষ্ণু। ২ [সত্বৎ+অ (অণ্)] সত্বতের গোত্রাপত্য; বলরাম (ত.বা)। ৩ যদুবংশীয় নৃপবিশেষ (কূর্ম্মপুরাণ)। ৪ সাত্বতনৃপাধিষ্ঠিত দেশ; তদ্দেশবাসিগণ। —ত্বতী স্ত্রী ১ সর্থ সাত্বতী। ২ সত্বশৌর্য্যাদিযুক্ত বৃত্তিবিশেষ। 'সা দ ৬.১২৮। যা সাত্বজেনেহ গুণেন যুক্তা ইত্যাদি (টীকা)।

সাত্ত্বিক বিণ [সত্ত্ব+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ সত্ত্বনির্বৃত্ত, সত্ত্বোদ্ভূত। "যে চৈব সাত্ত্বিকা ভাবাঃ (মত্ত এবেতি তান্ বিদ্ধি) গী ৭.১২, ১৮.২০; ২৩। ২ সত্ত্বপ্রধান। "সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্ গী ১৪.১৬, কর্ত্তাঃ সাত্ত্বিকঃ ১৮.২৬। [সত্ত্বপ্রধান পুরাণ—বৈষ্ণব নারদীয় ভাগবত গারুড় পাদ্ম বারাহ।] ৩ সত্ত্বসম্বন্ধী। "সাত্ত্বিকং গুণলক্ষণম্ মনু ১২.৩১। ৪ সত্ত্ববৃত্ত্যবস্থিত। "দেবত্বং সাত্ত্বিকা যান্তি মনু ১২ ৪০। ৫ সত্ত্বগুণযুক্ত। [সাত্ত্বিক যজ্ঞ তপঃ দান আহার জ্ঞান কর্ম্ম কর্ত্তা বুদ্ধি ধৃতি সুখ (দ্র 'গী ১৭,১৮ অধ্যায়)।] "সাত্ত্বিকভাবেতে রাজা পূজে শ্রী ২০৩। ৬ সত্ত্ব—মনঃ বা গুণ, তন্নির্বৃত্ত (অ টী), মনোগুণনিষ্পাদিত, সত্ত্বসম্ভূত (সা.দ)। "ভূরিসাত্ত্বিকবিকার মা.মা ১.২৬। [সাত্ত্বিক বিকার—স্তম্ভঃ স্বেদোঽথ রোমাঞ্চঃ স্বরভঙ্গোঽথ বেপথুঃ। বৈবর্ণ্যমশ্রু প্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ॥—সা.দ ৩.১৩৫,-৬।] "অষ্টসাত্ত্বিকভাবোদয় চৈ.চ ১৫৩; স্তম্ভাদি সাত্ত্বিক ২৩০। ৭ স্বাভাবিক। —ক পুং [সাত্ব+ইক (ঠন্)] ১ 'সত্ত্বগুণবান্', বিষ্ণু। "মহা ১৩ ১৪৯ ১০৬। ২ ব্রহ্মা। ৩ ব্রাহ্মণ। ৪ স্তম্ভাদি অষ্ট সত্ত্বসম্ভূত বিকার। "সা.দ ৩.১৩৪। সাত্ত্বিক কহিযে তারে সে অষ্টপ্রকার ভ.গ্র ৩৯৯। চৈ.চ ১৫৬। ৫ (সাংখ্যে) সত্ত্বপ্রধান মহত্তত্ত্ব (ত.বা)। ৬ অহঙ্কারতত্ত্ব (ত.বা)। —কী স্ত্রী ১ দুর্গা। ২ পূজাবিশেষ—জপযজ্ঞাদি, নিরামিষ নৈবেদ্য, দেবীমাহাত্ম্যপাঠ। [°ভাব (পুং)—সর্থ 'সাত্ত্বিক পুং (৪)। "ভা.চ ৭১৮।]

সাত্ত্বিকী দ্র 'সাত্ত্বিক'।

সাত্ম (-ত্মন্) বিণ [বহুব্রী,-১ব] আত্মসহিত। "সর্ব্বং সাত্মং ভাতি ভ ১ ১৪.১৭। —ত্মতা স্ত্রী [সাত্মন্+তা (তল্)] সাত্মভাব, সমানরূপতা। "সর্ব্বে নীতা ইন্দ্রেণ সাত্মতাম্ ভ ৬.১৮.১৯, অচ্যুত° ৭.১.৪৬। —ত্ম্য বিণ [স+আত্মা; বহুব্রী] যাহা আত্মহিতকরকর্ম্মযুক্ত; সুখজনক (শ.ক)। "সর্ব্বপ্রাণভৃতাং তস্মাৎ সাত্ম্যং ক্ষীরমিহোচ্যতে (সুশ্রুত)। —ত্ম্য ক্লী [সাত্মন্+য (ষ্যঞ্)] ১ সাত্মতা, সারূপ্য। "চৈদ্যাদয়ঃ সাত্ম্যং হরেস্তচ্চিন্তয়া যযুঃ ভ ৭.১০.৪০। ২ দেবত্ব। "(কথং তে অসুরা) ইন্দ্রেণ প্রাপিতাঃ সাত্ম্যম্ ভ ৬.১৮.২০।

সাত্যক, -কি পুং [সত্যক+অ (অণ্),+ই (ইঞ্)] 'সত্যকসম্বন্ধী, সত্যকাপত্য; বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়বিশেষ; শৈনেয়। "°কি মহা ২.৩৩.১০৫; °ক ৫.২২.৯। গী ১.১৭। [ভারতযুদ্ধান্তে পাণ্ডবপক্ষে জীবিত পঞ্চ জনের মধ্যে ইনি একতম (মহা ১০.৯.৪৮)।]

সাত্যন্তিক বিং [অসাধু; সং আত্যন্তিক] অতিশয়। "শুনিয়া সূর্য্যের হল সাত্যন্তিক ভয় শ্রী.মা ২১৪।

সাত্রাজিতী স্ত্রী [সত্রাজিৎ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'সত্রাজিৎসম্বন্ধিনী', সত্যভামা। "মহা ১৬.৫.১৩।

সাত্বত বিণ [সত্বৎ+অ (অণ্), বিকল্পে দ্বিত্বে 'সাত্ত্বত'; স্ত্রী -তী] ১ যদুবংশীয়সত্বদ্রাজসম্বন্ধী। ২ [°ত+(অণ্)] সাত্বতসম্বন্ধী, কৃষ্ণসম্বন্ধী। ৩ ভগবৎসম্বন্ধী, ভাগবত। "সাত্বতী শ্রুতিঃ (ভাগবতী সংহিতা —শ্রীধর) ভ ১ ৪.৭। —ত পুং, বহুব [সত্বৎ+অ (অঞ্), পা ৪.১.৮৬] ১ 'সত্বদ্গোত্রাপত্য', যাদব। "অর্থলুব্ধান্ ন বঃ পার্থো মন্যতে সাত্বতান্ সদা মহা ১.২২১.৩। মাঘ ১৬.১৪। ২ কৃষ্ণ। "(মহাবাহুঃ) কথয়ামাস সাত্বতে মহা ১.২১৮.১২। ৩ বলরাম। ৪ বিষ্ণু। ৫ ভাগবত। ৬ ব্রাত্য বৈশ্য হইতে সবর্ণা স্ত্রীতে জাত সঙ্কীর্ণজাতিবিশেষ। 'মনু ১০ ২৩। —তী স্ত্রী [সাত্ব(ত্ত্ব)ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'সত্বদ্গোত্রাপত্যাস্ত্রী', শিশুপালমাতা। "সাত্বতীসুত মহা ২.৪৫.৬। সাত্বতীসূনু মাঘ ২.১১। ২ সুভদ্রা। "মহা ১.২২১.৬৮।

সাত্ত্বতী দ্র 'সাত্বত'। [°সুত, °সূনু (পুং)—শিশুপাল।]

সাত্বান্ (-ত্বৎ) পুং [সৎ+বৎ (বতুপ্)—সত্বৎ+অ (অণ্) স্বার্থে, প্রত্যয়লোপ আর্ষ] সৎ অর্থাৎ সত্ত্বমূর্ত্তি ভগবান্ যাহার উপাস্যরূপে আছেন (শ্রীধর), ভক্ত। "ভগবান্ সাত্বতাং পতিঃ ভ ১.১.১২; ২.৪.১৪, ২০।

সাথ[1]; **সাথ**[2], **সাথে** দ্র 'সাৎ, সাত[2]।

সাথি, -থী বি [সাথ[2]+ই[৮], ঈ[৭], সাতি (গো.চ), হি, ঠ, গু সাথী] ১ সাথী, সহচর। "মরণের সাথি যেই সে কি ছাড়ে পাশ চ.দা ৯২। কেহ নাই সাথী।—কৃ ৪৪৬। পুত্র মিত্র ভার্য্যা কেহ সঙ্গে সাথী নয়। —ম ১০৯৭। ২ সহচরী, সখী। "আমার সবার না সরে সাথী রা.শে ১০৪। ৩ সহকারী (assistant)। —থিনী বি [সাথি+ইনী] সঙ্গিনী, সহচরী। "হও যাও রাজার সাথিনী স্ব.প্র ১৩৭। —থিয়া বি [সাথ+ইয়া[2]] সাথী। "বনের কাছে, ময়ুর নাচে, অরুণ তাকর সাথিয়া জ.প ২৬।

সাথিয়া, সাথী দ্র 'সাথি'।

সাথুয়া বি [সাথ[2]+উয়া[2]] সাথী, সঙ্গী, সেথো। "হেম ৯৭।

সাদ[1] পুং [√সদ্+অ (ঘঞ্)-ভা] ১ ভেদ। ২ উপরম, বিরতি। "রশনা…গতিবিভ্রমসাদনীরবা রঘু ৮ ৫৮। ৩ নিশ্চেষ্টতা। "উদিতোরু° মাঘ ৯.৭৭; অঙ্গ° ১০.৩০। ৪ কার্শ্য, কৃশতা। "শরীরসাদাদসমগ্রভূষণা (সা) রঘু ৩.২। ৫ গমন, গতি। "ঋগ্বেদ ১.১৬২.১৭। চক্রাণাং °ভঙ্গে।—বৃহৎসংহিতা ৪৬ ৬০। ৬ অবসাদ, বিনাশ। "জীবিত°। —নলোদয় ৩.২৪। ৭ [√সাদি+অ (অচ্)-ণ] 'অবসাদসাধন', দুঃখ। "সাদময়।—নলোদয় ৩.২৪।

সাদ[2] বি [সাধ > সাদ] ১ অভিলাষ, ইচ্ছা। "সাদ লাগে কাহ্নাঞি দেখিবারে শ্রী.কী ৩৪১। শি ৮৫। সাদ করে এক দিন পেট ভ'রে খাই ভা.চ ৯৯; দুর্জনারি সাদ ৩৩৯, ৩৭২। বীরকুলসাদ এ শয়নে। —মে ১৬। ২ অভিলষিত দ্রব্য। "বিধি যার বিবাদী কি সাদ তার সাদে ভা.চ ৯৮। ৩ গর্ভিণীর সাধভক্ষণসংস্কারবিশেষ। "নয় মাসে সাদ শ্রী.মা ১৭৬। ৪ [সং শাদ] কর্দ্দম। "শক্ত সাদ বিনা সত্ত পাড়িবে উনান শ্রী.মা ৯৯।

সাদন বিণ [√সদ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] নাশক, হন্তা। —ন ক্লী [+অন-ভা]- ১ অবসাদন। ২ নাশন। "বৃহৎসংহিতা ৪৬.৯। ৩ [সদন+অ (অণ্) স্বার্থে] সদন, ভবন। "যম° গো.রা

ভ.৬৮.১১ ; মহা ১.২১০.২০ । ভ ৩.৩০ ২৩ ; ২৬ । ৪ পাত্র, আধার। "ভ ৪.৭.২৫ । —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] 'রোগনাশনী', কটুকী। —দয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] নাশয়িতব্য। "নাস্ত °ব্যানি তেজাংসি চ তপাংসি চ গো.রা ১.৬৬.৩ ।

সাদর বিণ [বহুব্রী] ১ আদরসহিত, সসম্মান। ২ সপ্রীতি। "(তাঃ) সাদরা…পরিষস্বজুঃ ভ ৪.৪.৭ । সাদর ও সস্নেহ সম্ভাষণ সী ৪ । এত গালির উত্তরে সাদরসম্ভাষণ দেখিয়া চাঁপা…বলিল ব.প্র ২০৬ । —দর ক্রি.বিণ ১ সপ্রীতি। "(রামঃ) অঙ্কে ভরতমারোপ্য পর্য্যপৃচ্ছত সাদরম্ রা ২.১০০.৩। ২ সগৌরব। "(আজ্ঞা) গৃহ্যেত সাদরম্ ভ ৩.১৩.১০ । ৩ সাভিনিবেশ, সাবধান। "সাদরং যুধ্যমানা (পৃতনা) মাঘ ১৯.২৩ ।

সাদা ; সাদাটীয়া, সাদাটে ; সাদাসিদা, সাদাসিদে ; সাদি[১] দ্র 'শাদা ; শাদাটীয়া ; শাদাশিদা , শাদী'।

সাদি[২] পুং [√সদ্+ই (ইঞ্)-ক, উ ৪.১২৪] ১ অশ্বারোহ, সাদী। "(হয়ান্) সসাদীন্ (মহা—S.W.)। ২ যোদ্ধা। ৩ সারথি। "উ ৪. ১২৪ । উষ্ট্র°, গো° পা ৬.২.৪০ ; ৪১ । ৪ বায়ু।

সাদিত বিণ [√সাদি+ত (ক্ত)-র্ম্ম] ১ হত, বিনাশিত। "মহা ১.১. ১৮৫ । রঘু ৭.৪৪ । ২ বিজিত। "সাদিতাখিলনৃপ মাঘ ১৪.১৩ । ৩ নিপীড়িত। "মুষ্টিভিশ্চোত্তমাঙ্গানি তলৈর্গাত্রাণি (সাদিতানি)।—হ ২৫০.৮৮ । ৪ বিধ্বস্ত।

সাদিনা বি [সাতদিন > °না] শিশুর জন্মের সপ্তম দিনে করণীয় সংস্কারবিশেষ। "সাত দিন পর্য্যন্ত সাদিনা কোবাইল গো.চ ৫১ ।

সাদী (-দিন্) বিণ [√সদ্+ইন্ (ণিনি)-ক-১ব] ১ আরোহী। "হস্তি° মহা ৪.৩১.৩২। তুরঙ্গ° রঘু ৭.৩৭, অশ্ব° ৪৭। ২ [√সাদি+ইন্-ক-১ব] নাশী। "বৃত্তসাদিনী রা ২.৩৪.৩৭ । —দী পুং ১ অশ্বারোহ। "এতে রাজন্তি সংহৃষ্টা হয়ানারুহ্য সাদিনঃ গো.রা ২ ১০৬.১৯। মহা ১.১৩৮.৮। নিরস্ত° মাঘ ১২.২২ । নিষাদী সাদী ম.বি ৫০। মে ১৫ , তুরঙ্গমে সাদীবর ৮৫ । সাদিবর স্ব.প্র ১৬৯ । ২ হস্ত্যারোহ, নিষাদী। ৩ রথারোহ, সারথি।

সাদৃশ্য স্ত্রী [সদৃশ+য (ষ্যঞ্)] ১ সদৃশভাব, বস্তুন্তরগত আকারসাম্য। "অহং রূপসাদৃশ্যান্ মোহিতঃ গো.রা ৪.১২ ৪২ । অক্ষি° রঘু ১.৪০ , °প্রতিকৃতিদর্শন ৮.৯২ , ১৫.৬৭ । ২ সঙ্গতি। "নামসাদৃশ্যেন বঞ্চিতো মাতৃবৎসলঃ শ ৭২২/১। ৩ আকারসাম্য, প্রতিকৃতি। "মৎসাদৃশ্যম্… লিখন্তী উ.মে ২৪ । ৪ তদ্‌ভিন্ন বস্তুতে তদ্‌গতভূয়োধর্ম্মবত্তা বা সাধর্ম্ম্য-বাহুল্য। যেমন, চন্দ্রভিন্ন বস্তু মুখে চন্দ্রগতসাধর্ম্ম্য আহ্লাদকত্ব হেতু চন্দ্রসাদৃশ্য। এইরূপ, বেণীতে সর্পের, কেশে চামরের সাদৃশ্য। "যে (হরিণাঃ) উৎপলাক্ষি প্রচলৈর্বিলোচনৈস্তবাক্ষিসাদৃশ্যমিব প্রযুঞ্জতে কু.স ৫.৩৫ ।

সাদ্‌গুণ্য ক্লী [সদ্‌গুণ+য (ষ্যঞ্)] সদ্‌গুণভাব, সদ্‌গুণকর্ম্ম, গুণবত্তা। "(যত স্নেহ করিলে) তোমার সাদ্‌গুণ্য সে চৈ.ভা ৪৩৩ ।

সাদ্দি বিং [সাধ্য > সাদ্ধ, -দ্দ+ই[১১] ; কথ্য] শক্য, শক্তি দ্বারা করণীয় ; যাহা ক্ষমতায় কুলায়। "(পিসি !) তুমি কেবল বসে যাবে, কার সাদ্দি তোমাকে কেউ কিছু বলে ।—হু ১৭২ । —দ্দি বি ক্ষমতা, শক্তি। "এমন"কারো সাদ্দি নাই রাজাক নিয়া যায় বান্দিয়া গো.চ ১৭ ।

সাদ্যস্ক বিণ [সদ্যস্+ক (কন্)—সদ্যস্ক+অ (অণ্)] সদ্যোভব, অদ্যদিননিযুক্ত। "সাদ্যস্কং (সৈন্যম্) যৎ তদন্যথা ।—শু ৪.৭.১০ ।

সাধ্ অক [দি, স্বাদি, প—সাধ্যতি, সাধ্নোতি ; অনিট্] সিদ্ধি, নিষ্পত্তি। —ধ্ সক [পূর্ব্ববৎ] নিষ্পাদন (গোবিন্দভট্ট)। "সাধ্নোতি সাধ্যতি ঘটং কুলালঃ (ক.ক)। [সাধি (সাধ্+ণিচ্—সাধয়তি) —১ সাধন, সম্পাদন। ২ বধ। ৩ প্রাপ্তি। ৪ গমন। 'প্রায়েণ ণ্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে সা.দ ৬.১৪৪ । "সাধয়িষ্যাম্যহম্ মহা ৩.২৯৩.৩২ । প্র—১ প্রসাধন, অলঙ্করণ। ২ কণ্টকশোধন, বৈর-নির্য্যাতন। "রঘু ১৯.৩ ।]

সাধ[১] বি [সং শ্রদ্ধা > প্রা সদ্ধা > বা (সাধা, -দা) সাধ, -দ ; হি, প, সি সাধ] ১ অভিলাষ, ইচ্ছা। "মাধব বধিলে কি সাধবি সাধে বি.প ৫০ ; ১১১ ; হৃদয়ের সাধ ২১০ । শ্রী.কী ১৫৩। সে কেন পিরীতি করে সাধ চ.দা ৮৫ ; কানু পরিবাদ, মনে ছিল সাধ ৯৮ । কালিয়া সায়রে, সিনান করিয়া, কালিয়া হয়েছি সাধে চ.সা ৬৪ । রণসাধ অ.প ১৫ । জোদাকে যায় সাধ শ্রী ৪২ । অবগাহ-সাধ চৈ.চ ৪৯ । থাকিতে অধরে, সুধা সাধ করে ভা.চ ১৭৫ । সংগ্রাম সাধ ।—মে ১৯৯ । হেম ২৯২ ; অসাধ সদাই প্রাণে ৩২৩ ; সাধগুলি ।—শিশু ১৪৩। মনের সাধ মনে থাক ব.প্র ২৩ । ২ আদর, স্নেহ। "সাধের সন্ততি দুই গুহ লম্বোদর শি ১০০ । ৩ অভীষ্ট বিষয়। "সাধিতে মনের সাধ, ঘটে যদি পরমাদ, মধুহীন ক'রো না গো তব মনকোকনদে ।—মাইকেল। ৪ বিলাস, সক। "মধুর অধরগুলি মধুর হাসিতে ও সাধের মিশিতে ভরিয়া যাইতে লাগিল ব.প্র ৬৭৬। ৫ শ্রদ্ধা, অনুরাগ। "কালায় ভরমে হাম,…ভাজিয়াছি কাজরের সাধ চ.দা ৯৮ । ৬ অতিস্পৃহা। "আমার এত সাধের প্রভাতে সই, ফুটলো নাকো কলি ব.প্র ১৯৫ ; অদৃষ্টক্রমে সে সাধের বিবাহে বিপরীত ফল ফলিল ৩৪১ । ৭ গর্ভিণীর দোহদ বা অভিলষিত খাদ্য। "সাধ খাওয়াবার ছলে ।—ম ৬৭৪ । কৈতে লিজ সাধ বড় লাজ বাসি। পান্ত ওদনে ব্যঞ্জন বাসী ॥—ক.চ ৪৩ ; আমার সাধের সীমা, হেলেঞ্চা কলমী গিমা ৪৪ । সাধ খাওয়াইল ম.ভা ১৮ । কত সাধ খেতে সাধ সুস্বাদু অম্বল ভা.চ ৩৬৮ । ৮ গর্ভিণীর দোহদ-ভক্ষণ-সংস্কার। "সাদরে সাধের দ্রব্য এসে যবে ঘরে শ্রী ৪২। ৯ তদ্ধ্বনি। "সতীসাথে দাঁড়াই যদি সখীগণ সঙ্গে। পুলকে পূরযে অঙ্গ শ্যাম-পরসঙ্গে॥ —চ.সা ১৩৩ । —ধে ক্রি.বিং ১ ইচ্ছানুরূপ, পছন্দমত। "(পুত্রে) রাণী পাঠাইয়া দিলা, সাজাইয়া সাধে রাজসভা ভ.প্র ১২৪ । ২ অনুরাগে, প্রবল্লাতিশয়ে। "না জানি এ কত, সাধে সুধা দিয়ে, এদেহ গঠল বিধি ন.প ৬৯৪ । ৩ ইচ্ছাপূর্ব্বক। "সাধে কি গো বাঙ্গালী মোরা চির-পরাধীন ?—ন ৪২০ । সাধে কি গো শ্মশানবাসিনী গি.দ্বি ১১১ । সাধে কি বাবা বলি, গুতার চোটে বাবা বলায়।—দ্বিজেন্দ্রলাল রায়। ৪ চেষ্টা-ব্যতিরেকে, অনায়াসে, হেলায়। "এক চোটে…দিল কেটে। শিশু যেন সাধে কাটে ওল আলু এঁটে ॥—শ্রী ১৬২ । তেরছ অবলোকনে, বরিখে কুসুম-শর সাধে প.ক ২৮ । [সাধ করা—১ ইচ্ছা করা। ২ গর্ভিণীর প্রিয় খাদ্যে ইচ্ছা করা। সাধ খাওয়া—সাধভক্ষণ। সাধ দেওয়া—সাধ-ভক্ষণ-সংস্কার সম্পাদন করা। সাধ মেটা—ইচ্ছা পূর্ণ হওয়া। সাধ যাওয়া—ইচ্ছা হওয়া। "সাধ যায় বোষ্টম হ'তে। গাঁড় ফাটে মোচ্ছব দিতে। সাধের চূড়া—উৎকৃষ্ট দোহদ। "ঝুনা নারিকেল চিনির গুঁড়া। করি আপনার সাধের চূড়া ॥—ক.চ ২০৯ । সাধের তরণী—সকের নৌকা। "ব.প্র ১৬২ । সাধের প্রভাত—অতিস্পৃহণীয় প্রাতঃকাল। দ্র °(৬)। সাধের বিবাহ—অতিস্পৃহণীয় বিবাহ। দ্র °(৬)। সাধের সাধনা —অতিস্পৃহণীয় সাধনার বিষয়। "(তুমি) আমার সাধের সাধনা ।—গান ১১৬ । সাধে সাধে—ইচ্ছাপূর্ব্বকই। "বিশাখা বলে, —কেন রোদন, সাধে সাধে সাধনের ধন, বিসর্জ্জন দিয়ে মানসাগরে। —দা ৪৭৩ ।]

সাধ[২] বি [সং সাধু ; হি সাধ] ১ ধার্ম্মিক, ভালমানুষ। ২ বণিক্, ব্যবসাদার। [সাধ-খাঁ—হিন্দুর উপাধিবিশেষ।]

সাধ[৩] সর্ম্ম [সং √সাধ্ ; হি, ঠ, গু, মৈ √সাধ] ১ সম্পাদন করা ; সিদ্ধ করা। "সাধিলেহেঁ আপনার কাজে শ্রী.কী ৩২৪ । ২ পূর্ণ বা চরিতার্থ করা। "মাধব বধিলে কি সাধবি সাধ বি.প ৫০ । হুয়া মোর সাধহ কামনা (ক.চ)। ৩ অনুষ্ঠান করা। "বরুণ সাধিল পূজা ঃ সহস্র-

অর্জ্জুন পূজা সাধিল শ্রী.মা ১৮৫। ৪ সমাপ্ত বা উদ্‌যাপন করা। "যেই ব্রত সাধিলে বসিয়া অর্গনিশি। সর্ব্বলোকে বলিবে সাবিত্রী-চতুর্দ্দশী॥—ম ৫৬৬। ৫ আচরণ করা। "পূর্ব্বশক্র লজ্জা আসিয়া বৈর সাধিল। কথা মুখে বাধিয়া আসিল।—ব প্র ৮৪। ৬ প্রতিষ্ঠিত করা। "সাধিব আপণ মানে শ্রী কী ২৬; তোর মোর সাধিব মান ২৮, ১০১। কাসঞে সাধবি মান বি.প ১১০। ৭ রাখা, করা। "জনে জনে সাধিব সম্মান ক.চ ৮৪, কে সাধিবে মান ১০৯, কাণে সোণা দিয়ে তার সাধিল সম্মান ১৩৪, ২৮৩। ৮ অভ্যাস বা অনুশীলন করা। "ধনি ধনি কো বিহি বৈদগধি সাধে। মদন সুধারসে, যো নিরমাওল, তুয়া মুখমণ্ডল রাধে॥—গো ১০৮। ৯ সিদ্ধির অনুকূল করা। "কায়াঁ সাধ কায়াঁ সাধ মাদলে সে বলে।—মী ১৯। কায়া সাধ কায়া সাধ মাদলে হেন বোলে গো.বি ৯৪,-৫। ১০ সাধনা বা আরাধনা করা। "(আগু গুরু) সাধন্ত সিদ্ধা তরিবারে ভব গো.বি ১৪। বিধি তোরে সাধি শুন, জন্ম যদি দিবে পুন, আমারে আবার যেন, রমণী জনম দিবে ব প্র ১৫২। ১১ সংগ্রহ করা; আদায় করা। "দাণ সাধিএ রতি পতিআশে শ্রী কী ৫৯। রাখালি সাধিত তোর...মা শ্রী মা ১৬৯। হালখানায় মাসরা সাধে দেড় বুড়ি কড়ি ব প ২৮। দান সাধে ঘাটের জগাতী ম.ভা ৫০। সাধেন বিশ লক্ষ চৈ.চ ২৮৯। বারোইয়ারি চাঁদা সাধার বিষয়।—হু ৩৩। ১২ পূজা করা। দ্র 'স'৯। "জল সাধে বস্তাবতী ক চ ১২৩। ১৩ [তু 'সাদ সাদিলে'—"বরাঙ্কণ জ্ঞান সাদ: বরাঙ্কণ জ্ঞান সাদিলে নাহিক মরণ (ম গা ১)] লাভ করা, প্রাপ্ত হওয়া। "সিদ্ধি সাধি ঋষি যোগী যাহা নাহি পায়।—ম ৮৬২। ১৪ লওয়া। "তারে কবি ক্রোধ, কিবা সাধ শোধ, যৌবন করিলে নঠ শি ১০১। ১৫ কর্ম্মফলে লাভ করা। "(ঢেকি।) কপালে সেধেছে কষ্ট কি করিতে পারি শি ৭৬। ১৬ সংগ্রহ বা যোগাড় করা। "ঔষধ সাধিয়া মোর স্বামী কর বশ ক চ ১৩৪। ১৭ (সঙ্গীতে) স্বর-গ্রামের সহিত সঙ্গত করা বা মিলান। "গলা সাধা। ১৮ বাদ্যযন্ত্রে অভ্যস্ত করা। "হাত সাধা। ১৯ (ব্যাকরণে) শব্দাদি সিদ্ধ করা (to derive)। "শব্দ সাধা। ২০ ['সন্ধি' মূল] সন্ধি করান; মিটান। "বাদ সাধি দেউক মোরে চান্দের সহিতে বি.পা ১৭৩। ২১ [সাঁধ > সাধ] সন্ধান করা। "এত বলি অস্ত্র সাধে হাতে ধনুক শর ম.বি ১৪। একত্রে সাধিবা বাণ একত্রে মারিব।—চ.বি ৬২। —ধ অর্ম্ম ১ সাধ পূর্ণ করা। "(যত যুবতী) সাধে আধ-দিঠি সে অঙ্গে দিয়া ন প ২৩৯। ২ অনুনয় করা। "সাধয়ে চরণে রসিকবর কান বি.প ১০২। ও বেটার লাগি মোরে কেহো না সাধিবা চৈ.ভা ২৩৫; ৩২০। ৩ [সং √সাধি—গমন] গমন করা, চলা। "সত্বরে সরণি সাধলি রাই। নিভৃত নিকুঞ্জে পশলি যাই॥—রা শে ১১০। ৪ লাফাইয়া উঠা। "কহিয়া শার্দ্দূল সেনে মারিল ঠাঁফাল। নবল সাধয়া শূন্যে এড়াল ভূপাল॥—শ্রী ৮৬। ৫ উপযাচক হওযা। "সাধিয়া কথা কহা। —ধা সর্ম্ম [+সাধ৩ +আ১৩] চালিত করা, অর্থাৎ রক্ষা করা। "এত দিন তনু মোর সাধে সাধাওল, বুঝলোঁ অবহি নিদান বি.সা ৩৯৭। [সাধ, -ধসি, -ধহ, -ধিএ, ধিতেঁ, -ধিলেঁ, -ধেতে, -লোঁ, -ধিব, -বোঁ, -ধোঁ (শ্রী কী)। সাধই, -ধবি, -ধয়ে, -ধসি, -ধহ, -ধাঘলু (প.ক)।]

সাধ৪ সর্ম্ম [সাধ১ > সাধ] ইচ্ছা করা। "কেমনে তোমার গুরুজন, কি সাধে সাধিল ধন, কেনে বিকে পাঠাইল তোমা—জ্ঞা ১৫১।

সাধক বিণ [√সাধ্+অক (ণুল্)-ক, স্ত্রী -ধিকা] ১ নিষ্পাদক, সাধয়িতা। "কার্য্যান্তৈতস্তু সাধকঃ গো.রা ৪.৪৫.১৪। অল্পানামপি বস্তূনাং সংহতিঃ কার্য্যসাধিকা।—হি ১.৩৫। ২ কাব্যসাধনে অকুণ্ঠ। "হুং (অস্ত্রম্) সর্ব্বতোগামি সাধকঞ্চ কু স ৩.১২। ৩ উপকারক, ফল-নিষ্পত্তিকারক। "সাধকতমং করণম্ পা ১.৪.৪২। মহা ৩.৭৬.৫৭। ৪ অভিচারমন্ত্রশক্তি হেতু সিদ্ধিপ্রদ। "*বর্ত্তি।—পঞ্চ ৫৩১২। ৫ অনু-মাপক। "অলঙ্কার আদি সাধ্যসাধন সাধক ভা.চ ৩২৫। ৬ সহকারী। "সেই বা অক্রূর আইল কংসের সাধক শ্রী.ম ১৫১। ৭ (তন্ত্রে) মন্ত্রাদি সিদ্ধিকারক (শিষ্য)। —ক পুং ১ নিষ্পাদনকর্ত্তা। ২ আভিচারিক-শক্তিসম্পন্ন পুরুষ, যোগী, সিদ্ধ। "মা.মা ৫.১। ৩ (জ্যোতিষে) জন্মতারাবধিক ষষ্ঠপঞ্চদশচতুর্বিংশনক্ষত্র। —কা, —ধিকা স্ত্রী [*ক +স্ত্রী আ (টাপ্)] 'সর্ব্বার্থসাধিকা', দুর্গা।

সাধন বিণ [সাধ্+অন (ল্যু, ল্যুট্)-ক; স্ত্রী -না, -নী] ১ নির্ব্বাহক (সায়ণ), নিষ্পাদক। "যজ্ঞস্য সাধনম্।—ঋগ্বেদ ৩.২৭.২। ২ ফল-নিষ্পত্তিকারক, উপকারক। "বলং বিক্রমসাধনম্ গো.রা ৩.৩৩.১৫। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নির্ব্বাহ, নির্ব্বর্ত্তন, নিষ্পাদন। "প্রজার্থ" রঘু ৪.১৬। কার্য্য করিব সাধন শ্রী.ম ১১০। আমা হতে এই কর্ম্ম হবে না সাধন।—ন ৪১৮। ২ সিদ্ধি, নিষ্পত্তি। ৩ মৃতসংস্কার, অগ্নিদান। ৪ সাধনা, অনুনয়, সাধা। "তাহার সাধন-বচন যতেক, তাহা কি কহনে যায় প.ক ১০৯৪। ৫ [√সাধি+অন-ভা] গমন, গতি। ৬ অনুব্রজ্যা, অনুগমন। ৭ প্রাপ্তি। ৮ বধ, বিনাশ। "প্রতিকার" কি ১৪.১৭। ৯ মারণ। "পারদ" (অ টী)। ১০ অর্থদাপন, বস্তু-দাপন (অ টী), দাপন (মেদিনী)। ১১ মন্ত্রসিদ্ধিকরণ, মন্ত্রজপ দ্বারা বশীকরণ। "শাকিনী"।—পঞ্চ ৫৩১২। ১২ রোগপ্রতীকার। "মহা ৩.২২৯.৫৪। অর্শসাং সাধনোপায়ঃ (সুশ্রুত)। ১৩ [+অন-ণ] উপায়। "হ ৫২ ৩০। স্বয়মেব অর্থসাধনম্ রঘু ১.১৯, ৮৪৪। কু.স ৫.২২, শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্ ৩৩। সাধ্যবস্তু সাধন বিনু কেহো নাহি পায় চৈ চ ১১৮। ১৪ হেতু, কারণ। ১৫ কার্য্যসাধন-সামগ্রী, উপকরণ। ১৬ দ্রব্য, সামগ্রী। ১৭ প্রাপ্তিনিমিত্ত। "মনু ১১.২৩৮। ১৮ যুদ্ধোপকরণ হস্ত্যশ্বরথাদি, সৈন্য। "গজ" রঘু ৪৪০, অশ্ব" ৬২, ৭১। স"।—কামন্দক। মু ৫.১০। ১৯ (দর্শনে) ব্যাপ্য, লিঙ্গ ধূমাদি (ত্রিকাণ্ডশেষ)। "মু ৫.১০। ভা.চ ৩২৫। ২০ সাধনবিষয়ী-ভূত নিত্যসম্বন্ধ জ্ঞান। "সা.দ ১০.৬৩। ২১ ধন। ২২ মৈত্র। ২৩ উধঃ, গোস্তন। ২৪ সিদ্ধৌষধি। ২৫ ইন্দ্রিয়। ২৬ ওষধি, বকাল। ২৭ সাহায্য। ২৮ প্রমাণ। "যাজ্ঞ ২.৭। মনু ৮.৫৬, কুল্লুক। ২৯ যষ্টি-প্রভৃতি নিগ্রহোপায়। ৩০ যুদ্ধ। ৩১ (ব্যাকরণে) বিকরণ, শপ্-প্রভৃতি। "পা ৮৪৩০, বার্ত্তিক ১। ৩২ মেঢ্র। "সা.দ ৭১২। ৩৩ জব (শ.ক)। ৩৪ মোহন। (শ.ক)। ৩৫ নিত্যানিত্যবস্তুবিবেক, ঐহিক পার-লৌকিক ফলভোগে বিরাগ, শমদমাদি গুণষট্ক ও মোক্ষেচ্ছা—এই চতুর্বিধ আত্মতত্ত্বজ্ঞানের উপায়। "বেদান্তসার। ৩৬ (ব্যাকরণে) করণকারক। 'যত্তত্ত ক্রিয়ানিষ্পত্তিকারণং বিবক্ষিতং তদেব সাধনং ভবতি।—মুগ্ধবোধ ২৮৮, দুর্গাদাস। ৩৭ [+অন-ক] কারক, কর্ত্তা (doer —ত.বা)। ৩৮ উৎপাদক। "ত্রিসাধনা শক্তিরিবার্থসঞ্চয়ম্ রঘু ৩.১৩। [*ক্রিয়া (স্ত্রী)—১ সমাপিকা ক্রিয়া। ২ কারকান্বিত ক্রিয়া। *ক্ষম (বিণ)—প্রমাণসমর্থ। *নির্দ্দেশ (পুং)—প্রমাণ প্রদর্শন। *পত্র (স্ত্রী)—প্রমাণপত্র, লেখ্য।]

সাধনা স্ত্রী [√সাধি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ নিষ্পাদনা, বিবর্ত্তনা। ২ উপাসনা, আরাধনা। ৩ (বাঙ্‌লায়) উপাসনার বিষয়। "(তুমি) আমার সাধের সাধনা।—গান ১১৬। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ নিষ্পাদনীয়, সাধ্য, করণীয়। "সাধনীয়ের্ বস্তুনু রঘু ১৭৬৭। ২ উপাস্য। "সাধনীয়া মে বিদ্যা কাচিৎ ক.সা ৩৮.৫৪। —ধয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] সর্ব 'সাধনীয় (১)।

সাধনীয়, সাধয়িতব্য দ্র 'সাধনা'।

সাধব বিং [সং 'সাধবঃ' (সাধু+প্রথমা-বহুব) মূল; অপ্র] ধার্ম্মিক। "সাধব (ভকত)।—গ ২৮। গামে মাধব, পুরিল সাধব, সোহি জীবন বড়ুরার শ্রী.ম ১৩৭। সাধব জনের মর্ম্ম, বন্দনা করিয়া ধর্ম্ম, লেখে মুর

অধমের দলে ক চ ১৮১। —ব বি ১ ধার্ম্মিক জন। "দ্বিজ মাধব, ওইসে সাধব,-অম্বয়স-অভিলাস।—প ৩৬, শুনই সাধব ১৯৯। সাধবের কন্যা শ্রী মা ২৯। ২ উত্তমর্ণ, মহাজন। "শোধন করিয়া সর্ব্ব সাধবের ঋণ। কায়ক্লেশ করিয়া কুলায় কত দিন॥—শি ৬৮।

সাধভক্ষণ বি গর্ভিণীর দোহদভক্ষণ-সংস্কারবিশেষ।

সাধর্ম্ম্য ক্লী [সধর্ম্মন্+য (ষ্যঞ্)] ১ সধর্ম্মভাব, সমানধর্ম্মত্ব, তুল্য-বৃত্তিতা। "°যোগ বযু ১৭৭৮। ২ সমগুণবত্তা। "বিবেচকত্বাদি° সা দ ২৫। ৩ স্বরূপতা, সর্ব্বাত্মত্ব। '(মুনয়ঃ) মম সাধর্ম্ম্যমাগতাঃ গী ১৪ ২। ৪ পৃথিব্যাদির বিশেষগুণবত্ত্ব। "ভাষাপরিচ্ছেদ ২৯। ৫ সমানধর্ম্মতা, সামান্য। যেমন, পুরুষ ব্যাঘ্রতুল্য, এখানে 'পুরুষ' ও 'ব্যাঘ্র' উভয়ের শূরত্ব সাধর্ম্ম্য।

সাধস বি [সং সাধ্বস > প্রা সদ্ধস > বা সাধস] ভয়। "সাধস নাহি কর, চল পিয পাশ বি প ৮১। সাধসে ধববি ডলটি মোহে কাঁপি বি সা ৮৪। যাঁহা ধনী ধাধসে ভাঙ ধুনান। সাধসে ধাওয়ে কতহুঁ পাঁচবাণ॥ —গো ১৪৪।

সাধা[১] বি [সাধ[৩]+আ[১২]] ১ পদ্দার সুরের সহিত সঙ্গত বা মিলিত। "সাধা গলা। ২ স্বরবিশেষে অভ্যস্ত। কুহুরবে সাধা গলায় কোকিল একবার ডাক দেখি রে।—ব প্র ৬০৬। ৩ বাদ্যযন্ত্রে অভ্যস্ত। 'সাধা হাত। ৪ বাদনে অভ্যস্ত। 'রাধানামে সাধা বাঁশী (গান)। —ধা[২] বি [+আ[৬]] সর্থ 'সাধ[৩]।

সাধা[২]; **সাধা**[৩] দ্র সাধা[১] সাধা[৩]।

সাধারণ বিণ [স+আধারণ, বহুব্রী (অ টী), সমান ধারণ যাহার (বহুব্রী)—সধারণ > °ণ (সমান > স বৃদ্ধি), স্ত্রী -ণা, সাধারণ+অ (অঞ্) স্বার্থে > সাধারণ, স্ত্রী -ণী (দ্র পা ৫ ৪ ২৫, বার্ত্তিক, তত্ত্ব-বোধিনী)] ১ 'আধারণসহিত' (অ টী), 'সমানধারণবিশিষ্ট', অনেক-সম্বন্ধী. অনেকের প্রতি অবশিষ্টসম্বন্ধ (ভূমাদি), সামান্য (সায়ণ), সমান (অ কো)। বিপ 'বিশেষ। শশ্বতামসীন্দ্র সাধারণত্বম্।—ঋগ্বেদ ৪ ৩২ ১৩। অপ্রতিগ্রহণাদেবতা (অপ্সরসঃ) বৈ সাধারণাঃ স্মৃতাঃ রা ১ ৪৫ ৩৫। সাধারণী চ সর্ব্বেষাং পাণ্ডবানামনিন্দিতে মহা ২ ৬৮ ২৩। সাধারণা ভূমিঃ (তত্ত্ববোধিনী)। অনন্যসাধারণ রামবাহু সী ১৬। ২ উভয়সম্বন্ধী। 'মনু ৯ ৯৬। অন্যোঽন্যশোভাজননাদ্ বভূব সাধারণো ভূষণভূষ্যভাবঃ কু স ১ ৪২। ৩ উভয়ত্র সমান। ভদ্রে সাধারণোঽয়ং প্রণয়ঃ শ ৩ $\frac{২}{১}\frac{৪}{৫}$। ৪ সমান, তুল্য। 'মৃত্যুসাধারণে রণে।—হ ১০০ ৪৯। শ্বাসসাধারণানিলৈঃ (চামরৈঃ) কু স ২ ৪২। উৎকণ্ঠাসাধারণং পরিতোষ-মনুভবামি শ ৪$\frac{৪}{৫}$। °ণী কৃতিঃ সা দ ৩ ৯। ৫ জাতিগত, ব্যাপক। ৬ সামান্য (ordinary)। "সাধারণী ন খলু বাধা ভবত্য (A)। নাথ! রাম কি বস্তু সাধারণ।—দা ১৩১৯। —রণ পুং ১ (ন্যায়ে) পঞ্চবিধ হেত্বাভাসের একতম অনৈকান্তিকভেদ। 'ভাষাপরিচ্ছেদ ৭২। ২ মিশ্রচিহ্ন, অর্থাৎ জাঙ্গলানূপলক্ষণসম্পন্ন দেশ, জাঙ্গলজলপ্রায় দেশ-বিশেষ। —রণ ক্লী ১ অনেকের স্বত্ববিশিষ্ট দ্রব্য বা ধন। "সাধারণস্থা-পলাপী যাজ্ঞ ২ ২৩৯। ২ সাধারণদেশস্থ জল (ভাবপ্রকাশ)। ৩ জাতি-গত ধর্ম্ম। ৪ সামান্যবিধি। —রণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ)] ১ কুঞ্চিকা (শ ক)। ২ সাধারণ-স্ত্রী, বেশ্যা। 'ঋগ্বেদ ১ ১৬৭ ৪। ৩ মধুররতিভেদ, সামান্য-রতি। 'সাধারণী (কুব্জাদিষু)।—উজ্জ্বলনীলমণি। কুব্জার সামান্য রতি সাধারণী তেঁহো ভ গ্র ৪০০। [°দেশ (পুং)—সর্থ 'সাধারণ' পুং (২)। °ধন (ক্লী)—অনেকসম্বন্ধী ধন। °স্ত্রী (স্ত্রী)—সামান্যস্ত্রী, বেশ্যা (নায়িকাবিশেষ)। 'সা দ ৩ ৫৬।] [সাধারণতঃ—সাধারণভাবে, প্রায় (commonly)]।

সাধারণতন্ত্র বি সাধারণ অর্থাৎ প্রজাসমূহের প্রতিনিধিগণ কর্ত্তৃক পরি-চালিত রাজ্যশাসন (republicanism ; democracy)।

সাধারণধর্ম্ম পুং [কর্ম্মধা] ১ অহিংসাদি সর্ব্ববর্ণাশ্রমতুল্য ধর্ম্ম। 'অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়সংযমঃ। দমঃ ক্ষমার্জ্জবং দানং ধর্ম্মং সাধারণং বিদুঃ॥ ২ সংশয়হেতু সামান্যধর্ম্ম। যেমন, রৌপ্য-রঙ্গের শুভ্র-ত্বাদি। ৩ প্রজাসৃষ্টিরূপ জন্মমাত্রধর্ম্ম (ত বা)। ৪ পতিপত্নীর সমান অগ্ন্যাধানাদি ধর্ম্ম। 'মনু ৯ ৯৬।

সাধারণ্য ক্লী [°ণ+য (ষ্যঞ্)] ১ সাধারণভাব, সামান্য। "কীটানুবিদ্ধ-রত্নাদিসাধারণ্যেন কাব্যতা। দুষ্টেষ্বপি মতা যত্র রসাদ্যনুগমঃ স্ফুটঃ॥—সা দ ১$\frac{১}{৩}$, ৩ ১১, ১২। ২ সাধারণীকরণব্যাপার। "অভেদেন বিভাবাদি-সাধারণ্যাৎ প্রতীয়তে সা দ ৩ ২২১। ৩ [সাধারণী+য স্বার্থে] কুঞ্চিকা (অ চি)।

সাধি বি [সাঁধি > সাধি] ১ সন্ধি, মেলন। "কায়া রক্ষা করিবারে গোর্থে কৈল সাধি গো বি ১৬০। ২ অবকাশ, মধ্যবর্ত্তী ভাগ। "করযুগে ঝাপি, বয়ান ধনী লাজহিঁ, হেরত অঙ্গুরী সাধি ব প ১০৮৯।

সাধিক বিণ [বহুব্রী] অধিকসহিত, কিঞ্চিদধিক। "স্ব° স্বং কালং মনুর্ভুঙক্তে সাধিকাং হ্যেকসপ্ততিম্ ভ ৩ ১১ ২৪, ৫ ২১ ১০।

সাধিত বিণ [√সাধ্, √সাধি+ত (ক্ত)-র্ম] ১ সম্পাদিত, নিষ্পাদিত। ২ দাপিত, দণ্ডিত (ধনাদি—অ টী)। ৩ শোধিত (দ্রব্য, ঋণ—অ.টী)। ৪ বশীকৃত, নিগৃহীত। (তথৈব যোগী) প্রাণং নয়তি সাধিতম্। —মার্কণ্ডেয়পুরাণ ৩৯ ১৮। যথা হি সাধিতঃ সিংহো মৃগান্ হন্তি ন মানবান (S W)।

সাধিদৈব বিণ [বহুব্রী] অধিদৈবসহিত হিরণ্যগর্ভসহিত। "সাধিভূতাধি-দৈবং মাম্ যে বিদুঃ গী ৭ ৩০।

সাধিবাস বিণ [বহুব্রী] অধিবাসসহিত, গন্ধদ্রব্যযুক্ত। "আপ্লুতঃ সাধি-বাসেন জলেন মহা ৭ ৮০ ১০।

সাধিভূত বিণ [বহুব্রী] অধিভূতসহিত, নশ্বরভাবসহিত। দ্র 'সাধিদৈব'।

সাধিযজ্ঞ বিণ [বহুব্রী] অধিযজ্ঞসহিত, যজ্ঞাধিষ্ঠাতৃদেবসহিত। "মাং সাধিযজ্ঞং চ যে বিদুঃ গী ৭ ৩০।

সাধিলেখ্য ক্লী [কর্ম্মধা] অধিসহিত লেখ্য, স্বর্ণরজতাদি ও গৃহভূম্যাদি বন্ধক রাখিয়া কৃত গোপ্যভোগ্যক্রিয়াযুত লেখ্য। শু ২ ৩০৮।

সাধিষ্ঠ বিণ [সাধ+ইষ্ঠ (ইষ্ঠন্) স্ত্রী -ষ্ঠা] ১ সাধুতম, অতিসাধু, অত্যুৎকৃষ্ট। ২ অত্যার্য্য, সত্তম। ৩ ন্যায্য (অ চি)। ৪ শ্লাঘ্য। ৫ [বাঢ়+ইষ্ঠ, পা ৫ ৩ ৬৩] ভৃশতম, অতিশয়।

সাধীয়ান্ (-য়স্) বিণ [সাধু+ঈয়স্ (ঈয়সুন)-১ব স্ত্রী -য়সী] ১ সাধুতর, অতিসাধু (মেদিনী)। 'সা দ ১$\frac{২}{৩}$। ২ ন্যায্যতর। "মনু ৫ ৬৬, কুল্লুক। ৩ [বাঢ+ঈয়স্-১ব] দৃঢ়তর, অতিদৃঢ়। —য়স্ ক্রি বিণ বাঢ়তর, ভৃশতর। মাঘ ৮ ৪৪।

সাধু[১] বিণ [> সাধ্+উ (উণ্)-ক, উ ১ ১ স্ত্রী -ধু, -ধ্বী] ১ শোভন (সায়ণ)। পন্থাঃ...সাধুঃ ঋগ্বেদ ২ ২৭ ৬। সাধ্বী মাধ্বিক। চিন্তা ন ভবতি গী গো ১২ ২৯। ২ সুন্দর, চারু, মনোহর। ৩ প্রিয়, প্রীতিকর। (সং) ন কিঞ্চিদ্ বচনং রাজন্নব্রবীৎ সাধ্বসাধু বা মহা ১ ১০৭ ৯। অর্হসি ক্ষন্তুমসাধু সাধু বা (মদুক্তম্) কি ১৪। ৪ সম্যক, নির্দ্দোষ। 'আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্ শ ১ ২। ৫ সম্যক, অব্যর্থ। "তৎ সাধুকৃতসন্ধানং প্রতিসংহর সায়কম্ শ ১ ১১। ৬ সম্যগ্-বিন্যস্ত। 'যদ্ যৎ সাধু ন চিত্রে স্যাৎ ক্রিয়তে তৎতদন্যথা শ ৬ ১৪। ৭ শিক্ষিত, বিনীত। 'হয়ঃ সাধুং গো রা ২ ১৬ ২২। ৮ প্রশংসনীয়, প্রশস্ত। "সাধ্বী যজ্ঞসমৃদ্ধির্হি জনকস্য রা ১ ৫০ ২। ৯ পুণ্যশীল। "সাধু শুদ্ধং চরিত্রম্ উ চ ১ ৪৩। ১০ প্রবীণ, যোগ্য। "সামসু সাধুঃ পা ৪ ৪ ৯৮, সি। ১১ অর্চয়িতা, ভক্তিমান্। "মাতরি সাধুঃ পা ২ ৩ ৪৩, সি। ১২ উপকারক, হিতকারী। "আর্ত্ত" রঘু ২ ২৮। উপকারিষু যঃ সাধুঃ সাধুত্বে তস্য কো গুণঃ। অপকারিষু যঃ সাধুঃ স সাধুঃ সদ্ভিরুচ্যতে॥

—পক ৪.৬৮। **১৩** সমর্থ। "উ.মে ১৯, মল্লিনাথ। **১৪** চারিত্রবান্। "সাধ্বীনাম্ (স্ত্রীণাম্) রা ২.৩৯ ২৪। সাধ্বীসতীপ্রমীলা।—মে ৩১৫। যেমন রূপসী তেমনি সাধ্বী।—কা ৯৩। **১৫** বিশুদ্ধ, ভ্রমরহিত, সংস্কৃত (ভাষা)। **১৬** সৎকুলজাত, কুলীন। **১৭** উচিত, যুক্ত, হিত। "স্বয়ংবরং সাধুমমংস্ত ভোজ্যা রঘু ৭.১৩। নেখরে পরুষতা সখি সাধ্বী।—কি ৯. ৩৯। —ধু পুং **১** সৎ, ধার্ম্মিক। "মনু ২.৬। **২** শিষ্ট। "মনু ২.১১। **৩** অদ্রোহী। "মনু ২.১০৯। **৪** ন্যায়বিৎ। "বচনং সাধুসম্মতম্ রা ২. ১০.২৪। **৫** সজ্জন। "মনু ২.৮০। রঘু ২ ৬২, ১৬.৫। তা (দেবতাঃ) অপ্যায়য়েয়েকতরং চৌরং বা সাধুং বা করিষ্যন্তি।—পক ১৪৩৬। **৬** সদাশয়, মহাত্মা। "সাধোঃ প্রকোপিতস্যাপি মনো নাযাতি বিক্রিয়াম্। —হি ১.৮৭। **৭** নিপুণ। "উ মে ১৯। **৮** মুনি। **৯** জিন। **১০** বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, উত্তমর্ণ। "পরিজন পোষে চাষী শুধে সাধু রাজা।—শি ৬৮, ৭২। **১১** বণিক্, সদাগর। "ন হি দোষো মণেরস্তি কিন্তু সাধোরবিজ্ঞতা।—হি ২.৭২। সাধুর ধন শ্রী কী ১৯৮। সাধু ধনপতি দত্ত ক চ ১৮১। —ধু ক্লী **১** সৎকার, সম্মাননা, পূজা। "প্রদক্ষিণক্রিয়ার্হাং তস্যাং ত্বং সাধু নাচরঃ রঘু ১.৭৬। **২** হিত। "যৎ কৃত্বা সাধু মে ভূয়াৎ ভ ৯ ৪.৩৯। **৩** পুণ্য। বিপ 'বৃজিন'। "ঋগ্বেদ ২.২৭ ৩। **৪** কর্ত্তব্য। "রা ২.৬৭.৩৬।—ধু ক্রি.বিণ **১** সম্যক্, সমুচিত। "'সংস্কৃত।—শতপথব্রাহ্মণ ১.১ ৪ ১০। নেতা চেৎ সাধু পশ্যতি মনু ৭ ২৫। **২** সুখ, সুখে। "সাধু তাবচ্চরাম্যহম্ রা ২ ৩৪ ৩৩। (কচ্চিৎ) আস্তে…সাধু সাম্বঃ ভ ৩.১.৩০, কৌশাম্ব্যাং সাধু বৎস্যতি ৯.২৩ ৪০। **৩** সবিস্তর। "ভগবান্…সাধু পরিতুষ্ট উবাচ যোগম্ ভ ২ ৭ ১৯। **৪** আত্যন্তিক। "ভক্তিযোগেন নিমগ্নঃ সাধু নির্বৃতঃ ভ ৩ ২ ৪। **৫** শুদ্ধ, উজ্জ্বল, টকটকে, ধবধবে। "সাধু রক্তে (পাঠান্তর—'শুক্রে') চ বাসসী মহা ৪.৩৮ ৩১। **৬** শীঘ্র, অচির। "যথা কালাত্যয়ো ন স্যাৎ তথা সাধু বিধীয়তাম্ রা (S.W.)। [°কারী (-রিন্) বিণ—**১** নিপুণ, কুশল। **২** (ব্যাকরণে) সম্যগ্‌ধাত্বর্থকারক। "পা ৩ ২.১৩৪। °জ (বিণ)—সৎকুলজাত, কুলীন। °জাত (বিণ)—**১** সুজাত, সুন্দর। "লতাম্…°জাতাম্ গো.রা ৫.১১.২১। **২** সুবৃত্ত। "বাহুভ্যাং সাধুজাতাভ্যাম্ মহা ৩.২৫০.১১। °দর্শন (বিণ)—**১** সুদর্শন, সৌম্যমূর্ত্তি। **২** বিমৃশ্যকারী। °দর্শী (-র্শিন্) বিণ—বিমৃশ্যকারী। "অ° শ ১২৩ । °দেবী (-বিন্) বিণ—সুদক্ষদ্যূতকার, পাশাখেলোয়ার। °ধী (বিণ)—সুবুদ্ধি, সুধী, প্রাজ্ঞ। °ধী (স্ত্রী)—সুমতি, তীক্ষ্ণবুদ্ধি। °নিগ্রহ (বিণ)—যে পাত্রের গ্রহণদণ্ড (হাতোল) সুখগ্রাহ্য (সুভ্রুত)। °বাহ (পুং)—**১** বিনীতাশ্ব। **২** উত্তমবাহন। °বাহী (-হিন্) বিণ—সাধুবাহযুক্ত (মহারথ)। "মহা ৭ ১৭১.১২। °ভাব (পুং)—সাধুতা, সচ্চরিত্রতা। "মহা ১.১৫৭.১০। °শীল (বিণ)—সচ্চরিত্র, সুশীল। °সংসর্গ (পুং)—সৎসঙ্গ, সজ্জনসঙ্গতি। °সম্মত (বিণ)—শিষ্টাভীষ্ট, সজ্জনানুমত।]

সাধু[২] ব্য **১** সম্যক্, ধর্ম্ম্য, ন্যায্য। "শরণৈষিপরিত্যাগং কথং সাধ্বিতি মন্যসে মহা ৩ ১৩১ ১৬। **২** সুমধুর। "আর্য্যে সাধু গীতম্ শ ১৫। **৩** ধন্য! বেশ ' উত্তম ! (bravo !)। "সাধু তাবদ্ভপারম্ মহা ১.১৫৪.২৯। সাধু বানর।—পক ৫.৮১। সাধু মিত্র সাধু।—হি ১৪৫। সাধুসাধ্বিতিবাদিনৌ (গায়কৌ বাদকৌ) ভ ১০.১৮.১৩। সাধু অঙ্গরাজ সাধু, নিপুণমভিহিতম্।—বে ৩২৬। সাধু সাধু ধ্বনি।—ম ৪৬৭। ভীষ্মে তাক প্রশংসিল সাধু সাধু করি ব প ৬১৮। শ্রী ১৪৫। ভূপালবৃন্দে, সাধু সাধু সাধু বলে রে।—হেম ৩৯। 'সাধু সাধু' রব উঠে নভোময় স্ব.প্র ১৮৩। **৪** অলম্। যথেষ্ট! প্রচুর। (enough!)। [°কার, °ধ্বনি, °বাদ, °শব্দ (পুং) সাধু সাধু ইতি বাক্য, ধন্যবাদ। "°দ মহা ১০.৩.৫; মাঘ ১৮.৫৫।]

সাধু-খাঁ বি তৈলিকের উপাধিবিশেষ; সাধ-খাঁ।

সাধুতা স্ত্রী, **-ত্ব** ক্লী [সাধু+তা (তল্), +ত্ব] সাধুভাব, সচ্চরিত্রতা; বাক্‌প্রবন্ধের পদপদার্থরসাদিদোষরাহিত্য। "যথা স্ত্রীণাং তথা বাচাং সাধুত্বে দুর্জনো জনঃ উ.চ ১.৫।

সাধুত্ব দ্র 'সাধুতা'।

সাধুবৃত্ত বিণ [বহুব্রী] **১** সচ্চরিত, সৎকর্ম্মা, সাধু। "ভিক্ষিণ্যাঃ সাধুবৃত্তায়াঃ (পাঠান্তর) রা ২.২৯ ১৩। **২** [সুপ্‌সুপা] সম্যক্ বৃত্ত; ছুগোল; নিগুল। —বৃত্ত ক্লী [কর্ম্মধা] সৎকার্য্য, সুকৃত, পুণ্যকর্ম্ম। "ন বানরাঃ স্বাস্যন্তি 'স্তে গো রা ৪.৩১.২। —বৃত্তি বিণ [বহুব্রী] সর্থ 'সাধুবৃত্ত'। —বৃত্তি স্ত্রী [কর্ম্মধা] **১** প্রশস্ত জীবিকা, নির্দ্দোষ বৃত্তি। **২** সদাচরণ। **৩** বিশদব্যাখ্যা।

সাধুভাষা বি **১** বিশুদ্ধ বা ভ্রমশূন্য ভাষা। **২** সংস্কৃতভাষা।

সাধুয়ানী বি [সাধু[২]+আনী] সাধুর স্ত্রী। "হোথা ঘরে ঝুরে সাধুয়ানী, যুবতী ঝুরে ঝি রা স ২৯।

সাধুয়াল বি [সাধু[২]+আল[৮]] সাধুর কর্ম্ম, বাণিজ্য, সদাগরী। "ধিক্ 'ল, দুঃখে গেল কাল, বেরুণীয়া জীয়ে ভাল (ক.চ)।

সাধুক্ত বিণ [তৃ ত] সাধুকথিত, সজ্জনভাষিত।

সাধে দ্র 'সাধ[১]'।

সাধ্য বিণ [√সাধ্, √সাধি+য (ণ্যৎ, যৎ)-র্ম্ম] **১** সম্পাদনীয়, সাধনীয়। "সুখ°, সু°, অযত্ন° (S W.)। **২** সাধনশক্য, শক্য। "সর্ব্বং তু তপসা সাধ্যম্ মনু ১১ ২৩৯। যাজ্ঞ ২.১৯৯। **৩** প্রত্যাখ্যেয়, চিকিৎস্য। 'অসাধ্যোঽপ্রত্যাখ্যেয়ো ব্যাধিকচাতে পা ৫ ২.৯২, কাশিকা। "অসাধ্য ব্যাধি।—দা ৭। **৪** গম্য, বোধ্য। "আপ্তবাগনুমানাভ্যাং সাধ্যং ত্বাং প্রতি কা কথা রঘু ১০.২৮। **৫** গম্য, প্রাপ্য। "সাধ্য বস্তু সাধন বিনু কেহ নাহি পায় চৈ.চ ১১৮। **৬** বশীকরণীয়। "(তে) নোপায়সাধ্যাঃ কৌন্তেয়াঃ মহা ১.২০২ ৪, ন হি মার্দ্দবসাধ্যোঽসৌ ৫.৪.৪। ক.সা ১০৭. ৭৯। মু ৫.১০। **৭** জেয়, অভিভবনীয়। "স চ ত্বদেকেষুনিপাতসাধ্যঃ কু.স ৩.১৫। চতুর্থোপায়সাধ্যে তু রিপৌ মাঘ ২.৫৪; ৫.৪৯। **৮** অনুমিতিসাধনীয় (বহ্ন্যাদি)। **৯** উপপাদ্য, প্রমেয়। "কৃষ্ণের স্বরূপ ভগবত্ত্ব—ইহা হৈল সাধ্য চৈ.চ ৭। **১০** বধ্য, হননীয়। **১১** শোধনীয় (ঋণ)। **১২** অভিচার দ্বারা আবিষ্করণীয় (বেতালাদি)। **১৩** (বাঙ্গলায়) মৌলিক (?)। "(কায়স্থ) কোন জন সিদ্ধকুল, সাধ্য কেহ ধর্ম্মমূল ক.চ ৮৮।—ধ্য পুং **১** সাধ্যবান্ পক্ষ। দ্র 'সাধ্য (৮)'। "সাধ্যনির্দ্দেশঃ প্রতিজ্ঞা।—ন্যায়দর্শন। **২** [√সাধি+য (যৎ)-র্ম্ম, ভাবে ঘ্যণ,—সাধ্য (সিদ্ধি)+অ (অচ্) অস্ত্যর্থে (অ.টী)] 'সাধনীয়, সিদ্ধিমান্', গণদেবতাবিশেষ। "মনু ১.২২। ভ ২.৩.৪। ভা.চ ১৩২। [ঋগ্বেদে প্রথমমণ্ডলে ১৬৪তম সূক্তের পঞ্চাশত্তম ঋকে সাধ্যদেবগণ ছন্দোঽভিমানী। আদিত্যগণ ও অঙ্গিরোগণ সাধ্য দেবগণ (দ্র ঐতরেয়ব্রাহ্মণ ১.১৬)। দশম মণ্ডলে নবতিতম সূক্তের সপ্তম ঋকে সাধ্যদেবগণ সৃষ্টিসাধনযোগ্য প্রজাপতিপ্রভৃতি এবং ষোড়শ ঋকে সাধ্যগণ বিরাড়ুপাস্তিসাধক দেবগণ। তদুপাসকগণ বিরাট্‌প্রাপ্তিরূপ স্বর্গ প্রাপ্ত হন। শতপথব্রাহ্মণের মতে ইঁহাদের বাসস্থান দেবলোকের উপরিভাগ। যাস্কমতে ইঁহারা ভুবর্লোকবাসী (M.W.)। মনুসংহিতার বর্ণনায়, ইঁহারা হিরণ্যগর্ভ ব্রহ্মার সৃষ্ট সাধ্যনামক সূক্ষ্ম দেবগণ (১.২২)। বিরাট্‌পুত্র সোমসদ্‌গণ ইঁহাদের পিতৃগণ (৩.১৯৫)। হরিবংশের মতে, দক্ষকন্যা ধর্ম্মপত্নী সাধ্যার গর্ভে ইঁহাদের জন্ম (হ ৩.৩১)। ইঁহাদের সংখ্যা দ্বাদশ। সাধ্যগণ—মনঃ মন্তা প্রাণ নর অপান বীর্য্যবান্ বিনির্ভয় নয় দংশ নারায়ণ বৃষ প্রভু (বহ্নিপুরাণ—শ.ক)।] **৩** দেবতা। **৪** মন্ত্রবিশেষ। 'সাধ্যস্ত জপহোমতঃ সিধ্যতি (তন্ত্রসার)। **৫** কামদেব। **৬** (জ্যোতিষে) যোগবিশেষ। **৭** (ব্যবহারে) সাধনার্হ প্রতিজ্ঞের পক্ষ (ত.বা)। **৮** (ব্যাকরণে) লিঙ্গসংখ্যারহিতক্রিয়াভেদ (ত.বা)। "সাধ্যস্ত সাধনাকাঙ্ক্ষা (হরিঃ)। —ধ্যা স্ত্রী

১ সাধনীয় বস্তু, শুভকর্ম। "সিদ্ধিঃ সাধ্যে সতামস্তু প্রসাদাৎ তস্য ধূর্জ্জটেঃ।—হি ১ (মঙ্গলাচরণ)। ২ উপপাদ্য বিষয়, তর্কবস্তু। ৩ (ন্যায়ে) প্রতিজ্ঞায় প্রতিপাদ্য বস্তু, ব্যাপক (major term)। যেমন, 'পর্ব্বতো বহ্নিমান্' এই প্রতিজ্ঞায় 'বহ্নি' সাধ্য। "মু ৫.১০। জ্ঞানং সাধ্যস্য সাধনাৎ সা দ ১০ ৬৩। ভা চ ৩২৫। ৪ [+য-ভা] সিদ্ধি। দ্র 'সাধ্য পুং (২)। ৫ [+য-ণ] রৌপ্য। ৬ (বাঙলায়) কোন বিষয়ের সাধনের শক্তি, ক্ষমতা। "হেন সাধ্য কাপে কে, তোমারে লঙ্ঘিবে যে ম.ম ৪৩। দেখিয়া প্রভুর শোভা নারদ গোসাঞি। হইলেন জৈছে তাহা কহিতে সাধ্য নাই।—ন প ৬৪। বিধাতার লিখন কাহার সাধ্য খণ্ডি ভা চ ৯৯। (ধার) শোধ দিতে পারি, এমত সাধ্য নাই ব প্র ৬৩৭।

সাধ্যতা স্ত্রী, **-ত্ব** ক্লী [সাধ্য+তা (তল্), +ত্ব] সাধ্যভাব, সাধনীয়তা, সম্পাদ্যত্ব। "বানরসাধ্যত্বম্...কার্য্যম্ গো রা ৪ ২০ ১১। কৃতিসাধ্যত্ব।—ভাষাপরিচ্ছেদ ১৪৭। অসাধ্যতা (সুশ্রুত)।

সাধ্যত্ব দ্র 'সাধ্যতা'।

সাধ্যতাবচ্ছেদক ক্লী [ষ ত] সাধ্যতার ব্যাবর্ত্তক ধর্ম্ম, অনুমিতি-বিধেয়াংশে ভাসমান ধর্ম্ম। যেমন, বহ্নিমত্তার অনুমানপক্ষে পরিদৃশ্যমান ধর্ম্ম ধূমবত্তা।

সাধ্যনির্দ্দেশ পুং [ষ ত] যাহা সিদ্ধ করিতে হইবে, তাহার উল্লেখ, অর্থাৎ তদ্বোধক শব্দসমূহের প্রয়োগ, প্রতিজ্ঞা। যেমন, পর্ব্বতো বহ্নিমান্ (পর্ব্বতে বহ্নি আছে)—ইহা প্রতিজ্ঞা (premiss)।

সাধ্যপক্ষ পুং [ষ ত] ১ (ব্যবহারে) যাহা সপ্রমাণ করিতে হইবে, তাহার পক্ষ, বিচার্য্যবিষয়ে প্রমাণের অনুকূলপক্ষ। ২ (বাঙলায়) সম্পাদনে ক্ষমতার বিষয়। [সাধ্যপক্ষে ত্রুটি না করা—যথাশক্তি সাধনের চেষ্টা করা।]

সাধ্যবসানা, -নিকা স্ত্রী [স+অধ্যবসান, বহুব্রী, স্ত্রী -আ (টাপ্), °না+ক (কপ্)+স্ত্রী আ] লক্ষণাবিশেষ। [অধ্যবসান, অর্থাৎ শব্দ-প্রয়োগ বিনা আক্ষেপ দ্বারা বিষয়ের সহিত বিষয়ীর অভেদপ্রতীতি হইলে, 'সাধ্যবসানা' লক্ষণা হয়। যেমন, শ্বেতো ধাবতি'—এস্থলে অন্য শব্দ বিনা প্রযুক্ত 'শ্বেত' শব্দ দ্বারা অভেদপ্রতীতিভাবে বিষয়ী 'অশ্বে'র প্রতীতি হইতেছে (সা দ ২ ৮, ৯)।]

সাধ্যবান্ (-বৎ) বিণ [সাধ্য+বৎ (বতুপ্) -১ব, স্ত্রী -বতী] ১ সাধ্য-যুক্ত, ব্যাপকবিশিষ্ট। যেমন, 'পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ'—ইহাতে সাধ্য বা ব্যাপক বহ্নি, তদ্বান্ (পর্ব্বত)। "ভাষাপরিচ্ছেদ ৬৮। ২ প্রমেয়বিষয়-বান্ (পক্ষ)।

সাধ্যমত বিং ক্ষমতানুযায়ী। "°ত চেষ্টা। —মত ক্রি বিং ক্ষমতানুসারে। "(জিনিষ) সাধ্যমত এনেছেন কিনে।—শিশু ১১৭।

সাধ্যসাধন ক্লী [ষ ত] ১ সাধনীয় বিষয়ের প্রমাণের উপায়, হেতু, লিঙ্গ। [ইহা ন্যায়ে দ্বিতীয় অবয়ব।] ২ [দ্বন্দ্ব] সাধ্য ও সাধন, ব্যাপক ও ব্যাপ্য। "চৈ চ ৫৭।

সাধ্যসাধনা বি কার্য্যসিদ্ধ্যর্থ প্রসাদন, অনুনয়-বিনয়। "কেন তবে এতেক সাধ্যসাধনা শৈশব-অবধি?—স্ব প ৬। অনেক সাধ্যসাধনার পর ভূত মহোদয়...জলযোগ কত্তে সম্মত হলেন।—হু ১২৮।

সাধ্যসিদ্ধি স্ত্রী [ষ ত] ১ সাধ্যবিষয়ের নিষ্পত্তি। ২ সাধ্য বহ্ন্যাদির হেতু প্রভৃতি দ্বারা নির্ণয়। ৩ [বহুব্রী] প্রতিজ্ঞেয় বিষয়ের প্রাড়বিবাকাদি কর্ত্তৃক বিনির্ণয়রূপ ব্যবহারপাদবিশেষ। [°পাদ (পুং)—ব্যবহারে চতুর্থ-পাদ। দ্র 'উত্তরপাদ'।]

সাধ্যাভাব পুং [ষ ত] ব্যাপকভাব, ব্যাপকের অসত্তা।

সাধ্যি বি [সাধ্য > সাধ্যি, কথ্য] ক্ষমতা। "কা ৯৩।

সাধ্বস ক্লী [সাধু+অস (ক্ষেপক), ষ.ত, সাধুনস্যতীতি রায়ঃ (অ টী)] ১ ভয়, ভীতি। "বিগত° রা ১ ৬৭.২০। কুসুমস্তেয়° কু স ২৩৫, °সন্নদ্ধ ৩ ৫১। সাধ্বসাদবচনা শ ১২২। অতি° হি ৩.১২৮। চৈ.ভা ৮০। নিঃসাধ্বসে চৈ ১১৮। শ্রী ম ৬০। ২ ভাণিকা উপরূপকের সপ্তাঙ্গের একতম—মিথ্যাখ্যান। 'মিথ্যাখ্যানং তু সাধ্বসম্ সা দ ৬ ৩১২।

সাধ্বাচার বিণ [বহুব্রী] শোভনাচার, সদাচারসম্পন্ন। "(শিষ্যঃ) স্যাৎ সাধ্বাচারঃ সুসংযতঃ মনু ২ ১৯৩।

সাধ্বী স্ত্রী [সাধু+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সচ্চরিত্রা নারী, সুশীলা। ২ সতী, পতিব্রতা। ৩ মেদা, মূলবিশেষ। ৪ (বাঙলায়) হিতকারিণী। "যত সাধ মনে, পূরাও সে সবে সাধ্বি।—মে ১৫৯। ৫ (অসাধু) সাধুর স্ত্রী, বণিক্‌পত্নী। "শুভ সমাচারে সাধ্বী দূতে দিল ঘোড়া রা স ৩৫।

সান[1]; সান[2] দ্র 'শান[3], শান[4]।

সান[3] বি [সং স্বান > প্রা *সাণ] শব্দ, ধ্বনি, বাদ্যরব। "গোক্ষে, সিঙ্গাতে দিল সান।—মী ১৫, যতিনাথে মাদল দিল সান ১৭, টিম টিম করিয়া দক্ষিণে দিল সান ১৮। রাজা নাগড়ায় দিল সান গো চ ৯২। গো বি ৮৭, ৯৮। (বাঁশীর) চাক সানে ব প ৭৮২। রাধা রাধা সানে বেণু বাহে রে।—শ্রী ম ৮২। শ্রীদাম সান দেও সিঙ্গায় প র ১৩। বাঁশীর সান রা প ১২। —নি বি [সান+ই[11]] শব্দ। "খুর-সানি শূ ৬৮।

সান[4] বি [সং স্নান, তু 'সিনান'] স্নান। 'শূ ৮১।

সান[5] সর্ম্ম [সং সম্‌-√ধা > √সন্ধা হি √সান, তু 'ছান[2]'] মিশ্রিত করা, মিশান। 'অর্দ্ধেক সানিল দধি চিনি কলা দিয়া: আর অর্দ্ধেক ঘনাবর্ত্ত দুগ্ধেত সানিল চৈ চ ২৯০ শৃঙ্গাররস ছানি, তাতে চন্দ্র জ্যোৎস্না সানি, জানি বিধি মিরমিল তায় ৩৪৯। [সানা—১ সর্থ 'সান[5]'। ২ চটকান। "বিচিযা-বাত্তকি দিবে পোড়া খাইতে সানা গো চ ৬৫, ৬৭।]

সান[6] অর্ম্ম [সং √শানি- √শানয়্ > প্রা √সাণ (সকর্ম্মক) > বা সান] উত্তেজক হওয়া সানান। অম্বুরি অথবা ভেলসায় সানে না—(মতি-লাল) কড়া তামাক খাইতে লাগিল আ হু ১৫। এ ব্রাণ্ডীতে আমাদের সানে না।—মা ৩৪৭। —না[5] সর্ম্ম [সান[6]+আ[8], হি √সান[4]] শাণে চড়ান, তীক্ষ্ণ করা, ধারাল করা। [সানান—তীক্ষ্ণীকরণ, তীক্ষ্ণীকৃত (অস্ত্র)। "সানান ক্ষুরের ধার দুবজন।—ব ১৪৫।]

সানক দ্র শানক'।

সানকি দ্র [সানক+ই[11] ঠ 'সানকী'—সানকসম্বন্ধী] সর্থ 'সানক'। "এ তো ভাল মিলন বটে, যেমন সানকি আর টাটে।—দা ৭২৫, থাল কি সানকিতে খাহ রে?—২০৭২।

সানন্দ বিণ [বহুব্রী] আনন্দযুক্ত, সহর্ষ। সৎপুত্র° ক সা ২২ ১৫৮। ম ১২৩০। শুনিয়া সানন্দ পঞ্চানন ভা চ ২০৮। —ন্দ ক্রি বিণ সহর্ষ, আনন্দে। রাজপুত্রৈঃ সানন্দমুক্তম্।—হি ১২২৬। —ন্দ পুং ১ ধ্রুবক-বিশেষ, ধুয়া-বিশেষ (সঙ্গীতদামোদর)। ২ গুচ্ছকরঞ্জ। [সানন্দে—সহর্ষে। "সানন্দে দেবী জাএন।—গ ১৭৩। সানন্দিল—সানন্দ বা হৃষ্ট হইল। 'ভীমের বচনে কৃষ্ণ বহু সানন্দিল অ প ১১।]

সানন্দিত বিং [সানন্দ—°ত, অসাধু সং সানন্দ] সহর্ষ, হৃষ্ট। "গ ৫৭। সানন্দিত মন ব প ৫৪১, বা ম ৭৪,৮৪, শ্রী ম ১৯৪।

সানসা '-ন্-' বিং [সান[1]+সা (সহ?), তু 'ফেন্‌সা'] সংজ্ঞাযুক্ত, সজ্ঞান, অর্থাৎ যে মাতাল হয় নি, প্রকৃতিস্থ। "দেখ,··কোন দিন মাতাল দেখেছিস? তুই যেমন ছটাকে, আমি দু সের খেয়ে সানসা আছি গি দ্বি ৮৪।

সানসি বি [√সানা[1] > সানসি] বর্ম্ম। "সানসি টোপরে, কাটি বাণ ধারে, জর্জ্জর করিল তনু।—দু ৮২।

সানা[1] বি [সং সন্নাহ] বর্ম্ম। "কুড়ুতার বদলে সানা ক চ ২৪৬।

সানা[২], **সানাকর**; **সানা**[৩], **সানাভাত**; **সানা**[৪]; **সানা**[৫]; **সানাই**, **সানাঞ্জি**, **সানাইদার**, **সানাইদারী** দ্র 'শানা[১]; শানা[২], সান[৫]; সান[৬]; শানাই'।

সানায়ী, সানি, সানী বি [দ্র 'শানাই'] বংশীবিশেষ। "সানি।—কৃ ৭৭, ম ৮২২, ১১২৩, শ্রী.ম ১৬৮। সানী ক.চ ১২৩, ১৭১, ২০৩। শ্রী.মা ৪৮, ব.প ১৫১৬। সানায়ী বা.ম ২৫৫।

সানাসানি বি [সান[১]-আ+সান[১]-ই] পরস্পর ইঙ্গিত বা ইশারা। "কানাকানি সানাসানি নাহি আব লাজ চৈ.ম ৬৭।

সানি, সানী দ্র 'সানায়ী'।

সানিকা, সানেয়িকা, সানেয়ী স্ত্রী [√সন্+অক (ণ্বুল্)-ক+স্ত্রী আ (টাপ্), বোধ হয়, 'স্বান' মূল, অর্ব্বাচীন সংস্কৃত] বংশী, সানাই (শব্দরত্নাবলী—শ ক)।

সানু পুং, ক্লী [√সন্+উ (ঞুণ্)-র্ম্ম, উ ১.৩, সাস্নু—উচ্ছ্রিতপর্ব্বত, সমুচ্ছ্রিত দেশ (ঋগ্বেদ ৬ ৩৯ ২, ৪৮ ৫)] ১ পর্ব্বতের সমভূমি (অ.টী), প্রস্থ। "গিরি° রা ২.৩১ ২৭। আশ্লিষ্ট° পূ মে ২। কু.স ১ ৯। শরণ করহ সানু ক চ ৯৫। রত্ন° শ্রী মা ১১। ২ অগ্র। ৩ বন। ৪ বাতসমূহ, বাত্যা। ৫ মার্গ। ৬ পণ্ডিত। ৭ অর্ক। ৮ পল্লব।

সানুক দ্র 'শানক'।

সানুকম্প বিণ [বহুব্রী] অনুকম্পাসহিত, সদয়। "সঃ···সানুকম্প ইবাবদৎ ক.সা ২৩ ৫। °ম্পা বলেন ভবানী ক.চ ১১৩।

সানুকূল বিং [অনুকূল—°ল: অসাধু, সং অনুকূল] অনুকূল, সপক্ষ, সহায়। "সানুকূলা হ'বে শৈলসুতা।—দু ১, শিবা °লা হব ৬, ৩৯। মাতা তুমি সানুকূলী ক.চ ১৪৮। চ.বি ১২৬।

সানুকূল্য বিণ [বহুব্রী] অনুকূলাচরণসহিত। "সা দ ৬.২০৮।

সানুক্রোশ বিণ [বহুব্রী] অনুক্রোশসহিত, সদয়। "রা ২.৪.২৬।

সানুগ বিণ [বহুব্রী] অনুগসহিত, সপুরুষ, সানুচর। "মনু ৩.৮৭।

সানুতর্ষ বিণ [বহুব্রী] অনুতর্ষসহিত, সতৃষ্ণ, সাভিলাষ। —র্তর্ষ ক্রি.বিণ সতৃষ্ণভাবে। "মাঘ ১০.২।

সানুনয় বিণ [বহুব্রী] অনুনয়সহিত, সবিনয়। "(দিতিঃ) সানুনয়াব্রবীৎ রা ১.৪৭ ১, সানুনয়ং বচঃ ৬০.২৪, ২.১০৯.৩৭।

সানুনাসিক বিণ [বহুব্রী] অনুনাসিকসহিত, অনুনাসিকস্বরযুক্ত, নাকী (বাক্য)। —ক্য ক্লী [°ক+য (ষ্যঞ্)] সানুনাসিকভাব।

সানুবন্ধ বিণ [বহুব্রী] ১ অনুবন্ধসহিত, অবিচ্ছিন্ন। "সানুবন্ধাঃ কথং ন স্যুঃ সম্পদো মে।—রঘু ১.৬৪। ২ পরিকরসহিত, সপরিজন, পুত্রাদিসহিত। "সানুবন্ধা হতা হ্যসি রা ২.৭.২৯।

সানুমতী দ্র 'সানুমান্'।

সানুমান্ (-মৎ) বিণ [সানু+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] সানুবিশিষ্ট, প্রস্থবান্। "সানুমন্তশ্চ পর্ব্বতাঃ বা ২ ৪৮ ১০। —মান্ পুং পর্ব্বত। "রঘু ২ ২৯, ক্রমসানুমতাং কিমন্তরম্ ৮.৯০। সানুমানাম্রকূটঃ পূ মে ১৭। —মতী স্ত্রী অপ্সরোবিশেষ। "শ ৬৪।

সানুর বি [সং সালুর] ভেক। "সর্পকোলে নিদ্রা যায় শয়ান সানুর শ্রী.মা ১৮৪।

সানুরাগ বিণ [বহুব্রী] সপ্রণয়। "সহবাস° ক.সা ১৬.১২৩।

সানুরুহ বিণ [স ত] সানুজাত, গিরিপ্রস্থোদ্ভূত। "অস্মিন্ সানুরুহে (রম্যেঽং কাননোত্তমে) গো রা ৩.৭৯.৪৪।

সানুশয় বিণ [বহুব্রী] অনুশয়সহিত, সানুতাপ।

সানুস্বার বিণ [বহুব্রী] অনুস্বারসহিত, অনুস্বারযুক্ত। "দীর্ঘং সানুস্বারম্ (অক্ষরম্)।—শ্রুতবোধ ২।

সানেয়িকা, সানেয়ী দ্র 'সানিকা'।

সান্ত বিং [স+অন্ত, বহুব্রী] অন্তসহিত, সসীম। বিপ 'অনন্ত'। "অনন্তকে ক্ষুদ্র হৃদয়পিঞ্জরে পুরিতে পারি না। সান্তকে পারি। তাই অনন্ত জগদীশ্বর, হিন্দুর হৃৎপিঞ্জরে সান্ত শ্রীকৃষ্ণ। স্বামী আরও পরিষ্কাররূপে সান্ত ব.প্র ৩৬৭।

সান্তপন ক্লী [সন্তপন+অ (অণ্) স্বার্থে] সান্তপনব্রত। দ্র 'মনু ১১.২১৩। যাজ্ঞ ৩.৩১৪। পরাশর ১০.২৯। [মহা° (ক্লী)—সান্তপন ব্রত হইতে কঠিনতর ব্রতবিশেষ। দ্র 'মনু ১১.২১৩, কুল্লুক।]

সান্তর বিণ [বহুব্রী] ১ অন্তরসহিত, সাবকাশ। "সান্তরাযুধিন্ মহা ৯.৯.৮। ২ বিরল। ৩ সভেদ, পৃথক্। ৪ স্বতন্ত্র। বিপ 'একরূপ'। "বৃহৎসংহিতা ২২.৩। ৫ সনিয়ম, সময়সহিত (conditional)। "(দ্রোণঃ) তং বরং সান্তরং তস্মৈ দদৌ মহা ৭.১১.১৯; ১২.১। [°প্লুত (ক্লী)—প্লবনান্তরিত গতি (নীলকণ্ঠ), লাফে লাফে যাওয়া। "মহা ৬.৭৬.৮; ৭.১১২.৫।]

সান্তরতা বি (পদার্থবিজ্ঞানে) সচ্ছিদ্রতা, সরন্ধ্রতা (porosity)।

সান্তরায় বিণ [বহুব্রী] অন্তরায়যুক্ত, প্রতিকূল। "°তা সা.দ ৩.১৮।

সান্তরাল বিণ [বহুব্রী] ১ অন্তরালসহিত, সাবকাশ। ২ সঙ্কীর্ণজাতিপর্য্যন্ত। "বর্ণানাং সান্তরালানাম্ মনু ২.১৮।

সান্তহাস বিণ [বহুব্রী] অন্তর্হাসসহিত, সমন্দহাস। —র্হাস ক্রি.বিণ সমন্দহাস্যে। "°সং কথিতম্ উ.মে ৫০।

সান্তানিক বিণ [সন্তান+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ সন্তানসম্বন্ধী, কল্পতরুসম্বন্ধী। ২ বিস্তারসম্বন্ধী, প্রসরণশীল (বৃক্ষাদি)। ৩ সন্তানার্থী। "মনু ১১.১। ভ ৯.১৪.৯। ৪ সন্তানার্হ, পুত্রোৎপাদনসমর্থ। "ভ ৬.১৪.১১। ৫ সন্তানপ্রয়োজনক, সন্তানসাধনক্রিয়াভেদ (ত.বা)।

সান্তিরি, সান্ত্রি, সান্ত্রী বি [E. sentry] প্রহরী, চৌকিদার। "সিপাই সান্ত্রি গো.চ ৩০৯। সান্ত্রীদল।—ন ৪৬৭।

সান্ত্ব সক [চু.প, অদন্ত চু.প (ক ক)—সান্ত্বয়তি, সেট্] সান্ত্বনা।

সান্ত্ব বিণ [√সান্ত্ব্+অ (অচ্)-ক, স্ত্রী -ন্ত্বা] ১ সান্ত্বনাপ্রদ, চিত্তপ্রসাদন। ("হনুমান্) সান্ত্বমুত্তরমব্রবীৎ রা ৫.৩৪ ১। ২ অত্যর্থমধুর, কর্ণচিত্তসুখকর (অ.টী)। "সান্ত্বং বচনমব্রবীৎ গো.রা ৬ ১১১.৩৯। (বৈদেহী) উবাচ বচনং সান্ত্বম্ বা ৫.৩৫ ১। —ন্ত্ব ক্লী [+অ-ভা] ১ সান্ত্বন, সমাশ্বাসন। ২ [+অ-ণ] 'সান্ত্বনসাধন', প্রীতিস্তুতিবচন (মেধাতিথি), প্রীতি (কুল্লুক)। "মনু ৮ ৩৯১। ৩ অতিমধুরবাক্য (অ.চি), সাম। "হন্তাদমিত্রং সান্ত্বেন মহা ১.১৪০.২৩, মহৎ সান্ত্বং প্রযুজ্য ৪.২১.৪৯; কানি সান্ত্বানি গোবিন্দঃ সূতপুত্রে প্রযুক্তবান্ ৫.১৪০.২; °পূর্ব্ব ৫.১৮৭.৯। চতুর্থোপায়সাধ্যে তু রিপৌ সান্ত্বমপক্রিয়া মাঘ ২.৫৪। কি ১.৩৭, মল্লিনাথ। ৪ দাক্ষিণ্য (মেদিনী)। —ন্ত্বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমাশ্বাসন। ২ কুপিতপ্রসাদন (নীলকণ্ঠ)। "নার্হসীতি সান্ত্বনম্ মহা ২ ৩৮.৬।, —ন্ত্বনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্ব 'সান্ত্বন'। ২ [+অন-ণ] প্রণয় (জটাধর)। —ন্ত্বা[১] স্ত্রী সামমার্গ। "ন সংরম্ভেণ সিধ্যন্তি সর্ব্বথাঃ সান্ত্বযা যথা ভ ৮.৬ ২৪। —ন্ত্বিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আশ্বাসিত। "ভ ৪.১৪.১২। বে ৫.১। [°পূর্ব্ব (বিণ)—সামপূর্ব্বক। "সান্ত্বপূর্ব্বমিদং বচঃ গো.রা ২.৯৩.৮। °বাদ (পুং)—সান্ত্বনবাক্য।]

সান্ত্বন, সান্ত্বনা, সান্ত্বা[১] দ্র 'সান্ত্ব'।

সান্ত্বা[২] সর্ম্ম [সং √সান্ত্ব] ১ সান্ত্বনা বা প্রবোধ দেওয়া; আশ্বাসিত করা। "(রাজা) পুত্রবধূ সান্ত্বাইয়া যান স্বর্গপুরী।—কৃ ৩৬৯। (মুনিজনে) সান্ত্বাইয়া রাজরাণী সঙ্গে গেলা ঘর।—ম ৫৬৬। সখীগণ সান্ত্বাইল বি.পা ৫৮; পাত্র মিত্র লাগে সান্ত্বাইবারে ১৩৪। ২ [শান্ত্বা >সান্ত্বা (উচ্চারণসাম্যে)] শান্ত করা; প্রসন্ন করা। "পুনঃ পুনঃ সান্ত্বাইয়া কুন্তীরে কহিবে। যেন পূর্ব্ব দুঃখ স্মরি ক্রোধ না হইবে।—ম ২২৩; (কৌরবপতি) সান্ত্বাইলা যুধিষ্ঠিরে করি বহু প্রীত ৩৬৩। শ্রী.ম ২৫৯

সান্ধা অর্ক [সান্ধা > সান্ধা] প্রবেশ করা। "গো.চ ৩৫, (মএলা) খোকেআ সান্ধাইল ঘাট মন্দির ঘর ৭১। সান্ধাইল ব প ৩৫। গাছ সাম্ধাইল আর বল্লা ভিমরুলে বি পা ৩০৬।

সান্দি বি [রান্ধি > °ন্দি] ১ ফাঁক। "আজলের সান্দি গো চ ৩৫। ২ ভিজার তথতার সন্ধিস্থল। "(মাঙ্গা কাঠ) লাগাইল সান্দি সান্দি চাইয়া বি প ১৬২।

সান্দীপনি পুং [সন্দীপন+ই (ইঞ্)] সন্দীপনের পুত্র অবন্তিপুরবাসী রামকৃষ্ণের আচার্য্য মুনিবিশেষ। দ্র 'পঞ্চজন'।

সান্দৃষ্টিক বিণ [সন্দৃষ্টি+ইক (ঠঞ্), স্ত্রী -কী] 'সংদৃষ্টিভব', সন্তফল, তাৎকালিক (অ টী)। বিপ 'উদর্ক'।

সান্দ্র বিণ [√অন্দ্‌ বন্ধন+র (রক্)-ভা—অন্দ্র, সমান অন্দ্র যাহাতে (বহুব্রী)—অ টী] ১ ঘন, নিরন্তর, নিবিড। '°তুষার।—ঋতু ৫৩। °সাম্ব্যকিরণ মাঘ ৯১৫, সান্দ্রাম্ভোদশ্যামলে সামজানাং বৃন্দে ১৮৩৬। সিন্দুর' নৈ ২২৪৫। সান্দ্র নৈশতমে প তৃ ৩৪। ২ প্রবৃদ্ধ। "সান্দ্রে রজসি রঘু ৭৪১। ৩ ঘনীভূত, গাঢ। "সরঃ °বিমর্দ্দকর্দ্দমম্।—ঋতু ১১৯। দুর্বর্ণভিত্তিঃ °সুধাসবর্ণা মাঘ ৪২৮। °কর্দ্দম কি ৪১৮। ৪ ঘন, স্থূল। 'সান্দ্রেভচর্ম্মবসন মাঘ ৪৬৪ °ত্বকাঃ (ইভাঃ) ১৮৬। ৫ প্রচুর। "মাঘ ৯৩৭। ৬ নিরতিশয়, প্রগাঢ। তাসাম্ °কুতূহলানাম্ রঘু ৭১১। সান্দ্রানন্দক্ষুভিতহৃদয় উ চ ৬২২। ৭ মৃদু (মেদিনী)। ৮ স্নিগ্ধ। ৯ মনোজ্ঞ (শব্দরত্নাবলী)। —স্ত্র ক্লী বন। [°কুতূহল (বিণ) —প্রগাঢকুতূহল। °পুষ্প (পুং)—বিভীতকবৃক্ষ। °মেহ (পুং) মেহবিশেষ।]

সান্দ্রীকৃত বিণ [সান্দ্র+চি্ব (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ঘনীকৃত। "(উত্থাপিতঃ) রেণুরশ্বৈঃ সান্দ্রীকৃতঃ স্যন্দনবংশচক্রৈঃ রঘু ৭৩৯। (ত্বং) স্মিতসান্দ্রীকৃতশশিকরজালা প ক ১০১৩।

সান্ধ,-ন্ধা[১] সর্ম্ম [সং সম্-√ধা— √সন্ধ > সান্ধ,-ন্ধ, দ্র 'সাধ', ঠ √সাংধ] সন্ধান করা, গুণে যোজনা করা। 'কালদণ্ড সম বাণ সান্ধাইল গুণে।—ম ৮৬৬। অর্জ্জুন সান্ধিয়া মারে শর (ম)। চারিবাণে সান্ধিলেক অ.প ৭১, বাণ সান্ধিলেক ধনুতে পার্থে ৭৮। ভীষ্ম সান্ধিলেক শর ব.প ৬১৮। সান্ধি মনসিজ,বিন্ধে মরম নিশঙ্কহি প ক ১৮২০। —ন্ধা অর্ক মিলিত হওয়া, সাণ্ডা করা। বাঁচাইয়া সাঁগাষ সান্ধাতে হয় গুন শি ৮৪।

সান্ধা[১] দ্র 'সাধ'।

সান্ধা[২] অর্ক [সন্ধি > √সান্ধ (তু 'সান্ধি, সান্ধন'—চ) > সান্ধা, তু সাঁধা'] প্রবেশ করা। "কপিরূপে সান্ধাইল বানরভিতর।—কৃ ২৩৬। লঙ্কাতে সান্ধায় হনু ব প ৫০২, দুহে সান্ধাইল ভিতরে ৭৭২। নারিকেল সান্ধাইল পানী (ক চ)। ভাণ্ডারে সান্ধায় শ্রী ৬১। (শবদ) সান্ধাএণ মরমে,...করিলে পাগলী পারা প ক ৩২।

সান্ধি বি [দ্র 'সাঁদি'] ১ সন্ধিমধ্যবর্ত্তী স্থান: অবকাশ, ফাঁক, সাঁধ। "(লোমলতাবলি—ভুজগী) নাসা-খগপতি-চঞ্চুভরমভয়ে, কুচগিরি সান্ধি নিবাসা বি প ১০। আঙ্গুলের সান্ধি ব প ৩৯। ভুজে ভুজে দোঁহে দোঁহা বান্ধি। পবন পশিতে নাহি সান্ধি।—প ক ৬৩৩। ২ সন্ধি, যোড। "কোই কর-অঙ্গুলি,-সান্ধি সুসেবই প ক ২৮৯৩।

সান্ধিক পুং [সন্ধা+ইক (ঠঞ্)] যাহার সন্ধা শিল্প, শৌণ্ডিক।

সান্ধিবিগ্রহিক পুং [সন্ধিবিগ্রহ+ইক (ঠঞ্)] সন্ধিবিগ্রহাধিকারী সচিব। "রাঘবানন্দ' সা দ ১স্ক, °মহাপাত্র ১স্ক।

সান্ধিবেল বিণ [সন্ধিবেলা+অ (অণ্), স্ত্রী -লী] সন্ধিবেলাভব। "পা ৪.৩.১৬।

সান্ধ্য বিণ [সন্ধ্যা+অ (অণ্), স্ত্রী -ন্ধী] ১ সন্ধ্যাভব, সন্ধ্যাকালীয়। "°মেঘ রঘু ১১.৬০। সান্ধ্যং তেজঃ পু মে ৩৬। °কিরণ মাঘ ৯.১৫। °ময়ূখ কি ৫.৮। ২ সন্ধ্যাকালে বিহিত। "সমাপ্য সান্ধ্যং বিধিম্ রঘু ২২৩। ৩ সন্ধ্যায় বিকসিত। [°কুসুমা (স্ত্রী)—'সন্ধ্যায় বিকসিতপুষ্পা', ত্রিসন্ধিপুষ্পবৃক্ষ।]

সান্নহনিক বিণ [সন্নহন+ইক (ঠঞ্)] যুদ্ধার্থ সজ্জা যাহার প্রয়োজন, যোধগণের রণসন্নাহপ্রবর্ত্তক। "প্রণনাদ সান্নহনিকোঽহন্ত বারিজঃ মাঘ ১৫১০৬।

সান্নায্য ক্লী [সম্+ √নী+য (ণ্যৎ)-র্ম্ম, নিপাতিত, পা ৩১১২৯] হোমার্থ অগ্নির দিকে নেয়, হবির্বিশেষ (সি), হোতব্যমাত্র (অ টী), হবিঃ। "মাঘ ১১৪১।

সান্নাহিক বিণ [সন্নাহ+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ 'সকলে সন্নদ্ধ হও'—এই আদেশসূচক, সান্নহনিক। 'সভাপালো ভেরীং সান্নাহিকীম্ (সমাজঘ্নে) মহা ১২২০১১। ২ কবচবন্ধনার্হ, সংগ্রামে সমর্থ। "মহা ১৬৯১১। ভ ৯৭১৪।

সান্নিধ্য ক্লী [সন্নিধি+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৭৩৩১, বার্ত্তিক, সি] সন্নিধি, সন্নিধান সামীপ্য। 'বা ৭৩১৭। পবিকল্পিতসান্নিধ্যা (সরস্বতী) রঘু ৪৬, ১৭৩৬। বদনামলেন্দু' মা মা ৩৫। [°যোগ (পুং) —সামীপ্যসম্ভাব। রঘু ৭৩। °পক্ষ (পুং)—সন্নিধানরূপ সাধ্য। "কু স ৭৩৩।]

সান্নিপাতি বিং [সান্নিপাতিক > °াত অসাধু] সান্নিপাতিকরোগী। "সনাতন। কৃষ্ণমাধুর্য্য অমৃতের সিন্ধু। মোর মন সান্নিপাতি, সব পিতে করে মতি, দুর্দ্দৈব-বৈদ্য না দেয় একবিন্দু চৈ চ ২২০।

সান্নিপাতিক বিণ [সন্নিপাত+ইক (ঠঞ্), পা ৫১৩৮, সি, স্ত্রী -কী] ১ যাহার সন্নিপাত কোপন বা দুষ্ট, বাতাদিধাতুত্রয়ের কোপজাত ত্রিদোষজ। "বিকারে সান্নিপাতিক কু স ২৪৮। সান্নিপাতিকে কর্ম্মণি —পঞ্চ ১১৩৮। ২ সংমিশ্র, নানাবিষয়ক। —ক পুং সন্নিপাতজ্বরোগ (শ ক)।

সান্ন্যাসিক পুং [সন্ন্যাস+ইক (ঠঞ্)] 'সন্ন্যাসপ্রয়োজনক', সন্ন্যাসী (অ চি)।

সান্বয় বিণ [অন্বয়ের সহ, বহুব্রী] ১ সসন্তান, পুত্রপৌত্রাদিসহিত। "মনু ২১৬৮, পিত্রাজ্ঞস্ত হীয়মানঃ ক্ষিপং নশ্যতি সান্বয়ঃ ৩২০৫। ৩ ভ্রাতৃত্বাদিরূপে সম্বন্ধী, একবংশীয়। "মনু ৮১৯৮। ৩ একগ্রাম বাসাদিসম্বন্ধবিশিষ্ট। 'মনু ৮৩৩১। ৪ অন্বয়সহিত, সাকাঙ্ক্ষ (পদ)।

সাপ বি [সং সর্প > লি, প্রা সপপ > বা সাপ, হি, মৈ সাঁপ, প সপ্‌প, ঠ, গু, ড সাপ, সি সপু, হাপ (চট্টগ্রাম)] সর্প। "সাপ বুকেতে দংশিল।—কৃ ১১। সাপ হইযা দ'শ তুমি ওঝা হ'য়ে ঝাড ২৪১। কালসাপ ক চ ১৪৫। [°খোপ—সাপ পোকামাকড় ইত্যাদি। °পিঁপড়া'—বিষাক্ত মাজা লাল পিপীলিকাবিশেষ, বিষপিঁপড়া। সাপও মরে, লাঠিও না ভাঙে—লাঠি রক্ষা করিয়া আঘাতে সাপ মারার মত উভয়দিকেই ইষ্টাপত্তি। সাপ হ'বে কাট, ওঝা হ'য়ে ঝাড—(গৌণার্থে) তুমি বিপদ্ ঘটাও, তুমিই সেই বিপদ্ হইতে রক্ষা কর। সাপে কাটা —সাপে কামড়ান। সাপে-কাটা—সর্পদষ্ট। সাপে ছুঁচো গেলা—কার্য্যগতিকে বাধ্য হইয়া কোন কাজ করা। সাপে ছুঁচো ধরা—ইঁদুর বলিয়া সাপে ছুঁচো ধরিলে, দুর্গন্ধে গিলিতেও পারে না, বাঁকা দাঁতের জন্য ছাড়িতেও পারে না, (গৌণার্থে) উভয় সঙ্কটে পড়া। সাপে নেউলে ভাব—সর্পনকুলবৎ প্রণয, অর্থাৎ উভয়ের স্বাভাবিক শত্রুতা। সাপের পাঁচ পা দেখা—অহঙ্কারে অত্যন্ত অসম্ভবকে সম্ভব মনে করা। সাপের হাঁচি বেদে চেনে—দ্র 'বাদিয়া'। সাপের হাঁড়ি—(গৌণার্থে) খলতার আধার।]

সাপক্ষ বি [সপক্ষ > °ক্ষ] একপক্ষাবলম্বী, সহায়। "তারাগণেরে জিনায় সে হইয়া সাপক্ষ।—কৃ ৪১৮। দেবতা সাপক্ষ বি পা ৩২৯।

তোমাকে সাপক্ষ সদা আছেন গোসাঞি ব.প ৪৬৯ , জরাসন্ধ সাপক্ষ ইহার ৯৫৪। [সাপক্ষে—আনুকূল্যে।]

সাপগম বিণ [বহুব্রী] অপগমসহিত, বিচ্ছেদযুক্ত। "সমাগমাঃ সাপগমাঃ সর্ব্বমুৎপাদি ভঙ্গুরম্।—হি ১ ২২২।

সাপ(পো)ট১ বি [সাটোপ > °ট] ১ সাহঙ্কার বাক্য, দাম্ভিক বচন, আস্ফালন। "মুখের সাপটে দড় বিপদে অজ্ঞান।—হেম ৩৯০। ২ আস্ফালন, তাড়ন, আঘাত। "লেজের সাপটে উড়ে পাদপ পাথর (কৃ)। লাঙ্গুড় সাপটে,…(পাষাণ) চুরমার হইয়া যায় শ্রী মা ৭৯। [সাপোটে—সাহঙ্কারে, সদর্পে। "সাপোটে দিলাম ভোট, জিতি আর হারি।—হেম ৩৭৯।]

সাপ(পু)ট২ সর্ম্ম [সম্পুট > বা (সাপুট) °ট] ১ সম্পুটের মত বেড় দিয়া ধরা বা বেড়া, হাত বেড় দিয়া বা জাপটাইয়া ধরা। "অঙ্গদ সে চারি জনে ধরিল সাপুটে।—কৃ ২৫৪, সাপটিয়া সূর্য্যেরে পুরিল কক্ষতলি ৩২৩। সাপটিয়া আচার্য্যের রথখান ধরে।—ম ৮৬৪। দুই হাতে সাপুটিয়া নৃপতি ধরিল অ প ৪৩। সাপুটিয়া ধরে বা ম ২২৭। ২ শুঁড়ে বেড় দিয়া দৃঢ়ভাবে ধরা। "গর্জ্জি গজ সাপটে প্রমদে, মুদ্গর।—মে ১৯৩। ৩ সুবিধা করিয়া দৃঢ়ভাবে ধরা। "(দেবীকে) সাপটিয়া ধরে ম বি ১৭৮। (বরুণে) দূত ধরিলা সাপটে ব প ১২৪। সাহসে সাপুটে সেন টিপে ধরে টুটা শ্রী ১২৩। ৪ দৃঢ়মুষ্টিতে ধরা। "সাপটীয়া ধরে মাটি শূ ১০৩। সাপটিলা কোপে, ফলক।—মে ২০১। ভীম দাপটে, অস্ত্র সাপটে, অসি ঝন্ ঝন্ করে।—হেম ৩৯। ৫ দৃঢ়ভাবে বদ্ধ করা। "বীরধটী সাপটি সবার কটি আঁটা শ্রী ৬৬। ৬ সংগ্রহ করা, একত্র করা। "তুমি যে ভাবচ কাঁড়ি কাঁড়ি ছড়াছড়ি যাবে, আর সাপুটে পাবে—তার যোটি নাই অ প্র ২৯। —পটা২ সর্ম্ম [সাপট > °টা] সর্ব 'সাপট২'। [সাপটান —সর্ব 'সাপটা২'।]

সাপটা১ '-প্-' বি° ['সবটা' মূল (?)] যাহাতে ইতরবিশেষ নাই, যাহা সবারই জন্য। 'ক্রমে বরযাত্র ও কন্যাযাত্রেরা সাপটা জলপান করে বিদেয় হলেন।—হু ১৫৩। [সাপটা খরিদ করা, সাপটা দরে কেনা —ইতর বিশেষ না করিয়া সবটাই একটা মোটামুটি দরে কেনা। সাপটা দরে সাৎ করা—সস্তা দরে হস্তগত করা। "বড় সাপটা দরে সাৎ করিলে খেতাব 'সি.এস্ আই'।—হেম ৩৮৫। সাপটা রান্না—সাধারণ লোকের জন্য রন্ধন।]

সাপটা২**, সাপটান** দ্র 'সাপট২'।

সাপ(পু)ড়া বি [দ্র 'সাপড়ি'] কৌটা, ডিবা। 'পূর্ণিত পানে পুরট সাপুড়া শ্রী ৪০, ঝারি বাটী সাপড়া ১৭১।

সাপত্ন বিণ [সপত্ন+অ (অণ্), স্ত্রী -ত্নী] সপত্নসম্বন্ধী, শত্রুসম্বন্ধী। "ভ্রাতা বৈশ্রবণস্তাহং সাপত্নঃ গো রা ৩ ৫৫ ৩০, ৫৪ ২। —ত্ন পুং [সপত্নী +অ (অণ্), পা ৬.৩.৩৫, সি] সপত্নীর অপত্য, সপত্নীপুত্র। —ত্ন স্ত্রী ১ সপত্নভাব, বৈর। ২ সপত্নীদ্বেষ। —ত্নক স্ত্রী [°ত্ন+ক (কন্)] ১ বৈর। "সাপত্নকং যৎ প্রযুক্তং সুতৈস্তে মহা (SW.)। ২ সপত্নী-ভাব। "মহা ১ ৭৩ ২৬। —ত্নেয় পুং [সপত্নী+এয় (ঢক্)] সপত্নী-পুত্র। —ত্নেয়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] সপত্নীকন্যা। "ব্রাহ্মণী-সাপত্নেয়ীকন্যা মনু ৯ ১৯৮, কুল্লুক।

সাপত্নক, সাপত্নেয়, সাপত্নেয়ী দ্র 'সাপত্ন'।

সাপত্ন্য পুং [সপত্ন+য (ষ্যঞ্) স্বার্থে] ১ সপত্ন, শত্রু (অ.টী—শ.ক)। ২ [সপত্নী+য (ণ্য), পা ৪ ১.৮৫, সি] সপত্নীর অপত্য (পুত্র বা কন্যা)। "সাপত্ন্যকন্যাপুত্রসদ্ভাবে মনু ৯ ১৯৮, কুল্লুক। ৩ সপত্নীপুত্র। "পিত্রা সহ বিভক্তা যে সাপত্ন্যা বা সহোদরাঃ (দায়তত্ত্ব—শ.ক)। —ত্ন্য স্ত্রী ১ শত্রুভাব। ২ সপত্নীভাব, সপত্নীদ্বেষ। "ব্যক্তবং নিয়তমনেন নিয়্যরতাঃ সাপত্ন্যম্ (মহিষ্যঃ) মাঘ ৮.১৫।

সাপত্য বিণ [বহুব্রী] ১ অপত্যসহিত, পুত্রবান্। "সা…সাপত্যা মহা ৩ ৭১ ৭। ২ পুত্রপৌত্রাদিসহিত। "ভ ৬ ৬.৩।

সাপবাদ বিণ [বহুব্রী] ১ অপবাদসহিত, নিন্দাবাদযুক্ত। "উ.চ ২২। ২ অপবাদপ্রবর্ত্তনপর। "সাপবাদঃ…জনঃ উ চ ১.৬। ৩ (ব্যাকরণে) অপবাদসহিত, সব্যভিচার। "উৎসর্গাঃ সাপবাদাঃ।

সাপরাধ বিণ [বহুব্রী] অপরাধসহিত, অপরাধী। "ক সা ২৭.১৫৯।

সাপি, -পী বি [সং সর্পী > প্রা সপ্পী > বা সাপী, -পি] সর্পী। "হেরি কুচ-গিরি, উত্তরি পৈঠত, এঁহি লোমাবলী সাপি (পাঠান্তর—'লোমা-বলি-সাপী' প ক ২৪৬২)।—ব ৬৭। —পিনী বি [সাপ+ইনী ; সং সর্পিণী > প্রা সপ্পিণী > বা °নী, হি সাঁপিন, ঠ সর্পীণ, মৈ সাপিনি] ১ সর্পী। 'লোমলতাবলী, সাপিনী-আকার শোভা চ দা ৬, সাপিনীরে দেয় খোব ৩১। সাপিনী তাপিনী তাপে ভা চ ২৯০। বা দ ৩৪। ২ সর্পীসদৃশী ক্রূরা নারী। "সাপিনী বাঘিনী সতা পোষ নাহি মানে (ক চ)। সাপিনি। ভা চ ৩৭০। ৩ মূলাধারচক্রে সর্পীসদৃশী কুণ্ডলিনী শক্তি। দ্র ষট্‌চক্র'। "পবনে পবনে বায়ু হুঙ্কারে যোগীর। তবে সে সাপিনী মুখ করিবে বাহির॥—শ্রী ম ৩০০।

সাপিণ্ড, -ণ্ড্য স্ত্রী [সপিণ্ড+অ (অণ্), য (ষ্যঞ্)] সপিণ্ডভাব, সমানপিণ্ডতা, দায়াশৌচগ্রহণাদির উপযোগী জ্ঞাতিধর্ম্মবিশেষ। "সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্ মনু ৫ ৬০, কুল্লুক।

সাপুট ; সাপুড়া দ্র 'সাপট২', সাপড়া।

সাপুড়িয়া, -ড়ে বি [সাপুড়া+ইয়া২, এ১, হি সঁ(স)পেরা, প সপেলা, সং সর্পহার (Beames, Vol I, Sec 40)—সংস্কৃত কোষে এ শব্দ নাই, ইহা 'সপেরা'র সংস্কৃত আকার, বোধ হয়।] যে সাপের সাপুড়া রাখে, যে সাপ ধরে ও সাপ লইয়া খেলে, আহিতুণ্ডিক, বেদিয়া, মাল। "সাপুড়ে গো চ ৪৭০। সাপুড়ের…কপালে পড়িলে। —ভা.চ ৮২, আন সাপুড়িয়া ৩৮১, °ড়ে ৩৮৩।

সাপেক্ষ বিণ [বহুব্রী] ১ অপেক্ষাসহিত, সাদর। "গো রা ২ ১৬ ৪০। পাণ্ডবেষু সাপেক্ষং দ্রোণং জানাতি তে সুতঃ মহা ৭.১১.৩০। ২ সাকাঙ্ক্ষ। "লৌকিকপ্রমাণসাপেক্ষত্ব সা.দ ৫২, বাক্যার্থপর্য্যালোচন ১০২। ৩ অপেক্ষাবান্, সম্বন্ধবিশিষ্ট, অধীন (dependent)। "যাহা অবস্থা-ভেদে ভিন্ন হয়, তাহা অবশ্যই শিক্ষার সাপেক্ষ পা প্র ৭। আপনার ভার্য্যা আমাকে বিষয়গুলি পত্তনী দিতে স্বীকৃত হইয়াছে, কিন্তু আপনার অনুমতিসাপেক্ষ ব প্র ৩১৭।

সাপ্তপদ বিণ [সপ্তপদ+অ (অণ্), 'সপ্তপদ' (মহা ৩ ২৫৯.৩৫)] সপ্তসংখ্যকপদসম্বন্ধী, সপ্তপদসাধ্য। তু 'সাপ্তপদীন'। "প্রাহুঃ সাপ্তপদং মৈত্রং বুধাঃ মহা ৩ ২৯৬ ২৩, ১৩ ৫১ ৩৫। সাপ্তপদং মৈত্রম্।—পঞ্চ ২ ৪৯, ৪'৬৬।

সাপ্তপদীন বিণ [সপ্তপদ+ঈন (খ) 'সখ্য' অর্থে, নিপাতিত, পা ৫, ২ ২২, তদ্ধিতার্থে দ্বিগু] ১ সপ্ত পদ (অর্থাৎ সম্ভাষণ বা পদবিক্ষেপ —তত্ত্ববোধিনী) দ্বারা অবাপ্ত, সপ্তপদোচ্চারণসাধ্য (মল্লিনাথ)। "সখ্যং জনাঃ সাপ্তপদীনমাহুঃ (কাশিকা)। সতাং…সঙ্গতং মনীষিভিঃ সাপ্তপদীনমুচ্যতে কু স ৫ ৩৯। ২ (লক্ষণায়) সপ্তপদসাধ্যসখ্যযুক্ত। "সাপ্তপদীনঃ সখা। সাপ্তপদীনং মিত্রম্ (কাশিকা)। —ন স্ত্রী ১ সখ্য, মৈত্রী (অ কো)। ২ কুশণ্ডিকায় বরবধূর সপ্ত পদবিক্ষেপে বহ্নিরাগ্নি-প্রদক্ষিণীকরণ (M W)।

সাপ্তপৌরুষ বিণ [সপ্তপুরুষ+অ (অণ্), স্ত্রী -ষী] সপ্তপুরুষ-সম্বন্ধী, সপ্তপুরুষব্যাপক, পুত্রাদিসপ্তপুরুষব্যাপী। "তৃপ্তিঃ…সাপ্ত-পৌরুষী মনু ৩.১৪৬, সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্ ৫.৬০, কুল্লুক।

সাফ বিং [আ সাফ্] ১ পরিষ্কৃত, মলহীন, মাজা (পাত্র)। ২ আবর্জ্জনাহীন, জঞ্জালশূন্য (জায়গা)। ৩ মসৃণ, সমতল। "রেঁদার

তথন্তা সাফ করা। ৪ অকপট, সরল (দিল্, মন)। ৫ স্পষ্ট, সোজা (কথা, জবাব)। ৬ সুস্পষ্ট, সুব্যক্ত। "সাফ দেখা। ৭ সুস্পষ্ট (legible)। "সাফ লেখা। ৭ নিছক, খাঁটি। "সাফ নেমকহারামী।—মী ৪২। ৯ নির্ম্মল (pure)। "জল সাফ করা। ১০ তীক্ষ্ণদৃষ্টি, প্রখর। 'কাঁড়িদারের চোখ বড় সাফ, জান না, কেলে হাঁড়ি মাথায় দিয়ে জলে লুকিয়ে থাকলে ধরে গি দ্বি ১০৭। ১১ পরিষ্কার, অবাধ, নিষ্কণ্টক। "নরকের পথ সাফ ব.প্র ৩৬৪। ১২ নির্দ্দোষ। "সব টাকা আজকের মত মন্দ নিয়ে রাখে, আমায় যেন সাফ রাখে অ গ্র ৮৫। ১৩ পরিষ্কার, মেঘ-মুক্ত। "আকাশ সাফ হওয়া। [°সোফ—পরিষ্কার-পরিচ্ছন্ন।]

সাফরি বি [তু 'সাফরী'] পিয়ারা (গাছ, ফল)। 'বি পা ১০২ ১৬৩।

সাফল বিং [সং সফল, তু 'সাফল্য' অসাধু] সফল সার্থক। "আত্মাতে ভজিয়া জপ করহ সাফল গো বি ৯৭। দেহ হৈল সাফল।—গ ১৬, নয়ান সাফল কি না দেখে ৪০, পরসে জীবন- -সাফল ৫২, ১১৩, সাফল ভেল তোমা দরশন ১৭২। দিলা প্রভু যেই বর, বুঝিলাঙ সকলি সাফল চ বি ১৬৯। —ফলি বি [সাফল্য > (স্বরাগমে) সাফলির > °লি, বৈষ্ণবসাহিত্যে] সার্থকতা। নয়নক সাফলি দেখি প ক ২৮৯৫।

সাফলা বি ['সপক'—কুমুদ (দেশী—প্রা ম)] কুমুদ, নালঝাড়।

সাফল্য ক্লী [সফল+য (ষ্যঞ্)] সফলভাব, সার্থকতা কৃতকৃত্যতা। "পশু সাফল্যমাত্মনঃ মহা ৭ ১০০ ৬। জন্ম° মনু ১২ ৯৩। —ল্য বি° [স° সফল, অসাধু] সফল, কৃতকৃত্য। জীবন সাফল্য হৈব।—মী ১৩। সাফল্য রাখিলু মুঞি যজ্ঞের তুরঙ্গ অ প ২৩। তাতে যদি মৃত্যু হয় সাফল্য জীবন ম পা ১৫১, ১৫৭।

সাফশুতরা বি° [সাফ+শুতরা, হি 'সুথরা' (সুধারা?)—সাফ] পরিষ্কার-পরিচ্ছন্ন, সাফ-সোফ। 'কলিকাতা ক্রমে ক্রমে সাফশুতরা হওয়াতে পীড়াও ক্রমে ক্রমে কমিয়া গেল আ হু ৪৬।

সাফা বিং [স ফা] ১ পরিষ্কৃত, আবর্জ্জনাহীন। ২ নির্ম্মল (pure)। —ফাই বি [আ স ফা ঈ] ১ পরিষ্কৃতভাব, পরিচ্ছন্নতা। ২ নির্ম্মলতা, স্বচ্ছতা। ৩ আবর্জ্জনাশূন্যতা। ৪ নৈপুণ্য। অনব্'বজায় কত্তে হলে ঘুশি সাফাই চাই।—হেম ৩৮০। ৫ নির্দ্দোষতা। [সাফাই-সাক্ষী মোকদ্দমায় নির্দ্দোষতা প্রমাণের নিমিত্ত সাক্ষী। সাফাই দুরস্ত রাখা—দ্র 'দুরস্ত'। হাত-সাফাই—কার্য্যে হস্তলাঘব বা ক্ষিপ্রকারিতা।]

সাবকাশ বিণ [বহুব্রী] অবকাশসহিত, সান্তর। —কাশ, -শক বিণ [বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] (ব্যাকরণে) সূত্রবিষয়ক বিধিবিশেষ। 'কস্যচিদ্ ভিন্নকার্য্যস্য প্রথমে পরতস্তথা। সম্ভবেদ্ বিষয়ো যস্য স বিধিঃ সাবকাশকঃ॥—মুগ্ধবোধ ২১, দুর্গাদাস। বিপ 'নিরবকাশ'। —কাশ বি (বাঙ্লায়, কথ্য) অবকাশ, অবসর।

সাবজ্ঞ বিণ [বহুব্রী] অবজ্ঞাসহিত, অনাদর। '(সঃ) অস্ত্রেষু বাহু-বীর্য্যে চ সাবজ্ঞঃ ক সা ২৭ ১৩৯। —জ্ঞ ক্রি বিণ অনাদরভাবে। "সাব-জ্ঞমুন্মীল্য বিলোচনে মাঘ ১২ ৫২।

সাবটে ক্রি.বিং [সাপটে > °টে] স-গলবন্ধে। 'আইলা ভগীরথ, পূরিয়া মনোরথ, সাবটে হয়ে পরণাম।—প ১৫১।

সাবদ্য বিণ [বহুব্রী] অবদ্যসহিত, কুৎসিত, নিন্দিত। "সাবদ্যং কিন্নু বৈ কর্ম্ম নিরবদ্যং তথৈব চ মহা ১৩ ১৪৫ ৫৪। —দ্য ক্লী যোগীর ঐশ্বর্য্য-বিশেষ। [সাবদ্য নিরবদ্য সূক্ষ্ম—যোগীর ত্রিবিধ ঐশ্বর্য্য (A)।]

সাবধান বিণ [বহুব্রী] ১ অবধানসহিত, অপ্রমত্ত, অবহিত। "বৎস, সাবধানো ভব পরাগতঃ প্রবীরঃ উ চ ৫$\frac{১}{১৬}$। পরনারী-বধে সাবধান চৈ.চ ৭৯। হৈও সাবধান ৯৭। চৈ ম ১৭১। যত যত পাপ কৈলে হৈয়া সাবধান চৈ ১৩। দু ৭। সুবদনি! সাবধান হও বি সু ৪৫। শি ৭১। ২ সচেতন, সতর্ক (শ ক)। —ধানে ক্রি বিং অবহিতভাবে, অপ্রমাদে। "শুন সাবধানে।—কৃ ২১৫। চর পাঠাইল সাবধান ক চ ৫১, সাবধানে শুন ৮৬। শুন রাজা সাবধানে ভা চ ২৬২। কুম্ভী জাগে সাবধানে।—মে ১০৫। আমি যাহা বলি, যাহা করি, এখন তাহাতে বড় সাবধানে মনোযোগ দাও ব প্র ৪১৩। [°পূর্ব্বক (অসাধু)—অব-ধানপূর্ব্বক (সাধু)। 'কৃ চ ৭৪। আ দু ৮৫। °হস্তে—সতর্কহস্তে, অর্থাৎ মৃদুহস্তে, সন্তর্পণে। "একটি স্ত্রীলোক তাঁহার অঙ্গের ক্ষত সকলে সাবধান হস্তে কি ঔষধ লেপন করিতেছে ব প্র ৫১। সাবধান করে রাখা—সতর্কতার সহিত রক্ষা করা। সাবধানে বিনাশ নাই, সাবধানের মার নাই—যে সাবধান, তাহার বিপদ্ নাই। "সাব-ধানে বিনাশ নাই, কুন্তী সঙ্গে পঞ্চভাই, পাণ্ডুরা যোঘরে থণ্ডে ভয়—শ্রী ১১৫। সাবধান!—সতর্কীকরণে।]

সাবধি বিণ [বহুব্রী] অবধিসহিত, সসীম, সান্ত। "সাবধিস্তোয়রাশিস্তে যশোরাশেস্তু নাবধিঃ (সু ব)।

সাবন[1] বিণ [সবন+অ (অণ) স্ত্রী -নী] সবনসম্বন্ধী, সোম-নিষ্পীড়নসম্বন্ধী, যজ্ঞাঙ্গস্নানসম্বন্ধী।—ন পুং ১ যজ্ঞকর্ম্মান্ত। ২ যজমান। ৩ প্রচেতাঃ, বরুণ (মেদিনী)। ৪ ত্রিংশদহোরাত্রাত্মক মাসভেদ। 'ত্রিংশতা সৌরদিবসৈঃ সাবনঃ পরিকীর্ত্তিতঃ।—শব্দরত্নাবলী। ৫ শুক্লা-দিদর্শান্ত চান্দ্রত্রিংশদ্দিবসাত্মক মাস। চান্দ্রঃ শুক্লাদিদর্শান্তঃ সাবনস্ত্রিংশতা দিনৈঃ (শ ক)। ৬ দিনষট্কাধিক সৌরসংবৎসরবিশেষ (মলমাসতত্ত্ব)। —ন ক্লী ১ সবনসম্বন্ধী দিন অহোরাত্র। [সোমযাগে সবনত্রয় এক অহোরাত্রসাধ্য]। ২ সূর্য্যের এক উদয় হইতে অন্য উদয় পর্য্যন্ত কাল। 'উদয়াদুদয়ং ভানোঃ সাবনং তৎ প্রকীর্ত্তিতম্।—সূর্য্যসিদ্ধান্ত।

সাবন[2] -ন্' বি [সং শ্রাবণ > লি সাবন, প্রা সাবণ > বা °ন, হি সাবণ, প সাওন] শ্রাবণমাস। "শূ ৭১, ১১০।

সাবয়ব বিণ [বহুব্রী] ১ অবয়বসহিত, সাঙ্গ। ২ পরস্পরসংযোগ-বিশিষ্ট। "সাবয়বং পরতন্ত্রং ব্যক্তম্।—সাংখ্য ১০।

সাবর পুং [দ্র 'শাবর'] ১ পাপ। ২ অপরাধ। ৩ লোধ্র (অ টী)।

সাবরণ বিণ [বহুব্রী] ১ আবরণসহিত সাচ্ছাদন। ২ প্রচ্ছন্ন। বিপ 'দৃষ্ট'। 'রঘু ১৯ ১৬। ৩ রুদ্ধ, সার্গল। '(ত্বম্) লঙ্কাস্থরা সাবরণেঽপি গেহে রঘু ১৬ ৭। ৪ (বাঙ্লায়) কায়ব্যূহসহিত, সপার্ষদগণ। 'সাবরণে প্রভুরে করিয়া নমস্কার। এই ছয় তেঁহো যৈছে কবি সে বিচার॥—চৈ চ ২।

সাবর্ণ বিণ [সবর্ণ+অ (অণ) স্ত্রী -র্ণী] সমানবর্ণসম্বন্ধী, সমান-জাতিসম্বন্ধী। —র্ণ পুং [সবর্ণা+অ] ১ 'সবর্ণাভব', সূর্য্যপত্নী সবর্ণার বা ছায়ার গর্ভজাত অষ্টম মনু। "সাবর্ণস্য মনোঃ সর্গে মহা ১৩ ১৮ ৪৩। ২ মুনিবিশেষ। 'মহা ২ ৪ ১৫। ৩ রাঢীয় ব্রাহ্মণের গোত্রবিশেষ। [কান্যকুব্জাগত বেদগর্ভ এই গোত্রজাত। ইঁহার দ্বাদশ পুত্র। ইঁহাদের বাসগ্রামানুসারে গাঙ্গুলি প্রভৃতি উপাধি বা গাঁই। সাবর্ণ মুনি এই গোত্রের প্রবর্ত্তক (?)।]

সাবর্ণি পুং [সবর্ণা+ই (ইঞ্) সর্থ 'সাবর্ণ' পুং (১)। [সাবর্ণি, সূর্য্যপত্নী ছায়ার পুত্র। ইনি অষ্টম সাবর্ণিক মন্বন্তরে অষ্টম মনু। দ্র 'ভ ৮১ ৩ ৯-১১।]

সাবর্ণিক বিণ [°র্ণি+ইক (ঠক)] ১ সাবর্ণিমনুসম্বন্ধী। "°কে মন্ব-ন্তরে (চণ্ডী)। ২ [সবর্ণ+ইক] সর্থ 'সাবর্ণ' বিণ।

সাবর্ণ্য ক্লী [সবর্ণ+য (ষ্যঞ্)] ১ সবর্ণতা সমবর্ণত্ব। "°ভাজ্ মাঘ ৩ ৪৭। ২ সজাতিতা। ৩ [°র্ণি+য] সাবর্ণিমন্বন্তর।

সাবল বি [দ্র 'সর্ব্বলা'] ১ যুদ্ধাস্ত্রবিশেষ। ম ২৬৯। ২ লৌহময় খননাস্ত্রবিশেষ। "দুই বাহু লোহার সাবল ক চ ৪৬, ১৮২। সাবল তাতায় হুতাশনেঃ তপত সাবল ভ গ্র ৩৬০। বি সু ৮৮। ঘড়ার গায়ে সাবল ঠেকিয়াছে ব প্র ৩৫৫।

সাবলেপ বিণ [বহুব্রী] অবলেপসহিত, সগর্ব্ব।

সাবশেষ বিণ [বহুব্রী] ১ অবশেষসহিত, শেষবিশিষ্ট। "সাবশেষাস্থিনিচয় রা ২ ৭৭.২২। ২ অসমাপ্ত, অর্দ্ধকৃত। ৩ অর্দ্ধোক্ত। "সাবশেষপদ মাঘ ১০.১৬।

সাবষ্টম্ভ বিণ [বহুব্রী] ১ অবষ্টম্ভসহিত, সাটোপ, সগর্ব্ব। "মা মা ৫. ২২। ২ স্থিরসঙ্কল্প, দৃঢ়নিশ্চয়। "পঞ্চ ১.২.১৩।

সাবহিত বিং [অবহিত—°ত; অসাধু, সং অবহিত] সাবধান, সতর্ক। "ম.বি ১০২। পুত্র তুমি হও সাবহিত ম.ম৩; ৫, ৭; ৮। ক.চ ৯। °ত আমারে পূজিবে ৩৩। —হিতে ক্রি.বিং সাবধানে, মনোযোগপূর্ব্বক। "সভার জন্ম শুন সাবহিতে।—ম ৫১। শুন সাবহিতে শ্রী.ম ৪০। গ ২; বোল সাবহিতে ১০।

সাবা বি [সেবা > সাবা; 'সাবা'—সেরা (ত্রিপুরা); চব্বিশপরগনা] প্রণাম। [সাবা দেওয়া—প্রণাম করা।]

সাবাড় বি [?] ১ সমাপ্ত, শেষ। "যা হোক ডিনার সাবাড় করি সুরাপানে রত।—দ্বিজেন্দ্রলাল রায়। ২ বিধ্বস্ত। "বানরের হাতে খন্তা দিলে সে···এলালতা···উপড়াইয়া মোচড়াইয়া সাবাড় করে।—পা.খো ১৪৩। ৩ অপব্যয়ে নিঃশেষ (টাকা)।

সাবাধ বিণ [বহুব্রী] আবাধাসহিত, প্রবলপীড়াভিভূত। "প্রিয়ায়াঃ সাবাধং কিমপি কমনীয়ং বপুরিদম্ শ ৩.৫।

সাবান বি [P. sabao; F. savon; Spanish—xabon, E. soap; cf., Gr. seife; L. sebum—tallow; Dutch—zeep, আ, হি স.াব(ক)ন্] ক্ষার চর্ব্বি বা তৈল ইত্যাদির মিশ্রণে কৃত মলশোধক দ্রব্যবিশেষ। "রাধা বলে—হাঁ, আজ সাবান মাখিনি তবু। —দ্বিজেন্দ্রলাল রায়।

সাবালক, -গ বিং [নাবালগ > °গ,-ক (বৈপরীত্যে)] ১ ব্যবহারযোগ্যবয়ঃপ্রাপ্ত, প্রাপ্তব্যবহারদশ। ২ উপার্জ্জনক্ষম।

সাবাস¹ অব্য [ফা শাবাশ্] ১ প্রশংসাসূচক শব্দ, ধন্য! বাহা! বেশ! "সাবাস সাবাস সয়া বলে বাগদিনী শি ৮৫, মামী মোর সাবাস ৮০। সাবাস চতুরা ধারা সাবাস চাতুরী। সাবাস সময়গুণ সাবাস মাধুরী॥ —রজ ১৮। সয়াস সাবাস নাক চোখের গড়ন।—হেম ২৯০। সাবাস! বেঁচে থাক বাবা!—মা ৩৪৬। ২ ধন্যবাদার্হ, চূড়ান্ত, একশেষ। "সাবাস হুজুক আজ আজব সহরে।—হেম ৩৭৮। ৩ ধন্যবাদ। "বাহবা সাবাস তোরে, সাবাস রে তোর ভরসা দেখি!—গান ১৮।

সাবাস² সর্ম্ম [সাবাস¹ > °স] ধন্যবাদ দেওয়া, প্রশংসা করা। "এ ছয় সতিনী, মনে নাহি গণি, সাবাসি তোর পরাণী ক চ ১৩৫। কালু বলে সাবাসি তোকে সাকা শুকার মা!—শ্রী ২২০। সার্থক শিবের চাব সাবাসি শঙ্করে শি ৮১। দেববর! সাবাসি তোমারে!—মা ১৪৫। সাবাসি রে রমণীর হিয়ে!—বা.দ ২৩৭।

সাবাসি বি [আ শাবাশী] ধন্যবাদ, সাধুবাদ। "শঙ্কর সাবাসি দেন বটে মোর বাপ।—শি ৭৪, ৭৫। সাবাসি সাবাসি রে সাবাসি ফুলবাণ!—ভা.চ ৩৮৯। সাবাসি, দূত!—মে ১২। সাবাসি, ওহে দেবশিল্পী গুণি!—মা ১৪৫।

সাবিত্র বিণ [সবিতৃ+অ (অণ্), স্ত্রী -ত্রী] ১ সবিতৃসম্বন্ধী, সূর্য্যসম্বন্ধী। ২ সূর্য্যবংশ্য। "সাবিত্রৈ···ভূমিপালৈঃ উ.চ ১.৪২; সাবিত্রশ্চন্দ্রকেতু ৫২৯। ৩ সবিতৃদেবতাক। "শুক্লযজুর্ব্বেদ ৮.৭। সাবিত্রম্ (অস্ত্রম্) মহা ৭.১৫৫.৩৪। সাবিত্রান্ শান্তিহোমান্ মনু ৪.১৫০। ৪ উপনয়নজন্য। "সাবিত্রম্ (জন্ম) ভ ৪.৩১.১০। —ত্র পুং ১ বিপ্র। ২ [+অ স্বার্থে] শঙ্কর। ৩ সূর্য্য। ৪ কর্ণ। "মহা ১.১৩৬.৮। ৫ গর্ভ। ৬ অষ্টম বসু। দ্র 'রা ৭.২৭.৩৪। —ত্র ক্লী ১ যজ্ঞোপবীত। ২ হস্তানক্ষত্র। "সাবিত্রেণৈব চন্দ্রমাঃ মহা ১.১৩৫.৩০। ৩ মুহূর্তবিশেষ। ৪ মন্ত্রবিশেষ (নীলকণ্ঠ)। "মহা ১৩.১০৪.৬০।

সাবিত্রী স্ত্রী [সবিতৃ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'সবিতৃসম্বন্ধিনী', গায়ত্রী। "মনু ২.৭৭; সাবিত্র্যাস্তু পরং নাস্তি ৮৩। যাজ্ঞ ১.২৩। ত্রিসাবিত্রী রা.স ১। ২ সূর্য্যরশ্মি। ৩ সাবিত্র্যনুবচনসাধন উপনয়ন। "মনু ২.৩৮। ৪ সবিতৃকন্যা, ব্রহ্মপত্নী। 'সাবিত্রী সবিতৃকন্যা মহা ৩.২৯২.৯, নীলকণ্ঠ। [ইনি পৃশ্নিগর্ভজাতা সবিতার কন্যা (ভ ৬.১৮.১)। সরস্বতী গায়ত্রী ব্রহ্মাণী—ইঁহার নামান্তর (মাৎস্য ৩.৩০-৩২)।] ৫ সাবিত্রীদেবতাকা ঋক্। "মহা ৩.২৯২.৯, ১০; ২০। ৬ যমুনা। ৭ সরস্বতী নদী। ৮ উমা। 'বেদপ্রসবনাচ্চাপি সাবিত্রী প্রোচ্যতে বুধৈঃ।—বহ্নিপুরাণ (শ.ক)। সাবিত্রী-সবিতা যেন শচীপুরন্দর শি ১১০। ['সবিতা'—শিব]। ৯ কশ্যপপত্নী। ১০ সত্যবানের পত্নী। [মদ্ররাজ অশ্বপতি ইঁহার পিতা। সাবিত্রীদত্ত বরে জন্ম হেতু ইঁহার নাম 'সাবিত্রী' (মহা ৩.২৯২.২৪)। যৌবনাবস্থা হইলে পিতা ইঁহাকে অভীষ্ট সদৃশ ভর্ত্তা অন্বেষণ করিতে আদেশ করিলে, ইনি হৃতরাজ্য রাজর্ষি দ্যুমৎসেনের পুত্র সত্যবান্‌কে পতিত্বে বরণ করিয়া পিতার নিকটে নিবেদন করেন। তখন সভাসীন নারদ সাবিত্রীর কথা শুনিয়া বলিলেন, 'মহারাজ, সত্যবান্ সর্ব্বপ্রকারেই যোগ্য বর, কিন্তু অদ্য হইতে সংবৎসরের মধ্যে তাহার প্রাণবিয়োগ হইবে।' নারদবাক্যে বিষণ্ণ হইয়া রাজা কন্যাকে অন্য পতি গ্রহণ করিতে আদেশ করিলে, ইনি তাহাতে সম্মত হইলেন না, দেখিয়া সত্যবানের সহিত পরিণয় সম্পন্ন হইল। বিবাহের পরে ইনি বল্কলবসনা তপোবনবাসিনী শ্বশুর শ্বশ্রূ ও স্বামীর সেবাপরায়ণা হইলেন। দেবর্ষিকথিত সত্যবানের মৃত্যুকাল সন্নিহিত হইলে, ইনি উপবাসপূর্ব্বক ত্রিরাত্রব্রত গ্রহণ করিলেন এবং মৃত্যুর দিন চতুর্থ দিবসে গুরুজনের সম্মতি লইয়া কাষ্ঠাহরণার্থ বনে প্রস্থিত পতির সহগমন করিলেন। বনে কাষ্ঠাহরণ করিতে করিতে শিরোবেদনায় পীড়িত হইয়া সত্যবান্ পত্নীর অঙ্কে মস্তক স্থাপনপূর্ব্বক ভূমিতে শয়ন করিলেন। কিয়ৎক্ষণ পরেই যম সত্যবানের দেহ হইতে অঙ্গুষ্ঠমাত্র পুরুষ গ্রহণ করিয়া দক্ষিণাভিমুখে প্রয়াণ করিলে, সাবিত্রী তাঁহার অনুগমন করিলেন। তখন যমরাজ কহিলেন, সাবিত্রি! বিরত হও, ভর্ত্তার ঔর্দ্ধদেহিক কার্য্য সম্পাদন কর।' কিন্তু ইনি বিরত না হইয়া হেতুগর্ভ মনোহর বাক্যপ্রবন্ধে স্বীয় অভিপ্রায় ব্যক্ত করিলে, যমরাজ পতিব্রতা বধূর প্রতি প্রসন্ন হইয়া ক্রমে ক্রমে চারিটি বর দিয়া ও সত্যবান্‌কে পরিত্যাগ করিয়া যমলোকে প্রস্থান করিলেন। সতী পতির পুনর্জীবনলাভে পরিতুষ্ট হইয়া প্রত্যাবর্ত্তনপূর্ব্বক পতির মস্তক ক্রোড়ে স্থাপন করিয়া আসীন হইলে, সত্যবান্ সংজ্ঞালাভ করিয়া সুপ্তোত্থিতের ন্যায় গাত্রোত্থান করিলেন এবং সাবিত্রী সকল বিষয় বর্ণনা করিয়া পতির সহিত তপোবনে প্রত্যাগমন করিলেন। সাবিত্রী সতীশিরোমণি; এই উপাখ্যানে যে সতীধর্ম্মের মহিমান্বিত চরিত চিত্রিত হইয়াছে, তাহা সতীধর্ম্মের কল্পান্তস্থায়ী শিরোভূষণ।] ১১ (বাংলায়) সাবিত্রীসদৃশী পতিব্রতা নারী। "কহ গো সাবিত্রী সতি কুশল বারতা ম.ভা ৭৪; ব.প ২৮৪। [°পতিত, °পরিভ্রষ্ট (বিণ)—সাবিত্রীদানের অযোগ্য; অনুপনীত, অকৃতোপনয়ন। "°ষ্ট মনু ১০.২০। °ত যাজ্ঞ ১.৩৮। °ব্রত (স্ত্রী) —জ্যৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশীতে স্ত্রীকর্ত্তব্যব্রতবিশেষ।] [ইহাতে সত্যবানের সহিত সতী সাবিত্রীর পূজা করিতে হয়। ইহার ফল অবৈধব্য।] [°সূত্র (ক্লী) —গায়ত্রীদীক্ষার্থ সূত্র; যজ্ঞোপবীত।]

সাবিত্রীচতুর্দ্দশী বি ১ সাবিত্রীপ্রিয় জ্যৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশী। [সাবিত্রী এই তিথিতে ব্রতগ্রহণপূর্ব্বক যমের প্রসাদে মৃত পতিকে পুনর্জীবিত করেন। দ্র 'ম ৫৬২।] ২ সাবিত্রীব্রত। 'যেই ব্রত সাধিলে বসিয়া অহর্নিশি। সর্ব্বলোকে বলিবে '°শী।—ম ৫৬৬।

সাবিত্র্যুপাখ্যান ক্লী [ষ.ত] সতী সাবিত্রীর চরিতবিষয়ক আখ্যান। "মহা ৩.২৯২-২৯৯, অধ্যায়শেষ।

সাবু, সাবুদানা দ্র 'সাগু'।

সাবুদ বি [আ সবুত্] প্রমাণ, প্রমাণপত্র। "সাক্ষী-সাবুদ।

সাবেক বিং [আ সাবিক্] ১ পূর্ব্বতন, পূর্ব্বের, আগের। "মতিলালের মানস এই যে…দেনা টেনা পরিশোধ করিয়া সাবেক ঠাট বজায় রাখে আ.হু ১৬২। এমন একদিন আসিয়া উপস্থিত হয়, যখন লক্ষ্মী আসিয়া বলেন, 'হয় সাবেক চাল ছাড়, নয় আমায ছাড়'।—ব প্র ৩৭৫। পূজার বাড়ীর পশ্চাতে সাবেক অন্দর ব দ্বি ১২। ২ [আ সাবিক্] প্রাচীন। [সাবেক কেলে—প্রাচীনকালের, আদিম, সে-কালের। "দুর্ব্বলতার দিনে মানবপ্রকৃতির সাবেককেলে বর্ব্বরটা বল পাইয়া উঠে গ স ৯৯। সাবেক বদস্তুর—পূর্ব্বের দস্তুরমত বা বিধি-অনুসারে। "কাননগো দপ্তর সাবেক বদস্তুর আমারদের খুড়া মহাশয়ের ব প ১৬৯১।]

সাব্যস্ত বিং [স-ব্যবস্থ > °স্ত] ব্যবস্থিত, নির্ণীত, স্থির, ঠিক। "সোয়ালের কৌশলে আসামীর সাব্যস্ত অপরাধ আরও সাব্যস্ত হইতে পারে।—নী ৬০।

সাভিজ্ঞান ক্রি বিণ [বহুব্রী] অভিজ্ঞানসহিত, সলক্ষণ। "সাভিজ্ঞান-প্রহিতকুশলৈস্তদ্বচোভিঃ উ মে ৫২।

সাভিনিবেশ বিণ [বহুব্রী] অভিনিবেশসহিত, সমনোযোগ।

সাভিপ্রায় বিণ [বহুব্রী] ১ অভিপ্রায়সঙ্গিত সাকূত উদ্দেশ্যসহিত। "ক সা ৩২ ১৫৫। ২ প্রকৃতার্থপরিপোষণাভিপ্রায়ে প্রযুক্ত। "উক্তৈ-র্বিশেষণৈঃ সাভিপ্রায়ৈঃ পরিকরো মতঃ সা দ ১০ ৫৭।

সাভিলাষ বিণ [বহুব্রী] ১ অভিলাষযুক্ত, সাকাঙ্ক্ষ, ইচ্ছু। 'অঙ্ঘ্রি-যুগদর্শন° ক সা ২৬ ২৮৭। ২ সানুরাগ, অনুরক্ত। "ভব হৃদয় সাভিলাষম্ শ ১ ২৫। তস্যা° °মোঽভবদ্ যুবা ক সা ১০ ৫০।

সাভ্যসূয় বিণ [বহুব্রী] অভ্যসূযাসহিত, সের্ষ্য। রঘু ৭ ২।

সাভ্র বিণ [বহুব্রী] অভ্রসহিত, মেঘাচ্ছন্ন। সাভ্রেঽহ্নি উ মে ২৯।

সাম্ সক [চু, প, অদন্ত চু প (সি , ক ক)—সাময়তি , সেট্] সান্ত্বন, সমাশ্বাসন। সামযতি দীনং দানেন দাতা (ক ক)।

সাম১ (-মন্) ক্লী [√সো+মন্ (মনিন্)-ক-১ব, উ ৪ ১৫] ১ 'পাপ-নাশক' (অ টী), বেদত্রয়েব একতম সামবেদ। [যজ্ঞসম্পাদনার্থ যে সকল ঋক গীত হয়, তাহাই 'সাম'। এই গীত ঋকসমূহের সমষ্টি 'সামবেদ-স°হিতা'। সামবেদের ত্রয়োদশটি শাখার নাম অবগত হওয়া যায়। ইহাদের মধ্যে কৌথুমী শাখা কাশী কান্যকুব্জ গুর্জ্জর ও বঙ্গদেশে প্রচলিত আছে। রাণায়ণী শাখা দ্রবিড়ে প্রচলিত আছে। কৌথুমীর ঋকগুলির নাম 'আর্চ্চিক' ও ঋঙ্মূলক গীতগুলির নাম 'গান'। 'ছান্দোগ্য' ও 'কেন' ইহার উপনিষৎ (হিন্দুশাস্ত্র, প্রথমভাগ) , ব্রহ্মা সূর্য্য হইতে এই বেদ দোহন করেন। ইহার দেবতা পিতৃগণ (মনু ১ ২৩ , ৪ ১২৪)।] ২ প্রগীতমন্ত্র (সায়ণ) , গেয় মন্ত্র। "অঙ্গিরসাং সামভিঃ স্তূয়মানাঃ। —ঋগ্বেদ ১ ১০৭ ২।

সাম২ (-মন্) ক্লী [√সাম্+অন্ (কন্—অ টী)-ভা-১ব] ১ সান্ত্ব, সমাশ্বাসন, প্রিয়বাক্যাদি দ্বারা সান্ত্বন। ২ সান্ত্বপ্রয়োগে শত্রুবশীকরণো-পায়ভেদ। "মনু ৭ ১০৭ , সামদণ্ডৌ ১০৯। পঞ্চ ৪ ৭৩। ৩ [+অন্-ণ] প্রিয়োক্তি। "উপব্রজ্যাক্রন্ বেণং সান্ত্বয়িত্বার্থ সামভিঃ ভ ৪ ১৪ ১৩। ৪ মানিনীর মানভঙ্গার্থে পতির করণীয় প্রিয়বাক্যরূপ উপায়বিশেষ। "তত্র প্রিয়বচঃ সাম সা দ ৩ ২০২। প্রিয়বাক্যে স্তব করে তারে বলি সাম ভা চ ৭২১। ৫ মৃদুতা।

সাম৩ ক্লী [সম+অ (অণ্)] সমভাব, সাম্য, সাদৃশ্য।

সাম৪ বিণ [বহুব্রী] আমসহিত, অজীর্ণ (চরক)।

সাম৫ বি [সং সমম্ (সহার্থক)] ১ সাহিত্য, যোগ। "সামান্তের প্রায় তার সাম দেন তারা ব.প ১৪৫। ২ কায়স্থের উপাধি। "ব প ৩১৭।

সামক১ বিণ [সামন্১+অক (বুন্), পা ৪.২.৬১] সামাধ্যেতা , সামবেত্তা।

সামক২ ক্লী [সমক+অ (অণ) স্বার্থে—সমং মূল্যম্ , সমমেব সামকম্ (মিতাক্ষরা)] মূল ঋণ বৃদ্ধিরহিত মূলমাত্র ঋণ।

সামক৩ ক্লী [√সম্+অক (ণ্বুল)-ক] তর্ক্শাণ (ত্রিকাণ্ডশেষ)।

সামগ বিণ [সামন্+ √গৈ+অ (টক)-ক , উ ত স্ত্রী -গী] ১ সামগান-কর্ত্তা, সামবেদজ্ঞ। 'জগুঃ· সামানি সামগাঃ রা ২ ৭৬ ১৮। সামগো জৈমিনিঃ কবিঃ ভ ১ ৪ ২১। ২ সামবেদাধ্যায়ী (ত বা)। —গ পুং ১ উদ্গাতা। "ধনঞ্জয়ানামৃষভঃ সুসামা সামগোঽভবৎ মহা ২ ৩৩ ৩৪। অয়াস্যঃ সামগঃ (অভূৎ) ভ ৯ ৭ ২২। সামগ হইল ধনঞ্জয় তপোধন।—ম ৩০৫। ২ সামবেদীয ব্রাহ্মণ। ৩ বিষ্ণু। মহা ১৩ ১৪৯ ৭৫।

সামগান ক্লী, **সামগায়** পুং, **সামগীত** ক্লী [ষ ত] সামমন্ত্রগান। "°গানপ্রিয় (শিব—S W)। °গায যাজ্ঞ ৩.১১২। °গীত ভ ৪ ২৯ ৫৪।

সামগ্রী স্ত্রী [সামগ্র+স্ত্রী ঈ (ঙীষ), য-লোপ, পা ৬ ৪ ১৫০] ১ সমগ্র-ভাব, সমস্ততা , সাকল্য। "°রহিতত্ব সা দ ৩ ২/১ ২/৩। ভাষাপরিচ্ছেদ ৬৪। ২ করণসমূহ, উপাদাননিচয। 'রাজাহ।—কা তে সামগ্রী ? বীরবরো ব্রূতে দ্বৌ বাহু, তৃতীয়শ্চ খড়্গঃ।—হি ৩ ২/১ ০/২। ৩ দ্রব্যসমূহ, দ্রব্য। অহো দেব্যাঃ সামগ্র্যান্তঃপুরোচিতা ক ম ৪ ২/৮। ম ম ১০২। (নারী) সোহাগেব সামগ্রী বটে বিচ্ছেদের কাটারী ব প ১৬২৯। [সামগ্রী করিয়া বস্তু—উৎকৃষ্ট দ্রব্যের মধ্যে গণনীয় বস্তু। "সামগ্রী করিয়া বস্তু আনি লএ তথা অ প ৬২।]

সামগ্র্য ক্লী [সমগ্র+য (ষ্যঞ্)] ১ সমগ্রভাব, সাকল্য, কৃৎস্নতা। "প্রাণৈঃ সামগ্র্যমস্তু মে গো রা ২ ১০৫ ৪৭। পায়েন সামগ্র্যবিধৌ গুণানা° পরাঙ্মুখী বিশ্বসৃজঃ প্রবৃত্তিঃ কু স ৩ ২৮। ২ পূর্ণতা, সকলতা। 'উপারূঢ়ঃ সামগ্র্যমিব চন্দ্রমাঃ রঘু ১৭ ৩০। ৩ [+য স্বার্থে] সর্থ 'সামগ্রী' (২ , ৩) [°বিধি (পুং)—সাকল্যসম্পাদন, কৃৎস্নতাবিধান। °মতি (স্ত্রী)—কৃৎস্নতাবুদ্ধি, সাকল্যবোধ।]

সামজ বিণ [সামন্+ √জন্+অ (ড)-ক উ ত] ১ সামবেদজাত, সামোত্থ। "°স্বর। ২ সামোপায়জাত। —জ পুং 'সামবেদজাত', হস্তী। দ্র 'সামযোনি'। মাঘ ১৮ ৩৩ ৩৬। [°স্বর (পুং)—রথন্তরাদি-সামোত্থিতস্বর, হস্তিবৃংহিত। মাঘ ১২ ১১।]

সামজাত বিণ [প ত] সর্থ 'সামজ (১ ২)। —জাত পুং হস্তী। "দন্তা দন্তৈরাহতাঃ সামজানা° ভঙ্গ° জগ্মুঃ মাঘ ১৮ ৩৩।

সামঞ্জস বি [সামঞ্জস্য > °স] ন্যায়, ঔচিত্য। 'সামঞ্জস কথা চ বি ১৬০। —সা বি [সমঞ্জসা > °সা] কৃষ্ণমহিষীগণ রুক্মিণী-প্রভৃতি। "সামঞ্জসা সহ প্রেম এই দুঃখে মরি।—ব ১৯৯।

সামঞ্জস্য ক্লী [সমঞ্জস+য (ষ্যঞ্)] ১ সমঞ্জসভাব ঔচিত্য। ২ সঙ্গতি, যোগ্যতা। "অর্থ° রা ২.৭৪ ১৪, টীকা। এই মনুষ্যত্ব সকল বৃত্তি-গুলির উপযুক্ত স্ফূর্ত্তি পরিণতি ও সামঞ্জস্যের সাপেক্ষ ব প্র ১৪ , যদি তেঁতুলের আওতায় গোলাপের কেয়ারি শুকাইয়া যায়, তবে সামঞ্জস্যের হানি হইল ১৬।

সামট, -টা সর্ম্ম [হি √সমেট (সং 'সমেত' মূল)] আবর্জ্জনা সমেত বা একত্র করা (গৌণার্থে) পরিষ্কার করা। 'হাট সামটে হাড়ি বেটা না করে সিনান গো চ ৬০ , আপনে ঝাঁড় ব্যাড়ায় হাটখোল সামটিয়া ৮১ , হাড়ির ঝ্যাটা হাটখোলা সামটায় ১৮৪। [সামটা—একত্র-করা আবর্জ্জনা। "(হাড়ি) তাব পবে মারিলে হুকার ডালি বলিয়া। আপনে ব্যাড়ায় ডালি সামটা ফ্যালেয়া।—গো চ ৮১।

সামটা দ্র 'সামট'।

সামধ্বনি পুং [ষ ত] সামবেদাধ্যয়ন, সামগান। "মনু ৪ ১২৩।

সামনে ক্রি বিং [হি, ঠ সামনে , প সাহমনে] সম্মুখে, প্রত্যক্ষে। "সামনে প্রণাম পদারবিন্দে ঃ সামনে যা পাই তাই যথেষ্ট।—কা ৭৯।

[সামনা-সামনি (ও সামা-সামী)—পরস্পর সম্মুখবর্ত্তী, মুখোমুখি (face to face) ।]

সামন্ত বিণ [সমন্ত+অ (অণ্)] সমন্তভব, সীমাস্থ। —ন্ত পুং ১ সীমান্থিত স্থান, সীমান্তদেশ। "গ্রামাঃ সামন্তবাসিনঃ মনু ৮ ২৫৮। ২ সমন্তভবগ্রামবাসী, সীমান্তবাসী (কুল্লুক), সীমাস্থিতগ্রামবাসী। "মনু ৮ ২৫৯, ৯ ২৭২। যাজ্ঞ ২ ১৫৩। ৩ সমন্তাদ্ভব, রাজা, সমীপবর্ত্তী রাজা (অ টী), অর্থাৎ স্বরাজ্যের অব্যবহিতপরবর্ত্তী রাজা। "°শিখামণি রঘু ৬ ৩৩। রাজা তু প্রণতাশেষসামন্তঃ স্যাদধীশ্বরঃ (অ কো)। °সৈনিকাভ্যাঃ সা দ ৩ ৪৫। অনেক সামন্ত সেনা ক চ ৯৩। গিরি-সামন্ত কু.কে ৯৭। ৪ সমন্তাৎ স্থিত রাজমাত্র। "°সম্ভাবনা রঘু ৫ ২৮। ৫ শ্রেষ্ঠপ্রজা, মণ্ডল (ত বা)। ৬ করদরাজ। "সামন্ত-মৌলিমণি-রঞ্জিতপাদপীঠ বিক্র ৩ ১৯। ৭ স্বগৃহক্ষেত্রাদিসংসক্ত গৃহক্ষেত্রাদিস্বামী। "যাজ্ঞ ২ ২৩৬। ৮ যাহার বৎসরে লক্ষকর্ষমিত রৌপ্যমুদ্রা রাজস্ব। 'শু ১ ১৮৩,-৪। ৯ নায়ক, নেতা। "সম্মুখে সামন্ত, ধাইল বসন্ত, কোকিল ভ্রমর সাথে ভা চ ৬৫। বসন্তসামন্ত সহ।—মা ১৪৮। ১০ (বাঙলায়) রাজদূত। "অন্তেব সামন্ত, নাহি পায় অন্ত, যদি ভ্রমে এক মাস ক চ ৯২। ১১ কায়স্থের উপাধি (?)। তু 'সাম[৫] (২)। —ন্ত ক্লী সীমান্তভূমি, সন্নিহিত স্থান। [°চক্র (ক্লী)—সমীপবর্ত্তী রাজগণ।]

সামন্য পুং [সামন্+য (যৎ), প্রকৃতিভাব, পা ৬ ৪ ১৬৮।] সামগান-কুশল (সায়ণ), সামগানে সাধু। "সাম কৃণ্বন্ সামন্যঃ।—ঋগ্বেদ ৯ ৯৬ ২২। ভট্টি ৪ ৯।

সামপূর্ব্ব বিণ [বহুব্রী] সামপূর্ব্বক, মৈত্রীপূর্ব্ব।

সামবায়িক বিণ [সমবায+ইক (ঠক), পা ৪ ৪ ৪৩] যে সমবায়ে আসিয়া তদেকদেশী হয় (কাশিকা), সমবায়সম্বন্ধী। —য়িক পুং মন্ত্রী (অ টি)।

সামবেদ পুং [কর্ম্মধা] সামনামক বেদ। "বেদানাং সামবেদোঽস্মি গী ১০.২২। সামবেদঃ স্মৃতঃ পিত্র্যঃ মনু ৪ ১২৪। [°বিৎ (-দ্) বিণ —সামবেদশাখাধ্যেতা। 'মনু ১২ ১১২। সামবেদান্তগ (বিণ)—সাম-বেদপারগত (মহা)।]

সাময়িক বিণ [সময়+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ প্রাপ্তকাল, উপনতকাল। "সাময়িকং কার্য্যং পা ৫ ১ ১০৪, কাশিকা। কি ২ ৪০। ২ সময়ানুসারে নিষ্পাদ্য, অবসরসাধ্য। "যাজ্ঞ ২ ১৮৯। ৩ সময়-সম্বন্ধী। —ক ক্লী সম্ভূয়সমুত্থায়ী ব্যবসায়ীর মিশ্রিত স্বস্বধনাংশসম্বন্ধে সময়কৃত লেখ্য। 'শু ২ ৩১২।

সামযোনি বিণ [বহুব্রী] যাহার সামবেদ যোনি, সামবেদপ্রভব, সামজাত। "রঘু ১৬ ৩। —যোনি পুং ১ সামবেদজাত হস্তী। 'সূর্য্যস্যাণ্ড-কপালে যে সমানীয় প্রজাপতিঃ। হস্তাভ্যাং পরিগৃহ্যাথ সপ্ত সামান্য-গায়ত। গায়তো ব্রহ্মণস্তস্মাৎ সমুৎপেতুর্মতঙ্গজাঃ॥—পালকাপ্য, রঘু ১৬.৩, মল্লিনাথ। ২ ব্রহ্মা (মেদিনী)।

সামরিক বিণ [সমর+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ সমরসম্বন্ধী। ২ রণপটু, সমরকুশল।

সামর্থ্য ক্লী [সমর্থ+য (ষ্যঞ)] ১ সমর্থভাব, ক্ষমতা। "উড়িবার সামর্থ্য।—কাদ ১৩৯। ২ শক্তি, শৌর্য্য। "জীবিতে কিঞ্চিৎ সামর্থ্যম্ রা ২ ৪৩ ২০। গী ২ ৩৬। ৩ যোগ্যতা। "গো.রা ৪ ৪০ ১১। চক্রিরে দেবাঃ সামর্থ্যং লিঙ্গধারণে মহা ৩ ৫৭.২৩। ৪ স্বাস্থ্য (নীলকণ্ঠ)। "পিতরি স্বর্গমাপন্নে রামে চারণ্যমাশ্রিতে। কিং মে জীবিতসামর্থ্যং প্রবেক্ষ্যামি হুতাশনম্॥—রা ২.৭৭ ১৭। কিং নো জীবিতসামর্থ্যম্ মহা ৩ ২৭৯ ২৯। ৫ (ব্যাকরণে) ব্যপেক্ষালক্ষণ সামর্থ্য অর্থাৎ স্বার্থপর্য্যবসায়ী-পদসমূহের আকাঙ্ক্ষাদিবশে পরস্পরান্বয়, একার্থীভাবলক্ষণ সামর্থ্য, অর্থাৎ, অর্থানুসারে প্রত্যেক পৃথগ্গৃহীত পদসমূহের সমুদায়শক্তিতে বিশিষ্টৈকার্থপ্রতিপাদকতা (পা ২ ১ ১, বালমনোরমা)। ৬ সহকারিরূপ যোগ্যতা। "কলিতান্তোঽন্তসামর্থ্যঃ পৃথিব্যাদিভিরাত্মভিঃ কু.স ৬.৭৩। ৭ দ্রব্যশক্তি, উপকারিতা। "বৃহৎসংহিতা ৪১ ১২। ৮ ধন (S W.)।

সামর্ষ বিণ [বহুব্রী] অমর্ষসহিত, সক্রোধ। "বুদ্ধির্মুনেঃ সমুৎপন্না সামর্ষা রা ১ ৬৩ ১০। —র্ষ ক্রি বিণ সরোষ। "পঞ্চ ১ ২১৩।

সামল বিং [সং শ্যামল > লি, প্রা সামল, অপ্র] কৃষ্ণবর্ণ, কাল। "সামল···দেহ শ্রী কী ২৬২, ৩৯২।

সামলা[১] বি সর্থ 'শামলা[২]। "সামলার সুকার্ণিস।—হেম ৩৭৮। শ্রীমন্তের মাথায় সালের সামলা।—হু ৪২।

সামলা[২] সর্ম্ম [সামাল > °লা] সংবরণ করা, রোধ করা। "রমা চক্ষুর জল সামলাইয়া, উঠিয়া বসিয়া, সকল কথা যথার্থরূপে নন্দাকে বলিল ব প্র ৪৯৪, চক্ষুতে প্রবল বারিধারা বহিল—তার পর রমা সামলাইল ৫০০। [সামলে কহা—সংযত হইয়া বলা। "নাপিত বলে সামলে কহিস।—দা ২০৭০। সামলে চলা—প্রতীকার করিয়া চলা। সামলে রাখা—গোছাইয়া রাখা। দ্র 'সামাল[২]।]

সামলা[৩]; **সামলী** দ্র 'সামাল[২], শাওর'।

সামা[১] বি [শাম > সামা] সর্থ 'শাম'। "পুরস্কার করাইব সামা পরাইবঃ ঢেকি বলে সামা দিবে শি ৭৬।

সামা[২] অর্ম্ম [হি, মৈ √সমা, ঠ √স(সা)মায় { সং সম্-আ+ √বিশ্ —সমাবিশ্ (?) }] প্রবেশ করা, ঢোকা। "যম ঘরেতে সামাএ ম.গা ৭, গো চ ৩২৯। দেবী পেটেতে সামাইল।—মী ৬, গো বি ৩২। পিরীতি বেয়াধি যদি অন্তরে সামাইল চ দা ১০৩। সামাইল রণ।—ম ১১৬৩। গহ্বরমাঝে সামাইল গিয়া বি পা ৮২, ২০৭। ম ম ১৭, নাকে মুখে কাহার সামাইল পানী ১৩৯, বাসরে সামায় ১৯৭। সামাতে সূতিকাগারে চোর কাটে সিন্দ শ্রী ৪৬। বীর সমরে সামায় চ বি ৯৪। ঘরে সামাইয়া ন প ১০৪, ঘরে সামাই ৩০৪। (সুমধুর মুরলী গানে) ভুলল আঁখির লাজ, সামাইল কাণে।—গো ১০০। হিয়ায় সামাইল সর রাণে ৭২। মেদিনী বিদারে যদি তাহাতে সামাই ভা চ ৭৭। [সামান—সর্থ 'সামা[২], সামায়—প্রবেশ করে। "ত্বরিতে চলিয়া গেল বাসরে সামায় ম ম ১৯৮। সামাইল (প ক)।]

সামাই বি [হি সমাঈ, শম > °ই (?)] ১ শান্তি, চিত্তস্থৈর্য্য। "এক আসামী ছয়টা পেয়াদা, বল মা কিসে সামাই করি।—রামপ্রসাদ। '২ স্থান, থাকার জায়গা। "জনতা হইল লোক না হয় সামাই ভ.প্র ৪১৬। কেহ কহে দেখিলুঁ লোকের অন্ত নাই। খেতরি গ্রামেতে কৈছে হইল সামাই॥—ন বি ১০৪। [সামাই খায় না—স্থান সঙ্কুলান হয় না। সামাই হওয়া—জায়গায় কুলান।]

সামাইল বিং [সামল > °ল] শ্যামবর্ণ, কালরঙের। [সামাইল গামছ (তু 'সেঁওয়ালী গামছ'।—গো ৮৯১)—শ্যামবর্ণ গামছাবিশেষ। "সামাইল গামছ নৃপে পরিদান করিয়া ম গা ২৪। সামাইল গামছা গো চ ৩৭৫।]

সামাজিক বিণ [সমাজ+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ সমাজরক্ষক। "পা ৪ ৪ ৩৩। সামাজিক ব্রাহ্মণপণ্ডিতদল।—হু ১৫০। ২ সমাজে সমবেত বা সমাগত; সভারঞ্জক (অ টী)। "পা ৪ ৪ ৩ (কাশিকা)। ৩ সমাজসম্বন্ধী (ত.বা), সমাজস্থ। ৪ (বাঙলায়) সমাজের রীতি-নীতিকুশল, মিশুক (sociable)। —জিক পুং ১ সভাসদ্, সভ্য। "অত্রভবতঃ সামাজিকানুপাস্মহে মা মা ১২। 'রত্নাবোধ সা.দ ৩২; ৩ ২২১। ২ (বাঙলায়) ক্রিয়াকর্ম্মে সমাজে দেয় উপহার, লৌকিকতা। [সামাজিকতা—সামাজিকের ব্যবহার।]

সামানাধিকরণ্য ক্লী [সমানাধিকরণ+য (ষ্যঞ্)] ১ সমানাধি-করণভাব, একাধারত্ব, একাশ্রয়ত্ব, সহাবস্থান, অর্থাৎ এক বস্তুতে স্থিতি। "°ণ্যং হি তেজস্তিমিরয়োঃ কুতঃ মাঘ ২.৬২, হি ৩.১০০। সাংখ্য ৩০,

তত্ত্বকৌমুদী। ২ (ব্যাকরণে) বিশেষ্যবিশেষণভাবে অভেদান্বয়বোধত্ব। যেমন, নীলো ঘটঃ,—ইহাতে 'নীলঃ' 'ঘটঃ' এই দুই পদের সামানাধিকরণ্য।

সামান্য বিণ [সমান+য (ষ্যঞ্) স্বার্থে (অ টী) ১ সমান, সাধারণ। "সমানব্যানজনিতে সামান্যে শুক্রশোণিতে মহা ১৪ ২৪.৮। °প্রতিপত্তি-পূর্ব্বক শ ৪ ১৭। অ-লোকসামান্যম্ ··ভিষক্তি মন্দাশ্চরিতং মহাত্মনাম্ কু.স ৫.৭৫, ৭ ৪৪। হি ২৫ (কথাবস্তু), ১.১৭০। চন্দ্রচূড়ের খুব লম্বা ফোঁটা, আর আর বামনগিরির সামান্য সব আছে।—ব প্র ৪৪৩। ২ বহুস্বামিক, সাধারণ, এজমালী। "সামান্যার্থসমুত্থানে বিভাগস্তু সমঃ স্মৃতঃ যাজ্ঞ ২ ১২৩। ৩ সাধারণ, অকিঞ্চিৎকর, নগণ্য, তুচ্ছ। "অসামান্য-মিদম্···অস্ত্রম্ মহা ১ ১৩৩.২০। হরিরে সামান্য গণে, ধরায় সামান্য-গণে।—দা ১২৭। সামান্য বণিক্ এই শত্রুগণ নয়।—ন ৫০১। ৪ ব্যাপকধর্ম্মাবচ্ছিন্ন। বিপ 'বিশেষ'। "সা দ ১০ ৬১। ৫ মন্ত্রে অগোপনীয়। তৈঃ সার্দ্ধং চিন্তয়েন্নিত্যং সামান্যং সন্ধিবিগ্রহম্ মনু ৭ ৫৬। ৬ সাধারণ, প্রাকৃত। "সামান্য লোকের ন্যায়-অন্যায় বিবেচনা নাই সী ২৯। দ্র 'সামান্য (৩)। ৭ (বাঙলায়) স্বল্প, অত্যল্প। "আমার লঘুহস্ততা জন্মিয়াছে বটে—কিন্তু সে সামান্য বিষয়ে এবং অতি সামান্য মাত্রায় পা প্র ১৩৪। সামান্যসংখ্যক সেনা ব প্র ১৯। ৮ সহজ, অনায়াসে লেখ্য (বিষয়)। দ্র '(৭)। —ন্য ক্রি.বিণ সাধারণ। "(ত্বয়াহম্) তপস্বি-সামান্যমবেক্ষণীয়া রঘু ১৪ ৬৭। কু স ২ ৩৬। —ন্য ক্লী [+য ভাবার্থে] ১ সামান্যভাব, সাধারণ্য। "কাল° পা ৩ ৩ ১৪২, কাশিকা। ভ ৭ ৭ ৩৮। ২ সমতা, তুল্যত্ব। ৩ অবিকৃতি, নির্ব্বিকারভাব। "সামান্যং সুখদুঃখয়োঃ (সুহৃদ্গুণঃ)।—হি ৯৭। ৪ সাধারণধর্ম্ম। "°বচন, সামান্যাপ্রয়োগ পা ২.১ ৫৫, ৫৬। ৫ জাতি। "জাতির্জাতঞ্চ সামান্যম্ অ কো, স্বর্গবর্গ ১৩৩, টীকা। বিপ 'ব্যক্তি'। ৬ জাতিধর্ম্ম, জাতীয়-লক্ষণ। ৭ সামগ্র্য (totality—A)। ৮ ব্যাপকধর্ম্মাবচ্ছিন্নবিষয়। "উক্তিরর্থান্তরন্যাসঃ স্যাৎ সামান্যবিশেষযোঃ।—কুবলয়ানন্দ ১২১। ৯ অর্থালঙ্কারবিশেষ। [সদৃশ গুণ হেতু প্রস্তুত বিষয়ের সহিত অপ্রস্তুত বিষয়ের তাদাত্ম্য বা অভেদভাব বর্ণিত হইলে, 'সামান্য' অলঙ্কার হয়। 'সামান্যং প্রকৃতস্যান্যতাদাত্ম্যং সদৃশৈর্গুণৈঃ সা দ ১০ ৯০। —ন্যা স্ত্রী সাধারণী, বেশ্যা। [°জ্ঞান (ক্লী)—১ জাতিধর্ম্মবোধ। ২ (বাঙলায়) সাধারণজ্ঞান। °ধাত্রী (স্ত্রী)—সাধারণমাতা, সাধারণোপমাতা। "রঘু ১৩.৬২। °নায়িকা (স্ত্রী)—সাধারণনায়িকা, বেশ্যা। 'সা দ ৩ ৬৭। °পক্ষ (পুং)—মধ্যস্থপক্ষ। °পদার্থ (পুং)—সমানধর্ম্মা বা একজাতি পদার্থ। °বচন (বিণ)—১ সাধর্ম্ম্যবাচক। "পা ২ ১ ৫৫। ২ সামান্যার্থক, সাধারণার্থবাচক (ধাতু)। "পা ৩৪.৫। °বনিতা (স্ত্রী)—বারস্ত্রী, বেশ্যা। °শাসন (ক্লী)—সামান্যাধিকার (শ.ক)। °শাস্ত্র (ক্লী) —সাধারণবিধি, উৎসর্গ।]

সামান্যলক্ষণ বিণ [বহুব্রী] যাহার ধর্ম্ম লক্ষণ বা স্বরূপ সাধারণ, সামান্যস্বরূপ (অলৌকিক ব্যাপার)। "ভাষাপরিচ্ছেদ ৬৩। —লক্ষণা স্ত্রী অলৌকিক ব্যাপারবিশেষ; আশ্রয়জ্ঞাপকসামান্যজ্ঞান (শ.ক)। যেমন, একটা ঘট দেখিলে সকল ঘটের জ্ঞান হয়।

সামান্যচ্ছল ক্লী [ষ.ত] বক্তার কথিত সামান্য বিষয়ের, বিশেষভাবে বা ব্যক্তিগতভাবে গ্রহণপূর্ব্বক দোষোদ্ঘোষণ। যেমন কেহ বলিল, 'ব্রাহ্মণজাতি বিদ্যাবিনয়সম্পন্ন'। অন্যে উত্তর করিল, 'এ কথা মিথ্যা, অমুক ব্রাহ্মণ, অথচ বিদ্যাবিনয়সম্পন্ন নহে'। এস্থলে, বক্তার অভিপ্রায় সামান্যতঃ ব্রাহ্মণেরা বিদ্যাবিনয়সম্পন্ন (হিন্দুশাস্ত্র, ১ম ভাগ)।

সামাস্তি, -ন্তি বিং [সং সামান্য, কথ্য] ১ সাধারণ, সহজ, সাদা-সিদে। "ও কি সামান্তি। ওর মত কলা মেয়ে বাপের কালে দেখিনি! —জ্যা ১২। ২ নগণ্য, তুচ্ছ। "শামচাদ সামান্তি নন, তাঁর কাছে আইন এগুতে পারেন না।—হু ৮৯।

সামাল[১] বিং [সামাল[২] > °ল] সাবধান, সতর্ক। "থাক যদি অসামাল, তদবির হ'লে কামাল, দায়মাল কপালে আছে, ভাই।—দা ২০৮৪। —ল অব্য সাবধান। হুঁশিয়ার। খবরদার।—অর্থাৎ সামলাও, সাবধান হও। "মামুদা সামাল। বলে মারিতে হাঁকাল শ্রী ২২৬। সুন্দরী শাসেন বুড়া সামাল সামাল শি ৯৫। সামাল। সামাল। ডুবলো তরী। —রামপ্রসাদ। হঠাৎ পড়িল ডাক সামাল। সামাল।—হেম ৩৮৪।

সামাল[২] সর্ম্ম [সং সম্-√বৃ > প্রা √সংবর > বা (√সম্বল) °ল; হি '√সঁভাল'—রক্ষা করা, বাঁচান, ঠ '√সংভাল'—রক্ষা করা, সহা] ১ সংবরণ করা, নিরাকরণ করা, সামলান। "ফল ফুল কালে এবে বাড়ল বিপতি। জ্ঞানদাস কহে ধনি সামালিবা কতি॥—জ্ঞা ১৬৫। ২ নিবারণ করা, প্রতিহত করা, ঠেকান। "শর সেলগুলি, আথালি-পাথালি, সামালি চালিছে চাল শ্রী ১৬, ১৪০, ১৬৫, বাণ সামালিয়া বলে মোর ঘা সামাল ১৯১, ২৩২। তীরে-তীরে ঘিরে চারিদিক। ···কা'রে সামালিবে অরি নাহি পায় ঠিক স্ব প্র ১৭৫। ৩ সহ্য করা, সহা। "ফুটিছে বিবিধ ফুল, ডাকে ভৃঙ্গ অলিকুল, সামালিব এই শূল কার পানে চাহিয়া ভা চ ৬৯৩। ৪ রক্ষা করা, বাঁচান। "লাউসেন বলে বাবা আপনা সামাল শ্রী ৮৪। ৫ সংযত করা। "আপনা সমুঝি মুখ সামালিযা কহ ভ গ্র ৪৪২,-৮। ঘিরেছে আহ্লাদ গাটা-ময়,···সামালিতে না পারলে পরে, আহ্লাদী লোক মরে।—দা ৫৩২। ৬ সংবৃত করা; গোপন করা, লুকান। "প্রেমের বিকার লোকভযে সম্ভালিয়া (পাঠান্তর —'সাভালিয়া, সামালিযা')। সুবদনে দিলা আড়ঘোমটা টানিঞা॥ —ভ গ্র ৪৩১। সামালি'তে না পারিল লজ্জা গেল দূরে। পুলকিল তনুরুহ প্রণয় অঙ্কুরে॥—রঙ্গ ২০৮। —মলা° সর্ম্ম ১ ব্যবস্থিত করা, গুছান। "জিনিসপত্র সামলিয়ে (সামলাইয়া) রাখা। ২ প্রতীকার বা অতিক্রম করা। "সংসারে নানা বিপদ্, সামলে (সামলাইযা) চলা ভার। [সামালিবা (প ক)।]

সামাসিক বিণ [সমাস+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ সমাসসম্বন্ধী। ২ সংক্ষেপসম্বন্ধী, সংক্ষিপ্ত। '(দেবাসুরনৃণাং সর্গঃ) সামাসিকস্ত্বয়া প্রোক্তঃ ভ ৬ ৪ ১। —সিক ক্লী [+ইক সমূহার্থে, পা ৪ ২.৪৭] সমাস-সমূহ। "অস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য গী ১০ ৩৩।

সামি[১] ব্য [Cf, Gr hemi, L. semi, A S sam, ছান্দস] ১ অর্দ্ধ। "সামিসম্মীলিতাক্ষী (অ টী)। ২ জুগুপ্সা, নিন্দা। "সামিকৃত-মকৃতং স্যাৎ (অ টী)। [°কৃত (বিণ)—অর্দ্ধকৃত, অসম্পূর্ণকৃত। "সামিকৃতমণ্ডন মাঘ ১৩ ৩১। °পীত (বিণ)—অর্দ্ধপীত, অর্দ্ধকৃতপান। "পা ২ ১.২৭, কাশিকা। °ভুক্ত (বিণ)—অর্দ্ধোপভুক্ত। "সামিভুক্ত বিষয় বঘু ১৯ ১৬।]

সামি[২], **-মী**[২] নি [সং স্বামিন্ > লি সামী, প্রা সামি] পতি। "আপনার সামিক ভাখে নিম গো চ ৭৪,-৫। সামী দান লইমু ৩৭৯।

সামিগ্‌গিরি, -মিগ্র, -গ্রি, -গ্রী বি [সং সামগ্রী, হি সামিগ্রী, কথ্য] ১ দ্রব্য। "ধান চাল অবধি যাবদীয় সামিগ্রি ব প ১৬৮৯। ২ পূজার দ্রব্য। "বেশ্যার সামিগ্র। কভু নাহি হয় ইহা ঠাকুরের যোগ্য ভ গ্র ২৪১। পূজোর সামিগিগ্গির।—গান ১২। যজ্ঞের সামিগ্রী কৃ চ ২৯। ৩ উপকরণ দ্রব্য। "পাকের সামিগ্র ভ গ্র ৩৪৬। ৪ খাদ্যদ্রব্য। "যত সামিগ্রী দিই আনিয়ে।—কা ৮০। ভাণ্ডারে চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় চারি প্রকার সামিগ্রী পরিপূর্ণ কৃ.চ ২৪, খাদ্যসামিগ্রী ২৫। ৫ তত্ত্বের দ্রব্য। "গিন্নিরা 'সামিগ্রী' (পাঠান্তর) পেয়ে হাঁড়ি পুরে···রাখলেন।—হু ১৫৬।

সামিধেনী স্ত্রী [সমিধ্+এন্য (ঢেন্যণ্) 'আধান' অর্থে—°ধেন্য+স্ত্রী ঈ (ঙীষ্), য-লোপ, পা ৪ ৩ ১২০, সি] যে ঋক্ দ্বারা সমিধ্ অগ্নিতে আহিত হয়; অগ্নিসমিন্ধনার্থ ঋক্ (নীলকণ্ঠ), অগ্নিসমিন্ধনে যে ঋক্

পঠিত হয় (অ কো), অগ্নিসমিন্ধনী ঋক্ (মল্লিনাথ)। 'সামিধেনী ঋক্ (সি)। "শুক্লযজুর্বেদ ১৯ ২০। মহা ৩.১৩৪ ১৬। মাঘ ১১ ৪১। —ধেন্য পুং যে মন্ত্র দ্বারা অগ্নিতে সমিধ্ আহিত হয়, অগ্নিসমিন্ধনার্থ মন্ত্র। 'সামিধেন্যো মন্ত্রঃ (সি)।

সামি(মে)য়ানা বি সর্ব 'শামিয়ানা'। "কাল মেঘ দেখবো না। (সামিয়ানা খাটিয়ে দিমু)।—হু ৫০। সামেয়ানা ক্বক্বক্ আ দু ৭৬।

সামিল বিং [দ্র 'শামিল'] সহিত। "আঙ্গুয়ার সামিল ময়নাক দিল ভাসাইয়া গো চ ৪৫। [সামিলে—সঙ্গে, সহিত। "সখীর সামিলে প ক ৯৫১।]

সামিষ বিণ [বহুব্রী] আমিষসহিত, সমাংস। "মনু ৪ ১৩১।

সামী[1] (-মিন্) পুং [√সম্+ইন্ (গিনি)-ক-১ব] পঞ্চবিধ-পুরুষের একতম। 'বৃহৎসংহিতা ৬৯ ৩১,-৯।

সামী[2] দ্র 'সামি২'।

সামীপিক বিণ [সমীপ+ইক (ঠক)] সমীপভব, সামীপ্যার্থক। "সামীপিকমধিকরণম্ পা ২ ৩ ৩৬, তত্ত্ববোধিনী।

সামীপ্য বিণ [°প্য+অ (অচ্)] সমীপবাসী। "সামীপ্যেন হুত' বাঞ্ছাং ছিদ্রেষ্মিন পূর্ববৈরিণা মহা ৩ ২৯৩ ৮। —প্য ক্লী [সমীপ+য (ষ্যঞ্) স্বার্থে] ১ সমীপ, সান্নিধ্য, নৈকট্য। "সামীপ্যাদিসম্বন্ধ সা দ ২৪। ২ আধারবিশেষ, সামীপিকাধিকরণ। "গঙ্গায়াং ঘোষঃ ২৪। মুগ্ধবোধ ৩০৯। ৩ নিকটবর্তিত, ইষ্টদেবতার সান্নিধ্যরূপ মুক্তিবিশেষ। "ভ ৩ ২৯ ১৩। চৈ চ ৯।

সামুদাইক, -দায়িক বিং [সং সমুদায় (পুং), অসাধু] সকল, সব। "সামুদায়িক বরার্দ্ধ কৃ চ ২৯। সামুদায়িক (বিবরণ) নাহি ব প ১৬৮২, সামুদায়িক দ্রব্য ১৬৮৭, সামুদাইক বস্তু ১৬৮৯।

সামুদ্র বিণ [সমুদ্র+অ (অণ্), স্ত্রী -দ্রী] ১ সমুদ্রভব, সমুদ্রস্থিত। "সামুদ্রম্…বসম্ ভ ১২.৪ ৮। (স্থাপিতা আপঃ) সামুদ্রাশ্চ সমুদ্রেষু। —বিষ্ণু ১ ১৪। ২ সমুদ্রজাত। "সামুদ্রং লবণম্। ৩ সমুদ্রসম্বন্ধী, সমুদ্রে বদ্ধ। "সামুদ্রং সেতুমগমৎ ভ ১০ ৭৯.১৫। ৪ সমুদ্রবাসী। "সামুদ্রাঃ …হরয়ঃ গো রা ৪ ৩৮ ৫৬, ৩৯ ১২। —দ্র পুং ১ পোতবণিক। "রা ২ ৮২.৮। যাজ্ঞ ২ ৩৯। ২ মশকবিশেষ (সুশ্রুত)। ৩ করণ হইতে বৈশ্যায় জাত পুত্র। [সমুদ্রজাত দ্রব্য ইহার জীবিকা (M W)।] —দ্র ক্লী ১ সমুদ্রজাত লবণ, কবকচ। ২ সমুদ্রফেন। ৩ সমুদ্র-নামক ঋষিকর্তৃক প্রোক্ত, দেহচিহ্ন, শরীরস্থরেখাদি, (মতান্তরে) দেহচিহ্নবিষয়ক গ্রন্থ (শ ক)। তু 'সামুদ্রিক'। —দ্রক বিণ [+অক (বুঞ্)] সমুদ্রভব, সমুদ্রবাসী, সমুদ্রসম্বন্ধী। "°কো মনুষ্যঃ। 'দ্রিকা নৌঃ পা ৪ ২ ১২৭, কাশিকা। —দ্রক ক্লী [°দ্র+ক (কন্) স্বার্থে] ১ সমুদ্রলবণ (সুশ্রুত)। ২ সমুদ্রঋষিনির্দিষ্ট স্ত্রী-পু-লক্ষণবিষয়ক গ্রন্থ। 'বামভাগে তু নারীণাং দক্ষিণে পুরুষস্য চ। নির্দিষ্টং লক্ষণং তেষাং সামুদ্রেণ যথোচিতম্॥ —দ্রক পুং সামুদ্রবিৎ, স্ত্রীপুরুষলক্ষণবেত্তা (শ ক)। —দ্রিক বিণ [+ইক (ঠঞ্)] ১ সামুদ্রবেত্তা, সামুদ্রাধ্যেতা। ২ সামুদ্র-সম্বন্ধী, দেহচিহ্নসম্বন্ধী। ৩ সমুদ্রভব, সমুদ্রসম্বন্ধী, সমুদ্রজাত। ৪ সমুদ্রো-পান্তে গত (নীলকণ্ঠ)। "মহা ১২.১৬৯.২। —দ্রিক পুং ১ হস্ত-রেখাদিপরীক্ষক (নীলকণ্ঠ—palmister)। "মহা ৫.৩৫ ৪৪। ২ দৈবজ্ঞ, গণক। ৩ বণিক। —দ্রিক ক্লী সামুদ্রবিদ্যা (palmistry)। "°জ্ঞ, সামুদ্রিকাচার্য্য। [°বিৎ (-দ্) পুং—সামুদ্রবিদ্যাবেত্তা। "বৃহৎসংহিতা ৬৮ ১।]

সামুদ্রক, সামুদ্রিক দ্র 'সামুদ্র'।

সামুলী বি সর্ব 'সাউলি'। [মুগের সামুলী—সর্ব 'মুগসাউলী'। "চুবি রুটি রামরোট মুগের সাউলী ভা চ ৫৪৮।]

সামোদ বিণ [বহুব্রী] আমোদসহিত, সহর্ষ। "গী.গো ১, সর্গশেষ।

সাম্পরায় বিণ [সম্পরায়+অ (অণ্), স্ত্রী -য়ী] ১ সম্পরায়সম্বন্ধী, সাময়িক। ২ উত্তরকালসম্বন্ধী। ৩ পরলোকসম্বন্ধী। "কঠোপনিষৎ ১ ২৮। ৪ সকলের লয়াধিষ্ঠানভূত (নীলকণ্ঠ)। "মহা ১.৩.৫৮। —রায় পুং [+অ স্বার্থে] ১ যুদ্ধ। "সাম্পরায়াত্তরায় মাঘ ১৮.৮। ২ বিপদ্, সঙ্কট। "মহা ১.৪৮ ১১। ৩ দেহত্যাগ। "°বিধি ভ ৫.৩.৬। ৪ পরলোক। "ভ ৬ ১৪ ২।

সাম্পরায়িক বিণ [সম্পরায+ইক (ঠক্), পা ৫ ১.১০১, স্ত্রী -কী] ১ সম্পরায়সমর্থ, যুদ্ধসমর্থ, যুদ্ধার্হ। "রঘু ১৭ ৬২। ২ পরলোকহিত (নীলকণ্ঠ)। "সময়ঃ সাম্পরায়িকঃ।—হ ৯৭ ৩৪। ৩ পারলৌকিক। "°কম্…কলম্ মনু ১১ ৩০। ভ ২ ১ ১৪। ৪ সংগ্রামোচিত, রণযোগ্য। "°কল্প মনু ৭ ১৮৫। ৫ বিপত্তিকর। —য়িক পুং যুদ্ধরথ। —য়িক ক্লী [+ইক স্বার্থে] যুদ্ধ। [°কল্প (পুং)—পারলৌকিকবিধি।]

সাম্প্রত বিণ [সম্প্রতি+অ (অণ্), স্ত্রী -তী] ১ সম্প্রতিভব, ইদানীন্তন, বর্ত্তমান। "বৈবস্বতেঽন্তরে চাস্মিন্ সাম্প্রতে সমুপস্থিতে।—হ ৬ ১৬, সাম্প্রতেঽন্তরে ৭ ৩৭, ৮ ৪৩। সাম্প্রতকালং বাহ্যম্ (করণম্) সাংখ্য ৩৩। ২ [+অ স্বার্থে, পা ৪ ৩ ৯, তত্ত্ববোধিনী] ন্যায্য, উচিত। "কর্ম্ম হ্যসাম্প্রতম্ ভ ৯ ১৮ ১১। বীর্য্যস্য যৎ সাম্প্রতম্ (কর্ম্ম)।—বে ৩ ৪।

সাম্প্রতম্ ব্য ১ সম্প্রতি, ইদানীম্। "দুঃখং যদেতন্ মম সাম্প্রতম্ রা ২ ৬৪ ৫৪। কু স ২ ৪৪। ঋতু ১৭। ২ ন্যায্য, উচিত, যুক্ত। "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু স ২ ৫৫।

সাম্প্রতিক বিণ [সম্প্রতি+ইক (ঠক) স্বার্থে, পা ৫ ৪ ৩৪, স্ত্রী -কী] ১ সম্প্রতি, ন্যায্য, যুক্ত, উচিত। "পা ৪ ৩ ৯, কাশিকা। বৎসে সাম্প্রতিকমেবৈতৎ উ চ ৩২২। ২ তাৎকালিক। "সাম্প্রতিকোত্তর-কালীনফল মনু ৭ ১৬৩, কুল্লুক। ৩ সম্প্রতি, ইদানীম্। "সাম্প্রতিক গমন গোলোক হ'তে আসি শ্রী ২৫১।

সাম্প্রদায়িক বিণ [সম্প্রদায+ইক (ঠক্), স্ত্রী -কী] ১ সম্প্রদায় হইতে আগত, পরম্পরাপ্রাপ্ত। "অং মনু ৩ ১২৭, কুল্লুক। ২ (বাঙ্গলায়) সম্প্রদায়বিশেষের মতাবলম্বী। "লোকটি সাম্প্রদায়িক, কিন্তু আপন অভিপ্রায় কি, তাহা ডুবুরী ডুবিলেও অন্ধিসন্ধি পাইত না।—টেক-চাঁদ।

সাম্ব পুং জাম্ববতীগর্ভজাত শ্রীকৃষ্ণপুত্র। [যদুবংশীয় সারণ-প্রভৃতি বীরগণ ইঁহাকে গর্ভিণী স্ত্রীর বেশে সজ্জিত করিয়া, নারদাদি মুনিত্রয়কে 'ইহার কি সন্তান হইবে' জিজ্ঞাসা করেন। মুনিগণ প্রতারণা জানিয়া কুপিত হইয়া শাপ দেন যে, 'বাসুদেবসুত সাম্ব যদুবংশবিনাশার্থ ভীষণ লৌহময় মুষল প্রসব করিবে। এই শাপে ইনি পরদিন এক লৌহমুষল প্রসব করেন এবং সাগরে ক্ষিপ্ত সেই মুষলচূর্ণ হইতে উৎপন্ন এরকাতৃণের আঘাতে প্রভাসতীর্থে বৃষ্ণ্যন্ধকবংশ ধ্বংসপ্রাপ্ত হয় (মহা ১৬ ১—৩য় অধ্যায়)। রোগাক্রান্ত হইয়া ইনি সূর্য্যের একবিংশতিনামাত্মক 'স্তবরাজ' পাঠ করিয়া রোগমুক্ত হইয়াছিলেন।] —ম্ব ক্লী সাম্বপুরাণ।

সাম্বর ক্লী [সম্বর+অ (অণ্)] সম্বরদেশজাত লবণ, গড়লবণ।—রী স্ত্রী সর্ব 'শাম্বরী'।

সাম্বা, -ন্ধা অর্ম্ম [সামা>সাম্বা, -ন্ধা] প্রবেশ করা। "তপোবন ভিতরে আমি সাম্ভাইলাম ধেয়্যে কৃ উ ৫, সাম্ভাইল ভিতরে: সাম্ভাই আওআস ৮৫। সাম্ভাল্য ভিতর।—ম ২৫, সমুদ্র সাম্ভায় রাজা মোর এই পেটে ২৮৭, সৈন্যে সাম্ভাইল ৯০০। সাম্ভাহ এক স্থানে ক.চ ৩৫; ভল্লুক সাম্ভায় গাড়ে ৪৯। সাম্ভাইল শ্রী.ম ২৭৯। গৃহেতে সাম্ভায়ে চৈ ভা ২৮, সাম্ভায় ২৩৬। (নূপুর) বালি সাম্বাইয়া আর রব নাহি করে ভ.প্র ২৩৫। সাম্ভাইল চৈ ম ৪০, ১৭১; ১৭৪।

সাম্ভঃ (-ম্ভস্) বিণ [বহুব্রী] অম্ভঃসহিত, স-সলিল। "গর্জন্ হরিঃ সাম্ভসি শৈলকুঞ্জে ভট্টি ২.৯।

সান্তাল[1] অব্য [সামাল[1] > °ল] সামাল। সাবধান। "পড়িতে পড়িতে উঠে বলিয়া 'সান্তাল'। (চৈ ম)।

সান্তাল[2] সর্ব্ব [সামাল[2] > °ল] ১ সর্ব 'সামাল[2] (১)। "কানু সান্তাল প.ক ২৯৩১। ২ সর্ব 'সামাল[2] (৩)।

সাম্মাতুর পুং [সম্মাতৃ+অ (অণ্) অপত্যার্থে, ঋ > উর, পা ৪ ১ ১১৫] সতীতনয়, ভাদ্রমাতুর (অ চি)।

সাম্মুখ্য ক্লী [সমুখ+য (ষ্যঞ্)] ১ সম্মুখভাব, আভিমুখ্য। ২ অনুকূলত্ব, আনুকূল্য। "বাগ্‌দেবতায়াঃ সাম্মুখ্যম্ সা দ ১[?]।

সাম্য বিণ [সম+য (ষ্যঞ্) স্বার্থে , স্ত্রী -ম্যা] ১ সম, সমদর্শী। "সাম্যায় নমঃ ভ ৮ ৩ ১২। ২ সম, সমান। "শৈত্রামান্দ্যসাম্যাভির্গতিভিঃ ভ ৫ ২২ ১২। ৩ (বাঙ্‌লায়) শান্ত। "(মাতা) °রূপ হইয়া চলিল তখন।—গ ১৬। ভীষ্ম বলে সাম্য হও।—ম ৮১৪। —ম্য ক্লী [+য ভাবার্থে] ১ সমভাব, সমতা। "নিরস্তসাম্যাতিশয় ভ ২ ৪ ১৪। ২ সমদর্শিতা, ব্রহ্মভাব। 'ইহৈব তৈর্জ্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ গী ৫.১৯। সাম্যেঽপি নিবিষ্টচেতসাম্ কু স ৫ ৩১। ৩ সাদৃশ্য, তুল্যতা। "রূপৈঃ স্বসাম্যাৎ নৈ ২২ ৪৬। ৪ একত্ব, একরূপতা, অভিন্নতা। "জাতিদ্রব্যবলানাং চ সাম্যমেষাং ময়া সহ।—হি ১ ৪৬। ৫ উৎকর্ষাপকর্ষাভাব। "সংশয়ো জায়তে সাম্যাজ্জয়শ্চ ন ভবেদ্ দ্বযোঃ মহা ২ ১৭৫। ৬ অপক্ষপাত, সমবর্ত্তিতা। ৭ ঐক্য, অবিরোধ, সংবাদিতা। ৮ সমগুরুত্ব, তুল্যভাবত্ব। ৯ সমত্ব, অহিংসাপাধান্য, রাগদ্বেষাদিনিবারকত্ব (টীকা)। "যোঽযং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন গী ৬ ৩৩। ১০ সমজাতিত্ব। ১১ (বাংলায়) সান্ত্বনা, আশ্বাস। 'ছোট ভাইয়ে সাম্যবাক্যে নিবারিল ক্রোধ ক চ ৯১। সাম্যপূর্ব্বক বলিহ যে কিছু বচন ম বি ২৪৪। [°তা (স্ত্রী)—সমগতিত্ব। 'দেবানামেতি সাম্যতাম্ মনু ১২ ৯০।]

সাম্যাবস্থা স্ত্রী [কর্ম্মধা] ১ প্রকৃতিগুণত্রয়ের নিষ্ক্রিয়ভাব বা ক্ষোভরাহিত্য। "সত্ত্বরজস্তমোগুণানাং °স্থা (SW)। ২ সমভাব।

সাম্রাজ পুং [সম্রাজ্+অ (অণ্)] সম্রাটের শূদ্রাদিতে উৎপন্ন পুত্র (বালমনোরমা)। —জ্য পুং [+য (ণ্য) পা ৪ ১ ১৫১] সম্রাটের অপত্য ক্ষত্রিয়। —জ্য ক্লী [+য (ষ্যঞ্)] ১ সম্রাটের ভাব (সায়ণ), ঐশ্বর্য্য (সায়ণ)। 'ঋগ্বেদ ১ ২৫ ১০ ৭ ৪৭ ২। ২ সম্রাট্‌কর্ম্ম, মণ্ডলাধিপত্য। "অবরং রাজ্যং পরং সাম্রাজ্যম্।—শতপথব্রাহ্মণ ৫ ১ ১ ১৩। (হরিশ্চন্দ্রঃ) অভিষিক্তশ্চ শুশুভে সাম্রাজ্যেন মহা ২ ১২ ১৯। ৩ সাম্রাজ্যযোগ্যতা। 'সাম্রাজ্যশংসিনো ভাবাঃ কুশস্য চ লবস্য চ উ চ ৬.২৩। ৩ সাম্রাড়ধিকারস্থ রাষ্ট্র, রাজ্য। ৫ দশলক্ষাধিপত্য। 'লক্ষাধিপত্যং রাজ্যং স্যাৎ সাম্রাজ্যং দশলক্ষকে।—বরদাতন্ত্র, ২য় পটল (শ ক)। [°কৃৎ (বিণ)—সাম্রাজ্যকারক। "মনু ৮ ৩৮৭। °দীক্ষিত (বিণ) —মণ্ডলাধিপত্যে অভিষিক্ত। "রঘু ৪ ৫। °লক্ষ্মী (স্ত্রী)—সাম্রাজ্যশ্রী। "ভ ৩ ২.৩৬।]

সায়[1] পুং [√সো+অ (ঘঞ্)-ভা] ১ দিবসের অবসান সায়ংকাল (সায়ণ)। "ঋগ্বেদ ৮ ২ ২০। °মণ্ডন কি ৯ ৬। ২ অবসান, সমাপ্তি। "অহ্নঃ সায়ঃ, সায়াহ্নঃ পা ৬ ৩ ১১০, সি। ৩ [অ-প] বাণ, সায়ক।

সায়[2], '-য়' বিং ['সায়[1]—মূল, 'সাঅ'—"ধানর জনম সাঅ (শূ ১১৫)] ১ সমাপ্ত, শেষ। "আদিখণ্ড সায় চৈ ম ৮৮। হরি হরি বল সবে পালা হৈল সায় ভা চ ২৪২, ২৯৩। ২ সত্য, অর্থাৎ যাহাতে সায় বা সম্মতি থাকে। "বলবান্ করে ঘের সেহ বোল সায শ্রী.ম ১৯৩। —য় বি ১ নিঃশেষে প্রাপ্যপরিশোধ, শোধ। "বিচারিয়া কেহ দেখে, কাগজে কাষঝ লেখে, সায় করি বেণে দেয় টাকা ক চ ৭৫। ২ সম্মতি, অনুমতি। "সম্বন্ধপ্রসঙ্গে সায় দিল লক্ষপতি ক.চ ১১৮। সুন্দরী বামীরে দিল সায় শ্রী ১৪৯, ১৫৪। সায় দিলা শঙ্কর শি ২৩। ভাল বলি …হীরা দিল সায় ভা.চ ২৯৩, ৩৯০। সায় দিতে নারে বিদ্যু ৬৪। মে ২৭। এই হীন মন্ত্রণায়, কেমনে দিলেন সায় একবাক্যে সব।—ন ৪৩৩। ['সায়' শব্দের অর্থ 'অবসান', লোকে কোন কথিত বিষয়ের অবসানে 'সায়' দেয়, অর্থাৎ তদ্বিষয়ে সম্মতিসূচক হাঁ' বলে। ইহা হইতে গৌণভাবে 'সম্মতি'।] ২ অভিপ্রায়, ইচ্ছা। "বিধাতার কি হইল সায়, শিব গড়াগড়ি যায় গো চ ৪৪৩। ৩ উত্তর। "এ সব সংবাদে সেন সায় নাহি দিলা শ্রী ১০৫। শুনে রজক উপায়, করে সায় কটু ভাষায়।—দা ৫০৯। [সায় দেওয়া, সায় পুরা—সম্মতি দেওয়া। "ভা চ ৬১। (রাবণ) তাহাতেই পুরিলেক সায়।—দা ১১৭৮।]

সায়ং দ্র 'সায়ম্'। [°কাল (পুং)—সন্ধ্যাকাল, সায়াহ্ন। °কালিক, °কালীন (বিণ)—সায়ংকালসম্বন্ধী, সান্ধ্য। °দোহ (পুং)—সন্ধ্যাকালে গোদোহন। °সন্ধ্যাদেবতা (স্ত্রী)—সন্ধ্যার দেবতা সরস্বতী (শ ক)। °সূর্য্য (পুং)—সন্ধ্যাসূর্য্য।]

সায়ংসন্ধ্যা স্ত্রী [ষ ত] ১ সায়াহ্নের সন্ধিকাল, পশ্চিমা সন্ধ্যা। 'অস্তং গতে ততঃ সূর্য্যে শোণপদ্মনিভা সদা। উদেতি সায়ংসন্ধ্যা সা পিতৄণাং মোদকারিণী॥—কালিকাপুরাণ। "সায়ংসন্ধ্যা-উপাসনা চৈ ৫৭। ২ সায়ংকালে করণীয় উপাসনা। "সী ৭০। ৩ সায়ংকালোপাস্যা দেবতা। ৪ সায়ংসন্ধ্যোপাসনাকাল।

সায়ক পুং [√সো+অক (ণ্বুল্)-ক, 'সায়ক' (ক্লী)—"বিভর্ষি সায়কানি (ঋগ্বেদ ২ ৩৩ ১০), 'সায়ক' (√সি+ণ্বুল্)—বন্ধক (ঋগ্বেদ ১ ৩২ ৩)] ১ শর, বাণ। "তূণী চাক্ষযসায়কৌ রা ১.১ ৪৩, ২ ৩১ ৩০। তূণৌ চাক্ষয্যসায়কৌ মহা ৩ ১৬৭ ৪৬, শ ১ ১১। কন্দর্প …কামস্ত্রাস্ত্রমসায়কম্ ক স। ৪ ৩, তীক্ষ্ণসূর্য্যাংশু° ৯৫ ১২। ম ১১৫২। ২ খড়্গ। "মহা ৪ ৪২ ১২, ১৪, ১৬। ৩ পাঁচ (৫) সংখ্যা। "ইষুবাণাগ্নিসায়ক (৫৩৫৫) সা দ ৪ ১২। [°পুঙ্খ (পুং)—বাণের কর্ত্তরী বা মূলপ্রদেশ। "রঘু ২ ৩১।]

সায়ণ, -ন পুং বেদচতুষ্টয়ের বিখ্যাত টীকাকার মহাপণ্ডিত ব্রাহ্মণবিশেষ। [ইঁহার পিতা মায়ণ। ইনি প্রথমে বাজমন্ত্রী ছিলেন, পরে সন্ন্যাসগ্রহণপূর্ব্বক বিদ্যারণ্যস্বামী নাম ধারণ করিয়া শৃঙ্গেরী মঠে অধিষ্ঠান করেন, (হিন্দীশব্দসাগর)। ইনি ১৩৫০-১৩৭৯ খৃষ্টাব্দে জীবিত ছিলেন (MW)। ইনি যজুঃশাখী ভরদ্বাজগোত্রীয় ছিলেন।]

সায়ন্তন বিণ [সায়ম্+তন (ট্যুল্, তুট্) স্ত্রী -নী] সায়ংকালভব, সায়ংকালিক, সান্ধ্য। "বিধেঃ সায়ন্তনস্যান্তে রঘু ১ ৫৬। শ ৩ ২৩। ভট্টি ৫ ৬৫। সায়ন্তনাশন ভ ১০ ৩৯ ৩, ১১ ৮ ১১। [°মল্লিকা (স্ত্রী) —সান্ধ্যমল্লিকা। "রঘু ১৬ ৪৭।]

সায়বানা, -য়মানা বি [ফা সায়্‌বান্] শামিয়ানা, চাঁদোয়া। "উপরে দিল সায়মানা ব প ৪১৮, সায়বানা ১৪৩১।

সায়বানি বিং [আ সাহেবান্+ইঅ > সাহেবানি > °নি] ধনীর যোগ্য, মহামূল্য, উৎকৃষ্ট। 'সায়বানি দোলা ক চ ১৮৭।

সায়ম্ অব্য [তু° ফা শাম] সন্ধ্যাকাল, সায়াহ্ন। "ঋগ্বেদ ৫ ৭৭ ২, ১০ ১৪৬ ৪। অথর্ব্ববেদ ৩ ১২ ৩। সায়ম্প্রাতশ্চ জুহুয়াৎ মনু ২ ১৮৬। রঘু ১.৪৮।

সায়মশন ক্লী, **-আশ** পুং [ষ ত] সায়ংকালের খাদ্য, সান্ধ্যভোজন। বিপ 'প্রাতরাশ'। "সায়মাশ।—গোভিল ১ ৩ ১৯, সায়মাশ মহা ১৩ ৯৩ ১০।

সায়মানা ; সায়মাশ দ্র 'সায়বানা, সায়মশন'।

সায়মাহুতি স্ত্রী [ষ ত] সায়ংকালের হোম, সায়ংহোম।

সায়ম্প্রাতরাশী (-শিন্) বিণ [°তর্+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] সায়ম্প্রাতর্ভোজী, উভয়সন্ধ্যাশী। "শতপথব্রাহ্মণ ২ ৪ ২৬।

সায়ম্প্রাতর্হোম পুং [ষ ত] সায়ম্প্রাতরাহুতি, সন্ধ্যায় ও প্রভাতের হোম।

সায়ম্ভোজন ক্লী [ষ.ত] সায়ংকালের ভোজন। "সায়ম্ভোজনে নিবৃত্তে মনু ৩.১০৫, কুল্লুক।

সায়র বি [সং সাগর >প্রা সাযর] ১ সমুদ্র। "সুখ-সায়র চ.দা ১৪০, যৌবন সায়রে, সরিতেছে ভাঁটা ১৪১, ক্ষীরোদ সায়র ১৫৫। কালিয়া সায়রে, সিনান করিয়া, কালিয়া হয়েছি সাধে চ.সা ৬৪। হেরইতে রূপ,-সায়রে মন ডুবল।—জ্ঞা ১২। অমিয়া সায়রে, সিনান করিতে, সকলি গরল ভেল প.র ৬১। অমিযা° চৈ.ম ৬। নিরমজি উনমজি, আরতি সায়রে, করল বেপ নিরমাণ।—ব ১১০, দুগসাযর ১৮৬। অপার সায়রে বি পা ২৭৮। সুখের সায়রে ভাসে শ্রী মা ৪৩। পঙ্কমধু-রূপ সায়রে ভাসছে নীলোৎপল কু কে ৬, কোমল হীবার কমল ফোটে কাল নিশির শ্যামসায়রে।—১৫৬। ২ সাগরসদৃশ বৃহৎ জলাশয়, সায়ের। ৩ বিপুল-আধার। "ধনা লাবণী সায়র।—গো ১০৩। রসসাযর মাযর ব প ১০৫০। —রী বি বিপুল আধার নারী। "রূপে গুণে সায়রী, সুজল ইহ নায়রী, ধনি রে ধনি ধন্য তুযা ভাগি ব প ১১৩২।

সায়া বি [F saia] শাড়ীর নীচে পরার ঘাযরা (petticoat)।

সায়াহ্ন পুং [অহ্নের সায় (অহ্নঃ সাযঃ) এক.স, পা ২.২ ১ ; ৫.৪ ৮৮, সি] দিনের অবসানভাগ, পঞ্চধা বিভক্ত দিনের শেষ মুহূর্ত্তত্রয়, সায়ংকাল, দিনান্ত। 'সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ। "রা ৭ ১১১ ৯। মনু ১১.১৮৩। ২ দিনের পঞ্চমভাগ। "চরেদ্ ভৈক্ষং সায়াহ্নেহনভিলক্ষিতঃ যাজ্ঞ ৩.৫৯। [°সময় (পুং)—সায়ংকাল। "রা ২ ৫৭.৫।]

সায়ী (-য়িন্) পুং [তু 'সাদী (-দিন্)] অশ্বারোহ (শ ক)।

সায়ুজ্য ক্লী [সযুজ্+য(ষ্যঞ্), ছান্দস] ১ সযুগভাব, একদেহদেহিত্ব, একত্ব, অর্থাৎ অভীষ্টদেবতার সহিত সংযোগরূপ মুক্তি। "দেবতানাং…সাযুজ্যং গচ্ছতি।—ছান্দোগ্য ২.২০ ২। ভবসাযুজ্যমাগতাঃ মহা ১০.৭ ৪৫। ভ ৩.২৯ ১৩। ব্রহ্মসাযুজ্য মুক্তি চৈ চ ১০৭। বাসনা সাযুজ্য মোক্ষ বি স্থ ১৫। কেউ বলে সাযুজ্য মেলে।—রামপ্রসাদ। ২ সাদৃশ্য (A)।

সায়ের বি [সায়র >°র] ১ সর্থ 'সায়র (২)। ২ নদীতীরস্থ বাণিজ্যস্থান, বন্দর, গঞ্জ, গোলাহাট। "সায়েবে গিযেছে স্বামী, হাব্লি আঁধার করে।—জা ৩৬। [সায়েরী গোরু—সাযেবে যাতাযাতে অভ্যস্ত গাড়ীর গোরু (চব্বিশপরগনা)।]

সায়েস্তা দ্র 'শায়েস্তা'।

সার১ বিণ [সার+অ (অচ্), স্ত্রী -রা] ১ বলবান্, সবল। 'শুক্রেণ সারঃ।—বৃহৎসংহিতা ৬৯ ৩৩। ২ সুদৃঢ়, সংহত। '°গাত্র মহা ৬ ৭৬. ৩। ৩ স্থিরাংশবান্ (pithy)। "সারদ্রুম।—বৃহৎসংহিতা ৪৩ ৫৮, °দারু ৫৪.১১৮। সার কাঁঠালের গুঁড়ি বি স্থ ১২৯। ৪ বর, শ্রেষ্ঠ। "ধর্ম্মঃ …ত্রিবর্গসারঃ কু.স ৫ ৩৭। লাবণ্য° ভ ১০.৪৪ ১৪। মৃ ১.১৩। অসারে খলু সংসারে সারমেতচ্চতুষ্টয়ম্। কাশ্যাং বাসঃ সতাং সঙ্গো গঙ্গাম্ভঃ-শম্ভুসেবনম্॥—উদ্ভট। ৫ উৎকৃষ্ট। "রাজ্যে সারং বসুধা বসুধায়ামপি পুরং পুরে সৌধম্ সা দ ১০ ৭৯। ৬ শবল, বিচিত্র। "কৃষ্ণসার। দ্র 'কু.স ৩.৩৬, মল্লিনাথ। ৭ প্রমাণদৃঢ়ীকৃত, সপ্রমাণীকৃত। ৮ মহার্ঘ, মহামূল্য। ৯ প্রধান। "কিবল কর্ম্মের লেখা সারা শ্রী.ম ৯৩। ১০ (বাঙলায়) কেবল, মাত্র। "পিতল কাটারি কামে নাহি আয়ল। উপরহি ঝকমকি সার॥—দি.প ১১৭, ফলে কিছু না হেরিয়ে ঝনঝনি সার ১১৯। ডাকাডাকি সার গো চ ৫৪, ১২২। কেবল উদ্যম সাবে ব.প ৭৮০। দাড়ি ভুঁড়ি সার কোন জ্ঞান নাহি মাত্র বি.স্থ ১২৯। ১১ স্থির, ঠিক। "তবে ভাবিল গোর্থে মনে করি সার গো.বি ২১ ; ভাবি চিন্তি জতিনাথ মনে কৈল সার ৩২। মী ৭। ১২ সত্য, ঠিক। "কেমত জানিলা দেবী মোতে কহ সার গো.বি ২২, কেবা কৈব সার ৫৭। কহিবা মোরে সার ম.ম ১২৮, বার্ত্তা পাইলাম সার ১৭১। ১৩ ঠিক (due, exact)। "সার উত্তর, দক্ষিণ। ১৪ তন্মাত্রাবশিষ্ট। "(গাছ) ডাঁটা-সার : (ফুল) বোঁটা-সার ব.প ১৯২৬। —র পুং, ক্লী [√সৃ+অ (ঘঞ্)-ক, 'স্থির' অর্থে, পা ৩.৩.১৭] ১ 'যাহা কালান্তর যায়' (সি; অ.টী), স্থিরাংশ, দৃঢ়াংশ, স্থিরভাগ (essential part)। "বজ্রসারাঃ শরাঃ শ ১ ১০। ধারাম্…উৎপলপত্রসারাম্ রঘু ৬.৪২। ১০.১০। কুলিশসার তনু অন্তর বি.প ১১৭, ১৫৫। সহদেব বীর দেখ পর্ব্বতের সার।—ব ৯০৫। কহি শুন সার অ.প ৬। ২ বৃক্ষের স্থিরকাষ্ঠাংশ ; মাঁজ (pith)। "খদিরস্য সারম্।—ঋগ্বেদ ৩ ৫৩ ১৯। চন্দনে°, খদিরসার পা ৩.৩ ১৭, কাশিকা। চন্দনের সার।—কৃ ২৮৩। ৩ অস্থি-স্থিরাংশ, মজ্জা। ৪ নির্য্যাস, রস, আঠা (sap)। "সর্জ্জ°। ৫ ফলের শস্যভাগ, শাঁস (pulp)। "যথৈষাং (ফলানাম্) সারাণি নৈষামিব সন্তি তেষাম্ মহা ৩.১১২ ১৪। ৬ রসরক্তাদি ধাতু। ৭ প্রধান (মেধাতিথি)। "সাবিত্রীমাত্রসারঃ…বিপ্রঃ মনু ২.১১৭। আরে তুমি কুবচন-সারা শ্রী ম ৯৩। ৮ অমৃত, সুধা। "সারং জুষাং চরণয়োঃ ভ ৭৬. ২৫। ৯ হৃদয়। ১০ দধ্যুত্তর, দধ্যগ্র। ১১ নবনীত। "সুশ্রুত ৬.২৬. ২। ১২ ধন। "রঘু ৪.৭৯, আর্ত্ত° ৫.২৬। ১৩ যক্ষ্মক্ষার। ১৪ ধুপ, সর্জ্জরস। ১৫ পাশক। ১৬ রোগ। ১৭ শ্রেষ্ঠবস্তু। "সারং রসানাম্ভ ঘৃতং ঘৃতসারং হুতঞ্চ যৎ।—বহ্নিপুরাণ (শ ক)। সারং ততো গ্রাহ্যম-পাস্য ফল্গু।—পঞ্চ ৯ (কথামুখ)। ১৮ বস্তুসংক্ষেপ, বিষয়সংগ্রহ। সকলার্থশাস্ত্র°।—পঞ্চ ৩ (কথামুখ)। ১৯ দৃঢ়তা। ২০ লৌহ। ২১ গোময়। ২২ [সৃধাতুরন্তর্ভাবিতণ্যর্থঃ, পা ৩ ৩ ১৭, তত্ত্ববোধিনী] বল, সামর্থ্য। "ভুজযোঃ সারমর্পয মহা ১.১৫৪ ২৩। সর্ব্বাতিরিক্ত° রঘু ১ ১৪, ৪ ৭৯। কু স ১ ১৭। সিংহ° চৈ ভা ৪৫৭। ২৩ ধনশরীরাদি-সামর্থ্য। "সাবাপরাধৌ চালোক্য দণ্ড দণ্ড্যেষু পাতয়েৎ মনু ৮.১২৬। ২৪ দাবার বল বা ঘুঁটি (a man at chess)। ২৫ বায়ু। ২৬ মিত্র-রাজ। ২৭ বিপিন। ২৮ জল (মেদিনী)। ২৯ (বাঙলায়) একমাত্র বিষয়। "অপর্ণাখ্যা হ'য়ে তবে, পবনভক্ষণ কৈলা সার শি ২২। —র পুং ১ অর্থালঙ্কারবিশেষ। [বিশেষ্যের উত্তরোত্তর উৎকর্ষ বর্ণিত হইলে 'সার' অলঙ্কার হয়। 'উত্তরোত্তরমুৎকর্ষো বস্তুনঃ সার উচ্যতে সা.দ ১০. ৭৯। ২ যজ্ঞ। দ্র 'সা দ ১০ ৭৯, টীকা। —র ক্লী ন্যায্য, উচিত, ন্যায় (সা দ ১০ ৭৯, টীকা)। "নৈতৎ সারম্ (অ টী)। [°খদির (পুং) —অতিদৃঢখদিরবিশেষ, দুর্ খদির। °গন্ধ (পুং)—'উৎকৃষ্টগন্ধ', চন্দন। °গাত্র (বিণ)—সুদৃঢ়গাত্র। দ্র 'সার১ বিণ (২)। °গ্রাহী (-হিন্) বিণ—স্থিরাংশগ্রহণশীল, তত্ত্বগ্রাহক। °গ্রীব (পুং)—'দৃঢ়বন্ধর' (নীলকণ্ঠ), শিব। "মহা ১৩ ১৭ ১১০। °দ্রুম (পুং)—দৃঢ়কাষ্ঠবৃক্ষ, খদির। °ধাতা (-তৃ) পুং—'বোধজনয়িতা' (নীলকণ্ঠ), শিব। "হ ১৩১.৪৪। °ফল্গুত্ব (ক্লী)—সারাসারতা, প্রাধান্যাপ্রাধান্য। "মনু ৯ ৫৬। °ভঙ্গ (পুং) —বলক্ষয়, শক্তিহ্রাস। °ভাণ্ড (ক্লী)—মহার্ঘ পণ্যদ্রব্য, কস্তূরিকাদি। "যাজ্ঞ ২ ২৫০। °ভূত (বিণ)—সারসদৃশ, স্থিরাংশনিভ। "সারভূতং ভূতার্থম্…প্রবক্ষ্যে।—বৃহৎসংহিতা ১.১১। °ভৃৎ (বিণ)—সার-গ্রাহী। "ভ ১০.১৩২। °রূপ (বিণ)—শ্রেষ্ঠস্বভাব। "সা দ ১৯। °লোহ (ক্লী)—উৎকৃষ্টলোহ, ইস্পাত।

সার২ বি [সহার >সার] সহকারপল্লব (মঙ্গলদ্রব্যবিশেষ)। "পূর্ণঘট দীপ ধান্য দধি আম্রসার চৈ.ভা ১১১। শ্রী মা ১৬২।

সার৩ বি [সং সর ; অপ্র] গতি। "শ্রী.মা ১৬৪।

সার৪ বি [সার১ (২১)—মূল] ভূমির উৎপাদকশক্তিবর্দ্ধক গোময়াদি। "°কুড়। —রি বিং উর্ব্বর। "সারিভূমি শি ৭৫।

সার৫ বি [সং সারিকা ; 'সারক' (দিনাজপুর)] সালিক পাখী। "গো চ ২৬৪, ২৬৮ ; ২৬৯।

সার৬, -রবজ্জি দ্র 'শার২।

সার৭ সর্ম [সং √সৃ— √সারি (ণিজন্ত)— √সারয্ >প্রা √সার

সিকতা বিণ [°তা+অ (অণ্), প্রত্যয়লোপ, পা ৫ ২ ১০৫] সিকতাবান্, সিকতিল, সৈকত। "সিকতা দেশঃ (কাশিকা)। —তা স্ত্রী [√সিক্ সেচন+অত (অতচ্)—শ.ক, √সিচ্+অতচ্ (রামাশ্রমী), 'সিকতা' শব্দ বহুবচন, (পা ১.২ ৫৩, কাশিকা), 'বালুকাকণ' অর্থে একবচন—'একস্যা অপি সিকতায়া তৈলং নাস্তি (চন্দ্রকীর্তি—অ.টী)। যে সিকতে শুক্লা চ কৃষ্ণা চ।—শতপথব্রাহ্মণ ৭.৩ ১ ৩৮।] ১ বালুকা। "অথর্ববেদ ১১.৭.২১। শুক্লযজুর্বেদ ১৮ ১৩। গো.রা ১.৭৯.৩৮। লভেত সিকতাসু তৈলমপি যত্নতঃ পীড়য়ন্ (ভর্তৃহরি)। সিকতা জল বেছে, ক্ষণহি শুখায়ল, ঐছন তোহারি সোহাগে বি.প ১৮৩। সাগর°। —হেম ১৪৫। ২ বালুকাময়ভূমি। [°মেহ (পুং)—মেহবিশেষ (সুশ্রুত)।]

সিকতাময় বিণ [°তা+ময় (ময়ট্)] ১ সিকতাবিকার, সৈকত (অ কো)। ২ সিকতাপ্রচুর, বালুকাময় (দেশ)।

সিকতিল বিণ [°তা+ইল (ইলচ্), পা ৫ ২ ১০৫] সিকতাবান্।

সিকল বি [শিকল >°ল] শৃঙ্খল, বন্ধন। "চন্দ্র সূর্য্য আদি জত সজ্জের সিকলে (কিবে নিবন্ধরে)।—গ ৬৪।

সিকলি ; সিকস্ত ; সিকা১, সিকে ; সিকা২ দ্র 'শিকলি, শিকস্ত, শিকা১, শিকা২'।

সিকাই বি [সিকা১+ই৮] ১ সিকার ভারবাহক, ভারী, বাঁকী। "হাজরা সিকাই কাহার শ্রী ম ২২৩। ২ কটিবন্ধু। তু 'শিকাই'। "আসি মন পাটা নইলে শিকাই করিয়া গো চ ৮০।

সিকি বি [সিকা২ >সিকি, হি সুকা, -কী, ড় সুকা] ১ টাকার চতুর্থাংশ মুদ্রা। ২ সম্পূর্ণের চতুর্থাংশ বা সিকিভাগ। "সিকি পয়সা, সিকিভরি। [সিকিটা—সিকি-অংশটা।]

সিকিয়া বি [স° সিক্য >(স্বরাগমে) °য়া] সর্থ 'শিক্য'। "ব প ৬০। নয়া সিকিযাএ বাউকা…সাজাযা দিল গো চ ২৬১।

সিক্কা বি [সিক্য >সিক্কা] ১ সর্থ 'শিক্য'। ২ সর্থ 'শিক্কা'। "গো.চ ২৬০।

সিক্ত বিণ [√সিচ্+ত(ক্ত)-র্ম] কৃতসেচন, আর্দ্রীকৃত, অভ্যুক্ষিত। —ক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সেচন, অভ্যুক্ষণ।

সিক্থ পুং [√সিচ্+থ(থক্)-ক, উ ২ ২৭] ১ যাহা ফেন ক্ষরণ করে; ভক্তপুলাক, পিঠা। "পেয়া °সমন্বিতা (যবাগূঃ—শ.ক)। ২ গ্রাস। "ভক্তসিক্থমরং প্রাপ্য পাকভাণ্ডাদভক্ষয়ম্ ক.সা ১০৮ ৭৭। —ক্থ স্ত্রী ১ মধূচ্ছিষ্ট, মোম। ২ নীলী, নীলরঙ। —ক্থক পুং [সিক্থ+ক (কন্)-স্বার্থে] সর্থ 'সিক্থ (১)। "বৃহৎসংহিতা ২৬.৮। —ক্থক স্ত্রী মধূচ্ছিষ্ট।

সিক্য, সিক্যা ; সিখড় দ্র 'শিক্য ; শিকড়'।

সিখর বি [তু 'সং শিখর >প্রা সিহর] শৈলাগ্র। "প ৬১,-২।

সিগারেট্ বি [E. cigarette] কাগজে জড়ান ছোট চুরুট। "সিগারেটের শূন্য বাক্স প কা ৭৫।

সিগাল বি [সং শৃগাল >প্রা সিগাল ; অপ্র] শিয়াল। "ব.প ৬৫৯।

সিগ্র ক্রি.বিং [তু 'সং শীঘ্র >প্রা সিগ্ঘ] শীঘ্র। "গো.বি ৭৭।

সিঙা, সিঙ্গা, সিঞে, সিঞা সর্ম [√সিঁয়, -য়া >সিঙা, -ঙ্গা, -ঞে, -ঞা] সেলাই করা। "(বেহুলা) বোয়াল মৎস্যের পেট সিঙ্গান ম.ভা ৬৩। সৌচিক…সিঞে কঞ্চুকাদি ভ.প্র ১৬১। বস্ত্র সিঞে ন.প ৩৫৭। পত্র সিঞঃ সিঞাইতে শ্রী ১০৮। অধ্যক্ষেরা ভাল থলি সিঞাইয়া বসিয়াছিলেন আ.দু ১৩৫। [সিঙা(ঙ্গা)ন—সর্থ 'সিঙা'। থলি সিঞাইয়া বসা—ধ্রুব অর্থলাভার্থ প্রস্তুত থাকা।]

সিঙ্গা১ ; সিঙ্গা২ ; সিঙ্গাদার, সিঙ্গার দ্র 'শিঙা, সিঙা, শিঙ্গাদার, শিঙার'।

সিঙ্গাল বি [দ্র 'শিঙী'] সিংঙীমাছ। "শি ৮৫।

সিঙ্গাসন বি [তু 'সং সিংহাসন >প্রা সিংঘাসণ] "সিংহাসন। "সিঙ্গাসনে বসাইল।—মী ৬। খাট পাট সিঙ্গাসন ম.পা ১৭, ২৬। দিব্য সিঙ্গাসনে গো.চ ৫, ১৮২। গো বি ২৭, ২৮, ৩০।

সিঙ্গি বি [সং সিংহ >প্রা সিংঘ >বা (সিংঘি) সিঙ্গি, দ্র 'ই১১'] সিংহ। "তুমি চণ্ডী, আমি সিঙ্গি।—দা ২১২৩।

সিঙ্গিনা বি শিঙ্গা। "মএনা সিঙ্গিনা বাজায় গো চ ১২৩।

সিঙ্গিরা বি [সং শৃঙ্গাট] সিঙ্গাড়াগাছ, পানীফল গাছ। "বি.পা ১৬৩।

সিঙ্ঘল বি [সিংহল >°ল, দ্র 'সিঙ্গি'] সিংহলদ্বীপ। "ম.পা ১০৮,-৯।

সিঙ্ঘাণ, সিঙ্ঘাণক দ্র 'শিঙ্ঘাণ'।

সিচ্ সক [তুদা, এ—সিঞ্চতি,-তে, অনিট্] ১ সেচন, আর্দ্রীকরণ। "বননদীতীরজাতানি সিঞ্চন্ পুমে ২৬। মনু ৯.২৫৫। ২ ক্ষরণ, বর্ষণ, পাতন। "রেতঃ সিক্ত্বা স্বযোনিষু মনু ১১ ১৭১, ১৭৪। অস্তাংসি রুক্মকুম্ভেন সিঞ্চন্ ভট্টি ১৯ ২৩। ৩ দান। "অন্যথা সিক্তং মে তিলোদকম্ শ ৩৮১। —চ অক ক্ষরণ। [অভি—১ অভিষেচন। "রাজ্যঃভিষেক্ষ্যে সুতম্ ভট্টি ৩.২। ২ উৎসর্গ, দান। "(অসৌ) অভ্যষিক্ত বারীণি পিতৃভ্যঃ ভট্টি ৬ ২৩। আ—আসেচন, সুষিক্তীকরণ। "ভ ৩.২২.২৫। উদ্—উৎসেক, গর্ব্ব। নি—১ নিষেক, বর্ষণ। "রঘু ৩.২৬। ২ গর্ভাধান।]

সিচ সর্ম [সং √সিচ] ১ ছেঁচা। "নিত্য সিচে জল ব প ৬৪৩। ২ বর্ষণ করা। "দুই দিকে নারীগণ দই দুধ সিচে বি.পা ৩৭৩।

সিজ১, সেজ৩ বি [সং সিধ্রকা, হি সীজ, ড় সিজু] সুহীবৃক্ষ, মনসাগাছ (Euphorbia tirucalli)। "ঘোড়াসিজ পাতাসিজ ক.চ ৭৭। শ্রী ২১২। [সিজবনবাস—সিজবনে বসতি। "বাপ থুইল সিজবনবাসে ম ভা ৮১। সিজবনবাসিনী, সিজবিপিনবাসিনী—সুহীবনে বাসকারিণী (মনসা)। "ম.ভা ৮১, ৭৮।]

সিজ২, -ঝ অর্ম [সং √সিধ্ >প্রা √সিজ্ঝ >বা (সীঝ,-ঝ) সিজ, -ঝ, হি √সীজ, -ঝ ; প √সিজ্জ ; ঠ √শিজ, √সিজ, -ঝ ; গু √সিজ ; সি √সিঝ ; ড় √সিঝিবা ; অস √সিজ] ১ সিদ্ধ হওয়া (to boil); অগ্নিপক্ব হওয়া। "নির্বেদ-অনল যেন প্রভুর অন্তরে। প্রেমামৃত আবর্ত্তন করে সে অনলে॥ সিজি সিজি প্রেম যবে পিণ্ডপ্রায় হবে। হৃদয়ের ত্রণপ্রায় দুঃখ জন্মাইবে॥—চৈ ৭১। ২ শুষ্ক হওয়া ; শীর্ণ হওয়া। "দেখাদেখি সাধয়ে যোগ, সিজে কায়া বাড়য়ে রোগ ওয়ে মিছামিছি কর্ম্ম ভোগ, গুরু

শিৱে প্রসাদ বলে। —রামপ্রসাদ।—জা², -ঝা² সর্ম্ম [সিজ, -ঝ+আ৮ ; হি √সিঝা ; ঠ √শিজরি ; ড় √সিঝাইবা] সিদ্ধ করা ; সিজান।

সিজন বি [সৃজন > °ন (সৃ > স্রি > সি, দ্র 'ঋ¹') ; অপ্র] সৃষ্টি। "মন পবন দুই হেলাএ সিজন করিল শূ ১০৯ ; ব.প ১১২।

সিজবনবাস, সিজবিপিনবাসিনী দ্র 'সিজ²।

সিজা¹, -ঝা¹ বি [সিজ², -ঝ+আ৬] সর্থ 'সিজ²। —জা, —ঝা বিং [+আ¹²] সিদ্ধ। "সিঝা পোড়া ব্যঞ্জন ব.প ১১৯৯।

সিজা², সিঝা² দ্র 'সিজ²।

সিজান, সিঝান বি সিদ্ধ করা। "ধান সিজান। —জান, -ঝান বিং সিদ্ধ। "সিজান ধান্তের গাছ ম.ভা ৭৪। সিজান ধান্তেতে যদি অঙ্কুর নিঃসরে ব.প ২৬৩।

সিজুয়া বি সর্থ 'সিজ¹। [°শিখর (বি)—স্নুহীবৃক্ষাগ্র, সিজগাছের আগা। "অস্থির হইল দেবী সিজুয়াশিখরে ম ভা ৭৮।]

সিজ্জন বি [সৃজন > বা সিরজন > °ন, তু 'প্রা সিজ্জিঅ (সৃষ্ট), অপ্র] সৃষ্টি, উদ্ভাবন। "(গোরাচাঁদ) কীর্ত্তন সিজ্জন কৈল খোল করতাল ক.চ ৫। [সিজ্জাইয়া—সৃষ্টি করিয়া। "গো.চ ২০৬,-৯। সিজ্জাইল—সৃষ্টি করিল। "কুআ সিজ্জাইল গো.চ ২০১ ; সুরজ সিজ্জাইল ২০৯ ; গাছসিজ্জাইল ২১১।

সিঝ ; সিঝা¹ ; সিঝা² ; সিঞা, সিঞা, সিঞান দ্র 'সিজ² ; সিজা¹ ; সিজা² ; সিঙা'।

সিঞ্চ সর্ম্ম [সং √সিচ্—সিঞ্চ্ > লি √সিঞ্চ, প্রা √সিংচ > বা সিঞ্চ, হি √সীংচ ; ঠ, গু √সিংচ ; ড √ছিঁঞ্চিবা] ১ আর্দ্র করা, ভিজান। "মাংসপিণ্ড সিঞ্চ জলে।—ম ১০৮, কৃষ্ণ-আগমন শুনি, যুধিষ্ঠির নৃপমণি, অমৃতে সিঞ্চিল কলেবর ৪৯৬। পদ্মিনী সিঞ্চিয়া : (হস্তী) অঙ্গবন সিঞ্চি উঠে ব প ১২৯৭। সিঞ্চ স্তনঘটে বা.দ ৩৬। ২ রাজ্যে অভিষিক্ত করা। "তোমারে সিঞ্চিবে আজি বিপ্র চারিবেদী।—ম ৭২০। ৩ তুলিয়া ফেলা ; ছেঁচা। "দুই হাতে সিঞ্চি যদি সিন্দুক ধারা বি প ২১৫। ৪ বর্ষণ করা। "হাসিয়া হাসিয়া, অমিয়া সিঞ্চিয়া, বোলে আধ আধ বাণী ব.প ১১৩৩। খই দধি সিঞ্চে বি.পা ২৭৬। [সিঞ্চ, -ঞ্চউ, -ঞ্চিল, -ন্তি, -ঞ্চিবেক (শ্রী.কী)।]

সিঞ্চন বি [সিঞ্চ+অন ; হি, ঠ সিংচন, সং সেচন] ১ সেচন, আর্দ্রীকরণ। "এক্ষণে বাপীজলসিঞ্চনে সে কেশ ঋজু হইয়াছে ব.প্র ১৪১। ২ ক্ষরণ, বর্ষণ। "বারি সুশীতল, বদনে করে সিঞ্চন।—হেম ৭৫। ৩ তরল দ্রব্য হাতে করিয়া দেওয়া। "আয়েষা মুখে সরবৎ সিঞ্চন করিলেন ব.প্র ৯৪।

সিঞ্চা, -ঞ্চিড়া বি [সিঞ্চিল > সিঞ্চিলা, -ঞ্চিড়া, -ঞ্চা (?)] রোমাঞ্চ। "(প্রাণনাথ!) ভূমিতে দাঁড়াও যবে, ডরে প্রাণ হালে তবে, সিঞ্চা (পাঠান্তর—'সিঞ্চিড়া') পড়য়ে সব গায় চৈ.ম ১৩৯। কুশের অঙ্কুর বড়, শেলের সমান দড়, শুনিতে সিঞ্চিড়া পড়ে গায় রা শে ৩৭, ১০২।

সিঞ্চিত বিং [সিঞ্চ+ইত² ; হি, ঠ সিংচিত, সং সিক্ত] ১ আর্দ্রীকৃত। "সিঞ্চিত আনন্দ-জলে সর্ব্ব কলেবর চৈ.ভা ১৮৩। বাক্যে আনন্দে সিঞ্চিত চৈ ৯২। জল° (বরষা) চ.কা ২৫। ২ সিক্ত, শীতল। "গৌরচন্দ্র দেখিয়া সিঞ্চিত কলেবর চৈ ম ১১৬। ৩ ক্ষরিত, বৃষ্ট, কৃতবর্ষণ। "অঙ্গে যেন সিঞ্চিত হইল সুধাজলে শ্রী মা ১১৪। সিঞ্চিত সুগন্ধিবারি স্নিগ্ধ পথিকুল।—হেম ১৭১।

সিঞ্চিল বিং [সিঞ্চ+ইল¹] সিক্ত। "অমিয়া° মুখ চৈ.ম ১৫৪।

সিঞ্জা স্ত্রী [তু 'সং শিঞ্জা > প্রা সিংজা] সর্থ 'শিঞ্জা'।

সিঞ্জিত ক্লী [তু 'সং শিঞ্জিত > প্রা সিংজিঅ] সর্থ 'শিঞ্জিত'। "নূপুর° কু.স ১.৩৪ (S.W.)। সিঞ্জিত রাব জ.প ৬১।

সিটে বি [দ্র 'শিটা'] সর্থ 'শিটা'। "নিজের (তেঁতুলের) সম্পত্তি খোলা আর সিটে ব.প্র ৫৮৩।

সিঠিকা বি লোহের শিঠা ; লোহমল বা মণ্ডুর। "প্রথম কেলিয়া মারে লোহার সিঠিকা ব প ১২৫।

সিত বিণ [সিত+অ (অচ্)] ১ শ্বেতবর্ণবান্, ধবল, শুভ্র, শুক্ল। "বর্ণৈর্নীলসিতপীতারুণৈঃ রা ২.৯৪.২০। মনু ১১.১৩১। সিতেষু হর্ম্ম্যেষু।—ঋতু ১.৯। °পক্ষ ক.চ ৭৯। সিত চন্দন শ্রী.ম ৪। সিতা দ্বিতীয়া ম.পা ১৫৯। ২ শুদ্ধ (শ্রীধর)। "°কিসলয় ভ ৫.৩.৬। ৩ হিংসারহিত। "°কর্ম্মন্ মহা ১.৯১ ১৫। ৪ [√সি+ত (ক্ত)-র্ম, পা ৮.২.৪৪, সি] বদ্ধ। "সিতা পাশেন সূকরী (সি)। ৫ পিণ্ডীকৃত। "সিতো গ্রাসো দেবদত্তেন (সি)। ৬ জ্ঞাত (শ.ক)। ৭ [√সো+ত (ক্ত)-ক, পা ৭.৪ ৪০] অবসিত, সমাপ্ত। —ত পুং [√সি+ত-ক, উ ৩.৮৯] ১ শুক্লবর্ণ, সাদা রঙ। ২ শুক্রগ্রহ। ৩ শুক্লপক্ষ। "মাঘসিতোত্থা গর্ভাঃ।—বৃহৎসংহিতা ২১.১০। শ্রী ৪৩। ৪ শর (শ.ক)। ৫ শর্করা। "সিতশৈলমুক্তাঃ।—বৃহৎসংহিতা ৭৭.১১। —ত ক্লী ১ রৌপ্য। ২ শ্বেতচন্দন। ৩ মূলক।—তা স্ত্রী ১ শর্করা। "পিত্তেন দূনে রসনে সিতাপি তিক্তায়তে নৈ ৩.৯৪। শ্রী ৪২। ২ মল্লিকা। ৩ চন্দ্রিকা। ৪ মদ্য। ৫ শ্বেতদূর্ব্বা ; শ্বেতকণ্টকারী, বাকুচী ; বিদারী, মূর্ব্বা ; ত্রায়মাণা-লতা। ৬ পর্ব্বতাপরাজিতা। ৭ সুন্দরী (A.)। ৮ (বাঙ্লায়) শর্করাখণ্ড, খণ্ড। "শর্করা সিতা মিশ্রি উত্তমমিশ্রি আব চৈ.চ ২০০। [°কণ্টা, -ণ্টারিকা (স্ত্রী)—শ্বেতকণ্টকারী। °কণ্ঠ (পুং)—দাত্যূহপক্ষী। °কর (পুং)—১ চন্দ্র। ২ কর্পূর। °কর্ণী (স্ত্রী)—বাসক। °কর্ম্মা (-র্ম্মন্) বিণ—যে হিংসাযুক্ত ধর্ম্মও ত্যাগ করে (নীলকণ্ঠ)। "মহা ১.৯১.১৫। °কুঞ্জর (পুং)—শ্বেতহস্তী ; ঐরাবত। °খণ্ড (পুং)—শর্করাখণ্ড। °চন্দন (ক্লী)—শ্বেতচন্দন। "হারাঃ সিতচন্দনার্দ্রাঃ।—ঋতু ৬.৬। °ছত্র (ক্লী)—ধবলচ্ছত্র, রাজচ্ছত্র। °ছত্রিত (বিণ)—সিতচ্ছত্রতুল্য কৃতাচরণ ; লোকত্রয়ব্যাপ্তিসমর্থ। "নৈ ১.১। °চ্ছদ, °দ্বিজ (পুং)—হংস। °চ্ছদা, °দ্বিজা (স্ত্রী)—শ্বেতদূর্ব্বা। °জা (স্ত্রী)—সিতাখণ্ড। °তুরগ (পুং)—'শ্বেতবাহন', অর্জ্জুন। °দর্ভ (পুং)—শ্বেতকুশ। °দীধিতি (পুং)—চন্দ্র। °ধাতু (পুং)—কঠিনী, খড়ি। "°পদ্ম (ক্লী)—শ্বেতকমল। "ভ ৩.২১.৯। °প্রভ (বিণ)—শুভ্রদীপ্তিক। "মহা ২.১০.১। °বর্ষাভূ (স্ত্রী)—শ্বেতপুনর্নবা। °বাজী (-জিন্) পুং—অর্জ্জুন। °বারণ (পুং)—'শ্বেতহস্তী', ঐরাবত। "ভ ৮.৪.২৩। °মণি (পুং)—স্ফটিক। "উ.মে ৫। °মরিচ (ক্লী)—শ্বেতমরিচ। °মাষ (পুং)—রাজমাষ। °রশ্মি, °রুচি (পুং)—চন্দ্র। "°চি মাঘ ১১.৫২। °শর্করা (স্ত্রী) অতিশুভ্রগুড়বিকারবিশেষ, পদ্মচিনি। "সা.দ ১৩। °শিম্বিক (পুং)—গোধূম। °শিব (ক্লী)—সৈন্ধবলবণ। °শূক (পুং)—যব। °শূরণ (পুং)—বনশূরণ, বুনো ওল। °সপ্তি (পুং)—'শ্বেতাশ্ব', অর্জ্জুন। "কি ১৩ ১৯। °সর্ষপ (পুং)—গৌরসর্ষপ। °সিন্ধু (স্ত্রী)—'শ্বেতনদী', গঙ্গা।]

সিতকার বি [শীৎকার > °র] সর্থ শীৎকার'। "চুম্বনে বদনে রচয়ে সিতকার।—জ্ঞা ৭৭। মলয় পবনে ধনি করু সিতকার।—ব ১৮১। [সিতকারি—শীৎকার করিয়া। "ঘন ঘন চমকি রহলি সিতকারি।—ব ৭৯।]

সিতপক্ষ পুং [কর্ম্মধা] ১ শুক্লপক্ষ। "°ভব।—বৃহৎসংহিতা ২১.৮। °চন্দ্র।—ম ৫৪৬। ক.চ ৭৯। ২ শ্বেত পক্ষ। ৩ [বহুব্রী] 'শ্বেতচ্ছদ', হংস।

সিতপুষ্প পুং [বহুব্রী] ১ তগরবৃক্ষ। ২ কাশ। —ষ্প ক্লী কৈবর্ত্তীমুস্তক। —ষ্পা স্ত্রী মল্লিকা। —ষ্পী স্ত্রী শ্বেতাপরাজিতা।

সিতাংশু পুং [বহুব্রী] ১ 'শ্বেতকিরণ', চন্দ্র। "নৈ ১.১২। ২ কর্পূর। —শুক বিণ [বহুব্রী] শ্বেতাম্বর, ধৃতশ্বেতবস্ত্র।

সিতাখণ্ড পুং (ব.ভ) ১ শর্করাখণ্ড। ২ বিশুদ্ধ মধুজাত শর্করা ; মাধবী (ভাবপ্রকাশ)।

সিতাগ্র পুং [বহুব্রী ; তু 'শিতাগ্র'] কণ্টক।

সিতাঙ্গ পুং [বহুব্রী] ১ শিব। ২ কর্পূর। ৩ শ্বেতরোহিতবৃক্ষ।

সিতাতপত্র, -পবারণ ক্লী [কর্ম্মধা] শ্বেতচ্ছত্র, রাজচ্ছত্র। "সিতাতপবারণ রঘু ৩.৭০।

সিতাতপবারণ দ্র 'সিতাতপত্র'।

সিতাদি পুং [সিতা+আদি ; ষ.ত] 'শর্করাকারণ', গুড়।

সিতান বি [সিতান >°ন] সর্থ 'শিতান (১)। "ইষ্ট কুটুম্ব কান্দে সিতানে বসিয়া।—ম.গা ৯। রাজার সিতানে জাএয়া বসিল গো.চ ৯, মএনার হস্ত ফির রাজার সিতানে দিল ৪৬।

সিতাপাঙ্গ পুং [বহুব্রী] শুক্লাপাঙ্গ, ময়ূর।

সিতাব ক্রি.বিং [ফা শিতাব] শীঘ্র, অচিরাৎ। "এসো কুছ হুজুর বাতায় দেও তোয়। কিয়ে পিছে সিতাব থয়ের খুব হোয়॥—রা.স ১২। —ব বি ত্বরা। "সিতাব করি ভজে হাড়ির চরণ ব প ৪১।

সিতাবর পুং [?] সুনিষণ্ণক, সুধুনী শাক। —রী স্ত্রী বাকুচী।

সিতাব্জ ক্লী [কর্ম্মধা] শ্বেতপদ্ম। "সন্নিষণ্ণা °ব্জে (বাগ্‌দেবতা)।

সিতাভ্র ক্লী [কর্ম্মধা] শ্বেতমেঘ। "(নাগাঃ) সিতাভ্রকূটপ্রতিমাঃ মহা ৩. ৪২.৬। —ভ্র পুং (সাদৃশ্যে) কর্পূর।

সিতাম্বর বিণ [বহুব্রী] শ্বেতবস্ত্রধারী। —র পুং সর্থ 'শ্বেতাম্বর'।

সিতাম্বুজ, -তাম্ভোজ ক্লী [কর্ম্মধা] শ্বেতপদ্ম।

সিতাম্ভোজ দ্র সিতাম্বুজ'।

সিতাশ্ব পুং [বহুব্রী] ১ অর্জ্জুন। "মহা ৩.১৬৪ ১৬। ২ চন্দ্র।

সিতাষ্টমী বি সিতপক্ষের অষ্টমী, শুক্লাষ্টমী। "ম ১১০৬।

সিতাসিত বিণ [ত.পু] শ্বেতকৃষ্ণ। "সিতাসিতাঃ···বলাহকাঃ মহা ৭ ১৩০.২৯। সিতাসিত দুই পক্ষ ক.চ ৬৮, ১৬৪। পতাকা সিতাসিত বি.সু ১৬৫। —ত পুং ১ 'বর্ণে শ্বেত, বস্ত্রে অসিত', বলরাম। ২ [দ্বন্দ্ব] শুক্র ও শনৈশ্চর গ্রহ।

সিতাহ্বয় পুং [বহুব্রী] ১ 'সিতনামক', শুক্রগ্রহ। "বৃহৎসংহিতা ৪৫. ৯। ২ শ্বেতশিগ্রু; শ্বেতরোহিতবৃক্ষ।

সিতি বিণ [তু 'স' শিতি >প্রা সিতি (প্রা.ম)] ১ কৃষ্ণ, কাল। "ব.প ২৪৫। ২ শুক্ল, শ্বেত। [°কণ্ঠ (পুং)—শিতিকণ্ঠ, শিব। "ম পা ২০। °বাসাঃ (-সস্‌) পুং—সিতাম্বর, বলরাম।]

সিতিমা (-মন্‌) পুং [সিত+ইমন্‌ (ইমনিচ)-১ব] ১ সিতিভাব, শ্বেতত্ব, শৌক্ল্য। "মাঘ ১২৫। ২ কৃষ্ণতা, কালিমা।

সিতীকৃত বিণ [সিতি+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-ম] শুক্লীকৃত।

সিতেক্ষু পুং [কর্ম্মধা] শ্বেত ইক্ষুবিশেষ, ধলি-আক।

সিতেতর বিণ [সিত হইতে ইতর, সুপ্‌সুপা] ১ 'শ্বেতভিন্ন', অসিত, নীল। "°রত্ন তন্মেখলামধ্যমণেঃ কু.স ১.৩৮। ২ [দ্বন্দ্ব] কৃষ্ণশুক্ল, অসিতধবল। "(কৃষ্ণরামৌ) সিতেতরৌ ভ ১০ ৪১.৪১। —তর পুং ১ শ্যামশালি। ২ কুলত্থ কলায়। [°গতি (পুং)—কৃষ্ণবর্ত্মা, অগ্নি। °সরোজ (ক্লী)—নীলোৎপল। "°জদৃশ্‌ মাঘ ৯.৬৫।]

সিতোৎপল ক্লী [কর্ম্মধা] শ্বেতপদ্ম। "বৃহৎসংহিতা ১২.৫ ; ১০।

সিতোদ্ভব বিণ [সিতা হইতে উদ্ভব যাহার, বহুব্রী] শর্করাজাত। —ব ক্লী শ্বেতচন্দন।

সিতোপল পুং [কর্ম্মধা] 'শ্বেতশিলা', স্ফটিক। —ল কী কঠিনী। —লা স্ত্রী শর্করা। "পঞ্চরাত্র ৩.১৩.১২।

সিতোপলা দ্র 'সিতোপল'।

সি(সী)থান বি [দ্র 'শিতান'] ১ সর্থ 'শিতান (১)। "বালিস দিল সিথানে পৈথানে ব.প ৫৬৭। হাতীটা করিয়া চুরি বান্ধিলা সিথানে শ্রী ১২০। সীথানে পৈথানে গৃদা দিয়াছে বি.পা ২৯৭। ২ মাথার বালিশ। "উলু ছনের ভুরা বান্ধি তাহাতে সিথান বি.পা ৩৩৪। নাগরের বাহু. করিয়া সিথান, বিধান বসন ভূষণ।—জ্ঞা ১৩৩।

সিদা, সিদে[১] বিং [দ্র 'সিধা[৩]'] ১ অথল, সরল। "সাদা°। ২ অবক্র (straight)। "ঠ্যাং পাও সিদা করি দাও গো.চ ১১২। ৩ সর্থ 'সিধা[১]'। "গো চ ৬৫ ; ৬৭।

সিদাম্নি বি (?) "চোর ডাকাতের সনে করেছি °রি শ্রী.যা ২২০।

সিদে[১] ; **সিদে**[২] দ্র 'সিদা ; সিধা[৩]'।

সিদ্দা বি [সিদ্ধ >সিদ্ধা, -দ্দা] মন্ত্রসিদ্ধ পুরুষ। "গো.চ ৬০ ; ২১৫।

সিদ্ধ বিণ [√সিধ্‌+ত (ক্ত)-ক] ১ নিষ্পন্ন, নির্বৃত্ত। "আরম্ভঃ···সিদ্ধঃ উ.মে ১২। ন গণস্যাগ্রতো গচ্ছেৎ সিদ্ধে কার্য্যে সমং ফলম্‌।—হি ১.২৮। তব নামে সিদ্ধ সর্ব্ব কাজ ভা.চ ১। ২ অমোঘ, অব্যর্থ। "সিদ্ধসঙ্কোপ বাণেন হতো দৈত্যঃ ক.সা ১১২.৫৬। ৩ প্রসিদ্ধ, লোকপ্রচলিত। "এবং তৌ লোকসিদ্ধাভিঃ ক্রীড়াভিশ্চেরতুর্বনে ভ ১০.১৮.১৬। ৪ [সিদ্ধি+অ (অচ্‌)] কৃতকার্য্য, চরিতার্থ। ৫ সিদ্ধিপ্রাপ্ত, পারগ। "তর্কশাস্ত্রে সিদ্ধ যেই সেব্যমান চৈ.চ ৩৭। ৬ মন্ত্রসিদ্ধিবিশিষ্ট (শ.ক) ; তপঃসিদ্ধিসম্পন্ন। "সিদ্ধাম্‌ (অনসূযাম্‌) গো.রা ৩.২.৭। সর্ব্বে বেদবিদঃ সিদ্ধাঃ মহা ১.৬৬.৬। ইয়ঞ্চ শ্রমণা নাম সিদ্ধশবরী উ.চ ১২৬। এই সেই সিদ্ধশবরী শ্রমণা সী ১২। ৭ মুক্ত। "অহো দানব সিদ্ধোঽসি যস্য তে মতিরীদৃশী ভ ৬.১২.১৯। ৮ নিত্য (ত.বা)। "সিদ্ধা দ্যৌঃ, সিদ্ধা পৃথিবী, সিদ্ধমাকাশম্‌ (S W.)। ৯ অণিমাদিসিদ্ধিবিশিষ্ট। "সিদ্ধদেব। ১০ উপপন্ন, নির্ণীত (কুল্লুক)। "সাক্ষিপ্রত্যয়সিদ্ধানি কার্য্যাণি সমতাং নয়েৎ মনু ৮.১৭৮। ১১ লোকপরিনিষ্ঠিত। "নৈসর্গিকী সুরভিণঃ কুসুমস্য সিদ্ধা (মূর্দ্ধ্নি স্থিতিঃ) উ.চ ১.১৪। ১২ অভীষ্টসিদ্ধিপ্রদ, অব্যর্থফল। "°বর্ত্তিচতুষ্টয়।—পঞ্চ ৫১৬। ১৩ সংস্কৃত, পক্ব। "সিদ্ধমন্নম্‌ রা ১.৬৫. ৫, পঞ্চ ২.১২০। মনু ৩.৮৪। ১৪ সম্ভূত, সঞ্জাত। "তপঃপ্রভাবসিদ্ধাভির্বিশেষপ্রতিপত্তিভিঃ রঘু ১৫.১২। ১৫ অলৌকিকশক্তিসম্পন্ন। "মন্ত্র° মহা ১.১৬৪ ১৬। তপ° ভ ৭.৩.১৭। ১৬ পরিশোধিত (ঋণ —A.)। ১৭ স্বাভাবিক, অকৃত্রিম। "জাতি° ক.সা ৬৯.১০৮। ১৮ পবিত্র, পুণ্য। "সিদ্ধাশ্রমপদং চেদং ভূয়ঃ সিদ্ধতরং কৃতম্‌ গো.রা ১.৩৩.২৪। ১৯ সাধনবশীভূত। "মম সিদ্ধা হি যক্ষিণী ক.সা ১০ ১৭৮; এতস্য বেতালঃ সিদ্ধোঽভূৎ ১৮ ১৭৭। ২০ ইষ্টসাধনক্ষম। "সঙ্কল্পসিদ্ধোঽস্মি মহা ৫.১৯৪.৪। —দ্ধ পুং ১ অণিমাদিগুণোপেত দেবযোনিবিশেষ ; বিশ্বাবসু-প্রভৃতি। "রা ২.৭০.৩০। কু.স ১.৫। [সিদ্ধলোক চন্দ্রলোকের অধঃস্থিত ব্যোমস্থ (সূর্য্যসিদ্ধান্ত—ত.বা)।] ২ জন্ম হইতেই ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাতিশয়প্রাপ্ত (শঙ্কর)। "সিদ্ধানাং কপিলো মুনিঃ গী ১০.২৬। ৩ অলৌকিকশক্তিবিশিষ্ট ব্যাসাদি। ৪ ঐন্দ্রজালিক; অভিচারনিপুণ পুরুষ। ৫ জিন, অর্হন্‌। ৬ অর্হদ্‌গণের সংখ্যানুসারে (২৪) সংখ্যা। ৭ ব্যবহার (law-suit)। ৮ (জ্যোতিষে) একবিংশ যোগ। ৯ (তন্ত্রে) অকথহচক্রস্থ মন্ত্রভেদ (ত.বা)। ১০ সিদ্ধিযুত মন্ত্র (ত.বা)। ১১ কৃষ্ণধুর্স্তূর। ১২ গুড়। —দ্ধ ক্লী ১ (অকৃত্রিমতা হেতু) সৈন্ধবলবণ। ২ অণিমাদি সপ্তদশ। 'পঞ্চরাত্র ২.৮.২-৪। —দ্ধা স্ত্রী ১ যোগিনীবিশেষ (শ.ক)। ২ ঋদ্ধিনামক ওষধি। [°কজ্জল (ক্লী)—আভিচারিককজ্জলবিশেষ। °কাম (বিণ)—সিদ্ধাভিলাষ, সিদ্ধার্থ। "গো.রা ৪.৪৪. ১০৫। °কামেশ্বরী (স্ত্রী)—কামাখ্যামূর্ত্তিবিশেষ (কালিকাপুরাণ)। °কার্য্য (বিণ)—নিষ্পন্নকর্ম্মা। "ক.সা ১২১.১৮৪। °ক্ষেত্র (ক্লী) —সিদ্ধসেবিত স্থান, গঙ্গাতীরসমাশ্রিত স্থান। "সিদ্ধক্ষেত্রঞ্চ তজ্‌জ্ঞেয়ং গঙ্গাতীরসমাশ্রিতম্‌ মহা ৩.৮৫.৯৭। °গঙ্গা (স্ত্রী)—সিদ্ধসেবিতমন্দাকিনী। তু 'কচিৎ সিদ্ধজনাকীর্ণাং পশ্য মন্দাকিনীং নদীম্‌ রা ২.৯৫. ৯। °জন (পুং)—সিদ্ধ। °রা ২.৯৫ ৯। °জল (ক্লী)—১ পক্বজল। ২ কাঞ্জিক। °দেব (পুং)—শিব। °দ্রব্য (ক্লী)—আভিচারিক দ্রব্য। °ধাতু (পুং)—পারদ। °দ্বন্দ্ব (ক্লী) —সিদ্ধমিথুন। "পূ.মে ৪৫। °পক্ষ (পুং)—(ন্যায়ে) যুক্তিবাদপ্রমাণীকৃত পক্ষ। °পথ (পুং)—সিদ্ধগণের পথ ; আকাশ। "ভ ৬.১০.২৫। °বর্ত্তি (স্ত্রী)—সিদ্ধিপ্রদ

আভিচারিক ঋদ্ধি। "পক ৫৩১২। °বিদ্যা (স্ত্রী)—কালীতারাপ্রভৃতি মহাবিদ্যা। 'এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ (তন্ত্রসার)। °ভূমি (স্ত্রী)—সিদ্ধক্ষেত্র। °মন্ত্র (পুং)—সিদ্ধিপ্রদ মন্ত্র। °মোদক (পুং) —যবাসশর্করাভব-খণ্ড। °যোগিনী (স্ত্রী)—মন্ত্রসিদ্ধা যোগিনী। "ক সা ৩৭.১৬১। °যোগী (-গিন্) পুং—শিব (মহা)। °যোষিৎ (স্ত্রী)—সিদ্ধাঙ্গনা। "ভ ৪.৬.১১। °লক্ষ্য (বিণ)—অব্যর্থলক্ষ্যবেধক। দ্র 'সিদ্ধ বিণ (২)। °সঙ্কল্প (বিণ)—সফলকাম। °সরিৎ, °সিন্ধু (স্ত্রী)—সিদ্ধসেবিতা নদী ; মন্দাকিনী। তু 'কচিৎ সিদ্ধজনাকীর্ণাং পশ্য মন্দাকিনীং নদীম্ রা ২.৯৫ ৯। °সিদ্ধ (পুং)—মন্ত্রবিশেষ (তন্ত্রসার)। °সেবিত (বিণ)—সিদ্ধজনোপাসিত, সিদ্ধজনাশ্রিত। °স্থল, °স্থান (ক্লী)—সিদ্ধবাসস্থান, সিদ্ধলোক। °হেম (-মন্) ক্লী—বিশুদ্ধ স্বর্ণ।]

সিদ্ধক পুং [সিদ্ধ+ক (কন্) সংজ্ঞার্থে। ১ সিন্ধুবার, নিসিন্দা। "সুশ্রুত ৫.৩ ১২। ২ শাল।

সিদ্ধকুল বিং কুলীন। "কোন জন (কায়স্থ) °ল ক চ ৮৮।

সিদ্ধপক্ক বি সিদ্ধ করিয়া পাক-করা দ্রব্য, সিদ্ধব্যঞ্জন। 'শাকাদি ব্যঞ্জন কৈল সিদ্ধপক আর ন বি ১৪৬,-৭। লক্ষ টাকার তোড়া বেঁধে, সিদ্ধপক খায় রেধে।—দা ৩৪, নাই মৎস্য দুগ্ধ দধি, সিদ্ধপক হলো যদি, তবু তো ভাল, উপবাসটা গেল ৪৯।

সিদ্ধপীঠ পুং [কর্ম্মধা] ১ সিদ্ধস্থান। 'জাতো লক্ষবলির্যত্র হোমো বা কোটিসংখ্যকঃ। মহাবিদ্যাজপাঃ কোটিঃ সিদ্ধপীঠঃ প্রকীর্ত্তিতঃ ॥—তন্ত্র। ২ মন্ত্রসিদ্ধ্যর্থজপস্থানভেদ, বিষ্ণুচক্রচ্ছিন্নসতীদেহের তত্তদঙ্গপ্রত্যঙ্গপাতে পবিত্র একপঞ্চাশৎ পীঠ। 'দেবতা সকল মেলি, সিদ্ধপীঠ তারে বলি: মহাসিদ্ধপীঠ ক চ ১৬, ১৭।

সিদ্ধসাধন পুং [ষ ত] সিদ্ধগণের সাধনোপায়, গৌরসর্ষপ।—ন ক্লী (ন্যায়ে) নিশ্চিত বস্তুর অনুমান, সাধ্যবস্তুর আনশ্চয়সত্ত্বেও অনুমান (শ ক)।

সিদ্ধস্থালী স্ত্রী [ষ ত] সিদ্ধপুরুষের পাত্র, ইচ্ছামাত্রে অলৌকিকশক্তি হেতু অভীষ্টপ্রদ ভাজন। [ইহা যখন যাহার কাছে থাকে, তখন তাহার ইচ্ছামাত্রে অভীষ্ট পূর্ণ হয়।]

সিদ্ধা[১] দ্র 'সিদ্ধ।

সিদ্ধা[২] [সিদ্ধ > সিদ্ধা, দ্র 'অ'[১৩], তু 'সিদ্দা' (গো চ ৬১), সিধ্যা (গ ১৭১)] (বাঙলায়) সিদ্ধপুরুষ। "হাড়িফা সিদ্ধা গো চ ৪১২,-৫। সিদ্ধার ভেস গো বি ৭। গাবুর সিদ্ধাই।—মী ১৯। সিদ্ধাএ থান: সিদ্ধগণ ম.গা ২২, ২৩। ৩ দেবযোনিভেদ। "সিদ্ধা মুনিগণ।—গ ১৫১। চ বি ৩১।

সিদ্ধাঙ্গনা স্ত্রী [ষ ত] সিদ্ধস্ত্রী। 'পু মে ১৪।

সিদ্ধাজ্ঞ বিণ [বহুব্রী] যাঁহার আজ্ঞা সিদ্ধ বা অব্যর্থ, অমোঘাদেশ। "(নৃপাঃ) সিদ্ধাজ্ঞা ভবিষ্যন্তি।—বৃহৎসংহিতা ৪৩ ৯।

সিদ্ধাদেশ পুং [ষ ত] ১ লক্ষণজ্ঞ সিদ্ধপুরুষের আদেশ। "গো রা ২ ২৯ ১০। ২ [বহুব্রী] 'অমোঘাদেশ', সিদ্ধপুরুষ।

সিদ্ধান্ত পুং [সিদ্ধ অন্ত যাহা দ্বারা, বহুব্রী] ১ যাহা দ্বারা নিশ্চয় সিদ্ধ, পূর্ব্বপক্ষনিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষস্থাপন (অ টী), প্রমাণাদ্যুপন্যাস দ্বারা পূর্ব্বপক্ষনিরাসক সিদ্ধপক্ষস্থাপনরূপ বাক্যসমূহ (ত বা)। [সর্ব্বতন্ত্রসিদ্ধান্ত প্রতিতন্ত্রসিদ্ধান্ত অধিকরণসিদ্ধান্ত অভ্যুপগমসিদ্ধান্ত ভেদে সিদ্ধান্ত চতুর্ব্বিধ।] ২ স্বসিদ্ধান্তব্যবস্থায় শঙ্কাক্ষেপপরিহার (নীলকণ্ঠ)। "স্থাপনাক্ষেপসিদ্ধান্ত মহা ৩.৭০.৪৪। ৩ জ্যোতিঃশাস্ত্রভেদ। "সূর্য্য°, সোম°, বৃহস্পতি°। ৪ প্রামাণিকভাবে অভ্যুপগত অর্থ। 'প্রামাণিকত্বেনাভ্যুপগতোঽর্থঃ সিদ্ধান্তঃ (সর্ব্বদর্শনসংগ্রহ)। ৫ পণ্ডিতের উপাধি। "কালিদাস সিদ্ধান্ত পণ্ডিত সভাসদ্। কন্দর্পসিদ্ধান্ত আদি কত পারিষদ॥ —ভা.চ ২৪। ৬ (বাঙলায়) বিচারপূর্ব্বক উত্তর। "বীরবাক্যে নারায়ণী না কৈলা সিদ্ধান্ত ম.পা ৪৮, লজ্জার কারণে রামা না কৈল সিদ্ধান্ত ৮৭; ১৩১, ১৮১। ৭ নিশ্চিত বাক্য। "শুন ধনঞ্জয়-সখা আমার সিদ্ধান্ত ম.পা ১১০। ৮ কর্ত্তব্যবিষয়ে কথা। "মুখেতে সিদ্ধান্ত নাহি ঘামে টলমল বি পা ২০২। [°কোটি (স্ত্রী)—সংশয় হইলে, সিদ্ধান্তরূপে স্থাপিত পক্ষ। °পক্ষ (পুং)—হেতু দ্বারা প্রতিপাদিত পক্ষ। °শাস্ত্র (বি)—সিদ্ধান্তপক্ষবিষয়ক গ্রন্থ। "সিদ্ধান্তশাস্ত্র নাহি ব্রহ্মসংহিতার সম চৈ চ ১২৯।

সিদ্ধান্তাচার পুং [ষ ত] (তন্ত্রে) আচারবিশেষ। 'আত্মানং দেবতাং মত্বা যজেদ্দেবীং চ মানসৈঃ। সদা শুদ্ধঃ সদা শান্তঃ সিদ্ধান্তাচার উচ্যতে॥ —শ ক।

সিদ্ধান্তিত বিণ [√সিদ্ধান্তি+ত (ক্ত)-র্ম্ম] সিদ্ধান্তরূপে স্থাপিত। "ব্যাসেন সিদ্ধান্তিতম্ ঈক্ষতের্নাশব্দমিতি মনু ১ ৮ কুল্লুক।

সিদ্ধান্তী (-ন্তিন্) পুং [°ন্ত+ইন (ইনি)-১ব] ১ পূর্ব্বপক্ষনিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষস্থাপয়িতা, মীমাংসক। ২ মীমাংসাদর্শনবিৎ (A.)। ৩ শাস্ত্রবিশেষের সিদ্ধান্তে পণ্ডিত।

সিদ্ধান্ন ক্লী [কর্ম্মধা] পক্ক অন্ন—ভক্তাদি। বিপ 'আমান্ন'।

সিদ্ধার্থ বিণ [বহুব্রী] ১ সিদ্ধপ্রয়োজন, কৃতার্থ। "অহো লক্ষ্মণ সিদ্ধার্থঃ বা ২ ৪০ ২৫। হন্ত সিদ্ধার্থৌ স্বঃ শ ২৴১৪। ২ আপ্তকাম। "ভ ৯ ৪. ৩২।—র্থ পুং ১ শাক্যসিংহ। ২ বৃত্তার্হৎ মহাবীরের পিতা (অ.চি)। ৩ বটবৃক্ষ। ৪ বক্ষোহননাদি অর্থ যাহা দ্বারা সিদ্ধ (অ টী), শ্বেতসর্ষপ। 'ভ ৪ ৯ ৫৮। ক চ ২৪, ২৮৩। শ্রী ১৯। দু ১৫। শ্রী মা ১৩০। ৫ প্রসিদ্ধার্থ, রূঢ়ার্থ।—র্থক পুং শ্বেতসর্ষপ। "°তৈল (সুশ্রুত)। বৃহৎসংহিতা ৪৮ ৩৫।—র্থা স্ত্রী চতুর্থ জিনের মাতা (অ চি)।

সিদ্ধার্থা দ্র 'সিদ্ধার্থ'।

সিদ্ধাশ্রম পুং [ষ ত] ১ ঋষ্যাশ্রম, তপোবন। "রঘু ৬ ৪৬। ২ বিষ্ণুর তপোবন। "°নিবাস গো বা ১ ৪ ২০। কৃ ৭৬। [বিষ্ণু বামনাবতারের পূর্ব্বে এই আশ্রমে তপস্যা করিয়া সিদ্ধিলাভ করেন। বিশ্বামিত্র এই আশ্রমে বাস করিতেন এবং রাক্ষসোপদ্রবনিবারণার্থ এই স্থানে রাম ও লক্ষ্মণকে আনয়ন করিয়াছিলেন (রা ১ ২৯শ সর্গ)।]

সিদ্ধাসন ক্লী [ষ ত] যোগীর ধ্যানানুকূল আসনবিশেষ।

সিদ্ধি[১] স্ত্রী [√সিধ+তি (ক্তিন্)-ভা] ১ নিষ্পত্তি, নিবৃত্তি। "কার্য্য° গো বা ৫ ৩৫ ৪০। গী ১৮ ১৩। ধর্ম্ম° মনু ৭ ১০। অভিমত° পঞ্চ ৫. ৩০। ইষ্ট° ভা চ ৮৬। ২ ফলসিদ্ধি, ফলনিষ্পত্তি। "সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ গী ১৮ ২৬। মনু ২ ৯৭। রঘু ১ ৮৭। সিদ্ধিঃ সাধ্যে সতামস্তু। —হি ১ (মঙ্গলাচরণ)। সত্যপীর সর্ব্বসিদ্ধিদাতা রা স ১। ৩ ঋণশুদ্ধি। "অধমর্ণার্থ° মনু ৮ ৪৭। ৪ বৃদ্ধি। ৫ (ব্যবহারে) সিদ্ধান্ত। ৬ পাক। ৭ মোক্ষাবাপ্তি। 'কামক্রোধৌ তু নিয়ম্য ততঃ সিদ্ধিং নিযচ্ছতি মনু ১২ ১১। তাঁর সিদ্ধিকালে চৈ চ ৪৪। ৮ অন্তর্দ্ধান। ৯ জ্ঞান (শ্রীধর)। "শব্দস্য সিদ্ধিম্ ভ ৩ ৬ ১৭। ১০ সাফল্য। "সিদ্ধিং শংসন্তি মৃগাঃ গো বা ৩ ৭৮ ১১। প্রার্থনা° রঘু ১ ৪২। অভিপ্রেত°, অভীষ্ট°, মনোরথ° মন্ত্র° (S W)। ১১ সফলপ্রযোগ। "চরস্থিরেষু লক্ষ্যেষু বাণসিদ্ধিঃ। —কামন্দক ১৪ ২৫ ২৭। ১২ [+তি-ণ] অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য। [অষ্টসিদ্ধিঃ—অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা। ঈশিত্বং চ বশিত্বং চ তথা কামবসায়িতা॥ ব্রহ্মবৈবর্ত্তে এতদ্ভিন্ন আরও দশবিধ সিদ্ধির উল্লেখ আছে। দ্র 'ব্রহ্মবৈবর্ত্ত, শ্রীকৃষ্ণজন্মখণ্ড, ৩৯শ অধ্যায়।] "সিদ্ধি অষ্টাদশ চৈ চ ২০৩। সিদ্ধিতে নিপুণ দড় ভা চ ৩৮, অতিবড়বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ ২৫৫। ১৩ মোক্ষ। "মনু ৬ ৪২। বিশ্বরূপের সিদ্ধিপ্রাপ্তি চৈ চ ১০৮। ১৪ বুদ্ধি। ১৫ ঋদ্ধি ওষধি। ১৬ পাদুকা (magical shoe)। ১৭ ফলসম্পত্তি। "মনু ৭ ১। ১৮ অভিচারলব্ধ অলৌকিকশক্তি। ১৯ সুফল। ২০ অদ্ভুত নৈপুণ্য। ২১ (জ্যোতিষে) যোগবিশেষ। ২২ (নাট্যে) অভিপ্রেতসিদ্ধ্যর্থ এক পাত্রে বহুগুণকথন।

'সা.দ ৬.১৮৬। **২৩** অষ্টাদশ সিদ্ধির একতম 'সর্ব্বজ্ঞতা'। **২৪** দুর্গা। **২৫** [বাঙলায় ; অসাধু] 'সিদ্ধ' দেবযোনিবিশেষ। "সিদ্ধি মুনি চ.বি ৭৫, ১০৮। —দ্ধি পুং শিব। [°কর, °কারক, °কারী (-রিন্) বিণ —নিষ্পত্তিকারক। "কার্য্যান্ত সিদ্ধিকারী সা.দ ৩, ৪৯। °ক্ষেত্র (ক্লী) —সিদ্ধিলাভস্থান। "কিম্পুরুষপর্ব্বতস্তপসাং সিদ্ধিক্ষেত্রম্ শ ৭৯/১২। °দ (বিণ)—সিদ্ধিদাতা। "ভ ৩.৩৩ ৩২। °দ (পুং)—বটুকভৈরব। °দাতা (-তৃ) বিণ—কার্য্যনিষ্পত্তিদাতা। "সর্ব্ব° রা স ১। °দাত্রী (স্ত্রী) —দুর্গা। °প্রদ (বিণ)—সিদ্ধিদায়ক, সাফল্যকর। °বর্ত্তি (স্ত্রী)—সিদ্ধ্যর্থ আভিচারিক বর্ত্তি। "পঞ্চ ৫৬৬/৩। °বাদ (পুং)—জ্ঞানগোষ্ঠী (নীলকণ্ঠ)। "মহা ১৩.১৪২.২০ ; ২১। °ভূমি (স্ত্রী)—সিদ্ধিলাভস্থান, সিদ্ধিক্ষেত্র। °যাত্রিক (বিণ)—সিদ্ধ্যর্থ কৃতপ্রয়াণ জন। "বয়ং °কাঃ।—পঞ্চ ৫২/৮। °যোগ (পুং)—যোগবিশেষ। "সিদ্ধি যোগ ত্যাগ করি, ভরণী মঘায় যাত্রা।—দা ৭৫৮। °লাভ (পুং)—সিদ্ধিপ্রাপ্তি, সাফল্যলাভ।] [সিদ্ধির ঝুলি (তু 'সং সিদ্ধস্থালী)—অষ্টাদশ সিদ্ধির আধার, (গৌণার্থে) সকল অভীষ্টদ্রব্যের আধার।]

সিদ্ধি² বি ['সিদ্ধি¹ মূল, হি সিদ্ধি, ড় পতি (পত্র)] **১** ভাঙ। "সিদ্ধি বিনা কোন কার্য্য সিদ্ধ নাহি হয়।—দু ১০৩। ভা চ ৮৫, -৬, -৭। শি ৩১। **২** ভাঙ-গাছ (Cannabis Sativa)। **৩** সিদ্ধির পানা। "সিদ্ধি দেহ আনি ভা চ ৮৬। **৪** সিদ্ধিপানজন্য মত্ততা। "সিদ্ধিতে মগন বুদ্ধি শুদ্ধি হৈল ভুল ভা.চ ৮৭। [সিদ্ধি খেলে বুদ্ধি বাড়ে—সিদ্ধির মত্ততায় নানা অদ্ভুত কথা মনে আসে। সিদ্ধির ঘোটনা—ভাঙ-চূর্ণ। "গো চ ৪৭৪। সিদ্ধির ঝুলী—ভাঙের-ঝুলি। "গো চ ৪৭৪।]

সিদ্ধিখোর বিং সিদ্ধিভক্ষণে পটু, ভাঙখোর।

সিদ্ধিগুঁড়া বি সিদ্ধিচূর্ণ। "খলিভরা সিদ্ধিগুঁড়া ভা চ ১০৪।

সিদ্ধিগুলি বি সিদ্ধির বড়ী, (পক্ষান্তরে) অণিমাদিসিদ্ধিসমূহ। "অমৃতে কি কাজ যার ভক্ষ্য সিদ্ধিগুলি।—ম ১১। —গোলা বি সিদ্ধির বড় বড়ী। "সিদ্ধিগোলা হাতে দু ৯০।

সিদ্ধিমান্(-মৎ) বিণ [সিদ্ধি+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] **১** সিদ্ধিযুক্ত, তপঃসিদ্ধিসম্পন্ন। "এষঃ (বিশ্বামিত্রঃ) সিদ্ধিমতাং বরঃ গো.রা ১. ৬৭.২০। স্বাধীনকুশলাঃ সিদ্ধিমন্তঃ শ ৫১/৪/৫। **২** ফলসিদ্ধিযুক্ত। "রঘু ১১ ৫৫। **৩** মায়াসিদ্ধিযুক্ত। "শর্ববমা কুমারবরসিদ্ধিমান্ ক.সা ৬.১৬৩, ১০৮ ২০৫।

সিদ্ধিরস্তু [সং সিদ্ধিঃ+অস্তু] সিদ্ধি হউক। কার্য্যসিদ্ধ্যর্থ আশীর্ব্বাদ। "সিদ্ধেশ্বরী ঘরে বনিতা, তাঁর পেটের ছেলে সিদ্ধিদাতা, সিদ্ধিরস্তু তার পেটেতে হত।—দা ৯১৭, তোর নাই বস্তু, সিদ্ধিরস্তু, হত দ্বিজবংশে ৯২০। [কিছু লিখিবার আরম্ভেই 'সিদ্ধিরস্তু' লেখার নিয়ম ছিল, উদ্দেশ্য, আরব্ধ বিষয়ে 'সিদ্ধি হউক'।] [সিদ্ধিরস্তু অ আ হইয়াছিল —সিদ্ধিভক্ষণ হেতু মতিবিভ্রম ঘটিয়াছিল। "ব্রহ্মা জিজ্ঞাসিলেন, 'অভয়ার অভিমান হৈল কিসে?' মহাদেব উত্তর দিলেন, 'গত রাত্রিতে সিদ্ধিরস্তু অ আ হইয়াছিল, সুতরাং অভয়ার নিদ্রার ব্যাঘাত ঘটিয়াছিল।—য ১৬।]

সিদ্ধীশ্বর পুং [ষ.ত] অণিমাদি সিদ্ধির অধিপতি, শিব। "ক.সা ১১৪. ৭৫ ; ১১৯.১৪৩, ১৪৪।

সিদ্ধেশ, -দ্ধেশ্বর পুং [ষ.ত] সিদ্ধগণের অধিপতি। দ্র 'সিদ্ধ পুং (২)। "কপিলো নাম সিদ্ধেশঃ ভ ১ ৩.১০। —শ্বরী স্ত্রী দেবীবিশেষ (মুণ্ডমালাতন্ত্র ; বরাহপুরাণ)।

সিদ্ধেশ্বর দ্র 'সিদ্ধেশ'।

সিদ্ধৌঘ পুং [ষ.ত] 'সিদ্ধসমূহ', গুরুক্রমবিশেষ (দ্র 'শ.ক')।

সিদ্ধ্যসিদ্ধি স্ত্রী, দ্বিব [দ্বন্দ্ব] কর্ম্মফলসিদ্ধ্যসিদ্ধি (সাফল্য ও নিষ্ফলতা)। "গী ২.৪৮।

সিধ্ সক [ভ্বা, প—সেধতি ; অনিট্ ; (নিষ্ঠান্ত) √সিধ্—সিধিত, √সিধু—সিদ্ধ (ক.ক)] **১** গতি। "গঙ্গাং বিসেধতি পা ৮.৩.১১৩, সি। **২** [পূর্ব্ববৎ] শাস্ত্র, অনুশাসন। "সেধতি শিষ্যং গুরুঃ (ক.ক)। —ধ্ অক [পূর্ব্ববৎ] মাঙ্গল্য, মঙ্গলক্রিয়া। "সিদ্ধো বর্ণসমাম্নায়ঃ (কাতন্ত্র —ক.ক)। —ধ্ অক [দি, প—সিধ্যতি ; অনিট্] সিদ্ধি, নিষ্পত্তি। "যত্নে কৃতে যদি ন সিধ্যতি কোঽত্র দোষঃ।—হি ৩১ (কথারম্ভ)। [অপ—অপনোদন, খণ্ডন। "সংবৎসরং যবাহারস্তৎপাপমপসেধতি মনু ১১.১৯৯। আ—অবরোধ। উদ্—উৎসেধ, উচ্চীভাব। নি, প্রতি—নিষেধ, প্রতিষেধ, নিবারণ। "ভট্টি ১.১৫। পরি—আগমন। "ভট্টি ৯.৮৮। প্র —প্রসিদ্ধি। (ণিজন্ত) সাধি—সাধয়তি, সেধি (পারলৌকিকে)—সেধয়তি (পা ৬.১.৪৯)।]

সিধা¹, **-ধে**¹ [সং সিদ্ধ > সী(সি)ধা ; হি সীধা ; ঠ শি(সি)ধা ; মৈ সিধা] সিদ্ধ করিয়া খাওয়ার নিমিত্ত অসিদ্ধ বা আম তণ্ডুলাদি পাকের দ্রব্য। "চুটকি না লহ সিধা লহ মোর স্থানে : সিধা হৈল ভ.গ্র ২৪৯। [সিধে-সামগ্রী—সিধার দ্রব্য তণ্ডুলাদি। "করে সিধে-সামগ্রী আয়োজন, দেন পাঠায়ে বহুজন দা ১০৪৬।

সিধা² বি [সিদ্ধা > সিধা, অপ্র] সিদ্ধপুরুষ। "অনন্ত সিধার মেলে গো.বি ১১৭। —ধাই বি [সিধা+আই°] সিদ্ধমহাশয়, পূজ্য সিদ্ধপুরুষ। "কানফা সিধাই গো.বি ৭, হাড়িফা সিধাই ১৯।

সিধা³, **-দে**², **-ধে**², **সীধে** বিং [হি সীধা, ঠ শি(সি)ধোট ; গু সীধু, মৈ সিধোটী—uprightness] **১** অবক্র, সোজা (straight)। "পাষাণের বাধা ঠেলেঠুলে নদী। আপনার মনে সিধে সে।—শিশু ১১১। **২** সমান, একটানা অর্থাৎ বাঁয়ে ডাইনে না ঘুরিয়া সোজা (direct)। "সিধা যাওয়া। **৩** বাক্যভঙ্গিহীন, সোজা। "হেঁয়ালিটা ছেড়ে কথা কও সিধে।—কা ১০২। **৪** অকপট, সরল, সাধু, ঠিক। "কহ বিদ্যাপতি। বচন অব সমুচিত। আপে সিধা বহু কান বি.প ১১৭। **৫** ন্যায়সঙ্গত, ন্যায্য, সং। "সিদে পথে থাকিলে মার নাই আ.দু ১৬৯। **৬** শাসিত, দুরস্ত। "সিধা করা। [সিধা-সাদা (হি সীধা সাদা)—**১** অকপট, সোজা (simple)। "°দা লোক। **২** সরল, সোজা। "সিদা সাদা কথা ব.প ১৪৮৯। সীধে—সহজে, অর্থাৎ ব্যথা না লাগে এমনভাবে। "(এ হরি) সীধে পিধায়হ নূপুর জোর।—গো ১৬৯।]

সিধার অর্ম্ম [হিং, গু √সিধার, তু 'সং √সিধ্ (গতি)] **১** গমন করা, প্রবাহিত হওয়া। "মলয়ানিল হিম-শিখর সিধারল ('সিধায়ল' —পাঠান্তর, বি.প ১৬৯)। পিয়া নিজ দেশ ন আব রে বি.সা ৪৩৪। **২** প্রস্থান করা ; যাওয়া। "কানু কুশলে। পরদেশ সিধারল (ধৃতপাঠ 'সিধায়ল')। লাগল মনমথ বাদে।—জ্ঞা ২৩৯। [সিধারল, -রহ, -রি (প.ক)।]

সিধি, -ধী বি [সিদ্ধি > সিধি : হি সিধি, পদ্যে] সিদ্ধি। "কাজের সিধী শ্রী.কী ২১১। সকল মধুরে এক ঠাঞি নাহি সিধি। অমৃত উগারি বিষ উগারে পয়োধি॥—ব.প ৮৪৩। ঐছে করহ যৈছে সিধি হয় কামপ.ক ৫৫০।

সিধী ; সিধে¹ **; সিধে**² দ্র 'সিধি ; সিধা¹ ; সিধা²।

সিধ্ম ক্লী [√সিধ্+ম (মন্)-ক ; 'সিধ্ম'—সিধ্মাখ্যরোগবান্ (শুক্লযজুর্ব্বেদ ২৪.১০)] **১** কিলাস, ছুলী (অ.টী)। **২** সপ্তমহাকুষ্ঠান্তর্গত কুষ্ঠবিশেষ (মাধবকর—শ ক)। **৩** ক্ষুদ্রকুষ্ঠবিশেষ। "সুশ্রুত ২.৫.৪। —ধ্ম (-ধ্মন্) ক্লী [+মন্ (মনিন্)-ক-১ব] সর্থ 'সিধ্ম (১)। —ধ্মা স্ত্রী সর্থ 'সিধ্ম (১)। [°পুষ্পিকা (স্ত্রী)—ত্বঙ্মাত্রগত অলাবুপুষ্পবৎ কুষ্ঠভেদ।]

সিধ্মল বিণ [সিধ্ম+ল (-লচ্)] সিধ্মরোগবান, কিলাসী। "শুক্লযজুর্ব্বেদ ৩০.১৭। —লা স্ত্রী **১** মৎস্যবিকৃতি, শুঁটকিমাছ। **২** ঔষধবিশেষ।

সিধ্য পুং [√সিধ্+য (ক্যপ্)-খি, নিপাতিত, পা ৩.১.১১৬ ; (বিদ্বে) 'সিদ্ধ্য'] 'যাহাতে অর্থ সিদ্ধ হয় ; পুষ্যানক্ষত্র।

সিধ্রক পুং **-কা** স্ত্রী [√সিধ্+র (রক্)-ণ, উ ২.১৩ ; °ক (পা ৬.৩.

১১৭) ; °কা (অ.কো)] বৃক্ষবিশেষ, সিজুগাছ (অ.টী) ; সিজ। [সিগ্রকাবণ (সংজ্ঞার্থে দীর্ঘ) ক্লী—দেবোত্তানবিশেষ।]

সিন¹ বিণ [√সি+ত (ক্ত), কর্ম্মকর্তৃবাচ্যে, পা ৮.২.৪৪, সি] ১ দধ্যাদি-ব্যঞ্জনমিশ্রণে স্বয়ংই বদ্ধ। তু 'সিত'। "সিনো গ্রাসঃ স্বয়মেব (কাশিকা)। মুগ্ধবোধ ১০৫৮। ২ [+ন (নক্)-ক, উ ৩.২] শুক্লগুণবিশিষ্ট (শ.ক)। দ্র 'সিনীবালী'। —ন পুং কাণ (উ.বৃত্তি)। —ন ক্লী শরীর।

সিন² '-ন্' অব্য [সে²+না³ > সেনা > সেন > সিন ; ড় 'সিনা'—সে সিনা কহিখিলা (H.B. 293) ; 'সেন' (রঙ্গপুরের জাগের গান)] অব-ধারণে, নিশ্চয়ে। "আমি ত চরণতলে পড়েই আছি, তুমিই সিন পায় রাখতে চাও না।—লী ১১১।

সিন³, **-না** অর্ম্ম [সং √স্না > (স্বরাগমে) সিনা, -ন] স্নান করা। "সিনিয়া উঠিতে, নিতম্ব-তটীতে, পড়েছে চিকুররাশি চ.দা ২৪। ও মোর দুলালি, আঁখির পুতলী, সিনাহ শীতল জলে রা.শে ৮৭। —না সর্ম্ম [°না+আ⁸] স্নান করান ; সিক্ত করা। "রাধার তন পরসে, যেহ্ন অমৃত কলসে, সিনায়িল শ্রীমধুসূদনে শ্রী.কী ২২৯। সিনাইল নয়ানের জলে চৈ.ম ২৬। হেরইতে কানু সিনায়ল লোরে।—ব ১০৮ ; ১৯০। রসের আলাপ, অমিয়া সিনায় অঙ্গ প.ক ৬৮৫। [সিনাঙ, -নায়, -য়ব, -য়ল, -নিয়া (প.ক)।]

সিনা দ্র 'সিন³।

সিনান বি [সং স্নান > লি সিনান, প্রা সিণাণ > বা °ন ; হি নহান] স্নান। "পুষ্কর পুন্ত সিনান শ্রী.কী ২১৫। গো.চ ৬০। সিনান পাবন কথা শূ ২৫ ; ৬৪ ; ৮২। করত সিনান বি.প ৩৪ ; ১৮১। অমিয়া সাগরে, সিনান করিতে, সকলি গবল ভেল চ দা ১০৯। ব.প ১০৩১। করাই সিনান।—ব ১৯৮। অমিয়া সিনান—জ্ঞা ২৭। যমুনা সিনানে ৯০, -১, -২। সিনান করায় ক.চ ১৭৩। শ্রী মা ১৯০। শ্রী ম ২৫। [°সাজ—স্নান-সজ্জা। "রা.শে ৬।]

সিনীবালী স্ত্রী [সিনী (চন্দ্রকলা) বালা (অল্পা) যাহাতে (রায়) ; সিনী (সিতা) বালা (কলা) যাহাতে (স্বামী), বহুব্রী, °বাল+স্ত্রী ঈ (ঙীষ্)] দৃষ্টচন্দ্রামাবাস্যা (সায়ণ) ; দৃষ্টেন্দু অমাবাস্যা, অর্থাৎ চতুর্দ্দশী-যুক্ত অমাবাস্যা। 'যা পূর্ব্বামাবাস্যা সা সিনীবালী যোত্তরা সা কুহূঃ। —ঐতরেয়ব্রাহ্মণ, ৭.১১। "ঋগ্বেদ ২.৩২.৬ ; ৭। ভ ৪.১২.৪৮। ২ দেবী-বিশেষ। "গর্ভং ধেহি সিনীবালি।—ঋগ্বেদ ১০.১৮৪.২। মহা ৩.২২৮.৫০। ৩ অঙ্গিরার পত্নী শ্রদ্ধার কন্যা। "ভ ৪ ১.৩৩। ৪ দুর্গা।

সিনেহ বি [সং স্নেহ > লি সিনেহ ; প্রা সিণেহ > বা °হ ; মৈ সিনেহ] স্নেহ, প্রণয়, অনুরাগ। "খত খরিআ সন ভেল সিনেহ (ক্ষতস্থানে লবণ-তুল্য স্নেহ হইল) বি.সা ২৫৩। পালটি চলহ নিজ গেহ। মনে গুণি পূরব সিনেহ॥—বি.প ১৮৯। নবীন সিনেহ।—গো ২২৬। চৈ.ম ১৬।

সিন্দ, **-ন্ধ** বি সর্থ 'সিঁদ'। "সিন্দ কাটি প্রবেশ করিব : সিন্দের দুআরে।—ম ১১০৩, -৪। রাজার ঘরে দিতে যাব সিন্দ শ্রী ৪৫। নাগ বাসরে দিল সিন্দ ম.ম ১৯৬। সিন্ধ কাটি ঘরে ভ.প্র ৪১০। (চরণারবিন্দ) কেবা নিতে পারে, নেউক আসিয়া, পাঁজরে কাটিয়া সিন্ধ প.র ৭০। [সিন্ধদ্বার—সিঁধমুখ। "ভ.প্র ৪১০।]

সিন্দাল বি [সিন্দ+ওয়াল > °ল] যে সিঁধ দিয়া চুরি করে ; সন্ধিচোর, সিঁদেল-চোর। "ডাকাত সিন্দাল শ্রী ১৮০।

সিন্দুক¹, **-ন্দুবার** পুং [তু 'সিন্ধুক, -ন্ধুবার'] নিসিন্দাগাছ।

সিন্দুক², **-ন্ধুক** বি [আ স.ন্দূক্ ; হি, ঠ, প সংদূক] কাঠের বড় বাক্স (chest)। "সিন্দুক হইতে বেগে গণে দেয় টাকা ক.চ ৭৫, টাকা ২৯১। রসনা কেবল কথা সিন্দুকের কুঁজি ভা.চ ১০১। সিন্ধুকপার্শ্ব ব.প্র ৪৬। [লোহার সিন্দুক—লোহার পাতের সিন্দুক।]

সিন্দুবার দ্র 'সিন্দুক¹।

সিন্দুরী বি [সিন্দুর > °রী (?)] শুঁদুর গাছ। "বা.ম ১৪২।

সিন্দুর পুং [√স্যন্দ্+উর (উরন্)-ক, সম্প্রসারণ, উ ১.৬৯] বৃক্ষবিশেষ। —র ক্লী রক্তচূর্ণবিশেষ, সীমন্তক, সৌভাগ্য, সিঁদুর। "°ভাস্।—ঋতু ১.২৪। °সান্দ্র নৈ ২২.৪৫। °মুদ্রাঙ্কিত গী.গো ৪.২৩। কি কাজ সিন্দুরে মাজি মুকুতার হার। ভুলায় তর্কের পাঁতি দন্তপাঁতি তার।—ভা.চ ২৯০। [সধবার সিন্দুরধারণে পতির আয়ুর্বৃদ্ধিবিষয়ে দ্রষ্টব্য 'কাশীখণ্ড', চতুর্থ অধ্যায়।—"হরিদ্রা কুঙ্কুমং চৈব সিন্দুরং কজ্জলং তথা ইত্যাদি।] —রী স্ত্রী [°র+অ (অচ্)+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'সিন্দুরবর্ণযুক্তা', রক্তচেলিকা। ২ রোচনী। ৩ ধাতকী। ৪ রাজলেখ, রক্তশাসন (S.W.)। [°কারণ (ক্লী)—সীসক। °পুষ্পী (স্ত্রী)—পুষ্পবৃক্ষবিশেষ, শোণপুষ্পী।]

সিন্দুরতিলক পুং, ক্লী [ষ.ত] সিন্দুরবিন্দু। "(দদর্শ দেবীম্) স্থূল-সিন্দুরতিলকাম্ ক.সা ২০.২৫। —তিলক পুং হস্তী। —তিলকা স্ত্রী সধবা নারী, কামিনী (মেদিনী)।

সিন্ধ, **সিন্ধদ্বার** দ্র 'সিন্দ'।

সিন্ধু পুং [√স্যন্দ্+উ-ক, সম্প্রসারণ, দ্ > ধ, উ ১.১১ ; সিন্ধু (বহুব) —জল ; স্যন্দনস্বভাবাম্ভিমানী দেবগণ (ঋগ্বেদ ৪.১৯.৫ ; ৩৪.৮)।] ১ সমুদ্র, সাগর। "ঋগ্বেদ ১.৮৩.১। নাভিসিন্ধুরুহকাঞ্চনলোকপদ্ম ভ ৪.৯.১৪। মে ৮১। জীবনপ্রবাহ বহি কালসিন্ধু পানে ধায়, ফিরাব কেমনে (মাইকেল)। সম্মুখে অজ্ঞাত সিন্ধু, ভাসে কৃষ্ণপদ-তরী।—ন ১৫০৮। ২ (সাদৃশ্যে) বিশাল আধার। "জ্ঞান°।—পঞ্চরাত্র ১.২.৭ ; দয়া° ২.২ ৭৪, কৃপা°, ৭.৯। অবোধ°।—দা ১০৬। ৩ নদবিশেষ, সিন্ধুনদ। "সিন্ধোকভয়তঃ পার্শ্বে দেশঃ রা ৭.১০০.১১। °তীরবিবেষ্টন রঘু ৪.৬৭। ৪ (বহুব) সিন্ধুনদতীরস্থ দেশ ; সিন্ধুদেশ। "রঘু ১৫.৮৭। রাজাস্মি সিন্ধুষু ভ ৫.১২.৬। ৫ (বহুব) সিন্ধুবাসিগণ ; সিন্ধুরাজগণ। "রাজা সিন্ধুনাম্ মভা ৩.২৬৩.৬। ৬ সাগরের সংখ্যানুসারে (৪) বা (৭) সংখ্যা। "সিন্ধু বিন্দু (৭০) তাহে।—জ্ঞা ২৩২। ৭ সমুদ্রপতি বরুণ। ৮ হস্তিশুণ্ডনিঃসৃত জলকণ ; বমথু। ৯ গজমদ। ১০ হস্তী (A.)। তু 'সিন্ধুর'। ১১ সিন্ধুবারবৃক্ষ। ১২ শ্বেতটঙ্কণ। ১৩ (সঙ্গীতে) রাগবিশেষ। "চলো সিন্ধু আলাপিয়ে, কৃপাসিন্ধুর নাম দিয়ে।—দা ৭১৩। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট কোমল নি ও গ, জাতি সম্পূর্ণ (গী.সা)]। ১৪ (বাঙলায়) বাদ্যবিশেষ। "কৃ ২৫৬। —ন্ধু স্ত্রী ১ নদী। "সর্ব্বদাভিগতঃ সদ্ভিঃ সমুদ্র ইব সিন্ধুভিঃ রা ১.১.১৬। °রয় রঘু ৪.৩৫। পু মে ২৯। কু স ৩.৬। ২ নদীবিশেষ। "সিন্ধুনদ্যাঃ সুশীতং লঘু (জলম্)।—রাজনির্ঘণ্ট। সিন্ধুনদী।—রঙ্গ ১০১। —ন্ধুক পুং সিন্ধুবারবৃক্ষ। [°কন্যা (স্ত্রী)—লক্ষ্মী। "পঞ্চরাত্র ১.১২.৫৬, ক্ষীরোদ° .২ ৬.১৫। °কফ (পুং)—সমুদ্রফেন। °কর (ক্লী)—শ্বেতটঙ্কণ। °তনয়া (বি)—সিন্ধুকন্যা, লক্ষ্মী। "ম ৪৫৯। °দেশ (পুং)—দেশবিশেষ (Sind)। °নদ (পুং)—নদবিশেষ (Indus)। °নন্দন (পুং) —চন্দ্র। °নাথ (পুং)—সরিৎপতি, সমুদ্র। "°শয়ন মাঘ ১৪.৬৮। °পতি (পুং)—সিন্ধুরাজ, জয়দ্রথ। °পার (পুং)—সিন্ধুনদতীরস্থ সিন্ধুদেশ। "সিন্ধুপারোত্তমহয়ঃ (জয়দ্রথঃ) বা.ভা ১.৪৬। °পুত্র (পুং)—চন্দ্র। °পুত্রী (বি)—লক্ষ্মী। "রা.স ১। °প্রসূত (ক্লী)—সৈন্ধবলবণ। °মথ্য (বিণ)—সিন্ধুমন্থনজাত। "অমৃতম্...°থ্যাম্ ভ ৮.১২.৪৭। °মন্থ (পুং) —সমুদ্রমন্থন। °মন্থজ (ক্লী)—সৈন্ধবলবণ। °মুখ (ক্লী)—নদীমুখ, মোহানা। °রয় (পুং)—নদীবেগ। "রঘু ৪.৩৫। °লবণ (ক্লী)—সৈন্ধব। °শয়ন (পুং)—'ক্ষীরোদশয্য', বিষ্ণু। °সঙ্গম (পুং)—নদনদীর মেলক ; সম্ভেদ ; নদদ্বয়, নদীদ্বয় ও নদীসমুদ্রের মেলক (অ.টী)। °সুতা (বি) —লক্ষ্মী। "চৈ ভা ৮৩। দু ৭১। °সূনু (বি)—চন্দ্র। "ম.পা ১১।]

সিন্ধুক দ্র 'সিন্দুক²।

সিন্ধুজ বিণ [সিন্ধু+ √জন্+অ (ড)-ক উ.ত] ১ সমুদ্রজাত ;

নদীজাত। ২ সিন্ধুদেশজাত। "(অশ্বান্) সিন্ধুজান্ মহা ৩ ৭১ ১৪। —জ পুং ১ 'সমুদ্রমন্থনজাত', চন্দ্র। "ভালে শত সিন্ধুজ সকলা।—জ ১। ২ (বাঙ্‌লায়) অশ্ব। "শ্রী ১২৪। ৩ শঙ্খ। "সুগ্রীবা সিন্ধুজ জিনি। —জ ১। ৪ হস্তী। "(রাজগণ) গমনে সিন্ধুজ।—ম ৪৩৭। ['উচ্চৈঃশ্রবাঃ', 'ঐরাবত' সমুদ্রমন্থনজাত, গৌণার্থে তত্তজ্জাতি 'অশ্ব', 'হস্তী'।]—জ ক্লী 'সিন্ধুদেশজাত,' সৈন্ধব। —জা স্ত্রী 'সমুদ্রমন্থনজাতা', লক্ষ্মী। "শ্রী ১৫২।

সিন্ধুজন্মা (-জন্‌) বিণ [বহুব্রী] সমুদ্রজাত। —ন্মা পুং চন্দ্র। —ন্ম ক্লী 'সিন্ধুদেশজ', সৈন্ধবলবণ।

সিন্ধুড়া স্ত্রী ['সিন্ধুরা' (গ ১৪৮)] মালবরাগভার্য্যা রাগিণীবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট কোমল গ ও নি, জাতি সম্পূর্ণ (গী সা)।] "প র ১।

সিন্ধুবল বিং সাগরবলতুল্য-বলশালী, মহাবল। 'হস্তী ঘোড়া পয়দল, সবে দেখি সিন্ধুবল শূ ১৩৩।

সিন্ধুবার পুং [সিন্ধু + √বৃ + অ (অণ)-ক (অ টা), উ ত] ১ সিন্ধুক, নিসিন্দা গাছ। 'গো.রা ৩ ৭৯ ৩৪। শ্রী কী ২০৬। ২ হয়োত্তম (শ ক)। ৩ পদ্মবিশেষ (নীলকণ্ঠ)। "মহা ৩ ১৫৮ ৬৫। —বারক,-বারিত পুং সর্থ 'সিন্ধুবার (১)।

সিন্ধুর পুং [সিন্ধু + (বাহুলকে) র] ১ 'মদজলবান্', হস্তী। "°প্রতিমো বলে (জয়দ্রথঃ) বা ভা ১ ৪৬। মদান্ধসিন্ধুরঘটা।—গঙ্গাষ্টক ২। সিন্ধুরে সুন্দর শোভে সিন্দুরের ছটা বা দ ১৮৮। ২ দিগগজের সংখ্যানুসারে আট (৮) সংখ্যা। "নন্দাসিন্ধুরবাণেন্দুসংখ্যে (১৫৮৯) সংবৎসরে গতে বি মা ২ (গ্রন্থসমাপ্তিঃ)। [°দ্বেষী (-ষিন্) পুং—'গজহিংসক', সিংহ।]

সিন্ধুরাজ পুং [ষ ত, 'অ' (টচ্) সমাসান্ত] ১ সিন্ধুদেশপতি। "°জো জয়দ্রথঃ। ২ জয়দ্রথ। ৩ 'সারংপতি', সমুদ্র। নিঃশেষপীতোজ্ঝিত-সিন্ধুরাজঃ (অগস্ত্যঃ) রঘু ৬ ৬১। ব প ৮৬৯।

সিন্ধুসৌবীর পুং, দ্বিব [দ্বন্দ্ব] ১ সিন্ধু ও সৌবীর দেশ। °পতি ভ ৫.১০ ১। ২ (বহুব) সিন্ধুসৌবীররাজগণ, তদ্দেশবাসিগণ।

সিন্ধুত্থ বিণ [সিন্ধু হইতে উত্থ, প ত, স্ত্রী -ত্থা] সমুদ্রোত্থিত। (সেবতে) যত্নে গোকুলকেলিনির্ম্মলসুধাসিন্ধুত্থবিন্দূন্ বি.মা ৭ ৬২। —ত্থ পুং চন্দ্র। —ত্থ ক্লী সৈন্ধব (সুশ্রুত)।

সিন্ধুদ্ভব ক্লী [বহুব্রী] 'সিন্ধু যাহার উৎপত্তিস্থান', সৈন্ধব। "সুশ্রুত ১ ৪৪ ৫।

সিন্নি দ্র 'শিরণি'।

সিপ '-প্' বি [সং সীপ, হি 'সীপ'—শুক্তি, ড 'সিপী—ঝিনুক] ১ কোশা। "রজতের সিপে কেহ করয়ে তর্পণ ক চ ১৯৬। ২ ঝিনুক। "সিপের বোতাম। ৩ [E ship] জাহাজ। "সিপসরকার।—হ ১০।

সিপাই, -হী, সিফাই, সেপাই, -ফাই, -ফাহী বি [ফা সিপাহ্, -হী, হি সিপাহী, ঠ শিপাঈ, Pahlavi—spah] সৈনিক, যোদ্ধা। "সিপাই গো চ ১২২। দিলেন সেনের সঙ্গে দুই জন সিফাই শ্রী মা ১১০। সিফাই হাজারে শ্রী ১০। কি করিব যুদ্ধ, তব এক সে সেফাই ভ গ্র ২৩১। সেফাই বি.সু ১৫। সেফাহীর জমাদার ভা চ ২৫। দেবী।—সিপাহী ঃত ? রঙ্গ।—শুনিয়াছি পাঁচশ।—ব প্র ৪১২। সিপাইপেড়ে—পাড়ে সিপাইএর চিত্রবিশিষ্ট ধুতি বা শাড়ী। "কেউ বলে,—মোর···সিপাইপেড়ে বড় কষ্কা তায় লো।—দা ২৪৭। বাবুরা সকলেই···সিপাইপেড়ে ধুতি পরা আ হু ৬৬। সিপাই-সান্ত্রি—সৈনিক ও প্রহরী। দ্র 'সান্ত্রি'।]

সিপাহী দ্র 'সিপাই'।

সিফর বি (?)। "সিফর সফর শরাসন ক চ ২৫৮।

সিফাই দ্র 'সিপাই'।

সিব্ সক [দি, প—সীব্যতি, সেট্] তন্তুসন্তান, সেলাই করা। "সীব্যতি বস্ত্রং সৌচিকঃ (ক.ক)। মনোভবঃ সীব্যতি দুর্যশঃপটৌ নৈ ১.৮০।

সিব বি [সং শির > লি, প্রা সির, হি সির] শিব। "মী ৭। গো.চ ৪।

সিভিলকোর্ট বি [E. civil court] দেওয়ানী আদালত।

সিভিলসার্জন বি [E civil surgeon] জেলার চিকিৎসালয় পরিদর্শনার্থ সরকারের নিযুক্ত প্রধান চিকিৎসক।

সিমলাই বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "ক.চ ৮৬। [ইহাদের পূর্ব্বপুরুষ দক্ষের সন্তান শ্রীহরি সিমলাই গ্রামে বাস করেন, তদনুসারে তদ্বংশীয়গণের ঐ গাঁই।]

সিমলাল বি রাঢ়ীয় বাৎস্যগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "ক.চ ৮৬। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ছান্দড়ের সন্তান কবি সিমলাল গ্রামে বাস করেন; তদনুসারে তদ্বংশীযগণের এই গাঁই।]

সিমেণ্ট বি [E cement] মাটি ও চুনা পাথর মিশাইয়া পোড়াইয়া প্রস্তুত-করা চূর্ণবিশেষ, বিলাতী মাটি।

সিম্বা; সিম্বি দ্র 'শিম্ব, শিম্বা'।

সিয়ন বি [সং সীবন, তু 'সিয'] সেলাই করা। —য়নি বি সেলাই। 'সোনার গুনায় রুপার গুনায় করিব সিয়ানি গো চ ১৮১।

সিয়নি বি [সং সেচনী > প্রা সেঅণী > বা °নী, -নি] জলসেচনপাত্র। "সিথনি বিয়নি বুনি আর বুনি কুলা ব প ২৮১।

সিয়র বি সর্থ শিঅর (১)। 'শঙ্খ খুলি সিয়রে সে দিয়া (শয়ন করিল রাজা) ম গা ২৭। শ্রী কী ৩৮৫। ২ সর্থ 'শিঅর' (২)। "সিয়রে বসিছি আ.ঙ্ক চণ্ডী ম পা ৫৩।

সিয়লি বি [সিআল > °লি] ১ শেফালী-পুষ্প। "ম ম ৭। ২ [সিউলি[১] > °লি] ছেদলা, জমাট ময়লা। '(সুমেরুর) মণিকাঞ্চনে সব নামিছে সিযলি।—গ ৬৩।

সিয়া[১] বিং [সং স্যূত, দ্র 'সিয'] সিলাই-করা জোড়া। "সিয়া পাতে খায দুধ। ডাক বলে সে বড অবুধ॥—ব প ৯।

সিয়া[২]; সিয়া[৩]; সিয়া[৪], সিয়াফোড়, সিয়াছুঁই; সিয়াকুল দ্র আস২ শিয়া সিয়, সিয়াকুল।

সিয়ান, -না বিং [সজ্ঞান > স-গেয়ান > °ন, -না, হি স(সি)য়ান, স্যান, -না, ঠ শহাণা, মৈ সযান, সেআন] ১ পণ্ডিত। "বুঝিয়া চলিয়া বার্ত্তা দেয় আসি কাণে। বীরের কিঙ্কর নহে বুঝহ সিযানে॥—ক চ ১২৯। ২ বুদ্ধিমান, চতুর। "আমার সঙ্গে যাবে জে সেই সে সিযান কৃ অ ২৩। পণ্ডিতের চাইতে পণ্ডিতানি সেয়ান গো চ ১৩৪,-৫১। তাহা (দাদা) হ'তে ভাইপো হয়্যাছ সিযানা ক চ ৭৪। ৩ যে সময় বুঝে, অবসরজ্ঞ। "চতুরী আভিরী নারী সভাই সিয়ান। সময় বুঝিয়া সভে করিল পযান॥ —রা শে ১০৭। ৪ তত্ত্বজ্ঞানবান্। "পুনঃ গিয়া দ্বয়ারিরি, জ্ঞান দিল বিষহরি, আবরার সাধু হইল সিয়ান ম.ভা ৮২। ৫ ধূর্ত্ত, চালাক। "কপিগণ বলে পক্ষী বড়ই সিয়ান। নিকটে আসিতে চাহে লইতে পরাণ॥—কৃ ১৮৭। সেযান কাঁঠাল খায় বোবা মুখে আঠা। কাণী করে দড় চুরি আমি খাই ঝাটা॥—বা ম ২৩৪। ৬ বুদ্ধিমান্, অর্থাৎ পরিণামদর্শী। "চোর খাই গান্ধিচুয়া ধান। যে বিচে সেই সিয়ান॥—ব প ১০। —নী বিং বুদ্ধিমতী, চতুরা। 'ইহ লঘু দোষে, রোপ যব মানসি, কো কহে তোহে সিয়ানী প ক ৪৭৯, সো চঞ্চল হরি, হিযা পিঞ্জর ভরি, কৈছসে ধয়লি সিয়ানি! —৭০৬। [সিয়ানায় সিয়ানায় কোলাকুলি—ধূর্ত্তে ধূর্ত্তে ধূর্ত্তপনায় চেষ্টা।]

সিয়ানা; সিয়ানি দ্র 'সিয়ান, সিয়নি'।

সির বি [সং শিরস্ > লি, প্রা সির, হি, ঠ, গু সির, অগ্র] মস্তক। "সিরেত উত্তম জটা গো বি ৬, সিরেত বিরাজে গঙ্গা ১১। [সিরসি (সং শিরসি)—মস্তকে। 'সিরসি কবরি বেণী।—গ ৫৮।]

সিরক্কো বি [আ 'শর্ক.'—পূর্ব্ব, Sirocco (Italian name for) Sahara wind (The Concise Oxford Dictionary)] মরুভূমির পীড়াকর উত্তপ্ত বায়ুবিশেষ। "সিরক্কোর প্রবাহ বিস্তার।—মজ ২১।

সিরজ সর্ম [সং √সৃজ্ >বা (√স্রিজ >সিরিজ) °জ ; হি √সিরজ ; তু 'হি সিরিজন (G. H. § 81)] সৃষ্টি করা ; নির্ম্মাণ করা। "সিরজিল বালুকা নদী শূ ১৫। ধিয়ানত বালু সিরিজ দেব গো.চ ২০৯। কোন বিহি সিরজিল পাপিনী রাতি বি.প ৭৪ ; সকল শরীর কুসুম তুঅ সিরজিল ১২০। পিরীতি বলিয়া এ তিন আখর সিরজিল কোন ধাতা চ.দা ৯৬। সৃষ্টি সিরজিতে কৈলা মন ক.চ ৯। [সিরজাইল,-জিয়া, সির্জাইল (গো.চ)।]

সিরজন বি [সিরজ+অন ; সং সর্জ্জন ; বা সৃজন ; হি সিরজনা ; অপ্র] সৃষ্টি, রচনা, নির্ম্মাণ। "ছিস্‌টির সিরজন কৈল শূ ১৪,-৫। অনঙ্গ সুগঠন, কোনে সিরজন কেল ন.প ২৩৬।

সিরা স্ত্রী [√সি+র (রক্)-ক+স্ত্রী আ (টাপ্), উ ২.১৩, উজ্জ্বলদত্ত, তু প্রা 'সিরা'] ১ সর্থ 'শিরা'। 'সরণাৎ সিরাঃ।—চবক ১.৩০। তু 'সিরাসু'—সবণশীলাস্বপ্সু (ঋগ্বেদ ১.১২১.১১, সায়ণ)। ২ পত্রশিরা, পাতার শিরা। "°পত্র। ৩ (সাদৃশ্যে) সঙ্কীর্ণজলনালী। ৪ অম্বুবাহিনী, সেচনপাত্র। ['সিরাজাল' ইত্যাদি দ্র 'শিরা'।]

সিরিণি, সিরিনি, সির্ণি দ্র 'শিবণি'।

সিরিফল বি [সং শ্রীফল >প্রা সিরিফল] বিল্বফল। "তনু সুকুমার পয়োধব গোরা। কনক লতা জনি °ল জোবা বি সা ৩০।

সিরিশ দ্র 'শিরিশ'।

সির্কা বি [ভা সিব্‌কা] সন্ধিত গুড়াদি হইতে প্রস্তুত অম্লদ্রব্যবিশেষ, শুক্ত (vinegar)।

সিল ; সিলই দ্র 'শিল[৪], শিলই।

সি(সে)লাই বি [সং সীবন, হি সিলাঈ (সীনা+আঈ—হিন্দীশব্দ-সাগর)] সূচিকর্ম্ম, টাঁকা। [সেলাই করা—সীবন। °খবচা (হি সিলাঈ) —সেলাই এব মজুরী। সিলাব—সিলাই করিব। "গো.চ ১৪০, সিলাবে ১৪৭।]

সিলাখানা, সেলেখানা বি [আ সিলাহ্, খ.ানহ্] অস্ত্রাগাব (arsenal)। "দুর্গানামের দুর্গ গেঁথে রেখেছি মা সেলেখানা। তাতে গুলি-গোলা সকল তোলা, ভক্তি-অস্ত্র আছে শানা।—রামপ্রসাদ। সেলেখানা ব.প্র ৪৫৮, ৪৭৫।

সিলিন্দা, সিলিন্দে বি [সং সীলন্ধ] শল্কহীন বৃহৎমৎস্যবিশেষ।

সিল্ক বি [E. silk] বেশম। "হেম ৩৮০।

সিল্লকী স্ত্রী ['সিহ্লকী' (শ.ক)] শল্লকী বৃক্ষ (অ.টী)।

সিল্‌হ, -হ্লক, সিহ্লল, -হ্লক পুং গন্ধদ্রব্যবিশেষ, তুরুষ্ক, শিলারস।

সিষাধয়িষা স্ত্রী [√সাধি+স (সন্)— √সিষাধয়িষ+অ-ভা+স্ত্রী -আ (টাপ্)] সাধন করিতে ইচ্ছা। "ভাষাপরিচ্ছেদ ৭০। —যু বিণ [+উ.ক, স্ত্রী -যু] সাধন করিতে ইচ্ছু। "(অর্জ্জুনস্য সুতাঃ) বৈরং সিষাধয়িষবো লব্ধচ্ছিদ্রা উপাগমন্ ভ ৯.১৬.১০।

সি(সী)স বি [দ্র 'শিশ' ; সিশ, -স (স্ত্রী কী)] মস্তক, সীঁতা। [সি(সী)সের সি(শে)ন্দুর—সীমন্তের সিন্দুর, অর্থাৎ সিন্দুরলক্ষিত স্বামী। "সেইটা হইবে তোর সিসের সিন্দুর গো চ ৭২ ; দেশেতে থাকিব এখন সীসের সেন্দুর ৪৭৩।]

সিসির বি [সং শিশির >প্রা সিসির ; অপ্র] নীহার। "সিসিরের জল জেন হরি নিল রবি গো.বি ১৭৭।

সিসু বি [সং শিশু >প্রা সিসু] শিশু। "গো.বি ১৬৮।

সিসৃক্ষা স্ত্রী [√সৃজ্+স (সন্)— √সিসৃক্ষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সৃষ্টি করিতে ইচ্ছা। "মনু ১.৭৫। ভ ৩.৯৫। —ক্ষু বিণ [+উ-ক ; স্ত্রী -ক্ষু] সৃষ্টি করিতে ইচ্ছু। "প্রজা দক্ষঃ সিসৃক্ষুঃ মহা ১.৭৫.৮। সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ মনু ১.৮ ; ৩৪। ভ ৪.২৪.৭২।

সিস্ত বি [সং শিশু >প্রা সিসু >সিস্ত (উচ্চারণসাম্যে 'সু' >স্ত)] শিশু। "সিস্তগণের কথা গো.বি ১৬ ; ১৭৬।

সিহাল বি [দ্র 'শিয়লি'] শৈবাল। "°ল কুন্তল শ্রী.কী ১৯৫।

সিহুণ্ড পুং স্নুহীবৃক্ষ, সিজগাছ (শ.ক)।

সিহ্লল, সিহ্লক ; সিহ্লকী দ্র 'সিল্‌হ ; সিল্লকী'।

সিহ্লভূমিকা স্ত্রী [ষ.ত] শিলারসের স্থান ; সল্লকীবৃক্ষ।

সীটকা, সীটকাম ; সীঁতা, সীঁথ, সীঁথা, সীঁথি ; সীঁতাপটী দ্র 'শীটকা ; সিঁতা, সিঁথিপাত'।

সীক্ দ্র 'শীক'।

সীক বি সর্থ 'শিক'। [°পোড়া—শিকে সিদ্ধ মাংস ; শূল্য। "ভা.চ ৫৪৭। °ভাজা—শিকে বিদ্ধ করিয়া ভাজা। "ভা.চ ৫৪৮।]

সীকর পুং [√সীক্+অর (অরক্)-ক] ১ সর্থ 'শীকর'। "সীকরার্দ্রৈর্মরুদ্ভিঃ রঘু ৫.৪২। ২ বৃষ্টিজলকণ, গুঁড়ি-গুঁড়ি বৃষ্টি।

সীকা ; সীজ ; সীটকা, সীটকাম দ্র 'শিকা[১] ; সিজ ; শীটকা।

সীঠ বিং [দ্র 'শিটা'] শিঠার মত নীরস ; নিঃস্বাদু, রসকষহীন। "মোদক আনিয়া, ভিয়ান কবিয়া, এবে সে লাগিল সীঠ চ.দা ১০৮।

সীত(তি)কার বি [সীৎকার > °র] কষ্টজন্য ধ্বনি, ঈশ্। "যো পদ শবদ,-কোকনদ-দল হি, ধূলি পরশে সীতকার (পাঠান্তর 'সীতিকার' —ব.প ১১২৬) জ প ২৫।

সীতা স্ত্রী [√সি+ত (ক্ত)-ক, সংজ্ঞার্থে নিপাতনে দীর্ঘ (ভরত) ; সীরেণ গম্যতে ইতি পৃষোদরাদি (অ.টী), সীরখাতা >সীতা (?) ; তু 'শীতা'] ১ লাঙ্গলপদ্ধতি (মহীধর) ; লাঙ্গলরেখা। "ঋগ্বেদ ৪.৫৭.৬ ; ৭। শুক্লযজুর্ব্বেদ ১২.৭০। ২ হলাগ্র (তত্ত্ববোধিনী)। "সীতয়া সমিতং সীত্যং ক্ষেত্রম্ পা ৪.৪.৯১। গো.রা ৩৪.১৭। ৩ কৃষ্টভূমি, চষা জমি। "কু স ৫.৬১। ৪ জনকরাজকন্যা, বামচন্দ্রের মহিষী ; জানকী। [যজ্ঞার্থ ভূমি কর্ষণ করিতে কবিতে জনক ইঁহাকে সীতায় অর্থাৎ লাঙ্গলরেখায প্রাপ্ত হন। ইনি মেনকার কন্যা, জনকের মানসী কন্যা, লাঙ্গলরেখার ন্যায ক্ষেত্রভূমি বিদীর্ণ করিয়া উত্থান হেতু 'সীতা' (গো.রা ৩৪.৬-১৭)। বাম ধনুর্ভঙ্গপণে ইঁহার পাণিগ্রহণ করেন। রামের বনবাসে ইনি পতির অনুগমনপূর্ব্বক পঞ্চবটীতে বাস কয়েন। লঙ্কাপতি রাবণ এই সমযে হরণ করিয়া ইঁহাকে লঙ্কায় লইয়া যায়। রাম কপিসৈন্য-সাহায্যে সাগরে বদ্ধ সেতুপথে লঙ্কায় উত্তীর্ণ হইয়া ও রাবণকে সবংশে নিহত কবিয়া ইঁহার উদ্ধার করেন, এবং অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হইলে ইঁহাকে গ্রহণ করিযা অযোধ্যায় রাজপদে অভিষিক্ত হন। এই সময়ে প্রজাগণ ইঁহার চরিত্রবিষযে সন্দিহান হইলে, রাম গর্ভাবস্থায় ইঁহাকে পবিত্যাগ কবেন। নির্ব্বাসনকালে বাল্মীকির আশ্রমে ইঁহার যমজ কুমার ভূমিষ্ঠ হয়। পরে, অশ্বমেধযজ্ঞে মহর্ষি অযোধ্যায় আসিয়া সপুত্র ইঁহাকে বামের করে প্রত্যর্পণ করেন। ঋগ্বেদে সীতা 'কৃষির অধিদেবতা', শুক্ল-যজুর্ব্বেদে 'লাঙ্গলপদ্ধতি', তৈত্তিরীয়-ব্রাহ্মণে 'সাবিত্রী', পারস্করগৃহ্যসূত্রে 'ইন্দ্রপত্নী' এবং রামায়ণে 'রামপত্নী' (M.W.)।] ৫ লক্ষ্মী। ৬ উমা। ৭ মদিরা। ৮ শস্যাধিদেবতা। ৯ স্বর্গগঙ্গা (মেদিনী), গঙ্গার শাখা-বিশেষ। তু 'শ্বেতা' (৮)। "ভ ৫.১৭৬। গ ১৯৭। [°জানি, °পতি, °বল্লভ (পুং)—রামচন্দ্র। °দ্রব্য (ক্লী)—ভূমিকর্ষণদ্রব্য হলকুদ্দালাদি। "মনু ৯.২৯৩।]

সীতাবর বি সীতাপতি, রামচন্দ্র। "দু ৩৮, ৬৬ ; ৯৩।

সীতাভোগ বি ঘৃতপক্ব সাদা মিহিদানাবিশেষ।

সীতাশালী বি শালিধান্যবিশেষ। "শি ১১৩।

সীতিম বি [সং সিত—সিতিমা > °ম] শ্বেতত্ব, শুভ্রতা। "পীন উর উপ,-নীত কুত উপ,-বীত-সীতিম রঙ্গ জ.প ৩।

সীৎকার পুং [তু 'শীৎকার'] ১ সর্থ 'শীৎকার'। "মাঘ ৮.১৩। °ধারাবল

গী.গো ১২.১৬। ২ সর্থ 'সীৎকৃত' (২)। "উল্লাসে কৌতুক রসে করেন সীৎকার চৈ ১৬। ৩ (বাঙ্লায়) কাপড় কাচার সময়ে ধোপার মুখের 'হিশ্' শব্দ। "কাপড় ধুইতে নেতা ছাড়য়ে সীৎকার বা.ম ৩৫১। —কৃত ক্লী ১ সর্থ 'সীৎকৃত'। "ময়া দষ্টাধরং তস্যাঃ সসীৎকারমিবাননম্ বিক্র ৪.২১। কি ৯.৫০। ২ মনুষ্যের গুণানুরাগজন্য শব্দ; প্রণাদ (অ.চি)। —কৃতি স্ত্রী সর্থ 'সীৎকৃতি।

সীৎকৃত, সীৎকৃতি দ্র 'সীৎকার'।

সীত্য বিণ [সীতা+য (যৎ)] হলাগ্র দ্বারা সমিত বা সমতলীকৃত; চষিয়া সমান-করা (ক্ষেত্র)। "পা ৪.৪.৯১, সি।

সীথান; সীধা; সীধে দ্র 'সিথান, সিধা[১], সিধা[৩]।

সীধু পুং [তু 'শীধু'; সিদ্ধ > সীধ > সীধু (?)—'ইক্ষোঃ পক্বৈ রসৈঃ সিদ্ধঃ সীধুঃ পক্বরসশ্চ সঃ।—রাজনির্ঘণ্ট] ১ মদ্যমাত্র, মাদকদ্রব্যমাত্র। "অদ-ধরসীধুসুধা গী.গো ১০.১২। °নিকর প.ক ২১১১। ২ সর্থ 'শীধু'। ['সীধুপ' ইত্যাদি শব্দ; দ্র 'শীধু'।]

সীধুগন্ধ, সীধুসংজ্ঞ পুং [উ.বহুব্রী; বহুব্রী] বকুলবৃক্ষ।

সীপ পুং তর্পণার্থ জলপাত্র; কোশা (বিচারনির্ণয় শ.ক)। "(কাঁসারি গড়ে) হাণ্ডী সীপ ক.চ ৮৯; রজতের সীপে ২২৮।

সীফল বি [সং শ্রীফল > প্রা *সীফল] বেল। "শূ ১০৫।

সীবন ক্লী [√সিব্+অন (ল্যুট্)-ভা, দীর্ঘ, মুগ্ধবোধ ১১৩৬] ১ তন্ত্ত-সন্তান, সেলাই করা। "চর্ম্মাদি° (S.W.)। সুশ্রুত ৪.১.৫৩। তুন্নবায় নানাবস্ত্র করিছে সীবন।—রঙ্গ ২২৯। ২ সূচিকর্ম্ম, সেলাই। —নী স্ত্রী [অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'সীবনসাধনী', সূচী। ২ লিঙ্গমণির অধঃস্থ সূত্র বা সূত্রাকার নাড়ী; লিঙ্গাগ্র হইতে গুহ্যপর্য্যন্ত সীবন। ৩ অশ্বের মলদ্বারের নিম্নস্থ অংশ। —ব্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সীবনার্হ (সুশ্রুত —S.W.)।

সীবনী, সীব্য দ্র 'সীবন'।

সীম বি [সং সীমন্; ঠ সীম] ১ সীমা, প্রান্ত। "পাঁহলহি বৈঠহি শয়নক সীম বি.প ৫২। ২ অবধি, চূড়ান্ত। "শ্যামসুন্দব রস-সীম।—জ্ঞা ১২২।

সীমন্ত পুং [সীমার অন্ত, ষ.ত, শকন্ধ্বাদি, 'কেশবেশ' অর্থে, অন্যত্র 'সীমান্ত' (পা ১.১.৬৪, সি), সীমানমন্ততি বধ্নাতি ইতি 'সীমন্তঃ', কেশ-বিন্যাসঃ; অন্যত্র সীম্নোরন্তঃ 'সীমান্তঃ' (দুর্গাদাস); '°ন্ত' (পুং, ক্লী) —'সীমন্তমস্ত্রিয়াং মস্তককেশবীথ্যাম্ (শব্দার্ণব); ছান্দস] ১ কেশবেশ, কেশবিন্যাস (অ.টী)। ২ দ্বিকালবিন্যস্ত কেশের মধ্যস্থ বীথি, মস্তক-কেশবীথি, মূর্দ্ধজমধ্যপদ্ধতি (মল্লিনাথ); কেশমধ্যে বর্ত্ম (অ.চি)। "(সেতুঃ) সাগরস্তেব সীমন্তশ্চিত্ররূপো ব্যদৃশ্যত গো.রা ৫.৯৫.৪১,-২। সীমন্তে চ...নীপং বধূনাম্ উ.মে ২। মাঘ ৮ ৬৯। রক্ষোবধূ যত্নে দিলা কোঁটা, সীমন্তে।—মে ১১৩। ৩ স্ত্রীলোকের দ্বিকালবদ্ধকেশমধ্যে সিন্দূর-রেখা (নীলকণ্ঠ)। "(তে অপশ্যন্ত নাগম্) সীমন্তমিব কুর্ব্বাণং নভসঃ পদ্মবর্চসম্ মহা ১.৪৪.৩। ৪ সীমন্তোন্নয়ন সংস্কার। "যষ্ঠেঽষ্টমে বা সীমন্তঃ যাজ্ঞ ১.১১। সীমন্তশ্চাষ্টমে মাসি।—ব্যাস ১.১৭। ৫ অস্থি-সংঘাত। "চতুর্দ্দশৈব সীমন্তাঃ সুশ্রুত ৩.৫.১৫। ৬ সীমান্ত, সীমাশেষ; "কৃষ্যন্তা প্রথিতা সীমা সীমন্তঃ শ্রূয়তে বনম্।—হ ৭৩.৬। —ন্তক পুং [°ন্ত+ক (কন্)] ১ সর্থ 'সীমন্ত'। ২ নরকাবাস (অ.চি—শ.ক) —ন্তক ক্লী সিন্দূর। [°করণ (ক্লী)—সীমন্তোন্নয়ন।]

সীমন্তিকা বি সীমন্তভূষণ, সীঁতাপাটি। "রঙ্গ ২১৮।

সীমন্তিত বিণ [°ন্ত+ইত (ইতচ্)] ১ সঞ্জাতসীমন্ত। ২ [√সীমন্তি +ত (ক্ত)-র্ম্ম] সীমন্তযুক্তীকৃত, সীমন্তবান্, সীঁতাকাটা। "মাঘ ৩.৮০। রথাঙ্গসীমন্তিতসান্দ্রকর্দ্দমান্...পথঃ কি ৪.১৮।

সীমন্তী (-ন্তিন্) বিণ [°ন্ত+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ন্তিনী] সীমন্তবান্, সীমন্তযুক্ত। "মাঘ ৩.৮০, মল্লিনাথ। —ন্তিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ নারী, স্ত্রী। "মা স্ম সীমন্তিনী কাচিজ্জনয়েৎ পুত্রমীদৃশম্ রা ২.৫৩.২১; হি ২.৭। সীমন্তিনীনাং মুখ্যায়াম্ (অস্যাম্) মহা ৩.২৬৬.৩। উ.মে ৩৯। ক.সা ১২৫। ম.পা ৭২। ম.ভা ৪৮,-৯। পিক° বি.সু ৫৭। ২ (বাঙলায়) পত্নী। "শ্রী ১৮। ম.পা ৬৪; ৬৭; শুনহ লহনা সীমন্তিনী ৭৫।

সীমন্তোদ্ধরণ ক্লী [ষ ত] সীমন্তসিন্দূররেখালোপ; বৈধব্যপ্রাপ্তি। "(অয়ং সঃ) যেন দানবনারীণাং °ণং কৃতম্।—হ ৪৯.৮।

সীমন্তোন্নয়ন ক্লী [বহুব্রী] যাহাতে সীমন্তের উন্নয়ন বা উত্তোলন আছে; গর্ভিণীর সংস্কারভেদ। [গর্ভিণীর প্রথম গর্ভে চতুর্থ ষষ্ঠ বা অষ্টম মাসে ইহা বিধেয় (গোভিল)। দ্র 'সীমন্ত (৩)। বিষ্ণু ২৭.৩।]

সীমলিঙ্গ ক্লী [ষ.ত] সীমাচিহ্ন, সীমান্ত। "মনু ৮.২৫৪।

সীমা[১](-মন্) স্ত্রী [√সি+মন্ (মনিন্)-স্ম, দীর্ঘ, উ ৪.১৫০; ছান্দস] ১ গ্রামাদির প্রান্তভাগ (অ.টী); গ্রামদ্বয়ের মর্য্যাদা; সীমানা। "মনু ৮. ১৪৯, ২৪৫। ২ রাজকল্পিতক্ষেত্রমানমর্য্যাদা, সেতু, আলি, আ'ল। "কৃষ্যন্তা প্রথিতা সীমা।—হ ৭৩.৬। মাঘ ৩.৫৭। যাজ্ঞ ২.১৫৩। [উন্নত-ভূমি অঙ্গার বটাদিবৃক্ষ সেতু বল্মীক নিম্নস্থান সরোবরাদি অস্থি চৈত্য ইত্যাদি ক্ষেত্রাদির সীমানির্ণয়ার্থ গৃহীত হয় (মনু ৮.২৪৬-২৫১। যাজ্ঞ ২.১৫৪)।] ৩ অবধি, স্থিতি, মর্য্যাদা। "গগন°, ব্যোম°, শ্রোণি° (S.W.)। ভ ৫.১৬ ১০। সীমেব পদ্মাসনকৌশলস্য ভট্টি ১.৬। ৪ সীমা-বদ্ধস্থান, ক্ষেত্র। ৫ সীমালিঙ্গ। ৬ প্রদেশ। "উ.চ ২.১৬। মঞ্জুলবঞ্জুল সীমনি গী গো ১১.২। ৭ বেলা, তীব। ৮ দিক্‌চক্র, চক্রবাল। ৯ ঘাট, ঘাড়। ১০ পবা কাষ্ঠা, কোটি। ১১ কুলাগতানুষ্ঠানস্থিতি (মল্লিনাথ)। "মাঘ ৩.৫৭। ১২ কপালত্রয়সন্ধিস্থানবিশেষ। "ঐতরেয়োপনিষৎ ৩.১২। ১৩ [+মন্ -ণ] অণ্ডকোষ। "সীম্নি পুষ্কলকো হতঃ পা ২.৩.৩৬, সি।

সীমা[২] স্ত্রী [সীমন্[১]+স্ত্রী আ (টাপ্), পা ৪.১ ১৩] সর্থ 'সীমা[১]'। [°কৃষাণ (পুং)—সীমাসন্নিহিতক্ষেত্রকর্ষক। "যাজ্ঞ ২.১৫৩। °গিরি (পুং)—সীমাচিহ্নভূত পর্ব্বত, মর্য্যাদাগিরি। "ভ ৫.২০.১৫। °জ্ঞান (ক্লী)—সীমানির্ণয়। "মনু ৮ ২৪৯। °নির্ণয়, °নিশ্চয়, (পুং)—সীমা-নির্দ্ধারণ। "°য় মনু ৮.২৫৮, কুল্লুক। °পাল (পুং)—সীমারক্ষক। "°বাদ, °বিবাদ (পুং)—সীমাবিরোধ। "°দ মনু ৮.২৫৩; °বিবাদ (কুল্লুক)। °বিনির্ণয় (পুং)—সীমানির্দ্ধারণ। "মনু ৮.২৫৮,-৬৬। °বৃক্ষ (পুং)—সীমাসূচক বৃক্ষ—বটাদি। "মনু ৮.২৪৬। °ভেত্তা (-ত্তৃ) বিণ —সীমাভেদক, সীমাচিহ্নাশক। °লিঙ্গ (ক্লী)—সীমাচিহ্ন। °সন্ধি (পুং)—সীমারূপ গ্রামদ্বয়সন্ধিস্থান। "মনু ৮.২৪৮। °সেতু (পুং) —সীমাচিহ্ন আলি প্রভৃতি। "মনু ৮.২৬২। °হরণ (ক্লী)—সীমাচিহ্ন-নাশ, সীমালোপ।]

সীমাঞ্চল পুং, ক্লী [ষ ত] সীমাপ্রান্তভাগ, সীমান্ত। "চণ্ডি বিবিক্তর্ষ বাচস্তে পথ্যাঃ শ্রুতিসরণিসীমাঞ্চলমপি বি.মা ৭.৫২।

সীমাতিক্রমণ ক্লী [ষ.ত] সীমাতিলঙ্ঘন। "যাজ্ঞ ৩.১৫৮।

সীমাধিপ পুং [ষ.ত] ১ রাজ্যসীমারক্ষক, সীমান্তাধ্যক্ষ। ২ সীমান্তস্থিত রাজা; সন্নিহিত রাজা।

সীমানা বি [সং সীমন্, সীমান্ত; হি সিমা(রা)না; সিমানা (গো.চ)] ১ সীমা, প্রান্তভাগ। "ওই গো! গাঁয়ের ওই সীমানা কু.কে ৩১। ২ অবধি, শেষ। "আকাশ জুড়ে মেঘের খেলা, কোথায় বা সীমানা। —শিশু ৮৫। ৩ ক্ষেতের সীমা বা আ'ল। "(দলীলে) জমির সীমানা সরহদ্দ বজায় রাখিয়া চাষ আবাদ করিব। ৪ সীমাচিহ্ন স্তম্ভাদি। "ব্রজের সীমানা খাম্বা আছয়ে তথাতে ভ.প্র ৪৫৪।

সীমান্ত পুং [ষ.ত] ১ সীমাশেষ, শেষসীমা। "দক্ষিণসীমান্তে ক.সা ৩০. ১০৭। যাজ্ঞ ১.১১৩। ২ সীমাস্বরূপ, সীমা। ৩ সীমাসন্নিহিত দেশ বা ভূমি। "গ্রামান্ বিকৃষ্টসীমান্তান্ রা ২.৪৯.৩। [°পূজন (ক্লী)—১ গ্রাম-

সীমাপূজারূপ বিধিবিশেষ। ২ বিবাহে গ্রামসীমাগত বরের পূজাবিশেষ। °রেখা (স্ত্রী)—সীমান্তরেখা।]

সীমাপহারী (-রিন্) [সীমা+অপ+ √হৃ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] সীমাচিহ্নলাশক, সীমাভেত্তা। "পঞ্চরাত্র ১ ৬.৫৭।

সীর দ্র 'সি'র'।

সীর পুং [√সি+র (ক্রন্)-ণ (অ.টী); উ২.২৫; 'সীর' (ক্লী)—কর্ষণসাধন (ঋগ্বেদ ১০.১০১.৩; ৪, সায়ণ)] ১ লাঙ্গল, হল। তু 'সীর'। "অথর্ববেদে ৮.৯.১৬। সীরাকর্ষণ গো.রা ৩.৪ ৭। ২ লাঙ্গলাকৃতি আয়ুধবিশেষ। ৩ সূর্য্য। [°ধ্বজ (পুং)—১ জনকরাজ। ২ বলরাম। °পাণি, °ভৃৎ (পুং)—হলধর, বলরাম। °বাহক (পুং)—কৃষক। °যোগ (পুং)—হলযোগ।]

সীরায়ুধ পুং [বহুব্রী] হলায়ুধ, বলরাম।

সীরী (-রিন্) পুং [সীর+ইন্ (ইনি)-১ব] 'সীরবান্', বলরাম। "সার্দ্ধমুদ্ধবসীরিভ্যামথাসাবাসদৎ সদঃ মাঘ ২ ২।]

সীরোৎকষণ ক্লী [তৃ ত] হলকর্ষণ। "সদ্যঃসীরোৎকষণসুরভি ক্ষেত্রমারুহ্য মালম্ পূ মে ১৬।

সীলন্ধ পুং মৎস্যবিশেষ, সিলিন্দা মাছ।

সীস ক্লী ধাতুবিশেষ, সীসা। "শুক্লযজুর্বেদ ১৯.৮০। জেয়ং ত্রপুমলং সীসম্ মহা ৫ ৩৯.৮১। —সক[১] পুং, ক্লী [সীস+ক (কন্) স্বার্থে] সীস। "রা ১.৩৭.২০। মনু ৫.১১৪। —সক[২] পুং শূল। [°জ (ক্লী)—সিন্দুর। °পত্র (ক্লী)—সীসফলক।]

সীসক[১], সীসক[২] দ্র 'সীস'।

সীসা, -সে বি [সং সীসক > প্রা সীসঅ > বা সীসা, -সে, হি সীসা, ঠ শিসে] সীসক ধাতু।

সীহুণ্ড পুং [সিংহতুণ্ড > প্রা *সীহউংড > সীহুণ্ড, সেহুণ্ড (?)] সুহি, সিজগাছ।

সু[১] অ উপসর্গবিশেষ। ইহার অর্থ,—১ পূজা, প্রশংসা। "°কেশী, °মুখী, °রূপ। সুরাজা পা ৫ ৪ ৬৯, সি। (সতী) সুনাসা সুবেশা।—ম ৪৪৯। °ভাল শ্রী.মা ৮৫। সুনিকুঞ্জবন।—মা ১২৮, সুতককুল: সুসৌরভ ১৩৯। সুজিষ্ণু।—হেম ১৪৩। বন্দে মাতরম্। সুজলাং সুফলাং মলয়জশীতলাম্ ব দি ৯৭। ২ উত্তম, নিপুণ। "প্রণেতুং শক্যতে দণ্ডঃ সুসহায়েন ধীমতা (নৃপেণ) মনু ৭ ৩১। ৩ অতিশয়, অত্যন্ত। "জলেন সুসুগন্ধিনা মহা ৭. ৮০.১০। সুকাতর।—দু ১৯। সুপাপিষ্ঠ জ্যৈষ্ঠমাস ক.চ ৬৮। সুশীত সুদীর্ঘ কলেবর চৈ ভা ৩২৬। সুরাঙা পদ।—মা ১২৭। কুসুম-ধনুতে সু-ঈষৎ টান।—হেম ১৩২। ৪ শোভন, সুন্দর। "হৈয়াছ ক্রোধানন, এই হেতু সুনয়ন ম পা ১৩; ১৫৫। সুচন্দ্রানন।—মা ১৩৭। ৫ কৃচ্ছ্র। "সুদুষ্কর (ত.বা)। দুঃপানি নূনমতিমাত্রসুদুঃসহানি শ ৪.৩। ৬ অনুমতি। "সুকৃত (ত.বা)। ৭ অনায়াস। "সুকর, সুগম, সুলভ। ৮ সমৃদ্ধি। ৯ সম্যক্, উত্তম। "সুজীর্ণমন্নং; সুচিন্ত্য চোক্তং সুবিচার্য্য যৎ কৃতম্ (ন যাতি বিক্রিয়াম্)।—হি ১.২১। সুকলস।—দু ১৫। ১০ যথাবিধি, সাবধান। "সুশাসিতা স্ত্রী নৃপতিঃ সুসেবিতঃ।—হি ১.২১। ১১ প্রশস্ত অর্থাৎ কৃশ, ক্ষীণ। "সুমধ্যমাঃ সুশ্রোণিঃ সুমাধ্য।—দু ৬১। ১২ শুভ, হিতকর; বিপুল; তুমুল, প্রাপ্তকালোচিত। "সুমন্ত্রিতং সুবিক্রান্তং সুযুদ্ধং সুপলায়িতম্। প্রাপ্তকালে যথাশক্তি কুর্য্যান্ন তু বিচারয়েৎ।—হি ৩.১৪২। ১৩ (বাঙলায়) পাদপূরণে। "ষট্‌ সুচক্রভেদন।—দু ৬১, °কমল ৬৩; ৬৪। রাম, সুত্রময়রূপী, ধ্বজ যার।—মা ১২৭, সপ্তবরা সুমন্দিরা আর বর্ষ যত: মানস-সুসরঃ ১২৮। ১৪ শুদ্ধ। "°মানস।—দু ১৫; যোগি-বৃন্দ,-সুন্দরমন্দির ৭৬। ১৫ তীক্ষ্ণ। "সুঅসি চর্ম্ম।—দু ৮৮।

সু[২] সক [ধাদি, এ—সুনোতি, সুনুতে; অনিট্] ১ সন্ধান, সুরাসন্ধান। ২ অভিষব, পীড়ন (ক.ক)। ৩ মন্থন (ক.ক)। ৪ স্নপন (স্নপদর্শন)। ৫ (অক) স্নান, মজ্জনস্নান (ক.ক)। "রাজ্ঞা সুয়তে মজ্জনপূর্ব্বকং অভিষিচ্যতে যস্মিন্ ক্রতৌ স রাজসূয়ঃ (ক.ক)। দ্র পা ৩.১.১১৪, সি। —সক [ভ্বা, এ,—সবতি, -তে; অনিট্] ১ গতি। ২ প্রসব। "প্রসবতি পুত্রং মাতা (ক.ক)। ৩ (অক) ঈশ্বরীভাব (ক.ক)। —সক [ত্বা, অদা, প—সবতি, সৌতি, অনিট্] ১ প্রসব। "প্রসবতি পুত্রং মাতা (ক.ক)। প্রসৌতি বিষয়ং ধর্ম্মঃ (হলায়ুধ)। ২ (অক) ঐশ্বর্য্য, ঈশ্বরীভাব (ক.ক)। [অভি—অভিষব, সন্ধান (distillation)।]

সু°, সুঁটকি, -কী, -কো দ্র 'শু; শুঁটক'।

সুঁদরি, -দুরি বি [সং সুন্দর] বৃক্ষবিশেষ। "সুঁদুরবন। [সুঁদুরবনে বাঘ—সুন্দরবনের ভীষণ ব্যাঘ্রবিশেষ (Royal Bengal tiger)।]

সুঁদি বি [সং সৌগন্ধিক > প্রা সোগংধিঅ > বা (সোন্ধি) সুন্ধি, -ন্দি, সুঁদি] শ্বেতকুমুদ, সাদা মা'ল।

সুঁয়োপোকা বি [দ্র 'শুঁয়া'] শূকযুক্ত কীটবিশেষ। "পাহাড়গুলো ম'রে-যাওয়া সুঁয়োপোকার মত প.কা ৭৫।

সুকণ্ঠ বিণ [বহুব্রী, স্ত্রী -ণ্ঠা, -ণ্ঠী] সুস্বর, কলকণ্ঠ। "অতঃ সুকণ্ঠ্যো গন্ধর্ব্যঃ ভ ১০.৮৪.৪৬। বেহালার অপেক্ষা কি শচীন্দ্র সুকণ্ঠ?—ব.প্র ২০০। —ণ্ঠী স্ত্রী কোকিলা।

সুকণ্ডু পুং [বহুব্রী] কণ্ডুরোগ, চুলকুনি।

সুকত বি সর্ব 'শুকুতা (২)'। "সুকত ব্যঞ্জন বি.পা ১৬৭।

সুক(খ)তলা বি ১ জুতার ভিতরের পয়তলা চামড়া। ২ সইসুপারিশ, খোসামোদ। "বাবা, সুকতলার জোরে ঘটিরাম ডেপুটি হয়েছে, বিদ্যার জোরে হব নি।—স এ ৩১। °লার ডেপুটি বাবু জা ৪।

সুকন্দ পুং [প্রা স] ১ কশেরু। ২ আলু। ৩ পলাণ্ডু। —ন্দক পুং বারাহীকন্দ, পলাণ্ডু। —ন্দী (-ন্দিন্) পুং শূরণ, ওল।

সুকন্দক, সুকন্দী দ্র 'সুকন্দ'।

সুকবি পুং [প্রা.স] সৎকবি, মহাকবি। "ক.সা ৫১ ২২৭।

সুকর বিণ [সু + √কৃ +অ (খল্)-র্ম, উ.ত স্ত্রী -রা] অনায়াসকরণীয়, সুখসাধ্য। বিপ 'দুষ্কর'। "পা ৫.১.৯৩। অ° রা ২.৫২.৯৭; মহা ৮.৫১০। অপি যৎ সুকরং কর্ম্ম তদপ্যেকেন দুষ্করম্ মনু ৭.৫৫। পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্।—হি ১.১০৭। —রা স্ত্রী সুখে পালনীয়া বা বন্ধনীয়া গবী, অচণ্ডী, শান্ত গাই (অ.কো)।

সুকর্ণ বিণ [বহুব্রী, স্ত্রী -র্ণা, -র্ণী] শোভনকর্ণ, সুশ্রুতি। —র্ণক পুং হস্তিকন্দ। —র্ণিকা স্ত্রী মূষাকর্ণী। —র্ণী স্ত্রী ইন্দ্রবারুণী।

সুকর্ণক, সুকর্ণিকা, সুকর্ণী দ্র "সুকর্ণ'।

সুকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [প্রা.স] শোভনকর্ম্ম, সৎকার্য্য, ধর্ম্মকর্ম্ম। "পঞ্চরাত্র ১.৬.৪২। —র্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী; স্ত্রী -র্ম্মা] ১ সুষ্ঠু [illegible]কর্ম্মা (সায়ণ), কল্যাণকর্ম্মা (উবট)। "ঋগ্বেদ ৪.২.১৭। শুক্লযজুর্বেদ ২০ ৭৫। ২ সৎক্রিয়, পুণ্যকৃৎ। ৩ ক্ষিপ্রকর্ম্মা। —র্ম্মা পুং ১ বিশ্বকর্ম্মা। ২ (জ্যোতিষে) সপ্তমযোগ।

সুকল বিণ [সু কলা যাহার, বহুব্রী] যাহার বিভূতি বা সামর্থ্য শোভন (অ.টী), যে দাতা ও ভোক্তা; দাতৃভোক্তা।

সুকলিল বিণ [সুপ্সুপা] অতিকলিল, সঙ্কুল, তুমুল। "এবং সুকলিলং যুদ্ধমাসীৎ ক্রব্যাদহর্ষণম্ মহা ৭.৩১.৭৬।

সুকল্পিত বিণ [সুপ্সুপা] সুসজ্জ। "°ত (দ্বিপ) মহা ৭.২৬ ২২।

সুকাজ বি শুকস্থান, ডাঙ্গা। "°নে ডিঙ্গা চলে গো.চ ১৮৪।

সুকাল, -লী(-লিন্) পুং, বহব শূদ্রগণের পিতৃগণবিশেষ। "শূদ্রাণাম্ভু সুকালিনঃ (পিতরঃ) মনু ৩.১৯৭। হ ১৮.৫৬।

সুকীর্তি বিণ [বহুব্রী;] স্ত্রী -র্ত্তি] শোভনকীর্ত্তিমান্ (সায়ণ), যশস্বী। "ঋগ্বেদ ১.১৮৬.৩। —র্ত্তি স্ত্রী [প্রা.স] শোভনা স্তুতি। "ঋগ্বেদ ২.২৮.১, সায়ণ

সুকুতা দ্র 'শুকুতা'।
সুকুনা বিং [শুকনা > °না, দ্র 'শুকন'] শুষ্ক, তেজোবীর্য্যহীন। "সুকুনা শরীর মোর কাঠ সমসর।—মী ৮।
সুকুমার বিণ [সুপ্সুপা; স্ত্রী -রী] ১ অতিকোমল, কোমল, মৃদুল, মৃদু। "°রৌ (কপোলৌ) গো.রা ৩.৫২.২৯; সুকুমারঃ (স্পর্শঃ) উ.চ ৬.১৩। সুকুমার চরণ, চরণবিন্যাস সুকুমার ব.প্র ১৪১। ২ অনিষ্ঠুরাক্ষরপ্রায়, সুললিত। "°বচস্ রা ২.৬৪.৩১। রোচতে মে সুকুমারঃ প্রয়োগঃ শ ৩১/৯০। বচন সুকুমার ব.প্র ১৪১। ৩ মসৃণ। "শুকোদরসুকুমারে 'নলিনীপত্রে শ ৩১/২২। ৪ কোমলাঙ্গ, পেলবতনু। "সুকুমারী চ বালা চ (ইয়ম্) রা ২.৩৮.৩। ৫ (বাঙলায়) কোমল-কান্ত। "কুসুমসুকুমার নবীন বয়সে তপস্যায় প্রবৃত্ত।—কাদ ৪৪। তাঁহার বদন সুকুমার, অধর ভ্রূযুগ ললাট সুকুমার; সুকুমার কপোল ব.প্র ১৪১। ৬ স্নিগ্ধ। "কটাক্ষ সুকুমার ব.প্র ১৪১। ৭ স্নিগ্ধ, কোমল। "সুকুমার কেশ ব.প্র ১৪১। ৮ সৌম্য-মূর্ত্তি। "সুকুমার অভিমন্যু সভাকার ইষ্ট ব.প ৭৩০। —র পুং ১ উত্তম বালক। ২ পুণ্ড্রেক্ষু; বনচম্পক; শ্যামাক, অশোক; প্রিয়ঙ্গু; ক্ষব, রাজিকাবিশেষ। ৩ মোদকৌষধবিশেষ। —র ক্লী (অলঙ্কারে) গুণ-বিশেষ। —রক পুং [°র+ক (কন্)] ১ সুন্দরবালক। "হ ৩৯ ৩৫। ২ শালিধান্য। —রক ক্লী তমালপত্র। —রা স্ত্রী জাতী; নবমালিকা; মালতী; কদলী, পৃক্কা। —রী স্ত্রী ১ নবমালিকা। ২ সর্প 'শঙ্খিনী (৫)।
সুকুমারক, সুকুমারা, সুকুমারী দ্র 'সুকুমার'।
সুকুল, -লীন বিণ [বহুব্রী, °ল+ঈন (খ)] সদ্বংশজ, কুলীন। —কুল ক্লী [প্রা.স] শুদ্ধবংশ, সৎকুল। "°লজন্মন্, °লজ।
সুকুলীন দ্র 'সুকুল'।
সুকৃৎ বিণ [সু+ √কৃ+ক্বিপ্ (০)-ক-১ব, উত] ১ সুকর্ম্মকারী, পুণ্যকারী, সাধুকারী। রঘু ১১.৫০; ৮৮। ২ কর্ম্মকুশল। —ৎ পুং ১ যজমান। "ঋগ্বেদ ৪.১৩.১। ২ কর্ম্মকুশল শিল্পী। ৩ ত্বষ্টা।
সুকৃত বিণ [সু+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যগনুষ্ঠিত, সাধুকৃত, যথাবৎ-কৃত। "বর্ণকঃ সুকৃতো ন বা মহা ৪.২০.২৬। তৎ তেষাং সুকৃতং বিদুঃ ভ ৮.২৩.৩১। ২ সুনির্ম্মিত। "পাদুকে সুকৃতে গো.রা ২.১২৪.১৩। ৩ সুষ্ঠু কৃত; আজ্ঞানুরূপকৃত। "যত্রং জগাম সুকৃতং বাসায় (রাজা) রা ৭.৫৪.১৮। ৪ সুষ্ঠু কৃত; অন্বর্থীকৃত। "পুরস্ত সুকৃতং নাম বৈজয়ন্তমিতি রা ৭.৫৫.৬। ৫ সম্যগাচরিত। ৬ সম্যগ্‌রচিত। "সুকৃতাং শয্যাম্। "রা ২.৫৩.৩৩। ৭ নিশ্চিত। "অগতো সুকৃতা মতিঃ রা ২.৪৫.২৬। ৮ পুণ্য-কর্ম্মফলভূত। "মুণ্ডকোপনিষৎ ১.২.১০। ৯ সাত্ত্বিক। "কর্ম্মণঃ সুকৃতস্য গী ১৪.১৬। ১০ [বহুব্রী] শোভনকর্ম্মা (সায়ণ)। "ঋগ্বেদ ৪.২১.৯। ১১ পুণ্যকর্ম্মা। —কৃত ক্লী [প্রা.স] ১ শোভন কর্ম্ম (সায়ণ)। "ঋগ্বেদ ৩.৬০.৪। ২ সৎকার্য্য, কর্ত্তব্যকর্ম্ম। "কথং নু সুকৃতং ভবেৎ রা ২.৬৪.২। ৩ পুণ্যকর্ম্ম। "সুকৃতাধিকার মাঘ ১ (কবিবংশবর্ণন)। ৪ পুণ্য। বিপ 'দুষ্কৃত, পাপ'। "উত্তিষ্ঠ সুকৃতং তেঽস্তু রা ২.৫৭.৩০। নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ গী ৫.১৫। রঘু ১৪.১৬। ক্ষীণ° ভ ৩.৩২. ২১। তেন তব বিরূপকরণে সুকৃতমন্তরে ধৃতম্।—পঞ্চ ৪৩/২২। সুকৃতং কৃতঘ্নতা (হন্তি)। হি ৩.১২১। তোর সুকৃত আছিল ম.পা ৪৯; ৮১। ৫ উপকার। "প্রথমসুকৃতাপেক্ষা পূ.মে ১৭। ৬ জ্যোতিষ্টোমাদ্যনুষ্ঠান। "স্বর্গাভিসন্ধিসুকৃত কু.স ৬.৪৭। ৭ শুভাদৃষ্ট, সৌভাগ্য। [°কর্ম্মা (-র্ম্মন্) বিণ—পুণ্যকর্ম্মা। "রা ১.৬২.১১। °কৃৎ (বিণ)—পুণ্যকৃৎ, সুকর্ম্মা। "মনু ৩.৩৭। °দুষ্কৃত (ক্লী)—পুণ্যপাপ। "গী ২.৫০। °ভাক্ (-জ্) বিণ—পুণ্যভাগী।]
সুকৃতাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] পুণ্যাত্মা, পূতচিত্ত। "সুকৃতাত্মানঃ ...মহর্ষয়ঃ গো.রা ৩.৭৭.৩৩।
সুকৃতি বিণ [বহুব্রী; স্ত্রী -তি] ১ সুকর্ম্মা, পুণ্যকৃৎ, ধার্ম্মিক। "সুকৃতি পুরুষ ক.চ ৫৯। শ্রী ৩। কি দুষ্কৃতি কি সুকৃতি, সভায় বসে বট ক্ষিতি ম.পা ৪৬। ২ (বাঙলায়) সার্থককর্ম্মা। "আপনারে 'সুকৃতি' করিয়া বিধি মানে চৈ.ভা ২৯৩। —কৃতি স্ত্রী [প্রা.স] ১ শোভন কর্ম্ম; সৎ-কার্য্য। "°আলোক কু.কে ১৪৭। ২ পুণ্য, ধর্ম্ম। "সুকৃতিলভ্য কেলাবব চৈ.চ ৩৩৮। ভাইয়ার সুকৃতি বহু পূর্ব্বের আছিল ভ.প্র ২৩৮। সুকৃতির ফলে স্বর্গে করেছ গমন প.তৃ ৩৪। ৩ সৌভাগ্য, শুভাদৃষ্ট। "নদীয়ার নারী পুরুষ, সুকৃতি মানি, মনে মহানন্দিত হৈয়া ন.প ৯৩। ৪ তপশ্চরণ। ৫ (বাঙলায়) পুণ্যবান্ জন। "(সঙ্কীর্ত্তনমল্ল-বেশ) দেখিতে সুকৃতি পায় আনন্দ বিশেষ চৈ.ভা ৪৬৪।
সুকৃতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -তিনী] ১ সুকৃত-বান্, সৎক্রিয়াবান্, সুকর্ম্মা। ২ পুণ্যবান্, ধন্য (অ.কো); পুণ্যকর্ম্মা (শঙ্কর), পূর্ব্বজন্মে কৃতপুণ্য (শ্রীধর)। "গো.রা ১.১৫.২৪। চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জুন গী ৭.১৬। সুকৃতিনাং কীর্ত্তিশ্চিরং বর্দ্ধতাম্।—হি ৪.১৩৭। এই চাবি সুকৃতী হয় মহাভাগ্যবান্ চৈ.চ ২৩৬। সুকৃতী সজ্জন চৈ ৪। ৩ শুভযুক্ত (ত.বা)।
সুকৃত্য ক্লী [প্রা.স] সুকর্ম্ম, সৎকার্য্য, কর্ত্তব্যকর্ম্ম। "কিংবাবশিষ্টং যুবয়োঃ সুকৃত্যম্ ভ ১০.৪৬.৩৩। পঞ্চ ২.৪৭। —ত্যা স্ত্রী [প্রা.স] শোভনব্যাপার (সায়ণ), সুক্রিয়া। "ঋগ্বেদ ১.২০.৮।
সুকৃষ্ণ বিণ [সুপ্সুপা] অতিকৃষ্ণ। "°ষ্ণো বিহগঃ রা ২.৫২.২।
সুকেতু পুং তাড়কার পিতা যক্ষরাজবিশেষ। দ্র 'তাড়কা'। [°সুতা (স্ত্রী)—সুকেতুকন্যা তাড়কা। "রঘু ১১.১৪।]
সুকেশ বিণ [বহুব্রী, স্ত্রী -শা, -শী] শোভনকেশ, সুকুন্তল। "সুকেশীভার্য্যঃ পা ৬.৩.৪০, সি। গো রা ৩.২৩.১৬।
সুকেশান্ত বিণ [সুকেশ অন্তে যাহার, বহুব্রী] শোভনকেশপ্রান্ত, সুকেশ-শোভিতান্ত। "°ন্তম্ (বদনম্) রা ২.৬১.৮। —ন্তা স্ত্রী সুকেশী, সুন্দরী। "মহা ১.১২২.৩০।
সুকেশিনী বিণ [কেশিনী—°নী; সং সুকেশী] সুকেশী। "সুকেশিনী, কেশববাসনা দেবী।—মে ৪৯, ২৩১। —নী বি সুকেশী নারী। "প.তৃ ৫।
সুকোমল বিণ [সুপ্সুপা] ১ অতিমৃদু, অতিসুখস্পর্শ। "°ভূমি (S.W.)। ২ রম্য, সুমধুর। "°বচন (S.W.)।
সুকোশক পুং [বহুব্রী] কোশাম্রবৃক্ষ, কুশি-আম।
সুক্ক, সুক্‌থ বি [সুখ > সুক, -ক্‌থ; তু 'দুক, -ক্‌থ', অসাধু] সুখ। "সুক্‌থ সএ রাইয়ত জন গো.চ ২, সুক্‌থে রাজাই করিব ১৯০; সুক্কের নেথন ২৭৬।
সুক্কো, সুক্কোপাতা দ্র 'শুকুতা'।
সুক্রতু পুং [বহুব্রী] ১ ইন্দ্র। ২ অগ্নি। ৩ শিব। ৪ সূর্য্য। ৫ সোম। ৬ মিত্র ও বরুণ।
সুক্ষেত্র পুং [বহুব্রী] ১ সুতীর্থযুক্ত। "(পুরী) সুরাণামপি সুক্ষেত্রা।—হ ১১৬.৫০। ২ সদ্‌গর্ভজাত। —ক্ষেত্র ক্লী [প্রা.স] ১ উৎকৃষ্টক্ষেত্র, উর্ব্বরভূমি। "গো.রা ৪.৬.২০। সুবীজঞ্চৈব সুক্ষেত্রে জাতং সম্পদ্যতে মনু ১০.৬৯। ২ শস্যসমৃদ্ধক্ষেত্র। "ঋগ্বেদ ১.১২২.৬, ৪ ৩৩.৭।
সুখ[1] সক [অদন্ত চু, প—সুখয়তি; সেট্] সুখক্রিয়া, সুখীকরণ। "মা.মা ৯.২৫। শ্রীজয়দেবকবেরিতি গীতং সুখয়তু (ক.ক)।
সুখ[2] বিণ [√সুখ+অ (অচ্)-ক; স্ত্রী -খা; 'সুখ'—(সু[1]+খ[3]) —উত্তম রন্ধ্রবিশিষ্ট (having a good axle-hole); রথ, শকট; বৈপরীত্যে 'দুঃখ' (দুঃ+খ)—M.W.] ১ সুখকর, সুখহেতু (সায়ণ)। "সুখং রথম্।—ঋগ্বেদ ১.২০.৩। বাক্যানি...কর্ণসুখানি রা ২.১০৩.১৩। কৌন্তাং বৃত্তামাস্থ...সুখায়াম্ মহা ৩.১১১.১০। মধপদ° পূ.মে ৩৫। প্রারম্ভসুখদর্শন রঘু ১০.৯। শ্রোত্র° ভট্টি ২.১৮। ২ মনোহর (মল্লিনাথ),

শৈত্যমান্দ্যসৌগন্ধ্যবান্। "মরুতো ববুঃ সুখাঃ রঘু ৩.১৪। ৩ সুখকর, গাঢ়। "সুখশয়িতপৃচ্ছিকা শ ৪২/৮। ৪ প্রীতিকর। ৫ শক্য, অনায়াসসাধ্য। "শ্রেয়াংসি লব্ধুমসুখানি বিনান্তরায়ৈঃ কি ৫.৪৯। ৬ অনায়াস। "নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে গী ৫.৩; ১৩। ৭ সানন্দ। "সুখং হ্যবমতঃ শেতে সুখঞ্চ প্রতিবুধ্যতে। সুখং চরতি লোকেঽস্মিন্নবমন্তা বিনশ্যতি॥—মনু ২.১৬৩। ৮ [সুখ+অ (অচ্)] সুখযুক্ত, সুখী। "পন্থানি স্যাং সুখং বৎস সহিতং বাজবর্ত্মসু রা ২.২৫.৪১।—খ ক্লী ১ (ন্যায়ে) আত্মবৃত্তিগুণবিশেষ; (বেদান্তে) মনোধর্ম্ম, প্রীতি, হর্ষ, আনন্দ, নির্বৃতি। "মনসঃ সুখম্ রা ২.২৮ ৩। কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা উ.মে ৪৮। শ ৭.১৯। সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।—গারুড় ১১৩ অধ্যায়। সুখ দুখ দুটি ভাই চ.দা ৫৪। [সাত্ত্বিক রাজসিক তামসিক ভেদে সুখ ত্রিবিধ (দ্র 'গী ১৮.১-৩)।] ২ সুখহেতু (সায়ণ)। "ঋগ্বেদ ১ ১২০ ১১। সর্ব্বমাত্মবশং সুখম্ মনু ৪. ১৬০। ৩ অরোগ, নিরাময়। "ইরাবতী কল্পমানচরণাং দেবীং সুখং প্রষ্টুমাগতা মা মি ৪২/৬। ৪ স্বর্গ। ৫ বৃদ্ধিনামকৌষধ। ৬ জল।—খা[২] স্ত্রী ১ বরুণপুরী। ২ (সঙ্গীতে) মূর্চ্ছনাবিশেষ। [°কর, °কার, °কৃৎ (বিণ)—প্রীতিজনক, সুখ। °গ (বিণ)—সুখগামী। °গন্ধ (বিণ)—সুগন্ধি, সুরভি। "গো রা ৩ ৫৫.৪৫। °গম, °গম্য (বিণ)—সুগম। "সুখগমঃ পন্থাঃ মহা ১৩ ৯৬.১২। °গ্রাহ্য (বিণ)—সুখগ্রহণীয়, সুগম, সুবোধ। °চার (পুং)—উৎকৃষ্ট অশ্ব। °চ্ছায় (বিণ)—সুখকরচ্ছায়াবিশিষ্ট, স্নিগ্ধচ্ছায়। "°যাঃ (ফলদ্রুমাঃ) গো রা ৩.১৬ ৬। °চ্ছেদ্য (বিণ)—অনায়াসচ্ছেদনীয়, সুচ্ছেদ। °জাত (বিণ)—সুখিত। "ভট্টি ৫ ৩৮। °জাত (ক্লী)—সুখসমূহ। "যেন বা ভবতি সুখজাতম্ গী.গো ১০.৩। °দায়ক (বিণ)—সুখকর। °দুঃখী (-খিন্) বিণ—সুখদুঃখযুক্ত। "ভ ১০ ৬০.৩৮। °দোহা, -দোহ্যা (স্ত্রী)—সুখদোহনা গবী। °নিবিষ্ট (বিণ)—সুখোপবিষ্ট, সুখাসীন। "পঞ্চরাত্র ৩ ৫ ৬। °প্রণাদ (বিণ)—অনুদ্বেগকরনাদযুক্ত। "সুখপ্রণাদৈস্ত্রে যিতৈর্বাহনানাম্ মহা ৬.৩ ৬৯। °প্রতিবন্ধিতা, °প্রত্যর্থিতা (স্ত্রী)—সুখপ্রতিকূলতা। "অহো সুখপ্রত্যর্থিতা (পাঠান্তর '°বন্ধিতা') দৈবস্য।—বিক্র ৫২/৬। °প্রদ (বিণ)—সুখদায়ক। °প্রবেপ (পুং)—মৃদুসঞ্চলন। "°প্রবেপৈস্তরুভিঃ গো রা ২.১০৫ ৩। °প্রশ্ন (পুং)—অনাময়জিজ্ঞাসা, কুশলপ্রশ্ন। °প্রসব (পুং)—নির্বিঘ্নপ্রসব, সুপ্রসব। "°বমত্র। °প্রসুপ্ত (বিণ)—সুনিদ্রিত, সুষুপ্ত। "ঋতু ১.৯। °প্রাপ্য (বিণ)—সুলভ। °প্রেক্ষ্য (বিণ)—সুদর্শন। °বর্চ্চক (পুং)—সর্জ্জিকাক্ষার (অ কো)। °বহ (বিণ)—সুখকর। "মহা ২. ১৭.৪০। °বাস (পুং)—সুখকরবসতি। "গো.রা ১ ১৭.৬, ৯। °বুদ্ধি (স্ত্রী), °বোধ (পুং)—অনায়াসবোধ। °ভাক্ (-জ্) বিণ—সুখী। °ভাগী (-গিন্) বিণ—সুখোচিত। "°গী ন দুঃখার্হঃ রাঘবঃ রা ২.৮৮ ১৯। °ভেদ্য (বিণ)—অনায়াসখণ্ডনীয়, সুখবিশ্লেষণীয়। "মৃদ্‌ঘটবৎ সুখভেদ্যঃ…দুর্জনঃ।—হি ১.৯৩। °ভোগ (পুং)—হর্ষোপভোগ। "সী ২২। °ভোগ্য (বিণ)—সুখে উপভোগার্হ। "°গ্যম্ (ধনম্) ক.সা ২৪.১৫৪। °মজ্জন (ক্লী)—সুখকরস্নান, শুভস্নান। "সখি সুখমজ্জনং তে ভবতু শ ৪৪/৫। °মোদা (স্ত্রী)—শল্লকীবৃক্ষ। °রাত্রি, -ত্রিকা (স্ত্রী)—দীপান্বিতা অমাবাস্যারাত্রি। °লব, °লেশ (পুং)—সুখকণ, স্বল্পসুখ। °লিপ্সা (স্ত্রী)—সুখপ্রাপ্তীচ্ছা, সুখলালসা। °শয়ন, °শয়িত—সুখনিদ্রা। "°ত শ ৪২/৪। °শীত, °শীতল (বিণ)—সুখকর ও শীতল। "°শীতমুপৈতুমক্ষমিচ্ছা কি ১০ ৪৯। °শ্রব, °শ্রব্য (বিণ)—সুখকরশ্রবণ, শ্রুতিসুখ। "°ব্যতা।—হ ১৯২.৩। °শ্রব রঘু ৩.১৯। °শ্রুতি (বিণ)—সুখকরশ্রবণ, শ্রাব্য, শ্লক্ষ্ণবাক্, মঞ্জুভাষী। "কি ১৪.৩। °সংবৃদ্ধ (বিণ)—সুখলালিত। "রা ২.৬১.৩। °সংবেশ (পুং)—সুখশয়ন। °সংযোগ (পুং)—সুখলাভ। "মনু ৬.৬৪। °সংসুপ্ত (বিণ)—সুখশয়িত। "রা ২.৫১.১০। °সংস্পর্শ (বিণ)—সুখকরস্পর্শন, সুকোমলস্পর্শ (পাণি, ভূমি)। °সংস্থ (বিণ)—সুখাবস্থিত, সুখাসীন। °সঙ্গ (পুং)—সুখাসক্তি। "গী ১৪.৬। °সঙ্গী (-ঙ্গিন্) (বিণ)—বিষয়সুখাসক্ত। "শ ৫.১১। °সঞ্চার, °সঞ্চারী (-রিন্) (বিণ)—সুখকরপাদক্ষেপ। "°র সা.দ ১০৪/৮। °রিন্।—হ ৬৫.২৪। °সন্দোহ্যা (স্ত্রী)—সুখে দোহনীয়া গবী, সুব্রতা (অ কো)। °সম্বোধ্য (বিণ)—অনায়াসসম্বোধনীয়। "ভবন্তি °ধ্যাঃ…সুমেধসঃ ক.সা ৪০.২৫। °সলিলনিষেক (পুং)—সুখকরসলিলস্নান। "°নিষেক।—ঋতু ১.২৮। °সাধন (ক্লী)—সুখসম্পাদন। °সাধ্য (বিণ)—১ সুকর। ২ সুখপ্রতিবিধেয়। "°সাধ্যতমো গদঃ (সুশ্রুত)। °সুপ্ত (বিণ)—সুখশয়িত, সুনিদ্রিত। "মহা ৩ ১৫২ ৩১,-৪। °সুপ্তি (স্ত্রী)—সুষুপ্তি, সুনিদ্রা। °সেব্য (বিণ)—সুখোপভোগ্য। "কৈলাসশিখরে °ব্যে।—পঞ্চরাত্র ৩ ১.৩। °স্পর্শ (বিণ)—সুখকরস্পর্শ, প্রীতিকরস্পর্শন। "°স্পর্শৈঃ (বাতৈঃ) রঘু ১.৩৮। °স্বাপ (পুং)—সুখসুপ্তি। "ক সা ৪৫.১২৩।]

সুখতলা দ্র 'সুকতলা'।

সুখদ বিণ [সুখ+√দা+অ (ক)-ক, উ.ত] সুখদায়ক, সুখকর। "রা ২ ২৫ ১৬। (ভাগীরথী) সুখদা।—হেম ৩৬০।—দ পুং ১ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৬২। ২ (সঙ্গীতে) তালবিশেষ।—দ ক্লী বিষ্ণুস্থান, বিষ্ণুর আসন (শ.ক)।—দা স্ত্রী ১ গঙ্গা। ২ শমী। ৩ স্বর্গবেশ্যা।

সুখদা দ্র 'সুখদ'।

সুখনা বিং [দ্র 'শুকন'] ১ শুষ্ক, মরা। "সুখনা গাছেত জেন মেলএ পত্তর গো.বি ১৬২। ২ জলশূন্য। "সমুদ্র সুখাইয়া তোমরা করিলা সুখনা গো.বি ১৬১।

সুখনামা বিং 'সুখ'-নামক (কোন বিষয়), যাহাকে 'সুখ' বলা যায়, এমন (কিছু)। "কিছু নাই ত সুখনামা।—দা ৫০৯।

সুখপাল বি সুখকর দোলাবিশেষ। "চান্দেরে তুলিযা পুন লইল সুখপালে বি পা ২৮০, দোলা পালঙ্ক সুখপালে ৩০১।

সুখবান(-বৎ) বিণ [সুখ+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] সুখযুক্ত, সুখী। [সুখবত্তা (°বৎ+তা)—সুখবদ্‌ভাব, প্রীতিকরত্ব। "রা ১. ২৮ ১৯।]

সুখবাসর বি সুখের দিন, সুদিন। "°র প্রভাত হইল ব.প্র ৬৪।

সুখশালিনী বিং সুখবতী, সুখের আকরভূতা। "(নগনন্দিনি!) সুখশালিনি করবালিনি গো.চ ১৭৯।

সুখা[১] অর্ম্ম [দ্র 'শুকা[২]] শুষ্ক হওয়া।—খা সর্ম্ম ১ শুষ্ক করা। "কায়া সুখা কৈলা গুরু সুখাহিলা খোল।—মী ১৯। মণি মাণিক্য তারা রৌদ্রেতে সুখাএ গো.বি ৫৪, কায়া সুখাইল তোহ্মার কামিনীর কোল ৯৯। ২ শোষণ করা। "সমুদ্র সুখাইআ তোমরা করিলা সুখনা গো বি ১৬১। [সুখান[২]—সর্থ 'সুখা[১]'।]

সুখা[২] দ্র 'সুখ[২]'।

সুখাইল বিং [সুখা+ইল[২]] শুষ্ক। "সুখাইল গঙ্গা জেন জোয়ার নাহি তাত্ত গো.বি ১৬১।

সুখাগত ক্লী [কর্ম্মধা] সুখাগমন, শুভাগমন, কুশলাগমন। "স্বাগতং তে হরিশ্রেষ্ঠ সুখাগতমরিন্দম গো.রা ৬ ৮৫.৪।

সুখাধার পুং [ষ.ত] 'সুখস্থান', স্বর্গ (শ.ক)।

সুখান[১] বিং [সুখা—°ন] শুষ্ক। "গামছা কাচিয়া, সুখান করিয়া রাখিল রা.শে ৫।—ন বি জলহীনস্থান, ডেঙ্গা। "পৃষ্ঠেতে বসাইয়া যেন রাখিল সুখানে বি.পা ২৩৩।

সুখান[২] দ্র 'সুখা[১]'।

সুখানুভব পুং [ষ.ত] সুখবোধ, আনন্দানুভূতি।

সুখান্বিত বিণ [তৃ.ত] সুখোপেত, সুখিত।

সুখাপ্লব, -খাবগাহ বিণ [বহুব্রী] যাহাতে সুখে স্নান ; সুখস্নান-যোগ্য। "সুখাপ্লবান্ (হ্রদান্ দদৃশুঃ) রা ২.৯১.৭৮।

সুখাবগাহ দ্র 'সুখাপ্লব'।

সুখাবহ বিণ [ষ.ত] সুখকর, প্রীতিজনক। "রা ২.৫৭.১৪।

সুখাভ্যুদয়িক বিণ [°য়+ইক (ঠন্)] সুখাভ্যুদয়বান্, স্বর্গাদিপ্রাপ্তি-কর। "সুখাভ্যুদয়িকম্ (কর্ম্ম) মনু ১২.৮৮।

সুখারাধ্য বিণ [সুপ্‌সুপা] সুখে আরাধনীয় ; সুখোপাস্য। বিপ 'দুরা-রাধ্য'। "তং °ধ্যমৃজুভিরনন্তশরণৈর্ভিঃ ভ ৩.১৯.৩৪।

সুখারোহ, সুখারোহণ বিণ [বহুব্রী] যাহাতে আরোহণ সুখকর ; অনায়াসে আরোহণার্হ। "°ণসোপান (আবসথ) মহা ২.৩৪.২২।

সুখার্থ পুং [কর্মধা] সুখপ্রয়োজন, সুখকরবস্তু। "মনু ৬.২৬। —র্থী (-র্থিন্) বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী --র্থিনী] সুখার্থবান্, সুখাভি-লাষী। "মনু ৬.৪৯।

সুখার্হ বিণ [সুখ+অর্হ্+অ (অচ্)-ক ; উ.ত , স্ত্রী -র্হা] সুখভোগ-যোগ্য, সুখোচিত।

সুখালোক বিণ [বহুব্রী] সুখকরদর্শন, প্রিয়দর্শন। "বিক্র ৪.৪৩।

সুখাশ বিণ [সুপ্‌সুপা] সুখে অশনীয় ; সুখভোজ্য। —শ পুং [কর্ম্মধা ১ সুখকর খাদ্য ; সুখভোজন। ২ রাজতিনিশ। ৩ কর্কটী, কাঁকুড়। ৪ [সুখ আশা যাহার, বহুব্রী] বরুণ।

সুখাশংসা বি সুখেচ্ছা। "আপনার °সা ক.চ ১৭৯।

সুখাশ্রয় বিণ [বহুব্রী] যাহার আশ্রয় সুখকর ; সুখকরবিষয়ক। "সুখা-শ্রয়ম্ (কবিঃ কুর্য্যাত্ত্ নাটকম্) সা.দ ৬২৯২।

সুখাসক্ত বিণ [স.ত] সুখভোগনিরত। —ক্ত পুং মহাদেব। "মহা ১৩. ১৭.১৮।

সুখাসন ক্লী [কর্ম্মধা] ১ সুখকর আসন , দিব্যাসন। ২ (বাঙ্‌লায়) দোলায় বরের আসন। "রূপোর সুখাসনে বর : সুখাসনখানির চারি-দিকে মায় বাতি বেললণ্ঠন টাঙ্গান (পাঠান্তর) ।—হু ১৫৩।

সুখাসীন বিণ [সুপ্‌সুপা] সুখোপবিষ্ট। "রা ১.৫১.৩।

সুখাসুখ ক্লী [স. দ্বন্দ্ব] সুখদুঃখ। "মনু ১২.১৯।

সুখাস্বাদ পুং [কর্ম্মধা] ১ সুখকরাস্বাদ; মধুররস। ২ [ষ.ত] সুখের আস্বাদন ; সুখভোগ।

সুখিত বিণ [সুখ+ইত (ইতচ্)] জাতসুখ, সুখী। বিপ 'দুঃখিত'। "গো.চ ৩ ; ৫। সুখিত অন্তর।—ম ৫৪৭। সুখিত অমরবাসগৃহ।—হেম ১৮৩।

সুখী (-খিন্) বিণ [সুখ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -খিনী] ১ সুখবান্, সুখযুক্ত। বিপ 'দুঃখী'। "রা ১.৫৩.১১। স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব গী ১.৩৬। স্বামী-পরায়ণা সে ত বড়ই সুখিনী ব.প ৮৯৮। যে জন চেতনামুখী সেই সদা সুখী ভা.চ ১১১। নহে সুখী সুমুখী নিরখি নন্দিনীরে বি.সু ৭৮। অন্তরে সুখিনী (ধনী)।—হেম ৫৬। ২ প্রিয়াদি-জনসঙ্গত। "মেঘালোকে ভবতি সুখিনোঽপ্যন্যথাবৃত্তি চেতঃ পূ মে ৩। শিখী সহ, শিখিনী সুখিনী, নাচিত দুয়ারে মোর।—মে ১১৬।

সুখুনা বিং [সুখনা > °না] শুষ্ক, নীরস। "সুখুনা কাষ্ঠ গো.বি ১২২ ; সুখুনা মৈন্ড ১৮৪। —না বি জলশূন্য স্থান ; ডেঙ্গা। "নৌকাখান ডুবা-ইলা সুখুনাতে য়ানি গো.বি ১১৯।

সুখৈধিত বিণ [সুপ্‌সুপা] সুখে বৃদ্ধিপ্রাপ্ত ; সুখসংবৃদ্ধ। "বালঃ সুখৈধিতো গেহে ন ত্বং কিঞ্চন বুধ্যসে মহা ৫.৩৫.১৭।

সুখৈষী (-ষিন্) বিণ [সুখ+ √ইষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ষিণী] সুখাভিলাষী, সুখেচ্ছু।

সুখোচিত বিণ [স.ত] সুখভোগে অভ্যস্ত। "শ্রী.মা ১২৪।

* **সুখোদক** ক্লী [কর্ম্মধা] সুখজনকতপ্তজল, সুখোষ্ণজল (সুশ্রুত)।

সুখোদয় বিণ [বহুব্রী] সুখাবহ, সুখোদর্ক, সুখপরিণাম। "অসুখোদয় (কর্ম্ম) মনু ৪.৭০। —দয় পুং [ষ.ত] সুখাবির্ভাব, সুখসঞ্চার। "সুখোদয় গো.রা ১.৩১.২০। ভবিতা মে সুখোদয়ঃ মহা ১.১৫৫.৬।

সুখোদর্ক বিণ [বহুব্রী] যাহার পরিণাম সুখকর ; সুখফল, সুখোদয়। "রামপ্রব্রাজনমিদং সুখোদর্কং ভবিষ্যতি রা ২.৯২.৩০।

সুখোদ্য বিণ [সুখ+বদ+য (ক্যপ্)-র্ম ; উ.ত (পা ৩.১.১০৬)] সুখে কথনীয় ; সুখোচ্চার্য্য। "সুখোদ্যম্ (নাম) মনু ২.৩৩।

সুখোপবিষ্ট বিণ [সুপ্‌সুপা] সুখাসীন। "রা ২.৫২.৬। °ষ্টানাং রাজপুত্রাণাং পুরস্তাৎ স পণ্ডিতোঽব্রবীৎ হি °ষ্টঃ (কথারম্ভ)।

সুখোপায় পুং [কর্ম্মধা] সুখকরোপায়, সুকৌশল। "°য়ং পুনঃ কৃষ্ণমুদ্ধবঃ পরিপৃচ্ছতি ভ ১১.২৯ (শ্রীধরটীকামুখ)।

সুখোষিত বিণ [সুপ্‌সুপা] সুখে কৃতবাস। "সুখোষিতোঽস্মি ভগবন্ সমগ্রবলবাহনঃ রা ২ ৯২.৫।

সুখোষ্ণ বিণ [সুপ্‌সুপা] সুখকরোষ্ণ, নাতিতপ্ত। "শীতে সুখোষ্ণ-সর্ব্বাঙ্গী (শ্যামা)। —ষ্ণ ক্লী সর্থ 'সুখোদক' (সুশ্রুত)।

সুখ্যাতি বি [সং খ্যাতি—°তি ; তু 'কুখ্যাতি'] ১ সুযশ, কীর্ত্তি। ২ গুণকথন, প্রশংসা। [সুখ্যাত্যাপন্ন—সুখ্যাতিপ্রাপ্ত, প্রশংসাবিশিষ্ট। "সুখ্যাত্যাপন্ন জমিদারির বাহুল্য কৃ.চ ১৮।]

সুগ[১] বিণ [সু+ √গম্+অ (ড)-ধি, পা ৩.২ ৪৮, সি] ১ সুখে গন্তব্য (সাযণ), সুগম। বিপ 'দুর্গ'। "সুগো হি বো অর্যমন্ মিত্র পন্থাঃ। —ঋগ্বেদ ২.২৭৬। কি ১৪ ৩২। সুগম্ (ভুগৃহম্) ক.সা ৩৯.৫১। অগম্যং মন্যতে সুগম্ (স্ত্রীবাক্যপ্রেরিতো নরঃ)।—পঞ্চ ২.১৫১। ২ সুখবোধ্য। ৩ সখেলগতি (A.)। —গ ক্লী বিষ্ঠা (শ.ক)।

সুগ[২] বিণ [সু+ √গৈ+অ (ক)-ক , উ.ত , স্ত্রী -গা] সুগায়ক, গন্ধর্ব্বাদি। "গীতৈঃ সুগাঃ (শ্রীকৃষ্ণস্যাঽঽর্হণমকুর্ব্বত) ভ ১০.১২.৩৪।

সুগঠন বিং সুনির্ম্মাণ। "সুগঠন অংসোপরে স্বর্ণহার ব.প্র ১৭ ; সুগঠন নাসা ১৪১। —গঠিত বিং [সুঘটিত > °ত ; ঠ সুঘটিত] সুনির্ম্মিত, নির্ম্মাণসৌষ্ঠবসম্পন্ন, সুন্দর। "°ত সুগোল ললাট ব.প্র ১৬।

সুগ(ঘ)ড়, সুঘর বিং [সুগঠন—সুগঠ > সুগ(ঘ)ড়, -ঘর ; হি সুঘড় ; ঠ সুগড] ১ সুগঠন, সুন্দর। "রমণ অতি সুঘড়।—জ্ঞা ৩৭। চলে রাই বিনোদিনী, সুগড় সখীর হেলি অঙ্গে রা.শে ১২। রাধা কর ধরি, সুঘড়-শিরোমণি, নাচত প.ক ১০৭২। গৌরসুন্দর, সুঘড়-শেখর ২১৬১। সুঘড়-শেখর।—গো ৩৫ ; ৫৬। ২ সুনিপুণ। "সুঘর বাদকবৃন্দ ন.প ১৩০ ; ১৪৬। ৩ সুচতুর। "শ্যাম সুঘড়, নাগর রস-শেখর।—জ্ঞা ১১৯।

সুগত বিণ [বহুব্রী] শোভনগতিবিশিষ্ট, সখেলগতি। —গত পুং ১ সুখে সংসার হইতে গত (অ টী) ; বুদ্ধ। ২ বৌদ্ধ।

সুগতি বিণ [বহুব্রী] শোভনগতিশালী। "বৃহৎসংহিতা ৯.৪৫। —গতি স্ত্রী [প্রা.স] ১ শোভন গতি ; সলীলগমন। ২ সদ্গতি, মোক্ষ। "ধর্ম্মং সমাশ্রিত্য বিদুরঃ সুগতিং গতঃ মহা ১.২.৩৪৯।

সুগন্ধ বিণ [সু গন্ধ যাহার, বহুব্রী, অ-স্বাভাবিকত্ব হেতু ই (ইৎ) অভাব, পা ৫.৪.১৩৫] ১ 'যাহার অ-স্বাভাবিকগন্ধ শোভন', সুরভি। "(অনিলঃ) সুগন্ধঃ গো.রা ২.১০০.২১। জটাঃ সুগন্ধাঃ মহা ৩.১১২.২ ; (সভা) সুগন্ধা ৫.১২। অবয়বস্পর্শসুগন্ধবাত ভ ৫.১৬.১৮। গন্ধবহঃ সুগন্ধঃ ভট্টি ২.১০। ২ শোভন গন্ধ অর্থাৎ দ্রব্য যাহার ; শোভনদ্রব্য-বান্। "সুগন্ধঃ আপণিকঃ (সি)। —গন্ধ পুং [°ন্ধ+অ (অচ্)] ১ 'সুগন্ধবান্', গন্ধক। ২ চণক। ৩ ভূতৃণ। ৪ রক্তশিগ্রু। ৫ ভূ-পলাশ। ৬ কুন্দুরু। ৭ ক্রিমিভেদ (শ.ক)। ৮ [প্রা.স] শোভন-গন্ধ, সৌরভ। "(কশ্চিৎ) নাসুগন্ধশ্চ বিদ্যতে রা ১.৬.১০। —গন্ধ ক্লী ১ চন্দন। ২ নীলোৎপল। ৩ গ্রন্থিপর্ণ। ৪ ক্ষুদ্রজীরক। ৫ গন্ধ-তৃণ। —গন্ধা স্ত্রী রাস্না ; শটী ; নবমালিকা ; স্বর্ণযূথিকা ; মাধবী ; অনন্তা ; তুলসী ; সর্পকী ; রুদ্রজটা ; পৃক্কা ; মাতুলুঙ্গা ; নাকুলী ;

শতপুষ্পা ; গন্ধপত্রী। —গন্ধক পুং [°ন্ধ+ক (কন্)] ১ গন্ধক। ২ নাগরঙ্গক ; কর্কোটক , শালিধান্ত। [°পত্রা (স্ত্রী)—রুদ্রজটা। °মূলা (স্ত্রী)—স্থলপদ্মিনী , রাস্না ; লবলী।]

সুগন্ধবহ বি [গন্ধবহ > সু¹+গন্ধবহ] বায়ু। ("চেয়ে দেখ) সুগন্ধবহ-বাহন, সৌদামিনী সহ ঘন, ভ্রমিতেছে।—মা ১৫৬।

সুগন্ধা দ্র 'সুগন্ধ'।

সুগন্ধাঢ্য বিণ [তৃ.ত] সৌরভসমৃদ্ধ। "°ঢ্যাঃ (ক্রমাঃ) রা ৩.১৬ ৬।

সুগন্ধামলক ক্লী [উ লো] সর্ব্বৌষধিগণযুক্ত শুষ্ক আমলক।

সুগন্ধি বিণ [সু গন্ধ যাহার, বহুব্রী, তদেকান্তগ্রহণ হেতু সমাসান্ত 'ই' (ইৎ) ; তু 'সুগন্ধ', দ্র 'রঘু ৪.৪৫, মল্লিনাথ] শোভনগন্ধ, সুরভি, ঘ্রাণতর্পণ। "ঋগ্বেদ ৭.৫৯ ১২। সুগন্ধি পুষ্পং সলিলং চ। সুগন্ধির্বায়ুঃ (সি)। বনানি সুগন্ধীনি সরিতশ্চ সরাংসি চ রা ২ ৫৭ ৪ , ৭ ৭৫.৩। গন্ধদান° রঘু ৪.৪৫। °নিশ্বাস কু.স ৩.৫৬। কস্তূরিকামৃগবিমর্দ্দ° (বায়ুঃ) মাঘ ৪.৬১। কি ৬ ২৫। মলয় সুগন্ধি বায়ু।—ম ২১। —গন্ধি পুং ১ গন্ধদ্রব্য (A)। ২,পরমাত্মা। "তত্র (মেরৌ) নিস্পন্দহীনাঃ সুসুগন্ধিনস্তে (সু+সুগন্ধি+ইন্) মহা ১২.৩৩৫ ৯, নীলকণ্ঠ। ৩ সহকার। —ন্ধি ক্লী ১ চন্দন। ২ এলবালুক , মুস্তা , কশেরু , গন্ধতৃণ , ধন্যাক ; পিপ্পলীমূল। —ন্ধিক পুং [°ন্ধি+ক (কন্)] ১ মহাশালি। ২ গন্ধক। ৩ তুরুষ্ক। —ন্ধিক ক্লী ১ কহ্লার, সৌগন্ধিক। ২ পুষ্করমূল , গৌর-সুবর্ণ ; সুরপর্ণ, উশীর। [°কুসুম (ক্লী)—সুরভিপুষ্প। (পুং) —পীতকরবীর। °ত্রিফলা (স্ত্রী)—জাতীফল, পূগফল, লবঙ্গকলিকা-ফল। °মূল (ক্লী)—উশীর , মূলক। °মূষিকা (স্ত্রী)—ছুচ্ছুন্দরী।]

সুগন্ধিক দ্র 'সুগন্ধি'।

সুগন্ধিত বিণ [সং °ন্ধি , হি °ত] সুগন্ধযুক্ত, গন্ধাঢ্য। "বনস্পতিরস, অতিসুগন্ধিত বটে (বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ)।—দু ৩৮ , ৩৯।

সুগন্ধিতা স্ত্রী [°ন্ধি+তা (তল্)] সৌরভ্য, সৌগন্ধ্য। "মাঘ ৩.৫৪।

সুগন্ধী (-ন্ধিন্) বিণ [°ন্ধ+ইন্ (ইনি)-১ব , স্ত্রী -ন্ধিনী] সুগন্ধবান্, সুরভি। "পদ্মোৎপলসুগন্ধিন্ রা ৭.২৬.২২। (কন্যা) নীলোৎপলসুগন্ধিনী মহা ১.৬৭.১৫৮। —ন্ধিনী স্ত্রী ১ সুবর্ণকেতকী (ভাবপ্রকাশ)। ২ আরামশীতলা।

সুগম বিণ [সু+গম্+অ (খল্)-র্ম্ম , উ.ত] ১ সুখে গমনীয়, সুখাতিক্রমণীয়। বিপ 'দুর্গম'। "অসুগমেঽধ্বনি ভ ৫ ১৪.১। অতি-সুগম ক.সা ১৯ ৬৪। ২ সুখপ্রবেশ। "সুগমা হ্যসৌ (গুহা) ক.সা ৪৬.২০৬। ৩ সুখবোধ্য, বিশদ। ৪ সুকর। "সংশয়ঃ সুগমস্তত্র মহা ১৩.১৬২.৪। (করিভিঃ) দর্শিতঃ সুগমো যোগঃ ভ ১০ ৮৪.৩৬।

সুগলী '-গ্-' বি [ফা চুগল্] অসাক্ষাতে পরনিন্দাকারিণী (স্ত্রীভাষা)।

সুগহন বিণ [সুপ্সুপা] অতিগহন, সুনিবিড়, নিরবকাশ। [কুম্বা সুগহনা বৃতিঃ (অ কো)—যাগভূমৌ অতিগহনাবরণং কুম্বা (অ.টী)। কিন্তু 'সুগহনাবৃতি' (শ ক), 'সুগহনা, সুগহনাবৃতি' (ত.বা ; A. ; M.W.)—'কুম্বা'-শব্দপর্য্যায়ে ধৃত হইয়াছে। 'সুগহন' (S.W. , M.W.) বিশেষণ শব্দ।]

সুগাত্র বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্রা, -ত্রী] অনবদ্যাঙ্গ, সর্ব্বাঙ্গসুন্দর। "সুগাত্রি।—ক সা ৩০.৬২ , ৩২.১৯৩।

সুগান বি মধুর গীত। "কবিত্ব-সুগান।—কৃ ৬ ; ৮।

সুগীত ক্লী, -তি স্ত্রী [প্রা.স] কলগীতি, সুগীতকৌশল। "নাট্যং সুগীতং বাদিত্রমর্দ্দানক খেচরাঃ (তস্মৈ জহুঃ) ভ ৪.১৫.১৯।

সুগুপ্ত বিণ [সুপ্সুপা] ১ সুরক্ষিত। "°প্ত (ভবনশ্রেষ্ঠ) গো.রা ৫. ১৩.৭। ২ অতিরহস্য। ৩ নিগূঢ়, অপ্রকাশ। "সুগুপ্ততরং মহৎ সরঃ (পাঠান্তর)।—পঞ্চ ৫২২১। —প্ত ক্রি বিণ অতিগূঢ়ভাবে, অপ্রকাশ। "ইদং সুগুপ্তমনুষ্ঠাতব্যম্।—হি ২২১২৬।

সুগুরু বিণ [সুপ্সুপা] অতিগুরু, মহাপাতকজ (পাপ)। "সুগুর্ব্ব-প্যপহন্ত্যেনো জপ্ত্বা বা মম ইত্যৃচম্ মনু ১১.২৫৭।

সুগৃহ ক্লী [প্রা.স] ১ সুন্দর গৃহ। ২ [বহুব্রী] চঞ্চুসূচিকপক্ষী, বাবুই। —গৃহী (-হিন্) বিণ [°হ+ইন্ (ইনি)-১ব] সুগৃহবান্, সুখনীড়-বাসী। "পঙ্গু বানরমূর্খেণ সুগৃহী নিগৃহীকৃতঃ।—পঞ্চ ১.৪২১।

সুগৃহীত বিণ [সুপ্সুপা] ১ সম্যগ্গৃহীত, দৃঢ়ধৃত। ২ সাবধানগৃহীত, সম্যগবগত। "সুগৃহীতঃ সন্দেশঃ শ ৪১১। ৩ শুভার্থ উচ্চারিত ; মঙ্গলোচ্চারণ (নাম)। [°নামা (মন্) বিণ—যাঁহার নামগ্রহণ শুভ, যাঁহার নাম প্রাতঃস্মরণীয় , পুণ্যশ্লোক। "সুগৃহীতনাম আর্য্যচাণক্যস্ত। —মু ১২৮। মা.মা ১৬।

সুগোল বিং সুবৃত্ত, সুপরিণত। "সুগোল করযুগল পা.প্র ৭। সুগোল ললাট ব.প্র ১৬ , সুগোল প্রকোষ্ঠে রত্নবলয়, সুগোল বাহুতে হীরকমণ্ডিত তাড়, সুগোল অঙ্গুলীতে অঙ্গুরীয়, সুগোল উরুতে মেখলা ১৭।

সুগ্রহ বিণ [সু+ √গ্রহ্+অ (খল্)-র্ম্ম , উ.ত , -স্ত্রী -হা] ১ সুখ-গ্রাহ্য, অর্থাৎ যাহা উত্তমরূপে ধরিতে পারা যায়। "(যন্ত্রাণি) সুগ্রহাণি চ কারয়েৎ।—সুশ্রুত ১.৭.৫। ২ সুগম, সুখবোধ্য। "সা.দ ৫৪। ৩ [বহুব্রী] যাহার গ্রহ (মধ্য) শোভন ; শোভনমধ্যভাগ। "সুগ্রহম্ …ধনুঃ মহা ৪.৪ ২।

সুগ্রাস পুং [প্রা.স] সুখাদ্য-কবল, সুখকরখাদ্যগ্রাস।

সুগ্রীব বিণ [বহুব্রী] শোভনগ্রীব, সুন্দরগ্রীবাবিশিষ্ট। —গ্রীব পুং ১ শিব। ২ ইন্দ্র। ৩ নাগবিশেষ। ৪ বীরপুরুষ। ৫ রাজহংস। ৬ শঙ্খ। ৭ অস্ত্রবিশেষ। ৮ পর্ব্বতবিশেষ। ৯ কৃষ্ণের অশ্ববিশেষ। "মহা ২ ২.১৫। শি ৪৭। ১০ বানররাজবিশেষ। "(উর্ব্বীম্) করিষ্যামি নিঃসুগ্রীবাম্ গো.রা ৬.১৯ ৫৩। রঘু ১২.৫৮। [ইনি সূর্য্যপুত্র (রা ১.১৭.১০ , ৭.৩৭ প্রক্ষিপ্ত সর্গ ১), কিষ্কিন্ধ্যার রাজা ও বালীর কনিষ্ঠ ভ্রাতা। বালীর ভয়ে ইনি ঋষ্যমূকে হনূমদাদির সহিত বাস করিতেন। সীতার অন্বেষণার্থ ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে রামলক্ষ্মণের সহিত ঋষ্যমূকে উপস্থিত হইয়া ইঁহারই নিকটে রাবণ কর্ত্তৃক সীতাহরণবৃত্তান্ত অবগত এবং সীতা কর্ত্তৃক প্রক্ষিপ্ত বস্ত্রাভরণ প্রাপ্ত হন। অনন্তর অগ্নি-সাক্ষিপূর্ব্বক উভয়ের মিত্রতা সম্পন্ন হইলে, উভয়ে উভয়ের শত্রুবধপূর্ব্বক ভার্য্যার উদ্ধার অঙ্গীকার করেন। তদনুসারে রাম বালিবধ করিয়া মিত্রকে কিষ্কিন্ধ্যার সিংহাসন প্রদান করেন এবং সুগ্রীবও কপিসৈন্য-সহায়ে রাবণকে নিহত করিয়া লঙ্কা হইতে উদ্ধার করেন।]

সুঘট বিণ [সু ঘট, সুপ্সুপা] সুখে ঘটিত। বিপ 'দুর্ঘট'।

সুঘটিত বিং যুক্তিসিদ্ধ। "পুনঃ যদি প্রভু-স্থানে, যাচ্ঞা কহি এ আখ্যানে, এহো নহে সুঘটিত কথা।—চৈ ১৪৩।

সুঘড়, সুঘর দ্র 'সুগড়'।

সুঘোর বিণ [সুপ্সুপা] অতিভীষণ। "রা ১.৯.৯।

সুঘোষ বিণ [বহুব্রী] সুনিনাদ, কলধ্বনি। "সুঘোষাশ্চ শঙ্খবেণুগণাঃ গো.রা ২.৮২.২। —ঘোষ পুং ১ নকুলের শঙ্খ। "গী ১.১৬। ২ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৬২। ৩ [প্রা.স] মধুর ধ্বনি , কলরব, শ্রুতিসুখ-স্বর।

সুঙর সর্ম্ম [দ্র 'সঙর'] স্মরণ করা। "(দ্বারী বলে) সবান্ধবে তোমারে সুঙরে নরপতি ব প ৭৩৯।

সুঙ্ক সর্ম্ম [দ্র 'শুঁক'] আঘ্রাণ করা। "সুঙ্কিয়া গো.চ ১০১।

সুঙ্গা বি [সং শুঙ্গ] সর্থ 'শুঁয়া'। "ধানের সুঙ্গা গো.চ ১১১,-৩।

সুচন্দন বি উৎকৃষ্টচন্দনতরু। "সুচন্দনবৃক্ষ।—মে ৩।

সুচন্দ্রাননা বি বিধুমুখী, সুন্দরী। "মা ১৩৬।

সুচরিত বিণ [সুপ্সুপা] ১ সম্যগনুষ্ঠিত, যথাবিধি আচরিত। "°ব্রত মনু ১১.১১৭। ২ সভ্য (কুল্লুক)। "মনু ৯.২৬১। ৩ সচ্চরিত্র, সাধু।

"ব্রাহ্মণ তুম্মি দেখি সুচরিত।—৪৬। —রিত ক্লী [প্রা.স] ১ শোভনানুষ্ঠান, সৎকার্য্য, সুকৃতি। "হি ১.৫৩। ভাটগণ্ ভণে সুচরিত ন.প ১৪৭। ২ পুণ্য, ধর্ম্ম। "°ফল পু.মে ৩০। তব সুচরিতমঙ্গুলীয় নূনং প্রতনু মমেব বিভাব্যতে ফলেন শ ৬.১১। [°ফল (ক্লী)—পুণ্যফল।]

সুচরিতার্থ বিণ [সুপ্সুপা ; বহুব্রী] সম্যক্‌কৃতপ্রয়োজন। "এনামাখাসয়ৎ সুচরিতার্থপদৈর্বচোভিঃ কু.স ৪.৪৫।

সুচরিতেষু সং [°ত+সু (সপ্তমী-বহুবচন)] সুচরিতসমীপে (পূজনীয়ের পত্রের পাঠ) "বসন্ত রাজাকে ডাকে, দেন পত্র,···লেখেন 'সুচরিতেষু...লিখনং প্রয়োজনঞ্চ বিশেষ'।—দা ২১৩১।

সুচরিত্র বিণ [বহুব্রী] সচ্চরিত্র, শুদ্ধস্বভাব। —ত্রা স্ত্রী সতী, পতিব্রতা (অ.কো)।

সুচারু বিণ [সুপ্সুপা] ১ সুমনোহর, অতিকমনীয়, সুন্দর। "°দশনা, °রূপ, সুচার্বঙ্গী (S.W.)। ২ সুমধুর। "সুচারুস্বন। ৩ সাধু, সৎ। "সুচারুচরিত্র শ্রী ১০০।

সুচিত্র বিণ [বহুব্রী] শোভনচিত্রযুক্ত, নানাবর্ণযুত, সুরঞ্জিত। —ত্রক পুং ১ মৎস্যরঙ্ক। ২ চিত্রসর্প। —ত্রা স্ত্রী চির্ভটী।

সুচিত্রক, সুচিত্রা দ্র 'সুচিত্র'।

সুচিন্তিত বিণ [সুপ্সুপা] সম্যক্‌চিন্তিত, সুবিচারিত। "সুচিন্তিতমৌষধমাতুরাণাং ন নামমাত্রেণ করোত্যরোগম্।—হি ১.১৮০।

সুচির বিণ [সুপ্সুপা] অতিচির, সুদীর্ঘ। "গত্বা তু সুচিরং কালম্ রা ২.৪৯.১০। [°শ্রম (বিণ)—সুদীর্ঘকালকৃতশ্রম। "ভ ৩.১৩.৪। সুচিরায়ুঃ (-য়ুস্) বিণ—সুদীর্ঘজীবিতকাল, সুদীর্ঘায়ুঃ। সুচিরোষিত (বিণ)—চিরকালবৃদ্ধ (টীকা)। "রা ২.৩২.১৭।]

সুচু(জ্)নি বি [ফা সোজ্.নী] সুত্রনির্মিত স্থূল বিচিত্র আস্তরণবিশেষ। "গদির উপর সুচুনি পাতা।—জা ৫২।

সুচেতাঃ (-তস্) বিণ [বহুব্রী ; -ঃব ; স্ত্রী -তাঃ] শোভনচিত্ত (সায়ণ)। "শোভনহৃদয়, সুমনাঃ। "ঋগ্বেদ ৪.৩৬.২।

সুচেল বি সুন্দর বস্ত্র। "ব.প ৩৯২। —লক পুং [প্রা.স] শোভন বস্ত্র ; সূক্ষ্মবসন, পট (অ.কো—fine cloth)।

সুচ্ছদ বিণ [বহুব্রী] শোভনপত্র। "(পাদপাঃ) °দাঃ গো.রা ৫.১৬. ৩৭।

সুছন্দ বিং ১ সদ্‌ভাবাপন্ন, প্রসন্ন। "°ন্দ হইল মন।—গ ৩৫। ২ সুনির্ম্মাণ, সুগঠন, সুঠাম। "বয়ান সুছন্দ বি.প ২।

সুছাঁদ বিং সুনির্ম্মাণ, সুগঠন। "সুছাঁদ সুন্দর নাসা শ্রী.ম ১৩৩। —দ বি সুন্দর আকৃতি। "সুম্ভ হৈল সর্ব্বজন দেখিয়া °দ ভা.চ ৮৪।

সুজ, -ঝা² সর্ম্ম [হি, মৈ √সুঝ ; তু 'প্রা সুজ্ঝংত (দৃশ্যমান—প্রা ম)] ১ দেখা। "বুড়ী···চক্ষে নাহি সুঝে ভা.চ ২১৩। তখন কৃষ্ণ-বোলে, কুব্জা বলে, আপনারে না সুজ।—দা ৫৫৮। ২ ধ্যান করা ; চিন্তা করা। "শ্রীচৈতন্য ব্যতীত আর নাহি সুজে আন ভ.প্র ৩৩৪। —জ, -ঝ অর্ম্ম দৃষ্টিগোচর হওয়া। "আজল নয়ন না সুজে মোরে রা.শে ১০১। [সুজা³, -ঝা¹— নর্থ 'সুজ'।]

সুজন পুং [প্রা.স] সজ্জন, সাধু। "(রামঃ) সুজনস্ত রক্ষিতা গো.রা ৫.৩০.৬। সুজনস্ত কনকঘটবদ্ দুর্ভেদ্যশ্চাশুসন্ধেয়ঃ।—হি ১.৯৩। সুজন দেখিয়া, পিরীতি করিনু, এমতি হবে কে জানে চ.দা ১০৭। —নতা স্ত্রী [°ন+তা (তল্)] সৌজন্য, সাধুতা। "ঐশ্বর্য্যস্য বিভূষণং সুজনতা।—ভর্তৃহরি।

সুজন্মা (-ন্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্মা] শোভনোৎপত্তি, সুজাত। "রঘু ৩.১৫। ক.সা ৩০.৪৫। মা.মা ১.৩৪। ২ স্বামীর ঔরসে পত্নীগর্ভজাত ; ঔরস। —ন্মা বি (বাঙলায়) নির্ব্বিঘ্নে প্রচুর শস্যোৎপত্তি। বিপ 'অজন্মা'।

সুজয় বিণ [সু+ √জি+অ (খল্)-র্ম্ম] উ.ত] সুখে জেয়। "ন তথাপি সুজয়ম্ মহা ৭.২.১৬। সুজয়ঃ খলু তাদৃগন্তরে কি ২.৫২। —য় পুং [প্রা.স] সর্ব্বোৎকর্ষ। "ভ ৫.১.১০।

সুজল বিণ [বহুব্রী] প্রসন্নাম্বু, নির্ম্মলজল। "ইদং তীর্থম্···সুজলম্ গো.রা ১.২.৭। বন্দে মাতরম্। সুজলাং সুফলাম্ ব.ঋ ২৭। —জল ক্লী [প্রা.স] ১ 'শোভনজল', কমল (শ.ক)। ২ প্রসন্নসলিল, নির্ম্মল জল।

সুজা¹ বি [আ শুজ.আ] সাহসিক, ধীর। "সেখ সুজা সাকি বাকি মীর মিত্রাগণ শ্রী ২১৮।

সুজা², -জো¹ বিং [সু-ঋজু >°জা, দ্র 'উজা¹ ; সুজো (কথ্য)] সরল, সোজা। "কানা খোঁড়া কুঁজো। তিন নয় সুজো।—প্রবচন। [উজাসুজা, উজোসুজো—দ্র 'উজা¹'।]

সুজা³ দ্র 'সুজ'।

সুজাত বিণ [সুপ্সুপা] ১ সুষ্ঠু প্রাদুর্ভূত (সায়ণ)। "ঋগ্বেদ ১.৬৫.৪। ২ সুষ্ঠুজাত ; সুন্দর। "সুজাতয়োঃ পঙ্কজকোষযোঃ রঘু ৩.৮ ; সুজাতয়োঃ (স্তনয়োঃ) ৮.৩৭। কু.স ৭.২০। কম্বুসুজাতকণ্ঠ ভ ১.১৯. ২৬। ৩ অযোনিজ। "সুজাতা···বৈদেহী রা ২.৩৯.১৭। ৪ সামুদ্রিকোক্তলক্ষণবান্। "রা ২.৩৯.১৭। ৫ অন্যূনাধিক। "সুজাতাঙ্গী মহা ৩.৬৮. ১৩। ৬ সম্যগ্‌বৃদ্ধিপ্রাপ্ত (well-grown)। ৭ [বহুব্রী] 'শোভনজন্মা', সদ্বংশজ, কুলীন। —জাত ক্লী [প্রা.স] শোভনজন্ম, সার্থকজন্ম। "(ধন্যম্) সুজাতমস্ত ধীমতঃ মহা ৭.১১.১২। —জাতা স্ত্রী তুবরী।

সুজাতা দ্র 'সুজাত'।

সুজান বিং [সং সুজ্ঞান >প্রা সুজ্জাণ (পৈ) >বা °ন] ১ জ্ঞানবান্, পণ্ডিত, বিজ্ঞ, বিদগ্ধ। "সো বর নাগর রসিক সুজান। হাম অবলা অতি অলপ গোয়ান।—বি.প ৫৭ ; ১৩৫। সুজান জন।—জ্ঞা ২৮ ; রসিক সুজান ২৯ ; রা.প ১৩। সো রসময়তনু ছৈল সুজান রা.শে ১৪। ২ তত্ত্বজ্ঞানবান্। "হেনকালে বিশন্তর চতুর সুজান। মা মা বলিয়া ডাকে যেমন অজ্ঞান।—চৈ.ম ৪৩। প্রবোধ না পাইল রাজা পণ্ডিত সুজানে। মুনিকে পুছিল কিছু বিনয়বচনে।—রা.প ৪। ৩ নিপুণ, কুশল। "পিকিড়া নয় অঁয় সুজান কাণ্ডারি গো.চ ১২১। সঙ্গীত সুজান তিনে গায় একমেলে চৈ.ম ৭৩। ৪ পরমপণ্ডিত, অতিপ্রবীণ। "রাজা রঘুনাথ, গুণে অবদাত, রসিক-মাঝে সুজান ক.চ ২৫৩।

সুজি বি [হি সুজী] গমের মোটা গুঁড়া (semolina)।

সুজিহ্ব পুং [বহুব্রী] 'শোভনজিহ্ব', অগ্নি। "মাঘ ২.১০৭, মল্লিনাথ।

সুজীন বিং ভাল জীনে বা হাওদায় সজ্জিত। "হাঁসা ঘোড়া, খাসা জোড়া, সুজীন কুঞ্জর ক.চ ১৫১।

সুজীবিত ক্লী [প্রা.স] সার্থকজীবন। "অদ্য মে সফলং জন্ম জীবিতং চ সুজীবিতম্ গো.রা ১.২১.২০।

সুজ্জি, সুজ্য, সুজ্‌জ, সুয্যি লি [সং 'সূর্য্য >প্রা সুজ্জ >বা সুজ্জ, সুজ্জি, -জ্য, সুয্যি] সূর্য্য। "পুব দিকে সুজ্জ অধিকার শূ ৩৭। সুজ্যাভাব দিলে দরশন গো চ ২০৯। সুয্যি ডোবে ডোবে।—শিশু ৮৪।

সুঝা¹ সর্ম্ম [সমুঝ >সুঝ] বিচার করিয়া দেখা ; সমঝান। "বুঝালে না বুঝে, কহিলে না সুঝে, তাহারে বলিয়ে কালা চ সা ৪২ ; কে আছে বুঝিয়া, বলিবে সুঝিয়া, আমার পিয়ার পাশে ১৩৫। অন্তরযামিনী তুমি তবু নাহি সুঝে ভা.চ ২৪০। [সুঝা²—সর্থ 'সুঝ¹'।]

সুঝ², -ঝা¹ ; সুঝা² দ্র 'সুজ ; সুঝ¹'।

সুট বি [E. suit] একসঙ্গে পরা যায় এইরূপ কাপড়ের বা গহনার সেট্। "(রোহিণী) বানারসী শাড়ী ও এক সুট পিল্‌টির গহনা চাহিয়া আনিল ব.প্র ২৯৩। সুট হিসাবে চলবে না, গহনা সব হালকা হয়ে পড়বে অ.প্র ৭১।

সুটাঙ্গ বি অতি টান জমি, শুকহান, ডেঙ্গা। "পানিত কান্দে পানকৌড়ী সুটানে কান্দে রক্ত গো চ ১৯৪।

সুঠাম, -ঠাম বিং [সু+ঠান, -ম] ১ শোভন অবয়বসংস্থানযুক্ত, অবয়বসৌষ্ঠবসম্পন্ন, সর্ব্বাঙ্গসুন্দর। "শরীর সুঠান ব প ৬১২। গাও বড়ই সুঠাম ব ম ২০৮। তনু· ·মধুর সুঠান।—গো ২৭। বালক দিব্যমূরতি সুঠান (পাঠান্তর—'সুঠাম') চৈ ম ৩৯। ২ সুনির্ম্মাণ, সুগঠিত। "কর্ণযুগ সুন্দর সুঠাম শ্রী মা ১৭২। চক্ষু দুটি···অতি-সুঠাম ব প্র ১৬। ৩ মধুরছন্দোবন্ধযুক্ত, সুললিত। কৃ অ ৫, ২৯। —ম বি ১ অবয়বসৌষ্ঠব, সুন্দর আকৃতি। ২ নির্ম্মাণসৌষ্ঠব, সুগঠন। "অমরনগর জিনি পুরীর সুঠাম।—ম ১১১৭।

সুঠাম দ্র সুঠান'।

সুড়ঙ্গ বি [সং সুরঙ্গ, হি সুরংগ, ঠ সুর°(ক°)গ, সুরুংগা, 'গুপ্তাঙ্গ. মূল (?)] মাটির ভিতরে খাত গুপ্তাকৃতি সরু পথ, সিঁধ। '(সুন্দর) সুড়ঙ্গ হইতে, উঠিলা ত্ববিতে ভা চ ৩১৮। ধ্যান ভঙ্গ কাঁপে অঙ্গ সুড়ঙ্গে পশিল বি সু ১০৩।

সুড়সুড় বি [সড়সড় > °ড় (অল্পার্থে) দ্র 'উ'', সুস্‌সুড (কথ্য)] গায়ে কীটাদির মৃদু চলার জন্য অল্পস্পর্শবোধবিশেষ। 'পিঁপড়ে গায়ে সুড়সুড় করে চলে। —সুড বি ১ কোন কাজের জন্য অবয়ববিশেষের কণ্ডূতিবোধ। "মার খাওয়ার জন্য পিঠ সুডসুড় করে। হাঁটার জন্য পা সুড়সুড় করে। মারার জন্য হাত সুড়সুড় করে। ২ ঈষৎ দ্রুত গাত্রোত্থানের ভাব। তর্কসিদ্ধান্ত বিরক্ত হইযা ব্রাহ্মণীকে থামাইবার জন্য লাঠি ধরিয়া সুড়সুড় করিয়া উঠিতেছেন আ দু ১৪৩। ৩ [ধ্বন্যাত্মক] শুষ্ক পত্রের উপরে সর্পাদির মৃদু গমনের শব্দ। —সুড়ি বি [°ড়+ই", সুস্‌সুড়ি (কথ্য), হি সুরসুরী] ১ অবয়বে অঙ্গুলির লঘুমৃদু অবমর্ষণজন্য স্পর্শবোধবিশেষ (titillation)। 'পায়ে সুড়সুড়ি দেয় হইয়া মূষিক স্ব প্র ১২৪। হাসিয়া পায়ের তলে দেয় সুডসুড়ি চ কা ৮২। ২ কোন কাজের জন্য অবয়ববিশেষে কণ্ডূতিবোধ। 'হাঁটিয়া পায়ের সুড়সুড়ি ভাঙা।

সুঢপ বিং [সু'+ঢপ] শোভননির্ম্মাণপ্রকার, সুগঠিত, ঢপশুদ্ধ। বিপ 'বেঢপ'। —ঢপ বি নির্ম্মাণে সৌষ্ঠব, সুগঠন।

সুঢার বি° [সুধারা > সুধাব > °র, হি সুঢার] সুন্দর, মনোহর। "নাচন্ত···বক্রেশ্বর, সারস ভাঁতি গতি নটক সুঢার ন প ২০৫।

সুণ, সুণহ, সুণিআঁ, সুণে দ্র 'শুন''।

সুত' বিণ [সু²+ত (ক্ত)-র্ম্ম] ১ উৎপাদিত, জনিত। ২ অভিষুত (সায়ণ), কৃতসন্ধান, চোয়ান। 'প্রাতঃ সুতমপিবো হর্য্যশ্ব।—ঋগ্বেদ ৪ ৩৫ ৭। সুতে সোমসহস্রে মহা ১ ২২১ ৮২, পিবস্ব সোম° সুতমস্য ময়া ১৪ ১০ ২২। —ত পুং ১ পুত্র। "রা ১ ১ ২০। বিবস্বৎসুত মনু ১.৬২। দুটি সুতে সপ্তমুখ পঞ্চমুখ পতি শি ৩২। ২ পুং বৎস। "সুরভেঃ সুতান্‌ রা ২ ৯১ ৫৫। ৩ [+ত-ক, বর্ত্তমানে] 'প্রভুত্বকারক', রাজা। —ত পুং, ক্লী অভিষুত সোমরস। —ত পুং, দ্বিব [এক শেষ] পুত্রকন্যা। —তা স্ত্রী ১ কন্যা। "°দান মনু ৩ ২৮। (জনকেন) সুতা দত্তে তস্য সুতায় মৈথিলী ভট্টি ২ ৪৭। ২ দুরালভা। [°জীবক (পুং)—পুত্রজীবকবৃক্ষ। °নির্ব্বিশেষ (ক্রি বিণ)—অপত্যনির্ব্বিশেষ, পুত্রতুল্য। "রঘু ৫ ৬। °পাদিকা (স্ত্রী)—হংসপদীবৃক্ষ। °বৎসল (বিণ)—পুত্রে স্নেহবান্‌, পুত্রপ্রিয়। °বঙ্করা (স্ত্রী)—সপ্তপুত্রপ্রসূ, সাত ছেলের মা (ত্রিকাণ্ডশেষ)।]

সুত²; সুত³ দ্র 'শুত, সুতা''।

সুতনু বিণ [বহুব্রী, স্ত্রী -নু, -নী] ১ শোভনদেহ, সুন্দর। ২ [সুপ্‌সুপা] অতিকৃশ। —তনু স্ত্রী [প্রা স] ১ শোভন দেহ, দিব্য শরীর। ২ [বহুব্রী] শোভনাঙ্গী, সুন্দরী। —তনূ স্ত্রী [বহুব্রী] সর্থ 'সুতনু (২)। "এতাঃ সুতনু মুখং তে সখ্যঃ পশ্যন্তি হেমকূটগতাঃ বিক্র ১.১১। উ চ ১ ২৬। ৩ নারী।

সুতন্ত্রি বিণ [বহুব্রী] ১ সুসঙ্গততন্ত্রিবিশিষ্ট (well-stringed)। ২ মধুর, শ্রুতিসুখ। "°গীত।—ঋতু ১ ৩।

সুতপাঃ (-পস্‌) বিণ [বহুব্রী, -১ব, স্ত্রী -পাঃ] ১ মহাতপাঃ, উগ্রতপস্যাযুক্ত। 'ভার্য্যাস্ত···সুতপাঃ ক সা ১১২ ১৪১। ২ প্রচণ্ডাতপ, তীব্রতাপ। —তপাঃ পুং ১ তপস্বী। ২ সূর্য্য। ৩ বিষ্ণু। 'মহা ১৩ ১৪৯ ৩৪। ৪ (বহুব) অষ্টমমন্বন্তরের দেবগণ। 'ভ ৮ ১৩ ১২।

সুতপ্ত বিণ [সু+তপ্‌+ত (ক্ত)-ক] ১ অতিতপ্ত, অত্যুষ্ণ। 'সুতপ্তমপি পানীয়° শময়ত্যেব পাবকম্‌।—হি ১ ৮৯। ২ প্রদীপ্ত, সমুজ্জ্বল। 'হেমময়ে কোষে সুতপ্তে মহা ৪ ৪২ ১৫। ৩ [+ত-র্ম্ম] অগ্নিশোধিত (স্বর্ণ)। ৪ যথাবিধি অনুষ্ঠিত। "তপসৈব সুতপ্তেন মুচ্যতে কিল্বিষাত্ততঃ মনু ১১ ২৪০।

সুতরাং (-রাম্‌) ব্য [সু+তর (তরপ)+আম্‌ (আমু) পা ৫ ৩ ৫৭, ৪ ১১] ১ অধিকতরভাবে, অতিশয়, অত্যন্ত। "অস্মাকঞ্চ তথা সৈন্যমন্ত্রীয়ঃ সুতরাম্‌ মহা ৬ ১৯ ৫। ভবন্ত এব সুতরা° লোকবৃত্তান্তনিষ্ণাতাঃ শ ৫¹⁄₂₄। রঘু ২ ৫২, ১৪ ৯, ১৮ ২৫। তয়া দুহিত্রা সুতরাং সবিত্রী···চকাশে কু স ১ ২৪। মাঘ ১ ২৫। ২ (বাঙ্‌লায়) অতএব, এই হেতু। "শাস্ত্র অর্থাৎ বেদ তাহার কারণ ব্রহ্ম সুতরাং জগৎকারণ ব্রহ্ম হয়েন ব প্র ১৭৫৭।

সুতল পুং [বহুব্রী] 'শোভনতলবিশিষ্ট', অট্টালিকাবন্ধভেদ, অট্টালিকাভিত্তি। —তল পুং, ক্লী [প্রা স] 'সুগভীর তল', ষষ্ঠপাতাল, নাগলোকভেদ (মেদিনী)। দ্র 'লোক (১)। "সুতলালয় ভ ৭ ২৩ ৯। ম ৯৪৯। সুতলে কম্পিত বলি ব প ১২২।

সুতলি, -লী বি [সূত্র > সুতল+ই", ঈ", হি সুতলী, ঠ, গু সুতলী] ১ পাটের বা শণের সরু সুতা। "সুগন্ধিসুতলি কৃ অ ৪। ২ হার। 'গলার সুতলি ব প ১৭১। ৩ সূত্রবচিত শিরোভূষণ (?)। "বিচিত্র সুতলী দিল মস্তক উপর ব প ৯১০। [সুতলিয়া নাগ—সুতার মত সরু সর্পবিশেষ। 'ব প ১৭৪। বা ম ১৬৮।]

সুতশ্রেণী স্ত্রী প্রত্যকশ্রেণী, ইঁদুরকানী (অ কো)।

সুতহিবুক পুং (জ্যোতিষে) বৈবাহিকযোগবিশেষ।

সুতা', সুত³, -তা বি [সং সূত্র > লি, প্রা সুত্ত > বা (সুত, সুত³) > °তা, হি, ঠ সূত] ১ সূত্র। 'বৈছনে বাঢত মৃণালক সূত বি প ৫৩। তমালশ্যাম সূতে নব গুঞ্জামাল।—জ্ঞা ১৯। সুতা কাঁথা বেচে পেল তের বুড়ি কড়ি শ্রী ১০২, রাজা সুতা বান্ধে হাতে ১৫৫। সুতা বেচা কড়ি ভা চ ৪০৯। ২ সূত্রধরের মাপের সূত্র। 'চান্দ অধিকারী সুতা মাপি কৈল ধ্বজ বি পা ১৬২।

সুতা², সুতান দ্র 'শুতা'।

সুতাত্মজ পুং [ষ ত] ১ সুতের পুত্র, পৌত্র। ২ সুতার পুত্র, দৌহিত্র। —ত্মজা স্ত্রী ১ সুতকন্যা. পৌত্রী। ২ সুতার আত্মজা, সুতাকন্যা, দৌহিত্রী।

সুতান বিণ [বহুব্রী] যাহাতে সুসঙ্গত সুরের আলাপ আছে, সুসঙ্গত তানযুক্ত। "(সঙ্গীতং) সুতানং মধুরম্‌।—পঞ্চরাত্র ১ ১১ ২। গাইছে. সুতানে গায়ক।—মে ১১০।

সুতার' বি [বহুব্রী] ১ অত্যুচ্চধ্বনিবিশিষ্ট। 'গো রা ৬ ৭৩ ৩২। °শঙ্খ ক সা ৮৬ ৭৪। ২ দীপ্ততারাবিশিষ্ট, উজ্জ্বলনক্ষত্র। 'বৃহৎসংহিতা ৮ ১৮। ৩ শোভন-কনীনিক। "°লোচন ভ ৪ ২৫ ৩১। —তার পুং গন্ধদ্রব্যবিশেষ (সুশ্রুত)। —তার ক্লী (সাংখ্যে) সিদ্ধিত্রয়ের অন্তর্গত দ্বিতীয় সিদ্ধি—বর্ণজ্ঞান ও অর্থবোধরূপে শ্রবণ। 'সাংখ্য ৫১।

সুতার² বিং [সু'+তার²] ১ সুস্বাদ, স্বাদু, মধুর। ২ তৃপ্তিজনক,

সুখকর। "এত সুখ জগতে তোমার। নাহি কি কিছুই তার, মম সাধ মিটে যায়, কোন হেন সুন্দর সুতার।—হেম ৩২৩।

সুতার৩, **সুথার** বি সর্থ 'ছুতার'। "সুথার গো.বি ১২১।

সুতার্থী (-র্থিন্) বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -র্থিনী] সুতার্থবান্, পুত্রার্থী। "মনু ৩.২৬২।

সুতি১ স্ত্রী [√সু+তি (ক্তিন্)-ভা] সোমরসসন্ধান, অভিষব।

সুতি২ বি [সুত (সূত্র)+ই১১] সূত্র, সুতা। "কাটিমু চিকন সুতি গো.বি ৬৬।

সুতি৩, **-তী**২ বি [সুত (সূত্র)+ই৮, ঈ৭] সূত্রনির্ম্মিত বস্ত্র। "তথি উড়ে নেতর সুতি শূ ৫৮। —তী বিং [+ঈ৭, হি সূতী ; ঠ সুতি] সূত্রসম্বন্ধী, সূত্রনির্ম্মিত (কাপড়)।

সুতিক্ত বিণ [সুপ্‌সুপা] অতিরিক্ত। —তিক্ত পুং পর্পট। —তিক্তক পুং ১ পরিভদ্র। ২ ভূনিম্ব।

সুতিনী বি [সুত+ইনী ; অসাধু] সুতা। "(চলিল রুক্মিণী) সেবিতে কুলের দেবী গিরির সুতিনী শ্রী ম ১৬৫।

সুতী১ **(-তিন্)** বিণ [সুত+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -তিনী] সুতবান্, পুত্রবান্। "তেনাখ্যা যদি সুতিনী বদ বন্ধ্যা কীদৃশী ভবতি।—হি ১৫ (কথারম্ভ)।

সুতী২ দ্র 'সুতি৩'।

সুতীক্ষ্ণ বিণ [সুপ্‌সুপা] ১ অতিনিশিত, তীক্ষ্ণধার। "(শরঃ) সুতীক্ষ্ণঃ গো.রা ৪.২১.৬। ইষুভিঃ…সুতীক্ষ্ণৈঃ।—ঋতু ৬.২৭। ২ অতিপরুষ, সুকঠোর। "সুতীক্ষ্ণং বাক্যম্ মহা ১.২১০.৯। ৩ সুতীব্র, অতিকটু। —ক্ষ্ণ পুং মুনিবিশেষ। "রা ৩.৬.২৬। রঘু ১৩.৪১। ভট্টি ৪.৫।

সুতীর্থ বিণ [বহুব্রী] ১ শোভনাবতার (উবট)। "শুক্লযজুর্ব্বেদ ৪.১১। ২ শোভনজলাবতাব, সুখজলাবতরণমার্গ। "(আসাদ্য) মাল্যবতীং সুতীর্থাম্ রা ২.৫৬.৩৫ ; ১০৩.২৪। সুতীর্থাসু সরিৎসু।—হ ৫৭.১০। —তীর্থ ক্লী [প্রা.স] ১ শোভন তীর্থ (সায়ণ)। "ঋগ্বেদ ৪.২৯ ৩। ২ সুশিক্ষিতাধ্যাপক, সদ্‌গুরু। "ময়া সুতীর্থাদভিনয়বিদ্যা সুশিক্ষিতা মা.মি ১২২৩। ৩ সুশোভনতীর্থভূত (শ্রীধর)। "উপলব্ধসুতীর্থকীর্ত্তি ভ ৩.১৬.৬। ৪ পবিত্রতীর্থ। ৫ শিব।

সুতেজন, -জিত বিণ [সুপ্‌সুপা] সুতীক্ষ্ণীকৃত, সুনিশিত। "সুতেজিতান্ (শরান্) মহা ৫.১৮২.৭। —তেজন পুং ধন্বন্ বৃক্ষ (ভাবপ্রকাশ)।

সুতেজাঃ (-জস্) বিণ [বহুব্রী, -১ব ; স্ত্রী -জাঃ] ১ শোভনতেজাঃ, অতিতেজস্বী। "সুতেজা আত্মা বৈশ্বানরঃ।—ছান্দোগ্য ৫.১২.১। ২ শোভনতেজোযুক্ত (সায়ণ), সুতীক্ষ্ণ। "সুতেজসা…ক্ষুরেণ।—অথর্ব্ববেদ ৮.২.১৭। ৩ সুদীপ্ত। ৪ অতিতেজস্বী।

সুতোষ বিণ [বহুব্রী] অতিতুষ্ট। "গো.রা ৩.১৯.১১।

সুত্য বিণ [সুতি+য (যৎ)] সুতিভব, সোমাভিষবসম্বন্ধী। "সুত্যেঽহনি ভ ৮.২১ ২৬ ; ১০.৭৪.১৭।

সুত্যজ বিণ [সু+ √ত্যজ্+অ (খল্)-র্ম্ম, উ.ত] অনায়াসে বর্জ্জনীয়। বিপ 'দুস্ত্যজ'।

সুত্যা স্ত্রী [√সু+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.৯৯] অভিষব (সি), সোমেজ্যা (বালমনোরমা)।

সু(সূ)ত্রামা (-মন্) পুং [সু+ √ত্রৈ+মন্ (মনিন্)-ক-১ব, উ ৪.১৫৪ ; দীর্ঘ (অ.টী)] 'সুষ্ঠু ভুবনরক্ষক', ইন্দ্র। "অহল্যাসূত্রাম্নোঃ ক্ষণিকমিব তৎসঙ্গমনভূৎ (অ.টী)।

সুত্বা (-ত্বন্) পুং [√সু+ত্বন্ (ক্বনিপ্)-ক, -১ব, ভূতার্থে, পা ৩.২.১০৩] 'যে যাগসম্বন্ধী স্নান করিয়াছে (অ.টী) ; কৃতাভিষব ব্রহ্মচারী (অ.কো) ; সোমপায়ী (জয়মঙ্গল)। "ভট্টি ৪.১২।

সুথার দ্র 'সুতার৩'।

সুদ১ বিং [দ্র 'শুধা'] শুদ্ধ, পবিত্র। "হাটু জলে নামি বুড়ি হাটু কৈলা সুদ গো চ ৯৩।

সুদ২ বি [ফা সূদ্] কুসীদ, বৃদ্ধি। [সুদকষা—শুভঙ্করী মতে টাকার সুদ কষার নিয়ম। °খোর—বার্দ্ধুষিক।]

সুদংশিত বিণ [সুপ্‌সুপা] সুসন্নদ্ধ, সুসজ্জ। "মহা ৫.১৮২.২২।

সুদংষ্ট্র বিণ [বহুব্রী] শোভনদশন। "কৃষ্ণঃ °ষ্ট্রঃ মহা ৫.৯৫.১।

সুদক্ষিণ বিণ [সুপ্‌সুপা ; স্ত্রী -ণা] ১ অতিসরল ; অত্যুদার। "মহা ১৩.২.১৬। ২ সুনিপুণ। "°ণঃ স সংগ্রামে মহা ৮.৫.২০। ৩ অতি-পরচ্ছন্দানুবর্ত্তী। —ণা স্ত্রী সূর্য্যবংশীয়দিলীপরাজ-মহিষী রঘুর জননী। 'রঘু ১.৩১, ৩.১।

সুদক্ষিণা দ্র 'সুদক্ষিণ'।

সুদণ্ড পুং বেত্র, বেত। —ণ্ডিকা স্ত্রী গোরক্ষী বৃক্ষ।

সুদন্ (-দৎ) বিণ [সু দন্ত যাহার, বহুব্রী, দন্ত >দতৃ, 'বয়স্' অর্থে, পা ৫.৪.১৪১, স্ত্রী -দতী] শোভনদন্তবিশিষ্ট, দিব্যদশন। "সুদন্ কুমারঃ (কাশিকা)। (দদর্শ স্ত্রিয়ম্) সুদতীম্ মহা ১.৯৭.২৮। (তাম্) জগাদ ভূয়ঃ সুদতীং সুনন্দা রঘু ৬.৩৭। দেবী সুদতী ভ ৪.১৫.৫। (পুত্রী) সুদতী শ্রী.মা ১৩৬। —দন্ পুং [প্রা স, তু 'পা ৫.৪.১৪১] শোভন দন্ত। "সুদতা (লসন্মুখম্) ভ ৩.২৩.৩৩।

সুদন্ত বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্তা, -ন্তী] শোভনদশন। "বক্ত্রং সুদন্তম্ গো.রা ৫.৩২.৪৮। —দন্ত পুং [প্রা.স] শোভন দন্ত। —ন্তী স্ত্রী দিক্‌করিণী-বিশেষ।

সুদন্তী দ্র 'সুদন্ত'।

সুদম বিণ [সু+ √দম্+অ (খল্)-র্ম্ম ; উ.ত ; স্ত্রী -মা] অনায়াসে দমনীয়, সুশাসন। বিপ 'দুর্দ্দম'।

সুদরিদ্র বিণ [সুপ্‌সুপা] অতিদুর্গত, অত্যকিঞ্চন। "হ ২৩.২৭। সুদরিদ্র কর্ম্মের বিপাকে।—দা ৯৭১।

সুদর্শ বিণ [সু+ √দৃশ্+অ (খল্)-র্ম্ম, উ ত, স্ত্রী -র্শা ; '°র্শ'—অত্যর্থ দর্শনীয় (ঋগ্বেদ ১.১২৭.৫)] ১ অনায়াসে দর্শনীয় ; সুখদর্শন। বিপ 'দুর্দ্দর্শ'। ২ সৌম্যমূর্ত্তি, শান্তদর্শন। "সুদর্শঃ সর্ব্বভূতানামাসীৎ সোম ইবাপরঃ মহা ১.৪৯.১২। ৩ প্রসন্নবক্ত্র (নীলকণ্ঠ—S.W.)। —দর্শ পুং বিষ্ণু। "রা ২.৫৪.২৪।

সুদর্শন বিণ [বহুব্রী ; স্ত্রী -না] ১ শোভনদর্শন, সুন্দর। "(পর্ণশালাম্) সুদর্শনাম্ রা ২.৫৬.২১। ২ সুরূপ। "নাম্না সুদর্শনা…রূপেণ চ সুদর্শনা মহা ১৩.২.১৯। ভ ৪ ২৪.৫১। ৩ [সু+ √দৃশ্+অন-র্ম্ম, মুগ্ধবোধ ১১৬৩] অনায়াসে দর্শনীয়। —দর্শন পুং ১ শিব। ২ সুমেরু। ৩ জম্বু-বৃক্ষ। ৪ 'তীক্ষ্ণদৃষ্টি', শকুনি। ৫ বৃত্তার্হৎপিতা (অ.চি)। —দর্শন পুং, ক্লী বিষ্ণুচক্র। 'চক্রং সুদর্শনোঽস্ত্রিয়াম্ (হারাবলী)।—দর্শন ক্লী ইন্দ্রপুর। —দর্শনা স্ত্রী ১ সুন্দরী ; নারী। ২ লতাবিশেষ, পদ্মগুলঞ্চ। ৩ ওষধি-বিশেষ। ৪ আজ্ঞা (মেদিনী)। —দর্শনী স্ত্রী অমরাবতী। [°চূর্ণ (ক্লী) —চূর্ণৌষধবিশেষ। °দ্বীপ (ক্লী)—জম্বুদ্বীপ।]

সুদল পুং ক্ষীরমোরট, মুচুকুন্দ। —দলা স্ত্রী শালপর্ণী।

সুদান্ত বিণ [সুপ্‌সুপা] সুবিনীত, সুশিক্ষিত (অশ্ব)।

সুদাম পুং [তু 'সুদামা' (-মন্)] কৃষ্ণের সখা গোপালবিশেষ। "দাম-সুদামৌ।—পঞ্চরাত্র ৩.৭.২৭। গোপাল সুদাম।—জ্ঞা ৪৩।

সুদামত বি [আ সদমা] বিপদ্। [সুদামত পাঠ—ভবিষ্যতে বিপৎ-সূচক পাঠ। "জমিদার সুদামত পাঠ লিখিতেন—'গোজেতা মুরত খাজনা আদায় না হইলে তোমার রুটি যাইবে আ.দু ১৬২।]

সুদামা (-মন্) বিণ [সু+ √দা+মন্ (মনিন্)-ক-১ব ; উ.ত, পা ৩.২.৭৪ ; স্ত্রী -মা] শোভনদাতা, ভূরিদাতা। "ঋগ্বেদ ৬.২০.৭। —মা পুং ১ মেঘ। "মহা ৩.৫৩.১২, নীলকণ্ঠ। ২ পর্ব্বতবিশেষ, ঈরাবৎপর্ব্বত।

৩ সমুদ্র। ৪ ঐরাবত। তু 'সৌদামনী (৩)। ৫ কৃষ্ণের সখা বিপ্র-বিশেষ। [ইঁনি অতিদরিদ্র ছিলেন। কিঞ্চিৎ ভৃষ্ট তণ্ডুল (মতান্তরে স্থূল তণ্ডুল) জীর্ণ উত্তরীয়াঞ্চলে লইয়া দ্বারকায় শ্রীকৃষ্ণদর্শনে গিয়াছিলেন। ভক্তবৎসল অন্তর্যামী শ্রীকৃষ্ণ দরিদ্র ইঁহার সেই চীরবদ্ধ হেয় উপহার উপাদেয় বলিয়া সাদরে গ্রহণ করিয়া পরমানন্দে ভক্ষণ ও ইঁহাকে দেবদুর্লভ সম্পদ্ দান করেন। ভাগবতে ইনি 'শ্রীদামা' নামে অভিহিত (ভ ১০.৮০, শ্রীধরটীকামুখ, অধ্যায়শেষ)। দ্র 'ব্রহ্মবৈবর্ত্ত, শ্রীকৃষ্ণজন্মখণ্ড ১১২শ অধ্যায়। ভ ১০.৮০, ৮১।] ৬ শ্রীকৃষ্ণের সখা গোপালবিশেষ।

সুদায় পুং [সু+ √দা+অ (ঘঞ্)-র্ম] ১ যৌতুকব্রতভিক্ষাদি দেয় দ্রব্য। ২ দায়, হরণ (অ.চি)।

সুদারিদ্র বিং [সু[১]+দারিদ্র[২]; সং সুদরিদ্র] অতিদরিদ্র, অতিনির্ধন। "সুদারিদ্র দশা মোর বিধাতা করিল ভ.গ্র ৫৮।

সুদারুণ বিণ [সুপ্সুপা] সুঘোর, অতিভীষণ। "ত্বাষ্ট্রমস্ত্রং সুদারুণম্ রা ১.২৭.২০। উৎপাতান্ °ণান্ মহা ১৬ ২.২২।

সুদি ব্য [স্বরাদি, পা ১.১.৩৭, হি, প সুদী, তু 'শুদ্ধ'] শুক্লপক্ষ (তত্ত্ববোধিনী)। বিপ 'বদি'।

সুদিন বিণ প্রশস্ত। 'সুদিনশব্দঃ প্রশস্তবাচী পা ৫ ৪.৯০, সি। "সুদিনাসু সভাসু পা ২.৪.১৭, তত্ত্ববোধিনী। —দিন ক্লী [প্রা.স] ১ শোভনদিন, শুভদিন। "ঋগ্বেদ ৭ ১৮.২৫। শুক্লযজুর্ব্বেদ ১৮.৬। ২ মেঘশূন্য দিন। বিপ 'দুর্দ্দিন'। "মহা ৩ ২০ ৩৬। [সুদিনাহ (ক্লী)—প্রশস্তদিন, পুণ্যাহ। "পা ৫.৪.৯০, সি।]

সুদিব বিণ [শোভন দিবা যাহার, বহুব্রী, 'অ' (অচ্), পা ৫ ৪.১২০, স্ত্রী -বা] শোভনদিনবিশিষ্ট, নীহারাদির অভাব হেতু শুভদিনবিশিষ্ট। "সুদিবেবাহরবিন্দিনী ভট্টি ৫.৭০।

সুদিবস পুং [প্রা.স] শুভদিন, পুণ্যাহ। "অহো °বসঃ উ.চ ৪২৮।

সুদীর্ঘ বিণ [সুপ্সুপা] অতিদীর্ঘ, সুচির। "°কাল।—হি ১.২১।

সুদু[১] বিং [সুদ[১]+উ[৭]] শুদ্ধ, অশৌচরহিত। "তিরিশ দিন অন্তরে রাজার ক্রিয়া সুদু হৈল গো চ ৫২।

সুদু[২] দ্র 'শুধু'।

সুদুঃখ বিণ [সুপ্সুপা] অতিদুঃখান্বিত (নীলকণ্ঠ), অতিদুঃখকর, অতিক্লেশজনক। "(ঋষ্যমূকঃ) সুদুঃখারোহণঃ রা ৩ ৭৩.৩২। সুদুঃখা খলু কার্য্যাণাং গতির্বিজ্ঞাতুমস্ততঃ মহা ৪.২৬.২। —দুঃখ ক্রি.বিণ অতিদুঃখে, অতিশোকে। "ত্বামপি শপ্যোহহং সুদুঃখম্ রা ২.৬৪ ৫৩। —দুঃখ ক্লী [প্রা.স] অতিদুঃখে, অতিকষ্টে।

সুদুঃখিত বিণ [সুপ্সুপা] অতিদুঃখিত। "ভ ৩.৫.৩।

সুদুঃসহ বিণ [সুপ্সুপা] অতিদুঃসহ, সুষ্ঠু অসহ্য। "দুঃখানি...অতি-মাত্রসুদুঃসহানি শ ৪.৩। রঘু ৩.৩৭। দুঃখ °হ।—কা ১৭।

সুদুকূল বিণ [বহুব্রী] শোভনদুকূলযুক্ত। "°মেখল ঋতু ১.৪।

সুদুরাধর্ষ বিণ [সুপ্সুপা] অতিদুঃসহ। "সুদুরাধর্ষং দানবেভ্যো ভয়ম্। —হ ৪৯.৮২।

সুদুরাসদ বিণ [সুপ্সুপা] অতিদুরভিভব। "বালিনশ্চ সুতো বীরঃ শত্রূণাং সুদুরাসদঃ গো.রা ৬.৬.২০।

সুদুরুক্তি স্ত্রী [সুপ্সুপা] অতিকঠোরবাক্য। "ভ ৪.৮.১৪।

সুদুর্জ্জয় বিণ [সুপ্সুপা] ১ অতিদুরভিভব। "বজ্রমস্ত্রং °য়ম্ রা ১.৫৬.৮। ২ অতিদুরাপ। "সুদুর্জ্জয়ং বিষ্ণুপদম্ ভ ৪.১২.২৫। ৩ অতি-দুশ্চিকিৎস। "মূত্রদোষাঃ সুদুর্জ্জয়াঃ (সুশ্রুত)।

সুদুর্জ্জর বিণ [সুপ্সুপা] অতিদুষ্পাচ, অতিগুরুপাক (দ্রব্য)।

সুদুর্দর্শ বিণ [সুপ্সুপা] অতিদুঃখে বা অত্যন্ত কষ্টে দর্শনীয়। "সুদুর্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম গী ১১.৫২।

সুদুর্ব্বল বিণ [সুপ্সুপা] অতিহীনবল। "স মে সুতশ্চ শক্তোঽপি বর্দ্ধং প্রতি সুদুর্ব্বলঃ গো রা ২.৬১.২৬।

সুদুর্ব্বহ বিণ [সুপ্সুপা] অতিদুর্ভর, অতিগুরুভার। "সুদুর্ব্বহমহং মন্যে রাজ্যং ছিদ্রসমন্বিতম্ গো.রা ৬.১১২.৭।

সুদুর্ব্বুদ্ধি বিণ [সুপ্সুপা] অতিমন্দমতি, অতিমূঢ়। "বয়মস্মাঃ সুদুর্ব্বুদ্ধে তব বাসো জিহীর্ষবঃ মহা ৩ ৬১.১৬।

সুদুর্ম্মনাঃ (-নস্) বিণ [সুপ্সুপা] অতিব্যাকুলমতি। "আসীদীর্ঘ-দর্শী সুদুর্ম্মনাঃ ক.সা. ৮৬.৬৯।

সুদুর্লভ বিণ [সুপ্সুপা] অতিদুরাপ। "সা.দ ১২৪।

সুদুশ্চর বিণ [সুপ্সুপা] ১ সুদুর্গম, সুদুরারোহ। "°রো গিরিশ্চায়ং পক্ষিণামপি রা ২ ৯৬ ১০। ২ সুদুষ্কর। "তপস্তপ্তা সুদুশ্চরম্ মনু ১.৩৪। ভ ১১ ২৯ ১। —রা পুং কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১ ৭।

সুদুশ্চরা দ্র 'সুদুশ্চর।

সুদুশ্চিকিৎস বিণ [সুপ্সুপা] অত্যন্ত অচিকিৎস (শ্রীধর); অত্যন্ত অপ্রতিবিধেয়। "সুদুশ্চিকিৎসস্য ভবস্য ভ ৪.৩০.৩৮।

সুদুষ্কর বিণ [সুপ্সুপা] অত্যন্ত দুঃসাধ্য। "ভ ৪ ৮.৬৯।

সুদুষ্পার বিণ [সুপ্সুপা] অতিদুর্লভপার, অপার। "বিষ্ণু ১.৪৮।

সুদুষ্প্রেক্ষ্য বিণ [সুপ্সুপা] অতিসুদুর্দ্দর্শ। "মহা ১৩.১৪.৩৮৯।

সুদুস্তর বিণ [সুপ্সুপা] অতিদুর্লঙ্ঘ্য, অতিদুঃখে উত্তরণীয়। "মগ্নঃ পঙ্কে সুদুস্তরে।—হি ১ ৪। ভ ১০.২ ৩১।

সুদুস্ত্যজ বিণ [সুপ্সুপা] অতিদুষ্পরিহর। "°স্নেহ ভ ১১.২৯.৪৬।

সুদুস্পর্শ বিণ [সুপ্সুপা] সুতীব্র। "বায়ুঃ °র্শঃ ভ ৩.১৭.৫।

সুদূর বিণ [সুপ্সুপা] অতিবিপ্রকৃষ্ট, সুদবিষ্ঠ। —দূর ক্লী [প্রা.স] অতিদূরপ্রদেশ। "দূরাৎ সুদূরে।—মুণ্ডক ৩ ৭। হি ১৩৪; ১২৪২। [°পরাহত (বিণ)—অতিদূরনিরাকৃত, চিরধ্বস্ত (শ.ক)।]

সুদৃক্ (-শ্) বিণ [বহুব্রী; °শ্—সকলের সুদর্শন (সুখে দর্শনীয়)। —ঋগ্বেদ ৩.১৭ ৪] চারুনেত্র। "সুদৃক্ পিধায়াস্তম্ ভ ১০.৩০.২৩। —দৃক্ স্ত্রী ১ বরাক্ষী (শ্রীধর)। "ভ ১০.৩০.২৩। মাঘ ৯.৭৭।

সুদৃঢ় বিণ [সুপ্সুপা] অতিদৃঢ়, দুশ্ছেদ। "সুদৃঢ় স্নেহপাশঃ ভ ১১.২৯. ৩৯। ২ অনপায়ী, চিরস্থায়ী (স্মৃতি)।

সুদৃশ্য বিণ [সুপ্সুপা] ১ সুখদর্শনীয়, সুদর্শন। "পঞ্চরাত্র ১.১৪.৮২। ২ অনায়াসে দর্শনীয়।

সুদৃষ্ট বিণ [সুপ্সুপা] সম্যগদৃষ্ট, উত্তমরূপে অবলোকিত। "সুদৃষ্টং কুরু জীবলোকম্ রা ৭ ১৮.২০।

সুদেষ্ণা স্ত্রী বিরাটরাজমহিষী। "মহা ৪ ৩.২১। ম ৫৯২।

সুদৈব বি সৌভাগ্য। "সুদৈবের ঘটন ম.বি ২১৫।

সুদোহ বিণ [সু+ √দুহ্+অ (খল্)-র্ম, উ.ভ] সুখে দোহনীয়।

সুদ্ধ, সুদ্ধা দ্র 'শুদ্ধ[২]।

সুদ্বিজ বিণ [বহুব্রী] সুদশন। "°জাম্ (স্ত্রিয়ম্) ভ ৩.২০,৩০।

সুধ[১] বিং [দ্র 'শুধা[১]] শুদ্ধ, কেবল, শুধু। "সুধ গঙ্গার জলে গো.চ ৬২। সুধই সুধাময় অধর পিরি পিউ, পুন পিয়াওব রে জ্ঞ.প ৮।

সুধ[২] দ্র 'শুধ'।

সুধন্বা (-ন্বন্) বিণ [সু ধনুঃ যাহার, বহুব্রী, 'অন্' (অনঙ্),-১ব] শোভনধনুষ্ক (সায়ণ), প্রৌঢ়ধানুষ্ক, মহাধনুর্যোদ্ধা। "ঋগ্বেদ ৫.৪২.১১; ৭২। শুক্লযজুর্বেদ ১৬.৩৬। গো.রা ২.১০৯.৯। —ধন্বা পুং ১ বিষ্ণু। ২ বিশ্বকর্ম্মা। ৩ বিদুর। "ভ ৩ ২১ ৩৭। ৪ সর্থ 'সুধন্বাচার্য্য'। ৫ হংসধ্বজ-রাজের পুত্র। "ম ১১৪৫।

সুধন্বাচার্য্য পুং ব্রাত্য বৈশ্য হইতে সবর্ণা স্ত্রীতে জাত পুত্র। 'বৈশ্যাত্তু জায়তে ব্রাত্যাৎ সুধন্বাচার্য্যঃ মনু ১০.২৩।

সুধন্বী (-ন্বিন্) বি [স° ধন্বী—°ন্বী , সং সুধন্বা] নিপুণ ধনুর্দ্ধর, মহা-যোদ্ধা । "হে সুধন্বি ।—মে ২৫৬ , রে সুধন্বি ।—হেম ১৯৫ ।

সুধর্ম্ম পুং [প্রা স] ১ শোভন ধর্ম্ম । "সুধর্ম্মঃ স্থাপিতঃ পথি রা ৭ ৬ ৪০ । সুধর্ম্মস্যাবিরোধেন ।—মার্কেণ্ডেয়পুরাণ ১০৯৮ । ২ [স° সুধর্ম্মা] (বাঙলায়) দেবসভা । "ক চ ১১২ ।

সুধর্ম্মা (-র্ম্মন্) বিণ [সু ধর্ম্ম যাহার, বহুব্রী, 'অন্' (অনিচ্),-১ব , স্ত্রী -র্ম্মা] শোভনধর্ম্মা, সদ্ধর্ম্মা । "সুধর্ম্মণে কৃষ্ণায় ।—হ ১১৬৮১ । —র্ম্মা পুং ১ দেবসভা । ২ কুটুম্বী । ৩ [সু+ √ধৃ+মন্ (মনি)-ক, উ ৪ ১৫১] 'সুষ্ঠুধারণশীল', ক্ষত্রিয (শ ক) । —র্ম্মা স্ত্রী [সুধর্ম্মন্+স্ত্রী আ (টাপ্)] দেবসভা । মহা ২৩২৭ । হ ১১৬৮১-৮৩ । রঘু ১৭ ২৭ । ভ ১ ১৪ ৩৮ । ইন্দ্রালয়ে হইল সুধর্ম্মা : শ্রীধর সুধর্ম্মায় নাচে শ্রী মা ৬৫ ।

সুমর³ বি [দ্র 'শুমার'] সংখ্যা, সীমা। "সুমর নাই—শুমর কত। —দা ২০৪৬, সুখের নাই সুমর ২১২৯।

সুমহাত্যয় বিণ [বহুব্রী, সুপসুপা] বিষমবিপত্তিকর। "(যুদ্ধম্) সুমহাত্যয়ম্ মহা ৫ ১৮৫ ৩।

সুমহান্ (-হৎ) বিণ [সু মহৎ, সুপসুপা, -১ব, ক্লী -হৎ, স্ত্রী -হতি] ১ সুবিপুল, অতিবিশাল। "সুমহৎ কায়ম্ গো রা ২ ৫০ ২৬। ২ অতিনিন্দ্য। সুমহান্ বধঃ রা ২ ২১ ৩২। ৩ মহাপাপজনক। "সুমহতী ভ্রূণহত্যা গো রা ২ ৬১ ২২। ৪ অপরিমিত। 'সুমহদ্বীর্য্যান্ রা ১ ৩,১০। ৫ সুপ্রচুর, সুপুষ্কল। "ভোজ্যানি চ সুমহান্তি। —বৃহৎসংহিতা ৪৬ ৮১। ৬ অসংখ্যক, বহু। "জনস্ত সুমহান্ গো রা ৬ ১০১ ৩৩। ৭ অতিবিস্তীর্ণ। "(সিন্ধুসমুদ্রয়োঃ) সঙ্গমো যত্র সুমহান্ স্ত ৬ ৫ ৩। ৮ সাতিশয়। "সুমহদাশ্চর্য্যম্ মহা ৩.৭৫ ১৪। ৯ অতি-কঠোর, অতিকৃচ্ছ্র। "তপশ্চ সুমহৎ তপ্তম্ রা ১ ৫৭ ৮। ১০ অতি-সুদুঃসহ, যৎপরোনাস্তি। "দুঃখং সুমহৎ মনু ৪ ১৬৭। ১১ অতিতিগ্ম, সুপ্রচণ্ড। "প্রতাপঃ সুমহাঙ্গ্নশ্চৈব বিভাবসোঃ (প্রাদুরাসীৎ) মহা ১ ১৪৮ ১২। ১২ অত্যুচ্চৈঃ, অতিতার। 'সুমহান্ নাদঃ গো রা ৬ ৯২ ৬৭। দ্র (১১)। ১৩ সুদুষ্কর। "সুমহৎকর্ম রঘু ১২ ৫৫। ১৪ অত্যাবশ্যক, অতিপ্রয়োজনীয়। 'সুরকার্য্যমিদম্ ··সুমহৎ রা ১ ৬৪ ১। ১৫ অতিযুক্তিসঙ্গত, সুন্যায্য। "সুমহদ্ বাক্যম্ রা ১.৬০.২৬। ১৬ অতিতুমুল। 'সুমহান্ বিমর্দ্দঃ গো রা ৬ ১৮ ১।

সুমহাবল বিণ [বহুব্রী, সুপসুপা] অত্যমোঘবীর্য্য। "ওষধীঃ সুমহাবলাঃ (আহৃতা) মহা ২ ৫২ ৬।

সুমাও বি সুমাতা, স্নেহময়ী জননী। 'ব প ১৬।

সুমাছ বি উৎকৃষ্ট মৎস্য, রোহিতাদি। "সুমাছ বাছের বাছ ভা চ ৫৪৮। —মাছা বি [ঠ 'মাসা'—মৎস্য] রোগীর পথ্য মৎস্য।

সুমাছা দ্র 'সুমাছ'।

সুমানিতা স্ত্রী [প্রা স] অত্যভিমানবত্তা। "মহা ৯ ২ ১২।

সুমার বি [দ্র 'শুমার'] ১ সংখ্যা, গণনা। "দেড়শত হৈল বন্ধ লিখিতে সুমারে ব.প ১৪৮২। ২ রাজস্বের হিসাব। "ব প ১৬৯০। [°নবিশ, °সেরেস্তা—দ্র 'শুমার'।]

সুমিত্রা স্ত্রী দশরথরাজের পত্নী ও লক্ষ্মণশত্রুঘ্নের জননী। "রা ১ ১৮ ১৪। রঘু ১০.৭১। ভট্টি ১ ৬৪। কৃ ৩০। [°ভু, °তনয়, °নন্দন, °সুত (পুং)—লক্ষ্মণ। "°নন্দন।—মে ২০৮।]

সুমিষ্ট বিং ১ সুস্বাদু (খাদ্য)। ২ শ্রুতিসুখকর (বাক্য)।

সুমুখ¹ বিণ [বহুব্রী, স্ত্রী -খা, -খী] ১ শোভনানন, সুন্দরমুখ, প্রসন্নবদন। "গো.রা ১ ১ ১৪। ভ ৪ ২১ ১৫। প্রসাদ" রঘু ৪.১৮। ২ মনোজ্ঞ (শ.ক)। ৩ প্রবণ। "সুরসজ্জমুখী জনতা কি ৬.৫২। প্রসাদ" ভ ২ ৭ ২৩। ৪ [স্ত্রী -খা] শোভনধারযুক্ত। "সুমুখা শালা পা ৪ ১ ৫৪, সি। ৫ সূক্ষ্মাগ্র, সুতীক্ষ্ণধার। "সুমুখান্ (শরোত্তমং কাকুৎস্থঃ যুযোজ) মহা ৩.২৮৯ ২৫। সুমুখোঽপি সুবৃত্তোঽপি সন্মার্গ-পতিতোঽপি সন্। সতাং বৈ পাদলগ্নোঽপি ব্যথয়ত্যেব কণ্টকঃ॥ —সু র। —মুখ পুং ১ 'যাহার উচ্চারণ শুদ্ধ', পণ্ডিত। ২ 'ব্যক্ত-বর্ণ' (নীলকণ্ঠ), শিব। 'মহা ১৩ ১৭ ১২৮। ৩ বিষ্ণু। 'মহা ১৩ ১৪৯-১২। ৪ গণেশ। ৫ শাকবিশেষ। ৬ সিতার্জ্জক, বনবর্ব্বরিকা, বর্ব্বরী। —মুখ ক্লী [প্রা স] ১ উত্তম মুখ। ২ নখক্ষত-বিশেষ। ৩ অট্টালিকাবিশেষ। —মুখী স্ত্রী ১ সুন্দরমুখনারী, সুন্দরী। "কু স ১২৭। শুধই সম্বাদে কি, সুমুখি সম্বোধব।—গো ২৪৬। মহে সুখী সুমুখী নিরখি নন্দিনীরে বি সু ৭৮। ২ দর্পণ। ৩ একাদশাক্ষর-পাদ ছন্দোবিশেষ।

সুমুখ² '-খ্' বি সম্মুখ, পুরোভাগ, সমীপ। 'আপনি সকলে জান, তথাপি সুমুখে শুন শ্রী মা ৪০। [°দোর—সদরদরজা সদরবাড়ী, নাছ। বিপ 'পাছদোর'। সুমুখ করে বসা—মুখামুখি বসা। সুমখা-সুমখি —পরস্পর সম্মুখভাবে।]

সুমুন্দী বি [সম্বন্ধী > °ন্দী (গ্রাম্য] শালা, গালি। "মেজো তালুই, এটু দ্যাড়া, সুমুন্দীর গায় গোটা দুই চ্যালা মারি ম ত ৭৮।

সুমুহূর্ত বিণ [বহুব্রী] শুভক্ষণযুক্ত। "°র্ত্তং তু তদ্যুদ্ধমভবৎ মহা ৩ ৩৯-৫৮। —র্ত্ত পুং, ক্লী [প্রা স] শুভক্ষণ। "ক সা ১২১ ১৮১।

সুমূল বিণ [বহুব্রী] উত্তমমূলযুক্ত। —মূল পুং শ্বেতশোভাঞ্জন। —মূল ক্লী গর্জ্জর। —মূলা স্ত্রী শালপর্ণী, পৃশ্নিপর্ণী।

সুমূলা দ্র 'সুমূল'।

সুমৃত্যু পুং [প্রা স] সদ্গতিযুক্ত মরণ। বিপ 'অপমৃত্যু'। '(প্রাক্তনাৎ) সুমৃত্যুরপমৃত্যুর্বা।—পঞ্চরাত্র ১ ৩ ১১।

সুমৃষ্ট বিণ [সু+ √মৃজ্+ত (ক্ত)-র্ম] ১ বিশোধিত, সুপরিষ্কৃত, প্রক্ষালিত। "সুমৃষ্টপুষ্পাঢ্যা রাজমার্গাঃ মহা ৩ ৭৭ ৭। ২ সুমার্জ্জিত, সুবিমল। "°মণিতোরণ গো রা ৫ ১৬ ৩৯। °মণিকুণ্ডল মহা ৪ ১৮ ১৯। ৩ সুমধুর, সুস্বাদু। °সুমৃষ্টেনাতিহারিণা মোদকেন (সু র)।

সুমেখল পুং [বহুব্রী] যাহা হইতে ভাল মেখলা হয়, মুঞ্জতৃণ।

সুমেধা বিং [সং সুমেধাঃ (-ধস্)] সর্থ 'সুমেধাঃ'। সঙ্কীর্ত্তনযজ্ঞে তারে করে আরাধন। সেই ত সুমেধা আর কলিহত জন॥—চৈ চ ১৪০, সেই ত সুমেধা পায় কৃষ্ণের চরণ ৩৫২। °গণ ব প ৬২২।

সুমেধাঃ (-ধস্) বিণ [সু মেধা যাহার, বহুব্রী, সমাসান্ত 'অস্' (অসিচ্), পা ৫ ৪ ১২২, স্ত্রী -ধাঃ তু 'সুমেধাং বৃহস্পতিম্ (ঋগ্বেদ, ১০ ৪৭ ৬)] সুপ্রাজ্ঞ, সুপণ্ডিত। "ভ ৯.৪ ৩।

সুমেরু পুং [সু+ √মি (প্রক্ষেপণ)+রু-ক] ১ 'উচ্চতা হেতু সুষ্ঠু জ্যোতিঃপ্রক্ষেপক', মেরুপর্ব্বত, হেমাদ্রি। 'সূর্য্যদত্তবরস্বর্ণঃ সুমেরুর্নাম পর্ব্বতঃ রা ৭ ৩৫ ১৯। কু.স ৬ ৭২। সুমেরু পর্ব্বত যেন অঙ্গদের দেহ। —কৃ ২৪৯। সুমেরু উপরে, সুরতরঙ্গিণী, কেবল তরল ভেল বি প ১৪৭। ২ শিব। ৩ (বাঙলায়) পৃথিবীর উত্তর প্রান্ত (North Pole)। বিপ 'কুমেরু'। ৪ জপমালার মধ্যগুলিকা। "সুধন্বার মস্তক পাইয়া শূলপাণি। মালাতে সুমেরু কৈল দেখিলা ভবানী॥—ম .১৫৭। [সুমেরু ইলাবৃতবর্ষের নাভিদেশে স্থিত, এই হেতু মালার মধ্যগুলিকার নাম 'সুমেরু', বোধ হয়।] [°বৃত্ত (বি)—সুমেরু হইতে ২৩° দূরে কল্পিত বৃত্তরেখা (Arctic Circle)।]

সুমেলি বিং [সুমেল+ই¹¹] সুরে সম্মিলিত বা সুসঙ্গত, ঐক্যযুক্ত। "খোল করতাল গোরা সুমেলি করিয়া। তার মাঝে নাচে গোরা জয় জয় দিয়া॥—ন.প ৩৩৮, ৩৪০।

সুমোহন বিং অতিমোহকর, সুমনোহর। "(অর্জুন) আঁখি অনিমিখে দেখে, মণিপুর অতিসুমোহন ব.প ৬২১।

সুম্ভ পুং বহুক দেশবিশেষ, সুহ্মদেশ। "গো.রা ৪.৪০.২৫।

সুয় বি [সুয়া > সুয়] সর্থ 'সুয়া' বি। "সুয় দুয় সমান হৈল ক.চ ১৮৯।

সুযন্ত্র বিং সুদৃঢ়বদ্ধ, মজবুত। "সুযন্ত্র খিলনি দিয়া দুআর কপাটে। শুইয়া আছেন পার্থ রত্নময় খাটে॥—ম ২৩৫।

সুযন্ত্রিত বিণ [সু+ √যন্ত্র্+ত(ক্ত)-র্ম] সুষ্ঠু নিয়ন্ত্রিত, সুনিগৃহীত, সুনিয়মিত।

সুযবস ক্লী [প্রা.স ; 'সুযবস'—শোভনতৃণোপলক্ষিত সর্ব্বৌষধিযুক্ত (দেশ) ; দীর্ঘনিপাতনে (ঋগ্বেদ ১.৪২.৮, সায়ণ)] শোভনতৃণ। "পানীয়সুযবসকন্দরকন্দমূলৈঃ॥ ভ ১০.২১.১৮। ['সুযবস'—পূর্ব্ববৎ নিপাতদীর্ঘ, অথবা ছন্দোহেতুক দীর্ঘ।]

সুযশাঃ (-শস্) বিণ [বহুব্রী,-১ব, স্ত্রী -শাঃ] শোভনকীর্ত্তি, যশস্বী। "অনসূয়া ত্রীন্ জজ্ঞে সুযশসঃ সুতান্ ভ ৪.১.১৫। —যশঃ ক্লী [প্রা.স] সুকীর্ত্তি। "ভ ৩.১৫.২৫।

সুয়া[1] বি [দ্র 'শুআ'] শুকপক্ষী। "ম.গা ২৮। গো.চ ৩৮৭ ; সুয়া পক্ষী ৩৮৮। সারি সুয়া শ্রী.মা ১৮৪।

সুয়া[2] বিং [সং সুভগা > প্রা *সুহআ > বা সুহা, সুআ, -য়া ; সো (কথ্য)] পতিপ্রিয়া, পতিসোহাগিনী। বিপ 'দুয়া'। "সুয়া মাগু ক.চ ১৬৯। তোমার যৌবন আছে, তুমি আছ সুয়া ভা.চ ৫৩৫। —য়া বি সুভগা স্ত্রী। "দেখিব আজি সুয়ার কিল ভূমে গড়াগড়ি ক.চ ১৯২। সুয়া যদি নিম দেয় সেহ হয় চিনি ভা.চ ৫৩৫।

সুয়াগী বিং [সোহাগী > °গী] প্রিয়া। "স্বামীর সুয়াগী শ্রী.মা ১৯৫।

সুয়াদু বিং [স্বাদু > °দু (বা > উআ,-য়া)] সুমিষ্ট। "ভ.প্র ৩৬১।

সুয়াস্তি বি [স্বস্তি > °স্তি (ব > উঅ > উআ, -য়া)] মঙ্গল, সুখ। "খাইতে সুয়াস্তি নাই মাহি টুটে ভুক ব.প ৯৮৫। চ.সা ১১৯।

সুযুক্ত বিণ [সুপ্‌সুপা] ১ সুষ্ঠু যোজিত ; সুশ্লিষ্ট। ২ সম্যক্ উপযোগী। ৩ সম্যগ্‌যোগবিশিষ্ট, অভিনিবিষ্ট। ৪ শুভযোগবিশিষ্ট, অতিশুভ। "মুহূর্ত্তেন সুযুক্তেন প্রস্থানম্ গো.রা ৫.৭২.২০। —যুক্তি স্ত্রী [প্রা স] ১ শোভন ন্যায় ; বিশিষ্ট হেতু। ২ সদুপায়। ৩ (বাঙ্‌লায) সৎপরামর্শ, সুমন্ত্রণা।

সুযুক্তি দ্র 'সুযুক্ত'।

সুযুত বিং [সু+যুত, দ্র 'জুত'[1]] ১ বেশ সুস্থ ; সহজাবস্থাপন্ন, সহজ। ২ অবিকৃত-অবস্থাপন্ন, কার্য্যোপযোগী (যন্ত্রাদি)। ৩ অভিলাষানুরূপ, মনোমত। —যুত বি যন্ত্রাদির অবিকলভাব।

সুযুদ্ধ ক্লী [প্রা.স] শোভন যুদ্ধ ; ন্যায়যুদ্ধ, ধর্ম্মযুদ্ধ। "মহা ৭.১৮৮.১৩। মনু ৭.১৭৬। বীরাঃ প্রাণান্ সুযুদ্ধেন পরিত্যজন্তঃ।—পরাশর ৩.৪৪।

সুয়েম বিং [ফা সোয.ম্] তৃতীয়শ্রেণীগত (জমি)। [সুয়েম জমি—যে জমিতে আট-আনা ফসল হয়।]

সুযোগ বি কার্য্যানুকূল সময় ; সুসময়, সুবিধা।

সুযোধন পুং [সু+ √যুধ্+অন (যুচ্)-র্ম, পা ৩.৩.১২৮, সি ; অন্তর্ভূতণ্যর্থ, দ্র 'দুযে,াধ'] দুর্য্যোধন। "মহা ১.১৫৪.৩৫ ; ৩.৩৪.১৪ ; ১২০.২৮। ভ ৩ ৯ ১৪। কি ২.৪৪। [যুধিষ্ঠির অপ্রীতিকর শব্দ উচ্চারণ করিতেন না ; দুর্য্যোধনকে 'সুযোধন' বলিতেন।]

সুয়োরাণী বি [সুয় > সুয়ো] রাজার প্রিয়মহিষী। "মনে পড়ে সুয়োরাণী দুয়োরাণীর কথা।—শিশু ৮৬।

সু(সু)য্যি বি [সূর্য্য > সুয্য+ই[11]] সূর্য্য। "সুয্যি।—শিশু ৮৪।

সুর্ অক [তুদা, প—সুরতি ; সেট্] ১ ঐশ্বর্য্য। ২ দীপ্তি।

সুর[1] পুং [√সুর্+অ (ক)-ক ; সুরা+অ (অচ্) অস্ত্যর্থে—"সুরাপরিগ্রহাদ্ দেবাঃ সুরাখ্যা ইতি বিশ্রুতাঃ। অপরিগ্রহতস্তস্যা দৈতেয়াস্তাসুরাঃ স্মৃতাঃ॥—রা (অ.টী) ; বারুণীগ্রহণাৎ সুরাঃ (রা ১.৪৫.৩৮) ; "মহা.অ. ১৮.১৪, নীলকণ্ঠ ; √সু+র (ক্রন্)-ক, উ ২.২৩ ; দ্র "অসুর" (১)] ১ যিনি দীপ্তি পান বা প্রভুত্ব করেন ; যাঁহারা মন্থনোত্থিত সুরা গ্রহণ করেন ; অমর, দেব। "রঘু ৫.১৬। ২ দেববিগ্রহ। ৩ সূর্য্য। দ্র 'সূর্য'। "দু ৩ ; সুর শশী বহ্নি ত্রিনয়ন ১০। ৪ পণ্ডিত। তু 'সূরি'। ৫ [তু স্বর, হি, প, ঠ সুর] ষড়্‌জাদি স্বর। "°পঙ্‌ক্তি মহা ১৩.৮৫.৯১। কণ্ঠে খেলিতেছে সাতটি সুর সাতটি যেন পোষা পাখী।—রবীন্দ্র। কথা॥। ৬ দেবতার সংখ্যানুসারে (৩৩) সংখ্যা। দ্র 'তেত্রিশ'। [°করী (-রিন্) পুং—সুরগজ, দিগগজ। "কি ৫.২৬। °করীন্দ্র (পুং) —ইন্দ্রকরিবর, ঐরাবত। "°ন্দ্রদর্পাপহা (শ.ক)। °কামিনী (স্ত্রী) —অপ্সরা। "কু স ৪.২০। °কার (পুং)—দেবশিল্পী, বিশ্বকর্ম্মা। °কার্ম্মুক (ক্লী)—ইন্দ্রচাপ (rain-bow)। °কাষ্ঠ (ক্লী)—দেবদারু-কাষ্ঠ। °কুল, °গৃহ (ক্লী)—দেবগৃহ, মন্দির। "ক.সা ১২.৮০। °কৃত (বিণ)—দেবানুষ্ঠিত। "ক সা ২৩.৭৬। °কৃতা (স্ত্রী)—গুড়ূচী। °গজ (পুং)—১ ঐরাবত। "কি ৫.৪৭। ২ দিগ্‌গজ। "রঘু ৫.৭৫। পূ.মে ৫১। °গণ (পুং)—১ দেবগণ। "গী ১০.২। ২ শিব। "মহা ১৩.১৭. ১৫১। °গণ্ড (পুং)—রোগভেদ, রাজগাঁড়। °গায়ক, °গায়ন (পুং) —গন্ধর্ব্ব। °গিরি (পুং)—সুমেরু। "ভ ৫.১.৩০। বা.ম ২৯৪। °চাপ (পুং, ক্লী)—ইন্দ্রধনুঃ। "কি ৫.১২। °জ্যেষ্ঠ (পুং)—ব্রহ্মা। °তরঙ্গিণী (স্ত্রী)—সুরনদী, গঙ্গা। "বি.প ১৪৭। জ.প ৩। °তরু (পুং) —দেবতরু, কল্পবৃক্ষ। "ভ ৭ ৯.২৭। °সম দানে ক.চ ২৪৫। গো ৬০ ; °কুসুম ১৭৮। °নিকর ন.প ৩০৯। °কল্প বি.সু ১৫৪। °দারু (পুং) —দেবদারু। "কি ৬৫। °দীর্ঘিকা (স্ত্রী)—স্বর্গগঙ্গা, মন্দাকিনী। °দুন্দুভি (পুং)—১ দেবদুন্দুভি বাদ্য। ২ তুলসী। °দেহ (পুং) —লিঙ্গশরীর। °দ্রু, °দ্রুম (পুং)—১ কল্পবৃক্ষ। "°ম ভ ১০.৩৮.২২। শ্রী.মা ৩। ২ দেবদারু। °দ্বিপ (পুং)—দেবকরী, ঐরাবত। "রঘু ৩. ৫৫। °ধনুঃ (-নুস্) ক্লী—সুরচাপ। "কি ৭.১৬। °ধুনী (ক্লী) —দেবনদী, গঙ্গা। "শ্রী ৮। চৈ.ম ৭৩। °নী ধার।—গো ১০৫। °ধূপ (পুং)—রাল, ধুনা। °নদী (স্ত্রী)—১ দেবনদী। "গঙ্গায়াঃ সুরনদ্যাঃ মহা ৬.৮৩.৫। ২ গঙ্গা। "ম ৩০২। °তটে ক.চ ৪২ ; ১৫৮। °জল চৈ.ম ৪২ ; ৫৩। °নায়ক (পুং)—দেবরাজ, ইন্দ্র। °নিম্নগা (স্ত্রী) —দেবনদী, গঙ্গা। "ক.সা ৫২.৩৪২। °নির্ঝরিণী (স্ত্রী)—সুরনদী, মন্দাকিনী। °নিলয় (পুং)—দেববাস, মেরু। °পথ (পুং)—দেববর্ত্ম, আকাশ। "অরুণ অতি সুরপথ দিগ ভেল।—জ্ঞা ৯৩। °পাণ্ডুলা (স্ত্রী)—অপ্সরা। °পাদপ (পুং)—কল্পতরু। "ভ ৮.৪.১৭। °পুন্নাগ (পুং)—সুরপ্রিয় পুন্নাগ ; নমেরু। °পুর (ক্লী)—১ স্বর্গ। ২ অমরাবতী। "ক.সা ১০.৩৪। ক.চ ১২৮। °পুরী (স্ত্রী)—অমরাবতী। "ক.চ ১২৮। °পুষ্পবৃষ্টি (স্ত্রী)—দেবকৃত পুষ্পবর্ষণ। "ক.সা ২৩.৯২। °প্রতিষ্ঠা (স্ত্রী) দেববিগ্রহপ্রতিষ্ঠা। °বধূ (স্ত্রী)—সুরযোষিৎ, অপ্সরা। "রঘু ৯.১৯। ক.সা ১২১.১২০। °বন (ক্লী)—দেবোদ্যান। "ভ ৩ ২৩.৪০। নাম পঞ্চবটী, মর্ত্তে সুরবনসম।—মে ১১৫। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—দেবপথ, আকাশ (অ.কো)। °বল্লী (স্ত্রী)—তুলসী। °বাহিনী (স্ত্রী)—সুরনদী, মন্দাকিনী। "ক.সা ১১৬.৭৪। °বিদ্বিট্ (-দ্বিষ্) পুং—দেবদ্বেষী, অসুর, দৈত্য। °বিলাসিনী (স্ত্রী)—অপ্সরা। °বীথি (স্ত্রী)—সুরপথ, নক্ষত্রমার্গ। "মহা ৩.৪৩ ১২। °বেশ্ম (-শ্মন্) ক্লী—১ দেবগৃহ, মন্দির। ২ স্বর্গ। °বৈরী (-রিন্) পুং দেবারি, অসুর, দৈত্য। °ভবন (ক্লী) —দেবগৃহ, মন্দির। "বৃহৎসংহিতা ৭৯.৪। °ভূরুহ (পুং)—দেবদারু (ভাবপ্রকাশ)। °ভূষণ (ক্লী)—দেবালঙ্কার, অষ্টাধিকসহস্রলতাযুক্ত চতুর্হস্ত ইন্দ্রচ্ছন্দ-নামক মুক্তামালা। "বৃহৎসংহিতা ৮১.৩১। °মন্ত্রী (-ন্ত্রিন্) পুং—বৃহস্পতি। °মন্দির (ক্লী)—দেবালয়, দেবায়তন।

"°কাব্যামৃতবিহার (মোহমুদগর)। °মুনি (পুং)—দেবর্ষি, নারদ। "প ৬৩। °মেধা (স্ত্রী)—মহামেদা বৃক্ষ। °যুবতি,যোষিৎ (স্ত্রী)—সুরস্ত্রী, অপ্সরা। "°তি পু মে ৬১। °তিসত্তব শ ২.৮। °ষিৎ ভ ৮২.৯। °রাট্ (-জ্), °রাজ (পুং)—দেবরাজ, ইন্দ্র। "°ট্ মহা ৬.৫১.১২; রা ৬.৭৫.১৭, °জ ২৯; ২১। সুররাট্ শ্রী রা ১৫৮। °রাজবৃক্ষ (পুং) ইন্দ্রের বৃক্ষ, পারিজাত। "রঘু ১৬ ৭৯। °রিপু (পুং)—দেবশত্রু, অসুর, দৈত্য। "বৃহৎসংহিতা ১২.১। °লাসিকা (স্ত্রী)—'দেবক্রীড়াস্থিনী', বাঁশী। °লোক (পুং)—দেবলোক, স্বর্গ। "ভ ৭ ১০.১৩। °লোকসুন্দরী (স্ত্রী)—'স্বর্গরমণী', অপ্সরা। "বিক্র ২.২। °শত্রু (পুং)—অসুর, দৈত্য। °শাখী (-খিন্) পুং—কল্পবৃক্ষ। "কাব্যাদর্শ ৩ ১৮০। °শিল্পী (-ল্পিন্) পুং—বিশ্বকর্ম্মা। °সখ (পুং)—ইন্দ্র। °সঙ্ঘ (পুং)—দেবগণ। "গী ১১ ২১। °সদন (ক্লী)—দেবগৃহ, মন্দির। °সদ্ম (-দ্মন্) ক্লী—১ দেবগৃহ, মন্দির। ক সা ২৫ ২২৮। ২ স্বর্লোক, স্বর্গ। "কি ৬ ৪২। °সম্মত (বিণ)—দেবপূজিত। "সুরভিঃ °তা রা ২ ৭৪ ১৫। °সরিৎ (স্ত্রী)—সুরধুনী, গঙ্গা। "রঘু ২ ৭৫। মু ১ ১। °ধার ব প ১৩২১। °সিন্ধু (স্ত্রী)—গঙ্গা। "ক সা ১৮ ৬২। °স্ত্রী (স্ত্রী)—সুরযোষিৎ, অপ্সরা। 'বিক্র ১ ৩। °স্ত্রীশ (পুং)—ইন্দ্র। °স্থান (ক্লী)—দেবস্থান, মন্দির। °স্রবন্তী (স্ত্রী)—স্বর্গগঙ্গা, মন্দাকিনী।]

সুর[2] বি ১ স্বর। দ্র 'সুর[1] (৫)। ২ গলার স্বর (tone)। ৩ বাদ্যধ্বনি (tune)। "রাখ বাখ আর তুলিও না সুর, ইহ বীণার তারে।—রবীন্দ্র। ৪ বিবাদের ধুয়া, দলাদলির কথা। "সবাই 'লীডার'—কর্ত্তা স্বয়ং আপনি বাহাদুর। কতই দিকে তুলচে কতো কতই তরো সুর॥—হেম ৩৮২। ৫ আশ্বাসবাক্যানুযায়ী কার্য্য। 'ধ্যান ভাঙ্গি সুন্দরী,… সেই সুর দেখিল গোচব বি পা ৩৩৮। ৬ প্রার্থনাবাক্য। "গঙ্গার তরঙ্গ দেখি, চাহিতে না পারি আঁখি, কোন সুরে যাইব দেবপুরী বি পা ৩৩৮। ৭ কায়স্থের উপাধি। "ব প ৩১৭। ৮ [সং শূর > প্রা সূর > °র] সুনিপুণ। "কায়স্থ জাতি বসে তথা লিখনেব সুর ম ম ৪। [সুর তোলা—কোন বিষয়ের সূচনা করা। সুরে সুর মিলান—কোন বিষয়ের সর্ব্বতোভাবে অনুমোদন করা, ছন্দানুবর্ত্তন।]

সুরক্ত বিণ [সু+ √রন্জ+ত (ক্ত)-ক] ১ শোভনভাবে বর্ণান্তরপ্রাপ্ত, সুলোহিত। "°চীবরাবৃত (SW)। ২ সুষ্ঠু অনুরক্ত, সানুরাগ। "সুরক্তাং মধুরা° বাণীম্ রা ২ ৭৯ ২৭। —রক্তক পুং কোষাম্রবৃক্ষ।

সুরক্তক দ্র 'সুরক্ত'।

সুরক্ষিত বিণ [সু+রক্ষ্+ত (ক্ত)-র্ম] সাবধানে রক্ষিত, সুগুপ্ত। "°তানি বেশ্মানি মহা ৩.৫৫ ১০। মনু ৯ ১২। স্ত্রিয়ঃ…কর্ত্তব্যাস্ত সুরক্ষিতাঃ যাজ্ঞ ১ ৭৮। অরক্ষিতং তিষ্ঠতি দৈবরক্ষিতং সুরক্ষিতং দৈবহতং বিনশ্যতি।—পঞ্চ ২ ৩৫২।

সুরগুরু পুং [ষ ত] ১ দেবগুরু, বৃহস্পতি। "ক সা ১১৫ ৭২। ২ বৃহস্পতিগ্রহ। "বৃহৎসংহিতা ৯৮ ১৮। ৩ 'সুরশ্রেষ্ঠ', বিষ্ণু (নীলকণ্ঠ)। "মহা ১.১.৩২। °দিবস, °বার (পুং)—বৃহস্পতিবার। "°দিবস।—বৃহৎসংহিতা ১০৪ ৬২।]

সুরঙ্গ বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা] শোভনবর্ণ, সুরাগ, সুলোহিত। "সুরঙ্গ অধর চৈ ভা ১৭৬, ৩২৬। সুরঙ্গ পাটের শাড়ী ক.চ ১২২; সুরঙ্গ প্রবাল ২০১। সুরঙ্গ চতুনা মাথে ন.প ১০২। সুরঙ্গ সিন্দুর ম ভা ১৫। —রঙ্গ পুং ১ নারঙ্গবৃক্ষ। ২ সুরভিতৃণভেদ। ৩ [Cf, Gr Surinks] গর্ত্তবিশেষ, সন্ধি, সিঁদ, সুড়ঙ্গ। "ভা.চ ৩৯৬। ৪ [প্রা.স] শোভন বর্ণ, সুরাগ।—রঙ্গ ক্লী ১ হিঙ্গুল। ২ পত্তঙ্গ, বর্ণকমাটি (ভ.বা)। ৩ নারঙ্গফল, কমলালেবু। "সাজায়্যা সুরঙ্গ নিল বাছা ক চ ১২২। —রঙ্গা স্ত্রী ১ অর্থ 'সুরঙ্গ (৩)। "(পাণ্ডুনন্দনাঃ) সুরঙ্গাং বিবিশুঃ মহা ১.১৪৮. ১২। ২ কৈবর্ত্তিকা। —রঙ্গিকা স্ত্রী মূর্ব্বাতৃণ। —রঙ্গী[2] স্ত্রী কাকমাচী; রক্তশোভাঞ্জন। [°ধাতু (পুং)—গৈরিক। °যুজ্ (-জ্) পুং—সন্ধিচোর, সিঁধেলচোর।]

সুরঙ্গা, সুরঙ্গিকা দ্র 'সুরঙ্গ'।

সুরঙ্গিণী বিং লোহিতবর্ণযুক্তা। "(রাধা) অধর °ণী।—গো ৯১,-৪।

সুরঙ্গী[1] বিং [°ঙ্গিন্ > °ঙ্গী] সুরঙ্গবিশিষ্ট, সখেল (graceful)। "চলন ভঙ্গী, অতি সুরঙ্গী চ.দা ১৫।

সুরঙ্গী[2] দ্র 'সুরঙ্গ'।

সুরঙ্গীম বিং সুরঙ্গযুক্ত। "(চালে) বান্ধে °ম বেত ব প ২৬১।

সুরজ বি [সূর্য > বা (সুর্জ্জ) > °জ] সূর্য্য। "ভাও ভাও গুরু বাপ একনা সুরজ সিজ্জাইয়া গো চ ২০৯। প ক ৭৭০।

সুরজ-জ-সুত বি [শূরজসুত > °ত] শূরপুত্র বসুদেবের পুত্রের পুত্র; শূরের প্রপৌত্র কৃষ্ণপুত্র কামদেব। "হেরি মূর্ত্তি মনোহর, তেজিয়ে ধনুক শর, °সুত ছাড়ে দাপ।—অ ১।

সুরট বিং [সুরাষ্ট্র > প্রা সুরট্ঠ > বা °ট, হি সোরট্ঠ, -রঠ (সং সৌরাষ্ট্র > প্রা সোরট্ঠ > সোরঠ?)] রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট দুই নি, জাতি খাড়ব (গী সা)।] [°মল্লার—সুরটমিশ্রিত মল্লার রাগ। ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাট দুই নি, জাতি খাড়ব (গী সা)।]

সুরত[1] বিণ [বহুব্রী] ১ ক্রীড়াযুক্ত (শ ক)। ২ দয়ালু। —রত ক্লী যাহাতে অত্যাসক্তি হয়, নিধুবন, মৈথুন। "সুরতং তেহস্তু মহা ১৩ ২. ৬৯। °সংভোগে শ্রী কী ১২৫,-৭। সুরত-সন্দেশে।—গো ২৪৩। কেহ বা সুরতে রত।—মে ১১০। [°কেলি, °ক্রীড়া (স্ত্রী)—কামকেলি, বিহার। "°ড়া ক সা ২০ ৭২। °গ্লানি (স্ত্রী)—সম্ভোগখেদ, রতাবসাদ। "পূ মে ৩১। °তালী (স্ত্রী)—'সুরতপ্রতিষ্ঠাকর্ত্রী', দূতী, শিরোমাল্য (মেদিনী)। °প্রদীপ (পুং)—সুরতকর্ম্মে প্রদীপ। "কু স ১.১০। °প্রসঙ্গ (পুং)—সুরতকর্ম্ম। "কু স ১ ১৯। °প্রসঙ্গী (-ঙ্গিন্) বিণ—সুরতকর্ম্মী। "ঋতু ৬ ১। °বন্ধ (পুং)—রতিবন্ধ। °বাররাত্রি (স্ত্রী)—সুরতবাসররাত্রি। "রঘু ১৯ ১৮। °বিধি (পুং)—রতিবিধান। °বিশেষ (পুং)—সুরতভেদ, নানারতিবন্ধ। "কি ৫.২৪। °ব্যাপার (পুং)—সুরতক্রিয়া। "°ব্যাপারজাতশ্রম (SW)। °মৃদিত (বিণ)—সুরতগ্লান, রতাবসন্ন। "°তা বালবনিতা।—ভর্ত্তৃহরি। °সম্ভোগ (পুং)—রতোপভোগ, স্ত্রীসম্ভোগ।]

সুরত[2] '-ত্' বি [আ সূরত্] ১ মুখ। ২ রূপ, সৌন্দর্য্য। "বি.সু ৯। ৩ আকৃতি, মূর্ত্তি। ৪ অবস্থা, দশা, দুর্দ্দশা। "আপদ্ পড়লে হাজারো সুরতে মদৎ মিলবে আ দু ৭২। ৫ ব্যাপার ঘটনা (case)। "°হাল। ৬ উপায়। "বাবু! দরিয়ার বড় মৌজ হইয়াছে—এজ (আজ) তোমরা কি সুরতে যাবে আ দু ১০৪। [সুরত বদলান—রূপান্তরগ্রহণ। সুরত হারাম—বাহিরে সুন্দর, ভিতরে কুৎসিত, বর্ণচোরা (specious)। গোজেস্তা সুরত—পূর্ব্ব বৎসরের মত। "গোজেস্তা সুরত খাজনা আদায় না হইল, তোমার রুটি যাইবে—তোমার কোন ওজর শুনা যাইবে না আ দু ১৬২।]

সুরতহাল, সুরথাল বি [আ সূরত্-ই-হাল্] ১ ঘটনার প্রকৃত অবস্থার বর্ণনা বা প্রকৃত অবস্থা। "(দারগা) রীতিমত সুরতহাল ও লাস তদারক করিয়া রিপোর্ট পাঠাইলেন ব প্র ৩২৩। ২ ঘটনার প্রকৃত অবস্থার তদারক। "যদি সুরথাল করে রাজন্, সাক্ষী দিবে লক্ষ জন।—দা ২০৮৭।

সুরতা স্ত্রী [সুর+তা (-তল্)] ১ দেবত্ব। ২ সুরাসক্তা। "যৎ প্রাপ্য সুরতাং প্রাপ্তাঃ 'সুরাঃ' (সুরা বিদ্যতে যেষাং তে সুরাঃ।—নীলকণ্ঠ)।—মহা ৫ ৯৮,১৪। ৩ অপ্সরোবিশেষ। "মহা ১,৬৫.৫০।

সুরতাপরাধ পুং [ষ ত] অনাসঙ্গ। "কু.স ৩.৮।

সুরতি বি [সং সুরত > °তি, তু 'রতি'; হি সুরতি] কামকেলি, মৈথুন। "°সুখ।—ম ৯৫৩। ক চ ১৬১। না মাগ সুরতি বা.ম ২৯৪। সেও তোর মাগিল সুরতি ম.ম ১৯। °সংগ্রামমাঝে মদন ধানুকী শ্রী ১৭৭। (কুন্তী) ধর্ম্মকে সুরতি দিল শি ৮৬। সুরতি খেলিছে জা চ ৫০৪। তব তোর দেয়ব সুরতিদান রা শে ৭৯। [সুরতি, -তী, -তীঞ (শ্রী.কী) ।]

সুরতোৎসব পুং [ষ ত] মদনোৎসব, সুরতক্ষণ। "তত্র তং সুরতোৎসবম্ (সোঽন্বভূৎ) ক সা ৪৫.৩১৮।

সুরতোৎসুক বিণ [স ত] সুরতোন্মনাঃ, রতিব্যগ্র। "(মহাযোগী) মানবীং °কাং নিরময়ন্ বেমে ভ ৩ ২৩ ৪৪।

সুরথ পুং [প্রা স] ১ শোভন রথ। "মহা ৩ ২৬৮ ৬। ২ [বহুব্রী, °থ (বিণ)—শোভনরথ (ঋগ্বেদ ৪ ২ ৪, সায়ণ)] চন্দ্রবংশীয়রাজবিশেষ। 'সুরথো নাম রাজাভূৎ (দেবীমাহাত্ম্য)। [ইনি চন্দ্রসুত বুধের পৌত্র চৈত্রের পুত্র। স্বারোচিষ মন্বন্তরে ইনি কোলাপুরীর অধিপতি হন। মেধস ঋষির নিকটে দেবীমাহাত্ম্য শ্রবণ করিয়া দুর্গার মৃণ্ময়ী প্রতিমায় দেবীর আরাধনা করেন এবং তৎপ্রসাদে জন্মান্তরে সার্বর্ণি মনু হন। —ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড, ৫৮শ অধ্যায়।]

সুরদলনিধি বি 'সুরগণশ্রেষ্ঠ', ইন্দ্র। "মে ৭০।

সুরদেশ বি দেববাসস্থান, স্বর্গ, অমরাবতী। "মে ৭০।

সুরদ্বিট্ (-ষ্) পুং [সুর+ √দ্বিষ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত] ১ দেবদ্বেষী, সুরশত্রু। "ভ ১ ৩ ২৪। ২ অসুর, দৈত্য, রাক্ষস। "মহা ৩ ১৭৩ ৪৯। রঘু ১০.১৫। ৩ রাহু। "রঘু ২ ৩৯।

সুরধনী বি [সং °ধুনী, অসাধু] গঙ্গা। "শ্রী মা ২। সা ম ৫৫।

সুরনিধি বি সুরশ্রেষ্ঠ, ইন্দ্র। "মে ৪৬।

সুরপতি পুং [ষ ত] দেবরাজ, ইন্দ্র। "রা ১ ৪৮.১৫। [°গুরু (পুং) —বৃহস্পতি। "বৃহৎসংহিতা ৫.৬২। °চাপ, °ধনুঃ (-নুস্) ক্লী—ইন্দ্রধনুঃ। "দূরাল্লক্ষ্যং সুরপতিধনুশ্চারুণা তোরণেন উ মে ১৪, গো ৮২, মে ৪৬।]

সুরপর্ণিক পুং [°র্ণ+ইক (ঠন্)] 'সুরপ্রিয়পর্ণবান্', সুরপুন্নাগবৃক্ষ। —কা স্ত্রী পুন্নাগ। —র্ণী স্ত্রী পলাশী।

সুরপর্ণিকা, সুরপর্ণী দ্র 'সুরপর্ণিক'।

সুরপ্রিয় বিণ [ষ ত] দেবপ্রীতিকর। —প্রিয় পুং ১ ইন্দ্র। ২ বৃহস্পতি। ৩ বকপুষ্পবৃক্ষ। —প্রিয়া স্ত্রী ১ অপ্সরা। "ভ ৮ ১৫ ১৯। ২ জাতী। ৩ স্বর্ণরম্ভা।

সুরপ্রিয়া দ্র 'সুরপ্রিয়'।

সুরফাকতাল বি [সং শরভলীলক > শরভক > সুরফাক (গী সা, টীকা)] বিষমপদী তালবিশেষ। [ইহার মাত্রাসমষ্টি দশ ও পদবিভাগ তিন পদেই তিন তালি, প্রথম ও তৃতীয় পদে চারি চারি মাত্রা এবং দ্বিতীয়ে দুই মাত্রা (গী সা)।]

সুরবাহার বি [সুর +বাহার] সেতারের মত তন্ত্রিবাদ্যবিশেষ।

সুরবীর বি [শূরবীর > °র, হি শূরবীর] মহাশূর। "শ্রী.ম ১৩।

সুরভি বিণ [সু+রভ+ই (ইন্)-ধি] ১ যাহাতে হৃষ্ট হয় (অ.টী), সুগন্ধি, ঘ্রাণতর্পণ। "সুরভি নো মুখা করৎ।—ঋগ্বেদ ৪.৩৯.৬। রা ২. ৯৩ ১৩। পাটলসংসর্গ° শ ১ ৩। মে ১৫৯। ২ মনোজ্ঞ। "রাজা …সুরভির্যশোভিঃ রঘু ২ ৩। ৩ বিখ্যাত। 'কাব্যাদর্শ ২.১৭৮। ৪ ধীর। ৫ শ্রেষ্ঠ (সমাসে উত্তরপদ—অজয়)। ৬ কান্ত (শ.ক)। —ভি পুং ১ সুগন্ধ, সাধুগন্ধ। ২ চম্পকবৃক্ষ। ৩ শমী। ৪ কদম্ব। ৫ বকুল। ৬ জাতীফলবৃক্ষ। ৭ গন্ধফলবৃক্ষ। ৮ গন্ধতৃণ। ৯ কণগুগ্গুলু। ১০ রাল, ধূপ। ১১ পুষ্পসময়, বসন্ত। "অলোকয়ৎ স সুরভিং সুরভিং সুমনোভরৈঃ মাঘ ৬.২। সুরভেঃ সৌরভ্যম্ বি মা ৭২২৪। ১২ চৈত্রমাস। —ভি, -ভী স্ত্রী [°ভি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ গোমাতা, কপিলা। "রা ২.৭৪. ১৫, ১৮। রঘু ১.৭৫, ৮৯। পঞ্চগোটা যণ্ড দেখে সুরভির সঙ্গে।—ম ২১৭, ৪০৫। ভারত-সুরভিগাভী সা.ম ৫৫। ২ গবী। "সুরভিমাংস (S.W.)। (উভ মত্ত বৃষ) সুরভি কারণ যেন করয়ে সমর।—ম ২০০। শ্রী ম ১৪৩ ৩ মাতৃভেদ। ৪ শল্লকী, নবমল্লিকা, তুলসী, রুদ্রজটা; হরিতলতা। ৫ পৃথিবী। ৬ সুরা। —ভি ক্লী ১ সৌরভ, সুগন্ধিদ্রব্য। "ছান্দোগ্য ১ ২২। গো.রা ১ ৯.৮। ২ স্বর্ণ। ৩ গন্ধক। —ভিকা স্ত্রী স্বর্ণকদলী। [°ঘৃত (ক্লী)—সুপক্বঘৃত। °তনয়, °পুত্র (পুং)—বৃষ। "°পুত্র।—বৃহৎসংহিতা ৪৬ ৫৬। জ্ঞা ২৩১। °তনয়া (স্ত্রী)—সুরভিকন্যা, গবী। "°রালম্ভঞ্জ পু মে ৪৫। °ত্রিফলা (স্ত্রী)—জাতীফল লবঙ্গ ও গুবাক। °ত্বক্ (-চ্) স্ত্রী—বৃহদেলা, বড় এলাচ। °দারু (পুং) —সরলবৃক্ষ। °পত্রা (স্ত্রী)—জম্বু, রাজজম্বু। °বাণ (পুং)—পুষ্পবাণ, কাম। °মাস (পুং)—চৈত্র। °মুখ (ক্লী)—বসন্তপ্রারম্ভ। "কি ১০. ৩০। °লক্ষ্মী (স্ত্রী)—বসন্তশ্রী। "ক ম ২.২২। °সময় (পুং)—বসন্ত। "সা দ ২১৫৪। °স্রবা (স্ত্রী)—শল্লকী।]

সুরভিকা 'সুরভি'।

সুরভিগন্ধ বিণ [বহুব্রী, সমাসান্তপ্রত্যযভাব, দ্র 'সুগন্ধ'] সুগন্ধবান্, ঘ্রাণতর্পণ। —গন্ধ পুং [কর্ম্মধা] শোভন গন্ধ, সৌরভ। —ন্ধক ক্লী 'সৌরভবান্,' তেজপত্র। —গন্ধা স্ত্রী 'সৌরভবতী', বনমল্লিকা। —গন্ধি, -ন্ধী (ন্ধিন্) বিণ [বহুব্রী, সমাসান্ত 'ই' (ইৎ), দ্র 'সুগন্ধি', °ন্ধ+ইন্ (ইনি)-১ব] সুগন্ধবান্, সৌরভযুক্ত। "°ন্ধি পা ৫ ৪ ১৩৫। (অভ্রবিন্দবঃ °গন্ধয়ঃ গো রা ২ ৭৪ ১৯। বিন্দবঃ…সুরভিগন্ধিনঃ রা ২.৭৪. ১৭।

সুরভিগন্ধা, সুরভিগন্ধি, সুরভিগন্ধী দ্র 'সুরভিগন্ধ'।

সুরভিত বিণ [°ভ+ইত (ইতচ)] সঞ্জাতসুরভি, সৌরভযুত। "°শিলং নাভিগন্ধৈর্ম্মৃগাণাম্ (অচলং প্রাপ্য) পূ মে ৫২। শীতল সুরভিত, সরস সমীরণে, সতত সন্তাপই গাত।—গো ২৪৬।

সুরভিময় বিং সৌরভপ্রচুর, সুগন্ধব্যাপ্ত। "কুসুম-আসন সুরভিময়। —হেম ১৩১।

সুরভী দ্র 'সুরভি'। [°গন্ধ (বিণ)—সর্থ 'সুরভিগন্ধ'। °গোত্র (স্ত্রী)—সুরভিবংশ, বৃষ, গবী। "মহা ১৩ ১৪.১২৫। °রসা (স্ত্রী) —শল্লকী। °সুত (পুং)—বৃষভ।]

সুরমণি বি ১ 'সুরশ্রেষ্ঠ'। "সুরমণি শক্র-আদি চ.বি ১০৯। ২ ইন্দ্র. "কৃ ১৯। ম ২৪, ৪ ৯৩। চ বি ১৯১।

সুরম্য বিণ [সুপ্সুপা] অতিরমণীয়। "রা ২.৫৪.৪৩।

সুররায় বি [সুর[১] + রায়] দেবরাজ, ইন্দ্র। "ক চ ৩৮, ১২৮।

সুরর্ষভ পুং [সুর ঋষভতুল্য, উপ স] ১ 'সুরশ্রেষ্ঠ', মহাদেব। "°ভুজান্তর ভ ৮ ১২.৩০। ২ দেবরাজ, ইন্দ্র।

সুরর্ষি পুং [সুর ঋষি, কর্ম্মধা] ১ দেবর্ষি, নারদাদি। দ্র 'ঋষি (৩)। "মহা ১ ১.২৩০। ২ [দ্বন্দ্ব] দেব ও ঋষি। "ভ ৪.২৪ ৬৩। "কথং সদসি ভোক্তারো হবিষস্ত সুরর্ষয়ঃ রা ১ ৫৯ ১৪। ভ ৪ ২৪ ৬৩।

সুরশৈবলিনী বি সুরনদী, গঙ্গা। "দা ১৭২২। বা দ ৬৯।

সুরশ্রেষ্ঠ পুং [স ত] ১ দেবগণের মধ্যে প্রধান, ইন্দ্র। "রা ১.৩৮. ২০। ২ বিষ্ণু। "রা ১.৪৫.২৫। ৩ শিব। "রা ১.৪৫.২৪। ৪ ধর্ম্ম। "হ ২০৪ ৩৪। ৫ গণেশ। "পঞ্চরাত্র ১.৭ ৮৫। —শ্রেষ্ঠা স্ত্রী ব্রাহ্মী, বামনহাটি।

সুরস বিণ [বহুব্রী] ১ সুস্বাদ, মধুর। "সুরসাশ্চাপঃ গো.রা ৫.৭৩.৫৯ সুরস পায়স শি ৩২। ২ সুরসিক। "কাচিৎ প্রৌঢ়স্বরসা ক.সা ৪৭ ১১০। ৩ রসপ্রচুর (সন্দর্ভ)। ৪ প্রচুরজল। —রস পুং ১ সিন্ধুবার;

মোচরস, শীতশাল ; তুলসীভেদ। ২ [প্রা.স] মিষ্ট রস। —রস ক্লী ১ বোল। ২ গন্ধতৃণ। ৩ দারুচিনি। ৪ তুলসী।

সুরসরি বি [সং সুরসরিৎ >প্রা সুরসরি, হি °রি,-রী, মৈ °বি,-রী, ঠ °রী] গঙ্গা। "মণিময় হার ধার বহ সুরসরি বি.প ২৭, ২২৫। সুরসরি ধারা বি.সা ৩৫৫।

সুরসরিত '-ত্' বি [সং °রিৎ ; তু 'প্রা সরিআ] গঙ্গা। "উছলত সুরসরিত বারি ন প ৯০।

সুরসা স্ত্রী [°স+স্ত্রী আ (টাপ)] ১ 'সুরসযুক্তা', তুলসী, রাস্না, সিঙ্কৈয়া, ব্রাহ্মী, মহাশতাবরী। ২ দুর্গা (শ ক)। ৩ নাগমাতা। [হনূমান্ সীতাব অন্বেষণার্থ যখন সাগর উল্লঙ্ঘন করেন, তখন দেবগণ হনূমানের কার্য্যকুশলতা-পরীক্ষার্থ ইঁহাকে সাগবমধ্যে প্রেরণ কবেন। হনূমান্ কৌশলে পরীক্ষোত্তীর্ণ হইয়া, ইঁহাকে প্রীত করিয়া স্বকার্য্যে গমন করেন। দ্র 'রা ৫ ১.১৩৭-১৬০ শ্লোক। কৃ ১ ৯৯।] ৪ কশ্যপ-পত্নীবিশেষ। 'মহা ১ ৬৬ ৬১। ৫ অপ্সরোবিশেষ।

সুরসাল বিং সুরসযুক্ত, সুস্বাদু, মধুর। "°ল তার শ্রী ৩১।

সুরসিক বিং ১ অতিবসজ্ঞ, রসকলাভিজ্ঞ। ২ অনুরাগী, আসক্ত। "ভৌগোলিকতত্ত্বরসে আপনি সুরসিক?—ব প্র ৬৩১।

সুরসুত পুং [ষ ত] সুবকুমার। "সুত° সুরসুতাপমম্ গো রা ২ ৭৯ ৭। —সুতা স্ত্রী ১ দেবকন্যা। ২ সূর্য্যসুতা, যমুনা। "বিগলিত অম্বর, সম্বর নহে ধনী, সুরসুতা স্রবে নয়নে।—গো ১১১।

সুরসুন্দর বিণ [স ত] সুরগণমধ্যে সুন্দব। "°রম্ (পুরুষম্) ভ ৪ ৮ ৪৫। —রী স্ত্রী ১ সুরাঙ্গনা, অপ্সরা। "কি ৫ ২৮, ৬ ৩৯। মে ১৪৯, 'বৃন্দ ১৫৮। ২ দুর্গা। ৩ (বাঙলায) বিদ্যুৎ। "সুবসুন্দরীর রূপে শোভিল চৌদিকে, বামাকুল।—মে ১৯। ৪ উষা। "কনক-উদয়াচলে তুমি দেখা দিলে, হে সুরসুন্দরি!—মা ১৫৯।

সুরস্বামী বি [ষ ত] সুরপতি, ইন্দ্র। "ম ৯৫৬।

সুরহরা বি দেবতার মনোহারী, অত্যুৎকৃষ্ট। "মতিচুর সুরহরা (পাঠান্তর) রা শে ২২।

সুরা স্ত্রী [√সু+র (ক্রন্)-র্ম+স্ত্রী আ (টাপ্), উ ২ ২৪] ১ 'অভিষুত দ্রব্য', মদ্য। "ঋগ্বেদ ৮ ২.১২। পীতমণ্ডাং সুরাম্ রা ২ ৩৬ ১২, ৬১.১৮। মনু ১১ ৯৪। ব্রাণভক্ষো বিহিতঃ সুবায়াঃ ভ ১১.৫ ১৩। [সুরাপ্রকার—'গৌড়ী পৈষ্টী চ মাধ্বী চ ত্রিবিধা বিজ্ঞেয়া সুরা (মনু ১১ ৯৫)। শালিষষ্টিকপিষ্টাদিকৃতং মদ্যং সুরা মতম্ (S W)। নলিনী নারিকেরস্য সুরা তালস্য তালকী (ত্রিকাণ্ডশেষ)। ২ চষক, পানপাত্র। "°ধ্বজ মনু ৯ ২৩৭। [°কুম্ভ, °ঘট (পুং) —সুরাকলশ। "°ট রা ২ ৫৫ ২০। °গৃহ (ক্লী)—পান্থনিবাস। °ধ্বজ (পুং)—সুরাপাত্রচিহ্ন, চষকচিহ্ন। "মনু ৯ ২৩৭। °পাত্র (ক্লী)—মদ্য-পানপাত্র, চষক। °পায়ী (-য়িন্) বিণ—সুরাপানশীল, সুরাপ। °পীত (পক্ষে 'পীতসুব', আহিতাগ্ন্যাদি) বিণ—পীতমদ্য। "ভট্টি ৫.৩৮। °বীজ (ক্লী)—সুরাকবণার্থ বীজ, কিণ্ব, সুবামণ্ড (yeast, barm—ভাষ-প্রকাশ)। °ভাগ, °মণ্ড (পুং)—সুরাসাবাংশ, সুরাগ্রভাগ, কারোত্তর (অ.কো)। °ভাণ্ড, °ভাজন (ক্লী)—সুরাপাত্র, মদ্যাধার। "মনু ১১ ১৪৮। °মদ (পুং)—সুরাপানের জন্য মত্ততা। °মেহ (পুং)—মেহ-বিশেষ। °সন্ধান (ক্লী)—মদ্যাভিষব, মদ চোয়ান। °সমুদ্র (পুং) —সুরাব্ধি (সপ্ত সাগরের অন্যতম)। দ্র 'শি ৮।]

সুরাকর পুং [ষ.ত] ১ সুরাব উৎপত্তিস্থান, শুণ্ডা। "আকরাঃ শুচয়ঃ সর্ব্বে বর্জয়িত্বা সুরাকরম্।—বৌধায়ন। ২ নারিকেলবৃক্ষ।

সুরাখ বি [ফা সুরাগ্] সূত্র, চিহ্ন, পাত্তা] "কোটাল বিভার ঘরে, সুরাখ সন্ধান করে, কোন পথে আসে যায় চোর ভা.চ ৩৭৯, -৮৩।

সুরাগার ক্লী [ষ.ত] পান্থনিবাস, পথিকাশ্রম (tavern)।

সুরাজা (-জন্) বিণ [সু রাজা যেখানে, বহুব্রী, স্ত্রী -জ্ঞা (-জন্), -জা, -রাজ্ঞী] শোভনরাজযুক্ত, প্রজাপালনাদিধর্ম্মপরায়ণরাজযুক্ত (দেশ)। "সুরাজ্ঞি দেশে রাজাম্বান্ স্যাৎ (অ কো)। —জা (-জন্) পুং [প্রা.স, সমাসান্তপ্রত্যয়াভাব, পা ৫ ৪.৬৯] ধার্ম্মিক রাজা।

সুরাজীব পুং [সুর+আজীব, ষ.ত] ১ দেবগণের আজীবতুল্য, বিষ্ণু। "পঞ্চরাত্র ৪ ৩.১২০। ২ [বহুব্রী] সুরাবিক্রয়জীবী, শৌণ্ডিক। —জীবী (-বিন্) পুং [সুরা+ √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] সর্থ 'সুরা-জীব (২)। "যাজ্ঞ ১.১৬৪।

সুরাতুল বিং [সু+রাতুল] অতিলোহিত। "করতল সুরাতুল, জিনিয়া জবার ফুল ব প ১১৩৬।

সুরাদ্রি পুং [উ লো] সুরাধিষ্ঠিত অদ্রি, সুমেরু।

সুরাধিপ, -ধীশ পুং [ষ ত] সুরপতি, ইন্দ্র। "সুরাধিপ গো রা ১. ৬৬.২। সুরাধীশদিগ্ নৈ ২২ ৪৯।

সুরাধ্যক্ষ পুং [ষ.ত] ১ দেবশ্রেষ্ঠ, ব্রহ্মা। "সুরাধ্যক্ষং ব্রহ্মাণম্। —হ ১৫৫.৫৪। ২ শ্রীকৃষ্ণ। "হ ১৭৯ ১২৩। ৩ শিব।

সুরাপ বিণ [সুবা+ √পা+অ (টক্)-ক, উ ত, স্ত্রী -পী, °পা, -পী (ছন্দে—কাশিকা)] মদ্যপায়ী। "রা ২ ৯১ ৫২। সুরাপঃ শ্যাবদন্তকঃ। —বিষ্ণু ৪৫.৪। ভট্টি ৬ ৯০। —পা,-পী স্ত্রী মদ্যপায়িনী নাবী। "সুরা-পীনাঞ্চ যোষিতাম্ মনু ৫.৯০। যাজ্ঞ ১.৭৩। ভ ৬ ২ ২৭। ব্রাহ্মণী সুরাপা, সুরাপী।—কাশিকা ৩ ২ ৮।

সুরাপগা স্ত্রী [ষ.ত] সুরনদী, গঙ্গা। "মাঘ ৪ ২৬। কি ৫ ৪০।

সুরাপাণ পুং, বহুব [বহুব্রী, দেশাভিধানে ণত্ব, পা ৮ ৪ ৯] যাহাদের সুরা পেয়, প্রাচ্যদেশবাসিগণ। "°পাঃ প্রাচ্যাঃ (কাশিকা)। —পাণ,-ন ক্লী [ষ ত, ভাবে করণে ণত্ব বৈকল্পিক, পা ৮.৪ ১০] ১ মদ্যপান। "শতপথব্রাহ্মণ ১ ৬ ৩ ২। কার্য্যঃ সুরাপানে সুরাধিপঃ মনু ৯.২৩৭। ২ অবদংশ, চাটনী।

সুরাবর বিং সুরশ্রেষ্ঠ, সুরোত্তম। "দুর্গা…সুরাবরা গো ভা চ ৩০।

সুরাব্ধি পুং [সুরা+অব্ধি, ষ ত] সুরাসাগর। "মার্কণ্ডেয়পুরাণ ৫৪ ৭।

সুরায়ুধ ক্লী [ষ.ত] ইন্দ্রায়ুধ, ইন্দ্রধনু, (সাদৃশ্যে) চিত্রপ্রভা (মল্লিনাথ)। "অনুদ্গীর্ণসুরায়ুধম্ (কুলিশম্) কু স ২.২০।

সুরারি পুং [ষ ত] ১ 'দেবশত্রু', অসুর, দৈত্য, দানব। "কু স ৩ ৯। ২ রাক্ষস। "রঘু ১৪.২০। [°মথন (বিণ)—দৈত্যদানবাদিনাশন। "গো রা ৪ ৪৩ ৩৩] °হা (-হন্) পুং—'দেবশত্রুঘাতক', শিব। "মহা ১৩ ১৭ ১০২। °হন্তা (-ন্তৃ) পুং—বিষ্ণু।]

সুরার্হ ক্লী [সুর+ √অর্হ্+অ (অচ্)-ক, উ ত] ১ 'দেবযোগ্য', হরিচন্দন। ২ স্বর্ণ। ৩ কুঙ্কুম। —র্হক পুং বর্ব্বর।

সুরার্হক দ্র 'সুরার্হ'।

সুরালয় পুং [ষ ত] ১ 'দেবগৃহ', সুমেরু। ২ স্বর্গ। "গো রা ৪ ৪২.২। ৩ মন্দির। "যাজ্ঞ ২ ২৩১। ভ ৭.১৫ ৪৯। ৪ 'সুরাগৃহ', পান্থশালা। [°প্রাপ্তি (স্ত্রী)—স্বর্গলাভ। "রঘু ১৬ ৩৪।]

সুরাশ্রয় পুং [ষ.ত] দেবাবাস, সুমেরু। "ক সা ১১০ ১৩।

সুরাষ্ট্র পুং, বহুব [প্রা স, (একবচনে) "°ষ্ট্রে (গো রা ১ ১২ ২৩); °ষ্ট্রম্ (ভ ৩.১ ২৪)] ১ দেশবিশেষ, সুরাট। "গো রা ৪ ৪৩.৫। সুরাষ্ট্রাবন্তয়ঃ মহা ৪.১ ১২। ২ সুরাষ্ট্রবাসিগণ। [°জ (পুং) —১ কৃষ্ণমুদ্গ। ২ বিষভেদ। °জ, °জা (ক্লী, স্ত্রী)—তুবরিকা।]

সুরাসব ক্লী [সুরা ও আসব, স.দ্ব] ১ মদ্যবিশেষ এবং মদ্যের অবস্থা-বিশেষ (কুল্লুক), সুরা ও মদ্যবিশেষ (মেধাতিথি)। "মনু ১১.৯৬। ২ সুরা—গৌড়ী পৈষ্টী ও মাধ্বী এবং আসব—তালাদিসম্ভব মদ্য (শ্রীধর)। "ভ ৪,২.২৯। —সব পুং ক্লী [কর্ম্মধা] অপক্কৌষধিজল-

সিদ্ধ মদ্যবিশেষ। 'যবপকৌষধাম্বুভ্যাং সিদ্ধং মদ্যং সুরাসবঃ (ভাবপ্রকাশ)। "(বলয়ঃ) সুরাসবপুরস্কারাঃ মহা ১৩ ৯৮.৬১।

সুরাসুর পুং বহুব [দ্বন্দ্ব] দেবতা ও অসুর। "পবমসম্প্রাপ্তাঃ...°রাঃ রা ১ ৬০.২৪। মহা ১৩ ১২ ২৯। মাঘ ১ ৩৫। °বৃন্দ।—মে ৬১। [°গুরু (পুং)—১ সুরাসুরপিতা, কশ্যপ। "শ ৭ ৯। ২ 'সুরাসুরপূজ্য', শিব।]

সুরাহা বি [সু+রাহা] অনুকূলভাব. সুবিধাজনকভাব।

সুরাহ্ব পুং [বহুব্রী] ১ 'দেবনামক', দেবদারু। ২ হরিদ্রু (হরিদ্রুম)। ৩ মরুবক।

সুরু বি সর্থ শুরু। "মোদের যাত্রা হ'ল সুরু।—রবীন্দ্র।

সুরুক্(-চ্) বিণ [বহুব্রী, স্ত্রী -চ] ১ শোভনদীপ্তি (সায়ণ)। "ঋগ্বেদ ২ ২ ৪। ২ অতিকমনীয়। "ভ ২ ৯ ১১।

সুরুঙ্গ পুং শোভাঞ্জনবৃক্ষ। —ঙ্গা স্ত্রী সর্থ 'সুবঙ্গ (৩)। "সুরুঙ্গাং কারয়িত্বা (প্রাদ্রবন্ পরন্তপাঃ) মহা ১ ৬১ ২২। [সুরুঙ্গযুক (-জ), সুরুঙ্গাহি (°ঙ্গা+অহি) পুং—সন্ধিচোর।]

সুরঙ্গা দ্র 'সুরঙ্গ'।

সুরুচি বিণ [বহুব্রী, স্ত্রী -চি] শোভনদীপ্তি। —রুচি স্ত্রী ১ উত্তানপাদের প্রিয় পত্নী ও উত্তমের জননী। দ্র 'উত্তানপাদ'। ২ (বাঙ্লায়) ভোজনে বিশেষ স্পৃহা।

সুরুচির বিণ [সুপ্সুপা] ১ সুদীপ্ত, সমুজ্জ্বল। "(রাজসভাম্) সুরুচিরাম্ (সর্ব্বে যযুঃ) মহা ৫ ৪৭ ৪। ২ অতিকমনীয়। "সুরুচিরম্...শয়নম্ বা ২ ৭২ ১৯। ৩ অতিমনোজ্ঞ, অতিপ্রীতিকর। "সুরুচিরং বচঃ বা ১ ৬৩ ২। সুরুচির° সরঃ মহা ১৩ ১২ ৯।

সুরুজ বি [সং সূর্য্য >(স্বরাগমে) সুরুয >°জ, অপ্র, হি সুরুজ] সূর্য্য। "গো চ ৬১। গো বি ১২০। শ্রী কী ৬০। [সুরুজ কালিয়া—যাহার বয়ঃকাল বা বয়স সূর্য্যের বয়সের সমান, অতি প্রাচীন বা অতিবৃদ্ধ। "সুরুজ কালিযা বুড়ী কর্ণ পাতি শুনে মী ১৬।]

সুরুয়া বি সর্থ 'শুরুয়া'। "তিনি রামসদয়ের জ্বরে কুইনাইন, ...আরোগ্যে সুরুয়া ব প্র ১৯৭।

সুরূপ বিণ [বহুব্রী] ১ শোভনরূপ, শোভনাবয়ব (সায়ণ), সুদর্শন। "ঋগ্বেদ ৮ ৪ ৯। পঞ্চ ৫ ২৫। ২ সদৃশরূপ। "ছান্দোগ্য ২ ১৫ ২। ৩ রম্য। ৪ সুবৃত্ত। 'স্তনৌ...রুচিরৌ সুরূপৌ গো রা ৫ ২ ১৮। —রূপ পুং বুধ, বিদ্বান্।—রূপ ক্লী ১ তূল, তূলা। ২ [প্রা স] উত্তম রূপ। —রূপা স্ত্রী শালপর্ণী, ভার্গী। [°রূপ (বিণ)—সুন্দরাকৃতি। "মহা ৩ ১১৩ ২।]

সুরূপা দ্র 'সুরূপ'।

সুরূপিণী বিং [রূপিণী—°ণী, সং সুরূপা] সুরূপবতী, অতি সুন্দরী। "ভগ্নী সুরূপিণী শ্রী ম ৭।

সুরেখ বি° ১ শোভনরেখাযুক্ত, অর্থাৎ চেপ্টা নয়। "সুরেখ সুপুট নাসা শ্রী কী ৬। ২ সূক্ষ্মরেখাঙ্কিত। "শিশের সিন্দুর, সুরেখ শোভে শ্রী কী ৯০।

সুরেজ্য পুং [তৃ ত] ১ 'সুরপূজ্য', বৃহস্পতি। "বৃহৎসংহিতা ৮ ২৩। ২ বৃহস্পতিগ্রহ। 'বৃহৎসংহিতা ৮ ২৭। —জ্যা স্ত্রী তুলসী।

সুরেজ্যা দ্র 'সুরেজ্য'।

সুরেণু পুং [প্রা স] সূক্ষ্মরেণু, ত্রসরেণু (S.W)।

সুরেতর পুং [বহুব্রী] যাহা হইতে সুর অন্য, অসুর, দৈত্য, দানব। [°কুল (ক্লী)—দৈত্যকুল। "ভ ৭ ৯ ২৬। °গতি (স্ত্রী)—আসুরযোনি। "ভ ৩ ১৬ ২৬। °বরূথ (ক্লী)—অসুরসৈন্য। "ভূমেঃ সুরেতরবরূথবিমর্দ্দিতায়াঃ ভ ২ ৭ ২৬।]

সুরেন্দ্র পুং [স ত] ১ সুরসমূহে শ্রেষ্ঠ, ইন্দ্রাদি দেবশ্রেষ্ঠ (কুল্লূক), লোকপাল। "সুরেন্দ্রাণাং মাত্রাভ্যো নির্ম্মিতো নৃপঃ মনু ৭ ৫। °মাত্রা রঘু ৩ ১১। ২ ইন্দ্র। "ভ ৮ ৭ ৩১। হেম ২৩১। ৩ (বাঙ্লায়) ইন্দ্রতুল্যশ্রেষ্ঠ। "কৃষ্ণচন্দ্র মহারাজ, সুরেন্দ্র ধরণী মাঝ ভা.চ ৬৩৫। [°গোপ (পুং)—ইন্দ্রগোপ। °চাপ (ক্লী)—ইন্দ্রধনুঃ। °জিৎ (পুং)—'ইন্দ্রজয়ী', গরুড়। দ্র 'মহা ১ ৩২-৩৩ অধ্যায়। °মাত্রা (স্ত্রী)—লোকপালাংশ। °লোক (পুং)—ইন্দ্রলোক, স্বর্গ। "গী ৯ ২০।]

সুরেভ পুং [সুর+ইভ, সু+রেভ (শব্দ), ষ ত, বহুব্রী] সুরগজ, শোভনবৃংহণ। "কি ১৫ ১৬। —ভ ক্লী রঙ্গ, রাঙ্।

সুরেশ পুং [ষ ত] ১ দেবরাজ, ইন্দ্র। "ভ ৭ ১১.১৯। মে ১৪৪। হেম ২৩১। ২ মন্বন্তরে ইন্দ্র। "ভ ৩ ১১ ২৪। ৩ বিষ্ণু। ৪ শিব। —বেশী স্ত্রী দুর্গা।

সুরেশ্বর পুং [ষ ত] ১ সুরশ্রেষ্ঠ। "ব্রহ্মা সহাসৃত্য সুরেশ্বরৈঃ ভ ৪ ১৫.৯। ২ ইন্দ্র। "গো রা ১ ১৪ ৪। রঘু ৩ ৬৪। ৩ ব্রহ্মা। ৪ শিব। "গো রা ৪ ৩৪ ২৯। ৫ রুদ্র। ৬ শঙ্করশিষ্য সুরেশ্বরাচার্য্য। —রী স্ত্রী ১ 'দেবকর্ত্রী', দুর্গা। 'ক সা ৫১ ৪৮। ২ দেবকর্ত্রী গঙ্গা। "°রি! .. গঙ্গে।—শঙ্করাচার্য্য। সুরেশ্বরী ধারা ব প ৫৬৭, ১৩১৪। গ ১৩৬। ৩ লক্ষ্মী। ৪ রাধিকা। ৫ মন্দাকিনী।

সুরেহ বি [সুলেহ >°হ] উত্তমপ্রেম। এতনি সুরেহ (পাঠান্তর—'এহন সুরেহ' বি,সা ৩৩৫) বি প ১৩০।

সুরোত্তম পুং [স ত] ১ সুরশ্রেষ্ঠ, ইন্দ্রাদি লোকপাল। "মহা ৩ ৫৬ ৭। ২ বিষ্ণু। ৩ সূর্য্য। —ত্তম ক্লী সুরামণ্ড।

সুরোদ পুং [সুরা উদক যাহার বহুব্রী, উদক>উদ, পা ৩.৬ ৫৭] 'সুরাসমুদ্র'। দ্র 'সপ্তসমুদ্র'। "ভ ৫ ১ ৩৩।

সুর্কী দ্র 'শুরকী'।

সুর্তি[1] বি [P sorte] ভাগ্যপরীক্ষার খেলাবিশেষ (lottery)। [এই খেলায় যাহার নাম উঠে, সেই অর্থাদি পায়।]

সুর্তি[2] বি [হি সুরতী, সুরাট—সুরাটী' মূল] সুরাটে প্রস্তুত পানের সঙ্গে খাওয়ার তামাকের সুগন্ধি গুঁড়া বা গুলি।

সুলক্ষণ বিণ [বহুব্রী, স্ত্রী -ণা] ১ শুভলক্ষণযুক্ত। "°ণং লক্ষ্মণম্ গো রা ৩ ৪৯ ৫৭। সুলক্ষণা সা বা ন—ক সা ১৫ ৬৮। সুলক্ষণায়াঃ ...আকৃতেঃ ৪৯ ২০৯। ২ সৌভাগ্যচিহ্নবান্। —ণ ক্লী [প্রা স] শুভলক্ষণ, সৌভাগ্যচিহ্ন।

সুলক্ষিত বিণ [সুপ্সুপা] সুনিরূপিত। "মনু ৮ ৪০৩।

সুলগ্ন বিণ [সুপসুপা] দৃঢ়লগ্ন, সংসক্ত। —গ্ন পুং, ক্লী [প্রা স] শুভলগ্ন, শুভক্ষণ।

সুল(লু)ঙ্গ বি [সুরঙ্গ >°ঙ্গ] সর্থ 'সুরঙ্গ (৩)। "সুলুঙ্গ : সুলঙ্গ কৃ উ ১৭৪। সুলঙ্গের পথে ব প ১২৮২, জ ৩৩।

সুলতান বি [আ সুল্তান্] ১ রাজা, সম্রাট্। ২ তুরস্কাধিপতি। —তানৎ বি [আ সুল্তনৎ] রাজ্য, সাম্রাজ্য। "পাতশাহী শিরপা সুলতানী সুলতানৎ ভা চ ২৬। —তানী বি [আ সুল্তানী] রাজপদ, বাদশাহী।

সুলতানী দ্র 'সুলতান'।

সুলবণ বিণ [বহুব্রী] সম্যগ্লবণমিশ্রিত, লবণাস্বাদু (সুশ্রুত)।

সুলভ বিণ [সু+√লভ্+অ (খল্)-র্ম, উ ত, স্ত্রী- ভা] ১ অনায়াসলভ্য, সুপ্রাপ্য। বিপ 'দুর্লভ'। "সুলভাঃ পুরুষা রাজন্ সততং প্রিয়বাদিনঃ। অপ্রিয়স্য চ পথ্যস্য বক্তা শ্রোতা চ দুর্লভঃ॥—গো রা ৩.৪১ ১। রা ৩ ৩৭ ২। ত্রিনেত্রবন্দ্যঃ সুলভং তবাপি যৎ কু স ৫ ৬৯। প্রচ্ছায়সুলভনিদ্রা দিবসাঃ শ ১ ৩। ২ স্বাভাবিক, সহজ। "মানুষতাসুলভোলঘিমা। (কাদম্বরী)। ৩ (বাঙ্লায়) স্বল্পমূল্য, শস্তা। "দুর্লভ চন্দন চুয়া লঙ্গ জায়ফল। সুলভ দেখিনু হাটে নাহি যায় ফল।—ভা.চ ২৮৬। —লভা স্ত্রী তুলসী, ধূম্রপত্রা। [°কোপ (বিণ)—স্বভাবকোপন।]

সুলভা দ্র 'সুলভ'।

সুলভাবকাশ বিণ [বহুব্রী] অনায়াসলভ্যপ্রসর। "ছায়া⋯শুদ্ধে তু দর্পণতলে সুলভাবকাশা শ ৭.৩২।

সুলভেতর বিণ [বহুব্রী] দুর্লভ, দুরাপ। [°সম্প্রয়োগ (বিণ)—দুর্লভ-সমাগম। "কান্তাং বিচিন্ত্য °গাম্ মা মি ৫ ৩।]

সুললাট বিণ [বহুব্রী] রেখাধিকললাট (টীকা) "বা ১.১ ১০।

সুললিত বিণ [সুপ্সুপা] ১ সুমধুর, শ্রুতিসুখকর। "°গীত।—ঋতু ১.২৮। ২ সুবিলসিত, সুপেল (গতি)। ৩ সুকোমল (পদ)। ৪ সুমিষ্ট, সুস্বাদু। "মাংসং সুললিতম্।—হি ১৪২। অতিমনোজ্ঞ, সুরূপ। "°সুরসুন্দরী ভ ৫ ১৭ ১৩। ৬ অতিকমনীয়। [°মুখবিকা (স্ত্রী)—সুমধুরবচন। "°রিকামৃত ভ ৫ ২৫ ৭।]

সুলাল বিং সুলোহিত। "সুলাল সিন্দুরবিন্দু।—দু ৮ —লালিম বি [সু+লালিম] অতিরক্ত। "পাগ সুলালিম।—দু ৮৯।

সুলুক[1] বি [ফা শূরাখ্ , হি সুলাক] ছিদ্র, দোষ, ত্রুটি, গলদ (vulnerable point)। [সুলুকসন্ধান—ছিদ্রের খোঁজখবর। হুঁকা সুলুক করা—ছিচকা দিয়া হুঁকার নলচার ছিদ্র পরিষ্কার করা।]

সুলুক[2] বি [E sloop] জাহাজবিশেষ। [সাত সুলুক ধন—সাত সুলুকপরিমিত ধন, রাশি রাশি অর্থ। 'আমরা শুনিয়াছিলাম যে মতিবাবু সাত সুলুক ধন লইযা দামামা বাজিযে উঠিবেন—এখন সাত সুলুক দূরে যাউক, একখানা জেলে ডিংগিও যে দেখিতে পাই না।—আ দু ১৫২।]

সুলেখ বিণ [বহুব্রী] শোভনরেখাযুক্ত। "°খাঙ্গুলি (S W)।

সু(সো)লেনামা বি [আ সুলেহ +নামা] বিবাদ মিটাইয়া মিলিত হইবার নিমিত্ত যে কাগজে দুই বিবাদী পক্ষের সন্ধির বা মিটমাটের কথা লিখিত হয়, সন্ধিপত্র। দুদিন পরে বন্ধ ট্রেন এলেন তবে মামা, এলেন মাতা, এলেন পিতা,—হইল সুলেনামা।—মন্ত্র ৭০। [সোলে (সোলেনামা—'সোলে')—সন্ধি, মেলন, মিটমাট। "সোলে করা।]

সুলেহ বি [সুনেহ > °হ] সর্থ 'সুনেহ'। "কো জানে কৈছন তোহারি সুলেহ।—গো ১৩৬, সোঙরি সুলেহ, সোহাগিনী সংশয় ২৪৭। জগৎ ছানিয়া কেবা, রস নিঙ্গাড়িল গো, এক কেল সুধই সুলেহ প র ৭৮।

সুলোচন বিণ [বহুব্রী, স্ত্রী -না] শোভননয়ন, সুনেত্র, বিশালাক্ষ। "(দদর্শ বৈদর্ভীম্) সুলোচনাম্ মহা ৩ ৫৫ ১৩। —ন পুং ১ বিষ্ণু। 'মহা ১৩ ১৪৯ ৯৮। ২ হরিণ। —না স্ত্রী ১ অপ্সরোবিশেষ। ২ বিশালাক্ষী, সুন্দরী। "ভা চ ৫৬৭। ছিনু মোরা সুলোচনে, গোদাবরী তীরে।—মে ১১৫।

সুলোহিত বিণ [সুপ্সুপা] অতিলোহিত, সুরক্ত। —ত পুং গাঢ়রক্তবর্ণ। —তা স্ত্রী অগ্নিজিহ্বাবিশেষ। "মুণ্ডক ১ ২ ৪।

সুলোহিতা দ্র 'সুলোহিত'।

সুশকুন ক্লী [প্রা স] শুভনিমিত্ত, সুলক্ষণ।

সুশয্যা বি সুকোমল শয্যা। "শ্রী মা ৪২।

সুশরণ ক্লী [প্রা.স] শোভনরক্ষক (সায়ণ)। "ঋগ্বেদ ৫ ৪২ ১৩। —ণ পুং [বহুব্রী] শোভনশরণত্ব (নীলকণ্ঠ), শিব। 'মহা ১৩ ১৭ ৬০, নীলকণ্ঠ।

সুশর্ম্মা[1] (-র্ম্মন্) পুং [সু শর্ম্ম যাহার, বহুব্রী, °-১ব] ত্রিগর্ত্তদেশের রাজবিশেষ। [কীচক নিহত হইলে, ইনি কৌরবগণের সহিত গোহরণার্থ বিরাটরাজের গোগৃহ আক্রমণ করেন এবং ভীম কর্ত্তৃক পরাজিত ও নিগৃহীত হন। 'মহা ৪ ৩১-৩৩তম অধ্যায়।]

সুশর্ম্মা[2] বি [সুষুম্না > °র্ম্মা, লিপিপ্রমাদ] সুষুম্না নাড়ী। "সুশর্ম্মা যে - নাড়ী বি.পা ৩৫৯।

সুশাক ক্লী [প্রা স] আর্দ্রক, আদা।

সুশান্ত বিণ [সুপ্সুপা] ১ অতিশমান্বিত, সুধীর। ২ অতিস্তিমিত, অক্ষুভিত, সুস্থির। "°তোয়াং⋯হ্রদিনীম্ মহা ৩.৬৪.১১২।

সুশারদ পুং [বহুব্রী] 'শোভনবাক্' (নীলকণ্ঠ), শিব। 'মহা ১৩.১৭ ৯৮।

সুশাসন ক্লী [সু+ √শাস্+অন্ (ল্যুট্)-ভা] সুষ্ঠু বা ধর্ম্মানুসারে শাসন। —শাসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, বাহুলকে] সম্যক্‌কৃতশাসন, সুনিয়ন্ত্রিত। "সুশাসিতা স্ত্রী।—হি ১ ২১।

সুশিক্ষিত বিণ [সু+ √শিক্ষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সুষ্ঠুশিক্ষিত, যথাবিধি গৃহীত। "ময়া সুতীর্থাদভিনয়বিদ্যা সুশিক্ষিতা মা মি ১৪১। ২ [+ √শিক্ষি+ত-র্ম্ম] সুবিনীত।

সুশিখ বিণ [বহুব্রী, স্ত্রী -খা] ১ শোভনশিখাবিশিষ্ট, সুচূড়। ২ উজ্জ্বল-শিখাবিশিষ্ট (দীপাদি)। —খ পুং অগ্নি। —শিখা স্ত্রী [প্রা.স] ১ শোভন বা দীপ্ত শিখা। ২ শোভন কেশ। "ভ ৩ ২০.৩৬, শ্রীধর।

সুশিরাঃ (-রস্) বিণ [বহুব্রী, -১ব, স্ত্রী -রস্] সমবৃত্তশিরাঃ, ছত্রাকার-শিরাঃ (টীকা)। "রা ১ ১ ১০।

সুশীত বিণ [সুপ্সুপা] অতিশীতল। '°তোয়া মহা ৩ ৬৪ ১১২। °বাত —পঞ্চরাত্র ১ ৬ ৩৯। যথা হরষিত তৃষিত সুশীত পেয়ে পয় বা.দ ৯৫। —শীত পুং হ্রস্বপ্লক্ষ। —শীত ক্লী পীতচন্দন।

সুশীতল বিণ [সুপ্সুপা] ১ অতিশীতল। "ভা চ ৫৬৭। ২ অতিশীতল-জল। "(তড়াগং দদৃশুঃ) সুশীতলম্ মহা ৩.৬৫ ৪। —ল ক্লী ১ গন্ধতৃণ। ২ শ্বেতচন্দন।

সুশীল বিণ [বহুব্রী, স্ত্রী -লা] ১ সচ্চরিত্র, সৎস্বভাব। ২ শান্ত, অহিংস্র। "সুশীলা (গৌঃ) যাজ্ঞ ১ ২০৫। ৩ কৃপালু (শ্রীধর)। "ভ ৬. ১ ১৭। —শীল ক্লী [প্রা স] শোভন চরিত্র, সাধু স্বভাব। "ত্বয়া °ব্রতপুণ্যযুক্তয়া মহা ৩ ২৯৭ ৪৩। —শীলা স্ত্রী কৃষ্ণপত্নী। 'হ ১১৮ ৪১। —শীলী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি)-১ব] সুশীলবান্, সচ্চরিত্র।

সুশুভ বিণ [সুপ্সুপা] ১ অতিশুভ, সুমঙ্গল। "সুশুভেঽহনি ক.সা ৪৯ ৩৫। ২ অতিপুণ্যজনক, অতিপাবন। "ধর্ম্মাত্মা সুশুভৈঃ কৃৎস্নৈঃ ক্রতুভিঃ রা ২ ১০৫.৩২। ৩ সুলক্ষণোপেত। "পীতোদরেক:⋯সুশুভঃ সুজাতঃ গো রা ৫ ২৮ ১৫।

সুশৃত বিণ [সুপ্সুপা] সুপক্ব, সুষ্ঠুকৃতপাক। "অথর্ব্ববেদ ৭ ৭২ ৩। গো রা ২ ৫৬ ২৫। সুশৃতং পয়ঃ ভ ১০ ৯ ৭।

সুশোভন বিণ [সু+ √শুভ্+অন (যুচ্)-ক, স্ত্রী -না] ১ অতি-শোভাকর, অতিশ্রীবর্দ্ধন। 'তাড়িপত্রৈঃ °নৈঃ।—পঞ্চরাত্র ১.৬ ,৭। ২ অতিসুন্দর। 'কণ্ঠেবাস্মি সুশোভনা ক সা ২৪ ৩১। বমার প্রতিমা সুশোভনা প তৃ ৩৭। ৩ সুযোগ্য, সুসঙ্গত। "সুশোভনমিদং দেবদত্তস্য (ললিতবিস্তর—S W)। —শোভিত বিণ [+ √শোভি+ত (ক্ত) -র্ম্ম] বিভূষিত, সমলঙ্কৃত। —শোভী (-ভিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক ১ব, স্ত্রী -ভিনী] সুষ্ঠু শোভয়িতা, অতিশোভাজনন। "বনসুশোভিনী. লতা।—মে ৯, কুসুমাবলী বনসুশোভিনী ২৭৩।

সুশোষিত বিণ [সু+ √শোষি+ত (ক্ত)-র্ম্ম] উত্তমরূপে শোষিত বা শুষ্কীকৃত। "বৃহৎসংহিতা ৭৬ ৭।

সুশ্যামী বি [সুস্বামী > °মী (স্বা > শ্যা), অসাধু] ভার্য্যানুরক্ত স্বামী। "এ হেন দুর্ল্লভ বধু সুশ্যামীর জীবন।—মী ৪।

সুশ্রব বিণ [সু+ √শ্রু+অ (খল্)-র্ম্ম] সুখে শ্রব্য বা শ্রবণার্হ, সুশ্রব্য। "(পূর্ব্বাখ্যানম্) সুশ্রবম্।—পঞ্চরাত্র ১ ২ ৬৮।

সুশ্রাব্য বিং ['সুশ্রব্য' সাধু] সুখে শ্রবণীয়, শ্রুতিসুখকর।

সুশ্রী বিণ [বহুব্রী, স্ত্রী -শ্রী] ১ শোভনদীপ্ত (সায়ণ)। "সুশ্রিয়ম্ (বৈশ্বানরম্)।—ঋগ্বেদ ৩ ৩ ৫। ২ দিব্যশ্রী, অতিশোভন, অতিসুন্দর। —শ্রী স্ত্রী [প্রা.স] দিব্যশ্রী, অতিশোভা। "সুশ্রীমৎ মহা ৩.১৪২ ১৫। —শ্রীক বিণ [°শ্রী+ক (কপ) বিকল্পে স্ত্রী -কা] সর্থ 'সুশ্রী (২)। "সা.দ ৩ ৩০।

সুশ্রুত বিণ [সু+ √শ্রু+ত (ক্ত) -র্ম্ম] ১ লোকে প্রসিদ্ধ (সায়ণ)।

"যঃ কর্ম্মভির্মহাত্তঃ সুশ্রুতো ভুৎ।—ঋগ্বেদ ৩ ৩৬ ১। ২ সম্যক্ শ্রুত; সাবধানে আকর্ণিত। "বাচ্যং গোষ্ঠে তু 'সুশ্রুতম্,' মনু ৩ ২৫৪। নৈ ৪ ১১৬। ৩ [বহুব্রী] বহুশ্রুত, শ্রুতিজ্ঞানসম্পন্ন। —শ্রুত পুং চিকিৎসা-শাস্ত্রবিশেষের প্রণেতা বিশ্বামিত্রপুত্র। 'মহা ১৩ ৪ ৫৫। গরুড়পুরাণ ১৫০-তম অধ্যায়। "সুশ্রুত ১ ১.১, ২। —শ্রুত ক্লী সুশ্রুতকৃত বৈদ্যকগ্রন্থ। 'সুশ্রুতেন কৃতং তন্ত্রং সুশ্রুতং বহুভির্বৃতঃ। তস্মাৎ তৎ সুশ্রুতং নাম্না বিখ্যাতং ক্ষিতিমণ্ডলে॥—ভাবপ্রকাশ। "নৈ ৪ ১১৬।

সুশ্রোণি বিণ [বহুব্রী, স্ত্রী -ণী] শোভনকটি, ক্ষীণকটি। "সুশ্রোণি পরিতুষ্টোঽস্মি রা ১ ৪৮ ২২, সুশ্রোণি।—২ ৩০ ৩২। (কন্যা) সুশ্রোণী মহা ১ ৬৭ ১৫৮, সুশ্রোণী ৭৮ ২৪, ৩ ৬৪ ৬৬। সুশ্রোণী।—হু ১০।

সুশ্লিষ্ট বিণ [সু+ √শ্লিষ+ত (ক্ত)-র্ম] ১ সুসংযুক্ত। ২ [+ত-ক] সুদৃঢ়। 'সুশ্লিষ্টভ্রাতৃ'সাঙ্গদ গো রা ২ ৯১ ৬। শত্রুণা ন হি সন্দধ্যাৎ সুশ্লি'ষ্টেনাপি সন্ধিনা।—হি ১ ৮৯। ৩ দৃঢ়মিলিত। ৪ সুলগ্ন। "সুশ্লিষ্টগুণতা মা মা ১৩ৄ৩ৄ। ৫ সুসঙ্গত। "সুশ্লিষ্ট° কুরুতে কার্য্যম্ সা দ ৩ ৪৮। —শ্লেষ পুং [+অ (ঘঞ্)-ভা] সুসংযোগ, নিবিড়যোগ, সমন্বয়।

সুশ্লোক বিণ [বহুব্রী] ১ শোভনশ্লোক, পুণ্যকীর্ত্তি। "°মৌলি ভ ৩ ৫.৭, ৬ ৩৬। ২ শোভনশ্লোক। 'কীর্ত্তি° সুশ্লোকাম ভ ১১ ১ ৭।

সুষম বিণ [সু (শোভন) সম (সর্ব্ব) যাহাতে (অ টী), বহুব্রী, সুষামাদি] ১ শোভনসম, সুন্দর, রুচির, চারু, মনোজ্ঞ, সাধু। ২ সম (মেদিনী)। ৩ সমতল। "জিহ্বা ..সুষমা।—বৃহৎসংহিতা ৬৮ ৫৩। —ষমা স্ত্রী [°ম+স্ত্রী আ (টাপ)] ১ পরমশোভা। "°বিনয়।—নৈ ২ ২৭। কুরুবককুসুম°, চপলাসুষমম গী গো ৭ ২৩। কেশের সুষমা ন প ৪২। নবীন সুষমা বি পা ১০। হু ৮। ত্রিদিব° সা ম ৬১। কু কে ৪, স্বর্গ° ১১২। হেম ২১৭। প তৃ ৫৮। ২ ছন্দোবিশেষ। —মিত বিং সুষমা-যুক্ত। "প ক ২৮৭৭।

সুষমা, সুষমিত ; সুষাম দ্র 'সুষম, সুষামা'।

সুষামা(-মন্) বিণ [বহুব্রী, স্ত্রী -মা, -মা (-মন্), -ম্নী] ১ শোভন-সামা, শোভনসামগ। "সুষামা ব্রাহ্মণঃ পা ৮ ৩ ৯৮, কাশিকা। ২ সুষ্ঠু প্রিয়ংবদ। 'ভট্টি ৯ ৮৫। ৩ সুসান্ত্বন (ত বা)। —ষাম ক্লী [প্রা স] শোভন সাম।

সুষি স্ত্রী [শুষি >সুষি, পৃষো] ছিদ্র। "পা ৫ ২ ১০৭। —ষির বিণ [সুষি+র] ১ সর্থ 'শুষির (১)। "সুষিরং কাষ্ঠম্ (কাশিকা)। ২ সান্তর, সাবকাশ। ৩ শূন্যগর্ভ, ফাঁপা। —ষির পুং ১ বংশ, বাঁশ। ২ নল। ৩ বেত্র। ৪ মূষিক। ৫ ছিদ্র। "পা ৫ ২ ১০৭, তত্ত্ব-বোধিনী। —ষির ক্লী ১ সচ্ছিদ্রবাদ্য, বংশী-প্রভৃতি। ২ ছিদ্র (ত বা)। "অগ্ন°, শুক্ত° (S W)।

সুষির দ্র 'সুষি'।

সুষীম বিণ [সু সীমা যাহার, বহুব্রী, সুষামাদি] শিশির, জড় (অ কো)। "সুষীমা ভূঃ। সুষীমো বায়ুঃ। সুষীম° জলম্ (অ.টী)।

সুষু(ষ্ণ)নী বি [সং সুনিষণ্ণ] শাকবিশেষ। "সুষ্ণনী।—লী ৭৭।

সুষুপ্ত বিণ [সু+ √স্বপ+ত (ক্ত)-ক] সুনিদ্রিত, নির্ভরনিদ্রিত। "ভ ৫ ১৬ ৫৩। —প্ত ক্লী [+ত-ভা] ১ সুস্বপন, সুনিদ্রা। ২ বুদ্ধিবৃত্তি-ত্রয়ের একতমবৃত্তি, দ্র 'সুষুপ্তি (২)। 'জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তঞ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ ভ ১১ ১৩ ২৭। দ্র 'মাণ্ডুক্য ৫। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ সুনিদ্রা। ২ সর্ব্বস্থূলসূক্ষ্মোপাধির কারণোপাধিতে লয়ের অবস্থা ; সর্ব্বজ্ঞানশূন্য জীবাবস্থাভেদ (ত বা)। 'সর্ব্বোপরমত্বাৎ সুষুপ্তি (বেদান্তসার)।

সুষুপ্সা স্ত্রী [√স্বপ্+স (সন্)—সুষুপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সুপ্তীচ্ছা, নিদ্রাভিলাষ। "মহা ১৩ ৮৫.৩৬। —প্সু বিণ [+উ-ক, স্ত্রী -প্সু] সুপ্তীচ্ছু, নিদ্রাভিলাষী। "মাঘ ১২.৫১। ভট্টি ৮.১০১। ভ ৩, ১৩ ৩০।

সুষুম্ণ পুং [সুষু (অব্যক্ত শব্দ)+ √ম্না+অ (ক)-ক, উ ত, 'সুষুম্ণঃ' —শোভনং সুম্নঃ সুখং যস্মাৎ (মহীধর)] 'সুষুশব্দকারক' ; সূর্য্যের সপ্ত কিরণের অন্যতম। 'শুক্লযজুর্ব্বেদ ১৮.৪০। —ণা স্ত্রী [°ণ+স্ত্রী আ (টাপ)] (তন্ত্রে) মেরুদণ্ডবাহ্যস্থ ইড়া-পিঙ্গলা নাড়ীদ্বয়ের মধ্যস্থ সূক্ষ্মনাড়ী-বিশেষ। দ্র 'ষট্চক্র'।

সুষেণ পুং [সু সেনা যাহার, বহুব্রী, সংজ্ঞায় ষত্ব, পা ৮.৩ ৯৯] ১ যাঁহার স্বগণরূপ শোভন সেনা, বিষ্ণু। "মহা ১৩.১৪৯ ৭১। ২ তারার পিতা সুগ্রীববৈদ্য বানররাজ। "গো রা ৪ ২১ ১৪। রা ৬ ১০১ ২৩, ৪১। ৩ শূর-সেনরাজ। "সা শূরসেনাধিপতিং সুষেণম্ উদ্দিশ্য লোকান্তরগীতকীর্ত্তিম্। রঘু ৬ ৪৫। ৪ নাগবিশেষ। ৫ [+ √সি+ন (নন্)-ক (অ টী)] করমর্দ্দবৃক্ষ, বেতস।

সুষ্ঠু ব্য [সু+ √স্থা+উ (কু)-ক, উ ১ ২৬, সুষামাদি] ১ প্রশংসার্থ, সুন্দর, শোভন। বিপ 'দুষ্ঠু'। "কিশোরীং সুষ্ঠ্বলঙ্কৃতাম ভ ৪.২৪ ১১। ২ অতীব, অত্যর্থ। "সুষ্ঠু শোভসে আর্য্যপুত্র এতেন বিনয়মাহাত্ম্যেন উ চ ১ৄ৯ৄ। ৩ সম্যক, সাধু (justly, rightly)। "সুষ্ঠু খল্বিদমুচ্যতে (বিক্র)। ৪ গৌরবার্থ (শ্রীধর)। 'সূক্তম্ ·সুষ্ঠু ভ ৪ ২২.১৭। ৫ সত্য (ত বা)। ৬ স্থানে, যুক্ত। "শব্দঃ সুষ্ঠু প্রযুক্তঃ (S W.)। ৭ (বাঙ্লায়) সৎ, হিত, ভাল। "নষ্ট বুদ্ধি বিনা তার সুষ্ঠু বুদ্ধি নহে।—ম ১০৩২। ৮ সুস্থ। "গাঢ়তমপ্রণয়সম্বদ্ধদম্পতীর সন্তান সুষ্ঠু শরীর এবং সুষ্ঠু মন হইয়া থাকে। এইজন্য স্ত্রীপুরুষে পরস্পর কলহ সর্ব্বথা পরিহার্য্য পা প্র ১০৮।

সুসংক্ষেপ পুং [প্রা স] ১ অতিসংক্ষেপ। ২ শিব। "মহা ১৩.১৭. ১৪১।

সুসংগৃহীত বিণ [সুপসুপা] সংরক্ষিত। "°রাষ্ট্র মনু ৭.১১৩।

সুসংবীত বিণ [সুপসুপা] ১ সুষ্ঠু বস্ত্রাবৃতদেহ। "সুসংবীতাভবদ্ দেবী দেববৎ কৃষ্ণমীযুষী মহা ১৪ ৬৮.১১। ২ সুসজ্জ, সুসন্নদ্ধ। "(রাজা) প্রাগেব হি সুসংবীতো মৎস্যস্য বিষয়ং প্রতি মহা ৪ ৩০ ২২। ৩ সংমিশ্রিত। 'মহারসসুসংবীতৈঃ সলিলৈঃ গো রা ৩ ৬২.৩৭।

সুসংবৃত বিণ [সুপসুপা] ১ সমাচ্ছাদিত, সমাবৃত। "মহা ৩.১২৭.৩, ৯। ২ পরিবেষ্টিত, পরিক্ষিপ্ত। "(রাবণঃ) মেখলেন সুসংবৃতঃ গো.রা ৫ ২৪ ২৬। ৩ সুরক্ষিত, সুগুপ্ত। "(মন্ত্রঃ) সুসংবৃতঃ রা ২ ১০০.১৬। (সুব্রতাঃ) সুসংবৃতা নৃভিরসিচর্ম্মপাণিভিঃ ভ ১০.৭১ ১৫।

সুসংযত বিণ [সুপসুপা] ১ অতিসংযমবান্। ২ বস্ত্রাবৃতদেহ। "মনু ২. ১৯৩। ৩ সুনিয়মযুত। "ক সা ৪ ২৩২।

সুসংযুক্ত বিণ [সুপ্‌সুপা] ১ দৃঢ়সংযুক্ত, সুসংলগ্ন। ২ সুসজ্জাযুক্ত। "খরান্...সুসংযুক্তান্ মাতুলোঽস্মৈ ধনং দদৌ রা ২.৭০ ২৩। ৩ সহিত। "লাঘবেন সুসংযুক্তো বিদ্যুন্মালী (অবপ্লুত্য স্থিতঃ ক্ষিতৌ) গো.রা ৬. ১৮ ৪৭।

সুসংরব্ধ বিণ [সুপসুপা] অতিক্রুদ্ধ। "(রাক্ষসাঃ) উচুর্বচঃ সুসংরব্ধাঃ গো রা ৩ ২৬ ১১। মহা ৩ ৭৮ ৩, ৫ ১৮২ ২০।

সুসংশিত বিণ [সুপসুপা] সুতেজিত, সুনিশিত। "মহা ৫ ১৮২.২২।

সুসংশ্লিষ্ট বিণ [সুপসুপা] ১ সুসংযুক্ত। ২ সুসঙ্গত।

সুসংস্কৃত বিণ [সুপ্‌সুপা] ১ স্বলঙ্কৃত (সায়ণ)। "ঋগ্বেদ ১.৩৮.১২। ২ সুষ্ঠু সংস্কৃত, সুপক্ক (ব্যঞ্জনাদি)। ৩ সুশোধিত, সুপরিষ্কৃত। "সু-সংস্কৃতোপস্করয়া (স্ত্রিয়া ভাব্যম্) মনু ৫ ১৫০। ৪ যথাবিধি অনুষ্ঠিত। "(যজ্ঞম্) সুসংস্কৃতম্ গো রা ৫ ৮৯ ১৯। —ত ক্লী ১ স্বরবর্ণাদিসংস্কার-যুক্ত। "মহা ৩ ১৩৬ ৯। ২ সুপক্কব্যঞ্জন।

সুসংস্থিত বিণ [সুপ্‌সুপা] সুষ্ঠু সংস্থিত, সুনির্ম্মাণ। "সুসংস্থিতে...ভ্রুবৌ গো.রা ৫,৫২,২৮, °তৌ (কপোলৌ) ২৯।

সুসংহত বিণ [সুপ্সুপা] সম্মিলিত। "মহা ৪.৩০.১১।

সুসজ্জ বিং ১ উত্তমরূপে রণসজ্জায় সজ্জিত; সুসন্নদ্ধ। "চলিলা শ্রীকৃষ্ণ পার্শ্বে সুসজ্জ হইয়া।—ম ৮০২। ২ শোভনসজ্জাযুক্ত, বেশভূষাশোভিত। "(রাজ-অভিষেকে) কত গজ, তুরঙ্গম, কত প্রাণিকুল, সুসজ্জ প্রাঙ্গণ-মাঝে।—হেম ২১৭। —সজ্জা বি শোভন বেশভূষা। "তোমার সুসজ্জা, শয্যা পালঙ্ক কোমল।—কৃ ৯৯। —সজ্জিত বি ১ অর্থ 'সুসজ্জ (১)। "(সেনাপতি, কেমনে) সুসজ্জিত দাঁড়াইয়া আছ এক ধারে?—ন ৫০০। ২ দিব্যশোভাজনক দ্রব্যে সজ্জিত, সাজান। "অট্টালিকা, সুসজ্জিত। হেম ২১৭।

সুসজ্জন বি অতিসজ্জন, পরম সাধু। "চৈ ভা ১১১, ১১৯।

সুসঙ্ক বিং [সু১+সঙ্ক (সঙ্কর), হি, ঠ, গু সংচ] ১ সুমিল, সজ্জিত। "ছিপাচারি বাঙ্কে পাশা করিয়া সুসঙ্ক ক.চ ১৬৭। ২ তালে সুসঙ্গত, ঐকতানিক। "ডমরু ডিমিডিমি, বাজান দেবস্বামী, সুসঙ্ক ঘন ঘন শিঙ্গা ক.চ ৩৯। ৩ সুসংলগ্ন, লাগালাগি। "চৌদিকে পাত্রমিত্র সভে কৈল মঙ্ক। অবিকলে মল্লযুদ্ধ দেখিতে, সুসঙ্ক॥—চৈ ম ১৮৮। [সুসঙ্কি —সুসঙ্ক করিয়া, স্বরসুসঙ্গত করিয়া। "নারদ বীণা বাজায় সুসঙ্কি চৈ ম ২২।]

সুসংস্কৃত বিণ [সুপ্সুপা] ১ সুপূজিত, সমাদৃত। "রা ১ ৫৩ ৮, ২ ১০৭. ১। ২ [বহুব্রী] অতিসংকারসূচক, সমাদরসূচক। "গামর্ঘ্যঞ্চ সুসৎ-কৃতম্ (তস্মৈ প্রাপয়ামাস) মহা ৫ ১৯৪ ১৮।

সুসত্ত্ব বিণ [বহুব্রী] মহাবল। "ক সা ১৮ ১৪০, ১৮৯।

সুসত্য বিণ [সুপস্সুপা] অতিসত্য। "°ত্য বচন চৈ ভা ১২০।

সুসদৃশ বিণ [সুপস্সুপা] সর্ব্বথা সদৃশ, সর্ব্বাংশে তুল্য। "অহো সুসদৃশী চেষ্টা তুলাযষ্টেঃ খলস্য চ পঞ্চ ১ ১৬১।

সুসমাপ্ত বিণ [সুপস্সুপা] নির্ব্বিঘ্নসমাপ্ত, সুসম্পন্ন।

সুসমাহিত বিণ [সুপ্সুপা] সুষ্ঠু সমাহিত, অনন্যমনাঃ। "রা ১ ১৩ ৩৭। মহা ৩ ৫৩ ৬। মনু ৩ ২২৮, ৭ ২১৯।

সুসমৃদ্ধ বিণ [সুপ্সুপা] ১ অতিসমৃদ্ধিযুক্ত, সুপ্রচুর (অর্থ)। ২ অতি-বৃদ্ধিপ্রাপ্ত, সমুজ্জ্বল। "°তেজস্ বা ২ ১০৪ ২৮। ৩ অতিসমৃদ্ধ, অত্যর্থ আঢ্য (মেধাতিথি)। "মনু ৩ ১২৫।

সুসম্পন্ন বিণ [সুপ্সুপা] নির্ব্বিঘ্নসমাপ্ত, সুসমাপ্ত।

সুসম্প্রীত বিণ [সুপস্সুপা] অতিপ্রীতিযুক্ত, সানন্দ। "ভট্টি ১৭ ২৮। সুসম্প্রীতমনে শ্রী মা ৪৮ ; ৫৮।

সুসম্বদ্ধ বিণ [সুপ্সুপা] সুষ্ঠু বা সতত সম্বদ্ধ, নিত্যসম্বদ্ধ। "সুসম্বদ্ধৌ ছায়াতপৌ।

সুসম্ভ্রম পুং [প্রা.স] ১ অতিত্বরা। ২ অত্যাদর। "হি ১৫ (কথারম্ভ)।

সুসম্মত বিণ [সুপ্সুপা] সম্যগভিমত, অতীব অভীষ্ট, অতিপ্রিয়। "শীঘ্রাত্রভীষ্যবোধী চ ভবিষ্যসি °তঃ মহা ৫ ১৮৯ ১৪।

সুসম্মৃষ্ট বিণ [সুপ্সুপা] ১ সুষ্ঠু সম্পৃষ্ট (সায়ণ)। "ঋগ্বেদ ৩ ৪৩ ৬। ২ সুপরিষ্কৃত, বিশোধিত। "গো বা ২ ৯৯ ৩।

সুসর বিং [সোসর > °র] ১ সমান, তুল্য, একরূপ। "(ধান) ডহর ডাঙ্গর সব একুই সুসর শূ ১১০, ব প ১১৩। ২ সমান, অর্থাৎ পরি-পাটীকৃত, গোছাল। "সুথারিআ বাছিআ পাট করিল সুসর শ্রী কী ১৬৮।

সুসলিল বিণ [বহুব্রী] স্বচ্ছজল। "°লাম্ (পম্পাম্) গো রা ৩ ৭৬.৬।

সুসহ বিণ [সু+ √সহ্+অ (খল্)-র্ম, উ ত, স্ত্রী -হা] ১ অনায়াসে সহনীয়; সুখসহ। বিপ 'দুঃসহ'। ২ 'সৌম্য', শিব (মহা)।

সুসহায় বিণ [বহুব্রী] শোভনসহায়, যোগ্যসহকারী। "মনু ৭ ৩১।

সুসাধ্য বিণ [সুপ্সুপা] অনায়াসসাধ্য, সুখনিষ্পাদ্য।

সুসার১ বিণ [বহুব্রী] অতিসারযুক্ত, সারবান্। —সার পুং রক্তখদির।

সুসার২ বিং [সুসার১—মূল] ১ গুরু, পৃথু। "বিপুল নিতম্ব সুসারে শ্রী.ম ২১। ২ সুসজ্জিত, সুশৃঙ্খল। "বাছিয়া বাছিয়া সব করিল সুসার। সুবর্ণ রজত ভাণ্ড যেই যথাকার॥—শ্রী.ম ২৩। ৩ শোভন, মানানসই। "সুসার না হয় শঙ্খ ছুটী বাই বিনে শি ৮৯। ৪ সুদৃঢ়, শক্ত। "পাট গাঠি করিল সুসার: বেড়া বান্ধি করিল সুসার বি পা ২৬৯। পাখ কস দিয়া নাও করলু সুসারা ব প ২৪৫। ৫ উৎসাহিত। "(কোতোয়াল) যো হুকুম এই বাত, শিরে উঠাইয়া হাত, ঘরে যায সম্প্রীত সুসার বি.সু ৮১। ৬ শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। "ভবন সুসার শ্রী ম ১৪৭। নির্ব্বাহ পুরী সুসার ভা চ ২০৮। সাধনের এই সার, অসার হবে সুসার।—দা ২১৮৭। ৭ সারবান্, সুরস, মধুর। "কৃত্তিবাস নাচাড়ি সুসার।—কৃ ২৫৪। ৮ মহাবল, বলিষ্ঠ। "অশ্ব সুসাব শ্রী ম ১৮৪। —সার ক্রি বিং সুশৃঙ্খল-ভাবে, পরিপাটিক্রমে। "জলে প্রবেশিযা কৈলুঁ বেদের উদ্ধার। সেই মত কাঙ্কলিতে লিখিত সুসার॥—ব প ১৩৪৫। —সার বি ১ সুশৃঙ্খলা, পরিপাটি। "সেবক প্রধান, মিলিয়া গুয়া পাণ, যোগায় করিয়া সুসার ক চ ৩৭। ২ [ঠ 'সোঈ(য)সার'—লাভদায়ক, সুখকর] সুবিধা, অভিপ্রেত বিষয়ের অনুকূলভাব। "বড়ই সুসার শ্রী মা ১০৮, ২০০। বাধে দাপের কব সুসারে শ্রী কী ৯০। বাসর সুসারে হবে আশার সুসার ভা.চ ২০০। আশার সুসার হবে সেই স্থান ভাল বা দ ১৮৯। কিছুতেই হইল না আসার সুসার।—বিহারিলাল চক্রবর্ত্তী। ৩ মহাবল, পরম আশ্রয়। "(তোমার) সকলে সমান দয়া, (তুমি) সতের সুসার ভা চ ৪৩২। ৪ বিশেষ অর্থবল। "এ ব্যক্তি দশ হাজার আসরফি দিতে চাহিতেছে। নিলে সরকারি তহবিলের কিছু সুসার হইবে।—ব প্র ৪৪৭।

সুসিত বিণ [সুপ্সুপা] অতিশুভ্র। 'সুসিতাম্বর ক সা ২৯ ৫৩।

সুসিদ্ধ বিণ [সুপস্সুপা] ১ সুষ্ঠু সিদ্ধ, সুসম্পন্ন। "সুসিদ্ধার্থ মহা ৩. ৭৬.৫১। ২ উত্তমসিদ্ধ, সুপক্ব। ৩ নিশ্চিতসিদ্ধিপ্রদ। "ঔষধীং চ সুসিদ্ধার্থাম্ রা ২ ২৫.৩৮।

সুসুখ বিণ [সুপ্সুপা] ১ অতিসুখকর। "°খা (সভা)।—হ ২৩১. ৫২। ২ অনায়াসসাধ্য। "গী ৯ ২। —সুখ ক্রি বিণ অতিসুখকরভাবে, অতিসুখে। "সুসুখোষিত রা ২ ৯২ ৬। গো রা ১ ৫১ ১৬। —সুখী (-খিন্) বিণ [সুপ্সুপা] অতিসুখী। "গো রা ১ ৭১ ২৫। —সুখ স্ত্রী [প্রা.স] অতিসুখ। "দেশোঽয়ং সুসুখোদয়ঃ গো বা ১ ৩১ ২০।

সুসুন্দর বিণ [সুপস্সুপা] অতিসুন্দর। "ম.পা ১৬।

সুসুস্থ বি' বিশেষ সুস্থ বা প্রকৃতিস্থ। "হেম ২১১।

সুসূক্ষ্ম বিণ [সুপস্সুপা] ১ অতিসূক্ষ্ম, অতিক্ষুদ্র। ২ শোভনভাবে সূক্ষ্ম। "°দশনা।—বিষ্ণু ১ ২৩। ৩ অতিতাত্ত্বিক, সুধীগম্য। "সুসূক্ষ্মার্থং শাস্ত্রম্ রা ২ ৭৫ ২৮। ৪ অত্যল্প, স্বল্প। "নাস্থা দৈন্তম্…সুসূক্ষ্মমপি লক্ষ্যতে রা ২ ৬০ ৮। —সূক্ষ্ম পুং (?) পরমাণু। [সুসূক্ষ্মেশ (পুং) —পরমাণুক্রিয়াদিহেতু (বিষ্ণু)। "বিষ্ণু ১ ৫৪।]

সুসেবিত বি [সু+ √সেব্+ত (ক্ত)-র্ম] সুষ্ঠু সেবিত, অপ্রমত্তো-পাসিত। "নৃপতিঃ °তঃ (ন যাতি বিক্রিয়াম্) হি ১ ২১।

সুসেব্য বিণ [সুপ্সুপা] সুখসেব্য, সুখানুষ্ঠেয়। "ভ ৩ ৩৩ ১০।

সুসৌভগ স্ত্রী [প্রা স] অতিসৌভাগ্য। "ভ ৬ ১৯ ২৪।

সুস্তনা, -নী বিণ, স্ত্রী [বহুব্রী, বিকল্পে 'ঈ' (ঙীষ)] শোভনপয়োধরা। "সুস্তনী সুস্তনা বা প্রতিমা পা ৪ ১ ৫৪, সি।

সুস্তনী দ্র 'সুস্তনা'।

সুস্থ বিণ [সু+ √স্থা+অ (ক)-ক, উ ত, স্ত্রী -স্থা] ১ অনাতুর। "মনু ৪ ১৪২। ২ অনাকুল, শান্ত। "°মানস। অলং বৈক্লব্যমাগত্য সুস্থা ভব গো রা ৩ ৬৬.১৩। ৩ (জ্যোতিষে) একাদশাদিশুভস্থানগত (চন্দ্র)। "সুস্থ ইন্দৌ যাজ্ঞ ১.৮০। —স্থ স্ত্রী সুস্থসময়, শান্তিকাল। "কর্ম্মণি যাজ্যতে প্রজ্ঞা সুস্থে কো বা ন পণ্ডিতঃ।—হি ৩ ১২৪।

সুস্থিত বিণ [সু+ √স্থা+ত (ক্ত)-ক] ১ সুস্থ, নিরুদ্বেগ। "রা ২ ৭৩ ২৭। ২ নিরপরাধ, নির্দ্দোষ। "যস্মাং ক্ষিপসি দোষেণ...সুস্থিতম্। —হ ৫৫ ৪১। ৩ দৃঢ়স্থিত, নিশ্চল। —স্থিত ক্লী বাস্তুবিশেষ। 'বৃহৎ-সংহিতা ৫৩ ২১। —স্থিতি স্ত্রী [+তি (ক্তিন্)-খি] ১ স্থান। 'রঘু ৮ ৩৬। ২ নির্বৃতি, সুখ। [সুস্থিতম্মন্য (বিণ)—সমৃদ্ধম্মন্য। 'হি ২ ৬।]

সুস্থিতম্মন্য, সুস্থিতি দ্র 'সুস্থিত'।

সুস্থির বিণ [সুপ্‌সুপা] সুষ্ঠু স্থির, অবিচল, সুস্থিত। 'নহ্যেকস্মাদ্ গুরোর্জ্ঞানং সুস্থিরং স্যাৎ ভ ১১.৯ ৩১।

সুস্নাত বিণ [সু+ √স্না+ত (ক্ত)-ক] ১ উত্তমরূপকৃতস্নান। ২ যজ্ঞান্ত-স্নানকৃৎ (শ ক)। ৩ মঙ্গলদ্রব্যের সহিত কৃতস্নান। মহিষীম্‌· সুস্নাতাম্ ভ ৪ ২৭ ২।

সুস্নিগ্ধ বিণ [সুপসুপা] ১ অতি স্নিগ্ধ বা নেত্রসুখকর। °স্থলপদ্ম। —পঞ্চরাত্র ১ ৭.২৬। ২ মসৃণ, চিক্কণ। সুস্নিগ্ধাক্তপত্র।—পঞ্চরাত্র ১ ৭ ৩১। °কৃত্তিচ্ছদ (তরু)।—বৃহৎসংহিতা ৫১ ২। ৩ অতিস্নেহ-যুক্ত, অতিপ্রণয়বান্। (বলভদ্র ভট্টাচার্য্য) তোমাতে সুস্নিগ্ধ বড় চৈ চ ১৮১। [°কর (অসাধু) বি°—অতিস্নিগ্ধতাকারক, অতিপ্রীতিকর। "শ্রবণসুস্নিগ্ধকর নিস্বন।—হেম ১৪৪।]

সুস্পর্শ বিণ [সু+ √স্পৃশ+অ (খল)-র্ম , উ ত] সুখস্পর্শ, সুকোমল। "সুস্পর্শাস্তরণ ভ ৩ ৩৩ ১৬ , ১১ ৭ ৬০।

সুস্মিত বিণ [বহুব্রী] শোভনস্মিত, শুভমৃদুহসিত। 'বন্দে মাতরম্ · ·সুস্মিতাম্ ব ঋ ৯৭। —স্মিত ক্লী [প্রা স] শুভ মৃদুহাস্য, সরল-স্মিত। 'শ্রী ম ১৪১। —স্মিতা স্ত্রী সুন্দরস্মিতা নারীবিশেষ (অ চি)।

সুস্বন ক্রি বিণ [বহুব্রী] তারস্বর, উচ্চৈঃস্বরে। 'ককুদ্মঃ সুস্বন° স্ত্রিয়ঃ গো রা ২ ৫৭ ৩১। —স্বনে ক্রি বি° মৃদুমধুররবে। সুগন্ধবহ বহিল চৌদিকে, সুস্বনে সবার কাছে কহিয়া বিলাসী, কোন্ কোন্ ফুল চুম্বি কি ধন পাইলা।—মে ৪৪।

সুস্বপ্ন পুং [প্রা স] ১ শুভ স্বপ্ন। "°দর্শন (S W)। ২ সুস্বপ্নাভি-মানী তৈজস (নীলকণ্ঠ), শিব। 'মহা ১৩ ১৭ ৮১।

সুস্বর বিণ [বহুব্রী , তু 'সুসর' {প্রা 'সর' (স্বর)—°র}—শ্রী কী] ১ মধুরস্বর, কলকণ্ঠ। ২ কল, মধুর। 'পক্ষিণা° সুস্বরা বাচঃ। —বৃহৎসংহিতা ২২ ৬। ৩ সুখোচ্চার্য্য, সুকোমল। 'সুস্বরাক্ষর ভ ৫ ২ ৬। —স্বর ক্রি বিণ সশব্দ, উচ্চৈঃস্বরে। 'চুকোশ সুস্বরম্ রা ২ ৩০ ২২। —স্বর পুং ১ শঙ্খ। ২ [প্রা স] মিষ্ট স্বর।

সুস্বর্ণ বি বিশুদ্ধ স্বর্ণ। সুস্বর্ণ-ভৃঙ্গারে থুইলেন ·জল ব প ৫৬৮।

সুস্বাগত ক্লী [প্রা স] শোভন কুশলপ্রশ্ন। "(পরাশরমহামুনিঃ) আহ সুস্বাগতং ব্রূহি।—পরাশর ১ ১০।

সেতাব ক্রি.বিং [ফা শিতাব্] শীঘ্র। "কাঁহা কোতোয়ালগিরি নেকাল সেতাব বি.হু ৭৯ ;৮৫ ; কাঁহা চোর সেতাব বাতাওগে ১০০।

সেতার বি [ফা সিতার্ ; দ্র 'সে৩] তিন তারের বীণাসদৃশ বাদ্যবিশেষ, ত্রিতন্ত্রী। "সেতার সে তার ছিল তারে তারে তার। এখন সেতার লাগে কেবল বেতার।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। প্রভাতে ললিত যেন বাজিল সেতারে। —দীনবন্ধু মিত্র। হাজার-তারা সেতারখানি কু.কে ৬৫। [সেতারের অবয়ব ;—তুম্ব বা লাউ। তুম্বের আচ্ছাদন পাতলা কাষ্ঠ—তবলী (ঢাপ)। তুম্বের সহিত যুক্তকাষ্ঠদণ্ড—ডাণ্ডী। ডাণ্ডীর উপরে সমতল পাতলা কাঠ—পটরী (পত্রী)। তুম্ব ও তবলীর সহিত যুক্ত ডাণ্ডী ও পটরীর সন্ধিস্থান—ঘাড়ী (ঘাড়)। পটরীর উপরে ও ডাণ্ডীর পাশে সংলগ্ন খুঁটী—কান। পটরীর উপরে দুইটি কানের নীচে যে সমান্তরাল আড় ফলকদ্বয়, তাহাদের নাম আড়ি বা সরস্বতী। পটরীর উপরে বক্র সমান্তরাল কুব্জপৃষ্ঠ ধাতুপট্টিকা—পর্দ্দা। তবলীর উপরে চতুষ্কোণ চৌকি —সওয়ারী বা জোয়ারী। তবলী ও তুম্বীর নীচে সংযোগস্থানে যে তার বাঁধার দীর্ঘ ত্রিকোণ ফলক, তাহা পুস্থি বা পুঁথি। সওয়ারী ও পুস্থির মধ্যে সুর কম বেশী করার নিমিত্ত যে প্রস্তরাদির সচ্ছিদ্র গুলি থাকে, তাহার নাম 'মানকা'।]

সেতারী বি [°র+ঈ৭, ফা সিতারিয়া] সেতারবাদক।

সেতিকা স্ত্রী [তু 'সাকেত,-তক] অযোধ্যা (শ.ক)।

সেতু পুং [√সি+তু (তুন্)-ণ, উ ১.৬৯ , 'সতু'—সেতুবদ্বন্ধক (সায়ণ —ঋগ্বেদ ৭.৬৫.৩) , Av. haētu] ১ 'জলবন্ধনসাধন', জলবন্ধ, আলী, জাঙ্গাল। "ছান্দোগ্য ৮.৪.১ , ২। রা ১.১.৮০। অম্বুবেগেন ভিন্নঃ সেতুঃ ২.১০৫.৫। সেই সেতু আনিয়াছে হেথা…রঘুনাথে।—মে ১১৪। ২ গ্রামের বা ক্ষেত্রের সীমাস্বরূপ উচ্চভূখণ্ড ; সীমালিঙ্গ। "মনু ৮.২৪৫। ৩ সেতুবন্ধতীর্থ। "দ্বাত্রিংশৎ পুত্তলিকা, বহুশ্রুতোপাখ্যান ৪৬। ৪ সংক্রম, সাঁকো। "সৈন্যৈর্বদ্ধদ্বিরদসেতুভিঃ রঘু ৪.৩৮। ৫ (সাদৃশ্যে) মর্য্যাদা। "সেতবঃ সর্ব্বে বর্ণাশ্রমনিবন্ধনাঃ ভ ৩.২১.৫৪ , ৪.২.৩০। সময়° ৫.৪. ৫। ভুঞ্জেযুঃ সর্ব্ববর্ণাশ্চ ভিন্দ্যেরন্ সর্ব্বসেতবঃ (সু.র)। ৬ ব্যাখ্যাগ্রন্থ, টীকা। ৭ প্রণব। 'মন্ত্রাণাং প্রণবঃ সেতুস্তৎসেতুঃ প্রণবঃ স্মৃতঃ।—তন্ত্রসার (শ.ক)। ৮ বরুণবৃক্ষ। —তুক পুং ১ সেতু। ২ বরুণবৃক্ষ। [°কর (পুং)—সেতুনির্ম্মাতা। "বৃহৎসংহিতা ১৫.১৮। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—সেতুবন্ধ, সেতুরচনা। "গো.রা ৫.৯৪.১৫। °বৃক্ষ (পুং) বরুণবৃক্ষ। °ভেত্তা (-ত্তৃ) পুং—সেতুভঙ্গকারক, সীমাচিহ্নভেদক। "মহা ১৩.২৩. ৬৬। °ভেদ (পুং)—সেতুভঙ্গ। °ভেদী (-দিন্) বিণ—সেতুভঙ্গকারক। °ভেদী (পুং)—দন্তীবৃক্ষ। °শৈল (পুং)—সীমাপর্ব্বত, মর্য্যাদাগিরি। "ভ ৫.২০.৪।]

সেতুক দ্র 'সেতু'।

সেতুবন্ধ পুং [ষ.ত] ১ সেতুনির্ম্মাণ, আলীবন্ধন। "গতোদকে সেতুবন্ধো ন কল্যাণি প্রশস্যতে গো.রা ২.৮.৫২। গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃঙ্মতিস্তব মহা ৬.৪৯.২৩। পয়োগতে কিং খলু সেতুবন্ধঃ (সু.র)। ২ সমুদ্রতরণে নলকৃত সেতুনির্ম্মাণ। "কাকুৎস্থঃ সেতুবন্ধমকারয়ৎ মহা ৩.২৮২.৪৪। ৩ সংক্রমনির্ম্মাণ, সাঁকো করা। "গজসেতুবন্ধ রঘু ১৬. ৩৩। —বন্ধন ক্লী [ষ.ত] ১ সর্থ 'সেতুবন্ধ (১)। "সাগরে সেতুবন্ধনম্ গো.রা ৬.১.৩। ২ [কর্ম্মধা] সেতুরূপ বন্ধন। "কৃতসেতুবন্ধনো জলসঙ্ঘাতঃ কু.স ৪.৬।

সেত্র ক্লী [√সি+ত্র (ষ্ট্রন্)-ণ] 'বন্ধনসাধন', নিগড়। "পা ৩.২.১৮২।

সেথা অব্য [যেথা—সেথা, তু 'যে—সে'] সেস্থানে, সেখানে, তথা। বিপ 'এথা, হেথা'। "সেথা যাহা করে স্বর্গে ভুঞ্জে সেই ফলে।—ম ২৭২। খেতে যাব সেথা শি ৭৪। —থায় অব্য [সেথা+য়১, 'সেথা' সাধু] সেথা। [সেথাকার—সেখানকার, সেস্থানের। সেথা-হেথা—সেখানে-এখানে, এখানে-সেখানে। "°থা ছুটাছুটি ভ.গ্র ২১৭।]

সেথি অব্য [সেথা+ই১১ ; তু 'তথি'] সেথা, ঐস্থানে। বিপ 'এথি'। "জমদূত দেখ এথি, চিত্রগুপ্ত ভাই সেথি, বসিআ লেখেন পাঁজি পুঁথি শূ ৩৮।

সেথো দ্র 'সেত২।

সেদিন দ্র 'সে১'। [°কার—সেদিনের। সেদিনকার কথা—অচিরাতীত কালের বিষয়; কিছুদিন পূর্ব্বের কথা।]

সেধ পুং [√সিধ্+অ (ঘঞ্)-ভা] ১ গতি। ২ নিষেধ। "বিধি° ভ ২.১ ৭। —ধা স্ত্রী [+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্), 'সেদা' (শ্রীহট্ট)] শ্বাবিৎ, সূক্ষ্মলোমা শল্লাকবিশেষ। "মনু ৫.১৮, কুল্লুক। যাজ্ঞ ১.১৭৭। [সেধাশলাকা (স্ত্রী)—সেধালোম (S.W.)।]

সেধা 'সেধ'।

সেন১ বি ১ বৈদ্য কায়স্থ ও বারুইএর উপাধি। ২ [লাউসেন—'সেন', দ্র 'বল'] লাউসেন। "শ্রী ৬৮।

সেন২ অব্য [সিন২ > সেন] অবধারণে, নিশ্চয়ে। "H.B. 293.

সেনা স্ত্রী [√সি+ন (নন্)-ক+স্ত্রী আ (টাপ্), উ ৩.১০] ১ 'শত্রু-বন্ধনকারক', বাহিনী, চমূ, বল। "ঋগ্বেদ ১ ১৪৩.৫। পা ৪.৪ ৪৫। রঘু ১.১৯। ২ শস্ত্রাস্ত্রসংযুক্তচতুরঙ্গবল। 'সেনা শস্ত্রাস্ত্রসংযুক্তমনুষ্যাদি-গণাত্মিকা শু ৪.৭.১। ৩ কার্ত্তিকেয়পত্নী দেবসেনা। [°কক্ষ (পুং)—সেনাপার্শ্ব (flank)। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—সৈন্যপরিচালনাদি কার্য্য। "সেনাকর্ম্মণ্যভিজ্ঞোঽস্মি মহা ৫ ১৬৪.৮। °গোপ (পুং)—সৈন্যরক্ষক। °চর (পুং)—সৈনিক, যোধ। "মহা ১.১৩০.১৫। °নিবেশ (পুং) সেনাবাসস্থান, শিবির। "রঘু ৭.২। °পতি (পুং)—১ সেনাধ্যক্ষ, সেনানী। "রা ২.৯১.৪০। ২ কার্ত্তিকেয়। °পৃষ্ঠ (ক্লী)—সেনার পশ্চাৎ, পার্ষ্ণি (rear)। °প্রণেতা (-তৃ) পুং—সেনানেতা, সেনানী। "মহা ৫.৮৫। °বাস (পুং)—শিবির। °বাহ (পুং)—সেনানী, সেনাপতি। "মহা ৪.১৭.১। °ব্যূহ (পুং)—সৈন্যসজ্জা। °ভঙ্গ (পুং)—সৈন্যবিদ্রাব, সৈন্যের পলায়ন। °রক্ষ (পুং)—সেনারক্ষক, প্রহরিকাদি (অ.টী)। °স্থ (পুং)—সৈনিক, যোধ। °স্থান (ক্লী)—শিবির।]

সে-না সর্ব্ব [সে১+না৩] নিশ্চিত সে, সেই। "সে-না অঙ্গ-গন্ধে গন্ধমদ হয়ে, কে দিবে উপমা অঙ্গে ন.প ১২৭; কেহ কেহ সে-না অঙ্গের বাতাসে, কাঁপে ঘন ঘন বিজুরি জিতি ১৪৯; সে-না ছান্দে কে নাহি ভুলে ১৫০; তিলে তিলে অধিক বিভোল সে-না রসে ৩২৬।

সেনাক্ত দ্র 'শেনাক্ত'।

সেনাগ্র ক্লী [ষ.ত] সৈন্যের সম্মুখভাগ, সেনামুখ (van)। গো.রা ৩.২৯.৩২। [°গ (পুং)—'সেনাগ্রগামী', সৈন্যপতি। "রা ১ ১.৭৪, ৭.৩৫.৬।]

সেনাঙ্গ ক্লী [ষ.ত] সেনার অবয়ব—হস্তী অশ্ব রথ পদাতিক (অ.কো)। "বৃহৎসংহিতা ১১.৪২। [°পতি (পুং)—চতুরঙ্গবলাধিপ।]

সেনাজীব পুং [সেনা আজীব যাহার, বহুব্রী] সৈনিক। "মহা ৩.২৪৯.২; ৪। —জীবী (বিন্) পুং [সেনা+ √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব; উ ত] সেনাকার্য্যোপজীবী, সৈনিক। "সেনাজীবী...ভৃশং প্রিয়োঽপ্য-তিথির্মোদকার্হঃ মহা ৫.৩৮.৪।

সেনাধিনাথ, সেনাধিপ, সেনাধিপতি, সেনাধ্যক্ষ পুং [ষ.ত] সেনাপতি, সেনানী। "°প।—বৃহৎসংহিতা ১০৪ ৬১। °ক্ষ।—হ ২০ ৫৭।

সেনানী পুং [সেনা+ √নী+ক্বিপ্ (০)-ক, উ.ত] ১ সেনাসমূহের নেতা (সায়ণ): চমূপতি। "ঋগ্বেদ ৭.২০.৫। সেনানীনামহং স্কন্দঃ গী ১০.২৪। কুমারায় সেনান্যে মহা ৫.১৬৪.৭। কু.স ২ ৫১। ২ কার্ত্তিকেয়। "রঘু ২.৩৭। কি ১৫.৭। সেনানী সমান সুত তুমি মোর ব.প ৪২৮।

সেনামুখ ক্লী [ষ.ত] ১ সেনার সম্মুখভাগ; সেনাগ্র (van)। "শতপথ-ব্রাহ্মণ ১৩.২.২.২। ২ ত্রিগুণ পত্তি, অর্থাৎ তিন রথ, তিন গজ, নয় অশ্ব, পনর পদাতি। 'মহা ১.২.২০। দ্র 'অক্ষৌহিণী'।

সেনেহ, সেনেহা বি [স্নেহ > °হ ('এ' আগম), °হা] প্রণয়। "তোর মোর উচিত সেনেহা শ্রী.কী ৭০; টুটিল সেনেহ ৩৬৬।

সেনেহা দ্র দ্র 'সেনেহ'।

সেন্দুর বি [সং সিন্দুর > প্রা সেংদূর] সিঁদুর। "গো.চ ১১৯; ২৫৪। —রিয়া বিং সিন্দুরবর্ণ, লাল। "গো.চ ১১৯।

সেন্দ্র বিণ [বহুব্রী] ইন্দ্রসহিত, সবাসব। "তৈত্তিরীয়সংহিতা ২.৫.৪.১। সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ গো.রা ৩.৫১.৬।

সেন্দ্রিয় বিণ [বহুব্রী] ইন্দ্রিয়সহিত। "মনু ১.৫৫।

সে-পঞ্জা বি [সে৩+পঞ্জা; ফা সিপন্‌জ.] (পাশাখেলায়) তিনটা পঞ্জা বা পনর দান।

সেপত্তনী বি [সে৩+পত্তনী] তৃতীয়, অর্থাৎ দরপত্তনীদার হইতে গৃহীত পত্তনী। "°দার।

সেপাই দ্র 'সিপাই'।

সে-পায়া বি [সে৩+পায়া; হি সিপাহা] ত্রিপাদ কাষ্ঠাধারবিশেষ; তে-পায়া। "লাল সেপায়াতে ব.প ১৫০৭। একটা রূপার সেপায়ার উপরে যে পাত্র ছিল, তাহা হইতে একটু জলবৎ দ্রব্য লইয়া...মুখে সিঞ্চন করিতে লাগিলেন ব প্র ৫৩।

সেপো-ব্যাং বি সর্পবৎ চিত্রিত ভেকবিশেষ। "আঁচোল ব'য়ে, উঠলো গিয়ে, হলদে সেপো-ব্যাং বি.বু ১৯।

সেফাই, সেফাহী দ্র 'সিপাই'।

সেব্ সক [ভ্বা, ঙ, ভ্বা, ঞ (ক.ক)—সেবতে, সেবতি,-তে, সেট্] ১ সেবা, আরাধনা, ভক্তি। ২ উপভোগ। "কামং প্রকামং সেব ত্বং ময়া সহ বিলাসিনি মহা ৪.১৪.২৯। ৩ আশ্রয়। [আ—আসেবন, উপভোগ। "কু স ১.১৫। উপ—উপভোগ। "রা ২ ৫৬.৭। নি—নিষেবণ, উপভোগ: পান, সম্যক্ সেবা, আশ্রয়। "পতিত এব নিষেব্য হি বারুণীম্ মৈ ৪ ৭০। সম্-আ—উপভোগ। "মনু ১১ ১৭৫। সম্-উপ —সেবা, উপভোগ। "(রামঃ) নিদ্রাং সমুপসেবতে রা ১.৩৪.২৩।]

সেব১ সেবি ক্লী [√সেব্+অ (ঘঞ্)-র্ম্ম, তু 'ফা সেব] সেওফল।

সেব২ সর্ম্ম [সং √সেব্, হি, ঠ √সের] ১ সেবা করা; আরাধনা করা। "সেবিলাম শিবশিবা-চরণকমলে।—কৃ ৯৬। অ.প ৯৬। ইষ্টের চরণে, সেবোঙ প্রতি জন্মে চ.বি ২। ২ সংবাহন করা। "শ্রী...যাঁর চরণ সেবয় চৈ.চা ২২। শয়ন করিলে গুরু চরণ সেবয় ভ গ্র ৪১৪। শুভক্ষণে সেবেছিলে ওস্তাদের পা।—শ্রী ২২০। ৩ শুশ্রূষা করা। ৪ ভোজন করা। "সেবন্তি মহিষী সবে,...পরিসেবে দৈবকী জননী অ.প ২৬। ৫ উপভোগ করা। "বিষয় সেবি ত আমি হই অল্পমতি শ্রী.ম ১৯৩। ৬ অনুষ্ঠান বা পালন করা। "আমার অধীন স্বামী, সেবে নিতি আমার শাসন ক.চ ১৩৭। ৭ ভোগ করা। "কপালে সেবিছ কষ্ট কি করিতে পারি (শি)। বহুকাল দুঃখ সেবি, নিরখিল লক্ষ্মীদেবী। —চ.কা ৯৬।

সেব৩ বিং [সেব্য > সেব; অসাধু] আরাধ্য। "(বসুদেব) ভুবন জনের সেব: (দেব) ভুবনজনের সেব অ.প ২৮; ২৯।

সেবাইতি, সেবাইত, সেবাতি, সেবায়ত বি ['সেবাবৃত্তি' মূল] দেববিগ্রহের সেবাজীবী, দেবল, পূজারী। "দেবতা গন্ধর্ব্ব য়াদি তার সেবইতি গো.বি ১৬৮। সেবাইত যে গোসাঞি তাঁরে নাথজী কহিল ভ.গ্র ৩১৩। ধর্ম্মের সেবাতি শ্রী ১০১।

সেবক বিণ [√সেব্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -কা (ক্ষিপকাদিগণ)] ১ সেবাকারক, অনুজীবী। ২ উপাসক, পূজক। "বৃদ্ধ° ভ ৪.১৬.১৬। যাজ্ঞ ১.৩০৯। ৩ পরিচারক। —বক পুং ১ ভৃত্য, কিঙ্কর। "গো.রা ২.৩২.২১। হি ২ ১৮। আমি...তোমার সেবক।—কৃ ৯৭। ২ আশ্রিত, ভক্ত। "°বৎসল ভগবান্ ক.চ ১০; °রুক্মিণী ২৫৫। ৩ অনুরাগী। "যুদ্ধৈক° ক.সা ৩৫.৩৩। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] সেবাকর্ত্রী, পরি-চারিকা, কিঙ্করী। "তৎকার্য্যাসক্তাহং পুনরপি সেবকীভূয় নিবেদয়িষ্যামি ক.ম ২২৮। —কী বি [সং সেবকা] কিঙ্করী। "(ভগিনীর) সেথায় সেবকী নিয়োজিত।—ম ৬৭। দা ৫১৯।

সেবকা, সেবকী দ্র 'সেবক'।

সেবন্তি বি [সং °ন্তী] সেঁউতী। "শ্রী.ম ৮২। জ ২।

সেবন্তী স্ত্রী সাদা গোলাপ ; সেঁউতী।

সেবধি পুং [সেব (সেবা)+√ধা+ই (কি)-ক (অ.টী); তু 'শেবধি'] নিধি, নিধিসামান্ত (অ.টী)।

সেবন¹ ক্লী [√সেব্‌+অন (ল্যুট্‌)-ভা] ১ সেবা, উপাসনা, আরাধনা। "মৎসেবনোৎসুক ভ ৪.১৯.৬। শ্মশান° ।—পঞ্চ ৫৬৮/২। ২ চিন্তানুবৃত্তি। "ভ ১.১৬.১৭। ৩ শুশ্রূষা, পরিচর্য্যা। "গুরু° রঘু ১৮.৩০। সাধুর সেবন চৈ.চ ২৪৪। ৪ আশ্রয়। "স্ববৃত্তির্নীচসেবনম্‌ ভ ৭.১১.২০। দুর্জনসেবনে কিম্বা হীনতা পাইলে।—ম ১২৪৪। ৫ গমন, সম্ভোগ। "বৃষলী° মনু ১১.১৭৯। ৬ অনুষ্ঠান, আচরণ। "ধর্ম্মস্যাসেবনেন মনু ১২.৫২। ৭ উপভোগ। "ইন্দ্রিয়° ।—পঞ্চরাত্র ১.১.৫৩। অগ্নি° (S.W.)। ব্যায়ামানিল° (সুশ্রুত)। দহন° ক.চ ১৬৬। সমীর° স.শ ৮১। ৮ ভোজন। "অপথ্য°—পঞ্চ ৪৩৮/৯। ৯ পান। "(সারমেত-চতুষ্টয়ম্‌) কাশ্যাং বাসঃ সতাং সঙ্গো গঙ্গাম্ভঃশম্ভুসেবনম্‌। ১০ ধারণ। "অধর্ম্মকলুষা বুদ্ধির্জায়তে শস্ত্রসেবনাৎ গো.রা ৩.১৩.২৭।—না বি [সেবন >°না, তু 'আরাধনা'] সর্থ সেবন¹ (১)। 'শিবের সেবনা করি।—গ ১৯৬।

সেবন² ক্লী [√সিব্‌+অন (ল্যুট্‌)-ভা, মুগ্ধবোধ ১১৬৩] ১ সীবন, সেলাই। "সূচ্যঃ সেবনে।—সুশ্রুত ১.৮.৩। ২ [+অন-র্ম] প্রসেবক, গোণী। —নী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্‌)] ১ 'সীবনসাধন', সূচি। তু 'সীবনী'। ২ [+অন-ধি] সীবনসন্ধি, সেলাইএর দাঁড়ি (seam)। ৩ শরীরস্থ সেবনস্থান। "সপ্ত সেবন্যঃ—সুশ্রুত ৩.৫.১৪।

সেবনা ; সেবনী দ্র 'সেবন¹ ; সেবন²।

সেবনীয় বিণ [√সেব্‌+অনীয় (অনীয়র্‌)-র্ম] ১ সেবনার্হ, আশ্রয়ণীয়। "সংসেবনীয়ো বত পুরুবংশঃ ভ ৩.৮.১] ২ পরিচর্য্যার্হ, শুশ্রূষণীয়। ৩ উপভোগ্য। ৪ পেয় (ঔষধ)।

সেবরা বি [হি সেরড়া,-রা] জৈনসাধুভেদ। "ভ.গ্র ২২২।

সেবা স্ত্রী [√সেব্‌+অ-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ সেবন, উপাসনা। "কে বা সেবা নাহি করে মহেশের পদ ক.চ ২৩। ২ পরিচিত্তানুবর্ত্তন, শ্ববৃত্তি। "সেবা শ্ববৃত্তিরাখ্যাতা মনু ৪.৬। "সেবেব মানমখিলম্‌ (গুণশত-মপ্যার্থিতা হরতি)।—হি ১.১৪৬। যাজ্ঞ ৩.৪২। ৩ পরিচর্য্যা, শুশ্রূষণ। "পতি° মনু ২.৬৭। গুরু° ১২.৮৩। (দেবাঃ) যযাচিরে পঞ্চশরস্য সেবাম্‌ কু.স ৭.৯২। বনস্পতি° শ ৪৫/৬। পিতৃসেবা—কৃ ৯৬। অঙ্গ° চৈ.চ ৪৪। ৪ আশ্রয়। "হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয়ঃ (সু.র)। ৫ উপভোগ। "মনু ২.৯৬। বিশ্রামসুখসেবা সী ১০। ৬ সম্ভোগ। "স্ত্রী°, পরদার° (S. W.)। ৭ পান। "বাগামৃত° ভ ৪.১৬.১। ৮ চাটুবাদ, মনোরক্ষা। "অলং সেবয়া। মধ্যস্থতাং পরিগৃহ্য ভণ মা.মি ৩২/৬। ৯ অনুষ্ঠান ; অভ্যাস (টীকা)। "যোগ° গী ৬.২০। ১০ অনুষ্ঠান ; "অনুবন্ধ° রঘু ৯.৬৯। ১১ (বাঙলায় পূজ্যসম্বন্ধে) ভোজন। "গো.চ ৩৫৭। সেবার সামগ্রী : সেবা-উপযুক্ত যে সামগ্রী ভ.গ্র ২৬০। ১২ নমস্কার। "তোহ্মার চরণে গুরু সেবা দিলুঁ আহ্মি।—ম.গা ২৬। বি.সা ২৬৬। তাঁর আজ্ঞা মানি সেবা দিলেন দোঁহারে চৈ.চ ৪৪। ম.ম ৫৩। শূদ্র বলে কেবা, দ্বিজ দেয় সেবা ভা.চ ৩৯ ; যম দেই সেবা শির-পরিলম্বে ১১৭ ; ৪৮০। [°জন (পুং)—সেবক, ভৃত্য। "বৃহৎসংহিতা ১৫.৩০। °ধর্ম্ম (পুং)—সেবাবৃত্তি, দাস্য। "সেবাধর্ম্মঃ পরমগহনঃ।—হি ২.২৫। °বৃত্তি (স্ত্রী)—সেবারূপ বৃত্তি ; দাস্যাজীব। °ভৃৎ (পুং)—সেবাকারক, সেবক। "গুরু° রা ২.৬৪.৪৪।]

সেবাঞ্জলি পুং [উ.লো] সেবার্থ অঞ্জলি ; প্রভুসেবাজন্য কৃতাঞ্জলি। "বদ্ধো ন সেবাঞ্জলিঃ (বরম্‌)।—মৃ ৩.১১।

সেবাদাসী বি বৈষ্ণবের পরিচর্য্যাকারিণী বৈষ্ণবী। "সেবাদাসী সীমন্তিনী, বৃন্দাবেশ্যা তপস্বিনী।—দা ৭১ ; ৯২৮।

সেবিকা¹ স্ত্রী মিষ্টান্নবিশেষ, সেওয়াক্তি (ভাবপ্রকাশ—শ.ক)।

সেবিকা² বি [সং সেবকা] কিঙ্করী। "মোর কন্যা দেবযানীর সেবিকা।—ম ৬৮। সেবিকা স্ত্রী ভোমরা ব.প্র ২৯৪।

সেবিত বিণ [√সেব্‌+ত (ক্ত)-র্ম] ১ উপাসিত, উপচরিত, আরাধিত। "নৃপতিঃ সুসেবিতঃ।—হি ১.২১। স্বামী দ্বেষ্টি সুসেবিতোঽপি।—পঞ্চ ৫.২৪। ২ আশ্রিত। "অসেবিতেশ্বরদ্বারম্‌ (ধন্যং) কস্যাপি জীবনম্‌। হি ১ ১৫৪। ৩ আশ্রিত, অধ্যুষিত। "অগস্ত্যসেবিতামাশাম্‌ গো.রা ৩.২২.৮। সিদ্ধচারণ° (আশ্রমপদ) রা ১.৫১.২৩। (মেরুম্‌) দেবগন্ধর্ব-সেবিতম্‌ মহা ১.১৭.৬। পঞ্চ ৫.২৩। ৪ উপযুক্ত। ৫ অনুষ্ঠিত। "বিদ্বদ্ভিঃ সেবিতঃ (যো ধর্ম্মঃ) মনু ২.১। —ত ক্লী সেবি, সেউফল। —বিতব্য বিণ [+তব্য-র্ম] ১ সেবনীয়, আশ্রয়িতব্য। "সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়াসমন্বিতঃ।—হি ৩.১০। ২ অনুষ্ঠেয়। "দশলক্ষণকো ধর্ম্মঃ সেবিতব্যঃ মনু ৬.৯১। ৩ অধিবস্তব্য, অধিবাসার্হ। "(মহীম্‌) সেবিতব্যামমানুষৈঃ।—হ ১০০.৮৪। —বিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্‌)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ সেবাকারক, পরিচারক। "বৃদ্ধ° মহা ৩.২৭৬.৩। ২ অনুষ্ঠাতা। "ধর্ম্ম° মহা ১.৪৯.১৬। ৩ পরিচারক। —বী (-বিন্‌) বিণ [+ইন্‌ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -বিনী] ১ সেবাকারক, সেবক। "উমাপতি° কি ৫.১৪। ২ উপাসক, পূজক। "বৃদ্ধ° মনু ৭.৩৮। আগমবৃদ্ধ° রঘু ৬.৪১। মুকুন্দ° ভ ১.৫ ১৯। ৩ সেবনশীল, অধিষ্ঠাতা "বিবিক্তদেশ° গী ১৩.১০, বিবিক্ত° ১৮.৫২। ৪ অভিগামী। "নিজদার° (S.W.)। ৫ পায়ী। "উষ্ণতোয়° (সুশ্রুত)। ৬ উপভোক্তা। "অত্যন্তসুখ° (S.W.)। রক্তচন্দন° ২.৩৩.৯। ৭ পক্ষাবলম্বী। "অরি° মনু ৭.১৫৮ ; শত্রু° ১৮৬ ; দ্বিট্‌° ৯.২৩২। [সমাসে উত্তরপদ]। —ব্য বিণ [+য (ণ্যৎ)-র্ম] ১ ভজনীয়, উপাস্য, সেবার্হ। "ভর্ত্তা সেব্য ইহ স্ত্রিয়া গো.রা ২.২৪ ১৭। দ্র 'দশচক্র'। ২ শুশ্রূষণীয়, পরিচর্য্যার্হ। "মা.মি ৪.১২। ৩ আশ্রয়ণীয়। "সৎ° ভ ১.১৯.৩২। পঞ্চ ১.৪৯। ৪ উপভোগ্য। "স্ত্রিয়ঃ সেব্যাঃ যাজ্ঞ ১.৭৮। ৫ পরিধেয়। "(তনুত্রাণি) শূরসেব্যানি মহা ৪.৩১.১১। —ব্য পুং ১ স্বামী, প্রভু। বিপ 'সেবক'। "মৃ ৫.১২। °গুণান্বিত।—পঞ্চ ১.৪৯। ২ অশ্বত্থ ; হিজ্জল। —ব্য ক্লী উশীর, রক্তচন্দন ; দধিসার ; জল। —ব্যা স্ত্রী বন্দাবৃক্ষ।

সেবিতব্য, সেবিতা, সেবী দ্র 'সেবিত'।

সেব্য দ্র 'সেবিত'। [°সেবক (পুং)—স্বামিভৃত্য। "সৎচিৎ-আনন্দ-ময়-রূপ ভগবান্‌। অনন্ত স্বরূপশক্তি যোগমায়া হন, জীব নিত্যদাস সেব্যসেবকসম্বন্ধ।—ভ.গ্র ৩৩৩।]

সেব্যমান বিণ [√সেব্‌+মান (শানচ্‌)-র্ম] ১ ক্রিয়মাণসেবন। "রঘু ১.৩৮। ২ (বাঙলায) সেবনীয়। "(তার্কিক কহে) তর্কশাস্ত্রে সিদ্ধ যেই, সেই সেব্যমান চৈ.চ ৩৭।

সেব্যা দ্র 'সেবিত'।

সেমতি বিং [যেমত—সেমত, তু 'যে সে' ; °ত+ই°] সেরূপই, সে-প্রকারই। "আমার পরাণ, যেমতি করিছে, সেমতি হউক সে চ.দা ১০৪। —মনে ক্রি.বিং [যেমন—সেমন ; °ন+এ°] সেরূপে, সেভাবে। "সেমনে লইআঁ যাহা যমুনার পার। যেহ্ন লাগ না পাএ কাহ্নাঞি আহ্মার॥—শ্রী.কী ১৭০।

সেমন্তী স্ত্রী সেবতী, সাদা গোলাপ।

সেম(মো)ন্‌তোন্‌ বি [সং সীমন্তোন্নয়ন ; গ্রাম্য] সর্থ 'সীমন্তোন্নয়ন'। "সেমন্‌তোনের দিন।—নী ২৫ ; সেমোন্‌তোনের সমে মোরে সাঁকতির মালা দিতি হবে ৮৭।

সেমিকোলন বি [E. semicolon] বাক্যবিভাগে অর্দ্ধচ্ছেদ (;)।

সেমিজ বি [E. chemise] শাড়ীর নীচে পরার ঢিলা ঘাগরা।

সেয়নী ; সেয়লি দ্র 'সেয়ানী ; শেওলা'।

সেয়াকুল, -লি বি [শেয়াকুল > °ল] বন্য কণ্টকীলতাবিশেষ ও তাহার ফল। "(তুলি) বিককত সেয়াকুলি, আম জাম দিল শয় শয় ক.চ ৩১১। নারীর মনে পৈশে যায়, যত্নে নাহি বাহিরায়, (কৃষ্ণের) তনু নহে, —সেয়াকুলের কাঁটা চৈ.চ ৩৪৯। সেয়াকুলে জড়িয়ে চুল, ঝকড়া তোর জানি লো।—দা ৯৫৬।

সেয়াকুলি দ্র 'সেয়াকুল'।

সেয়াগোস বি [(?)] পশুবিশেষ। "°স ভৈস গড় বি.সু ১৭।

সেয়ান বিং [সিয়ান > °স] ১ চতুর, বুদ্ধিমান, চালাক। "হেদে রে নন্দের পো, আপনারে দেখহ সেয়ান শ্রী ম ৬৪। সেয়ান সাধু বুঝে কার্য্য ম.ম ১২৭ ; বণিক জাতে বড়ই সেয়ান ১৩২, বেহুলা স্বভাবে সেয়ান ২২৮। ২ পণ্ডিত, বিদগ্ধ, রসিক। "সুকবি বিদ্যাপতি ভাণ। সবে জানি বুঝহ সেয়ান॥—বি.প ১৮৯। —না বিং [সিয়ানা > °না] ১ জ্ঞানবান্, হিতাহিতজ্ঞানবিশিষ্ট। "তাহা হৈতে দেখি বাপা বড়ই সেয়ান ব.প ৩৪৯। কা ১০৩। ২ পূর্ণবয়স্ক, সাবালগ। "নেহাৎ শিশু, নয় সেয়ানা, অচেনা তার ষোল আনা কু কে ৮৩। ৩ যুবতী। "সেয়ানা মেয়ে। [সেয়ান-পাগল—যে পাগল নিজ হিতাহিত বুঝে, বাহিরে পাগলের ভান করে।]

সেয়ানি, -নী বিং [সেয়ান+ই[10], ঈ[6] ; মৈ সয়ানি, -নী, সেআনি] ১ বুদ্ধিমতী চতুরা। "সখীগণ গণইতে তুহুঁ সে সেয়ানী বি.প ১০৮। (নাগরি) সেয়ানি বি.সা ১৭। তুহু সে সেয়ানি।—গো ১৫৫। কুটিলা সেয়ানি বড় চ.চ ৮। ২ কিশোরী, প্রথমযৌবনা। "তুহু (শৈশব যৌবন) একযোগ ইহকো কহে 'সেয়ানী' (সয়ানি—বি.সা ৩) বি.প ৩৩। [সেয়নী—সেয়ানী। "বিটী বড় সেয়নী। আগে বিয়ায় ঝিউনী॥ —প্রবচন।]

সেয়ানী ; সের দ্র 'সেয়ানী ; শের[1]'।

সেরকস বিং [ফা সরকশ্] প্রতীপগামী, অবাধ্য, একগুঁয়ে। "ধর্ম্মাবতার ! সাক্ষী বড় সেরকস ব.প্র ৬৪৪।

সেরপেচ বি সর্থ 'সরপেচ'। "°পেচ শিরোপর।—রঙ্গ ৯১।

সেরা দ্র 'শেরা'।

সেরাহ পুং [সীরবদাহন্তি ভুবং সেরাহঃ (টীকা)] পীযূষবৎ বা দুগ্ধবৎ শ্বেতবর্ণ অশ্ববিশেষ (অ.চি)।

সেরি বি [E. sherry] দক্ষিণ স্পেনে (Xeresএ) জাত শ্বেত সুরাবিশেষ। "সেরিটে, শ্যামপিন্‌টারও আস্বাদ নেওয়া হয়।—হু ৫৭।

সেরেজদার সর্থ 'সেরেস্তাদার'।

সেরেফ, স্রেফ বিং [আ সিব্‌ফ্‌] ১ বিশুদ্ধ, খাঁটি। ২ কেবল। "তাইতো তারে ডাকি সেরেফ 'ওগো' কু.কে ৭১। [°দোস্তি (সেরেফ্ +ফা দোস্‌তী)—অকৃত্রিম মিত্রতা। "(হেন্দুদের সাতে) এসেছি বসিয়া আছি সেরেফদোস্তিতে॥—আ.চু ৭৮।

সেরেস্তা বি [ফা সর্‌রিশ্‌তহ্‌, সরিশ্‌তহ্‌] কার্য্যালয়ের বিভাগ ; দপ্তর, আফিস। "জমিদারী°, নাজীর°, সুমার°। [°দার—সেরেস্তার অধ্যক্ষ। °দারী—সেরেস্তাদারের পদ বা কার্য্য।]

সের্ষ্য বিণ [বহুব্রী : স্ত্রী -র্ষ্যা] বিদ্যমানের্ষ্য, ঈর্ষ্যান্বিত। "ক.সা ১৩.৭৫।

সেলাই দ্র 'সিলাই'।

সেলাম বি [আ সলাম্] নমস্কার, বন্দগী, আদাব (salutation)। "নকীব সেলাম গাহে সেলাম জানায় ভা.চ ৪১২। কমলাকান্ত আভূমিপ্রণত সেলাম করিয়া…বলিল ব.প্র ৬৪৮। —মত বিং [আ সলামত্] মঙ্গল, নিরাপদ্, সুস্থ। "নকীব ফুকারে মহারাজ সেলামত ভা.চ ৪১২ ; উজির কহিছে আলম্পনা সেলামত ৪৯৯। —মতী বি [আ সলামতী] কুশল, মঙ্গল, সুস্থতা। [সেলাম বাজান—সেলাম করা। "তবলজী ও শারঙ্গীরা বড় রকমের সেলাম বাজালো।—হু ৬২।]

সেলামত, সেলামতী দ্র 'সেলাম'।

সেলামালেকী বি [আস্‌সালামু আলায়কুম্] আপনার শান্তি হউক। "মজফফর খাঁ…°কীর গুণা কত্তেন না।—হু ১৩৮।

সেলামী বি [আ সলামী] ১ উপহার, ভেট্। "সেলামী দিলেক সবে চতুর্গুণ তার ভা.চ ৫৪০। ২ পাট্টা-প্রভৃতি লওয়ার সময়ে জমিদারকে প্রজার দেয় অর্থ। "সেলামী বাঁশগাড়ি, নানা বাবে যত কড়ি, না লইব গুজরাটবাসে ক.চ ৮৪।

সেলেট্ বি [E. slate] ১ বালকদিগের লেখনার্থ কাঠের ফ্রেম দেওয়া শিলাপট্ট। ২ ছাদের আবরণার্থ পাথরের টালি।

সেশন বি [E session] ফৌজদারী মোকদ্দমার বিচারার্থ জজ ও জুরির বিশেষ ফৌজদারী আদালত। "এক এক সেশনে অর্থাৎ ফৌজদারি আদালতে ২৪ জন গ্রাণ্ডজুরি মকবর হয় ; সেশনের প্রথম দিবসে তিন জন জজ বসেন আ.চু ১৭৯। সেশনে বিচারের দিন উপস্থিত হইল ব প্র ৩২৭। —নীয় বিং [°ন+ঈয়] সেশনে বিচার্য্য। "সেশনীয় মকদ্দমার হালাৎ সকল আ.চু ১৮০। [সেশন আদালত—সেশন জজের কাছারি। সেশন জজ—সেশনে বিচারভারপ্রাপ্ত জজ। সেশনে সোপর্দ করা —বিচারার্থ সেশনে পাঠান।]

সেষু, -ষুক বিণ [স+ইষু ; বহুব্রী ; বিকল্পে 'ক' (কপ্)] বিদ্যমানশর, সশর। "সেষুধন্বন্ (S.W.)।

সেষুক দ্র 'সেষু'।

সেসি সর্ব্ব [সে[1]+সি[3]] সেই, সে-মাত্র। "সেসি তোহ্মার যম শ্রী.কী ৩ ; ৫৪ ; যাকে যার অভিরুচি সেসি তারে ভায়ে ব.প ৮৪৩।

সেস্ত বিং [শায়েস্তা > সেস্ত] আয়ত্ত। "তিনি এই ভাবিতেন যে, সৌদাগরি সেস্ত করা আ চু ১৪৯।

সেহ, -হো সর্ব্ব [সে[1]+অ, ও[5] > সেঅ, -ও > (হ আগমে) সেহ, -হো : মৈ সেও, সেহ, -হও, -হো] ১ সেও। "নপুংসক সেহো শ্রী.কী ৭১। কভু নাহি গায়ে—সেহো হইল গায়ন চৈ.ভা ৩২৭। বৃক্ষের সহিত সেহ ভস্ম হয়্যা গেল : সেহ জীল।—ম ৪২। সেহ সে মোহাদেব হএ গো.বি ১১২ ; ১৬৮। তোর বাপ হিমালয় সেই যে পাষাণ বি.পা ২৩৪। এহো মাটী সেহো মাটি চৈ.চ ৫৪ ; সেহ তোমার নাম জানে ১৮৪। সেহ নহে তোমার সমান ক.চ ১১৭ সেহ ভ প্র ৩৭৪। সেহ নাম লইয়া করয়ে গঙ্গাস্নান ন.প ৮৪। সেহ হৈল ধ্বংস শি ৮৫। ২ সে। "সই ! কেমন মোহিনী সেহ চ.দা ১৮ : শালে দিতে লইয়া গেল নগরের আগে। পদ্মার কপটে সেহ শালবাঁশ ভাঙ্গে॥—বি.পা ২৪৩। পশ্চিম দিকেতে সেহ, তুলিল নমাজ-গৃহ ক.চ ৮০। যশোদা সুন্দরী, না জানে চাতুরী, পরম উদার সেহ রা.শে ১০। ৩ তাহাও। "শ্রীফল সদৃশ কুচ সেহো মোর বৈরী শ্রী.কী ৮৬। পীত বসন পরা সৌদামিনী সেহ; বি.প ৪২ ; ৬৩। ভানু কমল বলি, সেহ হেন নহে চ দা ৮০। দৃশ্য অদৃশ্য সেহ দেখি বিদ্যমান।—গ ৯৭. তব লীলা সেহ।—চু ৭২ ; তেজে হইল সেহ ৭৫। সেহ গোবিন্দের অংশবিভূতি চৈ.চ ৫। 'অপি'-শব্দ অবধারণে, সেহো চারিবার ২৪৩। নীচ যে কহিলে, অতি অনোচিত সেহ ভ.প্র ২৫৩। [সেহত—সেওত। "অজামিল পাপী ছিল, সেহত তরিয়া গেল।—জা ৮৪০। সেহ পথ—সে পথও। "শ্রী.ম ১৯৩। সেহ বেটা—সে বেটাও। "ক.চ ১১৭। সেহ বোল—সে কথাও। "শ্রী.ম ১৯৩। সেহো দেবা—সে দেবও। "গ ১৯৬। সেহো দোষ—সে দোষও। "শ্রী.কী ৩৫৪। সেহো পথে—সে পথেও। "শ্রী.কী ১২০।]

সেহড়া বি সর্থ 'শেওড়া'। "পাকড়ি সেহড়া।—ম ১২৫৭।

সেহা বি [ফা সিযাহা ; মৈ সেহা] ১ লিখিত হিসাব ; হিসাবের বহি। ২ যে কাগজে দৈনিক আয়-ব্যয়ের হিসাব ও তাহার কৈফিয়ত কাটা থাকে। [সেহা-খত-সন্ধান—সেহা ও খত লেখার নিয়ম। সেহার খতিয়ান—যে কাগজে প্রজার নামীয় হিসাব থাকে ; কড়চা, খোকা-কড়চা। সেহা বহি—দৈনিক জমা খরচের নথি (day-book)। সেহানবীশ—দৈনিক আয়-ব্যয়ের কেরানী (accountant)।]

সেহাকুল বি সর্ব 'সেয়াকুল'। °ল কাঁটা ভা.চ ৭৯।

সেহালিকা বি [শেহালা > °লিকা] শৈবাল। "শ্রী.ম ১৪৯।

সেহি সর্ব, বিং [সে১ + হি ; 'সেহী' (শ্রী.কী)] ১ সেই। "সেহি অবসরে শ্রী.কী ৩ ; সেহি শব্দ চক্র ৪। সেহি মহামায়া চ.বি ২৬ ; ৮০ ; ১৭৮ ; ৩৪৮। সেহি মেদমাংসে হয় পৃথিবী সৃজন বি.পা ১৫। ব.প ৩০২ ; সেহি শাপ ৭০২। সেহি খানে চৈ.ম ১৫০। ২ তদ্রূপই, সে-প্রকারই। "সেহি বল পরাক্রম সেহি মহাবল চ.বি ২৮৩। আমাকে জানিবা সেহি ব.প ৭০২। —হি সর্ব ১ সে মাত্র, কেবল সে। "সেহি কিছু তব গুণ বলিতে না পারে চ.বি ৮। ২ সেও। "চান্দ বলে সেহি নহে সম্বন্ধ সমানে বি.পা ২৫৭। ৩ তাহাই। "এহা জানি যেহি যোগ্য সেহি খীর কর শ্রী.কী ১২৪। [সেহি ত—নিশ্চিত সেরূপ। "তাথে হৈতে বীর হয় সেহি ত প্রবল চ.বি ২৮৩। সেহি মত—ঠিক সেরূপ, সেপ্রকারই। "সেহি মত দুঃখে কহে বৈশ্যের নন্দন ব.প ৩০৩। সেহি সে—সেই। "বিধি বিড়ম্বিত হৈল সেহি সে রাজনে চ.বি ১১ ; সেহিসে সভায় ২৫ ; ২৬।]

সেহুণ্ড, সেহুণ্ডা পুং, স্ত্রী [দ্র 'সীহুণ্ড'] মুহি, সিজগাছ।

সে-হেন বিং [সে১ + হেন] ১ তাদৃশবিদগ্ধ, তাদৃশপ্রেমিক। "সে-হেন কালিয়া, নিঠুর হইল চ.দা ৫৫ ; সে-হেন নাগর, গুণের সাগর ১০৪। সে-হেন কানাঞি ব.প ৮৩৭। ২ তাদৃশগুণসম্পন্ন। "সে-হেন কন্যা : সে-হেন জামাতা চৈ.ভা ৭৪। ৩ তাদৃশ। "সে-হেন সুন্দর গা, সে-হেন সুন্দর পা চৈ.চ ৫৩ ; সে-হেন শ্রীঅঙ্গে ১৫২। সে-হেন সুন্দর কেশলাবণ্য ব.প ১১৯৪। ৪ তাদৃশসুন্দর। "সে হেন অঙ্গের, এমন বিতথা। —জ্ঞা ৮৫।

সেহো দ্র 'সেহ'।

সৈ বি [সই > সৈ ; দ্র 'ঐ১'] ১ সখী ; স্ত্রীলোকের সখীত্বসূচক সম্বন্ধ-বিশেষ। "অতঃপর সয়াকে সৈয়ের দয়া চাই শি ১০২ ; সৈয়ের তুলনা : সৈয়ের শোভা ১০৬। ২ (সম্বোধনে) সই! "সৈ হে না জানিয়ে বিনয়-বচন ক.চ ১৩৭। কেলেসোনা কয় সৈ তোর স্বামী ভাল শ্রী.মা ৮৫।

সৈংহ বিণ [সিংহ + অ (অণ্) ; স্ত্রী -হী] ১ সিংহসম্বন্ধী, সিংহসদৃশ। "সৈংহং বপুঃ।—হ ৪১.১৭। বিভ্রতা সৈংহীমতনুং তনুম্ মাঘ ১.৪৭। সৈংহীং দ্যুতিম্।—হি ১.১৮৫। ২ সিংহচিহ্নযুক্ত। "ধ্বজং সৈংহং যুযুজে রথে পুনঃ মহা ৪.৬৭.১৩। ৩ সিংহসম্বন্ধী, অর্থাৎ সিংহের। "আর্কং সৈংহং বা কুণপম্।—পরাশর ১১.৪০।

সৈংহল বিণ [সিংহল + অ (অণ্) ; স্ত্রী -লী] সিংহলসম্বন্ধী, সিংহল-ভব। —লী স্ত্রী সিংহপিপ্পলী।

সৈংহলী দ্র 'সৈংহল'।

সৈংহিক, -কেয় পুং [সিংহিকা + অ (অণ্), + এয় (ঢক্)] 'সিংহিকাসম্বন্ধী', 'সিংহিকাপত্য', রাহু। "ক্লিশ্নাতি সোমং সৈংহিকেয়ঃ মাঘ ২.৩৫। চন্দ্র যেন বিদলিত সৈংহিকের-দাঁতে।—ম ৪৪৯।

সৈকত বিণ [সিকতা + অ (অণ্) ; স্ত্রী -তী] ১ সিকতাবিকার, সিকতাময়, বালুকানির্মিত। "প্রতিকৃতিম্...সৈকতীম্ ভ ১০.২২.২। একৈক সৈকত পিণ্ড ব.প ১৭০৫। ২ সিকতাসংসৃষ্ট। "সৈকতো ঘটঃ পা ৫.২.১০৪, সি। ৩ সিকতাবান্, বালুকাযুক্ত (দেশ)। "পা ৫.২.১০৫, সি। সৈকত পুলিনে প.তৃ ৮২। —ত ক্লী সিকতাময় দেশ ; বালুকাতট, পুলিন। "মহা ৭.১৮৯.১৮। উন্মুখাঙ্কিত° রঘু ৫.৮ ; গাঙ্গং সৈকতম্ ৭৫ ; ১৩.১৭ ; ১৯.৪০। ভট্টি ২.১৮। এ ভবনদীর তপ্ত সৈকতে ব.প্র ৬৪২। নদী সৈকতশয্যায় ব.দ্বি ৫। [°বেদিকা (স্ত্রী)—পুলিনরচিত-বেদি। "কু.স ১.২৯। °লীন (বিণ)—বালুকাতটলীন। "°হংসমিথুনা ...মালিনী শ ৩.১৭।]

সৈকতিক বিণ [সৈকত + ইক (ঠন্) ; স্ত্রী -কা] ১ সৈকতসম্বন্ধী, পুলিনসম্বন্ধী। ২ সন্দেহজীবী (মেদিনী) ; ভ্রান্তজীবী (S.W.) —living in doubt and error (A)। ['সৈকত' ভঙ্গুর, সুতরাং সন্দেহের বিষয়। ইহা হইতে ঐ অর্থ (?)।] —ক পুং ১ সন্ন্যাস (মেদিনী), সন্ন্যাসী। ২ ক্ষপণক (মেদিনী)। —ক্লী যাত্রীর যাত্রামঙ্গলসূচক, অর্থাৎ মঙ্গলার্থ মণিবন্ধে বা গলে বদ্ধ সূত্র।

সৈকতী (-তিন্) বিণ [°ত + ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -তিনী] সৈকত-বান্, বালুকাতটযুক্ত। "মৃগৈঃ সমন্তাচ্ছপজাতসাধ্বসৈঃ, সমাচিতা সৈকতিনী বনস্থলী।—ঋতু ২.৯।

সৈকা বি (?)। "বি.পা ১৬৫ ; ২৩৬,-৬৯ ; ৩৪৮।

সৈচান বি [সয়চান > °ন, দ্র 'ঐ১' ; ধৃতপাঠ 'সৈতান' (লিপিকর-প্রমাদ)] শ্যেন। "মাংস হেতু যুদ্ধ যেন সৈচানে সৈচানে ক.চ ৯৭।

সৈতবাহিনী স্ত্রী বাহুদা নদী (অ কো)।

সৈত্য বি [সত্য > °ত্য দ্র 'ঐ১'] শপথ। "তোমার বাপের সৈত্য তুমি লৈলা লাড়ি ম.গা ৫।

সৈদ বি [সৈয়দ > °দ] সর্ব 'সৈয়দ'। "বা.ম ৮৮। ব.প ৩১৯। —দানী বি [সৈদ + আনী৩] সৈয়দের স্ত্রী। "সৈদের সৈদানী কান্দে মল্লার মল্লানী বা.ম ৮৮।

সৈদ্ধান্তিক বিণ [সিদ্ধান্ত + ইক (ঠক্) ; স্ত্রী -কী] সিদ্ধান্তবিৎ। —ক পুং তান্ত্রিক (অ.চি)]

সৈনাপত্য ক্লী [সেনাপতি + য (ষ্যঞ্)] সেনাপতিভাব, সেনাপতি-কর্ম, সেনানীকার্য্য। "মহা ৫.১৬৪.৪ ; ৬ ; ১৩। মনু ১২.১০০ ; ভ ৪.২২.৪৫। (কর্ণে) সৈনাপত্যে অভিষেক কৈল।—ম ৮৯৮। ন ৯৩২।

সৈনিক বিণ [সেনা + ইক (ঠক্), পা ৪.৪.৪৫] সেনাসমবায়গত, সেনাসমাবৃত ; সেনাসম্বন্ধী (শ.ক)। "সৈনিকো জনঃ মহা ৭.১৯১.৬৯। —ক পুং সৈন্য। "রা ২.৯১.৬২। °হর্ষনিস্বন রঘু ৩.৬১। ২ সেনারক্ষ, প্রহরিকাদি (অ.কো)। ৩ যোধ, প্রতিপক্ষ। "তমাহত্বং পুরস্কার্য্যঃ সদৃশস্তস্য সৈনিকঃ।—হি ২.৮৩।

সৈন্দা বি [সন্ধ্যা > °ন্দা, দ্র 'ঐ১'] সাঁঝ। "এক সৈন্দা রান্ধি ভাত দুই সৈন্দা খাওয়াইমু ম.গা ৮। [°কালে—সন্ধ্যায়। "সৈন্দাকালে চলি যাএ আপনা বাসর ম.গা ৯।]

সৈন্ধব বিণ [সিন্ধু + অ (অণ্) ; স্ত্রী -বী] ১ সিন্ধুদেশসম্বন্ধী, সিন্ধুজাত। "পা ৪.২.১৩৩ ; ৩.৩৩, কাশিকা। হয়মারুহ্য সৈন্ধবম্ ভ ৯.১.২৩। "সৈন্ধবী তুরঙ্গী ব.প্র ১৭৯। ২ সিন্ধুদেশাভিজন। "পা ৪.৩.৯৩। ৩ সিন্ধুসম্বন্ধী, সামুদ্র। ৪ সিন্ধুনদসম্বন্ধী, সিন্ধুভব। —ব পুং ১ সিন্ধুদেশজ অশ্ব। "রঙ্গ ৯। ২ অশ্ব। "শ্রী ১২৪। ৩ সিন্ধুদেশপতি। "সৈন্ধবস্ত জয়দ্রথঃ মহা ২.১৮৬.২১। ৪ জয়দ্রথ। "মহা ১.১.১৯৮। ভ ১.১৫.১৬। ম ৮৩৬। ৫ সিন্ধুদেশোদ্ভব জিনগণ। "নৈ ১.৭১। ৬ সিন্ধুদেশাধিপতি। ৭ (বহুব) সিন্ধুবাসিগণ। "মহা ৩.৫১.২৫। —ব পুং, ক্লী সিন্ধুদেশজ লবণবিশেষ ; সিন্ধুজ। "°ঘন।—শতপথব্রাহ্মণ ১৪.৭.৩.১৩। °চূর্ণ (সুশ্রুত)। সৈন্ধব বিহনে ঘোড়া, পালে পালে কৈল খোঁড়া ক.চ ১৮৮। —ব ক্লী (নাট্যের) লাস্যাঙ্গবিশেষ। "সা.দ ৬.২১৩ ; ২১৯। —বী স্ত্রী রাগিণীবিশেষ (S.W.) ; সিন্ধুরাগ (?)। [°ঘন (পুং)—সৈন্ধবপিণ্ড। °শিলাশকল (ক্লী)—সৈন্ধবলবণরূপশিলাখণ্ড। "লেহ্যানি °শকলানি রঘু ৩.৭৩।]

সৈন্ধবক বিণ [সিন্ধু+অক (বুঞ্‌)] ১ সিন্ধুদেশজাত। "°কো মনুষ্যঃ পা ৪.২.১৩৪, কাশিকা। ২ সিন্ধুদেশীয় (কাশিকা)।

সৈন্য বিণ [সৈন্য+অ (অণ্‌)] ১ সেনোত্থ (নীলকণ্ঠ)। "পক্ষিণঃ... সৈন্যেন রজসাবৃতাঃ মহা ৪.৩২.৭ ; ৩০। ২ [সেনা+য (ণ্য), পা ৪.৪.৪৫, 'সেন্য'—সেনার্হ, সেনাসদৃশ (সায়ণ, ঋগ্বেদ ১৮১.২)] সেনা-সমবেত (মেদিনী)। —ন্য পুং 'সেনায় সমেত', সৈনিক, সৈনিকজন। "রা ২.৯১.৫৮। মাঘ ৫.২৮। —ন্য ক্লী [সেনা+য (ষ্যঞ্‌), স্বার্থে, পা ৫.১.১২৪, বার্ত্তিক] সেনা, বল, চমূ। "নায়কা মম সৈন্যস্য গী ১.৭। কুমার° রঘু ৩.৪০। [°কক্ষ (পুং)—সৈন্যপার্শ্ব। "গো.রা ৬.৩৬.১০৮। °ক্ষোভ (পুং)—সৈন্যদ্রোহ। বৃহৎসংহিতা ৩৪.২০। °ঘাতকর (বিণ) সৈন্যনাশক। "বৃহৎসংহিতা ৩০.৩। °নায়ক, °পতি, °পাল (পুং) —সেনানী। "°ক ক.সা ৪৭ ৩১। °তি।—বৃহৎসংহিতা ৪৯.৫। °ল গো.রা ৬.৩৩.২। °পৃষ্ঠ (ক্লী)—সৈন্যপশ্চাদ্ভাগ, পার্ষ্ণি। °বাস (পুং) —সেনানিবেশ, শিবির। °বিসর্জ্জন (ক্লী)—সৈন্যত্যাগ। "রা ১ ৩.৩৮। °শিরঃ (-রস্‌) ক্লী—সেনাগ্র, সেনামুখ। °স্তম্ভ (পুং)—সৈন্যজড়ীভাব।]

সৈন্যপাট বি সৈন্যরচিত প্রাচীর, সেনার বেড়া। "(ধেনুগণ) ভাঙ্গি সৈন্যপাট বেগে হইল বাহির।—ম ৬৩৬।

সৈন্যসামন্ত বি সৈন্য ও সামন্তরাজ। "ভ.গ্র ১২২।

সৈন্যাধিনায়ক, -ধিপতি পুং [ষ.ত] সেনাপতি, সেনানী।

সৈন্যোপবেশন ক্লী [ষ ত] সৈন্যাবস্থান, সেনানিবেশ।

সৈমন্তিক ক্লী [সীমন্ত+ইক (ঠক্‌)] 'সীমন্তভব', সিন্দূর।

সৈয়দ বি [আ সয়্যদ্‌] ১ মুহম্মদের দৌহিত্র হুসেনের বংশধরবিশেষ। ২ মুসলমানসম্প্রদায়বিশেষ ও তৎসম্প্রদায়ের মুসলমান। "সৈয়দ পাঠান কত শ্রী ১৩। সৈয়দগণ ম.ম ৫৭।

সৈয়াড়ি বি [সৈ+আলি[৪]] সখীভাব, সখীত্ব। [সৈয়াড়ি ভেট —সখীত্বের অর্থাৎ সইকে দেয় উপহার। "ক.চ ৬১।]

সৈর ক্লী [সীর+অ (অণ্‌)] সীরসম্বন্ধী, হালিক। —র ক্লী [সীরা +অ] সীরার (প্রতিসীরার) সমূহ (নীলকণ্ঠ) ; নেপথ্যসমূহ। "মহা ৩.৬৫.৫৫।

সৈর(রি)ন্ধ্র পুং ১ দস্যু হইতে আয়োগব স্ত্রীতে জাত সন্তান। "সৈরন্ধ্রকর্ম্ম মহা ১৩.৪৮.১৯, নীলকণ্ঠ। সৈরিন্ধ্র ('সৈরন্ধ্র'—নীলকণ্ঠ) মনু ১০.৩২। [ইহারা কেশরচনাদিতে পটু, উচ্ছিষ্টভক্ষণাদিদাসকর্ম্ম-রহিত, অঙ্গসংবাহনাদিদাসকর্ম্মজীবী ও মৃগাদিবধবৃত্তি (মহা ১৩.৪৮.১৯, মনু ১০ ৩২)।] ২ দাস, ভৃত্য (A.)। —ন্ধ্রী স্ত্রী [স্বৈর+ √ইন্ধ্‌, পৃষো (অ.টী), °ন্ধ্র+স্ত্রী ঈ (ঙীষ্‌) ; দ্র মহা ৪.৩.১৮, নীলকণ্ঠ] ১ সৈরন্ধ্রস্ত্রীজাতি। "সৈরন্ধ্রী মহা ১৩.৪৮.১৯। ২ পরগৃহস্থা স্ববশা কেশরচনাদিশিল্পকারিণী স্ত্রী, অন্তঃপুরপরিচারিকা (নীলকণ্ঠ)। "মহা ৪.৩.১৮ ; ৯.১৮। সৈরিন্ধ্রীর কর্ম্ম।—ম ৫৯২। ৩ নেপথ্যধারিণী, অন্তঃপুরচারী (নীলকণ্ঠ)। "মহা ২.৬৫.৫৫। ৪ অঙ্গলেপসাধনক্রিয়া-কুশলা স্ত্রী। "সৈরন্ধ্র্যাবাচ ভ ১০.৪২.৩। ৫ বিরাটগৃহে গুপ্তাকৃতি দ্রৌপদী। "সৈরন্ধ্রী মহা ৪.১৫.২। সৈরিন্ধ্রী।—ম ৫৯৩,-৪। [সৈরন্ধ্রীর কর্ম্ম হেতু নাম 'সৈর(রি)ন্ধ্রী'।]

সৈরিক বিণ [সীর+ইক (ঠক্‌), পা ৪.৩.১২৪ ; স্ত্রী -কী] সীর-সম্বন্ধী, হালিক। —ক পুং [+ইক, পা ৪.৪.৮১] হালিয়া গোরু ; হেলে।

সৈরিন্ধ্র, সৈরিন্ধ্রী দ্র 'সৈরন্ধ্র'।

সৈরীয়, -য়ক, সৈরেয়, -য়ক পুং [সীর+ঈয় (ছ), +এয় (ঢক্‌) —সীরীয়, সৈরেয়+অ (অণ্‌)+ক (কন্‌) স্বার্থে] 'সীরকৃষ্টস্থানভব', ঝিণ্টি, ঝিণ্টিকাসামান্য (অ টী)। "সৈরীয়ক, সৈরেয়ক (অ.কো, অ.টী)। সৈরী(রে)য় (সুশ্রুত)। সৈরেয়ক কি ৪.২৮, মল্লিনাথ।

সৈল্য বি [শল্য ; অসাধু] শজারু। "ব.প ৮৪৬।

সৈস, -সক বিণ [সীস, -সক+অ (অণ্‌) ; স্ত্রী -সী, -কী] সীস-বিকার, সীসকনির্ম্মিত। "সৈসক (মাষক) মনু ১১.১৩৪।

সৈসক দ্র 'সৈস'।

সো[১] দ্র 'সুয়া[২]'।

সো[২] সর্ব্ব, বিং [সং 'সঃ' > লি, প্রা 'সো', হি, প, মৈ 'সো'; Av. ha] সে। "হেরইতে সো ধনি থোর বি.প ৩০ ; সো চতুরাই ১৩১। সো গিরিধরবর।—গো ১৫৪ ; সো মুখ-চাঁদ ২২১। সো পিয়া পিরীতি। —জ্ঞা ৬৭। সো সব ন.প ১৪০। সো কুলবতী প.ক ৯১০। কঁহি রে সো প্রিয়।—ভানুসিংহ ২ ; ৪। —সর্ব্ব ১ সে। "শৈশব সো (রাধা) তছু ছোড়ি নাহি পারি বি.প ৪১ ; আপন মনোরথ সো পরিপুর ১৪৪। সো বহুবল্লভ, সহজেই দুর্লভ।—গো ১২৬। ২ তাহা। "সো যদি জানিতাম, অলপ ইঙ্গিতে, তবে কি এমন করি চ.দা ৮৪। সো (হার) নাহি পহিরনু।—গো ২১৬।

সো[৩] কা ক্রি [সং ভ্যস্‌ (পঞ্চমী-বহুব) > প্রা সুংত (ষ) ; হি, মৈ সোঁ] পঞ্চমী, তৃতীয়া—হইতে, সহিত। "নহি কাঁহাসো বিরোধ চৈ চ ৮২।

সোঅ ক্রি [সু[৩]—সোঅ ; মৈ √সো] শয়ন কর। "শ্রী.কী ৩৩৮।

সোআ বিং [সোয়া > সোআ, দ্র 'সওয়া'] সর্থ 'সওয়া'। "সোআ তিন হাত কাপড় ফাড়ি রাজার থিক্কা বানাইব গো.চ ১৬৩।

সোআ(য়া)থ বি [স্বাস্থ্য > { সুআ(য়া)স্থ) > সুঅ(য়)থ > °থ] স্বস্থ-ভাব, প্রকৃতিস্থতা, শান্তি, সুখ। "বহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ বি.প ৯৪, কি করিব কোথা যাব সোযাথ না হয় ১৯৮। তা দেখিআঁ সব খন না পাওঁ সোআথ শ্রী.কী ৫৯ ; চিত্তে হউক সোআথ ৯৯। দহে প্রাণ সোয়াথ না হয়।—ম ৬৮৫। দুহেঁ চিত্তে সোয়াথ না পায় চৈ ভা ২৬৮। দেবগণের সোযাথ শ্রী ম ২৬৮। নানা উপদ্রবে ইহা না পাই সোয়াথ চৈ.চ ৩০৮। তিলেক সোয়াথ নাহিক তোর রা.শে ১০১। শচীর অন্তরে, ধক্ ধক্ করে, সোয়াথ না পায় চিত্তে চৈ.ম ১৩২।

সোআ(য়া)দ বি [স্বাদ > (সুআদ > সুআ(য়া)দ) °দ ; 'সওয়াদ' (কোচবিহার)] ১ স্বাদ, সুরস, স্বাদুতা। "খাবার গাসত সোআদ নাই গো.চ ১৭৪। ২ আস্বাদন, রসানুভূতি। "যার পদ-অনুরাগে, এ রস-সোয়াদ পাবে, এই পঁহু নিবেদিল তোরে চৈ ম ৮। ৩ মধুরতা, প্রীতি। "লহনার বোলে সাধু না পাল্য সোয়াদ ক.চ ১৫৭।

সোআ(য়া)মি, -মী বি [স্বামী > সুআ(য়া)মী > °মী, প সুআমী] পতি। "হেন বসে সোআমী নাহি কর কি কারণ গো.বি ৯৭। সোআমি গো.চ ৪২, ৪৬ ; সোয়ামি ১৩, ১৪, ১৫। সোয়ামী ব.প ৮৩। সোয়ামী 'দুর্ব্বল' (নাম) ভ.গ্র ১৪৯। সোয়ামীর বুকে বসে ঘর করিছি তেই ব.প ১৪৩৪,। অ.গ্র ৪।

সোআর বি [দ্র 'অশবার'] ১ আরোহী। "ঘোড়ার সোয়ার গো.চ ২০২। ২ অশ্বারোহী। "অটল সোআর, নৃপের কোঙর বা.দ ২৪০। —রি বি [দ্র 'সওয়ার'] পাল্কি। "গো.চ ২৭৯।

সোআরি দ্র 'সোআর'।

সোই[১] বি [সই[১] > সোই (উচ্চারণানুসারে) ; অসাধু] সখি। "সোই! পিরীতি বিষম মানি চ.দা ৫৫। সোই! মরম করিনু তোরে।—গো ৩৭।

সোই[২] সর্ব্ব বিং [সো[২]+ই[৪] ; 'সোই' (স এব—পৈ] ১ সেই, কেবল সে। "শ্রীযুত ঠাকুর পণ্ডিত, তিহোঁ হন সুবিদিত, সোই এই রস ভাল জানে ব.প ৭৮২। ২ সেই (selfsame)। "নিবাসে বাস পুন দেয়ল সোই : সোই রসিকবর (শ্রমজল মোছল মোরি) বি.প ১৪৫। সোই কোকিল, অব লাখ ডাকয়ু ব.প ১০২৩ ; সোই পুরুষ-মণি, লোটায় ধরণী পুনি ১০৪১। ৩ নিশ্চিত বা ঠিক সে। "যো গুণবন্ত সোই ফল

পাব বি.প ৫৬। সোই মথুরা পুরী আজ্ঞায় ঘর শ্রী.কী ১৭২। —ই সর্ব ১ সেই। "তুয়া রূপ হেরি, সোই ভেল আকুল।—ব ৮০। ২ তাহাই, তাই। "চন্দনরেণু, ধূসর ভেল সব তনু, সোই ভসম সম ভেল।—গো ১৯৭। ৩ সে। "কহ মাধব কোন কলাবতী সোই।—গো ১৯৫।

সোঁ[১] বি বেগে বায়ুপ্রবাহের শব্দ। "বাতাস সোঁ করে চ'লে গেল পি.ঘি ৯৪। [সোঁ-সোঁ—ক্রমাগত সোঁ শব্দ। "শিশু ৬১।]

সোঁ[২] সর্ব [সো > সোঁ] সে। "তঁহি সোঁ ('সৌ'—বি.সা ১২০) কঁহা পীরিতি রসাল। বানর কণ্ঠে কি মোতিম মাল।—ব.প ১০১৩।

সোঁঅর সর্ধ [সঙর > (সঁঅর) °র] স্মরণ করা। [সোঅরি., -রিঞা, -রিতেঁ, -রিহ, -রী (শ্রী.কী)।]

সোঁকা : সোঁটা দ্র 'শুঁক ; শোঁটা'।

সোঁত, সোত বি [সং স্রোতস্ > প্রা সোত্ত > বা সোত, সোঁত ; হি সোত, -তা] জলপ্রবাহ। "সোত গো.চ ২৭৩ ; মী ২৫ ; গো.বি ১৩৪। অজয় বেগে ভাসাইল সোঁতে শ্রী ১৮৭ ; সোঁতের সিউলি ২২৮ ; ২৪৬। সোত ম.ম ১৪০ ; ২০৯। —তা বি [সোঁত + আ[১°]] স্বল্পস্রোত ক্ষুদ্র-নদী ; কুসরিৎ। "ঐ দেখা যায় মরা নদীর সোঁতা।—শিশু ৪১। [সোঁতান—সোঁতাইয়া যাওয়া ; স্রোত বহিয়া যাওয়া।]

সোঁতা, সোঁতান দ্র 'সোঁত'।

সোঁদর বি [সুন্দর > °র] সুঁদুর গাছ। [সোঁদর বন—সুন্দর-বন "ছ ৮৩।]

সোঁদা, -ধা বিং [সং সুগন্ধ > প্রা সুঅংধ > (সুংধা) সোঁধা, -দা ; সোন্ধা ; হি, প সোংধা] সদ্‌গন্ধ, সুরভি। [সোঁধা গন্ধ—সুগন্ধবিশেষ। "নূতন কলসীর জলে সোঁধাগন্ধ হয়। গ্রীষ্মে বৃষ্টির পরে সোঁধা গন্ধ বেরোয়। বহিছে শীতল বায়ু সোঁধাগন্ধ হ'রে। সোঁধা নারকেল—জলশূন্য মালা-ছাড়া শুকনা ঝুনা নারকেল (কুষ্টিয়া), সোঁড়া নারকেল।]

সোঁদাল বি [সোনাল > সোন্দাল > °ল] সর্থ 'সোনাল'।

সোঁধা দ্র 'সোঁদা'।

সোঁপ সর্ধ [সঁপ > °প] ১ সমর্পণ করা ; দেওয়া। "করি করে সোঁপল মালতী মাদ (মাল) বি.প ৭৮। সোঁপল তোহার নয়নে বি.সা ১৬ ; ১০৩। রাজাম্পদ সোঁপিলা তাঁহারে ভ.গ্র ১২ ; সোঁপিল মানস ৪১৪। ২ রক্ষাদির ভার দিয়া সমর্পণ করা। "তোঁহে সোঁপনু ধনি রাই বি.প ৫৯। মাধব তোহে সোঁপনু ব্রজবালা।—গো ১৬১। মাধব তুয়া পায় সোঁপনু গোরী।—জ্ঞা ৯৭।। আসিবার কালে মাতা সোঁপিল তোমারে ব.প ৫১২। ৩ আত্মসমর্পণ করা। "যব দুঁহু সোঁপল করে কর আপি।—গো ১৫৫। ৪ উৎসর্গ করা। "(কন্যা) জগন্নাথ-আগে দাসী করিয়া সোঁপিলা।—ভ.গ্র ১৮৭। ৫ সম্প্রদান করা। "তাঁহারে (জয়দেবকে) লইয়া কন্যা সোঁপহ তুরিতে ভ.গ্র ১৮৭।

সোঁসর বিং [সমসর > (সঁসর) সোঁসর] ১ সমান, তুল্য। "হইতে সোঁসর, শম্ভু হৈলা হর, দেখি পয়োধর তুঙ্গিমা ভা.চ ১৭৫ ; (হরিহোড়) কুবের সোঁসর ভা.চ ২৩৮। দোজন সোঁসর সমরকরালা বা.দ ২২৫। ২ সহচর, সঙ্গী। "'বিদ্যা'-নাম সোঁসর দোসর নাই সাতে ভা.চ ২৬৫।

সোক বি [তু, সং শোক > প্রা সোঅ ; অপ্র] দুঃখ। "খুধাএ না পাইলে অন্ন বড় পাইবা সোক গো.বি ১৭০।

সোকত বি শুখতাব্যঞ্জন। "সোকত ব্যঞ্জন বি.পা ২৯৬।

সোকরানা বি [আ শুক্‌র্ ; হি শু (সু)করানা] ধন্যবাদ (thanks)। "জেয়াকত খাই সবে সোকরানা করে ব.প ১৮৫৭।

সোক্ষ বি [সং সৌখ্য > প্রা সোক্‌খ > বা সোক্ষ (ক্‌খ > ক্ষ, উচ্চারণে); অসাধু] সুখ। "(সপ্তমীর গান) শুনিতে অমৃত সোক্ষ মোক্ষ লাভ শেষে।—ছু ১৮ ; সোক্ষ মোক্ষ দাতা মাতা চাও গো নয়নে ৩৯ ; যে শুনিলে সোক্ষ মোক্ষ করতলে হন ৭৩।

সোঙর, স্ম(স্মো)ঙর সর্ধ [সুমর > সোঙর ; স্মর > স্ম(স্মো)ঙর, দ্র 'ঙ[৪] ; তু 'স্মঁ অরিঞা, স্মঁঅরী' (শ্রী.কী)] ১ স্মরণ করা। "স্মঙরিয়া পূর্ব্বকথা, হৈল ছয় উপমাতা ক.চ ২৮। স্মঙরিয়া ব.প ৫০০ ; স্মঙরিব ৬৬০ ; স্মঙরি ৮০৩ ; স্মঙরিঞা ৮৪৯। গৌরচন্দ্র সোঙরিয়া ন.প ৬৬। সোঙরি সুলেহ।—গো ২৫৭। তাহা স্মঙরিয়া চৈ.ভা ২৬৭ ; সেবক করিয়া যেন স্মঙর আমারে ১৯৯। এক সোঙরসি।—জ্ঞা ২০৮। পুরব সোঙরি ব্র.প ২৪৭। তব গুণ-গণ সোঙরাব।—ব ১৭৫। আর কি আসিব পুত্র স্মঙরি জননী শ্রী.ম ১৪০ ; স্মঙরিতে গুণ তনু দহে ১৪৩। স্মঙরিতে শি ৮৬। ২ মনে করিয়া উচ্চারণ করা। "শিব সোঙরিয়া বীর চলিল কৈলাসে ক.চ ১৭ ; রাম রাম স্মোঙরেন ৩০ ; সোঙরিল জনার্দ্দন ১২০ ; ১৭২। ভয়ে কৃষ্ণ স্মঙরয়ে প্রভু হরিদাসে চৈ.ভা ২৯৭। সদাই সোঙরে 'রাধা রাধা' চৈ.ম ৯৭। [সোঙরি সোঙর—পুনঃ পুনঃ স্মরণ করিয়া। তু 'সং স্মারং স্মারম্। "সোঙরি সোঙরি কান্দে।—ব ১৮ ; ৭৪। সোঙরি সোঙরি মন ঝুর ব.প ১০৪৩। সোঙরসি, -রাব, -রি, -রিতে, -রুক, -রো, -রল (প.ক)।]

সোঙরণ, স্ম(স্মো)ঙরণ বি [সোঙর, স্ম(স্মো)ঙর + অন] ১ স্মরণ। "এইরূপে পুত্রগণ,-গুণ করি সোঙরণ, কান্দে দেবী ভোজের নন্দিনী।—ম ৭১৫। পাপিহা দারুণ, পিউপিউ সোঙরণ, ভ্রমি ভ্রমি দেই তনু কোর বি.প ১৬৬। সোঙরণ (প.ক)। ২ স্মরণপূর্ব্বক উচ্চারণ। "(নীলাম্বর) চলিলা কাননপথে, সোঙরণ করিয়া শঙ্কর ক.চ ৩৮ ; রাম রাম সোঙরণে যামিনী প্রভাত ১২১ ; রাম রাম স্মঙরণে যামিনী প্রভাত ১৬৮। শুনি নিত্যানন্দ বিষ্ণুস্মঙরণ করে চৈ.ভা ২৪১।

সোচল বি [সং সৌবর্চ্চল] লবণবিশেষ, সোচল নুন।

সোচা বিং ['শোচ্য' মূল (?)] সাধনাভাবে শোকার্হ ; সারশূন্য, অসার। "কায়া সোচা করিল গুরু সকল কদলী গো.বি ৪৮ ; ১০৬।

সোচ্ছ্বাস বিণ [বহুব্রী] ১ উচ্ছ্বাসযুক্ত, সদীর্ঘশ্বাস। "(তস্য নিষ্পীড্য-মানস্য) সোচ্ছ্বাসমভবদ্ বক্ত্রম্ গো.রা ৪.১০.২০। ২ সবিকাস, প্রফুল্ল। "(ইয়ম্) সোচ্ছ্বাসমন্তঃকরণং করোতি মা.মা ৩.৪।

সোজা বিং [সহজ > °জা (?) ; হি সোঝা ; মৈ সোঝ] ১ যাহা সহজাত, অর্থাৎ সুখসাধ্য, সুকর (কাজ)। ২ সরল, অকপট (লোক)। ৩ সুখবোধ্য, সুগম, সহজ (বিষয়)। ৪ ঋজু, অবক্র (straight—পথ)। ৫ স্পষ্ট, কপটতাহীন, খোলা (কথা)। ৮ শিষ্ট, ভদ্র, শায়েস্তা। "চেন না আমারে শমন, চিনলে পরে হবে সোজা।—রামপ্রসাদ। ৭ প্রসন্ন। "সুন্দর ওলান বোঝা, তবু নহে মুখ সোজা, যাবত না চোকে লেখাজোখা ভা.চ ২৮৪। ৮ সুপ্রকাশিত, সুব্যক্ত। "কিছু সোজা কিছু বাঁকা যার হয় ক্রোধ। ধীরাধীরা বলে তারে পণ্ডিত সুবোধ ভা.চ ৬৭৪। [সোজা আঙুলে ঘি বেরোয় না—(গৌণার্থে) সহজে কার্য্য সিদ্ধ হয় না। সোজা করা।—১ শাসিত করা। ২ বক্র দণ্ডাদি সরল করা। সোজা করে বলা—১ সহজে বোঝার মত করে বলা। ২ স্পষ্ট করে খুলে বলা। সোজা হয়ে দাঁড়ান—খাড়া হয়ে দাঁড়ান। সোজা যাওয়া—সমান বা সামনাসামনি যাওয়া। সোজাপুত্রে— (?)। "সোজাপুত্রে অপুত্রক বলে জগজনে।—ছু ৫৭।

সোজাসুজি, -জী বিং সুপ্রকাশিত, খোলাখুলি, অর্থাৎ যাহা মনে মনে থাকে না, ব্যক্ত হয়। "সোজাসুজি যার ক্রোধ সে জন অধীরা ভা.চ ৬৭৪। —জি ক্রি.বিং ১ সরলভাবে, সম্মুখভাবে (যাওয়া)। ২ একেবারে, একটানা (directly)। ৩ সোজা-সুজি বোঝা—উপরি-উপরি (superficially), অর্থাৎ তলাইয়া না বোঝা।]

সোডা[১] বি [সোটা > সোডা] মোটা লাঠি। "গো.চ ২৪৪ ; ২৮০।

সোডা[২] বি [E. soda] ক্ষারবিশেষ (bicarbonate of soda)।

[সোডা ওয়াটার (E. soda water)—সোডা ও কার্বনিক অ্যাসিড্ গ্যাস মিশ্রিত জল ।]

সোঢ় বিণ [√সহ্ + ত (ক্ত)-র্ম্ম, পা ৬.৩.১১২, কাশিকা] ক্ষান্ত, কৃতসহন । "রঘু ১০.৪২ ; ১৪.৬৩ । বারং বারং ময়ৈতস্য মহাপরাধঃ সোঢ়ঃ ।—হি ২ $\frac{১}{৩}\frac{২}{১}\frac{৯}{৩}$ । —ঢব্য বিণ [+ তব্য-র্ম্ম] সহনীয়, ক্ষন্তব্য । "ব্রাহ্মণচাপল্যং সোঢব্যম্ ।—হ ১৩২.২৯ । অপরাধঃ…সোঢব্যঃ ভ ১০. ১৬.৫১ । —ঢা (-ঢ্) বিণ [+ তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ঢ্রী] ১ সহিতা । "সোঢা কোঽস্য (ভূতস্য) ভবিষ্যতি গো.রা ১.৩৮.৯ । সোঢা শস্ত্র-নিপাতানাম্ মহা ৭ ২৬.৬ । ২ [+ তৃ (তৃন্)-ক-১ব] সহনশীল । "ভট্টি ৯.৩১ ।

সোণা, -ন্না বি [সং স্বর্ণ > লি, প্রা সোণ্ণ > বা (সোণ) সোনা,-ণা ; হি সোনা ; ঠ সোনে , গু সোনু ; মৈ সোন,-না] ১ স্বর্ণ । "সোনার কুমড়া গো.চ ২ ; সোনার ঝাড়ি ২০ । সোণাব আবাস : সোণার প্রাচীর : সোণার বাটা সোণার ডাবর ।—কৃ ১১৮ । সোণা যে নহিল, পিতল হইল চ.দা ৫০ । সোণা ক.চ ৭৪ । সোণাব থালি ভ.গ্র ৩০০ । ২ [সং সুবর্ণ] স্বর্ণমুদ্রা, মোহর । "সাত কোটি সোণা ।—কৃ ৯ । কৃ.উ ১৫৪ । ৩ স্বর্ণালঙ্কার । "শঙ্খ সোনা শাড়ী ।—ম.গা ৮ । না পরিনু সোণা শাঁখা ব.প ৩৮৪ । সোহাগী মাগীর কানে কাটা (?) কড়ি সোণা ৯০ । ৪ (সাদৃশ্যে) আদরসূচক । "সোণার নাতিনি ! কেন, আইস পুনঃ পুনঃ চ.দা ১১ । সোনার নিমাই ন.প ২৩৭ । ৫ সোনাখড়কিয়া মাছ । "ভা চ ১২৬ । [সোণাওয়ালা লোহা, সোণার লোহা—সোণার পাতে মোড়া খাড়ু । হু ১৫০ । সোণা কষা—কষ্টিপাথরে ঘষিয়া সোণার রেখাপাত করা । সোণা ফলা—সোনার মত মহামূল্য শস্য ফলা । "এমন মানব জনম রইলো পতিত, আবাদ কল্লে ফলতো সোণা ।—রামপ্রসাদ । সোণা ফেলে আঁচলে গিরো—আধেয় ছাড়িয়া শূন্য আধারে গ্রন্থি দেওয়া ; বৃথা কোন কার্য্য করা । "সাকার না ভাবিয়া যে ভাবে নিরাকার । সোণা ফেলি কেবল আঁচলে গিরা সার ॥—ভা.চ ৪৮৩ । সোণা হওয়া —স্বর্ণরূপে পরিণত হওয়া । সোণা হেন মুখ—১ সোণার মত সুন্দর মুখ । ২ প্রীতিপ্রফুল্ল মুখ । সোণা(না)র সোহাগা—(গৌণার্থে) সুসদৃশ মেলন ; মণিকাঞ্চন-সংযোগ । "ভাগ্যবানের বেটী ভাগ্যবানের পো । সোনায় সোহাগা যেন মিলায়ন গো ॥—শি ২৮ । দ্র 'সোহাগা' । সোণার অঙ্গ—সুন্দর দেহ ; বরাঙ্গ । সোণার কাঠি রূপার কাঠি —(গৌণার্থে) বাঁচন-মরণের বা সম্পদ্-বিপদের কারণ । সোণার কুচি —স্বর্ণকণা, (সাদৃশ্যে) আদরের ধন গুণবান্ সন্তান । তু 'হীরের টুকরা' । সোণার খাওয়া, সোণার পরা—ভাল খাওয়া, ভাল পরা । " মা ৩২৮ । সোণার চক্ষে দেখা—খাঁটি সোণার মত নির্দ্দোষ দৃষ্টিতে দেখা ; দোষ-সত্বেও পক্ষপাতী হইয়া বিচার করা । "যাঁহারা সাহেবদিগের সকল কাজই সোণার চক্ষে দেখেন, তাঁহারাও চাকরদিগকে মারেন পা.প্র ৬২ । সোণা(না)র চাঁদ, চান, চান্দ—(সাদৃশ্যে) অতি-আদরের ধন ; সোহাগের পাত্র । "সোনার চান্দ গো.চ ৬৯ ; সোনার চান ১৭৩ । আমার সোণার চাঁদ দিগ্‌গজকে তোমার সঙ্গে পাঠাইলে কি হয় ?—ব.প্র ২৩ । সোণা(না)র জল—সোনার কালিবিশেষ । "সোনার জলে দাগ পড়ে না, খোলে না কেউ পাতা চ.কা ৩২৭ । সোণার জাদু—সোনার বাছা ; আদুরে গোপাল । সোণার পাত বা পাট—স্বর্ণপট্ট । সোণার পাথর বাটি —অসম্ভব বস্তু । সোণার বর্ণ, রঙ—সোনার মত রঙ ; গৌরবর্ণ । সোণা(না)র বাংলা, বাঙ্‌লা,—স্বর্ণপ্রসূ বঙ্গভূমি ; সুজলা সুফলা শস্য-শ্যামলা বঙ্গভূমি । "নীলবাঁদরে সোনার বাঙ্‌লা কল্লে ছারখার (গান) । হ্যানো সোনার বাংলা খান, পোড়ালে নীল হনুমানে ।—হু ১০৭ । আমার সোনার বাংলা ।—গান ২২৭ । সোণার বেণে—স্বর্ণবণিক্ । সোণার রাজ্য—সর্ব্বসম্পৎসম্পন্ন রাজ্য । "(নন্দের ছেলে) দ্বারকায় পেয়েছে সোণার রাজ্য ।—দা ৯৩৯ । সোণার লঙ্কা—সম্পৎসম্ভারে পূর্ণ লঙ্কা । সোণার লোহা—দ্র 'সোণাওয়ালা লোহা' । সোণার সংসার —সকলপ্রকার সুখে পূর্ণ গৃহাশ্রম ; সুখের ঘরকন্না ।]

সোণাকচু বি কচুবিশেষ । "ম.ম ১৪৪ ।

সোণাখড়কী, -কে বি ক্ষুদ্র মৎস্যবিশেষ । "°কী ভা.চ ৫৪৭ ।

সোণাখড়কে দ্র 'সোণাখড়কী' ।

সোণা(না)দানা বি স্বর্ণালঙ্কার ও দানা ; সোনার গহনা ও তাদৃশ মূল্যবান্ দ্রব্য । "সোনাদানা কিছু আনে নি সঙ্গে ।—কা ৮৩ । আমি …কাহাকেও সোণাদানা হাতে করে দিতে পেলেম না ।—দী ১০৪ । ন.ত ২ । সোনাদানা গি দ্বি ১২২ । —না বি স্বর্ণনির্ম্মিত দানা । "সোনা-দানা বাজুবন্দ পাইল পুরস্কার শ্রী ৪৩ ।

সোণাধন বি (সাদৃশ্যে) অতি-আদরের পাত্র । "সইকে…সয়া বুড়া কন । দণ্ড দুই দুঃখ স'য়ে থাক সোণাধন ॥—শি ১০৫ ।

সোণাধারী বিং স্বর্ণসূত্র-খচিত । "°রী জরি শ্রী.মা ১৪ ।

সোণাপারা বি সোনার মত গৌরবর্ণ । "°রা দে(দেহ) শি ২২ ।

সোণাব্যাঙ বি স্বর্ণবর্ণ ভেকবিশেষ, সোনাকোলা । "দা ২১৪০ ।

সোণামুখ বি সুন্দরমুখ বালক ; আদরসূচক শব্দ । —মুখে ক্রি.বিং প্রসন্নমুখে, আনন্দের সহিত । "চাঁদমুখা টাকা দেই সোণামুখে লয় ভা.চ ৪০৭ ।

সোণা(না) মুখী বি [আ সেনা-ই-মক্কী ; হি সনা, সনায়, সোনামুখী, ঠ সোনামুখী ; Italian—sena ; E senna] ১ কাঞ্চনাদিবর্গের ক্ষুপবিশেষ (Cassia augustifolia) । "সোনামুখীর পাতা অ.প্র ৫ । ২ বিরেচনার্থ সোনামুখীর পাতা ও ফল ।

সোণামুগ বি সোনার মত বর্ণবিশিষ্ট মুগকলায়বিশেষ । [সোণামুগদাল —সোণামুগের ডাল । "সুরধুনী-কাব্য ৯০ ।]

সোণামুষ্টি (?) । "সোণামুষ্টি ঘোড়া-খাড়া শ্রী.ম ২২৩ ।

সোণার বি [সং স্বর্ণকার > প্রা সোণ্ণআর > বা সোণা(না)র ; হি সুনার ; ঠ, গু, মৈ সোনার] স্বর্ণকার, সেকরা । "জনু সে সোণারে, কসি কসটিতে, তেজল কনক রেহা বি.প ২০২ । সই ! মদন সোণারে না চিনে সোণা চ.দা ৫০ । মদন সোণার, ভোরি রূপ লালসে, তাহে দেওল নখ-রেহ ।—গো ১৯৫ । সোণার বৈষ্ণব ভ.গ্র ৪২৫ । কানু সে হৈল সোণার প.ক ৭০৭ ।

সোণা(না)লি, -লী বিং [হি সোনহরা,-হলা, দ্র 'হল[২]'] ১ স্বর্ণ-নির্ম্মিত । "সোণালী চালুন ব.প ৪৭ ; সোণালী পড়ম ৭৪ । ২ স্বর্ণবর্ণ, সোনার রঙের । "সোণালী ভোমরা হইল ব.প ৮৩ । সোনালি রঙের পাখীর পালক ।—শিশু ১১৩ । ৩ স্বর্ণশিল্পখচিত । "(রঞ্জা দিল) সোনালি শিরপা সরবন্দ শ্রী ৬৬ । ৪ স্বর্ণ-লেপ-মণ্ডিত, গিল্টি-করা (gilt) । ৫ স্বর্ণাভ, পীতাভ । [সোণালি রূপালি—সোনায় রূপায় মিশ্রিত ; ভালমন্দ, মধুর-কঠোর । "যুবতী…সেই বৃষদুর্লভ রবের সঙ্গে আপনার কোমল কণ্ঠ মিশাইয়া গীত আরম্ভ করিল—তাহাতে সক-মোটা আওয়াজে সোণালি-রূপালি রকম একপ্রকার গীত হইতে লাগিল ব.প্র ৩১৫ । সোনালি স্বপন—সোনার স্বপন ; সুখকর স্বপ্নের মোহ । "সোনালি স্বপন লেগে যায় শুধু, নরের নয়ন 'পরে কু.কে ১০০ ।]

সোণা(না)লিয়া বিং ১ সর্থ 'সোণালি (১)' । "সোনালিয়া খড়ম গো.চ ২৪০ । ২ সর্থ 'সোণালি (৪)' । "সোণালিয়া জিন ক.চ ২৯১ । —লু বিং স্বর্ণরচিত । "সোনালু পটুকা শ্রী.মা ১৫৬ ।

সোত দ্র 'সৌত' ।

সোতিনী বি সপত্নীসদৃশ পীড়াজনক বিষয় । "দূর কর সোতিনী মোতিম হার ।—গো ১৩১ ।

সোৎক বিণ [বহুব্রী ; স্ত্রী -কা] ১ উৎকসহিত, সোৎসুক। "°কঃ (স বণিক্) ক.সা ২১.৬২। ২ সস্পৃহ। "চিরদর্শনসোৎকয়া দৃষ্ট্যা ক.সা ২৬. ২৭৩।

সোৎকণ্ঠ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণ্ঠা] ১ উৎকণ্ঠাসহিত, সৌৎসুক্য। "ক.সা ১৮.১৯। ২ বিহ্বল, বিক্লব। "ভাববিশ্লেষ° ক.সা ৩৮.৭৭। —কণ্ঠ ক্রি. বিণ সৌৎসুক্য। "সোৎকণ্ঠং কিমপি পৃথাসুতং প্রদধ্যৌ কি ৫.৫১।

সোৎপ্রাস বিণ [বহুব্রী] উৎপ্রাসসহিত, সোল্লুণ্ঠন, সপরিহাস। —স পুং সশব্দহাস্য, অট্টহাস (শ.ক)। —স ক্লী ১ সোল্লুণ্ঠনবাক্য (ত.বা)। ২ প্রিয়বাক্য, চাটু (শ.ক)।

সোৎসব বিণ [বহুব্রী] উৎসবসহিত, সানন্দ। "ক.সা ২৬.৯২। —ব ক্রি.বিণ সানন্দ, সহর্ষ। "ক.সা ৪৩.২৪০।

সোৎসাহ বিণ [বহুব্রী] ১ উৎসাহসহিত, সোদ্যোগ। ২ কার্য্যে স্থির-প্রযত্নবান্; অধ্যবসায়শীল। "সখে সর্ব্বদা ত্বয়া সোৎসাহেন ভবিতব্যম্। —হি ১$\frac{২}{১}\frac{৭}{৮}\frac{৯}{৮}$।

সোৎসুক বিণ [বহুব্রী] ১ ঔৎসুক্যসহিত, সোৎকণ্ঠ। "ঋতু ১.৬ ; ২. ১৭। হেম ৩২০। ২ উৎসাহী, উদ্যোগী। "জগৎসিংহ এই দুঃসাহসিক কার্য্যের ভার লইতে সোৎসুক ব.প্র ১০। [সোৎসুকে—সোৎকণ্ঠভাবে। "কভু মোরে কভু তারে, চেয়েছ সোৎসুকে চ.কা ২৩৪।]

সোৎসেধ বিণ [বহুব্রী] উৎসেধযুক্ত, উচ্ছ্রায়বান্। "সোৎসেধং তীরম্ রা ২.৬৩.৪৬। সোৎসেধৈঃ স্কন্ধদেশৈঃ।—মৃ ৪ ৭।

সোদক বিণ [বহুব্রী] ১ উদকসহিত, সজল। "দেশং সোদকম্ গো.রা ৩.১৯.১২। মনু ৪.৩৬। ২ সমানোদক। "মার্কণ্ডেয়পুরাণ ৫০.৯১। ৩ (বাঙ্‌লায়) আর্দ্র। "সোদক বসন।—ম ৩৩৭।

সোদয় বিণ [বহুব্রী] উদয়সহিত, সবৃদ্ধিক ; সলাভ (মিতাক্ষরা)। "আজীবনং স্বেচ্ছয়া দণ্ড্যো দাপ্যস্তং চাপি সোদয়ম্ যাজ্ঞ ২.৬৮ ; ১৪৯।

সোদর বিণ [স (সমান) উদর যাহার, বহুব্রী ; স্ত্রী -রা] ১ সমানোদর-জন্মা, একোদরজাত। "ভ্রাতা চ সোদরঃ মনু ৮.২৯৯। বিষ্ঠাভূরিব সোদরঃ ভ ৩.৩১.১০। ২ সদৃশ। "স্মেরেন্দীবরদামসোদরবপুস্তস্যাঃ সা.দ ৩$\frac{৬}{উ}\frac{৬}{ষ্ট}$। —র পুং সহোদর ভ্রাতা। "যাজ্ঞ ২.১৪১। সোদর-সমাজ অ.প ২২। সম্প্রীতি কত সোদরে সোদরে।—হেম ২৩২। —রা স্ত্রী সহোদরা। —রীয় পুং [°র+ঈয় (ছ)] 'সমানোদরসম্বন্ধী', সহোদর। "মহা ৩. ১১৮.১৫ ; ১২০.৪। —র্য্য বিণ [সোদর+য, পা ৪.৪.১০৯] 'সমানো-দরে শয়িত বা স্থিত', সহোদর। "সোদর্য্যাং পূজয়ামাস স্বসারং পন্নগোত্তমঃ মহা ১.৪৮.১৫। সোদর্য্যা অঙ্গজাঃ ভ ৫.৯.১। —র্য্য পুং সহোদর ভ্রাতা ; সোদর। "মনু ৯.২১২। রঘু ১৫.২৬। —র্য্যা স্ত্রী সহোদরা। "°স্নেহ শ ৪$\frac{২}{১}\frac{২}{উ}$। [সোদর মাউলানী—সাক্ষাৎ বা আপন মামী। "শ্রী.কী ৫০ ; ৫২।]

সোদরীয়, সোদর্য্য, সোদর্য্যা দ্র 'সোদর'।

সোদাহরণ বিং [বহুব্রী] উদাহরণসহিত। "পা.প্র ১৪০।

সোদ্যম বিণ [বহুব্রী] উদ্যমযুক্ত, উদ্যোগী। "ক.সা ৪৬.৩৫।

সোদ্যোগ বিণ [বহুব্রী] উদ্যোগবান্, উদ্যমশীল। "সোদ্যোগং নর-মারাত্তি বিবশাঃ।—হি ১.১৮৩।

সোদ্বাষ্প বিণ [বহুব্রী] উদ্গতাশ্রুসহিত, গলদশ্রু।

সোদ্বেগ বিণ [বহুব্রী] উদ্বেগসহিত, সোৎকণ্ঠ। "প্রভু তারে কহে কিছু সোদ্বেগবচনে চৈ চ ৩০৮।

সোধ সর্ম্ম [সং √শোধি—শোধয়্ > সোধ ; তু 'প্রা √সোহ'] শুদ্ধ করা ; নির্ম্মল করা। "সে পাপী সোধিলোঁ তার আগে শ্রী.কী ২৫২।

সোনা দ্র 'সোণা'।

সোনাকষা বি ভরিদরে সোনার মূল্য নির্ণয় করার শুভঙ্করী হিসাব-বিশেষ।

সোনা-কোলা বি স্বর্ণবর্ণ বৃহৎ ভেকবিশেষ।

সোনাখড়কী ; সোনাদানা ; সোনাধন দ্র 'সোণাখড়কী ; সোণাদানা ; সোণাধন'।

সোনামণি বি শিশুর আদরের নাম।

সোনামুগ ; সোনার দ্র 'সোণামুগ ; সোণার'।

সোনালি[১] বি [সং সুবর্ণক (অ.কো) ; সুবর্ণালু (অজয়) ; স্বর্ণদ্রু (রাজনির্ঘণ্ট) ; ঢ় সুণারি] স্বর্ণবর্ণপুষ্পবিশিষ্ট বৃক্ষবিশেষ ; সোনালিগাছ (Cassia fistula)।

সোনালি[২] **; সোনালিয়া, সোনালু** দ্র 'সোণালি ; সোণালিয়া'।

সোন্দর বিং [সুন্দর > °র] ১ কমনীয়, সুরূপ। "সোন্দর জে শরীর গো.বি ২৪ ; নাটুয়া সোন্দর ৮২, ৮৩। ২ সুন্দরী, রূপবতী। "পদ্মুনা সোন্দর ম.গা ৯। [মিলের জন্য 'সোন্দর']। —রী বিং সুন্দরী, রূপবতী। "অদ্মুনা সোন্দরী ম.গা ১৮ ; আমি হেন সোন্দরী ২৬। গো.বি ৭।

সোন্দা অর্ম্ম [সান্ধা > °ন্দা ; অসাধু] প্রবেশ করা। "সাত জনা গর্জ্জিয়া সোন্দাইল (চতুবায়) ব.প ৩৪। ঘরত সোন্দাইল ৮৪। [সোন্দাইয়া,-ন্দাবে,-ন্দেয়া (গো.চ)]

সোন্ধা বিং [দ্র 'সোঁদা'] সুগন্ধি। "°ন্ধা সুকুন্ধুম চ.দা ৪৪।

সোন্মাদ বিণ [বহুব্রী] উন্মাদসহিত, উন্মত্ত। "সোন্মাদহংসরবনূপুরনাদরম্যা (প্রাপ্তা শরৎ)।—ঋতু ৩ ১।

সোপ বি [সং স্বাপ] নিদ্রা। "শূ ৮৫।

সোপকরণ বিণ [বহুব্রী] ১ উপকরণসহিত। "(চৌরম্) সোপকরণম্ (ঘাতয়েৎ) মনু ৯.২৭০। ২ নৈবেদ্যসামগ্রীসহিত।

সোপকার বিণ [বহুব্রী] ১ উপকারসহিত, সোপকরণ। ২ ভোগার্থ, ভোগ্য। "আধৌ সোপকারে মনু ৮.১৪৩।

সোপচয় বিণ [বহুব্রী] উপচয়সহিত, সলাভ। "ক.সা ৪৩.৭২।

সোপচার বিণ [বহুব্রী] ১ উপচারসহিত, সপ্রার্থনা। "মাঘ ১০.২। ২ সানুনয়। —চার ক্রি.বিণ সানুনয়ভাবে। "গো.রা ৫.৯০.৫০। তেনাম্মি সোপচারমুক্তঃ মহা ১.৩.১৬৪।

সোপধ বিণ [বহুব্রী] ১ উপধাসহিত, সকপট। "সোপধং কর্ম্ম মহা ১০.১.৪৩ ; (সর্ব্বাণি) সোপধানি কৃতানি ৫০। ২ উপান্ত্যবর্ণযুক্ত।

সোপধান বিণ [বহুব্রী] উপধানসহিত, সবিশেষ, যুক্তিযুক্ত ; সগেন্দুক, সোপবর্হ, বালিশসহিত। "মাঘ ২.৭৭।

সোপধি বিণ [বহুব্রী] উপধিসহিত, সকপট। "°সন্ধি কি ১.৪৫।

সোপপত্তিক বিণ [বহুব্রী, 'ক' (কপ্)] উপপত্তিযুক্ত, সপ্রমাণ।

সোপপ্লব বিণ [বহুব্রী] ১ উপপ্লবযুক্ত, রাহুগ্রস্ত (চন্দ্র, সূর্য্য—অ.কো)। °২ উপদ্রবযুত।

সোপবাস বিণ [বহুব্রী] উপবাসযুক্ত কৃতোপবাস। "যাজ্ঞ ১.১৭৫।

সোপম বিণ [বহুব্রী] উপমাসহিত, সাধর্ম্ম্যযুক্ত। "ইমাং মে সোপমাং বাচং শৃণু সত্যাম্ মহা ৫.৯৬.৪।

সোপরজ, সোপর্দ্দ দ্র 'সুপুর্দ্দ'।

সোপসর্গ বিণ [বহুব্রী] ১ উপসর্গসহিত, সপ্রতিবন্ধ। "সোপসর্গাং যথা সিদ্ধিম্ গো.রা ৫.১৮.১৩, ৩.৪৪.১১। ২ দুর্লক্ষণযুক্ত। ৩ (ব্যাকরণে) উপসর্গযুক্ত।

সোপহাস বিণ [বহুব্রী] উপহাসসহিত, সপরিহাস। "ক.সা ৩১.৪২। —হাস ক্রি.বিণ সপরিহাস। "°সমভাষত ক.সা ৪৯.৫৪।

সোপাক পুং চণ্ডাল হইতে পুক্কসীতে জাত সন্তান। "মনু ১০.৩৮। [ইহাদের বৃত্তি রাজাদেশে বধ্যমারণ।]

সোপাদান বিণ [বহুব্রী] উপাদানসহিত, সোপকরণ।

সোপাধি, -ধিক বিণ [বহুব্রী ; বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -ধি,

-ধিকা] ১ উপাধিযুক্ত, সবিশেষণ, সোপপদ। ২ প্রতিলাভেচ্ছায় কৃত-দানাদি (ত.বা)। ৩ (দর্শনে) সপ্রতিবন্ধ, অসৎ, দুষ্ট (হেতু)।

সোপান ক্লী [বহুব্রী] ১ 'উপান (ঊর্দ্ধগমন)-সহিত', ঊর্দ্ধগমনার্থ ইষ্টকাদিকৃত পৈঠা, আরোহণ, অধিরোহণী, নিঃশ্রেণি, শিঁড়ি। "সোপানং কাঞ্চনম্ গো.রা ৩ ৬১.১২। কামস্ত সোপানমিব (বলিত্রয়ম্) কু.স ১. ৩৯। ২ অভীষ্টপ্রাপ্তিসাধন, উপায়। "সগরতনয়স্বর্গসোপানপঙ্ক্তি পূ.মে ৫০। (বিষ্ণোর্নামসহস্রকম্) বিষ্ণুলোকৈকসোপানম্।—পঞ্চরাত্র ৪.৩.১৭৫। [°পঙ্‌ক্তি, °পরম্পরা (স্ত্রী)—সোপানশ্রেণী। "°রা রঘু ৩.৬৯। °পথ (পুং), °পদ্ধতি (স্ত্রী), °মার্গ (পুং)—সোপানরূপ পথ। "°পথ রঘু ৬.৩, ১৬.৫৬, °মার্গ ১৬.১৫। °ভূত (বিণ)—সোপান-তুল্য।]

সোপানাবলি, -লী স্ত্রী [ষ ত] সোপানশ্রেণী, নিঃশ্রেণিরাজি।

সোবন বিং [সং সৌবর্ণ > প্রা সোন্নন্ন > °ন] স্বর্ণনির্ম্মিত। "সোধন বাহুঠি পরী রূপসী বাধিকা শ্রী.কী ১৪৪।

সোবর্ণ বি [স্বর্ণ > °র্ণ, তু 'সোনা', অসাধু] সোনা। "সোবর্ণ কোটরা।—মী ৩; সোবর্ণের গুণ: সোবর্ণের লড়ি ১০। সোবর্ণের মালা গো.বি ১২৭। সোবর্ণ-পিঞ্জর ম.পা ৭৫, ৮৬।

সোবেরাত বি সর্থ 'সবেববাৎ'। "আ.দু ২৯।

সোভ অর্থ [সং √শুভ্— √শোভ্ > °ভ; তু 'প্রা √সোহ (শুভ্)] শোভা করা। "অমল কমলদল, সোভই পদতল।—গ ৫৯।

সোম্ বি [আ শুউম্—দ্রবদৃষ্ট, হি সুম, মৈ সোম; 'সুম' (মালদহ)] কৃপণ, কঞ্জুস।

সোম পুং [√সু+ম (মন্)-ক, উ ১.১৩৭, উমা সহ (অ.টী), 'সোম' —রাজা (সায়ণ—ঋগ্বেদ ১.৯১ ৮] ১ 'অমৃতপ্রসবকারী', 'হরশিরে স্থিতি হেতু যে উমার সহিত থাকে', ইন্দু, চন্দ্র। "ঋগ্বেদ ১.৬৫.১০। সোমবৎ প্রিয়দর্শনঃ রা ১ ১.১৮। মনু ৩.৮৫। (সুতোঃভূৎ) সোম ইব দ্বিতীয়ঃ রঘু ১৮.২৭। ইন্দুকুন্দসোমবর্ণ যজ্ঞ-অশ্ববর অ.প ৭। ২ গ্রহ-বিশেষ। ৩ কুবের। ৪ শিব। ৫ যম। ৬ বায়ু। ৭ বসুভেদ। ৮ লোকপালবিশেষ। "মনু ৫ ৯৬। ৯ পিতৃগণ। ১০ বানর। ১১ বানররাজ সুগ্রীব। ১২ সোমবার। ১৩ দীধিতি, কিরণ। ১৪ সোম-লতা। ১৫ সোমলতারস। "ঋগ্বেদ ৩ ৩৫ ৫। সোমঃ (হরিরুচ্যতে) মনু ৩.২৫৭; ১০.৮৮। ১৬ অমৃত। ১৭ জল। ১৮ সোমযাগ। "মনু ১১.২৭। ১৯ সোমগিরি। ২০ কর্পূর। ২১ শ্রেষ্ঠার্থ। "নৃসোম পা ২.১.৫৬, সি। [সমাসে উত্তরপদ] ২২ (বাঙ্‌লায়) কায়স্থের উপাধি। "ক.চ ৮৮।—ম ক্লী ১ স্বর্ণ। ২ কাঞ্জিক। [°কান্ত (পুং)—'সোম-প্রিয়', চন্দ্রকান্তমণি। (বিণ) সোমমনোহর, সৌম্য। °ক্রতু (পুং) —সোমযাগ। °ক্ষয় (পুং)—অমাবাস্যা। °ক্ষীরা, -রী (স্ত্রী)—সোম-লতা। °গর্ভ (পুং)—বিষ্ণু। °গিরি (পুং)—সোমপর্ব্বত। "গো.রা ৪.৪৪.১৭৭। °গ্রহ (পুং)—১ সোমরসাধার। ২ চন্দ্রগ্রহণ। "বৃহৎ-সংহিতা ৫.৯৭। পরাশর ১২.২৭। °গ্রহণ (ক্লী)—চন্দ্রগ্রহণ। °জ (পুং)—'চন্দ্রজ.,ত', বুধগ্রহ। °জ (ক্লী)—দুগ্ধ। °তীর্থ (ক্লী)—সোম-কর্তৃক তপস্যাকৃত তীর্থ (বরাহপুরাণ); প্রভাস। "মহা ৩.৮৩.১৯। শ ১$\frac{২৩}{৪}$। ব্র.প ৩৮। °দেব (°পুং)—১ সোমগ্রহদেবতা। ২ চন্দ্রদেব। °ধারা (স্ত্রী)—আকাশ (ত্রিকাণ্ডশেষ)। °পান (ক্লী)—সোমলতা-রসপান। °পুত্র (পুং)—বুধ। "যাজ্ঞ ১.২৯৬। °পুত্রী (স্ত্রী)—সোম-কন্যা। °বংশ (পুং)—চন্দ্রবংশ। °বংশীয়, °বংশ্য (বিণ)—চন্দ্রবংশ-ভব, চন্দ্রবংশজ। "°বংশ্য রঘু ৬.৮। °বল্লরি, -রী (স্ত্রী)—১ সোম-লতা। ২ ব্রাহ্মীশাক (অ.কো)। °বল্লিকা (স্ত্রী)—সোমলতা; সোমরাজী। °বার (পুং), °বাসর (পুং, ক্লী)—সোমপ্রিয় দিবস (Monday)। °বিক্রয়ী (-য়িন্)—সোমলতা-বিক্রেতা। "মনু ৩.১৮০। °বীথি (স্ত্রী)—চন্দ্রকক্ষ। °বৃক্ষ (পুং)—কট্‌ফলবৃক্ষ, শ্বেত-খদির। °ভূ (পুং)—'সোমজাত', বুধ। °যাজী (-জিন্) পুং—সোম-যাগকর্ত্তা। "ভা চ ৫৬০। °যোনি (ক্লী)—সুরভি পীত চন্দনবিশেষ। °রাগ (পুং)—(সঙ্গীতে) রাগবিশেষ। °রাজিকা (স্ত্রী), °রাজী (-জিন্) পুং—ওষধিভেদ, বাকুচ, সোমরাজ। °লতা (স্ত্রী)—সোম-নাম্নী লতা। °লতিকা (স্ত্রী)—গুড়ূচী। °লোক (পুং)—চন্দ্রলোক। "ব্র প ৩৮। °সৎ (-সদ্) পুং—সাধ্যগণের পিতৃগণ। "মনু ৩.১৯৫। °সলিল (ক্লী)—সোমরস। "যাজ্ঞ ৩.৩০৬। °সিদ্ধান্ত (পুং)—চান্দ্র-সিদ্ধান্তবিষয়ক জ্যোতির্গ্রন্থবিশেষ। °সুৎ (বিণ)—কৃতসোমাভিষব, যজ্বা। "ঋগ্বেদ ৪.২৪ ৮। রঘু ১৮.২৭। °সুত (পুং)—বুধ। °সুতা (স্ত্রী)—সোমকন্যা নর্ম্মদা। °সুত্বান (-ত্বৎ) বিণ—যজ্ঞবান্। "ভট্টি ৫.১১। °সূত্র (ক্লী)—১ জলের সূত্রবৎ নির্গমনস্থান বা প্রণালী। শিবলিঙ্গের আধার গৌরীপট্টের জলনির্গমননালী।]

সোমত্ত, -ত্তো, -মথ বিং [সং সমর্থ > প্রা সমত্থ > বা সোমথ, -ত্ত, -ত্তো] ১ তরুণ, নবীন। "তাদের হলো সোমত্ত বয়েস, ভরা যৌবন ন.ত ৩২। ২ তরুণী, যুবতী। "সোমত্তো মাগ স.এ ১৬। [সোমথ মেয়ে—যুবতী নারী।]

সোমত্তো, সোমথ দ্র 'সোমত্ত'।

সোমনাথ পুং [ষ.ত] ১ সোমদেবতা কর্তৃক প্রতিষ্ঠাপিত শিবলিঙ্গ-বিশেষ। [ইহা ভারতের দ্বাদশ শিবলিঙ্গের একতম। গজনির সুলতান মহ্‌মুদ ১০২৪ খৃষ্টাব্দে এই সোমনাথের মন্দির আক্রমণ করিয়া লিঙ্গ ধ্বংস ও চিরসঞ্চিত ধনরত্নসমূহ গ্রহণ করেন।] ২ সোমনাথাধিষ্ঠিত তীর্থ, সোমতীর্থ (?)। [°তীর্থ (ক্লী)—সর্থ 'সোমনাথ' (২)। °রস (পুং) —সোমরোগাধিকারে ঔষধবিশেষ। "মেহেতে সোমনাথরস।—দা ৩৬২।]

সোমপ, -পা বিণ [সোম+ √পা+অ (ক), +ক্বিপ্ (০), -ক-১ব, উ.ত; স্ত্রী -পা, -পা] ১ সোমরসপায়ী। "গী ৯.২০। ভ ৩.৩২.৩। ২ কৃতসোমযাগ। "সসোমপ গো.বা ২.১০৯.৫৯। মনু ১১.১৫০। ৩ সোমযাজী। "অ° মনু ১১.১২। —প, —পা পুং ১ কৃতসোমযাগ যজমান। ২ (বহুব) ব্রাহ্মণগণের পিতৃগণ। "মহা ২.১১.৪৭। মনু ৩. ১৯৭। —পা পুং ব্রাহ্মণ (হলায়ুধ)। —পায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] সোমরসপানশীল; সোমপায়ী। "মহা ১৩. ১৫৬.৩২।

সোমপা, সোমপায়ী দ্র 'সোমপ'।

সোমপীতি স্ত্রী [ষ.ত] ১ সোমরসপান। ২ [বহুব্রী] সোমযাগ।

সোমপীতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি)-১ব] সোমপানবান্, কৃতসোমরসপান, যথাবদনুষ্ঠিত সোমযাগ। "মহা ১.২.১৭০। সোমপীতী ...শৃঙ্গঃ উ.চ ১$\frac{২}{৪}$। ২ সোমলতারসপায়ী, সোমপ (অ.কো)।

স্তবক১ পুং [√স্তু+অক (বুন্)-র্ম্ম ('অ টী), উ ৪.৯৬] ১ গুচ্ছক ফুলের থোবা বা তোড়া। "পুষ্প° গো রা ২.৫৬.৩২; কু স ৩.৫৪। কুসুম°।—হি ১.১৪১। বন্ধুকসূন° মাঘ ১১.৪৬। কুসুমরাশি স্তবকে স্তবকে।—ম ১১৩৯। পুষ্পরাশি...কোথাও স্তবকাকারে বিন্যস্তর...প্রভা প্রকাশিত করিতেছে ব.প্র ৯১। ২ সমূহ, রাশি। "ভূমিঃ...প্রচুর-পচেলিমকলমব্রীহিস্তবকসমন্বিতা মজু ৪.১৭২, কুল্লুক। ৩ ময়ূরপিচ্ছ।

"বর্হিণ° ভ ১০ ৩৫ ৬। ৪ গ্রন্থপরিচ্ছেদ। —কিত বিণ [°ক+ইত (ইতচ্)] সঞ্জাতস্তবক, স্তবকযুত। "কুসুমস্তবকিততরু।—বিক্র (S W)। ক সা ৪২ ৫। [°নমিত (বিণ)—পুষ্পগুচ্ছনমিত। "বর্দ্ধিতঃ কান্তয়া মে হস্তপ্রাপ্যস্তবকনমিতো বালমন্দারবৃক্ষঃ উ মে ১৪।

স্তবক², -বন, -বনীয়, -ব্য ; **স্তবকিত** দ্র 'স্তব, স্তবক'।

স্তবন্ত ক্রি [স্তব—°স্ত, দ্র 'অন্ত⁸', সং স্তবন্তি, অপ্র] স্তব করে বা করেন। "যতি সতী ব্রাহ্মণী স্তবন্ত অ প ২৯।

স্তব্ধ বিণ [√স্তন্হ+ত (ক্ত)-ক] ১ স্থির, নিস্পন্দ, জড়ীভূত। 'বৃক্ষ ইব স্তব্ধো দিবি।—শ্বেতাশ্বতর ৩ ৯। শৃঙ্গ° (পারিযাত্রস্থ) দিবি স্তব্ধম্ গো রা ৪ ৪৩ ২৭। ভট্টি ১৫ ৩২। বনচ্ছায়া স্তব্ধ শব্দহীন।—কথা ৪০। ২ অপ্রণতাত্মা, অনম্র। 'ছান্দোগ্য ৬ ১ ২। গী ১৬ ১৭ ১৮ ২৮। ৩ উচিতক্রিয়াশূন্য। 'ভ ৩ ৩২ ৩৯, ৪ ২ ১০। ৪ অন্য বন্দনীয়ের অভাবে অনম্র। "ভ ১০ ২৫ ৫। বন্দ্যাভাবে অনম্র—'স্তব্ধ' শব্দে কয় চৈ চ ২৮৮। ৫ স্রোতোহীন। 'সমুদ্রঃ স্তব্ধোদঃ।—হ ১৭৩ ৪, ১১। ৬ অনম্র, গর্ব্বিত। 'স্তব্ধস্য নশ্যতি যশঃ।—হি ২ ১০৭। ৭ অনিমেষ। 'স্তব্ধনয়ন মহা ৩ ১৫৫ ২৬। °লোচন ভ ১০ ৩৬ ২। ৮ দণ্ডবৎ স্থিত, নিশ্চল। "স্তব্ধাসি যদ্ রাগিণি গী গো ৯ ১০। ৯ উন্নত (শ্রীধর)। "ভ ৭ ৮ ২১। ১০ সংসক্ত, দৃঢ়লগ্ন। "নিঃশব্দ হইল খান মুখে স্তব্ধ শর।—ম ১৩৩। ১১ নিরুদ্যম, অলস। ১২ [+ত-র্ম] জড়ীকৃত। [°কর্ণ (বিণ)—উর্দ্ধকর্ণ। 'হি ৩$\frac{১}{২}$$\frac{৭}{২}$। °দৃষ্টি, °নয়ন, °লোচন (বিণ)—নির্নিমেষনেত্র। '°লোচন মহা ৩ ৫৭ ২৪। °মতি (বিণ) —জড়মতি, মন্দবুদ্ধি। °রোমা (মন্) পুং—'দৃঢ়লোমা, বরাহ। °সকথি (ক্লী)—জড়ীভূত সকথি বা উরু। °সকথিতা (সুশ্রুত)।]

স্তব্ধমান বি° [তু 'কম্পমান', অসাধু] স্তব্ধ। "স্তব্ধমান গোপ-গোপী শিশুবাক্য শুনি ব প ৮১৭।

স্তব্ধীকৃত বিণ [স্তব্ধ+চ্বি (০)+কৃ+ত (ক্ত)-র্ম] জড়ীকৃত। —ভূত বিণ [+ভূ+ত (ক্ত)-ক] জড়ীভূত। "স শ ৮২।

স্তব্ধীভূত দ্র 'স্তব্ধীকৃত'।

স্তম্ব পুং [স্তম্ভ্+অ (অচ)-ক, ভ >ব্ (অ টি, উ ৪ ৯৬] ১ অবিদ্যমানপ্রকাণ্ড বহুপত্র ঝিন্টিকাদি (অ টী), গুল্ম। ২ তৃণধান্যযব-প্রভৃতির গুচ্ছ, গুৎস (clump of grass &c)। 'ইষীকা°, বীরণ° রঘু ১৫ ১৯। কীচক° উ চ ২২৮। ভ ৪ ২২ ৩০, আব্রহ্ম-তৃণস্তম্বাদি (ভূত) ৫ ১৪ ২৯, বেণু° ১১ ১ ৪। পঞ্চরাত্র ২ ২১। স্তম্ব হইতে ব্রহ্ম অবধি অভেদ বলেছ তুমি কু কে ৯৬। শস্য°। —হেম ৬৭, ২০৫। ৩ কাণ্ড, শস্যের ডাঁটা। 'স্তম্বেন নীবার ইবাবশিষ্টঃ রঘু ৫ ১৫। ৪ স্তম্ভ। 'মার্কণ্ডেয়পুরাণ ৬৭ ৪। (S.W)। ৫ আলান, জড়ীভাব। —ম্বক পুং স্তম্ব। "বীরণ° মহা ১ ১৩ ১৭। [°করি (পুং) —'গুচ্ছকারক', ধান্য, ব্রীহি। 'পা ৩ ২ ২৪। °করিতা (স্ত্রী)—গুচ্ছ-কারিতা। "শালেঃ °তা।—মু ১ ৩। °কার (বিণ)—গুচ্ছকারক (তৃণাদি)। °ঘন, °ঘ্ন (পুং)—'গুচ্ছনাশক', তৃণশস্যচ্ছেদনাস্ত্র, কাস্তিয়া (অ কো)। °ঘাত (পুং)—নর্থ 'স্তম্বঘন'। °ঘ্ন (বিণ)—তৃণকাষ্ঠাদি-ঘাতক। "স্তম্বঘ্নপদন্যাস ভট্টি ৭ ৬৩। °হনন (পুং), °হননী (স্ত্রী) —সর্থ 'স্তম্বঘন' (শ ক)।]

স্তম্বক দ্র 'স্তম্ব'।

স্তম্বেরম পুং [স্তম্ব+√রম্+অ (অচ)-ক, অলুক, পা ৬ ৩ ৯] 'স্তম্বে প্রীত', হস্তী। 'রঘু ৫ ৭২।

স্তম্ভ্ (ইতি) অক [ভ্বা, ঙ—স্তম্ভতে, সেট্] ১ স্তম্ভ, জড়ীভাব। ২ জড়ীকরণ (ক ক)। ৩ ক্রিয়ানিরোধ, দোষবৃদ্ধি রুদ্ধীকরণ (ক ক)। —স্তু্ (স্তন্ভ) সক [সৌত্রধাতু, ক্র্যা, স্বা, প—স্তভ্নাতি, স্তভ্নোতি, সেট্] রোধন, আবরণ। "বাহুপ্রতিষ্টব্ধ পা ৮ ৩ ৬৭, সি। [অব—অবষ্টম্ভ, আলম্বন; সামীপ্য। "অবষ্টব্ধা গৌঃ পা ৮ ৩ ৬৮, তত্ত্বসারিণী। অভি—অভিস্তব। উৎ—উত্তম্ভন, উর্দ্ধে ধারণ। উপ—উপস্তম্ভ, আলম্বন। নি, প্রতি—অভিস্তব, প্রতিবন্ধ। পরি—নিরোধ। বি—১ বিস্তার, নিবারণ। ২ আশ্রয়, অবলম্বন। "ভট্টি ৯ ৭২। ৩ বিশেষস্তম্ভন, ধারণ। "গী ১০ ৪২। সম্—সংস্তম্ভ, নিরোধ। "সংস্তভ্যাত্মানমাত্মনা গী ৩.৪৩।]

স্তম্ভ পুং [√স্তম্ভ্+অ (ঘঞ্)-ভা] ১ জড়ীভাব, জাড্য, নিশ্চলতা, জড়ত্ব। "মাঘ ৫ ৪৮। কি ১২ ২৮। স্তম্ভমত্যেতি গাত্রম্ মা.মা ১.৩৫। উরু°, গ্রীবা°, দেহ° (S W)। বাহু° ভা চ ১৬৬। ২ কাষ্ঠাদির অধঃপতনপ্রতিবন্ধ। 'ন শরাঃ স্তম্ভহেতবঃ রা ২.২৩ ৩০। ৩ ভয়াদি-হেতুক চেষ্টাপ্রতিঘাতরূপ সাত্ত্বিকভাববিশেষ। 'স্তম্ভশ্চেষ্টাপ্রতিঘাতো ভয়হর্ষামর্ষাদিভিঃ সা দ ৩ ১৩৬।' চৈ চ ৮২, ৯৪। ভ গ্র ৪১৮। ৪ প্রতি-বন্ধ। "সন্ততেঃ স্তম্ভকারণম্ রঘু ১ ৭৪। শ্রী ১০৮। ৫ নিগ্রহ, সংযম। "চিত্ত°। ৬ (তন্ত্রে) মন্ত্রাদিশক্তিতে অগ্নি-প্রভৃতির শক্তিনিরোধ। "জল°, বহ্নি° (S W)। ৭ [+অ-ণ] স্থূণা, থাম, খুঁটি। "মেথী° ভ ৫ ২৩ ৩। আরোপিল স্তম্ভ কত শ্রী ২০২। ৮ আলান। "মাঘ ৫ ৪৮। ৯ প্রকাণ্ড, গুঁড়ি। "কদলীস্তম্ভ মহা ৩ ১৪৬ ৫৩। সরসকদলী° উ মে ৩৫। ১০ অবলম্ব, আশ্রয়। ১১ গ্রন্থাদির পত্রভাগ বা পত্রধারা (column)। 'দয়া এখন দীনকে ছাড়িয়া সংবাদদাতার স্তম্ভের উপর চড়িয়া দাঁড়াইতেছে চা পূ ১৮। [°কর (বিণ)—১ জাড্যজনক, নিশ্চলতা-কারক। ২ প্রতিবন্ধকর। °কারণ (ক্লী)—প্রতিবন্ধহেতু। দ্র '(৪)।]

স্তম্ভক বিণ [√স্তম্ভ্+অক (ণ্বুল্)-ক] ১ জাড্যকারক, স্তম্ভকর। 'গো রা ১ ৩১ ১২। ২ সঙ্কোচনশীল, রূক্ষ। —কী (-কিন্) পুং [স্তম্ভক +ইন্ (ইনি)-১ব] আনদ্ধবাদ্যবিশেষ।

স্তম্ভকী দ্র 'স্তম্ভক'।

স্তম্ভন বিণ [স্তম্ভ্+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] জড়ীকারক, জাড্য-কর। 'চমূ° মহা ১৩ ১৭ ৭৩। —ন পুং কামের পঞ্চবাণের একতম। দ্র 'পঞ্চবাণ'। —ন ক্লী [+অন-ভা] ১ স্তম্ভ, জড়ীভাব। ২ জড়ী-করণ। ৩ প্রতিবোধ, নিরোধ। 'কুণ্ঠিতকরণোজ্জৃম্ভণস্তম্ভনার্থ উ চ ৩ ৩৬। ৪ [+অন-ণ] অস্ত্রবিশেষ। 'গো রা ১ ৩০ ১৪। ৫ তন্ত্রোক্ত আভিচারিককর্ম্মবিশেষ। দ্র 'ষট্‌কর্ম্ম (২)। ৬ সঙ্কোচক বা রূক্ষ দ্রব্যমাত্র (an astringent)। "জল° স্তম্ভনানাং শ্রেষ্ঠম্ (চরক)।

স্তম্ভিত বিণ [√স্তম্ভ্+ত (ক্ত)-ক] ১ জড়ীভূত, জড়তাপ্রাপ্ত, নিশ্চল। 'হুঙ্কারেণ মহাদেবঃ স্তম্ভিতঃ রা ১ ৭৫ ১৮। স্তম্ভিত হইলা চতুর্ভুজ ব প ১২০। স্তম্ভিত মুরারিগুপ্ত চতুর্দ্দিগে চায় চৈ ভা ১৭২। মুখে না নিঃসরে বাণী—হইলা স্তম্ভিত চৈ চ ১০৪। স্তম্ভিত হইনু ত্রাসে। —হেম ৮২। ২ জড়ীকৃত। ৩ [√স্তম্ভি+ত (ক্ত)-র্ম] নিরুদ্ধ, বারিত। কণ্ঠঃ স্তম্ভিতবাষ্পবৃত্তিকলুষঃ শ ৪ ৬। আয়েষার নয়নপল্লব জলভারস্তম্ভিত হইয়া কাঁপিতেছে ব প্র ১০৫। ৪ ঘনীভাবপ্রাপিত। "স্তম্ভিতান্তর্জ্জলৌঘঃ (স্তম্) পূ মে ৬০।

স্তম্ভী (-ম্ভিন্) বিণ [স্তম্ভ+ইন্ (ইনি)-১ব, স্ত্রী -ম্ভিনী] ১ স্তম্ভ-বান্, স্থূণাযুক্ত। ২ গর্ব্বিত। "মহা ১৩ ১৪১ ১১৫।

স্তর বিণ [√স্তৃ, √স্তৄ+অ (অচ)-ক, স্ত্রী -রা] আচ্ছাদক, আবরক। —র পুং ১ আস্তর (layer)। ২ [√স্তৄ+অ (অপ্)-র্ম] শয্যা। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] আচ্ছাদন।

স্তল বি [তল—স্তল, তু 'নভস্তল'] তলদেশ, নিম্নভাগ। "বৃক্ষস্তলে ম গা ২৬, বৃক্ষস্তলা ২৭। গগনের স্তলে গো বি ৫৩।

স্তান বি ['ফা স্তান্—হিন্দোস্তান] ১ স্থান। "তার মধ্য স্তানে অট্টালিকা কু চ ৩২। ২ সমীপ, নিকটে। "গোর্ক্ষনাথের স্তানে দেখী বড় লাজ পাইল।—মী ৬, বিশ্বকর্ম্মা স্তানে মন্দ দিল দরশন ১০, মহাদেবী স্তানে আমি কহিতে বুঝাএ ১৬।

স্তাবক পুং [√স্তু+অক (ণ্বুল্)-ক] স্তুতিকারক। "ভ ৪.১৫.২১; ২৪। স্তাবকাঃ স্তাবকানাম্ (S.W.)।

স্তাবেল বি [দ্র 'আস্তবল'; অপ্র] অশ্বশালা। "স্তাবেলায় হাতী ঘোড়া হাঁস্তালে বিড়াল (ঘুমায়) ব.প ৪৭৪।

স্তিম্ অক [দি, প—স্তিম্যতি ; সেট্] আর্দ্রীভাব।

স্তিমিত বিণ [√স্তিম্+ত (ক্ত)-ক] ১ আর্দ্রীভূত, আর্দ্র। "স্তিমিত-বস্ত্রমিবাকুলয়ন্ ভা.চ ৬১৫। ২ নিশ্চল। "সংযমস্তিমিতং মনঃ কু.স ২.৫৯। রঘু ২.২২। স্তিমিত তারা চেতন হারা।—গান ১৫০। ৩ স্থির। "রথেনানুদ্ধতস্তিমিতগতিনা—শ ৭.৩৮। °সমাধিযোগ কি ১০.৬২। ৪ নিস্পন্দ, নির্নিমেষ। "নিবাতপদ্মস্তিমিতেন চক্ষুষা রঘু ৩.১৭। কি ৬.৪৭। ৫ মন্দ। "আশান্তচিন্তা° কু স ৭.৮৭। স্তিমিততেজ পা.প্র ১০৪। ৬ জড়ীকৃত। "চিন্তাভিঃ স্তিমিতং মনঃ সা.দ ৩$\frac{২}{০}\frac{৩}{৮}$। —ত ক্রি.বিণ মন্দ, মৃদু। "স্তিমিতং গন্তুমারেভে ভয়াদ্ গোদাবরী নদী রা ৩.৪৬৮। —ত ক্লী [+ত-ভা] ১ আর্দ্রীভাব। ২ নিশ্চলভাব, স্থিরতা। "(সেনাম্) ধৃষ্টদ্যুম্নবশাং দুর্গাং সাগরস্তিমিতোপমাম্ মহা ৫.১৬৩.৩। [°গতি (বিণ)—স্থিরগতি। °জব (বিণ)—মন্দবেগ। "°জবেন পুষ্পকেণ রঘু ১৩ ৭৯। °নয়ন, °নেত্র (বিণ)—নিশ্চলনেত্র। "°নেত্র রঘু ১১.৪৫। °ন উ মে ৩৭। °প্রবাহ (বিণ)—নিস্পন্দপ্রবাহ, স্থিরস্রোতাঃ। "°হা সরিৎ রঘু ১৩.৪৮। °প্রদীপ (বিণ)—নিস্পন্দপ্রদীপ। "রঘু ১৬.৪। °বায়ু (পুং)—স্থিরপবন। °সমাধি (পুং)—স্থিরতপোযোগ। "কি ১০.৬২। °স্থিতি (বিণ)—নিশ্চলাবস্থান। "ক সা ১১২.৬৭।]

স্তিরি, -রী, স্তীহ্ন বি [সং স্ত্রী > (স্বরাগমে) স্তিরী, -রি, (হ—আগমে, রি > ঋকারে) স্তীহ্ন] ১ পত্নী। "স্তীহ্ন পাপে গ্রিহলক্ষ্মী পলাএ ম.গা ৩, স্তিরি সবে ভণ্ডিবেক স্বামী আপনাব ৫। সতী স্তিরি।—ভ্র ৮৩। তাঁর বাঁকা নামে স্তিরী ভ গ্র ৩২৯। ২ স্ত্রীলোক। "পুরুষ স্তিরি চৈ ম ২৪। জ্ঞানহীন স্তিরিজাতি শ্রী ম ৭২।

স্তু সক [অদা, ঞ—স্তৌতি, স্তবীতি, স্তুতে, অনিট্] স্তুতি, প্রশংসা। [পরি—সম্যক্ স্তুতি। প্র—প্রস্তাব, আরম্ভ। সম্—সংস্তব, পরিচয়। "কি ৩.২১।]

স্তুত [√স্তু+ত (ক্ত)-র্ম্ম] ঈড়িত, প্রণত, শস্ত। "মহা ১৩.২৮৪.১৮। —ত পুং শিব। —ত ক্লী [+ত-ভা] স্তুতি, প্রশংসা। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ স্তবন, স্তব। "ঋগ্বেদ ১.৮৪.২। স্তুতিভ্যো ব্যতিরিচ্যন্তে দূরাণি চরিতানি তে রঘু ১০ ৩০। ২ প্রশংসা, প্রশংসা-মাত্র। "রঘু ১০.৩৩। গুণ° ।—হি $১\frac{২}{১}\frac{২}{১}\frac{৩}{৩}$। ৩ [+তি-ণ] স্তোত্র। "রহস্যস্তুতিতোষিত রা ১.৬২ ২৬, স্তুতিভিঃ…আনর্চ্চ ২.২৫.২৬। স্তুতি-ভিরর্থ্যাভিঃ রঘু ৪.৬। ভ ৩ ১২.৩৭। ৪ [+ভি-র্ম্ম] দুর্গা।

স্তুতি দ্র 'স্তুত'। [°গীত, °গীতক (ক্লী)—স্তবগান। °পদ (ক্লী) —স্তুতিভাজন, স্তোত্রার্হজন। °পাঠক (পুং)—মাগধ, বন্দী। °প্রিয় (বিণ)—স্তবপ্রিয়, স্তুতিতুষ্ট। "°প্রিয়া হি দেবাঃ।—শু ১.১৩৭। °বচন, °বচঃ (-চস্) ক্লী, °বাদ (পুং)—প্রশংসাবচন, স্তুতিবাক্য। °ব্রত (পুং) —স্তুতিবাদ। "(তেষাম্) স্তুতিশব্দো হ্যবর্ত্তত রা ২.৬৫.৩।

স্তুত্য বিণ [√স্তু+য (ক্যপ্)-র্ম্ম] ১ স্তবার্হ, স্তোত্রার্হ। "মহা ১২.২৮৪. ১৮। রঘু ৪.৬। শতক্রতোরেব মহিমা স্তুত্যঃ শ ৭$\frac{৩}{৪}$। ২ প্রশংসনীয়, প্রশস্ত।

স্তুভ্ অক [ভ্বা, ঙ—স্তোভতে ; সেট্] ১ স্তম্ভ, জড়ীভাব। ২ ক্রিয়া-নিরোধ ; দোষবৃদ্ধি। —ভ্ সক [পূর্ব্ববৎ] জড়ীকরণ।

স্তুভ পুং [দ্র 'নীলকণ্ঠ'] অগ্নিবিশেষ। "মহা ৩.২২০.১৪।

স্তূপ্ সক [দি, চু, প—স্তূপ্যতি ; স্তূপয়তি ; সেট্] উচ্ছ্রায়, রাশীকরণ। "স্তূপয়তি ধান্যং কৃষকঃ (ক.ক)।

স্তূপ, পুং [√স্তূপ্+অ (ঘঞ্)-র্ম্ম ; √স্তু+প-র্ম্ম, উ ৩.২৫] ১ 'যাহা রাশীকৃত'; ধান্যাদিরাশি (অ.টী) ; মৃদাদিকূট, রাশীকৃতমৃত্তিকাদি। ২ সঙ্ঘাত। "মাছি পড়ে স্তূপে স্তূপে মা.ম ১৬৫। ৩ বুদ্ধদেবের দেহ-ভস্মাদির উপরে রচিত সমাধিস্তম্ভ। ৪ সাধুপ্রভৃতির চিতাস্থানে নির্ম্মিত স্তম্ভাদি। ৫ নিষ্প্রয়োজন, বল (শ.ক)।

স্তূপীকৃত বিণ [স্তূপ+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] রাশীকৃত। "ফুল স্তূপীকৃত করিয়া…আমি ফুল গাঁথিতাম ব.প্র ১৯৫।

স্তৃ সক [স্বা, ঞ—স্তৃণোতি, স্তৃণুতে, অনিট্] আচ্ছাদন। "স্তৃণুতে ত্রিদশা-বাসং যঃ কুন্দেন্দুনিভৈর্গুণৈঃ (হলায়ুধ)। —সক [স্বা, প—স্তৃণোতি; অনিট্] ১ রক্ষা। ২ প্রাণন (ক.ক)। —অক [পূর্ব্ববৎ] প্রীতি (ক.ক)। [আ, পরি—আস্তরণ, সমন্তাৎ প্রসারণ। "কম্বলান্ পরিস্ত-স্তরুঃ (হস্তিপকাঃ) ভট্টি ১৪.১১। বি—বিস্তার।]

স্তৃত বিণ [√স্তৃ+ত (ক্ত)-র্ম্ম] আচ্ছাদিত। "(বেদী) মুক্তাবজ্রমণি-স্তৃতা মহা ৭ ৬৪ ১৪। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আচ্ছাদন।

স্তৄ সক [ক্র্যা, ঞ—স্তৃণাতি, স্তৃণীতে, অনিট্] আচ্ছাদন।

স্তেন[১] সক [অদন্ত চু, প—স্তেনয়তি, সেট্] অপহরণ, চৌর্য্য। "যস্তে-তানি…দ্রব্যাণি স্তেনয়েন্নরঃ মনু ৮ ৩৩।

স্তেন[২] পুং [√স্তেন+অ (অচ্)-ক] ১ চোর। "ঋগ্বেদ ২.২৩ ১৬। গী ৩.৩২। মনু ৭.৮৩ ; আধি° ৮ ১৪৪। ২ আত্মাপহারক, অর্থাৎ যে কুলাদিতে একপ্রকার হইয়া ভদ্রলোকের নিকটে অন্যপ্রকার বলে। "মনু ৪.২৫৫। —ন ক্লী [+অ (অচ্)-ভা] চৌর্য্য। —না স্ত্রী [স্তেন+স্ত্রী আ (টাপ্)] চোরী। "মনু ৯ ৯২। [°নিগ্রহ (পুং)—চোরদমন, তস্করশাসন।]

স্তেয় ক্লী [স্তেন+য (যৎ), ন-লোপ, পা ৫.১.১২৫] ১ স্তেনকর্ম্ম, স্তেনভাব, চৌর্য্য, তস্করতা। "অথর্ব্ববেদ ১১.৮.২০। মনু ৮.৩১৪ ; ৩৩২। অ° যাজ্ঞ ৩.৬৬। কুসুম° কু.স ২.৩৫। ২ হরণপূর্ব্বক অপহ্নব, অর্থাৎ চুরি করিয়া চুরিগোপন। "মনু ৮ ৩৩২। —য়ী (-য়িন্) পুং [স্তেয় +ইন্ (ইনি)-১ব] ১ 'স্তেয়বান্', তস্কর, ব্রাহ্মণসুবর্ণহারী। "মনু ৯. ২৩৫। ২ স্বর্ণকার। তু 'পশ্যতোহর'। ৩ মূষিক। [°কৃৎ (বিণ) —চৌর্য্যকারক, অপহারী। "সর্ব্বস্তেয়কৃৎ মনু ৪ ২৫৬, সুবর্ণস্তেয়কৃদ্ বিপ্রঃ ১১.১০০।]

স্তৈন্য পুং [স্তৈন্য+অ (অচ্)] 'স্তৈন্যবান্' স্তেন, চোর। —ন্য ক্লী [স্তেন +য (ষ্যঞ্), পা ৫ ১ ১২৫, সি] স্তেনকর্ম্ম, স্তেনভাব, চৌর্য্য। "মহা ৩.২৭২.৭। হৈয়ঙ্গবীনস্তৈন্য ভ ১০.২১ ৭।

স্তৈমিত্য ক্লী [স্তিমিত+য (ষ্যঞ্)] ১ স্তিমিতভাব, জড়তা। ২ আর্দ্রতা। ৩ স্তিমিত বেগ (শ ক)। ৪ স্নেহ (ত বা)।

স্তোক[১] বিণ [√স্তুচ্ প্রসাদ+অ (ঘঞ্)-ণ)] অল্প। "স্তোকং হ্যপি ন পশ্যামি ফলং জীবিতধারণে মহা ১ ১ ২২০। পা ২.৩ ৩৩, সি। স্তোকায়স্ ভ ২.৭.৩৬। —ক পুং ১ বিন্দু। "স্তোকানাম্…ঘৃতস্য। —ঋগ্বেদ ৩ ২১.১, ৪। উদ°, মধু° ।—শতপথব্রাহ্মণ ১ ৬.৩.৫, ১.৭. ১ ১৮। আজ্য° ভ ৯.৬.৪৮। ২ কণ, লেশ। ৩ লঘু আয়াস (বাল-মনোরমা)। স্তোকেন মুক্তঃ পা ২ ৩ ৩৩, সি। ৪ অল্প। "স্তোকেনোন্নতি-মায়াতি স্তোকেনায়াত্যধোগতিম্।—পঞ্চ ১.১৬১। ৫ চাতক। —ক ক্রি.বিং অল্প, ঈষৎ। "প্রথম মাহাত্ম্য স্তোক, পুছে কেলে তিন শ্লোক। —কৃ ৩৫৪। —কক পুং [স্তোক+ক (কন্) স্বার্থে] চাতক। "মহা ৩ ১৮২ ৮। স্তোককো বারি (হৃত্বা ভবতি) মনু ১২.৬৭। [°কায় (বিণ)—হ্রস্বকায়, বামন। °নম্র (বিণ)—ঈষদবনত। "স্তোকনম্রা স্তনাভ্যাম্ (যা) উ.মে ২১।]

স্তোক[২] '-ক্' বি [স্তোভ > স্তোক (ভ্রমে)] ১ নিরর্থক প্রবোধ বা আশ্বাস। "আজি ঘরে যাও কালি দিব যে বলিয়া। (দুই কন্যা) স্তোক দিয়া পাঠাইলা সান্ত্বনা করিয়া। —ভ.প্র ২১৮। ২ প্রবোধ, আশ্বাস।

"গুরুদাস পুনরায় ইহারদের স্তোক দিয়ে মেয়েমানুষের সন্ধানে বেরুলেন। —হু ১৭১।

স্তোকক দ্র 'স্তোক¹'।

স্তোকবাক্য বি ১ নিরর্থক প্রবোধবাক্য বা নিবৃত্ত করার কথা। "ব্রজেশ্বর দুই চার বার এ কথা উত্থাপন করিলেন, কিন্তু হরবল্লভ তাঁহাকে স্তোকবাক্যে নিবৃত্ত করিলেন।—ব প্র ৪০২। ২ শান্ত করার বা থামানর কথা। "কুঞ্জরপালক যথা মত্ত করিরাজে, তোষে নানা স্তোকবাক্যে।—হেম ১৭৬।

স্তোকশঃ (-শস্) ব্য [স্তোক¹+শস্] অল্পশঃ, অল্পপরিমাণে। "স্তোকশো দদাতি পা ৫ ৪ ৪২।

স্তোতব্য বিণ [√স্তু+তব্য-র্ম] স্তবনীয়, স্তবার্হ, প্রশস্ত। "মহা ১৩ ১৭ ১৫৫। —তা (-তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] স্তুতিকারক স্তাবক। "ঋগ্বেদ ১ ১১ ৩। অ° কু স ৬৮৩। —ত্র ক্লী [+ত্র (ষ্ট্রন্)-ণ] ১ 'স্তুতি সাধন', স্তব। "ঋগ্বেদ ১ ৩০ ৫। ম ১২৭২। ভ প্র ৩৪। ২ বৃহদ্রথন্তরাদিসাম। "°স্তোভ ভ ৩৮ ২৯। [°স্তোভ (বিণ)—স্তোত্রস্তুতা।]

স্তোতা, স্তোত্র দ্র 'স্তোতব্য'।

স্তোভ বিণ ১ গীতালাপপূরণার্থ কৃত (শ্রীধর)। 'স্তোভম্ (বৈকুণ্ঠনামগ্রহণম্) ভ ৬ ২ ১৪। ২ স্তবনীয়, স্তুত্য। "স্তোত্র° ভ ৬ ২৮ ২৯। —ভ পুং [√স্তুভ্+অ (ঘঞ্)-ভা] ১ স্তম্ভ, জড়ীভাব। ২ গীতালাপপূরণাক্ষর সামাবয়ববিশেষ (শ ক), অর্থশূন্য গানাদিস্বরপূরণার্থ শব্দভেদ—ইডা হোই ইত্যাদি (ত বা)। ৩ হেলন। —ভক পুং (ব্যবহারে) অর্থিবিশেষ। "শু ৪ ৫ ৭১। [°বাক্য (বি)—সর্ব 'স্তোকবাক্য'।]

স্তোভিত বিণ [√স্তোভ স্তুতি (স্তোভতিঃ স্তুতিকর্ম্মা) (সায়ণ—ঋগ্বেদ ১ ৮০ ৬)+ত (ক্ত)-র্ম] স্তুত, করতালাদি দ্বারা প্রোৎসাহিত (শ্রীধর)। "গোপীভিঃ স্তোভিতোঽনৃত্যদ্ ভগবান্ বালবৎ কচিৎ ভ ১০ ১১ ৭।

স্তোম বিণ [√স্তু+ম (মন্)-র্ম, উ ১ ১৩৯] বক্র। —ম পুং ১ যজ্ঞ। "আয়ুষ্টোম, জ্যোতিষ্টোম পা ৮ ৩ ৮৩। ২ সমূহ, সমুদয়, নিবহ, নিকর। "(ঋষীণাম্) স্তোমঃ শরণ্যং ত্বামুপস্থিতঃ উ চ ১ ৫০, ভক্ত° ৪ ২০। স্তুতি° ভ ৩ ১২ ৩৭। বিকসিতকুবলয়স্তোমকান্তি অঙ্গ চৈ ৩৪। ৩ [+ম-ণ] স্তোত্র, স্তব (শ ক)। —ম ক্লী ১ সমূহ, সংহতি। 'বর্হিষাং স্তোমমেতৎ।—মু ৩ ১৫। ২ মস্তক। ৩ ধন। ৪ শস্য। ৫ লৌহাগ্রদণ্ড।

স্ত্যান বিণ [√স্ত্যৈ+ত (ক্ত)-ক, পা ৮ ২ ৪৩, স্ত্রী -না] ১ শব্দিত। ২ সংহত, ঘন। "মা মা ৫ ১১। ৩ স্নিগ্ধ। —ন ক্লী [+ত-ভা] ১ ঘনত্ব। "স্ত্যানাবনদ্ধঘনশোণিত।—বে ১ ২১। ২ বৃদ্ধি গন্তীরত্ব। "উ চ ২ ২০। মা মা ৯ ৬। ৩ প্রতিধ্বনি, অনুরণিত। ৪ আলস্য। ৫ স্নেহ (ত বা)।

স্ত্যৈ অক [ভ্বা, প—স্ত্যায়তি, অনিট্] ১ সঙ্ঘাত, সংহতি। ২ ধ্বনি, শব্দ। "স্ত্যায়তি লোকঃ, একত্র সমূহায়তে শব্দায়তে (ক ক)।

স্ত্রিয়া [সং স্ত্রিয়াঃ] স্ত্রীলোকের। [স্ত্রিয়া গতি লঙ্ঘন ভানে—স্ত্রীলোকের গতির লক্ষণের অনুরূপভাবে। "পহলহি বাম চরণ তুলি মোহন, স্ত্রিয়া গতি লঙ্ঘন ভানে বি সা ৩২৮', ব প ১১১৯।]

স্ত্রী স্ত্রী [√স্ত্যৈ+র (ড্রট্)-খি+স্ত্রী ঈ (ঙীপ্), স্ত্যৈ—স্তৃ, উ ৪ ১৬৫, cf, L, sätor—a begetter] ১ 'যাহাতে গর্ভ সংহত বা কঠিন হয়' (অ টী), যোষিৎ, সীমন্তিনী, নারী। বিপ 'পুমস্, পুরুষ'। "ঋগ্বেদ ৪.৩০.৮। পরপত্নী তু যা স্ত্রী স্যাৎ (তাং ব্রূয়াদ্ ভবতীম্) মনু ২ ১২৯, নিষাদ° ১০ ৩৯। অমর° কি ১০ ১৫। সস্ত্রীকান্তপস্বিনঃ সংপ্রাপ্তাঃ শ ৫৫। স্ত্রীর সঙ্গে হাথাহাথি নাহি বাস লাজ শ্রী ম ৬৪। স্ত্রী পুরুষ।—দু ৫৯। ২ স্ত্রীজাতিমাত্র। "শাখামৃগ° মহা ৩ ২৬৬.৩। ন স্ত্রীণামপ্রিয়ঃ কশ্চিৎ।—হি ১.১২৩। স্ত্রীণামশিক্ষিতপটুত্বমমানুষীষু সংদৃশ্যতে।—শ ৫.২২। ৩ পত্নী। "পান্থ°, বণিক্° (S.W.)। স্ত্রীপাবাত্তং প্রবাহ্যতেচ বিক্রমো হি প্রিয়েষু পু মে ২৮, ৩১। ৪ কন্যা। "স্ত্রীজননী মনু ৯.৮১। ৫ (ব্যাকরণে, কোষে) স্ত্রীলিঙ্গ। "পা ৪ ১.৩। স্ত্রিয়াং মূর্তিঃ (অ.কো)। ৬ (পরিভাষা) নিত্যস্ত্রীলিঙ্গ শব্দ। "পা ১ ৪.৩। ৭ প্রিয়ঙ্গুলতা। ৮ 'মহিলাবৃত্ত'। ৮ দ্বাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। [°কটি, -টী (স্ত্রী) —শ্রোণি। "পঞ্চারিত্বঃ স্ত্রীকট্যাঃ (অ কো)। °করণ (ক্লী)—স্ত্রীসম্ভোগ। °কার্য্য (ক্লী)—১ নারীকর্ম্ম। ২ অন্তঃপুররক্ষণ। "মৈত্রেয়কানাং স্ত্রীকার্য্যম্ মনু ১০.৪৭। °কিতব (পুং)—স্ত্রীধূর্ত্ত, লম্পট। °কুমার (ক্লী)—স্ত্রী ও বালক। "পা ২ ৪ ১১। °কুসুম (ক্লী)—স্ত্রীরজঃ, আর্ত্তব। °ক্ষীর (ক্লী)—স্ত্রীস্তন্য। "মনু ৫ ৯। °ক্ষেত্র (ক্লী)—রাশিচক্রে সম, অর্থাৎ দ্বিতীয় চতুর্থ ইত্যাদি রাশি। বিপ 'পুরুষক্ষেত্র'। °গ (বিণ)—স্ত্রীগামী। "অন্তস্ত্রীগ মনু ৮.৩৮৬। °গমন (ক্লী)—স্ত্রীসম্ভোগ। "গুরুস্ত্রীগমন মনু ১১ ১০৩, কুল্লুক। °গবী (স্ত্রী)—স্ত্রীজাতি গো। বিপ 'পুঙ্গব'। "পা ৩ ৩ ৭১, কাশিকা। °গুরু (পুং)—দীক্ষাদাত্রী স্ত্রী। °গৃহ (ক্লী)—অন্তঃপুর, শুদ্ধান্ত। °ঘাতক, °ঘ্ন (বিণ)—স্ত্রীহত্যাকারক। "স্ত্রীঘ্ন মনু ৯ ২৩২, ম ৩৩১। °বালকব্রাহ্মণঘ্ন (বিণ)—স্ত্রীবালব্রাহ্মণঘাতী। "মনু ৯ ২৩২। °চরিত (ক্লী)—স্ত্রীকার্য্য, স্ত্রীপ্রকৃতি। °চিহ্ন (ক্লী)—স্ত্রীলক্ষণ, যোনি। °চৌর (পুং)—১ স্ত্রীহারক, নারীচোরা। ২ লম্পট। °জন (পুং)—স্ত্রীলোক, নারী। রা ৭ ৮৭ ১৩। °জননী (স্ত্রী)—কন্যাজনয়িত্রী। দ্র 'স্ত্রী (৪)। °জন্ম (-ন্মন্) ক্লী—নারীজন্ম। "বৃহৎসংহিতা ৫৩ ৭২। °জাতি (স্ত্রী)—নারী। °জিত (বিণ) —সর্ব্বকর্ম্মে স্ত্রীপরতন্ত্র, স্ত্রীবশ, স্ত্রৈণ। 'মনু ৪ ২১৭। যাজ্ঞ ১ ১৬৩। ভ ৪ ৮ ৬৭। বা.ম ২২৪। ভ প্র ৩৪৮। °জীবন (ক্লী)—ভার্য্যাপণ্যলব্ধ ধনে উপজীবন, স্ত্রীধনোপজীবন (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩ ২৪০। °দেহার্দ্ধ (পুং)—অর্দ্ধনারীশ, মহাদেব। °দ্বিট্ (-ষ্) বিণ—স্ত্রীদ্বেষী, নারীনিন্দক। °ধব (পুং)—পুরুষ। °নামা (-মন্) বিণ—যাহার নাম স্ত্রীনামের ন্যায়, স্ত্রীনামধারী। "মহা ৫ ১৯৪ ৬৬। °নিবন্ধন (ক্লী) স্ত্রীকর্ত্তব্য, গৃহিণীকর্ম্ম। °নির্জ্জিত (বিণ)—স্ত্রীজিত। "ভ ৭ ১২ ৬। °পর (বিণ)—কামুক, লম্পট। °পর্ব্ব (-র্ব্বন্)—গান্ধারীর ও যুদ্ধে হত বীরগণের পত্নীদিগের করুণবিলাপবিষয়ক মহাভারতের একাদশ পর্ব্ব। °পিশাচী (স্ত্রী)—পিশাচীপ্রকৃতি নারী। °পুংধর্ম্ম (পুং)—স্ত্রীসহিত পুরুষের ব্যবস্থা (কুল্লুক), স্ত্রীপুরুষব্যবহার। "মনু ৮ ৭। °পুর (ক্লী) —অন্তঃপুর। "মহা ৪ ৭ ১৫। °পুরুষ (পুং)—নরনারী, পতিপত্নী, দম্পতি। (-র্ব্বিন্) বিণ—স্ত্রীপূর্ব্বজন্মা, অর্থাৎ যে পুরুষ পূর্ব্বজন্মে স্ত্রী ছিল। 'মহা ৫ ১৯৪ ৬০, ৬৬। °পুষ্প (ক্লী)—স্ত্রীকুসুম, আর্ত্তব। °পূর্ব্ব (বিণ)—স্ত্রীজিত, স্ত্রৈণ। °পূর্ব্বক, °পূর্ব্বী °প্রত্যয় (পুং)—(ব্যাকরণে) স্ত্রীলিঙ্গসূচক প্রত্যয় টাপ্-প্রভৃতি। "°প্রকরণ (সি)। °প্রধান (বিণ) স্ত্রীজিত, স্ত্রীবশ। "°প্রধানের যঃ পিত্রা ত্যক্তঃ গো রা ২ ১১২ ৭। প্রমাণ (বিণ)—স্ত্রীবাক্যবিশ্বাসী। °প্রসঙ্গ (পুং)—নারীসাহচর্য্য। °প্রসূ (স্ত্রী) —কন্যাজননী। "যাজ্ঞ ১ ৭৩। °প্রিয় (বিণ)—নারীপ্রীতিকর। °বধ (পুং)—নারীহত্যা। °বন্ধ (পুং)—রতিবন্ধ (coitus)। °বশ, °বশ্য, (বিণ)—ভার্য্যাধীন, স্ত্রীবশবর্ত্তী। "°বশ্য গো বা ২ ৩৪ ১৭, শক ৫৫। °বশ।—কৃ ৯৩। °বিজিত (বিণ)—স্ত্রীবশ, স্ত্রৈণ। °বিত্ত (ক্লী)—স্ত্রীধন। °বিধেয় (বিণ)—স্ত্র্যধীন। "°রূপযৌবন মনু ১৯ ৪। °বিয়োগ (পুং) —১ স্ত্রীবিচ্ছেদ। ২ (বাঙলায়) স্ত্রীর মৃত্যু। °বিবাহ (পুং)—ভার্য্যাপ্রাপ্তি হেতু বিবাহ (কুল্লুক)। "মনু ৩ ২০। °বিষয়, -য়ক (বিণ) —নারীসম্বন্ধী। °বুদ্ধি (স্ত্রী)—নারীমন্ত্রণা। "স্ত্রীবুদ্ধিঃ প্রলয়াবহা (প্র ক)। °বৃন্দ (বি)—স্ত্রীসমূহ, নারীগণ। "মে ৮৫। °ব্যঞ্জন (ক্লী)—স্ত্রীলক্ষণ চিহ্ন। °ভাগ্য (বি)—ভার্য্যাভাগ্য। "স্ত্রীভাগ্যে ধন প্রা.চ ১০০। °ভাব

(পুং)—১ ভার্য্যাভাব। "হ ১৭৬৩০। ২ নারীভাব। °ভূষণ (ক্লী) —স্ত্রীগণের অলঙ্কার। "স্ত্রীভূষণং চেষ্টিতমপ্রগল্ভম্ ভট্টি ২.১৫। °ভোগ (পুং)—স্ত্রীসম্ভোগ। °মন্ত্র (পুং)—১ স্ত্রীজাতিমন্ত্র, শেষে 'স্বাহা'যুক্ত মন্ত্র। ২ স্ত্রীবুদ্ধি। °মুখপ, °মুখমধুদোহদ (পুং)—বকুল। দ্র উ.মে ১৭, মল্লিনাথ। °যন্ত্র (ক্লী)—নারীরূপযন্ত্র, যন্ত্রধর্ম্মা নারী। "স্ত্রীযন্ত্রং কেন সৃষ্টম্।—ভর্তৃহরি, পক ১২০১। °রজঃ (-জস্) ক্লী—স্ত্রীর আর্ত্তব শোণিত; স্ত্রীপুষ্প। °রত্ন (ক্লী)—১ উৎকৃষ্টস্ত্রী, বরনারী। "স্ত্রীরত্নসৃষ্টি শ ২.৯। স্ত্রীরত্নং দুষ্কুলাদপি (গৃহ্লীয়াৎ)।—শু ৩ ৯৭। চ বি ১৯০। ২ লক্ষ্মী। °রাজ্য (ক্লী)—১ স্ত্রীশাসিত রাজ্য। ২ (বহুব) স্ত্রীরাজ্যবাসিগণঃ "মহা ৩ ৫১.২৫। °রাশি (পুং)—সর্ব 'স্ত্রীক্ষেত্র'। °রোগ (পুং)—স্ত্রীলোকের পীড়া। °লক্ষণ (ক্লী)—স্ত্রীচিহ্ন। °লোক (পুং) —স্ত্রীজন। °সংগ্রহণ (ক্লী)—স্ত্রীর পরপুরুষসম্পর্ক। "মনু ৮ ৬। °সংসর্গ, °সঙ্গ (পুং)—১ স্ত্রীলোকের সঙ্গ, নারীসাহচর্য্য। ২ (বাঙ্লায়) মৈথুন। °সংস্থান (ক্লী)—নারীমূর্ত্তি। "°নং জ্যোতি শ ৫ ৩০। °সভ (ক্লী)—স্ত্রীসংঘাত, স্ত্রীসমূহ। "পা ২ ৪ ২৪, সি। °সম্বন্ধ (পুং)—১ নারীসম্পর্ক। ২ স্ত্রীলোকের সহিত বিবাহসম্বন্ধ। °সম্ভোগ (পুং)—স্ত্রীসহবাস, মৈথুনক্রিয়া। °সুখ (ক্লী)—স্ত্রীসম্ভোগসুখ, রতিসুখ। "ভ ৯ ৯ ৩৯। °স্বভাব (পুং)—১ নারীপ্রকৃতি, স্ত্রীচরিত্র। "স্ত্রীস্বভাবশ্চলো লোকে মহা ৩ ৭১ ৬। ২ যাহার স্বভাব স্ত্রীর মত, মহল্লক, খোজা। °স্তন (পুং)—পয়োধর (অ কো)। °স্বরূপী (-পিন্) বিণ—নারীমূর্ত্তিধর। "মহা ৫ ১৯৪.৬৬। °হত্যা (স্ত্রী)—নারীবধ। "ক সা ৩২ ১৪৪। °হন্তা (-ন্তৃ) বিণ—স্ত্রীহত্যাকারক। "মনু ১১ ১৯১। °হরণ (ক্লী)—বলপূর্ব্বক স্থানান্তরে স্ত্রীনয়ন, যোষাপহার। °হারী (-রিন্) বিণ—নারীহরণকারী।]

স্ত্রীআচার বি বিবাহে সধবা নারীদিগের বরকন্যাবিষয়ে করণীয় নানা লৌকিক আচার। '°বে নারদ লইয়া চলে বর শি ২৫।

স্ত্রীকলা বি নারীসুলভ চাতুরী, রতিবিদ্যা। "স্ত্রীকলা কিছু শিখ বি পা ২৮৭।

স্ত্রীকাম বিণ [স্ত্রী+ √কম্+অ (অণ্), উ ত, স্ত্রী -মী] ১ স্ত্রীসম্ভোগেচ্ছু, কামুক। "ভ ৪ ২ ২৩, ৯ ১৮ ৩৬। ২ পত্নীলাভেচ্ছু।

স্ত্রীজাতীয় বিণ [°তি+ঈয় (ছ)] স্ত্রীজাতিসম্বন্ধী। "আমার বিশ্বাস ছিল, আমার ব্রাহ্মণী স্ত্রীজাতীয় ব দ্বি ১২৩।

স্ত্রীত্ব ক্লী [স্ত্রী+ত্ব] ১ স্ত্রীভাব, নারীত্ব। "স্ত্রীত্বাদবধ্যমাত্মান' মন্তসে গো রা ৫ ২৩ ২৫। ভ ১ ১০ ৩০। ২ ভার্য্যাত্ব, পত্নীভাব। ৩ ক্লীবতা, কাপুরুষতা। ৪ (ব্যাকরণে) স্ত্রীলিঙ্গত্ব। বিপ 'পুংস্ত্ব'।

স্ত্রীধন ক্লী [ষ ত] স্ত্রীস্বত্ববিশিষ্ট ধন বা দ্রব্যমাত্র, স্ত্রীবিত্ত। "স্ত্রীধন দেখাইয়া তাঁর লোভ জন্মাইল চৈ চ ১২৮। রাণীদের স্ত্রীধন।—হ ৯১। আড়তখানি আমার পরিবারের স্ত্রীধন অ গ্র ৮১। [স্ত্রীধন ছয় প্রকার —অধ্যগ্নি (বিবাহকালে অগ্নিসন্নিধানে দত্ত), অধ্যাবাহনিক (পিতৃগৃহ হইতে ভর্তৃগৃহগমনকালে প্রাপ্ত), প্রীতিদত্ত, মাতৃদত্ত, পিতৃদত্ত ও ভ্রাতৃদত্ত ধন। 'অধ্যগ্ন্যধ্যাবাহনিকং দত্তঞ্চ প্রীতিকর্ম্মণি। ভ্রাতৃমাতৃপিতৃপ্রাপ্তং ষড়্‌বিধং স্ত্রীধনং স্মৃতম্।—মনু ৯ ১৯৪। যাজ্ঞ ২.১৪৬।

স্ত্রীধর্ম্মিণী বিণ, স্ত্রী [স্ত্রীধর্ম্ম+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] স্ত্রীধর্ম্মবতী, রজস্বলা। "°ণী (পাঞ্চালী) মহা ২ ৮১ ১৪।

স্ত্রীপণ্যোপজীবী (-বিন্) পুং [স্ত্রীপণ্য+উপ- √জীব+ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] ১ স্ত্রীরূপ-পণ্যে উপজীবক, যে পরপুরুষকে সম্ভোগার্থ স্ত্রী দিয়া তদ্দত্ত ধনে জীবন ধারণ করে। ২ যে অন্যের সম্ভোগার্থ বেশ্যা রাখিয়া প্রাপ্ত ধনে জীবিকার্জ্জন করে।

স্ত্রীপাট বি সিংহাসনের অধিকারিণী নারী। "মোর দেশে নাহি রাজা, তোমারে করিমু পূজা, স্ত্রীপাট আজি সব হই গো.বি ২৬; আমি সব স্ত্রীপাটনী হই ২৬, ঢাকা।

স্ত্রীপুংনপুংসক ক্লী [সম] ১ স্ত্রীলিঙ্গপুংলিঙ্গক্লীবলিঙ্গ। "প্রায়েণ রূপভেদেন সাহচর্য্যাচ্চ কুত্রচিৎ। °কং জ্ঞেয়ম্…।—অ.কো। ২ (বাঙ্লায়) স্ত্রী পুরুষ ও নপুংসক। "স্ত্রীপুংনপুংসক তুমি জীবসহায়িনী।—কৃ ৩৫২। °ভাব।—হু ১৭।

স্ত্রীপুংস পুং, দ্বিব [স্ত্রী ও পুমান্, দ্বন্দ্ব, 'অ' (অচ্), নিপাতিত, পা ৫ ৪.৭৭] ১ স্ত্রীপুরুষ। "পোটা স্ত্রীপুংসলক্ষণা পা ৬ ৩ ৪২, সি। ২ ভার্য্যাপতি। "ধর্ম্মং °সয়োঃ মনু ১ ১১৫, ৯ ২৫, ১০১। ৩ স্ত্রীলিঙ্গপুংলিঙ্গ। "স্ত্রীপুংসয়োরপত্যান্তাঃ।—অ কো, লিঙ্গাদিসংগ্রহবর্গ, ৩৭। [°লক্ষণা (স্ত্রী)—স্তনশ্মশ্রুপ্রভৃতি স্ত্রীপুরুষলক্ষণবিশিষ্টা পোটা, হিজড়া। দ্র°(১)।]

স্ত্রীপুমান বি [সং স্ত্রীপুংস] স্ত্রীপুরুষ। "°রূপা ম পা ১৫৬।

স্ত্রীবাধ্য বিং স্ত্রীবশ, স্ত্রৈণ। "কৃ ৯৩।

স্ত্রীমান্ (-মৎ) বিণ [স্ত্রী+মৎ (মতুপ্)-১ব] স্ত্রীবিশিষ্ট, সস্ত্রীক। "অস্ত্রীকোঽসাবহং স্ত্রীমান্ ভট্টি ৪ ২৯।

স্ত্রীযোনি বি স্ত্রীজাতি, স্ত্রীজন্ম। "কেন নিন্দসি °নি।—ম ২৩৪।

স্ত্রীলিঙ্গ বিণ [উ বহুব্রী] স্ত্রীলিঙ্গতুল্য লিঙ্গযুক্ত, (ব্যাকরণে) স্ত্রীলিঙ্গবিহিতপ্রত্যয়যুক্ত (শব্দ)। —ঙ্গ পুং ১ (ব্যাকরণে) স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দ। "°সংগ্রহ (অ কো)। ২ (বাঙ্লায়) স্ত্রীজাতি, স্ত্রীলোক। "স্ত্রীলিঙ্গ পূতনা।—ম ৩৩১। স্ত্রীলিঙ্গ দেবতা আমি পূজা নাহি করি ক চ ১৯৩। —ঙ্গ ক্লী [ষ ত] ১ স্ত্রীচিহ্ন, স্তনাদি। ২ যোনি। ৩ (ব্যাকরণে) স্ত্রীবাচক প্রত্যয়।

স্ত্রৈণ বিণ [স্ত্রী+ন (নঞ্), পা ৪ ১৮৭, স্ত্রী -ণী] ১ স্ত্রীসম্বন্ধী, স্ত্রীসুলভ। "স্ত্রৈণেন নীতা বিকৃতিং লঘিম্না (কৈকয়ী) ভট্টি ৩ ৭; স্ত্রৈণম্ …চাপলম্ ২১৭। ২ স্ত্রীকৃত। "স্ত্রৈণানি সখ্যানি।—ঋগ্বেদ ১০ ৯৫. ১৫। ৩ স্ত্র্যধীন, স্ত্রীবশ। "ভ ১ ১১ ৪০, ৪.৮ ৬৫। ৪ স্ত্রীভব। "স্ত্রৈণম্ (পয়ঃ পরিবর্জ্জয়েৎ) যাজ্ঞ ১ ১৭০। ৫ স্ত্রীবিষয়ক। ৬ স্ত্রী হইতে আগত বা প্রাপ্ত। —ণ ক্লী ১ স্ত্রীসমূহ। "বহু স্ত্রৈণম্।—অথর্ব্ববেদ ৪ ৩৪ ২। স্ত্রৈণং প্রসুপ্তম্ (অপশ্যৎ) গো রা ৫ ১৩ ২৩। প্রত্যুৎপন্নমতি স্ত্রৈণম্ শ ৫ $\frac{২}{২}\frac{১}{২}$। উ চ ৪ ২৫। ২ স্ত্রীত্ব, স্ত্রীস্বভাব। "শিশুত্বং স্ত্রৈণং বা ভবতু ননু বন্দ্যাসি জগতাম্ উ চ ৪ ১১।

স্ত্রৈণ্য ক্লী [স্ত্রৈণ+য (ষ্যঞ্)] স্ত্রৈণভাব, স্ত্রীত্ব। "(সতী) পিত্রোরগাৎ স্ত্রৈণ্যবিমূঢধীর্গৃহান ভ ৪ ৪ ৩।

স্ত্র্যগার পুং, ক্লী [ষ ত] স্ত্রীগৃহ, অন্তঃপুর।

স্ত্র্যধ্যক্ষ পুং [ষ ত] স্ত্রীগণাধ্যক্ষ, কঞ্চুকী। "রা ২ ১৬ ৩।

স্ত্র্যাজীব পুং [স্ত্রী আজীব, কর্ম্মধা] স্ত্রীরূপজীবিকা, ভার্য্যাদি স্ত্রীগণের বেশ্যাবৃত্তি দ্বারা জীবিকা। 'মনু ১১ ৬৪।

স্থ বিণ [√স্থা+অ (ক)-ক, স্ত্রী -স্থা] ১ স্থিত, মধ্যবর্ত্তী। "গর্ভ°, 'মঞ্জুষা°, শুকঃ…পঞ্জরস্থঃ বা ২ ৬৫ ৫, রঘু ৫ ৭৪। ২ অবস্থিত, আসীন। "একাসন° (S W)। শাখাস্থ (বিহগ) রা ২ ৬৫.৫। শয়নস্থ মনু ৪ ৭৪। ৩ বাসী। "তত্রস্থ রা ২ ৫৭ ২। পরবেশ্মস্থ (অ কো)। বিদেশস্থ মনু ৫ ৭৫। রামগির্য্যাশ্রমস্থ উ মে ৪০। ৪ দণ্ডায়মান। "জল°। ৫ অনুবর্ত্তী। "নিয়োগস্থ। ৬ নিমগ্ন। "ধ্যান°। ৭ যুক্ত। "যোগস্থ। ৮ ব্যাপৃত। "যজ্ঞস্থ যাজ্ঞ ১ ৫৯। ৯ আরূঢ়। "যুগ্যস্থ মনু ৮ ২৯৪। সিংহ° ক সা ২২ ১২৭। ১০ উত্তীর্ণ। "রামে দক্ষিণকূলস্থে রা ২.৫৭. ২। ১১ তদ্বয়স্ক। "দশমী° মনু ২ ১৩৮। ১২ প্রাপ্ত, গত। "প্রেতভাব°, যৌবন°। দ্বেষ° গী গো ৯ ১০। ১৩ কৃতাভিষেক। "যৌবরাজ্য° রা ২ ৩৫.৩৫। ১৪ তজ্জীবী। 'বিষকর্ম্ম° মনু ৪ ৩০, ৯.২২৫। ১৫ অনুষ্ঠাতা। "স্বকর্ম্ম° মনু ১০ ১। ১৬ প্রতিবিম্বিত। "(নেক্ষেত আদিত্যম্) বারিস্থম্ মনু ৪ ৩৭। ১৭ উপস্থিত, বিদ্যমান। "(সঃ) ক্ষিতিপসমাজমগাৎ স্বয়ংবরস্থম্ রঘু ৫ ৭৬। ১৮ সংসর্গী। "কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ (S W.)। দ্র 'ধিক্'। [সমাসে উত্তরপদ।]

স্থকিত বিং [স্থগিত > °ত; হি °ত; তু সং নগর > প্রা নকর (হে ৪.৩২৫)] ১ নিস্পন্দ, স্থির, জড়। "স্থকিত হইয়া রাজা করে নিরীক্ষণ।—ম ১৬৭। স্থাণু স্থকিত অঙ্গবরণ।—চু ৬১। আনন্দে স্থকিত দেখ গৌর ভগবান্ চৈ ১০৩। ২ স্থির, সঞ্চারহীন। "(সুস্বর গানে) স্থকিত অনিল।—জ ৭৭। ৩ নিবৃত্ত। "এ বোল শুনিয়া সভে হইলা স্থকিত শ্রী.ম ৫১। ৪ বিরত। "প্রভু-ইচ্ছামতে সভে স্থকিত হইলা ন.বি ৯৯।

স্থগ্ সক [ভা, প—স্থগতি, সেট্; (ণিজন্ত) স্থগি—স্থগয়তি (ঘটাদি)] সংবরণ, গোপন। —গ্ সক [চু, প—স্থগয়তি; সেট্] আচ্ছাদন। "মাঘ ৪.২৪, মল্লিনাথ। মা.মা ১.১৪।

স্থগ পুং [√স্থগ্+অ (অচ্)-ক] 'আত্মভাবসংবরণকার', শঠ, ধূর্ত্ত, ঠগ (ত্রিকাণ্ডশেষ)। —গন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সংবরণ, অপবারণ। "ভেদপ্রতীতিস্থগনমাত্র সা.দ ২৬৫/৩। —গিকা স্ত্রী [+অক (ণ্বুল্)-ক +স্ত্রী আ (টাপ্)] ১ পট্টিকা (bandage)-বিশেষ (সুশ্রুত)। ২ তাম্বূলকরঙ্ক, পানের ডিবা। —গিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সংবৃত, আবৃত, আচ্ছাদিত। "উদূঢবক্ষঃস্থগিতৈকদিঙ্মুখঃ (বিভুঃ)—কি ১৪. ৩১; ১৮.৪। মা.মা ৬.৫। ২ তিরোহিত, তিরস্কৃত। "স্থগিতার্করশ্মি মাঘ ৪.৩৯, স্থগিতাম্বরক্ষিতিতলে…তিমিরে ৯.২১। কা.প্র ১০.৪৪৬। ৩ (বাঙ্লায়) রুদ্ধগতি। "কীর্ত্তন দেখিয়া রথ করেন স্থগিত চৈ চ ১৫২। ৪ রুদ্ধ, বদ্ধ। "স্থগিত হইল কেন কটকের গতি।—রঙ্গ ২১১। (স্বার্থপরতায়) বিস্তৃতি স্থগিত হইলেই সংস্কার স্থগিত হয় পা প্র ১০১। ৫ অনসুষ্ঠিত, বদ্ধ। "(কর্ত্তা) বলিলেন তবে কি মতিলালের বিবাহ কিছুদিন স্থগিত থাকিবে?—আ.দু ৭৩। —গু পুং, ক্লী হৃদিস্থবিকৃতোন্নত মাংসাস্থিপিণ্ড (রা টীকা), গড়ু, কুঁজ (শ.ক)। "রা ২.৯.৪৬। [স্থগিতে আছিল—মৌনিভাবে ছিল। "কিছু না বুলিয়া পার্থ স্থগিতে আছিল অ.প ৯৮।]

স্থগর পু, পুষ্পবৃক্ষবিশেষ, পুত্রজীবক (রা.টীকা), টগর গাছ (?)। "রা ২.৯৪.২৪। —র ক্লী স্থগরপুষ্প, টগর। "কাত্যায়ন ১৭.৪। [শ্রাদ্ধে ইহা প্রশস্ত।]

স্থগিকা, স্থগিত, স্থগু দ্র 'স্থগ'।

স্থণ্ডু পুং ['স্থপুট'—মূল (?)] সর্থ 'স্থগু'। "হ ৮৪.৩৫।

স্থণ্ডিল ক্লী [স্থানং স্থিরমস্মিন্, পৃষোদরাদি (অ টী); √স্থা+ইল (ইলচ্), নিপাতিত (শ.ক), √স্থা+অণ্ডিল (ডণ্ডিল)-ধি (ভরত)] ১ যাগার্থ সংস্কৃত ভূভাগ (অ.টী), চত্বর। ২ সমীকৃতপ্রদেশ (ত.বা)। ৩ হোমার্থ কুণ্ড-স্বরূপ বালুকাদি-কর্ত্তব্য মণ্ডলবিশেষ। 'নিত্যং নৈমিত্তিকং কর্ম্ম স্থণ্ডিলে চ সমাচরেৎ। হস্তমাত্রং তু তৎ কুর্য্যাদ্ বালুকাভিঃ সমন্ততঃ॥—শারদাতিলক। "মৃন্ময়ং স্থণ্ডিলং কৃত্বা মালোনাপূজয়দ্ ভবম্—মহা ৩.৩৯.৬৫। কুণ্ডে বা স্থণ্ডিলে হোম করে অবিরত চ বি ৩৪৩। শি ৬৩। ৪ ব্রতার্থ সংস্কৃত ভূমি। "°শায়িন্। স্থণ্ডিলে বা কুশে শুয়ে (শিব নাম করে) শি ৬৩। ৫ ভূমি। "সা…নিবেদ্ভুষী স্থণ্ডিল এব কেবলে কু স ৫ ১২। ৬ সীমা। ৭ (সাদৃশ্যে) নিষ্ফলভূমি। "অবীজকমপি ক্ষেত্রং কেবলং স্থণ্ডিলং ভবেৎ ,মু ১০.৭১। ৮ মৃৎস্তূপ। [°শয্যা (স্ত্রী)—ব্রতার্থ সংস্কৃতভূমি-শয্যা। "মহা ৩.১৯৯.১০৫। °শায়ী (-য়িন্) বিণ—ব্রতার্থ তৃণাস্তরনাচ্ছাদিত ভূভাগে শয়িত। (অ টী); ভূশায়ী। "ভট্টি ৩.৪১। (পুং) —স্থণ্ডিলশায়ী ব্রতী। °সংবেশন (ক্লী)—ভূমিশয়ন (শ্রীধর)। "ভ ৫. ৯.১০।]

স্থণ্ডিলেশয় বিণ [°ল+√শী+অ (অচ্)-ক—'স্থণ্ডিলশয়'; উ.ত (পা ৩.২.১৫), বিকল্পে অলুক্ '°শয়' (পা ৬.৩ ১৮)] ভূতলশয়ন, ভূশায়ী। "যাজ্ঞ ৩.৫২। ভ ৪.২৩.৬।

স্থপতি বিণ [√স্থা+অ (ক)-ক—স্থ (সাধু), তাহার পতি, ষ ত; সর্ব্বান্ বশে স্থাপয়তি, পৃষোদরাদি (অ.টী)] সাধুশ্রেষ্ঠ, 'সত্তম' (মেদিনী)। —পতি পুং ১ গীর্বেষ্টিযাজক, বৃহস্পতিযাগযাজী। ২ গৃহাদিকর্ত্তা (মহীধর), কারুভেদ (অ.কো), শিল্পিভেদ (রুদ্র), মুখ্যতক্ষা (স্বামী), রথাদিকর্ত্তা (রা.টীকা), তক্ষা (বৈজয়ন্তী), শিল্পী (নীলকণ্ঠ)। "শুক্ল-যজুর্বেদ ১৬ ১৯। রা ২.৮০.২। মহা ১.৫১.১৫; ৫৮.১২। জগত্ত্রয়ৈক° মাঘ ১.৩৪। বৃহৎসংহিতা ৫৩.৯৯। ৩ অধিপতি, প্রভু। "রা ২.৫২.৫; ৮৪.১২। জগত্ত্রয়ৈক° মাঘ ১.৩৪। ৪ নৃপ। ৫ কঞ্চুকী। ৬ কুবের। ৭ ভূমিধর, পর্ব্বত (অ.টী)।

স্থপনী স্ত্রী ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান (সুশ্রুত)।

স্থপুট বিণ [স্থ (স্থিত) পুট যেখানে, বহুব্রী] ১ বিষমোন্নত, বন্ধুর। "গ্রীবা…স্থপুটা ন শুভপ্রদা।—কাশীখণ্ড ৩৭.৮৯। ২ বিষমসঞ্চারজীবী (শ.ক)। —ট পুং বিষমস্থানসঞ্চারী জীব (ত.বা)। —ট ক্লী নিম্নোন্নত-স্থান। "°গত। [°গত (বিণ)—বিষমস্থানগত। "মা.মা ৫.১৬।]

স্থবির বিণ [√স্থা+ইর (কিরচ্)-ক, হ্রস্ব, ব্ (বুক্), উ ১.৫৩; স্ত্রী -রা; '°র'—চিরন্তন, বৃদ্ধ (ঋগ্বেদ ৬.৪৬.১; ৭.২৪.৪, সায়ণ)] ১ অচল; স্থির (ত.বা)। ২ 'বিষয়ব্যাবৃত হইয়া স্থিত' (অ টী); বৃদ্ধ, প্রবয়াঃ, জীর্ণ। "গো.রা ৫.৩১.১৭। স্থবিরসচিব রঘু ১৯ ৫৭। ৩ জ্ঞানবৃদ্ধ। 'বালোঽপি যঃ প্রজানাতি তং দেবাঃ স্থবিরং বিদুঃ মহা ৩.১৩৩ ১১। যো বৈ যুবাপ্যধীয়ানস্তং দেবাঃ স্থবিরং বিদুঃ মনু ২.১৫৬। —র পুং ১ বৃদ্ধ। "যাজ্ঞ ২.১৫৩। ২ বয়োবিদ্যাদিবৃদ্ধ। "স্থবিব আয়তি (সতি) মনু ২. ১২০। ৩ ব্রহ্মা। ৪ বৃদ্ধ বৌদ্ধভিক্ষু, থের। —রা স্ত্রী বৃদ্ধা।

স্থবিরায়ু (-য়ুস্) বিণ [উ.বহুব্রী] স্থবিরায়ুঃসমায়ুঃ, দীর্ঘায়ুঃ। "নরাঃ …স্থবিরায়ুষঃ।—হ ৫৪.৬১।

স্থবিষ্ঠ বিণ [স্থূল+ইষ্ঠ (ইষ্ঠন্), স্থূল > স্থব্, স্ত্রী -ষ্ঠা] স্থূলতম, অতি স্থূল। "°ষ্ঠো ধাতুঃ—ছান্দোগ্য ৬.৫ ১, ২। °ষ্ঠশ্চ স্থবীয়সাম্ ভ ২ ১. ২৪।

স্থবীয়ান্ (-য়স্) বিণ [স্থূল+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী] স্থূলতর। দ্র 'স্থবিষ্ঠ'।

স্থল্ অক [ভ্বা, প—স্থলতি, সেট্] স্থিতি।

স্থল ক্লী [√স্থল্+অ (অচ্)-ক] ১ অকর্ত্তৃক স্থান (অ.টী), জলশূন্য অকৃত্রিম ভূভাগ (ত.বা); জলশূন্য কৃত্রিম ভূভাগ (ভরতাদি); কৃত্রিমাকৃত্রিমসামান্য স্থল (বৃদ্ধ—অ টী)। "সমে, অনূপে বৃক্ষগুল্মাবৃতে স্থলে মনু ৭.১৯২। রে দুরাত্মন্ (সমুদ্র) দীয়তাং টিট্টিভাণ্ডানি। নো চেৎ স্থলতাং ত্বাং নয়ামি।—পঞ্চ ১৩৮/৫৫। ২ ভূমি, ভূপৃষ্ঠ। বিপ 'জল'। "°কমলিনী, °পদ্ম, °বর্ত্মন্। °নিবেশিতাটনী রঘু ১১.১৪। স্থলে গচ্ছতোঽস্য কো বিধিঃ।—হি ১২৪/৫৫। ৩ উন্নতভূপ্রদেশ। "যাজ্ঞ ২. ১৫৪। ৪ বেলা, তট। "মহা ১ ১২৮ ৩৩; স সমুদ্রোর্ম্মিবেগেন স্থলে ক্ষিপ্তঃ ১৭৬.৪৯। ৫ তল, পৃষ্ঠ। "হর্ম্ম্য° উ.মে ৫। ৬ ভূখণ্ড (plot)। "বেদি° রা ২ ৫৬.৩৩। ৭ ক্ষেত্রভূমি। ৮ বিষয়, পদ, স্থান। "বিচার°, বিবাদ°। তথাবিধস্থলে সা.দ ২২/৫; এবংবিধস্থলে ৩/৫। ৯ আশ্রয়-স্থান। ১০ তৎস্বরূপ। "অংস°, কুম্ভ°, গণ্ড°, জঘন°, নভঃ°, মধ্য°। ১১ অধ্যুষিত স্থান। "নাগ°, মুনি°, মূষিক°। ১২ পটবাস, তাঁবু। ১৩ গ্রন্থাংশ। ১৪ (বাঙ্লায়) ভোজনার্থ পরিষ্কৃত স্থান; খাওয়ার ঠাঁই। "অন্ন জল স্থল (প্রস্তুত সকল)—ম ৫২২। দুর্ব্বলা করিল স্থল বসিলা ভোজনে ক.চ ১২০। ব.প ১৩৬। ১৫ উপবেশনস্থান, আসন। "সম্ভ্রমে উঠিয়া সভে তাঁরে দিল স্থল।—জ ৫। ১৬ বাসের স্থান। "তাঁর ছেলের অমঙ্গল করচি শুনলে, তিনি আমায় স্থল দেবেন না।—দী ১৩। [°কমল, °পদ্ম (ক্লী)—স্থলজাত পদ্মবিশেষ। "°মহাস ভট্টি ২.৩। °লগাঙ্গন গী.গো ১০.৭। °কমলিনী, °পদ্মিনী (স্ত্রী)—স্থলপদ্মিনী, স্থলপদ্মগাছ (Hibiscus mutabilis)। "উ.মে ২৯। °কুসুম (পুং)—করবীরবৃক্ষ। °গ (বিণ)—স্থলগামী, স্থলচর। "জলস্থলগাঃ

সর্গে ভ ৮.১০.১২। স্থলপদ্মা (SW)। °চর, °চারী (-রিন্) —স্থলগামী। "°চর গো রা ১ ১৩.২৯। °চ্যুত (বিণ)—স্থানভ্রষ্ট, পদচ্যুত। °জ (বিণ)—১ স্থলজাত, ভূমিজ। "মনু ১.৪৪। ২ পণ্যমূল্যনির্দ্ধারণ হইতে প্রাপ্ত (শুল্ক)। "যাজ্ঞ ২.২৬৬। °দেবতা (স্ত্রী)—স্থানবিশেষের অধিষ্ঠাতৃদেবতা, গ্রামদেবতা। °নলিনী (স্ত্রী)—অর্থ 'স্থলকমলিনী'। "ভ ৫ ৮ ২৫। °পথ (পুং)—স্থলমার্গ, ডেঙাপথ। বিপ 'জলপথ'। "ক সা ১০১ ১১৫। স্থলজলপথবাণিজ্য মনু ৭ ১০১, কুল্লুক। °বিগ্রহ (পুং)—স্থলযুদ্ধ। °বিহঙ্গ,-ঙ্গম (পুং)—স্থলচর পক্ষী। "°ম ভ ৫ ২৪। °বেতস (পুং)—নিচুল। °মঞ্জরী (স্ত্রী)—অপামার্গ। °মার্গ (পুং)—স্থলপথ। "রঘু ৫ ৬০। °শুদ্ধি (স্ত্রী)—স্থলসংস্কার, স্থানমার্জ্জন। °শৃঙ্গাট,-টক (পুং)—গোক্ষুরবৃক্ষ। °সীমা (-মন্) পুং—স্থণ্ডিল (শ ক)। °স্থ (বিণ)—স্থলস্থিত, তটস্থ। 'গো রা ৪ ১৩ ১০। ভ ৩ ২৭ ১২।]

স্থলকূল বি ১ স্থান ও তট। "দুর্জ্জয় ত্রিবেণী জল নাহি স্থলকূল বা ম ৩৪৯। ২ বিপদের আধার ও সীমা। 'স্থলকূল নাহি দেখি রক্ষ বিষহরী বা ম ৩৭৩।

স্থলপঙ্কজ বি স্থলপদ্ম। '°দল, নয়নযুগল বর।—ব ১৭৫।

স্থলি বি [সং স্থলী] স্থান, পাত্র। "প্রীতের স্থলি চৈ ভা ৩৫৭।

স্থলা দ্র স্থলী'।

স্থলী স্ত্রী [স্থল+স্ত্রী ঈ (ঙীষ) পা ৪ ১ ৪২, 'স্থলা'—কৃত্রিমমৃৎস্তূপ (তৈত্তিরীয়সংহিতা ১ ৬ ১০ ৫)] ১ অকৃত্রিমস্থল, স্থল। 'স্থলীমুপারূঢ়া পর্ব্বতস্থ গো রা ৩ ১৯ ২৩। মহা ৩ ৮৩ ৯৮। মরকত স্থলী, শুতলি আছলি বি প ১৯০। ২ স্থল, তট। 'উত্তটা ইব নদীরয়াঃ স্থলীম্ রঘু ১১ ৫৮। সমরেব স্থলী।—ম ৯৪৫। ৩ তৎস্বরূপস্থান। 'মলয়° রঘু ৬ ৬৪, চিত্রকূট° ১২ ২৪। ৪ দেশ। "এ সকল স্থলীমধ্যে যে যে হরিভক্ত ভ.প্র ১৬৬। ৫ আশ্রমভূ, আশ্রমপদ। "রঘু ১২ ৩০। দধীচির স্থলী।—ম ৯৪৫। ৬ বনভূমি। '(সা বিললাপ) সমদুঃখামিব কুর্ব্বতী স্থলীম্ কু স ৪ ৪। ৭ তৎপরিব্যাপ্ত স্থান। 'স্ফুটতি পটুনিনাদৈঃ শুষ্কবংশস্থলীষু (দবাগ্নিঃ)।—ঋতু ১ ২৫। [°দেবতা (স্ত্রী)—১ স্থলাধিষ্ঠাতৃদেবতা। "উ মে ৪৫। ২ বনদেবতা (SW)।]

স্থলেজাত বিণ [অলুক] স্থলজ। "°তাঃ পদ্মিন্যঃ গো রা ৪ ৪৮ ১০।

স্থলেরুহা স্ত্রী [অলুক] ১ ঘৃতকুমারী। ২ দগ্ধাবৃক্ষ।

স্থলেশয় পুং [অলুক, পক্ষে 'স্থলশয়', পা ৬ ৩ ১৮] স্থলশায়ী, স্থলবাসী—কক্কুরজশূকরাদি।

স্থা অক [ষ্ঠা, প—তিষ্ঠতি, অনিট্] ১ স্থিতি, গতিনিবৃত্তি। ২ স্থিরীভাব। "তিষ্ঠতি সাধুর্ধর্ম্মে (ক ক)। [অধি—১ অধিষ্ঠান, প্রাপ্তি। ২ আরোহণ। "স্যন্দনমধিষ্ঠায় রা ২ ৪৬ ২৮। ৩ বশীকরণ, স্বীকার। "প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবামি গী ৪ ৬। অনু—অনুষ্ঠান, করণ। অব—অবস্থান। "অবতিষ্ঠতে পা ১ ৩ ২২। আ—১ আশ্রয়, অবলম্বন। "সমাধিমাস্থায় কু স ৫ ২। ২ করণ। 'সংযমে যত্নমাতিষ্ঠেৎ মনু ২ ৮৮। উদ্—১ উত্থান। 'আসনাদুত্তিষ্ঠতি পা ১ ৩.২৪। ২ যত্ন, উদ্যোগ। "উত্তিষ্ঠমানং মিত্রার্থে ভট্টি ৮ ১২। ৩ উৎপত্তি। 'অস্মাদ্ গ্রামাৎ শতমুত্তিষ্ঠতি পা ১.৩ ২৪। উপ—১ উপস্থিত। "ভোজনকালে উপতিষ্ঠতে পা ১.৩.২৬, সি। ২ মন্ত্রকরণ। "পা ১ ৩ ২৫। ৩ দেবপূজা, সঙ্গতিকরণ, মিত্রকরণ, পথ বা বর্ত্মগতি। 'পা ১ ৩ ২৫, বার্ত্তিক, সি। ৪ লিপ্সা, লাভেচ্ছা। "পা ১.৩ ২৫, সি। ৫ পরিচর্য্যা। "বিনয়াদুপাস্থুঃ ভট্টি ৬ ৪৩। প্র—প্রস্থান, গতি। "প্রতিষ্ঠতে পা ১.৩ ২২। প্রতি—প্রতিষ্ঠা, সংস্থাপন। "হি ১.৪৫ (কথারম্ভ)। বি—অবস্থান। "আকাশে বিষ্ঠিতাম্ (সুরস্ত্রিম্) রা ২.৭৪.১৮। বি-অব—ব্যবস্থা। "মনু ১০.৬৮। সম্—সংস্থিতি, অবস্থান। "সন্তিষ্ঠতে পা ১.৩.২২।]

স্থাণবীয় বিণ [স্থাণু+ঈয় (ছ)] ১ স্থাণুসম্বন্ধী। ২ শিবদেবতাক, শৈব। "স্থাণবীয়ং ধনুঃ।

স্থাণু বিণ [√স্থা+ণু-ক, উ ৩ ৩৭] ১ স্থির, স্থাবর। বিপ 'জঙ্গম'। "অন্নতঃ সর্ব্বমেতদ্ধি যৎ কিঞ্চিৎ স্থাণু জঙ্গমম্ মহা ১৩ ৬৩ ৩৪, ১৪.৫২.১০। জগৎ সর্ব্বং চরং স্থাণু মনু ৩ ২০১। সরীসৃপং স্থাণু যদত্র দৃশ্যতে ভ ৫ ১৮ ২৭। দেখি কোটি কোটি হয়ে, স্থাণু স্থাণু হৈল ডরে ভা চ ১১৪। ২ স্থাণুবৎ স্থির, অবিকারী, স্থিরস্বভাব, রূপান্তরাপত্তিশূন্য। 'গী ২ ২৪। ৩ বৃদ্ধ (ত বা)।—ণু পুং ১ 'প্রলয়েও স্থির' (অ টী), তপস্যায় স্থাণুতুল্য, শিব। 'মহা ২ ৩ ১৫। স্থাণু স্থাণু হৈল ডবে ভা চ ১১৪। স্থাণুস্থানে শি ৩৫। স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে।—মে ২০৩। স্থাণুমন-বিচালিকা বা দ ১৩৮। ২ তমোগুণী রুদ্র। "মহা ১.১ ৩২। স্থাণ্বাশ্রম কু স ৩ ২৩। °দগ্ধবপুস্ রঘু ১১ ১৩। শি ২০। ৩ প্রজাপতিবিশেষ। "গো রা ৩ ২০ ৮। ৪ শঙ্কু, কীল। ৫ সূর্য্যঘটিকাশঙ্কু। ৬ বল্মীক। ৭ স্তম্ভাদি (অ টী)। 'রঘু ১৪ ৩৮। চৈ ৩৪। ৮ জীবকনামক গন্ধদ্রব্য। ৯ অস্ত্রভেদ (শ ক), কুন্ত, প্রাস (A.)। —ণু পুং, ক্লী ['স্থাণু'—বৃক্ষ (ঋগ্বেদ ১০ ৪২ ১৩)] শাখাহীন বৃক্ষস্কন্ধ, ছিন্নশাখতরুপ্রকাণ্ডের অধোভাগ, মুড়া (ভরত), ধ্রুব, শঙ্কু (অ কো)। রা ২ ৮০ ৬। স্থাণুরিবাচলো মুনিঃ শ ৭ ১১। কিংস্বিন্নরো বা স্থাণুর্বা।—ভাষাপরিচ্ছেদ ১২৯। স্থাণুবদাসীত।—শু ২ ২২৭। স্থাণুপুরুষ যৈছে বিপরীত জ্ঞানে চৈ চ ১৯১। [°কর্ণী (স্ত্রী)—ইন্দ্রবারুণী। °ছেদ '-চ্ছেদ-' (পুং)—স্থাণুর উৎপাটয়িতা, অর্থাৎ যে বৃক্ষাদি কাটিয়া ক্ষেত করে। '°চ্ছেদস্য কেদারমাহুঃ মনু ৯ ৪৪। °দিক (-শ) স্ত্রী—শিবাধিষ্ঠিত দিক ঈশানকোণ। 'বৃহৎসংহিতা ২৪ ২৪, ৩৩। °ভূত (বিণ)—স্তম্ভসদৃশ। '(সঃ) স্থাণুভূতঃ (অতিষ্ঠৎ) মহা ৩ ১২২ ২। °ভ্রম (পুং)—ভ্রমাত্মক স্তম্ভবুদ্ধি।]

স্থাণ্ডিল বিণ [স্থণ্ডিল+অ (অঞ্), পা ৪ ২ ১৫] শাস্ত্রবিহিতনিয়মার্থ স্থণ্ডিলশয়িতা। স্থাণ্ডিলো ভিক্ষুঃ (সি)।

স্থাতব্য বিণ [√স্থা+তব্য-ভা] ১ বর্ত্তিতব্য। (ময়া) পিতুর্নিয়োগে স্থাতব্যম্ রা ২ ২১ ৪৯।। পু মে ৩৪। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জ্জনেন সমং ক্বচিৎ।—হি ৩ ২৩। ২ বক্তব্য। 'বালাহং নবযৌবনা নিশি কথং স্থাতব্যমস্মদগৃহে।—শৃ ১১। দ্র 'পঞ্চ।

স্থাতা (-তৃ) বিণ [√স্থা+তৃ (তৃচ)-ক,-১ব, স্ত্রী -ত্রী, 'স্থাতৃ'—স্থাবর (ব্রীহ্যাদি)।—ঋগ্বেদ ২ ৩১ ৫] ১ স্থিতিকারক। ২ অনুষ্ঠাতা। "মহা ৩ ১৮৫ ১৫।

স্থান ক্লী [√স্থা+অন (ল্যুট্)-ভা] ১ স্থিতি, অবস্থান। "মহা ৩ ২৩২ ২৮। রহঃস্থানাসন মনু ৬ ৫৯। স্থানাসন যাজ্ঞ ৩ ৫১। স্থানং দেব্যা গৃহে উ চ ৩ ৩২। ২ যুদ্ধে অবস্থান। 'স্থানে যুদ্ধে চ কুশলান্ (শুল্মান্) মনু ৭ ১৯০। ৩ দৃঢ়স্থিতি। ৪ স্থিতি, নিবৃত্তগতি। "(অস্থাম্) স্থিতায়াং 'স্থানম্' (পাঠান্তর) আচরেঃ রঘু ১ ৮৯। ৫ পণ্য কত কাল থাকিলে কত লাভ হইবে, এইরূপ বিচার। "মনু ৮ ৪০১। ৬ স্থিতি, সত্তা, বিদ্যমানতা। "যতো জগৎস্থাননিরোধসম্ভবাঃ ভ ১ ৫ ২০, ২.১০ ১। ৭ প্রসঙ্গ, বর্ণাদেশপ্রসঙ্গ। 'স্থানেঽন্তরতমঃ পা ১ ১ ৫০। ৮ সন্নিবেশ (শ ক)। ৯ বসতি (শ ক)। ১০ [+অন-ধি] দেশ, স্থল। 'আশ্রম° রা ২ ৫৪.২৬। গোস্থান পা ৫ ৪ ১০, তত্ত্ববোধিনী। ১১ পদ, সাদৃশ্য। "পিতৃস্থান পা ৫ ৪ ১০, তত্ত্ববোধিনী। ১২ পদ, অধিকার, আধিপত্যকারণ। "রা ২ ৬৪ ২৩। ঐন্দ্রং স্থানসমুপাসীনাঃ...তে (রাজানঃ) মনু ৫ ৯৩। ১৩ বাসস্থান। "নক্রঃ স্বস্থানমাসাদ্য গজেন্দ্রমপি কর্ষতি।—পঞ্চ ৩ ৪৪। নিজ স্থানে জগদম্বা করিলেন গমন ম পা ১৫৮। ১৪ আশ্রয়, অয়ন। "গীতা মে পরমং স্থানম্ (গীতামাহাত্ম্য)। স্থানং প্রধানং, ন বলং প্রধানং স্থানস্থিতঃ কাপুরুষোঽপি সিংহঃ (সু র)। তাহারাই বা স্থান দিবে কেন?—ব প্র ২০৩। ১৫ গৃহ। "অশ্ব°, গজ° যাজ্ঞ ১.২৭৯। কোথায় পাইলি

অন্ন ভোজ কোন স্থানে ভ গ্র ৩২১। ১৬ অবস্থা। "জাগরণাদীনি জীব-স্থানানি ভ ৬ ১৬ ৫৪, °ত্রয় ৬১। ১৭ বর্ণের উচ্চারণস্থল তাল্বাদি। "পা ১ ১ ৯, সি। [স্থান অষ্টসংখ্যক—অষ্টৌ স্থানানি বর্ণানামুরঃ কণ্ঠঃ শিরস্তথা। জিহ্বামূলঞ্চ দন্তাশ্চ নাসিকোষ্ঠৌ চ তালু চ॥] ১৮ আস্পদ, বিষয়। "গুণা এব পূজাস্থান° গুণিষু ন চ লিঙ্গং ন চ বয়ঃ উ চ ৪ ১১। হর্ষস্থানে অলং বিষাদেন (বিক্র)। সত্য মোর স্থান চৈ ভা ৩০৪। ১৯ ভাজন, পাত্র। "বিশ্বাস°। ২০ আধার, স্থিতিস্থান। "(অহম্) প্রভবঃ প্রলয়ঃ স্থানম্ গী ৯ ১৮। ২১ নিমিত্ত। "মনু ৮ ১১৯। যাজ্ঞ ২ ২২৯। ২২ ব্যবহারপদ। "মনু ৮ ৮। ২৩ যোগ্য পদ, যথাস্থান। "স্থানেষেব নিয়োক্তব্যা ভৃত্যাশ্চাভরণানি চ।—পঞ্চ ১ ৭৮। ২৪ যোগ্যবস্তু। "স্থানে সজ্জিত তে দৃষ্টিঃ মা মা ১$\frac{৩}{৪}$। ২৫ পদ, কারণ। 'পদে পদে মহান্তি প্রমাদস্থানানি শঙ্কনীয়ানি উ চ ৩$\frac{১}{২}$। শোক°, ভয়°। হি ১ ২। ২৬ অবকাশ, অন্তর (room)। ২৭ দেবাদির অধিষ্ঠিতস্থল, তীর্থ, মন্দির, মঠ। "স্থর°। সিদ্ধপীঠ যত স্থান শঙ্কর সাধায় জ্ঞান ক চ ১৭। ২৮ নগরস্থ মুক্ত ভূভাগ, চত্বর। ২৯ গ্রন্থসন্ধি, গ্রন্থবিভাগ। "সূত্র°, নিদান°, শরীর°, চিকিৎসিত° (সুশ্রুত)। ৩০ ধন্বীর যুদ্ধে শারীরসংস্থানবিশেষ। দ্র 'আলীঢ়'। ৩১ বৃদ্ধিক্ষয়েতর (মেদিনী)—অষ্টবর্গের বৃদ্ধি ও ক্ষয় হইতে অন্য, অর্থাৎ উপচয়ও না, অপচয়ও না। দ্র 'অষ্টবর্গ'। [ইহা নীতিজ্ঞের ত্রিবর্গ।] ৩২ (সঙ্গীতে) হৃদয়গ্রন্থির ঊর্দ্ধ ও কপোলফলকের অধঃস্থ প্রাণবায়ুর সঞ্চারণস্থান। ['যদূর্দ্ধং হৃদয়গ্রন্থেঃ কপোলফলকাদধঃ। প্রাণসঞ্চারণস্থান° স্থানমিত্যভিধীয়তে। উবঃ কণ্ঠঃ শিরশ্চেতি তৎ পুনস্ত্রিবিধং স্মৃতম্। মন্দ্র° মধ্য° চ তার° চ। 'মন্দ্র মধ্যম উত্তম'—ঋগ্বেদপ্রাতিশাখ্য)।—শাণ্ডিল্য, রা টীকা। দ্র 'তৈ ২৩ ৯-১২।] 'স্থানমূর্চ্ছনকোবিদ রা ১ ৪ ১০। °প্রাপ্তিবিহীনা গীতিবৎ ক সা ২৪ ২৫, বীণা চ্যুতা স্থানাৎ ৩৪ ১৫৯। ৩৩ সমীপ, নিকট। "কৃত্তিকা°, বীর°, ভর্ত্তৃ°। (মন্ত্র) উপায় করিয়া তুমি লহ তার স্থানে।—ম ৬১, দোষী আমি নহি তব স্থানে ৪৪২, মালাকার স্থানে ১০৪২। বাজার স্থানে ক চ ৯৯, ১২৯। তোর স্থানে চৈ ভা ২৫৬। যার স্থানে শ্রী ম ৩০৫। বণিকের স্থানে ভ গ্র ২৪৯। স্থাণুস্থানে শি ৩৫। ৩৪ অভিনেতার অভিনেয়বস্তু। ৩৫ (জ্যোতিষে) রাশিচক্রে গ্রহের কোষ্ঠ। ৩৬ [+অন-ণ] দণ্ড-পোষণ (দণ্ডসাধন হস্ত্যশ্বরথপদাতি, তাহাদের পোষণ, হস্ত্যশ্বাদির রক্ষণাদি), কোষ (অর্থনিচয়, অর্থাৎ কোষের আয়ব্যয়াদি), পুর (পুররক্ষণাদি), রাষ্ট্র (দেশবাসিমনুষ্যপশ্বাদিধারণক্ষমত্বাদি)—এই চতুর্ব্বিধ। 'মনু ৭ ৫৬। ৩৭ ব্যাকরণোক্ত আদিশ্যমান যণাদির কারণভূত ইণাদি (ত বা)। "ধাতোঃ স্থান ইবাদেশ° সুগ্রীব° সংন্যবেশয়ৎ রঘু ১২ ৫৮। ৩৮ (বাংলায়) ভোজনার্থ উপবেশনস্থানাদি। 'আজ্ঞা দিল ধর্ম্মসুত করিবারে স্থান।—ম ৫২২। ঝাট স্থান কর গৌরি ক চ ৩০। স্থান করি সেনে আসি করে নিবেদন।—শ্রী ১০৭। [°চঞ্চলা (স্ত্রী)—বর্ব্বরী। °চিন্তক (পুং) —সেনাসন্নিবেশস্থানের অধিকৃতপুরুষ। 'পঞ্চ ৩$\frac{১৬}{২}$। °চ্যুত (বিণ) —১ স্থানচলিত, স্বস্থানভ্রষ্ট। 'স্থানস্থিতস্য পদ্মস্য মিত্রে বরুণভাস্করৌ। স্থানচ্যুতস্য তাবেব ক্লেদশোষণকারকৌ॥—গরুড়পুরাণ ১১৫ ৭১। ২ পদচ্যুত। °ত্যাগ (পুং)—১ বাসস্থানবর্জ্জন। 'স্থানত্যাগেন দুর্জনঃ (পরিহর্ত্তব্যঃ)।—চাণক্য। ২ পদত্যাগ। °পতি (পুং)—১ ভূস্বামী। ২ মঠাধ্যক্ষ। °পাল, °রক্ষক (পুং)—স্থানরক্ষী। "যাজ্ঞ ২ ১৭৬। °প্রচ্যুত (বিণ)—স্বস্থানপ্রভ্রষ্ট। °ভ্রষ্টপ রা ২ ৬৫ ২০। °প্রাপ্তি (স্ত্রী) —স্থানলাভ, পদপ্রাপ্তি। °বিৎ (-দ্) বিণ—দেশতত্ত্বজ্ঞ। °ভ্রংশ (পুং) —স্থানচ্যুতি, পদচ্যুতি। °ভ্রষ্ট (বিণ)—১ স্বস্থানচ্যুত। ""ষ্টা ন শোভন্তে দন্তাঃ।—হি ১ ১০৩। ২ পদচ্যুত। °মাহাত্ম্য (ক্লী)—স্থানপ্রভাব, তীর্থের পবিত্রীকরণপ্রভাব। °মৃগ (পুং)—নিশান্তস্ববাসস্থানপ্রিয় জন্তু—মৎস্য কূর্ম্ম কুম্ভীর মকর। °যোগ (পুং)—যোগ্যস্থানে সংযোগের বোধ, অর্থাৎ এই দ্রব্য এইরূপে স্থাপনীয় বা ইহার সহিত সংযুক্ত হইলে দীর্ঘকাল থাকে—এইরূপ বোধ। "মনু ৯.৩৩২। °স্থ (বিণ) —আসনোপবিষ্ট। "বৃহৎসংহিতা ৮৯ ১২। °স্থিত (বিণ)—মহত্তাপ্রাপ্ত। দ্র 'স্থান (১৪)।]

স্থানক ক্লী [স্থান+ক (কন্) স্বার্থে] ১ স্থান, দেশ। ২ সর্ব 'স্থান' (৩০)। 'আলীঢ়াখ্যস্থানক কু স ৩ ৭০, মল্লিনাথ। ৩ আস্পদ, কারণ। 'পতাকা° সা দ ৬ ২২৩। ৪ লোক, সদন। "তৎ স্থানকং ব্রাহ্মণকীর্ত্যমানৈঃ (গঙ্গা উপাস্যা) মহা ১৩ ২৬ ৯৪। ৫ ভঙ্গিবিশেষ। "স্থানকেনাবলোক্য বিক্র ৪$\frac{৪}{৪}$$\frac{১}{২}$ (বঙ্গীয়সংস্করণ)।

স্থানাধ্যক্ষ পুং [ষ ত] স্থানরক্ষক, স্থানপাল।

স্থানান্তর ক্লী [নি স, ময়ূরব্যংসকাদি] অন্যস্থান, দেশান্তর। [স্থানান্তর করা—অন্যস্থানে লওয়া। 'হেম ১২২।]

স্থানাভাব পুং [ষ ত] অবকাশবিরহ, জায়গার অভাব।

স্থানাসন ক্লী [দ্বন্দ্ব] অবস্থান ও উপবেশন। "স্থানাসনবিহারবান্ সাধয়েদ্দেহমাত্মনঃ মনু ২ ২৪৮।

স্থানাস্থান বি ১ সুস্থান ও কুস্থান, শুচি ও অশুচি স্থান। "পাত্রাপাত্র বিচার নাহি, নাহি স্থানাস্থান। যেই যাহা পায় তাঁহা করে প্রেমদান॥ —চৈ চ ৩২। ২ পথ ও অপথ, সুপথ ও কুপথ। রাজপথ ছাড়ি বনপথে চলি যান। প্রেমে মত্ত প্রভু নাহি জানে স্থানাস্থান॥—চৈ ৮৬। ৩ পাত্রাপাত্র, অধিকারী ও অনধিকারী। নাহি জানে স্থানাস্থান, (প্রেম) যারে তারে কৈল দান. মহাপ্রভু দাতাশিরোমণি চৈ চ ৮২।

স্থানিক বিণ [স্থান+ইক (ঠক), স্ত্রী -কী] ১ স্থানসম্বন্ধী, স্থানীয়। ২ (ব্যাকরণে) বর্ণাদিস্থানে বিহিত (বর্ণাদি)। ৩ স্থানে বা পদে নিযুক্ত (পুরুষ)। —ক পুং স্থানাধ্যক্ষ (শ ক)।

স্থানী (-নিন্) বিণ [স্থান+ইন্ (ইনি)-১ব স্ত্রী -নিনী] ১ স্থানবান্, স্থানযুক্ত। ২ স্থিতিমান্, প্রতিষ্ঠাযুক্ত। ৩ স্থানরক্ষক (ত বা)। ৪ (ব্যাকরণে) অপ্রযুজ্যমান। 'পা ১ ৪ ১০৫, ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ পা ২ ৩ ১৪। —নী পুং (ব্যাকরণে) প্রসঙ্গী, অর্থাৎ যে বর্ণাদিস্থানে অন্য বর্ণাদি বিহিত হয়। 'স্থানিবদাদেশোঽনল্বিধৌ পা ১ ১.৫৬।

স্থানীয় বিণ [স্থান+ঈয় (ছ), স্ত্রী -য়া] ১ স্থানসম্বন্ধী, দেশীয়, তৎস্থানভব, তৎস্থানস্থ। 'উদানঃ কণ্ঠস্থানীয় (বেদান্তসার)। ২ প্রতিনিধিভূত। ৩ সমান, তুল্য। পিতৃস্থানীয়ঃ পা ৫ ৪ ১০। প্রদীপ° মনু ১ ২১, কুল্লুক। উপাধ্যানস্থানীয় রামবাহু সী ১৬। —নীয় ক্লী বাসার্থ হিত, পুর, নগরী (অ কো)। [স্থানীয় লোক—তদ্দেশবাসী লোক।]

স্থানে ব্য ১ যুক্ত, উচিত। "স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।—গী ১১ ৩৬। রঘু ৫ ১৬। ২ সাম্য, সাদৃশ্য। ৩ সত্য। ৪ কারণ, করণার্থ (মেদিনী)।

স্থানেশ্বর পুং [ষ ত] দেশাধিপতি। "রাজতরঙ্গিণী ৬ ২৮৩।

স্থাপ সর্ম্ম [সং √স্থাপি, হি √থাপ, ঠ √স্থাপ] ১ স্থাপিত বা বিন্যস্ত করা, রাখা। "ত্রিভুবনে দুঃখ তাপ স্থাপিছ আমার।—কৃ ৩৫২। ইহা অনুভবি মনে আশা-পাত্র স্থাপি ভ গ্র ১২০। স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে।—মে.২০৩। ২ বাস করান, বসান। "বৃত্তিদান দিয়া যেবা স্থাপয়ে ব্রাহ্মণে। তার পুণ্যফল কত বলিব বদনে॥—ম ১০৫৯। ৩ প্রতিষ্ঠিত করা। 'সুবর্ণের ঘট স্থাপে পিড়ীর উপর ম ম ১০২। ৪ আধান করা। অগ্নি স্থাপিয়া আহুতি দেয়ন্ত অ প ১৩৩। ৫ অখণ্ডিত করা; প্রতিপাদন করা। 'আচার্য্যেরে স্থাপিয়াছে করিয়া ঈশ্বর চৈ চ ৯৮; 'বিবর্ত্তবাদ' স্থাপিয়াছে কল্পনা করিয়া চৈ.চ ১০৪, ১৯৩, ২৪৬; খণ্ডন স্থাপিতে আমি কি করি উপায়?—৩০২। (প্রভু) সকল খণ্ডিয়া, শেষে সকল স্থাপয় চৈ.ভা ৯২। নির্ব্বিশেষে (ব্রহ্মে) স্থাপিবারে তাহার আগ্রহ চৈ ১১০। ৬ প্রবর্ত্তিত করা; রক্ষা করা। "স্থাপিতে যুগের ধর্ম্ম, লজ্জি

স্থাপন করা)—শ ৩২। ৭ নিবেশিত করা, লেখা। "(পাঠ) লেখনীতে আঁচড়িয়া পাঠান্তর স্থাপে ভ প্র ১৯৪। ৮ প্রতিষ্ঠিত করা (বিদ্যালয়াদি)।

স্থাপক বিণ [√স্থাপি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] ১ স্থাপয়িতা, নিবেশয়িতা। "বৃহৎসংহিতা ৬০.১৪, ১৮। ২ প্রতিষ্ঠাপয়িতা। ৩ প্রতিপাদয়িতা। "সিদ্ধান্ত°। —ক পুং ১ ছাঁচকারক, যে গঠিত রাখে। ২ (নাট্যে) সূত্রধারকৃত পূর্ব্বরঙ্গের পরে যিনি রঙ্গে প্রবেশপূর্ব্বক কাব্যার্থ স্থাপিত করেন। 'সা দ ৬.২৬, ২৭। —পন বিণ [+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ স্থাপয়িতা, সংরক্ষক। "বয়ঃ°। ২ নির্ণায়ক। "ব্যঞ্জনা-ব্যাপারস্থাপনো নাম পঞ্চমঃ পরিচ্ছেদঃ (সা দ)। —পন ক্লী [+অন -ণ্ট] ১ বিন্যাস, নিবেশন, রোপণ। "কলশ° (S.W)। প্রবাত° (সুশ্রুত)। সাস্ত্রসিন্দুরশিরঃ° নৈ ২২ ৪৫, টীকা। ২ দেববিগ্রহাদির প্রতিষ্ঠাপন। "লিঙ্গ°। দেবানা° স্থাপনম্।—বৃহৎসংহিতা ৬০ ২১। এক মঠ করি তাঁহা (আমা) করহ স্থাপন চৈ.চ ৯০। ৩ স্বসিদ্ধান্ত-ব্যবস্থা (নীলকণ্ঠ)। বিপ 'আক্ষেপ', 'খণ্ডন'। 'স্থাপনাক্ষেপসিদ্ধান্ত মহা ১ ৭০ ৪৪। ৪ রক্ষণ। "স্বধর্ম্ম°—মার্কণ্ডেয়পুরাণ ২৭ ৩০। বীজ° কু স ১৫২, ধান্য° ২২১। আয়ুঃ°, বয়ঃ° (সুশ্রুত)। ৫ আধান। "গর্ভ° (চরক)। ৬ (মল্লশাস্ত্রে) পাদাদিপিণ্ডীকরণ (শ্রীধর)। "ভ ১০ ৪৪ ৫। ৭ [+অন-ণ] পুংসবন। ৮ বর্ণাচারভেদকস্থাপন শাস্ত্র (টীকা)। "স্থাপন° চক্রিবে তত্র চাতুর্ব্বর্ণ্যস্য সম্মতম্ রা ৭ ৭৪ ১৪। ৯ [+অন-ধি] সমাধি। —পনা স্ত্রী [+অন (যুচ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ স্থাপন, নিবেশন। 'মহা ১২ ২৮১ ২৬। ম পা ১৪৮। ২ প্রতিষ্ঠাপন। "এক অস্ত্র মারি মোরে করিবে স্থাপনা।—ম ১৯১। —পনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ)] ১ (তন্ত্রে অধোমুখী আবাহনী মুদ্রা। দ্র 'আবাহনী'। 'অধোমুখী ত্বিয়° (আবাহনী) চেৎ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা। [ইহার মন্ত্র—'ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ'।] ২ 'পুবীমস্থাপক', পাঠা ওষধি, আকনাধি। —পয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] ১ স্থাপনীয়, নিবেশয়িতব্য। "মহা ৫ ৪০ ১১। ২ রক্ষণীয়। 'পিত্রা স্থাপয়িতব্যা হি বয়মুৎপথমাস্থিতাঃ মহা ৫ ৯৫ ৪৬। —পয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব, স্ত্রী -ত্রী] ১ স্থাপক, নিবেশয়িতা। ২ রক্ষিতা। "চতুর্ণা° বর্ণানাং স্থাপয়িত্রী সুতা মম মহা ৫ ১১৫ ১১। উহি সে বরাহরূপে ক্ষিতি-স্থাপয়িতা চৈ ভা ৯৮। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিন্যস্ত, বিনিবেশিত। ২ প্রতিষ্ঠাপিত। "তেন মধ্যমশক্তীনি মিত্রাণি স্থাপিতানি রঘু ১৭.৫৮। ৩ রক্ষিত। 'রামভদ্রস্বদ্বিনোদনার্থম্ এষ স্থাপিতঃ উ চ ১২/৫। ক.সা ৩০ ১১৩। ৪ স্থিরীকৃত। "লোকশ্রেষ্ঠে গুণবতি বরে স্থাপিতা ত্বং মযৈব মা মা ১০ ৫। ৫ ন্যস্ত। "মধ্যস্থস্থাপিতম্ (ধনম্) যাজ্ঞ ২ ৪৫। ৬ নিশ্চিত (মেদিনী)। —পী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব, স্ত্রী -পিনী] স্থাপক। "পঞ্চরাত্র ১ ৬ ৪৬। —প্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ স্থাপনীয়। "যাজ্ঞ ১ ২৮০, ৩ ১৭। ২ ন্যাসার্হ, নিক্ষেপ্য, আধীকরণীয়। "°হারিন্।—পঞ্চরাত্র ১ ৬ ৪৭। মম স্থাপ্য ধন।—কৃ ১৪৬। স্থাপ্য ধন প্রজা হয়ে ক চ ২৮২। বা.ম ৩২৫। স্থাপ্য দ্রব্য চৈ চ ২৭৯। ৩ স্থাপনীয়, অভিষেচনীয়। "ভরতঃ স্থাপ্যো নৃপমতে পদে রা ২ ৫২.৩২। ৪ রক্ষণীয়। "স্থাপ্য° চেস্ত্রো ন দুঃস্থিতম্ ক সা ৪০ ১০৮, (দৈত্যৌজ্রঃ) স্থাপ্যঃ…শ্বেতশৈলগুহান্তরে ১১৮ ৯৩। ৫ ধার্য্য। "পুরন্তান্তরে তত্র ধনঃ স্থাপ্য° ন বাহ্যতঃ মহা ১৪ ১৯.৩৩। ৬ প্রবর্ত্তনীয়। "স্থাপ্যা রাজ্ঞা বর্ণা স্বকর্ম্মসু (S W)। ৭ প্রতিষ্ঠাপনীয়। 'লিঙ্গং বা প্রতিমা বা ক্রমবৎ স্থাপ্যা।—বৃহৎসংহিতা ৫৯.৭। —প্য ক্লী ন্যাসদ্রব্য, গচ্ছিত ধন। "স্থাপ্যাপহরণ।

স্থাপত্য পুং [স্থপতি+য(ঞ্য)] কঞ্চুকী, খোজা। —ত্য ক্লী ১ স্থপতি-কর্ম্ম, রথকারকর্ম (রা টীকা), নির্ম্মাণশিল্প (Architecture)। "রা ৩.১৩.৬। ২ বিশ্বকর্ম্মশাস্ত্র। "ভ ৩.১২.৩৮।

স্থাপন, -না দ্র 'স্থাপক'। [স্থাপনাপালা—ঘটস্থাপনপূর্ব্বক মঙ্গলকাব্যের পালাগানের প্রথম দিনে গেয় পালা। "স্থাপনাপালা সমাপ্ত ক চ ২৮।]

স্থাপনী, -পয়িতব্য, -তা, -পিত, -পী, -প্য দ্র 'স্থাপক'।

স্থাবর বিণ [√স্থা+বর (বরচ)-ক, স্ত্রী -রা, ছান্দস] ১ স্থিতিশীল, জঙ্গমেতর, নিশ্চল, অচর। বিপ 'জঙ্গম'। "জগতঃ স্থাবরস্য রা ২ ৩৫.৫। ভূতানি স্থাবরাণি মনু ৭ ১৫। স্থাবরম্ (বপুঃ) কু.স ৬ ৫৮। নাশিল স্থাবর বিষ জঙ্গম বিষেতে।—ম ১২৪। (বৃক্ষ) স্থাবর হইয়া ধরে জঙ্গমের ধর্ম্ম চৈ চ ৪০। স্থাবর জঙ্গম, ভূত।—মা ১৪৪। ২ স্থির, ধ্রুব। "রা ৭ ৩০ ৩৪। স্থাবরাণি (যশাংসি) মাঘ ১৮ ১৫। (কল্পতরু) স্থাবর শ্রী ম ৮১। ৩ জড়, নিশ্চেষ্ট। —র পুং পর্ব্বত। "°রাজ। (অহম্) স্থাবরাণাং হিমালয়ঃ গী ১০ ২৫। তিষ্ঠ ত্বং স্থাবর ইব মহা ৩ ৬৬ ৬। —র ক্লী ১ স্থিতিমান্ দ্রব্যমাত্র, জড়বস্তু, তরুশৈলাদি। "স্থাবরঞ্চ পৃথগ্বিধম্ মনু ১ ৪০। রঘু ২ ৪৪। ২ ভূমিগৃহাদি স্থিতিশীল সম্পত্তি (immovable property)। ৩ পুরুষক্রমাগত অবিক্রেয় রত্নাদি। ৪ ধনুর্গুণ। [°গরল (ক্লী)—উদ্ভিজ্জবিষ। °রাজ (পুং)—'গিরিরাজ', হিমালয়। "বনদেবতাভ্যামদৃশ্যত স্থাবররাজকন্যা কু স ৩ ৫২।

স্থাবরজঙ্গম বিণ [দ্বন্দ্ব] স্থিতিশীল ও গতিশীল, চরাচর। "ভূতম্ …°মম্ মহা ১ ২০৯ ২৪। শরীরিণাং °মানাম্ (সুখায়) কু স ১ ২৩। —ম ক্লী [স দ্ব] ১ স্থাবরজঙ্গমদ্রব্য, দেবমনুষ্যতির্য্যগ্বৃক্ষশৈলাদি। "(এতৈঃ) সৃষ্টং স্থাবরজঙ্গমম্ মনু ১ ৪১। ২ স্থাবরাস্থাবর সম্পত্তি।

স্থাবরতা স্ত্রী, -ত্ব ক্লী [°র+তা (তল্), >ত্ব] স্থাবরভাব, স্থিতিশীলতা, জড়তা। "°ত্ব মহা ১৪ ২১ ২৬। °তা মনু ১২ ৯।

স্থাবরত্ব দ্র 'স্থাবরতা'।

স্থাবরাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী, -১ব, স্ত্রী -ত্মন্] স্থাবরদেহবিশিষ্ট, স্থাবররূপী। 'কু স ৬ ৬৭।

স্থাবির, -বির্য্য ক্লী [স্থবির+অ (অণ), +য (ষ্যঞ্)] স্থবিরভাব, বার্দ্ধক্য। "(স্ত্রিয়ম্) রক্ষন্তি স্থাবিরে পুত্রাঃ মনু ৯ ৩।

স্থাম (-মন্) ক্লী [√স্থা+মন্ (মনিন্)-ণ, উ ৪ ১৪৪] বল, শৌর্য্য, শক্তি, পরাক্রম (অ কো)। "মহা°, যথাস্থাম।

স্থায় পুং [√স্থা+অ (অণ)] রাগের অবয়ব। 'রাগস্যাবয়বঃ স্থায়ঃ। —সঙ্গীতরত্নাকর ৩ ৯৫। দ্র 'ঠায়'।

স্থায়িতা স্ত্রী, -ত্ব ক্লী [স্থায়িন্+তা (তল্), +ত্ব] স্থায়িভাব, স্থিতিশীলতা। "°ত্বপ্রতিপাদন, °তা সা দ ৩২/৫।

স্থায়িত্ব দ্র 'স্থায়িতা'।

স্থায়িভাব পুং [কর্ম্মধা] ১ স্থায়িত্ব। ২ (অলঙ্কারে) বিভাব অনুভাব ও সঞ্চারিভাব দ্বারা ব্যক্ত রত্যাদি ভাব (সা দ ৩ ১)। [কোন বিষয় পাঠ শ্রবণ বা দর্শন করিলে, অন্তঃকরণে যে অস্ফুটরূপ রত্যাদি নয়টি স্থায়িভাব রসাস্বাদের অঙ্কুরস্বরূপ হয়, তাহারাই বিভাবাদি দ্বারা অন্তঃকরণে পরিস্ফুট ও দৃঢ়বদ্ধমূল হইলে, 'স্থায়িভাব' হয়। বিরুদ্ধ বা অবিরুদ্ধ ভাব ইহাকে তিরোহিত করিতে পারে না। রসের সংখ্যানুসারে স্থায়িভাব নয়টি,—রতি হাস শোক ক্রোধ উৎসাহ ভয় জুগুপ্সা বিস্ময় ও শম (সা দ ৩ ১৭৪,-৫)।]

স্থায়ী (-য়িন্) বিণ [√স্থা+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -য়িনী] ১ স্থিত, স্থির। "(চন্দনানাম্) ন চ স্থায়ী চিরং গন্ধো যথা কীর্ত্তিময়ো নৃণাম্ গো রা ২ ৬১ ২০। মাঘ ২ ৮৭। আগন্তু স্থায়িনৌ (তৌ) ক সা ৬১. ১১৩। ২ স্থিতিশীল। 'কতিপয়দিনস্থায়িহংসা দশার্ণাঃ পূ মে ২৩। কল্পান্তস্থায়িনো গুণাঃ।—হি ১ ৫০। কতিপয়দিবসস্থায়িনী যৌবনশ্রীঃ। —ভর্ত্তৃহরি। [সমাসে উত্তরপদ]। —য়ী পুং (অলঙ্কারে) রসের অনুকূল রত্যাদি স্থায়িভাব। "মাঘ ২ ৮৭। অসৌ ভাবঃ স্থায়ী সা দ ৩.১৭৪। মূলে রতি স্থায়ী ভাব হয় ভ.প্র ৪০০। চৈ চ ১৫৬।

স্থায়ুক বিণ [স্থা+উক (উকঞ্)-ক] ১ স্থিতিশীল। "অতীতে বর্ষকে কালে প্রমত্তঃ স্থায়ুকো গৃহে (সুগ্রীবঃ) ভট্টি ৭ ১৮। ২ জয়াবহত্ব হেতু স্থিতিকরণশীল, অমোঘ। "স্থায়ুকমন্ত্রজাতম্ ভট্টি ২.২২। —ক পুং এক গ্রামে অধিকৃত, একগ্রামাধ্যক্ষ (অ কো)।

স্থাল ক্লী [√স্থা+আল (আলচ)-ধি, উ ১ ১১৩] ১ ভাজনভেদ, অন্ন-পাত্রবিশেষ, থাল। "কংস°, রাজত°, হিরণ্য°। ২ দন্তমূলপ্রদেশস্থ অস্থি। "যাজ্ঞ ৩ ৮৫। —লক ক্লী পার্শ্বকাস্থির আধারভূত অস্থি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩ ৮৯। —লী স্ত্রী [স্থাল+স্ত্রী ঈ (ঙীষ)] ১ পাকপাত্রভেদ, পিঠর, উখা, কুণ্ড হাঁড়ী। শুক্লযজুর্ব্বেদ ১৯ ২৭। মহা ৩ ১২১ ৫। স্থাল্যা° বৈদূর্য্যমষ্যা° পচতি তিলকণাংশ্চান্দনৈরিন্ধনলৌঘৈঃ (সু র)। ২ পাটলা বৃক্ষ। ৩ সোমরসকরণার্থ পাত্রভেদ।

স্থালক দ্র 'স্থাল'।

স্থালপথিক বিণ [√স্থলপথ+ইক (ঠঞ)] যে স্থলপথে যায়, স্থল-পথগামী। "পা ৫,১ ৭৭।

স্থালী দ্র 'স্থাল'। [°দরণ (ক্লী)—স্থালীভঙ্গ, হাঁড়ীফাটা। °পক (বিণ)—স্থালীতে কৃতপাক। পা ২ ১ ৪১। °পাক (পুং)—১ স্থালী-পক চরুবিশেষ। 'মহা ৩ ২৩২ ৩৪। ২ স্থালীপক অন্নাদি। °পুরীষ (ক্লী)—স্থালীলগ্ন দগ্ধান্ন। ভ ৫ ৯ ১১। °পুলাক (পুং)—স্থালীস্থিত ভক্ত, স্থায়বিশেষ। দ্র 'স্থায়' (৫৩)। °বিল (ক্লী)—স্থালীমধ্য। পা ৫ ১ ৭০।]

স্থাসক পুং [√স্থা+স-ক (কন)—(ত বা)] ১ চার্চ্চিক্য, গন্ধ-বিলেপন (perfuming)] ২ জলাদির বুদ্বুদ (মেদিনী)। ৩ বুদ্বুদাকার-মণ্ডল (মল্লিনাথ)। মাঘ ১৮ ৫।

স্থাস্নু বিণ [√স্থা+স্নু (গস্নু) ক, পা ৩ ২ ১৩৯, স্ত্রী -স্নু] ১ স্থিতি-শীল, স্থাবর, স্থায়ী। বিপ 'চবিষ্ণু'। °তা মাঘ ১১ ২৮। চ্যুতা দিবঃ স্থাস্নুরিবাচিবপ্রভা ভট্টি ২ ৪৭। ভ ২ ৬ ৪২। ২ স্থাবরবৃক্ষাদিহেতুভূত (বীজ)। 'বীজং স্থাস্নু চরিষ্ণু চ মনু ১ ৫৬। ৩ স্থির, নিত্য। "স্থাস্নু যশঃ কি ২ ১৯। ৪ স্থির, কালান্তবক্ষম। "অঙ্গানি স্থাস্নুনি মাঘ ২ ৯৩। ৫ স্থির, শান্তচিত্ত। '(কমনীযবধূৎসুকঃ) অস্থাস্নুঃ স রাজা সমচিন্তয়ৎ ক সা ৩৬ ৫৫। —স্নু পুং স্থাবর বৃক্ষশৈলাদি।

স্ফুলিঙ্গ পুং, ক্লী, -ঙ্গা স্ত্রী [স্ফুৎ (স্ফুৎকার, তদ্দ্বারা) লিঙ্গ (গামী) —স্ফুৎকারেণ লিঙ্গতি গচ্ছতি (অ টী), তৃ ত, স্ত্রী আ (টাপ্)] 'স্ফুৎকারগামী', অগ্নিকণ, আগুনের ফুলকি। "সস্ফুলিঙ্গৈঃ···অগ্নিভিঃ গো রা ৩৩৪৬। স্ফুলিঙ্গাবস্থয়া বহ্নিরেধাপেক্ষ ইব স্থিতঃ শ ৭১৫। —ঙ্গক পুং [°ঙ্গ+ক (কন্)] স্ফুলিঙ্গ। 'যাজ্ঞ ৩৬৭। —ঙ্গিনী স্ত্রী [°ঙ্গ+ইন্ (ইনি) +স্ত্রী ঈ (ঙীপ)] 'স্ফুলিঙ্গের অগ্নিজিহ্বাবিশেষ (শ ক)। দ্র 'মুণ্ডকোপনিষৎ ১২৪।

স্ফুলিঙ্গা, স্ফুলিঙ্গিনী দ্র 'স্ফুলিঙ্গ'।

স্ফু (স্ফুর্) বিণ [√স্ফুর্+কিপ্ (•)-ক-১ব] কম্পমান। "সপত্না-পনযম্মরণানুশয়স্ফুরা (ওষ্ঠেন)। মাঘ ২১৪।

স্ফূর্জ্জ্ অক [ভ্বা, প—স্ফূর্জ্জতি, সেট্] বজ্রনির্ঘোষ, বজ্রকর্তৃক শব্দ। 'স্ফূর্জ্জতি বজ্রম্ (ক ক)। [বি—বিস্ফূর্জ্জন।]

স্ফূর্জ্জ, -র্জ্জথু পুং, -র্জ্জন ক্লী [√স্ফূর্জ্জ্+অ (ঘঞ্), +অথু (অথুচ), +অন (ল্যুট্), -ভা] বজ্রনির্ঘোষ। —র্জ্জিত ক্লী [+ত (ক্ত) -ভা] বজ্রনির্ঘোষ। "কার্ম্মুকম্ ·তড়িৎস্ফূর্জ্জিতনিস্বনম্ গো রা ৫.৩৩৪।

স্ফূর্জ্জথু, স্ফূর্জ্জন, স্ফূর্জ্জিত দ্র 'স্ফূর্জ্জ'।

স্ফূর্ত্ত বিং [স্ফূর্ত্তি—°র্ত্ত, স্ফুরিত] ১ প্রকাশ। "স্বতঃস্ফূর্ত্ত অ শী ১৯। ২ স্ফূর্ত্তি-যুক্ত, হৃষ্টপুষ্ট। 'আমোদে করিব শ্রম, সুস্থ স্ফূর্ত্ত হবে কলেবর ব.সু ৮।

স্ফূর্ত্তি স্ত্রী [√স্ফুর্+তি (ক্তিন্)-ভা, দীর্ঘ, পা ৮২৭৭] ১ স্ফুরণ, কম্পন। ২ বিকসন। ৩ প্রকাশ। "তব ও মূর্ত্তি, হৃদয়ে স্ফূর্ত্তি, হয় যেন মরণে ব.প ৫৮৫। ৪ [+ক্তি-ণ] প্রতিভা। ৫ (বাঙলায়) আনন্দ,

স্ফূর্তি। "কুকে ভোগ লাগাইয়া ঘরে ফেলে ধ্যান। আমা স্ফূর্ত্তি হৈল, মনের অন্ত্রিল নয়ান।—চৈ.চ ২৩৩।

স্ফূর্তিমান্ (-মৎ) বিণ [স্ফূর্ত্তি+মৎ (মতুপ্)-১ব] ১ কম্পনযুক্ত। ২ বিকাসবান্। ৩ প্রতিভাবান্। —মান্ পুং পাশুপত, শৈববিশেষ।

স্ফোট বিণ [√স্ফুট্+ই (ণিচ)+অ (অচ্)-ক] স্ফোটয়িতা, জনয়িতা। "বায়ু° মহা ৩২২৫। —ট পুং [√স্ফুট্ ভ্বাদি+অ (ঘঞ্) -ভা] ১ স্ফুটন, ভেদ, বিশরণ, ফোটা, ফাটা। "হৃৎস্ফোটেন ব্যপদ্যত রু.সা ৩৩.৭২, ৭০ ৭২। লাজস্ফোটং স্ফুটন্তি মণয়ঃ (S.W.)। ২ স্ফুটনশব্দ, ফাটার শব্দ। "শব্দঃ…বেণুস্ফোটসমঃ মহা ৩ ১১.৫৮। ৩ [+অ (অচ্)-ক] স্ফোটক, ফোড়া (সুশ্রুত)। ৪ বর্ণের অর্থবোধকত্ব না থাকায়, যাহার বলে পূর্ব্ব পূর্ব্ব বর্ণানুভবসহিত চরমবর্ণানুভব কর্তৃক ব্যঙ্গ্য অর্থপ্রত্যায়ক অখণ্ড শব্দব্যাপারবিশেষ। "অক্ষরাণামকারস্ত্বং স্ফোটস্ত্ব° বর্ণসংশ্রয়ঃ।—হ ২৭৯ ৫৯। ৫ শব্দতন্মাত্র, পরাবস্থা বাক্, অব্যক্ত ওঙ্কার (শ্রীধর)। "ভ ১০ ৮৫ ৯, ১২.৬ ৪০। ৬ (বাঙ্লায়) নিঃসরণ। "শবদের স্ফোট স্ব.প্র ১৭৬। —টক পুং ১ পিড়ক, গণ্ড, ফোড়া। ২ (বাঙলায়) মাংসগ্রন্থি কড়া। "গোরোচনা চন্দন ঘষিয়া নিরন্তর। তের দেখ স্ফোটক হইল দুই কর॥—ম ৫৯৯। —টন বিণ [√স্ফুট+ই (ণিচ)+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] ১ স্ফোটয়িতা, ভেদক, বিদারক। স্ফোটন° সর্ব্বতোমুখম্ (বজ্রম্)।—হ ২৫৫ ১২। ২ ছেদক, নিরাসক। 'সংশয়° (S W)। —টন পুং ১ শিব। ২ সংযুক্ত ব্যঞ্জনদ্বয়ের মধ্যস্থ ভেদকারক ধ্বনিবিশেষ। 'অথর্ব্ববেদ প্রাতিশাখ্য। —টন ক্লী [+অন-ভা] ১ বিদারণ, ভেদন। "অণ্ড°। —পঞ্চ ১৩/৬৮। শঙ্খ° (সুশ্রুত)। ২ বিকসন। ৩ উৎক্ষেপণ, আস্ফালন। "বাহু° সা দ ৩ ২২৯। ৪ মোটন ফুটান, মটকান। "অঙ্গুলি° (S W)। ৫ সংযুক্ত ব্যঞ্জনদ্বয়ের উচ্চারণবিশেষ দ্বারা বিচ্ছেদ। ৬ [√স্ফুট্ (ভ্বাদি)+অন-ভা] ভেদ, বিশরণ। 'উ মে ৮, মল্লিনাথ। —টনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] মণিশঙ্খাদিবেধনযন্ত্রবিশেষ, বেধনী, ভোমর (সুশ্রুত)। —টা স্ত্রী সর্পফণা, ফটা, স্ফটা। —টিত ক্লী [+ত-ভা] স্ফোটন, বিদারণ। —টিনী স্ত্রী 'স্ফোটযুক্তা', ফুটী। [°বীজক, °হেতুক (পুং)—ভল্লাতক, ভেলাগাছ।]

স্ফোটক, -টন, -নী, -টা, -টিত, -টিনী দ্র 'স্ফোট'।

স্ফোরণ ক্লী [√স্ফুর+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] চালন, কম্পন। "মুগ্ধবোধ ১১৩৮।

স্ফ্য পুং [ছান্দস] খড়্গাকার যজ্ঞিয় কাষ্ঠবিশেষ, কাষ্ঠখড়্গ (নীলকণ্ঠ)। "মহা ১৪ ৭২ ১০। মনু ৫ ১১৭। যাজ্ঞ ১ ১৮৪।

স্ম ব্য ১ পাদপূরণ (অ কো)। ২ বাক্যালঙ্কার (রা টীকা)। "রা ২ ৬৪ ২২। ইতি হ স্ম তা° নিন্দন্তি উ চ ৫/৩/৩/৯। [-'স্ম'-যোগে অতীতকালে লট্ বিভক্তি হয়। "পৃচ্ছতি স্ম (পপ্রচ্ছ) রঘু ৩ ৫, মল্লিনাথ। প্রতিবসতি স্ম (উবাস)।—পঞ্চ ১২/৬/২/৮।]

স্মগুর ; স্মগুরণ দ্র 'সোণ্ডর, সোণ্ডরণ'।

স্ময় পুং [√স্মি+অ (অচ্)-ভা] ১ অদ্ভুত, বিস্ময়। "পা ১ ৩ ৬৮, সি। মহা ১৩ ১২০ ৯। ভট্টি ৫ ৮৫। ভ ১ ১৭ ২৪। ২ গর্ব্ব। "স্ময়াবেশবিবর্জ্জিত রঘু ৫ ১৯। জাতস্ময়।—মু ২ ২৩।

স্মর[1] বিণ [√স্মৃ+অ (অচ্)-ক, স্ত্রী -রা] ১ স্মর্ত্তা, স্মারক। "জাতি°। ২ স্মরণমাত্রে ক্ষোভক। "কামে স্মরে ভ ১০ ৫৫ ৪০। —র পুং [√স্মৃ+ই (ণিচ্)+অ (অচ্)-ক] ১ 'সোৎকণ্ঠ কান্তাস্মরায়িতা', কামদেব। "স্মর এব তাপহেতুঃ শ ৩৮। স্মরসি স্মর মেখলাগুণৈঃ …বন্ধনম্ কু.স ৪ ৮। ২ প্রণয়, অনুরাগ। ৩ সুরতেচ্ছা। "স্মরদায়িন্ কি ৬.১৩। °দুর্ম্মদ ভ ১.১৫.৭। দেখিয়া সুন্দররূপ মনোহর, স্মরে জর জর যত রমণী ভা.চ ২৭৫। [°কথা (স্ত্রী)—সুরতালাপ। "বৃহৎসংহিতা ৭৬ ২। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—কামক্রিয়া। °কূপক (পুং), °কূপিকা (স্ত্রী), °গৃহ (ক্লী)—যোনি। °কেলি (বি)—কামক্রীড়া। "জ.প্র ৬৭৮। °গুরু (পুং)—প্রদ্যুম্নপিতা, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। °চক্র (পুং)—রতিবন্ধবিশেষ। °চাপ (বি)—কামধেনু। "°প ভুরুযুগ শ্রী মা ১৬১। °জ্বর (পুং)—কামপীড়া, স্মরার্ত্তি। °দহন (পুং)—'কামদাহক', শিব। °দায়ী (-য়িন্) বিণ—কামোদ্দীপক। দ্র 'স্মর (৩)। °দীপন (বিণ)—কামোদ্দীপক। "রঘু ৯ ২৮। °দুর্ম্মদ (বিণ)—কাম হেতু অতিমত্ত। দ্র 'স্মর (৩)। °পীড়িত (বিণ)—কামার্ত্ত, কামাতুর। °প্রিয়া (স্ত্রী)—কামপ্রেয়সী, রতি। "মে ৫৯। °বল্লভ (পুং)—প্রদ্যুম্নের প্রিয়; অনিরুদ্ধ। °ভাসিত (বিণ)—কামদীপিত, কামপরীত। °ভূ (স্ত্রী)—কামজাত। °ভূপ (বি)—কামরাজ। 'শর হানে স্মরভূপ বি.সু ৫০। °মন্দির (ক্লী)—যোনি। °মুট্ (-ষ) পুং—'স্মরহর', শিব। °মোহ (পুং)—কামজন্য মতিভ্রংশ। °রাগ (পুং)—কামনিমিত্ত রমণেচ্ছা। "মাঘ ৬ ৭০। °ললিত (ক্লী)—সীৎকারাদিকামচেষ্টিত। "মাঘ ৮ ১৩। °লেখ (পুং)—মদনলেখ, প্রেমপত্র। °লেখনী (স্ত্রী)—শারিকা। °শত্রু (পুং)—শিব। °শর (পুং)—কামবাণ। 'হি ১৩/৪/৭/৮। শ্রী.মা ৫০। °শাসন (পুং)—'কামশাসক', শিব। 'কু স ৬৩। °শাস্ত্র (ক্লী) কামশাস্ত্র। °সখ (পুং)—১ কামবন্ধু, কামোদ্দীপক। "রঘু ৯ ৩৬। ২ চন্দ্র। °সমর (পুং)—কামরণ, কামকেলি। 'গী গো ৭ ১৩। °সহ (বিণ)—কামোদ্দীপক। "মাঘ ৬ ৭৭। °হর (পুং)—'কামনাশক', শিব। "স্মরহরপ্রিয়া।—মে ৫৯। °হুতাশন (পুং)—কামাগ্নি। "স্মরহুতাশনমুর্ম্মুর মাঘ ৬ ৬।]

স্মর[2] সর্ম্ম [সং √স্মৃ—স্মরণ > স্মর, তু 'প্রা √সব] ১ স্মরণ করা, মনে করা। "পূর্ব্ব দুঃখ স্মরন্তি সেই পাণ্ডবপ্রধান ম বি ২৭৫। কৈলাস ভবনে দুর্গা স্মরিলা মায়ারে।—মে ২৬১। ২ মনে করিয়া উচ্চারণ করা। "নারায়ণ-স্মরে : স্মরএ নারায়ণ : স্মরন্ত হবিক অ প ১৩০। (দুর্গা বক্ত্রে যেন) নিত্য স্মরে ম পা ১৫। বরা স্মরে রাম রাম চৈ ম ১৭১। শুনি স্মরে কবি রায় ভাবত ভাবত ভা চ ২৮৭। ৩ চিন্তা করা, ভাবা, দেখা। ছোট বড় যত জীব আত্মভাবে স্মরি।—ন ১০৯৭। ৪ ধ্যান করা। "আপন সারথি স্মর দেব নারায়ণ।—ম ১১৫৪। হরগৌরী স্মরি মরি ম পা ৭।

স্মরণ ক্লী [√স্মৃ+অন (ল্যুট্)-ভা] ১ স্মৃতি, আধ্যান। 'স্মরণং ভয়তন্ত গো রা ১.৪ ৫০। কেবলং স্মরণেনৈব পুনাসি পুরুষম্ রঘু ১০ ২৯। প্রিয়ে, তোমার স্মরণ হয় সী ১০। ২ অনুচিন্তন, অনুধ্যান। "যদি হরিস্মরণে সরসং মনঃ গী গো ১ ৩। শিবের স্মরণে বিষ ঘামুখে মর ম ম ২১৯, -২৩। ৩ চিন্তন। ৪ ইষ্টদেবধ্যান। ৫ (অলঙ্কারে) অর্থালঙ্কারবিশেষ। °[সদৃশ বস্তুর অনুভব হেতু বস্তুর স্মৃতিকে স্মরণালঙ্কার কহে। যেমন, সহাস্য বদনদর্শনে বিকশিত পদ্মের স্মরণ। 'সা দ ১০ ২৭।] ৬ (বৈষ্ণবশাস্ত্রে) ভক্তির নববিধ লক্ষণের একতম। 'ভ ৭ ৫ ২৩। ৭ [+অন-র্ম্ম] স্মরণীয় পরম্পরাগত শাস্ত্রকারবচন। 'স্বাহাকারপ্রদানান্তা হোমা ইতি কাত্যায়নস্মরণাৎ মনু ৩ ৮৫, কুল্লুক। ৮ [+অন-ণ] 'স্মৃতিসাধন', স্মরণশক্তি (memory)। ৯ (বাংলায়) স্মৃতিগত, মনে উদিত। 'বেণী বাবুর কথা স্মরণ হইতে লাগিল আ দু ১৬৭। বিমলা কি বলিয়া দিয়াছিলেন, তাহা তিলোত্তমার স্মরণ হইল না ব প্র ৮৪। [°পদবী (স্ত্রী)—স্মৃতিপথ, স্মরণবিষয়, অর্থাৎ মৃত্যু। 'স্মরণপদবী' যেহপি গমিতাঃ (S W)।] [আগে জগৎসিংহকে স্মরণ হইল (ব প্র ৮৪)—আগে জগৎসিংহের কথা মনে হইল। স্পষ্টভাবে কর্ম্মের সকর্ম্মক ক্রিয়া ন থাকিলেও, 'স্মরণে'র কর্ম্মরূপে এরূপ প্রয়োগ বাংলার বিশেষত্ব।

স্মরণশক্তি বি মনে রাখার ক্ষমতা, স্মৃতিশক্তি।

স্মরণানুগ্রহ পুং [কর্ম্মধা] স্মরণরূপ প্রসাদ। কু স ৬.১৯।

স্মরণীয় বিণ [√স্মৃ+অনীয় (অনীয়র্)-র্ম] স্মরণার্হ, স্মর্ত্তব্য। "তেন রাজর্ষিণা…স্বনামধেয়াঙ্কিতম্ অঙ্গুরীয়কং স্মরণীয়মিতি স্বয়ং পিনদ্ধম্ শ ৪২। ভ ১০.৪৭ ৫।

স্মরদশা স্ত্রী [উ লো] কামকৃত বিরহীর অঙ্গাসৌষ্ঠবাদি দশ দশা। 'সা দ ৩ ২০৬,-৮। চিন্তাত্র জাগরোদ্বেগৌ তানবং মলিনাঙ্গতা। প্রলাপো ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দশা দশ॥—উজ্জ্বলনীলমণি। পূমে ২৯, মল্লিনাথ। ভ প্র ৪০৭।

স্মরমাণ বিং [সং স্মরৎ—স্মরন্, তু 'ত্বরমাণ'] স্মরণ করিতে করিতে। "কৃষ্ণ বিষ্ণু নারায়ণ স্মরমাণ। এ বোল বলিয়া বীর উঠে ত্বরমাণ॥—অ প ১১৩।

স্মররুক্ (-জ) স্ত্রী [কর্ম্মধা] কামরূপ জ্বর। "উদ্দীপিতস্মররুজা° ব্রজভৃদ্বধূনাম্ ভ ২ ৭ ৩৩।

স্মরাকুলিত বিণ [তৃ ত] কামবিহ্বল, স্মরপীড়িত।

স্মরাক্রান্ত বিণ [তৃ ত] কামাভিভূত, কামমোহিত।

স্মরাগার ক্লী [ষ ত] 'কামগৃহ', যোনি।

স্মরাঙ্কুশ পুং [ষ ত] ১ কামের অঙ্কুশতুল্য, নখ। ২ কামুক।

স্মরাতুর বিণ [সুপ্‌সুপা] কামার্ত্ত, স্মরপীড়িত।

স্মরান্ধ বিণ [সুপসুপা] কামমুগ্ধ, স্মরবিমূঢ়।

স্মরারি পুং [ষ ত] 'কামশত্রু', শিব।

স্মরার্ত্ত বিণ [সুপ্‌সুপা] কামপীড়িত, কামাতুর।

স্মরাসব পুং [ষ ত] কামের সুরাতুল্য, অধরসুধা।

স্মরোদ্দীপন বিণ [ষ ত] কামবর্দ্ধন। "বৃহৎসংহিতা ৭৭ ৭।

স্মরোন্মাদ পুং [উ লো] কামজন্য মত্ততা, কামবিমূঢ়তা।

স্মরোপকরণ ক্লী [ষ ত] কামোদ্দীপন দ্রব্য, গন্ধদ্রব্যাদি।

স্মর্ত্তব্য বিণ [√স্মৃ+তব্য-র্ম] ১ স্মরণীয়, স্মরণার্হ। "স্না ৭ ৪০ ১২। স্মর্ত্তব্যোঽস্মি কথান্তরে মহা ১১ ৭৭ ১৫। ২ চিন্ত্য, ধ্যেয়। "(বৎ) স্মর্ত্তব্য ভজনীয়° বা ব্রূহি ভ ১ ১৯ ৩৮। —র্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ)-ক -১ব, স্ত্রী -র্ত্রী] স্মারক। "সঞ্জল্পিতানি ··স্মর্ত্তৄনুঠন্তি হৃদয়ং মম মাধবস্য ভ ১ ১৫ ১৮। কৃতোপকারস্য স্মর্ত্তুঃ মনু ৬ ২০৯, কুল্লুক। —র্য্য বিণ [+য (যৎ)-র্ম, তু 'স্মার্য্য'] স্মরণীয়। 'অঙ্গদেবতাঃ স্মর্য্যাঃ।—পঞ্চরাত্র ৩ ৭ ২৯।

স্মর্ত্তা, স্মর্য্য দ্র 'স্মর্ত্তব্য'।

স্মায় পুং [√স্মি+অ (ঘঞ্)-ভা] গূঢ়হসিত স্মিত। "স্মায়াবলোকলবদর্শিতভাব ভ ১০ ৬১ ৪।

স্মার বিণ [স্মর+অ (অণ্), স্ত্রী -রী] মদনসম্বন্ধী। "স্মার° ধনুঃ। —নৈ ৭ ২৬। —র পুং প্রতিবদ্ধ কাম হইতে জাত খেদ (নীলকণ্ঠ)। "মহা ৩ ৬ ৩।

স্মারক বিণ [√স্মৃ+ই (ণিচ)+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -রিকা] স্মরয়িতা। 'ধর্ম্ম° (S W)। —রক ক্লী স্মারক চিহ্ন, কার্য্য। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্মরণ করান, অনুবোধন। "প্রণয়° সা দ ৪২৬। ২ [+অন-ক] স্মরণহেতু কর্ম্ম (নীলকণ্ঠ)। "মহা ৩ ২৩৮ ৪। —ণী স্ত্রী ব্রাহ্মী। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম] স্মৃতিপথে আরোহিত, অনুবোধিত। 'তস্য দর্শনেন ভর্ত্তুঃ অভিমতো জনঃ স্মারিতঃ শ ৬২। উ চ ৬ ৩৪। —রিত ক্লী [+ত-ভা] স্মারণ। "ইদ° অবস্থান্তর° গতে তাদৃশে অনুরাগে কিং বা স্মারিতেন শ ৫২৬। —রী (-রিন্) বিণ [√স্মৃ+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -রিণী] স্মর্ত্তা, স্মারক। "স্বদেশ° (S W)। [°লিপি (বি)—স্মরণার্থ পত্র (reminder)।]

স্মারণ, স্মারণী, স্মারিত, স্মারী দ্র 'স্মারক'।

স্মার্ত্ত বিণ [স্মৃতি+অ (অণ্), স্ত্রী -র্ত্তী] ১ স্মৃতি (স্মরণ)-সম্বন্ধী, স্মৃতিবিষয়ক। "স্মার্ত্তমস্তি পুরাণং মে মহা ৩.১৭৯,২০। ২ স্মৃতিশাস্ত্রবিহিত, স্মৃত্যুক্ত। বিপ 'শ্রৌত'। 'আচারঃ পরমো ধর্ম্মঃ শ্রুত্যুক্তঃ স্মার্ত্ত এব চ মনু ১ ১০৮। কর্ম্ম স্মার্ত্তম্ যাজ্ঞ ১.৯৭, ৩১৪। স্মার্ত্ত ব্যবহারে° চৈ চ ২৪৫। ৩ ব্যবহারশাস্ত্রসম্মত, আইনসঙ্গত। ৪ স্মৃতিশাস্ত্রজ্ঞ, স্মৃতিশাস্ত্রব্যবসায়ী (শ ক)। ৫ গৃহ্য, আবসথ্য (অগ্নি)। —র্ত্ত পুং ১ স্মৃতিশাস্ত্রে পণ্ডিত। ২ স্মৃতিবিহিতকর্ম্মনিষ্ঠ ব্রাহ্মণ। —র্ত্ত ক্লী স্মৃতিবিহিত কর্ম্ম। [°কাল (পুং)—স্মৃতিবিষয়ক কাল, অর্থাৎ যে সময়ের কথা মনে থাকিতে পারে। দ্র 'স্মার্ত্ত (১)।]

স্মার্ত্তভট্টাচার্য্য পুং স্মৃতিশাস্ত্রবিচক্ষণ পণ্ডিত রঘুনন্দন। [ইনি ষোড়শ শতাব্দীর প্রারম্ভে জীবিত ছিলেন। অষ্টাবিংশতিতত্ত্ববিশিষ্ট 'স্মৃতিতত্ত্ব' ইঁহার বিরচিত।]

স্মার্ত্তিক বিণ [স্মৃতি+ইক (ঠক)] স্মৃতিবিহিত, লৌকিক। "স্মার্ত্তিকী প্রেতকৃত্যা। —মনু ৩,১২৭, কুল্লুক।

স্মার্য্য বিণ [√স্মৃ+য (ণ্যৎ)-র্ম] স্মরণীয়, বোধ্য। "গুণভাবস্থিরু স্মার্য্যঃ পা ৩ ২ ১৩৯, কাশিকা।

স্মি অক [ভ্বা, ও—স্ময়তে, অনিট্] ঈষদ্ধসন, স্মিত। —সক [চু, ঙ —স্মায়য়তে, সেট্] অনাদর (ক ক)। [বি—বিস্ময়। "ব্যস্ময়ন্ত প্লবঙ্গমাঃ ভট্টি ১৭ ৭০।]

স্মিত বিণ [√স্মি+ত (ক্ত)-ক] ১ কৃতস্ময়। ২ বিকসিত, বিকচ। "°সরোরুহনেত্র মাঘ ৬ ৫৪। ৩ [স্মিত+অ (অচ্)] ঈষদ্ধাস্যযুক্ত। ৪ স্ময়যুক্ত, গর্ব্বিত (নীলকণ্ঠ)। "হর্ষ° মহা ১৩ ৪৩ ৯। —ত ক্লী [+ত-ভা] ১ অদৃষ্টদশন হাস্য (অ চি), ঈষৎ হাস্য, অল্পহাস। 'ঈষদ্বিকাসিনয়ন° স্মিত° স্যাৎ স্পন্দিতাধরম্ সা দ ৩ ২১৮। "স° গো রা ৩ ৪৯ ৫১, কু স ৪ ২৩। শুচিস্মিতা ভট্টি ৫ ৬৫। ২ হসিত। "অনিষতরুদিত" উ চ ৪ ৪। [°কান্তি (বি)—বিকসিতসৌন্দর্য্য। "চৈ চ ১১৭। °দৃক (-শ) বিণ—সহাস্যনেত্র, প্রফুল্লমুখ। °পূর্ব্ব (ক্রি বিণ) —মৃদুহাস্যপূর্ব্বক। "সীতা স্মিতপূর্ব্বাভিভাষিণী গো রা ৩ ৪৯ ৫। স্মিতপূর্ব্বমাহ কু স ৭ ৪৭। °বাক (-চ) বিণ—সস্মিতভাষণ (S W)। °মুখ (বিণ)—সহাস্য-মুখ। "স্মিতমুখী ভদ্রা।—ম ৪০৯।]

স্মিতজ্যোৎস্না বি মৃদুহাস্যকৌমুদী। "°স্নামৃত চৈ চ ২২০।

স্মিতোজ্জ্বল বিণ [সুপ্‌সুপা] স্মিতবিকসিত, হাস্যপ্রফুল্ল (চক্ষুঃ)।

স্মৃ সক [ভ্বা, প—স্মরতি, অনিট্] ১ স্মরণ, স্মৃতি, জ্ঞানবিশেষ (ক.ক)। ২ চিন্তা, ধ্যান। ৩ উৎকণ্ঠা, উৎকণ্ঠাপূর্ব্বক স্মরণ (ক ক)। [অনু —অনুস্মরণ, অনুধ্যান। "মামনুস্মর গী ৮ ৭। বি—বিস্মরণ। "গো রা ৪ ৯ ২৩।]

স্মৃত বিণ [√স্মৃ+ত (ক্ত)-র্ম] ১ কৃতস্মরণ। "বিবুধৈঃ…স্মৃতঃ কু স ৪ ১৯। শ ৬ ৩০। সাধু স্মৃত° ত্বয়া ক সা ১৮ ২০৯। ২ স্মৃতিবিষয় (শ ক); স্মৃতিতে বিহিত, শাস্ত্রে দৃষ্ট, মত। "এবঃ ধর্ম্মঃ ক্রিয়া নিত্যো বেদে লোকে শ্রুতঃ স্মৃতঃ বা ২ ২৪ ২৮। পাণ্যাস্যো হি দ্বিজঃ স্মৃতঃ মনু ৪ ১১৭; ১১৯। তাবেব পিতরৌ স্মৃতৌ কু.স ২.৭। ৩ আহূত। 'সত্রস্তয়া শরণমিত্যসকৃৎ স্মৃতোঽসি উ চ ৪ ২৩।

স্মৃতি স্ত্রী [√স্মৃ+তি (ক্তিন্)-ভা] ১ অনুভূতবিষয়ের জ্ঞান, অনুভবসংস্কারজন্য জ্ঞান, স্মরণ, চিন্তা, আধ্যান। "স্মৃতির্লব্ধা গী ১৮.৭৩। বে ৩ ২১। দদর্শ স্মৃতিমাত্রেণ তত্তেজঃ।—পঞ্চরাত্র ১.১২ ১২। স্মৃতিমাত্র বিশ্বকর্ম্মা আইলা ততক্ষণ ক চ ৩২। ২ ব্যভিচারিভাববিশেষ। "সা.দ ৩ ১৭১। ৩ [+তি-ণ] স্মরণশক্তি। "স্মৃতির্মম বিলুপ্যতে রা ২.৬৪.৬৫। ৪ (পুরাণে) ধর্ম্মপত্নী মেধার কন্যা। 'ভ ৪.১.৫০। ৫ যাহা দ্বারা বেদার্থস্মরণ হয় (শ ক), মহর্ষিগণের বেদার্থস্মরণ স্মৃতি, তন্নিবন্ধন মন্বাদিপ্রণীত শাস্ত্রবিশেষ (অ.টী), ধর্ম্মসংহিতা। 'ধর্ম্মশাস্ত্রং তু বৈ স্মৃতিঃ ২.১০। বর্ণাদিধর্ম্মস্মরণ° যত্র বেদবিরোধকম্। কীর্ত্তনং চার্থশাস্ত্রাণাং স্মৃতিঃ সা চ প্রকীর্ত্তিতা।—শু ৪.৩.৫৪। "মনু ১২ ৯৫। স্মৃতয়োঃ বিভিন্নাঃ—স্মৃতিশাস্ত্র

...কলমত মন্ত্র।—ম ৫৮১। দ্র 'মহা ৩.৩১২.১১৭। রঘু ২.২। শ্রুতি-স্মৃতি ডালিয়াছি বিস্মৃতির জলে।—রবীন্দ্র। [সাত্ত্বিক রাজস তামস ভেদে স্মৃতিশাস্ত্র ত্রিবিধ,—বাসিষ্ঠ হারীত ব্যাস পারাশর ভারদ্বাজ কাশ্যপ স্মৃতি সাত্ত্বিক, চ্যাবন যাজ্ঞবল্ক্য আত্রেয় দাক্ষ কাত্যায়ন বৈষ্ণব স্মৃতি রাজস, গৌতম বার্হস্পত্য সাংবর্ত্ত যাম শাঙ্খ ঔশনস স্মৃতি তামস (পাদ্মোত্তরখণ্ড, ৪৩শ অধ্যায়—শ ক)।] ৬ সাম্প্রদায়িক আচার-বিশেষবিষয়ক গ্রন্থ। "বৈষ্ণব", °পরচার, প্রাতঃস্মৃতিকৃত্য চৈ.চ ২৪৪। ৭ স্মৃতিবাক্য, স্মৃতিপঙ্ক্তি। "ইতি স্মৃতেঃ। ৮ স্মৃতিকার মুনিগণের সংখ্যানুসারে (১৮) সংখ্যা (M W)। [°কারী (-রিন্) বিণ—স্মৃতি-জনক, স্মারক। °তন্ত্র (ক্লী)—স্মৃতিশাস্ত্র। °দ (বিণ)—স্মৃতিবর্দ্ধক। °পত্রক (ক্লী)—স্মরণলিপি (memorandum)। 'ভ ২ ২৯৬। °পথ (পুং)—স্মরণরূপ মার্গ। "মাঘ ১৫ ৭৭। সী ১১, ৩৮। স্মৃতিপথ-বর্ত্তিনী।—কাদ ৬৬। °পাঠক (পুং)—স্মৃতিশাস্ত্রবিৎ, ব্যবহারাজীব। °প্রবন্ধ (পুং)—স্মৃতিগ্রন্থ। °প্রয়োজন (বিণ)—স্মৃতিফলক, স্মৃতি-বর্দ্ধক। °বর্ম্ম (-র্মন্) ক্লী—স্মরণপথ। "মাঘ ১৫ ৭৭। °বর্দ্ধনী (স্ত্রী)—ব্রাহ্মী। °বিভ্রম, °ভ্রংশ (পুং)—স্মৃতিবিচলন। "গী ২ ৬৩। °বিরুদ্ধ (বিণ)—স্মৃতিশাস্ত্রবিরোধী, স্মৃতিনিষিদ্ধ। °বিরোধ (পুং)—স্মৃতিদ্বয়ের মতদ্বৈধ। °বিহিত (বিণ)—স্মৃতিশাস্ত্রদৃষ্ট। °ভিন্ন (বিণ)—স্মরণনিরন্ত। "শ ৭ ২২। °ভূ (পুং)—'স্মরণভূমি', কাম। "মাঘ ৬ ৯। °রোধ (পুং)—স্মরণাবরণ, বিস্মরণ। "শ ৭ ৩২। °লোপ (পুং)—স্মৃতিক্ষয়। °শাস্ত্র (ক্লী)—স্মৃতিরূপশাসনগ্রন্থ। °শেষ (বিণ)—'স্মরণাবশিষ্ট', মৃত। °শৈথিল্য (ক্লী)—স্মৃতিভ্রংশ। "শ ৭$\frac{৩০}{১}$। °সম্মত (বিণ)—স্মৃতিশাস্ত্রাভিমত, স্মৃতিবিহিত। °সাধ্য (বিণ)—স্মৃতিপ্রতিপাদ্য। °হর (বিণ)—স্মৃতিনাশক, স্মৃতিশক্তিক্ষয়কর। °হীন (বিণ)—স্মরণ-শক্তিরহিত, লুপ্তস্মৃতিক। °হেতু (পুং)—স্মরণকারণ, সংস্কার।]

স্মৃতিমান্ (-মৎ) বিণ [স্মৃতি+মৎ (মতুপ)-১ব, স্ত্রী -মতী] ১ প্রশস্তস্মরণশক্তিমান্। "স্মৃতিমান্ (দূতঃ প্রশস্যতে) মনু ৭ ৬৪। ২ অবিস্মরণশীল। "যাজ্ঞ ১ ৩১০। ৩ বিষয়বিশেষস্মরণবান্। "শকুন্তলা ...স্মৃতিমতা দুষ্যন্তেন প্রতিগৃহীতা শ ৭$\frac{৩৩}{৩৪}$। ৪ বিষয়বিশেষে অনুসন্ধান-যুক্ত। "অজনাভে স্মৃতিমজ্জন্ম নঃ স্যাৎ ভ ৫ ১৯ ২৭। ৫ পূর্ব্বজাতি-স্মরণবান্, জাতিস্মর। '(স তু) পতিতোঽপি ভূতলে স্মৃতিমানভূৎ মহা ১৩ ১০০ ২৮। স্মৃতিমন্তোঽত্র চত্বারস্ত্রয়স্ত পরিমোহিতাঃ—হ ২৩ ১৬।

স্মৃত্যপেত বিণ [প ত] ১ স্মৃতিবহির্ভূত, স্মৃতিবিরোধী। ২ স্মৃতি হইতে অপগত, বিস্মৃত।

স্মৃত্যুক্ত বিণ [তৃ ত] ধর্ম্মশাস্ত্রকথিত, স্মৃতিবিহিত।

স্মৃত্যুপস্থিত বিণ [দ্বি ত] স্মরণাগত, স্মৃতিপথারূঢ়। "স্মৃত্যুপস্থিতৌ তাবদিমৌ...শ্লোকৌ উচ ৬$\frac{৩০}{১}$।

স্মের বিণ [√স্মি+র-ক, পা ৩ ২ ১৬৭, স্ত্রী -রা] ১ ঈষদ্ধসনশীল, স্মিতযুক্ত, প্রফুল্ল, স্মিত। "°মুখ রঘু ১৮ ৪৪। মহাজনঃ স্মেরমুখো ভবিষ্যতি কু স ৫ ৭, °বিলোচন ১৩ ৩০। °মনোহরাননঃ (তনয়ঃ)।—মা মা ১০ ৬। স্মের চন্দ্রানন শ্রী ম ১৯৮। ২ বিকসিত, প্রফুল্ল। "স্মেরেন্দীবরদাম সা দ ৩$\frac{৬}{২}$। স্মের-মুখসরসিজ শ্ব চ ১২২। ৩ সহাস্য। "প্রমোদস্মেরবদনা...বেশ্যা সা দ ৩ ৭৮। ৪ মুগ্ধ। "বিস্ময়স্মেরতারৈঃ (কটাক্ষৈঃ) মা মা ১ ২৮। [°মুখ (বিণ)—স্মিতমুখ, প্রফুল্লবদন। দ্র 'স্মের (১)। গী গো ৭ ৪০। °বিলোচন (বিণ)—প্রফুল্ললোচন। দ্র 'স্মের (১)।]

স্মোড়র; স্মোড়রণ দ্র 'সোঙর, সোঙরণ'।

স্যন্দ্ অক [ভ্বা, ও—স্যন্দতে, সেট্] স্রুতি, ক্ষরণ। [অতি—দ্রবীভাব, ক্ষরণ। "অভিস্যন্দেত হৃদয়ম্ (উ চ)। নি—নিস্যন্দ, নিঃসরণ। "নিস্যন্দ-মানেন রুধিরেণ মহা (S W.)। পরি—সর্ব্বতঃ ক্ষরণ, উৎপাদন। "স্যন্দেতে হি দিবা রুক্মম্ (মণিকুণ্ডলে) মহা ১৪.৫৭.২৫। স মণিঃ স্যন্দতে রুক্মম্।—হ ৩৯.২৩। ২ সেচন। "সস্যন্দে শোণিতং ব্যোম ভট্টি ১৪. ৯৮।]

স্যন্দ পুং [√স্যন্দ+অ (ঘঞ্)-ভা] ১ স্রুতি, ক্ষরণ, বন্যা। "ঘৃত°, তৈল° পা ৬ ৪ ২৮, কাশিকা। ঘনমকরন্দ°, ধাতু°, সুধা° (S W.)। অধরমধু° গী গো ১২ ১১। ২ ঘর্মোদগম। 'ভ ৫ ২১ ৯। ৩ [+অ -ণ] চক্ষুরোগবিশেষ। ৪ [+অ (অচ্)-ক] নির্য্যাসাদি। "সরল°। ৫ 'সুধাক্ষরণকারী', চন্দ্র।

স্যন্দন বিণ [√স্যন্দ্+অন (যুচ্)-ক, স্ত্রী -না] ১ জবন, শীঘ্র, বেগ-গামী। "কি ১৫ ১৬। ২ স্রাবী, সেচক। "(সা দদর্শ তম্) অমৃতস্যন্দনং দৃশোঃ ক সা ১০৩ ৬২। —ন ক্লী ১ জল (মেদিনী)। ২ [+অন (ল্যুট্)-ভা] ক্ষরণ, স্রাব। —ন পুং, ক্লী [+অন-ণ] ১ 'গমনসাধন' (অ টী), যুদ্ধার্থ সচক্র যান, শতাঙ্গ, রথ। 'গী ১ ১৪। স্যন্দনালোক-ভীত শ ১ ৩০। মে ১৩০। ২ ভ্রমণার্থ রথ। "রা ২ ৪৬ ২৬, ২৮। —ন পুং ১ বায়ু (শ ক)। ২ (স্যন্দনোপযোগিতা হেতু) তিনিশবৃক্ষ। —নি পুং তিনিশবৃক্ষ। —নিকা স্ত্রী [স্যন্দনী+ক (কন্)+স্ত্রী আ (টাপ)] ১ লালা। ২ মূত্রনাড়ী। ৩ ক্ষুদ্রনদী। "ষদন্তর° স্যন্দনিকা-সমুদ্রয়োঃ রা ৩ ৪৭ ৪৫। —নী স্ত্রী [+অন (ল্যুট্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ লালা। ২ মূত্রনাড়ী। —ন্দিনী স্ত্রী [স্যন্দিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] লালা। —ন্দী (-ন্দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক,-১ব স্ত্রী, -ন্দিনী] ১ স্রাবী। "জললব° উ মে ৯। স্যন্দিচন্দ্রমণি উ চ ১৩৪। সুধা° গী গো ৩ ১৫। ২ ক্ষরণশীল, প্রবহণশীল। [°দ্রুম (পুং)—তিনিশবৃক্ষ।]

স্যন্দনারূঢ় বিণ [দ্বি ত] রথারূঢ়। "সুবর্ণ°।—মে ১৯১।

স্যন্দনারোহ পুং [স্যন্দন+আ-√রুহ্+অ (অণ্)-ক, উ.ত] রথারোহী যোধ, রথী (অ কো)।

স্যন্দনালোক পুং [ষ ত] রথাবলোকন। "ধর্ম্মারণ্যং প্রবিশতি গজঃ স্যন্দনালোকভীতঃ শ ১ ৩০।

স্যন্দনি, স্যন্দনিকা, স্যন্দনী, স্যন্দিনী, স্যন্দী দ্র 'স্যন্দন'।

স্যন্দোলিকা স্ত্রী [সান্দালিকা > °কা (?)] দোলালম্বন। "কদাচিৎ স্যন্দোলিকয়া (তৌ চেরতুর্বনে) ভ ১০ ১৮ ১৫।

স্যন্ন বিণ [√স্যন্দ্+ত (ক্ত)-ক] স্রুত, ক্ষরিত, স্যূত। "স্যন্নস্বেদকণোদ্গমঃ (দশাননঃ) ভট্টি ৫ ৮৩।

স্যমন্তক পুং উৎকৃষ্ট মণিবিশেষ। [ইহা প্রতিদিন অষ্টভার সুবর্ণ উৎপাদন করে এবং রাজ্য হইতে উপসর্গ অগ্নি হিংস্রজন্তু চৌর দুর্ভিক্ষ ইত্যাদির ভয় দূর করে। দ্র 'বিষ্ণুপুরাণ' ৪ ১৩ ১৪,-৫। 'সত্রাজিৎ'। শ্রী ১১৯।]

স্যমন্তপঞ্চক ক্লী কুরুক্ষেত্র (শ্রীধর)। 'ভ ১০ ৮২ ২। "মহা ৬ ১.৬। [পরশুরাম এই স্থানে ক্ষত্রিয়রক্তে পঞ্চ রুধিরহ্রদ করিয়া রুধিরজলে পিতৃ-গণের তর্পণ করেন এবং পরিতৃপ্ত পিতৃগণের বরে ক্ষত্রিয়বধপাপে মুক্ত হন ও পঞ্চ রুধিরহ্রদ পৃথিবীতে তীর্থরূপে বিখ্যাত হয়। মহা ১ ২ ৩-১০, ৩ ১১৭ ৬-১০।

স্যমীক পুং [√স্যম্ শব্দ+ঈ (ঈট্)-ক+ক (কন্), উ ৩ ৪৬] ১ বল্মীক। ২ বৃক্ষবিশেষ। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] নীলিকা, নীলগাছ।

স্যাঁমী বি [সোয়ামী > °মী, তু 'শ্যামী, স্তেমী' (ম গা ৫)] স্বামী। "ম গা ৫।

স্যাঙাৎ বি [সাঙাত > °ৎ] বন্ধু। "হেম ৩৮৭।

স্যাৎ ক্রি [√অস্+যাৎ (বিধিলিঙ্)—প্রথমপুরুষ-১ব] দ্র 'যদিস্যাৎ'।

স্যাদ্বাদ পুং ['স্যাৎ' এই বাদ, কর্ম্মধা] ঈশ্বর আছেন কি না—এই মত, ঈশ্বরের অস্তিত্বে সংশয়বাদ (scepticism)।—বাদী (-দিন্) পুং স্যাদ্বাদাবলম্বী, সংশয়বাদী (sceptic)।

স্যান্তামি বি [সেয়ান+আমি[২]] চালাকী, ধূর্ত্তপনা। "স্যান্তামিতে

আমার কাছে দেখব কে কেমন।—গান২। [স্যাতামি খেলা—চালাকী করা। "ছোকরা খুব স্যাতামি খেলেচে।—হেম ৪২৫।]

স্যামী বি [সোয়ামী > °মী] স্বামী, পতি। "গো চ ১৮২। ম গা ৬।

স্যাম্পিন্ বি [E Champagne] পূর্ব্ব ফ্রান্সে উৎপন্ন সাদা মদ্যবিশেষ। "হু ৫৭।

স্যায়না বিং [সেয়ান > °না] চালাক, ধূর্ত্ত। "পেয়াদাটা ভারি দুষ্ট স্যায়না।—শিশু ৩৪।

স্যার বি [সের > স্যার (বীরভূম)] সর্ব 'শের'। "এক স্যার মরিচ গো চ ১০১, সোল স্যার ১৯৮।

স্যাল, -লক পুং [দ্র 'শ্যাল', তু 'সং শ্যাল > প্রা সাল, হি, ঠ সাল, প সালা] শ্যালক। —লিকা, -লী স্ত্রী [তু 'সং শ্যালী > প্রা সালী, ঠ সালী] শ্যালী।

স্যূত বিণ [√সিব্+ত (ক্ত)-র্ম্ম] ১ তন্তুসন্তত, উত, কৃতবয়ন। ২ প্রাপিতসীবন। "চিন্তাসন্ততিতন্তুজালনিবিড়স্যূতেব লগ্না প্রিয়া মা মা ৫ ১০। ৩ বড়িশবিদ্ধ। "মৎস্যোহস্তসীব স্যূতাঙ্গঃ মহা ৩.১৫৭ ৪৫।—ত পুং প্রসেব, ছালা, থোকড়া। —তি স্ত্রী [+তি (-ক্তিন্)-ভা] ১ সীবন, সেলাই করা। ২ তন্তুসন্তান, বয়ন। ৩ [+তি-র্ম্ম] গোণী, ছালা, থ'লে। ৪ সন্ততি, সন্তান, বংশপরম্পরা। —ন বিণ [+ন, র্ম্ম, √সিব্ > স্যূ, উ ৩ ৯] ১ 'কৃতবয়ন', ধৌতকট, থোকড়া। ২ সূর্য্য, কিরণ।

স্যূতি, স্যূন দ্র 'স্যূত'।

স্রংস্ (স্রন্‌স্) অক [ভ্বা, ঙ—স্রংসতে, সেট্] ১ ভ্রংশ, অধঃপতন, স্খলন, চ্যুতি। ২ প্রসন্নীভাব, প্রসাদ (ক.ক)।

স্রংস পুং [√স্রংস্+অ (ঘঞ্)-ভা] ভ্রংশ, স্খলন। "অস্থি° (S W.)। —সন বিণ [+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক] চ্যাবয়িতা, ভ্রংশক।—ন ক্লী [+অন-ভা] ১ অধঃ পাতন, ভ্রংশন। ২ [√স্রংস্+অন-ভা] স্খলন, ভ্রংশ। —সিত বিণ [√স্রংসি+ত (ক্ত)-র্ম্ম] ১ ভ্রংশিত, চ্যাবিত। ২ শিথিলীকৃত, স্খলিত। "°বন্ধন ক সা ১৩.২০। —সী (-সিন্) বিণ [√স্রংস্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] স্খলিত, ভ্রষ্ট, চ্যুত, শিথিল। "বক্ষে স্রংসিনি শ ১.২৭। কুচতটে স্রংসি বস্ত্রং বিধত্তে (S W)। —সী পুং পীলুবৃক্ষ (অ কো)।

স্রংসন, স্রংসিত, স্রংসী দ্র 'স্রংস'।

স্রক্ (-জ্) স্ত্রী [√সৃজ্+ক্বিপ্ (০)-ক, নিপাতিত (অ টী), √সৃজ্ +ক্বিন্ (০)-র্ম্ম, অমাগম, পা ৩ ২ ৫৯, তত্ত্ববোধিনী] ১ 'শোভাসৃষ্টিকবী', 'যাহা সৃষ্টা', মস্তকাহিত মালা (অ টী), মাল্য, মালা। "কমল° রা ২ ৯৪.২৫। স্রগ্দামপূরিতশিখ মহা ১ ১৫৩ ১৩। স্রজমপি শিরস্যন্ধঃ ক্ষিপ্তাং ধুনোত্যহিশঙ্কয়া শ ৭ ২৪। স্রকচন্দনাদি ব খি ১১৯। ২ পুষ্পমালামাত্র। "হৃষিত° মহা ৩ ৫৭ ২৪, ম্লান° ২৫, স্কন্ধদেশেঽসৃজৎ তস্য স্রজম্ ২৭, ৩৮। স্রগিয়ং যদি জীবিতাপহা রঘু ৮ ৪৬। মনু ৪.৬৬। প্রজ্ঞার স্রক্ চন্দন কু কে ১৪৫। ৩ (সাদৃশ্যে) মালামাত্র। "মণি°, মুক্তা°, হিরণ্য°। একবিংশত্যা যবৈঃ স্রজং পরিকির্বতি।—কৌষীতকী ৩৩। ভুজলতা° ক স' ১৮.৩৬৯। লতাস্রগ্বিশোভী বিশাল বিটপী ব.প্র ১৬৪।

স্রগ্দাম (-মন্) ক্লী [কর্ম্মধা] মালাসূত্র। "স্রগ্দামপূরিতশিখম্ (বপুঃ) মহা ১ ১৫৩ ১৩।"

স্রগ্ধর বিণ [ষ ত, স্ত্রী -রা] মালাধারক, ধৃতমাল্য। সুরভি° মহা ৩ ৫৭ ৪। ভ ৮ ৭ ১৭। —ধরা স্ত্রী ১ একবিংশত্যক্ষরপাদ ছন্দোবিশেষ। [ইহার প্রথম চারি বর্ণ, ষষ্ঠ সপ্তম চতুর্দ্দশ পঞ্চদশ সপ্তদশ অষ্টাদশ বিংশ ও একবিংশ বর্ণ গুরু এবং প্রত্যেক সপ্তম বর্ণে যতি (শ্রুতবোধ ৪১)। "যা সৃষ্টিঃ স্রষ্টুরাদ্যা ইত্যাদি শ ১ ১।] ২ বৌদ্ধদেবীবিশেষ।

স্রগ্বান্ (-বৎ) বিণ [স্রজ্+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী-বতী] মাল্যবান্, মালাধর। "পা ৫.১.১২১।

স্রগ্বী (-বিন্) বিণ [স্রজ্+বিন্ (বিনি)-১ব; স্ত্রী -বিণী] সর্ব 'স্রগ্বান্'। "ইচ্ছামি ত্বাং স্রগ্বিণম্ মহা ৩.৯৭.১৮। মনু ২.১৬৭; ৩.৩। রঘু ১৭.২৫।

স্রজ[১] (?) [স্রজ্ > °জ (?)] স্রক্, মালা। "বন্ধুজীবস্রজোপম খো.রা ৬.১৯.৬৮। কর্ণিকারস্রজপ্রিয় মহা (S.W.)। পীতাম্বরস্রজ।—হু ৮৪, ৫৩। —জ পুং বিশ্বদেববিশেষ। "মহা ১৩.৯১.৩৩।

স্রজ[২] বি [সং স্রজ্, হি স্রজ, পদ্যে] মাল্য। "মণিমুক্তাস্রজ।—ম ১০০৬। বৈজয়ন্তীস্রজ।—জ ১। কুসুমের স্রজে।—হেম ১৫৭।

স্রজঃ (-জস্) স্ত্রী (?) মাল্য। "জাতরূপস্রজাংসি (শিরাংসি)।—হ ২৪৬ ১৬৯।

স্রজিষ্ঠ বিণ [স্রগ্বিন্+ইষ্ঠ (ইষ্ঠন্), 'বিন্' লোপ, পা ৫.৩.৬৫] অতিশয়স্রগ্বী, মাল্যবত্তম।

স্রব[১] বিণ [√স্রু+অ (অপ্)-ক] স্রাবক। "রক্তস্রবোঽসুরঃ ভ ৬ ১২.২৬। —ব পুং [+অ (অপ্)-ভা] ১ ক্ষরণ, স্রাব। "নেত্রজল° গো রা ৫.২৫ ৫৫, অসৃক্° ৪২.২০, রক্ত° ৫৪.১৮। ধাতু° রা ৭.১৪.২১। মধু° মহা ৩ ১৪৫ ২২, রুধির° ১৩ ৩২ ২৯। ২ প্রবাহ। "রক্তধারা° ক.সা ৯০ ১৫৪। ৩ [+অ (অচ্)-ক] প্রস্রাব, মূত্র। ৪ প্রস্রবণ, নির্ঝর। —বা স্ত্রী [স্রব+স্ত্রী আ (টাপ্)] 'রসস্রাবিণী', মূর্ব্বা লতা; স্রুবা (অ টী)।

স্রব[২] অম্ [সং √স্রু—স্রব[১] > °ব] ১ ক্ষরিত হওয়া, ঝরা, পড়া। "রক্ত পূঁয স্রবিতেছে। —কু ৪১। শোণিত স্রবিল।—ম ৫৯৮, মধু স্রবে ১১১৭। সুধা স্রবে।—দু ৯৩। নয়নে স্রবয়ে নীর বি পা ৩৫০। মুখের পথে গরল স্রবিল ব প ৬৬৯, ১৩২২। বারি নাহি স্রবে রন্ধ্রে ম পা ১০১। সুরস্রুতা স্রবে নয়নে।—গো ১১১। দুগ্ধ স্রবি পড়ে বাঁটে প.র ১৫। ২ জল বা অশ্রু বর্ষণ করা। 'চক্ষু দুটী স্রবে যেন শ্রাবণের মেঘ শি ২৬। ৩ স্খলিত হওয়া, স্বস্থানচ্যুত হওয়া। "দুঃসহ চীৎকাররবে, গর্ভবতীর গর্ভ স্রবে ভ.প্র ১২৭।

স্রবণ ক্লী [√স্রু+অন্ (ল্যুট্)-ভা] ১ ক্ষরণ, চ্যুতি, স্যন্দন। "রুধির° গো রা ৫.৮৩ ১২। অমৃত° ৪০। ২ প্রবাহ। ৩ [+অন-ক] ঘর্ম্ম (শ ক)। ৪ মূত্র।

স্রবদ্গর্ভা স্ত্রী [স্রবৎ+গর্ভ, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] ১ দৈববশে পাততগর্ভা গবী, অবতোকা। ২ পতিতগর্ভামাত্র।

স্রবন্তী স্ত্রী [√স্রু+অৎ (শতৃ)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'বহমানা', প্রবাহিণী, নদী। 'ঋগ্বেদ ১ ৩২ ১৪। মনু ১১.১৩০। রঘু ১৭ ৩৪। ২ গুল্মস্থান, ওষধীভেদ (মেদিনী)।

স্রবিত বিং [সং স্রুত, অসাধু] ক্ষরিত। "°ত ঘর্ম্ম।—দু ৮৮।

স্রস্ত (স্রন্স্ত) দ্র 'স্রস্ত'।

স্রষ্টা (-ষ্টৃ) বিণ [√সৃজ্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ষ্ট্রী] সৃষ্টিকর্ত্তা, নির্ম্মাতা। "স্রষ্টার° বারিধারাণাম্ (তম্) মহা ৭.৭৮.৪৫। —ষ্টা পুং ১ কর্ত্তা। "বিশ্ব°।—কু ৪। ২ ব্রহ্মা। "যা সৃষ্টিঃ স্রষ্টুরাদ্যা শ ১ ১। সুমুঃ...স্রষ্টুঃ রঘু ১.৯৩। ম ২৭৭। ৩ শিব। ৪ বিষ্ণু। 'মহা ১৩.১৪৯. ১১৯। —ষ্টার পুং [+তার (তারন্—উণাদিক, নীলকণ্ঠ] স্রষ্টা। "স্রষ্টারায় নমো নমঃ মহা ১৩ ১৪.৩১০।

স্রস্ত বিণ [স্রন্স্+ত (ক্ত)-ক] ১ ভ্রষ্ট, চ্যুত, পতিত। "নালজন্মৎ ...স্রস্তং শরং চাপমপি কু.স ৩.৫১। ২ গলিত, স্খলিত। "স্রস্তাংশুক মহী ৩ ১৪৬ ২৫, রঘু ৪.৫২। কনকবলয়ং স্রস্তং স্রস্তং ময়া প্রতিসার্য্যতে শ ৩ ৯। 'গজাদুকূলা (অলকা) পু.মে ৬৩। কি ৫.৩৩। স্রস্ত বেণবাসে। —কথা ৪৪। ৩ বিগলিত, ক্ষরিত। "স্রস্তং...ঘর্ম্মাম্ভসাং জালকম্ শ ১ ২৭। ৪ সন্নমিত (টীকা), সন্নত। স্রস্তাংসৌ...বাহু খ ১.২৭। ৫ গলিত, শিথিল। "স্রস্তাঙ্গঃ স মুমোহ রা ৭.৬৯.১২। বিস্রস্তাঙ্গ-

সর্বাঙ্গী।—য় ৪.৮। ৬ অপসৃত। "স্রস্তাবগুণ্ঠনপটা মাঘ ৫.১৭। ৭ শিথিল, লম্বিত। "°মুক (সুশ্রুত)। [°গাত্র (বিণ) —১ শিথিল-শরীর। ২ সন্নতাঙ্গ। "গো রা ২.১২২ ৯।]

স্রস্তর পুং [√স্রন্স্+তরচ্, কিৎ (ত বা), "°র' ক্লী (SW)] দর্ভাদিতৃণাকীর্ণ আস্তর, কট (মেধাতিথি), শয়নার্থাসনাদি (কাব্যাদর্শ —S.W)। "মনু ২ ২০৪। শিলাতলে স্রস্তরমাস্তীর্য্য নিষসাদ (কাদম্বরী —A.)।

স্রস্তাংশুক বিণ [বহুব্রী] গলিতবাসাঃ। দ্র 'স্রস্ত (২)।

স্রস্তাংস বিণ [বহুব্রী, স্ত্রী -সা, -সী] সন্নতস্কন্ধ। দ্র 'স্রস্ত (৪)।

স্রস্তাঙ্গ বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] শ্লথদেহ। দ্র 'স্রস্ত (৫)।

স্রাক্ ব্য দ্রুত, ঝটিতি (অ কো)। তু 'সড়াক্'।

স্রাব পুং [√স্রু+অ (ঘঞ্)-ভা] ১ ক্ষরণ, স্রব। "রুধির° মহা ৭ ১৫১ ৪। কফজ°, ক্ষীব°, জল°, পূয°, রক্ত° (SW)। রক্ত°। —হেম ১০৪, লালা° ১০৫, দগ্ধগিরি° ১২৮। রক্ত° ব প্র ১৪৭, শোণিত° ১৪৮। ২ প্রবাহ। ৩ পতন, পাত। 'গর্ভ°। আ চতুর্থাদ্ ভবেৎ স্রাবঃ।—পরাশর ৩ ১৮। —বক বিণ [স্রাবি+অক (ণুল)-ক] স্রাবয়িতা, ক্ষরণকারক। —ক ক্লী মরিচ। —বণ বিণ [+অন (ল্যুট্) -ক, স্ত্রী -ণী] স্রাবক। 'রুধির° মনু ৪ ১৬৯, কুল্লুক। স্বেদাসৃক° (সুশ্রুত)। —বণ ক্লী [+অন-ভা] ক্ষারণ, পাতন, ক্ষরান। "অসৃক-স্রাবণ (সুশ্রুত)। —বণী স্ত্রী ঋদ্ধিবৃক্ষ। —বিত বিণ [+ত (ক্ত)-র্ম] কৃতস্রাবণ, ক্ষারিত। গোমূত্রেণ স্রাবিতঃ ক্ষারঃ।—বৃহৎসংহিতা ৫৪ ১১৫। —বী (-বিন) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী-বিণী] স্রাবয়িতা। "অম্বু°, সলিল°। মদ° মহা ৬ ৬৪ ৪৯। ক্ষতজ°। —হ ১০১ ৩০।

স্রু অক [ভ্বা, প—স্রবতি, অনিট্] ১ স্রুতি, ক্ষরণ (ক ক)। "অস্রবদ্ রুধিরং ভুরি মহা ৭ ১১৪ ১২। ভট্টি ১৫ ৫৬। ২ প্রবাহ। ৩ (সক) গতি।

স্রুক্ (-চ্) স্ত্রী [√স্রু+অ (ক)—অপা-১ব, 'চ' (চিক) আগম, উ ২ ৬২, প্রায় বহুবচন (অ টী), ছান্দস] যাহা হইতে ঘৃতাদি ক্ষরিত হয় (অ টী), যজ্ঞপাত্রবিশেষ। [ইহা বিকঙ্কত, পলাশ বা খদিরের কাষ্ঠে নির্ম্মিত দর্ব্বিবিশেষ (রঘু ১১ ২৫, মল্লিনাথ A)। ইহা বাহুপরিমিত (বাহুমাত্রা স্রুগীরিতা—শ ক)।] 'রা ১ ৭৩ ২২। ঘৃত° মহা ৪ ৫৩ ৯। বিকঙ্কত° রঘু ১১ ২৫। মনু ৫ ১১৭। যাজ্ঞ ১ ১৮৩। চৈ ভা ২১। —চা স্ত্রী সর্থ 'স্রুচ্'। [°প্রণালিকা '-ক-' (স্ত্রী)—স্রুকের-জলনিঃসরণ-নালিকা। °সম্মার্জ্জন (ক্লী)—স্রুক-পরিষ্করণ। °জিহ্ব '-গ-' (পুং) —অগ্নি। °দারু '-গ্-' (ক্লী)—ব্যাঘ্রপাদবৃক্ষ, বিকঙ্কত।

স্রুঘ্ন পুং হস্তিনাপুরের উত্তরস্থ নগরবিশেষ (MW)। "পা ৪ ৩ ২৫, ৫৩, ৮৬। —ঘ্নী স্ত্রী সর্জ্জিকাক্ষার (শ ক)।

স্রুৎ বিণ [√স্রু+ক্বিপ্ (০)-ক-১ব] স্রাবী। "স্বরেণ…অমৃতস্রুতা কু স ১ ৪৫। মাঘ ৯ ৬৮।

স্রুত বিণ [√স্রু+ত (ক্ত)-ক] ১ ক্ষরিত, গলিত, নিষ্যন্দিত। "মনু ৪ ১২২। °শাখারস রঘু ৮ ৭০। °ক্ষীর কু স ১ ৯। হৃদয়স্রুতাসৃজ মাঘ ৯ ১৫। বেণুবীণাস্রুত, অস্ফুট কাকলি।—হেম ২৫৬। কর্ণস্রুত রুধিরে ব.প্র ১৬২। ২ স্খলিত, পতিত। "গর্ভঃ স্রুতো ভবতি।—বৃহৎ-সংহিতা ২১.৩২। —তা স্ত্রী হিঙ্গুপত্রী। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ক্ষরণ, স্রাব, নিষ্যন্দ। "হিম° রঘু ১৬ ৪৪। পদং তুষারস্রুতিধৌতরক্তম্ কু.স ১.৬। ক্ষীরস্রুতি উ মে ৪৬। অমৃতলবস্রুতিশালিন্ কি ৫ ৪৪। শোণিতস্রুতি ব প্র ১.৪৭, অশ্রুস্রুতি ১৭৯। ২ প্রবাহ।

স্রুতা, স্রুতি দ্র 'স্রুত'।

স্রুব পুং [√স্রু+অ (ক)-অপা, উ ২ ৬১] যাহা হইতে ঘৃতাদি ক্ষরিত হয় (অ টী); যজ্ঞপাত্রবিশেষ। [ইহা খদিরকাষ্ঠের দর্ব্বিবিশেষ। একহস্তপরিমিত (শ ক)। ইহার অগ্রভাগে পাশাপাশি ডিম্বাকৃতি দুইটি কোষ থাকে। স্রুকে ঘৃত ঢালার নিমিত্ত ইহা ব্যবহৃত হয় (M,W.)।] "মনু ৫ ১১৭। যাজ্ঞ ১ ১৮৩। ব প ৭৩৭। ভাজিল দশন,…মারিয়া স্রুবের বাড়ি ক চ ১৫। সর্ব্বলোককর্ণগর্ত্ত—কুণ্ড পরিসর। জিহ্বা —স্রুব, ধ্বনিরস—ঘৃত মনোহর॥—চৈ ম ১২৪। শি ১৫। —বা স্ত্রী ১ স্রুব। ২ শল্লকী। ৩ মূর্ব্বালতা। [°তরু,° দ্রুম (পুং)—বিকঙ্কত বৃক্ষ। °দণ্ড (পুং)—ধারণার্থ স্রুবের দণ্ড বা হাথোল (handle)। "ম ৪৫। °হস্ত (পুং)—শিব।]

স্রুবপ্রগ্রহণ পুং [তৃ ত] 'স্রুব দ্বারা গ্রাহক', যে রাজকীয় বৃত্তিবলে সকল বণিকের নিকট হইতে স্রুব দ্বারা ধান্যাদি গ্রহণ করে, খোঙ্গী-গ্রাহক, (মতান্তরে) গ্রামপুরোহিত (নীলকণ্ঠ)। "মহা ৫ ৩৫ ৪৮।

স্রেক দ্র 'সেরেফ'।

স্রোত ক্লী [তু 'সং স্রোতস্ >লি সোত, প্রা সোত্ত] ১ স্রোতঃ। শুষ্কস্রোতা (নদী) মহা ৩ ৬৮ ১৪ ধনুস্রোতা (নদী) ৭ ২০.৪১। °ধারা।—গ ১৪৯,-৫১,-৭৪। ২ (বাঙলায়) বায়ুপ্রবাহ। "হাওয়ার স্রোত প কা ৩। ৩ অবিরত ওজস্বী বাক্যনিঃসরণ। "জ্বালাময় বাক্য-স্রোতে ব.প্র ৩৫৪। [°মুখে—ধারাকারে। 'স্রোতমুখে ঘৃত অনলে দিয়া চতুর্ম্মুখে বেদধ্বনি ম ম ২৭।]

স্রোতঃ (-তস্) ক্লী [√স্রু+অস্ (অসুন্)-ভা, 'ত' (তুট্) আগম, উ ৪ ২০২] ১ স্বতঃ অম্বুসরণ (অ কো), পবাহ (সায়ণ), নদীরয়। "নিরপঃ স্রোতসাসৃজৎ।—ঋগ্বেদ ১ ৫১ ১১। রঘু ১ ৭৮। প্রতিহত° শৈলে স্রোতঃ শ ২ ১৭। উ চ ২ ২৬। জনস্রোত৹ রাজপথে বহিছে কল্লোলে। —মে ১১০, স্রোতোহীন প্রবাহিণী ২৬৯ মানবজীবনস্রোতঃ ২৮৮। জনস্রোতঃ কেন বা বহিছে?—মা ১০১। ২ [+অস্-ক] প্রবাহযুক্ত জল। "স্রোতসা° ভেদকো যঃ মনু ৩ ১৬৩। ৩ স্রবন্তী, নদী। 'স্রোতসামস্মি জাহ্নবী—গী ১০ ৩১। পু মে ১৩। ৪ রেতঃ (ত বা)। 'ঊর্দ্ধস্রোতস্। ৫ শরীরস্থ চক্ষুরাদি নব ছিদ্র। দ্র 'প°' (৬)। [পুরুষের নয়, স্ত্রীলোকের স্তনদ্বয়সহিত এগার ছিদ্র। গাভীর চক্ষুদ্বয় কর্ণদ্বয় ও নাসাদ্বয় মুখ চারিস্তন নাভি শ্রোণি অপান—এই চতুর্দ্দশ ছিদ্র (কাত্যায়ন ২৯ ২)।] ৬ ইন্দ্রিয়দ্বার, ইন্দ্রিয়বর্গ, শরীরযন্ত্র। "নিগৃহ্য সর্ব্বস্রোতাংসি নিঃশ্বাস° ন মুমোচ হ।—রা ৭ ১০৬ ১৫। মহা ১৩ ১৫২। রুদ্ধ-স্রোতোগণাঃ (যতয়ঃ) ভ ৪ ২২ ৩৯। ৭ ইন্দ্রিযবিশেষ, নাসা। "স্রোতোরন্ধ্র ধ্বনিত পু মে ৪২। ৮ ভৃঙ্গারাদির জলনিঃসরণমার্গ। ৯ ছিদ্র, রন্ধ্র। 'নাসাস্রোতোগত শেক° (সুশ্রুত)। [স্রোতসা (স্রোতস্+আ (টা—তৃতীয়ার ১ব)—স্রোতোবেগে। (না, অর্থাৎ নৌকা) চলবল স্রোতসা।—জ্ঞা ১৩৭।]

স্রোতঈশ স্রোতঃপতি পুং [ষ ত] সরিৎপতি, সমুদ্র।

স্রোতস্বতী স্ত্রী [স্রোতস্+বৎ (বতুপ)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'স্রোতো-যুক্তা', নদী। "ফলবতী বসুমতী, স্রোতস্বতী পুণ্যবতী।—সত্যেন্দ্রনাথ ঠাকুর। —স্বান্ (-স্বৎ) বিণ [স্ত্রী -স্বতী] স্রোতোযুক্ত, প্রবাহবান্। 'ভোগবতী স্রোতস্বতী পাতালে যেমতি৹ কল্লোলিনী।—মা ১২১। —স্বিনী স্ত্রী [+বিন্ (বিনি)+স্ত্রী ঈ] নদী (অ টী)।

স্রোতোজ ক্লী [স্রোতস্+√জন্+অ (ড)-ক, উ ত] যমুনা-স্রোতজাত অঞ্জনবিশেষ, স্রোতোঞ্জন (সুশ্রুত)।

স্রোতোঞ্জন ক্লী [উ লো] কুলথাকার চক্ষুষ্য নীল প্রস্তরভেদ (অ টী); সৌবীর, যামুন (Antimony)। দ্র 'স্রোতোজ'।

স্রোতোবহ্ (-বহ্), -বহা স্ত্রী [স্রোতস্+√বহ্+ক্বিপ (০) -ক-১ব, উ ত, স্রোতের বহ, ষ ত, স্ত্রী আ (টাপ)] 'স্রোতোবাহিকা, নদী। "স্রোতঃ স্রোতোবহঃ শ ২.১৭, ৬ ১৬, কার্য্যা…স্রোতোবহা মালিনী ১৭। রঘু ৬ ৫২।

স্রোতোবহা দ্র 'স্রোতোবহ্'।

স্রোতোমূর্ত্তি স্ত্রী [স্রোতঃই মূর্ত্তি, কর্ম্মধা] প্রবাহরূপ। "স্রোতোমূর্ত্ত্যা ভুবি পরিণতাং রন্তিদেবস্য কীর্ত্তিম্ পূ মে ৪৫।

স্রোতোরন্ধ্র ক্লী [ষ ত] নাসাচ্ছিদ্র, নাসাগ্রকুহর। "পূ মে ৪২।

স্রৌব বিণ [স্রুব+অ (অণ্)] স্রুবসম্বন্ধী, যাজনাদিসম্বন্ধী। "স্রৌবমৌখসম্বন্ধ বিষ্ণু ৩৫.৫।

স্ব বিণ [√সু প্রেরণ+ব-ক, উকারলোপ (অ টী): স্ত্রী 'স্বা', 'জ্ঞাতি-ধন'-ভিন্ন অর্থে 'স্ব' শব্দ সর্ব্বনাম, পা ১.১ ৩৫] ১ স্বকীয় (সায়ণ), আত্মীয়, স্বীয়। "ঋগ্বেদ ১.১৬২ ২। তে...বিবিশুঃ স্ব' স্বমাশ্রমম্ রা ১ ৮.৯, লক্ষ্মণঃ প্রবিবেশেব স্বানি গাত্রাণি লজ্জয়া ২.৯৭ ১৯। শরীরাৎ স্বাৎ মনু ১.৮, প্রজাঃ স্বাঃ স্বাঃ ৬১। স্ব-নিশ্বাসানুকারিন্ রঘু ১ ৪৩। ২ স্বাধিকারবিহিত (শ্রীধর)। 'স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ গী ১৮ ৪৫। ৩ আত্মীয, স্বাভাবিক। "সূর্য্যাপায়ে ন খলু কমলং পুষ্যতি স্বামভিখ্যাম্ উ মে ১৯। স তস্য স্বো ভাবঃ উ চ ৬ ১৪। ৪ বর্ণা-শ্রমানুরূপভাবে বিহিত। "শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ গী ৩ ৩৫। —পুং ১ আত্মা, আপনি। "শ্বেতাশ্বতর ৬ ১০। নৈ ১ ৩১, স্বং প্রাগহং প্রাদিধি নামরায় ৬ ৯৫। দুঃখমাত্মা পরিচ্ছেত্তুমেব যোগ্যো ন বেত্তি বা। —হি ২ ১৪৮। স্ব-সমান ক চ ১৯। ২ জ্ঞাতি, বান্ধব, স্বজন। "মনু ২.১০৯। ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্ নাপ্রিয়ঃ স্ব পরোঽপি বা ভ ৬ ১৬ ১০। ৩ সমানজাতীয়, স্বজাতিজন। "ন বিপ্রং স্বেষু তিষ্ঠৎসু মৃত' শূদ্রেণ নায়য়েৎ মনু ৫ ১০৪। ৪ মিত্র (রা টীকা)। "তেষামবিদিত' কিঞ্চিৎ স্বেষু নাস্তি পরেষু বা।—রা ১ ৭ ৯। ৫ স্বীয় দেহ। "(তাবৎ ত্বম্) লঙ্কাস্থঃ স্বং ধরিষ্যসি রা ৭ ১০৮ ২৪। ৬ সপক্ষ। "স্বে স্বান্ পরে পরাংশ্চাপি নিজঘ্নুঃ মহা ৭ ১৬৭ ৫০। ৭ আত্মা, পরমাত্মা। "যাবজ্জ্ঞতোঽস্মি হন্তাস্মীত্যাত্মানং মন্যতেঽস্বদৃক্। তাবৎ তদভিমান্যজ্ঞো বাধ্যবাধকতামিয়াৎ ॥—ভ ১০ ৪ ২২। —পুং, ক্লী ১ ধন, বিত্ত। "সর্ব্বং স্বম্ মনু ১.১০০, রাজ°, শ্রোত্রিয়° ৮ ১৪৯, ব্রাহ্মণ° ১১ ১৮, দেব°, আসুর° ২০। আত্তস্ব রঘু ৭ ৩৪। জীবনসর্ব্বস্বপতিবিয়োগবিধুরা (বালা) প তৃ ১৬। তোমার সর্ব্বস্ব অপহৃত হইয়াছে।—কাদ ৬২। ২ (বীজগণিতে) যোগচিহ্ন, ধন (plus)। —স্ত্রী সবর্ণা, একজাতি, স্বজাতীয়। "শূদ্রৈব ভার্য্যা শূদ্রস্য, সা চ স্বা চ বিশঃ স্মৃতে। তে চ স্বা চৈব রাজ্ঞঃ স্যুঃ, তাশ্চ স্বাশ্চাগ্রজন্মনঃ ॥—মনু ৩ ১৩। [°কার্য্য (ক্লী) —নিজকর্ম্ম, স্বনিয়োগ। °কাল (পুং)—যোগ্যকাল। 'মনু ৪ ৯৩। °কীর্ত্তি (স্ত্রী)—আত্মযশঃ। °কুশলময় (বিণ)—স্বক্ষেমপ্রধান। "°ময়ী° প্রবৃত্তিম্ পূ মে ৪। °কৃৎ (বিণ)—স্বকার্য্যকারী। "ভ ১০ ১২ ৩৪। °কৃতি (স্ত্রী)—স্বীয়কাব্য। 'রঘু ১৫ ৩৩। উ চ ৭½। °গুপ্ত (বিণ) —স্বরক্ষিত। °গুপ্তা (স্ত্রী)—১ শূকশিম্বী। ২ লজ্জালু। "বৃহৎসংহিতা ৪৪.১০। °গৃহ (ক্লী)—নিজগৃহ। "হি ১২/৩/৪। °চক্ষুঃ (-ক্ষুস্) ক্লী —স্বকীয়চক্ষুঃ, নিজচর্ম্মচক্ষুঃ। "ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা গী ১১ ৮। °জাত (বিণ)—আত্মজাত, আত্মজ (পুত্র)। "অ কো মনুষ্যবর্গ, ২৮। জ্ঞাতি (পু)—স্ববান্ধব, স্বজন। °তেজঃ (-জস্) ক্লী —স্বীয়জ্যোতিঃ। 'গী ১১.১৯। °দার (পুং, বহুব)—নিজস্ত্রী। °দার-নিরত (বিণ)—স্বভার্য্যাসন্তুষ্ট। "মনু ৩ ৪৫। °দৃক্ (-শ্) বিণ—আত্ম-তত্ত্ববিৎ। "অস্বদৃশ্ ভ ১০ ৪ ২২। °দোষজ (বিণ)—আত্মাপরাধজাত। °পক্ষ (পুং)—নিজপক্ষ। "পঞ্চ ৪ ৩১। °পদ (ক্লী)—১ স্বস্থান, স্বধাম। ২ স্বাধিকার। °পূর্ণ (বিণ)—স্বয়ংপূর্ণ। "ভ ৪ ৩১ ২২। °প্রকাশ (বিণ)—স্বয়ং দীপ্যমান। °প্রধান (বিণ)—সমস্যমানপদপ্রধান (দ্বন্দ্ব, তৎপুরুষ)। "অ কো, লিঙ্গাদিসংগ্রহবর্গ, ৪২। °প্রমাণানুরূপ (বিণ)—স্বাকৃতিপরিমাণসদৃশ। "শ ১/৬। °প্রসার (পুং)—স্বাঙ্গ-বিস্তার। "মুগ্ধবোধ ৮৬৩। °বন্ধু, °বান্ধব (পুং)—স্বজ্ঞাতি। "স্ববন্ধু মনু ২.২০৭, বান্ধব ৮.২৯। °বশ (বিণ)—স্বাধীন, স্বতন্ত্র। °বশংবদ (বিণ) —স্ববশভব স্ববশীভূত। "(আরুরোহ রথম্) স্ববশ্যৈর্বাজিভির্যুক্তম্ গো রা ৬ ১৯.৪৮। °বিকত্থন (বিণ)—আত্মশ্লাঘী। °বিধেয় (বিণ) —স্বকর্ত্তব্য। °বিষয় (পুং)—স্বদেশ, স্বরাষ্ট্র। "হি ১.১০৫। °বীজ (পুং) —'আত্মকারণভূত', আত্মা। °বীজ (ক্লী)—নিজকারণ; নিজবীর্য্য। °বীর্য্যগুপ্ত (বিণ)—স্ববলরক্ষিত। "রঘু ২.৪। °ভূমি (স্ত্রী)—স্বস্থান; স্বদেশ। °যুক্তি (স্ত্রী)—স্বকৃতবিচার। "স্বযুক্তিতঃ (স তত্যাজ তনুচম্) ক সা ২১ ৯৫। °রাষ্ট্র (ক্লী)—আত্মদেশ, স্বাধিকৃতদেশ। "মনু ৭.৯২। °লক্ষণ (স্ত্রী)—১ নিজচিহ্ন, স্বলিঙ্গ। ২ স্বধর্ম্ম, বিশেষস্বগুণ। °লিখিত (বিণ)—স্বহস্তলিখিত (লেখ্যাদি)। "বিষ্ণু ৭৫। °লিঙ্গ (বিণ) —প্রকৃতিলিঙ্গ। "পুষ্পে জাতীপ্রভৃতযঃ স্বলিঙ্গাঃ অ.কো, বনৌষধিবর্গ, ১৯। °শ্লাঘা (স্ত্রী)—স্ববিকত্থন, আত্মপ্রশংসা। °সংযুক্ত (বিণ) —স্বার্থসম্বন্ধ। "সা দ ২/৬। °সংবিৎ (-দ্) বিণ—নিজজ্ঞানগোচর (অন্যের অগোচর)। "ভ ১০ ১৬ ৪৬। °সংবৃত (বিণ)—স্বকৃতাত্ম-পক্ষরক্ষ (কুল্লুক)। "মনু ৭ ১০৪। °সংবেদ্য (বিণ)—সর্থ 'স্বসংবিৎ'। "পঞ্চরাত্র ৪ ৪ ৫। °সদৃশ (বিণ)—আত্মসদৃশ, স্বানুরূপ। "°শে স্বস্তে গো রা ১.৭২ ৩৪। °সমান (বিণ)—স্বসদৃশ। "অসমানে নাহি মানে স্বসমানে যুঝে শি ৫৭। °সমুত্থ (বিণ)—স্বদেহজাত, আত্মজন্মা। "যথৈধঃ স্বসমুত্থেন বহ্নিনা নাশমৃচ্ছতি (S W.)। °সম্ভব, °সম্ভূত (বিণ) —স্বজাত। "°ব ভ ৩ ২৮.৪০। °ত ক সা ৫৩ ১৬৭। °সর্ব্ব (ক্লী) —আত্মসর্ব্বস্ব, নিজদ্রব্যজাত। °সিদ্ধ (বিণ)—অযত্নতঃ সিদ্ধ। "ভ ৭.৬ ২৫। °স্বভাব (পুং)—নিজপ্রকৃতি। °হস্তিকা (স্ত্রী)—কুঠার। °হিত (বিণ)—আত্মহিতকর।] [স্ব স্ব—নিজ নিজ (respective)। স্ব স্ব প্রধান—প্রত্যেকেই কর্ত্তা।]

স্ব-ইচ্ছা বি [পদ্যে, কথ্য] স্বেচ্ছা। "°চ্ছায় দিব মণি অ প ১০৯।

স্বক বিণ [স্ব+ক (কন্), স্ত্রী -কা, স্বিকা, পা ৭ ৩ ৪৭] স্ব, স্বকীয়, স্বীয়। "গৃহাণ স্বকং রাজ্যম্ রা ২ ১১০ ৩৫। স্বকং রূপম্ গী ১১ ৫০। পরিচর্য্যাং স্বকাম্ মহা ৩ ৭৭ ৫। স্বিকাং (পাঠান্তর) তনুম্ ৬ ৩.৫৫। ভার্য্যা পুত্রঃ স্বকা তনুঃ মনু ৪ ১৮৪। তনৌ...স্বিকায়াম্ নৈ ৩ ৪।

স্বকপোলকল্পিত বিং সর্থ 'কপোলকল্পিত'। '°ত যে বিষয় ব প ১৭০১। বিবরণ সকল কবির °ত বা প্র ১৭৫।

স্বকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ ত] ১ স্বীয় কর্ম্ম, স্বকৃত কার্য্য। "স্বকর্ম্ম খ্যাপয়ন্ ব্রুয়ান্ মাং ভবাননুশাস্ত্বিতি মনু ১১ ১০০, ১২৩। ২ স্বকর্ম্মজন্য দেহগ্রহণাদি। "মনু ১ ৫৩। ৩ স্বাধিকারবিহিত কর্ম্ম, বর্ণাশ্রমবিহিত কর্ম্ম। '°নিরত গী ১৮ ৪৫,-৬। মনু ২.১৮৩, ১০ ১। ৪ স্বীয়বৃত্ত্যর্থ কর্ম্ম বা পেশা। ৫ স্বীয় প্রাক্তনকর্ম্ম। "স্বকর্ম্মবশ। [°কৃৎ (বিণ) —স্বকর্ম্মকারক, স্ববৃত্ত্যর্থকর্ম্মকারী। "°জ (বিণ)—স্বকৃতকর্ম্মজন্য। "দুঃখম্...স্বকর্ম্মজম্ রা ২.৬৪.১৩। °সন্তান (পুং)—স্বকৃতকর্ম্মপরম্পরা। "°নবিচেষ্টিত।—হি ১ ২২১।]

স্বকীয় বিণ [স্ব+ঈয় (ছ), 'ক্' (কুক্), পা ৪.২ ১৩৮, সি, স্ত্রী -য়া] ১ আত্মসম্বন্ধী, স্বীয়, নিজ। বিপ 'পরকীয়'। "স্বকীয়ান্যজিনানি মহা ১ ১৯২ ৮। রঘু ১৭ ৬৪। ২ সপক্ষ। ৩ স্বকুলজাত। —য় পুং সপক্ষজন। "পরে 'স্বকীয়ান্' (পাঠান্তর) চ নিজঘ্নুঃ মহা ৭ ১৬৭.৫০। —য়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] পরিণীতা নারী; নিজস্ত্রী। বিপ 'পরকীয়া'। স্বকীয়া যে বিবাহিতা পরকীয়া আর ভ প্র ৩৮৭। দ্র 'টীকাধৃত' 'উজ্জ্বলনীলমণি'। কেবল আপন নাথে অনুরাগ যার। স্বকীয়া তাহার নাম নায়িকার সার ॥—ভা.চ ৬৬৭।

স্বকুল ক্লী [ষ.ত] স্ববংশ, স্বান্বয়। —কুল্য বিণ [°ল+য (যৎ)] স্ববংশজাত, স্বগোত্রজ। [°ক্ষয় (পুং)—স্ববংশনাশ।]

স্বকৃত বিণ [তৃ ত] ১ স্বানুষ্ঠিত। "কর্ম্ম...স্বকৃতম্ গো.রা ২.১০৪.৩২।

কর্মভিঃ স্বকৃতৈঃ মহা ১ ১৬৯.৭। ২ স্বনির্মিত। "স্বকৃতে স্বয়মপ্তমি হ সা ২৫,২২৮। ৩ স্বরচিত। "স্বকৃতৈঃ স্তবৈঃ।—হ ১৩১.২৮। ৪ স্বার্জিত। "স্বকৃতস্ত...তপসঃ ফলম্ গো রা ৫ ৮৯ ৩৮। —কৃত ক্লী [ষ.ত] স্বকর্ম,' নিজকার্য্য। "স্বকৃতে কা নু শান্তিঃ স্তাৎ মহা ১৩ ১ ২।

স্বকৃতভঙ্গ বিং যিনি স্বয়ং ক্রিয়াদোষে নিজ কৌলীন্ত ভঙ্গ করিয়াছেন, প্রথমবংশজ। [স্বকৃতভঙ্গের বেটা—স্বকৃতভঙ্গের ছেলে, দ্বিপুরুষে বংশজ।]

স্বক্ষ বিণ [সু (শোভন) অক্ষ যাহার, বহুব্রী, স্ত্রী -ক্ষা] ১ যাহার চক্রধারণদারু (axle) শোভন, শোভনাক্ষ (রথ)। "মাঘ ১২ ২। ২ শোভনেন্দ্রিয়। "মাঘ ১২ ২। —ক্ষ পুং ১ শোভনাক্ষ শকট। "মৎস্তঃ 'স্বক্ষান্' (পাঠান্তর) উপাহরৎ মহা ২ ৫৩ ৮। ২ [সু অক্ষি যাহার বহুব্রী, 'অ' (ষচ্), স্ত্রী -ক্ষী] শোভননেত্র, মধুরদৃগযুতাক্ষ (রা টীকা)। "পদ্মপত্রাক্ষী স্বক্ষী যক্ষী রা ৬ ৫ ৪১।

স্বখাদ বি আত্মকৃত খাদ বা খাত। 'দোষ কারো নয় গো মা। আমি স্বখাদ-সলিলে ডুবে মরি শ্যামা।—দা ২১৫৯।

স্বগণসংহতি বি° স্বীয়পারিষদবর্গসহিত। "স্বগণসংহতি অমরপতি (সাদর সম্ভাষে তোষে অতিথি)।—হেম ২৪১।

স্বগত বিণ [দ্বি ত] ১ আত্মগত, স্বীয়। "ন স্বগতো যস্ত গুণোঽস্তি দেহিনঃ (S.W)। ২ মনোগত, মানসিক। 'ত্যজ স্বগতসন্তাপম্। —হ ১১৩ ৮৩। —গত ক্লী (নাট্যে) আত্মগত, অর্থাৎ অভিনয়ে যাহা অন্যের অশ্রাব্য বস্তু বা শ্রবণাযোগ্য বাক্য। বিপ 'প্রকাশ'। 'অশ্রাব্য' খলু যদ্ বস্তু, তদিহ স্বগত' মতম্ সা দ ৬ ১৩৭। 'রাজা।—স্বগতম্। অয়' চৈবমাহ। মমাপি কাশ্যপসুতামনুস্মৃত্য মৃগয়াবিক্লব' চেতঃ। —শ ২৩/৮।

স্বগুণ পুং [ষ ত] ১ আত্মগুণ, স্বীয়োৎকর্ষ। '°প্রকাশক। ২ স্বজ্যা, নিজরূপলাবণ্যাদি। "মাঘ ১৯ ৬১।

স্বগ্গ বি [তু 'স' স্বর্গ > লি, প্রা সগগ] স্বর্গ। 'শ্রী কী ৪৪।

স্বঙ্গ বিণ [সু অঙ্গ যাহার, বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] শোভনাবয়বোপেত (সায়ণ), শোভনাবয়ব। "হবী স্বংগা।—ঋগ্বেদ ৩ ৪৩ ৪। মহা ৫ ১৮০ ১০, নীলকণ্ঠ। —ঙ্গ ক্লী [প্রা স] শোভন অবয়ব।

স্বচ্ছ বিণ [সু+অচ্ছ, সুপসুপা] ১ সুবিমল, প্রসন্ন, অনাবিল। "(হ্রদান্) স্বচ্ছতোয়ান্ রা ২ ৯১ ৭৮। স্বচ্ছ সরোবরে।—মে ২০৩। স্বচ্ছসলিল-দর্পণে স শ ৮৩। ২ নির্মল, বিশুদ্ধ। 'স্বচ্ছসিন্দূরভাসা (পাবকেন)।—ঋতু ১ ২৪। ৩ অকপট, অমায়। "(সরঃ) মহন্মন ইব স্বচ্ছম্ ভ ৪ ২৪ ২০। বচঃ স্বচ্ছম্ ক সা ১৭ ১৬৩। স্বচ্ছচিত্তো মিত্রেষু বা ভা ২৪/৫। ৪ ভাস্বর, দ্যুতিমান্। "(তনুম্) স্বচ্ছা' মরকতশ্যামাম্ ভ ৮ ৬.৩। ৫ শুভ্র, শুক্ল। 'স্বচ্ছস্ফটিককুড্য ভ ৩ ৩৩ ১৭। স্বচ্ছাস্থাহৃত্য পুষ্পাণি পুরারি' পর্য্যপূজয়ৎ ক.সা ২৪ ৯৭। ৬ বিশদ। "স্বচ্ছ' শান্ত' ভগবতঃ পদম্ ভ ৩ ২৬ ২১। ৭ রোগবিমুক্ত। ৮ (বাঙ্লায়) বিশুদ্ধ, অর্থাৎ আলোকলেশরহিত, নিবিড়। "কৃষ্ণা অষ্টমীর নিশি, স্বচ্ছ সলিলের মত স্বচ্ছ অন্ধকার।—ন ১১৩৮। শারদনিশির স্বচ্ছ তিমিরে, তারা অগণ্য জ্বলে।—কথা ২৮। —চ্ছ পুং ১ স্ফটিক। ২ বদর (S W)। —চ্ছ ক্লী ১ মুক্তা। ২ বিমলোপরস (শ ক)। দ্র 'বিমল' ক্লী। ৩ স্বর্ণ-রৌপ্যজাত মিশ্রধাতুবিশেষ (S W)। —চ্ছা স্ত্রী শ্বেতদূর্ব্বা। [°পত্র (ক্লী) —অভ্রক। °মণি (পুং)—স্ফটিক। °বালুক (ক্লী)—উপধাতুবিশেষ, বিমলোপরস।]

স্বচ্ছতা স্ত্রী, -চ্ছত্ব ক্লী [স্বচ্ছ+তা (তল্), +ত্ব] ১ স্বচ্ছভাব, নৈর্ম্মল্য। "কলুষজলস্বচ্ছতাজনক মনু ৬.৬৭, কুল্লুক। যদ্যপি নির্ম্মল রাধার সৎপ্রেমদর্পণ। তথাপি স্বচ্ছতা তার বাড়ে ক্ষণে ক্ষণ (চৈ চ)। ২ ভাবগ্রাহিত্ব। "°ত্ব ভ ৩.৩৬.২২।

স্বচ্ছত্ব দ্র 'স্বচ্ছতা'।

স্বচ্ছন্দ বিণ [স্ব ছন্দ যাহার বা যাহাতে, বহুব্রী] ১ যাহার বা যাহাতে স্বীয় বশ বা অভিপ্রায় আছে ; স্বতন্ত্র, স্ববশ, স্বাধীন, স্বৈরী। "(শান্তনুঃ) স্বচ্ছন্দমরণং তুষ্টো দদৌ তস্মৈ মহাত্মনে (ভীষ্মায়) মহা ১.১০৯.১০২। °শক্তিং কপিলং প্রপদ্যে ভ ৩ ২৪ ৩৩, °গতিরীশ্বরঃ ৮ ৬ ২৬। স্বচ্ছন্দা ক সা ৩৩ ১৮৪। (ভীম) আপনার সুখে, স্বচ্ছন্দ গমনে যায়।—ম ৪৭৯। ২ (বাঙ্লায়) অবাধ, অব্যাহত। "দস্যুগণ অর্জ্জুনেরে পরাজিয়া রণে। স্ত্রীগণ লইতে যায় স্বচ্ছন্দগমনে॥—ম ১২৪৪। ৩ যাদৃচ্ছিক, ইচ্ছানুরূপ। "সভাবে স্বচ্ছন্দ বাসা স্বচ্ছন্দ প্রসাদ চৈ চ ১৪১। —ন্দ ক্রি বিণ স্বেচ্ছায়, স্বাভিপ্রায়ে। 'স্বচ্ছন্দ' বিধবাগামী (শতদণ্ডভাক) যাজ্ঞ ২ ২৩৭। —ন্দ পুং [কর্ম্মধা] ১ স্বাভিপ্রায়, স্বেচ্ছা। "(বরম্) স্বচ্ছন্দেন দদামি বাম্ গো রা ১ ৪০ ১১। স্বচ্ছন্দতো গমনম্ শ ১৩/২৫। ২ স্ববশ, স্বভাব। "স্বচ্ছন্দ-বনজাতেন শাকেন।—হি ১ ৭০। [°চর, °চারী (-রিন্) বিণ—স্বেচ্ছা-চারী, স্বাধীন, স্বতন্ত্র। 'পিতৃমত্যঃ স্ম ভগবন্ ন স্বচ্ছন্দচরা বয়ম্ গো.রা ১ ৩৪ ২৬। °রিন্ ক সা ১৮ ২৫৩। °পথগ (বিণ)—স্বেচ্ছামাত্রে প্রবহাদি-বায়ুমার্গগমনশীল। (দদৌ হিমবান্ সুরেভ্যঃ) °গা' গঙ্গাম্ রা ১ ৩৫ ১৭। °মরণ (ক্লী)—স্বৈরমৃত্যু, স্ববশমরণ। দ্র 'স্বচ্ছন্দ (১)। °হারী (-রিন্) বিণ—স্বেচ্ছায় লয়কারী। "পঞ্চরাত্র ৪ ৮ ৭৮।]

স্বচ্ছন্দাচরণ ক্লী [সুপ্সুপা] স্বেচ্ছাচার, স্বতন্ত্রতা।

স্বচ্ছল বি° [সু+অচ্ছল] সম্পূর্ণ ছলরহিত, অকপট। "(অতিথি আসিলে) বিনয়বচন কবে হইয়া স্বচ্ছল।—ম ৯৪৯।

স্বজ বিণ [স্ব+ √জন্+অ (ড)-ক, উ ত, 'স্বজ'—স্বয়' জায়মান, অনন্তহেতুক (ঋগ্বেদ ১ ১৬৮ ২, সায়ণ)] ১ আত্মজাত। ২ স্বয়ংজাত, স্বাভাবিক। 'আগতা ত্বামিয' বুদ্ধিঃ স্বজা রা ২ ১১২ ১৬। —জ পুং ১ আত্মজ, পুত্র। ২ প্রস্বেদ, ঘর্ম্ম। —জ ক্লী রক্ত। —জা স্ত্রী আত্মজা, কন্যা।

স্বজন পুং [কর্ম্মধা] ১ আত্মীয় জন, বন্ধুজন, বন্ধু, বন্ধুবর্গ। বিপ 'পর, পরজন'। 'রা ২ ৪৭ ১৯। স্বজনস্য হি দুঃখমগ্রতো বিবৃতদ্বারমিবোপ-জায়তে কু স ৪ ২৬। রঘু ৮ ৭১, ১৬ ৮৬। শ ৬ ৯। স্বজনোঽপি দরিদ্রাণা' সর্ব্বদা দুর্জ্জনায়তে।—পঞ্চ ১ ৫। কৃত্রিম স্বজন পা প্র ৫৩। ২ জ্ঞাতি, সগোত্র, বন্ধু। 'শাস্ত্রে বলে, গুণবান্ যদি, পরজন, গুণহীন স্বজন, তথাপি, নিগুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।—মে ২০৫। ৩ জ্ঞাতি ও বন্ধুজন। "সপুত্রপৌত্রস্বজনো নরঃ গো রা ১ ১ ১০৫। গী ১. ২৮, ৩৬। স্বজনবধাদ্ বিমুখস্য (মে) ভ ১ ৯ ৩৬।

স্বজনদোষ বি বিবাহে পাত্রের ও কন্যার পক্ষে সপিণ্ডতাজন্য ও সগোত্রতাজন্য দোষ। দ্র 'মনু ৩ ৫।

স্বজনি বি [দ্র 'সজনি'] ১ সখি, সহচরি (সম্বোধনে)। "শুন প্রিয় স্বজনি বি প ১৬৪, ১৬৬ ১৭৬। স্বজনি, হেরিনু যমুনার কূলে চ সা ৩৪। জ্ঞা ২০৪, ২০৫। কহ লো স্বজনি।—মে ২৬। কেন এত ফুল, তুলিলি স্বজনি, ভরিয়া ডালা?—মা ১৫৯। ২ [দ্র 'সজনি (২)] সখে। "স্বজনি! ও ধনী কে কহ বটে চ সা ৯। —জনী বি [দ্র 'সজনী (১)] ১ সখী। 'উতরিল ধীরে, নিদ্রা- -স্বপ্নদেবী স্বজনীর সহ। —মা ১২৩, (স্বপ্নদেবী) কহিলা শ্যামাস্বজনী রজনীর প্রতি ১২৪। ২ আত্মীয়া। "বর কন্যার স্বজন স্বজনীর স্থানীয় পা প্র ৫১, ৫৩।

স্বজাতি বিণ [উ বহুব্রী, স্ত্রী -তি] ১ একজাতি, সবর্ণ, স্বজাতীয়। "অ' মনু ৯ ৮৬, স্বজাত্যা স্থিতয়া ৮৭। ২ স্ববর্গীয় (of the same genus)। "ভবানপি স্বজকায়ঃ স্বজাতিশ্চ।—পঞ্চ ১৩/২৮। —জাতি স্ত্রী [কর্ম্মধা] স্বীয় জাতি। "মনু ৮ ২৭৭। পশ্যেমং মূষিক' পাপং স্বজাতিসমতাং গতঃ।—হি ১ ঃ৩১। [°দ্বিট্ (-ষ্) পুং—'স্বজাতিদ্বেষী', কুকুর।]

স্বজাতীয় বিণ [°তি+ঈয় (ছ)] স্বজাতিসম্বন্ধী, একজাতি, সবর্ণ।

বিপ 'বিজাতীয়'। "স্বজাতীয়া মনু ৮ ৮৭, কুল্লূক, °গৃহ (পাঠান্তর) ১১.১৬৩।

স্বজাত্য বিণ [°তি+য (যৎ)] স্বজাতিভব, স্বজাতীয। "কেন শম্বর বৃত্তেন স্বজাত্যানধিতিষ্ঠসি মহা ১৩ ৩৬ ৩।

স্বঞ্জ্ (-ন্জ্) সক [ভ্বা, ঙ—স্বজতে, অনিট্] আলিঙ্গন। [পরি, বি—আলিঙ্গন। "(পতিম্) পরিষজ্য কাচিদেবং কবোদ গো.রা ৬ ৯৪ ৮, কাচিৎ (পতিম্) কণ্ঠে বিষস্বজে ৯। তু 'পরিষজতি' (পরস্মৈপদ) পাঞ্চালী মধ্যমং পাণ্ডুনন্দনম্ (ক ক)। সম্—গ্রহণ। "শক্তিং সংস্বজতে শত্রুঃ ভট্টি ১৮ ২৩।]

স্বত ক্রি বিং [সং স্বতঃ] আপনা দ্বারা, নিজে, স্বয়ং, আপনি। "(কৃষ্ণে মতি) স্বত কি পরত নহে ভ.গ্র ১২৫, (বৈষ্ণবগণে) রাজা স্বত পরত সেবয়ে নানামতে ১৯০, স্বত প্রকাশিত চিদানন্দ শ্রীবিহারী ৩২০। [স্বত পরত—নিজে ও পর দ্বারা।]

স্বতঃ (-তস্) বা [স্ব+তস্ (তসিল)] ১ আপনি, স্বয়ং, নিজে। বিপ 'পরতঃ'। "ত্বয়া ব্যক্তীকৃতং স্বতঃ ক সা ৪৫.২৭৩। ২ স্বেচ্ছায়। "ন হ্যহং স্বতঃ (বদাম্যেতৎ, প্রবিশ্যান্তঃ কোঽপি জল্পয়তীব মাম্) ক.সা ৩৪ ৫৬। নিয়তি স্বতঃ কি কভু অনুকূল কাবে?—হেম ১২৯। বিমলা স্বতঃ কহিলেন ব প্র ৩৬। ৩ স্বকীয় অংশ হইতে। "রঘু ৩.৫৮। ৪ স্বধন হইতে। "দাতব্যং বান্ধবৈস্তৎ প্রবিভক্তৈবপি স্বতঃ মনু ৮ ১৬৬। ৫ স্বীয় (পঞ্চম্যন্ত)। "(তদ্ দাতব্যম্) স্বতোঽংশতঃ মনু ৮ ৪০৮। ৬ আপনা হইতে। "স্বতো মে নাস্তি বিজ্ঞানং কিং তু শর্ব্বান ময়া শ্রুতম্ ক সা ২৮। [°প্রকট (বিণ)—স্বপ্রকাশ। "উ চ ৬ $\frac{১}{৬}$। °প্রবৃত্ত (বিং)—স্বয়ংপ্রবৃত্ত, নিজে কৃতোদ্যোগ। °প্রমাণ (বিণ)—স্বয়ংহেতুমান্, স্বতঃপ্রতিপন্ন। "স্বতঃপ্রমাণ বেদ চৈ চ ১০৩,-৪। °প্রামাণ্য (স্ত্রী)—স্বতঃপমাণতা, স্বতঃসিদ্ধতা। "চৈ চ ১০৩। °সিদ্ধ (বিণ)—স্বয়ং সপ্রমাণ (axiomatic)। °স্ফূর্ত্ত (বিং)—স্বয়ংপ্রকাশ। "যে বৃত্তি অনুশীলনসাপেক্ষ নহে, অর্থাৎ স্বতঃস্ফূর্ত্ত, তাহাব অনুশীলন জন্য সময় দিব না অ শী ১৯।] [স্বত.ই—স্বয়ংই, আপনা দ্বারাই। "তাহা স্বতঃই উপলব্ধ হইতে পাবে পা প্র ১০।]

স্বতন্তর বিং [স্বতন্ত্র > (স্ববাগমে) °ব] ১ স্বতন্ত্র, স্বাধীন। "(জীব) কর্ম্ম-অনুরূপ, কেহ নহে স্বতন্তব শ্রী ম ৭৪। কেহ কার বশ নয় সবে স্বতন্তর শ্রী.মা ৫২। কি আর বুঝাও, কুলেব ধরম, মন স্বতন্তর নয় ব প ১০৫৯। কোটাল হ'যেছে স্বতন্তর শ্রী.মা ২২০। ভা চ ২০১। ২ স্বেচ্ছাচাবী, স্বেচ্ছাচাবিণী। পতি যাবে দেশান্তর, ঘরে সতা স্বতন্তর, বহুবিধ দিবে তারে দুখ ক চ ৩২, সতীনী…স্বতন্তর ১৬৪। ৩ পৃথক্, ভিন্ন। "কন্যা লয়ে থাক তুমি হয়ে স্বতন্তব ম.ম ৪৬। স্বতন্তর ইচ্ছা প্রভুর তাহে নাহি সুখ ভ গ্র ১৭০। বেদপথ-ছাড়া তাব পথ স্বতন্তর শি ১১। ৪ অবশীভূত, অবাধ্য। "সেহ (চিত) মূঢ় স্বতন্তর…ধায় পুরুষ-অভিলাষে শ্রী.ম ১৪৩। —রা বিং [স্বতন্ত্রা > °রা] ১ স্বাধীনা, স্বেচ্ছাচারিণী। "হয়ে স্বতন্তর (-রা), তুমি কর ঘব ক চ ৩১, দারুণ আমার জায়া, নিত্য পূজে মহামায়া, বামপথী হ'যে স্বতন্তর (-রা) ২৯০। শ্রী ৫৮। ম ম ২১৩। স্ত্রীজাতি হইয়া স্বতন্তরা বা.ম ১২৫। তুমি হৈলে স্বতন্তবা শি ৯২। নারী যার স্বতন্তরা, সে জন জীয়ন্তে মরা ভা চ ১০৪। শচী ভ্রমে স্বতন্তরা না সেবি তাহারে।—হেম ১৩৫। ২ স্বাধীনা, অর্থাৎ গুরুজনের মতনিরপেক্ষা। 'পৌর-নিতম্বিনী, বদনে জয়ধ্বনি, দেখিতে ধায় স্বতন্তরা ক চ ৩৪। ৩ পৃথক্, অর্থাৎ দূরস্থিতা। "নিরন্তর থাকি দেখি নাহি স্বতন্তরা শি ২৮। —রী বিং স্বাধীনা। "যে তার চিতে তাহাই করি স্বতন্তরী নষ্ট প ক ১০৯৭। চ.দা ৭৪। [স্বতন্তরে—স্বেচ্ছানুসারে, যথাকচি। "বাপ-ঘরে থাকে পদ্মা স্বতন্তরে ধায় ম.ম ২৩, আপন করিয়া কর্ম্ম করে স্বতন্তর (-রে) ৪৬।]

স্বতন্ত্র বিণ [স্ব(আত্মা)তন্ত্র (প্রধান) যাহার (ব.ব্রী), বহুব্রী; স্ত্রী -ন্ত্রা] ১ স্বপ্রধান, স্বৈরী, স্বচ্ছন্দ, স্বাধীন। বিপ 'পরতন্ত্র'। "(পুরা স্ত্রিয় আসন্) স্বতন্ত্রাঃ মহা ১.১২২.৪। স্বতন্ত্র না হও তুমি নারীর কুর্পর।—ম ১৭। স্বতন্ত্র ঈশ্বর চৈ.চ ৯৩; ১০৮, ১৩৬, ২৬৭। চৈ ২০৪। ভ গ্র ৩৪৮। ২ সাধননিরপেক্ষ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১৬। ৩ অসম্বন্ধ, পৃথক্। "ভৌমানীতি স্বতন্ত্রং পদম্ মনু ৬ ১৪, কুল্লূক। ৪ পূর্ণবয়স্ক (A)। ৫ (বাঙলায়) স্ববশ, বন্ধনমুক্ত। "স্বতন্ত্র হইল তবে পাণ্ডবের হয অ প ৬৩। —ন্ত্র ক্লী [কর্ম্মধা] স্বশাস্ত্র। —ন্ত্রী (-ন্ত্রিন্) বিণ [°ন্ত্র+ইন্ (ইনি)-১ব] 'স্বতন্ত্রবান্', স্বশাস্ত্রানুসারী (নীলকণ্ঠ —SW.)।

স্বতন্ত্রতা স্ত্রী [°ন্ত্র+তা (তল্)] স্বাধীনতা, স্বৈরিতা। "ন ভজেৎ স্ত্রী স্বতন্ত্রতাম্ মনু ৫ ১৪৮।

স্বতা স্ত্রী [স্ব+তা (তল্)] স্বকীয়তা। "অহো কামী স্বতাং পশ্যতি।—শ (SW.)।

স্বত্ব ক্লী [স্ব+ত্ব] ১ সর্থ 'স্বতা'। ২ দ্রব্যের শাস্ত্রসম্মত যথেষ্ট বিনিয়োগ-যোগ্যতা, স্বামিত্ব, অধিকার। "ভ ৪.২৮.১৬। চৌরস্য তু পরস্বেষু স্বত্বং স্যাদ্য' ন জাতুচিৎ ক সা ৮৯ ১১৪। [°ত্যাগ (পুং)—স্বামিত্ব-পরিহাব। "অস্মিন্ দ্রব্যে মৎস্বত্বত্যাগপূর্ব্বকমস্য স্বত্বং জায়তাম্।—মুগ্ধবোধ, ২৪৯, দুর্গাদাস। °নিবৃত্তি (স্ত্রী)—স্বামিত্ববিরতি, স্বত্বনাশ। "স্বস্বত্বনিবৃত্তি পা ১ ৪ ৩২, তত্ত্ববোধিনী। °বিচার (পুং)—স্বত্বনিরূপণ, অধিকারনির্ণয়। °বোধন (ক্লী)—স্বত্বজ্ঞাপন। °ব্যভিচারী (-রিন্) বিণ—স্বত্বত্যাগী। °হানি (স্ত্রী)—স্বত্বক্ষতি, অধিকারলোপ। °হেতু (পুং)—স্বত্বের কাবণ, অধিকারহেতু।]

স্বত্ববান্ (-বৎ) বিণ [স্বত্ব+বৎ (বতুপ্)-১ব; স্ত্রী -বতী] স্বামিত্ব-যুক্ত, অধিকারী। —বান্ পুং স্বামী, মালিক।

স্বত্বাধিকারী (-রিন্) বিং স্বত্ববান্, স্বামী, মালিক।

স্বত্বাবগম পুং [ষ ত] স্বামিত্বনির্ণয়, স্বত্বনির্দ্ধারণ।

স্বত্বাভাব পুং [ষ ত] অধিকাবরাহিত্য, স্বামিত্বহীনতা।

স্বত্বাস্পদ ক্লী [ষ ত] স্বত্বস্থান, অধিকাববিষয়।

স্বত্বোৎপত্তি স্ত্রী [ষ ত] অধিকারপ্রবৃত্তি। বিপ 'স্বত্বনিবৃত্তি'।

স্বত্বোৎপাদন ক্লী [ষ ত] স্বত্বজনন, অধিকারোৎপাদন। "পরস্বত্বোৎ-পাদন পা ১ ৪ ৩২, তত্ত্ববোধিনী।

স্বদ্ সক [ভ্বা, ঙ—স্বদতে, সেট্] আস্বাদন, অনুভব। "স্বদতে মোদকং বালঃ (ক ক)। —দ্ অক [পূর্ব্ববৎ] ১ প্রীতি, অনুরাগবিশেষ (ক ক)। ২ রুচি। "অপাং হি তৃপ্তায় ন বারিধারা স্বাদু সুগন্ধি স্বদতে তুষারা।—নৈ ৩ ৯৩। —দ্ সক [চু, প—স্বাদয়তি, সেট্] ১ আস্বাদন, রসোপাদান। "স্বাদয়তি ক্ষীরং লোকঃ (ক.ক)। ২ ছেদন (ক ক)। [আ—আস্বাদন, ভক্ষণ। "দুর্ব্বলং বলবন্তো হি মৎস্যা মৎস্যম্ (আস্বদন্তি) মহা ৩ ১৮৭.৮।]

স্বদিত বিণ [√স্বদ্+ত (ক্ত)-র্ম্ম] আস্বাদিত। "অগ্নিনা হব্যানি স্বদিতানি।—শুক্লযজুর্ব্বেদ ২৯ ১০। —ত ক্লী পিতামাতার একোদ্দিষ্ট শ্রাদ্ধে ব্রাহ্মণের প্রতি তৃপ্তিপ্রশ্ন। "মনু ৩.২৫১। পিত্র্যে স্বদিতমিত্যেব বাচ্যম্ ২৫৪।

স্বদেশ পুং [ষ ত] ১ নিজদেশ, স্ববিষয়। বিপ 'পরদেশ, বিদেশ'। "মনু ৮ ১৬৭। ২ স্বীয়রাজ্য। "স্বদেশে পূজ্যতে রাজা (চাণক্য)। ৩ (বহুব) স্বদেশবাসিগণ। "রাজন্ স্বদেশানন্তরোদ্ধুমর্হসি ভ ৪.১৪. ২১। [°জ, °বন্ধু (পুং)—স্বদেশবাসী। °দ্রোহী (-হিন্) বিং—স্বদেশ-বিরোধী, স্বদেশবাসীর শত্রু। °ভক্ত (বিং)—স্বদেশানুরাগী, স্বদেশ-প্রিয়।]

স্বদেশী, -দেশীয় বিং [স্বদেশীয় > °শী, দ্র 'ঈয়'] ১ স্বদেশসম্বন্ধী,

স্বদেশবিষয়ক। ৫ স্বদেশজাত (বস্ত্রাদি)। ৬ স্বদেশে প্রচলিত বা কথ্য (ভাষা)। "বিনে স্বদেশীয় ভাষা পুরে কি আশা?—ব প্র ১৫৫৩।

স্বদেশীয় দ্র 'স্বদেশী'।

স্বধর্ম পুং [কর্মধা] ১ স্বীয় ধর্ম, বর্ণাশ্রমবিহিত স্বস্বকর্ম। "গী.২৩১ ৩৫; শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ, স্বধর্মে নিধনং শ্রেয়ঃ ৩৩৫। মনু ২.৮, ৩.৩, বরং স্বধর্মো বিগুণো ন পারক্যঃ স্বনুষ্ঠিতঃ ১০ ৯৭। ২ স্বজাতিগত পথ, স্বীয়বৃত্তি। "যাজ্ঞ ১৩৬১। ৩ আত্মধর্ম, বেদার্থ। "মনু ২ ১৫০। ৪ দ্রব্যাদির স্বীয়গুণবিশেষ। [°ত্যাগ (পুং)—স্বীয়বর্ণাশ্রমকর্মত্যাগ। °বর্তী (-র্তিন্) বিণ—স্বধর্মস্থিত, স্বধর্মচারী। °স্খলন (ক্লী)—স্বধর্মভ্রংশ।]

স্বধা স্ত্রী ১ মাতৃকাবিশেষ। "নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ (ত বা)। ক চ ১২৩। (দুর্গা) পিতৃদানে দেবী স্বধা।—দু ৪৪। ২ দক্ষকন্যা ও অগ্নিষ্বাত্তাদিপিতৃগণ-পত্নী। "ভ ৪ ১ ৬২। ৩ অন্ন। 'ঋগ্বেদ ৬ ৪৪ ১, সায়ণ। —ধা ব্য [√স্বদ্+আ, পৃষো (ত বা)] ১ পিতৃদেবোদ্দেশে হবির্দানমন্ত্র (অ টী)। "স্বধা পিতৃভ্যঃ।—শুক্লযজুর্বেদ ২৭। পিতৃভ্যঃ স্বধা পা ২৩ ১৬, সি। দু ৪৪, ৯১। ২ পিতৃভক্ষ্য বস্তু (রা টীকা), পিতৃগণের অন্ন (নীলকণ্ঠ), পিত্রর্থ শ্রাদ্ধাদি (শ্রীধর), পিতৃভোজ্য (মল্লিনাথ)। 'স্বধা বৈ পিতৄণামন্নম্ (স্মৃতি)। "রা ৭২৩২৩। গী ৯ ১৬। °সংগ্রহতৎপর রঘু ১ ৬৬। শ্রী ম ১৪৪। ৩ পিতৃযজ্ঞ, তর্পণ। "যাজ্ঞ ১ ১০২। ৪ পিতৃশ্রাদ্ধাদি। "মনু ৯ ১৪২। ৫ পিতৃকর্মে শ্রাদ্ধকর্তার প্রতি ব্রাহ্মণগণের আশীর্বাদসূচক শব্দ। "মনু ৩ ২৫২। [°কর (বিণ) —শ্রাদ্ধাদি ঔর্দ্ধদেহিক-কারক। "মনু ৯ ১২৭। °কার (পুং) 'স্বধা'-শব্দের উচ্চারণ। "মনু ৩ ২৫২। কাত্যায়ন ১৩৮। °নিনয়ন (ক্লী) —শ্রাদ্ধনিষ্পাদনমন্ত্রজাত। "মনু ২ ১৭২। °প্রিয় (পুং)—১ কৃষ্ণতিল। ২ অগ্নি। °ভুক (-জ)—১ পিতৃগণ। "রঘু ৮ ৩০। ২ দেবতা (অ চি)। °ভোজী (-জিন্) বিণ, বহুব—পিতৃগণ "°জিন্ রা ৭২৩২৩। °সংগ্রহ (পুং)—পিতৃভোজ্যসংগ্রহ।]

স্বধাধিপ পুং [ষ ত] স্বধাপতি, অগ্নি।

স্বধাশন পুং, বহুব [বহুব্রী] স্বধাভক্ষ্য, পিতৃগণ।

স্বধিতি পুং, স্ত্রী [স্ব + √ধ ধারণ + তি (ক্তি)—অ টী, °°তি' —অসি (ঋগ্বেদ ২৩৯৭, সায়ণ)] কুঠার (অ কো)। [°হেতিক (পুং)—পারশ্বধিক, কুঠারধরযোধ।]

স্বধিষ্ঠান বিণ [সু অধিষ্ঠান যাহার, বহুব্রী] 'শোভনাধার', সুচক্র (নীলকণ্ঠ)। "(রথম) স্বধিষ্ঠানম্ মহা ৫ ১৮০ ১০।

স্বধীত বিণ [সু + অধি— √ই + ত (ক্ত)-র্ম] সম্যক-পঠিত, সাধুশিক্ষিত। "প্রহ্লাদানূচ্যতাং তাত স্বধীতং কিঞ্চিদুত্তমম্ ভ ৭.৫ ২২। —ত ক্লী সুপঠিত বিষয়। "ন মন্তে ব্রহ্মচর্যে বা স্বধীতে বা ফলোদয়ঃ রা ২ ৫২ ১৭। —ধীতি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] বেদাদির বিশুদ্ধ আবৃত্তি।

স্বন্ অক [ভ্বা, প—স্বনতি, সেট্] শব্দ। "(বানরাঃ) স্বেনুঃ ভট্টি ১৪৭০। —ন্ অক [অদন্ত চু, প—স্বনয়তি, সেট্] শব্দ (ক ক)। [অব, বি—১ সশব্দভোজন। "অবস্বণতি, বিষ্বণতি পা ৮৩৬৯, কাশিকা। ২ শব্দ, ধ্বনি। "বিস্বনতি মৃদঙ্গঃ (কাশিকা)। অবস্বনতি বীণা (টীকা)। আ—শব্দ। "মৃদঙ্গঃ ঘোরমাস্বেনুঃ ভট্টি ১৪৪। প্রতি —প্রতিধ্বনি। "(শব্দঃ) প্রতিসস্বান মহা ৭১০১ ৪৫।]

স্বন[১] পুং [√স্বন্—অ (অপ)-ভা, cf, L. sonus, F son, M.E. soun] ১ ধ্বনি (সায়ণ), শব্দ। "অথ স্বনান্ মরুতাম্। —ঋগ্বেদ ১৩৮.১০। শক্তির্যষ্টীকৃতস্বনা রা ৭৮১০। সঃ…মমাদ বিপুলং স্বনম্ মহা ১১৫৪৩১। রথনেমী° রঘু ১৩৯। বহিল বায়ু হুহুকার স্বনে।—মে ১৫৫ কুলু কুলু স্বনে সা.স ৭। ২ কণ্ঠধ্বনি, রব। "শিবাঘোরস্বনাম্…তাম্ (শূর্পণখাম্) রঘু ১২৩৯। ভীষণ স্বন। —মে ২৩৪, ২৯৮, মা ১৪৬। ৩ বীণাধ্বনি, প্রক্বণ। "বল্লকী চ হৃদয়ঙ্গমস্বনা রঘু ১৯ ১৩। ৪ পক্ষিরব, কূজিত। "কোকিলস্য তু শুশ্রাব স্বনম্ রা ১.৬৪ ৯। [°চক্র (ক্লী)—রতিবন্ধবিশেষ।]

স্বন[২] অর্থ [সং √স্বন্] ১ শব্দ করা, সন্-সন শব্দ করা। "স্বনিছে পবন দূরে রহিয়া রহিয়া।—মে ১১২। ২ প্রতিধ্বনিত হওয়া। "ভীষণ স্বন স্বনিল সে স্থলে।—মে ২৯৮। ৩ ফোঁস ফোঁস শব্দ করা। "কুন্তল-প্রদেশে, স্বনিছে ভীষণ সর্প।—মে ২৭৭। [স্বনস্বনি—সতত শব্দ করিয়া। "পতাকা উড়ে স্বনস্বনি অ প ৫৯। স্বনস্বনে—সতত (সন্‌সন্) শব্দ করে। চারিদিকে স্বনস্বনে মন্দ সমীরণ।—মা ১৪৭।

স্বনন বি [সং স্বন] ১ শব্দ, ধ্বনি। "ঝিল্লির রব,…উঠে খালি বিকট স্বননে।—হেম ৯৭, রথগতি-স্বননে ৩৪১। শঙ্খ করিছে স্বনন অ শু ১১৭। ২ বায়ুপ্রবাহশব্দ। 'পবন°।—মা ৯৩। ৩ সর্পগর্জন-শব্দ। কেকারব মিশি ফণীব স্বননে,…দেশ পুরিছে।—মে ১৮২।

স্বনাম (-মন্) ক্লী [ষ ত] নিজনাম, আত্মনাম। [°খ্যাত, °প্রসিদ্ধ (বিং)—নিজনামে বিদিত স্বগুণে প্রথিতনামা। °ধন্য (বিং) নিজনামে প্রশংসনীয়। স্বনামাঙ্কিত (বিং)—নিজনামাক্ষরমুদ্রাযুক্ত।]

স্বনিকট বি [সন্নিকট > °ট (?), অসাধু] নিজসন্নিধান, স্বসমীপ। (রাজা) ঘোড়া °টে আনি (রাখিল) ব প ৬২৩।

স্বনিত বিণ [√স্বন+ত (ক্ত) ক, পা ৭২ ১৮। ধ্বনিত, শব্দিত। 'স্বনিতো মৃদঙ্গঃ (কাশিকা)। —ত ক্লী [+ত-ভা] ১ স্বন, শব্দ, ধ্বনি। "মন্দ্রঃ স্বনিতে বস্ত্রপর্ণানাম্ (অ কো)। ২ মেঘধ্বনি, গর্জিত।

স্বনুরক্ত বিণ [সু অনুরক্ত, সুপ্সুপা] সম্যগ অনুরাগযুক্ত, অতি-প্রণয়বান্। 'স্বম …°ক্তঃ সুহৃজ্জনে রা ২ ৪০ ৫।

স্বনুষ্ঠিত বিণ [সু-অনু+ √স্থা +ত (ক্ত)-র্ম] সম্যগ বিহিত, যথাবিধিকৃত, সম্পূর্ণ। "শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ পরধর্মাৎ স্বনুষ্ঠিতাৎ গী ১৮ ৪৭। মনু ১০ ৯৭। ধর্মঃ স্বনুষ্ঠিতঃ ভ ১২৮।

স্বন্ত বিণ [সু অন্ত যাহার, বহুব্রী, স্ত্রী -ন্তা] শোভনপরিণাম, শুভোদর্ক। "রঘু ১১ ৬২। সর্বাং স্বন্তং হি ভাবি তৎ ক সা ৪২ ২১।

স্বন্তর ক্রি বিং [স্বতন্তর > °র, অসাধু] স্বাধীনভাবে, স্বেচ্ছানুসারে "বেড়াই আমি স্বন্তর, বামন বরু নাম আন্ধার।—গ ৪৪।

স্বন্ন ক্লী [সু অন্ন, প্রা স] শোভনান্ন। 'ভ ১ ১২ ১৪।

স্বপ্ অক [অদা, প—স্বপিতি, অনিট্] শয়ন, নিদ্রা। [সু—সুষুপ্তি, সুনিদ্রা। সম্—সুনিদ্রা। "রা ২ ৪৬ ২১।]

স্বপক্ষ পুং [কর্মধা] ১ নিজপক্ষ স্বগণ, স্ববন্ধুজন। °ক্ষয়কারক। —পঞ্চ ৪৩১। ২ (ব্যবহারে) নিজ পূর্বপক্ষ বা ভাষা। ৩ নিজ পক্ষ, স্ব-চ্ছদ। [°ক্ষয় (পুং)—স্বগণনাশ। °প্রভব (বিণ)—স্বপক্ষজাত, স্বচক্রজন্য। 'অ কো, ক্ষত্রিয়বর্গ ৩০।]

স্বপক্ষীয় বিণ [°ক্ষ+ঈয় (ছ)] স্বপক্ষসম্বন্ধী, স্বগণস্থ।

স্বপদ ক্লী [ষ ত] ১ স্বাধিকার। ২ স্বধাম।

স্বপন স্ত্রী [√স্বপ্+অন (ল্যুট্)-ভা, হি সপনা, ঠ সপন, মৈ সপন,-না] ১ শয়ন, নিদ্রা স্বপ্ন। "স্বপনং যোগিনিদ্রয়া।—হি ৩৭৮। দিবা°।—সুশ্রুত ৩৪৩৬। ২ স্বপ্নদৃষ্ট বিষয়। 'শুনইতে মনে নি-স্বপন স্বরূপ বি প ৪৫। বিরহিণী বামে করি বৈঠল কান। বিরহিণী মানল স্বপন সমান।—ব ১২৭। নিশার স্বপন-সম তোর এ বারতা, রে দূত।—মে ৬। ৩ সর্ব 'স্বপ্ন (৩)। 'চণ্ডী দেখা দিলেন স্বপনে ক চ ৬। সম্ভোগ-স্বপনে শ্রী মা ৩৯। কৃষ্ণ দেখিবারে খেদ, স্বপনে পাইল ভেদ, নীলমাধবের এই স্থান ভা চ ৪৭১। স্বপনে শুনিয়া শিশু সে মধুর ধ্বনি, হাসিল।—মে ৫৭। ৪ ত্বকের স্পর্শ-জ্ঞানরাহিত্য, ত্বকসুপ্তি (সুশ্রুত)। [°দেবী (বি) স্বপ্নাধিষ্ঠাত্রী

দেবতা। "নিদ্রাদেবী (মায়া) বিশ্ববিমোহিনী, স্বপনদেবীরে স্মরি কহিলা।—মে ১৪৯। স্বপন দেখা—নিদ্রায় স্বপ্নদৃষ্ট বিষয় অনুভব করা।]

স্বপরমণ্ডল ক্লী [দ্বন্দ্ব, ষ ত] স্বগণ ও শত্রুগণ।

স্বপাক বি ১ আত্মকৃত অন্নাদিপাক। ২ স্বীয় রচনা। '(কথক) যা বলচেন, সকলি কাশীরাম খুড়োর উচ্ছিষ্ট ও কোনটা বা স্বপাক।—হু ৪১।

স্বপিতা (-তৃ) পুং বহুব [কর্মধা] স্বীযপিতৃগণ। "এবমুক্তঃ 'স্বপিতৃভিঃ' (পাঠান্তর) পিতৃন্ রামোঽব্রবীদিদম্ মহা ৫ ১৮৭ ২১।

স্বপ্ন পুং [√স্বপ্+ন (নন্)-ভা, পা ৩ ৩ ৯১, উ ৩ ১০, cf, Gr hupnos—sleep] ১ স্বাপ, নিদ্রা। 'ঋগ্বেদ ১ ১২০ ১২। অতিস্বপ্নশীল গী ৬ ১৬। রঘু ১২ ৭০, প্রিয়° ৮১। ২ প্রসুপ্তের বিজ্ঞান (মেদিনী), নিদ্রিতের অনুভূতি। 'গুপ্তং দদৃশুরাত্মানং সর্ব্বাঃ স্বপ্নেষু বামনৈঃ রঘু ১০ ৬০। তত্র স্বপ্নে পদ্মনিধিঃ ক্ষপণকরূপী দর্শনং দত্বা প্রোবাচ।—পঞ্চ ৫২১। ৩ প্রসুপ্তের দর্শন (মেদিনী), স্বপ্নদৃষ্ট বিষয়। 'স্বপ্নো নু মায়া নু মতিভ্রমো নু।—শ ৬ ১০। মত্তেন দৃষ্টঃ স্বপ্নো নিরর্থকঃ।—পঞ্চ ৫ ১১। তখন কুন্দনন্দিনী স্বপ্ন দেখিল ব বৃ ৬। ৪ নিদ্রালুতা। মনু ১২ ৩৩। ৫ (বাঙলায়) স্বপ্নে দেবতার আদেশ, স্বপ্নাদেশ। "স্বপ্নে হৈল গোবিন্দের, সে পুরী না পাবে টের, আর পুরী গড়িতে হইল ভা চ ৪৭২। [°কাম (বিণ)—নিদ্রার্থী। °কৃৎ (বিণ)—নিদ্রাজনক। °কৃৎ (ক্লী)—সুনিসন্নক, সুষনি শাক। °গত (বিণ)—নিদ্রাগত, সুপ্ত। "গোরা ৩ ৪৩ ৩৪। স্বপ্নগত লোক যেন নিধি পায় হাতে।—কু ২৫১। °গৃহ, °নিকেতন (ক্লী)—শয়নমন্দির, বাসগৃহ। °গোচর (বিণ)—স্বপ্নবিষয়ীভূত। °জ (বিণ)—স্বপ্নাবস্থাজন্য। "মৎসম্ভোগঃ...স্বপ্নজঃ উ মে ৩০। °জ্ঞান (ক্লী)—নিদ্রাবস্থায় জ্ঞান। °দর্শন (ক্লী)—নিদ্রাবস্থায় বিষয়ানুভূতি। ক সা ৩১ ২৬। চা তৃ ১ ৪১। °দৃক্ (-শ্) বিণ—স্বপ্নানুভূতবিষয়। "ভ ১১ ১১৮। °দৃষ্ট (বিণ)—নিদ্রাবস্থায় অনুভূত। 'স্বপ্নদৃষ্টঃ পদার্থঃ।—ঋগ্বেদ ১ ১২০ ১২ সায়ণ। °দেবী (বি)—নিদ্রাধিষ্ঠাত্রী দেবী, নিদ্রাদেবী। "মে ১৪৯। °দোষ (পুং)—নিদ্রাবস্থায় রেতঃস্খলন (pollution nocturnal)। °ধীগম্য (বিণ)—স্বপ্নধীসদৃশগ্রাহ্য, অর্থাৎ স্বপ্নাবস্থায় জ্ঞান চক্ষুরাদিবাহ্যেন্দ্রিয়ের কার্য্যবিরতি হেতু কেবল মনোগ্রাহ্য, সেইরূপ প্রসন্নমনোমাত্রগ্রাহ্য (পরম পুরুষ)। 'মনু ১২ ১২২। °নিদর্শন (ক্লী) সর্থ 'স্বপ্নদর্শন'। 'ছান্দোগ্য ৫ ২ ৮। °ফলাফল (ক্লী)—স্বপ্নের শুভাশুভফল। °বিনশ্বর (বিণ)—স্বপ্নতুল্য নাশশীল, ক্ষণভঙ্গুর, ক্ষণিক। °বৃত্ত (বিণ)—স্বপ্নাবস্থায় ভূত, স্বপ্নসংঘটিত। 'রঘু ১২ ৭৬। °ভাষিত (বি)—নিদ্রাবস্থায় কথিত বিষয়। 'সী ১৭। °মনোরথ (পুং) —স্বপ্নাবস্থায় কৃত মানস, স্বপ্নগতমনোবিষয়। 'লঙ্কা' গত্ত কৃতঃ শক্তিরপি 'রাঘঃ গোরা ৩ ৪৭ ১৪। °মাণব,-বক (পুং)—অমোঘস্বপ্নমন্ত্রবিশেষ। "বক ক সা ৬ ১৩৭ উপাদিশৎ তস্মৈ স ভিক্ষুঃ স্বপ্নমাণবম্ ৭২ ১০৭। °লব্ধ (বিণ)—স্বপ্নে প্রাপ্ত। 'উমে ৩৬। °সন্দর্শন (ক্লী)—স্বপ্নজ্ঞান। 'উমে ৪৫। °সৃষ্টি (স্ত্রী)—স্বপ্নের সৃষ্ট বিষয়, স্বপ্নদৃষ্ট বস্তু। °স্থান (ক্লী)—শয়নগৃহ, বাসগৃহ।] [স্বপ্নের অগোচর—স্বপ্নের অ-বিষয়ীভূত অত্যন্ত অসম্ভব।]

স্বপ্নক্ (-জ্) বিণ [√স্বপ+নজ (নজিঙ্)-ক -১ব, পা ৩ ২.১৭২] ১ স্বপ্নশীল, নিদ্রালু। 'ভট্টি ৭ ২৫। ২ সুষুপ্তাবস্থাপ্রাপ্ত (নীলকণ্ঠ)। "কিংস্বিৎ স্বপ্নক্ ন নিমিষতি মহা ৩ ১৩৩.২৮।

স্বপ্নকল্প বিণ [স্বপ্ন+কল্প (কল্পপ), স্ত্রী -ল্পা] স্বপ্নতুল্য। "স্বপ্নকল্পং তদদ্ভুতম্ (আতিথ্যম্) রা ২ ৯১ ৮০।

স্বপ্নজড়িমা বি নিদ্রাঘোর। "মা পলকে ভাসিল।—কথা ৩০।

স্বপ্নময় বিং স্বপ্নপ্রচুর। "জ্যোৎস্না...অন্ধকারমাখা—পৃথিবীর স্বপ্নময় আবরণের মত ব প্র ৩৭৮।

স্বপ্নশীল বিণ [স্বপ্ন+√শীল্+অ (ণ)-ক, উ ত, স্ত্রী -লা] নিদ্রাশীল, শয়ালু। "অতিস্বপ্নশীল গী ৬ ১৬।

স্বপ্নাদেশ পুং [স ত] স্বপ্নে দেবাদির আজ্ঞা। "ক সা ২ ৩।

স্বপ্নাদ্য, স্বপ্নাধিকারী (-রিন্) বিং 'স্বপ্নমূলক, স্বপ্নাধিকারে বা স্বপ্নাবস্থায় প্রাপ্ত', স্বপ্নলব্ধ (ঔষধ)।

স্বপ্নাধিকারী দ্র 'স্বপ্নাদ্য'।

স্বপ্নাববোধ পুং [দ্বন্দ্ব] নিদ্রাজাগরণ। 'যুক্ত' গী ৬ ১৭।

স্বপ্নাবস্থা স্ত্রী [কর্মধা] ১ জীবাত্মার জাগ্রদাদি অবস্থাত্রয়ের অন্তর্গত স্বপ্নাখ্য অবস্থাবিশেষ। ২ নিদ্রাবস্থা, স্বপ্ন।

স্বপ্নোপম বিণ [নি স] স্বপ্নসদৃশ, স্বপ্নতুল্য।

স্ববংশ্য বিণ [°শ+য (যৎ)] স্বীয়বংশভব, স্বগোত্রজাত।

স্ববর্গীয় বিণ [°র্গ+ঈয় (ছ)] স্ববর্গসম্বন্ধী, একবর্গীয় (বর্ণ)।

স্ববাঞ্ছা স্ত্রী [ষ ত] স্বাভিলাষ, স্বেচ্ছা।

স্ববাঞ্ছিত বিং স্বাভিলষিত, স্বাভীষ্ট। "ত ফল।—ম ৩৪।

স্ববাসিনী স্ত্রী [স্ব+√বস্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) (অ.টী), 'সুবাসিনী' (অ কো)] ১ সর্থ 'সুবাসিনী (১)। ২ পরিণীতা পিতৃগৃহে স্থিতা কন্যা (মিতাক্ষরা)। যাজ্ঞ ১ ১০৫।

স্ববৃত্তি বিণ [বহুব্রী] স্বকর্মজীবী। —বৃত্তি স্ত্রী [কর্মধা] ১ স্বীয় আজীব, স্বজীবিকা। স্ববৃত্তির্দুর্গণং পুংসাম্ (S W)। ২ স্বীয় বর্ণগত শাস্ত্রবিহিত ধর্ম্ম। 'স বৈ ধর্ম্মস্বধর্ম্মো বা স্ববৃত্তো কা পরীক্ষণা মহা ২.৫৫ ৭। ৩ স্বীয়চিত্তবৃত্তিভেদ। '(জন্নিতা) বতার চৈতান্ সঞ্জাতান্ স্ববৃত্ত্যা স্নেহবিক্লবা মহা ১ ২২৯ ২০।

স্বব্রাহ্মণ্যা স্ত্রী ['স্বব্রহ্মণ্যা (S W)] জ্যোতিষ্টোমে ইন্দ্রের আহ্বানার্থ প্রযোজ্য মন্ত্র। 'মনু ৯ ১২৬।

স্বভাব পুং [ষ ত, স্বেন ভবনম্ (অ টী), স্বো ভাবঃ (গী ৫ ১৪ শঙ্কর)] ১ স্বীয়ভাব, অজন্য অর্থাৎ স্বতঃসিদ্ধভাব, সংসিদ্ধি, প্রকৃতি, নিসর্গ (অ কো)। 'পৃথিবী বায়ুরাকাশমাপো জ্যোতিশ্চ পঞ্চমম্। স্বভাবে তিষ্ঠন্তি॥—গোরা ৫ ৯৪ ৫। মনু ৯ ১৬। অতীত্য হি গুণান্ সর্ব্বান্ স্বভাবো মূর্দ্ধি বর্ত্ততে।—হি ১ ১৯, ৩ ৬১। যেমন শরীর জলে সূর্য্যছায়া অভাবেতে স্বভাব যেটা ব প ১৫৩৫। ধরিয়া স্বভাব, বিরাজে স্বভাব, কিসের অভাব আছে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। দ্র 'ইল্লত'। ২ অবিদ্যালক্ষণা প্রকৃতি, মায়া (শঙ্কর), অবিদ্যা (শ্রীধর)। "গী ৫ ১৪। ৩ ব্রহ্মের জীবরূপে ভবন (শ্রীধর) বা সত্তা। 'স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে গী ৮ ৩। ৪ জন্মান্তরকৃত ধর্ম্মাদি সংস্কার, পূর্ব্বসংস্কার। "ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা গী ১৭ ২। ৫ ভয়াদিব্যতিরিক্ত সহজভাব। 'স্বভাবেনৈব যদ্ ব্রূয়ুস্তদ্ গ্রাহ্যং ব্যবহারিকম্ মনু ৮ ৭৮। ৬ আত্মভাব, আত্মজ্ঞান। 'কৃষ্ণকৃপাদি-হেতু হৈতে স্বভাব-উদয় চৈ চ ২৪০। ৭ স্বীয় জন্ম। 'রোহিণী যশোদা স্বভাবে জাতি ভিনি শ্রী ম ১০। ৮ (বাঙলায়) কুলীনভাবস্থ, কুলীন। বিপ 'ভঙ্গ'। [°কৃত (বিণ)—স্বাভাবিক, নৈসর্গিক। °কৃপণ (বিণ)—স্বভাবতঃ ক্ষুদ্রচেতাঃ, স্বভাবনীচ। °চল, °চপল (বিণ)—স্বভাবচঞ্চল, প্রকৃতিচপল। °জনিত (বিণ)—স্বভাবকৃত, প্রাকৃতিক। °দৌর্জন্য (ক্লী)—প্রকৃতিদুঃশীলতা, স্বভাবদুষ্টতা। "হি ৩২২। °প্রভব (বিণ)—স্বভাবজাত, প্রকৃতিজ। °ভঙ্গুর (বিণ)—স্বভাবে ভঙ্গশীল, প্রকৃতিনশ্বর। "রাজ্যলক্ষ্মীঃ...স্বভাবভঙ্গুরা।—পঞ্চ ৩২২। °মিত্র (ক্লী)—অকৃত্রিমবন্ধু। °মৃদু (বিণ) —প্রকৃতিকোমল। °শূর (বিণ)—স্বভাবতঃ বীর্য্যসম্পন্ন। °সিদ্ধ (বিণ) —প্রকৃতিসিদ্ধ, স্বাভাবিক। °সুজন (পুং)—স্বভাবতঃ সাধু। °সুন্দর (বিণ)—নিসর্গরমণীয়, স্বভাবমনোহর।]

স্বভাবচরিত্র বি প্রকৃতি ও আচরণ বা ক্রিয়াকলাপ।

স্বভাবজ বিণ [°ব+ √জন্+অ (ড)-ক, উ ত] ১ স্বভাবজাত, নৈসর্গিক, সহজ। বিপ 'কৃত্রিম'। "°জম্…ধাম কি ২ ১১। ২ অকৃত্রিম। "মিত্রে স্বভাবজে।—হি ১ ২২০। কৃত্রিমকুসুম-দৃষ্টে প্রসক্তহৃদয়। স্বভাবজ কুসুম ফুলে অনুরক্ত নয়।—স.শ ৮৬। ৩ পূর্ব্বসংস্কারজাত। "স্বভাবজেন …নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা গী ১৮ ৬০।

স্বভাবতঃ (-তস্) ব্য [স্বভাব+তস্ (তসি)] স্বভাবানুসারে, প্রকৃতিতঃ, স্বভাবে।

স্বভাববাদ পুং [কর্ম্মধা] স্বভাবরূপ মতবিশেষ, বিশ্ব কোন পুরুষ কর্ত্তৃক সৃষ্ট বা রক্ষিত নহে, ইহা আপনার সামগ্রীসমূহের অন্তর্নিহিত এবং স্বতঃ ক্রিয়াপ্রবণ উদ্ভাবনী ও ধারণী শক্তিতে উদ্ভূত ও স্থিতিবিশিষ্ট —এইরূপ স্বভাববিষয়ক মতবিশেষ। —বাদী (-দিন্) 'স্বভাববাদ'-মতাবলম্বী।

স্বভাবসুলভ বিং স্বভাবগত, স্বাভাবিক।

স্বভাবোক্তি স্ত্রী [ষ ত] ১ স্বভাবের, অর্থাৎ বর্ণনীয়তত্তদ্বস্তুমাত্র-গত স্বভাবসিদ্ধ ধর্ম্মের উক্তি বা অভিধান (কা প্র), অর্থালঙ্কারবিশেষ। [ডিম্ভাদি বস্তুর তদেকাশ্রয় কবিমাত্রবেদ্য ক্রিয়া বর্ণ ও অবয়বসংস্থানাদির বর্ণনকে স্বভাবোক্তি কহে। 'স্বভাবোক্তিস্তু ডিম্ভাদেঃ স্বক্রিয়ারূপবর্ণনম্ সা দ ১০ ৯৩। কা প্র ১০ ১১১। কাব্যাদর্শ ২ ৮। ২ স্বভাবকথন।

স্বভূ পুং [স্ব+ভূ+ক্বিপ্ (০)-ক, উ ত] ১ 'দুর্বৃত্তের উদ্ধারার্থ স্বয়ং উদ্ভূত' (অ টী), বিষ্ণু। ২ ব্রহ্মা। "ভ ৩ ১২ ৫। ৩ শিব। —ভূ স্ত্রী [কর্ম্মধা] স্বীয় ভূমি, স্বস্থান, স্বদেশ।

স্বভূমি স্ত্রী [কর্ম্মধা] ১ স্বীয়স্থান। "বৃহৎসংহিতা ৮৬ ২৯। ২ স্বদেশ, স্ববিষয়।

স্বভ্যগ্র বিণ [সু অভ্যগ্র, সুপসুপা] সুতরাম্ আসন্ন (নীলকণ্ঠ), অত্যাসন্ন। "যথারূপাণি পশ্যামি স্বভ্যগ্রো নঃ পরাক্রমঃ মহা ৩ ১৫৫ ৮।

স্বমী বি [স্বামী >স্বমী (গ্রাম্য)] স্বামী। 'জা ৩৬।

স্বয়ং (-য়ম্) ব্য ১ আপনি, নিজে। "ঋগ্বেদ ২ ৩৫ ১৪। রা ২ ৬৪ ২২। মনু ৫ ৩৯। বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু স ২ ৫৫। গম্যং ত্বভাবে দাতৄণাং কন্যা কুর্য্যাৎ স্বয়ং বরম্ যাজ্ঞ ১ ৬৪। সর্ব্বৈশ্বর্য্যাপরিপূর্ণ স্বয়ং ভগবান্ চৈ চ ১০৩। ২ সাক্ষাৎ। 'এতে চাংশ-কলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্ ভ ১ ৩ ২৮। কৃষ্ণ—স্বয়ং ভগবান্ চৈ চ ৭, ২৩৫। ৩ স্বেচ্ছায়। 'স্বয়ংবর। ৪ তদভিন্ন। "যস্যাস্তব পতিস্ত্যক্তো রাজা দশরথঃ স্বয়ম্ রা ৩ ৩৫ ৫। তিনি স্বয়ং আকবরের পুত্র সেলিমের শ্যালক ব প্র ৯। ৫ [বাঙ্লায়, অ প্র] স্ব-প্রধান, নিজেই শ্রেষ্ঠ। "(যেই) আপনাকে স্বয়ং বলি জানে সর্ব্বমতে।—ম ১০৩৩। [°ক্রান্ত (বিণ)—স্বয়মধিরূঢ়। "অভবৎ স্বয়ংক্রান্তসিংহাসনা (S W)। °খাত (বিণ)—আত্মখাত। °গুপ্ত (বিণ)—আত্মরক্ষিত, স্বগুপ্ত। °গ্রহ (পুং)—স্বেচ্ছাগ্রহণ। "স্বয়ংগ্রহাশ্লেষসুখ মাঘ ১ ৫০। °জাত (বিণ)—স্বয়মুৎপন্ন। °জ্যোতিঃ (-তিস্) বিণ—স্বয়ংপ্রকাশ। "ভ ৪ ২০ ২৭, ৫ ১১ ১৩। °ত্যক্ত (বিণ)—স্বয়মুৎসৃষ্ট। °প্রকাশ (বিণ)—স্বপ্রকাশ, স্বতঃ প্রকট। 'ভ ৮ ৩ ১৬। °প্রভ (বিণ)—স্বয়ং-প্রকাশ, প্রকাশান্তরানপেক্ষ (শ্রীধর)। "ভ ৩.১৬ ২৭। °প্রভা (স্ত্রী) —অপ্সরোবিশেষ। "রা ১০৫। °প্রভু (বিণ)—অনপেক্ষভাবে সৃষ্ট্যুপ-যোগিজ্ঞানৈশ্বর্য্যাদিশক্তিমান্। "ব্রহ্মা…স্বয়ংপ্রভুঃ—রা ১ ২ ২৩। °বরণ (স্ত্রী)—স্বতঃ পতিস্বীকরণ। "সীতাস্বয়ংবরণম্ সা দ ৬৪। °বশ (বিণ) —আত্মবশ, স্বতন্ত্র। "নাহমস্মি স্বয়ংবশঃ মহা ১.২১৪ ২১। °বান্ত (বিণ)—স্বয়মুদ্গীর্ণ। °বিক্রীত (বিণ)—স্ববিক্রীত। °বিশীর্ণ (বিণ) স্বয়ংপতিত, স্বতশ্চ্যুত। "°র্ণদ্রুমপর্ণবৃত্তিতা কু স ৫.২৮। °শীর্ণ (বিণ) —স্বয়ংপতিত। "মনু ৬.২১। °শ্রেষ্ঠ (পুং)—যাঁহার শ্রেষ্ঠত্ব অনাগন্তুক (নীলকণ্ঠ), শিব। "মহা ১৩.১৭ ৪১। °সিদ্ধ (বিণ)—স্বতঃ নিষ্পন্ন। °স্রস্ত (বিণ)—স্বতশ্চ্যুত।]

স্বয়ংকৃত বিণ [সুপসুপা] ১ আত্মকৃত, স্বয়মনুষ্ঠিত। "°তঃ (বিগ্রহঃ) মনু ৭ ১৬৪। ২ স্বরচিত। "°তাসু (পর্ণশয্যাসু) গো শ্বা ২ ২৮.২০। —কৃত পুং [তৃ ত] আত্মকৃত পুত্র অর্থাৎ পুত্রার্থীর স্বয়ং ধনাদি-প্রলোভন দ্বারা পুত্রীকৃত মাতাপিতৃহীন বালক, কৃত্রিম পুত্র। 'যাজ্ঞ ২ ১৩৪।

স্বয়ংগ্রাহ বিণ [সুপ্সুপা] ১ স্বয়ংগ্রাহক। "কণ্ঠে স্বয়ংগ্রাহনিষক্ত-বাহুম্ কু স ৩.৭। ২ স্বয়ংবর। "কন্যাঃ স্বয়ংগ্রাহা ভবিষ্যন্তি যুগান্তে সমুপস্থিতে মহা ৩ ১৯০ ৩৬। ৩ স্বাভাবিক, অকৃত্রিম। "অলঙ্কৃতোঽস্মি স্বয়ংগ্রাহপ্রণয়েন ভবতা।—মু (S W)।

স্বয়ংদত্ত বিণ [সুপ্সুপা] স্বয়মর্পিত, স্বয়ংত্যক্ত। —দত্ত পুং (ব্যবহারে) দ্বাদশ পুত্রের একতম [যে মাতাপিতৃহীন অথবা যে ত্যাগের উচিত কারণ বিনা দ্বেষাদি হেতু মাতাপিতৃপরিত্যক্ত, সেই পুত্র যদি স্বয়ং আপনাকে দান করে, তবে সে গ্রহীতার 'স্বয়ংদত্ত' পুত্র হয়। মনু ৯. ১৬০, ১৭৭। দত্তাত্মা তু স্বয়ংদত্তঃ যাজ্ঞ ১ ১৩৪।]

স্বয়ংদূতী স্ত্রী [সুপ্সুপা] যে নায়িকা অত্যন্ত ঔৎসুক্য হেতু লজ্জা ত্যাগ করিয়া অতিরাগে মোহিতা হইয়া স্বয়ং নায়কের সহিত মিলিত হয়, তাহাকে স্বয়ংদূতী বলে। 'অত্যৌৎসুক্যাত্রুটদ্‌ব্রীডা যা চ রাগাতিমোহিতা। স্বয়মেবাভিযুঙ্‌ক্তে সা স্বয়ংদূতী ততঃ স্মৃতা॥—উজ্জ্বলনীলমণি, ভ গ্র ৩৮০।

স্বয়ংদৌত্য বি নায়কের স্বয়ংকৃত দূতকার্য্য। 'শ্রীকৃষ্ণের স্বয়ংদৌত্য চ দা ২৮।

স্বয়ংবর পুং [তৃ ত, 'স্বয়ম্বর' অসাধু] ১ স্বেচ্ছায় বরণ, স্বচ্ছন্দে কন্যার পতিস্বীকরণ। "স্বয়ংবরো মহাংস্তত্র ভবিতা মহা ১ ১৮৪ ৫, স্বয়ংবরকৃতক্ষণা ১১, ২০, মম যত্র স্বয়ংবরঃ ৩ ৫৬ ২০। রঘু ৭ ১৩। ২ স্বয়ংবরসভা। "(সঃ) ক্ষিতিপসমাজমগাৎ স্বয়ংবরস্থম্ রঘু ৫ ৭৬। ৩ স্বয়ংবরণ, স্বেচ্ছায় স্বীকরণ। "°সখী, °সুহৃৎ। —বরা বিণ, স্ত্রী [স্বয়ং বর, সুপ্সুপা, স্ত্রী আ (টাপ্)] স্বেচ্ছায় পতিবরণকারিণী। "কন্যাং ভর্ত্তৃস্বয়ংবরাম্ মহা ১ ১ ১২৭। অলঙ্কারং নাদদীত পিত্র্যং কন্যা স্বয়ংবরা মনু ৯ ৯২। —বরা স্ত্রী [স্বয়ম্+ √বৃ+অ (খচ্)-ক,+স্ত্রী আ (টাপ্), পা ৩ ২ ৪৬, উ ত] স্বেচ্ছায় পত্যন্বেষিণী কন্যা (অ টী), পতিংবরা (অ কো)। [°পতি (পুং)—স্বয়ংকৃতবরণ পতি। '(তং সা) °পতি ব্যধাৎ ক সা ৩০ ৮২। °বধূ (স্ত্রী)—স্বয়ংবরধর্ম্মে বধূভাবাপন্না। 'ইয়ং স্বয়ংবরবধূঃ সহকারস্য শ ১ ২ ৪ ২ ৩। °যাত্রা (স্ত্রী)—স্বয়ংবরোৎসব। "°যাত্রামঞ্চ বা ভা ১ ২ ৪ ২ ৫। °সখী (স্ত্রী)—স্বয়ংকৃতবয়স্যা। 'ক সা ২৮ ১০৪। °সুহৃৎ (পুং)—স্বয়ংবরণকৃত মিত্র। "স্বয়ংবরসুহৃত্ব ক সা ১০ ২০। °স্থ (বিণ)—স্বয়ংবরসভাস্থিত। 'রঘু ৫ ৭৬। (লক্ষ্মণাম্) স্বয়ংবরস্থামহরৎ সাম্বঃ ভ ১০ ৬৮ ১।

স্বয়ংবরয়িত্রী স্ত্রী [সুপ্সুপা] স্বয়ংবরা বা স্বেচ্ছায় পত্যন্বেষিণী কন্যা। 'প্রাগ্বৈবেবা °ত্রী বা ভা ১ ২ ৪ ২ ৫।

স্বয়ংরূপ পুং স্বয়ং ভগবদ্রূপ, ব্রজে গোপমূর্ত্তি কৃষ্ণ। 'স্বয়ংরূপ-কৃষ্ণের কায়ব্যূহ—তাঁর সম চৈ চ ৪। [ভগবানের তিন রূপ—স্বয়ংরূপ, তদেকাত্মরূপ ও আবেশরূপ। দ্র 'চৈ চ ২০৭, ২০৮।]

স্বয়মর্জ্জিত বিণ [তৃ ত] ১ স্বোপার্জ্জিত। "মনু ৯ ২০৯। ২ স্বয়ং-সংগৃহীত। "রা ২.৫৩.৪।

স্বয়মাহৃত বিণ [সুপ্সুপা] স্বয়মানীত। "কুসুমৈঃ স্বয়মাহৃতৈঃ রা ২. ২৮ ১৬। মূলফলৈঃ স্বয়মাহৃতৈঃ মনু ৬ ১১।

স্বয়মীহিতলব্ধ বিণ [স্বয়ম্+ঈহিত, সুপ্সুপা] স্বচেষ্টাপ্রাপ্ত (কুল্লুক)। "°ব্ধং তদ্মাকামো দাতুমর্হতি মনু ৯ ২০৮।

স্বয়মুজ্জ্বল বিণ [সুপ্‌সুপা] স্বয়ং-প্রভ, স্বতো ভাস্বর। "স্বয়মুজ্জ্বলার্চ্চিস্। —বৃহৎসংহিতা ৪৩ ৩২।

স্বয়মুদ্‌গীর্ণ বিণ [সুপ্‌সুপা] স্বয়ংনিঃসৃত। "বৃহৎসংহিতা ৫০ ৫।

স্বয়মুপস্থিত বিণ [সুপ্‌সুপা] স্বয়মাগত। "অপ্রিয়ম্‌…স্বয়মুপস্থিতম্‌ ভ ১ ১৩ ১৩।

স্বয়ম্বর বি [সং স্বয়ংবর] ১ সর্থ 'স্বয়ংবর' (১)। "°স্থলে।—ম ১৮৮, টীকা, ক্ষত্রি° ১৯৫, কন্যা° ২৫২। স্বয়ম্বর-স্থানে ব.প ৫৮৩। শ্রী ১৫৬। স্বয়ম্বরের উদ্যোগ বা.দ ১২১। ২ স্বয়ংবরকার্য্য। "স্বয়ম্বর নিবর্ত্তিয়া গেল দেবগণ।—ম ৪৩৮। ৩ স্বয়ংবরসভা। "পৃথিবীর রাজা সব করি একত্তর। স্বয়ম্বরে ইচ্ছহ আপনা যোগ্য বর॥—অ প ৫৬। —রা বিং [সং স্বয়ংবরা] স্বেচ্ছায় পতিবরণকারিণী। "স্বয়ম্বরা স্ত্রি। —শ্রী ১৫৫। স্বয়ম্বরা রূপবতী।—মা ১৩০। স্বয়ম্বরা হ'য়ে করেছি বরণ।—হেম ১৩২। —রা বি [°র > °রা, অসাধু] ১ সর্থ 'স্বয়ম্বর (১)। "°স্থানে বা ম ১৩৬, স্বয়ম্বরা হেতু ১৩৭। ২ স্বয়ংবরসভা। "(ভূপগণ) স্বয়ম্বরা যেতে ত্বরা পরিল বসন।—বা দ ১৩৬। [°স্থল (বি)—স্বয়ংবরসভা। "ম ১৮৮, টীকা। মা ১৩০।] [আপনি কণ্ঠে স্বয়ম্বরা—(গৌণার্থে) নিজেই অযাচিতভাবে কোন কার্য্যে উদ্যোগী।]

স্বয়ম্ভু বিণ [স্বয়ম্‌+ √ভূ+উ(ডু)-ক] স্বেচ্ছায় শরীর পরিগ্রহকারী। "স্বয়ম্ভূর্ভগবান্‌ মনু ১.৬। স্বয়ম্ভু শিব ভা চ ১৭৬। —ম্ভু পুং ১ ব্রহ্মা। "রা ২ ৩০ ২৭। ২ শিব।

স্বয়ম্ভুব বিণ [স্বয়ম্‌+ √ভূ+অ (ক)-ক, মূলবিভুজাদি, উ ত] স্বয়ংজাত। "গো রা ৬ ১০২.১৮। মহা ১২ ৩৩৪ ৯, ১৩ ১৪ ৪১৬। —ব পুং ১ মনু। ২ ব্রহ্মা। ৩ শিব। "মহা ১৩ ১৭ ১৩৫।

স্বয়ম্ভূ [স্বয়ম্‌+ √ভূ+ক্বিপ্‌ (০)-ক, উ ত] স্বয়মুৎপন্ন (সায়ণ), স্বয়ংভূত, অপৌরুষেয়। "ঋগ্বেদ ১০.৮৩ ৪। ব্রহ্মা স্বয়ম্ভূঃ রা ১ ১১০ ৩। বিধানজ্ঞ স্বয়ম্ভুবঃ মনু ১ ৩। —ম্ভূ পুং ১ ব্রহ্মা। "গো.রা ২ ৩০ ২৯। মনু ১.৯৩। ২ বিষ্ণু। "ক সা ৬৩ ৫৪। ৩ শিব। "ক.সা ৬৩ ৪৪। ৪ পরমেশ্বর। ৫ কামদেব। ৬ আদিবুদ্ধ, বুদ্ধ। ৭ জিনবিশেষ। ৮ অন্তরিক্ষ। ৯ কাল। ১০ মাসপর্ণী। ১১ লিঙ্গিনী। ১২ স্ত্রীগুন।

স্বয়ম্ভূত বিণ [সুপসুপা] স্বয়মুৎপন্ন। —ত পুং শিব। "মহা ১৩ ১৭ ৩৭।

স্বয়ম্ভৃত বিণ [সুপসুপা] স্বয়ং-পুষ্ট, আত্মপালিত (পুত্রাদি)। "ভ ৩ ৩০.১৪।

স্বযোনি বিণ [বহুব্রী] ১ যাহার উৎপত্তিস্থান স্বীয় অর্থাৎ অভিন্ন, একযোনিজাত। ২ স্বাভিব্যঞ্জক। "ভ ১ ২ ৩২। —নি পুং সপিণ্ড, পিতৃব্যাদি। "মনু ২ ১৩৪, ২০৬। —নি স্ত্রী [কর্ম্মধা] স্বীয় উৎপত্তিস্থান, স্বকারণ। "গো রা ৫.৯৫.২। হ ২৫৩ ৩৯। মনু ৫ ১১৩। —নি,-নী স্ত্রী [বহুব্রী] ১ সোদর্য্যভগিনী, সহোদরা। "রেতঃসেকঃ স্বযোনীষু মনু ১১ ৫৯, °নি ১৭১। যাজ্ঞ ৩ ২৩১। ২ স্বজাতীয়া স্ত্রী। "মনু ১০.২৭।

স্বযোনি-অন্তক বি [পদ্যে] স্বযোনিভক্ষ্য, অগ্নি। "ম ১৪৮।

স্বযোনিভক্ষ পুং [বহুব্রী] স্বযোনি খাদ্য যাহার, অগ্নি। [°ধ্বজসম্ভব (বিণ)—অগ্নির চিহ্ন ধূম হইতে জাত (মেঘ)। "°বানাং শ্রুত্বা নিনাদম্‌ (রুরাব পবনাশনাশঃ) ভা.চ ৩২৫।]

স্বর্‌ ব্য ১ স্বর্গ (সায়ণ)। "ঋগ্বেদ ১ ১০৫ ৩। ত্বয়ি প্রযাতে স্বস্তাত রা ২.৭৬৮। মাঘ ৩.৩৫। নৈ ৬.৯৯। [ইহা জ্যোতিষ্টোমাদিযজ্ঞের অনুষ্ঠাতা সোমপায়িগণের স্বর্গ (গী ৯.২০)।] ২ পরলোক, প্রেত্য। দ্র 'স্বর্গত'। ৩ ব্যোম, আকাশ (মেদিনী)। ৪ ভূ-প্রভৃতি সপ্তলোকের একতম। দ্র 'লোক'। [ইহা গ্রহনক্ষত্রগণের স্থান, সূর্য্যের উপরিস্থ বা সূর্য্য ও ধ্রুবনক্ষত্রের অন্তর্ব্বর্ত্তী।] ৫ ব্যাহৃতিত্রয়ের একতম। "মনু ২.৭৬। [°পথ 'স্বঃপথ' (পুং)—স্বর্গমার্গ। "ভ ১ ১৫ ৩২। °পাল (পুং) —স্বর্গপালক সেনানী, কার্ত্তিকেয়। "ভ ১০ ৫১.১৬। °সৎ (-দ্‌) পুং —দিবিষদ্‌, দেবতা। °স্যন্দন (পুং)—স্বর্গরথ, ইন্দ্ররথ। "ভ ৯ ১০.২১। °সরিৎ, °সিন্ধু (স্ত্রী)—স্বর্গঙ্গা, মন্দাকিনী; °সুন্দরী, °স্ত্রী (স্ত্রী) —'স্বর্গরমণী', অপ্সরা। "স্বঃস্ত্রী ভ ৪ ১৫.৭।]

স্বর[১] পুং [√স্বৃ+অ (অচ্‌)-ক, 'স্বর' পুং, ক্লী (অর্দ্ধর্চ্চাদি)] ১ যাহা শব্দ করে, উদাত্তাদি স্বরত্রয়। 'উদাত্তশ্চানুদাত্তশ্চ স্বরিতশ্চ স্বরাস্ত্রয়ঃ। —তৈ ২১ ১, ব্যাখ্যা। "ঋগ্বেদ ১ ৬২.৬। মাঘ ২.৯৫। ২ তন্ত্রীকণ্ঠোত্থিত ষড়্‌জাদি-সপ্তক। [নিষাদর্ষভগান্ধার-ষড়জমধ্যমধৈবতাঃ। পঞ্চমশ্চেত্যমী সপ্ত তন্ত্রীকণ্ঠোত্থিতাঃ স্বরাঃ॥ মাতঙ্গগোঽজবিক্রৌঞ্চবাজিকোকিলকূজিতম্‌। নিষাদাদিস্বরা জ্ঞেযা যথাক্রমমিতি স্থিতম্‌॥—অর্থাৎ নিষাদাদি স্বর যথাক্রমে হস্তী গো অজ ময়ূর ক্রৌঞ্চ বাজী কোকিল—ইহাদের রব (অ টী)।] ৩ কণ্ঠধ্বনি, রব। "স্বরশ্চাপি ব্যরুধ্যত বা ২.৩৬.১০। স্বরবর্ণেঙ্গিতাকার মনু ৮ ২৫। স্বরেণ·· অমৃতস্রুতা কু স ১৪৫। ৪ শব্দ, ধ্বনি, নাদ। "বাঁশরীস্বরলহরী।—মে ৫। কল্লোলিনী কলস্বরে করে কুলকুল স শ ৮৩। ৫ মন্দ্রমধ্যমাদি (সায়ণ)। "ঋগ্বেদ ১ ৬২.৪। ৬ পক্ষিরব, কূজিত। "হংসমত্তস্বর রা ২.৪৯ ১৩, কলহংস° ৮২ ৯। ৭ নাসাসমীরণ (মেদিনী), নাকের ডাক। ৮ অকারাদি স্বয়ং-প্রকাশিত বর্ণ। 'যৎ স্বয়ং রাজতে তং তু স্বরমাহ পতঞ্জলিঃ।—তৈ ২১.১, ব্যাখ্যা। "মহা ১ ২ ৩৯। ৯ শ্রুতির অনন্তরভাবী স্নিগ্ধ অনুরণনাত্মক ধ্বনি। "মাঘ ১ ১০, মল্লিনাথ। ১০ ষড়্‌জাদির সংখ্যানুসারে সাত (৭) সংখ্যা। ১১ বর্ণোচ্চারণ। "শিক্ষাস্বরসমাযুক্ত বা ২ ৯১ ২২। —রা স্ত্রী গায়ত্রীর সপত্নী ব্রহ্মার জ্যেষ্ঠা পত্নী (শ ক)। [°কম্প (পুং)—স্বরস্পন্দন, সুরকাঁপা। °কর (বিণ)—স্বরোৎপাদক, স্বরজনক (সুশ্রুত)। °ক্ষয় (পুং)—স্বরভঙ্গ, স্বরহানি (চরক)। °ঘ্ন (বিণ)—'স্বরনাশক', কণ্ঠ-নালীরোগবিশেষ (সুশ্রুত)। °চ্ছিদ্র (ক্লী)—বংশীর স্বরজনক রন্ধ্র। °পত্তন (ক্লী)—'উদাত্তাদির আশ্রয়', সামবেদ। °পরিবর্ত্ত (পুং) —কণ্ঠধ্বনিপরিবর্ত্তন। °ব্রহ্ম (-হ্মন্‌) ক্লী—ষড়্‌জাদিস্বররূপ ব্রহ্ম, ব্রহ্মাভিব্যঞ্জক স্বরসপ্তক। "বীণাং স্বরব্রহ্ম-বিভূষিতাম্‌ ভ ১ ৬.৩৩; ৬ ৫ ২২। °মাত্রা (স্ত্রী)—বর্ণোচ্চারণস্থিতিকাল-পরিমাণ। °যোগ (পুং)—স্বাভাবিক স্বরোচ্চারণ। "ভ্রষ্টশ্চ স্বরযোগো মে।—বা ২.৬৯ ২০। °যোনি (স্ত্রী)—স্বরসপ্তকের আদি ষড়্‌জস্বর। °শাস্ত্র (ক্লী)—স্বরবিষয়ক শাস্ত্র। °শুদ্ধ (বিণ)—ষড়্‌জাদিস্বরবিষয়ে নির্দ্দোষ। °শূন্য (বিণ) —ষড়্‌জাদিরহিত, সুস্বরবিহীন। °সংক্রম (পুং)—ষড়্‌জাদিপরিবর্ত্তক্রম, স্বরপরিবর্ত্তপরম্পরা। "মৃ ৩ ৫। °সংস্কার (পুং)—উদাত্তাদিস্বরশুদ্ধি। "রঘু ১৫ ৭৬। °সন্ধি (পুং)—(ব্যাকরণে) স্বরবর্ণদ্বয়ের নিয়মানুসারে মেলন। °সম্পৎ (-দ্‌) স্ত্রী—ষড়্‌জাদিস্বরসিদ্ধি। "রা ১ ৪.১৯। °সম্পন্ন (বিণ)—ষড়্‌জাদিস্বরসিদ্ধ। "ভ্রাতরৌ স্বরসম্পন্নৌ রা ১.৪ ৫। °হা (-হন্‌) বিণ—সর্থ 'স্বরঘ্ন'।]

স্বর[২] '-র্‌' বি [সং স্বর, অসাধু] স্বর্গ, অমরাবতী। "স্বরীশ্বর আজি, ত্যজি স্বর বিশ্বধামে ভ্রমিছে একাকী, অনাথ।—মা ১৫০।

স্বর[৩] সর্ম্ম [স্মর[২] > স্বর, অসাধু] স্মরণ করা। "মনে মনে বিজ মন্ত্র সকল স্বরিলা গো বি ১৯৮। [স্বরন—স্মরণ। "গো বি ১২৬।]

স্বরগ বি [সং স্বর্গ > (স্বরাগমে) °গ, পদ্যে] স্বর্গ। "ভা.চ ৩৮।

স্বরগ্রাম পুং [ষ.ত] (সঙ্গীতে) স্বরসমূহ, ষড়্‌জাদি সপ্তস্বর (gamut)। [খরজ হইতে রি গ ম প্রভৃতি ছয় সুরের ওজনের অর্থাৎ উচ্চতা কিংবা নিম্নতার যে ব্যবস্থা, তাহাকে 'স্বরগ্রাম' কহে (গী সা)।]

স্বরতিক্রম পুং [স্বর্‌+অতিক্রম, য ত] স্বর্গাতিক্রম। "ভ ১১.৬.১০।

স্বরভক্তি স্ত্রী [ষ.ত] স্বরের ভক্তি ভাগ অবয়ব বা একদেশ, রেফ ও উষ্মবর্ণের সংযোগে উষ্মসংযুক্ত রেফ (র-কার), মাত্রিক ঋ-কারের অর্দ্ধমাত্রাযুক্ত ভাগ। যেমন বর্ষা (বর্‌ষা)' এস্থলে 'র্‌' স্বরভক্তি, অর্থাৎ মাত্রিক ঋকারের অর্দ্ধমাত্রক 'র্‌'। দ্র °তৈ ২.১৫।

স্বরভঙ্গ পুং [ষ.ত] ১ স্বরবিকৃতি, বৈস্বর্য্য, গদ্গদস্বর। "(মায়েরে দেখি) কৃতকৃত্য চিত্তে মানি পুলক শরীর। গাত্রকম্প স্বরভঙ্গ সমাধি অস্থির।—দু ৬২। সূচিত স্বরভঙ্গ তার (ধরণীর) কেকার রবে বড়জে বুকে ৬৪। ২ সাত্ত্বিকভাববিশেষ। "সা দ ৩.১৩৫। ৩ [বহুব্রী] গলরোগবিশেষ। ৪ শৈত্যাদিজন্য স্বরবিকার।

স্বরভঙ্গি বি স্বরবিকার, কাকু। —ঙ্গী (-ঙ্গিন্) পুং পক্ষিবিশেষ।

স্বরভঙ্গী দ্র 'স্বরভঙ্গি'।

স্বরভেদ পুং [ষ ত] ১ উদাত্তাদিস্বরপার্থক্য, উচ্চারণবিশেষ। "স্বশব্দো-চ্চারণার্থী স্বরভেদাদ্ দ্বিঃপঠিতঃ পা ১ ১.২৭, কাশিকা। ২ ষড়্জাদি-স্বরপার্থক্য। ৩ কণ্ঠধ্বনি-নির্গম। 'স্বরভেদভয়ান্ ন কিঞ্চিদূচে (পঞ্চ)। ৪ কণ্ঠধ্বনিপার্থক্য। ৫ গদ্গদস্বর। "বৈবর্ণ্য অশ্রু স্বরভেদ, দেহ হৈল পুলকে ব্যাপিত চৈ.চ ৮২।

স্বরমণ্ডল পুং, **-লিকা** স্ত্রী [বহুব্রী, °ল+ক (কপ্)+স্ত্রী আ (টাপ্)] 'ষড়্জাদিস্বরসমূহযুক্ত', বীণাবিশেষ। "বাজে স্বরমণ্ডল।—কৃ ২৫৬, ক চ ২৪২। জ ৩৯। স্বরমণ্ডলের গান চৈ ম ১৮৫। —ল ক্লী [ষ ত] স্বরসমূহ।

স্বরমণ্ডলিকা দ্র 'স্বরমণ্ডল'।

স্বরলিপি বি সঙ্গীতের সুর তাল গমক প্রভৃতি লিখিয়া প্রকাশ করার স র গ ম ইত্যাদি স্বরসপ্তকের সঙ্কেতাক্ষর। [স্বরলিপি দুই প্রকার, —'সার্গম' স্বরলিপি, 'সাঙ্কেতিক' স্বরলিপি। সুরের আদ্যক্ষরযোগে 'সার্গম', রেখা বিন্দু বা অন্য সঙ্কেতের যোগে 'সাঙ্কেতিক' স্বরলিপি লিখিত হয় (গী সা)।]

স্বরস পুং [কর্ম্মধা] ১ স্বীয় বা সহজ রস, যন্ত্রপ্রপীড়ন হেতু দ্রব্যনিঃসৃত নির্য্যাস। 'যন্ত্রপ্রপীড়নাদ্ দ্রব্যরসঃ স্বরস উচ্যতে (চরক)। "অস্রবদ্ রুধিরং ভূরি স্বরসং চন্দনো যথা মহা ৭ ১১৪ ১২। ২ সন্দর্ভে স্বাভাবিক বা সহজ রস। ৩ দ্রব্যগত বিশেষ রস, সহজস্বাদ। ৪ সদ্যঃ ক্ষুণ্ণ বা আর্দ্র দ্রব্য হইতে নিঃসৃত রস বা কষায়বিশেষ (শ ক)। ৫ শিলাপিষ্ট-কল্ক (শ ক)। ৬ স্বভাব। "মাঘ ১৯ ৪২।

স্বরসংযোগ পুং [ষ ত] ১ স্বরের মিশ্রণ, কণ্ঠধ্বনি (voice)। "ময়া পুনঃ স্বরসংযোগেন প্রত্যভিজ্ঞাতম্ আর্য্যাপুত্র এব ব্যাহরতি উ চ ৩৳। অন্য এবৈষ স্বরসংযোগঃ (মৃ)। ২ সঙ্গীতসম্বন্ধী স্বরালাপ। "কলবিশুদ্ধায়া গীতেঃ স্বরস যোগঃ শ্রূয়তে শ ৫৳। ৩ স্বরবর্ণের সংযোগ।

স্বরাজ বি [স্ব-রাজ > °জ] ১ স্বদেশী রাজা বা শাসনকর্তৃত্ব (government)। ২ দর্শ 'স্বরাজ্য (৩)।

স্বরাজ্য ক্লী [ষ.ত] ১ আপনার রাজভাব বা রাজকর্ম্ম (সায়ণ)। ঋগ্বেদ ১৮০ ১। ২ আপনার রাজ্য। "(রাজানঃ) স্বরাজ্যানি জগ্মুঃ রা ৭ ৩৯ ৬। ৩ (বাংলায়) স্বীয় রাজকার্য্য, স্বায়ত্ত দেশশাসন, অর্থাৎ দেশবাসীর অধীন স্বদেশশাসনকার্য্য (self-government)।

স্বরাট্ (-জ্) বিণ [স্ব+√রাজ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত; 'স্বরাজ'—স্বয়ং রাজমান (ঋগ্বেদ ২.২৮ ১, সায়ণ)] ১ স্বয়ংদীপ্যমান, স্বতঃ প্রভাবিশিষ্ট। ২ স্বতন্ত্র। "ভ ৪ ১৭.৩০। —ট্ পুং ['স্বরাজ্' —সকলের স্বামী (ঋগ্বেদ ৭ ৬৬ ৬, সায়ণ] ১ বৈরাজ, বিরাট্পুরুষ। "ভ ২ ৬.৪২। ২ ব্রহ্মা। "ভ ৩.১৮.১৯। ৩ স্বতঃসিদ্ধজ্ঞান। "ভ ১.১ ১, ৩.১২.৫৩। ৪ ব্রহ্ম। "মনু ১২ ৯১, কুল্লুক। ৫ ইন্দ্র। "ভ ৩ ২৩ ৫৮। ৬ 'স্বয়ংভাসমান', বিষ্ণু, কৃষ্ণ। "মহা ১২ ৪৩.১১। ৭ বৈদিক ছন্দোবিশেষ।

স্বরান্ত বিণ [বহুব্রী] স্বরবর্ণান্ত, অজন্ত (শব্দ)।

স্বরান্তর ক্লী [ষ ত] ১ স্বরবর্ণদ্বয়ের অবকাশ, অর্থাৎ মধ্যবর্ত্তী উচ্চারণ-বিরাম (hiatus)। ২ (বাঙলায়) প্রান্তিক স্বরের মধ্যগত অন্তর (গী.সা, ৩য় পরিচ্ছেদ)।

স্বরাপগা স্ত্রী [স্বর্+আপগা, ষ.ত] স্বর্গের নদী, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

স্বরারূঢ় বিণ [স্বর+আরূঢ়; দ্বি ত] স্বর্গারূঢ়, স্বর্গত (ভট্টি)।

স্বরিত বিণ [স্বর+ইত (ইতচ্)] ১ জাতস্বর, শব্দযুক্ত। ২ নাদিত। "স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্ (অধরামৃতম্) ভ ১০.৩১.১৪। ৩ সুস্পষ্টো-চ্চারিত। —ত পুং ১ স্বরবিশেষ বর্ণধর্ম্ম (কাশিকা), মিলিত উদাত্তা-নুদাত্তত্ব স্বরধর্ম্ম। "স্বরিতেনাধিকারঃ পা ১ ৩ ১১। (গিরিরাজ, তোমার সঙ্গীত) তরঙ্গিয়া চলিয়াছে, অনুদাত্ত উদাত্ত স্বরিত স স্ব ৮৮। ২ [°ত +অ (অচ্)] উদাত্তত্ব ও অনুদাত্তত্ব বর্ণধর্ম্মদ্বয়ের সমাহার বা মেলনস্থান অচ্ বা স্বরধর্ম্ম। 'সমাহারঃ (অচ্) স্বরিতঃ পা ১ ২ ৩১।

স্বরীশ্বর বি [স্বর+ঈশ্বর, ষ ত] ১ স্বর্গাধিপতি। "বাসব আপনি, স্বরীশ্বর,…প্রবেশিলা লঙ্কাপুরে।—মে ৩২। স্বরীশ্বর শচীনাথ।—হেম ২০৫। স্বরীশ্বর দেব পুরন্দর।—ন ৪৩৮। ২ ইন্দ্র। "সহ স্বরীশ্বরী, প্রবেশিলা স্বরীশ্বর আনন্দ-ভবনে।—মে ৫০। মা ১৫০। —রী বি স্বরীশ্বরপত্নী, ইন্দ্রাণী। "মে ৫০, ১৪৪।

স্বরু পুং [√স্বৃ+উ-ক, উ ১১০। ১ 'শব্দকারক', বজ্র, অশনি (অ কো)] ২ 'উপতাপক', বাণ। ৩ যজ্ঞ। ৪ যূপখণ্ড। ৫ তিমির। ৬ গুহ্য, গোপনীয়।

স্বরুচি বিণ [বহুব্রী] স্বতন্ত্র, স্বাধীন। —রুচি স্ত্রী [ষ.ত] নিজরুচি, স্বেচ্ছা। "মনু ৩ ২২২, কুল্লুক। যাজ্ঞ ২ ৮৬।

স্বরূপ বিণ [বহুব্রী, স্ত্রী -পা] ১ নিজরূপযুক্ত, সদৃশ, তুল্য। "আনন্দ°, চিৎ°, জ্ঞান°। জীবনদশায় মৃতস্বরূপ মানব শ্রী ম ১৯৪। ইনি গৃহের লক্ষ্মীস্বরূপা সী ১৬। ২ বুধ, পণ্ডিত, অভিরূপ। ৩ মনোজ্ঞ (অ কো)। ৪ (বাঙলায়) সত্য, ঠিক। "কহিল আজ্ঞি স্বরূপ বচন গো বি ১০৬। এই কথা স্বরূপ বচন।—ম ৮৯৪। স্বরূপ কহ না বাণী ক চ ৬৪। (নিরঞ্জন) কন স্বরূপ কথন শ্রী মা ৪২। স্বরূপ বৃত্তান্ত ব প্র ১৫৩। —রূপ ক্লী [কর্ম্মধা] ১ স্বীয়রূপ, নিজমূর্ত্তি। "স্বরূপধারিণং নাগং দদর্শ স মহীপতিঃ মহা ৩ ৬৬.১৩। বিষ্ণুর্বক্তস্বরূপধৃক্ ভ ৪.১.৪। ব্রহ্মের স্বরূপ-লক্ষণ ব প ১৭৫৬। ২ শব্দের তদভিন্নরূপ। বিণ 'পর্য্যায়'। "পা ১ ১ ৩৯, ৬৮। ৩ স্বভাব, প্রকৃতি। "পঞ্চ ১ ১৭০। ৪ স্ব-ভাব। "আত্মনঃ …ব্যবস্থানং স্বরূপতঃ ভ ২ ৮ ২২। ৫ স্বীয় বা অসাধারণ ধর্ম্ম। (বাঙলায়) সত্য-বিষয়। "স্বপন যদ্যপি হৈল স্বরূপের প্রায় শি ৫৪। —রূপ ক্রি বিং সশরীরে। "(হরিবীজ) স্বরূপ গঙ্গায় গিয়া করিল প্রবেশ —কৃ ৮। —রূপে ক্রি বিং ১ সত্য, ঠিক। "অতিনিষ্ঠা সনকাকে জানিল স্বরূপে বা ম ২৪২। স্বরূপে মাজুষে চড়ি তরিবা সাগর ম.ম ১৯৯, ২১৬। ২ অকপটে। "সই, স্বরূপে কহিবা মোরে সাচে ম ম ১০, মিতা রে, স্বরূপে কহিবা মোরে সার ১২৮। ৩ বাস্তবিক, বস্তুতঃ। স্বরূপে আমার বাক্য হয় যদি মিছা। তবে পাছু যেই কর আপনার ইচ্ছা।—শ্রী ম ৫১, ৬০। [°গত (বিণ)—স্বীয়রূপপ্রাপ্ত। °ভাব (পুং) —স্বরূপ-সত্তা (মেধাতিথি)। "মনু ২ ১২৪। °লক্ষণ (ক্লী)—দ্র 'তটস্থ'।]

স্বরূপতঃ (-স্) বা [°প+তস্ (তসি)] ১ স্বীয়রূপানুসারে, স্বরূপে। ২ স্বীয়ভাবে, স্বভাবে। "আত্মনঃ ··ব্যবস্থানং স্বরূপতঃ ভ ২ ৮ ২২।

স্বরূপশক্তি স্ত্রী [ষ ত] ভগবৎস্বরূপশক্তি, চিচ্ছক্তি। 'চৈ চ ৮।

স্বরূপাসিদ্ধি স্ত্রী [ষ.ত] (ন্যায়ে) হেত্বাভাসবিশেষ। দ্র 'অসিদ্ধি' (৫)।

স্বরূপী (-পিন্) বিণ [°প+ইন্ (ইনি)-১ব, -পিণী] ১ স্বীয়-রূপবান্, স্বমূর্ত্তিবিশিষ্ট। "স্বরূপিণং চ ভর্তারং দৃষ্ট্বা ভীমসুতা (প্রাক্রোশৎ) মহা ৩ ৭৬ ৪৩। ২ তৎস্বরূপবান্, তৎস্বমূর্ত্তিধারী। "বক্ষো দৈত্যস্বরূপী চ সোঽদৃশ্যত দশাননঃ রা ৭.১৫ ৩১। (কুশদ্বীপৌকসঃ) ভগবন্তং জাতবেদঃ-স্বরূপিণং…যজন্তে ভ ৫.২০.১৬।

স্বরূপোৎপ্রেক্ষা স্ত্রী [ষ.ত] স্বরূপোৎপ্রেক্ষণজন্য উৎপ্রেক্ষাবিশেষ। "স্বয়ম্ভ বিজয়স্তম্ভঃ (উরুঃ) সা.দ ১০.৪৩।

স্বরোচিঃ (-চিস্) বিণ [বহুব্রী ;-১ব] স্বপ্রকাশ, স্বয়ংপ্রভ। "ভ ৪. ২৪.৩৪।—চিঃ ক্লী স্বপ্রকাশ। "ভ ২.৫.১১।

স্বরোদয় বিণ [বহুব্রী] স্বরোচ্চারণবিশিষ্ট, স্বরানুসারী। "শষসেষু °য়াম্ (স্বরভক্তিম্) বিদুঃ তৈ ২১.১৫।—দয় পুং যাহাতে স্বরের প্রকাশ; শ্বাস-বিশেষের শুভাশুভজ্ঞানসাধন তন্ত্রশাস্ত্রবিশেষ।

স্বরোপঘাত পুং [ষ.ত] কণ্ঠস্বরহানি, স্বরক্ষয়।

স্বরোপধ বিণ [বহুব্রী] উপধায় স্বরযুক্ত, স্বরোপান্ত (শব্দ)।

স্বর্গ পুং [সু+ √ঋজ্ স্থিতি+অ (ঘঞ্)-ধি, তু 'স্বর্গ, সুবর্গ', পা ৬ ৪. ৭৭, কাশিকা] ১ সুরলোক, ত্রিদিব। "ঋগ্বেদ ১০.৭৫.১৮। রা ১.১.৯৯। দারাধীনস্তথা স্বর্গঃ পিতৃণামাত্মনশ্চ হ মনু ৯.২৮। কু ৩৯। ২ ইন্দ্রলোক, অমরাবতী। "হস্তপ্রাপ্তমহং মন্যে স্বর্গং তব রা ১.৫৯.৫। (মারীচাশ্রমঃ) স্বর্গাদধিকতরং নির্বৃতিস্থানম্ শ ৭৫/২২। স্বর্গেতে আইস তুমি মাতলি-সহিত।—ম ৪২৭। চ.বি ৪০, ৪২। ৩ পরলোক। "মনু ১২.২০। ৪ স্বর্গসুখ। "স্বর্গমক্ষয়মিচ্ছতা মনু ৩.৭৯। ৫ দুঃখবিবর্জ্জিত অনতিশয় প্রীতি ; দুঃখবিরোধী সুখ (সাংখ্য ১)। 'স্বর্গোঽনতিশয়প্রীতিরূপো দুঃখ-বিবর্জ্জিত (জৈমিনি)। ৬ সুখ। "স্বর্গযোনির্মহদ্‌ব্রহ্ম স্বর্গযোনির্মহদ্ যশঃ মহা ২.২২ ১৮। ৭ (বাঙ্‌লায়) অত্যুচ্চ স্থান, আকাশ। "সে সকল গাছ পুরি স্বর্গে উঠে ধোঁয়া ম.গা ১৫। [°কাম (বিণ)—স্বর্গবাসেচ্ছু। "স্বর্গকামো যজেত (শ্রুতি)। স্বর্গকামো লভেৎ স্বর্গম্ মহা ১৮ ৫.৫২। °কৃতালয (বিণ)—স্বর্গবাসাহ। "রা ১.৬০.১৭। °গত (বিণ)—১ স্বর্গ-প্রাপ্ত, ইন্দ্রলোকগত। স্বর্গগতে নরবর, তারে দেখি পুরন্দর, বসাইল রাজসিংহাসনে।—ম ১২৭৫। ২ পরলোকগত, মৃত। °গতি (স্ত্রী), °গমন (ক্লী)—১ স্বর্গপ্রয়াণ। ২ পবলোকগমন। "গো.রা ৩.৭৩.৪০। °গামী (-মিন্) বিণ—স্বর্গযায়ী। "মহা ১৩.২৩.৯৪ ; হি ১.৬৬। °গিরি (পুং)—মেরু। °চ্যুত (বিণ)—স্বর্গভ্রষ্ট। °জিৎ (বিণ)—স্বর্গজয়ী। °তরঙ্গিণী (স্ত্রী) —স্বর্গনদী, গঙ্গা। "হারষ্টিযরিবাভাতি যস্যাঃ (বারাণস্যাঃ) °ণী ক.সা ৭৫.৬০। °তরু (পুং)—মন্দার। °দ, °প্রদ (বিণ) স্বর্গদায়ক। °ধেনু(স্ত্রী)—কামদুঘা, সুরভি। °পতি (পুং)—ইন্দ্র। °পদ্ধতি (স্ত্রী)—স্বর্গমার্গ, স্বর্গগমনপথ। "রঘু ১১.৮৭। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতের স্বর্গারোহণ পর্ব্ব। "মহা ১.২.৩৭০। °পুরী (স্ত্রী)—ইন্দ্রপুরী, অমরা-বতী। "রা ৭.১০২.৯। °বধূ, °স্ত্রী (স্ত্রী)—স্বর্গযোষিৎ, অপ্সরা। °বাস (পুং) ইন্দ্রলোকবাস। °ভর্ত্তা (-র্ত্তৃ) পুং—স্বর্গপতি ইন্দ্র। °মার্গ (পুং) —সর্থ 'স্বর্গপদ্ধতি'। "°মার্গপরিঘ রঘু ১২ ৮৮। শ ৭৫/৬। °রাজ্য (ক্লী) —স্বর্গরূপরাজ্য। °লোক (পুং)—ইন্দ্রলোক। "রা ১.৬০.১৬। °লোকেশ (পুং)—১ ইন্দ্র। ২ শরীর (শ.ক)। °সংক্রম (পুং)—স্বর্গাধি-রোহণী, স্বর্গের শিঁড়ি। °সৎ (-দ্) পুং—'স্বর্গবাসী', দেবতা। °সরিদ্বরা (স্ত্রী)—গঙ্গা। °সাধন (ক্লী)—স্বর্গগমনোপায়। °সুখ (ক্লী)—দিব্যসুখ। °সোপানপঙ্‌ক্তি (স্ত্রী)—স্বর্গগমনার্থ সোপানশ্রেণী, স্বর্গসংক্রম। °স্থ (বিণ) —স্বর্গগত, মৃত। "রা ২.৬৬.১, ৬৭.৬। °স্থ (পুং)—দেবতা। °স্থিত (বিণ)—স্বর্গস্থ।] [স্বর্গ মর্ত্ত তফাৎ—স্বর্গ ও মর্ত্তের ন্যায় অতিশয় প্রভেদ। স্বর্গ হাতে পাওয়া—স্বর্গ করতলগত হওয়া ; স্বর্গলাভে যেরূপ আনন্দ, সেইরূপ অতিশয় আনন্দ লাভ করা। স্বর্গে গেলাম!—চরিতার্থ হলাম! (উপহাসে)। স্বর্গে তোলা—১ অত্যুচ্চ স্থানে রাখা। ২ অতিপ্রশংসা করিয়া অত্যুচ্চ স্থান দেওয়া। স্বর্গে যাওয়া—পরলোকে যাওয়া ; মরা। স্বর্গের ঘুম—দিব্য নিদ্রা ; সুষুপ্তি। স্বর্গের শিঁড়ি—স্বর্গগমনের পথ বা উপায়। ঢেঁকি স্বর্গেও ধান ভানে—(গৌণার্থে) দুর্ভাগ্যের কোথাও সুখ নাই। হাতে স্বর্গ দেওয়া—হাতে স্বর্গ আনিয়া দিলে, অর্থাৎ স্বর্গ অনায়াস-লভ্য হইলে, যেমন সুখ, তাদৃশ অতিশয় সুখ দেওয়া। দ্র 'গঞ্জিকা (২)।]

স্বর্গগঙ্গা বি [সং স্বর্গঙ্গা] মন্দাকিনী "ক.চ ১৭৫।

স্বর্গঙ্গা স্ত্রী [স্বর্+গঙ্গা ; ষ.ত] স্বর্গস্থা গঙ্গা ; মন্দাকিনী।

স্বর্গত বিণ [স্বর্+গত ; দ্বি.ত] ১ স্বর্গগত। "ভ ৬.৬.৩৬। ২ পরলোক-গত, মৃত। "ন স শোচ্যঃ পিতা তাত স্বর্গতঃ রা ২.১০৫.৩২। মহা ১. ১৫৭.২৮।

স্বর্গতি স্ত্রী, **-র্গমন** ক্লী [স.ত] ১ স্বর্গে গমন ; ইন্দ্রলোকপ্রাপ্তি। "(সোমপাঃ) যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে গী ৯.২০। ২ পরলোকগমন, মরণ। "ভরতো দুঃখমাচষ্টে স্বর্গতিং পৃথিবীপতেঃ রা ২.১০৩.১৫। কথিত-স্বর্গতিগুর্বোঃ রঘু ১২.১৫। স্বর্গতিং প্রাপিতঃ পিতা ক.সা ৮১.১০০।

স্বর্গমন দ্র 'স্বর্গতি'।

স্বর্গদ্বার ক্লী [ষ.ত] ১ স্বর্গপ্রবেশপথ। "°কপাটপাটনপটুর্ধর্ম্মোঽপি নোপার্জ্জিতঃ।—ভর্ত্তৃহরি। ২ ব্রহ্মলোকপ্রাপ্তিদ্বার। "মহা ৩.৩.২৬। ৩ তীর্থবিশেষ।

স্বর্গপথ পুং [ষ.ত, সমাসান্ত 'অ' প্রত্যয়] ১ স্বর্গমার্গ। "(শর) পরশুরামেব করে স্বর্গপথ-রোধ।—কৃ ৮৩। (পরশুরামের) স্বর্গপথ রুদ্ধ এক শরে ক.চ ২৩৭। দ্র 'রঘু ১১.৮৮। ২ স্বর্গপ্রদেশ (রা.টীকা)। "রা ২.৯৩.১৮।

স্বর্গপ্রাপ্তি বি পবলোকগমন, মৃত্যু। "এমত কালে হঠাৎ বাঞ্ছারামের স্বর্গপ্রাপ্তি হইল ব.প্র ২১৭।

স্বর্গবান্ (-বৎ) বিণ [স্বর্গ+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] স্বর্গী, স্বর্গবাসী। "গো.রা ৫.৭ ৬২। পূ.মে ৩০, মল্লিনাথ।

স্বর্গবৈদ্য বি [স° স্বর্বৈদ্য] অশ্বিনীকুমারদ্বয়। "ম ৯৫৬।

স্বর্গমন ক্লী [স্বর্+গমন ; স ত] পরলোকগমন, মরণ।

স্বর্গাদপি [স্বর্গাৎ+অপি] স্বর্গ হইতেও। "স্বর্গাদপি গরীয়সী' যে ভূমির নাম প.তৃ ৫। তু 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী'।

স্বর্গাবাস পুং [কর্ম্মধা] স্বর্গবসতি, স্বর্গলোক। "হ ১৪৭.৪৬।

স্বর্গামী (-মিন্) বিণ [স্বর্+ √গম্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -মিনী] স্বর্গগত, স্বর্যাত (মল্লিনাথ), মৃত। "রঘু ১৮.৩৬।

স্বর্গারোহণ ক্লী [স.ত] স্বর্গগমন। [°পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—যুধিষ্ঠিরাদির স্বর্গগমনবিষয়ক মহাভারতের অষ্টাদশ পর্ব্ব। °বৈজয়ন্তী (স্ত্রী)—স্বর্গগমন-বিজয়পতাকা। "গঙ্গাষ্টক ১।]

স্বর্গারোহণিক বিণ [°ণ+ইক (ঠন্)] স্বর্গারোহণবিষয়ক। [°পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—সর্থ 'স্বর্গারোহণপর্ব্ব। "মহা ১.২ ৮১।]

স্বর্গিগিরি পুং [ষ.ত] 'স্বর্গীদিগের গিরি ? দেবগিরি, মেরু।

স্বর্গিবধূ স্ত্রী [ষ.ত] সুরযোষিৎ, অপ্সরা।

স্বর্গী (-র্গিন্) বিণ [স্বর্গ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -র্গিণী] ১ স্বর্গ-বান্, স্বর্গবাসী। "মহা ৩.১৯৯.৮২। স্বর্গিণাং গাং গতানাম্ পূ.মে ৩০। স্বর্গিজন ব প ৬০১। ২ স্বর্গগত, মৃত। "রঘু ১২.১৭। —র্গী পুং দেব। "রা ৭.৭৭.১১, ১৭। কু.স ২ ৪৫। ত্বমপি বিততযজ্ঞঃ স্বর্গিণঃ প্রীণয়ন্ শ ৭.৩৪। স্বর্গিরথ ব.প ৬০৩।

স্বর্গীয় বিণ [স্বর্গ+ঈয় (ছ)] ১ স্বর্গসম্বন্ধী, স্বর্গ্য, স্বর্গস্থ। "স্বর্গীয়াণি রত্নানি।—হ ১২৮.৪৫। ২ উৎকৃষ্ট, অনুত্তম। "এষ বাসঃ…স্বর্গীয়ঃ মহা ১৩.১৪১.১৯। ৩ স্বর্গগতসম্বন্ধী, অন্ত্যেষ্টিসম্বন্ধী। "স্বর্গীয়ম্…তস্য (রাবণস্য) কার্যাম্ গো.রা ৬.৯৬.১। ৪ (বাঙ্‌লায়) পরলোকগত, মৃত। "স্বর্গীয়া বিমাতা।—ন ৭৯১।

স্বর্গৌকাঃ (-কস্) পুং [স্বর্গ ওকঃ যাহার, বহুব্রী,-১ব] 'স্বর্গবাসী', দেবতা। "স্বর্গৌকসামর্চ্চিতমর্চ্চয়িত্বা কু.স ১.৫৮।

স্বর্গ্য বিণ [স্বর্গ+য (যৎ) ; স্ত্রী -র্গ্যা] ১ স্বর্গসাধক (মহীধর)। "শুক্লযজুর্ব্বেদ ১১.২। ২ স্বর্গনিমিত্তক। "ন চ প্রাণিবধঃ স্বর্গ্যঃ মনু ৫. ৪৮। ৩ স্বর্গপ্রয়োজনক, স্বর্গাহিত, ধর্ম্ম্য। "অনার্য্যজুষ্টমস্বর্গ্যম্…পাপম্

রা ২ ৮২ ১৪ । (কল্মষম্) অস্বর্গ্যম্ গী ২.২ । স্বর্গ্যানুক্রমণস্থানি ব্রতানি মনু ৪.১৩ ; অ° ৫ ৮ ১৭ ।

স্বর্জি স্ত্রী, **স্বর্জিক** পুং, -র্জিকা স্ত্রী, -কাক্ষার, -র্জিক্ষার পুং সর্জিকা, সাজিমাটি (Natron) । —কা পুং যবক্ষার (শ ক) ।

স্বর্জিৎ পুং [স্বর+ √জি+ক্বিপ্ (০)-ক-১ব , উ ত , 'স্বর্জিৎ' —স্বর্গের জেতা (ঋগ্বেদ ২ ২১ ১, সায়ণ)] 'স্বর্গসম্পাদয়িতা', যাগবিশেষ । "মনু ১১.৭৫ ।

স্বর্ণ ক্লী [সু বর্ণ যাহার (বহুব্রী), নৈরুক্ত ব-লোপ (অ টী) , তু 'স° সুবর্ণ >প্রা সুঅণ্ণ] ১ কাঞ্চন, কনক, হেম । ২ সুবর্ণমুদ্রা । "দশস্বর্ণস্য কারণাৎ (মৃ) । বহুস্বর্ণলক্ষমূল্য ক সা ২২ ৯৭ , স্বর্ণশত ৩৫ ৩৩। আমারে আনিয়া দেহ স্বর্ণ শীঘ্রগতি কৃ ৯ । ৩ কর্ষপরিমিত সুবর্ণ (S W.) । ৪ গৈরিক । "°ধারা রা ৭ ৭ ১৫ । ৫ ধুস্তূরপুষ্প । ৬ নাগকেশরপুষ্প। ৭ গৌরসুবর্ণশাক । —র্ণক ক্লী স্বর্ণ । "যাজ্ঞ ১ ২৯৭ । [°কণ (পুং)—১ স্বর্ণলেশ, কাঞ্চনাণু । ২ কণগুগগুলু । °কণিকা (স্ত্রী)—স্বর্ণকণ । °কায় (পুং)—'স্বর্ণপীতদেহ', গরুড । °কার (পুং) —'স্বর্ণবিকারান্তরকৃৎ' (মিতাক্ষরা), জাতিবিশেষ, সেকরা । "যাজ্ঞ ১ ১৬৩ । °কারক, কৃৎ (পুং)—স্বর্ণকার । °কেতকী (স্ত্রী)—স্বর্ণবর্ণকেতকীপুষ্প, হৈমী । তু 'কেতকী স্বর্ণবর্ণা (ভ্রমরাষ্টক) । °ক্ষীরী (স্ত্রী) —ওষধিবিশেষ । °গৈরিক (ক্লী)—স্বর্ণবৎ পীত গৈরিক , বর্ণক মাটি । °চূড,-ড়ক (পুং)—১ চাষপক্ষী । রঙ্গ ১৯১ । ২ কুক্কুট । °চূল (পুং)—চাষপক্ষী । "ক সা ৬৫ ৭৮ , ৮১ । °জ (ক্লী)—বঙ্গ, রাঙ । °জাতী (স্ত্রী)—স্বর্ণবর্ণাজাতীবিশেষ । °ধাতু (পুং)—স্বর্ণগৈরিক । °নাভ (পুং)—শালগ্রাম। "মহা ৫ ৪০ ১০ । °পক্ষ (পু)— গরুড । °পদ্মা (স্ত্রী)—'স্বর্ণপদ্মবতী', স্বর্গগঙ্গা, স্বর্গঙ্গা । °পাটক (পুং)—'স্বর্ণভেদক', টঙ্কণ, সোহাগা । °পুঙ্খ (পুং) —স্বর্ণময়মূল বাণ (মাঘ) । °প্রতীতি (স্ত্রী)—স্বর্ণবর্ণপ্রতীতি । 'স্বর্ণপ্রতীতিবৃক্ষেযু ভ ১০ ৪২ ২৯ । °বঙ্গ (পুং)—স্বর্ণবর্ণবঙ্গবিশেষ । °বজ্র (ক্লী) —ইস্পাতবিশেষ । °বণিক (-জ) পুং—সর্থ 'সুবর্ণবণিক্' । দ্র ব্রহ্মবৈবর্তপুরাণ, শ্রীকৃষ্ণজন্মখণ্ড, ৮৫ ১২৮ ১৩২ । °বর্ণ (বিণ)—স্বর্ণবর্ণতুল্যবর্ণ, পীতবর্ণ । কেতকী স্বর্ণবর্ণা (ভ্রমরাষ্টক) । °বর্ণা (স্ত্রী) —হরিদ্রা । °বল্লী (স্ত্রী)—রক্তফলা, কাকবল্লী (ভাবপ্রকাশ) । °ভৃঙ্গার (পুং)—১ স্বর্ণময়ভৃঙ্গার । ২ স্বর্ণবর্ণভৃঙ্গরাজ । °মণ্ডন (স্ত্রী)—স্বর্ণভূষণ । °মাক্ষিক (ক্লী)—পীতবর্ণ উপধাতুবিশেষ । °যূথী (স্ত্রী)—পীতযূথিকাপুষ্প । "ভ ৮ ২ ১৮ । °রম্ভা (স্ত্রী)—সুবর্ণকদলী । °রেখা, °লেখা স্ত্রী—নিকষকষিত স্বর্ণাঙ্ক । °রেতাঃ (-তস্) পুং—'স্বর্ণবর্ণবীজ', সূর্য্য । °লতা (স্ত্রী)—জ্যোতিষ্মতী, নখাফট্‌কা । °লতিকা (বি)—জ্যোতিষ্মতী । "রসাল কহিল উচ্চে স্বর্ণলতিকারে ।—মা ৩৫৫ । °শিখ (পুং)—সর্থ 'স্বর্ণচূড' । °সিন্দূর (পুং)—মকরধ্বজ । °সেফালিকা (স্ত্রী)—১ পীতসেফালিকা । ২ আরগ্বধবৃক্ষ (শ ক) ।]

স্বর্ণকাঁটি বি স্বর্ণের কণ্ঠি বা কণ্ঠমালা । "ব প ১২৯৩ । দ্র 'কাঁটি' ।

স্বর্ণকুঁ(কু)কী বি যাহার কুক্ষি বা গর্ভ পুত্ররত্ন ধারণ করে ; পুত্ররত্নপ্রসূতি । "(পাঁটা ।) স্বর্ণকুকী রত্নগর্ভা জননী তোমার ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত । স্বর্ণগর্ভার বোন স্বর্ণকুঁকী ।—লী ৩১ ।

স্বর্ণগর্ভা বি সর্থ 'স্বর্ণকুঁকী' । দ্র 'স্বর্ণকুঁকী' ।

স্বর্ণচিরা বি স্বর্ণখচিত চিরা । দ্র 'চিরা[১]' ।

স্বর্ণদী স্ত্রী [স্বর্+নদী , উ লো বিকল্পে ণত্ব পক্ষে 'স্বর্নদী', পা ৮ ৪ ১১, সি , মুগ্ধবোধ ১০৭, দুর্গাদাস] ১ স্বর্গস্থা নদী , মন্দাকিনী (অ কো) । ২ গঙ্গা । "°তটে ।—পঞ্চরাত্র ১ ২ ৮ । ব প্র ৬০০ । ৩ কামাখ্যার পূর্ব্বভাগস্থা সিতগঙ্গা । ৪ বৃশ্চিকালী ।

স্বর্ণপাট বি সোনার পাট বা তখ্‌তা । "ম ৪০৬ , ৪১১ ।

স্বর্ণপাটা বি সোনার পাটা বা কটিভূষণবিশেষ । কৃ ২৮৩ , ৩৪৫ ।

স্বর্ণপুষ্প পুং [বহুব্রী] ১ 'স্বর্ণবর্ণপুষ্প', আরগ্বধবৃক্ষ । ২ চম্পক । —ষ্পা স্ত্রী ১ কলিকারিবৃক্ষ, কর্ণিকার (?) । ২ স্বর্ণুলী । ৩ সাতলা । —ষ্পী স্ত্রী ১ আরগ্বধ । ২ স্বর্ণকেতকী ।

স্বর্ণপৃষ্ঠ বি স্বর্ণরচিত পীঠ । 'দু ১৪ ।

স্বর্ণ(ণু)লী স্ত্রী ক্ষুপবিশেষ, হেমপুষ্পী ।

স্বর্ণসীঁতি বি সোনার সীঁতি । "স্বর্ণসীঁতি হার ।—দা ৭৭৬ ।

স্বর্ণসুযোগ বি অত্যুৎকৃষ্ট সুযোগ (golden opportunity) ।

স্বর্ণসূত্র বি স্বর্ণহার । "ব প ১২৯৩ ।

স্বর্ণহংস বি স্বর্ণরচিত হংসের কণ্ঠভূষাবিশেষ । 'স্বর্ণহংস দিল রাধা-কণ্ঠের উপরে ব প ১২৯৩ ।

স্বর্ণাকর পুং [ষ ত] স্বর্ণখনি ।

স্বর্ণারি পুং [ষ ত] 'স্বর্ণশত্রু', গন্ধক (শ ক) ।

স্বর্ধুনী স্ত্রী [উ লো] ১ স্বর্গস্থা নদী , মন্দাকিনী । ২ গঙ্গা । "ভ ১ ১৩ ৫২ ।

স্বর্নগরী স্ত্রী [উ লো] স্বর্গস্থা নগরী , অমরাবতী । ক সা ৫৪ ৭৬ ।

স্বর্বধূ স্ত্রী [উ লো] স্বর্গস্থা স্ত্রী, স্বর্যোষিৎ অপ্সরা । "ক সা ১৭ ১৬ ।

স্বর্বেশ্যা স্ত্রী [ষ ত] স্বর্গের গণিকা , অপ্সরা (অ কো) ।

স্বর্বৈদ্য পুং [ষ ত] স্বর্গের বৈদ্য, অশ্বিনীকুমারদ্বয় । "স্বর্বৈদ্যপ্রতিম গী গো ৪ ১৯ । বা দ ১৮৩ ।

স্বর্ভানু পুং [স্বর+ √ভা+নু-ক (অ টী) , স্বর্ (আকাশে) ভানু (দীপ্তি) যাহার (ত বা)] ১ 'যে আকাশে দীপ্তি পায' , রাহু, তমঃ । "ঋগ্বেদ ৫ ৪০ ৫ । গো রা ৩ ৩০ ৪৪ । মাঘ ২ ৪৯ । ভট্টি ১৮ ১৪ । ২ সত্যভামাপুত্র । "ভ ১০ ৬১ ১১ । [°সূদন (বিণ)—রাহুদমন (নীলকণ্ঠ) । "মহা ৩ ৩০১ ২০ ।]

স্বর্ভ্রষ্ট বিং স্বর্গচ্যুত । 'দেববৃন্দ স্বর্ভ্রষ্ট ।—হেম ১২৮ ।

স্বর্যাত বিণ [দ্বি ত] স্বর্গত, মৃত । "রা ১ ৭১ ১৫ । যাজ্ঞ ২.১৩৯ । —র্যান ক্লী [স ত] স্বর্গগমন, পরলোকপ্রাপ্তি ।

স্বর্যোষিৎ স্ত্রী [ষ ত] স্বর্গের স্ত্রী , স্বর্গনারী, অপ্সরা ।

স্বর্লোক পুং [স্বর+লোক , কর্ম্মধা] ১ স্বর্গলোক, স্বর্গ । 'গো রা ১ ৪৫ ৫২ । ভ ২ ৫ ৪২ । কু কে ১০২ । ২ মেরু । —র্লোকতা স্ত্রী [°ক +তা (তল্)] 'স্বর্লোকবাসিত্ব', দেবত্ব । 'স্বর্লোকতা ভূয়ঃ (লব্ধ্বা) লব্ধভক্তী ভবিষ্যতঃ ভ ১০ ১০,২২ ।

স্বলঙ্কৃত বিণ [সু+অলঙ্কৃত , সুপ্‌সুপা] ১ সম্যগ্‌ধৃতালঙ্কার, সুষ্ঠু কৃতরাজবেষাদি । 'নলো রাজা স্বলঙ্কৃতঃ (দদর্শ বসুধাধিপম্) মহা ৩ ৭৭ ১ । ২ সুশোভিত, সুসজ্জিত । 'রাজমার্গাঃ স্বলঙ্কৃতাঃ মহা ৩ ৭৭.৭ ।

স্বল্প বিণ [সু অল্প, সুপ্‌সুপা] ১ অত্যল্প । "স্বল্পেন কালেন গো রা ৫ ৯৫ ৪০ । মনু ২ ১৩৪ । ২ উপক্রমমাত্র (শ্রীধর) । 'স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ গী ২ ৪০ । ৩ ক্ষুল্লক, ক্ষুদ্র, হ্রস্ব । 'স্বল্পেঽপি ক্ষুল্লকঃ অ.কো, নানার্থবর্গ, ১০ । '°বক্ত্রকহ ।—বৃহৎসংহিতা ৬৭ ১০ । ৪ অত্যল্পপরিমাণ । বিপ 'প্রভূত' । '°তোয় ।—বৃহৎসংহিতা ৮ ২৫ । ৫ অত্যল্পসংখ্যক । [°কঙ্ক (পুং)—ক্ষুদ্রকঙ্কপক্ষী । °দৃক (-শ্) বিণ—অদূরদর্শী, অবিমৃশ্যকারী । °দ্রাবক (ক্লী)—দ্রাবকবিশেষ । °বল (বিণ)—অত্যল্পশক্তি । °বয়াঃ (-য়স্) বিণ—অত্যল্পবয়স্ক । °বিষয় (পুং)—১ অকিঞ্চিৎকর বস্তু । ২ অত্যল্প জ্ঞেয়ার্থ । °ব্যয (পুং)—অত্যল্পব্যয় । °ব্রীড (বিণ) —অত্যল্পলজ্জ, নির্লজ্জ । °শরীর (বিণ)—হ্রস্বকায়, বামন ।]

স্বল্পাঙ্গুলি স্ত্রী [কর্ম্মধা] হ্রস্বাঙ্গুলি, কনিষ্ঠাঙ্গুলি ও অনামিকা । 'স্বল্পাঙ্গুল্যোমূলে কায়ম্ (তীর্থম্) অ কো, ব্রহ্মবর্গ ৫০ ।

স্বল্পান্তর বিণ [বহুব্রী] অত্যল্পভেদ, স্বল্পপার্থক্য ।

স্বল্পায়ুঃ (-য়ুস্) বিণ [বহুব্রী , স্ত্রী -য়ুস্] অত্যল্পজীবিতকাল ।

স্বল্পাহার বিণ [বহুব্রী] অত্যল্পাহার, স্বল্পাশন । ।

স্বল্পিষ্ঠ বিণ [স্বল্প+ইষ্ঠ (ইষ্ঠন্), স্ত্রী -ষ্ঠা] স্বল্পতম, ক্ষুদ্রতম। —ল্পীয়ান্ (-য়স্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী] ১ স্বল্পতর। "স্বল্পীয়সি দ্রব্যে মনু ১১৮। ২ ক্ষুদ্রতর।

স্বল্পীভূত বিণ [স্বল্প+চ্বি (০)+ √ভূ+ত (ক্ত)-ক] ন্যূনীভূত, অত্যল্পাবশিষ্ট। "স্বল্পীভূতে সুচরিতফলে পূ মে ৩০।

স্বশক্তি স্ত্রী [ষ ত] ১ নিজসামর্থ্য। "স্বশক্ত্যুপচয় মাঘ ২ ৫৭। ২ সৈন্যাদিহেতুক রাজার আত্মশক্তি। বিপ 'পরশক্তি'। মনু ৯ ২৯৮।

স্বশ্রেণী বি ১ ব্রাহ্মণের রাঢ়াদিবাসস্থানগত বিভাগ। যেমন, রাঢীয়ব্রাহ্মণের স্বশ্রেণী রাঢীয়ব্রাহ্মণ। ২ কায়স্থের বঙ্গজ-প্রভৃতি বিভাগভেদে একশ্রেণী। "আমি তাহাবদিগের স্বশ্রেণী একেই জাতি ব প ১৬৮২।

স্বসা[1] স্ত্রী [তু 'স' স্বসৃ >প্রা সসা] ভগিনী। "(রাক্ষসেন্দ্রঃ দদৌ কালকেন্দ্রায়) স্বসা° শূর্পণখাম্ বা ৭.১২ ২। মহা ৬ ১১৬ ৩। °পতি শ্রী মা ১৮, °গর্ভে ৩৫। স্বসাযোগ্য শিশুপাল বর শি ৪৫, গৌরী পার্ব্বতী সরস্বতী স্বসাত্রয় ১১৪।

স্বসা[2] (**স্বসৃ**) স্ত্রী [সু+ √অস্+ঋ (ঋন্)-ক -১ব, উ ২ ৯৭, cf, Av hvanhar, Gr eor, L. soror, Ger sch-Wester, Dutch—zuster, O E swuster, T savister, Slav, sestra, Goth swistar, E sister] যে বিবাহের পবে পিতৃগোত্রকুলাদি ত্যাগ কবে (অ টী), ভগিনী। 'ঋগ্বেদ ২ ৩২ ৬। রা ১ ৫৪ ৯। মনু ২ ৫০। রঘু ৭.১। ম ৩৬

স্বসিত বিণ [সু অসিত, সুপসুপা] সুকৃষ্ণ। "(তপতী) স্বসিতায়তলোচনা মহা ১ ১৭১ ৮।

স্বস্তি ব্য [সু[1]+ √অস্+তি, উ ৪ ১৮০, 'স্বস্তি'—অবিনাশ (ঋগ্বেদ ২ ৩২ ৮, সায়ণ)] ১ মঙ্গল, শুভ। 'স্বস্তি প্রাপ্নুহি কৌন্তেয় মহা ৩ ১৬৬ ১৩। স্বস্ত্যস্তু তে রঘু ৫ ১৭। স্বস্তি তাঁর হউ চৈ ২১১। পড়িয়া স্বস্তি ঋদ্ধি ভা.চ ১৪৬। ২ আশীর্ব্বাদ। "স্বস্তি ভবতে শ ২১/৫৬। বেদধ্বনি স্বস্তি স্বস্তি, উপনীত হৈল অস্তি (অর্থাৎ আস্তিক)।—ম ৪৪, শুনি দ্বিজগণ বলে 'স্বস্তি স্তুতি বাণী ১৯৩। ৩ পাপক্ষালন। ৪ স্বীকাব। "স্বস্তি স্বস্তি বলিয়া লইল গাধিসুত।—কৃ ৯। স্বস্তি বলিয়া দান দৈলা জগন্নাথে। —গ ৪৯। স্বস্তি কবি লহ আসি (ধনুর্ব্বাণ) বি পা ১৯১। ৫ অনুমতি (অ টী)। "কালিন্দীমধ্যমায়াতা সীতা ত্বেনামনন্দত। স্বস্তি দেবি তরামি ত্বাং পারয়েন্ মে পতিব্রতম্॥—রা ২ ৫৫ ১৯। ৬ [সু+অস্তি] সুতরাং অবিনাশিমোক্ষপদ (নীলকণ্ঠ)। "স্বস্ত্যস্তু কুশলং রাজন্ মহা ২ ২১ ৩৯। ৭ পত্রারম্ভে মঙ্গলসূচক শব্দ। "স্বস্তি আগে লিখিয়া লিখিল আশীর্ব্বাদ।—ম ১১৯৯। (লীলাবতী) স্বস্তি আগে লিখিবা লিখিল ধনপতি ক চ ১৩৮। প্রথমে লিখিল স্বস্তি শ্রী ১৭৩। ব প ৮২৩। —স্তি স্ত্রী ১ অবিনাশ (সায়ণ)। "অহ্ব···বরুণানীং স্বস্তয়ে।—ঋগ্বেদ ২ ৩২ ৮। ২ যোগক্ষেমসম্পত্তি (মহীধর)। "শুক্লযজুর্ব্বেদ ১৩ ১৯। ৩ কুশল, কল্যাণ। "গচ্ছেয়ং স্বস্তিমাগতঃ গো রা ৪ ১০ ৩৩। হতস্বস্তিরকিঞ্চনঃ মহা ১২ ৮ ৬, ৮, হতস্বস্তিরকিঞ্চনা ১৪ ৬৯ ৮। ৪ শোভনসত্তা, স্বানন্দসত্তা। (শ্রীধর)। 'জিতং ত আত্মবিদ্ধুর্য্য স্বস্তয়ে স্বস্তিরস্তু মে।—ভ ৪ ২৪ ৩৩। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—কল্যাণকার্য্য, শুভকর্ম্ম। "গো রা ৩ ৩৫ ৯৯। °কৃৎ (বিণ)—কল্যাণকর। °কৃৎ (পুং)—১ বিষ্ণু। "মহা ১৩ ১৪৯ ১০৯। ২ শিব। °দ (বিণ)—শুভদ। °দ (পুং) ১ শিব। "মহা ১৩.১৭ ৮৪। ২ বিষ্ণু। "মহা ১৩ ১৪৯ ১০৯। °বচন (ক্লী)—'স্বস্তি'-শব্দোচ্চারণ, আশীর্ব্বচন। °বাচক (পুং)—শুভসূচকশব্দ। "ভ ৮.১৬.৫৭।]

স্বস্তিক[1] পুং [স্বস্তি+ √ কৃ + অ (ড)-ক (অ.টী), স্বস্তি + ক (কন্) স্বার্থে, '°ক' ক্লী (মহা ৩ ১৪৬ ৭৬, ৪.৬৮.২৭, নীলকণ্ঠ)] ১ 'শুভকর, শুভার্থ হিত', অধিবাসার্থ তণ্ডুলচূর্ণকৃত ত্রিকোণ মঙ্গলদ্রব্যবিশেষ। 'ঘৃতং স্বস্তিকসিন্দুরম্ ইত্যধিবাসনদ্রব্যবাচকবাক্যম্। "°কর্ণ পা ৬ ৩ ১১৫। স্বস্তিক সিন্দুর ঘৃত।—ক.চ ১২৩; ২৮৩। শি ২৫। ২ দধিদূর্ব্বাদি মঙ্গলদ্রব্য। "সর্ব্বং পুরং স্বস্তিকপাণিভূতম্ মহা ৪ ৬৮ ২৭। ৩ দেহে বা দ্রব্যে কৃত বজ্রাকৃতি (+) শুভচিহ্নবিশেষ। [ইহার উৎপত্তিসম্বন্ধে পণ্ডিতগণের অনুমান—(১) সূর্য্যের প্রতিরূপ (solar symbol)। (২) অগ্ন্যুৎপাদক অরণিদ্বয়ের পরস্পর সমকোণভাবে তির্য্যগবস্থান। (৩) ধ্যানস্থ বুদ্ধদেবের তির্য্যক্স্থিত পদদ্বয়। (৪) ঘটে সিন্দূররেখাঙ্কিত গণেশমূর্ত্তি।] ৪ ত্রিকোণ চূড়ামণি। ৫ পিষ্টকবিকারবিশেষ। "পঞ্চরাত্র ২ ৪ ৩১। ৬ জিনগণের চতুর্ব্বিংশতি চিহ্নের অন্তর্গত চিহ্নবিশেষ (শ ক)। "(পুত্রের পদতলে) রথ ছত্র চামর স্বস্তিক জম্বুফলে চৈ ম ৩৫, ৭ জিনের ধ্বজবিশেষ (অ চি)। ৮ ব্যত্যস্ত বা তির্য্যকস্থাপিত বাহুদ্বয়ের বন্ধবিশেষ, হস্তদ্বয়েব পরস্পর বামদক্ষিণবিন্যাস। "তনুবাহুস্বস্তিকাপিহিতমুগ্ধকুচাগ্রা (অচিরোঢ়া) মাঘ ১০ ৪৩। হস্ত° মা মা ৪ ১০। সহস্তস্বস্তিকস্তনী ক সা ১০৮ ৬৯। ৯ চতুষ্পথ। ১০ বাহুদ্বয়ের চতুরস্র মূল (নীলকণ্ঠ), অর্থাৎ পরস্পর তির্য্যক্স্থাপিত বাহুদ্বয়ের সন্ধিস্থল। "বাহুস্বস্তিকবিস্তস্তপীনহ্রস্বশিরোধরম্ (বানরাধিপতিম্) মহা ৩ ১৪৬ ৭৬। ১১ তির্য্যকস্থিত পট্টিকা (bandage)। ১২ বসোনক, রসুন। ১৩ কুক্কুট (M W)। ১৪ রততালিক, লম্পট। —ক পুং, ক্লী ১ ধনিগৃহভেদ, প্রাগদ্বার গৃহ, চতুরস্রচতুর্দ্বারতোরণ গৃহ (অ টী)। "হ ১৪৭ ৫৬। ২ যোগীর আসনবিশেষ। জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ো বিশেন্ মন্ত্রী স্বস্তিকং তৎ প্রচক্ষ্যতে॥—অর্থাৎ জানু ও উরুদ্বয়ের মধ্যে দুই পদতল রাখিয়া সরল হইয়া উপবেশন করিলে 'স্বস্তিক' আসন হয়।] "ভ ৩. ২৮ ৮। পদ্মস্বস্তিকাদীনি আসনানি (বেদান্তসার)। পঞ্চরাত্র ৩ ১ ১৭। ৩ সিতাবরশাক। —কা স্ত্রী স্বস্তিকাখ্য নৌকা। "রা ২ ৮৯ ১২, টীকা। [°কর্ণ (বিণ)—স্বস্তিকচিহ্নিতকর্ণ (গৃহপালিত পশু)। "পা ৬ ৩ ১১৫। °যন্ত্র (ক্লী)—(বৈদ্যকে) স্বস্তিক-জাতীয় বা স্বস্তিকাকৃতি যন্ত্রবিশেষ। 'সুশ্রুত ১ ৭ ৩।]

স্বস্তিক[2] অব্য স° স্বস্তি, অপ্র] সর্থ 'স্বস্তি (৭)। "স্বস্তিকাদি শুভাশীষ সাদর মনমত শ্রী মা ২০৮। [°বাণী (বি)—পত্রারম্ভে লিখিত 'স্বস্তি' শব্দ। "পঠেন °ণী ব প ৬৩৮। °বাচন (সং স্বস্তিবাচন) বি—সর্থ 'স্বস্তিবাচন'। "ক চ ২৪। শ্রী ম ২৫।]

স্বস্তিকার পুং [ষ ত] ১ 'স্বস্তি-শব্দের উচ্চারণ, স্বস্তি বলা। "স্বস্তিকারং বিধায় (গুরুদক্ষিণা° ময়া স যাচিতঃ) ক সা ৪.১০.৩। ২ কল্যাণকরণ। "মহা ১ ২৮ ১৬। ৩ [স্বস্তি + √কৃ +অ (অণ্) -ক, উ ত] মঙ্গলপাঠক, বন্দী। "গো রা ২ ৯০ ২৫।

স্বস্তিকমণ্ডলী স্ত্রী [উ লো] শ্রীবিষ্ণুপূজার অঙ্গীভূত শ্বেত পীতরক্তকৃষ্ণবর্ণ চূর্ণে মার্জ্জিত স্বস্তিকাকার মণ্ডলরচনাবিশেষ। 'বিদিগ্গতচতুষ্কাণি ভিত্ত্বা ষোড়শধা সুধীঃ। মার্জ্জয়েৎ স্বস্তিকাকারং শ্বেতপীতারুণাসিতৈঃ। —শ্রীহরিভক্তিবিলাস, চতুর্থ বিলাস, ১৯। "দেবগৃহ করেন যে স্বস্তিকমণ্ডলী (চৈ ভা)।

স্বস্তিকাসন ক্লী [ৰ্মধা] 'স্বস্তিক' নামক আসন, আসনবিশেষ। দ্র 'স্বস্তিক পুং ক্লী (২)।

স্বস্তিবচন বি [সং স্বস্তিবাচন, অপ্র] সর্থ 'স্বস্তিবাচন'। "শ্রী.মা ১৫১। ম ম. ২৩৫।

স্বস্তিবাচন বিণ [°ন+য (যৎ), প্রত্যয়লোপ, পা ৫ ১.১১১, বার্ত্তিক, কাশিকা] স্বস্তিবাচন যাহার প্রয়োজন বা কারণ। —ন ক্লী [ষ.ত] ব্রাহ্মণ দ্বারা স্বস্তির (শুভের) পাঠ বা উচ্চারণ, মাঙ্গল্যকর্ম্মারম্ভে কর্ম্মের বিঘ্নশান্তির নিমিত্ত অভ্যর্থিত ব্রাহ্মণ দ্বারা 'স্বস্তি'-শব্দের পাঠন। 'সংপূজ্য গন্ধপুষ্পাদ্যৈর্ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ। ধর্ম্ম্যে কর্ম্মণি মাঙ্গল্যে

সংগ্রামেঽদ্ভুতদর্শনে ॥—ব্যাস। "মহা ৩ ১৯৭ ১৩। স্বস্তিবাচনপূর্ব্বক ভ ১০ ৮ ১০। স্বস্তিবাচনজীবিন্ ক সা ৬৪ ৬। শ্রী ম ১৬৯। প ৩৭। ক.চ ১২৩। বা.ম ২৮০। শ্রী.মা ১৩০। ম ম ২৪।

স্বস্তিবাচনিক বিণ [°ন+ইক (ঠন্), স্ত্রী -কা] ১ স্বস্তিবাচন-সম্বন্ধী, স্বস্তিবাচনসাধন, স্বস্তিবাচনলব্ধ (ত বা)। ২ স্বস্তিবাচনে নিযুক্ত। "স্বস্তিবাচনিকাভিঃ তাপসীভিঃ অভিনন্দ্যমানা শকুন্তলা শ ৪ $\frac{১}{৪}$।

স্বস্তিবাচ্য ক্লী [ষ ত] সর্থ 'স্বস্তিবাচন'। "রা ২ ২৫ ৩০।

স্বস্তিবাণী বি কল্যাণসূচক বাক্য বা মন্ত্র। "কেহো রক্ষা বান্ধে কেহো পঢ়ে স্বস্তিবাণী চৈ ভা ৩০।

স্বস্তিমান্ (-মৎ) বিণ [স্বস্তি+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী, 'স্বস্তিমৎ' —অবিনাশিন্ (ঋগ্বেদ ১ ৯০ ৫, সায়ণ)] ১ ক্ষেমবান, কুশলী। "স্বস্তিমান্ গচ্ছ পুত্রক রা ২ ২৫ ২১। মহা ২ ৭৮ ২৩। গৌরেকা ভবেৎ স্বস্তিমতী ত্বদন্তে রঘু ২ ৪৮। ২ সুখী (শ্রীধর)। "তানক্তান্ স্বস্তিমতো নিশম্য ভ ৬ ১০ ২৭।

স্বস্তিমুখ বিণ [বহুব্রী, স্ত্রী -খা,-খী] যাহার মুখে 'স্বস্তি', বন্দনা-কারী, বন্দী (মেদিনী)। —মুখ পুং ১ ব্রাহ্মণ। ২ যাহার আরম্ভে 'স্বস্তি' শব্দ, লেখ, পত্র।

স্বস্ত্যয়ন বিণ [স্বস্তি + অয়ন ষ ত, স্ত্রী -নী] ১ স্বস্তি (অভি-প্রেতার্থের অবিনাশ) তাহার অয়ন (প্রাপক)—কুল্লূক, অভীষ্ট-দায়ক। 'ইদং স্বস্ত্যয়নং শ্রেষ্ঠম্ মনু ১ ১০৬। ২ ক্ষেমকর, কল্যাণজনক। "(রামস্য চরিতং) স্বস্ত্যয়নং মহৎ গো বা ১ ৪ ৪। মহা ১ ৭৫ ২। ভ ১ ৩ ৪১। ৩ সুসেব্য (শ্রীধর)। "তচ্চরণম্ স্বস্ত্যয়নম ভ ২ ৬ ৩৬। ৪ পরমানন্দকর (শ্রীধর)। 'ভ ৩ ২ ১৩। —ন ক্লী [স্বস্তি ঈয়তে প্রাপ্যতে যেন তৎ 'স্বস্ত্যয়নম্' (মনু ৫ ১৫২, মেধাতিথি)]। ১ কল্যাণকর কার্য্য, শুভার্থ শাস্ত্রবিহিত গ্রহযাগাদি। 'অথর্ব্ববেদ ১৯ ৯ ১২। (দেবি) কুরু স্বস্ত্যয়নানি মে রা ২ ২১ ৪৬। কেন রঘুপুরোহিত রত স্বস্ত্যয়নে? —মা ১০১। ২ মঙ্গলাস্পদ (শ্রীধর)। "(পাণ্ডোঃ সুতানাং সম্প্রয়াণং) স্বস্ত্যয়নম্ ভ ১ ১৫ ৫১। ৩ শাস্ত্যর্থমন্ত্রবচন (কুল্লূক)। "মনু ৫ ১৫২। ৪ 'স্বস্তিপ্রাপ্তিসাধন', শুভাবহ আশীর্ব্বাদ। "প্রাস্থানিকং স্বস্ত্যয়নম্ রঘু ২ ৭০। ৫ মঙ্গল। '(দেবী) স্বস্ত্যয়নাভিকাঙ্ক্ষিণী রা ২ ২৪ ৩৮। কৃত° ভ ৪.৩ ৪, ২৭ ২। [°ক্রিয়া (স্ত্রী)—'স্বস্ত্যস্তু' এইপ্রকার ক্রিয়া বা বাক্য। '(দ্বিজান) বাচয়ামাস রামস্য বনে স্বস্ত্যয়নক্রিয়াম্ রা ২ ২৫ ৩০।]

স্বস্ত্যাস্তরণ ক্লী [উ লো] স্বস্তিকাকারমণ্ডলযুক্ত আস্তরণ (রা টীকা)। "সঃ...পীঠং °সংবৃতম্ (অধ্যাস্ত) রা ২ ৮১ ১১।

স্বস্থ বিণ [স্ব+ √স্থা+অ (ক)-ক, উ ত, স্ত্রী -স্থা] ১ আত্মস্থিত, স্বরূপস্থিত, স্বস্বরূপস্থ। "গী ১৪.২৪। ভ ২ ৭ ১০। ২ উপসংহৃতদেহ-মনোব্যাপার (কুল্লূক)। "মনু ১ ৫৩। ৩ সমাহিতচিত্ত। "রঘু ৪ ১৪। ৪ সুখে অবস্থিত। "প্রতিবিহিতসপর্য্যাস্বস্থয়োঃ (আবয়োঃ) উ চ ১ ২৬। ৫ নিরুদ্বেগ, শান্তমনাঃ, শান্ত। "°তর রা ৭ ২৫ ১। ততঃ প্রভৃতি ন স্বস্থা নলং প্রতি বভুব সা মহা ৩ ৫৪ ১। ৬ নীরোগ, সুস্থ। "শিরোরুজ নিবৃত্তা মে স্বস্থান্যঙ্গানি লক্ষয়ে মহা ৩ ২৯৬ ৮২। মনু ৭ ২২৬। ৭ শোকরহিত। "স স্বস্থো ভব মা শোকঃ (ত্বাং পরিভবতু) রা ২ ১০৫ ৩৬। ৮ স্বেচ্ছায় স্থিত, স্বতন্ত্র। ৯ স্বভাবগত, নিরুপাধিক। "যথা জপাকুসুমেন স্ফটিকমণী রক্তোঽস্বস্থো ভবতি, তন্নিবৃত্তৌ চ রাগশূন্যঃ স্বস্থো ভবতি (S W)। —স্থ পুং ১ সম্পৎকাল। বিণ 'বিপৎকাল'। "মন্ত্রিণাং ভিন্নসন্ধানে ভিষজাং সান্নিপাতিকে। কর্ম্মণি ব্যজ্যতে প্রজ্ঞা স্বস্থে কো বা ন পণ্ডিতঃ ॥—পঞ্চ ১ ১৩৮। ২ [বাঙলায়, অসাধু] স্বাস্থ্য, শান্তি। "না কহিলে স্বস্থ (স্বাস্থ্য?) নাই জানাই তোমাকে। —ম ১০০৯। [°চেতন (বিণ)—শান্তমতি। °হৃদয় (বিণ)—সুস্থচিত্ত।]

স্বস্থান ক্লী [ষ ত] ১ স্ববাসস্থান। "নক্রঃ স্বস্থানমাসাদ্য গজেন্দ্রমপি কর্ষতি।—পঞ্চ ৩ ৪৪। ২ রাজদত্ত স্বপদ। 'স্বস্থানান্ ন বিকম্পেত স রাজবসতিং বসেৎ মহা ৪ ৪ ২৭। ৩ স্বদেশ। "স্বস্থানং পরপীড়িতম্ (ধন্যাস্তে যে ন পশ্যন্তি)।—পঞ্চ ৫ ৭৪।

স্বস্রীয় পুং [স্বসৃ+ঈয় (ছ), পা ৪ ১ ১৪৩, 'স্বস্রেয়' (অসাধু)] স্বসার অপত্য, ভাগিনেয়, ভাগনে। 'তৈত্তিরীয় সংহিতা ২ ৫ ১ ১। গো রা ১ ৭৫ ৫। মহা ২ ৪৪ ৭। মনু ৩ ১৪৮ —য়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্), 'স্বস্রেয়ী' অসাধু] ভাগিনেয়ী। 'মনু ১১ ১৭২।

স্বস্বরূপ ক্লী [ষ ত] নিজস্বরূপ, আত্মস্বভাব। 'ভ ২ ৭ ১০, শ্রীধর।

স্বস্বামিভাব পুং [কর্ম্মধা] ১ স্বীয় প্রভুভাব, নিজৈশ্বর্য্য। ২ স্বত্ব।

স্বহন্তা (-ন্তৃ) বিণ [ষ ত] আত্মঘাতক, আত্মহত্যাকারী।

স্বহস্ত পুং [কর্ম্মধা] নিজকর। "°চিহ্নিত (লেখ্য)।—বিষ্ণু ৭ ৪, °লিখিত ৫। যাজ্ঞ ২ ৯১।

স্বহস্তগত বিণ [ষ ত, দ্বি ত] স্বকরপ্রাপ্ত।

স্বহস্তিকা স্ত্রী [স্বহস্ত+ঠন (ইক)+স্ত্রী আ (টাপ)] কুঠার (পঞ্চ)।

স্বহিত বিণ [ষ ত] আত্মহিতকর, স্বকল্যাণজনক। "স্বহিতম্..বাক্যম্ গো রা ৫ ৮৮ ২০। —হিত ক্লী [কর্ম্মধা] নিজকল্যাণ।

স্বাকৃতি বিণ [সু আকৃতি যাহার, বহুব্রী, স্ত্রী -তি] শোভনাকৃতি, সুরূপ, সুদর্শন। "ক সা ৩০ ৭৪। —তি স্ত্রী [প্রা স] শোভন আকৃতি, সুন্দর কায়।

স্বাক্ষর ক্লী [কর্ম্মধা] স্বহস্তলিখিত অক্ষর। 'স্বাক্ষর লিখন পাতি লইনারে লিখে ধনপতি ক চ ১৬৩। পত্র লিখিয়া দিলা আপনা স্ব-অক্ষরে বি পা ২৫২। [স্বাক্ষরিত—স্বাক্ষরযুক্ত, সহী-করা। স্বাক্ষর করা—স্বাক্ষরে নাম লেখা, সহী করা। "লেখা সমাপন হইলে কৃষ্ণকান্ত স্বাক্ষর করিলেন ব প্র ২৯৯।]

স্বাগত বিণ [সু আগত, সুপ সুপা] ১ সুখে আগত। ২ ন্যায্যভাবে আগত, ন্যায়ার্জ্জিত। 'স্বাগতৈর্ধনৈঃ মনু ৪ ২২৬। —গত ক্লী ১ কুশলা-গমন, সুখাগমন, শোভমান আগমন। স্বাগতং তব চেত্যুক্তো বসিষ্ঠেন (বিশ্বামিত্রং) বা ১ ৫২ ২। স্বাগতম (বঃ) কু স ২ ১৮। (সঃ) স্বাগতং ব্যাজহার পূ মে ৪। স্বাগতম্ অবিলম্বিনঃ মনোরথস্য শ ৩ $\frac{১}{১}$। স্বাগতং তপোধনায়াঃ উ চ ২ $\frac{১}{৫}$। ব প ৯৩২। মা ১২৮। (বামাদল) গাইল, —'স্বাগত, ওহে রঘুচূড়ামণি।—মে ১৫৭। স্ব প্র ১৯১। ২ স্বাগতপ্রশ্ন, কুশলাগমনপ্রশ্ন, স্বাগতবচন। "রা ২ ৫৬ ১৭। বিপ্রাণাং স্বাগতং.. বৈশ্য-ধর্ম্মঃ মহা ১৩ ১৪১ ৫৫। শুক্লাপাঙ্গৈঃ . স্বাগতীকৃত্য কেকাঃ প্রত্যুদ্-যাতঃ...ভবান্ পূ মে ২২। ৩ কুশল (ত বা)। 'মহর্ষে স্বাগতং বৎস রা ১ ৬৩ ১৮। [°প্রশ্ন (পুং)—কুশলাগমনজিজ্ঞাসা। °বচন (ক্লী) —স্বাগতপ্রশ্ন। "পূ মে ২৩, মল্লিনাথ।]

স্বাগতিক বিণ [°ত+ইক (ঠক)] স্বাগতপ্রশ্নকর্ত্তা। 'পা ৭ ৩ ৭, সি।

স্বাগম পুং [সু (শোভন, শুভ) আগম, প্রাদি] স্বাগতবচন, কুশলাগমন-প্রশ্ন। "স্বাগমৈঃ সুস্বরৈঃ মহা ১৩ ৯১ ১০।

স্বাঙ্গ ক্লী [কর্ম্মধা] স্বীয় অঙ্গ, স্বদেহ। 'স্বাঙ্গভঙ্গ পূ মে ৫৪। প্রত্যর্পিত° রঘু ৬ ২। [°চেষ্টা (স্ত্রী)—স্বদেহসঞ্চালন। 'অকল্যঃ স্বাঙ্গ-চেষ্টায়াং শকুন্ত ইব পঞ্জরে ভ ৩ ৩১ ৮]

স্বাচার বিণ [সু আচার যাহার, বহুব্রী]] শোভনাচার। "যাজ্ঞ ১ ৮৭। —র পুং [প্রা স] শোভন বা শুভ আচার। '°স্থিরতা।

স্বাচ্ছন্দ্য ক্লী [স্বচ্ছন্দ+য (ষ্যঞ্)] ১ স্বচ্ছন্দভাব, স্বেচ্ছা। "মনু ৩ ৩১। (বাঙলায়) সুস্থতা। "সী ৫৯। [বিদ্যাসাগরকৃত সংস্করণে পাঠ 'সাচ্ছন্দ্য'।]

স্বাজীব বিণ [সু+আজীব, বহুব্রী] সুলভ জীবনোপায় যাহাতে, সুলভবৃত্তি। "(অয়ং গিরিঃ) রম্যঃ স্বাজীবঃ বা ২ ৫৬ ১৪।

স্বাজীব্য ক্লী [°ব্য+অ (অচ্)] স্বাজীব্যযুক্ত, সুলভকৃষিবাণিজ্যাদ্যা-জীবন (কুল্লুক), যাহাতে কৃষিবাণিজ্যাদি বৃত্তি সুলভ। "স্বাজীব্যং দেশমাধসেৎ মনু ৭ ৬৯। —ব্য ক্লী [স্বাজীব+য (ষ্যঞ)] সুলভবৃত্তিতা।

স্বাতন্ত্র্য ক্লী [স্বতন্ত্র+য (ষ্যঞ্)] স্বতন্ত্রভাব, স্বাধীনতা, স্বৈরিতা, স্বেচ্ছাচারিত্ব। "মহা ১ ১২২ ২৬। কিং পুরোভাগে স্বাতন্ত্র্যমবলম্বসে। শ ৫২২৮ । মাঘ ৫ ৪৮। হি ১ ১২০ , ২ ১৮। °করণ যাজ্ঞ ৩৬। চৈ ৬৪।

স্বাতি বিণ [স্বাতি+অ (অণ্), প্রত্যয়লোপ, পা ৪.৩ ৩৪] স্বাতি-নক্ষত্রে জাত। —তি পুং, স্ত্রী, -তী স্ত্রী [স্ব+ √অত্ +ই (ইন্)-ক, উ ৪ ১১৭ , বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] অশ্বিন্যাদির অন্তর্গত পঞ্চদশ নক্ষত্র (Arcturns)। "অথর্ব্ববেদ ১৯ ৭ ৩। স্বাতিহংসবিলোড়িতম্ (নভঃ-সরঃ) গো রা ৫ ৫৫ ২। স্বাতীযোগে (পাঠান্তর) মহা ১৩ ৮৯ ৭। (পযঃ) স্বাত্যাং সাগরশুক্তিসম্পুটগতং সন্ মৌক্তিকং জায়তে।—নীতি-শতক ৩৭। শুষে শুক্তি যথা, যতনে, হে কাদম্বিনি, নয়নাম্বু তব, …ভাতে যবে স্বাতী সতী গগনমণ্ডলে।—মে ১৯০। [এই নক্ষত্র কুঙ্কুম-সদৃশ লোহিত এবং একতারক। ইহার অধিদেবতা পবন। ইহাতে জন্মিলে নর রূপবান্, কান্তার প্রতি প্রীত অনুরক্ত প্রসন্ন হয় এবং মহামতি মহাধনী হয়।] [°যোগ (পুং)—স্বাতির উদয়কাল।]

স্বাত্ত বিণ [সু-আ+ √দা+ত(ক্ত)-র্ম্ম] সম্যগ্‌গৃহীত, সম্যক্‌প্রাপ্ত। দ্র 'অগ্নিষ্বাত্ত'। 'স্বাত্তকাম।—মার্কণ্ডেয়পুরাণ (SW)।

স্বাত্মা (-ত্মন্) পুং [স্ব+আত্মা , কর্ম্মধা] ১ স্বস্বরূপ আত্মা ; নিজ আত্মা। 'ভগবান্ স্বাত্মমায়য়া গতিং তামবলোক্য সঃ ভ ৩ ৪ ৩ , জ্ঞানং পরং স্বাত্মরহঃপ্রকাশম্ ১৮। ২ ক্ষেত্রজ্ঞান্তর্যামিতা। "ভগবান সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ ভ ২ ২ ৩৫। [স্বাত্মারাম (বিণ)—স্বীয় আত্মা যাঁহার আনন্দস্থান , ব্রহ্মানন্দময়। 'পঞ্চরাত্র ১ ২ ১২।]

স্বাদ পুং [√স্বদ্+অ (ঘঞ্)-ভা] ১ আস্বাদন, অনুভব। ২ ভোজন, পান (A)। ৩ রুচি। ৪ [+অ-ণ] আস্বাদ, রস (flavour)। "অমৃতস্বাদসদৃশ।—হ ২০ ৯৬। অন্নস্য বুবুধে স্বাদম্ ক সা ৬৫ ১৪১। অলৌকিক° চৈ চ ৩৩৮। হারিয়ে পাওয়ার স্বাদ জেনেছি কু কে ২৫। ৫ কাব্যরস। 'সা দ ৩২। —দন ক্লী [√স্বাদি+অন (ল্যুট্)-ভা] ১ আস্বাদগ্রহণ, রসগ্রহণ। 'মাঘ ১০ ৭। ২ কাব্যরসোপভোগ। "সা দ ৩২। —দনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] আস্বাদনার্হ। —দী (-দিন্) বিণ [√স্বদ্+ইন্ (ণিনি)-ক-১ব] আস্বাদনকারী। 'উৎসবা-সবস্বাদিন্—নলোদয় ৩ ৪।

স্বাদন, স্বাদনীয় দ্র 'স্বাদ'।

স্বাদান ক্লী [সু আদান, প্রা স] ন্যায্যধনগ্রহণ। "মনু ৮ ১৭২।

স্বাদিষ্ঠ বিণ [স্বাদু+ইষ্ঠ (ইষ্ঠন্)] স্বাদুতম (সায়ণ), অতিস্বাদু। "ঋগ্বেদ ৯ ১ ১। কিং স্বাদিষ্ঠং জগত্যস্মিন্?—সদা সদ্ভিঃ সমাগমঃ। —দীয়ান্ (-যস্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন)-১ব , স্ত্রী -যসী] স্বাদুতর (সায়ণ), মধুরতর। "ঋগ্বেদ ১ ১১৪ ৬। কাব্যামৃতরসাস্বাদঃ স্বাদীয়ান-মৃতাদপি।

স্বাদী ; স্বাদীয়ান্ দ্র 'স্বাদ , স্বাদিষ্ঠ'।

স্বাদু বিণ [√স্বদ্+উ (উণ)-ক , স্ত্রী -দু, -দ্বী , cf Gr hedus , L. suavis , Ger suss , A S , swêete , O E , swete , O, Sax , swôti , E, sweet] ১ রসবান (সায়ণ), স্বাদবান্, মধুর, মিষ্ট। 'স্বাদোঃ ফলস্য।—ঋগ্বেদ ১০ ১৪৬ ৫। বহুস্বাদুফল রা ২ ৮০ ১৫। স্বাদু…পযঃ পু মে ২৪। বারিধারা স্বাদুঃ নৈ ৩ ৯৩। ২ মনোজ্ঞ, শোভন। "স্বাদুস্মেরমুখঃ (নন্দাত্মজঃ) গী গো ৭ ৪০। ৩ মধুর, সুখকর। "অভূৎ সম্পাদিতস্বাদুফলো মে মনোরথঃ শ ৭২৫। —দু পুং ১ মধুররস, মিষ্টস্বাদ, সুস্বাদ (অ চি)। "এমন অন্নের স্বাদু নাহি পাই আর চৈ.ভা ৩৫১। প্রাকৃত বস্তুর স্বাদু সবার অনুভব : এই দ্রব্যের এই স্বাদু চৈ.চ ৩৩৮। স্বাদুর বিশেষ ভ গ্র ৪৬০। ২ গুড়। ৩ অগুরুসার। ৪ গন্ধদ্রব্য। ৫ জীব-কৌষধি। —দু ক্লী ১ স্বাদুতা, মধুরতা। "নিঃস্বাদু…প্রায়ুবজনম্।—হি ১২২৮। কৃষ্ণগুণচরিত, সুধাসার-স্বাদু-বিনিন্দন চৈ.চ ৭৯। ২ কাব্যরস। "কবিঃ করোতি পদ্যানি স্বাদু জানন্তি পণ্ডিতাঃ (সু র)। —দু স্ত্রী দ্রাক্ষা। তু স্বাদ্বী'। [°কণ্টক (পুং)—বিকঙ্কতবৃক্ষ (অ কো)। °কন্দা (স্ত্রী)—বিদারী। °কর (বিণ)—'স্বাদুতাকারক', স্বাদু। "স্বাদুকরায়। —হারীত ৬৬। °কর (পুং)—'মাংসসংস্কারক' (নীলকণ্ঠ), মাগধীতে জাত জাতিবিশেষ। 'মহা ১৩ ৪৮ ২২। °কাম (বিণ)—সদয়কাম, স্বাদুখাদ্যাভিলাষী। 'রা ২ ৩২ ১৯। °কার (বিণ)—স্বাদুতাজনক। °খণ্ড (পুং)—গুড়। °গন্ধ (পুং)— রক্তশোভাঞ্জনবৃক্ষ। °গন্ধা (স্ত্রী) —ভূমিকুষ্মাণ্ড। °পর্ণী (স্ত্রী)—দুগ্ধিকা। °পাকা (স্ত্রী) কাকমাচী। °পিণ্ডা (স্ত্রী)—পিণ্ডখর্জ্জুরী। °ফলা (স্ত্রী)—১ কোলি। ২ দ্রাক্ষা। °মাংসী (স্ত্রী)—'স্বাদুশস্যা', কাকোলী। °মূল (ক্লী)—গর্জ্জর, গাজর। °যুক্ত (বিণ)—মাধুর্য্যবিশিষ্ট। °লতা (স্ত্রী)—বিদারী। °শুদ্ধ (ক্লী) —সৈন্ধবলবণ। °স্বাদু (বিণ)—স্বাদু হইতেও স্বাদু , অতিস্বাদু। "যৎ …স্বাদুস্বাদু পদে পদে ভ ১ ১ ১৯।]

স্বাদুপানা বি [স্বাদু+পানা[৪]] স্বাদুতা, মধুরতা। "(পাণ্ডা) কিনয়ে অমৃতমণ্ডা, হাটে চাক বুঝে স্বাদুপানা ক চ ২৩৫।

স্বাদুরস বিণ [বহুব্রী] মিষ্টরস। —রসা স্ত্রী ১ কাকোলী। ২ দ্রাক্ষা। ৩ শতাবরী। ৪ আম্রাতক। ৫ মদিরা।

স্বাদূদক বিণ [বহুব্রী] মিষ্টজল (সমুদ্র)। 'ভ ৫ ২০ ২৯।

স্বাদ্য বিণ [√স্বাদি+য (যৎ)-র্ম্ম] ১ আস্বাদনীয়। ২ অনু-ভবনীয়। 'চিদানন্দজ্যোতিঃ স্বাদ্য যাঁহা মূর্ত্তিমান চৈ চ ১৬৩। ৩ স্বাদার্হ, মধুর। —দ্য ক্লী ১ রস (নীলকণ্ঠ)। "স্বাদ্যং সলিলং গন্ধউর্বী মহা ৭ ২০০ ৭৪। ২ লবণকষায়রস।

স্বাদ্বন্ন ক্লী [কর্ম্মধা] মধুরখাদ্য, মিষ্টান্ন।

স্বাদ্বী স্ত্রী [স্বাদু+স্ত্রী ঈ (ঙীষ্)] 'স্বাদবতী', দ্রাক্ষা, স্বাদু।

স্বাধিকার পুং [কর্ম্মধা] ১ স্বনিয়োগ, স্বীয়কর্ত্তব্য। "°প্রমত্তঃ পু মে ১। ২ স্বাধিকৃতদেশ। "°ভূমি শ ৭১৮। ৩ স্বস্বামিত্ব, স্বীয়প্রভুত্ব। 'শ্রী ম ১২৯।

স্বাধিষ্ঠান ক্লী [বহুব্রী] স্ব স্বীয় লিঙ্গ, তাহাতে অধিষ্ঠান যাহার ; ষট্‌চক্রান্তর্গত দ্বিতীয় চক্র। দ্র ষট্‌চক্র'।

স্বাধীন বিণ [স্বে অধি (স ত)—স্বাধি+ঈন (খ) স্বার্থে, পা ২ ১.৪০ , ৫ ৪ ৭ , স্ব+অধীন , ষ ত] ১ 'যে আপনাতে আছে , আপনার অধীন , স্বতন্ত্র, স্বৈরী, অপরাধীন। 'স্বাধীনবৃত্তেঃ সাফল্যং ন পরাধীন-বৃত্তিতা।—গরুড়পুরাণ ১১৫ ৬৭। শুন মাধব, রাধা স্বাধীনা ভেল বি প ১১৬। ২ স্বায়ত্ত, স্ববশগত। 'অস্বাধীনং কথং দৈবং প্রকারৈরভিরাধ্যতে। স্বাধীনং সমতিক্রম্য মাতরং পিতরং গুরুম্॥—রা ২ ৩০ ৩৩। মহা ৫.৩৮ ২৫। স্বাধীনা বচনীয়তাপি হি বরং বদ্ধো ন সেবাঞ্জলিঃ।—মৃ ৩ ১১। [°কুশল (বিণ)—স্বায়ত্তকল্যাণ। 'স্বাধীনকুশলাঃ সিদ্ধিমন্তঃ শ ৫১৪৫।]

স্বাধীনতা স্ত্রী [°ন+তা (তল্)] স্বাধীনভাব, স্বৈরিতা, অপরা-ধীনতা। গো রা ৫ ৮১.২৪। স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়? —রঙ্গ ১০৭।

স্বাধীনপতিকা, -ভর্ত্তৃকা স্ত্রী [স্বাধীন পতি, ভর্ত্তা যাহার, বহুব্রী, 'ক' (কপ্), স্ত্রী আ (টাপ্)] যে নায়িকার পতি স্বাধীন , স্ববশপতিকা নায়িকাবিশেষ। 'কান্তো রতিগুণাকৃষ্টো ন জহাতি যদন্তিকম্। বিচিত্র-বিভ্রমাসক্তা সা স্যাৎ স্বাধীনভর্ত্তৃকা॥—সা দ ৩ ৭৪। কোলে বস্তা যার পতি আজ্ঞার অধীন। স্বাধীন ভর্ত্তৃকা তারে বলে সুপ্রবীণ॥—ভা.চ ৬৯২।

"স্বাধা স্বাধীনভর্তৃকা গী.গো ১২ ১৭। বপ ১৫০৭। তারে গিয়া হৃদে ধরি, স্বাধীনভর্তৃকা কবি, নহে হব কামিনীঘাতক ভা চ ৫৩৭।

স্বাধীনভর্তৃকা দ্র 'স্বাধীনপতিকা'।

স্বাধ্যায় পুং [সু+আ-অধি+ √ই+অ (ঘঞ্)-ভা, স্বার্থ অধ্যায় (রামাশ্রমী)] ১ শোভন (সম্যক) আবৃত্তির সহিত অধ্যয়ন, বেদপাঠ। "নিত্যস্বাধ্যায়শীল রা ২ ৩২ ১৯। গী ৪ ২৮। মনু ২ ২৮। ২ ধর্ম্মশাস্ত্র-পাঠ। ৩ জাপ (শ ক)। ৪ [+অ-র্ম্ম] বেদ। "স্বাধ্যায়ং শ্রাবয়েৎ পিত্র্যে মনু ৩.২৩২। [°কাল (পুং)—বেদাধ্যয়নকাল। "পা ১ ২ ৩৬, কাশিকা। °ধৃক (-ক্) বিণ—বেদপাঠকারক। °ভূমি (স্ত্রী) —স্বাধ্যায়স্থান। "মনু ৪ ১২৭। °যজ্ঞ (পুং)—বেদপাঠরূপযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ। "গী ৪ ২৮। °সময় (পুং)—বেদপাঠকাল। "গো রা ৪ ২৭ ১০।]

স্বাধ্যায়বান্ (-বৎ) বিণ [°য়+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -বতী] বেদাভ্যাসরত। 'স্বাধ্যায়বান্ দ্বিজঃ যাজ্ঞ ১ ৪৮, ৩ ৪৮।

স্বাধ্যায়াভ্যসন ক্লী [ষ ত] বেদাভ্যাস। 'গী ১৭.১৫।

স্বাধ্যায়ার্থী (-র্থিন্) বিণ [°র্থ+ইন্ (ইনি)-১ব] স্বাধ্যায়াধ্যয়ন-কালে গ্রাসাচ্ছাদনার্থী। 'মনু ১১ ১।

স্বাধ্যায়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি)-১ব] ১ স্বাধ্যায়বান্, বেদাভ্যাসরত। 'মহা ৩ ২৪ ১৪। ২ ধনার্জ্জনজপকারক, পত্তন-বণিক (শ ক)।

স্বান পুং [√স্বন্+অ (ঘঞ্)-ভা] শব্দ রব, ধ্বনি.। 'ঋগ্বেদ ১ ১০৪ ১। বিস্ফারো ধনুষঃ স্বানঃ অ কো, ক্ষত্রিয়বর্গ, ১০৮। কলবল্লকীগুণস্বান মাঘ ৪ ৫৭।

স্বানম বিণ [সু-আ+ √নমি+অ (খল্)-র্ম্ম] সুখে আনমনীয়, অনায়াসে আকর্ষণশক্য। মাঘ ৪ ৫৭।

স্বানুভাব পুং [কর্ম্মধা] ১ স্বীয় মতিনিশ্চয় বা বুদ্ধিস্থিরতা। "ক সা ৩৩৭। ২ (বাঙ্লায) স্বীয় ঈশ্বরভাবস্বরূপ মতিনিশ্চয়। "ক্ষণে হয় স্বানুভাব—দম্ভ করি বৈসে। 'মুঞি সেই, মুঞি সেই' ইহা বলি হাসে॥ —চৈ ভা ১৭২, স্বানুভাবানন্দে ৪৮৬।

স্বানুভূতি স্ত্রী [ষ ত] ১ স্বস্বরূপজ্ঞান, স্বাত্মবোধ। স্বানুভূত্যেকসারায় নমঃ শান্তায় তেজসে।—ভর্তৃহরি। ২ আপনার বা নিজ অনুভব।

স্বানুরূপ বিণ [ষ ত] আপনার অনুরূপ, স্বযোগ্য। "তস্য চ স্বানুরূপৌ স্বাবুৎপন্নৌ তনয়ৌ ক্রমাৎ ক সা ২১ ১০৭।

স্বান্ত পুং, ক্লী [স্ব+অন্ত, ষ ত] ১ আপনার শেষ, স্বাবধি। "ভ ২ ৬ ৩৬। ২ নিজ নাশ। —ন্ত ক্লী [√স্বন্+ত (ক্ত), 'মনঃ'-অর্থে নিপাতিত, পা ৭ ২ ১৮, তু 'স্বনিত'] মনঃ, মানস। 'গী গো ১০ ১০। একস্বান্তে (অর্থাৎ একমনে) ম পা ১, ২, ৩, এই বাহ্নি স্বান্তে ৮, একস্বান্ত ১২০, মমাধম স্বান্ত ১৪১। স্বান্তে হয়্যা শোকযুত শ্রী মা ২৫।

স্বান্তজ পুং [স্বান্ত+ √জন্+অ (ড)-ক, উ ত] 'মনোজ', কাম। [°প্রোদ্বোধ (পুং)—কামোদ্রেক। 'গী গো ৫ ১৮।]

স্বাপ পুং [√স্বপ্+অ (ঘঞ্)-ভা, তু 'খপ, খোয়াপ', cf, Gr 'hupnos'—sleep (স্বপ্ন), L 'sopor'—sleep] ১ শয়ন, নিদ্রা, স্বপ্ন। "°হেতু উচ ১ ৩৭। স্বাপার্থ মনু ১ ৬৬, কুল্লূক। স্বাপং যাত বঞ্জ মধ্যে যোধয়েৎ স্থাম্ ভ ১০ ৫১ ২০। ২ আত্মার নির্গুণ অতীন্দ্রিয় সুখ (শ্রীধর)। "যেন প্রসুপ্তঃ পুরুষঃ স্বাপং বেদাত্মনস্তদা ভ ৬ ১৬ ৫৫। ৩ শয়ন (lying down—মেদিনী)। ৪ স্পর্শাজ্ঞতা, ত্বক্সুপ্তি। ৫ অজ্ঞান। ৬ ইন্দ্রিয়ের বিষয়গ্রহণে অক্ষমতা বা জাড্য। "ইন্দ্রিয়° (SW)।

স্বাপক বিণ [√স্বপ্+ই (ণিচ্)— √স্বাপি+অক (ণ্বুল্)-ক] স্বাপয়িতা, নিদ্রাজনক। "পা ৭ ৪ ৬৭।

স্বাপতেয় ক্লী [স্বপতি+এয় (ঢঞ্), পা ৪ ৪ ১০৪] স্বস্বামিবিষয়ে সাধু; ধন, বিত্ত। "স্বাপতেয়মধিগম্য ধর্ম্মতঃ পর্য্যপালয়ম্ মাঘ ১৪ ৯।

স্বাপন বিণ [√স্বপ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক] সর্থ 'স্বাপক'। —ন পুং বিষ্ণু। "মহা ১৩ ১৪৯ ৬৩। —ন ক্লী নিদ্রাজনকশর। "রা ১ ৫৬ ৭।

স্বাপ্ত বিণ [সু+ √আপ+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রচুরপ্রাপ্ত, সুপুষ্কল, ভূরি। "অগ্নিষ্টোমপ্রভৃতিভিঃ স্বাপ্তদক্ষিণৈঃ মহা ১৩ ৬৩ ৭৩। ২ বিশ্বাসভূমিতে অধিরূঢ় (টীকা)। 'কামন্দক ১৭৭।

স্বাভাবিক বিণ [স্বভাব+ইক (ঠক), স্ত্রী -কী] ১ স্বভাবভব, নৈসর্গিক, সহজ। 'রঘু ৫ ৬৯, স্বাভাবিক° বিনীতত্বম্ ১০ ৭৯। মনু ১.৩৪, কুল্লূক। ২ নিত্যসিদ্ধ। "কু স ৬ ৭১। ৩ অযত্নসিদ্ধ। "ভ ৩ ২৫ ৩২। —বিক পুং, বহব বৌদ্ধসম্প্রদায়-বিশেষ। [ইঁহাদের মতে স্বভাবের নিয়মই সকল বিষয়ের কারণ। দ্র 'স্বভাববাদ'।]

স্বাভিচারী (-রিন্) বিণ [স্ব+অভি+ √চর্+ইন (ণিনি) -ক-১ব, উ ত] স্বেচ্ছাচারী। 'মূর্খস্য °রিণঃ ক সা ৩ ৫৫।

স্বাভীল [সু আভীল, সুপসুপা] অতিভয়ঙ্কর। মহা ৩ ১১ ৪।

স্বাভীষ্ট বিণ [তৃ ত] স্বাভিলষিত স্বপ্রিয়। '(গন্ধর্ব্বঃ) সস্মার কৃষ্ণং স্বাভীষ্টম্।—পঞ্চরাত্র ১ ১২ ১১।

স্বামিতা স্ত্রী [স্বামিন্+তা (তল)] স্বামিভাব প্রভুত্ব, আধিপত্য। (নরপতিঃ) স্বামিতা° যাতি ভূমেঃ।—বৃহৎসংহিতা ১১ ১৮।

স্বামী (-মিন্) বিণ [স্ব+আমিন-১ব, স্ত্রী -মিনী, সমাসে পূর্ব্বপদ 'স্বামিন্' >স্বামি, যথা, স্বামিকার্য্য ইত্যাদি] ঐশ্বর্য্যবান্, প্রভুত্বযুক্ত। —মী পুং ১ ঈশ্বর, অধিপতি, প্রভু। "স্বামিসম্বন্ধ গো রা ৪ ২৫ ৭। মনু ৭ ১৬৭। ভৃত্যাঃস এব সুশ্লোকো নাপত্তৌ স্বামিনং ত্যজেৎ। স্বামী স এব বিজ্ঞেয়ো ভৃত্যার্থে জীবিতং ত্যজেৎ॥—শু ৫ ৫১। চৌর°। —বৃহৎসংহিতা ৬৯ ২৭। ২ রাজা। "সর্ব্বস্বামিগুণোপেত।—হি ৯/১০ (কথাবস্তু), ১ ২১৩। পক্ষিস্বামিনো গরুড়স্য ২ ১/৫ ৪/৫ ৯/০। স্বামিদুহিতা। —কাদ ৩। ৩ সম্রাট। ৪ (নাট্যে) রাজসম্বোধনে। রাজা স্বামীতি বাচ্যঃ সা দ ৬ ১৪৪। জয়তু স্বামী শ ২ ম/৭ যথাজ্ঞাপযতি স্বামী ২ ৭/৮। ৫ অধিকারী, মালিক। অস্বামিবিক্রয় মনু ৮ ৪, ৫, প্রনষ্টস্বামিক ৩০, ২২৯, গো° ২৩১, যান° ২৯০। ৬ পতি, ভর্ত্তা। "স্বামী বিনা স্ত্রীলোকের আর নাহি গতি।—কৃ ৯৮। পঞ্চস্বামী।—ম ২১৫। ৭ গুরু, দীক্ষাদাতা। ৮ পরমহংস-প্রভৃতির উপাধি। "ক্ষীর°, শবর°, শ্রীধর°। ৯ কার্ত্তিকেয়। "যাজ্ঞ ১ ২৯৪। ১০ হর। ' কুমার। ১১ হরি। ১২ গরুড। ১৩ ঈশ্বর। ১৪ অর্হদ্বিশেষ (অ টী)। ১৫ বাৎস্যায়ন মুনি। ১৬ ক্ষীরস্বামী। [°কার্য্য (ক্লী)—প্রভুকার্য্য। "হি ২ ৩/৩ ২/২। °কুমার (পুং)—'শিবসুত' কার্ত্তিকেয়। ক সা ২ ৪৪, ৬০। °গুণ (পুং)—রাজগুণ রাজধর্ম্ম। "হি ১ ২/২ ২/১ ২/৩। °জনক (পুং)—শ্বশুর। °পাল (পুং)—পশুস্বামী ও পশুপালক। "মনু ৮ ৪। °প্রসাদ (পুং) —প্রভুর প্রসন্নতা, প্রভুকৃপা। °বাৎসল্য (ক্লী)—স্বামিস্নেহ। °ভট্টারক (পুং)—প্রভুপাদ। °ভাব (পুং)—১ প্রভুভাব, প্রভুত্ব। "গো রা ৫ ১ ৬৯। স্বস্বামিভাবলক্ষণ সা দ ২ ৯/৪। ২ অধিকারিভাব স্বত্ব। °মূল (বিণ)—প্রভুহেতুক। °সেবা (স্ত্রী)—১ প্রভুপরিচর্য্যা। ২ পতি-পরিচর্য্যা। কৃ ১০৩।]

স্বামিঘ্ন বিং [স্বামিন্+হন্+অ (ক)-ক, উ ত] প্রভুঘাতক, রাজ-হত্যাকারক। "ম ৩৩১।

স্বামিনী স্ত্রী [স্বামিন্+স্ত্রী ঈ (ঙীপ)] ১ প্রভুপত্নী, ভর্ত্রী। ২ অধি-কারিণী, স্বত্ববতী। ৩ ঈশ্বরী রাজ্ঞী। 'ময়া দত্তমিদং রাজ্যং স্বামিন্যসি বরাননে মহা ৪ ১৪ ৪৬। ৪ (নাট্যে) রাজপত্নী-সম্বোধনে। "সা দ ৬ ১৪৪, টীকা।

স্বামিব্রতা বিং পতিব্রতা, সাধ্বী। "ম ৩৭০।

স্বাম্য ক্লী [স্বামিন্+য (ষ্যঞ্)] ১ স্বামিভাব, স্বামিত্ব, প্রভুত্ব। "মনু

৯.৯৩। ২ অধিকারিত্ব, স্বত্ব। "যাজ্ঞ ১ ১২৪। ৩ পতিভাব, ভর্তৃত্ব। "°কারণ মনু ৫ ১৫২। [°কারণ (ক্লী)—ভর্তৃত্বহেতু।]

স্বায়ত্ত বিণ [স ত] স্ববশগত। "স্বায়ত্তসিদ্ধে রাজ্ঞঃ ক সা ১৫ ৫৮। স্বায়ত্তত্বাভাব মনু ৮ ৪০৬ কুল্লুক।

স্বায়ম্ভুব বিণ [স্বয়ম্ভু+অ (অণ্), গুণাভাবেউ > উব, পা ৬ ৪ ১৪৬, কাশিকা, স্ত্রী -বী] ১ স্বয়ম্ভুসম্বন্ধী, ব্রাহ্ম। "(দিবৌকসঃ) ধাম স্বায়ম্ভুবং যযুঃ কু স ২ ১। ২ স্বয়ম্ভুদেবতাক। "স্বায়ম্ভুবঃ ক্রতুঃ মহা ১৩ ১৪ ৮৬। ৩ [স্বায়ম্ভুব+অ (অণ্)] স্বায়ম্ভুবমনুসম্বন্ধী। "°বেহন্তরে।—হ ৭ ৯। —ব পুং ১ স্বয়ম্ভুর অপত্য ব্রহ্মতনয়। "স্বায়ম্ভুবান্ মরীচের্যঃ প্রবভূব প্রজাপতিঃ শ ৭ ৯। স্বায়ম্ভুবস্য মনোঃ ভ ৪ ৮ ৬। ২ ব্রহ্মসৃত মনুবিশেষ। "ভ ৪ ১ ৫, স্বায়ম্ভুবান্তরে ৮। ম ৬৪১। [ইঁহার পত্নী শতরূপা, কন্যা আকূতি, দেবহূতি ও প্রসূতি (ভ ৪ ১ ১)।] —বী স্ত্রী ব্রাহ্মীশাক। [°মনুপিতা (-তৃ) পুং—ব্রহ্মা।]

স্বারক্ষ্য বিণ [স্বর্+রক্ষ্য] যাহা স্বর্গতুল্য অতএব রক্ষণীয় (দেশ)। "(পৃথিব্যাং যো দেশঃ) স্বারক্ষঃ মহা ১ ৬৩ ৮।

স্বারসিক বিণ [স্বরস+ইক (ঠক্) স্ত্রী -কী] ১ স্বরসসম্বন্ধী, স্বনিষ্ঠ-রসযুক্ত (কাব্য)। ২ স্বেচ্ছাকারী। 'নৈ ৩ ৪৮।

স্বারাজ্য ক্লী [স্বরাজ+য (ষ্যঞ্)] ১ স্বরাড্‌ভাব, ব্রহ্মভাব, ব্রহ্মত্ব। "মনু ১২ ৯১। ২ মোক্ষ। "ভ ৩ ৯ ৩৩। ৩ পরমানন্দ, নিজানন্দ (শ্রীধর), ব্রহ্মানন্দ। "স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ ভ ৩ ২ ২১, ৪ ৯ ৩৫। ৪ [স্বারাজ্+য] স্বারাড়ভাব, স্বর্গরাজের ভাব, ঐন্দ্রপদ। "ভ ১০ ৮৩ ৪১। ৫ [স্বর (স্বর্গ) রাজ্য যাঁহার, বহুব্রী] স্বর্গরাজ, ইন্দ্র। "(ভবান্) স্বারাজ্যস্যাপ্যভিমতঃ ভ ৪ ২৪ ৫৪। ৬ [স্বরাজ+য] স্বরাজ্ঞ-ভাব, স্বাতন্ত্র্য। 'ছান্দোগ্য ৩ ৬ ৪। [°লক্ষ্মী (স্ত্রী)—পরমানন্দস্বরূপ-সম্পত্তি। দ্র 'স্বারাজ্য (৩)। সেই 'স্বারাজ্যলক্ষ্মী' করে নিত্য পূর্ণ কাম চৈ চ ২১৮।

স্বারাট্ (-জ) পুং [স্বর+√রাজ্+ক্বিপ (০)-ক-১ব, উ ত] 'স্বর্গে রাজমান', ইন্দ্র (অ কো)। তু 'স্বারাজ্য (৪)।

স্বারাম বিণ [স্বে (আত্মায়) আরাম যাঁহার, বহুব্রী] আত্মারাম, আত্মানন্দপর। '°ধীরনিকরানতপাদপদ্ম ভ ১১ ৪ ৯।

স্বারোচিষ বিণ [°ষ+অ (অণ্), স্ত্রী -ষী] স্বারোচিষসম্বন্ধী। "স্বারোচিষেহন্তরে ভ ৪ ১ ৩৪। —ষ পুং [স্বরোচিস্+অ (অণ্)] অগ্নিপুত্র দ্বিতীয় মনু। ভ ৮ ১ ১৯। হ ৭ ৪। মনু ১ ৬২।

স্বার্জ্জিত বিণ [স্ব+অর্জ্জিত, তৃ ত] স্বানুষ্ঠিত, স্বকৃত। 'স্বার্জ্জিতৈঃ কর্ম্মভিঃ শুভৈঃ রা ১ ৬০ ১৪, ৬৩ ২০।

স্বার্থ বিণ [বহুব্রী] ১ স্বপ্রয়োজনক, আত্মনিমিত্তক। 'স্বার্থা ন মে কাশ্চিৎ প্রবৃত্তয়ঃ কু স ২ ২৬। ২ স্বকার্য্যসাধনপর। "স্বার্থা ন সাধবঃ ভ ১০ ৪৮ ৩০। —র্থ পুং [কর্ম্মধা] ১ স্বীয় অভিধেয়, শব্দতদর্থ। "স্বার্থে কন্ পা ৫ ২ ৮০, সি, ৫ ৩ ২৭, বৃত্তি। ২ স্বপ্রয়োজন। "রা ২ ২৩ ৯, স্বার্থে প্রযতমানায়াঃ ৩৯ ৭। সর্ব্বঃ স্বার্থং সমীহতে মাঘ ২ ৬৫। ৩ স্বধন, নিজবিত্ত। ৪ স্বীয়বস্তু, নিজদ্রব্য। ৫ স্ববিষয়। 'আত্মা সহৈতি মনসা, মন ইন্দ্রিয়েণ, স্বার্থেন চেন্দ্রিয়ম্।—বৃহৎসংহিতা ৭৫ ৩। ৬ (ব্যাকরণে) লিঙ্গার্থবিশেষ। 'মুগ্ধবোধ ২৮০, রামতর্কবাগীশটীকা। ৭ পুরুষার্থ। "উদবস্তরতা স্বার্থঃ ভ ১২ ২ ৬। [°পণ্ডিত (বিণ)—স্বকার্য্যসাধননিপুণ। "শৃগালঃ °তঃ মহা ১ ১৪০ ১৬। °পর, °পরায়ণ (বিণ)—স্বকার্য্য-সাধননিরত। "°রতা।—মু ৩ ৪। °ভাক (-জ) বিণ—স্বার্থপর। °বিঘাত (পুং)—স্বার্থহানি, স্বকার্য্যব্যাঘাত। °সাধক (বিণ) —স্বপ্রয়োজনসিদ্ধিকারক, স্বকার্য্যোদ্ধারক। °সাধন (ক্লী), °সিদ্ধি (স্ত্রী)—স্বকার্য্যনিষ্পত্তি। "°সাধনতৎপর মনু ৪ ১৯৬।]

স্বার্থিক বিণ [স্বার্থ+ইক (ঠক্)] (ব্যাকরণে) স্বার্থে বিহিত (প্রত্যয়)। "পা ৫ ৩ ১, কাশিকা, বৃত্তি। —ক পুং স্বার্থিক প্রত্যয়। "স্বার্থিকাঃ প্রকৃতিলিঙ্গমতিবর্ত্তন্তে পা ৫ ৩ ৮৮, তত্ত্ববোধিনী।

স্বার্থোপপত্তি স্ত্রী [ষ ত] স্বার্থসিদ্ধি। "রঘু ৫ ১২।

স্বালক্ষণ বিণ [স্ব+অলক্ষণ, বহুব্রী] স্বগণেরও সম্যক্ অবলোকন যাহার সম্বন্ধে নাই, রণাবেশবশে স্বগণেরও দুর্দ্দর্শ (নীলকণ্ঠ)। "মহা ৫ ৪৮ ১৭।

স্বালক্ষণ্য ক্লী [স্বলক্ষণ+য (ষ্যঞ্)] ১ স্বীয় অসাধারণ-লক্ষণভাব বা অসামান্যধর্ম্মিতা। "স্বালক্ষণ্যং বৃত্তিত্রয়স্য।—সাংখ্য ২৯। ২ [স্বালক্ষণ +য] স্বীয় অলক্ষণভাব, ব্যভিচারশীলতা। "°পরীক্ষার্থ মনু ৯ ১৯।

স্বাবমানন ক্লী, -না স্ত্রী [ষ ত] আত্মবিষয়ে অবমাননা, অনাদর বা হেয়তাজ্ঞান। '°ন সা দ ৩ ১৭২।

স্বাশিত বিণ [সু+আশিত, সুপসুপা] সুষ্ঠু ভুক্ত ও তৃপ্ত (সায়ণ), সুষ্ঠু ভোজিত (রা টীকা), সম্যক ভোজনতর্পিত। "ঋগ্বেদ ১০ ২৮ ১। আশংসে স্বাশিতা সেনা বৎস্যত্যেনাং বিভাবরীম্ রা ২ ৮৪ ১৮।

স্বাস্তর পুং [সু আস্তর, প্রা স] সুশয্যা, সুশয়ন। "রা ২ ৮৭ ২১।

স্বাস্তীর্ণ বিণ [সু আ+স্তৄ+ত (ক্ত)-র্ণ] উৎকৃষ্ট আস্তরণে আচ্ছাদিত, কোমলাস্তরণাবৃত। "°শয়ন মহা ৩ ১৪৪ ১০।

স্বাস্থ্য ক্লী [স্বস্থ+য (ষ্যঞ্)] ১ স্বস্থভাব, প্রকৃতিস্থতা। "তাবন্ন তে পিতা রাম স্বাস্থ্যং প্রাপ্স্যতি দুঃখিতঃ গো বা ২ ১৬ ১৯। ক সা ৭ ৩৮৮। না কহিলে স্বাস্থ্য নাহি জানাই তোমাকে।—ম ১০০৯। শরীরের স্বাস্থ্য ব.প্র ৫১০। ২ অরোগিতা, আরোগ্য। ৩ স্বাচ্ছন্দ্য। 'লব্ধমিদানীং স্বাস্থ্যম্ শ ৪২/২। চিত্তে স্বাস্থ্য না পায়েন চৈ ভা ১৩৬, ৩৫০। মনে স্বাস্থ্য নাহি চৈ চ ১৬৯। ৪ নিরাকাঙ্ক্ষভাব, কামরাহিত্য। 'বাঞ্ছা-বিচ্ছেদনং প্রাহুঃ স্বাস্থ্যং শান্তা মহর্ষয়ঃ।—পঞ্চ ২ ১৬৩। ৫ (বাঙ্গলায়) স্বাভাবিকভাব, স্বভাবপ্রফুল্লভাব। "সদ্যঃপ্রস্ফুটিত প্রাতপুষ্পের যেমন পূর্ণস্বাস্থ্য ব প্র ৫১০। [°কর, °জনক, °প্রদ (বিণ)—আরোগিতা-কারক।]

স্বাস্থ্যভঙ্গ বি সুস্থতানাশ, অসুস্থতা।

স্বাস্থ্যরক্ষা বি সুস্থতারক্ষণ, শরীরের স্বাস্থ্যপালন।

স্বাহা স্ত্রী [স্বাহা + অ (অচ্) + স্ত্রী আ (টাপ্)] ১ 'স্বাহা'-মন্ত্র ইঁহার অধিষ্ঠাতৃরূপে আছে (অ টী), অগ্নিস্ত্রী, হুতভুক্প্রিয়া, বহ্নিবধূ। 'অগ্নেঃ স্বাহা যথা পত্নী গো বা ৫ ২৫ ২৫। রঘু ১.৫৬। ক চ ১২৩। [বেদ, ইঁনি রুদ্র পশুপতির পত্নী। চতুর্ব্বেদ ইঁহার দেহ এবং ষড়ঙ্গ ইঁহার অবয়ব। ইনি আহুতির অধিষ্ঠাত্রী দেবতা (M.W.) পুরাণে, ইনি প্রসূতির গর্ভজাত দক্ষকন্যা। ইঁহার পাবকাদি তিন পুত্র (ভ ৪ ১ ৪৭, ৫৯)।] ২ মাতৃকাভেদ। "নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ (পিতৃগাথা—ত বা)। ৩ বৌদ্ধশক্তিবিশেষ, তারা, তারিণী (শ ক)। —হা ব্য দেবহবির্দানমন্ত্র। 'ঋগ্বেদ ২ ৩৬ ১। ভ ৫ ১৮ ৮। [°কৃৎ (বিণ) —যজ্ঞানুষ্ঠাতা। °নাথ, °পতি, °প্রিয়, °বল্লভ (পুং)—অগ্নিদেব। '°নাথ ক চ ১৮৪। °ভুক (-জ্) পুং—স্বাহামন্ত্রদত্তহবির্ভোক্তা, দেবতা।]

স্বাহার বিণ [সু আহার, সুপ্‌সুপা] সুষ্ঠু আহারযোগ্য, সুখভোজ্য। "বন্যানি…'স্বাহারাণি' (পাঠান্তর) তপস্বিনাম্ রা ২ ৩১.২৬। —র পুং [প্রা স] ১ সুখাদ্য। ২ [ষ ত] নিজখাদ্য। "হি ১২/৩৫।

স্বাহার্হ বিণ [স্বাহা + √অর্হ্ + অ (অচ্)-ক, উ ত, স্ত্রী -র্হা] স্বাহাযোগ্য, হোমযোগ্য, হবির্ভূত। "রা ২.৩১ ২৬।

স্বাহেয় পুং [স্বাহা+এয় (ঢক্)] স্বাহাপুত্র, কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৬।

স্বিকা; স্বিৎ দ্র 'স্বক, স্বিদ্১।

স্বিদ্১ ব্য ['স্বিৎ' (শ.ক)] ১ প্রশ্ন, পৃচ্ছা। "স্বিদেকাকী বিচরসি? "কিং স্বিৎ সুপ্তং ন নিমিষতি কিং স্বিজ্জাতো ন চোপতি। কস্য স্বিদ্ধৃদয়ং নাস্তি কিং স্বিদ্ বেগেন বর্দ্ধতে॥—মহা ৩.১৩৩.২৮। ২ বিতর্ক,

মানাপন্নাবমর্ষ। "কা স্বিদবগুণ্ঠনবতী (মধ্যে তপোধনানাম্) শ ৫ ১৩। পু মে ১৪। কি ৮ ৩৫। ৩ পাদপূরণে। ['অপি'-প্রভৃতির সহিত 'স্বিদ্' —অপি স্বিদ্, উত স্বিদ্, উতাহো স্বিদ্, স্বিদুত।]

স্বিদ্² সক [ভা, ঙ—স্বেদতে, অনিট্] ১ মোহন। ২ মোক্ষ, মোচন। "স্বেদতে তিলস্তৈল° মুক্তীত্যর্থঃ (ক ক)। —দ্ অক [পূর্ব্ববৎ] ১ স্নেহ, স্নিগ্ধীভাব। ২ গাত্রপ্রক্ষরণ। "স্বেদতে…বপুস্নাণুক্ষরশ্মিতঃ (ক ক)। ৩ [দি, প—স্বিদ্যতি, অনিট্] গাত্রপ্রক্ষরণ। "ন স্বিদ্যতি তস্যাঙ্গ° ব্যায়ামার্দ্দিতমেদসঃ (ক ক)।

স্বিদিত বিণ [√স্বিদ্ (দিবাদি) + ত (ক্ত)-ক, আদিকর্ম্মে, পা ৭ ২ ১৭] আরব্ধগাত্রপ্রক্ষরণ, প্রবৃত্তঘর্ম্ম। তু 'স্বিন্ন'।

স্বিন্ন বিণ [√স্বিদ্ + ত (ক্ত)-ক, আদিকর্ম্মে, ইড়ভাব] ১ সর্থ 'স্বিদিত'। 'স্বিন্নাঙ্গুলি কু স ৭ ৭৭ রঘু ৭ ২২। ২ স্বেদযুক্ত। "স্বিন্নঃ স্নাতো মলাদিব।—শুক্লযজুর্ব্বেদ ২০ ২০। °গাত্র গো বা ৫ ১ ২৭। ৩ পক্ব, কৃতপাক। "হ ১৪৮ ৬২। স্বিন্নমন্নমুদাহৃতম্ (শ্রাদ্ধতত্ত্ব)।

স্বিষ্ট বিণ [সু + √ইষ + ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যগ ইষ্ট, অত্যভিলষিত, অতিপ্রিয়। 'অনুপালয় ধর্ম্মেণ প্রজাঃ স্বিষ্টা ইব পজাঃ গো বা ১ ২০ ১৯। ২ [সু + √যজ্ + ত (ক্ত)-ম্ম] সুষ্ঠু ইষ্ট বা পূজিত, সুপূজিত। "মহা ৩ ২১৮ ২১। স্বিষ্ট°…যজ্ঞম্ ভ ৪ ৭ ৪১, ক্রতুভিঃ স্বিষ্টৈঃ ৪ ১৯ ৩২। ৩ সম্যগনুষ্ঠিতযাগ। স্বিষ্টস্য তে ব্যুষ্টিরেষা গো রা ১ ১৫ ১৪। —ষ্ট ক্লী [+ ত-ভা] শোভনযাগ। 'শুক্লযজুর্ব্বেদ ২ ১৯। ভ ১ ৫ ২২। —ষ্টি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] শোভন যজন (মহীধব), সম্যগনুষ্ঠিত যাগ। "শুক্লযজুর্ব্বেদ ২৭ ১৮। [°কৃৎ (বিণ) —অভীষ্টকারক। 'স্বিষ্টকৃতে (অগ্নয়ে স্বাহা) মনু ৩ ৮৬।]

স্বিষ্টকৃৎ, স্বিষ্টি দ্র 'স্বিষ্ট'।

স্বীকরণ ক্লী [স্ব + চ্বি (॰) + √কৃ + অন্ (ল্যুট)-ভা] ১ অস্বীয়কে স্বীয় করা, স্বীকার, পরিগ্রহ। 'স্বীকরণাদ্ ভুবঃ রঘু ১২ ১৬। ২ পত্নী-রূপে পরিগ্রহ পরিণয। 'চিন্তয়ন্নপি ন খলু স্বীকরণমত্রভবত্যাঃ স্মরামি শ ৫⅔। ৩ অঙ্গীকার। ৪ উপভোগ। "আধেঃ স্বীকরণাৎ সিদ্ধিঃ যাজ্ঞ ২ ৬১। ৫ অধিগম, অভ্যাস। "বেদ° মনু ২ ২। ৬ [+অন র্ম্ম] স্বীকার্য্য বিষয়। 'ভ ৫ ১১ ১০। —কর্ত্তব্য বিণ [+তব্য-র্ম্ম] ১ গ্রহণীয। "অভ্যর্চ্চ্যঃ স নরেন্দ্রেণ স্বীকর্ত্তব্যো জযৈষিণা।—বৃহৎসংহিতা ২ ২০। ২ অঙ্গীকরণীয়। —কর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+ তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -র্ত্রী] স্বীকারক, অঙ্গীকর্ত্তা। —কার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিগ্রহ, গ্রহণ। "পা ১ ৪ ৭৭, সি। স্বীকার এব চোদ্বাহে (হেতুঃ) ভ ১২ ২ ৫। যত দেন প্রভু সব করেন স্বীকার চৈ ভা ৫০০। ভয়ঙ্কর আকার স্বীকারপূর্ব্বক।—কাদ ৩২। ২ অঙ্গীকার, প্রতিশ্রুতি। ৩ সম্মতি (assent)। —কার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ গ্রহণীয়। "হিতঃ পরোঽপি স্বীকার্য্যঃ ক সা ৬০ ৪২। ২ অঙ্গীকর্ত্তব্য। ৩ অনুমোদনীয়। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম) ১ গৃহীত। ২ অঙ্গীকৃত। ৩ অনুমোদিত। "যেখানে বংশমর্য্যাদা স্বীকৃত…সেইখানেই ব্রাহ্ম-বিবাহ প্রচলিত হইবে পা প্র ৯২, দায়ভাগে ওরূপ স্বত্ব স্বীকৃত হয় শা ১৬৮। ৪ (বাঙলায়) সম্মত। 'তিলোত্তমা স্বীকৃতা হইলেন ব প্র ৮৭, পাপীয়সি।—নিজমুখে স্বীকৃতা হইলি।—১৬৫, ভ্রমর…অনুরোধ করিতে স্বীকৃত হইল না ২৮০, কেমন, স্বীকৃত আছ ?—৩৬৪, ব্রজেশ্বর স্বীকৃত হইল ৪৩১। আমি উহার প্রাণদানে স্বীকৃত ৪৪৭। নগেন্দ্র স্বীকৃত হইয়া নৌকারোহণ করিলেন ব বি ৩। —কৃতি স্ত্রী [+ তি (ক্তিন্) -ভা] স্বীকার। [ব্যুৎপত্তি-অনুসারে 'স্বীকৃত' শব্দের এইরূপ প্রয়োগ অসাধু। বাঙলায় ইহার ভূরিপ্রয়োগ থাকিলেও 'স্বীকৃত হওয়া'র পরিবর্ত্তে 'স্বীকার করা' প্রয়োগ করিলে, দোষ পরিহার হয়।]

স্বীকর্ত্তব্য, স্বীকর্ত্তা, স্বীকার দ্র 'স্বীকরণ'।

স্বীকারপত্র ক্লী [ষ ত] ১ প্রতিগ্রহলেখ, রসিদ। ২ অঙ্গীকারলেখ। —পত্রিকা, -পত্রী স্ত্রী সর্থ 'স্বীকারপত্র'।

স্বীকার্য্য, স্বীকৃত, স্বীকৃতি দ্র 'স্বীকরণ'।

স্বীয় বিণ [স্ব + ঈয় (ছ), স্ত্রী -য়া] ১ স্বসম্বন্ধী, স্বকীয, নিজ। "ভ ৩. ২০.৫০। স্বীয়চরিতশ্রবণমানসে সী ৭৬। ২ অসাধারণ, অসামান্য। —য়া স্ত্রী নায়িকাবিশেষ, স্বকীয়া। 'বিনযাজবাদিযুক্তা গৃহকর্ম্মপরা পতি-ব্রতা স্বীয়া সা দ ৩৫৭। ভা চ ৬৬৭।

স্বীয়া দ্র 'স্বীয়'।

স্বৃ অক [ভ্বা, প—স্বরতি, অনিট্] ১ শব্দ। 'অস্বারীৎ পিকঃ (ক ক)। ২ (সক) উপতাপ। "অস্বার্ষীৎ খল° রাজা (ক ক)।

স্বৃদ্ধ বিণ [সু + √ঋধ্ + ত (ক্ত)-ক] সুসমৃদ্ধ, সমৃদ্ধিশালী। "ইমে জনপদাঃ স্বৃদ্ধাঃ ভ ১ ৮ ৪০, ১১ ১।

স্বেচ্ছ ক্রি বিণ [বহুব্রী] স্বেচ্ছানুসারে, আপন ইচ্ছায়। "ক সা ৪ ১৪, মহামন্ত্রী হয়° স্বেচ্ছমচিবাত্ত° বিনাশয়েৎ ১১৬। —চ্ছা স্ত্রী [কর্ম্মধা] স্বীয় ইচ্ছা, স্বাভিলাষ, যদৃচ্ছা। "স্বেচ্ছয়া উদকাভ্যাহারোঽনুভূয়তাম্। —হি ১২০২। ক সা ২৫ ৪৮। [স্বেচ্ছাদান (ক্লী)—স্বেচ্ছানুসারে ত্যাগ। °পরিবর্ত্তিত (বিণ)—যদৃচ্ছাক্রমে পরিবর্ত্তিত। "বৃহৎসংহিতা ৭৭ ১৪। °বিহারী (-রিন্) বিণ স্বৈরপর্য্যটনকারী। "ক সা ৩৫ ৭৪। °ভোজন (ক্লী)—স্বেচ্ছাহার। "হি ১২১৩। °মৃত্যু (বিণ)—যাদৃচ্ছিক-মরণ। °মৃত্যু (পুং)—১ ভীষ্ম। ২ স্বেচ্ছায় মরণ। °স্পর্শ (পুং) —স্বীয় ইচ্ছামাত্রে কৃত স্পর্শ। 'ড চ ৩ ৪০।]

স্বেচ্ছাচার পুং [স্বেচ্ছায় আচার, সুপসুপা] যাদৃচ্ছিকাচরণ, স্বৈরানুষ্ঠান। 'ক সা ৩৪ ৭। —চারী (-রিন্) বিণ [স্বেচ্ছা + আ- √চর্ + ইন্ (ণিনি)-ক-১ব, উ ত, স্ত্রী -রিণী] যদৃচ্ছাচরণশীল, স্বৈরী, স্বতন্ত্র। 'ভার্য্যা স্বেচ্ছাচারিণী ক সা ৬৮ ৩৭।

স্বেচ্ছাধীন বিণ [স্বেচ্ছায় অধি (স ত)—স্বেচ্ছাধি + ঈন (খ) স্বার্থে] স্বেচ্ছাবশ, যাদৃচ্ছিক। "পঞ্চরাত্র ২ ৮ ১১।

স্বেচ্ছাব্যবহারী (-রিন্), -চ্ছাসঞ্চারী (-রিন্) বিণ [স্বেচ্ছা + বি-অব + √হৃ, + √সম্ + √চর, + ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] কামবৃত্তি। 'কু স ৫ ৮২, মল্লিনাথ।

স্বেচ্ছাসেবক॰ বি ইচ্ছানুসারে পরিচর্য্যাকারী (volunteer)।

স্বেচ্ছাহার পুং [স্বেচ্ছায় আহার, সুপ সুপা] ইচ্ছানুসারে ভোজন, যদৃচ্ছাশন। 'কৃত°।—হি ১২০৪, স্বেচ্ছাহারাদিলাভ ২১৪।

স্বেতখানা বি [অসাধু] সর্থ 'শেতখানা'। 'ব প ৫৭।

স্বেদ পুং [√স্বিদ্ + অ (ঘঞ্)-ভা, 'স্বেদ'—স্বিদ্যমানগাত্র (ঋগ্বেদ ১ ৮৬ ৮, সায়ণ), cf, Gr hidros, L sudor, A S swâ, E sweet] ১ গাত্রপ্রক্ষরণ, ঘর্ম্মনিঃসরণ, ঘামা। ২ শ্রমাদি হেতু গাত্রপ্রস্রবণজল, ঘর্ম্ম, ঘাম। 'রা ২ ৮৫ ১৮। সমুদ্গত°।—ঋতু ১ ৭। গণ্ডস্বেদ পু মে ২৬। ললাটেতে স্বেদ ক্ষরে।—রঙ্গ ১০২। ['স্বেদ' শরীরস্থ দ্বাদশ মলের একতম (মনু ৫ ১৩৫)।] ৩ সাত্ত্বিকভাববিশেষ (সা দ ৩ ১৩৫,-৭)। "সস্বেদরোমাঞ্চিতকম্পিতাঙ্গী জাতা প্রিয়স্পর্শ-সুখেন বৎসা উ চ ৩ ৪২। ৪ [√স্বিদ্ + ই (ণিচ্) + অ (অচ্)-ক] পাকবিশেষ, সেকা। ৫ স্বেদন, তাপ, ভাবরা। "উষ্ম°, তাপ°, দ্রব°। —সুশ্রুত ৬ ৩২ ২। অহর্নিশ স্বেদ দেয় ম ম ৭৯। দা ৩৬৮। [°চিত (বিণ)—ঘর্ম্মব্যাপ্ত, ঘর্ম্মাক্ত। 'স্বেদচিতাঙ্গসন্ধি।—ঋতু ১ ৭। °জল, °বারি (ক্লী)—ঘর্ম্মরূপ জল, ঘর্ম্মাম্ভঃ। °নুদ (বিণ)—ঘর্ম্মহারক। "স্বেদনুদোঽনিলঃ রা ২ ৯১ ২৪। °বিন্দু, °লব, °লেশ (পুং)—ঘর্ম্মকণ। "স্বেদলবোদ্গম রঘু ৮ ৫১। °বিপ্রুট্ (-ষ্) স্ত্রী—ঘর্ম্মবিন্দু। °স্রাব (পুং)—ঘর্ম্মক্ষরণ, স্বেদনির্গম।]

স্বেদজ বিণ [স্বেদ + জন্ + অ (ড)-ক, উ ত, স্ত্রী -জা] ১ স্বেদজাত,

ঘর্ম্মজ। ২ তাপ হেতু পার্থিবদ্রব্যের ক্লেদ হইতে জাত। "স্বেদজং দংশমশকম্ মনু ১ ৪৫। স্বেদজাঃ কৃমিদংশাদ্যাঃ (অ.কো)। —জ পুং স্বেদজাত কৃমিদংশমশকমৎকুণাদি। "পর্য্যঙ্কে···স্বেদজদূষিতে ভ ৩ ৩১.২৬।

স্বেদন বিণ [√স্বিদ্ + ই (ণিচ্) + অন্ (ল্যুট্)-ক . স্ত্রী -নী] স্বেদয়িতা, ঘর্ম্মপ্রক্ষরণকর, স্বেদজনক। "°দ্রব্য (চরক)। —ন ক্লী ১ ঘর্ম্মনিঃসারণ। ২ তাপপ্রয়োগ, সেক দেওয়া। "স্বেদনাভ্যঞ্জন। —হি ২ ১৩৫। ৩ [+অন-ণ] স্বেদনযন্ত্র। ৪ [√স্বিদ্+অন-ভা] গাত্রপ্রক্ষরণ, ঘর্ম্মনির্গম। —নিকা স্ত্রী [°নী + ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ভর্জ্জনপাত্র, কন্দু, ভাজনাখোলা। ২ ভর্জ্জনশালা, পাকশালা। —নী স্ত্রী [°ন + স্ত্রী ঈ (ঙীপ)] 'সর্থ স্বেদনিকা (১)।

স্বেদনিকা, স্বেদনী দ্র 'স্বেদন'।

স্বেদাম্বু, -দাম্ভঃ (-ম্ভস্) ক্লী [কর্ম্মধা] স্বেদবারি, ঘর্ম্ম। "গৌরীনব-পরিষজে বিভোঃ স্বেদাম্বু পাতু বঃ ক সা ৯ ১। স্বেদাম্বুহীন কায়া।—ম ৪৩৮।

স্বেদাম্ভঃ দ্র 'স্বেদাম্বু'।

স্বেদায়ন ক্লী [ষ ত] স্বেদস্রবণস্থবির (মিতাক্ষরা), স্বেদক্ষরণাচ্ছিদ্র। "যাজ্ঞ ৩ ১০৩।

স্বেদিত বিণ [√স্বিদ্+ই (ণিচ্) + ত (ক্ত)-র্ম্ম] কৃতস্বেদন (fomented)। "স্বেদিতো মর্দ্দিতশ্চৈব (শ্বপুচ্ছঃ) প্রকৃতিং গতঃ।—হি ২ ১৩৬।

স্বেদী (-দিন্) বিণ [√স্বিদ্+ইন্ (ণিনি)-ক-১ব] স্বেদস্রাবী। "অস্বেদিনো রাজপুত্রস্তু হন্তো মহা (SW)। বৃহৎসংহিতা ৬৮ ২।

স্বেদোদ, স্বেদোদক ক্লী [কর্ম্মধা] ঘর্ম্মজল, ঘর্ম্ম।

স্বেদোদ্গম পুং [ষ ত] ঘর্ম্মনিঃসরণ, স্বেদস্রাব।

স্বেদ্য বিণ [√স্বিদ্+ই (ণিচ্)-য (যৎ)-ম্ম] স্বেদনার্হ, স্বেদনকার্য্য (মল্লিনাথ)। 'স্বেদ্যমামজ্বরং প্রাজ্ঞঃ কোঽস্তসা পরিষিঞ্চতি মাঘ ২ ৫৪। পঞ্চ ৩ ২৬।

স্বেষ্ট বিণ [স্ব+ইষ্ট, তৃ ত] স্বাভীষ্ট। "°দেবতা ক সা ৭২ ৩৫৪।

স্বৈর বিণ [স্বৈর+অ (অচ)] ১ স্বেচ্ছাবান্, স্বতন্ত্র, স্ববশ। ২ মন্দ, মন্থর। —র ক্রি বিণ ১ স্বেচ্ছায়, স্বেচ্ছানুসারে। '(উত্তরঃ) নগরং স্বৈরমাগমৎ মহা ৪ ৬৮ ৫০। রঘু ১৭ ৬৪। ২ মন্দ, মন্থরভাবে। "মাঘ ১২ ৬। (গোদাবরি, বীচীবাতৈঃ) বামভক্রস্ত জীবং স্বৈরং স্বৈরং প্রেষিতৈস্তর্পয় উচ ৩২। বে ৩৯। ৩ সবিশ্রম্ভ। "যুবাভ্যাং স্বৈরমাস্ততাম্।—কাব্যাদর্শ ২ ২৯৬। —র ক্লী [স্ব+ঈর, ষ ত, বৃদ্ধি, পা ৬ ১ ৮৯, সি] ১ স্বেচ্ছা, যদৃচ্ছা। 'স্বৈরেণ বিহরন্ ভ ৫ ১৪ ৩১। ২ পরিহাসাদি (নীলকণ্ঠ)। 'স্বৈরেষ্বপি ন তু ব্রূয়ামনৃতং কর্হিচিদপ্যহম্ গো রা ২ ১৫ ৩০। নাহং মৃষা ব্রবীম্যেবং স্বৈরেষ্বপি কুতঃ শপন্ মহা ১ ৪২ ২। [°কথা (স্ত্রী)—সবিশ্রম্ভ আলাপ। °গত (ক্লী)—স্বচ্ছন্দগমন। 'রঘু ২ ৫। °গতি (বিণ)—স্বচ্ছন্দচারী, স্বেচ্ছাবিহারী। "শ ৫.১১। °চারী (-রিন্) বিণ— স্বেচ্ছাচারী, স্বতন্ত্র। "ভ ৬ ১.৬৭। °প্রচার (পুং)—স্বেচ্ছাভ্রমণ। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—স্বেচ্ছাধীন, স্বতন্ত্র। "ভ ১০ ৪ ৫। °বিহারী (-রিন্) বিণ—যথেচ্ছবিহারী (মিতাক্ষরা), স্বেচ্ছাপর্য্যটনশীল। "যাজ্ঞ ১ ৩২৯। °বৃত্ত, °বৃত্তি (বিণ) —স্বতন্ত্রকার্য্য, স্বেচ্ছাচারী। "°বৃত্তা ৩ ৭৬ ২৪। "°বৃত্তি (স্ত্রী)—স্বাধীনবৃত্তি, স্বেচ্ছাচার। °মুক্ত (বিণ)—স্বেচ্ছামুক্ত, অর্থাৎ ক্রোধ বিনা মুক্ত। "স্বৈরমুক্তা হৃপি শরাঃ (নিঘ্নন্ত্যেমমস্তুতান্ কিং পুনর্মন্যুনেরিতাঃ) মহা ৩ ৪৯ ১৮। °স্থ (বিণ)—স্বেচ্ছাবর্ত্তী, স্বতন্ত্র। "ক সা ২১ ২৫।

স্বৈরাচার বিণ [বহুব্রী] স্বেচ্ছাচারী, স্বৈরবৃত্ত। 'মহা ৩ ১৯০ ৪৫।

স্বৈরাবতার পুং [সুপসুপা] স্বেচ্ছাবতার। "ভ ১০ ৬৯ ১৭।

স্বৈরাহার পুং [সুপসুপা] যাদৃচ্ছিক আহার, স্বেচ্ছাভোজন।

স্বৈরিণী স্ত্রী [স্বৈরিন্+স্ত্রী ঈ (ঙীপ)] ১ স্বেচ্ছাচারিণী, পাংশুলা, কুলটা। "স্বৈরিণী-সদৃশী মায়া পর প্রতারিতে শ্রী.ম ২৬২। কে না জানে তারে, স্বৈরিণী।—মা ১১৮। ২ যে স্ত্রী পতি ত্যাগ করিয়া স্বেচ্ছানুসারে অন্য সবর্ণ পুরুষকে আশ্রয় করে। 'স্বৈরিণী যা পতিং হিত্বা সবর্ণং কামতঃ শ্রয়েৎ যাজ্ঞ ১ ৬৭। স্বৈরিণ্যঃ সবর্ণে রতাঃ (শ্রীধর)। "মহা ১ ১২০ ৩৩। ভ ৫ ২৪ ১৬।

স্বৈরিতা স্ত্রী [স্বৈরিন্+তা (তল্)] স্বৈরিভাব, স্বেচ্ছাচারিতা, স্বাতন্ত্র্য, যথেচ্ছাচার।

স্বৈরিন্ধ্রী স্ত্রী সর্থ 'সৈরিন্ধ্রী স্ত্রী (২)।

স্বৈরী (-রিন্) বিণ [স্ব+√ঈর্+ইন্ (ণিনি)-ক -১ব, বৃদ্ধি, পা ৬ ১ ৮৯, সি, উ ত, স্ত্রী -রিণী] 'স্বেচ্ছায় গমনশীল', স্বচ্ছন্দ, স্বতন্ত্র। "মহা ১৩ ১৪২ ২১।

স্বোক্ত বিণ [স্ব+উক্ত, তৃ ত] স্বকথিত, আত্মভাষিত।

স্বোচিত বিণ [স্ব+উচিত, স ত] আত্মযোগ্য, স্বানুরূপ, স্বসদৃশ। "স্বোচিতভার্য্যার্থী রাজা ক সা ৯২০, ২০৫৬।

স্বোত্থিত বিণ [স্ব+উত্থিত, প ত] আত্মজাত, স্বাভাবিক। "তস্যাঃ স্বোত্থিতো দোষঃ প্রেক্ষণীয়স্বয়া সখে ক সা ৩৩ ৩৫।

স্বোদর ক্লী [স্ব+উদর, ষ ত] আত্মজঠর, স্বকুক্ষি। [°পূরণ (ক্লী) —আত্মোদরভরণ। "পঞ্চ ১ ২৩। °পূরক (বিণ)—আত্মোদরভরণকারী, আত্মম্ভরী।]

স্বোপার্জ্জিত বিণ [স্ব+উপার্জ্জিত, তৃ ত] স্বয়মর্জ্জিত, স্বযমাদত্ত।

হ

হ[১] ইহা ত্রয়স্ত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং চতুর্থ উষ্মবর্ণ। ইহার উচ্চারণস্থান কণ্ঠ, ইহা কণ্ঠ্যবর্ণ (অকুহবিসর্জ্জনীয়ানাং কণ্ঠঃ, পা ১ ১ ৯, সি), ইহার করণ নাই, অর্থাৎ স্থানই করণতুল্য বা উভয়ই এক। শিক্ষা-মতে বর্গের পঞ্চমবর্ণযুক্ত ও অন্তস্থবর্ণযুক্ত হ-কার উরস্য, অর্থাৎ উহার উচ্চারণস্থান ও করণ উরঃ এবং অসংযুক্ত হ-কার কণ্ঠ্য (তৈ ২ ৪৬)। বাংলার হ-কার সংস্কৃতেরই ন্যায় উচ্চারিত হয়। ণ ন ম য এবং ল, হ-কারের সহিত যুক্ত হইলে, বাঙলায় উহাদের উচ্চারণে ণ-প্রভৃতি পূর্ব্বে এবং হ-কার পরে উচ্চারিত হয়। 'অপরাহ্ণ' 'বহ্নি' 'ব্রহ্ম' 'গুহ্য' 'কহ্লার' ইত্যাদি সংস্কৃত শব্দের বাঙলায় উচ্চারণানুসারে, 'অপরাণ্হ' 'বন্হি', 'ব্রম্হ' 'গুয্হ', 'কল্হার' এইরূপ বানান হয়। অপরাহ্ণ-প্রভৃতি সংস্কৃত শব্দ প্রাকৃতে 'অবরণ্হ' 'বণ্হি' 'বম্হ' 'গুয্হ' 'কল্হার' হয় (হে ২ ৭৪-৭৬, ১২৪), পালিতেও, প্রাকৃতের ন্যায়, ঐ সকল শব্দের বানানে হ-কার ণকারাদিবর্ণাক্রান্ত হয়। এবং 'অপরণ্হ' 'বন্হি' 'বম্হ' 'গুয্হ' 'কল্হার' এইরূপ বানান হয় (দ্র 'পা ১৩১০, ৮৩২৬, ২৭)। সুতরাং পালি ও প্রাকৃতের উচ্চারণ, বাঙলার ঐরূপ বর্ণস্থানপরিবৃত্তি-পূর্ব্বক উচ্চারণের মূল, পালি-প্রাকৃতের বানানের সহিত বাঙলায় উহাদের বানানের সাদৃশ্য নাই, উহারা সংস্কৃতানুসারেই লিখিত, কিন্তু পালি-প্রাকৃতানুসারে পঠিত হয়। 'গুহ্য' শব্দ প্রাকৃতে 'গুয্হ' 'গুজ্ঝ' (হে ২ ১১৪) হয়, 'গুজ্ঝ', 'গুয্হ' শব্দের পরিবর্ত্তিত রূপ, অর্থাৎ প্রাকৃত উচ্চারণে 'য'-স্থানে বর্গীয় 'জ্' হওয়ায় 'হ'-স্থানে 'জ'এর সবর্ণ চবর্গীয় বর্ণ ও 'হ'এর অন্তরতম মহাপ্রাণ 'ঝ' হইয়াছে। বাঙলায়ও 'লেহ্য' 'বাহ্য' সংস্কৃতানুসারে লিখিত হইলেও, বাঙলায় উচ্চারণে 'লেজ্ঝ' 'বাজ্ঝ' হয়, ইহা প্রাকৃতমূলক। বাঙলাদেশের সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরাও সংস্কৃতপাঠেও এইরূপ উচ্চারণ করেন। সংস্কৃত 'জিহ্বা', প্রাকৃত 'জিব্ভা', বাঙলায়ও 'জিব্ভা' শব্দ শুনা যায়। দ্র 'মহ্য'। ইংরাজীতে 'what' ইত্যাদি শব্দের প্রথমে 'wh' উচ্চারণে 'hw' হয়, অর্থাৎ 'h' বা 'হ্' পূর্ব্বে শ্রুত হয় এবং 'what' 'wheat' 'when'

'which' ইত্যাদি উচ্চারণে 'hwot' 'hwet' 'hwen' 'hwich' ইত্যাদি হয়। বাঙলায় 'হ'-সম্বন্ধে বিশেষ দ্রষ্টব্য ,—(১) 'হ' মহাপ্রাণ বর্ণ, এই হেতু বাঙলায় মহাপ্রাণ বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং উষ্ম-বর্ণের স্থানে 'হ'এর আগম। যেমন—মুহ (মুখ), শিহর (শিখর), লহ (লঘু), নাহ (নাথ), বহির (বধির), লোহ (লোভ), শোহন, -ণা, হালী (শ্যালী), কেহরি (কেশরী—বি সা ১৭), হপ্ত (সপ্ত), উবহি (উরসি—জ্ঞা ২), হুকুতা, হক্তা (সুকৃতা, সুক্তা)। তু—(সংস্কৃতে) কামদুঘা, পরিঘ, সঙ্ঘ, বৃত্রঘ্ন, শত্রুঘ্ন। (ছান্দস) উদ্গ্রাভ, নিগ্রাভ (উদ্ + √গ্রহ্, নি+ √গ্রহ্—পা ৩ ৩ ৩৫, কাশিকা)। (প্রাকৃত) দিবহ (দিবস), নাহ, বহির, মুহ, মেহ (মেঘ), লহু। সাহা (শাখা), সাহু (সাধু)। (২) মহাপ্রাণ উচ্চারণের নিমিত্ত বাঙলা শব্দের আদ্য মধ্য ও অন্ত্য স্বরবর্ণ 'হ'কারাক্রান্ত। যেমন—(আদ্য) হাঁকাবাঁকা (আঁকা-বাঁকা), হাঁটু (আঁটু), হেথা (এথা), হোথা (ওথা)। (মধ্য) গাহক (গায়ক),-হন, -না, বাহুত (রাউত), পহুনাম (পরিণাম), স্ত্রীহু (স্ত্রী—ম গা ২, ৩)। (অন্ত্য) কেহ, -হু, -হো, চহু (চউ), যাহা, তাহা, সেহ, 'থাহ, চাহ' (ম ৬২৫), বাহে (বাজায—ম ৭৩৭), কোথাহ (কোথাও—শি ৯৭) তবহি, -হু, করাহ (শ্রী কী), কবিহ (ভ গ্র ১২৪), দুহহে (দুহএ—ন প ৩), দ্র 'হতাহো, ইলাহা'। তু—(সংস্কৃত) অট্ট, হট্ট, অসংকুট, হংসকুট, ইজ্জল, হিজ্জল। (প্রাকৃত) ণিহস (নিকষ), ফলিহ (স্ফটিক), চিহুর (চিকুর)—হে ১ ১৮৬, ছাহা (ছায়া—প্রা প্র ২ ১৮)। (হিন্দী) হুলাস (উল্লাস), হোট, হোঁঠ (ওঠ, ওষ্ঠ)। (মরাঠী) লহীন (লীন), সহাণ (শাণ), হুদ (উদ্র —মরাঠী অমরকোশ)। (মৈথিল) হফীম (অহিফেণ), হলুক (আলোক), হুলাস (উল্লাস)। (Ger) kohle (coal), Hahn (hen), mahne (mane), sohn (son) (৩) পদ্যে, ছন্দে অক্ষরবৃদ্ধির নিমিত্ত ও সঙ্গীতে সুরের দীর্ঘতার নিমিত্ত 'হ'-আগম। যেমন—যেহ (যেহ তুষ্ট হৈলে—ম ৩১৮), যেহ সেহ (ম ৬৫০), বিহনে (রাজার বিহনে—ম ১১৯০), গজহু গামিনি (বি সা ৩২), মুনিহক মানস, নীবিহক বন্ধ (বি প ২১ , ৫৫), বাজাই অনুহিপাম (চ সা ২১০), নাহাবে (নারে—ধ্রুব, চৈ ম ১৭), ধর্ম্মের বাঁধহ সেতু (ভা চ ৩৯৭। (৪) হ-লোপ। যেমন—(অন্ত্য) কড়া (কটাহ), পড়া (পটহ) কল্লা (কলহা), মু (মুহ), মো (মোহ), দুধা, সুন্না, সাউ। (মধ্য) পাড় (পাহাড়), বাইবে (বাহিবে), মযাল (মহাল), ইতিআস (ইতিহাস —মী ১৩)। (উপান্ত্য) কই (কহি), নাই (নাহি), নাই (নাস্তি —নাহি)।] [অনেক কর্ম্ম হ পর্য্যন্ত হইয়া ক্ষ বাকি থাকিতেও ফিরিয়া যায় (আ দু ৪৫)—(মাতৃকাবর্ণের শেষ অক্ষর 'ক্ষ', অতএব গৌণার্থে) অনেক কর্ম্ম ঈষদসমাপ্ত থাকিতেও অন্যপ্রকার হইয়া যায়।]

হু[2] পুং ১ শিব। ২ সলিল। ৩ শূন্য। ৪ স্বর্গ। ৫ গগন। ৬ নকুলীশ। ৭ রক্ত। ৮ মঙ্গল। ৯ ধারণ। ১০ চন্দ্র। ১১ পাপহরণ। ১২ সকোপ-বারণ। ১৩ শুষ্ক। ১৪ বিষ্ণু। ১৫ যুদ্ধ। ১৬ অশ্ব। ১৭ গর্দ্ধ। —স্ত্রী ১ ব্রহ্ম। ২ অস্ত্র। ৩ বীণারক। ৪ সম্বোধন।

হু[3] ব্য ১ পাদপূরণ। "(সং) বিচচার হ…বিপুলং বনম্ রা ১ ২ ৮। ২ সম্বোধন। ৩ বিনিগ্রহ। ৪ নিয়োগ। ৫ কুৎসা। ৬ ক্ষেপণ। ৭ বাক্যালঙ্কার। "ইতি হ স্ম তাং নিন্দন্তি। উ চ ৫৩১। ৮ ধর্ম্মব্যতিক্রম আচারভেদ (কাশিকা)। 'স্বয়ং হোদনং ভুঙ্ক্তে, উপাধ্যায়ং সক্তুং পায়য়তি পা ৮ ১ ৬০।

হু[4] [অ > হ (মহাপ্রাণ উচ্চারণে), দ্র 'ও'] ১ সমুচ্চয়ার্থ ও (also, too)। "করিলাম আমিহ অগ্রজে উপেক্ষণ।—কৃ ২২৫। মালার মেরুতে তিন ঘুন্টিহ মুক্তার ব প ১৪৮২। আমরাহ পড়িব চৈ ম ৬২। আমিহ ঐছন আমি দিব প্রেমধন ১৩০। প্রভুহ প্রবোধানন্দ বলিয়া রাখিল ভ গ্র ৩৫৮। ২ পর্য্যন্ত, অবধি। "এখনেহ দৃঢ় করি বলহ বচন।—ম ২৭, জীয়ন্তে আছিল যেহ সেহ মৃতপ্রায় ৬৫০। আজিহ না ছাড় হিয়াজাপ চৈ ম ৯। ৩ অবধারণ। "কোথাহ না শুনি।—ম ১০১৭। আন সখী বলে এহ বোল নহে শ্রী ম ৬৯। অতেব কৃত্রিম বৈষ্ণবেহ নমস্কার ভ গ্র ২৪১। ৪ কিন্তু, পক্ষান্তরে। 'বাহিরে কমলবস সুগন্ধি পাইয়া। অন্তরেহ এইমত—ছিল মোর হিয়া॥—চৈ ম ১৩০। ৫ এমন কি, অধিক কি। "পুত্রেহ পিতার ঐছে না করে সেবন চৈ চ ৯৫। স্বপ্নেহ না করিবে পর-পতি-আশ শ্রী ম ৮৪। স্বপনেহ দেখোঁ তোর চাঁদমুখখানি চৈ ম ১৩০। দৃঢ় পাপী হলেহ আমার দণ্ড্য নন শি ৪১। ৬ সবিশেষ। "পূর্ব্বে ব্রজ-বিলাসে, যেই তিন অভিলাষে, যত্নেহ আস্বাদ না হইল চৈ চ ৮২। ৭ সম্ভাবনা। 'কেহো কহে—ঈশ্বর দয়ালু আসিতেহ পারে চৈ চ ৯৭।

হু[5] ক্রি ক্তি [সং স্ব, ত, ধ্বম্ (লোট্), প্রা হ (হে ৩ ১৭৬), সং হি (লোট্), প্রা হ (পুরহ, করহ, গমহ—পৈ ১ ৪৬ ১২৫ , ১৯৫)] ১ অনুজ্ঞায় মধ্যমপুরুষের বিভক্তি। 'বিন্ধহ।—চ ৪৪। প্রণমহ।—ম ২ , তিষ্ঠহ ৪৭২ , ভজহ ৬০১ , থাহ ৬২৫ আপনি বটহ ১০২৪, টীকা। বান্ধহ বি প ২০০। প্রণমহ কৌশল্যানন্দন ক চ ৩। আনো নেহ দেহ হরিধ্বনি চৈ ভা ৪৪১। করহ, সাক্ষী দেহ, যাহ চৈ চ ৯৭। বাঁধহ ভা চ ৩৯৭। সাহেবকে লিখহ কৃ চ ৫৪। ২ [সং থ (লট্), প্রা হ (প্রা প্র ৭ ৪)] বর্ত্তমান কালে মধ্যমপুরুষের বিভক্তি। কুশলে কি আছহ নাতিনী শ্রী কী ১৫।

হু[6] অর্ম্ম [সং √ভূ > প্রা ৭ হো, √হর (হোই, হরই—ভবতি, হে ৪ ৬০) > বা √হ , তু 'হই' (ভবতি—পৈ) , দ্র 'ভ[3]'] ১ স্থিতি করা। 'সকল বেদের তাৎপর্য্য ব্রহ্মে হয় ব প ১৭৫৭। ২ উদ্ভূত হওয়া , জন্মগ্রহণ করা, জন্মান। 'কন্যা হউ একখানি।—ম ১০৯। যার গানে হৈলা মন্দাকিনী ক চ ১ , হইযা ত যদুবংশে, কপটে ভাণ্ডিলে কংসে ২৫৩। আমি মার এক সন্তান, আর হয় নি।—ন ত ৬৪। ৩ সঙ্ঘটিত হওয়া , ঘটা। "যে হউ সে হউ পাছে দৈবের ঘটন।—ম ৩৬৫। স্বস্তি তাঁর হউ চৈ ২১১। ৪ সাধিত হওয়া। "তাহা (দুই রতি স্বর্ণ) যে লইয়া তব কি কার্য্য হইবে: ইথে যে কার্য্য হউক ভ গ্র ১৮৩। ৫ পক্ষাবলম্বন করা। 'শিবের হ'যে কন্দল কল্লিস শিব কি তোর মেসো শি ৮২। বাঙ্গালির হয়ে ভারতবর্ষীয় খুড়ীর একজন খুড়ো কমিসনর হলেন।—হু ১০৬। ৬ যথার্থ বা ঠিক হওয়া। 'হয় নয় চিন মিত্র সীতার ভূষণ।—কৃ ১৫৩। হয় নয় এখনি দেখিবে বিদ্যমানে।—ম ১৯৭ , ৬২৬। ত্যক্তনৃপাসন তুমি সেহ বোল হয় শ্রী ম ১৯৩। ৭ সংস্থান হওয়া , জুটা। পেটের ভাত হওয়া। ৮ সিদ্ধান্ত হওয়া। অতএব এই হয়, দেখ কেহ কার নয়।—নিধুবাবু। ৯ সফল হওয়া। 'দক্ষিণারহিত কর্ম্ম হৈল বা না হৈল শি ৩৯। ১০ সমাপ্ত হওয়া। "এ কাজ এক দিনে হবে না। ১১ নিষ্পাদিত হওয়া। "আমা হৈতে যাহা হয় করিব নিশ্চয়।—ম ৭০০। ১২ কর্ত্তৃকারকের সহিত বিশেষণ বা বিধেয়পদের অভিন্নকারকসূচক ক্রিয়া। সুপবিত্র গাথা হয় ভুবনপাবন ভ গ্র ১৮২, যে স্ত্রীর সঙ্গ হযে নরক দুযার ২৯৬। [হ —'হও' এর অসম্ভ্রমে। দূর হ রে বামদেব।—কৃ ৩৮। দূব হ বে দুরাচার ভা চ ২০১। হঅ—১ হও। 'শ্রী কী ১০৭। ২ হয়। শূ ৩৬। হআ, হইআ —হইয়া। 'শ্রী কী ২৮ , ১১২। হই (তু 'প্রা' হোই)—হয়। শ্রী ম ১০২। চৈ ২০। হইএ—হই। 'শ্রী কী ৪২। হইতে না হইতে, না হইতে হইতে —হওয়ার কিছু পূর্ব্বে। "প্রাতঃকাল না হইতে হইতে বদমায়েশ লোক এস্থানে আসিত আ দু ১০৮। হইব, হব—হইবে। "দুর্গতি নাশ হব। —দু ৫২। হইবামাত্র—হওয়ামাত্র। 'কৃ চ ২২। হইলেই হয়—হইলেই ভাল হয়। 'আমার এক্ষণে গঙ্গালাভ হইলেই হয় ব গ্র ১২৭। হইলো, -লোঁ—হইলাম। "শ্রী কী ৩০৮,-৬৫। হউ—হউক। দ্র 'উ[6]'। "হু[6]

(৩)। চৈ.চ ৯৬। চৈ ম ১। হউক—হ'ক। "গো চ ১১২। হএ—হয়। "ম.গা ২৫। অ প ৭। শ্রী ম ২৬। হএক—হও। "গো চ ৭৪। হএন—হন। "ব প ১৬৯০। হএ নহে—হয় নয়, সত্য মিথ্যা। "শ্রী কী ৪২, ৪৪। হএল—হইল। "অ প ১৪। হও—থাক। "হও তুমি তথি কৃ উ ৩১। হওঁ—হই। "শ্রী কী ২৭৫। হওগা—হও গিয়া। "গো চ ৪৪১। হওসি—হইস। "শ্রী কী ১৬। হকু—হউক। দ্র 'উক[৪]। "ম ১০৯। শ্রী ম ২। হঙ—হই। "বি প ১০৫। ম ১০৯। চৈ.ভা ৯২। হচ্ছে হবে—হইতেছে হইবে (দীর্ঘসূত্রতাসূচক)। "হচ্ছে হবে খাচ্ছি খাব (আ হু)। হচ্ছি—হইয়াছি। "গো চ ১৮৪। হচ্ছিস—হইয়াছ। "গো চ ১৮৮। হঞা—হইয়া। "শ্রী কী ৩৬২। হ'তে ক'ত্তে—যোগাড় করিতে ও সমাপ্ত হইতে। "হ'তে ক'ত্তে যত দিন যায় তাহার পরে ডিকরি হউক বা ডিস-মিসই হউক (আ হু)। হত্যা, -তে,—হইতে। "ব প ৪১৭, হতো চাও মনু ৪২৬। স্থির হতো নারি।—হু ২২। হন—হবেন। হ'ন—হউন। হনু—হইনু, হইলাম। দ্র 'ইনু'। "শি ৪৫। হন্তি (প্রা 'হোন্তি'—ভবন্তি পৈ)—হ'যেন। "(কুন্তী) বাপের ভগিনী হন্তি অ প ২৯। হবামাত্র—হওয়ার পরেই। "উপস্থিত হবামাত্র।—হু ২২২। হয় (প্রা 'হোঅ' —পৈ)—১ জন্মে, ঘটে ইত্যাদি। ২ স্বীকারসূচক, হাঁ। "হয় বলে 'হয়' শি ৮৮। হয় আর কি—প্রায় হয়, হয় হয়। হয় কি নয়—হাঁ কি না, সত্য কি মিথ্যা। হয় নয়—সত্য মিথ্যা। "ম ১৯৭। হয় নয় জিজ্ঞাসা করহ ক চ ৬৮। ব প ৭১৩। চৈ ম ১৫৯। হয় নয় করা—১ হাঁকে না করা, সত্যকে মিথ্যা করা, সপ্রমাণকে অপ্রমাণ করা। "'হয়' 'নয়' করে, 'নয়' করেন প্রমাণ চৈ ভা ৯৫। ২ বাস্তবিক প্রাপ্যে নিরাশ করা। হয়কে নয় করা—সর্থ 'হয় নয় করা'। "হয়কে নয় করিতে …তাহার তুল্য আর একজন পাওয়া ভার আ হু ২৮। হয়ন্তি—হযেন। "অ প ৯। হয়ম—হই। দ্র 'অম'। "জানিবা রণে হয়ম কোন বীর অ প ৭০। হয় হয়—১ ঠিকই হয়, হাঁ হাঁ। "ম ২৪২। চৈ ভা ৩২। মুখে 'হয় হয়' করে চৈ চ ২৪৬। ভ গ্র ৩৪৪। ২ প্রায় সমাপ্ত বা শেষ। ৩ ধুয়ায় গানের সুরে। "না হারে হে হয় হয় চৈ ম ৬০। হয় হয় হয় না—হওয়ার মত হইযাও হয় না। হ'য়া—হইযা। "বা.ম ১৪৯। চ বি ৯১। হযে—হয়। 'ভ গ্র ১৮২। হ'য়ে—হইয়া, পক্ষাবলম্বন করিয়া। "দ্র 'হ৬ (৫)। হ'যেছে—পর্যাপ্ত হইয়াছে। তু 'প্রা হোই—পর্য্যাপ্তি, সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫ ৯৯। হয়েন—হন। "ব প ১৭৫৪। যে ব্যক্তি পরোপকারে রত ও ক্ষমতাপন্ন হযেন।—রামমোহন রায়। হয্যা—হইযা। "ব প ৪১৭। হ'য়ে আসা—১ প্রায় শেষ হওয়া। ২ আসার পথে কোন স্থান দিয়া ঘুরিয়া আসা। '(রামকালী বাবু) আফিসের ফেরতা রাধা-বাজার হ'য়ে আসচেন।—হু ৫৯। হ'যে ব'য়ে যাওযা—সঙ্ঘটিত হওয়া ও বহু দিন অতীত হওয়া। "আরে, যা হ'য়ে ব'য়ে গিযেছে, সে কথা আর কেন?—মা ৩২৫। হ'ল ব'লে—অর্থাৎ অতিশীঘ্রই হবে। হ'লে হয়—কার্য্যে পরিণত হইলে, সার্থক হয। হই নুই—হয নয় (অনন্ত-রামায়ণ)। হুআ, হুইআ—হইয়া। "হুআ শূ ৩৬, ১০৭। হুইযা ব প ১৩৫০। হুযাক—হউক। "প্রসন্ন হুয়োক বাপ ব প ১৩৩১। হৈছি—হইয়াছি। "ম পা ১৭। হৈছে—হইয়াছে। "ম পা ১৫, ২২। হৈতে হৈতে—ক্রমে (মাস) যাইতে যাইতে। "হৈতে হৈতে হৈল গর্ভ ত্রয়োদশ মাস চৈ চ ৫২। হৈব—হইবে। "ক চ ২১। পুনি জন্ম হৈব ম পা ১৭, হৈবার—হইবার। "ম পা ৪২। হৈবা—হইবে। "তুহ্মি যোগী হৈবা ম পা ২৬। হৈয়—হইত। "প র ৪৫। হৈযা—হইযা। "ম পা ১৭। হৈল, -লা—হইল। 'হৈল গো বি ২। হৈলা ম পা ১৭। হোন—হউন। "হরি হোন বরদায় ভা চ ৭৩২। হৌক—হউক। "ম পা ১৭। যে হৌক সে হৌক ভাষা, কাব্য রস ল'যে ভা চ ৪৭৫। চাকরী হওয়া—কাজ জোটা। জল হওয়া—১ বৃষ্টি হওযা। ২ কূপাদিতে জলের গভীরতা বাড়া। ৩ জলে পরিণত হওয়া। "যেমন জলের বিম্ব জলে উদয়, জল হ'য়ে সে মিশায় জলে—রামপ্রসাদ। জিনিসে হওয়া—সমাহৃত দ্রব্যে কুলান। টাকা হওয়া—টাকা জমা। তবেই হয়েছে—বিপদের বা কার্য্যসিদ্ধির আশঙ্কায়। তাই যেন হ'ল—ধর, তাহাই স্বীকার করিলাম। নই—না হই; হই না। নহুক—না হউক, যেন না হয়। "চৈ চ ৮৯। পেটের ভাত হওয়া—উদরান্নের সংস্থান হওয়া। বয়স হওয়া—১ হিতাহিত বুঝিবার বয়ঃক্রম হওয়া। ২ বার্দ্ধক্য হওযা। বেলা হওযা—অতিরিক্ত বা বেশী বেলা হওয়া। ভাত কাপড় হওয়া—গ্রাসাচ্ছাদনের সংস্থান হওয়া। রাত হওয়া—১ রাত্রি আরম্ভ হওয়া। ২ অধিক রাত্রি হওয়া। সই হওয়া—সই-সম্পর্ক পাতান। "সই হ'যে সেই জল সেঁচালেক যে শি ৮৮। সপ্তা হওযা—সপ্তাহ অতীত হওয়া। সময় হওয়া—কার্য্যানুকূল সুযোগ উপস্থিত হওয়া। "সময় হযেছে নিকট, এখন বাঁধন ছিঁড়িতে হবে।—স্ব স্ব ১৮, ১৯। [হয় (হও), হযিআঁ, -য়িতেঁ, -যিল, -লা. -লাহো, -হোঁ, -লী, -লেঁ, -লোঁ, -যিব, -বে, -য়ে, হৈত, হৈল, -ব, -বে, -বোঁ, হৈল. -লা, -লাহোঁ, -লেঁ, -লোঁ (শ্রী কী)]

হইতে, হ'তে[২] কা ক্তি [সং ভসি >প্রা হিন্তো (পঞ্চমীর একবচন—হে ৩ ৮),(অপভ্রংশে) হোন্তউ, হোতউ(কহাং হোন্তউ, 'হোত্‌উ' (টীকা) আগদো—হে ৪ ৩৫৫) >(হোত) হোন্তে >হ'তে, হইতে (?); হতো (ব প ৪:৬), হৈতেঁ (শ্রী কী), ঠ হুন, তুন (চট্টগ্রাম, কোচবিহার), তনে, হনে (শ্রীহট্ট)] ১ অপাদান কারকে পঞ্চমী বিভক্তি। 'গ্রাট হইতে বান্ধি নি যাইল দরিযাপুর সহর ব প ৬৬। শালে হ'তে তুলে শ্রী মা ৩৩। কোল হতে দূরে গিয়া।—দু ৫৯। শূল হ'তে মূল দেও, মূল থাক্ হাতে শি ৬৯। ২ 'হেতু'-অর্থে পঞ্চমী। "শূল হ'তে শঙ্করে সঙ্কোচ করে বিধি: শূল হ'তে সঙ্কটে সেবকপরিত্রাণ শি ৬৯। তেজে হতে ত্রিভুবন কাঁপে শ্রী মা ১৫৯। ধন হতে ধর্ম্ম হয় ধর্ম্ম হতে যশ ব প ৩৯৪। ৩ 'অপেক্ষা'-অর্থে পঞ্চমী। 'হনুমান্ হইতে অঙ্গদ বীর বড়।—কৃ ২৪৭। শ্রী মা ১৭, প্রাণে হ'তে বাড়া ১১৩। পাদপদ্ম হ'তে স্থলপদ্ম নহে শোভা ব প ৯৫৮। ৪ 'দ্বারা'-অর্থে পঞ্চমী। "কোনকালে হেন কর্ম্ম আমা হইতে নয় ম ম ২৭। (মহাবাজ!) আমা হ'তে এই কর্ম্ম হবে না সাধন।—ন ৪১৮। ৫ 'অবধি'-অর্থে পঞ্চমী। "আদি হইতে অন্ত পর্য্যন্ত। দ্র 'হৈতে'। [দূর হ'তে দেখা—দূরে থাকিয়া দেখা।]

হইহই বি [ধ্বন্যাত্মক] মহাকোলাহল। "হইহই রবমাত্র শুনা যায় শ্রবণে।—হেম ২৮।

হওন বি [হ৬+ওন, অপ্র] ১ হওয়া। "শ্রীরামের রাজা হওনোদ্যোগ।—কৃ ৮৬। পার হওনের কালে ভ গ্র ৪২২। এই সংবাদ…প্রচার হওনে ক চ ১০, তাল ভঙ্গ হওনে ৫৮। সুবার পদার্পণ হওনের ফরমান ব প ১৬৮৪। ধার্ম্মিক হওনের বাঞ্ছা (আ হু)। এখন উতলা হওনের সময় নয় বি বু ৩১।

হওয়া বিং [হ৬+ওয়া] ১ সংঘটিত। ২ সমাপ্তি, নিষ্পন্ন। —য়া ব হওন, উৎপত্তি, জন্ম। [হওয়া কথা—অবশ্যম্ভাবী বিষয়। হওয়া ভাত—১ যে ভাত ফুটিয়া সম্পূর্ণ সিদ্ধ হইয়াছে। ২ প্রস্তুত অন্নব্যঞ্জনাদি। "হওয়া ভাতে দণ্ড দুই মিছা দুঃখ পেলে শ্রী ১০৮। হওয়া ভাতে কাঠি দেওয়া—(গৌণার্থে) সিদ্ধ বিষয়ে কেবল নাম করার নিমিত্ত কর্তৃত্ব করা। মা হওয়া—মাতৃনাম ধারণ করা। "মা হওয়া কি মুখের কথা।—রামপ্রসাদ।]

হওয়ারা বিং সর্থ 'অওরা'। "মূল্য হওয়ারা পাবো কায় দালালের ব প ১৪৮১।

হংস পুং [√হন্+অ (অচ্)-ক. 'স্' (সক্) আগম, পৃষো, পা ৬.৩.১০৯, তত্ত্ববোধিনী; √হন্+স-ক, উ ৩৬১, cf., Gr khēn; L. anser, Ger gans, A.S gos, E goose] ১ 'মন্দগামী',

পরমাত্মা, লিঙ্গদেহ। "ঋগ্বেদ ২.৩৪.৫। মন্তহংসস্বর রা ২.১১২ ১৫। পঞ্চ ৯ (কথামুখ)। মুনিজনমানসহংস গী.গো ১.১৮। যোগীন্দ্র-মানসহংসে।—মে ২৬৮। [শুক্লযজুর্বেদে (১৯ ৭৪) বর্ণিত হইয়াছে যে, হংস অর্থাৎ সূর্য্য যেরূপই সোমজল হইতে যেরূপ কিরণ দ্বারা সোম বিযুক্ত করিয়া পান করেন। ঋগ্বেদের বর্ণনায়, পৌরাণিক পক্ষিবিশেষ মিশ্রিত সোম-জল হইতে সোমরস গ্রহণ করিয়া পান করে (M W)। পরবর্তী সংস্কৃতকাব্যে, কবিগণ বোধ হয় ইহা হইতে হংসের মিশ্র নীরক্ষীরের ক্ষীরভাগগ্রহণ ও অসার-নীরাংশ-পরিত্যাগ বর্ণনা করিয়া গুণগ্রহণ ও দোষপরিহারের উপমানরূপে ইহা শ্লোকনিবদ্ধ করিয়াছেন। "হংসো হি ক্ষীরমাদত্তে তন্মিশ্রা বর্জ্জয়ত্যপঃ শ ৬ ২৮। সারং ততো গ্রাহ্যমপাস্য ফল্গু, হংসৈর্যথা ক্ষীরমিবাম্বুমধ্যাৎ।—পঞ্চ ৯ (কথামুখ)। নীরক্ষীর-বিভাগে তু হংসো হংসো বকো বকঃ (সুর)। (প্রাজ্ঞস্তু) গুণবদ্ বাক্য-মাদত্তে হংসঃ ক্ষীরমিবাম্ভসঃ।—উদ্ভট। হংস অশ্বিনীকুমারদ্বয়ের বাহন (ঋগ্বেদ ৪ ৪৫ ৪)। পুরাণে, ইহা ব্রহ্মার হংসবাহনের মূল, বোধ হয়। হংসগণ বর্ষাসমাগমে বিহারার্থ মানসসরোবরে যায়, ইহা কবিসময়-প্রসিদ্ধি (সা দ ৭ ২৩)। কুমারসম্ভবে, শরৎকালে গঙ্গায় হংসমালার সমাগম বর্ণিত হইয়াছে (কু স ১ ৩০)।] ২ 'যে যায়' (সায়ণ), সূর্য্য। "ঋগ্বেদ ১০ ১২৪ ৯। মহা ৩.৩ ৬১। ব প ৪৩০। আস্ত যামে হংস যেন অংশুতে উজ্জ্বল শ্রী ১১৯। ৩ পরমাত্মা। 'নৈ ৩ ৪। ৪ বিষ্ণু। 'মহা ১৩ ১৪৯ ৩৪। ৫ বাসুদেব, শ্রীকৃষ্ণ। 'মহা ১৩ ৪৩ ৭। ৬ শিব। ৭ কামদেব। ৮ বিরাট (লিঙ্গপুরাণ—S W)। ৯ গুরু। ১০ জ্ঞানাভ্যাস-রত যানপ্রস্থবিশেষ। "ভ ৩ ১২ ৪৩। ১১ অজপামন্ত্র, অজপামন্ত্ররূপ বর্ণ। "'হ'-কারেণ বহির্য্যাতি 'স'-কারেণ বিশেৎ পুনঃ। হংসেতি সততং মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা॥—তন্ত্র। 'হ'-বর্ণ পূরকে হয়, 'স'-বর্ণ রেচকে কয়, অহর্নিশি জপ করে 'হংস' 'হংস' করিয়ে।—রামপ্রসাদ। ১২ পঞ্চ মহাপুরুষের একতম। 'বৃহৎসংহিতা ৬৯ ২, ৭। ১৩ নির্লোভ নৃপ। ১৪ তুরঙ্গমবিশেষ। ১৫ শ্বেত পিঙ্গলাক্ষ তাম্রশৃঙ্গ ও মহাবক্ত্র বৃষভ-বিশেষ। "বৃহৎসংহিতা ৬১ ১৭। ১৬ মৎসর। ১৭ অগ্রস্থিত, শ্রেষ্ঠ (অ চি)। "°লোহক, হংসোদক। ১৮ বিশুদ্ধ। ১৯ পর্ব্বত। ২০ হংসা-কার প্রাসাদবিশেষ। 'হংসো হংসাকারঃ।—বৃহৎসংহিতা ৫৬ ২৬। ২১ (বহুব) প্লক্ষদ্বীপস্থ ব্রাহ্মণ। 'ভ ৫ ২০ ৪। ২২ ছন্দোবিশেষ। ২৩ (সঙ্গীতে) তালবিশেষ। দ্র 'হংসক'। —সী স্ত্রী [হংস+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হংসযোষিৎ, বরটা। "ক সা ৪৩ ৫৫। ২ হংসস্ত্রীজাতি। "হংসীর মণ্ডল, যেমন চঞ্চল রাজহংস দেখি হয় ভা চ ৩১৯। ৩ দ্বাবিং-শত্যক্ষরপাদ ছন্দোবিশেষ। [°কান্তা (স্ত্রী)—হংসপ্রিয়া, হংসী। °কীলক (পুং) রতিবন্ধবিশেষ। °কূট (পুং)—১ হংসযুত পর্ব্বতশৃঙ্গবিশেষ। 'মহা ১.১১৯ ৫০। ২ বৃষককুদ। তু 'অংসকূট'। °গ (পুং)—'হংস বাহন', ব্রহ্মা। °গতি (বিণ)—হংসমন্থরগামী। °গামী (-মিন্) বিণ—হংসরুচিরগমন। "ভট্টি ৫ ১৮। °গুহ্য (ক্লী)—তন্নামকস্তোত্র-ভেদ। "ভ ৬.৪.২২। °চিহ্নদুকূল (ক্লী)—হংসাঙ্কিত পট্টবস্ত্র। "°দুকূল-বৎ রঘু ১৭ ২৫। °তুল (ক্লী), °তূলিকা (স্ত্রী),—তূলসদৃশ হংসের পক্ষের স্নিগ্ধ কোমল পক্ষ (down)। °দ্বার (ক্লী)—সর্থ 'ক্রৌঞ্চরন্ধ্র'। °নাদ (পুং)—হংসরব। "ভট্টি ২ ৭। °নাদিনী (স্ত্রী)—নারীবিশেষ। 'গজেন্দ্রগমনা তন্বী কোকিলালাপসংযুতা। নিতম্বগুর্ব্বিণী যা সা কথ্যতে হংসনাদিনী॥ °নাদী (-দিন্) বিণ—হংস-নাদী। °পদ (ক্লী)—হংসপদচিহ্ন। °পদী (স্ত্রী)—গোধাপদীলতা। °বারণগামী (-মিন্) বিণ—হংসগজগমন। "মনু ৩.১০। °বাহ (বিণ)—হংসবাহন, হংসযান। "দেবং হংসবাহন্ ভ ৭ ৩ ২৪। °বাহন (পুং)—ব্রহ্মা। "ভ ৭.৩ ১৬। গ ১২০। °বিক্রান্ত (ক্লী)—হংসগমন। °হংসরাজি।—°বীজ (ক্লী)—'হংসবীর্য্য', হংসাণ্ড। °মালা (স্ত্রী)—হংসশ্রেণী, হংসসমূহ। "কু স ১.৩০। °মাষা (স্ত্রী)—'শ্রেষ্ঠমাষা', মাষপর্ণী। °যুবা (-বন্) পুং—তরুণ হংস। °রাজ (পুং)—'হংসশ্রেষ্ঠ', রাজহংস। "হি ৩২/২৪। ব প্র ১২০। °রুত (ক্লী)—হংসনাদ। °লোহক (ক্লী)—'শ্রেষ্ঠলোহ', পিত্তল। °শ্রেণী (স্ত্রী)—হংসরাজি, বলাকাবলি।]

হংসপাঁতি বি হংসপঙ্ক্তি, হংসশ্রেণী। "ম ৭৬৫।

হংসমন্ত্র বি 'হংস' এই মন্ত্র, অজপা। 'দু ২০।

হংসহার বি হারবিশেষ, হেঁসোহার। "ব ৬৫।

হংসা বি [হংস > °সা, দ্র 'আ২৬'] হাঁস। "হংসা হংসি চরে।—খী ৪৬। —সি,-সিনী বি [হংস+ই১°, ইনী, হি হংসিনী] হংসী। 'জলেতে চরয়ে হংস হংসিনী সমাজে ম বি ৭১।

হংসাঙ্ঘ্রি পুং [ব ত] হংসপাদ। —ঙ্ঘ্রী স্ত্রী হংসপদী লতা।

হংসাধিরূঢ় বি [দ্বি ত] হংসোপরি-আসীন। —রূঢ়া স্ত্রী সরস্বতী। '(বাণীম্) হংসাধিরূঢ়াং ভজে।—তন্ত্রসার (শ ক)।

হংসাবলী স্ত্রী [ষ ত] হংসরাজি, হংসসমূহ। "ক সা ৭১ ৭০।

হংসারূঢ় বিণ [দ্বি ত] সর্থ 'হংসাধিরূঢ়' (ব্রহ্মা, সরস্বতী, বরুণ—বৃহৎ-সংহিতা ৫৮ ৫৭)।

হংসাহ্বয়া স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] হংসপদীলতা (সুশ্রুত)।

হংসোদক ক্লী [কর্ম্মধা] 'শ্রেষ্ঠ উদক', সূর্য্যকিরণে সন্তপ্ত রাত্রিতে চন্দ্রকিরণে স্থাপিত এলাদিবাসিত নবমৃদ্‌ঘটস্থিত নদীজল (শ ক)।

হংহো ব্য ['অঙ্গ-ভোঃ' মূল (?), লি হম্ভো, প্রা হংভো] ১ সম্বোধন। "হংহো ব্রাহ্মণাঃ। কস্যেদং গৃহম্।—মৃ ১/২৫। ২ দম্ভ। ৩ দর্প। ৪ প্রশ্ন। ৫ বিস্ময়। "মহা ১৩ ২৬৭ ৯।

হুঁ অব্য [হয় > হ > হুঁ, দ্র '৺' (৩)] স্বীকার, হাঁ। "ঠাকুরাণী কহে হুঁ হুঁ সত্য বটে বটে ভ গ্র ২১, পূজারি কহে হুঁ হুঁ মহারাজ ২২৮। [হুঁ হুঁ (অবধারণে দ্বিত্ব)—হাঁ হাঁ, ঠিকই।]

হঁতে কা ক্তি [হ'তে > হইতে] 'অবধি'-অর্থে পঞ্চমী বিভক্তি। "এবে হঁতে দৈবকীর যত গর্ভ হএ শ্রী কী ৩।

হক১ [হ৪+ক৭] ষষ্ঠী। [মুনিহক (মুনিহক—বি সা ২৩)—মুনিরও 'মুনিহক মানস মনমথ জাগি বি প ২১।]

হক২ '-ক বি° [আ হক ক] ন্যায্য, ন্যায়সঙ্গত, যথার্থ, ঠিক। "হক কথা কওয়ার ভারি জ্বালা।—দা ২০৭২। E P 95 —ক বি ১ ন্যায়। ২ স্বত্ব, অধিকার। "হকিয়তে আমার হক।—হেম ৩৮০। আমি জাল করি, চুরি করি, আপনারই হকের জন্য। তুমি চুরি করিয়াছ, কার হকের জন্য?—ব প্র ২৬৪। [হক আদায় করা—বাস্তবিক প্রাপ্য আদায় করা। হক কথা—ন্যায্য কথা। হ'কদার—যথার্থ স্বত্ববান্। হক না-হক—ন্যায্য বা অন্যায়। হক বজায় রাখা—ন্যায্য বিষয় অক্ষুণ্ণ রাখা। হক সীমানা—ন্যায্য বা বিচারসঙ্গত সীমা।]

হকচকা অর্দ্ধ [হঠাৎ চকিত > °কা (?), হি √হকবকা] হঠাৎ ভয়ে হতবুদ্ধি বা স্তম্ভিত হওয়া, ঘাবড়াইয়া যাওয়া (to be aghast)। [হকচকান—ঘাবড়ান।]

হকল বি° [সকল > °ল (পূর্ব্ববঙ্গ) সকল। "মজিল হকল ধন কেমনে কুলাই ক চ ২৪৯।

হকার বি [E hawker] যে পণ্য বহন করিয়া বিক্রয় করে, ফেরিওয়ালা। "একদিন একজন হকার দাদাকে কিছু জিনিস বেচিয়াছিল গ স ৯০।

হকি(কী)কৎ, -ত বি [আ হকীকত্] সত্য, বাস্তবিক ঘটনা বা বিষয়। "দেওয়ান কহেন বাওয়া কহো হকীকৎ রা স ১১। হরকারা পাঠাইয়া, হকিকত জান যায়্যা, কোথা হইতে আইল লস্কর ব প ১৪২৩। হকীকত বুঝা জাগা কহনে দেও বাত বি শূ ১০০।

হকিম বি [আ হকীম] চিকিৎসক, ইউনানী-চিকিৎসক। "হকিম নাড়ী ধরিয়া রহিলেন ব প্র ৫৫।

হকিয়ৎ বি [আ হকীয়ত্] ১ স্বত্ব, অধিকার। "হকিয়তে আমার হক।—হেম ৩৮০। ২ স্বত্ব সাব্যস্ত করার মোকদ্দমা।—য়তী বিং [°ৎ+ঈ°] হকিয়ৎসম্বন্ধী, স্বত্বসম্বন্ধী (মকদ্দমা)।

হ(হু)ক্কুক বি [আ হকূক্] স্বত্ব, অধিকার। "মজকুরের মৌজা আমার তালুকদারি হকুকে দখল E P 97 দ্র 'হকহকুক'।

হক্ক[1] পুং [ধ্বন্যাত্মক, 'হক—শব্দবিশেষ (পৈ)] গজসমাহ্বান, হাতীকে ডাকার শব্দ।—কা স্ত্রী পেচক। "বৃহৎসংহিতা ৮৮ ৪।

হক্ক[2] বি [আ হক্ক্] স্বত্ব, দাবী। "সরকার বাহাদুরের হকে ডিকরি E.P 79. [হকের ধন (ঠ হক্'মাল)—যথার্থ নিজের ধন।]

হক্কহক্ক বি [ধ্বন্যাত্মক, দ্বিত্ব] সতৃষ্ণভাবে বেগে পানের শব্দ। "চক চক হক হক পীতরক্তহাসিকে (কালিকে) ভা.চ ৪২৭।

হক্কা দ্র 'হক'।

হক্কার পুং [ধ্বন্যাত্মক] হক্-শব্দ, আহ্বান (S W)।

হক্কস বি [হংস > °স, দ্র 'ঙ'] হংস। "°রাজ ম গা ৫।

হজ্জাম দ্র 'হাজাম'।

হজ বি [আ হজ্জ্] মুসলমানের মক্কায় তীর্থযাত্রা। "মক্কা থেকে হজ করে ভাই, ফিরো নিজগ্রামে।—রজনীকান্ত সেন।

হজম বি [হ্জ্ম্] খাদ্যের পরিপাক (digestion)। "বদ°।—ম বিং জীর্ণ। "কুকুরের পেটে ঘি হজম হয় না। —মী বিং [°ম+ঈ°] পরিপাককারক, জীর্ণকারক। "হজমী গুলি। [হজম করা—১ জীর্ণ করা। ২ পরের ধনাদি নির্বিঘ্নে আত্মসাৎ করা। "হরলালের এ টাকা হজম করা তার ব প্র ২৫৯। বদহজম—১ দ্র 'বদ'। ২ পরের ধনাদি আত্মসাৎ করিয়া বিপন্ন হওয়া। "লোভ বড়, কিন্তু বদহজমের ভয়ও বড় ব প্র ২৫৯।

হজরত বি [আ হজ্রত] ১ স্বামিপাদ, প্রভুপাদ, পাতসাহ। "দেখা কৈল হজরতে ভা চ ৪৭৭, দেবতায় নিন্দা কেন কর হজরত ৪৮২। ২ মহাপুরুষ, মহাত্মা। "হজরত মুহম্মদ। ৩ প্রধান, প্রভু। "মিয়ারে কহিছে বান্দী শুন হজরত ভা চ ৪৯৫।

হজার স বিং [ফা হজার্] ১ সহস্র। ২ বহু, অনেক। "এক মে হজার লাখ মৈ কহা বনায়কে ভা চ ৪৩৬।

হজিমৎ বি [আ হজিমত্] পরাজয়। "বি সু ৪।

হজুত (?) "পরানা দিলেক হাতে পায়ের হজুত শ্রী মা ১২০, ২১৮।

হঞ্জি পুং [ধ্বন্যাত্মক] ক্ষুৎ, হাঁচি।

হঞ্জিকা স্ত্রী ভার্গী, ব্রাহ্মণী (ভাবপ্রকাশ)।

হঞ্জে বা চেটীসম্বোধন (অ.কো)। "হঞ্জে কাঞ্চনমালে।—রত্নাবলী ১২/১।

হট্, অক [ভ্বা, প—হটতি, সেট্] দীপ্তি।

হট[1],**-ঠ**[2] বি [হি, ঠ হট,-ঠ, মৈ হঠ] ১ দ্রোহবুদ্ধি, বিদ্বেষ, শত্রুতা, বিবাদ। "নিবাসে নাহিক কাজ বীর সনে হঠ ক.চ ৫৪, আমা সনে করি হঠ, চরণে লজ্জিল ঘট ১৯৩। মোর সঙ্গে করে হট শ্রী ১৪। মনসার হটে সাধু ভিক্ষ মাগি খায় ম ভা ১২, ১৬। মোর সনে না করিহ হট ভ প্র ১২৪। ২ ক্রোধ। "হুটে হৈমবতী যবে হানিল তার শির শ্রী ১২৮। ৩ জবরদস্তী, বলাৎকার। ৪ জিদ, দুরাগ্রহ। "আজি হবে এ সঙ্কট, তেঁই হয় কৈলা হট।—দু ৫৬। শ্রী মা ১৯১। হট করি হৈমবতী দিতে আনে ভাত। শার্দুলজল্পনে মরে আগুলিল পাত।—শি ৩০। [মানুষের হটে —মানুষের সহিত বিবাদে বা জবিগ্রহে। "পাছে পরাভব পাই মানুষের হটে শ্রী ৩৯।]

হট[2],**-ঠ**[3] অর্থ [সং √হঠ্, হি, ঠ, মৈ √হট, ঙ √হঠ] ১ পশ্চাৎপদ হওয়া; পিছনে সরা, সরা। "তিন পা কেবল হটে যাও পিছু।—কা ১১৪। পিছে হটিতে হটিতে সন্তানসেনা পুলের পায়ে চলিল ব.বি ১৭৮। ২ পরাজিত হওয়া; হারা। "আমি জাঁক করিতে আসিয়াছিলাম, কিন্তু দেখিলাম যে, একটু হটিয়াছি ব.প্র ২৬০। ৩ সরা অথবা ভয় প্রকাশ করা। "কাঁচুয়া খরব বব হটিয়া বি.প ২০৭। ['হটিয়া'—হঠকারী, 'মাধব' (বি.সা ৮৮০)।] ৪ স্থানান্তরে যাওয়া; সরা, ভাগা। "তোর হট (ধৃতপাঠ—'হাট') বি.চ ৮। —টা,-ঠা অর্থ [হট্,-ঠ+আ°, হি √হটা, ঠ √হঠারি] পশ্চাৎপদ করা, পরাজয় করা; হারান। "সিপাহীরা লাঠিয়ালদিগকে সঙ্গীনের মুখে হটাইতে লাগিল ব প্র ৩১৪। [হটা,-ঠা—অর্থ 'হট[2]'। হটা (ঠা)ন—অর্থ 'হটা'।]

হট(ঠ)র-হট(ঠ)র বি [ধ্বন্যাত্মক, দ্বিত্ব] ১ ক্রমাগত 'হটর' শব্দ। "পাকা রাস্তায় গোরুর গাড়ী হটর-হটর করে। ২ নৌকার দাঁড়ের আঘাতজন্য শব্দ। "হাটুরিয়া নৌকা হটর-হটর করিয়া যাইতেছে ব বি ৩।

হটহট বি অর্থ 'হংহং'।

হটা, হটান দ্র 'হট[2]'।

হটাৎ অব্য [সং হঠাৎ, ঠ হটা (ঠা)ৎ] ১ বলপূর্বক, সবলে। "বড় বড় কামান দুই পার্শ্বে রাখিলেন হটাৎ পুরমধ্যে শত্রু প্রবেশ করিতে না পারে কৃ চ ৩১। ২ কোন বিষয়ের কর্তব্যাকর্তব্যতাব্যতিরেকে। "সেখানকার সমস্ত প্রকরণ জ্ঞাত হইয়া ভৃত্য যেমন নিবেদন লিখিবে সেইরূপ কার্য্য করিবেন হটাৎ মহারাজের যাওয়া পরামর্শ হয় না কৃ চ ৩৮। ৩ অতর্কিতভাবে, সহসা। "হটাৎ এমত লিখন যদি আপনি লিখেন আর কোঠির সাহেব রাজবল্লভকে ত্যাগ না করেন তবেই বিবাদ উপস্থিত হইবেক কৃ চ ৫৩। [°কার,-রে (ক্রি বি°)—বলপূর্বক, অকস্মাৎ। "হট ক'রে বীরের সহিত হটাৎকার শ্রী মা ১৯১, হটাৎকারে কোটাল ধরিল তার চুলে ২২২।]

হটাহটি বি [হট[1]-আ+হট[1]-ই] তর্কবিতর্ক। "(কেহ বলে) কূপেতে ডারিয়া দেহ কিবা হটাহটিতে গ্র ১৯০।

হটিল বিং [হট[1]+ইল[2], হি হঠীলা] ১ হটকারী, নির্বন্ধশীল, জিদী। "রাজা বড় হটিল যেদিন পাছে হয় শ্রী ১৫২। হাসি হটিল হরি ধনী করি কোর। পীবই অধর সুধারস পোর।—রা শে ৭৯। ২ বিবাদকারী, প্রতিদ্বন্দ্বী। "(কেহ) হেনেছে হটিল হ'য়ে নবলক্ষ দল শ্রী ১৬৯। হটিল হনুর হাতে ১৮৮।

হট্ট পুং [Sanskrit 'atta' (properly 'hatta'), a market, market-place, Drav 'hatta', a hamlet (Caldwell, p 573)] অর্থ 'অট্ট' (পুং, স্ত্রী)। "অ কো, লিঙ্গাদিসংগ্রহবর্গ, ১৮। মুগ্ধবোধ ৯৮০। [°চৌরক (পুং)—হট্টে, অর্থাৎ প্রকাশিত স্থানে চৌর; প্রসহ্যচৌর, হাটচোর। °বাহিনী (স্ত্রী)—হট্টপ্রণালী, হাটের নর্দ্দমা। °বিলাসিনী (স্ত্রী)—১ গন্ধদ্রব্যবিশেষ, নখী। ২ হরিদ্রা। ৩ বারাঙ্গনা।]

হট্টগোল বি হাটের গোল মহাকোলাহল। "২০।৩০ জন বালক এক শ্রেণীতে পড়িলে হট্টগোল হয় আ চু ১০।

হট্টমন্দির বি হট্টগৃহ, হাট-চালা। দ্র 'অপরথা'।

হট্টাধ্যক্ষ পুং [ষ ত] হট্টের প্রধান কর্ম্মচারী।

হঠ্, অক [ভ্বা, প—হঠতি, সেট্] শাঠ্য। ২ বলাৎকার। ৩ প্লুতি।—ঠ সক কীলবন্ধ (ক ক), কীলে বন্ধন।

হঠ[1] পুং [√হঠ্+অ (অপ্)-ভা] ১ অনৌচিত্যপূর্ব্বক করণ (অ.টী); বলাৎকার। "বানরান্ বারয়ামাস হঠেন মধুরেণ চ গো.রা ৫.৬১.১৭। তোং কুমারসচিবো হঠাৎ (অগ্রহীৎ) ক সা ৪.৩২, ৩০.৯, (রা) যাজ্ঞ দূরং ক্রিয়তে হঠেন ৪৮ ১২৩। (বাণী বিলাস) হঠ সঙ্গে ইন্দ্রিয়ে প্রকাশিত ওর বি.প ৪৫। হঠ পরিহরণে ৬৮, ৭০, ৭৭। মিছা হঠে মান ছাড় শ্রী ম ৬১। ২ নির্বন্ধশীলতা, দুরাগ্রহ। "প্রত্যৌ হঠপ্রবৃত্তে হি 'কৃষ্ণ' প্রত্যাখ্যানা জবেৎ ক.সা ৩৯ ২৬৪। হঠে নষ্ট কৈলি সব কাজ।—গো. ২২১। রামানন্দ-হঠে প্রভু, না পারে চলিতে চৈ.চ ১৫৫; জুড়ি ...

উষ্ণল, তাঁর হঠ সে হারিবে ২৬৭। তুহ রসবতি, উহ রসিক-শিরোমণি, হঠ বল না করহ বাধা।—ব্রা ২১২। ৩ অচিন্তিত ও অতর্কিত বিষয়ের লাভ (নীলকণ্ঠ), অর্থাৎ সংসারে লব্ধ বিষয় কাহারও যত্নকৃত নহে, তাহা আকস্মিক লাভ। "মহা ৩.৩২.২০, ৩৩,-৪। ৪ বিহেঠ, পরোপতাপ, উৎপীড়ন। ৫ হঠযোগ। "°প্রদীপিকা, °বিদ্যা। ৬ পুরী, শাস্তি। ৭ শাঠ্য। "হঠে শঠে কেলে দাম জিনিবার তরে রা.শে ৭৪। [হঠে শঠে—শঠতাপূর্বক।] ৮ (বাঙলায়) প্রতিদ্বন্দ্বিতা, শত্রুতা। "যুক্তি হলুর হঠ হলো হালাহোল শ্রী ১৮৮। [°কর্ম (-র্মন্) ক্লী—হঠ-রূপকর্ম, বলাৎকার। °বিদ্যা (স্ত্রী)—হঠযোগশাস্ত্র। °বুদ্ধি (বিণ) —অর্থ 'হঠবাদিক'। "মহা ৩.৩২.১৫।]

হঠ২ ; **হঠ**৩ দ্র 'হট১' ; হট২।

হঠকারী (-রিন্) বিং যে হঠ বা অনুচিত বলপ্রয়োগ করে, অশিষ্ট, গোঁয়ার।

হঠধর্ম বি হঠাৎ আক্রমণপূর্বক লুণ্ঠন। "হঠধর্মে হর্ষ অতি, হঠ্‌হঠ্‌ সদা গতি—রঙ্গ ৩।

হঠবাদিক বিণ [হঠবাদিন্+ক (কন্) স্বার্থে] প্রাগ্‌-জন্মাভাব হেতু অকৃত অর্থাৎ যাহা পূর্বজন্মকর্মজন্য নহে, তাদৃশ অচিন্তিত অতর্কিত বিষয় লোকে প্রাপ্ত হয়—এইরূপ মতবাদী, চার্বাকমতাবলম্বী। "মহা ৩.৩২.১৩।

হঠযোগ পুং [তৃ ত] বলাৎকার দ্বারা যোগ, রাজযোগ বিনা প্রাণায়ামাদি-ক্রিয়াভ্যাসজাত পরমাত্মসাক্ষাৎকাররূপ চিত্তবৃত্তিনিরোধাত্মক যোগ (ত.বা)। "°প্রদীপিকা। —যোগী (-গিন্) পুং হঠযোগসিদ্ধ পুরুষ।

হঠরঙ্গ বি হঠকারীর বা দুর্বৃত্তের কার্য্য, দুরাত্মার অত্যাচার। (তোমার) এক-দুই সঙ্গে চলুক তা পড় হঠরঙ্গে চৈ.চ ১০৮।

হঠরহঠর ; **হঠা** দ্র 'হটরহটর ; হট২।

হঠাৎ অব্য [হঠ২ > °ৎ (পঞ্চমী -১ব), হি হঠাৎ] ১ অকস্মাৎ, অতর্কিতভাবে। ২ বলপূর্বক, সবলে।

হঠাৎকার,-রে ক্রি.বিং ১ অতর্কিতভাবে, অকস্মাৎ। "°কার ভ.গ্র ২৩৩। হঠাৎকার কোন সাধুকৃপা হৈল ২৭৮, °কার ৪১৪, ৪৮১। ২ বলপূর্বক, সবলে। "লক্ষ্মী সরস্বতী শশ্ব দুটি বাই পরি। হঠাৎকারে হরির লইল মন হরি।—শি ৮৯।

হঠাৎ-নবাব বি অকস্মাৎ মহাধনী। "নিজের প্রতাপ ও প্রেষ্টিজ সম্বন্ধে যে ব্যক্তি হঠাৎ-নবাবের মত সর্বদাই আপাদমস্তক সচেতন।—'রাজা প্রজা'—রবীন্দ্র।

হঠাৎবাবু বি অকস্মাৎ শক্তিশালী ; অল্পদিনের মধ্যেই বড়লোক। "ছোটলোক, বড়মানুষ ও হঠাৎবাবুই অধিক।—হ ২০।

হঠাহৃত বিণ [সুপ্‌সুপা] অবজ্ঞাবিরূপে প্রাপ্ত ; অবজ্ঞবিধেয়। "তত-মিত্রো °তো দণ্ড এব প্রযোক্তব্যতে ক সা ১০২.১২৭।

হঠাশ্লেষ পুং [সুপ্‌সুপা] বলপূর্বক আলিঙ্গন ; হঠপরিরম্ভ।

হঠিনা,-নী বিণ [হঠ১+ইনী] ১ হঠকারিণী, নির্বন্ধশীলা, জিদী। "সখিগণ নিপুণা। বোলব হঠিনা।—রা.শে ৬৭, এ ধনী হঠিনী তুয়া চিত্ত। ইহ সব না হয় নাগরী রীত।—৮০। ['হঠিনা' মিলের জন্য।] ২ অরসিকা, গোঁয়ারী। "অধরে দশন-চিহ্ন দেয়লি হঠিনী রা.শে ১২৪।

হঠিনী দ্র 'হঠিনা'।

হঠিলা বি [হি হঠীলা (স্ত্রীলিঙ্গে)] কলহপ্রিয়া, ব্যাপিকা, কুঁদুলা। "হঠিলার হার মানি হয় আইলা ঘরে শি ৯৫।

হঠোপভোগ পুং [সুপ্‌সুপা] বলাৎকারপূর্বক উপভোগ। "স্ত্রীণাং হঠোপভোগো ময় শাপোহস্তি বৃত্তাম্‌: ক.সা ৩০.৯।

হঠ্‌হঠ্‌ বি [ধ্বন্যাত্মক] বেগে অশ্বচালনায় অশ্বখুরের কঠোর শব্দ। "হঠ্‌-হঠ্‌ সদা গতি, সদাশক্তি পরাভূত তার।—রঙ্গ ৩।

হড় বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "ক.চ ৯৬। [ইঁহাদের পূর্বপুরুষ দক্ষের সন্তান 'হর' হড়গ্রামে বাস করেন, তদনুসারে তাঁহার বংশধরগণের ঐরূপ উপাধি (সম্বন্ধনির্ণয়)।]

হড়কা১ বি [ধ্বন্যাত্মক] বজ্রের হড়হড় শব্দ। "বজ্র যে হড়কা, করিল প্রলয় কাল ম.প ১৩৬৩।

হড়কা২ অর্থ [সর২ > সরক > হড়কা (?)] পিছলে সরিয়া যাওয়া বা স্খলিত হওয়া। "পা হড়কান। পা হড়কে পড়া।

হড়গড়ানে বিং [°ন+এ৭] অত্যন্ত ক্রমনিম্ন বা ঢালু (জমি), যেখানে কোন দ্রব্য রাখিলে হড়হড় শব্দে গড়ায়। [°সে পুকুরপাড় —পুকুরপাড়ের মত অতি ঢালু জমি।]

হড়পি, -পী বি [হড়প্প,-প্ক (দেশী)—তাম্বুলপাত্র, চূর্ণকরণ্ডক (প্রা.ম) ঠ 'হড়প'—তাম্বুলকরণ্ডক] ১ সাপ রাখার চুপড়িবিশেষ ; সাঁপুড়া। "হড়পী ভরিয়া সর্প লইল বি.পা ১২৭। সুখে নিদ্রা যাও তুমি হড়পি-ভিতরে ম.ভা ৩৬। নতশির যেন ধীর হড়পীর সাপ ভা.চ ৩৯২। ২ বাঁশের শলার পেটিকাবিশেষ। "মনে বড় কুতুহলী, কাঙ্কেতে কড়ির থলি, সাঁপড়ি ('হড়পী' পাঠান্তর) তরাজু লয়্যা হাথে ক চ ৭৪। ৩ দেরাজের টানা বাক্‌স।

হড়পী দ্র 'হড়পি'।

হড়বড়১ বি [ধ্বন্যাত্মক, প্রা 'হড়হড'—হড়হড শব্দ (প্রা.ম); হি 'হড়বড়ী'—ত্বরা] দ্রুত অস্পষ্ট বাক্যোচ্চারণ। "হড়বড় করিয়া কথা। —বড়ে বিং [°ড় + এ৭] যে হড়বড় করে। (হড়বড়ান—অর্থ 'হড়বড়'।]

হড়বড়২ অর্থ [হি √°বড়া] ত্বরান্বিত হওয়া, ব্যস্ত হওয়া। "(বিশ্বমঙ্গল) ভিতরে উপর হইতে লম্ফ দিয়া পড়ে। শব্দ শুনি বেশ্যাগণ ডরে হড়বড়ে।—ভ.গ্র ১৯৮।

হড়মড় বি [ধ্বন্যাত্মক] ১ বজ্রের শব্দ। "ঝড় বহে ঝড়ঝড়, হড়মড় কড়কড় বাজে ভা চ ৪৫৪। ২ মেঘগর্জন। "আকাশ নীল মেঘে ঢাকা —মধ্যে মধ্যে হড়মড় হড়মড় শব্দ হইতেছে আ চু ১১১। ৩ বিছানার চাদর দ্রুত নাড়াচাড়ার শব্দ। —ড়ী বি মেঘগর্জন। "হড়মড়ী দেয়ে মেঘে ভা চ ৪৫৪। —মড়ে বিং [°ড় + এ৭] হড়মড়শব্দকারী।

হড়মড়ী, হড়মড়ে দ্র 'হড়মড'।

হড়হড় বি [ধ্বন্যাত্মক] ১ রথচক্রের শব্দ। তু 'ঘর্ঘর'। "ঠেলিলে চলিল রথ হড়হড় করি চৈ চ ১৫৬, ১৫৯। ২ বমনের শব্দ। "খিলিটী চর্বণ করিবামাত্র হড়হড় করিয়া কুড়রামের অন্নপ্রাশনের অন্নপর্য্যন্ত উঠিয়া পড়িল।—ব ১০। ৩ বস্তুর স্থানে কঠিন বস্ত জোরে টানিয়া লওয়ার শব্দ, হুড়কা টানার শব্দ। "অমনি দুয়ারী, টানিল হুড়কা ধরি হড়হড়হড়ে।—মে ১০২। ৪ [সড়সড় > °ড়, ভাবাত্মক] পিচ্ছিলতার ভাব। "গায়ে নাল হড়হড় করে। —ড়ান,-নি বি হড়হড়শব্দকরণ। "গৃহোপকরণের হড়হড়ানি পা.প্র ১৮৮। —ড়ে বিং [°ড়+এ৭] পিচ্ছিল। [হড়হড়হড়ে—ক্রমাগত হড়হড়-শব্দে।]

হড়হড়হড়ে, হড়হড়ান, হড়হড়ানি, হড়হড়ে দ্র 'হড়হড়'।

হড়াৎ বি [ধ্বন্যাত্মক] পেয় দ্রব্য শীঘ্র গলাধঃকরণের শব্দ। "ঔষধ হড়াৎ করিয়া গেলা।

হ(হো)ড়াপোড়া বি [হোড়া (বিহারী), হি হোরহা, হোলা] ১ গাছশুদ্ধ কাঁচা ছোলা বা মটরের শুঁটি পোড়া। "গাছশুদ্ধ ছোলার হোড়াপোড়া করার আনন্দ-কোলাহল পা.বো ২৬১। ২ নিন্দার্থক। "লেখাপড়া হড়াপোড়া, কিন্তু কুলীনের গোড়া।—ব্রা ২।

হড়ি পুং ['হড'—মূল?] কাষ্ঠনির্মিত বন্ধবিশেষ বা নিগড়বিশেষ, হাইড়। তু 'দারুকা'। ২ পশুবধার্থ নিয়ন্ত্রণযন্ত্র ; হাড়কাঠ।

হড়িক পুং নীচজাতিবিশেষ, হাড়ি।

হড্ড পুং ['হড্ড' (দেশী ৮.৫৯); হি, ঠ হড্ডী] অস্থি, হাড়। [°জ (ক্লী)—হড্ড হইতে জাত; মজ্জা।]

হড্ডক, -ড্ডি, -ড্ডিপ পুং [দ্র 'হড্ড'] নীচজাতিবিশেষ, হাড়ি। [চণ্ডালীর গর্ভে লেটের ঔরসে ইহাদের উৎপত্তি (ব্রহ্মবৈবর্ত্ত, ব্রহ্মখণ্ড ১০ম অধ্যায়)।] "ভার্য্যা মে নটিকা চেরমহক যবনাধমঃ। জামাতা হড্ডকশ্চৈব যোগ্যো যোগ্যেন যুজ্যতে॥ হড্ডি ভ.গ্র ১৬১, হড্ডির দুহিতা ১৬৪; ১৬৫। কৃষ্ণের হড্ডিপ চৈ ম ১১৯।

হড্ডপ বি [সং হড্ডিপ] হাড়ি। "ধ প ৩১৯।

হড্ডি, হড্ডিপ দ্র 'হড্ডক'।

হণ্ডা[1] স্ত্রী মৃৎপাত্রবিশেষ, বড়হাঁড়ী, হাঁড়া। —ণ্ডিকা,-ণ্ডী স্ত্রী হাঁড়ী।

হণ্ডা[2] ব্য (নাট্যে) নীচাসম্বোধন। তু 'হণ্ডে'।

হণ্ডিকা, হণ্ডী দ্র 'হণ্ডা'।

হণ্ডে ব্য (নাট্যে) নীচাসম্বোধন (অ.কো)।

হত বিণ [√হন্+ত(ক্ত)-র্ম্ম] ১ নষ্ট (সায়ণ), নিহত, মারিত, বধিত। "ঋগ্বেদ ১.১০৪.৩। হতো বা প্রাপ্স্যসি স্বর্গম্ গী ২ ৩৭। ডিম্বাহবহত মনু ৫.৯৫। ২ তাড়িত, আহত। "ভ ১.১৮ ৪৬। অস্তোধয়ঃ শ্বাসহতা বিচুক্ষুভুঃ ৭৮.৩২। ব্যাধো মুষ্কদেশে হতঃ।—হি ১$\frac{১৭৪}{১৭৫}$। ৩ উৎকীর্ণ, উদ্ধৃত, উৎক্ষিপ্ত। "তুরগখুরহতঃ…রেণুঃ শ ১.২৯। ৪ নিরস্ত। "°কিল্বিষ মনু ২.২.৪৩। °প্রমাদ কি ৫.৪৯। °বৃহত্তমস্ ৬.৪১। ৫ প্রতিবদ্ধ, নিরুদ্ধ। "মন্ত্রেণ হতবীর্য্যস্য ফণিনঃ কু স ২.২১। ৬ মনোহত, ভগ্নমনোরথ। "বয়ং তত্ত্বান্বেষান্ মধুকর হতাঃ শ ১.২১। ৭ দূষিত। "অন্তস্থ হতমশ্রদ্ধয়েতরৎ মনু ৪ ২২৫। অসংস্কার° কি ৩.৪৮। ৮ অভিভূত। "কামলোভহতঃ (অকাত্মা) ভ ১.৬.৩৬। ৯ মন্দীকৃত। "হতবিক্রমোত্তমঃ মৃগেশ্বরঃ।—ঋতু ১.১৪। ১০ সংহৃত, নিবারিত, মোঘীকৃত। "অস্ত্রৈরস্ত্রেষু বহুধা হতেষু মহা ৫.১৮৩.৪। ১১ ক্ষীণ (মল্লিনাথ)। "নিশীথদীপাঃ সহসা হতত্বিষঃ রঘু ৩.১৫। ১২ নষ্ট, ব্যর্থ, অকিঞ্চিৎকর, নিরুপযোগ। "হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং হতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ। হতা রূপবতী বন্ধ্যা হতং সৈন্যমনায়কম্॥—চাণক্য। ১৩ দুষ্ট। "হতবিধিলসিতানাং হি বিচিত্রো বিপাকঃ মাঘ ১১.৬৪। হা হতবিধে!—সী ২১। ১৪ খাদিত। "স্বহতম্ (গবাদিপশুম্) মনু ৮.২৩২। ১৫ বিহীন, শূন্য। "(সভে) হতক্রিয়াচার।—ম ১২২। নিদ্রাতন্দ্রাহত, শূন্যশয্যা চ.কা ১৩৯। ১৬ নাশপ্রাপ্ত, উৎসাহিত, বিধ্বস্ত। "হা হতোঽস্মি রা ২.৭২.১৭। হা হতাস্মি মহা ৩.৬৩.৩। °সংমদা ভক্তি ১০.৬। গোরাচান্দ-পালে, চাহি তাসভার, নাগর-গরব হইল হত ন.প ২৩৯। হা হতোঽহস্মি।—হেম ১০৩, কাদ ৬২, হা হতাস্মি ১২৯। হা হতোঽস্মি সী ২০। ১৭ অতিক্রান্ত। "ধর্ম্ম এব হতো হন্তি মনু ৮.১৫। ১৮ কুৎসনবাচী (সী)। "ব্রাহ্মণিহতা পা ৬.৩.৪৩, কাশিকা। ১৯ ত্যক্ত। "হতত্রপ ভ ১ ৬ ২৭। ২০ উপশমিত। "মহৌষধিহতব্যথ রঘু ১২.৭৮। ২১ তুচ্ছ, দগ্ধ, পোড়া। "°জীবিত রঘু ১৪.৬৫। উ.চ ৪$\frac{১৭}{১৬}$। °হৃদয় শ ৬.৭। হত চিত্ত তাহে নাহি রঙ্গে।—ব ২১০। জন্ম হত।—দা ২। হত চিত্ত ব.প ১০৮৫। ২২ পাপিষ্ঠ, দুর্ব্বৃত্ত। "হত মদন সঙ্গে ঋতুরাজ ব.প ১০৮৬। ২৩ প্রতারিত (M.W)। ২৪ (গণিতে) গুণিত, পিণ্ডিত (multiplied)। ২৫ (জ্যোতিষে) আহত, সংস্পৃষ্ট। "বৃহৎসংহিতা ৮.৫৩। ২৬ আক্রান্ত। "উল্কাশনিধূমাদ্যৈর্হতাঃ (সপ্তর্ষয়ঃ)।—বৃহৎসংহিতা ১৩.৭। ২৭ নাদিত, বাদিত (ঢক্কাদি)। ২৮ ধর্ষিত, কৃতসম্ভোগ। ২৯ (বাঙ্গলায়) নিন্দার্থক, পোড়া। তহিঁ হত দাদুরী রাব।—ব ১৮৬। —ত ক্লী [+ত-ভা] ১ হনন, বিনাশ, বধ। ২ পূরণ, গুণন। —তা স্ত্রী ১ ধর্ষিতা নারী (S.W.)। ২ বিবাহের অযোগ্যা অলক্ষণা নারী। [°কণ্টক (বিণ)—উদ্ধৃতকণ্টক; হতশত্রু। °কিল্বিষ (বিণ)—বিধুতপাপ, নিরস্তকলুষ। °চিত্ত (বিণ)—অভিভূতহৃদয়। °চ্ছায় (বিণ)—ক্ষীণকান্তি, ম্লান। °চেতাঃ (-তস) বিণ—মূর্চ্ছিত। "রা ২.৪৭.১। °জল্পিত (ক্লী)—ব্যর্থজল্পন, বৃথালাপ। °জীবিত (ক্লী)—তুচ্ছজীবন। °ত্রপ, °ত্রীড় (বিণ)—ত্যক্তলজ্জ। "ভ ১.৬.২৭। শি ১। °ত্বিট্ (-ষ্) বিণ—ক্ষীণকান্তি। "রঘু ৩.১৫। °দৈব (বিণ)—হতভাগ্য। °ধী (বিণ)—নষ্টমতি। "ভ ৩.৯.৭। °প্রভ (বিণ)—নষ্টদীপ্তি, হতত্বিষ। °প্রভাব (বিণ)—নষ্টপ্রভাব, প্রভাবহীন। °প্রমাদ (বিণ)—অপ্রমত্ত। "কি ৫.৪৯। °প্রায় (বিণ)—প্রায়হত। °বিধি (পুং)—দুষ্টদৈব। দ্র 'হত (১৩)। °বীর্য্য (বিণ)—প্রতিবদ্ধশক্তি। °বুদ্ধি (বিণ)—নষ্টমতি, মূঢ়ধী। °ব্যথ (বিণ)—প্রশমিতব্যথ। °ভগ (বিণ)—হতভাগ্য, দুর্ভগ। "°ভগৈর্নৃভিঃ ভ ৩.১৫.২৩। "°ভাগ্য (বিণ)—দুর্ভাগ্য। °মান (বিণ)—হতগর্ব্ব। "ভ ৩.১৯.১১। °মানস (বিণ)—মূঢ়মতি। °মূর্খ (বিণ)—অতিমূর্খ (M.W.)। "কৃ ২৫১। দা ১৯৭২। °রথ (পুং)—নষ্টাশ্ব ও সারথিহীন রথ। °লক্ষণ (বিণ)—নষ্টশুভচিহ্ন। °শিষ্ট, °শেষ (বিণ)—হতাবশিষ্ট। °শ্রী, °সম্পৎ (-দ্) বিণ—নষ্টলক্ষ্মীক, গলিতবিভব। °সাধ্বস (বিণ)—নির্ভীক। °হিম (বিণ)—দূরীকৃত-তুহিন। "মা.মি ৫.৭। °হৃদয় (ক্লী)—তুচ্ছহৃদয়। "শ ৬.৭।] [হত গজ করা—অস্পষ্টভাবে কিছু বলা। {যুধিষ্ঠির দ্রোণের প্রত্যয়ার্থ "অশ্বত্থামা হতঃ" ইহা স্পষ্ট বলিয়া অব্যক্তভাবে "হতঃ কুঞ্জরঃ" বলিয়াছিলেন (মহা ৭.১৮৯.৫১; ৫৫)। মহাভারতের এই শ্লোকাংশ ঐ বাক্যের মূল। দ্র 'বে ৩.৯। ম ৮৯৪। ব প ৪৫১, ৭১৫।}]

হতক বিণ [হত + ক (কন্) সাদৃশ্যে] হতসদৃশ, নষ্টপ্রায়, নীচ, ক্ষুদ্র, পাপিষ্ঠ, মড়া। "চাণক্য°, চারুদত্ত°, দুর্যোধন°, দৈব°। রাম° উ.চ ১$\frac{৪৭}{৪৮}$। বিরাধ° ম চ ৪$\frac{৬২}{০}$। [সমাসে উত্তরপদ] —ক পুং ক্ষুদ্রচেতাঃ, নীচ।

হতচিত বিং [সং °ত্ত, পদ্যে] মূঢ়মতি। "কামে °ত।—ম ৫৭।

হতচ্ছাড়া বিং [হতশ্রী > °ড়া] লক্ষ্মীছাড়া, হতভাগা, গালি। "হায় রে কোন পাপে, হতচ্ছাড়া বাপে, কুলীনের মেয়েকে নিয়ে ঝিয়ে দিলেন কাপে।—দ্বিজেন্দ্রলাল রায়। হ্যাঁরা হাবাতকুড়ে, হতচ্ছাড়া।—জা ২১। কে রে হতচ্ছাড়া ছোঁড়া!—অ.গ্র ৮৭। হতচ্ছাড়া মিন্সে!—গি.থি ১২৬।

হতজীব বিং হতজীবিত, নিহত। "°ব রণে, ইন্দ্রজিত।—মে ৩০৫।

হতজ্ঞান বিং ১ হতবুদ্ধি, মূঢ়। "হতজ্ঞান দশরথ বলে ধীরে ধীরে।—কৃ ৯৩। অর্জ্জুন বলেন হাসি হতজ্ঞান তুমি।—ম ৮৫৬। গালি খেয়ে ব্যাসদেব হৈল হতজ্ঞান ভা চ ১৯৮। হেম ১২৩। ২ গতচেতন, সংজ্ঞাহীন।

হতধৈর্য্য বিং ধৈর্য্যহীন, অধীর, অশান্ত। "কন্যা দেখি শরবান্ হৈল হতধৈর্য্য।—ম ১২৭।

হতবৃত্ত ক্লী [কর্ম্মধা] দোষান্বিত ছন্দঃ, অশ্রব্যত্বাদিদোষাক্রান্ত ছন্দঃ। "সা.দ ৭$\frac{১}{২}$। [°তা (স্ত্রী)—হতবৃত্তদোষ। "সা.দ ৭.৫।]

হতভম্ব, -ম্বা, -ভামা, -ভোম্বা বিং [ঠ 'ভগ্নপ্রোনাথ'—মূর্খ] হতবুদ্ধি, কর্ত্তব্যবিমূঢ়, বোকা। "হতভামা হায় নিধিরাম রইল বসে ব.প ১৪৩৪। হয়েছে হতভোম্বা, অষ্টরম্ভা, নাহি মাত্র চাকি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। হলো হতভম্ব,…মোগল বণিক্‌চয়।—রঙ্গ ৯। কবি হইল হতভোম্বা হিঁদুর পর্দ্দা ফাঁক।—হেম ২৮৬। কবিরাজ কিছু বুঝ পাইয়া হতভোম্বা হইয়া চমকিয়া দাঁড়াইলেন আ হু ৯৭।

হতভাগা বিং [সং °গ্য, °ভগ] হতভাগ্য। "ম ৪৪২।

হতভাগিনী বি দুর্ভগা স্ত্রী; অভাগিনী।

হতভামা, হতভোম্বা দ্র 'হতভম্ব'।

হতলক্ষ্মী বিং হতশ্রী, লক্ষ্মীহীন, লক্ষ্মীছাড়া। "ম ১৩।

হতশ্রদ্ধ বিং বীতশ্রদ্ধ, শ্রদ্ধাহীন। "ব.প ১১৯।

[illegible] বিং হতজাত, গর্ভবজনাশক (শিব)। "ভা.চ ১৫৮।
হতারাতি বিণ [বহুব্রী] হতশত্রুক, নাশিতারি। "রঘু ১৪.২।
হতাশ বিণ [হতা আশা যাহার, বহুব্রী; স্ত্রী -শা] ১ আশারহিত, নিরাশ। ২ নির্দ্দয় (মেদিনী)। ৩ পিশুন (মেদিনী)। ৪ খঞ্জ। [হতাশেতে—হতাশায়। "°তে হতজ্ঞান।—হেম ১২৩।]
হতাশ্রয় বিণ [বহুব্রী] নষ্টাশ্রয়, আশ্রয়হীন। "বুদ্ধচরিত ১৩.৭০।
হতাশ্বাস বিং আশ্বাসহীন, সান্ত্বনারহিত।
হতাস্মি [হতা+অস্মি] হতা হইলাম, মরিলাম। দ্র 'হত (১৬)।
হতি স্ত্রী [√হন্ + তি (ক্তিন্)-ভা] ১ হনন, আঘাত, তাড়ন। "হলহতিভীতি গী গো ১.২২। ২ হিংসা, বধ। "ভ্রূণ° মহা ১২.৩৬০.৯। বৃশ্চিকসর্প° ভ ৭.৯.১৪। ৩ প্রতীকার। "দুঃখ° ভ ১১ ৩.১৮। ৪ অপকর্ষ। "মুখ্যার্থহতির্দোষঃ কা প্র ৭.৪৯। ৫ (গণিতে) পূরণ, গুণন।

হ'তে১ ; হ'তে২ দ্র 'হ৬, হইতে'।
হতৈনাঃ (-নস্) বিণ [হত+এনস্, বহুব্রী,-১ব, স্ত্রী -নস্] নাশিত-পাপ, নিষ্কলুষ।
হতোঽস্মি [হতঃ+অস্মি] হত হইলাম, মরিলাম। দ্র 'হত (১৬)।
হতৌজাঃ (-জস্) বিণ [হত ওজঃ যাহার, বহুব্রী, ১ব, স্ত্রী -জস্] হতবল; হততেজস্ক, তেজোহীন। "মহা ৩ ২৬৯.২।
হত্ত(ত্তু)কী বি [সং হরীতকী, ঠ হর্ডকী] হরীতকী। "হর্ত্তুকী বএড়া শূ ১০৮, হত্তকী ১৩৫। [হত্তুকী দক্ষিণা দেওয়া—অত্যল্প দক্ষিণা দেওয়া।]
হত্থ বি [সং হস্ত >লি, প্রা হত্থ, অপ্র] হাত। "নটত নর্ত্তক হত্থ অভিনয় ন.প ১৪৬।
হত্যা স্ত্রী [√হন্+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ)] ১ হনন, বধ, হিংসা। "আত্ম°, গো°, ব্রহ্ম°, ভ্রূণ°, স্ত্রী°। কৃমিকীটবয়োহত্যা মনু ১১ ৭১। শূদ্রহত্যা যাজ্ঞ ৩ ২৬৯। [সমাসে উত্তরপদ। বাঙলায়, (সমাসে পূর্ব্বপদ) 'হত্যাকাণ্ড, হত্যাকারী, হত্যাশালা', অসমস্তভাবে—"হত্যা অরণ্যের মাঝে, হত্যা লোকালয়ে, হত্যা বিহঙ্গের নীড়ে, কীটের গহ্বরে, ...হত্যা জীবিকার তরে, হত্যা খেলাচ্ছলে, হত্যা অকারণে, হত্যা অনিচ্ছার বশে, চলেছে নিখিল বিশ্ব-হত্যার তাড়নে।—রবীন্দ্র।] ২ (বাঙলায়) বধজন্য পাপ। "নারায়ণে হত্যা দিব শ্রী মা ২১২, হত্যা দিব আমি প্রভুর উপরে ২১৩। ধর্ম্মদেবে হত্যা দিব শ্রী ৩৬। ৩ পুরুষরূপ হত্যা (personification)। "দেখিলা হত্যা, ভীম খড়্গপাণি।—মে ২৬৯। [°কাণ্ড (বি)—বধব্যাপার। "কে বলিল হত্যাকাণ্ড পাপ।—রবীন্দ্র। °কারী (-রিন্) বিং—বধকারক, ঘাতক। °শালা (বি)—সূনা, কশাইখানা। "এ জগৎ মহা হত্যাশালা।—রবীন্দ্র।] [হত্যা দেওয়া—সর্থ 'হত্যে দেওয়া'। দ্র হত্যে১।]
হত্যে১ বি [হত্যা >হত্যে (কথ্য)] হত্যা। "স্ত্রীহত্যে গোহত্যে, কিছু ভয় করে না মর্ত্ত্যে।—দা ৯৪৯। [হত্যে দেওয়া—১ মানসিকসিদ্ধির নিমিত্ত প্রাণপণ করিয়া দেবতার নিকটে ব্রত গ্রহণ করা। "তারকেশ্বরে হত্যে দিতে লোক গ্যালো।—হু ১২৪। ২ কোন বিষয়সিদ্ধির নিমিত্ত প্রাণপণ চেষ্টা করা।]
হত্যে২ কা.ক্তি [হ'তে২ >হত্যে] ১ অপাদানে পঞ্চমী বিভক্তি। "(তুমি) যদবধি (হরির) পদে হত্যে কর।—দু ১৭, অগ্নিকুণ্ড হত্যে কোলে নিলে ২৩; দেহে হত্যে প্রকৃতি উদ্ভব সেইক্ষণে ২৮। এক ব্রহ্ম হ'তে হত্যে সর্ব্ব সৃষ্টি হয় ২৯। কন্তা কোথা হত্যে এলে।—ব প ৪১৬, ৫৩৮। ২ অপেক্ষার্থে পঞ্চমী। "ইহা হত্যে লজ্য কিবা ত্রিভুবনে ধন।—দু ২২; মোরে হত্যে গণেশ অধিক বটে জানে ২৫; তাহা হত্যে প্রধান পুরুষ নাহি আর; তাহে হত্যে নাম কি পরম বস্তু হয়; সকল বাক্যেতে হত্যে সার এক নাম ২৯। যতা তুঁকি প্রাণ হত্যে বাড়া শ্রী.মা ১০৮। ৩ 'হেতু'-অর্থে পঞ্চমী। "যাহে হত্যো আদিদেব আত্মাশক্তিযুক্ত। দশরথগৃহে গোঁহে হল্যা আবির্ভূত।—দু ৩১। ৪ আরম্ভার্থে পঞ্চমী। "সেবকতারা, বামটিপারা, আজি হত্যো গেল তবে ব.প ৫৯২।
হদ্ অক [ভ্বা, এ—হদতি, 'হদতে' (ক ক), অনিট্] মলত্যাগ।
হদ বি [হ্রদ >হদ] গর্ত্ত। "একি হদে আছে গোদার কড়ি চারি পণ ম.ম ২.৬।
হদন স্ত্রী [√হদ্+অন (ল্যুট্)-ভা] মলত্যাগ। "বিট্‌হজির্হদনম্ (ক.ক—দুর্গাদাসকৃত পূ-ধাতু, টীকা)।
হদিশ বি [আ হদীস্] ১ লোকপরম্পরাগত মহম্মদের উপদেশ-বাক্যাবলীসংগ্রহ, মহম্মদের কার্য্যবিবরণী: মুসলমানদিগের স্মৃতিশাস্ত্র। "কালে...হদিশ বা ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থ-প্রভৃতির অনুবাদ ও ব্যাখ্যা সঙ্কিত দেখিতে পাইব। ২ সন্ধান, খোঁজ-খবর। "দুই বৎসরের মধ্যে বহু চেষ্টা করিয়াও সরলা তাহার কোন হদিশ পায় নাই।—স্বর্ণলতা। ৩ তত্ত্ব, রহস্য। "দিব প্রেমের পথ দেখিয়ে, কর্ত্তাভজন করতে হদিশ পাবে।—দা ২১২৭। [হদিশ পাওয়া—সন্ধান বা তত্ত্ব পাওয়া।]
হদ্দ বি [আ হদ্দ্] ১ সীমা, সীমানা। ২ প্রান্ত, শেষভাগ (limit)। ৩ চূড়ান্ত, একশেষ। "হয় বলে হদ্দ কৈলে হেমন্তের ঋি।—শি ৬৯। হিঁদুয়ানি হেকমতে হদ্দ বাহাদুর।—হেম ৩৭৯। হদ্দ হেরি হিন্দুয়ানি।—হু ৭৬, কারু ক দিনই...আয়েস ও চোহেলের হদ্দ।—১৭৮। —দ্দ বিং ১ সীমাভূত, অগ্রগণ্য। "প্যালানাথবাবু...খোসপোষাকীর হদ্দ।—হু ৩৯। ২ খুব অধিক বা বেশী। "বয়স হবেক হদ্দ বিংশতি বৎসর শ্রী মা ১৩৯। বরণের বেটা বড় ঘোড়, চৌদ্দ পাই হদ্দ জোর।—দা ৬৭, ২০২১। আমি অতি ক্ষুদ্র প্রজা...আবাদ হদ্দ ২০ বিঘা জমি।—নী ১৩। —দ্দ ক্রি-বিং ১ চূড়ান্তভাবে, বেশ। "(তুই) বচ্ছ লেঠেল, হদ্দ বুঝলাম তোকে।—দা ৫৪১। ২ যথাশক্তি চূড়ান্তভাবে। "হুকুম মাফিক হদ্দ বিরচিল রাম।—রা স ৯। [হদ্দ করা—চূড়ান্ত করা। হদ্দ কর্ম্ম—চূড়ান্ত কর্ম্ম, মহাসমারোহ যজ্ঞ। "কর্ম্ম শুনিলাম হদ্দ, কাঙ্গালিদের বরাদ্দ, ফি ফি জন এক এক শত টাকা।—দা ৯৩৯। হদ্দ ছেলে—ছেলের চূড়ান্ত বা চূড়ামণি। "(কুটিলে বলে) হদ্দ ছেলে আহা মরি মরি।—দা ৮২। হদ্দ ঠাকুরালি—চূড়ান্ত প্রভুত্ব। "সাত শ টাকা মাইনে হলে হদ্দ ঠাকুরালি।—হেম ৩৮৭। হদ্দ ঠেঁটা—ঠেঁটার শেষ, অতিধূর্ত্ত। "নাকদে বেটা, হদ্দ ঠেঁটা।—দা ৭২৪। হদ্দ মজা—১ চূড়ান্ত আমোদ বা কৌতুক। "ভেল্কি বাজি ইংরাজের হদ্দ মজা হায়।—হেম ৩৭৭। ২ অতিকৌতুক-জনক বা হাস্যোদ্দীপক। "হদ্দ মজা, নাম কুব্জা।—দা ৫৫৬।]
হন্ সক [অদা, প—হন্তি, (কদাচিৎ শপ্, অর্থাৎ ভ্বাদি)—'হনতি', অহনৎ' (ক ক), অনিট্, (ণিচ্)—ঘাতয়তি] ১ হিংসা, বধ। "জঘান রাবণং রামঃ (ক ক)। ২ প্রহার, তাড়ন। ৩ গতি (উক্তিঃ বিনা গতৌ নাস্য প্রয়োগঃ—(ক.ক)। [অভি—অভিহনন, আঘাত; প্রহার। অব—অবহনন, কণ্ডন, বিতুষীকরণ। আ—১ আঘাত, প্রহার। ২ বাদন। "তূর্য্যমাজঘ্নুরুচ্চৈঃ ভট্টি ১ ২৭। উপ—১ উপঘাত, অপবিত্রীকরণ। "ভট্টি ৫ ১২। ২ ব্যয়। "মনু ৯ ২০৮। নি—১ নিহনন, বধ। ২ বাদন। "কোণৈর্ভের্য্যো নিজঘ্নিরে ভট্টি ১৪ ২। পরা—আঘাত, প্রহার। প্র—নিহনন, মারণ। "ভট্টি ৯ ১০২। প্র-নি—হিংসা, নিহনন। "চৌরস্য প্রণিহন্তি পা ২ ৩ ৫৬। বি—বিঘাত। "ভট্টি ১ ১৯। বি-আ—ব্যাঘাত, প্রতিবন্ধ। সম্—সঙ্ঘাত, সংশ্লেষ। "সংহত্য হস্তাবধ্যেয়ম্ মনু ২ ৭১।]
হন বিণ [√হন্+অ (অচ্)-ক] হন্তা, ঘাতক। "মহানাগ°, রিপুহণ বীরহণ মহা (S.W.)। তেজঃ পরতেজোহনম্ ভ ৩ ১৫.১।
হনন বিণ [√হন্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ হন্তা, ঘাতক

"গুরুহননী।—হ ১৩৩০৭। (জননী) জরাভিহননী।—হ ৩১। ২ [+অন-ণ] হননসাধন, বধসাধন। "পা ৪ ৪.১২১, কাশিকা। —ন পুং ১ কীটবিশেষ। ২ ঢক্কাবাদনদণ্ড, কোণ। —না স্ত্রী [+অন-আ] ১ হিংসা, বধ, মারণ। "শত্রু" ভ ৯.১১ ২০। দুই জন করি হনন ম পা ১৭৮। ২ তাড়ন, প্রহার। "পদনখ-হননে, বধিছে যবনে ভা চ ৪৯২। ৩ বাদন। "দুন্দুভীন্ সহননান্ (S W)। ৪ (গণিতে) গুণন, পূরণ। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] হননার্হ, নাশনীয়, মারণীয়।

হনহন বি [সনসন > °ন, ধ্বন্যাত্মক] ১ দ্রুতগমনে প্রতিকূলগামী বায়ুর শব্দ। "ঘন ঘন ছাড়ি যায়, (অশ্ব) হনহন রবে যায় বা দ ২৬২। ২ দ্রুতগমনের ভাব। "বাজী চলে হনহন বা দ ৬২। পথিকেরা হনহন করে চলেচেন।—হ ৩৭। গরু দুটা হনহন করিয়া চলিয়া একখানা ছকড়া গাড়িকে পিছে ফেলিয়া গেল আ হু ২৫, ব প্র ৩১১। —হনি বি [°ন+ই[১১] (২)] ১ বায়ুপ্রবাহের সনসন-শব্দ। "বাতাসের হনহনি। —হেম ২৮। ২ প্রবলপ্রজ্বলিত অগ্নির শব্দ। "উত্তর পবনে বহ্নি ডাকে হনহনি ক চ ১৮৫। [হনহনিয়ে আসা—হনহন ক'রে আসা, দ্রুত আসা। 'আসছে কারা হনহনিয়ে?—কু কে ২৯।]

হনিমুন [E honey-moon] বিবাহের পরে প্রথম মাস। "প্রেয়সি। ...হনিমুনের মধ্যে এই কাজটা কল্যে স প্র ৫২।

হনু[১] পুং, স্ত্রী [√হন্+উ-ক, উ ১ ১১] ১ 'ভক্ষ্য-হন্তা', কপোলের পরবর্তী ভাগ, কপোলাবয়ব, চোয়াল। 'হনুঃ পুমান্ পরো গণ্ডাৎ (বররুচি)। "হনুরেকা স্থিতা তস্য ভূমাবেকা দিব" গতা মহা ৩ ১২৪ ২১। ভগ্নহনু উচ্চহনু,...কত জাতি বানর বিহরে।—রঙ্গ ১৯১। ২ চিবুক (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩৮৮। —নু স্ত্রী ১ 'বর্ণান্তরনাশক' (অ টী), গন্ধদ্রব্যভেদ, হট্টবিলাসিনী। ২ মৃত্যু। ৩ অস্ত্র। ৪ গদ, রোগ। —নূ[২] স্ত্রী [হনু+স্ত্রী ঊ (ঊঙ্)—শ ক, দ্র 'পা ৪ ১.৬৬, হনুমৎ—'হনূ'?] সর্ব 'হনু[১] (১)। [°গ্রহ (পুং)—হনুজাত রোগভেদ, হনুস্তম্ভ, চোয়াল লাগা (locked jaw)। °ভেদ (পুং)—কপোলপ্রান্তবিদারণ। "ভ ৭ ৮ ২১। °মূল (স্ত্রী)—কপোলপ্রান্ত-মূল, চোয়ালের গোড়া। °সংহতি (স্ত্রী), °সংহনন (স্ত্রী), °স্তম্ভ, °স্তম্ভ (পুং)—সর্ব 'হনুগ্রহ'।]

হনু[২], **-নূ**[১] বি [হনু(নূ)মান্ > হনু,-নূ, দ্র 'বল'] হনুমান্। "হনু ভানু দুই জনে করিব মিতালি: হনূ-ভানু-ভজি দেখি দেবগণ হাসে।—কৃ ৩২৩। হনুর উপরে ৩৩৯। হনু শ্রী.মা ৪১, ম ভা ১৬। হনূ শ্রী ম ২৭৪, শ্রী ১২৫, মে ১৪, ৮৬।

হনু(নূ)মন্ত বি [হনু, -নূ+মন্ত, তু 'সং হনুমৎ > প্রা হণুমন্ত (হে), হি, ঠ হনুমংত] হনুমান্। "কম্পবান ধ্বজের যে হনুমন্ত কেতু অ প ১০১। হনূমন্ত ব প ৫৭৪,-৬,-৭,-৮,-৯। ম ৪৭৬, শ্রী ১২৩।

হনু(নূ)মন্তধ্বজ বি অর্জ্জুনের কপিধ্বজ রথ। "হনুমন্তধ্বজ।—ম ৬৫৩।

হনুমন্নাটক স্ত্রী [উ লো] হনুমৎকৃত নাটক, মহানাটক।

হনু(নূ)মান্ (-মৎ) পুং [হনু+মৎ (মতুপ)-১ব, শরাদি, দীর্ঘ—'হনূমৎ', পা ৬ ৩ ১২০] ১ 'প্রশস্তহনুযুক্ত', অঞ্জনাগর্ভজাত পবন-তনয় বানরবিশেষ। '(রামঃ) হনুমতা সঙ্গতো বানরেণ রা ১ ১ ৫৮, হনুমদ্দর্শন ৩ ২২। হনুমৎ রঘু ১৩ ৬৪। হনুমান্।—কৃ ৩৩৯, শ্রী ম ২৭৪। [ইনি কেসরীর ক্ষেত্রজ বায়ুসুত। এই হেতু ইনি 'মারুতি' 'পাবনি' ইত্যাদি নামে খ্যাত। ভূমিষ্ঠ হইয়া উদীয়মান সূর্য্যকে ফলবোধে গ্রহণ করিতে আকাশে লম্ফ প্রদান করিলে, ইনি কুপিত ইন্দ্রের বজ্রে আহত হইয়া পর্ব্বতে পতিত হন এবং বাম হনু ভগ্ন হওয়ায় 'হনুমান্' নামে খ্যাত হন। ইনি ব্রহ্মার নিকটে 'অশস্ত্রবধ্যতা' ও ইন্দ্রের নিকটে 'স্বচ্ছন্দমরণ' বর প্রাপ্ত হন। সপ্ত চিরজীবীর ইনি একতম। ঋষ্যমূক-সমীপে রামচন্দ্রের সহিত ইঁহার সম্ভাষণে জানা যায় যে, ইনি ঋক্ যজুঃ ও সাম বেদে পণ্ডিত, ব্যাকরণে বিদ্বান্ ও বাক্যরচনাভিজ্ঞ ছিলেন (রা ৪ ৩য় ও ৬৬তম সর্গ)। সীতান্বেষণার্থ সাগরলঙ্ঘনকালে বিবিধ বিঘ্ন নিরাকরণ, ছদ্মবেশে লঙ্কায় প্রবেশপূর্ব্বক প্রতি গৃহে সীতার অন্বেষণ, অশোকবনিকায় সীতাদর্শন, সীতার সহিত কথোপকথন, রাক্ষসবধ, লঙ্কাদাহ ইত্যাদি ক্রিয়াকলাপে ইঁহার বুদ্ধিমত্তা কার্য্যতৎপরতা কার্য্য-সাধনকুশলতা প্রভুভক্তি প্রভৃতি প্রভূত সদ্গুণের ভূরি পরিচয় প্রাপ্ত হওয়া যায়। লঙ্কাসমরে ইনি রামচন্দ্রের প্রধান সহায় ছিলেন এবং কায়মনোবাক্যে প্রাণপণে বলে কৌশলে প্রভুকার্য্য সিদ্ধ করিয়া প্রভুভক্তির পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন। ইনি রামচন্দ্রের পরমভক্ত ও অকপট দাস ছিলেন। মহাভারতে, হনুমদ্ভীমসংবাদে ইনি ভীমকে এই বর দিয়াছিলেন যে, ভারতসমরে আমি অর্জ্জুনের রথধ্বজে অবস্থান-পূর্ব্বক আমার রবে তোমার সিংহরব ভীষণতর করিয়া শত্রুসৈন্য মৃতপ্রায় করিব, তুমি সুখে শত্রুবধ করিবে (মহা ৩ ১৫১তম অধ্যায়)। ২ বানর-জাতিবিশেষ।

হনূ[১] ; **হনূ**[২] ; **হনূমন্ত** ; **হনূমন্তধ্বজ** ; **হনূমান্** দ্র 'হনু[১] ; হনু[২], হনুমন্ত, হনুমন্তধ্বজ, হনুমান্।

হনে কা স্থি [হন্তে > হনে (শ্রীহট্ট)] ১ অপাদানে পঞ্চমী বিভক্তি, হইতে। "চন্দ্রহাস তথা হনে (করে নিজ পুরে গতি) অ প ১৩৩। বক্ষ হনে খসাইল ভুটী ব প ২৪৪। দেখ ত ময়ূরধ্বনি আইসে কোথা হনে ভ গ্র ৮১। (গোপী) একপদ হনে পদ না তুলিল আর রা প ৮। আমি ভুমার পাশ হনে মবলগ ৩ রূপাইয়া পাইলাম E P. 101, 112. ২ অপেক্ষা অর্থে পঞ্চমী। '(পোস্ত) বৃদ্ধে খাইলে হয় যুবা হনে ভাল ব প ২৫৩। ৩ 'আরম্ভ' অর্থে পঞ্চমী। "আজি হনে আমার ঘুচিল অনুসার ব প ৭০২। সেই হনে প্রাণ মোর আছে না বা জানি।—সঞ্জয়কৃত মহাভারত।

হন্ত ব্য ১ সম্ভাবনা অনুজ্ঞা (সায়ণ)। "হন্তাহং পৃথিবীমিমাং নি দধানীহ।—ঋগ্বেদ ১০ ১১৯ ৯। ২ হর্ষ, প্রমোদ। "হন্ত সিদ্ধার্থৌ স্বঃ শ ২$\frac{১৬}{১৪}$, হন্ত ভোঃ...লব্ধমিদানীং স্বাস্থ্যম্ ৪$\frac{২}{২}$। হন্ত লাভঃ শতগুণঃ (অ টী)। ৩ সন্তোষ। "হন্ত তে কথয়িষ্যামি রা ১ ৪৮ ১৪। ৪ অনুকম্পা। "হন্ত দীনো রক্ষিতব্যঃ (অ টী)। হন্ত তে ধানকাঃ পা ৫.৩ ৭৭, কাশিকা। ৫ বিষাদ, খেদ, শোচন। "রঘু ৮ ৪৪। উ মে ৪৩। হা হন্ত হন্ত নলিনী" গজ উজ্জহার।—ভ্রমরাষ্টক, ৮। ৬ অনুকম্পাসম্বোধন, অনুমতি (গী টীকা)। "হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ গী ১০ ১৯। ৭ বাক্যারম্ভ। "হন্ত তে কথয়িষ্যামি পুনরন্তান্ বনৌকসঃ।—রা (অ টী)। ৮ বাদ। ৯ সম্ভ্রম, ত্বরা। ১০ দান। ১১ নিশ্চয়। ১২ অন্তকরন (অজয়)। [°কার (পুং)—১ 'হন্ত'-শব্দ। "কাত্যায়ন ১৩৮। ২ অতিথিকে দেয় তণ্ডুল (শ ক)।]

হন্তব্য বিণ [হন্+তব্য-র্ম] ১ হননীয়, বধ্য, মারণীয়। "(রাক্ষসৌ) হন্তব্যৌ তব পুত্রেণ রামেণ গো রা ১ ২২ ১৭। আশ্রমমৃগোঽয়ং ন হন্তব্যো ন হন্তব্যঃ শ ১$\frac{২}{১০}$। ভ ১০ ৭ ৫ ৩। হন্তব্যোঽসি ময়া।—হি ১$\frac{৫}{৯}$। মনু ৮ ১৯৩। ২ অতিক্রমণীয়, অতিবর্ত্তনীয়। "ধর্ম্মো ন হন্তব্যঃ মনু ৮ ১৫।

হন্তা (-ন্তৃ) বিণ [√হন্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ ঘাতক, নাশক। 'দস্যোর্হন্তা সঃ।—ঋগ্বেদ ২ ১২ ১০। শরণাগত°, স্ত্রী° মনু ১১. ১৯১। বৃত্রস্য হন্তঃ কুলিশম্ কু স ২ ২০। তুমি তোমার প্রিয়জনের প্রাণহন্ত্রী হইবে ব প্র ৪৬৫। ২ হারক, নাশক। "কুষ্ঠ°, জ্বর°, বিষ°, মদ°। তুমি...পরমার্ত্তিহন্ত্রী।—ছ ৯১। ৩ প্রশময়িতা। "ক্রোধ°। ৪ বিঘ্নকারক। "কার্য্য°। ৫ অতিক্রামক। "ধর্ম্ম°। —ন্তা পুং ১ ঘাতক। ২ চোর।

হন্তারক বিং [সং হন্তৃ > প্রা হন্তার (হে ৩ ৪৫), °র+ক; অশাস্ত্র] ১ ঘাতক। "শান্তহন্তারক ব.প ১৩০২। ২ ভেদক, কর্ত্তক। "

[illegible] তাঁর বিনা কেহ নয়।—ব ১২০২। ৩ নাশক, হারক। "সংগ্রাম দুর্মদ বর্ণকীর্তি-হন্তারক ব.প ১৩০৩।

হন্তিয়া ক্রি [সং হন্তি (√হন্+তি, বর্তমানকাল-প্রথমপুরুষ-১ব) > °য়া] হানিতেছে। "কাম দারুণ, সঘনে খর শর হন্তিয়া বি.প ১৭২। কবরিভ. খরতর হন্তিয়া বি.সা, পদাবলী ৭১৪, টীকা।

হন্তে কা.ক্রি [দ্র 'হইতে', অপ 'হন্তে'] ১ অপাদানে পঞ্চমী বিভক্তি। "(শক্রজিতের ভয়ে) দেখে দূর হন্তে ধারা আসে দৈত্যচয়ে ব.প ১২৮২। ২ করণার্থে 'দ্বারা'। "হাড় হন্তে নির্মিয়া করয় পুনি হাড় ব প ১৩০৮।

হন্দর বি [E. hundred-weight] ইংরাজী ওজনবিশেষ (১১২ পাউণ্ড, প্রায় ৫৫ সের)। ২ একমণ ওজনের লোহার বাটখারা। ৩ (তাসখেলায়) দানবিশেষ—৫ টেক্কা, ৪ সাহেব, ৪ বিবি বা ৪ গোলামে হন্দর।

হন্নে,-ন্তে বিং [হন্ত >হন্ন >হন্নে, -ন্তে] ১ ক্ষিপ্ত, পাগলা (কুকুর)। "হন্নে কুকুর।—মী ৯৩। [ক্ষিপ্ত কুকুর হননীয়। ইহা হইতে ঐরূপ অর্থ।] ২ বিকৃতমস্তিষ্ক, হিতাহিতজ্ঞানশূন্য, খাপ্পা। "তার (নীল-দর্পণের) দরুণ নীলকর-দল হন্নে হয়ে উঠলেন।—হ ১০৬। [হন্নে হওয়া—পাগল বা খাপ্পা হওয়া।]

হন্য বি হননীয় প্রাণী, শিকার। "নিজ মাংস দিয়া রাজা বাঁচাইল জন্তু। আপনা কাটাল, তবু না ছাড়িল হন্য।—শ্রী ২৯।

হন্যমান বিণ [√হন্+মান (শানচ্)-র্ম] ১ যে হত হইতেছে, বিপরিণম্যমান (শঙ্কর)। '(অয়ম্) ন হন্যতে হন্যমানে শরীরে গী ২ ২০। ২ বধ্যমান। "সব হৈল হন্যমান : নিজ সৈন্য হন্যমান, দেখিয়া রুষিল বাণ শি ৫৫।

হপু(বু)ষা স্ত্রী মরীচবৃন্তবৎ দীর্ঘ কৃষ্ণবর্ণ বণিগ্‌দ্রব্যবিশেষ, হবুষ।

হপ্তকলুমে বিং [ফা হফ্‌তকলম্, °কলম+এ[১]] যে সাত রকম অক্ষর লিখিতে পারে (one who writes seven hands), জালিয়াৎ।

হপ্তা বি [সং সপ্তাহ, ফা হফ্‌তহ্, হি, প হফ্‌তা, Av hapta, cf., Gr hepta (সপ্তন্)—heptas,-tadas] ১ সপ্তাহ (week)। "হপ্তায় মিনিট পাঁচ না হয় সাক্ষাৎ।—হেম ৬৮৭। হপ্তায় হপ্তায় রোজ রোজ পলিটিক্‌স্ ব প্র ৬৩৩। ২ সাত দিন। "নেমন্তন্নেদের গা সারতে আফিসে এক হপ্তা ছুটি নিতে হয়।—হ ২৮। তুমি দেখবে এক হপ্তামধ্যে অটল টলটল কচ্চেন স এ ৯। [হপ্তায় হপ্তায়—প্রতিসপ্তাহে।]

হকীজ বি [আ হাফীজ্] রক্ষাকর্তা। "বি মু ১৩।

হফসট বি স্থাপনযন্ত্রবিশেষ। "হফসট দিআ তাহাক রহাইল শূ ৬১, ১০২।

হব পুং [√হু+অ (অপ্)-র্ধি] ১ অগ্নি। ২ অধ্বর, যজ্ঞ (অ কো) ৩ [√হ্বে+অ,-ভা, সম্প্রসারণ, পা ৩ ৩ ৭৫] ১ আহ্বান। ২ আজ্ঞা (অ.কো)। —বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ হোম, আহুতি। "মহা ১.১৬৭ ৩৬। পঞ্চরাত্র ৪ ৪ ১৭। শ্রী ম ২১৯। ২ [+অন-র্ম] হবনীয় দ্রব্য, হোমদ্রব্য। ৩ [+অন-ণ] 'হোমসাধন', যজ্ঞিয়দর্বী। —ন পুং [+অন-র্ধি] ১ অগ্নি। ২ হোমকুণ্ড। —বনী স্ত্রী [+অন -র্ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] হোমকুণ্ড। —বনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] হবনার্হ, হোমযোগ্য। —বায়ু ক্লী হোমদ্রব্য, ঘৃতাদি।

হবা(বু)চন্দ্র বি [হাবাচন্দ্র > °ন্দ্র] অত্যন্ত হাবা বা মূর্খ রাজার নাম। "দাড়ি ভুঁড়ি সার কোন জ্ঞান নাহি মাত্র। হবচন্দ্র রাজা যেন গবচন্দ্র পাত্র।—বি.মু ১২৯। হবুচন্দ্র ভূপ চ.কা ৮২।

হবন, হবনী, হবনীয়, হবায়ু দ্র 'হব'।

হবি বি [সং হবিস্ > প্রা হবি, হি, ঠ হবি] হবনীয় দ্রব্য ঘৃতাদি। "ম ৬৬ ; (বিড়াল) যজ্ঞহবি নষ্ট করে ৭২৭। °কাঠ।—রবীন্দ্র।

হবিঃ (-স্) ক্লী [√হু+ইস্ (ইসি)-র্ম, -১ব ; উ ৫.১০৭] ১ অগ্নিতে হুত দ্রব্য ; ঘৃতাদি। "ঋক্ ২.১.১৩। রা ২.৬১.১৭। ক্ষরতি বিবিধক্রত্বা হবিঃ শ ১.১। রঘু ১ ৬২, ৮০। ২ ঘৃত (অ.কো)। ৩ নীবারাদি, দুগ্ধ, সোমরস, পূতিগন্ধাদিহীন মাংস ও সৈন্ধবাদি স্বাভাবিক হবিঃ। "মনু ৩.২৫৭। ৪ অন্নাদি। "মনু ৩.২৩৬। ৫ ঘৃতোদন (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১ ৩০৪। ৬ বিষ্ণু। "মহা ১৩ ১৪৯ ৫২। ৭ শিব। "মহা ১৩.১৭.১০৩।

হবিঃশেষ ক্লী [ষ.ত] হোমদ্রব্যাবশেষ। "মনু ৩ ২১৫।

হবিরশন পুং [বহুব্রী] 'হোমদ্রব্যখাদ', অগ্নি। —ন ক্লী [ষ.ত] ঘৃত-ভোজন।

হবিরাহুতি স্ত্রী [তৃ ত] ঘৃতাহুতি, আজ্যহোম।

হবির্গন্ধা স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] 'ঘৃতগন্ধযুক্তা', শমী।

হবির্গৃহ, হবির্গেহ ক্লী [ষ.ত] হবির্দ্রব্যস্থাপনগৃহ, হোমগৃহ, হোত্রীয়। "প্রাগ্‌বংশঃ প্রাগ্ হবির্গেহাৎ (অ.কো)।

হবির্দান ক্লী [ষ.ত] হোমদ্রব্যার্পণ, হবিরাহুতি। "মনু ৩.২১১।

হবির্ধান ক্লী [ষ ত] 'হোমদ্রব্যাধার', যজ্ঞস্থল। "মহা ১ ১৩০.৩৪। হ ৪৫ ৭। —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] 'দধিঘৃতাদির আধার-ভূত', সুরভি, কামধেনু। "ভ ৮.৮১, ৯ ১৫ ২৬।

হবির্ধানী দ্র 'হবির্ধান'।

হবির্বহ বি [ষ.ত] 'হোমদ্রব্যের বাহক', অগ্নি। "মা ১৪৫,-৬। বহে হবির্বহ হোত্রী মহামন্ত্র জপি' ।—মে ৩১২।

হবির্ভাগ বি হোমদ্রব্যাংশ, হব্যভাগ। "ম ৩৩৫।

হবির্ভুক্ (-জ্) পুং [হবিস্+ √ভুজ্+ক্বিপ্ (০)-ক-১ব, উত] ১ হুতদ্রব্যের ভোক্তা, অগ্নি। "জ্বলতাং হবির্ভুজাম্…মধ্যগতা কু স ৫.২০। প্রসিদ্ধমূর্ধজ্বলনং হবির্ভুজঃ মাঘ ১.২। ২ অগ্নিদেবতা। "(স দদর্শ তপোনিধিম্) অধ্যাসিতমরুদ্বাত্যা যাহয়ের হবির্ভুজম্ রঘু ১ ৫৬। ৩ (বহুব) ক্ষত্রিয়গণের পিতৃগণ। "ক্ষত্রিয়াণাং হবির্ভুজঃ (পিতরঃ) মনু ৩ ১৯৭।

হবির্মন্থ পুং হোমদ্রব্যার্থ মন্থনীয়, গণিকারী বৃক্ষ, অগ্নিমন্থ।

হবির্যজ্ঞ পুং [উ.লো] ঘৃতাদিসাধ্যযজ্ঞ—দর্শ পৌর্ণমাসাদি। বিপ 'সোমযজ্ঞ'।

হবিলাষ বি [অভিলাষ >°ষ, দ্র 'হ[১]', অসাধু] ইচ্ছা। "পুরি গেল হবিলাষ (ম.গা)। বাড়ে হবিলাষ।—রঙ্গপুরের জাগের গান।

হবিষ্মান্ (-ষ্মৎ) বিণ [হবিস্+মৎ (মতুপ্)-১ব, -ষ্মতী] হবির্যুক্ত। "শুক্লযজুর্বেদ ৩.৪। —ষ্মান্ পুং, বহুব অঙ্গিরার পুত্রগণ, হবির্ভুগ্‌গণ। 'মনু ৩ ১৯৮। —ষ্মতী স্ত্রী [°ষ্মৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] কামধেনু। "ভ ৯ ১৫ ২৪।

হবিষ্য বিণ [হবিস্+য (যৎ)] 'হবির নিমিত্ত হিত', হবির্যোগ্য (সায়ণ)। 'ঋগ্বেদ ১ ১৬২ ৪। —ষ্য পুং, ক্লী ১ শ্রাদ্ধহবির্যোগ্য ব্রীহিশালিযবগোধূমমুদ্গমাষমুস্তরকালশাকমহাশল্কোআস্তীমরিচহিঙ্গুগুড়-শর্করাকর্পূরসৈন্ধবসাম্ভরপনসনালিকেরকদলীবদরগব্যপয়োদধিঘৃতপায়স-মধুমাংসপ্রভৃতি (মিতাক্ষরা), মুন্যন্নাদি, নীবারাদি (কুল্লুক)। "রা ৭. ৬৩ ২৩, ২৫। মনু ৩ ২৫৬ ; ১১.১০৭। যাজ্ঞ ১২৪০। ২ ঘৃত (অ চি)। ৩ হবিষ্যান্ন। [°ভক্ষক, °ভুক্ (-জ্) বিণ—নীবারাদি-হবিষ্যভোজী। "°ভুজ মনু ১১ ৭৮।]

হবিষ্যান্ন ক্লী [হবিষ্য অন্ন, কর্মধা] ১ তিলব্রীহিযবাদিরূপ অন্ন। "হবিষ্যান্নেন বৈ মাসম্ (দর্ভেণ তৃপ্যন্তি পিতামহাঃ) যাজ্ঞ ১.২৫৮। দ্র 'মনু ৩.২৬৭। ২ ব্রতাদিতে ভক্ষণীয় আতপান্ন সৈন্ধব ঘৃত দধি দুগ্ধ আম্রকদলীপ্রভৃতি ফল।

হবিষ্যাশী (-শিন্) বিণ [হবিষ্য+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] হবিষ্যভোজী। দ্র 'হবিষ্য (১)। "মনু ১১ ২১৯।

হমিস্ত বি [সং হবিষ্ঠ, 'হবিষ্ঠি' কথ্য] হবিষ্যান্ন। "শূ ৪২।

হবু বিং [হব >হবু (?), হ'বো (কথ্য)] ভাবী, ভবিষ্যৎ। "হবু হবুরেরা দারোয়ান চাকর ও চাকরাণীর হাত ধরে গাজনতলায় ঘুরঘুর কচ্চেন।—হু ৭।

হবুচন্দ্র দ্র 'হবচন্দ্র'।

হবুচবু বিং [হাবা >হবু+চবু (অনু শব্দ)] হতবুদ্ধি, কর্ত্তব্যবিমূঢ়। "(রামকালী বাবুর) পা যেন খোঁটা হয়ে পড়ে গ্যাল, শেষে বিলক্ষণ হবুচবু হ'য়ে দাঁড়িয়ে রইলেন।—হু ৫৯।

হবুথবু বিং হাবা ও স্থবির, হতবুদ্ধি-নিস্পন্দ, হতভোম্বা-জড়সড়। "সবাই তুফান ভেবে ভয়ে হবুথবু।—হেম ৩৭৮।

হবেলি বি [আ হবেলী] গৃহ, ঘর, বাড়ী। "আপন থানাবাড়ির মধ্যে মধ্যে এক হবেলি E P 60

হব্য বিণ [√হু+য (যৎ)-র্ম্ম] হবনীয়, হোমার্হ। —ব্য ক্লী ১ হবনীয় দ্রব্য। "ঋগ্বেদ ২ ৩ ১০। ২ ঘৃতাদিহোমদ্রব্য। "হব্যৈর্মন্ত্রৈসম্পূজ্য পাবকম্ রা ৭৩০ ১২। ৩ ঘৃত। "°গন্ধ শ ৪৮। হব্য গব্য কত চাহি।—ম ১১১৪। ৪ দেবোদ্দেশে দত্ত অন্ন, দেবান্ন। মনু ৩ ৯৭, ১৩৫। ৫ দৈব্যকর্ম্ম (কুল্লুক)। "°সম্পদ্ মনু ৩ ২৫৬। [°কব্য (ক্লী)—দেব-পিত্রুদ্দেশে প্রদত্ত অন্ন, দেবান্ন ও পিত্রন্ন। "মনু ১ ৯৪, ৩ ৯৭, (শ্রোত্রিয়ান্) পূজয়েদ্ধব্যকব্যেন ৪ ৩১। ভা চ ৪৫। °গন্ধ (পুং) ঘৃত-গন্ধ। °পাক (পুং)—১ দেবান্নপাক, পক্কদেবান্ন, চরু (অ টী)। ২ (উপচারে) স্থাল্যাদি (অ টী)। °ভুক্ (-জ) পুং—হব্যভোক্তা, অগ্নি-দেব। "বৃহৎসংহিতা ৪৩ ৪৫। °যোনি (পুং)—'যজ্ঞমূল', দেবতা। °লেহী (-হিন্) পুং—'হব্যভোজী', অগ্নি।]

হব্যবাট্ (-বাহ্), -বাহ বিণ [হব্য+ √বহ্+ণ্বি (০), +অ (অণ্), -ক-১ব, উ ত] হব্যের বোঢ়া (সায়ণ), হব্যবাহক। "°বাহ্ ঋগ্বেদ ৭ ১১ ৪। °বাহ্ পা ৩ ২ ৬৪, ৬৬। °হ মহা ৫ ১৬ ১, °হ ৪, পিতৃণাং হব্যবাড়সি ১৩ ১৪ ৩২৪। —বাট্, -বাহ পুং অগ্নিদেব। "°হ রা ২ ৭৯ ১১। °হ মহা ১ ৫৫ ১৭, °হ্ ৩ ১৩১ ২৯, ৪ ২ ২৩। হব্য-বাহ।—ম ২৬৮। —বাহন পুং [+অন (ল্যুট্)-ক, (পা ৩ ২ ৬৬), উ ত] অগ্নি। "ঋগ্বেদ ১ ৪১ ১৯। মহা ১ ২২৩ ১৩।

হব্যবাহ, হব্যবাহন দ্র 'হব্যবাট্'।

হব্যভস্ম বি হোমার্থদ্রব্যের ভস্ম, হোমের ছাই। "মা ১০৪।

হব্যাদ বিণ [হব্য+ √অদ্+অ (অণ্)-ক, উ ত] হব্যভোজী, হব্যাশন। "হব্যাদাংশ্চ সুরাংশ্চক্রে।—হ ৪১ ২৮।

হব্যাশ, হব্যাশন পুং [হব্য+ √অশ্+অ (অণ্)-ক, উ ত, বহুব্রী] 'হব্যভোজী', অগ্নি, অগ্নিদেব।

হম্ ব্য ১ রোষোক্তি। ২ অনুনয়। ৩ অনুতাপ।

হম, হমি সর্ব্ব [সং অহম্. হি 'হম'—আমরা, মৈ 'হম'—আমি] আমি। কৈসে হম যাওব যমুনা তীর ব প ১০১৯। সময় বুঝি হমি সব সমাধব প ক ১৯৭৫। [হমার, -রা, -রি (আমার), হমে (আমাকে) —প ক।]

হম্বা, -ম্ভা, -ম্মা স্ত্রী [ধ্বন্যাত্মক] গোশব্দ, গোরুর ডাক। "হম্ভারব। —ঋগ্বেদ ৩ ৩১ ৬, সায়ণ। হম্বারব মহা ১ ১৭৫ ৩৩, মে ৪৪। হম্মা (হম্মায়মানা—পাঠান্তর) মহা ১ ১৭৫ ২৩ (S W)।

হম্ভা, হম্মা দ্র 'হম্বা'।

হয়্ সক [ভ্বা, প—হয়তি, সেট্] ১ গতি। ২ ভক্তি, ভজন। ৩ (অক) ক্লান্তি। ৪ শব্দ।

হয় পুং [√হয়্+অ (অচ্)-ক] ১ অশ্ব। "ঋগ্বেদ ৫ ৪৬ ১। জব-স্তীব্রহয়া চমূঃ রঘু ৯ ১০। রথের চারি হয়।—কৃ ২৮৯। অ প ১৩৬। গর্জ্জন।—ম ২৯৪। ক চ ৫৭। হয়-আরোহণে শ্রী মা ১২২। ম পা ১২৮। ২ পুরুষজাতিবিশেষ। দ্র 'অশ্ব' (৩)। ৩ (সূর্য্যাশ্বসংখ্যানুসারে) সাত (৭) সংখ্যা। ৪ (জ্যোতিষে) ধনূরাশি। "বৃহৎসংহিতা ১০৫ ৭। ৫ (ছন্দঃশাস্ত্রে) চতুর্লঘুবর্ণযুক্ত চরণ। —রী° স্ত্রী [হয়+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হয়-স্ত্রীজাতি, অশ্বা। ২ অশ্বগন্ধা। [°কর্ম্ম (-র্মন্) ক্লী—অশ্ববিদ্যা। "মহা ৪ ১২ ১০। °গন্ধ (ক্লী)—কাচলবণ। °গন্ধা (স্ত্রী)—অশ্বগন্ধা, অজমোদা। °ঘ্ন (পুং)—করবীর বৃক্ষ। °চর্য্যা (স্ত্রী)—অশ্বমেধ-যাগানুষ্ঠান, (মতান্তরে) হয়মার্গগমন (রা টীকা)। "রা ৭.৯২.৯। °চ্ছটা (স্ত্রী)—অশ্বসমূহ। °জ্ঞ (বিণ)—হয়তত্ত্ববিৎ। "°জ্ঞা মহা ৫ ৭১ ২৫। °জ্ঞান, °তত্ত্ব (ক্লী)—অশ্ববিদ্যা, হয়রহস্য। "হয়জ্ঞানমত্ত লোভাৎ মহা ৩ ৭২ ২৮। °তত্ত্ব ৭১ ২। °জ্ঞান ম বি ১১৪। °দানব (পুং)—অশ্বরূপ কেশী দানব। °দ্বিষন্ (-ষৎ) পুং—'অশ্বশত্রু', মহিষ। °প (পুং)—অশ্বপাল। "বৃহৎসংহিতা ৯ ৩৫। °প্রিয় (পুং)—যব। °প্রিয়া (স্ত্রী)—অশ্বগন্ধা, খর্জ্জুরী। °বর (বি)—অশ্বশ্রেষ্ঠ। "শ্রী মা ১৫, °বাহন (পুং)—কুবের। °বিক্রান্ত (বিণ)—অশ্বগতি। "হ ৫৫ ৬৯। °বিদ্যা (স্ত্রী)—অশ্বতত্ত্ব, হয়হৃদয়। °ব্যূহ (বি)—অশ্বসমূহ। "মে ২৫। °মার °মারক (পুং)— অশ্বনাশক', করবীর বৃক্ষ। "°ম (সুশ্রুত)। °মারণ (পুং)—অশ্বত্থবৃক্ষ। °মুখ (স্ত্রী)—অশ্বমুখ, বড়বামুখ। "গো রা ৪ ৪০ ৪৯। °মেধ (পুং)—অশ্বমেধযাগ। "রা ১ ১২ ২৯। মহা ৩ ১২১ ৩। মনু ১১ ৮৩। ম ৪৬৮। °শালা (স্ত্রী)—অশ্বকুটী, মন্দুরা। °লীলা-বতী (স্ত্রী)—অশ্বশাস্ত্রবিশেষ। "মাঘ ৫ ১০, ৬০, মল্লিনাথ। °শাস্ত্র (ক্লী)—অশ্ববিজ্ঞান, হয়বিদ্যা। °শিক্ষা (স্ত্রী)—অশ্বশাস্ত্র। "শিক্ষা-বিধানজ্ঞ (মৎস্যপুরাণ)। °শিশু (পুং)—অশ্বশাবক। °সংগ্রহণ (ক্লী) —অশ্বনিয়ন্ত্রণ। 'মহা ৩ ৭১ ৩৬। °স্কন্ধ (পুং)—অশ্বসমূহ।]

হয়গ্রীব বিণ [উ বহুব্রী] হয়গ্রীবাতুল্যগ্রীবাযুক্ত। "°বঃ (কেশী)। —হ ৫৫ ৬৯। —গ্রীব পুং ১ হয়গ্রীবাতুল্য গ্রীবা যাহার, হয়শিরোধর বিষ্ণুর অবতারবিশেষ। [প্রলয়ে সলিলশয্যায় হরি যোগনিদ্রাগত হইলে, নারায়ণের বিন্দুদ্বয়জাত মধুকৈটভ ব্রহ্মার নিকট হইতে বেদত্রয় বলপূর্ব্বক গ্রহণ করিয়া রসাতলে প্রবেশ করিলে, বিষ্ণু, ব্রহ্মার স্তবে যোগনিদ্রা ত্যাগ করিয়া হয়শিরোধরমূর্ত্তি গ্রহণ করেন এবং রসাতল হইতে বেদ উদ্ধার করিয়া ব্রহ্মাকে প্রদান করেন (মহা ১২ ৩৪৭ ১৯ ৫৮)।] ২ বিষ্ণুনিহত অসুরবিশেষ। [ভগবান্ এই অসুরকে নিহত করিয়া বেদসমূহ উদ্ধার করেন ও ব্রহ্মাকে প্রদান করেন (ভ ৮ ২৪ ৫৭)। হয়গ্রীবদৈত্যবধার্থ ভগবান্ হয়গ্রীবমূর্ত্তি ধারণ করেন (দেবীভাগবত, ১ম স্কন্ধ, ৫ম অধ্যায়—শ.ক)। মতান্তরে, কল্পান্তে ব্রহ্মা প্রসুপ্ত হইলে, বিষ্ণু মৎস্যাবতারে বেদাপহারক দৈত্য হয়গ্রীবকে নিহত করেন (শ ক)।] ৩ (বাঙ্লায়) শ্রীকৃষ্ণ। "হয়বাক্য শুনি হাসি বলে হয়গ্রীব।—ম ১৬। ৪ (অসাধু) অশ্বগ্রীবাতুল্য গ্রীবা, সুন্দর গ্রীবা। "হার দিল হয়গ্রীবে শ্রী মা ২১৯। —গ্রীবা স্ত্রী [°ব+স্ত্রী আ (টাপ্)] দুর্গা। [°রিপু, °হা (-হন্) (পুং)—'হয়গ্রীবাসুরের শত্রু, হয়গ্রীবঘাতক, বিষ্ণু।]

হয়চোর, -রা বি অশ্বাপহারক, ঘোড়াচোর। "শ্রী মা ১০৯, ১১২।

হ-য-ব-র-ল বিং ১ ক্রমভঙ্গবিশিষ্ট, বিপর্য্যস্ত, উল্টা-পাল্টা। ২ হত-বুদ্ধি, কর্ত্তব্যবিমূঢ়। "পূজারি-ব্রাহ্মণ হ, য, ব, র, ল প্রসাদাৎ ক্ষণকাল হ-য-ব-র-ল হইয়া রহিলেন। পরে আপনা আপনি বিচার করিলেন আ.দু ৫। [পাণিনির হ য ব রট্। লণ্।—এই সূত্রদ্বয়ের অন্তস্থ ও উষ্মবর্ণের যে ক্রমভঙ্গ ও পরস্পরমিশ্রণ হইয়াছে, তাহা হইতেই ঐরূপ অর্থ আসিয়াছে, বোধ হয়।]

হয়রান বিং [আ হইরান্, হি হৈরান, ঐ হৈরাণ, -ন, মৈ—হয়রান] ১ ক্লান্ত, অবসন্ন। "হয়রান পেরেসান যেইজতে মরি আ.দু ৭৮। মুসলমান, বেগবান্, হয়রাণ, চাপে।—রঙ্গ ১১১। ২ হতবুদ্ধি, কর্ত্তব্য-বিমূঢ়। —রাণি, -নী বি [আ হৈরানী, হি হৈরানী ; ঐ হৈরাণী]

১ [illegible] কষ্ট। "বড়খোকা কেজিয়ে করা কাজিকো হয়রাণি।—[illegible] ২ হতবুদ্ধিতা। [পুলিস-হয়রাণী মোকদ্দমা—অকারণ পুলিসকে কষ্ট দেওয়ায় জন্য অভিযোগ।]

হয়রাণি, হয়রাণী দ্র 'হয়রান'।

হয়শিরঃ (-রস্) ক্লী [ষ.ত] ১ অশ্বশিরঃ, হয়গ্রীবা। "হয়শিরোধর মহা ১২.৩৪৭.১০ ; ৫৩। ২ অস্ত্রবিশেষ। "গো.রা ১.৩০.১২। হ ২১৬. ৪৮। —শিরাঃ (-রস্) বিণ [উ.বহুব্রী,-১ব ; স্ত্রী -রস্] হয়শিরোধর, হয়গ্রীবধারী। "আবিভ্যো হয়শিরাঃ মহা ৫.৯৯.৫। —শিরাঃ পুং হয়গ্রীবমূর্ত্তি। "হয়শিরস্তনু ভ ৭.৯.৩৭।

হয়শীর্ষ, -র্ষা (-র্ষন্) বিণ [উ.বহুব্রী] হয়শীর্ষতুল্যশীর্ষধর। "ভগবান্ হয়শীর্ষা ভ ২.৭.১১। —শীর্ষ, -র্ষা পুং হয়গ্রীব। "হয়শীর্ষাভিধানা (তনুঃ) ভ ৫.১৮.১ ; হয়শীর্ষা (অবতু) মাং পথি দেবহেলনাৎ ৬ ৮.১৭।

হয়াঙ্গ পুং [উ.বহুব্রী] হয়াঙ্গতুল্য অঙ্গ যাহার ; ধনুরাশি। "বরাহমিহিরকৃত বৃহজ্জাতক ১.১৪।

হয়াত বি [আ হয়.াত্] জীবন। "মোল্লা বলে আল্লা আল্লা, আমার গোপাল পোলা, হয়াতে পাঠাও মোরে ঘর বা.ম ৮২। [হয়াতে পাঠাও —সঞ্জীবনে পাঠাও।]

হয়াধ্যক্ষ পুং [ষ.ত] অশ্বাধ্যক্ষ, হেড্-সইস.

হয়ায়ুর্ব্বেদ পুং [ষ.ত] অশ্বচিকিৎসাশাস্ত্র, হয়বিদ্যা (Veterinary science)।

হয়ারি পুং [ষ.ত] 'অশ্বশত্রু', করবীরবৃক্ষ।

হয়ারূঢ় বিণ [দ্বি.ত] অশ্বারূঢ়। —রোহ পুং [হয়+আ- √রুহ্ +অ (অণ্)-ক , উ.ত] ১ অশ্বারোহ, সাদী। "গো রা ২.১২৫.১৪। মহা ৬.৪৬.২০। অ.কো, নানার্থবর্গ ১০৭। ২ [স.ত] অশ্বে আরোহণ।

হয়ালয় পুং [ষ ত] অশ্বশালা, মন্দুরা। "সরটং বারয়েন্নিত্যং প্রবিশন্তং হয়ালয়ম্ (S W.)।

হয়াস্য পুং [উ.বহুব্রী] হয়গ্রীবাবতার। "ভ ১১ ৪.১৭।

হয়ী[1] (-য়িন্) পুং [হয়+ইন্ (ইনি)-১ব] 'অশ্ববাহনবান্', হয়ারোহ, সাদী। "মহা ৮.৭.২০।

হয়ী[2] দ্র 'হয়'।

হয়েশ্বর বিং অশ্বশ্রেষ্ঠ, হয়বর। "উচ্চৈঃশ্রবা, °র।—মা ১২২।

হয়োত্তম পুং [স.ত] অশ্বশ্রেষ্ঠ, হয়বর। "মহা ৩.৭১.২৩।

হর[1] বিণ [√হৃ+অ (অচ্)-ক , স্ত্রী -রা] ১ হারক, নিরাসক, দূরীকারক। "অঘ°, আর্ত্তি° জরামৃত্যু°, সাপ°, মদদর্প°, রতিখেদ°, শোক°, শ্রম° (S.W.)। দুঃখহরা : পাপহরা ক চ ২ ; কোকনদ দর্প° ৮। ওরে আঁখি অন্ধ, দেখ মাকে, তিমিরে তিমিরহরা ব.প ১৫৩৭। ভবভয়হরা শ্রী.মা ২০৪। সর্ব্বপাপহরা।—দু ৪০। ভয়হরা চ.বি ৩৪। কণ্ঠ মদনমদভয়হর ম.প ২৬৫ ; সিংগরবহর, গরজত ঘন ঘন ৩৯০। (তুমি) জন্মহরা, মৃত্যুহরা বি-হ ৪৮। ক্ষুধাহরা ভা.চ ৫৩৪। জন্মজরাহরা : খলদলবলহরা : ভবহরা বা.দ ১০। ২ নাশক, ঘাতক। "অরি° মহা ১.৬৭.২৩। ত্রিপুর° —হ ১৮২.৩২। স্মরহর বর বরপিতা পুরহর ভা.চ ৭৬। প্রাণ° ব.প ১৪৯৩। ত্রিপুরহর বি.স্থ ৯২। ৩ অপহারক। "হয়° গো রা ১.৪০.২৫। হীরা পরধন হরা ভা.চ ২৮৩। ৪ বিমোহন, আকর্ষক। "মনোদৃষ্টিহরং বনম্ রা ২.৯৫, টীকা, প্রক্ষিপ্তসর্গ ৪। ৫ গ্রহীতা, স্বীকর্ত্তা। "অংশ° পা ৩.২.৯, সি। ব্রহ্মদায়হর মনু ৩.৩। শরীরার্দ্ধহরা কু.স ১.৫০। ৬ প্রাপয়িতা, প্রাপক। "তেষাং শূর্পণখৈবৈকা দুষ্প্রবৃত্তিহরাঽভবৎ রঘু ১২.৫১। অপথহরাস্তবেন্দ্রিয়াশ্বাঃ (পাঠান্তর) কি ৫.৫০। ৭ তাগী। "অর্দ্ধরাজ্য° —মু ২.১৯। ৮ ধারক, ধর। "কবচহরঃ ক্ষত্রিয়কুমারঃ পা ৩,২.১০, কাশিকা। [সমাসে উত্তরপদ]। ৯ (বাঙ্লায়) সম্ভোগকারী। "গুরুপত্নীহর (শশী) দ্বি.প ১২১। —র পুং ১ প্রলয়ে হারক (অ.টী) শিব। 'নিগৃহ্য হরতে যস্মাৎ তস্মাদ্ধর ইতি স্মৃতঃ মহা ৭.২০১. ১৩৭। "রা ১.৪৩.৬। কু.স ১.৫০। হরশিরশ্চন্দ্রিকা পু.মে ৭। °জটাগ্রন্থী রঘু ৪.৩২। হরধরাজনে।—কৃ ৩৪৮। হর হর ঘোর দুঃখ হর ভা.চ ৩ ; ৭৬। যে জিনে পয়োধরে হর ৩২১। °কোপানলে পি ১০। ২ [√হন্+ক্বিপ্ (০)-ক—হন্+ √রা+অ (ক)-ক (মহা ১৩.১৭. ১২১, নীলকণ্ঠ)] 'শূলগ্রাহক', শূলী (নীলকণ্ঠ)। ৩ অগ্নি। ৪ (গণিতে) ভাজক (diviser)। ৫ ভগ্নাংশের নিম্নরাশি (denominator)। ৬ হঠকারক। ৭ গর্দ্দভ। তু 'খর'। [°গৌরী (স্ত্রী)—হরসহিতা গৌরী ; অর্দ্ধনারীশ্বরমূর্ত্তি। °চূড়ামণি (পুং)—'হরচূড়ায়মণিতুল্য', চন্দ্র। °তেজঃ (-জস্), °বীজ ক্লী—১ শিববীর্য্য। ২ পারদ। °দগ্ধমূর্ত্তি (পুং) —'হরকোপানলদগ্ধদেহ', অনঙ্গ। "বৃহৎসংহিতা ৭৮.১৪। °নেত্র (ক্লী) —১ শিবনেত্র। ২ (তৎসংখ্যানুসারে) তিন (৩) সংখ্যা। °শেখরা (স্ত্রী)—'হরশেখরভূতা', গঙ্গা। °সখ (পুং)—কুবের। °সূনু (পুং) —শিবসুত, কার্ত্তিকেয়। "রঘু ১১.৮৩। °হার (পুং)—'শিবহারতুল্য', শেষসর্প।]

হর[2] '-র্' বি [সং হল , হি, মৈ হর] লাঙ্গল। "বি.প ২২৫।

হর[3] বি শিবের বেশে সজ্জিত মানুষ (?)। "আজ অমুকের গাজনতলায় চিৎপুরের হর।—হু ৮।

হর[4] -'র্' বিং [ফা হ.র্] প্রত্যেক। "হরকদম।

হর[5] সর্ম্ম [সং √হৃ >লি, প্রা √হর, হি, ঠ, ও √হর] ১ অপহরণ করা, চুরি করা। "কে হরিল আমার সে চন্দ্রমুখী সীতা।—কৃ ১৪৭। হরিয়া লইল সীতা দেখি শূন্যালয়।—ম ৫৫২। ২ বলাৎকারপূর্ব্বক গ্রহণ করা। "কৃ ২৪৯। (আমরা) কৃষ্ণের রমণীগণ হরিব এখন।—ম ১২৪৪। শ্রী.ম ১৬৭। হরিয়া হরির ধন হরি লয়ে যায় পি ৫০। তোবে ...মৃণাল যথা জলে, যবে কুবলয়ধন লয় কেহ হরি।—মে ৯। ৩ লুণ্ঠন করা। "গরুড়ের ধন যদি হরি লয় কাকে।...রাবণ জীতে সীতা নিতে নারিবে রঘুনাথ॥—কৃ ২৫০। ৪ বহন করা। "হরিয়া চরণরেণু আনিবে পবনে। এই মনে ভাবিয়া থাকয়ে নদীগণে॥—ব.প ৮০৪। ৫ মোহিত করা ; আকৃষ্ট করা। "(কৃষ্ণ) হরে নারীমৃগীমর্ম্ম চৈ.চ ৩৩৪ ; তিন অমৃতে হরে কাণ, হরে মন হরে প্রাণ ৩৪২। পি ৮৯। মুনির মানস হরে ভা.চ ৯৭। ৬ নিহত করা। "সমাধিরে কে হরিল, শীঘ্র করি বল বিবরণ।—চ ৫৮। ৭ নিরাকৃত করা, দূর করা, নাশ করা। "তা'রা (দিবাকরাদি) না হরিতে পারে তিমির আমার। এক সীতা বিহনে সকল অন্ধকার॥—কৃ ১৪৭। কৃষ্ণ-আলিঙ্গনে রাজা হরে সর্ব্বতাপ শ্রী ম ২২৪। (সর্ব্বলোক) সংসারের তাপ হরে শ্রীমুখ দেখিয়া চৈ.ভা ৩২৬। ('হরি' শব্দ) সর্ব্ব অমঙ্গল হরে চৈ চ ২৩৪। হর রোগ, হর তাপ, হর শোক, হর পাপ (শঙ্কর) ভা চ ৩। ৮ উপশমিত করা। "স্ত্রীর দেখি স্থির মান, করিবারে সমাধান, বন্ধু করে অপমান ক্রোধে ক্রোধ হরিব ভা.চ ৬৭৮। ৯ বলপূর্ব্বক সম্ভোগ করা। "ব্রাহ্মণী হরয়ে যেই সে নরকে যায়।—ম ১০৪৮। ১০ যাপন করা, কাটান। "হরি কাল হরিবারে, মা বলিল যশোদারে ভা.চ ২৮৩। ১১ নিষ্কর্ষণ করা, টানিয়া লওয়া। "আপনার তেজ রাম সকল হরিল।—কৃ ৮২। ১২ ত্যাগ করা, ছাড়া। "(গোপী) লোকাচার হরিল শরীর অগেআনে শ্রী.ম ১৫২। ১৩ অন্তর্হিত করা ; ঘুচান। "অবগুণ পরিহরি, হরখি হরু ধনি, মানক অবধি বিহানে বি.প ১২০। ১৪ রোধ করা ; বন্ধ করা। "নিমিখ হরিয়া, আঁখি, ভরিয়া তাহারে দেখি শ্রী.ম ৫৪। ১৫ খেলায় জিতিয়া লওয়া। "সহচরি সুন্দরী সুন্দর খেলা করে। বুড়ি বুড়ি কড়ি কত কড়া দিয়ে হরে॥—পি ১৮। ১৬ ভাগ করা (to divide)। "গ্রাম গর্ভিণী ফলে যুতা। তিন দিয়া হর পূতা॥ তিন দিয়ে হ'রে আন।—খনা। —র অর্ম্ম ১ প্রতিবদ্ধ হওয়া ; বিলুপ্ত হওয়া। "বিপদ সময়ে বুদ্ধি হরে মহাজন।—ম ৬৯৭।

২ অতীত হওয়া। "হেরইতে হরথে হরল যুগ চারি।—জ্ঞা ২৯। ৩ অবহিত হওয়া। "হরল গেয়ান তোহারি অভিলাষে।—গো ২৫১। [হরহ,-রি, -বোঁ, -রিল, -লেক, -লোঁ, -রী, -রে,-রোঁ (স্ত্রী কী)। হর (হবে), হরু (প ক)।]

হরক পুং [হর+ক (কন্)] ১ শিব। ২ ধূর্ত, শঠ। ৩ হর্তা।

হরকচম বিং [হর৪+কচম] প্রত্যেকপ্রকার, সকলরকম, নানাবিধ।

হরকত বি [আ হরকত্] ১ দোষ, দুর্ব্যবহার। ২ (বাঙলায়) বাধা, বিঘ্ন, ব্যাঘাত। "মালগুজারির হরকত E P 77 ৩ কষ্ট, পীড়া।

হরক(কা)রা বি [ফা হর্কারা] ১ দ্রুতগামী পদাতিক বা পাইক (courier)। "তার পেচনে বাবুর অবহ্যমত তকমাওয়ালা দরোয়ান হরকরা সেপাই।—হ ১৮। ২ চর, দূত। 'রাজারাম হরকারা আইল ব প ১৪২২,-৩, মায়া হয়া হরকরা পশে সব পুরে ১৪৭৭,-৮, পাঞ্জাবী হরকরা ১৪৮৪। হরকরা বি সু ৮৯। (তুমি) চোর কিংবা হরা হরকরা জা চ ২৬৭, থানায় থানায় নিয়োজিল হরকরা ৩৮৬, ৪৫৯। ৩ ডাক-পিওন। "শিরোনামা ভ্রমরের নামে, হরকরা গিয়া দিল ধামে।—দা ২১৩৩।

হরকারা দ্র 'হরকরা'।

হরখ[১] বি [সং হর্ষ >(স্বরাগমে) হরষ >হরখ (দ্র 'খ২'), হি হরখ] হর্ষ, আনন্দ (প ক)। —খনি বি [হর্ষণ >হরখন+ই১১] হর্ষ, আনন্দ। 'প্রেমভরে হিয়া হরখনি প ক ১৫৫৭।

হরখ[২] অর্ম [হরখ১ >*খ, হি, মৈ √হরখ] হর্ষিত হওয়া, আনন্দিত হওয়া। 'পিয়া হিয় হরখি ধরল নিজ পাণি বি প ৬৩, হরখি হরু ধনি, মানক অবধি বিহানে ১২০। প্রেম অমিয়া, হরখি বরখি।—গো ২৯। ব.প ১০৮৯।

হরখনি দ্র 'হরখ১'।

হরখি, হরখিত বিং [হর্ষিত >হরষিত >হরখিত,-খি, মৈ হরখিত] হর্ষিত, আনন্দিত। 'রাজা শিবসিংহ শুনি হরখিত বি প ৭২। জলদ হেরি জনু হরখিত চাতকী।—গো ১৮, প্রেম-অমিয়া, হরখিত বরখি, হরখিত মহী মাতিয়া ২৯।

হরগিজ ক্রি বিং [ফা হ বগিজ] কখনও। 'দিনেন সাতটা কজলি আঁব খাও, তা তুমি হরগিজ পাঁচটা বই মুখে করো না।—অ প্র ১৩৯।

হরগুণ বি হরের গুণ, অর্থাৎ ঐশ্বর্য্যবিশেষ—কামাবসায়িতা। "হরগুণ বয়গুণ হৈল এক ঠাঁই। মেনকা আনন্দে ঘরে লইল জামাই।—ভা চ ৮৪।

হরঘড়ি ক্রি বিং [হর৪+ঘড়ি] প্রতিক্ষণ, সর্বদা। "তুমি হরঘড়ি বল যে হাতে বহুত কাম আ হু ১০৯।

হরণ বিণ [√হৃ+অন (ল্যুট্)-ক, স্ত্রী-ণী] ১ হারক, নাশক, নিরাসক। "রজোহরণ (S W)। পাপপুঞ্জ' ।—হু ৬১, শঙ্করহরণী, সংশয়হরণী ৬৫। মদনমদভয়-হরণ সরস সিঙ্গার ন.প ১৫১। শঙ্কাহরণ শঙ্কর তুমি কু কে ১৯৬। ২ ঘাতক, নাশক। "ত্বৎপ্রাণহরণো ব্যাধিঃ গো রা ২ ৬৮ ৪। ৩ নাশক, শময়িতা। 'তৃড়' (সুশ্রুত)। ৪ নয়ন, বাহক। "বলিহরণী দর্ব্বী (S W)। ৫ আকর্ষক, বিমোহন। "এই যে তোমার প্রেম ওগো, হৃদয়হরণ।—রবীন্দ্র। ৬ (বাঙলায়) জয়ী, পরাভবকারী। "অরুণকিরণ,-হরণ বসন।—হ ৩০। হেমবরণ-হরণ দেহ ন প ২৬৩। —ণ ক্লী [+অন-ভা] ১ অপনয়ন। "পাত্র' (S W)। ভূভার' ভ ১০ ৫০ ৯। ক্ষিতিভারহরণে ক চ ১৯২। ভার' চৈ চ ১২। মারীচ কনককুরঙ্গরূপধারণপূর্ব্বক জানকীর নিকট হইতে রামচন্দ্রকে হরণ করিয়াছিল।—কাদ ৪। ২ প্রাপণ, নিবেদন। "প্রবৃত্তিহরণার্থ।—হ ১৭৭১। ৩ আনয়ন। "পানীয়হরণে গতৌ (ভ্রাতরৌ) মহা ৩ ৩১১ ২৩। ৪ গ্রহণ, স্বীকার। "পা ৬ ২ ৬৫, কাশিকা। প্রসহ্য কন্যাহরণং রাক্ষসো বিধিরুচ্যতে মনু ৩ ৩৩। ৫ অপহরণ। "বৈদেহ্যা হরণম্ রা ১ ৩ ২০। হরণে স্ত্রীণাম্ মনু ১১.১৬৪। ৬ বলপূর্ব্বক গ্রহণ। "[illegible] ...ক্ষেত্রগৃহস্থ মনু ১১.১৬৪। ক্ষেত্রস্থ হরণে যাজ্ঞ ২.১৫৮। [illegible] হৈহয়ঃ (রিপুঃ) রঘু ১১.৭৪। ৭ নাশন, ঘাতন, বধ। "প্রাণ" [illegible] ৩৪ ২১। ৮ যাপন, অতিবাহন। "কালহরণ প [illegible]; [illegible]। ৯ নাশন, শোষণ। "অম্বুহরণ।—বৃহৎসংহিতা ১২.৬। ১০ (গণিতে) ভাগ (dividing)। "পাঁচ পকগুণ, সিন্ধু বিন্দু তাহে, তিথি ভাগ হরণই কেল।—জ্ঞা ২৩২। ১১ [+অন-ক] 'শক্তিপ্রাপক', বীর্য্য, শুক্র। ১২ উৎকোচক। ১৩ [+অন-র্ম] যৌতকরূপভিক্ষাদি দেয় (অ টী), দায়, প্রীতিদায় (নীলকণ্ঠ)। "মহা ১২ ১২৩; (এতে) আজগ্মুঃ খাণ্ডবপ্রস্থমাদায় হরণং বহু ২২১ ৩৩। রঘু ৭ ৩২। ১৪ ব্রহ্মচর্য্য-গ্রহণে ব্রহ্মচারীকে দেয় দ্রব্য (Wilson)। ১৫ স্বর্ণ। ১৬ কপর্দ্দক। ১৭ বীজনিষেকের পরে শরীরপোষণার্থ বড়বাকে দেয় মসূরাদি (তত্ত্ব-বোধিনী)। "পা ৬ ২ ৬৫, সি। ১৮ [+অন-ণ] ভুজ, হস্ত। ['হারিকা (স্ত্রী)—যৌতকাদির আনয়ন, দায়সমানয়ন। "মহা ১ ২ ৪৬।]

হরণ-পূরণ বি অপনয়ন ও সম্পূরণ, কমতি-বাড়তি। "সংসারের সর্ব্বত্রই হরণ-পূরণের নিয়ম আছে চা পু ৮।

হরণাহরণ ক্লী [ব ত] যৌতকাহরণ, দায়সমানয়ন। "মহা ১.২.৮৮।

হরতন বি [Dutch—'harten' (heart)] তাসে পানের মত লাল কোটা। "নদেরচাঁদ।—বা। ইসকাপনের টেক্কার হরতনের বিবি।—নী ৪৬।

হরতাল বি [হি 'ল ঠ হরতাল, (হর৪+গু 'তাল্',—কুলুপ)] প্রত্যেক দোকানে কুলুপ দেওয়া বা বন্ধ করা, হাট-বাজারের বেচাকেনা বন্ধ।

হরদম ক্রি বিং [হর৪+দম] প্রতিক্ষণ, সর্বদা। "ওরে মনপাগেলা রে, হরদম দয়ালের নামটি লও।—বাউল।

হরনেত্র বি শিবের ত্রিনয়ন, তিন (৩) সংখ্যা। ['ঋতু—তিন ঋতু। "ম পা ১৬৬, ব প ৩৭৪। 'দণ্ড—তিন দণ্ড। "ম পা ১২৭। 'লক্ষ —তিন লক্ষ। "ম পা ৬৭। হরনেত্রোদর—তিন পেট, তিন জন। "হর-নেত্রোদরে অন্ন দিনান্তে না মিলে ম পা ৩৮।

হরপ, -ফ বি [আ হরফ্] ১ অক্ষর, বর্ণ। ২ হস্তলিপি। ৩ বর্ণমালা। 'হরপের এক অক্ষর যায় ঘটে নাই।—হেম ৩৮০। [হরপ চেনা—বর্ণ-পরিচয়।]

হরপা, -পি, -পী বি [দ্র 'হড়পি'] কয়ণ্ডক, কৌটা। "সোণার হরপা ভরি, রাখে অস্থি ম ম ২০৯, হরপি খসায়ে মেলে লখাইর পাঞ্জর ২১৬। হরপী বি পা ৩০৫।

হরপি, হরপী; হরফ দ্র 'হরপা, হরপ'।

হর-বর-সর বি [তু 'হড়বড়' হিসাবে বিশৃঙ্খলতা বা গোলমাল। "টাকাটা হাত করিতে পারিলে অনেক কর্ম্ম আসিত…তার পরে এর মুণ্ডু ওর ঘাড়ে দিয়া হর-বর-সর করিতাম আ হু ৫৮।

হরবাব বিং [হর৪+বাব] নানাবিষয়ক, বিবিধ। "বাদ—হরবাব বাজে খরচ—৪৫২৪/১৫।

হরবিল্ল বিং [হর৪+বিল্ল (ব্রীহি)] নানাশস্যসম্বন্ধী। "প্রজালোকও .. হরবিল্ল ফসলের দ্বারা বিলক্ষণ যোত্র করিয়াছিল আ.হু ১৬১।

হরবোলা বি [হর৪+বোল২] যে নানাপ্রকার বোল বলিতে পারে; অন্যের কথার অনুকরণে সমর্থ। "(ব্রজেশ্বর) মনে করিল, বুঝি দেবী চৌধুরাণী হরবোলা ব প্র ৩৮৬।

হরয়ে [হরি+এ (চতুর্থী-১ব)] হরিকে। "'য়ে নমঃ চৈ চ ৬৪

হররমা, -রাণী বি হরমোহিনী, শিবপত্নী, চণ্ডী, দুর্গা। "হররমা; হররাণী।—কৃ ৩৫২। হররাণী ম ম ১৭৯। হররাণী পূজা করেন হর্ষে দা ৪৩৮।

হররা বি [ধ্বন্যাত্মক] গোপাড়ীর 'হররা-হররা' শব্দ। "হু ২৪।

হরহৃদয়েশ্বরী বি শিবপত্নী, দুর্গা। "দা ২৩৯

হররাণী দ্র 'হররমা'।

হরষ, -ষা বি [হর্ষ > (অবাগমে) হরষ, -স ; হি, মৈ হরষ ; ঠ হরখ] আনন্দ। "বিহর সে হরখি (হরষে) বি.প ৭৬। হাসিলেন দর্পরাজ হরস বিভোরে শ্রী.মা ৪১। —ষিত, -সিত বিং [হর্ষিত > (অবাগমে) হরষিত, -সিত ; হি হরষিত ; ঠ হরখতে ; তু 'হরশিত' (ম.গা ১১)] জাতহর্ষ, আনন্দিত। "হরসিত।—গ ৮ ; ম.গা ৩২। দেখি হরষিত হৈল মুরাসুর অর।—প্র ৯। [হরষ—হৃষ্ট। "আলিঙ্গন দেহ তুমি হইয়া হরষ (অর্থাৎ হরষিত)।—ম ১৩।]

হরা[1] বি [হর[1]—হরা (স্ত্রীলিঙ্গ) ; অসাধু] হরপত্নী, দুর্গা, চণ্ডী। "হরা হররাণী।—কৃ ৩৫২। শ্রী.মা ৭৭,

হরা[2] বিং [হর[6]+আ[12]] হৃত, অপহৃত। "সেই হার হরা ব.প ১৪৮৪।

হরা[3] সর্ব [হর[6]+আ[8]] হরণ করান। "রাবণ যারায় শেষে জানকী হরালে।—কৃ ৩৫২।

হরাদ্রি পুং [উ.লো] হরাধিষ্ঠিত পর্ব্বত, কৈলাস। "ক সা ১১৩.৯৯।

হরায়তন ক্লী [ষ ত] শিবমন্দির (রাজতরঙ্গিণী)।

হরাস্পদ ক্লী [ষ ত] শিবস্থান, কৈলাস। "ক সা ১০৯ ৪৫।

হাইবাস বি [হাব্যাস >°স] ১ উৎকট ইচ্ছা, লালসা। "ত্রিয়াব হাইবাস ফেলে, যে আছিল অন্তরে, মনঃকথা—বিকাইনু তোবে চৈ ম ৮৩। ২ উৎকটলালসাজন্য বিভ্রম। "আমাব হাইবাসে প্রভু বৃক্ষে কোল দিলে ব.প ৫৪৭। ৩ হুতাশ, শোক। "আপনি মবিল বাজা রামের হাইবাসে ব.প ১৩৫৩, মণি হাবাইযা যেন ফণীব হাইবাস ১৩৫৭ [মনের হাইবাসে—মনোবাঞ্ছাপূরণপূর্ব্বক, অর্থাৎ মনেব আক্ষেপ মিটাইয়া। "মৌন-যোগে মহামাখা মনের হাইবাসে। নেড়ে চেড়ে আপনি পোড়ায ইচ্ছাঘোষে।—শ্রী.মা ১৭৫।]

হাইল বি [হালি >°ল] নৌকাব কর্ণ, হা'ল। "আ দু ৫২।

হাউ বি [হি হাউ] ১ কল্পিত ভয়ানক জন্তুবিশেষ, জুজু। '(মাতা) কান্দিলে সান্ত্বনা করেন হাউ দেখাইযা ভ গ্র ৪৫২। হোর আসিছে বাপু, হাউ দুবন্ত রে চৈ ম ৩৮। ২ (কল্পিত?) জন্তুবিশেষ। "হাড চমরী শৃগাল ভা চ ১২৮।

হাউই বি [ফা হ রাঈ] যাহা হাওযায (শূন্যে) উঠে, উর্দ্ধগামী আতস-বাজিবিশেষ (sky-rocket)। "হাউই ছোটে বি পা ১৮১। হাউই হইয়া অন্য (ভূত) ধায শূন্যপথে শি ২৪।

হাউকদাউক বি [হাকডাক >°ক] অতিব্যস্তভাব। '°ক কবিযা দৈবক ঠাকুবক পালঙ্ক আনি দিল গো.চ ১৪৭,-৫৫।

হাউড়বাউড় বিং [আড়ল-বাড়ল >(হ-আগমে) হাউড়বাউড, হি হারলাবারলা] পাগল, ক্ষেপা। 'কেহ বলে হাউড়বাউড় কেহ বলে হাবা শি ৯৯।

হাউমাউ বি [আউমাউ >(হ-আগমে) হাউমাউ] সর্থ 'আউ-মাউ'।

হাউ-মাউ-খাউঁ বি [দ্র 'হাউ'] আমি মা খাব, অতিক্ষুধায রাক্ষসেব ব্যাকুল 'খাই-খাই' বব। "হাউমাউখাউ। আজ কেন মানষেব গন্ধ পাউ॥ —উপকথায় বাক্ষসেব রব। [°খাউ ক'বে আসা—অতিক্ষুধায় ব্যাকুল-ভাবে খাইতে আসা।]

হাউর বিং [হাবড >°ব (?), হাওর (শ্রীহট্ট।—জল°)] পঙ্কিল, ঘোলা। "হাউর পানিত হইল ঘোল বর্ণ আখি গো বি ১০৯।

হাউস[1] বি [আ হ রস্] ইচ্ছা, আশা। "বড় হাউসে বিবাও দিলাম একটি জাদু বাছাব লোভে গো চ ৯০, ১৮৭। [হাউস রঙ্গে—ইচ্ছাপূর্ব্বক আনন্দে। "হাউস রঙ্গে যাতিমু হস্ত পাও (গো চ)। হাউসাহে—ইচ্ছাতে (গো চ)।]

হাউস[2], **হৌস** বি [E. house, হি হাউস] সদাগবি কুঠী, ফাবম। "হৌস বড় ভাবি ব দ্বি ৮। আমি তোমাকে হৌসেব কাজ শেখাব স এ ১৩।

হাউহাউ বি [ধ্বন্যাত্মক, হি হাব (দ্বিত)] চীৎকাব। [হাউ হাউ কবে কাঁদা—মুক্তকণ্ঠে রোদন কবা।]

হাএ অব্য [হায>হাএ] খেদসূচক শব্দ। "এসব শুনিযা বাজা বলে হাএ হাএ ম গা ১১, গো চ ৬৪১। বোলে হাএ হাএ গো বি ১৭৪।

হাএয়াত বি [আ হযাত্] আয়ু। 'মাটি হোতে মৈনামতী বাক্সক হাএযাত ম.গা ১৩, ২৬। গো চ ৩৪৪,-৮৩।

হাওদা বি [আ হরদহ্] হাতীর পিঠে বসাব আসনবিশেষ বা আস্তরণ।

হাওয়া বি [আ হরা] ১ বায়ু, বায়ুপ্রবাহ। "গো চ ১১০। শীতল পরমানন্দ বাহবা রে হাওযা ভা চ ৭৭৬,-৭। দখিন হাওযা।—রবীন্দ্র। ভাবের হাওয়ায় দোদুল-দুল কু.কে ৭, ফুল-জাগানো দখিন হাওয়া ৩৭। ২ বায়ু, বাতিক। "তোমারো লেগেছে দাতার হাওয়া।—কা ৯৬। [হাওয়াখানা, হাওয়ালখানা—হাওয়া খাওয়ার মুক্ত উচ্চ গৃহ। "ছোকরান হাওয়াখানা গো চ ১৯৩,-৫। হাওয়াখানা টুঙ্গি—হাওয়া খাওয়ার উচ্চ গৃহ। "হাওয়া-খানা টুঙ্গির উপরে বসিয়াছে ভ.গ্র ১৫। হাওযাগাড়ী—মোটরগাড়ী। হাওযা করা—পাখায বাতাস করা। হাওযা খাওয়া—১ পাখায় বাতাস খাওযা। ২ বায়ুসেবন করা। হাওযা চলা, ছাড়া—বায়ুসঞ্চার হওয়া। হাওয়া বদলান—স্বাস্থ্যের নিমিত্ত স্থানপরিবর্ত্তন করা। দেশের হাওয়া বদলান—দেশবাসীর মনেব ভাবেব পবিবর্ত্তন হওয়া। হাওযার কাপড় —ছোট ছেলে মেযের পরিধেয জালী কাপড।]

হাওয়াল বি [আ হরাল] তত্ত্বাবধান, জিম্মা (charge, custody)। "(হীরাকে) রাখিল নজববন্দী সোযাব হাওযালে বি স্থ ১০২। আসামিকে পেযাদার হাওযালে বাখিযা সাবজন…হাডিকে হাসপাতালে পাঠাইয়া দিল আ দু ১৭৯।

হাওল, -লা বি [হাওযাল >°ল] সর্থ 'হাওযাল'। "পাত্র হলো ইন্দ্রজাল কোটাল হাওলে শ্রী ১২৯। [হাওলাত কৈবে দিল—জিম্মায় বাখিযা দিল। "চিঠি হাওলাত কৈবে দিল গো চ ৮।]

হাওলদার বি [আ হারলদাব] দেশীয সামবিক কর্ম্মচারিবিশেষ। '(সিপাহী) ধরিযা তাহাকে হাওলদারের নিকটে আনিল ব দ্বি ৯৫। —দারি,-রী বি হাওলদারেব পদ বা কাজ, হাওলদাবের হাঁক। "পেছন থেকে পাওনিগব হাঁকচে' বি।—হেম ৩৮৩।

হাওলাত বি [আ হারলাত্] ১ জিম্মা। "গোদা যমেব নামে চিঠি হাওলাত কৈরে দিল গো চ ৮। ২ (বাংলায) ঋণ, ধাব। —লাতী বিং [°ত+ঈ°] ঋণ-করিয়া-লওযা, ধাব-কবা (টাকা ইত্যাদি)।

হাওলি বি [আ হারেলী] ঘর, বাড়ী। "ঝাড়া লও নগরেব হাওলি ঘিবিযা ব প ১৪৭৯,-১৪৮৩, ১৪৯৪।

হাঃ-হাঃ, হাঃ-হাঃ-হাঃ অব্য [ধ্বন্যাত্মক, ঠ 'হ-হ-হ'] অট্টহাস্য-শব্দ। "হাঃ-হাঃ, ভাযা খাপ্পা বড, এ কি ব্যাপাব।—গান ২, ৩। হাঃ-হাঃ-হাঃ। তুই বাবুদেব মতন তামাক খেতে কোথায শিখলি রে?—মা ৩৩১; হাঃ-হাঃ-হাঃ। ওন্ট্ আই এক্সপ্ মিসেলফ্?—৩৪৯।]

হাঁ[1] অব্য [আঁ[1] হাঁ; হি হাঁ; ঠ হাং 'হ' (ঢাকা), Dravidian—'âm' yes (Caldwell, 579)] ১ স্বীকাব, সম্মতি। "সাহেব হাঁ না কিছুই বলিলেন না।—নী ৫৯। হাঁ তাই বটে ব প্র ২২৮। ২ আহ্বানে উত্তর দেওযাব শব্দ। ৩ সম্বোধন। "হাঁ মা কামিনি, তোমাব মার তোমা বই আর সন্তান নাই?—ন ত ৬৪। [হাঁও না, হুঁও না—স্বীকাবের কোনও লক্ষণ না। হাঁ কবা—স্বীকার করা। হাঁ গো হাঁ—১ স্বীকারে। ২ (কাকুতে) অস্বীকাবে। "হাঁ গো হাঁ, ও সব আমরা বুঝতে পারি। —অ গ্র ৩। হাঁ গো—প্রশ্নে। হাঁ জী—হাঁ মহাশয়। হাঁ জী হাঁ জী করা —খোশামোদ কবা। হাঁ না কবা, হাঁকে না কবা—স্বীকৃত বিষয় অস্বীকার করা। হাঁ না, কিছুই না বলা—সম্মতি বা অসম্মতি কিছুই প্রকাশ না করা। হাঁ বা না বলা—স্বীকার বা অস্বীকার করা। হাঁ হাঁ—১ ব্যস্ত-ভাবে অনিষ্টপাতনিবাবণে। "(বাণের) চারিহস্ত আছে যবে হেন কালে হর। হাঁ হাঁ ক'বে ধরিল কৃষ্ণেব দুটী কর॥—শি ৫৯; ১০৬। (বুড়িটা) ঘবে এলে (পঞ্চু) হাঁ হাঁ কবে ওঠে।—ঘ ১৭৭। ২ বিশেষ সম্মতিতে। ৩ হঠাৎ অনিষ্টপাতে বিস্মিতেব ভাব। "(সবে) হাঁ হাঁ করে' ছুটে আসত প.কা ৫৫। (কর্ত্তা) ঘুসি খেযে একেবারে ধুকে পড়লেন; বাড়ির অন্ত অন্ত পবিবাবেরা হাঁ হাঁ। ক'রে এসে পড়লো।—হ ৫৮। হাঁ হাঁ, ওকি ক্ষাড? দেখি দেখি বলিয়া কৃষ্ণকান্ত চীৎকার করিলেন ব প্র ২৭২। হাঁ হু করা—স্বীকার করা। হাঁ হে (তু 'হংহো')—সম্বোধনে। "হাঁ-হে বাপু শাঁখারি এমন শঙ্খ পাই। কতদিনে নির্ম্মাণ করেছ দুটি বাই॥ —শি ৯৯।]

হাঁ২ ; হাঁই ; হাঁইফাঁই দ্র 'হা৪ , হাই , হাইফাই'।

হাঁই-হাঁই বি [ধ্বন্যাত্মক] বেগে মুখমারুতনিঃসরণের শব্দ। "চারিদিকে দেখি বাধা কেহ কোথা নাই। কোপে তাপে ভোকেরোখে করে হাঁই-হাঁই ॥—শ্রী ৭৯।

হাঁউ সর্ব্ব [সং অহম্ , মৈ হম্] আমি। "হাঁউ নিরাসী।—চ ৩৫ , এত-কাল হাঁউ অচ্ছিলে স্বমোহে ৫৪। [হাঁউমাউখাউ—সর্থ 'হাউমাউ-খাউ'।]

হাঁক১ বি [হি হাঁক , ঠ হা(ঙ্)ক , প্রা 'হক্ক'—শব্দবিশেষ, শব্দব্যাপার-মাত্র (পৈ ১ ২০১ , ২ ৯৫—টীকা) 'হক্কা'—আহ্বান (দেশী—প্রা ম)] ১ মহারব, চীৎকার, শোরগোল। 'হাঁকে হাঁকে ঝাঁকে ঝাঁকে ডাকে ডাকে জাগে ভা চ ৩৯১। ২ গুরুগম্ভীর নাদ। '(বৃকোদর) সিংহসম হাঁকে।—ম ১২৩। ৩ উচ্চৈঃস্বরে আহ্বান , চেঁচাইয়া ডাকা। ৪ [সং নি- √সিধ (নিষেধ) >প্রা √হক্ক (হে ৪ ১৩৪)] নিষেধ, বারণ। [হাঁক দেওয়া (হি হাক দেনা, লগানা)—মহারব করা , উচ্চৈঃস্বরে আহ্বান করা। হাঁক দোহাই না মানা—নিষেধ বা দোহাই গ্রাহ্য না করা। হাঁক পড়া— ডাক পড়া। হাঁকভর—আহ্বানের সীমা, ডাকভর। হাঁক মারা (ঠ হাংক মারণে)—সর্থ 'হাঁক দেওয়া'। ঝিকিছে হাঁকে হাঁকে—হুঙ্কার দিয়া দিয়া হানিতেছে। 'ঝকড়া ঝাকে ঝাঁকে, ঝিঁকিছে হাঁকে হাঁকে শ্রী ১৬৬।]

হাঁক২ বি [E hook] বাঁকামুখ লোহার খিলবিশেষ (bolt)।

হাঁক৩ সর্ব্ব [প্রা √হক্ক (দেশী—প্রা ম) , হি √হাঁক , ঠ √হাক] ১ উচ্চৈঃস্বরে বলা। '(চন্দভাল) হাঁকে হান হান শ্রী ২৩২। (কেহ) হান হান হাঁকিছে ভা চ ৪৫ , (ঢালী) ঘন হান হান হাঁকে ২৬৬ , হাঁকে হুম হাম খুম খাম ৪৯৭। ২ উচ্চৈঃস্বরে আহ্বান করা। "অমনি ব্যাকুলি, বাছা বাছা বলি, ব্যাকুলি চলিল হেঁকে শ্রী ৩২। ৩ হাঁকিয়া তাড়ান বা ভাগান। ৪ হাঁক দিয়া রথাদি বা অশ্বাদি বেগে চালান। "দারুক সারথি রথ হাঁকে কুতূহলে শি ৫০। —ক অর্থ্ম ১ উচ্চ রব করা , চেঁচান। "এত শুনি কোপে তাপে ভট্ট কন হাঁকি শ্রী ১৪। হাকিনী হাঁকে ঘোর ভা চ ৫ ৩। ২ হুঙ্কার করা। "(ঢালী) অমনি হাঁকিয়া চোট মারিল হাঁযালে শ্রী ২৩০। সভে আইল হাঁকিয়া ভ গ্র ৩৩৬। ৩ রব করা , ডাকা। ঝাঁকে ঝাকে শৃগাল হাঁকিয়া যায় স্ব প্র ১২৩। —কা২ সর্ব্ব [হাঁক+আ৮] ১ হাঁক দিয়া বেগে চালান। "কুপিল কুঞ্জর হাঁকাইল নন্দসুতে শ্রী ম ১২৮। ২ সর্থ 'হাঁক৩ (৪)। ৩ হুঙ্কার দিয়া তাড়ান বা ভাগান। 'সে আমাদের হাঁকাইয়া দিলে আমরা কি করিতে পারি ?—ব প্র ২৩৫ , গঙ্গারাম তাঁহাকে কড়া কড়া বলিয়া হাঁকাইয়া দিয়াছিল ৪৮৫। [হাঁকন—সর্থ 'হাঁক৩। হাঁকান—সর্থ 'হাঁকা২। কলম হাঁকান—বেগে কলম চালান। "কলম হাঁকিয়ে ফেরা (রবীন্দ্র)।]

হাঁকডাক বি হাঁকাডাকা, উচ্চরব, চীৎকার, হৈ-চৈ। "বলে পরে কর রোষ, হাঁকডাক হাতনাড়া।—দা ৬৪। প কা ৫৫।

হাঁকর বি [সং 'হারক' (হাঙ্গর—দ্র 'মীনর', শ ক) >হাকর (?) , সং হাঙ্গর (শব্দচন্দ্রিকা—শ ক), 'মকর' মূল (?) , হি হাঁগর , ঠ 'মগর'—কুম্ভীর , ড় মগর] মৎস্যাকৃতি হিংস্র জলজন্তুবিশেষ (shark , Carcharias gangeticus)। [গঙ্গা 'মকর'বাহিনী , সাধারণে এই মকরকেই 'হাঁকর' বলে। গঙ্গার প্রতিমার ইহার উপরের ঠোঁট ঊর্দ্ধগত ও শুণ্ডাকার করিয়া গড়া হয়। বস্তুত 'মকর' ও 'হাঁকর' এক।] [হাঁকরমুখো বালা—যে বালার দুই মুখে হাঁকরের ঊর্দ্ধশুণ্ডাকার মুখ থাকে।]

হাঁ(হা)-করা বিং [অস আঁ-করা] ১ বিস্তারিতমুখ (gaping)। ২ যে কোন জিনিস বিস্ময়ে হাঁ করিয়া দেখে , আদেখ্‌লে। "বুকের কাপড়-খোলা হাঁ-করা ছুঁড়িয়া রাস্তা জুড়ে স্নানযাত্রা দেখতে চলেচে।—হু ১৬৬।

হাঁকা১ বি [হাঁক৩+আ৬] উচ্চরব, শোরগোল। "হান হান হাঁকা ভা চ ৪৯১।

হাঁকা২ দ্র 'হাঁক৩।

হাঁকাবাঁকা বিং [আঁকাবাঁকা > °কা] সর্থ 'আঁকাবাঁকা'।

হাঁকার১ বি [হুঙ্কার >বা হুঁকার, হাঁকার] ১ হুঙ্কার, উচ্চগলার শব্দ। "হেনকালে বিভীষণ দিলেক হাঁকার (পলায জনক ঋষি)।—কৃ ৩৩৩। হুঙ্কার-হাঁকার ভা চ ৯৯৭। ২ উচ্চৈঃস্বরে আহ্বান বা ডাক। "মোহন মাহুত বলে পাড়িল হাঁকার শ্রী মা ১০৭। কোটাল কোটাল বলি দিলেক হাঁকার (শ্রী)।

হাঁকার২ সর্ব্ব [সং আ- √কারি (কারয়) >প্রা √হক্কার >বা হা(হাঁ)কার , হি √হঁকার , ট √হাকার] ১ উচ্চৈঃস্বরে আহ্বান করা। "ষাটি হাজার পুত্রে তবে সাগর হাঁকারে।—কৃ ১৩। তৃষিত চাতক যৈছে মেঘেরে হাঁকারে চৈ চ ১৩৩। (সেই বলিছে) কংসে হাঁকারিয়া শ্রী ম ১৭। সিংহে হাঁকারিয়া দেবী আনিল সত্বর বা ম ৪৯। ২ স্পর্দ্ধাপূর্ব্বক আহ্বান করা। '(মহিষাসুর) সমুদ্রে হাঁকারে গিয়া যুঝিবার মনে।—কৃ ১৫৫ , কষিল অঙ্গদ বীর যুঝিতে হাঁকারে ১৮১। ৩ হুঙ্কারপূর্ব্বক বেগে চালিত করা। হস্তী হাঁকাবিল কৃষ্ণ মারিবার কারণে ব প ৭৭০। হাতী হাঁকারিয়া পাড়ে গড়ের পাষাণ শ্রী ১৬৪ , ৪ হুঙ্কারপূর্ব্বক বলা। 'হান হান হাঁকারি হাতির হানে শুঁড় শ্রী ২৩২। —র অর্থ্ম হুঙ্কারপূর্ব্বক গর্জ্জন বা মহারব করা। 'হুঙ্কারে হাঁকারি হ'টে চোট হানে রায় শ্রী ৮৪। হুঙ্কারে হাঁকারে ঘন ঘন যেন গাজে শি ৭৫।

হাঁকাহাঁকি বি [হাঁক১-আ+হাঁক-ই , ঠ হাকাহাক,-কী] পরস্পর হাঁকা বা শোরগোল করা। 'হাঁকাহাঁকি ডাকাডাকি রাখালে রাখালে শ্রী.মা ৪৯।

হাঁকুনি বি [হাঁক৩+অন >হাঁকন+ই১১ > °নি] হাঁকন, মহারব "হান হান হাঁকুনি শ্রী মা ১৭১,-২।

হাঁকুপাঁকু বি [আঁকু পাঁকু > °কু] নিদ্রায় বিহ্বলভাব। "(নিদাটী লাগিল) তাঁতগাড়ে পড়ে তাঁত করে °কু শ্রী.মা ১৯৫।

হাঁচ অর্ম্ম [ধ্বন্যাত্মক] ক্ষুত করা , হাঁচা। চতুর কুমার ভাবে, 'জীব'-বাক্যে মান যাবে, হাঁচিলেক নাকে কাঠি দিয়া ভা চ ৩৬১। —চা সর্ব্ব [হাঁচ+আ১] হাঁচান। [হাঁচা—সর্থ 'হাঁচ'।]

হাঁচি বি [সং হঞ্চি , ধ্বন্যাত্মক] ক্ষুত। 'গো চ ২১। পাছে পড়ে হাঁচি ম ম ১৭৪। বৃদ্ধ শিশু অথবা কফের যে হাঁচি। যত্নপূর্ব্বকের হাঁচ কদাচ না বাছি।—খনা। [হাঁচি পড়া—হাঁচি হওয়া। হাঁচি মানা—হাঁচির ফলাফল মানা।]

হাঁচুটি বি ভূশায়ী ছোট লতানীয়া গাছবিশেষ (Artemisia sternutatoria—Haughton)। [ইহার ফল টিপিয়া নাকে ধরিলে হাঁচি হয়।]

হাঁট অর্ম্ম [হি √হট্ , তু 'সং √অট] ১ পায়ে যাওয়া , চলা, হাঁটা। "গো চ ৯ , ২৬ , ৩২। এত শুনি পাছ হাঁটে সে মহীরাবণ।—কৃ ৩৩৩। রাজা পাছুতে হাঁটিল ভ গ্র ২২৯। বি পা ৩৭৫। ম ম ২২৮। ২ প্রাপ্য টাকা আদায়ের জন্য যাতায়াত করা। 'উটনোওয়ালা…হাত-চিঠে নিয়ে তিন চার মাস হাঁটচে।—হু ১৫। —টা২ সর্ব্ব [হাঁট্+আ৮] হাঁটান। "সাধে সাধে সমুখে হাঁটায।—ব ৯৭। [হাঁট—চল। হাঁট হাঁট—দ্রুত চল। হাঁটিতে হাঁটিতে পায়ের ছাল যাওয়া—অত্যন্ত হাঁটায় পদতল ক্ষয়প্রাপ্ত হওয়া। হাঁটি হাঁটি পায় পায়—হাত ধরিয়া শিশুকে হাঁটিতে শিখানর ছড়া। আগে হাঁটা—সর্ব্বাগ্রে যাওয়া। পাছু হাঁটা—পাছুতে সরা। হাঁঠীবাক—হাঁটিতে (শ্রী কী)।]

হাঁ(হা)টকা সর্ক [ঘাঁ(ঘা)ট > হাঁ(হা)ট > °কা] আবর্ত্তিত করা, বিপর্য্যস্ত করা, উলটপালট করা, হাঁটকান।

হাটকুড়, -ড়া বিং [আঁটকুড, -ড়া > °ড, -ডা, হাটকুব (গো চ)] সর্থ 'আঁটকুড'। —ড়ী বি সর্থ 'আঁটকুড়ী'। [হাটকুড-হা-পুত —অনপত্য, অজাতসন্তান।]

হাঁটন বি [হাঁট + অন] পাদচাব, হাঁটা। "শচী ঠাকুরাণী চাক ছান্দে। হাঁটন শিখায় গোরাচান্দে ॥—ন প ৯৬।

হাঁটা[১] বি [হাঁট + আ[৮]] সর্থ 'হাঁট'। [হাঁটাপথ—হাঁটিযা যাওয়াব পথ, (জলপথ নহে)।]

হাঁটা[২] দ্র হাঁট'।

হাঁটান বি [হাঁটা[২] + অন] পাদচাব কবান, চলান। [°ছেলে —নিকার বা সাঙার স্ত্রীব পুর্ব্বস্বামীব ঔবস পুত্র। সুতা হাঁটান—ছুঁচে সুতা দিয়া চালান অর্থাৎ সেলাই কবা।]

হাঁটাহাঁটি [হাঁট-আ + হাঁট-ই] পুনঃপুনঃ যাওয়া-আসা। "(কৃষ্ণ) করেছেন গোঠে মাঠে হাঁটাহাঁটি, বাথানে তাব চতুষ্পাঠী।—দা ৭০০। মহাশয়। অনেক হাঁটাহাঁটি কবিলাম—আমাদেব কাজকর্ম্ম সব গেল আ দু ২৭।

হাঁটু, হাঁঠু বি [আঁট, -ঠু > হাঁট, -ঠু] সর্থ 'আঁটু'। "হাঁটু গাড়ি তুরঙ্গ পশিল।—ম ৯১৬। বৈস হাঁটু পাতি ভুক্তে শ্রী ১১৯। হাঁটু পাড়ি হুক লাগে শি ৬৫। হাঁটু পাড়ি মীনধ্বজ, ...সম্মোহনশরে শ্বর বিঁধিল উমেশে।—মে ৬৩, (হস্তী) পড়িলা হাঁটু গাড়ি ২৪৭। [হাঁটু ধ'রে উঠা—দুর্ব্বলতায় হাঁটুতে ভব দিয়া উঠা। "বসিলে উঠিল হাঁটু ধরে শ্রী মা ১৮। শক্তি খাট হ'লে হাঁঠু ধ'রে উঠে কেন্দে শি ৬৯। হাঁটু গাড়া, পাড়া, পাতা—ভূমিতে জানু পাতিত কবা।]

হাঁটুকাদা বি হাঁটুপ্রমাণ গভীব কর্দ্দম। "ভক্ষ্য ভোজ্য লুচি সন্দেশ দধির ছড়াছড়িতে সহবে এক হাঁটু কাদা হইয়া উঠিল ব প্র ৫০৩।

হাঁটুজল, -পানী বি হাঁটুপ্রমাণ গভীর জল, হাঁটুতক জল। "(শ্রাবণ মাসেতে) ঘবে হাঁটুপানী ব প ৩২২। (হবি) যমুনাব মাঝে দ্বীপ করিল হাঁটুপানী শ্রী ম ৬৮।

হাঁটুপানী দ্র 'হাঁটুজল'।

হাঁটুভাঙা, -ঙ্গা বি° নৈবাশ্যে ভগ্নজানু, নিরুৎসাহ, হৃপভাঙা। "হাঁটু-ভাঙা হওয়া।

হাঁঠু দ্র 'হাঁটু'।

হাঁড়া বি [স° ভাণ্ড, হি হণ্ডা, ভাঁডা, ঠ হণ্ডা, ড হণ্ডা] বড হাঁড়ী। "সন্দেশের হাঁড়া।—জা ৬৭। গি দ্বি ৮৩।

হাঁড়ি, হাঁড়ী বি [হাঁড়া + ই[৯], ঈ[৯], হি হণ্ডী, হাঁডী, প হাণ্ডী, ঠ হণ্ডী, হাণ্ডী, গু হাণ্ডী, সি হণ্ডী, ড হাণ্ডী] ১ বন্ধনার্থ মুখ-চওড়া মৃৎপাত্রবিশেষ। "খুঁজিয়া পাইল যেন হাঁড়ির মত সবা ক চ ৪৭। হাঁড়িব মুখের মত হ'য়ে গেল শরা শি ২৮। হাঁডী-ভরা অন্ন ভা চ ২৩৩। ২ বাজিযাব সাপ রাখিবার কবণ্ডক, সাঁপুড়া, হড়পি। "খুলি-হাঁড়ি ঢাকনী, বাতিব বয়ে ফণী চ.দা ৩১। ৩ চকের কেন্দ্রস্থ সচ্ছিদ্র কাষ্ঠ-খণ্ড, নাই (চব্বিশপবগনা)। ৪ মৎস্যাদির বাসস্থান গর্ত্ত। [হাঁড়ি খাওয়া —হাঁড়ি হইতে অন্নাদি চুবি করিয়া খাওয়া। "(মার্জ্জাব।) অদ্য আর কাহাবও হাঁড়ি খাইও না : হাঁড়ি-খাওয়াব কথা ক্ষুধানুসাবে বিবেচনা কবা যাইবে ব প্র ৬২৬। [হাঁডী মঙ্গলিলা—দ্র 'মঙ্গল[২]'। হাঁডীর মত সরা, বা মুখেব মত শরা—হাঁড়ির মত সরা বা, হাঁড়ির মুখের মত শরা, (গৌণার্থে) যোগ্য পাত্র-পাত্রীর সুশোভন মেলন। হাঁড়িতে খাওয়া—অতি-লোভে স্ত্রীলোকের হাঁড়ি হইতে ব্যঞ্জন চুবি করিয়া খাওয়া। সকল হাঁড়িতে কাটি দেওয়া—(গৌণার্থে) সকলের কথা লইয়া আলোচনা করা। "তুই সকলের হাঁড়িতে কাটি দিস কেন লো কামিনী?—ব.দ্বি ৪২৭।

হাঁড়িকুঁড়ি, হাঁড়িগুড়ি বি [হাঁড়ি + কুঁড়ি[১]] হাঁড়ি ও ছোট কুণ্ড; হাঁড়ি কলসী শরা ইত্যাদি মৃৎপাত্র। "কুম্ভকার গুজরাটে, হাঁড়িকুঁড়ি গড়ে পেটে ক চ ৮৯। মৃত্তিকার ভাঁড় হাঁড়িকুড়ি ভ গ্র ২০৩। চারিভিতে চাঙে নাগ বাহে হাঁড়িগুড়ি ম ম ৯৭।

হাঁড়ি(ড়ী)খাগী, হাড়ি(ড়ী)খেগো বিং যে স্ত্রীলোক অতিলোভে বাঁধিতে বাঁধিতেই হাঁড়ি হইতে ব্যঞ্জন লইয়া খায়।

হাঁড়ি(ড়ী)চাঁচা বি ১ ব্যঞ্জনের হাঁড়ির তলা চাঁচিয়া-তোলা ব্যঞ্জনের শেষাংশ। ২ হাঁড়িচাঁচার মত রবকাবী পক্ষিবিশেষ (The Indian tree-pie, Dendrocitta rufa)। "শালী আমার সঙ্গে কথা কইলে, যেন হাঁড়িচাঁচা ডাকতে লাগলো স এ ৮, হাঁড়ীচাঁচা পো ম ২৭।

হাঁড়ি(ড়ী)য়া বি° [হাঁড়ি, -ড়ী + ঈয়া, তু 'হাঁড়িয়া'] ১ হাঁড়ির মত বড় ও গোল। "হাঁড়িয়া হাঁড়িয়া তাল।—কৃ ৩২৯। ২ বড ও প্রচুবলোমবিশিষ্ট (চামব)। 'হাঁড়িয়া চামর ক চ ৪৯। ৩ [ঝটিকা, ঝড়িয়া > হাড়িয়া, হাঁড়িয়া] ঝটিকাজনক, বাযুকোণেব নিবিড়নীল বাত্যাজনক (মেঘ)। "(চামুণ্ডা) হাঁড়িয়া মেঘেব বর্ণ দেখিতে ভীষণ। —কৃ ২০২। [হেঁড়ে মেঘ—বাযুকোণের ঝ'ড়ো মেঘ।]

হাঁড়ি(ড়ী)শাল বি বন্ধনশালা, হেঁশেল। "দেবী স্বহস্তে আপনাব শাকান্ন-পাকেব জন্য হাঁড়িশালে গেল ব প্র ৩৯৯।

হাঁ(হা)ডুডুডু, হেঁ(হে)ড়েডুডু বি [ধ্বন্যাত্মক, দ্র 'কপাটি'] বালকদিগের খেলাবিশেষ। "(রামলক্ষ্মণ) সাঁওতালনন্দনের সহিত হেঁড়েডুডু···খেলতে লাগলেন।—জা ৩৩।

হাঁৎহাঁৎ বি [ধ্বন্যাত্মক] দ্রুত খাদ্যগলাধঃকবণের শব্দ। তু 'হাঁসহাঁস'।

হাঁদা বিং [আঁধা (অন্ধ) > হাঁদা] ১ অজ্ঞানান্ধ, মুখ। ২ [নাদা > হাঁদা (?)] নাদাব মত স্থুল বা ফাঁপা, ভুঁড়ে (পেট)। [হাঁদাবাম —অতিমূর্খ। হাঁদা পেট—ভুঁড়ে পেট। "যদবধি হাঁদা পেট হেরেচি নয়নে। পূর্ণচন্দ্র কার্ত্তিকেয় নাহি ধবে মনে ॥—ন ত ৫৯।]

হাঁদু বি হিঁদু (গ্রাম্য)। ("আব বাঙ্গাল বলে) মোব ঘব এই দেশে হাঁদু সঙ্গের নই ক চ ২৪৯। হাঁদুব মধ্যি সাধু।—জা ৩৫।

হাঁদোল বি [আন্দোল > °ল] 'আন্দোলন', বিহ্বলতা, ব্যাকুলতা। "হাবুডুবু খায় রামা বিরহ-হাঁদোলে ন ত ৬০।

হাঁপ, হাঁফ বি [হাঁপ, -ফ, ঠ হাংপা, ড হাম্‌কি, ধ্বন্যাত্মক] ১ শ্বাস, দম। ২ শ্রমাদি হেতু জোরে দ্রুত শ্বাস। ৩ কাসবোগবিশেষ, হাঁপকাস, কাসজন্য দ্রুত শ্বাস। [°কাস—কাসবোগবিশেষ। হাঁপ ছাড়া—দম ফেলা, বিশ্রাম কবা। "বালাই। বেকলে সকলে হাঁপ ছেড়ে গঙ্গাস্নান করবে আ দু ১৪৩। হাঁপ ছাড়ার সময় না থাকা—বিশ্রামের সময়াভাব হওয়া। হাঁপ ধরা বা লাগা—শ্রমাদি হেতু দম লাগা।]

হাঁপা, -ফা অর্ম্ম [হাঁপ, -ফ + আ[১], হি √হাঁপ, -ফ] ১ শ্রমাদি হেতু জোবে দ্রুত শ্বাস লওয়া ও ছাড়া। ২ হাঁপকাসে শ্বাসকষ্ট ভোগ কবা। "হাপায় হাঁপানি, মহাপীড়া।—মে ২৬৭। ৩ শ্রমাদি হেতু শ্বাসকষ্টে হাঁসফাঁস করা। "সাঁতারে হাঁপায়ে শেষে স্রোতে ঢাল গা বি.সু ৬৪। গাভীগণ ছুটে রড়ে, বেগে গৃহদ্বারে গিয়ে হাঁফাল নীরব।—ন ৪৯৮।] ৪ [ঝাঁপা > হাঁপা] লাফ দেওয়া, লাফান। "এস মোর বাপের ঠাকুর দুলালিয়া। (বালক) হাসিযা মায়ের কোলে পড়ে হাঁপাইয়া। শ্রী ৫০। [হাঁফাই হাঁফাই করা—শ্বাসকষ্ট ভোগ করা। "নিতাই যদি কার্য্য না পাই। প্রাণটা করে হাঁফাই হাঁফাই ॥—দ্বিজেন্দ্রলাল রায়।]

হাঁপা(ফা)ন বি [হাঁপা, -ফা + অন] ১ সর্থ 'হাঁপা'। ২ ভয় হেতু দ্রুত শ্বাস। "হাঁপানে হারানু প্রাণ দণ্ড দুই বই শ্রী ৯৮। ৩ উদ্বেগ, উৎকণ্ঠা। "বিরারাত্রে দেখিলাম বর চান্দপারা। ছুঁড়ীর হাঁপানে ছোঁড়া

হল ভক্তসারা ॥—বিস্ম ৭০। —নি বি [°ন+ই১১] ১ শ্বাসকষ্ট, দ্রুতশ্বাস। ৩ হাঁপকাস (Asthma)।

হাঁপানি দ্র 'হাঁপান'।

হাঁপা(ফো)ল বি [সং আস্ফাল > প্রা *অপ্ফাল > বা (আপাল, -ফাল) °ল ('হ', '' আগম)] ১ আস্ফালন, স্পর্দ্ধা। দ্র 'হাফালে'। ২ [ঝাঁপ > হাঁপ > হাঁপাল, ফাল২ > হাঁফাল] লাফ। "কমিয়া শার্দ্দুল সেনে মারিল হাঁফাল শ্রী ৮৬, হাঁফাল মারিয়া (ভূপতির জটে, ধেয়ে ধরে কালুবীর) ১৪২, মামুদা সামাল, বলে মারিতে হাঁফাল ২২৬। [হাঁফালে—১ স্পর্দ্ধাপূর্ব্বক। "(শার্দ্দুলের ছা) দেখাইতে ছেড়ের হাঁপালে ধরে খাবা শ্রী ৭৫, (এ নদ) হাঁপালে হব পার ১৩৩, বলিছে ঘোঁড়া (অজয়) হাঁকালে তরিব ১৮৭। ২ লম্ফপূর্ব্বক। "হাঙ হাঙ হাঁফালে হাথির ঘাড়ে চড়ে শ্রী ৮০, হাঁফালে ধরিতে যায় ঘাড়ে ৮৭, হাঁফালে হাঁকালে হানে দশ বিশ ত্রিশ ১৪০, ১৬৫, হাঁকিয়া চোট মারিল হাঁফালে ২৩২। হাঁফালিয়া—স্পর্দ্ধা করিয়া। '(বাঘা) হাঁফালিয়া ঝাঁপাইতে (সেন) লাফাইয়া লোফে শ্রী ৮৬।]

হাঁফ, হাঁফকাস; হাঁফা; হাঁফান, হাঁফানি; হাঁফাল দ্র 'হাঁপ, হাঁপা, হাঁপান, হাঁপাল'।

হাঁরে অব্য [পা 'হংব'—সম্ভাষণ, রতিকলহে, ক্ষেপে (চে)] সবোষ সম্বোধন। 'মহাবাজ দোবদণ্ড-প্রতাপ পচণ্ড। তাঁহার বিপুকে ভজ হাঁরে মূঢ় ভণ্ড ॥—ভ গ ১২১ হাঁরে চোরা ধূষ্ট দুষ্ট ৩০২।

হাঁরে-রে-রে-রে-রে বি [ধ্বন্যাত্মক] ডাকাতের ডাক। "এমন °রে, ঐ যে কারা আসছে ডাক ছেড়ে।- শিশু ৪২।

হাঁশকল '-শ্-' বি [ফাঁশকল > °ল] ডুমনীব আলে লাগাইয়া কপাট ঝুলানব সচ্ছিদ লোহাব পাত।

হাঁশিয়া বি [আ হাশিয়হ] বস্ত্রপ্রান্ত, পা,ড় (hem)। [°দাব —শিল্পখচিতপ্রান্তবিশিষ্ট (শাল ইত্যাদি)। [হাঁশে লেখা—হিসারেব সেহাব প্রান্তে লেখা।]

হাঁস১ বি [স° হংস মৈ হঁস] হংস। "পাতি°, বা'ল°, বাজ°। —সী বি হংসী। [হাঁসা-হাঁসী—হংস-হংসী।]

হাঁস২ অক্ম [স° √হস্ √হি হঁস, ঠ √হ(হং)স] ১ হাস্য কবা, হাসা। '(তিনি) কহিলেন হেসে শ্রী মা ৮, যৌবনগৌরবে হাঁস ১২, অট্ট হাঁসেন বালিকা ১৬, ১৭৩। শ্রী ম ৭১। (কালী) হাঁসে খলখল চ বি ২২৮। হাঁসিয়া হাঁসিয়া বা শে ৬০। হাঁসি হাঁসি ন প ১৫৯। হাঁসি ঢলি পড়ে ধনী ভা চ ৩৪৪। ২ উপহাস করা। "বিপক্ষ পাছে হাঁসে শ্রী মা ৯। [হাঁসা৪—সর্ম 'হাঁস২'। ঘুঁট পোড়ে গোবর হাঁসে—দ্র 'ঘুঁটা'। "হ ৫৭ (প্রথম মুদ্রাঙ্কণ)।]

হাঁসকুটে বিং যে অল্পেই হাসিয়া কুটি-কুটি হয়, অতিহসনশীল।

হাঁসপাতাল বি [E hospital] রোগীর চিকিৎসালয়। "আ দু ১৭৯।

হাঁসফাঁস বি [ধ্বন্যাত্মক] শ্বাসকষ্টজন্য শব্দ, হাঁপানব শব্দ। "নাকে মুখে জল গেল (ঐরাবত) হাঁস ফাঁস করে।—কু ১৯। তলাইয়া গিয়া বুড়ী, হাঁসফাঁস করে।—দা ৩২৯। হাঁস ফাঁস, বহে শ্বাস।—রঙ্গ ২৪। হাঁসফাঁস করে দৌড়ে ষ্টেশনে গেলাম।—লী ৩।

হাঁসলি, হাঁসলী, হাঁসুলী বি [হি হঁসলী—জত্রু, ভূষণবিশেষ, ঠ হংসলী. -সোলী, 'হাসুলী' (বা শে ৯৭), সং 'অংস' মূল] সোনার বা রূপাব জত্রুসদৃশ বৃত্তাকাব নারীর কণ্ঠভূষণবিশেষ। "পিঙ্গলিয়া নাগে পরে গলার হাঁসলী ম.ম ১১৪। হাঁসলিতে জিঞ্জির ঘোড়া।—দা ১৬৩৩। গলায় হাঁসুলী গড়িয়ে পরবে নাকি ?—অ প্র ৪

হাঁসহাঁস বি [ধ্বন্যাত্মক] সর্ম 'হাঁৎহাঁৎ'। যদি কাহাকেও হাঁসহাঁস করিয়া খাইতে দেখি, তবে আপনাদের মনে একটু লজ্জার উদ্রেক হয় পা.প্র ২৮।

হাঁসা১ বিং [হাঁস১+আ১২] হংসবর্ণবিশিষ্ট, সাদা। "হাঁসা ঘোড়া ক চ ২৯১। [হাঁসা রঙ—শ্বেতবর্ণ।]

হাঁসা২ সর্ম [হাঁস২+আ৮, হি √হঁসা] ১ হাস্য কবান, হাসান। ২ উপহাস কবান বা কবিতে দেওয়া। [হাঁসাইয়া মারা—অতিশয় হাস্য কবাইয়া বিকল করা। হাঁসান১—সর্ম হাঁসা'। লোক হাঁসান —কুক্রিয়াদি দ্বাবা লোককে উপহাস কবিতে দেওয়া।]

হাঁসা৩, -ন২ সর্ম [কাঁসা > হাঁসা] কাটা, ভাঙা। "কুটী তরমুজ হাঁসান।

হাঁসা৪ দ্র 'হাঁস২'।

হাঁসান১, হাঁসান২ দ্র 'হাঁসা২, হাঁসা৩'।

হাঁ(হা)সিল, হাশীল বি° [আ হাসিল্ (বি)] ১ যাহাতে ফসল হয়, শস্যোৎপাদক, আবাদী (জমি)। বিপ 'পতিত'। 'ঐ সকল জমি হাসিল হইয়া মাঠ-গাব বিলি হয় আদু ১৬১। হাশীল ও পতিত E P 95 ২ সফল, সুসিদ্ধ। "এক দিলে অল্প ধনে, যে তোমার সিন্নি মানে, হাসিল কবহ তাব কাম বা স ৬। হাসিল হলো কাজ।—প্রেম ৩৮৫। তুমি বাক্তিকেব গুণে গাছ কয চুল পাকাইয়া বাজ্য কয়িবার পরওয়ানা হাসিল কবিয়াছ ব দ্বি ৮। —ল বি ১ মঙ্গল, শুভ। 'সত্যপীর পাওয়া একিদা কবো দিল। সাহেব কবেগা তেবা নিয়ত হাসিল ॥—রা স ১২। ২ কব, পারেব শুল্ক বা দান। 'হাসিল লইতে, বাজ কব ভিতে, ঘাটে বহ যাদুমণি চ সা ৬০। [হাসিল জমি —ফসলের যোগ্য জমি। হাঁসিল বাদা—যে বাদার জমি চাষের যোগ্য হইয়াছে। কাজ হাঁসিল কবা—কার্য্য সিদ্ধ কবা।]

হাঁসুলী দ্র 'হাঁসলি'।

হাঁস্তাল বি [হাঁড়ীশাল > °ল] বান্নাঘরেব যে স্থানে বান্না হয়, বন্ধনশালা। "(ঘুমায) হাস্তালে বিড়াল ব প ৪৭৪।

হাঁ-হাঁ, হাঁ-হে দ্র 'হাঁ১'।

হাক বি ধ্বন্যাত্মক, তু 'খাক২'] সর্ম 'খাক১'। [হাক-থু—থুথু-ফেলার শব্দ, (গৌণার্থে) ঘৃণা। 'স্ত্রী-আচারে বর যায়, ঝম্ঝুম্ বামা ধায়, বর দেখে হাক-থুতে সারে।—আ দু ১২০। দ্র 'আহা—আহামরি'।

হাকণ্ড, -ন্দ বি [?] ১ দেশবিশেষ। "হাকণ্ডে হইল উপনীত শ্রী মা ১৮৪। তুরী-আবোহণে যাবে হাকণ্ড-ভুবন।—নরসিংহ বায়েব 'ধর্ম্মমঙ্গল'। [ইহা ধর্ম্মপূজার অন্যতম আদিস্থান। দ্র 'শূ ৪।৵০'।] ২ হাকন্দদেশেব নদী। 'হাকাণ্ডব জলে সেনে কবালেন স্নান শ্রী মা ২১৩, হাকণ্ডের তটে ২১৫। (তোমাব আশীষে) প্রবেশি হাকন্দ নদী শ্রী ২৫৫। [হাকন্দপুবাণ—হাকন্দে অনুষ্ঠিত ধর্ম্মপূজাব বিধান-বিষয়ক পুবাণ। "হাকন্দপুবাণ-মতে শ্রী ৪, হাকন্দপুবাণে লেখা ৩৯।]

হাক-থু; হা-করা, হাকন্দ দ্র 'হাক, হা-কবা, হাকন্দ'।

হাকলবিকল বি [আকুল-ব্যাকুল > °ল] অতিব্যাকুল, অতিবিহ্বল। 'বিবহ পুড়িআঁ কাহ্ন °ল শ্রী কী ৪৯।

হাকা১ অর্ম [দ্র হাঁক১] মহাবব বা হৈ হৈ শব্দ করা। "চামবেব বাও দিয়া নিয়া যাবে হাকাইয়া গো চ ২৭০।

হাকান্দ, -কান্দন, -না বি [স হাক্রন্দ > পা হাকন্দ (পৈ ১ ৯২, ১৯৮, টীকা)] হাহাকাবপূর্ব্বক ক্রন্দন। "°নে কান্দে চক্ষে বহে নীর ক চ ৬৯। °না কান্দে, ভূমিতে লোটাযে চৈ ম ১১৮। [হাকান্দ হাকান্দ—হাহাকাবপূর্ব্বক অতিশয় কাঁদে। "হাকান্দ হাকান্দ শীলা (সুশীলা) মাযের করুণে ক চ ২৯১।]

হাকার১ পুং [কর্ম্মধা] হা-ধ্বনি, হাহাকাব (M W)।

হাকার২ সর্ম [দ্র 'হাঁকাব২'] ১ সর্ম 'হাঁকাব (১)। "(মাতা) দামা হাকারিয়া যত আনিল ছাগল ক চ ১৪৮। ২ 'হাঁকার (৩)। "চল সবে গিরিতটে, হাকারিয়া দেহ সব গাই রা শে ৩৯।

হাকিনী স্ত্রী দুর্গাসহচরী যোগিনীবিশেষ। "ডাকিনী হাকিনী ক.চ ২৪১। হাকিনী হাকে ঘোর ভা.চ ৫০৩।

হাকিম বি [আ হাকিম্] ১ শাসনকর্ত্তা, শাসনভারপ্রাপ্ত কর্ম্মচারী —জজ ম্যাজিষ্ট্রেট্ ইত্যাদি। "হাকিমের মালগুজার গো.চ ৩; হাকিম নয় আপনার ৭১। হাকিম হ'য়ে হুকুম দেও পেয়াদা হ'য়ে মার। —কৃ ১৮১। ভ.গ্র ৩২৭। ২ বিচারকমাত্র। ৩ প্রভু, কর্ত্তা, প্রধান। "হেম হাটে হাকিম হইল হৈমবতী শ্রী ১৬৭। —মান ক্রি.বিং [আ হাকিমানহ্] হাকিমের বিচারানুসারে। "এখন রাখ মান তো রাখি মান, নৈলে হবে হাকিমান—দরবারে দাড়াব শনিবারে।—দা ২০৮৪। —মি২, -মী বিং [°ম+ই৮, ঈ৭] হাকিমের বা শাসনকর্ত্তার মত। "কাগজ হাতে, হগ্ বাবাজী, হাকিমি ধরণ।—হেম ৩৮১। —মী বি [আ হাকিমী] হাকিমের পদ; শাসনভার, প্রভুত্ব। "হাঁ, হাকিম সাহেব হ'লে হাকিমী একটা মানির চাকরী বটে অ.গ্র ১৪১। [হাকিম নড়ে ত হুকুম নড়ে না—হাকিম বদল হয়, তাঁর হুকুম অন্যথা হয় না।]

হাকিমান দ্র 'হাকিম'।

হাকিমি১, হাকীমী বি [আ হকীমী] হকীমের কার্য্য, ইরাণী মতে রোগপ্রতীকার বা চিকিৎসা। "হাকিমি মত বড ভাল আ.দু ১২১। —কীম বি [আ হকীম্] ইরাণী মতে চিকিৎসক; চিকিৎসক।

হাকিমি২, হাকিমী, হাকীম, হাকীমী দ্র 'হাকিম, হাকিমি১।

হাকুচ বি [সং বাকুচী] সোমরাজী গাছ, সোমরাজ বীজ, হাকুচদানা। [°কাঁটা—কণ্টকী ক্ষুপবিশেষ (Acanthus ilicitolius)। তিত হাকুচ—হাকুচের মত তিত; অতিতিক্ত।]

হাকুনি বি [হাঁকুনি > °নি] সর্থ 'হাঁকুনি'। "হান হান হাকুনি ব.প ৪৩৫।

হাকুলি বি ধানের গোছের পরিমাণবিশেষ। "ভীম ধান দাইলের আড়াই হাকুলি শূ ১১১। ব.প ১১৪।

হাকুলিবিকুলি, -ব্যাকুলি বিং [আকুলব্যাকুল > °লি] অতি-ব্যাকুল, অতিবিহ্বল। "হায় হায় করে রম্ভা হাকুলিবিকুলি শ্রী.ম ১৮.১; হায় হায় শচী বলে হাকুলিব্যাকুলি ২২২।

হাগ অর্ম্ম [সং √হদ্, হি, মৈ √হগ; ঠ √হু(হা)গ] মলত্যাগ করা, হাগা। "মুক্‌পে খাও মুক্‌খে হাগ গো চ ২৯০। [পথে হাগে, চোখ রাঙায়—দোষ করে, দোষের উল্লেখে রাগে। যে পাতে খায়, সেই পাতে হাগে—যে উপকার করে, তারই অপকার করে। রক্ত হাগা —রক্তমল ত্যাগ করা, গুহ্য দিয়া রক্ত পড়া।]

হাগা১ বি [হাগ+আ৬] ১ মলত্যাগ। ২ [ঠ হগ] মল, বিষ্ঠা। [হাগাডেঙ্গা—মলপূর্ণ স্থান। হাগা পাওয়া—মলত্যাগের বেগ হওয়া। হাগা মোতা—মলমূত্রত্যাগ।]

হাগা২ সর্ম্ম [হাগ+আ৮, হি √হগা; ঠ √হগর] মলত্যাগ করান, হাগান। [হাগান—সর্থ 'হাগা'। আমরক্ত হাগান—অত্যন্ত কষ্ট দেওয়া।]

হা-ঘরে বি [হা-ঘর+এ৭] ১ অন্নভাবে যাহার ঘরে হাহাকার; অতিদরিদ্র, চাল-চুলা-শূন্য, লক্ষ্মীছাড়া। ২ অসভ্য যাযাবর জাতিবিশেষ। [ইহাদিগকে 'বেদে' 'কোল' 'মাল'ও বলে।] "মহারাজ! হা-ঘরেরা এক্ষণে ঐরূপ বেশ ক'রে দেশ লণ্ডভণ্ড কর্‌তেচে ন.ত ৮৬; ৮৮। [হা-ঘরে ছোঁড়া—"ন.ত ৫৮। হা-ঘরে ব্যাটা—ন.ত ৮৬। হা-ঘরে মাগী —"ন.ত ৮৭।]

হাঙু, হাঙ বি [ধ্বন্যাত্মক] বাঘের গম্ভীর ডাক। "(বাঘা) হাঙু হাঙু হাকালে হাথির ঘাড়ে চড়ে শ্রী ৮০; (বাঘা) হাঙ হাঙ হাকালে ধরিতে যায় ঘাড়ে ৮৭।

হাঙ্গর বি [দ্র 'হাঁকর'] সর্থ 'হাঁকর'। "ক.চ ১২৯; ভা.চ ১২৬।

হাঙ্গাম, -মা, হ্যাঙ্গাম, -মা বি [ফা 'হঙ্গামহ্; হি, ঠ হংগামা] ১ অশান্তিজনক বিষয়; উপদ্রব। "হা-মেসা হাঙ্গামা সোর দ্বি.হু ৮৯। উক্ত দেবত্তর বৃত্তি বেশাদে কেহ জুলুম হাঙ্গামা করিবে না E.P. 48. ২ বিদ্রোহ (riot)। "নীলকরী হাঙ্গাম উঠলো; শোনা গ্যাল্লো, ...নীলজেলার রেয়োতেরা খেপেচে।—হু ১০৫। ৩ জনসংমর্দ্দ, ভিড়। ৪ আক্রমণ। ৫ তর্কবিতর্ক, বিবাদ-বিসংবাদ। "দিনকতক বড় হাঙ্গামা গেল। হরলাল শ্রাদ্ধাধিকারী, আসিয়া শ্রাদ্ধ করিল।—ব প্র ৩০১। ৬ উদ্যোগ-আয়োজন। "পাড়ার মেয়ে-মহলে বড় হাঙ্গাম পড়িল। যাহার যাহা গহনা আছে, তারা সে সকল সারাইতে, মাজিতে, ঘষিতে, নূতন করিয়া গাঁথাইতে লাগিল ব.প্র ৩৭৬। ৭ কোলাহল, গোলমাল। "ভোর ভোর সময়ে দক্ষিণ মশানে কোটালের 'হাঙ্গামাতে' ('হঙ্গামাতে' —পাঠান্তর) বাবুর নিদ্রাভঙ্গ হলো।—হু ৫৩। ৮ দাঙ্গা, মারপীট। "হাঙ্গামা-হুজ্জৎ। —ম বিং হাঙ্গামপ্রিয়, বিবাদপটু।

হাচি বি সর্থ 'হাঁচি'। [হাঁচি জেটি বাধা—হাচি ও টিকটিকিডাকের বাধা। "গো.চ ১৩৪; ১৫৪।]

হাজ অর্ম্ম [আ হাজ্‌ম্‌হ্ (পরিপাকশক্তি) মূল (?)] ১ জল-কাদায় হাত-পাএর চামড়া পচা বা ক্ষত হওয়া। ২ জলে ডুবিয়া যাওয়ায় শস্য পচা বা নষ্ট হওয়া। —জা২ সর্ম্ম [হাজ+আ৮] জলে ডুবাইয়া পচান বা নষ্ট করা। "(গঙ্গা!) হইয়া উন্মত্তবেশ, হাজাবে কলিঙ্গ দেশ: কেন রাজ্য হাজাব রাজার ক.চ ৮০; হাজাব কলিঙ্গ দেশ ৮১। [হাজা—সর্থ 'হাজ'। হাজান—সর্থ 'হাজা'।]

হাজরা '-জ্-' বি [হাজারি > °রা] ১ সর্থ 'হাজারি'। "শ্রী.ম ২২৩। ২ অধিনায়ক, প্রধান। "পশুব হাজরা মস্ত (মহিষ), খাইবে প্রজার শস্য, তুমি হবে রাজার দুয়ারী ক.চ ৩৬। ৩ ব্রাহ্মণের উপাধিবিশেষ। ৪ হাজার অর্থাৎ ভূতসমূহের অধিপতি অপদেবতাবিশেষ। [চড়কপর্ব্বের সময়ে হাজরার পূজা হয়। ইঁহার পূজা চড়কপার্ব্বণের অঙ্গবিশেষ। শ্মশানের নিকট বা নির্জন প্রান্তর ইঁহার প্রিয় স্থান। জিউলি বা জিওল গাছ ইঁহার প্রিয় অধিষ্ঠানবৃক্ষ। গভীর রাত্রি ইঁহার পূজার সময়। প্রচুর অন্ন মৎস্যাদি ইঁহার ভোগ। পূজার সময়ে অনেক স্ত্রীলোক হাজরার স্থানে আসিয়া সন্তানের মানসিক করেন এবং মানসিক পূরণের ভারের চিহ্ন-স্বরূপ জিউলির ডালে দড়ি দিয়া ইষ্টকখণ্ড ঝুলাইয়া রাখেন। মানসিক পূর্ণ হইলে, যথানিয়মে সন্তানের সহিত আসিয়া হাজরার পূজা দেন এবং দেবতার নামে পুত্রের নাম 'হাজরা', কন্যার নাম 'হাজী' রাখেন। —চব্বিশপরগনা।] [হাজরা ভেটা—ভেট, অর্থাৎ নৈবেদ্যভোগাদি লইয়া হাজরাঠাকুরের পূজা করা। হাজরার ভেট—(গৌণার্থে) প্রচুর খাদ্য।]

হাজরে দ্র 'হাজিরা'।

হাজা১ বি ১ সর্থ 'হাজ (১) বিপ 'শুখা'। ২ জলপ্লাবনে শস্যনাশ। "হাজা শুকা...বাবুতে নালিশ করিব না E.P. 110. ৩ জলে পচার ক্ষতবিশেষ; পাঁকুই। [হাজা-মজা—জলে নষ্ট হওয়া ও ডুবিয়া যাওয়া। হাজাশুকো, শুখা—১ জলপ্লাবনে বা জলাভাবে ফসলের বুড়ি পুড়ি। দ্র 'হাজ (২)। ২ ঘাটতি-শুখতি। "নগদ টাকার চেয়ে আর কিছু আছে?—হাজা-শুকো নাই!—অ.গ্র ৭১। হাজা শুকা—হাজায় শুকায় নষ্ট। "মহাল হাজা শুকা না হয়।—দা ৫৫৪।]

হাজা২ দ্র 'হাজ'।

হাজাম বি [আ হজ্‌জাম] ১ নাপিত। ২ যে সুন্নত করে। "সুন্নত করিয়া নাম বোলাল্যো হাজাম ক.চ ৮৬।

হাজামত বি [আ হজামত] নাপিতের কর্ম্ম; ক্ষৌরকর্ম্ম। "(নাপিতের বেটা) হাজামত বানায় গো.চ ১৬১। ব.প ৬১।

হাজার স.বিং [সং সহস্র; Av. hazara; Pahalvi—hazar, ফা

হজার্; হি, ঠ, মৈ হজার] ১ সহস্রসংখ্যক। "সপ্ত হাজার আনল নড়ে নিগড় কোন খানি গো চ ৭৭। বারাম্ হাজার বার ঢালী ভা চ ২৬০। ২ অসংখ্য, বহু, অনেক। "হাজার মঙ্গল ব্রতে হ'য়ে এস ব্রতী। বিশ্বাস না হবে আর তোমাদের প্রতি॥—রঙ্গ ১০। হাজার বার বলিয়াছি। কিছু হয় নাই ব প্র ২০৬। ৩ সমধিক, অত্যন্ত বেশী, খুব। "হাজার পরিবর্ত্তন হ'ক, স্বামীর মুখ দেখলেই চেনা যায়।—স্ত্রী ১১০। —র বি সহস্র সংখ্যা। "ধনুর্ব্বাণধারী চলে হাজারে হাজার (রঙ্গ)। [হাজার কর—বহু কার্য্য বা সেবা কর। "হাজার কর, তবু নাম নেই। হাজার বল—বহুবার বা বারংবার বল। হাজার হ'ক—যতই হ'ক। হাজার হাজার—অসংখ্যক, বহু। 'হাজার হাজার লোক ভা চ ৩৩৮। হাজারে বেজার নেই—কিছুতেই বিরক্তি নেই। হাজারে হাজারে—বহুসংখ্যায়। "ম পা ১৭৬।]

হাজারি, -রী বি [ফা হজারী, হাজার+ই৮, ঈ৭] যে নায়কের অধীন সহস্র সৈন্য, এক হাজার সিপাহির সরদার। ''বি বি সু ১৯। হাজারি পঞ্চমসিংহ: যোগবাক্য হাজারি ভা চ ২৫, °রী ৪৫৯।

হাজারী দ্র 'হাজারি'।

হাজারো বি [হি হাজারোঁ] বহু, অনেক (emphatic)। 'ডাকি তার হাজারো দরকারে কু কে ৭০।

হাজি, -জী বি [আ হাজী] মক্কাতীর্থযাত্রী, মক্কা হইতে প্রত্যাগত মুসলমান। 'হাজি শ্রী ১২৫। হাজী ভা চ ৪৯১, ৫০৮।

হাজী দ্র 'হাজি'।

হাজি(জী)র বিং [আ হাজীর] ১ উপস্থিত। "হাজির শ্রী মা ১০৭। হাজির কর চোর: ৬জুর হাজির শ্রী ১১৯। গর হাজীর ভা চ ৪০৬, হাজীর করিল চোরে নাজির বিদিত ৪১২। ২ প্রস্তুত, সজ্জিত (ready)। [হাজীর জবাব—যে উপস্থিতমত জবাব দিতে পারে, প্রত্যুৎপন্নমতি (ready-witted)। হাজীর জামিন—অন্যের নির্দ্দিষ্ট সময়ে উপস্থিত করার নিমিত্ত জামিন (surety), দর্শনপ্রতিভূ। হাজীর জামিনী—হাজির জামিনের অঙ্গীকারপত্র। হাজীর করা—উপস্থিত করা। হাজীর হওয়া—উপস্থিত হওয়া। গরহাজীর—অনুপস্থিত, গরহাজীর—অনুপস্থিতি। 'ভা চ ৪০৬।]

হাজিরা, -রি, -রী, হাজরে বি [আ হাজিরী] ১ উপস্থিতি। "উমেদারের অনিয়ত হাজরের পর বাবু কাকেও 'আজ যাও,' 'কাল এসো'·· প্রভৃতি অনুজ্ঞায় আপ্যায়িত কচ্চেন।—হু ১৮৭। ২ ছাত্রের বিদ্যালয়ে উপস্থিতি (attendance)। ৩ প্রাতরাশ (breakfast)। "পীড়িত ব্যক্তির পত্নী যদি ঠিক সময়ে স্বয়ং হাজিরা না খাইলেন, তবেই তাঁহার টি টি প্রশংসা হইল পা প্র ১৮৮। [হাজিরা খাওয়া—প্রাতর্ভোজন করা। হাজিরা বই—হাজিরা লেখার বই (attendance register)। হাজিরা দেওয়া—উপস্থিত হওয়া। হাজিরা লওয়া—হাজিরা বইএ 'উপস্থিত' বলিয়া লেখা। হাজিরা সই করা—হাজিরা বইএ নাম দস্তখত করা। হাজরে ডাকা—'হাজির কি না', জানার জন্য নাম ডাকা। "পোশিং শেষে হাজরে ডাকা।—হেম ৩৮১। ছোট হাজিরা—প্রাতরাশ। বড় হাজিরা—মধ্যাহ্নভোজন (dinner)।]

হাজিরি, হাজিরী; হাজীর দ্র 'হাজিরা, হাজির'।

হাঞ্চি বি [হাঁই > হাঞ্চি] হাঁই। "শ্রী.ম ২৪।

হাট১ বি [সং হট্ট, হি, ঠ, মৈ, ড় হাট] ১ নির্দ্দিষ্ট দিনে ব্যবসায়ীর ক্রয়বিক্রয় স্থান। "তোবে লৈয়া যাইমু হাটে।—মী ১৩। আট হাট ভা.চ ২৭২, অবাক্ হইনু হাটে না দেখি গুবাক ২৮৬। ২ সম্মেলনস্থান, মেলা। "রাসের হাট চৈ ম ১৮৪, রাস-হাট উপরে পতাকা শশধরে ১৮৫। গিয়াছিনু নাগরীর হাটে ভা চ ২৮৫। কোন্ হাটে তুই বিকোতে চাস্, ওরে আমার গান?—চ.কা ৩২৫,-৬। তারার হাটে মাটির ভাঁটা কু কে ৮৯। ৩ হাটের স্থান। "কত কষ্টে ঘৃত পান্থ সারা হাট ফিরা ভা চ ২৮৬। ৪ (হাটে বিক্রয়ার্থ) পণ্য। "মদনমোহনের নাট, পসারি গন্ধের হাট, জগন্নারী গ্রাহক লোভায় চৈ চ ৩৫২। নগর নিকর, নিকে পসাবল, কত নিশাকর হাট।—ব ৬৮। ৫ হাটে ক্রয়-বিক্রয়। "সভে গেল নিজ ঘর সমাপিয়া হাট ক চ ৪৬। ৬ ভক্তগণের মেলা। "মোরে বিধি হইলা বাম, ফুরাল তারিণী নাম, আজি কি ভাঙ্গিবে মোর হাট।—দু ৭৭। ৭ সংসারধর্ম্ম, ঘরকন্না। "অপারানন্দ-হাটে, বিধাতা লেগেছে হটে, এই তাপে অভাগিনী কান্দি শ্রী মা ২০৪। [হাট-আলগা—হাটের মত খোলা, সম্পূর্ণ মুক্ত। "দরজা °গা করা। 'খোলা—হাটের জায়গা বা আবর্জ্জনা। 'গো চ ৮১, হাটের ঝাঁটা °লা সামটায় ১৮৪। °চালা—পসারীর বিক্রয়ার্থ হাটের দু-চালা ঘর। °বেসাতি—হাটে ক্রীত দ্রব্য। °বার—হাটের দিন। "ব প্র ৩৫৯। হাটক২,-ত—হাটের। "হাটক নাগিয়া গো চ ১১০। হাটত ৪। হাটক (হাট১+ক৭)—হাটকে, হাটে। ''ক না জাইব (শ্রী কী)। হাট আসা—হাটে ক্রীত দ্রব্য আনীত হওয়া। হাট করা—হাটে বেচা-কেনা করা। হাট কসা—হাটে বিক্রয়ের দ্রব্য দুর্ম্মূল্য হওয়া। 'অনেক খরিদ্দারে কসে হাট—দা ৭৮৩। হাট ঘাট করা—হাট করা। হাট বসা—১ হাট প্রতিষ্ঠিত হওয়া। "জুড়িয়া ক্রোশেক বাট, বসিল প্রেতের হাট ক চ ১৬৮। ২ হাটের বেচা-কেনা আরম্ভ হওয়া। হাট বসান—১ হাট প্রতিষ্ঠিত করা। ২ হাটের মত কোলাহল বা হট্টগোল করা। হাট বাজার করা—হাটে বাজারে বেচা-কেনা করা। হাট হওয়া—সর্থ 'হাট বসা'। হাটে ঘাটে—হাটে ও তদ্ভিন্ন বিক্রয়স্থানে। 'এত টাকা যার আছে, সে কি দধি ঘোল বেচে, হাটে ঘাটে মাথায় পসার?—ম ম ৭১। হাটে বিকান—হাটে বিক্রীত হওয়া। 'বাউলকে কহিয়—হাটে না বিকায় চাউল চৈ চ ৩৪৮। হাটে হাঁড়ী ভাঙ্গা—(গৌণার্থে) সর্ব্বসমক্ষে রহস্য প্রকাশ করা। তু 'চাতরে হাঁড়ি ভাঙ্গা'। 'তবে ভাঙ্গবো হাটে হাঁড়ী?—অ গ্র ৭৪। হাটের তোলা—হাটে পসারীর নিকট হইতে দেবতার বৃত্তি বলিয়া গৃহীত দ্রব্য। হাটের দুয়ারে কপাট—(গৌণার্থে) অসম্ভব বিষয়ের উদ্ঘাটন। '(তিনি এলে) লঙ্কার আসিত সঙ্গে, শব্দ হৈত বাঢে বঙ্গে, হাটের দুয়ারে কি কপাট?—ভা চ ৩১০। হাটের পালা—হাটের দিন। "ব.প ১৭৪। হাটের লেড়া হুজুক চায়—সাধারণ লোক মাতিয়া উঠার কোনপ্রকার জনরব খোঁজে। চাঁদের হাট—চাঁদের মেলা। 'চরণে চাঁদের হাট ব প ১১১০।]

হাট২ অর্ম্ম [দ্র 'হাঁট'] ১ চলা, যাওয়া। "আগে আগে হাট তুমি, পাছে পৌছে যাই আমি।—মী ১৩। ম গা ৮। আগে লক্ষ্মীন্দর হাটে ম.ম ১৭৬। ২ দ্রুত যাওয়া, ধাওয়া। 'রণভূমে হাটে ধীর মহাকোপ-মনে' চ বি ৩২৭। —টা সর্ম্ম [হাট+আ৮] চলান, ডাকিয়া আনা। 'আগে হাটাইয়া আমায় পাছে মার ঝাঁটা ম ম ১৮৩। [হাটিতে বসিতে দেখি—গমনে উপবেশনে, অর্থাৎ সর্ব্বদাই দেখি। 'হাটিতে বসিতে দেখি লখাইর চাঁদমুখ ম ম ১৭৭। হাটিতে বসিতে বলে—সর্ব্বদাই বলে। "হাটিতে বসিতে বলে ধামনা ভাতারী ম ম ২১৮।]

হাটক১ বিণ [°ক+অ(অণ্)] 'হাটকবিকার, স্বর্ণময় (পরিমাণদ্রব্য)। "হাটকো নিষ্কঃ। হাটকং কার্ষাপণম্। পা ৪৩১৫৩, কাশিকা। —ক পুং ১ দেশবিশেষ। "মহা ২২৮৩। ২ (বহুব) হাটকবাসিগণ। "মহা ২২৮৫। —ক ক্লী [√হট্+অক (বুল্)-ক] 'দীপক', হাটকদেশজ স্বর্ণ, স্বর্ণমাত্র, হেম, হিরণ্য। "°ভূষণ গো বা ৩৪৯৮। মাঘ ১৩৬৩। ম ১২৭৬। হাটক গঠিত (কটক)।—ব ৬৮। হাটক-বরণী।—দা ৩৭৮। হাটকজড়িত হীরা শি ১৬, হাটক হীরার হার ৩৫। হাটককটক বা দ ১১৪। ২ ধুস্তুর। [°গিরি (পুং)—মেরু।]

হাটক২ দ্র 'হাট১'।

হাটকময় বিণ [হাটক+ময (ময়ট্)] স্বর্ণনির্ম্মিত, হৈম। "হাটকময়ী যষ্টিঃ পা ৪ ৩ ১৫৩, কাশিকা।

হাটকেশ, -শান, -কেশ্বর পুং [ব ত] গোদাবরীতীরস্থ শিবলিঙ্গ-ভেদ। হাটকেশ্বর ভ ৫ ২৪ ১৭, ক সা ৭৩ ১২৪, °ন ৭৩ ১০৪, °শ ১১৮ ১৯১।

হাটকেশান, হাটকেশ্বর দ্র 'হাটকেশ'।

হাট(টু)রিয়া, -টুয়া১, -টুরা, -রে -র‍্যা বি যাহারা হাট করে, অর্থাৎ হাটে বেচা-কেনা করে, হাটের দোকান-পসারী। "হাটুরা আনিয়া বীর দেয তাড বালা : রাজসমীপে হাটুর‍্যাদিগের আবেদন ক চ ৯০। হাট্ (আ)যা গো চ ৭২, ২৫৯ ব প ১৭০৪। [হাটরিয়া কাঙ্গাল—যে কাঙ্গাল হাটের পরিত্যক্ত দ্রব্য কুড়াইযা লয। হাটপকুড়াইযা খায হাটরিযা কাঙ্গাল ম ম ১২৩। হাটুরিযা হাটুরে নৌকা—হাটুরিযাদিগের হাটে যাওয়ার নৌকা। "হাটুরিযা নৌকা হটর হটর করিযা যাইতেছে—আপনার পযোজনে ব দ্বি ৩।]

হাটহদ্দ বি [হাট (?)+হদ্দ] শেষসীমা, চূড়ান্ত। "যা হবার হযেছে হদ্দ, এবারকার মত হাটহদ্দ।—দা ৯৮৩।

হাটারী বি [হাট১ > °রী, তু 'হাজারী'] হাটরিযা। "হাটারী বাজারী বঙ্গে সারি সারি ব প ৩১৮, ৪৭৪।

হাটি বি [ঘাটি২ > হাটি] সর্ব 'ঘাটি২'। 'গো চ ৬৫, ১৯৩।

হাটিনা, -টীলা বি জাতিবিশেষ (?)। "°না স্ত্রী ৪৫, ৭৯, °লা ২১৭।

হাটীলা দ্র 'হাটিনা'।

হাটু, -য়া১ বি [আটু > হাটু] হাঁটু। "°জল গো চ ১১৮, হাটুযা ২১২, ২১৩। ম ৯৬৭। ন প ১১০।

হাটুআ বি [হাট১ +উআ২] সর্ব 'হাটুরিযা'। 'শ্রী কী ২০৪।

হাটুয়া১, হাটুয়া২ দ্র 'হাটু হাটরিযা'।

হাটেট্যাংরা বি [দ্র 'তেঁটা-টেঙরা'] 'উঁচু-নীচু', খোপাবিশেষ। "প্রথমেতে পিন্দলে গোপ হাটে-ট্যাংরা গো চ ২৫৩।

হাট্যা বি [হাটীয > হাট্যা] হাটের দোকানী-পসারী। "পীঠে চুণ মাখি হাট্যা চলিলা আদ্দাস ক চ ৯০।

হাড় বি [সং হড্ড হি হাড প হড্ডী, ঠ হ(া)ড, গু, ড—হাড, সি হড্ড হডী, সিংহলী—আট (ata), হাড্ডি (ঢাকা)] ১ অস্থি। "গো চ ৭২। শি ৮৫। ২ ফলের অস্থি, আঁঠি। "আমটা হাড়ে টক। ৩ (হাড় শক্তির আধার হেতু) শক্তি ক্ষমতা। "তোমার হাড়ে তা হবে না। [হাড় একঠাঁই, মাস একঠাঁই করা—গুরুতর প্রহারে হাড মাংস পৃথক করা। হাড় ওঠা—কৃশতা হেতু অস্থিসার হওয়া। হাড কালী হওযা— কঠোর শ্রমে হাড পর্য্যন্ত বিবর্ণ হওয়া। হাড কাটে ত মাস কাটে না (উপহাসে)—হাড ত কাটেই না মাসও কাটে না, অর্থাৎ অত্যন্ত ভোঁতা অস্ত্র। হাড গুঁড়া করা, ভাঙ্গা—গুরুতর প্রহারে অস্থি চূর্ণ করা। "ভীম বলে জানবি যখন (বুড়া) ভেঙ্গে দিবে হাড়া শি ৮২। হাড জুড়ান—শত্রুনিপাতে মনোজ্বর শান্ত হওয়া। "এত দিন জুড়ালো হাড় · ·ক াপাড (কৃষ্ণ) গিয়াছেন আজ কালের মন্দিরে। —দা ৩৫০। হাড় জুড়ান, হাড বাতাস লাগা—মৃত্যুর পর দেহের শোক-তাপের অবসান হওয়া।'হাড জ্বালা—কঠোর বাক্যের জ্বালায় হাড পর্য্যন্ত দগ্ধ হওয়া। হাড জ্বালাতন হইযা উঠা—হাড পর্য্যন্ত জ্বলিয়া যাওযা। 'সীতারামের হাড জ্বালাতন হইযা উঠিল ব প্র ৪৫৮। হাড জ্বালান কথা—কঠোর বাক্য। হাড়-জ্বালান টক—অত্যন্ত টক। হাড় ফোটা—১ হাড বিদ্ধ হওযা। ২ কঠিন শয্যায শযনে শীর্ণদেহের অস্থি পীড়াজনক হওয়া। হাড় ভাজা ভাজা হওযা—শোক-দুঃখের তীব্র তাপে অস্থিপর্য্যন্ত তপ্ত হওয়া। (প্রহারে) হাড মাস রতি তোলা করা—প্রহারে অস্থি রতিপ্রমাণ চূর্ণবিচূর্ণ ও মাংস তোলাপ্রমাণ ছিন্নবিচ্ছিন্ন করা; গুরুতর প্রহার করা। "রাজা বলে মার্, কামানে বেটার, হাড মাস কর্ রতি তোলা শ্রী ১৪২। হাড়ে কাঁপা—অতি ভয়ে হাড় অবধি কম্পিত হওয়া। "নাবে যত কবিবর, কাঁপে তত হাড়ে স্ব.প্র ১১৪। হাড়ে টক—আঁঠিতে টক (আম)। "(আম্র) পাকিলে সুমিষ্ট বটে, কিন্তু হাড়ে টক যায না ব প্র ৫৮১। হাড়ে টোকো মুখে মিঠে—কঠোর-হৃদয় প্রিয়-বাদী। 'দযাল নয সব কয়াল বাবু, হাড়ে টোকো মুখে মিঠে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। হাড়ে দুব্বো গজান—এত অলস যে একস্থানে বসিয়া থাকায় দূর্ব্বা গজাইযা হাড় ঢাকে (অলসের চূড়ান্ত বর্ণনায়)। হাড়ে নাড়ে জ্বালাতন—হাড়ে ও নাড়ীতে তিক্ত-বিরক্ত করা, অত্যন্ত জ্বালাতন করা। হাড়ে ভেলকি খেলে—এত ধূর্ত্ত যে নির্জীব হাড়েও ভেলকি লাগায় (অতিধূর্ত্তের প্রসঙ্গ)। হাড়ে মাসে জড়িত—মানানসই অস্থিমাংসে গঠিত, নাতিস্থূল নাতিকৃশ (দেহ)। হাড়ে হাড়ে লাগা—মর্ম্মে মর্ম্মে তীব্র বেদনা দেওযা। "সীতারাম বলিলেন, 'শ্রীকে এখন আর কোথায় পাইব?' কথাটা রমার হাড়ে হাড়ে লাগিল ব প্র ৪৫৮। হাড়ের বোঝা—স্বল্পমাংস অস্থিময় দেহ, অতিকৃশ দেহ।]

হা'ড় ; হা'ড়কাঠ দ্র 'হাইড হাড়িকাঠ'।

হাড়গিলা বি দীর্ঘপদ দীর্ঘকণ্ঠ দীর্ঘচঞ্চু গলায থলী-ওয়ালা শকুনির মত পক্ষিবিশেষ (Leptoptilus dubius)। "ভা চ ১২৭

হাড়-গোড় বি [হাড+গোড (গুলা > গোড ?), ঠ—'হাডগল' —কৃশ] অস্থিসমূহ, ছোট-বড় হাড। 'বেশ আছি, একবৎসর বৈষ্ণব হইচি, হাড-গোডগুলো জোড়া লেগেচে।—জা ৪৫।

হাড়গোড়-ভাঙ্গা বি° যাহার হাড়গোড় ভগ্ন, ভগ্নাস্থিসমূহ। [°ঙ্গা 'দ'—১ ভাঙ্গা হাড়গোড়ের মত বক্র রেখায় লিখিত 'দ' অক্ষর ('দ' এর বর্ণনা)। ২ হাড়গোড়-ভাঙ্গা 'দ'এর বক্রাকৃতি। "সৌদামিনী, তুমি বেশ গোলগাল, কাঙ্কন °ঙ্গা 'দ'।—ন ত ১৬। °ঙ্গা 'দ' হওযা—'দ'এর মত বক্রাকৃতি হওয়া। "°ঙ্গা 'দ'টী হব, তাড়িযে যদি ধরে ন ত ৭৫।]

হাড়জোড়া বি [সং অস্থিসংহার, -রিকা, হি হডজোডা] বৃক্ষারোহী লতাজাতীয় গাছবিশেষ (Vitis quadrangularis)। [ইহার গাঁঠ-গুলি ঘন ঘন, শৃঙ্খলের মত জোড়া, এইজন্য নাম 'অস্থিভঙ্গ','অস্থিশৃঙ্খলা'। ইহাতে ভাঙ্গা হাড় জোড়া লাগে বলিয়া নাম 'হাডজোড়া'।]

হাড়পেকে বি [হাড়পাক+ এ৭] বিপক্ষ, শত্রু, দুর্বৃত্ত। দ্র 'হাড়পেকের বোঝা'। [হাড়-পেকের বোঝা—ক্লেশকর ভার। বাঁকুড়া জেলাতে কোন কোন স্থানে উভয় প্রতিদ্বন্দ্বী পক্ষের মধ্যে একপক্ষের 'হা'র' হইলে, তাহাকে 'পাক' খাইতে হয় ও তৎকালে তাহার মস্তকে বোঝা চাপান হয়, এই প্রথা আছে। সেই প্রথা হইতেই কষ্টকরত্ব-ব্যঞ্জক 'হাড়পেকের বোঝা' বাক্যের উৎপত্তি হইযাছে।—সাহিত্যপরিষৎ পত্রিকা, ১৩০৯, ১ম সংখ্যা, ২৭ পৃষ্ঠ।]

হাড়ভাঙা, -ঙ্গা বি° যাহাতে হাড ভাঙে, গুরুতর কঠোর (পরিশ্রম) "°ঙা খাটুনি। —ঙা, -ঙ্গা বি [সং অস্থিভঙ্গ, ড হাডভাঙ্গা] সর্ব 'হাডজোড়া'।

হাড়মাল বি অস্থিমাল। "ম ১৭। ভা চ ১০৩।

হাড়সার বিং অস্থিশেষ, অতিকৃশ।

হাড়হদ্দ বি সর্ব 'হাটহদ্দ'।

হাড়হাবাতি, -তে, -হাভাতে বি° [হাহাবাত > °তি, -তে (?) ১ দারিদ্র্য হেতু যাহার হাহাবাত বা হাহাকার, হতভাগা, লক্ষ্মীছাড়া। 'তোদের মত নহি আমরা, হাড-হাবাতি লক্ষ্মীছাড়া।—দা ৩২৪। পাড়া ও দলস্থ গেরস্তগোছ হাড-হাবাতেরা সৌখিন দোহরের দলে মিশলেন। —হু ৩৬। ২ গালিবিশেষ। "হাঁরা, ও হাড়-হাবাতে প্যাত্না, তুই নাকি আমাকে বুড়ো-হাবড়া বলেচিস্।—জা ২০।

হাড়াই-ডোমাই বি [হাড়ি+আই৫, ডোম+আই৫] হাড়ি-

ডোমে কাজ বা আচরণ, ইতরাম। "কামিনি,…নাতজামাইকে আর অপমান কবিস নে, হাড়াই-ডোমাই ভাল দেখায় না।—জা ১৪।

হাড়ি[১] বি [সং হড্ডি, ড হাডি, অস 'হারি'—মলহারক, 'হারী' (মলহারী)—মূল (?)] ১ নীচজাতিবিশেষ। ২ হাড়িসিদ্ধা। "ম গা ১০। গো চ ৪২। —ডিনী বি [হাড়ি+ইনি, হারিণী (ম গা ১০)] হাড়ির স্ত্রী বা স্ত্রীজাতি। [হাডি-ঝি—সর্থ 'হাড়িঝি-চণ্ডী'। "সুন্দরী স্মরণ করে হাডিঝিয়ের পা শ্রী মা ৯৫।]

হাড়ি[২], **-ড়ী**[১] বি [সং হডি] ১ সর্থ হড়ি (১)। "হাডি দিল মহাবীবে হৈল উভমুণ্ডা ক চ ১০২। গলায় দিলেক হাড়ী ব প ৪৬৩। ২ সর্থ 'হডি (২)। "হাডিব ঠকঠকি ভা চ ২৭১।

হাড়ি[৩], **-ড়ী**[২] বি সর্থ 'হাঁডি'। "হাড়ি গো.চ ৪৩, হাডী ৪৪। [হাড়ি-কুড়ি—সর্থ 'হাঁড়িকুঁড়ি'। 'ভাঙ্গে °ড়ি শ্রী ম ২৮।]

হাড়িকাঠ, হা'ড়কাঠ বি [স' হডি+কাঠ, ড হরিকাঠ] ১ সর্থ 'হডি (২)। 'মেষক-ছাগকে হাডিকাঠে ফেলিযা সৎকীর্ত্তি-খড়্গে মাযেব কাছে বলি দিব ব প্র ৬১৭। ব্যাটাবা হাডিকাঠ দেখলে চোখে হাত দেয়, আব কপালেব উপব হাডিকাঠ আঁকে গি দ্বি ৭৫। ২ বৈষ্ণবেব কপালে অঙ্কিত হাডিকাঠেব মত চিহ্নবিশেষ। 'নাকে হাডিকাঠ কেটে গিযে বাড়ীর ভেতবে ঢুকলুম গি দ্বি ৮৩। দ্র '(১)। [হাড়িকাঠে ফেলা —১ বলিপশুবধার্থ হাডিকাঠে বদ্ধ কবা। ২ দুর্বৃত্তকে কায়দায ফেলা। "হাডিকাঠে গলা দেওয়া—স্বেচ্ছায বধ্য হওযা।]

হাড়িকোণ বি [হাডিযা >হাডি+কোণ, দ্র 'হাডিয়া (৩)] সর্থ 'হাঁড়িযা (২)। '°ণে কবিছে মেঘ।—বঙ্গপূর্বেব ভাওযাইযা গান।

হাড়িঝি-চণ্ডী বি শক্তিমন্ত্রে সিদ্ধা হাডিব কন্যা ও চণ্ডী, অথবা চণ্ডীব অবতাব হাড়িব কন্যা (?)। 'সুড়ঙ্গেব মাটি কাটি উডে যাব বায। হাড়িঝি-চণ্ডীব বাবে কামাখ্যা-আজ্ঞায॥—ভা চ ৩১৫। [হাড়িঝি-রূপে চণ্ডীর অবতাব জানি না। বোধ হয, কোন সিদ্ধা হাড়ি-ঝি চণ্ডীর অবতাররূপে পূজিতা হইযাছিলেন। ঝাড়ফুক-মন্ত্রে 'হাডিঝি-চণ্ডীব আজ্ঞা ছাড ছাড় ছাড়' এইরূপ ছাড়ানব মন্ত্র শুনিযাছি। দ্র 'বাঙ্গালা শব্দকোষ'।]

হাড়িপ বি [সং হড্ডিপ] হাড়িজাতির পুরুষ। 'ভূপতি অনেক ধনে, পবিতোষে হাডিপেব মন শ্রী ২১২। —পা বি [হাডি+পা[২] (পাদ)] হাড়িসিদ্ধা। 'গো চ ৬১, ৬২।

হাড়িপা দ্র 'হাডিপ'।

হাড়িয়া[১] বিং [হাঁডিযা >°যা] ১ সর্থ 'হাঁডিযা (২)। "হাডিয়া চামব গো চ ৪১৯, ক চ ৯৬, বি পা ১৭৫, চ বি ৩৭, ১৬৯, ২০২, ২৫৯। ২ সর্থ 'হাঁডিযা (৩)। "হাড়িযা কোণে যেন দেওযা গর্জ্জিল গো চ ৪৮, ব প ৪৪। [হাডিযা ছোঁহর—হাডিয়া চামর। "ম গা ৬।]

হাড়িয়া[২] বি [হাড়িপা > °য়া, সং হড্ডিক] হাড়িসিদ্ধা।—"হাডিযা একটা কে হইল—গো চ ২২২।

হাড়ী[১]; **হাড়ী**[২] দ্র 'হাডি[২], হাড়ি[৩]।

হাডডু, হাডুডুডু বি খেলাবিশেষ। দ্র 'কপাটি'। "হাডু-ডু-ডু খেলা নেহাৎ চেঙ্গডাব কাজ (অ গ্র—'বাবু')।

হাড়্যা বি [সং হডি>হাড়্যা] হাডিকাঠ। "সে যেন প্রকৃত চোর, দুঃখেব না থাকে ওব, সাবা বাত্রি হাড়্যা ঠ্যাক্যা বাথে বি.সু ৮৮।

হাড্ডিসার বিং [হডিড+সার] অস্থিশেষ, হাড়সার। "স এ ৭।

হাণ সর্ম [হান[৪] > হাণ, তু 'সং √হন্ > প্রা √হণ] সর্থ 'হান[৪]। [হাণ,-ণএ,-ণি অ'।,-ণিল,-বেঁ, -বোঁ,-ণী,-ণো (শ্রী কী)।]

হাণ্ডি,-ণ্ডী বি [সং হণ্ডিকা,-ণ্ডী, হি হাংডী, ঠ হংডী, হাংডী] হাঁড়ী। "(ভাঙ্গ) হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি শি ৩২। হাণ্ডীর উপর চৈ.চ ৫৫। ঘর করিতে হাণ্ডিযে হাণ্ডিয়ে হয় ঠেকাঠেকি শি ১০২। হাণ্ডী ব.প ১৩৩।

হাণ্ডিয়া বিং [হাণ্ডি+ইয়া[১]] হাণ্ডর মত বড় ও গোল, হেঁড়ে। "হাণ্ডিয়া হাণ্ডিয়া তাল পড়ে দুরদুর ব প ৭৮৬।

হাত[১] বিণ [√হা + ত (ক্ত)-র্ম, তু 'হীন'] ত্যক্ত। [°লজ্জ (বিণ) —ত্যক্তলজ্জ। "তে নূনমুতিমবিদংস্তব হাতলজ্জাঃ ভ ৮.৭ ৩৩।

হাত[২], **-থ** বি [সং হস্ত > লি, প্রা হত্থ> বা হাথ, -ত, হি হ(হা)থ; প হত্থ, ঠ, ড় হাত, গু হাথ, সি হথু] ১ বাহু (ভুজমূল হইতে অঙ্গুলির অগ্র পর্য্যন্ত অবযব)। "হাথ পসাবিলেক বাজা কৃ উ ৪৫, জাড়ে জড়াইল হাথ ৯১। হাতখান পড়ে যেন পর্ব্বতশিখর। হাতের চাপনে পড়ে অনেক বানব॥—কৃ ২৮১। হাথ কৃ.উ ৮৫। উর্দ্ধহাথ, বিশ্বনাথ, নামগীত গাইছে ভা চ ৪৪। ২ কনুই হইতে অঙ্গুলিব অগ্রপর্য্যন্ত হস্তাংশ। "সাত হাত খানা খোঁড়ে ক চ ১৮৩। ৩ করতল। "বাম হাথত টাকার বাটি।—শূ ৪৯। অস্তি অস্তি বলি গর্ত্ত বুলাইল হাথ।—ম ৩৬। হাথেতে দধির পাত্র ১৯৩, দুহাথ যুগল ১১৮৪। অঙ্গে হাথ দিযা কেহ মন্ত্র পঢ় চৈ ভা ১৪০। ৪ নীচেব হাথেব শঙ্খাদি পরাব স্থান (কনুই হইতে মণিবন্ধপর্য্যন্ত হস্তাংশ)। 'হাথে বায-হাথা দিল গলায় জিঞ্জির ক চ ১০১, ১০২। (শাঁখা) হইল হাতেব মত ঠিক শি ১০৪। ৫ পাণি, হাতের পোঁছা (মণিবন্ধ হইতে হস্তের শেষাংশ)। "গঙ্গাজলে গিরিশ গৌরীব ধুয়ে হাত (শঙ্খ নিল) শি ১০৪, আঁটুল্যা হাত : আঁড়রা হাত ১০৫। ৬ হস্তিশুণ্ড। "চারু যুগ্ম উরু দেখি নিন্দে হাথ হাথী।—ম ১৮৩। ৭ প্রভুত্ব, ক্ষমতা। "জিনিলেক এত জনে যে জন বিচারে। দেখ লো লজ্জাব হাতে সেই জন হাবে॥ হাবিযা লজ্জার হাতে কথা নাহি যায়।—ভা চ ৩২১। ঠাকুবাণী কর পার ঠকঠকি হাতে ব প ৯৫০। ৮ কর্ত্তৃত্ব। "ঘবে না ঢুকতে বলেন, আমাব হাতে অনেক কাজ।—জা ১৭। ৯ অধিকার। "এ বিষযে আমার হাত নাই। ১০ হস্তের পার্শ্বদেশ বা দিগ ভাগ। "আমার ডান হাতে দাঁড়াও। তোমাব বাঁ হাতে যাও। ১১ বাদনে হস্তলাঘব বা হাতেব কৌশল। "তাঁর সেতাবে হাত ভাল, তবলায় হাত ভাল নয। ১২ হস্তসাধ্য কর্ম্মকৌশলমাত্র। "পাকা হাতেব লেখা। ১৩ হস্তগত বা অধীন বিষয। 'সুখদুঃখ পবেব হাত, না আমাব নিজেব হাত?—ব প ২১২। ১৪ (গণিতে) অঙ্কেব ভগ্নাংশ বাদে অবশিষ্ট পূর্ণাঙ্ক। "কড়া থুয চারি কড়ায গণ্ডা লবে হাতে। হাত সুদ্ধ গণ্ডা থোবে দশক পশ্চাতে॥—শুভঙ্কর। ১৫ হস্তসাধ্য সাহায্য। "দশেব হাত কাজে পড়ুক (প্রবচন)। ১৬ হস্তসাধ্য কার্য্য—যুদ্ধ। "(কৌবব প্রধান) অর্জ্জুনের হাথে বড় পাইল অপমান : সিংহ-হাথে সিংহ যেন পায্যা অপমান।—ম ৬৬৩। ১৭ আযত্ততা। "(কানাই।) তোমার আমার বাস একি গাঁয। কেহ কাব নাহি হাথ এড়ায॥—শ্রী ম ৬৭। [হাত আগে কবা—হাত বাড়ান। "এ বলিয়া জগন্নাথ আগে কৈল হাত। শচীনেব কোলেতে থুইল বিশ্বনাথ।—গো.বি ১৮১। হাত আসা—কোন হাতের কাজে হাত অভ্যস্ত হওয়া বা খোলা। হাত উঠা বা ওঠা—১ হস্ত উত্থিত হওয়া। ২ প্রহারার্থ হস্ত উত্থিত হওয়া। "(ভ্রমর) রোহিণীকে ভালবাসিত না, এজন্য হাত উঠিল না।—ব.প্র ২৯৪। হাত উঠান বা ওঠান—হাত তোলা। হাত এড়ান—অধিকার হইতে নিষ্কৃতি পাওয়া। "যদি এ সকলেব হাত এড়াইযা, পাকা কাঁটাল যাব গেল, তবে মাছি ভন্‌ভন্ কবিতে আবম্ভ করিল ব প্র ৫৮০। হাত ওঠান—প্রহারার্থ হাত তোলা। হাত কবা।—১ হস্তগত বা আত্মসাৎ কবা। 'টাকাট হাত কবিতে পারিলে অনেক কর্ম্মে আসিত আ দু ৫৮। ২ বশীভূত কবা। "মুবলাকে…নন্দা ঠাকুরাণী পূর্ব্বেই হাত করিযা রাখিয়াছিলেন ব প্র. ৪৯৮। ঐ পাগলীটাকে হাত কর গি দ্বি ১০৮। হাত কামড়ান —হাতে কামড়ের মত বেদনা অনুভূত হওয়া। হাত খালি—রিক্ত হস্ত। হাত খোলা—কোন বিষয়ে হাত অভ্যস্ত হওয়া। হাত গণা—হাতের বা সঙ্গের অর্থাদি গণিয়া জানা।—"ভ.গ্র ১৫। হাত গুটান—১ হাত

সঙ্কুচিত করা। ২ ব্যবসায় হইতে নিরস্ত হওয়া। হাত ঘুরান—১ হস্তাবর্ত্তন। ২ শিশুর হাতে পোঁছা ঘুরান-খেলা। "হাত ঘুরালে নাড়ু দেব। নইলে নাড়ু কোথায় পাব। হাত চলা—১ প্রহারার্থ হস্ত উদ্যত হওয়া। "ভ্রমরের হাত বিলক্ষণ চলিত ব.প্র ২৯০। ২ কার্য্যে হস্ত ক্ষিপ্র বা পটু হওয়া। ৩ বাটীচালায় হাত বাটীর সহিত চলিত হওয়া। হাত চাটা—১ হস্তলেহন। ২ হস্তসংলগ্ন খাদ্যাংশ লেহন করা। হাত চালান—কার্য্যে হস্ত দ্রুত করা, ক্ষিপ্রহস্তে কার্য্য করা। হাত ছাড়ান—১ সর্থ 'হাত এড়ান'। ২ বিনীত নিবেদন অগ্রাহ্য করা। হাত ছাড়ালে হাত সতর—অধিকারবহির্ভূত হইলে অধিকারে পুনর্ব্বার আনা দুঃসাধ্য। হাত জোড় করা—প্রণামাদিতে পাণিদ্বয় যুক্ত করা। "শ্রী ১২০। হাত জোড়া থাকা—হাত কার্য্যে নিযুক্ত থাকা। হাত ঝাড়লে পর্ব্বত—এরূপ ধনী যে তাঁহার পক্ষে স্বল্পদানই অন্যের সুপ্রচুর। হাত ঠারা—হস্ত দ্বারা সঙ্কেত করা। "(উমা) হাত ঠারে হাসে শি ৫৪। হাত তোলা—১ সর্থ 'হাত উঠান'। ২ হাত উঠাইয়া শাসনের ভয় দেখান। "আর কার যোগ্যতা আমারে তুলে হাত শ্রী ১২০। হাত থাকা—অধিকার থাকা। "হে অন্ধ, পাশাতে যত লইবে বেশাত। বুঝিলে কি তাহাতে তোমার নাহি হাত।—ম ৩৪৫। এখন আমার আর হাত নাই।—নী ৫৭। হাত দিয়া জল না গলা—পাণিপুট এরূপ সংহত যে জলবিন্দুও পড়ে না, অর্থাৎ সে হাতে জলবিন্দুদানও নাই, অর্থের ত কথাই নাই (অতিকৃপণের কথায় ইহার প্রয়োগ)। Cf. close-fisted. হাত দিয়া হাতী ঠেলা—সামান্য উপায়ে মহৎ কার্য্য সাধন করা। হাত দেওয়া—১ হস্তার্পণ করা, স্পর্শ করা। ২ কার্য্যে হস্তক্ষেপ করা বা মিলিত হওয়া। "আচ্ছা, এবার তুমি কোচ্ছ, কর—আমি আর হাত দেব না অ.গ্র ৮০। হাত-দেখা—১ (জ্বরে) নাড়ীর গতি পরীক্ষা করা। ২ করকোষ্ঠী গণনা করা। হাত দেখে গণা—করকোষ্ঠী দেখিয়া গণনা করা। "সন্ন্যাসী হাত দেখিয়া গণিয়া ভবিষ্যৎ বলে ব.প্র ২৩১। হাত ধরা—১ হস্তগ্রহণ। ২ বিপদে সাহায্য করা। হাত-ধরা—বশীভূত। "সময় কারও হাত-ধরা নয়।—হু ১০৮। হাত ধোয়া—১ হস্তপ্রক্ষালন। ২ সংস্রব বা সম্পর্ক ত্যাগ করা, দায়িত্ব না রাখা। Cf. To wash one's hands. ৩ (হি—হাথ ধোনা) প্রাপ্তির সম্ভাবনা ত্যাগ করা। হাত নাড়া—১ হস্তসঞ্চালন। ২ তর্জ্জনে বা শাসনে ক্রোধে হস্তসঞ্চালন। তু 'হাত-নাড়া'। হাত নিষ্‌পিষ করা—(কার্য্যার্থ বা প্রহারার্থ) হস্ত-নিষ্পেষণ বা হস্তকণ্ডূতি হওয়া। হাত পড়া—১ কোন দ্রব্যের ব্যবহার আরম্ভ হওয়া। ২ হস্তস্পর্শ হওয়া। হাত পড়িয়া যাওয়া—রোগে হস্ত অবশ হওয়া। হাত পাকা—হস্ত কর্ম্মকুশল হওয়া। হাত পাকান—হস্ত কর্ম্মকুশল করা। "লিখিয়া হাত পাকান। হাত পাতা—১ গ্রহণার্থ হস্তপ্রসারণ করা। ২ ভিক্ষাগ্রহণার্থ হস্তপ্রসারণ করা; প্রার্থনা করা। "হই দুঃখী হই দীন,...কারো কাছে পাতি নাই হাত।—শিশু ১৮৮। হাত পাতা রোগ—উৎকোচ-গ্রহণের ব্যাধি। "সারজন বেটারও হাত-পাতা রোগ আছে।—ম ৩৪৩। হাত পা না সরা—হস্তপদ কার্য্যার্থ সচেষ্ট না হওয়া। তু 'ন মে হস্তপাদং প্রসরতি শ ২৲। হাত পা বেঁধে জলে ফেলে দেওয়া—১ ত্রাণের উপায় না রাখিয়া বিপদে পাতিত করা। ২ (কন্যা) অপাত্রে সম্প্রদান করা। "মেয়েটাকে হাত পা বেঁধে জলে ফেলে দিয়েছে। হাত ফসকান—হাত হইতে সরিয়া যাওয়া। হাত ফেরা—হাতে হাতে ঘোরা। হাত বদল করা—১ (ভারাদি) এক হাত হইতে অন্য হাতে লওয়া। ২ উৎকৃষ্টের পরিবর্ত্তে অপকৃষ্ট দ্রব্য দিয়া প্রতারণা করা। "হাত বদল করিতে বেণের হৈল মন ক চ ৭৪। হাথ বদলান—সর্থ 'হাত বদল করা (২)। "(স্বর্ণকার) দেখিতে দেখিতে জন, হরয়ে সভার ধন, হাথ বদলিতে জানে।—ক.চ ৮৯। ভা.চ ৪০৭। হাত বসা—কার্য্যে হস্ত অভ্যস্ত হওয়া। হাত বাঁধা রাখা—সন্তানার্থ দেবতার মানসিকে মায়ের ডান হাত বন্ধক রাখা, অর্থাৎ সে হাতে খাদ্য গ্রহণ না করা। [মানসিক সিদ্ধ হইলে দেবতার পূজা দিয়া মা ডান হাতে খান।] হাত বাড়াইয়া আকাশ পাওয়া—হাতে আকাশ পাওয়ার মত অসম্ভব অভীষ্টবিষয়ের লাভে অতিশয় আনন্দ অনুভব করা। "দেখিয়া শুনিয়া মনে হইল উল্লাস। হাত বাড়াইয়া যেন পাইল আকাশ।—ব.প ২৮৪,-৫। হাত বাড়ান—হস্তপ্রসারণ। হাত ভারা—বহুক্ষণ ভারধারণ হেতু হাত অসাড় হওয়া। হাত মারা (হি হাথ মারনা)—১ (ধনাদি) আত্মসাৎ করা বা বেইমানী করিয়া লওয়া। ২ শোকে বক্ষে করাঘাত করা। "মাথুর বিরহে (প্রভু) হাত মারে নিজ বুকে চৈ ম ৮৯। হাত মুখ ধোওয়া—১ প্রাতঃকৃত্য করা। ২ শ্রমান্তে হাতমুখ প্রক্ষালন করা। হাত রাঁড় করা—বিধবার হাতের মত হাত আভরণশূন্য করা। হাত লাগা—১ হস্তস্পর্শ হওয়া বা হস্তাঘাত লাগা। ২ সর্থ 'হাত ভারা'। হাত লাগান—১ হস্ত দ্বারা স্পর্শ করা। ২ [হি হাথ লাগানা] (কাজে) হাত দেওয়া; কার্য্যারম্ভ করা; (কাজে) যোগ দেওয়া। হাত শুধু—খালি বা অর্থশূন্য হাত। "হাত শুধু, জরাকে যৌবন দিব কেনে শি ৮৬। হাত শুধু করা—সর্থ 'হাত রাঁড় করা'। হাত সাধা—হস্তসাধ্য কার্য্যে হস্ত নিপুণ করা। হাত সুড়-সুড় করা—কার্য্যার্থ হস্তকণ্ডূতিবোধ হওয়া। হাতে আকাশ পাওয়া—সর্থ 'হাত বাড়াইয়া আকাশ পাওয়া'। হাতে আনা—অধিকারে আনা; বশীভূত করা। (গৎ) হাতে আনা—বাজনার গৎ হাতে বাজাইয়া অধিকার করা বা আদায় করা। হাতে আসা—অধিকারে আসা; বশীভূত হওয়া। হাতে করা—১ (দ্রব্য) হাতে লওয়া। ২ [সং হস্তে কৃত্বা] স্বীকার করা; (ভার) গ্রহণ করা। ৩ (টাকা) সঞ্চয় করা বা জমান। 'চাকরী ক'রে সে এখন দশ টাকা হাতে করেছে। হাতে কলমে করা—কাজে ও লেখায় কোন বিষয় সিদ্ধ করা; কেবল লিখিয়া উপদেশ দিয়া নহে, উপদেশ কার্য্যে পরিণত করিয়া তদ্বিষয় সিদ্ধ করা। হাতে কুশে দক্ষিণা ফুরান—(শ্রাদ্ধে) কুশহস্তে দক্ষিণানির্দ্ধারণ। "(শ্রাদ্ধ) সাঙ্গ করি দ্বিজে কয়, কাহণ দক্ষিণা হয়, হাতে কুশে দক্ষিণা ফুরান ক.চ ৮৭। হাতে খড়ি—বিদ্যারম্ভ। হাথে খড়ি দেওয়া—বিদ্যারম্ভ করা। "(পুরন্দর মিশ্র) হাথে খড়ি দিল তার সময় বিচিত্র চৈ.ম ৫৩। হাতে গড়া—হাতে প্রস্তুত করা (স্বভাবজাত বা যন্ত্রকৃত নহে)। হাতে-গড়া—১ হস্তনির্ম্মিত, কৃত্রিম (hand-made)। ২ নিজে শিখাইয়া কর্ম্মকুশল করা (লোক)। হাতে খোলা পোঁদে মালা হওয়া—গ্রাসাচ্ছাদনের অভাব হওয়া; সর্ব্বস্বান্ত হওয়া। হাতে গলে বাঁধা—হাত ও গলা একত্র করিয়া বাঁধা। "ঘরপোড়াকে এনে দিবি হাতে গলে বেঁধে।—কৃ ২৫০। (মুনিবে) বান্ধিয়া আনিমু হাতে গলে ক.চ ৬৬। হাতে চাঁদ এনে দেওয়া—অতি দুর্লভ প্রিয় বস্তু আনিয়া দেওয়া। হাতে টুকনী দেওয়া—ভিক্ষাবৃত্তি অবলম্বন করান; সর্ব্বস্বান্ত করা। হাতে ঠেকা—হাতে পড়া। "(মথুরার পথে) ঠেকেছিলাঙ মুঞি এক গোঙারের হাতে ব.প ৯১৪। হাতে তালি দেওয়া—প্রীতিপূর্ব্বক স্বীকার করা। "পণ্ডিতের বাক্যে সাধু হাতে দিল তালি ম.ম ১৯৯। হাতে থাকা—১ বশে থাকা, বাধ্য থাকা; অনুকূলে থাকা। ২ (অর্থাদি) সঞ্চিত থাকা। (কাজ) হাতে থাকা—অবিলম্বে করণীয় কাজ থাকা। "যতই কেন কাজ হাতে থাকুক না, আমি নিরুদ্বিগ্নচিত্তে তাঁহাদের (বান্ধবাদির) সহিত বাক্যালাপ করিতাম পা.প্র ১৬৪। হাতে দড়ি দেওয়া—হাত দড়ি দিয়া বাঁধা; বন্দি করা। "মসীল করিবে রাজা দিয়া হাতে দড়ি ক.চ ৮৩। হাতে ধরা—হাতে ধরিয়া বিশেষ অনুরোধ বা মিনতি করা। "তার পর—সেই কাঁদাকাটি, হাতে ধরা, পায়ে পড়া ব.প্র ৪৫৮। হাতে পড়া—১ হস্তগত হওয়া (অর্থাদি)। ২ আয়ত্তে আসা। "মম হাতে পড়ে আজি যাবে যম পাশে।—কৃ ৩২২। ডাকাইতের হাতে পড়িলাম

ব.প্র ৩৬৭। হাতে নাতে ধরা—সর্থ 'হাতে লোতে ধরা। হাতে পাওয়া—১ অধিকারে বা আয়ত্তে পাওয়া। ২ হাতে ধরিতে পারা, নাগাল পাওয়া। হাতে পাঁজি মঙ্গলবার—হাতে বা নিকটে পাঁজি থাকিতে, আজ 'মঙ্গলবার কি না' এই তর্ক নিষ্প্রয়োজন; সংশয়নিরাকরণের উপায় থাকিতে তর্কবিতর্ক বৃথা। "(কহিছেন চিন্তামণি) পুরুষেতে যেমন সুখী,—আমায় দিয়ে দেখ না সখি। হাতে পাঁজি মঙ্গলবার কেন?—দা ৪৬০। হাতে পায়ে ধরা—হাতে ধরিয়া পায়ে পড়িয়া অর্থাৎ অতিকাতরভাবে প্রার্থনা করা। "বাবুদের বাড়ী গিয়া তাঁদের হাতে পায়ে ধর না কেন?—ব প্র ২০৬। হাতে বহরে থাকা—১ লম্বায় চওড়ায় বা দৈর্ঘ্যে প্রস্থে প্রয়োজনমত থাকা (বস্ত্রাদি)। ২ দেহের দৈর্ঘ্য ও স্থূলতায় মানানসই থাকা (মানুষ)। হাতে বহরে লম্বা কথা—গুরুগম্ভীরার্থক শব্দ বা বাক্য। "গুরুপুত্র কিছুই জানেন না, ...হাতে বহরে লম্বা...গোটাকতক কথা শিখে আসেন, তাই আওড়ান ন ত ২৪। হাতে মাটি দেওয়া—মলত্যাগে শৌচান্তে মৃত্তিকায় হস্তের গন্ধলেপ দূর করা। হাতে মাথা কাটা—(গৌণার্থে) অসম্ভব সম্ভব করা। {কৃষ্ণ মথুরায় হাতে রজকের মাথা কাটিয়াছিলেন। ইহা মূল। হরিবংশ—'তলেনাশনিকল্পেন স তং মূর্দ্ধন্যতাড়য়ৎ। স গতাসুঃ পপাতোর্ব্ব্যাং রজকো ব্যস্তমস্তকঃ।—হ ৮৪ ১৬। কণ্ঠকের সংক্ষেপে 'হা মা কা' বলেন, অর্থাৎ কংসদূত ভয়ে গদ্‌গদকণ্ঠে সম্পূর্ণ কথা বলিতে পারে নাই। "যত পক্তায়, বলে গে রাজায়, ভয়ে সব না বা। করিছো কি কাজ, মরি মহারাজ। হা মা কা।—দা ৫৫১।} হাতে মাতে,-থে (আথে ব্যথে > °থে?)—অতিব্যস্তভাবে। 'হাতে মাতে পরামানিক চমকিয়া উঠিল গো চ ৫, হাতে মাথে বুড়ি মগনা চমকিয়া উঠিল ১১, ২৭। হাতে মুখে জল দেওয়া—নিদ্রাভঙ্গে হাত মুখ ধোওয়া। "(কর্ত্তা মহাশয়ের) হাতে মুখে জল দেওয়া হইয়াছে ব প্র ৩৪৩। হাতে রাখা—১ বশে বা অনুকূলে রাখা (লোক)। ২ সঞ্চিত রাখা (অর্থাদি)। ৩ ভবিষ্যতে বিচার্য্য ও করণীয় বলিয়া স্থগিত করা। 'সেন বলে সে কথা সম্প্রতি রাখ হাতে শ্রী মা ৪৪। হাতে রেখে খাওয়া—যেরূপ খাদ্যে পেট ভরে, তাহার কিছু হাতে রাখিয়া অর্থাৎ কিছু কম করিয়া খাওয়া, ভ'রপেট না খাওয়া। হাতে লওয়া—১ স্বীয় অধিকারে আনা। ২ হস্তে গ্রহণ করা। হাতে লোতে ধরা—হাতে চোরা মাল সুদ্ধ (চোর) বন্দি করা, বমাল গ্রেপ্তার করা (To catch red-handed)। হাতে লোতে ধরে, তারে সাজা দিব।—ব ১৬৩। হাতে লোতে ধরিয়াছে, আর কি উপায় আছে ভা চ ৩৯৬। হাতে সূত বাঁধা—বিবাহে হাতে রাঙা সূতা বাঁধা। "তোমরা বাঁধিবে, মনে। আমে তা জানে। হাতে বেঁধেছি সূত।—দা ২৫৭। হাতে স্বর্গ দেওয়া—১ দুর্লভ প্রিয়বস্তুদানে স্বর্গসুখ ভোগ করান। ২ স্বর্গের সুখের ন্যায় মহাসুখের অধিকারী করা। "রঙ্গিকা গঙ্গিকা ইনি। হাতে স্বর্গ দেন যিনি।—মনোমোহন বসু। হাতে হাতে, হাথে হাথে—১ কাজের সঙ্গে সঙ্গে, অর্থাৎ তৎক্ষণাৎ, অবিলম্বে, শীঘ্র। "শাস্তি দিব হাথে হাথে।—ম ৭২৯। হাতে হাতে কর্ণসেনে দিল পান পাটা শ্রী ২০, (মামুদা) হাতে হাতে নিতে এল ধরি ১৬৪। (ত্রৈলোক্যের নাথ) শুকর আনিয়া পুত্র দিল হাথে হাথে শ্রী ম ১৩৯। (মিথ্যা সাক্ষী) না কহিলে হাতে হাতে সদ্য সর্ব্বনাশ ব.প ৪৫০। যে দিনে দেয় খড়ি হাতে, সে দিনে কি হাতে হাতে পাঠ হয় তার চণ্ডী?—দা ৬। কার মুখ দেখে উঠেছিলাম প্রাতে, নব্বই টাকা পেলাম হাতে হাতে।—কা ১২৫। ২ সদ্য, এখনই, আজই। "হাতে হাতে সোনার জাদুক সন্ন্যাসে পাঠাব গো চ ৮৭। হাতে হাতে উঠে যাওয়া—হাতে থাকিতে থাকিতে, অর্থাৎ শীঘ্র বিক্রী হওয়া (পণ্য)। হাতে হাতে কচালে—ক্রোধে হস্তে হস্তে মর্দ্দন করা। "হাতে হাতে কচালে দেবী দন্তে কড়মড় ম.ম ১৩। হাতে হাতে প্রমাণ পাওয়া—প্রত্যক্ষ প্রমাণ পাওয়া। "হাতে হাতে তার প্রমাণ আমি পেয়েছি ব প্র ৩২১। হাতে হাতে ফল—অবিলম্বিত পরিণাম। হাতে হাতে ফল ঘটা, ফলা—অবিলম্বে কার্য্যে পরিণত হওয়া। 'কালুকে দেবীর শাপ ফলে হাতে হাতে শ্রী ২৩১। হাতে হাতে ফল মোর ঘটিল ম ম ১৯৬। হাতে হাতে যাওয়া—এক হাত হইতে অন্য হাতে, এইরূপ হস্তান্তর-ক্রমে দূরে যাওয়া (দ্রব্য)। হাতে হাতে সঁপা বা সমর্পণ করা—হাতে হাতে ধরিয়া একের উপরে অন্যের রক্ষণাদির ভার সম্পূর্ণভাবে দেওয়া। "(রাজা রাণী দুই সুতে) সমর্পিয়া দিলেক মল্লের হাতে হাতে শ্রী মা ৪৪। হাতের পাঁচ—তাসখেলায় জয়ী পক্ষের প্রাপ্য কোঁটা। হাতের পাতের খোয়ান—হস্তগত নগদ টাকা ও অলঙ্কার তৈজসাদিপত্র সব নষ্ট করা। হাতের লক্ষ্মী পায়ে ঠেলা—হস্তগত সম্পদ্ বা সুযোগ অনাদরে ত্যাগ করা। হাতের লোক—বশীভূত বা বাধ্য লোক। হাথেঁ হাথেঁ—তখনি। "হাথেঁ হাথেঁ ছাড়িলী কেহ্নে গুণনিধী শ্রী কী ৩৫৪। জাড়ে হাত জড়ান—শীতে হাত জড় হওয়া। "জাড়ে জড়াইল হাথ কু উ ৯১। ডোমের হাতে ভুঞ্জে—ডোমের পাক-করা অন্নাদি খায়। সংসারের নাথ হইয়া ডোমের হাথে ভুঞ্জে ম ম ১৩।] [হাথ,-থত,-তে,-থে,-থেঁ (শ্রী কী)।]

হাত-অম্বল বি অম্ল দ্রব্য তেঁতুল ইত্যাদি জলে গুলিয়া করা টক (পাক-করা টক নহে)।

হাত-আলস্য বি কার্য্যতঃ অনুষ্ঠানে আলস্য। 'কাজটী করবো করবো ক'রে হাত-আলস্যে হ'য়ে উঠছে না।

হাত(থ)কড়া, -ড়ি, -ড়ী বি [দ্র 'কড়া°, কড়ি°, হি হথকড়ী; ঠ হাতকড়ী] কয়েদীর হাতে বাঁধার নিমিত্ত শৃঙ্খলযুক্ত লোহার কড়া (hand-cuff)। 'যায় পাছে, দিল তার হাথে হাথকড়ি ভ গ্র ২৯৭।

হাত-করাত বি এক জনে হাতে ধরিয়া কাঠ চিরিতে পারে এইরূপ ছোট করাতবিশেষ। "(কাট) হানে হাতকরাতে ররাতে সমতুল শ্রী ৬২।

হাতকর্জ্জা বি হাতে হাতে, অর্থাৎ খত বিনা গৃহীত ঋণ। বিপ 'খতী-কর্জ্জা'। "°র্জ্জা লইলাম তেলিনীর ঠাঁই বি সু ৩৬।

হাতকষা বিং যাহার হাত ব্যয়সম্বন্ধে আঁটা, ব্যয়কুণ্ঠ, কৃপণ।

হাতকাটা বিং ১ ছিন্নহস্ত (লোক)। ২ হাত-কাটা (জামা)।

হাতকাটি, -ঠি বি ধরামীর রৈখিক মাপে ব্যবহার্য্য হস্তপরিমিত বাঁশের শলা। [ঘরামি এই কাঠিতে ঘরের দৈর্ঘ্য-প্রস্থ মাপিয়া তদনুসারে চাল পাতে।]

হাতকুর(রু)নী বি হাতে ধরিয়া কুরিবার ছোট কুরুনীবিশেষ।

হাতকোলা বিং যাহার হাত কোলের দিকে, আত্মসাৎকরণে পটু।

হাত-খরচ, -চা বি উপস্থিতমত হাতে করিয়া করা খরচ, অল্পস্বল্প-ব্যয়।

হাতখালি বিং যাহার হাতে টাকা নাই, রিক্তহস্ত।

হাতগণনা বি হাতের অর্থাৎ সঙ্কের অর্থাদি গণিয়া জানার বিদ্যা। "(এক দস্যু) ভূঞা করি-খ্যাত হয় °নাতে ভ গ্র ১৫।

হাতগণিতা বি যে হাতগণনা জানে, হাতগণনায় পণ্ডিত। "সেই ভূঞা সঙ্গে হয় হাতগণিতা চৈ.চ ২০৩।

হাতচাপা বিং যে হাতের অর্থাৎ সঞ্চিত অর্থ গোপন করে, চাপিয়া রাখে, কাহাকেও জানিতে দেয় না।

হাতচালা বি হৃত দ্রব্য বাহির করার বা চোর ধরার নিমিত্ত আভি-চারিক মন্ত্রবলে হস্তচালনা। "°লা দেওয়া।

হাতচালাকী বি [হি হাথ°] লেন-দেনের কাজে প্রতারণায় হাত-সাফাই।

হাতচিঠা, -ঠে রি ১ টাকা বা জিনিস দিয়া যে কাগজে বা খাতায় তাহার রসিদ লওয়া যায়, রসিদবহি। ২ দোকানে উটনা জিনিস-পত্র

লওয়ার জন্য দোকানদার যে খাতায় লেনদেনের হিসাব লিখিয়া খরিদদারকে দেয়। "উটনোওয়ালা মহাজন...হাতচিঠে নিয়ে তিন চার মাস হাঁটচে।—হু ১৫।

হাতছড়ি বি পাঠশালার ছাত্রদিগের হাতে গুরুমহাশয় কর্তৃক বেতের আঘাত। [ছাত্রেরা ঠিক সময়ে পাঠশালায় আসে, এই উদ্দেশ্যেই 'হাত-ছড়ি' ছিল। উপস্থিতির পর্য্যায়ানুসারে গুরুমহাশয় ছাত্রদিগের হাতে এক দুই তিন ইত্যাদি সংখ্যাক্রমে বেত্রাঘাত করিতেন, ফলে, সকল ছাত্রই প্রথমে আসিবার চেষ্টা করিত, শঠতা করিয়া বিলম্ব করিত না।]

হাতছাড়া বিং ১ অধিকারবহির্ভূত, অনায়ত্ত। 'কেন হাত ছাড়িব? হাতছাড়া কি করতে আছে?—ব প্র ১২৩, পাখী হাতছাড়া হয়েছে ১৫০। রূপ যেখানে ছিল, সেইখানে থাকিলেই তার হাতছাড়া ব ঘি ৩৬। ২ হস্তান্তরগত।

হাতছানি বি [হাতসানি > °নি] হস্ত দ্বারা কৃত ইঙ্গিত, করসঙ্কেত। "(কয়াধু) ডাকে দিয়া হাতছানি,...আইস মোর পরাণ প্রহ্লাদ ভ গ্র ১২৪। সে (সাগর) পঙ্কজকে হাতছানি দিয়া ডাকিল ব প্র ৩৪৩।

হাতছেঁচড়, -ড়া বি ১ যে সুবিধা পাইলেই চুরি করে, ছোচকা (ছিঁচকা) চোর। ২ যে হাতে টাকা থাকিতেও ঋণ শোধ করে না, হাতভারী।

হাতঝাড় বি বিবাহাদি উৎসবে হাতে লইয়া যাওয়ার মত অভ্র-প্রভৃতির হালকা ঝাড়। 'প্রথমে কাগজের ও অভ্রের হাতঝাড়..রাস্তার দু পাশে চলো।—ভ ১৫১।

হাতটান বি' যে হাতের টাকা টানে, অর্থাৎ খরচ করতে চায় না, কৃপণ। —টান বি হাতে পরের দ্রব্য টানা, অর্থাৎ চুরি করা, চুরির স্বভাব, হাত-ছেঁচড়াম। "আপনি যে শুনেছেন, হাতটান—সে গেরোর ফেরে হয়েছিল, গি ঘি ১০৪, ছেলেবেলায় নেশাটা ভাঙটা কত্তে শিখে একটু হাতটান হয়ে পড়ল ১০৭।

হাতড়া সর্ক [হাতাড় > °ড়া] সর্ক 'হাতাড়া'। 'কৃষ্ণকান্ত সট্‌কা হাতড়াইলেন, পাইলেন না ব প্র ২৬৩, ঘুমের ঘোরে হাতিয়ার হাতড়াইতে তাহাদের (হিন্দুস্থানীদের) দিন গেল ৩৮১। [হাতড়ান—সর্ক 'হাতাড়া।]

হাততালি বি হস্ততলদ্বয়ের আঘাতজন্য শব্দ, করতালি। 'বজ্রগাতের °লি সে (বর্ষা) বাজিয়ে হেসে যায় কু কে ৬১। [হাততালি দেওয়া, বাজান—হস্ততলের শব্দ করা। 'মত্ত হল। আমার পেছনে °লি দিয়া হো হো করিত আ দু ৮৬।]

হাততোলা বিং হাতে তুলিয়া প্রদত্ত, অর্থাৎ যে-পরিমাণ খাদ্য অন্যে হাতে করিয়া দেয়, আপনার ইচ্ছানুরূপ নহে, তাদৃশ (খাদ্য)। "হাত-তোলা মত পাবে অন্ন পানি গো।—ভা চ ৫২৬। [°লা খাওয়া—অন্যে ইচ্ছামত যাহা দেয়, তাহাই খাওয়া। হাত-তোলা রকমে কিছু কিছু দেওয়া—পুরস্কাররূপে সময়ে সময়ে হাতে করিয়া কিছু কিছু দেওয়া। "আ দু ১৩৭।

হাত-ধরা বি' ১ সাহায্যপ্রাপ্ত, বশীভূত, আশ্রিত। ২ কার্য্যে সাহায্য করিতে সমর্থ (ছেলে মেয়ে)। 'ছেলেটা এখন °রা হয়েছে। [হাতধরা-ধরি—পরস্পর হস্তং বণ।]

হাতনাড়া বি হস্তসঞ্চালন (ক্রোধে, আলাপে)। "চক্ষু ঘুরে যেন চাক, হাতনাড়া ঘন ডাক, চমকে সকল পুরজন ভা চ ৩৭৫। হাতনাড়া দিয়া বাড়া কথা নাহি কই শি ৮৯। দা ৬৪।

হাতপাখা বি হাতে লইয়া বাতাস খাওয়ার ছোট পাখা। বিপ 'টানা-পাখা'। "হাতপাখাটার বাতাস খেতে খেতে প কা ৭১।

হাতফের বি [হি হথফের] ১ সর্ক 'হাতচালাকী'। ২ অন্যের দ্রব্য চুপে চুপে হস্তান্তরকরণ বা বেমালুম সরান।

হাতবইঠা, -বৈঠা, -বোঠে বি হাতে ধরিয়া নৌকা বাহিবার বৈঠা।

হাতবদল বি হস্তপরিবর্ত্তন, হস্তান্তরকরণ। "°ল করা।

হাতবাঁধা বিং বদ্ধহস্ত; হাতকড়ি-দেওয়া।

হাতবাক্‌স বি হাতে লইয়া যাওয়ার মত বাক্‌স, ছোট বাক্‌স। "আমার হাত বাক্‌সটা আনতো।—মা ৩৩২। ব.প্র ২৬৩।

হাতবাগড়া-বাগড়ি বি হাতপাকড়াপাকড়ি > °ড়ি] হাতটানা-টানি। "মতিলাল °ড়ি করিতে আরম্ভ করিল আ দু ২৪, ৩৮।

হাতবাতি বি হাতে লইয়া যাওয়ার মত দীপযুক্ত লণ্ঠন।

হাতব্য বিণ [√হা+তব্য-স্ম] ত্যক্তব্য, বর্জ্জনীয়। 'ধর্ম্মো ন হাতব্যঃ মনু ৮ ১৭, কুল্লুক। ষড় দোষাঃ পুরুষেণেঃ হাতব্যা ভূতিমিচ্ছতা।—হি ১ ৩৪।

হাতভরা বি' যাহাতে হাত ভরে, করপুটপূরক, হাতপোরা।

হাতভারি, -রী বিং যাহার হাত ভারী, অর্থাৎ ঋণের টাকা দিতে চায় না, হাতে টাকা থাকিতে যে ঋণ শোধ করিতে চায় না। "বাবুরাম বাবু ...বড় হাতভারি—বাক্‌স থেকে টাকা বাহির করিতে হইলে বিষম দায় হয় আ দু ২৮।

হাতমাদুলী বি হাতে বাঁধিয়া পরার ছোট মাদুলী, মুড়কিমাদুলী। "হাতমাদুলী পলাকাটি।—দা ১৪৮০।

হাতমুগুর বি হাতে ধরিয়া কাজ করার মত ছোট মুগুর।

হাতযশ বি ১ কার্য্যসুসিদ্ধি হেতু খ্যাতি বা সুনাম। ২ চিকিৎসায় সুনাম। "বায় মহাশয়।..বোধ হয় রোগীর এখন-তখন হইয়াছে, তবে তাহার আয়ু আর আপনার হাতযশ আ দু ৯৫। মা কহিলেন, ভয় কি বাবা (যম।),...যদি একান্তই কষ্ট যায়, বৈদ্য-ব্যবসায় অবলম্বন করিবে, তোমার হাতযশ সকলেই অবগত আছেন।—য ১১।

হাতরুমাল বি সর্ব্বদা ব্যবহারার্থ ছোট রুমাল (handkerchief)। "(মতিলাল) আজ বইখানি, কাল °লখানি আনিত আ দু ২৩।

হাতল বি [হি হথলী] পাত্র-প্রভৃতি ধরিবার বাঁট বা হ্যাণ্ডল। "(বজরার) হাতল দাণ্ডা-প্রভৃতিতে রূপার গিলটি ব প্র ৩৭৮।

হাতলজ্জ দ্র 'হাত'[১]।

হাতলণ্ঠন বি হাতে ঝুলাইয়া লইবার ছোট লণ্ঠন।

হাত(থ)সান, -নি বি [হাত[২]+সান[১]] হস্তকৃত সঙ্কেত, হস্তচালনা-পূর্ব্বক ইঙ্গিত, হাতছানি। 'মুনিরে ডাকিল পুত্র হাতসান দিয়া।—ম ১১০৩। দেই বাজা হাতসান, ধনপতি ত্যজি মান, দণ্ডবতে পড়িল চরণে ক.চ ৩০২। হাতসানে মহাদেব ডাকে ম ম ১১, হাতসানে বলে নেতা কেন আইলা বাপ ৮২, ১২৮,-৫২। হাতসান দিয়া ডাকে ব প ২৯৩, দিল হাতসানে ৪৯৩। নবোত্তমে বিদায় করিল হাতসানে ন বি ৩৪। প্রেরিলা মোরে হাতসানি দিয়া চৈ চ ২৭। সুবল সময় জানি, হাতসানি বোধি ধনী, লইয়া চলিল বাম কানু রা.শে ৯১। [হাতে সান দিয়া বলে—হাতে ইঙ্গিত করিয়া বলে। 'মী ২০।]

হাতসাফাই' বি কর্ম্মে হস্তপটুতা, হস্তলাঘব।

হাতসুতা বি মাছ ধরার নিমিত্ত দীর্ঘ সূত্র। [ইহার এক প্রান্তে বঁড়শী থাকে, অন্য প্রান্ত হাতে থাকে।]

হাতসোমাজি বি ঘরামীর বা বাড়্‌ইএর হাতের ছোট সোমাজি বা বাঁশের চটার সূচীবিশেষ (চব্বিশপরগনা)।

হাতা[১], -থা[১] বি [হাত[২] '-থ > হাতা, -থা, সং দারুহস্তক—হস্তক > প্রা*হত্থঅ > বা (হথা) হাথা, -তা, হি 'হাথা'—হস্ত] ১ হাত। "এ পীন পয়োধরে দেল হি হাতা রা শে ১৩। ২ কচ্ছপাদি জলজন্তুর হাত। "রান্ধে কাটুয়ার হাতা বি পা ১৬৮। ৩ হস্তসদৃশ কাষ্ঠময় বা ধাতুময় যন্ত্রবিশেষ, দর্ব্বি (ladle)। "রত্নহাতা ডানি হাতে ভা.চ ১৫, পলান্নে পরিপূর্ণ রত্নহাতা ১৪৩। ৪ শ্বাপদের সম্মুখের নখর পদাগ্র, থাবা। "বাঘহাথা ক চ ১০১, ১০২। ৫ জামার হস্তাবরণভাগ (sleeve)। ছেঁড়া পচা কামেজ তাহার নেই হাথা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [হাতা মারা—শ্বাপদের থাবার আঘাত।]

হাতা২ বিং [সং হন্তা, অসাধু] ১ ছেদিনী, নাশিনী। "(জহ্নু কন্যা) চিদাভাসা কর্ম্মপাশ-হাতা।—দু ১৭। ২ বিঘ্নকারক, প্রতিবন্ধক। "এক জন করে দান আর এক জন হয় হাতা (গো চ)। বসাতে পাতিনু হাট কে হলো রে হাতা শ্রী ১৮৩, ওখানে অপর কেহ হ'তে নাই হাতা ২৫৭। কি তোর যোগ্যতা শ্যালী হতে নলি হাতা ব প ৪৪১, চোমুনী পাছে এসে হয় হাতা ৪৪৪।

হাতা৩ বি [আ ইহাত] ১ বাটীর চতুর্দ্দিকস্থিত বেষ্টিত স্থান, "নিজ অপমানে পাত্র, হাতা হ'তে দেখি মাত্র, কোপে তাপে কাঁপে গাত্র তার শ্রী ১১৫। ২ সীমা। ৩ দেশবিভাগ, সুবা (circuit)।

হাতা,৪ **-থা**২ সক্র [হাত১,-থ + আ৯] ১ হস্তগত করা, বশীভূত করা, হাতে আনা। "তাহাও দেখিতে নারে দারুণ সতিনী। দুর্ব্বলা হাথাঞা তার ঢালি দেয পানী॥—ক চ ১৬৫। ২ হস্তগত, অর্থাৎ আত্মসাৎ করা (অর্থাদি)। ৩ অধিকারে আনা, হাত করা। "শক্তি সে বিপুর, হাতাইয়া, শুর, তাহাই ছাড়িল পুন রিপু-দেহ প্রতি স্ব প্র ১৮১।[হাতা-(থা)ইযা—(কাহারও) হাত দিয়া, অর্থাৎ দ্বারা। '(বিভীষণ) বানর হাতাইযা কৈল পঞ্চম অবস্থা।—পু ২৩৬। কোন অপবাধে তারে শিশু হাথাইযা। 'বাহির-দুয়ারে দেখা (টীকা) এড়িলে টানিয়া॥—চৈ ভা ৩১২। হাতা(থা)ন – সর্থ হাতা৪।]

হাতা(থা)ড় সক্র [হাত,-থ—'ড] আঁধারে বা ঘুমঘোরে হাত বুলাইযা খোঁজা, অন্ধের মত খোঁজা (to grope)। 'অনিমিখ সহস্রলোচনে লাগে ধূলি। দেখিতে না পায ইন্দ্র হাথাড়িযা বুলি॥—ম২৪৪। (নিদ্রাঘোরে রত্নাবতী) লেপ তুলি শয্যার হাতাড়ে শ্রী ৪৮। ঘুমের ঘোরেতে, শয্যায় হাথাড়ি ভ প্র ৪০৮। ব্যস্তে-ব্যস্তে বসুদেব হাতাড়িয়া বুলে।—শ্রীকৃষ্ণবিজয়। বাবা তাকে হারাইযা হাতাড়িয়া বুলে শি ২৮। [হাতাড়ে হাতাড়ে—হাতাড়াইযা হাতাড়াইযা। "শ্রী ৯২।]

হাতা(থা)হাতি, -থি বি [সং হস্তাহস্তি > প্রা হত্থাহত্থি (প্রা ম, বি মা ৭৫২) > বা হাথা(তা) হাথি,-তি] ১ পরস্পর হাতে হাতে ধরিযা যুদ্ধ, মারামারি। 'হাতাহাতি বল বুঝি শ্রী ১৭১। মুখামুখি ছেড়ে শেষ হাতাহাতি হয।—পদ্যপাঠ, দ্বিতীযভাগ। মুখোমুখি হইতে হইতে হাতা-হাতির উপক্রম আ দু ১৩৪। ২ সিংহ ও গজের থাবায ও শুণ্ড আঘাত-পূর্ব্বক যুদ্ধ। 'সিংহেতে চামরে (চামরের গজে) যুঝু হাতাহাতি রণ।—দু ৮৩। ৩ শত্রুভাবে পরস্পর বলপ্রকাশ। 'লজ্জা সহ প্রণয়ের হয় হাতাহাতি।—রঙ্গ ১৮। ৪ হাত-ধরাধরি। 'হাতাহাতি করি যায সকল বানর।—ক ১৮২, ১৮৩। কৃষ্ণ সহ কেহো কেহো হাতাহাতি করি (নাচে গাএ শিশু সব) ব প ৮৪০। ৫ নিবারণার্থ শ্রেণীরূপে পরস্পর হস্তধারণ। "ছড়া মারি হাতাহাতি রাখিযাছে সাজুড়ে শ্রী ২০২। (যত ভক্তগণ) হাথাহাথি করি কৈল দ্বিতীযাবরণ চৈ চ ১৫৩। ৬ দুই হস্তে বেষ্টনপূর্ব্বক গ্রহণ। "এত বলি গরুড় করিয়া হাথাহাথি। সতীর চরণতলে ফেলে সুরপতি॥—ম ২৪৪। ৭ হাত-টানাটানি। "রাধিকা বলেন কানু কর কোন কাজ। স্ত্রীর সঙ্গে হাথাহাথি নাহি বাস লাজ॥—শ্রী ম ৬৪। ৮ একসঙ্গে হাতে-হাতে উত্তোলন। 'বলিষ্ঠ দয়িতাগণ যেন মত্তহাথী। জগন্নাথ-বিজয় করায় করি হাথাহাথি॥—চৈ চ ১৫১। —থি ক্রি বি' ১ পরস্পর হস্তধারণপূর্ব্বক, হাতধরাধরিভাবে। "(বিদ্যাধরী) হাথাহাথি ...ঘুড়িলা নাচন চ বি ৩২৯। কেহ হাতাহাতি যায়, কেহ বা একক ধায় বা.ম ৮৪। ২ [হি হাথাহাথী] পরস্পর সাহায্যপূর্ব্বক, সমবেত সাহায্যে, হাতে-হাতে। "মুকেদে মহল তুলে দিব হাতাহাতি শ্রী ২০; হাতাহাতি হুকুমে হইল গড় বাড়ী ২১। ৩ সত্বর, শীঘ্র। "হাতাহাতি পত্র সিএে সুরিক্ষা নায়িকা শ্রী ১০৮। —হাতী বি [হি 'হাথাহাথী'—জলদী] ত্বরা। "(চারি বধূ) হাতাহাতী করি যাএ বুড়া দেখিবারে ম.গা ১৮।

হাতি বি [হাত২ > হাতি, অসাধু] হাতের বা কাজের যোগাড়, সহায়। "কেহ লোহা পোড়া দেয় কেহ তার হাতি। ম ম ১৬৮।

হাতিনা, হাতনে বি [°না (চট্টগ্রাম), আইতনা (ময়মনসিং), °নে (চব্বিশপরগনা)] ঘরের বারাণ্ডা, পিঁড়া।

হাতি(থি)নী বি [সং হস্তিনী > প্রা হত্থিনী > বা হাথি(তি)নী, হি হথিনী, ঠ হন্তীণ, গু হাথীন] হস্তি-স্ত্রীজাতি।

হাতিপাঞ্জর বি হস্তিপঞ্জরবৎ স্থূল ধান্যবিশেষ। 'শূ ১১৩।

হাতিয়া বি' [হাত১ + ইয়া২] হাত-পরিমিত (সংখ্যাবাচক শব্দের পরে)। 'পাঁচ হাতিয়া ধুতি নিলে পরিধান করিয়া গো চ ১৫৭।

হাতিয়ার বি [সং হেতি, হি হথিযার, হথ্যার, ঠ হত্যার, মৈ হথিআ(য়া)র, হথিযার (দেশী—প্রা ম) (হেত্তড়—গ্রাম্য)] ১ আয়ুধ, যুদ্ধাস্ত্র। "পাঁচ হাতিয়ার-ধরা (বীর)।—বঙ্গ ৭। আট জনের মধ্য দুই জন হাতিয়ারবদ্ধ হইয়া ছাদের উপর বসিযাছিল ব প্র ৩৮০, ৪১৪। ২ শিল্পীর কর্ম্মসাধন অস্ত্রাদি। [°বন্ধ—ধৃতায়ুধ।]

হাতিলা বি [হি 'হত্থী'—চরখার মুট] জাঁতা টানার দড়ির প্রান্তে বদ্ধ মুষ্টিধার্য্য কাষ্ঠখণ্ড। 'হুতাশনে বায হবি (?) বাহান্তে হাতিলা শ্রী ৬২।

হাতিশাল, -লা বি [সং হস্তিশাল,-লা > প্রা হত্থিসাল, -লা > বা °ল, লা, মৈ হথিসার] গজগৃহ। 'হাতিশালা। –দা ২০৩৮, আ দু ১৫০।

হাতী১, **-থী**১ বি [সং হস্তিন > পা হত্থি > বা হাথী,-তী, হি, মৈ হাথী, ঠ হন্তী, ড় হাতী] হস্তী। 'চারু যুগ্ম উরু দেখি নিন্দে হাথ হাথী।—ম ১৮৩। হাথী ক চ ৯১, বৈষ্ণব অপরাধ· হাথী মাতা ১৯৯। হাতী পিঠে নাগরা শ্রী ১৬৪, হাতী ২৩২। মত্ত হাথী চৈ চ ১৫১। ময়মত্ত হাথী শ্রী ম ৮৮। গজশালে মত্ত হাতী, বাঁধা ছিল দিবা রাতি, ক্ষিপ্ত হৈল কটাক্ষ-অঙ্কুশে দ্র প ৪৯। ২ (সাদৃশ্যে) বাহন। 'নারায়ণ কৈল মোরে নারদের হাতী শি ৭৬। ৩ তিলুর উপাধিবিশেষ। [হাতী পোষা—হস্তী পালন করা। ঘর-জামাই রাখা, না হাতী পোষা। হাতী হাত দিয়ে ঠেলা—হাতের বলে হাতী সরান অসম্ভব, এইরূপ, স্বল্প চেষ্টায়বহু-চেষ্টাসাধ্য কার্য্য করা অসম্ভব। হাতীর খোরাক—(গৌণার্থে) সুপ্রচুর খাদ্য, মহদ্ভোজ্য। হাতীর গলায় ঘণ্টা—(সাদৃশ্যে) বয়সে অতিবড় বরে পদস্থা বালিকাবধূ। হাতীর পাঁচ পা দেখা—(গৌণার্থে) অতিদর্পে অসম্ভব সম্ভবমনে করা। হাতীর ভোগে পালা বা খাওয়ান—প্রচুর ভক্ষ্য ভোজ্যে প্রতিপালন করা। "এতকাল পালিলাম যে হাতীর ভোগে। দেখাও বাপের বল শ্রীরামের আগে॥—কৃ ২৪৭। (ছেলেকে) খাওয়াবে হাতীর ভোগে, দেখবে বাঘের চোখে।—প্রবচন। হাতীর মুখে দুর্ব্বা ঘাস—প্রচুরভোজীর ভক্ষণার্থ স্বল্পখাদ্য, বহু আয়োজনসাধ্য ব্যাপারে স্বল্প আয়োজন।

হাতী২, **-থী**২ বি [হাত,-থ + ঈ৭] তৎসংখ্যকহস্তপরিমিত (সংখ্যা-বাচকের পরে)। "পাঁচ হাতী, দশ হাতী (কাপড়)।

হাতীকান বি হস্তিকর্ণসদৃশ শৈবালবিশেষ, টোকা পানা।

হাতীপ(প)ঙ্খী বি বংশপঞ্জরে রচিত গজাকৃতি বিবাহের সজ্জাবিশেষ। তু 'ময়ূরপঙ্খী'। "হাতীপঙ্খী।—হু ১৫১।

হাতীশুঁড়া বি [সং হস্তিশুণ্ড,-ণ্ডী] সর্থ 'হাস্তশুণ্ড'।

হাতুড়, -ড়ি, -তুর, -রা বি [হাতমুণ্ডর > °র, -ডী (?)] বাঁশের হাতল-দেওয়া লোহার ছোট মুগুর। "হাতুড়ের বাড়ি ম ম ১৬৮, হাতুর লইল হাতে ১৭১। রূপার হাতুর বি পা ১৬১। হাতুরা বা ম ১৪৫। [হাতুড়ি ঠোকা, পেটা—হাতুড়ির আঘাত করা।]

হাতুড়ীয়া, -ড়ে বি' ['হাতডা'—মূল (?)] নিজ ব্যবসায়ে অশিক্ষিত কিন্তু পাণ্ডিত্যাভিমানী ব্যক্তি, প্রায়ই চিকিৎসক (quack)। "হাতুড়ে বৈদ্যের জানি রীত, তারা এক ঔষধে দীক্ষিত।—দা ৩৫৯, রোগীর শত্রু হাতুড়ে বৈদ্য ৯৪৬।

হাতুর, হাতুরা 'হাতুড়'।

হাতুলী বি॰ প্রাতঃকালের হস্তসাধ্য (শৌচাদি)। [হাতুলী কর্ম্ম —শৌচাদিকর্ম্ম ' "প্রভাত সময় হইলে হাতুলীকর্ম্মে যাই ম ম ৫৫।

হাত্যার বি [হাতিয়ার > °ব] যুদ্ধাস্ত্র। "ব প ৪৭৬,-৭।

হাত্যারা বি [সং হস্ত্যারোহ > প্রা হত্থারোহ > বা °রা] মাহুত। "গজশালে গজ মরে, হাত্যারা হুতাশ করে ক চ ১৮৮।

হাত্যাস বি [হতাশ > °স, তু 'তারাশে কাঁপিছে হিয়া হাতাশ থান্নু মামী।—রঙ্গপুরের জাগের গান—সাহিত্যপরিষৎ পত্রিকা] শোক। "তোমা সভার হাত্যাসেতে প্রাণ নহে স্থির : তোমা সভার হাত্যাসেতে আকুল শরীর : তোমা সভার হাত্যাসেতে বিসন্ন বদন।—ম ৬৮৫।

হাথ ; হাথা¹ ; হাথা² ; হাথাড় ; হাথাহাথি ; হাথিনী দ্র 'হাত², হাতা¹ হাতা⁴ হাতাড, হাতাহাতি, হাতিনী।

হাথের বি [দ্র 'হাতিযার'] আয়ুধ, যুদ্ধাস্ত্র। ব প ৪০৭।

হাথ্যাদাদ্রু বি [হাথী > হাথীযা > হাথ্যা] একজাতীয় বড দদ্রু। "সেই ক্ষণে অঙ্গের ঘু চল হাথ্যাদাদ্রু ক চ ৩০৩।

হাদিছ বি সর্থ 'হদিশ'। "°ছে জানিয মুসলমানী গো চ ৪৪৪।

হান¹ ক্লী [√হা+অন (ল্যুট্)-ভা] ১ পরিত্যাগ। 'হিমহানকৃতা ন কৃতা ক্বচন ভট্টি (ত বা)। ২ হানি, ক্ষতি। ' 'ব্রহ্ম'-শব্দে কহে—ষড়ৈশ্বর্য্য-পূর্ণ ভগবান্। তাঁরে নির্বিশেষ' স্থাপি 'পূর্ণতা' হয হান॥—চৈ চ ২৪৬।

হান² '-ন্' বি [সং হানি, হি, ঠ হান] হানি, ক্ষতি, লোকসান।

হান³ বি [হান⁴ > হান³] হনন, আঘাত, খোঁচা। (বল্লমের) এক হান দুই হান তিন হান দিল, তিন হানের ব্যালা গো চ ৯৮।

হান⁴ সর্ম্ম [সং √হন্ > প্রা √হণ (হণই—পৈ ১ ১৩৫) > বা হান, হি, মৈ √হন, ঠ √হাণ] ১ বধ করা, মারা। 'মাছিকে হানিতে কেন ফেল তুমি বাজ ক চ ৫০, ২৫১, (সাধুরে) হানিবারে লইলুঁ মসানে ২৬৩। দুই ভেযে সব সেনা হানি ব প ৪৪০। ২ আঘাত করা। "দুঃসহ বিষম ঝড়ে, দুকূল হানিযা 'বহে ফেনা' ক চ ১৯৮, ২৭২। ৩ বিদ্ধ করা, খোঁচান। 'বল্লম দিযা পেতুআ হানিতে লাগিল গো চ ৯৮। (কুসুমশর) মোর মন হানে শ্রী কী ১৩। ৪ প্রতিহত বা ব্যাহত করা। "(পুরুষ) কৌশলে কৌশল হানে।—কা ১৯। ৫ পীড়িত করা, বেদনা দেওয়া। "পতিসাথে বাধাযে বিরোধ, যে নব পত্নীরে হানি লয তার শোধ, সে শুধু পাষণ্ড নহে, সে যে কাপুরুষ।—কা ১৯। হানইতে হরিণী, নয়ন দরশাযল।—গো ১৮৭। ৬ মারা, লাগান। 'হ'টে চোট হানে রায শ্রী ৮৪। ৭ আঘাত করা, কাটা। 'বাণে বাণ হানি দ্রোণ কৈল সমাধান।—ম ৭৫৪। আগে হান বুড়িকে মসানে ক চ ২৬২। ৮ নিক্ষেপ করা, নিপাতিত করা। হান তব ফুলশর।—মে ৬৩, (কুসুমেষু) হানিল…শরজাল ৬৫, হানিতাম হাসি, চৌদিকে কটাক্ষশর ২৭৬। ৯ বেগে আহত করা মারা বা ঠোকা। 'হাহাকারে ভীমসেন মাথে হানে হাত অ.প ১৯। কপালে কঙ্কণ হানে ভা চ ৩৯৮। ভালে হান্তা কঙ্কণ করেন হায় হায় ব প ৪৬৪। ১০ হিংসা করা, গ্রাস করা। "দারুণ রাহু, এমং চাঁদেরেও হানে।—কথা ২০। ১১ বেগে ঢালা। "চমৎকার ভাবি সবে শিরে হানে জল শ্রী ১৬০। ১২ হননার্থ বা ছেদনার্থ পাতিত করা। "পুনর্ব্বার গ্রীবাতে হানিল খগরাজ ম পা ১৫২। ১৩ ছেদন করা, চেরা। "হানি (হানে?) হাত-করাতে ররাতে সমতুল শ্রী ৬২। ১৪ ছিদ্রে লাগান বা ঢুকান। 'গজালের খিল হানে প্রবন্ধে প্রবন্ধে বা ম ৩২৯। খিল হানে সারি সারি বি পা ২৬৯। সকল গায় হানিয়া দিল পুরাণ চাইর শলা ম ম ১৭৫। —ন অর্ম্ম আঘাত করা। "হৃদে হানে দশরথ।—কৃ ৫৭। ধর্ম্মকথা শুধু আসি হানে সুকঠোর, মর্ম্মব্যথা।—কা ২২, নিগূঢ় ঘৃণার বেগ শিরায় অধীর, হানিত বিদ্যুৎকম্প ৫৩। ঘরের আকাশ প্রতিক্ষণে হান্‌চে যেন বেদনা-বিদ্যুতে প কা ৩৪। [হান কাট—অস্ত্রাঘাত কর ও কাট। "শ্রী ১৬৬। হান হান—মার মার। "ক.চ ২৫১। শ্রী ১৫৫। হান হান ডাকে—মার মার শব্দ করে। "চ বি ১৬৫। হান হান হাঁকিছে ভা চ ৪৫, ২৬৬। হানিযা মারিল কোপ —জোর করিয়া কোপ মারিল। "ম পা ১৫২। আঘাত হানা—আঘাত করা, চোট মারা। কাঁটা হানা—মাছের কাঁটা দ্বারা আঘাত করা। চক্ষু হানা—চক্ষু দ্বারা সঙ্কেত করা। "চক্ষু হানি কৃষ্ণ দেখাইল ভীমসেনে।—ম ৯৬৫। চাপড হানা—চপেটাঘাত করা। "হানিতে চাপড চায় বুকে (ক চ)। ফুৎকার হানি—জোরে ফুৎকার দিযা। "শঙ্খের মতন তুলি' একটি ফুৎকার হানি দাও, হৃদযের মুখে চ কা ২৮৭। শিরে হানে ঘা —শিরে করাঘাত করে। 'শ্রী ১৫৪।]

হানফেনে বি॰ [?] চঞ্চল, ব্যস্ত। "কেহ বলে তুমি মোর হানফেনে বড। বাগী বটে কত ঠাট কথা দডদড॥—বি সু ৬৩।

হানশা(শে)ল, হেঁশে(সে)ল, হেনশেল বি ['হাণ্ডীশাল' মূল, ড হাণ্ডীশাল, হাসিযালী (গো চ)] রান্নাঘরের পাকের স্থান, যেখানে হাঁড়ী-প্রভৃতি থাকে। 'হেঁসেল।—দা ২৪৩।

হানা¹ বি [হান³+আ⁶] ১ সর্থ 'হান³'। ২ আঘাত, ঘা। "(অরিষ্ট) পুনরপি আসিয়া কৃষ্ণেরে দিল হানা শ্রী ম ১০৮। মোদের দ্বারে ঝড় দিত সেই হানা প কা ৫৭। ২ আক্রমণ। "বিপক্ষের প্রতি নাহি দেয হানা।—কৃ ২৪৭, কোন লাজে ইন্দ্র বেটা দিতে এল হানা ২৭৬। গো বি ১৬১। শুম্ভ নিশুম্ভ যারে স্বর্গে দিতে হানা চা ব ১৫৮। আনের সনে রণ করি আনে দেই হানা ব প ৪৯৬। (দানা) উলটি পালটি দেয় হানা ক চ ৯৬, ডিঙ্গায দিউক হানা ১৯৩, ২৬৩, (দানা) বণস্থলে দেয হানা ২৬৭। গোউড়ে দিবেক হানা শ্রী মা ১৫৪। সহরে দিব হানা শ্রী ২১৬। ভ গ্র ২৩০। মৃগ হযে দিব কি সিংহের ঘরে হানা ভা চ ৩৩৯, ভৈরব রাক্ষস…সমরে দিলেক হানা ৪৯২। [হানা গেল—মারা গেল, মরিল। "কোটি কোটি বীর দুই দলে গেল হানা।—ম ৭৫৯। হানা দেওযা—আক্রমণ করা, আঘাত দেওযা। হানা পড়া—বন্যার বেগে বাঁধ ভাঙা। হানাবাড়ী—ভূতাধিষ্ঠিত গৃহ (haunted house)। বিজুলি হানা, হানা দেওয়া—বিদ্যুৎপ্রকাশ হওযা। "থেকে থেকে বিজুলি কি, দিতেছিল হানা?—শিশু ৮৭।

হানা² বি [আ হল্‌ক,] কণ্ঠ, গলদেশ। "শূ ৬৮। বস্ত্র-ভরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানায ভা চ ২৬৫।

হানাপানা বি [হানা+পানা⁴] দুষ্টপনা নষ্টামি (?)। "বিশ্বম্ভর লাগি লোক করে হানাপানা ব প ১১৫১, এক জন দুষ্ট আসি করি হানাপানা। প্রভুরে বলিল কেন কর প্রবঞ্চনা॥—১১৫৩।

হানাহানি বি [হান³-আ+হান³-ই] পরস্পর হানা, আঘাত বা আক্রমণ, মারামারি, কাটাকাটি। "সীতারে দেখিতে যদি হয় হানা-হানি : করিব °নি।—কৃ ২০৩, উত্তর দ্বারেতে তখন নাহি হানাহানি ২৫৯। পড়িল অনেক সৈন্য হানাহানি করি।—ম ৬৪০, দুই দলের সৈন্যের হইল হানাহানি ৭৫৫। অস্ত্রে অস্ত্রে হানাহানি শ্রী ২০১। চারিদিকে নৃশংসতা করে হানাহানি।—শিশু ১৫৫। ২ মারপিট। 'কেন বা করিছ তুমি এত হানাহানি।—কৃ ৩৬৬। ৩ ঝগড়া-বিবাদ, গালাগালি। "পতি লয়ে দু-সতীনে হানাহানি গো।—ভা চ ৫২৬। [হানাহানি-কাড়াকাড়ি—পরস্পর আক্রমণ ও ধনাপহরণ, মারামারি-টানাটানি। "অন্যদেশে ধনমানের জন্য…°ড়ি করিতে সমাজ প্রত্যেককেই উৎসাহ দিয়া থাকে চা পূ ৭।]

হানি স্ত্রী [হা+তি (ক্তিন্)-ভা, তি > নি, পা ৩.৩.৯৪, বার্ত্তিক, কাশিকা, √হা+নি (নিৎ), উ ৪ ৫১] ১ ত্যাগ, পরিহার। "বলং বসবতোঽপীহ প্রণশ্যত্যন্নহানিতঃ মহা ১৩ ৬৩ ৩২। ২ ক্ষয়, ধ্বংস, বিনাশ। "আয়ুর্হানি, তেজো°, প্রজা°, বল°। প্রসাদে সর্ব্বদুঃখানাং

হানিরজোগজায়তে গী ২.৬৫। ৩ অপ্রাপ্তি, অলাভ। "ইষ্ট°", রাজপ্রসাদ°। ৪ অতিক্রম, অত্যয়। "মণ্ডনকাল° মনু ১৩.১৩। ৫ হ্রাস। বিপ "বৃদ্ধি"। "সোমস্ত হানিশ্চ বৃদ্ধিশ্চৈব প্রবৃত্ততে মহা ৫.৯৯ ৪। দণ্ডং চ স দাপ্যো দ্বিশতং বৃদ্ধো হানৌ চ কল্পিতম্ যাজ্ঞ ২.২৪৭। ৬ ন্যূনতা, হীনতা। "অর্দ্ধার্দ্ধহানি যাজ্ঞ ২ ২১০। একহান্যা সহস্রাণি (অর্থাৎ ত্রীণি সহস্রাণি) মনু ১ ৭০, কুল্লুক। মহিম° পা প্র ১৭। ৭ (ব্যবহারে) স্বত্বরাহিত্য, নিঃস্বত্বতা। "পশ্যতোঽব্রুবতো ভূমের্হানির্বিংশতিবার্ষিকী যাজ্ঞ ২ ২৪। ৮ ক্ষতি। "রাজভাগস্য হানিঃ মনু ৮ ২৪৩, কুল্লুক। অর্থহানি পা প্র ১৭। ৯ অপালন, ভঙ্গ। "প্রতিজ্ঞা°, সত্য°। সত্যহানির ভয়, পা প্র ১৭। ১০ বিচ্ছেদ, রাহিত্য। "বংশ°।—পঞ্চরাত্র ২ ৬ ৯। ১১ ব্যাঘাত, বিঘ্ন। "কাব্যত্ব°। যমকত্ব° সা দ ১০.৮/৯। ১২ নিরাকরণ, অপনয়ন। 'দৌর্গত্য° ক স ২ ৬৪। ১৩ অতিপাত, অতিক্রম। "কার্য্য° (উ চ)। [°কর, °কৃৎ (বিণ)—১ ক্ষয়কারক, নাশকর। "হিমহানিকর মাঘ ৬ ৬৩। ২ ক্ষতিজনক, অপকারক। "পঞ্চ ১ ৯৬।] ৩ বধকারক, ঘাতক। 'ভ্রূণহানিকৃৎ ক সা ১৯ ১১১।]

হানে, হান্তে কা ক্তি [দ্র 'হইতে'] হইতে। 'তৃসা নাগলে মা তৃসা আইসে কথা হানে গো চ ৭৭। 'জা হাস্তে ম পা ২৩।

হাপ, হাফ বি° [E half] ১ ঠিক অর্দ্ধ। "হাফ গিনি। হাফ টিকিট। ২ অসম্পূর্ণ, ছোট। 'হাফ চাপকান। হাফ মোজা। [হাফ আকড়াই —কবির গানের অনুকরণে প্রবর্ত্তিত গানপ্রণালীবিশেষ। "কবির গানের অনুকরণেই কলিকাতার ধনিসন্তানেরা 'হাফ্ আকড়াই' নামক গানপ্রণালী আরম্ভ করিয়াছিলেন বা প্র ১৯৭। দ্র 'হু ৩৬। See *History of Bengali Literature*, pp 439-40,—S K De 'হাপ আকড়ায়ের দোষার।—হু ১২, পাঁচালি ছোট কেতার হাফ আকড়াই ৫০। হাফ গিনি—গিনির অর্দ্ধমূল্য গিনি। হাফ চাপকান —পুরা চাপকান অপেক্ষা কিছু ছোট চাপকান। 'গায়ে নিমুর হাফ চাপকান স এ ২২। হাফ টিকিট—পুরা টিকিটের অর্দ্ধমূল্যের টিকিট। হাফ নোট—নোটের কাটা অর্দ্ধাংশ। হাফ পে—অর্দ্ধ বেতন। হাফ মোজা—ফুলমোজা অপেক্ষা ছোট মোজা। হাফ স্কুল —যে স্কুলের কাজ স্কুলের পূর্ণকালব্যাপী নহে। '(মতিলাল) শনিবারে স্কুলে আসিয়া হাফ স্কুল করিয়া বাড়ী যায় আ দু ২৪।]

হাপ-ঝাঁপ বি হাঁপ ও ঝম্প, দীর্ঘশ্বাস ও লম্ফ। "খনে হাপ-ঝাঁপ, কলেবর কাঁপ, খনে উঠে কৃষ্ণবিরহে চৈ ম ১৩২।

হাপদাপ বি [দাপ—হাপ (অনু শব্দ)] ক্ষিপ্রকারিতা, চটপটেভাব। [হাপে-দাপে আছে—চটপটে আছে। "অ.প্র ১০৮।]

হাপন ক্লী [√হা+ই (ণিচ)+অন (ল্যুট্)-ভা] ত্যাজন (সংস্কৃত)। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ ত্যাজিত। "অসুভিশ্চ হাপিতঃ (সঃ) ভ ৮ ১৫.৩, ত্রপয়া চ হাপিতাঃ (তাঃ) ১০ ২২ ২২। ২ গমিতহানি, অর্থাৎ ব্যবহারের অযোগ্য (আধি)। "যাজ্ঞ ২ ৬০।

হাপর বি [হি হাপর—seed-bed] ১ বীজ অঙ্কুরিত করার স্থান। "বীজ হাপরে রাখা। ২ [ভাপ—°র (?), ড় উমহেই (উমধানী ?)] স্বর্ণকারের ধাতু গলানর অগ্নিকুণ্ড (furnace)। "তার কিছু অন্তরে একটা হাপর, জাঁতা, হাতুড়ি ও হামানদিস্তে পড়ে রয়েচে—তারাই সোণা তইরির বাহিক আড়ম্বর—হু ১৩২। ৩ কামারের লোহা তাতানর অগ্নিকুণ্ড। ৪ মাছ জিয়াইয়া রাখার নিমিত্ত বাঁশের ঢাকের মত মৎস্যাধারবিশেষ (চব্বিশপরগনা)।

হাপরমালী বি [সং ভদ্রবল্লী] লতানীয়া ক্ষুপবিশেষ (vallaris hoynel)।

হাপরা সর্ম্ম [ধ্বন্যাত্মক] তরল-খাদ্য সশব্দে খাওয়া, হাপরান।

হাপরে-ঝাপরে ক্রি.বিং হাপ-ঝাপপূর্ব্বক বা লম্ফপূর্ব্বক আক্রমণার্থ। "হাপরে-ঝাপরে রাজাক হিলায় কুকুর গো চ ২৯৩।

হাপস বি [আ হব্স] জেল। "মূল দয়াময় ভক্ত প্রাণে না মারিবে। সেই হেতু কিছু কাল হাপসে রাখিবে॥ রাখ নিয়া…হাপসে ফেলিয়া ব.প ১৪৮৯।

হাপসা অর্ম্ম [অবশ-অবশা >°সা (?)] অবশ বা অবসন্ন হওয়া। "কিলাইতে কিলাইতে হাত হাপসাইল গো চ ৩৪।

হাপসি, -বসি, -বসী বি [আ হব্শী] আফ্রিকার অন্তর্গত আবিসিনিয়ার অধিবাসী কৃষ্ণকায় জাতিবিশেষ, নিগ্রো (Abyssinian)। "হাবসী ইমামবক্স হাবসীপ্রধান ভা চ ২৬, ৪১২। বনআবডালে, হাবসী-বদন সব উকি দেয় স্ব প্র ৯৬। হাবসী কু কে ১৫৭। পৌরবর্গ খোজা হাবসী-প্রভৃতি সকলই প্রমোদব্যস্ত (দুর্গেশনন্দিনী)। ব.প্র ৩৫৮। [হাবশি-থানা—হাবশি প্রহরীর আড্ডা। "ভা.চ ৪৮৫।]

হাপা বি [সাপ >সাপা >হাপা, তু বা সাপ, সিংহলী সপু, হপু] কাল্পনিক ভীষণ জন্তুবিশেষ, তু 'হাউ'। "হাপা হাউ চবরী শৃগাল ভা.চ ১২৮, এখন দেখাও ভয় জুজু হাপা বিছা ৩৩৯, অই ডাকে কাণকাটা হাপা ৫২৭।

হাপু বি [হাঁপ >হাপু] (দীর্ঘশ্বাসজনক) দুর্ভাবনা দুশ্চিন্তা, বিপত্তি, প্রমাদ। [হাপু গণ, গুণ, ভাবা—১ চিন্তিত বা উদ্বিগ্ন হওয়া, প্রমাদ গণা। "(বুড়া) কহে বাপু কেন হাপু গণ, যুক্তি আছে বি সু ৯২। মালিনী কহিছে বাপু, কেন এত ভাবা হাপু, আমি হাটবাজার করিব ভা চ ২৮২। ২ কষ্টভোগ করা। "আমি ত পাল্লাম না বাপু! এ কষ্টের হাটে গুণতে হাপু।—দা ৬৭৬। পেট নিয়ে দ্বারে দ্বারে যদি গুণো হাপু। এমন সন্ন্যাসে তোর কায কিরে বাপু॥—ব প ১৪৩৫। হাপু-গেলা। —দুশ্চিন্তান্বিত, উদ্বেগপীড়িত। 'হাপু-গেলা হ'য়ে হবু মহারাজ, হাপুসনয়নে চান।—কু কে ১৭১।]

হাপুতি, -তী বি° [হা-পুত+ঈ৬] পুত্রাভাবে যে নারী 'হা-পুত' 'হা-পুত' করে, পুত্রাভাবে কাতরা। 'রঞ্জাবতী হাপুতি হইল এতকালে (শ্রী)। (পুত্র) হাপুতি করিয়া মোরে গেল কোথাকারে চৈ ম ১৪৪। —তি, —তী বি পুত্র-কাঙ্গালী নারী। "হাপুতির পুত্র।—ম ২০৮। (শ্রীমন্ত) হাপুতীর পুত মোর ক চ ২১৭। হাপুতির পুত শ্রী ৭৯, রা শে ৩৭; চৈ ম ১৩৩, ম ভা ৪০। হাপুতিকে পুতের পরাণ দান দে রে।—শি ৫৮। —তিনী বি [°ত+ইনী] ১ পুত্রকাঙ্গালিনী নারী। ২ সন্তানবিচ্ছেদবিধুরা মাতা। "(মোরে) ঘরে ঘরে খুজিয়া বুলিছে হাপুতিনী ব প ১৩৬১।

হাপুতী দ্র 'হাপুতি'।

হাপুত্রিকা, -ত্রী স্ত্রী [ধ্বন্যাত্মক] পক্ষিবিশেষ, খঞ্জনিকা (শ ক)।

হাপুত্রী দ্র 'হাপুত্রিকা'।

হাপুষ(স)নয়নে ক্রি-বি° [সবাষ্প >হাপুষ, -স (?)] ১ অজস্রগলদশ্রুধারে, অবিরল অশ্রুপাতপূর্ব্বক, অঝর-নয়নে। 'শাশুড়ীর মুখে এই শুনে বাণীর মাথায় যেন বজ্রাঘাত হলো, হাপুস-নয়নে কাঁদতে লাগলেন ন ত ২। ২ জল-ছলছল নেত্রে। "হাপুগেলা হ য়ে হবু-মহারাজ, হাপুসনয়নে চান।—কু কে ১৭১।

হাপুস-হুপুস বি [ধ্বন্যাত্মক] জোরে ভাত-খাওয়ার শব্দ। "কুন্দের স্বর কানে গেলে তখনই (তিনি) বড় জোরে °স করিয়া ভাত খাইতে আরম্ভ করেন কেন, তা কি বুঝতে পারি না?—ব দ্বি ২০।

হাফ, হাফ-আকড়াই, -গিনি, -চাপকান দ্র 'হাপ'।

হাফটোন বি [E half-tone] বিন্দুসমূহ বা সূক্ষ্মরেখাসমূহ দ্বারা রচিত আলোকচিত্র বা ফোটো। [Positive ও Negative কাচফলকের মধ্যবর্ত্তী বিন্দুময় বা রেখাময় কাচফলকের মধ্য দিয়া আসিয়া ঐরূপ চিত্র উৎপাদন করে।]

হাফিকা স্ত্রী [ধ্বন্যাত্মক] জৃম্ভা, হাই।

হাব পুং [√হ্বে+অ (ঘঞ)-ভা, নিপাতনে সম্প্রসারণ (ত বা), তু 'আহাব', পা ৩ ৩ ৭৪] ১ আহ্বান। ২ [√হু+অ-ণ] 'যুবার প্রীণনসাধন', শৃঙ্গারভাবজাত ক্রিয়া (অ কো), যুবতীর জ্রনেত্রাদির চাঞ্চল্যাদি বিকার দ্বারা সম্ভোগেচ্ছাপ্রকাশক ঈষৎপ্রকাশভাব ভাব (সা দ ৩ ৯৪)। 'ঘূর্ণানোহংনেন হ্রয়ন্তে নারীভির্মদশনলে। অতো নিরূঢ়াতে হাবন্তে বিলাসাদয়ো মতাঃ॥—ভরতধৃতবাক্য (ত বা)। ভাব চইতে হাব কিছু অধিকপ্রকাশ। গ্রীবা বক্রে থাকে কিন্তু নয়ান বিকাশ॥—ভ গ্র ৩৯৪। গলা চক্ষু ভুরু আদি বিকাশিতে হাব ভা.চ ৭১৭। 'হাবলাস্যমনোহর মহা ১ ৯৮ ১০। (বনিতাঃ) নমৃতুঃ সহাবম ভট্টি ৩ ৪৩। (শচী) জানে যদি ভালমত হাব ভাব হাস (নিকটে রাখিব তারে)।—হেম ১৭৩। বা দ ১৩৯। [°হারী-(-বিন্) বিণ—বিলাসমনোহর। 'হাবহাবি হসিতম্ মাঘ ১০ ১৩।]

হাবজাগোবজা বি [আবর্জনা > হাবজা, গোবজা (অনু শব্দ)] ১ আবর্জনা, জঞ্জাল। ২ অসার খাদ্য। '°জায় পেট ভরান।

হাবড় বি [বোদ > বোড় > হাবড় (?), 'হাওর'—সুবিস্তৃত জলাভূমি (শ্রীহট্ট)] গভীর কর্দ্দম, মহাপঙ্ক। [হাবড়-জোবড়—অসার খাদ্য। "°ড়ে পেট ভরান।]

হাবড়হাটি বি [হাবড়+হাটি] হাবড়ের হাট বা রাশি, (সাদৃশ্যে) অসার অপ্রাসঙ্গিক কথা। "তবে কেন আমি এত হাবড়হাটি লিখিয়া মরি ব ছি ২০।

হাবড়া[১] বিং [ঠ 'হাররা'—অতিলোভী] লোভী। [বুড়ো-হাবড়া—বৃদ্ধ ও খাদ্যলোভপরবশ।]

হাবড়া[২] সর্ম্ম [হাবড+আ[৯]] মহাপঙ্কে পতিত করা বা ফেলা, কূটকৌশলে স্ববশে আনা, হাবডান।

হাব(বো)লা বি [আ অবলহ] ১ নির্ব্বোধ, বিচারশক্তিহীন, মূর্খ। "হাবোলা গোয়াল জাতি রা শে ৩৮। ২ অপরিণামদর্শী।

হাবলি বি [দ্র 'হবেলি'] বাড়ী, ঘর। "সায়েবে গিয়েচে স্বামী হাবলি আঁধার করে।—জা ৩৬। তুমি· চুপচাপ মেরে হাবলিতে বসেই বহ। —আ দু ১০৯।

হাবসি, হাবসী দ্র 'হাপসি'।

হাবা বি· [অবা > হাবা] ১ অবোধ মূর্খ, কাণ্ডজ্ঞানহীন। কেহ বলে হাবা শি ২৯। দ্র 'অবা'। ২ বুদ্ধিস্ফূর্ত্তিহীন, হতবুদ্ধি। "ছেলেধরার ভয় হয়েছে জাদু কোথা যেও না। চিনি দেবে খাবা খাবা, মন্তরেতে করবে হাবা, বাবা বলতে দেবে না॥—ছেলেধরার গান। ৩ বোকা (আদরে)। "হাবা ছেলে কাঁদিস নেকো আর, আমি থাকলে হবে বাবা, বাবার ভাবনা কি তোমার স এ ৬১। —বি,-বী বি· [হাবা+ই[১°], ঈ[৬]] বুদ্ধিহীনা, বোকা। তুই দিদি বড হাবি।—ন ৯৬৪ (দিদি।) তোর মত হাবি নহি আমি ৯৭০।

হাবাতকুড়ে বিণ লক্ষ্মীছাড়া ও কুঁড়ে, গালিবিশেষ। 'ঔাবা হাবাতকুড়ে হতচ্ছাড়া মড়িপাড়ানীর জামাই।—জা ২১।

হাবাতিপাড়া বি লক্ষ্মীছাড়ার পাড়া। "বাঁশের তলে কান্দে লকথি না জায় হাবাতি পাড়া গো চ ৭৬।

হাবা(ভা)তে বি· [হাভাত+এ[৭]] ১ যে 'হা ভাত' করে, নিরন্ন, অন্নাভাবে ক্লিষ্ট। "আত পুন্ত ভাল চাব, অভাবে সোদর। অন্যথা হাভাতে ছেল্যা বিকার সম্ভর॥—শি ৭৩ তেক্রিতো হাভাতে চাষী হয় লক্ষ্মীছাড়া ৭৫। ২ হতভাগা, লক্ষ্মীছাড়া। "হাভাতে যদ্যপি চায়, সাগর শুকায়ে যায় ভা চ ১১৩। ৩ অধঃপতে। 'হাভাতের অনেক দোষ। —লী ৪০। ৪ গালিবিশেষ। 'ও হাভাতে,—ও ডাকরা—ও বিটলে। —ব প্র ৩৭০। [হাভাতের হাতে পড়া—লক্ষ্মীছাড়ার স্ত্রী হওয়া।]

হাবাল বি সর্ব 'হাওয়াল'। "পাত্র মিত্র দিল সার, ভাল ভাল বলি রায়, নাজীরের হাবালে করিল ভা চ ৩৭৯।

হাবাস বি [আ হ বস] ১ অভিলাষ, ইচ্ছা। "রাহ বাহ কর্ণধারে, জন ডাকে উচ্চৈঃস্বরে, দেশের হাবাসে ধনপতি ক.চ ২৯৫। ২ [আ হুবাস্] জ্ঞান, চৈতন্য, হুঁশ। "সকল বৈষ্ণব সনে কীর্ত্তন-বিলাস। পুরনারীগণ হেরি কেলায় হাবাস॥—চৈ ম ১২৮। [হাবাস কেলায়—জ্ঞানহারা হয়।]

হাবি, হাবী দ্র 'হাবা'।

হাবিলদার, হাবিলদারী দ্র 'হাওলদার'।

হাবি(ভি)লাস বি [অভিলাষ > °স, দ্র 'হ[১]', অস হাভিলাষ অসাধু] ইচ্ছা। "পুরি গেল মনের হাবিলাস ব প ৯৫। নিন্দের হাভিলাস গো চ ১৮০। পাইতে সোন্দরি মোর মনে হাবিলাস গো বি ২০, ৩৪। তোমার মায়াএ আমা রাখিলা হাবিলাসে।—গ ১৪৬।

হাবুজখানা বি [আ হব্‌স্+খানা] জেলখানা। "সে এখন হাবুজখানায় আছে ব প্র ৪৪২, শুনেছি না কি হাবুজখানায় আর কয়েদি ধরে না ৫২৩,-৪।

হাবুডুবু বি [হাঁপ+ডুব > °বু] শ্বাসকষ্ট ও নিমজ্জনকষ্ট, নিমজ্জনজন্য শ্বাসকষ্ট, জল ডোবা ও হাঁপানর কষ্ট। 'হাবুডুবু খায় হস্তী গঙ্গার হিল্লোলে।—দা ১৭২৯। হাবুডুবু খায় রমা বিরহ-হিন্দোলে ন ত ৬০।

হাবুদ্ধিয়া বি· [অবুদ্ধিয়া > °বা দ্র 'হ[১]', তু 'অবুদ্ধিয়া'] অবোধ, বিচারশক্তিহীন। অবুদ্ধিয়া শুভিচান্দ গো চ ৩৪০।

হাবোলা দ্র হাবলা'।

হাবেশী বি সর্ব 'হাপসি'। 'বি সু ১৯।

হাব্যাস বি [আ হ রস, হি হরস, ঠ হরাস] ১ প্রবল ইচ্ছা, লালসা, দর্শনেচ্ছা। পিতার হাব্যাসে পুত্র সদা ভাবে দুঃখ।—ম ৫৯। মায়ের হাব্যাসে মরি, ত্বরায় সাজায়ে তরি, দেখিব মায়ের মুখশশী ক চ ২৮৫। ২ শোক। "(বিশ্বম্ভর) বাপের হাব্যাসে কণ্ঠগদগদস্বর চৈ ম ৬৬। পুত্রের হাব্যাসে দেবীর মন নাহি স্থির ব প ১১৯৫। কান্দয়ে নকুল সুত দারার হাব্যাসে ক চ ৫৪। —স বিং অদর্শনে দুঃখিত। "পাণ্ডবেরা বহুদিন হয়েছে হাব্যাস। চিরকাল নাহি বন্ধুগণের সম্ভাষ॥—ম ২২৫।

হা-ভাত বি হা-অন্ন, অন্নাভাবে আর্ত্তনাদ। "ঘরে ব'সে পুছে বাত। তার কপালে হা-ভাত॥—ব প ১৩। —ভাতী বি [°ত+ঈ[৭]] নিরন্ন, হতভাগ্য, লক্ষ্মীছাড়া। 'হায় হায় হায় হেদে হাভাতীর ঝি। নিরঞ্জনে নিন্দ ভাল নির্ব্বাচিলি কি॥—শি ২৭।

হাম[১] সব্ব [সং অস্মদ্ > প্রা হম্ (পৈ) হং(হে) > বা হাম: হি মৈ হম] আমি। "হাম মূঢ়মতি শূ ১০১। হাম শিখায়ব বচন বিশেষ বি প ৫২, হাম বহু নাগরী ভরা মাধব লাগে ১১০ (মদন।) হাম নহ শঙ্কর, হউ বরনারী ১৫৭। একে হাম পরাধিনী চ দা ৮৪, হাম হব বনবাসী ৮৯। হাম পরাধীন ক চ ২৬০। তুমি মৃগমত্ত হাথী, হাম ফুলশশি শ্রী ম ৮৮। চক্রবর্ত্তিসম্বন্ধে হাম 'আজা' করি মানে চৈ চ ২৯৪। [হামক (হাম +ক[৭])—আমার। 'হামক মন্দিরে যব আওব কান বি প ২০৭। ২ আমাকে। "করে ধরি হামক বৈঠায়ব কোর বি প ২০৭। হামরা (হাম+রা[৩])—আমরা। "অনাথিনী অবুধ হামরা শ্রী ম ৯৩। হামার[২] (হম্মার—পৈ)—আমার। "গো চ ১৪৯। পরাণ হামার।—জ্ঞা ২০২। হামারি ('র+ই[৪] ই[১১])—আমারই, আমার। "হামারি বচনে যদি নহ পরতীত বি প ১০১, (হায়) পরাওল কণ্ঠে হামারি ১২৮, এ সখি, হামারি দুখের নাহি ওর ১৭২। হামারি বীরগণ।—ব ৮৮। হামারু —আমার। "তুআ পদে পতন হামারু শ্রী ম ৭২। হামে—আমাকে। 'অলখিতে হামে হেরি বিহসলি থোরি বি প ২৩। হাম-বড়া ভাব —'আমিই প্রধান' এইরূপ মনের ভাব। "আর ঐ হাম-বড়া ভাব মোদের অস্থিরক্তমাংসপেশীময়।—রবীন্দ্র।]

হাম[২] বি [ঠ 'মাম' (বাল্যভাষা)—মাতৃস্তন, ভোজন, নেপালে 'হ্রাম'

শিশুর আদরের ডাক] শিশুর মাতৃস্তন্যাদিপানে খাদ্যগ্রহণ। [হাম করা —শিশুর স্তন্যাদি খাওয়া। হাম খাওয়া—শিশুর মুখচুম্বন করা।]

হাম[৩] বি [?] চর্মরোগবিশেষ, মিলমিশা (measles)।

হাম-কাদেম বি [ফা হ.ম্ +আ ক দের] দুই মালিকের সংস্পৃষ্ট ভূমি-খণ্ডদ্বয়।

হাম-ছায়া, -সায়া বি [ফা হ ম্‌সাঘ হ—প্রতিবেশী] বাড়ীর চারিদিকে সন্নিহিত স্থান, বাড়ীর কম্পাউণ্ড।

হামজাম বি [আমজাম > °ম, আমঝুম (যশোহর)] বন্য গুল্ম-বিশেষ ও তাহার ফল। [ইহার পাকা ফল জামের মত কাল ও অম্ল-মধুররস।]

হামজোলফ বি [ফা হম্‌জু লফ] শ্যালিপতি, ভায়রা-ভাই। 'আমার °ক খোদাবকস· আমাকে মানা করিতেন আ হু ১৬৯।

হামরাই, -রাও, -রাহি বি [ফা 'হম্‌রাহ্'—সঙ্গী, পথিক] সঙ্গী, সহকারী, সহায়। "হাজার সোয়ার সাথ, হামরাই নিশানাথ বি স্থ ১৬২। বাবুরো ব্যালা তিনটে পর্য্যন্ত বারোইয়ারি তলায় হামরাও হয়েছিলেন। —হু ৪৫। তখন হামরাহি পাইকেরা ছুটিয়া আসিয়া গঙ্গারামকে ধরিল ব প্র ৪৪০। [হামরাই পাওয়া—সহকারী পাওয়া।]

হামলা অর্ম্ম [হাম্বারব > হামরা > °লা, ঠ √হা°রর] ১ বৎসহারা গাভীর হাম্বারব করা। 'বড়ই দুঃখিতা মাতা তোমাবে হারাই। সদাই হামলায় যেন মৃতবৎসা গাই ॥—শ্রী ম ১৭৪। ২ [অসাধু] পুত্র হেতু বিলাপ করা। দ্র °(১)। [হামলান—সর্থ 'হামলা'।]

হাম-সায়া দ্র 'হাম-ছায়া'।

হামা[১]**, হামাকু(গু)ড়ি** বি [সং √গম > প্রা √হম্ম (হে ৪ ১৬২) ড অম্‌হা, হম্‌হা (জানুদ্বয়ে ভর দিয়া অবস্থান), গোড (leg), হামুডাইবা —হামাগুড়ি দেওয়া] শিশুর জানু-করে ভব দিয়া গমন, জানুচঙ্‌ক্রমণ, রিঙ্গণ। [হামা টানা, দেওয়া—হামা দিয়া যাওয়া। হামাকুড়ি, হামাগুড়ি দেওয়া—হামা দেওয়া। 'ছয় মাসের হৈল রাম দেন হামাগুড়ি।—কৃ ৫৬। হামাকুড়ি দিয়া তবে পেলে রাম কানু শ্রী ম ২৬।]

হামা[২] বি [সং হম্বা,-ম্মা > বা হামা] সর্থ 'হম্বা'। 'হামা রবে গাভী ফুকরে শুনি ব প ৭৮৪, হামা হামা করিযা কান্দিয়া চলে গাই ১৩৫৮। [হামায়্যা—হামা বা হাম্বারব করিযা। 'যেন বৎসক হারাইয়া হামায়্যা যায় গাই ব প ৪৬৪।]

হা-মা-কা [দ্র 'হাত[২]] হাতে মাথা কাটা'।

হামানদিস্তা, -স্তে বি [ফা হ ারন্‌ দস্‌তহ > হমামদস্‌তা, ঠ হামামদিস্তা] উদূখল-মুষল (pestle and mortar), কঠিন দ্রব্য চূর্ণ করার লৌহময় ভাণ্ড ও মুষল। "কিছু অন্তরে একটা·· হাতুড়ি ও হামানদিস্তে পড়ে রয়েচে।—হু ১৩২। মেয়েটা হামানদিস্তেয় ফেলে থেঁতো করে ফেলুন।—লী ৫৪।

হামাম বি ১ [আ হম্‌মাম্] স্নানাগার, গোছলখানা। ২ পশমী কাপড় (?)। "হামাম, বণত, কিম্বা অন্য কোন রেশমের কাপড়···গায় দেন ব.প ১৭৯৬।

হামার[১] বি [ফা অম্‌বর্ , হি অ°বর , ড় অমার্ি , সং ময়ার] ধান্যাদি রাখার বাঁশের বা তক্তার বড় আধার, ধান্যাদির গোলাবিশেষ। "ধান্য চালু সরিষাতে পুরিবে হামার ক চ ২৮৬।

হামার[২]**, হামারি, হামারু** দ্র 'হাম[১]'।

হামাল বি [হাম্বারব > হামার > °ল, তু 'হামলা'] হাম্বারব। "শুন হে শুন নাথ গাভীর হামাল ব প ১৩৫৮।

হামি[১] সর্ব্ব [হাম[১] > হামি, তু 'আমি'] আমি। "হামিত রাজার বেটা সাবে ব্রহ্মচারী ব.প ৭৯, হামি অতিথ ৮২। গো চ ১৩।

হামি[২] বিং [আ হামী—রক্ষক] দাবিদার। "প্রসাদ বলে খাজনা বাকী নাইকো রাখি কড়া কমি। যদি ডুবাও দুঃখসিন্ধু মাঝে, ডুবে গু পদে হব হামি ॥—রামপ্রসাদ।

হামু সর্ব্ব [হাম'+উ[৭], তু 'মৈ হুম°হ'—I also] আমি। "হামু অতি আত্মঘাতী শ্রী ম ৩, ৬০, হামু তাহা না ছাড়োঁ কথনে ৭২। [হামু ছন —আমার সঙ্গে। 'হামু ছন না টুটব লেহা বি প ১৭১। হামু সব —আমরা। "হামু সব ভিন্ন সঙ্গ গোভাএ গোপাল শ্রী ম ২০৭। হামু সম—আমার মত। 'হামু সম অভাগিনী নাহি তিন লোকে শ্রী ম ১৪৩।]

হামেশা, -সা ক্রি বি° [ফা হ মেশহ্] সর্ব্বদা, সর্ব্বক্ষণ। "আফিমে হামেশা মত্ত বি সু ১৫, হামেশা হাঙ্গাম সোর ৮৯। হামেশা রজু ভক্তি প্যায়দা, দুনয়ন দরোয়ান রেখেছি।—রামপ্রসাদ। ওরে। হামেশা তুই দেখিস ধরম-দিগ্‌দর্শনের কাঁটা।—রজনীকান্ত সেন। হামেশা সাহেববাড়ী যাওয়া আসা আছে।—অমৃতলাল বসু। ঘোষজা মশাইকে এখন ডস্‌সন সাহেব হামেশা ঘরে ডাকে-টাকে অ গ্র ১২৩, তোমরা · হামেশা লেটু ১৪৭।

হামেসা দ্র 'হামেশা'।

হামেহাল ক্রি বি° [ফা 'হামা'—সকল, 'হাল'—অবস্থা] সকল অবস্থায়, সর্ব্বদা, সর্ব্বক্ষণ।

হাম্বা, -ম্মা বি [সং হম্বা,-ম্ভ] গাভীর ডাক। 'গরু মধ্যে মধ্যে হাম্মা হাম্মা করিতেছে আ হু ১৪৩। [°রব—হাম্বা শব্দ। 'বৎসহারা যেন গাই হাম্বারবে ফিবে যাই।—ছু ৫৮। শ্রী ম ৫৪। হাম্বারবে ধেনু ধাইল শুনি (বাণী) ব প ৭৮৪।]

হাম্বী, হাম্ভী বি [ধ্বন্যাত্মক, সং হাফিকা] জৃম্ভণ, হাই। "সঘন ছাড়িল রাধা হাম্বী অপার শ্রী কী ২০৮ শ্রমের কারণ হাম্ভী ২৪৪।

হাম্বীর বি রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ২য় ও ৩য় প্রহর, ঠাট কড়িমধ্যম, জাতি ওড়ব ঋ প বর্জ্জিত (গী সা)।]

হাম্ভী ; হাম্মা দ্র 'হাম্বী, হাম্বা'।

হায় অব্য [সং হা, হি, মৈ হায়] ১ শোক, বিষাদ। "হায়রে বিধাতা নিদারুণ, কোন দোষে হইলি বিগুণ ভা চ ৩৯৮, হায় বিধি চাঁদে কৈল রাহুর আহাব ৪০২। ২ আক্ষেপ। 'দেবী বলি দেই গাছে খড়ার সিন্দুর। হায় হায় আখেরে কি হইবে হিন্দুব ॥—ভা চ ৪৮০। হায় হায় অই যায় বাঙালীর মেয়ে।—হেম ৩৯০। ৩ অনুতাপ। 'হায় হায় প্রাণ যায় পাপ দক্ষ দায় রে।—ভা চ ৪৪ হায় হায় হরি হরি, বিদেশে বিপাকে মরি ভা চ ৪৮৬। [হায় হায়—১ সর্থ 'হায়' (পৌনঃপুন্যে দ্বিত্ব)। ২ গরু তাড়ানর শব্দ। গরু-জ্ঞানে গৃহস্থ করয়ে 'হায় হায়' চৈ ভা ৫২।]

হায়ই বি সর্থ 'হাউই। 'সিলই হায়ই উঠে বি পা ৯৯।

হায়ক বিণ [√হা+অক (ণ্বুল্)-ক] যাপক (নীলকণ্ঠ)। 'পূর্ব্বো-পচিতহায়ক মহা ১৪ ১৯ ৭।

হায়ন পুং, ক্লী [√হা+অন (ল্যুট্)-ক, পা ৩ ১ ১৪৮ ছান্দস] ১ যাহা ভাব বা পদার্থ ত্যাগ করে (সি), বর্ষ, বৎসর। "শত°। —অথর্ব্ববেদ ৮ ২ ৮, ৭ ২২। চতুর্হায়না শালা পা ৪ ১ ২৭, সি। হাযনের অগ্র অগ্রহায়ণ ভা চ ৫৪১। ২ বর্ষ (বয়োবাচক)। 'ত্রিহায়ণী, চতুর্হায়ণী (বালা)। শুকে (হত্তে) দ্বিহায়ন° বৎস° ক্রৌঞ্চং হত্বা ত্রিহায়ণম্ (ব্রাহ্মণায় দদ্যাৎ) মনু ১১ ১৩৬। বালকঃ পঞ্চহায়নঃ ভ ১ ৬ ৮। —ন পুং ১ যাহা উদক ত্যাগ করে (সি), ব্রীহিভেদ। ২ অর্চ্চিঃ, জ্বালা।

হায়া বি [আ হযা, তু 'সং হ্রিয়ঃ (প্রথমা -বহুব)] লজ্জা। "তে°।

হার[১] বিণ [√হৃ+অ (অণ্)-ক, স্ত্রী -রী] ১ হারক, বাহক। "ভার° পা ৩ ২ ৯, সি, উদহার, উদক° ৬ ৩ ৬০। ২ হরণকারক, চোরয়িতা। "ক্ষীর° (SW)। ৩ গ্রাহক। 'দায়°।—বিষ্ণু ১৫ ২৯। ৪ নাশক। "খলবল° (বিষ্ণু)। বা দ ৪। [সমাসে উত্তরপদ] ৫ [হৃ+অ (অণ্)]

মনোহর। "তদেব হারং বদ মঞ্জসে চেৎ ভ ১০ ৭ ২।—র পুং [√হৃ +অ(ঘঞ্)-ভা] ১ হরণ, অপনয়ন। "জয়েৎতৎ তে ভারহারায় ভূমেঃ ভ ১০ ৬৩ ২৭। ২ হরণ, স্বীকার, গ্রহণ। "পরস্ব° মহা (S W.)। সর্ব্বস্ব° মনু ৯ ২৪২। রাজ্য° ক সা ৩০ ৮৭। ৩ বহন (A)। ৪ হরণ, যাপন। দ্র 'কালহার'। ৫ বিক্ষেপ। "ললিতাঙ্গ° কু স ৭ ৯১। রুচিরাঙ্গ° ভট্টি ২ ১৬। ৬ [+অ-ণ] 'মনোহরণসাধন', মুক্তাবলী, যষ্টি। "হারালঙ্কারযোগৌ তে স্তনৌ মহা ৪.১৪ ২০। কশ্চিদ্ বিবৃত্তত্রিক-ভিন্নহারঃ রঘু ৬.১৬। স্তনৈঃ সহারাভরণৈঃ।—ঋতু ১ ৪। মুকুতার হার ভা চ ২৯০। [হারের যষ্টিসংখ্যানুসারে নামার্থ দ্রষ্টব্য 'বৃহৎসংহিতা ৮১.৩৩১-৩৬।] ৭ স্বর্ণাদিসূত্র। ৮ (গণিতে) ভাজক। ৯ হর (denominator)। ১০ (ছন্দঃশাস্ত্রে) দীর্ঘমাত্রক বা গুরু বর্ণ। ১১ [+অ-ধি] যুদ্ধ (মেদিনী)। ১২ (বাঙ্লায়) মালা। "মিনে সুতে মালতীর গেথে দেয হার শ্রী মা ৯১। —রা° স্ত্রী [+অ (অঙ্)-ণ +স্ত্রী আ (টাপ্), গুণে কৃতে দীর্ঘহং নিপাত্যতে (ব্যাকরণমিতাক্ষরা, পা ৩ ৩ ১০৪)] হার। 'হাবা মুক্তাবলী হারঃ (রভস)। [°গুটিকা, °গুলিকা (স্ত্রী)—হারের মুক্তা, মুক্তামণি। "বিধৌতহারগুলিকাবিশদং হিমাম্ভঃ রঘু ৫ ৭০। °ফল, -লক (ক্লী)—পঞ্চযষ্টিক হার। "বৃহৎসংহিতা ৮১ ৩৪। °যষ্টি, °লতা (স্ত্রী)—হারের নব। "সহারযষ্টিস্তনমণ্ডল। —ঋতু ১ ৮, ২ ২৫। ক ম ২ ১০, ৩ ২। হারমালা ক সা ৩৯ ১০৪। °হারা (স্ত্রী)—'হারেব হাবিকা', কপিলদ্রাক্ষা।]

হার[২] ক্লী [হবি+অ (অণ্), স্ত্রী -রী] 'হরিসম্বন্ধী', হরিচরিত। "তদেব হারং বদ মঞ্জসে চেৎ ভ ১০ ৭ ২।

হার[৩] বি [ফা হ ব্] ১ প্রত্যেক একশত টাকায় নির্দ্দিষ্ট সুদের পরিমাণ। "শতকরা বার্ষিক ৩৲ হার সুদ। ২ মাপের নির্দ্দিষ্ট পরিমাণপাত্র-বিশেষ। "(বেণে) থলি হৈতে হারে মাপি দিল তারে ধন ক চ ৭৫। চুনেব, তেলের, মাছের হার (তত্তদ্‌দ্রব্যমাপের নির্দ্দিষ্ট পরিমাণপাত্র-বিশেষ)। [হার-নিরিখ—হার অনুসারে খাজনা নির্দ্ধারণ। হারাহারি[১]—প্রত্যেকের হিসাব অনুসারে।]

হার[৪] বি [সং হারি] পরাজয়, দ্যূতাদিতে ভঙ্গ। 'হঠিলাকে হার মানি হর আইল ঘরে শি ৯৫। [হার-জিত—পরাজয় ও জয়, জয়-পরাজয়। হার মানা—পরাজয় স্বীকার করা। হারাহারি[২]—পরস্পর হারা।]

হার[৫] অক [সং √হারি—হাবয্ >-প্রা √হার (পা ম), হি √হার, ঠ √হর, মৈ √হার—নষ্ট করা (to lose)] ১ পরাভব পাওয়া, পরাজিত হওযা, হারা। "যুদ্ধেত হারিয়া নিপে গেল পলাইযা ম গা ৮। (পাশায়) পড়িল দু-তিযা,…হারিল মদন-অরি : ভূতনাথ।…হারিলে পাইবে লাজ : দু-তিয়া ফেলিয়া, হারিল খেলিয়া, হরিণলাঞ্ছন-মৌলি ক চ ২৯। জিনিলেক এক জনে যে জন বিচারে। দেখ লো লজ্জার হাতে সেই জন হারে॥—ভা চ ৩২১। দশে মিলে করি কাজ। হারি জিতি নাহি লাজ॥—প্রবচন। ২ হার মানা, বশীভূত হওয়া। 'ইঙ্গিতকারে হাবিল রাধা কাহ্নেব বচনে শ্রী কী ৩৮২। —র সর্ম্ম. নষ্ট কবা, পণে বিপক্ষের করগত করা। 'সর্ব্বস্ব হারিলে তুমি আর কি করিবা পণ। —ম ৩৪৬, বৈমাত্রেয দুই ভাই হারিলা সারিতে ৩৪৭।

হারক বিণ [√হৃ+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -রিকা] ১ হর্ত্তা, চোরয়িতা। "অর্থ° (S W)। অশ্ব° মনু ১১ ৫১। লবণ° যাজ্ঞ ৩ ২১৫। ২ নাশক, নিরাসক। 'গন্ধ°, মল° (S W)। (ডাক রে মম বাঁশরী।) ভানুজভয়-হারিকে।—দা ২৫১। ৩ হারী, মোহন। "গোপীনয়ন°। —পঞ্চরাত্র ৪.৮ ১১৫। ৪ বাহক, প্রাপক। 'বাচিক°, সন্দেশ°। ৫ নাশক, ঘাতক। "প্রাণ°, স্মৃতি°। ৬ পালয়িতা, অনুষ্ঠাতা। "শাসন°। ৭ ভঙ্গকারক, ছেদক। "সন্ধি°। —ক পুং ১ চৌর, দস্যু। ২ কিতব, ধূর্ত্ত, দ্যূতকার। ৩ গদ্যবিশেষ। ৪ বিজ্ঞানভেদ (মেদিনী)। ৫ ভাজকাঙ্ক (Divisor)। ৬ শাখোটক বৃক্ষ। ৭ 'মনোহারক', মুক্তাবলী, হার।

হারকাত '-ব্-ত্' বি খেলায় হা'রের দিক্, পরাজিত পক্ষ। "গিন্নী ঠাকরুণ হারকাত নিয়ে খেলতে বসেছেন ব প্র ৩৪৩। —কেত্তে বি [°ত+এ[৭]] খেলায় পরাজিতপক্ষীয়। "পাশা খ্যালার হারকেত্তের মত ইংরেজরা …বেদখল হলেন।—হু ৮৯।

হারহূণ পুং, বহব জাতিবিশেষ। 'মহা ২ ৫১ ২৪।

হারহূর পুং [?] মদ্য (অ চি)। —রা স্ত্রী দ্রাক্ষা (ভাবপ্রকাশ)।

হারা[১] সর্ম্ম [হার[৩]+আ[৮], সং √নাশি > প্রা √হারব (হে ৪.৩১), ঠ হারব, তু 'হাডাইলে (হারাইলে)—ম গা ৪] ১ নষ্ট করা, হারান, খোয়ান। "হাবায়ে অমূল্য মণি রাণী পেলে কোলে : ধন যে হারালে পায় (তার সম কে ভাগ্যবান্) শ্রী ৫০। (তুহুঁ) হেলে হাবায়লি হিরণময়ী গোরী। —গো ২৬০। হাবাস নে, হাবাস নে, রে মুখ যবন। হারাস নে এ রতন। —ন ৫০৩। পথের মাঝেতে, খেলাতে খেলাতে, হৃদয় হারায়েছি। —গান ৭০৮। কোথায় হেন রত্ন হারাইযাছি ব প্র ২৬৬। ২ দেখিতে না পাওয়া। "ডম্বুর হাবায়ে যেন ফুকরে বাঘিনী।—কৃ ১৭, ৫৭। যেন বৎসক হাবাইয়া হাম্বায্যা যায় গাই ব প ৪৬৪। বড়ই দুঃখিতা মাতা তোমারে হারাই শ্রী ম ১৭৪। হেদাইলা হেলে দুটী হারাইযা হার শি ৮১। মে ১২৩। ৩ যমকে দেওয়া। "অবাগিণী মাএ কান্দে প্রাণী হারাইয়া ম গা ৮। হারালাম প্রাণের ভাই অনুজ লক্ষ্মণ।—কৃ ৩১৯। ৪ লাভ কবিতে না পারা, না পাওযা। "হারাইলে হারাইব, হারিলে সে জিনি ভা চ ৩০৬, দেশের বিচারে পাছে হাবায়ে হারাই ৩২১। ৫ অতিক্রান্ত করা, অতিবাহিত করা। "হারায়ে যৌবন আমি হইয়াছি দুয়া ভা চ ৫৩৫। ৬ পণে শত্রুসাৎ করা। "একে একে হারিলেন ধর্ম্ম সর্ব্বধন। —ম ৩৪৫। জুয়ারী বিভব যত জুয়ায় হারিয়া (জলে ঝম্প দিতে যায়) বা ম ৩৩৯। ৭ পরাজয় কবা, হারান। দ্র 'হাবা' (৪)। ৮ ত্যাগ করা। "কুক্ষণে আসিয়া প্রাণ বিদেশে হারাই ক চ ২৪৯। ৯ অতীত হইতে দেওযা, ছাড়া। "সুযোগ হারান। ১০ পরাজয় কবান। "(দুই জন বান্ধব) কাহারে জিনাইব, হাবাইব কারে অ প ১৩৪। —রা অর্ম্ম ১ নষ্ট হওযা, অপহৃত হওয়া। 'আমার সে রাজলক্ষ্মী হারাইল বনে। —কৃ ১৪৭। ২ দৃষ্টির অগোচর হওয়া, দৃষ্ট না হওয়া। 'হারাইলে তুমি বাপা, চায়্যা বুলি হয়্যা খেপা ক চ ২১৯। [হারাই হারাই জ্ঞান হওয়া —অতিস্নেহে বারংবার হারানর শঙ্কা হওয়া। "সদা রাখি তোবে নয়নে নয়নে, হারাই হারাই জ্ঞান হয় মোর মনে।—কীর্ত্তনগান। হারা-মরার সাথী—সর্ব্বাবস্থায়ই সঙ্গী। জাত হারান—জাতিভ্রষ্ট হওযা। বিষ হারিয়ে ঢোঁড়া—অপকারের ক্ষমতার অভাবে ভাল মানুষ। হারাইল (প্রথম, উত্তম পুরুষ),-লো,-রাএ,-য়িআঁ,-য়িএ,-য়িল,-লা,-লোঁ,-য়িবি (শ্রী কী)। হারাইবাতে—হারান হেতু। "কি যেন হারাইয়াছি, যেন তাই হারাইবাতে জীবনসর্ব্বস্ব অসার হইয়া পড়িয়াছে ব প্র ২৬৬।

হারা[২] বি [হার[৫]+আ[৬]] সর্থ 'হার[৫]।—রা বিং [হার[৫] + আ[১২]; সং হারিত > প্রা হারিঅ] ১ অপহৃত, চোরিত, নষ্ট। "হারাধন। —কৃ ৮৩, মণি° ধ্বনী ১৪৭। "হারাধন যেন, পুনহি মিলিল, সদয় হইল বিধি চ দা ১৩৭। হারা হার ব প ১৪৮৮। অকস্মাৎ সুতিশালে শিশু হৈলে হারা (কান্দিবে রুক্মিণী দেবী) শি ২১। হারা ধন ব.প্র ৩২৫। ২ হীন, শূন্যবিরহিত। "কৃ ৫৮। অন্ধ পাইয়া আঁখি-তারা, পুনঃ সে হইছে হারা।—দু ৯৮। যষ্টি° অন্ধ : বৎস° গাভী।—দা ৫২৫। সর্ব্বস্ব°।—ন ১০১২। হরি° (রমা)।—মে ২৯। অন্তঃসার হারা। —হেম ১২১। ভাষাহারা মহাবার্ত্তা স স্ব ৯২। বাঁধনবাধা-হারা।—শিশু ১৫। পিতৃ°। কথা ২০। তারা চেতন°।—গান ১৫০। বিরাম° অধীর ধারা কু.কে ৬৪। ৩ বিধৌত, প্রক্ষালিত। "জলেতে হইল হারা

সিঁতার সিন্দুর ম ভা ৫২। ৪ হীন, দরিদ্র। "রাণী বলে কোন ধনে আমি নহি হারা শ্রী ৭০। ৫ অবিদিত। "সবার বারতা জানি কিছু নাই হারা শ্রী ৫৯, পূজাবিধি মোরে নাই হারা ২০২। ৬ অদৃশ্য। "জলে মহী একাকার পথ হৈল হারা ক চ ৮২। বরিষয়ে মুষলধারা। ...নদ নদী একাকার, পথুর পলল হারা শ্রী মা ১৭৮। ৭ বুদ্ধিশুদ্ধিহীন। "মা দেখিলে তোমা ধনে ক্ষণে হয় হারা।—ম ৮৩৩। ৮ সঙ্গ হইতে অপনীত। "(হিমালয়!) এনে দেহ হারা তারা বিলম্ব না সয় ব প ১৫০। [হারা মরা—নষ্ট ও মৃত। "হারা মরা পাইলাম তোমার প্রসাদ ম ভা ৭৮। ইহকাল-পরকাল-হারা—যাহার পাপকর্ম্মে ঐহিক-পারত্রিক জীবন নষ্ট হইয়াছে। "যাবি কার কাছে, °হারা।—কা ৪৮।

হারা[৩] দ্র 'হার[১]'।

হারাইল বি° [হারা[১] + ইল[২]] অপহৃত, নষ্ট। হারাইল ধন শ্রী ম ১৩৯, বি পা ৩৭০। হারাইল রত্ন চৈ ৮০।

হারাণ,-ন বি [হারা[১] + অন] ১ সর্ব 'হারা[১]'। ২ নাশ, খোয়া। "ছবড়ি কলে অমিস্তি কেন হারাণ যাবে?—আ দু ১৩৫। ৩ ন্যায়পূর্ব্বক পরাজিত ব্যক্তি। হারাণেবে জিনায় যে হইয়া সাপক্ষ। যমদূতে মারে যারে কহিতে অশক্য॥—কু ৪১৮। —ণ ন বি° ১ যাহা হারাইয়াছে বা পাওয়া যাইতেছে না অপহৃত, নষ্ট। 'হারান ছচাল পাবে ক চ ১৪৭। পাইল মুনি হারান ধন ম ম ৩১। [হারানে ধন—নষ্ট-ধন ধবা]

হারাবলী স্ত্রী [ষ ত] ১ হারযষ্টি হারপঙক্তি। 'বসুধাশৃঙ্গারহারাবলী। (মাতঃ)।—গঙ্গাষ্টক। গী গো ১১ ১৩। ২ পুরুষোত্তমকৃত কোষভেদ।

হারাম বি° [আ হরাম্] ১ মুসলমান শাস্ত্রে নিষিদ্ধ বা অবিহিত (unlawful)। ২ নিন্দিত গর্হিত, অধর্ম্ম (wrong)। বিপ 'হালাল'। নিমক°। —ম বি (মুসলমানশাস্ত্রনিষিদ্ধ) শূকর। 'কৃপী ভরি খাওয়াইব হারামের হাড় ভা চ ৫৯৫। [°খোর (°ম + খোর) অধর্ম্মলব্ধ ধনাদিতে জীবিকানির্ব্বাহক, দুর্বৃত্ত, পাপী। 'মারিয়া ওঠাও °র বা ৮২। °খুরি—হারামখোরের কাজ, দুর্ব্বৃত্ততা, অকৃতজ্ঞতা। "বি সু ৮০। °জাত °জাদ,-দা (°ম্-জাদ)—১ অবৈধভাবে জাত, জারজ, বেজন্মা (illegitimate)। ২ গালিবিশেষ। "°দাকে মার বা ম ৮২। °দ হিন্দুর হয় এত বড প্রাণ ম ম ৫৬, °ত হিন্দুর ভূত ৫৮। °দ ভা চ ৩৭৮। °জাদকি -গী (°ম্-জাদগী) হারামজাদের কাজ, দুষ্কৃত্ততা, শঠতা। '°কি আ দু ১৭২। বাঞ্চতের হারামজাদকি ছেড়েছে। —নী ৩০। °জাদী (°ম্-জাদী)—১ দুর্ব্বৃত্তা নারী, দুষ্টা স্ত্রী। "শ্রী ৯৮। ২ গালিবিশেষ। সাধী °দী, এখনি হৈল বাদী ভা চ ৫৩২। ছোট লোক বেটী °দী।—কা ১১০। চুপ রহো, হারামজাদি। —ব প্র ৩৭৮। [হারামের হাড়—যাহাব হাড়ে হাডে হারামজাদগী, অতিদুর্ব্বৃত্ত। "হারামের হাড় মাগী কথা কহে ঠাটে বি সু ৩৬।]

হারামখোর, হারামখুরি, হারামজাত, হারামজাদ, হারামজাদকি, হারামজাদগী, হারামজাদা, হারামজাদী দ্র 'হারাম'।

হারামদ্ বি [E armada] পর্ত্তুগীজ জলদস্যু বা বোম্বেটে। "ফিরিজির দেশখান বাহে কর্ণধারে। রাত্রিতে বাহিয়া যায় হারামদের ডরে॥—ক চ ১৯৯।

হারাহারি[১]; **হারাহারি**[২] দ্র 'হার[৩], হার[৪]।

হারি বিণ [√হৃ + ই (ইণ্) -ক, উ ৪.১২৪, টীকা] রুচির, মনোহর। "°কণ্ঠ।—রি স্ত্রী ১ পথিকসন্তান, পান্থসমূহ। ২ দ্যূতাদিভঙ্গ, দ্যূতাদিতে পরাজয় (মেদিনী), হার। "হারি মানি নাথজীউ ভ গ্র ৩৩৭। কারো হারি জিন নাহি শ্রী ম ২২৯। ইহার অধিক আর হারি কারে বলে ক্ষা.চ ৩২৫,-৬। হর বলে হৈমবতী হারি মানি তোকে শি ৩৫। দা ৩০। [°কণ্ঠ[২] (বিণ)—কলকণ্ঠ, সুস্বর। (পুং)—কোকিল।]

হারিকণ্ঠ[১] বিণ [বহুব্রী] হারান্বিতগল (মেদিনী)।

হারিকণ্ঠ[২] দ্র 'হারি'।

হারিকেন বি [E hurricane-lantern or lamp] ঝড়ে বা বাতাসে বাতি লইয়া যাওয়ার লণ্ঠনবিশেষ।

হারিণ বিণ [হরিণ + অ (অণ) স্ত্রী -ণী] হরিণসম্বন্ধী, মৃগসম্বন্ধী। "°ণেন (মাংসেন) মনু ৩ ২৬৮। যাজ্ঞ ১ ২৫৮। —ণ ক্লী হরিণমাংস।

হারিণিক পুং [হরিণ+ইক (ঠক), পা ৪ ৪ ৩৫] হরিণঘাতক, ব্যাধ।

হারিণী বি [হাড়িণী > °ণী] হাডির স্ত্রী বা স্ত্রীজাতি। "ম গা ১০।

হারিত[১] বিণ [হৃ√ + ই (ণিচ) + ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপিত, বাহিত। "দূতহারিতৈঃ (কল্পক্রমবিভূষণৈঃ) কু স ২ ৩৯। ২ চোরিত। "স কণ্ঠকো রাজসুতায়া ইহ কণ্ঠতঃ। হারিতঃ ..।—ক সা ৫৪ ১১১। ৩ নাশিত। "সেবয়া ধনমিচ্ছদ্ভিঃ সৈবকৈঃ পশ্য যৎ কৃতম্। স্বাতন্ত্র্যং যচ্ছরীরস্য মূঢৈস্তদপি হারিতম্॥—হি ২ ১৮। (ভবতা) রত্নমালা ন হারিতা।—পঞ্চ ৫ ৮১। ৪ দ্যূতাদিতে পণরূপে বিপক্ষসাৎকৃতা। 'যদ্যহং হারিতা পূর্ব্বং ভবামি দ্যূতকিঙ্করী। আত্মা বা হারিতঃ পূর্ব্বং তদা নাস্মি চ হারিতা।—বা ভা ২ ৪২। অস্মাভিঃ সুবর্ণভাণ্ডম্ দ্যূতে হারিতম্।—মৃ ৩২২। ৫ অধরীকৃত, তিরস্কৃত। কুচকলশকচা হারিতা হারযষ্টিঃ গী গো ১২ ১৪। ৬ আকৃষ্ট বিমোহিত। '°চিত্ত (SW)। [°প্রাপ্ত (বিণ)—পূর্ব্বে হারিত পশ্চাৎ প্রাপ্ত। '(রাজ্ঞা দত্তৌ) দীনারান্ হারিতপ্রাপ্তান্ ক সা ৩৩ ১৫৫।]

হারিত[২] পুং [হরিত + অ (অণ) স্বার্থে] ১ হরিদ্বর্ণ, সবুজ রঙ ২ হারীতপক্ষী। —তী স্ত্রী হারিত-স্ত্রীজাতি।

হারিতক ক্লী [হরিতক + অ (অণ) স্বার্থে] উদ্ভিজ্জখাদ্য।

হারিদ্র বিণ [হরিদ্রা+অ (অণ), স্ত্রী -দ্রী] ১ হরিদ্রারক্ত, হরিদ্রা রঞ্জিত, হলদে। ২ হরিদ্রাসদৃশ। "হারিদ্রবর্ণাঃ (শরাঃ) মহা ৪ ৪২ ৭। বৃহৎসংহিতা ৫ ৫৮। —দ্র পুং ১ কদম্ববৃক্ষ। ২ হরিদ্রাবর্ণ। ৩ হরিদ্রাতুল্যমূল বিষভেদ।

হারিমুগ বি [হরিৎ > হারি] হরিদ্বর্ণ মুগ, হালিমুগ।

হারিয়া বি° [হাঁড়িয়া > °য়া] সর্ব 'হাঁড়িয়া (২)। [হারিয়া ছোঁহর—বড় প্রচুরলোম চামর। 'ম পা ৬। গো চ ৩২৪।]

হারী[১](-রিন্) বিণ [হৃ + ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -রিণী] ১ হারক, বাহক। 'জল°, লেখ°, সন্দেশ°। ২ অপহারক, চোরয়িতা, মোষক। 'লোপত্র° মহা ১ ১০৭ ৪। অর্থ° ক সা ৩৬ ১১৯। বাজিকুঞ্জরাণাঞ্চ হারিণঃ যাজ্ঞ ২ ২৭৬, স্বর্ণ° ৩ ২০৮। ৩ প্রাপক, জ্ঞাপয়িতা। 'শাসন° রঘু ৩ ৬৮। ৪ নাশক, নিরাসক, দূরীকারক। 'তাপ° ক সা ৩৫ ১২, সৌন্দর্য্য° ৪০ ৪৪। শোক° (SW)। (গাঙ্গং বারি) পাপহারি (গঙ্গাষ্টক) ত্রিতাপহারিণী বা ম ৩। (গৌরচন্দ্র) হৃদয়কুহরতিমিরহারী। —গো ২৯। ৫ শময়িতা, প্রতিকারক। "পিত্ত°, শ্লেষ্ম° (SW) কাস° (সুশ্রুত)। ৬ ঘাতক, হন্তা। "জীবিত°, প্রাণ°। নমো মধুহারী। —ম ১০৫০। ৭ গ্রাহী, গ্রাহক। "বলিষড়্ভাগ°, রিকথ° (SW)। ভাগ°।—বিষ্ণু ১৫ ৩২,-৪। ৮ মনোহরণশীল (শ্রীধর), হৃদয়গ্রাহী, মনোহর। "গীতরাগেণ হারিণা শ ১ ৫। কি ৪ ১৪। হারি চ সিদ্ধরাজচরিতম্।—নাগানন্দ ৩ (প্রস্তাবনা)। ভাবহারিভ্রমণ্ডল ভ ১০ ৬১ ৪। ৯ বিমোহন, আকর্ষক। "চিত্ত°, শ্রবণ° (SW)। ভৃঙ্গাঃ শ্রুতিহারিনিস্বনাঃ।—ঋতু ২ ১৪। জনলোচন° ক সা ৪ ২৯। ১০ অতিশায়ী। "তরঙ্গহারিত্রিবলী ক সা ৬৯ ৫। খঞ্জনগতিহারী জ প ২২। ১১ বিষয়স্পৃহোৎপাদক (কুল্লুক)। "রজঃ. বিদ্যাৎ সততং হারি দেহিনাম্ মনু ১২ ২৮। ১২ যে দেয় স্বীকার করে, দানস্বীকর্ত্তা। 'পা ৬ ২ ৬৫। ১৩ [+ ইন্ আবশ্যকে, পা ৩ ৩ ১৭০] অবশ্য হারক বা গ্রাহক। "অংশং হারী পা ৫ ২ ৬৯।

হারী² (-রিন্‌) বিণ [হার+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -রিণী] হারবিশিষ্ট, ধৃতহার। ভ ১০ ১৩ ৪৭। "কিরীটী হারী (নারায়ণধ্যান)। কণি-হারীন মণিহারী, বনকুসুমহারী (পীতাম্বর)।—দা ২০।

হারী³ স্ত্রী [হার¹ + স্ত্রী ঈ (ঙীষ্)] মুক্তাফল, মুক্তা (শ ক)।

হারীত পুং [তু 'হারিত' হি হারিল] ১ পক্ষিবিশেষ, হরিতালপক্ষী, হরিয়াল (Columba Hariola)। "রঘু ৪ ৪৬। ২ স্মৃতিকার মুনিবিশেষ। "যাজ্ঞ ১ ৪। ৩ পৌরাণিকবিশেষ। "ভ ১২ ৭৫। ৪ কৈতব (মেদিনী), কিতব (ত বা)। —তক পুং হারীত পক্ষী।

হারীতক দ্র 'হারীত'।

হারে অব্য [দ্র 'হাঁরে'] ১ সম্বোধন। ২ সর্ব 'তাঁরে'।

হার্দ্দ বিণ [হৃদয় + অ (অণ), হৃদয় > হৃদ পা ৬৩৫০, স্ত্রী -র্দ্দী] ১ হৃদয়সম্বন্ধী, হৃদয়স্থিত। 'হৃদয়ভেদ' হার্দ্দম্ (সি)। "হার্দম্...ভজতে মা(মাম্) ভ ১১ ১৩ ৩৩। —র্দ্দ স্ত্রী ১ হৃদয়ের ভাব বা কর্ম। "পা ৫ ১ ১৩০। ২ প্রিয়তা প্রেম, স্নেহ (অ কো)। হার্দ্দ° যৎ পাণ্ডবেষাসীৎ মহা ৫ ৯৫ ৩৭। সহার্দ্দি মাঘ ৯ ৬৯। জাত° কি ১ ৩৩। হার্দ্দ করি কহে হর শি ৩৭, (যত্নমণি) হার্দ্দ করি ..কন বাণী ৪৭। ৩ হৃদিস্থ অভিপ্রায়, অভিপ্রায়। আত্মায় হরের্হার্দ্দম্ ভ ১.৭৫৫ আবেদিত° ৩৪ ১৯।

হার্দ্দিক্য পুং [হৃদিক+য (ষ্ণ্য)] হৃদিকের পুত্র। "কৃতবর্মা চ হার্দিক্যঃ মহা ৭ ৪৬ ৪।

হার্দ্দী (-র্দ্দিন্) বিণ [হার্দ্দ+ইন (ইনি)-১ব, স্ত্রী -র্দ্দিনী] প্রেমবান্, স্নেহযুক্ত। "(এবঃ) তেষু হার্দ্দী (চণ্ডী)।

হার্দ্দ্য বি ['হার্দ্দ' সাধু, তু 'সৌহার্দ্দ্য'] স্নেহ, প্রণয়। "শ্রী মা ৮৮। হার্দ্দ্য করি হৈমবতী, কহিল সবার প্রতি শি ১১২।

হারমোনিয়ম্ বি [E harmonium] শুষির বাদ্যবিশেষ।

হার্য্য বিণ [√হৃ + য (ণ্যৎ)-র্য্য] ১ অপহার্য্য (মল্লিনাথ)। "পরানর্ভকহার্য্যশস্ত্রান্ বৈদর্ভি পশ্য রঘু ৭ ৬৭। ২ অপহরণার্হ, হর্ত্তব্য, চোরয়িতব্য। "অহার্য্যত্ব।—হি ৪ (অবতরণিকা)। ৩ বাহ্য, বহনীয়। "বারণরাজহার্য্যয়া...ভুয়া কু স ৭ ৭০। নিঃশ্বাসহার্য্যাংশুক রঘু ১৬ ৪৩। ৪ গ্রাহ্য, গ্রহণীয়। "ভর্ত্তৃহার্য্যধনো হি সঃ মনু ৮ ৪১৭। অহার্য্যং ব্রাহ্মণদ্রব্যম্ ৯ ১৮৯। ৫ নিবার্য্য, নিবারণীয়। "সা অহার্য্যনিশ্চয়া কু স ৫ ৮। ৬ বশীকরণীয়। "(ইয়ম্) অল্পপহার্য্যাম্ ·পিনাকপাণি পতিমাপ্তুমিচ্ছতি কু স ৫ ৫৩। ধন°, গুণ°, (সু)। ৭ ভেদ্য। "অহার্য্যৈঃ পরিচারকৈঃ (সুপরীক্ষিতমন্নাদ্যম্) মনু ৭ ২১৭। ৮ অভিনেয়। 'বীথী স্যাদেকাঙ্কা দ্বিপাত্রহার্য্যা তথৈকহার্য্যা বা।—ভরতনাট্যশাস্ত্র ১৮ ১০২। ৯ (গণিতে) হরণীয় ভাজ্য। ১০ [+হ-ক] হারী। "হার্য্যোঽয়ং (হার্য্যয়ম্—হারী + অয়ম্ ?) বিষয়ো ব্রহ্মন্ গান্ধর্ব্বো নাম নামতঃ মহা ১৩ ১৯ ৪৯। —র্য্য পুং ১ 'বিনাশ্য (?)', বিভীতকবৃক্ষ। ২ (গণিতে) ভাজ্যাঙ্ক (dividend)।

হাল¹ পুং [√হল্ + অ (?)-ক, পা ৩ ১ ১৪০] ১ হল, লাঙ্গল। "ক চ ৮৪। ২ [হ(ল)ল + অ (অণ)] 'হলপ্রহরণ', বলরাম। ৩ 'হলসম্বন্ধী', শালিবাহনরাজ। "হলভৃদ্ভুজ। —লা¹ স্ত্রী ১ 'অঙ্গবিলেখক' (অ টী) কাদম্বরী, সুরা, হলিপ্রিয়া। [+আ (টাপ)] "মাঘ ১০ ২১। পু মে ৪৯। হালাং হালাহলোপমাম্।—পঞ্চ ২ ৫৭। (ভুয়া) কবলিতা হালা চলাগ্রাঙ্কুরাঃ বা ভা ২ ৩৯। ২ তালরসজ মদ্য, তাড়ী। [হাল কামাই—হালকর্ষণ বন্ধ। "হাল কামাইয়ের দিন শি ৭৫। হালখানাএ—প্রত্যেক হালে, অর্থাৎ হালের ফসলে। "°এ খাজনা ছিল আড় বুড়ি কড়ি গো চ ১। হাল ছাড়া—হলকর্ষণ হইতে বিরত হওয়া। "শি ৭৫। হাল জোড়া, যোড়া—হলকর্ষণ আরম্ভ করা। "শি ৭৫। হাল ধরা—কর্ষণার্থ লাঙ্গলের মুষ্টি দৃঢ়ভাবে ধরা। নিজ হালে করা—আপনি জমি চষিয়া ফসল করা।]

হাল² '-ল্' বি [হি 'হাল'] গাড়ীর চাকায় প্রান্তে সংলগ্ন লোহার বেড়। "হাল লাগান।

হাল³,-লি³ '-ল্' বি [E helm] অরিত্র, নৌকার কর্ণ। "একেবারে হালি ছাড়া উপযুক্ত নয় বা দ ২৩৫। ২ (গৌণার্থে) পরিচালক, পথপ্রদর্শক। কতকগুলি হতভাগা মোসাহেবই যাদের হাল, তারা যে এই রকম পশুবৎ কদাচারে রত থাকবে, এ বড় আশ্চর্য্য নয়।—হু ১৪৭। [হাল-মাচা—হালের নিকটস্থ নাবিকের দাঁড়াইয়া হাল ধরার মাচা। হাল ছাড়া—বিপদে নৌকা হালের বশে রাখিতে না পারা, (গৌণার্থে) বিপদে অবসন্ন হইয়া বিপৎপ্রতীকারের চেষ্টা না করা। হাল ধরা —১ নৌকার কর্ণধার হওয়া। ২ বিপদে নৌকা বশে রাখার জন্য হাল চালনা করা, (গৌণার্থে) বিপদে সহায় হইয়া রক্ষা করা। "আমি হাল ছাড়লে তবে, তুমি হাল ধরবে জানি। যা হবার আপনি হবে, মিছে এই টানাটানি।—গীতিমাল্য—রবীন্দ্র।

হাল⁴ '-ল্' বি [আ হাল্] ১ দশা, অবস্থা (state)। ধুকাইব ধাঁটি হাল (হিন্দুর সন্তানে)।—হেম ৩৮৪। ২ দুরবস্থা, দুর্গতি। "(বেটা।) দেখিবি করিব যেই হাল ভা চ ৩৭৮; গিয়া তিন কাল, শেষে এই হাল ৩৯৭। কত্তা, এবারকার ফসলের হাল আপনি তো সব ওয়াকিফ হয়েছেন।—মা ৩২৩। ৩ মনের গতি বা ভাব। "পরধন পরে দিতে যাব এই হাল। তাই ঠাঁই পানিকৌটা পাইতে জঞ্জাল।—ভা চ ৪০৭। ৪ দরিদ্রবেশ, হীনাবস্থা। "বেহাই বেহানী তারা হাল যে দেখিয়া। নিরাশ হইল, অর্থ আশা তেয়াগিয়া॥—ভ গ্র ৩৪৭। ৫ আকারপ্রকার, ভাবগতিক। "রাণীর দেখিয়া হাল, জিজ্ঞাসয়ে মহীপাল, কেন কেন কহ সবিশেষ ভা চ ৩৭৬। ৬ ব্যাপার, ঘটনা। ৭ বৃত্তান্ত, বিবরণ। ৮ সমাচার, সংবাদ। ৯ বর্ত্তমানকাল। —ল বি° ১ বর্ত্তমান, প্রচলিত। "এ কারবার যে হাল সাল, প্রায় বন্ধ ইরসাল।—দা ২১৩২। ২ বর্ত্তমান, ইদানীন্তন। "হাল সাকিন। [হাল খাজনা—বর্ত্তমান সনের খাজনা। হাল খাতা—বর্ত্তমান সনের দোকানের হিসাবের খাতা, নতুন খাতা। হাল-চাল (হি 'হলচল'—ধুম, ঠ 'হাল-চাল'—উদ্যোগ)—অবস্থা ও চাল-চলন। হাল নিকাশী—বর্ত্তমান সনের হিসাবের নিকাশী। হাল বকেয়া—বর্ত্তমান ও অতীত (সন)। হাল বাকী—বর্ত্তমান সনের বাকী (খাজনা)। হাল সাকিন—বর্ত্তমান ঠিকানা। রাজার হাল—রাজার মত অবস্থা, অতি সমৃদ্ধ দশা। হাড়ীর হাল—অতিদুরবস্থা, অতিদুর্গতি।

হাল⁵ বি [শের² > হেল > হাল (?)] বাঘ। "মৃগের সমুখে যেন সান্তাইল হাল শ্রী ম ১১০।

হাল⁶ বি° [হাল > হাল] কাঁচা (ফল)। [হাল কাঁচা—একেবারে কাঁচা (একটুও পাকা নয়)। হাল গন্ধ—কাঁচা-কাঁচা গন্ধ।]

হাল⁷ অর্ম [হি, ঠ √হাল, তু 'স° হল্লন'] ১ চালিত হওয়া। দোলা। "(চিকুর) বিলুলিত হালত, তিমিরভার বন্ধু পবনে ন প ১৮৮। ২ ভয়ে কম্পিত হওয়া। যমুনার ঢেউ দেখী হালএ পরাণী শ্রী কী ১৫৩,-৪, ১৬০। ডরে প্রাণ হালে শ্রী.ম ১৩ ৭৬, চৈ ম ১৩৯। হিল্লোল কল্লোল, দেখিয়া হালিছে গা।—জ্ঞা ১৩৭। ৩ ভারে বিচলিত হওয়া বা টলমল করা। "পদতল-তলে, মহীতল হালে ন প ৩৯৬। ৪ কৃশতা হেতু নত হওয়া। 'মধ্যদেশ হালে তার বসন্তের বাতে চ.বি ১৮৬। ৫ শিথিল হইয়া পড়া। "শয়নের কালে, খামী কাঁপে হালে, মোর কি এ সুখ টুটা শ্রী ৯২। ৬ শিথিলমুখ হইয়া নড়া। "দন্ত সব হালে চৈ চ ৭৮। ৭ পাশে রত হওয়া বা কাত হওয়া। "পড়িলী হালিঞা রাধা কুলের শরে শ্রী কী ২৮০। চলে হালে নাহি ডোজা, অতিবড় দৃঢ় চৈ চ ৮৩। ৮ অশান্ত বা ব্যাকুল হওয়া। হাঁটিয়া যাইতে প্রাণে হালে কাঁপে ডরে চৈ.ম ১৬২; তরাসে গোয়ালা সব হালে কাঁপে বুকে ১৮৮। [হালা সর্ব 'হ্যালো'। হালি ঢুলি,—হালিয়া ঢুলিয়া, হেলে দুলে। "ধ.প ২৫০২। হালি ঢুলি

পড়া—হেলিয়া দুলিয়া পড়া। "পীযুষ পান করি, থেনে থেনে হালি চলি পড়ে ম.পা ২৬। হালিয়া ঢুলিয়া পড়া, পড়া—হেলিয়া দুলিয়া পড়া। "হালিয়া ঢুলিয়া পড়ে যৌবনের ভরে ম.গা ১০। হালিয়া ঢুলিয়া পড়ে যৌবনের ভারে গো চ ৩৩৬। অঙ্গ হালি চলি, দেহ হালিয়া চলিয়া—দেহ হেলাইয়া ও ঝুঁকিয়া পড়িয়া, শরীর নত করিয়া ও ঝুঁকিয়া। "দেহ হালিয়া চলিয়া (নৃত্য করেন) ম পা ১৯, ৬৯ : নৃত্য করে হালি চলি অঙ্গ ১০৪। [হালিবার, হালিয়া,-লুয়া (হেলিয়া)—গো চ।]

হালই বি [সং হালিক] কৃষক, হালিয়া। গো চ ৮০।

হালক পুং ১ সর্থ 'হরিক (১)। ২ নানাবর্ণচিত্রিত অশ্ব (অ চি)।

হালকা '-ল্-' বিং [সং লঘুক >প্রা লহুঅ, হলুঅ (হে ২ ১২২) >°কা (?), হি, ঠ হলকা, ড় হালুকা] ১ লঘু, স্বল্পভার (দ্রব্য)। বিপ 'ভারী'। ২ পাতলা। বিপ 'পুরু'। যাহা গাঢ় নয়, ফিঁকা। "হালকা রঙ। ৪ লঘুপাক, সহজপাচ্য (খাদ্য)। ৫ গাম্ভীর্য্যহীন, অপ্রবীণ, ছেবলা, ফচকে। "আমি বুঝি হাকিম হয়ে তাদের সঙ্গে কথা কবো, তা হ'লে যে লোকে আমায় হালকা বলবে স এ ৩৫। ৬ প্রতিপত্তিহীন, নগণ্য, সাধারণ (লোক)। 'হালকা লোক ব দ্বি ৩। পাখী ৭ অনায়াসসাধ্য, খুজরা (কাজ)। ৮ স্বল্পমূল্য (জিনিস) ৯ সরল, প্রাণ-খোলা। "হালকা হাসি হাসছে কেবল (ওই আমাদের ছেলেরা সব) কু কে ১৯৪। ১০ লঘু, স্বল্পব্যয়সাধ্য। "এই জীবনেব ভার, যত হালকা হতে পারে করলে এবা চূড়ান্ত তাহার প কা ২৬। ১১ মৃদুল, মন্দ। "হালকা হাওযা বয় কু কে ১১২। ১২ শীর্ণ, রোগা। "হালকা-দেহ কঞ্চিকাটী অন্য ক্যাণ্ডিডেট।—হেম ৬৭৯। ১৩ লঘু, সামান্য, তুচ্ছ। বিপ 'গুরু'। হালকা তুমি কর পাছে, হালকা করি ভাই, আপন ব্যথাটাই চ কা ৩৩১। ১৪ নবযৌবনে চপল স্বভাব। 'দল বাঁধিয়া যত হালকা মেয়েব সঙ্গে হালকা হাসি হাসিতে হাসিতে হালকা কলসীতে হালকা জল আনিতে যাওয়া রোহিণীর অভ্যাস নহে ব প্র ২৬৬। ১৫ যৌবনসুলভ। দ্র '(১৪)। ১৬ লঘু, ছোট। দ্র '(১৪) ১৭ অল্পভার, অল্প। দ্র '(১৪)। ১৮ পাতলা (জল)। বিপ 'ভারী'। [গা হালকা হওয়া—১ কোন বিষয়ের দায় হইতে মুক্ত হওয়া। ২ অসুখে রসের পরিপাকে শরীর লঘু হওয়া। পেট হালকা করা—কোন কথা বিশ্বস্তকে বলিয়া পেট খালি করা। মাথা হালকা হওয়া—অসুখে রসের পরিপাকে মস্তক লঘু হওয়া।]

হালকামি বি [হালকা + আমি[2], তি হলকাঈ,-কাপন] ১ লঘুবুদ্ধিতা, নির্বুদ্ধিতা, বোকামি। ২ অপ্রবীণতা, ছেবলামি।

হাল(লা)ৎ বি [আ হালত, হালাত (বহুবচন)] ১ অবস্থা, দশা। "একজন বৃদ্ধ…'কন্যাদায়' হালতের পরিচয় দিচ্ছেন।—হ ৩০। ২ মোকদ্দমার অবস্থা, চার্জ (case)। "(জজ) যখন যাঁহার পালা, তিনি প্রাঙ্গুরি মকরর হইলে তাঁহাদিগকে চার্জ অর্থাৎ সেশনীয় মকদ্দমার হালাৎসকল বুঝাইয়া দেন আ চু ১৮০।

হালদার বি [হাওলদার > °র] ১ ব্রাহ্মণ কায়স্থ ও নাপিতের উপাধি। ২ মুসলমানের উপাধি। "ম ম ৫৪।

হালফিল ক্রি.বিং [আ ফিল্ হাল্] অধুনা, এখন, বর্ত্তমানে। হালফিলই বা কোন্ কম্পাস ধরে জাহাজ চালাতে পাচ্ছ অ প্র ১০৫।

হালভৃৎ পুং [হাল + √ভৃ+ক্বিপ্ (০)-ক, উ.ত] হলধর, বলরাম।

হালমম বি পক্ষিবিশেষ, হারীত (?)। বি.মু ১৭।

হালহল ক্লী ১ [দ্র 'হলাহল'] মথিত সমুদ্র হইতে উত্থিত তীব্র বিষবিশেষ। তু 'কালকূট'। নির্মথ্যমানাদুদধেরভূদ্ বিষম্ --হালহলাহ্বম্ ভা ৮.৭ ১৭। ২তীব্র বিষ। "মধু তিষ্ঠতি বাচি যোষিতাং হৃদয়ে হালহলং মহদ্বিষম্।—পঞ্চ ১ ১৯৯।

হালা[1] দ্র 'হাল[1]'।

হালা[2] বি [ড় হলা] মুষ্টিপরিমিত তৃণাদি; একমুঠা, গলা, আঁটি। "আড়াই হালা ধান শূ ১১২। চারি হালা খড়ে বিদাই হাইল চারি পাট ক চ ৭৯। আড়াই হালা মাত্র (ধান্য) শি ১১২। আড়াই হালা কাঁচা বেণা ম ভা ২৭।

হালা[3] বি [হাল[1] + আ[1°]] হালাকর্ষক, চাষা। [আগহালী—অগ্রগামী হলকর্ষক। 'আগহালা যে দিকে যায়, পাছহালাও সেদিকে যায় (প্রবচন)।]

হালাক বি [আ হলাক] জবাই (slaughter)। "হালাল না করি করে নাহক হালাক ভা চ ৪৭৯।

হালাকালা বিং [হাবলা-কালা >°লা] মূর্খ ও বধির। "তা মা, আমি বুড়োমানুষ, হালাকালা, আমি কি অত পারি ব প্র ৩৬৬।

হালাগোছা বি [হালা[2] + গোছা] সৌষ্ঠব-শৃঙ্খলা, সজ্জাপরিপাটি। "কাজের হালাগোছা নেই।

হালাল বিং [আ হলাল্] মুসলমানশাস্ত্রবিহিত, বৈধ (lawful)। "হালাল না করি করে নাহক হালাক ভা চ ৪৭৯। [হালালজাদা—সাধু, সজ্জন। "হারামজাদাকে মার, হালালজাদাকে ছাড় বা ম ৮২।]

হালাহল পুং ১ বিষতরুবিশেষ। [ইহার ফল গোস্তনসদৃশ গুচ্ছবদ্ধ ও পত্র তালপত্রতুল্য (ভাবপ্রকাশ)।] ২ [°ল + অ (অচ্)] 'হলাহলযুক্ত', কীটবিশেষ, কুটিলকীটক।—হল পুং, ক্লী [দ্র 'হলাহল[1]'] ১ হালাহলতরুমূল-জাত বিষবিশেষ, হালহল, হলাহল (শ.ক)। ২ সমুদ্রমন্থনে যোক্ত্র সর্পমুখ হইতে নির্গত তীব্রবিষভেদ (রা)। তু 'কালকূট'। "হালাহলমহাবিষ রা ১ ৪৫ ২২। হালা° হালাহলোপমাম্ (যঃ পশ্যেৎ)।—পঞ্চ ১ ৫৭। °বিষ।—হি ১ ৮৩। ৩ তীব্রবিষ, বিষমাত্র। 'কিরন্তি কূজিতময়ং হালাহলং কোকিলাঃ।—ভামিনীবিলাস ২ ৭১। —হলা স্ত্রী বালমূষিকা, গিরিকা। —হলী স্ত্রী মদিরা। [°ধর (পুং)—সর্প।] হালাহল উপবে বিরাজমান শশী—'হলাহল' বিষ, অর্থাৎ বিশ (২০), 'শশী', অর্থাৎ (১), (২০) এর উপরে (১)—২০১। 'শি ৭১।]

হালাহলা, হালাহলী দ্র 'হালাহল'।

হালাহোল বি [হলাহল[2] >°ল] সর্থ 'হলাহল[2]'। "কুটুম্বিতা হালাহোলে শ্রী ২২, চলে হালাহোলে ৫০, ৬০, ১৪৪,-৭, গৌড়পতি, লাউসেন, বাজা কর্পূরধল। হাতাহাতি হালাহোলে চলিল মহল॥—১৪৮,-৯, ঘুচিল হনুর হঠ হলো হালাহোল ১৮৮।

হালি[1] বি [হালা[2] + ই[11]] সর্থ 'হালা[2]'। "ভীম পেন্তী ধান দাইলেন আড়াই হালী শূ ১১১। আড়াই হালি ধান ব.প ১১৫।

হালি[2] বিং [হরি[1] > হালি] হরিদ্বর্ণ, সবুজ। [হালি গন্ধ—অসিদ্ধ শাক-সবজির কাঁচা-কাঁচা গন্ধ। হালি মুগ—সবুজ মুগকলায়বিশেষ।]

হালি[3] বি [আলি[1] > হালি, দ্র 'হ[1]'] পঙক্তি, সারি, নব্। "পদক মুকুতামালা লম্বি হালি হালি ভ গ্র ৩৮০।

হালি[4], **-লী**[3] বিং [হাল[4] + ই[8], ঈ[7]; হি 'হালী'—শীঘ্র] বর্ত্তমানকালীর, আধুনিক, তাৎকালিক।

হালি[5] বি [ফালি > হালি] খণ্ড, টুকরা। "কচু আনাজ কাঁটাল হালি, রাখিলেক ঘৃতে তুলি বি পা ১৬২।

হালি[6] দ্র 'হাল[3]'।

হালিক বিণ [হাল + ইক (ঠক), পা ৪ ৩ ১২৪, স্ত্রী -কী] ১ হলসম্বন্ধী, সৈরিক। ২ [+ ইক, পা ৪ ৪ ২] হল দ্বারা ভূমিখনক, হলকর্ষক। ৩ [+ ইক, পা ৪ ৪ ৮১] হলবাহক, সৈরিক। —ক পুং ১ কৃষিবল, কৃষক। "°দম্পতি, °ভার্য্যা।—পঞ্চ ৪ ৫৬। ২ হলবাহক বৃষ, হেলে গোরু। ৩ হলপ্রহরণ, হালযোদ্ধা।

হালিয়া বি [সং হালিক > প্রা হালিঅ (হে ১ ৬৭),-লিয় > বা °য়া, ড় হলিআ, তু 'হেল্যা'] হলবাহক বৃষ বা বলদ, লাঙলের গোরু। "এক শত হালিয়া ম.ম ৬১।

হালিশ বি [সং অর্শস্ >প্রা অরিস >°শ, দ্র 'হ১] অর্শ রোগ, অর্শের বলি। "হালিশ বেরোম।

হালী১ স্ত্রী [সং শ্যালী >প্রা সালী >হালী (প্রা ল ৩১৪)] স্ত্রীর কনিষ্ঠা ভগিনী, কনিষ্ঠা শ্যালিকা (অ চি)।

হালী২ বি ['হালি'—চারিটা বা পাচটা দ্রব্যের গুচ্ছ (শ্রীহট্ট), ময়মনসিং), 'হালি'—মূল (?)] গুচ্ছ, থোকা। "গুয়া নহে এহি বিষের হালি বি পা ২০২, সুগন্ধি এলাচীর হালী ২১৭, সমরাইলের হালী এলাচী বদলি ২৯৮।

হালী৩ দ্র 'হালি৪।

হালুআ, -য়া১ বি [হাল+উআ২, -য়া২, তু 'হালিয়া'] হালচালক, কৃষক। "হালুআ গো চ ৩২, হালুযা হাল ছাড়িয়া দিল ২৩৯, হালুআ মুণি হাল ছাড়িয়া দিল ৩০০। চাষ চষ হালুয়া ভাই ম পা ২৯। বি পা ৭০। ভীম আছে হালুয়া শি ৬৯ ৭৫।

হালুই, হালুইকার বি [আ হলৱাঈ] যে হালুয়া কবে, মিঠাইকার, ময়রা। "হালুই আইল তথা চড়ি মনোরথ ভ গ্র ৩১৪।

হালুচালু, হালুকচালুক বি [চালু >হালু (অনু শব্দ)] কোন বিষয়ের জন্য চিত্তের চঞ্চল ভাব।

হালুয়া১ দ্র 'হালুআ।

হালয়া২ বি মিঠাই।

হালো অব্য [আলো৩ >হালো, দ্র 'হ১] সম্বোধন। 'হালো ডোম্বী তো পুছমি সদভাবে।—চ ১৯, ৩২।

হালোত '-ত্ বি [দ্র 'হালৎ'] অবস্থা, ভাব। 'উমেদাবী হালোতেব দু এক জন ভদ্রলোক মোসাহেব।—হু ২১।

হালোয়াই বি [আ হলৱাঈ] সর্থ 'হালুই'। "°গণ ভ গ্র ৩১৪।

হাল্লাক বিং [আ হলাক] ক্লান্ত, অবসন্ন, হয়রান। "বাছা ডাকাডাকি ক'রে হাল্লাক।—জা ১২।

হাস১ পুং [√হস্+অ (ঘঞ্)-ভা] ১ হাস্য। 'রা ২ ৩৫ ২১। জহাস সস্বনং হাসম্ মহা ১৪ ৭৪ ২৪। কুমুদরুচিবহাসা (শরৎ)।—ঋতু ৩ ২৬। মুখাজহাস ভ ১০.২৩ ২২। ধবলতা বর্ণ্যতে হাসকীর্ত্ত্যোঃ সা দ ৭ ২৩। লহ হাস বি প ৩০, লহ লহ হাস ৩১, দশন ছটাছট হাস ৩৫। হাস উপারায় শশী চ দা ২১। মহাহাস চৈ ভা ১২০। বদনকমলহাস চৈ ১। প্রকৃতির আস্তভরা হাস স শ ৮২। ২ হাস্যরসের স্থায়িভাব। হাসো হাসস্থায়িভাবঃ সা দ ৩ ২১৪। ৩ সোৎপ্রাস হাস্য। "সংরম্ভং মৈথিলী-হাসঃ ক্ষণসৌম্যাং নিনায় তাম্ রঘু ১২ ৩৬। (বৃকোদব) নিবৃত্ত করালা যত লোকজন-হাস।—ম ৩৩৭। ৪ বিকাশ, প্রস্ফুটন। 'স্থলপদ্ম' ভট্টি ২ ৩। ৫ প্রকাশ, প্রভা, কিরণ। 'কৈলাসহাসসুভগামাশাম্ ক সা ১৯ ১০৭, কৌবেরীহাসসুন্দরে (কৈলাসশৈলেন্দ্রে) ১২০ ১৬। নির্ম্মলচন্দ্রহাস সা দ ৬২৮। কটিতটে চন্দ্রহাস, চন্দ্রহাসপরকাশ।—রঙ্গ ৭। পূর্ণশশী সুহাস আকাশে, পূর্ণিমায়।—মে ৩০১। ৬ উপহাস। ৭ [+অ-প] কৌতুক, আমোদ। "ভদ্রঘটাথ্যানহাস ক.সা ৫৭ ৪৯। [°কর (বিণ) —হাস্যজনক। °শীল বিণ)—হাস্যকরণস্বভাব, হাসকুটে।]

হাস২ অর্ম্ম [হান১ >হাস২, সং √হস্, হি √হঁস, ঠ √হ'(হ)স, মৈ √হং(হ)স] ১ হাস্য করা, হাসা। 'পদ্মিনী কেমনে, হাসে হৃষ্টমনে ভা চ ৫। হাসিয়া সুধিলা রমা।—মে ২৮৭, হাসিলা, কুসুমকুন্তলা মহী ২১৪। দেখি বসুমতী হাসে আনন্দিত মনে।—হেম ৩১২। (উষে !) হাসিতেছ মৃদু মৃদু স শ ১১৯। ন ১৩২৬। হাসে শশধর মধুরা যামিনী।—গি ছি ১০০, হাস রে যামিনী হাস ১০১। ২ সবিলাস হাস্য করা। "হানিতাম হাসি, চৌদিকে কটাক্ষশর।—মে ২৭৭। ৩ উপহাস করা। "অন্তে হাসে হাসুক, হাসিবে পুরন্দর।—কৃ ২৭৯। কি জানি হারায় বিদ্যা হাসিবেক গৌড় ভা চ ২৯২। দিয়ো দিয়ো একটি চুমা আমায় চিঠির গায়, প্রদীপ যদি হাসিতে থাকে নিবিয়ে দিয়ো তায়।—কু কে ৩৯। তুমি আমার মতিস্থৈর্য্যের এই পরিচয় শুনিলা হাসিবে ব.বি ৮। ৪ প্রকাশ পাওয়া। "বিজুরি সহিতে যেন, চাঁদের কলিকা গো, মেঘের আড়ালে থাকি হাসে প র ৩৩। হাসে, রতনসম্ভবা বিভা।—মে ৪, হাসিল ক্ষণপ্রভা ৭২। ঈষৎ রক্তিমা, অধরকোণায় হাসে।—ন ৮২৯। মেঘের কোলে রোদ হেসেছে।—গান ৯২। আবার সূর্য্যালোকে জগৎ হাসিল ব প্র ৩৩৩। ৫ শোভা করা। "অচল তড়িত তুল উরে হার হাসে ক্ষ.প ৮০৪। ৬ প্রদীপ্ত হওয়া, জ্বলিয়া উঠা। "নির্ব্বাণোন্মুখ দীপ বিন্দু বিন্দু তৈলসঞ্চারে ধীরে ধীরে আবার হাসিযা উঠে ব.প্র ১০২, নিবিবার আগে প্রদীপ হাসিল ৩৩০। ৭ আলোকিত হওযা। "কিরণে ভুবন-ভরা, হাসিয়ে জাগিল ধরা, হাসিয়া জাগিল শূন্যে দিগঙ্গনাগণে।—সা ম ৬। ৮ প্রস্ফুটিত হওয়া। 'জহী কুন্দ কুসুম কেতকি হসন্ত বি সা ৩৬৫। হাসিল অম্বরতলে, পারিজাত দলে দলে হাসিল মানস-সরে কমল-কানন সা ম ৬। —স সর্ম্ম উপহাস করা। 'সকল পাষণ্ড মেলি বৈষ্ণবেরে হাসে চৈ ভা ১৯, নিন্দার কি দায, তাঁরে হাসিলেই মরি ৪৭৮। লীলায় কেশরী যেন হাসে হীন পশু শ্রী ম ১৩৩। [হাসা১—সর্থ 'হাস২। হাসিয়া উড়ান —নগণ্যবোধে হাসিয়া অগ্রাহ্য করা। "নীচ যদি মন্দ ভাবে। সুবুদ্ধি উড়ায় হেসে॥—প্রবচন। হাসিয়া কুটপাট বা কুটিকুটি—দ্র 'কুটপাট', 'কুটিকুটি'। হাসিয়া গড়াগড়ি যাওযা—অধিক হাস্যে বিলুণ্ঠিত হওয়া। "(বাম) হাসিয়া মাযের কোলে যান গড়াগড়ি।—কৃ ৫৬। হাসি হাসা —হাস্য করা। "হাসিয়া অমিয় হাসি।—হেম ৩১২। হাসি হাসি রোই —হাসিতে হাসিতে কাঁদে। 'ভাবে ভরল মন হাসি হাসি রোই।—গো ২৬০। হেঁসে খেলে নেওয়া (ঠ হসীখেলী নে)—আমোদ আহ্লাদ ক'রে নেওযা। 'হেঁসে খেলে নেওরে যাদু মনের সুখে।—ত ১৬৫। প্রদীপ হাসা—নিবিবার পূর্ব্বে প্রদীপেব আলো উজ্জ্বল হওয়া। দ্র '(৬)। রিপু হাসা—শত্রুর উপহাস করা। "ব্যথী জন শুনি কান্দে রিপুগণ হাসে ম ভা ৪৫। লোক-হাসাহাসি—লোকসমাজে কোন বিষযে উপহাস। লোকে হাসে—লোকে উপহাস করে। হাসিআঁ,-এ,-সিতেঁ,-সিলী,-সী, -সে (শ্রী কী)।]

হাসক পুং [হস্+ই (ণিচ)+অক (ণ্বুল্)-ক] ১ যে হাসায়, বিদূষক, ভাঁড়। 'গো রা ২.৩২ ২১। ২ [√হস্+অক-ক] হাস্যকারক, উপ-হাসক। ৩ [হাস+ক (কন্)] হাস, হাস্য। —সন১ বিণ [√হাসি+অন (ল্যুট্)-ক, স্ত্রী -নী] হাস্যজনক কৌতুককর। 'ক.সা ২০.১১৯।

হাসকুটে বিং [হি হঁসোড়, ঠ হ'(হ)সরা] যে হাসিয়া কুটিকুটি হয়, অতিহাস্যশীল, মসখরা।

হাসদ্ বি [আ হসদ্] দ্র 'জিলা' (২)।

হাসন১ দ্র 'হাসক'।

হাসন২ বি [হাস+অন] হাস্যকরণ, হাসা। "পদ্মাবতী সনে মাতায় গগনে হাসন ক চ ৭৪।

হাসনি বি [°ন+ই১১] হাস্যকরণ। "লহ'লহ হাসনি ন প ২৫৫।

হাস-পরিহাস বি হাস্য ও উপহাস, হাসিতামাসা। চৈ ম ১২৩।

হাসা১ দ্র 'হাস২।

হাসা২ সর্ম্ম [হাস২+আ৮] ১ হাস্য করান, হাসান। "(উষে !) কে বা সে, যে হাসাইল স শ ১১৯। ২ উপহাস করিতে দেওয়া। "(মনসা !) আপনে রসিকা হয়ে সভাকে হাসাও বা ম ৩৬৩। ৩ আলোকিত করা। "মুহূর্ত্তেক হাসাইয়া গগন-প্রাঙ্গণ, সভয়ে চপলা মেঘে পশিছে তখন।—ন ৪১১। [হাসান—সর্থ 'হাসা২। লোক হাসান—লোককে উপহাস করিতে দেওয়া।]

হাসাস্পদ স্ত্রী [ষ.ত] হাস্যের বা উপহাসের পাত্র।

হাসাহাসি বি [হাস২-আ+হাস২-ই] ১ পরস্পরের মধ্যে হাস্য বা উপহাস করিতে দেওয়া। "লোক°। শত্রু° দা ৭৭০।

হাসি বি [সং হাস্য >প্রা হস্স >বা (হাস+ই¹¹) হাসি (?) ; হি হঁসী ; ঠ হং(হ)সী] ১ হাস্য। "মুখ-চান্দে হাসির মাধুরী ন.প ২৮৮। হাসিতে তড়িৎ জিনে ভা চ ৩২১। কভু হাসিরাশি, বিকট অধরে। —মে ২৬৮। (উষে।) কে শিখাল এত হাসি ?—স শ ১১৯। আনন্দের এই পরম অস্ত্র—প্রথম অস্ত্র—হাসি কু কে ৬৭। মুখের হাসি চাপলে কি হয়, প্রাণের হাসি চোখে খেলে (গান)। সে হাসিতে সরলতা ও বালিকাভাব ব্যতীত আর কিছুই ছিল না ব প্র ১৭। ২ উপহাস। "পাষণ্ড অসুর হাসি করে নানামতে ন প ২৭৫। [°কান্না—হাস্য ও ক্রন্দন, হর্ষ-বিষাদ। °খুশী, -সী (ঠ হঁসী-খুশী)—হাস্য ও আমোদ, আমোদ-আহ্লাদ। °তামাশা—হাস্য-কৌতুক, আমোদ-সামোদ, রঙ্গ-রস। °মসকারা—হাস্য-পরিহাস, রঙ্গ-তামাশা। "কেহ বা…°রার কথা কহিতেছেন।—আ হু ৭৫। °মুখ (হি হঁসমুখ, ঠ—হসতমুখ)—হাস্যযুক্ত মুখ, সহাস্যানন। "°খটি দেখতে বেশ। °হাসি—ঈষৎ হাস্যযুক্ত, প্রফুল্ল। "ওষ্ঠাধর দুখানি ‥একটু হাসিহাসি ব প্র ১৭। °হাসিমুখ —সস্মিত মুখ, প্রফুল্লানন। হাসি ফুটা—হাসি প্রকাশ পাওয়া। হাসি হাসা (তু 'জহাস হাসম্—মহা ১৪ ৭৪ ২৪)—হাস্য করা। হাসির কথা ১ হাস্যজনক বিষয়, মজার কথা। ২ উপহাসের বিষয়। হাসির গবরা —দ্র 'গবরা'। হাসির ঘটা—হাস্যের প্রাচুর্য্য। কথা হাসির উপর দিয়া যাওয়া—কথা হাস্যমাত্রেই পর্য্যবসিত হওয়া তাৎপর্য্যগ্রহণব্যতিরেকে কোন কথা হাসিতেই শেষ হওয়া। "এমনি করে কথাটা হাসির উপর দিয়েই গেল—ঘ ১০২। কাষ্ঠহাসি হাসা—দ্র 'কাষ্ঠহাসি'। মুখে হাসি ধরে না—এত হাসি যে মুখে যেন তার স্থান হয় না (প্রাণ খুলিয়া হাসায়)]।

হাসিকা বি° হাস্যকারিণী। "ঘোরহাস্যহাসিকে ভা চ ৪২৭।

হাসিত বি° [অপ্র, তু 'সুখিত'] সহাস। "°বদনে শ্রী ম ২২৪।

হাসিয়ালী, হাসিল দ্র 'হানশাল, হাঁসিল'।

হাসী (-সিন্) বি° [√হস্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] ১ হাস্যকারী, স্মিতকারক। "চারুহাসিনি।—গো.রা ২ ১০ ২৫। চারু-হাসিনী মহা ১ ৬ ১০, মেঘৈর্বলাকাপঙক্তিহাসিভিঃ ১৩৬ ২৩। ২ হাস্য-বান্, ধবল। "সৌধহাসিনী (পুরী) ক সা ১৮ ১০। (যমুনাম্) হংস-হাসিনীম্।—হ ৬৮ ৩৪।

হাস্ত বিণ [হস্ত+অ (অণ)] হস্তসম্বন্ধী। "নলোদয় ১ ৩৮।

হাস্তিক বিণ [হস্তিন+ইক (ঠক), পা ৪ ৪ ৮] ১ হস্তিচারী, হস্তি-গামী। —ক পুং হস্ত্যারোহ, নিষাদী। —ক ক্লী [+ইক, পা ৪ ২ ৫৭] হস্তিসমূহ। "মাঘ ৫ ৩০।

হাস্তিন বিণ [হস্তিন্+অ (অণ), পা ৫ ২ ২৮] ১ হস্তিপ্রমাণ, হস্তি-মাত্র। ২ [+অ, পা ৪ ২ ৬৮] হস্তিরাজ কর্ত্তৃক নির্বৃত্ত বা প্রতিষ্ঠাপিত। —ন ক্লী হস্তিনাপুর। [°পুর (ক্লী)—হস্তিনাপুর। "রা ২ ৬৮ ১৩। মহা ১ ৯৫ ৩৪, ১০০ ১২। ভ ১ ১০ ৭।

হাস্য বিণ [√হস্+য (ণ্যৎ)-র্ম] ১ পরিহসনীয়, উপহাস্য। "হাস্যং বচঃ রঘু ২ ৪৩। লোক° ক সা ৬১ ১৯২। ২ [হাস্য+অ (অচ)] হাস্যযুক্ত, হাস্যরসপ্রধান। "নাটকাস্যপরে স্মাহর্হাস্যানি ত্রিবিধানি চ রা ২.৬৯ ৪। —স্য ক্লী [+য-ভা] ১ হাস, হসন। "হাস্য° তেষাং ভবিষ্যতি গো রা ২ ১০.৭। হাস্যম্…ত্যজেৎ প্রোষিতভর্ত্তৃকা যাজ্ঞ ১.৮৪। ২ পরিহাস, নর্ম্ম। "গোষ্ঠীহাস্য রা ২ ৬৯ ৫। হাস্যৈশ্চ বিবিধৈঃ মহা ২ ৭ ২৪। দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্ মনু ৯ ২২৭। —স্য পুং (অলঙ্কারে) হাসস্থায়িভাব রসবিশেষ। 'হাস্যো হাসস্থায়িভাবঃ সা দ ৩.২১৪। "রা ১ ৪ ৯। হো-হো-করি জনারণ্যে হাস্যরস ফুটে।—রজ ২৪। [°কথা (স্ত্রী) —হাস্যজনক বিষয়। "ভ ১০.৬৯.২৯। °কর, °কার, °কৃৎ (বিণ) —১ হাস্যজনক। "কথানাং বহুরূপাণাং হাস্যকারাঃ রা ৭ ৪৩.১। কর্ণ্ণবপূর্বৈষাটৈঃ (হাস্যকরঃ বিদূষকঃ) সা দ ৩.৫২। ২ হাস্যকারক। °কার্য্য (ক্লী)—পরিহসনীয় কার্য্য। °দিদৃক্ষু (বিণ)—হাস্যজনকবিষয়-দর্শনেচ্ছু। "বিটা °দিদৃক্ষবঃ ক সা ৬ ৫৮। °পদবী (স্ত্রী), মার্গ (পুং) —পরিহাসস্থান, হাস্যাস্পদ। "°বীং যাতি (পঞ্চ)। °প্রসন্নাস্য (বিণ) —হাস্যপ্রফুল্লানন। "পঞ্চরাত্র ১ ১২ ২৪। °প্রৌঢ়ি (স্ত্রী)—হাস্যগাম্ভীর্য্য। "ভ ১০.৬০ ২৫, ২৮। °রস (পুং)—রসবিশেষ। দ্র 'হাস্য' পুং। °রুচি (বিণ)—হাস্যস্পৃহ। °স্থায়িভাব (বিণ)—যে রসের হাস্য স্থায়িভাব। দ্র 'হাস্য' পুং। [হাস্য করা—১ হাসা। ২ উপহাস করা। "তারে হাস্য করিতে লক্ষ্মী করিল সাজন চৈ চ ১৬৩।]

হাস্যতা স্ত্রী [হাস্য+তা (তল্)] উপহাস্যতা, পরিহাসপাত্রতা। "হাস্যতাং যাতি।—পঞ্চ ২ ৩১।

হাস্যপরিহাস্য বি ['°পরিহাস' সাধু, দ্র 'পরিহাস'] হাস্য-পরিহাস, হাস্যকৌতুক। "নানা °স্য চৈ ভা ১০৭। বি পা ৫৪। কৃ চ ৪৯।

হাস্যলীলা বি সলীল বা সবিলাস হাস্য, হাবভাবের হাসি। "(ডোমিনী) নিরবধি গুয়া খায় মুখে °লা বি পা ৬০।

হাস্যার্ণব বি হাস্যের সাগর, অত্যন্ত উপহাসের বিষয়। "কোন ছার লালসেন সহজে মানব। তারে ভয় হয়্যাছে, এই °ব।—ব প ৪২৭।

হাস্যার্থ বিণ [নি স] পরিহাসার্থ। "মনু ৯ ২২৭।

হাস্যাস্পদ ক্লী [ষ ত] পরিহাসভাজন, উপহাসপাত্র।

হাহা¹ পুং ['হাহাঃ' (-হস্)—গন্ধর্ব্ব "গন্ধর্ব্বা হাহসি পোক্তঃ (সাহসাঙ্ক)] দেবগন্ধর্ব্ববিশেষ। 'শাঙ্খায়নশ্রৌতসূত্র ৪ ১০ ১। গো রা ২ ১০০ ১৪। মহা ১ ৬৫ ৫১। কৃ ৩১৯, ৩২৪।

হাহা² ব্য [হা² >হাহা (দ্বিত্ব)] ১ শোক। "ততো হাহাকৃতং সর্ব্বং দৈত্যসৈন্যং ননাশ তৎ (চণ্ডী)। ২ বিষাদ। "(দময়ন্তী) হাহেতি বদতী মহা ৩ ৫৪ ৪। হাহা পুত্রক নাধীতম্।—হি ২৪ (কথারম্ভ)। হাহা বিধি কালনিদ্রা মোরে আনি দিলে।—ম ৫৬৬। ৩ আর্ত্তরব। "হাহেতি (বাগভূৎ) রা ২ ৬৩ ২৫। ৪ বিস্ময়। "ঢাকন ঘুচাই (দেখে গোয়ালা) রত্ন এক যে কলসী। ধাইয়া চলিল হাহা করিয়া সন্ন্যাসী॥—চৈ ম ১৯০। [°কার² (পুং)—শোকরব, বিষাদরব। "হাহাকারঃ সমভবৎ মহা ১ ১৯ ১৬। হাহাকারো মহানাসীৎ ভ ৩ ১৬ ৩২। কৃ ৪৪৭। হাহাকার শব্দ হৈল যজ্ঞের শালায়।—ম ৪৯। বা ম ২৩। জীমূতমন্দ্র হাহাকাররব। —মে ২০, হাহাকার ধ্বনি ৩০৬। হায় হায় হাহাকার।—কা ২৩। °কৃত (বিণ)—হাহা ইতি শব্দ কৃত যাহা কর্ত্তৃক (রামায়ণতিলক), হাহাকারযুক্ত, শোকরবান্বিত। "°তং তত্র বভূব সর্ব্বম্ রা ২ ৩৪ ৬১। হাহাকৃতমভূৎ সৈন্যং শান্তস্য মহা ৩ ১৭ ২০। °ভূত (বিণ)—জাতহাহা-শব্দ, শোকরবপূর্ণ। "°ত তদা সর্ব্বা (লঙ্কা) গো রা ৬ ৯৩ ৪। °রব, °শব্দ (পুং)—সর্থ 'হাহাকার'।] [হাহাতে—হাহাকারপূর্ব্বক। "মাগিলা না দিলা রাজ্য হাহাতে হারাইবে ম বি ২৬৫।]

হাহা³ বি [ধ্বন্যাত্মক] ১ বিকটহাস্যধ্বনি। "(দুই কয়েদী) হাহা হাহা, শব্দে বিকট হাস্য করত মিঠায়ের ঠোঙ্গাটি সট্ করিয়া কাড়িয়া লইল আ হু ১৭৪। ২ বেগে বায়ুপ্রবাহের শব্দ। "বিধুর বিকল হয়ে ক্ষ্যাপা পবনে, ফাগুন করিছে হাহা ফুলের বনে।—রবীন্দ্র। ফিরে বায়ু হাহাস্বরে।—গান ১৯৫।

হাহা⁴ অব্য [হাঁ¹ >হাঁ হাঁ (দ্বিত্ব) >হাহা, অসাধু] সম্মতি। "ব প ১৭১১।

হাহাকার¹ বি [হাঁকার¹ >হাঁহাঁকার >°র, অসাধু] আহ্বান, ডাক। "মহানন্দের তরে পড়িল হাহাকার ম ম ১২০।

হাহাকার² দ্র 'হাহা²'।

হাহাভাষ বি হাহারব, বিষাদসূচক শব্দ। "ম ৪৩৫।

হি¹ সক [স্বা, প—হিনোতি, অনিট্] ১ গতি, প্রেরণ। "প্রহিণু সহস্রম্ ভট্টি ১.২১। ২ (অক) বৃদ্ধি, বর্দ্ধন (বিরলপ্রয়োগ—ক ক)।

হি[2] ব্য [হি, 'প হী[2]] ১ হেতু। "অমেকো হ্যস্য সর্বজ্ঞ (কার্য্যতত্ত্বার্থবিৎ) মনু ১ ৩ ; ৯৮। সতাং হি সন্দেহপদেষু বস্তুষু প্রমাণমন্তঃকরণপ্রবৃত্তয়ঃ শ ১.২০। রঘু ১.১০, ১৮। ২ বিশেষ। "মূঢ়ো হি মদনেনাযাস্যতে। —কাদম্বরী। প্রেমধনে হি ধনী (চণ্ডীদাস)।—গো ৬০। ৩ অবধারণ। "দেব প্রযোগপ্রধানং হি নাট্যশাস্ত্রম্ মা.মি ১২/১৬। ন হি কৃতমুপকারং সাধবো বিস্মরন্তি (সু.র)। অবহি বি.প ২০, আপহি ৫৩, যবহি ; তবহি ২০৭। এহি মতে।—মী ৯। একহি জীবন গো বি ৯। বড়হি অনিষ্ট অ প ১০৭। একহি চ বি ২১৭। নিরমল প্রেমহি প র ৫৬। আপনেহি ভগবান্ চৈ.ম ২০। পরধর্ম্ম এহি ২২। আপনেহি।—গ ৭৪, কোনহি ১১০, তেনহি ১৪৯, বড়হি ২০৪, তেনহি ২০৯। একোহি সম্বন্ধ ম.বি ২২৬। বরহি ম পা ৪৮। তিনহি দিবসে বা দ ১৭৬। ৪ প্রশ্নে। "কো হি নাম প্রিয়ং পুত্রং ত্যক্তেদনপকারিণম্।—গো রা ২ ৬১ ৪। ৫ সম্ভ্রম। ৬ অসূয়া। ৭ হেত্বপদেশ। ৮ শ্লোকপাদপূরণ। [তবহি—তখনও। "নিশি পরভাতে, তবহি নাহি জাগত।—ব ১২৩।]

হি[3] কা.ক্তি [সং ভিঃ >লি, প্রা হি] ১ করণকারকে তৃতীয়া। "পরশিতে তরসি করহি কব ঠেলি বি প ৮১। বসনহি ঝাবি, ঝাঁপি মণিমঞ্জীর, নিজ মন্দিরে চলি গেলা।—গো ৩, মঞ্জীব চীরহি ঝাঁপি ১৩৭। কঙ্কণ-খবগাহি, তোড়ি সবণ্ঠ তন্তু, সববস লেয়লি মোরি প ক ২৪৯৩। দুহু ভুজ পাশহি, দুহু জন বন্ধন ভা চ ৩৩৪। ২ হেত্বর্থে তৃতীয়া। "দৈবহি যদি নহ কাষ ব প ১১১৪। সরমহি লুকাওল মাধব বুকে বি প ৬২। চরমহি মুদল নয়নে।—ব ১২৮। ৩ ক্রিয়াবিশেষণে তৃতীয়া। "একে ধনি পদুমিনি সহজহি ছোটি বি পা ৬০। যতনহি মেঘ-মল্লাব আলাপই।—গো ১১৮, ভুরুভঙ্গহি ধনী তেজব পরাণ ২৬০। নব মকরন্দ, চানি জনু যতনহি, সিঞ্চত ঘন ন প ১৪২। ৪ [সং ভাঃ (পঞ্চমী-বহুব) >লি, প্রা হি] অপাদানে পঞ্চমী। "নয়ন যুগলহি, গলযে ঝর ঝব লোব।—গো ২১৪। ৫ হইতে। "দূরহি দূরে গেও গাওত হোবি।—গো ৭৮। দূরহি দূরে রঙ্গ সেবা ১৯৭। কাজব সিন্দুর দূরহি দুব ভাগ।—ব ১১৮, (শ্যাম) দূরহি দিগবসন, তনু হেরিয়ে ১৭৬। ৬ [সং ঙি (সপ্তমী-একবচন) >প্রা হি (হে ৪ ৩৪১)] আধারে সপ্তমী। "অধরহি লাগল দশনক চিহ্ন বি.প ৬০, পিতল কাটাবি,...উপবহি চকমকি সার ১১৭, মধুসিন্ধুহি বিন্দু ন দেখলু ১২৪। বিপিনহি কেলি করত।—গো ৭, ঝলকত অঙ্গহি মণিগণ ৮, মাথহি মৌড় ৮৯, মরমক বেদনা, মরমহি জানত ১০১, নীপ সমীপহি ১৪৪, কুঞ্জহি ১৯০, মনহি জাগল কান ২১৪। রজনী উজোরল, গগনহি চন্দ।—জ্ঞা ১১১, ভালহি দেওল সিন্দুর-বিন্দু ১৯২, পন্থহি নয়ন পসারি ২৩৬। গগন পন্থহি গুলাল মেলত ন.প ৩৪২। রতন প্রদীপ, সমীপহি জারল।—ব ১৬১। [অঙ্গহি অঙ্গ—অঙ্গে অঙ্গে, প্রত্যঙ্গে। "অঙ্গহি অঙ্গ, অনঙ্গ তরঙ্গিম।—গো ৮৩। পহিলহি—প্রথমে। "রাধা মাধব পহিলহি সঙ্গ বি প ৬১। সঙ্গহি—১ সঙ্গে। "দুই চারি সহচরী সঙ্গহি মেল।—জ্ঞা ১৯৩। ২ এক সঙ্গে, মিলিতভাবে। "জনু রবি শশী সঙ্গহি উয়ল বি.প ১২।]

হি[4] ক্রি ক্তি [সং সি (মধ্যম পুরুষ একবচন) >হি] বর্ত্তমান কালের মধ্যম পুরুষের একবচনের বিভক্তি। "কি মিছা পুছহি শ্রী ম ১১৪।

হিঅ বি [ধ্বন্যাত্মক] জোরে হাল টানার সময়ে নাবিকের মুখনিঃসৃত শব্দ। "তবেঁ হিঅ হিঅ বুলি, কাহ্ন বাহে নাএ শ্রী কী ১৬০।

হিআ বি [সং হৃদয় >প্রা হিঅ, হিঅঅ (হে) >বা হিআ, হিয়, -য়া, হি হিঅ, -আ, -যা, ঠ হিযে, মৈ হিআ, হিয়ে] হৃদয়, মন। "বিদায় করিতে অতি অধৈর্য্য হিআয ন প ৩।

হিং[1], **হিঙ, হিঙ্গ** বি [সং হিঙ্গু, হি হীংগ, ঠ হিংগ] দ্রষ্ট 'হিঙ্গু'।

হিং[2], **হিঃ**[1] বি হিসাবে। "হিং জমাপরচী—২৲। দং মাহিয়ানা হিং —৬৲। ৬ টাকার হিং ১২ মাহার কাত ৭২৲।

হিংস্ (**হিংসি**) সক [রুধা, প—হিনস্তি ; সেট্] হিংসা, বধ। —সক [চু, প—হিংসয়তি, হিংসতি (ক.ক)] হিংসা, বধ। "ন হিনস্তি বৃথা জন্তূন্ তৃণান্যপি ন হিংসতি। তমেব হিংসয়ত্যেকং যজ্ঞদাজ্যং বিলজ্জবেৎ॥—কবিরহস্য। [প্রতি—প্রতিহিংসা।]

হিংস সর্ম্ম [সং √হিংস্ >প্রা √হিংস ; ঠ √হিংস] ১ হিংসা করা ; বধ করা। "ব্রাহ্মণ হিংসিলে ভাই নাহিক নিস্তার।—ম ২৯। (বধি) চাণুর প্রলম্বাদি, কংসাদি হিংসিলে শেষে শ্রী মা ১৫৭। ব্রাহ্মণ বালক থাকু, (মিশ্রঠাকুর) নাহি হিংসে কীড়া ভ গ্র ১৯৫। ২ পীড়ন করা ; দ্বেষ করা। "হেন জনে হিংস তুমি কিসের কারণ।—ম ৪৮, আজ্ঞ আমে হিংসি সবে হইবে সংহার ১২২, ৭২২, ১২৪৪। ৩ নষ্ট করা ; ধ্বংস করা। "দান যজ্ঞ গো ব্রাহ্মণ সকল হিংসিল।—ম ৭২২।

হিংসক বিণ [√হিংস্+অক (বুঞ্)-ক] ১ হিংসাশীল, হিংসাধর্ম্মা, উপঘাতক, হন্তা। "পা ৩ ২ ১৪৬। অহিংসকাঃ...ভবন্তি পূজ্যাঃ রা ২.১০৯. ৩৬। মনু ৫ ৪৫। অহিংসক জীব যত।—মে ১১৬। [হিংসক অষ্টবিধ —"ভোক্তানুমন্তা সংস্কর্ত্তা ক্রয়িবিক্রয়িহিংসকাঃ। উপহর্ত্তা ঘাতয়িতা হিংসকাশ্চাষ্টধা মতাঃ॥—কাশীখণ্ড। দ্র 'ঘাতক'। ২ অপকারক। ৩ শত্রুভাবাপন্ন। ৪ দ্বেষকারক। "হিংসকের দুরবস্থা পদে পদে হয। বেহায়া হিংসক তবু হিংসা না ছাড়য়॥—পদ্যপাঠ, প্রথমভাগ। —ক পুং ১ হিংসাকারক, ঘাতক। "যাজ্ঞ ৩ ১৩৬, বালস্ত্রী° ২৯৮। ২ হিংস্রপশু। ৩ শত্রু। ৪ অথর্ব্ববেদবিৎ ব্রাহ্মণ। —সন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ হিংসা, বধ, বিনাশ। "প্রাণিনাং চৈব হিংসনম্ মনু ২ ১৭৭, আবণ্য পশু° ১০ ৪৮। প্রাণি° যাজ্ঞ ১ ৩৩, ভর্ত্তৃ° ৩ ২৯৭। ভ ১ ১৫ ৩৭। ২ অহিতসাধন, অপকার। ব্রাহ্মণের কর্ম্ম নহে লোকের হিংসন।—ম ৬, ব্রাহ্মণ° ৪৭, আইল দুষ্ট করিতে হিংসন ৫০১। ৩ বিমর্দ্দন, নিপীড়ন। "প্রণমহো অর্দ্ধকায, সিংহিকায়া তনয়, সোমার্ককে জে করে হিংসন ম পা ৪। —সনীয বিণ [+অনীয (অনীয়র্)-র্ম্ম] হিংসার্হ, বধ্য, মারণীয়। "শ্রাদ্ধাদৌ পশবো হিংসনীয়াঃ মনু ৫ ৪১, কুল্লুক। —সা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বধ, বিনাশ, মারণ। "বেদবিহিতা হিংসা মনু ৫ ৪৪, অকৃত্বা প্রাণিনাং হিংসাম্ ৪৮। অগ্নি° রঘু ৫ ৫৭। অহিংসা পরমো ধর্ম্ম।—হি ১/৮৬। ২ প্রাণিপীড়া, পরপীড়া। [কায়িক বাচিক ও মানসিক ভেদে হিংসা ত্রিবিধ।] "উপচারৈরশুচিভিঃ সংপ্রযুক্তা চ তাপসান্। দর্শযন্তি পরাং হিংসামনার্য্যাঃ পুরুষর্ষভ॥ —গো রা ৩ ১.২২। গী ১৮ ২৫। হিংসা সম পাপ নাহি।—ম ১৪৬। ৪ চৌর্য্যাদি (অ কো),—অর্থাৎ চৌর্য্য-বন্ধন-তাড়ন-বৃত্তিনাশ-ত্রাসাদি (ভরত)। ৫ নাশ, ধ্বংস। "ভাবি জানি কুশহিংসা কৈল নিবারণ। —ম ৪৮। ৬ দ্বেষ।

হিংসন, হিংসনীয় দ্র 'হিংসক'।

হিংসা দ্র 'হিংসক'। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—১ হিংসাফলক কর্ম্ম ; অথর্ব্ববেদোক্ত যন্ত্রমন্ত্রাদিসাধ্য মারণোচ্চাটনাদি কার্য্য, অভিচার। ২ অহিতকর্ম্মমাত্র। °নিবৃত্ত (বিণ)—পরপীড়াবিমুখ, প্রাণিপীড়াবিরত। "সর্ব্ব°।—হি ১ ৬৬। °প্রাণী (-ণিন্) পুং—হিংসাপ্রিয়জন্তু, শ্বাপদ। হিংসাপ্রাণিপ্রচুর। °প্রায় (বিণ)—হিংসাবহুল। "মনু ১০ ৮৩। °বিহার (পুং)—হিংসার্থপর্য্যটন। °যন্ত্র (ক্লী)—তিল ইক্ষু ইত্যাদির পীড়নার্থ যন্ত্র বা কল, ঘানি। "যাজ্ঞ ৩ ২৪০। °রত (বিণ)—পরপীড়াভিরত হিংসাপরায়ণ। "মনু ৪.১৭০। °রুচি (বিণ)—পরপীড়াপ্রিয়। °শীল (বিণ)—হিংস্র, মারাত্মক। °সমুদ্ভব (বিণ)—হিংসাজন্য, বধজাত।]

হিংসাত্মক বিণ [হিংসা আত্মা যাহার, বহুব্রী, সমাসে 'ক' (কপ্) ; পক্ষে '°ত্মন্', স্ত্রী -ত্মিকা] পরপীড়কস্বভাব, মারকস্বভাব। "গী ১৮.২৭।

হিংসালু, -লুক বিণ [√হিংস+আলু (আলুচ্)-ক, দ্র 'পা ৩.২. ১৫৮] হিংসাশীল, হিংস্র, হিংসক।

হিংসালুক দ্র 'হিংসালু'।

হিংসিত বিণ [√হিংস্+ত (ক্ত)-র্ম্ম] হত, মারিত, নাশিত। "অথর্ব্ববেদ ৫.১৮.৬। (যন্না পূর্ব্বম্) প্রাণিনো হিংসিতাঃ রা ২.৩৯.৪। মহা ১২.২৯৬। —ত ক্লী [+ত-ভা] হিংসা, অপকার। "কুর্য্যাদ্ধিংসিতে প্রতিহিংসিতম্।—পঞ্চ ৫৮০।

হিংসিতব্য বিণ [√হিংস+তব্য-র্ম্ম] হিংসনীয়, বধ্য।

হিংস্য বিণ [√হিংস্+য (ণ্যৎ)-র্ম্ম] হিংসনীয়, বধ্য। "অত্রৈব পশবো হিংস্যা নান্যত্র মনু ৫.৪১। অ° রঘু ২ ৫৭।

হিংস্র বিণ [√হিংস্+র-ক, স্ত্রী -স্রা] ১ হিংসক (সায়ণ), হিংসাশীল। "ঋগ্বেদ ১০ ৮৭ ৩। হিংস্রাণাঞ্চৈব সর্ব্বাণাম্ মনু ১২ ৫৬। ২ হিংসারত (কুল্লুক)। "মনু ৩ ১৬৪। ৩ ভৃত্যাদিতাড়নশীল। "মনু ৯.৮০। দ্র 'হিংসা (৪)। ৪ হিংসনশীল, পীড়ক। "(নৃপঃ) দুষ্টসামন্তহিংস্রঃ (স্যাৎ) মনু ৯ ৩১০। ৫ ক্রূর, অপকারক। ৬ অহিত, অশুভ। "মে বাচং ভাষমাণস্য ·অহিংস্রাম্ মহা ৫ ২৯ ৪৯। ৭ 'মার কাট' ইত্যাদিপ্রকার হিংসাসূচক (বাক্য)। 'আততায়িভিকংসৃষ্টা হিংস্রা বাচঃ ভ ৩ ১৯ ২০। —স্র পুং ১ হিংসাশীল পশুব্যাঘ্রাদি, শ্বাপদ। 'সা দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈঃ রঘু ২ ২৭। ২ শিব। ৩ ভীমসেন। —স্র ক্লী ১ হিংস্রকর্ম্ম, সিংহাদির করিবধাদি কর্ম্ম। 'মনু ১ ২৯। —স্রা স্ত্রী ১ নাড়ী। ২ শিরা। ৩ কাকাদনী, এলাবলী জটামাংসী গবেড়ুকা। ৪ বসা। [°জন্তু, °পশু (পুং)—হিংসাশীল পশু শ্বাপদ ব্যাল। °যন্ত্র (ক্লী)—১ সর্থ 'হিংসাযন্ত্র'। "যাজ্ঞ ৩ ২৪০ (পাঠান্তর)। ২ পাশ, জাল। ৩ আভিচারিক মন্ত্র।]।

হিংস্রক বিণ [হিংস্র+ক (কন্) স্বার্থে] হিংস্র, পরপীড়াকর। "(তোমার নন্দন) হিংস্রক হবে।—ম ১২২। হিংস্রকের দ্বেষ পরশ্রীতে।—দা ১৪১২। —ক পুং হিংস্র পশু শ্বাপদ।

হিংস্রা দ্র 'হিংস্র'।

হিংস্রাহিংস্র ক্লী [দ্বন্দ্ব] হিংস্র ও অহিংস্র কর্ম্ম, সিংহাদির হিংসা ও হরিণাদির অহিংসা কর্ম্ম। "মনু ১ ২৯।

হিঃ১ দ্র 'হিং'।

হিঃ২ [ধ্বন্যাত্মক] উচ্চহাস্যধ্বনি। 'হিঃ হিঃ ক'রে হাসা।

হিঁ১ কা ক্তি [সং ভিঃ (তৃতীয়ার বহুব) >প্রা হিঁ (হে ৩ ৭)] ১ করণে তৃতীয়া। '(কুসুমক বাণ) হিযে মণি কিবণহিঁ কবব মৈলান।—ব ৮৯, নয়নক হোরহিঁ বসন ভিগয়ে ১০৫, চরণহিঁ ঠেলসি তায ১৭৪। ২ হেতু অর্থে তৃতীয়া। "লঘুতর দোখহিঁ, রেখি বাঢায়সি।—ব ১৭৪। করযুগে-ঝাঁপি বযান ধনী লাজই ব প ১০৮৯। ৩ ক্রিয়াবিশেষণে তৃতীয়া। "তোঁ হৈঁ জলধর সহজহিঁ জলবাজ বি প ২২১। তু তহিঁ বৈঠলি মন্দিব মাঝে।—ব ১০৫, কত পবকারহিঁ, ঝাঁপ নিবারল ১১০। মনসিজ বিন্ধে মরম নিশঙ্কহিঁ ব প ১০৮৬। এক সখী তুরিতহিঁ কোরে আগোরল। —জ্ঞা ২৩৬। তু 'মৈ পহিলহিঁ, প্রথমহিঁ। ৪ [সং ভি (সপ্তমীর একবচন) >প্রা হিং (হে ৩ ৬০) >হিঁ, তু 'পাঅহিঁ' (পাদে—পৈ), মৈ পএরহিঁ (পাদে), মনহিঁ (মনে)] আধারে সপ্তমী। "যুবতিচেতন-চোর চূড়হিঁ, মোর পিঞ্ছ বিভঙ্গ জ প ৯, না বুঝত কণ্টক,-সঙ্কট বাটহিঁ ২৪। শয়নহিঁ ব প ১০৮৫, ভূমহিঁ ১০৮৬, চূড়হিঁ ১১৩৮। চলইতে হেরল নিকটহিঁ গেহ।—ব ১০৫, নাগরী কোরহিঁ বাতি ১২৫। শ্যাম সুধাকর, নিকটহিঁ রোয়ত, কুক চিত্ত-কুমুদ বিকাশ —জ্ঞা ২১৯। ব্রজরমণী-চিত তাহিঁ রহঁ চির লাগই ব প ১০৭৬।]

হিঁ২ অব্য [হিঁ১ >হিঁ] ১ অবধারণ, ই। "(শ্যাম) মুরলী আলাপি, …গাওত কতহিঁ সুতান ব প ১০৭৬, উতরহিঁ ১০৮৯। (বিশিখ কটাখ) বরিখনে জর জর করবহিঁ তাক।—ব ৮৯, রবই কপোত, তবহিঁ ব্যাকুল, দশদিশ জরল নিশানে ১২৩। প্রেম কলেবর তবহি সাথি। —জ্ঞা ৫; দারুণ দখিণ, পবন বব পরশব, তবহিঁ ত দুয় মান ২০৮। তুমি করিয়াছ কৃপা—তবহিঁ জানল চৈ চ ২৫৮। ২ পাদপূরণ। "বরজ মহেশ্বরী, করলহিঁ বিপিন পয়ানে।—ব ১২৩। লাগয়ে গরল মলয়জ পহুতহিঁ ব প ১০৮৭। [শুনতহি—শুনিতে শুনিতেই, শুনিয়াই। "শুনতহিঁ জাগি, পুন দুহুঁ ঘুমল।—ব ১২৫।]

হিঁঅই বি [ধ্বন্যাত্মক] সর্থ 'হিঅ'। 'কানু সুখে সারি, গায় স্বর জুড়ি, হিঁঅই হিঁঅই বলো শ্রী ম ৬৭।

হিঁ(হি)চড়, হিঁছড়, হিছুড় সর্ম্ম [সং ঘৃষ্ট >(স্বরাগমে) ঘিসট >হিসড় >হিছ(চ)ড়, দ্র ' ' (৩), তি ঘিসট, ঠ হিসড; মৈ √ঘীচ] ভূতলে ঘৃষ্ট করা, মাটিতে ঘষড়ান। "হিঁছড়িয়া লয়ে যায় তাহারে ভূতলে।—কৃ ১১৩, হিঁচড়িয়া লয়ে যায় বুকে ছড় যায় ৪৩৮। হিছুড়িয়া লয় সব গায়ে লাগে ছড়।—জ ৮৩। টানি আনে হিঁচড়িয়া বা ম ৮৩। —চড়া, -ছড়া সর্ম্ম সর্থ 'হিঁচড়'। [হিঁ(হি)চড়ন,-ড়ান, হিঁছড়ান, হেঁচড়ান—সর্থ 'হিঁচড়'। হিঁচড়া-হিঁচড়ি, হেঁচড়া-হেঁচড়ি —অত্যন্ত বা পুনঃপুন হিঁচড়ান।]

হিঁজিপিঁজি বিং সাধারণ, সামান্য, যে-সে। "(মা ঠাকরুণ!) বামী কথনো হিঁজিপিঁজি লোকের বাড়ীতে চাকরাণীগিরি করে নি।—হেম ৪১১।

হিঁড়োর বি [দ্র 'হিড়োর'] দোলনা। "প ক ১৫৫২।

হিঁদু বি ১ হিন্দুজাতি। 'মুসলমানে বল 'আল্লা আল্লা', হিঁদুতে বল 'হরি' (তরজা)। ২ হিন্দুধর্ম্মাবলম্বী ব্যক্তি। 'তিনি গোঁড়া হিঁদু। [হিঁদুর নাম-গন্ধ না থাকা—১ হিন্দুর কোন চিহ্ন না থাকা। ২ হিন্দুর আচারের লেশমাত্র না থাকা।]

হিঁদুআনি, -য়ানি, -নী বি [হিঁদু+আনি২] হিন্দুর ধর্ম্ম, আচার বা অনুষ্ঠান। "তোতে মোতে থাকি আর হিঁদুআনি ছেড়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। কাফের হিন্দুভূত পূজে,…আমি কৈনু হিঁদুয়ানি মানা বি পা ৭৪। এমন স্বর্গের অপ্সরীর জন্যে হিঁদুয়ানী ত্যাগ করাই বা কোন ছার?—মা ৩৩৪। হিঁদুয়ানি হেকমতে হদ্দ বাহাদুর।—হেম ৩৭৯।

হিঁ(হেঁ)য়ালি, -লী বি [সং প্রহেলিকা >প্রা পহেলিযা >বা (হেলিয়া) হেয়ালি >°লি -লী] ১ কূটার্থক কবিতাপ্রবন্ধবিশেষ (riddle)। "হিয়ালীপ্রবন্ধে পণ্ডিত দেহ মতি ক চ ১২৯, শ্রীকবিকঙ্কণ গায় হিয়ালী রচিত ১৩০। বলি কিছু হেঁয়ালি, সমস্যা বল শুনি শ্রী ১০৯। ২ ভঙ্গ্যন্তরে উক্তি, বক্রভাষণ। 'হেঁয়ালিটা ছেড়ে কথা কও সিধে।—কা ১০২ ([হিঁয়ালীপ্রবন্ধ—হেঁয়ালি-কবিতায়। "ক.চ ১২৯,-৩০। হেঁযালির ছন্দ—ছন্দোবদ্ধ হেঁযালি, হেঁয়ালি-কবিতা। "কহে কবি কালিদাস হেঁযালির ছন্দ। হেঁয়ালির সন্ধি—হেঁয়ালির গূঢ়ার্থ। "সুরিক্ষা কহেন, কহ হেঁযালির সন্ধি শ্রী ১০৯।]

হিঁসকুটে, হিঁসকুড়ে বিং [হিংসকুট+এ৭] অত্যন্ত হিংসক বা পরশ্রীকাতর। [°টে স্বভাব—হিংসাপ্রবণ প্রকৃতি।]

হি(হে)কমত বি [আ হিকমত] ১ নৈপুণ্য, দক্ষতা। ২ উপায়, কৌশল। "হেকমত লাগিল মম গো.চ ৪৫৪। হেকমতে কতগুলা হইল কাঙ্গালী বি সু ৯২। হিঁদুয়ানি হেকমতে হদ্দ বাহাদুর।—হে ৩ ৭৯। ৩ জ্ঞান, পাণ্ডিত্য (wisdom)। —তী বিং [আ হিক্মতী] নিপুণ, চতুর।

হিক্কুটি বি ['হিক্কা' মূল (?)] ক্রন্দনে হিক্কার ভাব বা ফোঁপান। "হিকুটি ফুলিয়া কান্দে, হিয়া থির নাহি বান্ধে রা শে ৪১। [হিকুটি ফুলিয়া —হিক্কার ভাব করিয়া, ফোঁপাইয়া।]

হিক্ক্ অক [ভ্বা, এ—হিক্কতি, -তে, সেট্, ধ্বন্যাত্মক] ১ অব্যক্ত শব্দ, 'কূজন' (ক ক)। "হিক্কৎ, হিক্কমান (সুশ্রুত)। ২ [চু, উ—হিক্কয়তে; সেট্] বধ (ক.ক), হিংসা।

হিক্কা স্ত্রী [√হিক্‌+-অভা+স্ত্রী আ (টাপ্), cf., F hoquet, Danish—hikke, Welsh—ig, E. hiccough, hiccup, hickup] ১ অব্যক্তশব্দ। ২ [+অ (অচ)-ক] 'প্রাণঘাতক', রোগবিশেষ, হেঁচকি। "মুহুর্মুহুর্বায়ুরুদেতি সস্বনো যকৃৎপ্লিহান্ত্রাণি মুখাদিবাক্ষিপন্। স দোষবানাশু হিনস্ত্যসূন্ যতস্ততস্তু হিক্কেতি ভিষগ্‌ভিরুচ্যতে॥—সুশ্রুত ৬ ৫০ ৩। [অন্নজা যমলা ক্ষুদ্রা গম্ভীরা মহতী ভেদে হিক্কা পঞ্চবিধ।] ৩ অন্নপানাদি শীঘ্রগলাধঃকরণজন্য সহসা পীড়িত বায়ু ঊর্দ্ধগামী হওয়ায় কণ্ঠজাত 'হিক' শব্দ। [ইহা অন্নজা হিক্কা]। —ক্কিকা স্ত্রী [হিক্কা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] হিক্কা। "শুকানামপি সর্ব্বেষাং হিক্কিকা পোচ্যতে জ্বর মহা (SW)। —ক্কিত ক্লী [+ত (ক্ত)-ভা] হিক্কা। —ক্কী (-ক্কিন্) বিণ [হিক্ক+ইন্ (ইনি) -১ব, স্ত্রী -ক্কিনী] হিক্কারোগবান্, হিক্কারোগী। "সুশ্রুত ৬ ৫০.১৫।

হিক্কিকা, হিক্কিত, হিক্কী দ্র 'হিক্কা'।

হিঙ দ্র 'হিং'।

হিঙুল বি সর্থ 'হিঙ্গুল'। [হিঙুলীযা, -লে—হিঙ্গুলবর্ণযুক্ত, লোহিত।]

হিঙ্কার পুং 'হিম্'-শব্দকরণ, হিঙ্করণ। "শুক্লযজুর্ব্বেদ ২২ ৭।

হিঙ্গ পুং হিঙ্গুরস, হিঙ। "ভ ১৪৮ ৬০।

হিঙ্গু পুং [হিম+ √গম্+উ (ডু)-ক, নিপাতিত (ত বা), হিনোতি বর্দ্ধতে পৃষোদরাদি (অ টী), হন্তি অগ্নিমান্দ্যাদিকমিতি ভরত] ১ বৃক্ষবিশেষ (Asafoetida)। "হিঙ্গবস্তৈলপর্ণিকাঃ।—হ ১৩১ ৭১। প্রক্ষস্থাগ্রোধাহিঙ্গু ভ ৪ ৬ ১৭।—ঙ্গু ক্লী হিঙ্গুরস, জতুক, বাহ্লীক, হিঙ্। "(কিনে) হিঙ্গু জীবা ক চ ১৫৬। ২ বংশপত্রী। [°নাড়িকা (স্ত্রী) —নাড়ীহিঙ্গু (শ ক)। °নির্য্যাস (পুং)—হিঙ্গুরস, হিঙ। °পত্র (পুং) —ইঙ্গুদী। °পত্রী, °পর্ণী (স্ত্রী)—বংশপত্রী।]

হিঙ্গুল পুং, ক্লী [হিঙ্গু+ √লা+অ (ড)-ক (শ ক)] রাগদ্রব্যবিশেষ, রক্ত, রঞ্জক। "বৃহৎসংহিতা ৭৭ ৩০। কৃ ৫০, হিঙ্গুলমণ্ডিত তার পায়ের অঙ্গুলি ১০৭। —লক পুং ক্লী [°ল+ক (কন্) স্বার্থে] হিঙ্গুল। "মহা ৩.১৫৮ ৯৪। —লি পুং, —লু পুং, ক্লী হিঙ্গুল।

হিঙ্গুলা স্ত্রী দেশবিশেষ। "ব্রহ্মরন্ধ্রং হিঙ্গুলায়াং ভৈরবো ভীমলোচনঃ (শ.ক)। ভা চ ৫১।

হিঙ্গুলানি বি (?)। "কুল হিঙ্গুলানি ব.প ২৫৩।

হিঙ্গুলালী (?)। "ব প ২৪৩।

হিঙ্গুলিকা স্ত্রী কণ্টকারী (শ ক)।

হিঙ্গুলিয়া, হিঙ্গুলীয়া বিং [°ল+ইয়া২, ঈয়া] হিঙ্গুলবর্ণযুক্ত, লোহিত। "হিঙ্গুলিয়া পর্ব্বতের (বানর) হিঙ্গুলিয়া রঙ্গ।—কৃ ১৭৩।

হিঙ্গুলী স্ত্রী ১ বার্ত্তাকী। ২ বৃহতী।

হিচড়, হিচুড় দ্র 'হিঁচড়'।

হিজড়া, হিজড়ে বি [ফা হীজ, হি (হী)জডা, ঠ হিজডা] নপুংসক (hermophrodite)। "হিজড়ের গর্ভেতে পুত্র হবে।—দা ১৯৬৫।

হিজরা বি [আ হি জ্‌রী] মুসলমানদিগের বৎসরগণনা বিশেষ (era)। [মুহম্মদের মক্কা হইতে মদিনায় পলায়নের দিন হইতে হিজরা আরম্ভ হয়। আরবী 'হি জ্‌রত্‌' শব্দের অর্থ 'স্বদেশত্যাগ'; এই হেতু 'হিজরা', স্বদেশত্যাগসম্বন্ধী বৎসরগণনা। মুহম্মদ ৬২২ খৃষ্টাব্দে ১৫ই জুলাই মক্কা ত্যাগ করেন।]

হিজ(জো)ল বি [সং হিজ্জল] বৃক্ষবিশেষ। "হিজোল ভা.চ ১২৭। [হিজল-গোটা—হিজলবীজ। "বি পা ২১২।]

হিজিবিজি বিং ১ বাঁকাচুরাজটিলরেখাময়। "হিজিবিজি কালীর আঁচড় প.কা ৯। ২ অর্থসঙ্গতিহীন বা এলোমেলো বাক্যে রচিত। "হিজিবিজি কবিতা লিখিব অ.গু ১২৩। ৩ [ধ্বন্যাত্মক] অস্পষ্ট উচ্চারিত। "হিজিবিজি মন্ত্রপাঠ অ গু ১২৩। —জি বি হিজিবিজি অক্ষর। "তোমার হাতের অক্ষর দেখিয়া, আমার এ হিজিবিজি তোমার কাছে পাঠাইতে লজ্জা করে ব দ্বি ১৯। [হিজিবিজি লেখা—হিজিবিজি অক্ষরে লেখা বা লিখিত বিষয়।]

হিজ্জ, হিজ্জল পুং [তু 'ইজ্জল' (অ.কো), দ্র 'হ১'] নিচুল জলজ, হিজল গাছ (Barringtonia acutangula)।

হিঞ্চা, হিঞ্চে বি [সং হিলমোচিকা] জলজাত তিক্ত পত্রশাকবিশেষ; হেলেঞ্চা (Enhyra Hingcha)।

হিঞ্জীর পুং [তু 'জিঞ্জির'] হস্তীর পদবন্ধ, নিগড।

হিটা-ভিটা বি [ভিটা > হিটা (অনু শব্দ)] ভিটা ও তাহার চতুস্পার্শ্বস্থ স্থান (homestead, homesteadland)।

হিড়হিড় '-ড্-ড্' বি [হড়হড > °ড়, দ্র 'হ৯ (১)] বলপূর্ব্বক আকর্ষণ বা টানা। "সাবজন বলবান্—(মতিলালকে) জোরে হিড়হিড় করিয়া টানিযা লইয়া যাইতে লাগিল আ দু ২৪, 'চল্ রে চল্' বলিয়া (ঠকচাচাকে) °ড় করিয়া লইয়া আসিতেছে ১৫৭।

হিড়িক বি [°ভিড > হিড় > °ক (?)] ১ লোকসংমর্দ্দ, ভিড়। "এ হিড়িকে প্রাণ রাখতে পারি, গোছ দেখি না তারি গি দ্বি ২৪। ২ হুজুক। "এ হিড়িকে দাঁড়ালে না একটা কিছু হ'যে।—হেম ৩৮৬। সেই হিড়িকে…দুচার জন বড় বড় ঘরের মেয়ে মানুষও অন্ধকার থেকে আলোয় এলেন।—হু ৮৮। ৩ ঠোকর, ঘা। "নাথা মুথা কিল গুঁতা হিড়িক জুতার শ্রী ১৫। [হিড়িক-টান—লোকসংমর্দ্দের বেগ, ভিড়ের ধাক্কা। "বাপ—বাপ কি হিড়িক-টান, এল যেন গাঙ্গের তুফান গি দ্বি ২৪।]

হিড়িম্ব পুং রাক্ষসবিশেষ। [এই রাক্ষস ভীম কর্ত্তৃক নিহত হয় (মহা ১ ১৫৪তম অধ্যায)।] —ম্বা স্ত্রী হিড়িম্বভগিনী ভীমসেনের স্ত্রী ও ঘটোৎকচের মাতা (মহা ১ ১৫৫তম অধ্যায)। [°জিৎ, °নিষূদন, °ভিৎ (-দ্), °রিপু (পুং)—ভীমসেন। °বধ (পুং)—হিড়িম্ব-বিনাশ। °বধপর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতের আদিপর্ব্বান্তর্গত পর্ব্ববিশেষ।]

হিড়োর, হিড়োলা বি [সং হিন্দোল > প্রা হিংডোল > বা (হিঁডোল) হিঁডোর, হিণ্ডোল (প ক), °লা, -র, হি হিংডোল, -লা; ঠ হিংডা(ডো)-লা।] দোলা, ঝুলনা। "এথাই ঝুলযে প্রভু হিড়োলা উপরে: হিড়োর ন প ৩৩৪, হিড়োলা ঝুলায় ৩৩৫, ঝুলে…হিড়োরে ৩৩৬, হিড়োলাতে, হিড়োলা ৩৩৭।

হিণ্ড্ (হিডি) সক [ভ্বা, ঙ—হিণ্ডতে, সেট্] ১ গতি। ২ অনাদর। [আ, পরি—আহিণ্ডন, পর্য্যটন। "আহিণ্ড্যতে অটবীতঃ অটবী শ ২৩।

হিণ্ডন ক্লী [√হিণ্ড্+অন (ল্যুট্)-ভা] ১ ভ্রমণ, পর্য্যটন। ২ রত, স্ত্রীসম্ভোগ। ৩ লেখন। —ণ্ডিক পুং [+ই (ইন্)-ক (উ ৪.১১৭) +ক (কন্) স্বার্থে] লগ্নাচার্য্য। —ণ্ডি(ণ্ডী)র পুং [+ইর, ঈর (ইরন্, ঈরন্)-ক (অ টী)] ১ সমুদ্র ফেন। ২ ফেন। "হিণ্ডীরপিণ্ড সা.দ ১০।৩৮। ৩ বার্ত্তাকু। ৪ পুরুষ। ৫ রোচক, রুচিকর দ্রব্য। ৬ (বাঙ্গলায) পুরুষ, অর্থাৎ স্বামী। "হিণ্ডীর সমীপে (ভাঙ্গ) চণ্ডী দিল হাণ্ডী ভরি শি ৩২।

হিণ্ডিক, হিণ্ডির দ্র 'হিণ্ডন'।

হিণ্ডী স্ত্রী [√হিণ্ড্+ই (ইন্)-ক+স্ত্রী ঈ (ঙীষ)] দুর্গা। "°কান্ত, °প্রিয়তম।

হিণ্ডীর দ্র 'হিণ্ডন'।

হিণ্ডুক পুং শিব (মহা—SW)।

হিণ্ডোল বি [দ্র 'হিড়োর'] দোলনা। "প.ক ১৫৫৪।

হিত১ বিণ [√ধা+ত (ক্ত)-র্ম] ১ নিহিত, স্থাপিত [সায়ণ]। "ঋগ্বেদ ৪.৫৮.৪, ৬.৪৫.১। উমাপদে হিত-চিত্ত (শ্রীকবিকঙ্কণ) ক.চ ৯, ১৯।

২ উপকারী, হিতকর। "বৎসেভ্যো হিতো বৎসীয়ো গোধুক্ পা ৫.১.৫, সি। সর্বভূতেষু কো হিতঃ রা ১.১.৩; হিতা ভবত ভর্তরি ২.৪৫.১৪। অহিতো দেহজো ব্যাধির্হিতমারণ্যমৌষধম্।—হি ৩.১০১। উভয় কুলের হিত হও ত আপনি।—ম ৬৯৩। ৩ পথ্য। "হিতং মনোহারি চ দুর্লভং বচঃ কি ১.৪; ১৪.৬৩। ৪ উপযোগী, যোগ্য। "শঙ্কবে হিতং শঙ্কব্যং দারু পা ৫.১.২, সি। তুমি প্রলয়ের হিত, (ইন্দ্র) আবর্তে বলেন নীত ক চ ৮২। ৫ অনুকূল। "যা রোগিণী স্যাত্ (পত্যুঃ) হিতা (সা নাবমান্যা) মনু ৯৮২। ৬ আরোগ্যকর, রোগনাশক। "হি ৩১০১। দ্র 'হিত (২)। ৭ সমর্থ। "অ কো. নানার্থবর্গ ৮৬। ৮ ধৃত, গত (মেদিনী)। —ত পুং ১ আপ্তজন, হিতোপদেষ্টা। "হিতান্ যঃ ন সংশৃণুতে স কিং প্রভু।—কি ১৫। ২ হিতৈষী। "আপদামাপতন্তীনাং হিতোঽপ্যাযাতি হেতুতাম্।—হি ১.৩০। —ত ক্লী ১ শুভ, মঙ্গল। "রাজ্ঞঃ...সততং হিতঃ চর রা ২.২৪ ২৫। বিদধ্যাদ্ধিতমাত্মনঃ মনু ৭৫৭। দুইকুল-হিত কৃষ্ণ করিবে অবশ্য।—ম ৬৯৬। ২ ইষ্টসাধন। "প্রিয়হিতে রতঃ মনু ২.২৩৫। ৩ ধর্মতত্ত্ব। "হিতকোপদিশংস্তু মনু ২২০৬। ৪ হিতকর জীবের ব্রহ্মভাব। "একাকী চিন্তয়েন্নিত্য° বিবিক্তে হিতমাত্মনঃ মনু ৪. ২৫৮। [°কর (বিণ)—১ শুভকর, মঙ্গলজনক। "বৃহৎসংহিতা ৮. ৫৩। ২ উপকারক। °কাম (বিণ)—হিতৈষী, মঙ্গলেচ্ছু। "সুহৃদাং হিতকামানাম্।—হি ১৭৬। °কাম্যা (স্ত্রী)—১ আত্মহিতেচ্ছা, স্বহিতকামনা। "আত্মনো হিতকাম্যয়া মহা ৩১৭২.৩৩। ২ হিতেচ্ছা। "পিতৄণাং হিতকাম্যয়া মহা ৩.১০৮ ২৫। বক্ষ্যামি হিতকাম্যয়া গী ১০১। লোকানাং °কাম্যয়া মনু ১২১১৭, বিষ্ণু ১১১। °কারক (বিণ)—সর্থ 'হিতকর'। °কারী (-রিন্) বিণ—হিতকারক, উপকারক। "পরোঽপ্যপত্যং হিতকৃদ্ যথৌষধম্ ভ ৭.৫৩৭। পঞ্চ ১১০৪। °প্রণী (পুং)—'হিতপ্রণেতা', প্রণিধি, চর। °প্রেপ্সু (বিণ)—হিতপ্রাপ্তীচ্ছু, হিতাভিলাষী। "স সর্বস্য হিতপ্রেপ্সুঃ মনু ৫৪৬। °বচন, °বাক্য (ক্লী)—সদুপদেশ, হিতানুশাসন। °বুদ্ধি (বিণ)—হিতকরমতি, উপকারক। "কার্যাকারণতশ্চান্যে ভবন্তি হিতবুদ্ধয়ঃ।—হি ১৩৮। °বুদ্ধি (স্ত্রী)—হিতকরীমতি। "হিতবুদ্ধ্যা...যদেতদভিধীয়তে বা ১১৮ ৬। °বাদী (-দিন্) বিণ—হিতকথনশীল, সদুপদেষ্টা।]

হিত[২] বিণ [√হি+ত (ক্ত)-র্ম] গমিত, প্রেরিত। [প্র—প্রেরণ। "অয়মেকাকী...যথা সুচিভেদ্যে তমসি প্রহিতঃ।—হি ৩১১১।

হিতবান্ (-বৎ) বিণ [হিত+বৎ (বতুপ)-১ব, স্ত্রী -বতী] হিতযুক্ত, হিতকর্মান্বিত, হিতকর। "পরোঽপি হিতবান্বন্ধুর্বন্ধুরপ্যহিতঃ পরঃ। —হি ৩.৯৮।

হিতা স্ত্রী [হিত+স্ত্রী আ (টাপ্)] ১ জলসেতু (dam)। "°ভঙ্গ মনু ৯.২৭৪। ২ 'হিতকরী', নাড়ীবিশেষ। "যাজ্ঞ ৩.১০৮।

হিতাধায়ী (-য়িন্) বিণ [হিত+আ-√ধা+ইন্ (ণিনি)-ক-১ব, উত, স্ত্রী -য়িনী] হিতসাধক, হিতকর।

হিতানুবন্ধী (-ন্ধিন্) বিণ [হিত+অনু-√বন্ধ্+ইন্ (ণিনি)-ক -১ব; উ.ত, স্ত্রী -ন্ধিনী] হিতজনক, হিতপ্রসূ, শুভোদর্ক।

হিতার্থ বিণ [হিতের নিমিত্ত ইহা, নি স] হিতনিমিত্ত, মঙ্গলার্থ। "মহা ১.২.১০৩। —র্থী (-র্থিন্) বিণ [হিত+ √অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত, স্ত্রী -র্থিনী] শুভার্থী, হিতেচ্ছু। "গো রা ৩৪৮ ১৫।

হিতাশংসা স্ত্রী [ষ.ত] হিতকথন, শুভেচ্ছা, আশীঃ। "অ কো, নানার্থবর্গ ২২৫।

হিতাশী বিং হিতাশাবতী, শুভেচ্ছু। "°নী মাসি।—ভা.চ ৩৩৮।

হিতাহিত বিণ [ড.পু] হিতকর ও অহিতকর; শুভাশুভকর। "হিতাহিতান্ (স্ত্রীবিবাহান্) মনু ৩২০। দ্রব্যাণি °তানি।—সুশ্রুত ১,২০.২। —তা স্ত্রী [দ্বন্দ্ব] হিতা ও অহিতা নামে নাড়ীদ্বয়। "°তা নাম নাড়ঃ যাজ্ঞ ৩১০৮। —ত ক্লী [স.দ্ব] শুভাশুভ, মঙ্গলামঙ্গল। "ভ ৩. ১৭.২৩। —তীয় বিণ [°ত+ঈয় (ছ)] হিতাহিতসম্বন্ধী, শুভাশুভ-বিষয়ক। "°তীয়মধ্যায়ং ব্যাখ্যাস্যামঃ।—সুশ্রুত ১.১০.১।

হিতাহিতা, হিতাহিতীয় দ্র 'হিতাহিত'।

হিতি, হিতী বিং [(পদ্যে মিলের জন্য) হিত > হিতি,-তী] হিত। "ম ৭৬৯; ৯৩২।

হিতেচ্ছা স্ত্রী [ষ ত] হিতাভিলাষ, শুভকামনা।

হিতেচ্ছু বিং মঙ্গলাকাঙ্ক্ষী, হিতাভিলাষী।

হিতৈষণ বিণ [বহুব্রী] হিত-এষণা যাহাতে, হিতকামনাযুক্ত, হিতকর। "বদেদ্ বাচ° পরলোকহিতৈষণীম্।—হারীত ১.৩০। —ষণা বি হিত-কামনা, শুভেচ্ছা।

হিতৈষা বি ['হিতৈষী' মূল] হিতেচ্ছা। 'রাষ্ট্রহিতৈষা: রাষ্ট্রহিতৈষার চেষ্টাবেগ চা.পু ৪, পরহিতৈষা ৬৪।

হিতৈষিতা স্ত্রী [°ষিন্+তা (তল)] হিতৈষিভাব, হিতকামিতা। "ক স ১৭৪৫। লোক° চা পু ১৮। —ষী (-ষিন্) বিণ [হিত+ইষ্ +ইন্ (ণিনি)-ক-১ব, উ ত, স্ত্রী -ষিণী] হিতকামী, শুভাকাঙ্ক্ষী। "হিতৈষিতা ক স ১৭৪৫। হিতৈষিণী সীতার পরমা, তুমি, সখি! —মে ১১৫। সীতা...পতিহিতৈষিণী সী ৫৩। —ষী পুং মিত্র। "বিমলং কলুষীভবচ্চ চেতঃ কথয়ত্যেব হিতৈষিণং রিপু° বা।—কি ১৩৬।

হিতৈষিণী, হিতৈষী দ্র 'হিতৈষিতা'।

হিতোক্তি স্ত্রী [কর্মধা] হিতকরবাক্য, পথ্যবচন, সদুপদেশ।

হিতোপদেশ পুং [কর্মধা] ১ হিতবচন, পথ্যভাষণ। "মহা ১২১০৩। হিতোপদেশ কি বুঝবি শোন্ রে বেটা গরু।—কৃ ২৫১। °কথা ম ম ১৬৯। ২ হিতোপদেশবিষয়ক বিষ্ণুশর্মকৃত নীতিগ্রন্থবিশেষ। "হি ২ (অবতরণিকা)।

হিতোপদেষ্টা (-ষ্টৃ) বিণ [ষ ত] হিতোপদেশক, হিতবাদী।

হিন্তাল পুং [দ্র 'হীন্তাল'] তৃণদ্রুমবিশেষ, হেঁতাল (Phoenix paludosa)। "রা ৪২৭ ১৮।

হিন্দি, হিন্দী বি [ফা হি.ন্দী, হি, ঠ হিংদী] হিন্দুস্থানে প্রচলিত ভাষাবিশেষ। "হিন্দি ভাষায় কবিতা ভা.চ ৭৩৯, ৭৪১।

হিন্দু পুং [সং 'সিন্ধু' (নদ)—মূল, প্রা হিংদু (পৈ), Av hendu, ফা 'হি ন্দ'—ভারত, Hebrew—hand (India), হি হিংদূ, ঠ হিংদূ,-দূ] ১ সিন্ধুনদের পরপারস্থ দেশের অধিবাসী, শ্রুতিস্মৃতি-পুরাণাদির মতবাদী ভারতীয় জাতিবিশেষ। "মেরুতন্ত্র ২৩শ প্রকাশ (শ ক)। হিন্দুর আচারে দেহ মন চৈ ভা ১২০। হিন্দু বীরদর্প।—হেম ২৭৩, ২৮৬। ২ হিন্দুধর্মাবলম্বী জন। "আমরা হিন্দুরে দেখি নাহি খাই ভাত চৈ ভা ১২০। [°ধর্ম (পুং)—হিন্দুশাস্ত্রবিহিত আচারাদিবিষয়ক ঐহিক পারলৌকিক কর্মকাণ্ড।]

হিন্দুয়ান বি হিন্দুসমূহ। "ই দেখি হিন্দুয়ানের উড়িল পরাণ ব প ২১৭। —য়ান,-না,-নি,-নী,-লি,-লী বি [হিন্দু+আনি°,-নী, আলি°,-লী] হিন্দুর আচার, হিন্দুত্ব, হিঁদুয়ানী। "হিন্দুয়ানী চৈ.ভা ১২৬; ৩৩৪,-৫। হিন্দুয়ানী চৈ চ ৬৪, ভা চ ৪৮১। হিন্দুয়ানা বা ম ৮৩। হিন্দুয়ালির রীত ম ম ৫৪, সুখেতে করহ হিন্দুয়ান ৫৫, °লি ৫৭। (এরা) ডাম চিন্দুয়ানী বোলে, বিন্দু বিন্দু ব্রাণ্ডি খাবে।—ঈ ৭০। হিন্দুর হিন্দুয়ানী ব.বি ৯৭। —য়ানা বিং [ফা হি.ন্দুআনহ্] হিন্দুসম্বন্ধী, হিন্দুর মত।

হিন্দুল বি [হিন্দোল > °ল, অসাধু] হিল্লোল, তরঙ্গ। "সমুদ্র হিন্দুল জেন কান্দে দুলাত্তলি।—মী ৩১।

হিন্দুস্থান স্ত্রী [ষত; ফা 'হি ন্দুস্তান্'—ভারত] হিন্দুর বাসভূমি; বারাণসী ও শতদ্রুর মধ্যবর্তী ভারতের প্রদেশসমূহ (M.W.); দিল্লী

হইতে পাটনা পর্য্যন্ত ও দক্ষিণে নর্ম্মদা পর্য্যন্ত ভারতের উত্তরদিগ্‌বর্ত্তী মধ্যভাগ (হিন্দীশব্দসাগর)।

হিন্দুস্থানী বিং [°ন+ঈ[১]] হিন্দুস্থানসম্বন্ধী। —স্থানী বি [ফা হি ন্দুস্তানী] হিন্দুস্থানের অধিবাসী। দ্র 'হিন্দুস্থান'।

হিন্দোল[১] সক [চু,প—হিন্দোলয়তি (ধাতুপ্রদীপ—S W)] দোলন।

হিন্দোল[২] পুং [√হিন্দোল+অ (ঘঞ্)-ণ] ১ প্রেঙ্খা, দোলা। ২ শ্রাবণশুক্লপক্ষে বিহিত শ্রীকৃষ্ণের দোলনোৎসব, ঝুলনযাত্রা। ৩ (সঙ্গীতে) রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ২য় ও ৩য় প্রহর, ঠাট কড়ি মধ্যম, জাতি ঔড়ব রি ও প বর্জ্জিত (গী সা)।] ৪ (বাঙলায়) হিল্লোল, তরঙ্গ। "হিন্দোল উঠিল যত সমুদ্রের জল অ প ৭৮। —লক পুং [°ল+ক (কন্) স্বার্থে] ১ দোলা, দোলিকা। ২ শিশুর দোলা, হেঁদলা। —লন ক্লী [+অন (ল্যুট)-ভা] দোলন, ঝুলন। 'ম কন্ত মনোমোহন° শশিমুখ্যা হিন্দোলনম্ ক ম ২ ৩২, °লীলাললনলম্পট ৩৪। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ)] ১ দোলা, দোলিকা। "প ক ১৫৫৪। গোপীর হিন্দোলা অ গু ৭। ২ শিশুর দোলা, হেঁদলা।

হিন্দোল[৩] অর্ম্ম [সং √হিন্দোলি] আন্দোলিত বা বিচলিত হওয়া। "দেখি নব যুবরাজ (মোর) হিন্দোলে পবাণী ব প ৫৭৫।

হিন্দোলক, হিন্দোলন, হিন্দোলা দ্র 'হিন্দোল[২]'।

হি(হে)ন্দোস্থান বি [দ্র 'হিন্দুস্থান'] ভারতবর্ষ। 'হেন্দোস্থানে এমত পরাক্রান্ত বাদসাহ কখনও হয় নাই : সেনাপতি হেন্দোস্থান হইতে বাহির হইয়া ক্রমে ক্রমে বানারসের সরহর্দ্দ.. পৌঁছিলেন ব প ১৬৮৭, হিন্দোস্থান : হিন্দোস্থানেতে ১৭৫৫।

হিপ্ অব্য [E hip] জয়ধ্বনি। [হিপ্ হিপ্ হুররে, হুরে (E hip, hip, hurrah)—জয়-জয়-ধ্বনি জয়জয়কার। "হিপ...°রে।—ন ৫৩১। হিপ...হুরে।—হেম ৩৮৩।

হিবানামা বি [আ হি বৃহ+নামা[১]] দানপত্র, উইল।

হিবুক ক্লী [?] (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ স্থান। "সুত°।

হিম বিণ [হিম+অ (অচ)] হিমযুক্ত, শীতল, শিশির, শীত। "ঋতু হিমাহিমৌ, হিমাভিবস্তিঃ (সুশ্রুত)। হিম হিমকর-কর তাপে তাপায়লু বি প ১৬৮। হিম দক্ষিণ পবন ক চ ১৪৪। —ম পুং ১ চন্দ্র। ২ কর্পূর। ৩ চন্দনবৃক্ষ। ৪ হেমন্ত, অগ্রহায়ণ ও পৌষ। দ্র 'ঋতু (১)। "হিমশিশিরবসন্তগ্রীষ্মবর্ষাশরৎসু।—ঋতু (শ.ক)। ৫ শিশির। "হিমনির্মুক্ত রঘু ১ ৪৬। °নিগ্রহ ৯ ২৫। ৬ হিমালযপর্ব্বত। "°জ। —ম ক্লী [√হন্+ম (মক)-ক, √হন্ > হি, উ ১ ১৪৪, √হি+মক-ণ (অ টী), পুং, ক্লী, অর্দ্ধর্চ্চাদি, Av Zima cf, Gr khimog, L hiems, Slav, Zima ; Lithuanian—Zema] ১ তুষার, তুহিন, শিশির, হিম, নীহার, বরফ। '°পাণ্ডুর গো বা ১.৪২ ২০। হিমবান্ প্রস্থতো হিমম্ রা ২ ৮৫ ১৮। হিমাবদাত (সিংহ) মহা ৭ ৬৬ ২। কু স ১৩, মার্গে শিলীভূতহিমে ১১। হিমে বান পদ নাহি চলে। —ম ১২৬৬। হিমে গিরি না লুকায় বি প ১৩। ২ তুষারোদক (সায়ণ)। "ঋগ্বেদ ৮ ৩২ ২৬। ৩ শৈত্য। 'পা ৬ ৩ ৫৪। (তেজঃ) হিমমর্দ্দনম্ ভ ৩ ২৬ ৪০। ৪ শীতস্পর্শ। ৫ মৌক্তিক, মুক্তা। ৬ চন্দন। ৭ পদ্মকাষ্ঠ। ৮ নবনীত। ৯ পদ্ম। ১০ কর্পূর। ১১ রঙ্গ। —মা স্ত্রী [হিম+স্ত্রী আ (টাপ)] ১ হিমালয়কন্যা, দুর্গা। ২ সূক্ষ্মৈলা, রেণুকা, ভদ্রমুস্তা, নাগরমুস্তা ; পৃক্কা, চণিকাতৃণ। [°ঋতু (পক্ষে 'হিমর্ত্তু')—হেমন্ত। "মাঘ ৬.৬১। °কিরণ (পুং)—'শীতকর', চন্দ্র। °কূট (পুং)—শীতঋতু, (ক্লী)—হিমাবৃতশিখর। "ভ ৫ ১৭৯। °ক্লিষ্ট (বিণ)—তুহিনম্লান। "°কিঞ্জল্কম্ (পঙ্কজম্) রঘু ১৫ ৫২। °ক্ষ্মাধর (পুং)—হিমাবৃত পর্ব্বত, হিমালয়। "বৃহৎসংহিতা ৭২ ১। °খণ্ড (ক্লী)—তুষারখণ্ড, করকা, শিলা। °গর্ভ (বিণ)—শৈত্যগর্ভ, শীতল। "হিমগর্ভৈঃ...ময়ূখৈঃ শ ৩.৩। °গু (পুং)—'হিমকিরণ', চন্দ্র। °গৃহ (ক্লী)—'শৈত্যকরগৃহ', যন্ত্রধারাগৃহ। "কাদ ৮৭ ; চতুর্দ্দিকে সরোবর, অভ্যন্তরে হিমগৃহ ৮৮। °গৌর (বিণ)—তুষারধবল। "হিমগৌরৈঃ...শিরোভিঃ কি ৫ ১৭। °ঘ্ন (বিণ)—শৈত্যনাশক। "রা ৭ ৫৭ ৯। °ঝটি (স্ত্রী)—কুজ্ঝটি। °জ্যোতিঃ(-স্) পুং—শীতরশ্মি, চন্দ্র। °তৈল (ক্লী)—কর্পূরতৈল। °ত্বিট্(-ষ্), °দীধিতি (পুং)—'শীতকর' চন্দ্র। "°ত্বিষ্ ক সা ৩৫.২৬ ; °তি মাঘ ৯ ২৯। °দুগ্ধা (স্ত্রী)—'তুষারশ্বেতরসা', ক্ষীরিণী। °দুর্দ্দিন (ক্লী)—হিমপাত জন্য দুঃখকর দিন, পত্রহিম (শ ক)। °দ্যুতি (পুং)—'শীতকর', চন্দ্র। "°তিবিম্ব মাঘ ৯ ১২। °দ্রুম (পুং)—শৈত্যকর মহানিম্ব। °ধর (বিণ)—তুষারধারক (হিমবৎ)। "গো রা ১.৯ ৪৬। °ধর, °ধাতু (পুং)—হিমালয়। °ধামা (-মন্) পুং—'হিমকিরণ', চন্দ্র। "হবিণীহীন হিমধামা বি প ৫। °ধ্বস্ত (বিণ)—হিমনাশিত, তুহিনম্লান (পদ্ম)। °নিগ্রহ (পুং)—তুষারনিবাকরণ। "রঘু ৯ ২৫। °নির্মুক্ত (বিণ)—শিশিরমুক্ত। °পাণ্ডু (বিণ)—হিমশ্বেত, তুষারধবল, "কি ৫ ১২। °পাণ্ডুর (বিণ)—হিমধবল। °পাত (পুং)—তুষারপাত, তুহিনবর্ষ। 'ঋতু ৪ ১০। শি ৬৪। °প্রস্থ (পুং)—'শীতলসানুদেশ', হিমালয়। °বারি (ক্লী)—শীতলজল। "বালুক (পুং), °বালুকা (স্ত্রী) —কর্পূর (অ কো)। °বৃষ্টি (স্ত্রী)—তুষারবর্ষণ, তুহিনাসার। °ভানু, °ভাঃ (-স্) °ময়ূখ, °রশ্মি, °রুচি (পুং)—'শীতরশ্মি', চন্দ্র। "°রশ্মি মাঘ ৯ ৬৮। °ভূভৃৎ(পুং)—'তুষারপর্ব্বত', হিমালয়। °মুক্ত(বিণ)—শিশির-নির্মুক্ত। "°মুক্তচন্দ্ররুচির মাঘ ১৩ ৩৮। °যুক্ত (বিণ)—শৈত্যান্বিত, শীত। "°যুক্তঃ কালঃ।—ঋতু ৪ ১৮। °রশ্মিজ (পুং)—'চন্দ্রজাত', বুধগ্রহ। °লব (পুং)—হিমকণ, তুহিনলেশ। "মাঘ ৭ ৭৩। °শর্করা (স্ত্রী) হিমপ্রধান শর্করা, যবনাল। °শীতল (বিণ)—হিমতুল্যশীতল, অতিশীত। °শ্রথ (পুং), °শ্রন্থন (ক্লী)—তুষারাবস্রংস, হিমবিমোচন। "°শ্রথ পা ৬ ৪ ২৯। °সংহতি (স্ত্রী)—তুষারপুঞ্জ, হিমানী (অ কো)। °সংঘাত (পুং)—হিমানী। °সরঃ (-স্) ক্লী—অতিশীতলসরঃ। 'মা মা ১ ৩১। °সেক (পুং)—তুষারনিষ্যন্দ, হিমপাত। '°সেকবিপত্তি রঘু ৮ ৪৫। °স্রুৎ (পুং)—'শৈত্যক্ষরণকারক', চন্দ্র (কাদম্বরী)। °স্রুতি (স্ত্রী) —হিমনিষ্যন্দ, তুষারসেক। 'রঘু ১৬ ৪৪। °হাসক (পুং)—হিন্তাল। °হাসকৃৎ (পুং)—'শৈত্যোপহাসক' অগ্নি।] [হিম পড়া—শিশির পড়া। হিম লাগা—শৈত্যবোধ হওয়া, পায়ে ঠাণ্ডা লাগা।]

হিমকর বিণ [ষ ত] শৈত্যজনক, শীতল। —কর পুং [বহুব্রী] ১ শীতরশ্মি, চন্দ্র। "হিমকরোদয় রঘু ৯ ৩৮। °কিরণ গী গো ৭ ৩৪। °তেজ।—ম ৭১৯। বি প ২০৩। °জ্যোতি চৈ ম ২৮। °বর।—দু ১০। ২ কপূর। [°কর (বি)—চন্দ্রকিরণ। 'বি প ১৬৮। °তনয় (পুং) —চন্দ্রসুত, বুধ, বুধগ্রহ। °শীকর (বি)—শৈত্যজনক জল। "প ক ১৫৩৯। °শেখর (বি)—চন্দ্রশেখর, শিব। "ভা চ ৩।]

হিমকাল বি শীতকাল। 'শ্রী ম ২৩৬।

হিমগিরি পুং [ষ ত] তুষারপর্ব্বত, হিমালয়। [°সুতা (স্ত্রী) —হিমালয়কন্যা, পার্ব্বতী। °সুতাকান্ত (পুং)—পার্ব্বতীপতি, শিব।]

হিমজ বিণ [হিম+ √জন্+অ (ড)-ক, উ ত] তুষারজাত। —জ পুং 'হিমালয়জাত', মৈনাক। —জা স্ত্রী ১ পার্ব্বতী। ২ শটী, যবনাল ; ক্ষীরিণী।

হিমজা দ্র 'হিমজ'।

হিমন্ত বি [হিমবন্ত > °ন্ত, অসাধু] হিমালয়। [°নন্দিনী (বি) —হিমালয়কন্যা, পার্ব্বতী, চণ্ডী। "ম ম ৬৩।]

হিমবান্ (-বৎ) বিণ [হিম+বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] হিমপ্রচুর, তুষাররাশিযুক্ত। "অথর্ব্ববেদ ১২.১ ১১। যথার্থকৃতনামাসৌ হিমবান্ হিমবান্ গিরিঃ গো রা ৩.২২ ৯। —বান্ পুং ['হিমবতঃ—হিমস্তূপ-

-১ জায়িতাঃ পর্ব্বতাঃ (ঋগ্বেদ ১০.১২১.৪] ১ হিমালয়। "অথর্ববেদ ৬.৯.৯। হিমবান্ প্রস্রুতো হিমম্ রা ২.৮৫.১৮। রঘু ৪.৭৯। শ ৫২। বাহন কারণে সিংহ হিমবান্ দিলা।—চু ৭৫। ২ কৈলাস (অ চি)। [°প্রতিম °-বৎ-' (বিণ)—হিমালয়সদৃশ। "রা ১ ৪৩৮। °গিরি '-বদগি-' (পুং)—'হিমপ্রচুরপর্ব্বত', হিমালয়।]

হিমর্ত্তু পুং [হিম+ঋতু, কর্ম্মধা] হেমন্ত ঋতু।

হিমল বিং [হিম+লঙ, ঠ হিমল, ড হেমাল] শৈত্যযুক্ত, শীতল, ঠাণ্ডা (খাদ্য, পেয়)।

হিমশৈল পুং [উ লো] 'হিমপ্রচুরগিরি', হিমাচল। [°জ (বিণ) —হিমালয়জাত। "যাজ্ঞ ২ ১১৩। °জা (স্ত্রী)—'হিমালয়জাতা', হৈমবতী, পার্ব্বতী। °সুতা (স্ত্রী)—পার্ব্বতী।]

হিমা দ্র 'হিম'।

হিমাইত বি [আ হিমাযত, হিমাঈত, -যত] আশ্রয়, অনুগ্রহ, পৃষ্ঠ-পোষণ (patronage)। "(খেলাপ কহগী বাত) গান্ধামে চড়াওকে হিমাইত তোড়ঙ্গা বি স্থ ১০১।

হিমাংশু পুং [বহুব্রী] ১ 'শীতকর', চন্দ্র। "রঘু ৫ ১৬। মাঘ ২ ৪৯। তড়িত-মণ্ডল, দ্বিগণ্ডে কুণ্ডল, হিমাংশুমণ্ডল-আড়ে।—ম ১৮৩। যথা কুমুদিনী প্রমুদিনী হিমাংশু-মিলনে বা দ ৯৫। ২ কর্পূর। ৩ [কর্ম্মধা] শীতকিরণ, শীতল রশ্মি। [°মালি (-লিন্) পুং—'শীতকিরণমালাবান্' চন্দ্র।]

হিমাগ পুং [হিম+অগ, উ গো] 'হিমপ্রচুর পর্ব্বত' হিমালয়। "আর্য্যাবর্ত্তঃ পুণ্যভূমির্মধ্যং বিন্ধ্যহিমাগয়োঃ (অ কো)।

হিমাগম পুং [হিম+আগম, বহুব্রী] যাহাতে হিমের আবির্ভাব, হেমন্ত। "মহা ৫ ৮৩ ৭। শরদা হিমাগমঃ সমেত্য মাঘ ২ ১৬।

হিমাঙ্গ বিং তাপহীনদেহ, মৃতপ্রায়। 'রাধার প্রাণটা কণ্ঠায় উঠেছিল, হেমাঙ্গী হিমাঙ্গী হলো।—দা ৪৩১।

হিমাচল পুং [উ লো] 'হিমপ্রচুর পর্ব্বত', হিমালয়। "ক সা ৪ ২৭।

হিমাত্যয় পুং [বহুব্রী] শিশিরাবসানকাল, গ্রীষ্ম (রা টীকা)। "প্রধক্ষ্যতি যথা কক্ষং চিত্রভানুর্হিমাত্যয়ে রা ২ ২৪ ৮।

হিমাদ্রি পুং [উ লো] 'হিমপ্রচুর পর্ব্বত', হিমাচল। "রঘু ৪ ৭৯। (সঃ) প্রস্থং হিমাদ্রের্মৃগনাভিগন্ধি (অধ্যুবাস) কু স ১ ৫৪। °সদৃশ বুদ্ধি।—ম ১৯৭। বনবৃক্ষকুলস্বামী, °সদৃশ আমি।—মা ৩৫৫। একবার তোরা মা বলিয়া ডাক, ..হিমাদ্রিপাষাণ কেঁদে গলে' যাক।—গান ২১৬। [°জা (স্ত্রী)—১ 'হিমালয়জাতা', পার্ব্বতী, গঙ্গা। ২ ক্ষীরিণী। °তনয়া (স্ত্রী)—পার্ব্বতী। °তনয়াপতি (পুং)—পার্ব্বতীপতি, শিব (কবিকল্পলতা—শ ক)।]

হিমান বি [সং হিমানী] তুষাররাশি। "হিমানেতে সমর্পিলা বিমল কমল।—মী ২৩।

হিমানদ্ধ বিণ [তৃ ত] তুষারবদ্ধ, ঘনীভূত (স্বপ্রস্তুত)।

হিমানী স্ত্রী [হিম+স্ত্রী ঈ (ঙীষ্), 'আন্' (আনুক্) আগম, মহত্ত্বে, পা ৪ ১ ৪৯, সি, বার্ত্তিক] ১ মহদ্ধিম, হিমসংহতি, তুষাররাশি। "ক.ম ২১।২। হিমানীতে যথা, কুসুমরতনহীন (লতা)।—মে ১৯। হিমানী-আবৃত গিরি।—মা ১৩১। হিমানী-আবৃত, হিমাদ্রি।—হেম ২৪৩। ২ যবনালশর্করা। ৩ [বাঙ্লায়, অসাধু] হিমসংহতি-কাল, শীতকাল। "ঘন ঘনাবলী, বেড়িল দোঁহারে, যথা বেড়ে হিমানীতে, কুজ্ঝটিকা গিরিশৃঙ্গ।—মে ১৮৬। ৪ হিম, শৈত্য, ঠাণ্ডা। "বাঘের বিক্রমসম মাঘের হিমানী ভা চ ৪৪৯। ৫ তুষার, বরফ। "যথা নীহারের বিন্দু হেমন্তসময়,...জলজের দলে, হিমানী-আকার ধরে।—রঙ্গ ৬। হিমানীর রাশি।—হেম ১৩৪, °স্তূপ ১৭৮, ২৪৩। ৬ শিশির। "অশ্রুহিমানী-জড়িত আকাশে অতীত কথা।—কু.কে ১৫০। [°পটল (ক্লী)—তুষারপুঞ্জাবরণ। °বিশদ (বিণ)—হিমরাশিধবল।]

হিমান্ত পুং [বহুব্রী] হিমাবসানকাল, গ্রীষ্ম। "মহা ১৪ ৯ ১০। হিমান্তে অহি ভ্রমে ঊর্দ্ধফণা।—মে ১৪, ২৯৯।

হিমাবতী স্ত্রী [হিম+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্), দীর্ঘ, দ্র 'পা ৬ ৩ ১২০। 'হিমযুক্তোৎপত্তিস্থানবতী', স্বর্ণক্ষীরী (অ কো)।

হিমাবদাত বিণ [হিমতুল্য অবদাত, উপ ত] তুষার। "মহা ৭ ৬৬ ২।

হিমাব্জ ক্লী [উ লো] হিমকাল জাত পদ্ম, নীলোৎপল।

হিমাভ বিণ [উ বহুব্রী] হিমাভাতুল্য আভা যাহার, তুষারসদৃশ।

হিমাভ্র পুং [উ লো] হিমধবল অভ্রতুল্য, কর্পূর।

হিমাম্বু ক্লী [কর্ম্মধা] ১ শীতলজল। ২ হিমরূপ জল, তুহিন।

হিমাম্ভঃ (ম্ভস্) ক্লী [কর্ম্মধা] ১ শীতলজল। "নিদাঘদগ্ধস্য যথা হিমাম্ভঃ ভ ৫ ১২ ২। ২ নীহারজল, শিশিরাম্বু। "নির্দ্ধৌতহারগুলিকা-বিশদং হিমাম্ভঃ রঘু ৫ ৭০।

হিমারাতি, -মারি পুং [ষ ত] ১ হিমের শত্রু : অগ্নি। ২ সূর্য্য।

হিমারি দ্র 'হিমারাতি'।

হিমার্ত্ত, হিমার্দ্দিত বিণ [তৃ ত] হিমপীড়িত, শীতার্ত্ত।

হিমালয় পুং [ষ ত] ১ 'হিমের আলয়তুল্য', হিমবান্, হিমাচল। 'অস্মি স্থাবরাণাং হিমালয়ঃ গী ১০ ২৫। [হিমালয় পুরাণে গিরিরাজ। ইহার পত্নী মেনকা, পুত্র মৈনাক, কন্যা পার্ব্বতী বা উমা (কু স ১ ১, ১৮, ২০, ২১, ২৬। ক চ ১৯। ভা চ ৬১।] ২ শ্বেতখদির।—রা স্ত্রী 'শৈত্যের আলয়সদৃশী, , ভূম্যামলকী। [°সুতা (স্ত্রী)—পার্ব্বতী।]

হিমাহতি স্ত্রী [ষ ত] তুষারাঘাত, তুহিনবর্ষ, হিমপাত। "(জরা) বিনাশিকস্য রূপস্য পদ্মস্যেব হিমাহতিঃ ক সা ২৯ ৫৫।

হিমাহ্ব, হিমাহ্বয় পুং [বহুব্রী] 'হিমনামক', কর্পূর। —য় ক্লী নলিন, পদ্ম।

হিমোত্তরা স্ত্রী [বহুব্রী] শৈত্য যাহার ফল, কপিলদ্রাক্ষা।

হিমোৎপন্না স্ত্রী [স ত] 'হিমজাতা', যবনালী।

হিমোদ্ভবা স্ত্রী [বহুব্রী] 'হিমজাতা', শটী, ক্ষীরিণী।

হিমোপচার পুং [ষ ত] শৈত্যনাশার্থ চিকিৎসা।

হিমোস্র পুং [হিম উস্র যাহার, বহুব্রী] 'শিশিররশ্মি', চন্দ্র। 'যদাপ্যান' হিমোস্রেণ ভট্টি ৯ ২।

হিম্মৎ বি [আ হিম্মত] ১ তেজ (spirit)। ২ সাহস, বীরত্ব, বাহাদুরী। ৩ পরিকল্পনা (design)। —তী বিং [হিম্মৎ+ঈ', হি °তী] ১ হিম্মৎ-ওয়ালা, সাহসী, বাহাদুর। ২ পরিকল্পনাশক্তিমান্।

হিম্য বিণ [হিম+য (যপ), 'ভূমা' অর্থে, পা ৫ ২ ১২০, সি] বহুল-হিমযুক্ত, তুষারপ্রচুর। "হিম্যাঃ পর্ব্বতাঃ।

হিয় বি [সং হৃদয় >প্রা হিঅ (হে) >বা হিয়, ঠ হিযেং, মৈ হিঅ, হীয় (প ক)] ১ হৃদয়, মন। "এ সখি বহুত করল হিয় মাহ বি.প ১৮৫। আলিরি, মিটব কি হিয়-বিষাদ জ প ৮। (নাভি) পিয় হিয় বাস থাপি।—ব ৬৬। কিঙ্কিণী রণরণি রণি রব, উপজত হিয় উমঙ্গ ব্র প ১৭৫। ২ বক্ষ। "তনু শুক বসন তনু হিয় লাগি বি প ৩৪, পিয়া হিয় হরখি ধয়ল নিজ পাণি ৬৩। হিয় মাহা লখিমী মিলিত মণিরাজ।—গো ১৭৭। ক্ষীণ তনু নারি ডারি হিয়ে ঘুমল।—ব ১২৮।

হিয়া বি [সং হৃদয় >প্রা হিঅ-অ (হে) >বা (হিআ) হিয়া, হি হিয়া, ঠ হিয্যা, মৈ হিআ, হিযে] ১ হৃদয়, বক্ষ। "হিয়ার উপর শম্ভু পূজিত বি.প ১১৩। 'আইস মোর বাছা' বুলি, হিয়ার উপরে তুলি ন প ৩১৮। ২ মন। "কি হেরিলো অপরূপ গোবি। পৈঠল হিয়া মাহা মোরি॥ —বি.প ২৯। হিয়া তছু কুলিশক সার ১২৪। হিকুটি ফুলিয়া কান্দে, হিয়া থির নাহি বান্ধে রা শে ৪১। যত নিষেধিল প্রিয়া, তাহাতে না পাতিলাম

হিয়া ম ম ১৩৯। ৩ প্রাণ। "সাধে করি দুই বিয়া, কেমনে ধরিছ হিয়া, দুই নারী ঘরে পতিরক্ষ ক চ ১৫১। হিয়ার পুতলি মোর হ'বে নিল কে। —শ্রী ৪৮। [হিয়া জাপ—মনে মনে জপ, অন্তরে ধ্যান। "এ পুনি জগতে ধান্ধা, তার গুণে তুমি বান্ধা, আজিহ না ছাড় হিয়াজাপ চৈ ম ১৩। হিয়া দগদগি—মনের জ্বলনি বা জ্বালা, মনঃপীড়া। 'হিয়া দগদগি.…কি দিলে হইবে ভাল চ দা ৫৬, ১১১। হিয়া বাস—বক্ষের আবরণবস্ত্র, বুকের কাপড়। "নয়নে গলয়ে জল, ভিজে হিয়া বাস চৈ ম ৭৬। হিয়াশোষ—ভয়জন্য হৃদয়ের (বুকের) শুষ্কভাব বা নীরসতা। "নারদের কথায় মোর হৈল হিয়াশোষ চৈ ম ১৩।]

হিয়াড়া বি [হিয়া > °ড়া (স্বার্থে লা > ড়া ?) হি হিয়রা] প্রাণ। "(গোপীগণ) ধরয়ে হিয়াড়া সুখে সংবাদ কারণ শ্রী ম ১৩৯।

হিয়ালী দ্র 'হিঁয়ালী'।

হির বি [সং হীর] হীরক। "°হার প ক ১৪৯৮।

হিরণ[১] ক্লী [√হৃ+অন (ল্যুট্), নিপাতিত (ত বা), তু 'সং হিরণ্য > প্রা হিরণ্ণ] ১ স্বর্ণ। ২ রেতঃ। ৩ বরাটক।

হিরণ[২] বিং [হিরণ্ময়—হিরণ] ১ স্বর্ণময়, সুবর্ণবর্ণ। "তারি পরে ভাসে তরণী হিরণ চ কা ১৫৩। ২ পীত। "হিরণ পিঁধন চ দা ১০, ৪৮। হিরণ পিন্ধন প ক ১৩৫। ৩ স্বর্ণমণ্ডিত, স্বর্ণখচিত। "জনক রাজার মত কোথা পাব, হিরণ-শৃঙ্গ হাজার গাই।—কু কে ১৪৪। —ণ বি [সং হিরণ্য > প্রা হিরণ্ণ > বা °ণ] স্বর্ণ। 'হিরণক হার হৃদয়ে নাহি ধরই। —গো ২৬০। [°কিরণ (বিং)—সুবর্ণকান্তি। হিরণকিরণ, আধ বরণ, আধ নীলমণি-জ্যোতি প ক ৪৮, ব প ১১০১। হিরণ-কিরণ ছবিখানি। —গান ১৪৯। °কিরণ (বি)—'স্বর্ণবর্ণরশ্মি', চন্দ্র। 'রাহুর গরাসে হিরণ-কিরণ হইল সাদা কু কে ১৩২। °বরণ (বিং)—স্বর্ণবর্ণ। "ধন্য সুদূর, তারকা হিরণ-বরণী চ কা ৩৮৯। °মণি (বি)—স্বর্ণবর্ণ মণিতুল্য চন্দ্র। "(গৌরী !) জীতলি শীতল কিরণে হিরণমণি।—জ প ৭৪।]

হিরণকিরণ, হিরণবরণ, হিরণমণি দ্র 'হিরণ'।

হিরণময় বিং [সং হিরণ্ময়] স্বর্ণময়, সুবর্ণবর্ণ। '(হলধরসোদর !) হেলে হারায়লি হিরণময় গৌরী।—গো ২৬০।

হিরণ্ময় বিণ [হিরণ্য+ময় (ময়ট্), য-লোপ নিপাতিত, পা ৬ ৪ ১৭৪, তু 'হিরণ্যময়' (শতপথব্রাহ্মণ ১৩ ২ ১০ ২), স্ত্রী -য়ী] হিরণ্য-বিকার, সুবর্ণময়, হৈম। "তৈত্তিরীয়সংহিতা ২ ৪ ১২ ১। ছান্দোগ্য ৮. ৫.৩। মালাম্ ..হিরণ্ময়ীম্ বা ২ ৯ ৪৭। আদর্শে হিরণ্ময়ে রঘু ১৭ ২৬। হিরণ্ময়ী সীতাপ্রকৃতিঃ উ চ ৩৪৬। হিরণ্ময়ী সাললতা ভট্টি ২ ৪৭। মা ১৩৭। হিরণ্ময়ী সীতাপ্রতিকৃতি সী ৬৮। তাহার (আলবলার নলের) হিরণ্ময় মুখ।—য ১। —য় পুং ব্রহ্ম'। তু 'হিরণ্যগর্ভ'। —য় ক্লী সুবর্ণপাত্র। 'বীতহিরণ্ময়ত্ব রঘু ৫ ২। —য় পুং, ক্লী নববর্ষান্তর্গত বর্ষবিশেষ। দ্র 'জম্বুখণ্ড'। —য়ী স্ত্রী স্বর্ণপ্রতিমা (অ চি)।

হিরণ্য বিণ হিরণ্যনির্ম্মিত, সৌবর্ণ। "(শ্রোত্রিয়ঃ) দাপ্যো হিরণ্যঞ্চৈব মাষকম্ মনু ৮ ৩৯৩। —ণ্য ক্লী [√হর্য্ (কান্তি) + অন্য (কন্যন্) -র্য, √হর্য্ > হির্ (উ ৫ ৪৪), 'হিরণ্য'—হিতরমণীয় (ঋগ্বেদ ৪ ১০ ৬, ৪৫.৪, সায়ণ)] ১ স্বর্ণ, হেম। "ঋগ্বেদ ১.৪৩ ৫। মনু ২ ২৯। হিরণ্যসদৃশচ্ছদ (শকুন) মহা ৩ ৬১ ১২। ২ হিরণ্ময় বা হিতরমণীয় অলঙ্কার (সায়ণ), হিরণ্যদ্রব্য (রা টীকা), হিরণ্ময় পাত্র বা অলঙ্কার। "ঋগ্বেদ ২ ৩৩ ৯। সুবর্ণেন হিরণ্যেন কিং করিষ্যাবহে বনে রা ৭ ৯৪ ২০। ৩ স্বর্ণমুদ্রা। ৪ রজত। ৫ অকুপ্য, উৎকৃষ্ট ধাতু। ৬ দ্রব্য (মেদিনী)। ৭ বিত্ত, ধন-সামান্য (অ কো)। "পণ করি খেলিতে লাগিল দুই জন। হিরণ্য বিবিধ আর সুবর্ণ রতন॥—ম ৪৩৯। ৮ অক্ষয় দ্রব্য। ৯ বরাটক, কৌড়ি। ১০ রেতঃ। ১১ মানভেদ, পরিমাণবিশেষ। ১২ ধুস্তূর, কনক-ধুতরা। ১৩ বর্ষভেদ, হিরণ্ময়বর্ষ (মার্কণ্ডেয়পুরাণ)। —ণ্য পুং পঞ্চজাতি গুগ্গুলুর একতম। দ্র 'গুগ্গুল'। —ণ্য পুং, ক্লী বর্ষভেদ। তু 'হিরণ্ময়-বর্ষ'। —ণ্যা স্ত্রী অগ্নির সপ্ত জিহ্বার একতমা (হলায়ুধ)]। [°কক্ষ (বিণ)—ধৃতস্বর্ণমেখল। "মহা ৪ ৬৬.৪। °কর্ত্তা (-র্ত্তৃ) পুং—স্বর্ণকার (মহা)। °কামধেনু (পুং)—ষোড়শ মহাদানান্তর্গত মহাদানবিশেষ। °কার (পুং)—স্বর্ণকার। "গো রা ২ ৯০ ১৭। °কৃৎ (বিণ)—সুবর্ণোৎ-পাদক (অগ্নি)। "মহা ২ ৩১ ৪৪। °কেশ (বিণ)—কপিলকেশ। (পুং)—বিষ্ণু। °কোষ (পুং)—কৃতাকৃতস্বর্ণরৌপ্য। তু স্যাৎকোশশ্চ হিরণ্যং চ হেমরূপ্যে কৃতাকৃতে (অ কো)। °দ (বিণ)—স্বর্ণদাতা। "মনু ৪ ২৩০। °দ (পুং)—সাগর। দা (স্ত্রী)—পৃথিবী। °ধনুঃ (-নুস্) পুং —একলব্যের পিতা। দ্র 'একলব্য'। °প্রতিপূর্ণ (বিণ)—স্বর্ণপূরিত, হেমাঢ্য। °বর্ণ (বিণ)—স্বর্ণবর্ণ (অণ্ড)। "হ ১ ৩৭। °বাহ (পুং) —'স্বর্ণবাহক', শোণনদ (অ টী)। °বাহু (পুং)—১ 'স্বর্ণবাহক', শোণ-নদ (অ কো)। ২ 'রজতময়বাহু', শিব। "মহা ১৪ ৮ ১৯। °বিন্দু, °বীর্য্য পুং—অগ্নি। "°বীর্য্য ভ ৪ ২৪ ৩৭। °রশন (বিণ)—ধৃতস্বর্ণ-সদৃশমেখল, ধৃতপীতবস্ত্র। "ভ ৪ ৭ ২০। °স্রক (-জ্) স্ত্রী—স্বর্ণময়হার, হেমহার।]

হিরণ্যক পুং [°ণ্য+ক (কন) 'কাম' অর্থে, পা ৫ ২ ৬৫] সুবর্ণেচ্ছা।

হিরণ্যকশিপু পুং দৈত্যরাজবিশেষ। [ইঁহার পিতা কশ্যপ, মাতা দিতি, পত্নী কয়াধু, পুত্র প্রহ্লাদ, সংহ্লাদ, অনুহ্লাদ (মহা ১ ৬৫.১৭,-৮)। ইনি ব্রহ্মার বরে ভূতমাত্রের অবধ্য হইলে, দৈত্যবলের সহিত ত্রিলোক জয় করিয়া স্বীয় আধিপত্য স্থাপন ও ত্রিলোকবাসীকে উৎপীড়িত করেন, এবং ভ্রাতৃঘাতী বিষ্ণুর পরম শত্রু হন। ইঁহার পুত্র বিষ্ণুভক্ত প্রহ্লাদ ইঁহার আদেশে নানাপ্রকারে নিপীড়িত হইলে, ভক্তের রক্ষার্থ বিষ্ণু নৃসিংহমূর্ত্তিতে ইঁহাকে নিহত করেন (ভ ৭ ৩, ৮)। দ্র 'প্রহ্লাদ'।] [°চ্ছেদী (-দিন্), °দারুণ, °হা (-হন) পুং—বিষ্ণু। °বিদারী (-রিন্) বিং—হিরণ্যকশিপুঘাতক। "(নরসিংহ) °বিদারী শ্রী ম ৫। °রিপু (বি)—হিরণ্যকশিপুর শত্রু। "°রিপু গোলোকবিহারী।—কৃ ২৯১।]

হিরণ্যগর্ভ পুং [ষ ত (অ কো),—হিরণ্ময়স্যাণ্ডস্য গর্ভভূতঃ প্রজাপতি-র্হিরণ্যগর্ভঃ (ঋগ্বেদ ১০.১২১ ১, সায়ণ), বহুব্রী] ১ হিরণ্যের (হিরণ্ময় অণ্ডের) গর্ভ, অর্থাৎ ভ্রূণ, যাহার গর্ভ হিরণ্ময়, যাহার গর্ভে হিরণ্যরূপ ব্রহ্মাণ্ড (শ্রীধর), ব্রহ্মা, স্বয়ম্ভু, বিধাতা। 'তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশু-সমপ্রভম্। তস্মিন্ যজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥—মনু ১.৯। 'তৈত্তিরীয়সংহিতা ৫ ৫ ১ ২। মহা ১ ১ ৫৯। ভ ৭ ৫ ৩২। শ্রী ২৪০। শি ৪। ২ যাহার গর্ভে হিরণ্য, হেমপঙ্কজগর্ভবান্ কুণ্ড, (উপচারে) তৎকুণ্ডদান, ষোড়শ মহাদানান্তর্গত দ্বিতীয় মহাদান। ৩ বিষ্ণু। দ্র '(১) শ্রীধর'। "মহা ১৩ ১৪৯.২১। চৈ চ ২৪। ৪ সমষ্টিসূক্ষ্মশরীরোপহিত চৈতন্য, সূক্ষ্মাত্মা, প্রাণ (বেদান্তসার)।

হিরণ্যগর্ভাঙ্গভূ বিণ [ষ ত] হিরণ্যগর্ভের অঙ্গজ, ব্রহ্মতনুজ, ব্রহ্মাত্মজ। "দদর্শ…°ঙ্গভুবং মুনিং হরিঃ মাঘ ১ ১।

হিরণ্যনাভ বিণ [হিরণ্য নাভিতে যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্)] স্বর্ণময়নাভিবান্। " ভং মৈনাকং সমুদ্রো গিরিমব্রবীৎ গো রা ৫.৭ ৫। —নাভ পুং ১ মৈনাক। "গো রা ৫ ৭ ৪°। ২ বিষ্ণু। ৩ সূর্য্যবংশীয় রাজবিশেষ। "রঘু ১৮ ২৫। ভ ৯ ১২.৩। —নাভ ক্লী উত্তরশালাহীন বাস্তু। "বৃহৎসংহিতা ৫৩ ৩৭।

হিরণ্যব পুং [°ণ্য+ব, পা ৫ ২.১০৯, সি] নিধিবিশেষ।

হিরণ্যরেতাঃ (-তস্) পুং [হিরণ্য রেতঃ যাহার, বহুব্রী] ১ 'স্বর্ণ-বীর্য্য', অগ্নি। দ্র 'বহ্নিবীজ (২)। "গো.রা ২.৮৩.৪১। রঘু ১৮.২৫। ২ চিত্রকবৃক্ষ। ৩ শিব। ৪ দিবাকর (মেদিনী)। ৫ দ্বাদশ আদিত্যের একতম।

হিরণ্যাক্ষ পুং আত্তদৈত্যবিশেষ। [ইনি হিরণ্যকশিপুর অনুজ। বলদৃপ্ত হইয়া ইনি ত্রিলোক জয় করিয়া পৃথিবী সমুদ্রতলে নিক্ষেপ করিলে, বিষ্ণু বরাহরূপে ইহাকে নিহত ও দশনাগ্রে রসাতল হইতে পৃথিবী উদ্ধার করেন। দ্র 'ভ ৩.১৩-১৮ শ অধ্যায়। 'হিরণাক্ষে বধি উদ্ধারিলে বসুমতী।—ম ৬৯৭] [°রিপু, °হর (পুং)—হিরণ্যাক্ষনাশক, বিষ্ণু। "°রিপু রঘু ১৮.২৫ ।]

হিরণ্যাক্ষবিদারক বিং হিরণ্যাক্ষনাশক। "ম ৭১৫ ।

হিরণ্যাব্জ স্ত্রী [উ.লো] স্বর্ণময় পদ্ম; হৈমাব্জ। "ক.সা ৫৪.১০ ।

হিরণ্যাশ্ব পুং [উ লো] স্বর্ণনির্ম্মিত অশ্ব; ষোড়শ মহাদানান্তর্গত মহাদানবিশেষ। [°রথ (পুং)—হিরণ্ময়াশ্বরথরূপ মহাদানবিশেষ।]

হিরাকশ বি [ফা হি.রাকশ্; ঠ হিরাকশী,-কস; হি, প কসীস; সি কহ্; ড় হিরাকস; সং কাসীস] উপরসবিবিশেষ (Sulphate of iron ; Green vitriol) ।

হিরামণ বি [হীরা-মণি > °ণ]· সুন্দর পক্ষিবিশেষ। "বা.ম ১১৮ ।

হিরামন বি হীরা ও মণি। "জোলা (ঝোলা) আছে হিরামন রতন ম.পা ৭ ।

হি(হী)রামাটা, -ঠা বিং হিরামণ্ডিত, হীরায় খচিত। "কাকালে ...হিরামঠা কড়ি শ্রী.মা ১১৯; হয়গ্রীবে শোভা করে হীরামাটা কড়ি ১৭৬ ।

হিরুক্ ব্য ১ অন্তর্হিত (সায়ণ), বর্জ্জন (সি), বিনা (অ.কো) । "ঋগ্বেদ ১.১৬৪.৩২ । ২ সমীপ; মধ্য (অ.টী) ।

হিল্ অক [তুদা,—হিলতি; সেট্] ভাবকৃতি (ক.ক), অভিপ্রায়সূচন। "হিলতি তরুণ্যা তরুণঃ (ক.ক) ।

হিল[১] অর্ম্ম [হি, ঠ √হিল; দ্র 'হাল[৭]; 'হীল'—হীলত (প.ক)] ১ চলিত হওয়া; হেলা, দোলা। "(নিতাই) গজেন্দ্রগমনে হিলি-ঢুলি চলি যায় ন.প ৩৭৫ । ২ সহজভাবে থাকা; নষ্ট না হওয়া। "বাসত্তরি হাজার নাড়ী, অস্থি মজ্জা আছে যুড়ি, লোমগাছি হিলিতে না পারে বি.পা ৩৩৮ । —লা[১] সর্ম্ম [হিল+আ[৮]] চালিত করা; দোলান, হেলান। "শ্যামর-কায় অচাহে হিলায়ত (নাগর) প.ক ২৮৮৬ ।

হিল্[২], হিলা[২] সর্ম্ম [?] আক্রমণার্থ উত্তেজিত করা টুয়ান, লেলান। "জত মোনে চ্যাংরা দিবেন কুকুর হিলিয়াঃ হিলিয়া দ্যান কুকুর গো.চ ২৯২; রাজাক হিলায় কুকুর ২৯৩। হিলাল কুকুর ব.প ৮০ । [হালাইয়া —লেলাইয়া। "গো.চ ২৯৩ ।]

হিলঞ্চা বি [সং হিলমোচিকা] জলজ তিক্তশাকবিশেষ; হেলাঞ্চা। "সালিঞ্চ হিলঞ্চা শাক চৈ.ভা ৪৩৫ ।

হিলন বি [হিল[১]+অন] ১ হেলিয়া অবস্থিতি; তির্য্যগবস্থান। "মোহন মুরলী হাতে কদম্ব হিলন।—জ্ঞা ১০; চরণে চরণ রাখ, কদম্ব হিলনে থাক ১১০ । ২ তির্য্যগবস্থানের আশ্রয়দ্রব্য; ঠেসান। "ক্ষণে তরুবর হিলন দেহ রঙ্গহি প.র ১১ । হিলন কলপতরু প.ক ১৯; রহই ত্রিভঙ্গ হই হিলন কদম্ব ২৯৩ । ৩ দোলন। "হিয়ার হিলনে, পরাণ পুতলি দোলে।—ব ১৫৮ ।

হিলবিল বি [ইলিবিলি > °ল; তু 'হিল[১]'] সর্পাদির আঁকাবাঁকা গমনভঙ্গি। "সাপ, জোঁক হিলবিল করে।

হিলমিল ক্রি.বিং [ঝিলমিল > °ল] ঈষৎ ঝলমলভাবে বা দীপ্তিপ্রকাশপূর্ব্বক; চিকমিক-ভাবে। "ওগো °ল কবে বহিবে সলিল কু.কে ৫৪ ।

হিলমোচি, -চিকা, -চী স্ত্রী [°কা (অ.কো)] 'তিক্ততা হেতু রতিমোচক (অ.টী)'; জলজ তিক্তশাকবিশেষ; হেলাঞ্চা (Enhydra Hingcha) ।

হিলমোচিকা, হিলমোচী দ্র 'হিলমোচী'।

হিলা[১]; হিলা[২] দ্র 'হিল[১]; হিল[২]।

হিলোর, -ল বি [সং হিল্লোল > °ল, -র; হি হিলোর,-ল] ১ তরঙ্গ। "কালিন্দি-হিলোল প.ক ৮৬; ধরণী পড়িছে নবযৌবন-হিলোর ১৩৫৭ । হাসির হিলোলে মোর পরাণ পুতলি দোলে প.র ২৭ । বিরহহিলোলহি, দর দর অন্তর।—ব ১৮৭ । জীবনহিলোল।—জ্ঞা ২৪৬ । ২ সঞ্চলন। "ঈষৎ হাসির তরঙ্গহিলোলে মদন মুরুছা পায়।—গো ৯৮; প.ক ১৫২; নটনহিলোল ১৪৯৫ । [হিলোল-বিলোল—তরঙ্গচঞ্চল। "মৃদুবায়ুহিলোলবিলোল...সরোবর মাঝে।—গান ১৭৫ । হিলোলি—হিল্লোলিত বা আন্দোলিত করিয়া। "প.ক ৭০৫ ।]

হিলোল দ্র 'হিলোর'।

হিল্লে বি [আ হীলাহ্] ১ নিমিত্ত; ছল, শঠতা, ছুতা। ২ আশ্রয়। "ঝার হিল্লেয় বসতি কত্তি নেগেচি...মিত্যে সাক্ষী দিয়ে সেই বড় বাবুর বাপকে কয়েদ করে দেন?—নী ২৫ । ছেলের বিবাহ দিয়া ফেলিতে পারিলে, তাহার একটা হিল্লে হয় পা.ঝো ৫৩ । ৩ উপায়। "বেটী যখন বৃন্দাবনে এসেছে, আমার একটা হিল্লে লাগালেও লাগতে পারে গি.ছি ১৩৭ ।

হিল্লোল[১] সক [অদন্ত চু, প—হিল্লোলয়তি; সেট্] দোলন। "হিল্লোলয়তি গোবিন্দং দোলায়াং দ্বিজঃ (ক.ক) ।

হিল্লোল[২] পুং [√হিল্লোল+অ (অচ্)-ক; তু সং হিন্দোল > প্রা হিংডো'ল] ১ 'দোলয়িতা', তরঙ্গ। "কল্লোল হিল্লোল করে প্রভাসের জল।—ম ১২৩৩ । আনন্দ-সাগরে যেন বহিছে হিল্লোল।—গ ১৩; জলের হিল্লোল ১৬০; ভা.চ ১৪২ । হাসির হিল্লোলে।—জ্ঞা ৪৬ । রসসমুদ্র-হিল্লোলে চৈ.ম ৬৫; ব্রহ্মাণ্ড ভেদিল শব্দব্রহ্মের হিল্লোলে ৭৩; আনন্দ° ১১৩ । ২ দোলন। "কান্তাকুচকুম্ভবাহুলতিকাহিল্লোললীলাসুখম্।—শৃ ৯ । তরঙ্গহিল্লোলে ক.চ ২৪১ । নাসায় বেশর শোভে মুকুতাহিল্লোলে চৈ.ম ৬৫ । কলার মান্দাস যায় ঢেউয়ের হিল্লোলে ম.ভা ৪৬ । তরঙ্গহিল্লোলে।—মে ১০৬ । যেন পদ্মবনে হংসী সমীরণোত্থিত তরঙ্গহিল্লোলে নাচিতেছে ব.প্র ৯১ । ৩ আন্দোলন, বিলোড়ন। "মন্দরের হিল্লোলে বরুণ কম্পমান।—ম ৯ । ৪ চিত্তলোলতা, কামাচার, খেয়াল। ৫ রতিবন্ধবিশেষ। ৬ হিন্দোল রাগ (A.) । ৭ (বাঙ্লায়) তরল কটাক্ষপাত। "কাড়ি নিল মৃগমদ নয়নহিল্লোলে ভা.চ ২৯০ । ৮ দোলনা। "ঝুলত মদন হিল্লোল।—গো ২৫০ । হিল্লোল কল্লোল—তরঙ্গ ও জলকলকল-ধ্বনি। "গ ৫৭; ৬০; ৬১ । জ্ঞা ১৩৭ ।]

হিল্লোলিত বিং [°ল+ইত[২]] ১ তরঙ্গিত। "সামান্য সরসীনীর হয় হিল্লোলিত।—ন ৪৪৭ । ২ তরঙ্গাকারে কম্পিত। "হিল্লোলিত হৈমন্তিক মঞ্জরীর মাঝে...বসিয়া রয়েছ মাতা!—স.স্ব ৪৭ ।

হিশ্ বি [ধ্বন্যাত্মক; ফা হি.শ্ত্—whistle; cf., E. hist; Danish—hys] শিশ্ দেওয়ার শব্দ। "পেয়াদারা মধ্যে মধ্যে 'চুপ্ চুপ্' করিতেছে, সারজনেরা 'হিশ্ হিশ্' করিতেছে আ.দু ১৮১ ।

হিষর, -সর অর্ম্ম [হেষারব > °র; সং √হেষ্] হেষারব করা; ঘোড়ার শব্দ করা। "ঘোটক হিসরে শ্রী.মা ৬৭ । সেনে দেখি সঘনে হিসরে সব ঘোড়া ১১৩ । [হিসর-রব—হ্রেষা, অশ্বরব। "অশ্বের হিসররব ম.বি ২০৬ ।]

হিসর দ্র 'হিষর'।

হিক্কা স্ত্রী [ধ্বন্যাত্মক] হিক্কা (বাগভট্ট) । তু 'হেঁচকি'।

হিসাব বি [আ হিসাব্] ১ গণনা লেখা (calculation) । "বেহিসাবে এক বিন্দু না পারে কাটিতে ভা.চ ৪০৬ । ২ আয়ব্যয়ের বিবরণপত্র; জমাখরচ (account) । "অভাগীর গতি হিসাবের মুহরীব: হিসাবে দেয় গোঁজা ভা.চ ৪০৭ । ৩ সংখ্যা নিরূপণ। ৪ বিচার, পরিণামচিন্তা। ৫ দর, হার। "তাহা (রম্ভা) ত মর্ত্ত্যলোকেও তুমি পাইয়া থাক—আটটার হিসাবে ব.প্র ৬২৯ । [হিসাব করা—গণনা করা; বিচার করা; পরিণাম চিন্তা করা। হিসাব গরমিল হওয়া—হিসাব না মিলা। হিসাব

চুকান বা মিটান—হিসাবের প্রাপ্য টাকা শোধ করা। হিসাব দেওয়া—জমা-খরচের বিবরণ দেওয়া। হিসাব নিকাশ করা—হিসাব মিল করিয়া শেষ করা। হিসাব লওয়া—১ জমা-খরচের কাগজ বুঝিয়া লওয়া। ২ কোন বিষয়ের বিবরণ লওয়া। হিসাবে আসা—গণনায় গৃহীত হওয়া। হিসাবের কড়ি—১ জমা-খরচ টাকা। ২ বিশেষ বিবরণের বিষয়।]

হিসাব-কিতাব বি আয়-ব্যয়ের লিখিত বিবরণপত্র (account)।

হিসাবানা বি হিসাব কবাব জন্য পাওনা বা পারিশ্রমিক। [হিসাবানা পার্ব্বনী—(জমিদারীতে) হিসাবানা ও পার্ব্বে ব্যয়ার্থ প্রাপ্য।]

হিসাবী বিং [আ হিসাবী] ১ হিসাবসম্বন্ধী, হিসাবের। "হিসাবী কাগজ-পত্র। ২ হিসাবে লিখিত, জমা-খরচী। "গব-হিসাবী টাকা। ৩ পরিণামদর্শী, বিবেচক। "হিসাবী লোক।

হিস্সে, হিস্সা বি [আ হিস্স] ১ অংশ, ভাগ। 'বলচে যত কলোনিরা 'আমাব হিস্সে চাই'।—হেম ৩৮৩। ২ খণ্ড, টুকরা (portion)।

হিস্সাদার বি [হিস্সা+দার] অংশীদার, ভাগী (sharer)। —দারী বি [আ হিস্স-দারী] অংশীদারত্ব, অংশিত্ব (co-partnership)।

হি-হি, হি-হি-হি বি [ধ্বন্যাত্মক, তু 'হীহী'] ১ উচ্চহাস্যধ্বনি। "হি-হি শব্দ উ.—চারি ঘন ঘন ন প ৩২৪। (প্রেতভূত-গণ) হাসে হি-হি হি-হি হি-হি ভা চ ৭৩। হি-হি হি-হি হাসিনী বা দ ৭৬। হি-হি হি-হি অট্ট হাসে।—বিহারিলাল চক্রবর্ত্তী। কার মাথা এটা হি-হি-হি।—হেম ৯৫। ২ উপহাসসূচক হাস্যধ্বনি। "হি-হি করি হাসিল ব্রাহ্মণ ইহা শুনি। বাসনা করেছ বর (শিবকে) বিদগধ জানি॥—শি ২২। ৩ শীতার্ত্তের কণ্ঠধ্বনি।

হী ব্য ১ বিস্ময়। "হতবিধিবিলসিতানাং হী বিচিত্রো বিপাকঃ মাঘ ১১ ৬৪। ভট্টি ১৪ ৩৯। ২ দুঃখ। ৩ হেতু। ৪ বিষাদ।

হীন বিণ [√হা+ত (ক্ত)-র্ম্ম, পা ৬ ৪ ৫৬, ৮ ২ ৪৫, স্ত্রী -না] ১ পরিত্যক্ত (সায়ণ), ত্যক্ত, বিধুত, উৎসৃষ্ট (অ কো)। "জায়া তপ্যতে কিতবস্য হীনা।—ঋগ্বেদ ১০ ৩৪ ১০। হীনসংমার্জ্জনানি (বেশ্মানি) রা ২ ৩৩ ২০, বৃত্ত্যা হীনপ্রতিজ্ঞয়া ১০৯ ৮। °ক্রিয মনু ৩ ৭, °ক্রতু ১১ ১২। ২ বিরহিত। "তয়া হীনং বিধাতর্মা কথং পশ্যন্ন দূয়সে রঘু ১ ৭০। বিদ্যাহীনা ন শোভন্তে।—চাণক্য। ৩ উন, ন্যূন। বিপ 'অধিক'। "হীনাতিরিক্তগাত্র মনু ৩ ২৪২। চতুর্দ্দশ মন্বন্তর মম এক দিন। ত্রিশ দিনে এক মাস ইথে নহে হীন॥—ম ৯৫০। ৪ গর্হ্য, নিন্দনীয়। ৫ উৎকৃষ্টাপেক্ষায় ন্যূন, অপকৃষ্ট। 'পা ১ ৪ ৮৬। হীনজাতিস্ত্রী মনু ৩ ১৫, ১০৭। °গতি যাজ্ঞ ২ ৪৪। ৬ অপ্রকৃষ্ট। 'হীনান্নবস্ত্রবেশঃ স্যাৎ সর্ব্বদা গুরুসন্নিধৌ মনু ২ ১৯৪। ৭ বলাদিরহিত। "পরশ্চ হীন আত্মা চ হৃষ্টবাহনপুরুষা যাজ্ঞ ১.৩৪৮। ৮ পরাজিত (নীলকণ্ঠ)। "মহা ৪ ৭ ১৪। ৯ অল্পতর। '°মূল্য যাজ্ঞ ২ ১৭১। ১০ অস্থ্যাবসায়ী। "গচ্ছন্...হীনাং স্ত্রীং মধ্যমম্ (দাপ্যঃ) যাজ্ঞ ২ ২৯২। ১১ কদর্য্য (হলায়ুধ)। ১২ অসমগ্র, ন্যূন। "অহীনবাহুদ্রবিণঃ (অহীনগুঃ) রঘু ১৮ ১৪। ১৩ বিমুক্ত, ব্যবকলিত (subtracted)। ১৪ অধম, সামান্য। "আমি ··হীন কর্ম্মকার ম ম ১৬৯। —ন পুং ১ নীচ। 'হীনসংসর্গপরাঙ্মুখ রঘু ১৮ ১৪। ন হীনান্ সেবেত।—বিষ্ণু ৭১.৩। [বিপরীতার্থক শব্দ—উত্তম, হীন, সম (মনু ৩ ১০৭), উৎকৃষ্ট, অপকৃষ্ট, মধ্যম (কুল্লূক), হীন, সম, বিশিষ্ট (হি ৪১, কথারম্ভ), হীন, মধ্যম, উত্তম (বৃহৎসংহিতা ২৬ ৭), হীন, মধ্যম, জ্যেষ্ঠ (শার্ঙ্গধরসংহিতা ৭ ১ ৬)।] ২ (ব্যবহারে) পরাজিত প্রতিবাদী। "যাজ্ঞ ২.১৮। [প্রতিবাদী পঞ্চবিধ,—'অন্যবাদী ক্রিয়াদ্বেষী নোপস্থায়ী নিরুত্তরঃ। আহূতপ্রাপলায়ী চ হীনঃ পঞ্চবিধঃ স্মৃতঃ॥—নারদ (শ ক)। দ্র 'যাজ্ঞ ২ ১৬।] ৩ ব্যবকলন (subtraction—A)। ৪ (বাঙ্‌লায়) দরিদ্র। "ভাল যাকে হীন তাকে ধন দেয় ডাকি শি ৭২। ৫ দীন, কৃপাপাত্র। "হীন দেখি হৈমবতী হইবে সহায়। দু ৮। —ন ক্লী ১ হীনতা, ন্যূনতা। "দৃষ্টমঙ্গহীনাদি জন্মতঃ যাজ্ঞ ৩.১৬৩। ২ অসারদ্রব্য। "পণ্যেষু প্রক্ষিপন্ হীনং পঞ্চান্ দাপ্যস্তু ষোড়শ যাজ্ঞ ২.২৪৮। [°কর্ম্মা (-র্ম্মন্) বিণ—ত্যক্তক্রিয়, দানাদিধর্ম্মরহিত। "মনু ১১.১৬। °কুল (বিণ)—অপকৃষ্টবংশজ, নীচবংশ্য। °কুষ্ঠ (ক্লী)—ক্ষুদ্র কুষ্ঠরোগ। °কোষ (বিণ)—অর্থহীনকোষ। °ক্রতু (বিণ)—ত্যক্তযজ্ঞ, পঞ্চমহাযজ্ঞাদিক্রিয়ারহিত। "মনু ১১ ১২। °ক্রিয় (বিণ)—১ সর্থ 'হীনকর্ম্মা'। ২ জাতকর্ম্মাদিক্রিয়ারহিত। "মনু ৩ ৭। °গুণ (বিণ)—গুণবর্জিত, গুণহীন। "গো.বা ২ ১১৩ ১৬। °চক্ষু—চক্ষুহীন, অন্ধ। "(পুত্র!) চক্ষুষ্ম হীনচক্ষুষাম্ বা ২ ৬৪ ১০। °জ (বিণ)—নীচবর্ণজাত, অন্ত্যজ। "মহা ১.১৯২ ১৫। °জাতি (বিণ)—১ নীচজাতি, শূদ্রজাতীয। "°জাতিস্ত্রী মনু ৩ ১৫। ২ অসমজাতি। "যাজ্ঞ ২.৪৪। °তর্পিত (বিণ)—অসম্যক্প্রীণিত। °দগ্ধ (বিণ)—অসম্যগ্‌দগ্ধ, আধপোড়া (সুশ্রুত)। বিপ 'অতিদগ্ধ'। °পক্ষ (পুং)—(ব্যবহারে) প্রমাণাদির অভাবে দুর্ব্বলপক্ষ। °বর্ণ (বিণ)—নীচবর্ণ, অন্ত্যজ। °বল (বিণ)—ক্ষীণশক্তি, বলহীন। "হীনবল দিন দিন,—তবু এ আশার নেশা ছুটিল না এ কি দায।—মাইকেল। °বাদ (পুং)—১ সদোষ বা দুষ্ট হেতুবাদ। ২ অন্যোন্যবিরোধী প্রমাণ, বিরুদ্ধবাদ। °বীর্য্য (বিণ)—বীর্য্যহীন, হীনবল। 'ম ৫। °বুদ্ধি (বিণ)—হীনমতি, প্রজ্ঞাহীন। "গো রা ২ ১১৩ ১৬। °ব্যঞ্জন (বিণ)—অস্ফুটব্যঞ্জনবর্ণবিশিষ্ট, ব্যঞ্জনাক্ষরব্যক্তিরহিত (বাচ)। 'বা ২ ৬৪ ১১। °মূল্য (বিণ)—অল্পতরমূল্য। "দ্র 'হীন (৯)। °যজ্ঞ (বিণ)—সর্থ 'হীনক্রতু'। °যান (ক্লী)—বৌদ্ধধর্ম্মসম্প্রদায়বিশেষ। বিপ 'মহাযান'। °যোনি (স্ত্রী)—নীচযোনি, হীনজাতি। °রূপ (বিণ)—কদর্য্যরূপ, কুরূপ, কদাকার। °সখ্য (ক্লী)—নীচের সহিত মিত্রতা। °সত্ত্ব (বিণ)—হীনবল, শক্তিহীন। "ম ৬৩৬। °সম্মার্জ্জন (বিণ)—ত্যক্তসম্মার্জ্জন, অপরিষ্কৃত, সংস্কারহীন। দ্র 'হীন (১)। °সেবা (স্ত্রী)—নীচপরিচর্য্যা, অধমাশ্রয়। "হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয়ঃ (সু র)। °স্বর (বিণ)—ক্ষীণস্বর, অস্ফুটস্বর, স্বরহীন। "হীনস্বরতা (সুলভ)।]

হীনক বিণ [হীন+ক (কন্) স্বার্থে] হীন। "উৎক্ষেপকগ্রন্থিভেদৌ করসন্দংশহীনকৌ (কার্য্যৌ) যাজ্ঞ ২ ২৭৭।

হীনতা স্ত্রী, -ত্ব ক্লী [হীন+তা (তল, ত্ব] ১ হীনভাব, শূন্যতা, বিভক্ত। "বল°, বুদ্ধি°। ২ নিকৃষ্টতা, অপকর্ষ। "যঃ স্বস্যাত্মনোহীনত্বং পরস্য গুণোৎকর্ষং চ কথয়তি স স্তুত্যঃ (SW)। ৩ ন্যূনতা, বিকৃতি। "অঙ্গহীনত্ব মনু ১১ ৫০। ৪ নীচতা। 'দুর্জ্জন-সেবনে কিম্বা হীনতা পাইলে।—ম ১২৪৪। ৫ রাহিত্য। "স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়।—বঙ্গ ১০৭। ৬ (বাঙ্‌লায) সম্মানহানি। 'অভিমান ছাড়িয়া ...যাহাকে হীনতা বলিবে, তাহাও স্বীকার করিয়া, দলাদলি মিটাইয়া ফেলা উচিত পা প ২০৭।

হীনতেজাঃ (-জস্) বিং তেজোহীন, নিষ্প্রভ, মলিন। "মে ২১৮।

হীনত্ব দ্র 'হীনতা'।

হীনবাদী (-দিন্) বিণ [হীন+ √বদ্ + ইন্ (ণিনি)-ক-১ব, উ ত] ১ হীনকথনশীল, বিরুদ্ধার্থবাদী, অধর। °পূর্ব্ববাদং পরিত্যজ্য যোহন্যমালম্বতে পুনঃ। বাদসংক্রমণাজ্জ জ্ঞেয়ো হীনবাদী স বৈ নরঃ।—নারদ। ২ বাক্যবর্জ্জিত, অধর, বোবা (হেমচন্দ্র শ ক)। ["অথাধরঃ হীনবাদিনি (অ চি ৩ ১১,-২)—হেমচন্দ্রমতে, 'অধর', 'হীনবাদী' একার্থক, 'বাক্যবর্জ্জিত' 'বোবা', 'অধর' শব্দের পর্য্যায়গত নহে, ঐ অর্থ ভ্রমাত্মক। বাচস্পত্যে' ও M W.তেও ঐ অর্থ ধৃত হইয়াছে।]

হীনাংশু বিণ [বহুব্রী] ত্যক্তকর, নিষ্প্রভ।

হীনাঙ্গ বিণ [বহুব্রী, স্ত্রী -ঙ্গা,-ঙ্গী[১]] ন্যূনাবয়ব, অঙ্গহীন। বিপ 'অতিরিক্তাঙ্গ', 'অধিকাঙ্গ'। "মনু ৪ ১৪১। যাজ্ঞ ১ ২২২। বিষ্ণু ২৪.১৪। ২ অঙ্গহীন, অসাঙ্গ, অসম্পূর্ণ। —ঙ্গী[২] স্ত্রী ক্ষুদ্র পিপীলিকা (অ.চি)।

হীনাঙ্গী[1], **হীনাঙ্গী**[2] দ্র 'হীনাঙ্গ'।

হীনাধিকাঙ্গ বিণ [দ্বন্দ্বগর্ভ বহুব্রী, স্ত্রী -ঙ্গা,-ঙ্গী] হীনাঙ্গ ও অধিকাঙ্গ "হীনাধিকাঙ্গ্যঃ (গাবঃ) ।—বৃহৎসংহিতা ৬১ ৪ ।

হীনার্ঘতা বি অল্পমূল্যতা। "দ্বিতীয়া রমণীর পরিচ্ছদের অপেক্ষাকৃত হীনার্ঘতায় পথিক বিবেচনা করিলেন যে, ইনি নবীনার সহচারিণী দাসী হইবেন।—ব প্র ৫।

হীনিত বিণ [হীন + ই (ণিচ্) + ত (ক্ত)-র্ম] ১ হীনীকৃত, বিরহিত, বিপ্রযুক্ত। 'প্রিয়°।—হ ১৫৪ ২৭, দাবাগ্নিতুলাঃ প্রিয়হীনিতানাম্ (চন্দ্রঃ) ২৮। ২ ব্যবকলিত (subtracted—S W.)।

হীন্তাল পুং [হীনতাল (ক্ষুদ্রতাল) > হীন্তাল, হিন্তাল (?)] সর্থ 'হিন্তাল'।

হীমাণহে ব্য হর্ষাশ্চর্য্য। 'মা মা ৮২/৯।

হীর পুং [হৃ + অ (অচ)-ক, পৃষো (শ ক)] ১ 'হারক', হব, শিব। ২ সিংহ। ৩ সর্প। ৪ কুলিশ। ৫ হাব। ৬ শ্রীহর্ষপিতা। নৈ ১ (কবিপ্রশস্তি)। ৭ ছন্দোবিশেষ। 'পৈ ১ ১৯৯। —র পুং স্ত্রী ১ হীরক। "কবিরাজবাজিমুকুটালঙ্কারহীরঃ…শ্রীহীরঃ।—নৈ ১ (কবিপ্রশস্তি)। হীরপদ্মরাগাদিমণি মহা ২ ৫১ ১৬, নীলকণ্ঠ। হীরামৌক্তিক বি মা ৬২/২১। মরকতে হীর মিশাল প ক ১৩২৭। -রক পুং [হীর + ক (কন্) স্বার্থে] হীরবত্ন হীরা। 'মুক্তামাণিক্য°।—পঞ্চরাত্র ১ ১ ৭৩। —রা[1] স্ত্রী ১ লক্ষ্মী। ২ তৈলাম্বুকা, তেলাপোকা। ৩ পিপীলিকা (অ চি) ৪ কাশ্মীরী বৃক্ষ।

হীরক, হীরা[1] দ্র 'হীর'।

হীরা[2], **হীরে** বি [সং হীরক > প্রা *হীরঅ > বা হীরা হীরে (কথ্য)] হীরক। 'নখ তোর হীরার ধার ক চ ৫৫। কথায় হীরার ধার হীরা তার নাম ভা চ ১৭৯। হীরে বাঁধা হৃদয়খানি।—হেম ৩৭৯। হীরে বসান টুপি : হীরের কণ্ঠী।—হু ১২। [হীরার টুকরা—১ হীরকখণ্ড। ২ হীরকখণ্ডবৎ মহার্ঘ দ্রব্য। হীরার ধার—হীরার তীক্ষ্ণ ধারের মত অস্ত্রের ধার। তু 'হীরাধার'। হীরের টুকরো ছেলে—হীরার মত গুণবান্ পুত্র। কথায় হীরার ধার— কথা হীরার ধারের মত মর্ম্মচ্ছেদক।]

হীরাকাটা বি ডায়মন-কাটা। গোলমল °টা যায়।—দা ১৪৮০। —টা বিং ডায়মন-কাটা। '(বাঁক) হীরাকাটা।—দা ১৬৩২।

হীরাধার বিং হীরার মত তীক্ষ্ণধারবিশিষ্ট, অতিধারাল। 'কাটারী কুটিল হীরাধার শ্রী ১৯০, °র তীর ১৯১, °র কাতি ২৪৯। কাঁতি হীরাধার শ্রী মা ১৮৩। —ধার বি ১ হীরার মত তীক্ষ্ণ ধার। 'উপরে কেশের সেতু নীচে হীরাধার বা ম ৩৫৩। ২ হীরার তীক্ষ্ণতা। 'পড়িলে ভেড়ার শৃঙ্গ ভাঙ্গে হীরাধার ভা চ ৩২২।

হীরাবাঁধা বিং হীরার ধারের মত দৃঢ় ও তীক্ষ্ণ করিয়া বাঁধা বা নির্ম্মিত। "(কর্মী) করে নিল কালমুখী হীরাবাঁধা ধার শ্রী ৬১, ২১১।

হীরাবান্ধা বিং ১ সর্থ 'হীরাবাঁধা'। 'কালমুখী °ন্ধা-ধার শ্রী ১৬৫। ২ হীরার মত দৃঢ়তীক্ষ্ণধারবিশিষ্ট। "এড়ে কেন হীরাবান্ধা টাঙ্গি চ বি ৭৮, কেহ মারে °ন্ধা টাঙ্গি ৮৭।

হীরামন, হীরেমন বি [হীরামণি > °নি, হি হীরামন] ১ একপ্রকার সুন্দর তোতাপাখী। "হীরামন হালমন শুয়া বি স্থ ১৭। এই ত আমার মনপিঞ্জরের হীরেমন এলো ন ত ৮। —রামণ,-মন বি হীরা-মণি। "হীরা-মন মাণিক্য ভরা ম ম ১২০, ১৪১। হীরামন মাণিক্য লাগিছে স্থান স্থান চ.বি ২৫৭। হীরামণ মাণিকে রচিত দেবালয় ব প ১২৮৩।

হীরে; হীরেমন দ্র 'হীরা, হীরামন'।

হীহী ব্য [হীহী (শৌরসেনী)—বিদূষকের হর্ষদ্যোতনে (হে ৪ ২৮৫), হর্ষদ্যোতনমাত্রে—"মধুমঙ্গলঃ।—হীহী, নির্জ্জিতা গর্ব্বিতগোপিকাঃ বি মা ৬২/২১। ধ্বন্যাত্মক : তু 'হিহি'] ১ হাস্যধ্বনি। "ইহা শুনি বিদূষক হীহী করি হাসে চৈ ৪৬। হীহী শবদে, অটবী পুরিছে, জাগিছে প্রমথগণ।—হেম ৯৫। ২ বিস্ময়।

হু[1] সক [হুবা প—জুহোতি, অনিট্] ১ দান, প্রক্ষেপ (সি) : হোম, দেবতাসম্প্রদানক বহ্ন্যধিকরণক বস্তুত্যাগ (ক ক)। ("বিধিমন্ত্রপুরস্কৃতং হবিঃ) জুহাবাগ্নৌ বসিষ্ঠঃ রা ১ ৭৩ ২৪। রঘু ১ ৪৫। ২ অদন। ৩ আদান। ৪ প্রীণন (ভাষ্য—সি)। 'বা ২ ৭৬ ১৮। জটাধরঃ সন্ জুহুধীহ পাবকম কি ১৪৪। [আ—আহুতি।]

হু[2] অব্য [সং হি, খলু > প্রা হু (পৈ, হে ২ ১৯৮), মৈ হু, হুঁ (অবধারণ)] ১ নিশ্চয়ই। 'অতিহু লাজ ডর অতিহু করুণা বি প ৬৯, কতহু কাকতি ৮৫, ভ্রমর ভ্রমরী ভ্রমি, সবহু কুসুমে রমি, ন তেজই কমলিনী কেহ ১৬৭। ভণযে বিদ্যাপতি এহু রব ভাব ব প ১০১৪, সবহু ১০১৮। ২ [হো > হু হুঁ] ও। "আনহু (অন্যকেও), সপনেহু বি সা ৬৭, তুবিজ ত্রিকহু ৩৫২। ভ্রমর বিকল কতিহু নাহি ঠাম বি প ২৬, অবহু পালটি গৃহ ফসি ১৯৫। কোবহি শ্যামর চন্দ। তবহু তাহার, পরশ না ভেল এ বড়ি মরম ধন্ধা॥—চ দা ৭৫। নবহার মতি মন্দ করহু, পরশহু নাহি ক্ষোর ন প ২৬৬। কেহু নাহি জানে ব প ১৩০৯।

হু[3] কা ক্তি [সং ঙসি (পঞ্চমীর একবচন) > অপভ্রংশ প্রা হু (হে ৪ ৩৩৬)] পঞ্চমী বিভক্তি হইতে। অনলহু অধিক. মো তনু দহই. রতি চীন দেগি প্রতি অঙ্গে বি প ১২২। ২ [হি[2] (৬) > হু] সপ্তমী বিভক্তি। অগতি-পতিত-কুমুদবন্ধু (গৌরচন্দ্র), উদিত দিনহু রাতিয়া ন প ২৬৪।

হু[4] ক্রি ক্তি [ই৬ > হি > হু (?)] ১ বর্ত্তমানকালের প্রথমপুরুষের একবচনের ক্রিয়ার বিভক্তি। ভণহু বিদ্যাপতি বি প ১৩০, ২১৮। ২ [হ[5] > হু] অনুজ্ঞা-মধ্যম পুরুষের একবচনের ক্রিয়ার বিভক্তি। 'শুনহ রমণি-ধনি পড়হু (বাজাব) চরণে চ বি ১৯৩।

হুই বি কায়স্থের উপাধি। ব প ৩১৭।

হুংহুঙ্কার পুং [ষ ত] 'হুম্ হুম' শব্দোচ্চারণ (ললিতবিস্তর—M W)।

হুঁ[1] অব্য [হু[2] > হু] ১ অবধারণ, ই। শিশিরক সবহু কয়ল নিরমূল বি প ৯৬, সবহু চলল নিজ মন্দির ১৪৩ ১৭৯। তবহুঁ জ্ঞ প ৩১। এতহুঁ বিপদ তরিয়া আইনু।—জ্ঞা ২০০। কতহু যতনে রা শে ১৪। ইহ সবহুঁ বিছুরব কান বঞ্জা ১০৮৭, তুহু অতি চতুর-শিরোমণি নাগরী ১১২০। ২ [দ্র হু[2] (২)] ও। (হরিণী) তবহু ব্যাধক গীত শুনইত কর সাধ বি সা ২৩৯। সে দুখ বে সখি অবহু না গেল বি প ১৩৩, তবহুঁ ১৩৯। করহুঁ উঠত, করহু বৈঠত।—গো ১১৭, কণ্টক বাট কতিহুঁ নাহি টলত ১৩০। ৩ [প্রা হু (পাদপূরণে—হে)] পাদপূরণ, বাক্যালঙ্কার। চ ৬০, ৬১। দুহু দোহা দরশনে, বসহু পসারল বি প ২৪, 'এতহু নিদেশ কহলু তোহে সুন্দরী ৪৯, চললহু আজিহু কালি ১৯২। তবহু যতন করি করইতে মান।—গো ১৭৯, (সো ধনী) সপরিহু শরবরী জাগ ২৪৭। কয়লহু (করিল)।—জ্ঞা ৮৭। হামহু দুঃখমতি ক চ ১৪০। সেহ যার পদদ্বন্দ্বে ভেলহু প্রয়াসী শ্রী ম ৪। [যবহু…তবহু যখন এখন। 'শ্রী ম ৯৪। যবহু ..তবহু— যখনই. তখনই। "জ প ৫।

হুঁ[2] অব্য [সং হুম্, প্রা হুঁ (দান পৃচ্ছা, নিবারণ—হে)] ১ সক্রোধ হুঙ্কার। "চোটের সহিত হানে বিপরীত হু।—শ্রী ১৬০। 'হু' বলিয়া চাহে দৈত্য খট্মট্ স্ব প্র ১৩৬। ২ ক্রোধপ্রকাশ। 'বৈরিপক্ষ যক্ষ রক্ষ রুদ্রবর্গ ডাকিয়া। যাও যাও হুঁ দিগাও দক্ষ দেই হাঁকিয়া।—ভা চ ৪৪। ৩ প্রশ্নস্বীকার। "পাক।—(প্রকাশ্যে) বলি মশায় আছেন কি? সাধক।—(সুর করিয়া) হু—আছি।—গি দ্বি ১১২। ৪ বিস্মৃত-স্মরণ। 'হুঁ, মনে হয়েছে। ৫ কথিত বিষয়ের স্বীকার বা সমর্থন। 'আমি যদি রাগ করিয়া বলি, 'আমি শীঘ্র মরি, তিনি না শুনিয়া বলেন 'হুঁ' ব দ্বি ২০। ৬ বিতর্ক সংশয়। "ওমা! এ ছুঁড়ীর পেটে এত বিদ্যা, হু?—ন ১১৮৮।

৭ বাছুরের ডাক গাম্ভীর্য রব। ঘন ঘন হাম্বারব বৎসক রাব। হুঁ হুঁ গরজে ধেনু সব ধায়।—গো ৫। [হুঁ করা, দেওয়া—সম্মতি দেওয়া। ৩ হাঁ করা (ত্রি হুঁ হাঁ করনা)—স্পষ্ট সম্মতি না দেওয়া। হু হু—বিশেষভাবে সম্মতি, হাঁ হাঁ।

হুঁ[৩] কা.ক্রি [হুঁ > হুঁ] ১ সপ্তমী বিভক্তি। 'পুবব পিয়ারী৹ নারী হাম আছলু৹ অব দরশনহুঁ সন্দেহ বি প ১৬৭, কহ কহ রে সখি কাগি কবহুঁ ১৭৭। হোত মনহুঁ হুলাস জ প ৪। তোয়ত মনহু উল্লাস ব প ১০৮৭। ২ [সং স্য > পা স্‌স > বা (স > হ) হুঁ (?)] ষষ্ঠী বিভক্তি। "নীপহু মূলে লুঠত বনআরি ব প ১১৬৩।

হুঁ[৪] ক্রি ক্তি [উং > (হ-আগম) হু] ১ বর্তমান কালের উত্তম পুরুষের একবচনের বিভক্তি। 'নমহু নমহুঁ বাণী ক চ ২, ১৯৪। বন্দহুঁ নারায়ণঃ নরোত্তম বন্দহু শ্রী ম ৪ ধনি পুছহুঁ তোমারে ৯০। কৈছন দেখহুঁ তোয় বাশে ১২ ছেনহু ছেনহু তেরহ তোয ১৩। পণমহু বি সু ১। ২ [হুঁ[৪] (২) > হু] অনুজ্ঞা-মধ্যম পুরুষের একবচনের ক্রিয়ার বিভক্তি। 'কহই শেখব না কর লাজ। কহহু কাহিনী সখীর মাঝ।—বা শে ১৩।

হুঁক অর্ম [হুঙ্কার > হুকর > °ক, তি √হুক, √হুকব] হুঙ্কার দেওয়া, তর্জনগর্জন করা। "(কোটাল) পমদাব পিয়বাক্যে পাপ পায় ধড়। হুঁকে উঠে হুপ বাড়ে হুহুঙ্কার ছাড়ে।—বি সু ৮৬। [হুঁক আসা, পাওয়া—(ক্রোধে) হুঙ্কারপূর্বক অগ্রসর হওয়া।]

হুঁকর অর্ম [সং √হুক্ (অনুহুংকুবতে—মাঘ ৭৬২৫), তি √হুকব, ঠ √হুংকর] হুঙ্কার দেওয়া। যাহে হেরি হরিণী-নয়নী হুকু চেতন৹ হুঁকরি তেজই নিশাস জ প ১৪।

হুঁকা, -কো, হুকো, হুক্কা বি [আ হুক্ক, হি হুক্কা, ঠ হুকা,-ক্কা] নারিকেলের খোলে নলিচা-লাগান তামাক খাওয়ার যন্ত্রবিশেষ। 'হুঁকোটা কঙ্কেটা।—দা ১৯৯৪। হুঁকোটি বাস্তবিক খাঁ সাহেবের।—হু ৫৫। তোমার বাহন আলবলা হুক্কা গুড়গুড়ি প্রভৃতি ব দ্বি ১৮। [হুঁকা না দেওয়া—হুকা বন্ধ করা (হি হুক্কা পানী বন্দ করনা, ঠ হুক্কা পাণী বন্দ করণে) সামাজিক দোষে স্বজাতিকে এক হুকায় তামাক খাইতে না দেওয়া, সমাজচ্যুত করা। হুকা বা হুঁকো ফিরান—হুঁকার কটু জল ফেলিয়া টাটকা জলে হুঁকা পুরান। 'বজ পাড়া কোতলা থেকে হুকোটা ফিরিয়ে এনে দিলেন।—হু ১৬৩। হুকা মারা—হুঁকা বন্ধ করা। ধোপা নাপিত বন্ধ করা, হুকা মারা৷ নিষ্পত্তি করবার ভার মিত্তির বাবুদের ওপরই দেওয়া হয়।—হু ১৩৮। হুকা শুদুক করা—শলা দিয়া হুকার নলিচা পরিষ্কার করা। হুকার কাট—হুকার নলিচার ভিতর জমাট ময়লা। হুঁকার খোল—হুকার নারিকেলের খোল। হুঁকার নলিচা—হুকার খোলে লাগান কাঠের নল। হুকার মাথা—হুঁকার নলিচার অগ্রভাগ। হুঁকায় মুখ দিয়াই থাকা—ঘন ঘন তামাক খাওয়া।]

হুঁকাবরদার, হুক্কাবরদার বি [হুঁকা+বরদার] হুঁকার বাহক' যে ভৃত্য হুকার সাজসরঞ্জাম রাখে ও তামাক দেয়। 'হুক্কাবরদার আলবোলা আনিয়া দিল আ হু ১০৫। —দারী বি [°র+ঈ[৭]] হুকাবরদারের কাজ বা কর্ম।

হুঁকার, হুঁঙ্কার বি ['হুঙ্কার' সাধু] হুংশব্দোচ্চারণপূর্বক সম্বোধন। "বনর মিগীক পরভু হুঙ্কার পাড়িস শূ ১১০, সবগম ভীম পেত্রীক জে হুঙ্কার পাড়িল ১১১। [হুঙ্কারিয়া—হুঙ্কার দিয়া। 'শূ ১০৭।]

হুঁকারি বি [আ হুক্কা+বাজ, তু 'জুয়াবী'] হুঁকায় ধূমপানে আসক্ত, তামাকখোর। 'বাবুরাম বাবু খোর হুঁকারি আ হু ৯।

হুঁকো দ্র 'হুঁকা'।

হুঁচোট, হোঁচট বি [উচা(চো)ট[২] > °ট] সর্থ 'উচাট'। "হোঁচট খাইয়া পড়ি স্ব প্র ১৩৯। (বাবুরাম) হোঁচট মোচট খান মুহু পায় আ হু ৭৭।

হুঁচল '-লো' বি [সুঁচল > °ল] সূচাগ্রবিশিষ্ট, আগা-সরু, ছুঁচল। "মেজো তালুই তোর হুঁচল নাটি গাচটা দেত।—ন ত ৭৯।

হুঁটা(টু)র অর্ম ['হুটরা' (তেলাখেত—চব্বিশপরগনা)—মূল ?] বন্ধুর ভূমিতে উচোট খাইয়া পড়া। "ছাড়ে সিংহনাদ, গণি পরমাদ, হুতাশে হুটারে হাতী শ্রী ১৬ হুতাশে হুটুবে কেহ বলে বাপ বাপ ১৪০।

হুঁটুর দ্র 'হুটার'।

হুঁশ বি [ফা হোশ] ১ চৈতন্য, চেতনা, জ্ঞান। 'বে'। ২ বোধশক্তি, বুদ্ধি। ৩ বিচারশক্তি, বিবেক। 'বৃথা ভবে খেলতে এলি তাস।...তুই এমনি বেহুঁশ, দশ দিলি ঘুস গোলাম কি তোর কাটবে ঘাস।—বাউল [হুঁশ না থাকা—১ অচেতন হওয়া। ২ বিচারবিমূঢ় হওয়া।]

হুঁশা(সা)র, হুসার বি° [দ্র 'হুশিয়ার'] ১ সর্থ 'হুশিয়ার (২)। হুসার হুসার পিঠে মাহুত ফুকার শ্রী ১২১, ২২৬, হুকুমে নকিব হাঁকে হুসার হুসার ২২৭। নকীব শত শত, হুঁসার ফুকরত ভা চ ৪৬১। ২ দক্ষ, নিপুণ। "(যেন) হেসে বলে হুঁসার হুঁসার বট ভাই শ্রী ৮১।

হুঁ(হু)শিয়ার, হুঁ(হু)সিয়ার বি° [ফা হু(হো)শয়ার, হি হোশিয়ার, ঠ হুশার] ১ বুদ্ধিমান, চালাক, সেয়ানা। ভবানন্দ মজুমদার৹ নাম, খুব হুশিয়ার ভা চ ৪৭৭। ২ সাবধান, সতর্ক, মনোযোগী, খবরদার। '(সেকাই) হুসিয়ার বি সু ১৫ ৮২। মার মার মার, হোঁ হুঁসিয়ার, খবর্দার খবর্দার।—বঙ্গ ৯। ৩ নিপুণ, দক্ষ কুশল। ৪ বিবেচক, বিচারশীল, বিচক্ষণ। ৫ কাণ্ডজ্ঞানবিশিষ্ট। ৬ সজাগ। [হুসিয়ার খবরদার—বুদ্ধিমান ও সতর্ক। (কোটাল নিয়োজিল) হুসিয়ার খবরদার পহরী পহরা ভা চ ৩৮৬। দ্র '(২)।]

হুঁশিয়ারী বি [°র+ঈ[৭], ঠ হুশারী] ১ বুদ্ধিমত্তা, চতুরতা। ২ সতর্কতা, খবরদারী। ৩ দক্ষতা, কুশলতা। ৪ বিবেকিতা।

হুঁসার, হুঁসিয়ার দ্র হুশার হুঁশিয়ার'।

হুক[১] বি [তি ঠ হুক] বেদনা ফিক ব্যথা (shooting pain)। "(ত্রিবিক্রম শুনে দিয়া মুখ) এমন টানিল তার বুকে লাগে হুক শ্রী মা ৩৫। কার কোপে ধরে কীল গোটা পাঁচ ছয়। হাঁটু গাড়ে হুক লাগে হাঁ করিয়া রয়॥—শি ৩৫। (মারে কীল) কাঁপে বুকে লাগে হুক আতে ভা চ ৩৯১।

হুক[২], **হুকু** বি [ধ্বন্যাত্মক] বানরের ও হনুমানের ডাক। 'হুক হুক করি কান্দে বানর মর্কট ক চ ৫৪।

হুক[৩] বি [E hook] বক্রমুখ অঙ্কুশাকার লৌহাদির বোতামবিশেষ ও খিল।

হুকি বি [উকি > হুকি] উকি। "ম ম ৫৭, ১৪৩।

হুকিহুয়া, হুক্কাহুয়া বি [ধ্বন্যাত্মক] শিয়ালের ডাক।

হুকু; হুকুক দ্র 'হুক হুকুক'।

হুকুতা, হুক্তা বি [শুকুতা > °তা 'ক্তা] শুষ্ক তিক্তপাটের পাতা বা নালতা। 'হুকুতার পাতা: হুক্তা পাতা ক চ ২৪৯।

হুকুম বি [আ হুকম্] ১ আদেশ, আজ্ঞা। 'হুকুম শাহনশাহী ভা চ ৪৭৬। হুকুম দেওয়ান সাহেব E P 44, 64-6 ২ দণ্ডাজ্ঞা (sentence)। ৩ (আদালতে) বিচারকের কর্তব্যবিষয় আদেশ। "হুকুম হইল যে, আসামীর নিকট হইতে দুই শত টাকা তাইনে দুইজন জামিন লওয়া হয়।—নী ৬০। ৪ অনুশাসন, উপদেশ, বিধি। [হুকুম করা, দেওয়া—আদেশ করা। হুকুম চালান—১ আজ্ঞা প্রচলিত করা। ২ আজ্ঞা করা। হুকুম জারী করা—আদেশ প্রচার করা। হুকুম তামীল করা—আদেশ পালন করা। হুকুম নড়া—আদেশ অন্যথা হওয়া। "হাকিম নড়ে ত, হুকুম নড়ে না। হুকুম বজায় করা বা বাজান—আদেশ পালন করা। হুকুমে থাকা—আজ্ঞাধীন থাকা।]

হুকুমজারী বি আজ্ঞাপ্রচার, আদেশঘোষণা।

হুকুমদার বি আজ্ঞাকারক, আদেশকারী।

হুকুমনামা, হুকুমপত্র বিং আজ্ঞাপত্র, আদেশলিপি। "°ত্র : °মা। —দা ২১০৪।

হুকুমপত্র দ্র 'হুকুমনামা'।

হুকুমবরদার বি আদেশানুসারে কার্য্যকারী ; আজ্ঞাধীন, সেবক। "দা ১৬১৯। —দারি,-রী বি[°র+ই৮,ঈ৭] আদেশপালন, ভৃত্যকার্য্য। "হারির মা পারির মার °রি কি তাব ভাল লাগিবে ?—ব প্র ৪৩৩।

হুকুম-হাকাম বি [হুকুম + 'হাকাম' (আ অহ্‌কাম্)] আদেশ-নির্দ্দেশসমূহ। "বিয়ে-ভাটির হুকুম-হাকাম ও নিষ্পত্তি করার ভার মিত্তির বাবুদের ওপরই দেওয়া হয়।—হু ১৩৮।

হুকুলি বি [শূক + ল৬ > শূকল > °লি] শূকধান্যবিশেষ। "শূ ১১৪।

হুক্কা ; হুক্কাবরদার ; হুক্তা দ্র হুঁকা , হুঁকাবরদার , হুকুতা'।

হুগল বি সর্থ 'হোগল'। [হুগলের কুড়ে—হোগলাপাতার কুঁড়ে। "ছিল হুগলের কুড়ে। অনিলে যাইত উড়ে।—শ্রী.মা ১৮৯।]

হুঙ্কার[1] পুং [হুম্+কার ; ষ.ত] ১ 'হুম্' শব্দের উচ্চারণ , তপোবল-সম্ভূত হুম্‌শব্দোচ্চারণ , হুঙ্কৃতি। "হুঙ্কারেণৈব তান্ সর্ব্বান্ নির্দদাহ মহানৃষিঃ রা ১.৫৫.৬। হুঙ্কার (পাঠান্তর 'হূঙ্কার') মহা ১.১৭৭.২৫। ২ ভয়ানক হুম্-ধ্বনি। "নাচে প্রভু হুঙ্কার গর্জ্জন চৈ.চ ৯৯ , ১৪৪ ; ৩৪৬। চৈ.ম ৫৬। চৈ ভা ৬৩। বিপরীত হুঙ্কার শ্রী ২২৪। °রে হুকুম পায় ভা চ ৩৭৭। ৩ হুম্-ধ্বনি। "পৃষ্ঠা পুনঃ পুনঃ কান্তা হুঙ্কারৈরেব ভাষতে (A)। নামাতে থাকিয়া মীন হুঙ্কার পূরএ।—মী ২ , ১৮। গো.বি ১৩। (নারিকেল) এক হুঙ্কারে পাবে আর হুঙ্কারে খায় ম.পা ২৩। নিদ্রাকে স্মরিয়া শিব হুঙ্কার পূরিল বা ম ৪৭। হানুমা হুঙ্কারে চোটায়ে তুলে চাপ শি ৭৪। ৪ বৎসের দুগ্ধপানার্থ গোকৃত হুম্-রব। "(গাবঃ) হুঙ্কারঘোষৈঃ স্বকান্ বৎসানপায়য়ন্, মুহুর্লিহস্ত্যঃ স্রবদৌধসং পয়ঃ ভ ১০.১৩.২৪। ৫ স্বীকারসূচক হুম্-শব্দ। "সর্ব্বশাস্ত্রে বাখানেন কৃষ্ণভক্তি সার। শুনিয়া অদ্বৈত সুখে করেন হুঙ্কার॥—চৈ ভা ৪৭। ৬ হস্তিরব, বৃংহিত। ৭ শূকর-রব, ঘোঁত-ঘোঁত শব্দ। ৮ জ্যাঘোষ, টঙ্কার (A.)। ৯ রব, স্বর। "প্রবর্ত্ততাং কণ্ঠকুহরে পঞ্চমহুঙ্কারাণাং রচনা ক.ম ৩২। ১০ ভৃঙ্গরুত। "নৈ ১.৮৮, টীকা। ১১ গর্জ্জন (A.)। "অকাল জলধি যেন করএ গর্জ্জন অ প ১৫। ১২ [বাঙলায ; অসাধু] অশ্বরব, হ্রেষা। "ঘোড়ার হুঙ্কার অ প ১১৬। [°গর্ভ (বিণ —হুঙ্কারমধ্য। "হুঙ্কারগর্ভৈঃ···শিরোভিঃ রঘু ৭.৫৮। °নিবর্ত্তিত (বিণ)—হুঙ্কারনিরাকৃত। "কু.স ৫.৫৪। °শংসী (-সিন্) বিণ—হুঙ্কারানুমাপক। "ক্ষতহুঙ্কারশংসিন্ কু.স ২.২৬।]

হুঙ্কার[2] অর্ম্ম [হুঙ্কার[1] > °র , হি √হুংকার , ঠ √হুকার] ১ 'হুম' শব্দ করা, হু করা। "কহিতে হইবে কথা হুঙ্কারিল কোন জন।—মী ২। কহিতে বচন মুই হুঙ্কারিল কোনে গো.বি ১৩। ২ গর্জ্জন করা ; ঘোর রব করা। "বৃষল হুঙ্কারে হরষ হয়ো।—দু ৩১। ৩ [কুহুকার > হুঙ্কার > °র (?), অসাধু] কুহুরব করা। "কোকিল হুঙ্কারে ভা.চ ৯৭ ; কুহু কুহু কোকিল হুঙ্কারে ১৪১।

হুঙ্কার-দাবড়ি বি গর্জ্জন ও ধমক। "স্ব.প্র ১১৫।

হুঙ্কৃত বিণ [হুম্- √কৃ+ত (ক্ত)-ক] ১ গর্জ্জিত, নর্দ্দিত। ২ কৃত-হুম্-শব্দ। ৩ [+ ত-র্ম্ম] হুঙ্কারপূর্ব্বক তিরস্কৃত। "(স খা) ঋষিণা হুঙ্কৃতঃ পাপস্তপোবনবহিষ্কৃতঃ মহা ১২.১১৮.১। ৪ [°ত + অ (অচ্)] হুঙ্কৃত-যুক্ত, সহ্রাব। হুঙ্কৃতবল্গিতবৎসোৎসবে গোষ্ঠে।—বৃহৎসংহিতা ৪৮.১১। ৫ (বাঙলায়) কুহুরবযুক্ত। "হুঙ্কৃত পরভৃত কুঞ্জে ব.প ১৩২৭।—তক্লী [+ ত-ভা] ১ হুঙ্কার। ২ গর্জ্জন। ৩ বজ্রধ্বনি। ৪ বৃষাদিগর্জ্জন। ৫ বন্যবরাহগর্জ্জন। ৬ ভৃঙ্গরব। "ভৃঙ্গ° ।—নৈ ১.৮৮।

হুঙ্কৃতি স্ত্রী [হুম্ + √কৃ+তি (ক্তিন্)-ভা] হুঙ্কার, গর্জ্জন। "ঘন হুঙ্কৃতি। —ব ১৫ ; °তি শুনইতে, দুরিত দ্বীপগণ ভাগ ১৭।

হুজুক বি [উজ্জুগ > °গ,-ক (?)] ১ ব্যাপক সাময়িক উত্তেজনাবিশেষ (rage)। "হেতা নিত্য নতুন নতুন হুজুক : আজগুব হুজুক।—হু ৭৯। ২ জনরব, গুজব। "আমাদের দেশে হুজুক উঠেছে, ১৫ই কার্ত্তিক রবিবার দিন দশ বছরের মধ্যের মরা মানুষরা যমালয় থেকে ফিরে আসবে। —হু ৯৫। —কে বিং [°ক+এ৭] হুজুকপ্রিয়, হুজুকে মত্ত। "হুতোম বলেন 'হুজুকে কল্‌কেতা।—হু ৭৯।

হুজুর বি [আ হুজু.র্] ১ রাজা-রাজড়ার প্রতি সম্মানসূচক শব্দ , প্রভু, স্বামী, মহাশয়, আপনি। "হুজুরের একবালে গরীবখানার অমঙ্গলের সম্ভাবনা কি ?—ব.প্র ৪৪৬। হুজুর মালিক, মারিলেও মারিতে পারেন, কাটিলেও কাটিতে পারেন।—নী ১১। ২ রাজা-রাজড়ার বা প্রভুর সামীপ্য বা সম্মুখ ; রাজসভা, দরবার, আদালত। "রাজার হুজুরে, আরজি করিয়া, ইহারে করিব ডোবা চ.সা ৬০। পাগে ছিল পরনা (সিঙাদার) হুজুরে ফেলে দিল শ্রী.মা ১৬১। হাতিচোর হুজুরে হাজির মহারাজ শ্রী ১১৯ , ১২০। অপরাধ করিয়াছি, হুজুরে হাজির আছি ভা চ ৩৬০। হুজুরে দরখাস্ত দিতে, কোথা পাব টাকা কড়ি।—রাম-প্রসাদ। তপনি দিয়ে রসি করে, হুজুরে হাজির করে।—দা ২০৯৪ ; ২১৩১। দুঃখে পড়িয়া হুজুরে হাজির হইয়াছি ব.প ৪৪৬ ; কা'ল রাত্রি-কালে হুজুরে হাজির হইব ৪৮২। ৩ রাজা-রাজড়া, প্রভু, হাকিম বা উপরিতন কর্ম্মচারীর প্রতি সম্মানসূচক সম্বোধন শব্দ। "হুজুর, মাছি মেরে হাত কাল করা মাত্র।—নী ১৪।

হুজুরালি বি [হুজুর + আলি[1]] হুজুর-মহাশয (সম্বোধন)। "(হুগ্ বাবাজী ডাকেন) শুড়েল সাবুই বাপ ?—হাজির, °লি।—হেম ৩৮১।

হুজুরি, হুজুরী বিং [আ হুজু.রী] প্রভুসম্বন্ধী, রাজকীয়, সরকারী। "হুজুরি পেয়াদারা আমার বাটী তল্লাস করে আ.দু ১০৬। [হুজুরী তালুক—যাহার কর রাজাকে দিতে হয় , গবর্নমেণ্টের খাস মহাল।]

হুজ্জৎ, হুজ্জুৎ বি [আ হুজ্‌জত্] ১ বিচারবিতর্ক, বাদানুবাদ, বাগ্‌যুদ্ধ, তকরার। "(বাঙ্গালীর মেয়ে) হুজ্জুতে হারিলে কেঁদে পাড়া করে জড়। —হেম ৩৯০। ২ ঝগড়া, বিবাদ। "(সেফাই) হুজ্জুতে ফেলায় মাথা কাটি বি.সু ১৫। —তে বিং [আ হুজ্‌জতী] বিবাদপ্রিয়, ঝগড়াটে। "সাধারণে কথায় বলেন, 'হুনরে চীন' ও 'হুজ্জুতে বাঙ্গাল'।—হু ৭৯।

হুট বি [E. hoot ; ধ্বন্যাত্মক] অবজ্ঞাসূচক বা অসম্মতিসূচক অব্যক্ত শব্দ। "(বাবু) হুট ব'লে দেয় গাঁজায় টান।—দা ১৯৯৪ ; মুখে করি হুট হুট ১৯৯৬।

হুটপাট বি [ধ্বন্যাত্মক] ১ মল্লের যুদ্ধে পদাঘাতের শব্দ। "হুড়াহুড়ি হুটপাট, ভাঙ্গিল মালকাট শ্রী.মা ৪৬ , ঠেলাঠেলি হুটপাট সঘনে হুঙ্কার ৭৬। ২ মশকাদির উৎপাতে অস্থির বৃষাদির খুরের আঘাতের শব্দ। —হাট বি সর্থ 'হুটপাট (২)। "চাপড়ের চটচট, হেল্যার হুটহাট, সটসট নাড়িছে পুচ্ছ শি ৮০।

হুটর, -টার, -ঠার [হুঁটার > °র] সর্থ 'হুঁটার'। "মিয়াগণ কত হুটারে হুতাশে শ্রী ৭৯। "(করিযূথ) হুতাশে হুঠারে পড়ে গড়ে ঠায় ঠায় শ্রী ৮০। (কর্পূর) হুতাশে হুঠারে পড়ে ৮১ ; হাতী হুটরিয়া পড়ে ১৬৫ ; হুতাশে হুটারে হাতী পড়ে ২২৪।

হুটহাট দ্র 'হুটপাট'।

হুটাপাটি বি [ধ্বন্যাত্মক] দৌড়াদৌড়িতে পায়ের শব্দ। "রামমোহন রায় একদিন কহিলেন, ব্রাদার, রৌদ্রে হুটাপাটি করিয়া কেন বেড়াও, এইখানে বোসো ব প ১৮০৫।

হুটার দ্র 'হুটর'।

হুটাহুটি, হুটোহুটি বি [হুড়াহুড়ি > °টি] ১ পরস্পর ঝগড়া বা মারামারি। "(তাহারা) কেবল পথে ঘাটে···ছুটাছুটি হুটোহুটি করিয়া বেড়াইত আ.দু ২০। ২ বৃষাদির যুদ্ধ। [কথার হুটাহুটি—পরস্পর

বাগ্‌যুদ্ধ। "সাধীসঙ্গে করিয়া কথার হুটাহুটি। ছোটর নিকটে মাধী গেল ছুটাছুটি॥—ভা.চ ৫৩১।

হুঠার দ্র 'হুটর'।

হুড্‌ সক [ভ্বা, প, ঙ (ক.ক)—হোডতি,-তে; সেট্‌] গতি। —ড্‌ অক [তুদা, প—হুডতি; সেট্‌] ১ মজ্জন (ক.ক)। ২ সঙ্ঘাত (ত.বা)। ৩ (স.ক) রাশীকরণ (ত.বা)।

হুড়[১] পুং [হুড্‌+অ (ক)-ক] ১ ['হুড' মেষ (দেশী ৮.৭০)] মেষ (অ চি)। ২ চৌরাদিনিবারণার্থ ভূমিনিখাত লৌহময় তীক্ষ্ণ শঙ্কুবিশেষ; গুড়, পাঞ্জিকাঁটা (শ.ক)। ৩ লগুড় (শ.ক) ৪ যোধগণের আশ্রয়স্থান; বুরুজ; (মতান্তরে) বিণ্‌সূত্রোৎসর্জ্জনশৃঙ্গ (নীলকণ্ঠ)। "মহা ৩ ১৫.৫।

হুড়[২] বি [সং √হুড়্‌] ১ জনসংমর্দ্দ, ভীড়। তু 'হুড়, হুড়া। ২ [হি 'হোড়'—স্পর্দ্ধা, ঠ 'হোড'—তিরস্কার] ঝগড়া, বিবাদ। [হুড়ে[২]—ঝগড়াটে, কলহপ্রিয়।]

হুড়[৩] অগ্ম [হুড়[২] >হুড়[৩]] ভিড় করা; ঠেলাঠেলি করা; হোড়া। [হু-(হো)ড়া[৩]—সর্থ 'হুড়[৩]। হুড়ি পড়া—হুমড়ি খাইয়া বা উবুড় হইয়া পড়া। "(বুঢা!) হাতে নড়ি করি, যাও গুড়ি গুড়ি, হুডি পড়িবারে শঙ্কা।—ব২০৬।]

হুড়কা বি [সং হুডুক্ক; হি হুড়ুক] অর্গল, দ্বাররোধার্থ কাষ্ঠাদির দণ্ড। "হুড়কা লাগিল যেন যমেব দুয়ার অ প ২০। [°কল—ইঁদুব মারাব হুড়কা-লাগান কলবিশেষ (চব্বিশপরগগনা)। °ঘরা—হুড়কা দেয়ালে ঢুকাইবার গর্ত্ত।]

হুড়কো বিং [হুড়[২] >°কো] কলহপ্রিয়, কুঁদুলে। "হুড়কো মেয়ে ঝমকে ওঠে খসম্‌ কাছে এলে।—জা ৩৬। [হুডকো বউ—যে বউ শ্বশুরবাড়ীতে থাকিতে চায় না, সুযোগ পাইলেই বাপের বাড়ী যায়।]

হুড়মাড় বি [ধ্বন্যাত্মক] প্রাচীরাদিভঙ্গের শব্দ। "দুড়দাড় হুড়মাড় পড়ে চাড় পেয়ে।—রঙ্গ ১১১।

হুড়মুড় বি [ধ্বন্যাত্মক] ১ বন্দুকের বা কামানের দেওড়ের শব্দ। "দুড়-দুড় হুড়মুড় দেওড়ের ডাক।—রঙ্গ ১১১। ২ সর্থ 'হুড়মাড়'। ৩ বড় বাড়ী বা গাছ ভাঙ্গিয়া পড়ার শব্দ। ৪ কূপাদিতে হুমড়ি খাইয়া পড়ার শব্দ। ৫ [ভাবাত্মক] জনতার সহিত বলপূর্ব্বক গৃহপ্রবেশের ভাব। "বাঞ্ছারাম…দরওয়াজা ভাঙ্গিয়া সারজন সহিত বাড়ীর ভিতরে হুড়মুড় করিয়া প্রবেশ করত অন্তঃপুরে গমন করেন আ.দু ১৯৩।

হুড়হাড় বি [ধ্বন্যাত্মক] পাঁচীল ঘর দুয়ার ইত্যাদির ভাঙার শব্দ। "হুড়হাড় দুর্দ্দার, পড়িছে ঘর দ্বার ব.প ১৩৬২।

হুড়হুড় বি [ধ্বন্যাত্মক] ১ প্রবলধারায় জলপাতের শব্দ। ২ মুষলধারে বৃষ্টির শব্দ। ৩ অজীর্ণ হেতু পেটের ডাক।

হুড়হুড় দুড়দুড়, -দুরদুর বি [ধ্বন্যাত্মক] ১ মেঘগর্জ্জন। "°দুড় ঘোর গভীর গর্জ্জন শ্রী ৩৭। °দুড় গর্জ্জন বিশাল শ্রী.ম ৭৬। °দুর… গভীর গর্জ্জন ব.প ১৩৬১। °দুড় মেঘ ডাকিছে (পদ্মমালা)। ২ প্রচণ্ড ঝড়ের শব্দ। "°দুড় করে বিমুখিয়া ঝড় ক.চ ৮২। —দুড় বি ১ দ্রুত-গমনজন্য শব্দ। "(মুনিপুত্র) °দুড় শব্দ করে ঘরে।—ম ১১০৪। ২ অবিরত গোলাগুলি বর্ষণের শব্দ। "(গড়ে ঝড়ে গুলি গোলা) °দুড় সদা শব্দ হয় বা দ ১৮৭।

হুড়হুড়হুড় বি [ধ্বন্যাত্মক] বজ্রপাত-শব্দ। "°ড়, পড়িছে চিকুর, যেন বেগে ধায় গুলি ম.ভা ১০।

হুড়হুড়া, -ড়ে বি [সং আদিত্যভক্তা, বরিষ্ঠা; হুর হুরা (বৈদ্যক); ড় আণসরিষ] ওষধিবিশেষ (cleome viscosa)।

হুড়হুড়ি বি [ধ্বন্যাত্মক] কামানের শব্দ। "ভা.চ ২৬৬।

হুড়হুড়ে[১]; **হুড়হুড়ে**[২] দ্র 'হুড়হুড়া; হুড়[১]'।

হুড়া[১] বি [সং হুড় (লগুড়) >হুড়া (?)] ১ লগুড়ের অগ্রভাগের আঘাত; লাঠির গুতা। "লাখি চড় হুড়া কিল শ্রী ৪৪; ঠেঙ্গানড়ি-হুড়া ১১৭। বুকে মারে হুড়া শি ৬৫। লাঠি-হুড়া ভা চ ৩৭৭। ২ বন্দুকের গুতা। "বন্দুকের হুড়া শ্রী.মা ২১৬; ২২০। মারে কেহ বন্দুকের হুড়া বি.সু ৭৯। ৩ [হুড়[২] >হুড়া] সর্থ 'হুড়[২] (১) "কটকের হুড়া ব.প ১৩৬২।

হুড়া[২] বি [তু 'হুড়্‌'] ১ ক্ষেতের ঘাস ও আগাছার রাশি। "হাল কামায়ের দিন হর দেন বলে। গাছি মার হুড়া ঝাড় আড় ফেল তুলে॥ —শি ৭৫। ২ [হুড়[১] >হুড়া] মাছ ধরার নিমিত্ত নদীর ধারে জলে নিমজ্জিত মাছের আশ্রয়স্থান গুল্মগুচ্ছ; হুড়ি (চব্বিশপরগনা)। "জলের কুম্ভীর হুড়া ঝাড়ি বলে ব প ৪৮৫। [হুড়া ঝাড়া—১ হুড়া হইতে মাটি ঝাড়া। ২ হুড়া ঝাড়িয়া মাছ ধরা।]

হুড়া[৩] দ্র 'হুড়[৩]'।

হুড়াহুড় বি [ধ্বন্যাত্মক] কামানের গোলার শব্দ। "শ্রী ২১৪।

হুড়াহুড়ি, -ড়ী বি [হুড়[২]-আ+হুড়[২]-ই; হি হোড়াহোড়ি] ১ মিশা-মিশি। "দুই হাটে হুড়াহুড়ি হৈল ঠেলাঠেলি।—কৃ ৬৬৬। ২ পরস্পর-সংমর্দ্দ, ঠেলাঠেলি। "রাম রাম প্রণাম সেলাম হুডাহুড়ি শ্রী ২১। মনসুখ নাহি রামের দেখি হুড়াহুড়ি ব.প ৫০৬। ৩ কোলাহল, গোলমাল। "হুড়াহুড়ি কেবা কাবে চিনে ম ম ১১; চারিদিকে °ড়ি মনসা ফাঁফর ৩০; সবে করে °ড়ি ১১২। ৪ টানাটানি, কাড়াকাড়ি। "মাধব শাঁখারী লয়ে শঙ্খের চুপড়ি। শাশুড়ির সহিত করিছে হুড়াহুড়ি॥—শি ৯৮। ৫ বিবাদ, ঝগড়া। "দুই ঠাটে হুড়াহুড়ী বাজিল অতুল। ধর মার নাদ হৈল বড়ই তুমুল॥—শ্রী.ম ২০০। ৬ কোন বিষয়ে পরস্পরের স্পর্দ্ধাপূর্ব্বক অভিভবের প্রযত্ন। "গোপীশোভা দেখি কৃষ্ণের শোভা বাঢ়ে যত কৃষ্ণশোভা দেখি গোপীর শোভা বাঢে তত॥ এইরূপে পরস্পর পড়ে হুড়াহুড়ি।—চৈ.চ ১৮। ৭ [হুলাহুলি >°ড়ি; মুদ্রাপ্রমাদ (?)] হুলা-হুলি। "বিয়ার মঙ্গল স্নান করে লক্ষ্মীন্দর। চৌদিকে হুড়াহুড়ি জয় জোঁকার॥—ম.ম ১৬৫। —হুড়ি ক্রি.বিং দৌড়াদৌড়ি, তাড়াতাড়ি। "বালি পড়িল বীর ভাগ যায় হুড়াহুড়ি ব.প ৪৯৫।

হুড়াহুড়ী দ্র 'হুড়াহুড়ি'।

হুড়ি বি [ঠ 'হোডী'—নৌকা] সর্থ 'হুড়া[২] (২)।

হুড়ু পুং [হুড়[২] >হুড়ু (?), তু হুড়[১]] মেষ। [°বিষাণ (পুং, ক্লী)—মেষ-শৃঙ্গ। "বৃহৎসংহিতা ৫০.২৫। °যুদ্ধ (ক্লী)—মেষযুদ্ধ। "পঞ্চ ১.১৩৭।]

হুড়ুক্‌ ব্য [ধ্বন্যাত্মক] জিহ্বাতালুসংযোগনিষ্পাদ্য ধ্বনিবিশেষ। [°কার (পুং)—হুড়ুক্‌শব্দ। 'হুড়ুকারো নাম জিহ্বাতালুসংযোগান্নিষ্পাদ্য-মানঃ পুণ্যো বৃষনাদসদৃশো নাদঃ (S.W.)।]

হুড়ুক '-ক্‌' বি [ধ্বন্যাত্মক] বজ্রধ্বনি, হুড়-শব্দ। "বজ্রবাণ এড়ে রাম বজ্রের হুড়কে।—কৃ ৬৮।

হুড়ুকা বি [সং হুডুক্ক] অর্গল, হুড়কা। "মে ১০২।

হুডুক্ক পুং [তু 'হুড়[১] (৩); হুড়কা টানার শব্দ 'হুড়' >°ক্ক (?)] ১ কপাটদণ্ড, অর্গল, হুড়কা। ২ মত্তদাত্যূহপক্ষী (মেদিনী)। ৩ [°ক্ক (দেশী—প্রা.ম)] লঘীয়ান্‌ কাংস্যময় বাদ্যবিশেষ (নৈ.টীকা); বাদ্যভেদ (মেদিনী)। "নৈ ১৫.১৭। কাপি নাদিতকরালহুড়ুক্কা…মৃগাক্ষী ক.ম ৪.১৫। ৪ মদমত্ত (শ.ক)। ["হুডুক্কা বাদ্যভেদে চ মত্তদাত্যূহপক্ষিণি (মেদিনী)—ইহা হইতে 'মদমত্ত' অর্থ গৃহীত হইয়াছে। ইহা ভ্রমাত্মক।]

হুড়ুৎ ব্য ১ বৃষশব্দ (কাশীখণ্ড—শ.ক)। ২ অব্যক্ত শব্দ (ত.বা)। ৩ কণ্ঠশব্দ (A.); হঠাৎ খাদ্যগলাধঃকরণজন্য কণ্ঠশব্দ।

হুড়ুম[১] বি [সং হুড়ুম্ব; ঠ হুরডা; ড় হুড়ুম, হুড়ম্ব] ১ শস্যবিশেষের খই। "চিড়া হুড়ুম সন্দেশ সকল চৈ.চ ১৬৭। [হুড়ুম—শস্যবিশেষ। ইহার খই উৎকল প্রদেশে বিশেষ প্রচলিত।—শ্রীচরিতামৃত-ভাষ্য।] ২ ভাজা চিঁড়া। "কথোক চিড়া হুড়ুম করি ঘৃতেতে ভাজিয়া। চিনি-

পাকে নাড়ু কৈল কর্পূরাদি দিয়া ॥—চৈ.চ ৩১২। ৩ মুড়ির মত ভাজা খাদ্যবিশেষ। [ইহার ধান দু-ভাপা। দ্বিতীয় ভাপনার পরে ধান অল্প ভাজিয়া চাল বাহির করিয়া ভাজিলে 'হুড়ুম' হয়।] ৪ (পূর্ব্ববঙ্গে কোন কোন স্থানে) মুড়ি।

হুড়ুম[২] বি [ধ্বন্যাত্মক] কুম্ভীরাদির বা বৃহৎমৎস্যের জলে প্রবলবেগে আস্ফালনের মহাশব্দ। [°দুড়ুম—ছাদে দৌড়াদৌড়ির শব্দ।]

হুণ্ড্ (হুণ্ডি) সক [ভ্বা, ঙ—হুণ্ডতে, সেট্] ১ রাশীকরণ। "হুণ্ডতে ধনং লোকঃ (ক.ক)। ২ স্বীকার, বরণ। ৩ হরণ। —ণ্ড্ অক (পূর্ব্ববৎ) রাশীভাব।

হুণ্ড পুং ১ সঙ্কীর্ণ জাতিবিশেষ। "পটচ্চরৈশ্চ 'হুণ্ডৈশ্চ (পাঠান্তর)…সহ মহা ৬ ৫০.৪৮। ২ ব্যাঘ্র। ৩ গ্রাম্যশূকর। ৪ রাক্ষস। ৫ মূর্খ। তু 'গুণ্ডা'।

হুণ্ডন ক্লী [হুণ্ড্+অন (ল্যুট্)-ভা] গাত্রোপঘাত, পক্ষাঘাত। "শিরো-নাসাক্ষিজক্রণাং গ্রীবায়াশ্চ হুণ্ডনম্ (চরক)।

হুণ্ডমুণ্ড বিং [হুণ্ড+'মুণ্ড' (অনু.শব্দ) ; তু √হুণ্ড্] রাশীভূত, পরিপাটিহীন, বিশৃঙ্খল, এলোমেলো।

হুণ্ডি, -ণ্ডী[২] বি [সং হুণ্ডিকা, হি, ঠ হুংডী] মহাজনী কার্য্যে বা টাকা দেনা-লেনার সম্বন্ধে স্থানান্তরে প্রেরিত টাকা পাওয়ার জন্য চিঠি বা চেক, বরাতীচিঠি, নোটবিশেষ (A bill of exchange)। "হাজার টাকার হুণ্ডি ভ গ্র ৩৪৪। [হুণ্ডির বিবরণ—মনে কর, কলিকাতায় ও বিলাতে 'ক'-নামক কোম্পানীর কুঠি আছে। বিলাতে কোন সদাগরের বন্ধুর নিকটে টাকা পাঠাইতে হইলে, সদাগর কলিকাতায় 'ক'এর কুঠিতে ঐ টাকা জমা দিয়া তাহার বিল বিলাতের কুঠিতে পাঠাইলে, বন্ধু ঐ টাকা বিলাতে 'ক'এর কুঠিতে পাইবেন। এই বিলই 'হুণ্ডি'। পূর্ব্বে দেশের মধ্যেই টাকা লইয়া যাওয়া বিপজ্জনক ছিল, এই হেতু তীর্থযাত্রী বা দূরদেশযাত্রী স্থানীয় মহাজনের গদীতে টাকা জমা দিয়া হুণ্ডি লইয়া তীর্থে বা দূরদেশে ঐ মহাজনের গদিতে গিয়া হুণ্ডি দিয়া টাকা লইতেন। দ্র 'চরিত্র শ্রীনরসী ভক্ত, ভ.গ্র ৩৪৪।] [হুণ্ডি কাটা—বরাতী চিঠি দেওয়া। খাড়া বা দর্শনী হুণ্ডি—উপস্থিতমাত্রেই যে হুণ্ডির টাকা দিতে হয়। মুদ্দতী হুণ্ডি—মেয়াদের মধ্যে যে হুণ্ডির টাকা দিতে হয়।]

হুণ্ডিকা, -ণ্ডী[১] স্ত্রী [√হুণ্ড্—মূল (?)] সর্থ 'হুণ্ডি'। "হুণ্ডিকা। —রাজতরঙ্গিণী ৫.২৬৫, ২৭৪, ৩০১। হুণ্ডী (S.W.)।

হুণ্ডী[১] দ্র 'হুণ্ডিকা'।

হুণ্ডী[২] দ্র 'হুণ্ডি'। [হুণ্ডী-ওয়ালা (হি হুণ্ডীয়াল)—যে মহাজন হুণ্ডীর কাজ করেন (Exchange-merchant)।]

হুত বিণ [√হু+ত (ক্ত)-র্ম্ম] ১ দেবোদ্দেশে মন্ত্র দ্বারা অগ্নিতে প্রক্ষিপ্ত (ঘৃতাদি)। "অথর্ব্ববেদ ৫.২১.২। অবিধিনা হুতম্।—মুণ্ডকোপনিষৎ ১.২.৩। °হব্যাবশেষ রা ২.২৫.২৯। ভস্মনীব হুতং হব্যম্ মনু ৩.১৮১ ; ১২.৬৮। ২ কৃতহোম, তর্পিত। "হুতাগ্নিহোত্র রা ২ ৫৪.১২। প্রদক্ষিণী-কৃত্য হুতং হুতাশম্ রঘু ২.৭১। —ত ক্লী [+ত-ভা] ১ হবনক্রিয়া, হোম। "ব্রহ্মণা হুতম্ গী ৪.২৪ ; অহং হুতম্ ৯.১৬। ২ [+ত-র্ম্ম] হুতদ্রব্য, হবিঃ। "হুতাশ, হুতাশন। —ত পুং ১ দেবযজ্ঞাখ্য হোম। "হুতো হোমঃ মনু ৩.৭৪। ২ শিব (A.)। [°জাতবেদাঃ (-দস্) বিণ —হুতহুতাশন, কৃতহোম। °ভক্ষ, °ভোক্তা (-ক্তৃ), °ভোজন (পুং) —'হুতদ্রব্যভক্ষক', অগ্নি ; অগ্নিদেবতা। "°ন ভ ৪.১ ৫৯। °শিষ্ট (ক্লী), °শেষ (পুং)—হুতদ্রব্যের অবশিষ্ট ; হবিঃশেষ। "হুতশেষদানী (রঘু-নন্দন)।] °হুতাশন (বিণ)—কৃতাগ্নিহোত্র। "মনু ৬.৩৪।

হুতবহ পুং [ষ.ত] ১ হুতদ্রব্যের বাহক ; অগ্নিদেব। "এতচ্ছ্রুত্বা হুত-বহাদ্ ভগবান্ (উবাচ) মহা ১.২২৩.৭১। ২ অগ্নি। "সুহুতহুতবহপিঙ্গল-শ্মশ্রুকেশশরীরঃ কশ্চিদ্ দৃষ্টঃ।—পঞ্চ ৩[illegible]। শীতাংশুস্তপনো হিমং হুতবহঃ গী ৯.১০। [°জ্বালা (স্ত্রী)—অগ্নিজ্বালা, অনলার্চ্চিঃ, অগ্নি-শিখা। °পরিখেদ (পুং)—বহ্নিসন্তাপ। "ঋতু ১.২৭। °পরীত (বিণ) —অনলাভিব্যাপ্ত, বহ্নিপরিক্ষিপ্ত। "°তং গৃহম্ শ ৫.১০। °মুখ (ক্লী) —বহ্নিমুখ, অনলশিখা। "পূ মে ৪৩।

হুতভুক্ (-জ্) পুং [হুত+ √ভুজ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত] 'হুত-দ্রব্যভোক্তা', অগ্নি। "বড়বাবক্ত্র" উ.চ ৫.৯। কৃ ৩৩। ২ অগ্নিদেব। "হুতভুক্প্রিয়া (অ.কো)। ম ৩৩৮। [°প্রিয়া '-ভুক্প্রি-' (স্ত্রী) —অগ্নিদেবপত্নী, স্বাহা। °দিক্ (-শ্) '-ভুগদি'- স্ত্রী—'অগ্ন্যধিষ্ঠিত দিক্', বহ্নিকোণ। °মুখ '-ভুঙ্মু-' (ক্লী)—অগ্নিরূপ মুখ। "ভ ৩.১৬.৮।

হুতা বি [সং হুতাশ] অগ্নি। "হনুমান টানে জাঁতা হুতার লহরি শূ ১৩৬।

হুতাংশ পুং [ষ.ত] হুতদ্রব্যাংশ, হবির্ভাগ।

হুতাগ্নি বিণ [বহুব্রী] কৃতাগ্নিহোত্র। "মনু ৭.১৪৫। যথাবিধিহুতাগ্নী-নাম্ (রঘূণাম্) রঘু ১.৬। —গ্নি পুং [কর্ম্মধা] হোমতর্পিতাগ্নি।

হুতাবশেষ বিণ [ষ.ত] হুতাবশিষ্ট। "রঘু ২.৬৯।

হুতাশ[১] পুং [হুত+ √অশ্+অ (অণ্)-ক, উ.ত] ১ 'হুতদ্রব্য-ভোক্তা', হুতভুক্, অগ্নি। "ক্ষত্রিয়স্য ধনুঃ প্রোক্তং হুতাশস্যেন্ধনং যথা গো রা ৩ ১৩.১৩। দীপ্তহুতাশবক্ত্রং গী ১১.১৯। রঘু ২.৭১। বিরহ-হুতাশে।—ম ৬০১। জ্বলন্ত হুতাশ।—গ ৬। (কুচভায়) ঘট পরবশে হুতাশে বি.প ৮। সো বহুবল্লভ, তোহারি পরশ বিনু, দগধল মদন-হুতাশে।—জ্ঞা ২১৯। ২ অগ্নিদেব। "(এষঃ) হুতাশ ইব দুর্দ্ধর্ষঃ ভ ১. ১২ ২১। ৩ অগ্নিসংখ্যানুসারে তিন (৩) সংখ্যা,। ৪ চিত্রকবৃক্ষ। [°বৃত্তি (স্ত্রী)—অগ্নিকর্ম্মসাধ্য জীবিকা। °শালা (স্ত্রী)—অগ্নিগৃহ, অগ্নিশরণ। "পঞ্চরাত্র ৩.১ ১৮। °শৌচ (ক্লী)—অগ্নিস্পর্শজন্য শুদ্ধি। °সুত (পুং, বহুব)—'অনলজাত', কেতুগণ। "বৃহৎসংহিতা ১১.১১।]

হুতাশ[২] '-শ্' বিং [হুতাশ > °শ ; 'হুতোশ' কথ্য] হতাশ, নিরাশ। "উচ্চৈস্বরে কান্দে সভে হইয়া হতাশ শ্রী.ম ২০০। দেবগণে লয়া ইন্দ্র চিন্তিছে হতাশ চ.বি ১৬১। —শ,-স বি ১ নির্ব্বেদ, তত্ত্বজ্ঞানজন্য আত্মাবমাননা। "(গৌরাঙ্গ) কেনে দেশে দেশে বুলে পাইয়া 'হুতাশ' ('হাতাস'—পাঠান্তর) চৈ.ম ৬। ২ উদ্বেগ, দুর্ভাবনা, উৎকণ্ঠা। "বাণ না মরিল দেবগণের হুতাশ।—ম ৯৪৬। ৩ প্রমাদ, বিপদ্। "সংগ্রামে পড়িল ভাই (আমি) গণিল হুতাশ।—ম ৯৩৬। রাজা না ভাব হুতাশ ব.প ৮১২। (পাত্র) হুতাশ ভাবিযা মনে হেট করে মাথা শ্রী ৬৯। ৪ নৈরাশ্য, অসহায়ভাব। "(বাঘা) রাজারে সংগ্রামে জিনি সহর প্রবেশে। ঠাড় মোড় হল লোক তরাসে হুতাশে শ্রী ৭৯। ৫ ভয়। "(গম্ভীর শব্দে) মনে জন্মিল হুতাশ ব.প ১২১। মিয়াগণ কত হুটারে °হুতাশে : হুতাসে একিদা হারা শ্রী ৭৯, (করিযূথ) হুতাশে হুটারে পড়ে ৮০ ; হুতাসে হুটারে হাথী ৮১, ২২৪। ৬ বিষাদ, শোক, আক্ষেপ। "অবিরত মনে কত গণিব হুতাশে ম.ভা ৩৬। (প্রোষিতভর্ত্তৃকা) হায় হায হুতাশ করয়ে রাত্রি দিন ভ গ্র ৩৯০। [হুতাশ গণা—প্রমাদ ভাবা ; দুঃখ করা।]

হুতাশন পুং [বহুব্রী] ১ 'হুতদ্রব্যভোজী', হুতভুক্ অগ্নি। হুত° "রা ২.৩৪.৩৩। রঘু ৪.১। কু.স ৩.২১ ; ম ৮২৬। ২ অগ্নিদেব। "আজি হৈতে সর্ব্বভক্ষ হও হুতাশন।—ম ৪। ৩ চিত্রকবৃক্ষ। ৪ (বাঙ্লায়) জঠরানল। "গো.চ ৭৯। [°সম (বিণ)—অনলসদৃশ। "°সমপ্রভ রা ১ ৩৭.২২। °সহায় (পুং)—'অগ্নিসহায়', বায়ু। "মহা ১৩.১৭.৫৬।

হুতাশী (-শিন্) বিণ [হুত+ √অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -শিনী] হুতদ্রব্যভোজনশীল, হুতভোজী। "মহা ২.৭.১৫।

হুতাহুতি বিণ [বহুব্রী] হুত হইয়াছে আহুতি যাহাতে "রুদিতাশ্রু-হুতাহুতিঃ (শোকাগ্নিঃ) রা ২.২৪. ৬।

হুতি স্ত্রী [√হু+তি (ক্তিন্)-ভা] মন্ত্রদ্বারা অগ্নিতে প্রক্ষেপ ; হোম। [°দ্রব্য (বি)—হোমদ্রব্য, ঘৃতাদি। "লি ১১৩।]

হুতু(তো)ম বি [ধ্বন্যাত্মক ; ফা তুম্] ১ পেচকবিশেষ। ২ 'হুতোম-প্যাঁচার নক্সা'র চিত্রকর। "হুতোম বলেন 'হুজুকে কলকেতা'।—হু ৭৯। [°মপে(প্যাঁ)চা—সর্ব 'হুতুম'। "হুতোমপ্যাঁচার নক্সা।—হু ১।

হুতুলি-কুতুলি বি [সুতলি >হুতুলি, কুতলি >কুতুলি] সুতলির মত পাক-লাগা ও থলির মত ভাব। "ধুতি খুলে '°লি' (°পুতলি —পাঠান্তর) পাকিয়ে গেছে।—হু ৫৯। [°লি পাকান—জড়াইয়া থলির মত হওয়া।]

হুতোম দ্র 'হুতুম'।

হুথা অব্য [হোথ >হুথা] ওদিকে, স্থানান্তরে। "হুথা বসিঞা আছেন রাম সমুদ্রের তটে ব প ৫৩৭।

হুদা, -দ্দা, -দ্দো বি [আ উ'হ্‌দা] ১ পদ (office)। ২ অধিকার (charge)। "ওরে বাবা, সে মামীর হুদ্দো—কুকুর বেড়াল কি ? মামীর দাপটে আমার মামার বাড়ী কাক চিল বসে না।—অ.গ্র ২৯। হুদা পরগণে সাহাজাদপুরের কানুনগো E.P 76

হুদ্দো দ্র 'হুদা'।

হুন সর্ম [সং √হু >প্রা √ণ (হে ৪.২৪১), হি √হুন] মন্ত্র দ্বারা অগ্নিতে প্রক্ষেপ করা, আহুতি দেওয়া। "দুর্বাসা হুনয়ে হবি মুষলের ধারে (ম)। কাটি দিল অশ্ব রাজা হুনিল অগ্নিতে।—ম ৪৮। (ঘৃত) নিরন্তর হুনে চ বি ১২৭। —ন অর্ম্ম হোম করা। (বিপগণ) লইয়া নাগের নাম যজ্ঞকুণ্ডে হুনি।—ম ৪৩, হুনিয়া অনলমুখে, তুষিব অমর-লোকে ৩০৩। [হুনি—হোম করে।]

হুন(নু)র বি [ফা হুনর] ১ কলা, বিদ্যা। "এসা কুছ হুনুর বাতায় দেও তোয়। কিয়ে পিছে সিতাব খয়ের খুব হোয়॥—রা.স ১২। ২ নৈপুণ্য, শিল্পদক্ষতা, কারীগরী। —নরি, -রী, -রে, -সুরি, -রী বিণ [°র+ই, ঈ এ ; ফা হু.নরমন্দ্, ঠ হুন(নো)রী] ১ চতুর, বুদ্ধিমান্। ২ কলা-নিপুণ, শিল্পকুশল। "সাধারণে কথায় বলেন, 'হুনরে চীন', ও 'হুজুতে বাঙ্গাল'।—হু ৭৯। [হুনুরি কর্ম্ম—শিল্পকর্ম্ম, সূচিকর্ম্মাদি। "ভাগ্যে ...একটু লেখা পড়া ও হুনুরি কর্ম্ম শিখিয়াছি। সমস্ত দিন…লেখা পড়া ও হুনুরি কর্ম্ম করিয়া মনের দুঃখ ঢেকে বেড়াই।—আ.দু ৩৮।]

হুনরি, হুনরী, হুনরে, হুনুর, হুনুরি, হুনুরী দ্র 'হুনর'।

হুপ¹ বি [E hope ; ঠ 'হুপ' (ধৈর্য্য)] আশা, ভরসা। "ওকে উঠে হুপ বাড়ে হুহুঙ্কার ছাড়ে বি সু ৮৬। [হুপ বুপ, বুক—আশা ও সাহস। "যাহার হুপ আর বুক তাহারি জয় (আ.দু)। হুপ-ভাঙা—ভগ্নাশ, হতাশ।]

হুপ² বি [ধ্বন্যাত্মক, ঠ হুপ] হনুমানের ডাক। [হুপ করে এসে পড়া —১ হনুমানের লাফ দিয়া আসিয়া পড়া। ২ অতর্কিতভাবে আসা।]

হুপহাপ বি [হুপ²+হাপ (অনু.শব্দ)] সর্ম 'হুপ²'। "হুপহাপ লম্ফে ঝম্ফে কম্পে বসুমতী।—কৃ ১৭১। [হুপহাপ দুপদাপ—দ্রুতপদে ধাবন-শব্দ। "(ভূতভাগ) °দাপ আপ পাপ ঝাঁকিছে ভা.চ ৪৫ ; °দাপ হুঙ্কার হাঁকার ৪৯৭।]

হুব(ম)কি বি [হুম্ >(ব)কি] ভয়প্রদর্শনার্থ হুঙ্কার। "এত ছেলের হাতের মোয়া নয় যে খাবে হুবকি (হুমকি) দিয়ে।—রামপ্রসাদ।

হুবহু ক্রি.বিং [আ হু.বহু., হি হুবহু ; হুবাহুব (গ্রাম্য)] যা তাই ; বিল-কুল সমান, অবিকল, ঠিক (exactly)। [হুবহু বলা—ঠিক বলা। হুবহু মিথ্যা—সম্পূর্ণ বা খাঁটি মিথ্যা।]

হুম্ ব্য ১ বিতর্ক। "মৈত্রো হুং চৈত্রো হুম্ (অ.টী)। ২ পরিপ্রশ্ন। "হুং সত্যম্ (অ.টী)। হুং কো লঙ্কাধিপতিঃ। ৩ অনুপ্রশ্ন ; অপকৃতি (অজয়—অ.টী)। ৪ অভ্যনুজ্ঞা, সম্মতি। তু 'হুঁ'। ৫ স্মৃতি। "হুং জ্ঞাতমেতৎ ক.সা ১৭.১২৯। ৬ অর্থপ্রশ্ন ; বার্ত্তা ; অরুচি (S.W.)। ৭ আভিচারিক মন্ত্র। "ওঁ কবচায় হুম্ (S.W.)। ৮ তুষ্ণীম্, মৌন। "মনু ১১.২০৫। যাজ্ঞ ৩.২৯১। ৯ ভয়। "হুঙ্কার। ১০ (বাঙলায়) উত্তর। "ও রসরাজ ! উত্তর—'হুম্' ব.প্র ২৬।

হুমকি দ্র 'হুবকি'।

হুমড়ি বি [উমুড় >(হ-আগমে) হুমড় >°ড়ি, দ্র 'উপুড়'] উপুড় ভাব, অবমূর্দ্ধভাব। [হুমড়ি খেয়ে বা হুমড়ে পড়া—উবুড় হইয়া পড়া।]

হুমরা(-রো)-চুমরা(-রো), হোমরা-চোমরা বিং [উমরা >(হ-আগমে) হুমরা+'চুমরা' (অনু শব্দ)] সদ্বংশজাত, মানসম্ভ্রমবিশিষ্ট, প্রতিপত্তিশালী। "কত হুমরোচুমরো ভাতার মেগের কথায় প্রদীপে তেল দেয়।—জা ১৪। °রা বি-এ, এম্-এ-দের বই চলে না, আমাদের মত মংকরক্কা না-পড়ে-'পণ্ডিতদের বই-ই চলে পা.খো ১০৩।

হুমহাম বি [হুম্+'হাম' (অনু শব্দ, হুমাহুমি'—যুদ্ধ, বিবাদ (চট্টগ্রাম)] ঘোর শব্দ ; ভয়ানক ধ্বনি। (ভূতগণ) সবোবোজ হাকে হুমহাম খুম-খাম ভা.চ ৪৯৭। [°ম খুমথাম—ধ্বন্যাত্মক ঘোরশব্দ।]

হুমো¹ বিং [হুম্ >হুমো] ঘোররবকারী ভীষণ। "হুমো-বাঘ।

হুমো² বি [সং সূক্ষ্ম >আর্ষ, প্রা সুহুম (হে ১.১১৮) >বা হুমো] চিংড়িমাছের মাথার সূক্ষ্মাগ্র অংশবিশেষ। "চিংড়ির হুমো।

হুয়া বি [ধ্বন্যাত্মক] শৃগালরব। "হুয়া রবে ডাকে শিবা—হেম ৪০। (সেথা শেয়াল) হুয়া হুয়া করে ডাকে।—শিশু ৭৬।

হুম্ভা স্ত্রী [ধ্বন্যাত্মক] গোশব্দ। তু 'হম্বা,-ম্ভা'। তস্থা হুম্ভারবোৎসৃষ্টাঃ পহ্লবাঃ শতশঃ রা ১,৫৪.২৮।

হুরহুর, হুরুহুরু বি [ধ্বন্যাত্মক, তু 'হুড়হুড়'] অবিরল বেগে জল-পাতের শব্দ। [°র দুরদুর, °রু দুরুদুরু—সর্ব 'হুরহুর'। "°র দুরদুর বড়হি কল্লোল গ ১৩৭ ; °রু দুরুদুরু শব্দ গম্ভীর কল্লোল ১৬০।

হুরমৎ বি [আ হুরমত] সম্মান, প্রতিপত্তি, ইজ্জত।

হুরময়াল বি দূর মহল, দূর দিগন্তদেশ। "হুরময়ালে ছাথা জায় ফেরুসা নগর গো.চ ১১৬ ; ২৯৯।

হুরি বি [হোলি >হোরি >হুরি] হোলি। "হো হো 'হুরি' হোরি প.ক ১৪৩৩। হো হো হুরি তুমুল উতরোল।—গো ৭৯।

হুরী বি [আ হূর্] কৃষ্ণচক্ষু স্বর্গকন্যা ; স্বর্গের পরী।

হুরু অব্য [ঠ 'হুর'—ধিক্কারের সহিত তাড়ান] বিরক্তির সহিত প্রত্যাখ্যান। "হুরু যাহ মেনে, বেদনা লাগয়ে, কাঁচলি ছিঁড়িয়া গেল ভ.প্র ৩৯।

হুর্চ্ছ্ অক [ভ্বা, প—হুর্চ্ছতি, সেট্] ১ কৌটিল্য। "হুর্চ্ছতি খলঃ (ক.ক)। ২ অপসরণ। "হুর্চ্ছতি চৌরঃ (ক.ক)।

হুল্ সক [ভ্বা,প—হোলতি ; সেট্] ১ গতি। ২ আবরণ। ৩ বধ।

হুর্দ্দা দ্র 'হুদা'।

হুল¹ বি [সং শূল >প্রা সূল >বা হু(হ)ল ; হি, ঠ হুল] ১ শূলাগ্র-সদৃশ সূক্ষ্ম অগ্রভাগ, সূচীবৎ অগ্র। "কলজেতে ফুটেছে কাঁটা পঞ্চ বাণের হুল জা ৩৬। ২ ধনুষ্কোটি। "ধনুকের হুলো।—কৃ ২৭২। (রাজা) ধনুহুলে করি সর্প গর্ব্বে জড়াইল।—ম ৩১। ধনুকের হুল শ্রী.মা ১৯০। ভুরুধনুহুলে ভা.চ ৩০৪। ৩ আল, দাড় (sting)। "হুলরূপ শূলে বীর (মশা) সিংহিরে বিঁধিল।—মা ৩৫৬। ৪ ব্যথাজনক বিষয়। "তাদের মন লোহার গঠন, অপমানের হুল বেঁধে না।—জা৯। [হুলি গুঁতি, হুলিয়া গুতিয়া—হুলের গুতা বা আঘাত দিয়া ; তাড়া-হুড়া দিয়া। "গো.চ ৪৫, ২৯৯।]

হুল² অর্ম্ম [হুন >হুল, দ্র 'হুল¹'] হোম করা। "হুলয়ে উতঙ্ক মুনি মন্ত্রা-হুতি প্রবে বি.প ১৩৯ ; হুলিতে ১৪০।

হুল(লু)ই বি [ধ্বন্যাত্মক] হুলুধ্বনি। "হুলুই ধ্বনি ক.চ ৪৮ ; ৫৭। [হুলুই

পড়া, হুলুধ্বনি হওয়া। "শূ ২২, ৭৮। হুলুই বাজন করে—হুলুধ্বনি করে। "ষ প ২৭]

হুলথুল বিং [হুলস্থুল >°ল] অত্যন্ত ব্যাকুল, ভয়বিহ্বল। "সহরের লোক হল সব হুলথুল শ্রী ১৫৭। —থুল বি মহা আন্দোলন। "কাগজে হুলথুল পড়ে গ্যালো।—হু ১০৬।

হুলন্ত বিং [হুল+বস্ত >°ন্ত] হুলযুক্ত, সূক্ষ্মাগ্র।

হুলস্থুল বিং [হুড়² >হুল (?), থুল (অনু শব্দ), হি হুল, ঠ হুল, হুলচাল—কোলাহল, মৈ হুলিমাল—গোলমাল] ১ কোলাহলপূর্ণ, তুমুলশব্দময়। "মহাভয়ঙ্কর শব্দ হইল তুমুল। সসাগরা মহী শৈল হৈল হুলস্থুল॥—ম ১২৫৯। বনস্থল স্থলে-স্থল হৈল হুলস্থুল বা দ ৯১। ২ অতি-ব্যাকুল, অত্যন্ত অশান্ত। "সঙ্কট সমবে সাব হলো হুলস্থুল শ্রী ২২৬। —স্থুল বি মহাকোলাহল। 'এই মতে দুই সৈন্য হৈল হুলস্থুল।—গ ২২। সে সংবাদও মহম্মদপুবে পৌছিল। নগাব একটা ভাবি হুলস্থুল পড়িযা গেল।—ব প্র ৪৭১। [°ল কাণ্ড—তুমুলকাণ্ড বা ব্যাপাব।]

হুলহুল বি [ধ্বন্যাত্মক, তু 'হুডগুড'] সর্থ 'হুডহুড (১)। [°ল কুল-কুল —হুলহুল ও জলকল্লোলশব্দ। 'মাতিল তরঙ্গকুল, হুলহুল কুলকুল। —হেম ২৭।]

হুলহুলী স্ত্রী [ধ্বন্যাত্মক] উৎসবে স্ত্রীগণের মুখধ্বনিবিশেষ, মুখঘণ্টা, উলুউলু-বব, উলুধ্বনি। 'ব্রাহ্মণীগণ মিলি, কবয়ে হুলহুলী।—দু ১৫।

হুলা সর্ম [হুল¹+আ° ক্রি √হুল] ১ হুল ফুটাইযা, অর্থাৎ অঙ্কুশাঘাত কবিযা চালান টুযান। (মাহুত) সতত হুলায় হাতী বি স্ব ১২৭। বসি আগাবী ঘব পব, আমীব বহুতব। হুলায় গজবব বাক্তে ভা চ ৭৬১। ২ উত্তেজিত কবা উৎসাহিত কবিযা পবৃত্ত করা বা লাগান। ৩ হুলযুক্ত কবা সূক্ষ্মাগ কবা হুলান। [হুলান—সর্থ 'হুলা'।]

হুলাহুলি, -লী বি [ধ্বন্যাত্মক সং হুলহুলী] ১ সর্থ 'হুলহুলী'। "হুলাহুলি পাড শূ ৩৭, ৭৮। দেবকন্যা নাগকন্যা মানুষী অপ্সবী। হুলাহুলি শব্দেতে পূবিল তিন পুবী॥—ম ১০। জয °লি শ্রী ম ৭৫। অন্যে অন্যে হুলাহুলী বি পা ৯৯। °লি।—মা ১০১। ২ [ঠ 'হুল'—কোলাহল] কোলাহল গণ্ডগোল। "যুধিষ্ঠিবেব বাহিনী কবিযা হুলাহুলি (রহিল পশ্চিম মুখে) ম বি ১ (ভীষ্মপব্ব)। হাকাহাকি হুলাহুলি লোকে শ্রী মা ১০৮। ৩ আনন্দকোলাহল। 'হবে হেবি হুলাহুলি হৈল সর্ব্বলোকে শি ৩০। ৪ শোকজন্য কোলাহল হাহাকাব। "(কদলিয়াগণ) বিভোল হইয়া তাব কান্দে হুলাহুলি গো বি ১৮৪।

হুলিয়া বি [আ হুলয াহ্] দেহের সৌন্দর্য্যবর্দ্ধক ভূষাদি, (গৌণার্থে) পলাতক আসামীর দেহেব বিশেষ লক্ষণসমূহেব বিববণপত্র। [হুলিযা কবা বা বাহির কবা—ঐরূপ বিববণপত্র বাহির কবা। হুলিয়া করিয়া ধবা—হুলিয়া বাহিব কবিয়া পলাতককে ধবা।]

হুলু বি [ধ্বন্যাত্মক তু 'উলু²'] উলুধ্বনি, হুলহুলী। "(বসুন্ধবা) আপনি দিলেন হুলু নাড়ীচ্ছেদ কবি ভা চ ২২৮। [হুলু হুলু হুলু—পুনঃপুন হুলু। "হুলু হুলু হুলু যোগিনী বোল ভা চ ৭৫।]

হুলুই দ্র 'হুলই'।

হুলুস্থুলু বি [হুলস্থুল>°লু] মহাকোলাহল। 'হুলুস্থুলু চারিকূল ব্রহ্ম-ডিম্ব ফুটিছে।—হেম ২৮। বিছানাতে হুলুস্থুলু, কলববের চোটে ওর। —শিশু ১০৩।

হুলুহুলু বি [হুলু >°লু (দ্বিত্ব)] পুনঃপুন হুলুধ্বনি। "শঙ্খধ্বনি হুলুহুলু করে স্ত্রীলোকেতে ভ গ্র ২৬৬।

হু(হো)লো বি [হোল+অ¹²] পুরুষজাতি বিডাল।

হুল্লা অব্য অবজ্ঞার ভাব। "হ্যাঁ রা ও বেন্দা বল্লি কতা কাণে করিস্ নে। মেজো তাল্লুই যে ভূঁই দিতে বলচে—হুল্লা, টানতি নেগল গ্যা। —ন.ত ৭৭।

হুশ বি [ধ্বন্যাত্মক, ফা হুশ্] ১ পাখী তাড়াইবার নিমিত্ত মুখনিঃসৃত শব্দবিশেষ। ২ পাখী উড়ার শব্দ।

হুশিয়ার ; হুসার দ্র 'হুঁশিযার, হুঁশাব'।

হুহু¹, -হূ, হূহু, -হূ পুং [হূহূর্হূশ্চ দ্বি বিধো হুহুর্হূশ্চ কুত্রচিৎ (শব্দ-বত্নাবলী—শ ক)] গন্ধর্ব্ববিশেষ। 'আহ্বয় ·বিশ্বাবসুহাহাহূহূন্ রা ২. ৯১ ১৬। গন্ধর্ব্বৌ তু হাহাহূহূ গো রা ৬ ৮৩ ১৩। হূহূ মহা ১ ৬৫ ৫১, ৩ ৪৩ ১৪, হূহূ ১৩ ৮৩ ৯। হূহু (শ ক)। হুহু।—কৃ ৩১৯। হূহূ · গন্ধর্ব্বের রাজা।—ম ৫৩ হূহূ ৪২৮।

হুহু² বি [ধ্বন্যাত্মক] ১ প্রবল বাযুপ্রবাহেব বা ঝটিকাব শব্দ। "(ঝড়ের) হুহু শব্দ বেগে উঠে।—হেম ৮২, যেন ঝড়. বহে ·শব্দ করি হুহু ১০৯। হুহু কবে' সমীবণ ছুটেছে অবাধ চ কা ৯৫। বাযু বহে হুহু হুহু বা দ ৯৭। যেমন ঝড . হুহু শব্দে বেগে বয—নব বাবুদিগেব দঙ্গল সেই মত চলিয়াছে আ হু ১১৫। ২ প্রবল অগ্নিজ্বলনের শব্দ। 'আগুন হুহু ক'বে জ্বলে। ৩ ছিদ্রপথে বেগে জল উঠার শব্দ। 'হুহু শব্দে বাবিবাশি উঠিতে লাগিল. শত চিবে।—ন ৫৭৩। ৪ অট্টহাস্যে শব্দ। হুহু কবে হেসে হেসে হল মূর্চ্ছাপন্ন শ্রী মা ১১। ৫ [ভাবাত্মক] শোকাদিজন্য নৈরাশ্যেব ভাব। "ধুধু কবে চাবিদিকে হুহু কাব পাণ।—হেম ২, হুহু কবে দিবানিশি প্রাণ কাঁদে যাব ২৫৫। ৬ (শীঘ্র গমনে প্রতিকূল বাযুব শব্দ 'হুহু' হইতে) দ্রুতগতিব ভাব।

হুহুঙ্কার বি [সং হুংহুঙ্কাব] ১ 'হুম্' 'হুম্' শব্দোচ্চাবণ পুনঃপুন হুঙ্কার। যাব হুহুঙ্কাবে গৌর-অবতাব হয ন প ৩৮৯। °নাদ চৈ ম ১৮৪। ২ বীবের স্পর্দ্ধাপূর্ব্বক পুনঃপুন গোববব। "মুক্তমুক্ত যোদ্ধাগণ ছাড়ে হুহুঙ্কাব।—ম ৮২৫। দিযা °র (সুবন্না ক্ষেপিলেক শক্তি) অ প ৭৩। দিযা ধনু টঙ্কাব, ছাডে বীব হুহুঙ্কাব ক চ ৫৮। (কোতোযাল) হুহুঙ্কাব ছাড়ে বি সু ৮৬। নাদিল দানববালা হুহুঙ্কাব ব'ব।—ম ৮৫। ৩ পুনঃপুন সিংহনাদ। 'নৃসিংহের মন্ত্র পটি মারে জলঝাটি। হুহুঙ্কার শব্দে ব্রহ্মাণ্ড যায ফাটি॥—চৈ চ ১৪৮। ৪ [হুহু² + কার > হুহুকাব >°ব, অসাধু] হুহুশব্দ। বহিল বাযু হুহুঙ্কাব-স্বনে।—মে ১৫৫। [হুহুঙ্কাবি—হুহুঙ্কাব ছাডিযা। সুরসৈন্য যত. °বি নিষ্কোষিলা অগ্নিময অসি।—মা ১৪৬।]

হুহু দ্র 'হুহু'।

হূ ব্য ১ আহ্বান। ২ অবজ্ঞা। ৩ অহঙ্কার। ৪ শোক (শ ক)। ৫ [ধ্বন্যাত্মক] শৃগালবব। হূহুকৃত।—বৃহৎসংহিতা ৯০ ১, ১২।

হূংহূঙ্কার পুং [ষ ত] 'হূম্'-'হূম্' শব্দোচ্চারণ। '°প্রিয় (শিব) মহা (SW)।

হূংহূঙ্কারপ্রিয় পুং [বহুব্রী] শিব। মহা (SW, MW)।

হূঁ ব্য (তন্ত্রে) মন্ত্রবিশেষ (শ ক)।

হূঙ্কার পুং [হূম+কাব, ষ ত] ১ অবজ্ঞাসূচক 'হূম্'-শব্দোচ্চারণ, হুঙ্কাব। '(তং বশিষ্ঠো) বাবয়ামাস তেজস্বী হূঙ্কাবেণৈব মহা ১ ১৭৭ ২৫। হূঙ্কাবেণৈব তং ভস্ম সা চকাবাম্বিকা ততঃ (চণ্ডী)। ২ 'হূম্' মন্ত্রোচ্চাবণ। (হূঙ্কারঃ) তাবাপ্রণবঃ (দ্র 'হূঁ'—শ ক)। "পবনে পবনে বাযু হূঙ্কাবে যোগীর শ্রী ম ৩০০, হূঙ্কাবে কর্ণিকা পদ্ম প্রকাশ কবিব ৩০১। ৩ 'তূষ্ণীম্' শব্দোচ্চারণ। "মনু ১১ ২০৫।

হূঙ্কৃত ক্লী [ষ ত] ক্রোধসূচক 'হূম্' শব্দোচ্চারণ, সক্রোধ ধ্বনি। "(ঋষয়ঃ) নিজগ্মুর্হুঙ্কৃতৈর্বর্ণম্ ভ ৪ ১৪ ৩৪।

হূণ, -ন পুং ১ (বহুব) জনপদবিশেষ। তু 'হূণা' জনপদাখ্যাঃ ক্ষত্রিয়াঃ রঘু ৪ ৬৮, মল্লিনাথ। হূনবনথসেষেব নান্যদেশ কদাচন (ত বা)। ২ ম্লেচ্ছজাতিবিশেষ (মহা), হূণজনপদবাসিগণ (মল্লিনাথ), পাপজাতি-বিশেষ (শ্রীধব)। 'চীনান্ হূণান্ (সসর্জ্জ ফেনতঃ সা গৌঃ) মহা ১ ১৭৫,৩৮। হূণ রঘু ৪ ৬৮, ভ ২.৪ ১৮, সিতহূণ।—বৃহৎসংহিতা ১১,

৬১। হল° ১৪ ২৭, শ্বেত° ১৬ ৩৮, কু কে ১০৯। ৩ হূণজাতীয় জন। "সদ্যো মুণ্ডিতমত্তহূণচিবুকপ্রস্পর্দ্ধি নারঙ্গকম্ (A)। ৪ (হূণপচলিত?) সুবর্ণমুদ্রাবিশেষ। [°লিপি (স্ত্রী)—হূণলিখিত বর্ণমালা (ললিত বিস্তর)। হূণাবরোধ (পুং)—হূণগণের অন্তঃপুরস্ত্রী। "রঘু ৪ ৬৮।]

হূত বিণ [√হ্বে+ত (ক্ত)-র্ম্ম] আহূত। —তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ আহ্বান, আকারণ। ২ যুদ্ধার্থ আহ্বান, স্পর্দ্ধা (অ কো)।

হূম্ ব্য ১ বিতর্ক। "হূং চৈত্রোঽপি পণ্ডিতঃ। ২ প্রশ্ন। 'হূং' কো লঙ্কাধিপতিঃ। ৩ অনুমতি। 'হূং' কৃতম্। ৪ ভয। 'হূং' ন গন্তব্যম্। ৫ প্রশ্ন। ৬ ক্রোধ, ভয় নিন্দা, অবজ্ঞা (শ ব)।

হূম-হাম বি [হূম্+'হাম' (অনু শব্দ)] সক্রোধ হুঙ্কার বা ঘোর শব্দ। [ধুমধাম—সর্থ 'হূমহাম'। '(ভূতভাগ) °ম ধুমধাম ভীম শব্দ ভাসিছে ভা চ ৪৫।]

হূরহূণ পুং, বহুব ম্লেচ্ছজাতিবিশেষ (S W)।

হূল ; হূলন্ত দ্র 'হুল, হুলন্ত।

হূলথুল বি [হুলস্থূল > °ল] মহাকোলাহল। "°ল কূলাকূল ব্রহ্মাণ্ডিথ ফুটিছে ভা চ ৪৫। [কুলকুল—অনু শব্দ।]

হূহূ, হূহূ দ্র 'হুহু'।

হৃ সক [ভ্বা, উ—হরতি, -তে, অনিট্] ১ হরণ, দেশান্তরপ্রাপণ, প্রাপণ। ২ নাশন। ৩ স্বীকার। ৪ স্তেয। ৫ [ভ্বা, প—হরতি, অনিট্] সংবরণ। ৬ [হ্বাদি, প—জহর্ত্তি (বৈদিক)] বলাৎকার। "জহর্ত্তি ধন° দস্যুঃ (ক ক)। [অধি-আ—অধ্যাহার, তর্ক, অন্যত্র শ্রুত পদের অন্বয়ার্থ আকর্ষণ। অনু—অনুহরণ, অনুকরণ। পৈতৃকমশ্বা অনুহরন্তে পা ১ ৩ ২১, বার্ত্তিক। অপ—অপহরণ। অব—দূরীকরণ। "সৈন্যাবহারঃ (ত বা)। অভি—অভিমুখভাবে হরণ বা প্রাপণ। অর্থ্যাভিহরণ (মহা)। অভি-অব—অভ্যবহার, ভোজন। আ—১ আহার। ২ আহরণ, একত্র সঙ্কলন। উদ্—১ উদ্ধার, উত্তোলন। ২ উৎক্ষেপণ। উদ্-আ—উদাহরণ। উপ—উপহার, দান, উপঢৌকন। উপ-সম্—উপসংহার, সমাপন। নি—হিমনিস্রবণ। "নীহার। নির্—১ নির্হরণ, বহিষ্করণ, অপসারণ। ২ পরিত্যাগ। ৩ প্রেতবহনাদি। পরি—পরিহার, ত্যাগ। প্র—প্রহার। 'শ ১ ১১। প্রতি-আ—প্রত্যাহার। প্রতি-উদ্—প্রতিকূলভাবে উদ্ধরণ। প্রতি-উদ্-আ—প্রত্যুদাহরণ। প্রতি-উপ—প্রতিরূপভাবে উপঢৌকন। বি—বিহার। বি-অতি—ব্যতীহার, বিপর্য্যয। বি-অব—১ ব্যবহার, বিবাদ। ২ শযনভোজনাদি দ্বারা সংসর্গ ও উপভোগ। বি-আ—ব্যাহার, কথন। সম্—সংহার। সম্-অভি-বি-আ—সমভিব্যাহার, নৈকট্যসম্বন্ধসম্পাদন। সম্-আ—সমাহার, সংগ্রহ, সঙ্ঘাত (ত বা)।]

হৃঙ্গ বি [সং √হৃঞ বা √বিঙ্গ্—মূল (?), তু 'বিঙ্গ'—"অৰ্জ্জি ধন ক্লেশগণ কবিবেক বিঙ্গ (ম পা ৩৯)] নাশ। 'অঙ্গরাজ্য হৃঙ্গ হএ আগমের বাণী ম শা ১৭, ৪৬, ৬৯, ৭০। [হৃঙ্গি—নাশ করিয়া। 'মঙ্গলচণ্ডী নাম হৈল মঙ্গলাসুর হৃঙ্গি ম পা ২।]

হৃচ্ছয় বিণ [হৃদ্' √শী+অ (অচ)-ক, উ ত স্ত্রী -যা] হৃদয়শায়ী, হৃৎস্থ, হৃদযস্থিত। "(জগৎপতিঃ) হৃচ্ছয়ঃ সর্ব্বভূতানাম্ মহা ১৩ ৮৫ ১৭। এষ সাধুহৃচ্ছযঃ ভ ৭ ৮ ৫১। —য় পুং ১ 'হৃদয়স্থ', কামদেব। '(সা) হৃচ্ছয়েনাভিসন্তপ্তা মহা ৩ ১২ ৯৫, ৪৭ ৪৪। ২ কাম, প্রণয়। "(তয়োঃ) অন্যোন্য° প্রতি কৌন্তেয স ব্যবৰ্দ্ধত হৃচ্ছযঃ মহা ৩ ৫৩ ১৭। ৩ কাম, অভিলাষ। 'মৎকামঃ শনকৈঃ সাধুঃ সর্ব্বান মুঞ্চতি হৃচ্ছযান্ ভ ১ ৬ ২৩। [°পীড়িত (বিণ)—কামার্ত্ত, কামাতুর। "মহা ৩ ৫৭ ২। °বৰ্দ্ধন (বিণ)—কামবৰ্দ্ধক, রতিবৃদ্ধিকর। মহা ৩ ৫৫ ২০। °বশ (বিণ)—কামবশ, কামাধীন। "ভ ৬ ১ ৬১।

হৃচ্ছূল ক্লী [উ লো] হৃদয়জাত শূলরোগ (সুশ্রুত)।

হৃচ্ছোক পুং [হৃদয়ের শোক, ষ ত, হৃদয় > হৃদ্ (বিকল্পে—পা ৬.৩.৫১), পক্ষে 'হৃদযশোক'] হৃদয়ব্যথা, মনঃপীড়া।

হৃজ্জ বিণ [হৃদ্+জন্+অ (ড)-ক, উ ত] মনোজ, হৃদয়জাত।

হৃণীয়া স্ত্রী [√হৃণীয় (কণ্ড্বাদি)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ লজ্জা। ২ রোষণ। [√হৃণীয় (√হৃণ+যক—হৃণীয়তে)—লজ্জা। "নৈ ১ ১৩৩। ভট্টি ২ ৩৮।]

হৃৎ[১] (-দ্) ক্লী [√হৃ+ক্বিপ্ (০)-ক—'হৃৎ' > হৃদ্ (বর্ণব্যত্যয়—অ টী), 'হৃদয়' শব্দেন সমানার্থো 'হৃৎ' শব্দঃ প্রকৃত্যন্তরমস্তি (পা ৬. ৩ ৫১, কাশিকা, সি)। পাণিনিমতে দ্বিতীয়ার বহুবচনাদি বিভক্তিতে, 'সুহৃদ্' 'হৃল্লাস' প্রভৃতি শব্দে 'হৃদয় স্থানে 'হৃদ্' আদেশ হয় (পা ৫ ৪ ১৫০, ৬ ৩ ৫০, ৫১, মুগ্ধবোধ ১১৬, দুর্গাদাস। ক প স পরে থাকিলে, 'হৃদ্' > হৃৎ, যেমন, হৃৎকমল ইত্যাদি। Cf, Old English —heorte, Dutch—hart, Ger herz, E heart] ১ হৃদয়, মানস, মনঃ। 'হৃৎসুক্রতুম্ (ততান)।—ঋগ্বেদ ৫ ৮৫ ২। তস্যৈথ° ক্রবতশ্চিন্তা বভূব হৃদি বীক্ষতঃ বা ১ ১ ১৬। কু স ৫ ৫৪। হৃদ্যাসীন্ মে শনৈর্হরিঃ ভ ১ ৬ ১৭। আমি হৃদে তাই ভাবিতেছি।—ম ১৯২। বঙ্গ-হৃদ-হ্রদে চণ্ডী কমলে কামিনী।—মা ১৬৮। ২ বুক, অগ্রমাংস, হৃদয় (heart)। ৩ বক্ষঃ, উরঃ। 'হৃদি বিসলতাহারো নায়ং ভুজঙ্গমনায়কঃ গী গো ৩.১০। ৪ হৃৎপুণ্ডরীক (শঙ্কর), হৃৎকমল। গী ৮ ১২। ৫ অন্তরতমাংশ, সারভাগ (A)। ৬ শুদ্ধবুদ্ধি। শ্বেতাশ্বতর ৪ ২০। [°কমল, °পঙ্কজ, °পদ্ম, °পুণ্ডরীক, °পুষ্কর (ক্লী)—হৃদয়স্থ পদ্ম, পদ্মাকার অনাহত-চক্র। "°ক গী ৮ ১২, শঙ্কর। হৃৎকমলে ধ্যানকালে আনন্দসাগরে ভাসি র প ১৫৩২। হৃৎকমল-মঞ্চে দোলে করালবদনী শ্যামা: হৃৎপদ্ম উঠবে ফুটে, মনের আঁধার যাবে ছুটে।—রামপ্রসাদ। °কম্প (পুং)—বুকস্ফুরণ, হৃদযবেপথু। "(দুর্গে) প্রবেশকালে রাজপুত্রের হৃৎকম্প ও পদকম্প হইল র প্র ৩৯। °তাপ (পুং)—মনঃপীড়া, মনস্তাপ। "হৃত্তাপোপশম ভ ১ ১৫ ৭। °পতি (পুং)—অন্তর্যামী (শ্রীধর)। "ভ ১ ৩,-৫। °পিণ্ড (পুং, ক্লী)—হৃদযপিণ্ড, হৃদয। 'ন ৫০২। °পীড়ন (ক্লী), °পীড়া (স্ত্রী)—হৃৎপিণ্ড পীড়া (সুশ্রুত)। °প্রিয (বিণ)—মনঃপ্রীতিকর, হৃদ্য। °স্তম্ভ (পুং)—হৃৎপিণ্ডনিস্পন্দতা। °স্থ (বিণ)—হৃদয়স্থিত, বুদ্ধিস্থ। 'গী ৪ ৪২। °সার (পুং, ক্লী)—'হৃদয়বল', ধৈর্য্য (শ্রীধর)। "ভ ৭ ৩ ১৮। °স্ফোট (পুং)—হৃৎপিণ্ডভেদ।]

হৃৎ[২] বিণ [√হৃ+ক্বিপ্ (০)-ক, স্ত্রী -ৎ] ১ হারক, বাহক। "বলি°। ২ নিরাসক, নাশক। "কুষ্ঠ°, পাপ°, রোগ°, শোক°। শোক° (সুশ্রুত)। ইন্দ্রারিতেজোহৃৎ—পঞ্চরাত্র ৪ ৩ ৮৫। ৩ হারক "ধন°, পরস্ব°। তৈল° যাজ্ঞ ৩ ২১১। [সমাসে উত্তরপদ]।

হৃৎপদ্মাসন বি হৃদয়কমলাসন। "°সনোপরি।—দা ৫৯।

হৃৎসরসী বি হৃদয়রূপসরোবর, মানসসরসী। "(পৌলোমী) বাসব-হৃৎসরসী-পদ্মিনী।—মা ১২৭।

হৃত বিণ [√হৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ নীত, প্রাপিত। ২ অপহৃত, চোরিত। "হৃতা° শ্রুত্বা চ মৈথিলীম্ রা ১ ১ ৫৩। চৌরৈর্হৃতং ধনম্ মনু ৮.৪০, ১৮৯, ২৩৩। ৩ গৃহীত। "হৃতসারাণি (বেশ্মানি) রা ২.৩৩ ১৮। (মৃত্যুনা) হরতা ত্বাং বদ কিং ন মে হৃতম্ রঘু ৭ ৪৬। ৪ ছিন্ন। "(শিরাংসি চক্রৈঃ) হৃতানি রঘু ৭ ৪৬। ৫ আনীত, পাতিত। "হৃদয়ে তাড়িতস্তত্র হৃতশ্চাস্মি নভস্তলাৎ গো রা ৩ ৪২ ৪০। ৬ আকৃষ্ট। "তবাস্মি গীতরাগেণ হারিণা প্রসভং হৃতঃ শ ১.৫। ৭ বিভাজিত (A)। —ত ক্লী ১ অংশ। ২ হৃতদ্রব্য। [°চন্দ্র (বিণ)—গৃহীতচন্দ্র, গ্রস্তচন্দ্র। "হৃতচন্দ্রা তমসেব কৌমুদী রঘু ৭ ৩৭। °জ্ঞান বিণ—গৃহীতজ্ঞান, জ্ঞানহীন। °দার (বিণ)—অপহৃতপত্নীক। °দ্রব্য (বিণ)—গৃহীতসর্ব্বস্ব। "মহা ৩ ৬১.২৭। °বাসঃ (-সস্) বিণ—গৃহীতবস্ত্র, দিগ্বাসাঃ। °ধিত (বিণ)

—মুষিতধন। "ভ ৩ ৩০ ৩২। °মানস (বিণ)—আকৃষ্টমনাঃ। °রাজ্য (বিণ)—গৃহীতরাজ্য। "মহা ৩ ৬১ ২৭। °সর্ব্বস্ব (বিণ)—গৃহীতসর্ব্বধন, সর্ব্বস্বরহিত। "মহা ৩ ৬০ ৩। °সার (বিণ)—গৃহীতমহার্ঘদ্রব্য। দ্র 'হৃত (৩)।] [হৃত প্রহৃত করি—নিহত ও আহত করিয়া। 'হৃত প্রহৃত করি যাও সত্বরত্ত অ প ২০।]

হৃতাধিকার বিণ [বহুব্রী] গৃহীতাধিকার, প্রভুত্বরহিত।

হৃতি স্ত্রী [√হৃ+তি (ক্তিন্)-ভা] ১ হরণ, অপহরণ, স্তেয়। "সীতা° (SW)। ধন° ।—বৃহৎসংহিতা ৫২ ৬। ২ নাশ, ক্ষয়, ধ্বংস। বিপ 'কৃতি'। "জীবিত° (SW)। স্থষ্টেঃ কৃতির্হৃতির্যেন।—মুগ্ধবোধ ৩০৭। সৃষ্টিস্থিতি-হৃতি-কৃতি-প্রবৃতি-নিদান বা দ ২। ৩ গ্রহণ। ৪ সূর্য্যের উদয়াস্তসূত্রদ্বয়ের অন্তর। 'যদর্কোদয়াস্তসূত্রযোবন্তরং সা চ হৃতিরুচ্যতে (SW)।

হৃদ বি [সং হৃদ্, দ্র 'হৃৎ১', পদ্যে, তু 'হৃদ্রে' (ম গা ২)] ১ হৃদয়, মন। "জগতের যত জীব হৃদে ভাবে মোবে।—দ্রু ৫, (জহ্নুকন্যা) সকরুণ-হৃদা ১৭। হৃদ হৈল জ্ঞান ম প ৫০। হৃদ বাড়ে বঙ্গ চ বি ৬৪। ২ বক্ষঃস্থল। হৃদে খেদ।—হেম ৩২৩। হৃদে হানে দশরথ।—কৃ ৫৭। ভা চ ২৫৬। (শুন) হৃদে লাগি শীতল হইল কি কারণ ম পা ৯৬। ভা চ ২৫৬। হৃদয়েব রাণি, 'স হৃদে গি দ্বি ৭।

হৃদম্ভোজ ক্লী [উ লো] হৃৎস্থিত পদ্ম, হৃৎকমল।

হৃদয়১ ক্লী [হৃ+অয় (কয়ন্)-স্ম, দ্ (দুক্) আগম, উ ৪ ১০০] ১ 'বিষয় হার্য্য', চিত্ত, মানস, মনঃ। স যক্ষ° হৃদায় নিধাত্ত।—ঋগ্বেদ ১ ১২২ ৯। উদ্বিগ্নহৃদযা গো বা ২ ২০১ ২৬। উদ্বিজতে মে হৃদযম্ মহা ৩ ৬১ ২৬। অয়োহৃদয় রঘু ৯ ৯। উৎকণ্ঠোচ্ছ্বসিত° উ মে ৩৯। ত্বমসি মে হৃদয়° দ্বিতীয়ম্ ড চ ৬ ২৬। অন্তস্মৈ হৃদয়° দেহি ভট্টি ২০ ২৪। সৃষ্টিকর্ত্তা, এই কুসুমের দেহ মধ্যে তুমি কি পাষাণের হৃদয় গড়িয়া রাখিয়াছ?—ব প্র ৫৫, সে হৃদয় কেবল সেই হৃদয়েই গড়া যাইতে পারিত ১৪১। ২ বুক, বক্ষঃ, উরঃস্থল। 'পরি তৃংধি পণীনামরেযা হৃদয়া।—ঋগ্বেদ ৬ ৫৩ ৫। পিপাসাশুষ্ক° মহা ৩ ১২৬ ৯। বাণভিন্ন° রঘু ১১ ১৯, ২০। কু স ৪ ২৫। বাজনযন্ত্র হৃদয়ে করি নেল বি প ৯৪। কঞ্চুকে যব কর দেল। মুকুল হৃদয়ে তব ভেল॥—জ্ঞা ২২৫। হৃদয় হানিযা দুই হাতে বা ম ১৩৭। (তনু চিকণিযা) স্নেহেতে ছানিযা হৃদয়ে মাখি ভা চ ২৭৬। হৃদয়ে হৃদয় থুযে বা দ ২৬। নিঃসন্দেহে রামের হৃদয় বজ্রলেপময় সী ২৩। ৩ জীবিত, প্রাণ। '(আশাবন্ধঃ) সদ্যঃপাতি প্রণযি হৃদয়° বিপ্রয়োগে রুণদ্ধি পু মে ১০। ৪ হৃৎপিণ্ড। 'হৃদয়স্যামৃতময়ফলরসাস্বাদনমৃষ্টস্য ভক্ষণম্।—পঞ্চ ৪ $\frac{১}{১}\frac{২}{৪}$। ৫ প্রণয়, প্রেম (A)। ৬ তত্ত্ব, গূঢবিষয়। "মীমাংসা°, শ্রীরাম°, সূর্য্য°। ৭ (সাদৃশ্যে) প্রিয়তম বিষয়। 'গীতা মে হৃদয়ং পার্থ।—গীতামাহাত্ম্য ৪৪। ৮ বিদ্যা। 'স তেহস্মহৃদয়° দাতা রাজাশ্বহৃদয়েন বৈ।—মহা ৩ ৬৬ ২১। ৯ অন্তরঙ্গশক্তি (শ্রীধর)। "তপো মে হৃদয়ং সাক্ষাৎ ভ ২ ৯ ২২। ১০ প্রিয়মূর্ত্তি (শ্রীধর)। "ইষ্টা মাং বজ্রহৃদয়ম্ (অন্তে মা° সংস্মরিষ্যসি) ভ ৪ ৯ ২৪। ১১ অভিপ্রায়। "হৃদয়জ্ঞত্বমন্বিচ্ছন্ দময়ন্তেবার্স্বতঃ ভ ১১ ২০ ২১। ১২ বেদ। [°কম্প (পুং)—হৃৎকম্প, বক্ষঃস্পন্দন। °ক্লম (পুং)—হৃৎপিণ্ডদৌর্ব্বল্য (সুশ্রুত)। °ক্ষোভ (পুং)—মনঃক্ষোভ, চিত্তের অশান্তি। °গত (বিণ)—মনোগত, মানসস্থ। °গ্রন্থি (পুং)—'হৃদয়ের বন্ধতুল্য', চিজ্জড়গ্রন্থনরূপ অহঙ্কার (শ্রীধর), অবিদ্যাবন্ধরূপ সংসারবন্ধ (ত বা)। 'ভিদ্যতে হৃদয়গ্রন্থিঃ ভ ১.২.২১। °গ্রাহ (পুং)—গূঢবিষযগ্রহণ, রহস্যলাভ। "অস্ত্রগ্রামস্য সর্ব্বস্য হৃদয়গ্রাহঃ।—মার্কণ্ডেযপুরাণ ৬৩ ২৩। °গ্রাহী (-হিন্) বিণ—চিত্তাকর্ষী, মনোহারী। "কোকিলো °হী রা ১ ৬৪ ৬। °চোর, °চৌর (পুং) —চিত্তচোর, মনোহারক। °জ্ঞ (বিণ)—১ হৃদয়প্রিয়। "ছান্দোগ্য ৭ ২.১। ২ রহস্যবিৎ, তত্ত্বজ্ঞ। "অক্ষহৃদয়জ্ঞ মহা ৩ ৭২ ৩৬, ৩০। °জ্বর (পুং)—মনঃপীড়া, মানসী ব্যথা। °দাহী (-হিন্) বিণ—মনোব্যথনশীল, চিত্তসন্তাপকর। °দৌর্ব্বল্য (ক্লী)—চিত্তনিবীর্য্যতা, কাতর্য্য। "গী ২ ৩। °দ্রব (পুং)—হৃৎপিণ্ডের দ্রুতস্পন্দন (চবক)। °নিহিত (বিণ) —১ মনে স্থাপিত। "উ মে ৬৮। ২ হৃদয়স্থাপিত, অবিস্মৃত। "°তৈর্লক্ষণৈঃ উ মে ১৯। °পীড়া (স্ত্রী)—মনঃপীড়া, মনোজ্বর। °পুণ্ডরীক (ক্লী)—হৃৎকমল। 'গী ৮ ১২, শঙ্কব। °প্রমাথী (-থিন্) বিণ—অতিমনঃপীডাকর, হৃদয়ের অতিমাত্রপীড়াজনক। "রুজা হৃদয়প্রমাথিনী মা মি ৩ ২। °প্রিয় (বিণ)—১ মনঃপ্রীতিকর, হৃদ্য। ২ হৃদয়বল্লভ। °বন্ধন (বিণ)—মনোবন্ধকারক, চিত্তাকর্ষক। °বল্লভ (পুং)—প্রাণপ্রিয়, অতিদয়িত। °বৃত্তি (স্ত্রী)—চিত্তবৃত্তি, মনোব্যাপার। °বেধী (-ধিন্) বিণ—চিত্তবেধনশীল, হৃদয়বিদারক। °ব্যথা (স্ত্রী)—মানসী ব্যথা, মনঃপীড়া, আধি। °মর্ম্ম (-র্ম্মন্) ক্লী—হৃদয়েব অন্তরতমভাগ। "হৃদয়মর্ম্মোদ্ঘাত উ চ ৬$\frac{২২}{১৩}$। °রোগ (পুং)—হৃদ্রোগ। "পা ৬ ৩ ৫১। °শৈথিল্য (ক্লী)—চিত্তাবসাদ, দৌর্মনস্য। °সন্ধি (পুং) —হৃৎপিণ্ডসন্ধি। "°ব্ধিপীড়া (সুশ্রুত)। °সম্মিত (বিণ)—বক্ষঃপ্রমাণ, উব্বাদঘ্ন। °স্থ (বিণ) —চিত্তস্থিত, মনোগত। °স্থান (ক্লী)—বক্ষঃস্থল, বক্ষঃ। °স্পৃক (শ) বিণ—চিত্তস্পর্শী। °হারী (-রিন্) বিণ—মনোহর, চিত্তাকর্ষক।

হৃদয়২ বিণ [হৃৎ+ অয় (গন্তা), স ত] যোগবলে চিত্তে প্রবেশক (শ্রীধর)। ত° সর্ব্বভূতহৃদয়° মুনিমানতোঽস্মি ভ ১ ২ ২।

হৃদয়কপাট বি কপাটতুল্য সুদৃঢ সুবিশাল বক্ষঃ। '(পক্ষিবব) আঁচড় কামড় আব মাবে পাখসাট। ক্ষুব্ধ হয় গোবিন্দের °ট।—ম ২৬।

হৃদয়কমল বি হৃৎকমল অনাহতচক্র। 'তদন্তরে নানা পুষ্প পূজিবে বিধানে। হৃদয়কমলোপরি বাখি নাবাযণে।—ম ১০৬৬। °লে দিব তোমাব আসন ব প্র ১২০।

হৃদয়ঙ্গম বিণ [হৃদয়+ √গম্ + অ (খচ্)-ক, 'ম্' (মুম্), পা ৩ ২ ৩৮, সি, উ ত, স্ত্রী -মা] ১ হৃদয়গামী, মনোহর। "স্তুতীঃ শ্রুত্বা যথার্থা হৃদয়ঙ্গমা কু স ২ ১৬। ২ হৃদয়সম্বন্ধ, সঙ্গত (অ কো)। 'সীতায়া বচনং হৃদয়ঙ্গমম্ বা ২ ৩৯ ৩২। ৩ হৃদ্য, প্রিয়। 'ক ন্নু তে হৃদয়ঙ্গমঃ সখা কু স ৪ ২৪। ৪ হৃদয়স্পর্শী, চিত্তাকর্ষক, সুন্দর শ্রীযুত। 'কা দেবরূপা হৃদয়ঙ্গমা শুভ মহা ৪ ১৪ ৮। ৫ মনোহর, বল্গু, মধুর। "বল্লকী চ °স্বনা রঘু ১৯ ১৩। ৬ স্বানুভব। (নাস্তি বালিসমো বলী) হৃদয়ঙ্গমমেতৎ ভট্টি ৬ ১০৮। —ম ক্লী সঙ্গতবাক্য।

হৃদয়চ্ছিৎ (-দ্) বিণ [হৃদয়+ √ছিদ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ ত, স্ত্রী -ৎ] ১ মনঃপীডাকব, মর্ম্মস্পৃক। বাচশ্চ হৃদয়চ্ছিদঃ গো রা ২ ১৭ ৩০। ২ হৃদয়বেধী, বক্ষোভিৎ। 'অমুঞ্চ° সমরে বাণ° রামায় °চ্ছিদম্ মহা ৫ ১৮৪.১৯।

হৃদয়জ পুং [হৃদয়+ √জন+অ (ড)-ক, উ ত] ১ আত্মজ, পুত্র। "ভ ৫ ১৫ ৬, ২ (বাঙলায়) বক্ষোজ, স্তন। 'হৃদয়জ মুকুলি হেরি থোর থোব বি প ৩৫।

হৃদয়পুতলি বি জীবিতপ্রতিমা, মূর্ত্তিমান্ প্রাণ। "(সুন্দরি।) হৃদয়-পুতলি তুহু, সো শূন কলেবর, কবি বিদ্যাপতি ভাণ বি প ৪৯।

হৃদয়বান্(-বৎ) বিণ [হৃদয় + বৎ (বতুপ্)-১ব, স্ত্রী -বতী] প্রশস্তচিত্ত, হৃদয়ালু, হৃদয়ী, সহৃদয়। "পা ৫ ২ ১২১, সি।

হৃদয়বিদারক বি° মনঃপীডাকর, অতিদারুণ, নিদারুণ।

হৃদয়ানুগ বিণ [হৃদয় + অনু + √গম্ + অ (ড)-ক, উ ত] চিত্তানুসারী, মর্ম্মজ্ঞ। "কামন্দক ৪ ৭০।

হৃদয়াবগাঢ় বিণ [স ত] মনোমধ্যগত, হৃদয়নিবিষ্ট।

হৃদয়াবিৎ (-বিধ্) বিণ [হৃদয়+ √ব্যধ্+ক্বিপ (০)-ক-১ব, পূর্ব্বপদের দীর্ঘ, পা ৬ ৩ ১১৬, উ ত] হৃদয়বেধক, মনঃপীড়াকর। কাশিকা। ভট্টি ৬ ৭৩।

হৃদয়ালু বিণ [হৃদয় + আলু, পা ৫ ২ ১২১, সি] হৃদয়বান্।

হৃদয়িক, -য়ী(-য়িন্) বিণ [হৃদয়+ইক, ইন্ (ঠন্, ইনি)-১ব, স্ত্রী -কা,-য়িনী] হৃদয়বান্। পা ৫ ২ ১২১, সি।

হৃদয়ী দ্র 'হৃদয়িক'।

হৃদয়েশ পুং [ষ ত] জীবিতেশ, পতি, ভর্ত্তা। 'বি স্থ ১১৭। —শা স্ত্রী [°শ+স্ত্রী আ (টাপ)] জীবিতেশ্বরী, দয়িতা, ভার্য্যা।

হৃদয়েশয় বিণ [অলুক, পক্ষে হৃদয়শয়' পা ৬ ৩ ১৮। স্ত্রী -যা] হৃদয়স্থ, মনোগত। ক্রোধম্ ··°শয়ম্ গো রা ৩ ৩৪ ২০।

হৃদয়েশ্বর পুং [ষ ত] সর্থ 'হৃদয়েশ'। —রী স্ত্রী ১ দয়িতা, ভার্য্যা। ২ (বাঙ্‌লায়) হৃদয়ের প্রভু বা অধিষ্ঠাত্রী। 'যত দিন মেধা থাকিবে, ···তত দিন সে (প্রতিমা) হৃদয়েশ্বরী হইয়া বিরাজ করিবে ব প্র ৬৪।

হৃদয়োন্মাদ পুং [ষ ত] চিত্তের উন্মত্তভাব, হৃন্মূঢ়তা।

হৃদয্য বিণ [হৃদয় + য (যৎ), 'হৃদয্য' —হৃদয়ে ভব (ঋগ্বেদ ১০ ১৫ ৪, সায়ণ)] হৃদয়ঙ্গম (শ্রীধর)। স্মর স্তা দুঃহতহৃদয্যাঃ ভ ৭ ৬ ১২।

হৃদাবর্ত্ত পুং [উ লো] অশ্বের বক্ষঃস্থ রোমাবর্ত্ত, শ্রীবৃক্ষক।

হৃদাময় পুং [ষ ত] হৃৎপিণ্ডপীড়া, হৃদ্রোগ।

হৃদি বি [হৃদ্ + ই[৭]] ১ মন। 'দেখিয়া দ্রবিল হৃদি।—দু ৫৬। মানবের হৃদি নয়।—হেম ১১১। ও মুখ দেখিয়া হৃদি উল্লাসয়।—ব ৮১। তুমি হৃদি তুমি মর্ম্ম ব দ্বি ৯৭। ২ বক্ষঃ, বুক। 'কণ্ঠ পদ স্কন্ধ হৃদি মুণ্ড শ্রী মা ৩১। শূলে বিদ্ধ হৃদি।—দু ৮, বিপ্রের চরণাঙ্কিত, বিষ্ণু হৃদি বিভূষিত ৫০। পরের সুখ দেখিলে হৃদি ফাটে।—দা ৮৪, বিধির হৃদির ধন ১৩০। হৃদি-হৃদে বিকসিত যুগ্ম শতদল গি দ্বি ৭। হর হৃদি-হৃদে বা দ ৭৩। —দি [+ ই[৫]] ১ হৃদয়ে, বক্ষস্থলে। 'বালজালহৃদি, হাড়মাস কৃত, গালবাদ্য শ্রীভূতনাথে।—দু ৩৫ সত্ত্বগুণ তোর হৃদি, আমারে সেবিল ফল ভালে ৫৬। শম্ভু কুচ হৃদি ভা চ ১৭৬। এস হৃদে হৃদি-বিলাসিনি। গি দ্বি ৭। ২ মনে। বাড়িল হৃদি শোক চৈ চ ৫৭, হৃদি কোপ ১৬১। মগ্ন হৃদিলগ্ন চৈ ১৪৭। কেবল আঁখি দিয়ে আঁখির সুধা পিয়ে, হৃদয় দিয়ে হৃদি অনুভব।—গান ৮৭। °কমল, °পদ্ম—হৃৎপদ্ম, অনাহত চক্র। 'হৃদিপদ্ম উঠবে ফুটে, মনের আঁধার যাবে ছুটে ব প ১৫৩৭। 'মম হৃদিকমলে সতত তব বাস।—দু ৪, তৎসমগ্র জীব হৃদিকমলে বিন্যাসে ২০। কে তুমি ত্রিদিব দেবী বিরাজ হৃদিকমলে সাম ৪। এই হৃদিপদ্মে বসাইয়ে মনোমানসে পূজিব: তেমন ক্ষেপাকে দেখেছ, হৃদিপদ্মে পদ-ধরা।—রামপ্রসাদ। °তল—মনোমধ্য। 'হেম ১০৭, ১১১। °ধাম—হৃদয়-মন্দির। 'এই মোর হৃদিধাম। শঙ্কর শঙ্করী ইথে করহ বিশ্রাম॥—দু ৯৬। °প্রিয়া—প্রাণপ্রিয়া। 'হাদে শুন হৃদিপ্রিয়, বিন্ধ্যাদেবী দেখসিয়ে, অখিল ব্রহ্মাণ্ড দিয়ে, পায় পায় পায় না।— ভা চ ৭৪০। °বৃন্দাবন—মানসরূপ বৃন্দাবন। °নে বাস, যদি কর কমলাপতি। ওহে ভক্তপ্রিয়। আমার ভক্তি হবে রাধা-সতী।—দা ৩৫৬। °মধ্য—হৃৎকমলমধ্যে। শিবশিবা গুরুভাবে হৃদিমধ্যে দেবী। মহাশঙ্খমালা জপ করে মহাকবি॥—বি স্থ ১৭৪। °মাঝ—১ বক্ষোমধ্য, বক্ষঃস্থল। 'হৃদিমাঝে কিবা সাজে মণিমুক্তা মালা।—দু ১০ ২ মনোমধ্য, মন। "মায়ের শাপ ভাবি হৃদিমাঝ।—ম ২৮, উল্লাস বড় হয় হৃদিমাঝ ২০৩। শেল রহল হৃদিমাঝে প ব ৩২। °রক্ত—বক্ষের রক্ত। "(হে উর্ব্বশি।) ত্রিলোকের হৃদিরক্তে আঁকা তব চরণ-শোণিমা চ কা ২০৩। °শয্যাতল—বক্ষোরূপ শয্যাতল। "°লে, শুভ্র দুগ্ধফেননিভ, ·তারি মাঝে বসায়েছ চ.কা ১৭৫। °স্থিত—বক্ষঃস্থিত। "কৈটভারি হৃদিস্থিতা তুমি তারা নিষ্ঠা।—দু ৯১। °সরোবর—মানস-রূপ সরোবর। 'কমলাকান্তের হৃদিসরোবরে, কমলেকামিনী উদয় হয় (গান)। °সরোরুহ—হৃৎকমল। "বা দ ৭২।

হৃদি(দী)ক পুং যদুবংশীয় কৃতবর্ম্মার পিতা। তু 'হার্দ্দিক্য'। "হৃদিক মহা ১ ৬৩ ১০৫। হৃদিক ভ ১,১৪,২৮।

হৃদিশয় বিণ [অলুক্] হৃদয়ে স্থিত; 'হৃৎস্থ' (বাক্‌শল্য)।

হৃদিস্থ বিণ [হৃদ্ + √স্থা + অ (ক)-ক—'হৃৎস্থ', অলুক-পক্ষে '°স্থ'] ১ হৃদয়স্থিত, মনঃস্থিত, অবিস্মৃত। "হৃদিস্থো নঃ সদা ভবান্ রা ৭.৩৮.৩০। প্রয়ান্ হৃদিস্থান্ ভ ৩ ১০ ৩। ২ মনোগত। "যৎ কাঙ্ক্ষিতং হৃদিস্থং তে তৎ সর্ব্বং হি ভবিষ্যতি মহা ১৩ ৫৩.৫৮। ৩ আত্মরূপে হৃদয়স্থিত। "(জগদীশ্বরম্) হৃদিস্থং পূজয়ামাস মায়য়োপাত্তবিগ্রহম্ ভ ১.৯.১০। ৪ হৃদাকাশগুহাস্থ। "শ্বেতাশ্বতর ৪ ২০।

হৃদিস্পৃক্ (-শ্) বিণ [হৃদ্+ √স্পৃশ্ + ক্বিপ্ (০)-ক-১ব, অলুক, কর্ম্মে বা অধিকরণবিবক্ষায় সপ্তমী, পা ৮ ৩ ৯৫, সি, তত্ত্ববোধিনী] হৃৎস্পর্শী, মনোজ্ঞ, হৃদ্য। "যো দুস্ত্যজান্ দারসুতান্ সুহৃদ্রাজ্যং হৃদিস্পৃশঃ (জহৌ) ভ ৫ ১৪ ৪৩। —স্পৃশ বিণ [অলুক্] মনোজ্ঞ। 'ভ ১ ১৫ ১৮।

হৃদীক দ্র 'হৃদিক'।

হৃদেশ বি [হৃদ + ঈশ, অসাধু] হৃদয়েশ, পতি। "বি স্থ ৪৯।

হৃদ্‌গ বিণ [হৃদ্ + √গম্ + অ (ড)-ক, উ ত, স্ত্রী -গা] হৃদয়গামী। (অদ্ভিঃ) হৃদ্গাভিঃ পূয়তে বিপ্রঃ মনু ২ ৬২।

হৃদ্‌গত বিণ [দ্বি ত] ১ হৃদয়প্রবিষ্ট। "হৃদ্গতং মে মহচ্ছল্যম্ রা ৭ ৪৭ ৪। ২ মনোগত, আন্তরিক। হৃদ্গতা নঃ সদা প্রীতিস্তবানুগমনে নৃপ রা ৭ ১০৭ ১৫। হৃদ্গতস্তস্য যঃ কামঃ মহা ৫ ৩ ২১। ৩ মানসিক (দুঃখ, ভাব)। ৪ অভিমত। ৫ অভিপ্রেত।

হৃদ্‌গদ পুং [ষ ত] হৃদ্রোগ, হৃদাময়।

হৃদ্‌গ্রন্থ পুং [ষ ত] হৃদয়ের গ্রন্থিতুল্য, হৃদব্রণ।

হৃদ্‌গ্রহ পুং [ষ ত] হৃৎপিণ্ডের সঙ্কোচ বা আক্ষেপ।

হৃদ্দাহ,-দ্‌বিদাহ পুং [ষ ত] হৃদয়দাহ, হৃত্তাপ।

হৃদ্দেশ পুং [কর্ম্মধা] হৃদয়দেশ, বুদ্ধিগুহা, অন্তঃকরণ, হৃদয়মধ্য (গী টীকা)। 'ঈশ্বরঃ সর্ব্বভূতানাং °শে -ঽর্জুন তিষ্ঠতি গী ১৮ ৬১।

হৃদ্বোধ বি বোধ, জ্ঞান। 'আশমানি গৃহে প্রবেশ করিবামাত্র দিগগজের হৃদ্বোধ হইল যে প্রণয়িনী আসিয়াছেন ব প্র ২৭।

হৃদ্‌ব্রণ পুং [ষ ত] সর্থ 'হৃদ্গ্রহ'।

হৃদ্য বিণ [হৃদয় + য (যৎ), হৃদয় > হৃদ্, পা ৬.৩ ৫০, স্ত্রী -দ্যা] ১ হৃদয়ঙ্গম (সায়ণ)। হৃদয়ের প্রিয়, হৃৎপ্রিয়, সুখকর। 'ঋগ্বেদ ৪ ৫৮ ৫। হৃদ্যো দেশঃ পা ৪ ৪ ৯৫, কাশিকা। মনু ৩ ২২৭। রঘু ১১ ৬৮। ক্রমৈঃ কাম-দুঘৈর্হৃদ্যম্ ভ ৪ ৬.২৮। ২ মনোহারী। "(উদ্‌বহেদ্ ভার্য্যাম্) হৃদ্যাং রূপ-গুণান্বিতাম্ মনু ৭ ৭৭, ৯ ৯৪। ৩ হৃদয়প্রিয় (শঙ্কর), দৃষ্টমাত্র হৃদয়ঙ্গম (শ্রীধর)। 'হৃদ্যা আহারাঃ গী ১৭ ৮। ৪ স্বাদু (খাদ্য)। ৫ নিপুণ। 'দৈবতবৈদ্যহৃদ্য।—গী.গো ৪ ২০। —দ্য পুং ১ পরহৃদয়ের বন্ধন বা বন্ধন-সাধন, অর্থাৎ যাহার দ্বারা অন্যের হৃদয় বাঁধা বা বশ করা যায় (পা ৪ ৪'৯৬, কাশিকা), বশীকরণমন্ত্র, বশকৃদ্‌বেদমন্ত্র (মেদিনী)। ২ কপিত্থবৃক্ষ।—দ্য ক্লী ১ গুড়ত্বক, দারুচিনি। ২ শ্বেতজীবক। —দ্যা স্ত্রী বৃদ্ধিনামকৌষধি।

হৃদ্যগন্ধ বিণ [বহুব্রী] হৃদয়ঙ্গমগন্ধ, সুরভি। —গন্ধ পুং বিল্ববৃক্ষ। —গন্ধ ক্লী ১ ক্ষুদ্রজীবক। ২ সৌবর্চ্চললবণ। —গন্ধা স্ত্রী জাতী। —গন্ধি ক্লী ক্ষুদ্রজীরক।

হৃদ্যতা স্ত্রী [হৃদ্য+তা (তল্)] ১ হৃদ্যভাব, সুখকরত্ব। ২ (বাঙ্‌লায়) মিত্রতা, বন্ধুত্ব। "হৃদ্যতা করাই তোমা পাণ্ডব সহিতে।—ম ৯৬১।

হৃদ্রোগ পুং [ষ ত] ১ হৃদয়পীড়া। ২ মনঃপীড়া (কাম)। "কামং হৃদ্রোগ-মাশ্বপহিনোতি···ধীরাঃ ভ ১০ ৩৩ ৩৯। ৩ কুম্ভরাশি। —গী (-গিন্) বিণ [°গ + ইন্ (ইনি)-১ব] হৃদ্রোগবান্। [°বৈরী (-রিন্) পুং —হৃদ্রোগনাশক, অর্জ্জুনবৃক্ষ।]

হৃন্মোহ পুং [হৃদ্ + মোহ, ষ ত] হৃদয়াক্ষেপ, হৃদ্গ্রহ।

হৃল্লাস,-সক পুং, **-সিকা** স্ত্রী [হৃদয়ের লাস (স্ফুরণ) যাহাতে, বহুব্রী,

হৃদয় > হৃদ্ (পা ৬.৩.৫০) ; 'স + ক (কন্), স্ত্রী আ (টাপ)] ১ 'হৃৎস্ফুরণকারক', হিক্কা। ২ থুৎকরণ। "প্রবৃত্ত" (সুশ্রুত—SW)।

হৃল্লাসক, হৃল্লাসিকা দ্র 'হৃল্লাস'।

হৃল্লেখ পুং [হৃদয় + √লিখ্ + অ (অণ্)-ক, উ ত, হৃদয় > হৃদ (পা ৬.৩.৫০)] ১ 'হৃদয়কর্ষক', জ্ঞান। "সহৃল্লেখেন (পাঠান্তর) চেতসা গো রা ৬ ১০০ ১৯। ব্যপেত° (মনস্) মহা (SW)। ২ তর্ক। "স° (SW)। ৩ তন্ত্রোক্ত মন্ত্রভেদ (ত বা)। ৪ বাহ্যসুখ, বাসনা (নীলকণ্ঠ —SW)। —খা স্ত্রী উৎকলিকা, উৎকণ্ঠা, ঔৎসুক্য।

হৃষ্ অক [দি, প—হৃষ্যতি, √হৃষ্য (অনিট্)—হৃষ্ট, √হৃষ (সেট্) —হৃষিত (ক ক)] ১ চিত্তোৎসাহ (ক ক), হর্ষ, আহ্লাদ। 'হৃষ্যতি লোকঃ সুখাৎ। ২ লোমহর্ষ। "হৃষ্টং হৃষিতং বা লোম পা ৭২২৯, সি। —ব্ সক [ভ্বা, প—হর্ষতি, √হৃষ্ (অনিট্)— হৃষ্ট] অলীক, মিথ্যা-করণ। "হর্ষতি কথাং নীচঃ, মিথ্যাকরোতীত্যর্থঃ (ক ক)।

হৃষিত বিণ [হৃষ্ + ত (ক্ত)-ক, বেট্—পক্ষে 'হৃষ্ট'] ১ রোমাঞ্চসংযুক্ত (অ চি)। "হৃষ্টা হৃষিতাঃ কেশাঃ (কাশিকা)। দ্র 'হৃষ' (২)। ২ বিস্মিত। "হৃষ্টো হৃষিতো মৈত্রঃ (সি)। ৩ পতিহত। হৃষ্টা হৃষিতা দন্তাঃ (কাশিকা) ৪ [দ্র 'হৃষ'] হৃষ্ট আনন্দিত। 'অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা গী ১১ ৪৫। হৃষিতো দেবদত্তঃ (কাশিকা)। ৫ অম্লান। "°স্রজ মহা ৩ ৫৭ ২৪। (মৃজ্যমানানি পুষ্পাণি) ভূয় এব হৃষিতানি ভবন্তি ৭৫ ১৭। ৬ পণত বর্ম্মিত (ধৰপি—শ ক)।

হৃষীক ক্লী [√হৃষ + ঈক (ঈকন্)-ণ, গুণাভাব, উ ৪ ১৭] 'হর্ষসাধন', ইন্দ্রিয়। 'ভ ১৮৩৮, ২৬ ৩৩। ['নাথ (পুং)—'ইন্দ্রিয়াধিপতি', বিষ্ণু, শ্রীকৃষ্ণ। 'পঞ্চরাত্র ৩২৩।

হৃষীকেশ পুং [হৃষীক + ঈশ ষ ত] ১ ইন্দ্রিয়গণের প্রভু, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। 'হৃষিকাণীন্দ্রিয়াণ্যাহুস্তেষামীশো যতো ভবান্। হৃষিকেশস্ততো বিষ্ণো খ্যাতো দেবেষু কেশব॥—হ ২৭৯ ৪৬। হর্ষাৎ সুখাৎ সুখৈশ্বর্য্যাৎ হৃষিকেশত্বমশ্নুতে মহা ৫ ৭০ ৯। 'রা ১ ৪৫ ২৯। পাঞ্চজন্যং হৃষীকেশঃ (দধ্মৌ) গী ১ ১৫, ২১। ম পা ৪। ভা চ ৬। ২ মনঃ। 'ভ ৪ ২৪ ৩৬। ৩ পরমাত্মা (শঙ্কর—শ ক)। ৪ তীর্থবিশেষ। —কেশব পুং [ষ ত] সর্থ 'হৃষিকেশ (১)। "ভ ৫ ১৮ ১৯।

হৃষ্ট বিণ [√হৃষ্ + ত (ক্ত)-ক] ১ রোমাঞ্চসংযুক্ত। 'হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ গী ১১ ১৪। হৃষ্টরোমলতাভ্রিপ ভ ৪ ২৪ ২২। দ্র 'হৃষিত (১)। ২ বিস্মিত। দ্র 'হৃষিত (২)। ৩ প্রতিহত। দ্র 'হৃষিত (৩)। ৪ আনন্দিত, প্রীত, প্রমুদিত। "°চেতন রা ২২৬৪, হৃষ্টেন চেতসা ২৪০ ১৩। °সঙ্কল্প মহা ৩ ৭৬ ৫০। °দৃষ্টি, °মনস্, °রূপ (SW)। ৫ প্রহসিত (মেদিনী)। [বোধ হয় ইহা 'প্রতিহত' স্থলে লিপিপ্রমাদ।] [°চিত্ত, °চেতন, °চেতাঃ (-তস্), °মনাঃ (-নস্), °মানস বিণ—প্রীতমনাঃ, হৃষ্টমতি। °তনূরুহ (বিণ)—হৃষ্টরোমা, রোমাঞ্চিতদেহ। "মহা ১ ১৩৩৮। °বদন (বিণ)—প্রফুল্লানন, হসিতমুখ। °রূপ (বিণ)—সানন্দমূর্ত্তি, হসিতরূপ। °রোমা (-মন্) বিণ—পুলকিত °তনু। °সঙ্কল্প, হৃদয় (বিণ) —সানন্দমতি, ইষ্টচিত্ত।]

হৃষ্টপুষ্ট বিণ [কর্ম্মধা] চিত্তসন্তোষ-দেহপুষ্টিযুক্ত (টীকা) : সানন্দ ও পুষ্টদেহ। "°জনায়ুত রা ২ ৫৩ ৫, রাজর্ষিহৃষ্টপুষ্টঃ ৬। তোমাবে বড় দেখি °ষ্ট।—ম ৩৮। অ প ৭। °ষ্ট অঙ্গ ম.ভা ১৩।

হৃষ্টি স্ত্রী [√হৃষ্ + তি (ক্তিন্)-ভা] হর্ষ, আনন্দ।

হে ব্য ১ সম্বোধন। "হে দেবদত্ত। পা ৮.২ ৮৫, কাশিকা। হে কৃষ্ণ হে যাদব হে সখে গী ১১.৪১। হে হে শ্রীকরমা-বাই কৃপাদৃষ্টি কর ভ গ্র ২১৭। ২ অসূয়াদি। "পলায়িত্বা গৃহং গত্বা কথং ক্রন্দ্যথ হে সুখম্।—হ ১৪৪.৬। ৩ আহ্বান। ৪ পাদপূরণ।

হেউ বি [ধ্বন্যাত্মক] ঢেকুরের শব্দ। "নানা মিষ্টান্নসামগ্রীর উদ্গার উঠায়। হেউ হেউ করি পেটে হস্ত বুলায়॥—ভ.গ্র ৬৪। [হেউ-ঢেউ—ঘন ঘন ঢেকুরের শব্দ। "দেখ, বাড়ীতে যেন সদাব্রত, যে ব্যাটা যায়, হেউ-ঢেউ-খেয়ে এসে।—গি দ্বি ৭৮।]

হেউতি বি [সং হৈমন্তিক] আমন ধান। 'পথম অগ্রহায়ণ মাসে নয়া হেউতি ধান।—রঙ্গপুরের ভাওয়াইয়া গান।

হেংহ্যাং নামা বি [হাঙ্গামা > °মা, গ্রাম্য] গোলমাল, অত্যাচার। 'ভাবনাপুরীর সাহেব তো মিছে হ্যাংনাম করে না।—নী ২৬।

হেংলা, হেঙ্গলা, হ্যাংলা বিং ['হেঙ্গল' (কুকুর)—সিলেট] ১ অতিলোভী, লোলুপ। 'তুমি সেই হ্যাংলা বামুন না?—অ গ্র ৪১। ২ [অস হেঙ্গাল—hound] (সাদৃশ্যে) শীর্ণকায়, রোগা। [হেংলাটে —রোগাটে। হেংলাম—লোলুপতা। হেংলামত—রোগা-রোগা।]

হেঃ 'হ্যাঃ' ১ অবজ্ঞা, ঘৃণা। "হেঃ! কত হাথী গেল তল। এখন গাধা বলে কত জল॥ ২ সাবাধ অবজ্ঞা। "হেঃ! তুমি প্রবীণ হ'য়ে এই রকম অবিবেচনার কথাটা বল!

হেঁ, হ্যাঁ অব্য [হাঁ > হেঁ, হ্যাঁ] ১ স্বীকার। ২ সম্বোধন। হ্যাঁ সই। —লী ৩০। [হেঁও না, হুঁও না—মতামত প্রকাশ না করা। হেঁ-গা, হেঁ-গো হ্যাঁগা—সবিনয় সম্বোধন। "হ্যাঁগা মাসী গি দ্বি ১০৫। হেঁ-বাছা, হেঁ-মা—জননী-প্রভৃতির কন্যাদির প্রতি সস্নেহ সম্বোধন। হেঁ-বা, হ্যাঁ-বা —সাবাধ সম্বোধন। 'হেঁ-বা কালামুখ!—দ্বা ২১, হ্যাঁ-বা বেহায়া বেইমান।—২৬। হেঁ-রে, হ্যাঁরে—সম্বোধন। 'হ্যাঁরে! কৈ সে বামুন। —দা ১০৮০,-৮১। সারা রাত্রি ওরে হেঁ-রে—তো-তাতে কেটে গেল আ দু ১৪৪। হেঁ-লা, হেঁ-গো, হ্যাঁ-লা হ্যাঁ-লো—সখী বা সমবয়স্কার সম্বোধন। তু 'হলা'। হ্যাঁ-লা, প্রফুল্ল আজ কোথায় গেছে লা?—ব প ৩৬০। কেমন কথা হ্যাঁ-লো।—দা ১০৬৯। হেঁ-ও করা—সম্মতি দেওয়া। 'যা শুনেন তাতেই সাটে হেঁ হুঁ করেন আ দু ৫৯। হেঁ-হে—সম্বোধন। তু 'হাঁ-হে। হ্যাঁ দ্যাখ—সম্বোধনপূর্ব্বক সম্মুখীকরণে। "হ্যাঁ দ্যাখ মাসী, .. তোমার বড় আলগা মুখ।—গি দ্বি ১০৬।]

হেঁই, হেঁইও বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'হিঁঅই'। ২ ভারী জিনিস তোলার বা ঠেলার সময়ে বলপ্রয়োগে মুখের শব্দ।

হেঁ(হ্যাঁ)কচ-পেঁ(প্যাঁ)কচ বিং [Cf, E hocus-pocus —jugglery] বিহ্বল, বিমূঢ়, ভোব। মামীর পিরীতে মামা হ্যাঁকচ-প্যাঁকচ।—লী ১০০।

হেঁকাতে দ্র 'হেকাত'।

হেঁকা-বেঁকা বি [এঁকা-বেঁকা > °কা (হ-আগম)] সর্থ 'এঁকা-বেঁকা'।

হেঁৎকোচ-হোঁকোচ বি [হেঁচকা > হেঁৎকাচ + হোঁকোচ (-অনু শব্দ)] উলটা-পালটা হেঁচকা বা ধাক্কা (jerk)। গাড়ীর °চে প্রাণ ওষ্ঠাগত আ দু ২৬।

হেঁকোট-পেঁকোট বি বিকট ঔষধাদি খাওয়ায় বমি-বমির ভাব হেতু গা-জড়ানর বা পেটের ভিতর পাক দেওয়ার ভাব।

হেঁচকা 'হ্যাঁচ কা' বি [হি ধচকা, 'হিচকী'—হিক্কা; ঠ হিচ(স)কা] হঠাৎ বেগে আকর্ষণ বা টান দেওয়া হঠাৎ বেগে ধাক্কা। [হেঁচকাইয়া হাঁটা—পায়ের বেদনায় বা বিকারে ধাক্কা খাইয়া বা খোঁড়াইয়া যাওয়া। হেঁ(হ্যাঁ)চকা টান—হঠাৎ বেগে আকর্ষণ। "পরের সোনা না দিও কানে। কেড়ে নেবে হেঁচকা টানে॥—প্রবচন। গুরুর কথা না শোন কানে। প্রাণ যাবে তোমার হ্যাঁচকা টানে॥—অ গ্র ৮৭। হেঁচকা দেওয়া, হেঁচকান—সর্থ 'হেঁচকা'। হেঁচকে হেঁচকে যাচ্ছে—খোঁড়াইয়া খোঁড়াইয়া যাইতেছে। "গো চ ২৩৬।]

হেঁচকি বি [ধ্বন্যাত্মক, সং হিক্কা, হি হিচকী, ঠ উচকী] হিক্কা। [হেঁচকি উঠা—হিক্কা উঠা।]

হেঁচড়া, হেঁচড়ান হেঁচড়া-হেঁচড়ি দ্র 'হিঁচড়'।

হেঁজ বিং [ফা হেচ্] তুচ্ছ, অধম। "হাঁ,…হাকিমী একটা মানের চাকরী বটে, কিন্তু শুনেছি দিশী হাকিম, সর্দ্দার চাপরাসী কেরানীরও হেঁজ।—অ গ্র ১৪১।

হেঁজা বি [সং সেধা, সেজা (ত্রিপুরা), সেজা, ছেদা (শ্রীহট্ট)] শজারু। "মানকচু পশরি তুঙ্গি থুইয়াছ হেঁজা ম গা ১১, গো চ ৩৪১।

হেঁট,-ঠ, হেট,-ঠ বি॰ [সং অধস্, অধস্তাৎ > লি হেঠ্ঠা, প্রা হেটঠ, হেঠ্ঠ, (হে ২ ১৪১, পৈ), *হেংঠ > বা হেঠ,-ট, হেঁঠ,-ট, হি, প, গু হেঠ, ঠ হেঠ] ১ অধোগত, অবনত (লজ্জায, ভয়ে, অপমানে, অভিমানে)। "(গোক্ষ) জির্কায় কামড মারি মাথা কৈল হেট।—মী ১৯। (পুত্র) হেঁট মাথা করে: (পুত্র) মাথা কেল হেঁট।—কৃ ৩। কিছু না কহিয়া ভীম হেঁট কৈল মাথা।—ম ৪৮২। লাজে হেঠ মাথা ক চ ১১, হেট মাথা ১৯, হেঁঠ মুখ ৪১, লজ্জা ভয়ে মহাবীর হেঠ কৈল মাথা ১০৬, হেঁট ১৫১, উচিত বলিতে পাছে মাথা কর হেঁঠ ২১৬, হেঁঠ ২১৯। হেঠে মাথে মৈথিলী, অভিমানে সজল নযান ব প ৫৩৯। হেঁট বা ম ৩৪। হেট ম ম ২১৮। উচ্চ মাথা হৈল হেট ভা চ ৩৭৬। লাজে রহে হেঁট-আননে।—কথা ৬। ভরল না পেট, বারে বারে শুধু মাথা হল হেঁট।—কা ১১৪। ২ অবজ্ঞাত, নিন্দিত। 'দুর্ব্বল হইলে শত্রুমিত্রগণে হেঁটা শ্রী মা ১১৩। —ট, -ঠ বি ১ পরাজয। 'নাহি মানে হেঁট (শ্রী)। ২ মল্লযুদ্ধে নিম্নভাগ। বিপ 'উপর'। "কখন অঙ্গদ হেটে কখন রাবণ ব প ৫৩৬। ৩ অবয়ববিশেষের নিম্নভাগ। "নাভির হেঠেতে নাই গদার প্রহার।—ম ৯৯৯। কর্পটি লামিছে তার নাভিকুণ্ডের হেট বি.পা ৩৩৫। সিন্দুর ললাটে চন্দনবিন্দু তার হেট চৈ ম ৬৭। ৪ পেটের নিম্নভাগ—কাঁকাল। "পেটে ভাত হেঁটে বস্ত্র যোগাইতে নারে ভা চ ৪১০। ৫ নিম্নদেশ। "উর্দ্ধে কুমুদিনী হেঁটে কুমুদবান্ধব ভা চ ৩০৯, ৩৪৩। ৬ তলদেশ। '(টাঙ্গের) হেটেত থাকিযা নিমাই শুনিল সকল।—মী ২। চন্দাতপ টানাগ্রা হেটেতে বৈসে তার ব প ৪২৪। হেটে ধান্যের শরা, উপরে বিচিত্র ঝড়া ম ম ১, হেটে পুষ্প উপরে পুষ্প দিয়া চারিভিতে ১১। এ সপ্ত পাতাল হেটেতে জল শি ৭। ৭ বৃক্ষের মূল ভাগ। 'হেটে গাছ কাটিযা উপরে ঢালে পানি ম গা ১০। ৮ মধ্য, ভিতর। 'মৃত্তিকার হেটে জন্মে নাম ইহার মূলা ম ম ১২৯। [হেঁট হওয়া—বার্দ্ধক্যে অবনতকায় হওয়া। "শি ৩১। হেঁটে উপরে—নীচে ও উপরে। হেঁটোয়—নীচে। "হেঁটোয় কণ্টক দাও, উপরে কণ্টক চ কা ৮৬। হেট উপর করা—নিম্ন ও উচ্চস্থান প্লাবিত করা। "হেট উপর করি উঠি জাএ পানি।—১৭৯। হেটাউছল —বিপর্য্যস্ত, উলট-পালট। অবোধ ছাওয়ালে ক'চ্ছে পাখি এ হেটাউছল গো চ ১৪৪।

হেঁটা-টেঙরা বি॰ [হেঁট + টেঙরা (তুঙ্গপারা ?)] উঁচু-নীচু, অসমতল, বন্ধুর। [হাঁটতে জানে না বামন ডেকরা। উঠানটারে কয় হেঁটা-টেঙরা (হাঁডিত্ ন জানে বামন ডিঙ্গরা। পঁথরে কয় হেডা-টেঙরা ॥—চট্টগ্রাম-প্রবাদ)—(গৌণার্থে) কেহই নিজের দোষ দেখে না, পরের দোষই দেখে, তু 'চালুনী বলে ছুঁচুনী ভাই। তুমি নাকি ছেঁদা ?]

হেঁ(হে)টমাথা, -মুণ্ড বিং লজ্জাদি হেতু অবনতমস্তক। '(নরপতি) হেটমুণ্ড করিযা ভাবিল গো চ` ৪০৩। শুনিযা দ্বিজের কথা, লক্ষপতি হেঁট মাথা ক চ ১১৮। ওঝা বলে তক্ষক হে হেটমুণ্ড কেনে বি পা ১৩১। হেটমুণ্ড হৈয়া দুগ্ধ থায় বক্ররাজ ম ভা ৩৬। শত্রু হৈল হেটমাথা শি ২০।

হেঁ(হে)টমুখ বিং লজ্জাদি হেতু অধোমুখ। "(নটী) দেবতা সম্মুখ, হোল হেটমুখ শ্রী ৯। —মুখী বিং লজ্জাদি হেতু অবনতবদনা। "(বাশুলি বলেন বাছা।) কোথা পাব যুবক, আপনি ভজি বুড়া॥ হেঁটমুখী কানাড়া, হাসেন হৈমবতী শ্রী ১৫৮।

মণ্ডমুণ্ড, হেঁঠ দ্র 'হেঁটমাথা, 'হেঁট'।

হেঁড়াল[১] বি কুম্ভীরবিশেষ। দ্র 'ঘড়িআল'। "কুম্ভীর °ল শ্রী ১০৭।

হেঁড়াল[২] বি [মৈ 'হুঁ(হু)ড়ার'—নেকড়ে বাঘ, হেঁড়েল (বীরভূম)] নেকড়ে বাঘ।

হেঁড়ে বিং [হাঁড়িযা > হেঁড়ে] বড়। "হেঁড়ে পাগ বি হু ১৬।

হেঁড়েডুড়ু ; হেঁড়েল দ্র 'হাঁডুড়ু, হেঁড়াল[২]।

হেঁ(হে)তাল বি [সং হিন্তাল] ১ সর্থ 'হিন্তাল'। "হেঁতাল ক চ ৭৭। ২ হিন্তালকাষ্ঠ। 'হেতালের বাডি শ্রী ৭৬, ম ভা ৪০। হেঁতালের বাড়ি বা ম ১৩২। ৩ হিন্তালকাষ্ঠের দণ্ড। "হেতাল লইয়া হস্তে দিবানিশি ফেরে ম.ভা ৯। বা ম ৯৬। চান্দ হেতাল লইযা লাফে ম ম ১৩৩, ৯৬৭। [হেতালের বাড়ি—হেঁতালের দণ্ড।]

হেঁদলা বি [সং হিন্দোল] শিশু শয়নার্থ দোলা।

হেঁয়ালি দ্র 'হিঁয়ালি'।

হেঁশ বি [?] কাযস্থের উপাধি। "ব প ৩১৭।

হেঁশেল, হেঁসেল দ্র 'হানশেল'।

হেঁসো বি ['হংস'—মূল (?)] হংসের বক্রগ্রীবাকার বা চন্দ্রকলাকৃতি লৌহের একধার অস্ত্রবিশেষ বা একপ্রকার দা।

হেঁসোহার বি [অংসহার > °র (?), হি 'হঁসিযা' (জক্র)—মূল (?) সোনার তারে বোনা হাঁসুলির মত গলার হারবিশেষ।

হেকচি বি [হেঁচকি > °চি, ধ্বন্যাত্মক] ফোঁপাইযা কাঁদার সময়ে হিক্কার মত শব্দবিশেষ। "হেকচি করিযা কান্দে শভাক শশাক ক চ ৫৪।

হেকমত, হেকমতী দ্র 'হিকমত'।

হেকাত, হেকাতে, হেঁকাতে ক্রি বি॰ [হেঁকাবেঁকা > হেঁকা + তে] হেঁকাভাবে বক্রপংক্তিতে, বাঁকা লাইনে, কোণাকুণিভাবে, পত্রাদির আড়ে। "(পরয়াণায) এতদূরে সমাপন রাজার বচন। আপনি হেকাতে লিখে বিরূপ বচন ॥—শ্রী ১৩০, (পত্রে) অপর নাবড়ি কিছু লেখেন হেকাতে ১৬১, ১৭৭। [হেঁকাতে ক'রে লেখা—পত্রাদিতে আড় লেখা।]

হেক্কা স্ত্রী [ধ্বন্যাত্মক] হিক্কা (S W)।

হেঙ্গল বি [দ্র 'হেংলা'] কুক্কুর। 'গো চ ১৯৫।

হেঙ্গলা, হেঙ্গলাটে, হেঙ্গলাম দ্র 'হেংলা'।

হেজিবেজি বি॰ [হেঁজ > হেজি + বেজি (অনু শব্দ)] তুচ্ছ, নগণ্য, সাধারণ। "তিনি দেশপূজ্য, হেজিবেজি লোক ন'ন।

হেট, হেঠ দ্র 'হেঁট'।

হেড্[১] সক [ভ্বা, ঙ—হেডতে, সেট্, (মতান্তরে) √হেল্] ১ অনাদর। ২ গতি (ক.ক)। ৩ [ভ্বা, প—হেডতি, সেট্] বেষ্টন।

হেড্[২] বি [E head] ১ বুদ্ধি, বোধশক্তি, মাথা। ২ প্রধান, অধ্যক্ষ। "°কনেষ্টবল, °মাষ্টার। উকীলের বাড়ির হেডকেরাণী তীর্থের কাকের মত বসে আছেন।—হু ১৫, হেডখানসামা ১৫২। [বেহেড হওয়া —বিকৃতবুদ্ধি হওযা।]

হেড পুং [√হেড + অ (ঘঞ্)-ভা] অনাদর। তু 'হেলা'।

হেড়াহেড়ি বি [হেলা—হেলাহেলি > °ড়ি] পরস্পর হেলা, অবজ্ঞাপূর্ব্বক তর্কবিতর্ক বা বাদানুবাদ। "মাচেরটক সাহেব যেই হাল মেরেচে, দুই শুমুন্দি মোক্তার এমনি র স্ক ক'রে য়্যাসেচে, হেড়াহেড়ি যে কত্তি নেগলো, মুই ভাবলাম ধলা দামড়া আর বুদো এড়ের নড়্‌ই বেদলো।—নী ২৬।

হেড়েডুড়ু দ্র 'হাঁড়ুড়ুড়ু'।

হে(হ্যা)ণ্ড্‌নোট বি [E hand-note] চাহিবামাত্র মহাজনকে দেওযার অঙ্গীকারে প্রদত্ত টাকার ঋণপত্রবিশেষ।

হেতা, হেথা ক্রি.বিং [এথা > (হ-আগমে) হেথা,-তা ; দ্র 'হ[১]'] ১ এখানে, এস্থানে। "কহ মামী হেতা তুমি কোথা পাইলে তাহা

(অজুরী) শি ৮৮। কে ছিঁড়ে আনিল হেথা এ স্বর্ণব্রততী।—মে ৩০৭। আজব সহর কল্‌কেতা। ···হেতা ঘুঁটে পোড়ে গোবর হাসে বলিহারি ঐক্যতা॥—হু ৭৬। ২ এ বিষয়ে। "রাবণ লিখিতে সীতার মনে হইল সাধ। বিধির নির্ব্বন্ধ হেথা পড়িল প্রমাদ॥—কৃ ৪৪৬। ৩ এ দিকে, অন্য দিকে, অন্য পক্ষে। "হেতা মিথিলায় যজ্ঞ করে মুনিগণ।—কৃ ৬৩, হেথা দশরথ রাজা হরষিত মনে। চলিলেন কৌতুকে কৈকেয়ী সম্ভাষণে॥—৯২। হেতা রাম (লক্ষ্মণ সঙ্গতি যান মৃণ্ময়ী দেখিতে)।—দু ১২, হেথা নিত্য নিজবাসে,···রসাবেশে ছিলেন তারিণী ৭২, পুরুষ শরীর বাণে হইল দ্বিখণ্ড। হেথা বীর ধৈল গজ-আকার প্রচণ্ড॥—৮৭। শূন্য পেয়ে হেথা সীতা হরিল রাবণ শ্রী মা ২০৭। ম ভা ৪৪। [হেতা···হেথায়—এখানে···এখানে, এদিকে। "রহিল হেতা বাল লক্ষ্মীন্দর। হেথায় দেশেতে চলে চান্দ সদাগর॥—ম ম ১৪৬। হেতায···হোতা···হোতা—এখানে···ওখানে···ওখানে। "হেতায় সরিৎ-সিন্ধু, হোতা গিরি, হোতা তৃণময়-ভূমি স্ব প্র ২৪। হেথাকার—এখানকার, এস্থানের। হেথাকারে—এখানে, এস্থানে। "সুবা পীয়ে মাংস খায় গুরুদারা হরে। কদাচিত সে জন না আইসে হেথাকারে॥—ম ৪২৮, ব প ৮২৪। হেথাকে—হেথা, এই স্থানে। "কেবা এ যুবক শীঘ্র আইসে হেথাকে।—ম ৫৯০। কোন্ হেতু হেথাকে তোমার আগুসার ব প ৭২৭। হেথায়—এখানে, এদিকে। "ব প ৮২৬। হেথায় থাকন।—ম ১২৬৪। ভ গ্র ৩০৭। হেথা···হেথা—এখানে, এদিকে···এখানে। "হেথা নৃপতিজায়া, ···রঙ্গিলা সিংহদ্বারে, মঙ্গল সজ্জ করে, হেথা সে আইল বৃকোদর।—ম ১১২৩। হেথা-হোথা—এখানে-ওখানে, কোনখানে। "প্রথম প্রথম লুকিয়ে যেতাম, চোরের মতন হেথা-হোথা কু কে ১৩১। হেথা···হোথা—এখানে,এদিকে···ওখানে, ওদিকে। 'হেথা মত্ত স্ফীতস্ফূর্ত ক্ষত্রিয়-গরিমা, হোথা স্তব্ধ মহামৌন ব্রাহ্মণমহিমা।—স স্ব ৭০।]

হেতার, -তের, -ত্যার, -থার বি [হাতিয়ার>°ব, দ্র 'হাতিয়ার', হেতেড (গ্রাম্য)] আয়ুধ, অস্ত্র। "(পাঠান) হেতের বাঁধিল শ্রী ম ৬৭, (রামাই) হেত্যার বাঁধে ৭৩, হেতের শ্রী ৭৫, ১৩৯, ১৮৬, (লাউসেন) বাঁধিল হেত্যার ১১৪। হেতার শ্রী ১১৩,-২৭, ২২৪, ডোমের হেথার: হাতের হেথার: হেথার বিহনে ২৩৩। হেত্যার হইল চুরমার শি ৭১।

হেতাল দ্র 'হেঁতাল'।

হেতি পুং, স্ত্রী [√হন্ বা √হি+তি (ক্তিন্)-প,-ক, নিপাতিত, পা ৩ ৩ ৯৭, 'হেতি'—হননহেতুভূতা জ্বালা (ঋগ্বেদ ১০ ১৪২ ৩, সায়ণ)] ১ 'ইতস্ততঃ গামী' (অ টী), 'হননসাধন', ঘাতক আয়ুধ (সায়ণ), আয়ুধ, অস্ত্র। "ঋগ্বেদ ৩ ৩০.১৭। রঘু ১০ ১২। কি ১৪ ৩০। শিতধারেণ হেতিনা ভ ৪ ৫ ১২। অসি হেতি রণসাজে।—রঙ্গ ২১৭। ২ সূর্য্য-তেজঃ। ৩ জ্বালা, অগ্নিশিখা। "(অগ্নে) দহন্তি সর্ব্বভূতানি ত্বত্তো নিষ্ক্রম্য হেতয়ঃ মহা ১ ২২৯ ২৮। ৪ তেজোমাত্র (শ ক)। ৫ সাধন (শ্রীধর)। "ভ ২.৭ ৪৮। ৬ অঙ্কুর (বৈজয়ন্তী)। ৭ যোষিৎ (মেদিনী)। [°সংহতি (স্ত্রী)—আয়ুধকলাপ, শস্ত্রসমূহ। "কি ৩ ৫৬।]

হেতিয়ার বি [সং হেতি, তু 'হেত্যার'] আয়ুধ, অস্ত্রমাত্র।

হেতু পুং [√হি+তু-ক, উ ১.৭৩] ১ 'যাঁহা' কার্য্যরূপতাপ্রাপ্ত' (অ টী), কারণ, বীজ। "ঋগ্বেদ ১০ ৩৪ ২। বা ২ ২১ ১৪। হেতুনৈব সমং জন্ম মহা ১ ১ ৬৭। গী ১৮.১৫। কর্ম্ম° মনু ১ ৪৯। জন্ম° রঘু ১.২৪। স্মর এব তাপহেতুঃ শ ৩ ৮। বিশ্রাম° পু মে ২৫। ২ প্রবর্ত্তক, উৎপাদক (টীকা)। "মা কর্ম্মফলহেতুর্ভূঃ গী ২ ৪৭। ত্বং যোগিনাং হেতুফলে রুণৎসি কি ১৮.৩৫। ৩ কর্ত্তা। "সন্তঃ···সদসদ্ব্যক্তিহেতবঃ রঘু ১১০। ৪ কারণ, ফল। "অন্যস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্ বিচারমূঢ়ঃ প্রতিভাসি মে ত্বম্ রঘু ২.৪৭। ৫ যুক্তি, প্রমাণ, ন্যায়। "শাস্ত্রদৃষ্টৈশ্চ হেতুভিঃ মনু ৮.৩; দশ জীবনহেতবঃ ১০ ১১৬। যাজ্ঞ ২.৯৪। ৬ তর্কশাস্ত্র। ৭ (দর্শনে) সাধ্যসাধন, ব্যাপ্য, ব্যাপকজ্ঞাপক, লিঙ্গ (middle term)। [ইহা ন্যায়ের পঞ্চ অবয়বের একতম। "পর্ব্বতো বহ্নিমান্, ধূমাৎ",—'পর্ব্বত বহ্নিযুক্ত' এই সাধ্য বিষয়ের সাধন 'ধূম' এবং ইহাই 'হেতু'।] ৮ (ব্যাকরণে) কর্তৃপ্রযোজক, প্রযোজক কর্ত্তা। "পা ১ ৪ ৫৫, ৭ ৩ ৪০। ৯ পাশুপত মতে আত্মার বন্ধনকারণভূত বাহ্যজগৎ ও ইন্দ্রিয়গণ। ১০ (অলঙ্কারশাস্ত্রে) হেতুর সহিত হেতুমানের বা কার্য্যের অভেদারোপণ-পূর্ব্বক বর্ণনরূপ অর্থালঙ্কারবিশেষ। 'অভেদেনাভিধা হেতুর্হেতোর্হেতু-মতা সহ সা দ ১০ ৬৪। [°দুষ্ট (বিণ)—হেতুদোষযুক্ত, কারণদুষ্ট, ন্যায়-রহিত। °বচন (ক্লী)—হেতুমদ্বাক্য, যুক্তিযুক্তবচন। °বিদ্যা (স্ত্রী), °শাস্ত্র (ক্লী)—শ্রুতিস্মৃতিবিরোধী তর্কশাস্ত্র। "°শাস্ত্র মনু ২ ১১। °মাত্রতা (স্ত্রী)—কারণমাত্রতা, উপলক্ষ্যত্ব। "উপবীতস্য বিদ্যাসু গুরবো হেতু-মাত্রতাম্ (যযুঃ) ক সা ১২০ ৫৫। °যুক্ত (বিণ)—কারণবান্, সহেতুক। °শূন্য (বিণ)—অহেতুক, অকারণ। °হেতুমদ্‌ভাব (পুং)—কার্য্য-কারণভাব। "পা ৩ ৩.১৫৬।]

হেতুক বিণ [হেতু+ক (কপ্) বহুব্রীহি সমাসে] হেতুবিশিষ্ট, কারণযুক্ত, জনক। "ধর্ম্মস্য তপশ্চৈব জগতঃ সিদ্ধিহেতুকৌ বা ৭ ২৩, টীকা ৫ ১৭। অধর্ম্মকর্ম্ম° মনু ১ ৪৯, কুল্লুক। ক্ষয়°, পুষ্টি°, ভয়° (S W)। সঙ্কল্প-ভঙ্গহেতুক চরিত্রের দুর্ব্বলতা পা প্র ১৩৭। —ক পুং [+ক (কন্) স্বার্থে] ১ হেতু, কারণ। ২ যুক্তি, প্রমাণ।

হেতুতা স্ত্রী, **হেতুত্ব** ক্লী [হেতু+তা (তল্), +ত্ব] হেতুভাব, কারণতা বীজত্ব। "আপদামাপতন্তীনা° হিতোঽপ্যায়াতি হেতুতাম্।—হি ১ ৩০। হেতুত্ব।—ভাষাপরিচ্ছেদ ১৪৮।

হেতুত্ব দ্র 'হেতুতা'।

হেতুমান্ (-মৎ) বিণ [হেতু+মৎ (মতুপ্)-১ব, স্ত্রী -মতী] ১ হেতু-যুক্ত, কারণবান্, সহেতুক। ২ যুক্তিযুক্ত। "শুক্র বচনমব্রবীৎ রামো হেতু-মদব্রবীৎ রা ২ ৫২ ৬৫। গী ১৩.৪। ৩ ন্যায্য। ৪ (দর্শনে) হেত্ববয়ব-বিশিষ্ট। দ্র 'হেতু (৭)। ৫ (ব্যাকরণে) প্রযোজককর্ত্তার প্রেরণাদি-লক্ষণব্যাপারবিশিষ্ট। 'পা ৩ ১,২৬। —মৎ ক্লী কার্য্য, ফল। "পা ৩ ৩ ১৫৬, কাশিকা।

বালিয়াড়ি বি [বালি¹+আড়ি³ (ব কো)] বালির আ'ল বা পাড়, সমুদ্রতীরে পর্ব্বতপ্রমাণ বালুকারাশি (dune)।

বিজোগ বি বিয়োগ, বিচ্ছেদ, বিবাদ। 'বিজোগ আনন্দ হল (নাবদ) বাজাল ঢুকাটি শ্রী.মা ১৭৩।

বিড়্ সক [ভ্বা, প—বেড়তি, সেট্] আক্রোশ। বিড়াল।

বিতপন বিং ১ অতিদ্যুতিমান, সমুজ্জ্বল। 'বতন কঙ্কন, আতি বিতপন, পহিল জগতনাথে শ্রী কী ২৬৯। ২ দিবাকান্তিমান্, সুন্দর। "অতি বিতপনী রাধা পরিধান পাট শ্রী কী ৪৩।

বিদঘুটে '-দ' বিং সর্থ 'বিদ্‌কুটে' (ব কো)।

বিদাই বি [দ্র 'বিদায়' (ব কো)] গমনার্থ আদেশপ্রাপ্ত। "(সেন) বিদাই হইল পুন হয়ে নতমান শ্রী ১২৬।

বিনিমুক্তক পুং রাজার অমাত্যবিশেষ। "ব প্র ১২৬।

বিন্দ্ § অক [ভ্বা, প—বিন্দতি, সেট্] অবযব। "বিন্দু।

বিবাসিনী বিং গৃহত্যাগিনী, সন্ন্যাসিনী। "কহ লো নাগরি, গেহ পরিহরি, কাহে বিবাসিনী রে।—ব প্র ১১৬।

বিহেঠ পুং [বি+√হেঠ্+অ (ঘঞ)-ভা] ১ বাধা, বিঘাত। ২ শাঠ্য। ৩ পরোপতাপ। দ্র 'বিহেঠক' (ব.কো)।

বীরাষ্টমীব্রত ক্লী আশ্বিনের মহাষ্টমীতে নারীর অনুষ্ঠেয় দুর্গাপূজারূপ ব্রতবিশেষ। ইহার ফল জন্মান্তরে সুসন্তান লাভ ও স্বামিচিত্তানুরঞ্জন (নারদীয় পুরাণ)।

বুজসমজ বি বুদ্ধি ও বিচারপূর্ব্বক কর্ত্তব্য নির্দ্ধারণ। "তৈয়ার...ফেরেস্তার মাফিক বুজসমজ আ দু ১৪১।

বেওরা বি [দ্র 'বেওরা' (ব কো)] তত্ত্ব, রহস্য। "দেখতে পাচ্ছি পাচাপাচি, তার বেওরা কেউ জানে না ব প ১৮৪৪।

বেঙতড়কা বিং [বেঙ+তড়কা (দ্র 'তড়াক²—ব কো)] বেঙের মত দ্রুতগতি। [°কা বাজ—যে বাজ বেঙের মত দ্রুত আসিয়া (যেন লাফাইয়া) পড়ে। "সঘনে চিকুর পড়ে বেঙতড়কা বাজ ক চ ৮২।]

বেতার বি [বে¹+তার³ (ব কো)] যাহা তারে বাহিত নহে (wireless)। [বেতারবক্তৃতা—বেড়িও-যন্ত্রচালিত বক্তৃতা।]

বেশান্ত পুং [ষ ত] বেশের (গৃহের) অন্ত (শেষ, সীমা), গৃহান্তস্থিত ক্ষুদ্র পুষ্করিণী, পল্বল। 'বৃহদারণ্যক ৪ ৩ ১০।

বেসুরো ক্রি বিং [দ্র 'বেসুর' (ব কো)] ঐকতানহীন বা গরমিল সুরে। 'আমি আফি'সোর—বেসুরো শুনি, বেসুরো বুঝি, বেসুরো লিখি—ধৈবত গান্ধার নিষাদ পঞ্চমের কি ধার ধারি?—ব প্র ৬০৩।

বৈনাশিক বিণ [বিনাশ+ইক (ঠক), স্ত্রী -কী] ১ বিনাশসম্বন্ধী, ক্ষণিক। ২ পরতন্ত্র। ৩ সকলের ক্ষণিকতা বা ক্ষণভঙ্গুরতামতবাদী, বৌদ্ধাগমাভিজ্ঞ। "ছান্দোগ্য ৬ ২ ১, শঙ্কর। —ক পুং ১ ক্ষণিক-বিজ্ঞানবাদী বৌদ্ধ। ২ ঊর্ণনাভ। —ক ক্লী (জ্যোতিষে) জন্মনক্ষত্রা-বধিক ত্রয়োবিংশ নক্ষত্র, নিধনতারা।

বৈরক্তি বি [বিরক্ত—°ক্তি, তু 'আনুরক্তি'] বিরক্তি, অপ্রীতি। "তাহাদের বিবরণ লিখিতে বৈরক্তি জন্মে।—রামমোহন রায়।

বৈরাজ্য ক্লী [বিরাজ+য (ষ্যঞ)] 'বিরাড়্‌ভাব', বিশেষভাবে রাজত্ব (সায়ণ)। "ঐতরেয়ব্রাহ্মণ ৭ ৫ ৬।

বোমারু বি [E bomber] যে অব্যর্থভাবে বোম নিক্ষেপ করিতে পটু।

ব্রাহ্মতীর্থ ক্লী [কর্ম্মধা] দ্র 'ব্রাহ্ম' ক্লী (১) (ব কো)।

ভ

ভ ক্লী দ্র 'ভ²' (ব কো)। [°গোল (পুং), °মণ্ডল (ক্লী)—নক্ষত্রচক্র, নক্ষত্রব্যাপ্ত আকাশ। °বর্গ (পুং)—নক্ষত্রমণ্ডল।]

ভক বি দ্র 'ভকভক' (ব কো)।

ভগ্নপ্রায় বিং প্রায়ভগ্ন, ঈষদসমাপ্তভঙ্গ।

ভগ্নাবশেষ বি ভগ্নদ্রব্যের অবশিষ্টাংশ (ruins)।

ভঙ্গকুলীন বি· যাঁহার কুলীনের কন্যাদানাদাননিয়ম ভগ্ন হইয়াছে।

ভদ্রোচিত বি· ভদ্রলোকের যোগ্য (কথা, ব্যবহার)।

ভব পুং দ্র 'ভব¹' (ব কো)। [°তারণ (বি·)—জন্মবন্ধমোচনকারক, অর্থাৎ যাঁহার ভজনে আর জন্ম হয় না। °পার (বি)—সংসারসাগরো-ত্তরণ, সংসারমুক্তি। "জা ৩৪। °বন্ধন (বি)—সংসারে আসক্তিরূপ বন্ধন। °লীলা (বি)—সংসারের খেলা, জীবের অনিত্য সংসার-কর্ম্ম।]

ভরত বি [সং ভরদ্বাজ] পক্ষিবিশেষ, ভরতপক্ষী (skylark)।

ভরতি বি· [সং ভরিত] সর্থ 'ভর্ত্তি'¹ (ব কো)।

ভরপেট ক্রি বি· উদরপূর্ত্তিপূর্ব্বক (খাওয়া)।

ভরা সর্ম্ম [ভর⁴ (ব.কো)+আ⁸] পূর্ণ করান, ভরান।

ভরাভাত বি পেটভরা ভাত। "উসু ভাতে দুসু বল। ভরাভাতে রসাতল॥—প্রবচন।

ভর্ত্তব্য বিণ [√ভৃ+তব্য-র্ম্ম] ১ ধারণীয়, বহনীয়। "স ভায়ঃ সৌম্য ভর্ত্তব্যো যো নরং নাবসাদয়েৎ (SW)। ২ পোষণীয়, পালনীয়। "ভর্ত্তব্যোঽয়ং ত্বয়া মহা ১ ৭৪ ১১৪। অধিবিন্না তু ভর্ত্তব্যা যাজ্ঞ ১.৭৪।

ভল্ সক [চু, ভর্ৎ—ভালযতে, সেট্] সর্থ 'ভল্ল' (ব কো)। [নি—নিভালন, দর্শন। "নিভালয়সে ছান্দোগ্য ৬.১২ ২, ১৩২।]

ভাই বি দ্র 'ভাই' (ব কো)। [°ঝি (বি)—ভ্রাতৃকন্যা। °ঝিজামাই (বি)—ভাইঝির স্বামী। °পো (বি)—ভ্রাতুষ্পুত্র। °বউ (বি) —ভ্রাতৃবধূ।]

ভাঁট বি ['ভাণ্ডীর' মূল (?), অথবা 'ঘণ্টাকর্ণ'—ঘাঁট > ভাঁট (?)] বন্য পুষ্পবিশেষ (ইহার ফুলে ঘণ্টাকর্ণ (ঘেঁটু)-পূজা হয়।]

ভাগ পুং দ্র 'ভাগ১' (ব কো)। [°ফল (বি)—ভাজক দ্বারা ভাজ্য ভাগ করিলে যে রাশি পাওয়া যায় (quotient) °বাঁটোয়ারা (বি) —ভাগাভাগি। °শেষ (বি)—ভাগ করার পরে ভাজ্যের যাহা বাকী থাকে।]

ভাগাভাগি বি [ভাগ১ -আ + ভাগ১ -ই] পরস্পরের মধ্যে ভাগ।

ভাগ্য ক্লী 'ভাগ্য' (ব কো)। [°গণনা (বি) -ভাগ্যের ফলাফলনির্ণয়। °দোষ (বি)—ভাগ্যবিপর্যয়। °ফল (বি)—ভাগ্যের শুভাশুভ পরিণাম। °বিধাতা (-তৃ) বি—ভাগ্যের ফলাফলবিধানকর্ত্তা। °লিপি (বি)—ভাগ্যফললিখন। °হীন (বি)—দুর্ভাগ্যবান্, হতভাগ্য। "চিরভাগ্যহীন আমি।—মে ২৫৬।]

ভাগ্যবান্ (-বৎ) বিণ [ভাগ্য + বৎ (বতুপ্)-১ব, স্ত্রী-বতী] প্রশস্তভাগ্যযুক্ত, সৌভাগ্যবান্। 'গো বা ৬ ২৬ ৩২।

ভাণ্ডড় বি° সর্থ 'ভাণ্ডড' (ব কো)। '°ড ভোলা।

ভাঙন বি সর্থ 'ভাঙ্গন' (ব কো)।

ভাজনাখোলা বি ভাজিবার পাত্র বা হাঁড়ী, ভ্রাষ্ট্র। "ভাজনাখোলায় ভাজছে।

ভাজি বি [ভাজা > ভাজি, দ্র 'ভাজী' (ব কো)] ভাজাতরকারি।

ভাটাল বি [ভাটা (ব কো) > °ল] সর্থ 'ভাটা'। উজানি ভাটালি —জোয়ারে ও ভাটায়। "ধর্ম্ম নৌকা বাহে উজানি ভাটালি শূ ৫৬।]

ভাটি বি দ্র 'গ্রামভাটি' (ব কো)।

ভান বি [দ্র 'ভান১ (ব কো) ভাণ, অসাধু] ব্যপদেশ, ছল। মন্দা যেন দেখে নাই এইরূপ ভান করিয়া অমলের পড়া শুনিতে লাগিল।—গল্পগুচ্ছ।

ভাবগতিক বি বিষয়-বিশেষের অবস্থা বা পূর্ব্বলক্ষণ।

ভাবগর্ভ বি° গভীরচিন্তাগর্ভ, অর্থাৎ যে পরবন্ধাদিতে গভীর চিন্তার বিষয় আছে।

ভাবসম্মিলন বি মন্ময়ত্ব হেতু নায়কের সহিত নায়িকার মানসিক সমাগম। দ্র 'নন্দের নন্দন চতুর কান। মিলিল আসিয়া হৃদয়ে জান॥ ইত্যাদি চ দা ১৪৩।

ভাবাত্মক বি° [বহুব্রী] ভাববিষয়ক প্রেমাত্মক।

ভাবালু বি° [তু 'দয়ালু'] ভাবপ্রবণ, ভাবগ্রহণশীল। —লুতা বি ভাবপ্রবণতা। "বিশেষ কালে বিশেষ ভাবালুতার সৃষ্টি (নবীন্দ)।

ভাবোন্মাদ বি ভাবাবেশজন্য ভক্তের চিত্তবিভ্রম-দশা।

ভাম বি [ধ্বন্যাত্মক ?] বেজির মত জন্তুবিশেষ, ভোঁদোড় (Palm-civet, Paradoxurus niger)।

ভারকেন্দ্র বি কোন বস্তুর ভারের মধ্যবিন্দু (centre of gravity)।

ভারসহ বি° যাহা ভার সহে; ভারধারণে সমর্থ।

ভারাক্রান্ত বি° ভারে অভিভূত। "সংসার°।

ভাষাতীত বিং ভাষায় অবর্ণনীয়, বচনাতীত, অনির্ব্বাচ্য।

ভাষান্তর বি অন্য ভাষায় অনুবাদ, তরজমা। —রিত বি° অনূদিত।

ভিঁড় বি সর্থ 'ভিড' (ব কো)।

ভিক্ষা স্ত্রী দ্র 'ভিক্ষা' (ব কো)। [°জীবী (-বিন্) বিণ—ভিক্ষা যাহার জীবিকা, ভিক্ষাবৃত্তি। °দ্রব্য (বি)—ভিক্ষালব্ধ তণ্ডুলাদি।]

ভিক্ষিত বিণ [ভিক্ষ্ + ত (ক্ত)-র্ম্ম] যাচিত, প্রার্থিত। "ভ ৪ ৯ ৩৫।

ভিটকিলিমি, -কুলিমি বি সর্থ 'ভিটকিলামি' (ব কো)।

ভিত্তিহীন বিং মূলরহিত, অমূলক, মিথ্যা (কথা, সংবাদ)।

ভিরমি বি [সং ভ্রম, বা ভ্রমি] রোগবিশেষ, মূর্চ্ছা।

ভীম বিণ দ্র 'ভীম' (ব কো)। [°নাদ (বি)—ভীষণধ্বনি, মহারাব। °বিক্রম (বিং)—ভীষণপরাক্রম, মহাশূর। °ভুজ (বিং)—মহাবাহু, মহাবল।]

ভুক্তাবশিষ্ট বি° ভুক্তদ্রব্যের অবশিষ্ট। উচ্ছিষ্ট, —বশেষ বি ভুক্তদ্রব্যের শেষাংশ (leavings)।

ভু (ভো)গা সর্ম্ম [ভু (ভো) গ (ব.কো) + আ৮] দুঃখাদি ভোগ করান, বিপদে ফেলা, ভোগান।

ভুবনমোহন বিং [ষ ত] জনগণের মনোরঞ্জন, জনমনোহর। "°ন রূপ ধর তুমি শশি।—প তৃ ৮২।

ভুবনেশ্বর বি [ষ ত] ১ ত্রিলোকনাথ, পরমেশ। ২ ভুবনেশ্বরতীর্থস্থ শিববিগ্রহ। ৩ ভুবনেশ্বরাধিষ্ঠিত তীর্থবিশেষ। দ্র চৈ ভা ৩৯২,-৫।

ভুলো বি° [ভুল১ (ব কো) + ও৮] যে প্রায় ভুলিয়া যায়।

ভুষ্টিনাশ বি [ভুজ্জি (ভোজ্য) নাশ > °শ] অকস্মাৎ অন্নধ্বংস।

ভূপতিত বি° [দ্বি ত] ভূমিতে পতিত, ভূতলগত।

ভূবিদ্যা বি ভূপৃষ্ঠ, ভূস্তর, স্তরসমূহের পরস্পরসম্বন্ধ পরিবর্ত্তন ইত্যাদির বিষয়ে বিজ্ঞানবিশেষ (geology)।

ভূমিসাৎ বি° ভূমিরূপে পরিণত, ধূলিসাৎ, সমভূমি ((razed to the ground)। [°ৎ করা—ধ্বংস করিয়া সমভূম করা (গৃহাদি)।]

ভূম্যধিকারী (-রিন্) বি ভূস্বামী, রাজা, জমিদার।

ভেটকি বি সর্থ 'ভেকুট' (ব কো)।

ভেতো বিং [ভাত১ + ও৮] ভাত-খেগো (নিন্দায়)। "ভেতো বাঙ্গালী।

ভেয়্যা বি [ভাইয়া > °য়্যা] ভাই। "প ক ১২১৬। [ভেয়ে— ভাইএ (কর্ত্তা), ভাই। "সাতলি ডাঙ্গিতে নাবে ভেয়ে যে কানাই।—ব ৫৩।]

ভৈরবী বি ভৈরবের উপাসিকা শৈবসন্ন্যাসিনী। [°চক্র (বি)—ভৈরবীর সহিত ভৈরবের তান্ত্রিকসাধনাপদ্ধতিবিশেষ।]

ভোঁসভোঁস বি [ধ্বন্যাত্মক] নিদ্রাকালে নাসিকার শব্দ। "ভোঁস-ভোঁস ক'রে ঘুমান।

ভোগা দ্র 'ভুগা'।

ভোগদখল বি ভূমির উপস্বত্ব-ভোগ ও অধিকার। [ভোগদখলী (বিং) ভোগ-দখলে স্থিত (জমি)।]

ভোগান্তি বি দুঃখভোগের চূড়ান্ত, কর্ম্মভোগের একশেষ।

ভোল বি [দ্র 'ভোল২ (ব কো)] লোকমোহনার্থ ছদ্মবেশ বা সাজসজ্জা।

ভ্যাংনিয়া বি [হি 'ভংগনা' (ছেদন)—মূল (?)] সুড়ঙ্গখনক। "একনা ভ্যাংনিয়া আনলো ডাক দিয়া। বড ঘরত মাজোত দিল ভুক্তিস্থবা খুড়িয়া গো চ ১৫৪।

ভ্যারো বি [(?)] কাদা। "টোরা গছি মাছ বএয়া ভ্যারোতে সোন্দাইল গো চ ৩৮।

ভ্রমি বি [সং ভ্রম] রোগবিশেষ, মূর্চ্ছা রোগ।

ভ্রূভঙ্গি বি রোষাদি হেতু ভ্রূর কৌটিল্য বা ভ্রূকুঞ্চন।

ম

মওয়া বি [সং √মথ্ > প্রা √মহ > √ম + ওয়া] মথন, মন্থন। "ঘোল মওয়া।

মকমক বি [ধ্বন্যাত্মক] ভেকরব। তু 'মকমকায়তে'।

মগজি বি [হি, ঠ মগজী] বস্ত্রাদির প্রান্ত বা কিনারা। [°দার (বিং) —সুশোভিতপ্রান্তবিশিষ্ট (বস্ত্রাদি)।]

মগ্ন বিং ১ জীর্ণ (বস্ত্র)। ২ উপশমপ্রাপ্ত (জ্বর)। [কাপড় মগ্ন হওয়া —বস্ত্র জীর্ণ হওয়া। জ্বর মগ্ন হওয়া—জ্বরের বেগ কমা।]

মঙ্গলঘট বি যাত্রাদিতে মঙ্গলসূচনার্থ সজল আম্রপল্লবাদিযুক্ত ঘট।

মজা অর্থ [মজ (ব.কো)] নষ্ট হওয়া ; বুঁজিয়া যাওয়া (নদী-প্রভৃতি)। [মজা—মরা (silted up)। "মজা গতি।]

মজ্জা দ্র 'মজ'।

মঞ্জনিকা বি [সং মন্থন—মন্থনক > °নিকা > °কা (?)] দুর্গের প্রাচীর বা দ্বারাদি ভঞ্জনার্থ ঢেঁকীকলের সদৃশ যন্ত্রবিশেষ (টীকা)। "এক দিকে, মঞ্জনিকে, মারে ঝিঁকে ধেয়ে।—রঙ্গ ১১১।

মণিকুট্টিম বি মণিরচিত তলদেশ, মণিময় ভূমি।

মতভেদ বি মতের পার্থক্য ; ভিন্ন মত।

মতাবলম্বী (-ম্বিন্) বি° মতগ্রাহক, মতবাদী।

মতামত বি অভিমত ও অনভিমত বিষয়, সম্মতি ও অসম্মতি।

মতি স্ত্রী, বহুব [এক দ্বন্দ্ব] স্মৃতি মতি বুদ্ধি (টীকা)। "রা ২ ৯ ৪৭।

মৎস্য পুং দ্র 'মৎস্য' (ব কো)। [°দেশ (পুং)—মৎস্যগণের রাষ্ট্র, বিরাটরাজ্য। "ম ৫৮। °নাশক, °নাশন (পুং)—'মৎস্যঘাতক', কুররপক্ষী (osprey)। °বন্ধ, °বন্ধী (-ন্ধিন) পুং 'মৎস্যবন্ধনকারক', কৈবর্ত্ত। °বন্ধনী (স্ত্রী)—মৎস্যধানী, খালুই। °রাজ (পুং)—১ 'মৎস্য-শ্রেষ্ঠ', রোহিত। ২ 'মৎস্যদেশপতি', বিরাট। 'মহা ২ ৩১ ২। °সংঘাত (পুং)—মৎস্যসমূহ।]

মৎস্যাজীব পুং [মৎস্য+আ- √জীব্+অ (অণ)-ক, উ ত] 'মৎস্য-জীবী' কৈবর্ত্ত, জালিক।

মধুপদ্ম স্ত্রী লবণদৈত্য-পুর। 'বিষ্ণু ১৫ ১৫।

মধুময় বিণ [মধু+ময (ময়ট্), স্ত্রী -য়ী] মধুপ্রচুর, মধুব্যাপ্ত। "ঘৃতমধুময়ত্বদ্বহুবচাবিবেণ (S W)।

মধুমালতী বি মালতীবিশেষ, চামেলী গাছ, চামেলী ফুল?

মধ্যরেখা স্ত্রী [কর্ম্মধা] যাম্যোত্তরবৃত্ত অর্থাৎ আকাশে কল্পিত মধ্যবর্ত্তী যাম্যোত্তর বৃত্তরেখা, যাহা নভোমণ্ডলকে পূর্ব্বে ও পশ্চিমে দুই সমভাগে বিভক্ত করে এবং হিন্দুমতে লঙ্কা উজ্জয়িনী ও কুরুক্ষেত্রের মধ্য দিয়া মেরুতে মিলিত হইয়াছে (the central or first meridian)।

মনঃ (-নস্) ক্লী দ্র 'মনঃ' (ব কো)। [পীড়া (বি)—মনোব্যথা। °প্রাণ (বি)—মন ও প্রাণ। "ভারতসন্তান। একতান মনঃপ্রাণ, গাও ভারতের যশোগান।—সত্যেন্দ্রনাথ ঠাকুর। °সংযোগ (বি)—মনোনিবেশ।]

মন (না)ক্কা বি [আ মুনক কা, তু সং মৃদ্বীকা] শুষ্ক আঙ্গুর।

মনঞি [মন১+ই৭ > মনই > °ঞি] মনে। "মেলি আট সখ, দিলেন জন্ম জন্ম, মনঞি চিত্তহ কুতুহলে শূ ১২৯।

মননীয় বিণ [√মন্+অনীয (অনীয়র্)-র্ম্ম] মনোজ্ঞ, মনোরম। "ঋগ্বেদ ৮ ৭৮ ২, সায়ণ।

মনশ্চক্ষু বি মনোরূপ চক্ষু, মানসদৃষ্টি।

মনস্কামনা বি মনোবাঞ্ছা, মনোরথ।

মনাক্কা দ্র 'মনক্কা'।

মনুই বি [মন১+ই৭] একাগ্রমনে ধর্ম্মের পূজা। "মনুই করিয়া, আনন্দিত হইআ, দক্ষিনেত আগুসার শূ ৬৩,-৪,-৬।

মনুজাত্মজাত্মজচাপ বি প্রসূতিকন্যা অদিতির পুত্র ইন্দ্রের চাপ বা ধনু। "বৈজয়ন্তী প্রসূ-বন, সতড়িত নবঘন, কি °প।—জ ১।

মনুষ্যত্ব বি মনুষ্যভাব, মানুষোচিতধর্ম্ম, মনুষ্যগুণ।

মনোনয়ন বি মনোনীত করা, নির্ব্বাচন, বাছা।

মনোনিবেশ বি মনঃসংযোগ, মনোযোগ।

মনোবেদনা বি মনোব্যথা, মনঃপীড়া, আধি।

মনোভাব বি মনোবৃত্তি, মানসিক অবস্থা।

মন্ত্রসিদ্ধ বিং বীজমন্ত্রে সিদ্ধিপ্রাপ্ত, মন্ত্রসাধনায় সিদ্ধ।

মন্ত্রিতা স্ত্রী, **-ত্রিত্ব** ক্লী [মন্ত্রিন্+তা (তল),+ত্ব] মন্ত্রিভাব, মন্ত্রিপদ, সচিবকার্য্য। "°তা ক সা ৪.১১৭, °ত্ব ৩৪ ১১৪।

মন্ত্রিত্ব দ্র 'মন্ত্রিতা'।

মমতাকৃষ্টচেতন বিণ [তৃ.ত, বহুব্রী] স্নেহাভিভূতচিত্ত।

মরুদেশ বি মরুভূমি। "মরীচিকা °শে, নাশে প্রাণ তৃষাক্লেশে, এ তিনের ছল সম ছল যে এ কু-আশার (মা)।

মর্য্যাদালঙ্ঘন বি সম্মানহানি, মানভঙ্গ।

মলভাণ্ড ক্লী [ষ ত] মলাধার, বৃহদন্ত্র।

মসলিন বি [Mosul (the city on the Tigris) > mousse-line > °ন (*Vedic India* note, P 306) Babylonian name for muslin 'sindhu' (exported from Sindh (P 306)] সূক্ষ্মবস্ত্রবিশেষ।

মসিজীবী (-বিন্) বি লেখনবৃত্তিজীবী, কেরানী।

মসিযুদ্ধ বি কোন বিষয়ে স্বমতস্থাপন পরমতখণ্ডনপূর্ব্বক প্রবন্ধলেখনের প্রতিদ্বন্দ্বিতা।

মহাতপাঃ (-পস্) বিণ [বহুব্রী, স্ত্রী -পাঃ] উগ্রতপঃসম্পন্ন। "হি ৪১৬/৫।

মহানুভব বি° [সং °ভাব] (বাঙলায়) সর্থ 'মহানুভাব'।

মহাপ্রয়াণ বি সর্থ 'মহাযাত্রা'।

মহালয়া পুং [বহুব্রী, বা কর্ম্মধা] ১ যাহাতে আত্যন্তিক লয়, মহান্ আলয়, পরমাত্মা। ২ [কর্ম্মধা] তীর্থস্থান। ৩ বিহার। ৪ সৌরাশ্বিনীয় কৃষ্ণপক্ষ। "°শ্রাদ্ধপদ্ধতি। ৫ মহান্ আলয়, বৃহদ্গৃহ। ৬ ব্রহ্মলোক। —যা বি [সং °য়] সৌরাশ্বিনের অমাবস্যা।

মহাশাল পুং [বহুব্রী] বহুধনদানশালিত্ব হেতু মহাগৃহস্থ। "শৌনকো হ বৈ মহাশালঃ।—মুণ্ডক ১ ১ ৩। ছান্দোগ্য ৫ ১১ ১।

মহুয়া বি [মহুআ > °য়া, দ্র 'মহুয়া' (ব কো)] মধুকবৃক্ষ, মধুকপুষ্প। [ইহার পুষ্পরস হইতে মদ প্রস্তুত হয়। বীজে তেল হয়।]

মাঝ বি দ্র 'মাজ১' (ব কো)। [মাঝে মাঝে—১ মধ্যে মধ্যে, অবকাশ-কালে। 'দ্র 'মাজ১ (১), ব কো। ২ অবকাশস্থান। ৩ সময়ে সময়ে, কোন কোন সময়ে ("মাঝে মাঝে তব দেখা পাই, চিরদিন কেন পাই না।—রবীন্দ্র।]

মাঞা বি [মায়া > মাআ > মাঞা, দ্র 'ঞ৩'] মায়া। মাঞা চক্রে বন্দি হইয়া সব পরি মরে ম পা ২।

মাড়াল বি গ্রাম্যপথ (শব্দার্থসূচী)। 'গো চ ২২৪।

মাত বি° [মত্ত > মাত] মুগ্ধ, মোহিত। 'গন্ধে গানে মাত করা। [মাতা—মুগ্ধ করা। দ্র 'মাতা৪' (ব কো)।]

মাতয়ালী বি [আ মুতয়ল্লী] মসজিদের অধ্যক্ষ বা ধনাধ্যক্ষ।

মাতা দ্র 'মাত'।

মাতুঃস্ব(ষ্ব)সা (-সৃ) স্ত্রী [অলুক, সমাসে বিকল্পে ষত্ব, পা ৮ ৩ ৮৫] মাতৃভগিনী, মাসী। [°সৃপতি (পুং)—মাতৃষ্বসার স্বামী।]

মাতৃদায় বি মাতার শ্রাদ্ধরূপ অবশ্যকর্ত্তব্য কর্ম্মের ভার।

মাদ্রাজ বি দাক্ষিণাত্যের প্রদেশবিশেষ, মাদ্রাজের রাজধানী। —জী বিং [°জ+ঈ৭] মাদ্রাজবাসী, মাদ্রাজে প্রস্তুত (বস্ত্রাদি)।

মাধ্যম বি যাহাকে মধ্যে বাহনরূপে রাখিয়া কোন কার্য্য সিদ্ধ হয়, কার্য্যসিদ্ধির বাহনরূপ উপায় (medium)।

মাধ্যাকর্ষণ বি পৃথিবীর কেন্দ্রাভিমুখে জড়দ্রব্যের আকর্ষণ, ভূকেন্দ্রা-ভিকর্ষণ (centre of gravity)।

মাননীয়েষু [°য়+সু (সপ্তমী-বহুবচন)] পূজনীয়েষু, পূজ্যজনসমীপে (পত্রাদির পাঠে)।

মানসপুত্র বি মনঃসঙ্কল্পমাত্রে বা ইচ্ছামাত্রে জাত পুত্র (যেমন, স্বয়ম্ভুর মানসপুত্র মরীচি অত্রি ইত্যাদি সপ্ত প্রজাপতি)।

মানসাঙ্ক বি যে অঙ্ক মনে কষিয়া উত্তর দিতে হয়।

মানিক, মানিকপীর; মানিকজোড় ; মানিকভাণ্ডার দ্র 'মাণিক , মাণিকজোড় , মাণিকভাণ্ডার' (ব কো)।

মানিতসাক্ষী বি [দ্র 'মানিত' (ব কো)] যাহাকে সাক্ষী মানা বা সাক্ষী বলিয়া স্বীকার করা হইয়াছে।

মায়াবল বি কুহকশক্তি, ঐন্দ্রজালিকপ্রভাব। "মে ১৯৬।

মালাবদল বি বিবাহে বরকন্যার পরস্পর মাল্যবিনিময়।

মালো বি জেলের বিভাগবিশেষ। দ্র 'রাজবংশী' (ব কো)।

মাসতুত বি° দ্র 'মাসতাত' (ব কো)। [°দেওর—স্বামীর ছোট মাসশাশুড়ীর ছেলে। °বোন—মাসীর মেয়ে। °ভাই—মাসীর ছেলে। °শালা—মাসশাশুড়ীর ছেলে। °শালী—মাসশাশুড়ীর মেয়ে।]

মাসশাশুড়ী বি স্বামীর বা স্ত্রীর মাসী। —শ্বশুর বি স্বামীর বা স্ত্রীর মেসো।

মাহাত্ম্য স্ত্রী [দ্র 'মাহাত্ম্য' (ব কো)] মহাকায়ত্ব। "দ্বারদেশাৎ সমুদ্ভূতো মাহাত্ম্যবলসূচকঃ (ভুজঙ্গনিস্বনঃ) মহা ১ ১৭৫ ২৭।

মিথ্যাচরণ, -চার বি মিথ্যানুষ্ঠান, মিথ্যাব্যবহার।

মিথ্যাচার দ্র 'মিথ্যাচরণ'।

মিয় অর্থ [সং √মিহ (সেচন)] **১** ঠাণ্ডা লাগিয়া নরম হওয়া, মিয়ে যাওয়া। "বর্ষায় খই মুড়ি মিয় যায়। **২** মন্দোৎসাহ হওয়া। [মিয়ন —**১** সর্থ 'মিয়'। **২** নরম (মুড়ি, খই)।]

মিল বি [E mill] কল কলে কাজ করার কারখানা। "মিলের কাপড়, ধুতি।

মিলনান্ত বি° যে নাটকের বা উপন্যাসের শেষে নায়কনায়িকার মিলন আছে। বিপ 'বিয়োগান্ত'।

মিসর বি [আ মিস্‌র , আরবীরেরা আবিসিনিয়ার (প্রাচীন ইথিওপিয়ার) অধিবাসীকে 'হাবসী' বলিত, হাবসী অর্থাৎ মিশ্র ; মিশ্র > মিসর (?)] 'বিশাল নগর , ইজিপ্ট (Egypt)। [মৈসরী—মিসরদেশীয়। "মৈসরী রাজ্ঞী ক্লিওপেট্রা ব প ৫৯৭।]

মুক্তিদাতা (-তৃ) বিং মোক্ষদাতা , মোচনকর্তা, ত্রাতা।

মুখপত্র বি গ্রন্থারম্ভে ভূমিকাপত্র , পূর্বাভাস পৃষ্ঠ।

মুখাপেক্ষা বি অন্যের সাহায্যার্থ প্রত্যাশা।

মুদলি বি [মুদ্‌রি (ব কো) > °লি] অঙ্গুরীয়। 'কেহ লেই মুরলী, কেহ লেই মুদলি।—গো ৭৮।

মুরি, -রী বি [মওরী° > মুরি, -রী] পয়োনালী, ড্রেন।

মুরী দ্র 'মুরি'।

মূত্রনালী বি মূত্রমার্গ, মূত্রদ্বার (urethra)।

মূলা স্ত্রী (জ্যোতিষ) মূলানক্ষত্র।

মূলীভূত বিং আদিভূত, মূলস্বরূপ।

মৃতাপত্যা বি° মৃতবৎসা, দ্র 'মঁদাছিয়া' (ব কো)।

মৃৎসা, -ৎস্না স্ত্রী [মৃদ্‌+স, স্ন+স্ত্রী আ (টাপ্)] প্রশস্তা মৃৎ বা মৃত্তিকা, উৎকৃষ্ট মৃত্তিকা। "পা ৫.৪ ৪০। মৃৎসাযুক্তাভিরদ্ভিঃ।—শ্রাদ্ধতত্ত্বধৃত বায়ুপুরাণ।

মৃৎস্না দ্র 'মৃৎসা'।

* **মেউর** বি ময়ূর। "মেউরের ফেঁণা গো.চ ৩১৯।

মেক(খ)লকন্যকা, মেখলশৈলপুত্রী স্ত্রী মেকলের (বিন্ধ্যশৈলের) পুত্রী , মেখল ঋষির কন্যা (অ.টী) , নর্মদা, রেবা।

মেকাবী-হান্টিং বি ঘড়ির বণিক্‌ (নির্মাতা) মেকাবের নির্মিত ওয়াচ। দ্র 'ঘুঘুঘড়ি' (ব.কো)। "ওয়াচ গার্ডে ঝোলান আঘুলির মত °টিংএর কাঁটা নটা পেরিয়েচে।—হু ৬০।

মেটে-জ্যোৎস্না বি মেঘে ঢাকা মৃদু জ্যোৎস্না।

মেটো বি ব্যঞ্জন বিশেষ। "দ্র 'ঝিনি।

মোকখম সর্থ 'মকখম' (ব.কো)।

মোরসুম বি সর্থ 'মরসুম' (ব কো)।

মৌলানা বি [আ মউলানা] মুসলমান পণ্ডিতের সম্মানসূচক উপাধি।

মৌসুম বি [E monsoon] ভারত মহাসাগরে দক্ষিণ-পশ্চিম কোণ হইতে প্রবাহিত বায়ুপ্রবাহবিশেষ (ইহাতে বর্ষারম্ভ হয়)।

ম্যাকম্যাক ; ম্যাজম্যাজ দ্র 'মেক , মেজমেজ' (ব.কো)।

ম্যাড়ম্যাড় বি [মাড়° মূল (?)] মর্দিতভাব, ম্লানভাব, উজ্জ্বলতার অভাব। "বড় °ড কচ্ছে। °ডে—ম্লান, অনুজ্জ্বল।

ম্রুচ্, ম্রুঞ্চ্, ম্লুচ্, ম্লুঞ্চ্ সক [ভ্বা, প—ম্রোচতি, ম্রোঞ্চতি, ম্লোচতি, ম্লোঞ্চতি , সেট্] গতি। [অভি-নি √ম্লুচ্, নি- √ম্লুচ্ —অস্তগমন। 'মনু ২ ২১৯ , ২২০। ভ ৩ ২৭ , নিম্লোচতি রবৌ ৩ ৪ ২।]

য

যজ্ঞডুমুর বি [স° যজ্ঞোড়ুম্বর] একজাতীয় ডুমুর গাছ ও তাহার ফল।

যত বিং দ্র 'যত২' (ব কো)। [যত নষ্টের গোড়া—সকল কুকর্মের মূল বা আদিকারণ।]

যতমান বিণ [√যত + মান (শানচ)-ক] চেষ্টমান। "(পাণ্ডবাঃ) যতমানা বনং…গহনং প্রতিপেদিরে মহা ১ ১৫০.২২।

যতি স্ত্রী 'যতি২' (ব কো)। [°চিহ্ন (বি)—**১** পাঠকালে বাক্যে পাঠবিরামচিহ্ন—পূর্ণচ্ছেদ (।), অর্দ্ধচ্ছেদ (,), পাদচ্ছেদ (,)। **২** (ছন্দঃশাস্ত্রে) পাঠবিরামচিহ্ন। °ভঙ্গ (বি)—ছন্দে যতিস্থানে বিরামের অভাব।]

যত্ন পুং দ্র 'যত্ন' (ব কো)। [°পূর্ব্বক (বিং)—চেষ্টাপূর্ব্বক। °শীল (বি°)—চেষ্টাকারী।]

যদৃচ্ছাচারিতা বি স্বেচ্ছাচারিভাব, স্বৈরচারিতা।

যদৃচ্ছালব্ধ বি° প্রযত্নব্যতিরেকে প্রাপ্ত , স্বচ্ছন্দলব্ধ। "°ফলমূল।

যন্ত্র ক্লী দ্র 'যন্ত্র' (ব কো)। [°ধারাগৃহ (ক্লী)—যন্ত্রসঞ্চারিতজলধারাগৃহ , জলের কৃত্রিম ফোয়ারার ঘর। "°গৃহস্থ পু মে ৬১। রঘু ১৬ ৪৯, মল্লিনাথ। °শালা (বি)—যন্ত্রগৃহ (power-house)। °শিল্পী (-ল্পিন্) বি—যন্ত্রসাধ্য কারুকার্য্যে নিপুণ (mechanic)।]

যম পুং দ্র 'যম' (ব কো)। [°দ্বার (বি)—যমপুরীর দ্বার। °পুরী (বি)—যমের পুর , সংযমনী। °যন্ত্রণা (বি)—যমকৃত যন্ত্রণা ; তৎসদৃশ নিদারুণ পীড়ন।]

যশঃ (-শস্) ক্লী দ্র 'যশঃ' (ব কো)। [°কীর্ত্তন (বি)—যশোগান। °স্তম্ভ (বি)—কীর্ত্তিসূচক স্তম্ভ। °গাথা, °গান '-শো-' বি কীর্ত্তিবিষয়ক গীতি। °ভাগ্য '-শো-' (বি)—যশোলাভের অদৃষ্ট , যশের কপাল। °মণ্ডিত '-শো-' (বিং) কীর্ত্তিভূষিত। °রাশি '-শো-' (পুং)—কীর্ত্তিপুঞ্জ। "রঘু ৪.৮০। °লিপ্সা '-শো-' (বি)—কীর্ত্তিলাভেচ্ছা। °হানি '-শো-' (বি)—কীর্ত্তিক্ষয়।]

যস্ অক [দি, প—যস্যতি, 'যসতি' (পা ৩.১.৭১) , সংযস্যতি, -সতি (পা ৩ ১ ৭২) , সেট্] প্রযত্ন, চেষ্টা। [আ—আয়াস, খেদ। "আয়স্যসি তপস্যন্তী ভট্টি ৬.৬৯। প্র—প্রয়াস। "প্রায়সচ্চৎপূতায় সঃ—নৈ ১. ১২৫।]

যাওয়া দ্র 'যা°' (ব.কো)।

যাগর বি সর্থ 'জাগর' (ব কো)। "নিশিতে করি শয়ন, পুন সেই চিন্তন, করে যেন গোধন যাগরে ভ.গ্র ১২৫।

যাথার্থিক বিং যাথার্থ্যের পক্ষপাতী; সত্যপ্রিয়। "ব.প ১৭৮৯। —কতা বি সত্যপ্রিয়তা। "ব.প ১৭৯০।

যান্ত্রিক বিং ১ যন্ত্রসম্বন্ধী, যন্ত্রবিষয়ক। ২ যন্ত্রকুশল। [যান্ত্রিক দোষ —শরীরের যন্ত্র প্লীহাদিসম্বন্ধী দোষ।]

যাম্যোত্তর বিণ [দ্বন্দ্ব] দক্ষিণোত্তরে উপচরিত। "°বা শশিগতিঃ। যাম্যোত্তরপ্রলম্বিতবৃত্ত, (Meridian line) যে বৃত্ত যাম্যা (দক্ষিণ) এবং উত্তর—এই উভয় মেরু ও দর্শকের শীর্ষদেশের উপর অবস্থিত বিন্দু ভেদ করিয়া অবস্থিত। —বৃহৎসংহিতা ৫ ১৫। [°বৃত্ত (ক্লী)]

য়িহুদী বি দ্র 'ইহুদি' (ব কো)।

যিহোবা বি [Hebrew—'yahavah, E Jehovah] য়িহুদীদিগের উপাস্য দেবতা। "কেহ বা যিহোবা, যোব, কেহ প্রভু কয়। —ঈশ্বরচন্দ্র গুপ্ত।

যুক্তি স্ত্রী দ্র 'যুক্তি' (ব কো)। [°দাতা (বি)—মন্ত্রণাদাতা। °বিরুদ্ধ (বিং)—ন্যায়বিরুদ্ধ, অন্যায্য। °সঙ্গত (বি°) ন্যায়সঙ্গত, ন্যায্য। °সিদ্ধ (বি°)—ন্যায়ানুগত, ন্যায্য।]

যুদ্ধ ক্লী দ্র 'যুদ্ধ' (ব কো)। [°বিগ্রহ (বি)—একার্থক শব্দদ্বয়। °ক্ষেত্র, °স্থল (বি)—রণস্থল। °যাত্রা (বি)—যুদ্ধার্থ গমন।]

যুধ্যমান বিণ [√যুধ + মান (শানচ)-ক] যে যুদ্ধ করিতেছে।

যুযুৎসা স্ত্রী [√যুধ্ + স (সন্)- √যুযুৎস + অ-ভা + স্ত্রী আ (টাপ)] যুদ্ধেচ্ছা। "মহা ১ ২ ১৪। —সু বিণ [+উ-ক] যুদ্ধেচ্ছু, রণাভিলাষী। "গো রা ১ ৭৭ ১৫। গী ১ ১। রঘু ১১ ৭০। —সু পুং ধৃতরাষ্ট্রের পুত্র। "মহা ১ ১১৭ ২।

যুযুধান পুং সাত্যকি। 'গী ১ ৪। ভ ১ ৭ ৫০।

যুথ্য বিণ [যূথ + য (যৎ), পা ৪ ৩ ৫৪, স্ত্রী -থ্যা] ১ 'যূথভব', যুথার্হ, যুথপতি (সায়ণ)। 'যূথ্যো বৃষা ঋগ্বেদ ৯ ১৫৪। ২ বগ্য, পশব্য। 'পা ৬ ২ ১৩১। যযুথ্যাঃ মহা (SW)।

যে সর্ব দ্র 'যে°' (ব কো)। [°কিছু—যাহা কিছু; যৎকিঞ্চিৎ। °কেহ —যে-কোন ব্যক্তি, কোন লোক। °কোন—১ যে কেহ (ব্যক্তি)। ২ কোনও, অনির্দিষ্ট (দেশ, স্থান, বস্তু)। °জন্য—যে-নিমিত্ত, যেহেতু। °প্রকার, রকম (বিং)—যাদৃশ, যেরূপ।]

যেথায় অব্য [যেথা (ব কো) + য°, 'যেথা' সাধু] সর্থ 'যেথা'।

যেমন ক্রি বিং [দ্র 'যেমন' (ব কো)] যখন, যে সময়ে। "যেমন পড়া, তেমনি মরা। —নই, —নি, যেমনি ক্রি বি° [°ন + ই°] যখনই, যে সময়েই, যেই। "যেমনি পড়া, অমনি মরা।

যোব বি [Old L. Jovis, Gr. Zeus, E Jove] প্রাচীন রোমবাসীর প্রধান দেবতাবিশেষ। "দ্র 'যিহোবা'।

র

রইরই বি সর্থ 'রৈ রৈ' (ব কো)।

রঙচঙ বি সর্থ 'রঙ্গচঙ্গ' (ব কো)। "°চঙ করা। [°ভা, -ভে (বিং) —দ্র 'রঙ' (ব.কো)।]

রক্তদোষ বি রক্তের বিকৃতি, রক্তদুষ্টি।

রঙ্গশালা, -স্থল বি অভিনয়গৃহ, রঙ্গালয়।

রঙ্গস্থল দ্র 'রঙ্গশালা'।

রচক বিং রচয়িতা, গ্রন্থনকারক; প্রবন্ধকার।

রণৎ বিণ [রণ্ + অৎ (শতৃ)] শব্দায়মান। তু 'রণৎকার'।

রণন ক্লী [√রণ্ + অন (ল্যুট্)-ভা] শব্দন, স্বনন°। "অমু"।

রতিবল্লভ বিং 'রতিবসতৎপর', শৃঙ্গাররসোদ্দীপক [°রাগিণীরমণ —কামরসোদ্দীপন রাগিণীসমূহের বল্লভ। "রতিবল্লভরাগিণীরমণ বসন্ত বিপ ৯৯।]

রত্ন ক্লী দ্র 'রত্ন' (ব কো)। [°বণিক্ (-জ্) বি—রত্নব্যবসায়ী, মণিকার। °প্রসূ, °প্রসবিত্রী, °প্রসবিনী (বিং)—উৎকৃষ্টদ্রব্যের জনয়িত্রী, পুত্ররত্নজনয়িত্রী (ভারতভূমি, বঙ্গভূমি)।]

রত্নাভরণ, -ত্নালঙ্কার বি রত্নখচিত ভূষণ।

রত্নালঙ্কার দ্র 'রত্নাভরণ'।

রথঘোষ ক্লী [ষ ত] রথচক্রপিণ্ডিকা (টী কা)। "রা ২ ৯ ৪৬।

রন্‌রন্ বি শো ৬া-সজ্ঞায় ভরপুরভাব। 'সহরের অনেক বড় মানুষ রকম রকম পোষাক পরে একত্র হলেন, নাচের মজলিস রন্‌রন্ কত্তে লাগলো। —হু ৬২।

রস পু দ্র 'রস' (ব কো)। [°বেত্তা (-ত্তৃ) বিং—রসজ্ঞ, রসিক। °বোধ (বি)—রসজ্ঞতা, রসোপলব্ধির শক্তি। °মাধুর্য্য (ক্লী)—রসের মধুরতা মধুরস্বাদ। 'রসবোধ না থাকিলে কে তারে রসিক কয় (গান)। °স্থ (বি°)—রসযুক্ত, আর্দ্রভাবযুক্ত। "শর্দিতে শরীর রসস্থ হয়।

রসালস বিং রসাবেশে মৃদু। "°সহাস বাশে ১৩৮।

রসালাপ বি সরস সম্ভাষা, সপ্রণয় কথোপকথন।

রসাস্বাদন বি রসোপলব্ধি, মাধুর্য্যোপভোগ।

রাক্ষসবিবাহ 'ব সর্থ 'রাক্ষস' (২), দ্র 'রাক্ষস' (ব কো)।

রাজ (-জন্) পু° দ্র 'রাজ' (ব কো)। [°কার্য্য (বি)—রাজার প্রজাপালনকার্য্য, রাজ্যসম্বন্ধী কার্য্য, সরকারী কাজ। "রাজকার্য্যপর্য্যালোচনা সী ১। °কুমারী (স্ত্রী)—রাজকন্যা। °চক্রবর্তী (-র্ত্তিন্) বি —'রাজমণ্ডলস্থ', সম্রাট। °ছত্র (বি)—রাজার মস্তকে ধৃত শ্বেতচ্ছত্র। °প্রসাদ (পু°)—রাজানুগ্রহ। "°প্রসাদপট্টক (MW)। °বিধি (বি) —রাজপ্রবর্ত্তিত নিয়ম আইন। °বিপ্লব (বি) -রাজত্ববিপর্য্যাস। °বেশ্যা (বি)—রাজপুরস্থ বেশ্যা। "ব প ৭৩। °শক্তি (স্ত্রী)—রাজার প্রভাবোৎসাহমন্ত্রজাত শক্তি, রাজকীয়বল। °শুক (পু°)—শুকবিশেষ, চন্দনা (?)।]

রাজড়া বি দ্র 'রাজারাজড়া' (ব কো)।

রাজনীতি স্ত্রী [ষ ত] যানাসনাদি ষড়্‌বিধ রাজসম্বন্ধী নীতিশাস্ত্র। '(সান্দীপনিঃ প্রোবাচ) রাজনীতিঞ্চ ষড়্‌বিধাম ভা ১০ ৪৫ ৩৪। °তেঃ সমুচ্চয়ঃ ক সা ৩৪ ১৮৯। —নীতিক বি° (বাঙলায়) রাজনীতিমান্, রাজনীতিজ্ঞ। [°জ্ঞ, °বিৎ (দ্) বিণ—রাজনীতিবেত্তা, রাজনীতিকুশল।]

রাজনৈতিক বি° রাজনীতিসম্বন্ধী রাজনীতিবিষয়ক।

রামপাখী বি 'মনোহর পক্ষী' (?), মোরগ, মুরগী।

রাহজান বি [ফা রাহ্‌জান] দস্যু, ডাকাত। "°নী।

রিনিক, রিনিঝিনি, রিনিঝিনি-ঝিনী বি [ধ্বন্যাত্মক] মঞ্জু মঞ্জীর-ধ্বনি। "কি °কি °ন মঞ্জু মঞ্জু মঞ্জীরে, °রীরে।—গান ২০৬।

রীতিমত বি° দ্র 'রীতি (ব কো)] ১ পদ্ধতিমত, নিয়মানুযায়ী। ২ ভালরকম, বেশ। "রীতিমত এক পশলা বৃষ্টি। [রীতিমত মা'র —ভালরকম, অর্থাৎ দুষ্কার্য্যের উপযোগী প্রহার।]

রুখ বি° দ্র 'রুখ°' (ব কো)। [রুখ মাহিনা—পোষাকী সহিত তলব, নগদা মাহিনা, শুধু বেতন।]

রুহিদাস বি ['রোহিদাস' মূল] ১ হরিশ্চন্দ্রের পুত্র। 'কৃ ৯। ২ [রুই-দাস > °স] চর্ম্মকার। দ্র 'রুইদাস' (ব কো)।

রেজিস্টার, রেজিস্ট্রার, রেজিস্ট্রি; রেজেস্টরি, রেজেস্টরী দ্র 'রেজিষ্টার, রেজেষ্টরী (ব কো)।

রেডিও বি [E radio] বৈদ্যুতিক তরঙ্গে দূরদেশে সংবাদবক্তৃতাসঙ্গীতাদি প্রেরণ, তৎপ্রেরণার্থ যন্ত্র।

রেস বি [E race] ঘোড়দৌড়ে বেগের প্রতিযোগিতা। [রেস খেলা —তাদৃশ প্রতিযোগিতামূলক জুয়াখেলাবিশেষ।]

ল

লগ্নি বি বন্ধক রাখিয়া সুদে টাকা লাগান বা খাটান, তেজারতী।

লঘু বিণ দ্র 'লঘু' (ব কো)। [°কর্ম্ম (-র্ম্মন) বি—অনায়াসসাধ্য কার্য্য, সামান্য কাজ। °কায় (বিণ)—যাহার দেহ হালকা। °গামী (-মিন্) (বিং)—শীঘ্রগামী। °পথ্য (বি)—সহজপাচ্য পথ্য। °ভাব (বি) অনায়াসে বহনীয় ভাব। সন্দেশ (বি°)—সংক্ষিপ্ত সন্দেষ্টব্যার্থ। "রঘু ৮.৭৭।]

লঙ্গর বি [ফা লন্গর্] ভিক্ষণ (alms)। [°খানা (বি)—ভিক্ষা দেওয়ার স্থান, ভিক্ষাদানার্থ গৃহ (alms house)।

লজেঞ্জস, লজেন্স্ বি [E lozenges] চিনির চাকতি গুলি ইত্যাদি।

লটখটি বি দ্র 'নটখটি'।

লড়বড়ে বি° যাহা দৃঢ় নয়, শিথিল। "আদু ৭০।

লড়ায়ে বিং [হি লড়াক] লড়াই-প্রিয়, যোদ্ধা।

লব্ধপ্রবেশ বিং প্রাপ্তপ্রবেশ, পবিষ্ট।

ললিতকলা বি রূপবিষয়িণী বিদ্যা—চিত্রবিদ্যা, ভাস্কর্য্য, স্থাপত্য, তৌর্য্যত্রিক, কাব্য (fine arts)।

লশ্‌কর বি সর্থ 'লস্কর' (ব.কো)।

লাইবেল বি [E libel] মিথ্যা ও মানহানিকর লিখিত বিষয়। [লাইবেল কেস্—মানহানির মোকদ্দমা।]

লিপিবদ্ধ বিং লেখনে প্রকাশিত, লিখিত।

লিপিপ্রমাদ বি লেখনে অনবধানতা, লেখায় বা নকলে ভুল।

লীলা স্ত্রী দ্র 'লীলা' (ব কো)। [°কমল (ক্লী)—ক্রীডার্থ হস্তে ধৃত কমল, ক্রীডানকপদ্ম। "কু স ৬ ৮৪। হস্তে °লম্ উমে ২। °কানন (বি)—ক্রীডোদ্যান, প্রমোদবন। °ভূমি (বি)—দেবতার লীলাচ্ছলে কর্ম্মানুষ্ঠান-স্থান। °মনুষ্য (পুং)—লীলার্থ মানুষমূর্ত্তি। 'ভ ১০ ৪৫ ৪৪। °মানুষবিগ্রহ (বিণ)—লীলার্থ মনুষ্যরূপধারী। "পঞ্চরাত্র ৪ ১ ১৭।]

লীলাময় বিণ [লীলা+ময় (ময়ট্) , স্ত্রী -যী] লীলাপ্রচুর। 'রাসকুঞ্জাদি-লীলাময়গীতানি (S W)।

লেংটা, লেংটী; লেংড়া, লেঙ্গড়া দ্র 'নেংটা, নেংড়া' (ব কো)।

লেপটা অপ্র ['লিপ্ত' মূল] লিপ্ত হওয়া, লেপিয়া যাওয়া, লাগিয়া থাকা। "লেপটান, লেপটালেপটি।

লেমোনেড বি [E lemonade] লেবুর রসমিশ্রিত অম্লমধুর পেয়-বিশেষ বা সোড়া-ওয়াটার।

লেরাংভেরাং বি আপদ্‌বিপদ্, দৈবদুর্বিপাক। এ বচ্ছর একটু লেবাং-ভেবাং আছে আদু ৭০।

লোক পুং দ্র 'লোক' (ব কো। [°চরিত্র (বি)—লোকের আচরণ বা ব্যবহার। °নিন্দা (বি)—জনাপবাদ। °মত (বি)—জনগণের অভিমতবিষয়। °লীলা (বি)—লোক শিক্ষার্থ নররূপে দেবলীলা। °শিক্ষা (বি)—লোকোপদেশ। °সংখ্যা (বি)—লোকগণনা। (বি)—জনগণ-সম্মেলন।]

লোকপাল পুং [লোক+ √পালি+অ (অণ্)-ক, উ ত] 'ভুবন-পালক', ইন্দ্রাদি দিক্‌পাল। 'ইন্দ্রো বহ্নিঃ পিতৃপতির্নৈঋতির্বরুণোঽনিলঃ। ধনদঃ শঙ্করশ্চৈব লোকপালাঃ পুরাতনাঃ॥—বহ্নিপুরাণ (শ.ক)। "রা ২.২৩.২১। ভ ১.১১ ২৭। রঘু ১৭ ৭৮। ২ (মতান্তরে) ইন্দ্র অগ্নি যম বরুণ বায়ু কুবের চন্দ্র সূর্য্য—এই আট। 'মনু ৫.৯৬। "রঘু ২.৭৫। ৩ রাজা। "উত্তমো লোকপালোঽয়ম্ (শ.ক)।

লোনা বি সর্থ 'নোনা' (ব কো)।

লোভ্য বিণ [√লুভ্+য (ণ্যৎ)-র্ম্ম] বিমোহনীয়; অভিলষণীয়।

ল্যাংবোট বি [E. long-boat] জাহাজের পিছনে বদ্ধ নৌকা; (উপহাসে) যে সর্ব্বদাই সঙ্গে সঙ্গে থাকে, যে কাছ ছাড়ে না।

শ

শক্তিমত্তা স্ত্রী [শক্তিমৎ (ব কো)+তা (তল্)] শক্তিমদ্‌ভাব, বলবত্তা, সামর্থ্য।

শখ বি দ্র 'শক' (ব কো)।

শততম পু বা [শত+তম (তমট্), স্ত্রী -মী] শতসংখ্যার পূরণ; শতের পরবর্ত্তী। "শততমোঽধ্যায়ঃ। [দ্বি° (পু বা)—দ্বিশতের পূরণ। "দ্বিশত-তমোঽধ্যায়ঃ। এইরূপ 'ত্রিশততম' ইত্যাদি।

শবাধার বি মৃতদেহবহনার্থ আধার (coffin)।

শবাসন বিং শবাসীন, শবোপবিষ্ট। —না বি 'শবাসীনা', শিবশবারূঢ়া কালী। "মনের বাসনা শ্যামা শবাসনা শোন মা বলি (শ্যামাসঙ্গীত)।

শবেবরাত্ বি [ফা শব্-ই-বরাত্] মুসলমানদিগের পর্ব্ববিশেষ (ইহা শাবন মাসের চতুর্দ্দশ দিবস)।

শম্পা স্ত্রী [শম্+ √পা+অ (ক)-ক, উ ত] বিদ্যুৎ (অ কো)।

শয্যাগত বিং শয্যাশয়িত, উত্থানশক্তিহীন (bed-ridden)।

শর; শরপূরীয়া দ্র 'সর, সরপূরীয়া (ব কো)।

শরীরপালন বি শরীররক্ষা, স্বাস্থ্যরক্ষা, স্বাস্থ্যরক্ষাবিষয়ক গ্রন্থ।

শল্যাপনয়নীয় বিণ [°য়ন+ঈয় (ছ)] শল্যাপনয়নসম্বন্ধী, শরীরস্থ পীড়াকরবিষয়মাত্রের নিঃসারণসম্বন্ধী। "সুশ্রুত ১.২৭ ১।

শাঁবল বি দ্র 'শাবল' (ব কো)।

শাকান্ন বি পত্রশাক ও অন্ন, সাধারণ-খাদ্য ভাত ও তরকারী, ডাল-ভাত।

শামা, -মি বি দ্র 'শাঁপি' (ferrule)—ব কো।

শামি দ্র 'শামা'।

শার্ট বি [E shirt] জামাবিশেষ, কামিজ।

শাসনতন্ত্র বি রাজাশাসনশাস্ত্র, রাজকার্য্যপ্রণালী।

শিক্ষা স্ত্রী দ্র 'শিক্ষা' (ব কো)। [°দান (বি)—উপদেশকরণ। °প্রাপ্ত (বিং)—উপদেশপ্রাপ্ত, উপদিষ্ট। °লাভ (বি)—উপদেশপ্রাপ্তি।]

শিক্ষার্থী (-র্থিন্) বিং উপদেশপ্রার্থী, শিক্ষালাভেচ্ছু।

শিবদাতা (-তৃ) বি° শুভদ, মঙ্গলকর। "°তা ধাতা প.তৃ ৭।

শিখরাগ্রদন্ত বিণ [ষ ত, বহুব্রী, স্ত্রী -ন্তা, -ন্তী] যাহার দন্ত শিখরাগ্র-তুল্য, সূক্ষ্মাগ্রদশন। "কুক প্রণামং শিখরাগ্রদন্তি।—হ ১৫৪.৩৮।

শিরদাঁড়া বি সর্থ 'শিরডাঁড়া' (দ্র 'শির২—ব কো)।

শিলাপট্ট বি পাথরের পাট বা তথ্‌তা, পট্টতুল্য শিলা, পাষাণফলক (stone-slab)।

শিলারস বি [ইহা সংস্কৃত শব্দ নহে, একার্থক সংস্কৃত শব্দ 'সিহ্ল' 'সিহ্লক' ও 'রস' শব্দ হইতে 'শিলারস' (সিহ্ল, সিহ্লক+রস) শব্দ উৎপন্ন হইয়াছে। বোধ হয়, এই হেতু M.W ও A. স্ব স্ব সংস্কৃত অভিধানে 'শিলারস' সংস্কৃত শব্দ বলিয়া ধরিয়াছেন, বস্তুতঃ ইহা বাঙলা শব্দ, 'শিলা' শব্দের সহিত ইহার কোন সম্বন্ধই নাই, উহা 'সিহ্ল' বা 'সিহ্লক' শব্দেরই অপভ্রংশ। "বঙ্গীয় শব্দকোষে"ও গতানুগতিকভাবে আমিও ভুল করিয়াছি।] বৃক্ষবিশেষের সুরভি নির্য্যাস (benzoin storax)।

শিলালিপি বি শিলাস্তম্ভে বা গিরিগাত্রে ক্ষোদিত লিপি।

শির্-বি সর্ব 'শির' (ব কো)।

শিশু পুং দ্র 'শিশু' (ব.কো)। [°কাল (বি)—শৈশব, বাল্যকাল। °পাঠ্য (বিং)—শিশুর পাঠের যোগ্য, অর্থাৎ সরল ভাষায় লিখিত (পুস্তকাদি)। °সাহিত্য (বি)—শিশুর বোধগম্য সরল ভাষায় লিখিত পুস্তকপ্রবন্ধাদি। °সুলভ (বিং)—শিশুর পক্ষে সহজ।]

শিষ্টতা স্ত্রী [শিষ্ট+তা (তল্)] শিষ্টভাব, শিষ্টাচার, ভদ্রতা।

শীতপ্রধান বিং যেখানে শীত প্রধান বা অধিককাল স্থায়ী।

শীতাতপ বি শৈত্য ও রৌদ্রতাপ বা উত্তাপ, ঠাণ্ডা-গরম।

শেনা বিং [সেয়ানা (ব কো) >শেনা] বুদ্ধিমান্, চতুর, চালাক। "শেনা তোমার ঠকচাচি—তেনাব সেফত কি করব?—আ দু ১৪১।

শেষাশেষি বি শেষভাগ। —শেষি ক্রি.বি° শেষভাগে। "অগ্রহায়ণের °ষি আমরা হাসিমপুরে গেলাম।—গল্পগুচ্ছ।

শ্যামলী বি শ্যামবর্ণা গাভী। তু 'ধবলী' (ব কো)।

শ্যামা বি [সং শ্যামাক] সর্থ 'শ্যোমাক' (ব কো)।

শ্রদ্ধধান বিণ [শ্রৎ+ √ধা+আন (শানচ)-ক, স্ত্রী -না] শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধান্বিত। "শ্রদ্দধানাঃ ভক্তাঃ গী ১২ ২০।

শ্রমনাশক, শ্রমনাশন, শ্রমহর, শ্রমহারক বি° ক্লান্তিনাশক, শ্রমঘ্ন।

শ্রমবারি বি শ্রমজন্য জল, স্বেদনীর, ঘর্ম্ম।

শ্রমিক বি° শ্রমী, শ্রমকারী, শ্রমজীবী।

শ্রান্তিহর বি° শ্রান্তিনাশক, ক্লেশহারক। দ্র 'শ্রান্তি' (ব কো)।

শ্রুতিমধুর বি° শ্রবণে মধুর, শ্রুতিসুখকব, কোমল।

শ্রুতিহারী (-রিন্) বিণ [শ্রুতি+হৃ+ইন্ (ণিনি)-ক-১ব, উত স্ত্রী -রিণী] শ্রবণহারক, শ্রুতিসুখকব। ঋতু ২ ১৪।

শ্রেণী বি [দ্র শ্রেণি' (ব কো)] বিদ্যালয়ে পাঠানুসারে ছাত্রগণের বিভাগ, বর্গ (class)। "প্রথমশ্রেণী।

শ্বঃ অব্য [দ্র 'শ্বঃ' (ব কো)] আগামী দিনে। 'পব°।

স

সংশোধক বি° সংশোধনকারী, শুদ্ধিকারক।

সংসার পুং দ্র 'ব কো'। [°লীলা (বি)—সংসারের খেলা, সংসার-যাত্রা। °সাগর (বি)—সংসারূপ সাগর, ভবার্ণব।]

সংস্থা বি [দ্র 'সংস্থা' (ব কো)] অর্থসঙ্গতি, ধনসঞ্চয়।

সকলীয়া বিং [সকল১+ঈয়া] সকলের সম্বন্ধী, অর্থাৎ যাহা ব্যক্তি-গত নহে, সাধারণ, সকলের। দ্র 'একলীয়া'।

সঙ্কলয়িতা (-তৃ) বিণ [সম্+ √কল্+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] সঙ্কলনকারক, সংগ্রাহক।

সঙ্গদোষ বি [দ্র 'সঙ্গ' (ব কো)] সঙ্গজন্য দোষ, অসৎসংসর্গজন্য দোষ।

সচন্দন বিণ [বহুব্রী] বিদ্যমানচন্দন, চন্দনযুক্ত, চন্দনপঙ্কলিপ্ত। 'সচন্দন তুলসীপত্র।

সজ্জা বি [দ্র 'সজ্জা' (ব কো)] সাজ, বেবভূষাদি। "বব°, বাসব°।

সজ্ঞান বিণ [বহুব্রী] জ্ঞানবান্, বুদ্ধিযুক্ত। [সজ্ঞানে—বুদ্ধিপূর্ব্বক।]

সঞ্চেয় বিণ [সম্+ √চি+য (যৎ)-র্ম্ম] সঞ্চয়ার্হ, সঞ্চয়নযোগ্য।

সতেজ বিং [সং সতেজাঃ (-জস্)] ১ তেজোযুক্ত, দীপ্তিমান্। ২ তেজস্বী, সদর্প। ৩ অম্লান, তেজাল (বৃক্ষাদি)।

সত্য স্ত্রী দ্র 'সত্য' (ব কো)। [°নিষ্ঠ (বিণ)—সত্যে নিষ্ঠাবান্ বা সংস্থিত, সত্যপ্রিয়। °নিষ্ঠা (স্ত্রী)—সত্যপ্রিয়তা। °ভঙ্গ (পুং) —প্রতিজ্ঞালঙ্ঘন।]

সত্যাসত্য বিং সত্য ও মিথ্যা, ঠিক ও অঠিক।

সৎশূদ্র বি নবশাযক এবং পঞ্চবণিক্—গন্ধবণিক্ শঙ্খবণিক্ কাংস্যবণিক তাম্বুলবণিক্ (তাম্বলি) সুবর্ণবণিক (আহ্নিককৃত্য)।

সদিচ্ছা বি [সৎ১+ইচ্ছা] সাধু অভিলাষ, মঙ্গলেচ্ছা।

সদুদ্দেশ্য বি [সৎ১+উদ্দেশ্য] সদভিপ্রায়।

সদুপায় বি [সৎ১+উপায়] ন্যায়সঙ্গত উপায়।

সদ্গোপ বি নবশায়ক (নবশাক)-বিশেষ। দ্র 'নবশায়ক (ব কো)।

সদ্ব্যবহার বি সাধু ব্যবহার, সদাচরণ, শিষ্টাচার।

সদ্ব্যয় বি সৎকর্ম্মে ব্যয়, ন্যায্য কার্য্যে ব্যয়।

সনাক্ত বি দ্র 'শেনাক্ত' (ব কো identification)।

সনির্ব্বন্ধ বি° নিব্বন্ধযুক্ত, অত্যাগ্রহবিশিষ্ট।

সন্ত্রাসক বি রাজনীতিবিষয় ভয়জনক রাজবিদ্রোহী (terrorist)। —সবাদ বি সন্ত্রাসকেব অভিমত বাদ বা অভীষ্ট বিষয় (terrorism)।

সন্ধ্যা স্ত্রী দ্র 'সন্ধ্যা' (ব কো)। [°তারা (বি)—সন্ধ্যায় উদিত তারা, সেঁজো তারা। °দীপ (বি)—সন্ধ্যায় আরতির জন্য দীপ, সেঁজো বাতি। °বেলা (বি)—সায়ংকাল।]

সন্নিকট বি° অতিনিকটস্থ, সন্নিহিত, নিকটবর্ত্তী।

সপসপ বি [ধ্বন্যাত্মক] ক্রমাগত বেত্রাঘাতজন্য শব্দ।

সপাৎসপাৎ বি [ধ্বন্যাত্মক] সর্থ 'সপাৎসপাৎ' (ব কো)।

সবিস্তার বি° [সং সবিস্তর] সবিশেষ, বাহুল্যযুক্ত।

সভা স্ত্রী দ্র 'সভা' (ব কো)। [°গত (বিণ)—সভাপ্রাপ্ত, সভাস্থ। পক্ষ ১১২৮। °ভঙ্গ (বি)—সভার কার্য্যশেষে সভাগণের সভাত্যাগ। °স্থল (বি)—সভাগৃহ।]

সভারম্ভ বি সভার কার্য্যারম্ভ।

সভাসীন বি সভায় উপবিষ্ট, সভাধিষ্ঠিত।

সভ্যজাতি বি যে জাতির আচার-ব্যবহার রীতি-নীতি শিষ্টজনোচিত বা শিষ্টানুমোদিত।

সভ্যতা স্ত্রী [সভ +তা (তল)] সভ্যভাব, শিষ্টাচার, ভদ্রতা। "প.তৃ ৫৬।

সমপৃষ্ঠ বি° যাহার তল সমান, সম তল, অবন্ধুব।

সমবেদনা বি তুল্যব্যথাবোধ সহানুভূতি (sympathy)।

সমভাব বি ১ সমতা তুল্যত্ব, সমানভাব। ২ একরূপতা, হ্রাসবৃদ্ধি-হীনতা। ৩ সমদর্শিতা।

সময় পুং ১ দ্র 'সময় (ব কো)। ২ (বাঙলায) অবসব, ফুরসৎ। 'সময় না থাকা। ৩ সুযোগ, যোগ্যকাল। [সময়মত—অবসবমত, সুযোগমত। সময় বুঝা—অবসর বা সুযোগ বুঝা। সময়ে সময়ে —কখনও কখনও।]

সমাচ্ছন্ন বিণ [সম+আচ্ছন্ন] সমাবৃত।

সমাজ পুং ১ দ্র 'সমাজ' (ব কো)। ২ (বাঙলায) সম্প্রদায়বিশেষের সমাগমগৃহ। "আর্য্য° ব্রাহ্ম°। ৩ বৈষ্ণবর সমাধিস্থান (যেখানে উৎসব হয়)। °বাড়ী (নবদ্বীপ)। °তন্ত্র (বি)—সামাজিক মতবিশেষ (socialism) যাহাতে সমাজের স্বার্থেরই প্রাধান্য, ব্যক্তিবিশেষের প্রাধান্যলোপ। °চ্যুত (বি°)—সমাজবিরোধী কর্ম্ম হেতু স্বজাতিসংঘ হইতে বহিষ্কৃত। °নীতি (বি)—সামাজিক আচার-ব্যবহার। °বদ্ধ (বি°)—সমাজরূপে সম্মিলিত। °সংস্কার (বি)—সমাজনীতির সংশোধন। °সংস্কারক (বি°)—সমাজনীতির সংশোধক।

সমাধিমন্দির বি সমাধিক্ষেত্রে রচিত উপাসনাগৃহ।

সমানুপাত বি সমান অনুপাত, অর্থাৎ কোন রাশিদ্বয়ের অনুপাতের সহিত অন্য রাশিদ্বয়ের অনুপাতের সাম্য।

সমালোচক বিণ গুণাগুণ বিচারক (critic)। —লোচনা বি কোন বিষয়ের দোষগুণের সবিশেষ আলোচনা বা পর্য্যবেক্ষণ, গুণাগুণবিচার (criticism)। —লোচিত বিং কৃতসমালোচন, বিচারিতগুণাগুণ (বিষয়)। —লোচ্য বি° সমালোচনার বিষয়ীকৃত।

সমুন্নয় পুং, **সমুন্নয়ন** ক্লী [সম্+উদ্+নী+অ (অচ্),+অন (ল্যুট্), -তা] ১ সম্যক উন্নতীকরণ বা উর্দ্ধনয়ন। ২ সম্যকপ্রাপ্তি, প্রাপ্তি (A)।

সম্পোষ্য বিং যাহাতে পোষায় বা অভাব পূর্ণ হয় অভাবপূরণের যোগ্য।

সম্বরা বি সর্থ 'সম্ভার' (ব কো)। [সম্বরা দেওয়া—দ্র 'সম্বর৪ (ব কো)।]

সর্পাঘাত বি সর্পকর্ত্তৃক আঘাত, সর্পদংশন, কাটা-ঘা।

সর্পিল বি° [সর্প—°ল, তু ফেনিল] চলন্ত সাপের মত আঁকাবাঁকা।

সর্ব্বগ বিণ [সর্ব্ব+ √গম্+অ (ড)-ক, উ ত] সর্ব্বগামী। —গ পুং ১ শিব। ২ পরমপুরুষ, ঈশ্বর। ৩ ব্রহ্মা। ৪ আত্মা। —গ বী জল। —গা স্ত্রী প্রিয়ঙ্গুলতা।

সর্ব্বগা দ্র 'সর্ব্বগ'।

সর্ব্বরী সর্থ 'শর্ব্বরী'।

সর্ব্বসম্মত বিং সকলের অভিমত, সর্ব্বানুমত। —সম্মতি বি সকলের ঐক্যমত। [°তিক্রমে—সকলের সম্মতি অনুসারে (unanimously)।]

সর্ব্বোত্তম বিং সকলের মধ্যে উত্তম বা শ্রেষ্ঠ।

সর্ব্বোপরি অব্য সকলের উপরি বা উর্দ্ধ দেশে।

সশস্ত্র বিণ [বহুব্রী] অস্ত্রসহিত, ধৃতাস্ত্র সসজ্জ।

সসৈন্য বিণ [বহুব্রী] সৈন্যসহিত, সবল।

সস্মিত বিণ [বহুব্রী] স্মিতসহিত, মৃদুহাস্যযুক্ত (smiling)।

সহকর্ম্মী (-র্ম্মিন্) বি° সহিতভাবে কর্ম্মী সহকারী।

সহজজ্ঞান বি সহজাত বা স্বভাবজ বোধ (instinct)।

সহধর্ম্মী(-র্ম্মিন্) বিণ [°র্ম্ম+ইন্ (ইনি)-১ব স্ত্রী -র্ম্মিণী] সমানধর্ম্মবিশিষ্ট, একধর্ম্মা।

সহবৎ বি [আ সুহ বত] ১ সংসর্গ। ২ সমাজ, সমিতি।

সহযাত্রী বি° একসঙ্গে যাত্রাকারী, সমগামী।

সহাস্য বিণ [বহুব্রী] হাস্যযুক্ত, সহাস (মুখ)। [সহাস্য অভিমান —হাস্যে চাপা অন্তর্গূঢ় অভিমান। 'চাক সহাস্য অভিমানদ্বারা মাজিয়া সেই কথাগুলিকে শাণিত করিয়া তুলিয়াছিল।—গল্পগুচ্ছ।]

সহি, সহী বিং দ্র 'সহ৩' (ব কো)।

সাইকেল বি দ্র 'বাই-সিকেল' (ব কো)।

সাংবাদিক বি [দ্র 'সাংবাদিক (ব কো] সংবাদসম্বন্ধী, সংবাদপত্রের পরিচালক বা সম্পাদক (journalist)।

সাঁজা বি সর্থ 'সাজা১ (২)—ব কো।

সাধাসাধি বি [সাধ২-আ+সাধ৩-ই] অতিশয় সাধা, অত্যন্ত অনুনয়-বিনয়। "°ধি-করা।

সান্তারা বি [I cintra] কমলালেবুবিশেষ। "নাগপুরী °রা।

সাম্পান বি [চীনাশব্দ] ক্ষুদ্রনৌকাবিশেষ।

সারগর্ভ বিং যাহার গর্ভে সারবস্তু আছে, অন্তঃসারবান্। "সারগর্ভ উপদেশ, প্রবন্ধ, বক্তৃতা।

সারিগামা বি সর্থ 'সারগম'।

সিটকা, সিটকান, সিটি, সিড়সিড় দ্র 'শীটকা, শিটি', শিড়শিড় (ব কো)।

সিদ্ধ বিণ দ্র 'সিদ্ধ' (ব কো)। [°কবচ (বি)—সিদ্ধার্থমন্ত্রযুক্ত কবচ। °পুরুষ (বি°)—মন্ত্রসাধনায় সিদ্ধিপ্রাপ্ত পুরুষ। °মনোরথ (বি)—সিদ্ধকাম, চরিতার্থ।]

সিনেমা বি [E. cinema] চলচ্চিত্র, বায়স্কোপ।

সিপ্রা স্ত্রী ১ দ্র 'শিপ্রা' (ব কো)। ২ মেখলা, কাঞ্চি। ৩ মহিষ-স্ত্রীজাতি।

সিড়সিড়, সিস্‌সিড় দ্র 'শিড়শিড়' (ব কো)।

সিমুই দ্র 'সেমুই'।

সি(সী)ল, -ল-আংটি, -লমোহর দ্র শিল৩ (ব কো)।

সীস বি পেন্‌সিলের মধ্যস্থিত মিশ্রসীসের (black lead) শলাকা।

সুকৌশল বি অতিকুশলতা, অতিশয় নৈপুণ্য।

সুখ ক্লী দ্র 'সুখ২' (ব কো)। [°লেশ (পুং)—সুখকণা, অল্পসুখ। °শয্যা (বি)—সুখকর শয্যা, সুখশয়ন। °সুপ্ত (বিণ)—সুখে নিদ্রিত; সুখশয়িত। °স্বপ্ন (পুং)—সুখকর নিদ্রা, সুখশয়ন।

সুখবর বি সুসংবাদ, সুসমাচার।

সুখাদ্য বি সুখকর বা তৃপ্তিজনক খাদ্য, সুভক্ষ্য। "মে ২৬৭।

সুড়ুক, সুড়ুৎ বি [সড়াক,-ডাং (ব কো) > °ক,-ৎ] (অল্পার্থে) দ্রুত বা সবেগ ভাব। "সুড়ুক বা সুড়ুৎ করে যাওয়া।

সুডো(ডৌ)ল বি সুগঠন, সুঠব, সুঢঙ।

সুনিপুণ বি° অতিপটু, সুদক্ষ।

সুনির্দ্দিষ্ট বি° সবিশেষ কৃতনির্দ্দেশ, সুনির্দ্ধারিত।

সুপচ বি° [সু + √পচ +অ (খল)-র্ম্ম] যাহা সুখে বা সহজে পরিপাকপ্রাপ্ত হয় লঘুপাক (খাদ্য)। বিপ 'দুষ্পচ'।

সুবর্ণসুযোগ বি [golden opportunity'র সাধু বাঙলা] উৎকৃষ্ট সুযোগ, অতি সুসময়।

সুবিচার বি পক্ষপাতশূন্য বা ন্যায্য বিচার।

সুবিস্তীর্ণ বিণ [সুপসুপা] ১ অতিবিস্তীর্ণ, সুবিশাল, সুপসর।

সুবিস্তৃত বিণ [সুপ সুপা] অতিবিস্তৃত, অতিপ্রসৃত, সুদূরব্যাপ্ত।

সুমন্দ বিণ [সুপ সুপা] ১ অতিমন্দ, সুমৃদু। ২ অতিমূঢ়। °°বুদ্ধি (ব কো)।

সুযোগ্য বিণ [সুপ সুপা] অতিযোগ্য, অতিশয় উপযুক্ত।

সুর্ম্মা বি [ফ সুরমা] চূর্ণ অঞ্জনবিশেষ রসাঞ্জনের গুঁড়া (Antimony ground to powder)। [°মী—কাষ্ঠের বা ধাতুর সুর্ম্মা রাখার শিশির মত পাত্রবিশেষ।]

সুশিক্ষা বি উৎকৃষ্ট শিক্ষা বা বিদ্যাগ্রহণ।

সুশৃঙ্খল বি° উত্তমশৃঙ্খলাযুক্ত, সুব্যবস্থিত, সুনিয়মিত। —ল, —লা বি সুব্যবস্থা, সুনিয়ম। বিপ 'বিশৃঙ্খল,-লা'।

সুসংবাদ বি সুখকর সংবাদ, সুসমাচার, ভাল খবর।

সুসভ্য বি অতিশয় সভ্য, সুশিষ্ট।

সুসময় পুং [পা স] শোভন সময় সমৃদ্ধিকাল, সৌভাগ্যোদয়। বিপ 'দুঃসময়, অসময়'। 'সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়। অসময়ে হায় হায়। কেহ কিছু নয়॥—স শ ১৬ (পরিবর্ত্তিত)।

সুস্পষ্ট বিণ [সুপ সুপা] অতিশয় স্পষ্ট, সুপ্রকট, সুবিশদ।

সূক্ষ্ম বিণ দ্র 'ব কো'। [°কোণ (বি)—(জ্যামিতি) সমকোণ অপেক্ষা সঙ্কীর্ণ কোণ (acute angle)। °বস্ত্র (বি)—পাতলা কাপড়। °বুদ্ধি (বি)—তীক্ষ্ণ বোধশক্তি, কুশাগ্রীয়বুদ্ধি।]

সূত্র ক্লী দ্র 'ব কো'। [°ধর (পুং)—সূত্রের ধারক, সর্থ 'সূত্রধর (১, ২) — ধার (পুং)—১ সূত্রের ধারক বা ধারয়িতা, 'নাটকীয় কথার আরম্ভক পর্য্যাবের ধারক, নান্দ্যন্তরসকারী পাত্র (মেদিনী), নাটকীয়কথাসূত্রসূচক পাত্রবিশেষ প্রধান নট। "(নান্দ্যন্তে) সূত্রধারঃ শ ১২। ২ শিল্পিবিশেষ ছুতার (মেদিনী)। [শূদ্রাগর্ভে বিশ্বকর্ম্মার ঔরসজাত সন্তান।—ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, ব্রহ্মখণ্ড, ১০ম অধ্যায়।] ৩ ইন্দ্র (মেদিনী)। ৪ গ্রন্থসূত্রকর্ত্তা (A.)।

সেউতী বি [সং সেবতী] সর্থ 'সেবতী' (ব.কো)।

সেওরায় দ্র 'সওয়ায়' (ব কো)।

সেজাত, সেজাতি দ্র 'শাজাত' (ব.কো)।

সেপ্টেম্বর বি [E. September] ইংরাজী বৎসরের নবম মাস।

সেবায়ৎ দ্র 'সেবাইতি' (ব.কো)।

সেমই, সিমুই বি [সং 'সেবিকা' মূল (?), হি সিরাঈ (দেশী) মিষ্টিদ্রব্যবিশেষ] ময়দার পিণ্ড হইতে প্রস্তুত সূতার মত দ্রব্যবিশেষ (vermicelli)।

সেয়াহি বি [ফা সিযাহি] মসী, কালি।

সেরূপ বিং তাদৃশ, সেপ্রকার। —প বি সেই মূর্ত্তি।

সেলেখানা দ্র 'সিলেখানা' (ব কো)।

সোনামুখী বি [E. senna] ঔষধরূপে ব্যবহার্য রেচক পত্রবিশেষ।

সোয়াদ বি [স° স্বাদ (সু-আদ > °দ)] সর্থ 'স্বাদ' (ব কো)।

সোরগোল ; সোলা দ্র 'শোর , শোলা' (ব কো)।

স্কুল ; স্টীমার ; স্টীল ; স্টেশন ; স্ট্যাম্প, ; স্ট্রীট্ দ্র 'ইস্কুল , ইষ্টিমার , ইষ্টিল , ইষ্টেশন , ইষ্ট্যাম্প , ইষ্টীট্'।

স্তবস্তুতি, স্তবস্তোত্র বি [একার্থক] স্তব, প্রশংসাবাদ।

স্ত্রীধর্ম্ম বি রজস্বলা অবস্থা।

স্ত্রীসুলভ বি° স্ত্রীলোকের সহজসিদ্ধ , নারীস্বভাবজাত, মেয়েলী।

স্থলাভিষিক্ত বিণ পদে নিয়োজিত , প্রতিনিধিভূত। তৎ°।

স্থাণ্বীশ্বর পুং [স্থাণু+ঈশ্বর কর্ম্মধা] স্থাণুদেব, শিবলিঙ্গবিশেষ (বামন পুরাণ— S.W)।

স্থানান্তরিত বি° স্থানান্তরে বা অন্যস্থানে নীত অন্যত্র নীত।

স্থানেশ্বর পু [স্থাণ্বীশ্বর > °ব (?)] দেশবিদেশ ও নগরবিশেষ (M W), কুরুক্ষেত্র (?)।

স্থিতিশীল বিণ অবস্থানপ্রকৃতিক স্থাবর, স্থির।

স্থূলকোণ বি (জ্যামিতিতে) সমকোণ অপেক্ষা বৃহৎ কোণ (obtuse angle)।

স্নানযাত্রা স্ত্রী [ষ ত] জ্যৈষ্ঠপূর্ণিমায় জগন্নাথদেবের স্নানোৎসব।

স্পর্শক বিং স্পর্শকারক, স্পর্শী।

স্প্রিং, স্প্রিঙ সর্থ 'ইস্প্রিঙ্' (ব কো)।

স্ফুটনোন্মুখ বিং বিকাসোন্মুখ, ঈষৎস্ফুটিত।

স্লেট্ ; স্বখাত দ্র 'সেলেট্ স্বখাদ' (ব কো)।

স্বপ্নোত্থিত বি [ভু 'সুপ্তোত্থিত'] নিদ্রা হইতে উত্থিত বা জাগরিত।

স্বভাবকুলীন বি° স্বভাবস্থিত বা নির্দ্দোষ কুলীন , নিকষকুলীন।

স্বভাববশতঃ ক্রি বিং প্রকৃতির বশে , স্বভাবহেতুক।

স্বাবলম্বন বি নিজশক্তিকে আশ্রয় করা। —লম্বী (-ম্বিন্) বিং—স্বকীয় ক্ষমতায় যে আশ্রয় করে।

স্বৈরপেশী বি যে পেশীর আকুঞ্চন প্রসারণ ইচ্ছানুসারে করা যায় (Voluntary muscle)। অস্বৈরপেশী (Involuntary muscle)

হ

হওয়া বি বর্ত্তমান থাকা। [হওয়া—উৎপন্ন করান, হওয়ান, জন্মান]।

হতাদর বি° আদরবিহীন।

হন্তেল বি সর্থ 'হরিতাল'। [দ্র—ব কো]।

হন্তদন্ত বি° (হস্তমুখতঃ ?) ব্যস্তসমস্ত অতিব্যস্ত। "হন্তদন্ত হয়ে আসা।

হলন্ত বিণ [হল+অন্ত , বহুব্রী] হল্ অর্থাৎ স্বরহীন ব্যঞ্জনবর্ণ যে শব্দের অন্তে আছে , ব্যঞ্জনান্ত (শব্দ) যেমন ত্বচ বাচ্ ইত্যাদি।

হসন্ত বিণ [হস্+ অন্ত , বহুব্রী] সর্থ 'হলন্ত'।

হাজত [আ হাজত] বিচারাধীন আসামীর বন্দীগৃহ।

হুইল বি মৎস্যধরার চক্রযুক্ত ছিপবিশেষ।

পরিশিষ্ট ও সংশোধন

পত্রসংখ্যা	স্তম্ভ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২	১	১২	আহঁ	অহিঁ
৯	২	১৯	অক্কুর	অক্রূর
৯	২	২৪	দুর্ম্মূল্য	দুর্ম্মূল্য
১৩	১	৩০	•নক্ষত্রের	"নক্ষত্রের
১৭	২	১৪	বহুব √	[বহুব]
১৮	২	৬	ক্লী	ক্লী
১৮	২	৩০	•"	"
২২	২	৫০	আঘেরী	অঘোরী
২৪	২	৩১	অঙ্গ	অঙ্গ[১]
২৪	২	৩২	পা ২৩.২০	পা ২.৩ ২০
২৪	২	৪৫	পা ৭.৩২০	পা ৭ ৩ ২০
২৪	২	৪৫	মনু ৪৮৩	মনু ৪ ৮৩
৪৬	২	১৮	প্রত্যারায়	প্রত্যবায়
৫২	১	৩৮	জন্মান্তরীণ	জন্মান্তরীণ
৬৭	১	১৬	ষষ্টিবর্ষান্তর্গত	ষষ্টিবর্ষান্তর্গত
৭০	১	৩৫	-স্ব পুং	-স্ব পুং
৮৮	২	২৭	কসে	বসে
৮৯	২	৩৯	পরন্ত	পড়ন্ত
৯৭	২	১৬	অন্ধগোলাঙ্গলন্যায়	অন্ধগোলাঙ্গূলন্যায়
৯৮	১	১০	আদিসাদি	আঁদিসাদি
১০৬	২	২৮	যাজ্ঞবল্ক্যশিক্ষ	যাজ্ঞবল্ক্যশিক্ষা
১১২	২	৫০	ন	না
১২১	১	৫	সোঢ়ব্যা	সোঢ়ব্যা
১২২	২	১৪	-গাহ	-গাহ[২]
১৩৩	১	১	√শৃ	√শৄ
১৩৬	২	৪০	অবাক্ (-চ্)	অবাক্[১] (-চ্)
১৫৫	২	১২	-মশন	-মর্শন
১৬০	১	৪৯	-ংমিশ্রণ	সংমিশ্রণ
১৬২	১	৩	"ভর্ত্রাভ্যনুজ্ঞাতা	ভর্ত্রাভ্যনুজ্ঞাতা
১৬৩	২	৪	+-র্ম্ম	-র্ম্ম
১৬৮	১	৪৯	"•ধাহা	"ধাহা
১৭৩	১	২৮	+-ইন্	+ইন্
১৭৩	২	৩৭	(অচ)	(অচ্)
১৭৬	২	৪৫	অযোগরা	অযোগরা

পত্রসংখ্যা	স্তম্ভ	পঙ্ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৮০	১	৪৮	*নেমেন্থহিতা	*নেমেন্থ্‌হিতা
২২৬	২	২৯	আঁচড়[২], -ড়া	আঁচড়[২], -ড়া[২]
২৩৬	২	১৩	[√ত(স্ত)-ক]	[+ত (স্ত)-ক]
২৮০	১	৪৮	আনা[৪], -য়ানা	আনা[৪], য়ানা
৩০৮	১	১৮	-আরতভঞ্জন	আরতভঞ্জন
৩১৪	১	১১	পড়ে	পড়ে
৩৪৪	১	৩৫	-ইতিকৃত্য	ইতিকৃত্য
৩৬৩	২	৪৫	ণড়	এড্‌
৩৬৪	২	১২	ড	উঁ
৩৬৪	২	২০	ঝাক	ঝাঁক
৩৮০	১	২০	(শ্বেত মাছ)	(শ্বেত মাছি)
৩৮৪	২	৮	প্রভৃত	প্রভৃতি
৩৯৫	২	৪৮	প্রবদাম	প্রবদামি
৪৩৯	১	১১	১৩ ৫৭ ৩৭	১৩ ৫৭ ৩৫
৫৮৭	২	৪২	-কাঙ্গলি	কাঙ্গলি
৫৮৯	২	৪১	কাট[৪]	কাট[৪]
৬০৬	২	৮	-কামিলা	কামিলা
৯৭১	২	হেডিং	ঝলি	ঝুলি
৯৭২	১	,	ঝ	ঝৃ
৯৭৭	১		টাকশাল	টাঁকশাল
১০০৭	২	৪৯	ঢলি	ঢুলি
১১৩৫	২	৭	দোছটি, ছুটি	দোছটি, -ছুটি
১৩১৪	১	৪৯	পাস্ত -স্তা	পাস্ত, -স্তা
১৪৫১	১	৪৪	না[১]	বনা[১]
১৪৮৩	১	হেডি	বাঁঃ	বাঃ
১৫৮৬	২	২১	বিসংসপা (-পিন্)	বিসংসর্পী (-র্পিন)
১৬০২	১	৩৯	বদ্ধিত	বর্দ্ধিত
১৬০২	১	০৯	বৃদ্ধ-	বৃদ্ধি-
১৬০২	১	৪১	মৃহাদ্বিপবৃংহিত	মহাদ্বিপবৃংহিত
১৬০৩	১	১৫	অনন্তবৃজনী	অনন্তবৃজিনী
১৬০৩	১	৩৬	মৃ ৫ ৪	মৃ ৫ ১৪
১৬০৭	২	২৩	বৃষ্যা	বৃষ্যা
১৬১৩	১	৪৬	আ হৃ ৬	আ হৃ ৬৩
১৬১৪	২	১	বে ।।	বেথা
১৬৬৪	১	৩২	দোষ ব প	দোষ ভাগে ব প
১৭১৩	১	হেডিং	ণিয়া	মণিয়া
১৭৫৯	১	২৭	মাগগি	মাগ্‌গি
১৭৯৩	২	হেডিং	মুদ	মুঁদ
১৭৯৮	১	হেডিং	মুগবুক	মুখ-করা

পত্রসংখ্যা	স্তম্ভ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৭৯৯	১	হেডিং	মুখবুক	মুখমধু
১৮০৪	২	হেডিং	মুণ্ড	মুণ্ডু
১৮১৩	১	হেডিং	মূর্চ্ছ	মূর্চ্ছ্
১৮৩৬	১	হেডিং	মোহিনী	মোহনী
১৮৪০	১	৪১	য১	য়১
১৮৪১	১	৩	য৩	য়৩
১৮৪১	১	৮	য৪	য়৪
১৮৪১	১	১৩	যই	য়ই
১৮৪৪	২	৩৮	পঞ্চবাত্র	পঞ্চরাত্র
১৮৫২	২	হেডিং	যম	যম
১৮৬৭	২	৩৩	যথী	যূথী
১৮৭৬	১	হেডিং	যানিমুদ্রা	যোনিমুদ্রা
১৯০৫	২	হেডিং	রাগাত্ম	রাগাত্মক
২০৬৪	১	হেডিং	শ্রেতসূত্র	শ্রৌতসূত্র
২০৬৮	১	৯	দশনযোগ্যা	দর্শনযোগ্যা
২০৮৩	১	হেডিং	সংযুযু	সংযুযু
২১১১	১	২৮	সঙ্গতি	-সঙ্গতি
২১৩০	২	৪৪	স কপ্রকার	সম্যকপ্রকার
২১৩০	২	৪৭	অ ভিমুখ্য	আভিমুখ্য
২১৩০	২	৪৮	সম্ভা	সম্ভাষা
২১৩০	২	৪৯	০	১০
২১৩০	২	৫০	মনু ২৩৮	মনু ১ ২৩৮
২১৪৪	১	৮	সমুচ্ছিত	সমুচ্ছ্রিত
২১৪৯	১	হেডিং	সম্পাতিক	সম্পাতিক
২১৭৯	২	হেডিং	সা (সা) জুড়	সাঁ(সা)জুড়
২২১৩	২	হেডিং	সিধ	সিঁধ
২২৩৭	২	হেডিং	সুবর্ম	সুবর্ম
২৩১৯	২	হেডিং	হাকম	হকিম
২৩৩৮	২	হেডিং	হা	হাঁ
২৩৩৯	১	হেডিং	—	হাঁ
২৩৪০	১	১৮	[আঁট	[আঁটু
২৩৬৯	২	হেডিং	হু	হুঁ
২৩৭০	১	হেডিং	হু	হুঁ
২৩৯০	১	২৮	হি	নি
২৩৯০	১			

হ্নুব পুং [হ্নু+অ (অপ)-ভা] অপহ্নব, গোপন। —বন স্ত্রী [+অন (ল্যুট্)-ভা
হ্নু সক [অদা, ঙ—হ্নুতে, অনিট্] অপহ্নব, গোপন, চৌর্য্য অর্থাৎ
[অপ—অপহ্নব, গোপন, অপনয়ন। "ভট্টি ৫ ৪৪। নি—নিহ্নব,
ভট্টি ১০ ৩৭।]